বাংলা একাডেমি

আধুনিক বাংলা অভিধান

বাংলা একাডেমি
আধুনিক বাংলা অভিধান

সম্পাদক
জামিল চৌধুরী

বাংলা একাডেমি

www.pathagar.com

বাংলা ভাষা ও সাহিত্য সম্পর্কিত কার্যক্রম
অভিধান প্রণয়ন, বিভিন্ন গবেষণা ও প্রকাশনা
অর্থবছর : ২০১৫–২০১৬ ।। প্রকাশনা : ১০

বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান

প্রথম প্রকাশ
১৯শে মাঘ ১৪২২/১লা ফেব্রুয়ারি ২০১৬

বাএ ৫৮৮৫
[২০১৫–২০১৬ গসঅবি : ৪]

মুদ্রণ সংখ্যা : ৫০০০

পাণ্ডুলিপি
গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগ

প্রকাশক ও কর্মসূচি পরিচালক
মোবারক হোসেন
পরিচালক
গবেষণা, সংকলন এবং অভিধান ও বিশ্বকোষ বিভাগ
বাংলা একাডেমি ঢাকা ১০০০

মুদ্রক
ব্যবস্থাপক
বাংলা একাডেমি প্রেস ঢাকা ১০০০

প্রচ্ছদ
কাইয়ুম চৌধুরী

মূল্য : ৳ ৪০০.০০

Bangla Academy Adhunik Bangla Abhidhan (Bangla Academy Modern Bangla Dictionary). Compiled & Edited by Jamil Choudhury. Published by Mobarak Hossain, Director, Research, Compilation, Lexicography and Encyclopedia Division, Bangla Academy, Dhaka 1000, Bangladesh. First Published : February 2016.

Price : Taka Four Hundred

ISBN 984-07-5494-7

www.pathagar.com

www.pathagar.com

বাংলা একাডেমি
আধুনিক বাংলা অভিধান

সম্পাদনা সহযোগী

একেএম কুতুবউদ্দিন
রোকসানা পারভীন স্মৃতি
সুলতানা মাহমুদা বেগম
মতিন রায়হান
রাজীব কুমার সাহা
মো. মাইনুল ইসলাম

অক্ষরবিন্যাস ও অঙ্গসজ্জা
মোঃ মোবারক হোসেন

www.pathagar.com

www.pathagar.com

উৎসর্গ

অপ্সরী চৌধুরী–কে

বাবার বাবা

www.pathagar.com

www.pathagar.com

প্রসঙ্গকথা

বাংলা একাডেমি সূচনালগ্ন (১৯৫৫) থেকেই অভিধান রচনায় মনোনিবেশ করে এবং এই কাজে ব্রতী হয়েছিলেন স্বয়ং ড. মুহম্মদ শহীদুল্লাহ্। তাঁর সম্পাদনায় ১৯৬৫ সালে প্রকাশিত হয় *পূর্ব পাকিস্তানী আঞ্চলিক ভাষার অভিধান* (পরবর্তীকালে *বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান*, ১৯৬৫)। দ্বিতীয় পর্যায়ে *বাংলা একাডেমী ব্যবহারিক বাংলা অভিধান* (১৯৭৪) প্রণয়নের সূত্রপাত করেন আরেকজন বিখ্যাত পণ্ডিত ড. মুহম্মদ এনামুল হক। এই অভিধানটি প্রকাশিত হয় অধ্যাপক শিবপ্রসন্ন লাহিড়ীর সম্পাদনায় (১৯৮৪)। অভিধান প্রণয়নের এই সুপরিকল্পিত উদ্যোগের ধারাবাহিকতায় কিছুকালের মধ্যেই বাংলা একাডেমি একগুচ্ছ অভিধান প্রণয়ন ও প্রকাশনার কাজ সম্পন্ন করে। এর মধ্যে রয়েছে *Bangla Academy English-Bangla Dictionary* (1993), *Bangla Academy Bengali-English Dictionary* (1994), *বাংলা একাডেমি বাংলা বানান অভিধান* (১৯৯৪), *বাংলা একাডেমী বাংলা উচ্চারণ অভিধান* (১৯৯০), *যথাশব্দ* (১৯৭৪) ও *বাংলা একাডেমী ছোটদের অভিধান* (১৯৮৩) প্রভৃতি।

বর্তমান শতকের প্রথম দশকের শেষদিকে বাংলা একাডেমি অভিধানধর্মী আরো সুবৃহৎ এবং পরিশ্রমসাধ্য কাজে আত্মনিয়োগ করে। ২০১১ সালে বাংলাদেশের বিশিষ্ট ভাষাবিজ্ঞানী অধ্যাপক রফিকুল ইসলাম এবং পশ্চিমবঙ্গের প্রখ্যাত পণ্ডিত অধ্যাপক পবিত্র সরকার-এর সহায়তায় রবীন্দ্রনাথ-পরিকল্পিত (১৯০১) বাংলা ভাষার ব্যাকরণ ঢাকার বাংলা একাডেমি প্রকাশ করতে সক্ষম হয়। এই প্রকাশনার পরপরই ভাষার প্রতিনিয়ত বিবর্তনের দিকে লক্ষ্য রেখে বাংলা একাডেমি তিন খণ্ডে প্রকাশ করেছে *বাংলা একাডেমি বিবর্তনমূলক বাংলা অভিধান* (২০১৪)। এই অভিধানটি সম্পাদনা করেন অধ্যাপক গোলাম মুরশিদ এবং সহযোগী সম্পাদক ছিলেন অধ্যাপক স্বরোচিষ সরকার। উল্লেখ্য যে, *বাংলা একাডেমী প্রমিত ভাষার বাংলা ব্যাকরণ* (দুই খণ্ডে) এবং *বাংলা একাডেমি বিবর্তনমূলক বাংলা অভিধান* প্রণয়নের কাজে একাডেমির কয়েকজন কর্মকর্তাও অংশগ্রহণ করেন।

আমাদের অভিধান-অন্বেষার এক অনন্য নজির *বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান*। এই অভিধানটি প্রণয়নের উদ্দেশ্য হলো বাংলা ভাষায় বর্তমানে ব্যবহৃত অনেক নতুন এবং কৃতঋণ শব্দ অন্তর্ভুক্ত করা। বিশেষ করে তথ্য-প্রযুক্তি বিপ্লবের পরে যে-সব শব্দ আমাদের দৈনন্দিন ভাষায় যুক্ত হচ্ছে তার পরিমাণ যেমন সামান্য নয়, তেমন তার গুরুত্বও অস্বীকার করার উপায় নেই। এই বিষয়টি মাথায় রেখেই বর্তমান অভিধানটি প্রণীত হয়েছে। এই অভিধানের আরেকটি গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো বাংলা ভাষার অন্যান্য অভিধানের মতো এটি পুরোপুরি প্রতিশব্দ-নির্ভর নয়। এই অভিধানে উন্নত ভাষার অভিধানসমূহের মতো প্রায় ক্ষেত্রেই শব্দ বা শব্দগুচ্ছের ব্যাখ্যা করা হয়েছে। বাংলা অভিধানে অনেক সময় একটি শব্দ বা শব্দার্থ প্রতীকের মাধ্যমে আমাদের মনে বিশিষ্ট অবয়ব লাভ করে। এই ধরনটি অনেকটাই কল্পনা-সম্পৃক্ত। এতে বিষয়টির বাস্তব রূপ বহুক্ষেত্রেই পরিস্ফুট হয় না। সেই দিকে লক্ষ রেখেই এই অভিধানে শব্দ বা শব্দগুচ্ছ সুস্পষ্ট ব্যাখ্যার মাধ্যমে প্রকাশ করার চেষ্টা করা হয়েছে।

www.pathagar.com

এই অভিধান প্রণয়নের কাজে প্রধান সম্পাদক হিসেবে অভিধান, বানান ও উচ্চারণ-বিশেষজ্ঞ জামিল চৌধুরী যে-পরিশ্রম করেছেন তা প্রায় তুলনারহিত। আমি তাঁকে এবং তাঁর সঙ্গে বাংলা একাডেমির যে-সকল কর্মকর্তা অভিধান সংকলনের কাজে যুক্ত ছিলেন তাঁদের সকলকেই অভিনন্দন জানাই।

আশা করা যায়, তথ্য-প্রযুক্তির এই যুগে *বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান* নতুন প্রজন্মের শিক্ষার্থী ও জ্ঞানান্বেষীদের প্রয়োজন মেটাতে সক্ষম হবে।

শামসুজ্জামান খান
মহাপরিচালক
বাংলা একাডেমি

www.pathagar.com

মুখবন্ধ

অভিধান একটি ভাষার সামগ্রিক চিত্রকে ধারণ করে। অভিধানের প্রধান উপজীব্য ভাষার শব্দ ও তার অর্থ। কালের পরিক্রমায় অন্য অনেক কিছুর মতো ভাষার ব্যবহারেও পরিবর্তনের ছোঁয়া লাগে। বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি এবং গণমাধ্যমের প্রসার দূরকে নিয়ে এসেছে কাছে। জিপিএস, ই মেইল, এসএমএস, সিম, সেলফি প্রভৃতি শব্দ এখন আর বিদেশি নয়। শব্দগুলো এখন বাংলা ভাষার অচ্ছেদ্য অঙ্গ। আধুনিক বাংলা অভিধানে শব্দচয়নের সময় এই বিষয়টি বিবেচনায় রাখা হয়েছে।

এই অভিধানে ২০১২ সালে প্রকাশিত 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' অনুসরণ করা হয়েছে। বাংলাদেশের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের উদ্যোগে ১৩৯৫ বঙ্গাব্দে (১৯৮৮) কুমিল্লায় অনুষ্ঠিত *সর্বজনীন প্রাথমিক শিক্ষার পটভূমিতে পাঠ্যপুস্তকে বাংলা বানানের সমতাবিধানবিষয়ক কর্মশিবির*-এ গৃহীত সুপারিশ মেনে বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে যুক্তবর্ণের রূপ যতদূর সম্ভব স্বচ্ছ করা হয়েছে।

বাংলা বর্ণ ও ধ্বনি

এক

বাংলা স্বরবর্ণ ই এবং ঈ ঊর্ধ্ব-সম্মুখ সংবৃত স্বরধ্বনির দ্যোতক। হ্রস্ব ই এবং দীর্ঘ ঈ (ি এবং ী) দুটি স্বতন্ত্র স্বরবর্ণ হলেও বাংলা উচ্চারণে এই দুটি স্বরের ধ্বনি অভিন্ন। উ এবং ঊ ঊর্ধ্ব-পশ্চাৎ ও বর্তুল স্বরধ্বনির দ্যোতক। মান্য উচ্চারণে হ্রস্ব উ এবং দীর্ঘ ঊ-স্বরের (ু এবং ূ) ধ্বনিও অভিন্ন।

দুই

বাংলা বর্ণমালায় চন্দ্রবিন্দু অনুনাসিক স্বরধ্বনির চিহ্ন। কোনো স্বরবর্ণ বা স্বরান্ত ব্যঞ্জনের সঙ্গে চন্দ্রবিন্দু যুক্ত করলে সেই বর্ণের স্বর অনুনাসিক হয়। ব্যঞ্জনান্ত বর্ণে চন্দ্রবিন্দুর ব্যবহার নেই। এই যুক্তির ভিত্তিতে মুদ্রণে চন্দ্রবিন্দুর অবস্থান একটু ডানদিকে সরিয়ে আনা হয়েছে।

তিন

কোনো শব্দের মাঝে বিসর্গ (ঃ) থাকলে তার পরবর্তী ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় (অতঃপর /অতোপ্‌পর্ /, দুঃখ /দুক্‌খো /)। প্রমিত বাংলা বানানের নিয়মে শব্দের শেষে বিসর্গ লেখা হয় না।

চার

দুটি ব্যঞ্জন পরস্পর যুক্ত হলে সাধারণভাবে প্রথমটির ধ্বনি ব্যঞ্জনান্ত এবং দ্বিতীয়টির ধ্বনি স্বরান্ত হয় (অন্তর /অন্‌তর্ /, তপ্ত /তপ্‌তো /)। কয়েকটি বিশেষ ক্ষেত্রে এই নিয়মের ব্যতিক্রম দেখা যায়।

- ক এবং ষ যুক্ত করলে যুক্ত ব্যঞ্জনটি ক্ষ রূপ ধারণ করে। শব্দের আরম্ভে ক্ষ-র ধ্বনি খ-এর মতো (ক্ষমা /খমা /, ক্ষতি /খোতি /)। শব্দের মাঝে এবং শেষে ক্ষ-র ধ্বনি ক্‌খ-র মতো (সক্ষম /শক্‌খোম্ /, পরীক্ষা /পোরিক্‌খা /)।

www.pathagar.com

- দুটি মহাপ্রাণ বর্ণ একসঙ্গে উচ্চারণ করতে গেলে প্রথমটি তার মহাপ্রাণতা হারায় (বিচ্ছেদ /বিচ্ছেদ্ /)। ধ্বনিতত্ত্বের নিয়মে দুটি মহাপ্রাণ বর্ণ যুক্ত করা যায় না।
- চ বর্গের পূর্বে ঞ যুক্ত হলে ঞ-র ধ্বনি ন-র মতো (অঞ্চল /অন্চল্ /, বাঞ্ছা /বান্ছা /, অঞ্জন /অন্জন্ /, ঝঞ্ঝা /ঝন্ঝা /)। চ-এর পরে ঞ যুক্ত হলেও ঞ-র ধ্বনি ন-র মতো থাকে (যাচ্ঞা /জাচ্না /)। জ-এর পরে ঞ যুক্ত করলে যুক্তবর্ণটি জ্ঞ রূপ ধারণ করে। শব্দের আরম্ভে জ্ঞ-র উচ্চারণ অনেকটা গ্যাঁ-র মতো (জ্ঞান /গ্যান্ /)। শব্দের মধ্যে বা শেষে এই যুক্তবর্ণের ধ্বনি গ্‌গ্যাঁ-র মতো (অজ্ঞান /অগ্‌গ্যান্ /)। ঞ-র সঙ্গে আ অথবা ই স্বর যুক্ত হলে ঞ-র ধ্বনি চন্দ্রবিন্দুযুক্ত স্বরের মতো হয় (মিঞা /মিয়াঁ /, নাঞি /নায়িঁ /)। স্বাধীন বর্ণরূপে ঞ-র ধ্বনি কখনো ং (নঞতৎপুরুষ /নংতৎপুরুষ্ /), কখনো ইঅঁ-র মতো (নঞর্থক /নোইঅঁর্থক্ /)।
- কোনো ব্যঞ্জনের সঙ্গে ম যুক্ত হলে সেই ব্যঞ্জনের ধ্বনিতে কিঞ্চিৎ নাসিক্য স্বর যুক্ত হয় (স্মৃতি /সঁতি /)। শব্দের মধ্যে বা শেষে কোনো ব্যঞ্জনের সঙ্গে ম যুক্ত হলে সেই ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় এবং সঙ্গে কিঞ্চিৎ নাসিক্য স্বর নিহিত থাকে (বিস্ময় /বিশ্শঁয়্ /)।
- শব্দের আরম্ভে কোনো ব্যঞ্জনের সঙ্গে য-ফলা (্য) যুক্ত করলে এবং ওই ব্যঞ্জনের সঙ্গে অন্য কোনো স্বর নিহিত না থাকলে সেই যুক্তব্যঞ্জনটি অ্যা-স্বর গ্রহণ করে (ত্যক্ত /ত্যাক্তো /, ব্যক্ত /ব্যাক্তো /, ব্যথা /ব্যাথা /)।
- য-ফলার অব্যবহিত পরবর্তী ব্যঞ্জনে ই ঈ অথবা উ ঊ স্বর থাকলে ্য-ফলার উচ্চারণ এ-কারের মতো হয় (ব্যক্তি /বেক্তি /, ব্যথিত /বেথিতো /, ব্যতীত /বেতিতো /।
- শব্দের আরম্ভে য-ফলার সঙ্গে আ-স্বর নিহিত থাকলে (্যা) সেই ব্যঞ্জন অ্যা-স্বর গ্রহণ করে এবং অব্যবহিত পরবর্তী বর্ণে ই ঈ অথবা উ ঊ থাকলেও অ্যা-স্বর অপরিবর্তিত থাকে (ব্যাধি /ব্যাধি /, ব্যাপ্তি /ব্যাপ্তি /, ব্যাকুল /ব্যাকুল্ /)।
- শব্দের আরম্ভে ্য-ফলাযুক্ত ব্যঞ্জনের সঙ্গে উ কিংবা ঊ স্বর যোগ করলে সেই ব্যঞ্জনের ধ্বনিতে য-ফলার কোনো প্রভাব থাকে না (চ্যুত /চুতো /, ব্যুৎপন্ন /বুত্পন্নো /, ব্যূঢ় /বুঢ়ো /)।
- য-ফলাযুক্ত বর্ণের অব্যবহিত পূর্ববর্তী বর্ণের অ-স্বর ও-স্বরে পরিণত হয় (তথ্য /তোত্থো /, সত্য /শোত্তো /)।
- শব্দের মাঝে বা শেষে য-ফলাযুক্ত ব্যঞ্জনের ধ্বনি দ্বিত্ব হয় (অব্যয়, /অব্বয় /, প্রত্যয় /প্রোত্তয় /)। শব্দের মাঝে বা শেষে য-ফলাযুক্ত বর্ণের সঙ্গে উ বা ঊ স্বর যুক্ত থাকলেও সেই বর্ণের ধ্বনি দ্বিত্ব হয় (বিচ্যুত /বিচ্চুতো /, অব্যূঢ় /অব্বুঢ়ো /)।
- কোনো ব্যঞ্জনের সঙ্গে র যুক্ত হলে র-এর যুক্ত রূপকে র-ফলা বলা হয়। র-ফলাযুক্ত ব্যঞ্জনে অন্য কোনো স্বর নিহিত না থাকলে ব্যঞ্জনটি ও-স্বর গ্রহণ করে (প্রথম /প্রোথোম্ /, ব্রত /ব্রোতো /)। শব্দের মধ্যে বা শেষে র-ফলাযুক্ত ধ্বনি দ্বিত্ব হয় (আপ্রাণ /আপ্প্রান্ /, বিক্রম /বিক্ক্রোম্ /)।
- ব্যঞ্জনের পূর্বে র যুক্ত হলে র-এর যুক্ত রূপকে রেফ বলা হয় (অর্থ /অর্থো/, ঈর্ষা /ইর্শা /)। রেফযুক্ত ব্যঞ্জনের একটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্য হলো র্ট র্ড এবং র্ঢ বর্ণ

www.pathagar.com

তিনটির উচ্চারণে র-এর পরিবর্তে ড়-ধ্বনির প্রবণতা লক্ষ করা যায় (আর্ট /আড়্‌ট্ /, অর্ডার /অড়্‌ডার্ /, দার্ঢ্য /দাড়্‌ঢ্যো/)।

- হ-এর সঙ্গে কোনো ব্যঞ্জন যুক্ত হলে সেই ব্যঞ্জনটি মহাপ্রাণ বর্ণরূপে উচ্চারিত হয়, যেমন হ্ণ (হ+ণ), হ্ন (হ+ন), হ্ম (হ+ম), হ্র (হ+র) হ্ল (হ+ল)। বাংলা বর্ণমালায় ণ (এবং ন), ম, র এবং ল বর্ণসমূহের মহাপ্রাণ ধ্বনি নির্দেশের জন্য কোনো বর্ণ না থাকায় এই অভিধানে আন্তর্জাতিক ধ্বনিলিপির n̥h, m̥h, r̥h, l̥h চিহ্ন দিয়ে যথাক্রমে ণ (এবং ন), ম, র এবং ল-এর মহাপ্রাণ ধ্বনি নির্দেশ করা হয়েছে (অপরাহ্ণ /অপরান্‌n̥ho/, মধ্যাহ্ন /মধ্যান্‌n̥ho/, ব্রহ্মাণ্ড /ব্রোম্‌m̥hanḍo/, হ্রদ /r̥hɔd/, আহ্লাদ /আল্‌l̥had/)। উদাহৃত শব্দসমূহের উচ্চারণে ন ম এবং ল-এর ধ্বনিদ্বিত্ব লক্ষণীয়।

পাঁচ

বাংলা বর্ণমালায় স্বাধীন বর্ণরূপে শ ষ এবং স সমোচ্চারিত এবং ইংরেজি sharp শব্দের sh-এর মতো (সবিশেষ /শবিশেশ্ /)। এই অভিধানে sh-ধ্বনি শ দিয়ে নির্দেশ করা হয়েছে। চ এবং ছ-এর পূর্বে তালু থেকে উচ্চারিত শ-র ধ্বনিও ইংরেজি sh-এর মতো (পশ্চাৎ /পশ্‌চাত্/, নিশ্ছিদ্র /নিশ্‌ছিদ্রো/)। ম এবং অন্তস্থ ব-এর পূর্বে যুক্ত শ-র ধ্বনি sh-এর মতো (শ্মশান /শ্মশান্/, শ্বাপদ /শাপদ্/)। তালব্য শ-র সঙ্গে যুক্ত ন (শ্ন), র (শ্র) এবং ল (শ্ল)-র ধ্বনি ইংরেজি sun-এর s-এর মতো। এই তিনটি ব্যঞ্জনের সঙ্গে যুক্ত শ-র ধ্বনি স দিয়ে নির্দেশ করা হয়েছে। মূর্ধন্য ষ-র উচ্চারণ সর্বদা sh-এর মতো এবং অভিধানে এই ধ্বনি শ দিয়ে নির্দেশ করা হয়েছে। ত এবং থ-এর পূর্বে যুক্ত স দন্ত থেকে উচ্চারিত s-এর মতো (অস্ত /অস্‌তো/, আস্থা /আস্‌থা /)। অভিধানে এই ধ্বনি স দিয়ে নির্দেশ করা হয়েছে। অন্যান্য ব্যঞ্জনের পূর্বে যুক্ত স-এর ধ্বনি কখনো s (স্কন্ধ/স্‌কন্‌ধো/), কখনো sh-এর মতো (পুরস্কার /পুরশ্‌কার্ /)। অন্তঃস্থ ব-এর পূর্বে যুক্ত স-এর ধ্বনিও sh-এর মতো (স্বাভাবিক /শাভাবিক্ /)।

ছয়

বিদেশি শব্দের f v z ধ্বনি উচ্চারণের জন্য বাংলায় কোনো বর্ণ নেই। এই অভিধানে ফোন, ভাইরাস, আজান প্রভৃতি শব্দের উচ্চারণ যথাক্রমে ফ ভ এবং জ-এর নিচে বিন্দু দিয়ে নির্দেশ করা হয়েছে (ফোন /ফ়োন্ /, ভাইরাস /ভ়াইরাস্ /, আজান /আজ়ান্ /)।

সাত

বাংলায় 'সহ' শব্দের অর্থ দুটি— ১ সহিত, সমেত (*উদাহরণ-সহ*)। ২ সহ্য করার ক্ষমতাবিশিষ্ট (*ঘাতসহ*)। এই অর্থভেদ বোঝানোর জন্য প্রথমোক্ত শব্দটি হাইফেন দিয়ে লেখা হয়েছে এবং অন্যটি হাইফেন ছাড়া লেখা হয়েছে।

বর্ণানুক্রম

এই অভিধানে অনুসৃত বর্ণানুক্রমে ড়-কে ড-এর পরে, ঢ়-কে ঢ-এর পরে বিন্যস্ত করা হয়েছে। ব্যাকরণে হসযুক্ত ব্যঞ্জনকে তার অব্যবহিত পরবর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্তব্যঞ্জনরূপে বিবেচনা করা হয়। এই যুক্তিতে ৎ-র (= ত্) স্থান নির্ধারণ করা হয়েছে স্বরযুক্ত ত-এর পরে এবং ত-এর সঙ্গে যুক্ত ব্যঞ্জনের অব্যবহিত পূর্বে। হসযুক্ত অন্যান্য ব্যঞ্জনের ক্ষেত্রেও একই নীতি

www.pathagar.com

অনুসৃত হয়েছে। য়-কে য-এর পরে বিন্যস্ত করা হয়েছে। প্রচলন মেনে অনুস্বার, বিসর্গ এবং চন্দ্রবিন্দুকে স্বরবর্ণের পরে এবং ব্যঞ্জনবর্ণের পূর্বে বিন্যাস করা হয়েছে।

অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ
ং ঃ ঁ
ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ ট ঠ ড ড় ঢ ঢ় ণ ত ৎ থ দ ধ ন
প ফ ব ভ ম য য় র ল শ ষ স হ

কৃতজ্ঞতা

প্রথমেই কৃতজ্ঞতা জানাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক বন্ধুবর আনিসুজ্জামান-কে। বানানসংক্রান্ত খুঁটিনাটি বিষয়ে তাঁর পরামর্শ এই অভিধান সংকলনের গতিকে ত্বরান্বিত করেছে। যাঁর সার্বক্ষণিক সহায়তা ছাড়া এই অভিধানের কাজ সম্পন্ন করা সম্ভব হতো না, তিনি বাংলা একাডেমির মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান। তাঁর কাছে কৃতজ্ঞতার অন্ত নেই।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক অজয় রায় ও সংস্কৃত বিভাগের অধ্যাপক নারায়ণচন্দ্র বিশ্বাসকে তাঁদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানাই। কৃতজ্ঞতা জানাই উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিদ্যা-বিষয়ে মূল্যবান পরামর্শের জন্য দ্বিজেন শর্মা এবং নিনা শাহীন চৌধুরী-র প্রতি। এছাড়াও যাঁরা বিবিধ বিষয়ে পরামর্শ দিয়ে অনুগৃহীত করেছেন তাঁদের মধ্যে আছেন করুণাময় গোস্বামী, যতীন সরকার, শ্রাবণী পাল, অনিন্দিতা ভাদুড়ী এবং মনোরঞ্জন দাস।

ঢাকা
১৯শে মাঘ ১৪২২

জামিল চৌধুরী

www.pathagar.com

সহায়কগ্রন্থ

আইন-শব্দকোষ, সংকলন ও সম্পাদনা : মুহাম্মদ হাবিবুর রহমান ও আনিসুজ্জামান, অন্যপ্রকাশ ঢাকা, আগস্ট ২০০৬।

আকাদেমি বিদ্যার্থী বাংলা অভিধান : প্রধান উপদেষ্টা অন্নদাশঙ্কর রায়, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, কলকাতা, চতুর্থ মুদ্রণ, ২০১০।

চলন্তিকা (আধুনিক বঙ্গভাষার অভিধান) : রাজশেখর বসু সংকলিত, এম সি সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, ত্রয়োদশ সংস্করণ, ১৩৮৯।

পৌরাণিক অভিধান : সুধীর সরকার সংকলিত, এম সি সরকার অ্যান্ড সন্স প্রাইভেট লিমিটেড, কলকাতা, নবম সংস্করণ, জ্যৈষ্ঠ ১৪১০।

ফুলগুলি যেন কথা : দ্বিজেন শর্মা, বাংলা একাডেমি, ঢাকা, প্রথম মুদ্রণ, ২০০৩।

বঙ্গীয় শব্দকোষ (প্রথম ও দ্বিতীয় খণ্ড) : সংকলন, হরিচরণ বন্দ্যোপাধ্যায়, সাহিত্য অকাদেমি, দিল্লি, তৃতীয় মুদ্রণ, ১৯৮৮।

বাংলা একাডেমি বানান অভিধান : সংকলন ও সম্পাদনা, জামিল চৌধুরী, বাংলা একাডেমি, ঢাকা, পরিমার্জিত পরিবর্ধিত সংস্করণ তৃতীয় সংস্করণ, ১৪০৫।

বাংলা একাডেমী বিজ্ঞান বিশ্বকোষ : বাংলা একাডেমী, ঢাকা, প্রথম খণ্ড আষাঢ় ১৪০৫, দ্বিতীয় খণ্ড কার্তিক ১৪০৬, তৃতীয় খণ্ড আষাঢ় ১৪০৮, চতুর্থ খণ্ড আষাঢ় ১৪০৯, ও পঞ্চম খণ্ড পৌষ ১৪১২।

বাংলাদেশ উদ্ভিদ ও প্রাণী জ্ঞানকোষ (১-২৮ খণ্ড) : বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০০৯।

বাংলাদেশে মিঠা পানির ছোটো মাছ : মোঃ ইনামুল হক, বাংলা একাডেমী, ঢাকা, প্রথম প্রকাশ, ২০০৮।

বাংলাদেশের পাখি : রেজা খান, বাংলা একাডেমী, ঢাকা, প্রথম প্রকাশ, ২০০৮।

বাংলাদেশের ফুলের রাজ্য : এন. এস. নওরোজ জাহান, বাংলা একাডেমী, ঢাকা, প্রথম প্রকাশ, ২০১১।

বাংলাপিডিয়া, বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ (১-১৪ খণ্ড) : প্রধান সম্পাদক, সিরাজুল ইসলাম, বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ১৪০৯ / ২০০৩।

বাংলা বিশ্বকোষ (১-৪ খণ্ড) : খান বাহাদুর আবদুল হাকিম, মুক্তধারা, ঢাকা, প্রথম খণ্ড ১৯৭২, দ্বিতীয় খণ্ড ১৯৭৫, তৃতীয় খণ্ড ১৯৭৩ ও চতুর্থ খণ্ড ১৯৭৬।

বাঙ্গালা ভাষার অভিধান (প্রথম ও দ্বিতীয় খণ্ড) : সংকলন, জ্ঞানেন্দ্রমোহন দাস, সাহিত্য সংসদ, কলকাতা, দশম মুদ্রণ, ২০১১।

শ্যামলী নিসর্গ (ঢাকার সুদর্শন বৃক্ষ) : দ্বিজেন শর্মা, বাংলা একাডেমী, ঢাকা, প্রথম পুনর্মুদ্রণ, ১৯৯৭।

সংগীতকোষ : করুণাময় গোস্বামী, বাংলা একাডেমী, ঢাকা, প্রথম পুনর্মুদ্রণ, ১৯৮৫।

সংসদ বাংলা অভিধান : সংকলন, শৈলেন্দ্র বিশ্বাস, সাহিত্য সংসদ, কলকাতা, পঞ্চম সংস্করণ, (সুভাস ভট্টাচার্য কর্তৃক সংশোধিত ও পরিবর্ধিত), ২০০০।

সংসদ ব্যাকরণ অভিধান : অশোক মুখোপাধ্যায়, সাহিত্য সংসদ, কলকাতা, ১৯৮৯।

সরল বাঙ্গালা অভিধান : সংকলন, সুবলচন্দ্র মিত্র, নিউ বেঙ্গল প্রেস প্রাইভেট লিমিটেড, কলকাতা, নবম সংস্করণ, ২০১১।


Everyman's Dictionary (English-Bengali) : Compiled & Edited by Gouri Prasad Ghosh, Ramkrishna Pustakalaya, Kolkata, First edition 1999, New edition reprinted in Kolkata 2011.


Oxford Dictionary of English : Catherine Soanes & Angus Stevenson, Oxford University Press, Second impression, 2004.


Perso Arabic Elements in Bengali : Compiled by Shaikh Ghulam Maqsud Hilali, Edited by Muhammad Enamul Haq. Bangla Academy, Dhaka, First Reprint, 2002.


Shorter Oxford English Dictionary (vol 1-2) : Editor-in-Chief, Lesley Brown, Oxford University Press, Sixth Edition, 2007.

www.pathagar.com












www.pathagar.com


মেঘগর্জন /মেঘোগরজোন/ [স. মেঘ+গর্জন] বি. ঊর্ধ্বাকাশে বিদ্যুৎ চমকানোর ফলে গরম বাতাসের আকস্মিক সম্প্রসারণজনিত তীব্র নিনাদ, বজ্রনাদ।


অর্থ


ধমনি /ধমোনি/ [স. ধম্+অনি] বি. হৃদযন্ত্র থেকে শরীরের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গে রক্তবাহী নাড়ি, artery। তুল. শিরা[১] (পৃ ১২৩৭)।

তুলনীয়


ধূলি /ধুলি/ [স. √ধূল্+ই] বি. শুকনো মাটির সূক্ষ্ম কণা, রেণু। (*তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি; / তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরই গান,* নজরুল.)।

প্রয়োগবাক্য


ভূসমলয় /ভূশোমোলয়/ [স. ভূ+সম্+লী+অ] বি. (পদার্থ.) যে লয় বা গতিতে পৃথিবী প্রদক্ষিণ করলে কোনো কৃত্রিম উপগ্রহকে ভূপৃষ্ঠ থেকে স্থির বলে প্রতীয়মান হয়। (পরি.) geostationary।

পরিভাষা

www.pathagar.com

সংকেতসূচি

[অজ্ঞা.]	অজ্ঞাতমূল
অতুল.	অতুলপ্রসাদ সেন
অনু.	অনুসর্গ
অনুক্রি.	অনুজ্ঞা ক্রিয়া
অন্নদা.	অন্নদাশঙ্কর রায়
অপ্র.	অপ্রচলিত
অবনীন্দ্র.	অবনীন্দ্রনাথ ঠাকুর
অব্য.	অব্যয়
[অর্বাস.]	অর্বাচীন সংস্কৃত
অশা.	অশালীন
অশি.	অশিষ্ট
[অশুপ্র.]	অশুদ্ধ প্রচলিত/অশুদ্ধ প্রয়োগ
অসক্রি.	অসমাপিকা ক্রিয়া
[অহ.]	অহমিয়া
[আ.]	আরবি
[আইরি.]	আইরিশ
[আঞ্চ.]	আঞ্চলিক
আনি.	আদিনিবাস
[আফ্রি.]	আফ্রিকান
[আবৈশ.]	আন্তর্জাতিক বৈজ্ঞানিক শব্দাবলি
(আয়ু.)	আয়ুর্বেদ
(আল.)	আলংকারিক
[ইতা.]	ইতালিয়ান
[ইনু.]	ইনুয়িট (এস্কিমো)
(উদ্ভিদ.)	উদ্ভিদবিদ্যা
[ই.]	ইংরেজি
ঈশ্বর.	ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
[উ.]	উর্দু
[ওড়.]	ওড়িয়া
ওবায়দুল্লাহ.	আবু জাফর ওবায়দুল্লাহ
[ওল.]	ওলন্দাজ
কাদরী.	শহীদ কাদরী
কামিনী.	কামিনী রায়
কাশীরাম.	কাশীরাম দাস
কিমি.	কিলোমিটার
কৃষ্ণচন্দ্র.	কৃষ্ণচন্দ্র মজুমদার
ক্রি.	ক্রিয়া
ক্রিবি.	ক্রিয়াবিশেষ্য
ক্রিবিণ.	ক্রিয়াবিশেষণ
ক্রিমূ.	ক্রিয়ামূল
খনা.	খনার বচন
খ্রি.	খ্রিষ্টাব্দ
খ্রি.পূ.	খ্রিষ্টপূর্ব
(গ.)	গণিত
গাফ্‌ফার.	আবদুল গাফ্‌ফার চৌধুরী
[গুজ.]	গুজরাতি
গুপ্ত.	ঈশ্বর গুপ্ত
গোবিন্দ.	গোবিন্দ দাস
[গ্রি.]	গ্রিক
চণ্ডী.	চণ্ডীদাস
[চী.]	চীনা
[চেক.]	চেক ভাষা
[জ.]	জর্মন
জসীম.	জসীমউদ্দিন
[জাপ.]	জাপানি
জাফর.	সিকান্দার আবু জাফর
জীবনানন্দ.	জীবনানন্দ দাশ
(জীব.)	জীববিদ্যা
[জু.]	জুলু
(জ্যা.)	জ্যামিতি
(জ্যোতি.)	জ্যোতিষশাস্ত্র
(জ্যোবি.)	জ্যোতির্বিদ্যা
[ট্রেড.]	ট্রেডমার্ক
[ডেন.]	ডেনিশ
[তামি.]	তামিল
[তি.]	তিব্বতি
[তুর.]	তুর্কি
তুল.	তুলনীয়
[তেলে.]	তেলেগু
দর্শন.	দর্শনশাস্ত্র
দীনবন্ধু.	দীনবন্ধু মিত্র
[দেশি.]	দেশি শব্দ
দ্বিজেন্দ্র.	দ্বিজেন্দ্রলাল রায়
দ্র	দ্রষ্টব্য
[দ্রা.]	দ্রাবিড়
[ধ্বন্যা.]	ধ্বন্যাত্মক
[ধারু.]	ধারুক (অধুনালুপ্ত)
নজরুল.	কাজী নজরুল ইসলাম
নির্মল.	নির্মলেন্দু গুণ
নূরুল.	মুহম্মদ নূরুল হুদা
[নে.]	নেপালি

www.pathagar.com

[প.]	পঞ্জাবি
(পদার্থ.)	পদার্থবিদ্যা
পরশু.	পরশুরাম
(পরি.)	পরিভাষা
[পা.]	পালি
পৃ	পৃষ্ঠাসংখ্যা
[পো.]	পোর্তুগিজ
প্র.	প্রবাদ / প্রবচন
প্রতুল.	প্রতুল মুখোপাধ্যায়
[প্রা.]	প্রাকৃত
[প্রাবা.]	প্রাচীন বাংলা
প্রেমেন্দ্র.	প্রেমেন্দ্র মিত্র
[ফ.]	ফরাসি
[ফা.]	ফারসি
[ফ্লে.]	ফ্লেমিশ
বঙ্কিম.	বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
[বর্মি.]	বর্মি
[বা.]	বাংলা
[বামা.]	বাহ্‌সা মালয়েশিয়া
বি.	বিশেষ্য
বিণ.	বিশেষণ
বিদ্যা.	বিদ্যাপতি
বিমল.	বিমলচন্দ্র ঘোষ
বিষ্ণু.	বিষ্ণু দে
(ব্য.)	ব্যঙ্গ্যো
[ব্যক্তি.]	ব্যক্তিনাম
(ব্যা.)	ব্যাকরণ
[ব্রজ.]	ব্রজবুলি
(ভাষা.)	ভাষাবিজ্ঞান
[মবা.]	মধ্য বাংলা
[মর.]	মরাঠি
মধু.	মাইকেল মধুসূদন দত্ত
[মা.]	মালয়ি
মানিক.	মানিক বন্দ্যোপাধ্যায়
[মাল.]	মালয়ালম
মাহবুব.	মাহবুব উল আলম চৌধুরী
মাহমুদ.	আল মাহমুদ
মিমি.	মিলিমিটার
মুকুন্দ.	মুকুন্দরাম চক্রবর্তী
[মৈ.]	মৈথিলি
[যব.]	যবদ্বীপ
রঙ্গলাল.	রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
রজনী.	রজনীকান্ত সেন
রফিক.	রফিক আজাদ
রবীন্দ্র.	রবীন্দ্রনাথ ঠাকুর
(রসা.)	রসায়নশাস্ত্র
রামনিধি.	রামনিধি গুপ্ত
রামপ্রসাদ.	রামপ্রসাদ সেন
[রু.]	রুশ
লতিফ.	আবদুল লতিফ
[লা.]	লাতিন
[লাপ্লি.]	লাপ্লিশ
শক্তি.	শক্তি চট্টোপাধ্যায়
শঙ্খ.	শঙ্খ ঘোষ
শামসুর.	শামসুর রাহমান
শিবরাম.	শিবরাম চক্রবর্তী
[স.]	সংস্কৃত
সত্যেন্দ্র.	সত্যেন্দ্রনাথ দত্ত
সর্ব.	সর্বনাম
সলিল.	সলিল চৌধুরী
সাঁও.	সাঁওতালি
(সা.)	সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম
[সিং.]	সিংহলি
সুকান্ত.	সুকান্ত ভট্টাচার্য
সুধীন.	সুধীন্দ্রনাথ দত্ত
সুভাষ.	সুভাষ মুখোপাধ্যায়
সেমি.	সেন্টিমিটার
[স্ক্যান.]	স্ক্যান্ডেনেভিয়ান
[স্থান.]	স্থাননাম
[স্পে.]	স্পেনীয় / স্প্যানিশ
হক.	সৈয়দ শামসুল হক
হরপ্রসাদ.	হরপ্রসাদ শাস্ত্রী
হরিশচন্দ্র.	হরিশচন্দ্র মিত্র
হাসান.	হাসান হাফিজুর রহমান
[হি.]	হিন্দি
n̂h	ন-এর মহাপ্রাণ রূপ
m̂h	ম-এর মহাপ্রাণ রূপ
r̂h	র-এর মহাপ্রাণ রূপ
l̂h	ল-এর মহাপ্রাণ রূপ
ज़	বিদেশি শব্দে Z-ধ্বনির রূপ
फ़	বিদেশি শব্দে f-ধ্বনির রূপ
ভ়	বিদেশি শব্দে V-ধ্বনির রূপ
>	যেখান থেকে বা যা থেকে আগত
«	দীর্ঘ ঋ

www.pathagar.com

বাংলা একাডেমি
আধুনিক বাংলা অভিধান
অ /অ/

অ[১] /অ/ বাংলা বর্ণমালার প্রথম স্বরবর্ণ ও মৌলিক স্বরধ্বনি অ-র প্রতীক। অ-র উচ্চারণস্থান কণ্ঠ।

অ[২] /অ/ অব্য. বি. ১ সমাসে অন্য পদের পূর্বে অভাবাদি (*অযত্ন*) বৈপরীত্য (*অশান্ত*) অল্পতা (*অপ্রতুল*) অন্যত্ব (*অবাঙালি*) প্রভৃতি অর্থসূচক বর্ণ। ২ (বাংলায়) প্রবলতাসূচক বর্ণ (অকষ্ট অর্থাৎ ভীষণ কষ্ট)।

অ[৩] /অ/ অব্য. সম্বোধন অনুকম্পা প্রভৃতি সূচক ধ্বনি।

অঋণ /অরিন্/ [স. ন+ঋণ] বি. ঋণের অভাব।

অঋণী /অরিনি/ [স. অঋণ+ইন্] বিণ. ঋণমুক্ত, ঋণশূন্য। স্ত্রী. **অঋণিনী** /অরিনিনি/।

অওরত /অওরত্/ [আ.] বি. ১ নারী। ২ পত্নী।

অংশ /অংশো/ [স. √অন্শ্+অ] বি. ১ ভাগ (*সম্পত্তির অংশ*)। ২ অঞ্চল। ৩ মালিকানা, share। ৪ দেবতার ঔরস বা বীর্য। ৫ অবতার। ৬ বিষয় বা পক্ষ (*সে কোনো অংশে কম নয়*)। ৭ প্রত্যঙ্গ। ৮ বৃত্তপরিধির ৩৬০ ভাগের ১ ভাগ বা ১° ডিগ্রি। ৯ রাশিচক্রের দ্বাদশ ভাগের এক ভাগ।

অংশক[১] /অংশক্/ [স. অংশ+অক] বি. বিণ. বিভাজক, বণ্টনকারী।

অংশক[২] /অংশক্/ [স. অংশ+ক (স্বার্থে)] বি. ১ অংশ, ভাগ। ২ দিবস। ৩ (পরি.) লগারিদ্‌মের ম্যান্টিসা (mantissa of logarithm)।

অংশগত /অংশোগতো/ [স. অংশ+√গম্+ত] বিণ. অংশের অন্তর্গত; আংশিক।

অংশ গ্রহণ[১] /অংশো গ্রোহোন্/ বি. ভাগ গ্রহণ (*লাভের অংশ গ্রহণ*)।

অংশগ্রহণ[২] /অংশোগ্রোহোন্/ [স. অংশ+গ্রহণ] বি. যোগদান (*বিতর্কে অংশগ্রহণ*)।

অংশগ্রাহী /অংশোগ্রাহি/ [স. অংশ+√গ্রহ্+ইন্] বিণ. অংশীদার। স্ত্রী. **অংশগ্রাহিণী** /অংশোগ্রাহিনি/।

অংশত /অংশোতো/ [স. √অন্শ্+তস্] ক্রিবিণ. কিয়দংশে, আংশিকভাবে।

অংশন /অংশোন্/ [স. √অন্শ্+অন] বি. বণ্টন, বিভাজন।

অংশনীয় /অংশোনিয়ো/ [স. √অন্শ্+অনীয়] বিণ. ভাগ করা যায় এমন, বিভাজ্য।

অংশভাক /অংশোভাক্/ [স. অংশ+√ভজ্+ক্বিপ্] বিণ. ১ অংশীদার। ২ উত্তরাধিকারী। ৩ অংশপ্রার্থী।

অংশভাগী /অংশোভাগি/ [স. অংশ+√ভজ্+ইন্] বিণ. অংশীদার।

অংশল /অংশোল্/ [স. অংশ+লা+অ] বিণ. ভাগ গ্রহণকারী। স্ত্রী. **অংশলা** /অংশোলা/।

অংশহর /অংশোহরো/ [স. অংশ+√হৃ+অ] বিণ. ১ অংশ হরণ করে এমন। ২ অংশ গ্রহণকারী। স্ত্রী. **অংশহরা** /অংশোহরা/।

অংশহারী /অংশোহারি/ [স. অংশ+√হৃ+ইন্] বিণ. দ্র অংশহর।

অংশাংশ /অংশাংশো/ [স. অংশ+অংশ] বি. ১ ভাগের ভাগ। ২ ভিন্ন ভিন্ন ভাগ।

অংশাংশি /অংশাংশি/ [স. অংশ >] বি. ভাগ-বাঁটোয়ারা, ভাগাভাগি।

অংশাংশী /অংশাংশি/ [স. অংশ+√অন্শ্+ইন্] বি. অবতার ও অবতারী।

অংশাঙ্কিত /অংশাংকিতো/ [স. অংশ+√অঙ্ক্+ত] বিণ. পরিমাপের জন্য চিহ্নাঙ্কিত, graduated।

অংশানো /অংশানো/ [বা.] ক্রিবি. অংশীদার বা উত্তরাধিকারসূত্রে প্রাপ্য হওয়া।

অংশিত /ওংশিতো/ [স. √অন্শ্+ত] বিণ. ভিন্ন ভিন্ন ভাগে বিভক্ত, বিভাজিত।

অংশী /ওংশি/ [স. √অন্শ্+ইন্] বিণ. অংশ আছে এমন, অংশবিশিষ্ট।

অংশীদার /ওংশিদার/ [স. অংশী+ফা. দার] বি. সম্পত্তি বা ব্যবসায়ে যার অংশ আছে, partner।

অংশীদারি /ওংশিদারি/ [স. অংশী+ফা. দারি] বি. মালিকানা, partnership।

www.pathagar.com

অংশু /ওংশু/ [স. √অনশ্+উ] বি. ১ কিরণ, দীপ্তি, রশ্মি। ২ তন্তু, আঁশ।

অংশুক /ওংশুক্/ [স. অংশু+ক] বি. রেশম পাট প্রভৃতির সুতোয় বোনা কাপড় (*চীনাংশুক*)।

অংশুধর /ওংশুধর/ [স. অংশু+ধর] বি. সূর্য।

অংশুপট /ওংশুপট্/ [স. অংশু+পট] বি. রেশমি সুতোয় বোনা গরদ তসর মটকা প্রভৃতি কাপড়।

অংশুময় /ওংশুময়/ [স. অংশু+ময়ট্] বিণ. উজ্জ্বল, প্রভাযুক্ত। স্ত্রী. অংশুময়ী /অংশুময়ি/।

অংশুমান /ওংশুমান্/ [স. অংশু+মৎ] বি. সূর্য। বিণ. জ্যোতির্ময়। স্ত্রী. অংশুমতী /অংশুমোতি/।

অংশুমালা /ওংশুমালা/ [স. অংশু+মা+√লা+অ+আ (টাপ্)] বি. কিরণমালা, রশ্মিজাল।

অংশুমালী /ওংশুমালি/ [স. অংশুমালা+ইন্] বি. সূর্য। বিণ. প্রদীপ্ত, তেজোময়।

অংশুল /ওংশুল্/ [স. অংশু+√লা+অ] বিণ. কিরণ-বিশিষ্ট। বি. অংশুলতা /ওংশুলতা/।

অংশুশিরালদেহ /ওংশুশিরালোদেহো/ [স. অংশু+শিরাল+দেহ] বি. যে সকল প্রাণীর শিরাসমূহ একটি কেন্দ্র থেকে দেহের সর্বত্র বিস্তৃত হয়।

অংশ্যমান /ওংশোমান্/ [স. √অনশ্+মান (শানচ্)] বিণ. বিভাজিত হচ্ছে এমন।

অংস /অংশো/ [স. √অনস্+অ] বি. স্কন্ধ, কাঁধ।

অংসকুট /অংশোকুট্/ [স. অংস+কুট] বি. ষাঁড়ের কাঁধের মাংসপিণ্ড, ককুদ, hump।

অংসত্র /অংশোত্রো/ [স. অংস+√ত্রৈ+অ] বি. স্কন্ধ রক্ষা করে এমন বর্ম বা আবরণ।

অংসফলক /অংশোফলোক্/ [স. অংস+ফলক] বি. পাখি সরীসৃপ মাছ প্রভৃতি এবং উভচর প্রাণীর চেয়ে উচ্চতর স্তরের চতুষ্পদ মেরুদণ্ডী প্রাণীর কাঁধের অস্থিচক্রের ত্রিকোণাকৃতি হাড়বিশেষ, কাঁধের হাড়, scapula।

অংসফলকাস্থি /অংশোফলোকাস্থি/ [স. অংস+ফলক+√অস্+থি] বি. দ্র অংসফলক।

অংসল /অংশল্/ [স. অংস+ল] বিণ. ১ চওড়া কাঁধ-বিশিষ্ট। ২ (আল.) শক্তিশালী। স্ত্রী. অংসলা /অংশলা/।

অক[১] /অক্/ [স. অঘ >] বি. ১ পাপ। ২ দুঃখ।

অক[২] /অক্/ [তুর.] বি. রূপকথায় বর্ণিত বৃহদাকার পাখিবিশেষ।

অকচ /অকচ্/ [স. ন+কচ] বিণ. কেশহীন, টাক-বিশিষ্ট। স্ত্রী. অকচা /অকচা/।

অকটু /অকোটু/ [স. ন+কটু] বিণ. কটুতাহীন; মধুর। বি. -তা /-তা/।

অকঠোর /অকঠোর/ [স. ন+কঠোর] বিণ. ১ শক্ত নয় এমন, কোমল। ২ অকর্কশ; সদয়। ৩ সহজ; সরল। বি. অকঠোরতা /অকঠোরতা/।

অকণ্টক /অকন্টক্/ [স. ন+কণ্টক] বিণ. ১ কাঁটা নেই এমন। ২ বাধাহীন। ৩ শত্রুমুক্ত।

অকণ্টকে /অকন্টকে/ [স. অকণ্টক+বা. এ] ক্রিবিণ. নিরাপদে, নির্বিঘ্নে, বিনা বাধায়।

অকথন /অকথোন্/ [স. ন+√কথ্+অন] বি. কুকথা। বিণ. প্রকাশ করা যায় না এমন, অকথ্য।

অকথনীয় /অকথোনিয়ো/ [স. ন+√কথ্+অনীয়] বিণ. ১ অনির্বচনীয়। ২ বলা উচিত নয় এমন। ৩ অশালীন। ৪ গুপ্ত।

অকথা /অকথা/ [স. ন+√কথ্+অ+আ (টাপ্)] বি. অশ্লীল বাক্য; অনুচিত কথা।

অকথিত /অকোথিতো/ [স. ন+√কথ্+ত] বিণ. বলা হয়নি এমন, অনুক্ত, অনুচ্চারিত, অব্যক্ত।

অকথ্য /অকোত্থো/ [স. ন+√কথ্+য] বিণ. ১ বলার অযোগ্য, অবাচ্য (*অকথ্য কথন*)। ২ কথায় প্রকাশ করা যায় না এমন (*অকথ্য নির্যাতন*)।

অকথ্যকথন /অকোত্থোকথোন্/ [স. অকথ্য+কথন] বি. ১ অনির্বচনীয় কথা। ২ বলার মতো নয় এমন কথা। ৩ গালি।

অকনিষ্ঠ[১] /অকোনিশ্ঠো/ [স. ন+কনিষ্ঠ] বিণ. কনিষ্ঠ নেই এমন। বি. বুদ্ধদেব।

অকনিষ্ঠ[২] /অকোনিশ্ঠো/ [বা. অক+স. নিষ্ঠ] বিণ. পাপাসক্ত, পাপী।

অকপট /অকপোট্/ [স. ন+কপট] বিণ. অমায়িক, কপটতাহীন। বি. অকপটতা /অকপোটতা/।

অকপটচিত্ত /অকপোটচিত্তো/ [স. অকপট+√চিৎ+ত] বিণ. সরলমনা, অমায়িক স্বভাবসম্পন্ন।

অকপটচিত্তে /অকপোটচিত্তে/ [স. অকপটচিত্ত+বা. এ] ক্রিবিণ. খোলামনে, দ্বিধাহীনভাবে।

অকপটে /অকপোটে/ [স. অকপট+বা. এ] ক্রিবিণ. সরলমনে; কোনোকিছু গোপন না রেখে।

অকবি /অকোবি/ [স. ন+কবি] বিণ. ১ কবিপ্রতিভা-হীন। ২ বেরসিক। বি. যে কবি নয়।

অকমনীয় /অকমোনিয়ো/ [স. ন+কমনীয়] বিণ. অসুন্দর, লাবণ্যহীন।

www.pathagar.com

অকম্প /অকম্পো/ [স. ন+√কম্প্+অ] বিণ. দ্র অকম্পিত।

অকম্পন /অকম্পোন্/ [স. ন+√কম্প্+অন] বি. কম্পনের অভাব।

অকম্পিত /অকোম্পিতো/ [স. ন+√কম্প্+ত] বিণ. ১ কম্পন নেই এমন, কম্পনশূন্য, স্থির। ২ অবিচলিত (*অকম্পিত চিত্ত*)।

অকম্প্র /অকম্প্রো/ [স. ন+√কম্প্+র] বিণ. দ্র অকম্পিত।

অকর[১] /অকর্/ [স. ন+√কৃ+অ] বিণ. ১ হাত নেই এমন, করহীন। ২ কিরণহীন।

অকর[২] /অকর্/ [স. ন+√কৃ+অ] বিণ. শুল্কের অযোগ্য, শুল্কমুক্ত, duty-free।

অকরণ /অকরোন্/ [স. ন+√কৃ+অন] বি. ১ কাজের অভাব, কর্মহীনতা; নিষ্ক্রিয়তা। ২ অবৈধ বা অন্যায় কাজ।

অকরণীয় /অকরোনিয়ো/ [স. ন+√কৃ+অনীয়] বিণ. ১ করা উচিত নয় এমন, অকর্তব্য। ২ বৈবাহিক সম্পর্ক স্থাপনের অযোগ্য।

অকরুণ /অকোরুন্/ [স. ন+√কৃ+উন্] বিণ. নির্দয়; নিষ্করুণ, কঠোর।

অকরোটি /অকরোটি/ [স. ন+ক+√রুট্+ই] বি. যে সকল নিম্নস্তরের মেরুদণ্ডী প্রাণীর মাথার খুলি আংশিক বা সম্পূর্ণভাবে নেই। বিণ. করোটিহীন।

অকর্কশ /অকর্কশ্/ [স. ন+কর্কশ] বিণ. ১ কোমল। ২ মসৃণ। ৩ তেলতেলে। বি. অকর্কশতা /অকর্কশোতা/।

অকর্ণ /অকর্নো/ [স. ন+কর্ণ] বিণ. ১ কান নেই এমন। ২ বধির। ৩ হালশূন্য। বি. সাপ।

অকর্ণধার /অকর্নোধার্/ [স. অকর্ণ+√ধৃ+অ] বিণ. চালক বা নাবিক নেই এমন।

অকর্তব্য /অকর্তোব্বো/ [স. ন+কর্তব্য] বিণ. করা উচিত নয় এমন।

অকর্তা /অকর্তা/ [স. ন+√কৃ+তৃ] বিণ. ১ কর্তা নয় এমন; অপ্রধান। ২ কর্তৃত্বহীন। ৩ নিষ্ক্রিয়।

অকর্তৃত্ব /অকোর্তৃত্তো/ [স. ন+কর্তৃ+ত্ব] বি. কর্তৃত্বের অভাব।

অকর্ম /অকর্মো/ [স. ন+√কৃ+মন্] বি. ১ কর্মের অভাব, নিষ্ক্রিয়তা। ২ অপকর্ম, কুকাজ।

অকর্মক /অকর্মোক্/ [স. অকর্মন্+ক] বিণ. ১ (যে) ক্রিয়াপদের কর্ম নেই এমন (*অকর্মক ক্রিয়া*)। ২ বেকার, কর্মশূন্য।

অকর্মকাণ্ড /অকর্মোকান্ডো/ [স. অকর্মন্+√কন্ +ড] বি. অপকর্মের ঘটা।

অকর্মণ্য /অকর্মোন্নো/ [স. অকর্মন্+য] বিণ. ১ কর্মক্ষম নয় এমন, অপটু। ২ ব্যবহারের অযোগ্য, অকেজো।

অকর্মা /অকর্মা/ [স. ন+কর্মন্] বিণ. ১ কোনো কাজের নয় এমন। ২ অলস। ৩ কুকর্মকারী, অন্যায়কারী। বি. অকর্মণ্য ব্যক্তি।

অকর্মার ধাড়ি /অকর্মার্ ধাড়ি/ বি. নিতান্ত অলস ব্যক্তি; যে ব্যক্তি আলস্যহেতু কাজ পন্ড করে।

অকর্মিষ্ঠ /অকোর্মিশ্ঠো/ [স. ন+কর্মিন্+ইষ্ঠ] বিণ. ১ কুকর্মরত। ২ অকর্মণ্য।

অকলঙ্ক /অকলোংকো/ [স. ন+ক+√লন্ক্+অ] বিণ. ১ কলঙ্কমুক্ত, অপবাদহীন, নির্দোষ। ২ দাগশূন্য। ৩ নির্মল; পবিত্র।

অকলঙ্কিত /অকলোংকিতো/ [স. অকলঙ্ক+ইত] বিণ. কলঙ্কিত নয় এমন; নির্দোষ; সাধু।

অকলুষ /অকোলুশ্/ [স. ন+কলুষ] বিণ. ১ নিষ্পাপ; নির্দোষ। ২ মলিনতাহীন (*অকলুষ বাংলাভূমি হয়ে ওঠ রাতারাতি আদিগন্ত তীর্থভূমি।* হাসান.)।

অকলুষিত /অকোলুশিতো/ [স. অকলুষ+ইত] বিণ. নিষ্কলুষ; অমলিন; নির্দোষ।

অকল্ক /অকল্কো/ [স. ন+√কল্+ক] বিণ. ১ নির্মল। ২ নিষ্পাপ। ৩ নিরহংকার।

অকল্কা /অকল্কা/ [স. অকল্ক+আ (টাপ্)] বি. জ্যোৎস্না। বিণ. নির্মলা।

অকল্পনা /অকল্পোনা/ [স. ন+√কল্পি+অন+আ (টাপ্)] বি. ১ চিন্তার অভাব। ২ অনুচিত চিন্তা।

অকল্পনীয় /অকল্পোনিয়ো/ [স. ন+√কল্পি+ অনীয়] বিণ. কল্পনা করা যায় না এমন, কল্পনাতীত।

অকল্পিত /অকোল্পিতো/ [স. ন+√কল্পি+ত] বিণ. ১ মনগড়া বা কল্পিত নয় এমন; অকৃত্রিম; প্রকৃত, বাস্তব। ২ কল্পনা করা যায়নি এমন।

অকল্মষ /অকল্মশ্/ [স. ন+কর্মন্+√সো+অ] বিণ. নিষ্পাপ।

অকল্য /অকোল্লো/ [স. ন+কল+য] বিণ. সুস্থ নয় এমন, পীড়িত। স্ত্রী. অকল্যা /অকোল্লা/।

অকল্যাণ /অকোল্ল্যান্/ [স. ন+কল্যাণ] বি. অমঙ্গল, অশুভ। বিণ. অমঙ্গলজনক।

অকল্যাণকর /অকোল্ল্যান্কর্/ [স. অকল্যাণ+√কৃ +অ] বিণ. অমঙ্গলজনক, অশুভকর, ক্ষতিকর।

www.pathagar.com

অকষ্ট /অকশ্‌টো/ [স. ন+√কষ্+ত] বিণ. কষ্টশূন্য, ক্লেশহীন। বি. (বাংলায়) ভীষণ কষ্ট।

অকষ্টকল্পনা /অকশ্‌টোকল্‌পোনা/ [স. অকষ্ট+কল্পনা] বি. ১ অনায়াসসাধ্য কল্পনা। ২ স্বতঃস্ফূর্ত রচনা।

অকষ্টকল্পিত /অকশ্‌টোকোল্‌পিতো/ [স. অকষ্ট+√কল্প্+ত] বিণ. কষ্টকল্পিত নয় এমন; সহজসাধ্য।

অকস্মাৎ /অকোশ্‌শাত্‌/ [স. ন+কস্মাৎ] অব্য. হঠাৎ, সহসা। বিণ. কোনো কারণ ব্যতীত। ক্রিবিণ. অজানিতভাবে। বি. আকস্মিক প্রাপ্তি বা ঘটনা।

অকহতব্য /অকহোতোব্‌বো/ [স. ন+√কহ্+তব্য] বিণ. বলার অযোগ্য, বলার মতো নয় এমন।

অকাজ /অকাজ/ [বা.] বি. অন্যায় কাজ, কুকর্ম; অনাবশ্যক কাজ।

অকাট /অকাট/ [বা.] বিণ. ১ অখণ্ডনীয়। ২ নিরেট, সম্পূর্ণ (*অকাট মূর্খ*)।

অকাট্য /অকাট্‌টো/ [বা.] বিণ. ১ খণ্ডন করা যায় না এমন (*অকাট্য যুক্তি*)। ২ চূড়ান্ত, অপরিবর্তনীয়।

অকাণ্ড /অকান্‌ডো/ [স. ন+√কন্+ড] বিণ. ১ কাণ্ড নেই এমন। ২ অঘটনীয়। ৩ কালজ্ঞান নেই এমন। বি. কাণ্ডহীন বৃক্ষ।

অকাণ্ডজাত /অকান্‌ডোজাতো/ [স. অকাণ্ড+√জন্+ত] বিণ. অসময়ে উৎপন্ন।

অকাতর /অকাতোর্‌/ [স. ন+কাতর] বিণ. ১ কাতর নয় এমন। ২ অব্যাকুল। ৩ সুস্থ, নীরোগ। ৪ অকুণ্ঠ। বি. অকাতরতা /অকাতোরতা/।

অকাতরে /অকাতরে/ [স. অকাতর+বা. এ] ক্রিবিণ. অক্লেশে; অবলীলাক্রমে (*অকাতরে দান*)।

অকাপট্য /অকাপোট্‌টো/ [স. ন+কপট+য] বি. ১ সারল্য, অকপটতা। ২ কামহীনতা; ইন্দ্রিয়-পরায়ণ নয় এমন ভাব।

অকাম[১] /অকাম/ [স. ন+√কম্+অ] বিণ. ১ নিষ্কাম। ২ জিতেন্দ্রিয়।

অকাম[২] /অকাম/ [বা.] বি. অকাজ; কুকাজ।

অকামুক /অকামুক/ [স. ন+√কম্+উক] বিণ. ইন্দ্রিয়পরায়ণ নয় এমন; নিষ্কাম।

অকাম্য /অকাম্মো/ [স. ন+√কামি+য] বিণ. কাম্য নয় এমন, অনভিলষণীয়।

অকায় /অকায়/ [স. ন+√চি+অ] বিণ. কায়াহীন, দেহহীন, অশরীরী। বি. ১ রাহুগ্রহ। ২ পরমাত্মা।

অ-কার /অকার/ [বা.] বি. অ-স্বর (*অকারান্ত*)।

অকারণ /অকারোন/ [স. ন+√কৃ+ণিচ্+অন] বিণ. ১ অহেতুক, কারণহীন। ২ ব্যর্থ, বিফল, বৃথা। ক্রিবিণ. অনর্থক, মিছিমিছি।

অকারণসম্ভূত /অকারোন্‌শোম্‌ভুতো/ [স. অকারণ+সম্+√ভূ+ত] বিণ. অকারণে জাত বা উৎপন্ন।

অকারাদিক্রম /অকারাদিক্‌ক্রোম/ [স. অকারাদি+ক্রম] বি. বর্ণমালার ক্রমানুসারে বিন্যাস, অ থেকে হ পর্যন্ত বর্ণানুক্রমে শব্দ বা নামের বিন্যাস; alphabetical order।

অকারান্ত /অকারান্‌তো/ [স. অকার+√অম্+ত] বিণ. অন্তে অ-স্বরযুক্ত।

অকার্য /অকারজো/ [স. ন+√কৃ+য] বি. অকাজ, অপ্রয়োজনীয় কাজ; কুকাজ। বিণ. অকর্তব্য।

অকার্যকর /অকারজোকর/ [স. অকার্য+√কৃ+অ] বিণ. ১ কাজে লাগানোর উপযুক্ত নয় এমন। ২ বৃথা, নিষ্ফল।

অকার্যকারিতা /অকারজোকারিতা/ [স. অকার্য+√কৃ+ইন্+তা] বি. অনুপযোগিতা।

অকার্যকারী /অকারজোকারি/ [স. অকার্য+√কৃ+ইন্] বিণ. ১ অলস, নিষ্ক্রিয়। ২ অকেজো। ৩ অপকর্মকারী; দুষ্কৃতী।

অকার্যক্ষম /অকারজোক্‌খম/ [স. ন+কার্য+√ক্ষম্+অ] বিণ. কর্মসম্পাদনে অক্ষম।

অকাল /অকাল/ [স. ন+√কালি+অ] বিণ. অসময়োচিত। বি. ১ অনুপযুক্ত কাল; অপরিণত কাল। ২ যে কাল শুভ কাজের উপযোগী নয় এমন কল্পনা, অপ্রশস্তকাল। ৩ (বাংলায়) দুর্ভিক্ষ।

অকালকুষ্মাণ্ড /অকালকুশ্‌শাঁন্‌ডো/ [স. অকাল+কু+উষ্মা+অণ্ড] বি. অকালে জাত কুমড়ো। বিণ. (আল.) মূর্খ; অকর্মণ্য; অপদার্থ।

অকালজ /অকালোজো/ [স. অকাল+√জন্+অ] বিণ. নির্দিষ্ট সময়ের পূর্বে বা পরে জাত, অকালে উৎপন্ন।

অকালজাত /অকাল্‌জাতো/ [স. অকাল+√জন্+ত] বিণ. অকালে উৎপন্ন।

অকালপক্ক /অকাল্‌পক্‌কো/ [স. অকাল+√পচ্+ত] বিণ. ১ ইঁচড়ে পাকা; বাল্যে বৃদ্ধের ন্যায় আচরণকারী। ২ অকালে পেকেছে এমন। বি. -তা /-তা/।

অকালবর্ষণ /অকাল্‌বরশোন/ [স. অকাল+বর্ষণ] বি. বর্ষাকাল ভিন্ন অন্য সময়ে বৃষ্টি।

অকালবার্ধক্য /অকাল্‌বারধোক্‌কো/ [স. অকাল+বার্ধক্য] বি. অপরিণত বয়সে বৃদ্ধাবস্থা প্রাপ্তি।

www.pathagar.com

অকালবৃদ্ধ /অকাল্‌বৃদ্‌ধো/ [স. অকাল+√বৃধ্+ত] বিণ. যুবা বয়সেই বার্ধক্যে উপনীত। স্ত্রী. অকালবৃদ্ধা /অকাল্‌বৃদ্‌ধা/।

অকালবোধন /অকাল্‌বোধোন্/ [স. অকাল+বোধন] বি. অসময়ে আবাহন; অসময়ে জাগরিতকরণ।

অকালমৃত্যু /অকাল্‌মৃত্‌তু/ [স. অকাল+√মৃ+ত্যু] বি. অপরিণত বয়সে মৃত্যু।

অকালমেঘোদয় /অকালমেঘোদয়্/ [স. অকাল+মেঘ+উদয়] বি. অকালে মেঘের আবির্ভাব।

অকালসন্ধ্যা /অকাল্‌শোন্‌ধা/ [স. অকাল+সম্+√ধ্যৈ+অ+আ (টাপ্)] বি. নির্দিষ্ট সময়ের পূর্বেই আকাশের আলো কমে গিয়ে সন্ধ্যার মতো অবস্থা প্রাপ্তি।

অকালসহ /অকাল্‌শহো/ [স. অকাল+√সহ্+অ] বিণ. অধৈর্য, অস্থির।

অকালি /অকালি/ [প.] বি. শিখগোষ্ঠীবিশেষ।

অকালে /অকালে/ [স. অকাল+বা. এ] ক্রিবিণ. অপ্রশস্ত সময়ে; অনুপযুক্ত কালে।

অকাল্পনিক /অকাল্‌পোনিক্/ [স. ন+কল্পনা+ইক] বিণ. কল্পনাপ্রসূত নয় এমন, বাস্তব।

অকিঞ্চন /অকিন্‌চন্/ [স. ন+√কিম্+চন] বিণ. ১ কিছুই নেই এমন, নিঃস্ব; দরিদ্র। ২ তুচ্ছ, নগণ্য। ৩ ইতর; মূঢ়; অধম। ৪ (বাংলায়) একাগ্র; দীন; কৃপণ। বি. **অকিঞ্চনতা** /অকিন্‌চনতা/।

অকিঞ্চিৎ /অকিন্‌চিত্/ [স. ন+√কিম্+চিৎ] বিণ. দ্র অকিঞ্চিৎকর।

অকিঞ্চিৎকর /অকিন্‌চিত্‌কর্/ [স. অকিঞ্চিৎ+√কৃ+অ] বিণ. নগণ্য, তুচ্ছ।

অকীর্তি /অকির্‌তি/ [স. ন+√কীর্তি+তি] বি. নিন্দা, দুর্নাম; অখ্যাতি।

অকীর্তিকর /অকির্‌তিকর্/ [স. অকীর্তি+√কৃ+অ] বিণ. অখ্যাতিজনক।

অকীর্তিত /অকির্‌তিতো/ [স. ন+√কীর্তি+ত] বিণ. প্রচারিত হয়নি এমন, অঘোষিত; অজানা।

অকু /ওকু/ [আ.] বি. ঘটনা; দুর্ঘটনা; হাঙ্গামা; অপরাধমূলক কাজ (*অকুস্থল*)।

অকুটিল /অকুটিল্/ [স. ন+কুটিল] বিণ. সরল, অকপট। স্ত্রী. **অকুটিলা** /অকুটিলা/।

অকুণ্ঠ /অকুন্‌ঠো/ [স. ন+√কুণ্ঠ্+অ] বিণ. ১ অকাতর; অসংকুচিত। ২ অব্যাহত; অপ্রতিহত। ৩ অক্ষুব্ধ।

অকুণ্ঠিত /অকুন্‌ঠিতো/ [স. ন+√কুণ্ঠ্+ত] বিণ. ১ কুণ্ঠিত বা সংকুচিত নয় এমন। ২ অব্যাহত।

অকুণ্ঠিতচিত্ত /অকুন্‌ঠিতোচিত্‌তো/ [স. অকুণ্ঠিত+√চিৎ+ত] বিণ. উদারচিত্ত, মুক্তপ্রাণ, সরলমনা।

অকুতোভয় /অকুতোভয়/ [স. ন+কুতঃ+ভয়] বিণ. কোথাও ভয় নেই এমন, নির্ভীক, নিঃশঙ্ক, অসম-সাহসী। স্ত্রী. অকুতোভয়া /অকুতোভয়া/।

অকুতোমৃত্যু /অকুতোমৃত্‌তু/ [স. ন+কুতঃ+মৃত্যু] বিণ. মৃত্যুভয় নেই এমন।

অকুপিত /অকুপিতো/ [স. ন+√কুপ্+ত] বিণ. ১ রুষ্ট নয় এমন। ২ (বৈদ্যশাস্ত্রে) দূষিত নয়।

অকুফ /অকুফ্/ [আ.] বি. ১ বুদ্ধি, আক্কেল; কাণ্ডজ্ঞান। ২ প্রতিভা।

অকুমার /অকুমার্/ [স. ন+কুমার] বিণ. বি. কুমার নয় এমন; যুবা।

অকুল /অকুল্/ [স. ন+কূল] বি. ১ কল্পিত নীচ বংশ। ২ অবহেলিত ও অনগ্রসর জাতি।

অকুলীন /অকুলিন্/ [স. ন+কুল+ঈন] বিণ. বংশ-মর্যাদাহীন, কল্পিত কুলীন বংশে জাত নয় এমন।

অকুশল /অকুশল্/ [স. ন+কুশল] বিণ. অপটু, অনিপুণ। বি. অমঙ্গল, অশুভ।

অকুস্থল /ওকুস্‌থল্/ [আ. অকু+স. স্থল] বি. যে স্থানে অপরাধ সংঘটিত হয়েছে, ঘটনাস্থল।

অকুস্থান /ওকুস্‌থান্/ [আ. অকু+স. স্থান] বি. দ্র অকুস্থল।

অকূপার /অকুপার্/ [স. ন+কু+পার] বি. ১ সমুদ্র। ২ কচ্ছপ।

অকূল /অকূল্/ [স. ন+কূল] বিণ. ১ তীরহীন, অপার, অসীম। ২ গভীর। ৩ নিবিড়। বি. ১ সমুদ্র। ২ (আল.) কঠিন বিপদ; সংকট।

অকূলতারণ /অকুল্‌তারোন্/ [স. অকূল+√তৃ+ণিচ্+অন] বি. যে ব্যক্তি বিপদ থেকে উদ্ধার করে।

অকূলপাথার /অকুলপাথার্/ [স. অকূল+বা. পাথার] বি. ১ অসীম সমুদ্র; দুস্তর পারাবার। ২ (আল.) কঠিন বিপদ, মহাসংকট।

অকূলে কূল পাওয়া /অকূলে কুল্ পাওআ/ ক্রিবি. ঘোর সংকটে সাহায্য পাওয়া, মহাবিপদ থেকে উদ্ধার পাওয়া।

অকূলে ভাসা /অকূলে ভাশা/ ক্রিবি. গভীর সংকটে দিশাহারা হওয়া।

অকূলের কূল /অকুলের্ কুল্/ বি. যে ব্যক্তি

www.pathagar.com

বিপদে উদ্ধার করে।

অকৃত /অকৃতো/ [স. ন+√কৃ+ত] বিণ. ১ করা হয়নি এমন, অসম্পাদিত। ২ নিরর্থক; বিফল।

অকৃতকর্মা /অকৃতোকর্‌মা/ [স. অকৃত+কর্মন্] বিণ. অকর্মণ্য, অপদার্থ।

অকৃতকার্য /অকৃতোকার্‌জ্যো/ [স. অকৃত+কার্য] বিণ. সফল হয়নি এমন। বি. ~তা /-তা/।

অকৃতঘ্ন /অকৃতঘ্‌নো/ [স. অকৃত+√হন্+অ] বিণ. উপকারীর উপকার স্বীকার করে এমন, কৃতঘ্ন নয় এমন, কৃতজ্ঞ। বি. ~তা /-তা/।

অকৃতজ্ঞ /অকৃতগ্‌গোঁ/ [স. অকৃত+√জ্ঞা+অ] বিণ. উপকারীর উপকার স্বীকার করে না এমন; কৃতঘ্ন। বি. ~তা /-তা/।

অকৃতদার /অকৃতোদার্/ [স. ন+কৃতদার] বিণ. দার গ্রহণ করেনি এমন, অবিবাহিত, অনূঢ়।

অকৃতধী /অকৃতোধি/ [স. অকৃত+√ধ্যৈ+ক্বিপ্] বিণ. ১ অল্পবুদ্ধিসম্পন্ন। ২ অস্থিরচিত্ত।

অকৃতাত্মা /অকৃতাত্‌তা/ [স. অকৃত+আত্মন্] বিণ. অপবিত্রচিত্ত, অবিশুদ্ধচিত্ত।

অকৃতাদর /অকৃতাদর্/ [স. অকৃত+আদর] বিণ. অনাদৃত; উপেক্ষিত। স্ত্রী. অকৃতাদরা /অকৃতাদরা/।

অকৃতাপরাধ /অকৃতাপোরাধ/ [স. অকৃত+অপরাধ] বিণ. অপরাধ করেনি এমন, নিরপরাধ, নির্দোষ।

অকৃতার্থ /অকৃতার্‌থো/ [স. ন+কৃতার্থ] বিণ. ১ কৃতার্থ নয় এমন। ২ অকৃতকার্য, ব্যর্থ। বি. ~তা /-তা/।

অকৃতি /অকৃতি/ [স. ন+√কৃ+তি] বি. ১ কৃতির অভাব। ২ অসাফল্য।

অকৃতিত্ব /অকৃতিত্‌তো/ [স. অকৃতি+ত্ব] বি. অক্ষমতা, অযোগ্যতা; অপটুতা।

অকৃতী /অকৃতি/ [স. ন+কৃত+ইন্] বিণ. ১ অক্ষম, অযোগ্য; অপটু (*আমি অকৃতী অধম ক'লেও তো, কিছু কম ক'রে মোরে দাওনি!* রজনী.)। ২ (বাংলায়) গুণহীন; মূর্খ।

অকৃতোদ্‌বাহ /অকৃতোদ্‌বাহো/ [স. ন+কৃত+উদ্‌বাহ] বিণ. অবিবাহিত। স্ত্রী. অকৃতোদ্‌বাহা /অকৃতোদ্‌বাহা/।

অকৃত্য /অকৃত্‌তো/ [স. ন+কৃত্য] বিণ. করণীয় নয় এমন, অকর্তব্য। বি. নিন্দনীয় কাজ, কুকাজ।

অকৃত্যকারী /অকৃত্‌তোকারি/ [স. অকৃত্য+√কৃ+ইন্] বিণ. অকাজ বা কুকাজ করে এমন।

অকৃত্রিম /অকৃত্‌ত্রিম্/ [স. ন+কৃত্রিম] বিণ. ১ বিশুদ্ধ, খাঁটি, আসল। ২ অকপট, ছলনাশূন্য। বি. অকৃত্রিমতা /অকৃত্‌ত্রিমতা/।

অকৃপ /অকৃপো/ [স. ন+√কৃপ্+অ] বিণ. নির্দয়, নিষ্ঠুর। বি. অকৃপা /অকৃপা/।

অকৃপণ /অকৃপন্/ [স. ন+কৃপণ] বিণ. ১ মুক্তহস্ত; বদান্য। ২ অমিতব্যয়ী। ৩ প্রচুর। বি. অকৃপণতা /অকৃপনতা/।

অকৃশ /অকৃশো/ [স. ন+√কৃশ্+অ] বিণ. শীর্ণ বা ক্লান্ত নয় এমন; অতনু।

অকৃষ্ট /অকৃশ্‌টো/ [স. ন+√কৃষ্+ত] বিণ. চাষ করা হয়নি এমন, অকর্ষিত।

অকৃষ্টপচ্য /অকৃশ্‌টোপোচ্‌চো/ [স. অকৃষ্ট+√পচ্+য] বিণ. পতিত বা অকর্ষিত জমিতে উৎপন্ন (শস্য)।

অকৃষ্ণ /অকৃশ্‌নো/ [স. ন+√কৃষ্+ন] বিণ. ১ কৃষ্ণ-বিরোধী। ২ (বাংলায়) কালো নয় এমন; শুভ্র।

অকেজো /অকেজো/ [বা.] বিণ. কোনো কাজে আসে না এমন, অকর্মণ্য, কাজের অযোগ্য।

অকেলাস /অকেলাশ্/ [স. ন+কেলাস] বিণ. দানা বাঁধেনি এমন, কেলাসিত নয় এমন।

অকেশ /অকেশ্/ [স. ন+কেশ] বিণ. কেশহীন, ইন্দ্রলুপ্ত। স্ত্রী. অকেশী /অকেশি/।

অকৈতব /অকৈ্‌তব্/ [স. ন+কিতব+অ] বিণ. অকপট, সরল; অকৃত্রিম।

অকোট /অকোট্/ [স. ন+কুট+অ] বি. সুপারি গাছ।

অকোপ /অকোপ্/ [স. ন+কোপ] বিণ. রাগ নেই এমন, ক্রোধশূন্য। বি. ক্রোধহীনতা।

অকোপী /অকোপি/ [স. ন+√কুপ্+ইন্] বিণ. ক্রোধান্বিত বা রাগান্বিত নয় এমন।

অকোবিদ /অকোবিদ্/ [স. ন+কো+√বিদ্+অ] বিণ. ১ পারদর্শী বা দক্ষ নয় এমন। ২ মূর্খ।

অকৌটিল্য /অকৌট্‌টিল্‌লো/ [স. ন+কুটিল+য] বি. ১ অকুটিলতা। ২ ঋজুতা, সরলতা।

অকৌশল /অকৌশল্/ [স. ন+কৌশল] বি. ১ কৌশলের অভাব। ২ (বাংলায়) মতভেদ, মনো-মালিন্য।

অক্কা /অক্কা/ [ফা. আকা >] বি. ঈশ্বর, প্রভু।

অক্কাপ্রাপ্তি /অক্কাপ্রাপ্‌তি/ [বা. অক্কা+স. প্রাপ্তি] বি. ১ ঈশ্বরপ্রাপ্তি। ২ (ব্য.) মৃত্যু।

অক্টেন /অক্‌টেন্/ [আবেশ.] বি. পেট্রোলচালিত অন্তর্দহন ইঞ্জিনের কম্পন হ্রাসের জন্য জ্বালানির সঙ্গে মিশ্রিত তরল হাইড্রোকার্বনবিশেষ।

www.pathagar.com

অক্টেন নম্বর /অক্‌টেন্ নম্‌বোর্/ বি. পেট্রোলের উৎকর্ষমাত্রার নির্দেশক সংখ্যা, octane number।

অক্টোপাস /অক্‌টোপাস্/ [গ্রি.] বি. অগভীর সমুদ্রে বিচরণ করে এমন তুলতুলে দেহের চারদিকে লম্বা চারজোড়া পা-বিশিষ্ট (৫ সেন্টিমিটার থেকে ৯ মিটার পর্যন্ত) ধীর গতিসম্পন্ন অত্যন্ত বুদ্ধিমান অমেরুদণ্ডী মাংসাশী নিশাচর প্রাণী, octopus।

অক্টোবর /অক্‌টোবর্/ [লা.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির দশম মাস, ১৬ই আশ্বিন থেকে ১৬ই কার্তিক পর্যন্ত কালপর্ব, October।

অক্ত[১] /অক্‌তো/ [আ. ওয়াক্‌ত্ >] বি. সময় (*নামাযের অক্ত*); 'ওয়াক্ত'-র বিকৃত রূপ।

অক্ত[২] /অক্‌তো/ [স. √অন্‌জ্+ত] বিণ. মিশ্রিত, মাখানো, লিপ্ত (*রক্তাক্ত*)।

অক্রম /অক্‌ক্রোম্/ [স. ন+ক্রম] বিণ. ক্রমশূন্য; বিশৃঙ্খল, এলোমেলো। বি. শৃঙ্খলার অভাব; বিপর্যাস।

অক্রমিক /অক্‌ক্রোমিক্/ [স. অক্রম+ইক] বিণ. ১ ধারাবাহিকতাশূন্য, পারম্পর্যহীন। ২ বিশৃঙ্খল।

অক্রিয় /অক্‌ক্রিয়ো/ [স. ন+ক্রিয়া] বিণ. ১ নিষ্ক্রিয়; বেকার। ২ নিরুদ্যম। ৩ অচল। বি. ~তা /-তা/।

অক্রিয়কর্মা /অক্‌ক্রিয়োকর্‌মা/ [স. অক্রিয়া+কর্মন্] বিণ. অকাজ করে এমন; কুকর্মা।

অক্রিয়া /অক্‌ক্রিআ/ [স. ন+√কৃ+অ+আ (টাপ্)] বি. ১ নিষ্ক্রিয়তা। ২ অন্যায় কাজ, অবৈধ কাজ।

অক্রিয়াচরণ /অক্‌ক্রিআচরোন্/ [স. অক্রিয়া+আচরণ] বি. কুব্যবহার; অশালীন আচরণ।

অক্রিয়ানিষ্ঠ /অক্‌ক্রিআনিশ্‌ঠো/ [স. অক্রিয়া+নি+√স্থা+অ] বিণ. কুকর্মরত।

অক্রিয়ান্বিত /অক্‌ক্রিআন্‌নিতো/ [স. অক্রিয়া+অনু+√ই+ত] বিণ. শাস্ত্রবিরুদ্ধ কর্মকারী।

অক্রিয়ারত /অক্‌ক্রিআরতো/ [স. অক্রিয়া+√রম্+ত] বিণ. কুকর্মে লিপ্ত।

অক্রীত /অক্‌ক্রিতো/ [স. ন+√ক্রী+ত] বিণ. ক্রয় করা হয়নি এমন।

অক্রুদ্ধ /অক্রুদ্‌ধো/ [স. ন+√ক্রুধ্+ত] বিণ. রুষ্ট বা ক্রোধান্বিত নয় এমন।

অক্রূর /অক্‌ক্রুর্/ [স. ন+ক্রূর] বি. মহাভারতোক্ত শ্রীকৃষ্ণের পিতৃব্য। বিণ. ১ সরল, ঋজু। ২ অকুটিল।

অক্রেয় /অক্‌ক্রেয়ো/ [স. ন+ক্রেয়] বিণ. দুর্মূল্য, মহার্ঘ, আক্রা। বি. ~তা /-তা/।

অক্রোধ /অক্‌ক্রোধ্/ [স. ন+ক্রোধ] বিণ. ক্রোধহীন, রোষশূন্য। বি. ক্রোধশূন্যতা।

অক্রোধন /অক্‌ক্রোধোন্/ [স. ন+ক্রোধন] বিণ. সহজে ক্রুদ্ধ হয় না এমন, শান্ত।

অক্রোধী /অক্‌ক্রোধি/ [স. অক্রোধ+ইন্] বিণ. ক্রুদ্ধ নয় এমন, শান্ত; সহজে রাগান্বিত হয় না এমন।

অক্লান্ত /অক্‌ক্লান্‌তো/ [স. ন+√ক্লম্+ত] বিণ. ক্লান্তিহীন, অশ্রান্ত (*অক্লান্ত পরিশ্রম*)। ক্রিবিণ. ক্লান্তিহীনভাবে; ক্রমাগত।

অক্লান্তকর্মা /অক্‌ক্লান্‌তোকর্‌মা/ [স. অক্লান্ত+কর্মন্] বিণ. পরিশ্রমে ক্লান্ত নয় এমন; অত্যন্ত পরিশ্রমী।

অক্লিন্ন /অক্‌ক্লিন্‌নো/ [স. ন+√ক্লিদ্+ত] বিণ. ক্লেদমুক্ত, অমলিন।

অক্লিষ্ট /অক্‌ক্লিশ্‌টো/ [স. ন+√ক্লিশ্+ত] বিণ. ১ ক্লান্তিশূন্য, শ্রান্তিহীন। ২ অদম্য। ৩ নিবৃত্তিহীন, অবিরাম, নিরবচ্ছিন্ন। ৪ অম্লান।

অক্লিষ্টকর্মা /অক্‌ক্লিশ্‌টোকর্‌মা/ [স. অক্লিষ্ট+কর্মন্] বিণ. কর্মক্লান্ত নয় এমন, অক্লান্তকর্মা।

অক্লীব /অক্‌ক্লিব্/ [স. ন+ক্লীব] বিণ. ১ পুরুষত্ব-বিশিষ্ট, বীর্যবান। ২ ধৈর্যশীল, সহিষ্ণু।

অক্লেশ /অক্‌ক্লেশ্/ [স. ন+ক্লেশ] বি. ক্লেশের অভাব, অনায়াস। বিণ. ক্লেশহীন।

অক্লেশে /অক্‌ক্লেশে/ [স. অক্লেশ+বা. এ] ক্রিবিণ. বিনা পরিশ্রমে, অনায়াসে, সহজে।

অক্ষ /ওক্‌খো/ [স. √অক্ষ্+অ] বি. ১ গ্রহ-উপগ্রহের আবর্তনপথ। ২ বিষুবরেখা থেকে ভূপৃষ্ঠের কোনো বিন্দুর কৌণিক দূরত্বের পরিমাপ, latitude। ৩ পাশাখেলার ঘুঁটি; পাশা। ৪ জপমালা; রুদ্রাক্ষের বীজ; পদ্মবীজ। ৫ চাকার কেন্দ্রে আড়াআড়িভাবে যুক্ত দণ্ড, axle। ৬ জন্মান্ধ ব্যক্তি। ৭ গরুড়। ৮ সাপ। ৯ প্রাণিদেহের প্রধান অস্থি, axis। ১০ আইন। ১১ দুই বা ততোধিক দেশের মধ্যে বিশেষ রাজনৈতিক আঁতাঁত। ১২ চোখ। ১৩ ইন্দ্রিয়।

অক্ষকর্ণ /ওক্‌খোকর্‌নো/ [স. অক্ষ+কর্ণ] বি. সমকোণী ত্রিভুজের বৃহত্তম বাহু, কর্ণ, অতিভুজ।

অক্ষকূট /ওক্‌খোকুট্/ [স. অক্ষ+কূট] বি. চোখের তারা।

অক্ষক্রীড়া /ওক্‌খোক্রিড়া/ [স. অক্ষ+ক্রীড়া] বি. পাশাখেলা।

অক্ষচক্র /ওক্‌খোচক্‌রো/ [স. অক্ষ+চক্র] বি. (ভারী জিনিস উত্তোলনের জন্য ব্যবহৃত) উঁচু কোনো

www.pathagar.com

বিন্দু থেকে ঝুলিয়ে রাখা একটি বা একাধিক চাকার খাঁজে দড়ি পরানো সরঞ্জাম, pulley।

অক্ষটি /ওক্‌খোটি/ [স. আখেটিক>] বি. শিকারি।

অক্ষত /অক্‌খতো/ [স. ন+√ক্ষণ্+ত] বিণ. ১ ক্ষতশূন্য। ২ নির্দোষ, নিখুঁত। ৩ অখণ্ডিত; অচ্ছিন্ন। বি. আতপ চাল।

অক্ষতদেহ /অক্‌খতোদেহো/ [স. অক্ষত+দেহ] বি. নিখুঁত বা অবিকৃত শরীর; ক্ষতহীন দেহ। বিণ. ক্ষতহীন দেহবিশিষ্ট; অবিকৃত অঙ্গবিশিষ্ট।

অক্ষতযোনি /অক্‌খতোজোনি/ [স. অক্ষত+যোনি] বিণ. যৌনসংগম করেনি এমন (নারী)। বি. কুমারী, virgin।

অক্ষতশরীর /অক্‌খতোশোরির্/ [স. অক্ষত+শরীর] বি. বিণ. দ্র অক্ষতদেহ।

অক্ষদণ্ড /ওক্‌খোদনডো/ [স. অক্ষ+√দণ্ড্+অ] বি. (পৃথিবীর) উত্তর ও দক্ষিণ মেরু ভেদকারী যে কাল্পনিক রেখাকে কেন্দ্র করে পৃথিবী আবর্তিত হয়।

অক্ষধর /ওক্‌খোধর্/ [স. অক্ষ+ধর] বিণ. চাকার ধারক। বি. বিষ্ণু।

অক্ষধুরা /ওক্‌খোধুরা/ [স. অক্ষ+√ধুর্+অ+আ (টাপ্)] বি. চাকার সামনের অংশ।

অক্ষপটল /ওক্‌খোপটোল্/ [স. অক্ষ+পটল] বি. চোখের লেন্সের সম্পূর্ণ বা আংশিক অস্বচ্ছতা যা দৃষ্টির বিঘ্ন ঘটায়, ছানি, অক্ষিপটল, cataract।

অক্ষপাদ /ওক্‌খোপাদ্/ [স. অক্ষ+পাদ] বি. পৌরাণিক ঋষি ও দার্শনিক গৌতম। বিণ. তার্কিক।

অক্ষবিচলন /ওক্‌খোবিচলোন্/ [স. অক্ষ+বি+√চল্+অন] বি. চাঁদের আকর্ষণের ফলে পৃথিবীর অক্ষদণ্ডের অস্থায়ী কিন্তু নিয়মিত বিচলন।

অক্ষবৃত্ত /ওক্‌খোবৃত্তো/ [স. অক্ষ+√বৃৎ+ত] বি. নিরক্ষবৃত্তের উত্তর ও দক্ষিণ দিকে কল্পিত সমান্তরাল ও সমদূরবর্তী ক্ষুদ্রতর বৃত্ত।

অক্ষম /অক্‌খম্/ [স. ন+ক্ষম] বিণ. ১ ক্ষমতাহীন; দুর্বল; অসমর্থ। ২ অপটু। ৩ অযোগ্য।

অক্ষমা /অক্‌খমা/ [স. ন+ক্ষমা] বি. ১ ক্ষমাহীনতা। ২ অসহিষ্ণুতা। ৩ ক্রোধ।

অক্ষমালা /ওক্‌খোমালা/ [স. অক্ষ+মালা] বি. ১ রুদ্রাক্ষের মালা, জপমালা। ২ বশিষ্ঠমুনির পত্নী অরুন্ধতী।

অক্ষয় /অক্‌খয়্/ [স. ন+ক্ষয়] বিণ. ১ চিরস্থায়ী (*অক্ষয়কীর্তি*)। ২ অফুরন্ত (*অক্ষয় ভান্ডার*)।

অক্ষয়কীর্তি /অক্‌খয়্‌কির্তি/ [স. অক্ষয়+√কৃৎ+তি] বি. ১ অবিনশ্বর কীর্তি। ২ চিরস্থায়ী খ্যাতি।

অক্ষয়তূণ /অক্‌খয়্‌তুন্/ [স. অক্ষয়+তূণ] বি. যে তূণের বাণ শেষ হয় না।

অক্ষয়তৃতীয়া /অক্‌খয়্‌তৃতিআ/ [স. অক্ষয়+তৃতীয়া] বি. বৈশাখ মাসের শুক্লপক্ষের তৃতীয়া তিথি (যে তিথিতে অর্জিত পুণ্যের ক্ষয় নেই বলে মনে করা হয়)।

অক্ষয়লোক /অক্‌খয়্‌লোক্/ [স. অক্ষয়+লোক] বি. স্বর্গ, বেহেশত।

অক্ষর[১] /ওক্‌খোর্/ [স. √অশ্+সর] বি. ১ বর্ণ, letter। ২ অধুনালুপ্ত পদধতিতে মুদ্রণের জন্য ব্যবহৃত ধাতু-নির্মিত টাইপ বা হরফ। ৩ একবারে উচ্চার্য বর্ণ বা তার সমষ্টি, দল, syllable।

অক্ষর[২] /অক্‌খোর্/ [স. ন+ক্ষর] বিণ. ১ ক্ষরণশূন্য। ২ স্থিতিশীল। বি. ১ ব্রহ্ম। ২ শিব। ৩ বিষ্ণু।

অক্ষরজীবক /ওক্‌খোর্‌জিবক্/ [স. অক্ষর+জীবক] বি. ১ লিপিকর, লেখক। ২ মুদ্রক।

অক্ষরজ্ঞান /ওক্‌খোর্‌গ্যান্/ [স. অক্ষর+√জ্ঞা+অন] বি. বর্ণজ্ঞান, বর্ণপরিচিতি।

অক্ষরতুলিকা /ওক্‌খোর্‌তুলিকা/ [স. অক্ষর+তুলিকা] বি. লেখার তুলি, লেখনী।

অক্ষরপরিচয় /ওক্‌খোর্‌পোরিচয়্/ [স. অক্ষর+পরিচয়] বি. পড়তে পারার জ্ঞান, বর্ণজ্ঞান।

অক্ষরবিন্যাস /ওক্‌খোর্‌বিন্‌ন্যাশ্/ [স. অক্ষর+বিন্যাস] বি. মুদ্রণের জন্য বর্ণ সংস্থাপন, বর্ণ-বিন্যাস, কম্পোজ, type setting।

অক্ষরবৃত্ত /ওক্‌খোর্‌বৃত্তো/ [স. অক্ষর+√বৃৎ+ত] বি. বর্ণের সংখ্যাদ্বারা নিয়ন্ত্রিত বাংলা ছন্দরীতি।

অক্ষরমালা /ওক্‌খোর্‌মালা/ [স. অক্ষর+মালা] বি. বর্ণমালা।

অক্ষরে অক্ষরে /ওক্‌খোরে ওক্‌খোরে/ ক্রিবিণ. বিন্দুমাত্র ব্যতিক্রম না করে, হুবহু, to the letter।

অক্ষরেখা /ওক্‌খোরেখা/ [স. অক্ষ+রেখা] বি. নিরক্ষ-বৃত্তের উত্তর ও দক্ষিণ দিকে কল্পিত সমদূরবর্তী ক্ষুদ্রতর বৃত্ত, অক্ষবৃত্ত; (পরি.) parallels of latitude।

অক্ষশক্তি /ওক্‌খোশোক্‌তি/ [স. অক্ষ+√শক্+তি] বি. দুটি দেশের জোটবদ্ধ শক্তি; (পরি.) axis power।

অক্ষাংশ /ওক্‌খাংশো/ [স. অক্ষ+অংশ] বি. নিরক্ষবৃত্ত থেকে ভূপৃষ্ঠে অবস্থিত কোনো বিন্দুর কৌণিক দূরত্ব; (পরি.) degrees of latitude।

www.pathagar.com

অক্ষার /অক্‌খার্/ [স. ন+ক্ষার] বিণ. ক্ষার নেই এমন।

অক্ষারলবণ /অক্‌খারলবোন্/ [স. অক্ষার+লবণ] বি. ক্ষারমুক্ত লবণ, খনিজ লবণ; (পরি.) rock salt।

অক্ষি /ওক্‌খি/ [স. √অক্ষ্+ই] বি. চোখ, আঁখি।

অক্ষিকাচ /ওক্‌খিকাচ্/ [স. অক্ষি+কাচ] বি. চশমার কাচ, পরকলা, lens।

অক্ষিকোটর /ওক্‌খিকোটোর্/ [স. অক্ষি+কোটর] বি. চোখের গহ্বর, eye socket।

অক্ষিগত /ওক্‌খিগতো/ [স. অক্ষি+√গম্+ত] বিণ. দৃষ্টির গোচরীভূত, চোখে পড়েছে এমন। বি. শত্রু।

অক্ষিগোলক /ওক্‌খিগোলোক্/ [স. অক্ষি+গোলক] বি. জীবদেহের চোখের পাতার অভ্যন্তরস্থ স্ক্ল্যারা (sclera) কর্নিয়া (cornea) ও রেটিনা (retina) নিয়ে গঠিত সমগ্র গোলাকার অংশ; (পরি.) eyeball।

অক্ষিতারকা /ওক্‌খিতারোকা/ [স. অক্ষি+তারকা] বি. চোখের তারা।

অক্ষিপক্ষ্ম /ওক্‌খিপক্‌খোঁ/ [স. অক্ষি+√পক্ষ্+মন্] বি. চোখের পাতার লোম, eyelash।

অক্ষিপট /ওক্‌খিপট্/ [স. অক্ষি+পট] বি. অক্ষি-গোলকের পেছনে অবস্থিত আলোকসংবেদী সূক্ষ্ম ঝিল্লি বা পর্দা; (পরি.) retina।

অক্ষিপটল /ওক্‌খিপটোল্/ [স. অক্ষি+পটল] বি. চোখের লেন্সের সম্পূর্ণ বা আংশিক অস্বচ্ছতা যা দৃষ্টির বিঘ্ন ঘটায়, ছানি, অক্ষপটল, cataract।

অক্ষিপুট /ওক্‌খিপুট্/ [স. অক্ষি+পুট] বি. চোখের পাতা, eyelid।

অক্ষিলোম /ওক্‌খিলোম্/ [স. অক্ষি+লোম] বি. দ্র অক্ষিপক্ষ্ম।

অক্ষীব /অক্‌খিব্/ [স. ন+√ক্ষীব্+অ] বি. ১ শজনে-গাছ, শোভাঞ্জন। ২ সামুদ্রিক লবণ।

অক্ষীয় /ওক্‌খিয়ো/ [স. অক্ষ+ঈয়] বিণ. ১ অক্ষ-সম্বন্ধীয়। ২ কৌণিক।

অক্ষুণ্ন /অক্‌খুন্নো/ [স. ন+√ক্ষুদ্+ত] বিণ. ১ ক্ষুণ্ন হয়নি এমন। ২ মনস্তাপশূন্য। ৩ অব্যাহত (*অক্ষুণ্ন গতি*)। ৪ অবিকৃত; অটুট (*অক্ষুণ্ন মনোবল*)।

অক্ষুব্ধ /অখুব্‌ধো/ [স. ন+√ক্ষুভ্+ত] বিণ. ১ নিস্তরঙ্গ, শান্ত (*অক্ষুব্ধ সাগর*)। ২ অব্যাকুল, ধীর (*অক্ষুব্ধ হৃদয়*)। ৩ ক্ষোভশূন্য।

অক্ষুব্ধচিত্ত /অখুব্‌ধোচিত্‌তো/ [স. অক্ষুব্ধ+√চিৎ+ত] বিণ. অব্যাকুলহৃদয়।

অক্ষুভিত /অক্‌খুভিতো/ [স. ন+√ক্ষুভ্+ত] বিণ. ১ ক্ষুব্ধ নয় এমন। ২ অব্যাকুল।

অক্ষোভ /অক্‌খোভ্/ [স. ন+ক্ষোভ] বিণ. ১ ক্ষোভ-হীন। ২ খেদশূন্য। ৩ প্রশান্ত। ৪ অকাতর। বি. ক্ষোভের অভাব; শান্ত ভাব।

অক্ষৌহিণী /অক্‌খৌঁহিনি/ [স. অক্ষ+ঊহিনী] বি. বিপুলসংখ্যক অশ্ব হস্তী ও রথ-সহ পৌরাণিক প্রণালিতে সমাবিষ্ট সৈন্যবাহিনী।

অক্সিজেন /অক্‌সিজেন্/ [ফ.] বি. শ্বাসগ্রহণ ও দহনকার্যের জন্য অপরিহার্য এমন স্বাদ বর্ণ ও গন্ধহীন বায়বীয় মৌলিক পদার্থবিশেষ এবং বায়ুমণ্ডলের অন্যতম উপাদান (প্রায় ২০%) যার পারমাণবিক সংখ্যা ৮, অম্লজান, oxygen।

অক্সিডেশন /অক্‌সিডেশন্/ [ফ.] বি. ১ রাসায়নিক বিক্রিয়ার ফলে অক্সিজেনের সঙ্গে যুক্ত হওয়া বা হাইড্রোজেন থেকে বিযুক্ত হওয়ার প্রক্রিয়া, জারণ। ২ জ্বলন, দহন। ৩ oxidation।

অখণ্ড /অখন্‌ডো/ [স. ন+√খণ্ড্+অ] বিণ. ১ সমগ্র, অভগ্ন। ২ অক্ষুণ্ন (*অখণ্ড প্রতাপ*)। ৩ পরিপূর্ণ; জমাট (*অখণ্ড অন্ধকার*)। ৪ অক্ষত; নিখুঁত। বি. অখণ্ডতা /অখনডোতা/।

অখণ্ডত্ব /অখনডতোত্‌ব/ [স. অখণ্ড+ত্ব] বি. খণ্ডিত নয় এমন অবস্থা।

অখণ্ডনীয় /অখনডোনিয়ো/ [স. অখণ্ড+অনীয়] বিণ. অকাট্য, অপরিবর্তনীয়; অবিভাজ্য।

অখণ্ডিত /অখোন্‌ডিতো/ [স. ন+√খণ্ড্+ত] বিণ. খণ্ডিত নয় এমন, অবিভক্ত।

অখণ্ড্য /অখোন্‌ডো/ [স. ন+√খণ্ড্+য] বিণ. খণ্ডন করা যায় না এমন, অবিভাজ্য, অখণ্ডনীয়।

অখন /অখোন্/ [বা.] ক্রিবিণ. 'এখন'-এর আঞ্চলিক রূপ।

অখন-তখন /অখোন্‌তখোন্/ [বা.] বিণ. মুমূর্ষ অবস্থাপ্রাপ্ত, মরো-মরো, 'এখন-তখন'-এর আঞ্চলিক রূপ।

অখল /অখল্/ [স. ন+খল] বিণ. খল বা কুটিল নয় এমন, ছলনাশূন্য, সরল, অকপট। স্ত্রী. অখলা /অখলা/।

অখাত /অখাতো/ [স. ন+√খন্+ত] বিণ. খনন করা হয়নি এমন; মনুষ্যকৃত নয় এমন, স্বাভাবিকভাবে সৃষ্ট (*অখাত জলাশয়*)।

অখাদ্য /অখাদ্‌দো/ [স. ন+√খাদ্+য] বিণ. খাওয়ার যোগ্য নয় এমন, আহারের অনুপযুক্ত।

অখিদ্য /অখিদ্‌দো/ [স. ন+√খিদ্+য] বিণ. ১ খেদ-হীন। ২ অক্লান্ত।

www.pathagar.com

অখিদ্যমান /অখিদ্‌দোমান / [স. ন+√খিদ্+মান (শানচ্)] বিণ. ১ অম্লান, অমলিন। ২ অননুশোচ্য।

অখিন্ন /অখিন্নো / [স. ন+√খিদ্+ত] বিণ. খেদ-শূন্য; দুঃখহীন।

অখিল /অখিল্/ [স. ন+খিল] বিণ. ১ সমগ্র, সমস্ত। ২ বিরাট। বি. বিশ্বজগৎ।

অখিলখণ্ড /অখিল্‌খন্‌ডো / [স. অখিল+√খণ্ড্+অ] বি. ভূখণ্ড।

অখিলপ্রিয় /অখিল্‌প্রিয়ো / [স. অখিল+প্রিয়] বিণ. সকলের আদরণীয়, সর্বজনপ্রিয়।

অখুশি /অখুশি/ [বা. অ+ফা. খুশি] বি. অসন্তোষ। বিণ. অসন্তুষ্ট।

অখেদ /অখেদ্/ [স. ন+খেদ] বি. খেদহীনতা; দুঃখের অভাব। বিণ. অনুতাপহীন; আক্ষেপশূন্য।

অখ্যাত /অক্‌খ্যাতো/ [স. ন+√খ্যা+ত] বিণ. ১ অপ্রসিদ্ধ। ২ নগণ্য, তুচ্ছ।

অখ্যাতনামা /অক্‌খ্যাতোনামা / [স. অখ্যাত+নামন্] বিণ. ১ অপ্রসিদ্ধ। ২ অজ্ঞাত।

অখ্যাতি /অক্‌খ্যাতি/ [স. ন+√খ্যা+তি] বি. অপযশ, দুর্নাম।

অখ্যাতিকর /অক্‌খ্যাতিকর্ / [স. অখ্যাতি+√কৃ+অ] বিণ. নিন্দাজনক; অযশস্কর।

অখ্যাতিজনক /অক্‌খ্যাতিজনোক্/ [স. অখ্যাতি+জনক] বিণ. দ্র অখ্যাতিকর।

অগ /অগো / [স. ন+√গম্+অ] বিণ. অচল, গতিশূন্য। বি. ১ পর্বত। ২ গাছ।

অগচ্ছিত /অগোচ্‌ছিতো/ [বা.] বিণ. জিম্মায় দেওয়া হয়নি এমন; ন্যস্ত বা ন্যাসভূত নয় এমন।

অগঠন /অগঠোন্ / [বা.] বিণ. অশোভন; বেমানান।

অগঠিত /অগোঠিতো/ [বা.] বিণ. গঠন করা হয়নি এমন।

অগণন /অগনোন্ / [স. ন+√গণ্+অন] বিণ. গুনে শেষ করা যায় না এমন, অসংখ্য।

অগণনীয় /অগনোনিয়ো / [স. ন+√গণ্+অনীয়] বিণ. গোনা যায় না এমন, অসংখ্য।

অগণিত /অগোনিতো/ [স. ন+√গণ্+ত] বিণ. ১ গোনা হয়নি এমন। ২ গণনার অসাধ্য (*অগণিত নক্ষত্র*)।

অগণ্য /অগোন্‌নো / [স. ন+√গণ্+য] বিণ. ১ অসংখ্য, অনেক। ২ নগণ্য, অকিঞ্চিৎকর, তুচ্ছ।

অগতি /অগোতি/ [স. ন+√গম্+তি] বিণ. ১ অচল, নিশ্চল। ২ নিরুপায়। বি. ১ অবলম্বনহীন ব্যক্তি। ২ (মৃতের) সৎকারের অভাব।

অগত্যা /অগোত্‌তা/ [স. অগতি+আ] ক্রিবিণ. অনন্যোপায় হয়ে, বাধ্য হয়ে। অব্য. কাজেই।

অগদ /অগদ্ / [স. ন+গদ] বি. বিষক্রিয়া নাশ করে এমন ওষুধ, antidote। বিণ. ১ সুস্থ। ২ বিষঘ্ন।

অগদতন্ত্র /অগদ্‌তন্‌ত্রো / [স. অগদ+√তন্+ত্র] বি. বিষের প্রকৃতি সন্ধান ও প্রতিষেধবিষয়ক বিদ্যা, বিষবিজ্ঞান, toxicology।

অগনতি /অগোন্‌তি/ [বা.] বিণ. গুনে শেষ করা যায় না এমন, অগণ্য।

অগন্তব্য /অগন্‌তোব্‌বো / [স. ন+√গম্+তব্য] বিণ. ১ গমনের অযোগ্য, অগম্য। ২ দুর্গম।

অগভীর /অগোভির্ / [স. ন+গভীর] বিণ. ১ তলদেশ নিচু নয় এমন (*অগভীর নলকূপ*)। ২ ভাসা-ভাসা, অল্প (*অগভীর জ্ঞান*)। বি. অগভীরতা /অগোভিরতা/।

অগম /অগম্ / [স. ন+√গম্+অ] বিণ. ১ অগম্য, অগন্তব্য। ২ অগাধ, অথই। ৩ গতিহীন। বি. ১ দুর্গম স্থান। ২ পর্বত। ৩ বৃক্ষ।

অগম্য /অগোম্‌মো / [স. ন+√গম্+য] বিণ. ১ গমনের অযোগ্য। ২ দুর্গম। ৩ বোঝা কঠিন এমন, দুর্বোধ্য। ৪ নাগালের বাইরে।

অগম্যাগামী /অগোম্‌মাগামি/ [স. অগম্য+আ+√গম্+ইন্] বিণ. অগম্যা রমণীসম্ভোগকারী।

অগর্হিত /অগোর্‌হিতো / [স. ন+√গর্হ্+ত] বিণ. ১ অনিন্দিত; নির্দোষ। ২ বৈধ।

অগস্ট /অগস্ট্/ [লা.] বি. গ্রেগোরীয় পঞ্জিকার অষ্টম মাস, ১৭ই শ্রাবণ থেকে ১৬ই ভাদ্র পর্যন্ত কালপর্ব, আগস্ট, August।

অগস্ত্য /অগোস্‌তো/ [স. অগ+√স্ত্যৈ+অ] বি. ১ (জ্যোবি.) যে নক্ষত্রের উদয় শরৎ ঋতুর আবির্ভাব সূচনা করে, Canopus। ২ মুনিবিশেষ।

অগস্ত্যযাত্রা /অগোস্‌তোজাত্‌রা/ [স. অগস্ত্য+যাত্রা] বি. ১ যে যাত্রা থেকে যাত্রী ফিরে আসে না এমন বিশ্বাস, শেষ যাত্রা। ২ (অশুভ বলে কল্পিত) ভাদ্রমাসের প্রথম দিনে যাত্রা; নিষিদ্ধ যাত্রা।

অগস্ত্যোদয় /অগোস্‌তোদয়্/ [স. অগস্ত্য+উদয়] বি. শরৎ ঋতুর সূচনাকারী অগস্ত্য নক্ষত্রের উদয়।

অগহিন /অগোহিন্ / [বা.] বিণ. অল্প গভীর।

অগা /অগা/ [স. অজ্ঞ >] বিণ. ১ মূর্খ, নির্বোধ,

www.pathagar.com

হাঁদা। ২ অকর্মা; অপদার্থ। বি. নির্বোধ ব্যক্তি।

অগাকান্ত /অগাকান্তো/ [স. অজ্ঞ >] বিণ. মূর্খ, নির্বোধ। বি. অপদার্থ ব্যক্তি।

অগাচণ্ডী /অগাচোন্ডি/ [স. অজ্ঞ >] বিণ. বি. দ্র অগাকান্ত।

অগাধ /অগাধ/ [স. ন+গাধ] বিণ. ১ অতলস্পর্শ, অথই, গভীর (*অগাধ জল*)। ২ অপরিমেয় (*অগাধ জ্ঞান*)। ৩ অনন্ত, অসীম। ৪ বিস্তৃত।

অগীত /অগিতো/ [স. ন+√গৈ+ত] বিণ. গাওয়া হয়নি এমন।

অগুণ /অগুন্/ [স. ন+গুণ] বি. ১ গুণের অভাব। ২ অপরাধ, দোষ। ৩ অহিত। বিণ. গুণহীন।

অগুনতি /অগুন্‌তি/ [বা.] বিণ. অসংখ্য, অনেক।

অগুরু /অগুরু/ [স. ন+গুরু] বি. ১ যার গুরু নেই। ২ কৃষ্ণচন্দন। ৩ বাংলাদেশের সিলেট ও উত্তর-পূর্ব ভারতের পাহাড়ি অঞ্চলে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন সাদা গুচ্ছবদ্ধ ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন চিরহরিৎ বৃক্ষ, শিংশপাগাছ, শিশুগাছ। বিণ. লঘু; হালকা।

অগূঢ় /অগুঢ়ো/ [স. ন+গূঢ়] বিণ. গূঢ় নয়, প্রকাশিত।

অগোচর /অগোচর্/ [স. ন+গোচর] বিণ. ১ বুদ্ধি বা ইন্দ্রিয়ের অতীত। ২ অপ্রত্যক্ষ। ৩ অজ্ঞাত।

অগোচরে /অগোচরে/ [স. অগোচর+বা. এ] ক্রিবিণ. অজ্ঞাতে, অজ্ঞাতসারে, গোপনে।

অগোছালো /অগোছালো/ [বা.] বিণ. এলোমেলো, অবিন্যস্ত।

অগোপন /অগোপোন্/ [স. ন+√গুপ্+অন] বি. গোপনীয়তার অভাব। বিণ. প্রকাশিত, অগুপ্ত।

অগোপনীয় /অগোপোনিয়ো/ [স. ন+√গুপ্+অনীয়] বিণ. গোপন করা যায় না এমন, প্রকাশ্য।

অগোর /অগোর্/ [স. অঘোর >] বিণ. ১ অচেতন। ২ বিমোহিত।

অগৌণ /অগৌড়্‌নো/ [স. ন+গৌণ] বিণ. মুখ্য, প্রধান। ক্রিবিণ. (বাংলায়) তাড়াতাড়ি।

অগৌরব /অগৌড়্‌রব্/ [স. ন+গৌরব] বি. ১ অসম্মান, অমর্যাদা। ২ অখ্যাতি। ৩ নিন্দা।

অগৌরবর্ণ /অগৌড়্‌রবর্‌নো/ [স. ন+গৌর+বর্ণ] বিণ. (গায়ের রং) ফরসা নয় এমন, শ্যামলা। স্ত্রী. অগৌরবর্ণা /অগৌড়্‌রবর্‌না/।

অগ্নি /ওগ্‌নি/ [স. √অগ্+নি] বি. ১ নির্দিষ্ট তাপমাত্রায় বাতাসের অক্সিজেনের সঙ্গে কোনো পদার্থের রাসায়নিক বিক্রিয়ার ফলে সৃষ্ট তাপ ও আলো বিকিরণকারী শিখা, আগুন। ২ তেজ, শক্তি। ৩ পরিপাকশক্তি; ক্ষুধা (*জঠরাগ্নি*)। ৪ জ্বালা (*শোকাগ্নি*)। ৫ দক্ষিণ-পূর্ব কোণ। বিণ. প্রচণ্ড ক্রোধযুক্ত (*অগ্নিশর্মা*)।

অগ্নি ইস্টক /ওগ্‌নি ইশ্‌টক্/ বি. চুল্লির অভ্যন্তরে ব্যবহার করা যায় এমন উচ্চ তাপসহ ইটবিশেষ, firebrick।

অগ্নিকণা /ওগ্‌নিকনা/ [স. অগ্নি+কণা] বি. আগুনের স্ফুলিঙ্গ।

অগ্নিকন্যা /ওগ্‌নিকোন্‌না/ [স. অগ্নি+√কন্+য+আ (টাপ্)] বি. আগুনের মতো তেজস্বী কন্যা।

অগ্নিকর্ম /ওগ্‌নিকর্‌মো/ [স. অগ্নি+কর্মন্] বি. ১ হোম প্রভৃতি কর্ম। ২ অন্ত্যেষ্টিক্রিয়া, শবদাহ।

অগ্নিকল্প /ওগ্‌নিকল্‌পো/ [স. অগ্নি+√কল্প+অ] বিণ. ১ অগ্নিতুল্য; তেজস্বী। ২ উগ্র, ক্রোধান্বিত।

অগ্নিকাণ্ড /ওগ্‌নিকান্‌ডো/ [স. অগ্নি+√কন্+ড] বি. ১ আগুনের ব্যাপক ধ্বংসলীলা। ২ (আল.) তুমুল কলহবিবাদ।

অগ্নিকার্য /ওগ্‌নিকার্‌জ্যো/ [স. অগ্নি+√কৃ+য] বি. দ্র অগ্নিকর্ম।

অগ্নিকুণ্ড /ওগ্‌নিকুন্‌ডো/ [স. অগ্নি+√কুণ্ড্+অ] বি. আগুন জ্বালিয়ে রাখার গর্ত।

অগ্নিকেতু /ওগ্‌নিকেতু/ [স. অগ্নি+√চায়্+তু] বি. ধোঁয়া।

অগ্নিকোণ /ওগ্‌নিকোন্/ [স. অগ্নি+কোণ] বি. পূর্ব ও দক্ষিণ দিকের মধ্যবর্তী কোণ।

অগ্নিক্রিয়া /ওগ্‌নিক্‌ক্রিআ/ [স. অগ্নি+ক্রিয়া] বি. দ্র অগ্নিকর্ম।

অগ্নিক্রীড়া /ওগ্‌নিক্‌ক্রিড়া/ [স. অগ্নি+ক্রীড়া] বি. বাজি পুড়িয়ে আনন্দ প্রকাশ।

অগ্নিগর্ভ /ওগ্‌নিগর্‌ভো/ [স. অগ্নি+√গৃ+ভ] বিণ. ১ ভেতরে আগুন আছে এমন। ২ (আল.) অত্যন্ত উত্তেজনাপূর্ণ। ৩ বিদ্রোহের সম্ভাবনাযুক্ত। বি. ১ দেশলাই। ২ সূর্যকান্তমণি। ৩ পরকলা।

অগ্নিগিরি /ওগ্‌নিগিরি/ [স. অগ্নি+√গৃ+ই] বি. যে পর্বত থেকে ভূগর্ভস্থ গলিত লাভা অঙ্গার প্রভৃতি নির্গত হয়, আগ্নেয়গিরি, volcano।

অগ্নিচূর্ণ /ওগ্‌নিচুর্‌নো/ [স. অগ্নি+চূর্ণ] বি. বিস্ফোরক-রূপে ব্যবহৃত পটাশিয়াম নাইট্রেট কাঠকয়লার গুঁড়ো ও গন্ধকের মিশ্রণজাত চূর্ণবিশেষ, বারুদ।

অগ্নিজিহ্ব /ওগ্‌নিজিড়্‌ভো/ [স. অগ্নি+√লিহ্+ব+আ (টাপ্)] বিণ. আগুনের মতো জিভবিশিষ্ট। বি. বিষ্ণু।

www.pathagar.com

অগ্নিতপ্ত /ওগ্‌নিতপ্‌তো/ [স. অগ্নি+√তপ্+ত] বিণ. ১ আগুনে গরম করা হয়েছে এমন। ২ আগুনের মতো গরম।

অগ্নিতুল্য /ওগ্‌নিতুল্‌লো/ [স. অগ্নি+তুল্য] বিণ. ১ আগুনের মতো। ২ (আল.) অতি আক্রা, মহার্ঘ।

অগ্নিতেজা /ওগ্‌নিতেজা/ [স. অগ্নি+তেজস্] বিণ. আগুনের মতো তেজোদ্‌প্ত।

অগ্নিদগ্ধ /ওগ্‌নিদগ্‌ধো/ [স. অগ্নি+√দহ্+ত] বিণ. আগুনে পোড়া।

অগ্নিদাতা[১] /ওগ্‌নিদাতা/ [স. অগ্নি+√দা+তৃ] বিণ. অগ্নিসংযোগকারী। স্ত্রী. **অগ্নিদাত্রী** /ওগ্‌নি-দাত্‌রি/।

অগ্নিদাতা[২] /ওগ্‌নিদাতা/ [স. অগ্নি+√দা+তৃ] বিণ. মুখাগ্নিকারী।

অগ্নিদাহ /ওগ্‌নিদাহো/ [স. অগ্নি+√দহ্+অ] বি. ১ দহন। ২ আগুনের তাপ।

অগ্নিদাহ্য /ওগ্‌নিদাজ্‌ঝো/ [স. অগ্নি+√দহ্+য] বিণ. আগুনে পোড়ে এমন।

অগ্নিদীপ্ত /ওগ্‌নিদিপ্‌তো/ [স. অগ্নি+√দীপ্+ত] বিণ. প্রজ্বালনের ফলে আলোকিত।

অগ্নিদেব /ওগ্‌নিদেব্/ [স. অগ্নি+√দিব্+অ] বি. আগুনের অধিদেবতা।

অগ্নিনির্বাপক /ওগ্‌নিনির্‌বাপক্/ [স. অগ্নি+নির্বাপক] বিণ. আগুন নেভায় এমন। বি. দমকলকর্মী।

অগ্নিপক্ক /ওগ্‌নিপক্‌কো/ [স. অগ্নি+√পচ্+ত] বিণ. ১ আগুনের তাপে রাঁধা হয়েছে এমন, আগুনে সেদ্ধ। ২ আগুনে পুড়িয়ে শক্ত করা হয়েছে এমন।

অগ্নিপরীক্ষা /ওগ্‌নিপোরিক্‌খা/ [স. অগ্নি+পরি+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ আগুনের সাহায্যে শুদ্ধাশুদ্ধ নির্ণয়। ২ (আল.) অতি কঠিন পরীক্ষা।

অগ্নিপুরুষ /ওগ্‌নিপুরুশ্/ [স. অগ্নি+পুরুষ] বি. আগুনের মতো তেজস্বী ব্যক্তি।

অগ্নিপূজা /ওগ্‌নিপুজা/ [স. অগ্নি+পূজা] বি. আগুনকে পূজা।

অগ্নিপ্রবেশ /ওগ্‌নিপ্রোবেশ্/ [স. অগ্নি+প্রবেশ] বি. অন্যের প্ররোচনায় বা স্বেচ্ছায় জ্বলন্ত চিতায় প্রবেশ; আগুনে জীবন বিসর্জন।

অগ্নিপ্রভা /ওগ্‌নিপ্রোভা/ [স. অগ্নি+প্রভা] বি. আগুনের দীপ্তি।

অগ্নিপ্রস্তর /ওগ্‌নিপ্রোস্‌তর্/ [স. অগ্নি+প্রস্তর] বি. ধূসর বর্ণের সিলিকাজাত কঠিন প্রস্তরখণ্ড যার সঙ্গে ইস্পাতের ঘর্ষণের ফলে আগুনের স্ফুলিঙ্গ উৎপন্ন হয়, চকমকি পাথর, flint।

অগ্নিবৎ /ওগ্‌নিবত্/ [স. অগ্নি+বৎ] বিণ. অগ্নিতুল্য।

অগ্নিবর্ণ /ওগ্‌নিবর্‌নো/ [স. অগ্নি+বর্ণ] বিণ. আগুনের মতো লাল বর্ণবিশিষ্ট।

অগ্নিবর্ধক /ওগ্‌নিবর্‌ধোক্/ [স. অগ্নি+বর্ধক] বিণ. পরিপাকশক্তি বৃদ্ধি করে এমন, ক্ষুধাবর্ধক।

অগ্নিবর্ষণ /ওগ্‌নিবর্‌শোন্/ [স. অগ্নি+বর্ষণ] বি. ১ আগ্নেয়গিরি থেকে তপ্ত প্রস্তরখণ্ড উৎক্ষেপণ, অগ্ন্যুৎপাত। ২ সূর্যের প্রখর তাপ; তপ্ত বায়ুপ্রবাহ। ৩ (আল.) ক্রোধ প্রকাশ।

অগ্নিবলয় /ওগ্‌নিবলয়্/ [স. অগ্নি+√বল্+অয়] বি. অগ্নিবেষ্টিত স্থান।

অগ্নিবাণ /ওগ্‌নিবান্/ [স. অগ্নি+বাণ] বি. ১ পুরাণোক্ত অগ্নিবর্ষণকারী তিরবিশেষ। ২ (আল.) চরম আঘাত (*আহা! আজ যদি পুষ্পকে হানো অগ্নি-বাণ।* বিষ্ণু.)।

অগ্নিবীণা /ওগ্‌নিবিনা/ [স. অগ্নি+√বী+ন+আ (টাপ্)] বি. ১ রুদ্রবীণা। ২ কাজী নজরুল ইসলামের কাব্য-গ্রন্থবিশেষ।

অগ্নিবৃষ্টি /ওগ্‌নিব্‌শ্‌টি/ [স. অগ্নি+√বৃষ্+তি] বি. দ্র অগ্নিবর্ষণ।

অগ্নিভাণ্ড /ওগ্‌নিভান্‌ডো/ [স. অগ্নি+√ভণ্ড্+অ] বি. আগুন রাখার পাত্র; মালসা।

অগ্নিমন্ত্র /ওগ্‌নিমোন্‌ত্রো/ [স. অগ্নি+√মন্ত্র+অ] বি. আগুনের মতো তেজোদীপ্ত সংকল্প, কঠিন শপথ।

অগ্নিময় /ওগ্‌নিময়্/ [স. অগ্নি+ময়ট্] বিণ. ১ তেজ-পূর্ণ (*বর্ষে নিরন্তর। মর্মঘাতী উপেক্ষার অগ্নিময় শর।* সুধীন.)। ২ অগ্নি পরিব্যাপ্ত।

অগ্নিমান্দ্য /ওগ্‌নিমান্‌দো/ [স. অগ্নি+মন্দ+য] বি. পরিপাকশক্তির অল্পতা, অজীর্ণরোগ।

অগ্নিমূর্তি /ওগ্‌নিমুর্‌তি/ [স. অগ্নি+√মূর্ছ্+তি] বি. আগুনের মতো ভয়ংকর মূর্তি। বিণ. (আল.) অতিশয় ক্রোধান্বিত।

অগ্নিমূল্য /ওগ্‌নিমুল্‌লো/ [স. অগ্নি+মূল+য] বিণ. দুর্মূল্য; মহার্ঘ।

অগ্নিমৃত্তিকা /ওগ্‌নিমৃ্‌তিকা/ [স. অগ্নি+√মৃদ্+তিক+আ (টাপ্)] বি. ইঁট তৈরির জন্য ব্যবহৃত উচ্চ তাপসহ পোড়ামাটি।

অগ্নিযুগ /ওগ্‌নিজুগ্/ [স. অগ্নি+যুগ] বি. স্বদেশি আন্দোলনের সশস্ত্র বিপ্লবের যুগ।

www.pathagar.com

অগ্নিশর্মা /ওগ্‌নিশর্‌মা/ [স. অগ্নি+শর্মা] বিণ. অত্যন্ত ক্রোধান্বিত। বি. ১ ঋষিবিশেষ। ২ (বাংলায়) অতি কোপনস্বভাব ব্যক্তি।

অগ্নিশিখা /ওগ্‌নিশিখা/ [স. অগ্নি+শিখা] বি. আগুনের শিখা, আগুনের শিষ।

অগ্নিশুদ্ধ /ওগ্‌নিশুদ্‌ধো/ [স. অগ্নি+√শুধ্+ত] বিণ. আগুন দিয়ে শোধিত।

অগ্নিশুদ্ধি /ওগ্‌নিশুদ্‌ধি/ [স. অগ্নি+√শুধ্+তি] বি. আগুনে পুড়িয়ে শোধন।

অগ্নিসংযোগ /ওগ্‌নিশংজোগ্/ [স. অগ্নি+সংযোগ] বি. অগ্নি প্রজ্বালন।

অগ্নিসংস্কার /ওগ্‌নিশংস্‌কার্/ [স. অগ্নি+সংস্কার] বি. ১ আগুনে পুড়িয়ে শোধন। ২ অন্ত্যেষ্টিক্রিয়া।

অগ্নিসখ /ওগ্‌নিশখ্/ [স. অগ্নি+সখা] বি. বায়ু।

অগ্নিসৎকার /ওগ্‌নিশত্‌কার্/ [স. অগ্নি+সৎকার] বি. অন্ত্যেষ্টিক্রিয়া, শবদাহ।

অগ্নিসহ /ওগ্‌নিশহো/ [স. অগ্নি+√সহ্+অ] বিণ. আগুনে পোড়ে না এমন, fireproof।

অগ্নিসাক্ষী /ওগ্‌নিশাক্‌খি/ [স. অগ্নি+সাক্ষাৎ+ইন্] বি. যজ্ঞাগ্নির সম্মুখে কৃত শপথ।

অগ্নিসাৎ /ওগ্‌নিশাত্/ [স. অগ্নি+সাৎ] বিণ. অগ্নিদগ্ধ, ভস্মসাৎ।

অগ্নিসেবন /ওগ্‌নিশেবন্/ [স. অগ্নি+সেবন] বি. আগুনের তাপ উপভোগ।

অগ্নিস্ফুলিঙ্গ /ওগ্‌নিস্‌ফুলিংগো/ [স. অগ্নি+√স্ফুৎ+লিঙ্গ] বি. আগুনের ফুলকি।

অগ্নিহোত্র /ওগ্‌নিহোত্‌ত্রো/ [স. অগ্নি+√হু+ত্র] বি. বৈদিক নিয়মে প্রাত্যহিক হোম; হোমের আগুন প্রজ্বালিত রাখার সংস্কার।

অগ্নিহোত্রী /ওগ্‌নিহোত্‌ত্রি/ [স. অগ্নিহোত্র+ইন্] বি. বিণ. বৈদিক নিয়মে প্রত্যহ হোমকারী, সাগ্নিক।

অগ্ন্যস্ত্র /ওগ্‌নস্‌ত্রো/ [স. অগ্নি+√অস্+ত্র] বি. রাইফেল বন্দুক পিস্তল প্রভৃতি বহনযোগ্য অস্ত্র যা থেকে গুলি ছোড়া যায়, আগ্নেয়াস্ত্র।

অগ্ন্যাশয় /ওগ্‌নাশয়/ [স. অগ্নি+আশয়] বি. মেরুদণ্ডী প্রাণীর পাকস্থলী ও প্লীহার মধ্যবর্তী স্থানে উদ্‌গত বৃহদাকার গ্রন্থিবিশেষ যা ক্ষুদ্রান্ত্রের প্রথম অংশে (duodenum) পরিপাকরস এবং রক্তে ইনসুলিন গ্লুকাগন (glucagon) ও অন্যান্য হরমোন সরবরাহ করে, পাচনগ্রন্থি; (পরি.) pancreas।

অগ্ন্যুৎপাত /ওগ্‌নুত্‌পাত্/ [স. অগ্নি+উৎপাত] বি. ১ আগ্নেয়গিরি থেকে প্রস্তরখণ্ড লাভা ছাই প্রভৃতি উদ্‌গিরণ। ২ আকাশ থেকে উল্কা বা বজ্রপাত, অগ্নিবৃষ্টি।

অগ্ন্যুৎসব /ওগ্‌নুত্‌শব্/ [স. অগ্নি+উৎসব] বি. খোলা জায়গায় আগুন জ্বালিয়ে আনন্দোৎসব, হোলির চাঁচর (বহ্নি-উৎসব), bonfire।

অগ্ন্যুদ্‌গম /ওগ্‌নুদ্‌গম্/ [স. অগ্নি+উদ্‌গম] বি. দ্র অগ্ন্যুৎপাত।

অগ্র /অগ্‌রো/ [স. √অনগ্+র] বিণ. ১ প্রথম; প্রধান (*অগ্রনায়ক*)। ২ আগের; অগ্রবর্তী (*অগ্রজ*)। বি. ১ উপরিভাগ; শিখর। ২ প্রান্তভাগ (*কেশাগ্র*)। ৩ পুরোভাগ; সম্মুখ। ৪ লক্ষ্য (*একাগ্রচিত্ত*)।

অগ্রকর[১] /অগ্‌রোকর্/ [স. অগ্র+√কৃ+অ] বি. হাতের অগ্রভাগ; আঙুল।

অগ্রকর[২] /অগ্‌রোকর্/ [স. অগ্র+√কৃ+অ] বি. ১ প্রথম আলো। ২ (পদার্থ.) অপর কোনো উৎস থেকে নির্গত রশ্মিগুচ্ছ যে নির্দিষ্ট বিন্দুতে এসে মিলিত হয় বা তা থেকে অপসৃত হচ্ছে বলে মনে হয়, ফোকাল বিন্দু; (পরি.) focal point।

অগ্রকায় /অগ্‌রোকায়্/ [স. অগ্র+√চি+অ] বি. মেরুদণ্ডী প্রাণীর মাথা থেকে কোমর পর্যন্ত অংশ।

অগ্রগ /অগ্‌রোগো/ [স. অগ্র+√গম্+অ] বিণ. আগে যায় এমন, পুরোগামী; অগ্রসর।

অগ্রগণ্য /অগ্‌রোগোন্‌নো/ [স. অগ্র+গণ্য] বিণ. ১ সবার আগে উল্লেখযোগ্য। ২ প্রধান, শ্রেষ্ঠ। ৩ (বাংলায়) অগ্রসর।

অগ্রগতি /অগ্‌রোগোতি/ [স. অগ্র+√গম্+তি] বি. ১ উন্নতি; বৃদ্ধি। ২ সম্মুখপানে গমন। ৩ (জ্যোবি.) ক্রমান্বয়ে গতিবৃদ্ধি।

অগ্রগমন /অগ্‌রোগমোন্/ [স. অগ্র+গমন] বি. সম্মুখপানে গমন।

অগ্রগামী /অগ্‌রোগামি/ [স. অগ্র+√গম্+ইন্] বিণ. পুরোগামী। স্ত্রী. অগ্রগামিনী /অগ্‌রোগামিনি/।

অগ্রজ /অগ্‌রোজো/ [স. অগ্র+√জন্+অ] বিণ. আগে জন্মেছে এমন, প্রথমে জাত। বি. জ্যেষ্ঠ ভ্রাতা। স্ত্রী. অগ্রজা /অগ্‌রোজা/।

অগ্রজপ্রতিম /অগ্‌রোজোপ্রোতিম্/ [স. অগ্রজ+প্রতি+√মা+অ] বিণ. জ্যেষ্ঠ ভ্রাতার তুল্য।

অগ্রজিহ্ব /অগ্‌রোজিহ্‌ভা/ [স. অগ্র+√লিহ্+ব+আ (টাপ্)] বি. মানুষ ও প্রাইমেট বর্গের কোনো কোনো প্রাণীর গলনালির মুখে কোমল তালু থেকে ঝুলন্ত মাংসল প্রত্যঙ্গবিশেষ, আলজিভ, উপজিহ্ব,

www.pathagar.com

প্রতিজিহ্বা, uvula।

অগ্রণী /অগ্রোনি/ [স. অগ্র+√নী+ক্বিপ্] বিণ. শ্রেষ্ঠ; প্রধান। বি. প্রবর্তক; নায়ক; প্রধান নেতা।

অগ্রদত্ত /অগ্রোদত্তো/ [স. অগ্র+√দা+ত] বি. সম্ভাব্য ব্যয় নির্বাহের জন্য অগ্রিম প্রদত্ত অর্থ। বিণ. পূর্বে প্রদত্ত।

অগ্রদানী /অগ্রোদানি/ [স. অগ্রদান+ইন্] বি. তিলাদিদান গ্রহণকারী পতিত ব্রাহ্মণ।

অগ্রদূত /অগ্রোদুত্/ [স. অগ্র+√দূ+ত] বি. ১ পথপ্রদর্শক, pioneer। ২ প্রথম সংবাদবাহক। ৩ সেনাদলের পথ সুগম করার জন্য নিয়োজিত কর্মী। স্ত্রী. **অগ্রদূতী** /অগ্রোদুতি/।

অগ্রনেতা /অগ্রোনেতা/ [স. অগ্র+√নী+তৃ] বি. নায়ক; সেনাপতি। স্ত্রী. **অগ্রনেত্রী** /অগ্রোনেত্রি/।

অগ্রপথিক /অগ্রোপোথিক/ [স. অগ্র+পথিন্+অক] বি. অগ্রবর্তী পথিক।

অগ্রপশ্চাৎ /অগ্রোপশ্চাত্/ [স. অগ্র+পশ্চাৎ] ক্রিবিণ. পূর্বাপর, আগপাছ। বি. (আল.) ভালো-মন্দ; ভূতভবিষ্যৎ।

অগ্রপাণি /অগ্রোপানি/ [স. অগ্র+√পণ্+ইন্] বি. ১ হাতের অগ্রভাগ। ২ আঙুল। ৩ ডান হাত।

অগ্রবর্তী /অগ্রোবোর্তি/ [স. অগ্র+√বৃৎ+ইন্] বিণ. সম্মুখে স্থিত; পুরোগামী। স্ত্রী. **অগ্রবর্তিনী** /অগ্রোবোর্তিনি/।

অগ্রভাগ /অগ্রোভাগ/ [স. অগ্র+ভাগ] বি. ১ শিখর, চূড়া। ২ প্রান্তভাগ। ৩ প্রথম অংশ।

অগ্রমহিষী /অগ্রোমোহিশি/ [স. অগ্র+মহিষ+ঈ] বি. প্রধান রানি, পাটরানি।

অগ্রযায়ী /অগ্রোজায়ি/ [স. অগ্র+√যা+ইন্] বিণ. সম্মুখে গমনকারী।

অগ্রসর /অগ্রোশর্/ [স. অগ্র+√সৃ+অ] বিণ. ১ সম্মুখে গমনকারী; পুরোগামী। ২ উন্নত।

অগ্রসরণ /অগ্রোশরোন্/ [স. অগ্র+√সৃ+অন] বি. ১ সম্মুখপানে গমন। ২ উন্নতি; বৃদ্ধি।

অগ্রসূচনা /অগ্রোশুচোনা/ [স. অগ্র+সূচনা] বি. পূর্বাভাস।

অগ্রস্থ /অগ্রোস্থো/ [স. অগ্র+√স্থা+অ] বিণ. দ্র অগ্রস্থিত।

অগ্রস্থিত /অগ্রোস্থিতো/ [স. অগ্র+√স্থা+ত] বিণ. ১ সম্মুখে স্থিত। ২ শীর্ষে অবস্থিত।

অগ্রহণীয় /অগ্রোহোনিয়ো/ [স. ন+√গ্রহ্+অনীয়] বিণ. গ্রহণের অযোগ্য।

অগ্রহায়ণ /অগ্রোহায়োন্/ [স. অগ্র+হায়ন] বি. বাংলা পঞ্জিকার অষ্টম মাস, হেমন্ত ঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই নভেম্বর থেকে ১৪ই ডিসেম্বর পর্যন্ত কালপর্ব।

অগ্রাধিকার /অগ্রাধিকার্/ [স. অগ্র+অধিকার] বি. সর্বাগ্রে সুবিধালাভের সুযোগ, পূর্বিতা, priority।

অগ্রাহ্য /অগ্রাজ্ঝো/ [স. ন+√গ্রহ্+য] বিণ. ১ গ্রহণের অযোগ্য। ২ বাতিল; নামঞ্জুর। বি. (বাংলায়) অবজ্ঞা, উপেক্ষা।

অগ্রিম /ওগ্রিম্/ [স. অগ্র+ইম্] বিণ. ১ প্রথম; জ্যেষ্ঠ। ২ (বাংলায়) অগ্রে দেয়, আগাম।

অগ্রিমক /ওগ্রিমক্/ [স. অগ্রিম+ক] বি. কোনো বস্তু ক্রয়ের পূর্বে মূল্যের যে অংশ অগ্রিম দেওয়া হয়; কোনো কর্ম সম্পাদনের পূর্বে পারিশ্রমিকের যে অংশ অগ্রিম পরিশোধ করা হয়।

অগ্রিয় /ওগ্রিয়ো/ [স. অগ্র+ইয়] বিণ. ১ প্রধান; শ্রেষ্ঠ; প্রথম; উত্তম। ২ অগ্রিম। ৩ অগ্রবিষয়ক।

অগ্রিয় প্রদান /ওগ্রিয়ো প্রোদান্/ বি. অগ্রিম প্রদান, দাদন।

অগ্রে /অগ্রে/ [স. অগ্র+বা. এ] ক্রিবিণ. প্রথমে; সম্মুখে, সমীপে।

অগ্র্য /ওগ্রো/ [স. অগ্র+য] বিণ. ১ পূর্ববর্তী; আদ্য। ২ শ্রেষ্ঠ।

অঘ /অঘো/ [স. √অঘ্+অ] বি. ১ পাপ; অধর্ম। ২ কলঙ্ক। ৩ দুঃখ।

অঘটন /অঘটোন্/ [স. ন+√ঘট্+অন] বি. অসম্ভব বা অপ্রত্যাশিত ঘটনা।

অঘটনঘটনকুশল /অঘটোন্‌ঘটোন্‌কুশল্/ [স. অঘটন+ঘটন+কুশল] বিণ. অনভিপ্রেত ঘটনা ঘটাতে পটু।

অঘটনঘটনপটীয়ান /অঘটোন্‌ঘটোন্‌পোটিআন্/ [স. অঘটনঘটন+পটু+ঈয়স্] বিণ. অসাধ্যসাধন বা অনভিপ্রেত ঘটনা ঘটাতে পটু। স্ত্রী. **অঘটন-ঘটনপটীয়সী** /অঘটোন্‌ঘটোন্‌পোটিয়োশি/।

অঘটনঘটনপটু /অঘটোন্‌ঘটোন্‌পোটু/ [স. অঘটন+ঘটন+√পাটি+উ] বিণ. দ্র অঘটনঘটনকুশল।

অঘটনীয় /অঘটোনিয়ো/ [স. ন+√ঘট্+অনীয়] বিণ. ঘটা উচিত নয় এমন, অসম্ভাব্য।

অঘটমান /অঘটোমান্/ [স. ন+√ঘট্+মান (শানচ্)] বিণ. ১ ঘটছে না এমন। ২ অসংলগ্ন; বেমানান, incongruous।

www.pathagar.com

অঘটিত /অঘোটিতো/ [স. ন+√ঘট্+ত] বিণ. ঘটেনি এমন।

অঘনাশন /অঘোনাশন্/ [স. অঘ+√নশ্+অন] বি. পাপনাশন, পাপস্খালন।

অঘময় /অঘোময়্/ [স. অঘ+ময়ট্] বিণ. পাপময়; কলঙ্কযুক্ত।

অঘর /অঘর্/ [বা.] বি. (বৈবাহিক সম্পর্ক স্থাপনের জন্য) কল্পিত কুলমর্যাদাহীন ঘর।

অঘা /অঘা/ [স. অজ্ঞ >] বিণ. অজ্ঞ; মূর্খ।

অঘাট /অঘাট্/ [বা.] বি. নদী খাল প্রভৃতির তীরের যে অংশ জলযানে ওঠানামার পক্ষে অনুপযুক্ত, অব্যবহার্য ঘাট, আঘাটা।

অঘৃণ্য /অঘৃন্নো/ [স. ন+ঘৃণ্য] বিণ. ঘৃণার অযোগ্য।

অঘোর /অঘোর্/ [স. ন+ঘোর] বিণ. ১ অচেতন, বেহুঁশ। ২ প্রচণ্ড, ভীষণ। ৩ (বাংলায়) অত্যন্ত গভীর (*অঘোর নিদ্রা*); প্রগাঢ়। বি. শিব।

অঘোরপন্থি /অঘোরপোন্থি/ [স. অঘোর+হি. পন্থি] বিণ. অমার্জিত ও কুৎসিত আচারে অভ্যস্ত। বি. শৈব সম্প্রদায়বিশেষ।

অঘোষ /অঘোশো/ [স. ন+ঘোষ] বিণ. ১ (ব্যা.) অনুদাত্ত; লঘু ধ্বনিযুক্ত। ২ অনিনাদিত।

অঘোষবর্ণ /অঘোশোবর্নো/ [স. অঘোষ+বর্ণ] বি. অনুদাত্ত ধ্বনিযুক্ত বর্ণ, বর্গের প্রথম ও দ্বিতীয় বর্ণ অর্থাৎ ক খ চ ছ ট ঠ ত (ৎ) থ প ফ এবং শ ষ স ঃ।

অঘোষিত /অঘোশিতো/ [স. ন+√ঘোষি+ত] বিণ. আনুষ্ঠানিক ঘোষণা করা হয়নি এমন।

অঘ্রাণ /অগ্‌ঘ্রান্/ [স. ন+√ঘ্রা+অন] বিণ. ঘ্রাণহীন।

অঘ্রাত /অগ্‌ঘ্রাতো/ [স. ন+√ঘ্রা+ত] বিণ. ঘ্রাণ গ্রহণ করা হয়নি এমন।

অঘ্রান /অগ্‌ঘ্রান্/ [স. অগ্রহায়ণ >] বি. 'অগ্রহায়ণ'-এর কথ্য রূপ (*ও মা, অঘ্রানে তোর ভরা ক্ষেতে আমি কী দেখেছি মধুর হাসি॥* রবীন্দ্র.)।

অঙ্ক /অংকো/ [স. √অঙ্ক্+অ] বি. ১ রাশি, সংখ্যা। ২ হিসাব; গণনা (*অঙ্ক কষা*)। ৩ কোল, ক্রোড় (*অঙ্কস্থিত শিশু*)। ৪ পরিমাণ (*টাকার অঙ্ক*)। ৫ নাটকের পরিচ্ছেদ বা বিভাগ (*প্রথম অঙ্ক*)। ৬ দাগ, চিহ্ন। ৭ কলঙ্ক। ৮ অলংকার, ভূষণ। ৯ (বাংলায়) গণিতবিষয়ক প্রশ্ন, আঁক, sum।

অঙ্ক কষা /অংকো কশা/ ক্রিবি. ১ গণিতবিষয়ক প্রশ্নের সমাধান করা। ২ হিসাব করা। ৩ গণনা করা।

অঙ্কগত /অংকোগতো/ [স. অঙ্ক+√গম্+ত] বিণ. ১ কোলে স্থিত। ২ (আল.) হস্তগত, আয়ত্ত। ৩ অতি আদরণীয়।

অঙ্কজ্ঞ /অংকোগ্‌গোঁ/ [স. অঙ্ক+√জ্ঞা+অ] বিণ. গণিতবিশারদ।

অঙ্কদেশ /অংকোদেশ্/ [স. অঙ্ক+√দিশ্+অ] বি. ১ কোল, ক্রোড়। ২ পাতার উপরিস্থ তল, ventral surface।

অঙ্কন /অংকোন্/ [স. √অঙ্ক্+অন] বি. ১ চিত্রণ। ২ চিহ্নিতকরণ। ৩ (বাংলায়) জ্যামিতিক ক্ষেত্রাদি আঁকার কাজ।

অঙ্কনীয় /অংকোনিয়ো/ [স. √অঙ্ক্+অনীয়] বিণ. ১ আঁকার যোগ্য, চিত্রণীয়। ২ লেখনীয়।

অঙ্কপাত /অংকোপাত্/ [স. অঙ্ক+√পত্+অ] বি. ১ সংখ্যা স্থাপন। ২ রেখাঙ্কন। ৩ চিহ্নিতকরণ।

অঙ্কপালি /অংকোপালি/ [স. অঙ্ক+√পাল্+ই] বি. ধাত্রী, পালিকা।

অঙ্কবাচক /অংকোবাচক্/ [স. অঙ্ক+√বচ্+অক] বিণ. সংখ্যাবোধক, সংখ্যানির্দেশক, cardinal।

অঙ্কবিদ /অংকোবিদ্/ [স. অঙ্ক+√বিদ্+অ] বিণ. অঙ্কশাস্ত্রে পণ্ডিত। বি. গণিতজ্ঞ ব্যক্তি।

অঙ্কবিদ্যা /অংকোবিদ্‌দা/ [স. অঙ্ক+√বিদ্+য+আ (টাপ্)] বি. গণিতশাস্ত্র।

অঙ্কবেত্তা /অংকোবেত্‌তা/ [স. অঙ্ক+√বিদ্+তৃ] বিণ. গণিতশাস্ত্রে অভিজ্ঞ, গণিতজ্ঞ। বি. গণিত-শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি।

অঙ্কলক্ষ্মী /অংকোলোক্‌খিঁ/ [স. অঙ্ক+√লক্ষ্+ম+ঈ] বি. ১ পত্নী। ২ প্রাপ্ত সম্পদ।

অঙ্কলগ্ন /অংকোলগ্‌নো/ [স. অঙ্ক+√লগ্+ত] বিণ. ১ ক্রোড়স্থিত। ২ নিকটে অবস্থিত।

অঙ্কশায়ী /অংকোশায়ি/ [স. অঙ্ক+√শী+ইন্] বিণ. ক্রোড়ে শায়িত। স্ত্রী. **অঙ্কশায়িনী** /অংকো-শায়িনি/।

অঙ্কশাস্ত্র /অংকোশাস্‌ত্রো/ [স. অঙ্ক+√শাস্+ত্র] বি. বীজগণিত পাটিগণিত প্রভৃতি শাস্ত্র।

অঙ্কশাস্ত্রবিদ /অংকোশাস্‌ত্রোবিদ্/ [স. অঙ্কশাস্ত্র+√বিদ্+অ] বিণ. অঙ্কশাস্ত্রে পারদর্শী। বি. গণিতজ্ঞ ব্যক্তি।

অঙ্কশাস্ত্রবেত্তা /অংকোশাস্‌ত্রোবেত্‌তা/ [স. অঙ্ক+শাস্ত্র+√বিদ্+তৃ] বিণ. বি. দ্র অঙ্কশাস্ত্রবিদ।

www.pathagar.com

অঙ্কস্থ /অংকোস্থো/ [স. অঙ্ক+√স্থা+অ] বিণ. ১ ক্রোড়ে স্থিত। ২ নিকটস্থ। ৩ (আল.) আয়ত্ত।

অঙ্কস্থলী /অংকোস্থোলি/ [স. অঙ্কস্থল+ঈ] বি. ক্রোড়, কোল।

অঙ্কস্থিত /অংকোস্থিতো/ [স. অঙ্ক+√স্থা+ত] বিণ. ১ ক্রোড়স্থিত। ২ নিকটবর্তী। স্ত্রী. অঙ্কস্থিতা /অংকোস্থিতা/।

অঙ্কিত /ওংকিতো/ [স. √অঙ্ক্+ত] বিণ. ১ আঁকা হয়েছে এমন, চিত্রিত। ২ চিহ্নিত।

অঙ্কুট /ওংকুট্/ [স. √অন্ক্+উট] বি. চাবি, কুঞ্চিকা।

অঙ্কুর /ওংকুর্/ [স. √অঙ্ক্+উর] বি. ১ বীজ থেকে যা প্রথম উদ্‌গত হয়, নবোদ্‌গত উদ্ভিদ। ২ উন্মেষ, প্রকাশ। ৩ মূল, আদি; সূত্রপাত। ৪ অগ্রভাগ (*তৃণাঙ্কুর*)। ৫ মুকুল, কুঁড়ি।

অঙ্কুরিত /ওংকুরিতো/ [স. অঙ্কুর+ইত] বিণ. ১ অঙ্কুরোদ্‌গম হয়েছে এমন; মুকুলিত। ২ আবির্ভূত, প্রকাশিত।

অঙ্কুরোদয় /ওংকুরোদয়্/ [স. অঙ্কুর+উদয়] বি. দ্র অঙ্কুরোদ্‌গম।

অঙ্কুরোদ্‌গম /ওংকুরোদ্‌গম্/ [স. অঙ্কুর+উদ্‌গম] বি. ১ বীজ থেকে উদ্ভিদের প্রথম প্রকাশ, অঙ্কুরোদয়। ২ সূত্রপাত; উন্মেষ।

অঙ্কুরোদ্ভব /ওংকুরোদ্‌ভব্/ [স. অঙ্কুর+উদ্ভব] বি. দ্র অঙ্কুরোদ্‌গম।

অঙ্কুশ /ওংকুশ্/ [স. √অঙ্ক্+উশ] বি. ১ হস্তি-তাড়নদণ্ড। ২ আঁকশি।

অঙ্কোপরি /অংকোপোরি/ [স. অঙ্ক+উপরি] অব্য. কোলের ওপর।

অঙ্ক্য[১] /ওংকো/ [স. √অঙ্ক্+য] বিণ. ১ সংখ্যেয়; গণনীয়। ২ অঙ্কনীয়।

অঙ্ক্য[২] /ওংকো/ [স. অঙ্ক+য] বি. কোলের ওপর রেখে বসে বাজানো হয় এমন বাদ্যযন্ত্র, পাখোয়াজ।

অঙ্গ /অংগো/ [স. √অঙ্গ্+অ] বি. ১ দেহ, শরীর (*অঙ্গসঞ্চালন*)। ২ মূর্তি। ৩ অংশ (*কাজের অঙ্গ*)। ৪ পর্যায় (*উচ্চাঙ্গের রচনা*)। ৫ শরীরের যন্ত্র, organ। ৬ প্রাচীন ভারতের প্রদেশবিশেষ (বর্তমান বিহার রাজ্যের ভাগলপুর সংলগ্ন অঞ্চল)।

অঙ্গগ্রহ /অংগোগ্‌গ্রাহো/ [স. অঙ্গ+√গ্রহ্+অ] বি. দেহের আক্ষেপ বা খিঁচুনি রোগ; ধনুষ্টঙ্কার রোগ।

অঙ্গগ্লানি /অংগোগ্‌গ্লানি/ [স. অঙ্গ+√গ্লৈ+তি] বি. ১ দেহের কষ্ট। ২ শরীরের অবসাদ। ৩ শরীরের ময়লা। ৪ অঙ্গের বিবর্ণতা।

অঙ্গচালন /অংগোচালোন্/ [স. অঙ্গ+চালন] ১ দেহের অঙ্গপ্রত্যঙ্গের সঞ্চালন। ২ ব্যায়াম; অঙ্গবিক্ষেপ।

অঙ্গচ্ছেদ /অংগোচ্ছেদ্/ [স. অঙ্গ+√ছিদ্+অ] বি. দ্র অঙ্গচ্ছেদন।

অঙ্গচ্ছেদন /অংগোচ্ছেদোন্/ [স. অঙ্গ+√ছিদ্+অন] বি. ১ দেহের অঙ্গ কেটে বিচ্ছিন্নকরণ; দেহের কোনো অংশ ছেদন। ২ মূল থেকে কোনো অংশ বিচ্ছিন্নকরণ।

অঙ্গজ /অংগোজো/ [স. অঙ্গ+√জন্+অ] বিণ. ১ দেহ থেকে জাত। ২ অঙ্গসংলগ্ন। বি. সন্তান।

অঙ্গজ্বালা /অংগোজালা/ [স. অঙ্গ+√জ্বল্+অ+আ (টাপ্)] বি. ১ (অসুস্থতাহেতু) গাত্রদাহ। ২ (আল.) বিরক্তি, অসন্তোষ।

অঙ্গত্র /অংগোত্রো/ [স. অঙ্গ+√ত্রৈ+অ] বি. দ্র অঙ্গত্রাণ।

অঙ্গত্রাণ /অংগোত্রান্/ [স. অঙ্গ+√ত্রৈ+অন] বি. অঙ্গ রক্ষাকারী বর্ম, সাঁজোয়া।

অঙ্গদ /অংগদ্/ [স. অঙ্গ+√দৈ+অ] বি. ১ কেয়ূর, বাজুবন্ধ, বাহুর অলংকার। ২ রামায়ণে বর্ণিত বানররাজ বালির পুত্র।

অঙ্গদল /অংগোদল্/ [স. অঙ্গ+√দল্+অ] বি. দলের অধীন সংগঠন, উপদল।

অঙ্গন /অংগন্/ [স. √অঙ্গ্+অন] বি. ১ আঙিনা, উঠান। ২ চাতাল। ৩ দেহ, শরীর। ৪ বিদ্যুৎ-ক্ষেত্রকে অক্ষুণ্ন রাখে এমন অপরিবাহী মাধ্যম; (পরি.) dielectric।

অঙ্গনা /অংগনা/ [স. অঙ্গ+ন+আ (টাপ্)] বি. অঙ্গসৌষ্ঠববিশিষ্ট নারী, সুন্দরী নারী।

অঙ্গন্যাস /অংগোনন্যাশ্/ [স. অঙ্গ+নি+√অস্+অ] বি. মন্ত্রোচ্চারণকালে দেহের বিভিন্ন অংশ স্পর্শন।

অঙ্গপ্রত্যঙ্গ /অংগোপ্রোত্তংগো/ [স. অঙ্গ+প্রতি+অঙ্গ] বি. দেহের হাত পা প্রভৃতি অঙ্গ; দৈহিক অবয়ব।

অঙ্গপ্রসাধন /অংগোপ্রোশাধোন্/ [স. অঙ্গ+প্র+√সাধি+অন] বি. দেহের সাজসজ্জা, অঙ্গরাগ।

অঙ্গপ্রায়শ্চিত্ত /অংগোপ্রায়োশ্চিত্তো/ [স. অঙ্গ+প্রায়স্+√চিৎ+ত] বি. পাপমোচনের জন্য দেহ-শোধন, অঙ্গশোধক প্রায়শ্চিত্ত।

www.pathagar.com

অঙ্গ বঙ্গ কলিঙ্গ /অংগো বংগো কোলিংগো/ বি. মহাভারতোক্ত সুদেষ্ণার পাঁচ পুত্রের তিনজন; ওই তিনজনের অধিকৃত রাজ্যসমূহ (বর্তমান বিহার রাজ্যের ভাগলপুর-সংলগ্ন অঞ্চল বঙ্গদেশ ও ওড়িশা)।

অঙ্গবিকার /অংগোবিকার/ [স. অঙ্গ+বিকার] বি. দেহাঙ্গের বিকার; বিকলাঙ্গতা।

অঙ্গবিকৃতি /অংগোবিক্কৃতি/ [স. অঙ্গ+বি+√কৃ+তি] বি. ১ দেহের বিকলাঙ্গতা। ২ মৃগীরোগ।

অঙ্গবিক্ষেপ /অংগোবিক্খেপ্/ [স. অঙ্গ+বি+√ক্ষিপ্+অ] বি. ১ দেহসঞ্চালন। ২ ব্যায়াম। ৩ নৃত্যকালে অঙ্গের সঞ্চালন। ৪ শরীরের প্রবল আলোড়ন, convulsion।

অঙ্গবিন্যাস /অংগোবিন্ন্যাশ্/ [স. অঙ্গ+বিন্যাস] বি. দেহের ভঙ্গিমা, অঙ্গভঙ্গি।

অঙ্গবিহীন /অংগোবিহিন্/ [স. অঙ্গ+বি+√হা+ত] বিণ. ১ শরীরের কোনো একটি বা একাধিক অঙ্গ নেই এমন, বিকলাঙ্গ। ২ অসম্পূর্ণ। স্ত্রী. **অঙ্গবিহীনা** /অংগোবিহিনা/।

অঙ্গবৈকল্য /অংগোবোইকোল্‌লো/ [স. অঙ্গ+বিকল+য] বি. অঙ্গের বিকৃতি, বিকলাঙ্গতা।

অঙ্গভঙ্গি /অংগোভোংগি/ [স. অঙ্গ+√ভন্‌জ্+ই] বি. অঙ্গচালনার দ্বারা মনোভাব প্রকাশ, ইঙ্গিত; অঙ্গভঙ্গিমা, body language।

অঙ্গভঙ্গিমা /অংগোভোংগিমা/ [স. অঙ্গ+ভঙ্গ+ইমন্] বি. দ্র অঙ্গভঙ্গি।

অঙ্গমর্দন /অংগোমর্‌দোন্/ [স. অঙ্গ+√মৃদ্+অন] বি. অঙ্গের মর্দন, অঙ্গসেবা, massage।

অঙ্গরক্ষা /অংগোরোক্‌খা/ [স. অঙ্গ+√রক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ হাঁটু পর্যন্ত লম্বা জামাবিশেষ, আংরাখা। ২ অঙ্গত্রাণ, বর্ম।

অঙ্গরাখা /অংগোরাখা/ [স. অঙ্গরক্ষা >] বি. দ্র অঙ্গরক্ষা।

অঙ্গরাগ /অংগোরাগ্/ [স. অঙ্গ+√রন্‌জ্+অ] বি. ১ দেহের সাজসজ্জা। ২ প্রসাধন দ্রব্য।

অঙ্গরাজ্য /অংগোরাজ্‌জো/ [স. অঙ্গ+রাজন্+য] বি. যুক্তরাষ্ট্রীয় কাঠামোর অন্তর্গত রাজ্য, অন্তর্দেশীয় রাজ্য।

অঙ্গসংগঠন /অংগোশংগঠোন্/ [স. অঙ্গ+বা. সংগঠন] বি. প্রতিষ্ঠান বা সংঘের অধীন সংগঠন, উপদল।

অঙ্গসংস্কার /অংগোশংশ্‌কার/ [স. অঙ্গ+সম্+√কৃ+অ] বি. ১ দেহের সাজসজ্জা। ২ অঙ্গের শোধন।

অঙ্গসংস্থান /অংগোশংস্‌থান্/ [স. অঙ্গ+সম্+√স্থা+অন] বি. দেহের গঠন; জীবদেহের গঠন-তত্ত্ব, morphology।

অঙ্গসজ্জা /অংগোশজ্‌জা/ [স. অঙ্গ+√সজ্জ্+অ+আ (টাপ্)] বি. ১ অঙ্গপ্রসাধন। ২ (পুস্তকাদির) অলংকরণ।

অঙ্গসঞ্চালন /অংগোশন্‌চালন্/ [স. অঙ্গ+সম্+√চালি+অন] বি. অঙ্গচালনা, ব্যায়াম।

অঙ্গসেবা /অংগোশেবা/ [স. অঙ্গ+√সেব্+অ+আ (টাপ্)] বি. ১ অঙ্গমর্দন। ২ অঙ্গপ্রসাধন।

অঙ্গসৌষ্ঠব /অংগোশৌড়্‌শ্‌ঠব্/ [স. অঙ্গ+সুষ্ঠু+অ] বি. দেহের সৌন্দর্য।

অঙ্গহানি /অংগোহানি/ [স. অঙ্গ+√হা+তি] বি. ১ দেহের কোনো অঙ্গের বিকৃতি, অঙ্গবৈকল্য। ২ কোনো কাজের আংশিক ত্রুটি।

অঙ্গহীন /অংগোহিন্/ [স. অঙ্গ+√হা+ত] বিণ. ১ শরীরের বিশেষ কোনো একটি বা একাধিক অঙ্গ নেই এমন, বিকলাঙ্গ। ২ ত্রুটিপূর্ণ; অসম্পূর্ণ।

অঙ্গাঙ্গি /অংগাংগি/ [স. অঙ্গ+অঙ্গ+ই] বি. ১ শরীরের এক অঙ্গের সঙ্গে অন্য অঙ্গের সম্বন্ধ। ২ অচ্ছেদ্য সম্পর্ক। বিণ. ঘনিষ্ঠ।

অঙ্গাঙ্গিভাব /অংগাংগিভাব্/ [স. অঙ্গাঙ্গি+√ভূ+অ] বি. অতিশয় ঘনিষ্ঠতা, গলাগলি ভাব।

অঙ্গাঙ্গিসম্বন্ধ /অংগাংগিশম্‌বন্‌ধো/ [স. অঙ্গাঙ্গি+সম্+√বন্ধ্+ত] বি. দ্র অঙ্গাঙ্গিভাব।

অঙ্গাবরণ /অংগাবোরন্/ [স. অঙ্গ+আবরণ] বি. দেহের আচ্ছাদনবস্ত্র, পরিচ্ছদ।

অঙ্গার /অংগার্/ [স. √অঙ্গ্+আর] বি. ১ কয়লা। ২ কলঙ্ক; গ্লানি (*কুলাঙ্গার*)। ৩ আবর্জনা। ৪ মঙ্গলগ্রহ, red planet।

অঙ্গারক /অংগারক্/ [স. অঙ্গার+ক (স্বার্থে)] বি. অধাতব মৌলিক খনিজ পদার্থবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৬, কার্বন, carbon।

অঙ্গারধানিকা /অংগার্‌ধানিকা/ [স. অঙ্গারধানী+কন্+আ (টাপ্)] বি. দ্র অঙ্গারধানী।

অঙ্গারধানী /অংগার্‌ধানি/ [স. অঙ্গার+√ধা+অন+ঈ] বি. আগুনের মালসা, ধুনুচি।

অঙ্গারাম্ল /অংগারাম্‌লো/ [স. অঙ্গার+√অম্+ল] বি. জলের সঙ্গে কার্বন ডাইঅক্সাইডের মিশ্রণের ফলে উৎপন্ন বর্ণ ও গন্ধহীন মৃদু অ্যাসিডবিশেষ; (পরি.) carbonic acid।

অঙ্গারিত /ওংগারিতো/ [স. অঙ্গার+ইত] বিণ.

www.pathagar.com

কয়লা বা অঙ্গারে পরিণত; দগ্ধ।

অঙ্গারীয় /ওংগারিয়ো/ [স. অঙ্গার+ঈয়] বিণ. ১ কয়লাসম্বন্ধীয়। ২ অঙ্গারময়।

অঙ্গিকা /ওংগিকা/ [স. অঙ্গ+ইক+আ (টাপ্)] বি. ১ কাঁচুলি, কঞ্চুলিকা। ২ আঙিনা।

অঙ্গী /ওংগি/ [স. অঙ্গ+ইন্] বিণ. অঙ্গ আছে এমন, শরীরী। স্ত্রী. **অঙ্গিনী** /ওংগিনি/।

অঙ্গীকার /ওংগিকার/ [স. অঙ্গী+√কৃ+অ] বি. ১ প্রতিশ্রুতি। ২ প্রতিজ্ঞা। ৩ সম্মতি। ৪ অঙ্গে ধারণ।

অঙ্গীকারবদ্ধ /ওংগিকারবদ্ধো/ [স. অঙ্গীকার+√বন্ধ্+ত] বিণ. প্রতিশ্রুতিদ্বারা আবদ্ধ।

অঙ্গীকৃত /ওংগিক্কৃতো/ [স. অঙ্গ+চ্বি+কৃত] বিণ. ১ অঙ্গের অন্তর্ভুক্ত করা হয়েছে এমন। ২ স্বীকৃত।

অঙ্গীভূত /ওংগিভূতো/ [স. অঙ্গ+চ্বি+ভূত] বিণ. অঙ্গের অন্তর্ভুক্ত; অঙ্গত্বপ্রাপ্ত।

অঙ্গুরি /ওংগুরি/ [স. অঙ্গুরীয় >] বি. ১ অঙ্গুলি-ভূষণ, আংটি। ২ শনিগ্রহের বলয়।

অঙ্গুরীয় /ওংগুরিয়ো/ [স. অঙ্গুরি+ঈয়] বি. আঙুলের অলংকার, আংটি।

অঙ্গুলাকার /ওংগুলাকার/ [স. অঙ্গুল+আকার] বিণ. আঙুলের আকারবিশিষ্ট।

অঙ্গুলি /ওংগুলি/ [স. √অঙ্গ্+উলি] বি. হাত বা পায়ের প্রান্তবর্তী অঙ্গ, আঙুল।

অঙ্গুলিত্র /ওংগুলিত্রো/ [স. অঙ্গুলি+√ত্রৈ+অ] বি. সেলাই করার সময় সুচের আঘাত থেকে রক্ষার জন্য আঙুলে পরিধেয় বর্মবিশেষ, অঙ্গুস্তানা।

অঙ্গুলিত্রাণ /ওংগুলিত্রান/ [স. অঙ্গুলি+√ত্রৈ+অন] বি. দ্র অঙ্গুলিত্র।

অঙ্গুলিনির্দেশ /ওংগুলিনির্দেশ/ [স. অঙ্গুলি+নির্+√দিশ্+অ] বি. আঙুল দিয়ে ইশারা বা নির্দেশ প্রদান।

অঙ্গুলিমুদ্রা /ওংগুলিমুদ্রা/ [স. অঙ্গুলি+√মুদ্+র+আ (টাপ্)] বি. ১ আরাধনা জপ বা নৃত্যে আঙুলের ভঙ্গিবিশেষ। ২ নামাঙ্কিত আংটি।

অঙ্গুলিমেয় /ওংগুলিমেয়ো/ [স. অঙ্গুলি+√মা+য] বিণ. আঙুল দিয়ে পরিমাপ করা যায় এমন; অল্প পরিমাণ।

অঙ্গুলিমোটন /ওংগুলিমোটোন/ [স. অঙ্গুলি+√মুট্+অন] বি. অঙ্গুলিস্ফোটন।

অঙ্গুলিসংকেত /ওংগুলিশংকেত/ [স. অঙ্গুলি+সম্+√কিৎ+অ] বি. আঙুলের ইশারা, অঙ্গুলিনির্দেশ।

অঙ্গুলিসন্ধি /ওংগুলিশোনধি/ [স. অঙ্গুলি+সম্+√ধা+ই] বি. আঙুলের গিঁট।

অঙ্গুলিস্পর্শ /ওংগুলিস্পরশো/ [স. অঙ্গুলি+√স্পৃশ্+অ] বি. আঙুলের ছোঁয়া।

অঙ্গুলিস্ফোটন /ওংগুলিস্ফোটন/ [স. অঙ্গুলি+√স্ফুট্+ণিচ্+অন] বি. দ্র অঙ্গুলিমোটন।

অঙ্গুলিহেলন /ওংগুলিহেলন/ [স. অঙ্গুলি+√হেল্+অন] বি. অঙ্গুলিনির্দেশ, আঙুলের ইশারা।

অঙ্গুষ্ঠ /ওংগুশঠো/ [স. অঙ্গু+√স্থা+অ] বি. বুড়ো আঙুল, বৃদ্ধাঙ্গুলি।

অঙ্ঘ্রি /ওংঘ্রি/ [স. √অঙ্ঘ্+রি] বি. ১ পা, চরণ। ২ শিকড়।

অঙ্ঘ্রিপ /ওংঘ্রিপো/ [স. অঙ্ঘ্রি+√পা+অ] বি. যে শিকড় বা পায়ের সাহায্যে পান করে; (পায়ের সাহায্যে পান করে বলে) গাছ।

অচকিত /অচোকিতো/ [স. ন+√চক্+ত] বিণ. ১ ভীত বা বিচলিত নয় এমন। ২ বিস্মিত নয় এমন।

অচক্ষু /অচোক্‌খু/ [স. ন+√চক্ষ্+উস্] বিণ. ১ চোখ নেই এমন। ২ দৃষ্টিশক্তিহীন। বি. দৃষ্টিহীন ব্যক্তি।

অচঞ্চল /অচনচল/ [স. ন+√চঞ্চ্+অল] বিণ. ১ চঞ্চলতাশূন্য; অবিচল। ২ স্থিতিশীল, স্থির। স্ত্রী. অচঞ্চলা /অচনচলা/।

অচতুর /অচোতুর/ [স. ন+√চৎ+উর] বিণ. ১ চালাক নয় এমন; অকৌশলী। ২ কপটতাশূন্য। ৩ অপটু।

অচন্দ্রচেতন /অচনদ্রোচেতন/ [স. অচন্দ্র+√চিৎ+অন] বিণ. যৌন চেতনাশূন্য।

অচপল /অচপোল/ [স. ন+√চপ্+অল] বিণ. চঞ্চলতাহীন, স্থির। স্ত্রী. অচপলা /অচপোলা/।

অচর /অচর/ [স. ন+√চর্+অ] বিণ. গতিহীন, নিশ্চল, স্থির, স্থবির।

অচরিতার্থ /অচোরিতারথো/ [স. ন+চরিতার্থ] বিণ. অসফল, ব্যর্থ; বিফলমনোরথ।

অচর্চিত /অচোরচিতো/ [স. ন+√চর্চ্+ত] বিণ. চর্চা করা হয়নি এমন, অননুশীলিত।

অচল /অচল/ [স. ন+√চল্+অ] বিণ. ১ স্থির, গতি-হীন (*অচলায়তন*)। ২ অপ্রচলিত (*অচল প্রথা*)। ৩ ঘষা, মেকি (*অচল পয়সা*)। ৪ সমাজচ্যুত (*সমাজে অচল*)। ৫ ব্যবহারের অযোগ্য, অকেজো (*অচল ঘড়ি*)। বি. পর্বত।

অচলতড়িৎ /অচলতোড়িত/ [স. অচল+√তড়্+ইৎ] বি. যে তড়িৎ কোনো বস্তুতে স্থির বা আবদ্ধ থাকে, যে তড়িৎ প্রবাহিত হয় না; (পরি.) static

www.pathagar.com

electricity।

অচলন /অচলোন্/ [স. ন+√চল্+অন] বি. অপ্রচলন।

অচলনীয় /অচলোনিয়ো/ [স. ন+√চল্+অনীয়] বিণ. ১ প্রচলনের অযোগ্য। ২ (বাংলায়) ব্যবহারের অযোগ্য।

অচলমতি /অচল্‌মোতি/ [স. অচল+√মন্+তি] বিণ. স্থিরবুদ্ধি, স্থিরমতি।

অচলরাজ /অচল্‌রাজ্/ [স. অচল+রাজন্] বি. হিমালয়।

অচলা /অচলা/ [স. অচল+আ(টাপ্)] বিণ. গতিহীনা, স্থিরা, অটলা। বি. পৃথিবী।

অচলায়তন /অচলায়োতন্/ [স. অচল+আয়তন] বি. ১ প্রগতিবিরোধী ও গোঁড়ামিপূর্ণ প্রথা বা প্রতিষ্ঠান। ২ রক্ষণশীল সমাজব্যবস্থা।

অচলিত /অচোলিতো/ [স. ন+√চল্+ত] বিণ. প্রচলিত নয় এমন।

অচলিষ্ণু /অচোলিশ্নু/ [স. অচল+ইষ্ণু] বিণ. গতিশীল নয় এমন, স্থির।

অচাঞ্চল্য /অচান্‌চোল্‌লো/ [স. ন+চঞ্চল+য] বি. ১ চাঞ্চল্যহীনতা, স্থৈর্য; গাম্ভীর্য। ২ দৃঢ়মতিত্ব।

অচাপল্য /অচাপোল্‌লো/ [স. ন+চপল+য] বি. চপলতার অভাব, ধীর প্রকৃতি।

অচালন /অচালোন্/ [স. ন+√চালি+অন] বি. ১ নিস্পন্দন। ২ প্রয়োগের অভাব।

অচালনীয় /অচালোনিয়ো/ [স. ন+√চালি+অনীয়] বিণ. ১ চালানো বা সরানো যায় না এমন। ২ প্রয়োগ করা অসম্ভব এমন।

অচালিত /অচালিতো/ [স. ন+√চালি+ত] বিণ. প্রয়োগ করা যায়নি এমন, অপ্রযুক্ত, অব্যবহৃত।

অচাল্য /অচাল্‌লো/ [স. ন+√চল্+য] বিণ. দ্র অচালনীয়।

অচিকিৎসা /অচিকিত্‌শা/ [স. ন+√কিৎ+সন্+অ+আ (টাপ্)] বি. ১ চিকিৎসার অভাব। ২ কুচিকিৎসা।

অচিকিৎসনীয় /অচিকিত্‌শোনিয়ো/ [স. ন+√কিৎ+সন্+অনীয়] বিণ. চিকিৎসার অতীত বা প্রতিকার নেই এমন, দুরারোগ্য।

অচিকিৎসিত /অচিকিত্‌শিতো/ [স. ন+√কিৎ+সন্+ত] বিণ. (যার) চিকিৎসা করা হয়নি এমন।

অচিকিৎস্য /অচিকিত্‌শো/ [স. ন+√কিৎ+সন্+য] বিণ. (যে রোগের) চিকিৎসা বা প্রতিকার নেই এমন, দুশ্চিকিৎস্য।

অচিকীর্ষা /অচিকির্‌শা/ [স. ন+√কৃ+সন্+অ+আ (টাপ্)] বি. কিছু করার অনিচ্ছা, আগ্রহের অভাব; আলস্য।

অচিকীর্ষু /অচিকির্‌শু/ [স. ন+√কৃ+সন্+উ] বিণ. কিছু করতে অনিচ্ছুক; অলস।

অচিন /অচিন্/ [বা.] বিণ. ১ অচেনা, অজানা (*অচিন পাখি*)। ২ অচিহ্নিত, অনির্দিষ্ট। ৩ বহিরাগত।

অচিন্তনীয় /অচিন্‌তোনিয়ো/ [স. ন+√চিন্ত্+অনীয়] বিণ. অভাবনীয়, চিন্তার অতীত।

অচিন্তিত /অচিন্‌তিতো/ [স. ন+√চিন্ত্+ত] বিণ. পূর্বে চিন্তা বা অনুমান করা হয়নি এমন, অভাবিত।

অচিন্তিতপূর্ব /অচিন্‌তিতোপুর্‌বো/ [স. অচিন্তিত+পূর্ব] বিণ. দ্র অচিন্ত্যপূর্ব।

অচিন্ত্য /অচিন্‌তো/ [স. ন+√চিন্ত্+য] বিণ. চিন্তা করা যায় না এমন, অচিন্তনীয়।

অচিন্ত্যপূর্ব /অচিন্‌তোপুর্‌বো/ [স. অচিন্ত্য+পূর্ব] বিণ. পূর্বে চিন্তা করা যায়নি এমন।

অচির /অচিরো/ [স. ন+√চি+র] বিণ. স্বল্পকাল-স্থায়ী, ক্ষণস্থায়ী। বি. **অচিরতা** /অচিরোতা/।

অচিরকারী /অচিরোকারি/ [স. অচির+√কৃ+ইন্] বিণ. ক্ষিপ্রতার সঙ্গে কাজ করে এমন; কর্মতৎপর।

অচিরকাল /অচিরোকাল্/ [স. অচির+√কল্+অ] বি. স্বল্পসময়, ক্ষণকাল।

অচিরকালে /অচিরোকালে/ [স. অচিরকাল+বা. এ] ক্রিবিণ. অনতিবিলম্বে, দেরি না করে, দ্রুত।

অচিরক্রিয় /অচিরোক্‌ক্রিয়ো/ [স. অচির+√কৃ+অ] বিণ. ক্ষিপ্রকারী; কর্মতৎপর, চটপটে।

অচিরজীবী /অচিরোজিবি/ [স. অচির+√জীব্+ইন্] বিণ. ১ অল্পায়ুবিশিষ্ট। ২ নশ্বর; অনিত্য। বি. **অচিরজীবিতা** /অচিরোজিবিতা/।

অচিরদ্যুতি /অচিরোদ্‌দ্যুতি/ [স. অচির+√দ্যুৎ+ই] বি. বিদ্যুৎ, ক্ষণপ্রভা। বিণ. ক্ষণস্থায়ী দীপ্তিবিশিষ্ট।

অচিরপ্রভা /অচিরোপ্‌প্রোভা/ [স. অচির+প্র+√ভা+অ+আ (টাপ্)] বি. বিণ. দ্র অচিরদ্যুতি।

অচিরস্থায়ী /অচিরোস্‌থায়ি/ [স. অচির+√স্থা+ইন্] বিণ. চিরস্থায়ী নয় এমন, ক্ষণস্থায়ী, নশ্বর।

অচিরাচরিত /অচিরাচোরিতো/ [স. ন+চিরাচরিত] বিণ. চিরাচরিত নয় এমন; (পরি.) non-traditional।

অচিরাৎ /অচিরাত্/ [স. অচির+√অৎ+ক্বিপ্] ক্রিবিণ. শীঘ্র, তাড়াতাড়ি।

অচিরে /অচিরে/ [স. অচির+বা. এ] ক্রিবিণ.

www.pathagar.com

অবিলম্বে, দেরি না করে, তাড়াতাড়ি।

অচিহ্নিত /অচিন্‌nhiতো/ [স. ন+√চিহ্ন্+ত] বিণ. ১ চিহ্ন বা দাগ দেওয়া হয়নি এমন। ২ অপরিচিত।

অচুম্বিত /অচুম্‌বিতো/ [স. ন+√চুম্ব্+ত] বিণ. ১ চুম্বন করা হয়নি এমন। ২ স্পর্শ করেনি এমন।

অচূর্ণ /অচুর্‌নো/ [স. ন+√চূর্ণ্+অ] বিণ. দ্র অচূর্ণিত।

অচূর্ণিত /অচুর্‌নিতো/ [স. ন+√চূর্ণ্+ত] বিণ. ১ গুঁড়ো করা হয়নি এমন; অখণ্ডিত। ২ ধ্বংস করা হয়নি এমন।

অচেত /অচেতো/ [স. অচেতাঃ >] বিণ. ১ সংজ্ঞা-হীন, অচেতন। ২ বিবেকবর্জিত। ৩ তত্ত্বজ্ঞানহীন।

অচেতচিত্ত /অচেতোচিত্‌তো/ [বা. অচেত+স. চিত্ত] বিণ. তত্ত্বজ্ঞানহীন হৃদয়সম্পন্ন।

অচেতন /অচেতোন্‌/ [স. ন+√চিৎ+অন] বিণ. ১ চেতনাশূন্য, সংজ্ঞাহীন। ২ জড় (*অচেতন পদার্থ*)। ৩ বাহ্যজ্ঞানহীন। ৪ মোহগ্রস্ত।

অচেনা /অচেনা/ [বা.] বিণ. অপরিচিত, অজানা। বি. অপরিচিত ব্যক্তি।

অচেষ্ট /অচেশ্‌টো/ [স. ন+√চেষ্ট্+অ] বিণ. ১ নিরুদ্যম, নিশ্চেষ্ট। ২ অসাড়; জ্ঞানশূন্য।

অচেষ্টিত /অচেশ্‌টিতো/ [স. ন+√চেষ্ট্+ত] বিণ. ১ চেষ্টা বা যত্ন করা হয়নি এমন। ২ অনন্বেষিত; অপরীক্ষিত।

অচৈতন্য /অচোইতোন্‌নো/ [স. ন+চেতন+য] বি. ১ সংজ্ঞাহীনতা, অজ্ঞানতা। ২ তত্ত্বজ্ঞানহীনতা।

অচ্ছ /অচ্‌ছো/ [স. √ছো+অ] বিণ. ১ দৃষ্টি রোধ করে না এমন; নির্মল। ২ স্বচ্ছ, transparent। বি. স্ফটিক।

অচ্ছদ /অচ্‌ছদ্‌/ [স. ন+ছদ] বিণ. ১ ছাদহীন। ২ অনাবৃত, খোলা। ৩ পাতা নেই এমন (বৃক্ষ)।

অচ্ছায় /অচ্‌ছায়্‌/ [স. ন+ছায়া] বিণ. ১ ছায়াশূন্য। ২ অনাবৃত। বি. ছায়াহীন স্থান।

অচ্ছিদ্র /অচ্‌ছিদ্রো/ [স. ন+√ছিদ্+র] বিণ. ১ ছিদ্র-হীন। ২ নির্দোষ, ত্রুটিশূন্য।

অচ্ছিন্ন /অচ্‌ছিন্‌নো/ [স. ন+√ছিদ্+ত] বিণ. অখণ্ডিত, অবিভক্ত, সম্পূর্ণ।

অচ্ছুত /অচ্‌ছুত্‌/ [স. অশুচ >] বিণ. ১ অস্পৃশ্য; অবহেলিত ও অনুন্নত সম্প্রদায়ভুক্ত। ২ অশুচি।

অচ্ছুতজাতি /অচ্‌ছুতজাতি/ [বা. অচ্ছুত+স. জাতি] বি. অবহেলিত ও অনগ্রসর জাতি, হরিজন, দলিত।

অচ্ছেদ্য /অচ্‌ছেদ্‌দো/ [স. ন+√ছিদ্+য] বিণ. ছেদন করা যায় না এমন, ছেদনের অসাধ্য; পৃথক করা যায় না এমন (*অচ্ছেদ্য সম্পর্ক*)।

অচ্ছোদ /অচ্‌ছোদ্‌/ [স. অচ্ছ+উদ] বিণ. স্বচ্ছ ও নির্মল জলবিশিষ্ট। বি. ১ হিমালয় থেকে নির্গত স্রোতস্বিনীবিশেষ। ২ যক্ষসরোবর।

অচ্ছোদপটল /অচ্‌ছোদ্‌পটোল্‌/ [স. অচ্ছোদ+√পট্+অল] বি. অক্ষিগোলক রক্ষাকারী স্বচ্ছ আবরণ, cornea।

অচ্যুত[১] /অচ্‌চুতো/ [স. ন+√চ্যু+ত] বিণ. ১ স্খলিত নয় এমন, অভ্রষ্ট। ২ অক্ষয়, অবিনশ্বর। ৩ স্থির।

অচ্যুত[২] /অচ্‌চুত্‌/ [স. ন+√চ্যু+ত] বি. কৃষ্ণ; বিষ্ণু।

অছি /ওছি/ [আ.] বি. বিণ. ১ অসিয়তকারী; অন্তিম উপদেশ বা নির্দেশ দানকারী। ২ নাবালকের সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত তত্ত্বাবধায়ক; অভিভাবক; trustee।

অছিয়ত /ওসিয়ত্‌/ [আ.] বি. অন্তিম উপদেশ বা নির্দেশ, ইচ্ছাপত্র, উইল, will।

অছিয়তনামা /ওসিয়ত্‌নামা/ [আ. অছিয়ত+ফা. নামা] বি. অছি নিয়োগের পত্র; অন্তিম নির্দেশপত্র; ইচ্ছাপত্র, লিখিত উইল।

অছিয়তি /ওসিয়তি/ [আ. অছিয়ত >] বি. সম্পত্তি রক্ষার জন্য নিযুক্ত অভিভাবকত্ব।

অজ[১] /অজো/ [স. অ+√জন্+অ] বিণ. ১ কারো গর্ভে জাত নয় এমন। ২ অনাদিকাল থেকে বিদ্যমান এমন। বি. ১ যার জন্ম মৃত্যু বা বিনাশ নেই। ২ ঈশ্বর। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ কামদেব।

অজ[২] /অজো/ [স. √অজ্+অ] বি. ১ ছাগল। ২ মেষ। ৩ মেষরাশি।

অজ[৩] /অজো/ [স. আদ্য >] বিণ. ১ নিরেট (*অজ-মূর্খ*)। ২ নিতান্ত, একেবারে (*অজ পাড়াগাঁ*)।

অজগর /অজোগর্‌/ [স. অজ+√গৃ+অ] বি. ক্রান্তীয় অঞ্চলে ঝোপঝাড়ে বিচরণ করে এমন মসৃণ আঁশযুক্ত বৃহদাকার শক্তিশালী নির্বিষ সাপ যা ছাগল হরিণ প্রভৃতি জীবজন্তু পেঁচিয়ে ধরে পিষ্ট করে গিলে খায়।

অজচ্ছল /অজোচ্‌ছল্‌/ [স. অজস্র >] বিণ. অঢেল।

অজজীবক /অজোজিবক্‌/ [স. অজ+√জীব্+অক] বি. বিণ. ছাগল ভেড়া প্রভৃতি পালন করে জীবিকা-নির্বাহকারী; মেষপালক।

অজন্ত /অজন্‌তো/ [স. √অঞ্+অন্ত] বি. (ব্যা.) যে শব্দের শেষে স্বরধ্বনি থাকে। বিণ. স্বরান্ত।

অজন্তা /অজোন্‌তা/ [স্থান.] বি. গুহাচিত্রের জন্য খ্যাত (খ্রি.পূ. ৬৪২–২০০ অব্দের মধ্যে খোদিত) ভারতের মহারাষ্ট্র রাজ্যের বাঘোরা নদীর তীরে

www.pathagar.com

অবস্থিত প্রাচীন বৌদ্ধবিহার।

অজন্মা /অজন্‌মা/ [স. ন+জন্মন্‌] বি. ১ শস্যাদি উৎপন্ন হয় না এমন অবস্থা। ২ (বাংলায়) শস্য ফলনের অভাব; দুর্ভিক্ষ। বিণ. বেজন্মা, জারজ।

অজপা /অজোপা/ [স. ন+√জপ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ শ্বাসপ্রশ্বাস-ক্রিয়ারূপে অনায়াসে যা জপা যায়। ২ প্রাণবায়ু, জীবন। ৩ তান্ত্রিকদের আরাধ্য দেবী।

অজবীথি /অজোবিথি/ [স. অজ+√বিথ্‌+ই] বি. মহাকাশে দৃষ্ট উত্তর-দক্ষিণে বিস্তৃত সাদা হালকা মেঘসদৃশ অসংখ্য নক্ষত্রপুঞ্জের ক্ষীণ আলোকরেখা, ছায়াপথ, Milky Way।

অজয় /অজয়/ [স. ন+√জি+অ] বি. ১ জয়ের অভাব, পরাজয়। ২ ভারতের নদবিশেষ। বিণ. জয় করা যায় না এমন, অজেয়।

অজর /অজর্‌/ [স. ন+√জৃ+অ] বিণ. জরা বা বার্ধক্যরহিত। বি. দেবতা।

অজরামর /অজরামর্‌/ [স. অজর+অমর] বিণ. বার্ধক্য ও মৃত্যুহীন। বি. দেবতা।

অজস্র /অজোস্‌স্রো/ [স. ন+√জস্‌+র] বিণ. ১ নিত্য, সতত। ২ (বাংলায়) প্রচুর। ক্রিবিণ. নিরন্তর।

অজস্রত্ব /অজোস্‌স্রোত্‌তো/ [স. অজস্র+ত্ব] বি. পর্যাপ্ততা; বাহুল্য।

অজা[১] /অজা/ [স. অ+√জন্‌+অ+আ (টাপ্‌)] বিণ. উৎপত্তিরহিতা।

অজা[২] /অজা/ [স. √অজ্‌+অ+আ (টাপ্‌)] বি. ছাগী।

অজাগর /অজাগর্‌/ [স. ন+√জাগৃ+অ] বিণ. ঘুমন্ত, নিদ্রিত। বি. ভূগরাজ বৃক্ষ।

অজাচার /অজাচার্‌/ [বা. অজ+স. আচার] বি. কপটাচার; ছলনা।

অজাত[১] /অজাতো/ [স. ন+√জন্‌+ত] বিণ. ভূমিষ্ঠ হয়নি এমন।

অজাত[২] /অজাত্‌/ [দেশি.] বিণ. ১ কল্পিত নীচ বংশোদ্ভূত; অনগ্রসর ও অনুন্নত সম্প্রদায়ভুক্ত। ২ জারজ। বি. কল্পিত নীচ বংশ; অঘর।

অজাতশত্রু /অজাতোশোত্‌ত্রু/ [স. অজাত+√শদ্‌+ত্রু] বিণ. শত্রু জন্মায়নি এমন, শত্রুহীন। বি. পুরাণোক্ত মগধরাজ বিম্বিসারের পুত্র।

অজাতশ্মশ্রু /অজাতোশোঁস্‌সু/ [স. অজাত+শ্মন্‌+√শ্রি+উ] বিণ. দাড়িগোঁফ গজায়নি এমন; অপ্রাপ্ত-বয়স্ক।

অজানত /অজানতো/ [স. অজানৎ >] ক্রিবিণ. অজ্ঞাতে, না জেনে।

অজানা /অজানা/ [বা.] বিণ. অবিদিত; অজ্ঞেয়। বি. ১ অপরিচিত লোক। ২ অচেনা জায়গা।

অজানিত /অজানিতো/ [বা.] বিণ. বি. দ্র অজানা।

অজান্তে /অজান্‌তে/ [বা.] ক্রিবিণ. ১ অজ্ঞাতসারে, অগোচরে। ২ না জেনে।

অজাযুদ্ধ /অজাজুদ্‌ধো/ [স. অজা+√যুধ্‌+ত] বি. ১ ছাগলের লড়াই। ২ (আল.) প্রকৃত ফলের চেয়ে যার আস্ফালন বেশি। ৩ প্রবাদমতে ঋষিদের শ্রাদ্ধ অনুষ্ঠান যেখানে কলাপাতা বিছানো হলেও আহার্য পরিবেশন করা হয় না।

অজিজ্ঞাসিত /অজিগ্‌গ্যাশিতো/ [স. ন+√জ্ঞা+সন্‌+ত] বিণ. জিজ্ঞাসা করা হয়নি এমন।

অজিজ্ঞাসিতব্য /অজিগ্‌গ্যাশিতোব্‌বো/ [স. ন+√জ্ঞা+সন্‌+তব্য] বিণ. জিজ্ঞাসা করা উচিত নয় এমন।

অজিজ্ঞাস্য /অজিগ্‌গ্যাশ্‌শো/ [স. ন+√জ্ঞা+সন্‌+য] বিণ. দ্র অজিজ্ঞাসিতব্য।

অজিত /অজিতো/ [স. ন+√জি+ত] বিণ. অপরাভূত; অনায়ত্ত। বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ বুদ্ধদেব।

অজিতেন্দ্রিয় /অজিতেন্‌দ্রিয়ো/ [স. ন+জিত+ইন্দ্রিয়] বিণ. ইন্দ্রিয়সমূহ বশে নেই এমন, ইন্দ্রিয়-পরায়ণ।

অজিন /অজিন্‌/ [স. √অজ্‌+ইন্‌] বি. ১ মৃগচর্ম; ছাগচর্ম; বাঘছাল; পশুচর্ম। ২ চর্মাবৃত আসন।

অজিফা /ওজিফা/ [আ.] বি. ১ স্বাভাবিক শ্বাস-ক্রিয়ার দ্বারা সাধিত প্রাত্যহিক জপমন্ত্র। ২ ভরণ-পোষণ, খোরপোশ।

অজিহ্ব /অজিহ্‌ভো/ [স. ন+জিহ্বা] বিণ. জিহ্বাহীন। বি. (পৌরাণিকমতে অগ্নিদেবের অভিশাপে নষ্টজিহ্ব বলে) ভেক।

অজীব /অজিব্‌/ [স. ন+√জীব্‌+অ] বিণ. নির্জীব, নিষ্প্রাণ।

অজীবিক /অজিবিক্‌/ [স. ন+জীবিকা] বিণ. জীবিকা-হীন। বি. প্রাচীন ধর্মসম্প্রদায়বিশেষ।

অজীর্ণ /অজিরনো/ [স. ন+√জৃ+ত] বিণ. হজম হয়নি এমন। বি. বদহজমজনিত রোগ।

অজীর্ণতা /অজিরনোতা/ [স. অজীর্ণ+তা] বি. অজীর্ণজনিত রোগ।

অজু /ওজু/ [আ.] বি. ইসলাম ধর্মমতে নামাজ বা ধর্মগ্রন্থ পাঠের পূর্বে বিধিসম্মতভাবে হাত মুখ ধুয়ে দেহের পবিত্রতাসাধন।

অজুরদার /ওজুরদার্‌/ [আ. অজুর+ফা. দার] বি. যে ব্যক্তি মজুরি গ্রহণ করে, মজুর, শ্রমিক।

অজুরা /ওজুরা/ [আ.] বি. মজুরি, বেতন।

www.pathagar.com

অজুহাত /ওজুহাত্/ [আ.] বি. ১ কারণ, হেতু। ২ ছুতা, বাহানা, অসিলা; ওজর।

অজেয় /অজেয়ো/ [স. ন+√জি+য] বিণ. জয় করা যায় না এমন; আয়ত্তে আনা যায় না এমন।

অজৈব /অজোই্বো/ [স. ন+জীব+অ] বিণ. প্রাণী বা উদ্ভিদ সম্পর্কিত নয় এমন।

অজৈব খাদ্য /অজোই্বো খাদ্দো/ বি. যে খাদ্য প্রাণী বা উদ্ভিদ থেকে আহৃত নয়।

অজৈব রসায়ন /অজোই্বো রশায়োন্/ বি. রসায়ন শাস্ত্রের যে শাখায় হাইড্রোকার্বন বা ভৌত রসায়ন অন্তর্ভুক্ত নয়; (পরি.) inorganic chemistry।

অজৈব লবণ /অজোই্বো লবোন্/ বি. আকরিক লবণ, rock salt।

অজৈব সার /অজোই্বো শার্/ বি. খনিজ সার।

অজ্ঞ /অগ্গোঁ/ [স. ন+√জ্ঞা+অ] বিণ. মূর্খ, নির্বোধ; জ্ঞানহীন। বি. ~তা /–তা/।

অজ্ঞতামূলক /অগ্গোঁতামুলক/ [স. অজ্ঞতা+√মূল্+অক] বিণ. মূর্খতা বা অজ্ঞতা প্রসূত।

অজ্ঞাত /অগ্গ্যাঁতো/ [স. ন+√জ্ঞা+ত] বিণ. অজানা, অবিদিত; অপ্রকাশিত।

অজ্ঞাতকুলশীল /অগ্গ্যাঁতোকুলোশিল/ [স. অজ্ঞাত +কুলশীল] বিণ. বংশপরিচয় জানা নেই এমন; সম্পূর্ণ অপরিচিত।

অজ্ঞাতনামা /অগ্গ্যাঁতোনামা/ [স. অজ্ঞাত+নামন্] বিণ. অবিদিত বা অখ্যাত নামবিশিষ্ট।

অজ্ঞাতপরিচয় /অগ্গ্যাঁতোপোরিচয়্/ [স. অজ্ঞাত+ পরি+√চি+অ] বিণ. পরিচয় জানা নেই এমন।

অজ্ঞাতপূর্ব /অগ্গ্যাঁতোপুর্বো/ [স. অজ্ঞাত+√পূর্ব্+ অ] বিণ. আগে থেকে জানা যায়নি এমন।

অজ্ঞাতবাস /অগ্গ্যাঁতোবাশ্/ [স. অজ্ঞাত+√বস্+অ] বি. অন্যের অগোচরে বা গোপনে বসবাস।

অজ্ঞাতরাশি /অগ্গ্যাঁতোরাশি/ [স. অজ্ঞাত+√অশ্+ ই] বি. অজানা রাশি; (পরি.) unknown quantity।

অজ্ঞাতসারে /অগ্গ্যাঁতোশারে/ [স. অজ্ঞাতসার+বা. এ] ক্রিবিণ. অন্যের অগোচরে, চুপিসারে।

অজ্ঞাতে /অগ্গ্যাঁতে/ [স. অজ্ঞাত+বা. এ] ক্রিবিণ. গোপনে।

অজ্ঞান /অগ্গ্যান্/ [স. ন+√জ্ঞা+অন] বিণ. ১ মূর্খ, অজ্ঞ। ২ (বাংলায়) সংজ্ঞাহীন। বি. ১ মূর্খতা। ২ (দর্শন.) মায়া; অবিদ্যা। ৩ (বাংলায়) অচৈতন্য।

অজ্ঞানকৃত /অগ্গ্যাঁনোক্কৃতো/ [স. অজ্ঞান+√কৃ+ ত] বিণ. অজ্ঞতাবশত করা হয়েছে এমন।

অজ্ঞানবাদ /অগ্গ্যাঁনবাদ্/ [স. অজ্ঞান+√বদ্+অ] বি. ইন্দ্রিয়গ্রাহ্য জগতের বাইরে কিছু থাকলেও তা মানুষের পক্ষে জানা অসাধ্য এমন মতবাদ; (পরি.) agnosticism।

অজ্ঞানে /অগ্গ্যাঁনে/ [স. অজ্ঞান+বা. এ] ক্রিবিণ. অজ্ঞতাহেতু, না জেনে।

অজ্ঞাপিত /অগ্গ্যাঁপিতো/ [স. ন+√জ্ঞাপি+ত] বিণ. জ্ঞাপন বা প্রকাশ করা হয়নি এমন; অনিবেদিত।

অজ্ঞাবাদ /অগ্গাঁবাদ্/ [স. অজ্ঞা+√বদ্+অ] বি. দ্র অজ্ঞানবাদ।

অজ্ঞাবাদী /অগ্গাঁবাদি/ [স. অজ্ঞাবাদ+ইন্] বিণ. ঈশ্বর বা জগতের প্রকৃত রহস্য বিষয়ে জ্ঞান লাভ সম্ভব নয় এমন দার্শনিক মতবাদে বিশ্বাসী, অজ্ঞেয়বাদী, সংশয়বাদী; (পরি.) agnostic।

অজ্ঞেয় /অগ্গেঁয়ো/ [স. ন+√জ্ঞা+য] বিণ. জানা যায় না এমন; জ্ঞানের অতীত।

অজ্ঞেয়বাদ /অগ্গেঁয়োবাদ্/ [স. অজ্ঞেয়+√বদ্+অ] বি. দ্র অজ্ঞানবাদ।

অজ্ঞেয়বাদী /অগ্গেঁয়োবাদি/ [স. অজ্ঞেয়+√বদ্+ ইন্] বিণ. দ্র অজ্ঞাবাদী।

অঝোর /অঝোর্/ [স. অজস্র>] বিণ. ১ অবিশ্রান্ত; অবিরাম। ২ অজস্রধারাবর্ষী।

অঝোরে /অঝোরে/ [বা.] ক্রিবিণ. একনাগাড়ে, অবিশ্রান্তভাবে, একটানা (*অঝোরে বৃষ্টি*)।

অঞ্চল /অন্চল্/ [স. √অঞ্চ্+অল] বি. ১ আঁচল; বস্ত্রপ্রান্ত। ২ আবরণ। ৩ (বাংলায়) এলাকা।

অঞ্চলনিধি /অন্চল্নিধি/ [স. অঞ্চল+নি+ √ধা+ই] বি. ১ অত্যন্ত প্রিয়বোধে যা আঁচলে ঢেকে রাখা হয়। ২ সন্তান। ৩ স্বামী।

অঞ্চলপ্রভাব /অন্চল্প্রোভাব্/ [স. অঞ্চল+প্র+√ভূ +অ] বি. স্বামীর ওপর স্ত্রীর প্রভাব।

অঞ্চিত /ওন্চিতো/ [স. √অঞ্চ্+ত] বিণ. ১ বাঁকা করা হয়েছে এমন, বাঁকানো। ২ পূজিত। ৩ শিহরিত (*রোমাঞ্চিত*)। ৪ গ্রথিত। ৫ ভূষিত।

অঞ্চিতভ্রু /অন্চিতোভ্রু/ [স. অঞ্চিত+√ভ্রম্+উ] বিণ. বাঁকা ভ্রুবিশিষ্ট।

অঞ্জন /অন্জন্/ [স. √অঞ্জ্+অন] বি. ১ ধাতব চাকতির তলদেশে সরষের তেলের প্রদীপের ধোঁয়া থেকে সংগৃহীত কালি যা চোখের প্রসাধনীরূপে ব্যবহৃত হয়, কাজল। ২ মলিনতা, কালিমা। ৩ আয়ুর্বেদমতে বিবিধ ধাতুঘটিত দ্রব্য।

অঞ্জনা /অন্জনা/ [স. অঞ্জন+আ (টাপ্)] বি. পৌরাণিক মতে বানররাজ কেশরীর পত্নী।

অঞ্জনানন্দন /অন্জনানন্দোন্/ [স. অঞ্জনা+√নন্দি

www.pathagar.com

+অন] বি. হনুমান।

অঞ্জনি /অন্‌জোনি/ [স. অঞ্জনিকা >] বি. চোখে উদ্‌গত ক্ষুদ্র ব্রণবিশেষ।

অঞ্জনিকা /অন্‌জোনিকা/ [স. অঞ্জনা+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ আঁজনাই, নেত্ররোগবিশেষ। ২ টিকটিকি-জাতীয় প্রাণিবিশেষ। ৩ ছোটো ইঁদুর।

অঞ্জলি /অন্‌জোলি/ [স. √অঞ্জ্‌+অলি] বি. ১ যুক্তকর, করজোড়, আঁজল, করপুট। ২ ভজনা; সেবা। ৩ যুক্তকরে প্রদত্ত নৈবেদ্য (*শ্রদ্ধাঞ্জলি*)।

অঞ্জলিপুট /অন্‌জোলিপুট্‌/ [স. অঞ্জলি+√পুট্‌+অ] বি. করপুট, আঁজলা।

অঞ্জলিবদ্ধ /অন্‌জোলিবদ্‌ধো/ [স. অঞ্জলি+√বদ্ধ্‌+ত] বিণ. যুক্তকর, বদ্ধাঞ্জলি, জোড়হাত।

অটনি /অটোনি/ [স. √অট্‌+অনি] বি. ধনুকের কোটি বা প্রান্তভাগ।

অটবি /অটোবি/ [স. √অট্‌+অবি] বি. ১ বন, অরণ্য। ২ বৃক্ষ, বিটপী।

অটল /অটল্‌/ [স. ন+টল] বিণ. ১ টলানো যায় না এমন, নিশ্চল, স্থির। ২ দৃঢ় (*অটল প্রতিজ্ঞা*)।

অটুট /অটুট্‌/ [স. অত্রুটি >] বিণ. ১ অভগ্ন, সম্পূর্ণ। ২ নিখুঁত, ত্রুটিহীন।

অটো /অটো/ [গ্রি.] বিণ. স্বয়ংক্রিয়। বি. ১ মোটর-গাড়ি। ২ (বাংলায়) যন্ত্রচালিত তিন চাকার যান-বিশেষ (*অটোরিকশা*); auto।

অটোগ্রাফ /অটোগ্রাফ্‌/ [গ্রি.] বি. ১ নিজ হস্তাক্ষর। ২ স্বাক্ষর; autograph।

অটোম্যাটিক /অটোম্যাটিক্‌/ [গ্রি.] বিণ. স্বয়ংক্রিয় (*অটোম্যাটিক টেলিফোন*), automatic।

অট্ট /অট্‌টো/ [স. √অট্ট্‌+অ] বিণ. অতি উচ্চ, বিকট (*অট্টহাসি*)।

অট্টনাদ /অট্‌টোনাদ্‌/ [স. অট্ট+√নদ্‌+অ] বি. অতি উচ্চ ধ্বনি, বিকট শব্দ।

অট্টনিনাদ /অট্‌টোনিনাদ্‌/ [স. অট্ট+নি+√নদ্‌+অ] বি. দ্র অট্টনাদ।

অট্টরব /অট্‌টোরব্‌/ [স. অট্ট+√রু+অ] বি. দ্র অট্টনাদ।

অট্টরোল /অট্‌টোরোল্‌/ [স. অট্ট+বা. রোল] বি. দ্র অট্টনাদ।

অট্টহাস /অট্‌টোহাশ্‌/ [স. অট্ট+√হস্‌+অ] বি. দ্র অট্টহাসি।

অট্টহাসি /অট্‌টোহাশি/ [স. অট্ট+বা. হাসি] বি. অতি উচ্চ বা বিকট হাসি, অট্টহাস্য (*সারা গাঁও ভরি আগুন জ্বালায়ে হাসিল অট্টহাসি।* জসীম.)।

অট্টহাস্য /অট্‌টোহাশ্‌শো/ [স. অট্ট+√হস্‌+য] বি. দ্র অট্টহাসি।

অট্টালিকা /অট্‌টালিকা/ [স. অট্টাল+কন্‌+আ (টাপ্‌)] বি. প্রাসাদ; পাকাবাড়ি; ইমারত।

অট্টালিকাকার /অট্‌টালিকাকার/ [স. অট্টালিকা+√কৃ+অ] বি. পাকা বাড়ি তৈরি যার পেশা, রাজমিস্ত্রি।

অডিট /অডিট্‌/ [লা.] বি. হিসাব নিরীক্ষণ, audit।

অডিটর /অডিটর্‌/ [লা.] বি. হিসাব পরীক্ষক, নিরীক্ষক, auditor।

অডিশন /অডিশন্‌/ [লা.] বি. বেতার বা টেলিভিশন অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য নিয়োগপূর্ব গুণগত মান যাচাইয়ের পরীক্ষা, audition।

অড়বরই /অড়বরোই্‌/ [স. আঢ়কী >] বি. বাংলাদেশ ভারত মায়ানমার ও মাদাগাস্কারে ব্যাপকভাবে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন গুচ্ছাকার লাল ছোটো ফুল ও বীজযুক্ত চাপা গোলাকার সবুজাভ হলুদ ফল বা তার উপ-বৃত্তাকার ছোটো পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন পত্রমোচী উদ্ভিদ (আনি. ব্রাজিল), লবলী, লোদা, হারবড়ি, stargooseberry।

অড়হর /অড়হর্‌/ [স. আঢ়কী >] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন হলুদাভ ফুল ও শুঁটিসদৃশ ফলের লালচে বীজ বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, আঢ়র।

অঢেল /অঢেল্‌/ [হি. অটালা >] বিণ. প্রচুর, অনেক (*সূর্যের অঢেল রোদ পৃথিবী পেয়েছে এ যাবৎ।* প্রেমেন্দ্র.)।

অণিমা /অনিমা/ [স. অণু+ইমন্‌] বি. ১ সূক্ষ্মত্বপ্রাপ্তির যোগলব্ধ ক্ষমতাবিশেষ। ২ অষ্টবিধ ঐশ্বর্যের অন্যতম।

অণু /ওনু/ [স. √অণ্‌+উ] বি. ১ মৌলিক বা যৌগিক পদার্থের ক্ষুদ্রতম কণা যা ভাগ করলে সেই পদার্থের গুণ লুপ্ত হয়; (পরি.) molecule। ২ (আল.) অতি সূক্ষ্ম কণা।

অণুজীব /ওনুজিব্‌/ [স. অণু+জীব] বি. জীবাণু, microbe।

অণুবাদ /ওনুবাদ্‌/ [স. অণু+√বদ্‌+অ] বি. অণু-বিষয়ক মতবাদ।

অণুবীক্ষণ /ওনুবিক্‌খন/ [স. অণু+বি+√ঈক্ষ্‌+অন] বি. খালি চোখে দেখা যায় না এমন অতি ক্ষুদ্র বস্তুকে বড়ো করে দেখার সরঞ্জামবিশেষ; (পরি.) microscope।

অণুভা /ওনুভা/ [স. অণু+√ভা+কিপ্‌] বি. ১ বিদ্যুৎ। ২ ক্ষণপ্রভা। ৩ দীপ্তি।

www.pathagar.com

অণুমাত্র /ওনুমাত্রো/ [স. অণু+√মা+ত্র] বিণ. সামান্য পরিমাণ, লেশমাত্র।

অণুমাত্রিক /ওনুমাত্রিক্/ [স. অণুমাত্রা+ইক] বিণ. অতি অল্প পরিমাণ।

অণ্ড[১] /অন্ডো/ [স. √অম্+ড] বি. পাখি সরীসৃপ প্রভৃতির স্ত্রীকুল কর্তৃক প্রসূত খোলায় আবৃত বীজাণুবাহী গোলাকৃতি বস্তু যা থেকে ছানা জন্মলাভ করে, ডিম, ডিম্ব, আন্ডা।

অণ্ড[২] /অন্ডো/ [স. √অম্+ড] বি. ১ অণ্ডকোষের বিচি, মুষ্ক, testes। ২ গোলাকার বস্তু।

অণ্ডকোষ /অন্ডোকোশ্/ [স. অণ্ড+√কুষ্+অ] বি. মানুষ ও অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর পুরুষকুলের দেহসংলগ্ন ছোটো থলিতে অবস্থিত বীর্য উৎপাদনকারী ডিম্বাকৃতি গ্রন্থিজাতীয় দুটি অঙ্গের যে কোনো একটি, হোল, মুষ্ক, scrotum।

অণ্ডজ /অন্ডোজো/ [স. অণ্ড+√জন্+অ] বিণ. ডিম থেকে উৎপন্ন, ডিম্বজাত। বি. ডিম্বজাত প্রাণী। স্ত্রী. অণ্ডজা /অন্ডোজা/।

অণ্ডাকার /অন্ডাকার/ [স. অণ্ড+আকার] বিণ. ডিমের আকৃতিবিশিষ্ট, ডিম্বাকৃতি, oval।

অণ্ডাকৃতি /অন্ডাক্কৃতি/ [স. অণ্ড+আ+√কৃ+তি] বিণ. দ্র অণ্ডাকার।

অণ্ডালু /অন্ডালু/ [স. অণ্ড+আলু] বিণ. ডিমওয়ালা।

অত /অতো/ [স. ইয়ৎ >] বি. প্রাচুর্য, আধিক্য। বিণ. অধিক, বেশি। ক্রিবিণ. বেশি পরিমাণে। সর্ব. ওই পরিমাণ।

অতএব /অতোএব্/ [স. অতঃ+এব] অব্য. সুতরাং, কাজে কাজেই।

অতঃ /অতো/ [স. এতদ্+তস্] অব্য. ১ এই হেতু, এজন্য। ২ এই হতে বা থেকে। ৩ অতএব।

অতঃপর /অতোপ্পর্/ [স. অতঃ+পর] অব্য. এরপর, তারপর, অনন্তর।

অতট /অতট্/ [স. ন+তট] বি. ১ পাহাড়ের খাড়া উঁচু জায়গা; ভূগুদেশ। ২ (বাংলায়) নদীর তীরবর্তী উঁচু স্থান। বিণ. তটশূন্য।

অতথা /অতথা/ [স. ন+তথা] বিণ. যথার্থ নয় এমন, অসত্য।

অতথ্য /অতোত্থো/ [স. ন+তথ্য] বিণ. তথ্যনির্ভর নয় এমন, মিথ্যা।

অতনু /অতোনু/ [স. ন+√তন্+উ] বিণ. ১ স্থূল। ২ দেহহীন, অশরীরী। বি. কামদেব, মদন।

অতনুরতি /অতোনুরোতি/ [স. অতনু+√রম্+তি] বি. আসঙ্গলিপ্সা; কামরতি।

অতন্দ্র /অতন্দ্রো/ [স. ন+তন্দ্রা] বিণ. ১ নিদ্রাহীন, জাগ্রত। ২ মনোযোগী; উৎসাহী। ৩ সতর্ক, সাবধান। ৪ উজ্জ্বল। ক্রিবিণ. অনলসভাবে।

অতন্দ্রিত /অতোনদ্রিতো/ [স. ন+তন্দ্রিত] বিণ. দ্র অতন্দ্র। স্ত্রী. অতন্দ্রিতা /অতোনদ্রিতা/।

অতরুণ /অতোরুন্/ [স. ন+√তৃ+উন] বিণ. ১ অনবীন; গতযৌবন, তারুণ্যহীন; প্রৌঢ়। ২ পরিপক্ক।

অতর্ক /অতর্কো/ [স. ন+√তর্ক্+অ] বি. কুতর্ক; অযথা তর্ক।

অতর্কনীয় /অতর্কোনিয়ো/ [স. ন+√তর্ক্+অনীয়] বিণ. যুক্তি দিয়ে মীমাংসা করা যায় না এমন, তর্কাতীত।

অতর্কিত /অতোর্কিতো/ [স. ন+√তর্ক্+ত] বিণ. ১ অলক্ষিত। ২ অচিন্তিত; অপ্রত্যাশিত।

অতর্কিতে /অতোর্কিতে/ [স. অতর্কিত+বা. এ] ক্রিবিণ. হঠাৎ; অসতর্ক অবস্থায়।

অতর্ক্য /অতোর্কো/ [স. ন+√তর্ক্+য] বিণ. তর্কের দ্বারা মীমাংসা সম্ভব নয় এমন।

অতল /অতল/ [স. ন+তল] বিণ. তল নেই এমন, গভীর, অথই, অগাধ। বি. পুরাণে কল্পিত সপ্ত পাতালের প্রথমটি, পাতাল।

অতলতল /অতলোতল্/ [স. অতল+তল] বি. ১ অগাধ জলের নিম্নদেশ। ২ পুরাণে কল্পিত সাতটি পাতালের প্রথমটির তলদেশ।

অতলস্পর্শ /অতল্স্পর্শো/ [স. অতল+√স্পৃশ্+অ] বিণ. তলদেশ ছোঁয়া যায় না এমন; অতি গভীর।

অতলান্ত /অতলান্তো/ [স. অতল+অন্ত] বিণ. অগাধ, গভীর।

অতলান্তিক /অতলান্তিক্/ [স. অতল+আন্তিক] বি. যার তলদেশ অত্যন্ত গভীর; Atlantic Ocean।

অতশত /অতোশতো/ [বা.] বি. নানা ব্যাপার, খুঁটিনাটি (*অতশত জানি না*)। ক্রিবিণ. খুব তলিয়ে।

অতসী /অতোশি/ [স. √অত্+অস+ঈ] বি. ১ শীতকালে ফোটে এমন নীল ফুল ও বাঁকা চ্যাপটা নৌকাসদৃশ বহুবীজযুক্ত ফল (যার নির্যাস থেকে তেল উৎপন্ন হয়) বা তার তিনটি শিরাযুক্ত লম্বাটে সরু পাতা ও মসৃণ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল), মসিনা, তিসি। ২ উন্মুক্ত তৃণভূমি সমুদ্র উপকূল ও ম্যানগ্রোভ বনাঞ্চলে জাত এবং শরৎকালে ফোটে এমন হলুদ ছোপযুক্ত লালচে বেগুনি পাপড়িবিশিষ্ট ফুল বা তার ডিম্বাকৃতি পাতাবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ। ৩ শণ।

www.pathagar.com

অতি[১] /ওতি/ [স. √অত্+ই] অব্য. অধিক (*অতিশয়*) অনুচিত অতিক্রান্ত বহির্ভূত প্রভৃতি অর্থে ব্যবহৃত সংস্কৃত উপসর্গ। বি. আতিশয্য। বিণ. ১ অন্যায্য পরিমাণ (*অতিভক্তি*)। ২ অতিরিক্ত (*অতিদর্প*)। ৩ অসংগত, অনুচিত।

অতি[২] /ওতি/ [ব্রজ.] বিণ. উৎকৃষ্ট (*অতি নাগর*)।

অতি-আধুনিক /ওতিআধুনিক্/ [স. অতি+আধুনিক] বিণ. অতিমাত্রায় আধুনিক, ultramodern।

অতিকথন /ওতিকথোন্/ [স. অতি+√কথ্+অন] বি. অতিরঞ্জন।

অতিকথা /ওতিকথা/ [স. অতি+√কথ্+অ+আ (টাপ্)] বি. অতিশয়োক্তি; বাজেকথা।

অতিকায় /ওতিকায়্/ [স. অতি+√চি+অ] বি. (বিশাল দেহের অধিকারী বলে) রামায়ণে বর্ণিত রাবণের অন্যতম পুত্র। বিণ. প্রকাণ্ড দেহধারী।

অতিক্রম /ওতিক্রোম্/ [স. অতি+√ক্রম্+অ] বি. তরণ; লঙ্ঘন।

অতিক্রমণ /ওতিক্রোমোন্/ [স. অতি+√ক্রম্+অন] বি. দ্র অতিক্রম।

অতিক্রমণীয় /ওতিক্রোমোনিয়ো/ [স. অতি+√ক্রম্+অনীয়] বিণ. অতিক্রম করা যায় এমন, লঙ্ঘ্য।

অতিক্রম্য /ওতিক্রোম্মো/ [স. অতি+√ক্রম্+য] বিণ. দ্র অতিক্রম্য।

অতিক্রান্ত /ওতিকক্রান্তো/ [স. অতি+√ক্রম্+ত] বিণ. ১ অতীত; গত। ২ লঙ্ঘিত।

অতিক্ষণিক /ওতিখোনিক্/ [স. অতি+ক্ষণ+ইক] বিণ. স্বল্পস্থায়ী।

অতিঘরন্তি /ওতিঘরোন্তি/ [স. অতি+বা. ঘরন্তি] বিণ. গৃহকর্মে সুনিপুণা (*অতিঘরন্তি না পায় ঘর*); ঘরসংসারসর্বস্ব।

অতিচালাক /ওতিচালাক্/ [স. অতি+ফা. চালাক] বিণ. ধূর্ত; আপাতদৃষ্টিতে বুদ্ধিদীপ্ত মনে হয় এমন।

অতিতপ্ত /ওতিতপ্তো/ [স. অতি+√তপ্+ত] বিণ. অতিশয় তপ্ত; (পরি.) superheated।

অতিতর /ওতিতরো/ [স. অতি+তরপ্] বিণ. ১ অধিকতর। ২ অতিশয়; প্রগাঢ়।

অতিথি /ওতিথি/ [স. √অত্+ইথি] বি. গৃহে আগত ব্যক্তি, মেহমান; আগন্তুক।

অতিথিপরায়ণ /ওতিথিপরায়োন্/ [স. অতিথি+পরায়ণ] বিণ. অতিথির পরিচর্যা ও সেবাযত্ন করে এমন, অতিথিবৎসল।

অতিথিপরিচর্যা /ওতিথিপোরিচোর্জ্জা/ [স. অতিথি+পরি+√চর্+য+আ (টাপ্)] বি. অতিথির আদর-যত্ন, অতিথিসৎকার।

অতিথিবৎসল /ওতিথিবত্শল্/ [স. অতিথি+বৎস+ল] বিণ. দ্র অতিথিপরায়ণ।

অতিথিশালা /ওতিথিশালা/ [স. অতিথি+√শল্+অ+আ (টাপ্)] বি. অতিথিদের থাকার জায়গা, পান্থ-নিবাস।

অতিথিসৎকার /ওতিথিশত্কার/ [স. অতিথি+সৎ+√কৃ+অ] বি. দ্র অতিথিপরিচর্যা।

অতিদর্প /ওতিদর্পো/ [স. অতি+√দৃপ্+অ] বি. অতিশয় অহংকার।

অতিদৈব /ওতিদোইবো/ [স. অতি+দেব+অ] বিণ. অলৌকিক; অতিপ্রাকৃতিক।

অতিদৈবিক /ওতিদোইবিক্/ [স. অতি+দেব+ইক] বিণ. অলৌকিক, super natural।

অতিপরিপক্ক /ওতিপোরিপক্কো/ [স. অতি+পরি+√পচ্+ত] বিণ. ইঁচড়ে পাকা, অতি পাকা।

অতিপাত /ওতিপাত্/ [স. অতি+√পত্+অ] বি. অতিক্রমণ; যাপন (*কালাতিপাত*)।

অতিপিনদ্ধ /ওতিপিনদ্ধো/ [স. অতি+অপি+√নহ্+ত] বিণ. অত্যন্ত আঁটোসাঁটো; অতিশয় ঘন-সন্নিবদ্ধ।

অতিপৃক্ত /ওতিপৃক্তো/ [স. অতি+√পৃচ্+ত] বিণ. অতিরিক্ত পরিমাণ দ্রবণীয় মেশানো হয়েছে এমন, দ্রবীভবনের শেষ সীমায় উপনীত হয়েছে এমন, অতিমাত্রায় পৃক্ত; (পরি.) supersaturated।

অতিপ্রসঙ্গ /ওতিপ্রোশোংগো/ [স. অতি+প্র+√সন্জ্+অ] বি. অত্যুক্তি; বারংবার উক্তি।

অতিপ্রাকৃত /ওতিপ্রাকৃতো/ [স. অতি+প্রকৃতি+অ] বিণ. অলৌকিক, অনৈসর্গিক, supernatural।

অতিবল /ওতিবল্/ [স. অতি+√বল্+অ] বিণ. অত্যন্ত বলশালী, প্রবল পরাক্রান্ত।

অতিবাড় /ওতিবাড়্/ [স. অতি+বা. বাড়] বি. ১ বেশি বাড়াবাড়ি। ২ অত্যন্ত অহংকার।

অতিবাদ /ওতিবাদ্/ [স. অতি+√বদ্+অ] বি. ১ অত্যুক্তি। ২ অপ্রিয় বাক্য; রূঢ়বাক্য।

অতিবাহ /ওতিবাহো/ [স. অতি+√বহ্+অ] বি. ১ অতিযাপন। ২ অতিরিক্ত ভারবহন।

অতিবাহন /ওতিবাহোন্/ [স. অতি+√বাহি+অন] বি. ১ যাপন, ক্ষেপণ। ২ (বাংলায়) অতিক্রমণ।

অতিবাহিত /ওতিবাহিতো/ [স. অতি+√বাহি+ত] বিণ. যাপন করা হয়েছে এমন, অতিক্রান্ত।

অতিবিনীত /ওতিবিনিতো/ [স. অতি+বি+√নী+ত]

www.pathagar.com

বিণ. অত্যন্ত বিনয়যুক্ত।

অতিবিষম /ওতিবিশম্/ [স. অতি+বিষম] বিণ. অত্যন্ত মারাত্মক।

অতিবৃষ্টি /ওতিবৃশ্‌টি/ [স. অতি+√বৃষ্+তি] বি. অতিরিক্ত বর্ষণ; কৃষির জন্য ক্ষতিকর এমন অধিক পরিমাণ বৃষ্টিপাত।

অতিবেগনি /ওতিবেগ্‌নি/ [স. অতি+বা. বেগনি] বিণ. দ্র অতিবেগুনি।

অতিবেগুনি /ওতিবেগুনি/ [স. অতি+বা. বেগুনি] বিণ. বেগুনির চেয়ে উচ্চতর কম্পাঙ্কবিশিষ্ট (রশ্মি); (পরি.) ultraviolet।

অতিভক্ত /ওতিভক্‌তো/ [স. অতি+√ভজ্+ত] বিণ. অতিশয় অনুরক্ত।

অতিভক্তি /ওতিভোক্‌তি/ [স. অতি+√ভজ্+তি] বি. ১ মাত্রাতিরিক্ত ভক্তি। ২ কপট ভক্তি।

অতিভুজ /ওতিভুজ্/ [স. অতি+√ভুজ্+অ] বি. (জ্যা.) সমকোণী ত্রিভুজের বৃহত্তম বাহু, hypotenuse।

অতিমন্দা /ওতিমন্দা/ [স. অতি+বা. মন্দা] বি. পণ্যমূল্যের আকস্মিক পতন। বিণ. পণ্যমূল্য হঠাৎ পড়ে গেছে এমন অবস্থাপ্রাপ্ত।

অতিমর্ত্য /ওতিমোর্‌তো/ [স. অতি+√মৃ+ত+য] বিণ. অলৌকিক, অপার্থিব; স্বর্গীয়।

অতিমাত্র /ওতিমাত্‌রো/ [স. অতি+√মা+ত্র] বিণ. অধিক, অত্যন্ত, অতিশয়।

অতিমাত্রা /ওতিমাত্‌রা/ [স. অতি+√মা+ত্র+আ (টাপ্)] বিণ. সীমা অতিক্রম করেছে এমন; মাত্রাতিরিক্ত।

অতিমান /ওতিমান্/ [স. অতি+√মান্+অ] বি. অনুচিত আত্মগৌরব; অসংগত আত্মমর্যাদাজ্ঞান।

অতিমানব /ওতিমানব/ [স. অতি+মানব] বি. ১ মহাপুরুষ। ২ অলৌকিক ক্ষমতাসম্পন্ন ব্যক্তি।

অতিমানবিক /ওতিমানোবিক্/ [স. অতি+মানব+ইক] বিণ. অলৌকিক, অপার্থিব; অসাধারণ।

অতিমানস /ওতিমানশ্/ [স. অতি+মনস্+অ] বিণ. কল্পনার অতীত, ধারণাবহির্ভূত।

অতিমানুষ /ওতিমানুশ্/ [স. অতি+মানুষ] বি. দ্র অতিমানব।

অতিরঞ্জন /ওতিরন্‌জোন্/ [স. অতি+√রঞ্জ্+অন] বি. অত্যুক্তি, অতিশয়োক্তি।

অতিরঞ্জিত /ওতিরোন্‌জিতো/ [স. অতি+√রঞ্জ্+ত] বিণ. বাড়িয়ে বলা হয়েছে এমন।

অতিরিক্ত /ওতিরিক্‌তো/ [স. অতি+√রিচ্+ত] বিণ. প্রয়োজনের চেয়ে বেশি, বাড়তি; অত্যধিক।

অতিশয় /ওতিশয়্/ [স. অতি+√শী+অ] বিণ. অত্যন্ত বেশি; অতিরিক্ত।

অতিশয়োক্তি /ওতিশয়োক্‌তি/ [স. অতিশয়+উক্তি] বি. ১ অতিরঞ্জন। ২ উপমেয় ও উপমানের অভেদত্বহেতু উপমান উপমেয়কে সম্পূর্ণরূপে গ্রাস করে এমন অর্থালংকার।

অতিষ্ঠ /ওতিশ্‌ঠো/ [স. অতি+√স্থা+অ] বিণ. স্থির থাকা কষ্টকর এমন, অস্থির; উত্ত্যক্ত।

অতিসার /ওতিশার্/ [স. অতি+√সৃ+অ] বি. উদরাময় রোগ, পেটের পীড়াবিশেষ, diarrhoea।

অতীক্ষ্ণ /অতিখ্‌নো/ [স. ন+√তিজ্+স্ন] বিণ. ধারালো বা সূক্ষ্ম নয় এমন; ভোঁতা।

অতীত /ওতিত্/ [স. অতি+√ই+ত] বিণ. ১ পূর্বে ছিল কিন্তু এখন নেই এমন, বিগত। ২ শেষ, সমাপ্ত। ৩ বহির্ভূত; অগোচর (*দৃষ্টির অতীত*)। বি. ১ বিগতকাল। ২ প্রাচীন যুগ।

অতীতকাল /ওতিতোকাল্/ [স. অতীত+√কল্+অ] বি. বিগতকাল।

অতীতচারী /অতিতোচারি/ [স. অতীত+√চর্+ইন্] বিণ. বিগতকালের বিষয়ে চর্চা করে এমন; প্রাচীনপন্থি। স্ত্রী. অতীতচারিণী /অতিতোচারিনি/।

অতীতদিন /ওতিতোদিন্/ [স. অতীত+√দো+ইন্] বি. বিগত দিন (*অতীতদিনের গান*)।

অতীতবেত্তা /ওতিতোবেত্‌তা/ [স. অতীত+√বিদ্+তৃ] বিণ. বিগতকালের বিষয়ে জানেন এমন, অতীতজ্ঞ।

অতীন্দ্রিয় /ওতিন্‌দ্রিয়ো/ [স. অতি+ইন্দ্রিয়] বিণ. চক্ষুকর্ণ বা ইন্দ্রিয়ের অগোচর। বি. ~তা /–তা/।

অতীব /ওতিবো/ [স. অতি+ইব] বিণ. অত্যন্ত, অধিক, অতিশয়।

অতুল /অতুল্/ [স. ন+√তুল্+অ] বিণ. ১ সাদৃশ্য খুঁজে পাওয়া যায় না এমন, অনুপম। ২ অদ্বিতীয়।

অতুলনীয় /অতুলোনিয়ো/ [স. ন+√তুল্+অনীয়] বিণ. অনুপম। স্ত্রী. অতুলনীয়া /অতুলোনিআ/।

অতুলিত /অতুলিতো/ [স. অতুল+ইত] বিণ. ১ তুলনা করা হয়নি এমন। ২ অদ্বিতীয়। স্ত্রী. অতুলিতা /অতুলিতা/।

অতুল্য /অতুল্‌লো/ [স. ন+√তুল্+য] বিণ. তুলনা করা যায় না এমন। স্ত্রী. অতুল্যা /অতুল্‌লা/।

অতুষ্ট /অতুশ্‌টো/ [স. ন+√তুষ্+ত] বিণ. অসন্তুষ্ট,

www.pathagar.com

বিরক্ত।

অতৃপ্তি /অতৃপ্‌তি/ [স. ন+√তৃপ্+তি] বি. তৃপ্তির অভাব, অসন্তুষ্টি।

অতৃপ্য /অতৃপ্‌পো/ [স. ন+√তৃপ্+য] বিণ. তৃপ্ত করা যায় না এমন।

অত্যধিক /ওত্‌তোধিক্/ [স. অতি+অধিক] বিণ. অত্যন্ত বেশি; প্রয়োজনের অতিরিক্ত।

অত্যন্ত /ওত্‌তোন্‌তো/ [স. অতি+√অম্+ত] বিণ. অতিশয়, খুব বেশি।

অত্যন্তগামী /ওত্‌তোন্‌তোগামি/ [স. অত্যন্ত+√গম্+ইন্] বিণ. অতি দ্রুতগামী।

অত্যয় /অত্‌তয়্/ [স. অতি+√ই+অ] বি. ১ অতিপাত; সমাপ্তি (*বর্ষাত্যয়*)। ২ ধ্বংস; মৃত্যু (*দেহাত্যয়*)। ৩ জরুরি (*অত্যয় সংচিতি*); emergency।

অত্যয়িত /ওত্‌তোয়িতো/ [স. অত্যয়+ইত] বিণ. অতিক্রম করেছে এমন ; অতিক্রান্ত।

অত্যল্প /ওত্‌তল্‌পো/ [স. অতি+√অল্+প] বিণ. যৎকিঞ্চিৎ, সামান্য।

অত্যশন /ওত্‌তশন্/ [স. অতি+অশন] বি. অতিভোজন।

অত্যহিত /ওত্‌তোহিতো/ [স. অতি+অহিত] বি. অতিশয় অকল্যাণ; সর্বনাশ।

অত্যাচার /ওত্‌তাচার্/ [স. অতি+আ+√চর্+অ] বি. উৎপীড়ন, জুলুম, উপদ্রব।

অত্যাচারিত /ওত্‌তাচারিতো/ [স. অতি+আ+√চর্+ত] বিণ. ১ উৎপীড়িত। ২ দুর্ব্যবহারপ্রাপ্ত।

অত্যাচারী /ওত্‌তাচারি/ [স. অতি+আ+√চর্+ইন্] বিণ. উৎপীড়ক। স্ত্রী. অত্যাচারিণী /ওত্‌তাচারিনি/।

অত্যাজ্য /অত্যাজ্‌জো/ [স. ন+√ত্যজ্+য] বিণ. ত্যাগ করা যায় না এমন; অপরিহার্য।

অত্যাধুনিক /ওত্‌তাধুনিক্/ [স. অতি+আধুনিক] বিণ. অতিমাত্রায় আধুনিক, ultramodern।

অত্যাবশ্যক /ওত্‌তাবোশ্‌শোক্/ [স. অতি+আবশ্যক] বিণ. অতি প্রয়োজনীয়।

অত্যাশা /ওত্‌তাশা/ [স. অতি+আশা] বি. অতিরিক্ত আকাঙ্ক্ষা; অযৌক্তিক প্রত্যাশা।

অত্যাশ্চর্য /ওত্‌তাশ্‌চোর্‌জো/ [স.. অতি+আ+√চর্+য] বিণ. অতি অদ্ভুত; অত্যন্ত বিস্ময়কর।

অত্যাসক্ত /ওত্‌তাশক্‌তো/ [স. অতি+আ+√সনজ্+ত] বিণ. অত্যন্ত আসক্ত, অতিশয় অনুরক্ত।

অত্যাসক্তি /ওত্‌তাশোক্‌তি/ [স. অতি+আ+√সনজ্+তি] বি. অতিশয় অনুরক্তি।

অত্যাসন্ন /ওত্‌তাশন্নো/ [স. অতি+আ+√সদ্+ত] বিণ. অতি নিকটবর্তী।

অত্যুক্তি /ওত্‌তুক্‌তি/ [স. অতি+√বচ্+তি] বি. অতিশয়োক্তি; অতিরঞ্জিত বর্ণনা।

অত্যুগ্র /ওত্‌তুগ্‌গ্রো/ [স. অতি+উগ্র] বিণ. অতিশয় উগ্র বা রুক্ষ; অত্যন্ত প্রখর।

অত্যুচ্চ /ওত্‌তুচ্‌চো/ [স. অতি+√তুনজ্+অ] বিণ. অতি উচ্চ।

অত্যুজ্জ্বল /ওত্‌তুজ্‌জল্/ [স. অতি+উৎ+√জ্বল্+অ] বিণ. অতিশয় দীপ্তিমান, অত্যন্ত উজ্জ্বল।

অত্যুৎকৃষ্ট /ওত্‌তুত্‌কৃশ্‌টো/ [স. অতি+উৎ+√কৃষ্+ত] বিণ. অতি উত্তম, খুব ভালো।

অত্যুৎপাদন /ওত্‌তুত্‌পাদোন্/ [স. অতি+উৎ+√পাদি+অন] বি. অধিকমাত্রায় উৎপাদন, overproduction।

অত্যুষ্ণ /ওত্‌তুশ্‌নো/ [স. অতি+√উষ্+ণ] বিণ. অত্যন্ত গরম, অতিশয় তপ্ত।

অত্যূর্মি /ওত্‌তুর্‌মি/ [স. অতি+√ঋ+মি] বি. উচ্ছ্বসন; টগবগানি।

অত্র /অত্‌ত্রো/ [স. এতদ্+ত্র] অব্য. ক্রিবিণ. এখানে, এই স্থানে।

অত্রত্য /অত্‌ত্রোত্‌তো/ [স. অত্র+ত্য] বিণ. এই স্থানের, এখানকার।

অত্রপ /অত্‌ত্রোপো/ [স. ন+ত্রপা] বিণ. নির্লজ্জ। স্ত্রী. অত্রপা /অত্‌ত্রোপা/।

অত্রস্ত /অত্রোস্‌তো/ [স. ন+√ত্রস্+ত] বিণ. ১ ভীত নয় এমন, ভয়শূন্য। ২ ত্বরাশূন্য।

অত্রস্থ /অত্‌ত্রোস্‌থো/ [স. অত্র+√স্থা+অ] বিণ. এখানকার, এই জায়গার, এই স্থানের।

অত্রি /ওত্‌ত্রি/ [স. √অদ্+ত্রি] বি. ঋগ্‌বেদের মন্ত্রদ্রষ্টা ঋষিবিশেষ; ব্রহ্মা কর্তৃক সৃষ্ট সপ্ত ঋষির অন্যতম ঋষি।

অত্বর /অত্‌তর্/ [স. ন+√ত্বর্+অ] বিণ. ত্বরাযুক্ত নয় এমন; বিলম্বিত।

অথই /অথোই্/ [স. অস্থল >] বিণ. তল পাওয়া যায় না এমন, অতলস্পর্শ, গভীর।

অথচ /অথোচো/ [স. অথ+চ] অব্য. ১ তথাপি, তা সত্ত্বেও। ২ কিন্তু। ক্রিবিণ. পক্ষান্তরে।

অথবা /অথোবা/ [স. অথ+বা] অব্য. বা, কিংবা। ক্রিবিণ. পক্ষান্তরে।

অথর্ব /অথর্‌বো/ [স. অথ+√ঋ+অন্] বি. চতুর্থ বেদ। বিণ. ১ জরাগ্রস্ত; ওঠার শক্তি নেই এমন।

www.pathagar.com

২ অকেজো।

অথর্ববেদ /অথর্‌বোবেদ্‌ / [স. অথর্ব+√বিদ্‌+অ] বি. চতুর্থ বেদ।

অথান্তর /অথান্‌তোর্‌/ [স. অবস্থান্তর >] বি. ১ অন্য অবস্থাপ্রাপ্তি; অবস্থার বিপর্যয়। ২ দুর্ভাবনা, দুশ্চিন্তা।

অথির /অথির্‌/ [স. অস্থির >] বিণ. অস্থির-এর কোমল রূপ।

অদক্ষ /অদোক্‌খো/ [স. ন+√দক্ষ্‌+অ] বিণ. অপটু, অনিপুণ। বি. ~তা /-তা/।

অদন /অদোন্‌/ [স. √অদ্‌+অন] বি. ১ ভোজন, ভক্ষণ, আহার। ২ আহার্য, খাদ্যদ্রব্য।

অদন্ত /অদন্‌তো / [স. ন+√দম্‌+ত] বিণ. দাঁত নেই এমন, দন্তহীন। বি. দন্তহীন ব্যক্তি।

অদমনীয় /অদমোনিয়ো / [স. ন+√দম্‌+অনীয়] বিণ. ১ দমন করা যায় না এমন। ২ অজেয়।

অদম্য /অদোম্‌মো/ [স. ন+√দম্‌+য] বিণ. কিছুতেই দমে না এমন (*অদম্য উৎসাহ*)।

অদয় /অদয়্‌/ [স. ন+দয়া] বিণ. নির্দয়, নিষ্ঠুর।

অদরকারি /অদর্‌কারি/ [বা.] বিণ. অনাবশ্যক, অপ্রয়োজনীয়।

অদর্শন /অদর্‌শোন্‌/ [স. ন+√দৃশ্‌+অন] বিণ. দৃষ্টির অগোচর। বি. দর্শনের অভাব।

অদল /অদোল্‌/ [স. ন+√দল্‌+অ] বিণ. ১ পাপড়ি-শূন্য। ২ দলহীন।

অদলবদল /অদোল্‌বদোল্‌/ [আ. বদল >] বি. ১ ওলট-পালট। ২ পরিবর্তন; বিনিময়।

অদহনীয় /অদহোনিয়ো / [স. ন+√দহ্‌+অনীয়] বিণ. আগুনে পোড়ে না এমন।

অদান /অদান্‌/ [স. ন+√দা+অন] বি. অনুচিত দান।

অদাহ্য /অদাজ্‌ঝো/ [স. ন+√দহ্‌+য] বিণ. আগুনে পোড়ে না এমন। বি. ~তা /-তা/।

অদিতি /অদিতি/ [স. ন+√দো+তি] বি. ১ দক্ষ প্রজাপতির কন্যা। ২ পৃথিবী।

অদিন /অদিন্‌/ [স. ন+√দো+ইন্‌] বি. ১ দুর্দিন, অসময়। ২ অশুভ দিন।

অদিব্য /অদিব্‌বো / [স. ন+দিব+য] বিণ. ১ স্বর্গীয় নয় এমন, পার্থিব। ২ অসুন্দর, কুৎসিত।

অদীক্ষিত /অদিক্‌খিতো/ [স. ন+দীক্ষা+ইত] বিণ. দীক্ষালাভ করেনি এমন।

অদূর /অদুর্‌/ [স. ন+দূর] বিণ. বেশি দূরে নয় এমন, নিকটবর্তী।

অদূরদর্শিতা /অদুরোদোর্‌শিতা / [স. অদূর+√দৃশ্‌+ইন্‌+তা] বি. ভবিষ্যৎ সম্বন্ধে উদাসীনতা, অপরিণামদর্শিতা।

অদূরদর্শী /অদুরোদোর্‌শি / [স. অদূর+√দৃশ্‌+ইন্‌] বিণ. ভবিষ্যৎ সম্বন্ধে উদাসীন, অপরিণামদর্শী। স্ত্রী. অদূরদর্শিনী /অদুরোদোর্‌শিনি /।

অদূরবর্তিতা /অদুরোবোর্‌তিতা / [স. অদূর+√বৃৎ+ইন্‌+তা] বি. অল্প দূরে অবস্থিতি, নিকটবর্তিতা।

অদূরবর্তী /অদুরোবোর্‌তি / [স. অদূর+√বৃৎ+ইন্‌] বিণ. দূরে অবস্থিত নয় এমন। স্ত্রী. অদূর-বর্তিনী /অদুরোবোর্‌তিনি /।

অদূরভবিষ্যৎ /অদুরভোবিশ্‌শত্‌/ [স. অদূর+√ভূ+স্যৎ] বি. নিকট ভবিষ্যৎ।

অদূরস্থ /অদুরস্‌থো/ [স. অদূর+√স্থা+অ] বিণ. নিকটে অবস্থিত, নিকটবর্তী।

অদূরে /অদুরে/ [স. অদূর+বা. এ] ক্রিবিণ. কাছে, নিকটে।

অদৃশ্য /অদৃশ্‌শো/ [স. ন+√দৃশ্‌+য] বিণ. চোখে দেখা যায় না এমন, দৃষ্টির অগোচর।

অদৃষ্ট /অদৃশ্‌টো/ [স. ন+√দৃশ্‌+ত] বিণ. দেখা হয়নি এমন। বি. নিয়তি, কপাল, ভাগ্য।

অদৃষ্টক্রমে /অদৃশ্‌টোক্‌ক্রোমে/ [স. অদৃষ্ট+ক্রম+বা. এ] ক্রিবিণ. কপালগুণে, ভাগ্যবশত।

অদৃষ্টচর /অদৃশ্‌টোচর্‌/ [স. অদৃষ্ট+√চর্‌+অ] বিণ. আগে দেখা যায়নি এমন, অদৃষ্টপূর্ব।

অদৃষ্টপরীক্ষা /অদৃশ্‌টোপোরিক্‌খা/ [স. অদৃষ্ট+পরি+√ঈক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ভাগ্যগণনা।

অদৃষ্টপুরুষ /অদৃশ্‌টোপুরুশ্‌/ [স. অদৃষ্ট+√পু+উষ] বি. ভাগ্যবিধাতা।

অদৃষ্টপূর্ব /অদৃশ্‌টোপুর্‌বো / [স. অদৃষ্ট+√পূর্ব্‌+অ] বিণ. আগে দেখা যায়নি এমন।

অদৃষ্টবাদ /অদৃশ্‌টোবাদ্‌ / [স. অদৃষ্ট+√বদ্‌+অ] বি. ১ ভাগ্যে যা আছে তা-ই হবে এমন মতবাদ। ২ পূর্বজন্মের কর্মফলস্বরূপ ইহজগতের সুখদুঃখ ভোগের মতবাদ।

অদৃষ্টবাদী /অদৃশ্‌টোবাদি / [স. অদৃষ্ট+√বদ্‌+ইন্‌] বিণ. ভাগ্যের ওপর একান্ত নির্ভরশীল।

অদৃষ্টবৈগুণ্য /অদৃশ্‌টোবোইগুন্নো / [স. অদৃষ্ট+বিগুণ+য] বি. দুর্ভাগা, ভাগ্যহীনতা।

অদৃষ্টলিপি /অদৃশ্‌টোলিপি / [স. অদৃষ্ট+√লিপ্‌+ই] বি. কপালের লিখন।

অদৃষ্টি /অদৃশ্‌টি/ [স. ন+√দৃশ্‌+তি] বি. রোষপূর্ণ

www.pathagar.com

দৃষ্টি; কুরুচিপূর্ণ দৃষ্টি, কুদৃষ্টি।

অদৃষ্টের পরিহাস /অদৃদৃশ্টের পোরিহাশ্/ বি. ভাগ্যের বিড়ম্বনা।

অদেখা /অদ্যাখা/ [বা.] বিণ. দেখা হয়নি এমন।

অদেয় /অদেয়ো/ [স. ন+√দা+য] বিণ. দেওয়ার অযোগ্য; দেওয়া যায় না এমন।

অদৈব /অদোইবো/ [স. ন+দেব+অ] বিণ. কৃত্রিম, অনৈসর্গিক।

অদ্বয় /অদ্দয়/ [স. ন+দ্বি+অয়] বি. আল্লাহ; ঈশ্বর; ব্রহ্ম। বিণ. অদ্বিতীয়।

অদ্বয়বাদ /অদ্দয়বাদ্/ [স. অদ্বয়+√বদ্+অ] বি. আল্লাহ এক এবং অদ্বিতীয় এমন মতবাদ, একেশ্বরবাদ, অদ্বৈতবাদ।

অদ্বয়বাদী /অদ্দয়বাদি/ [স. অদ্বয়+√বদ্+ইন্] বিণ. একেশ্বরবাদে বিশ্বাসী; অদ্বৈতবাদসম্মত। বি. যে ব্যক্তি একেশ্বরবাদ বিশ্বাস করে।

অদ্বিতীয় /অদ্দিতিয়ো/ [স. ন+দ্বিতীয়] বিণ. দ্বিতীয় বা তুল্য নেই এমন; শ্রেষ্ঠ।

অদ্বৈত /অদ্দোইতো/ [স. ন+দ্বি+ইত] বিণ. ১ অদ্বিতীয়। ২ ভেদশূন্য। বি. ১ ব্রহ্ম। ২ শ্রীচৈতন্যদেবের প্রধান সহচর।

অদ্বৈতবাদ /অদ্দোইতোবাদ্/ [স. অদ্বৈত+√বদ্+অ] বি. ১ একেশ্বরবাদ। ২ শংকরাচার্য প্রবর্তিত দার্শনিক মতবাদ।

অদ্বৈতবাদী /অদ্দোইতোবাদি/ [স. অদ্বৈত+√বদ্+ইন্] বিণ. ১ একেশ্বরবাদের অনুসারী। ২ অদ্বৈতবাদসম্মত। বি. যিনি একেশ্বরবাদ বিশ্বাস করেন।

অদ্ভুত /অদ্ভুত/ [স. অৎ+√ভূ+উত] বিণ. ১ বিস্ময়কর, আশ্চর্যজনক। ২ অসাধারণ। ৩ আকস্মিক। ৪ (বাংলায়) অপরূপ; সৃষ্টিছাড়া। বি. অসামান্য বস্তু বা বিষয়ের মহিমা পাঠকালে বিস্ময়ে অভিভূত হলে যে রসের উদ্ভব হয়, অলংকারশাস্ত্রের কাব্যরসবিশেষ।

অদ্ভুতকর্মা /অদ্ভুতকর্মা/ [স. অদ্ভুত+কর্মন্] বিণ. ১ অলৌকিক বা অসাধারণ কর্ম সম্পাদনকারী। ২ অসাধারণ কর্মশক্তিবিশিষ্ট। বি. যে ব্যক্তি সৃষ্টিছাড়া কাজ করে।

অদ্ভুতদর্শন /অদ্ভুতদর্শোন্/ [স. অদ্ভুত+√দৃশ্+অন] বিণ. বিস্ময়কর আকৃতিবিশিষ্ট।

অদ্য /ওদ্দো/ [স. ইদম্+দ্য] অব্য. ক্রিবিণ. ১ আজ। ২ সম্প্রতি। ৩ এখন। বি. ১ আজকের দিন। ২ বর্তমান কাল।

অদ্যকার /ওদ্দোকার/ [স. অদ্য+বা. কার] বিণ. আজকের।

অদ্যতন /ওদ্দোতনো/ [স. অদ্য+তন] বিণ. ১ আজকের; সাম্প্রতিক। ২ আজকের দিনসম্পর্কিত। বি. আজকের দিন।

অদ্যাপি /ওদ্দাপি/ [স. অদ্য+অপি] অব্য. এখনও; আজও; একাল পর্যন্ত।

অদ্যাবধি /ওদ্দাবোধি/ [স. অদ্য+অবধি] অব্য. ক্রিবিণ. ১ আজ পর্যন্ত। ২ এখন থেকে।

অদ্রব /অদ্দ্রোবো/ [স. ন+√দ্রু+অ] বিণ. দ্র অদ্রবণীয়।

অদ্রবণীয় /অদ্দ্রোবোনিয়ো/ [স. ন+√দ্রু+অনীয়] বিণ. দ্রবীভূত হয় না এমন, insoluble।

অদ্রাব্য /অদ্রাব্বো/ [স. ন+√দ্রাবি+য] বিণ. দ্র অদ্রবণীয়।

অদ্রি /ওদ্দ্রি/ [স. √অদ্+রি] বি. ১ পর্বত। ২ বৃক্ষ। ৩ সূর্য।

অদ্রোহ /অদ্দ্রোহো/ [স. ন+√দ্রুহ্+অ] বি. ১ বিরোধের অভাব। ২ অহিংসা।

অধঃ /অধোহ্/ [স. অধর+অস্] বি. অধরলোক, পাতাল। বিণ. (বাংলায়) নিম্ন, নিম্নস্থ।

অধঃকৃত /অধোক্কৃতো/ [স. অধঃ+√কৃ+ত] বিণ. ১ দমিত; পরাভূত। ২ নিপতিত।

অধঃপতন /অধোপ্পতোন্/ [স. অধঃ+√পত্+অন] বি. ১ নিম্নে পতন। ২ নৈতিক অবনতি; উৎসন্নের ভাব প্রাপ্তি। ৩ ভাগ্যবিপর্যয়। ৪ অধোগতি।

অধঃপতিত /অধোপ্পোতিতো/ [স. অধঃ+√পত্+ত] বিণ. ১ নিচে পতিত। ২ নৈতিক স্খলন ঘটেছে এমন, নীচত্বপ্রাপ্ত। ৩ ভাগ্যবিপর্যয় ঘটেছে এমন।

অধঃপাত /অধোপ্পাত্/ [স. অধঃ+√পত্+অ] বি. দ্র অধঃপতন।

অধঃশির /অধোশ্শির/ [স. অধঃ+শিরস্] বিণ. মাথা নিচের দিকে রয়েছে এমন, নিম্নশির।

অধঃস্থ /অধোস্থো/ [স. অধঃ+√স্থা+অ] বিণ. ১ নিচে আছে এমন, নিম্নস্থিত। ২ অধীন, অধস্তন।

অধঃস্থিত /অধোস্থিতো/ [স. অধঃ+√স্থা+ত] বিণ. নিম্নে অবস্থিত।

অধবা /অধোবা/ [বা.] বিণ. স্বামীহীন, বিধবা।

অধম /অধোম্/ [স. অধঃ+ম] বিণ. ১ হীন, তুচ্ছ। ২ অপকৃষ্ট। ৩ নিন্দিত। ৪ সামাজিক মর্যাদায় হেয় (*তুমি অধম তাই বলিয়া আমি উত্তম না হইব কেন?* বঙ্কিম.)।

অধমর্ণ /অধোমর্নো/ [স. অধম+ঋণ] বি. দেনাদার,

www.pathagar.com

ঋণগ্রহীতা।

অধমাঙ্গ /অধোমাংগো/ [স. অধম+√অঙ্গ্+অ] বি. দেহের নিচের অংশ; পা।

অধমাধম /অধোমাধোম্/ [স. অধম+অধম] বিণ. অধমদের মধ্যে সবচেয়ে অধম; অত্যন্ত নিকৃষ্ট।

অধর /অধর্/ [স. ন+√ধৃ+অ] বি. ১ নিচের ঠোঁট। ২ নিম্নস্থান।

অধরচুম্বন /অধরচুম্বন্/ [স. অধর+√চুম্ব্+অন] বি. ঠোঁটে চুমু দিয়ে আদর।

অধরপল্লব /অধর্পল্লোব্/ [স. অধর+পল্লব] বি. কিশলয়তুল্য কোমল ওষ্ঠ।

অধরবিম্বক /অধর্বিম্বক্/ [স. অধর+বিম্ব+ক (স্বার্থে)] বিণ. পাকা তেলাকুচা ফলের মতো রাঙা ঠোঁটবিশিষ্ট।

অধরমদিরা /অধর্মোদিরা/ [স. অধর+√মদ্+ইর+আ (টাপ্)] বি. দ্র অধরসুধা।

অধরমধু /অধর্মোধু/ [স. অধর+√মন্+উ] বি. দ্র অধরসুধা।

অধরসুধা /অধর্শুধা/ [স. অধর+সু+√ধে+অ+আ (টাপ্)] বি. ১ মুখাসব, ঠোঁটের মধু। ২ থুতু।

অধরা /অধরা/ [বা.] বিণ. ধরা যায় না এমন (*অধরা মাধুরী ধরেছি ছন্দোবন্ধনে।* রবীন্দ্র.)। বি. যে ধরা দেয় না।

অধরামৃত /অধরামৃতো/ [স. অধর+অমৃত] বি. দ্র অধরসুধা।

অধরীকৃত /অধোরিক্কৃতো/ [স. অধর+ঢ্বি+কৃত] বিণ. ১ তিরস্কৃত। ২ নিম্নে নিক্ষিপ্ত।

অধরীভূত /অধোরিভূতো/ [স. অধর+ঢ্বি+ভূত] বিণ. অপ্রীভূত।

অধরোষ্ঠ /অধরোশ্ঠো/ [স. অধর+ওষ্ঠ] বি. নিচের ও ওপরের ঠোঁট।

অধরৌষ্ঠ্য /অধরোঊশ্ঠো/ [স. অধর+ওষ্ঠ+য] বিণ. অধরোষ্ঠদ্বারা উচ্চার্য।

অধর্ম /অধর্মো/ [স. ন+√ধৃ+মন্] বি. ধর্মবিরুদ্ধ আচরণ; পাপ। বিণ. ধর্মবিরুদ্ধ; গর্হিত।

অধর্মচারিতা /অধর্মোচারিতা/ [স. অধর্ম+√চর্+ইন্+তা] বি. ধর্মবিরোধিতা।

অধর্মচারী /অধর্মোচারি/ [স. অধর্ম+√চর্+ইন্] বিণ. ধর্মবিরুদ্ধ কাজে লিপ্ত, পাপী; অন্যায়কারী। স্ত্রী. অধর্মচারিণী /অধর্মোচারিনি/।

অধর্মনিষ্ঠ /অধর্মোনিশ্ঠো/ [স. অধর্ম+নি+√স্থা+অ] বিণ. ধর্মবিরুদ্ধ কাজে লিপ্ত, অন্যায়কারী।

অধর্মপরায়ণ /অধর্মোপরায়োন্/ [স. অধর্ম+পরায়ণ] বিণ. দ্র অধর্মচারী।

অধর্মাচরণ /অধর্মাচরন্/ [স. অধর্ম+আচরণ] বি. ধর্মবিরুদ্ধ আচরণ বা কাজ, পাপাচার।

অধর্মিতা /অধোর্মিতা/ [স. অধর্ম+ইন্+তা] বি. দ্র অধর্মাচরণ।

অধর্মী /অধোর্মি/ [স. অধর্ম+ইন্] বিণ. দ্র পাপী, অন্যায়কারী। স্ত্রী. অধর্মিণী /অধোর্মিনি/।

অধর্ম্য /অধোর্মো/ [স. অধর্ম+য] বিণ. ধর্মবিরুদ্ধ।

অধস্তন /অধোস্তনো/ [স. অধস্+তন] বিণ. পদ-মর্যাদায় নিম্নে অবস্থিত; (পরি.) subordinate।

অধস্তন পুরুষ /অধোস্তনো পুরুশ্/ বি. পরবর্তী প্রজন্ম।

অধাতু /অধাতু/ [স. ন+√ধা+তু] বি. হাইড্রোজেন অক্সিজেন নাইট্রোজেন কার্বন গন্ধক প্রভৃতি মৌলিক পদার্থ। বিণ. ধাতুর গুণবর্জিত; (পরি.) nonmetal।

অধার্মিক /অধার্মিক্/ [স. ন+ধর্ম+ইক] বিণ. ধর্ম-পরায়ণ নয় এমন। বি. অধার্মিকতা /অধার্মিকতা/।

অধি /ওধি/ অব্য. প্রাধান্য আধিপত্য আধিক্য প্রাচুর্য প্রভৃতি অর্থবোধক সংস্কৃত উপসর্গ।

অধিক /ওধিক্/ [স. অধি+ক (স্বার্থে)] বিণ. বেশি, অনেক, অতিরিক্ত।

অধিকতম /ওধিকোতমো/ [স. অধিক+তমপ্] বিণ. সর্বাপেক্ষা অধিক, সর্বাধিক।

অধিকতর /ওধিকোতরো/ [স. অধিক+তরপ্] বিণ. দুইয়ের মধ্যে অধিক, অপেক্ষাকৃত বেশি।

অধিকন্তু /ওধিকোন্তু/ [স. অধিকম্+তু] অব্য. ১ আরও, উপরন্তু, তার ওপর। ২ বিশেষত।

অধিকর /ওধিকর্/ [স. অধি+√কৃ+অ] বি. সাধারণ করের ঊর্ধ্বে ধার্য অতিরিক্ত কর; (পরি.) super-tax।

অধিকরণ /ওধিকরোন্/ [স. অধি+√কৃ+অন] বি. ১ দখল, অধিকার; আধিপত্য। ২ স্থান; কার্যালয়। ৩ বিচারালয় (*ধর্মাধিকরণ*)। ৪ (ব্যা.) কারক-বিশেষ।

অধিকর্তা /ওধিকর্তা/ [স. অধি+কর্তা] বি. কোনো প্রতিষ্ঠানের কার্যনির্বাহী আধিকারিক, পরিচালক।

অধিকর্মিক /ওধিকোর্মিক্/ [স. অধি+কর্মন্+ইক] বি. ১ কারখানায় শ্রমিকদের তত্ত্বাবধায়ক; (পরি.) foreman। ২ হাটবাজারের অধ্যক্ষ।

www.pathagar.com

অধিকাংশ /ওধিকাংশো/ [স. অধিক+অংশ] বিণ. বেশির ভাগ; অর্ধেকের বেশি; অনেকটা।

অধিকার /ওধিকার্/ [স. অধি+√কৃ+অ] বি. ১ স্বত্ব, স্বামিত্ব, আধিপত্য, কর্তৃত্ব, দাবি। ২ দখল, আয়ত্ত। ৩ উপযুক্ততা। ৪ (বাংলায়) বিদ্যা (*গণিতশাস্ত্রে বিশেষ অধিকার*)।

অধিকারক্ষেত্র /ওধিকারখেত্রো/ [স. অধিকার+√ক্ষি+ত্র] বি. আধিপত্যের ক্ষেত্র বা সীমা।

অধিকারচ্যুত /ওধিকারোচ্চুতো/ [স. অধিকার+√চ্যু+ত] বিণ. অধিকার লুপ্ত হয়েছে এমন, স্বত্বচ্যুত।

অধিকারভেদ /ওধিকারভেদ্/ [স. অধিকার+√ভিদ্+অ] বি. যোগ্য ও অযোগ্যের পার্থক্যবিচার।

অধিকারভ্রষ্ট /ওধিকারভ্রোশ্টো/ [স. অধিকার+√ভ্রনশ্+ত] বিণ. অধিকার থেকে বঞ্চিত; অনায়ত্ত।

অধিকারী /ওধিকারি/ [স. অধিকার+ইন্] বিণ. স্বত্ববান। বি. ১ মালিক, প্রভু। ২ যাত্রাদলের সর্দার। ৩ উচ্চপদস্থ কর্মচারী। ৪ পদবিবিশেষ।

অধিকৃত /ওধিকৃতো/ [স. অধি+√কৃ+ত] বিণ. ১ আয়ত্তে বা দখলে আনীত। ২ চর্চাদ্বারা লব্ধ।

অধিক্ষেপ /ওধিক্ষেপ্/ [স. অধি+√ক্ষিপ্+অ] বি. ১ নিন্দা। ২ তিরস্কার। ৩ অবজ্ঞা। ৪ নিক্ষেপ।

অধিগত /ওধিগতো/ [স. অধি+√গম্+ত] বিণ. ১ প্রাপ্ত, লব্ধ। ২ জ্ঞাত। ৩ চর্চাদ্বারা আয়ত্ত।

অধিগম /ওধিগম্/ [স. অধি+√গম্+অ] বি. ১ প্রাপ্তি; আয়ত্তি। ২ জ্ঞান।

অধিগম্য /ওধিগোম্মো/ [স. অধি+√গম্+য] বিণ. ১ জ্ঞেয়, জ্ঞানগম্য। ২ প্রাপ্য, লভ্য।

অধিগ্রহণ/ওধিগ্রোহোন্/ [স. অধি+√গ্রহ্+অন] বি. সরকারি আদেশবলে অর্থের বিনিময়ে দখল (*জমি অধিগ্রহণ*); (পরি.) acquisition।

অধিজিহ্বা /ওধিজিভ্ভা/ [স. অধি+√লিহ্+ব+আ (টাপ্)] বি. আলজিভ।

অধিত্যকা /ওধিত্তকা/ [স. অধি+ত্যকন্+আ (টাপ্)] বি. পর্বতের সমতল উপরিভাগ, সানুদেশ।

অধিদপ্তর /ওধিদপ্তর্/ [স. অধি+ফা. দপ্তর] বি. মহাপরিচালকের দপ্তর; (পরি.) directorate general।

অধিদেব /ওধিদেব্/ [স. অধি+দেব] বি. দ্র অধিদেবতা।

অধিদেবতা /ওধিদেবোতা/ [স. অধি+দেবতা] বি. ১ অধিষ্ঠাত্রী দেবতা। ২ অন্তর্যামী পুরুষ।

অধিদৈবত /ওধিদোইবত্/ [স. অধি+দেবতা+অ] বি. দ্র অধিদেবতা।

অধিনায়ক /ওধিনায়োক্/ [স. অধি+√নী+অক] বি. নেতা, দলপতি; সেনাপতি; captain।

অধিনিয়ম /ওধিনিয়োম্/ [স. অধি+নি+√যম্+অ] বি. সংসদপ্রণীত বিধিবদ্ধ আইন; (পরি.) act।

অধিপ /ওধিপো/ [স. অধি+√পা+অ] বি. দ্র অধিপতি।

অধিপতি /ওধিপোতি/ [স. অধি+√পা+অতি] বি. প্রভু; রাজা।

অধিবর্ষ /ওধিবরশো/ [স. অধি+√বৃষ্+অ] বি. বাংলা বর্ষপঞ্জির যে বৎসরের ফাল্গুন মাস ৩০ দিনের পরিবর্তে ৩১ দিনে গণনা করা হয়, গ্রেগোরীয় বর্ষপঞ্জির যে বৎসরের ফেব্রুয়ারি মাস ২৮ দিনের পরিবর্তে ২৯ দিনে গণনা করা হয়, যে বৎসর ৩৬৬ দিনে গণনা করা হয়; (পরি.) leap year।

অধিবাস[১] /ওধিবাশ্/ [স. অধি+√বস্+অ] বি. আবাস, বাসস্থান।

অধিবাস[২] /ওধিবাশ্/ [স. অধি+√বাসি+অ] বি. ১ বিবাহ বা শুভকর্মাদির পূর্বে পালনীয় মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ। ২ সুরভিতকরণ।

অধিবাসন /ওধিবাশোন্/ [স. অধি+√বাসি+অন] বি. যজ্ঞ বা শুভকর্মের পূর্বে সুরভিতকরণের সংস্কার।

অধিবাসী /ওধিবাশি/ [স. অধি+√বস্+ইন্] বিণ. স্থায়ীভাবে বসবাসকারী, নিবাসী।

অধিবিন্না /ওধিবিন্না/ [স. অধি+√বিদ্+ত+আ (টাপ্)] বি. দ্বিতীয়বার বিবাহিত পুরুষের জীবিত প্রথম পত্নী।

অধিবৃত্ত /ওধিবৃত্তো/ [স. অধি+√বৃৎ+ত] বি. কোনো বিন্দুর যে সঞ্চারপথ অপর একটি নির্দিষ্ট বিন্দু (focus) ও সরলরেখা (directrix) থেকে সর্বদা সমদূরত্বে অবস্থান করে; (পরি.) parabola।

অধিবেত্তা /ওধিবেত্তা/ [স. অধি+√বিদ্+তৃ] বি. প্রথম স্ত্রী জীবিত থাকা সত্ত্বেও দ্বিতীয়বার বিবাহকারী পুরুষ।

অধিবেদন /ওধিবেদোন্/ [স. অধি+√বিদ্+অন] বি. প্রথম স্ত্রী জীবিত থাকা সত্ত্বেও পুরুষের দ্বিতীয়বার বিবাহ।

অধিবেশন /ওধিবেশন্/ [স. অধি+√বিশ্+অন] বি. ১ সভা প্রভৃতির অনুষ্ঠান; বৈঠক। ২ বেতার বা টেলিভিশন অনুষ্ঠানের পর্ব।

অধিভুক্ত /ওধিভুক্তো/ [স. অধি+√ভুজ্+ত] বিণ. কোনো প্রতিষ্ঠানের সঙ্গে অঙ্গীভূত বা অধিকারের

www.pathagar.com

অন্তর্গত; (পরি.) affiliated।

অধিভূ /ওধিভু/[স. অধি+√ভূ+ক্বিপ্] বি. ১ মালিক। ২ প্রভু; রাজা।

অধিমাংস /ওধিমাংশো/ [স. অধি+√মন্+স] বি. ১ দেহে অস্বাভাবিক মাংসবৃদ্ধি। ২ ফোড়া; বিস্ফোটক। ৩ চক্ষুরোগবিশেষ।

অধিমাস /ওধিমাশ্/ [স. অধি+√মস্+অ] বি. রবি-সংক্রান্তিবর্জিত এবং দুই অমাবস্যাযুক্ত অতিরিক্ত চান্দ্রমাস, মলমাস।

অধিরথ /ওধিরথ্/ [স. অধি+√রম্+থ] বি. ১ সারথি। ২ শ্রেষ্ঠ বীর, মহারথ। ৩ কর্ণের পালক পিতা।

অধিরাজ /ওধিরাজ্/ [স. অধি+রাজন্] বি. ১ সম্রাট, শাহানশাহ, প্রধান রাজা। ২ (বাংলায়) রাজার উপাধিবিশেষ (*রাজাধিরাজ*)।

অধিরাজ্য /ওধিরাজ্জো/ [স. অধি+রাজ্য] বি. ব্রিটেনের ভৌগোলিক সীমার বাইরে অবস্থিত ব্রিটিশ সম্রাটের প্রতি আনুগত্যপূর্ণ স্বাধীন দেশ বা রাষ্ট্রসমূহ, dominion।

অধিরূঢ় /ওধিরুঢ়ো/ [স. অধি+√রুহ্+ত] বিণ. আরূঢ়, সমাসীন।

অধিরোপ /ওধিরোপ/ [স. অধি+√রোপি+অ] বি. ১ আরোপ। ২ প্রয়োগ।

অধিরোপণ /ওধিরোপোন্/ [স. অধি+√রোপি+অন] বি. ১ ধনুকে শরারোপণ। ২ আরোহণ।

অধিরোপিত /ওধিরোপিতো/ [স. অধি+√রোপি+ত] বিণ. ১ আরোপিত। ২ স্থাপিত।

অধিরোহণ /ওধিরোহোন্/ [স. অধি+√রুহ্+অন] বি. সিঁড়ি দিয়ে ঊর্ধ্বে গমন; আরোহণ।

অধিরোহণী /ওধিরোহোনি/ [স. অধিরোহণ+ঈ] বি. যা দিয়ে ওপরে ওঠা যায়, সোপান, সিঁড়ি।

অধিরোহী /ওধিরোহি/ [স. অধি+√রুহ্+ইন্] বিণ. আরোহণকারী, আরোহী। বি. যে ওপরে আরোহণ করে। স্ত্রী. অধিরোহিণী /ওধিরোহিনি/।

অধিশয়িত /ওধিশোয়িতো/ [স. অধি+√শী+ত] বিণ. ১ অধিষ্ঠিত। ২ ওপরে শুয়ে আছে এমন।

অধিশায়িত /ওধিশায়িতো/ [স. অধি+√শী+ণিচ্+ত] বিণ. ১ ওপরে রাখা হয়েছে এমন। ২ শুইয়ে রাখা হয়েছে এমন; শায়িত।

অধিশ্রয়ণ /ওধিস্রয়োন্/ [স. অধি+√শ্রি+অন] বি. ১ উনুনে চাপিয়ে রন্ধন। ২ পরকলার সাহায্যে একটি বিন্দুতে আলোকরশ্মির কেন্দ্রীভূতকরণ।

অধিষ্ঠাতা /ওধিশ্ঠাতা/ [স. অধি+√স্থা+তৃ] বিণ. অধিষ্ঠানকারী; অবস্থানকারী। বি. নিয়ন্তা। স্ত্রী. অধিষ্ঠাত্রী /ওধিশ্ঠাত্রি/।

অধিষ্ঠান /ওধিশ্ঠান/ [স. অধি+√স্থা+অন] বি. ১ অবস্থিতি; স্থিতি। ২ আবির্ভাব; উপস্থিতি। ৩ আশ্রয়; আধার। ৪ উপবেশন। ৫ নগর।

অধিষ্ঠাপন /ওধিশ্ঠাপন্/ [স. অধি+√স্থাপি+অন] বি. অধিষ্ঠিতকরণ।

অধিষ্ঠাপিত /ওধিশ্ঠাপিতো/ [স. অধি+√স্থাপি+ত] বিণ. অধিশায়িত।

অধিষ্ঠিত /ওধিশ্ঠিতো/ [স. অধি+√স্থা+ত] বিণ. ১ অবস্থিত; অধ্যুষিত। ২ আবির্ভূত; উপস্থিত। ৩ অধিকৃত। ৪ আক্রান্ত। ৫ বেষ্টিত।

অধিহার /ওধিহার্/ [স. অধি+√হৃ+অ] বি. ন্যায্য বা প্রকৃত মূল্যের চেয়ে উচ্চতর মূল্য।

অধীক্ষক /ওধিক্খক্/ [স. অধি+√ঈক্ষ্+অক] বিণ. বি. তত্ত্বাবধায়ক।

অধীত /ওধিতো/ [স. অধি+√ই+ত] বিণ. পাঠ করা হয়েছে এমন, পঠিত।

অধীতি /ওধিতি/ [স. অধি+√ই+তি] বি. অধ্যয়ন।

অধীতী /ওধিতি/ [স. অধীত+ইন্] বি. যে পাঠ করে, পাঠক, ছাত্র। বিণ. ১ অধ্যয়নকারী। ২ কৃতবিদ্য।

অধীন /ওধিন্/ [স. অধি+ইন্] বিণ. ১ আয়ত্ত, বশীভূত। ২ অন্তর্গত, অন্তর্ভুক্ত। ৩ অনুগত; অধস্তন; বাধ্য। ৪ (বাংলায়) আশ্রিত।

অধীনতা /ওধিনতা/ [স. অধীন+তা] বি. অন্যের বশবর্তিতা; পরাধীনতা।

অধীয়মান /ওধিয়োমান্/ [স. অধি+√ই+মান (শানচ্)] বিণ. পঠিত হচ্ছে এমন।

অধীয়ান /ওধিয়ান্/ [স. অধি+√ই+আন (শানচ্)] বিণ. বিদ্যার্থী; অধ্যয়নকারী। বি. ছাত্র।

অধীর /অধির্/ [স. ন+ধীর] বিণ. ১ অস্থির, চঞ্চল। ২ ধৈর্যহীন। ৩ ব্যাকুল, উৎকণ্ঠিত, ব্যগ্র; কাতর।

অধীরচিত্ত /অধিরচিত্তো/ [স. অধীর+√চিৎ+ত] বিণ. অস্থিরচিত্ত, ব্যাকুলহৃদয়।

অধীরতা /অধিরতা/ [স. অধীর+তা] বি. চঞ্চলতা, অস্থিরতা; অসহিষ্ণুতা।

অধীশ /ওধিশ্/ [স. অধি+ঈশ] বি. দ্র **অধীশ্বর**।

অধীশ্বর /ওধিশ্শর্/ [স. অধি+ঈশ্বর] বি. ১ সর্বময় প্রভু, বিধাতা। ২ সম্রাট, নৃপতি, রাজা।

অধুনা /ওধুনা/ [স. ইদম্+ধুনা] ক্রিবিণ. সম্প্রতি; আজকাল।

অধুনাতন /ওধুনাতনো/ [স. অধুনা+তন] বিণ. আধুনিক; বর্তমানকালীন, সাম্প্রতিক।

www.pathagar.com

অধৃষ্ট /অধৃশ্‌টো/ [স. ন+√ধৃষ্‌+ত] বিণ. উদ্ধত নয় এমন; বিনীত। বি. ~তা /–তা/।

অধৃষ্টত্ব /অধৃশ্‌টত্‌তো/ [স. অধৃষ্ট+ত্ব] বি. বিনয়ের ভাব; অপ্রগল্‌ভতা।

অধৃষ্য /অধৃশ্যো/ [স. ন+√ধৃষ্‌+য] বিণ. পরাজিত করা যায় না এমন, অজেয়। বি. ~তা /–তা/।

অধৈর্য /অধোইর্‌জ্যো/ [স. ন+ধীর+য] বিণ. অস্থির, ধৈর্যহীন, ব্যাকুল। বি. ~তা /–তা/।

অধোগত /অধোগতো/ [স. অধঃ+√গম্‌+ত] বিণ. অধঃপতিত।

অধোগতি /অধোগোতি/ [স. অধঃ+√গম্‌+তি] বি. ১ নিম্নগতি। ২ অধঃপতন। ৩ দুর্দশা। ৪ নরকে গমন।

অধোগমন /অধোগমোন্‌/ [স. অধঃ+√গম্‌+অন্‌] বি. দ্র অধোগতি।

অধোগামী[১] /অধোগামি/ [স. অধঃ+√গম্‌+ইন্‌] বিণ. ১ নিম্নগামী। ২ বিপথগামী। স্ত্রী. অধোগামিনী /অধোগামিনি/।

অধোগামী[২] /অধোগামি/ [স. অধঃ+√গম্‌+ইন্‌] বিণ. হ্রাসপ্রাপ্ত হচ্ছে এমন।

অধোদৃষ্টি /অধোদৃশ্‌টি/ [স. অধঃ+√দৃশ্‌+তি] বিণ. নিম্নদৃষ্টিসম্পন্ন। বি. যোগাভ্যাসকালে নাকের ডগার প্রতি দৃষ্টি স্থাপন।

অধোদেশ /অধোদেশ্‌/ [স. অধঃ+দেশ] বি. নিম্নাংশ; নিচের দিক।

অধোনমিত /অধোনোমিতো/ [স. অধঃ+√নমি+ত] বিণ. নিচে নামানো হয়েছে এমন।

অধোবদন /অধোবদোন/ [স. অধঃ+বদন] বিণ. মাথা হেঁট করে আছে এমন, নতমুখ, নতশির।

অধোবাস /অধোবাশ্‌/ [স. অধঃ+বাস] বি. নিম্নাঙ্গের বসন।

অধোবিন্দু /অধোবিন্দু/ [স. অধঃ+√বিন্দ্‌+উ] বি. কোনো দর্শকের সরাসরি নিম্নস্থ কল্পিতবিন্দু, সর্বোচ্চ বিন্দুর বিপরীত বিন্দু, nadir।

অধোভাগ /অধোভাগ্‌/ [স. অধঃ+ভাগ] বি. নিম্নাঙ্গ; নিম্নস্থল; নিম্নভাগ।

অধোভুবন /অধোভুবন্‌/ [স. অধঃ+√ভূ+অন] বি. পুরাণে কল্পিত পাতালদেশ, রসাতল।

অধোমুখ[১] /অধোমুখ্‌/ [স. অধঃ+মুখ] বিণ. লজ্জায় মুখ নিচু করে আছে এমন, নতমুখ। স্ত্রী. অধোমুখী /অধোমুখি/।

অধোমুখ[২] /অধোমুখ্‌/ [স. অধঃ+মুখ] বি. জ্যোতিষ শাস্ত্রমতে চিহ্নিত যে সকল নক্ষত্রকে (মূলা অশ্লেষা কৃত্তিকা বিশাখা ভরণী মঘা পূর্বফল্গুনী পূর্বাষাঢ়া ও পূর্বভাদ্রপদ) অশুভ বলে কল্পনা করা হয়।

অধোলোক /অধোলোক্‌/ [স. অধঃ+লোক] বি. দ্র অধোভুবন।

অধ্যক্ষ /ওদ্‌ধোক্‌খো/ [স. অধি+√অক্ষ্‌+অ] বি. ১ কর্তা; প্রভু। ২ পরিচালক; তত্ত্বাবধায়ক। ৩ কর্ম-পরিচালক। ৪ মহাবিদ্যালয়ের প্রধান শিক্ষক, principal। ৫ সংসদ বা বিধানসভার পরিচালক; (পরি.) speaker। ৬ দায়িত্বপ্রাপ্ত কর্মচারী (*মঠাধ্যক্ষ*)। ৭ ধনাগারের রক্ষক (*কোষাধ্যক্ষ*)।

অধ্যক্ষতা /ওদ্‌ধোক্‌খোতা/ [স. অধ্যক্ষ+তা] বি. অধ্যক্ষের কাজ।

অধ্যক্ষত্ব /ওদ্‌ধোক্‌খত্‌তো/ [স. অধ্যক্ষ+ত্ব] বি. অধ্যক্ষের কাজ।

অধ্যবসায় /ওদ্‌ধোবশায়্‌/ [স. অধি+অব+√সো+অ] বি. ১ অবিরাম সাধনা। ২ নিবিড় প্রযত্ন।

অধ্যবসায়শীল /ওদ্‌ধোবশায়্‌শিল্‌/ [স. অধ্যবসায়+√শীল্‌+অ] বিণ. নিয়ত চেষ্টারত।

অধ্যবসায়ী /ওদ্‌ধোবশায়ি/ [স. অধি+অব+√সো+ইন্‌] বিণ. অধ্যবসায় আছে এমন।

অধ্যয়ন /ওদ্‌ধয়ন্‌/ [স. অধি+√ই+অন] বি. পঠন; অভিনিবেশ সহকারে পাঠ।

অধ্যয়ননিবিষ্ট /ওদ্‌ধয়ননিবিশ্‌টো/ [স. অধ্যয়ন+নি+√বিশ্‌+ত] বিণ. দ্র অধ্যয়নরত।

অধ্যয়নরত /ওদ্‌ধয়নরতো/ [স. অধ্যয়ন+√রম্‌+ত] বিণ. গভীর মনোযোগ সহকারে পাঠ করছে এমন।

অধ্যয়নশীল /ওদ্‌ধয়নশিল্‌/ [স. অধ্যয়ন+শীল] বিণ. অভিনিবেশ সহকারে পাঠ করতে অভ্যস্ত।

অধ্যশন /ওদ্‌ধশন্‌/ [স. অধি+অশন] বি. মাত্রাতিরিক্ত আহার, অতিভোজন।

অধ্যাত্ম /ওদ্‌ধাত্‌তোঁ/ [স. অধি+আত্মন্‌] বি. পরব্রহ্ম। বিণ. ১ পরমাত্মাবিষয়ক, ঈশ্বরবিষয়ক। ২ আত্মা বা চিত্তবিষয়ক। ৩ শরীরসম্পর্কীয়।

অধ্যাত্মজ্ঞান /ওদ্‌ধাত্‌তোঁগ্যান/ [স. অধ্যাত্ম+জ্ঞান] বি. ১ আল্লাহ বা ঈশ্বরবিষয়ক জ্ঞান। ২ আত্ম-বিদ্যা।

অধ্যাত্মতত্ত্ব /ওদ্‌ধাত্‌তোঁতত্‌তো/ [স. অধ্যাত্ম+তত্ত্ব] বি. দ্র অধ্যাত্মজ্ঞান।

অধ্যাত্মতত্ত্ববিৎ /ওদ্‌ধাত্‌তোঁতত্‌তোবিত্‌/ [স. অধ্যাত্ম+তত্ত্ব+বিৎ] বিণ. অধ্যাত্মজ্ঞানসম্পন্ন, ব্রহ্মজ্ঞানী।

অধ্যাত্মতত্ত্ববিদ /ওদ্‌ধাত্‌তোঁতত্‌তোবিদ্‌/ [স. অধ্যাত্মতত্ত্ব+√বিদ্‌+অ] বিণ. দ্র অধ্যাত্মতত্ত্ববিৎ।

অধ্যাত্মবাদ /ওদ্‌ধাত্‌তোঁবাদ্‌/ [স. অধ্যাত্ম+√বদ্‌+অ] বি. পরমাত্মাই সবকিছুর মূল এমন মতবাদ।

www.pathagar.com

অধ্যাত্মসাধনা /ওদ্‌ধাত্‌তোঁশাধোনা/ [স. অধ্যাত্ম+সাধনা] বি. পরমাত্মা প্রাপ্তির সাধনা।

অধ্যাদেশ /ওদ্‌ধাদেশ্‌/ [স. অধি+আদেশ] বি. সংসদীয় শাসনব্যবস্থায় সংসদের অধিবেশন মুলতুবি থাকা-কালে বিশেষ ক্ষমতাবলে রাষ্ট্রপতি কর্তৃক জারি করা আদেশ; (পরি.) ordinance।

অধ্যাপক /ওদ্‌ধাপক/ [স. অধি+√ই+ণিচ্‌+অক] বি. ১ কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষকতার পদবিশেষ, professor। ২ শিক্ষাগুরু। *স্ত্রী. অধ্যাপিকা /ওদ্‌ধাপিকা/।

অধ্যাপন /ওদ্‌ধাপন্‌/ [স. অধি+√ই+ণিচ্‌+অন] বি. দ্র অধ্যাপনা।

অধ্যাপনা /ওদ্‌ধাপনা/ [স. অধি+√ই+ণিচ্‌+অন+আ (টাপ্‌)] বি. মহাবিদ্যালয় বা বিশ্ববিদ্যালয়ে শিক্ষাদান বা ওইরূপ বৃত্তি।

অধ্যাপয়িতা /ওদ্‌ধাপোয়িতা/ [স. অধি+√ই+ণিচ্‌+তৃ] বি. যাঁর পেশা অধ্যাপনা, অধ্যাপক। *স্ত্রী. অধ্যাপয়িত্রী /ওদ্‌ধাপোয়িত্‌ত্রি/।

অধ্যাপিত /ওদ্‌ধাপিতো/ [স. অধি+√ই+ণিচ্‌+ত] বিণ. পাঠদান করা হয়েছে এমন।

অধ্যায় /ওদ্‌ধায়্‌/ [স. অধি+√ই+অ] বি. গ্রন্থের বিভাগ, পরিচ্ছেদ, সর্গ, পর্ব, কাণ্ড, chapter।

অধ্যারূঢ় /ওদ্‌ধারুঢ়ো/ [স. অধি+আ+√রুহ্‌+ত] বিণ. ১ আরোহণ করেছে এমন। ২ আক্রান্ত। ৩ অধিক।

অধ্যারোপ /ওদ্‌ধারোপ্‌/ [স. অধি+আরোপ] বি. ১ গুণাগুণ আরোপ; এক বস্তুতে অন্য বস্তুর রূপ কল্পনা। ২ উপবেশন। ৩ স্থাপন।

অধ্যারোপণ /ওদ্‌ধারোপোন্‌/ [স. অধি+আরোপণ] বি. দ্র অধ্যারোপ।

অধ্যাস /ওদ্‌ধ্যাস্‌/ [স. অধি+√অস্‌+অ] বি. দ্র অধ্যারোপ।

অধ্যাসন /ওদ্‌ধ্যাশন্‌/ [স. অধি+√অস্‌+অন] বি. দ্র অধ্যারোপ।

অধ্যাসিত /ওদ্‌ধ্যাশিতো/ [স. অধি+√আস্‌+ত] বিণ. অধিষ্ঠিত; উপবিষ্ট, আরূঢ়।

অধ্যাসীন /ওদ্‌ধ্যাশিন্‌/ [স. অধি+√আস্‌+ঈন (শানচ্‌)] বিণ. দ্র অধ্যাসিত।

অধ্যাহরণ /ওদ্‌ধাহরোন্‌/ [স. অধি+আ+√হৃ+অন] বি. ১ উহ্যবাক্য পূরণ, পাদপূরণ। ২ অনুমান।

অধ্যাহার /ওদ্‌ধাহার্‌/ [স. অধি+আ+√হৃ+অ] বি. দ্র অধ্যাহরণ।

অধ্যাহৃত /ওদ্‌ধাhিতো/ [স. অধি+আ+√হৃ+ত] বিণ. ১ পাদপূরণ করা হয়েছে এমন। ২ অনুমান করা হয়েছে এমন। ৩ উদ্ধৃত।

অধ্যুষিত /ওদ্‌ধুশিতো/ [স. অধি+√বস্‌+ত] বিণ. ১ আবাস স্থাপন করা হয়েছে এমন। ২ অধিষ্ঠিত।

অধ্যেতব্য /ওদ্‌ধেতোব্‌বো/ [স. অধি+√ই+তব্য] বিণ. পাঠ করতে হবে এমন, পঠিতব্য।

অধ্যেতা /ওদ্‌ধেতা/ [স. অধি+√ই+তৃ] বিণ. অধ্যয়নকারী; বিদ্যার্থী। বি. পাঠক; ছাত্র। *স্ত্রী. অধ্যেত্রী /ওদ্‌ধেত্‌ত্রি/।

অধ্যেষণ /ওদ্‌ধেশন/ [স. অধি+√ইষ্‌+অন] বি. প্রার্থনা, আরজ; বিনীত জিজ্ঞাসা।

অধ্রুব /অধ্রুবো/ [স. ন+ধ্রুব] বিণ. ১ পরিবর্তনশীল; অনিত্য। ২ অনিশ্চিত।

অন /অন্‌/ [ই.] বি. (সচরাচর বিদ্যুৎ সংযোগ) সচলকরণ (*সুইচ অন করা*), ON।

অনক্ষ /অনক্‌খো/ [স. ন+√অক্ষ্‌+অ] বিণ. অন্ধ, দর্শনেন্দ্রিয়শূন্য।

অনক্ষর /অনক্‌খর্‌/ [স. ন+অক্ষর] বিণ. ১ বর্ণজ্ঞান-হীন, নিরক্ষর। ২ মূর্খ।

অনগ্রসর /অনগ্‌গ্রোশর্‌/ [স. ন+অগ্রসর] বিণ. অগ্রসর নয় এমন, পশ্চাৎপদ।

অনঘ /অনঘো/ [স. ন+অঘ] বিণ. ১ পবিত্র; নিষ্পাপ। ২ দুঃখরহিত; বিপৎশূন্য। ৩ মনোজ্ঞ।

অনঙ্গ /অনংগো/ [স. ন+√অঙ্গ্‌+অ] বিণ. দেহহীন। বি. ১ মদন, কন্দর্প। ২ কামভাব, কামরিপু।

অনঙ্গকলা /অনংগোকলা/ [স. অনঙ্গ+কলা] বি. কামভাব।

অনচ্ছ /অনচ্‌ছো/ [স. ন+অচ্ছ] বিণ. অস্বচ্ছ, opaque। বি. ~তা /-তা/।

অনটন /অনটন্‌/ [স. অন্‌+অটন] বি. অভাব, টানাটানি (*আর্থিক অনটন*)।

অনড় /অনড়্‌/ [স. ন+বা. নড়্‌] বিণ. ১ অটল, স্থির (*সিদ্ধান্তে অনড়*)। ২ অপরিবর্তনীয়। ৩ অনমনীয়।

অনত /অনতো/ [স. ন+√নম্‌+ত] বিণ. ১ নত নয় এমন। ২ দুর্বিনীত। ৩ গর্বিত।

অনতি /অনোতি/ [স. ন+অতি] বিণ. বেশি নয় এমন, অল্প (*অনতিপূর্ব*)।

অনতিকাল /অনোতিকাল্‌/ [স. অনতি+কাল] বি. ১ অল্পসময়। ২ অচিরকাল।

অনতিক্রম /অনোতিক্‌ক্রোম্‌/ [স. অনতি+√ক্রম্‌+অ] বি. অনুল্লঙ্ঘন, অনতিক্রমণ।

অনতিক্রমণ /অনোতিক্‌ক্রোমোন্‌/ [স. অনতি+√ক্রম্‌+অন] বি. দ্র অনতিক্রম।

www.pathagar.com

অনতিক্রমণীয় /অনোতিক্রোমোনিয়ো/ [স. অনতি+√ক্রম্+অনীয়] বিণ. লঙ্ঘন করা উচিত নয় এমন; দুর্লঙ্ঘ্য, অতিক্রম করা যায় না এমন।

অনতিক্রম্য /অনোতিক্রোম্‌মো/ [স. অনতি+√ক্রম্+য] বিণ. দ্র অনতিক্রমণীয়।

অনতিক্রান্ত /অনোতিক্রান্‌তো/ [স. অনতি+√ক্রম্+ত] বিণ. ১ লঙ্ঘিত হয়নি এমন। ২ অনুত্তীর্ণ।

অনতিদীর্ঘ /অনোতিদির্‌ঘো/ [স. ন+অতিদীর্ঘ] বিণ. ১ বেশি লম্বা নয় এমন। ২ যথাযথ দৈর্ঘ্যবিশিষ্ট।

অনতিদূর /অনোতিদুর/ [স. ন+অতিদূর] বিণ. খুব দূরে নয় এমন, অল্পদূরত্ববিশিষ্ট।

অনতিদূরে /অনোতিদুরে/ [স. অনতিদূর+বা. এ] ক্রিবিণ. নিকটে, কাছে।

অনতিপক্ক /অনোতিপক্‌কো/ [স. অনতি+√পচ্+ত] বিণ. ১ অল্প পাকা বা ডাঁসা। ২ অল্পবয়সি।

অনতিপূর্বে /অনোতিপুর্‌বে/ [স. অনতিপূর্ব+বা. এ] ক্রিবিণ. ক্ষণকাল পূর্বে, একটু আগে।

অনতিবিলম্বে /অনোতিবিলম্‌বে/ [স. অনতিবিলম্ব+বা. এ] ক্রিবিণ. খুব বেশি দেরি না করে।

অনতিব্যক্ত /অনোতিব্‌ব্যাক্‌তো/ [স. অনতি+বি+√অনজ্+ত] বিণ. খুব স্পষ্ট নয় এমন; প্রায় অপ্রকাশিত।

অনতিমূল্যবান /অনোতিমুল্‌লোবান্/ [স. অনতি+মূল্য+বৎ] বিণ. ১ খুব একটা মূল্যবান নয় এমন। ২ সাধারণ।

অনতিরিক্ত /অনোতিরিক্‌তো/ [স. অনতি+√রিচ্+ত] বিণ. প্রয়োজনের চেয়ে বেশি নয় এমন।

অনতিস্ফুট /অনোতিস্‌ফুটো/ [স. অনতি+√স্ফুট্+অ] বিণ. পুরোপুরি ফোটেনি এমন, অর্ধস্ফুট।

অনতীত /অনোতিতো/ [স. ন+অতীত] বিণ. অতিক্রান্ত হয়নি এমন।

অনতীতবাল্য /অনোতিতোবাল্‌লো/ [স. ন+অতীত+বাল্য] বিণ. বাল্যকাল অতীত হয়নি এমন।

অনধিক /অনোধিক্/ [স. ন+অধিক] বিণ. ১ বেশি নয় এমন, not more than, only (*অনধিক এক হাজার টাকা*)। ২ কিঞ্চিৎ, অল্প। ৩ কেবল।

অনধিকার /অনোধিকার্/ [স. ন+অধিকার] বি. ১ স্বত্ব বা অধিকারের অভাব। ২ অন্যের অধিকার; অনায়ত্ত বিষয় (*অনধিকার চর্চা*)।

অনধিকারচর্চা /অনোধিকার্‌চর্‌চা/ [স. অনধিকার+চর্চা] বি. অধিকার বা জ্ঞান নেই এমন বিষয়ে মতপ্রকাশ বা আলোচনা।

অনধিকারপ্রবেশ /অনোধিকার্‌প্রোবেশ্/ [স. ন+অধিকার+প্রবেশ] বি. কোনো স্থানে অননুমোদিত প্রবেশ, trespass।

অনধিকারী /অনোধিকারি/ [স. অনধি+√কৃ+ইন্] বিণ. ১ অধিকারশূন্য। ২ অযোগ্য।

অনধিকৃত /অনোধিক্‌কৃতো/ [স. অনধি+√কৃ+ত] বিণ. দখল করা হয়নি এমন; আয়ত্তে আসেনি এমন।

অনধিগত /অনোধিগতো/ [স. অনধি+√গম্+ত] বিণ. ১ অপঠিত, অনধীত। ২ অজ্ঞাত। ৩ অপ্রাপ্ত।

অনধিগম্য /অনোধিগোম্‌মো/ [স. অনধি+√গম্+য] বিণ. ১ জ্ঞানের অতীত, বোধগম্য নয় এমন। ২ অগম্য; দুর্গম।

অনধীত /অনোধিতো/ [স. ন+অধি+√ই+ত] বিণ. পড়া হয়নি এমন, অপঠিত।

অনধ্যায় /অনোদ্‌ধায়্/ [স. ন+অধ্যায়] বি. ১ যে তিথিতে শাস্ত্রপাঠ নিষিদ্ধ। ২ বিদ্যালয়ের ছুটির দিন।

অননুকম্পায়ী /অনোনুকম্‌পায়ি/ [স. ন+অনু+কম্পায়ী] বিণ. সহানুভূতিহীন, নির্দয়, অননুগ্রহ।

অননুকরণীয় /অনোনুকরোনিয়ো/ [স. ন+অনুকরণীয়] বিণ. অনুকরণের অযোগ্য বা অসাধ্য।

অননুকূল /অনোনুকুল্/ [স. ন+অনুকূল] বিণ. অনুকূল নয় এমন, প্রতিকূল।

অননুজ্ঞাত /অনোনুগ্‌গ্যাঁতো/ [স. ন+অনু+√জ্ঞা+ত] বিণ. সম্মতি বা আদেশ দেওয়া হয়নি এমন।

অননুভবনীয় /অনোনুভবোনিয়ো/ [স. ন+অনুভবনীয়] বিণ. অনুভূতির অতীত, অনুভব করা যায় না এমন।

অননুভূত /অনোনুভুতো/ [স. ন+অনু+√ভূ+ত] বিণ. অনুভব করা হয়নি এমন।

অননুভূতপূর্ব /অনোনুভুতোপুর্‌বো/ [স. অননুভূত+পূর্ব] বিণ. আগে অনুভব করা হয়নি এমন।

অননুমত /অনোনুমত্/ [স. ন+অনুমত] বিণ. অনুমতি বা সম্মতি পাওয়া যায়নি এমন।

অননুমিত /অনোনুমিতো/ [স. ন+অনুমিত] বিণ. অনুমান করা হয়নি এমন।

অননুমেয় /অনোনুমেয়ো/ [স. ন+অনু+√মা+য] বিণ. অনুমান বা আন্দাজ করা যায় না এমন।

অননুমোদন /অনোনুমোদোন্/ [স. ন+অনুমোদন] বি. সমর্থন বা অনুমোদনের অভাব।

অননুমোদিত /অনোনুমোদিতো/ [স. ন+অনু+√মোদি+ত] বিণ. অনুমোদন করা হয়নি এমন।

www.pathagar.com

অননুশীলন /অনোনুশিলন্/ [স. ন+অনুশীলন] বি. অভ্যাস বা চর্চার অভাব।

অননুশীলিত /অনোনুশিলিতো/ [স. ন+অনু+ √শীলি+ত] বিণ. অনুশীলন বা চর্চা করা হয়নি এমন।

অননুষ্ঠিত /অনোনুশ্ঠিতো/ [স. ন+অনু+ √স্থা+ত] বিণ. অনুষ্ঠান করা হয়নি এমন; অসম্পাদিত।

অনন্ত /অনোন্তো/ [স. ন+√অম্+ত] বিণ. ১ অসীম; অশেষ (*অনন্তকাল*)। ২ অক্ষয়। বি. ১ আকাশ। ২ সর্পরাজ, শেষনাগ। ৩ (বাংলায়) নারীর বাহুতে পরিধেয় বলয়াকৃতির সোনার অলংকার।

অনন্তকাল /অনোন্তোকাল্/ [স. অনন্ত+কাল] বি. চিরকাল, আবহমান কাল।

অনন্তকালব্যাপী /অনোন্তোকালব্যাপি/ [স. অনন্ত+কাল+বি+√আপ্+ইন্] ক্রিবিণ. আবহমানকাল-ব্যাপী। বিণ. চিরস্থায়ী।

অনন্তকালস্থায়ী /অনোন্তোকালস্থায়ি/ [স. অনন্ত+কাল+√স্থা+ইন্] বিণ. নিত্যবর্তমান, চিরস্থায়ী।

অনন্তনিদ্রা /অনোন্তোনিদ্দ্রা/ [স. অনন্ত+নি+√দ্রা+অ+আ (টাপ্)] বি. যে নিদ্রার শেষ নেই, মৃত্যু।

অনন্তমূল /অনোন্তোমুল্/ [স. অনন্ত+মূল] বি. পাহাড়ি অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন সাদা ও হালকা বেগুনি ফুল বা তার শুঁটিসদৃশ ফল এবং অসম পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন সুগন্ধ লতানে উদ্ভিদ, শ্যামালতা, প্রিয়ঙ্গু।

অনন্তযাত্রা /অনোন্তোজ্জাত্রা/ [স. অনন্ত+√যা+ত্র+আ (টাপ্)] বি. অন্তহীন যাত্রা, মহাযাত্রা, মৃত্যু।

অনন্তর /অননতর্/ [স. ন+অন্তর] ক্রিবিণ. তারপর, অতঃপর।

অনন্তরাশি /অনোন্তোরাশি/ [স. অনন্ত+√অশ্+ই] বি. (গ.) সীমা নির্ধারণ করা যায় না এমন রাশি, কোনো সংখ্যাকে শূন্য দিয়ে ভাগ করলে যে ফল পাওয়া যায়, infinity।

অনন্তরূপ /অনোন্তোরূপ্/ [স. অনন্ত+রূপ] বিণ. নানা রূপধারী। স্ত্রী. **অনন্তরূপা** /অনোন্তোরূপা/।

অনন্তশয্যা /অনোন্তোশোজ্জা/ [স. অনন্ত+√শী+য+আ (টাপ্)] বি. ১ বিষ্ণুর অনন্তনাগ শয্যা। ২ মৃত্যু।

অনন্তশয়ন /অনোন্তোশয়োন্/ [স. অনন্ত+শয়ন] বি. দ্র **অনন্তশয্যা**।

অনন্বয় /অননন্বয়/ [স. ন+অন্বয়] বিণ. পরস্পর সম্বন্ধহীন। বি. ১ অসংগতি। ২ উপমান ও উপমেয় উভয়ের ধর্ম আরোপিত হয় এমন অর্থালংকার।

অনন্বয়ী /অননন্বোয়ি/ [স. অনন্বয়+ইন্] বিণ. অন্বয় বা সম্বন্ধহীন। বি. (ব্যা.) যে অব্যয়ের সঙ্গে বাক্যের অন্য কোনো শব্দের ব্যাকরণগত সম্বন্ধ থাকে না।

অনন্বয়োপমা /অননন্বয়োপোমা/ [স. অনন্বয়+উপমা] বি. একই বস্তুতে উপমান ও উপমেয়ের ধর্ম বর্ণিত হয়ে নিজেই নিজের উপমা হয় এমন কাব্যালংকার।

অনন্বিত /অনোন্নিতো/ [স. ন+অন্বিত] বিণ. অন্বিত নয় এমন, পূর্বাপর সম্বন্ধহীন; অসংলগ্ন।

অনন্য /অনোন্নো/ [স. ন+অন্য] বিণ. ১ একক, অভিন্ন। ২ অনুপম, অদ্বিতীয়।

অনন্যকর্মা /অনোন্নোকর্মা/ [স. অনন্য+কর্মন্] বিণ. একক কর্মে রত, একাগ্র।

অনন্যগতি /অনোন্নোগোতি/ [স. অনন্য+ √গম্+তি] বিণ. অন্য গতি নেই এমন।

অনন্যচিত্ত /অনোন্নোচিত্তো/ [স. অনন্য+ √চিৎ+ত] বিণ. একাগ্রচিত্ত, অনন্যমনা। বি. ~তা /-তা/।

অনন্যচিন্তা /অনোন্নোচিন্তা/ [স. অনন্য+ √চিন্ত্+অ+আ (টাপ্)] বি. অবিচলিত ধ্যান।

অনন্যতন্ত্র /অনোন্নোতন্ত্রো/ [স. অনন্য+ √তন+ত্র] বিণ. অন্যের নেই এমন, স্বকীয়, স্বাধীন; মৌলিক। বি. ~তা /-তা/।

অনন্যদৃষ্টি /অনোন্নোদৃশ্টি/ [স. অনন্য+ √দৃশ্+তি] বিণ. একাগ্রদৃষ্টি।

অনন্যপূর্বা /অনোন্নোপুরবা/ [স. অনন্য+ √পূর্ব্+অ+আ (টাপ্)] বিণ. অবিবাহিতা। বি. কুমারী।

অনন্যব্রত /অনোন্নোব্রোতো/ [স. অনন্য+ √বৃ+অত] বিণ. অন্য কোনো ব্রত নেই এমন।

অনন্যমতি /অনোন্নোমোতি/ [স. অনন্য+ √মন্+তি] বিণ. অন্যদিকে মন নেই এমন, একাগ্রচিত্ত।

অনন্যমন /অনোন্নোমোন্/ [স. অনন্য+মনস্] বিণ. দ্র অনন্যমতি।

অনন্যমনস্ক /অনোন্নোমোনোশ্কো/ [স. অনন্য+মনস্+ক] বিণ. একাগ্রচিত্ত। বি. ~তা /-তা/।

অনন্যমনা /অনোন্নোমোনা/ [স. অনন্যমনাঃ >] বিণ. একাগ্রচিত্ত।

অনন্যমনে /অনোন্নোমোনে/ [স. অনন্যমন+বা. এ] ক্রিবিণ. একাগ্রচিত্তে।

অনন্যসহায় /অনোন্নোশহায়/ [স. অনন্য+সহায়] বিণ. দ্র অনন্যোপায়।

অনন্যসাধারণ /অনোন্নোশাধারোন্/ [স. অনন্য+সাধারণ] বিণ. সুলভ নয় এমন, অসাধারণ।

অনন্যসুলভ /অনোন্নোশুলভ্/ [স. অনন্য+সুলভ]

www.pathagar.com

বিণ. দ্র অনন্যসাধারণ।

অনন্যোপায় /অনোন্‌নোপায়/ [স. অনন্য+উপায়] বিণ. অন্য কোনো উপায় নেই এমন; নিরাশ্রয়; অনন্যোসহায়।

অনপত্য /অনপোত্‌তো/ [স. ন+অপত্য] বিণ. সন্তান নেই এমন, নিঃসন্তান। বি. ~তা /–তা/।

অনপনেয় /অনপোনেয়ো/ [স. ন+অপনেয়] বিণ. মুছে ফেলা যায় না এমন (*অনপনেয় কালির স্বাক্ষর*)।

অনপরাধ /অনপোরাধ/ [স. ন+অপরাধ] বি. অপরাধহীনতা।

অনপেক্ষ /অনপেক্‌খো/ [স. ন+অপেক্ষা] বিণ. অন্যের মুখাপেক্ষী নয় এমন, নিরপেক্ষ; স্বাধীন। বি. ~তা /–তা/।

অনপেক্ষিত /অনপেক্‌খিতো/ [স. ন+অপেক্ষিত] বিণ. অপ্রত্যাশিত; অসম্ভাবিত।

অনপেত /অনপেতো/ [স. ন+অপ+√ইত] বিণ. বিচ্যুত নয় এমন, যুক্ত।

অনবকাশ /অনবোকাশ/ [স. ন+অবকাশ] বি. অবকাশের অভাব, অনবসর। বিণ. অবকাশশূন্য।

অনবগত /অনবোগতো/ [স. ন+অবগত] বিণ. অবগত নয় এমন, অবিদিত, অজ্ঞাত।

অনবগুণ্ঠিত /অনবোগুন্‌ঠিতো/ [স. ন+অবগুণ্ঠিত] বিণ. আবৃত নয় এমন; ঘোমটা নেই এমন। স্ত্রী. অনবগুণ্ঠিতা /অনবোগুন্‌ঠিতা/।

অনবচ্ছিন্ন /অনবোচ্‌ছিন্নো/ [স. ন+অব+√ছিদ্‌+ত] বিণ. অবিরাম, নিরবচ্ছিন্ন। বি. ~তা /–তা/।

অনবচ্ছেদ /অনবোচ্‌ছেদ্‌/ [স. ন+অবচ্ছেদ] বি. বিরামশূন্যতা, ছেদহীনতা।

অনবতুল /অনবোতুল্‌/ [স. ন+অবতুল] বিণ. অনুপম, অতুলনীয়।

অনবদ্য /অনবোদ্‌দো/ [স. ন+অবদ্য] বিণ. ১ অনিন্দ্য, নিখুঁত। ২ হৃদয়গ্রাহী। ৩ (বাংলায়) চমৎকার। বি. ~তা /–তা/।

অনবধান /অনবোধান্‌/ [স. ন+অবধান] বি. অমনোযোগ; উপেক্ষা। বিণ. অমনোযোগী; যত্নহীন।

অনবধানতা /অনবোধানোতা/ [স. অনবধান+তা] বি. ১ অমনোযোগ। ২ অসাবধানতা। ৩ অযত্ন।

অনবধি /অনবোধি/ [স. ন+অব+√ধা+ই] বিণ. নিরবধি, অনন্ত।

অনবরত /অনোবরোতো/ [স. ন+অব+√রম্‌+ত] বিণ. অবিরাম, নিরন্তর। ক্রিবিণ. সতত; অবাধে।

অনবরুদ্ধ /অনবোরুদ্‌ধো/ [স. ন+অব+√রুধ্‌+ত] বিণ. অবরুদ্ধ নয় এমন, মুক্ত, স্বাধীন। স্ত্রী. অনবরুদ্ধা /অনবোরুদ্‌ধা/।

অনবরোধ /অনবোরোধ্‌/ [স. ন+অবরোধ] বি. অবরোধহীনতা, বাধাহীনতা।

অনবলম্ব /অনবোলম্‌বো/ [স. ন+অব+√লম্ব্‌+অ] বিণ. নিরাশ্রয়; নিরুপায়। বি. অবলম্বনহীনতা।

অনবসর /অনবোশর্‌/ [স. ন+অবসর] বি. অবসরের অভাব, অনবকাশ। বিণ. অবকাশহীন।

অনবসিত /অনবোশিতো/ [স. ন+অব+√সো+ত] বিণ. ১ অসমাপ্ত। ২ অপরিণত।

অনবস্থ /অনবোস্‌থো/ [স. ন+অবস্থা] বিণ. দ্র অনবস্থিত।

অনবস্থা /অনবোস্‌থা/ [স. ন+অব+√স্থা+অ+আ (টাপ্‌)] বি. ১ অব্যবস্থা; নিয়মের অভাব। ২ অস্থিরতা। ৩ অনিশ্চয়তা।

অনবস্থিত /অনবোস্‌থিতো/ [স. ন+অব+√স্থা+ত] বিণ. ১ অব্যবস্থিত। ২ অস্থায়ী। ৩ অস্থির, চঞ্চল। ৪ অনিশ্চিত।

অনবস্থিতচিত্ত /অনবোস্‌থিতোচিত্‌তো/ [স. ন+অবস্থিত+√চিৎ+ত] বিণ. অস্থিরচিত্ত, চঞ্চলমতি।

অনবহিত /অনবোহিতো/ [স. ন+অব+√ধা+ত] বিণ. ১ অবিদিত। ২ অমনোযোগী, অসতর্ক।

অনভিজাত /অনোভিজাতো/ [স. ন+অভি+√জন্‌+ত] বিণ. কল্পিত উচ্চবংশে জাত নয়।

অনভিজ্ঞ /অনোভিগ্‌গো/ [স. ন+অভি+√জ্ঞা+অ] বিণ. অভিজ্ঞতাহীন, আনাড়ি। বি. ~তা /–তা/।

অনভিপ্রায় /অনোভিপ্‌প্রায়্‌/ [স. ন+অভিপ্রায়] বি. ১ ইচ্ছার অভাব। ২ অসম্মতি।

অনভিপ্রেত /অনোভিপ্‌প্রেতো/ [স. ন+অভি+প্র+√ই+ত] বিণ. বাঞ্ছিত নয় এমন; অপ্রত্যাশিত।

অনভিব্যক্ত /অনোভিব্‌ব্যাক্‌তো/ [স. ন+অভি+বি+√অন্‌জ্‌+ত] বিণ. অব্যক্ত, অপ্রকাশিত।

অনভিভবনীয় /অনোভিভবোনিয়ো/ [স. ন+অভি+√ভূ+অনীয়] বিণ. অপরাজেয়। বি. ~তা /–তা/।

অনভিভূত /অনোভিভূতো/ [স. ন+অভি+√ভূ+ত] বিণ. ১ অপরাজিত। ২ অব্যাহত। ৩ অব্যাকুল।

অনভিমত /অনোভিমত্‌/ [স. ন+অভি+√মন্‌+ত] বিণ. সমর্থন লাভ করেনি এমন; মতবিরুদ্ধ।

অনভিলষণীয় /অনোভিলশোনিয়ো/ [স. ন+অভি+√লষ্‌+অনীয়] বিণ. অবাঞ্ছনীয়, অনভিপ্রেত। বি. ~তা /–তা/।

অনভিলষিত /অনোভিলোশিতো/ [স. ন+অভি+√লষ্‌+ত] বিণ. চাওয়া হয়নি এমন, অবাঞ্ছিত।

www.pathagar.com

অনভিলাষ /অনোভিলাশ্/ [স. ন+অভি+√লষ্+অ] বি. ইচ্ছার অভাব, অনিচ্ছা।

অনভিলাষী /অনোভিলাশি/ [স. ন+অভি+√লষ্+ইন্] বিণ. অনিচ্ছুক; স্পৃহাহীন।

অনভ্যস্ত /অনোব্‌ভোস্‌তো/ [স. ন+অভ্যস্ত] বিণ. ১ অভ্যাস নেই এমন। ২ আনাড়ি, অপটু।

অনভ্যাস /অনোব্‌ভ্যাশ্/ [স. ন+অভ্যাস] বি. অভ্যাসের অভাব (*অনভ্যাসে বিদ্যা হ্রাস*)।

অনমনীয় /অনমোনিয়ো/ [স. ন+√নম্+অনীয়] বিণ. নত করা যায় না এমন; অনড়। বি. ~তা /-তা/।

অনমিত /অনোমিতো/ [স. ন+√নমি+ত] বিণ. ১ নত নয় এমন, সমুন্নত। ২ অপরাজিত।

অনমিত্র /অনোমিত্‌র/ [স. ন+মিত্র] বিণ. অমিত্র বা শত্রু নয় এমন। স্ত্রী. **অনমিত্রা** /অনোমিত্‌রা/।

অনম্বর /অনম্‌বর্/ [স. ন+অম্বর] বিণ. বস্ত্রহীন, নগ্ন। বি. ১ আকাশ। ২ বৌদ্ধ সন্ন্যাসীবিশেষ।

অনম্য /অনোম্‌মো/ [স. ন+√নম্+য] বিণ. নত করা যায় না এমন। বি. ~তা /-তা/।

অনর্গল /অনর্‌গল্/ [স. ন+অর্গল] ক্রিবিণ. ক্রমাগত, অবিরাম, অনবরত। বিণ. বাধাবন্ধনহীন; উদ্দাম।

অনর্ঘ /অনর্‌ঘো/ [স. ন+অর্ঘ] বিণ. ১ মূল্য স্থির করা যায় না এমন। ২ অতি মূল্যবান; অমূল্য।

অনর্ঘ্য /অনোর্‌ঘো/ [স. ন+অর্ঘ+য] বিণ. পূজার্হ নয় এমন।

অনর্থ /অনর্‌থো/ [স. ন+অর্থ] বি. অনিষ্ট; বিপত্তি (*অর্থই অনর্থের মূল*)। বিণ. নিষ্ফল।

অনর্থক /অনর্‌থক্/ [স. অনর্থ+ক)] বিণ. ১ অহেতুক। ২ ব্যর্থ; নিষ্ফল। ক্রিবিণ. অকারণে।

অনর্থকর /অনর্‌থোকর্/ [স. অনর্থ+√কৃ+অ] বিণ. অমঙ্গল ঘটায় এমন; অনিষ্টকর।

অনর্থদর্শী /অনর্‌থোদোর্‌শি/ [স. অনর্থ+√দৃশ্+ইন্] বিণ. সবকিছুতে অমঙ্গল দেখে এমন।

অনর্থপাত /অনর্‌থোপাত্/ [স. অনর্থ+√পত্+অ] বি. অশুভ ঘটনা; প্রতিবন্ধকতা।

অনল /অনল্/ [স. √অন্+অল] বি. বাতাসের অক্সিজেনের সঙ্গে কোনো পদার্থের রাসায়নিক বিক্রিয়ার ফলে সৃষ্ট তাপ ও আলো বিকিরণ করে এমন শিখা, আগুন, হুতাশন।

অনলপ্রভ /অনলপ্রোভো/ [স. অনল+প্র+√ভা+অ] বিণ. আগুনের মতো প্রভাযুক্ত।

অনলপ্রভা /অনলপ্রোভা/ [স. অনল+প্র+√ভা+অ+আ (টাপ্)] বি. আগুনের দ্যুতি।

অনলবর্ষী /অনল্‌বোর্‌শি/ [স. অনল+√বৃষ্+ইন্] বিণ. অগ্নিবর্ষী।

অনলস /অনলশ্/ [স. ন+অলস] বিণ. নিরলস, আলস্যহীন।

অনল্প /অনল্‌পো/ [স. ন+√অল্+প] বিণ. অল্প নয় এমন; যথার্থ পরিমাণ; বেশি।

অনশন /অনশন্/ [স. ন+অশন] বি. অনাহার।

অনশনকারী /অনশন্‌কারি/ [স. অনশন+√কৃ+ইন্] বিণ. উপবাসকারী; অনাহারী।

অনশনক্লিষ্ট /অনশনক্লিশ্‌টো/ [স. অনশন+√ক্লিশ্+ত] বিণ. উপবাসপীড়িত; অনাহারে কাতর।

অনশন ধর্মঘট /অনশন্ ধর্‌মোঘট্/ বি. দ্র **অনশন-ব্রত**।

অনশনব্রত /অনশনব্রোতো/ [স. অনশন+√বৃ+অত] বি. দাবি পূরণ না হওয়া পর্যন্ত উপবাসব্রত পালন।

অনশ্বর /অনশ্‌শর্/ [স. ন+নশ্বর] বিণ. অবিনাশী; চিরস্থায়ী, অক্ষয়। বি. **অনশ্বরতা** /অনশ্‌শরতা/।

অনসূয় /অনশুঅ/ [স. ন+অসূয়া] বিণ. ঈর্ষাশূন্য, বিদ্বেষহীন। স্ত্রী. **অনসূয়া** /অনশুআ/।

অনস্তিত্ব /অনোস্‌তিত্‌তো/ [স. ন+অস্তিত্ব] বি. অস্তিত্বহীনতা, অবিদ্যমানতা।

অনস্বীকার্য /অনশ্‌শিকার্‌জো/ [স. ন+স্বীকার্য] বিণ. অস্বীকার করা যায় না এমন, অবশ্যস্বীকার্য।

অনহংকার /অনহংকার/ [স. ন+অহংকার] বি. অহংকারের অভাব। বিণ. ১ নিরহংকার। ২ ঈর্ষা-শূন্য।

অনহংকারী /অনহংকারি/ [স. অনহংকার+ইন্] বিণ. নিরহংকার।

অনা /অনা/ অব্য. মন্দ (*অনাচার*), অভাব (*অনাবৃষ্টি*) প্রভৃতি বোধক বাংলা উপসর্গ।

অনাকর্ষণ /অনাকর্‌শোন্/ [স. ন+আকর্ষণ] বি. আকর্ষণের অভাব।

অনাকর্ষণীয় /অনাকর্‌শোনিয়ো/ [স. ন+আকর্ষণীয়] বিণ. আকর্ষণীয় নয় এমন।

অনাকাঙ্ক্ষিত /অনাকাংখিত/ [স. ন+√কাঙ্ক্ষ্+ত] বিণ. কাঙ্ক্ষিত নয় এমন।

অনাকুল /অনাকুল্/ [স. ন+আকুল] বিণ. আকুল নয় এমন; অকাতর।

অনাক্রমণ /অনাক্‌ক্রোমোন্/ [স. ন+আ+√ক্রম্+অন] বি. অনাগ্রাসন।

অনাক্রমণ চুক্তি /অনাক্‌ক্রোমোন্ চুক্‌তি/ বি. দুটি দেশ পরস্পরকে আক্রমণ না করার চুক্তি,

www.pathagar.com

অনাগ্রাসন চুক্তি।

অনাক্রমণীয় /অনাক্রোমোনিয়ো/ [স. ন+আ+√ক্রম্+অনীয়] বিণ. ১ আক্রমণের অসাধ্য, দুরাক্রম্য। ২ রোগব্যাধির সংক্রমণমুক্ত।

অনাক্রম্য /অনাক্রোম্‌মো/ [স. ন+আ+√ক্রম্+য] বিণ. দ্র অনাক্রমণীয়।

অনাক্রান্ত /অনাক্রান্তো/ [স. ন+আ+√ক্রম্+ত] বিণ. আক্রান্ত হয়নি এমন।

অনাগত /অনাগতো/ [স. ন+আ+√গম্+ত] বিণ. ১ এখনো আসেনি এমন; ভাবী। ২ অনুপস্থিত।

অনাগম /অনাগোম্/ [স. ন+আ+√গম্+অ] বি. ১ উপার্জন বা লাভের অভাব। ২ অনুপস্থিতি।

অনাগমন /অনাগমোন্/ [স. ন+আগমন] বি. অনুপস্থিতি।

অনাগম্য /অনাগোম্‌মো/ [স. ন+আ+√গম্+য] বিণ. ১ অনধিগম্য; দুর্গম। ২ অসম্ভাব্য। ৩ দুর্লভ।

অনাঘ্রাত /অনাগ্‌ঘ্রাতো/ [স. ন+আ+√ঘ্রা+ত] বিণ. ১ ঘ্রাণ নেওয়া হয়নি এমন। ২ টাটকা।

অনাচার /অনাচার্/ [স. ন+আচার] বি. ১ কদাচার। ২ গর্হিত আচার। ৩ যথেচ্ছাচার।

অনাচারী /অনাচারি/ [স. অনাচার+ইন্] বিণ. গর্হিত আচরণকারী; কদাচারী; শাস্ত্রবিরুদ্ধ আচরণকারী। স্ত্রী. অনাচারিণী /অনাচারিনি/।

অনাচ্ছন্ন /অনাচ্‌ছন্নো/ [স. ন+আ+√ছাদি+ত] বিণ. ১ অনাবৃত। ২ বশীভূত নয় এমন।

অনাড়ম্বর /অনাড়ম্বর্/ [স. ন+আড়ম্বর] বিণ. আড়ম্বরহীন, সাধারণ; সাদাসিধা।

অনাড়ষ্ট /অনাড়োশ্‌টো/ [বা.] বিণ. আড়ষ্ট নয় এমন, জড়তাশূন্য; স্বচ্ছন্দ।

অনাঢ্য /অনাঢ্যো/ [স. ন+আঢ্য] বিণ. ধনী নয় এমন।

অনাতপ /অনাতপ্/ [স. ন+আতপ] বিণ. আতপ নয় এমন, ছায়াময়। বি. রোদহীন স্থান।

অনাতুর /অনাতুর্/ [স. ন+আতুর] বিণ. আতুর বা রুগ্‌ণ নয় এমন, অরুগ্‌ণ; অক্লিষ্ট।

অনাত্ম /অনাত্তোঁ/ [স. ন+আত্মন্] বিণ. আত্ম-সম্পর্কশূন্য, impersonal।

অনাত্মজ্ঞ /অনাত্তোঁগ্‌গোঁ/ [স. অনাত্মন্+√জ্ঞা+অ] বিণ. নিজ প্রকৃতি বা অবস্থা সম্পর্কে জ্ঞাত নয় এমন। বি. ~তা /-তা/।

অনাত্মীয় /অনাত্তিঁয়ো/ [স. ন+আত্মীয়] বিণ. আত্মীয় নয় এমন, পর।

অনাত্মীয়তা /অনাত্তিঁয়োতা/ [স. অনাত্মীয়+তা] বি. আত্মীয়তার অভাব।

অনাথ /অনাথ্/ [স. ন+নাথ] বিণ. পিতামাতাহীন, এতিম; অসহায়। স্ত্রী. অনাথা /অনাথা/।

অনাথনাথ /অনাথোনাথ্/ [স. অনাথ+নাথ] বি. অনাথের নাথ; আল্লাহ্, ঈশ্বর।

অনাথনিবাস /অনাথ্‌নিবাশ্/ [স. অনাথ+নিবাস] বি. আহার ও বসবাসের সুবিধা-সহ মাতৃপিতৃহীন শিশুদের আশ্রয়স্থল, এতিমখানা, অনাথাশ্রম, orphanage।

অনাথবৎ /অনাথোবত্/ [স. অনাথ+বৎ] বিণ. অনাথের মতো।

অনাথাবাস /অনাথাবাশ্/ [স. অনাথ+আবাস] বি. দ্র অনাথনিবাস।

অনাথাশ্রম /অনাথাস্‌স্রোম্/ [স. অনাথ+আশ্রম] বি. দ্র অনাথনিবাস।

অনাদর /অনাদোর্/ [স. ন+আদর] বি. ১ আদরের অভাব; অযত্ন। ২ উপেক্ষা; অবজ্ঞা। ৩ অসম্মান।

অনাদরণীয় /অনাদোরোনিয়ো/ [স. ন+আদর+অনীয়] বিণ. ১ আদরের অযোগ্য। ২ অবজ্ঞেয়। স্ত্রী. অনাদরণীয়া /অনাদোরোনিআ/।

অনাদায় /অনাদায়্/ [স. ন+আ. আদায়] বি. আদায়ের অভাব; অপ্রাপ্তি।

অনাদায়ি /অনাদায়ি/ [আ. আদায় >] বিণ. বাকি, বকেয়া (*অনাদায়ি ঋণ*)।

অনাদি /অনাদি/ [স. ন+আদি] বিণ. ১ আদিহীন; স্বয়ম্ভূ। ২ চিরকালীন, শাশ্বত। বি. ঈশ্বর।

অনাদিকাল /অনাদিকাল্/ [স. অনাদি+কাল] বি. নিত্যকাল, চিরকাল, ad infinitum।

অনাদিনিধন /অনাদিনিধন্/ [স. অনাদি+নিধন] বিণ. জন্ম বা মৃত্যু নেই এমন; শাশ্বত।

অনাদৃত /অনাদৃতো/ [স. ন+আ+√দৃ+ত] বিণ. অবহেলিত; অবজ্ঞাত। স্ত্রী. অনাদৃতা /অনাদৃতা/।

অনাদেয় /অনাদেয়ো/ [স. ন+আ+√দা+য] বিণ. আদায় করা সম্ভব নয় এমন, আদায়ের অযোগ্য।

অনাদ্য /অনাদ্যো/ [স. ন+আদ্য] বিণ. আদি নেই এমন, আদিহীন; অপ্রথম।

অনাদ্যন্ত /অনাদ্যোন্তো/ [স. ন+আদি+√অম্+ত] বিণ. আদি ও অন্তহীন; অনন্ত।

অনাপত্তিপত্র /অনাপোত্তিপত্রো/ [স. ন+আপত্তি+পত্র] বি. নির্দিষ্ট কোনো বিষয়ে আপত্তি নেই এমন পত্র; (পরি.) no objection certificate, NOC।

অনাবশ্যক /অনাবোশ্‌শোক্/ [স. ন+আবশ্যক] বিণ.

www.pathagar.com

আবশ্যক নয় এমন, অপ্রয়োজনীয়; অকারণ।

অনাবাদি /অনাবাদি / [ফা. আবাদ>] বিণ. অকর্ষিত; চাষাবাদের অযোগ্য (*অনাবাদি জমি*)।

অনাবাসিক /অনাবাশিক্/ [স. ন+আবাসিক] বিণ. স্থায়ীভাবে বসবাস করে না এমন, non-resident।

অনাবাসী /অনাবাশি / [স. ন+আবাস+ইন্] বিণ. দ্র অনাবাসিক।

অনাবিদ্ধ /অনাবিদ্ধো / [স. ন+আবিদ্ধ] বিণ. বিদ্ধ হয়নি এমন; অনাহত।

অনাবিল /অনাবিল্ /[স. ন+আবিল] বিণ. ১ কলুষিত নয় এমন। ২ নির্মল। ৩ নির্ভেজাল (*অনাবিল আনন্দ*)।

অনাবিলতা /অনাবিলতা / [স. অনাবিল+তা] বি. অমলিনতা, নির্মলতা।

অনাবিষ্কৃত /অনাবিশ্কৃতো/ [স. ন+আবিস্+√কৃ+ত] বিণ. আবিষ্কার করা হয়নি এমন; অপ্রকাশিত।

অনাবিষ্ট /অনাবিশ্টো / [স. ন+আ+√বিশ্+ত] বিণ. অমনোযোগী; অনবহিত।

অনাবৃত /অনাবৃতো / [স. ন+আ+√বৃ+ত] বিণ. অনাচ্ছাদিত, উদাম। স্ত্রী. **অনাবৃতা** /অনাবৃতা /।

অনাবৃতি /অনাবৃতি / [স. ন+আ+√বৃ+তি] বি. আবরণহীনতা, উন্মুক্ততা।

অনাবৃত্তি /অনাবৃত্তি /[স. ন+আ+√বৃত্+তি] বি. ১ অনভ্যাস; চেষ্টার অভাব। ২ অপ্রত্যাবর্তন।

অনাবৃষ্টি /অনাবৃশ্টি / [স. ন+আ+√বৃষ্+তি] বি. (চাষাবাদের জন্য) পর্যাপ্ত বৃষ্টির অভাব; খরা।

অনামক /অনামক্ / [স. ন+নামক] বিণ. নামবিহীন, অখ্যাতনামা। বি. ১ মলমাস। ২ অর্শরোগ।

অনাময় /অনাময়্/ [স. ন+আময়] বি. আরোগ্য, সুস্থতা। বিণ. ১ নীরোগ, সুস্থ। ২ নিরুপদ্রব।

অনাময়তা /অনাময়োতা/ [স. অনাময়+তা] বি. রোগহীনতা, ব্যাধিশূন্যতা।

অনামা /অনামা/ [স. ন+নামন্] বিণ. নামডাকহীন, খ্যাতি বা যশ নেই এমন (*অনামা লেখক*)। স্ত্রী. **অনাম্নী** /অনাম্নি /।

অনামিক /অনামিক / [স. ন+নামন্+ক (স্বার্থে)] বিণ. নাম নেই এমন, আখ্যাশূন্য; অখ্যাতনামা।

অনামিকা /অনামিকা / [স. অনামা+কন্+আ (টাপ্)] বি. মানুষের হাতের কনিষ্ঠাসংলগ্ন আঙুল।

অনামুখ /অনামুখ/ [দেশি.] বি. বিণ. দ্র **অনামুখা**।

অনামুখা /অনামুখা / [দেশি.] বিণ. মুখ দেখলে অমঙ্গল হয় এমন। বি. যার মুখ দেখলে অমঙ্গল হয়।

অনামুখো /অনামুখো / [দেশি.] বি. বিণ. দ্র **অনা-মুখা**।

অনায়ত /অনায়তো /[স. ন+আ+√যম্+ত] বিণ. প্রশস্ত নয় এমন, সংকীর্ণ।

অনায়ত্ত /অনায়ত্তো/ [স. ন+আ+√যৎ+ত] বিণ. আয়ত্তের বহির্ভূত; বশীভূত নয় এমন; অবাধ্য।

অনায়াস /অনায়াশ্ /[স. ন+আয়াস] বি. পরিশ্রম বা ক্লেশের অভাব। বিণ. আয়াসশূন্য; স্বতঃস্ফূর্ত।

অনায়াসকৃত /অনায়াশ্কৃতো/ [স. অনায়াস+√কৃ+ত] বিণ. বিনা আয়াসে সাধিত।

অনায়াসগম্য /অনায়াশ্গোম্মো / [স. অনায়াস+√গম্+য] বিণ. সহজে যাওয়া যায় এমন। বি. ~তা / -তা/।

অনায়াসলব্ধ /অনায়াশ্লব্ধো/ [স. অনায়াস+√লভ্+ত] বিণ. বিনা আয়াসে পাওয়া গেছে এমন।

অনায়াসলভ্য /অনায়াশ্লোভ্যো / [স. অনায়াস+√লভ্+য] বিণ. সহজে লাভ করা যায় এমন। বি. ~তা /-তা/।

অনায়াসসাধ্য /অনায়াশ্শাদ্ধো/ [স. অনায়াস+সাধ্য] বিণ. বিনা আয়াসে সম্পাদন করা যায় এমন, সহজসাধ্য।

অনায়াসসিদ্ধ /অনায়াশ্শিদ্ধো/ [স. অনায়াস+√সিধ্+ত] বিণ. বিনা আয়াসে সম্পাদিত।

অনায়াসে /অনায়াশে / [স. অনায়াস+বা. এ] ক্রিবিণ. সহজে, বিনা পরিশ্রমে।

অনার /অনার্/ [ই. honour] বি. ১ সম্মান, সমাদর, মর্যাদা, সুনাম, খ্যাতি। ২ অনুমোদন বা গ্রহণ (*চেক অনার করা*)।

অনারত /অনারতো / [স. ন+আরত] বিণ. অবিরাম।

অনারব্ধ /অনারব্ধো / [স. ন+আ+√রভ্+ত] বিণ. শুরু করা হয়নি এমন।

অনারম্ভ /অনারম্ভো /[স. ন+আ+√রভ্+অ] বি. ১ সূচনা বা আরম্ভের অভাব। ২ সূচনায় বিঘ্ন।

অনারারি /অনারারি / [লা.] বিণ. অবৈতনিক ও সম্মানসূচক, honorary। বি. (সচরাচর বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত) সম্মানসূচক উপাধি বা পদ।

অনারেবল /অনারেব্ল্/ [ই.] বিণ. (নামের পূর্বে আখ্যারূপে ব্যবহৃত) সম্মাননীয়, মাননীয়, সম্মানের যোগ্য, honourable।

অনারোগ্য /অনারোগ্যো / [স. ন+আরোগ্য] বি. আরোগ্যের অভাব।

অনার্তবা /অনার্তবা /[স. ন+আর্তবা] বিণ. ১ ঋতুমতী হয়নি এমন। ২ অল্পবয়স্কা।

www.pathagar.com

অনার্দ্র /অনার্দ্রো / [স. ন+আর্দ্র] বিণ. ভেজা নয় এমন, শুষ্ক; (পরি.) anhydrous।

অনার্য /অনার্জো / [স. ন+আর্য] বি. আর্য নয় এমন জাতি। বিণ. ১ আর্য ভিন্ন, non-aryan। ২ অভদ্র; অসাধু। ৩ দুর্বিনীত, অসভ্য।

অনার্যতা /অনার্জোতা / [স. অনার্য+তা] বি. অভদ্রতা; অসাধুতা।

অনার্যতিক্ত /অনার্জোতিক্তো/ [স. অনার্য+√তিজ্+ত] বি. চিরতা।

অনার্যসুলভ /অনার্জোশুলভ্ / [স. অনার্য+সুলভ] বিণ. শিষ্টাচারবর্জিত, অভদ্র।

অনার্স /অনার্স্/ [ই. honours] বি. স্নাতক পর্যায়ে অধ্যয়নের বিশেষীকৃত পাঠক্রম; বিশ্ববিদ্যালয়ের স্নাতক পর্যায়ের পরীক্ষায় উৎকর্ষের জন্য প্রদত্ত স্বীকৃতি।

অনালম্ব /অনালম্বো/ [স. ন+আ+√লম্ব্+অ] বিণ. ১ অবলম্বনহীন, নিরাশ্রয়। ২ শূন্যে অবস্থিত।

অনালোকিত /অনালোকিতো/ [স. ন+আলোকিত] বিণ. ১ আলোকিত নয় এমন। ২ অপ্রকাশিত।

অনালোচনীয় /অনালোচোনিয়ো / [স. ন+আলোচনীয়] বিণ. আলোচনার অযোগ্য।

অনালোচ্য /অনালোচ্চো / [স. ন+আলোচ্য] বিণ. দ্র অনালোচনীয়।

অনাশ্য /অনাশ্শো / [স. ন+√নশ্+য] বিণ. নাশ করা যায় না এমন, অবিনাশী, অক্ষয়।

অনাশ্রয় /অনাস্শ্রয়্/ [স. ন+আশ্রয়] বি. আশ্রয়ের অভাব। বিণ. নিরাশ্রয়, সহায়হীন। স্ত্রী. অনাশ্রয়া /অনাস্শ্রয়া/।

অনাশ্রিত /অনাস্শ্রিতো/ [স. ন+আ+√শ্রি+ত] বিণ. আশ্রয়প্রাপ্ত নয় এমন, নিরাশ্রয়।

অনাসক্ত /অনাশক্তো/ [স. ন+আ+√সন্জ্+ত] বিণ. আসক্ত নয় এমন। স্ত্রী. অনাসক্তা /অনাশক্তা/।

অনাসক্তি /অনাশোক্তি/ [স. ন+আ+√সন্জ্+তি] বি. আসক্তির অভাব, আসক্তিহীনতা।

অনাসত্তি /অনাশোত্তি/ [স. ন+আ+√সদ্+তি] বি. অনৈক্য, দূরত্ব।

অনাসৃষ্টি /অনাস্শৃষ্টি / [বা. অনা+স. সৃষ্টি] বি. সৃষ্টি-ছাড়া অবস্থা; অদ্ভুত ব্যাপার। বিণ. ১ অদ্ভুত। ২ কুৎসিত। ৩ নিন্দনীয়।

অনাস্থা /অনাস্থা / [স. ন+আ+√স্থা+অ+আ (টাপ্)] বি. ১ আস্থার অভাব (*অনাস্থা প্রস্তাব*); অবিশ্বাস, ভরসাহীনতা। ২ উপেক্ষা, অবহেলা।

অনাস্থাপ্রস্তাব /অনাস্থাপ্রোস্তাব্ / [স. অনাস্থা+প্রস্তাব] বি. সংসদীয় গণতন্ত্রে সরকারের বিরুদ্ধে সংসদে আনীত অনাস্থাসূচক প্রস্তাব যাতে অভিযোগ করা হয় যে ক্ষমতাসীন দল সরকার চালানোর যোগ্যতা হারিয়েছে, no confidence motion।

অনাস্বাদ /অনাশ্শাদ্/ [স. ন+আস্বাদ] বি. স্বাদ-হীনতা।

অনাস্বাদিত /অনাশ্শাদিতো/ [স. ন+আস্বাদিত] বিণ. স্বাদ গ্রহণ করা হয়নি এমন।

অনাহত /অনাহতো / [স. ন+আ+√হন্+ত] বিণ. ১ আঘাতপ্রাপ্ত নয় এমন, অক্ষত। ২ বাজানো হয়নি এমন (*অনাহত বীণা*)। ৩ শ্রুতিগোচর হয় না এমন। ৪ নৈসর্গিক ধ্বনিগুণবিশিষ্ট।

অনাহার /অনাহার্ / [স. ন+আহার] বি. উপবাস, অনশন।

অনাহারী /অনাহারি / [স. অনাহার+ইন্] বিণ. ১ অভুক্ত; উপবাসী। ২ (ব্য.) অবৈতনিক।

অনাহূত /অনাহুতো/ [স. ন+আ+√হু+ত] বিণ. আহুতি দেওয়া হয়নি এমন। বি. অপ্রদত্ত হোম।

অনাহূত /অনাহূতো/ [স. ন+আ+√হ্বে+ত] বিণ. ১ অনিমন্ত্রিত। ২ (বাংলায়) রবাহূত।

অনাহ্লাদ /অনাল্হাদ্ / [স. ন+আ+√হ্লাদ্+অ] বি. আহ্লাদের অভাব, নিরানন্দ, অসন্তোষ।

অনাহ্লাদিত /অনাল্হাদিতো / [স. ন+আ+√হ্লাদি+ত] বিণ. হৃষ্ট নয় এমন, অসন্তুষ্ট।

অনিঃসৃত /অনিস্সৃতো/ [স. ন+নির্+√সৃ+ত] বিণ. নির্গত বা ক্ষরিত হয়নি এমন।

অনিকেত /অনিকেত্ / [স. ন+নি+√কিৎ+অ] বিণ. ১ গৃহহীন। ২ উন্মূল।

অনিকেতন /অনিকেতন্/ [স. ন+নি+√কিৎ+অন] বিণ. দ্র অনিকেত।

অনিচ্ছা /অনিচ্ছা/ [স. ন+ইচ্ছা] বি. ১ অপ্রবৃত্তি, ইচ্ছার অভাব; অনভিলাষ। ২ অরুচি (*আহারে অনিচ্ছা*)। ৩ উদাসীনতা, বিরাগ। ৪ অসম্মতি।

অনিচ্ছাকৃত /অনিচ্ছাকৃতো/ [স. অনিচ্ছা+√কৃ+ত] বিণ. ১ ইচ্ছার বিরুদ্ধে সম্পাদিত বা অনুষ্ঠিত। ২ ভুলবশত করা হয়েছে এমন।

অনিচ্ছাপূর্বক /অনিচ্ছাপূর্বক্ / [স. অনিচ্ছা+পূর্বক] ক্রিবিণ. ইচ্ছার বিরুদ্ধে।

অনিচ্ছু /অনিচ্ছু/ [স. ন+√ইষ্+উ] বিণ. দ্র অনিচ্ছুক।

www.pathagar.com

অনিচ্ছুক /অনিচ্ছুক্/ [স. অনিচ্ছু+ক (স্বার্থে)] বিণ. ১ অনাগ্রহী, অনভিলাষী। ২ অসম্মত। ৩ গররাজি।

অনিত্য /অনিত্তো/ [স. ন+নিত্য] বিণ. অস্থায়ী, নশ্বর। বি. ~তা /-তা/।

অনিত্যত্ব /অনিত্তোত্তো/ [স. অনিত্য+ত্ব] বি. নশ্বরতা, অস্থায়িত্ব।

অনিদ্র /অনিদ্দ্রো / [স. ন+নিদ্রা] বিণ. নিদ্রাহীন, বিনিদ্র, সজাগ (*অনিদ্র রজনি*)।

অনিদ্রা /অনিদ্দ্রা/ [স. ন+নিদ্রা] বি. ১ নিদ্রাহীনতা, ঘুমের অভাব (*জ্যোৎস্না ডুবিয়ে দাও অনিদ্রার ঘন কালিমায়।* বিষ্ণু.)। ২ অনিদ্রারোগ, insomnia।

অনিন্দনীয় /অনিন্‌দোনিয়ো / [স. ন+√নিন্দ্+অনীয়] বিণ. ১ নিন্দার অযোগ্য। ২ অনবদ্য। ৩ অনিন্দ্য।

অনিন্দিত /অনিন্‌দিতো / [স. ন+√নিন্দ্+ত] বিণ. ১ নিন্দিত নয় এমন; অগর্হিত। ২ নিখুঁত; সুন্দর; অনবদ্য। স্ত্রী. **অনিন্দিতা** /অনিন্‌দিতা/।

অনিন্দ্য /অনিন্‌দো / [স. ন+√নিন্দ্+য] বিণ. দ্র অনিন্দনীয়।

অনিন্দ্যকান্তি /অনিন্‌দোকান্‌তি / [স. অনিন্দ্য+√কম্+তি] বিণ. নিখুঁত বা সুন্দর চেহারার অধিকারী।

অনিন্দ্যসুন্দরী /অনিন্‌দোশুন্‌দোরি / [স. অনিন্দ্য+√সুন্দ্+অর+ঈ] বিণ. নিখুঁত সুন্দরী; সর্বাঙ্গসুন্দরী।

অনিপুণ /অনিপুন্/ [স. ন+নিপুণ] বিণ. অদক্ষ, অকুশল, অনভিজ্ঞ। স্ত্রী. **অনিপুণা** /অনিপুনা/।

অনিপুণতা /অনিপুনতা/ [স. অনিপুণ+তা] বি. অদক্ষতা, অপটুতা।

অনিবদ্ধ /অনিবদ্‌ধো/ [স. ন+নি+√বদ্ধ্+ত] বিণ. ১ অসংবদ্ধ; শিথিল। ২ অগ্রথিত; অলিখিত।

অনিবার /অনিবার্ / [স. ন+নিবার] বিণ. নিবারণ করা যায় না এমন। ক্রিবিণ. বারবার; ক্রমান্বয়ে।

অনিবারণীয় /অনিবারোনিয়ো / [স. ন+নিবারণীয়] বিণ. নিবারণ করা যায় না এমন, অনিবার্য, অবশ্যম্ভাবী; অপ্রতিরোধ্য।

অনিবারিত /অনিবারিতো / [স. ন+নি+√বারি+ত] বিণ. ১ অপ্রতিহত, অব্যাহত, অবাধ। ২ অনিষিদ্ধ।

অনিবার্য /অনিবারজো / [স. ন+নি+√বৃ+ণিচ্+য] বিণ. নিবারণ করা যায় না এমন (*অনিবার্য কারণবশত*); অপ্রতিরোধ্য।

অনিবিড় /অনিবিড়্/ [স. ন+নিবিড়] বিণ. ঘন সন্নিবিষ্ট নয় এমন, ফাঁকা ফাঁকা।

অনিবেদিত /অনিবেদিতো / [স. ন+নিবেদিত] বিণ. ১ বিজ্ঞাপিত নয় এমন। ২ (বাংলায়) উৎসর্গ করা হয়নি এমন।

অনিমন্ত্রিত /অনিমোন্‌ত্রিতো/ [স. ন+নি+√মন্ত্র্+ত] বিণ. আহ্বান করা হয়নি এমন, অনাহূত।

অনিমিখ /অনিমিখ্/ [স. অনিমিষ >] বিণ. নিস্পন্দ, স্থির; অপলক।

অনিমিখে /অনিমিখে/ [বা.] ক্রিবিণ. পলকহীনভাবে, একদৃষ্টিতে।

অনিমিত্ত /অনিমিত্তো/ [স. ন+নি+√মিদ্+ত] বিণ. অহেতুক, অকারণ। বি. অশুভ লক্ষণ।

অনিমিষ /অনিমিশ / [স. ন+নিমিষ] বিণ. ১ অপলক, বদ্ধদৃষ্টি। ২ স্থির, নিস্পন্দ, অচল।

অনিমিষনেত্রে /অনিমিশনেত্তে্রে/ [স. অনিমিষ+নেত্র +বা. এ] ক্রিবিণ. স্থিরদৃষ্টিতে, অপলক দৃষ্টিতে।

অনিমিষলোচনে /অনিমিশ্‌লোচোনে/ [স. অনিমিষ +লোচন+বা. এ] ক্রিবিণ. দ্র অনিমিষনেত্রে।

অনিমেষ /অনিমেশ্/ [স. ন+নিমেষ] বিণ. দ্র অনিমিষ।

অনিমেষনেত্রে /অনিমেশনেত্তে্রে/ [স. অনিমেষ+ নেত্র +বা. এ] ক্রিবিণ. দ্র অনিমিষনেত্রে।

অনিমেষলোচনে /অনিমেশ্‌লোচোনে/ [স. অনিমেষ +লোচন+বা. এ] ক্রিবিণ. দ্র অনিমিষনেত্রে।

অনিয়ত /অনিয়তো / [স. ন+নি+√যম্+ত] বিণ. ১ অনির্দিষ্ট। ২ অসংযত, অস্থির; উচ্ছৃঙ্খল।

অনিয়তাকার /অনিয়তাকার্ / [স. অনিয়ত+আকার] বিণ. নির্দিষ্ট আকার নেই এমন, amorphous।

অনিয়ন্ত্রিত /অনিয়োন্‌ত্রিতো/ [স. ন+নি+√যন্ত্র্+ত] বিণ. নিয়ন্ত্রিত নয় এমন, অসংযত; উচ্ছৃঙ্খল।

অনিয়ম /অনিয়োম্ / [স. ন+নিয়ম] বি. ১ নিয়মের অভাব। ২ অব্যবস্থা; বিশৃঙ্খলা। ৩ নিয়মের ব্যতিক্রম বা ব্যত্যয়। ৪ সংযমের অভাব।

অনিয়মিত /অনিয়োমিতো/ [স. ন+নিয়মিত] বিণ. ১ নিয়মদ্বারা নিয়ন্ত্রিত নয় এমন। ২ অনির্দিষ্ট।

অনিরুদ্ধ /অনিরুদ্‌ধো/ [স. ন+নি+√রুধ্+ত] বিণ. ১ অপ্রতিহত। ২ অবাধ। বি. শ্রীকৃষ্ণের পৌত্র।

অনিরূপিত /অনিরুপিতো/ [স. ন+নি+√রূপি+ত] বিণ. নির্ণয় করা হয়নি এমন, অনির্ণীত।

অনির্ণীত /অনির্‌নিতো/ [স. ন+নির্+ √নী+ত] বিণ. দ্র অনিরূপিত।

অনির্ণেয় /অনির্‌নেয়ো / [স. ন+নির্+ √নী+য] বিণ. নির্ণয় করা যায় না এমন।

অনির্দিষ্ট /অনির্‌দিশ্‌টো/ [স. ন+নির্+ √দিশ্+ত]

www.pathagar.com

বিণ. নির্দিষ্ট করা হয়নি এমন, অনির্ধারিত।

অনির্দেশ /অনির্দেশ্/ [স. ন+নির্+ √দিশ্+অ] বি. নির্দেশের অভাব।

অনির্দেশ্য /অনির্দেশ্শো / [স. অনির্দেশ+য] বিণ. নির্দিষ্ট করা যায় না এমন; অনির্ণেয়।

অনির্ধারিত /অনির্ধারিতো/ [স. ন+নির্+ √ধারি+ত] বিণ. স্থির করা হয়নি এমন।

অনির্বচনীয় /অনির্বচোনিয়ো / [স. ন+নির্বচনীয়] বিণ. বর্ণনাতীত, অবর্ণনীয়। স্ত্রী. **অনির্বচনীয়া** /অনির্বচোনিয়া /।

অনির্বাচিত /অনির্বাচিতো/ [স. ন+নির্বাচিত] বিণ. ১ নির্বাচিত নয় এমন। ২ নির্বাচনে পরাজিত। ৩ বাছা হয়নি এমন।

অনির্বাচ্য /অনির্বাচ্চো / [স. ন+নির্বাচ্য] বিণ. ১ বাক্যে প্রকাশ করা যায় না এমন, বর্ণনার অতীত। ২ নির্বাচনের অযোগ্য।

অনির্বাণ /অনির্বান্/ [স. ন+নির্বাণ] বিণ. সর্বদা প্রজ্জ্বলিত রাখা হয় এমন (*শিখা অনির্বাণ*); জ্বলন্ত। বি. নির্বাণ বা মোক্ষের অভাব।

অনির্বাদ /অনির্বাদ্/ [স. ন+নির্বাদ] বি. নির্বিবাদ।

অনির্বাপিত /অনির্বাপিতো /[স. ন+নির্+ √বপ্+ণিচ্ +ত] বিণ. ১ নেভানো হয়নি এমন। ২ প্রশমিত নয় এমন।

অনির্বেদ /অনির্বেদ্/ [স. ন+নির্বেদ] বিণ. গ্লানিহীন। বি. ১ বৈরাগ্যের অভাব। ২ অদর্শন।

অনির্বেয় /অনির্বেও / [স. ন+নির্বেয়] বিণ. নেভানো যায় না এমন।

অনির্ভর /অনির্ভর / [স. ন+নির্ভর] বিণ. আশ্রয়-হীন, অবলম্বনহীন, সহায়হীন।

অনিল /অনিল্/ [স. √অন্+ইল] বি. বায়ু, বাতাস।

অনিশ /অনিশ্/ [স. ন+নিশা] বিণ. ক্রিবিণ. অবিরত, সতত, নিরন্তর।

অনিশ্চয় /অনিশ্চয়্/ [স. ন+নির্+ √চি+অ] বি. ১ সন্দেহ, সংশয়। ২ অধ্রুবতা।

অনিশ্চয়তা /অনিশ্চয়তা/ [স. অনিশ্চয়+তা] বি. নিশ্চয়তার অভাব।

অনিশ্চিত /অনিশ্চিতো/ [স. ন+নির্+ √চি+ত] বিণ. অনির্ণীত, অনির্ধারিত।

অনিষ্ট /অনিশ্টো/ [স. ন+√ইষ্+ত] বি. অপকার, ক্ষতি; অমঙ্গল। বিণ. অবাঞ্ছিত, অনভিলষিত।

অনিষ্টকর /অনিশ্টোকর্/ [স. অনিষ্ট+√কৃ+অ] বিণ. ক্ষতিকর, হানিকর।

অনিষ্টকারক /অনিশ্টোকারোক্/ [স. অনিষ্ট+√কৃ+ অক] বিণ. দ্র অনিষ্টকর।

অনিষ্টকারী /অনিশ্টোকারি/ [স. অনিষ্ট+√কৃ+ইন্] বিণ. দ্র অনিষ্টকর।

অনিষ্টচিন্তা /অনিশ্টোচিন্তা/ [স. অনিষ্ট+√চিন্ত্+অ +আ (টাপ্)] বি. অহিতসাধনের চিন্তা।

অনিষ্টজনক /অনিশ্টোজনোক্/ [স. অনিষ্ট+জনক] বিণ. দ্র অনিষ্টকর।

অনিষ্টদায়ক /অনিশ্টোদায়োক্/ [স. অনিষ্ট+দায়ক] বিণ. দ্র অনিষ্টকর।

অনিষ্টাচরণ /অনিশ্টাচরোন্/ [স. অনিষ্ট+আচরণ] বি. ক্ষতিসাধন, অমঙ্গলসাধন।

অনিষ্ঠ /অনিশ্ঠো/ [স. ন+নি+√স্থা+অ] বিণ. শ্রদ্ধা অনুরাগ বা নিষ্ঠা নেই এমন।

অনিষ্ঠা /অনিশ্ঠা/ [স. ন+নি+√স্থা+অ+আ (টাপ্)] বি. নিষ্ঠা বা ভক্তির অভাব।

অনিষ্পন্ন /অনিশ্পন্নো / [স. ন+নিস্+√পদ্+ত] বিণ. মীমাংসা বা নিষ্পত্তি করা হয়নি এমন।

অনীক /অনিক্/ [স. √অন্+ঈক] বি. ১ যুদ্ধ। ২ সেনাবাহিনী।

অনীকিনী /অনিকিনি/ [স. অনীক+ইন্+ঈ] বি. অক্ষৌহিণীর এক দশমাংশ; সৈন্যদল।

অনীত /অনিতো/ [স. অনীতি >] বিণ. ১ নেওয়া হয়নি এমন। ২ গর্হিত; নীতিবিরুদ্ধ। ৩ দুর্বিনীত; অশিষ্ট। বি. কুরীতি; দুর্নীতি।

অনীতি /অনিতি/ [স. ন+নীতি] বি. দুর্নীতি, কুনীতি।

অনীপ্সিত /অনিপ্শিতো/ [স. ন+√ঈপ্স্+ত] বিণ. অবাঞ্ছিত, অনভিলষিত।

অনীশ /অনিশো/ [স. ন+ঈশ] বিণ. ঈশ্বরের অস্তিত্বে আস্থাহীন, নাস্তিক; ঈশ্বরবিহীন।

অনীশ্বর /অনিশ্শর্/ [স. ন+ঈশ্বর] বিণ. দ্র অনীশ।

অনীশ্বরবাদ /অনিশ্শরবাদ্ / [স. অনীশ্বর+√বদ্+ অ] বি. ঈশ্বর নেই এমন মতবাদ; নাস্তিকতা।

অনীশ্বরবাদী /অনিশ্শরবাদি/ [স. অনীশ্বর+√বদ্+ ইন্] বিণ. ঈশ্বর নেই এমন মতবাদে বিশ্বাসী।

অনীহ /অনিহো/ [স. ন+ঈহ] বিণ. ১ নিস্পৃহ। ২ অনিচ্ছুক। ৩ নিরুদ্যম।

অনীহা /অনিহা/ [স. ন+ঈহা] বি. ১ উদ্যমের অভাব। ২ নিস্পৃহতা, নিশ্চেষ্টতা; অনুৎসাহ।

অনু /ওনু/ [স. √অন্+উ] অব্য. ১ অনুরূপ, অনুযায়ী। ২ পশ্চাৎ; পশ্চাদ্ভাগ, পেছন দিক। ৩ পরে পশ্চাৎ সাদৃশ্য ব্যাপ্তি প্রভৃতিসূচক সংস্কৃত উপসর্গ।

www.pathagar.com

অনুকম্পন /ওনুকম্পোন্/ [স. অনু+√কম্প্+অন] বি. ১ শিহরন; স্পন্দন। ২ অনুরণন।

অনুকম্পা /ওনুকম্পা/ [স. অনু+√কম্প্+অ+আ (টাপ্)] বি. ১ সমবেদনা, সহানুভূতি। ২ অনুগ্রহ।

অনুকরণ /ওনুকরোন্/ [স. অনু+√কৃ+অন] বি. ১ নকল, সদৃশীকরণ। ২ অনুসরণ। ৩ অনুরূপ আচরণ।

অনুকরণকারী /ওনুকরোন্কারি/ [স. অনুকরণ+√কৃ+ইন্] বিণ. অনুরূপ আচরণকারী। বি. যে অনুকরণ করে।

অনুকরণদক্ষ /ওনুকরোন্দোক্‌খো/ [স. অনুকরণ+√দক্ষ্+অ] বিণ. অনুকরণ করতে পটু।

অনুকরণপটু /ওনুকরোন্পোটু/ [স. অনুকরণ+পটু] বিণ. দ্র অনুকরণদক্ষ।

অনুকরণপ্রিয় /ওনুকরোন্প্রিয়ো/ [স. অনুকরণ+√প্রী+অ] বিণ. অনুকরণ করতে অভ্যস্ত এমন। বি. যে ব্যক্তি অনুকরণ করতে ভালোবাসে।

অনুকরণবৃত্তি /ওনুকরোন্‌বৃত্তি/ [স. অনুকরণ+√বৃৎ+তি] বি. অনুকরণ করার অভ্যাস।

অনুকরণশীল /ওনুকরোন্‌শিল্/ [স. অনুকরণ+√শীল্+অ] বিণ. অনুসরণ করতে অভ্যস্ত এমন।

অনুকরণীয় /ওনুকরোনিয়ো/ [স. অনু+√কৃ+অনীয়] বিণ. অনুসরণ করা উচিত এমন, অনুকরণযোগ্য।

অনুকর্তা /ওনুকর্‌তা/ [স. অনু+√কৃ+তৃ] বি. যে ব্যক্তি অনুকরণ করে। বিণ. অনুকরণকারী।

অনুকর্ম /ওনুকর্‌মো/ [স. অনু+√কৃ+মন্] বি. দ্র অনুকরণ।

অনুকল্প /ওনুকল্‌পো/ [স. অনু+√কল্প্+অ] বি. ১ বদল, পরিবর্ত, alternative। ২ প্রতিনিধি, substitute। ৩ গৌণ বিধি, অপ্রধান নিয়ম।

অনুকার /ওনুকার্/ [স. অনু+√কৃ+অ] বি. অনুকরণ, সদৃশীকরণ। বিণ. অনুকারী।

অনুকূল /ওনুকুল্/ [স. অনু+কূল] বিণ. ১ সহায় (*অনুকূল বায়ু*)। ২ পোষক। ৩ সদয়।

অনুকূলতা /ওনুকুলতা/ [স. অনুকূল+তা] বি. কোনো অবস্থা বা কাজের সহায়।

অনুকৃত /ওনুক্‌কৃতো/ [স. অনু+√কৃ+ত] বিণ. অনুকরণ করা হয়েছে এমন।

অনুকৃতি /ওনুক্‌কৃতি/ [স. অনু+√কৃ+তি] বি. অনুকরণ; অনুসরণ।

অনুক্ত /অনুক্‌তো/ [স. ন+√বচ্+ত] বিণ. বলা হয়নি এমন, অকথিত, উহ্য।

অনুক্রম /ওনুক্‌রোম্/ [স. অনু+√ক্রম্+অ] বি. ১ পারম্পর্য, যথাক্রম (*বর্ণানুক্রম*), sequence। ২ কর্মসূচি। ৩ (বাংলায়) অনুগমন।

অনুক্রমণ /ওনুক্‌ক্রোমোন্/ [স. অনু+√ক্রম্+অন] বি. ১ অনুসরণ। ২ পারম্পর্য অনুসারে করণ।

অনুক্রমণিকা /ওনুক্‌ক্রোমোনিকা/ [স. অনুক্রমণী+কন্+আ (টাপ্)] বি. পুস্তকের মুখবন্ধ, ভূমিকা; অবতরণিকা; গ্রন্থের সূচি।

অনুক্রমণী /ওনুক্‌ক্রোমোনি/ [স. অনুক্রমণ+ঈ] বি. দ্র অনুক্রমণিকা।

অনুক্রমিক /ওনুক্‌ক্রোমিক্/ [স. অনুক্রম+ইক] বিণ. ক্রমানুসারে ঘটে এমন, ক্রমানুসারী।

অনুক্রোশ /ওনুক্‌ক্রোশ্/ [স. অনু+√ক্রুশ্+অ] বি. দয়া, অনুকম্পা।

অনুক্ষণ /ওনুক্‌খন্/ [স. অনু+ক্ষণ] অব্য. ক্রিবিণ. সর্বদা, নিরন্তর।

অনুখন /ওনুখন্/ [স. অনুক্ষণ >] অব্য. ক্রিবিণ. 'অনুক্ষণ'-এর কোমল ও কাব্যিক রূপ।

অনুগ /ওনুগো/ [স. অনু+√গম্+অ] বিণ. ১ অনুযায়ী। ২ অনুচর, অনুগামী। ৩ সেবক।

অনুগত /ওনুগতো/ [স. অনু+√গম্+ত] বিণ. ১ মতানুসারী। ২ বাধ্য; অধীন। ৩ আশ্রিত। ৪ অনুগ।

অনুগম /ওনুগম্/ [স. অনু+√গম্+অ] বি. দ্র অনুগমন।

অনুগমন /ওনুগমোন্/ [স. অনু+√গম্+অন] বি. ১ অনুসরণ, পশ্চাদগমন। ২ একত্রগমন। ৩ সহমরণ।

অনুগমনীয় /ওনুগমোনিয়ো/ [স. অনু+√গম্+অনীয়] বিণ. অনুগমণের যোগ্য, অনুগম্য।

অনুগম্য /ওনুগোম্‌মো/ [স. অনু+√গম্+য] বিণ. অনুসরণের যোগ্য।

অনুগামী /ওনুগামি/ [স. অনু+√গম্+ইন্] বিণ. ১ অনুসরণকারী, পশ্চাদ্‌গামী। ২ সহযাত্রী। ৩ অধীন। স্ত্রী. অনুগামিনী /ওনুগামিনি/।

অনুগৃহীত /ওনুগৃহিতো/ [স. অনু+√গ্রহ্+ত] বিণ. ১ অনুগ্রহপ্রাপ্ত। ২ প্রতিপালিত; উপকৃত। স্ত্রী. অনুগৃহীতা /ওনুগৃহিতা/।

অনুগ্র /অনুগ্রো/ [স. ন+উগ্র] বিণ. ১ উগ্র নয় এমন। ২ শিষ্ট, ভদ্র। বি. -তা /-তা/।

অনুগ্রহ /ওনুগ্রোহো/ [স. অনু+√গ্রহ্+অ] বি. ১ দয়া, কৃপা, করুণা। ২ সহায়তা, আনুকূল্য; উপকার। ৩ প্রসন্নতা, সন্তুষ্টি।

অনুগ্রহপূর্বক /ওনুগ্রোহোপুর্‌বক্/ [স. অনুগ্রহ+

www.pathagar.com

পূর্বক] ক্রিবিণ. কৃপা সহকারে, অনুগ্রহ করে।

অনুগ্রহপ্রার্থী /ওনুগ্‌গ্রোহোপ্রার্থি/ [স. অনুগ্রহ+প্র+√অর্থ্+ইন্] বিণ. কৃপা বা দয়া প্রার্থনাকারী।

অনুগ্রাহী /ওনুগ্‌গ্রাহি/ [স. অনু+√গ্রহ্+ইন্] বিণ. অনুগ্রহকারী। স্ত্রী. **অনুগ্রাহিকা** /ওনুগ্‌গ্রাহিকা/।

অনুঘটক /ওনুঘটোক্/ [স. অনু+√ঘট্+অক] বি. যে বস্তু তার নিজ গুণ ও পরিমাণ অক্ষুণ্ন রেখে কোনো রাসায়নিক বিক্রিয়া ত্বরান্বিত করে; (পরি.) catalyst।

অনুঘটন /ওনুঘটোন্/ [স. অনু+√ঘট্+অন] বি. কোনো বস্তুর নিজ গুণ ও পরিমাণ অক্ষুণ্ন রেখে রাসায়নিক বিক্রিয়া ত্বরান্বিত করার প্রক্রিয়া; (পরি.) catalysis।

অনুচর /ওনুচর্/ [স. অনু+√চর্+অ] বি. ১ সহচর, সঙ্গী। ২ পরিচারক। বিণ. অনুগামী, follower। স্ত্রী. **অনুচরী** /ওনুচোরি/।

অনুচারী /ওনুচারি/ [স. অনু+√চর্+ইন্] বিণ. অনুগামী; অনুসারী। বি. পরিচারক। স্ত্রী. **অনুচারিণী** /ওনুচারিনি/।

অনুচিকীর্ষা /ওনুচিকির্‌শা/ [স. অনু+√কৃ+সন্+অ+আ (টাপ্)] বি. অনুকরণ করার ইচ্ছা।

অনুচিকীর্ষু /ওনুচিকির্‌শু/ [স. অনু+√কৃ+সন্+উ] বিণ. অনুকরণ করতে ইচ্ছুক।

অনুচিত /অনুচিত্/ [স. ন+উচিত] বিণ. ১ উচিত নয় এমন ; অসংগত। ২ অন্যায়। ৩ অকর্তব্য।

অনুচিন্তন /ওনুচিন্‌তন্/ [স. অনু+√চিন্তি+অন] বি. ১ নিরন্তর চিন্তা; গভীর চিন্তা। ২ পশ্চাৎচিন্তা।

অনুচিন্তা /ওনুচিন্‌তা/ [স. অনু+√চিন্তি+অ+আ (টাপ্)] বি. দ্র অনুচিন্তন।

অনুচ্চ /অনুচ্চো/ [স. ন+উচ্চ] বিণ. ১ উঁচু নয় এমন। ২ মৃদু (*অনুচ্চকণ্ঠ*)।

অনুচ্চারণীয় /অনুচ্চারোনিয়ো/ [স. ন+উচ্চারণীয়] বিণ. ১ উচ্চারণ করা যায় না বা উচ্চারিত হয় না এমন। ২ উচ্চারণ করা উচিত নয় এমন, অকথ্য।

অনুচ্চারিত /অনুচ্চারিতো/ [স. ন+উচ্চারিত] বিণ. অনুক্ত (*কোথায় আমাদের সেই অনুচ্চারিত অঙ্গীকার?* শামসুর.)।

অনুচ্চার্য /অনুচ্চারজ্যো/ [স. ন+উচ্চার্য] বিণ. দ্র অনুচ্চারণীয়।

অনুচ্ছেদ /অনুচ্ছেদ্/ [স. অনু+ছেদ] বি. ১ প্রবন্ধ বা গদ্য রচনায় ভাবপ্রকাশক বিভাগ, ক্ষুদ্র পরিচ্ছেদ, প্যারা, paragraph। ২ আইনের ধারা; (পরি.) article।

অনুজ /ওনুজো/ [স. অনু+√জন্+অ] বি. পরে জাত, কনিষ্ঠ ভ্রাতা। স্ত্রী. **অনুজা** /ওনুজা/।

অনুজঙ্ঘাস্থি /ওনুজংঘাস্‌থি/ [স. অনু+জঙ্ঘাস্থি] বি. হাঁটু ও গোড়ালির মধ্যবর্তী হাড়, shinbone, tibia।

অনুজন্মা /ওনুজন্‌মা/ [স. অনু+জন্মন্] বিণ. পরে জাত, কনিষ্ঠ। বি. কনিষ্ঠ ভ্রাতা।

অনুজপ্রতিম /ওনুজোপ্রোতিম্/ [স. অনুজ+প্রতি+√মা+অ] বিণ. ছোটো ভাইয়ের মতো, অনুজতুল্য।

অনুজাত /ওনুজাতো/ [স. অনু+√জন্+ত] বিণ. পরে জাত বা উৎপন্ন।

অনুজীবী /ওনুজিবি/ [স. অনু+√জীব্+ইন্] বিণ. ১ অন্যকে আশ্রয় করে জীবনধারণকারী। ২ আশ্রিত; পোষ্য। বি. পরিচারক।

অনুজীব্য /ওনুজিব্‌বো/ [স. অনু+√জীব্+য] বিণ. আশ্রিত বা সহায় হওয়ার যোগ্য।

অনুজ্জ্বল /অনুজ্জল্/ [স. ন+উজ্জ্বল] বিণ. নিষ্প্রভ; মেধাহীন। বি. **অনুজ্জ্বলতা** /অনুজ্জলতা/।

অনুজ্ঞা /ওনুগ্‌গাঁ/ [স. অনু+√জ্ঞা+অ+আ (টাপ্)] বি. ১ আদেশ। ২ অনুমতি, সম্মতি। ৩ প্রবর্তন; নিয়োগ। ৪ (ব্যা.) ক্রিয়ার আদেশসূচক ভাব, imperative mood।

অনুজ্ঞাত /ওনুগ্‌গ্যাঁতো/ [স. অনু+√জ্ঞা+ত] বিণ. আদেশ বা অনুজ্ঞাপ্রাপ্ত।

অনুজ্ঞাপত্র /ওনুগ্‌গাঁপত্‌ত্রো/ [স. অনুজ্ঞা+পত্র] বি. আদেশপত্র; লাইসেন্স।

অনুতপ্ত /ওনুতপ্‌তো/ [স. অনু+√তপ্+ত] বিণ. কৃতকর্মের জন্য দুঃখিত; সন্তপ্ত।

অনুতাপ /ওনুতাপ্/ [স. অনু+√তপ্+অ] বি. অনুশোচনা, আফসোস, পরিতাপ।

অনুতাপগ্রস্ত /ওনুতাপ্‌গ্রোস্‌তো/ [স. অনুতাপ+√গ্রস্+ত] বিণ. অনুতপ্ত, পরিতাপগ্রস্ত।

অনুৎকর্ষ /অনুত্‌করশো/ [স. ন+উৎ+√কৃষ্+অ] বি. উৎকর্ষের অভাব, অপকর্ষ, অনুন্নতি।

অনুৎসাহ /অনুত্‌শাহো/ [স. ন+উৎ+√সহ্+অ] বি. উৎসাহের অভাব, উদ্যমহীনতা। বিণ. নিরুদ্যম।

অনুৎসাহী /অনুত্‌শাহী/ [স. ন+উৎ+√সহ্+ইন্] বিণ. উৎসাহী নয় এমন, নিরুৎসাহী, উদ্যমহীন।

অনুৎসুক /অনুত্‌শুক্/ [স. ন+উৎসুক] বিণ. উৎসুক বা আগ্রহান্বিত নয় এমন।

অনুত্তম /অনুত্‌তম্/ [স. ন+উত্তম] বিণ. ১ নিকৃষ্ট,

www.pathagar.com

অধম। ২ অতি উৎকৃষ্ট, সর্বোত্তম।

অনুত্তর /অনুত্তর্/ [স. ন+উত্তর] বিণ. ১ নিরুত্তর; প্রত্যুত্তরহীন। ২ শ্রেষ্ঠ, সর্বোত্তম। ৩ উত্তরদিকে নয় এমন; দক্ষিণদিকস্থ।

অনুত্তীর্ণ /অনুত্তির্নো/ [স. ন+উত্তীর্ণ] বিণ. উত্তীর্ণ হয়নি এমন, অকৃতকার্য।

অনুদয় /অনুদয়্/ [স. ন+উদয়] বি. ১ অপ্রকাশ। ২ (বাংলায়) সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী সময়।

অনুদাত্ত /অনুদাত্তো/ [স. ন+উদাত্ত] বিণ. উদাত্ত নয় এমন। বি. অনুচ্চ স্বর; সংগীতে নিম্নস্বর।

অনুদান /ওনুদান্/ [স. অনু+দান] বি. সরকার বা কোনো প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অর্থ; ভরতুকি।

অনুদার /অনুদার্/ [স. ন+উদার] বিণ. সংকীর্ণমনা; নীচাশয়; কৃপণ। বি. **অনুদারতা** /অনুদারতা/।

অনুদাস /ওনুদাশ্/ [স. অনু+দাস] বি. দাসের অনুগত দাস।

অনুদিত /অনুদিতো/ [স. ন+উদিত] বিণ. উদিত হয়নি এমন, অপ্রকাশিত; অব্যক্ত।

অনুদিন /ওনুদিন্/ [স. অনু+দিন] অব্য. ক্রিবিণ. দিনের পর দিন, প্রতিদিন, রোজ।

অনুদৈর্ঘ্য /ওনুদোইর্ঘ্যো/ [স. অনু+দীর্ঘ+য] বিণ. দৈর্ঘ্যবরাবর, লম্বালম্বি, longitudinal।

অনুদ্‌গত /অনুদ্‌গতো/ [স. ন+উৎ+√গম্+ত] বিণ. ১ অনুদিত। ২ অঙ্কুরিত হয়নি এমন।

অনুদ্‌ঘাটিত /অনুদ্‌ঘাটিতো/ [স. ন+উৎ+√ঘট্+ণিচ্+ত] বিণ. উদ্‌ঘাটন করা হয়নি এমন।

অনুদ্‌বায়ী /অনুদ্‌বায়ি/ [স. ন+উৎ+√বা+ইন্] বিণ. বাতাসে উবে যায় না এমন, nonvolatile। বি. **অনুদ্‌বায়িতা** /অনুদ্‌বায়িতা/।

অনুদ্‌বেগ /অনুদ্‌বেগ্/ [স. ন+উৎ+√বিজ্+অ] বি. উৎকণ্ঠা বা উদ্‌বেগের অভাব, নিশ্চিন্ততা।

অনুদ্‌বেল /অনুদ্‌বেল্/ [স. ন+উৎ+বেলা] বিণ. ১ অচঞ্চল। ২ বেলাভূমি অতিক্রম করেনি এমন।

অনুদ্দিষ্ট /অনুদ্‌দিশ্‌টো/ [স. ন+উদ্দিষ্ট] বিণ. ১ সন্ধান বা উদ্দেশ নেই এমন, নিরুদ্দিষ্ট। ২ লক্ষ্য বা বক্তব্যের বিষয় নয় এমন।

অনুদ্দেশ /অনুদ্‌দেশ্/ [স. ন+উদ্দেশ] বিণ. খোঁজ বা উদ্দেশ নেই এমন, নিরুদ্দেশ, নিখোঁজ।

অনুদ্ধত /অনুদ্‌ধতো/ [স. ন+উদ্ধত] বিণ. বিনীত, নম্র; শান্ত।

অনুদ্ভিন্ন /অনুদ্‌ভিন্নো/ [স. ন+উদ্ভিন্ন] বিণ. ১ অনুদ্‌গত বা ভেদ করে ওঠেনি এমন, অঙ্কুরিত হয়নি এমন। ২ অনতিস্ফুট, অস্ফুট, অপরিস্ফুট। ৩ স্বল্পবিকশিত।

অনুদ্ভূত /অনুদ্‌ভুতো/ [স. ন+উদ্ভূত] বিণ. ১ উদ্ভব ঘটেনি এমন। ২ প্রচ্ছন্ন, অব্যক্ত।

অনুদ্যোগ /অনুদ্‌যোগ্/ [স. ন+উৎ+√যুজ্+অ] বি. উদ্যোগের অভাব।

অনুদ্যোগী /অনুদ্‌যোগি/ [স. ন+উৎ+√যুজ্+ইন্] বিণ. উদ্যোগহীন, নিশ্চেষ্ট।

অনুধাবন /ওনুধাবন্/ [স. অনু+√ধাব্+অন] বি. ১ অনুসরণ, পশ্চাদ্‌ধাবন। ২ পর্যালোচনা; বিবেচনা। ৩ মনোনিবেশ, মনঃসংযোগ। ৪ অনুসন্ধান, খোঁজ।

অনুধাবিত /ওনুধাবিতো/ [স. অনু+√ধাব্+ত] বিণ. ১ পশ্চাদ্‌ধাবিত। ২ অভিনিবিষ্ট। ৩ বিবেচিত।

অনুধ্যান /ওনুদ্‌ধ্যান্/ [স. অনু+√ধ্যৈ+অন] বি. ১ নিরন্তর চিন্তা, অনুচিন্তন। ২ কল্যাণকর চিন্তা।

অনুধ্যায়ী /ওনুদ্‌ধ্যায়ি/ [স. অনু+√ধ্যৈ+ইন্] বিণ. ১ সর্বদা চিন্তা করে এমন। ২ শুভ চিন্তা করে এমন।

অনুধ্যেয় /ওনুদ্‌ধেয়ো/ [স. অনু+√ধ্যৈ+য] বিণ. নিরন্তর ধ্যানের যোগ্য।

অনুনয় /ওনুনয়্/ [স. অনু+√নী+অ] বি. বিনীত অনুরোধ বা প্রার্থনা, মিনতি; কাতরোক্তি।

অনুনয়বিনয় /ওনুনয়্‌বিনয়্/ [স. অনুনয়+বিনয়] বি. সকাতর প্রার্থনা; সাধ্যসাধনা।

অনুনয়ী /ওনুনোয়ি/ [স. অনুনয়+ইন্] বিণ. অনুরোধকারী।

অনুনাদ /ওনুনাদ্/ [স. অনু+√নদ্+অ] বি. প্রতিধ্বনি; অনুরণন।

অনুনাদিত /ওনুনাদিতো/ [স. অনু+√নাদি+ত] বিণ. ১ প্রতিধ্বনিত; অনুরণিত। ২ একত্রে শব্দিত। ৩ শব্দিত, ধ্বনিত।

অনুনাসিক /ওনুনাশিক্/ [স. অনু+নাসিক] বিণ. ১ খোনা, নাকি। ২ (ব্যা.) নাসিকার সাহায্যে উচ্চার্য (*অনুনাসিক বর্ণ*)।

অনুন্নত /অনুন্নতো/ [স. ন+উন্নত] বিণ. ১ অনগ্রসর। ২ অনুচ্চ।

অনুন্নতি /অনুন্নতি/ [স. ন+উন্নতি] বি. উন্নতির অভাব; অনগ্রসরতা।

অনুপ /অনুপো/ [স. অনুপম >] বিণ. অনুপম; অতুলনীয়, উপমাহীন, সাদৃশ্যহীন।

অনুপকার /অনুপোকার্/ [স. ন+উপকার] বি. অপকার, ক্ষতিসাধন, অনিষ্টসাধন।

www.pathagar.com

অনুপকারিতা /অনুপোকারিতা/ [স. ন+উপকার+ইন্+তা] বি. অপকারিতা।

অনুপকারী /অনুপোকারি/ [স. ন+উপকার+ইন্] বিণ. উপকারী নয় এমন; অপকারী, ক্ষতিকর।

অনুপকৃত /অনুপোক্‌কৃতো/ [স. ন+উপ+√কৃ+ত] বিণ. উপকৃত হয়নি এমন।

অনুপদ /ওনুপদ্/ [স. অনু+পদ] ক্রিবিণ. পদে-পদে। অব্য. অতঃপর; অনন্তর। বিণ. পশ্চাদ্‌গামী।

অনুপদিষ্ট /অনুপোদিশ্‌টো/ [স. ন+উপদিষ্ট] বিণ. উপদেশ বা শিক্ষা দেওয়া হয়নি এমন।

অনুপদী /অনুপোদি / [স. অনুপদ+ইন্] বিণ. ১ অনুগামী, পশ্চাদ্‌গামী, অনুবর্তী। ২ অনুসরণকারী। ৩ অন্বেষণকারী।

অনুপপত্তি /অনুপোপোত্‌তি / [স. ন+উপপত্তি] বি. ১ অসংগতি; অভাব। ২ অসিদ্ধি; অকৃতকার্যতা। ৩ প্রমাণের অভাব। ৪ অসমাপ্তি।

অনুপপন্ন /অনুপোপন্নো / [স. ন+উপপন্ন] বিণ. ১ অসিদ্ধ; অসম্পন্ন। ২ অসংগত।

অনুপম /অনুপম্/ [স. ন+উপমা] বিণ. উপমাহীন, নিরুপম, অতুলনীয়। স্ত্রী. **অনুপমা** /অনুপমা/।

অনুপমিত /অনুপোমিতো/ [স. ন+উপ+√মা+ত] বিণ. তুলনা করা হয়নি এমন।

অনুপমেয় /অনুপমেয়ো / [স. ন+উপ+√মা+য] বিণ. উপমা বা তুলনা দেওয়া যায় না এমন।

অনুপযুক্ত /অনুপোজুক্‌তো/ [স. ন+উপযুক্ত] বিণ. ১ প্রয়োজনের অনুরূপ নয় এমন, অনুপযোগী। ২ অনুচিত, অসংগত। ৩ অক্ষম, অযোগ্য। বি. ~তা /-তা/।

অনুপযোগ /অনুপোজোগ্/ [স. ন+উপযোগ] বি. প্রয়োজনহীনতা।

অনুপযোগিতা /অনুপোজোগিতা/ [স. ন+উপযোগ+ইন্+তা] বি. ১ প্রয়োজনের সঙ্গে অসংগতি। ২ অপ্রয়োজনীয়তা। ৩ অযোগ্যতা; অক্ষমতা।

অনুপযোগী /অনুপোজোগি/ [স. ন+উপযোগ+ইন্] বিণ. উপযুক্ত নয় এমন।

অনুপল /ওনুপল্/ [স. অনু+পল] বি. সেকেন্ডের একশত পঞ্চাশ ভাগের এক ভাগ; অত্যন্ত অল্প-কাল।

অনুপস্থিত /অনুপোস্‌থিত্/ [স. ন+উপ+√স্থা+ত] বিণ. ১ গরহাজির; অনাগত। ২ অবর্তমান।

অনুপস্থিতি /অনুপোস্‌থিতি/ [স. ন+উপ+√স্থা+তি] বি. গরহাজিরা, উপস্থিতির অভাব।

অনুপাত /ওনুপাত্/ [স. অনু+√পত্+অ] বি. ১ একটির হ্রাসবৃদ্ধির সঙ্গে অন্যটির হ্রাসবৃদ্ধির হার। ২ (গ.) এক রাশির সঙ্গে অন্য রাশির ভাগসম্বন্ধ, ratio।

অনুপাতে /ওনুপাতে / [স. অনুপাত+বা. এ] ক্রিবিণ. অনুসারে, অনুযায়ী; তুলনায়।

অনুপান /ওনুপান্/ [স. অনু+√পা+অন] বি. ১ ওষুধের সঙ্গে সেবনীয় দ্রব্য। ২ আহারের পরে সেবনীয় দ্রব্য।

অনুপাম /ওনুপাম্/ [স. ন+উপমা] বিণ. উপমাহীন, নিরুপম, অতুলনীয়।

অনুপায় /অনুপায়্/ [স. ন+উপায়] বি. নিরুপায় অবস্থা, উপায়শূন্যতা; সহায়হীনতা।

অনুপুঙ্খ /ওনুপুঙ্খো / [স. অনু+পুঙ্খ] বিণ. অতি সূক্ষ্ম; পুঙ্খানুপুঙ্খ।

অনুপূরক /ওনুপুরক্ / [স. অনু+পূরক] বিণ. কোনো কিছুকে পূরণ করে এমন, complementary।

অনুপূর্ব /ওনুপুরবো / [স. অনু+পূর্ব] বি. যথাক্রম, অনুক্রম। বিণ. আনুক্রমিক।

অনুপ্ত /অনুপ্‌তো / [স. ন+√বপ্+ত] বিণ. বপন করা হয়নি এমন।

অনুপ্রবেশ /ওনুপ্‌প্রোবেশ্ / [স. অনু+প্রবেশ] বি. ১ গোপনে অবৈধ প্রবেশ। ২ ভেতরে প্রবেশ। ৩ মর্মগ্রহণ; হৃদয়ঙ্গম।

অনুপ্রস্থ /ওনুপ্‌প্রোস্‌থো / [স. অনু+প্রস্থ] বিণ. প্রস্থ বা আড়ের দিকে। ক্রিবিণ. আড়াআড়িভাবে।

অনুপ্রাণন /ওনুপ্‌প্রানোন্ / [স. অনু+প্র+√অন্+ণিচ্+অন] বি. প্রেরণাদান; শক্তিসঞ্চারণ; উজ্জীবন; (বাংলায়) উৎসাহিতকরণ।

অনুপ্রাণনা /ওনুপ্‌প্রানোনা / [স. অনুপ্রাণন+আ(টাপ্)] বি. প্রেরণাশক্তি সঞ্চার, উৎসাহ, inspiration।

অনুপ্রাণিত /ওনুপ্‌প্রানিতো / [স. অনু+প্র+√অন্+ণিচ্+ত] বিণ. প্রেরণা পেয়েছে এমন, প্রাণিত।

অনুপ্রাস /ওনুপ্‌প্রাশ্ / [স. অনু+প্র+√অস্+অ] বি. একই ধ্বনি বা বর্ণের পুনঃপুন প্রয়োগবিষয়ক কাব্যালংকার।

অনুপ্রেরণা /ওনুপ্‌প্রেরোনা / [স. অনু+প্রেরণা] বি. উদ্দীপনা; অনুপ্রাণনা, উৎসাহ।

অনুপ্রেরণাদায়ী /ওনুপ্‌প্রেরোনাদায়ি / [স. অনুপ্রেরণা+√দা+ইন্] বিণ. উৎসাহদাতা।

অনুপ্রেরিত /ওনুপ্‌প্রেরিতো / [স. অনু+প্রেরিত] বিণ. অনুপ্রেরণাপ্রাপ্ত; উদ্দীপিত, উদ্দীপ্ত।

www.pathagar.com

অনুবৎসর /ওনুবত্‌শর্‌/ [স. অনু+বৎসর] বি. আনুমানিক ৩৫৪ দিনে পরিগণিত বৎসর, চান্দ্র-বৎসর, lunar year।

অনুবন্ধ /ওনুবন্‌ধো/ [স. অনু+√বন্ধ্‌+অ] বি. ১ উদ্যোগ। ২ সংকল্প। ৩ সম্বন্ধ। ৪ প্রসঙ্গ। ৫ উপলক্ষ্য। ৬ পারম্পর্য, co-relation। ৭ (ব্যা.) প্রকৃতি প্রত্যয়ের যে ধ্বনি লুপ্ত হয়।

অনুবন্ধী /ওনুবোন্‌ধি/ [স. অনু+√বন্ধ্‌+ইন্‌] বিণ. ১ অনুবন্ধযুক্ত। ২ অকথিত। ৩ অবিচ্ছিন্ন।

অনুবর্তন /ওনুবরতোন্‌/ [স. অনু+√বৃৎ+অন] বি. ১ অনুসরণ; অনুগমন; অনুবৃত্তি। ২ পরিচর্যা, সেবা; (পরি.) pursuance।

অনুবর্তিতা /ওনুবোর্‌তিতা/ [স. অনু+√বৃৎ+ইন্‌+তা] বি. ১ অনুগামিতা। ২ বশবর্তিতা।

অনুবর্তী /ওনুবোর্‌তি/ [স. অনু+√বৃৎ+ইন্‌] বিণ. ১ অনুগামী। ২ বশবর্তী। ৩ অনুযায়ী, অনুসারী। স্ত্রী. **অনুবর্তিনী** /ওনুবোর্‌তিনি/।

অনুবর্ষ /ওনুবর্‌শো/ [স. অনু+বর্ষ] বি. দ্র অনু-বৎসর।

অনুবল /ওনুবল্‌/ [স. অনু+বল] বি. ১ অনুগ্রহ। ২ প্রভাব। ৩ সৈন্যদলের অনুগামী পৃষ্ঠরক্ষক সৈন্য। ৪ (বাংলায়) সহায়।

অনুবাত/ওনুবাত্‌/[স. অনু+বাত] বিণ. যে দিকে বায়ু প্রবাহিত হয় সেই অভিমুখী, বায়ুর অনুকূল।

অনুবাদ /ওনুবাদ্‌/ [স. অনু+√বদ্‌+অ] বি. ১ পুনরায় কথন। ২ ভাষান্তরণ, তরজমা, translation। ৩ কিংবদন্তি। ৪ (বাংলায়) শত্রুতা। ৫ প্রতিকূলতা।

অনুবাদক /ওনুবাদক্‌/ [স. অনু+√বদ্‌+অক] বিণ. ১ অর্থপ্রকাশক। ২ (বাংলায়) অনুবাদকারী।

অনুবাদিত /ওনুবাদিতো/ [অশুপ্র.] বিণ. ভাষান্তরিত, অনূদিত।

অনুবাদী /ওনুবাদি/ [স. অনু+√বদ্‌+ইন্‌] বিণ. ১ অনুবাদক। ২ অনুরূপ, অনুযায়ী। বি. সংগীতে বাদী বিবাদী বা সংবাদী ভিন্ন অন্য স্বর।

অনুবাদ্য /ওনুবাদ্‌দো/ [স. অনুবাদ+য] বিণ. অনুবাদ-যোগ্য।

অনুবার /ওনুবার্‌/ [স. অনু+বার] অব্য. বারবার, পুনঃপুন।

অনুবাসন /ওনুবাশোন্‌/ [স. অনু+√বাসি+অন] বি. ধূপ জ্বালিয়ে সুরভিতকরণ, ধূপন; সুগন্ধীকরণ।

অনুবাসিত /ওনুবাশিতো/ [স. অনু+√বাসি+ত] বিণ. ধূপ জ্বালিয়ে সুরভিত করা হয়েছে এমন।

অনুবিদ্ধ /ওনুবিদ্‌ধো/ [স. অনু+√ব্যধ্‌+ত] বিণ. যুক্ত, গ্রথিত; খচিত।

অনুবিধি /ওনুবিধি/ [স. অনু+বিধি] বি. কোনো আইন বা বিধির অন্তর্গত উপবিধি।

অনুবিভাগ /ওনুবিভাগ্‌/ [স. অনু+বিভাগ] বি. মন্ত্রণালয়ের অধীন উপবিভাগ; (পরি.) wing of ministry।

অনুবৃত্তি /ওনুবৃত্‌তি/ [স. অনু+√বৃৎ+তি] বি. ১ অনুবর্তন। ২ অনুকরণ। ৩ পূর্ব প্রসঙ্গের জের; পূর্বানুবৃত্তি। ৪ সেবা, পরিচর্যা।

অনুবেদন /ওনুবেদোন্‌/ [স. অনু+√বিদ্‌+অন] বি. ১ সমবেদনা, সহানুভূতি। ২ জ্ঞাপন। ৩ জ্ঞানদান।

অনুব্রজ /ওনুব্রোজো/ [স. অনু+√ব্রজ্‌+অ] বি. দ্র অনুব্রজন।

অনুব্রজন /ওনুব্রোজোন্‌/ [স. অনু+√ব্রজ+অন] বি. অতিথির বিদায়কালে কিছুদূর সহগমনের শিষ্টাচার।

অনুব্রজা /ওনুব্রোজা/ [স. অনু+√ব্রজ্‌+অ+আ (টাপ্‌)] ক্রিবি. অতিথির বিদায়কালে কিছুদূর সঙ্গে গিয়ে শিষ্টাচার প্রকাশ করা।

অনুব্রজী /ওনুব্রোজি/ [স. অনু+√ব্রজ্‌+ইন্‌] বি. বিণ. অতিথির বিদায়কালে কিছুদূর সহগমনকারী।

অনুব্রত /ওনুব্রোতো/ [স. অনু+√বৃ+অত] ক্রিবিণ. সর্বদা, অবিরত। বিণ. অনুকূলকর্মা; সহায়।

অনুভব /ওনুভব্‌/ [স. অনু+√ভূ+অ] বি. ১ উপলব্ধি; জ্ঞান; বোধ। ২ প্রভাব। ৩ মাহাত্ম্য।

অনুভাব /ওনুভাব্‌/ [স. অনু+√ভাবি+অ] বি. ১ প্রভাব; মহিমা। ২ সুখানুভূতি; সন্তোষ। ৩ স্থায়ী-ভাবের লক্ষণাদি, যা থেকে রসের উৎপত্তি হয়।

অনুভাবনা /ওনুভাবনা/ [স. অনু+√ভাবি+অন+আ (টাপ্‌)] বি. অনুধ্যান।

অনুভাবিত /ওনুভাবিতো/ [স. অনু+√ভাবি+ত] বিণ. উপলব্ধি করানো হয়েছে এমন।

অনুভূ /ওনুভু/ [স. অনু+√ভূ+ক্বিপ্‌] বি. (জ্যোতি.) মহাকাশে পরিক্রমণকালে গ্রহ-উপগ্রহ কক্ষপথের যে বিন্দুতে পৃথিবীর নিকটতম দূরত্বে অবস্থান করে; (পরি.) perigee।

অনুভূত /ওনুভুতো/ [স. অনু+√ভূ+ত] বিণ. উপলব্ধি বা অনুভব করা হয়েছে এমন।

অনুভূতি /ওনুভুতি/ [স. অনু+√ভূ+তি] বি. ১ উপ-লব্ধি; অনুভব। ২ সুখদুঃখবোধ; চেতনা।

অনুভূতিপ্রবণ /ওনুভুতিপ্রোবোন্‌/ [স. অনুভূতি+প্রবণ] বিণ. ভাবাবেগের প্রবণতাযুক্ত।

www.pathagar.com

অনুভূতিহীন /ওনুভুতিহিন্/ [স. অনুভূতি+√হা+ত] বিণ. ভাবাবেগবর্জিত।

অনুভূমিক /ওনুভূমিক্/ [স. অনুভূমি+ক] বিণ. ভূপৃষ্ঠের সঙ্গে সমান্তরাল, horizontal।

অনুমত /ওনুমত্/ [স. অনু+√মন্+ত] বিণ. স্বীকৃত, অনুমোদিত; সম্মত। বি. আদেশ।

অনুমতি /ওনুমোতি/ [স. অনু+√মন্+তি] বি. ১ সম্মতি, অনুমোদন। ২ আজ্ঞা, আদেশ।

অনুমতিপত্র /ওনুমোতিপত্রো/ [স. অনুমতি+পত্র] বি. লিখিত আদেশ, আজ্ঞাপত্র।

অনুমত্যনুসারে /ওনুমোত্তোনুশারে/ [স. অনুমতি+অনুসার+বা. এ] ক্রিবিণ. অনুমতিক্রমে; আদেশ-ক্রমে; (পরি.) by order।

অনুমন্তা /ওনুমন্তা/ [স. অনু+√মন্+তৃ] বিণ. অনুমতিদাতা, আজ্ঞাকর্তা।

অনুমরণ /ওনুমরোন্/ [স. অনু+মরণ] বি. স্বামীর চিতায় স্ত্রীকে জীবন্ত দগ্ধকরণের অধুনালুপ্ত সংস্কার; সহমরণ।

অনুমান /ওনুমান্/ [স. অনু+ √মা+অন] বি. ১ ধারণা, আন্দাজ। ২ যুক্তির দ্বারা সিদ্ধান্তে আগমন। ৩ কাব্যালংকারবিশেষ।

অনুমাননির্ভর /ওনুমান্নির্ভর্/ [স. অনুমান+নির্ভর] বিণ. অনুমানের ওপর নির্ভরশীল।

অনুমানসাপেক্ষ /ওনুমান্শাপেক্খো/ [স. অনুমান+সাপেক্ষ] বিণ. দ্র অনুমাননির্ভর।

অনুমিত /ওনুমিতো/ [স. অনু+√মা+ত] বিণ. অনুমান করা হয়েছে এমন।

অনুমিতি /ওনুমিতি/ [স. অনু+√মা+তি] বি. যুক্তির সাহায্যে অজ্ঞাত কোনো বস্তু বা বিষয় সম্পর্কে সিদ্ধান্তে আগমন, inference; ধারণা।

অনুমৃতা /ওনুমৃতা/ [স. অনুমৃত+আ (টাপ্)] বিণ. স্বামীর চিতায় জীবন্ত দগ্ধ হয়ে মৃত।

অনুমেয় /ওনুমেয়ো/ [স. অনু+ √মা+য] বিণ. অনুমান করা যায় এমন, অনুমানদ্বারা অধিগম্য।

অনুমোদক /ওনুমোদোক্/ [স. অনু+√মোদি+অক] বিণ. অনুমোদনকারী।

অনুমোদন /ওনুমোদোন্/ [স. অনু+√মোদি+অন] বি. সম্মতিদান, মঞ্জুরি, sanction।

অনুমোদনক্রমে /ওনুমোদোন্ক্রোমে/ [স. অনুমোদন +ক্রম+বা. এ] ক্রিবিণ. অনুমোদন অনুসারে।

অনুমোদিত /ওনুমোদিতো/ [স. অনু+√মোদি+ত] বিণ. ১ অনুমোদন করা হয়েছে এমন; সমর্থিত। ২ সরকারি পর্যায়ে স্বীকৃত, সম্মতিপ্রাপ্ত।

অনুযাত /ওনুজাতো/ [স. অনু+√যা+ত] বিণ. ১ অনুগত। ২ পশ্চাদ্‌গত। ৩ অনুকৃত।

অনুযাত্র /ওনুজাত্রো/ [স. অনু+√যা+ত্র] বিণ. ১ অনুচর। ২ অনুগামী, পশ্চাদ্‌গামী।

অনুযাত্রা /ওনুজাত্রা/ [স. অনু+যাত্রা] বি. ১ অনু-গমন। ২ সঙ্গী, সাথি।

অনুযাত্রিক /ওনুজাত্রিক্/ [স. অনুযাত্রা+ইক] বিণ. অনুগামী। বি. সহচর।

অনুযায়ী /ওনুজায়ি/ [স. অনু+√যা+ইন্] ক্রিবিণ. অনুসারে, সেই রূপে। বিণ. অনুগামী।

অনুযুক্ত /ওনুজুক্তো/ [স. অনু+√যুজ্+ত] বিণ. ১ যোগ্য, উপযুক্ত। ২ তিরস্কৃত; নিন্দিত।

অনুযোক্তা /ওনুজোক্তা/ [স. অনু+√যুজ্+তৃ] বিণ. অনুযোগকারী, নালিশকারী।

অনুযোগ /ওনুজোগ্/ [স. অনু+√যুজ্+অ] বি. ১ অভিযোগ, নালিশ; দোষারোপ। ২ ভর্ৎসনা, তিরস্কার।

অনুযোগকারী /ওনুজোগ্কারি/ [স. অনুযোগ+√কৃ+ইন্] বিণ. অভিযোক্তা; দোষারোপকারী। স্ত্রী. অনুযোগকারিণী /ওনুজোগ্কারিনি/।

অনুযোগী /ওনুজোগি/ [স. অনু+√যুজ্+ইন্] বিণ. অভিযোগকারী, অনুযোক্তা। স্ত্রী. অনুযোগিনী /ওনুজোগিনি/।

অনুযোজ্য /ওনুজোজ্জো/ [স. অনু+√যুজ্+য] বিণ. অভিযুক্ত হওয়ার যোগ্য।

অনুরক্ত /ওনুরক্তো/ [স. অনু+√রনজ্+ত] বিণ. ১ অনুরাগবিশিষ্ট, আসক্ত। ২ লোহিত; রঞ্জিত। স্ত্রী. অনুরক্তা /ওনুরক্তা/।

অনুরক্তি /ওনুরোক্তি/ [স. অনু+√রনজ্+তি] বি. অনুরাগ, আসক্তি; প্রীতি।

অনুরঞ্জক /ওনুরন্জোক্/ [স. অনু+√রঞ্জি+অক] বিণ. প্রীতিকর; মনোরঞ্জনকারী। বি. যে রং করে।

অনুরঞ্জন /অনুরন্জোন্/ [স. অনু+√রঞ্জি+অন] বি. ১ প্রীতি সম্পাদন, মনোরঞ্জন; তোষণ। ২ রঞ্জিতকরণ; চিত্রিতকরণ।

অনুরঞ্জিত /অনুরোন্জিতো/ [স. অনু+√রঞ্জি+ত] বিণ. ১ অনুরাগযুক্ত। ২ চিত্রিত। ৩ রং করা হয়েছে এমন।

অনুরণন /ওনুরনোন্/ [স. অনু+√রণ্+অন] বি. ধ্বনির প্রভাবে উৎপাদিত বিলীয়মান ধ্বনি; প্রতিধ্বনি; resonance।

www.pathagar.com

অনুরণিত /ওনুরোনিতো / [স. অনু+√রণ্+ত] বিণ. প্রতিধ্বনিত; অন্য ধ্বনির প্রভাবে ধ্বনিত; resonated।

অনুরত /ওনুরতো / [স. অনু+√রম্+ত] বিণ. অনুরাগযুক্ত, আসক্ত।

অনুরতি /ওনুরোতি / [স. অনু+√রম্+তি] বি. অনুরক্তি, আসক্তি।

অনুরথ /ওনুরথ্/ [স. অনর্থ >] বি. ১ অনর্থ। ২ অপবাদ, কলঙ্ক। ৩ দৌরাত্ম্য। ৪ ধূর্ততা।

অনুরথ্যা /ওনুরোত্থা / [স. অনু+রথ্যা] বি. প্রধান সড়কের পার্শ্ববর্তী সংকীর্ণপথ, হেঁটে চলার পথ।

অনুরাগ /ওনুরাগ্/ [স. অনু+√রন্জ্+অ] বি. ১ প্রেম; প্রীতি, স্নেহ। ২ আদর, সোহাগ; যত্ন। ৩ প্রবৃত্তি; আসক্তি। ৪ অভিমান।

অনুরাগী /ওনুরাগি / [স. অনু+√রন্জ্+ইন্] বিণ. ১ প্রেমিক। ২ অনুরাগযুক্ত, আসক্ত, অনুরক্ত। স্ত্রী. অনুরাগিণী /ওনুরাগিনি /।

অনুরাধা /ওনুরাধা / [স. অনু+√রাধ্+অ+আ (টাপ্)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের সপ্তদশ নক্ষত্র।

অনুরুদ্ধ /ওনুরুদ্ধো / [স. অনু+√রুধ্+ত] বিণ. ১ অনুরোধ করা হয়েছে এমন। ২ চাওয়া হয়েছে এমন, যাচিত; প্রার্থিত।

অনুরূপ /ওনুরুপ্/ [স. অনু+রূপ] বিণ. ১ সদৃশ, তুল্য। ২ যোগ্য, উপযুক্ত। বি. (বাংলায়) প্রতিরূপ।

অনুরোধ /ওনুরোধ্/ [স. অনু+√রুধ্+অ] বি. ১ মিনতিপূর্ণ যাচ্ঞা; প্রার্থনা। ২ হেতু; নিমিত্ত।

অনুর্বর /অনুরবর্ / [স. ন+উর্বর] বিণ. উর্বর নয় এমন, শস্য উৎপাদনের অনুপযুক্ত।

অনুলম্ব /ওনুলম্বো / [স. অনু+√লম্ব্+অ] বিণ. খাড়াই বরাবর; লম্বালম্বি।

অনুলাপ /ওনুলাপ্/ [স. অনু+√লপ্+অ] বি. পুনঃপুন কথন; বারবার উচ্চারণ।

অনুলিখন /ওনুলিখন্ / [স. অনু+√লিখ্+অন] বি. ১ অনুরূপ লিখন। ২ যা শুনে লেখা হয়, শ্রুতিলিখন, dictation।

অনুলিখিত /ওনুলিখিতো / [স. অনু+√লিখ্+ত] বিণ. শুনে লেখা হয়েছে এমন।

অনুলিপি /ওনুলিপি / [স. অনু+লিপি] বি. ১ কোনো রচনা বা পাণ্ডুলিপির নকল, copy। ২ অনুরূপ লিখন; লিপ্যন্তর, প্রতিবর্ণীকরণ, transliteration। ৩ যা শুনে লেখা হয়, শ্রুতিলিখন, dictation।

অনুলিপিকার /ওনুলিপিকার্ / [স. অনুলিপি+√কৃ+অ] বি. যে ব্যক্তি লেখা নকল করে, copyist।

অনুলিপ্ত /ওনুলিপ্তো / [স. অনু+√লিপ্+ত] বিণ. ১ লেপন করা হয়েছে এমন। ২ পরিব্যাপ্ত। ৩ অনুরঞ্জিত। ৪ আবৃত।

অনুলেখ /ওনুলেখ্ / [স. অনু+√লিখ্+অ] বি. ১ অনুরূপ লিখন। ২ শ্রুতিলিখন। ৩ পুনশ্চ।

অনুলেখক /ওনুলেখক্ / [স. অনু+√লিখ্+অক] বি. ১ মূল লেখকের পক্ষে পাণ্ডুলিপি লেখক। ২ লিপিকর। ৩ নকলনবিশ।

অনুলেপ /ওনুলেপ্ / [স. অনু+√লিপ্+অ] বি. দ্র অনুলেপন।

অনুলেপন /ওনুলেপন্/ [স. অনু+√লিপ্+অন] বি. ১ প্রসাধনের উদ্দেশ্যে চন্দন প্রভৃতি গন্ধদ্রব্য লেপন। ২ লেপনীয় প্রসাধনদ্রব্য।

অনুলোম /ওনুলোম্ / [স. অনু+লোম] বি. যথাক্রম। বিণ. অনুকূল। ক্রিবিণ. যথাযথ ক্রমানুসারে।

অনুলোম বিবাহ /ওনুলোম্ বিবাহো/ বি. কল্পিত উচ্চবর্ণের পাত্রের সঙ্গে অন্য বর্ণের পাত্রীর বিবাহ।

অনুল্লঙ্ঘন /অনুল্লংঘন্ / [স. ন+উল্লঙ্ঘন] বি. অনতিক্রম।

অনুল্লঙ্ঘনীয় /অনুল্লংঘোনিয়ো / [স. ন+উল্লঙ্ঘনীয়] বিণ. লঙ্ঘন করা যায় না এমন, অনতিক্রমণীয়।

অনুল্লঙ্ঘ্য /অনুল্লোংঘো / [স. ন+উল্লঙ্ঘ্য] বিণ. দ্র অনুল্লঙ্ঘনীয়।

অনুশাসক /ওনুশাশক্/ [স. অনু+√শাস্+অক] বি. বিণ. শাসনকারী; দন্ডদাতা।

অনুশাসন /ওনুশাশোন্/ [স. অনু+√শাস্+অন] বি. ১ আদেশ; বিধান, edict। ২ উপদেশ; শিক্ষা। ৩ উৎকীর্ণ লিপি।

অনুশিষ্য /ওনুশিশ্শো/ [স. অনু+শিষ্য] বি. শিষ্যের শিষ্য, প্রশিষ্য।

অনুশীলন /ওনুশিলন্ / [স. অনু+√শীলি+অন] বি. চর্চা, অভ্যাস।

অনুশীলনী /ওনুশিলোনি / [স. অনুশীলন+ঈ] বি. ১ অধীত পাঠের আলোচনা। ২ অনুশীলনের সহায়ক প্রশ্ন।

অনুশীলনীয় /ওনুশিলোনিয়ো / [স. অনু+√শীলি+অনীয়] বিণ. চর্চা বা অভ্যাস করতে হবে এমন।

অনুশীলিত /ওনুশিলিতো / [স. অনু+√শীলি+ত] বিণ.

www.pathagar.com

অনুশীলন করা হয়েছে এমন; চর্চাদ্বারা লব্ধ।

অনুশোচন /ওনুশোচোন্/ [স. অনু+√শুচ্+অন] বি. দ্র অনুশোচনা।

অনুশোচনা /ওনুশোচোনা/ [স. অনুশোচন+আ (টাপ্)] বি. কৃতকর্মের জন্য অনুতাপ, পরিতাপ।

অনুশোচিত /ওনুশোচিতো/ [স. অনু+√শুচ্+ত] বিণ. অনুতপ্ত।

অনুষঙ্গ /ওনুশংগো/ [স. অনু+√সনজ্+অ] বি. ১ প্রসঙ্গ। ২ আসক্তি; স্নেহ। ৩ অনুগ্রহ, অনুকম্পা।

অনুষঙ্গী /ওনুশোংগি/ [স. অনু+√সনজ্+ইন্] বিণ. অনুষঙ্গবিশিষ্ট, সম্বন্ধযুক্ত। বি. সহচর।

অনুষদ /ওনুশদ্/ [স. অনু+√সদ্+ক্বিপ্] বি. বিশ্ব-বিদ্যালয়ের পরস্পর সম্বন্ধযুক্ত বিভাগসমূহের প্রশাসনিক শাখা (*বিজ্ঞান অনুষদ*); (পরি.) faculty।

অনুষ্টুপ /ওনুশ্টুপ্/ [স. অনু+√স্তুভ্+ক্বিপ্] বি. সংস্কৃত ছন্দবিশেষ।

অনুষ্ঠাতব্য /ওনুশ্ঠাতোব্বো/ [স. অনু+√স্থা+তব্য] বিণ. অনুষ্ঠেয়; করতে হবে এমন; আচরণীয়।

অনুষ্ঠাতা /ওনুশ্ঠাতা/ [স. অনু+√স্থা+তৃ] বিণ. উদ্যোক্তা; অনুষ্ঠানকর্তা। স্ত্রী. অনুষ্ঠাত্রী /ওনুশ্-ঠাত্রি/।

অনুষ্ঠান /ওনুশ্ঠান্/ [স. অনু+√স্থা+অন] বি. ১ উদ্যোগ; আয়োজন; আরম্ভ। ২ ক্রিয়াকর্ম উৎসব প্রভৃতি। ৩ অধিবেশন। ৪ শাস্ত্রানুগ ক্রিয়াপদ্ধতি।

অনুষ্ঠিত /ওনুশ্ঠিতো/ [স. অনু+√স্থা+ত] বিণ. ১ আরব্ধ। ২ সম্পাদিত, নিষ্পন্ন। ৩ আচরিত।

অনুষ্ঠেয় /ওনুশ্ঠেয়ো/ [স. অনু+√স্থা+য] বিণ. অনুষ্ঠানযোগ্য।

অনুষ্ণ /অনুশ্নো/ [স. ন+√উষ্+ণ] বিণ. ১ উষ্ণতা-হীন, শীতল। ২ স্নিগ্ধ। ৩ অলস; জড়।

অনুসন্ধাতা /ওনুশন্ধাতা/ [স. অনু+সম্+√ধা+তৃ] বিণ. অন্বেষণকারী, অন্বেষক, অন্বেষ্টা।

অনুসন্ধান /ওনুশন্ধান্/ [স. অনু+সম্+√ধা+অন] বি. ১ অন্বেষণ, খোঁজ। ২ গবেষণা।

অনুসন্ধানকারী /ওনুশন্ধানকারি/ [স. অনুসন্ধান+√কৃ+ইন্] বিণ. অন্বেষক।

অনুসন্ধানী /ওনুশন্ধানি/ [স. অনু+সম্+√ধা+ইন্] বিণ. ১ খোঁজখবর রাখে এমন। ২ অনুসন্ধানে পটু। ৩ অনুসন্ধানের বিষয়ীভূত।

অনুসন্ধায়ক /ওনুশন্ধায়োক্/ [স. অনু+সম্+√ধা+অক] বিণ. সন্ধানকারী, অন্বেষক।

অনুসন্ধায়ী /ওনুশন্ধায়ি/ [স. অনু+সম্+√ধা+ইন্] বিণ. অন্বেষণকারী, অনুসন্ধায়ক।

অনুসন্ধিৎসা /ওনুশোন্ধিত্শা/ [স. অনু+সম্+√ধা+সন্+আ (টাপ্)] বি. অনুসন্ধান করার ইচ্ছা।

অনুসন্ধিৎসু /ওনুশোন্ধিত্শু/ [স. অনু+সম্+√ধা+সন্+উ] বিণ. জানতে ইচ্ছুক, অন্বেষণ করতে ইচ্ছুক।

অনুসন্ধেয় /ওনুশন্ধেয়ো/ [স. অনু+সম্+√ধা+য] বিণ. ১ অনুসন্ধানের যোগ্য, অনুসন্ধান করা উচিত এমন। ২ অনুসন্ধানের বিষয়ীভূত।

অনুসরণ /ওনুশরোন্/ [স. অনু+√সৃ+অন] বি. ১ অনুগমন। ২ অনুরূপ আচরণ; অনুকরণ।

অনুসর্গ /ওনুশর্গো/ [স. অনু+√সৃজ্+অ] বি. (ব্যা.) বিশেষ অর্থ প্রকাশের জন্য ধাতুর শেষে যুক্ত করা হয় এমন শব্দ; পদের শেষে বিভক্তিরূপে যুক্ত শব্দ; suffix।

অনুসার /ওনুশার্/ [স. অনু+√সৃ+অ] বি. ১ অনু-সরণ; অনুবর্তন। ২ অনুরূপ আচরণ; অনুকরণ।

অনুসারী /ওনুশারি/ [স. অনু+√সৃ+ইন্] বিণ. ১ অনুসরণকারী। ২ অনুযায়ী, অনুরূপ।

অনুসারে /ওনুশারে/ [স. অনুসার+বা. এ] ক্রিবিণ. মতো (*প্রথা অনুসারে*), অনুযায়ী (*কর্তার নির্দেশ অনুসারে*); হেতু, নিমিত্ত।

অনুসিদ্ধান্ত /ওনুশিদ্ধান্তো/ [স. অনু+সিদ্ধান্ত] বি. উপপাদ্য থেকে যে সিদ্ধান্তে উপনীত হওয়া যায়; (পরি.) corollary।

অনুসূচক /ওনুশুচক্/ [স. অনু+√সূচি+অক] বিণ. নির্দেশক, জ্ঞাপক।

অনুসূচন /ওনুশুচন্/ [স. অনু+√সূচি+অন] বি. ১ নির্দেশকরণ। ২ নিদর্শন।

অনুসূচনা /ওনুশুচোনা/ [স. অনুসূচন+আ (টাপ্)] বি. ১ অনুষ্ঠান। ২ আলোচনা। ৩ আন্দোলন।

অনুসূর /ওনুশুর্/ [স. অনু+√সৃ+র] বি. (জ্যোতি.) ধূমকেতু বা গ্রহের কক্ষপথের যে বিন্দু সূর্যের সবচেয়ে কাছে অবস্থিত; (পরি.) perihelion।

অনুসৃত /ওনুশৃতো/ [স. অনু+√সৃ+ত] বিণ. অনুসরণ করা হয়েছে এমন।

অনুসৃতি /ওনুশৃতি/ [স. অনু+√সৃ+তি] বি. অনুসরণ।

অনুস্বাক্ষর /ওনুশাক্খোর/ [স. অনু+স্বাক্ষর] বি. পূর্ণ স্বাক্ষরের পরিবর্তে প্রদত্ত সংক্ষিপ্ত স্বাক্ষর; initials।

অনুস্বার /ওনুশ্শার/ [স. অনু+√স্বৃ+অ] বি. স্বরবর্ণ বা স্বরান্ত ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয় এমন নাসিক্য

www.pathagar.com

বর্ণবিশেষ, 'ং' বর্ণ।

অনুস্মরণ /ওনুশঁরোন্/ [স. অনু+√স্মৃ+ণিচ্+অন] বি. বারবার স্মরণ; পশ্চাৎস্মরণ।

অনুস্মারক /ওনুশাঁরোক্/ [স. অনু+√স্মৃ+ণিচ্+অক] বি. স্মরণ করিয়ে দেওয়ার জন্য প্রেরিত পত্র; (পরি.) reminder।

অনুস্মৃতি /ওনুসৃঁতি/ [স. অনু+√স্মৃ+তি] বি. বিগত ঘটনা স্মরণ, স্মৃতিচারণ।

অনুস্যূত /ওনুশশূতো/ [স. অনু+√সিব্+ত] বিণ. ১ উত্তমরূপে গ্রথিত। ২ অবিচ্ছিন্ন।

অনূঢ় /অনুঢ়ো/ [স. ন+ঊঢ়] বিণ. বিবাহিত নয় এমন, অপরিণীত। স্ত্রী. **অনূঢ়া** /অনুঢ়া/।

অনূঢ়ান্ন /অনুঢ়ান্নো/ [স. অনূঢ়+অন্ন] বি. গায়ে হলুদের পরে ও বিবাহের পূর্বে পিতৃগৃহে কনেকে অন্নদানের সংস্কার, আইবুড়ো ভাত।

অনূদিত /ওনুদিতো/ [স. অনু+√বদ্+ত] বিণ. অনুবাদ করা হয়েছে এমন, ভাষান্তরিত।

অনূপ /ওনুপ্/ [স. অনু+√অপ্+অ] বি. ১ খাল বিল প্রভৃতি জলময় স্থান। ২ মহিষ।

অনূপবাসী /ওনুপোবাশি/ [স. অনূপ+√বস্+ইন্] বিণ. জলা জায়গায় বাস করে এমন। বি. মহিষ।

অনূর্ধ্ব /অনুরূধ্বো/ [স. ন+ঊর্ধ্ব] বিণ. ঊর্ধ্বে নয় এমন (*অনূর্ধ্ব একশত টাকা*), not more than।

অনৃণী /অনৃনি/ [স. ন+ঋণী] বিণ. অঋণী, ঋণশূন্য।

অনৃত /অনৃতো/ [স. ন+ঋত] বিণ. মিথ্যা, অসত্য (*অনৃত বচন*)।

অনৃতবাদী /অনৃতোবাদি/ [স. অনৃত+√বদ্+ইন্] বিণ. মিথ্যাবাদী। স্ত্রী. **অনৃতবাদিনী** /অনৃতোবাদিনি/।

অনৃতভাষী /অনৃতোভাশি/ [স. অনৃত+√ভাষ্+ইন্] বিণ. মিথ্যাবাদী। স্ত্রী. **অনৃতভাষিণী** /অনৃতোভাশিনি/।

অনেক /অনেক্/ [স. ন+এক] বিণ. ১ একাধিক; নানা। ২ প্রচুর, ঢের, বিস্তর (*সে অনেক কথা*)। সর্ব. বহুলোক (*অনেকের বিশ্বাস*)।

অনেকক্ষণ /অনেক্খন্/ [স. অনেক+ক্ষণ] ক্রিবিণ. বেশ কিছুক্ষণ যাবৎ।

অনেকটা /অনেক্টা/ [স. অনেক+বা. টা] বি. অধিকাংশ। বিণ. বহুসংখ্যক। ক্রিবিণ. বহুলাংশে (*এখন অনেকটা সুস্থ*); অধিকাংশ ক্ষেত্রে।

অনেকধা /অনেক্ধা/ [স. অনেক+ধাচ্] অব্য. ক্রিবিণ. বহুপ্রকারে; নানা দিক থেকে।

অনেকপ্রকার /অনেক্প্রোকার্/ [স. অনেক+প্রকার] বিণ. নানারকম, বহুরূপ।

অনেকবিধ /অনেক্বিধো/ [স. অনেক+√বিধ্+অ] বিণ. অনেক প্রকার, বিবিধ।

অনেকাংশে /অনেকাংশে/ [স. অনেকাংশ+বা. এ] ক্রিবিণ. বহুল পরিমাণে, বেশিরভাগ ক্ষেত্রে, বহুলাংশে; মূলত।

অনেকান্ত /অনেকান্তো/ [স. অনেক+অন্ত] বিণ. ১ ক্ষেত্রবিশেষে অনিশ্চয়তা ও নিশ্চয়তা দুইই বোঝায় এমন। ২ খাঁটি। বি. অনিশ্চয়তা।

অনেকে /অনেকে/ [স. অনেক+বা. এ] সর্ব. কোনো কোনো ব্যক্তি (*ছাত্রদের মধ্যে অনেকে আসেনি*); বহুলোক (*সভায় অনেকে উপস্থিত ছিলেন*)।

অনেপনেয় /অনেপোনেয়ো/ [স. ন+অপ+√নী+য] বিণ. মুছে ফেলা যায় না এমন, অমোচ্য (*অনেপনেয় কালির ছাপ*); indelible।

অনৈক্য /অনোইক্কো/ [স. ন+ঐক্য] বি. ১ ঐক্যের অভাব, বিরোধ; গরমিল, অমিল। ২ মতভেদ।

অনৈচ্ছিক /অনোইচ্ছিক্/ [স. ন+ঐচ্ছিক] বিণ. স্বেচ্ছাকৃত নয় এমন, ইচ্ছার বিরুদ্ধে চালিত; involuntary।

অনৈতিক /অনোইতিক্/ [স. ন+নৈতিক] বিণ. নীতি-সংগত নয় এমন, অন্যায়। বি. **অনৈতিকতা** /অনোইতিকতা/।

অনৈপুণ্য /অনোইপুন্নো/ [স. অনিপুণ+য] বি. অদক্ষতা, অপটুতা।

অনৈসর্গিক /অনোইশোরগিক্/ [স. ন+নৈসর্গিক] বিণ. অস্বাভাবিক; অলৌকিক, অতিপ্রাকৃত।

অনৌচিত্য /অনোউচিত্তো/ [স. ন+উচিত+য] বি. অন্যায্যতা; অযৌক্তিকতা।

অনৌজ্জ্বল্য /অনোউজ্জোল্লো/ [স. ন+উজ্জ্বল+য] বি. উজ্জ্বলতার অভাব।

অনৌদার্য /অনোউদারজো/ [স. ন+উদার+য] বি. সংকীর্ণতা; হীনম্মন্যতা।

অন্ত[১] /অন্তো/ [স. √অম্+ত] বি. ১ সীমা, অবধি (*গ্রামান্ত*)। ২ অবসান (*যুগান্ত*)। ৩ মৃত্যু; নাশ (*প্রাণান্ত*)। ৪ স্বরূপ (*অন্ত পাওয়া ভার*)।

-অন্ত[২] /অন্তো/ [বা.] বি. (ব্যা.) ধাতুর শেষে ঘটমান বর্তমানকাল বোঝাতে ব্যবহৃত বাংলা কৃদন্ত প্রত্যয় (*পড়ন্ত বেলা*)।

অন্তঃ /অন্তোহ্/ [স. √অম্+অর্] অব্য. ভেতরে মধ্যে অন্তরে চিত্তে প্রভৃতি অর্থে অন্য শব্দের পূর্বে যুক্ত হয় এমন শব্দ (*অন্তঃপুর*)।

www.pathagar.com

অন্তঃকরণ /অন্‌তোক্‌করোন্‌/ [স. অন্তঃ+করণ] বি. হৃদয়, মন।

অন্তঃকলহ /অন্‌তোক্‌কলোহো/ [স. অন্তঃ+কলহ] বি. অন্তর্দ্বন্দ্ব।

অন্তঃকোণ /অন্‌তোক্‌কোন্‌/ [স. অন্তঃ+কোণ] বি. (জ্যা.) ভেতরে অবস্থিত কোণ; চতুষ্কোণ ক্ষেত্রের দুটি সন্নিহিত বাহুর মধ্যবর্তী কোণ; interior angle।

অন্তঃপট /অন্‌তোপ্‌পট্‌/ [স. অন্তঃ+পট] বি. ১ পর্দা; আবরণ। ২ অবগুণ্ঠন। ৩ কৌপীন।

অন্তঃপাতী /অন্‌তোপ্‌পাতি/ [স. অন্তঃ+√পত্‌+ইন্‌] বিণ. অন্তর্গত, মধ্যবর্তী।

অন্তঃপুর /অন্‌তোপ্‌পুর্‌/ [স. অন্তঃ+পুর] বি. অন্দর-মহল; অবরোধ।

অন্তঃপুরচারী /অন্‌তোপ্‌পুরোচারি/ [স. অন্তঃপুর+√চর্‌+ইন্‌] বিণ. অন্তঃপুরে বিচরণকারী। বি. অন্তঃপুরে বিচরণের অধিকারপ্রাপ্ত ব্যক্তি। স্ত্রী. **অন্তঃপুরচারিণী** /অন্‌তোপ্‌পুরোচারিনি/।

অন্তঃপুরবাসিনী /অন্‌তোপ্‌পুরোবাশিনি/ [স. অন্তঃ+পুর+√বস্‌+ইন্‌+ঈ] বিণ. অন্দরমহলে বাসকারিণী।

অন্তঃপুরিকা /অন্‌তোপ্‌পুরিকা/ [স. অন্তঃপুর+ইক+আ (টাপ্‌)] বি. অন্তঃপুরবাসিনী।

অন্তঃরাষ্ট্রিক /অন্‌তোর্‌রাশ্‌ট্রিক্‌/ [স. অন্তঃ+রাষ্ট্র+ইক] বিণ. রাষ্ট্রের আভ্যন্তরিক, intrastate।

অন্তঃশত্রু /অন্‌তোশ্‌শোত্রু/ [স. অন্তঃ+শত্রু] বি. ১ গৃহশত্রু। ২ দেশদ্রোহী। ৩ দেহের অন্তর্গত ষড়রিপু।

অন্তঃশিলা /অন্‌তোশ্‌শিলা/ [স. অন্তঃ+√শিল্‌+অ+আ (টাপ্‌)] বিণ. ভেতরে পাথর আছে এমন।

অন্তঃশীলা /অন্‌তোশ্‌শিলা/ [স. অন্তঃসলিলা >] বিণ. অন্তঃপুরবাসিনী।

অন্তঃশুল্ক /অন্‌তোশ্‌শুল্‌কো/ [স. অন্তঃ+শুল্ক] বি. দেশে উৎপাদিত পণ্যদ্রব্যের (বিশেষত মাদকদ্রব্য) ওপর ধার্য শুল্ক, আবগারি, excise duty।

অন্তঃসংজ্ঞা /অন্‌তোশ্‌শংগ্যা/ [স. অন্তঃ+সম্‌+√জ্ঞা+অ+আ (টাপ্‌)] বি. আভ্যন্তরিক বোধশক্তি।

অন্তঃসত্তা /অন্‌তোশ্‌শত্‌তা/ [স. অন্তঃ+সৎ+তা] বি. ১ অভ্যন্তরে কোনো বস্তুর অবস্থিতি। ২ আত্মা; আমি।

অন্তঃসত্ত্বা /অন্‌তোশ্‌শত্‌তা/ [স. অন্তঃ+সৎ+ত্ব+আ (টাপ্‌)] বিণ. গর্ভবতী, গর্ভিণী।

অন্তঃসলিল /অন্‌তোশ্‌শোলিল্‌/ [স. অন্তঃ+সলিল] বিণ. অভ্যন্তরে জলবিশিষ্ট।

অন্তঃসলিলা /অন্‌তোশ্‌শোলিলা/ [স. অন্তঃসলিল+আ (টাপ্‌)] বিণ. মাটির তলা দিয়ে প্রবাহিতা।

অন্তঃসার /অন্‌তোশ্‌শার্‌/ [স. অন্তঃ+সার] বি. ভেতরের সারবস্তু। বিণ. ভেতরে সারবস্তু আছে এমন।

অন্তঃসারবিহীন /অন্‌তোশ্‌শার্‌বিহিন্‌/ [স. অন্তঃসার+বি+√হা+ত] বিণ. দ্র অন্তঃসারশূন্য।

অন্তঃসারশূন্য /অন্‌তোশ্‌শার্‌শুন্‌নো/ [স. অন্তঃসার+শূন্য] বিণ. অভ্যন্তর সারবস্তুহীন, ফাঁপা।

অন্তঃস্থ /অন্‌তোস্‌থো/ [স. অন্তঃ+√স্থা+অ] বিণ. মধ্যবর্তী; অভ্যন্তরস্থ।

অন্তঃস্থ বর্ণ /অন্‌তোস্‌থো বরনো/ বি. বাংলা বর্ণমালার স্পর্শবর্ণ ও উষ্মবর্ণের মধ্যস্থ চারটি বর্ণ য র ল (অন্তঃস্থ) ব।

অন্তক /অন্‌তক্‌/ [স. √অন্তি+অক] বি. যম। বিণ. নাশক (*প্রাণান্তক*)।

অন্তকাল /অন্‌তোকাল্‌/ [স. অন্ত+কাল] বি. অন্তিমকাল; মৃত্যুকাল।

অন্তত /অন্‌তোতো/ [স. অন্ত+তস্‌] অব্য. ক্রিবিণ. নিদেনপক্ষে (*অন্তত একবার এসো*), অন্যূন।

অন্তর /অন্‌তর্‌/ [স. অন্ত+√রা+অ] বি. ১ বিয়োগ (*অন্তর ফল*)। ২ অন্তঃকরণ (*অন্তর মম বিকশিত করো অন্তরতর হে* রবীন্দ্র.)। ৩ অভ্যন্তর, মধ্য। ৪ ফাঁক, ব্যবধান (*দু-ঘন্টা অন্তর সেব্য*)। ৫ পার্থক্য, ভেদ (*মতান্তর*)। ৬ শেষ। ৭ আত্মীয়। ৮ পরিধান (*অন্তরীয়*)। বিণ. অপর (*দেশান্তর*)।

অন্তরক /অন্‌তরক্‌/ [স. অন্তর+ক] বিণ. রোধক; (পরি.) insulator।

অন্তরকলন /অন্‌তর্‌কলোন্‌/ [স. অন্তর+√কল্‌+অন] বি. (গ.) কোনো অপেক্ষকের ক্ষুদ্রাতিক্ষুদ্র অংশে বিভক্তকরণ যা কোনো বক্ররেখ-এর স্পর্শকের বৃদ্ধিহার নির্ণয়ে ব্যবহৃত হয়; (পরি.) differentiation।

অন্তরঙ্গ /অন্‌তরংগো/ [স. অন্তর+অঙ্গ] বি. ১ আত্মীয়; বন্ধু; সুহৃদ। ২ অভ্যন্তরস্থ অঙ্গ। বিণ. গভীর বন্ধুত্বপূর্ণ, ঘনিষ্ঠ।

অন্তরঙ্গতা /অন্‌তরংগোতা/ [স. অন্তরঙ্গ+তা] বি. আত্মীয়তা; ঘনিষ্ঠতা; সৌহার্দ্য।

অন্তরজ্ঞ /অন্‌তরগ্‌গ্যো/ [স. অন্তর+√জ্ঞা+অ] বিণ. ১ অন্তর্যামী। ২ দূরদর্শী। ৩ বিশেষজ্ঞ।

অন্তরটিপুনি /অন্‌তর্‌টিপুনি/ [স. অন্তর+বা. টিপুনি] বি. অগোচরে অন্যের হৃদয়ে গোপনে আঘাতদান।

অন্তরতম /অন্‌তরোতমো/ [স. অন্তর+তমপ্‌] বিণ.

www.pathagar.com

ঘনিষ্ঠতম।

অন্তরন /অন্‌তরন্‌/ [ই. intern >] বি. নির্দিষ্ট স্থানে আবদ্ধকরণ; internment।

অন্তরস্থ /অন্‌তরস্‌থো/ [স. অন্তর্‌+√স্থা+অ] বিণ. হৃদয়ের অন্তর্গত।

অন্তরা /অন্‌তরা/ [স. অন্তর >] বি. গানের 'ধুয়া' ও 'আভোগ'-এর মধ্যবর্তী অংশ, গানের দ্বিতীয় পদ।

অন্তরাত্মা /অন্‌তরাত্‌মা/ [স. অন্তর্‌+আত্মন্‌] বি. ১ জীবাত্মা। ২ অন্তঃকরণ।

অন্তরাপত্যা /অন্‌তরাপোত্‌তা/ [স. অন্তর্‌+অপত্য +আ (টাপ্‌)] বিণ. গর্ভবতী।

অন্তরায় /অন্‌তরায়্‌/ [স. অন্তর্‌+√অয়্‌+অ] বি. বাধা, প্রতিবন্ধ, বিঘ্ন।

অন্তরাল /অন্‌তরাল/ [স. অন্তর্‌+আ+√লা+অ] বি. ১ আড়াল। ২ ব্যবধান। ৩ অবকাশ।

অন্তরালবর্তী/অন্‌তরাল্‌বোর্‌তি / [স. অন্তরাল+√বৃৎ +ইন্‌] বিণ. আড়ালে থাকে এমন। স্ত্রী. **অন্তরাল-বর্তিনী** /অন্‌তরাল্‌বোর্‌তিনি /।

অন্তরিক্ষ /অন্‌তোরিক্‌খো/ [স. অন্তর্‌+√ঈক্ষ্‌+অ] বি. আকাশ, গগন।

অন্তরিক্ষচারী /অন্‌তোরিক্‌খোচারি/ [স. অন্তরিক্ষ+ √চর্‌+ইন্‌] বিণ. নভশ্চর, গগনবিহারী।

অন্তরিক্ষবাসী /অন্‌তোরিক্‌খোবাশি/ [স. অন্তরিক্ষ+ √বস্‌+ইন্‌] বিণ. মহাশূন্যে বাস করে এমন। স্ত্রী. **অন্তরিক্ষবাসিনী** /অন্‌তোরিক্‌খোবাশিনি /।

অন্তরিক্ষমণ্ডল /অন্‌তোরিক্‌খোমন্‌ডোল্‌/ [স. অন্তরিক্ষ+মণ্ডল] বি. নভোমণ্ডল।

অন্তরিত /অন্‌তোরিতো/ [স. অন্তর্‌+√ই+ত] বিণ. ১ গৃহবন্দি, interned। ২ অন্তর্হিত, লুক্কায়িত। ৩ আবৃত, আচ্ছন্ন। ৪ অপসারিত। ৫ অন্তরস্থিত।

অন্তরিন/অন্‌তোরিন্‌/ [ই. intern >] বিণ. গৃহবন্দি। বি. যাকে গৃহে বন্দি করে রাখা হয়েছে, internee।

অন্তরিন্দ্রিয় /অন্‌তোরিন্‌দ্রিয়ো / [স. অন্তর্‌+ইন্দ্রিয়] বি. মন, হৃদয়।

অন্তরীপ /অন্‌তোরিপ্‌/ [স. অন্তর্‌+√অপ্‌+অ] বি. যে স্থলভাগ ক্রমশ সরু হয়ে সমুদ্রে প্রবেশ করেছে, cape।

অন্তরীয় /অন্‌তোরিয়ো/ [স. অন্তর্‌+ঈয়] বি. ১ অন্তর্বাস, undergarment। ২ ইজার; ধুতি।

অন্তর্গত /অন্‌তরগতো/ [স. অন্তর্‌+√গম্‌+ত] বিণ. মধ্যবর্তী, মধ্যগত, অভ্যন্তরস্থ।

অন্তর্গূঢ় /অন্‌তরগুঢ়ো/ [স. অন্তর্‌+গূঢ়] বিণ. অভ্যন্তরে স্থিত, অপ্রকাশিত।

অন্তর্গৃহ /অন্‌তরগৃহো / [স. অন্তর্‌+গৃহ] বি. ১ ঘরের ভেতরে ঘর। ২ ঘরের অভ্যন্তর।

অন্তর্গ্লানি /অন্‌তরগ্লানি/ [স. অন্তর্‌+গ্লানি] বি. মনের গুপ্ত বেদনা।

অন্তর্ঘাত /অন্‌তরঘাত্‌/ [স. অন্তর্‌+ঘাত] বি. অভ্যন্তর থেকে গোপনে ক্ষতিসাধন, sabotage।

অন্তর্ঘাতমূলক /অন্‌তরঘাতমূলক্‌/ [স. অন্তর্ঘাত+ মূলক] বিণ. ভেতর থেকে গোপনে ক্ষতিসাধন-বিষয়ক, অন্তর্ঘাতজনিত।

অন্তর্ঘাতী /অন্‌তরঘাতি / [স. অন্তর্ঘাত+ইন্‌] বিণ. ১ অন্তর্ঘাতকারী; fifth columnist। ২ মর্মবিদারী।

অন্তর্জগৎ /অন্‌তরজগোত্‌/ [স. অন্তর্‌+জগৎ] বি. মনোজগৎ, ভাবলোক, চিন্তারাজ্য।

অন্তর্জল /অন্‌তরজল/ [স. অন্তর্‌+জল] বি. স্থল ও জলের মধ্যভাগ। ক্রিবিণ. ১ জলমধ্যে। ২ (বাংলায়) পবিত্র নদীর জলের মধ্যে।

অন্তর্জলি /অন্‌তরজোলি / [স. অন্তর্জল+বা. ই] বি. মুমূর্ষু ব্যক্তির পারলৌকিক মঙ্গলের জন্য দেহের নিম্নাংশ গঙ্গার জলে নিমজ্জিত করার সংস্কার।

অন্তর্জাতীয় /অন্‌তরজাতিয়ো / [স. অন্তর্‌+জাতি+ ঈয়] বিণ. বিভিন্ন জাতি বা রাষ্ট্রের মধ্যে প্রচলিত, আন্তর্জাতিক, international।

অন্তর্জ্যোতি /অন্‌তরজোতি/ [স. অন্তঃ+√দ্যুৎ+ ইস্‌] বি. অন্তরের আলোক।

অন্তর্দর্শন /অন্‌তরদরশোন/ [স. অন্তর্‌+দর্শন] বি. আত্মদর্শন, introspection।

অন্তর্দাহ /অন্‌তরদাহো / [স. অন্তর্‌+দাহ] বি. ১ গভীর শোক; সন্তাপ। ২ ঈর্ষাজনিত গাত্রদাহ।

অন্তর্দৃষ্টি /অন্‌তরদৃশ্‌টি / [স. অন্তর্‌+দৃষ্টি] বি. ১ সূক্ষ্ম মনোবিশ্লেষণের ক্ষমতা; দিব্যদৃষ্টি; introspection। ২ আত্মজ্ঞান। ৩ অনুভূতি।

অন্তর্দেশ /অন্‌তরদেশ/ [স. অন্তর্‌+দেশ] বি. ১ হৃদয়। ২ ভেতরের অংশ। ৩ মধ্যবর্তী স্থান। ৪ উপত্যকা।

অন্তর্দ্বন্দ্ব /অন্‌তরদন্‌দো / [স. অন্তর্‌+দ্বি+দ্বি] বি. দল বা গোষ্ঠীর অভ্যন্তরের কলহ; আত্মকলহ।

অন্তর্দ্বার/অন্‌তরদার্‌/ [স. অন্তর্‌+দ্বার] বি. ১ খিড়কি। ২ গুপ্তদ্বার।

অন্তর্ধান /অন্‌তরধান্‌/ [স. অন্তর্‌+√ধা+অন] বি. ১ তিরোধান। ২ পলায়ন।

অন্তর্নিবিষ্ট /অন্‌তরনিবিশ্‌টো / [স. অন্তর্‌+নি+√বিশ্‌ +ত] বিণ. দ্র অন্তর্নিহিত।

www.pathagar.com

অন্তর্নিহিত /অন্‌তর্‌নিহিতো/ [স. অন্তর্+নি+√ধা+ত] বিণ. ১ অভ্যন্তরে স্থিত। ২ প্রকাশিত হয়নি এমন, গূঢ়, গুপ্ত।

অন্তর্বর্তী /অন্‌তর্‌বোর্‌তি/ [স. অন্তর্+√বৃৎ+ইন্] বিণ. মধ্যবর্তী; অন্তর্গত। বি. **অন্তর্বর্তিতা** /অন্‌তর্‌বোর্‌তিতা/।

অন্তর্বত্নী /অন্‌তর্‌বোত্‌নি/ [স. অন্তর্+√বৎ+ঈ] বিণ. গর্ভবতী, গর্ভিণী, অন্তঃসত্ত্বা।

অন্তর্বাণিজ্য /অন্‌তর্‌বানিজ্‌জো/ [স. অন্তর্+বাণিজ্য] বি. দেশ বা রাষ্ট্রের আভ্যন্তরিক বাণিজ্য, inland trade।

অন্তর্বাষ্প /অন্‌তর্‌বাশ্‌পো/ [স. অন্তর্+বাষ্প] বি. চেপে রাখা চোখের জল, অবদমিত বেদনা।

অন্তর্বাস /অন্‌তর্‌বাশ/ [স. অন্তর্+√বস্+অ] বি. অন্তরীয়, অধোবস্ত্র।

অন্তর্বাহ /অন্‌তর্‌বাহো/ [স. অন্তর্+√বহ্+অ] বি. কোনো তরল পদার্থপূর্ণ পাত্রে ভিন্ন প্রকারের তরল পদার্থের প্রবাহ।

অন্তর্বিগ্রহ /অন্‌তোর্‌বিগ্‌গ্রোহো/ [স. অন্তর্+বিগ্রহ] বি. ১ গৃহবিবাদ; আত্মকলহ। ২ দেশের অভ্যন্তরে দুই বা ততোধিক পক্ষের মধ্যে বিবাদ, গৃহযুদ্ধ, civil war।

অন্তর্বিপ্লব /অন্‌তোর্‌বিপ্‌প্লব্/ [স. অন্তর্+বিপ্লব] বি. গৃহযুদ্ধ; গৃহবিবাদ।

অন্তর্বিবাহ /অন্‌তোর্‌বিবাহো/ [স. অন্তর্+বিবাহ] বি. স্বীয় গোত্রে বিবাহ।

অন্তর্বেদনা /অন্‌তর্‌বেদোনা/ [স. অন্তর্+বেদনা] বি. মনোবেদনা।

অন্তর্বেদি /অন্‌তর্‌বেদি/ [স. অন্তর্+√বিদ্+ই] বি. দুটি নদীর মধ্যবর্তী ভূখণ্ড।

অন্তর্ভুক্ত /অন্‌তোর্‌ভুক্‌তো/ [স. অন্তর্+√ভুজ্+ত] বিণ. অন্তর্গত, মধ্যস্থিত।

অন্তর্ভূত /অন্‌তোর্‌ভুতো/ [স. অন্তর্+√ভূ+ত] বিণ. অভ্যন্তরস্থ, মধ্যগত।

অন্তর্ভেদী /অন্‌তর্‌ভেদি/ [স. অন্তর্+√ভিদ্+ইন্] বিণ. অন্তর ভেদ করে এমন, হৃদয়বিদারক।

অন্তর্মাধুর্য /অন্‌তর্‌মাধুর্‌জো/ [স. অন্তর্+মাধুর্য] বি. অভ্যন্তরীণ সৌন্দর্য।

অন্তর্মুখ /অন্‌তোর্‌মুখ/ [স. অন্তর্+মুখ] বিণ. পরমাত্মবিষয়ে নিবিষ্টচিত্ত; আত্মবিষয়ে চিন্তাশীল। স্ত্রী. **অন্তর্মুখী** /অন্‌তোর্‌মুখি/।

অন্তর্যামিনী /অন্‌তর্‌জামিনি/ [স. অন্তর্+√যামি+ইন্+ঈ] বিণ. মনোগত ভাব জানেন এমন।

অন্তর্যামী /অন্‌তর্‌জামি/ [স. অন্তর্+√যামি+ইন্] বিণ. মনোভাব সম্পর্কে জ্ঞাত এমন। বি. আল্লাহ, খোদা, ঈশ্বর।

অন্তর্লীন /অন্‌তোর্‌লিন্/ [স. অন্তর্+লীন] বিণ. অন্তরে বা ভেতরে গুপ্ত, অন্তর্নিহিত।

অন্তর্হাস /অন্‌তর্‌হাশ্/ [স. অন্তর্+√হস্+অ] বি. অব্যক্ত হাসি; কুটিল হাস্য।

অন্তর্হিত /অন্‌তোর্‌হিতো/ [স. অন্তর্+√ধা+ত] বিণ. ১ তিরোহিত। ২ অদৃশ্য হয়েছে এমন।

অন্তশয্যা /অন্‌তশোজ্‌জা/ [স. অন্ত+√শী+য+আ (টাপ্)] বি. ১ অন্তিম শয্যা। ২ কবর, শ্মশান।

অন্তস্তল /অন্‌তস্‌তল্/ [স. অন্তর্+তল] বি. মনোমধ্য; মন, হৃদয়।

অন্তস্থ /অন্‌তস্‌থো/ [স. অন্ত+√স্থা+অ] বিণ. সীমা বা প্রান্তে অবস্থিত এমন।

অন্তস্পট /অন্‌তস্‌পট্/ [স. অন্তঃ+পট] বি. পর্দা; আবরণ।

অন্তহীন /অন্‌তোহিন্/ [স. অন্ত+√হা+ত] বিণ. শেষ নেই এমন, সীমাহীন (*অন্তহীন বাসনা*)।

অন্তিক /ওন্‌তিক্/ [স. অন্ত+ইক] বিণ. ১ সন্নিহিত, নিকটস্থ। ২ চরম, extreme। বি. নৈকট্য।

অন্তিম /ওন্‌তিম্/ [স. অন্ত+ইম] বিণ. ১ শেষ (*অন্তিম যাত্রা*)। ২ মৃত্যুকালীন (*অন্তিম ইচ্ছা*)।

অন্তিম অবস্থা /ওন্‌তিম্ অবোস্‌থা/ বি. মুমূর্ষু অবস্থা; শেষ দশা।

অন্তিমকাল /ওন্‌তিম্‌কাল্/ [স. অন্তিম+কাল] বি. মৃত্যুকাল; শেষ সময়।

অন্তিমদশা /ওন্‌তিম্‌দশা/ [স. অন্তিম+দশা] বি. মুমূর্ষু অবস্থা।

অন্তিমশয়ন /ওন্‌তিম্‌শয়ন্/ [স. অন্তিম+শয়ন] বি. যে শয়নে মৃত্যু ঘটে।

অন্তিমশয্যা /ওন্‌তিম্‌শোজ্‌জা/ [স. অন্তিম+শয্যা] বি. শেষ শয্যা, মৃত্যুশয্যা।

অন্তিমসময় /ওন্‌তিম্‌শময়্/ [স. অন্তিম+সময়] বি. মৃত্যুকাল; শেষ সময়।

অন্তে /অন্‌তে/ [স. অন্ত+বা. এ] ক্রিবিণ. ১ শেষে; প্রান্তে। ২ পরকালে। ৩ মৃত্যুকালে।

অন্তেবাসী /অন্‌তেবাশি/ [বা. অন্তে+স. বাসী] বি. ১ গুরুগৃহে বাস করে এমন শিষ্য। ২ প্রতিবেশী, পড়শি। ৩ নগরপ্রান্তবাসী অনগ্রসর জাতি। বিণ. সমীপবর্তী।

অন্ত্য /ওন্‌তো/ [স. অন্ত+য] বিণ. ১ চরম; অন্তিম।

www.pathagar.com

২ অন্তস্থ। ৩ অনগ্রসর বংশে জাত। বি. শূদ্র।

অন্ত্যজ /ওন্‌তোজো/ [স. অন্ত্য+√জন্+অ] বিণ. অনগ্রসর বংশে জাত। বি. শূদ্র; চণ্ডাল।

অন্ত্যদেশ /ওন্‌তোদেশ্/ [স. অন্ত্য+দেশ] বি. শেষ প্রান্ত।

অন্ত্যবর্ণ /ওন্‌তোবর্‌নো / [স. অন্ত্য+বর্ণ] বি. ১ শেষ অক্ষর। ২ শূদ্র।

অন্ত্যানুপ্রাস /ওন্‌তানুপ্রাশ্/ [স. অন্ত্য+অনুপ্রাস] বি. কবিতার চরণের শেষে যে অনুপ্রাস ঘটে, অন্ত্যমিল।

অন্ত্যেষ্টি /অন্‌তেশ্‌টি/ [স. অন্ত্য+ইষ্টি] বি. মৃতের সৎকার; অন্তিম অনুষ্ঠান।

অন্ত্যেষ্টিক্রিয়া /অন্‌তেশ্‌টিক্রিআ/ [স. অন্ত্যেষ্টি+ক্রিয়া] বি. মৃতের সৎকার।

অন্ত্র /অন্‌ত্রো/ [স. √অম্+ত্র] বি. ১ মেরুদণ্ডী প্রাণীর (পাকস্থলী থেকে পায়ু পর্যন্ত) খাদ্যনালির নিম্নাংশ। ২ অমেরুদণ্ডী প্রাণীর (মুখগহ্বর থেকে পায়ু পর্যন্ত) সমগ্র খাদ্যনালি।

অন্ত্রবৃদ্ধি /অন্‌ত্রোবৃদ্‌ধি/ [স. অন্ত্র+√বৃধ্+তি] বি. মানবদেহের অন্ত্রের প্রলম্বন বা বৃদ্ধিজনিত অস্বাভাবিকতা, hernia।

অন্দর /অন্‌দোর্ / [ফা.] বি. ১ ভেতর, অভ্যন্তর। ২ অন্তঃপুর (*অন্দরমহল*)।

অন্দরমহল /অন্‌দোরমহোল্/ [ফা.] বি. ভেতর-বাড়ি।

অন্ধ /অন্‌ধো/ [স. √অন্ধ্+অ] বিণ. ১ দৃষ্টিহীন। ২ অন্ধকারময়। ৩ মূর্খ; অজ্ঞান। ৪ বিচারবোধহীন।

অন্ধকার /অন্‌ধোকার্/ [স. অন্ধ+√কৃ+অ] বি. আলোর অভাব, আঁধার। বিণ. অন্ধকারে ঢাকা।

অন্ধকার দেখা /অন্‌ধোকার্ দেখা/ ক্রিবি. দিগ্‌বিদিক জ্ঞানশূন্য হওয়া।

অন্ধকারাচ্ছন্ন /অন্‌ধোকারাচ্‌ছন্‌নো/ [স. অন্ধকার+আচ্ছন্ন] বিণ. অন্ধকারে ঢাকা, আলোকহীন।

অন্ধকারে ঢিল মারা /অন্‌ধোকারে ঢিল্ মারা/ ক্রিবি. অনুমান বা আন্দাজের ওপর নির্ভর করে কোনো কাজ করা বা কোনো বিষয়ে মন্তব্য করা।

অন্ধকারে থাকা /অন্‌ধোকারে থাকা/ ক্রিবি. কোনো বিষয় সম্পর্কে অবগত না থাকা।

অন্ধকারে হাতড়ানো /অন্‌ধোকারে হাত্‌ড়ানো/ ক্রিবি. অনুমানের ওপর নির্ভর করে খোঁজা।

অন্ধগোলাঙ্গুলন্যায় /অন্‌ধোগোলাংগুল্‌ন্যায়্/ [স. অন্ধগোলাঙ্গুল+ন্যায়] বিণ. পথপ্রদর্শনের জন্য অন্ধকে গোবুর লেজ ধরার কপট পরামর্শের মতো।

অন্ধজন /অন্‌ধোজন্/ [স. অন্ধ+√জন্+অ] বি. দৃষ্টিহীন ব্যক্তি (*অন্ধজনে দেহো আলো, মৃতজনে দেহো প্রাণ— রবীন্দ্র.*)।

অন্ধতমস /অন্‌ধোতমশ্/ [স. অন্ধ+তমস্] বি. গাঢ় অন্ধকার।

অন্ধতমসাচ্ছন্ন /অন্‌ধোতমশাচ্‌ছন্‌নো / [স. অন্ধতমস্+আচ্ছন্ন] বিণ. ঘোর অন্ধকারে আচ্ছন্ন।

অন্ধতমিস্র /অন্‌ধোতোমিস্‌স্রো/ [স. অন্ধ+তমিস্র] বি. গাঢ় অন্ধকার। বিণ. নিবিড় অন্ধকারময়।

অন্ধতা /অন্‌ধোতা/ [স. অন্ধ+তা] বি. দ্র অন্ধত্ব।

অন্ধত্ব /অন্‌ধোত্‌তো/ [স. অন্ধ+ত্ব] বি. ১ দৃষ্টিহীনতা। ২ (আল.) অজ্ঞানতা।

অন্ধবিশ্বাস /অন্‌ধোবিশ্‌শাশ্/ [স. অন্ধ+বিশ্বাস] বি. যুক্তিহীন গভীর আস্থা।

অন্ধবেগ /অন্‌ধোবেগ্/ [স. অন্ধ+বেগ] বি. বেপরোয়া গতি।

অন্ধ হওয়া /অন্‌ধো হওআ/ ক্রিবি. ১ দৃষ্টিশক্তি হারানো। ২ (আল.) পক্ষপাতদুষ্ট হওয়া। ৩ হিতাহিত জ্ঞানশূন্য হওয়া।

অন্ধানুকরণ /অন্‌ধানুকরোন্/ [স. অন্ধ+অনুকরণ] বি. যুক্তিহীনভাবে অনুসরণ।

অন্ধিসন্ধি /ওন্‌ধিশোন্‌ধি/ [দেশি.] বি. ১ ছিদ্র, রন্ধ্র, ফাঁক। ২ ভেতরের কথা, গুপ্ত তথ্য। ৩ উদ্দেশ, হদিস। ৪ উপায়; উদ্যোগ।

অন্ধীভূত /ওন্‌ধিভুতো/ [স. অন্ধ+ঢ্বি+ভূত] বিণ. অন্ধ হয়েছে এমন, অন্ধত্বপ্রাপ্ত।

অন্ধের নড়ি /অন্‌ধের্ নোড়ি/ বি. দ্র অন্ধের যষ্টি।

অন্ধের যষ্টি /অন্‌ধের্ জোশ্‌টি/ বি. অসহায়ের সহায়; অক্ষমের অবলম্বন।

অন্ধ্রেরন্ধ্রে /অন্‌ধ্রেরন্‌ধ্রে/ [বা.] ক্রিবিণ. ফাঁকে-ফোকরে।

অন্ন /অন্‌নো / [স. √অন্+ন] বি. ১ চাল সেদ্ধ করে প্রাপ্ত আহার্য, ভাত। ২ (আল.) জীবিকা।

অন্ন ওঠা /অন্‌নো ওঠা/ ক্রিবি. ১ জীবিকা বন্ধ হওয়া। ২ (আল.) পরমায়ু শেষ হওয়া।

অন্নকষ্ট /অন্‌নোকশ্‌টো / [স. অন্ন+√কষ্+ত] বি. ১ খাদ্যাভাব । ২ দুর্ভিক্ষ, আকাল।

অন্নকূট /অন্‌নোকূট্/ [স. অন্ন+কূট] বি. অন্নের পাহাড়; আহার্যের স্তূপ।

অন্নকোট /অন্‌নোকোট্/ [স. অন্নকূট >] বি. দ্র অন্নকূট।

অন্নক্ষেত্র /অন্‌নোখেত্‌ত্রো/ [স. অন্ন+√ক্ষি+ত্র] বি. যে স্থানে অন্ন বিতরণ করা হয়।

অন্নগত /অন্‌নোগতো/ [স. অন্ন+√গম্+ত] বিণ. অন্নের ওপর নির্ভরশীল, অন্ননির্ভর।

www.pathagar.com

অন্নগতপ্রাণ /অন্‌নোগতোপ্রান্‌/ [স. অন্নগত+প্রাণ] বিণ. অন্নের অভাবে প্রাণ ওষ্ঠাগত এমন।

অন্নচিন্তা /অন্‌নোচিন্‌তা/ [স. অন্ন+√চিন্ত্‌+অ+আ (টাপ্‌)] বি. জীবিকার জন্য উদ্‌বেগ।

অন্নচিন্তা চমৎকারা /অন্‌নোচিন্‌তা চমোত্‌কারা/ প্র. অন্নচিন্তা এমনই চমৎকার যে ক্ষুধায় কাতর ব্যক্তির কোনো গুণের বিকাশ সম্ভব নয়।

অন্নছত্র /অন্‌নোছত্‌ত্রো/ [স. অন্নসত্র >] বি. যেখানে ক্ষুধার্তকে অন্ন দান করা হয়, অন্নক্ষেত্র।

অন্নজল /অন্‌নোজল্‌/ [স. অন্ন+জল] বি. অন্ন ও জল, দানাপানি, আহার্য।

অন্নদ /অন্‌নোদো/ [স. অন্ন+√দা+অ] বিণ. অন্নদাতা।

অন্নদা /অন্‌নোদা/ [স. অন্ন+√দা+অ+আ (টাপ্‌)] বিণ. অন্নদাত্রী। বি. দেবী দুর্গা।

অন্নদাতা /অন্‌নোদাতা/ [স. অন্ন+√দা+তৃ] বিণ. আহার্য দানকারী। বি. প্রতিপালক। স্ত্রী. **অন্নদাত্রী** /অন্‌নোদাত্‌ত্রি/।

অন্নদাস /অন্‌নোদাশ্‌/ [স. অন্ন+দাস] বি. অন্নের জন্য দাসত্ব করে যে।

অন্নধ্বংস /অন্‌নোধ্বংশো/ [স. অন্ন+ধ্বংস] বি. ১ অন্নের অপচয়। ২ (ব্য.) ভোজন।

অন্ননালি /অন্‌নোনালি/ [স. অন্ন+নালি] বি. মেরুদণ্ডী প্রাণীর মুখগহ্বরের ঠিক পেছনে অবস্থিত যে নালির মধ্য দিয়ে খাদ্য পানীয় প্রভৃতি পাকস্থলীতে প্রবেশ করে, কণ্ঠনালি, গ্রাসনালি, oesophagus, gullet।

অন্নপুষ্ট /অন্‌নোপুশ্‌টো/ [স. অন্ন+√পুষ্‌+ত] বিণ. অন্নের দ্বারা প্রতিপালিত।

অন্নপূর্ণা /অন্‌নোপুর্‌না/ [স. অন্ন+পূর্ণা] বি. দেবী দুর্গা।

অন্নপ্রাশন /অন্‌নোপ্রাশোন্‌/ [স. অন্ন+প্রাশন] বি. শিশুর প্রথম অন্ন গ্রহণের অনুষ্ঠান, মুখে ভাত।

অন্নবস্ত্র /অন্‌নোবস্‌ত্রো/ [স. অন্ন+বস্ত্র] বি. ভাত-কাপড়।

অন্নভোজী /অন্‌নোভোজি/ [স. অন্ন+√ভুজ্‌+ইন্‌] বিণ. ভাত খেয়ে জীবনধারণ করে এমন।

অন্নময় /অন্‌নোময়্‌/ [স. অন্ন+ময়ট্‌] বিণ. অন্নপূর্ণ।

অন্নরস /অন্‌নোরশ্‌/ [স. অন্ন+রস] বি. জীবদেহের ক্ষুদ্রান্ত্রে উৎপন্ন পাচনসহায়ক দুগ্ধবৎ রসবিশেষ, chyle।

অন্নলোভাতুর /অন্‌নোলোভাতুর্‌/ [স. অন্নলোভ+আতুর] বিণ. আহার্যের জন্য কাতর।

অন্নসংকট /অন্‌নোশংকট্‌/ [স. অন্ন+সংকট] বি. খাদ্যাভাব।

অন্নসংস্থান /অন্‌নোশংস্‌থান্‌/ [স. অন্ন+সংস্থান] বি. জীবিকা অর্জনের ব্যবস্থা।

অন্নসত্র /অন্‌নোশত্‌ত্রো/ [স. অন্ন+সত্র] বি. যে স্থানে অন্ন বিতরণ করা হয়, লঙ্গরখানা।

অন্নহীন /অন্‌নোহিন্‌/ [স. অন্ন+√হা+ত] বিণ. নিরন্ন; উপবাসী।

অন্নাচ্ছাদন /অন্‌নাচ্‌ছাদোন্‌/ [স. অন্ন+আচ্ছাদন] বি. আহার ও বাসস্থান, অশনবসন।

অন্নাভাব /অন্‌নাভাব্‌/ [স. অন্ন+অভাব] বি. খাদ্যের অভাব।

অন্নাহার /অন্‌নাহার্‌/ [স. অন্ন+আহার] বি. অন্নগ্রহণ।

অন্বয় /অন্‌নয়্‌/ [স. অনু+√ই+অ] বি. ১ সম্বন্ধ; মিল। ২ ক্রম, ধারা। ৩ বংশ। ৪ (ব্যা.) পদসমূহের পরস্পর সম্বন্ধ; সম্বন্ধযুক্ত পদসমূহের ক্রমবিন্যাস।

অন্বয়ী /অন্‌নোয়ি/ [স. অন্বয়+ইন্‌] বিণ. অন্বয়যুক্ত, অন্বিত; সম্বন্ধ আছে এমন।

অন্বর্থ /অন্‌নর্‌থো/ [স. অনু+অর্থ] বিণ. অর্থের সঙ্গে সংগতিপূর্ণ, যথার্থ, অর্থানুরূপ।

অন্বর্থনামা /অন্‌নর্‌থোনামা/ [স. অন্বর্থ+নামন্‌] বিণ. নামের অর্থের সঙ্গে স্বভাবের মিলযুক্ত।

অন্বাসন /অন্‌নাশোন্‌/ [স. অনু+√আস্‌+অন] বি. ১ পরে উপবেশন। ২ আরাধনা। ৩ পরিতাপ। ৪ শিল্পগৃহ।

অন্বাসিত /অন্‌নাশিতো/ [স. অনু+√আস্‌+ত] বিণ. ১ পেছনে উপবিষ্ট। ২ পূজিত; সেবিত।

অন্বিত /ওন্‌নিতো/ [স. অনু+√ই+ত] বিণ. ১ যুক্ত। ২ পরস্পর সম্বন্ধযুক্ত।

অন্বিষ্ট /ওন্‌নিশ্‌টো/ [স. অনু+√ইষ্‌+ত] বিণ. ১ অনুসন্ধান করা হয়েছে এমন, অন্বেষিত। ২ কাঙ্ক্ষিত।

অন্বীক্ষণ /ওন্‌নিক্‌খন্‌/ [স. অনু+√ঈক্ষ্‌+অন] বি. ১ পশ্চাদ্‌দর্শন, retrospection। ২ অন্বেষণ।

অন্বীক্ষা /ওন্‌নিক্‌খা/ [স. অনু+√ঈক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ দর্শন। ২ ন্যায়শাস্ত্র। ৩ পর্যালোচনা। ৪ অনুমান। ৫ অন্বেষণ।

অন্বেষক /অন্‌নেশক্‌/ [স. অনু+√ইষ্‌+অক] বিণ. বি. অনুসন্ধানকারী; গবেষক।

অন্বেষণ /অন্‌নেশন্‌/ [স. অনু+√ইষ্‌+অন] বি. ১

www.pathagar.com

অনুসন্ধান, খোঁজ, তালাশ। ২ গবেষণা।

অন্বেষিত /অন্‌নেশিতো/ [স. অনু+√ইষ্+ণিচ্+ত] বিণ. অন্বেষণ করা হয়েছে এমন।

অন্বেষী /অন্‌নেশি/ [স. অনু+√ইষ্+ইন্] বি. বিণ. অন্বেষক।

অন্বেষ্টা /অন্‌নেশ্‌টা/ [স. অনু+√ইষ্+তৃ] বি. বিণ. অনুসন্ধানকারী, অন্বেষক।

অন্য /ওন্‌নো/ [স. √অন্+য] সর্ব. অপর লোক। বিণ. ভিন্ন; পর।

অন্যকাম /ওন্‌নোকাম্/ [স. অন্য+কাম] বিণ. অন্যকে কামনা করে এমন; অন্যের প্রতি আসক্ত।

অন্যকৃত /ওন্‌নোকৃতো/ [স. অন্য+√কৃ+ত] বিণ. অন্যের দ্বারা কৃত বা সম্পাদিত।

অন্যক্ষেত্র /ওন্‌নোখেত্‌ত্রো/ [স. অন্য+ক্ষেত্র] বি. ১ অন্যদেহ। ২ অন্যের স্ত্রী। ৩ অন্য কেদার (খেত); ক্ষেত্রান্তর।

অন্যগ /ওন্‌নোগো/ [স. অন্য+√গম্+অ] বিণ. অন্যের প্রতি আসক্ত, দ্বিতীয়গামী। স্ত্রী. অন্যগা /ওন্‌নোগা/।

অন্যগত /ওন্‌নোগতো/ [স. অন্য+√গম্+ত] বিণ. ১ অন্যের প্রতি আসক্ত। ২ পরনির্ভর।

অন্যগামী /ওন্‌নোগামি/ [স. অন্য+√গম্+ইন্] বিণ. ১ অন্যের প্রতি আসক্ত। ২ ব্যভিচারী।

অন্যত /ওন্‌নোতো/ [স. অন্য+তস্] অব্য. ক্রিবিণ. অন্যভাবে, ভিন্ন উপায়ে।

অন্যতম /ওন্‌নোতমো/ [স. অন্য+তমপ্] বিণ. বহুর মধ্যে এক।

অন্যতর /ওন্‌নোতরো/ [স. অন্য+তর] বিণ. দুইয়ের মধ্যে একটি।

অন্যত্ব /ওন্‌নোত্‌তো/ [স. অন্য+ত্ব] বি. ভিন্নতা।

অন্যত্র /ওন্‌নোত্‌ত্রো/ [স. অন্য+ত্র] ক্রিবিণ. ১ অন্য স্থানে। ২ অন্য বিষয়ে।

অন্যথা /ওন্‌নোথা/ [স. অন্য+থা] অব্য. নতুবা, না হলে। বি. ১ ভিন্নরূপ, অন্যরূপ। ২ (বাংলায়) ব্যতিক্রম; বৈপরীত্য।

অন্যথা করা /ওন্‌নোথা করা/ ক্রিবি. অন্যরূপ করা; লঙ্ঘন করা।

অন্যথাকারী /ওন্‌নোথাকারি/ [স. অন্যথা+√কৃ+ইন্] বিণ. বিরুদ্ধাচারী।

অন্যথাচরণ /ওন্‌নোথাচরোন্/ [স. অন্যথা+আচরণ] বি. প্রতিকূল আচরণ।

অন্যথাচার /ওন্‌নোথাচার্/ [স. অন্যথা+আচার] বি. অন্যথাকরণ, প্রতিকূল ব্যবহার।

অন্যদা /ওন্‌নোদা/ [স. অন্য+√দা+অ+আ (টাপ্)] অব্য. ক্রিবিণ. অন্যসময়ে, সময়ান্তরে; একদা।

অন্যদীয় /ওন্‌নোদিয়ো/ [স. অন্যদ্+ঈয়] বিণ. অপরসম্বন্ধীয়; অন্যের।

অন্যদেশীয় /ওন্‌নোদেশিয়ো/ [স. অন্যদেশ+ঈয়] বিণ. ভিনদেশীয়, বিদেশি।

অন্যধর্মাবলম্বী /ওন্‌নোধর্‌মাবোলোম্‌বি/ [স. অন্যধর্ম+অব+√লম্ব্+ইন্] বিণ. ভিন্নধর্মাশ্রয়ী।

অন্যপুষ্ট /ওন্‌নোপুশ্‌টো/ [স. অন্য+√পুষ্+ত] বিণ. অন্যের দ্বারা পালিত, পরপুষ্ট। বি. কোকিল।

অন্যপূর্বা /ওন্‌নোপুর্‌বা/ [স. অন্য+পূর্বা] বিণ. পূর্বে অন্যের পত্নী বা বাগদত্তা ছিল এমন।

অন্যবিধ /ওন্‌নোবিধো/ [স. অন্য+বিধা] বিণ. অন্য ধরনের, ভিন্নপ্রকার।

অন্যভাব /ওন্‌নোভাব্/ [স. অন্য+ভাব] বি. ভিন্ন-ভাব, ভাবান্তর।

অন্যভৃত /ওন্‌নোভৃতো/ [স. অন্য+√ভৃ+ত] বিণ. অন্যের দ্বারা পালিত, পরভৃত। বি. কোকিল।

অন্যভৃৎ /ওন্‌নোভৃত্/ [স. অন্য+√ভৃ+ক্বিপ্] বিণ. অন্যকে পালনকারী, পরভৃৎ। বি. কাক।

অন্যমত /ওন্‌নোমত্/ [স. অন্য+√মন্+ত] বি. ভিন্ন মত, ভিন্ন দৃষ্টিভঙ্গি।

অন্যমতাবলম্বী /ওন্‌নোমতাবোলোম্‌বি/ [স. অন্য+মত+অব+√লম্ব্+ইন্] বিণ. ভিন্নমতাশ্রয়ী।

অন্যমনস্ক /ওন্‌নোমনশ্‌কো/ [স. অন্যমনস্+ক] বিণ. অন্যমনা, অমনোযোগী। বি. ~তা /–তা/।

অন্যমনা /ওন্‌নোমোনা/ [স. অন্য+মনাঃ] বিণ. অমনোযোগী, আনমনা।

অন্যমনে /ওন্‌নোমোনে/ [স. অন্য+√মন্+অস্+বা. এ] ক্রিবিণ. অন্যবিষয়ে নিবিষ্ট থেকে, আনমনে।

অন্যসাপেক্ষ /ওন্‌নোশাপেক্‌খো/ [স. অন্য+সাপেক্ষ] বিণ. একটিকে বুঝতে হলে অন্যটিকে জানতে হবে এমন সম্বন্ধযুক্ত, relative।

অন্যাধীন /ওন্‌নাধিন্/ [স. অন্য+অধীন] বিণ. অন্যের অধীন।

অন্যান্তর /ওন্‌নান্‌তর্/ [স. অন্য+অন্তর] বি. অন্য স্থান, অন্যত্র।

অন্যান্য /ওন্‌নান্‌নো/ [স. অন্য+অন্য] বিণ. ১ অপরাপর। ২ ভিন্ন ভিন্ন। সর্ব. অপরাপর ব্যক্তি বা বস্তু।

অন্যায্য /অন্যাজ্‌জো/ [স. ন+ন্যায্য] বিণ. অনুচিত, অসংগত; অন্যায়।

অন্যায় /অন্‌ন্যায়্/ [স. ন+নি+√ই+অ] বি. অবিচার।

www.pathagar.com

বিণ. ১ ন্যায়সংগত নয় এমন, ন্যায়বিরুদ্ধ। ২ অনুচিত, অনৈতিক।

অন্যায়কারী /অন্‌ন্যায়্‌কারি / [স. অন্যায়+ √কৃ+ইন্] বিণ. ১ অবিচারকারী। ২ দুষ্কর্মকারী।

অন্যায়কৃত /অন্‌ন্যায়কৃতো / [স. অন্যায়+ √কৃ+ত] বিণ. অন্যায় বা অনৈতিকভাবে করা হয়েছে এমন।

অন্যায়ত /অন্‌ন্যায়তো / [স. অন্যায়+তস্] অব্য. ক্রিবিণ. অন্যায়ভাবে, অনুচিতভাবে।

অন্যায়ভাবে /অন্‌ন্যায়্‌ভাবে / [স. অন্যায়ভাব+বা. এ] ক্রিবিণ. অনুচিতরূপে।

অন্যায়াচরণ /অন্‌ন্যায়াচরোন্/ [স. অন্যায়+আচরণ] বি. অনুচিত বা ন্যায়বিরুদ্ধ আচরণ।

অন্যায়াচারী /অন্‌ন্যায়াচারি / [স. অন্যায়+আ+ √চর্+ইন্] বিণ. অনুচিত কাজ করে এমন।

অন্যাসক্ত /ওন্‌নাশক্‌তো / [স. অন্য+আ+ √সন্‌জ্+ত] বিণ. অন্যের প্রতি অনুরক্ত। স্ত্রী. **অন্যাসক্তা** /ওন্‌নাশক্‌তা /।

অন্যাসক্তি /ওন্‌নাশোক্‌তি / [স. অন্য+আ+√সন্‌জ্+তি] বি. অন্যের প্রতি আসক্তি বা অনুরাগ।

অন্যূন /অন্‌নুনো / [স. ন+নি+√ঊন্+অ] ক্রিবিণ. অন্তত; কমপক্ষে। বিণ. সম্পূর্ণ, সমগ্র।

অন্যোঢ়া /অন্‌নোঢ়া / [স. অন্য+ঊঢ়া] বি. অন্যের পত্নী।

অন্যোন্য /ওন্‌নোন্‌নো / [স. অন্যঃ+অন্য] বিণ. পরস্পর (*অন্যোন্যবিরোধী*)। বি. কাব্যালংকার-বিশেষ।

অন্যোন্যনির্ভর /ওন্‌নোন্‌নোনির্‌ভর্ / [স. অন্যোন্য +নির্ভর] বিণ. পরস্পর নির্ভরশীল।

অন্যোন্যস্তুতি /ওন্‌নোন্‌নোস্‌তুতি / [স. অন্যোন্য+ √স্তু+তি] বি. পরস্পরের মহিমাকীর্তন।

অপ[১] /অপ্/ অব্য. অপকর্ষ নিন্দা বিরোধ প্রতিকূল প্রভৃতিসূচক সংস্কৃত উপসর্গ।

অপ[২] /অপ্ / [স. √আপ্+ক্বিপ্] বি. জল, উদ।

অপকর্ম /অপোকর্‌মো / [স. অপ+কর্মন্] বি. কুকর্ম, দুষ্কর্ম; অন্যায় বা ক্ষতিকর কাজ।

অপকর্মা /অপোকর্‌মা / [স. অপ+কর্মন্] বিণ. ক্ষতিকর কাজ করে এমন; অন্যায়কারী।

অপকর্ষ /অপোকর্‌শো / [স. অপ+ √কৃষ্+অ] বি. ১ হীনতা, নিকৃষ্টতা। ২ পতন, অবনতি।

অপকলঙ্ক /অপোকলোংকো / [স. অপ+ক+√রঙ্কি +অ] বি. মিথ্যা অপবাদ; অনুচিত কলঙ্ক।

অপকার /অপোকার্ / [স. অপ+ √কৃ+অ] বি. অনিষ্ট, ক্ষতি।

অপকারক /অপোকারোক্ / [স. অপ+ √কৃ+অক] বিণ. ক্ষতিকর, অনিষ্টকারী।

অপকারী /অপোকারি/ [স. অপ+ √কৃ+ইন্] বিণ. ক্ষতিকর। বি. **অপকারিতা** /অপোকারিতা /।

অপকীর্তি /অপোকির্‌তি / [স. অপ+ √কৃৎ+ণিচ্+তি] বি. ১ খারাপ কাজ, কুকর্ম। ২ দুর্নাম, অপযশ।

অপকৃত /অপোক্‌কৃতো/ [স. অপ+ √কৃ+ত] বিণ. অপকার করা হয়েছে এমন; ক্ষতিগ্রস্ত।

অপকৃতি /অপোক্‌কৃতি/ [স. অপ+ √কৃ+তি] বি. ক্ষতিকর কাজ, দুষ্কর্ম।

অপকৃষ্ট /অপোকৃশ্‌টো / [স. অপ+ √কৃষ্+ত] বিণ. ১ নিকৃষ্ট, জঘন্য; মন্দ। ২ নীচ।

অপক্ক /অপক্‌কো / [স. ন+√পচ্+ত] বিণ. ১ পাকেনি এমন; কাঁচা। ২ অসেদ্ধ; রাঁধা হয়নি এমন। ৩ অপরিণত। বি. **-তা** /-তা/।

অপক্রম /অপোক্‌ক্রোম্/ [স. অপ+ √ক্রম্+অ] বি. এক স্থান থেকে অন্য স্থানে গমন; পলায়ন।

অপক্রান্ত /অপোক্‌ক্রান্‌তো/ [স. অপ+ √ক্রম্+ত] বিণ. ১ অপসৃত; বহির্গত। ২ পলায়িত।

অপক্রিয়া /অপোক্‌ক্রিআ/ [স. অপ+ক্রিয়া] বি. ১ কুকর্ম। ২ অপকার।

অপক্ষপাত /অপোক্‌খোপাত্/ [স. ন+পক্ষপাত] বি. পক্ষপাতহীনতা, সমদর্শিতা।

অপক্ষপাতিতা /অপোক্‌খোপাতিতা/ [স. ন+পক্ষ+ পাত+ইন্+তা] বি. নিরপেক্ষতা।

অপক্ষপাতিত্ব /অপোক্‌খোপাতিত্‌তো/ [স. ন+পক্ষ +পাত+ইন্+ত্ব] বি. নিরপেক্ষতা, সমদর্শিতা।

অপক্ষপাতী /অপোক্‌খোপাতি/ [স. অপক্ষপাত+ ইন্] বিণ. ১ নিরপেক্ষ। ২ ন্যায়দর্শী।

অপক্ষেপ /অপোক্‌খেপ্/ [স. অপ+ √ক্ষিপ্+অ] বি. ১ প্রত্যাখ্যান। ২ নিম্নে ক্ষেপণ।

অপগত /অপোগতো/ [স. অপ+ √গম্+ত] বিণ. ১ বিগত; পলায়িত; অপসৃত। ২ মৃত।

অপগম /অপোগম্/ [স. অপ+ √গম্+অ] বি. দ্র অপগমন।

অপগমন /অপোগমোন্ / [স. অপ+ √গম্+অন] বি. ১ পলায়ন; প্রস্থান। ২ অপসারণ। ৩ মৃত্যু।

অপগা /অপোগা/ [স. অপ+ √গম্+অ+আ (টাপ্)] বিণ. ১ নিচের দিকে প্রবাহিত হচ্ছে এমন, নিম্ন-গামিনী। ২ সমুদ্রগামিনী। বি. নদী।

অপগুণ /অপোগুন্/ [স. অপ+গুণ] বি. অপকৃষ্ট গুণ।

www.pathagar.com

অপঘাত /অপোঘাত্/ [স. অপ+√হন্+অ] বি. মৃত্যু হতে পারে এমন আকস্মিক ঘটনা, প্রাণহানিকর দুর্ঘটনা।

অপঘাতক /অপোঘাতক্/ [স. অপ+√হন্+অক] বিণ. অপঘাতকারী।

অপঘাতী /অপোঘাতি/ [স. অপ+√হন্+ইন্] বিণ. অপঘাতকারী।

অপচয় /অপোচয়্/ [স. অপ+√চি+অ] বি. ১ অপ্রয়োজনীয় ব্যয়, অপব্যয়। ২ হ্রাস, ক্ষয়।

অপচয়ী /অপোচোয়ি/ [স. অপ+√চি+ইন্] বিণ. অপচয় করে এমন, wasteful।

অপচায়িত /অপোচায়িতো/ [স. অপ+√চায়্+ত] বিণ. অপচয় করা হয়েছে এমন, অপব্যয়িত।

অপচার /অপোচার্/ [স. অপ+√চর্+অ] বি. ১ অবিহিত আচরণ, অশিষ্টাচার। ২ অনিষ্টকর কাজ। ৩ দুর্নীতি। ৪ বদহজম, অজীর্ণ।

অপচারনিরোধ /অপোচার্নিরোধ্/ [স. অপচার+নিরোধ] বি. দুর্নীতি প্রতিরোধ, anticorruption।

অপচারী /অপোচারি/ [স. অপ+√চর্+ইন্] বিণ. অন্যায় আচরণকারী; অহিতাচারী।

অপচিকীর্ষা /অপোচিকির্ষা/ [স. অপ+√কৃ+সন্+অ +আ (টাপ্)] বি. অপকার করার ইচ্ছা।

অপচিকীর্ষু /অপোচিকির্ষু/ [স. অপ+চিকীর্ষু] বিণ. অপকার করতে ইচ্ছুক।

অপচিত /অপোচিতো/ [স. অপ+√চি+ত] বিণ. ১ অপব্যয় করা হয়েছে এমন। ২ ক্ষয়প্রাপ্ত; ক্ষীণ।

অপচিতি /অপোচিতি/ [স. অপ+√চি+তি] বি. ১ অপব্যয়। ২ ক্ষয়।

অপচীয়মান /অপোচিয়োমান্/ [স. অপ+√চি+মান (শানচ্)] বিণ. ১ অপব্যয়িত হচ্ছে এমন। ২ ক্ষীয়মাণ।

অপচেষ্টা /অপোচেশ্টা/ [স. অপ+√চেষ্ট্+অ+আ (টাপ্)] বি. ১ ব্যর্থ চেষ্টা। ২ হীন উদ্দেশ্যে চেষ্টা।

অপচ্ছায়া /অপোচ্ছায়া/ [স. অপ+ছায়া] বি. বিকৃত ছায়া; ভূতপ্রেতের অস্পষ্ট কল্পিত ছায়ামূর্তি।

অপছন্দ /অপছোন্দো/ [বা. অ+ফা. পছন্দ] বিণ. পছন্দ নয় এমন।

অপজাত /অপোজাতো/ [স. অপ+√জন্+ত] বিণ. ১ নিজ বংশের গুণ বা পূর্বের উৎকর্ষ হ্রাস পেয়েছে এমন; কল্পিত কুলোচিত গুণাবলি থেকে বিচ্যুত। ২ হীন অবস্থাপ্রাপ্ত।

অপজাতি /অপোজাতি/ [স. অপ+√জন্+তি] বি. অবহেলিত ও অনগ্রসর জাতি।

অপটু /অপোটু/ [স. ন+পটু] বিণ. ১ অনিপুণ, অদক্ষ। ২ অসুস্থ; ভগ্নস্বাস্থ্য।

অপঠিত /অপোঠিতো/ [স. ন+√পঠ্+ত] বিণ. পাঠ করা হয়নি এমন।

অপণ্ডিত /অপোন্ডিত্/ [স. ন+পণ্ডিত] বিণ. পণ্ডিত নয় এমন; মূর্খ।

অপণ্য /অপোন্নো/ [স. ন+পণ্য] বিণ. পণ্যরূপে বিবেচিত নয় এমন; বিক্রি করা যায় না এমন।

অপত্নীক /অপোত্নিক্/ [স. ন+পত্নী+ক] বিণ. ১ অবিবাহিত। ২ বিপত্নীক, মৃতদার।

অপত্য /অপোত্তো/ [স. ন+√পত্+য] বি. সন্তান, পুত্র বা কন্যা।

অপত্যনির্বিশেষে /অপোত্তোনির্বিশেশে/ [স. অপত্য+নির্বিশেষ+বা. এ] ক্রিবিণ. নিজ সন্তানের মতো ভেবে।

অপত্যবৎসল /অপোত্তোবত্শল্/ [স. অপত্য+বৎসল] বিণ. সন্তানের প্রতি স্নেহপ্রবণ।

অপত্যস্নেহ /অপোত্তোস্নেহো/ [স. অপত্য+√স্নিহ্+অ] বি. সন্তানের প্রতি স্নেহ ও ভালোবাসা।

অপত্যহীন /অপোত্তোহিন্/ [স. অপত্য+√হা+ত] বিণ. সন্তানহীন, নিঃসন্তান।

অপত্রপ[১] /অপত্রোপো/ [স. অপ+ত্রপা] বি. ১ লজ্জাহীনতা। ২ ধৃষ্টতা।

অপত্রপ[২] /অপত্রোপো/ [স. অপ+ত্রপা] বিণ. নির্লজ্জ। স্ত্রী. অপত্রপা /অপত্রোপা/।

অপত্রী /অপোত্রি/ [স. ন+পত্রী] বিণ. (পতঙ্গের ক্ষেত্রে) পাখা নেই এমন। বি. মাকড়সা।

অপথ /অপথ্/ [স. ন+পথ] বি. ১ কুপথ, বিপথ, মন্দপথ। ২ ভুল পথ। বিণ. পথশূন্য।

অপথ্য /অপোত্থো/ [স. ন+পথ্য] বি. (রোগীর) খাওয়ার অযোগ্য খাদ্য। বিণ. কুপথ্য।

অপদ /অপদো/ [স. ন+পদ] বিণ. পা নেই এমন, পদহীন। বি. সাপ কেঁচো প্রভৃতি প্রাণী।

অপদস্থ[১] /অপোদস্থো/ [স. ন+পদস্থ] বিণ. লাঞ্ছিত; অসম্মানিত।

অ-পদস্থ[২] /অপদোস্থো/ [স. ন+পদস্থ] বিণ. উচ্চপদস্থ নয় এমন।

অপদার্থ /অপোদার্থো/ [স. ন+পদার্থ] বিণ. ১ পদার্থহীন, non-material। ২ (আল.) অকর্মণ্য, অসার, অযোগ্য। ৩ (বাংলায়) মনুষ্যত্বহীন।

অপদেব /অপোদেব/ [স. অপ+দেব] বি. দ্র অপ-দেবতা।

www.pathagar.com

অপদেবতা /অপোদেবোতা/ [স. অপ+দেবতা] বি. ভূত প্রেত প্রভৃতি অপকৃষ্ট দেবতা।

অপধ্বস্ত /অপোদ্‌ধস্‌তো/ [স. অপ+√ধ্বন্‌স্‌+ত] বিণ. ১ ত্যক্ত; পতিত। ২ চূর্ণিত।৩ নিন্দিত।

অপনয় /অপোনয়্‌/ [স. অপ+√নী+অ] বি. দ্র অপনয়ন।

অপনয়ন /অপোনয়োন্‌/ [স. অপ+√নী+অন] বি. অপসারণ, দূরীকরণ।

অপনীত /অপোনিতো/ [স. অপ+√নী+ত] বিণ. দূরীভূত, অপসৃত।

অপনেয় /অপোনেয়ো/ [স. অপ+√নী+য] বিণ. মুছে ফেলা যায় এমন।

অপনোদন /অপোনোদোন/ [স. অপ+√নুদ্‌+অন] বি. ১ দূরীকরণ, অপসারণ। ২ খণ্ডন।

অপনোদিত /অপোনোদিতো/ [স. অপ+√নুদ্‌+ত] বিণ. মুছে ফেলা হয়েছে এমন, অপসারিত।

অপপাঠ /অপোপাঠ্‌/ [স. অপ+ √পঠ্‌+অ] বি. অশুদ্ধ পাঠ; লিপিকর প্রমাদ।

অপপ্রচার /অপোপ্রোচার/ [স. অপ+প্রচার] বি. অসত্য প্রচার; গুজব।

অপপ্রয়োগ /অপোপ্রোয়োগ্‌/ [স. অপ+প্রয়োগ] বি. অনুচিত প্রয়োগ; অশুদ্ধ প্রয়োগ।

অপবর্গ /অপোবর্‌গো/ [স. অপ+√বৃজ্‌+অ] বি. মুক্তি, মোক্ষ।

অপবাদ /অপোবাদ্‌/ [স. অপ+ √বদ্‌+অ] বি. নিন্দা, কুৎসা, বদনাম।

অপবাদক /অপোবাদক্‌/ [স. অপ+ √বদ্‌+অক] বিণ. অপবাদকারী; নিন্দক।

অপবিত্র /অপোবিত্‌রো/ [স. ন+পবিত্র] বিণ. অশুচি, নাপাক; অশুদ্ধ। বি. -তা /-তা/।

অপবিদ্যা /অপোবিদ্‌যা/ [স. অপ+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. কল্পিত ঘটনাকে সত্য বলে প্রতিপন্ন করায় এমন অপকৃষ্ট বিদ্যা, অবিদ্যা, মায়াবিদ্যা।

অপব্যবহার /অপোব্‌ব্যাবোহার/ [স. অপ+ ব্যবহার] বি. ১ অনুচিত আচরণ। ২ অন্যায্য প্রয়োগ, অপপ্রয়োগ।

অপব্যয় /অপোব্‌ব্যায়/ [স. অপ+বি+√ই+অয়] বি. অপ্রয়োজনীয় ব্যয়, বাজে খরচ, অপচয়।

অপব্যয়িত /অপব্‌বেয়িতো/ [স. অপ+√ব্যয়্‌+ত] বিণ. অপব্যয় করা হয়েছে এমন, অকারণে ব্যয়িত।

অপব্যয়িতা /অপোব্‌বেয়িতা/ [স. অপব্যয়+ইন্‌+তা] বি. অপ্রয়োজনীয় ব্যয় করার অভ্যাস।

অপব্যয়ী /অপোব্‌বেয়ি/ [স. অপ+√ব্যয়্‌+ইন্‌] বিণ. অপব্যয় করে এমন।

অপভাষ /অপোভাশ্‌/ [স. অপ+√ভাষ্‌+অ] বি. নিন্দা, কুৎসা।

অপভাষা /অপোভাশা/ [স. অপ+√ভাষ্‌+অ+আ (টাপ্‌)] বি. অসাধু ভাষা; অমার্জিত ভাষা। বিণ. মান্য ভাষা নয় এমন।

অপভূ /অপোভু/[স. অপ+√ভূ+ক্বিপ্‌] বি. (জ্যোবি.) পরিক্রমণকালে প্রাকৃতিক গ্রহ-উপগ্রহ বা কৃত্রিম উপগ্রহ কক্ষপথের যে বিন্দুতে পৃথিবী থেকে সবচেয়ে বেশি দূরত্বে অবস্থান করে; (পরি.) apogee।

অপভূবিন্দু /অপোভুবিন্‌দু/ [স. অপভূ+বিন্দু] বি. দ্র অপভূ।

অপভ্রংশ /অপোব্‌ভ্রোংশো/ [স. অপ+√ভ্রন্‌শ্‌+অ] বি. ১ প্রাকৃত স্তরের পরের ভাষা। ২ মূল শব্দের বিবর্তিত রূপ। ৩ বিকৃতি, অশুদ্ধি। ৪ স্বস্থান থেকে বিচ্যুতি; স্খলন। ৫ (বাংলায়) অপকর্ষ।

অপভ্রষ্ট /অপোব্‌ভ্রোশ্‌টো/ [স. অপ+√ভ্রন্‌শ্‌+ত] বিণ. ১ বিকৃত; অশুদ্ধ। ২ স্খলিত; পতিত।

অপমান /অপোমান/ [স. অপ+√মন্‌+অ] বি. অবমাননা, লাঞ্ছনা, অসম্মান (*...যাদের করেছ অপমান /অপমানে হতে হবে তাহাদের সবার সমান।* রবীন্দ্র.)।

অপমানজনক /অপোমানজনোক্‌/ [স. অপমান+ জনক] বিণ. অসম্মানজনক।

অপমানসূচক /অপোমানশুচক্‌/ [স. অপমান+সূচক] বিণ. মানহানিকর।

অপমানিত /অপোমানিতো/ [স. অপ+√মানি+ত] বিণ. অসম্মানিত।

অপমান্য /অপোমান্‌নো/ [স. অপ+√মন্‌+য] বিণ. অপমানজনক। স্ত্রী. **অপমান্যা** /অপোমান্‌না/।

অপমিশ্রণ /অপোমিস্‌রোন/ [স. অপ+√মিশ্র+অন] বি. নিকৃষ্ট দ্রব্যের মিশ্রণ।

অপমৃত্যু /অপোমৃত্‌তু/ [স. অপ+মৃত্যু] বি. অস্বাভাবিক মৃত্যু; অপঘাতজনিত মৃত্যু।

অপযশ /অপোজশ্‌/ [স. অপ+যশস্‌] বি. নিন্দা; কলঙ্ক; অখ্যাতি।

অপয়া /অপয়া/ [বা.] বিণ. ১ অলক্ষণা, কুলক্ষণা। ২ অমঙ্গলজনক, অশুভকর।

অপর /অপর্‌/ [স. ন+পর] বিণ. ১ অন্য (*অপর লোক*)। ২ বিপরীত। ৩ অধম।৪ শেষ; পশ্চাদ্‌বর্তী (*পূর্বাপর আলোচনা*)। সর্ব. অনির্দিষ্ট কোনো ব্যক্তি।

www.pathagar.com

বি. (বাংলায়) স্বজন; মিত্র।

অপরঞ্চ /অপরন্‌চো/ [স. অপরম্+চ] অব্য. অপিচ, আরো; তদ্ভিন্ন।

অপরত্র /অপরত্‌ত্রো/ [স. অপর+ত্র] অব্য. অন্যত্র। ক্রিবিণ. ১ অন্য পক্ষে। ২ অন্য বিষয়ে।

অপরন্তু /অপরোন্‌তু/ [স. অপরম্+তু] অব্য. অপিচ, আরো।

অপরা /অপরা/ [স. অপর+আ (টাপ্)] বিণ. ১ শ্রেষ্ঠ নয় এমন। ২ প্রাকৃতিক। ৩ মায়িক। বি. পশ্চিম-দিক। সর্ব. অন্য স্ত্রীলোক।

অপরাগ /অপরাগ/ [স. অপ+√রন্‌জ্+অ] বি. অনুরাগের অভাব।

অপরাজিত /অপরাজিতো/ [স. ন+পরা+√জি+ত] বিণ. পরাস্ত হয়নি এমন, অপরাভূত।

অপরাজিতা[১] /অপরাজিতা/ [স. অপরাজিত+আ (টাপ্)] বি. ক্রান্তীয় অঞ্চলে প্রায় সারা বছর ফোটে এমন গাঢ় নীল সাদা বেগুনি প্রভৃতি রঙের গন্ধহীন ফুল বা তার বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ।

অপরাজিতা[২] /অপরাজিতা/ [স. অপরাজিত+আ (টাপ্)] বি. ১ ছন্দবিশেষ। ২ ঈশানকোণ। ৩ দেবী দুর্গা।

অপরাজেয় /অপরাজেয়ো/ [স. ন+পরাজেয়] বিণ. পরাভূত করা যায় না এমন (*অপরাজেয় বাংলা*)।

অপরাধ /অপোরাধ্/ [স. অপ+√রাধ্+অ] বি. ১ গর্হিত কাজ। ২ দোষ; ত্রুটি। ৩ পাপ; অধর্ম।

অপরাধমুক্ত /অপোরাধ্‌মুক্‌তো/ [স. অপরাধ+√মুচ্+ত] বিণ. দুষ্কর্মমুক্ত (*অপরাধমুক্ত এলাকা*)।

অপরাধমূলক /অপোরাধ্‌মুলক্/ [স. অপরাধ+মূলক] বিণ. আইনবিরুদ্ধ।

অপরাধী /অপোরাধি/ [স. অপ+√রাধ্+ইন্] বি. বিণ. দোষী, অন্যায়কারী; পাপী।

অপরাপর /অপরাপর/ [স. অপর+অপর] বিণ. অন্যান্য, অন্যসমস্ত।

অপরাবিদ্যা /অপরাবিদ্‌দ্যা/ [স. অপরা+√বিদ্+য+আ (টাপ্)] বি. ১ অপ্রধান বিদ্যা; শ্রেষ্ঠ নয় এমন বিদ্যা। ২ মায়াবিদ্যা।

অপরাভূত /অপরাভূতো/ [স. অপরা+√ভূ+ত] বিণ. পরাজিত হয়নি বা করা যায়নি এমন।

অপরামর্শ /অপরামর্‌শো/ [স. ন+পরা+√মৃশ্+অ] বি. কুমন্ত্রণা।

অপরাস্ত /অপরাস্‌তো/ [স. ন+পরা+√অস্+ত] বিণ. অপরাজিত, অপরাভূত।

অপরাহ্ণ /অপরান্‌ɲho/ [স. অপর+অহ্ণ] বি. মধ্যাহ্ন থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়, বিকেল।

অপরিকল্পিত /অপোরিকোল্‌পিতো/ [স. ন+পরি+√কল্প্+ত] বিণ. ১ অচিন্তিত। ২ অনুদ্ভাবিত।

অপরিগ্রহ /অপোরিগ্‌গ্রোহো/ [স. ন+পরি+√গ্রহ্+অ] বি. অস্বীকার। বিণ. ১ অবিবাহিত। ২ বিপত্নীক। ৩ নিঃস্ব।

অপরিচয় /অপোরিচয়্/ [স. ন+পরি+√চি+অ] বি. পরিচয় বা জ্ঞানের অভাব।

অপরিচিত /অপোরিচিতো/ [স. ন+পরি+√চি+ত] বিণ. অচেনা। স্ত্রী. অপরিচিতা /অপোরিচিত্যা/।

অপরিচ্ছন্ন /অপোরিচ্‌ছন্‌নো/ [স. ন+পরি+√ছাদি+ত] বিণ. মলিন, অপরিষ্কৃত। বি. ~তা /-তা/।

অপরিচ্ছিন্ন /অপোরিচ্‌ছিন্‌নো/ [স. ন+পরি+√ছিদ্+ত] বিণ. ১ অবিভক্ত। ২ নিরবধি। ৩ সীমিত নয় এমন। ৪ অনির্ণীত। ৫ (বাংলায়) মলিন। বি. ~তা /-তা/।

অপরিজ্ঞাত /অপোরিগ্‌গ্যাঁতো/ [স. ন+পরি+√জ্ঞা+ত] বিণ. অজানিত, অবিদিত।

অপরিজ্ঞেয় /অপোরিগ্‌গেয়ো/ [স. ন+পরি+√জ্ঞা+য] বিণ. জানা যায় না এমন, অজ্ঞেয়; দুর্জ্ঞেয়।

অপরিণত /অপোরিনতো/ [স. ন+পরি+√নম্+ত] বিণ. ১ অপুষ্ট; অপূর্ণ। ২ অপরিপক্ক; তরুণ।

অপরিণতবুদ্ধি /অপোরিনতোবুদ্‌ধি/ [স. অপরিণত+√বুধ্+তি] বিণ. ১ বুদ্ধি পরিণত হয়নি এমন। ২ চপলমতি। ৩ ছ্যাবলা।

অপরিণামদর্শিতা /অপোরিনাম্‌দোর্‌শিতা/ [স. ন+পরিণাম+√দৃশ্+ইন্+তা] বি. অদূরদর্শিতা।

অপরিণামদর্শী /অপোরিনাম্‌দোর্‌শি/ [স. অপরিণাম+√দৃশ্+ইন্] বিণ. অদূরদর্শী; অবিবেচক।

অপরিণীত /অপোরিনিতো/ [স. ন+পরি+√নী+ত] বিণ. দার পরিগ্রহ করেনি এমন, অবিবাহিত। স্ত্রী. অপরিণীতা /অপোরিনিতা/।

অপরিতুষ্ট /অপোরিতুশ্‌টো/ [স. ন+পরি+√তুষ্+ত] বিণ. অসন্তুষ্ট; অতৃপ্ত। স্ত্রী. অপরিতুষ্টা /অপোরিতুশ্‌টা/।

অপরিতৃপ্ত /অপোরিত্‌প্‌তো/ [স. ন+পরি+√তৃপ্+ত] বিণ. তৃপ্ত হয়নি এমন, অতৃপ্ত; সন্তুষ্ট হয়নি এমন। স্ত্রী. অপরিতৃপ্তা /অপোরিত্‌প্‌তা/।

অপরিতোষণীয় /অপোরিতোশোনিয়ো/ [স. ন+পরি+√তোষি+অনীয়] বিণ. তৃপ্ত করা যায় না এমন।

www.pathagar.com

স্ত্রী. অপরিতোষণীয়া /অপোরিতোশোনিআ/।

অপরিত্যাজ্য /অপোরিত্‌ত্যাজ্‌জো/ [স. ন+পরি+√ত্যজ্‌+য] বিণ. পরিহার করা যায় না এমন।

অপরিপক্ক /অপোরিপক্‌কো/ [স. ন+পরি+ √পচ্‌+ত] বিণ. ১ অপক্ক। ২ অপরিণত। বি. ~তা /-তা/।

অপরিপন্থি /অপোরিপোন্‌থি/ [স. ন+পরি+হি. পন্থি] বিণ. অনুকূল; অবিরোধী।

অপরিপাক /অপোরিপাক্‌/ [স. ন+পরিপাক] বি. অজীর্ণতা।

অপরিপাচ্য /অপোরিপাচ্‌চো/ [স. ন+পরিপাচ্য] বিণ. সহজে হজম করা যায় না এমন।

অপরিপূর্ণ /অপোরিপুর্‌নো/ [স. ন+পরিপূর্ণ] বিণ. ১ অপূর্ণ। ২ অসম্পূর্ণ। ৩ অসফল। বি. ~তা /-তা/।

অপরিবর্তন /অপোরিবর্‌তোন্‌/ [স. ন+পরি+ √বৃৎ +অন] বি. অবস্থান্তর প্রাপ্তির অভাব; অবিকার।

অপরিবর্তনশীল /অপোরিবর্‌তোনশিল্‌/ [স. ন+ পরিবর্তন+√শীল্‌+অ] বিণ. পরিবর্তন হয় না এমন।

অপরিবর্তনীয় /অপোরিবর্‌তোনিয়ো/ [স. ন+পরি +√বৃৎ+অনীয়] বিণ. বদলানো যায় না এমন।

অপরিবর্তিত /অপোরিবোরতিতো/ [স. ন+পরি+ √বর্তি+ত] বিণ. বদলায়নি এমন; অবিকৃত; যথাযথ (*অপরিবর্তিত অবস্থা*)।

অপরিবাহী /অপোরিবাহি/ [স. ন+পরি+ √বহ্‌+ইন্‌] বিণ. তাপ বা বিদ্যুৎ পরিবহণ করে না এমন; (পরি.) non-conductor। বি. অপরিবাহিতা /অপোরিবাহিতা/।

অপরিমাণ /অপোরিমান্‌/ [স. ন+পরি+ √মা+অন] বিণ. প্রচুর; অপরিমেয়।

অপরিমিত /অপোরিমিতো/ [স. ন+পরি+ √মা+ত] বিণ. ১ সীমা বা সংখ্যা করা যায় না এমন, প্রচুর। ২ প্রয়োজনের অতিরিক্ত; অত্যধিক।

অপরিমেয় /অপোরিমেয়ো/ [স. ন+পরি+ √মা+য] বিণ. পরিমাপের অসাধ্য, অমেয়।

অপরিশুদ্ধ /অপোরিশুদ্‌ধো/ [স. ন+পরি+ √শুধ্‌+ত] বিণ. ১ বিশুদ্ধ নয় এমন। ২ অপবিত্র।

অপরিশোধনীয় /অপোরিশোধোনিয়ো/ [স. ন+পরি +√শোধি+অনীয়] বিণ. পরিশোধ করা সম্ভব নয় বা পরিশোধ করা যায় না এমন।

অপরিশোধিত /অপোরিশোধিতো/ [স. ন+পরি+ √শোধি+ত] বিণ. ১ শোধন করা হয়নি এমন। ২ পরিশোধ করা হয়নি এমন।

অপরিশোধ্য /অপোরিশোদ্‌ধো/ [স. ন+পরিশোধ+য] বিণ. ১ শোধনের অযোগ্য। ২ পরিশোধ করা যায় না এমন।

অপরিষ্কার /অপোরিশ্‌কার্‌/ [স. ন+পরি+ √কৃ+অ] বিণ. মলিন; অপরিচ্ছন্ন। বি. মলিনতা।

অপরিষ্কৃত /অপোরিশ্‌কৃতো/ [স. ন+পরি+ √কৃ+ত] বিণ. পরিষ্কার করা হয়নি এমন; অশোধিত।

অপরিসর /অপোরিশর্‌/ [স. ন+পরি+ √সৃ+অ] বিণ. সংকীর্ণ, অপ্রশস্ত।

অপরিসীম /অপোরিশিম্‌/ [স. ন+পরিসীমা] বিণ. অসীম, অশেষ।

অপরিস্ফুট /অপোরিস্‌ফুটো/ [স. ন+পরি+√স্ফুট্‌+ অ] বিণ. ১ অস্ফুট। ২ অস্পষ্ট।

অপরিস্ফুরণ /অপোরিস্‌ফুরন্‌/ [স. ন+পরি+√স্ফুর্‌ +অন] বি. বিকাশের অভাব, অস্ফুটতা।

অপরিহরণীয় /অপোরিহরোনিও/ [স. ন+পরি+ √হৃ +অনীয়] বিণ. পরিহার করা যায় না এমন, অপরিত্যাজ্য।

অপরিহার্য /অপোরিহার্‌জ্জো/ [স. ন+পরিহার্য] বিণ. ১ পরিহার করা যায় না এমন। ২ অনিবার্য।

অপরীক্ষিত /অপোরিক্‌খিতো/ [স. ন+পরি+ √ঈক্ষ্‌+ ত] বিণ. পরীক্ষা করে দেখা হয়নি এমন।

অপরূপ[১] /অপোরুপ/ [স. অপূর্ব >] বিণ. ১ অপূর্ব; অতুলনীয়। ২ কদাকার। ৩ বেয়াড়া। স্ত্রী. অপরূপা /অপোরুপা/।

অপরূপ[২] /অপোরুপ/ [স. অপূর্ব >] বিণ. অদ্ভুত, বিস্ময়কর, আশ্চর্য।

অপরোক্ষ /অপরোক্‌খো/ [স. ন+পরঃ+অক্ষ] বিণ. পরোক্ষ নয়, প্রত্যক্ষ; সাক্ষাৎ।

অপর্ণ /অপর্‌নো/ [স. ন+পর্ণ] বিণ. পাতা নেই এমন, পত্রহীন।

অপর্ণা /অপর্‌না/ [স. অপর্ণ+আ (টাপ্‌)] বি. (তপস্যাকালে পর্ণ অর্থাৎ গাছের পাতা পর্যন্ত আহার করেননি বলে) দেবী দুর্গা, পার্বতী।

অপর্যাপ্ত /অপোর্‌জাপ্‌তো/ [স. ন+পরি+ √আপ্‌+ ত] বিণ. ১ পর্যাপ্ত নয় এমন; অপ্রচুর। ২ প্রচুর, প্রয়োজনের অধিক, অঢেল।

অপলক /অপলোক্‌/ [ফা. পলক >] বিণ. পলকহীন (*নিঃসঙ্গতা মুখোমুখি অপলক।* বিষ্ণু.)

অপলাপ /অপোলাপ্‌/ [স. অপ+√লপ্‌+অ] বি. ১ মিথ্যা উক্তি (*সত্যের অপলাপ*)। ২ গোপন। ৩ অস্বীকার। ৪ (বাংলায়) অসংগত বাক্য।

www.pathagar.com

অপশব্দ /অপোশব্‌দো / [স. অপ+√শব্দ্+অ] বি. ১ ব্যাকরণদুষ্ট শব্দ; অপকৃষ্ট শব্দ। ২ অশ্লীল বা অশিষ্ট শব্দ।

অপশ্রুতি /অপোস্‌শ্রুতি/ [স. অপ+ √শ্রু+তি] বি. স্বর-ধ্বনির পরিবর্তনসংক্রান্ত গুণ বৃদ্ধি ও সম্প্রসারণ (চল > চাল; পড় > পাড় প্রভৃতি), ablaut।

অপসংস্কৃতি /অপোশংশ্‌কৃতি/ [স. অপ+সম্+√কৃ+তি] বি. বিকৃত রুচির সংস্কৃতি।

অপসরণ /অপোশরোন্ / [স. অপ+ √সৃ+অন] বি. ১ দূরীকরণ। ২ স্থানান্তরে গমন। ৩ পলায়ন।

অপসারণ /অপোশারোন্ / [স. অপ+ √সারি+অন] বি. ১ দূরীকরণ, বিতাড়ন। ২ স্থানান্তরণ।

অপসারিত /অপোশারিতো/ [স. অপ+ √সারি+ত] বিণ. অপসারণ করা হয়েছে এমন, বিতাড়িত।

অপসিদ্ধান্ত /অপোশিদ্‌ধান্‌তো / [স. অপ+সিদ্ধান্ত] বি. অনুচিত সিদ্ধান্ত।

অপসূর /অপোশুর্ / [স. অপ+ √সৃ+র] বি. গ্রহ ধূমকেতু প্রভৃতির কক্ষপথের যে বিন্দু সূর্য থেকে সবচেয়ে দূরে অবস্থিত, aphelion।

অপসৃত /অপোস্‌সৃতো/ [স. অপ+ √সৃ+ত] বিণ. দূরীভূত; পলায়ন বা প্রস্থান করেছে এমন।

অপস্মার /অপোশ্‌শাঁর্ / [স. অপ+ √স্মারি+অ] বি. মস্তিষ্কের সাময়িক বৈকল্যহেতু আকস্মিক চেতনা লোপ খিঁচুনি প্রভৃতি উপসর্গযুক্ত রোগ, মৃগীরোগ, epilepsy।

অপস্রিয়মাণ /অপোস্‌স্রিয়োমান্ / [অশুপ্র.] বিণ. ক্রমশ দূরে সরে যাচ্ছে এমন; বিলীয়মান।

অপহৃত /অপোহৃতো/ [স. অপ+ √হৃন্+ত] বিণ. ১ নাশপ্রাপ্ত, ধ্বংসীভূত। ২ নিহত।

অপহরণ /অপোহরোন্ / [স. অপ+ √হৃ+অন] বি. গোপনে আত্মসাৎকরণ; বলপূর্বক হরণ, লুণ্ঠন।

অপহরা /অপোহরা / [স. অপ+ √হৃ+অ+আ (টাপ্)] ক্রিবি. গোপনে আত্মসাৎ করা; বলপূর্বক গ্রাস করা।

অপহর্তা /অপোহর্‌তা / [স. অপ+ √হৃ+ত্] বি. যে অপহরণ করে, চোর। বিণ. অপহরণকারী; লুণ্ঠক।

অপহসিত /অপোহোশিতো/ [স. অপ+ √হস্+ত] বি. অশ্রু উৎপাদন করে এমন বিকট হাসি।

অপহস্ত /অপোহস্‌তো / [স. অপ+ √হস্+ত] বিণ. ১ হস্তচ্যুত। ২ গলাধাক্কা দিয়ে তাড়ানো হয়েছে এমন, বিতাড়িত। ৩ অপহৃত।

অপহারক /অপোহারক্ / [স. অপ+ √হৃ+অক] বিণ. অপহরণকারী, গোপনে আত্মসাৎকারী। বি. চোর।

অপহারিত /অপোহারিতো/ [স. অপ+ √হারি+ত] বিণ. গোপনে বা বলপূর্বক আত্মসাৎ করেছে এমন।

অপহারী /অপোহারি / [স. অপ+ √হৃ+ইন্] বিণ. বি. দ্র অপহারক।

অপহৃত /অপোɲhiতো/ [স. অপ+ √হৃ+ত] বিণ. অপহরণ করা হয়েছে এমন; লুণ্ঠিত।

অপহ্নব /অপোন্‌ɲhɔব্ / [স. অপ+ √হ্নু+অ] বি. ১ সত্যের অপলাপ। ২ অস্বীকার। ৩ চৌর্য। ৪ উপমেয়কে অস্বীকার করে উপমানকে প্রতিষ্ঠা করে এমন কাব্যালংকার।

অপহ্নুতি /অপোন্‌ɲhuতি / [স. অপ+ √হ্নু+তি] বি. দ্র অপহ্নব।

অপাক /অপাক্ / [স. ন+পাক] বি. ১ অজীর্ণ রোগ। ২ অসেদ্ধ অবস্থা। বিণ. ১ অজীর্ণ। ২ অসেদ্ধ; অপক্ক।

অপাকরণ /অপাকরোন্/ [স. অপ+আ+√কৃ+অন] বি. ১ অপনয়ন, অপসারণ। ২ মোচন; প্রশমন।

অপাঙ্‌ক্তেয় /অপাংক্‌তেয়ো/ [স. ন+পঙ্‌ক্তি+এয়] বিণ. ১ একসারিতে বসার অযোগ্য; অসমকক্ষ। ২ সমাজচ্যুত।

অপাঙ্গ /অপাংগো / [স. অপ+ √অঙ্গ্+অ] বি. ১ চোখের প্রান্তভাগ। ২ আড়চোখ। বিণ. বিকলাঙ্গ।

অপাচ্য /অপাচ্‌চো / [স. ন+√পচ্+য] বিণ. জীর্ণ বা হজম হয় না এমন; দুষ্পাচ্য।

অপাঠ্য /অপাট্‌ঠো / [স. ন+√পঠ্+য] বিণ. ১ অস্পষ্ট। ২ পাঠের অযোগ্য; অশ্লীল।

অপাত্র /অপাত্‌ত্রো/ [স. ন+পাত্র] বি. ১ অপ্রশস্ত আধার। ২ অযোগ্য পাত্র; কুপাত্র। বিণ. বিবাহের পাত্ররূপে অযোগ্য।

অপাদান /অপাদান্ / [স. অপ+আ+√দা+অন] বি. (ব্যা.) সাধারণভাবে বিভক্তি যুক্ত হয় না এবং ক্রিয়ার উৎস বা উদ্ভবস্থান বোঝায় এমন কারক।

অপান /অপান্/ [স. অপ+ √অন্+অ] বি. ১ মল-দ্বার, গুহ্যদেশ। ২ নিম্নাভিমুখ বা বহির্মুখ বায়ু।

অপাপ /অপাপ্/ [স. ন+পাপ] বিণ. নিষ্পাপ, পবিত্র। বি. পাপহীনতা।

অপাপবিদ্ধ /অপাপোবিদ্‌ধো / [স. অপাপ+ √ব্যধ্+ত] বিণ. পাপশূন্য, নিষ্পাপ, নিষ্কলুষ, মাসুম।

অপাবরণ /অপাবরোন্/ [স. অপ+আবরণ] বি. উন্মোচন, উদ্‌ঘাটন।

অপাবৃত /অপাব্‌বৃতো / [স. অপ+আ+√বৃ+ত] বিণ. ১ উন্মুক্ত, উদ্‌ঘাটিত। ২ তিরোহিত। ৩ স্বাধীন।

www.pathagar.com

অপামার্গ /অপামার্গো/ [স. অপ+আ+√মৃজ্+অ] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতের শেষে গুচ্ছাকারে ফোটে এমন হালকা বেগুনি সাদা পীতাভ সবুজ প্রভৃতি রঙের ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, আপাং।

অপায় /অপায়্/ [স. অপ+√ই+অ] বি. ১ ক্ষতি; অবনতি। ২ অমঙ্গল। ৩ বাধা। ৪ দুঃখ। ৫ বিচ্ছেদ। ৬ মৃত্যু।

অপার /অপার্/ [স. ন+পার] বিণ. ১ কূলহীন। ২ অগাধ (*অপার স্নেহ*)। ৩ (বাংলায়) অধিক।

অপারক /অপারক্/ [স. ন+পারক] বিণ. দ্র অপারগ।

অপারগ /অপারগ্/ [স. ন+পারগ] বিণ. অসমর্থ, অক্ষম।

অপারগতা /অপারগতা/ [স. অপারগ+তা] বি. অক্ষমতা, অসামর্থ্য।

অপারদর্শী /অপারোদোর্‌শি/ [স. অপার+√দৃশ্+ইন্] বিণ. অনিপুণ। বি. অপারদর্শিতা /অপারোদোর্‌শিতা/।

অপারিপাট্য /অপারিপাট্‌টো/ [স. ন+পরিপাটি+য] বি. পরিপাটির অভাব।

অপারেটর /অপারেটোর্/ [ই. operator] বি. ১ যন্ত্র-চালনায় দক্ষ ব্যক্তি, যন্ত্রচালক। ২ টেলিফোন সুইচবোর্ডের চালক। ৩ (মন্দার্থে) করিৎকর্মা।

অপারেশন /অপারেশন্/ [ই. operation] বি. ১ শল্যচিকিৎসা, অস্ত্রোপচার। ২ বিশেষ অভিযান বা তৎপরতা। ৩ ক্রিয়াকলাপ।

অপার্থিব /অপার্থিবো/ [স. ন+পার্থিব] বিণ. ১ পৃথিবীর নয় এমন, অলৌকিক। ২ অতিপ্রাকৃত।

অপার্যমাণ /অপার্‌জোমান্/ [স. ন+√পৃ+মান (শানচ্)] বিণ. পোষণ করা যায় না এমন।

অপার্যমানে /অপার্‌জোমানে/ [স. অপার্যমাণ+বা. এ] ক্রিবিণ. ১ অক্ষমতার জন্য না পারলে, অপারগতায়। ২ (বাংলায়) নিতান্ত না পারলে।

অপালা /অপালা/ [স. অপালন >] বিণ. অরক্ষিতা। বি. অত্রিমুনির কন্যা।

অপিচ /ওপিচো/ [স. অপি+চ] অব্য. ১ আরো; অধিকন্তু। ২ তথাপি, তবুও।

অপিনদ্ধ /অপিনদ্‌ধো/ [স. অপি+√নহ্+ত] বিণ. পরিহিত; শরীরের আবরকরূপে পরিহিত।

অপিনিহিতি /ওপিনিহিতি/ [স. অপি+নি+√ধা+তি] বি. (ব্যা.) শব্দের মধ্যে ই অথবা উ-ধ্বনি থাকলে যথাস্থানের পূর্বে তা উচ্চারণ করার প্রবণতা (কালি > কাইল; সাধু > সাউধ), epenthesis।

অপিশুন /অপিশুন্/ [স. ন+পিশুন] বিণ. খল নয় এমন; সৎ।

অপীন /অপিন্/ [স. ন+√প্যায়্+ত] বিণ. কৃশ, পাতলা, হালকা।

অপুচ্ছ /অপুচ্ছো/ [স. ন+পুচ্ছ] বিণ. পুচ্ছহীন।

অপুত্র /অপুত্রো/ [স. ন+পুৎ+√ত্রৈ+অ] বিণ. পুত্রহীন; নিঃসন্তান।

অপুত্রক /অপুত্রক্/ [স. অপুত্র+ক] বিণ. পুত্রহীন।

অপুষ্ট /অপুশ্‌টো/ [স. ন+√পুষ্+ত] বিণ. ১ পরিণত নয় এমন। ২ অপক্ক। ৩ পুষ্টিহীন; কৃশ, ক্ষীণ।

অপুষ্টি /অপুশ্‌টি/ [স. ন+√পুষ্+তি] বি. পুষ্টিহীনতা।

অপুষ্পক /অপুশ্‌পক/ [স. ন+√পুষ্প্+ক] বিণ. ফুল ধরে না এমন; ফুলহীন।

অপুষ্পফলদ /অপুশ্‌পোফলোদো/ [স. অপুষ্প+ফল +√দা+অ] বিণ. (যে গাছে) ফুল ছাড়া ফল ধরে এমন।

অপুষ্যি /অপুশ্‌শি/ [বা.] বি. কুপোষ্য; গলগ্রহ।

অপূপ /অপুপো/ [স. ন+পূপ] বি. পিঠা।

অপূরণীয় /অপুরোনিয়ো/ [স. ন+পূরণীয়] বিণ. পূরণ করা যায় না এমন (*অপূরণীয় ক্ষতি*)।

অপূর্ণ /অপুর্‌নো/ [স. ন+√পূরি+ত] বিণ. ১ পূর্ণ নয় এমন। ২ অসমাপ্ত। ৩ অতৃপ্ত। বি. -তা /-তা/।

অপূর্ব /অপুর্‌বো/ [স. ন+√পূর্ব্+অ] বিণ. ১ অভূত-পূর্ব। ২ উৎকৃষ্ট। ৩ আশ্চর্য। বি. -তা /-তা/।

অপেক্ষক /অপেক্‌খক্/ [স. অপ+√ঈক্ষ্+অক] বিণ. অপেক্ষাকারী; প্রত্যাশী। বি. (গ.) অন্য রাশির পরিবর্তনের সঙ্গে আনুপাতিক হারে পরিবর্তিত হয় এমন রাশি, function।

অপেক্ষণ /অপেক্‌খন্/ [স. অপ+√ঈক্ষ্+অন] বি. ১ রক্ষণাবেক্ষণ। ২ প্রত্যাশা। ৩ (বাংলায়) প্রতীক্ষা।

অপেক্ষবাদ /অপেক্‌খোবাদ্/ [স. অপেক্ষ+√বদ্+অ] বি. স্থান কাল ভর গতি প্রভৃতির পারস্পরিক আপেক্ষিক সম্পর্কবিষয়ক আইনস্টাইনের তত্ত্ব; (পরি.) theory of relativity।

অপেক্ষমাণ /অপেক্‌খোমান্/ [স. অপ+√ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. অপেক্ষা করছে এমন, প্রতীক্ষমাণ।

অপেক্ষা /অপেক্‌খা/ [স. অপ+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ প্রতীক্ষা। ২ নির্ভরতা। ৩ তোয়াক্কা।

www.pathagar.com

৪ প্রত্যাশা। ৫ বিলম্ব। অব্য. চেয়ে, থেকে।

অপেক্ষাকৃত /অপেক্খাকৃতো/ [স. অপেক্ষা+√কৃ+ত] বিণ. অন্য বস্তু বা বিষয়ের তুলনায় বিবেচিত। ক্রিবিণ. তুলনামূলকভাবে।

অপেক্ষিত /অপেক্খিতো/ [স. অপ+√ঈক্ষ্+ত] বিণ. ১ প্রতীক্ষিত। ২ প্রত্যাশিত, ঈপ্সিত।

অপেক্ষী /অপেক্খি/ [স. অপ+√ঈক্ষ্+ইন্] বিণ. অপেক্ষা করছে এমন, অপেক্ষাকারী।

অপেত /অপেতো/ [স. অপ+√ই+ত] বিণ. ১ অপগত; তিরোহিত। ২ নির্গত। ৩ ভ্রষ্ট, চ্যুত।

অপেয় /অপেয়ো/ [স. ন+পেয়] বিণ. ১ পানের অযোগ্য। ২ দূষিত। বি. নিষিদ্ধ পানীয়।

অপেরণ /অপেরন্/ [স. অপ+√ঈর্+অন] বি. আপাতদৃষ্টিতে গ্রহনক্ষত্রের স্থানচ্যুতি।

অপেরা /অপেরা/ [ইতা.] বি. গান গেয়ে অভিনয় করতে হয় এমন এক বা একাধিক অঙ্কের গীতিনাট্য, opera।

অপেশাদার /অপেশাদার্/ [স. ন+ফা. পেশাদার] বিণ. কোনো শিল্প বা বিদ্যার শৌখিন চর্চাকারী, amateur।

অপোগণ্ড /অপোগন্ডো/ [স. অপ+√গম্+ড] বিণ. ১ অল্পবয়স্ক; অনধিক পনেরো বছর বয়স্ক; অপরিণত। ২ (আল.) অপদার্থ; অযোগ্য। ৩ অত্যন্ত ভীরু। বি. শিশু।

অপৌরুষ /অপৌরুশ্/ [স. ন+পুরুষ+অ] বি. ১ পুরুষের অযোগ্য আচরণ। ২ ভীরুতা। ৩ অগৌরব; নিন্দা। বিণ. মনুষ্যকৃত নয় এমন, অলৌকিক।

অপৌরুষেয় /অপৌরুশেয়ো/ [স. ন+পুরুষ+এয়] বিণ. ১ ব্যক্তির দ্বারা সম্পাদিত নয় এমন, অলৌকিক। ২ কাপুরুষোচিত।

অপ্রকট /অপ্রোকট্/ [স. ন+প্রকট] বিণ. ১ অব্যক্ত; গোপন। ২ তিরোহিত। বি. (বাংলায়) মৃত্যু।

অপ্রকম্প /অপ্রোকম্পো/ [স. ন+প্র+√কম্প্+অ] বিণ. স্থির, অনড়।

অপ্রকাণ্ড /অপ্রোকান্ডো/ [স. ন+প্র+কান্ড] বিণ. প্রকান্ড বা বৃহৎ নয় এমন।

অপ্রকাশ /অপ্রোকাশ্/ [স. ন+প্র+√কাশ্+অ] বিণ. ১ অব্যক্ত, অপ্রকাশিত, লুক্কায়িত। ২ অন্ধকারময়। ৩ (বাংলায়) অবিদিত। বি. অগোচরে অবস্থিতি।

অপ্রকাশিত /অপ্রোকাশিতো/ [স. ন+প্র+√কাশ্+ত] বিণ. ১ অব্যক্ত; লুক্কায়িত। ২ (বাংলায়) অবিদিত।

অপ্রকাশ্য /অপ্রোকাশ্যো/ [স. ন+প্র+√কাশ্+য] বিণ. প্রকাশযোগ্য নয় এমন, গোপনীয়; লুক্কায়িত।

অপ্রকৃত /অপ্রোকৃতো/ [স. ন+প্রকৃত] বিণ. মিথ্যা, অসত্য; অযথার্থ।

অপ্রকৃতিস্থ /অপ্রোকৃতিস্থো/ [স. অপ্রকৃতি+√স্থা+অ] বিণ. ১ স্বাভাবিক অবস্থায় নেই এমন। ২ বিকৃতমস্তিষ্ক। বি. ~তা /-তা/।

অপ্রগল্‌ভ /অপ্রোগল্‌ভো/ [স. ন+প্রগল্‌ভ] বিণ. ১ ধৃষ্ট বা নির্লজ্জ নয় এমন। ২ লাজুক। স্ত্রী. অপ্রগল্‌ভা /অপ্রোগল্‌ভা/।

অপ্রগাঢ় /অপ্রোগাঢ়ো/ [স. ন+প্রগাঢ়] বিণ. গূঢ় নয় এমন, অগভীর।

অপ্রচলন /অপ্রোচলোন্/ [স. ন+প্র+√চল্+অন] বি. প্রচলনের অভাব।

অপ্রচলিত /অপ্রোচোলিতো/ [স. ন+প্র+√চল্+ত] বিণ. ১ প্রচলন নেই এমন। ২ অব্যবহৃত।

অপ্রজ্বলিত /অপ্রোজ্‌জোলিতো/ [স. ন+প্র+√জ্বল্+ত] বিণ. জ্বলেনি এমন, অপ্রদীপ্ত।

অপ্রণয় /অপ্রোনয়্/ [স. ন+প্রণয়] বি. ১ অনুরাগের অভাব; অপ্রীতি। ২ বিবাদ; মনোমালিন্য।

অপ্রণয়ী /অপ্রোনোয়ি/ [স. অপ্রণয়+ইন্] বিণ. ১ অপ্রেমিক। ২ বেরসিক। স্ত্রী. অপ্রণয়িণী /অপ্রোনোয়িনি/।

অপ্রণিধান /অপ্রোনিধান্/ [স. ন+প্র+নি+√ধা+অন] বি. অমনোযোগ।

অপ্রতর /অপ্রোতোর্/ [স. ন+প্রতর] বিণ. অনতিক্রমণীয়।

অপ্রতর্ক্য /অপ্রোতোর্‌কো/ [স. ন+প্র+√তর্ক্+য] বিণ. তর্কদ্বারা স্থির করা যায় না এমন।

অপ্রতিকরণীয় /অপ্রোতিকরোনিয়ো/ [স. ন+প্রতি+√কৃ+অনীয়] বিণ. ১ প্রতিকারের অযোগ্য; অপ্রতিবিধেয়। ২ চিকিৎসার অতীত।

অপ্রতিকার্য /অপ্রোতিকার্‌জো/ [স. ন+প্রতি+√কৃ+য] বিণ. প্রতিকার বা প্রতিবিধান করা সম্ভব নয় এমন, প্রতিকারের অযোগ্য; অচিকিৎস্য।

অপ্রতিগ্রহ /অপ্রোতিগ্রোহো/ [স. ন+প্রতি+√গ্রহ্+অ] বি. ১ অনুগ্রহের অভাব। ২ দানগ্রহণে অস্বীকৃতি।

অপ্রতিদ্বন্দ্ব /অপ্রোতিদ্‌দন্‌দো/ [স. ন+প্রতি+√দ্বন্দ্ব্+অ] বি. পারস্পরিক দ্বন্দ্বের অভাব।

অপ্রতিদ্বন্দ্বী /অপ্রোতিদ্‌দোন্‌দি/ [স. ন+প্রতি+√দ্বন্দ্ব্+ইন্] বিণ. ১ প্রতিপক্ষহীন। ২ সমকক্ষহীন।

www.pathagar.com

স্ত্রী. অপ্রতিদ্বন্দ্বিনী /অপ্রোতিদ্‌দোন্‌দিনি /।

অপ্রতিবিধান /অপ্রোতিবিধান্‌/ [স. ন+প্রতিবিধান] বি. প্রতিকার বা প্রতিবিধানের অভাব।

অপ্রতিবিধেয় /অপ্রোতিবিধেয়ো/ [স. ন+প্রতি+বি +√ধা+য] বিণ. প্রতিবিধান করা যায় না এমন।

অপ্রতিভ /অপ্রোতিভো/ [স. ন+প্রতিভ] বিণ. ১ বিব্রত ও লজ্জিত। ২ হতবুদ্ধি। ৩ নিষ্প্রভ।

অপ্রতিম /অপ্রোতিম্‌/ [স. ন+প্রতিম] বিণ. অতুলনীয়, নিরুপম।

অপ্রতিবুদ্ধ /অপ্রোতিবুদ্‌ধো/ [স. ন+প্রতি+ √বুধ্‌+ ত] বিণ. বাধাপ্রাপ্ত হয়নি এমন; অনিবারিত।

অপ্রতিরোধ্য /অপ্রোতিরোদ্‌ধ্যো/ [স. ন+প্রতি+ √রুধ্‌ +য] বিণ. প্রতিরোধ করা যায় না এমন।

অপ্রতিষ্ঠ /অপ্রোতিশ্‌ঠো/ [স. ন+প্রতি+ √স্থা+অ] বিণ. ১ প্রতিপত্তিহীন। ২ স্থিতিলাভ করেনি এমন; অপ্রতিষ্ঠিত। ৩ অনির্ণীত।

অপ্রতিষ্ঠা /অপ্রোতিশ্‌ঠা/ [স. ন+প্রতি+ √স্থা+অ +আ (টাপ্‌)] বি. ১ প্রতিপত্তি বা খ্যাতির অভাব। ২ অপযশ।

অপ্রতিষ্ঠিত /অপ্রোতিশ্‌ঠিতো/ [স. ন+প্রতি+ √স্থা +ত] বিণ. স্থাপিত হয়নি এমন।

অপ্রতিহত /অপ্রোতিহতো/ [স. ন+প্রতি+ √হন্‌+ ত] বিণ. ১ অবাধ, বাধাহীন। ২ অব্যাহত।

অপ্রতীক /অপ্রোতিক্‌/ [স. ন+প্রতীক] বিণ. প্রতীক নেই এমন; নিরবয়ব; অপ্রতিরূপ।

অপ্রতীত /অপ্রোতিতো/ [স. ন+প্রতি+ √ই+ত] বিণ. ১ অপ্রতিবুদ্ধ। ২ অপরিজ্ঞাত। ৩ অদ্ভুত।

অপ্রতীতি /অপ্রোতিতি/ [স. ন+প্রতি+ √ই+তি] বি. ১ বিশ্বাস বা আস্থার অভাব। ২ অস্পষ্ট ধারণা।

অপ্রতীপ /অপ্রোতিপো/ [স. ন+প্রতি+ √অপ্‌+অ] বিণ. প্রতিকূল নয় এমন, অনুকূল।

অপ্রতুল /অপ্রোতুল্‌/ [স. ন+প্রতুল] বি. ১ অল্পতা; অভাব, অনটন। ২ আধিক্যের অভাব, অপ্রাচুর্য। বিণ. (বাংলায়) বিপজ্জনক।

অপ্রত্যক্ষ /অপ্রোত্‌তোক্‌খো/ [স. ন+প্রত্যক্ষ] বিণ. ১ ইন্দ্রিয়ের অগোচর। ২ পরোক্ষ।

অপ্রত্যয় /অপ্রোত্‌তয়্‌/ [স. ন+প্রতি+ √ই+অ] বি. প্রত্যয় বা বিশ্বাসের অভাব; সন্দেহ।

অপ্রত্যয়ী /অপ্রোত্‌তোয়ি/ [স. অপ্রত্যয়+ইন্‌] বিণ. ১ অবিশ্বাসী। ২ আস্থা উৎপাদন করে না এমন; সন্দিগ্ধ।

অপ্রত্যাগত /অপ্রোত্‌তাগতো/ [স. ন+প্রতি+ আগত] বিণ. ফিরে আসেনি এমন।

অপ্রত্যাশা /অপ্রোত্‌তাশা/ [স. ন+প্রত্যাশা] বি. প্রত্যাশার অভাব।

অপ্রত্যাশিত /অপ্রোত্‌তাশিতো/ [স. ন+প্রত্যাশিত] বিণ. ১ আশাতীত। ২ অভাবনীয়। ৩ আকস্মিক।

অপ্রদীপ /অপ্রোদিপ্‌/ [স. ন+প্র+√দীপ্‌+অ] বি. আলোকহীনতা; (পরি.) blackout।

অপ্রধান /অপ্রোধান্‌/ [স. ন+প্রধান] বিণ. ১ মুখ্য নয় এমন, গৌণ। ২ শ্রেষ্ঠ নয় এমন।

অপ্রধৃষ্য /অপ্রোধৃশ্‌শো/ [স. ন+প্র+√ধৃষ্‌+য] বিণ. অপরাজিত, অধৃষ্য; অজেয়।

অপ্রবৃত্তি /অপ্রোবৃত্‌তি/ [স. ন+প্র+√বৃৎ+তি] বি. ১ অরুচি। ২ অনিচ্ছা, অনাসক্তি।

অপ্রমত্ত /অপ্রোমত্‌তো/ [স. ন+প্র+√মদ্‌+ত] বিণ. ১ মত্ততাশূন্য; মাদকের প্রভাবমুক্ত। ২ কর্তব্য সম্পর্কে অবহিত। ৩ ধীর।

অপ্রমেয় /অপ্রোমেয়ো/ [স. ন+প্র+√মা+য] বিণ. ১ মাপা যায় না এমন। ২ অসীম; প্রচুর। ৩ অজ্ঞেয়। বি. ~তা /–তা/।

অপ্রযত্ন /অপ্রোজত্‌নো/ [স. ন+প্র+√যৎ+ন] বি. যত্ন বা উদ্যমের অভাব। বিণ. নিশ্চেষ্ট, নিরুদ্যম।

অপ্রযুক্ত /অপ্রোজুক্‌তো/ [স. ন+প্র+√যুজ্‌+ত] বিণ. ১ প্রয়োগ করা হয়নি এমন, অব্যবহৃত। ২ অসংগত, অনুচিত। বি. ~তা /–তা/।

অপ্রয়োজন /অপ্রোয়োজন্‌/ [স. ন+প্র+√যুজ্‌+ অন] বি. প্রয়োজনের অভাব।

অপ্রয়োজনীয় /অপ্রোয়োজোনিয়ো/ [স. ন+ প্রয়োজন+ঈয়] বিণ. প্রয়োজনীয় নয় এমন, অনাবশ্যক। বি. ~তা /–তা/।

অপ্রয়োজনে /অপ্রোয়োজনে/ [স. অপ্রয়োজন+ বা. এ] ক্রিবিণ. বিনা প্রয়োজনে; অকারণে।

অপ্রশংসনীয় /অপ্রোশংশোনিয়ো/ [স. ন+প্র+√শন্‌স্‌+ অনীয়] বিণ. ১ প্রশংসার অযোগ্য। ২ নিন্দনীয়।

অপ্রশংসা /অপ্রোশংশা/ [স. ন+প্র+√শন্‌স্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ প্রশংসার অভাব। ২ নিন্দা।

অপ্রশমনীয় /অপ্রোশোমোনিয়ো/ [স. ন+প্র+√শম্‌+ অনীয়] বিণ. ১ অনিবার্য। ২ অদম্য।

অপ্রশস্ত /অপ্রোশস্‌তো/ [স. ন+প্র+√শন্‌স্‌+ত] বিণ. ১ সংকীর্ণ, অবিস্তৃত। ২ অপকৃষ্ট; নিন্দিত। ৩ প্রতিকূল। ৪ অনুপযুক্ত। ৫ অশুভ। ৬ (বাংলায়) অনায়ত।

অপ্রসন্ন /অপ্রোশন্‌নো/ [স. ন+প্র+√সদ্‌+ত] বিণ. ১ অসন্তুষ্ট; ক্ষুব্ধ। ২ ম্লান, বিমর্ষ। বি. ~তা /–তা/।

www.pathagar.com

অপ্রসিদ্ধ /অপ্রোশিদ্‌ধো/ [স. ন+প্র+√সিধ্+ত] বিণ. অখ্যাত, অবিখ্যাত; অপ্রতিষ্ঠিত।

অপ্রসিদ্ধি /অপ্রোশিদ্‌ধি/ [স. ন+প্র+√সিধ্+তি] বি. খ্যাতির অভাব।

অপ্রস্তুত /অপ্রোস্তুত/ [স. ন+প্র+√স্তু+ত] বিণ. ১ বিব্রত। ২ প্রস্তুত নয় এমন। ৩ অনির্মিত।

অপ্রস্তুতপ্রশংসা /অপ্রোস্তুতপ্রোশংশা/ [স. ন+প্রস্তুত+প্রশংসা] বি. অপ্রাসঙ্গিক বর্ণনা থেকে প্রতীকী ব্যঞ্জনায় প্রাসঙ্গিক বিষয়কে স্পষ্ট করে তোলার কাব্যালংকারবিশেষ।

অপ্রাকৃত /অপ্রাকৃতো/ [স. ন+প্রকৃতি+অ] বিণ. অনৈসর্গিক; অলৌকিক; supernatural।

অপ্রাচুর্য /অপ্রাচুর্জো/ [স. ন+প্রচুর+য] বি. ১ বাহুল্যের অভাব। ২ স্বল্পতা।

অপ্রাপ্ত /অপ্রাপ্তো/ [স. ন+প্র+√আপ্+ত] বিণ. ১ পায়নি বা পাওয়া যায়নি এমন। ২ অনধিগত।

অপ্রাপ্তবয়স্ক /অপ্রাপ্তোবয়োশ্‌কো/ [অশুপ্র.] বিণ. বয়ঃপ্রাপ্ত হয়নি এমন, নাবালক।

অপ্রাপ্তি /অপ্রাপ্তি/ [স. ন+প্র+√আপ্+তি] বি. প্রাপ্তির অভাব।

অপ্রাপ্য /অপ্রাপ্পো/ [স. ন+প্র+√আপ্+য] বিণ. ১ দুর্লভ, দুষ্প্রাপ্য। ২ প্রাপ্য নয় এমন।

অপ্রামাণিক /অপ্রামানিক্/ [স. ন+প্রমাণ+ইক] বিণ. প্রমাণসিদ্ধ বা বিশ্বাসযোগ্য নয় এমন। বি. **অপ্রামাণিকতা** /অপ্রামানিকতা/।

অপ্রামাণ্য /অপ্রামান্নো/ [স. ন+প্রমাণ+য] বিণ. প্রমাণদ্বারা সমর্থিত নয় এমন।

অপ্রাসঙ্গিক /অপ্রাশোংগিক্/ [স. ন+প্রসঙ্গ+ইক] বিণ. আলোচ্য বিষয় বা প্রসঙ্গ বহির্ভূত, অবান্তর। বি. **অপ্রাসঙ্গিকতা** /অপ্রাশোংগিকতা/।

অপ্রিয় /অপ্রিয়ো/ [স. ন+√প্রী+অ] বিণ. ১ প্রিয় নয় এমন। ২ অপ্রীতিকর, অরুচিকর।

অপ্রিয়কর /অপ্রিয়োকর্/ [স. অপ্রিয়+√কৃ+অ] বিণ. অসন্তোষজনক, অপ্রীতিকর।

অপ্রিয়কারী /অপ্রিয়োকারি/ [স. অপ্রিয়+√কৃ+ইন্] বিণ. অপ্রিয় কাজ করে এমন।

অপ্রিয়বাদিতা /অপ্রিয়োবাদিতা/ [স. অপ্রিয়+√বদ্+ইন্+তা] বি. ১ কটুভাষিতা। ২ (আল.) মুখরতা।

অপ্রিয়বাদী /অপ্রিয়োবাদি/ [স. অপ্রিয়+√বদ্+ইন্] বিণ. ১ কটুভাষী। ২ মুখরা। স্ত্রী. **অপ্রিয়বাদিনী** /অপ্রিয়োবাদিনি/।

অপ্রিয়ভাষী /অপ্রিয়োভাশি/ [স. অপ্রিয়+√ভাষ্+ইন্] বিণ. অপ্রিয় কথা বলে এমন, কটুভাষী। স্ত্রী. **অপ্রিয়ভাষিণী** /অপ্রিয়োভাশিনি/।

অপ্রীত /অপ্রিতো/ [স. ন+√প্রী+ত] বিণ. ১ প্রীত নয় এমন, অসন্তুষ্ট। ২ (বাংলায়) সুখকর নয় এমন, অপ্রীতিকর।

অপ্রীতি /অপ্রিতি/ [স. ন+√প্রী+তি] বি. ১ প্রীতির অভাব; মনোমালিন্য। ২ দ্বেষ। ৩ অসন্তোষ।

অপ্রীতিকর /অপ্রিতিকর্/ [স. অপ্রীতি+√কৃ+অ] বিণ. সন্তোষজনক নয় এমন; বিরক্তিকর।

অপ্সরা /অপ্শরা/ [স. অপ্+√সৃ+অ+আ (টাপ্)] বি. (পৌরাণিকমতে সমুদ্রমন্থনকালে অপ্ বা জল থেকে উৎপন্ন বলে) সুরসুন্দরী; স্বর্গের নর্তকী।

অপ্সরী /অপ্শোরি/ [স. অপ্সরা >] বি. ১ সুরসুন্দরী। ২ (বাংলায়) সুন্দরী নারী।

অফ /অফ্/ [ই.] বি. (সচরাচর বিদ্যুৎসংযোগ) ছিন্নকরণ (*সুইচ অফ করা*), OFF।

অফলদর্শী /অফলোদোর্শি/ [স. ন+ফল+√দৃশ্+ইন্] বিণ. নিস্ফল, ব্যর্থ। বি. **অফলদর্শিতা** /অফলোদোর্শিতা/।

অফলা /অফলা/ [স. অফল >] বিণ. ফল ধরে না এমন; বন্ধ্যা।

অফসেট /অফ্‌সেট্/ [ই.] বি. মুদ্রণের পদ্ধতিবিশেষ যেখানে ধাতব প্লেট থেকে একটি মসৃণ রবারের চাদরে কালির ছাপ তুলে তার প্রতিবিম্ব কাগজ বা অন্য কোনো পদার্থের পৃষ্ঠতলে প্রতিস্থাপন করা হয়, offset।

অফিস /অফিস্/ [ই.] বি. দপ্তর, কার্যালয়, office।

অফিসার /অফিসার্/ [ই.] বি. পদস্থ কর্মচারী, আধিকারিক, officer।

অফুট /অফুটো/ [স. অস্ফুট >] বিণ. ১ অপরিস্ফুট, অবিকশিত। ২ অব্যক্ত।

অফুরন্ত /অফুরন্তো/ [বা.] বিণ. শেষ হয় না এমন, অনন্ত, অশেষ; প্রচুর।

অফুরান /অফুরান্/ [বা.] বিণ. দ্র অফুরন্ত।

অব /অবো/ অব্য. অনাদর নিশ্চয়তা ন্যূনতা ব্যাপ্তি নিম্নগতি প্রভৃতি অর্থে ব্যবহৃত সংস্কৃত উপসর্গ (*অবচয়*)।

অবকর /অবোকর্/ [স. অব+√কৃ+অ] বি. যা ঝাঁটা দিয়ে দূর করা হয়; জঞ্জাল, ধুলোবালি, আবর্জনা।

অবকলন /অবোকলোন্/ [স. অব+√কল্+অন] বি. বিয়োগ, subtraction।

অবকলিত /অবোকোলিতো/ [স. অব+√কল্+ত]

www.pathagar.com

বিণ. ১ সংকলিত; সমাহৃত। ২ জ্ঞাত; দৃষ্ট।

অবকাঠামো /অবোকাঠামো/ [স. অব+বা. কাঠামো] বি. শিল্পকারখানা স্থাপনের জন্য প্রয়োজনীয় রাস্তাঘাট যোগাযোগ ব্যবস্থা বিদ্যুৎসরবরাহ প্রভৃতি, infrastructure।

অবকাশ /অবোকাশ্/ [স. অব+√কাশ্+অ] বি. ১ অবসর, বিরাম; ছুটি। ২ ফাঁক।

অবকাশযাপন /অবোকাশজাপোন/ [স. অবকাশ+যাপন] বি. ছুটি বা অবসরযাপন।

অবক্ষয় /অবোক্‌খয়্/ [স. অব+√ক্ষি+অ] বি. হানি, ক্ষতি; বিনাশ।

অবক্ষিপ্ত /অবোক্‌খিপ্‌তো/ [স. অব+√ক্ষিপ্+ত] বিণ. ১ নিম্নে নিক্ষিপ্ত। ২ ভর্ৎসিত।

অবক্ষেপ /অবোক্‌খেপ্/ [স. অব+√ক্ষিপ্+অ] বি. ১ নিম্নে নিক্ষেপ। ২ ইতস্তত ক্ষেপণ।

অবগত /অবোগতো/ [স. অব+√গম্+ত] বিণ. জ্ঞাত, অবহিত, বিদিত।

অবগতি /অবোগোতি/ [স. অব+√গম্+তি] বি. ১ অবহিতি; জ্ঞান, বোধ। ২ নিশ্চয়াত্মক জ্ঞান। ৩ (বাংলায়) জানার জন্য মনোনিবেশ।

অবগাঢ় /অবোগাঢ়ো/ [স. অব+√গাহ্+ত] বিণ. ১ নিমগ্ন। ২ স্নাত। ৩ অন্তঃপ্রবিষ্ট।

অবগাহ /অবোগাহো/ [স. অব+√গাহ্+অ] বি. দ্র অবগাহন।

অবগাহন /অবোগাহোন্/ [স. অব+√গাহ্+অন] বি. জলে শরীর ডুবিয়ে স্নান, ডুব দিয়ে গোসল।

অবগুণ /অবোগুন্/ [স. অব+গুণ] বি. ১ গুণের অভাব। ২ অপগুণ, দোষ।

অবগুণ্ঠন /অবোগুন্‌ঠন্/ [স. অব+√গুণ্ঠ্+অন] বি. স্ত্রীলোকের মস্তকাবরণ, ঘোমটা।

অবগুণ্ঠিত /অবোগুন্‌ঠিতো/ [স. অব+√গুণ্ঠ্+ত] বিণ. ১ ঘোমটায় ঢাকা। ২ লুক্কায়িত, গুপ্ত। স্ত্রী. অবগুণ্ঠিতা /অবোগুন্‌ঠিতা/।

অবগ্রহ /অবোগ্‌গ্রোহো/ [স. অব+√গ্রহ্+অ] বি. ১ অনাবৃষ্টি। ২ প্রতিবন্ধ। ৩ নিন্দাবাদ। ৪ গ্রহণ। ৫ কল্পিত অশুভ গ্রহ।

অবগ্রহণ /অবোগ্‌গ্রোহোন্/ [স. অব+√গ্রহ্+অন] বি. ১ প্রতিবন্ধ, বাধা। ২ অবজ্ঞা।

অবগ্রাহ্য /অবোগ্রাজ্ঝো/ [স. অব+√গ্রহ্+য] বিণ. উপেক্ষণীয়।

অবঘট্ট /অবোঘট্টো/ [স. অব+√ঘট্ট্+অ] বি. ১ গম যব প্রভৃতি পেষণের জন্য ব্যবহৃত পাথরের চাকতি, পেষণযন্ত্র, জাঁতা। ২ গর্ত।

অবঘাত /অবোঘাত্/ [স. অব+√হন্+অ] বি. ১ প্রবল আঘাত। ২ অপমৃত্যু।

অবচন /অবচোন্/ [স. ন+√বচ্+অন] বিণ. ১ মৌনী। ২ অনির্বচনীয়।

অবচনীয় /অবচোনিয়ো/ [স. ন+√বচ্+অনীয়] বিণ. ১ অনির্বচনীয়। ২ অকথ্য, অশ্লীল।

অবচয় /অবোচয়্/ [স. অব+√চি+অ] বি. ১ পুষ্প-চয়ন। ২ অপচয়। ৩ মূল্যহ্রাস, depreciation।

অবচয়ন /অবোচয়োন্/ [স. অব+√চি+অন] বি. ১ পুষ্পচয়ন। ২ অপচয়।

অবচিত /অবোচিতো/ [স. অব+√চি+ত] বিণ. ১ দাম কমেছে এমন; (পরি.) depreciated। ২ অপ-ব্যয়িত। ৩ আহৃত, সংগৃহীত।

অবচেতন /অবোচেতন্/ [স. অব+চেতন] বিণ. অস্পষ্ট চেতনাযুক্ত, অর্ধসচেতন, subconscious।

অবচ্ছায় /অবোচ্‌ছায়্/ [স. অব+ছায়া] বি. অন্তরাল, আড়াল।

অবচ্ছিন্ন /অবোচ্‌ছিন্নো/ [স. অব+√ছিদ্+ত] বিণ. ১ বিশিষ্ট। ২ মিলিত, সংযুক্ত। ৩ বিচ্ছিন্ন (*নিরবচ্ছিন্ন*); বিভক্ত।

অবচ্ছেদ /অবোচ্‌ছেদ্/ [স. অব+√ছিদ্+অ] বি. ১ ছেদন। ২ অংশ। ৩ সীমা। ৪ বিচ্ছেদ; বিরাম।

অবচ্ছেদক /অবোচ্‌ছেদক্/ [স. অব+√ছিদ্+অক] বিণ. ১ ছেদনকারী। ২ ব্যাঘাত সৃষ্টিকারী। ৩ বিভাজক।

অবজ্ঞা /অবোগ্‌গ্যাঁ/ [স. অব+√জ্ঞা+অ] বি. ১ উপেক্ষা, তাচ্ছিল্য। ২ ঘৃণা। ৩ অপমান।

অবজ্ঞাত /অবোগ্‌গ্যাঁতো/ [স. অব+√জ্ঞা+ত] বিণ. অবজ্ঞা করা হয়েছে এমন, অনাদৃত; উপেক্ষিত।

অবজ্ঞেয় /অবোগ্‌গেঁয়ো/ [স. অবজ্ঞা+য] বিণ. অবজ্ঞার যোগ্য।

অবতংস /অবোতংশো/ [স. অব+√তংস্+অ] বি. ১ ভূষণ, অলংকার। ২ মুকুট। ৩ গৌরব।

অবতত /অবোততো/ [স. অব+√তন্+ত] বিণ. ১ আবৃত। ২ ব্যাপ্ত, প্রসারিত।

অবততি /অবোতোতি/ [স. অব+√তন্+তি] বি. বিস্তৃতি, ব্যাপ্তি।

অবতরণ /অবোতরোন্/ [স. অব+√তৃ+অন] বি. নিচে গমন, অবরোহণ (*বিমান অবতরণ*)।

অবতরণক্ষেত্র /অবোতরোন্‌খেত্‌ত্রো/ [স. অবতরণ+ক্ষেত্র] বি. সমতল ভূখণ্ডের ফালি যেখানে উড়ো-জাহাজ আকাশ থেকে ভূমিতে নামতে বা ভূমি থেকে আকাশে উড়তে পারে; (পরি.) runway।

www.pathagar.com

অবতরণিকা /অবোতরোনিকা/ [স. অবতরণী+কন্+আ (টাপ্)] বি. ১ গ্রন্থের মুখবন্ধ, ভূমিকা। ২ সোপান, সিঁড়ি।

অবতরা /অবোতরা/ [স. অবতরণ >] ক্রিবি. ১ নিচে নেমে আসা। ২ আবির্ভূত হওয়া।

অবতল /অবোতল্/ [স. অব+তল] বিণ. (যে গোলাকার ক্ষেত্রের) মধ্যভাগ নিচু এমন (*অবতল পরকলা*); (পরি.) concave।

অবতার /অবোতার্/ [স. অব+√তৃ+অ] বি. ১ পশু বা মানুষের রূপ ধারণ করে দেবতার মর্ত্যে আগমন, incarnation। ২ দেবতার মূর্তরূপ (*দয়ার অবতার*)।

অবতারণ /অবোতারোন্/ [স. অব+√তৃ+অন] বি. ১ নিম্নে আনয়ন। ২ অপসারণ। ৩ (বাংলায়) উত্থাপন; প্রস্তাবন।

অবতারণা /অবোতারোনা/ [স. অবতারণ+আ (টাপ্)] বি. ১ প্রস্তাবনা। ২ আলোচনার সূত্রপাত।

অবতারণী /অবোতারোনি/ [স. অবতারণ+ঈ] বি. ১ সিঁড়ি, সোপান। ২ উপক্রমণিকা, ভূমিকা।

অবতীর্ণ /অবোতির্নো/ [স. অব+√তৃ+ত] বিণ. ১ উপনীত; উপস্থিত। ২ নিম্নাগত। ৩ উত্তীর্ণ, অতিক্রান্ত। ৪ অবতাররূপে আবির্ভূত।

অবদংশ /অবোদংশো/ [স. অব+√দন্শ্+অ] বি. ১ যে খাদ্যবস্তু চিবিয়ে খাওয়া হয়। ২ মুখরোচক খাদ্য; মদের চাট।

অবদমন /অবোদমোন্/ [স. অব+√দমি+অন] বি. অন্তরের স্বাভাবিক প্রবৃত্তি বা বাসনা দমন, repression।

অবদমিত /অবোদোমিতো/ [স. অব+√দমি+ত] বিণ. মনের বাসনা চেপে রাখা হয়েছে এমন।

অবদলিযোগ্য /অবোদ্‌লিযোগ্‌গো/ [বা. অ+আ. বদলি+স. যোগ্য] বিণ. এক স্থান থেকে অন্য স্থানে বদলি করা যায় না এমন (*অবদলিযোগ্য চাকরি*)।

অবদাত /অবোদাত্/ [স. অব+√দৈ+ত] বিণ. ১ বিশুদ্ধ, নির্মল। ২ নির্দোষ। ৩ শুভ্র।

অবদান /অবোদান্/ [স. অব+√দৈ+অন] বি. মহৎ বা প্রশংসনীয় কীর্তি।

অবদধ /অবদ্‌ধো/ [স. ন+√বন্ধ্+ত] বিণ. বদ্ধ নয় এমন, আবাঁধা, মুক্ত।

অবদ্য /অবোদ্‌দো/ [স. ন+√বদ্+য] বিণ. ১ অকথ্য। ২ নিন্দনীয়।

অবধান /অবোধান্/ [স. অব+√ধা+অন] বি. ১ প্রণিধান। ২ বিশেষ মনোনিবেশ। ৩ মনোযোগ-সহকারে শ্রবণ।

অবধায়ক /অবোধাযোক্/ [স. অব+√ধা+অক] বি. সভাঘর মিলনায়তন প্রভৃতি ভবনাদি দেখাশোনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, caretaker।

অবধারক /অবোধারক্/ [স. অব+√ধারি+অক] বিণ. নিরূপক, নির্ণায়ক।

অবধারণ /অবোধারোন্/ [স. অব+√ধারি+অন] বি. ১ নিরূপণ, নির্ণয়। ২ ধার্যকরণ। ৩ সীমা নির্ধারণ; পরিমাণ নির্ণয়।

অবধারণীয় /অবোধারোনিযো/ [স. অব+√ধারি+অনীয়] বিণ. অবধারণযোগ্য; নির্ণেয়।

অবধারিত /অবোধারিতো/ [স. অব+√ধারি+ত] বিণ. ১ ঘটবেই এমন, অনিবার্য। ২ নির্ধারিত, নির্ণীত।

অবধার্য /অবোধার্জো/ [স. অব+√ধারি+য] বিণ. নির্ণয় করতে হবে এমন।

অবধি /অবোধি/ [স. অব+√ধা+ই] অব্য. ১ থেকে, হতে। ২ পর্যন্ত। বি. চরম সীমা; ইয়ত্তা। বিণ. (বাংলায়) অবশিষ্ট।

অবধূত /অবোধুতো/ [স. অব+√ধূ+ত] বি. সর্বপ্রকার সংস্কারমুক্ত সন্ন্যাসী। বিণ. ১ কম্পিত। ২ বিকীর্ণ। ৩ অনাদৃত; পরিত্যক্ত।

অবধেয় /অবোধেযো/ [স. অব+√ধা+য] বিণ. অবধানযোগ্য; জ্ঞেয়; প্রণিধানযোগ্য।

অবধৌত /অবোধৌতো/ [স. অব+√ধাব্+ত] বি. যজ্ঞের শেষে বিহিত স্নান।

অবধৌতিক /অবোধৌতিক্/ [স. অবধূত+ইক] বিণ. অবধূতসংক্রান্ত।

অবধ্বংস /অবোদ্‌ধংশো/ [স. অব+√ধ্বন্স্+অ] বি. ১ বিনাশ। ২ পরিহার। ৩ অপবাদ।

অবধ্বনিক /অবোধ্বোনিক্/ [স. অব+√ধ্বন্+ইক] বিণ. শব্দের গতির চেয়ে কম গতিসম্পন্ন; (পরি.) subsonic।

অবধ্য /অবোদ্‌ধো/ [স. ন+√বধ্+য] বিণ. বধ করা যায় না এমন, বধের অযোগ্য।

অবন /অবন্/ [স. √অব্+অন] বি. ১ রক্ষণ। ২ প্রীতি।

অবনত /অবোনতো/ [স. অব+√নম্+ত] বিণ. ১ আনত; বিনত। ২ হীন অবস্থাপ্রাপ্ত; পতিত। স্ত্রী. অবনতা /অবোনতা/।

অবনতমুখী /অবোনতোমুখি/ [স. অবনত+মুখ+ইন্] বিণ. নতমুখী; লজ্জাবনত।

অবনতি /অবোনোতি/ [স. অব+√নম্+তি] বি. ১

www.pathagar.com

নিম্ন গতি, হ্রাসপ্রাপ্তি। ২ বিনয়। ৩ অনুন্নতি।

অবনমন /অবোনমোন্ / [স. অব+√নম্+অন] বি. ১ অবনতকরণ। ২ হীন অবস্থাপ্রাপ্তি। ৩ দমন।

অবনমিত /অবোনোমিতো/ [স. অব+√নমি+ত] বিণ. অবনত করা হয়েছে এমন।

অবনম্র /অবোনম্রো / [স. অব+√নম্+র] বিণ. ১ শিষ্ট, বিনীত। ২ নরম। ৩ অবনত।

অবনয়ন /অবোনয়োন্ / [স. অব+√নী+অন] বি. ১ অবনমন, নমন। ২ নিপাতন।

অবনি /অবোনি/ [স. √অব্+অনি] বি. পৃথিবী, ধরণি; ভূমি; দেশ।

অবনিতল /অবোনিতল্/ [স. অবনি+তল] বি. ভূতল, ধরণিতল।

অবনিপতি /অবোনিপোতি/ [স. অবনি+√পা+অতি] বি. ১ পৃথিবীর অধীশ্বর। ২ ভূপতি, নৃপতি।

অবনিবনা /অবোনিবনা / [বা.] বি. সৌহার্দ্যহীনতা।

অবনিমণ্ডল /অবোনিমনডোল্ / [স. অবনি+মণ্ডল] বি. সমগ্র পৃথিবী, ভূমণ্ডল।

অবন্তি /অবোন্তি/ [স. √অব্+অন্তি] বি. প্রাচীন ভারতের গোয়ালিয়র রাজ্যের অন্তর্গত নগর-বিশেষ, উজ্জয়িনী।

অবন্ধন /অবন্ধন্/ [স. ন+√বন্ধ্+অন] বি. বন্ধনের অভাব; মুক্তি।

অবন্ধ্য /অবোন্ধ্যো/ [স. ন+√বন্ধ্+য] বিণ. ১ বন্ধ্যা নয় এমন, ফলবান। ২ বেঁধে রাখা যায় না এমন।

অববাহিকা /অবোবাহিকা/ [স. অব+√বাহি+অক+আ (টাপ্)] বি. নদীর দুই তীরের ঢালু জমি, river basin।

অববুদ্ধ /অবোবুদ্ধো/ [স. অব+√বুধ্+ত] বিণ. ১ জাগরিত, সজাগ। ২ প্রবুদ্ধ; জ্ঞানবান।

অববোধ /অবোবোধ্/ [স. অব+√বুধ্+অ] বি. ১ বিশেষ জ্ঞান; তত্ত্বজ্ঞান। ২ জাগরণ। ৩ জ্ঞাপন।

অবভাস /অবোভাশ্/ [স. অব+√ভাস্+অ] বি. ১ দীপ্তি; স্ফুরণ। ২ আরোপ। ৩ মিথ্যাজ্ঞান, illusion।

অবমতি /অবোমোতি/ [স. অব+√মন্+তি] বি. অবজ্ঞা, হেয়জ্ঞান, উপেক্ষা।

অবমন্তা /অবোমন্তা/ [স. অব+√মন্+তৃ] বিণ. অবজ্ঞাকারী; অসম্মানকারী; তিরস্কারকারী।

অবমন্য /অবোমোন্নো / [স. অব+√মন্+য] বিণ. অবজ্ঞেয়।

অবমর্শ /অবোমরশো / [স. অব+√মৃশ্+অ] বি. ১ অভিনিবেশ। ২ পরামর্শ। ৩ স্পর্শ। ৪ প্রণিধান; অনুচিন্তন।

অবমর্শন /অবোমর্শোন্ / [স. অব+√মৃশ্+অন] বি. দ্র অবমর্শ।

অবমর্ষ /অবোমর্শো / [স. অব+√মৃষ্+অ] বি. ১ ক্ষমাহীনতা। ২ অসহন। ৩ বিস্মৃতি।

অবমান /অবোমান্ / [স. অব+√মন্+অ] বি. দ্র অবমাননা।

অবমানন /অবোমানোন্ / [স. অব+√মন্+অন] বি. দ্র অবমাননা।

অবমাননা /অবোমানোনা / [স. অবমানন+আ (টাপ্)] বি. অপমান, অসম্মান।

অবমাননীয় /অবোমানোনিয়ো / [স. অব+√মন্+অনীয়] বিণ. অবজ্ঞেয়, উপেক্ষণীয়।

অবমানয়িতা /অবোমানোয়িতা / [স. অব+√মন্+ণিচ্+তৃ] বিণ. অবমাননাকারী; অপমানকারী।

অবমানিত /অবোমানিতো / [স. অব+√মন্+ত] বিণ. অপমানিত; অবজ্ঞাত।

অবমান্য /অবোমান্নো / [স. অব+√মন্+য] বিণ. অবজ্ঞেয়।

অবমুক্ত /অবোমুক্তো/ [স. অব+√মুচ্+ত] বিণ. নির্দিষ্ট লক্ষ্যে মুক্ত (*অর্থ অবমুক্তকরণ*); (পরি.) released। বি. **অবমুক্তি** /অবোমুক্তি/।

অবমূল্যায়ন /অবোমূল্লায়োন্ / [স. অব+মূল্যায়ন] বি. মূল্যহ্রাস; (পরি.) devaluation।

অবমোচন /অবোমোচন্/ [স. অব+√মুচ্+অন] বি. ১ মুক্তিদান, খালাস; উন্মোচন। ২ পরিত্যাগ।

অবয়ব /অবয়ব্/ [স. অব+√যু+অ] বি. ১ চেহারা; আকৃতি, আদল। ২ হাত পা প্রভৃতি অঙ্গপ্রত্যঙ্গ। ৩ অংশ; উপকরণ।

অবয়বী /অবয়োবি / [স. অবয়ব+ইন্] বিণ. ১ অবয়ববিশিষ্ট, অঙ্গী। ২ জৈব।

অবর /অবর্ / [স. ন+বর] বিণ. ১ নিকৃষ্ট, অধম। ২ পশ্চাদ্‌বর্তী। ৩ নিম্নপদস্থ; অধীন; subordinate।

অবরুদ্ধ /অবোরুদ্ধো/ [স. অব+√রুধ্+ত] বিণ. ১ রুদ্ধ, বন্ধ (*অবরুদ্ধ দ্বার*)। ২ আটক, বন্দি (*অবরুদ্ধ জনতা*)। ৩ বেষ্টিত; শত্রুপরিবেষ্টিত (*অবরুদ্ধ নগর*)।

অবরেণ্য /অবরেন্নো / [স. ন+বরেণ্য] বিণ. বরণ করার অযোগ্য; সমাদরের অযোগ্য।

অবরেসবরে /অবরেশবরে / [দেশি.] ক্রিবিণ. কালে-ভদ্রে, সময়ে সময়ে, মাঝে মাঝে।

অবরোধ /অবোরোধ্/ [স. অব+√রুধ্+অ] বি. ১ আটক; প্রতিরোধ। ২ অন্তঃপুর। ৩ পরিবেষ্টন

www.pathagar.com

(*নৌ অবরোধ*), blockade। ৪ পর্দা। ৫ কারাগার।

অবরোধক /অবোরোধক্/ [স. অব+√রুধ্+অক] বিণ. অবরোধকারী।

অবরোধপ্রথা /অবোরোধ্প্রোথা/ [স. অবরোধ+√প্রথ্+অ+আ (টাপ্)] বি. স্ত্রীজাতিকে অন্তঃপুরে অবরুদ্ধ করে রাখার প্রথা; পর্দাপ্রথা।

অবরোপণ /অবোরোপোন্/ [স. অব+√রোপি+অন] বি. এক স্থান থেকে তুলে অন্য স্থানে রোপণ, transplantation।

অবরোহ /অবোরোহো/ [স. অব+√রুহ্+অ] বি. ১ অবতরণ। ২ সংগীতে চড়া সুর থেকে ক্রমশ নিচু সুরে অবতরণ। ৩ অধোগতি, হীন অবস্থাপ্রাপ্তি। ৪ কারণ থেকে কার্যের অনুমান, deduction।

অবরোহণ /অবোরোহোন্/ [স. অব+√রুহ্+অন] বি. ১ ওপর থেকে নিচে অবতরণ। ২ সংগীতে চড়া সুর থেকে ক্রমশ নিচু সুরে অবতরণ। ৩ বিমান বা জাহাজ থেকে অবতরণ, disembarkation।

অবরোহণী /অবোরোহোনি/ [স. অবরোহণ+ইন্] বি. সিঁড়ি, সোপান।

অবরোহিকা /অবোরোহিকা/ [স. অব+√রুহ্+অক+আ (টাপ্)] বি. বিণ. দ্র অবরোহিণী।

অবরোহিণী /অবোরোহিনি/ [স. অব+√রুহ্+ইন্+ঈ] বি. বিণ. অবতরণকারিণী।

অবরোহী /অবোরোহি/ [স. অব+√রুহ্+ইন্] বিণ. ১ অবতরণকারী। ২ কারণ থেকে কার্য অনুমান করা যায় এমন; (পরি.) deductive। বি. বটবৃক্ষ।

অবর্জনীয় /অবর্জোনিয়ো/ [স. ন+√বৃজ্+অনীয়] বিণ. বর্জন করা যায় না এমন, অপরিহার্য।

অবর্ণনীয় /অবর্নোনিয়ো/ [স. ন+√বর্ণ্+অনীয়] বিণ. বর্ণনা করা যায় না এমন, বর্ণনার অতীত।

অবর্তমান /অবর্তোমান্/ [স. ন+√বৃৎ+মান (শানচ্)] বিণ. ১ অবিদ্যমান, অনুপস্থিত। ২ গত। ৩ (বাংলায়) মৃত (*পিতার অবর্তমানে*)।

অবর্তমানে /অবর্তোমানে/ [স. অবর্তমান+বা. এ] ক্রিবিণ. ১ অনুপস্থিতিতে। ২ মৃত্যুর পরে।

অবর্ষিত /অবোর্শিতো/ [স. ন+√বৃষ্+ণিচ্+ত] বিণ. বর্ষিত হয়নি বা ঝরেনি এমন।

অবল /অবল্/ [স. ন+বল] বিণ. বলহীন, দুর্বল।

অবলগ্ন /অবোলগ্নো/ [স. অব+√লগ্+ত] বিণ. বিশেষভাবে সংযুক্ত; সংলগ্ন। বি. কটিদেশ।

অবলম্ব /অবোলম্বো/ [স.অব+√লম্ব্+অ] বি. অবলম্বন; আশ্রয়স্থল। বিণ. ঝুলছে এমন; লম্বিত।

অবলম্বন /অবোলম্বোন্/ [স. অব+√লম্ব্+অন] বি. ১ নির্ভর, আশ্রয়, ভরসা। ২ আশ্রয়করণ; ধারণ; গ্রহণ। ৩ (বাংলায়) জীবিকা অর্জনের পথ; বৃত্তি।

অবলম্বিত /অবোলোম্বিতো/ [স. অব+√লম্ব্+ত] বিণ. ১ অবলম্বন করা হয়েছে এমন। ২ আশ্রিত, শরণাগত। ৩ গৃহীত। ৪ ধৃত। ৫ লম্বমান।

অবলম্বী /অবোলোম্বি/ [স. অব+√লম্ব্+ইন্] বিণ. ১ নির্ভরশীল। ২ অবলম্বনকারী।

অবলা /অবলা/ [স. অবল+আ (টাপ্)] বিণ. ১ বলহীনা; অক্ষমা। ২ (ব্য.) অসমর্থ, অক্ষম।

অবলাজাতি /অবলাজাতি/ [স. অবলা+√জন্+তি] বি. নারীকুল, স্ত্রীজাতি।

অবলিপ্ত /অবোলিপ্তো/ [স. অব+√লিপ্+ত] বিণ. ১ লেপন করা হয়েছে এমন, প্রলিপ্ত। ২ গর্বিত।

অবলী /অবোলি/ [বা.] বিণ. দুর্বল, বলহীন।

অবলীঢ় /অবোলিঢ়ো/ [স. অব+√লিহ্+ত] বিণ. ১ লেহন করা হয়েছে এমন। ২ ভক্ষিত, আস্বাদিত।

অবলীলা /অবোলিলা/ [স. অব+লীলা] বি. ১ ক্রীড়া। ২ অনায়াস, ক্লেশহীনতা।

অবলীলাকৃত /অবোলিলাকৃতো/ [স. অবলীলা+√কৃ+ত] বিণ. অনায়াসকৃত।

অবলীলাক্রমে /অবোলিলাক্রোমে/ [স. অবলীলা+ক্রম+বা. এ] ক্রিবিণ. ১ অনায়াসে। ২ অসংকোচে।

অবলুণ্ঠন /অবোলুন্ঠন্/ [স. অব+√লুণ্ঠ্+অন] বি. মাটিতে গড়াগড়ি, ভূলুণ্ঠন।

অবলুণ্ঠিত /অবোলুন্ঠিতো/ [স. অব+√লুণ্ঠ্+ত] বিণ. গড়াগড়ি দিচ্ছে এমন, ভূলুণ্ঠিত। স্ত্রী. অবলুণ্ঠিতা /অবোলুন্ঠিতা/।

অবলুপ্ত /অবোলুপ্তো/ [স. অব+√লুপ্+ত] বিণ. ১ লোপপ্রাপ্ত। ২ অন্তর্হিত, অদৃশ্য; নিশ্চিহ্ন।

অবলুপ্তি /অবোলুপ্তি/ [স. অব+√লুপ্+তি] বি. লুপ্তকরণ।

অবলেপ /অবোলেপ্/ [স. অব+√লিপ্+অ] বি. ১ প্রলেপ, লেপন। ২ গর্ব, অহংকার। ৩ ভূষণ। ৪ সঙ্গ। ৫ দ্বেষ। ৬ পরাভব, পরাজয়।

অবলেপন /অবোলেপন্/ [স. অব+√লিপ্+অন] বি. ১ সম্যক লেপন। ২ গর্ব, অহংকার।

অবলেহ /অবোলেহো/ [স. অব+√লিহ্+অ] বি. ১ জিভ দিয়ে স্বাদগ্রহণ, লেহন। ২ চেটে খাওয়ার ওষুধ বা খাদ্য।

অবলেহন /অবোলেহন্/ [স. অব+√লিহ্+অন] বি. জিভ দিয়ে আস্বাদন।

www.pathagar.com

অবলোকন /অবোলোকন্/ [স. অব+√লোক্+অন] বি. ১ দর্শন; নিরীক্ষণ। ২ কটাক্ষ।

অবলোকিত /অবোলোকিতো/ [স. অব+√লোক্+ত] বিণ. দেখা হয়েছে এমন, দৃষ্ট।

অবলোকিতেশ্বর /অবোলোকিতেশ্শর্/ [স. অবলোকিত+ঈশ্বর] বি. ১ বৌদ্ধ দেবতাবিশেষ। ২ লোকনাথ।

অবলোপ /অবোলোপ্/ [স. অব+√লুপ্+অ] বি. ১ বিনাশ। ২ অন্তর্ধান। ৩ লোপ।

অবলোপচিহ্ন /অবোলোপ্চিন্hো / [স. অবলোপ+√চিহ্+অ] বি. ছেদচিহ্ন।

অবলোহিত রশ্মি /অবোলোহিতো রোশ্শি/ বি. লাল আলোর চেয়ে নিম্নতর এবং মাইক্রোওয়েভের চেয়ে উচ্চতর কম্পাঙ্কের বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গ যার অস্তিত্ব অনুভব করা গেলেও খালি চোখে ধরা পড়ে না, infrared ray।

অবশ /অবশ্/ [স. ন+√বশ্+অ] বিণ. ১ অসাড়। ২ অবাধ্য, অনায়ত্ত। ৩ বিকল।

অবশিষ্ট /অবোশিশ্টো/ [স. অব+√শিষ্+ত] বিণ. উদ্বৃত্ত, বাকি, অতিরিক্ত, ভাগশেষ, remainder।

অবশিষ্টাংশ /অবোশিশ্টাংশো/ [স. অবশিষ্ট+অংশ] বি. বাকি অংশ।

অবশীভাব /অবোশিভাব্/ [স. ন+বশীভাব] বি. বশীভূত না হওয়ার ভাব।

অবশীভূত /অবোশিভুতো/ [স. ন+বশীভূত] বিণ. বশ করা যায়নি এমন, অবাধ্য, অননুগত। স্ত্রী. অবশীভূতা /অবোশিভূতা/।

অবশেন্দ্রিয় /অবশেন্দ্রিয়ো / [স. অবশ+ইন্দ্রিয়] বিণ. ইন্দ্রিয় দমনশক্তি নেই এমন, জিতেন্দ্রিয় নয় এমন।

অবশেষ /অবোশেশ্/ [স. অব+√শিষ্+অ] বি. ১ সমাপ্তি, অবসান। ২ সীমা; শেষ। বিণ. অবশিষ্ট।

অবশেষে /অবোশেশে/ [স. অবশেষ+বা. এ] ক্রিবিণ. শেষ পর্যন্ত; পরিশেষে।

অবশ্য[১] /অবোশ্শো/ [স. ন+√বশ্+য] বিণ. বশ করা যায় না এমন, অবাধ্য। বি. ~তা /-তা/।

অবশ্য[২] /অবোশ্শো/ [স. অবশ্যম্] অব্য. যদিও; পক্ষান্তরে, তবে (*ও না গেলে অবশ্য আমিও যাব না*)। ক্রিবিণ. নিশ্চয়, নিশ্চিতরূপে (*অবশ্য পালনীয়*)। বিণ. অপরিহার্য (*অবশ্য কর্তব্য*)।

অবশ্য অবশ্য /অবোশ্শো অবোশ্শো/ ক্রিবিণ. অন্যথা না করে, নিশ্চয়ই।

অবশ্যকরণীয় /অবোশ্শোকরোনিয়ো / [স. অবশ্য+√কৃ+অনীয়] বিণ. করতেই হবে এমন, বাধ্যতামূলক।

অবশ্যকর্তব্য /অবোশ্শোকর্তোব্বো / [স. অবশ্য+√কৃ+তব্য] বিণ. করতেই হবে এমন।

অবশ্যপালনীয় /অবোশ্শোপালোনিয়ো/ [স. অবশ্য+√পাল্+অনীয়] বিণ. দ্র অবশ্যপাল্য।

অবশ্যপাল্য /অবোশ্শোপাল্লো / [স. অবশ্য+√পাল্+য] বিণ. পালন করা বাধ্যতামূলক এমন।

অবশ্যম্ভাবিতা /অবোশ্শম্ভাবিতা/ [স. অবশ্যম্+√ভূ+ইন্+তা] বি. অবশ্যই ঘটবে এমন ভাব।

অবশ্যম্ভাবী /অবোশ্শম্ভাবি/ [স. অবশ্যম্+√ভূ+ইন্] বিণ. অবশ্যই ঘটবে এমন, অনিবার্য।

অবশ্রয়ণ /অবোস্শ্রোয়োন্/ [স. অব+√শ্রি+অন] বি. উনুন থেকে পাকপাত্র প্রভৃতি অবতারণ (নামানো)।

অবস /অবশ্/ [অব+অস্] বি. ১ সূর্য। ২ রাজা। ৩ রক্ষণ।

অবসথ /অবশথ্/ [স. অব+√সো+অথ] বি. ১ আবাসভূমি। ২ গ্রাম। ৩ ছাত্রাবাস।

অবসন্ন /অবোশন্নো / [স. অব+√সদ্+ত] বিণ. ১ অবসাদগ্রস্ত, শ্রান্ত। ২ বিষণ্ণ। বি. ~তা /-তা/।

অবসর /অবোশর্/ [স. অব+√স্+অ] বি. ১ ছুটি; অবকাশ। ২ ফাঁক, ফুরসত (*এই অবসরে চট করে ঘুরে এসো*)। ৩ কর্মকালের সমাপ্তি, retirement। ৪ (বাংলায়) বিলম্ব; অপেক্ষা।

অবসরভাতা /অবোশরভাতা/ [স. অবসর+বা. ভাতা] বি. চাকরি থেকে অবসর গ্রহণের পর প্রাপ্য বৃত্তি, pension।

অবসাদ /অবোশাদ্ / [স. অব+√সদ্+অ] বি. ক্লান্তিজনিত বিষণ্নভাব, fatigue; উৎসাহের অভাব।

অবসান /অবোশান্ / [স. অব+√সো+অন] বি. ১ শেষ, অন্ত (*নাই সে খোঁজার আদি আর অবসান।* অন্নদা.)। ২ মৃত্যু। বিণ. (বাংলায়) গত।

অবসায় /অবোশায়্ / [স. অব+√সো+অ] বি. ১ অবসান; নাশ। ২ নিগ্রহ। ক্রিবিণ. সমাপনান্তে।

অবসায়ন /অবোশায়োন্ / [স. অব+√সো+অন] বি. সমাপন।

অবসিত /অবোশিতো/ [স. অব+√সো+ত] বিণ. শেষ হয়েছে এমন।

অবসৃত /অবোস্সৃতো/ [স. অব+√স্+ত] বিণ. ১ অবসরপ্রাপ্ত, বিদায়ী। ২ অপসৃত; দূরীভূত।

অবস্তু /অবোস্তু/ [স. ন+বস্তু] বি. অসার বস্তু; তুচ্ছ বস্তু।

www.pathagar.com

অবস্থা /অবোস্থা/ [স. অব+√স্থা+অ] বি. ১ দশা; ভাব, গতিক। ২ সংগতি (*অবস্থাপন্ন ব্যক্তি*)। ৩ ক্ষেত্র। ৪ দুর্গতি। ৫ (বাংলায়) দুরবস্থা।

অবস্থাগতিকে /অবোস্থাগোতিকে/ [স. অবস্থা+গতিক+বা. এ] ক্রিবিণ. পারিপার্শ্বিক অবস্থার কারণে।

অবস্থাদৃষ্টে /অবোস্থাদৃশ্টে/ [স. অবস্থা+দৃষ্ট+বা. এ] ক্রিবিণ. পারিপার্শ্বিক অবস্থা বিবেচনা করে।

অবস্থান /অবোস্থান্/ [স. অব+√স্থা+অন] বি. অবস্থিতি, বাস; বাসস্থান।

অবস্থানুসারে /অবোস্থানুশারে/ [স. অবস্থানুসার +বা. এ] ক্রিবিণ. অবস্থা অনুযায়ী।

অবস্থান্তর /অবোস্থানতর্/ [স. অবস্থা+অন্তর] বি. অবস্থার পরিবর্তন, অন্য অবস্থা।

অবস্থাপন /অবোস্থাপোন্/ [স. অব+স্থাপন] বি. সংস্থাপন; সন্নিবেশন; স্থাপিতকরণ।

অবস্থাপন্ন /অবোস্থাপন্নো/ [স. অবস্থা+আপন্ন] বিণ. সম্পৎশীল, ধনবান, সংগতিপন্ন।

অবস্থাপিত /অবোস্থাপিতো/ [স. অব+√স্থাপি +ত] বিণ. স্থাপিত; সন্নিবিষ্ট।

অবস্থায়ী /অবোস্থায়ি/ [স. অব+√স্থা+ইন্] বিণ. অবস্থানকারী।

অবস্থিত /অবোস্থিতো/ [স. অব+√স্থা+ত] বিণ. ১ আছে বা রয়েছে এমন, বিদ্যমান, বর্তমান। ২ শান্ত। ৩ নিবিষ্ট। ৪ আশ্রিত।

অবস্থিতি /অবোস্থিতি/ [স. অব+√স্থা+তি] বি. বিদ্যমানতা; অবস্থান।

অবহসিত /অবোহোশিতো/ [স. অব+√হস্+ত] বিণ. উপহাস করা হয়েছে এমন।

অবহার /অবোহার/ [স. অব+√হৃ+অ] বি. ১ মূল্য থেকে বাদ দেওয়া অংশ, বাটা, discount। ২ যুদ্ধ-ক্ষেত্র থেকে সেনাদলকে শিবিরে আনয়ন। ৩ যুদ্ধ-বিরতি, armistice। ৪ অন্যত্র অপসারণ। ৫ ধর্মান্তর গ্রহণ।

অবহার্য /অবোহারজো/ [স. অব+√হৃ+য] বিণ. ১ অপসারণীয়। ২ সমর্পণীয়। ৩ দণ্ডনীয়।

অবহাস /অবোহাশ্/ [স. অব+√হস্+অ] বি. পরিহাস, উপহাস।

অবহিত /অবোহিতো/ [স. অব+√ধা+ত] বিণ. ১ জ্ঞাত, বিদিত। ২ নিবিষ্ট। ৩ সতর্ক।

অবহৃত /অবোhiতো/ [স. অব+√হৃ+ত] বিণ. ১ অপহৃত। ২ অপনীত; অপসৃত। ৩ উদ্ধৃত।

অবহেলন /অবোহেলন্/ [স. অব+√হেড়্+অন] বি. দ্র অবহেলা।

অবহেলা /অবোহ্যালা/ [স. অব+√হেড়্+অ+আ (টাপ্)] বি. ১ উপেক্ষা, হেলা, অবজ্ঞা। ২ অযত্ন, অনাদর। ৩ অমনোযোগ। ৪ অবলীলা, অনায়াস।

অবহেলিত /অবোহেলিতো/ [স. অব+√হেড়্+ত] বিণ. অবহেলা করা হয়েছে এমন, উপেক্ষিত।

অবাক[১] /অবাক্/ [স. ন+বাক্] বিণ. ১ মূক। ২ স্তম্ভিত। ৩ (বাংলায়) বিস্ময় বা আনন্দে নির্বাক।

অবাক[২] /অবাক্/ [স. অব+√অন্চ্+ক্বিন্] বিণ. ১ অবনত। ২ অধোমুখ। বি. দক্ষিণ দিক।

অবাঙালি /অবাঙালি/ [বা.] বিণ. ১ বাংলাদেশের অধিবাসী বা বাংলাভাষী নয় এমন। ২ বাঙালি-সুলভ নয় বা বাঙালির প্রকৃতিবিরুদ্ধ। বি. বাঙালি ভিন্ন অন্য ব্যক্তি বা জাতি।

অবাঙ্মনসগোচর /অবাংমনশ্গোচর্/ [স. অবাঙ্মনস্ +গোচর] বিণ. বাক ও বোধশক্তির অতীত; ভাষায় প্রকাশ করা যায় না এমন; অচিন্তনীয়।

অবাঙ্মুখ /অবাংমুখ্/ [স. অবাক্+মুখ] বিণ. নতমুখ, অবনতমস্তক, অধোবদন।

অবাচী /অবাচি/ [স. অবাচ্+ঈ] বি. ১ দক্ষিণ দিক। ২ অধোদিক।

অবাচী উষা /অবাচি উশা/ বি. কুমেরুজ্যোতি, aurora australis।

অবাচ্য /অবাচ্চো/ [স. ন+বাচ্য] বিণ. ১ ভাষায় প্রকাশের অযোগ্য, অকথ্য। ২ বলা অনুচিত এমন। ৩ দক্ষিণদিকসংক্রান্ত। বি. দুর্বাক্য, অশ্লীল বাক্য।

অবাচ্যদেশ /অবাচ্চোদেশ্/ [স. অবাচ্য+দেশ] বি. যোনি।

অবাঞ্ছিত /অবান্ছিতো/ [স. ন+√বাঞ্ছ্+ত] বিণ. অনভিপ্রেত, অনভিলষিত, অনাকাঙ্ক্ষিত।

অবাত /অবাত্/ [স. ন+বাত] বিণ. বায়ুশূন্য, নির্বাত।

অবাধ /অবাধ্/ [স. ন+√বাধ্+অ] বিণ. ১ বাধাহীন, অবারিত, অপ্রতিবন্ধ। ২ অনর্গল, মুক্ত।

অবাধ বাণিজ্য /অবাধ্ বানিজ্জো/ বি. বাধাহীন বাণিজ্য, free trade।

অবাধে /অবাধে/ [স. অবাধ+বা. এ] ক্রিবিণ. ১ অনায়াসে। ২ নির্বিঘ্নে। ৩ দ্বিধাশূন্যভাবে।

অবাধ্য /অবাদ্ধো/ [স. ন+√বাধ্+য] বিণ. ১ বাধ্য নয় এমন। ২ অনিবার্য। ৩ দুর্বার। ৪ (বাংলায়) অবশীভূত।

অবাধ্যতা /অবাদ্ধোতা/ [স. অবাধ্য+তা] বি. আদেশ অমান্যকরণ, আজ্ঞা লঙ্ঘন।

www.pathagar.com

অবান্তর /অবান্তর্/ [স. অব+অন্তর] বিণ. ১ মূল প্রসঙ্গবহির্ভূত, irrelevant। ২ অপ্রধান, গৌণ। বি. ১ বৃত্তান্ত, কাহিনি। ২ (বাংলায়) গূঢ় বিষয়, রহস্য।

অবান্ধব /অবান্ধব্/ [স. ন+বান্ধব] বিণ. বন্ধুশূন্য, মিত্রহীন, নির্বান্ধব; স্বজনহীন।

অবাম /অবাম্/ [স. ন+√বা+ম] বিণ. ১ বামপন্থি নয় এমন। ২ বামদিকে অবস্থিত নয় এমন। ৩ অপ্রতিকূল। ৪ অশোভন।

অবারণ /অবারোন্/ [স. ন+√বারি+অন] বিণ. বাধা-হীন, মুক্ত; অনর্গল।

অবারণীয় /অবারোনিয়ো/ [স. ন+√বারি+অনীয়] বিণ. ১ অনিবার্য। ২ দুর্বার।

অবারিত /অবারিতো/ [স. ন+√বারি+ত] বিণ. ১ মুক্ত, অবাধ। ২ আবরণহীন, উন্মুক্ত। ৩ বারণ করা যায়নি বা হয়নি এমন।

অবার্য /অবার্জো/ [স. ন+√বারি+য] বিণ. দ্র অবারণীয়।

অবার্যতা /অবার্জোতা/ [স. অবার্য+তা] বি. ১ বাধা-হীনতা; উন্মুক্ততা। ২ ঔদার্য।

অবাস্তব /অবাস্তব্/ [স. ন+বাস্তব] বিণ. ১ বাস্তব নয় এমন; অসত্য। ২ অমূলক, অযৌক্তিক। ৩ ভ্রমপূর্ণ। বি. অবাস্তবতা /অবাস্তবতা/।

অবিকল /ওবিকল্/ [স. ন+বিকল] বিণ. ১ যেরূপ হওয়া আবশ্যক সেইরূপ, যথাযথ; অবিকৃত। ২ পূর্ণাঙ্গ, সম্পূর্ণ। ক্রিবিণ. হুবহু।

অবিকল্প /অবিকল্পো/ [স. ন+বি+√কল্প্+অ] বিণ. বিকল্পহীন, নির্বিকল্প; অভিন্ন।

অবিকার /অবিকার্/ [স. ন+বিকার] বি. বিকার-হীনতা। বিণ. ১ অপরিবর্তিত, স্থির। ২ অপরি-বর্তনীয়। ৩ নির্বিকার।

অবিকারী /অবিকারি/ [স. অবিকার+ইন্] বিণ. বিকার নেই এমন, নির্বিকার।

অবিকৃত /অবিকৃতো/ [স. ন+বিকৃত] বিণ. ১ বিকৃতি-হীন। ২ বিশুদ্ধ, খাঁটি। ৩ পচেনি এমন।

অবিকৃতি /অবিকৃতি/ [স. ন+বিকৃতি] বি. বিকার-হীনতা।

অবিক্রয় /অবিক্রয়্/ [স. ন+বি+√ক্রী+অ] বি. বিক্রয়ের অভাব।

অবিক্রীত /অবিক্রিতো/ [স. ন+বি+√ক্রী+ত] বিণ. বিক্রি হয়নি এমন।

অবিক্রেয় /অবিক্রেয়ো/ [স. ন+বি+√ক্রী+য] বিণ. বিক্রয়যোগ্য নয় এমন।

অবিক্ষত /অবিক্ষতো/ [স. ন+বি+√ক্ষণ্+ত] বিণ. আঘাতপ্রাপ্ত নয় এমন, অক্ষত; অবিদ্ধ।

অবিক্ষেপ /অবিক্ষেপ্/ [স. ন+বি+√ক্ষিপ্+অ] বি. স্থৈর্য। বিণ. অবিক্ষিপ্ত।

অবিচক্ষণ /অবিচক্ষোন্/ [স. ন+বি+√চক্ষ্+অন] বিণ. ১ অবিবেচক। ২ অনিপুণ, আনাড়ি।

অবিচল /অবিচল্/ [স. ন+বি+√চল্+অ] বিণ. ১ বিচলিত নয় এমন। ২ অচঞ্চল, স্থিরচিত্ত।

অবিচলচিত্ত /অবিচলচিত্তো/ [স. অবিচল+√চিৎ+ত] বিণ. দৃঢ়মনা, স্থিরচিত্ত।

অবিচলিত /অবিচোলিতো/ [স. ন+বি+√চল্+ত] বিণ. বিচলিত নয় এমন, স্থিরচিত্ত; সংযত।

অবিচার /অবিচার্/ [স. ন+বিচার] বি. ১ অন্যায় বিচার। ২ বিচারের অভাব। ৩ অবিবেচনা।

অবিচারক /অবিচারক্/ [স. ন+বিচারক] বিণ. বিচারক নয় এমন।

অবিচারিত /অবিচারিতো/ [স. ন+বি+√চারি+ত] বিণ. ১ অবিবেচিত, অযুক্তিযুক্ত। ২ উৎপীড়িত।

অবিচারী /অবিচারি/ [স. ন+বি+√চারি+ইন্] বিণ. অবিচারকারী; অত্যাচারী, অন্যায়কারী। স্ত্রী. **অবিচারিণী** /অবিচারিনি/।

অবিচারে /অবিচারে/ [স. অবিচার+বা. এ] ক্রিবিণ. নির্বিচারে; নিঃসংশয়ে; অন্যায়ভাবে।

অবিচ্ছিন্ন /অবিচ্ছিন্নো/ [স. ন+বি+√ছিদ্+ত] বিণ. ১ অখণ্ডিত। ২ ধারাবাহিক। ক্রিবিণ. অবিরাম, অনবরত। বি. ~তা /-তা/।

অবিচ্ছেদ /অবিচ্ছেদ্/ [স. ন+বি+√ছিদ্+অ] বি. ১ বিচ্ছেদের অভাব, সংলগ্নতা। ২ বিরহহীনতা; মিলন। বিণ. ১ অখণ্ড, অবিভক্ত। ২ ধারাবাহিক। ক্রিবিণ. অবিরাম, একটানা।

অবিচ্ছেদী /অবিচ্ছেদি/ [স. ন+বি+√ছিদ্+ইন্] বিণ. বিচ্ছেদহীন।

অবিচ্ছেদে /অবিচ্ছেদে/ [স. অবিচ্ছেদ+বা. এ] ক্রিবিণ. ১ অবাধে; সহজে। ২ বিরামহীনভাবে, একনাগাড়ে; ধারাবাহিকভাবে।

অবিচ্ছেদ্য /অবিচ্ছেদ্যো/ [স. ন+বি+√ছিদ্+য] বিণ. পৃথক করা যায় না এমন।

অবিচ্যুত /অবিচ্যুতো/ [স. ন+বি+√চ্যু+ত] বিণ. সংলগ্ন; অস্খলিত; অচ্যুত; অভ্রষ্ট।

অবিজ্ঞ /অবিগ্যোঁ/ [স. ন+বি+√জ্ঞা+অ] বিণ. ১ বিজ্ঞ নয় এমন। ২ মূর্খ। বি. ~তা /-তা/।

www.pathagar.com

অবিজ্ঞাত /অবিগ্‌গ্যাঁতো/ [স. ন+বি+√জ্ঞা+ত] বিণ. জানা যায়নি এমন, অবিদিত, অপরিজ্ঞাত।

অবিজ্ঞেয় /অবিগ্‌গেঁয়ো/ [স. ন+বি+√জ্ঞা+য] বিণ. অজ্ঞেয়; জ্ঞানাতীত।

অবিতথ /অবিতথ্/ [স. ন+বিতথ] বি. যাথার্থ্য। বিণ. সত্য; যথার্থ।

অবিতথ্য /অবিতোত্‌থো/ [স. অবিতথ+য] বি. বিণ. দ্র অবিতথ।

অবিতর্কিত /অবিতোর্‌কিতো/ [স. ন+বিতর্কিত] বিণ. ১ বিতর্কের ঊর্ধ্বে এমন। ২ সন্দেহাতীত।

অবিদগ্ধ /অবিদগ্‌ধো/ [স. ন+বি+√দহ্+ত] বিণ. ১ পণ্ডিত নয় এমন। ২ অকুশলী। ৩ অচতুর।

অবিদিত /অবিদিতো/ [স. ন+√বিদ্+ত] বিণ. ১ অজ্ঞাত, অজানা। ২ অপরিচিত; অখ্যাত।

অবিদীর্ণ/অবিদির্‌নো/ [স. ন+বি+√দৃ+ত] বিণ. ভেদ করা হয়নি এমন।

অবিদুষী /অবিদুশি/ [স. অবিদ্বস্+ঈ] বিণ. বিদ্যাবতী নয় এমন।

অবিদ্ধ /অবিদ্‌ধো/ [স. ন+√ব্যধ্+ত] বিণ. বেঁধা বা ছেদন করা হয়নি এমন।

অবিদ্বান /অবিদ্‌দান্/ [স. ন+√বিদ্+বস্] বিণ. অপণ্ডিত।

অবিদ্যমান /অবিদ্‌দোমান্/ [স. ন+√বিদ্+মান (শানচ্)] বিণ. অবর্তমান; অনুপস্থিত। বি. অবিদ্যমানতা /অবিদ্‌দোমানোতা/।

অবিদ্যমানে /অবিদ্‌দোমানে/ [স. অবিদ্যমান+বা. এ] ক্রিবিণ. অবর্তমানে; অনুপস্থিতিতে।

অবিদ্যা /অবিদ্‌দা/ [স. ন+√বিদ্+য+আ (টাপ্)] বি. ১ অজ্ঞান। ২ মায়া। ৩ প্রকৃতি। ৪ (বাংলায়) উপ-পত্নী।

অবিধান /অবিধান্/ [স. ন+বিধান] বি. ১ অন্যায় নির্দেশ। ২ অশাস্ত্রীয় ব্যবস্থা। ৩ অব্যবস্থা।

অবিধি /অবিধি/ [স. ন+বি+√ধা+ই] বি. ১ নিয়মের অভাব। ২ অশাস্ত্রীয় বিধান। বিণ. ১ নিয়মবিরুদ্ধ। ২ শাস্ত্রবহির্ভূত। ৩ অনুচিত, অসংগত।

অবিধেয় /অবিধেয়ো/ [স. ন+বি+√ধা+য] বিণ. ১ বিধিসম্মত নয় এমন, নীতিবহির্ভূত। ২ অকর্তব্য।

অবিধ্বংসী /অবিদ্‌ধোংশি/ [স. ন+বি+√ধ্বন্স্+ইন্] বিণ. ধ্বংস হওয়ার নয় এমন, চিরস্থায়ী, অক্ষয়।

অবিনত /অবিনতো/ [স. ন+বি+√নম্+ত] বিণ. অবিনয়ী, উদ্ধত। বি. বিনয়হীন ব্যক্তি।

অবিনয় /অবিনয়্/ [স. ন+বি+√নী+অ] বি. ১ বিনয়ের অভাব। ২ অশিষ্টতা। ৩ ঔদ্ধত্য।

অবিনয়ী /অবিনোয়ি/ [স. ন+বি+√নী+অ+ইন্] বিণ. বিনয়ী নয় এমন, উদ্ধত; ধৃষ্ট।

অবিনশ্বর /অবিনশ্‌শর্/ [স. ন+বি+√নশ্+বর] বিণ. অক্ষয়, শাশ্বত। বি. অবিনশ্বরতা/অবিনশ্‌শরতা/।

অবিনাশ /অবিনাশ্/ [স. ন+বি+√নশ্+অ] বি. ১ ক্ষয়হীনতা, বিনাশহীনতা। ২ অমরত্ব।

অবিনাশী /অবিনাশি/ [স. ন+বি+√নশ্+ইন্] বিণ. ১ অক্ষয়, অনশ্বর। ২ শাশ্বত, চিরন্তন।

অবিনিময় /অবিনিময়ো/ [স. ন+বি+নি+√মি+য] বিণ. বিনিময়যোগ্য নয় এমন (*অবিনিময়ে চেক*); (পরি.) not-negotiable, account payee।

অবিনীত /অবিনিতো/ [স. ন+বি+√নী+ত] বিণ. উদ্ধত; অশিষ্ট। স্ত্রী. অবিনীতা /অবিনিতা/।

অবিন্যস্ত /অবিনন্‌স্‌তো/ [স. ন+বি+নি+√অস্+ত] বিণ. ১ অগোছালো। ২ অসজ্জিত। বি. -তা /-তা/।

অবিপন্ন /অবিপন্‌নো/ [স. ন+বি+√পদ্+ত] বিণ. বিপদে পড়েনি এমন, বিপদগ্রস্ত নয় এমন।

অবিবাদ /অবিবাদ্/ [স. ন+বি+√বদ্+অ] বি. বিরোধশূন্যতা, মৈত্রী।

অবিবাদী /অবিবাদি/ [স. ন+বি+√বদ্+ইন্] বিণ. শান্ত, নিরীহ; নির্বিরোধ। স্ত্রী. অবিবাদিনী /অবিবাদিনি/।

অবিবাহিত /অবিবাহিতো/ [স. ন+বি+√বহ্+ইত] বিণ. বিবাহ হয়নি এমন, অনূঢ়। স্ত্রী. অবিবাহিতা /অবিবাহিতা/।

অবিবেক /অবিবেক্/ [স. ন+বি+√বিচ্+অ] বি. ১ অজ্ঞান। ২ ভ্রম।

অবিবেকিতা /অবিবেকিতা/ [স. ন+বি+√বিচ্+ইন্+তা] বি. বিবেকহীনতা; মূঢ়তা।

অবিবেকী /অবিবেকি/ [স. ন+বি+√বিচ্+ইন্] বিণ. অজ্ঞ; মূঢ়; বিবেকহীন। স্ত্রী. অবিবেকিনী /অবিবেকিনি/।

অবিবেচক /অবিবেচক্/ [স. ন+বিবেচক] বিণ. ১ বিবেচনাশূন্য, বিচারবুদ্ধিহীন। ২ হটকারী; অন্যায়-কারী।

অবিবেচনা /অবিবেচনা/ [স. ন+বি+√বেচি+অন+আ (টাপ্)] বি. ১ বিবেচনা বা বিচারবুদ্ধির অভাব। ২ অবিচার, অন্যায়।

www.pathagar.com

অবিবেচনাপ্রসূত /অবিবেচনাপ্রোশুতো/ [স. ন+বিবেচনা+প্র+√সূ+ত] বিণ. ভালোমন্দ বিবেচনা না করে প্রাপ্ত।

অবিবেচনীয় /অবিবেচোনিয়ো/ [স. ন+বি+√বিচ্+অনীয়] বিণ. বিবেচনার যোগ্য নয়; অবিচার্য।

অবিবেচিত /অবিবেচিতো/ [স. ন+বি+√বেচি+ত] বিণ. বিবেচনা করা হয়নি এমন।

অবিবেচ্য /অবিবেচ্চো/ [স. ন+বি+√বেচি+য] বিণ. বিবেচনার যোগ্য নয়।

অবিভক্ত /অবিভক্তো/ [স. ন+বি+√ভজ্+ত] বিণ. ভাগ করা হয়নি এমন, অখণ্ড, সম্পূর্ণ।

অবিভাজ্য /অবিভাজ্জো/ [স. ন+বিভাজ্য] বিণ. ভাগ করা যায় না এমন।

অবিমিশ্র /অবিমিস্রো/ [স. ন+বি+√মিশ্র+অ] বিণ. অমিশ্র, খাঁটি, নির্ভেজাল।

অবিমৃশ্য /অবিমৃশ্‌শো/ [স. ন+বি+√মৃশ্+য] বিণ. ১ অবিবেচক। ২ অসহনশীল। ৩ সন্দেহের ঊর্ধ্বে। বি. -তা /-তা/।

অবিমৃশ্যকারিতা /অবিমৃশ্‌শোকারিতা/ [স. অবিমৃশ্য+কারিন্+তা] বি. ১ অবিবেকিতা। ২ হঠকারিতা।

অবিমৃশ্যকারিত্ব /অবিমৃশ্‌শোকারিত্তো/ [স. অবিমৃশ্য+কারিন্+ত্ব] বি. দ্র অবিমৃশ্যকারিতা।

অবিমৃশ্যকারী /অবিমৃশ্‌শোকারি/ [স. অবিমৃশ্য+√কৃ+ইন্] বিণ. পূর্বাপর না ভেবে কাজ করে এমন, অবিবেচক; গোঁয়ার; হঠকারী। স্ত্রী. অবিমৃশ্যকারিণী /অবিমৃশ্‌শোকারিনি/।

অবিযুক্ত /অবিজুক্তো/ [স. ন+বি+√যুজ্+ত] বিণ. অখণ্ড, অবিচ্ছিন্ন; সংলগ্ন, সংযুক্ত।

অবিরত /অবিরতো/ [স. ন+বি+√রম্+ত] বিণ. বিরামহীন; ধারাবাহিক। ক্রিবিণ. সতত, অনবরত।

অবিরতি /অবিরোতি/ [স. ন+বি+√রম্+তি] বি. বিরতির অভাব।

অবিরল /অবিরল্/ [স. ন+বিরল] বিণ. ১ ঘন, ফাঁকশূন্য, নিবিড়। ২ অসংখ্য। ক্রিবিণ. অবিশ্রান্ত, নিরন্তর। বি. অবিরলতা /অবিরলতা/।

অবিরাম /অবিরাম্/ [স. ন+বিরাম] ক্রিবিণ. সর্বদা, নিরন্তর। বিণ. থামে না এমন (*অবিরাম বৃষ্টি*)।

অবিরুদ্ধ/অবিরুদ্ধো/ [স. ন+বিরুদ্ধ] বিণ. অনুকূল, অপ্রতিকূল; বিরোধশূন্য।

অবিরোধ /অবিরোধ্/ [স. ন+বিরোধ] বি. ১ বিরোধের অভাব, অবিবাদ। ২ সমন্বয়; ঐকমত্য। বিণ. বিরোধহীন।

অবিরোধী /অবিরোধি/ [স. অবিরোধ+ইন্] বিণ. ১ নির্বিরোধ। ২ নিরীহ, শান্ত স্বভাববিশিষ্ট। স্ত্রী. অবিরোধিনী /অবিরোধিনি/।

অবিরোধে /অবিরোধে/ [স. অবিরোধ+বা. এ] ক্রিবিণ. নির্বিবাদে; অবাধে।

অবিলম্ব /অবিলম্বো/ [স. ন+বি+√লম্ব্+অ] বি. ত্বরা, বিলম্বহীনতা। বিণ. দ্রুত, ত্বরিত।

অবিলম্বিত /অবিলোম্বিতো/ [স. ন+বিলম্বিত] বিণ. শীঘ্র, ত্বরিত।

অবিলম্বে /অবিলম্বে/ [স. অবিলম্ব+বা. এ] ক্রিবিণ. শীঘ্র, তাড়াতাড়ি, দেরি না করে।

অবিলাস /অবিলাশ্/ [স. ন+বিলাস] বি. বিলাসের অভাব।

অবিলাসিতা /অবিলাশিতা/ [স. অবিলাস+ইন্+তা] বি. বিলাস বা আড়ম্বরহীনতা।

অবিলাসী /অবিলাশি/ [স. ন+বিলাস+ইন্] বিণ. বিলাসী বা শৌখিন নয় এমন। স্ত্রী. অবিলাসিনী /অবিলাশিনি/।

অবিশঙ্ক /অবিশংকো/ [স. ন+বি+√শঙ্ক্+অ] বিণ. ভীত নয় এমন, নির্ভীক, নিঃশঙ্ক।

অবিশুদ্ধ /অবিশুদ্ধো/ [স. ন+বিশুদ্ধ] বিণ. ১ খাঁটি নয় এমন; ভেজালমিশ্রিত। ২ দোষযুক্ত। ৩ অশুদ্ধ। ৪ অশাস্ত্রীয়; আচারবিরুদ্ধ।

অবিশেষ /অবিশেশ্/ [স. ন+বিশেষ] বিণ. সাধারণ, বিশেষ নয় এমন, বিশেষত্বহীন।

অবিশ্বস্ত /অবিশ্‌শস্তো/ [স. ন+বিশ্বস্ত] বিণ. বিশ্বাসযোগ্য নয় এমন, অবিশ্বাস্য।

অবিশ্বাস /অবিশ্‌শাশ্/ [স. ন+বিশ্বাস] বি. বিশ্বাস বা আস্থার অভাব (*অবিশ্বাস করা*)।

অবিশ্বাসী /অবিশ্‌শাশি/ [স. অবিশ্বাস+ইন্] বিণ. ১ বিশ্বাস করে না এমন, সন্দিগ্ধ। ২ বিশ্বাসঘাতক।

অবিশ্বাস্য /অবিশ্‌শাশ্‌শো/ [স. অবিশ্বাস+য] বিণ. বিশ্বাসযোগ্য নয় এমন, অবিশ্বস্ত।

অবিশ্যি /ওবিশ্‌শি/ [স. অবশ্য >] অব্য. পক্ষান্তরে, তবে; অবশ্য[২]-এর আঞ্চলিক রূপ।

অবিশ্রান্ত /অবিস্‌স্রান্তো/ [স. ন+বিশ্রান্ত] বিণ. অক্লান্ত, অশ্রান্ত। ক্রিবিণ. অবিরাম; সতত।

অবিশ্রাম /অবিস্‌স্রাম্/ [স. ন+বিশ্রাম] বি. বিশ্রামের অভাব। বিণ. বিরামহীন।

অবিশ্রুত /অবিস্‌স্রুতো/ [স. ন+বিশ্রুত] বিণ. অখ্যাত, প্রসিদ্ধ নয় এমন।

অবিষণ্ন /অবিশন্নো/ [স. ন+বি+√সদ্+ত] বিণ. বিষণ্ন

www.pathagar.com

বা বিমর্ষ নয় এমন।

অবিষাদ /অবিশাদ্/ [স. ন+বিষাদ] বি. খেদ বা দুঃখের অভাব।

অবিসংবাদ /অবিসংবাদ্/ [স. ন+বি+সম্+√বদ্+অ] বি. ১ বিরোধের অভাব। ২ মিলন, ঐক্য।

অবিসংবাদিত /অবিসংবাদিতো/ [স. ন+বি+সম্+√বদ্+ত] বিণ. বিরোধ বা মতানৈক্যশূন্য, সর্বসম্মত, undisputed (*অবিসংবাদিত নেতা*)। বি. অবিসংবাদিতা /অবিসংবাদিতা/।

অবিসংবাদিত্ব /অবিসংবাদিতত্তো/ [স. ন+বিসংবাদ+ইন্+ত্ব] বি. বিরোধহীনতা।

অবিসংবাদী /অবিসংবাদি/ [স. ন+বিসংবাদ+ইন্] বিণ. মতানৈক্যশূন্য।

অবিস্তীর্ণ /অবিস্তির্নো/ [স. ন+বি+√স্তৃ+ত] বিণ. ১ প্রশস্ত নয় এমন, সংকীর্ণ। ২ অনুদার। ৩ জড়।

অবিস্তৃত /অবিস্তৃতো/ [স. ন+বি+√স্তৃ+ত] বিণ. প্রসারিত নয় এমন, অপ্রশস্ত।

অবিস্মরণ /অবিশ্শঁরোন্/ [স. ন+বি+√স্মৃ+অন] বি. বিস্মৃতির অভাব।

অবিস্মরণীয় /অবিশ্শঁরোনিয়ো/ [স. ন+বি+√স্মৃ+অনীয়] বিণ. ভোলা যায় না এমন, চিরজাগরূক।

অবিহিত /অবিহিতো/ [স. ন+বি+√ধা+ত] বিণ. ১ বিধানসম্মত নয় এমন; অকর্তব্য। ২ শাস্ত্রবিরুদ্ধ। বি. অনুচিত কাজ।

অবীচি /অবিচি/ [স. ন+√বে+ঈচি] বিণ. নিস্তরঙ্গ। বি. নরকবিশেষ।

অবীর /অবির/ [স. ন+বীর] বিণ. ১ বীরশূন্য। ২ শক্তিহীন; নির্বীর্য। স্ত্রী. **অবীরা** /অবিরা/।

অবুঝ /অবুঝ্/ [বা.] বিণ. বোঝে না এমন, নির্বোধ।

অবেক্ষক /অবেক্খক্/ [স. অব+√ঈক্ষ্+অক] বিণ. পরীক্ষক; পর্যবেক্ষক; পরিদর্শক।

অবেক্ষণ /অবেক্খন্/ [স. অব+√ঈক্ষ্+অন] বি. ১ অবলোকন, দর্শন। ২ পরিদর্শন; পর্যবেক্ষণ। ৩ বিচার; পর্যালোচনা। ৪ অনুসন্ধান।

অবেক্ষণীয় /অবেক্খোনিয়ো/ [স. অব+√ঈক্ষ্+অনীয়] বিণ. পর্যবেক্ষণ বা পরিদর্শনের যোগ্য।

অবেক্ষমাণ /অবেক্খোমান্/ [স. অব+√ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. দর্শন করছে এমন, নিরীক্ষিত হচ্ছে এমন। স্ত্রী. **অবেক্ষমাণা** /অবেক্খোমানা/।

অবেক্ষা /অবেক্খা/ [স. অব+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. দ্র অবেক্ষণ।

অবেক্ষাধীন /অবেক্খাধিন্/ [স. অবেক্ষা+অধীন] বিণ. পরীক্ষা করে দেখা হচ্ছে এমন।

অবেক্ষিত /অবেক্খিতো/ [স. অব+√ঈক্ষ্+ত] বিণ. ১ নিরীক্ষিত। ২ অবলোকিত, দৃষ্ট।

অবেক্ষ্য /অবেক্খ্যো/ [স. অব+√ঈক্ষ্+য] বিণ. ১ বিবেচ্য। ২ নিরীক্ষণযোগ্য। ৩ দর্শনীয়।

অবেক্ষ্যমাণ /অবেক্খ্যোমান্/ [স. অব+√ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. ১ আলোচিত হচ্ছে এমন। ২ নিরীক্ষিত হচ্ছে এমন। স্ত্রী. **অবেক্ষ্যমাণা** /অবেক্খ্যোমানা/।

অবেণিবদধ /অবেনিবদ্ধো/ [স. ন+বেণি+√বন্ধ্+ত] বিণ. বেণি করে বাঁধা হয়নি এমন, আলুলায়িত।

অবেণিসংবদধ /অবেনিশংবদ্ধো/ [স. ন+বেণি+সংবদ্ধ] বিণ. দ্র অবেণিবদধ।

অবেদন /অবেদোন্/ [স. ন+বেদন] বি. অনুভূতি-লোপ, anaesthesia।

অবেদনিক /অবেদোনিক্/ [স. অবেদন+ইক] বি. বিণ. চেতনানাশক, anaesthetic।

অবেদ্য /অবেদ্দো/ [স. ন+√বিদ্+য] বিণ. অজ্ঞেয়; গূঢ়।

অবেলা /অব্যালা/ [স. ন+বেলা] বি. ১ অসময়। ২ (বাংলায়) অপরাহ্ণ, শেষবেলা (*অবেলায় যদি এসেছ আমার বনে দিনের বিদায়ক্ষণে* রবীন্দ্র.)।

অবৈতনিক /অবোইতোনিক্/ [স. ন+বেতন+ইক] বিণ. বিনা বেতনে কাজ করে এমন (*অবৈতনিক শিক্ষক*), honorary।

অবৈধ /অবোইধো/ [স. ন+বিধি+অ] বিণ. ১ শাস্ত্র-বিরুদ্ধ। ২ আইনবহির্ভূত। ৩ নীতিবিরুদ্ধ।

অবোধ /অবোধ্/ [স. ন+√বুধ্+অ] বিণ. ১ অবুঝ। ২ নির্বোধ। ৩ কিংকর্তব্যবিমূঢ়। ৪ জ্ঞানহীন।

অবোধ্য /অবোদ্ধ্যো/ [স. অবোধ+য] বিণ. ১ বোঝা যায় না এমন। ২ বুদ্ধির অতীত, অজ্ঞেয়।

অবোল /অবোল্/ [বা.] বিণ. দ্র অবোলা।

অবোলা /অবোলা/ [বা.] বিণ. ১ বোল নেই এমন, বাক্‌শক্তিহীন, মূক। ২ নিরীহ।

অব্জ /অব্জো/ [স. অপ্+√জন্+অ] বি. ১ পদ্ম, কমল, উৎপল। ২ শঙ্খ। ৩ চাঁদ। ৪ শত কোটি সংখ্যা। বিণ. জলজাত, জলজ।

অব্জযোনি /অব্জোজোনি/ [স. অব্জ+যোনি] বি. ব্রহ্মা।

অব্দ /অব্দো/ [স. অপ্+√দা+অ] বি. ১ বৎসর, সন, সাল (*বঙ্গাব্দ*)। ২ পাহাড়। ৩ মেঘ।

অব্ধি /ওব্ধি/ [স. অপ্+√ধা+ই] বি. ১ সমুদ্র, জলধি, সাগর। ২ সরোবর, হ্রদ।

অব্ধিজ /ওব্ধিজো/ [স. অব্ধি+√জন্+অ] বিণ. সমুদ্রে

www.pathagar.com

জাত। বি. ১ শঙ্খ। ২ দেবচিকিৎসক অশ্বিনী-কুমারদ্বয়।

অব্ধিজা /ওব্ধিজা/ [স. অব্ধি+√জন্+অ+আ (টাপ্)] বিণ. সমুদ্রজাতা। বি. ১ দেবী লক্ষ্মী। ২ মদিরা।

অব্যক্ত /অব্ব্যাক্তো/ [স. ন+বি+√অন্জ্+ত] বিণ. ১ অপ্রকাশিত, গুপ্ত। ২ অস্পষ্ট। ৩ অজ্ঞাত। ৪ সূক্ষ্ম। বি. ১ পরমাত্মা। ২ ব্রহ্মা। ৩ প্রকৃতি।

অব্যতিক্রমী /অবেতিক্রোমি/ [স. ন+ব্যতিক্রম+ঈ] বিণ. ব্যতিক্রমহীন।

অব্যবধান /অব্যাবোধান্/ [স. ন+ব্যবধান] বি. ১ ব্যবধানহীনতা, immediacy। ২ ফাঁক বা বিরাম নেই এমন অবস্থা। বিণ. অব্যবহিত; সন্নিহিত।

অব্যবসায় /অব্যাবোশায়্/ [স. ন+ব্যবসায়] বি. ১ অভ্যাস বা চর্চার অভাব। ২ অনধিকার। ৩ উদ্যমের অভাব। বিণ. ১ ব্যবসায়হীন। ২ অব্যবস্থিত। ৩ অনধিকারী।

অব্যবসায়ী /অব্যাবোশায়ি/ [স. অব্যবসায়+ইন্] বিণ. ১ অনভিজ্ঞ। ২ অনধিকারী। ৩ চর্চা বা অনুশীলনে উদ্যোগী নয় এমন। ৪ (বাংলায়) ব্যবসায়ে অনভিজ্ঞ; ব্যবসায় বুদ্ধিহীন।

অব্যবস্থ /অব্ব্যাবোস্থো/ [স. ন+ব্যবস্থা] বিণ. ১ বিশৃঙ্খল, এলোমেলো। ২ অস্থির। ৩ পরিবর্তন-শীল। ৪ অনিয়ত, অনিশ্চিত। ৫ মীমাংসারহিত।

অব্যবস্থা /অব্ব্যাবোস্থা/ [স. ন+ব্যবস্থা] বি. ১ বিশৃঙ্খলা; অনিয়ম। ২ অরাজকতা।

অব্যবস্থিত /অব্ব্যাবোস্থিতো/ [স. ন+বি+অব+√স্থা+ত] বিণ. ১ অস্থির (*অব্যবস্থিতচিত্ত*)। ২ বিশৃঙ্খল, অগোছালো।

অব্যবস্থিতচিত্ত/অব্ব্যাবোস্থিতোচিত্তো/ [স. ন+ব্যবস্থিত+চিত্ত] বিণ. অস্থিরচিত্ত, চঞ্চলমতি।

অব্যবহার /অব্যাবোহার্/ [স. ন+ব্যবহার] বি. ১ ব্যবহারের অভাব। ২ কদাচরণ।

অব্যবহার্য /অব্যাবোহার্জো/ [স. অব্যবহার+য] বিণ. ১ ব্যবহারের অযোগ্য। ২ (বাংলায়) অকর্মণ্য।

অব্যবহিত /অব্বোবোহিতো/ [স. ন+বি+অব+√ধা+ত] বিণ. ১ ব্যবধানহীন। ২ সংলগ্ন।

অব্যবহিতপরবর্তী /অব্বোবোহিতোপরোবোর্তি/ [স. অব্যবহিত+পর+√বৃৎ+ইন্] বিণ. ঠিক পরবর্তী।

অব্যবহিত পরে /অব্বোবোহিতো পরে/ ক্রিবিণ. ঠিক পরে, একটু পরে।

অব্যবহিতপূর্ববর্তী /অব্বোবোহিতোপুর্বোবোর্তি/ [স. অব্যবহিত+পূর্ব+√বৃৎ+ইন্] বিণ. ঠিক পূর্ববর্তী।

অব্যবহিতপূর্বে /অব্বোবোহিতোপুর্বে/ [স. অব্যবহিতপূর্ব+বা. এ] ক্রিবিণ. ঠিক পূর্বক্ষণে।৯

অব্যবহৃত /অব্যাবো rhiতো/ [স. ন+বি+অব+√হৃ+ত] বিণ. ১ ব্যবহার করা হয়নি এমন, নতুন। ২ (বাংলায়) অপ্রযুক্ত।

অব্যভিচার /অব্যাভিচার্/ [স. ন+বি+অভি+√চর্+অ] বি. ১ স্থিরতা; একনিষ্ঠতা। ২ চারিত্রিক দৃঢ়তা; অস্খলন।

অব্যভিচারী /অব্যাভিচারি/ [স. ন+ব্যভিচার+ইন্] বিণ. ১ ব্যভিচারী নয় এমন। ২ ব্যতিক্রমশূন্য। ৩ অবিচলিত, দৃঢ়, একনিষ্ঠ। স্ত্রী. **অব্যভিচারিণী** /অব্যাভিচারিনি/।

অব্যয়[১] /অব্বয়/ [স. ন+বি+√ই+অ] বি. ১ পরব্রহ্ম। ২ (ব্যা.) কারক বা লিঙ্গভেদে যে শব্দের পরিবর্তন হয় না।

অব্যয়[২] /অব্বয়/ [স. ন+ব্যয়] বিণ. ১ ক্ষয় বা পরিবর্তন নেই এমন; অনন্ত, নিত্য। ২ (বাংলায়) ব্যয়কুণ্ঠ, কৃপণ।

অব্যয়ীভাব /অব্বোয়িভাব্/ [স. অব্যয়+ঞি+ভাব] বি. (ব্যা.) যে সমাসের পূর্বপদ অব্যয় বা উপসর্গ এবং সমাসবদ্ধ হওয়ার পর পুরো পদটি অব্যয়ে পরিণত হয়।

অব্যর্থ /অব্ব্যারথো/ [স. ন+ব্যর্থ] বিণ. ১ কখনো বিফল হয় না এমন, অমোঘ (*অব্যর্থ দাওয়াই*)। ২ সার্থক।

অব্যাকুল /অব্যাকুল্/ [স. ন+বি+আ+√কুল্+অ] বিণ. অনাকুল, চিত্তচাঞ্চল্যশূন্য।

অব্যাকৃত /অব্যাকৃতো/ [স. ন+বি+আ+√কৃ+ত] বিণ. ১ অপরিবর্তিত; অভিন্ন। ২ অখণ্ডিত। ৩ অপ্রকটীভূত; অব্যক্ত।

অব্যাখ্যাত /অব্যাক্খাতো/ [স. ন+বি+আ+√খ্যা+ত] বিণ. বিশদ বিবরণ দেওয়া হয়নি এমন।

অব্যাজ /অব্ব্যাজ্/ [স. ন+বি+√অজ্+অ] বি. অকপটতা, সরলতা। বিণ. ১ কপটতাহীন, ছলহীন। ২ (বাংলায়) শীঘ্র।

অব্যাজে /অব্ব্যাজে/ [স. অব্যাজ+বা. এ] ক্রিবিণ. ১ অবিলম্বে। ২ অকপটে।

অব্যাপার /অব্যাপার্/ [স. ন+বি+আ+√পৃ+অ] বি. ১ অবিষয়। ২ বাজে কাজ, অকাজ।

অব্যাহত /অব্ব্যাহতো/ [স. ন+বি+আ+√হন্+ত] বিণ. ১ অপ্রতিহত, অবাধ (*অব্যাহত গতি*)। ২ অব্যর্থ। ৩ অপ্রতিবন্ধ।

অব্যাহতভাবে /অব্ব্যাহতোভাবে/ [স. ন+ব্যাহত+

www.pathagar.com

ভাব+বা. এ] ক্রিবিণ. বিনা বাধায়।

অব্যাহতি /অব্‌ব্যাহোতি / [স. ন+বি+আ+√হন্+তি] বি. নিস্তার, মুক্তি, পরিত্রাণ, নিষ্কৃতি, রেহাই।

অব্যুৎপন্ন /অবুত্‌পন্‌নো / [স. ন+বি+উদ্+√পদ্+ত] বিণ. ১ (যার) মূল অজ্ঞাত। ২ ব্যুৎপত্তিহীন। ৩ অপণ্ডিত। ৪ অবিবেকী।

অব্যূঢ় /অব্‌বুঢ়ো / [স. ন+বি+√বহ্+ত] বিণ. অবিবাহিত, অনূঢ়। স্ত্রী. **অব্যূঢ়া** /অব্‌বুঢ়া/।

অব্যূঢ়ান্ন /অব্‌বুঢ়ান্‌নো / [স. অব্যূঢ়+√অদ্+ত] বি. গায়ে হলুদের পরে এবং বিবাহের পূর্বে পিতৃগৃহে পাত্র বা পাত্রীর অন্নগ্রহণের সংস্কার।

অব্রাহ্মণ /অব্রাম্‌mhon্‌ / [স. ন+ব্রাহ্মণ] বি. ১ ব্রাহ্মণ ভিন্ন অন্য জাতি। ২ পতিত ব্রাহ্মণ। বিণ. ব্রাহ্মণ-সুলভ নয় এমন।

অভক্ত /অভক্‌তো/ [স. ন+√ভজ্+ত] বিণ. ১ ভক্ত নয় এমন। ২ বিভক্ত নয় এমন।

অভক্তি /অভোক্‌তি/ [স. ন+√ভজ্+তি] বি. ১ ভক্তির অভাব, অশ্রদ্ধা। ২ অননুরাগ। ৩ ঘৃণা।

অভক্ষণীয় /অভোক্‌খোনিয়ো/ [স. ন+√ভক্ষ্+অনীয়] বিণ. আহারের অযোগ্য, অখাদ্য। বি. নিষিদ্ধ খাদ্য, শাস্ত্রবিরুদ্ধ আহার্য।

অভক্ষ্য /অভোক্‌খ্যো/ [স. ন+√ভক্ষ্+য] বিণ. বি. দ্র অভক্ষণীয়।

অভগ্ন /অভগ্‌নো/ [স. ন+√ভন্‌জ্+ত] বিণ. ১ ভাঙা নয় এমন (*অভগ্ন তটরেখা*)। ২ পূর্ণ, আস্ত।

অভঙ্গ /অভংগো/ [স. ন+√ভন্‌জ্+অ] বিণ. ১ ভাঙেনি এমন, অটুট। ২ আস্ত, গোটা, আনাম। ৩ (বাংলায়) নিরন্তর।

অভঙ্গুর /অভোংগুর্‌/ [স. ন+√ভন্‌জ্+উর] বিণ. ভাঙে না বা ভঙ্গপ্রবণ নয় এমন।

অভদ্র /অভদ্‌দ্রো / [স. ন+ভদ্র] বিণ. ১ অশিষ্ট, অসভ্য। ২ ইতর। ৩ নিন্দনীয়। ৪ গর্হিত (*অভদ্র ব্যবহার*)। ৫ (বাংলায়) নীচ। বি. ~তা /-তা/।

অভব্য /অভোব্‌বো/ [স. ন+√ভূ+য] বিণ. ১ অশিষ্ট, অভদ্র। ২ গোঁয়ার। বি. ~তা /-তা/।

অভয় /অভয়্‌/ [স. ন+√ভী+অ] বি. ১ ভয়শূন্যতা, নির্ভীকতা; সাহস। ২ ভরসা, আশ্বাস। ৩ দেবী কালিকার মুদ্রাবিশেষ। বিণ. নির্ভীক, সাহসী।

অভয়া /অভয়া/ [স. ন+√ভী+অ+আ (টাপ্)] বি. ভয়নাশিনী দেবী দুর্গা, গৌরী।

অভয়ারণ্য /অভয়ারোন্‌নো / [স. অভয়+অরণ্য] বি. যে অরণ্যে শিকার নিষিদ্ধ এবং পশুপাখি নির্ভয়ে বিচরণ করতে পারে।

অভরসা /অভরোশা / [বা. অ+হি. ভরসা] বি. ভরসা-হীনতা, নির্ভরশূন্যতা।

অভাগা /অভাগা/ [স. ভাগ্যহীন >] বিণ. ভাগ্যহীন, হতভাগ্য। বি. করুণার পাত্র। স্ত্রী. **অভাগিনি** /অভাগিনি/।

অভাগ্য /অভাগ্‌গো/ [স. ন+ভাগ্য] বি. দুর্ভাগ্য, মন্দভাগ্য। বিণ. ভাগ্যহীন, হতভাগা।

অভাজন /অভাজোন্‌/ [স. ন+ভাজন] বি. ১ অতি হীনজন। ২ (বাংলায়) গুণহীন ব্যক্তি। বিণ. দীন।

অভাব /অভাব্‌/ [স. ন+√ভূ+অ] বি. ১ না থাকার ভাব, অবিদ্যমানতা। ২ অনটন, অর্থকষ্ট। ৩ অপ্রতুলতা। ৪ (বাংলায়) অসংগতি।

অভাবগ্রস্ত /অভাব্‌গ্রোস্‌তো/ [স. অভাব+√গ্রস্+ত] বিণ. অভাবে পতিত; দরিদ্র, গরিব।

অভাবনীয় /অভাবোনিয়ো / [স. ন+√ভাবি+অনীয়] বিণ. ১ ভাবা যায় না এমন, অচিন্তনীয়, কল্পনা-তীত। ২ অপ্রত্যাশিত; অঘটনীয়।

অভাবপূরণ /অভাবপুরন্‌/ [স. অভাব+পূরণ] বি. অভাব দূরীকরণ; দারিদ্র্যমোচন।

অভাবিত /অভাবিতো/ [স. ন+√ভাবি+ত] বিণ. ভাবা হয়নি এমন, অচিন্তিত; অসম্ভাবিত।

অভাবিতপূর্ব /অভাবিতোপুর্‌বো /[স. অভাবিত+পূর্ব] বিণ. পূর্বে ভাবা হয়নি এমন, অচিন্তিতপূর্ব।

অভাবী /অভাবি/ [স. অভাব+ইন্] বিণ. অভাবে পতিত, অভাবগ্রস্ত (*অভাবী ব্যক্তি*)।

অভাব্য /অভাব্‌বো / [স. অভাব+য] বিণ. ভাবা যায় না এমন, চিন্তার অতীত; অপ্রত্যাশিত।

অভি /ওভি/ অব্য. সমীপ সম্মুখ নিকট সাদৃশ্য বীপ্সা প্রভৃতিসূচক সংস্কৃত উপসর্গ (*অভিক্ষেপ*)।

অভিকর /ওভিকর্‌/ [স. অভি+√কৃ+অ] বি. সম্পূরক কর; (পরি.) supplementary tax।

অভিকর্ষ /ওভিকর্‌শো/ [স. অভি+√কৃষ্+অ] বি. ভূকেন্দ্রাভিমুখে জড়বস্তুর আকর্ষণ; (পরি.) gravi-tational attraction।

অভিকেন্দ্র /ওভিকেন্‌দ্রো / [স. অভি+কেন্দ্র] বিণ. কেন্দ্রের অভিমুখে গমনকারী, কেন্দ্রাতিগ; (পরি.) centripetal।

অভিক্ষেপ /ওভিক্‌খেপ্‌/ [স. অভি+√ক্ষিপ্+অ] বি. ১ অভিমুখে নিক্ষেপ। ২ অপমান। ৩ পরাভব।

অভিগত /ওভিগতো/ [স. অভি+√গম্+ত] বিণ. সমীপে আগত; সন্নিহিত।

অভিগম /ওভিগম্‌/ [স. অভি+√গম্+অ] বি. দ্র অভিগমন।

www.pathagar.com

অভিগমন /ওভিগমোন্/ [স. অভি+√গম্+অন] বি. ১ মান্যব্যক্তির অভ্যর্থনা বা বিদায়কালে কিছুদূর সহগমনের শিষ্টাচার। ২ সম্মুখে গমন। ৩ আশ্রয়। ৪ প্রাপ্তি। ৫ সংগম, সম্ভোগ।

অভিগম্য /ওভিগোম্‌মো/ [স. অভি+√গম্+য] বিণ. ১ অভিমুখে বা কোনোকিছুর দিকে যাওয়া যায় এমন। ২ আশ্রয়ণীয়। ৩ যৌনসম্ভোগ করা যায় এমন।

অভিগামী /ওভিগামি/ [স. অভি+√গম্+ইন্] বিণ. অভিমুখে গমনকারী। স্ত্রী. **অভিগামিনী** /ওভিগামিনি/।

অভিগ্রস্ত /ওভিগ্রোস্‌তো/ [স. অভি+√গ্রস্+ত] বিণ. ১ কবলিত। ২ আক্রান্ত। ৩ লুণ্ঠিত।

অভিগ্রহ /ওভিগ্‌গ্রোহো/ [স. অভি+√গ্রহ্+অ] বি. ১ আক্রমণের উদ্দেশ্যে অভিযান; আক্রমণ। ২ লুণ্ঠন। ৩ গৌরব। ৪ স্পর্ধা।

অভিগ্রহণ /ওভিগ্‌গ্রোহোন্/ [স. অভি+√গ্রহ্+অন] বি. ১ বলপূর্বক দখল। ২ লুণ্ঠন।

অভিঘাত /ওভিঘাত্/ [স. অভি+√হন্+অ] বি. ১ প্রবল আঘাত; প্রতিঘাত। ২ আলোড়ন। ৩ হত্যা, বধ। ৪ (ব্যা.) শব্দের উচ্চারণে ঝোঁক প্রদানের চিহ্ন, emphasis।

অভিঘাতী /ওভিঘাতি/ [স. অভি+√হন্+ইন্] বিণ. আঘাতকারী; বিনাশকারী। বি. শত্রু। স্ত্রী. **অভিঘাতিনী** /ওভিঘাতিনি/।

অভিচর /ওভিচর্/ [স. অভি+√চর্+অ] বি. পরিচারক, সেবক।

অভিচার /ওভিচার্/ [স. অভি+√চর্+অ] বি. ১ অন্যের অনিষ্টসাধনের অভিলাষে কৃত তান্ত্রিক ক্রিয়া। ২ পরহিংসা।

অভিচারী /ওভিচারি/ [স. অভি+√চর্+ইন্] বিণ. অভিচারকর্তা। স্ত্রী. **অভিচারিণী** /ওভিচারিনি/।

অভিজন /ওভিজন্/ [স. অভি+√জন্+অ] বি. ১ আভিজাত্য, কৌলীন্য। ২ বংশ, কুল। ৩ খ্যাতি, প্রসিদ্ধি। ৪ জন্মভূমি।

অভিজাত /ওভিজাতো/ [স. অভি+√জন্+ত] বিণ. ১ সম্ভ্রান্ত, মর্যাদাসম্পন্ন। ২ ভদ্রোচিত, শিষ্ট। ৩ জ্ঞানী। ৪ বিত্তবান। ৫ কল্পিত উচ্চবংশীয়, কুলীন।

অভিজাততন্ত্র /ওভিজাতোতন্‌ত্রো/ [স. অভিজাত+√তন্+ত্র] বি. ধনিক সম্প্রদায় কর্তৃক রাষ্ট্রশাসন, aristocracy।

অভিজিৎ /ওভিজিত্/ [স. অভি+√জি+ক্বিপ্] বিণ. জয়লাভ করে এমন। বি. উত্তর গোলার্ধে দৃশ্যমান সৌরমণ্ডল থেকে প্রায় ২৬ আলোকবর্ষ দূরে অবস্থিত উজ্জ্বলতম নক্ষত্র (সূর্যের নিকটতম প্রতিবেশী যা ১৪০০০ খ্রিষ্টাব্দ নাগাদ ধ্রুবতারার স্থান গ্রহণ করবে), Vega।

অভিজ্ঞ /ওভিগ্‌গো/ [স. অভি+√জ্ঞা+অ] বিণ. ১ কোনো বিষয়ে দক্ষতা অর্জন করেছে এমন। ২ বহুদর্শী। ৩ জ্ঞানী, বিজ্ঞ।

অভিজ্ঞতা /ওভিগ্‌গঁতা/ [স. অভিজ্ঞ+তা] বি. কোনো বিষয়ে বিশেষ জ্ঞান বা দক্ষতা অর্জন; বহুদর্শিতা বা সাধনালব্ধ জ্ঞান, experience।

অভিজ্ঞা[১] /ওভিগ্‌গাঁ/ [স. অভিজ্ঞ+আ (টাপ্)] বিণ. 'অভিজ্ঞ'-র স্ত্রীলিঙ্গ।

অভিজ্ঞা[২] /ওভিগ্‌গাঁ/ [স. অভি+√জ্ঞা+অ+আ (টাপ্)] বি. ১ আদ্যজ্ঞান, প্রথম উপলব্ধি। ২ স্মৃতি।

অভিজ্ঞাত /ওভিগ্‌গ্যাঁতো/ [স. অভি+√জ্ঞা+ত] বিণ. নিদর্শন অনুসন্ধান বা চর্চার ফলে জ্ঞাত।

অভিজ্ঞান /ওভিগ্‌গ্যান্/ [স. অভি+√জ্ঞা+অন] বি. ১ স্মারক; নিদর্শন (*আজীবন ব'য়ে ফিরি সুগোপন এক অভিজ্ঞান।* প্রেমেন্দ্র.)। ২ পরিচায়ক বস্তু বা চিহ্ন। ৩ নিশ্চিত জ্ঞান।

অভিজ্ঞানপত্র /ওভিগ্‌গ্যান্‌পত্রো/ [স. অভিজ্ঞান+পত্র] বি. পরিচয়পত্র, ID card।

অভিজ্ঞানবাদ্য /ওভিগ্‌গ্যান্‌বাদ্‌দো/ [স. অভিজ্ঞান+√বাদি+য] বি. (বেতার বা টেলিভিশন সম্প্রচার প্রতিষ্ঠানের) পরিচয়জ্ঞাপক বাদ্য; (পরি.) signature tune।

অভিধা /ওভিধা/ [স. অভি+√ধা+অ] বি. ১ শব্দের মূল অর্থবোধক শক্তি। ২ নাম, সংজ্ঞা; উপাধি।

অভিধান /ওভিধান্/ [স. অভি+√ধা+অন] বি. যে গ্রন্থে কোনো ভাষার শব্দের বর্ণানুক্রমিক অবস্থান বানান উচ্চারণ অর্থ ব্যুৎপত্তি ও ব্যবহার নির্দেশ করা হয়, শব্দকোষ, dictionary।

অভিধানকার /ওভিধান্‌কার্/ [স. অভিধান+√কৃ+অ] বি. বিণ. অভিধান সংকলক ও সম্পাদক, lexicographer।

অভিধাবন /ওভিধাবোন্/ [স. অভি+√ধাব্+অন] বি. ১ অনুধাবন। ২ অনুসরণ।

অভিধেয় /ওভিধেয়ো/ [স. অভি+√ধা+য] বিণ. বাচ্য; শব্দার্থবোধক; উদ্দিষ্ট। বি. ১ নাম, সংজ্ঞা। ২ অভিধা। ৩ প্রতিপাদ্য বিষয়।

অভিনন্দন /ওভিনন্‌দোন্/ [স. অভি+√নন্দ্+অন]

www.pathagar.com

বি. ১ প্রশংসাদ্বারা আনন্দ প্রকাশ। ২ সংবর্ধনা; সম্মান প্রদর্শন। ৩ অনুমোদন।

অভিনন্দনপত্র /ওভিনন্‌দোন্‌পত্‌ত্রো/ [স. অভি+নন্দন+পত্র] বি. মান্যব্যক্তির আগমন বা বিদায় উপলক্ষ্যে প্রদত্ত প্রশংসা ও সম্মানসূচক পত্র, মানপত্র।

অভিনন্দনবাণী /ওভিনন্‌দোন্‌বানি / [স. অভিনন্দন+√বণ্‌+অ+ঈ] বি. অভিবাদন জ্ঞাপনের উদ্দেশ্যে প্রশংসাবাদ-সহ উচ্চারিত বাক্য।

অভিনন্দিত /ওভিনোন্‌দিতো / [স. অভি+√নন্দ্‌+ত] বিণ. প্রশংসার দ্বারা সংবর্ধিত; সাদরে বরণ করা হয়েছে এমন।

অভিনব /ওভিনবো / [স. অভি+√নু+অ] বিণ. ১ নব উদ্ভাবিত; নতুন। ২ অপূর্ব।

অভিনবতা /ওভিনবোতা/ [স. অভিনব+তা] বি. দ্র অভিনবত্ব।

অভিনবত্ব /ওভিনবোত্‌তো/ [স. অভিনব+ত্ব] বি. নতুনত্ব।

অভিনয় /ওভিনয়/ [স. অভি+√নী+অ] বি. ১ শ্রোতা বা দর্শকের সম্মুখে নাট্যকলা প্রদর্শন। ২ কৃত্রিম ভাবপ্রকাশ, ভান। ৩ অনুকরণ।

অভিনিবিষ্ট /ওভিনিবিশ্‌টো/ [স. অভি+নি+√বিশ্‌+ত] বিণ. অত্যন্ত মনোযোগী; একাগ্রচিত্ত। স্ত্রী. অভিনিবিষ্টা /ওভিনিবিশ্‌টা/।

অভিনিবেশ /ওভিনিবেশ্‌/ [স. অভি+নি+√বিশ্‌+অ] বি. ১ মনোযোগ। ২ একাগ্রতা। ৩ প্রণিধান।

অভিনীত /ওভিনিতো/ [স. অভি+√নী+ত] বিণ. অভিনয় করা হয়েছে এমন।

অভিনেতা /ওভিনেতা/ [স. অভি+√নী+তৃ] বি. অভিনয়কারী। স্ত্রী. অভিনেত্রী /ওভিনেত্‌ত্রি/।

অভিনেয় /ওভিনেয়ো/ [স. অভি+√নী+য] বিণ. ১ অভিনয়যোগ্য। ২ অভিনয়ের বিষয়ীভূত।

অভিন্ন /অভিন্‌নো / [স. ন+√ভিদ্‌+ত] বিণ. ভেদহীন; পৃথক নয় এমন; অচ্ছিন্ন। বি. ~তা /-তা/।

অভিন্নত্ব /অভিন্‌নত্‌তো/ [স. অভিন্ন+ত্ব] বি. ভেদহীনতা; একাত্মতা।

অভিন্ন পরিবার /অভিন্‌নো পোরিবার্‌ / বি. একান্নবর্তী পরিবার।

অভিন্নহৃদয় /অভিন্‌নোrhiদয়্‌/ [স. অভিন্ন+হৃদয়] বিণ. একাত্ম; অন্তরঙ্গ।

অভিন্নহৃদয়েষু /অভিন্নrhiদয়েশু / [স. অভিন্নহৃদয়+এষু] বি. অভিন্নহৃদয়ের পুরুষকে লিখিত পত্রে সম্বোধনবিশেষ। স্ত্রী. অভিন্নহৃদয়াসু /অভিন্নrhiদয়াশু/।

অভিপন্ন /ওভিপন্‌নো/ [স. অভি+√পদ্‌+ত] বিণ. ১ বিপন্ন, বিপদগ্রস্ত। ২ শরণাগত, আশ্রিত। ৩ প্রাপ্ত।

অভিপ্রায় /ওভিপ্‌প্রায়্‌/ [স. অভি+প্র+√ই+অ] বি. ১ অভিলাষ; উদ্দেশ্য। ২ তাৎপর্য, অর্থ। ৩ মত।

অভিপ্রেত /ওভিপ্‌প্রেতো/ [স. অভি+প্র+√ই+ত] বিণ. ১ অভিলষিত, বাঞ্ছিত। ২ উদ্দিষ্ট।

অভিপ্লুত /ওভিপ্লুতো/ [স. অভি+√প্লু+ত] বিণ. প্লাবিত; উচ্ছলিত।

অভিবন্দনা /ওভিবন্‌দোনা / [স. অভি+√বন্দ্‌+অন+আ (টাপ্‌)] বি. প্রণতি; আরাধনা; অভিবাদন।

অভিবাদক /ওভিবাদক্‌/ [স. অভি+√বাদি+অক] বি. বিণ. অভিবাদনকারী; বন্দনাকারী। স্ত্রী. অভিবাদিকা /ওভিবাদিকা/।

অভিবাদন /ওভিবাদোন্‌/ [স. অভি+√বাদি+অন] বি. ১ সম্মান প্রদর্শন। ২ বন্দনা। ৩ সালাম, নমস্কার, প্রণাম।

অভিবাদয়িতা /ওভিবাদোয়িতা/ [স. অভি+√বাদি+তৃ] বি. বিণ. অভিবাদনকারী; বন্দনাকারী।

অভিবাদ্য /ওভিবাদ্‌দো / [স. অভি+√বাদি+য] বিণ. অভিবাদনের যোগ্য, নমস্য।

অভিবাসন /ওভিবাশোন্‌/ [স. অভি+√বাসি+অন] বি. স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাস, বিদেশে বসবাস; (পরি.) immigration।

অভিবাসনকারী /ওভিবাশোন্‌কারি/ [স. অভিবাসন+√কৃ+ইন্‌] বিণ. অন্য দেশে বসবাসকারী।

অভিবাসী /ওভিবাশি/ [স. অভি+√বস্‌+ইন্‌] বিণ. স্বদেশ ত্যাগ করে অন্য দেশে বসবাসকারী, পরদেশবাসী; (পরি.) immigrant।

অভিব্যক্ত /ওভিব্যাক্‌তো/ [স. অভি+বি+√অনজ্‌+ত] বিণ. সম্যক প্রকাশিত বা বিকশিত।

অভিব্যক্তি /ওভিব্‌বেক্‌তি/ [স. অভি+বি+√অনজ্‌+তি] বি. ১ প্রকাশ; বিকাশ; ক্রমবিকাশ। ২ জীবের ক্রমবিকাশের ফলে নতুন প্রজাতির উৎপত্তি, বিবর্তন, evolution।

অভিব্যক্তিবাদ /ওভিব্‌বেক্‌তিবাদ্‌/ [স. অভিব্যক্তি+√বদ্‌+অ] বি. জীবের ক্রমবিবর্তনসংক্রান্ত মতবাদ, theory of evolution।

অভিব্যাপ্ত /ওভিব্যাপ্‌তো / [স. অভি+বি+√আপ্‌+

www.pathagar.com

ত] বিণ. পরিব্যাপ্ত, সর্বতোভাবে বিস্তৃত।

অভিব্যাপ্তি /ওভিব্‌ব্যাপ্‌তি/ [স. অভি+বি+√আপ্‌+তি] বি. সম্যক বিস্তৃতি, ব্যাপ্তি।

অভিভব /ওভিভবো/ [স. অভি+√ভূ+অ] বি. ১ পরাজয়, পরাভব। ২ অপমান, অসম্মান। ৩ ভাবাবেশ, বিহ্বলতা।

অভিভাব /ওভিভাব্‌/ [স. অভি+√ভূ+অ] বি. দ্র অভিভব।

অভিভাবক /ওভিভাবোক্‌/ [স. অভি+√ভূ+অক] বি. বিণ. ১ তত্ত্বাবধায়ক, guardian। ২ রক্ষক। ৩ আশ্রয়দাতা। স্ত্রী. অভিভাবিকা /ওভিভাবিকা/।

অভিভাষণ /ওভিভাশন্‌/ [স. অভি+√ভাষ্‌+অন] বি. ১ শ্রোতাদের উদ্দেশে প্রদত্ত বক্তৃতা, address। ২ (বাংলায়) সভাপতির ভাষণ।

অভিভূত /ওভিভুতো/ [স. অভি+√ভূ+ত] বিণ. ১ বিহ্বল, ভাবাবিষ্ট। ২ পরাভূত। ৩ আক্রান্ত।

অভিভূতি /ওভিভুতি/ [স. অভি+√ভূ+তি] বি. আবিষ্টতা, আচ্ছন্নতা, বিহ্বলতা।

অভিমত /ওভিমত্‌/ [স. অভি+√মন্‌+ত] বি. ১ সুচিন্তিত সিদ্ধান্ত, মতামত। ২ উদ্দেশ্য, অভিপ্রায়। বিণ. ১ অনুমোদিত। ২ মনোনীত। ৩ অভীষ্ট।

অভিমন্যু /ওভিমোন্‌নু/ [ব্যক্তি.] বি. ১ মহাভারতে বর্ণিত তৃতীয় পাণ্ডব অর্জুন ও সুভদ্রার পুত্র এবং উত্তরার স্বামী। ২ রাধিকার স্বামী আয়ান ঘোষ।

অভিমান /ওভিমান্‌/ [স. অভি+√মন্‌+অ] বি. ১ নিকটজনের উপেক্ষা বা ত্রুটিপূর্ণ আচরণজনিত ক্ষোভ। ২ অহংকার, গর্ব। ৩ আত্মমর্যাদাবোধ।

অভিমানিতা /ওভিমানিতা/ [স. অভি+√মন্‌+ইন্‌+তা] বি. অভিমানের ভাব।

অভিমানী /ওভিমানি/ [স. অভি+√মন্‌+ইন্‌] বিণ. অভিমানকারী। স্ত্রী. অভিমানিনী /ওভিমানিনি/।

অভিমুখ /ওভিমুখ্‌/ [স. অভি+মুখ] বি. ১ সম্মুখ। ২ দিক। ৩ উদ্দেশ। বিণ. ১ সম্মুখীন; সম্মুখবর্তী। ২ উদ্দেশে গমনোদ্যত।

অভিমুখিতা /ওভিমুখিতা/ [স. অভিমুখী+তা] বি. অনুকূলতা; বশ্যতা।

অভিমুখী /ওভিমুখি/ [স. অভিমুখ+ইন্‌] বিণ. ১ সম্মুখীন। ২ উদ্দেশে গমনোদ্যত বা গমনশীল। স্ত্রী. অভিমুখিনী /ওভিমুখিনি/।

অভিমুখীন /ওভিমুখিন্‌/ [স. অভিমুখ+ঈন] বিণ. সম্মুখবর্তী।

অভিযাচিত /ওভিজাচিতো/ [স. অভি+√যাচ্‌+ত] বিণ. চাওয়া হয়েছে এমন, অভিপ্রেত।

অভিযাত্রী /ওভিজাত্‌ত্রি/ [স. অভিযাত্রা+ইন্‌] বিণ. ১ অভিযানকারী; ভ্রমণকারী। ২ অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে অগ্রগামী।

অভিযান /ওভিজান্‌/ [স. অভি+√যা+অন] বি. দেশ জয় আবিষ্কার বা শত্রু দমনের উদ্দেশ্যে সদলবলে যাত্রা, যাত্রা, expedition।

অভিযুক্ত /ওভিজুক্‌তো/ [স. অভি+√যুজ্‌+ত] বিণ. ১ অভিযোগ উত্থাপন করা হয়েছে এমন। ২ বিবাদী, প্রতিবাদী। বি. যার বিরুদ্ধে অভিযোগ আনা হয়।

অভিযোক্তা /ওভিজোক্‌তা/ [স. অভি+√যুজ্‌+তৃ] বি. বিণ. ১ অভিযোগকারী। ২ বাদী, ফরিয়াদি।

অভিযোগ /ওভিজোগ্‌/ [স. অভি+√যুজ্‌+অ] বি. ১ নালিশ। ২ দোষারোপ।

অভিযোগী /ওভিজোগি/ [স. অভিযোগ+ইন্‌] বিণ. অভিযোগকারী; বাদী।

অভিযোগ্য /ওভিজোগ্‌গো/ [স. অভিযোগ+য] বিণ. অভিযোগ উত্থাপনের যোগ্য।

অভিযোজন /ওভিজোজোন্‌/ [স. অভি+√যুজ্‌+অন] বি. উদ্দেশ্যসাধনের উপযোগীকরণ, adaptation।

অভিযোজিত /ওভিজোজিতো/ [স. অভি+√যুজ্‌+ত] বিণ. অভিপ্রায় পূরণের উপযোগী করা হয়েছে এমন।

অভিযোজ্য /ওভিজোজ্‌জো/ [স. অভি+√যুজ্‌+য] বিণ. অভিপ্রায় পূরণ বা উদ্দেশ্যসাধনের উপযোগী করা যায় এমন। বি. -তা /-তা/।

অভিরত /ওভিরতো/ [স. অভি+√রম্‌+ত] বিণ. অত্যন্ত অনুরক্ত, অতিশয় আসক্ত।

অভিরতি /ওভিরোতি/ [স. অভি+√রম্‌+তি] বি. অতিশয় আসক্তি।

অভিরাম /ওভিরাম্‌/ [স. অভি+√রম্‌+অ] বিণ. ১ মনোহর, সুন্দর। ২ তৃপ্তিদায়ক।

অভিরুচি /ওভিরুচি/ [স. অভি+√রুচ্‌+ই] বি. অভিলাষ, বাসনা, ইচ্ছা, প্রবৃত্তি।

অভিরূপ /ওভিরূপ্‌/ [স. অভি+√রূপ্‌+অ] বিণ. ১ অনুরূপ। ২ মনোরম; প্রিয়।

অভিলষণ /ওভিলশোন্‌/ [স. অভি+√লষ্‌+অন] বি. অভিলাষ, বাসনা, প্রবৃত্তি।

অভিলষণীয় /ওভিলশোনিয়ো/ [স. অভি+√লষ্‌+অনীয়] বিণ. বাঞ্ছনীয়; কামনার যোগ্য; স্পৃহণীয়।

www.pathagar.com

অভিলষিত /ওভিলোশিতো/ [স. অভি+√লষ্+ত] বিণ. বাঞ্ছিত, ঈপ্সিত, প্রার্থিত।

অভিলাষ /ওভিলাশ্/ [স. অভি+√লষ্+অ] বি. ইচ্ছা, বাসনা, স্পৃহা।

অভিলাষী /ওভিলাশি/ [স. অভি+√লষ্+ইন্] বিণ. ১ ইচ্ছুক, আকাঙ্ক্ষী। ২ প্রার্থী। ৩ লোলুপ, লোভী। স্ত্রী. অভিলাষিণী /ওভিলাশিনি/।

অভিলেখ্যাগার /ওভিলেক্‌খাগার্/ [স. অভি+√লিখ্+য+আগার] বি. গুরুত্বপূর্ণ দলিলদস্তাবেজের সংগ্রহ-শালা, মহাফেজখানা; (পরি.) archive।

অভিশংসক /ওভিশংশক্/ [স. অভি+√শংস্+অক] বিণ. অভিযোগ আনয়নকারী, দোষারোপকারী; (পরি.) prosecutor।

অভিশংসন /ওভিশংশন্/ [স. অভি+√শংস্+অন] বি. সাংবিধানিক পদে নিযুক্ত ব্যক্তির বিরুদ্ধে প্রকাশ্য অভিযোগ আনয়ন; (পরি.) impeachment।

অভিশংসিত /ওভিশোংশিতো/ [স. অভি+√শংস্+ত] বিণ. সাংবিধানিক পদে নিযুক্ত কোনো ব্যক্তিকে অভিযুক্ত করা হয়েছে এমন। স্ত্রী. অভিশংসিতা /ওভিশোংশিতা/।

অভিশঙ্কা /ওভিশংকা/ [স. অভি+√শঙ্ক্+অ+আ (টাপ্)] বি. আশঙ্কা; সংশয়।

অভিশঙ্কী /ওভিশোংকি/ [স. অভি+√শঙ্ক্+ইন্] বিণ. শঙ্কাযুক্ত; সংশয়ী।

অভিশপ্ত /ওভিশপ্তো/ [স. অভি+√শপ্+ত] বিণ. অভিশাপগ্রস্ত।

অভিশাপ /ওভিশাপ্/ [স. অভি+√শপ্+অ] বি. ১ অভিসম্পাত, শাপ। ২ অনিষ্ট কামনা।

অভিশ্রুতি /ওভিস্‌শ্রুতি/ [স. অভি+√শ্রু+তি] বি. (ব্যা.) অপিনিহিতির প্রভাবে আগত ই বা উ-ধ্বনি পূর্বের স্বরধ্বনির সঙ্গে সন্ধিবদ্ধ হয়ে যে নতুন স্বর সৃষ্টি হয়, umlaut (যেমন: আজি > আইজ > আজ)।

অভিষঙ্গ /ওভিশংগো/ [স. অভি+√সনজ্+অ] বি. ১ আসক্তি, অনুরাগ। ২ আলিঙ্গন। ৩ সম্বন্ধ। ৪ ভূতের আবেশ।

অভিষবণ /ওভিশবোন্/ [স. অভি+√সু+অন] বি. ১ যজ্ঞাদি প্রভৃতি কর্মের পূর্বে বা পরে স্নান। ২ মদ্যপান।

অভিষিক্ত /ওভিশিক্তো/ [স. অভি+√সিচ্+ত] বিণ. ১ সিক্ত, আর্দ্র, সিঞ্চিত। ২ অভিষেক করা হয়েছে এমন।

অভিষেক /ওভিশেক্/ [স. অভি+√সিচ্+অ] বি. ১ সিংহাসনে আরোহণ বা গুরুত্বপূর্ণ কাজের আনুষ্ঠানিক সূচনা, coronation। ২ সিংহাসনে আরোহণের পূর্বে অবগাহন। ৩ পূজাবেদিতে বিগ্রহ স্থাপনের অনুষ্ঠান। ৪ মন্ত্রপূত জলে স্নান।

অভিষেচন /ওভিশেচন্/ [স. অভি+√সিচ্+অন] বি. ১ উত্তমরূপে সিঞ্চন। ২ অভিষেক।

অভিসন্তপ্ত /ওভিশনতপ্তো/ [স. অভি+সম্+√তপ্+ত] বিণ. অতিশয় ব্যথিত, অত্যন্ত দুঃখিত।

অভিসন্তাপ /ওভিশন্তাপ্/ [স. অভি+সম্+√তপ্+অ] বি. মনস্তাপ; গভীর দুঃখ।

অভিসন্দর্ভ /ওভিশনদর্‌ভো/ [স. অভি+সম্+√দৃভ্+অ] বি. গবেষণা প্রতিষ্ঠান বা বিশ্ববিদ্যালয়ের উচ্চতর ডিগ্রি লাভের জন্য নির্দিষ্ট কোনো বিষয়ে গবেষণালব্ধ তথ্য ও উপাত্তের বিশদ বিশ্লেষণ আলোচনা ও মূল্যায়ন-সহ উপস্থাপিত গবেষণা-পত্র, thesis।

অভিসন্ধান /ওভিশনধান্/ [স. অভি+সম্+√ধা+অন] বি. দ্র অভিসন্ধি।

অভিসন্ধি /ওভিশোন্ধি/ [স. অভি+সম্+√ধা+ই] বি. গুপ্ত অভিপ্রায়, উদ্দেশ্য; অভিপ্রায়।

অভিসম্পাত /ওভিশম্পাত্/ [স. অভি+সম্+√পত্+অ] বি. ১ সমাগম। ২ (বাংলায়) অমঙ্গল কামনা করে উচ্চারিত বাক্য, অভিশাপ, বদদোয়া।

অভিসর /ওভিশর্/ [স. অভি+√সৃ+অ] বি. অনুচর।

অভিসরণ /ওভিশরোন্/ [স. অভি+√সৃ+অন] বি. ১ অনুগমন; অনুবর্তন। ২ পরস্পর মিলিত হওয়ার উদ্দেশ্যে প্রেমিক-প্রেমিকার সংকেতস্থানে গমন, অভিসার।

অভিসার /ওভিশার্/ [স. অভি+√সৃ+অ] বি. ১ পরস্পর মিলিত হওয়ার উদ্দেশ্যে প্রেমিক-প্রেমিকার সংকেতস্থানে গমন। ২ গোপন অভিযান।

অভিসারক /ওভিশারক্/ [স. অভি+√সৃ+অক] বিণ. অভিসারী। স্ত্রী. অভিসারিকা /ওভিশারিকা/।

অভিসারী /ওভিশারি/ [স. অভি+√সৃ+ইন্] বিণ. অভিসারে গমনকারী। স্ত্রী. অভিসারিণী /ওভিশারিনি/।

অভিস্যন্দ /ওভিশ্যন্দো/ [স. অভি+√স্যন্দ্+অ] বি. ১ বিন্দু বিন্দু জল ক্ষরণ। ২ আধিক্য, আতিশয্য।

অভিস্যন্দী /ওভিশ্যোন্দি/ [স. অভি+√স্যন্দ্+ইন্] বিণ. ক্ষরিত হচ্ছে এমন, ঝরছে এমন।

অভিহত /ওভিহতো/ [স. অভি+√হন্+ত] বিণ. ১ আহত। ২ বিতাড়িত। ৩ বিনষ্ট। ৪ পরাভূত।

www.pathagar.com

অভিহিত /ওভিহিতো/ [স. অভি+√ধা+ত] বিণ. ১ নামযুক্ত, নামবিশিষ্ট, সংজ্ঞিত। ২ বলা হয়েছে এমন, উক্ত, কথিত।

অভী /ওভি/ [স. ন+ভী] বিণ. নির্ভীক, ভয়শূন্য।

অভীক /ওভিক্/ [স. অভি+ক] বিণ. ১ নির্ভীক, ভয়হীন। ২ কামুক। ৩ লোভী। ৪ ক্রূর।

অভীপ্সা /ওভিপ্শা/ [স. অভি+√ঈপ্স্+অ+আ (টাপ্)] বি. একান্ত বাসনা; অভিলাষ।

অভীপ্সিত /ওভিপ্শিতো/ [স. অভি+√ঈপ্স্+ত] বিণ. একান্ত বাঞ্ছিত; অভিলষিত।

অভীপ্সু /ওভিপ্শু/ [স. অভি+√ঈপ্স্+উ] বিণ. একান্তভাবে কামনা করছে এমন, অভিলাষী।

অভীষ্ট /ওভিশ্টো/ [স. অভি+√ইষ্+ত] বিণ. ১ বাঞ্ছিত, অভিলষিত, ঈপ্সিত। ২ প্রিয়।

অভীষ্টসিদ্ধি /ওভিশ্টোশিদ্ধি/ [স. অভীষ্ট+√সিধ্+তি] বি. কাঙ্ক্ষিত বস্তু লাভ; ইচ্ছাপূরণ।

অভুক্ত /অভুক্তো/ [স. ন+√ভুজ্+ত] বিণ. ১ অনাহারী; উপবাসী। ২ ভোগ করা হয়নি এমন।

অভূত /অভুতো/ [স. ন+√ভূ+ত] বিণ. ১ গত হয়নি এমন, অনতীত। ২ ঘটেনি এমন (অভূতপূর্ব); অজাত। ৩ অবিদ্যমান।

অভূতপূর্ব /অভুতোপুর্‌বো/ [স. অভূত+পূর্ব] বিণ. পূর্বে ঘটেনি এমন।

অভেদ /অভেদ্/ [স. ন+√ভিদ্+অ] বিণ. অভিন্ন; নির্বিশেষ। বি. ভেদের অভাব; ঐক্য।

অভেদনীয় /অভেদোনিয়ো/ [স. ন+√ভিদ্+অনীয়] বিণ. ১ ভেদ করা যায় না এমন। ২ অপ্রবেশ্য।

অভেদাত্মা /অভেদাত্তা/ [স. অভেদ+আত্মন্] বিণ. অভিন্নহৃদয়, একাত্ম।

অভেদী /অভেদি/ [স. ন+√ভিদ্+ইন্] বিণ. ভেদবুদ্ধিহীন, ভেদবোধহীন।

অভেদ্য /অভেদ্দো/ [স. অভেদ+য] বিণ. ১ ভেদ করা যায় না এমন। ২ দুষ্প্রবেশ্য। ৩ ভেদ বা পার্থক্য নির্দেশ করা যায় না এমন।

অভোগ /অভোগ্/ [স. ন+ভোগ] বি. অব্যবহার; ভোগহীনতা।

অভোগ্য /অভোগ্গো/ [স. ন+√ভুজ্+য] বিণ. ভোগ করা যায় না এমন, ভোগের অসাধ্য।

অভোজন /অভোজোন্/ [স. ন+ভোজন] বি. অনাহার; উপবাস।

অভোজ্য /অভোজ্জো/ [স. ন+√ভুজ্+য] বিণ. অখাদ্য; অভক্ষ্য, খাওয়ার অযোগ্য।

অভ্যঙ্গ /ওব্‌ভোংগো/ [স. অভি+√অন্জ্+অ] বি. গায়ে তৈলমর্দন, আভাং।

অভ্যঞ্জন /ওব্‌ভোন্‌জন্/ [স. অভি+√অন্জ্+অন] বি. পা থেকে মাথা পর্যন্ত তেল মর্দন, anointing।

অভ্যন্তর /ওব্‌ভোন্‌তর্/ [স. অভি+অন্তর] বি. ১ ভেতর, মধ্য। ২ (বাংলায়) অন্তঃপুর। বিণ. মধ্যস্থিত।

অভ্যন্তরস্থ /ওব্‌ভোন্‌তরোস্‌থো/ [স. অভ্যন্তর+√স্থা+অ] বিণ. অভ্যন্তরে স্থিত, মধ্যস্থিত।

অভ্যন্তরীণ /ওব্‌ভোন্‌তোরিন্/ [স. অভ্যন্তর+ঈন] বিণ. ১ মধ্যবর্তী। ২ অভ্যন্তরে আছে এমন, ভেতরের। ৩ মানসিক।

অভ্যবহার /ওব্‌ভোবোহার্/ [স. অভি+অব+√হৃ+অ] বি. ভোজন, ভক্ষণ, আহার।

অভ্যর্থনা /ওব্‌ভোর্‌থোনা/ [স. অভি+√অর্থি+অন+আ (টাপ্)] বি. ১ অভ্যাগতকে সম্মানসহকারে গ্রহণ; সম্ভাষণ; আপ্যায়ন। ২ (বাংলায়) সংবর্ধনা।

অভ্যর্থনাসভা /ওব্‌ভোর্‌থোনাশভা/ [স. অভ্যর্থনা+সভা] বি. দ্র অভ্যর্থনাসমিতি।

অভ্যর্থনাসমিতি /ওব্‌ভোর্‌থোনাশোমিতি/ [স. অভ্যর্থনা+সমিতি] বি. অভ্যর্থনা জ্ঞাপনের জন্য গঠিত সমিতি, reception committee।

অভ্যর্থিত /ওব্‌ভোর্‌থিতো/ [স. অভি+√অর্থি+ত] বিণ. অভ্যর্থনা করা হয়েছে এমন, সংবর্ধিত।

অভ্যর্হণ /ওব্‌ভোর্‌হোন্/ [স. অভি+√অর্হ্+অন] বি. সংবর্ধনা, সম্মাননা; অর্চনা।

অভ্যর্হিত /ওব্‌ভোর্‌হিতো/ [স. অভি+√অর্হ্+ত] বিণ. ১ সম্মানিত; সমাদৃত; অর্চিত। ২ শ্রেষ্ঠ।

অভ্যসন /ওব্‌ভোশন্/ [স. অভি+√অস্+অন] বি. বারবার আবৃত্তি বা অনুশীলন; চর্চা।

অভ্যস্ত /ওব্‌ভোস্‌তো/ [স. অভি+√অস্+ত] বিণ. ১ অভ্যাসদ্বারা আয়ত্ত। ২ নিত্য আচরণজাত, স্বভাবপ্রাপ্ত। ৩ সুপরিচিত। ৪ পুনঃপুন কৃত।

অভ্যাগত /ওব্‌ভাগতো/ [স. অভি+আ+√গম্+ত] বিণ. ১ গৃহে আগত; আগন্তুক। ২ নিমন্ত্রিত। বি. অতিথি। স্ত্রী. অভ্যাগতা /ওব্‌ভাগতা/।

অভ্যাগম /ওব্‌ভাগম্/ [স. অভি+আ+√গম্+অ] বি. ১ আগমন; উপস্থিতি। ২ নৈকট্য। ৩ ফলপ্রাপ্তি। ৪ অভ্যুত্থান। ৫ যুদ্ধ; বিরোধ।

অভ্যাগমন /ওব্‌ভাগমোন্/ [স. অভি+আ+√গম্+অন] বি. উপস্থিতি; আগমন; visitation।

অভ্যাস /ওব্‌ভ্যাশ্/ [স. অভি+√অস্+অ] বি. ১ প্রতিনিয়ত আচরণজাত স্বভাব; বারবার আবৃত্তি

www.pathagar.com

বা চেষ্টার ফলে আয়ত্ত স্বভাব। ২ পরিচয়। ৩ অভিজ্ঞতা।

অভ্যাসগত /ওব্‌ভ্যাশ্‌গতো/ [স. অভ্যাস+√গম্+ত] বিণ. অভ্যাসদ্বারা আয়ত্ত করা হয়েছে এমন; স্বাভাবিক।

অভ্যাসী /ওব্‌ভ্যাশি/ [স. অভ্যাস+ইন্] বিণ. অভ্যাসকারী, পুনঃপুন আচরণকারী।

অভ্যাহার /ওব্‌ভাহার্/ [স. অভি+আ+√হৃ+অ] বি. ১ লুটপাট; ডাকাতি। ২ আহার।

অভ্যুত্থান /ওব্‌ভুত্‌থান্/ [স. অভি+উত্থান] বি. ১ গণ-আন্দোলন, বিদ্রোহ (*আমি জলোচ্ছ্বাসের মতো / অভ্যুত্থানের কথা বলছি* ওবায়দুল্লাহ.)। ২ সেনা-বিদ্রোহ। ৩ উত্থান, উদয়। ৪ উন্নতি, সমৃদ্ধি।

অভ্যুত্থিত /ওব্‌ভুত্‌থিতো/ [স. অভি+উত্থিত] বিণ. অভ্যুত্থান করেছে এমন।

অভ্যুদয় /ওব্‌ভুদয়্/ [স. অভি+উদয়] বি. ১ উদয়, সমুত্থান, উদ্ভব। ২ সমৃদ্ধি। ৩ উৎসব। ৪ প্রকাশ।

অভ্যুদাহরণ /ওব্‌ভুদাহরোন্/ [স. অভি+উদাহরণ] বি. ১ প্রতিকূল দৃষ্টান্ত। ২ বিরুদ্ধপক্ষের অভিমত।

অভ্যুদিত /ওব্‌ভুদিতো/ [স. অভি+উদিত] বিণ. ১ উদিত, উদ্‌গত; উত্থিত। ২ প্রকাশিত।

অভ্র / অব্‌ভ্রো/ [স. √অভ্র+অ] বি. ১ বিদ্যুৎ ও তাপ অন্তরক এবং প্রসাধন সামগ্রীরূপে ব্যবহৃত সোডিয়াম পটাশিয়াম ও অ্যালুমিনিয়াম সিলিকেটের মিশ্রণ-জাত উজ্জ্বল ও স্বচ্ছ খনিজ পদার্থ, আব, mica। ২ মেঘ। ৩ আকাশ।

অভ্রংলিহ /অব্‌ভ্রোংলিহো/ [স. অভ্রম্+√লিহ্+অ] বিণ. গগনস্পর্শী, অতি উচ্চ।

অভ্রনীল /অব্‌ভ্রোনিল্/ [স. অভ্র+√নীল্+অ] বিণ. আকাশের মতো নীল।

অভ্রপুষ্প /অব্‌ভ্রোপুশ্‌পো/ [স. অভ্র+√পুষ্প্+অ] বি. ১ অবাস্তব কল্পনা। ২ বেতগাছ। ৩ বৃষ্টি।

অভ্রভেদী /অব্‌ভ্রোভেদি/ [স. অভ্র+√ভিদ্+ইন্] বিণ. আকাশের মেঘ ভেদ করে এমন, আকাশচুম্বী, অতি উচ্চ।

অভ্রম /অব্‌ভ্রোম্/ [স. ন+ভ্রম] বি. ১ প্রমাদশূন্যতা। ২ লজ্জা, অপ্রতিভ অবস্থা। বিণ. নির্ভুল।

অভ্রাতৃক /অব্‌ভ্রাতৃত্‌ক্/ [স. অভ্রাতৃ+ক] বিণ. ভাই নেই এমন, ভ্রাতৃহীন।

অভ্রান্ত /অব্‌ভ্রান্তো/ [স. ন+√ভ্রম্+ত] বিণ. ১ নির্ভুল, প্রমাদশূন্য, ঠিক। ২ ভুল হয় না বা ভুল করে না এমন।

অভ্রান্ত লক্ষ্য /অব্‌ভ্রান্তো লোক্‌খো/ বি. অব্যর্থ লক্ষ্য।

অভ্রান্তি /অব্‌ভ্রান্‌তি/ [স. ন+√ভ্রম্+তি] বি. ভ্রান্তির অভাব, শুদ্ধি।

অমঙ্গল /অমোংগোল্/ [স. ন+√মঙ্গ্+অল] বি. ১ অকল্যাণ; বিপদ। ২ ক্ষতি, অপকার।

অমঙ্গলকর /অমোংগোল্‌কর্/ [স. ন+মঙ্গল+কর] বিণ. অমঙ্গলজনক; বিপজ্জনক, ক্ষতিকর।

অমঙ্গল্য /অমোংগোল্‌লো/ [স. অমঙ্গল+য] বিণ. অকল্যাণকর, অশুভ।

অমত /অমত্/ [স. ন+মত] বি. অসম্মতি, আপত্তি। বিণ. ১ অমনোনীত। ২ অনভিপ্রেত।

অমতি /অমোতি/ [স. ন+মতি] বি. ১ অপ্রবৃত্তি। ২ কুমতি। বিণ. বুদ্ধিহীন।

অমতে /অমতে/ [স. অমত+বা. এ] ক্রিবিণ. মত বা ইচ্ছার বিরুদ্ধে।

অমৎসর /অমত্‌সর্/ [স. ন+মৎসর] বিণ. পরশ্রীকাতর নয় এমন, বিদ্বেষহীন।

অমত্ত /অমত্‌তো/ [স. ন+√মদ্+ত] বিণ. মত্ততা-শূন্য।

অমধুর /অমোধুর্/ [স. ন+মধুর] বিণ. মধুর নয় এমন; কর্কশ।

অমধুরতা /অমোধুরতা/ [স. অমধুর+তা] বি. রূঢ়তা, কর্কশতা।

অমন /অমোন্/ [বা.] বিণ. ক্রিবিণ. ওইরূপ, ওই প্রকার।

অমনই /অমোন্‌ই/ [বা.] বিণ. ঠিক ওইরূপ, সম্পূর্ণ ওই ধরনের।

অমনধারা /অমোন্‌ধারা/ [বা.] বিণ. ওই প্রকার।

অমনি /ওম্‌নি/ [বা.] বিণ. ১ ওই প্রকার, ওইরূপ। ২ খালি, অনাবৃত। ৩ শুধু। ৪ না ভালো না মন্দ এমন। ক্রিবিণ. ১ অকারণে। ২ খালি হাতে, কিছু না নিয়ে। ৩ বিনামূল্যে। ৪ বিনাশ্রমে। ৫ তৎক্ষণাৎ। ৬ অবলম্বনহীন অবস্থায়।

অমনি অমনি /ওম্‌নি ওম্‌নি/ ক্রিবিণ. অকারণে।

অমনি একরকম /ওম্‌নি অ্যাক্‌রকোম্/ বি. ভালোও নয় মন্দও নয় এমন অবস্থা।

অমনিবাস /অম্‌নিবাস্/ [ফ.] বি. ১ নির্দিষ্ট পথে চলাচল করে এমন যাত্রীবাহী বড়ো বাস। ২ বহুবিধ রচনাসমৃদ্ধ প্রকাশনা। ৩ পূর্বে ধারাবাহিকভাবে সম্প্রচারিত দুই বা ততোধিক অনুষ্ঠানের একত্র সম্প্রচার।

অমনুষ্য /অমোনুশ্‌শো/ [স. অমনুষ+য] বি. ১ মনুষ্যত্বহীন ব্যক্তি। ২ কাপুরুষ বা ভীরু ব্যক্তি।

www.pathagar.com

অমনুষ্যত্ব /অমোনুশ্‌শত্‌তো/ [স. অমনুষ্য+ত্ব] বি. মনুষ্যত্বের অভাব, মনুষ্যত্বহীনতা।

অমনোনয়ন /অমোনোনয়োন্‌/ [স. ন+মনোনয়ন] বি. মনোনয়নের অভাব; অননুমোদন।

অমনোনীত /অমোনোনিতো/ [স. ন+মনোনীত] বিণ. মনোনীত হয়নি, বাছাইয়ে বাদ পড়েছে এমন।

অমনোযোগ /অমোনোজোগ্‌/ [স. ন+মনোযোগ] বি. ১ মনোযোগের অভাব, অনবধানতা; উদাসীনতা। ২ উপেক্ষা, অবহেলা।

অমনোযোগী /অমোনোজোগি/ [স. অমনোযোগ+ইন্‌] বিণ. মনোযোগী নয় এমন; উদাসীন।

অমন্দ[১] /অমোন্‌দো/ [স. ন+√মন্দ্‌+অ] বিণ. মন্দ বা খারাপ নয় এমন।

অমন্দ[২] /অমন্‌দো/ [স. ন+√মন্দ্‌+অ] বিণ. মন্থর নয় এমন, বেগবান।

অমম /অমমো/ [স. অস্মদ্‌ >] বিণ. নির্মম, মমতা-শূন্য।

অমর /অমর্‌/ [স. ন+মর] বিণ. ১ মৃত্যুহীন। ২ চির-জীবী; চিরস্মরণীয় (*গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে কবি শোনাল তাঁর অমর কবিতাখানি :* নির্মল.)। ৩ (বাংলায়) ক্ষয়হীন, অনশ্বর। বি. দেবতা।

অমরকোষ /অমর্‌কোশ্‌/ [গ্রন্থ.] বি. অমরসিংহ সংকলিত 'নামলিঙ্গানুশাসন' নামক সংস্কৃত কোষ-গ্রন্থের প্রচলিত নাম।

অমরতরু /অমর্‌তোরু/ [স. অমর+তরু] বি. লোক-বিশ্বাসমতে স্বর্গের পাঁচটি দেবতরু (পারিজাত মন্দার কল্পবৃক্ষ সন্তানবৃক্ষ ও হরিচন্দন)।

অমরতা /অমরতা/ [স. অমর+তা] বি. দ্র অমরত্ব।

অমরত্ব /অমরত্‌তো/ [স. অমর+ত্ব] বি. মৃত্যুহীনতা, চিরজীবিতা; চিরস্থায়িত্ব।

অমরধাম /অমর্‌ধাম্‌/ [স. অমর+ধাম] বি. দ্র অমর-লোক।

অমরলোক /অমর্‌লোক্‌/ [স. অমর+লোক] বি. বেহেশত, স্বর্গ, অমরাবতী, দেবলোক।

অমরা[১] /অমরা/ [স. অমর+আ (টাপ্‌)] বি. গর্ভবতী স্তন্যপায়ী প্রাণীর জরায়ু অভ্যন্তরস্থ গোলাকার অঙ্গ যা গর্ভস্থ ভ্রূণে নাভিরজ্জুর (umbilical cord) মাধ্যমে প্রয়োজনীয় পুষ্টি সরবরাহ এবং অভ্যন্তরীণ সংক্রমণ প্রতিরোধ করে, গর্ভফুল, গর্ভপুষ্প, placenta।

অমরা[২] /অমরা/ [স. অমর+অ+আ (টাপ্‌)] বি. দ্র অমরলোক।

অমরাত্মা /অমরাত্‌তা/ [স. অমর+আত্মন্‌] বি. মহাপুরুষ।

অমরাবতী /অমরাবোতি/ [স. অমরা+বৎ+ঈ] বি. দ্র অমরলোক।

অমরালয় /অমরালয়্‌/ [স. অমর+আলয়] বি. দ্র অমরলোক।

অমরেশ /অমরেশ্‌/ [স. অমর+ঈশ] বি. দ্র অমরেশ্বর।

অমরেশ্বর /অমরেশ্‌শর্‌/ [স. অমর+ঈশ্বর] বি. দেবরাজ ইন্দ্র।

অমর্ত /অমর্‌তো/ [স. অমৃত >] বি. অমৃত, সুধা; জল যা জীবন রক্ষা করে।

অমর্ত্য /অমোর্‌তো/ [স. ন+মর্ত্য] বিণ. ১ পার্থিব নয় এমন, স্বর্গীয়। ২ অমর, অবিনাশী।

অমর্ত্যভুবন /অমোর্‌তোভুবন্‌/ [স. অমর্ত্য+ভুবন] বি. দেবলোক।

অমর্ত্যলোক /অমোর্‌তোলোক্‌/ [স. অমর্ত্য+লোক] বি. বেহেশত, স্বর্গ।

অমর্যাদা /অমোর্‌জাদা/ [স. ন+মর্যাদা] বি. ১ মর্যাদার অভাব, অসম্মান। ২ অবজ্ঞা। ৩ সীমা লঙ্ঘন।

অমর্ষ /অমর্‌শো/ [স. ন+√মৃষ্‌+অ] বি. ১ ক্ষমা-শূন্যতা; অসহিষ্ণুতা। ২ ক্রোধ। বিণ. ১ ক্রোধান্ধ। ২ ক্ষমাহীন; অসহিষ্ণু।

অমর্ষগ্রস্ত /অমর্‌শোগ্রোস্‌তো/ [স. অমর্ষ+√গ্রস্‌+ত] বিণ. ১ ক্রোধান্বিত। ২ ক্ষমাশূন্য।

অমর্ষণ /অমর্‌শোন্‌/ [স. ন+√মৃষ্‌+অন] বি. বিণ. দ্র অমর্ষ।

অমর্ষবান /অমর্‌শোবান্‌/ [স. অমর্ষ+বৎ] বিণ. ১ ক্রোধান্বিত। ২ ক্ষমাশূন্য।

অমর্ষিত /অমোর্‌শিতো/ [স. ন+√মৃষ্‌+ত] বিণ. ১ ক্রোধান্বিত। ২ অসহনশীল।

অমর্ষী /অমর্‌শি/ [স. অমর্ষ+ইন্‌] বিণ. দ্র অমর্ষিত।

অমল /অমল্‌/ [স. ন+মল] বিণ. ১ অনাবিল; নির্মল। ২ ধবল, শুভ্র। স্ত্রী. অমলা /অমলা/।

অমলক /অমলক্‌/ [স. অমল+ক (স্বার্থে)] বি. ১ আমলকী। ২ পাহাড়ের ওপরের সমতল ভূমিতে নির্মিত বাসস্থান।

অমলকমলাসন /অমলোকমোলাশোন্‌/ [স. অমল+কমল+আসন] বি. শুভ্র পদ্মাসন।

অমলিন /অমোলিন্‌/ [স. ন+মলিন] বিণ. ১ মলিন নয় এমন; উজ্জ্বল। ২ নির্দোষ; নিষ্কলঙ্ক।

অমলেট /অমলেট্‌/ [ফ.] বি. ডিমের কুসুম ও সাদা অংশ একসঙ্গে ফেটিয়ে লবণ পেঁয়াজ প্রভৃতি সহ-যোগে মাখন বা তেলে ভাজা খাদ্যবস্তু, omelette।

www.pathagar.com

অমসৃণ /অমোস্‌সৃন্‌/ [স. ন+মসৃণ] বিণ. ১ অসমান। ২ কর্কশ, কোমলতাশূন্য; অচিক্কণ।

অমহিমা /অমোহিমা/ [স. ন+মহিমা] বি. অখ্যাতি, অপযশ।

অমা /অমা/ [স. ন+√মা+ক্বিপ্‌] বি. কৃষ্ণপক্ষের শেষ তিথি (যে তিথিতে চাঁদের কলা অদৃশ্য হয়), অমাবস্যা।

অমাংসল /অমাংশল/ [স. ন+মাংসল] বিণ. কৃশ, শীর্ণ, কঙ্কালসার, মেদমাংসহীন।

অমাতৃক /অমাতৃক্‌/ [স. অমাত্‌+ক] বিণ. মাতৃহীন।

অমাত্য /অমাত্তো/ [স. অমা+ত্য] বি. মন্ত্রণাদাতা, মন্ত্রী; সহচর।

অমাননা /অমানোনা/ [স. ন+√মন্‌+অন+আ (টাপ্‌)] বি. ১ অমান্য; অবজ্ঞা, অনাদর। ২ অসম্মান।

অমানব /অমানব্‌/ [স. ন+মানব] বিণ. ১ মনুষ্য-শূন্য। ২ মনুষ্যত্বহীন। ৩ মানবেতর। বি. মানবিক গুণবর্জিত ব্যক্তি।

অমানবিক /অমানোবিক্‌/ [স. ন+মানব+ইক] বিণ. ১ মানুষের স্বভাববিরুদ্ধ। ২ নিষ্ঠুর; ভয়ংকর।

অমানিশা /অমানিশা/ [স. অমা+নিশা] বি. কৃষ্ণপক্ষের শেষ তিথি যখন চাঁদের কলা অদৃশ্য হয়, অমাবস্যার রাত, অমাবস্যা।

অমানিশি /অমানিশি/ [স. অমা+নিশি] বি. দ্র অমানিশা।

অমানী /অমানি/ [স. ন+মান+ইন্‌] বিণ. নিরহংকার; নিরভিমান।

অমানুষ /অমানুশ/ [স. ন+মানুষ] বিণ. ১ মনুষ্যত্ব-বর্জিত। ২ পশুতুল্য। ৩ অলৌকিক, দিব্য। বি. মনুষ্যত্বহীন ব্যক্তি, দুর্জন।

অমানুষিক /অমানুশিক্‌/ [স. অমানুষ+ইক] বিণ. ১ মানুষের সহ্যের অতীত। ২ মানুষের অসাধ্য এমন। ৩ অলৌকিক। ৪ পাশবিক; মানুষের স্বভাব-বিরুদ্ধ; অমানবিক। বি. অমানুষিকতা /অমানুশিকতা/।

অমানুষী /অমানুশি/ [স. অমানুষ+ঈ] বিণ. মানুষের ক্ষমতার অতীত।

অমান্য /অমান্নো/ [স. ন+মান্য] বি. ১ উপেক্ষা। ২ অসম্মান। ৩ (বাংলায়) লঙ্ঘন (*আইন অমান্য*)। বিণ. মান্য করার যোগ্য নয় এমন।

অমাবস্যা /অমাবোশ্যা/ [স. অমা+√বস্‌+য+আ (টাপ্‌)] বি. ১ কৃষ্ণপক্ষের শেষ তিথি। ২ ঘোর অন্ধকার রাত্রি।

অমায়িক /অমায়িক্‌/ [স. ন+মায়া+ইক] বিণ. ১ সরল, অকপট। ২ নিরহংকার। ৩ ভদ্র; সদালাপী। ৪ স্নেহ-শীল; প্রীতিপূর্ণ। ৫ মধুর স্বভাববিশিষ্ট। ৬ (বাংলায়) সাদাসিধে, অনাড়ম্বর।

অমায়িকতা /অমায়িকতা/ [স. অমায়িক+তা] বি. ভদ্রতা, সাধুতা; স্নেহপরায়ণতা।

অমারজনি /অমারজোনি/ [স. অমা+√রন্‌জ্‌+অনি] বি. দ্র অমানিশা।

অমার্জনীয় /অমার্‌জোনিয়ো/ [স. ন+√মৃজ্‌+অনীয়] বিণ. ক্ষমা বা মার্জনা করা যায় না এমন, ক্ষমার অযোগ্য (*অমার্জনীয় অপরাধ*)।

অমার্জিত /অমার্‌জিতো/ [স. অ+√মৃজ্‌+ত] বিণ. ১ মার্জিত নয় এমন, অশিষ্ট (*অমার্জিত আচরণ*), অসভ্য, অভদ্র। ২ স্থূল। ৩ সংস্কার করা হয়নি এমন। ৪ অপরিষ্কৃত।

অমিত /অমিতো/ [স. ন+√মি+ত] বিণ. ১ অপরিমিত। ২ প্রচুর, অঢেল; অত্যধিক।

অমিততেজা /অমিততেজা/ [স. অমিত+বা. তেজা] বিণ. ১ অপরিমিত তেজবিশিষ্ট। ২ অসীম ক্ষমতাসম্পন্ন, অসীম ক্ষমতার অধিকারী।

অমিতবুদ্ধি /অমিতোবুদ্‌ধি/ [স. অমিত+√বুধ্‌+তি] বিণ. তীক্ষ্ণ বুদ্ধিসম্পন্ন, বিচক্ষণ।

অমিতব্যয় /অমিতোব্‌ব্যায়্‌/ [স. অমিত+বি+√অয়্‌+অ] বি. বেহিসাবি খরচ, অযথা ব্যয়।

অমিতব্যয়িতা /অমিতোব্‌ব্যায়িতা/ [স. অমিত+বি+√অয়্‌+ইন্‌+তা] বি. বেহিসাবি খরচের প্রবণতা।

অমিতব্যয়ী /অমিতোব্‌ব্যায়ি/ [স. অমিত+বি+√অয়্‌+ইন্‌] বিণ. হিসাব না করে খরচ করে এমন, বেহিসাবি, অর্থ অপচয়কারী।

অমিতভাষী /অমিতোভাশি/ [স. অমিত+√ভাষ্‌+ইন্‌] বিণ. অসংযতবাক, বাচাল।

অমিতাক্ষর /অমিতাক্‌খর্‌/ [স. অমিত+অক্ষর] বি. অন্ত্যমিল নেই এমন ছন্দরীতি, অমিত্রাক্ষর।

অমিতাচার /অমিতাচার্‌/ [স. অমিত+আচার] বি. অসংযত আচরণ; ভোগবিলাসে অসংযমতা।

অমিতাচারিতা /অমিতাচারিতা/ [স. অমিত+√চর্‌+ইন্‌+তা] বি. সংযমহীনতা।

অমিতাচারী /অমিতাচারি/ [স. অমিত+√চর্‌+ইন্‌] বিণ. ১ অসংযমী। ২ অসংযত আচরণকারী। স্ত্রী. অমিতাচারিণী /অমিতাচারিনি/।

অমিতাভ /অমিতাভো/ [স. অমিত+আভা] বি. ১ অমিত আভা বা ঐশ্বর্য যাঁর। ২ বুদ্ধদেব।

অমিত্র /অমিত্তো/ [স. ন+মিত্র] বিণ. ১ বন্ধু নয়

www.pathagar.com

এমন, শত্রুভাবাপন্ন। ২ মিত্রহীন। বি. শত্রু; রিপু।

অমিত্রতা /অমিত্রোতা/ [স. অমিত্র+তা] বি. মৈত্রীর অভাব।

অমিত্রসূদন /অমিত্রোশুদন্/ [স. অমিত্র+√সূদ্+অন] বিণ. শত্রুনিধনকারী। বি. শত্রুকে বিনাশ করে যে।

অমিত্রাক্ষর /অমিত্রাক্খর্/ [স. অমিত্র+অক্ষর] বি. অন্ত্যমিল নেই এমন ছন্দরীতি, অমিতাক্ষর।

অমিয় /অমিয়ো/ [স. অমৃত >] বি. সুধা, অমৃত। বিণ. অতি মধুর; অমৃততুল্য।

অমিয়া /অমিয়া/ [স. অমৃত >] বি. অমৃত, সুধা।

অমিল /অমিল্/ [বা.] বি. গরমিল, অনৈক্য। বিণ. ১ মিলহীন। ২ লভ্য নয় এমন।

অমিশুক /অমিশুক্/ [বা.] বিণ. সকলের সঙ্গে সহজভাবে মিশতে পারে না এমন, অসামাজিক, একলখেঁড়ে।

অমিশ্র /অমিস্রো/ [স. ন+মিশ্র] বিণ. ১ মিশ্রিত নয় এমন। ২ বিশুদ্ধ, নির্ভেজাল। ৩ পৃথক, আলাদা।

অমিশ্রণ /অমিস্রোন্/ [স. ন+মিশ্রণ] বি. মিশ্রণের অভাব।

অমিশ্ররাশি /অমিস্রোরাশি/ [স. অমিশ্র+রাশি] বি. (গ.) অখণ্ড সংখ্যা, পূর্ণসংখ্যা।

অমিশ্রিত /অমিস্রিতো/ [স. ন+মিশ্রিত] বিণ. অন্য কিছুর সঙ্গে মেশানো হয়নি এমন, নির্ভেজাল।

অমীমাংসা /অমিমাংশা/ [স. ন+মীমাংসা] বি. নিষ্পত্তিহীনতা, সিদ্ধান্তের অভাব।

অমীমাংসিত /অমিমাংশিতো/ [স. ন+√মীমাংস+ত] বিণ. মীমাংসা হয়নি এমন, অনিষ্পন্ন (*অমীমাংসিত বিষয়*)।

অমুক /ওমুক্/ [স. অদস্ >] সর্ব. অজ্ঞাতনামা কোনো ব্যক্তি।

অমুখ্য /অমুক্খো/ [স. ন+মুখ্য] বিণ. প্রধান নয় এমন, গৌণ।

অমুত্র /অমুত্রো/ [স. অদস্+ত্র] অব্য. ক্রিবিণ. পরলোকে।

অমূর্ত /অমুরতো/ [স. ন+√মূর্ছ্+ত] বিণ. ১ মূর্তিহীন; অবয়বহীন। ২ নিরাকার।

অমূলক /অমুলক্/ [স. অমূল+ক] বিণ. ১ ভিত্তিহীন। ২ কাল্পনিক, মনগড়া। ৩ অকারণ।

অমূল্য /অমুল্লো/ [স. ন+মূল্য] বিণ. মূল্য দিয়ে কেনা যায় না বা মূল্য স্থির করা যায় না এমন।

অমৃত /অমৃতো/ [স. ন+√মৃ+ত] বি. ১ যা পান করলে অমর হওয়া যায়, সুধা, পীযূষ। ২ অতিশয় সুস্বাদু খাদ্য। ৩ জীবনরক্ষা করে এমন বস্তু। ৪ অমর সত্তা। ৫ স্বর্গ, বেহেশত। ৬ মোক্ষ। বিণ. অতি সুস্বাদু, রসনার জন্য তৃপ্তিকর।

অমৃতকল্প /অমৃতোকল্পো/ [স. অমৃত+√কল্প্+অ] বিণ. সুধাতুল্য।

অমৃতত্ব /অমৃতত্তো/ [স. অমৃত+ত্ব] বি. ১ অমরত্ব। ২ মুক্তি।

অমৃতপথযাত্রী /অমৃতোপথোজাত্রি/ [স. অমৃত+পথ+যাত্রী] বিণ. মৃত্যুপথযাত্রী।

অমৃতপাথার /অমৃতোপাথার্/ [স. অমৃত+বা. পাথার] বি. সুধাসাগর।

অমৃতফল /অমৃতোফল্/ [স. অমৃত+√ফল্+অ] বি. সুধাতুল্য ফল; আম।

অমৃতবল্লি /অমৃতোবোল্লি/ [স. অমৃত+√বল্ল্+ই] বি. বাংলাদেশ ভারত মালয়েশিয়া প্রভৃতি অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন নতমুখ গুচ্ছবদ্ধ সবুজাভ সাদা ফুল বা তার হৃৎপিণ্ডাকৃতি তীক্ষ্ণাগ্র পাতা এবং ধূসর ও কোমল কাণ্ডবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন লতানে উদ্ভিদ, গুলঞ্চ, গুডুচি।

অমৃতভাষী /অমৃতোভাশি/ [স. অমৃত+√ভাষ্+ইন্] বিণ. মিষ্টভাষী, প্রিয়বাদী। স্ত্রী. **অমৃতভাষিণী** /অমৃতোভাশিনি/।

অমৃতমন্থন /অমৃতোমন্থোন্/ [স. অমৃত+√মন্থ্+অন] বি. ১ পৌরাণিকমতে অমৃত আহরণের উদ্দেশ্যে সমুদ্র মন্থন। ২ (আল.) ঐকান্তিক প্রচেষ্টাদ্বারা দুর্লভ বস্তু আহরণ।

অমৃতযোগ /অমৃতোজোগ্/ [স. অমৃত+যোগ] বি. যাত্রার জন্য শুভ বলে কল্পিত তিথিনক্ষত্রের যোগ-বিশেষ।

অমৃতলহরি /অমৃতোলহোরি/ [স. অমৃত+বা. লহরি] বি. সুধার ধারা।

অমৃতলোক /অমৃতোলোক্/ [স. অমৃত+লোক] বি. স্বর্গ, বেহেশত, দেবলোক।

অমৃতসমান /অমৃতোশমান্/ [স. অমৃত+সমান] বিণ. অমৃততুল্য; অমৃতসদৃশ (*মহাভারতের কথা অমৃত-সমান।* কাশীরাম.)।

অমৃতা /অমৃতা/ [স. অমৃত+আ (টাপ্)] বি. ১ আমলকী। ২ হরীতকী। ৩ তুলসী। ৪ সূর্যের রশ্মি। ৫ নাড়িবিশেষ। ৬ চন্দ্রের প্রথম কলা। ৭ (বাংলায়) পিঠাবিশেষ। বিণ. মরণরহিতা।

অমৃতায়মান /অমৃতায়োমান্/ [স. √অমৃতায়+মান (শানচ্)] বিণ. অমৃতের ন্যায় বোধ হয় এমন, অমৃতের ন্যায় প্রীতিকর।

www.pathagar.com

অমৃতি /অমৃতি/ [দেশি.] বি. ১ চিনির রসে ভেজানো ছানার তৈরি কুণ্ডলাকার ঘৃতপক্ক মিঠাইবিশেষ। ২ সরুগলা পাত্রবিশেষ।

অমৃতোপম /অমৃতোপমো/ [স. অমৃত+উপমা] বিণ. ১ অমৃতের মতো। ২ অতি মধুর। ৩ জীবনদায়ক।

অমেধাবী /অমেধাবি/ [স. ন+মেধাবিন্] বিণ. মেধা নেই এমন, মেধাহীন।

অমেধ্য /অমেদ্‌ধ্যো/ [স. ন+√মেধ্+য] বিণ. ১ অপবিত্র। ২ পূণ্যকর্মের উপযুক্ত নয় এমন, অযজ্ঞীয়। বি. মল বিষ্ঠা প্রভৃতি অপবিত্র বস্তু।

অমেয় /অমেয়ো/ [স. ন+√মা+য] বিণ. ১ পরিমাপ করা যায় না এমন, অপরিমেয়। ২ বৃহৎ।

অমেরুদণ্ডী /অমেরুদোন্‌ডি/ [স. ন+মেরুদণ্ড+ইন্] বিণ. ১ মেরুদণ্ড নেই এমন, invertebrate। ২ (আল.) দুর্বল চরিত্রবিশিষ্ট। ৩ বলিষ্ঠ নয় এমন; অটল ও কর্মক্ষম নয় এমন।

অমেল /অমেল্/ [স. ন+√মিল্+অ] বি. মিল বা ঐক্যের অভাব।

অমোঘ /অমোঘ্/ [স. ন+মোঘ] বিণ. ১ অব্যর্থ। ২ অপরিবর্তনীয়। ৩ সফল, সার্থক। বি. **অমোঘতা** /অমোঘতা/।

অম্বর[১] /অম্‌বর্/ [স. অম্ব+√রা+অ] বি. ১ আকাশ। ২ বস্ত্র।

অম্বর[২] /অম্‌বর্/ [ই.] বি. হলুদাভ রজনজাতীয় গন্ধদ্রব্যবিশেষ ঘর্ষণের ফলে যাতে সহজে অচল তড়িৎ উৎপন্ন হয়, amber।

অম্বরিষ /অম্‌বোরিশ্/ [স. √অম্ব+ঈষ্] বি. ১ আকাশ। ২ খই মুড়ি প্রভৃতি ভাজার খোলা। ৩ নরকবিশেষ। ৪ পুরাণোক্ত সূর্যবংশের জনৈক রাজা।

অম্বল /অম্‌বোল্/ [স. অম্ল >] বি. ১ অম্ল, টক। ২ অম্লরোগ, অজীর্ণতা। ৩ টকস্বাদ ঝোলবিশেষ।

অম্বা /অম্‌বা/ [স. √অম্ব+অ+আ (টাপ্)] বি. ১ মাতা। ২ দেবী দুর্গা। ৩ পুরাণোক্ত চন্দ্রবংশীয় কাশীরাজের জ্যেষ্ঠকন্যা।

অম্বালিকা /অম্‌বালিকা/ [স. অম্বাল+কন্+আ (টাপ্)] বি. ১ দেবী দুর্গা। ২ পুরাণোক্ত চন্দ্রবংশীয় কাশীরাজের কনিষ্ঠ কন্যা ও রাজা বিচিত্রবীর্যের একজন পত্নী এবং পাণ্ডুর মাতা।

অম্বিকা /ওম্‌বিকা/ [স. অম্বা+কন্+আ (টাপ্)] বি. ১ দেবী দুর্গা। ২ পুরাণোক্ত চন্দ্রবংশীয় কাশীরাজের মধ্যম কন্যা এবং রাজা বিচিত্রবীর্যের একজন পত্নী ও ধৃতরাষ্ট্রের মাতা।

অম্বু /ওম্‌বু/ [স. √অম্ব্+উ] বি. দুটি হাইড্রোজেন ও একটি অক্সিজেন পরমাণুর রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন স্বাদ বর্ণ ও গন্ধহীন তরল পদার্থ যা জীবনধারণের জন্য অপরিহার্য এবং সাগর হ্রদ নদী জলাশয় ও বৃষ্টির মূল উপাদান, জল, পানি।

অম্বুজ /ওম্‌বুজো/ [স. অম্বু+√জন্+অ] বিণ. জলে জাত। বি. ১ (সমুদ্রমন্থনে জাত বলে কল্পিত) চন্দ্র। ২ পদ্ম। ৩ শঙ্খ।

অম্বুজা /ওম্‌বুজা/ [স. অম্বু+√জন্+অ+আ (টাপ্)] বি. ১ দেবী লক্ষ্মী। ২ পদ্মিনী, নলিনী।

অম্বুদ /ওম্‌বুদো/ [স. অম্বু+√দা+অ] বি. বারিদ, মেঘ। বিণ. জল দান করে এমন।

অম্বুধি /ওম্‌বুধি/ [স. অম্বু+√ধা+ই] বি. সমুদ্র, সাগর, জলধি, উদধি; দরিয়া।

অম্বুনাথ /ওম্‌বুনাথ্/ [স. অম্বু+নাথ] বি. দ্র অম্বুধি।

অম্বুনিধি /ওম্‌বুনিধি/ [স. অম্বু+নিধি] বি. দ্র অম্বুধি।

অম্বুবাচি /ওম্‌বুবাচি/ [স. অম্বু+√বচ্+ই] বি. আষাঢ় মাসের কৃষ্ণপক্ষের যে তিথিতে হিন্দু বিধবাদের অগ্নিপক্ক খাদ্যগ্রহণ নিষিদ্ধ।

অম্বুবাহ /ওম্‌বুবাহো/ [স. অম্বু+√বহ্+অ] বিণ. জলবহনকারী। বি. জলবাহী মেঘ।

অম্বুবাহী /ওম্‌বুবাহি/ [স. অম্বু+√বহ্+ইন্] বিণ. বি. দ্র অম্বুবাহ।

অম্বুরাশি /ওম্‌বুরাশি/ [স. অম্বু+রাশি] বি. সমুদ্র।

অম্বুরি /ওম্‌বুরি/ [ই. amber >] বি. ১ সমুদ্রপৃষ্ঠে ভাসতে দেখা যায় এমন তিমি মাছের বীর্য থেকে উৎপন্ন মোমসদৃশ হালকা ধূসর গন্ধদ্রব্যবিশেষ, ambergris। ২ সুবাসিত মিঠা তামাকবিশেষ।

অম্ভ /অম্‌ভো/ [স. √অনভ্+অস্] বি. দ্র অম্বু।

অম্ভোজ /অম্‌ভোজো/ [স. অম্ভস্+√জন্+অ] বিণ. দ্র অম্বুজ।

অম্ভোজা /অম্‌ভোজা/ [স. অম্ভস্+√জন্+অ+আ (টাপ্)] বি. দেবী লক্ষ্মী।

অম্ভোদ /অম্‌ভোদো/ [স. অম্ভস্+√দা+অ] বি. মেঘ।

অম্ভোধি /অম্‌ভোধি/ [স. অম্ভস্+√ধা+ই] বি. সমুদ্র।

অম্ভোনিধি /অম্‌ভোনিধি/ [স. অম্ভস্+নি+√ধা+ই] বি. দ্র অম্ভোধি।

অম্র /অম্‌রো/ [স. √অম্+র] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত ভিটামিন এ সি এবং ডি সমৃদ্ধ সবুজ হলুদ লাল প্রভৃতি রঙের টকমিষ্ট পুষ্টিকর মাংসল ফল বা তার দীর্ঘ কাণ্ডবিশিষ্ট বহুবর্ষজীবী বৃক্ষ (আনি.

www.pathagar.com

ভারত ও বাংলাদেশ), আম, আম্র, চূত, mango।

অম্রাত /অম্‌রাতো/ [স. অম্র+√অৎ+অ] বি. বাংলাদেশের প্রায় সর্বত্র জাত মাঝারি আকারের পত্রমোচী বৃক্ষ বা তার আঁটিযুক্ত ভিটামিন বি এবং সি সমৃদ্ধ উপবৃত্তাকার অম্লমধুর ফল, আমড়া।

অম্রাতক /অম্‌রাতক্/ [স. অম্রাত+ক (স্বার্থে)] বি. দ্র অম্রাত।

অম্ল /অম্‌লো/ [স. √অম্+ল] বি. ১ টক। ২ অম্বল; টক ব্যঞ্জন। ৩ রোগবিশেষ। ৪ অ্যাসিড, acid। বিণ. টকস্বাদযুক্ত।

অম্লজান /অম্‌লোজান্/ [স. অম্ল+জান] বি. শ্বাস-গ্রহণ ও দহনকার্যের জন্য অপরিহার্য এমন স্বাদ বর্ণ ও গন্ধহীন বায়বীয় মৌলিক পদার্থবিশেষ এবং বায়ুমণ্ডলের অন্যতম উপাদান (প্রায় ২০%) যার পারমাণবিক সংখ্যা ৮, অক্সিজেন, oxygen।

অম্লতা /অম্‌লোতা/ [স. অম্ল+তা] বি. কোনো দ্রবণে অম্ল বা অ্যাসিডের মাত্রা; অম্লধর্মী অবস্থা; (পরি.) acidity।

অম্লপিত্ত /অম্‌লোপিত্তো/ [স. অম্ল+অপি+√দা+ত] বি. পিত্তদোষজনিত মানবদেহের রোগবিশেষ।

অম্লমধুর /অম্‌লোমোধুর্/ [স. অম্ল+মধুর] বিণ. মিষ্ট কিন্তু ঈষৎ অম্লস্বাদযুক্ত (*অম্লমধুর ফল*)। বি. (আল.) মিষ্টতার প্রলেপযুক্ত কঠোর বাক্য।

অম্লমিতি /অম্‌লোমিতি/ [স. অম্ল+√মা+তি] বি. (রসা.) অম্লের প্রমাণ দ্রবণ (standard solution) ব্যবহার করে আয়তনীয় বিশ্লেষণের (volumatric analysis) মাধ্যমে কোনো দ্রবণে অম্লের পরিমাণ নির্ধারণের পদ্ধতি; (পরি.) acidimetry।

অম্লরাজ /অম্‌লোরাজ্/ [স. অম্ল+রাজন্] বি. ১:৩ অনুপাতে গাঢ় নাইট্রিক অ্যাসিড ও গাঢ় হাইড্রো-ক্লোরিক অ্যাসিডের মিশ্রণে উৎপন্ন শক্তিশালী দ্রাবক যা সোনা ও প্লাটিনাম-সহ প্রায় সব ধাতুকে দ্রবীভূত করতে পারে, রাজাম্ল, aqua regia।

অম্লাক্ত /অম্‌লাক্তো/ [স. অম্ল+√অন্জ্+ত] বিণ. টকস্বাদযুক্ত; (পরি.) acidic।

অম্লান /অম্‌লান্/ [স. ন+ম্লান] বিণ. ১ অমলিন। ২ প্রফুল্ল। ৩ কুণ্ঠাহীন, দ্বিধাহীন।

অম্লানবদনে /অম্‌লান্‌বদোনে/ [স. অম্লানবদন+বা. এ] ক্রিবিণ. অসংকোচে, দ্বিধাহীনভাবে।

অম্লানমুখে /অম্‌লান্‌মুখে/ [স. অম্লানমুখ+বা. এ] ক্রিবিণ. দ্র অম্লানবদনে।

অম্লীকরণ /ওম্‌লিকরোন/ [স. অম্ল+চ্বি+করণ] বি. কোনো দ্রবণে হাইড্রোজেন আয়ন $(H)^+$ অর্থাৎ অ্যাসিডের অনুপাত বর্ধিতকরণ বা হাইড্রো-অক্সাইড আয়ন $(OH)^-$ অর্থাৎ ক্ষারের অনুপাত হ্রাসকরণ; (পরি.) acidification।

অম্লীকৃত /ওম্‌লিকৃতো/ [স. অম্ল+চ্বি+কৃত] বিণ. কোনো দ্রবণে হাইড্রোজেন আয়ন $(H)^+$ অর্থাৎ অ্যাসিডের অনুপাত বাড়ানো হয়েছে এমন বা হাইড্রোঅক্সাইড আয়ন $(OH)^-$ অর্থাৎ ক্ষারের অনুপাত কমানো হয়েছে এমন; (পরি.) acidulated।

অম্লোদ্‌গার /অম্‌লোদ্‌গার্/ [স. অম্ল+উদ্‌গার] বি. টক বা চোঁয়া ঢেকুর।

অযত্ন /অজত্নো/ [স. ন+√যত্+ন] বি. যত্নের অভাব, অবহেলা, অনাদর। বিণ. যত্নহীন।

অযত্নকৃত /অজত্নোকৃতো/ [স. অযত্ন+√কৃ+ত] বিণ. অবহেলার সঙ্গে করা হয়েছে এমন।

অযত্নশীল /অজত্নোশিল্/ [স. অযত্ন+√শীল্+অ] বিণ. নিশ্চেষ্ট, উদ্যমহীন।

অযথা /অজথা/ [স. ন+যথা] বিণ. ১ অনর্থক। ২ অন্যায়; অনুচিত। ৩ অমূলক, অসত্য। ক্রিবিণ. অন্যায়ভাবে; খামোখা।

অযথার্থ /অজথার্থো/ [স. ন+যথার্থ] বিণ. ১ যথার্থ নয় এমন, মিথ্যা। ২ অপ্রকৃত, অবাস্তব। ৩ অবৈধ। ৪ ভুল, বেঠিক। বি. ~তা /-তা/।

অযশ /অজশ্/ [স. ন+যশস্] বি. অখ্যাতি; নিন্দা, দুর্নাম, অপযশ। বিণ. যশহীন।

অযশস্কর /অজশোশ্‌কর্/ [স. অযশস্+√কৃ+অ] বিণ. অখ্যাতিজনক।

অযশস্বী /অজশোশ্‌শি/ [স. ন+যশস্+ইন্] বিণ. ১ অখ্যাত। ২ কীর্তিহীন, অকীর্তিমান।

অযশস্য /অজশোশ্‌শো/ [স. ন+যশস্+য] বিণ. অযশস্কর, অখ্যাতিজনক।

অযাচক /অজাচক্/ [স. ন+√যাচ্+অক] বিণ. প্রার্থী নয় এমন। বি. যে যাচ্ঞা করে না।

অযাচকবৃত্তি /অজাচক্‌বৃত্তি/ [স. অযাচক+√বৃৎ+তি] বি. ভিক্ষা না করে স্বেচ্ছায় প্রদত্ত বস্তুতে জীবনধারণ।

অযাচনীয় /অজাচোনিয়ো/ [স. ন+√যাচ্+অনীয়] বিণ. চাওয়ার উপযুক্ত নয় এমন।

অযাচিত /অজাচিতো/ [স. ন+√যাচ্+ত] বিণ. চাওয়া হয়নি এমন, অপ্রার্থিত (*চেয়েছিলে অযাচিত উপহার দিতে / অনুপম কৌমার্য তোমার।* সুধীন.)।

অযাচিতভাবে /অজাচিতোভাবে/ [স. অযাচিতভাব

www.pathagar.com

+বা. এ] ক্রিবিণ. না চাইতেই, আপনা থেকে।

অযাচ্য /অজাচ্চো/ [স. ন+√যাচ্+য] বিণ. দ্র অযাচনীয়।

অযাজনীয় /অজাজোনিয়ো/ [স. ন+যাজনীয়] বিণ. যাজন বা যজ্ঞক্রিয়ার অযোগ্য।

অযাজ্য /অজাজ্জো/ [স. ন+যাজ্য] বিণ. দ্র অযাজনীয়।

অযাজ্যযাজন /অজাজ্জোজাজন/ [স. অযাজ্য+যাজন] বি. ১ নিষিদ্ধ বা অবিহিত যজ্ঞের অনুষ্ঠান। ২ অশাস্ত্রীয় যজ্ঞক্রিয়া পরিচালন।

অযাজ্যযাজী /অজাজ্জোজাজি/ [স. অযাজ্য+√যজ্+ইন্] বি. শাস্ত্রবিরুদ্ধ যজ্ঞের পুরোহিত।

অযাত্রা /অজাত্রা/ [স. ন+যাত্রা] বি. ১ জ্যোতিষ-শাস্ত্রে কল্পিত অশুভ যাত্রা, অপ্রশস্ত যাত্রা। ২ যে তিথিতে কোথাও যাওয়া উচিত নয় এমন বিশ্বাস।

অযাথার্থ্য /অজাথারথ্যো/ [স. ন+যথার্থ+য] বি. অন্যায্যতা, অযথার্থতা; সততার অভাব।

অযুক্ত /অজুক্তো/ [স. ন+√যুজ্+ত] বিণ. ১ পৃথক, অসংলগ্ন; সংযোগহীন। ২অসংগত; যুক্তিবিরুদ্ধ।

অযুক্তি /অজুক্তি/ [স. ন+√যুজ্+তি] বি. ১ কুযুক্তি, কুপরামর্শ। ২ সংযোগহীনতা। ৩ বিচারে অসংগতি; অবিচার; অনৌচিত্য।

অযুক্তিযুক্ত /অজুক্তিজুক্তো/ [স. ন+যুক্তি+√যুজ্+ত] বিণ. অযৌক্তিক, যুক্তিহীন।

অযুক্তিসিদ্ধ /অজুক্তিশিদ্ধো/ [স. ন+যুক্তি+√সিধ্+ত] বিণ. যুক্তিসিদ্ধ নয় এমন; অসংগত।

অযুগ্ম /অজুগ্মো/ [স. ন+√যুজ্+ম] বিণ. ১ বিজোড়, জোড়হীন। ২ পৃথক, স্বতন্ত্র।

অযুত /অজুত্/ [স. ন+√যু+ত] বি. ১০,০০০ সংখ্যা। বিণ. ১০,০০০ সংখ্যক; যুক্ত নয় এমন, বিযুক্ত।

অযোগ /অজোগ্/ [স. ন+যোগ] বি. ১ যোগের অভাব; সম্বন্ধের অভাব। ২ বিচ্ছেদ, বিয়োগ। ৩ অনুপযোগিতা। ৪ অশুভ যোগ।

অযোগবাহ /অজোগোবাহো/ [স. অযোগ+√বহ্+অ] বি. যে বর্ণের সঙ্গে অন্য স্বর বা ব্যঞ্জনের যোগ কল্পিত হয়নি, ং এবং ঃ।

অযোগবাহবর্ণ /অজোগোবাহোবরনো/ [স. অযোগ+বাহ+বর্ণ] বি. (ব্যা.) অনুস্বার (ং) ও বিসর্গ (ঃ) বর্ণদ্বয়।

অযোগ্য /অজোগ্গো/ [স. ন+√যুজ্+য] বিণ. ১ যোগ্য নয় এমন, অনুপযুক্ত। ২ অকর্মণ্য; অক্ষম। ৩ অব্যবহার্য, অকেজো। বি. -তা /-তা/।

অযোদধা /অজোদ্ধা/ [স. ন+√যুধ্+ত্] বি. যুদ্ধ-বিদ্যায় অপারদর্শী ব্যক্তি।

অযোধ্যা /অজোদ্ধ্যা/ [স্থান.] বি. সূর্যবংশীয় নৃপতি রামের জন্মস্থানরূপে খ্যাত উত্তর ভারতের নগরবিশেষ।

অযোনি /অজোনি/ [স. ন+√যু+নি] বিণ. জন্মরহিত।

অযোনিজ /অজোনিজো/ [স. অযোনি+√জন্+অ] বি. পরমেশ্বর, ব্রহ্ম। বিণ. স্ত্রীজননেন্দ্রিয়জাত নয় এমন।

অযোনিসম্ভব /অজোনিশম্ভব/ [স. অযোনি+সম্+√ভূ+অ] বি. পরমেশ্বর। বিণ. স্ত্রীজননেন্দ্রিয়জাত নয়।

অযোনিসম্ভূত /অজোনিশম্ভুতো/ [স. অযোনি+সম্+√ভূ+ত] বি. বিণ. দ্র অযোনিসম্ভব।

অযৌক্তিক /অজৌক্তিক/ [স. ন+যুক্তি+ইক] বিণ. যুক্তিপূর্ণ নয় এমন; যুক্তিবিরুদ্ধ। বি. অযৌক্তিকতা /অজৌক্তিকতা/।

অযৌগিক /অজৌগিক/ [স. ন+যোগ+ইক] বিণ. ১ একাধিক উপাদানের মিশ্রণজাত নয় এমন, অমিশ্র। ২ (ব্যা.) প্রকৃতি প্রত্যয়যোগে নিষ্পন্ন নয় এমন।

অযৌন /অজৌনো/ [স. ন+যোনি+অ] বিণ. যৌন-বিষয়ক নয় এমন।

অয়[১] /অয়ো/ [স. √ই+অ] বি. ১ সৌভাগ্য। ২ নরক-বিশেষ।

অয়[২] /অয়ো/ [স. √অয়্+অস্] বি. লোহা।

অয়ন /অয়োন্/ [স. √অয়্+অন] বি. ১ সূর্যের গতিপথ (*দক্ষিণায়ন*)। ২ পথ। ৩ যুদ্ধভূমি। ৪ শাস্ত্র। ৫ সাধনার মার্গ (*হীনায়ন*)। ৬ আশ্রয়, অবলম্বন (*গৃহায়ন*)।

অয়নবৃত্ত /অয়োনবৃত্তো/ [স. অয়ন+√বৃৎ+ত] বি. (জ্যোবি.) আপাতদৃষ্টিতে কক্ষপথে সূর্যের পরি-ক্রমণপথ, ক্রান্তিবৃত্ত, ecliptic।

অয়নমণ্ডল /অয়োনমন্ডোল্/ [স. অয়ন+মণ্ডল] বি. দ্র অয়নবৃত্ত।

অয়নাংশ /অয়োনাংশো/ [স. অয়ন+অংশ] বি. সূর্যের ভ্রমণপথের আপাত অংশ বা পরিমাণ।

অয়নান্ত /অয়োনান্তো/ [স. অয়ন+√অম্+ত] বি. আপাতদৃষ্টিতে অয়নবৃত্তে সূর্যের উত্তর বা দক্ষিণ দিকে গমনের শেষ সীমা, solstice।

অয়নান্তবৃত্ত /অয়োনান্তোবৃত্তো/ [স. অয়নান্ত+√বৃৎ+ত] বি. সূর্যের উত্তর ও দক্ষিণ দিকে গমনের সীমানির্ধারক কাল্পনিক বৃত্ত, the tropics।

www.pathagar.com

অয়স /অয়োশ্/ [স. √অয়্+অস্] বি. লৌহ, লোহা।

অয়স্কঠিন /অয়োশ্‌কোঠিন্/ [স. অয়স্+কঠিন] বিণ. ১ লোহার মতো কঠিন। ২ অত্যন্ত শক্ত।

অয়স্কর্ষণী /অয়োশ্‌কর্‌শোনি/ [স. অয়স্+আকর্ষণ+ঈ] বি. চুম্বকশক্তি, magnetic power।

অয়স্কান্ত /অয়োশ্‌কান্‌তো/ [স. অয়স্+√কম্+ত] বি. চুম্বক পাথর, magnet।

অয়স্কার /অয়োশ্‌কার্/ [স. অয়স্+√কৃ+অ] বি. লৌহকার, কামার।

অয়ি /ওয়ি/ [স. √অয়্+ই] অব্য. ভক্তি প্রেম বা স্নেহ-সূচক সম্বোধনবিশেষ (*অয়ি ভুবনমনোমোহিনী, মা,* রবীন্দ্র.)।

অয়েলক্লথ /অয়েল্‌ক্লথ্/ [ই.] বি. তেল বা রজনের প্রলেপযুক্ত জলরোধক কাপড়বিশেষ, oilcloth।

অয়েল পেইন্টিং /অয়েল্ পেইন্‌টিং/ বি. তেলরঙে আঁকা ছবি, তৈলচিত্র, oil painting।

অয়েল পেপার /অয়েল্ পেপার্/ বি. তেলে ডুবিয়ে জলনিরোধক ও অর্ধস্বচ্ছ (translucent) করা হয়েছে এমন কাগজ, oil paper।

অয়োঘন /অয়োঘনো/ [স. অয়স্+√হন্+অ] বি. ১ লৌহপিণ্ড। ২ লোহার হাতুড়ি।

অয়োময় /অয়োময়্/ [স. অয়স্+ময়ট্] বিণ. ১ লৌহময়। ২ লৌহকঠিন।

অয়োমল /অয়োমল্/ [স. অয়স্+মল] বি. আর্দ্র বায়ুর অক্সিজেনের সঙ্গে বিক্রিয়ার ফলে লোহা বা ইস্পাতের গায়ে জমে ওঠা লালচে হলুদ রঙের আবরণ, লৌহমল, মরিচা, মরচে, জং, rust।

অয়োমুখ /অয়োমুখ্/ [স. অয়স্+মুখ] বিণ. লোহার মুখবিশিষ্ট। বি. লোহার ফলাযুক্ত বাণ।

অর /অর্/ [স. √ঋ+অ] বি. ১ চাকার পাখি, spoke। ২ ব্যাসার্ধ, radius।

অরক্ষণীয় /অরোক্‌খোনিয়ো/ [স. ন+√রক্ষ্+অনীয়] বিণ. রক্ষা করা যায় না এমন। স্ত্রী. অরক্ষণীয়া /অরোক্‌খোনিআ/।

অরক্ষিত /অরোক্‌খিতো/ [স. ন+√রক্ষ্+ত] বিণ. ১ সুরক্ষিত নয় এমন। ২ অসহায়। ৩ রক্ষা করা হয়নি এমন। ৪ অপালিত। ৫ অগচ্ছিত।

অরক্ষ্য /অরোক্‌খো/ [স. ন+√রক্ষ্+য] বিণ. রক্ষা করা যায় না এমন।

অরগ্যান /অর্‌গ্যান্/ [ই. organ] বি. ১ দেহযন্ত্র, অঙ্গ। ২ প্রচারের মুখপত্র। ৩ রিড (reed) টিপে নির্দিষ্ট কম্পাঙ্কের পর্দায় হাপরের সাহায্যে বাতাসের চাপ প্রয়োগ করে বাজাতে হয় এমন হারমোনিয়ামজাতীয় বাদ্যযন্ত্র।

অরঘট্ট /অর্‌ঘট্‌টো/ [স. অর+√ঘট্+অ] বি. ১ কোনো নির্দিষ্ট দণ্ড থেকে ঝোলানো চাকার খাঁজে দড়ি (বা শেকল) পরিয়ে সেই দড়ি টেনে কূপ থেকে জল বা কোনো ভারী বস্তু সহজে উপরে তোলা যায় এমন সরঞ্জাম, কপিকল। ২ কূপ।

অরচিত /অরোচিতো/ [স. ন+√রচ্+ত] বিণ. এখনো রচনা করা হয়নি এমন।

অরজা /অরজা/ [স. ন+রজস্] বিণ. ১ এখনো ঋতুমতী হয়নি এমন। ২ ধূলিশূন্য, নির্মল।

অরণি /অরোনি/ [স. √ঋ+অনি] বি. ১ চকমকি পাথর, flint। ২ যে কাঠের সঙ্গে অন্য কাঠের ঘর্ষণের ফলে আগুন জ্বলে ওঠে।

অরণ্য /অরোন্‌নো/ [স. √ঋ+অন্য] বি. গাছপালায় ঢাকা জায়গা যেখানে বন্য পশুপাখি বিচরণ করে, বন, জঙ্গল।

অরণ্যকাণ্ড /অরোন্‌নোকান্‌ডো/ [স. অরণ্য+√কন্+ড] বি. সূর্যবংশীয় নৃপতি রামের বনবাসের বিবরণ-সংবলিত রামায়ণের তৃতীয় খণ্ড।

অরণ্যচর /অরোন্‌নোচর্/ [স. অরণ্য+√চর্+অ] বিণ. অরণ্যে বাস করে এমন, বনে বিচরণকারী, বন্য, বুনো।

অরণ্যচারী /অরোন্‌নোচারি/ [স. অরণ্য+√চর্+ইন্] বিণ. বনে বিচরণকারী। স্ত্রী. অরণ্যচারিণী /অরোন্‌নোচারিনি/।

অরণ্যপাল /অরোন্‌নোপাল্/ [স. অরণ্য+পাল] বি. বনরক্ষক; (পরি.) conservator of forest।

অরণ্যমক্ষিকা /অরোন্‌নোমোক্‌খিকা/ [স. অরণ্য+√মশ্+সিক+আ(টাপ্)] বি. বুনো মাছি।

অরণ্যষষ্ঠী /অরোন্‌নোশোশ্‌ঠি/ [স. অরণ্য+ষষ্ঠ+ঈ] বি. জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষের ষষ্ঠী তিথিতে পালিত ব্রত, জামাইষষ্ঠী।

অরণ্যানি /অরোন্‌নানি/ [স. অরণ্য+আন+ই] বি. বিশাল অরণ্য, মহাবন (*মরুৎকর্ণ অরণ্যানী, ঊর্ধ্ব-গ্রীব পর্বতের মালা,* বিষ্ণু.)।

অরণ্যে রোদন /অরোন্‌নে রোদোন্/ বি. নিষ্ফল আবেদন, বিফল প্রার্থনা।

অরতি /অরোতি/ [স. ন+√রম্+তি] বি. ১ রতির অভাব। ২ বিরাগ; বিরক্তি।

অরদ /অরদো/ [স. ন+√রদ্+অ] বিণ. দন্তহীন।

অরন্ধন /অরন্‌ধোন্/ [স. ন+রন্ধন] বি. যে তিথিতে রন্ধন নিষিদ্ধ, ভাদ্রসংক্রান্তি।

www.pathagar.com

অরবিন্দ /অরোবিন্দো / [স. অর+√বিন্দ্+অ] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, পদ্ম, অম্বুজ, শতদল, কমল, উৎপল, কুমুদ, lotus।

অররু /অরোরু/ [স. √ঋ+অরু] বি. ১ শত্রু, অরি। ২ অসুরবিশেষ। বিণ. হিংস্র।

অরসজ্ঞ /অরশোগ্‌গোঁ/ [স. ন+রস+√জ্ঞা+অ] বিণ. রসবোধশূন্য, বেরসিক।

অরসিক /অরোশিক্/ [স. ন+রসিক] বিণ. রসবোধ-বর্জিত, বেরসিক। স্ত্রী. অরসিকা /অরোশিকা/।

অরাজক /অরাজক্/ [স. ন+রাজন্+ক] বিণ. ১ রাজাশূন্য। ২ শাসনবিহীন। ৩ বিশৃঙ্খল। ৪ (বাংলায়) উপদ্রুত। বি. অরাজকতা /অরাজকতা/।

অরাজি /অরাজি/ [বা. অ+ফা. রাজি] বিণ. রাজি নয় এমন, গররাজি।

অরাতি /অরাতি/ [স. ন+√রা+তি] বি. ১ অরি, শত্রু (*অরাতিদমন*)। ২ রিপু। ৩ বৈরিতা।

অরাতিদমন /অরাতিদমোন্/ [স. অরাতি+দমন] বি. শত্রুদমন।

অরাল /অরাল্/ [স. অর+আ+√লা+অ] বিণ. ১ নত। ২ বক্র, বঙ্কিম। বি. ১ পাগলা হাতি; বুনো হাতি। ২ ধুনা।

অরি[১] /ওরি/ [স. √ঋ+ই] বি. ১ শত্রু; শত্রুপক্ষ। ২ ষড়্‌রিপু।

অরি[২] /ওরি/ [স. অর+ইন্] বি. রথের চাকা; চাকা।

অরিজিৎ /ওরিজিত্/ [স. অরি+জিৎ] বি. যে শত্রুকে জয় করে।

অরিত্র /ওরিত্রো/ [স. √ঋ+ইত্র] বি. নৌকার হাল, দাঁড়।

অরিন্দম /ওরিন্দম্/ [স. অরি+√দম্+অ] বিণ. শত্রু দমন করে এমন, শত্রুদমনকারী।

অরিমর্দন /ওরিমর্দোন্/ [স. অরি+√মৃদ্+অন] বি. ১ শত্রুদমন। ২ মহাভারতোক্ত অক্রূরের সহোদর। বিণ. অরিন্দম।

অরিমিত্র /ওরিমিত্রো/ [স. অরি+√মিদ্+ত্র] বি. শত্রুর বন্ধু।

অরিষ্ট /অরিশ্টো/ [স. ন+√রিষ্+ত] বি. ১ দুর্লক্ষণ; মরণচিহ্ন। ২ আয়ুর্বেদীয় ওষুধরূপে ব্যবহৃত মদ্য-বিশেষ। ৩ রিঠা। বিণ. ১ অক্ষত। ২ শুভকর।

অরিহ /ওরিহো/ [স. অরি+√হন্+অ] বিণ. রিপু-নাশক; শত্রুনাশক, শত্রুঘাতক। বি. সূর্য।

অরীতি /অরিতি/ [স. ন+√রী+তি] বি. ১ অনিয়ম। ২ কুপ্রথা।

অরুগ্‌ণ /অরুগ্‌নো/ [স. ন+√রুজ্+ত] বিণ. রুগ্‌ণ নয় এমন, সুস্থ; স্বাস্থ্যবান।

অরুচি /অরুচি/ [স. ন+রুচি] বি. ১ রুচির অভাব; বিতৃষ্ণা বা অনিচ্ছা। ২ অপ্রীতি, বিরাগ।

অরুচিকর /অরুচিকর্/ [স. অরুচি+√কৃ+অ] বিণ. ১ রুচিকর নয় এমন। ২ অপ্রীতিকর; বিরক্তিকর।

অরুণ /ওরুন্/ [স. √ঋ+উণ] বি. ১ নবোদিত সূর্য; সূর্য। ২ উষা বা সন্ধ্যাকালীন সূর্যের আভা।

অরুণচ্ছটা /ওরুনোচ্ছটা/ [স. অরুণ+ছটা] বি. নবোদিত সূর্যের কিরণ।

অরুণলোচন /ওরুনোলোচন্/ [স. অরুণ+লোচন] বি. রক্তচক্ষু।

অরুণসারথি /ওরুনশারোথি/ [স. অরুণ+সারথি] বি. অরুণ যার সারথি, সূর্য।

অরুণিত /ওরুনিতো/ [স. অরুণ+ইত] বিণ. রক্তবর্ণে রঞ্জিত।

অরুণিম /ওরুনিম্/ [স. অরুণিমা >] বিণ. রক্তিম আভাবিশিষ্ট।

অরুণিমা /ওরুনিমা/ [স. অরুণ+ইমন্] বি. রক্তিমা, গোলাপি আভা।

অরুণোদয় /ওরুনোদয়্/ [স. অরুণ+উদয়] বি. ১ উষা; উষাকাল, সূর্যোদয়ের প্রাক্কাল। ২ নবোদিত সূর্যের আবির্ভাব।

অরুণোপাল /ওরুনোপাল্/ [স. অরুণ+উপল] বি. রক্তবর্ণ মণিবিশেষ; চুনি, পদ্মরাগমণি।

অরুন্তুদ /অরুন্তুদ্/ [স. অরুস্+√তুদ্+অ] বিণ. অতিশয় হৃদয়বিদারক, মর্মঘাতী, মর্মভেদী।

অরুন্ধতী /ওরুন্ধোতি/ [স. ন+√রুধ্+তন্+ঈ] বি. ১ উত্তর গোলার্ধে দৃশ্যমান সপ্তর্ষিমণ্ডল পরিবেষ্টিত ক্ষীণ নক্ষত্রবিশেষ, Ursa Major। ২ বশিষ্ঠ মুনির পত্নী। ৩ যে শুভকর্ম রোধ করে না।

অরুষ্ট /অরুশ্টো/ [স. ন+√রুষ্+ত] বিণ. ক্রুদ্ধ নয়।

অরূপ /অরুপ্/ [স. ন+রূপ] বি. নিরাকার ঈশ্বর, আল্লাহ। বিণ. ১ নিরাকার। ২ রূপহীন, কদাকার।

অরোপিত /অরোপিতো/ [স. ন+√রুহ্+ণিচ্+ত] বিণ. রোপণ করা হয়নি এমন।

অরোরা /অরোরা/ [ই. aurora] বি. ১ উষাকাল; উদীয়মান সূর্যের আলো; সূর্যোদয়ের সময়ে আকাশে

www.pathagar.com

দৃশ্যমান উজ্জ্বল কমলা রঙের আভা। ২ মেরু-জ্যোতি। ৩ পুরাণমতে উষাদেবী।

অর্ক /অর্‌কো/ [স. √অর্ক্+অ] বি. ১ সূর্য। ২ আলোক, কিরণ। ৩ স্ফটিক। ৪ চৈতন। ৫ রেফ-চিহ্ন। ৬ বিষ্ণু। ৭ ইন্দ্র। ৮ আকন্দ গাছ। ৯ তামা। ১০ অগ্নি।

অর্কচন্দন /অর্‌কোচন্‌দন্/ [স. অর্ক+চন্দন] বি. রক্তচন্দন।

অর্কতাপত্তি /অর্‌কোতাপোত্‌তি/ [অজ্ঞা.] বি. স্ফটিকীভবন, crystallization।

অর্কনন্দন /অর্‌কোনন্‌দোন্/ [স. অর্ক+নন্দন] বি. মহাভারতোক্ত কুন্তীর গর্ভজাত সূর্যের পুত্র, কর্ণ।

অর্কপত্র /অর্‌কোপত্‌ত্রো/ [স. অর্ক+পত্র] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতের শেষে গুচ্ছাকারে ফোটে এমন হালকা বেগুনি সাদা পীতাভ সবুজ প্রভৃতি রঙের ফুল বা তার মাঝারি আকৃতির ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, আকন্দ।

অর্কপাদপ /অর্‌কোপাদপ্/ [স. অর্ক+পাদপ] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত খাঁজকাটা তিক্তস্বাদ পাতা ও মধুগন্ধ সাদা ফুল এবং ডিম্বাকৃতি ছোটো মিষ্টস্বাদ ফল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, নিম, নিম্ব, নিম্বক।

অর্কফলা /অর্‌কোফলা/ [স. অর্ক+বা. ফলা] বি. ১ চৈতন, টিকি, শিখা। ২ রেফচিহ্ন।

অর্কবৃক্ষ /অর্‌কোবৃক্‌খো/ [স. অর্ক+√বৃক্ষ্+অ] বি. দ্র অর্কপাদপ।

অর্কমণ্ডল /অর্‌কোমন্‌ডোল্/ [স. অর্ক+মণ্ডল] বি. সৌরমণ্ডল।

অর্কিড /অর্‌কিড্/ [লা.] বি. উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে পরজীবীরূপে জাত বিভিন্ন আকার ও আকৃতির বিচিত্র বর্ণশোভিত ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন একবীজপত্রী উদ্ভিদ, orchid।

অর্কেস্ট্রা/অর্‌কেস্‌ট্রা/ [লা.] বি. ঐকবাদনের বাদক-দল; নাট্যশালায় মঞ্চের সম্মুখস্থ বাদকদলের জন্য নির্মিত অর্ধবৃত্তাকার নিচু স্থান; ঐকতান বাদ্য, বৃন্দবাদন; orchestra।

অর্গল /অর্‌গল্/ [স. √অর্জ্+অল] বি. ১ খিল, দরজার হুড়কো। ২ প্রতিবন্ধ, বাধা, অন্তরায়।

অর্গলিকা /অর্‌গোলিকা/ [স. অর্গলা+কন্+আ (টাপ্)] বি. দরজা বা জানালার ছিটকিনি।

অর্গলিত /অর্‌গোলিতো/ [স. অর্গল+ইত] বিণ. হুড়কো দিয়ে আঁটা, খিলবদ্ধ, অর্গলযুক্ত।

অর্ঘ /অর্‌ঘো/ [স. √অর্ঘ্+অ] বি. মূল্য (*মহার্ঘভাতা*)।

অর্ঘ্য /ওর্‌ঘো/ [স. √অর্ঘ্+য] বি. ১ পূজার উপকরণ। ২ মান্য অতিথিকে বরণের জন্য মালা চন্দন উত্তরীয় প্রভৃতি উপচার। বিণ. পূজনীয়।

অর্ঘ্যপাত্র /অর্‌ঘোপাত্‌ত্রো/ [স. অর্ঘ্য+পাত্র] বি. ১ পূজার উপকরণ রাখার পাত্র। ২ সম্মাননীয় অতিথিকে বরণের উদ্দেশ্যে উপচার সাজিয়ে রাখার ডালি।

অর্চক /অর্‌চক্/ [স. √অর্চ্+অক] বিণ. অর্চনাকারী, পূজক। বি. যে পূজা করে।

অর্চন /অর্‌চোন্/ [স. √অর্চ্+অন] বি. উপাসন, পূজন।

অর্চনা /অর্‌চোনা/ [স. √অর্চি+অন+আ (টাপ্)] বি. পূজা, উপাসনা।

অর্চনীয় /অর্‌চোনিয়ো/ [স. √অর্চি+অনীয়] বিণ. পূজনীয়, পূজ্য, উপাস্য।

অর্চা /অর্‌চা/ [স. √অর্চ্+অ+আ (টাপ্)] ক্রিবি. অর্চনা করা, পূজা করা।

অর্চি /ওর্‌চি/ [স. √অর্চ্+ইন্] বি. ১ শিখা। ২ জ্বালা। ৩ দীপ্তি।

অর্চিত /ওর্‌চিতো/ [স. √অর্চি+ত] বিণ. পূজিত, উপাসিত।

অর্চিষ্মান /ওর্‌চিশ্‌মান্/ [স. অর্চিস্+মৎ] বিণ. জ্যোতিষ্মান, দীপ্ত। বি. ১ অগ্নি। ২ সূর্য। ৩ বিষ্ণু।

অর্চ্য /ওর্‌চো/ [স. √অর্চ্+য] বিণ. দ্র অর্চনীয়।

অর্জক /অর্‌জক্/ [স. √অর্জ্+অক] বিণ. অর্জন-কারী। স্ত্রী. **অর্জিকা** /ওর্‌জিকা/।

অর্জন /অর্‌জোন্/ [স. √অর্জ্+অন] বি. ১ উপার্জন, রোজগার, আয়। ২ চেষ্টার দ্বারা প্রাপ্তি, লাভ।

অর্জয়িতা /অর্‌জোয়িতা/ [স. √অর্জ্+তৃ] বিণ. অর্জক, অর্জনকারী। স্ত্রী. **অর্জয়িত্রী** /অর্‌জোয়িত্‌ত্রি/।

অর্জিত /ওর্‌জিতো/ [স. √অর্জ্+ত] বিণ. ১ উপার্জিত। ২ প্রয়াসদ্বারা প্রাপ্ত, চেষ্টালব্ধ।

অর্জুন[১] /ওর্‌জুন্/ [স. √ঋজ্+উন] বি. ১ মহাভারতোক্ত তৃতীয় পাণ্ডব, ধনঞ্জয়, পার্থ। ২ আঞ্জনি, নেত্ররোগবিশেষ।

অর্জুন[২] /ওর্‌জুন্/ [স. √অর্জ্+উন] বি. ভারতীয় উপমহাদেশে গ্রীষ্মকালে ফোটে এমন উৎকট গন্ধ-বিশিষ্ট উভলিঙ্গ হলুদ ফুল বা তার ভেষজগুণ-সম্পন্ন পত্রমোচী বৃহদাকার বৃক্ষ।

অর্ডার /অড়্‌ডার্/ [ই.] বি. আদেশ, ফরমাশ, order।

www.pathagar.com

অর্ণ /অর্‌নো/ [স. √ঋ+অস্‌] বি. দুটি হাইড্রোজেন ও একটি অক্সিজেন পরমাণুর রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন স্বাদ বর্ণ ও গন্ধহীন তরল পদার্থ যা জীবনধারণের জন্য অপরিহার্য এবং সাগর হ্রদ নদী জলাশয় ও বৃষ্টির মূল উপাদান, জল, পানি।

অর্ণব /অর্‌নব্‌/ [স. অর্ণস্‌+ব] বি. পৃথিবীর প্রায় ৭১% স্থান জুড়ে অবস্থিত বিস্তীর্ণ লবণাক্ত জলরাশি, সাগর, জলধি, বারিধি, সমুদ্র।

অর্ণবতরি /অর্‌নবতোরি/ [স. অর্ণব+তরি] বি. সমুদ্রগামী জাহাজ।

অর্ণবপোত /অর্‌নবপোত্‌/ [স. অর্ণব+√পূ+ত] বি. দ্র অর্ণবতরি।

অর্ণবযান /অর্‌নবজান্‌/ [স. অর্ণব+যান] বি. দ্র অর্ণবতরি।

অর্থ /অর্‌থো/ [স. √ঋ+থ] বি. ১ ধন; টাকাকড়ি; সম্পত্তি। ২ ধনবিজ্ঞান (*অর্থশাস্ত্র*)। ৩ শব্দের তাৎপর্য (*শব্দার্থ*)। ৪ হেতু (*সেবার্থ*)। ৫ তত্ত্ব; সত্য (*যথার্থ*)। ৬ জাগতিক সৌভাগ্য। ৭ ইচ্ছা, অভিলাষ। ৮ জ্ঞাতব্য বিষয়। ৯ কাম্য বস্তু (*পুরুষার্থ*)। ১০ কল্যাণ।

অর্থকর /অর্‌থোকর্‌/ [স. অর্থ+√কৃ+অ] বিণ. ১ অর্থ উপার্জনের পক্ষে সহায়ক। ২ উদ্দেশ্যসাধক।

অর্থকরী /অর্‌থোকোরি/ [স. অর্থ+√কৃ+ইন্‌] বিণ. অর্থ উপার্জনে সহায়ক (*অর্থকরী ফসল*)।

অর্থকষ্ট /অর্‌থোকশ্‌টো/ [স. অর্থ+√কষ্‌+ত] বি. অর্থাভাবহেতু ক্লেশ, দারিদ্র্য।

অর্থকামী /অর্‌থোকামি/ [স. অর্থ+√কাম্‌+ইন্‌] বিণ. অর্থ বা টাকাপয়সা কামনা করে এমন।

অর্থকৃচ্ছ্র /অর্‌থোকৃচ্ছ্রো/ [স. অর্থ+√কৃচ্ছ্র+অ] বি. অর্থাভাব, দারিদ্র্য।

অর্থগত /অর্‌থোগতো/ [স. অর্থ+√গম্‌+ত] বিণ. অর্থ-সংক্রান্ত।

অর্থগৃধ্নু /অর্‌থোগৃধনু/ [স. অর্থ+√গৃধ্‌+নু] বিণ. ১ ধনলোভী; ধনসর্বস্ব। ২ কৃপণ।

অর্থগৌরব /অর্‌থোগৌড়্‌রব্‌/ [স. অর্থ+গৌরব] বি. ১ ধনগর্ব। ২ সাহিত্যে ভাবার্থের গুরুত্ব।

অর্থগ্রহ /অর্‌থোগ্‌গ্রোহো/ [স. অর্থ+√গ্রহ্‌+অ] বি. অর্থবোধ; অর্থজ্ঞান।

অর্থচিন্তা /অর্‌থোচিন্‌তা/ [স. অর্থ+√চিন্তু+অ+আ (টাপ্‌)] বি. টাকাপয়সা উপার্জনের চিন্তা।

অর্থচেষ্টা /অর্‌থোচেষ্টা/ [স. অর্থ+√চেষ্ট্‌+অ+আ (টাপ্‌)] বি. টাকাপয়সা উপার্জনের চেষ্টা।

অর্থদণ্ড /অর্‌থোদন্‌ডো/ [স. অর্থ+√দণ্ড্‌+অ] বি. ১ জরিমানা, fine। ২ অর্থ ব্যয় করা সত্ত্বেও উদ্দেশ্য সাধনের অভাব।

অর্থনীতি /অর্‌থোনিতি/ [স. অর্থ+√নী+তি] বি. ধনের উৎপত্তি প্রয়োগ প্রসার প্রভৃতিবিষয়ক শাস্ত্র, ধনবিজ্ঞান, অর্থবিদ্যা, economics।

অর্থনৈতিক /অর্‌থোনৈ্‌তিক্‌/ [স. অর্থ+নীতি+ইক] বিণ. অর্থনীতিসংক্রান্ত।

অর্থপর /অর্‌থোপর্‌/ [স. অর্থ+√পৃ+অ] বিণ. ধন-লোভী; ধনসর্বস্ব; কৃপণ।

অর্থপরায়ণ /অর্‌থোপরায়োন্‌/ [স. অর্থ+পরায়ণ] বিণ. ধনলুব্ধ; কৃপণ।

অর্থপিশাচ /অর্‌থোপিশাচ্‌/ [স. অর্থ+পিশাচ] বি. ১ অর্থলাভের জন্য ভালোমন্দ ও ন্যায়-অন্যায়ের বোধশূন্য ব্যক্তি। ২ অত্যন্ত কৃপণ ব্যক্তি।

অর্থপূর্ণ /অর্‌থোপুর্‌নো/ [স. অর্থ+পূর্ণ] বিণ. তাৎপর্যবহ।

অর্থপ্রদ /অর্‌থোপ্রোদো/ [স. অর্থ+প্র+√দা+অ] বিণ. ১ অর্থকরী। ২ তাৎপর্যপূর্ণ।

অর্থপ্রাপ্তি /অর্‌থোপ্রাপ্‌তি/ [স. অর্থ+প্র+√আপ্‌+তি] বি. অর্থলাভ, ধনলাভ।

অর্থবহ /অর্‌থোবহো/ [স. অর্থ+√বহ্‌+অ] বিণ. গভীর তাৎপর্যপূর্ণ।

অর্থবাদ /অর্‌থোবাদ্‌/ [স. অর্থ+√বদ্‌+অ] বি. ১ বিশেষ তাৎপর্যপূর্ণ উক্তি। ২ স্তুতিবাদ। ৩ নিন্দা-বাদ।

অর্থবান /অর্‌থোবান্‌/ [স. অর্থ+বৎ] বিণ. বিত্তশালী।

অর্থবিজ্ঞান /অর্‌থোবিগ্‌গ্যান্‌/ [স. অর্থ+বিজ্ঞান] বি. দ্র অর্থশাস্ত্র।

অর্থবিৎ /অর্‌থোবিত্‌/ [স. অর্থ+√বিদ্‌+ক্বিপ্‌] বিণ. শব্দার্থ বিষয়ে অভিজ্ঞ।

অর্থবিদ /অর্‌থোবিদ্‌/ [স. অর্থ+√বিদ্‌+ক্বিপ্‌] বিণ. দ্র অর্থবিৎ।

অর্থবিদ্যা /অর্‌থোবিদ্‌দা/ [স. অর্থ+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. দ্র অর্থশাস্ত্র।

অর্থবিনিয়োগ /অর্‌থোবিনিয়োগ্‌/ [স. অর্থ+বিনিয়োগ] বি. অর্থলগ্নি, investment।

অর্থব্যবস্থা /অর্‌থোব্যাবোস্‌থা/ [স. অর্থ+ব্যবস্থা] বি. অর্থনীতিসংক্রান্ত বিধান।

অর্থব্যবহার /অর্‌থোব্যাবোহার্‌/ [স. অর্থ+ব্যবহার] বি. ধনের উৎপত্তি প্রসার বিনিয়োগ বণ্টন প্রভৃতি-বিষয়ক শাস্ত্র, political economy।

www.pathagar.com

অর্থব্যয় /অর্থোব্যায়্/ [স. অর্থ+ব্যয়] বি. টাকা খরচ।

অর্থভাগ্য /অর্থোভাগ্‌গো/ [স. অর্থ+√ভজ্+য] বি. অর্থলাভের সৌভাগ্য।

অর্থভান্ডার /অর্থোভান্‌ডার্/ [স. অর্থ+বা. ভান্ডার] বি. কোষাগার, ধনাগার।

অর্থভেদ /অর্থোভেদ্/ [স. অর্থ+√ভিদ্+অ] বি. শব্দার্থের ভিন্নতা; তাৎপর্যভেদ; অর্থের মীমাংসা; অর্থ নির্ণয়।

অর্থমূল্য /অর্থোমুল্‌লো/ [স. অর্থ+মূল+য] বি. টাকার অঙ্কে নিরূপিত মূল্য।

অর্থযুক্ত /অর্থোজুক্‌তো/ [স. অর্থ+√যুজ্+ত] বিণ. বিশেষ তাৎপর্যপূর্ণ।

অর্থলালসা /অর্থোলালোশা/ [স. অর্থ+লালসা] বি. দ্র অর্থলিপ্সা।

অর্থলিপ্সা /অর্থোলিপ্‌শা/ [স. অর্থ+√লিপ্স্+অ+আ (টাপ্)] বি. টাকাপয়সার লোভ।

অর্থলিপ্সু /অর্থোলিপ্‌শু/ [স. অর্থ+√লিপ্স্+উ] বিণ. ধনলোলুপ।

অর্থলুব্ধ /অর্থোলুব্‌ধো/ [স. অর্থ+√লুভ্+ত] বিণ. ধনলোভী, অর্থগৃধ্নু।

অর্থলোভ /অর্থোলোভ্/ [স. অর্থ+√লুভ্+অ] বি. টাকাপয়সার প্রতি লোভ, ধনলালসা।

অর্থলোলুপ /অর্থোলোলুপ্/ [স. অর্থ+√লুপ্+য+অ] বিণ. টাকাপয়সার প্রতি অত্যধিক আসক্তিযুক্ত, ধনলোভী। বি. **অর্থলোলুপতা** /অর্থোলোলুপতা/।

অর্থশালী /অর্থোশালি/ [স. অর্থ+√শাল্+ইন্] বিণ. বিত্তবান, ধনী।

অর্থশাস্ত্র /অর্থোশাস্‌ত্রো/ [স. অর্থ+√শাস্+ত্র] বি. ১ অর্থনীতি, ধনবিজ্ঞান, অর্থবিদ্যা, economics। ২ রাষ্ট্রবিজ্ঞান। ৩ নীতিশাস্ত্র, ethics। ৪ শব্দার্থবোধ, শব্দার্থজ্ঞান।

অর্থশাস্ত্রজ্ঞ /অর্থোশাস্‌ত্রোগ্‌গোঁ/ [স. অর্থশাস্ত্র+√জ্ঞা+অ] বিণ. বি. ধনবিজ্ঞানে পন্ডিত, economist।

অর্থশূন্য /অর্থোশুন্‌নো/ [স. অর্থ+শূন্য] বিণ. ১ ধনহীন, সহায়সম্বলহীন। ২ তাৎপর্যহীন।

অর্থসংকট /অর্থোশংকট্/ [স. অর্থ+সংকট] বি. অর্থের অভাবজনিত সমস্যা।

অর্থসংগত /অর্থোশংগতো/ [স. অর্থ+সম্+√গম্+ত] বিণ. তাৎপর্যপূর্ণ।

অর্থসংগতি /অর্থোশংগোতি/ [স. অর্থ+সম্+√গম্+তি] বি. ১ তাৎপর্যের অভিন্নতা; ভাবের সামঞ্জস্য। ২ টাকাকড়ির সচ্ছলতা।

অর্থসংগ্রহ /অর্থোশংগ্রোহো/ [স. অর্থ+সংগ্রহ]. বি. ধন আহরণ।

অর্থসংগ্রহকারী /অর্থোশংগ্রোহোকারি/ [স. অর্থ+সংগ্রহ+√কৃ+ইন্] বিণ. ধন আহরণকারী।

অর্থসংস্থান /অর্থোশংস্‌থান্/ [স. অর্থ+সম্+√স্থা+অন] বি. টাকার ব্যবস্থা; অর্থ বরাদ্দ।

অর্থসঞ্চয় /অর্থোশন্‌চয়্/ [স. অর্থ+সম্+√চি+অ] বি. অর্থসংগ্রহ।

অর্থসমস্যা /অর্থোশমোশ্‌শা/ [স. অর্থ+সম্+√অস্+য+আ (টাপ্)] বি. টাকাপয়সার অভাবজনিত সংকট।

অর্থসম্পৎ /অর্থোশম্‌পত্/ [স. অর্থ+সম্পৎ] বি. দ্র অর্থসম্পদ।

অর্থসম্পদ /অর্থোশম্‌পদ্/ [স. অর্থ+সম্+√পদ্+ক্বিপ্] বি. টাকাপয়সা ও ভূসম্পত্তি।

অর্থসাহায্য /অর্থোশাহাজ্‌জো/ [স. অর্থ+সহায়+য] বি. আর্থিক সহায়তা।

অর্থসিদ্ধি /অর্থোশিদ্‌ধি/ [স. অর্থ+√সিধ্+তি] বি. উদ্দেশ্য সিদ্ধি, সাফল্য।

অর্থহানি /অর্থোহানি/ [স. অর্থ+√হা+তি] বি. অর্থের অপচয়, ধনক্ষয়।

অর্থহীন /অর্থোহিন্/ [স. অর্থ+√হা+ত] বিণ. ১ ধনশূন্য। ২ নিরর্থক। ৩ (বাংলায়) ফাঁকা।

অর্থাগম /অর্‌থাগম্/ [স. অর্থ+আগম] বি. ধনপ্রাপ্তি, আয়।

অর্থাৎ /অর্‌থাত্/ [স. অর্থ+আৎ] অব্য. মানে, এর মানে; বস্তুত।

অর্থান্তর /অর্‌থান্‌তর্/ [স. অর্থ+অন্তর] বি. ১ অর্থভেদ। ২ ভিন্ন অর্থ বা তাৎপর্য।

অর্থান্তরন্যাস /অর্‌থান্‌তরন্যাশ্/ [স. অর্থান্তর+নি+√অস্+অ] বি. বিশেষের দ্বারা সামান্যকে বা সামান্যের দ্বারা বিশেষকে সমর্থন প্রকাশ করে এমন কাব্যালংকার।

অর্থাপত্তি /অর্‌থাপোত্‌তি/ [স. অর্থ+আ+√পদ্+তি] বি. ১ দর্শনশাস্ত্রে অনুমানের সাহায্যে সিদ্ধান্তপ্রাপ্তি। ২ এক অর্থ থেকে অন্য অর্থপ্রাপ্তি বোঝায় এমন কাব্যালংকার; বিশেষ ন্যায়ধর্ম অনুসারে এক অর্থের সমর্থনের ভিত্তিতে ভিন্ন অর্থপ্রাপ্তিরূপ কাব্যালংকার।

অর্থায়ন /অর্‌থায়োন্/ [স. অর্থ+অয়ন] বি. অর্থের

www.pathagar.com

জোগান; (পরি.) funding।

অর্থালংকার /অর্থালংকার্/ [স. অর্থ+অলংকার] বি. বাক্যের অর্থসম্বন্ধীয় অলংকার।

অর্থিত /ওর্থিতো/ [স. √অর্থ্+ত] বিণ. ১ প্রার্থিত, যাচিত। ২ জিজ্ঞাসিত।

অর্থী /ওর্থি/ [স. √অর্থ্+ইন্] বিণ. ১ প্রার্থনাকারী, যাচক (*শুভার্থী*); অভিলাষী। ২ ধনবান, বিত্তশালী। ৩ বাদী, অভিযোগকারী।

অর্থে /অর্থে/ [স. অর্থ+বা. এ] অব্য. জন্য, কারণে।

অর্থোপার্জন /অর্থোপার্জোন্/ [স. অর্থ+উপার্জন] বি. টাকাপয়সা রোজগার।

অর্ধ /অর্ধো/ [স. √ঋধ্+অ] বি. সমান দুইভাগের একভাগ, আধ। বিণ. ১ আধাআধি, আধা। ২ অসম্পূর্ণ। ক্রিবিণ. আংশিকভাবে।

অর্ধকৃত /অর্ধোকৃতো/ [স. অর্ধ+√কৃ+ত] বিণ. ১ আংশিকভাবে করা হয়েছে এমন। ২ দুই খণ্ডে বিভক্ত।

অর্ধগ্রাস /অর্ধোগ্রাশ্/ [স. অর্ধ+গ্রাস] বি. (গ্রহণের সময়) সূর্যের আংশিকভাবে চাঁদের আড়ালে গমন বা চাঁদের আংশিকভাবে পৃথিবীর ছায়ার আড়ালে গমন।

অর্ধচন্দ্র /অর্ধোচন্দ্রো/ [স. অর্ধ+√চন্দ্+র] বি. ১ অর্ধ-প্রকাশিত চন্দ্র। ২ (আল.) গলাধাক্কা। ৩ সেনা সমাবেশের কৌশলবিশেষ।

অর্ধচন্দ্রাকার /অর্ধোচন্দ্রাকার্/ [স. অর্ধচন্দ্র+আকার] বিণ. অর্ধচন্দ্রের আকৃতিবিশিষ্ট।

অর্ধচন্দ্রাকৃতি /অর্ধোচন্দ্রাকৃতি/ [স. অর্ধচন্দ্র+আকৃতি] বিণ. দ্র অর্ধচন্দ্রাকার।

অর্ধদগ্ধ /অর্ধোদগ্ধো/ [স. অর্ধ+√দহ্+ত] বিণ. আধপোড়া।

অর্ধদিবস /অর্ধোদিবশ্/ [স. অর্ধ+দিবস] বি. ১ দিনের অর্ধভাগ। ২ মধ্যাহ্ন।

অর্ধনমিত /অর্ধোনোমিতো/ [স. অর্ধ+√নমি+ত] বিণ. অর্ধেক নামিয়ে রাখা হয়েছে এমন (*অর্ধনমিত পতাকা*)।

অর্ধনারীশ্বর /অর্ধোনারিশ্শর্/ [স. অর্ধনারী+ঈশ্বর] বি. ১ শিব ও পার্বতীর যুগলমূর্তি। ২ নরনারীর যুগলমূর্তি।

অর্ধনিদ্রিত /অর্ধোনিদ্রিতো/ [স. অর্ধ+নিদ্রা+ইত] বিণ. ঘুমের আমেজে আবিষ্ট; অর্ধঘুমন্ত।

অর্ধনিমগ্ন /অর্ধোনিমগ্নো/ [স. অর্ধ+নি+√মসজ্+ত] বিণ. অর্ধভাগ ডুবানো আছে এমন, অর্ধ-নিমজ্জিত।

অর্ধনিমীলিত /অর্ধোনিমিলিতো/ [স. অর্ধ+নি+√মীল্+ত] বিণ. আধবোজা।

অর্ধনির্মিত /অর্ধোনির্মিতো/ [স. অর্ধ+নির্+√মা+ত] বিণ. অর্ধেক তৈরি করা হয়েছে এমন; অসম্পূর্ণ।

অর্ধপথ /অর্ধোপথ্/ [স. অর্ধ+পথ] বি. অর্ধেক পথ; মাঝপথ।

অর্ধপরিস্ফুট /অর্ধোপোরিস্ফুটো/ [স. অর্ধ+পরিস্ফুট] বিণ. ১ আধফোটা। ২ অস্পষ্ট। ৩ অস্পষ্ট অর্থবিশিষ্ট।

অর্ধবয়স /অর্ধোবয়োশ্/ [স. অর্ধ+বয়স] বি. মধ্যবয়স।

অর্ধবয়স্ক /অর্ধোবয়োশ্কো/ [অশুপ্র.] বিণ. মাঝ-বয়সী, প্রৌঢ়।

অর্ধবৃত্ত /অর্ধোবৃত্তো/ [স. অর্ধ+√বৃৎ+ত] বি. বৃত্তের অর্ধাংশ।

অর্ধব্যক্ত /অর্ধোব্যাক্তো/ [স. অর্ধ+বি+√অনজ্+ত] বিণ. ১ অর্ধস্ফুট। ২ অস্পষ্ট, আধো-আধো।

অর্ধভুক্ত /অর্ধোভুক্তো/ [স. অর্ধ+√ভুজ্+ত] বিণ. আধপেটা খেয়েছে এমন; আধখাওয়া।

অর্ধমাগধী /অর্ধোমাগোধি/ [স. অর্ধ+মগধ+অ+ঈ] বি. মিশ্র প্রাকৃত ভাষাবিশেষ।

অর্ধমাত্রা /অর্ধোমাত্রা/ [স. অর্ধ+মাত্রা] বি. এক মাত্রার অর্ধেক পরিমাণ।

অর্ধমূর্ছিত /অর্ধোমুর্ছিতো/ [স. অর্ধ+মূর্ছা+ইত] বিণ. প্রায় মূর্ছা গেছে এমন, সামান্য জ্ঞান আছে এমন। স্ত্রী. অর্ধমূর্ছিতা /অর্ধোমুর্ছিতা/।

অর্ধমৃত /অর্ধোমৃতো/ [স. অর্ধ+√মৃ+ত] বিণ. মৃতপ্রায়, আধমরা; দুর্বল ও নিষ্প্রাণ।

অর্ধরাত্র /অর্ধোরাত্রো/ [স. অর্ধ+রাত্র] বি. দ্র অর্ধরাত্রি।

অর্ধরাত্রি /অর্ধোরাত্রি/ [স. অর্ধ+√রা+ত্রি] বি. মাঝরাত, নিশীথ।

অর্ধশত /অর্ধোশতো/ [স. অর্ধ+শত] বি. ৫০ সংখ্যা। বিণ. ৫০ সংখ্যক।

অর্ধশিক্ষিত /অর্ধোশিক্ষিতো/ [স. অর্ধ+√শিক্ষ্+ত] বিণ. পুরোপুরি শিক্ষিত নয় এমন।

অর্ধসত্য /অর্ধোশোত্তো/ [স. অর্ধ+সত্য] বিণ. আংশিক সত্য।

অর্ধস্ফুট /অর্ধোস্ফুটো/ [স. অর্ধ+স্ফুট] বিণ. ১ অর্ধবিকশিত। ২ অর্ধোচ্চারিত; আধো-আধো।

অর্ধাংশ /অর্ধাংশো/ [স. অর্ধ+অংশ] বি. সমান দুই ভাগের এক ভাগ, অর্ধেক পরিমাণ।

অর্ধাঙ্গ /অর্ধাংগো/ [স. অর্ধ+অঙ্গ] বি. ১ দেহের

www.pathagar.com

অর্ধাংশ।২ আংশিক পক্ষাঘাত। ৩ (আল.) স্বামী।

অর্ধাঙ্গিনী /অর্ধাংগিনি/ [অশুপ্র.] বি. পত্নী, স্ত্রী, সহধর্মিণী।

অর্ধাঙ্গী /অর্ধাংগি/ [স. অর্ধ+অঙ্গ+ঈ] বি. পত্নী।

অর্ধাবশিষ্ট /অর্ধাবোশিশ্‌টো/ [স. অর্ধ+অব+√শিষ্+ত] বিণ. বাকি অর্ধেক।

অর্ধার্ধ /অর্ধার্‌ধো/ [স. অর্ধ+অর্ধ] বি. অর্ধেকের অর্ধেক অংশ, সমান চারভাগের একভাগ, সিকিভাগ।

অর্ধার্ধি /অর্ধার্‌ধি/ [স. অর্ধার্ধ+বা. ই] বিণ. ক্রিবিণ. আধাআধি।

অর্ধাশন /অর্ধাশন্/ [স. অর্ধ+অশন] বি. আধপেটা আহার।

অর্ধাসন /অর্ধাশোন্/ [স. অর্ধ+আসন] বি. আসনের অর্ধভাগ।

অর্ধেক /অর্‌ধেক্/ [স. অর্ধ >] বি. সমান দুই ভাগের একভাগ, অর্ধভাগ।

অর্ধেন্দু /অর্‌ধেনদু/ [স. অর্ধ+√ইন্দ্+উ] বি. পূর্ণরূপে উদিত হয়নি এমন চন্দ্র, চন্দ্রের অর্ধভাগ।

অর্ধেন্দুশেখর /অর্‌ধেনদুশেখর/ [স. অর্ধেন্দু+শেখর] বি. শিব।

অর্ধোচ্চারিত /অর্‌ধোচ্‌চারিতো/ [স. অর্ধ+উদ্+√চারি+ত] বিণ. অস্পষ্টভাবে উচ্চারিত।

অর্ধোদয় /অর্‌ধোদয়/ [স. অর্ধ+উদয়] বি. ১ অর্ধেক প্রকাশ। ২ পুণ্য তিথিবিশেষ। ৩ পৌষ বা মাঘ মাসে রবিবারের অমাবস্যা তিথিতে ব্যতিপাত (প্রাকৃতিক দুর্যোগ) এবং শ্রবণা নক্ষত্রের একত্র সমাপতনঘটিত কল্পিত অশুভ যোগবিশেষ।

অর্ধোদিত /অর্‌ধোদিতো/ [স. অর্ধ+উদ্+√ই+ত] বিণ. সম্পূর্ণ উদিত হয়নি এমন।

অর্পণ /অর্‌পোন্/ [স. √অর্পি+অন] বি. ১ দান, প্রদান। ২ ন্যস্তকরণ; সংস্থাপন। ৩ নিক্ষেপ।

অর্পণীয় /অর্‌পোনিয়ো/ [স. √অর্পি+অনীয়] বিণ. অর্পণ করা যায় বা করতে হবে এমন।

অর্পয়িতা /অর্‌পোয়িতা/ [স. √অর্পি+তৃ] বিণ. অর্পণকারী। স্ত্রী. অর্পয়িত্রী /অর্‌পোয়িত্‌রি/।

অর্পিত /ওর্‌পিতো/ [স. √অর্পি+ত] বিণ. অর্পণ করা হয়েছে এমন।

অর্বাচীন /অর্‌বাচিন্/ [স. √অর্বাচ্+ঈন্] বিণ. ১ অপরিণত বুদ্ধিসম্পন্ন; অপরিপক্ক; বিবেচনা-শক্তিহীন। ২ আধুনিক, হাল আমলের। ৩ (বাংলায়) অপরিণত বয়স্ক; অপরিণামদর্শী। বি. অর্বাচীনতা /অর্‌বাচিনতা/।

অর্বুদ /ওর্‌বুদ/ [স. অর+√বুন্দ্+অ] বি. জীবদেহে কোষবৃদ্ধিজনিত মাংসপিণ্ডের স্ফীতি, আব, tumour। বিণ. দশ কোটি সংখ্যক।

অর্যমা /অর্‌জোমা/ [স. √ঋ+মন্] বি. ১ সূর্য। ২ উত্তরফল্গুনী নক্ষত্র। ৩ অর্কবৃক্ষ।

অর্শ /অর্‌শো/ [স. √ঋ+অস্] বি. মলনালির স্ফীতি-জনিত রোগবিশেষ, piles।

অর্শা /অর্‌শা/ [বা.] ক্রিবি. উত্তরাধিকারসূত্রে পাওয়া বা অধিকারে আসা।

অর্শানো /অর্‌শানো/ [বা.] ক্রিবি. বর্তানো।

অর্হ /অর্‌হো/ [স. √অর্হ্+অ] বিণ. ১ উপযুক্ত। ২ পূজ্য (*সম্মানার্হ*); মান্য। স্ত্রী. অর্হা /অর্‌হা/।

অর্হণ /অর্‌হোন্/ [স. √অর্হ্+অন] বি. ১ পূজা। ২ সম্মান; যোগ্যতা।

অর্হণা /অর্‌হোনা/ [স. √অর্হ্+অন+আ (টাপ্)] বি. দ্র অর্হণ।

অর্হণীয় /অর্‌হোনিয়ো/ [স. √অর্হ্+অনীয়] বিণ. পূজনীয়, আরাধ্য।

অর্হৎ /অর্‌হত্/ [স. √অর্হ্+অৎ] বি. ১ বুদ্ধ। ২ জৈন সাধু। ৩ বৌদ্ধ ভিক্ষু।

অর্হিত /ওর্‌হিতো/ [স. √অর্হ্+ত] বিণ. পূজিত।

অল /অল্/ [স. √অল্+অ] বি. ১ কীটপতঙ্গের হুল। ২ হরিতাল।

অলংকরণ /অলংকরোন্/ [স. অলম্+√কৃ+অন] বি. ১ রচনার বক্তব্য পরিস্ফুটনের জন্য চিত্রণ। ২ অলংকার দিয়ে সজ্জিতকরণ। ৩ প্রসাধন। ৪ সাহিত্যে অনুপ্রাস উপমাদির প্রয়োগ। ৫ অতিরঞ্জন।

অলংকর্তা /অলংকর্‌তা/ [স. অলম্+√কৃ+তৃ] বি. যে ব্যক্তি অলংকার দিয়ে সজ্জিত করে। বিণ. প্রসাধক। স্ত্রী. অলংকর্ত্রী /অলংকোর্‌ত্রি/।

অলংকার /অলংকার্/ [স. অলম্+√কৃ+অ] বি. ১ গহনা; ভূষণ। ২ প্রসাধন। ৩ শোভা। ৪ গৌরব। ৫ ভাষার মাধুর্য ও উৎকর্ষ বৃদ্ধি করে এমন গুণ।

অলংকারক /অলংকারোক্/ [স. অলম্+√কৃ+অক] বিণ. অলংকৃত করে এমন, শোভাবর্ধক। বি. শোভা বৃদ্ধির উপকরণ, অলংকার।

অলংকারশাস্ত্র /অলংকারশাস্‌ত্রো/ [স. অলংকার+√শাস্+ত্র] বি. কাব্যালংকারসংক্রান্ত তত্ত্ব বা গ্রন্থ; সাহিত্যে ভাষার মাধুর্য বৃদ্ধির উদ্দেশ্যে অনুপ্রাস উপমা প্রভৃতির প্রয়োগবিষয়ক তত্ত্ব।

অলংকৃত /অলংকৃতো/ [স. অলম্+√কৃ+ত] বিণ. ১ অলংকারদ্বারা ভূষিত; সজ্জিত, আভরণমণ্ডিত।

www.pathagar.com

২ সৌষ্ঠবমণ্ডিত; সমৃদ্ধ।

অলংকৃতি /অলংকৃতি/ [স. অলম্+√কৃ+তি] বি. দ্র অলংকরণ।

অলংক্রিয়া /অলংক্রিআ/ [স. অলম্+√কৃ+অ+আ (টাপ্)] বি. দ্র অলংকরণ।

অলক /অলোক্/ [স. √অল্+অক] বি. ১ কুঞ্চিত কেশ। ২ ললাট বা গ্রীবাদেশে পতিত কুঞ্চিত কেশ-গুচ্ছ। ৩ অঙ্গে লিপ্ত কুমকুম। ৪ মেঘবিশেষ।

অলকমেঘ /অলোক্মেঘ্/ [স. অলক+মেঘ] বি. ঊর্ধ্ব আকাশে (৫ থেকে ১৩ কিলোমিটার ঊর্ধ্বে) দৃষ্ট কেশগুচ্ছের মতো তরঙ্গিত মেঘমালা, cirrus।

অলকনন্দা /অলোক্ননন্দা/ [স. অলক+√নন্দি+অ+আ (টাপ্)] বি. ১ গঙ্গোত্রীর কাছে প্রবাহিত গঙ্গানদীর একটি ধারা। ২ পুরাণোক্ত স্বর্গে প্রবাহিত গঙ্গানদী।

অলকা /অলোকা/ [স. অলক+আ (টাপ্)] বি. ১ কুঞ্চিত কেশ; অলক। ২ ধনদেবতা কুবেরের পুরী। ৩ কিশোরী কন্যা।

অলকাতিলক /অলোকাতিলক্/ [স. অলকা+তিলক] বি. চন্দনাদি দিয়ে মুখমণ্ডলের সজ্জা; তিলক ফোঁটা; পত্রলেখা।

অলকাতিলকা /অলোকাতিলকা/ [স. অলকাতিলক+আ (টাপ্)] বি. দ্র অলকাতিলক।

অলকানন্দা /অলোকানন্দা/ [স. অলকা+√নন্দি+অ+আ (টাপ্)] বি. দ্র অলকনন্দা।

অলক্ত /অলক্তো/ [স. ন+রক্ত] বি. লাক্ষারস থেকে প্রাপ্ত লাল রঙের তরল প্রসাধনসামগ্রী, আলতা, লাক্ষারস।

অলক্তক /অলক্তক্/ [স. অলক্ত+ক (স্বার্থে)] বি. আলতা (*ফিরে রক্ত-অলক্তক-ধৌত পায়ে ধরা-সিক্ত বায়ে,* রবীন্দ্র.)।

অলক্তরাগ /অলক্তোরাগ্/ [স. অলক্ত+রাগ] বি. আলতার রং।

অলক্ষণ[১] /অলোক্খোন্/ [স. ন+লক্ষণ] বি. ১ কুলক্ষণ, অশুভচিহ্ন। ২ অকল্যাণ, অমঙ্গল।

অলক্ষণ[২] /অলোক্খোন্/ [স. ন+লক্ষণ] বিণ. কুলক্ষণ-যুক্ত, অপয়া। স্ত্রী. অলক্ষণা /অলোক্খোনা/।

অলক্ষণে /অলোক্খোনে/ [স. অলক্ষণ+বা. এ] বিণ. অমঙ্গলজনক, অশুভ লক্ষণযুক্ত; অপয়া।

অলক্ষিত /অলোক্খিতো/ [স. ন+√লক্ষ্+ত] বিণ. ১ নজরে পড়েনি এমন। ২ অতর্কিত, হঠাৎ। ৩ (বাংলায়) উদ্দেশহীন; অভিপ্রেত নয় এমন।

অলক্ষিতে /অলোক্খিতে/ [স. অলক্ষিত+বা. এ] ক্রিবিণ. ১ অন্যের অজ্ঞাতে। ২ দৃষ্টির অগোচরে। ৩ অতর্কিতে; অসতর্ক অবস্থায়।

অলক্ষুনে /অলোক্খুনে/ [বা.] বিণ. 'অলক্ষণে'-র কথ্য রূপ।

অলক্ষে /অলোক্খে/ [স. অলক্ষ+বা. এ] ক্রিবিণ. অন্যের দৃষ্টির অগোচরে।

অলক্ষ্মী /অলোক্ষ্মী/ [স. ন+√লক্ষ্+ঈ] বিণ. ১ গৃহকর্মে শ্রীহীনা। ২ হতভাগ্য, লক্ষ্মীছাড়া। বি. ১ দুর্ভাগ্য। ২ শ্রীহীনতা। ৩ সমুদ্রমন্থনে প্রথম উদ্ভূতা, দুর্ভাগ্যের কারণরূপে কল্পিত দুষ্ট লক্ষ্মী (*লক্ষ্মীরে হারাবই যদি, অলক্ষ্মীরে পাবই।* রবীন্দ্র.)।

অলক্ষ্মীতে পাওয়া /অলোক্ষ্মীতে পাওআ/ ক্রিবি. বারবার দুর্দশাগ্রস্ত হওয়া।

অলক্ষ্মীর দশা /অলোক্ষ্মীর্ দশা/ বি. ১ শ্রীহীনতা। ২ দারিদ্র্য।

অলক্ষ্মীর দৃষ্টি /অলোক্ষ্মীর্ দৃষ্টি/ বি. অভাব-অনটন; দুর্দশা, দুর্ভাগ্য।

অলক্ষ্য /অলোক্খ্যো/ [স. ন+√লক্ষ্+য] বিণ. লক্ষ্যহীন, উদ্দেশ্যহীন।

অলখ /অলোখ্/ [স. অলক্ষ্য >] বিণ. ১ দৃষ্টির অগোচর, অপ্রত্যক্ষ। ২ ইন্দ্রিয়াতীত।

অলখঝোরা /অলোখ্ঝোরা/ [বা.] বি. চোখের আড়ালে অবস্থিত ঝরনা।

অলখবিহারী /অলোখ্বিহারি/ [বা. অলখ+স. বিহারী] বিণ. দৃষ্টির বাইরে বিচরণকারী।

অলখিত /অলোখিত/ [স. অলক্ষিত >] বিণ. লক্ষ করা হয়নি এমন, অলক্ষিত।

অলখিতে /অলোখিতে/ [স. অলক্ষ্য >] ক্রিবিণ. অগোচরে।

অলঙ্ঘনীয় /অলংঘোনিয়ো/ [স. ন+√লঙ্ঘ্+অনীয়] বিণ. ১ লঙ্ঘন করা যায় না বা লঙ্ঘন করা অনুচিত এমন, লঙ্ঘনের অসাধ্য। ২ অবশ্যকরণীয়, অবশ্য-পালনীয়।

অলঙ্ঘ্য /অলোংঘো/ [স. ন+√লঙ্ঘ্+য] বিণ. দ্র অলঙ্ঘনীয়।

অলজ্জ /অলজ্জো/ [স. ন+√লস্জ্+অ+আ (টাপ্)] বিণ. লজ্জাহীন, নির্লজ্জ, বেহায়া।

অলজ্জিত /অলোজ্জিতো/ [স. ন+√লস্জ্+ত] বিণ. লজ্জিত নয় এমন।

অলপ্পেয়ে /অলপ্পেয়ে/ [স. অল্পায়ুস্ >] বি. অল্পায়ু হোক এরূপ উক্তি; গালিবিশেষ। বিণ. অল্প আয়ুবিশিষ্ট, স্বল্পায়ু।

অলব্ধ /অলব্ধো/ [স. ন+√লভ্+ত] বিণ. ১ পাওয়া

www.pathagar.com

যায়নি এমন। ২ অনধিগত।

অলভ্য /অলোব্‌ভো/ [স. ন+√লভ্+য] বিণ. পাওয়া যায় না এমন, অপ্রাপণীয়, অপ্রাপ্য।

অলম্বুষ /অলোম্‌বুশ্/ [স. অলম্+√বুষ্+অ] বি. ১ ঘটোৎকচ কর্তৃক নিহত মহাভারতোক্ত জটাসুর রাক্ষসের পুত্র, পুরাণোক্ত রাক্ষসবিশেষ। ২ (আল.) মোটাসোটা এবং অলস প্রকৃতির লোক। ৩ লজ্জাবতী লতা। বিণ. ১ নির্বোধ। ২ অমার্জিত।

অলস /অলশ্/ [স. ন+√লস্+অ] বিণ. ১ শ্রমবিমুখ, কুঁড়ে। ২ মন্থর। ৩ উদাস, অন্যমনস্ক। ৪ জড় প্রকৃতিবিশিষ্ট। ৫ (বাংলায়) অকর্মণ্য। বি. অলসতা /অলশতা/।

অলাত /অলাত্/ [স. ন+√লা+ত] বি. জ্বলন্ত কয়লা বা অঙ্গার।

অলাতচক্র /অলাতোচক্‌ক্রো/ [স. অলাত+চক্র] বি. জ্বলন্ত বস্তুকে চক্রাকারে ঘোরালে যে অগ্নিবলয় দেখা যায়, বহ্নিবলয়।

অলাতশিলা /অলাতোশিলা/ [স. অলাত+শিলা] বি. পাথুরে কয়লা।

অলাবু /অলাবু/ [স. ন+√লব্+উ] বি. যা জলে ডোবে না, বড়ো পাতা ও সাদা ফুলবিশিষ্ট লতানে উদ্ভিদের বৃহদাকার লম্বাটে সবজি (আনি. আফ্রিকা), লাউ, কদু।

অলাভজনক /অলাভ্‌জনোক্/ [স. অলাভ+জনক] বিণ. লাভজনক নয় এমন (*অলাভজনক ব্যবসায়*)।

অলি[১] /ওলি/ [স. √অল্+ই] বি. ১ ভ্রমর। ২ বৃশ্চিক। ৩ কোকিল। ৪ কাক। ৫ সুরা, মদ্য।

অলি[২] /ওলি/ [আ.] বি. ১ অভিভাবক; অছি। ২ রক্ষক। ৩ দরবেশ।

অলি-অছি /ওলিওছি/ [আ.] বি. অপ্রাপ্তবয়স্কের অভিভাবক ও সম্পত্তির রক্ষক।

অলিকুল /ওলিকুল্/ [স. অলি+কুল] বি. ভ্রমরের ঝাঁক, ভ্রমরকুল।

অলিখিত /অলিখিতো/ [স. ন+√লিখ্+ত] বিণ. লেখা হয়নি বা লিখিত নয় এমন, মৌখিক।

অলিগলি /ওলিগোলি/ [বা.] বি. সংকীর্ণ পথ, কাছা-কাছি অবস্থিত একাধিক সরু পথ, গলিঘুঁজি।

অলিজিহ্বা /ওলিজিভ্‌ভা/ [স. অলি+√লিহ্+ব+আ (টাপ্)] বি. মানুষ ও প্রাইমেট বর্গের কোনো কোনো প্রাণীর গলনালির মুখে কোমল তালু থেকে ঝুলন্ত মাংসল প্রত্যঙ্গবিশেষ, আলজিভ, উপ-জিহ্বা, প্রতিজিহ্বা, uvula।

অলিঞ্জর /ওলিন্‌জর্/ [দেশি.] বি. মাটির বড়ো পাত্র; জালা, মটকি।

অলিন্দ /ওলিন্‌দো/ [স. √অল্+ইন্দ] বি. বারান্দা; চাতাল।

অলিম্পিক /অলিম্‌পিক্/ [গ্রি.] বি. ১ গ্রিক দেবতা অলিম্পিয়ান জিউসের স্মরণে খ্রিষ্টপূর্ব ৭৭৬ অব্দ থেকে চার বৎসর অন্তর দক্ষিণ গ্রিসের অলিম্পিয়া নগরে উদ্‌যাপিত ক্রীড়া-উৎসব। ২ বিভিন্ন রাষ্ট্রের অংশগ্রহণে প্রতি চার বৎসর অন্তর অনুষ্ঠিত বিশ্বের বৃহত্তম আন্তর্জাতিক ক্রীড়া প্রতিযোগিতা। ৩ Olympic।

অলীক /অলিক্/ [স. √অল্+ঈক] বি. ১ মিথ্যা, অসত্য। ২ ললাট, কপাল। বিণ. কাল্পনিক।

অলুক /অলুক্/ [স. ন+লুক্] বিণ. লোপ পায় না এমন, লোপবর্জিত। বি. লোপহীনতা।

অলুক সমাস /অলুক্ শমাশ্/ বি. (ব্যা.) যে সমাসে পূর্বপদে বিভক্তির লোপ হয় না (যথা : তেলে-ভাজা, গায়েপড়া), অলোপ সমাস।

অলুব্ধ /অলুব্‌ধো/ [স. ন+√লুভ্+ত] বিণ. লোভহীন।

অলোক /অলোক্/ [স. ন+লোক] বিণ. ১ অসাধারণ। ২ নির্জন, জনবসতিহীন। বি. নির্জন জায়গা।

অলোকসাধারণ /অলোক্‌শাধারোন্/ [স. অলোক+সাধারণ] বিণ. মনুষ্যলোকে সাধারণত ঘটে না বা দেখা যায় না এমন, অসাধারণ; অলৌকিক।

অলোকসামান্য /অলোক্‌শামান্নো/ [স. অলোক+সামান্য] বিণ. মনুষ্যলোকে সামান্য নয় এমন, অসামান্য; অসাধারণ। স্ত্রী. অলোকসামান্যা /অলোক্‌শামান্না/।

অলোকসুন্দর /অলোক্‌শুন্‌দর্/ [স. অলোক+সুন্দর] বিণ. মনুষ্যলোকে দেখা যায় না এমন সুন্দর। স্ত্রী. অলোকসুন্দরী /অলোক্‌শুন্‌দোরি/।

অলোপ সমাস /অলোপ্ শমাশ্/ বি. দ্র অলুক সমাস।

অলোল /অলোল্/ [স. ন+লোল] বিণ. ঢিলে হয়ে ঝুলে পড়েনি এমন, অশিথিল, টানটান।

অলৌকিক /অলৌকিক্/ [স. ন+লৌকিক] বিণ. ১ ইহলোকে ঘটে না এমন, লোকাতীত, অপার্থিব। ২ মানুষের পক্ষে অসম্ভব।

অল্প /অল্‌পো/ [স. √অল্+প] বিণ. ১ কম; ঈষৎ। ২ লঘু, মৃদু। ৩ অনুদার (*অল্পমতি*)। ৪ ক্ষুদ্র। ৫ (বাংলায়) নীচ; হীন। বি. ~তা /-তা/।

অল্পক্ষণ /অল্‌পোক্‌খন্/ [স. অল্প+ক্ষণ] বি. কিয়ৎ-কাল, ক্ষণকাল, অল্পকাল।

www.pathagar.com

অল্পচেতা /অল্‌পোচেতা/ [স. অল্প+বা. চেতা] বিণ. ১ ক্ষুদ্রপ্রাণ। ২ অনুদার।

অল্প জলের মাছ /অল্‌পো জলের্ মাছ্/ প্র. ১ যে ব্যক্তি সামান্য বিদ্যা নিয়ে অধিক পাণ্ডিত্যের ভান করে। ২ যে ব্যক্তি সামান্য সম্পদ নিয়ে গর্ব করে।

অল্পজীবিতা /অল্‌পোজিবিতা/ [স. অল্প+√জীব্+ইন্+তা] বি. ক্ষণজীবিতা।

অল্পজীবী /অল্‌পোজিবি/ [স. অল্প+√জীব্+ইন্] বিণ. অল্পকাল বাঁচে এমন, ক্ষণজীবী।

অল্পজ্ঞ /অল্‌পোগ্‌গোঁ/ [স. অল্প+√জ্ঞা+অ] বিণ. অল্পজ্ঞানসম্পন্ন। বি. ~তা /-তা/।

অল্পতনু /অল্‌পোতোনু/ [স. অল্প+√তন্+উ] বিণ. হ্রস্বদেহ, বেঁটে, বামন, নাটা।

অল্পত্ব /অল্‌পোত্‌তো/ [স. অল্প+ত্ব] বি. সামান্যতা।

অল্পদর্শী /অল্‌পোদোর্‌শি/ [স. অল্প+√দৃশ্+ইন্] বিণ. অদূরদর্শী। বি. **অল্পদর্শিতা** /অল্‌পোদোর্‌শিতা/।

অল্পপ্রাণ /অল্‌পোপ্‌প্রান্/ [স. অল্প+প্রাণ] বিণ. ১ মৃদু শ্বাসবায়ু সহযোগে উচ্চারিত (*অল্পপ্রাণ বর্ণ*)। ২ ক্ষীণায়ু, অল্পায়ু। ৩ ক্ষুদ্রপ্রাণ, সংকীর্ণচেতা।

অল্পপ্রাণ বর্ণ /অল্‌পোপ্রান্ বর্‌নো/ বি. মৃদু শ্বাসবায়ুযোগে উচ্চারিত বর্ণ, বর্গের প্রথম তৃতীয় ও পঞ্চম বর্ণ এবং য র ল ব শ ষ স।

অল্পবয়সি /অল্‌পোবয়োশি/ [স. অল্পবয়স+বা. ই] বিণ. দ্র অল্পবয়স্ক।

অল্পবয়স্ক /অল্‌পোবয়োশ্‌কো/ [স. অল্প+বয়স্+কপ্] বিণ. বয়ঃপ্রাপ্ত নয় এমন।

অল্পবিত্ত /অল্‌পোবিত্‌তো/ [স. অল্প+√বিদ্+ত] বিণ. ধনী বা বিত্তবান নয় এমন; দরিদ্র।

অল্পবিদ্য /অল্‌পোবিদ্‌দো/ [স. অল্প+√বিদ্+য] বিণ. উচ্চশিক্ষিত নয় এমন; অল্প লেখাপড়া জানে এমন।

অল্পবিদ্যা /অল্‌পোবিদ্‌দা/ [স. অল্প+√বিদ্+য+আ (টাপ্)] বি. সামান্য লেখাপড়া বা জ্ঞান।

অল্পবিদ্যা ভয়ংকরী /অল্‌পোবিদ্‌দা ভয়োংকোরি/ প্র. অগভীর জ্ঞান থেকে জাত অহংকার যা ভয়ংকর রূপ ধারণ করতে পারে।

অল্পবিস্তর /অল্‌পোবিস্‌তর্/ [স. অল্প+বি+√স্তৃ+অ] বিণ. ক্রিবিণ. একটু-আধটু, কিছু কিছু, ভাসাভাসা।

অল্পবুদ্ধি /অল্‌পোবুদ্‌ধি/ [স. অল্প+√বুধ্+তি] বিণ. ১ সামান্য বুদ্ধিসম্পন্ন। ২ জড়বুদ্ধি, হীনচেতা।

অল্পভাষী /অল্‌পোভাশি/ [স. অল্প+√ভাষ্+ইন্] বিণ. অল্প কথা বলে এমন, মিতভাষী।

অল্পমতি /অল্‌পোমোতি/ [স. অল্প+মতি] বিণ. হীনচেতা; নীচ।

অল্পস্বল্প /অল্‌পোশল্‌পো/ [স. অল্প+সু+√অল্+প] বিণ. একটু-আধটু, যৎকিঞ্চিৎ, খুব কম।

অল্পাকাঙ্ক্ষা /অল্‌পাকাংখা/ [স. অল্প+আ+√কাঙ্ক্ষ্+অ+আ (টাপ্)] বি. ক্ষুদ্র আশা।

অল্পাকাঙ্ক্ষী /অল্‌পাকাংখি/ [স. অল্প+আ+√কাঙ্ক্ষ্+ইন্] বিণ. উচ্চ আকাঙ্ক্ষা নেই এমন।

অল্পাধিক /অল্‌পাধিক্/ [স. অল্প+অধিক] বিণ. একটু কম বা বেশি এমন।

অল্পায়ত /অল্‌পায়তো/ [স. অল্প+আ+√যম্+ত] বিণ. অপরিসর, সংকীর্ণ; কম চওড়া।

অল্পায়ু /অল্‌পায়ু/ [স. অল্প+আয়ু] বিণ. ১ অল্পদিন বেঁচে থাকে এমন। ২ অল্পদিন কার্যকর বা চালু থাকে এমন।

অল্পাশয় /অল্‌পাশয়/ [স. অল্প+আশয়] বিণ. ১ হীনমতি, নীচাশয়। ২ অল্পে সন্তুষ্ট এমন; অল্পাকাঙ্ক্ষী।

অল্পাশী /অল্‌পাশি/ [স. অল্প+√অশ্+ইন্] বিণ. পরিমিত আহার করে এমন, অল্পাহারী।

অল্পাহার /অল্‌পাহার/ [স. অল্প+আহার] বি. লঘু ভোজন, পরিমিত আহার।

অল্পাহারী /অল্‌পাহারি/ [স. অল্প+আ+√হৃ+ইন্] বিণ. পরিমিত আহার করে এমন। বি. যার খোরাক কম, যে ব্যক্তি অল্প আহার করে।

অল্পে অল্পে /অল্‌পে অল্‌পে/ ক্রিবিণ. ১ ক্রমে ক্রমে, ধীরে ধীরে। ২ অল্পের ওপর দিয়ে।

অশক্ত /অশক্‌তো/ [স. ন+√শক্+ত] বিণ. ১ দুর্বল। ২ অক্ষম, অপারগ।

অশক্য /অশোক্‌কো/ [স. ন+শক্য] বিণ. ১ সাধ্যের অতীত, অসাধ্য। ২ অসম্ভব।

অশঙ্ক /অশংকো/ [স. ন+√শঙ্ক্+অ] বিণ. ১ শঙ্কা নেই এমন, শঙ্কাহীন। ২ নির্ভীক। ৩ নিরুদ্‌বেগ, নিঃসংশয়; দ্বন্দ্বহীন।

অশঙ্কনীয় /অশংকোনিয়ো/ [স. ন+√শঙ্ক্+অনীয়] বিণ. শঙ্কা বা ভয়ের অতীত।

অশঙ্কিত /অশোংকিতো/ [স. ন+√শঙ্ক্+ত] বিণ. শঙ্কিত নয় এমন।

অশথ /অশথ্/ [স. অশ্বত্থ >] বি. 'অশ্বত্থ'-র চলিত রূপ।

অশন /অশন্/ [স. √অশ্+অন] বি. ১ ভোজন, আহার। ২ আহার্যসামগ্রী, খাদ্যদ্রব্য।

অশনবসন /অশনবশোন্/ [স. অশন+বসন] বি. অন্নবস্ত্র, খাওয়াপরা, ভাতকাপড়।

অশনা /অশনা/ [স. অশন >] বি. আহারের ইচ্ছা,

www.pathagar.com

ক্ষুধা।

অশনি /অশোনি/ [স. √অশ্+অনি] বি. বাজ, বজ্র, কুলিশ (*অশনিসংকেত*)।

অশনিপাত /অশোনিপাত্/ [স. অশনি+√পত্+অ] বি. বজ্রপাত, বজ্রপতন।

অশনিসংকেত /অশোনিশংকেত্/ [স. অশনি+সম্+√কিৎ+অ] বি. বিপদের পূর্বাভাস।

অশনিসম্পাত /অশোনিশম্পাত্/ [স. অশনি+সম্+√পৎ+অ] বি. বজ্রপাত।

অশরণ /অশরোন্/ [স. ন+√শৃ+অন] বিণ. নিরাশ্রয়, আশ্রয়হীন; নিঃসহায়।

অশরীরী /অশোরিরি/ [স. ন+শরীর+ইন্] বিণ. ১ দেহহীন, কায়াহীন। ২ নিরাকার। বি. প্রেতাত্মা।

অশান্ত /অশান্তো/ [স. ন+√শম্+ত] বিণ. ১ চঞ্চল, দুরন্ত; অস্থির। ২ প্রবোধহীন, সান্ত্বনাহীন। ৩ উৎকণ্ঠিত, উদ্‌বিগ্ন। ৪ হিংস্র।

অশান্তি /অশান্তি/ [স. ন+√শম্+তি] বি. ১ শান্তির অভাব। ২ মানসিক যন্ত্রণা, মানসিক অস্থিরতা। ৩ কলহ, বিবাদ; বিতর্ক। ৪ গোলমাল, কোলাহল।

অশালীন /অশালিন্/ [স. ন+শালা+ঈন] বিণ. শালীনতাবর্জিত। বি. **অশালীনতা** /অশালিনতা/।

অশাশ্বত /অশাশ্শতো/ [স. ন+শশ্বৎ+অ] বিণ. চিরস্থায়ী নয় এমন; অনিত্য।

অশাসন /অশাশোন্/ [স. ন+শাসন] বি. শাসনহীনতা, অরাজক অবস্থা।

অশাসিত /অশাশিতো/ [স. ন+√শাস্+ত] বিণ. শাসন করা হয় না বা হয়নি এমন, শাসনশূন্য।

অশাস্য /অশাশ্শো/ [স. ন+√শাস্+য] বিণ. শাসন করা যায় না এমন, শাসনবহির্ভূত; অদম্য।

অশাস্ত্র /অশাস্ত্রো/ [স. ন+√শাস্+ত্র] বি. বেদ স্মৃতি প্রভৃতি শাস্ত্রবহির্ভূত স্মৃতিগ্রন্থ অর্থাৎ শাস্ত্ররূপে গণ্য করা হয় না এমন শাস্ত্র, কুশাস্ত্র।

অশাস্ত্রীয় /অশাস্ত্রিয়ো/ [স. ন+শাস্ত্র+ঈয়] বিণ. শাস্ত্রবিহিত নয়, শাস্ত্রবিরোধী; নিষিদ্ধ, অবৈধ।

অশিক্ষা /অশিক্ষা/ [স. ন+√শিক্ষ্+অ+আ (টাপ্)] বি. প্রকৃত শিক্ষার অভাব; কুশিক্ষা।

অশিক্ষিত /অশিক্ষিতো/ [স. ন+√শিক্ষ্+ত] বিণ. ১ শিক্ষা পায়নি এমন। ২ মূর্খ; বিদ্যাহীন। ৩ অসভ্য। স্ত্রী. **অশিক্ষিতা** /অশিক্ষিতা/।

অশিথিল /অশিথিল্/ [স. ন+√শ্‌থ্+ইর] বিণ. ঢিলে বা আলগা নয় এমন, দৃঢ়, আঁটোসাঁটো।

অশিব /অশিব্/ [স. ন+শিব] বি. অমঙ্গল, অকল্যাণ। বিণ. অমঙ্গল আনে এমন, অশুভ।

অশিষ্ট /অশিশ্‌টো/ [স. ন+√শাস্+ত] বিণ. ১ অসভ্য, অভব্য। ২ দুরন্ত, অশান্ত। বি. ~তা /–তা/।

অশিষ্টাচরণ /অশিশ্‌টাচরোন্/ [স. অশিষ্ট+আচরণ] বি. অভদ্র ব্যবহার, অমার্জিত আচরণ।

অশিষ্টাচার /অশিশ্‌টাচার্/ [স. অশিষ্ট+আচার] বি. দ্র অশিষ্টাচরণ।

অশীতি /ওশিতি/ [স. অষ্টদশন্+তি] বি. ৮০ সংখ্যা। বিণ. ৮০ সংখ্যক।

অশীতিতম /ওশিতিতমো/ [স. অশীতি+তমট্] বিণ. ৮০ সংখ্যক; ৮০ স্থানীয়। স্ত্রী. **অশীতিতমী** /ওশিতিতোমি/।

অশীতিপর /ওশিতিপর্/ [স. অশীতি+পর] বিণ. আশি বা তার অধিক বয়সবিশিষ্ট (*অশীতিপর বৃদ্ধ*); অতি বৃদ্ধ।

অশীল /অশিল্/ [স. ন+শীল] বিণ. দুষ্ট, অশিষ্ট; দুঃশীল; অমার্জিত। বি. **অশীলতা** /অশিলতা/।

অশুচি /অশুচি/ [স. ন+শুচি] বিণ. অপবিত্র। বি. ~তা /–তা/।

অশুচিত্ব /অশুচিত্তো/ [স. অশুচি+ত্ব] বি. অপবিত্রতা।

অশুদ্ধ /অশুদ্‌ধো/ [স. ন+√শুধ্+ত] বিণ. ১ ত্রুটিপূর্ণ। ২ অপবিত্র। ৩ অশোধিত। ৪ শাস্ত্রমতে সিদ্ধ নয়।

অশুদ্ধি /অশুদ্‌ধি/ [স. ন+√শুধ্+তি] বি. ১ অপবিত্রতা। ২ ভুল।

অশুদ্ধিপত্র /অশুদ্‌ধিপত্রো/ [স. অশুদ্ধি+পত্র] বি. ভ্রমাত্মক মুদ্রণের সংশোধনতালিকা।

অশুভ /অশুভো/ [স. ন+শুভ] বি. ১ অমঙ্গল। ২ পাপ। বিণ. অকল্যাণকর, অমঙ্গলজনক।

অশুভংকর /অশুভংকর্/ [স. অশুভম্+√কৃ+অ] বিণ. অমঙ্গল বা অকল্যাণজনক।

অশুভকর /অশুভোকর্/ [স. অশুভ+√কৃ+অ] বিণ. অমঙ্গলজনক, অহিতকর।

অশুভ কামনা /অশুভো কামোনা/ বি. অকল্যাণ কামনা।

অশুভকাল /অশুভোকাল্/ [স. অশুভ+√কালি+অ] বি. শুভকর নয় এমন সময়, অপ্রশস্তকাল।

অশুমার /অশুমার্/ [ফা. শুমার >] বিণ. অসংখ্য, অফুরান, অঢেল, বেশুমার।

অশুষ্ক /অশুশ্‌কো/ [স. ন+√শুষ্+ত] বিণ. ১ শুষ্ক নয় এমন; ভেজা। ২ সরস; তাজা। ৩ অনুভূতিপূর্ণ।

অশেষ /অশেশ্/ [স. ন+শেষ] বিণ. ১ শেষ নেই

www.pathagar.com

এমন। ২ সুবিশাল। ৩ সুদূরপ্রসারী। ৪ অনেক, বহু। ৫ (বাংলায়) বৃহৎ (*আমারে তুমি অশেষ করেছ, এমনি লীলা তব*— রবীন্দ্র.)।

অশেষজ্ঞ /অশেশগ্‌গোঁ/ [স. অশেষ+√জ্ঞা+অ] বিণ. সবকিছু জানে এমন, সর্বজ্ঞ।

অশেষতত্ত্বজ্ঞ /অশেশ্‌তত্‌তোগ্‌গোঁ/ [স. অশেষতত্ত্ব +√জ্ঞা+অ] বিণ. দ্র অশেষজ্ঞ।

অশেষবিধ /অশেশ্‌বিধো/ [স. অশেষ+√বিধ্+অ] বিণ. অনেক প্রকার, বহুবিধ, নানাবিধ।

অশোক[১] /অশোক্/ [স. ন+শোক] বি. ১ মৌর্যবংশের নৃপতিবিশেষ (খ্রি.পূ. ২৬৯–২৩২)। ২ শোকের অভাব। বিণ. শোকহীন, শোকশূন্য।

অশোক[২] /অশোক্/ [স. ন+শোক] বি. ভারতীয় উপমহাদেশে প্রায় সর্বত্র বসন্তকালে থোকায় থোকায় ফোটে এমন লালচে কমলা রঙের মৃদুগন্ধ ফুল বা তার চিরহরিৎ বৃক্ষ, Jonesia asoka।

অশোককানন /অশোক্‌কানোন্/ [স. অশোক+কানন] বি. ১ অশোক বৃক্ষের বন। ২ রামায়ণে বর্ণিত লঙ্কার যে প্রমোদকাননে লঙ্কাধিপতি রাবণ সীতাকে বন্দি করে রেখেছিলেন।

অশোকবন /অশোক্‌বোন্/ [স. অশোক+বন] বি. দ্র অশোককানন।

অশোকলিপি /অশোক্‌লিপি/ [স. অশোক+লিপি] বি. পাথরে খোদিত সম্রাট অশোকের অনুশাসন।

অশোকষষ্ঠী /অশোক্‌শোশ্‌ঠি/ [স. অশোক+ষষ্ঠ+ঈ] বি. চৈত্রমাসের শুক্ল ষষ্ঠী তিথি।

অশোকস্তম্ভ /অশোক্‌স্‌তম্‌ভো/ [স. অশোক+ √স্তম্‌ভ্+অ] বি. (সম্রাট অশোক কর্তৃক নির্মিত) শীর্ষে তিনটি সিংহমূর্তি ও চক্র–সহ পাথরের স্তম্ভ।

অশোকাষ্টমী /অশোকাশ্‌টোমি/ [স. অশোক+অষ্টম+ ঈ] বি. চৈত্রমাসের শুক্ল অষ্টমী।

অশোচনীয় /অশোচোনিয়ো/ [স. ন+√শুচ্+অনীয়] বিণ. শোক করা অনুচিত এমন।

অশোচ্য /অশোচ্চো/ [স. ন+√শুচ্+য] বিণ. দ্র অশোচনীয়।

অশোধন /অশোধোন্/ [স. ন+√শুধ্+অন] বি. শোধন বা পরিমার্জনের অভাব।

অশোধিত /অশোধিতো/ [স. ন+√শুধ্+ণিচ্+ত] বিণ. ১ শোধন করা হয়নি এমন। ২ পরিশোধ করা হয়নি এমন, অপরিশোধিত।

অশোভন /অশোভোন্/ [স. ন+√শুভ্+অন] বিণ. ১ শোভা পায় না এমন। ২ অসংগত। ৩ মার্জিত নয় এমন। বি. **অশোভনতা** /অশোভোনতা/।

অশোভিত /অশোভিতো/ [স. ন+√শোভি+ত] বিণ. ১ সাজানো হয়নি এমন, অসজ্জিত। ২ অবিন্যস্ত।

অশৌচ /অশৌচ্/ [স. ন+শৌচ] বি. ১ অশুদ্ধি। ২ হিন্দুশাস্ত্রমতে সন্তানজন্মহেতু প্রসূতির নির্দিষ্ট সময় পর্যন্ত দেহের অপবিত্রতা বা নিকট আত্মীয়বর্গের মৃত্যুর পর দেহের অপবিত্রতা।

অশৌচান্ত /অশৌচ্‌চান্‌তো/ [স. ন+শৌচ+√অম্+ত] বি. অশৌচ অবস্থার সমাপ্তি।

অশ্ব /অশ্‌শো/ [স. √অশ্+ব] বি. সহজে পোষ মানে এমন লোমাবৃত দেহ এবং ঘাড়ে লম্বা কেশরবিশিষ্ট শক্ত খুরওয়ালা ক্ষিপ্রগামী স্তন্যপায়ী চতুষ্পদ জন্তু, ঘোড়া, ঘোটক, হয়, তুরঙ্গম, তুরগ, বাজী।

অশ্বকর্ণ /অশ্‌শোকর্‌নো/ [স. অশ্ব+কর্ণ] বি. ঘোড়ার কানের মতো পাতাবিশিষ্ট গাছ; শালগাছ; Shorea robusta।

অশ্বকোবিদ /অশ্‌শোকোবিদ্/ [স. অশ্ব+কোবিদ] বিণ. ১ অশ্বসংক্রান্ত যাবতীয় বিষয়ে অভিজ্ঞ। ২ সুদক্ষ অশ্বারোহী।

অশ্বক্ষমতা /অশ্‌শোখমোতা/ [স. অশ্ব+ক্ষমতা] বি. দ্র অশ্বশক্তি।

অশ্বখুর /অশ্‌শোখুর্/ [স. অশ্ব+খুর] বি. ঘোড়ার খুর।

অশ্বগন্ধা /অশ্‌শোগন্‌ধা/ [স. অশ্ব+√গন্ধ্+অ+আ (টাপ্)] বি. ভারতীয় উপমহাদেশ ও আফ্রিকায় হেমন্তকালে ফোটে এমন সবুজাভ হলুদ উভলিঙ্গ ছোটো ফুল বা লালচে গোলাকার ফল এবং তার রোমশ সবুজাভ পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির উদ্ভিদ যার শেকড় অশ্বগন্ধযুক্ত।

অশ্বগোষ্ঠ /অশ্‌শোগোশ্‌ঠো/ [স. অশ্ব+গো+√স্থা+অ] বি. ঘোড়া রাখার ঘর, আস্তাবল, মন্দুরা।

অশ্বগ্রীব /অশ্‌শোগ্রিবো/ [স. অশ্ব+√গ্রু+ব] বিণ. ঘোড়ার ন্যায় দীর্ঘ গ্রীবাবিশিষ্ট।

অশ্বডিম্ব /অশ্‌শোডিম্‌বো/ [স. অশ্ব+ডিম্ব] বি. ঘোড়ার ডিমের মতো অলীক বা অসার বস্তু, কিছুই না, ঘোড়ার ডিম।

অশ্বতর /অশ্‌শোতর্/ [স. অশ্ব+তর] বি. ঘোড়া ও গাধার মিলনজাত পশু, খচ্চর। বিণ. অশ্বের মতো দ্রুতগামী। স্ত্রী. **অশ্বতরী** /অশ্‌শোতোরি/।

অশ্বত্থ /অশ্‌শত্‌থো/ [স. অশ্ব+√স্থা+অ] বি. বাংলাদেশ–সহ দক্ষিণ–পূর্ব এশিয়া আফ্রিকা ও অস্ট্রেলিয়ায় জাত এবং বসন্তকালে ফোটে এমন সবুজাভ হলুদ ফুল ও লালচে গোলাপি রোমশ গোলাকার ফল পানপাতাসদৃশ পাতা বা তার শাখা–প্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বটজাতীয় বহুবর্ষজীবী পত্রমোচী বৃক্ষ, পানবট, পিপ্পল।

www.pathagar.com

অশ্বত্থামা /অশ্‌শোত্‌থামা/ [স. অশ্ব+√স্থা+মন্‌] বি. মহাভারতে উল্লিখিত দ্রোণাচার্যের পুত্র এবং কুরুপাণ্ডবের অস্ত্রগুরু (কথিত আছে যে তিনি জন্মমুহূর্তে ঘোড়ার মতো ডেকে উঠেছিলেন)।

অশ্বপাল /অশ্‌শোপাল্‌/ [স. অশ্ব+√পাল্‌+অ] বি. দ্র অশ্বপালক।

অশ্বপালক /অশ্‌শোপালক্‌/ [স. অশ্ব+√পাল্‌+অক] বি. ঘোড়ার তত্ত্বাবধায়ক, সহিস।

অশ্ববাহ /অশ্‌শোবাহো/ [স. অশ্ব+√বহ্‌+অ] বিণ. বি. অশ্বারোহী, ঘোড়সওয়ার।

অশ্ববাহন /অশ্‌শোবাহোন্‌/ [স. অশ্ব+√বাহি+অন] বিণ. বি. দ্র অশ্ববাহ।

অশ্ববিৎ /অশ্‌শোবিত্‌/ [স. অশ্ব+বিৎ] বিণ. অশ্বকে পোষ মানানো এবং তৎসংক্রান্ত যাবতীয় বিষয়ে অভিজ্ঞ।

অশ্বমুখী/অশ্‌শোমুখি/ [স. অশ্বমুখ+ইন্‌] বি. মানুষের মতো দেহ এবং ঘোড়ার মতো মুখবিশিষ্ট দেবলোকের গায়িকা, কিন্নরী।

অশ্বমেধ /অশ্‌শোমেধ্‌/ [স. অশ্ব+মেধ] বি. যে যজ্ঞে অশ্ব বলি দেওয়া হয়, পৌরাণিক নৃপতিদের ঘোড়া বলিদানের যজ্ঞ।

অশ্বযান /অশ্‌শোজান্‌/ [স. অশ্ব+যান] বি. ঘোড়ায় টানা গাড়ি।

অশ্বশক্তি /অশ্‌শোশোক্‌তি/ [স. অশ্ব+√শক্‌+তি] বি. বিদ্যুৎ বা তাপচালিত যন্ত্রের শক্তি নির্ণয়ের এককবিশেষ (আনুমানিক সেকেন্ড প্রতি ৫৫০ ফুট-পাউন্ড বা ৭৪৬ ওয়াট), horse power, hp।

অশ্বশাবক /অশ্‌শোশাবোক্‌/ [স. অশ্ব+√শব্‌+অক] বি. ঘোড়ার বাচ্চা।

অশ্বশালা /অশ্‌শোশালা/ [স. অশ্ব+√শল্‌+অ+আ (টাপ্‌)] বি. ঘোড়া রাখার ঘর, আস্তাবল, মন্দুরা।

অশ্বসাদী /অশ্‌শোশাদি/ [স. অশ্ব+√সদ্‌+ইন্‌] বিণ. বি. ঘোড়সওয়ার।

অশ্বারূঢ় /অশ্‌শারুঢ়ো/ [স. অশ্ব+আরূঢ়] বিণ. ঘোড়ায় উপবিষ্ট এমন। স্ত্রী. অশ্বারূঢ়া /অশ্‌শারুঢ়া/।

অশ্বারোহণ /অশ্‌শারোহোন্‌/ [স. অশ্ব+আরোহণ] বি. ঘোড়ার পিঠে উপবেশন, ঘোড়ায় আরোহণ।

অশ্বারোহী /অশ্‌শারোহি/ [স. অশ্ব+আ+√রহ্‌+ইন্‌] বিণ. বি. অশ্বে আরোহণকারী, ঘোড়সওয়ার।

অশ্বিনী /অশ্‌শিনি/ [স. অশ্ব+ইন্‌+ঈ] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের প্রথম নক্ষত্র। ২ অশ্বরূপধারিণী সূর্যপত্নী, দক্ষের কন্যা। ৩ ঘোটকী।

অশ্বিনীকুমার /ওশ্‌শিনিকুমার্‌/ [স. অশ্বিনী+কুমার] বি. দেবলোকের চিকিৎসকদ্বয়, বিশ্বকর্মার কন্যা অশ্বিনীরূপা সংজ্ঞার গর্ভজাত সূর্যদেবের যমজ-পুত্রদ্বয়।

অশ্বিনীসুত /ওশ্‌শিনিশুতো/ [স. অশ্বিনী+সুত] বি. দ্র অশ্বিনীকুমার।

অশ্ম /অশ্‌শো/ [স. √অশ্‌+মন্‌] বি. ১ প্রস্তর, শিলা, পাষাণ। ২ পাহাড়। ৩ শিলাজতু, bitumen।

অশ্মমণ্ডল /অশ্‌শোমন্‌ডোল্‌/ [স. অশ্মন্‌+মণ্ডল] বি. ভূমণ্ডলের প্রস্তরময় বহিরাবরণ, lithosphere।

অশ্মর /অশ্‌শর্‌/ [স. অশ্মন্‌+√রা+অ] বিণ. ১ পাথুরে, প্রস্তরময়। ২ শিলাসম্বন্ধীয়।

অশ্মরী /অশ্‌শোরি/ [স. অশ্মন্‌+√রা+অ+ঈ] বি. মূত্রকৃচ্ছ্রোগ, পাথুরিরোগ।

অশ্মীভবন /ওশ্‌শিভবোন্‌/ [স. অশ্ম+ঢ্বি+ভবন] বি. প্রস্তরীভবন।

অশ্মীভূত /ওশ্‌শিভূতো/ [স. অশ্ম+ঢ্বি+ভূত] বিণ. প্রস্তরীভূত, শিলীভূত, fossilized।

অশ্রদ্ধ /অস্‌শ্রোদ্‌ধো/ [স. ন+শ্রৎ+√ধা+অ] বিণ. ১ শ্রদ্ধাহীন। ২ আস্থাহীন।

অশ্রদ্ধা /অস্‌শ্রোদ্‌ধা/ [স. ন+শ্রৎ+√ধা+অ+আ (টাপ্‌)] বি. ১ অবজ্ঞা, ঘৃণা। ২ অনুরাগ বা প্রবৃত্তির অভাব। ৩ (বাংলায়) অভক্তি; অবমাননা।

অশ্রদ্দেয় /অস্‌শ্রোদ্‌ধেয়ো/ [স. ন+শ্রৎ+√ধা+য] বিণ. ১ শ্রদ্ধার অযোগ্য। ২ (বাংলায়) হেয়।

অশ্রবণ /অস্‌শ্রোবোন্‌/ [স. ন+√শ্রু+অন] বি. শ্রবণ-শক্তির অভাব, বধিরতা।

অশ্রবণীয় /অস্‌শ্রোবোনিয়ো/ [স. ন+√শ্রু+অনীয়] বিণ. ১ শোনার অযোগ্য, অশ্রাব্য। ২ অশিষ্ট।

অশ্রম /অস্‌শ্রোম্‌/ [স. ন+শ্রম] বি. শ্রমের অভাব; অনায়াস।

অশ্রান্ত /অস্‌শ্রান্‌তো/ [স. ন+√শ্রম্‌+ত] বিণ. ১ শ্রান্তিহীন। ২ অক্লান্ত। ৩ বিরামহীন, অবিরাম। ৪ ধারাবাহিক। ক্রিবিণ. অবিরত, অবিশ্রান্ত।

অশ্রান্তগতি /অস্‌শ্রান্‌তোগোতি/ [স. অশ্রান্ত+√গম্‌+তি] বি. অবিরাম গতি; অক্লান্ত গমন।

অশ্রান্তি /অস্‌শ্রান্‌তি/ [স. ন+√শ্রম্‌+তি] বি. ১ শ্রান্তি-হীনতা। ২ বিরামহীনতা।

অশ্রাব্য /অস্‌শ্রাবো/ [স. ন+শ্রাব্য] বিণ. ১ শোনা যায় না এমন। ২ শোনার অযোগ্য। ৩ অশালীন; কুরুচিপূর্ণ, কুৎসিত। ৪ (বাংলায়) অশ্লীল।

অশ্রু /ওস্‌রু/ [স. √অশ্‌+রু] বি. চোখের জল।

www.pathagar.com

অশ্রুআঁখি /ওস্‌স্রুআঁখি/ [স. অশ্রু+বা. আঁখি] বি. অশ্রুপূর্ণ চোখ।

অশ্রুকণা /ওস্‌স্রুকনা/ [স. অশ্রু+কণা] বি. চোখের জলের ফোঁটা, অশ্রুবিন্দু।

অশ্রুজল /ওস্‌স্রুজল্‌/ [স. অশ্রু+জল] বি. নয়নবারি।

অশ্রুত[১]/অস্‌স্রুতো/ [স. ন+√শ্রু+ত] বিণ. শোনা যায়নি বা শোনা হয়নি এমন (*ধ্বনিল কি অশ্রুত সঙ্গীত অন্তরীক্ষতলে!* অন্নদা.)।

অশ্রুত[২]/ওস্‌স্রুতো/ [স. অশ্রু >] বিণ. অশ্রুপূর্ণ, সজল।

অশ্রুতপূর্ব /অস্‌স্রুতোপুর্‌বো/ [স. অশ্রুত+পূর্ব] বিণ. পূর্বে কখনো শোনা যায়নি এমন।

অশ্রুধারা /ওস্‌স্রুধারা/ [স. অশ্রু+√ধারি+অ+আ (টাপ্‌)] বি. চোখের জলধারা।

অশ্রুনদী /ওস্‌স্রুনোদি/ [স. অশ্রু+√নদ্‌+অ+ঈ] বি. দ্র অশ্রুধারা।

অশ্রুপাত /ওস্‌স্রুপাত্‌/ [স. অশ্রু+√পত্‌+অ] বি. অশ্রুবর্ষণ, ক্রন্দন।

অশ্রুপূর্ণ /ওস্‌স্রুপুর্‌নো/ [স. অশ্রু+পূর্ণ] বিণ. চোখের জলে ভরা, অশ্রুসিক্ত।

অশ্রুপ্লুত /ওস্‌স্রুপ্লুতো/ [স. অশ্রু+√প্লু+ত] বিণ. অশ্রুপূর্ণ, অশ্রুপ্লাবিত।

অশ্রুবর্ষণ /ওস্‌স্রুবর্‌শোন্‌/ [স. অশ্রু+বর্ষণ] বি. অশ্রুপাত, ক্রন্দন।

অশ্রুবারি /ওস্‌স্রুবারি/ [স. অশ্রু+বারি] বি. নয়নবারি।

অশ্রুবিন্দু /ওস্‌স্রুবিন্‌দু/ [স. অশ্রু+√বিন্দ্‌+উ] বি. চোখের জলের ফোঁটা, অশ্রুকণা।

অশ্রুবিসর্জন /ওস্‌স্রুবিশর্‌জোন্‌/ [স. অশ্রু+বিসর্জন] বি. অশ্রুপাত, ক্রন্দন।

অশ্রুভারাক্রান্ত /ওস্‌স্রুভারাক্‌ক্রান্‌তো/ [স. অশ্রুভার +আক্রান্ত] বিণ. চোখের জলে ভরা, অশ্রুপূর্ণ।

অশ্রুময় /ওস্‌স্রুময়্‌/ [স. অশ্রু+ময়ট্‌] বিণ. অশ্রুপূর্ণ, অশ্রুযুক্ত। স্ত্রী. **অশ্রুময়ী** /ওস্‌স্রুমোয়ি/।

অশ্রুমান /ওস্‌স্রুমান্‌/ [স. অশ্রু+মৎ] বিণ. অশ্রুসিক্ত।

অশ্রুমোচন /ওস্‌স্রুমোচন্‌/ [স. অশ্রু+মোচন] বি. অশ্রুবর্ষণ, ক্রন্দন।

অশ্রুরুদ্ধ /ওস্‌স্রুরুদ্‌ধো/ [স. অশ্রু+√রুধ্‌+ত] বিণ. কান্নায় কণ্ঠস্বর রুদ্ধ এমন।

অশ্রুসংবরণ /ওস্‌স্রুশংবরোন্‌/ [স. অশ্রু+সংবরণ] বি. অশ্রু রোধকরণ।

অশ্রুসজল /ওস্‌স্রুশজল্‌/ [স. অশ্রু+সজল] বিণ. অশ্রুসিক্ত।

অশ্রুসাগর /ওস্‌স্রুসাগোর্‌/ [স. অশ্রু+সাগর] বি. প্রবল অশ্রুপাত।

অশ্রুসিক্ত /ওস্‌স্রুশিক্‌তো/ [স. অশ্রু+√সিচ্‌+ত] বিণ. চোখের জলে ভেজা।

অশ্রেয় /অস্‌স্রেয়ো/ [স. ন+শ্রেয়স্‌] বিণ. ১ অনুচিত। ২ অপ্রশস্ত। ৩ অহিতকর। ৪ অধম।

অশ্রেয়স্কর /অস্‌স্রেয়শ্‌কর্‌/ [স. অশ্রেয়স্‌+√কৃ+অ] বিণ. ১ অনুচিত, অবিধেয়। ২ অকল্যাণকর।

অশ্রোতব্য /অস্‌স্রোতোব্‌বো/ [স. ন+√শ্রু+তব্য] বিণ. শোনার অযোগ্য, অশ্রাব্য।

অশ্রোত্রিয় /অস্‌স্রোত্‌ত্রিয়ো/ [স. ন+শ্রোত্র+ইয়] বিণ. ১ বেদজ্ঞানহীন। ২ বেদজ্ঞ ব্রাহ্মণশূন্য, শ্রোত্রিয়হীন।

অশ্লাঘনীয় /অস্‌স্লাঘোনিয়ো/ [স. ন+√শ্লাঘ্‌+অনীয়] বিণ. ১ প্রশংসার অযোগ্য। ২ নিন্দনীয়।

অশ্লাঘ্য /অস্‌স্লাগ্‌ঘো/ [স. ন+√শ্লাঘ্‌+য] বিণ. দ্র অশ্লাঘনীয়।

অশ্লীল /অশ্লিল্‌/ [স. ন+শ্লীল] বিণ. ১ অশালীন; অশিষ্ট। ২ কুরুচিপূর্ণ। ৩ কুৎসিত, জঘন্য।

অশ্লীলতা /অশ্লিলতা/ [স. অশ্লীল+তা] বি. অশিষ্টতা, অভব্যতা; অশোভনতা।

অশ্লেষা /অশ্লেশা/ [স. ন+√শ্লিষ্‌+অ+আ (টাপ্‌)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের নবম এবং অশুভকর বলে কল্পিত নক্ষত্র।

অষ্ট /অশ্‌টো/ [স. √অশ্‌+অন্‌] বি. ৮ সংখ্যা। বিণ. ৮ সংখ্যক।

অষ্টক /অশ্‌টোক্‌/ [স. অষ্টন্‌+ক (স্বার্থে)] বি. আটের সমষ্টি; প্রথম আট পঙক্তি; সনেটের স্তবক; অষ্ট অধ্যায়যুক্ত বা শ্লোকসংবলিত গ্রন্থ; সংগীতে আটটি স্বরের স্কেল, octave। বিণ. ৮ সংখ্যক।

অষ্টকর্ণ /অশ্‌টোকর্‌নো/ [স. অষ্ট+কর্ণ] বি. ব্রহ্মা।

অষ্টকুলাচল /অশ্‌টোকুলাচল্‌/ [স. অষ্টকুল+অচল] বি. পুরাণোক্ত আটটি কুলপর্বত (মহেন্দ্র মলয় সহ্য শক্তিমান ঋক্ষ বিন্ধ্য পারিযাত্র ও হিমালয়), কুলগিরি।

অষ্টচত্বারিংশ /অশ্‌টোচত্‌তারিংশো/ [স. অষ্ট চত্বারিংশৎ+অ] বিণ. ৪৮ সংখ্যক, ৪৮ সংখ্যার পূরক।।

অষ্টচত্বারিংশৎ /অশ্‌টোচত্‌তারিংশত্‌/ [স. অষ্ট+ চত্বারিন্‌+শৎ] বি. ৪৮ সংখ্যা। বিণ. ৪৮ সংখ্যক।

অষ্টচত্বারিংশত্তম /অশ্‌টোচত্‌তারিংশত্‌তমো/ [স. অষ্টচত্বারিংশৎ+তমট্‌] বিণ. ৪৮ এর পূরক; ৪৮ সংখ্যক; ৪৮ স্থানীয়। স্ত্রী. **অষ্টচত্বারিংশত্তমী**

www.pathagar.com

/অশ্‌টোচত্‌তারিংশত্‌তোমি/।

অষ্টদিকপাল /অশ্‌টোদিক্‌পাল/ [স. অষ্টদিক্+পাল] বি. পৌরাণিকমতে আট দিকের কল্পিত আটজন অধীশ্বর (ইন্দ্র পূর্বদিকের, বহ্নি অগ্নিকোণের, যম দক্ষিণদিকের, নৈর্ঋতি নৈর্ঋতকোণের, বরুণ পশ্চিম-দিকের, মরুৎ বায়ুকোণের, কুবের উত্তরদিকের এবং ঈশ ঈশানকোণের)।

অষ্টধর্ম /অশ্‌টোধর্‌মো/ [স. অষ্ট+√ধৃ+ম] বি. পৌরাণিকমতে মানবচরিত্রের আটটি ধর্ম (সত্য শৌচ অহিংসা অনসূয়া ক্ষমা অনৃশংস্য অকার্পণ্য ও সন্তোষ)।

অষ্টধা /অশ্‌টোধা/ [স. অষ্টন্+ধা] অব্য. ক্রিবিণ. আট প্রকারে; আটবারে; আটদিকে।

অষ্টধাতু /অশ্‌টোধাতু/ [স. অষ্টন্+ধাতু] বি. আটটি ধাতুর সমাহার (সোনা রুপা তামা পিতল দস্তা কাঁসা সিসা ও লোহা)।

অষ্টনবতি /অশ্‌টোনবোতি/ [স. অষ্টন্+নবতি] বি. ৯৮ সংখ্যা।

অষ্টনবতিতম /অশ্‌টোনবোতিতমো/ [স. অষ্টনবতি +তমট্] বিণ. ৯৮ সংখ্যক; ৯৮ সংখ্যার পূরক; ৯৮ স্থানীয়। স্ত্রী. অষ্টনবতিতমী /অশ্‌টো-নবোতিতোমি/।

অষ্টনাগ /অশ্‌টোনাগ/ [স. অষ্টন্+নাগ] বি. পৌরাণিক-মতে অষ্টবিধ সর্প (অনন্ত বাসুকী পদ্ম মহাপদ্ম তক্ষক কুলীর কর্কট ও শঙ্খ)।

অষ্টনায়িকা /অশ্‌টোনায়িকা/ [স. অষ্টন্+নায়িকা] বি. পৌরাণিকমতে আটজন নায়িকা (মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী ও কৌমারী)।

অষ্টপঞ্চাশৎ /অশ্‌টোপন্‌চাশত্/ [স. অষ্টপঞ্চান্+শৎ] বি. ৫৮ সংখ্যা। বিণ. ৫৮ সংখ্যক, ৫৮ সংখ্যার পূরক।।

অষ্টপঞ্চাশত্তম /অশ্‌টোপন্‌চাশত্‌তমো/ [স. অষ্ট+ পঞ্চাশৎ+তমট্] বিণ. ৫৮ সংখ্যার পূরক; ৫৮ স্থানীয়। স্ত্রী. অষ্টপঞ্চাশত্তমী /অশ্‌টোপন্‌চাশত্-তোমি/।

অষ্টপাদ /অশ্‌টোপাদো/ [স. অষ্টন্+√পদ্+অ] বি. ১ শরভ। ২ মাকড়সা। বিণ. আটটি পা-বিশিষ্ট।

অষ্টপাশ /অশ্‌টোপাশ্/ [স. অষ্টন্+√পশ্+অ] বি. আট প্রকার মায়াবন্ধন (ঘৃণা লজ্জা মান অপমান মোহ দম্ভ দ্বেষ ও পৈশুন্য)।

অষ্টপ্রহর /অশ্‌টোপ্রোহোর্/ [স. অষ্টন্+প্রহর] বি. ১ দিবারাত্র। ২ দিবারাত্রব্যাপী সংকীর্তন। ক্রিবিণ. দিবারাত্রব্যাপী।

অষ্টবজ্র /অশ্‌টোবজ্‌জ্রো/ [স. অষ্টন্+বজ্র] বি. বজ্র-তুল্য আটটি দেবাস্ত্র (বিষ্ণুর সুদর্শনচক্র, শিবের ত্রিশূল, ব্রহ্মার অক্ষ, ইন্দ্রের বজ্র, বরুণের পাশ, যমের দন্ড, কার্তিকের শক্তি এবং দুর্গার অসি)।

অষ্টবসু /অশ্‌টোবোশু/ [স. অষ্টন্+বসু] বি. পৌরাণিক মতে গঙ্গা থেকে উৎপন্ন দক্ষকন্যার আটজন পুত্র এবং অষ্ট গণদেবতা (ভব ধ্রুব সোম বিষ্ণু অনিল অনল প্রত্যূষ ও প্রভাস)।

অষ্টবিধ /অশ্‌টোবিধো/ [স. অষ্টন্+বিধা] বিণ. আট রকম, আট প্রকার।

অষ্টভুজ /অশ্‌টোভুজ/ [স. অষ্টন্+√ভুজ্+অ] বিণ. আটটি বাহুবিশিষ্ট।

অষ্টভুজা /অশ্‌টোভুজা/ [স. অষ্টন্+√ভুজ্+অ+আ (টাপ্)] বিণ. আটটি হাতবিশিষ্টা। বি. দেবী দুর্গা।

অষ্টম /অশ্‌টোম্/ [স. অষ্টন্+ম] বিণ. ৮ সংখ্যার পূরক; ৮ সংখ্যক; ৮ স্থানীয়।

অষ্টমঙ্গলা /অশ্‌টোমোংগোলা/ [স. অষ্টন্+মঙ্গলা] বি. ১ দেবী দুর্গার একটি রূপ। ২ বিবাহের অষ্টম দিনে স্বামী-সহ কন্যার পিতৃগৃহে আগমনের সংস্কার। ৩ মঙ্গলকাব্যে পালাগানের শেষে গেয় সংক্ষিপ্ত গীতি।

অষ্টমাংশ /অশ্‌টোমাংশো/ [স. অষ্টম+অংশ] বি. আট ভাগের এক ভাগ।

অষ্টমী /অশ্‌টোমি/ [স. অষ্টম+ঈ] বি. চন্দ্রের অষ্টকলার তিথি।

অষ্টমূর্তি /অশ্‌টোমুর্‌তি/ [স. অষ্টন্+মূর্তি] বি. ১ শিবের আটটি মূর্তি (ক্ষিতি জল অগ্নি বায়ু আকাশ যজমান সোম ও সূর্য)। ২ শিব।

অষ্টযোগিনী /অশ্‌টোজোগিনি/ [স. অষ্টন্+√যুজ্+ইন্ +ঈ] বি. দুর্গার আটজন সখী (শৈলপুত্রী চন্দ্রঘন্টা স্কন্দমাতা কালরাত্রি চন্ডিকা কুষ্মাণ্ডী কাত্যায়নী ও মহাগৌরী)।

অষ্টরম্ভা /অশ্‌টোরম্‌ভা/ [স. অষ্টন্+√রম্ভ্+অ+আ (টাপ্)] বি. ফাঁকি, অলীক বস্তু, ঘোড়ার ডিম।

অষ্টরস /অশ্‌টোরশ্/ [স. অষ্টন্+√রস্+অ] বি. অলংকারশাস্ত্রে বর্ণিত আটটি রস (শৃঙ্গার বীর করুণ অদ্ভুত হাস্য ভয়ানক বীভৎস ও রৌদ্র)।

অষ্টষষ্টি /অশ্‌টোশোশ্‌টি/ [স. অষ্টন্+ষট্‌দশৎ+তি] বি. ৬৮ সংখ্যা। বিণ. ৬৮ সংখ্যক।

অষ্টষষ্টিতম /অশ্‌টোশোশ্‌টিতমো/ [স. অষ্টষষ্টি+ তমট্] বিণ. ৬৮ সংখ্যক; ৬৮ স্থানীয়। স্ত্রী. অষ্টষষ্টিতমী /অশ্‌টোশোশ্‌টিতোমি/।

www.pathagar.com

অষ্টসখী /অশ্‌টোশোখি/ [স. অষ্টন্+সখী] বি. শ্রীকৃষ্ণের আট জন লীলাসঙ্গিনী (রাধিকা ললিতা বিশাখা সুচিত্রা চম্পকলতা রঙ্গদেবী সুদেবী ও তুঙ্গদেবী)।

অষ্টসপ্ততি /অশ্‌টোশপ্‌তোতি/ [স. অষ্টন্+সপ্ততি] বি. ৭৮ সংখ্যা। বিণ. ৭৮ সংখ্যক।

অষ্টসপ্ততিতম /অশ্‌টোশপ্‌তোতিতমো/ [স. অষ্ট+সপ্ততি+তমট্] বিণ. ৭৮ সংখ্যক; ৭৮ স্থানীয়। স্ত্রী. অষ্টসপ্ততিতমী /অশ্‌টোশপ্‌তোতিতোমি/।

অষ্টসিদ্ধি /অশ্‌টোশিদ্‌ধি/ [স. অষ্টন্+√সিধ্+তি] বি. শিবের যোগলব্ধ অষ্টবিধ ঐশ্বর্য এবং যোগের আটটি অঙ্গ (অণিমা মহিমা গরিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিত্ব ও বশিত্ব)।

অষ্টাংশিত /অশ্‌টাংশিতো/ [স. অষ্টন্+অংশিত] বিণ. আট অংশে বিভক্ত। বি. (মুদ্রণশিল্পে) আট পাতায় ভাঁজ করা কাগজ।

অষ্টাঙ্গ /অশ্‌টাংগো/ [স. অষ্টন্+অঙ্গ] বি. ১ মানব-দেহের আটটি অঙ্গ (দুই হাত হৃদযন্ত্র কপাল দুই চোখ কণ্ঠ ও মেরুদণ্ড; মতান্তরে পায়ের দুই বৃদ্ধাঙ্গুলি দুই হাঁটু দুই হাত বক্ষ ও নাসিকা)। ২ যোগাসনের আটটি অঙ্গ (যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধ্যান ধারণা ও সমাধি)। ৩ আয়ুর্বেদ চিকিৎসার আটটি অঙ্গ (শল্য শালাক্য কায়চিকিৎসা ভূতবিদ্যা কৌমারভৃত্য অগদতন্ত্র রসায়নতন্ত্র ও বাজীকরণ)।

অষ্টাত্রিংশ /অশ্‌টাত্‌ত্রিংশো/ [স. অষ্টত্রিংশৎ+অ] বিণ. ৩৮ সংখ্যক।

অষ্টাত্রিংশৎ /অশ্‌টাত্‌ত্রিংশত্/ [স. অষ্টন্+ত্রিংশৎ] বিণ. ৩৮ সংখ্যক।

অষ্টাত্রিংশত্তম /অশ্‌টাত্‌ত্রিংশত্‌তমো/ [স. অষ্টাত্রিংশৎ+তমট্] বিণ. ৩৮ সংখ্যক; ৩৮ স্থানীয়। স্ত্রী. অষ্টাত্রিংশত্তমী /অশ্‌টাত্‌ত্রিংশত্‌তোমি/।

অষ্টাদশ /অশ্‌টাদশ্/ [স. অষ্টন্+দশন্] বি. ১৮ সংখ্যা। বিণ. ১৮ সংখ্যক।

অষ্টাদশী /অশ্‌টাদোশি/ [স. অষ্টাদশ+ঈ] বিণ. ১৮ বছর বয়স্কা।

অষ্টাধ্যায়ী /অশ্‌টাদ্‌ধায়ি/ [স. অষ্টন্+অধ্যায়+ঈ] বি. পাণিনি রচিত ব্যাকরণগ্রন্থ।

অষ্টাপদ /অশ্‌টাপদ্/ [স. অষ্টন্+পদ] বি. ১ সোনা। ২ পাশাখেলার ছক। ৩ আট পা-বিশিষ্ট প্রাণী। ৪ অক্টোপাস। ৫ মাকড়সা, উর্ণনাভ।

অষ্টাবক্র /অশ্‌টাবক্‌রো/ [স. অষ্টন্+√বনচ্+র] বি. পৌরাণিক মতে পিতার শাপে বিকৃতাঙ্গ হয়ে ভূমিষ্ঠ মুনিবিশেষ, সংহিতাকার মুনিবিশেষ।

অষ্টাবিংশ /অশ্‌টাবিংশো/ [স. অষ্টাবিংশতি+অ] বিণ. ২৮ সংখ্যক।

অষ্টাবিংশতি /অশ্‌টাবিংশোতি/ [স. অষ্টন্+বিংশতি] বি. ২৮ সংখ্যা। বিণ. ২৮ সংখ্যক।

অষ্টাবিংশতিতম /অশ্‌টাবিংশোতিতমো/ [স. অষ্টন্+বিংশতি+তমট্] বিণ. ২৮ সংখ্যক; ২৮ স্থানীয়। স্ত্রী. অষ্টাবিংশতিতমী /অশ্‌টাবিংশোতিতোমি/।

অষ্টাশি /অশ্‌টাশি/ [স. অষ্টাশীতি >] বি. ৮৮ সংখ্যা। বিণ. ৮৮ সংখ্যক।

অষ্টাশীতি /অশ্‌টাশিতি/ [স. অষ্টন্+অশীতি] বি. ৮৮ সংখ্যা। বিণ. ৮৮ সংখ্যক।

অষ্টাশীতিতম /অশ্‌টাশিতিতমো/ [স. অষ্টাশীতি+তমট্] বিণ. ৮৮ সংখ্যক; ৮৮ স্থানীয়। স্ত্রী. অষ্টাশীতিতমী /অশ্‌টাশিতিতোমি/।

অষ্টাহ /অশ্‌টাহো/ [স. অষ্টন্+অহ] বি. আট দিন।

আষ্টি /ওশ্‌টি/ [স. √অস্+তি] বি. ফলের আঁটি।

অসংকুচিত /অশংকুচিতো/ [স. ন+সংকুচিত] বিণ. ১ সংকুচিত নয় এমন; কুণ্ঠাহীন। ২ চওড়া।

অসংকোচ /অশংকোচ্/ [স. ন+সংকোচ] বিণ. ১ সংকোচহীন; কুণ্ঠাহীন। ২ উদার। বি. সংকোচহীনতা।

অসংকোচে /অশংকোচে/ [স. অসংকোচ+বা. এ] ক্রিবিণ. দ্বিধাহীনভাবে, অকুণ্ঠভাবে।

অসংখ্য /অশোংখো/ [স. ন+সম্+√খ্যা+অ] বিণ. অগণ্য, সংখ্যাতীত, অগণিত, প্রচুর; ইয়ত্তাহীন।

অসংখ্যাত /অশোংখাতো/ [স. ন+সম্+√খ্যা+ত] বিণ. সংখ্যা নিরূপণ করা যায়নি এমন, অগণিত।

অসংখ্যেয় /অশোংখেয়ো/ [স. ন+সম্+√খ্যা+য] বিণ. সংখ্যা নিরূপণ করা যায় না এমন, সংখ্যাতীত; অঢেল।

অসংগঠিত /অশংগোঠিতো/ [বা.] বিণ. সংগঠিত বা সংহত নয় এমন; বিশৃঙ্খল।

অসংগত /অশংগতো/ [স. ন+সম্+√গম্+ত] বিণ. ১ অযৌক্তিক, যুক্তিবিরুদ্ধ। ২ অন্যায্য; অবিহিত; অনুচিত। ৩ অবান্তর।

অসংগতি /অশংগোতি/ [স. ন+সম্+√গম্+তি] বি. ১ যুক্তি বা সম্বন্ধহীনতা। ২ সংস্থানের অভাব।

অসংঘট /অশংঘট্/ [স. ন+সংঘট] বিণ. অঘটনীয়।

অসংবদ্ধ /অশংবদ্‌ধো/ [স. ন+সম্+√বন্ধ্+ত] বিণ. ১ সম্বন্ধশূন্য। ২ এলোমেলো; সামঞ্জস্যহীন। ৩ নিরর্থক।

অসংবর /অশংবর্/ [স. ন+সম্+√বৃ+অ] বিণ. দ্র

www.pathagar.com

অসংবরণীয়।

অসংবরণ /অশংবরোন্/ [স. ন+সম্+√বৃ+অন] বি. সংবরণের অভাব।

অসংবরণীয় /অশংবরোনিয়ো/ [স.ন+সম্+√বৃ+অনীয়] বিণ. ১ সংবরণ করা যায় না এমন। ২ অনিবার্য।

অসংবৃত /অশংব্রতো/ [স. ন+সম্+√বৃ+ত] বিণ. ১ অনাচ্ছাদিত, আবরণশূন্য। ২ পরিধেয় অসংলগ্ন হয়ে পড়েছে এমন, বিস্রস্ত। ৩ আলুলায়িত, এলোমেলো। স্ত্রী. অসংবৃতা /অশংব্রতা/।

অসংযত /অশংজতো/ [স. ন+সম্+√যম্+ত] বিণ. ১ সংযমহীন। ২ উচ্ছৃঙ্খল। ৩ উদ্দাম।

অসংযম /অশংজম্/ [স. ন+সম্+√যম্+অ] বি. ১ সংযমের অভাব। ২ যথেচ্ছাচার, উচ্ছৃঙ্খলতা।

অসংযমী /অশংজোমি/ [স. ন+সম্+√যম্+ইন্] বিণ. ১ অসংযত। ২ যথেচ্ছাচারী; অমিতাচারী।

অসংযুক্ত /অশংজুক্তো/ [স. ন+সম্+√যুজ্+ত] বিণ. সংযুক্ত নয় এমন, বিযুক্ত।

অসংলগ্ন /অশংলগ্নো/ [স. ন+সম্+√লগ্+ত] বিণ. ১ যুক্ত নয় এমন। ২ পরস্পরবিরোধী। ৩ অর্থহীন, অবান্তর। ৪ পারম্পর্যহীন। বি. -তা /-তা/।

অসংশয় /অশংশয়/ [স. ন+সম্+√শী+অ] বি. সংশয়ের অভাব; নিশ্চয়তা। বিণ. ১ নিঃসন্দেহ; অসন্দিগ্ধ। ২ নিশ্চিত। ৩ দ্বন্দ্বহীন।

অসংশয়িত /অশংশোয়িতো/ [স. অসংশয়+ইত] বিণ. সংশয়হীন; সন্দেহাতীত।

অসংশয়ে /অশংশয়ে/ [স. অসংশয়+বা. এ] ক্রিবিণ. নিঃসন্দেহে, দ্বিধাহীনভাবে।

অসংশোধন /অশংশোধোন্/ [স. ন+সম্+√শুধ্+অন] বি. শোধন বা পরিমার্জনের অভাব।

অসংশোধনীয় /অশংশোধোনিয়ো/ [স. ন+সম্+√শুধ্+অনীয়] বিণ. সংশোধনের অতীত।

অসংশোধ্য /অশংশোদ্ধো/ [স. ন+সম্+√শুধ্+য] বিণ. দ্র অসংশোধনীয়।

অসংশোধিত /অশংশোধিতো/ [স. ন+সম্+√শুধ্+ত] বিণ. সংশোধন বা ত্রুটিমুক্ত করা হয়নি এমন।

অসংশ্লিষ্ট /অশংস্লিশ্টো/ [স. ন+সম্+√শ্লিষ্+ত] বিণ. সংশ্লিষ্ট নয় এমন, অসম্পর্কিত, সম্বন্ধশূন্য।

অসংসক্ত /অশংশক্তো/ [স. ন+সম্+√সন্জ্+ত] বিণ. ১ সংশ্লিষ্ট নয় এমন; নিঃসংসর্গ। ২ নির্লিপ্ত।

অসংসারী /অশংশারি/ [স. ন+সম্+√সৃ+ইন্] বিণ. সংসারত্যাগী, গৃহী নয় এমন।

অসংস্কৃত /অশংশ্কৃতো/ [স. ন+সম্+√কৃ+ত] বিণ. ১ সংস্কার করা হয়নি এমন, অমার্জিত; অশোধিত। ২ সংস্কৃত ভিন্ন (ভাষা)। ৩ অবিন্যস্ত।

অসংস্কৃত বাক্য /অশংশ্কৃতো বাক্যো/ বি. ১ অসংশোধিত বাক্য। ২ অশ্লীল বাক্য; অমার্জিত বাক্য। ৩ সংস্কৃত ভিন্ন অন্য ভাষার বাক্য।

অসংস্থান /অশংস্থান্/ [স. ন+সম্+√স্থা+অন] বি. ১ সংস্থানহীনতা; অসংগতি। ২ অপ্রতুলতা। ৩ অসংশ্লেষ; অসংসক্তি। ৪ অব্যবস্থা।

অসংহত /অশংহতো/ [স. ন+সম্+√হন্+ত] বিণ. ১ অসংলগ্ন; বিক্ষিপ্ত। ২ অসংবদ্ধ।

অসকৃৎ /অশক্কৃত্/ [স. ন+সকৃৎ] অব্য. পুনঃপুন, বারবার; বহুবার।

অসক্ত /অশক্তো/ [স. ন+√সন্জ্+ত] বিণ. ১ আসক্তিহীন, নিরাসক্ত। ২ নির্লিপ্ত, নির্বিকার।

অসখ্য /অশোক্খো/ [স. ন+সখি+য] বি. ১ সখ্য বা বন্ধুতার অভাব। ২ শত্রুতা।

অসঙ্গ /অশংগো/ [স. ন+√সন্জ্+অ] বিণ. ১ সঙ্গহীন, একা। ২ অসংলগ্ন। বি. দারাপুত্রপরিবার বিষয়াদি ত্যাগরূপ বৈরাগ্য; অনাসক্তি।

অসচ্চরিত্র /অশচ্চোরিত্রো/ [স. ন+সৎ+চরিত্র] বিণ. ১ চরিত্রহীন, দুশ্চরিত্র। ২ অসাধু।

অসচ্ছল /অশচ্ছল্/ [বা.] বিণ. ১ আর্থিক সচ্ছলতাহীন, দরিদ্র। বি. অসচ্ছলতা /অশচ্ছলতা/।

অসজ্জন /অশজ্জন্/ [স. অসৎ+জন] বি. অসাধু বা অশিষ্ট ব্যক্তি। বিণ. দুর্জন।

অসততা /অশতোতা/ [স. ন+সততা] বি. ১ সততা বা সাধুতার অভাব; মিথ্যাচারিতা। ২ অসৎ চিন্তা।

অসতর্ক /অশতর্কো/ [স. ন+সতর্ক] বিণ. অসাবধান; অন্যমনস্ক। বি. -তা /-তা/।

অসতী /অশোতি/ [স. অসৎ+ঈ] বিণ. সাধ্বী নয় এমন।

অসতীত্ব /অশোতিত্তো/ [স. অসতী+ত্ব] বি. সতীত্বের অভাব।

অসৎ /অশত্/ [স. ন+সৎ] বিণ. ১ সৎ নয় এমন, অসাধু। ২ সত্তা নেই এমন; অস্তিত্বহীন।

অসৎসঙ্গ /অশত্শংগো/ [স. অসৎ+√সন্জ্+অ] বি. অসৎ লোকের সংসর্গ, কুসঙ্গ।

অসত্তা /অশত্তা/ [স. ন+সত্তা] বি. সত্তার অভাব; অস্তিত্বহীনতা।

অসত্য /অশোত্তো/ [স. ন+সত্য] বিণ. সত্য নয় এমন, মিথ্যা; অলীক; অযথার্থ।

অসত্যবাদী /অশোত্তোবাদি/ [স. অসত্য+√বদ্+

www.pathagar.com

ইন্] বিণ. মিথ্যা বলে এমন, মিথ্যাবাদী। বি. অসত্যবাদিতা /অশোত্তোবাদিতা/।

অসদাচরণ /অশদাচরোন্/ [স. অসৎ+আচরণ] বি. অসাধু আচরণ, কদাচার; (পরি.) misconduct।

অসদাচার /অশদাচার্/ [স. অসৎ+আচার] বি. দ্র অসদাচরণ।

অসদাচারী /অশদাচারি/ [স. অসদাচার+ইন্] বিণ. দুর্বিনীত আচরণকারী। বি. দুরাচার, দুর্বৃত্ত।

অসদুপদেশ /অশদুপোদেশ্/ [স. অসৎ+উপদেশ] বি. কুপরামর্শ, কুমন্ত্রণা।

অসদুপায় /অশদুপায়্/ [স. অসৎ+উপায়] বি. অনৈতিক কৌশল, অসৎ পন্থা; পরীক্ষাকেন্দ্রে প্রতারণা (*পরীক্ষায় অসদুপায় অবলম্বন*)।

অসদৃশ /অশদৃশো/ [স. ন+সদৃশ] বিণ. ১ অন্যরকম। ২ বিসদৃশ, বেমানান। ৩ অনুপযুক্ত। ৪ বিরুদ্ধ।

অসদ্‌গ্রাহী /অশদ্‌গ্রাহি/ [স. অসৎ+√গ্রহ্+ইন্] বিণ. ১ অবৈধ দান গ্রহণকারী। ২ ঘুসখোর। বি. অসদ্‌গ্রাহিতা /অশদ্‌গ্রাহিতা/।

অসদ্‌ব্যবহার /অশদ্‌ব্যাবোহার্/ [স. অসৎ+ব্যবহার] বি. দুর্বিনীত আচরণ, দুর্ব্যবহার।

অসদ্ভাব /অশদ্‌ভাব্/ [স. ন+সদ্ভাব] বি. ১ হৃদ্যতার অভাব, মনোমালিন্য। ২ কলহ। ৩ অবিদ্যমানতা।

অসন /অশন্/ [স. √অস্+অন] বি. ক্ষেপণ।

অসন্তুষ্ট /অশন্‌তুশ্‌টো/ [স. ন+সন্তুষ্ট] বিণ. ১ সন্তুষ্ট নয় এমন। ২ ক্ষুব্ধ। বি. অসন্তুষ্টি /অশন্‌তুশ্‌টি/।

অসন্তোষ /অশন্‌তোশ্/ [স. ন+সম্+√তুষ্+অ] বি. তৃপ্তির অভাব; অসন্তুষ্টি; বিরক্তি।

অসন্দিগ্ধ /অশন্‌দিগ্‌ধো/ [স. ন+সম্+√দিহ্+ত] বিণ. নিঃসংশয়, সংশয়হীন; নিশ্চিত।

অসন্দিহান /অশোন্‌দিহান/ [স. ন+সম্+√দিহ্+আন (শানচ্)] বিণ. সন্দেহ করে না এমন, সংশয়হীন।

অসপত্ন/অশপত্‌নো/ [স. ন+সপত্ন] বিণ. ১ শত্রুহীন। ২ নিষ্কণ্টক, নির্বিঘ্ন। বি. মিত্র, সখা।

অসবর্ণ /অশবর্‌নো/ [স. ন+সমান+বর্ণ] বিণ. ১ সমবর্ণ বা স্বজাতিভুক্ত নয় এমন। ২ বিজাতীয়।

অসবর্ণ বিবাহ /অশবর্‌নো বিবাহো/ বি. সনাতন মতে বর্ণাশ্রমবহির্ভূত বিবাহ।

অসভ্য /অশোব্‌ভো/ [স. ন+সভা+য] বিণ. ১ অভদ্র, অশিষ্ট, অমার্জিত। ২ অশিক্ষিত, দুর্বিনীত; গোঁয়ার। ৩ অসামাজিক। ৪ বর্বর, বুনো। বি. ~তা /–তা/।

অসম /অশমো/ [স. ন+সম] বিণ. ১ সমান নয় এমন। ২ সাদৃশ্যহীন, অন্যরকম। ৩ অসমতল, উঁচুনিচু; বিষম। বি. ~তা /–তা/।

অসমকক্ষ /অশমোকোক্‌খো/ [স. ন+সমকক্ষ] বিণ. ১ সমকক্ষ নয় এমন। ২ শক্তিতে সমান নয় এমন।

অসমক্ষে /অশমোক্‌খে/ [স. অসমক্ষ+বা. এ] ক্রিবিণ. অসাক্ষাতে, পরোক্ষে, অগোচরে, আড়ালে।

অসমঞ্জ /অশমন্‌জো/ [স. ন+সমঞ্জ] বি. সূর্যবংশীয় সগর-রাজার জ্যেষ্ঠপুত্র। বিণ. অন্যায়ের প্রতিবাদকারী।

অসমঞ্জস /অশমোন্‌জশ্/ [স. ন+সমঞ্জস] বিণ. ১ সামঞ্জস্যহীন। ২ অনুপযুক্ত; অসংগত। ৩ বিষম।

অসমতল /অশমোতল্/ [স. ন+সমতল] বিণ. বন্ধুর, উঁচুনিচু, এবড়োখেবড়ো, অসমান।

অসমতা /অশমোতা/ [স. ন+সমতা] বি. সমতার অভাব, বৈষম্য।

অসমদর্শী /অশমোদোর্‌শি/ [স. অসম+√দৃশ্+ইন্] বিণ. পক্ষপাতদুষ্ট, একচোখা। বি. অসমদর্শিতা /অশমোদোর্‌শিতা/।

অসমবয়সি /অশমবয়োশি/ [স. অসমবয়স্ক>] বিণ. সমবয়সি নয় এমন।

অসময় /অশময়/ [স. ন+সময়] বি. ১ অনুপযুক্ত সময়। ২ অপ্রশস্তকাল। ৩ দুঃসময়।

অসময়ে /অশময়ে/ [স. অসময়+বা. এ] ক্রিবিণ. ১ অনুপযুক্ত সময়ে। ২ অপ্রশস্ত সময়ে।

অসমর্থ /অশমরথো/ [স. ন+সম্+√অর্থ্+অ] বিণ. ১ সমর্থ নয় এমন, অক্ষম। ২ দুর্বল। ৩ অপটু।

অসমর্থিত /অশমোর্‌থিতো/ [স. ন+সম্+√অর্থ্+ত] বিণ. ১ অননুমোদিত। ২ যাচাই করা হয়নি এমন (*অসমর্থিত সংবাদ*)। ৩ স্বীকৃত নয় এমন।

অসমসাময়িক /অশমোশাময়িক্/ [অশুপ্র.] বিণ. ১ 'অসামসময়িক'-এর অশুদ্ধ প্রচলিত রূপ। ২ একই কালের নয় এমন, অসমকালীন।

অসমসাহস /অশমোশাহোশ্/ [স. ন+সমসাহস] বি. সম্পূর্ণ ভয়শূন্যতা, অকুতোভয়তা।

অসমসাহসিক /অশমোশাহোশিক্/ [স. ন+সম+সহস্+ইক] বিণ. অসীম সাহসের অধিকারী। বি. অসমসাহসিকতা /অশমোশাহোশিকতা/।

অসমসাহসী /অশমোশাহোশি/ [স. অসমসাহস+ইন্] বিণ. অত্যন্ত সাহসী; দুঃসাহসী।

অসমস্ত /অশমোস্‌তো/ [স. ন+সম্+√অস্+ত] বিণ. ১ (ব্যা.) সমাসবদ্ধ নয় এমন। ২ অসমগ্র।

অসমান /অশমান্/ [স. ন+সমান] বিণ. সমান বা

www.pathagar.com

একরূপ নয় এমন, অসমতল, বাঁকা; অসমকক্ষ।

অসমাপক /অশমাপক্/ [স. ন+সম্+√আপি+অক] বিণ. কার্য সমাপ্ত করে না এমন। স্ত্রী. **অসমাপিকা** /অশমাপিকা/।

অসমাপিকা ক্রিয়া /অশমাপিকা ক্রিআ/ বি. (ব্যা.) যে ক্রিয়ার দ্বারা বাক্যের সমাপ্তি ঘটে না; যার সমাপ্তির জন্য অন্য ক্রিয়াপদের প্রয়োজন হয়।

অসমাপ্ত /অশমাপ্তো/ [স. ন+সম্+√আপ্+ত] বিণ. ১ অসম্পন্ন, অনিষ্পন্ন। ২ অর্ধসমাপ্ত, অসম্পূর্ণ।

অসমাপ্তি /অশমাপ্তি/ [স. ন+সম্+√আপ্+তি] বি. ১ সমাপ্তির অভাব; অনিষ্পন্নতা। ২ অসম্পূর্ণতা।

অসমিয়া /অশোমিআ/ [স্থান. অসম >] বি. পূর্ব-ভারতের অসম রাজ্যের ভাষা বা অধিবাসী। বিণ. অসমে জাত বা উৎপন্ন।

অসমীক্ষিত /অশোমিক্‌খিতো/ [স. ন+সম্+√ঈক্ষ্+ত] বিণ. বিচারবিশ্লেষণ করা হয়নি এমন, অপরীক্ষিত।

অসমীক্ষ্যকারী /অশোমিক্‌খোকারি/ [স. ন+সম্+√ঈক্ষ্+য+√ক্+ইন্] বিণ. অবিমৃশ্যকারী। বি. **অসমীক্ষ্যকারিতা** /অশোমিক্‌খোকারিতা/।

অসমীচীন /অশোমিচিন্/ [স. ন+সমীচীন] বিণ. ১ যুক্তিসংগত নয় এমন, অনুচিত। ২ অন্যায্য।

অসমৃদ্ধ /অশমৃদ্‌ধো/ [স. ন+সম্+√ঋধ্+ত] বিণ. ১ সমৃদ্ধ নয় এমন। ২ অনুন্নত। ৩ সৌভাগ্যহীন।

অসম্পন্ন /অশমপন্নো/ [স. ন+সম্+√পদ্+ত] বিণ. শেষ হয়নি এমন, অসমাপ্ত (*অসম্পন্ন কাজ*)।

অসম্পর্ক /অশমপরকো/ [স. ন+সম্+√পৃচ্+অ] বি. সম্বন্ধের অভাব। বিণ. সম্বন্ধহীন; অনাত্মীয়।

অসম্পর্কিত /অশমপোর্‌কিতো/ [স. অসম্পর্ক+ইত] বিণ. ১ সম্পর্কশূন্য। ২ আত্মীয়তা নেই এমন।

অসম্পর্কীয় /অশমপোর্‌কিয়ো/ [স. অসম্পর্ক+ঈয়] বিণ. দ্র অসম্পর্কিত।

অসম্পাদিত /অশমপাদিতো/ [স. ন+সম্+√পাদি+ত] বিণ. ১ নিষ্পন্ন করা হয়নি এমন। ২ সম্পাদনা করা হয়নি এমন।

অসম্পূর্ণ /অশমপুরনো/ [স. ন+সম্+√পূর্+ত] বিণ. ১ অসমগ্র; আংশিক। ২ অপূর্ণ। বি. ~তা /- তা/।

অসম্পৃক্ত /অশমপৃক্তো/ [স. ন+সম্+√পৃচ্+ত] বিণ. ১ সম্পর্কশূন্য, সম্বন্ধহীন। ২ অসংশ্লিষ্ট।

অসম্পৃক্তি /অশমপৃক্তি/ [স. ন+সম্+√পৃচ্+তি] বি. সম্পর্কের অভাব।

অসম্বন্ধ /অশমবন্‌ধো/ [স. ন+সম্+√বন্ধ্+অ] বিণ. ১ সম্বন্ধবিহীন; অসংলগ্ন। ২ অবান্তর।

অসম্বাধ /অশমবাধ্/ [স. ন+সম্+√বাধ্+অ] বিণ. ১ বাধাহীন। ২ সংঘর্ষহীন। ৩ জনাকীর্ণ নয় এমন।

অসম্ভব /অশমভব্/ [স. ন+সম্+√ভূ+অ] বিণ. ১ সম্ভব নয় এমন। ২ অঘটনীয়; দুর্ঘট।

অসম্ভাবনীয় /অশমভাবোনিয়ো/ [স. ন+সম্+√ভূ+অনীয়] বিণ. ঘটার সম্ভাবনা নেই এমন।

অসম্ভাবিত /অশমভাবিতো/ [স. ন+সম্+√ভাবি+ত] বিণ. ঘটবে বলে প্রত্যাশা করা হয়নি এমন।

অসম্ভাব্য /অশমভাবো/ [স. ন+সম্+√ভাবি+য] বিণ. ঘটবার সম্ভাবনা নেই এমন, অসম্ভবপর। বি. ~তা /- তা/।

অসম্ভূত /অশমভুতো/ [স. ন+সম্+√ভূ+ত] বিণ. উৎপন্ন হয়নি এমন, অজাত।

অসম্ভেদ /অশমভেদ্/ [স. ন+সম্+√ভিদ্+অ] বিণ. ১ তত্ত্বজ্ঞানহীন। ২ নির্বোধ।

অসম্ভ্রম /অশমভ্রোম্/ [স. ন+সম্+√ভ্রম্+অ] বি. ১ সম্ভ্রমের অভাব। ২ (বাংলায়) অশ্রদ্ধা; অবহেলা।

অসম্ভ্রান্ত /অশমভ্রান্তো/ [স. ন+সম্+√ভ্রম্+ত] বিণ. ১ মর্যাদাশূন্য, সম্ভ্রমহীন। ২ ধীর, অচঞ্চল।

অসম্মত /অশমমতো/ [স. ন+সম্+√মন্+ত] বিণ. ১ সম্মত নয় এমন, নারাজ। ২ অস্বীকৃত। ৩ মতানৈক্য আছে এমন। ৪ (বাংলায়) অনিচ্ছুক।

অসম্মতি /অশমমোতি/ [স. ন+সম্+√মন্+তি] বি. সম্মতির অভাব, অনিচ্ছা; অস্বীকৃতি।

অসম্মান /অশমমান্/ [স. ন+সম্+√মন্+অ] বি. ১ অপমান; অমর্যাদা; অশ্রদ্ধা। ২ অবহেলা।

অসম্মানজনক /অশমমানজনোক্/ [স. ন+সম্মান+জনক] বিণ. অমর্যাদাকর; মানহানিকর।

অসম্মানিত /অশমমানিতো/ [স. ন+সম্+√মানি+ত] বিণ. ১ অবহেলিত। ২ অনাদৃত। ৩ অপমানিত।

অসরল /অশরোল্/ [স. ন+সরল] বিণ. ১ সরল নয় এমন। ২ কপট। বি. **অসরলতা** /অশরোলতা/।

অসহ /অশহো/ [স. ন+√সহ্+অ] বিণ. ১ সহ্যের অতীত, দুর্বিষহ। ২ অসহিষ্ণু। ৩ ক্ষমাশূন্য।

অসহন /অশহোন্/ [স. ন+√সহ্+অন] বি. সহনশীলতার অভাব, অসহিষ্ণুতা। বিণ. ১ অসহ্য, সহ্যশক্তির অতীত। ২ অসহিষ্ণু। ৩ ক্ষমাশূন্য।

অসহনীয় /অশহোনিয়ো/ [স. ন+√সহ্+অনীয়] বিণ. সহ্য করা যায় না এমন, অসহ্য, দুঃসহ।

অসহমান /অশহোমান্/ [স. ন+√সহ্+মান (শানচ্)] বিণ. ১ সহ্য করে না এমন। ২ ক্ষমাহীন।

অসহযোগ /অশহোজোগ্/ [স. ন+সহযোগ] বি. ১

www.pathagar.com

সহযোগিতার অভাব। ২ (ভারতে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে) সরকারের প্রতি জনগণের অসহযোগিতা-মূলক আচরণ (*অসহযোগ আন্দোলন*), non-cooperation।

অসহযোগিতা /অশহোজোগিতা/ [স. অসহযোগ+ইন্+তা] বি. সহায়তা বা সাহায্যের অভাব।

অসহযোগী /অশহোজোগি/ [স. অসহযোগ+ইন্] বিণ. সহযোগিতা করে না এমন।

অসহায় /অশহায়/ [স. ন+সহ+√অয়+অ] বিণ. ১ সহায়হীন। ২ নিরুপায়। ৩ নিঃসঙ্গ।

অসহিষ্ণু /অশোহিশ্নু/ [স. ন+√সহ্+ইষ্ণু] বিণ. ১ সহ্য করতে পারে না এমন, সহ্যশক্তিহীন। ২ অধীর; অস্থির। বি. ~তা /–তা/।

অসহ্য /অশোজ্ঝো/ [স. ন+√সহ্+য] বিণ. সহ্য করা যায় না এমন, দুঃসহ (*অসহ্য যন্ত্রণা*)।

অসাংবিধানিক /অশাংবিধানিক্/ [স. ন+সংবিধান+ইক] বিণ. সংবিধানসম্মত নয় এমন (*অসাংবিধানিক সিদ্ধান্ত*)।

অসাক্ষাৎ /অশাক্খাত্/ [স. ন+সাক্ষাৎ] বি. ১ সাক্ষাতের অভাব। ২ (বাংলায়) অদর্শন।

অসাক্ষাতে /অশাক্খাতে/ [স. অসাক্ষাৎ+বা. এ] ক্রিবিণ. ১ দৃষ্টির আড়ালে। ২ গোপনে।

অসাজন্ত /অশাজন্তো/ [বা.] বিণ. ১ খাপ খায় না এমন, বেমানান। ২ অশোভন।

অসাড় /অশাড়/ [বা.] বিণ. সাড় বা চেতনা নেই এমন। বি. অসাড়তা /অশাড়তা/।

অসাড়ে /অশাড়ে/ [বা.] ক্রিবিণ. ১ অসাড় অবস্থায়। ২ অজ্ঞাতসারে।

অসাদৃশ্য /অশাদৃশ্যো/ [স. ন+সাদৃশ্য] বি. সাদৃশ্যের অভাব, অমিল, অনৈক্য।

অসাধারণ /অশাধারোন্/ [স. ন+সাধারণ] বিণ. ১ সচরাচর দুর্লভ এমন। ২ সচরাচর ঘটে না এমন। ৩ অসামান্য। বি. অসাধারণতা /অশাধারনতা/।

অসাধারণত্ব /অশাধারনত্তো/ [স. অসাধারণ+ত্ব] বি. অসামান্যতা; বিশিষ্টতা; অনন্যতা।

অসাধিত /অশাধিতো/ [স. ন+√সাধি+ত] বিণ. সম্পাদন করা হয়নি এমন।

অসাধু /অশাধু/ [স. ন+√সাধ্+উ] বিণ. ১ অসৎ। ২ ঠগ, প্রতারক। ৩ গর্হিত, নিন্দার্হ। ৪ ব্যাকরণদুষ্ট। বি. ~তা /–তা/।

অসাধ্য /অশাদ্ধো/ [স. ন+√সাধ্+য] বিণ. ১ সাধ্যের অতীত এমন। ২ প্রতিকার করা যায় না এমন।

অসাধ্যসাধন /অশাদ্ধোশাধোন/ [স. অসাধ্য+সাধন] বি. দুরূহ কর্ম সম্পাদন।

অসাবধান /অশাবধান/ [স. ন+সাবধান] বিণ. সতর্ক নয় এমন, অমনোযোগী। বি. অসাবধানতা /অশাবধানতা/।

অসাব্যস্ত /অশাবোস্তো/ [বা.] বিণ. ১ স্থির করা হয়নি এমন; অনির্ণীত। ২ অমীমাংসিত।

অসামঞ্জস্য /অশামোন্জোশ্যো/ [স. ন+সমঞ্জস+য] বি. সামঞ্জস্যের অভাব, অসংগতি।

অসাময়িক /অশাময়িক্/ [স. ন+সাময়িক] বিণ. সময়ের উপযোগী নয় এমন, কালের সঙ্গে মানানসই নয় এমন।

অসামরিক /অশামোরিক্/ [স. ন+সামরিক] বিণ. যুদ্ধ বা সমরবিষয়ক নয় এমন, বেসামরিক, civil।

অসামর্থ্য /অশামোর্থো/ [স. ন+সমর্থ+য] বি. সামর্থ্যের অভাব, অক্ষমতা।

অসামসময়িক /অশামোশময়িক্/ [স. ন+সমসময়+ইক] বিণ. একই কালের নয় এমন, অসমকালীন।

অসামাজিক /অশামাজিক্/ [স. ন+সামাজিক] বিণ. ১ সমাজস্বীকৃত নয় এমন। ২ অভদ্র, অসভ্য। ৩ অমিশুক।

অসামান্য /অশামান্নো/ [স. ন+সমান+য] বিণ. ১ সচরাচর ঘটে না এমন; অসাধারণ। ২ (বাংলায়) তুচ্ছ নয় এমন। স্ত্রী. অসামান্যা /অশামান্না/।

অসামান্যতা /অশামান্নোতা/ [স. অসামান্য+তা] বি. অসাধারণত্ব; বিশিষ্টতা।

অসাম্প্রদায়িক /অশাম্প্রোদায়িক্/ [স. ন+সম্প্রদায়+ইক] বিণ. ১ বিশেষ কোনো সম্প্রদায় বা দল সম্পর্কে নিরপেক্ষ; সর্বজনীন। ২ উদার। বি. অসাম্প্রদায়িকতা /অশাম্প্রোদায়িকতা/।

অসাম্য /অশাম্মো/ [স. ন+সাম্য] বি. ১ সমতার অভাব। ২ সাদৃশ্যের অভাব। ৩ একতার অভাব।

অসার /অশার্/ [স. ন+√সৃ+অ] বিণ. ১ সারবস্তু নেই এমন; অপদার্থ। ২ তুচ্ছ; নিকৃষ্ট। ৩ মিথ্যা। ৪ (বাংলায়) কোনো কাজের নয় এমন, অকর্মণ্য। বি. অসারতা /অশারতা/।

অসারত্ব /অশারত্তো/ [স. অসার+ত্ব] বি. সার-হীনতা।

অসার-সুসার /অশারশুশার্/ [স. অসার+সুসার] বি. সুবিধা ও অসুবিধা।

অসি /ওশি/ [স. √অস্+ই] বি. ১ তলোয়ার, তরবারি, কৃপাণ। ২ অস্ত্রবল।

অসিচর্ম /ওশিচর্‌মো/ [স. অসি+চর্ম] বি. ঢাল-তলোয়ার।

www.pathagar.com

অসিচর্যা /অশিচোর্জা/ [স. অসি+চর্যা] বি. অসি-চালনার অনুশীলন; অসিচালনা।

অসিচালনা /ওশিচালোনা/ [স. অসি+চালনা] বি. তরবারি চালনা; তরবারি চালনার প্রতিযোগিতা।

অসিত /অশিত্/ [স. ন+সিত] বি. কৃষ্ণবর্ণ। বিণ. শুভ্র নয় এমন; শ্যামল, কালো।

অসিতনয়ন /অশিত্নয়োন্/ [স. অসিত+নয়ন] বিণ. কালো চোখবিশিষ্ট।

অসিতপক্ষ /অশিত্পোক্খো/ [স. অসিত+পক্ষ] বি. পূর্ণিমার পর থেকে অমাবস্যা পর্যন্ত চন্দ্রকলার পক্ষকাল, কৃষ্ণপক্ষ।

অসিতবর্ণ /অশিত্বর্নো/ [স. অসিত+বর্ণ] বিণ. কৃষ্ণবর্ণ।

অসিতাঙ্গ /অশিতাংগো/ [স. অসিত+অঙ্গ] বিণ. কালো; শ্যামাঙ্গ। স্ত্রী. অসিতাঙ্গী /অশিতাংগি/।

অসিতাপাঙ্গ /অশিতাপাংগো/ [স. অসিত+অপাঙ্গ] বিণ. চোখের প্রান্তভাগ কালো এমন। স্ত্রী. অসিতাপাঙ্গী /অশিতাপাংগি/।

অসিদ্ধ /অশিদ্ধো/ [স. ন+√সিধ্+ত] বিণ. ১ সেদ্ধ হয়নি এমন; অপক্ক। ২ ব্যাকরণের নিয়মবহির্ভূত। ৩ অসম্পূর্ণ। ৪ অসফল, ব্যর্থ। ৫ প্রমাণ বা যুক্তির দ্বারা সমর্থিত নয় এমন।

অসিদ্ধি /অশিদ্ধি/ [স. ন+√সিধ্+তি] বি. ব্যর্থতা, অসাফল্য।

অসিধারা /ওশিধারা/ [স. অসি+√ধারি+অ+আ (টাপ্)] বি. তরবারির তীক্ষ্ণ অগ্রভাগ।

অসিধারাব্রত /ওশিধারাব্রোতো/ [স. অসিধারা+√বৃ+অত] বি. ১ শয্যায় স্ত্রী ও পুরুষের মাঝে উন্মুক্ত তরবারি রেখে যৌনমিলন থেকে বিরত থাকার ব্রতবিশেষ। ২ (আল.) কঠিন ব্রত।

অসিপত্র /ওশিপত্রো/ [স. অসি+পত্র] বি. ১ অসির মতো তীক্ষ্ণ পাতাযুক্ত গাছ। ২ আখগাছ। ৩ তরবারির খাপ।

অসিযুদ্ধ /ওশিজুদ্ধো/ [স. অসি+√যুধ্+ত] বি. তরবারির লড়াই।

অসিলতা /ওশিলতা/ [স. অসি+√লত্+অ+আ (টাপ্)] বি. তরবারির ফলক; তরবারি।

অসিলা /ওসিলা/ [আ.] বি. ১ ওজর, অজুহাত, ছুতো, বাহানা। ২ উপলক্ষ্য, মাধ্যম।

অসীম /অশিম্/ [স. ন+সীমা] বিণ. ১ সীমাহীন (*অসীম সিন্ধু*)। ২ অনন্ত, অশেষ। ৩ প্রচুর।

অসীমতা /অশিমতা/ [স. অসীম+তা] বি. সীমা-হীনতা।

অসীমন্তিনী /অশিমোন্তিনি/ [স. ন+সীমন্ত+ইন্+ঈ] বি. ১ যে নারীর সিঁথিতে সিঁদুর নেই। ২ বিধবা।

অসু /ওশু/ [স. √অস্+উ] বি. ১ শরীরস্থ পঞ্চবায়ু। ২ প্রাণবায়ু (*গতাসু*)।

অসুখ /অশুখ্/ [স. ন+√সুখ্+অ] বি. ১ সুখের অভাব। ২ অশান্তি; অস্বস্তি। ৩ (বাংলায়) ব্যাধি।

অসুখকর /অশুখোকর্/ [স. অসুখ+√কৃ+অ] বিণ. ১ সুখকর নয় এমন। ২ অশুভ।

অসুখবিসুখ /অশুখ্বিশুখ্/ [স. অসুখ+বা. বিসুখ] বি. রোগ জ্বালা প্রভৃতি।

অসুখী /অশুখি/ [স. ন+√সুখ্+ইন্] বিণ. সুখী নয় এমন, দুঃখিত, ব্যথিত।

অসুন্দর /অশুন্দর্/ [স. ন+সুন্দর] বিণ. ১ সুন্দর নয় এমন। ২ কুৎসিত, বিশ্রী।

অসুবিধা /অশুবিধা/ [স. ন+সুবিধা] বি. ১ ঝঞ্ঝাট, ঝামেলা; হাঙ্গামা। ২ অস্বস্তি। ৩ বাধাবিঘ্ন।

অসুবিধাজনক /অশুবিধাজনোক্/ [স. অসুবিধা+জনক] বিণ. স্বচ্ছন্দ নয় এমন; বাধাযুক্ত।

অসুবিধে /অশুবিধে/ [স. ন+সুবিধা+বা. এ] বি. 'অসুবিধা'-র কথ্য রূপ।

অসুর /ওশুর/ [স. √অস্+উর] বি. ১ পুরাণে কল্পিত দেবকুলের শত্রু। ২ দৈত্য। স্ত্রী. অসুরী /ওশুরি/।

অসুলভ /অশুলভ্/ [স. ন+সুলভ] বিণ. ১ সহজলভ্য নয় এমন, দুর্লভ; দুষ্প্রাপ্য। ২ সস্তা নয় এমন।

অসুস্থ /অশুস্থো/ [স. ন+সু+√স্থা+অ] বিণ. ১ পীড়িত, রুগ্ণ। ২ অপ্রকৃতিস্থ। ৩ অস্বচ্ছন্দ। স্ত্রী. অসুস্থা /অশুস্থা/।

অসুস্থতা /অশুস্থোতা/ [স. অসুস্থ+তা] বি. পীড়িত অবস্থা; অস্বাভাবিক অবস্থা।

অসূক্ষ্ম /অশুক্খোঁ/ [স. ন+√সূচ্+স্ম] বিণ. ১ সূক্ষ্ম বা মিহি নয় এমন; স্থূল। ২ সহজবোধ্য।

অসূক্ষ্মদর্শী /অশুক্খোঁদোর্শি/ [স. অসূক্ষ্ম+√দৃশ্+ইন্] বিণ. কোনো বিষয়ের গভীরে প্রবেশ করে সূক্ষ্মভাবে বিশ্লেষণ করতে পারে না এমন। বি. অসূক্ষ্মদর্শিতা /অশুক্খোঁদোর্শিতা/।

অসূয়ক /অশুয়ক্/ [স. √অসূয়্+অক] বিণ. ১ নিন্দক; পরশ্রীকাতর। ২ ঈর্ষাপরায়ণ, হিংসুটে। বি. সকলের প্রতি বিদ্বেষভাবাপন্ন ব্যক্তি।

অসূয়া /অশুআ/ [স. √অসূয়্+অ+আ (টাপ্)] বি. ১ ঈর্ষা, দ্বেষ, হিংসা। ২ পরশ্রীকাতরতা।

অসূয়াপর /অশুআপর্/ [স. অসূয়া+পর] বিণ. ঈর্ষা-

www.pathagar.com

যুক্ত, ঈর্ষান্বিত, হিংসুটে।

অসূয়াপরবশ /অসুআপরোবশ্/ [স. অসূয়া+পরবশ] বিণ. পরশ্রীকাতর, ঈর্ষাপরায়ণ।

অসূর্যম্পশ্যা /অশুরজম্‌পোশ্‌শা/ [স. ন+সূর্য+√দৃশ্+অ+আ (টাপ্)] বিণ. (যে নারীকে) সূর্যকিরণও স্পর্শ করেনি এমন, অন্তঃপুরবাসিনী।

অসৃক্ /অস্‌সৃক্/ [স. ন+√সৃজ্+ক্বিপ্] বি. ১ রক্ত, রুধির, শোণিত। ২ কুমকুম। ৩ মঙ্গলগ্রহ।

অসৃগ্‌ধারা /অস্‌সৃগ্‌ধারা/ [স. অসৃক্+ধারা] বি. রক্তস্রোত, রুধিরধারা।

অসেদধ/অশেদ্‌ধো /[বা.] বিণ. সেদ্ধ নয় এমন।

অসৈনিক /অশোইনিক্/ [স. ন+সৈনিক] বিণ. সৈনিক নয় এমন, civil।

অসৌজন্য /অশোউজোন্‌নো/ [স. ন+সুজন+য] বি. সৌজন্যের অভাব; অভব্যতা।

অসৌম্য /অশোউম্‌মো/ [স. ন+সোম+য] বিণ. ১ অসুন্দর; অশোভন। ২ রুক্ষ, কর্কশ। ৩ প্রতিকূল।

অসৌষ্ঠব /অশোউশ্‌ঠব্/ [স. ন+সুষ্ঠু+অ] বি. পারিপাট্যের অভাব। বিণ. ১ অশোভন। ২ সৌন্দর্যহীন, শ্রীহীন।

অসৌহার্দ্য /অশোউহার্‌দো/ [স. ন+সুহৃদ্+য] বি. বন্ধুত্বের অভাব; প্রীতির অভাব।

অস্খলিত /অস্‌খোলিতো/ [স. ন+√স্খল্+ত] বিণ. ১ অবিচ্যুত। ২ অবিচল; অচঞ্চল, স্থির।

অস্ট্রেলীয় /অস্‌ট্রেলিয়ো/ [স্থান.] বিণ. ১ অস্ট্রেলিয়া মহাদেশে জাত। ২ অস্ট্রেলিয়া মহাদেশবিষয়ক। বি. অস্ট্রেলিয়া মহাদেশের অধিবাসী।

অস্ত /অস্‌তো/ [স. √অস্+ত] বি. আপাতদৃষ্টিতে সূর্য ও গ্রহনক্ষত্রাদির পশ্চিম দিগন্তের নিচে অবতরণ।

অস্তগত /অস্‌তোগতো/ [স. অস্ত+√গম্+ত] বিণ. ১ পশ্চিম দিগন্তে সূর্য ও গ্রহনক্ষত্রাদি অস্তমিত হয়েছে এমন। ২ সমাপ্ত।

অস্তগমন /অস্‌তোগমোন্/ [স. অস্ত+√গম্+অন] বি. অস্তে গমন।

অস্তগমনোন্মুখ /অস্‌তোগমোনোন্‌মুখ্/ [স. অস্ত+গমন+উন্মুখ] বিণ. অস্তমিত হচ্ছে এমন, অস্তায়মান।

অস্তগামী /অস্‌তোগামি/ [স. অস্ত+√গম্+ইন্] বিণ. অস্তগমনরত (*অস্তগামী সবিতার মেঘমুক্ত মঙ্গলিক দ্যুতি সুধীন.*)।

অস্তগিরি /অস্‌তোগিরি/ [স. অস্ত+গিরি] বি. পুরাণমতে যে কল্পিত পর্বতের আড়ালে সূর্য ও গ্রহনক্ষত্রাদি অস্তগমন করে।

অস্তপাট /অস্‌তোপাট্/ [স. অস্ত+পাট] বি. যে কল্পিত পর্বতের অন্তরালে সূর্য ও গ্রহনক্ষত্রাদি অস্তগমন করে, অস্তাচল।

অস্তমন /অস্‌তোমোন্/ [স. অস্তম্+অন] বি. অস্তগমন।

অস্তমিত /অস্‌তোমিতো/ [স. অস্তম্+ইত] বিণ. অদৃশ্য হয়েছে এমন, অস্তে গত।

অস্তাচল /অস্‌তাচল্/ [স. অস্ত+অচল] বি. দ্র অস্তগিরি।

অস্তাচলগামী /অস্‌তাচলগামি/ [স. অস্তাচল+√গম্+ইন্] বিণ. দ্র অস্তায়মান।

অস্তায়মান /অস্‌তায়োমান্/ [স. √অস্তায়্+মান (শানচ্)] বিণ. অস্তমিত হচ্ছে এমন।

অস্তি /ওস্‌তি/ [স. √অস্+তি] বি. সত্তা, অস্তিত্ব।

অস্তিত্ব /ওস্‌তিত্‌তো/ [স. অস্তি+ত্ব] বি. ১ সত্তা। ২ স্থিতি, বিদ্যমানতা।

অস্তিত্বহীন /ওস্‌তিত্‌তোহিন্/ [স. অস্তিত্ব+√হা+ত] বিণ. অস্তিত্ব নেই এমন, অবিদ্যমান।

অস্তিনাস্তি /ওস্‌তিনাস্‌তি/ [স. অস্তি+নাস্তি] বি. অস্তিত্ব ও অনস্তিত্ব।

অস্তিত্ববাদ /ওস্‌তিত্‌তোবাদ্/ [স. অস্তিত্ব+√বদ্+অ] বি. সত্তা ও মানবিক অস্তিত্ববিষয়ক দার্শনিক মতবাদ।

অস্তিবাদ /ওস্‌তিবাদ্/ [স. অস্তি+√বদ্+অ] বি. দ্র অস্তিত্ববাদ।

অস্তু /ওস্‌তু/ [স. √অস্+তু] অনুক্রি. হোক (*তথাস্তু*); অনুজ্ঞা।

অস্তুত /অস্‌তুতো/ [স. অস্তু+ত] বিণ. ১ স্তুতি করা হয়নি এমন, অপ্রশংসিত। ২ অপূজিত।

অস্তোন্মুখ /অস্‌তোনমুখ্/ [স. অস্ত+উন্মুখ] বিণ. অস্তগমন করছে এমন; অস্তগমনোদ্যত।

অস্ত্যর্থ /ওস্‌তোরথো/ [স. অস্তি+অর্থ] বিণ. আছে এমন অর্থনির্দেশক।

অস্ত্যর্থক /ওস্‌তোরথক্/ [স. অস্ত্যর্থ+ক] বিণ. অস্ত্যর্থবিশিষ্ট, অস্তিত্বসূচক।

অস্ত্র /অস্‌ত্রো/ [স. √অস্+ত্র] বি. ১. হাতিয়ার, আয়ুধ (*পুলিশের অস্ত্র কেড়ে নিয়ে এসেছিল প্রদীপ্ত যুবক,* নির্মল.)। ২ প্রহারের উদ্দেশ্যে নিক্ষিপ্ত ধারালো বস্তু (*মারণাস্ত্র*)। ৩ কর্তনের জন্য ব্যবহৃত হাতিয়ার। ৪ ক্ষেপণ করে আঘাত করা হয় এমন সরঞ্জাম (*ক্ষেপণাস্ত্র*)। ৫ (আল.) উদ্দেশ্যসাধনে ব্যবহারের উপযুক্ত হাতিয়ার।

www.pathagar.com

অস্ত্র করা /অস্ত্রো করা/ ক্রিবি. অস্ত্রের সাহায্যে চিকিৎসা করা; শল্যচিকিৎসা করা।

অস্ত্রকার /অস্ত্রোকার/ [স. অস্ত্র+√কৃ+অ] বি. অস্ত্রনির্মাতা।

অস্ত্রকোবিদতা /অস্ত্রোকোবিদতা/ [স. অস্ত্র+কো+√বিদ্+অ+তা] বি. অস্ত্রবিষয়ক পাণ্ডিত্য; অস্ত্র-বিদ্যায় পারদর্শিতা।

অস্ত্রক্ষত /অস্ত্রোখতো/ [স. অস্ত্র+√ক্ষণ্+ত] বি. অস্ত্রাঘাতের ফলে সৃষ্ট ক্ষত।

অস্ত্রগুরু /অস্ত্রোগুরু/ [স. অস্ত্র+√গু+উ] বি. অস্ত্রবিদ্যা শিক্ষার গুরু।

অস্ত্রচিকিৎসক /অস্ত্রোচিকিত্শক্/ [স. অস্ত্র+চিকিৎসক] বি. যে চিকিৎসক রোগ নিরাময়ের জন্য অস্ত্রোপচার করেন, শল্যচিকিৎসক।

অস্ত্রচিকিৎসা /অস্ত্রোচিকিত্শা/ [স. অস্ত্র+চিকিৎসা] বি. দেহে অস্ত্র প্রয়োগ করে রোগের চিকিৎসা, শল্যচিকিৎসা।

অস্ত্রজীবী /অস্ত্রোজিবি/ [স. অস্ত্র+√জীব্+ইন্] বি. অস্ত্রচালনা যার পেশা, সৈনিক।

অস্ত্রত্যাগ /অস্ত্রোত্ত্যাগ্/ [স. অস্ত্র+√ত্যজ্+অ] বি. যুদ্ধবিরতির উদ্দেশ্যে অস্ত্রবর্জন।

অস্ত্রধারণ /অস্ত্রোধারোন্/ [স. অস্ত্র+√ধারি+অন] বি. আক্রমণের উদ্দেশ্যে অস্ত্রগ্রহণ।

অস্ত্রধারী /অস্ত্রোধারি/ [স. অস্ত্র+√ধৃ+ইন্] বিণ. অস্ত্রসজ্জিত, সশস্ত্র।

অস্ত্রনিবারণ /অস্ত্রোনিবারোন্/ [স. অস্ত্র+নি+√বারি+অন] বি. অস্ত্রাঘাত প্রতিরোধ।

অস্ত্রপাণি /অস্ত্রোপানি/ [স. অস্ত্র+√পণ্+ই] বিণ. হাতে অস্ত্র আছে এমন, অস্ত্রধারী।

অস্ত্রবিদ্ /অস্ত্রোবিদ্/ [স. অস্ত্র+বিৎ] বিণ. অস্ত্র-চালনায় পারদর্শী।

অস্ত্রবিদ্যা /অস্ত্রোবিদ্দা/ [স. অস্ত্র+বিদ্যা] বি. অস্ত্রচালনার জ্ঞান।

অস্ত্রবিরতি /অস্ত্রোবিরোতি/ [স. অস্ত্র+বি+√রম্+তি] বি. অস্ত্রসংবরণ, যুদ্ধবিরতি।

অস্ত্রলেখা /অস্ত্রোলেখা/ [স. অস্ত্র+লেখা] বি. অস্ত্রাঘাতের চিহ্ন।

অস্ত্রশস্ত্র /অস্ত্রোশস্ত্রো/ [স. অস্ত্র+√শস্+ত্র] বি. আক্রমণ ও প্রতিরোধের জন্য ব্যবহৃত বিবিধ অস্ত্র; সর্বপ্রকার অস্ত্র।

অস্ত্রশালা /অস্ত্রোশালা/ [স. অস্ত্র+√শল্+অ+আ (টাপ্)] বি. অস্ত্রের ভান্ডার, অস্ত্রাগার।

অস্ত্রশিক্ষা /অস্ত্রোশিক্খা/ [স. অস্ত্র+শিক্ষা] বি. অস্ত্রচালনার প্রশিক্ষণ।

অস্ত্রসংবরণ /অস্ত্রোশংবরোন্/ [স. অস্ত্র+সংবরণ] বি. যুদ্ধবিরতির জন্য অস্ত্রবর্জন; যুদ্ধবিরতি।

অস্ত্রসজ্জা /অস্ত্রোশজ্জা/ [স. অস্ত্র+সজ্জা] বি. রণসজ্জা, যুদ্ধের প্রস্তুতি।

অস্ত্রহীন /অস্ত্রোহিন্/ [স. অস্ত্র+√হা+ত] বিণ. নিরস্ত্র, unarmed।

অস্ত্রাগার /অস্ত্রাগার্/ [স. অস্ত্র+আগার] বি. অস্ত্রের ভান্ডার।

অস্ত্রাঘাত /অস্ত্রাঘাত্/ [স. অস্ত্র+আ+√হন্+অ] বি. ১ অস্ত্রের আঘাত। ২ প্রহারজনিত চিহ্ন।

অস্ত্রালয় /অস্ত্রালয়্/ [স. অস্ত্র+আলয়] বি. অস্ত্রশালা, অস্ত্রভান্ডার।

অস্ত্রী[১] /ওস্ত্রি/ [স. অস্ত্র+ইন্] বিণ. অস্ত্রধারী। বি. যোদ্ধা।

অস্ত্রী[২] /অস্ত্রি/ [স. ন+স্ত্রী] বিণ. স্ত্রী নয় এমন। বি. স্ত্রী ভিন্ন অন্য নারী।

অস্ত্রীক /অস্ত্রিক্/ [স. অস্ত্রী+ক] বিণ. ১ বিপত্নীক। ২ স্ত্রী সঙ্গে নেই এমন। ৩ অবিবাহিত।

অস্ত্রোপচার /অস্ত্রোপচার্/ [স. অস্ত্র+উপচার] বি. চিকিৎসার জন্য রোগীর দেহে অস্ত্রপ্রয়োগ, surgery।

অস্থান /অস্থান্/ [স. ন+√স্থা+অন] বি. ১ কুস্থান, অনুপযুক্ত স্থান। ২ অপ্রশস্ত বা অযোগ্য স্থান। ৩ অযোগ্য পাত্র। ৪ (বাংলায়) শরীরের গুপ্তস্থান।

অস্থান-কুস্থান /অস্থানকুস্থান্/ [স. অস্থান+কুস্থান] বি. নিষিদ্ধ স্থান।

অস্থানিক /অস্থানিক্/ [স. ন+স্থান+ইক] বিণ. স্থানীয় নয় এমন, বহিরাগত।

অস্থানে /অস্থানে/ [স. অস্থান+বা. এ] ক্রিবিণ. ১ অযোগ্য স্থানে। ২ অনুপযুক্ত কালে। ৩ অযোগ্য পাত্রে।

অস্থাবর /অস্থাবর্/ [স. ন+স্থাবর] বিণ. ১ স্থানান্তরণযোগ্য (*অস্থাবর সম্পত্তি*)। ২ গমনশীল, জঙ্গম। ৩ অস্থিতিশীল।

অস্থায়িতা /অস্থায়িতা/ [স. ন+স্থায়িন্+তা] বি. দ্র অস্থায়িত্ব।

অস্থায়িত্ব /অস্থায়িত্তো/ [স. ন+স্থায়িন্+ত্ব] বি. স্থায়িত্বের অভাব; নশ্বরত্ব।

অস্থায়ী /অস্থায়ি/ [স. ন+√স্থা+ইন্] বিণ. ১ স্থায়ী নয় এমন। ২ স্বল্পকালস্থায়ী, ক্ষণস্থায়ী, সাময়িক।

অস্থি /ওস্থি/ [স. √অস্+থি] বি. কোলাজেন তন্তুতে

www.pathagar.com

(collagen fibre) প্রোথিত ক্যালসিয়াম ফসফেট ও ক্যালসিয়াম কার্বনেটের সমন্বয়ে গঠিত মেরুদণ্ডী প্রাণীর কাঠামো বা কঙ্কালের মূল উপাদান, হাড়, bone।

অস্থিচর্মসার /ওস্থিচর্মোশার্/ [স. অস্থিচর্ম+√সৃ+অ] বিণ. ১ কেবল অস্থি ও চর্ম অবশিষ্ট আছে এমন। ২ (আল.) অতিশয় শীর্ণ।

অস্থিতপঞ্চ /অস্থিতোপন্চো/ [স. অস্থিত+পঞ্চ] বি. ১ পাটিগণিতের অঙ্কবিশেষ যা থেকে এক বা ততোধিক অজ্ঞাত রাশি নির্ণয় করা যায়। ২ কঠিন সমস্যা। ৩ কিংকর্তব্যবিমূঢ় অবস্থা।

অস্থিতপঞ্চক /অস্থিতোপন্চক্/ [স. অস্থিত+পঞ্চন্+ক] বি. দ্র অস্থিতপঞ্চ।

অস্থিতপঞ্চম /অস্থিতোপন্চোম্/ [স. অস্থিত+পঞ্চম] বি. দ্র অস্থিতপঞ্চ।

অস্থিতি /অস্থিতি/ [স. ন+√স্থা+তি] বি. ১ স্থিতির অভাব। ২ অবিদ্যমানতা।

অস্থিতিস্থাপক /অস্থিতিস্থাপক্/ [স. অস্থিতি+√স্থাপি+অক] বিণ. প্রসারণ বা সংকোচনের পর আপনা থেকে পূর্বাবস্থায় ফিরে আসে না এমন, অনমনীয়, স্থিতিস্থাপকতাহীন, inelastic।

অস্থিদান /ওস্থিদান্/ [স. অস্থি+দান] বি. গঙ্গায় মৃতের অস্থি বিসর্জনের সংস্কার।

অস্থিপঞ্জর /ওস্থিপন্জর্/ [স. অস্থি+√পঞ্জ্+অর] বি. মেরুদণ্ডী প্রাণীর দেহের কাঠামো, কঙ্কাল, খাঁচা।

অস্থিপঞ্জরসার /ওস্থিপন্জরশার্/ [স. অস্থিপঞ্জর+√সৃ+অ] বিণ. অত্যন্ত শীর্ণ, কঙ্কালসার।

অস্থিবিজ্ঞান /ওস্থিবিগ্যান্/ [স. অস্থি+বিজ্ঞান] বি. জীবদেহের অস্থিবিষয়ক শাস্ত্র, osteology।

অস্থিবিদ্যা /ওস্থিবিদ্দা/ [স. অস্থি+বিদ্যা] বি. দ্র অস্থিবিজ্ঞান।

অস্থিমজ্জা /ওস্থিমজ্জা/ [স. অস্থি+মজ্জা] বি. হাড় ও মজ্জা।

অস্থিমজ্জাগত /ওস্থিমজ্জাগতো/ [স. অস্থিমজ্জা+√গম্+ত] বিণ. ১ হাড়মাসে জড়িত। ২ জন্মগত।

অস্থির /অস্থির্/ [স. ন+স্থির] বিণ. ১ স্থির নয় এমন, চঞ্চল, চপল। ২ আকুল, বিহ্বল। ৩ নশ্বর, ক্ষণস্থায়ী। ৪ অনিশ্চিত; অনির্ধারিত।

অস্থিরতা /অস্থিরতা/ [স. অস্থির+তা] বি. চপলতা; ব্যাকুলতা, বিহ্বলতা।

অস্থিরচিত্ত /অস্থিরচিত্তো/ [স. অস্থির+√চিৎ+ত] বিণ. মনের স্থিরতা নেই এমন, চঞ্চলমনা, চঞ্চলমতি। বি. ~তা /-তা/।

অস্থিরপঞ্চক /অস্থিরপন্চক্/ [স. অস্থির+পঞ্চক] বি. দ্র অস্থিতপঞ্চ।

অস্থিরপঞ্চম /অস্থিরপন্চোম্/ [স. অস্থির+পঞ্চম] বি. দ্র অস্থিতপঞ্চ।

অস্থিশেষ /ওস্থিশেশ্/ [স. অস্থি+শেষ] বিণ. কেবল হাড় অবশিষ্ট আছে এমন, কঙ্কালসার।

অস্থিসন্ধি /ওস্থিশোন্ধি/ [স. অস্থি+সম্+√ধা+ই] বি. ১ দুটি অস্থির সন্ধিস্থল। ২ দেহস্থ ভাঙা হাড়ের সংযোজন।

অস্থিসমর্পণ /ওস্থিশমর্পন্/ [স. অস্থি+সমর্পণ] বি. গঙ্গায় মৃতের অস্থি বিসর্জনের সংস্কার।

অস্থিসার /ওস্থিশার্/ [স. অস্থি+সার] বিণ. দেহে কেবল হাড়ই অবশিষ্ট আছে এমন। বি. মজ্জা।

অস্থৈর্য /অস্থোইর্জো/ [স. ন+স্থির+য] বি. স্থিতির অভাব, অস্থিরতা, অধীরতা।

অস্নাত /অস্নাতো/ [স. ন+√স্না+ত] বিণ. স্নান করেনি এমন, অনবগাহিত।

অস্নাতক /অস্নাতক্/ [স. অস্নাত+ক] বিণ. ১ গুরুগৃহে অধ্যয়ন সমাপ্তির পর বিধি অনুযায়ী স্নান করেনি এমন। ২ বিশ্ববিদ্যালয়প্রদত্ত স্নাতক স্তরের সনদ নেই এমন।

অস্পন্দ /অস্পন্দো/ [স. ন+√স্পন্দ্+অ] বিণ. স্পন্দনশূন্য, নিস্পন্দ; অনড়, অচল।

অস্পন্দিত /অস্পোন্দিতো/ [স. ন+√স্পন্দ্+ত] বিণ. স্পন্দনশূন্য; স্তব্ধ।

অস্পর্শনীয় /অস্পরশোনিয়ো/ [স. ন+√স্পর্শ্+অনীয়] বিণ. ১ ছোঁয়া উচিত নয় এমন। ২ অশুচি, অপবিত্র। ৩ গ্রহণের অযোগ্য।

অস্পর্শ্য /অস্পোরশো/ [স. অস্পর্শ+য] বিণ. দ্র অস্পর্শনীয়।

অস্পষ্ট /অস্পশটো/ [স. ন+√স্পাশি+ত] বিণ. ১ স্পষ্ট নয় এমন, পরিষ্কার বোঝা যায় না এমন, ঝাপসা। ২ অপরিস্ফুট। বি. ~তা /-তা/।

অস্পৃশ্য /অস্পৃশ্শো/ [স. ন+√স্পৃশ্+য] বিণ. ১ স্পর্শ করার অযোগ্য। ২ অশুচি, অপবিত্র। ৩ ঘৃণ্য। বি. ~তা /-তা/।

অস্পৃষ্ট /অস্পৃশ্টো/ [স. ন+√স্পৃশ্+ত] বিণ. ১ ছোঁয়া হয়নি এমন। ২ (খাদ্য বা পানীয়) গ্রহণ করা হয়নি এমন।

অস্পৃহণীয় /অস্পৃহোনিয়ো/ [স. ন+√স্পৃহি+অনীয়] বিণ. অনভিলষণীয়।

www.pathagar.com

অস্ফীত /অস্ফিতো/ [স. ন+√স্ফায়্+ত] বিণ. স্ফীত বা ফোলা নয় এমন।

অস্ফুট /অস্ফুটো/ [স. ন+√স্ফুট্+অ] বিণ. ১ অব্যক্ত। ২ অস্পষ্ট। ৩ অপ্রকাশিত। ৪ (বাংলায়) ফোটেনি এমন, অফুটন্ত।

অস্ফুটবাক /অস্ফুটোবাক্/ [স. অস্ফুট+বাক] বিণ. ১ কথা ফোটেনি এমন; আধো-আধো কথা বলে এমন। ২ অস্পষ্টভাষী।

অস্বচ্ছ /অশচ্ছো/ [স. ন+স্বচ্ছ] বিণ. ১ পরিষ্কার নয় এমন, ঘোলা; আবিল। ২ আলো ভেদ করতে পারে না এমন, অনচ্ছ, opaque।

অস্বচ্ছন্দ /অশচ্ছন্দো/ [স. ন+স্বচ্ছন্দ] বিণ. ১ সহজ বা সাবলীল নয় এমন। ২ অস্বস্তিপূর্ণ।

অস্বস্তি /অশোস্তি/ [স. ন+সু+√অস্+তি] বি. ১ স্বস্তির অভাব। ২ অস্বাচ্ছন্দ্য। ৩ অসুবিধা।

অস্বস্তিকর /অশোস্তিকর্/ [স. অস্বস্তি+√কৃ+অ] বিণ. স্বচ্ছন্দ বোধ করে না এমন, অশান্তি-জনক।

অস্বাচ্ছন্দ্য /অশাচ্ছোন্দো/ [স. ন+স্বচ্ছন্দ+য] বি. স্বস্তি বা স্বাচ্ছন্দ্যের অভাব।

অস্বাতন্ত্র্য /অশাতোন্ত্রো/ [স. ন+স্বতন্ত্র+য] বি. ১ পরাধীনতা। ২ পার্থক্যহীনতা, অভিন্নতা।

অস্বাদিত /অশ্বাদিতো/ [স. ন+√স্বদ্+ত] বিণ. স্বাদগ্রহণ করা হয়নি এমন, অনাস্বাদিত।

অস্বাদু /অশ্বাদু/ [স. ন+√স্বদ্+উ] বিণ. বিস্বাদ, স্বাদহীন।

অস্বাভাবিক /অশ্বাভাবিক্/ [স. ন+স্বভাব+ইক] বিণ. ১ স্বভাববিরুদ্ধ। ২ অনৈসর্গিক। ৩ সন্দেহ-জনক। ৪ অসাধারণ। ৫ অত্যধিক।

অস্বামিক /অশ্বামিক্/ [স. ন+স্বামিক] বিণ. স্বামী নেই এমন।

অস্বাস্থ্য /অশাস্থ্যো/ [স. ন+স্বাস্থ্য] বি. ১ স্বাস্থ্যের অভাব। ২ অপ্রকৃতিস্থতা। ৩ (বাংলায়) পীড়া, রোগ।

অস্বাস্থ্যকর /অশাস্থ্যোকর্/ [স. অস্বাস্থ্য+√কৃ+অ] বিণ. স্বাস্থ্যের পক্ষে হানিকর।

অস্বীকার /অশ্বিকার্/ [স. ন+স্বীকার] বি. ১ প্রত্যাখ্যান; লঙ্ঘন। ২ অসম্মতি বা অমত প্রকাশ; অপলাপ। ৩ অগ্রাহ্যকরণ, অমান্যকরণ।

অস্বীকার্য /অশ্বিকার্জো/ [স. ন+স্বীকার্য] বিণ. স্বীকার করা যায় না এমন; স্বীকারের অযোগ্য।

অস্বীকৃত /অশ্বিকৃতো/ [স. ন+স্বীকৃত] বিণ. অস্বীকার করা হয়েছে এমন, স্বীকার করা হয়নি এমন। বি. অস্বীকৃতি /অশ্বিকৃতি/।

অস্মদ /অশ্মদ্/ [স. √অস্+মদ্] সর্ব. ১ আমি; আমরা। ২ আমাদের।

অস্মদাদি /অশ্মদাদি/ [স. অস্মদ্+আদি] সর্ব. আমি এবং আমার মতো অন্য সকলে।

অস্মদীয় /অশ্মোদিয়ো/ [স. অস্মদ্+ঈয়] বিণ. আমাদের বিষয়ক, আমাদের সম্বন্ধীয়।

অস্মার /অশ্মার্/ [স. ন+√স্মৃ+অ] বি. স্মৃতিভ্রংশ, বিস্মৃতি, amnesia।

অস্মিতা /অস্মিতা/ [স. অস্মি+তা] বি. ১ অহংকার, অহংবোধ। ২ আমিত্ব, আমিত্বের ভাব। ৩ ব্যক্তিত্ব।

অহ /অহো/ [স. অহন্ >] বি. ১ দিবস, দিন (সপ্তাহ)। ২ দিনমান, দিবাভাগ।

অহংকার /অহংকার্/ [স. অহম্+√কৃ+অ] বি. ১ অহমিকা, গর্ব, দম্ভ, বড়াই। ২ আত্মচেতনা, অহংজ্ঞান। ৩ অভিমান।

অহংকারী /অহংকারি/ [স. অহম্+√কৃ+ইন্] বিণ. ১ অহংকার করে এমন। ২ অভিমানী।

অহংকৃত /অহংকৃতো/ [স. অহম্+√কৃ+ত] বিণ. গর্বিত, দর্পিত, দম্ভী।

অহংবুদ্ধি /অহংবুদ্ধি/ [স. অহম্+√বুধ্+তি] বি. 'আমিই বড়ো' এইরূপ ধারণা, অহংকার।

অহংমন্যমান /অহংমোন্নোমান্ / [স. অহম্+√মন্+য+মৎ] বিণ. আত্মপরায়ণ, আত্মসর্বস্ব।

অহঃপতি /অহোপ্পোতি / [স. অহম্+পতি] বি. ১ দিবার অধিপতি। ২ সূর্য, রবি।

অহনা /অহোনা/ [স. ন+অন্+আ] বি. ১ উষা। ২ দিনের প্রারম্ভ। বিণ. উজ্জ্বল।

অহমিকা /অহোমিকা/ [স. অহম্+কন্+আ (টাপ্)] বি. ১ আমিত্ব, অহংসর্বস্বতা। ২ অহংকার, দর্প, দম্ভ; নিরর্থক গর্ব।

অহমিয়া /অহোমিআ/ [স্থান. অসম >] বি. পূর্ব-ভারতের অসম রাজ্যের অধিবাসী বা ভাষা।

অহম্ /অহম্/ [স. অস্মদ্+ঃ] সর্ব. আমি। বি. আমিত্ব বা আমিত্ববোধ, ego।

অহম্পূর্বিকা /অহম্পুর্বিকা/ [স. অহম্পূর্ব+কন্+আ (টাপ্)] বি. আমিই সবার পূর্বে বা সবার চেয়ে অগ্রসর এমন মনোভাব।

অহরহ /অহোরহো/ [স. অহঃ+অহঃ] ক্রিবিণ. ১ সর্বদা, সতত। ২ নিত্য; প্রত্যহ; প্রতিনিয়ত।

অহর্নিশ /অহর্নিশ্/ [স. অহন্+নিশা] ক্রিবিণ. ১

www.pathagar.com

দিবারাত্র, নিশিদিন। ২ সতত, সর্বদা।

অহর্নিশি /অহর্‌নিশি/ [স. অহর্নিশ >] ক্রিবিণ. 'অহর্নিশ'-এর অশুদ্ধ প্রচলিত রূপ।

অহল্য /অহোল্‌লো/ [স. ন+হল্য] বিণ. হলকর্ষণের অযোগ্য; অকর্ষিত; অনাবাদী। বি. কর্ষণ করা যায় না বা কর্ষণের অযোগ্য ভূমি।

অহল্যা /অহোল্‌লা/ [স. অহল্য+আ (টাপ্)] বিণ. অপূর্ব সুন্দরী। বি. পুরাণোক্ত গৌতমমুনির পত্নী।

অহি /ওহি/ [স. আ+√হন্+ই] বি. ১ সাপ, ভুজঙ্গ। ২ জ্যোতিষশাস্ত্রে অশুভকর বলে কল্পিত নক্ষত্র-বিশেষ, অশ্লেষা।

অহিংস /অহিংশো/ [স. ন+√হিংস্+অ] বিণ. ১ হিংসাশূন্য (*অহিংস আন্দোলন*), দ্বেষশূন্য। ২ বল-প্রয়োগে অনিচ্ছুক। ৩ জীবহত্যাবিরোধী।

অহিংস অসহযোগ /অহিংশো অশহোজোগ্/ বি. (ভারতে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে) সরকারের প্রতি জনগণের শান্তিপূর্ণ অসহযোগিতামূলক আচরণ, peaceful non-cooperation।

অহিংসক /অহিংশক্/ [স. ন+√হিংস্+অক] বিণ. ১ হিংসা করে না এমন। ২ অহিংস্র।

অহিংসা /অহিংশা/ [স. ন+√হিংস্+অ+আ (টাপ্)] বি. ১ হিংসার অভাব; দ্বেষহীনতা। ২ পরপীড়ন ও জীবহত্যা বর্জন।

অহিংস্র /অহিংস্রো/ [স. ন+√হিংস্+র] বিণ. ১ হিংস্র নয় এমন। ২ অহিংসক। ৩ জীবহত্যাবিরোধী।

অহিকোষ /অহিকোশ্/ [স. অহি+কোষ] বি. সাপের খোলস, নির্মোক।

অহিচ্ছত্রক /অহিচ্‌ছত্রক/ [স. অহি+ছত্রাক] বি. সাপের ফণাসদৃশ ছত্রাকবিশেষ, ব্যাঙের ছাতা, mushroom।

অহিত /অহিতো/ [স. ন+হিত] বি. অমঙ্গল, অকল্যাণ। বিণ. অশুভ।

অহিতকর /অহিতোকর্/ [স. অহিত+√কৃ+অ] বিণ. হিতকর নয় এমন; ক্ষতিকর, অকল্যাণকর।

অহিতকামী /অহিতোকামি/ [স. অহিত+√কম্+ইন্] বিণ. অমঙ্গল কামনা করে এমন।

অহিতকারী /অহিতোকারি/ [স. অহিত+√কৃ+ইন্] বিণ. অপকারক, ক্ষতিকর।

অহিতাচরণ /অহিতাচরোন্/ [স. অহিত+আচরণ] বি. ১ অশিষ্ট আচরণ। ২ অমঙ্গলসাধন।

অহিতাচার /অহিতাচার্/ [স. অহিত+আচার] বি. দ্র অহিতাচরণ।

অহিতাচারী /অহিতাচারি/ [স. অহিত+আ+√চর্+ইন্] বিণ. অনিষ্টকারী। স্ত্রী. অহিতাচারিণী /অহিতাচারিনি/।

অহিতুণ্ডিক /অহিতুনডিক্/ [স. অহি+তুণ্ড+ইক] বি. সাপুড়ে।

অহিনকুল /ওহিনোকুল্/ [স. অহি+নকুল] বি. ১ সাপ ও বেজি। ২ (আল.) চিরবৈরিতা।

অহিনকুল সম্পর্ক /ওহিনোকুল্ শম্‌পর্‌কো/ বি. শত্রুতাপূর্ণ সম্পর্ক।

অহিনকুলিকা /ওহিনোকুলিকা/ [স. অহিনকুল+কন্+আ (টাপ্)] বি. দ্র অহিনকুল।

অহিনেউল /ওহিনেউল্/ [স. অহিনকুল >] বি. দ্র অহিনকুল।

অহিফেন /ওহিফেন্/ [আ. আফিম >] বি. পোস্ত-ফলের নির্যাস থেকে উৎপাদিত তিক্তস্বাদ মাদক-বিশেষ, আফিম।

অহিফেনসেবী /ওহিফেন্‌শেবি/ [বা. অহিফেন+স. সেবী] বিণ. বি. আফিম সেবনকারী, আফিমখোর।

অহিভুক /ওহিভুক্/ [স. অহি+√ভুজ্+ক্বিপ্] বিণ. সর্পভুক। বি. ১ ময়ূর। ২ নকুল, বেজি। ৩ গরুড়।

অহিভূষণ /ওহিভুশন্/ [স. অহি+√ভূষ্+অন] বি. সর্প যার ভূষণ, মহাদেব।

অহীন্দ্র /অহিন্দ্রো/ [স. অহি+ইন্দ্র] বি. ১ সর্পরাজ বাসুকি, অনন্তনাগ। ২ অনন্তমূল বৃক্ষ।

অহীশ্বর /ওহিশ্‌শর্/ [স. অহি+ঈশ্বর] বি. ১ নাগেশ্বর, সর্পরাজ। ২ শেষ, অনন্ত।

অহূত /অহুতো/ [স. ন+√হ্বে+ত] বিণ. নিমন্ত্রিত নয় এমন, অনাহূত।

অহৃত /অৰ্‌hিতো/ [স. ন+√হৃ+ত] বিণ. হরণ করা হয়নি এমন।

অহৃদ্য /অৰ্‌hিদ্‌দো/ [স. ন+√হৃদ্+য] বিণ. ১ মনো-মতো নয় এমন, অপ্রিয়। ২ নিরানন্দজনক। ৩ অরুচিকর।

অহৃষ্ট /অৰ্‌hিশ্‌টো/ [স. ন+√হৃষ্+ত] বিণ. অসন্তুষ্ট।

অহেতু /অহেতু/ [স. ন+√হি+তু] বিণ. ১ অকারণ। ২ অনর্থক; নিষ্প্রয়োজন। ৩ নিঃস্বার্থ।

অহেতুক /অহেতুক্/ [স. অহেতু+ক] বিণ. কোনো কারণ ব্যতীত, বৃথা। ক্রিবিণ. বিনা কারণে।

অহৈতুক /অহোইতুক্/ [স. ন+হেতু+ক] বিণ. ১ কারণ ব্যতীত। ২ অযৌক্তিক।

অহো /অহো/ অব্য. খেদ বিস্ময় তিরস্কার প্রভৃতি

www.pathagar.com

ভাবপ্রকাশক উক্তি (*অহো, কী দুঃসহ স্পর্ধা!* রবীন্দ্র.)।

অহোরাত্র /অহোরাত্রো/ [স. অহন্+রাত্রি] বি. এক সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত ২৪ ঘণ্টা কালপর্ব। ক্রিবিণ. দিবারাত্র, সর্বক্ষণ, অবিরত।

–অহ্ন /অন্ন্ho/ [স. অহন্ >] বি. ১ দিন (*মধ্যাহ্ন*)। ২ দিনমানের সমান তিন ভাগের এক ভাগ।

অ্যাঁ /অ্যাঁ/ [ধ্বন্যা.] অব্য. বিস্ময় হতাশা সাড়া প্রভৃতিসূচক ধ্বনি।

অ্যাকর্ডিয়ন /অ্যাকড়্ডিয়ন্/ [জ.] বি. রিড (reed) টিপে নির্দিষ্ট কম্পাঙ্কের পর্দায় হাপরের সাহায্যে বাতাসের চাপ প্রয়োগ করে বাজাতে হয় এমন হারমোনিয়ামজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, accordion।

অ্যাকসিডেন্ট /অ্যাক্সিডেন্ট্/ [ই.] বি. আকস্মিক দুর্ঘটনা, accident।

অ্যাকাউন্ট /অ্যাকাউন্ট্/ [ই.] বি. হিসাব, আয়-ব্যয়ের বিবরণ; কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নামে ব্যাংকে গচ্ছিত টাকার হিসাব, account।

অ্যাকাউন্ট্যান্ট /অ্যাকাউন্ট্যান্ট্/ [ই.] বি. হিসাব-রক্ষক, accountant।

অ্যাকাডেমি /অ্যাকাডেমি/ [ই. academy] বি. ১ এথেন্সের সন্নিকটে স্থাপিত প্লেটোর শিক্ষাদান-কেন্দ্র। ২ শিল্প সাহিত্য বিজ্ঞান প্রভৃতির চর্চা ও গবেষণার কেন্দ্র, সারস্বতকেন্দ্র। ৩ কোনো বিষয়ে প্রশিক্ষণদানের উদ্দেশ্যে স্থাপিত শিক্ষাপ্রতিষ্ঠান। ৪ 'আকাডেমি' ও 'একাডেমি'-র বানানভেদ।

অ্যাকোয়ারিয়াম/অ্যাকোআরিয়াম্ / [ই.] বি. জলজ প্রাণী ও উদ্ভিদ পালনের জন্য ব্যবহৃত আধার-বিশেষ, aquarium।

অ্যাজমা /অ্যাজ্মা/ [গ্রি.] বি. ঘনঘন শ্বাস গ্রহণ ও ত্যাগ করতে হয় এমন রোগবিশেষ, শ্বাসকষ্টজনিত রোগ, হাঁপানিরোগ, asthma।

অ্যাটম /অ্যাটম্/ [ই.] বি. মৌলিক পদার্থের ক্ষুদ্র-তম কণা যাতে ওই পদার্থের সকল গুণ অক্ষুণ্ন থাকে (অ্যাটমের অভ্যন্তরে একটি ধনাত্মক চার্জকেন্দ্রের চারপাশে ঘূর্ণমান ঋণাত্মক আধান-বিশিষ্ট ইলেকট্রন থাকে), পরমাণু, atom।

অ্যাটর্নি /অ্যাটর্নি/ [ফ.] বি. বিষয়সম্পত্তি-সংক্রান্ত কার্যনির্বাহের জন্য আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি, আমমোক্তার, attorney।

অ্যাটাশে /অ্যাটাশে/ [ই.] বি. দূতাবাসের সহদূত, attache।

অ্যাডভান্স /অ্যাড়্ভান্স্/ [ই.] বি. কোনো বস্তু ক্রয় বা কর্ম সম্পাদনের জন্য অগ্রিম প্রদত্ত অর্থ, বায়নারূপে প্রদত্ত অর্থ, অগ্রিম, দাদন, advance।

অ্যাডভেনচার /অ্যাড়্ভেন্চার্/ [ই.] বি. দুঃসাহসিক ও বিপৎসংকুল কাজ; অভিযান, adventure।

অ্যাডভোকেট /অ্যাড়্ভোকেট্/ [ই.] বি. আইন ব্যবসায়ী, উকিল, ব্যবহারজীবী।

অ্যাডমিট কার্ড /অ্যাড়্মিট্ কাড়্ড়্/ বি. পরীক্ষাকেন্দ্রে প্রবেশের জন্য পরীক্ষার্থীকে প্রদত্ত প্রবেশপত্র, admit card।

অ্যাডমিরাল /অ্যাড়্মিরাল্/ [ই.] বি. নৌবাহিনীর অধিনায়ক, admiral।

অ্যানথ্রোপোলজি /অ্যান্থ্রোপোলজি/ [গ্রি.] বি. মানবজাতি ও তার ক্রমবিকাশসংক্রান্ত শাস্ত্র; নৃবিজ্ঞান, anthropology।

অ্যানিস্থিশিয়া /অ্যানিস্থিশিআ/ [লা.] বি. ওষুধ প্রয়োগের সাহায্যে কৃত্রিম উপায়ে অচেতন করা বা দেহের কোনো অংশকে অসাড় করে রাখার পদ্ধতিবিশেষ, anaesthesia।

অ্যানিমিয়া /অ্যানিমিআ/ [লা.] বি. রক্তে লোহিত-কণিকা হ্রাস পাওয়ার ফলে দেহের রক্তাল্পতা, anaemia।

অ্যানোফিলিস /অ্যানোফ়িলিস্/ [লা.] বি. ম্যালেরিয়া রোগের জীবাণুবাহী মশার প্রজাতিবিশেষ যার স্ত্রীকুলের কামড়ে মানুষের শরীরে ওই রোগের সংক্রমণ হয়, anopheles।

অ্যান্টাসিড /অ্যান্টাসিড্/ [ই.] বি. অম্লরোগের প্রতিষেধক, antacid।

অ্যান্টিবায়োটিক /অ্যান্টিবায়োটিক্/ [ই.] বি. জীবদেহে সংক্রমিত কোনো অণুজীবের বংশবৃদ্ধি ও বিস্তার রোধ করতে সক্ষম এককোষবিশিষ্ট জীবাণু; জীবাণুরোধক ওষুধবিশেষ, antibiotic।

অ্যান্টিসেপটিক /অ্যান্টিসেপ্টিক্/ [ই.] বি. ক্ষত-স্থানে জীবাণুর সংক্রমণ রোধকারী প্রতিষেধক-বিশেষ, antiseptic।

অ্যান্টেনা /অ্যান্টেনা/ [লা.] বি. ১ কীটপতঙ্গের মাথার একজোড়া শুঁড় যা অনুভূতি-ইন্দ্রিয়ের কাজ করে। ২ তড়িৎ-চুম্বকীয় তরঙ্গ প্রেরণ বা গ্রহণের জন্য রেডিও টেলিভিশন প্রভৃতির সঙ্গে সংযুক্ত

www.pathagar.com

সরঞ্জামবিশেষ। ৩ antenna।

অ্যান্ড্রোমিডা /অ্যান্ড্রোমিডা/ [লা.] বি. উত্তর গোলার্ধের আকাশে দৃশ্যমান উত্তরভাদ্রপদ নক্ষত্র-পুঞ্জ (সৌরমণ্ডল থেকে ২০ লক্ষ আলোকবর্ষ দূরে অবস্থিত), Andromeda।

অ্যাপয়েন্টমেন্ট /অ্যাপয়েন্টমেন্ট্/ [ই. appointment] বি. ১ নির্দিষ্ট সময়ে আলোচনা বা সাক্ষাতের জন্য পূর্বনির্ধারিত ব্যবস্থা। ২ নিয়োগ।

অ্যাপেন্ডিসাইটিস /অ্যাপেন্ডিসাইটিস্/ [লা.] বি. মানবদেহের বৃহদান্ত্রের সঙ্গে যুক্ত উপাঙ্গের স্ফীতি ও প্রদাহজনিত অস্বাভাবিকতা, appendicitis।

অ্যাপ্রন /অ্যাপ্রন্/ [ই. apron] বি. ১ কাজের সময়ে পোশাকের ওপর পরিধেয় আলগা জামা। ২ বিমানে যাত্রী ওঠানামা অথবা পণ্য বোঝাই ও খালাসের জন্য বিমানবন্দরে বিমান দাঁড় করানোর নির্দিষ্ট স্থান।

অ্যাফিডেভিট /অ্যাফিডেভিট্/ [লা.] বি. ম্যাজিস্ট্রেটের সম্মুখে কৃত অঙ্গীকারের ভিত্তিতে তৈরি হলফনামা, শপথপত্র, affidavit।

অ্যাবসেন্ট /অ্যাব্সেন্ট্/ [ই. absent] বিণ. অনুপস্থিত।

অ্যামনেস্টি /অ্যাম্নেস্টি/ [গ্রি.] বি. (সচরাচর রাজনৈতিক অপরাধের জন্য) সর্বজনীন ক্ষমা, amnesty।

অ্যামপ্লিফায়ার /অ্যাম্প্লিফায়ার্/ [ই.] বি. (প্রধানত শব্দের) বৈদ্যুতিক সংকেত পরিবর্ধনের জন্য ব্যবহৃত বিদ্যুতিনীয় (electronic) সরঞ্জাম-বিশেষ, amplifier।

অ্যামিবা /অ্যামিবা/ [লা.] বি. স্যাঁতসেঁতে জায়গা বা প্রাণিদেহে পরজীবী বা সহজীবীরূপে বাস করে এমন এককোষবিশিষ্ট জীবাণু যার নির্দিষ্ট কোনো আকার বা আকৃতি নেই, amoeba।

অ্যামেচার /অ্যামেচার্/ [লা.] বি. অপেশাদার বা শখের কর্মী; অপটু শিল্পী; amateur।

অ্যাম্পিউল /অ্যাম্পিউল্/ [ই.] বি. ইনজেকশনের তরল ওষুধ ধারণের জন্য ব্যবহৃত কাচের তৈরি বদ্ধ আধারবিশেষ, ampoule।

অ্যাম্বুলেন্স /অ্যাম্বুলেন্স্/ [ই.] বি. অসুস্থ বা আহত ব্যক্তি পরিবহণের জন্য ব্যবহৃত প্রাথমিক চিকিৎসার সুবিধা-সহ সড়কযান বা উড়োজাহাজ; যুদ্ধক্ষেত্রে সৈনিকদের অনুসরণকারী ভ্রাম্যমাণ হাসপাতাল, ambulance।

অ্যারারুট /অ্যারারুট্/ [ই.] বি. গুল্মজাতীয় উদ্ভিদ থেকে আহৃত শ্বেতসারজাতীয় খাদ্যবিশেষ, পালো, arrowroot।

অ্যারেস্ট /অ্যারেস্ট্/ [ই. arrest] বি. ১ আইন-সংগতভাবে আটক বা গ্রেফতার। ২ রোগের বিকাশ ও অগ্রগতি রোধ বা মন্থরকরণ।

অ্যারোপ্লেন /অ্যারোপ্লেন্/ [ই. aeroplane] বি. আকাশে বায়ু ভর করে চলে এমন সম-আয়তনের বাতাসের চেয়ে ভারী যন্ত্রচালিত যাত্রী বা পণ্যবাহী পোত, বিমান, উড়োজাহাজ।

অ্যালকোহল /অ্যাল্কোহল্/ [আ.] বি. কার্বন হাইড্রোজেন ও অক্সিজেনের রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন বর্ণহীন উদ্‌বায়ী ও দাহ্য তরল পদার্থবিশেষ, সুরাসারজাতীয় জৈবযৌগিক পদার্থ-বিশেষ, alcohol।

অ্যালজেব্রা /অ্যাল্জেব্রা/ [আ.] বি. বীজগণিত।

অ্যালবাম /অ্যাল্বাম্/ [ই. album] বি. ১ খাতা-বিশেষ যাতে ছবি ডাকটিকিট অটোগ্রাফ প্রভৃতি সংরক্ষণ করা হয়। ২ ডিস্ক বা রেকর্ড রাখার খাপবিশেষ। ৩ এক বা একাধিক শিল্পীর সংগীত-সংবলিত দীর্ঘবাদন।

অ্যালাউয়েন্স /অ্যালাউএন্স্/ [ই. allowance] বি. ১ ভাতা। ২ বিশেষ সুবিধা অধিকার বা ছাড়।

অ্যালার্জি /অ্যালার্জি/ [ই.] বি. কোনো বস্তুর (কোনো কোনো খাদ্যবস্তু ফুলের পরাগ পতঙ্গের বিষ প্রভৃতি) সংস্পর্শে আসার ফলে জীবদেহের অতিপ্রতিক্রিয়ার প্রবণতা যা কোনো কোনো ক্ষেত্রে প্রাণঘাতী হতে পারে, allergy।

অ্যালার্ম /অ্যালার্ম্/ [ই.] বি. বিপৎসংকেত, সতর্ক-সংকেত, alarm।

অ্যালুমনাস /অ্যালুম্নাস্/ [ই.] বি. কোনো বিদ্যায়তন বা শিক্ষাপ্রতিষ্ঠানের প্রাক্তন স্নাতক, alumnus।

অ্যালুমিনিয়াম /অ্যালুমিনিয়াম্/ [ই.] বি. বিদ্যুৎ ও তাপপরিবাহী হালকা রুপালি মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ১৩, aluminium।

অ্যালোপ্যাথি /অ্যালোপ্যাথি/ [ই.] বি. বিপরীত ক্রিয়াযুক্ত ওষুধ প্রয়োগ করে চিকিৎসার পদ্ধতি-বিশেষ, allopathy।

www.pathagar.com

অ্যাসপ্যারাগাস /অ্যাস্‌প্যারাগাস্‌/ [লা.] বি. এশিয়া অস্ট্রেলিয়া ও আফ্রিকার উষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং হেমন্তকালে ফোটে এমন সবৃন্তক সাদা সুগন্ধ ফুল ও গোলাকার ছোটো ফল বা তার বহু-বর্ষজীবী সরু লম্বাটে গুচ্ছবদ্ধ কন্দমূল (যার বিবিধ ভিটামিনসমৃদ্ধ কচি ডাঁটা খাদ্যবস্তুরূপে সমাদৃত), শতমূলী, asparagus।

অ্যাসিড /অ্যাসিড্‌/ [লা.] বি. রাসায়নিক পদার্থ-বিশেষ যার সংস্পর্শে নীল লিটমাস লাল হয়; দ্রাবক ; acid।

অ্যাসিটিলিন /অ্যাসিটিলিন্‌/ [ই.] বি. ঝালাই বা ওয়েল্ডিঙের কাজে ব্যবহৃত তীব্র গন্ধযুক্ত বর্ণহীন ও অতিমাত্রায় দাহ্য হাইড্রোকার্বন গ্যাসবিশেষ, acetylene।

অ্যাসোসিয়েশন /অ্যাসোসিয়েশন্‌/ [ই.] বি. সমিতি, সংঘ, association।

অ্যাস্ট্রোনট /অ্যাস্‌ট্রোনট্‌/ [ই.] বি. মহাশূন্যে বৈজ্ঞানিক পরীক্ষানিরীক্ষা পরিচালনার জন্য বিশেষভাবে প্রশিক্ষিত ব্যক্তি , নভশ্চর।

অ্যাস্ট্রোনমি /অ্যাস্‌ট্রোনমি/ [ই.] বি. মহাকাশ নক্ষত্র জ্যোতিষ্ক প্রভৃতিবিষয়ক বিজ্ঞানের শাখা, জ্যোতির্বিদ্যা , astronomy।

অ্যাস্ট্রোলজি /অ্যাস্‌ট্রোলজি/ [ই.] বি. ভাগ্যগণনা-বিষয়ক অপশাস্ত্র, জ্যোতিষশাস্ত্র, astrology।

www.pathagar.com

আ /আ/

আ[১] /আ/ বাংলা বর্ণমালার দ্বিতীয় স্বরবর্ণ এবং মৌলিক স্বরধ্বনি আ (a)-এর প্রতীক।

আ[২] /আ/ অব্য. ঈষৎ (*আনত*) পূর্ণতা (*আকণ্ঠ*) সম্যক (*আসমুদ্র*) বৈপরীত্য (*আঢাকা*) অভাব (*আকাঁড়া*) প্রভৃতিসূচক উপসর্গ।

আ[৩] /আ/ অব্য. আনন্দ বিস্ময় খেদ প্রভৃতিজ্ঞাপক শব্দ (*আ মরি*)।

আইএসবিএন /আইএস্‌বিএন্‌/ [ই.] বি. আন্তর্জাতিক প্রমিত পুস্তকনম্বর, international standard book number, ISBN।

আই /আই/ [স. আর্যিকা >] বি. ১ মাতা। ২ মাতামহী। ৩ নারী, স্ত্রীলোক।

-আই /আই/ অব্য. বাংলা প্রত্যয়বিশেষ (বাছ্+আই > বাছাই, লম্বা+আই > লম্বাই, বড়ো+আই > বড়াই, বাঁধ্+আই > বাঁধাই)।

আইচ /আইচ্‌/ [স. আদিত্য >] বি. ১ সূর্য। ২ পদবি-বিশেষ।

আইড় /আইড়্‌/ [দেশি.] বি. ১ ট্যাংরাজাতীয় আঁশ-বিহীন মিঠাপানির বড়ো মাছবিশেষ। ২ খেতের আল। ৩ বাঁধ।

আইঢাই /আইঢাই্‌/ [বা.] বিণ. অস্থির, ব্যাকুল। অব্য. হাঁসফাঁস বা ছটফট করার ভাব।

আইন /আইন্‌/ [ফা.] বি. ১ দেশের সকল অধিবাসী মেনে চলতে বাধ্য এমন রাষ্ট্রীয় বিধান। ২ নিয়ম, বিধি, কানুন।

আইনকানুন /আইন্‌কানুন্‌/ [ফা. আইন+আ. কানুন] বি. বিধিব্যবস্থা; নিয়মাবলি।

আইনজীবী /আইন্‌জিবি/ [ফা. আইন+স. জীবী] বি. উকিল মোক্তার ব্যারিস্টার প্রমুখ ব্যবহারজীবী।

আইনজ্ঞ /আইন্‌গ্‌গোঁ/ [ফা. আইন+স. √জ্ঞা+অ] বিণ. আইনবিষয়ে পারদর্শী। বি. আইনশাস্ত্রবিদ।

আইনত /আইনতো/ [ফা. আইন+স. তস্‌] বিণ. আইনসম্মত।

আইনবিরুদ্ধ /আইন্‌বিরুদ্‌ধো/ [ফা. আইন+স. বিরুদ্ধ] বিণ. আইনের পরিপন্থি এমন, বেআইনি।

আইনব্যবসায়ী /আইন্‌ব্যাবোসায়ি/ [ফা. আইন+স. ব্যবসায়ী] বি. আইনজীবী।

আইনমাফিক /আইন্‌মাফিক্‌/ [ফা. আইন+আ. মাফিক] ক্রিবিণ. আইন অনুযায়ী, আইনানুগ।

আইনমোতাবেক /আইন্‌মোতাবেক্‌/ [ফা. আইন+আ. মোতাবেক] ক্রিবিণ. আইন অনুসারে।

আইনশাস্ত্র /আইন্‌শাস্‌ত্রো/ [ফা. আইন+স. শাস্ত্র] বি. আইনসম্বন্ধীয় শাস্ত্র।

আইনসংগত /আইন্‌শংগতো/ [ফা. আইন+স. সংগত] বিণ. আইন অনুযায়ী, আইনসম্মত।

আইনসম্মত /আইন্‌শম্মতো/ [ফা. আইন+স. সম্মত] বিণ. দ্র আইনসংগত।

আইনানুগ /আইনানুগো/ [ফা. আইন+স. অনুগ] বিণ. দ্র আইনসংগত।

আইনানুযায়ী /আইনানুজায়ি/ [ফা. আইন+স. অনুযায়ী] ক্রিবিণ. আইনসম্মতভাবে, আইনের বিধান অনুসারে।

আইনি /আইনি/ [ফা.] বিণ. আইনসংক্রান্ত (*আইনি জটিলতা*)।

আইবুড়ো /আইবুড়ো/ [স. অব্যূঢ় >] বিণ. বয়ঃপ্রাপ্ত হওয়া সত্ত্বেও অবিবাহিত বা অবিবাহিতা এমন।

আইবুড়ো ভাত /আইবুড়ো ভাত্‌/ বি. গায়ে হলুদের পরে এবং বিবাহের পূর্বে পিতৃগৃহে পাত্র-পাত্রীর শেষ অন্নগ্রহণের সংস্কার।

আইমা /আইমা/ [স. আর্যিকা >] বি. মাতার মাতা, মাতামহী, নানি, দিদিমা।

আইল /আইল্‌/ [স. আলি >] বি. ১ জমির সীমা-নির্দেশক বাঁধ, আল। ২ উঁচু পথ। ৩ পাড়, তীর।

আইসক্রিম /আইস্‌ক্রিম্‌/ [ই.] বি. ঠান্ডা করে জমানো ঘন দুধের তৈরি মিষ্ট খাদ্যবস্তু, ice-cream।

আইসোটোপ /আইসোটোপ্‌/ [গ্রি.] বি. কোনো মৌলিক পদার্থের ভিন্নতর পারমাণবিক ভরবিশিষ্ট পরমাণু, isotope।

আউট হওয়া /আউট্‌ হওআ/ ক্রিবি. ১ ক্রিকেট খেলায় ব্যাটরত খেলোয়াড়ের ব্যাট করার অধিকার হারানো। ২ ফুটবল খেলায় বল মাঠের সীমানা অতিক্রম করা।

আউটানো /আউটানো/ [বা.] ক্রিবি. ১ আবর্তন বা আলোড়ন করা। ২ জ্বাল দিয়ে গাঢ় করা।

www.pathagar.com

আউন্স /আউন্‌স্/ [ই.] বি. ওজনের অধুনালুপ্ত পরিমাপবিশেষ, এক পাউন্ডের ১৬ ভাগের এক ভাগ (আনুমানিক ২৮ গ্রাম), ounce।

আউল[১] /আউল্/ [আ.] বি. সহজপন্থি সাধক সম্প্রদায়ের ব্যক্তি, সহজিয়া গায়ক।

আউল[২] /আউল্/ [স. আকুল >] বিণ. এলোমেলো, বিশৃঙ্খল।

আউলানো /আউলানো/ [বা.] ক্রিবি. ১ আলুলায়িত করা, বিশৃঙ্খল করা। ২ বন্ধনমুক্ত করা। ৩ গুলিয়ে ফেলা। বিণ. এলোমেলো, বিশৃঙ্খল।

আউলিয়া /আউলিআ/ [আ.] বি. সাধুপুরুষ, তাপস, দরবেশ।

আউশ /আউশ্/ [স. আশু >] বি. বর্ষাকালে উৎপন্ন এবং শীঘ্র পাকে এমন ধানবিশেষ (*আউশ ধান*)।

আওড়ানো /আওড়ানো/ [বা.] ক্রিবি. বারবার বলা বা আবৃত্তি করা। বিণ. আবৃত্তি করা হয়েছে এমন।

আওতা /আওতা/ [বা.] বি. ১ পরিধি; বেষ্টনী। ২ অধিকার; আয়ত্ত। ৩ রৌদ্রহীন স্থান; ছায়া।

আওয়াজ /আওয়াজ্/ [ফা.] বি. ১ শব্দ, ধ্বনি (*পায়ের আওয়াজ*)। ২ কণ্ঠস্বর। ৩ শ্লোগান (*আওয়াজ তোলা*), slogan।

আওয়াজ দেওয়া /আওয়াজ্ দেওআ/ ক্রিবি. ১ কটাক্ষ করা, বিদ্রূপ করা। ২ ডাকা; সাড়া দেওয়া।

আওয়ামি /আওআমি/ [আ.] বিণ. জনগণের।

আওরত /আওরত্/ [আ.] বি. ১ নারী। ২ পত্নী।

আওলাদ /আওলাদ্/ [আ.] বি. সন্তানসন্ততি।

আংটা /আংটা/ [হি.] বি. ১ বলয়াকার হাতল; কড়া। ২ আগুন রাখার পাত্র।

আংটি /আংটি/ [স. অঙ্গুষ্ঠিকা >] বি. আঙুলে ধারণের বলয়াকার ধাতব অলংকার, অঙ্গুরীয়।

আংরা /আংরা/ [স. অঙ্গার >] বি. কয়লা; অঙ্গার; পোড়া কাঠ।

আংরাখা /আংরাখা/ [স. অঙ্গরক্ষা >] বি. লম্বা ও ঢিলে পরিধেয়; আচকান চাপকান প্রভৃতি পরিধেয়-বস্ত্র।

আংশিক /আংশিক্/ [স. অংশ+ইক] বিণ. ১ খানিক, কতক। ২ অসম্পূর্ণ। ৩ অংশসম্বন্ধীয়।

আঃ /আহ্/ [ফা.] অব্য. বিস্ময় ক্রোধ বিরক্তি আরাম সুখ খেদ প্রভৃতিসূচক ধ্বনিবিশেষ।

আঁক /আঁক্/ [স. অঙ্ক >] বি. ১ ২ ৩ প্রভৃতি সংখ্যাসূচক চিহ্ন; দাগ; নিশানা; রেখা; আঁচড়; গণিতের অঙ্ক।

আঁক কষা /আঁক্ কশা/ ক্রিবি. সংখ্যাবিষয়ক প্রশ্নের সমাধান করা।

আঁক কাটা /আঁক্ কাটা/ ক্রিবি. আঁচড় কাটা।

আঁকজোক কাটা /আঁক্‌জোক্ কাটা/ ক্রিবি. হিজিবিজি আঁচড় কাটা বা রেখা টানা।

আঁকড়া /আঁকড়া/ [দেশি.] বি. ১ কোনোকিছু ঝুলিয়ে রাখার জন্য ব্যবহৃত ছাদ বা দেওয়ালে সংযুক্ত বাঁকানো লোহার আংটা, hook। ২ কড়া, আংটা।

আঁকড়ি /আঁকড়ি/ [বা.] বি. ১ ছোটো আঁকশি। ২ ক ফ ক্ষ প্রভৃতি বর্ণচিহ্নের ডানদিকে বাঁকানো অংশ। ৩ অঙ্কুশ, hook।

আঁকন /আঁকোন্/ [স. অঙ্কন >] বি. ১ অঙ্কন। ২ ছবি বা চিত্র।

আঁকশি /আঁক্‌শি/ [স. অঙ্কুশ >] বি. গাছ থেকে ফুল ফল প্রভৃতি পাড়ার জন্য প্রান্তভাগে আংটা লাগানো লম্বা বাঁশ বা যষ্টি।

আঁকা /আঁকা/ [বা.] ক্রিবি. চিত্রিত করা; দাগ কাটা। বিণ. চিত্রিত (*পরপারে দেখি আঁকা তরুছায়ামসি-মাখা* রবীন্দ্র.)।

আঁকাজোকা /আঁকাজোকা/ [বা.] বি. চিত্রণ। ক্রিবি. হিজিবিজি রেখা টানা। বিণ. চিত্রিত, অঙ্কিত।

আঁকানো /আকানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে আঁকিয়ে নেওয়া। বিণ. আঁকিয়ে নেওয়া হয়েছে এমন।

আঁকাবাঁকা /আঁকাবাঁকা/ [স. অঙ্ককঙ্ক >] বিণ. ১ সাপের গতির মতো বহুস্থানে বাঁকা। ২ সোজা নয় এমন। ৩ বহু ভঙ্গিযুক্ত।

আঁকিবুঁকি /আঁকিবুঁকি/ [স. অঙ্ককঙ্ক >] বি. ১ আঁকজোক; হিজিবিজি দাগ। ২ কারুকার্য।

আঁকুপাঁকু /আঁকুপাঁকু/ [দেশি.] বি. ১ অতিশয় ব্যগ্রতা বা ব্যস্ততা প্রকাশ। ২ উদ্‌বেগ ভয় বা ব্যাকুলতা। ৩ বাহ্য আড়ম্বর বা উদ্‌যোগ। বিণ. ব্যগ্র, ব্যস্ত; ব্যাকুল, উদ্‌বিগ্ন।

আঁখি /আঁখি/ [স. অক্ষি >] বি. চক্ষু, চোখ।

আঁখিকোণ /আঁখিকোন্/ [বা. আঁখি+স. কোণ] বি. চোখের প্রান্তভাগ।

আঁখিজল /আঁখিজল্/ [বা. আঁখি+স. জল] বি. চোখের জল, অশ্রু।

আঁখিঠার /আঁখিঠার্/ [বা. আঁখি+হি. ঠার] বি. চোখের ইশারা।

আঁখিপাত /আঁখিপাত্/ [বা. আঁখি+স. পাত] বি. দৃষ্টিনিক্ষেপ।

আঁখিপুট /আঁখিপুট্/ [বা. আঁখি+স. পুট] বি. চোখের

www.pathagar.com

পাতা।

আঁখিমল /আঁখিমল্/ [বা. আঁখি+স. মল] বি. পিচুটি, নেত্রমল।

আঁচ[১] /আঁচ্/ [স. √অনচ্ >] বি. আভাস, ইঙ্গিত; আন্দাজ, অনুমান।

আঁচ[২] /আঁচ্/ [স. অর্চি >] বি. ১ জ্বাল। ২ উষ্ণতা; তাপ (*আগুনের আঁচ*)। ৩ আগুনের আভা।

আঁচড় /আঁচোড়্/ [দেশি.] বি. ১ নখের আঘাত। ২ অগভীর রেখা; দাগ। ৩ (আল.) স্বল্প পরীক্ষা বা সামান্য চেষ্টা।

আঁচড়া-আঁচড়ি /আঁচ্ড়াআঁচ্ড়ি/ [দেশি.] বি. পরস্পর নখাঘাত।

আঁচড়ানো /আঁচ্ড়ানো/ [দেশি.] ক্রিবি. ১ নখাঘাত করা। ২ দাগ কাটা, রেখাপাত করা। ৩ চিরুনি দিয়ে কেশবিন্যাস করা (*মাথা আঁচড়ানো*)। বিণ. কেশবিন্যাস করা হয়েছে এমন।

আঁচর /আঁচোর্/ [স. অঞ্চল >] বি. শাড়ির প্রান্ত-ভাগ, আঁচল।

আঁচল /আঁচোল্/ [স. অঞ্চল >] বি. শাড়ির প্রান্ত-ভাগ, খুঁট, আঁচর।

আঁচলধরা /আঁচোল্ধরা/ [বা.] বিণ. স্ত্রীজাতির একান্ত অনুগত, স্ত্রৈণ।

আঁচলা /আঁচ্লা/ [স. অঞ্চল >] বি. কারুকার্য-শোভিত আঁচলের অংশ।

আঁচা /আঁচা/ [বা.] ক্রিবি. ১ আন্দাজ বা অনুমান করা। ২ খাওয়ার পর হাতমুখ ধোয়া। ৩ সামান্য পুড়ে যাওয়া।

আঁচাআঁচি /আঁচাআঁচি/ [বা.] বি. ১ পরস্পর পরস্পরের দোষসন্ধান। ২ পরস্পরের মনের ভাব অনুমান।

আঁচানো /আঁচানো/ [বা.] ক্রিবি. খাওয়ার পর মুখ ধোয়া। বিণ. মুখ ধোয়া হয়েছে এমন।

আঁচিল /আঁচিল্/ [দেশি.] বি. ১ মানবদেহের চামড়ায় উদ্‌গত উপমাংশ, wart। ২ তিল।

আঁজল /আঁজোল্/ [স. অঞ্জলি >] বি. করপুট, অঞ্জলি, গণ্ডূষ। বিণ. অঞ্জলি-পরিমাণ।

আঁজলা /আঁজ্লা/ [স. অঞ্জলি >] বিণ. বি. দ্র আঁজল।

আঁজি /আঁজি/ [স. অঞ্জিত >] বি. দেওয়াল তৈরির সময় ইটের সন্ধিস্থলে বেরিয়ে থাকা গাঁথনির মসলা মসৃণ করার পর কর্নিক দিয়ে কেটে তৈরি খাঁজ; রেখা; pointing।

আঁট /আঁট্/ [স. আনদ্ধ >] বি. ১ দৃঢ়তা। ২ বাঁধুনি। ৩ কাঙ্ক্ষিত বা উপযুক্ত মাপের সামান্য ঘাটতি। বিণ. ১ টানটান; মাপে ছোটো। ২ দৃঢ়বদ্ধ; দৃঢ়; শক্ত। ৩ জমাট, কাঠিন্যপ্রাপ্ত।

আঁটকুড় /আঁট্কুড়্/ [দেশি.] বি. আস্তাকুঁড়। বিণ. নিঃসন্তান।

আঁটকুড়ে /আঁট্কুড়ে/ [দেশি.] বিণ. 'আঁটকুড়'-এর কথ্য রূপ।

আঁটকুড়ো /আঁট্কুড়ো/ [দেশি.] বিণ. 'আঁটকুড়'-এর কথ্য রূপ।

আঁটনি /আঁটোনি/ [বা.] বি. শক্ত বাঁধন।

আঁটা /আঁটা/ [বা.] ক্রিবি. ১ সংকুলান হওয়া, কুলানো (*বাক্সে আঁটা*)। ২ লাগানো (*দরজায় খিল আঁটা*)। ৩ কষে বা শক্ত করে বাঁধা (*কোমরবন্ধ আঁটা*)। ৪ বাঁধা বা পরিধান করা (*পাগড়ি আঁটা*)। ৫ আঠা লাগিয়ে সেঁটে দেওয়া (*খামে ডাকটিকিট আঁটা*)। ৬ স্থির করা, নির্ধারণ করা (*ফন্দি আঁটা*)। বিণ. বদ্ধ, বন্ধ।

আঁটাআঁটি /আঁটাআঁটি/ [বা.] বি. ১ কষাকষি; কড়াকড়ি। ২ নিজের প্রাপ্য বুঝে নিতে অতিশয় যত্ন। বিণ. সুরক্ষিত।

আঁটানো /আঁটানো/ [বা.] ক্রিবি. ১ ধরানো, কুলানো। ২ সাঁটা, লাগানো (*খামে টিকিট আঁটানো*)।

আঁটালি /আঁটালি/ [বা.] বি. দ্র আঁটুলি।

আঁটি[১] /আঁটি/ [স. অস্থি >] বি. ফলের মধ্যকার বীজ বা বিচি (*আমের আঁটি*)।

আঁটি[২] /আঁটি/ [দেশি.] বি. শস্য বা তৃণের গোছা।

আঁটুনি /আঁটুনি/ [বা.] বি. ১ শক্ত বাঁধন। ২ দৃঢ়তা।

আঁটুবাঁটু /আঁটুবাঁটু/ [দেশি.] বি. ১ চলনে বাধা; আগুপিছুকরণ। ২ বার্ধক্য বা দুর্বলতাহেতু জড়সড় ভাব। বিণ. শক্ত।

আঁটুলি /আঁটুলি/ [বা.] বি. গবাদিপশুর গায়ে এঁটে থাকা রক্তশোষণকারী কীট, এঁটুলি, আঁটুলি, tick।

আঁটোসাঁটো /আঁটোসাঁটো/ [বা.] বিণ. যে মাপের হওয়া উচিত তার চেয়ে একটু ছোটো; দৃঢ়বদ্ধ, টানটান।

আঁত /আঁত্/ [স. অন্ত্র >] বি. ১ নাড়ি। ২ পেট, জঠর, উদর। ৩ হৃদয়, অন্তর। ৪ মনোভাব।

আঁত ওঠা /আঁত্ ওঠা/ ক্রিবি. বমনজনিত প্রবল বেগের ফলে পেটের নাড়ি বেরিয়ে আসার উপক্রম হওয়া।

আঁতকানো /আঁত্কানো/ [স. আতঙ্ক >] ক্রিবি. বিণ. আঁতকে ওঠা বা ভয়ে চমকে ওঠা।

আঁতকে ওঠা /আঁত্কে ওঠা/ ক্রিবি. ভয়ে চমকে

www.pathagar.com

ওঠা; সচকিত হওয়া।

আঁত খালি হওয়া /আঁত্ খালি হওয়া/ ক্রিবি. জঠর খালি হওয়া, পেট খালি থাকা।

আঁতড়ি /আঁতড়ি/ [স. অন্ত্র >] বি. নাড়িভুঁড়ি।

আঁত পড়া /আঁত্ পড়া/ ক্রিবি. পেট খালি হওয়া।

আঁত বসা /আঁত্ বসা/ ক্রিবি. দ্র আঁত পড়া।

আঁতমরা /আঁত্মরা/ [বা.] ক্রিবি. বিণ. ভোজনস্পৃহা-শূন্য হওয়া।

আঁতলামো /আঁত্লামো/ [বা.] বি. (ব্য.) বুদ্ধিজীবীর হাবভাব অনুকরণ, পাণ্ডিত্য প্রদর্শনের চেষ্টা।

আঁতাঁত /আঁতাঁত/ [ফ. entente >] বি. ১ বিভিন্ন দেশ বা গোষ্ঠীসমূহের মধ্যে অসাধু জোট (*অশুভ আঁতাঁত*)। ২ মৈত্রী।

আঁতিপাঁতি করে /আঁতিপাঁতি কোরে/ ক্রিবিণ. পুঙ্খানুপুঙ্খরূপে, তন্নতন্ন করে (*আঁতিপাঁতি করে খোঁজা*)।

আঁতুড় /আঁতুড়/ [স. অন্ত্র >] বি. দ্র আঁতুড়ঘর।

আঁতুড়ঘর /আঁতুড়ঘর/ [বা.] বি. সন্তানপ্রসবের গৃহ, সূতিকাগার, আঁত (নাড়ি) কাটার স্থান।

আঁতে ঘা /আঁতে ঘা/ বি. মর্মে আঘাত (*আঁতে ঘা লাগা*)।

আঁতেল /আঁতেল্/ [ফ.] বিণ. পণ্ডিত, intellectual। বি. (ব্য.) শিক্ষিত না হয়েও যে বুদ্ধিজীবীর চালচলন অনুকরণ করে।

আঁদার-পাঁদার /আঁদারপাঁদার/ [দেশি.] বি. আবর্জনা ফেলার জায়গা, আস্তাকুঁড়।

আঁধলা /আঁধ্লা/ [হি.] বি. অন্ধ ব্যক্তি।

আঁধার /আঁধার্/ [স. অন্ধকার >] বি. অন্ধকার, আলোর অভাব। বিণ. ১ অন্ধকারাচ্ছন্ন, আলোহীন। ২ বিষণ্ন, অপ্রসন্ন, নিরানন্দ; গম্ভীর।

আঁধারিয়া /আঁধারিআ/ [স. অন্ধকার >] বিণ. অন্ধকারময়, তিমিরাচ্ছন্ন।

আঁধি /আঁধি/ [স. অন্ধ >] বি. আকাশ অন্ধকার করে আসে এমন ধূলিঝড়।

আঁশ[১] /আঁশ্/ [স. অংশু >] বি. গাছপালা ফলমূল প্রভৃতির সূক্ষ্ম রোঁয়া; তন্তু।

আঁশ[২] /আঁশ্/ [স. আমিষ >] বি. মাছের শল্ক।

আঁশটে গন্ধ /আঁশ্টে গন্ধো/ বি. মাছের গন্ধ। বিণ. মাছের গন্ধযুক্ত।

আঁশফল /আঁশ্ফল্/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং শীতকালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট হলুদাভ সাদা উভলিঙ্গ ফুল ও বিচিসর্বস্ব ছোটো রসালো ফল বা তার মাঝারি আকৃতির গাছ, কাঠলিচু (আনি. মালয় উপদ্বীপ)।

আঁশবঁটি /আঁশ্বোটি/ [দেশি.] বি. যে বঁটিতে মাছ কোটা হয়, আঁশটে গন্ধযুক্ত বঁটি।

আঁশবিহীন /আঁশ্বিহিন্/ [বা. আঁশ+স. বিহীন] বিণ. আঁশ নেই এমন, আঁশমুক্ত।

আঁশযুক্ত /আঁশ্জুক্তো/ [বা. আঁশ+স. যুক্ত] বিণ. আঁশ আছে এমন, আঁশবহুল।

আঁশানো /আঁশানো/ [বা.] ক্রিবি. গুড় চিনি প্রভৃতির রসে জ্বাল দিয়ে শুকিয়ে নেওয়া। বিণ. জ্বাল দেওয়া হয়েছে বা শুকিয়ে নেওয়া হয়েছে এমন।

আঁশালো /আঁশালো/ [বা.] বিণ. সূক্ষ্ম রোঁয়াবিশিষ্ট।

আকক্ষ /আকোক্খো/ [বা.] ক্রিবিণ. কাঁখ পর্যন্ত।

আকখুটে /আক্খুটে/ [বা.] বিণ. ১ কোনো জিনিসের যত্ন নেয় না এমন। ২ অমিতব্যয়ী, অপব্যয়ী।

আকচা-আকচি /আক্চাআক্চি/ [দেশি.] বি. পরস্পর ঈর্ষা, রেষারেষি।

আকণ্ঠ /আকন্ঠো/ [স. আ+√কণ্+ঠ] ক্রিবিণ. ১ গলা পর্যন্ত। ২ (আল.) সর্বতোভাবে (*ঋণে আকণ্ঠ মগ্ন*)।

আকণ্ঠভোজন /আকন্ঠোভোজোন্/ [স. আকণ্ঠ+ভোজন] বি. গলা পর্যন্ত আহার, অতিভোজন।

আকণ্ঠমগ্ন /আকন্ঠোমগ্নো/ [স. আকণ্ঠ+√মস্জ্+ত] বিণ. গলা পর্যন্ত নিমজ্জিত।

আকন্দ /আকন্দো/ [স. অর্ক >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতের শেষে গুচ্ছাকারে ফোটে এমন হালকা বেগুনি সাদা পীতাভ সবুজ প্রভৃতি রঙের ফুল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, অর্ক।

আকপিল /আকোপিল্/ [স. আ+কপিল] বিণ. ঈষৎ পাংশু বর্ণের। বি. ঈষৎ পিঙ্গল বর্ণ, পাংশুটে রং।

আকপিশ /আকোপিশ্/ [স. আ+কপিশ] বিণ. বি. দ্র আকপিল।

আকবর /আক্বর্/ [আ.] বিণ. ১ মহান। ২ বৃহত্তম।

আকবরনামা /আক্বরনামা/ [আ. আকবর+ফা. নামহ্] বি. আবুল ফজলকৃত মোগল সম্রাট আকবর ও তাঁর রাজত্বকালের ইতিহাসগ্রন্থ।

আকম্প /আকম্পো/ [স. আ+√কম্প্+অ] বি. দ্র আকম্পন।

আকম্পন /আকম্পোন্/ [স. আ+√কম্প্+অন] বি. ঈষৎ কম্পন।

আকম্পমান /আকম্পোমান্/ [স. আকম্প+মান

www.pathagar.com

(শানচ্)] বিণ. মৃদু কম্পমান, কাঁপছে এমন।

আকম্পিত /আকোম্পিতো/ [স. আ+√কম্প্+ত] বিণ. অল্প কাঁপছে এমন, ঈষৎ কম্পমান।

আকর /আকর্/ [স. আ+√কৃ+অ] বি. ১ খনি। ২ উৎপত্তিস্থান; উৎস, মূল। ৩ আধার।

আকরজ /আকরজো/ [স. আকর+√জন্+অ] বিণ. খনিতে পাওয়া যায় এমন, খনিজ।

আকরজাত /আকর্জাতো/ [স. আকর+√জন্+ত] বিণ. খনিতে পাওয়া যায় এমন।

আকরিক /আকোরিক্/ [স. আকর+ইক] বিণ. ১ খনি থেকে প্রাপ্ত, খনিজ। ২ খনিসম্বন্ধীয়।

আকরী /আকোরি/ [স. আকর+ইন্] বিণ. খনিজাত।

আকরীয় /আকোরিয়ো/ [স. আকর+ঈয়] বিণ. দ্র আকরিক।

আকর্ণ /আকর্নো/ [স. আ+কর্ণ] ক্রিবিণ. কান পর্যন্ত।

আকর্ণন /আকর্নোন/ [স. আ+√কর্ণ্+অন] বি. শ্রবণ।

আকর্ণনয়ন /আকর্নোনয়োন্/ [স. আকর্ণ+নয়ন] বিণ. কান পর্যন্ত বিস্তৃত চোখবিশিষ্ট, আয়তলোচন।

আকর্ণবিস্তৃত /আকর্নোবিস্তৃতো/ [স. আকর্ণ+বি+√স্তৃ+ত] বিণ. কান পর্যন্ত বিস্তৃত।

আকর্ণলোচন /আকর্নোলোচন্/ [স. আকর্ণ+√লোচ্+অন] বিণ. দ্র আকর্ণনয়ন।

আকর্ণিত /আকোর্নিতো/ [স. আ+√কর্ণ্+ত] বিণ. শোনা হয়েছে এমন, শ্রুত।

আকর্ষ /আকর্শো/ [স. আ+√কৃষ্+অ] বি. ১ টান, আকর্ষণ। ২ যে শক্তিদ্বারা আকর্ষণ করা হয়। ৩ আঁকশি। ৪ (উদ্ভিদ.) লতার সূত্রাকার অঙ্গ, লতাতন্তু, লতার আঁশ।

আকর্ষক /আকর্শক্/ [স. আ+√কৃষ্+অক] বিণ. আকর্ষণকারী। বি. ১ আঁকশি। ২ চুম্বকলৌহ, চুম্বক।

আকর্ষণ /আকর্শোন্/ [স. আ+√কৃষ্+অন] বি. ১ কোনোকিছুর প্রতি টান বোধ, টান। ২ (পদার্থ.) যে শক্তি দিয়ে একটি জড় পদার্থ অপর একটি জড় পদার্থকে আকর্ষণ করে, মাধ্যাকর্ষণ।

আকর্ষণীয় /আকর্শোনিয়ো/ [স. আ+√কৃষ্+অনীয়] বিণ. ১ আকর্ষণ করার যোগ্য, প্রীতিকর। ২ মনোহর। ৩ (বাংলায়) আকর্ষণকারী।

আকর্ষিক /আকোর্শিক্/ [স. আ+√কৃষ্+ইক] বি. চুম্বকলৌহ। বিণ. আকর্ষণকারী।

আকর্ষী /আকোর্শি/ [স. আ+√কৃষ্+ইন্] বিণ. আকর্ষণকারী। স্ত্রী. আকর্ষিণী /আকোর্শিনি/।

আকল /আকল্/ [আ.] বি. বুদ্ধি; জ্ঞান।

আকলন /আকোলন্/ [স. আ+√কলি+অন] বি. ১ গণন। ২ আকর্ষণ। ৩ সংগ্রহ।

আকলপত্র /আকল্পত্রো/ [স. আকল+পত্র] বি. যে পত্রের দ্বারা ক্রেতার অনুরোধে বহনপত্র (bill of lading) বিমাপত্র প্রভৃতি দলিল উপস্থাপনের শর্তে কোনো ব্যাংক বিক্রেতাকে মূল্য পরিশোধের আশ্বাস দেয়; (পরি.) letter of credit, L/C।

আকলমন্দ /আকল্মন্দ্/ [স. আকল+ফা. মন্দ] বিণ. বুদ্ধিমান; বিজ্ঞ।

আকলমন্দি /আকল্মন্দি/ [আ. আকল+ফা. মন্দি] বি. বুদ্ধিমত্তা, বিচক্ষণতা; চতুরতা।

আকলিত /আকোলিতো/ [স. আ+√কলি+ত] বিণ. ১ পরিহিত। ২ সংগৃহীত। ৩ আবিষ্ট। ৪ আকৃষ্ট।

আকসার /আক্সার্/ [আ.] ক্রিবিণ. সর্বদা, হরহামেশা, সচরাচর, প্রায়ই।

আকস্মিক /আকোশ্মিক্/ [স. অকস্মাৎ+ইক] বিণ. ১ হঠাৎ ঘটেছে বা ঘটে এমন, অতর্কিত, অকস্মাৎ; অপ্রত্যাশিত। ২ অকারণ, অহেতুক।

আকাঁড়া /আকাঁড়া/ [বা.] বিণ. ঝেড়ে তুষ পৃথক করা হয়নি এমন (*আকাঁড়া চাল*)।

আকাঙ্ক্ষা /আকাংখা/ [স. আ+√কাঙ্ক্ষ্+অ+আ (টাপ্)] বি. ইচ্ছা; বাসনা, অভিলাষ।

আকাঙ্ক্ষিত /আকাংখিতো/ [স. আ+√কাঙ্ক্ষ্+ত] বিণ. অভিলাষ করা হয়েছে এমন, বাঞ্ছিত।

আকাঙ্ক্ষী /আকাংখি/ [স. আ+√কাঙ্ক্ষ্+ইন্] বিণ. আকাঙ্ক্ষা করে এমন, অভিলাষী। স্ত্রী. আকাঙ্ক্ষিণী /আকাংখিনি/।

আকাট /আকাট্/ [বা.] বিণ. অত্যন্ত; নিরেট, সম্পূর্ণ (*আকাট মূর্খ*)।

আকাঠ /আকাঠ্/ [বা.] বি. বাজে কাঠ, অসার কাঠ।

আকাদেমি /আকাদেমি/ [গ্রি.] বি. ১ এথেন্সের সন্নিকটে স্থাপিত প্লেটোর শিক্ষাদানকেন্দ্র। ২ শিল্প সাহিত্য বিজ্ঞান প্রভৃতির চর্চা ও গবেষণার কেন্দ্র, সারস্বতকেন্দ্র। ৩ কোনো বিষয়ে প্রশিক্ষণদানের উদ্দেশ্যে স্থাপিত শিক্ষাপ্রতিষ্ঠান। ৪ 'অ্যাকাডেমি' ও 'একাডেমি'-র বানানভেদ, academy।

আকাম /আকাম্/ [আরু.] বি. কুকাজ; নিন্দনীয় কাজ।

আকামা /আকামা/ [আ.] বি. বহিরাগতদের আরব-দেশে অবস্থান ও কাজ করার অনুমতিপত্র।

www.pathagar.com

আকামানো /আকামানো/ [বা.] বিণ. ক্ষৌর করা হয়নি এমন, মুণ্ডিত নয় এমন।

আ-কার[১] /আকার্/ বি. ব্যঞ্জনের সঙ্গে আ-স্বরের যোগচিহ্ন (া)।

আকার[২] /আকার্/ [স. আ+√কৃ+অ] বি. ১ মূর্তি; চেহারা; আকৃতি; গঠন। ২ লক্ষণ।

আকার-ইঙ্গিত /আকারইংগিত্/ [স. আকার+√ইনগ্ +ত] বি. ১ ইশারা, সংকেত। ২ ভাবভঙ্গি।

আকার-প্রকার /আকারপ্রোকার্/ [স. আকার+ প্রকার] বি. চেহারা ও ভাবভঙ্গি।

আকাল /আকাল্/ [স. অকাল >] বি. ১ দুঃসময়। ২ দুর্ভিক্ষ। ৩ অভাব।

আকালিক /আকালিক্/ [স. অকাল+ইক] বিণ. ১ অকালে জাত। ২ অচিরস্থায়ী।

আকাশ /আকাশ্/ [স. আ+√কাশ্+অ] বি. ১ গগন, অন্তরীক্ষ, অম্বর, ব্যোম ; শূন্য। ২ স্বর্গ, heaven।

আকাশকুসুম /আকাশ্কুশুম্/ [স. আকাশ+কুসুম] বি. কাল্পনিক বিষয় বা বস্তু; অলীক কল্পনা।

আকাশগঙ্গা /আকাশ্গংগা/ [স. আকাশ+√গম্+ গ+আ (টাপ্)] বি. ১ ছায়াপথ, Milky Way। ২ মন্দাকিনী, স্বর্গের গঙ্গা।

আকাশচারী /আকাশ্চারি/ [স. আকাশ+√চর্+ইন্] বিণ. ১ নভশ্চর। ২ মহাশূন্যে বিচরণকারী। স্ত্রী. আকাশচারিণী /আকাশ্চারিনি/।

আকাশচিত্র /আকাশ্চিত্রো/ [স. আকাশ+চিত্র] বি. আকাশের গ্রহ উপগ্রহাদির অবস্থাননির্দেশক চিত্র, খগোলের মানচিত্র।

আকাশচুম্বী /আকাশ্চুম্বি/ [স. আকাশ+√চুম্ব্+ইন্] বিণ. গগনস্পর্শী, অত্যন্ত উঁচু।

আকাশছোঁয়া /আকাশ্ছোঁআ/ [স. আকাশ+বা. ছোঁয়া] বিণ. ১ আকাশ স্পর্শ করে এমন। ২ (অল.) অত্যন্ত বেশি (*আকাশছোঁয়া দাম*)।

আকাশজাত /আকাশ্জাতো/ [স. আকাশ+√জন্+ ত] বিণ. আকাশে জন্মেছে এমন।

আকাশ থেকে পড়া /আকাশ্ থেকে পড়া/ ক্রিবি. ১ হঠাৎ কোনো অজানা বিষয় জানতে পেরে অত্যন্ত বিস্মিত হওয়া। ২ না জানার ভান করে বিস্ময় প্রকাশ করা।

আকাশদীপ /আকাশ্দিপ্/ [স. আকাশ+দীপ] বি. পূর্বপুরুষদের উদ্দেশে কার্তিক মাসের সন্ধ্যায় বাঁশের মাথায় উঁচু করে জ্বেলে রাখা প্রদীপ।

আকাশদুহিতা /আকাশ্দুহিতা/ [স. আকাশ+দুহিতা] বি. প্রতিধ্বনি।

আকাশ ধরা /আকাশ্ ধরা/ ক্রিবি. বৃষ্টি থেমে আসা।

আকাশনন্দিনী /আকাশ্নোন্দিনি/ [স. আকাশ+ √নন্দ্+ইন্+ঈ] বি. প্রতিধ্বনি।

আকাশপট /আকাশ্পট্/ [স. আকাশ+পট] বি. আকাশরূপ পট, মহাশূন্য।

আকাশপথ /আকাশ্পথ্/ [স. আকাশ+পথ] বি. বিমানপথ (*আকাশপথে যাতায়াত*)।

আকাশপাতাল /আকাশ্পাতাল্/ [স. আকাশ+ পাতাল] বিণ. প্রচুর; বিশাল (*আকাশপাতাল তফাত*)। ক্রিবিণ. ১ স্বর্গ থেকে পাতাল পর্যন্ত। ২ (আল.) সকল বিষয়ে।

আকাশপ্রদীপ /আকাশ্প্রোদিপ্/ [স. আকাশ+প্রদীপ] বি. দ্র আকাশদীপ।

আকাশবিহার /আকাশ্বিহার্/ [স. আকাশ+বিহার] বি. আকাশপথে ভ্রমণ।

আকাশ ভেঙে পড়া /আকাশ্ ভেঙে পড়া/ ক্রিবি. ১ হঠাৎ মহাবিপদে পড়া। ২ দুঃখ বা ভাবনার বোঝা নেমে আসা।

আকাশভ্রমণ /আকাশ্ভ্রোমোন্/ [স. আকাশ+ভ্রমণ] বি. মহাশূন্য যান বা বিমানে ভ্রমণ।

আকাশমণ্ডল /আকাশ্মনডোল্/ [স. আকাশ+মণ্ডল] বি. দৃশ্যমান বৃত্তাকার আকাশ, নভোমণ্ডল।

আকাশযান /আকাশ্জান্/ [স. আকাশ+যান] বি. ১ উড়োজাহাজ, বিমান, ব্যোমযান। ২ মহাশূন্যযান।

আকাশযুদ্ধ /আকাশ্জুদ্ধো/ [স. আকাশ+√যুধ্ +ত] বি. বিমানযুদ্ধ।

আকাশস্থ /আকাশ্স্থো/ [স. আকাশ+√স্থা+অ] বিণ. আকাশে অবস্থিত, শূন্যস্থিত।

আকাশ হাতে পাওয়া /আকাশ্ হাতে পাওআ/ ক্রিবি. দুর্লভ বস্তু লাভের আশ্বাস পাওয়া।

আকাশি /আকাশি/ [স. আকাশ+বা. ই] বিণ. হালকা নীলাভ।

আকাশে তোলা /আকাশে তোলা/ ক্রিবি. অতিরিক্ত প্রশংসা করা।

আকিক /আকিক্/ [আ.] বি. মূল্যবান কালো পাথর-বিশেষ, agate।

আকিকা /আকিকা/ [আ.] বি. মুসলমান সমাজে নবজাত শিশুর নামকরণ কেশমুণ্ডন ও তদুপলক্ষ্যে আয়োজিত উৎসব।

আকিঞ্চন /আকিন্চন্/ [স. অকিঞ্চন+অ] বি. ১ অভিলাষ, কামনা। ২ প্রযত্ন। ৩ দৈন্য, দীনতা। ৪

www.pathagar.com

(বাংলায়) আকাঙ্ক্ষা; আগ্রহ; প্রয়াস।

আকীর্ণ /আকির্‌নো/ [স. আ+√কৃ+ত] বিণ. ব্যাপ্ত, বিক্ষিপ্ত, ছড়ানো (*জঙ্গলাকীর্ণ*)।

আকুঞ্চন /আকুন্‌চন্‌/ [স. আ+√কুঞ্চ্‌+অন] বি. ১ ঈষৎ সংকোচন। ২ নিষ্পেষণ।

আকুঞ্চিত /আকুন্‌চিতো/ [স. আ+√কুঞ্চ্‌+ত] বিণ. ঈষৎ সংকুচিত, গুটানো।

আকুতি /আকুতি/ [স. আ+√কু+তি] বি. ১ আগ্রহ; আকুলতা। ২ অভিপ্রায়, উদ্দেশ্য; মনের ভাব। ৩ আকুল প্রার্থনা (*ভক্তের আকুতি*)।

আকুল /আকুল্‌/ [স. আ+√কুল্‌+অ] বিণ. ১ উৎকণ্ঠিত; ব্যগ্র (*আকুল আহ্বান*)। ২ কাতর (*আকুল আবেদন*)। ৩ অশান্ত, অধীর; উতলা (*ভেবে আকুল*)। ৪ আলুলায়িত। ৫ অভিভূত। ৬ বিপর্যস্ত; বিক্ষিপ্ত। ৭ পরিব্যাপ্ত; আচ্ছন্ন।

আকুলতা /আকুলতা/ [স. আকুল+তা] বি. ব্যগ্রতা; ব্যাকুলতা; অস্থিরতা।

আকুলিত /আকুলিত/ [স. আ+√কুল্‌+ত] বিণ. ১ ব্যাকুল। ২ উন্মুক্ত; আলুলায়িত।

আকুলিবিকুলি /আকুলিবিকুলি/ [বা.] বি. উৎকণ্ঠা; ব্যস্তসমস্ত ভাব। ক্রিবিণ. উৎকণ্ঠিত হয়ে।

আকৃতি /আক্‌কৃতি/ [স. আ+√কৃ+তি] বি. গঠন, আকার, অবয়ব; shape।

আকৃতি-প্রকৃতি /আক্‌কৃতিপ্রোকৃতি/ [স. আকৃতি+প্র+√কৃ+তি] বি. ১ হাবভাব। ২ ধরনধারণ।

আকৃষ্ট /আক্‌কৃশ্‌টো/ [স. আ+√কৃষ্‌+ত] বিণ. ১ আকর্ষণ করা হয়েছে এমন। ২ প্রলুব্ধ। ৩ মুগ্ধ।

আক্‌দ /আক্‌দ্‌/ [আ.] বি. (মুসলমান সমাজে) বিবাহ; বিবাহবন্ধন।

আক্কেল /আক্‌কেল্‌/ [আ. আকল >] বি. ১ বুদ্ধি; বিবেচনা; কাণ্ডজ্ঞান; জ্ঞান। ২ শিক্ষা।

আক্কেলগুড়ুম /আক্‌কেলগুড়ুম্‌/ [বা.] বি. আকস্মিক ভয়ে বুদ্ধিলোপ। বিণ. ১ স্তম্ভিত। ২ হতবুদ্ধি।

আক্কেলদাঁত /আক্‌কেল্‌দাঁত্‌/ [বা.] বি. পরিণত বয়সে ওঠা দাঁত, কৈশোর উত্তীর্ণ হওয়ার পর যে দাঁত ওঠে, wisdom tooth।

আক্কেলসেলামি /আক্‌কেল্‌সেলামি/ [আ.] বি. নির্বুদ্ধিতার জন্য প্রদত্ত দণ্ড; অনভিজ্ঞতাজনিত খেসারত।

আক্কেল হওয়া /আক্‌কেল্‌ হওআ/ ক্রিবি. বিপদে পড়ে শিক্ষা পাওয়া।

আক্রম /আক্‌ক্রোম্‌/ [স. আ+√ক্রম্‌+অ] বি. ১ বিক্রম। ২ আক্রমণ। ৩ অধিকার। ৪ প্রাপ্তি। ৫ উদয়।

আক্রমণ /আক্‌ক্রোমোন্‌/ [স. আ+√ক্রম্‌+অন] বি. ১ অধিকার প্রতিষ্ঠার উদ্দেশ্যে কোনো দেশের ওপর হামলা। ২ অন্যের ওপর হামলা। ৩ গ্রাস।

আক্রমণকারী /আক্‌ক্রোমোনকারি/ [স. আক্রমণ+√কৃ+ইন্‌] বি. বিণ. হামলাকারী।

আক্রমণাত্মক /আক্‌ক্রোমোনাত্তক্‌/ [স. আক্রমণ+আত্মন্‌+ক] বিণ. আক্রমণের প্রকৃতিবিশিষ্ট।

আক্রমণীয় /আক্‌ক্রোমোনিয়ো/ [স. আ+√ক্রম্‌+অনীয়] বিণ. আক্রমণ করা যায় এমন, আক্রমণ-যোগ্য।

আক্রা /আক্‌ক্রা/ [স. অক্রেয় >] বিণ. দুর্মূল্য, মহার্ঘ।

আক্রান্ত /আক্‌ক্রান্‌তো/ [স. আ+√ক্রম্‌+ত] বিণ. ১ আক্রমণ করা হয়েছে এমন। ২ পীড়িত (*রোগাক্রান্ত*)। ৩ আচ্ছন্ন (*ভারাক্রান্ত হৃদয়*)।

আক্রোশ /আক্‌ক্রোশ্‌/ [স. আ+√ক্রুশ্‌+অ] বি. ১ বিদ্বেষ। ২ ভর্ৎসনা; নিন্দন। ৩ (বাংলায়) রোষ।

আক্ষরিক /আক্‌খোরিক্‌/ [স. অক্ষর+ইক্‌] বিণ. ১ অক্ষরসংক্রান্ত, অক্ষরসম্বন্ধীয়। ২ অক্ষর অনুযায়ী। ৩ অক্ষরে অক্ষরে কৃত; হুবহু, literal।

আক্ষিক /আক্‌খিক্‌/ [স. অক্ষ+ইক] বিণ. ১ পাশা-খেলাসংক্রান্ত। ২ চাক্ষুষ।

আক্ষিপ্ত /আক্‌খিপ্‌তো/ [স. আ+√ক্ষিপ্‌+ত] বিণ. ১ নিক্ষিপ্ত। ২ বিক্ষিপ্ত। ৩ আক্ষেপ জন্মেছে এমন, আক্ষেপযুক্ত। ৪ দুঃখে কাতর।

আক্ষেপ /আক্‌খেপ্‌/ [স. আ+√ক্ষিপ্‌+অ] বি. ১ অঙ্গবিক্ষেপ; অঙ্গপ্রত্যঙ্গের খিঁচুনি, তড়কা, convulsion। ২ ক্ষোভ প্রকাশ; বিলাপ। ৩ অর্থালংকারবিশেষ। ৪ (বাংলায়) পরিতাপ।

আক্ষোট /আক্‌খোট্‌/ [স. আ+অখ্‌+রোট্‌] বি. দ্র আখরোট।

আখ /আখ্‌/ [স. ইক্ষু >] বি. উত্তর ও দক্ষিণ গোলার্ধের সূর্যস্নাত ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে ব্যাপকভাবে চাষ করা হয় এমন কোমল কাণ্ড-বিশিষ্ট তৃণজাতীয় বর্ষজীবী উদ্ভিদ (যার রস থেকে চিনি গুড় প্রভৃতি উৎপন্ন হয়), ইক্ষু, sugarcane।

আখটি /আখোটি/ [স. আখট্টি >] বি. ১ অন্যায় আবদার, বায়না; জেদ। ২ বিবাদ, ঝগড়া।

আখড়া /আখড়া/ [স. অক্ষবাট >] বি. ১ নৃত্যগীত-বাদ্য ও মল্লবিদ্যা অনুশীলনের স্থান। ২ সন্ন্যাসী-দের আশ্রম। ৩ আড্ডা।

www.pathagar.com

আখড়াই /আখ্‌ড়াই/ [বা.] বি. ১ সংগীত অভিনয় প্রভৃতি শিক্ষা ও মহড়ার স্থান। ২ মহড়া, rehersal।

আখড়াধারী /আখ্‌ড়াধারি/ [বা. আখড়া+স. ধারী] বি. মঠ বা আখড়ার প্রধান ব্যক্তি।

আখণ্ডল /আখন্‌ড়ল্‌/ [স. আ+√খণ্ড্‌+অল] বি. যিনি বজ্রদ্বারা পর্বত খণ্ডিত করেন, ইন্দ্র।

আখতা /আখ্‌তা/ [আ.] বিণ. খাসি, খোজা, মুষ্কহীন, পুরুষত্বহীন। বি. মুষ্কহীন অশ্ব।

আখনি /আখ্‌নি/ [ফা.] বি. পোলাও রাঁধার জন্য ব্যবহৃত মসলাদেওয়া মাংসের ক্বাথ।

আখমাড়াই /আখ্‌মাড়াই/ [বা.] বি. আখ পিষে রস আহরণ।

আখর /আখোর্‌/ [স. অক্ষর >] বি. ১ বর্ণ, হরফ। ২ কীর্তনাঙ্গের গানে সংযোজিত ব্যাখ্যামূলক অতিরিক্ত পদ।

আখর কাটা /আখোর্‌ কাটা/ ক্রিবি. দাগ কাটা; লেখা।

আখরোট /আখ্‌রোট্‌/ [স. অক্ষোট >] বি. উত্তর আমেরিকা ইংল্যান্ড ভারতীয় উপমহাদেশ প্রভৃতি অঞ্চলে জাত শক্ত খোলায় আবৃত বাদামজাতীয় ফল বা তার মূল্যবান কাঠের জন্য খ্যাত বৃক্ষ (আনি. ইরান), আক্ষোট, আখোট, walnut।

আখা /আখা/ [বা.] বি. উনুন, চুল্লি; হোমকুণ্ড।

আখাম্বা /আখাম্‌বা/ [দেশি.] বিণ. থামের মতো উঁচু ও স্থূল; দীর্ঘাকৃতি।

আখু /আখু/ [স. আ+√খন্‌+উ] বি. ১ ইঁদুর। ২ শূকর। ৩ চোর।

আখুটি /আখুটি/ [স. আখট্টি >] বি. দ্র আখটি।

আখুটে /আখুটে/ [স. আখট্টি >] বিণ. আবদার করে এমন, আবদেরে। বি. যে অন্যায় আবদার করে।

আখেটক /আখেটক্‌/ [স. আ+√খিট্‌+অক] বি. ব্যাধ, শিকারি।

আখেটিক /আখেটিক্‌/ [স. আখট্টি >] বি. ১ ব্যাধ। ২ শিকারি কুকুর। বিণ. (আল.) ভয়ংকর।

আখের /আখের্‌/ [আ.] বি. ১ পরিণাম, চূড়ান্ত পরিণতি। ২ ভবিষ্যৎ (*আখের গোছানো*)।

আখেরত /আখেরত্‌/ [আ.] বি. ১ ইহুদি খ্রিষ্টান ও ইসলাম ধর্মমতে শেষ বিচারের দিন। ২ পরকাল।

আখেরি /আখেরি/ [আ.] বিণ. শেষ, অন্তিম।

আখেরি চাহার শম্বা /আখেরি চাহার্‌ শোম্‌বা/ বি. ১ শেষ বুধবার। ২ হিজরি পঞ্জিকার সফর মাসের শেষ বুধবার। ৩ হজরত মুহম্মদ (সা.) তাঁর জীবনে শেষবারের মতো আরোগ্যলাভের পর যেদিন প্রথম গোসল করেন; শুভদিনরূপে উদ্‌যাপিত পর্ব।

আখোট[১] /আখোট্‌/ [স. আখট্টি >] বি. দ্র আখটি।

আখোট[২] /আখোট্‌/ [স. অক্ষোট >] বি. দ্র আখরোট।

আখোলা /আখোলা/ [বা.] বিণ. খোলা নয় এমন, আবদ্ধ, বন্ধ, আটকানো।

আখ্যা /আক্‌খা/ [স. আ+√খ্যা+অ+আ (টাপ্‌)] বি. ১ সংজ্ঞা; উপাধি; নাম। ২ উল্লেখ; কথন।

আখ্যাত /আক্‌খাতো/ [স. আ+√খ্যা+ত] বিণ. ১ উল্লিখিত; কথিত; খ্যাত। ২ সংজ্ঞাপ্রাপ্ত; ব্যাখ্যাত।

আখ্যান /আক্‌খান্‌/ [স. আ+√খ্যা+অন] বি. ১ কাহিনি; ইতিহাস। ২ কথন; উল্লেখ। ৩ উক্তি।

আখ্যানপত্র /আক্‌খানপত্তোর্‌/ [স. আখ্যান+পত্র] বি. পুস্তকের যে পৃষ্ঠায় গ্রন্থপরিচিতি বিজ্ঞাপিত করা হয়; (পরি.) title page।

আখ্যায়ক /আক্‌খায়োক্‌/ [স. আ+√খ্যা+অক] বিণ. কথক; প্রচারক; বার্তাবহ।

আখ্যায়িকা /আক্‌খায়িকা/ [স. আ+√খ্যা+অক+আ (টাপ্‌)] বি. কাহিনি, গল্প।

আখ্যায়ী /আক্‌খায়ি/ [স. আখ্যা+ইন্‌] বিণ. আখ্যায়ক; কথক, বর্ণনাকারী।

আখ্যেয় /আক্‌খেয়ো/ [স. আখ্যা+য] বিণ. ১ কথনীয়; বক্তব্য। ২ নামযুক্ত, আখ্যাযুক্ত।

আগ /আগ্‌/ [স. অগ্র >] বি. অগ্রভাগ। বিণ. ১ আদি; প্রথম, সর্বাগ্রবর্তী। ২ সর্বোচ্চ।

আগড়ুম-বাগড়ুম /আগ্‌ড়ুম্‌বাগ্‌ড়ুম্‌/ [দেশি.] বি. অর্থহীন শব্দজুটি; অসংলগ্ন কথা (মূল অর্থ : অগ্রবর্তী ও পার্শ্ববর্তী ঘোড়সওয়ার ডোমসৈন্য)।

আগড় /আগোড়্‌/ [স. অর্গল >] বি. ১ খিল, অর্গল। ২ কপাটের পরিবর্তে ব্যবহৃত ঝাঁপ; কেওয়াড়। ৩ বাধা, প্রতিবন্ধকতা।

আগড়-বাগড় /আগোড়্‌বাগোড়্‌/ [হি. অগড়্‌বগড় >] বি. ১ বেদরকারি জিনিসপত্র। ২ অপ্রাসঙ্গিক কথা।

আগড়ম-বাগড়ম /আগ্‌ড়োম্‌বাগ্‌ড়োম্‌/ [হি. অগড়্‌-বগড় >] বি. অর্থহীন ও অসংলগ্ন কথা।

আগত /আগতো/ [স. আ+√গম্‌+ত] বিণ. ১ আগমন করেছে এমন। ২ ঘটেছে এমন। ৩ প্রাপ্ত।

আগতপ্রায় /আগতোপ্রায়্‌/ [স. আগত+প্র+√ই+অ] বিণ. প্রায় এসে গেছে এমন, আসন্ন।

আগ তোলা[১] /আগ্‌ তোলা/ ক্রিবি. বিশেষ উদ্দেশ্যে কোনো দ্রব্যের আগে থেকে পৃথক করে রাখা অংশ।

www.pathagar.com

আগতোলা[১] /আগ্‌তোলা/ [বা.] বিণ. পূর্বে গৃহীত হয়েছে এমন, উচ্ছিষ্ট।

আগদল /আগ্‌দল্‌/ [বা. আগ+স. দল] বি. ১ যে সৈন্যদল পরিখা খনন পথ পরিষ্কার প্রভৃতি কাজ করে অগ্রসর হয়, pioneer। ২ যুদ্ধে বিপক্ষ সৈন্যদলের সম্মুখবর্তী বাহিনী, vanguard।

আগদুয়ার /আগ্‌দুআর্‌/ [স. অগ্রদ্বার >] বি. ১ সদর দরজা, সিংহদ্বার। ২ বহির্বাটী।

আগন্তু /আগোন্‌তু/ [স. আ+√গম্‌+তু] বিণ. ১ আগমনশীল। ২ অনিয়ত। ৩ আকস্মিক।

আগন্তুক /আগোন্‌তুক্‌/ [স. আগন্তু+ক] বি. অতিথি; অপরিচিত ব্যক্তি; নবাগত ব্যক্তি। বিণ. ১ নবাগত। ২ হঠাৎ আগত।

আগপাছ /আগ্‌পাছ্‌/ [স. অগ্রপশ্চাৎ >] বি. ক্রিবিণ. অগ্রপশ্চাৎ, পূর্বাপর।

আগ বাড়া /আগ্‌ বাড়া/ ক্রিবি. অগ্রসর হওয়া।

আগম /আগম্‌/ [স. আ+√গম্‌+অ] বি. ১ আগমন (*বর্ষাগম*)। ২ আয় (*অর্থাগম*)। ৩ প্রাপ্তি। ৪ বেদাদি তন্ত্রশাস্ত্র। ৫ (ব্যা.) প্রকৃতিপ্রত্যয়ের পরিবর্তন না ঘটিয়ে শব্দমধ্যে কোনো বর্ণের প্রবেশ (স্পর্ধা > আস্পর্ধা, স্বপ্ন > স্বপন)।

আগমন /আগমোন্‌/ [স. আ+√গম্‌+অন] বি. উপস্থিতি; (পরি.) arrival।

আগমনি /আগোমোনি/ [স. আগমন+ই] বি. আগমন সংগীত, আহ্বানগীতি। বিণ. আগমনসম্বন্ধীয়।

আগমশুল্ক /আগোম্‌শুল্‌কো/ [স. আগম+√শুল্ক্‌+অ] বি. পণ্য আমদানির জন্য ধার্য শুল্ক।

আগম্য /আগোম্‌মো/ [স. আগম+য] বিণ. আগমন বা আমদানির যোগ্য (*আগম্য পণ্য*)।

আগর[১] /আগোর্‌/ [স. অগরু >] বি. গন্ধকাষ্ঠবিশেষ (*আগরবাতি*), অগুরু।

আগর[২] /আগোর্‌/ [ই. auger >] বি. কাঠ প্রভৃতি ছিদ্র করার হাতিয়ার, ভ্রমিযন্ত্র, তুরপুন।

আগর[৩] /আগোর্‌/ [স. অগ্র >] বিণ. শ্রেষ্ঠ; প্রধান; চূড়ামণি।

আগর[৪] /আগোর্‌/ [স. আগার >] বি. ১ নিলয়, আগার। ২ আধার।

আগর[৫] /আগোর্‌/ [হি.] বি. দীর্ঘসূত্রতা। অব্য. যদি।

আগরবাতি /আগোর্‌বাতি/ [বা.] বি. ধূপের সুগন্ধ প্রলেপযুক্ত কাঠিবিশেষ যা পোড়ালে বাতাস সুরভিত হয়, ধূপকাঠি।

আগল[১] /আগোল্‌/ [স. অর্গল >] বি. ১ খিল, হুড়কা, অর্গল। ২ প্রতিবন্ধক, বাধা; বন্ধন। ৩ বেড়া; ঝাঁপ; কেওয়াড়। ৪ আবরণ, পর্দা; বেষ্টনী।

আগল[২] /আগোল্‌/ [স. অগ্র >] বিণ. ১ অগ্রবর্তী। ২ দড়। ৩ নিপুণ। ৪ শ্রেষ্ঠ; প্রধান; অগ্রগণ্য।

আগলা /আগ্‌লা/ [বা.] ক্রিবি. ১ পাহারা দেওয়া। ২ আটক করা। বিণ. ঢাকা নয় এমন, খোলা।

আগলানো /আগ্‌লানো/ [বা.] ক্রিবি. ১ রক্ষার জন্য সতর্ক দৃষ্টি রাখা, পাহারা দেওয়া। ২ সামলানো। ৩ আটক বা অবরোধ করা।

আগস্ট /আগস্‌ট্‌/ [ই.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির অষ্টম মাস, ১৭ই শ্রাবণ থেকে ১৬ই ভাদ্র পর্যন্ত কালপর্ব, August।

আগাঁথা /আগাঁথা/ [বা.] বিণ. গাঁথা হয়নি এমন, অগ্রথিত।

আগা /আগা/ [স. অগ্র >] বি. ১ ডগা, অগ্রভাগ; সামনের অংশ; উপরিভাগ। ২ নৌকার সম্মুখভাগ।

আগাগোড়া /আগাগোড়া/ [বা.] ক্রিবিণ. ১ প্রথম থেকে শেষ পর্যন্ত, আদ্যন্ত। ২ আপাদমস্তক।

আগাছা /আগাছা/ [বা.] বি. অপ্রয়োজনীয় ও অনিষ্টকর ছোটো গাছ, weed।

আগানো /আগানো/ [স. অগ্রসর >] ক্রিবি. অগ্রসর হওয়া, এগিয়ে যাওয়া।

আগাপাছতলা /আগাপাছ্‌তলা/ [বা.] ক্রিবিণ. দ্র আগাপাশতলা।

আগাপাশতলা /আগাপাশ্‌তলা/ [বা.] ক্রিবিণ. ১ আগাগোড়া, অগ্রপশ্চাৎ। ২ পা থেকে মাথা পর্যন্ত, আপাদমস্তক।

আগাম /আগাম্‌/ [স. অগ্রিম >] বিণ. আগামী; ভাবী। বি. ক্রয়ের উদ্দেশ্যে অগ্রিম প্রদত্ত অর্থের অংশ, বায়না।

আগামাথা /আগামাথা/ [বা.] বি. আদি বা অন্ত।

আগামী /আগামি/ [স. আ+√গম্‌+ইন্‌] বিণ. ভবিষ্যতে আসবে বা ঘটবে এমন, ভাবী।

আগামীকাল /আগামিকাল্‌/ [স. আগামী+কাল] বি. অদ্যকার পরবর্তী দিন।

আগার /আগার্‌/ [স. অগার+অ] বি. ১ গৃহ, ভবন (*গ্রন্থাগার*)। ২ আধার, ভান্ডার (*ধনাগার*)।

আগার পাগার /আগার্‌ পাগার্‌/ ক্রিবিণ. পূর্বাপর, আগপাছ।

আগু /আগু/ [স. অগ্র >] বি. অগ্র; প্রথম; পূর্ব। বিণ. অগ্রগামী, অগ্রবর্তী (*আগুয়ান*)।

আগুজন /আগুজন্‌/ [স. অগ্রজন >] বি. গুরুজন, মুরুব্বি।

আগুতে /আগুতে/ [স. অগ্র>] ক্রিবিণ. অগ্রে, প্রথমে;

www.pathagar.com

পূর্বে।

আগুন[১]/আগুন্/ [স. অগ্নি >] বি. নির্দিষ্ট তাপমাত্রায় বাতাসের অক্সিজেনের সঙ্গে কোনো পদার্থের রাসায়নিক বিক্রিয়ার ফলে সৃষ্ট তাপ ও আলো বিকিরণকারী শিখা, অগ্নি, হুতাশন। বিণ. ১ প্রচণ্ড উত্তাপযুক্ত। ২ অগ্নিমূর্তি, অতিশয় ক্রুদ্ধ (*রেগে আগুন*)।

আগুন[২]/আগুন্/ [বা.] বি. 'অগ্রহায়ণ'-এর আঞ্চলিক রূপ (*আগুন মাস*)।

আগুন করা /আগুন্ করা/ ক্রিবি. আগুন জ্বালানোর ব্যবস্থা করা।

আগুন তাপানো /আগুন্ তাপানো/ ক্রিবি. দ্র আগুন পোহানো।

আগুন ধরা /আগুন্ ধরা/ ক্রিবি. আগুন জ্বলে ওঠা।

আগুন নিয়ে খেলা /আগুন্ নিয়ে খ্যালা/ ক্রিবি. ১ জ্বলন্ত কোনো বস্তু নিয়ে খেলা করা। ২ (আল.) গুরুত্বপূর্ণ কোনো বিষয় নিয়ে ছিনিমিনি খেলা।

আগুন পোয়ানো /আগুন্ পোআনো/ ক্রিবি. দ্র আগুন পোহানো।

আগুন পোহানো /আগুন্ পোহানো/ ক্রিবি. আগুনের কাছে বসে হাত-পা গরম করা।

আগুন লাগানো /আগুন্ লাগানো/ ক্রিবি. অগ্নি-সংযোগ করা।

আগুন হওয়া /আগুন্ হওআ/ ক্রিবি. ১ উত্তপ্ত বা গরম হওয়া। ২ (আল.) অত্যন্ত ক্রুদ্ধ হওয়া।

আগুপাছ /আগুপাছ্/ [স. অগ্রপশ্চাৎ >] ক্রিবিণ. পূর্বাপর, অগ্রপশ্চাৎ।

আগুপাছু /আগুপাছু/ [স. অগ্রপশ্চাৎ >] ক্রিবিণ. অগ্রপশ্চাৎ; ভূত-ভবিষ্যৎ।

আগুপিছু /আগুপিছু/ [বা.] ক্রিবিণ. দ্র আগুপাছু।

আগু বাড়া /আগু বাড়া/ ক্রিবি. অগ্রসর হওয়া।

আগুয়ান /আগুআন্/ [স. অগ্রবান্ >] বিণ. অগ্রগামী, অগ্রসর, অগ্রবর্তী।

আগুল্ফ /আগুল্ফো/ [স. আ+√গুর্+ফ] ক্রিবিণ. গোড়ালি পর্যন্ত (*আগুল্ফলম্বিত*); পা পর্যন্ত।

আগুসর /আগুশর্/ [স. অগ্রসর >] বিণ. অগ্রগামী, অগ্রবর্তী, অগ্রসর, আগুয়ান। ক্রিবিণ. অগ্রে।

আগুসার /আগুশার্/ [স. অগ্রসর >] বিণ. 'অগ্রসর'-এর কোমল রূপ।

আগে /আগে/ [স. অগ্র >] ক্রিবিণ. ১ প্রথমে; পূর্বে। ২ সম্মুখে, সামনে। ৩ পুরোভাগে।

আগেকার /আগেকার্/ [বা.] বিণ. ১ অতীতের, বিগত। ২ অগ্রবর্তী।

আগেপাছে /আগেপাছে/ [বা.] ক্রিবিণ. সম্মুখে ও পেছনে, আগেপরে।

আগেপাছে করা /আগেপাছে করা/ ক্রিবি. ইতস্তত করা।

আগেভাগে /আগেভাগে/ [বা.] ক্রিবিণ. সর্বাগ্রে, আগে থেকে।

আগ্নেয় /আগ্‌নেয়ো/ [স. অগ্নি+এয়] বিণ. ১ অগ্নি-সম্বন্ধীয়। ২ অগ্নিগর্ভ। ৩ অগ্নিযোগে সাধিত হয় এমন (*আগ্নেয়াস্ত্র*)। ৪ অগ্নিনিঃসারক (*আগ্নেয়-গিরি*)। ৫ আগুনের তাপে গলিত হয়ে উৎপন্ন (*আগ্নেয় প্রস্তর*)। ৬ অগ্নির গুণ বা ধর্মযুক্ত। ৭ (বাংলায়) জ্বলন্ত; উজ্জ্বল।

আগ্নেয়গিরি /আগ্‌নেয়োগিরি/ [স. আগ্নেয়+গিরি] বি. যে পর্বত থেকে ভূগর্ভস্থ গলিত লাভা অঙ্গার প্রভৃতি নির্গত হয়, volcano।

আগ্নেয়প্রস্তর /আগ্‌নেয়োপ্রোস্‌তর্/ [স. আগ্নেয়+প্রস্তর] বি. অগ্ন্যুৎপাতের ফলে উৎক্ষিপ্ত প্রস্তর, চকমকি পাথর, igneous rock।

আগ্নেয়শিলা /আগ্‌নেয়োশিলা/ [স. আগ্নেয়+শিলা] বি. দ্র আগ্নেয়প্রস্তর।

আগ্নেয়াদ্রি /আগ্‌নেয়াদ্রি/ [স. অগ্নি+অদ্রি] বি. দ্র আগ্নেয়গিরি।

আগ্নেয়াস্ত্র /আগ্‌নেআস্‌ত্রো/ [স. আগ্নেয়+√অস্+ত্র] বি. কামান বন্দুক প্রভৃতি অগ্নিনিঃসারক অস্ত্র (*হৃদয়ের মতো মারাত্মক একটি আগ্নেয়াস্ত্র /আমি জমা দিই নি।* নির্মল.)।

আগ্রহ /আগ্‌রোহো/ [স. আ+√গ্রহ্+অ] বি. ১ প্রবণতা, ঝোঁক; ব্যগ্রতা। ২ ঐকান্তিক যত্ন বা মনোযোগ; অভিনিবেশ। ৩ আসক্তি, প্রবৃত্তি।

আগ্রহযুক্ত /আগ্‌রোহোজুক্‌তো/ [স. আগ্রহ+√যুজ্+ত] বিণ. ১ ব্যগ্র। ২ অতিশয় যত্নশীল।

আগ্রহাতিশয্য /আগ্‌রোহাতিশোজ্জো/ [স. আগ্রহ+অতিশয়+য] বি. আগ্রহের আধিক্য।

আগ্রহান্বিত /আগ্‌রোহান্‌নিতো/ [স. আগ্রহ+অনু+√ই+ত] বিণ. আগ্রহযুক্ত, উৎসুক।

আগ্রহী /আগ্‌রোহি/ [স. আ+√গ্রহ্+ইন্] বিণ. আগ্রহ আছে এমন, উৎসুক; ব্যগ্র।

আগ্রাসন /আগ্‌রাশোন্/ [ই. agression >] বি. বলপূর্বক গ্রাস করার উদ্দেশ্যে আক্রমণ।

আগ্রাসি /আগ্‌রাশি/ [ই. agressive >] বিণ. বল-পূর্বক দখল করতে চায় এমন (*আগ্রাসি মনোভাব*)।

আঘাট /আঘাট্/ [বা.] বি. ১ ব্যবহারের অযোগ্য ঘাট। ২ ঘাট নয় এমন স্থান।

www.pathagar.com

আঘাটা /আঘাটা/ [বা.] বি. দ্র আঘাট।

আঘাত /আঘাত্/ [স. আ+√হন্+অ] বি. ১ চোট; ঘা, কোপ। ২ প্রহার। ৩ ব্যথা। ৪ হনন; উৎখাত।

আঘাতক /আঘাতক্/ [স. আ+√হন্+অক] বি. যে আঘাত করে। বিণ. আঘাতকারী।

আঘাতন /আঘাতন্/ [স. আ+√হন্+ণিচ্+অন] বি. ১ আঘাতদান। ২ প্রহরণ। ৩ বধ্যভূমি, slaughter house।

আঘাতসহ /আঘাত্সহো/ [স. আঘাত+√সহ্+অ] বিণ. আঘাত সহ্য করতে পারে এমন।

আঘাতী /আঘাতি/ [স. আঘাত+ইন্] বিণ. আহত, ঘায়েল।

আঘ্রাণ /আগ্ঘ্রান্/ [স. আ+√ঘ্রা+অন] বি. ১ গন্ধ-গ্রহণ। ২ গন্ধ।

আঘ্রাত /আগ্ঘ্রাতো/ [স. আ+√ঘ্রা+ত] বিণ. ঘ্রাণ নেওয়া বা শোঁকা হয়েছে এমন।

আঘ্রায়ক /আগ্ঘ্রায়োক্/ [স. আ+√ঘ্রা+অক] বিণ. গন্ধ গ্রহণ করে এমন, ঘ্রাণ গ্রহণকারী।

আঙলানো /আংলানো/ [বা.] ক্রিবি. ১ আঙুল দিয়ে ঘাঁটা। ২ উসকে দেওয়া।

আঙিনা /আঙিনা/ [স. অঙ্গন >] বি ১ অঙ্গন, উঠান; প্রাঙ্গণ। ২ কোল, বুক। ৩ ক্ষেত্র।

আঙিয়া /আঙিআ/ [স. অঙ্গিকা >] বি. ১ ছোটো জামা (*কোমল গায়ে দিল পরায়ে রঙিন আঙিয়া।* রবীন্দ্র.)। ২ স্ত্রীলোকের পরিধেয় জামা; কাঁচুলি।

আঙুর /আঙুর্/ [ফা.] বি. ইউরোপ আমেরিকা অস্ট্রেলিয়া ও এশিয়ার নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এমন খাঁজকাটা রোমশ পাতাবিশিষ্ট লতানে উদ্ভিদের সবুজ বেগুনি কালো প্রভৃতি রঙের ছোটো ডিম্বাকৃতি বেরিজাতীয় টকমিষ্ট রসালো গুচ্ছবদ্ধ ফল (আনি. মিশর), দ্রাক্ষা।

আঙুল /আঙুল্/ [স. অঙ্গুলি >] বি. হাত ও পায়ের প্রান্তস্থিত প্রত্যঙ্গবিশেষ, অঙ্গুলি।

আঙুল মটকানো /আঙুল্ মটকানো/ ক্রিবি. মট শব্দ করে আঙুল টেনে বা মোচড় দিয়ে মর্দিত করা।

আঙুলহাড়া /আঙুল্হাড়া/ [বা.] বি. আঙুলের রোগবিশেষ।

আঙ্কিক /আংকিক্/ [স. অঙ্ক+ইক] বি. বিণ. গণিতজ্ঞ।

আঙ্গার /আংগার্/ [স. অঙ্গার+অ] বি. ১ জ্বলন্ত কয়লা। ২ পোড়া কাঠ।

আঙ্গিক /আংগিক্/ [স. অঙ্গ+ইক] বিণ. ১ অঙ্গ-সম্বন্ধীয়। ২ অঙ্গজ। ৩ অঙ্গদ্বারা সম্পাদিত। বি. ১ অঙ্গভঙ্গির দ্বারা অভিনয়। ২ (বাংলায়) কলা-কৌশল।

আঙ্গোট /আংগোট্/ [স. অঙ্গুষ্ঠিকা >] বি. পায়ের আঙুলে পরার আংটি।

আচকা /আচ্কা/ [বা.] ক্রিবিণ. হঠাৎ, আচমকা।

আচকান /আচ্কান্/ [ফা.] বি. পুরুষদের ঊর্ধ্বাঙ্গে পরিধেয় শেরওয়ানিজাতীয় পোশাক।

আচঞ্চল /আচন্চল্/ [স. আ+চঞ্চল] বিণ. ঈষৎ বিচলিত, চঞ্চলতার ভাবযুক্ত।

আচমকা /আচম্কা/ [হি. অচম্ভা >] ক্রিবিণ. সহসা, হঠাৎ, অকস্মাৎ।

আচমকা সুন্দরী /আচম্কা সুন্দোরি/ বিণ. হঠাৎ দেখলে সুন্দরী মনে হয় এমন, ক্ষণিক রূপের মোহ সৃষ্টিকারিণী।

আচমন /আচোমন্/ [স. আ+√চম্+অন] বি. ১ পবিত্র কর্মের পূর্বে জল দিয়ে দেহ শুদ্ধিকরণ। ২ আহারের পর হাতমুখ প্রক্ষালন।

আচমনীয় /আচোমোনিয়ো/ [স. আ+√চম্+অনীয়] বিণ. আচমনের উপযুক্ত। বি. ১ হাতমুখ ধোয়ার পানি। ২ খাওয়ার পর মুখ ধুতে হয় এমন খাদ্য।

আচম্বিতে /আচোম্বিতে/ [স. অসম্ভাবিত >] ক্রিবিণ. সহসা, হঠাৎ, আকস্মিকভাবে।

আচরণ /আচরন্/ [স. আ+√চর্+অন] বি. ১ চালচলন, আচার-ব্যবহার। ২ পালন।

আচরণবিধি /আচরন্বিধি/ [স. আচরণ+বিধি] বি. ১ মেনে চলতে হয় এমন বিধিবিধান ও নিয়মকানুন। ২ রাষ্ট্রাচার।

আচরণীয় /আচরোনিয়ো/ [স. আ+√চর্+অনীয়] বিণ. ১ আচরণ বা ব্যবহারের যোগ্য। ২ বিধেয়; অনুষ্ঠেয়।

আচরিত[১] /আচোরিতো/ [স. আ+√চর্+ত] বিণ. ১ আচরণ করা হয়েছে এমন। ২ ব্যবহৃত। ৩ অনুষ্ঠিত; কৃত। ৪ প্রচলিত।

আচরিত[২] /আচোরিতো/ [স. আশ্চর্যান্বিত >] বিণ. অদ্ভুত; সৃষ্টিছাড়া।

আচাভুয়া /আচাভুআ/ [স. অত্যদ্ভুত >] বিণ. ১ অদ্ভুত; কিম্ভূতকিমাকার। ২ নির্বোধ; অজ্ঞ। ৩ আশ্চর্যান্বিত, অবাক। ৪ অলৌকিক শক্তিসম্পন্ন।

আচাভো /আচাভো/ [বা.] বি. দেখতে অদ্ভুত এমন সংবিশেষ।

আচার[১] /আচার্/ [পো.] বি. তেল মসলা সহযোগে তৈরি কাঁচা আম জলপাই প্রভৃতি ফলের মুখ-

www.pathagar.com

রোচক স্বাদবর্ধক টক-মিষ্ট-ঝাল খাদ্যবস্তু।

আচার[২] /আচার্/ [স. আ+√চর্+অ] বি. ১ ব্যবহার; চালচলন। ২ প্রথা, নিয়ম; পদ্ধতি; রীতি। ৩ নিষ্ঠা; সদাচার।

আচারনিষ্ঠ /আচারনিশ্ঠো/ [স. আচার+নিষ্ঠা] বিণ. ১ শাস্ত্রীয় নিয়মনীতির প্রতি শ্রদ্ধাশীল। ২ সদাচারপরায়ণ।

আচারবর্জিত /আচারবোর্জিতো/ [স. আচার+√বৃজ্+ত] বিণ. ১ সদাচারবর্জিত, অশিষ্ট। ২ ধর্মীয় বা সামাজিক প্রথা অমান্য করে এমন।

আচারবিচার /আচারবিচার্/ [স. আচার+বিচার] বি. শাস্ত্রসম্মত বাছবিচার।

আচারবিরুদ্ধ /আচারবিরুদ্ধো/ [স. আচার+বি+√রুধ্+ত] বিণ. শাস্ত্রসম্মত নয় এমন।

আচার-ব্যবহার /আচারব্যাবোহার্/ [স. আচার+ব্যবহার] বি. ১ চালচলন। ২ অন্যের সঙ্গে আচরণ।

আচারভ্রষ্ট /আচারভ্রোশ্টো/ [স. আচার+√ভ্রন্শ্+ত] বিণ. ১ শাস্ত্রসম্মত নিয়মনীতি লঙ্ঘনকারী, আচার-বিচ্যুত। ২ দুশ্চরিত্র।

আচারী/আচারি/ [স. আচার+ইন্] বিণ. আচারনিষ্ঠ।

আচার্য /আচার্জ্যো/ [স. আ+√চর্+য] বি. ১ বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর। ২ বেদের শিক্ষাগুরু; দৈবজ্ঞ ব্রাহ্মণ। ৩ যিনি কোনো শাস্ত্রে জ্ঞান অর্জন করে তদনুরূপ আচরণ করেন; শিক্ষাগুরু।

আচার্যা /আচার্জা/ [স. আ+√চর্+য+আ (টাপ্)] বি. শিক্ষয়িত্রী।

আচার্যানী /আচার্জানি/ [স. আচার্য+ঈ] বি. আচার্যের পত্নী।

আচালা /আচালা/ [বা.] বিণ. চালুনি দিয়ে ছাঁকা হয়নি এমন।

আচোট /আচোট্/ [বা.] বিণ. ১ অক্ষত, অনাহত। ২ পতিত, অনাবাদি।

আচ্ছন্ন /আচ্ছন্নো/ [স. আ+√ছদ্+ত] বিণ. ১ আবৃত, আচ্ছাদিত, ঢাকা। ২ পরিব্যাপ্ত। ৩ অভিভূত; অচৈতন্য। বি. ~তা /-তা/।

আচ্ছন্ন দৃষ্টি /আচ্ছন্নো দৃশ্টি/ বি. ১ অস্বচ্ছ বা ঝাপসা দৃষ্টি। ২ বিহ্বল দৃষ্টি।

আচ্ছা /আচ্ছা/ [স. অস্তু >] অব্য. ১ হাঁ, সম্মতি-সূচক শব্দ (*আচ্ছা, ঠিক আছে*)। ২ ধরা যাক। বিণ. ১ বেশ, খাসা। ২ (ব্য.) বিলক্ষণ।

আচ্ছাদ /আচ্ছাদ্/ [স. আ+√ছাদি+অ] বি. আবরণ।

আচ্ছাদক /আচ্ছাদক্/ [স. আ+√ছাদি+অক] বিণ. আচ্ছাদনকারী।

আচ্ছাদন /আচ্ছাদোন্/ [স. আ+√ছাদি+অন] বি. ১ আবরণ। ২ চাঁদোয়া; ছাউনি। ৩ পরিধেয় বস্ত্রাদি।

আচ্ছাদনীয় /আচ্ছাদোনিয়ো/ [স. আ+√ছাদি+অনীয়] বিণ. ঢাকতে হবে এমন; আচ্ছাদনযোগ্য।

আচ্ছাদিত /আচ্ছাদিতো/ [স. আ+√ছাদি+ত] বিণ. ঢাকা হয়েছে এমন, আবৃত।

আচ্ছাদ্য /আচ্ছাদ্দো/ [স. আচ্ছাদ+য] বিণ. আচ্ছাদনের যোগ্য, আচ্ছাদন করতে হবে এমন।

আচ্ছিন্ন /আচ্ছিন্নো/ [স. আ+√ছিদ্+ত] বিণ. বিচ্ছিন্ন করে নেওয়া হয়েছে এমন, খণ্ডিত।

আছড়া[১] /আছ্ড়া/ [বা.] ক্রিবি. আছাড় দেওয়া।

আছড়া[২] /আছড়া/ [স. ছটা >] বি. শস্যাদির গোছা।

আছড়ানো /আছ্ড়ানো/ [বা.] ক্রিবি. সজোরে ভূতলে নিক্ষেপ করা, আছাড় দেওয়া।

আছাঁকা /আছাঁকা/ [বা.] বিণ. ছাঁকা হয়নি বা ছাঁকা নয় এমন।

আছাঁটা /আছাঁটা/ [বা.] বিণ. ১ (ধান্যাদি) ছাঁটা হয়নি এমন (*আছাঁটা চাল*)। ২ ছেঁটে দেওয়া হয়নি এমন (*আছাঁটা গাছ*)।

আছাড় /আছাড়্/ [বা.] বি. ওপর থেকে সজোরে নিক্ষেপ (*আছাড় দেওয়া*); হঠাৎ বেগে নিম্নে পতন (*আছাড় খাওয়া*)।

আছাড়া /আছাড়া/ [বা.] ক্রিবি. আছাড় দেওয়া।

আছাড়ি /আছাড়ি/ [দেশি.] বি. দা কুড়াল কোদাল প্রভৃতির হাতল।

আছাড়ি-পিছাড়ি /আছাড়িপিছাড়ি/ [দেশি.] বি. মাটিতে গড়াগড়ি।

আছোঁয়া /আছোঁআ/ [বা.] বিণ. স্পর্শ করা হয়নি এমন।

আছোলা /আছোলা/ [বা.] বিণ. ১ আচাঁছা, অমসৃণ। ২ খোসা ছাড়ানো হয়নি এমন।

আজ /আজ্/ [স. অদ্য >] অব্য. ক্রিবিণ. অদ্য, এই দিন। বি. ১ আজকের দিন। ২ বর্তমান কাল।

আজই /আজ্ই/ [স. অদ্য >] ক্রিবিণ. আজকেই।

আজও /আজ্ও/ [স. অদ্য >] ক্রিবিণ. আজকেও। অব্য. অদ্যাবধি।

আজকার /আজ্কার্/ [স. অদ্য >] বিণ. অদ্যকার।

আজকাল /আজ্কাল্/ [বা.] ক্রিবিণ. সম্প্রতি; বর্তমানকালে; অধুনা। বি. বর্তমান ও আগামী দিন।

আজকালকার /আজ্কাল্কার্/ [বা.] বিণ. বর্তমান-কালের।

www.pathagar.com

আজকে /আজ্‌কে/ [বা.] ক্রিবিণ. অদ্য, এই দিনে।

আজকের /আজ্‌কের/ [বা.] বিণ. এই দিনের, অদ্যকার।

আজগুবি /আজ্‌গুবি/ [ফা.] বিণ. ১ অবিশ্বাস্য। ২ অদ্ভুত; অপূর্ব। ৩ অসম্ভব; মনগড়া; ভিত্তিহীন।

আজনবি /আজ্‌নোবি/ [আ.] বিণ. অপরিচিত, বিদেশি।

আজনম /আজনোম্‌/ [স. আজন্ম >] ক্রিবিণ. যাবজ্জীবন, জন্মাবধি; চিরকালীন।

আজনাই /আজ্‌নাই/ [স. অঞ্জন >] বি. আঞ্জনিকা, নেত্ররোগবিশেষ।

আজন্ম /আজন্‌মো/ [স. আ+জন্মন্‌] ক্রিবিণ. জন্মকাল থেকে, আজীবন।

আজব /আজোব্‌/ [আ.] বিণ. অদ্ভুত; আশ্চর্য; অসাধারণ; অবাস্তব।

আজবঘর /আজোব্‌ঘর্‌/ [আ. আজব+বা. ঘর] বি. যেখানে প্রাচীন জিনিস সংরক্ষিত থাকে, জাদুঘর, প্রত্নশালা, museum।

আজবখানা /আজোব্‌খানা/ [আ. আজব+ফা. খানা] বি. দ্র আজবঘর।

আজমিরশরিফ /আজ্‌মির্‌শ্যোরিফ্‌/ [স্থান.] বি. উত্তর ভারতে অবস্থিত ইসলাম ধর্মাবলম্বীদের পবিত্র তীর্থস্থান।

আজরাইল /আজ্‌রাইল্‌/ [আ.] বি. ইসলাম ধর্মমতে প্রাণহরণকারী ফেরেশ্‌তা, মালেকুলমউত, যমদূত।

আজা /আজা/ [স. আর্যক >] বি. মায়ের পিতা, মাতামহ।

আজাজিল /আজ়াজ়িল্‌/ [আ.] বি. শয়তান, ইবলিস।

আজাড় /আজাড়্‌/ [হি. উজাড় >] বিণ. ১ ফুরসত, অবসর। ২ শূন্য, খালি; উজাড়। ৩ উন্মুক্ত।

আজাড়ে /আজাড়ে/ [ফা.] বিণ. ১ নিরর্থক, বেহুদা। ২ অত্যধিক।

আজাদ /আজ়াদ্‌/ [ফা.] বিণ. স্বাধীন, মুক্ত; নিষ্কৃতিপ্রাপ্ত।

আজাদি /আজ়াদি/ [ফা.] বি. স্বাধীনতা।

আজান /আজ়ান্‌/ [ফা.] বি. ১ নামাজ পড়তে আসার জন্য আহ্বান। ২ ঘোষণা।

আজানু /আজানু/ [স. আ+জানু] ক্রিবিণ. জানু পর্যন্ত, হাঁটু অবধি।

আজানুচুম্বিত /আজানুচুম্‌বিতো/ [স. আজানু+√চুম্ব্‌+ত] বিণ. জানুকে চুম্বন করেছে এমন, জানুস্পর্শী।

আজানুলম্বিত /আজানুলোম্‌বিতো/ [স. আজানু+√লম্ব্‌+ত] বিণ. হাঁটু পর্যন্ত প্রসারিত।

আজানুলম্বিতবাহু /আজানুলোম্‌বিতোবাহু/ [স. আজানুলম্বিত+বাহু] বিণ. হাঁটু পর্যন্ত প্রসারিত বাহুবিশিষ্ট; দীর্ঘ বাহুবিশিষ্ট।

আজাব /আজ়াব্‌/ [ফা.] বি. শাস্তি, সাজা।

আজি[১] /আজি/ [বা.] ক্রিবিণ. এই দিনে; আজকের দিন (*আজি এ প্রভাতে রবির কর / কেমনে পশিল প্রাণের 'পর* রবীন্দ্র.)।

আজি[২] /আজি/ [স. আর্যক >] বি. মাতামহ।

আজিব /আজিব্‌/ [আ.] বিণ. বিস্ময়কর, অদ্ভুত; অবাস্তব।

আজীব /আজিব্‌/ [স. আ+√জীব্‌+অ] বি. জীবিকা, বৃত্তি, জীবিকার উপায়।

আজীবন /আজিবন্‌/ [স. আ+√জীব্‌+অন] ক্রিবিণ. বিণ. জীবনভর; যাবজ্জীবন।

আজীব্য /আজিব্‌বো/ [স. আ+√জীব্‌+য] বি. জীবিকার আশ্রয়। বিণ. উপজীব্য।

আজীমা /আজিমা/ [স. আর্যিকা >] বি. ১ মাতামহী। ২ মাতা। ৩ নারী, স্ত্রীলোক।

আজুরা /আজুরা/ [আ.] বি. মজুরি, পারিশ্রমিক, বেতন।

আজেবাজে /আজেবাজে/ [দেশি.] বিণ. অকেজো; বাজে, তুচ্ছ।

আজ্জানো /আজ্‌জানো/ [বা.] ক্রিবি. চাষাবাদ করা; বপন করা, রোপণ করা। বিণ. বপন করা হয়েছে এমন, রোপিত।

আজ্ঞপ্ত /আগ্‌গোঁপ্‌ত/ [স. আ+√জ্ঞপ্‌+ত] বিণ. আদিষ্ট।

আজ্ঞপ্তি /আগ্‌গোঁপ্‌তি/ [স. আ+√জ্ঞপ্‌+তি] বি. আদেশ, রায়, হুকুম।

আজ্ঞা /আগ্‌গাঁ/ [স. আ+√জ্ঞা+অ+আ (টাপ্‌)] বি. আদেশ, অনুজ্ঞা, হুকুম, নির্দেশ। অব্য. সম্মতি; মান্যব্যক্তির ডাকে সাড়াজ্ঞাপক শব্দ।

আজ্ঞাকর্তা /আগ্‌গাঁকর্‌তা/ [স. আজ্ঞা+√কৃ+তৃ] বি. যে আদেশ করে, আদেশদাতা।

আজ্ঞাকারী /আগ্‌গাঁকারি/ [স. আজ্ঞা+√কৃ+ইন্‌] বিণ. আদেশকারী। স্ত্রী. আজ্ঞাকারিণী /আগ্‌গাঁ-কারিনি/।

আজ্ঞাক্রমে /আগ্‌গাঁক্রোমে/ [স. আজ্ঞাক্রম+বা. এ] ক্রিবিণ. আদেশক্রমে।

আজ্ঞাধীন /আগ্‌গাঁধিন্‌/ [স. আজ্ঞা+অধীন] বিণ. আদেশ পালনকারী।

www.pathagar.com

আজ্ঞানুক্রমে /আগ্‌গাঁনুক্‌ক্রোমে/ [স. আজ্ঞানুক্রম +বা. এ] ক্রিবিণ. আদেশ অনুসারে, by order।

আজ্ঞানুবর্তন /আগ্‌গাঁনুবর্‌তোন্‌/ [স. আজ্ঞা+ অনুবর্তন] বি. আদেশ পালন।

আজ্ঞানুবর্তিতা /আগ্‌গাঁনুবোর্‌তিতা/ [স. আজ্ঞা+অনু +√বৃৎ+ইন্‌+তা] বি. আনুগত্য।

আজ্ঞানুবর্তী /আগ্‌গাঁনুবোর্‌তি/ [স. আজ্ঞা+অনু+ √বৃৎ+ইন্‌] বিণ. অনুগত, আদেশের অধীন।

আজ্ঞানুযায়ী /আগ্‌গাঁনুজায়ি/ [স. আজ্ঞা+অনু+√যা +ইন্‌] ক্রিবিণ. আদেশ অনুযায়ী।

আজ্ঞানুরূপ /আগ্‌গাঁনুরুপ্‌/ [স. আজ্ঞা+অনুরূপ] ক্রিবিণ. আদেশ অনুযায়ী।

আজ্ঞানুসারে /আগ্‌গাঁনুশারে/ [স. আজ্ঞা+অনু+√স্‌+ অ+বা. এ] ক্রিবিণ. আদেশক্রমে।

আজ্ঞাপক /আগ্‌গাঁপক্‌/ [স. আ+√জ্ঞাপি+অক] বিণ. আদেশদাতা, আজ্ঞাদানকারী, আদেষ্টা।

আজ্ঞাপত্র /আগ্‌গাঁপত্‌ত্রো/ [স. আজ্ঞা+পত্র] বি. হুকুমনামা; আদেশপত্র।

আজ্ঞাপন /আগ্‌গাঁপন্‌/ [স. আ+√জ্ঞাপি+অন] বি. আদেশপ্রদান।

আজ্ঞাপালক /আগ্‌গাঁপালোক্‌/ [স. আজ্ঞা+পালক] বি. বিণ. আদেশ পালনকারী।

আজ্ঞাপিত /আগ্‌গাঁপিতো/ [স. আ+√জ্ঞাপি+ত] বিণ. আদেশ দেওয়া হয়েছে এমন, আদিষ্ট।

আজ্ঞাবহ /আগ্‌গাঁবহো/ [স. আজ্ঞা+√বহ্‌+অ] বিণ. আজ্ঞাবাহক।

আজ্ঞাভঙ্গ /আগ্‌গাঁভংগো/ [স. আজ্ঞা+√ভনজ্‌+অ] বি. আদেশ অমান্যকরণ, হুকুমের অবমাননা।

আজ্ঞালিপি /আগ্‌গাঁলিপি/ [স. আজ্ঞা+লিপি] বি. হুকুমনামা।

আজ্ঞাসূচক /আগ্‌গাঁশুচক্‌/ [স. আজ্ঞা+√সূচ্‌+ণিচ্‌+ অক] বিণ. আদেশজ্ঞাপক।

আজ্ঞে /আগ্‌গেঁ/ [স. আজ্ঞা >] অব্য. (আজ্ঞা করুন অর্থে) মান্যব্যক্তির ডাকে সাড়াসূচক শব্দ।

আজ্ঞেয়িক /আগ্‌গেঁয়িক্‌/ [স. অজ্ঞেয়+ইক] বিণ. আজ্ঞেয়বাদী, agnostic।

আজ্য /আজ্‌জো/ [স. আ+√অনজ্‌+য] বি. যজ্ঞের ঘৃত।

আঝাড়া /আঝাড়া/ [বা.] বিণ. ১ ঝাড়া বা শোধন করা হয়নি এমন। ২ আকাঁড়া।

আঝাল /আঝাল্‌/ [বা.] বিণ. যথেষ্ট ঝাল নয় এমন।

আঝালা[১] /আঝালা/ [বা.] বিণ. ঝালাই করা বা পান দিয়ে জোড়া দেওয়া হয়নি এমন।

আঝালা[২] /আঝালা/ [বা.] বিণ. দ্র আঝাল।

আঝোড়া /আঝোড়া/ [বা.] বিণ. ডালপালা ছাঁটা হয়নি এমন।

আঞ্চলিক /আন্‌চোলিক্‌/ [স. অঞ্চল+ইক] বিণ. বিশেষ এলাকা বা স্থানসংক্রান্ত, স্থানীয় (*আঞ্চলিক ভাষা*)।

আঞ্চলিকতা /আন্‌চোলিকতা/ [স. আঞ্চলিক+তা] বি. বিশেষ অঞ্চলের প্রতি পক্ষপাতিত্ব, regionalism।

আঞ্জনি /আন্‌জোনি/ [স. অঞ্জন >] বি. চোখের পাতার ব্রণ।

আঞ্জনেয় /আন্‌জনেয়ো/ [স. অঞ্জনা+এয়] বি. অঞ্জনার পুত্র, হনুমান।

আঞ্জা /আন্‌জা/ [বা.] বি. এক সন্তানের জন্ম থেকে পরবর্তী সন্তানের জন্ম পর্যন্ত মধ্যবর্তী সময়।

আঞ্জাম /আন্‌জাম্‌/ [ফা.] বি. ১ আয়োজন; ব্যবস্থা, বন্দোবস্ত। ২ সমাপ্তি; নির্বাহ, পালন। ৩ সামগ্রী, দ্রব্যসম্ভার, উপকরণ।

আঞ্জিনে/আন্‌জিনে/ [স. আঞ্জিনেয় >] বি. পৃথিবীর প্রায় সর্বত্র দেখা যায় এমন পাঁচ আঙুলবিশিষ্ট পা লম্বা লেজ গোলাকার চোখ মসৃণ আঁশ ও কালো দাগযুক্ত উজ্জ্বল বাদামি লম্বাটে টিকটিকিজাতীয় সরীসৃপশ্রেণির স্থলজ প্রাণী, আঁজনাই।

আঞ্জিনেয় /আন্‌জিনেয়ো/ [স. আঞ্জনা+এয়] বি. দ্র আঞ্জিনে।

আঞ্জির /আন্‌জির্‌/ [ফা.] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সর্বত্র পতিত জমিতে জাত এবং সবজি হিসেবে রেঁধে খাওয়া যায় এমন গুচ্ছবদ্ধ ছোটো ফল (ফলের ভেতরে থাকে বলে ফুল দেখা যায় না) বা তার ঋসখসে উপবৃত্তাকার পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্ম, ডুমুর।

আঞ্জুনি /আন্‌জুনি/ [স. অঞ্জন >] বি. দ্র আঞ্জনি।

আঞ্জুমান /আন্‌জুমান্‌/ [ফা.] বি. সমিতি, সভা, মজলিস।

আট /আট্‌/ [স. অষ্ট >] বি. ৮ সংখ্যা। বিণ. ৮ সংখ্যক।

আটই /আটোই্‌/ [বা.] বি. মাসের আট তারিখ। বিণ. মাসের আট তারিখের বা আট তারিখসংক্রান্ত।

আটক /আটোক্‌/ [হি. অটক >] বি. বাধা, প্রতিবন্ধ। বিণ. বন্দি, কয়েদ, অবরুদ্ধ।

www.pathagar.com

আটকড়াই /আট্‌কড়াই্‌/ [বা.] বি. সন্তান জন্মের অষ্টম দিবসে পালনীয় আট প্রকার কলাইভাজা বিতরণের সংস্কারবিশেষ।

আটকপালিয়া /আট্‌কপালিআ/ [বা.] বিণ. অভাগা, হতভাগ্য, পোড়াকপালে।

আটকপালে /আট্‌কপালে/ [বা.] বিণ. দ্র আট-কপালিয়া।

আটকা /আট্‌কা/ [বা.] বি. বাধা, প্রতিবন্ধ। বিণ. রুদ্ধ, বন্দি।

আটকাঠ /আট্‌কাঠ/ [বা.] বি. দ্র আটকড়াই।

আটকানো /আট্‌কানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ আবদ্ধ করা, অবরুদ্ধ করা। ২ বাধা দেওয়া। ৩ বাধাপ্রাপ্ত হওয়া। ৪ সেঁটে দেওয়া; সংবদ্ধ করা।

আটকৌড়ে /আট্‌কোড়ে/ [বা.] বি. দ্র আটকড়াই।

আটখানা /আট্‌খানা/ [বা.] বিণ. ১ আটটি। ২ অস্থির, কুটিকুটি (*আহ্লাদে আটখানা*)।

আটঘাট /আট্‌ঘাট্‌/ [বা.] বি. ১ চারদিক; সকল দিক। ২ সর্ববিষয় (*আটঘাট বেঁধে অগ্রসর হওয়া*)।

আটঘাট বাঁধা /আট্‌ঘাট্‌ বাঁধা/ ক্রিবি. অষ্টঘাট বা চতুর্দিক বন্ধ করা।

আটচল্লিশ /আট্‌চোল্‌লিশ্‌/ [স. অষ্টচত্বারিংশ >] বি. ৪৮ সংখ্যা। বিণ. ৪৮ সংখ্যক।

আটচালা /আট্‌চালা/ [বা.] বিণ. আটটি চালবিশিষ্ট (*আটচালা ঘর*)।

আটত্রিশ /আট্‌ত্রিশ্‌/ [স. অষ্টাত্রিংশ >] বি. ৩৮ সংখ্যা। বিণ. ৩৮ সংখ্যক।

আটপওর /আট্‌পওর্‌/ [বা.] বি. ক্রিবিণ. দ্র আট-প্রহর।

আটপহর /আট্‌পহোর্‌/ [বা.] বি. ক্রিবিণ. দ্র আট-প্রহর।

আটপিঠা /আট্‌পিঠা/ [বা.] বিণ. ১ আটটি পৃষ্ঠ বা তলবিশিষ্ট। ২ সর্বপ্রকার শ্রমে সুনিপুণ। ৩ অতিশয় চালাক। ৪ মজবুত, শক্তসমর্থ। ৫ কষ্টসহিষ্ণু।

আটপৌরে /আট্‌পোড়ে/ [বা.] বিণ. সর্বদা ব্যবহারের উপযুক্ত (*আটপৌরে কাপড়*); পোশাকি নয় এমন।

আটপৌরে ভাষা /আট্‌পোড়ে ভাষা/ বি. চলিত ভাষা, সাধারণ বা সর্বদা ব্যবহারের ভাষা।

আটপ্রহর /আট্‌প্রোহোর্‌/ [বা. আট+স. প্রহর] বি. ১ দিনের চার প্রহর ও রাত্রির চার প্রহর, অষ্ট-প্রহর। ২ সমস্ত দিবা ও রাত্রি। ক্রিবিণ. সর্বক্ষণ।

আটবিক /আটোবিক্‌/ [স. অটবি+ইক] বিণ. ১ অরণ্যসম্বন্ধীয়, বনজ। ২ বনবাসী, অরণ্যচর।

আটষট্টি /আট্‌শোট্‌টি/ [স. অষ্টষষ্টি >] বি. ৬৮ সংখ্যা। বিণ. ৬৮ সংখ্যক।

আটা[১] /আটা/ [দেশি.] বি. গমের গুঁড়ো, গোধূমচূর্ণ।

আটা[২] /আটা/ [বা.] বি. আটফোঁটাযুক্ত তাস।

আটা[৩] /আটা/ [বা.] বি. 'আঠা'-র আঞ্চলিক রূপ।

আটাকাঠি /আটাকাঠি/ [বা.] বি. দ্র আঠাকাঠি।

আটাত্তর /আটাত্‌তোর্‌/ [স. অষ্টসপ্ততি >] বি. ৭৮ সংখ্যা। বিণ. ৭৮ সংখ্যক।

আটানব্বই /আটানোব্‌বোই/ [স. অষ্টনবতি >] বি. ৯৮ সংখ্যা। বিণ. ৯৮ সংখ্যক।

আটান্ন /আটান্‌নো/ [স. অষ্টপঞ্চাশৎ >] বি. ৫৮ সংখ্যা। বিণ. ৫৮ সংখ্যক।

আটাপেষা করা /আটাপেশা করা/ ক্রিবি. বেদম প্রহার করা।

আটালো /আটালো/ [বা.] বিণ. 'আঠালো'-র আঞ্চলিক রূপ।

আটাশ /আটাশ্‌/ [স. অষ্টাবিংশতি >] বি. ২৮ সংখ্যা। বিণ. ২৮ সংখ্যক।

আটাশি /আটাশি/ [স. অষ্টাশীতি >] বি. ৮৮ সংখ্যা। বিণ. ৮৮ সংখ্যক।

আটাশে /আটাশে/ [বা.] বি. মাসের ২৮ তারিখ। বিণ. ২৮ তারিখ সম্পর্কিত।

আটোপ /আটোপ্‌/ [স. আ+√তুপ্‌+অ] বি. ১ দর্প, গর্ব, দেমাক, অহংকার। ২ প্রভাব; ক্রিয়া।

আঠা /আঠা/ [বা.] বি. (কাগজ কাঠ প্রভৃতি সেঁটে জোড়া দেওয়ার জন্য ব্যবহৃত) বাবলা জিওল তেলসুর গাব প্রভৃতি গাছের কান্ড থেকে প্রাপ্ত চটচটে নির্যাস যা শুকানোর পর শক্ত হয়ে যায়; মৃত জীবজন্তুর হাড় সেদ্ধ করে প্রাপ্ত চটচটে পদার্থ; আটা ময়দা প্রভৃতি সেদ্ধ করে প্রাপ্ত লেই; খনিজ তেল থেকে প্রাপ্ত রেজিনজাতীয় (resin) চটচটে পদার্থ; কাই; গাঁদ।

আঠাকাঠি/আঠাকাঠি/ [বা.] বি. পাখি ধরার জন্য ব্যবহৃত আঠাযুক্ত কাঠি বা দন্ডবিশেষ।

আঠারো /আঠারো/ [স. অষ্টাদশ >] বি. ১৮ সংখ্যা। বিণ. ১৮ সংখ্যক।

আঠারোই /আঠারোই্‌/ [বা.] বি. ১৮ তারিখ। বিণ. ১৮ তারিখের।

আঠারো মাসে বছর /আঠারো মাশে বছোর্‌/ প্র. অহেতুক কালক্ষেপণের ফলে বিলম্ব; দীর্ঘসূত্রতা।

আঠালো /আঠালো/ [বা.] বিণ. আঠাযুক্ত; চটচটে;

www.pathagar.com

এঁটেল।

আড্ডা /আড্ডা/ [হি.] বি. ১ খোশগল্প করে কাল-ক্ষেপণ। ২ মজলিস; বৈঠক। ৩ ভাড়ার গাড়ি দাঁড়ানোর জায়গা। ৪ সরাই; চটি। ৫ আবাস।

আড্ডা গাড়া /আড্ডা গাড়া/ ক্রিবি. বাসস্থান তৈরি করা বা বাসা বাঁধা।

আড্ডা জমানো /আড্ডা জমানো/ ক্রিবি. খোশগল্প করা।

আড্ডা দেওয়া /আড্ডা দেওআ/ ক্রিবি. দলবদ্ধ হয়ে গল্পগুজব ও আমোদফুর্তি করা।

আড্ডাধারী /আড্ডাধারি/ [হি. আড্ডা+স. ধারী] বিণ. আড্ডা দিয়ে সময় কাটায় এমন। বি. আড্ডার মধ্যমণি।

আড্ডাবাজ /আড্ডাবাজ্/ [হি. আড্ডা+ফা. বাজ] বিণ. খোশগল্প করে সময় কাটায় এমন।

আড্ডা মারা /আড্ডা মারা/ ক্রিবি. আড্ডা দেওয়া।

আড়[১]/আ:ড়/ [স. অন্তরাল >] বি. আড়াল, অন্তরাল (*আঁচল আড়ে প্রদীপখানি ঢেকে—* রবীন্দ্র.)।

আড়[২] /আ:ড়/ [স. অরাল >] বিণ. ১ বাঁকা, ত্যারচা (*আড়নয়ন*)। ২ অর্ধেক, আধ (*আড়ঘোমটা*)।

আড়[৩] /আ:ড়/ [দেশি.] বি. ১ প্রস্থ, চওড়া, পার্শ্ব, পাশ (*আড়ের দিক*)। ২ দীর্ঘ নিদ্রা বা বিশ্রামের পর দেহের আড়ষ্টতা (*আড়মোড়া ভাঙা*)। ৩ জিভের জড়তা (*আড় ভাঙা*)। ৪ কাপড় ঝুলিয়ে রাখার আড়া বা আলনা। ৫ পাখি বসার দাঁড়।

আড়[৪] /আ:ড়/ [দেশি.] বি. ট্যাংরাজাতীয় আঁশবিহীন মিঠাপানির বড়ো মাছ, আইড়মাছ।

আড়ং /আড়োং/ [দেশি.] বি. ১ হাট; গঞ্জ; ক্রয়-বিক্রয়ের প্রধান স্থান। ২ মেলা। ৩ কারখানা; গোলাঘর।

আড়ংঘাটা /আড়োংঘাটা/ [বা.] বি. নৌকা ভেড়ানোর ঘাট।

আড়ংছাঁটা /আড়োংছাঁটা/ [বা.] বিণ. বিক্রয়ের জন্য কলে ছাঁটা; সাধারণভাবে পরিষ্কৃত; ঢেকিছাঁটা নয় এমন।

আড়ংধোপ /আড়োংধোপ্/ [বা.] বি. কোরা কাপড়ের রং ও মাড় তোলার জন্য ধোলাই।

আড়ংধোলাই /আড়োংধোলাই/ [বা.] বি. দ্র আড়ংধোপ।

আড়কাঠ /আড়কাঠ/ [বা.] বি. ঘরের ছাদের নিচে স্থাপিত প্রস্থবরাবর কাঠ (যা ছাদকে ধরে রাখে), কড়িকাঠ, আড়া, joist।

আড়কাঠা /আড়কাঠা/ [বা.] বি. দ্র আড়কাঠ।

আড়কাঠি /আড়কাঠি/ [বা.] বি. ১ তাঁতের মাকু। ২ নদীতে জলযানকে পথপ্রদর্শনের জন্য পুঁতে রাখা দণ্ড। ৩ জলযানের কর্ণধার, pilot। ৪ কুলি সংগ্রহকারী দালাল।

আড়কালা /আড়কালা/ [বা.] বিণ. এককানে শুনতে পায় না এমন।

আড়কোলা /আড়কোলা/ [বা.] বি. পিঠ ও জানুর নিচে হাত রেখে কোলে তোলার ভঙ্গি, পাঁজা-কোলা।

আড়খেয়া /আড়খেআ/ [বা.] বি. খেয়াতরি।

আড়খ্যামটা /আড়খ্যামটা/ [বা.] বি. সংগীত ও নৃত্যের তালবিশেষ।

আড়গড়া /আড়গড়া/ [বা.] বি. ১ কাঠগড়া; বেষ্টিত-স্থান; বেষ্টন। ২ আস্তাবল; ঘোড়ার গাড়ির আড্ডা।

আড়গাড়া /আড়গাড়া/ [বা.] বি. দ্র আড়গড়া।

আড়ঘোমটা /আড়ঘোমটা/ [বা.] বি. অর্ধ-অবগুণ্ঠন।

আড়চোখ /আড়চোখ্/ [বা.] বি. বাঁকা দৃষ্টি, চোরা-চাহনি।

আড়ত /আড়োত্/ [হি. আঢ়ত >] বি. ১ ক্রয়বিক্রয়ের বড়ো কেন্দ্র; গঞ্জ। ২ গোলা।

আড়তদার /আড়োত্দার্/ [বা. আড়ত+ফা. দার] বি. অন্যের পণ্যদ্রব্য নিজের গোলায় রেখে বিক্রি করা যার পেশা, আড়তের মালিক।

আড়তদারি /আড়োত্দারি/ [বা. আড়ত+ফা. দারি] বি. ১ আড়তদারের পেশা। ২ আড়তদারের দস্তুরি বা কমিশন। বিণ. আড়তদারের পেশা বা দস্তুরি-সংক্রান্ত।

আড়নয়ন /আড়নয়োন্/ [বা. আড়+স. নয়ন] বি. বাঁকা দৃষ্টি, চোরাচাহনি।

আড়পাগলা /আড়পাগ্লা/ [বা.] বিণ. আধপাগলা, খ্যাপাটে।

আড়পার /আড়পার্/ [বা.] বি. খেয়া পারাপার।

আড়বাঁশি /আড়বাঁশি/ [বা.] বি. ত্যারচা করে ধরে নিচের ঠোঁটের সঙ্গে লাগিয়ে ফুঁ দিয়ে বাজানো হয় এমন বাঁশি, মুরলী।

আড়বুঝ /আড়বুঝ্/ [বা.] বিণ. ১ উলটা বোঝে এমন; বাঁকাবুদ্ধিসম্পন্ন। ২ গোঁয়ার, একগুঁয়ে।

আড় ভাঙা /আড় ভাঙা/ ক্রিবি. ১ জড়তা ভেঙে আলস্য দূর করা। ২ সোজা করা।

আড়মোড়া /আড়মোড়া/ [বা.] বি. ঘুম থেকে ওঠার পর শরীরের জড়তা দূরীকরণের জন্য অঙ্গবিক্ষেপ।

www.pathagar.com

আড়মোড়া ভাঙা /আড়্মোড়া ভাঙা/ ক্রিবি. জড়তা ভেঙে আলস্য দূর করা।

আড়ম্বর /আড়োম্বর্/ [স. আ+√ডম্ব্+অর] বি. ১ জাঁকজমক, সমারোহ, ঘটা। ২ বাহুল্য, আতিশয্য। ৩ মেঘগর্জন। ৪ রণবাদ্য। ৫ গর্ব।

আড়ম্বরি /আড়োম্বোরি/ [স. আড়ম্বর+ই] বি. আড়ম্বর প্রদর্শন, ঘটা, জাঁকজমকের ভাব। বিণ. জাঁকজমকপূর্ণ, জমকালো, জাঁকালো।

আড়ষ্ট /আড়োশ্‌টো/ [হি. আড়া >] বিণ. ১ অসাড়, অবশ। ২ অস্বচ্ছন্দ। ৩ সংকুচিত। বি. ~তা/-তা/।

আড়া[১] /আড়া/ [দেশি.] বি. ১ ডাঙা, কূল, পাড়, উঁচু তীর। ২ রাস্তার ধারের নয়নজুলি।

আড়া[২] /আড়া/ [স. আকার >] বি. ১ আকৃতি, ডৌল। ২ প্রকার। ক্রিবি. বেঁকে যাওয়া; বিকল হওয়া।

আড়া[৩] /আড়া/ [স. আঢ়ক >] বি. ১ শস্যাদির পরিমাপবিশেষ। ২ বাঁশ বা বেতের তৈরি ধামা (*দুই আড়া ধান*)। ৩ মাচা।

আড়া[৪] /আড়া/ [স. অর >] বি. ১ ঘরের ছাদের নিচে স্থাপিত প্রস্থ বরাবর কাঠ (যা ছাদকে ধরে রাখে), কড়িকাঠ, joist। ২ কাপড় ঝুলিয়ে রাখার আড় বা আলনা। ৩ বস্ত্রের প্রস্থের দিক।

আড়া[৫] /আড়া/ [দেশি.] বি. করাত।

আড়াআড়ি /আড়াআড়ি/ [বা.] বি. পরস্পর শত্রুতা বা রেষারেষি। বিণ. প্রস্থবরাবর। ক্রিবিণ. কোনা-কুনি।

আড়াই /আড়াই/ [প্রা.] বিণ. দুই এবং আধ।

আড়াঠ্যাকা /আড়াঠ্যাকা/ [দেশি.] বি. সংগীতের তালবিশেষ।

আড়ানা /আড়ানা/ [দেশি.] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

আড়ানি /আড়ানি/ [দেশি.] বি. ১ বড়ো ছাতা, রাজচ্ছত্র। ২ টানা পাখা। ৩ চন্দ্রাতপ।

আড়াল /আড়াল্/ [স. অন্তরাল >] বি. ১ অন্তরাল; পর্দা, আবরণ। ২ গোপন স্থান।

আড়াসি /আড়াশি/ [দেশি.] বি. গোপনে শোনা বা দেখার জন্য লুকিয়ে অপেক্ষা, আড়ি।

আড়ি /আড়ি/ [স. আঢ়ক >] বি. ১ ছোটোদের মধ্যে মান-অভিমানের জন্য সাময়িক কথা বন্ধের ঘোষণা। ২ লুকিয়ে শ্রবণ (*আড়ি পেতে শোনা*)। ৩ শস্যাদি মাপার ধামা।

আড়ি দেওয়া /আড়ি দেওয়া/ ক্রিবি. ছোটোদের মধ্যে মান-অভিমানের জন্য সাময়িক কথা বন্ধের ঘোষণা দেওয়া।

আড়ি ধরা /আড়ি ধরা/ ক্রিবি. গোঁ ধরা।

আড়ি পাতা /আড়ি পাতা/ ক্রিবি. আড়াল থেকে গোপনে অন্যের কথা শোনা।

আড়ি ভাঙা /আড়ি ভাঙা/ ক্রিবি. ১ মান ভাঙা; অসদ্ভাব শেষ হওয়া। ২ আলস্য ভাঙা।

আড়ে /আড়ে/ [বা.] ক্রিবিণ. ১ প্রস্থের দিকে। ২ আড়ালে আবডালে।

আড়ে গেলা /আড়ে গেলা/ ক্রিবি. না চিবিয়ে তাড়াতাড়ি খাওয়া।

আড়েদিঘে /আড়েদিঘে/ [বা.] ক্রিবিণ. লম্বায় ও চওড়ায়, দৈর্ঘ্যে ও প্রস্থে।

আড়েহাতে /আড়েহাতে/ [দেশি.] ক্রিবিণ. অত্যন্ত উৎসাহের সঙ্গে; উঠেপড়ে।

আঢাকা /আঢাকা/ [বা.] বিণ. অনাবৃত, খোলা।

আঢুল /আঢুল্/ [বা.] বিণ. তন্দ্রালস; ঢুলুঢুলু।

আঢ্য /আঢ্যো/ [স. আ+√ধ্যে+অ] বিণ. ১ সমৃদ্ধ। ২ যুক্ত, সম্পন্ন (*ধনাঢ্য*)।

আঢ়ক /আঢ়ক/ [স. আ+√ঢৌক্+অ] বি. ১ শস্যের পরিমাণবিশেষ। ২ সরু হৈমন্তিক ধান, শালিধান।

আণব /আনব্/ [স. অণু+অ] বিণ. অণুসম্বন্ধীয়।

আণবিক /আনোবিক্/ [স. অণু+ইক] বিণ. অণু-সংক্রান্ত, অণুসম্বন্ধীয়, molecular।

আণবিক বোমা /আনোবিক্ বোমা/ বি. ব্যাপক ধ্বংসলীলা ঘটাতে পারে এমন ইউরেনিয়াম পরমাণুর পারস্পরিক ও ধারাবাহিক বিক্রিয়ার (chain reaction) ফলে উৎপন্ন প্রবল শক্তি-সম্পন্ন বোমা, পরমাণু বোমা।

আণুবীক্ষণিক /আনুবিক্‌খোনিক্/ [স. অণুবীক্ষণ+ইক] বিণ. খালি চোখে দেখা যায় না এমন, সূক্ষ্মাতি-সূক্ষ্ম, microscopic।

আণ্ডীর /আন্‌ডির্/ [স. অণ্ড+ঈর+অ] বিণ. বহু ডিম আছে এমন, অণ্ডযুক্ত।

আতকা /আত্‌কা/ [আঞ্চ.] ক্রিবিণ. হঠাৎ, আচমকা।

আতঙ্ক /আতংকো/ [স. আ+√তঙ্ক্+অ] বি. ভয়, শঙ্কা, ত্রাস।

আতঙ্কগ্রস্ত /আতংকোগ্রোস্‌তো/ [স. আতঙ্ক+√গ্রস্+ত] বিণ. শঙ্কাগ্রস্ত, উদ্‌বেগযুক্ত।

আতঙ্কিত /আতোংকিতো/ [স. আতঙ্ক+ইত] বিণ. ভীত, সন্ত্রস্ত, শঙ্কিত।

আতত /আততো/ [স. আ+√তন্+ত] বিণ. ১ প্রসারিত, বিস্তৃত। ২ সজ্জিত।

www.pathagar.com

আততায়িতা /আতোতায়িতা/ [স. আতত+√অয়্+ইন্+তা] বি. হিংস্রতা; শত্রুতা।

আততায়ী /আতোতায়ি/ [স. আতত+√অয়্+ইন্] বিণ. (প্রাণনাশের উদ্দেশ্যে) আক্রমণকারী। বি. বধোদ্যতশত্রু; হিংস্র শত্রু।

আততি /আতোতি/ [স. আ+√তন্+তি] বি. বিস্তার, প্রসার।

আতপ /আতপ্/ [স. আ+√তপ্+অ] বি. সূর্যের তাপ, রৌদ্র।

আতপ চাল /আতপ্ চা:ল্/ বি. রোদে শুকানো অসেদ্ধ ধানের চাল, আলোচাল।

আতপতণ্ডুল /আতপ্তোনডুল্/ [স. আতপ+তণ্ডুল] বি. দ্র আতপ চাল।

আতপতাপ /আতপোতাপ্/ [স. আতপ+তাপ] বি. সূর্যের তাপ, রোদের উষ্ণতা।

আতপত্র /আতোপত্রো/ [স. আতপ+√ত্রৈ+অ] বি. ছাতা।

আতপস্নান /আতপ্স্নান্/ [স. আতপ+√স্না+ অন] বি. সূর্যের তাপ সেবন, সূর্যস্নান, sunbath।

আতপ্ত /আতপ্তো/ [বা. আ+স. তপ্ত] বিণ. ১ উত্তপ্ত, গরম। ২ কুসুম গরম, ঈষদুষ্ণ।

আতর /আতোর্/ [আ.] বি. ফুলের নির্যাস থেকে উৎপন্ন গন্ধদ্রব্য, পুষ্পসার, সুগন্ধি।

আতরদান /আতোর্দান্/ [আ. আতর+ফা. দান] বি. আতর রাখার আধার।

আতরদানি /আতোর্দানি/ [আ. আতর+ফা. দানি] বি. দ্র আতরদান।

আতরাফ /আত্রাফ্/ [আ.] বি. ১ কল্পিত নীচ কুলজাত ব্যক্তি। ২ অঞ্চল; আশপাশ। বিণ. কল্পিত নিম্নসমাজভুক্ত।

আতশ /আতোশ্/ [ফা.] বি. ১ আগুন। ২ উত্তাপ। ৩ হাউই, তুবড়ি। বিণ. হাউই বা তুবড়ির মতো।

আতশকাচ /আতোশ্কাচ্/ [ফা. আতস+স. কাচ] বি. আলোকরশ্মি পুঞ্জীভূত করতে পারে এমন উত্তল ও স্বচ্ছ কাচ বা প্লাস্টিকের চাকতি যা ক্ষুদ্র বস্তুকে বড়ো করে দেখার জন্য ব্যবহৃত হয়, পরকলা, বিবর্ধক কাচ, lens; magnifying glass।

আতশ পরস্ত /আতোশ্ পরোস্ত্/ বিণ. অগ্নি-পূজক।

আতশবাজি /আতোশ্বাজি/ [ফা.] বি. ১ তুবড়ি পটকা প্রভৃতি বাজি, fireworks। ২ আগুনের খেলা।

আতশি /আতোশি/ [ফা.] বিণ. অগ্নিময়, আগ্নেয়।

আতশিকাচ /আতোশিকাচ্/ [ফা. আতশি+স. কাচ] বি. দ্র আতশকাচ।

আতা /আতা/ [স. আতৃপ্য >] বি. গ্রীষ্মকালে ফোটে এমন তিনটি পাপড়িযুক্ত সাদাটে ফুল ও পুরু মাংসল অম্লমধুর বেরিজাতীয় গোলাকার ফল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ (আনি. আমেরিকার উষ্ণমণ্ডল ও পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ)।

আতান্তর /আতান্তর্/ [স. অবস্থান্তর >] বি. বিপদাপন্ন অবস্থা, বিপদ; দুঃখ, কষ্ট।

আতাম্র /আতাম্রো/ [স. আ+তাম্র] বিণ. ঈষৎ তাম্রবর্ণ, তামাটে, পাটল।

আতালিপাতালি /আতালিপাতালি/ [দেশি.] ক্রিবিণ. ১ এদিকে ওদিকে, চতুর্দিকে। ২ ব্যস্তসমস্তভাবে; ব্যাকুল হয়ে।

আতিক্ত /আতিক্তো/ [স. আ+তিক্ত] বিণ. ঈষৎ তিক্ত, প্রায় তেতো, তিতকুটে।

আতিতা /আতিতা/ [স. আতিক্ত >] বিণ. দ্র আতিক্ত।

আতিথেয় /আতিথেয়ো/ [স. অতিথি+এয়] বিণ. ১ অতিথিপরায়ণ। ২ অতিথির উপযুক্ত।

আতিথেয়তা /আতিথেয়োতা/ [স. আতিথেয়+তা] বি. ১ অতিথি সৎকার। ২ অতিথি সেবার সামগ্রী, অতিথির খাদ্য পানীয় শয্যা প্রভৃতি।

আতিথেয়ী /আতিথেয়ি/ [স. অতিথেয়+ঈ] বিণ. অতিথিসেবাপরায়ণা।

আতিথ্য /আতিত্থো/ [স. অতিথি+য] বি. দ্র আতিথেয়তা।

আতিবিতি /আতিবিতি/ [স. ব্যস্ত >] ক্রিবিণ. ১ অত্যন্ত ব্যস্ততার সঙ্গে। ২ বিশৃঙ্খলভাবে।

আতিশয্য /আতিশোজ্জো/ [স. অতিশয়+য] বি. আধিক্য, প্রাচুর্য (*আদরের আতিশয্য*)।

আতু /আতু/ [দেশি.] অব্য. যা উচ্চারণ করে কুকুরকে ডাকা হয়।

আতুর /আতুর্/ [স. আ+√তুর্+অ] বিণ. ১ রুগ্ণ। ২ কাতর (*ক্ষুধাতুর*)। ৩ অভিভূত (*শোকাতুর*)।

আতুরগৃহ /আতুরগৃহো/ [স. আতুর+√গ্রহ্+অ] বি. দ্র আতুরনিবাস।

আতুরনিবাস /আতুরনিবাশ্/ [স. আতুর+নিবাস] বি. ১ আর্তপীড়িতদের বিনামূল্যে থাকার স্থান। ২ দাতব্য চিকিৎসালয়; হাসপাতাল।

আতুরাশ্রম /আতুরাসশ্রোম্/ [স. আতুর+আশ্রম] বি.

www.pathagar.com

দ্র আতুরনিবাস।

আতেলা /আত্যালা / [স. অতৈল >] বিণ. ১ তেল-হীন; রুক্ষ। ২ অল্প তেলে রাঁধা।

আত্ত /আত্তো/ [স. আয়ত্ত >] বিণ. ১ অধীন, বশীভূত। ২ লব্ধ।

আত্তি /আত্তি/ [স. আত্মন্ >] বি. সমাদর; মমত্ব; আত্মীয়সুলভ ব্যবহার (*যত্নআত্তি*)।

আত্তীকরণ /আত্তিকরোন্/ [স. আত্ত+চ্বি+করণ] বি. অঙ্গীভূতকরণ; (পরি.) assimilation।

আত্তীকৃত /আত্তিকৃতো / [স. আত্ত+চ্বি+কৃত] বিণ. অঙ্গীভূত করা হয়েছে এমন; (পরি.) assimilated।

আত্তীভূত /আত্তিভুতো/ [স. আত্ত+চ্বি+ভূত] বিণ. দ্র আত্তীকৃত।

আত্ম /আত্তো/ [স. আত্মন্ >] বিণ. ১ (সমাসের পূর্বপদে) নিজের (*আত্মবিশ্বাস*)। ২ স্বয়ং, নিজ; নিজসম্বন্ধীয় (*আত্মকথা*)। বি. ১ প্রাণিদেহের চৈতন্যময় সত্তা; প্রাণ; হৃদয়। ২ স্বভাব।

আত্ম–অবধারিত /আত্তোঅবোধারিতো/ [স. আত্মন্+অবধারিত] বিণ. স্বনির্ধারিত।

আত্মকথা /আত্তোঁকথা/ [স. আত্মন্+√কথ্+অ+আ (টাপ্)] বি. নিজের কথা, আত্মজীবনী।

আত্মকর্ম /আত্তোঁকর্মো/ [স. আত্মন্+কর্মন্] বি. নিজের কাজ; নিজস্ব ব্যাপার।

আত্মকলহ /আত্তোঁকলোহো/ [স. আত্মন্+কল+√হন্+অ] বি. ১ নিজেদের মধ্যে ঝগড়াবিবাদ। ২ গৃহবিবাদ।

আত্মকুটুম্ব /আত্তোঁকুটুম্বো/ [স. আত্মন্+√কুটুম্বি+অ] বি. আত্মীয়স্বজন।

আত্মকৃত /আত্তোঁকৃতো/ [স. আত্মন্+√কৃ+ত] বিণ. নিজহস্তে কৃত, স্বকৃত।

আত্মকেন্দ্রিক /আত্তোঁকেন্দ্রিক/ [স. আত্মন্+কেন্দ্র+ইক] বিণ. কেবল নিজের স্বার্থ দেখে এমন, স্বার্থপর।

আত্মগত /আত্তোঁগতো/ [স. আত্মন্+√গম্+ত] বিণ. ১ আত্মনিষ্ঠ। ২ নিজের অধীন; স্বগত।

আত্মগরিমা /আত্তোঁগোরিমা/ [স. আত্মন্+গুরু+ইমন্] বি. দ্র আত্মগর্ব।

আত্মগর্ব /আত্তোঁগর্বো/ [স. আত্মন্+√গর্ব্+অ] বি. অহংকার, দেমাক।

আত্মগর্বী /আত্তোঁগোর্বি/ [স. আত্মন্+√গর্ব্+ইন্] বিণ. অহংকারী, দেমাকি।

আত্মগুণ /আত্তোঁগুন্/ [স. আত্মন্+গুণ] বি. নিজ গুণ।

আত্মগুণাভিমানী /আত্তোঁগুনাভিমানি/ [স. আত্মগুণ+অভিমানী] বিণ. নিজের গুণের জন্য গর্ব বা অভিমান বোধ করে এমন।

আত্মগুপ্ত /আত্তোঁগুপ্তো/ [স. আত্মন্+√গুপ্+ত] বিণ. আপনাতে লুক্কায়িত; অপ্রকাশিতভাবে অবস্থিত।

আত্মগুপ্তি /আত্তোঁগুপ্তি/ [স. আত্মন্+√গুপ্+তি] বি. দ্র আত্মগোপন।

আত্মগোপন /আত্তোঁগোপোন্/ [স. আত্মন্+√গুপ্+অন] বি. ১ গা ঢাকা দিয়ে অবস্থান। ২ নিজের মনোভাব গোপন করে রাখার প্রবণতা।

আত্মগৌরব /আত্তোঁগৌড়োব্/ [স. আত্মন্+গুরু+অ] বি. অহংকার, দেমাক।

আত্মগ্লানি /আত্তোঁগ্লানি/ [স. আত্মন্+√গ্লৈ+তি] বি. নিজের প্রতি ধিক্কার; অনুশোচনা, অনুতাপ।

আত্মঘাত /আত্তোঁঘাত্/ [স. আত্মন্+√হন্+অ] বি. ১ আত্মহত্যা। ২ নিজের অনিষ্টসাধন।

আত্মঘাতক /আত্তোঁঘাতক্/ [স. আত্মন্+√হন্+অক] বিণ. ১ আত্মহত্যাকারী। ২ নিজের অনিষ্ট-সাধক। স্ত্রী. আত্মঘাতিকা /আত্তোঁঘাতিকা/।

আত্মঘাতী /আত্তোঁঘাতি/ [স. আত্মন্+√হন্+ইন্] বিণ. ১ আত্মহত্যাকারী। ২ প্রায় আত্মহত্যার শামিল (*আত্মঘাতী পদক্ষেপ*)। স্ত্রী. আত্মঘাতিনী /আত্তোঁঘাতিনি/।

আত্মঘোষ /আত্তোঁঘোশ্/ [স. আত্মন্+√ঘুষ্+অ] বি. ১ মোরগ। ২ কাক।

আত্মঘ্ন /আত্তোঁঘ্নো / [স. আত্মন্+√হন্+অ] বিণ. আত্মঘাতক।

আত্মচরিত /আত্তোঁচোরিত্/ [স. আত্মন্+√চর্+ত] বি. স্বরচিত জীবনকাহিনি, আত্মজীবনী।

আত্মচিন্তা /আত্তোঁচিন্তা/ [স. আত্মন্+√চিন্ত্+অ+আ (টাপ্)] বি. ১ নিজের ভালোমন্দ সম্বন্ধে চিন্তা; আত্মজিজ্ঞাসা। ২ আত্মানুসন্ধান।

আত্মচৈতন্য /আত্তোঁচোইতোন্নো/ [স. আত্মন্+চেতন+য] বি. আত্মজ্ঞান; আত্মবোধ।

আত্মজ /আত্তোঁজো/ [স. আত্মন্+√জন্+অ] বি. পুত্র। স্ত্রী. আত্মজা /আত্তোঁজা/।

আত্মজীবন /আত্তোঁজিবন্/ [স. আত্মন্+√জীব্+অন] বি. নিজের জীবন।

আত্মজীবনী /আত্তোঁজিবোনি/ [স. আত্মন্+√জীব্+অন+ঈ] বি. স্বরচিত জীবনকাহিনি, আত্মচরিত।

www.pathagar.com

আত্মজৈবনিক /আত্তোঁজোই্‌বোনিক্‌/ [স. আত্ম+জীবন+ইক] বিণ. স্বীয় জীবনসম্বন্ধীয়।

আত্মজ্ঞ /আত্তোঁগ্‌গোঁ/ [স. আত্মন্‌+√জ্ঞা+অ] বিণ. ১ নিজের দোষগুণ জানে এমন। ২ আত্মার স্বরূপ সম্পর্কে জ্ঞাত।

আত্মজ্ঞান /আত্তোঁগ্‌গ্যান্‌/ [স. আত্মন্‌+√জ্ঞা+অন] বি. ১ নিজ সম্বন্ধে জ্ঞান। ২ আত্মা বা পরমাত্মা-সম্বন্ধীয় জ্ঞান।

আত্মতত্ত্ব /আত্তোঁতত্তো/ [স. আত্মন্‌+√তদ্‌+ত্ব] বি. আত্মা বা পরমাত্মাসম্বন্ধীয় জ্ঞান।

আত্মতত্ত্বজ্ঞ /আত্তোঁতত্তোগ্‌গোঁ/ [স. আত্মতত্ত্ব+√জ্ঞা+অ] বিণ. অধ্যাত্মতত্ত্ববিদ; আত্মজ্ঞানী।

আত্মতিরস্কার /আত্তোঁতিরোশ্‌কার্‌/ [স. আত্মন্‌+তিরস্‌+√কৃ+অ] বি. নিজেকে ধিক্কার প্রদান।

আত্মতুল্য /আত্তোঁতুল্লো/ [স. আত্মন্‌+তুল্য] বিণ. নিজের মতো। স্ত্রী. আত্মতুল্যা /আত্তোঁ-তুল্লা/।

আত্মতুষ্ট /আত্তোঁতুশ্‌টো/ [স. আত্মন্‌+√তুষ্‌+ত] বিণ. আত্মতৃপ্ত।

আত্মতুষ্টি /আত্তোঁতুশ্‌টি/ [স. আত্মন্‌+√তুষ্‌+তি] বি. নিজের সন্তোষ, আত্মতৃপ্তি।

আত্মতৃপ্ত /আত্তোঁত্রিপ্তো/ [স. আত্মন্‌+√তৃপ্‌+ত] বিণ. আপনাতে আপনি তুষ্ট।

আত্মতৃপ্তি /আত্তোঁত্রিপ্তি/ [স. আত্মন্‌+√তৃপ্‌+তি] বি. নিজের তুষ্টিসাধন।

আত্মত্ব /আত্তোঁত্তো/ [স. আত্মন্‌+ত্ব] বি. ১ আত্মভাব, স্বরূপতা। ২ (বাংলায়) সখ্য; আত্মীয়তা।

আত্মত্যাগ /আত্তোঁত্যাগ্‌/ [স. আত্মন্‌+√ত্যজ্‌+অ] বি. ১ নিজের প্রাণ উৎসর্গ। ২ পরের মঙ্গলের জন্য নিজ স্বার্থ ত্যাগ।

আত্মত্যাগী /আত্তোঁত্যাগি/ [স. আত্মন্‌+√ত্যজ্‌+ইন্‌] বিণ. পরার্থে নিজ স্বার্থ ত্যাগকারী; নিজেকে উৎসর্গকারী।

আত্মত্রাণ /আত্তোঁত্রান্‌/ [স. আত্মন্‌+√ত্রৈ+অন] বি. বিপদ থেকে নিজেকে রক্ষা, আত্মরক্ষা।

আত্মদমন /আত্তোঁদমোন্‌/ [স. আত্মন্‌+√দম্‌+অন] বি. ১ আত্মসংযম। ২ ইন্দ্রিয়দমন।

আত্মদর্শন /আত্তোঁদর্‌শোন্‌/ [স. আত্মন্‌+√দৃশ্‌+অন] বি. ১ আপন দোষগুণ পরীক্ষা, আত্মপরীক্ষা। ২ নিজ আত্মার স্বরূপবোধ।

আত্মদর্শী /আত্তোঁদোর্‌শি/ [স. আত্মন্‌+√দৃশ্‌+ইন্‌] বিণ. আত্মদর্শনকারী। স্ত্রী. আত্মদর্শিনী /আত্তোঁ-দোর্‌শিনি/।

আত্মদান /আত্তোঁদান্‌/ [স. আত্মন্‌+√দা+অন] বি. অন্যের উপকারের জন্য নিজের জীবনদান।

আত্মদোষ ক্ষালন /আত্তোঁদোশ্‌ খালোন্‌/ বি. দ্র আত্মদোষ খণ্ডন।

আত্মদোষ খণ্ডন /আত্তোঁদোশ্‌ খন্‌ডোন্‌/ বি. স্বীয় নির্দোষিতা প্রমাণ; নিজের দোষ দূরীকরণ।

আত্মদোষজ্ঞ /আত্তোঁদোশগ্‌গোঁ/ [স. আত্মদোষ+√জ্ঞা+অ] বিণ. নিজের দোষ সম্পর্কে সচেতন এমন।

আত্মদ্রষ্টা /আত্তোঁদ্রোশ্‌টা/ [স. আত্মন্‌+√দৃশ্‌+তৃ] বিণ. আত্মদর্শন করতে পারে এমন, আত্মদর্শী।

আত্মদ্রোহ /আত্তোঁদ্‌দ্রোহো/ [স. আত্মন্‌+√দ্রুহ্‌+অ] বি. ১ নিজের ক্ষতিসাধন। ২ গৃহবিবাদ।

আত্মদ্রোহিতা /আত্তোঁদ্‌দ্রোহিতা/ [স. আত্মন্‌+√দ্রুহ্‌+ইন্‌+তা] বি. আত্মদ্রোহীর ভাব।

আত্মদ্রোহী /আত্তোঁদ্‌দ্রোহি/ [স. আত্মন্‌+√দ্রুহ্‌+ইন্‌] বিণ. আত্মপীড়ক। স্ত্রী. আত্মদ্রোহিনী /আত্তোঁদ্রোহিনি/।

আত্মধিক্কার /আত্তোঁধিক্‌কার্‌/ [স. আত্মন্‌+ধিক্কার] বি. নিজ দোষত্রুটির জন্য নিজেকে ভর্ৎসনা।

আত্মনিগ্রহ /আত্তোঁনিগ্‌গ্রোহো/ [স. আত্মন্‌+নি+√গ্রহ্‌+অ] বি. ১ আত্মপীড়ন; আত্মশাসন। ২ আত্ম-দমন, আত্মসংযম।

আত্মনিবিষ্ট /আত্তোঁনিবিশ্‌টো/ [স. আত্মন্‌+নি+√বিশ্‌+ত] বিণ. আত্মনিমগ্ন।

আত্মনিবেদন /আত্তোঁনিবেদন্‌/ [স. আত্মন্‌+নিবেদন] বি. ১ আত্মোৎসর্গ। ২ বিনীতভাবে নিজের বিষয় উপস্থাপন। ৩ দেহ সমর্পণ।

আত্মনিমগ্ন /আত্তোঁনিমগ্‌নো/ [স. আত্মন্‌+নি+√মস্‌জ্‌+ত] বিণ. ১ আত্মনিবিষ্ট। ২ আত্মকেন্দ্রিক। স্ত্রী. আত্মনিমগ্না /আত্তোঁনিমগ্‌না/।

আত্মনিমগ্নতা /আত্তোঁনিমগ্‌নোতা/ [স. আত্মনিমগ্ন+তা] বি. আত্মনিবিষ্টতা।

আত্মনিয়োগ /আত্তোঁনিয়োগ্‌/ [স. আত্মন্‌+নিয়োগ] বি. কোনো কাজে নিজেকে পরিপূর্ণভাবে নিয়োজন।

আত্মনির্ভর /আত্তোঁনির্‌ভর্‌/ [স. আত্মন্‌+নির্ভর] বি. নিজের ওপর ভরসা। বিণ. স্বাবলম্বী।

আত্মনির্ভরশীল /আত্তোঁনির্‌ভর্‌শিল্‌/ [স. আত্ম+নির্ভর+√শীল্‌+অ] বিণ. নিজের ওপর নির্ভরকারী, স্বাবলম্বী; আত্মপ্রত্যয়ী। স্ত্রী. আত্মনির্ভরশীলা /আত্তোঁনির্‌ভর্‌শিলা/।

www.pathagar.com

আত্মনিষ্ঠ /আত্‌তোঁনিশ্‌ঠো/ [স. আত্মন্+নি+√স্থা +অ] বিণ. ১ আপনাতে নিমগ্ন, আত্মগত। ২ আপনাতে নিষ্ঠাযুক্ত।

আত্মপক্ষ /আত্‌তোঁপোক্‌খো/ [স. আত্মন্+√পক্ষ্+অ] বি. স্বপক্ষ, নিজপক্ষ।

আত্মপক্ষীয় /আত্‌তোঁপোক্‌খিয়ো/ [স. আত্মন্+√পক্ষ্+ঈয়] বিণ. স্বপক্ষীয়, নিজপক্ষভুক্ত।

আত্মপর /আত্‌তোঁপর/ [স. আত্মন্+√পৃ+অ] বি. ১ আপন ও পর। ২ স্বপক্ষ ও বিপক্ষ। ৩ শত্রুমিত্র।

আত্মপরতা /আত্‌তোঁপরোতা/ [স. আত্মপর+তা] বি. স্বার্থপরতা।

আত্মপরায়ণ /আত্‌তোঁপরায়োন্/ [স. আত্মন্+পরায়ণ] বিণ. কেবল নিজের কথা ভাবে এমন, স্বার্থপর। স্ত্রী. আত্মপরায়ণা /আত্‌তোঁপরায়োনা/।

আত্মপরায়ণতা /আত্‌তোঁপরায়োনতা/ [স. আত্মন্+পরায়ণ+তা] বি. স্বার্থপরতা।

আত্মপরিচয় /আত্‌তোঁপোরিচয়্/ [স. আত্মন্+পরিচয়] বি. ১ নিজ বংশপরিচয় প্রভৃতির বিবরণ, নিজের পরিচয়। ২ জাতিসত্তা।

আত্মপরীক্ষা /আত্‌তোঁপোরিক্‌খা/ [স. আত্মন্+পরি+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. স্বীয় দোষগুণ বিচার।

আত্মপীড়ন /আত্‌তোঁপিড়ন্/ [স. আত্মন্+√পীড়্+অন] বি. নিজেকে ক্লেশদান।

আত্মপূজক /আত্‌তোঁপুজক্/ [স. আত্মন্+√পূজ্+অক] বিণ. আত্মতোষক, আত্মপ্রশংসাকারী।

আত্মপূজন /আত্‌তোঁপুজন্/ [স. আত্মন্+√পূজ্+অন] বি. আত্মতোষণ।

আত্মপূজা /আত্‌তোঁপুজা/ [স. আত্মন্+√পূজ্+অ+আ (টাপ্)] বি. দ্র আত্মপূজন।

আত্মপ্রকাশ /আত্‌তোঁপ্রোকাশ্/ [স. আত্মন্+প্রকাশ] বি. ১ আবির্ভাব; বিকাশ। ২ স্বরূপ প্রকাশ; নিজের পরিচয় দান।

আত্মপ্রতারক /আত্‌তোঁপ্রোতারক্/ [স. আত্মন্+প্রতারক] বিণ. নিজের সঙ্গে প্রতারণা করে এমন।

আত্মপ্রতারণ /আত্‌তোঁপ্রোতারোন/ [স. আত্মন্+প্রতারণ] বি. দ্র আত্মপ্রতারণা।

আত্মপ্রতারণা /আত্‌তোঁপ্রোতারোনা/ [স. আত্মন্+প্রতারণা] বি. নিজের সঙ্গে প্রতারণা, আত্মবঞ্চনা।

আত্মপ্রতারিত /আত্‌তোঁপ্রোতারিতো/ [স. আত্মন্+প্র+√তারি+ত] বিণ. নিজের সঙ্গে প্রতারণা করা হয়েছে এমন, আত্মপ্রবঞ্চিত।

আত্মপ্রতিকৃতি /আত্‌তোঁপ্রোতিক্‌কৃতি/ [স. আত্মন্+প্রতি+√কৃ+তি] বি. নিজের আঁকা নিজ প্রতিচ্ছবি, self-portrait।

আত্মপ্রতিষ্ঠা /আত্‌তোঁপ্রোতিশ্‌ঠা/ [স. আত্মন্+প্রতি+√স্থা+অ+আ (টাপ্)] বি. নিজের প্রতিপত্তি বা প্রাধান্য প্রতিষ্ঠা।

আত্মপ্রত্যয় /আত্‌তোঁপ্রোত্‌তয়্/ [স. আত্মন্+প্রতি+√ই+অ] বি. নিজের মনে সত্য উপলব্ধি; নিজের শক্তি সামর্থ্যের প্রতি আস্থা, আত্মবিশ্বাস।

আত্মপ্রবঞ্চক /আত্‌তোঁপ্রোবন্‌চক্/ [স. আত্মন্+প্রবঞ্চক] বিণ. নিজের সঙ্গে প্রবঞ্চনা করে এমন। স্ত্রী. আত্মপ্রবঞ্চিকা /আত্‌তোঁপ্রোবোন্‌চিকা/।

আত্মপ্রবঞ্চন /আত্‌তোঁপ্রোবন্‌চন্/ [স. আত্মন্+প্রবঞ্চন] বি. দ্র আত্মপ্রবঞ্চনা।

আত্মপ্রবঞ্চনা /আত্‌তোঁপ্রোবন্‌চনা/ [স. আত্মন্+প্রবঞ্চনা] বি. নিজের সঙ্গে প্রতারণা; নিজেকে মিথ্যা প্রবোধদান।

আত্মপ্রশংসা /আত্‌তোঁপ্রোশংশা/ [স. আত্মন্+প্রশংসা] বি. নিজের প্রশংসা, আত্মশ্লাঘা।

আত্মপ্রসাদ /আত্‌তোঁপ্রোশাদ্/ [স. আত্মন্+প্রসাদ] বি. নিজের মনে অনুভূত আনন্দ বা তৃপ্তি, আত্মতৃপ্তি।

আত্মবৎ /আত্‌তোঁবত্/ [স. আত্মন্+বৎ] অব্য. বিণ. নিজের মতো।

আত্মবধ /আত্‌তোঁবধ্/ [স. আত্মন্+√হন্+অ] বি. আত্মহনন।

আত্মবধী /আত্‌তোঁবোধি/ [স. আত্মন্+√হন্+ইন্] বিণ. আত্মহত্যাকারী।

আত্মবর্গ /আত্‌তোঁবর্‌গো/ [স. আত্মন্+√বৃজ্+অ] বি. আত্মীয়পরিজন, আপন লোকজন।

আত্মবলি /আত্‌তোঁবোলি/ [স. আত্মন্+√বল্+ই] বি. পরার্থে নিজের প্রাণ উৎসর্গ, আত্মত্যাগ।

আত্মবশ /আত্‌তোঁবশ্/ [স. আত্মন্+বশ] বিণ. ১ নিজের অধীন, স্ববশ। ২ আত্মসংযমী।

আত্মবান /আত্‌তোঁবান্/ [স. আত্মন্+বৎ] বিণ. উদারচিত্ত। স্ত্রী. আত্মবতী /আত্‌তোঁবোতি/।

আত্মবিকাশ /আত্‌তোঁবিকাশ্/ [স. আত্মন্+বিকাশ] বি. অন্তর্নিহিত শক্তি বা গুণের স্ফুরণ, আত্মপ্রকাশ।

আত্মবিক্রয় /আত্‌তোঁবিক্‌ক্রয়্/ [স. আত্মন্+বিক্রয়] বি. অপরের নিকট নিজের স্বাধীনতা বিসর্জন, পরিপূর্ণরূপে অন্যের বশ্যতা স্বীকার।

আত্মবিগ্রহ /আত্‌তোঁবিগ্‌গ্রাহো/ [স. আত্মন্+বিগ্রহ] বি. ১ নিজেদের মধ্যে বিবাদ। ২ গৃহযুদ্ধ।

www.pathagar.com

আত্মবিচ্ছেদ /আত্তোঁবিচ্ছেদ্/ [স. আত্মন্+বি+√ছিদ্+অ] বি. আপনজনের সঙ্গে বিচ্ছেদ; গৃহ-বিবাদ।

আত্মবিড়ম্বনা /আত্তোঁবিড়ম্বনা/ [স. আত্মন্+বি+√ডম্ব্+অন+আ (টাপ্)] বি. নিজের দুর্ভোগ।

আত্মবিদ্ /আত্তোঁবিদ্/ [স. আত্মন্+√বিদ্+ক্বিপ্] বিণ. ১ নিজের দোষগুণ সম্পর্কে অবগত এমন। ২ আত্মার স্বরূপ জানে এমন, আত্মজ্ঞ।

আত্মবিদ্যা /আত্তোঁবিদ্দা/ [স. আত্মন্+√বিদ্+য+আ (টাপ্)] বি. অধ্যাত্মবিদ্যা, পরমার্থতত্ত্ব, theosophy।

আত্মবিনাশ /আত্তোঁবিনাশ্/ [স. আত্মন্+বিনাশ] বি. নিজের ধ্বংসসাধন; আত্মহত্যা।

আত্মবিনাশক /আত্তোঁবিনাশক্/ [স. আত্মন্+বিনাশক] বিণ. দ্র আত্মবিনাশী।

আত্মবিনাশী /আত্তোঁবিনাশি/ [স. আত্মবিনাশ+ইন্] বিণ. আত্মবিনাশকারী, আত্মহন্তা।

আত্মবিভোর /আত্তোঁবিভোর্/ [স. আত্মন্+বিভোর] বিণ. আত্মনিমগ্ন।

আত্মবিরোধ /আত্তোঁবিরোধ্/ [স. আত্মন্+বিরোধ] বি. ১ আপন মতের বিরুদ্ধে মত, স্ববিরোধিতা; আত্মদ্রোহ। ২ আপনজনের সঙ্গে কলহ; গৃহ-বিবাদ।

আত্মবিশুদ্ধি /আত্তোঁবিশুদ্ধি/ [স. আত্মন্+বি+√শুধ্+তি] বি. অপরাধের প্রায়শ্চিত্তের দ্বারা নিজেকে শোধন, চিত্তশুদ্ধি।

আত্মবিশ্বাস /আত্তোঁবিশ্শাশ্/ [স. আত্মন্+বিশ্বাস] বি. স্বীয় শক্তি সামর্থ্য বা বুদ্ধির ওপর আস্থা, আত্মপ্রত্যয়।

আত্মবিশ্বাসী /আত্তোঁবিশ্শাশি/ [স. আত্মবিশ্বাস+ইন্] বিণ. নিজ ক্ষমতার ওপর আস্থাশীল।

আত্মবিসর্জন /আত্তোঁবিশর্জোন্/ [স. আত্মন্+বিসর্জন] বি. ১ পরার্থে নিজের প্রাণ উৎসর্গ। ২ আত্মত্যাগ।

আত্মবিস্মরণ /আত্তোঁবিশ্শঁরোন্/ [স. আত্মন্+বিস্মরণ] বি. নিজের দোষ গুণ বা ক্ষমতা সম্বন্ধে স্মৃতিলোপ; তন্ময়ভাব।

আত্মবিস্মৃত /আত্তোঁবিস্স্মৃতো/ [স. আত্মন্+বি+√স্মৃ+ত] বিণ. নিজের প্রকৃত অবস্থা ভুলে গেছে এমন, আপনভোলা; তন্ময়।

আত্মবিস্মৃতি /আত্তোঁবিস্স্মৃতি/ [স. আত্মন্+বি+√স্মৃ+তি] বি. নিজের বিষয়ে স্মৃতিলোপ, আত্ম-বিস্মরণ।

আত্মবিহ্বল /আত্তোঁবিভ্বল্/ [স. আত্মন্+বিহ্বল] বিণ. নিজের বিষয়ে অভিভূত। বি. আত্মবিহ্বলতা /আত্তোঁবিভ্বলতা/।

আত্মবেদ /আত্তোঁবেদ্/ [স. আত্মন্+বেদ] বি. নিজের সম্বন্ধে বিশেষ বোধ, আত্মজ্ঞান।

আত্মবেদিতা /আত্তোঁবেদিতা/ [স. আত্মবেদ+ইন্+তা] বি. আত্মজ্ঞের ভাব।

আত্মবেদী /আত্তোঁবেদি/ [স. আত্মন্+√বিদ্+ইন্] বিণ. নিজেকে জানে এমন, আত্মবিদ, আত্মজ্ঞ; ব্রহ্মজ্ঞ। স্ত্রী. আত্মবেদিনী /আত্তোঁবেদিনি/।

আত্মবোধ /আত্তোঁবোধ্/ [স. আত্মন্+বোধ] বি. নিজের সম্পর্কে জ্ঞান, আত্মজ্ঞান।

আত্মভর্ৎসনা /আত্তোঁভির্ত্শোনা/ [স. আত্মন্+√ভর্ৎস্+অন+আ (টাপ্)] বি. আত্মসমালোচনা।

আত্মভাব /আত্তোঁভাব্/ [স. আত্মন্+ভাব] বি. নিজের চিন্তা বা মনোভাব।

আত্মমগ্ন /আত্তোঁমগ্নো/ [স. আত্মন্+√মস্জ্+ত] বিণ. নিজের চিন্তায় ডুবে আছে এমন, নিজেকে নিয়ে বিভোর। স্ত্রী. আত্মমগ্না /আত্তোঁমগ্না/।

আত্মমর্যাদা /আত্তোঁমোর্জাদা/ [স. আত্মন্+মর্যাদা] বি. আত্মসম্মান।

আত্মমর্যাদাশীল /আত্তোঁমোর্জাদাশিল্/ [স. আত্মন্+মর্যাদা+√শীল্+অ] বিণ. আত্মসম্মান সম্পর্কে সচেতন এমন।

আত্মমান /আত্তোঁমান্/ [স. আত্মন্+√মন্+অ] বি. দ্র আত্মমর্যাদা।

আত্মম্ভরি /আত্তোঁম্ভোরি/ [স. আত্মন্+√ভৃ+ই] বিণ. ১ দাম্ভিক। ২ আত্মপরায়ণ। বি. -তা /-তা/।

আত্মরক্ষণ /আত্তোঁরোক্খন্/ [স. আত্মন্+রক্ষণ] বি. দ্র আত্মরক্ষা।

আত্মরক্ষা /আত্তোঁরোক্খা/ [স. আত্মন্+√রক্ষ্+অ+আ (টাপ্)] বি. অনিষ্ট থেকে নিজেকে বা নিজের মর্যাদা রক্ষা।

আত্মরক্ষামূলক /আত্তোঁরোক্খামুলক্/ [স. আত্ম+রক্ষা+মূলক] বিণ. নিজেকে রক্ষার উদ্দেশ্যযুক্ত (*আত্মরক্ষামূলক ব্যবস্থা*)।

আত্মরত /আত্তোঁরতো/ [স. আত্মন্+√রম্+ত] বিণ. ১ স্বার্থপর। ২ আত্মতৃপ্ত। ৩ আত্মনিমগ্ন।

আত্মরতি /আত্তোঁরোতি/ [স. আত্মন্+√রম্+তি] বি. নিজের প্রতি মুগ্ধতা, আত্মতৃপ্তি, আত্মতুষ্টি।

www.pathagar.com

আত্মরূপ /আত্‌তোঁরূপ্‌/ [স. আত্মন্‌+রূপ] বি. নিজের রূপ, স্বরূপ।

আত্মলাঘব /আত্‌তোঁলাঘব / [স. আত্মন্‌+লাঘব] বি. নিজের সম্বন্ধে হীন ধারণা।

আত্মলীন /আত্‌তোঁলিন্‌/ [স. আত্মন্‌+√লী+ত] বিণ. আত্মনিমগ্ন। স্ত্রী. আত্মলীনা /আত্‌তোঁলিনা/।

আত্মলোপ /আত্‌তোঁলোপ্‌/ [স. আত্মন্‌+√লুপ্‌+অ] বি. নিজেকে আড়ালে স্থাপন, আত্মবিনাশ।

আত্মশক্তি /আত্‌তোঁশোক্‌তি/ [স. আত্মন্‌+√শক্‌+তি] বি. নিজের ক্ষমতা ও সামর্থ্য, স্বীয় বল।

আত্মশাসন /আত্‌তোঁশাশোন্‌/ [স. আত্মন্‌+শাসন] বি. নিজের ইন্দ্রিয়কে দমন, আত্মসংযম।

আত্মশিক্ষা /আত্‌তোঁশিক্‌খা/ [স. আত্মন্‌+√শিক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. স্বকীয় চেষ্টায় শিক্ষা, স্বশিক্ষা।

আত্মশুদ্ধি /আত্‌তোঁশুদ্‌ধি/ [স. আত্মন্‌+√শুধ্‌+তি] বি. অনুশোচনাদ্বারা নিজের দোষ বা পাপ খণ্ডন, চিত্তশোধন।

আত্মশোধন /আত্‌তোঁশোধোন্‌/ [স. আত্মন্‌+√শোধি+অন] বি. দ্র আত্মশুদ্ধি।

আত্মশ্লাঘা /আত্‌তোঁশ্লাঘা/ [স. আত্মন্‌+শ্লাঘা] বি. নিজের মুখে নিজের গুণকীর্তন, আত্মপ্রশংসা।

আত্মসংবরণ /আত্‌তোঁশংবরোন্‌/ [স. আত্মন্‌+সংবরণ] বি. নিজের ভাবাবেগ নিরোধ, আত্মদমন।

আত্মসংযম /আত্‌তোঁশংজম্‌/ [স. আত্মন্‌+সংযম] বি. আপন রিপুকে বশে আনয়ন।

আত্মসংযমী /আত্‌তোঁশংজোমি/ [স. আত্মসংযম+ইন্‌] বিণ. নিজের ইন্দ্রিয়কে বশে রাখে এমন। স্ত্রী. আত্মসংযমিনী /আত্‌তোঁশংজোমিনি/।

আত্মসংশয় /আত্‌তোঁশংশয়্‌/ [স. আত্মন্‌+সংশয়] বি. নিজ শক্তির প্রতি সন্দেহ বা অবিশ্বাস।

আত্মসংশোধন /আত্‌তোঁশংশোধোন্‌/ [স. আত্মন্‌+সংশোধন] বি. নিজের ভুল শোধন, আত্মশুদ্ধি।

আত্মসচেতন /আত্‌তোঁশচেতন্‌/ [স. আত্মন্‌+সচেতন] বিণ. নিজের স্বার্থ সম্পর্কে সচেতন এমন। বি. আত্মসচেতনতা /আত্‌তোঁশচেতনতা/।

আত্মসদৃশ /আত্‌তোঁশদৃশো/ [স. আত্মন্‌+সদৃশ] বিণ. নিজের মতো, নিজের সমান বা তুল্য।

আত্মসন্তুষ্টি /আত্‌তোঁশনতুশ্‌টি/ [স. আত্মন্‌+সম্‌+√তুষ্‌+তি] বি. নিজের সন্তোষ, আত্মতৃপ্তি।

আত্মসমর্পণ /আত্‌তোঁশমরপন্‌/ [স. আত্মন্‌+সমর্পণ] বি. ১ যুদ্ধে অস্ত্র ত্যাগ করে প্রতিপক্ষের বশ্যতা স্বীকার। ২ নিজেকে সমর্পণ, আত্মনিবেদন।

আত্মসমালোচনা /আত্‌তোঁশমালোচনা/ [স. আত্মন্‌+সমালোচনা] বি. নিজের সমালোচনা।

আত্মসমাহিত /আত্‌তোঁশমাহিতো/ [স. আত্মন্‌+সম্‌+আ+√ধা+ত] বিণ. ১ আপনাতে আপনি মগ্ন, আত্মনিমগ্ন। ২ বাহ্যজ্ঞানশূন্য।

আত্মসমাহিতি /আত্‌তোঁশমাহিতি/ [স. আত্মন্‌+সম্‌+আ+√ধা+তি] বি. তন্ময়তা, আত্মমগ্নতা।

আত্মসম্পর্কীয় /আত্‌তোঁশম্‌পোরকিয়ো/ [স. আত্মন্‌+সম্পর্ক+ঈয়] বিণ. দ্র আত্মসম্বন্ধীয়।

আত্মসম্বন্ধীয় /আত্‌তোঁশম্‌বোন্‌ধিয়ো/ [স. আত্মন্‌+সম্বন্ধ+ঈয়] বিণ. আত্মবিষয়ক, নিজসংক্রান্ত।

আত্মসম্ভ্রম /আত্‌তোঁশম্‌ভ্রোম্‌/ [স. আত্মন্‌+সম্‌+√ভ্রম্‌+অ] বি. আত্মমর্যাদা।

আত্মসম্মান /আত্‌তোঁশম্‌মান্‌/ [স. আত্মন্‌+সম্‌+√মন্‌+অ] বি. নিজের সম্মান ও মর্যাদা।

আত্মসর্বস্ব /আত্‌তোঁশরবোশ্‌শো/ [স. আত্মন্‌+সর্বস্ব] বিণ. নিজেকে নিয়ে সদাব্যস্ত, স্বার্থপর।

আত্মসহায় /আত্‌তোঁশহায়্‌/ [স. আত্মন্‌+সহ+√অয়্‌+অ] বিণ. স্বাবলম্বী, আত্মনির্ভরশীল।

আত্মসহায়তা /আত্‌তোঁশহায়তা/ [স. আত্মসহায়+তা] বি. আত্মনির্ভরতা, স্বাবলম্বিতা।

আত্মসাৎ /আত্‌তোঁশাত্‌/ [স. আত্মন্‌+সাৎ] বিণ. অন্যায়ভাবে গ্রাস করা হয়েছে এমন।

আত্মসাৎকৃত /আত্‌তোঁশাত্‌কৃতো/ [স. আত্মসাৎ+√কৃ+ত] বিণ. অসদুপায়ে নিজের অধিকারভুক্ত।

আত্মসার /আত্‌তোঁশার্‌/ [স. আত্মন্‌+√সৃ+অ] বিণ. স্বার্থপর, আত্মসর্বস্ব।

আত্মসুখ /আত্‌তোঁশুখ্‌/ [স. আত্মন্‌+সুখ] বি. নিজের সুখ।

আত্মস্তুতি /আত্‌তোঁস্‌তুতি/ [স. আত্মন্‌+√স্তু+তি] বি. নিজের গুণকীর্তন, আত্মশ্লাঘা, নিজের প্রশংসা।

আত্মস্থ /আত্‌তোঁস্‌থো/ [স. আত্মন্‌+√স্থা+অ] বিণ. ১ আত্মগত; আত্মনিষ্ঠ। ২ প্রকৃতিস্থ। ৩ আত্মসমাহিত, আত্মনিমগ্ন।

আত্মহত্যা /আত্‌তোঁহোত্‌তা/ [স. আত্মন্‌+√হন্‌+য+আ (টাপ্‌)] বি. ১ স্বেচ্ছায় নিজের প্রাণনাশ, আত্মহনন। ২ (আল.) নিজের অনিষ্টসাধন।

আত্মহন্তা /আত্‌তোঁহন্‌তা/ [স. আত্মন্‌+√হন্‌+তৃ] বি. বিণ. আত্মঘাতক, আত্মহননকারী। স্ত্রী. আত্মহন্ত্রী /আত্‌তোঁহোন্‌ত্রি/।

আত্মহা /আত্‌তোঁহা/ [স. আত্মন্‌+√হন্‌+ক্বিপ্‌] বিণ. আত্মহত্যাকারী, আত্মঘাতী, আত্মবিনাশী।

www.pathagar.com

আত্মহারা /আত্তোঁহারা/ [স. আত্মন্+বা. হারা] বিণ. ১ আত্মবিস্মৃত, আত্মভোলা; বিহ্বল। ২ তন্ময়। ৩ বাহ্যজ্ঞানহীন।

আত্মহিত /আত্তোঁহিতো/ [স. আত্মন্+√ধা+ত] বি. নিজের মঙ্গল বা কল্যাণ।

আত্মহিতকর /আত্তোঁহিতোকর্/ [স. আত্মহিত+√কৃ+অ] বিণ. নিজের জন্য মঙ্গলজনক।

আত্মা /আত্তাঁ/ [স. √অত্+মন্] বি. ১ প্রাণিদেহের চৈতন্যময় সত্তা, soul। ২ হৃদয়, মন, চিত্ত। ৩ স্বভাব। ৪ স্বরূপ।

আত্মাদর /আত্তাঁদোর্/ [স. আত্মন্+আদর] বি. নিজের প্রতি শ্রদ্ধা ও মনোযোগ, আত্মসম্মান।

আত্মাদর্শ /আত্তাঁদরশো/ [স. আত্মন্+আদর্শ] বি. ১ নিজের দ্বারা স্থাপিত দৃষ্টান্ত। ২ নিজের আদর্শ।

আত্মাধীন /আত্তাঁধিন্/ [স. আত্মন্+অধীন] বিণ. ১ নিজের অধীন, স্ববশ। ২ স্বাবলম্বী।

আত্মানন্দ /আত্তাঁনন্দো/ [স. আত্মন্+আ+√নন্দি+অ] বি. নিজের আনন্দ।

আত্মানুসন্ধান /আত্তাঁনুশন্ধান্/ [স. আত্মন্+অনুসন্ধান] বি. ১ আত্মা সম্পর্কে জ্ঞানলাভের প্রয়াস, স্বরূপসন্ধান। ২ নিজের দোষগুণ বিচার।

আত্মানুসন্ধায়ী /আত্তাঁনুশন্ধায়ি/ [স. আত্মন্+অনু+সম্+√ধা+য+ইন্] বিণ. আত্মানুসন্ধান করে এমন, আত্মানুসন্ধানকারী।

আত্মান্বেষী /আত্তাঁন্নেশি/ [স. আত্মন্+অনু+√ইষ্+ইন্] বিণ. দ্র আত্মানুসন্ধায়ী।

আত্মাপহার /আত্তাঁপোহার/ [স. আত্মন্+অপহার] বি. নিজের পরিচয় গোপন করে প্রতারণা।

আত্মাপহারক /আত্তাঁপোহারক্/ [স. আত্মন্+অপহারক] বিণ. নিজের পরিচয় গোপনকারী; কপট, প্রতারক।

আত্মাবমাননা /আত্তাঁবোমানোনা/ [স. আত্মন্+অবমাননা] বি. আত্মার অবমাননা, নিজের অসম্মান।

আত্মাবলম্বন /আত্তাঁবোলম্বোন্/ [স. আত্মন্+অবলম্বন] বি. স্বাবলম্বন, আত্মনির্ভরতা।

আত্মাবলম্বিতা /আত্তাঁবোলোম্বিতা/ [স. আত্ম+অবলম্বন+ইন্+তা] বি. সহায়তার অপেক্ষা না করে নিজের ক্ষমতা ও বুদ্ধির ওপর নির্ভরতা, স্বাবলম্বিতা।

আত্মাবলম্বী /আত্তাঁবোলোম্বি/ [স. আত্মাবলম্বন+ইন্] বিণ. স্বাবলম্বী, আত্মনির্ভরশীল। স্ত্রী. আত্মাবলম্বিনী /আত্তাঁবোলোম্বিনি/।

আত্মাভিমান /আত্তাঁভিমান্/ [স. আত্মন্+অভিমান] বি. অহংকার, অহমিকা।

আত্মাভিমানী /আত্তাঁভিমানি/ [স. আত্মাভিমান+ইন্] বিণ. অহংকারী। স্ত্রী. আত্মাভিমানিনী /আত্তাঁভিমানিনি/।

আত্মারাম /আত্তারাম্/ [স. আত্মন্+আরাম] বি. ১ আত্মা যাঁর আনন্দস্থান। ২ (বাংলায়) প্রাণ। ৩ শেখানো বুলি উচ্চারণ করতে পারে এমন ময়না টিয়া প্রভৃতি পাখি। বিণ. সন্তুষ্টচিত্ত।

আত্মারাম খাঁচাছাড়া হওয়া /আত্তারাম্ খাঁচাছাড়া হওআ/ ক্রিবি. ১ বিচলিত হওয়া। ২ ভীতসন্ত্রস্ত হওয়া।

আত্মার্থ /আত্তার্থো/ [স. আত্মন্+অর্থ] বি. নিজ প্রয়োজন, স্বার্থ। বিণ. স্বার্থপর।

আত্মাশ্রয় /আত্তাঁস্রয়্/ [স. আত্মন্+আশ্রয়] বি. নিজের ওপর নির্ভরতা, স্বনির্ভরতা।

আত্মাশ্রয়ী /আত্তাঁস্রোয়ি/ [স. আত্মাশ্রয়+ইন্] বিণ. নিজের ওপর নির্ভরশীল, স্বাবলম্বী।

আত্মাহুতি /আত্তাঁহুতি/ [স. আত্মন্+আ+√হু+তি] বি. নিজের প্রাণ বিসর্জন, আত্মবিসর্জন।

আত্মিক /আত্তিঁক্/ [স. আত্মন্+ইক] বিণ. হৃদয়-সংক্রান্ত।

আত্মীকরণ /আত্তিঁকরোন্/ [স. আত্মন্+ঢ্বি+করণ] বি. ১ নিজ অধিকারে আনয়ন। ২ অঙ্গীভূতকরণ।

আত্মীকৃত /আত্তিঁকৃতো/ [স. আত্মন্+ঢ্বি+কৃত] বিণ. অঙ্গীভূত।

আত্মীভূত /আত্তিঁভুতো/ [স. আত্মন্+ঢ্বি+ভূত] বিণ. দ্র আত্মীকৃত।

আত্মীয় /আত্তিঁয়ো/ [স. আত্মন্+ঈয়] বি. ১ জ্ঞাতি, স্বজন। ২ বন্ধুবান্ধব; অন্তরঙ্গ ব্যক্তি। বিণ. আত্ম-সম্পর্কীয়, স্বীয়। স্ত্রী. আত্মীয়া /আত্তিঁআ/।

আত্মীয়জন /আত্তিঁয়োজন্/ [স. আত্মীয়+√জন্+অ] বি. জ্ঞাতিতুল্য আপন লোকজন, স্বজন।

আত্মীয়জনোচিত /আত্তিঁয়োজনোচিতো/ [স. আত্মীয়+জনোচিত] বিণ. আত্মীয়জনের মতো।

আত্মীয়তা /আত্তিঁয়োতা/ [স. আত্মীয়+তা] বি. ১ জ্ঞাতিত্ব। ২ হৃদ্যতা, অন্তরঙ্গতা; বন্ধুত্ব।

আত্মীয়তাবিহীন /আত্তিঁয়োতাবিহিন্/ [স. আত্মীয়+তা+বিহীন] বিণ. ১ জ্ঞাতিশূন্য। ২ নির্বান্ধব।

আত্মীয়বন্ধু /আত্তিঁয়োবোন্ধু/ [স. আত্মীয়+√বন্ধ্+

www.pathagar.com

উ] বি. রক্তসম্পর্কের আপনজন, জ্ঞাতি।

আত্মীয়স্বজন /আত্তিঁয়োশজোন্/ [স. আত্মীয়+স্বজন] বি. জ্ঞাতিতুল্য আপন লোকজন।

আত্মোৎকর্ষ /আত্তোঁত্কর্শো/ [স. আত্মন্+উৎকর্ষ] বি. নিজ আত্মার উন্নতিসাধন।

আত্মোৎসর্গ /আত্তোঁত্শর্গো/ [স. আত্মন্+উৎসর্গ] বি. মহৎ উদ্দেশ্যে নিজ প্রাণ উৎসর্গ; স্বার্থত্যাগ।

আত্মোদরপূর্তি /আত্তোঁদর্পুর্তি/ [স. আত্মোদর+√পূ+তি] বি. স্বার্থসিদ্ধি।

আত্মোন্নতি /আত্তোঁন্নোতি/ [স. আত্মন্+উদ্+√নম্+তি] বি. ১ নিজ আত্মার উন্নতি। ২ নিজ অবস্থার উন্নতি।

আত্মোপকার /আত্তোঁপোকার/ [স. আত্মন্+উপকার] বি. নিজের উপকার, নিজের হিতসাধন।

আত্মোপকারক /আত্তোঁপোকারক্/ [স. আত্মন্+উপকারক] বিণ. আত্মহিতকারী।

আত্মোপকারী /আত্তোঁপোকারি/ [স. আত্মোপকার+ইন্] বিণ. আত্মহিতকারী। স্ত্রী. **আত্মোপকারিণী** /আত্তোঁপোকারিনি/।

আত্মোপজীবিনী /আত্তোঁপোজিবিনি/ [স. আত্মন্+উপ+√জীব্+ইন্+ঈ] বিণ. যৌনকর্মী।

আত্মোপজীবী /আত্তোঁপোজিবি/ [স. আত্মন্+উপ+√জীব্+ইন্] বিণ. দৈহিক পরিশ্রমদ্বারা জীবিকা-নির্বাহ করে এমন।

আত্মোপম /আত্তোঁপমো/ [স. আত্মন্+উপমা] বিণ. নিজের মতো।

আত্মোপলব্ধি /আত্তোঁপোলোব্ধি/ [স. আত্মন্+উপলব্ধি] বি. আত্মবোধ।

আত্মৌপম্য /আত্তৌঁপোম্মো/ [স. আত্মন্+ঔপম্য] বি. নিজের সঙ্গে তুলনা, আত্মসাদৃশ্য।

আত্যন্তিক /আত্তোন্তিক্/ [স. অত্যন্ত+ইক] বিণ. ১ অত্যধিক। ২ যৎপরোনাস্তি; অশেষ।

আত্যন্তিকতা /আত্তোন্তিকতা/ [স. আত্যন্তিক+তা] বি. অত্যাধিক্য; সমগ্রতা; যৎপরোনাস্তিকতা।

আথান্তর /আথান্তর্/ [স. অবস্থা >] বি. অন্য অবস্থাপ্রাপ্তি; অবস্থার বিপর্যয়; বিপদ।

আথাল /আথাল্/ [দেশি.] বি. গোয়ালঘর।

আথালিপাথালি /আথালিপাথালি/ [দেশি.] ক্রিবিণ. ১ এদিকে ওদিকে; চতুর্দিকে। ২ ব্যস্তসমস্তভাবে।

আদত /আদোত্/ [আ.] বিণ. আসল, খাঁটি, প্রকৃত। বি. ১ স্বভাব; অভ্যাস। ২ আচার; রীতি; ধরন।

আদতে /আদোতে/ [আ. আদত >] ক্রিবিণ. প্রকৃতপক্ষে; আদৌ।

আদত্ত /আদত্তো/ [স. আ+√দা+ত] বিণ. গৃহীত।

আদপে /আদোপে/ [স. আদৌ >] ক্রিবিণ. আদৌ, একেবারেই, আসলে।

আদব /আদোব্/ [আ.] বি. ১ শিষ্টাচার; ভদ্রতা; বিনয়; নম্রতা। ২ সম্মানপ্রদর্শন।

আদবকায়দা /আদোব্কায়্দা/ [আ.] বি. ১ ভদ্র সমাজের রীতিনীতি। ২ শিষ্টাচার।

আদবকায়দাদুরস্ত /আদোব্কায়্দাদুরস্তো/ [আ. আদবকায়দা+ফা. দুরস্ত] বিণ. সামাজিক শিষ্টাচার-সম্মত।

আদবতমিজ /আদোব্তোমিজ্/ [আ.] বি. শিষ্টাচার, ভদ্রতা।

আদম /আদম্/ [আ.] বি. ১ ইহুদি খ্রিষ্টান ও ইসলাম ধর্মমতে প্রথম মানুষ। ২ মানুষ (*আদমশুমারি*)।

আদমব্যাপারী /আদম্ব্যাপারি/ [আ. আদম+স. ব্যাপারী] বি. জনশক্তি রপ্তানিসংক্রান্ত ব্যবসায়ে নিয়োজিত ব্যক্তি; জনশক্তি রপ্তানিসংক্রান্ত ব্যবসায়ের দালালি করে এমন ব্যক্তি।

আদমশুমার /আদম্শুমার্/ [আ. আদম+ফা. শুমার] বি. দ্র আদমশুমারি।

আদমশুমারি /আদম্শুমারি/ [আ. আদম+ফা. শুমারি] বি. লোকগণনা, census।

আদমসুরত /আদম্সুরত্/ [আ.] বি. আকাশে বিষুব-রেখার ওপরে দৃশ্যমান সাতটি উজ্জ্বল নক্ষত্রের মনুষ্যাকৃতি সমাবেশ, কালপুরুষ, অগ্রহায়ণী, Orion।

আদমি /আদ্মি/ [আ.] বি. ১ সাধারণ লোক। ২ স্বামী।

আদর /আদোর্/ [স. আ+√দৃ+অ] বি. ১ সোহাগ; স্নেহ। ২ যত্ন। ৩ সম্মান; কদর। ৪ ভক্তি; শ্রদ্ধা।

আদর-অভ্যর্থনা /আদোর্ওব্ভোর্থোনা/ [স. আদর+অভ্যর্থনা] বি. সমাদর ও যত্ন।

আদর-আপ্যায়ন /আদোর্আপ্পায়োন্/ [স. আদর+আপ্যায়ন] বি. সমাদর ও সন্তোষবিধান।

আদরণীয় /আদোরোনিয়ো/ [স. আ+√দৃ+অনীয়] বিণ. ১ সমাদরের যোগ্য; শ্রদ্ধেয়। ২ গ্রহণযোগ্য।

আদরযত্ন /আদোর্জত্নো/ [স. আদর+√যত্+ন] বি. যত্ন-আত্তি।

আদরিণী /আদোরিনি/ [স. আ+√দৃ+ইন+ঈ] বি. স্নেহ বা আদরের পাত্রী। বিণ. সমাদরের যোগ্য।

আদর্শ /আদোর্শো/ [স. আ+√দৃশ্+অ] বি. ১ অনুকরণযোগ্য শ্রেষ্ঠ বিষয়। ২ নমুনা, দৃষ্টান্ত।

www.pathagar.com

৩ আয়না, দর্পণ। বিণ. অনুকরণীয়।

আদর্শবাদ /আদোর্শোবাদ/ [স. আদর্শ+√বদ্+অ] বি. উচ্চ আদর্শ ও নীতি অনুসরণের মতবাদ।

আদর্শবাদী /আদোর্শোবাদি/ [স. আদর্শ+√বদ্+ইন্] বিণ. উচ্চ আদর্শ ও নীতির অনুসারী।

আদর্শবান /আদোর্শোবান্/ [স. আদর্শ+বৎ] বিণ. জীবনযাত্রায় উচ্চ আদর্শের অনুসারী।

আদর্শ বিদ্যালয় /আদোর্শো বিদ্যালয়/ বি. যে বিদ্যালয়ে চরিত্র গঠন ও জীবনের মানোন্নয়নের জন্য বিভিন্ন বিষয়ে শিক্ষা দেওয়া হয়, model school।

আদর্শলিপি /আদোর্শোলিপি/ [স. আদর্শ+লিপি] বি. সুন্দর হস্তাক্ষরে লিখতে শেখার জন্য যে লিপি অনুসরণ করা হয়।

আদর্শস্থানীয় /আদোর্শোস্থানিয়ো/ [স. আদর্শ+√স্থা+অনীয়] বিণ. আদর্শ হওয়ার যোগ্য; অনুকরণীয়।

আদর্শহীন /আদোর্শোহিন্/ [স. আদর্শ+√হা+ত] বিণ. আদর্শ নেই এমন, মূল্যবোধহীন।

আদর্শিক /আদোর্শিক্/ [স. আদর্শ+ইক] বিণ. ১ আদর্শবাদী। ২ আদর্শসংক্রান্ত।

আদল /আদোল্/ [স. আদর্শ >] বি. ১ অবয়বের সাদৃশ্য। ২ গঠন, আকৃতি।

আদা /আদা/ [স. আর্দ্রক >] বি. দক্ষিণ এশিয়ায় চাষ করা হয় এমন সবুজ লম্বাটে পাতাবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন উদ্ভিদের ঝাঁজালো গন্ধযুক্ত কন্দ যা মসলারূপে ব্যবহৃত হয়, আদ্রক, আর্দ্রক।

আদাড় /আদাড়/ [দেশি.] বি. আবর্জনা ফেলার স্থান, আস্তাকুঁড়।

আদাড়-পাঁদাড় /আদাড়পাঁদাড়/ বি. বাড়ির পেছনে আবর্জনা ফেলার জায়গা; অপরিষ্কার স্থান।

আদাড়ে /আদাড়ে/ [দেশি.] বিণ. ১ বনজঙ্গলে জাত, বুনো। ২ অভদ্র; দুষ্ট। ৩ নোংরা।

আদান /আদান্/ [স. আ+√দা+অন] বি. গ্রহণ।

আদানপ্রদান /আদানপ্রোদান্/ [স. আদান+প্রদান] বি. ১ গ্রহণ ও দান, বিনিময়। ২ সম্বন্ধ স্থাপন; কন্যাদান ও গ্রহণ। ৩ সামাজিক সম্পর্ক স্থাপন।

আদাব /আদাব্/ [আ.] বি. অভিবাদনসূচক উক্তি, সালাম, অভিবাদন।

আদায় /আদায়্/ [আ.] বি. ১ পরিশোধ; উসুল। ২ সংগ্রহ; লাভ। ৩ গ্রহণ।

আদায়-কাঁচকলায় /আদায়কাঁচ্কলায়্/ [বা.] বিণ. বিরুদ্ধ স্বভাবযুক্ত; পরস্পর শত্রুভাবাপন্ন।

আদার ব্যাপারী /আদার্ ব্যাপারি/ বি. ১ আদা ক্রয়বিক্রয়ের সঙ্গে যুক্ত ব্যবসায়ী। ২ (আল.) ক্ষুদ্র ব্যবসায়ী।

আদালত /আদালত্/ [আ.] বি. ১ বিচারক বা ম্যাজিস্ট্রেট কর্তৃক বিচারকার্য প্রয়োগ করার জন্য আইনদ্বারা প্রতিষ্ঠিত একটি প্রতিষ্ঠান, কাছারি, court। ২ যে ভবন বা হলঘরে বিচারকার্য পরিচালিত হয়, বিচারালয়।

আদালতি /আদালোতি/ [আ.] বিণ. আদালত-সম্বন্ধীয়।

আদি /আদি/ [স. আ+√দা+ই] বিণ. ১ প্রথম, আদ্য। ২ শ্রেষ্ঠ। ৩ মূল। বি. ১ শুরু। ২ উৎপত্তি।

আদিকবি /আদিকোবি/ [স. আদি+কবি] বি. প্রথম কবি, বাল্মীকি।

আদিকাণ্ড /আদিকান্ডো/ [স. আদি+√কন্+ড] বি. রামায়ণের প্রথম পর্ব।

আদিকাব্য /আদিকাব্যো/ [স. আদি+কবি+য] বি. সংস্কৃত ভাষায় রচিত প্রথম কাব্য, রামায়ণ।

আদিকারণ /আদিকারোন্/ [স. আদি+কারণ] বি. ১ মূল কারণ। ২ পরমেশ্বর, পরব্রহ্ম।

আদিকাল /আদিকাল্/ [স. আদি+কাল] বি. ১ অতি প্রাচীনকাল। ২ (বাংলায়) সত্যযুগ।

আদিখ্যেতা /আদিক্খেতা/ [স. আধিক্য >] বি. ১ ন্যাকামি; ভান। ২ বাড়াবাড়ি; আতিশয্য।

আদিগন্ত /আদিগন্তো/ [স. আ+দিগন্ত] বিণ. দিগন্ত পর্যন্ত বিস্তৃত (*অকলুষ বাংলাভূমি হয়ে ওঠ রাতা-রাতি আদিগন্ত তীর্থভূমি।* হাসান.)।

আদিতেয় /আদিতেয়ো/ [স. অদিতি+এয়] বি. ১ কশ্যপপত্নী অদিতির পুত্র। ২ সূর্য। ৩ দেবতা।

আদিত্য /আদিত্তো/ [স. অদিতি+য] বি. ১ সূর্য। ২ পুনর্বসু নক্ষত্র। ৩ কশ্যপের ঔরসে অদিতির গর্ভজাত বারোজন পুত্র (বিবস্বান্ অর্যমা পূষা ত্বষ্টা সবিতা ভগ ধাতা বিধাতা বরুণ মিত্র শত্রু ও উরুক্রম)।

আদিত্যমণ্ডল /আদিত্তোমন্ডোল্/ [স. আদিত্য+মণ্ডল] বি. অদিতি ও কশ্যপের বারোজন পুত্র।

আদিদেব /আদিদেব্/ [স. আদি+দেব] বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ ব্রহ্মা।

আদিনা /আদিনা/ [ফা.] বি. শুক্রবার।

আদিনা মসজিদ /আদিনা মোস্জিদ্/ বি. যে মসজিদে শুক্রবারে জুম্মার নামাজের জামাত

www.pathagar.com

অনুষ্ঠিত হয়।

আদিনাথ /আদিনাথ্/ [স. আদি+নাথ] বি. ঈশ্বর; মহাদেব।

আদিপর্ব /আদিপর্‌বো/ [স. আদি+পর্ব] বি. মহাভারতের প্রথম পর্ব।

আদিপুরাণ /আদিপুরান্/ [স. আদি+পুরাণ] বি. ব্রহ্মপুরাণ।

আদিপুরুষ /আদিপুরুশ্/ [স. আদি+পুরুষ] বি. বংশের প্রথম পুরুষ; পূর্বপুরুষ।

আদিবাসী /আদিবাশি/ [স. আদি+√বস্+ইন্] বি. আদিম জাতি; (পরি.) aborigine।

আদিভূত /আদিভুতো/ [স. আদি+√ভূ+ত] বিণ. আদ্য; মূল; আদিম।

আদিম /আদিম্/ [স. আদি+ইম] বিণ. ১ আদ্য। ২ পুরাকালীন। বি. **আদিমতা** /আদিমতা/।

আদিমানব /আদিমানব্/ [স. আদি+মানব] বি. ইহুদি খ্রিষ্টান ও ইসলাম ধর্মমতে প্রথম সৃষ্ট মানুষ, আদম।

আদিরস /আদিরশ্/ [স. আদি+√রস্+অ] বি. অলংকারশাস্ত্রোক্ত নয়টি রসের প্রথমটি, শৃঙ্গার রস, কাম ও প্রেমবিষয়ক রস।

আদিরসাত্মক /আদিরশাত্‌মক্/ [স. আদি+রস+আত্মন্+ক] বিণ. শৃঙ্গাররসপ্রধান; আদিরসপূর্ণ।

আদিষ্ট /আদিশ্‌টো/ [স. আ+√দিশ্+ত] বিণ. ১ আদেশ দেওয়া হয়েছে এমন, আজ্ঞাপ্রাপ্ত; উপদিষ্ট। ২ নিয়োজিত। স্ত্রী. **আদিষ্টা** /আদিশ্‌টা/।

আদুড় /আদুড়্/ [দেশি.] বিণ. ১ অনাবৃত, উন্মুক্ত, খোলা, নগ্ন। ২ আলুলায়িত, অবিন্যস্ত।

আদুরে /আদুরে/ [স. আদর >] বিণ. ১ আদর পেয়ে থাকে এমন। ২ অতিরিক্ত প্রশ্রয় পায় এমন। বি. আদরের পাত্র। স্ত্রী. **আদুরি** /আদুরি/।

আদুরে গোপাল /আদুরে গোপাল্/ বি. অতিরিক্ত আদরে লালিত বালক।

আদৃত /আদ্‌দৃতো/ [স. আ+√দৃ+ত] বিণ. ১ সাদরে গৃহীত; সমাদৃত। ২ সম্মানিত; অভিনন্দিত।

আদেখলা /আদ্যাখলা/ [বা.] বিণ. (কোনো কিছু) দেখা বা পাওয়ার জন্য উদ্‌গ্রীব; পূর্বে কখনো দেখেনি বা দেখা পায়নি এমন ব্যাকুলতাযুক্ত।

আদেখলাপনা /আদ্যাখলাপনা/ [বা.] বি. আদেখলাভাব।

আদেখা /আদ্যাখা/ [বা.] বিণ. দেখা হয়নি বা দেখা যায়নি এমন, অদৃষ্ট।

আদেশ /আদেশ্/ [স. আ+√দিশ্+অ] বি. ১ হুকুম। ২ অনুমতি। ৩ উপদেশ। ৪ অনুশাসন। ৫ নিয়োগ।

আদেশক /আদেশক্/ [স. আ+√দিশ্+অক] বিণ. আদেশকারী, আদেষ্টা।

আদেশকর্তা /আদেশকর্‌তা/ [স. আদেশ+√কৃ+তৃ] বিণ. আদেষ্টা। স্ত্রী. **আদেশকর্ত্রী** /আদেশ-কর্‌ত্রি/।

আদেশকারী /আদেশকারি/ [স. আদেশ+√কৃ+ইন্] বিণ. আদেষ্টা। স্ত্রী. **আদেশকারিণী** /আদেশ-কারিনি/।

আদেশক্রমে /আদেশ্‌ক্রোমে/ [স. আদেশক্রম+বা. এ] ক্রিবিণ. আদেশ অনুসারে, by order।

আদেশদাতা /আদেশ্‌দাতা/ [স. আদেশ+√দা+তৃ] বি. বিণ. আদেষ্টা। স্ত্রী. **আদেশদাত্রী** /আদেশ্-দাত্‌ত্রি/।

আদেশপত্র /আদেশ্‌পত্‌ত্রো/ [স. আদেশ+পত্র] বি. ১ হুকুমনামা। ২ শমন।

আদেশপালক /আদেশ্‌পালোক্/ [স. আদেশ+পালক] বিণ. আদেশ অনুযায়ী কাজ করে এমন, আজ্ঞাবহ, আজ্ঞাপালক।

আদেশলঙ্ঘন /আদেশ্‌লংঘোন্/ [স. আদেশ+লঙ্ঘন] বি. আদেশ অমান্যকরণ; অবাধ্যতা।

আদেশা /আদেশা/ [স. আদেশ >] ক্রিবি. আদেশ দেওয়া।

আদেশানুবর্তী /আদেশানুবোর্‌তি/ [স. আদেশ+অনু+√বৃত্+ইন্] বিণ. আদেশ পালন করে এমন।

আদেষ্টা /আদেশ্‌টা/ [স. আ+√দিশ্+তৃ] বিণ. আদেশকর্তা, আদেশকারী, আদেশক।

আদৌ /আদোউ/ [স. আদি+ই] অব্য. ক্রিবিণ. ১ মোটেই; আদপে। ২ আদিতে, প্রথমে, আগে।

আদ্দি /আদ্‌দি/ [স. আর্ধিক >] বি. কার্পাস সুতোর তৈরি মিহি বস্ত্রবিশেষ (*আদ্দির কুর্তা*)।

আদ্য /আদ্‌দো/ [স. আদি+য] বিণ. প্রথম; আদিম।

আদ্যকৃত্য /আদ্‌দোকৃত্‌তো/ [স. আদ্য+√কৃ+য] বি. মৃতের উদ্দেশে করণীয় প্রথম কাজ; মৃতের উদ্দেশে প্রথম শ্রাদ্ধ।

আদ্যন্ত /আদ্‌দোন্‌তো/ [স. আদি+অন্ত] ক্রিবিণ. বিণ. প্রথম থেকে শেষ পর্যন্ত, আগাগোড়া, সমস্ত। বি. প্রথম ও শেষ, আদি ও অন্ত।

আদ্যরস /আদ্‌দোরশ্/ [স. আদ্য+রস] বি. অলংকারশাস্ত্রোক্ত নয়টি রসের প্রথমটি, শৃঙ্গার রস, কাম ও প্রেমবিষয়ক রস।

আদ্যশ্রাদ্ধ /আদ্‌দোশ্রাদ্‌ধো/ [স. আদ্য+শ্রাদ্ধ] বি. ১ মৃতের উদ্দেশে প্রথম শ্রাদ্ধ। ২ (আল.) চূড়ান্ত

www.pathagar.com

বাড়াবাড়ি।

আদ্যা /আদ্‌দা/[স. আদ্য+আ (টাপ্)] বি. ১ প্রকৃতি। ২ পরমেশ্বরী। ৩ মহাবিদ্যা। ৪ দুর্গা। ৫ কালী।

আদ্যাক্ষর /আদ্‌দাক্‌খোর্/ [স. আদ্য+অক্ষর] বি. প্রথম অক্ষর।

আদ্যাশক্তি /আদ্‌দাশোক্‌তি/ [স. আদ্য+√শক্+তি] বি. ১ পরমেশ্বরী; মহামায়া। ২ জগৎ সৃষ্টির আদি কারণ।

আদ্যি /আদ্‌দি/ [স. আদ্য >] বিণ. প্রথম; আদিম।

আদ্যিকাল /আদ্‌দিকাল্/ [বা.] বি. প্রাচীনকাল।

আদ্যোপান্ত /আদ্‌দোপান্‌তো/ [স. আদ্য+উপান্ত] ক্রিবিণ. প্রথম থেকে শেষ পর্যন্ত, আগাগোড়া।

আদ্রক /আদ্‌রক্/ [স. আর্দ্রক >] বি. দক্ষিণ এশিয়ায় ব্যাপকভাবে চাষ করা হয় এমন সবুজ লম্বাটে পাতাবিশিষ্ট উদ্ভিদের ভেষজগুণসম্পন্ন ঝাঁজালো গন্ধযুক্ত কন্দ যা মসলারূপে ব্যবহৃত হয়, আর্দ্রক, আদা।

আদ্রিয়মাণ /আদ্‌দ্রিয়োমান্/ [স. আ+√দৃ+মান (শানচ্)] বিণ. আদৃত হচ্ছে এমন।

আধ /আধ্/ [স. অর্ধ >] বিণ. সমান দুই ভাগে বিভক্ত, অর্ধ (*আধখানা*); আংশিক (*আধপাকা*)।

আধকপালি /আধ্‌কপালি/ [বা.] বি. দ্র আধ-কপালে।

আধকপালিয়া /আধ্‌কপালিয়া/ [বা.] বি. দ্র আধ-কপালে।

আধকপালে /আধ্‌কপালে/ [বা.] বি. অর্ধেক কপাল জুড়ে ব্যথা, অর্ধশিরঃপীড়া।

আধখ্যাঁচড়া /আধ্‌খ্যাঁচ্‌ড়া/ [বা.] বিণ. ১ অসম্পূর্ণ; অর্ধসম্পাদিত। ২ বিশৃঙ্খল, এলোমেলো।

আধখ্যাপা /আধ্‌খ্যাপা/ [বা.] বিণ. প্রায় উন্মাদ; পাগলাটে।

আধপর /আধ্‌পর/ [স. অর্ধপ্রহর >] বি. অর্ধপ্রহর, দুপুর, মধ্যাহ্ন।

আধপাগলা /আধ্‌পাগ্‌লা/ [বা.] বিণ. প্রায় উন্মাদ; পাগলাটে।

আধপেটা /আধ্‌পেটা/ [বা.] বিণ. পেট ভরে খায়নি এমন, অর্ধভুক্ত।

আধপোড়া /আধ্‌পোড়া/ [বা.] বিণ. অর্ধদগ্ধ; আংশিকভাবে পুড়েছে এমন।

আধবয়সি /আধ্‌বয়োশি/ [বা.] বিণ. যৌবন ও প্রৌঢ়কালের মধ্যবয়সি।

আধবুড়া /আধ্‌বুড়া/ [বা.] বিণ. প্রায় বৃদ্ধ; প্রৌঢ়। স্ত্রী. আধবুড়ি /আধ্‌বুড়ি/।

আধবুড়ো /আধ্‌বুড়ো/ [বা.] বিণ. 'আধবুড়া'-র কথ্য রূপ।

আধমরা /আধ্‌মরা/ [বা.] বিণ. ১ অর্ধমৃত। ২ নির্জীব ও নিরুদ্যম। বি. নির্জীব ও নিস্তেজ ব্যক্তি (*আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা।* রবীন্দ্র.)।

আধলা /আধ্‌লা/ [স. অর্ধ >] বিণ. আধখানা। বি. ১ অর্ধাংশ। ২ ইটের অর্ধাংশ। ৩ (অধুনালুপ্ত) আধ-পয়সা।

আধসারা /আধ্‌শারা/ [বা.] বিণ. অসম্পূর্ণ; আধ-খ্যাঁচড়া। ক্রিবিণ. আধাআধি।

আধা /আধা/ [বা.] বিণ. অর্ধ, অর্ধেক। বি. অর্ধাংশ।

আধান /আধান্/ [স. আ+√ধা+অন] বি. ১ বৈদ্যুতিক চার্জ। ২ আধার, পাত্র। ৩ উৎপাদন। ৪ ধারণ; গ্রহণ। ৫ স্থাপন।

আধাবয়সি /আধাবয়োশি/ [বা.] বিণ. মধ্যবয়সি।

আধার[১] /আধার্/ [স. আ+√ধৃ+অ] বি. ১ যাতে কোনো কিছু রাখা যায়, পাত্র। ২ স্থান। ৩ আশ্রয়, অবলম্বন। ৪ (ব্যা.) অধিকরণ কারক।

আধার[২] /আধার্/ [স. আহার >] বি. মাছ বা পাখির খাদ্য; দানাপানি।

আধাসরকারি /আধাশর্‌কারি/ [বা.] বিণ. পুরোপুরি সরকারি না হলেও সরকারনিয়ন্ত্রিত।

আধাসারা /আধাশারা/ [বা.] বিণ. অর্ধসম্পাদিত।

আধি[১] /আধি/ [স. আ+√ধা+ই] বি. ১ দুশ্চিন্তা; ভাবনা; উৎকণ্ঠা। ২ বিপদ।

আধি[২] /আধি/ [বা.] বি. অর্ধেক ফসলের বিনিময়ে জমি চাষের ব্যবস্থা, বর্গা।

আধিকারিক /আধিকারিক্/ [স. অধিকার+ইক] বিণ. অধিকারসংক্রান্ত; স্বত্ববিষয়ক। বি. উচ্চ পদ-মর্যাদার কর্মী, officer।

আধিক্য /আধিক্‌কো/ [স. অধিক+য] বি. ১ আতি-শয্য; বাড়াবাড়ি। ২ প্রাধান্য; প্রবলতা।

আধিক্লিষ্ট /আধিক্লিশ্‌টো/ [স. আধি+√ক্লিশ্+ত] বিণ. মনঃপীড়ায় আক্রান্ত; মনোবেদনায় কাতর।

আধিজ /আধিজ্/ [স. আধি+√জন্+অ] বিণ. মনঃপীড়াজাত।

আধিজৈবিক /আধিজোইবিক্/ [স. অধি+জীব+ইক] বিণ. জীবন ও জগৎসম্বন্ধীয়, পার্থিব। বি. জাগতিক বিষয় বা বস্তু।

আধিদৈবিক /আধিদোইবিক্/ [স. অধিদেব+ইক] বিণ. প্রাকৃতিক দুর্যোগসম্বন্ধীয়; নৈসর্গিক; অলৌকিক।

www.pathagar.com

আধিপত্য /আধিপোত্‌তো/ [স. অধিপতি+য] বি. ১ কর্তৃত্ব; প্রভুত্ব। ২ প্রাধান্য। ৩ রাজত্ব।

আধিব্যাধি /আধিব্যাধি/ [স. আধি+ব্যাধি] বি. শারীরিক ও মানসিক রোগ।

আধিয়ার /আধিআর/ [স. অর্ধ >] বি. যে চাষী নির্দিষ্ট শর্তে অন্যের জমিতে উৎপাদিত ফসলের ভাগ জমির মালিককে প্রদান করে, ভাগচাষি।

আধিরাজ্য /আধিরাজ্‌জো/ [স. অধিরাজ+য] বি. ১ অধিরাজের ভাব। ২ অধিরাজের পদ। ৩ আধিপত্য; অধিকার।

আধুত /আধুতো/ [স. আ+√ধু+ত] বিণ. ১ ঈষৎ কম্পিত; আন্দোলিত। ২ অভিভূত; ব্যাকুল।

আধুনিক /আধুনিক্‌/ [স. অধুনা+ইক] বিণ. বর্তমান কালের, হালের; অধুনাতন; নব্য, modern। বি. আধুনিকতা /আধুনিকতা/।

আধুনিকা /আধুনিকা/ [অশুপ্র.] বি. দ্র আধুনিকী।

আধুনিকী /আধুনিকি/ [স. আধুনিক+ঈ] বি. চাল-চলন ও বেশভূষায় সেকেলে রীতিকে অগ্রাহ্য করে এমন নারী।

আধুনিকীকরণ /আধুনিকিকরোন্‌/ [স. আধুনিক+চ্বি+করণ] বি. বর্তমানকালের উপযুক্ত করে তোলার কাজ, যুগোপযোগীকরণ, modernization।

আধুলি /আধুলি/ [বা.] বি. এক টাকার অর্ধ মূল্য-মানের অধুনালুপ্ত মুদ্রা, পঞ্চাশ পয়সার মুদ্রা।

আধৃত /আদ্‌ধৃতো/ [স. আ+√ধৃ+ত] বিণ. ১ গৃহীত। ২ রক্ষিত।

আধেক /আধেক্‌/ [বা.] বিণ. অর্ধেক, আধাআধি (*পুরানো জানিয়া চেয়ো না আমারে আধেক আঁখির কোণে অলস অন্যমনে।* রবীন্দ্র.)।

আধেয় /আধেয়ো/ [স. আ+√ধা+য] বিণ. ১ স্থাপন-যোগ্য। ২ উৎপাদ্য। ৩ আধারস্থিত; ধারণ করার যোগ্য। ৪ বন্ধক রাখার যোগ্য। বি. পাত্রে রাখা হয়েছে এমন বস্তু, content।

আধো-আধো /আধোআধো/ [বা.] বিণ. ১ অসম্পূর্ণ। ২ অস্ফুট। ৩ ঈষৎ, অল্প অল্প।

আধোয়া /আধোআ/ [বা.] বিণ. ১ ধোয়া বা কাচা হয়নি এমন। ২ পরিষ্কৃত নয়। ৩ সম্পূর্ণ নতুন ও অব্যবহৃত, কোরা।

আধ্মাত /আদ্‌ধাঁতো/ [স. আ+√ধ্মা+ত] বিণ. ১ শব্দিত, ধ্বনিত। ২ বাতাস ভরে ফোলানো হয়েছে এমন, স্ফীত।

আধ্মান /আদ্‌ধাঁন্‌/ [স. আ+√ধ্মা+অন] বি. ১ নিনাদ; শব্দ। ২ স্ফীতি।

আধ্যাত্মিক /আদ্‌ধাত্‌তিঁক্‌/ [স. অধ্যাত্ম+ইক] বিণ. ১ পারমার্থিক। ২ আত্মা থেকে জাত; আত্মাসম্বন্ধীয়, spiritual। বি. আধ্যাত্মিকতা /আদ্‌ধাত্‌তিঁকতা/।

আধ্যান /আদ্‌ধান্‌/ [স. আ+√ধ্যৈ+অন] বি. ১ স্মরণ। ২ ধ্যান; চিন্তন। ৩ উৎকণ্ঠা, দুশ্চিন্তা।

আন[১] /আন্‌/ [স. অন্য >] বিণ. অন্য, অপর (*আমি চমকি চলে যাব আন কাজে।* রবীন্দ্র.)।

আন[২] /আন্‌/ [বা.] অনুক্রি. (তুচ্ছার্থে বা স্নেহের পাত্রকে সম্বোধনে) নিয়ে আসার অনুজ্ঞা (*আন গো তোরা কার কী আছে,* রবীন্দ্র.)।

আনক /আনক্‌/ [স. √অন্‌+ণিচ্‌+অক] বি. ১ ঢাক, ভেরি; মৃদঙ্গ; পটহ। ২ গর্জনকারী মেঘ। বিণ. শব্দ করছে এমন।

আনকা /আন্‌কা/ [স. অনীক্ষিত >] বিণ. ১ অজ্ঞাত। ২ অস্পষ্ট। ৩ অভিনব; অদ্ভুত।

আনকোরা /আন্‌কোরা/ [বা.] বিণ. ১ সম্পূর্ণ নতুন, কোরা। ২ অমলিন। ৩ টাটকা। ৪ অনভিজ্ঞ; কাঁচা।

আনচান /আন্‌চান্‌/ [বা.] বিণ. অস্থির; আকুল; উচাটন। বি. আকুলিবিকুলি।

আনত /আনতো/ [স. আ+√নম্‌+ত] বিণ. ১ প্রণত। ২ নম্র; বিনীত। ৩ অবনত; ঈষৎ নত।

আনতি /আনোতি/ [স. আ+√নম্‌+তি] বি. ১ প্রণতি। ২ বিনয়। ৩ অবনমন।

আনদ্ধ /আনদ্‌ধো/ [স. আ+√নহ্‌+ত] বি. যে বাদ্যযন্ত্রের মুখ চামড়া দিয়ে আঁটা, খোল তবলা মৃদঙ্গ প্রভৃতি বাদ্যযন্ত্র।

আনন /আনন্‌/ [স. আ+√অন্‌+অন] বি. মুখমণ্ডল, বদন, মুখ।

আনন্তর্য /আনোন্‌তোর্‌জো/ [স. অনন্তর+য] বি. ১ অব্যবধান। ২ অনন্তরতা।

আনন্ত্য /আনোন্‌তো/ [স. অনন্ত+য] বি. ১ অসীমত্ব; অনন্তের ভাব; অশেষত্ব। ২ বাহুল্য।

আনন্দ /আনোন্‌দো/ [স. আ+√নন্দি+অ] বি. ১ হর্ষ; পুলক। ২ সুখ। ৩ সন্তোষ। ৪ আহ্লাদ।

আনন্দকন্দ /আনোন্‌দোকন্‌দো/ [স. আনন্দ+√কন্দ্‌+অ] বি. সকল আনন্দের উৎস।

আনন্দঘন /আনন্‌দোঘনো/ [স. আনন্দ+√হন্‌+অ] বিণ. আনন্দময়, আনন্দপূর্ণ।

আনন্দদায়ক /আনন্‌দোদায়ক্‌/ [স. আনন্দ+√দা+অক] বিণ. আনন্দ দেয় এমন, আনন্দ উৎপাদক।

www.pathagar.com

আনন্দদায়ী /আনন্‌দোদায়ি / [স. আনন্দ+ √দা+ইন্] বিণ. আনন্দ দেয় এমন। স্ত্রী. **আনন্দদায়িনী** /আনন্‌দোদায়িনি /।

আনন্দন /আনন্‌দোন্/ [স. আ+√নন্দি+অন] বি. ১ আনন্দদান। ২ অভিনন্দন; স্বাগত জিজ্ঞাসা।

আনন্দনাড়ু /আনন্‌দোনাড়ু / [বা.] বি. চালের গুঁড়ো গুড় প্রভৃতির তৈরি নাড়ু।

আনন্দনীপ /আনন্‌দোনিপো / [স. আনন্দ+ √নী+প] বি. আনন্দরূপ কদম্ববৃক্ষ।

আনন্দমঞ্জুলা /আনন্‌দোমোন্‌জুলা / [স. আনন্দ+ √মনজ্+উল+আ (টাপ্)] বিণ. আনন্দমধুর। বি. আনন্দদায়ক কুঞ্জবন।

আনন্দমতী /আনন্‌দোমোতি / [স. আনন্দ+মৎ+ঈ] বিণ. আনন্দিতা।

আনন্দময় /আনন্‌দোময়্ / [স. আনন্দ+ময়ট্] বিণ. আনন্দপূর্ণ। স্ত্রী. **আনন্দময়ী** /আনন্‌দোমোয়ি /।

আনন্দসম্পন্ন /আনোন্‌দোশম্‌পন্‌নো / [স. আনন্দ+ সম্+√পদ্+ত] বিণ. হর্ষযুক্ত, পুলকিত।

আনন্দিত /আনোন্‌দিতো / [স. আ+√নন্দ্+ত] বিণ. হৃষ্ট, প্রীত, পুলকিত।

আনন্দোচ্ছ্বাস /আনোন্‌দোচ্‌ছ্বাশ্ / [স. আনন্দ+উৎ+ √শ্বস্+অ] বি. আনন্দের স্ফুরণ।

আনমন[১] /আনমোন্ / [স. আ+√নম্+অন] বি. ১ ঈষৎ নতকরণ। ২ নমস্করণ।

আনমন[২] /আন্‌মোন্ / [স. অন্যমনাঃ >] বিণ. দ্র আনমনা।

আনমনা /আন্‌মোনা / [স. অন্যমনাঃ >] বিণ. অন্যমনস্ক, অমনোযোগী, উদাসীন (*আনমনা যদি হই এক তিল— রবীন্দ্র.*)।

আনমনীয় /আনমোনিয়ো / [স. আ+√নমি+অনীয়] বিণ. বাঁকানো বা নোয়ানো যায় এমন।

আনমনে. /আন্‌মোনে / [বা.] ক্রিবিণ. অন্যমনস্কভাবে; নির্লিপ্তভাবে।

আনমিত /আনোমিতো / [স. আ+√নমি+ত] বিণ. ঈষৎ নত, আনত; অবনত।

আনম্য /আনোম্‌মো / [স. আ+√নমি+য] বিণ. নোয়ানো বা বাঁকানো যায় এমন।

আনম্র /আনমোরো / [স. আ+নম্র] বিণ. ১ বিনয়ে অবনত, বিনীত। ২ ঈষৎ নম্র।

আনয়ন /আনয়ন্/ [স. আ+√নী+অন] বি. নিয়ে আসার কাজ।

আনর্থ /আনর্‌থো / [স. অনর্থ+অ] বি. বিফলতা, ব্যর্থতা; অনর্থতা।

আনর্থ্য /আনোর্‌থ্যো / [স. অনর্থ+য] বি. দ্র আনর্থ।

আনসার /আন্‌সার্/ [আ.] বি. ১ বাংলাদেশের অভ্যন্তরীণ নিরাপত্তার জন্য নিয়োজিত বাহিনী-বিশেষ। ২ হিজরতের পর মুহাজিরদের সাহায্যকারী মদিনাবাসী।

আনা[১] /আনা / [বা.] ক্রিবি. আনয়ন করা। বি. ১ আনয়ন। ২ আগমন। বিণ. আনীত।

আনা[২] /আনা / [স. আনক >] বি. ১ এক টাকার ষোলো ভাগের এক ভাগ মূল্যমানের অধুনালুপ্ত মুদ্রা। ২ (সম্পত্তির মালিকানা প্রভৃতি ক্ষেত্রে) কোনো কিছুর ষোলো ভাগের এক ভাগ।

আনা[৩] /আনা / [ফা.] অব্য. ব্যবহার কর্ম অনুকরণ আচরণ প্রভৃতিসূচক ফারসি প্রত্যয় (*বিবিয়ানা*)।

আনাগোনা /আনাগোনা / [বা.] বি. যাতায়াত।

আনাচকানাচ /আনাচ্‌কানাচ্/ [দেশি.] বি. ১ গলি-ঘুঁজি। ২ আড়াল। ৩ ছাঁচতলা; আদাড়-পাঁদাড়, অস্থান-কুস্থান। ৪ জানা অজানা সব জায়গা।

আনাজ /আনাজ্/ [বা.] বি. কাঁচা শাকসবজি।

আনাড়ি /আনাড়ি/ [বা.] বিণ. ১ অপটু; অনভিজ্ঞ, অনিপুণ; হাতুড়ে। ২ মূর্খ।

আনাড়িপনা /আনাড়িপনা/ [বা.] বি. অনভিজ্ঞতা-সুলভ কাজ; আনাড়ির মতো কাজ।

আনানো /আনানো / [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে আনয়ন করানো।

আনাম /আনাম্/ [অজ্ঞা.] বিণ. আস্ত, গোটা (*আনাম কাঁঠাল*)।

আনায় /আনায়্/ [স. আ+ √নী+অ] বি. জাল; ফাঁদ; খালুই।

আনার /আনা:র্/ [ফা.] বি. ডালিম, বেদানা।

আনারকলি /আনার্‌কোলি/ [ফা. আনার+স. কলি] বি. ১ কচি ডালিম; ডালিমের কুঁড়ি। ২ সম্রাট আকবরের রাজসভার একজন নর্তকী।

আনারস /আনারশ্/ [পো. ananas >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এমন কর্কশ খোসায় আবৃত এবং শীর্ষে কাঁটাযুক্ত লম্বাটে গুচ্ছবদধ পাতাবিশিষ্ট ভিটামিন এ বি এবং সি সমৃদ্ধ বৃহদাকার অম্লমধুর রসালো ফল বা তার ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ (আনি. ব্রাজিল), pine-apple।

আনারসি /আনারোশি/ [পো. ananas >] বিণ. আনারসের মতো অম্লমধুর স্বাদবিশিষ্ট।

আনি /আনি / [বা.] বি. দ্র আনা[২]।

www.pathagar.com

আনীত /আনিতো/ [স. আ+√নী+ত] বিণ. ১ আনা হয়েছে এমন। ২ উপস্থাপিত।

আনীল /আনিল্/ [স. আ+নীল] বিণ. ঈষৎ নীল-বর্ণবিশিষ্ট, নীলাভ।

আনুকূল্য /আনুকুল্লো/ [স. অনুকূল+য] বি. ১ পোষকতা; সহায়তা, সাহায্য (*আর্থিক আনুকূল্য*)। ২ দাক্ষিণ্য; অনুগ্রহ।

আনুগত্য /আনুগোত্তো/ [স. অনুগত+য] বি. ১ পোষকতা। ২ অধীনতা। ৩ অনুবর্তন; অনুসরণ। ৪ তোষামোদ। ৫ (বাংলায়) বশবর্তিতা।

আনুতোষিক /আনুতোশিক্/ [স. অনুতোষ+ইক] বি. সাহায্য হিসেবে প্রদত্ত অর্থ; বৃত্তি, gratuity।

আনুনাসিক /আনুনাশিক্/ [স. অনুনাসা+ইক] বিণ. নাকের সাহায্যে উচ্চারিত।

আনুপদিক /আনুপোদিক্/ [স. অনুপদ+ইক] বিণ. ১ পদের অনুগামী। ২ অনুসরণকারী; পশ্চাদ্‌গামী।

আনুপাতিক /আনুপাতিক্/ [স. অনুপাত+ইক] বিণ. ১ অনুপাত অনুসারে বিচারিত। ২ (গ.) অপর কোনো রাশির পরিবর্তনের সঙ্গে সম্পর্কযুক্ত, proportional।

আনুপূর্বিক /আনুপুর্বিক্/ [স. অনুপূর্ব+ইক] ক্রিবিণ. ১ ক্রমানুসারে। ২ আগাগোড়া। বিণ. ধারাবাহিক। বি. **আনুপূর্বিকতা** /আনুপুর্বিকতা/।

আনুপূর্ব্য /আনুপুর্বো/ [স. অনুপূর্ব+য] বি. যথাক্রম, পরম্পরা।

আনুমানিক /আনুমানিক্/ [স. অনুমান+ইক] বিণ. অনুমানদ্বারা স্থির করা যায় এমন; মোটামুটি।

আনুরক্তি /আনুরোক্তি/ [স. অনুরক্ত+ই] বি. অনুরাগ; আসক্তি।

আনুরূপ্য /আনুরুপ্পো/ [স. অনুরূপ+য] বি. অনুরূপ ভাব, সাদৃশ্য, তুল্যতা।

আনুলোমিক /আনুলোমিক্/ [স. অনুলোম+ইক] বিণ. পরম্পরা অনুসারে ঘটে এমন।

আনুলোম্য /আনুলোম্মো/ [স. অনুলোম+য] বি. বর্ণানুক্রম, যথাক্রম।

আনুষঙ্গিক /আনুশোংগিক্/ [স. অনুষঙ্গ+ইক] বিণ. ১ সংশ্লিষ্ট; প্রাসঙ্গিক। ২ গৌণ, অপ্রধান।

আনুষঙ্গ্য /আনুশোংগো/ [স. অনুষঙ্গ+য] বি. সংশ্লিষ্ট বিষয় বা বস্তু।

আনুষ্ঠানিক /আনুশ্ঠানিক্/ [স. অনুষ্ঠান+ইক] বিণ. ১ অনুষ্ঠানসম্বন্ধীয়। ২ বিহিত অনুষ্ঠান অনুযায়ী, বিধিবৎ, formal। ৩ শাস্ত্রীয় বিধিসম্মত।

আনূপ /আনুপো/ [স. অনূপ+অ] বিণ. ১ জলময়। ২ জলময় স্থানসম্পর্কিত। বি. জলে বিচরণ করে এমন প্রাণী।

আনৃণ্য /আনৃন্নো/ [স. অনৃণ+য] বি. ঋণের দায় থেকে মুক্তি।

আনেতা /আনেতা/ [স. আ+√নী+তৃ] বিণ. আনয়নকারী।

আনো /আনো/ [বা.] অনুক্রি. আনয়নের অনুজ্ঞা।

আন্ডা /আন্‌ডা/ [স. অণ্ড >] বি. ডিম, অণ্ড।

আন্ডাবাচ্চা /আন্‌ডাবাচ্চা/ [বা.] বি. ডিম ও বাচ্চা; গর্ভস্থ ও ক্রোড়স্থ সন্তান, ছানাপোনা।

আন্ত /আন্‌তো/ [স. অন্ত+অ] বিণ. অন্তঃসম্বন্ধীয়।

আন্তঃক্রিয়া /আন্‌তোক্রিআ/ [স. অন্তঃ+ক্রিয়া] বি. পারস্পরিক ক্রিয়া, মিথস্ক্রিয়া; (পরি.) interaction।

আন্তর /আন্‌তর্/ [স. অন্তর+অ] বিণ. ১ অন্তর্বর্তী, মধ্যস্থ। ২ নিগূঢ়। বি. ১ পার্থক্য। ২ অন্তঃকরণ।

আন্তরিক /আন্‌তোরিক্/ [স. অন্তর্+ইক] বিণ. ১ অকপট; প্রকৃত। ২ ঐকান্তিক। ৩ মনোগত। ৪ অন্তঃকরণসম্বন্ধীয়। ৫ হৃদয়জাত। ৬ আভ্যন্তরিক। বি. **আন্তরিকতা** /আন্‌তোরিকতা/।

আন্তরিক্ষ /আন্‌তোরিক্‌খো/ [স. অন্তরিক্ষ+অ] বিণ. ১ আকাশসম্বন্ধীয়। ২ আকাশ থেকে আগত। ৩ আকাশ ও পৃথিবীর মধ্যবর্তী স্থানসম্বন্ধীয়।

আন্তর্জাতিক /আন্‌তর্জাতিক্/ [স. অন্তর্জাতি+ইক] বিণ. ১ বিভিন্ন রাষ্ট্রসম্বন্ধীয়, international। ২ (বাংলায়) সার্বরাষ্ট্রিক। বি. **আন্তর্জাতিকতা** /আন্‌তর্জাতিকতা/।

আন্তর্জাতীয় /আন্‌তর্জাতিয়ো/ [স. অন্তর্জাত+ঈয়] বিণ. নানা জাতিসংবলিত, সার্বরাষ্ট্রিক।

আন্তর্দেশিক /আন্‌তর্দেশিক্/ [স. অন্তর্দেশ+ইক] বিণ. দ্র আন্তর্দেশীয়।

আন্তর্দেশীয় /আন্‌তর্দেশিয়ো/ [স. অন্তর্দেশ+ঈয়] বিণ. দুই বা ততোধিক দেশসংক্রান্ত।

আন্তর্মহাদেশীয় /আন্‌তর্মহাদেশিয়ো/ [স. আন্তঃ+মহাদেশীয়] বিণ. দুই বা ততোধিক মহাদেশ-সংক্রান্ত।

আন্ত্র /আন্‌ত্রো/ [স. অন্ত্র+অ] বিণ. অন্ত্রসম্বন্ধীয়।

আন্ত্রিক /আন্‌ত্রিক্/ [স. অন্ত্র+ইক] বিণ. অন্ত্র থেকে জাত বা তৎসংক্রান্ত (*আন্ত্রিক পীড়া*)।

আন্দাজ /আন্‌দাজ্/ [ফা.] বি. অনুমান, ধারণা (*আন্দাজ করতে পারা*)। বিণ. ১ অনুরূপ, অনুযায়ী; আনুপাতিক; পরিমিত। ২ আনুমানিক।

www.pathagar.com

আন্দাজি /আন্‌দাজি / [ফা. আন্দাজ >] বিণ. ১ অনুমাননির্ভর। ২ ভিত্তিহীন। ক্রিবিণ. অনুমানের ওপর নির্ভর করে।

আন্দু /আন্‌দু/ [স. অন্দু >] বি. হাতির পা বেঁধে রাখার শেকল।

আন্দোলন /আন্‌দোলন্/ [স. √আন্দোলি+অন] বি. ১ আলোড়ন; কম্পন। ২ কোনো লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে প্রচার; সংঘবদ্ধ বিক্ষোভ (*রাষ্ট্রভাষা আন্দোলন*)।

আন্দোলিত /আন্‌দোলিতো/ [স. √আন্দোলি+ত] বিণ. ১ আলোড়িত; কম্পিত; উত্তেজিত। ২ (বাংলায়) দুলছে এমন।

আন্বয়িক /আন্‌নোয়িক্/ [স. অন্বয়+ইক] বিণ. অন্বয়সংক্রান্ত; অন্বয়সংগত।

আন্বাহিক /আন্‌নাহিক্/ [স. অন্বহ+ইক] বিণ. দৈনন্দিন; প্রাত্যহিক।

আন্বীক্ষিকী /আন্‌নিক্‌খিকি/ [স. অন্বীক্ষা+ইক+ঈ] বি. ন্যায়শাস্ত্র, তর্কবিদ্যা।

আপক্ক /আপক্‌কো/ [স. আ+√পচ্+ত] বিণ. ১ আধ-পাকা, ডাঁসা। ২ আধসেদ্ধ।

আপখোরাকি /আপ্‌খোরাকি / [দেশি.] বিণ. নিজের খরচে খোরাক সংগ্রহ করতে হয় এমন; (নিয়োগের শর্ত) খোরাকি ছাড়া।

আপণ /আপন্/ [স. আ+√পণ্+অ] বি. ১ দোকান, বিপণি; ক্রয়বিক্রয়ের স্থান। ২ হাট।

আপণিক /আপোনিক্/ [স. আপণ+ইক] বিণ. দোকানসম্বন্ধীয়; ক্রয়বিক্রয়সংক্রান্ত। বি. ১ দোকান-দার; ব্যবসায়ী। ২ মাশুল; হাটের খাজনা।

আপতন /আপতোন্/ [স. আ+√পত্+অন] বি. ১ (আলোকরশ্মির) পতন, incidence। ২ আকস্মিক সংঘটন। ৩ আগমন। ৪ অবতরণ।

আপতিক /আপোতিক্/ [স. আ+√পত্+ইক] বিণ. ১ আকস্মিক। ২ হঠাৎ আগত। বি. বাজপাখি।

আপতিত /আপোতিতো/ [স. আ+√পত্+ত] বিণ. ১ পতিত (*আপতিত রশ্মি*)। ২ হঠাৎ আগত। ৩ অবতীর্ণ। ৪ হঠাৎ সংঘটিত।

আপৎ /আপত্/ [স. আ+√পদ্+ক্বিপ্] বি. ১ বিপদ। ২ অঘোষ বর্ণের পূর্বে 'আপদ্' শব্দের রূপ।

আপৎকাল /আপত্‌কাল্/ [স. আপৎ+কাল] বি. সংকটকাল; দুর্দশাগ্রস্ত সময়।

আপৎকালীন /আপত্‌কালিন্/ [স. আপৎকাল+ঈন] বিণ. বিপৎকালিক, সংকটকালীন।

আপত্তি /আপোত্তি/ [স. আ+√পদ্+তি] বি. ১ অসম্মতি। ২ বিরুদ্ধ যুক্তি।

আপত্তিকর /আপোত্তিকর্/ [স. আপত্তি+√কৃ+অ] বিণ. গ্রহণযোগ্য নয় এমন, আপত্তিজনক।

আপত্তিজনক /আপোত্তিজনোক্/ [স. আপত্তি+√জনি+অক] বিণ. দ্র আপত্তিকর।

আপদ্[১] /আপোদ্/ [স. আ+√পদ্+ক্বিপ্] বি. ১ বিরক্তিকর ব্যক্তি বস্তু বা বিষয়। ২ বিপদ। ৩ দুর্গতি। ৪ ঘোষ বর্ণের পূর্বে 'আপৎ' শব্দের রূপ।

আপদ[২] /আপদ্/ [স. আ+√পদ্+অ] ক্রিবিণ. (মাথা থেকে) পা পর্যন্ত।

আপদগ্রস্ত /আপোদ্‌গ্রোস্‌তো/ [স. আপদ্+√গ্রস্+ত] বিণ. বিপদ্‌গ্রস্ত, বিপন্ন; দুর্দশাগ্রস্ত।

আপদধর্ম /আপোদ্‌ধর্‌মো/ [স. আপদ্+√ধৃ+ম] বি. অবিধেয় হলেও আপৎকালে পালনীয় ধর্ম।

আপদবালাই /আপোদ্‌বালাই/ [স. আপদ+বা. বালাই] বি. দ্র আপদবিপদ।

আপদবিপদ /আপোদ্‌বিপদ্/ [স. আপদ+বিপদ] বি. বিবিধ দুঃখ-দুর্দশা।

আপদভঞ্জন /আপোদ্‌ভন্‌জোন্/ [স. আপদ+√ভন্‌জ্+অন] বি. আপদবিপদ থেকে উদ্ধার।

আপদুদ্ধরণ /আপোদুদ্‌ধরোন্/ [স. আপদ+উৎ+√ধৃ+অন] বি. বিপদ থেকে উদ্ধার, বিপদ দূরীকরণ।

আপন /আপন্/ [স. আত্মীয় >] বিণ. স্বীয়, নিজের, স্বকীয়। বি. আত্মীয়, স্বজন।

আপন-পর /আপন্‌পর্/ [বা.] বি. ১ আত্মীয় ও অনাত্মীয়। ২ শত্রুমিত্র।

আপনভোলা /আপন্‌ভোলা / [বা.] বিণ. ১ নিজের সুখশান্তি ও পরিপার্শ্ব সম্পর্কে উদাসীন এমন, আত্মহারা। ২ তন্ময়।

আপনমনে /আপন্‌মোনে / [বা.] ক্রিবিণ. নিজ মনে, একান্তে।

আপনসর্বস্ব /আপন্‌শর্‌বোশ্‌শো/ [বা. আপন+স. সর্বস্ব] বিণ. কেবল নিজের সুবিধা বিবেচনা করে এমন, স্বার্থপর।

আপনহারা /আপন্‌হারা / [বা.] বিণ. দ্র আপন-ভোলা।

আপনা /আপনা/ [বা.] সর্ব. নিজ, স্বয়ং। বিণ. স্বীয়, নিজের।

আপনা-আপনি /আপ্‌নাআপ্‌নি/ [বা.] ক্রিবিণ. নিজে থেকে, স্বতঃপ্রবৃত্ত হয়ে; আপনমনে। বি. আত্মীয়স্বজন।

আপনার /আপ্‌নার্ / [বা.] বিণ. নিজের (*আপনারে দিয়ে রচিলি রে কি এ আপনারই আবরণ!*

www.pathagar.com

রবীন্দ্র.)। সর্ব. 'তোমার' শব্দের সম্ভ্রমসূচক রূপ।

আপনি /আপ্‌নি/ [বা.] সর্ব. 'তুমি' শব্দের সম্ভ্রম-সূচক রূপ।

আপন্ন /আপন্‌নো/ [স. আ+√পদ্+ত] বিণ. ১ আপদগ্রস্ত; বিপন্ন। ২ প্রাপ্ত, লব্ধ।

আপন্নসত্ত্বা /আপন্‌নোশত্‌তা/ [স. আপন্ন+√সদ্+ত্ব+আ (টাপ্)] বিণ. অন্তঃসত্ত্বা।

আপরাহ্নিক /আপোরান্‌ণhিক্/ [স. অপরাহ্ণ+ইক] বিণ. ১ বৈকালিক। ২ বিকেলে করণীয়।

আপরুচি /আপ্‌রুচি/ [বা.] বিণ. নিজের পছন্দমতো, আপন রুচিমাফিক। বি. নিজ রুচি বা পছন্দ।

আপস /আপোশ্/ [স. আত্মন্ >] বি. ১ মিটমাট, রফা (*মনিবের ক্ষতি করিয়া আপস করিয়াছে*, রবীন্দ্র.)। ২ পরস্পরের মতবিনিময়; উভয় পক্ষের সম্মতি।

আপস-মীমাংসা /আপোশ্‌মিমাংশা/ [বা. আপস+স. মীমাংসা] বি. উভয়পক্ষের সম্মতিক্রমে সমস্যার সমাধান বা রফা।

আপসহীন /আপোশ্‌হিন্/ [বা. আপস+স. হীন] বিণ. আপস করে না বা আপস করা যায় না এমন।

আপসে /আপোশে/ [বা.] ক্রিবিণ. ১ নিজেদের মধ্যে। ২ উভয়পক্ষের সম্মতিক্রমে; পরস্পর মিলেমিশে। ৩ অনায়াসে।

আপসোস /আপ্‌সোস্/ [ফা.] বি. ১ খেদ, পরিতাপ, অনুতাপ, মনস্তাপ, অনুশোচনা। ২ আফসোস-এর বানানভেদ।

আপা /আপা/ [দেশি.] বি. ১ একই মাতৃগর্ভে অগ্রে জাত কন্যাসন্তান বা তৎস্থানীয়া নারী, বড়ো বোন, দিদি। ২ অপরিচিত নারী বা শিক্ষয়িত্রীর প্রতি সম্ভ্রমসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ। ৩ বর্ষাকালে মাঠের মাছ ধরে জিইয়ে রাখার পাত্র।

আপাং /আপাং/ [স. অপাঙ্গ >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতের শেষে গুচ্ছাকারে ফোটে এমন হালকা বেগুনি সাদা পীতাভ সবুজ প্রভৃতি রঙের ফুল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, অপামার্গ।

আপাকা /আপাকা/ [বা.] বিণ. ১ অপক্ক, কাঁচা। ২ ঈষৎ পক্ক, আধপাকা।

আপাঙ্গ /আপাংগো/ [স. অপাঙ্গ >] বি. দ্র আপাং।

আপাটল /আপাটোল্/ [বা.] বিণ. ফিকে লাল; ঈষৎ পাটল।

আপাণ্ডুর /আপান্‌ডুর্/ [বা. আ+স. পাণ্ডুর] বিণ. ঈষৎ পাণ্ডুবর্ণ; ফ্যাকাশে হলুদ।

আপাত /আপাতো/ [স. আ+√পত্+অ] বি. ১ উপস্থিত সময়, তৎকাল; ঘটনাকাল; আরম্ভ-কাল। ২ পতন; সংঘটন। বিণ. প্রতীয়মান।

আপাতকঠিন /আপাতোকোঠিন্/ [স. আপাত+কঠিন] বিণ. দেখে কঠিন মনে হলেও আসলে কঠিন নয় এমন।

আপাতত /আপাততো/ [স. আপাত+তস্] অব্য. ক্রিবিণ. ১ সম্প্রতি। ২ (বাংলায়) এখন।

আপাতদৃষ্টিতে /আপাতোদৃশ্‌টিতে/ [বা.] ক্রিবিণ. স্থূলদৃষ্টিতে।

আপাতদৃষ্টে /আপাতোদৃশ্‌টে/ [বা.] ক্রিবিণ. দ্র আপাতদৃষ্টিতে।

আপাতমধুর /আপাতোমোধুর্/ [স. আপাত+মধুর] বিণ. স্থূলদৃষ্টিতে মধুর মনে হলেও আসলে মধুর নয় এমন।

আপাদ /আপাদো/ [স. আ+পাদ] ক্রিবিণ. (মাথা থেকে) পা পর্যন্ত; পা থেকে (*আপাদমস্তক*)।

আপাদচুম্বিত /আপাদোচুম্‌বিতো/ [স. আপাদ+চুম্বিত] বিণ. পা পর্যন্ত লম্বিত।

আপাদমস্তক /আপাদোমস্‌তক্/ [স. আপাদ+মস্তক] ক্রিবিণ. পা থেকে মাথা পর্যন্ত।

আপাদলম্বিত /আপাদোলোম্‌বিতো/ [স. আপাদ+লম্বিত] বিণ. পা পর্যন্ত ঝুলানো।

আপান /আপান্/ [স. আ+√পা+অন] বি. মদ্যপানের আড্ডা বা স্থান, পানশালা।

আপামর /আপামর্/ [স. আ+পামর] ক্রিবিণ. পামর পর্যন্ত সকলে; উচ্চনীচ নির্বিশেষে; ছোটোবড়ো অভেদে; সকলেই।

আপামরসাধারণ /আপামর্‌শাধারোন্/ [স. আপামর+সাধারণ] বি. আমজনতা।

আপিঙ্গল /আপিংগল্/ [স. আ+পিঙ্গল] বিণ. ঈষৎ পিঙ্গল বা তাম্রবর্ণ, তাম্রাভ; আপীত।

আপিল /আপিল্/ [ই.] বি. উচ্চতর বিচারালয়ে পুনর্বিচারের আবেদন, appeal।

আপিস /আপিশ্/ [ই. office >] বি. দপ্তর, কার্যালয়।

আপীড়ন /আপিড়ন্/ [স. আ+√পীড়্+অন] বি. ১ নিপীড়ন; সম্যক পীড়ন। ২ নিবিড় আলিঙ্গন।

আপীত[১] /আপিত্/ [স. আ+পীত] বিণ. ঈষৎ পীত বা হলুদ, পিঙ্গলাভ।

আপীত[২] /আপিতো/ [স. আ+√পা+ত] বিণ. নিঃশেষে

www.pathagar.com

পান করা হয়েছে এমন, সম্যক পীত।

আপীন /আপিন্/ [স. আ+√প্যায়্+ত] বি. গোরু ছাগল প্রভৃতি পশুর স্তন বা ওলান, বাঁট, পালান। বিণ. মোটা, স্থূল, সুপুষ্ট।

আপেক্ষিক /আপেক্‌ষিক্/ [স. অপেক্ষা+ইক] বিণ. ১ অন্য বিষয়ের ওপর নির্ভরশীল, সাপেক্ষ; পরস্পর নির্ভরশীল, relative। ২ অপেক্ষাকৃত, তুলনামূলক।

আপেক্ষিক গুরুত্ব /আপেক্‌ষিক গুরুত্তো/ বি. ১ তুলনামূলক গুরুত্ব। ২ কোনো কঠিন অথবা তরল পদার্থের একক আয়তনের ভর, specific gravity।

আপেক্ষিক তত্ত্ব /আপেক্‌ষিক তত্তো/ বি. স্থান কাল ভর গতি প্রভৃতির পারস্পরিক আপেক্ষিক সম্পর্ক বিষয়ে আইনস্টাইনের মতবাদ, theory of relativity।

আপেক্ষিকতা /আপেক্‌ষিকতা/ [স. আপেক্ষিক+তা] বি. পরস্পর নির্ভরশীলতা; সাপেক্ষত্ব; relativity।

আপেল /আপেল্/ [ই.] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এমন হালকা সবুজ লালচে প্রভৃতি রঙের ভিটামিনসমৃদ্ধ গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির গোলাপগোত্রীয় উদ্ভিদ, apple।

আপ্ত /আপ্তো/ [স. √আপ্+ত] বিণ. ১ প্রাপ্ত, লব্ধ। ২ প্রামাণিক। ৩ ভুলত্রুটিশূন্য, অভ্রান্ত (*আপ্ত-বাক্য*)। ৩ আত্মীয়, নিকটসম্পর্কীয়; সুহৃদ। ৪ বিশ্বস্ত (*আপ্তসচিব*)। ৫ (বাংলায়) আপন; নিজ।

আপ্তকরণিক /আপ্তোকরোনিক্/ [স. আপ্ত+করণ+ইক] বি. গোপনীয় বিষয়ে সহায়তাকারী করণিক; (পরি.) confidential clerk।

আপ্তকাম /আপ্তোকাম্/ [স. আপ্ত+√কম্+অ] বিণ. মনস্কামনা চরিতার্থ হয়েছে এমন; সিদ্ধকাম।

আপ্ততা /আপ্ততা/ [স. আপ্ত+তা] বি. আত্মীয়তা; মৈত্রী।

আপ্তপর /আপ্তোপর্/ [স. আপ্ত+পর] বি. আপন-পর; স্বপক্ষ এবং বিপক্ষ; শত্রুমিত্র।

আপ্তবচন /আপ্তোবচোন্/ [স. আপ্ত+বচন] বি. অভ্রান্তবাণী; সিদ্ধবাক্য; মহাপুরুষের বাণী।

আপ্তবাক্য /আপ্তোবাক্‌কো/ [স. আপ্ত+বাক্য] বি. দ্র আপ্তবচন।

আপ্তশ্রুতি /আপ্তোস্‌স্রুতি/ [স. আপ্ত+√শ্রু+তি] বি. ১ বিশ্বাস স্থাপন করা যায় এমন অভ্রান্ত কাহিনি। ২ প্রবাদ-প্রবচন; কিংবদন্তি।

আপ্তসচিব /আপ্তোশোচিব্/ [স. আপ্ত+সচিব] বি. গোপনীয় বিষয়ে সহায়তাকারী ব্যক্তিগত সচিব; (পরি.) confidential secretary।

আপ্তসহায়ক /আপ্তোশহায়ক্/ [স. আপ্ত+সহায়ক] বি. গোপনীয় বিষয়ে সহায়তাকারী করণিক; (পরি.) confidential assistant।

আপ্তসার /আপ্তোশার্/ [স. আপ্ত+সার] বি. যোগ-সাধনার দ্বারা আত্মরক্ষা। বিণ. স্বার্থপর।

আপ্য[১] /আপ্যো/ [স. √অপ্+য] বিণ. জলসম্বন্ধীয়।

আপ্য[২] /আপ্যো/ [স. √আপ্+য] বিণ. পাওয়া যায় এমন, লভ্য।

আপ্যায়ন /আপ্যায়োন্/ [স. আ+√প্যায়্+অন] বি. অভ্যর্থন, সংবর্ধন; প্রীতি সম্পাদন; সন্তোষসাধন।

আপ্যায়িত /আপ্যায়িতো/ [স. আ+√প্যায়্+ত] বিণ. ১অভ্যর্থিত, সংবর্ধিত। ২ তুষ্ট।

আপ্রাণ /আপ্রান্/ [স. আ+প্রাণ] ক্রিবিণ. প্রাণ থাকা পর্যন্ত, আজীবন। বিণ. প্রাণপণ, যথাসাধ্য।

আপ্লব /আপ্লবো/ [স. আ+√প্লু+অ] বি. ১ বন্যা, জলপ্লাবন। ২ জলে শরীর ডুবিয়ে স্নান, অবগাহন।

আপ্লাব /আপ্লাবো/ [স. আ+√প্লু+ণিচ্+অ] বি. দ্র আপ্লব।

আপ্লাবন /আপ্লাবোন্/ [স. আ+√প্লু+ণিচ্+অন] বি. দ্র আপ্লব।

আপ্লাবিত /আপ্লাবিতো/ [স. আ+√প্লাবি+ত] বিণ. ১ প্লাবিত; নিমজ্জিত। ২ সিক্ত। ৩ স্নাত।

আপ্লুত /আপ্লুতো/ [স. আ+√প্লু+ত] বিণ. ১ সিক্ত। ২ প্লাবিত। ৩ স্নাত। ৪ অভিভূত।

আফগান /আফ্‌গান্/ [ফা.] বি. আফগানিস্তানের অধিবাসী। বিণ. ১ আফগানিস্তানে জাত। ২ আফগানিস্তান বা তার অধিবাসী সম্বন্ধীয়।

আফগানি /আফ্‌গানি/ [ফা.] বিণ. আফগানিস্তানে জাত। বি. ১ কাবুলি। ২ আফগানিস্তানের মুদ্রা।

আফলা /আফলা/ [বা.] বিণ. ফল ধরে না এমন, বন্ধ্যা।

আফলোদয় /আফলোদয়্/ [স. আফল+উদয়] ক্রিবিণ. ফলপ্রাপ্তি বা সিদ্ধিলাভ পর্যন্ত।

আফলোদয়কর্মা /আফলোদয়কর্‌মা/ [স. আফল+উদয়+কর্মন্] বিণ. অধ্যবসায়ী।

আফসান /আফ্‌সান্/ [ফা.] বি. প্রসাধনরূপে ব্যবহৃত সূক্ষ্ম রুপালি বা সোনালি চূর্ণবিশেষ।

আফসোস /আফ্‌সোস্/ [ফা.] বি. খেদ, পরিতাপ, অনুতাপ, মনস্তাপ, অনুশোচনা।

আফাটা /আফাটা/ [বা.] বিণ. ১ ফাটা নয় এমন, ফাটলশূন্য। ২ ছিদ্রহীন। ৩ (আল.) মন্দ; পোড়া।

আফিম /আফিম্/ [আ.] বি. পোস্তফলের নির্যাস থেকে উৎপাদিত তিক্তস্বাদ মাদকবিশেষ।

www.pathagar.com

আফিমখোর /আফিম্‌খোর্‌/ [আ. আফিম+ফা. খোর] বিণ. আফিমসেবী।

আফুটন্ত /আফুটন্‌তো/ [বা.] বিণ. ১ ফোটেনি এমন, সেদ্ধ হয়নি এমন। ২ অর্ধস্ফুট; আফোটা।

আফুটা /আফুটা/ [বা.] বিণ. ১ ফোটেনি এমন, অবিকশিত। ২ ছিদ্রহীন।

আফুটো /আফুটো/ [বা.] বিণ. ছিদ্রহীন।

আফোটা /আফোটা/ [বা.] বিণ. দ্র আফুটন্ত।

আফ্রিকান /আফ্‌রিকান্‌/ [ই.] বি. আফ্রিকা মহাদেশের অধিবাসী। বিণ. আফ্রিকাসংক্রান্ত।

আফ্রিদি /আফ্‌রিদি/ [অজ্ঞা.] বি. পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্তের পার্বত্য যোদ্ধা জাতি-বিশেষ।

আব[১] /আব্‌/ [ফা.] বি. ১ জল। ২ ঔজ্জ্বল্য, দীপ্তি।

আব[২] /আব্‌/ [স. অর্বুদ >] বি. জীবদেহে কোষ-বৃদ্ধিজনিত মাংসপিণ্ডের স্ফীতি, অর্বুদ, tumour।

আব[৩] /আব্‌/ [স. অভ্র >] বি. ১ মেঘ। ২ অভ্র, mica।

আব-এ-জমজম /আবেজ্‌মজ্‌ম্‌/ [আ.] বি. মুসলমানদের কাছে অতি পবিত্র বলে বিবেচিত মক্কা নগরীতে অবস্থিত জমজম কূপের পানি।

আবকার /আব্‌কার্‌/ [ফা.] বি. দ্র আবগার।

আবকারি /আব্‌কারি/ [ফা.] বি. দ্র আবগারি।

আবক্ষ /আবোক্‌খো/ [স. আ+বক্ষঃ] ক্রিবিণ. বুক অবধি।

আবক্ষলম্বিত /আবোক্‌খোলোম্‌বিতো/ [স. আবক্ষঃ+√লম্ব্‌+ত] বিণ. বুক পর্যন্ত লম্বা বা প্রসারিত।

আবখোরা /আব্‌খোরা/ [ফা.] বি. ১ সরুগলা জল-পাত্রবিশেষ। ২ জলপানের জন্য ব্যবহৃত পাথরের বাটিবিশেষ।

আবগার /আব্‌গার্‌/ [ফা.] বি. ১ মাদকদ্রব্যের প্রস্তুতকারক। ২ মাদকদ্রব্যের বিক্রেতা।

আবগারি /আব্‌গারি/ [ফা.] বি. ১ মাদকদ্রব্যের ব্যবসায়। ২ মাদকদ্রব্য ব্যবসায়সম্বন্ধীয় সরকারি বিভাগ। ৩ মাদকদ্রব্যের ওপর ধার্য রাজস্ব।

আবগারি বিভাগ /আব্‌গারি বিভাগ্‌/ বি. মাদক-দ্রব্যের ওপর আরোপিত রাজস্ব আদায়সংক্রান্ত সরকারি বিভাগ, excise department।

আবগারি মহাল /আব্‌গারি মহাল্‌/ বি. দ্র আবগারি বিভাগ।

আবগারি শুল্ক /আব্‌গারি শুল্‌কো/ বি. দেশে উৎপাদিত পণ্যের (বিশেষ করে মাদকদ্রব্য) ওপর আরোপিত কর; (পরি.) excise duty।

আবছা /আব্‌ছা/ [স. অপচ্ছায়া >] ক্রিবিণ. অস্পষ্ট-ভাবে। বিণ. ছায়ার মতো, অস্পষ্ট।

আবছায়া /আব্‌ছায়া/ [স. অপচ্ছায়া >] বি. ১ ছায়ামূর্তি, অস্পষ্ট আকার। ২ আলোছায়া।

আবজোশ /আব্‌জোশ্‌/ [ফা.] বি. মাংসের ক্বাথ।

আবডাল /আব্‌ডাল্‌/ [স. অন্তরাল >] বি. আড়াল, অন্তরাল।

আবণ্টন /আবন্‌টোন্‌/ [স. আ+বণ্টন] বি. অংশ বিভাজন ও বিতরণ, allotment।

আবদার[১] /আব্‌দার্‌/ [হি. আবদা >] বি. বায়না; অসংগত দাবি; অন্যায় অনুরোধ।

আবদার[২] /আব্‌দার্‌/ [ফা.] বিণ. উজ্জ্বল, চমকদার।

আবদারে /আব্‌দারে/ [বা.] বিণ. বায়না ধরে এমন; আহ্লাদি।

আবদেরে /আব্‌দেরে/ [বা.] বিণ. দ্র আবদারে।

আবদধ /আবদ্‌ধো/ [স. আ+√বন্ধ্‌+ত] বিণ. ১ অবরুদ্ধ (*নিজ গৃহে আবদ্ধ*)। ২ রুদ্ধ। ৩ বাঁধা (*শৃঙ্খলাবদ্ধ*)। ৪ ব্যাপৃত (*কাজে আবদ্ধ*)। ৫ বন্ধকি (*আবদ্ধ জমি*), mortgaged।

আবপন /আবপোন্‌/ [স. আ+√বপ্‌+অন] বি. বীজ বপন, রোপণ।

আবর[১] /আবর্‌/ [স. অবর >] বিণ. ১ মূর্খ। ২ অসভ্য, বর্বর। ৩ অবোধ।

আবর[২] /আবর্‌/ [ফা.] বি. মেঘ; হালকা বৃষ্টি।

আবরক /আবোরক্‌/ [স. আ+√বৃ+অক] বিণ. আবরণকারী। বি. ১ মোড়ক; ঢাকনি। ২ ঘোমটা।

আবরণ /আবোরন্‌/ [স. আ+√বৃ+অন] বি. আচ্ছাদন; আবৃতকরণ; ঢাকনি।

আবরণী /আবোরোনি/ [স. আবরণ+ঈ] বি. মোড়ক।

আবরা /আব্‌রা/ [ফা.] বি. ১ টুপি। ২ জামার বহির্ভাগ। ৩ লেপ বালিশ প্রভৃতির আবরণ।

আবরিত /আবোরিতো/ [স. আবৃত >] বিণ. ঢাকা হয়েছে এমন, আবৃত, আচ্ছাদিত।

আবরু /আব্‌রু/ [ফা.] বি. ১ সম্ভ্রম, মানসম্মান। ২ ভব্যতা; শ্লীলতা। ৩ আবরণ, আড়াল।

আবর্জন /আবর্‌জোন্‌/ [স. আ+√বর্জি+অন] বি. ১ সম্যক বর্জন। ২ আনমন। ৩ নিয়মের বন্ধন।

আবর্জনা /আবর্‌জোনা/ [স. আ+√বর্জি+অন+আ (টাপ্‌)] বি. জঞ্জাল, ময়লা।

আবর্জিত /আবোর্‌জিতো/ [স. আ+√বর্জি+ত] বিণ. ১ সম্যক বর্জিত। ২ নমিত; বশীকৃত। ৩ প্রক্ষিপ্ত।

আবর্ত /আবর্‌তো/ [স. আ+√বৃৎ+অ] বি. ১ ঘূর্ণি; ঘূর্ণিজল, জলের পাক। ২ ঘূর্ণন; কুণ্ডলী (*আবর্ত-*

www.pathagar.com

মেঘ)। বিণ. ঘূর্ণায়মান।

আবর্তক /আবর্তক্/ [স. আ+√বৃৎ+অক] বি. ১ জলবর্ষী মেঘবিশেষ। ২ ঘূর্ণিজল। বিণ. ১ আবরক। ২ পৌনঃপুনিক (*আবর্তক ব্যয়*)।

আবর্তন /আবর্তোন্/ [স. আ+√বর্তি+অন] বি. ১ ঘূর্ণন; পরিভ্রমণ। ২ পুনরাগমন। ৩ ঘোটন। ৪ পুনঃপুন অনুষ্ঠান। ৫ বেষ্টন। ৬ আবৃত্তি।

আবর্তনদণ্ড /আবর্তোনদন্ডো / [স. আবর্তন+ √দন্ড্ +অ] বি. ঘোটনকাঠি, মন্থনদন্ড।

আবর্তনী /আবর্তোনি / [স. আবর্তন+ঈ] বি. ঘোটনকাঠি, মন্থনদন্ড, আবর্তনদন্ড।

আবর্তনীয় /আবর্তোনিয়ো / [স. আ+√বর্তি+অনীয়] বিণ. ১ আলোড়নীয়। ২ (গ.) গুণনীয়।

আবর্তবাত্যা /আবর্তোবাত্তা / [স. আবর্ত+বাত+য+আ (টাপ্)] বি. ঘূর্ণিবায়ু, cyclone।

আবর্তমান /আবর্তোমান্ / [স. আ+√বৃৎ+মান (শানচ্)] বিণ. ১ ঘুরছে এমন। ২ বারবার ঘুরে-ফিরে আসছে এমন।

আবর্তমেঘ /আবর্তোমেঘ্/ [স. আবর্ত+মেঘ] বি. অল্প উচ্চতায় আকাশে পুঞ্জীভূত গোলাকার মেঘ, জলদমালা, cumulus cloud।

আবর্তা /আবর্তা / [স. আবর্ত >] ক্রিবি. আবর্তন করা।

আবর্তিত /আবোর্তিতো/ [স. আ+√বর্তি+ত] বিণ. ১ আবর্তন করা হয়েছে এমন; আলোড়িত। ২ প্রত্যাবর্তিত।

আবলি /আবোলি / [স. আ+√বল্+ই] বি. ১ সমূহ, সমষ্টি (*রচনাবলি*)। ২ পঙ্‌ক্তি, সারি, শ্রেণি।

আবলুশ /আবলুশ্ / [আ.] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত অত্যন্ত ভারী ও টেকসই এবং প্রায় কৃষ্ণবর্ণ কাঠ বা তার গাছ (আনি. ভারত শ্রীলংকা পশ্চিম আফ্রিকা ও দক্ষিণ-পূর্ব এশিয়া), ebony।

আবল্য /আবোল্লো / [স. অবল+য] বি. ১ দুর্বলতা। ২ জড়তা। ৩ অবসাদজনিত তন্দ্রার ভাব।

আবশ্যক /আবোশ্শোক্/ [স. অবশ্যম্+অক] বি. দরকার। বিণ. দরকারি; অপরিহার্য।

আবশ্যকতা /আবোশ্শোকতা/ [স. আবশ্যক+তা] বি. প্রয়োজনীয়তা।

আবশ্যিক /আবোশ্শিক্/ [স. অবশ্য+ইক] বিণ. ১ অবশ্যকরণীয়। ২ অবশ্যপাঠ্য, compulsory।

আবহ /আবহো / [স. আ+√বহ্+অ] বিণ. ১ ধারক; বহনকারী (*শোকাবহ*)। ২ উৎপাদন করে এমন (*ভয়াবহ*)। বি. ১ সপ্তবায়ুর অন্যতম বায়ুবিশেষ। ২ চতুর্দিকের বায়ুমন্ডল, atmosphere।

আবহচিত্র /আবহোচিত্রো/ [স. আবহ+√চিত্র+অ] বি. আবহাওয়ার গতিপ্রকৃতির চিত্র; (পরি.) weather map।

আবহবার্তা /আবহোবার্তা / [স. আবহ+বার্তা] বি. আবহাওয়ার গতিপ্রকৃতিবিষয়ক সংবাদ।

আবহবিজ্ঞান /আবহোবিগ্‌গ্যান্ /[স. আবহ+বিজ্ঞান] বি. আবহাওয়াসংক্রান্ত বিজ্ঞান, meteorology।

আবহবিদ্যা /আবহোবিদ্দা / [স. আবহ+√বিদ্+য+আ (টাপ্)] বি. দ্র আবহবিজ্ঞান।

আবহমণ্ডল /আবহোমন্ডোল্ / [স. আবহ+√মণ্ড্+অল] বি. বায়ুমণ্ডল।

আবহমান /আবহোমান্/ [স. আবহ+মান (শানচ্)] বিণ. ১ ক্রমাগত, নিরবচ্ছিন্ন। ২ চিরপ্রচলিত।

আবহমানকাল /আবহোমান্কাল্ / [স. আবহমান+কাল] ক্রিবিণ. অনাদিকাল; বর্তমান কাল পর্যন্ত।

আবহসংগীত /আবহোশোংগিত্/ [স. আবহ+সম্+√গৈ+ত] বি. অভিনেয় ঘটনার অনুসঙ্গী সংগীত; নেপথ্যসংগীত; background music।

আবহসংবাদ /আবহোশংবাদ্/ [স. আবহ+সংবাদ] বি. কোনো নির্দিষ্ট স্থানের বৃষ্টিপাত বায়ুপ্রবাহের গতিপ্রকৃতি তাপমাত্রা প্রভৃতি বিবরণসংবলিত খবর, আবহবার্তা, meteorological report।

আবহাওয়া /আবোহাওআ / [ফা. আব্+আ. হাওয়া] বি. ১ কোনো নির্দিষ্ট স্থানের বৃষ্টিপাত বায়ু-প্রবাহের গতিপ্রকৃতি তাপমাত্রা প্রভৃতির বিবরণ, weather। ২ (আল.) পরিস্থিতি।

আবা[১] /আবা / [ধ্বন্যা.] অব্য. বি. শিশুদের আনন্দ-ধ্বনি; মুখে হাতের তালু লাগিয়ে উৎপন্ন ধ্বনি।

আবা[২] /আবা / [আ.] বি. হাঁটু পর্যন্ত লম্বা সামনে খোলা বোতামহীন ঢিলে জামাবিশেষ।

আবাঁধা /আবাঁধা/ [বা.] বিণ. ১ উন্মুক্ত। ২ অবিন্যস্ত, অগোছালো (*আবাঁধা খোঁপা*)। ৩ মলাট দিয়ে বাঁধা বা সেলাই করা হয়নি এমন (*আবাঁধা খাতা*)।

আবাছা /আবাছা/ [বা.] বিণ. ১ বাছা হয়নি এমন, অনির্বাচিত। ২ পরিষ্কৃত নয় এমন।

আবাটা /আবাটা/ [বা.] বিণ. পেষণ করা হয়নি এমন।

আবাদ /আবাদ্/ [ফা.] বি. ১ কৃষিকর্ম; চাষ। ২ কর্ষিত জমি। ৩ জনপদ, বাসযোগ্য স্থান, বসতি।

আবাদি /আবাদি/ [ফা. আবাদ >] বিণ. ১ চাষ-বাদের উপযোগী। ২ কর্ষণ করা হয়েছে এমন (*আবাদি জমি*)। বি. গ্রামের উপকণ্ঠ, জনপদ।

www.pathagar.com

আবাবিল /আবাবিল্/ [আ.] বি. পবিত্র কোরানে বর্ণিত ঝাঁক বেঁধে উড়ে বেড়ায় এমন চ্যাপটা মাথা এবং বড়শির মতো নখরযুক্ত ছোটো পা ও চঞ্চু-বিশিষ্ট কালচে বাদামি বাবুইজাতীয় পতঙ্গভুক পাখির প্রজাতিবিশেষ।

আবার /আবার্/ [বা.] অব্য. ক্রিবিণ. ১ পুনরায় (*আবার এসেছে আষাঢ় আকাশ ছেয়ে,* রবীন্দ্র.)। ২ আরো, অধিকন্তু।

আবালবৃদ্ধ /আবাল্‌বৃদ্‌ধো/ [স. আবাল+√বৃধ্+ত] ক্রিবিণ. বালক থেকে বৃদ্ধ পর্যন্ত সকলে।

আবালবৃদ্ধবনিতা /আবাল্‌বৃদ্‌ধোবোনিতা/ [স. আবালবৃদ্ধ+√বন্+ইত+আ (টাপ্)] ক্রিবিণ. বালক থেকে বৃদ্ধ এবং নারী পর্যন্ত সকলে।

আবাল্য /আবাল্‌লো/ [স. আ+বাল্য] ক্রিবিণ. বাল্য-কাল থেকে, শৈশবাবধি।

আবাস /আবাশ্/ [স. আ+√বস্+অ] বি. বাসস্থান।

আবাসভূমি /আবাশ্‌ভুমি/ [স. আবাস+ভূমি] বি. বসবাস করার স্থান, বাসস্থান।

আবাসন /আবাশোন্/ [স. আ+√বাসি+অন] বি. গৃহনির্মাণ বণ্টন ও সংরক্ষণের সরকারি বা বেসরকারি ব্যবস্থা।

আবাসিক /আবাশিক্/ [স. আবাস+ইক] বিণ. ১ বসবাসের সুবিধাসংবলিত (*আবাসিক এলাকা*)। ২ বসবাস করে এমন (*আবাসিক প্রতিনিধি*)। ৩ বসবাসের শর্তযুক্ত, residential (*আবাসিক বিশ্ববিদ্যালয়*)। ৪ ছাত্রাবাসের অধিবাসী (*আবাসিক ছাত্র*)। বি. বৌদ্ধবিহার রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত ব্যক্তি, caretaker।

আবাহন /আবাহন্/ [স. আ+√বাহি+অন] বি. ১ মন্ত্র উচ্চারণসহকারে দেবতাকে আহ্বান। ২ আমন্ত্রণ।

আবাহনী /আবাহোনি/ [স. আবাহন+ঈ] বিণ. আহ্বানবিষয়ক (*আবাহনী সংগীত*)। বি. ১ আবাহনের জন্য রচিত অভ্যর্থনাসংগীত। ২ আঙুলের মুদ্রাবিশেষ।

আবিদ্ধ /আবিদ্‌ধো/ [স. আ+√বিধ্+ত] বিণ. বিদ্ধ করা হয়েছে এমন; ছিদ্র করা হয়েছে এমন।

আবির /আবির্/ [আ.] বি. ১ সুগন্ধি রঞ্জক দ্রব্য, অভ্রের গুঁড়ো মেশানো রং, ফাগ। ২ (বাংলায়) অস্তায়মান সূর্যের রক্তিম আভা।

আবির্ভবন /আবির্‌ভবোন্/ [স. আবিস্+√ভূ+অন] বি. দ্র আবির্ভাব।

আবির্ভাব /আবির্‌ভাব্/ [স. আবিস্+√ভূ+অ] বি. ১ উদয়, প্রকাশ। ২ অধিষ্ঠান। ৩ অবতরণ।

আবির্ভূত /আবির্‌ভুতো/ [স. আবিস্+√ভূ+ত] বিণ. ১ প্রকাশিত, উদিত। ২ অধিষ্ঠিত। ৩ অবতীর্ণ। স্ত্রী. আবির্ভূতা /আবির্‌ভুতা/।

আবির্ভূতি /আবির্‌ভুতি/ [স. আবিস্+√ভূ+তি] বি. উৎপত্তি, উদয়।

আবিল /আবিল্/ [স. আ+√বিল্+অ] বিণ. কলুষিত, মলিন; পঙ্কিল। বি. আবিলতা /আবিলতা/।

আবিষ্করণ /আবিশ্‌করোন্/ [স. আবিস্+√কৃ+অন] বি. অজ্ঞাত বিষয় বা বস্তুর উদ্ভাবন।

আবিষ্করণীয় /আবিশ্‌করোনিয়ো/ [স. আবিস্+√কৃ+অনীয়] বিণ. আবিষ্কার করতে হবে বা করা উচিত এমন, আবিষ্কারযোগ্য।

আবিষ্কর্তা /আবিশ্‌কর্তা/ [স. আবিস্+√কৃ+তৃ] বি. বিণ. উদ্ভাবক, আবিষ্কারক।

আবিষ্কার /আবিশ্‌কার্/ [স. আবিস্+√কৃ+অ] বি. অজ্ঞাত ও অপ্রকাশিত বিষয় বা বস্তুর উদ্ভাবন।

আবিষ্কারক /আবিশ্‌কারোক্/ [স. আবিস্+কারক] বি. বিণ. আবিষ্কর্তা, উদ্ভাবক।

আবিষ্কৃত /আবিশ্‌কৃতো/ [স. আবিস্+√কৃ+ত] বিণ. আবিষ্কার করা হয়েছে এমন, উদ্ভাবিত।

আবিষ্কৃতি /আবিশ্‌কৃতি/ [স. আবিস্+√কৃ+তি] বি. দ্র আবিষ্কার।

আবিষ্ক্রিয়া /আবিশ্‌ক্রিআ/ [স. আবিস্+√কৃ+অ+আ (টাপ্)] বি. দ্র আবিষ্কার।

আবিষ্ট /আবিশ্‌টো/ [স. আ+√বিশ্+ত] বিণ. ১ অভিভূত, বিহ্বল। ২ অধিষ্ঠিত; গ্রস্ত। ৩ গভীরভাবে অভিনিবিষ্ট। ৪ পরিব্যাপ্ত।

আবৃত /আবৃতো/ [স. আ+√বৃ+ত] বিণ. ১ ঢাকা, আচ্ছাদিত (*মেঘাবৃত আকাশ*)। ২ বেষ্টিত।

আবৃতি /আবৃতি/ [স. আ+√বৃ+তি] বি. ১ আবরণ, আচ্ছাদন। ২ ঘের, enclosure। ৩ বেষ্টিত স্থান।

আবৃত্ত /আবৃত্তো/ [স. আ+√বৃৎ+ত] বিণ. ১ আবৃত্তি করা হয়েছে এমন; পুনঃপুন পঠিত। ২ অভ্যস্ত। ৩ পুনরাগত, প্রত্যাগত। বি. মণ্ডল; চক্র।

আবৃত্তি /আবৃত্তি/ [স. আ+√বৃৎ+তি] বি. ১ ছন্দ ব্যঞ্জনা প্রভৃতি অভিব্যক্তি সহকারে উচ্চকণ্ঠে পাঠ, recitation। ২ বারবার পাঠ বা অনুশীলন। ৩ প্রত্যাগমন, প্রত্যাবর্তন।

আবেক্ষণ /আবেক্‌খন/ [স. অবেক্ষণ>] বি. ১ অবলোকন; পরিদর্শন। ২ পর্যালোচনা। ৩ অনুসন্ধান।

আবেগ /আবেগ্/ [স.আ+√বিজ্+অ] বি. ১ উৎকণ্ঠা, ব্যাকুলতা, চিত্তচাঞ্চল্য (*শোকাবেগ*)। ২ অনুভূতির প্রাবল্য (*ভাবাবেগ*)। ৩ ব্যগ্রতা; ত্বরা (*মনের আবেগ*)।

www.pathagar.com

আবে-জমজম /আবেজ়্‌মজ়্‌ম্‌/ [আ.] বি. মুসলমানদের কাছে অতি পবিত্র বলে বিবেচিত মক্কা নগরীতে অবস্থিত জমজম কূপের পানি।

আবেদক /আবেদক্‌/ [স. আ+√বেদি+অক] বিণ. আবেদনকারী, প্রার্থী, applicant।

আবেদন /আবেদন্‌/ [স. আ+√বেদি+অন] বি. ১ নিবেদন। ২ দরখাস্ত, petition। ৩ অভিযোগ। ৪ অন্তঃকরণে ভাব উৎপাদন; চিত্তাকর্ষণ; appeal।

আবেদনপত্র /আবেদন্‌পত্‌ত্রো/ [স. আবেদন+√পত্‌+ত্র] বি. লিখিত প্রার্থনা, দরখাস্ত, আরজি।

আবেদনীয় /আবেদোনিয়ো/ [স. আ+√বেদি+অনীয়] বিণ. (যে বিষয়ে) আবেদন করতে হবে এমন; আবেদনযোগ্য, নিবেদনীয়।

আবেদ্য /আবেদ্‌দো/ [স. আ+√বেদি+য] বিণ. আবেদন করতে হবে এমন; নিবেদনীয়।

আবেশ /আবেশ্‌/ [স. আ+√বিশ্‌+অ] বি. ১ ভাবাবেগ, বিহ্বলতা। ২ আসক্তি, অনুরাগ। ৩ অভিনিবেশ। ৪ প্রবেশ (*ভূতাবেশ*)। ৫ আচ্ছন্নতা; মোহ (*ঘুমের আবেশ*)। ৬ প্রভাব, induction।

আবেশকুণ্ডলী /আবেশ্‌কুন্‌ডোলি/ [স. আবেশ+কুণ্ডল+ঈ] বি. (চুম্বকক্ষেত্রের পরিবর্তনের ফলে) তারের যে কুণ্ডলীতে বিদ্যুৎ প্রবাহ আবিষ্ট হয়; (পরি.) induction coil।

আবেষ্টক /আবেশ্‌টক্‌/ [স. আ+√বেষ্ট্‌+অক] বিণ. ঘিরে রাখে এমন। বি. বেড়া, প্রাচীর, পাঁচিল।

আবেষ্টন /আবেশ্‌টন্‌/ [স. আ+√বেষ্ট্‌+অন] বি. ১ পরিবেষ্টন। ২ ঘের। ৩ পরিবেশ।

আবেষ্টনী /আবেশ্‌টোনি/ [স. আবেষ্টন+ঈ] বি. ১ বেষ্টনী। ২ প্রতিবেশ; পরিবেশ, environment।

আবেষ্টিত /আবেশ্‌টিতো/ [স. আ+√বেষ্ট্‌+ত] বিণ. ঘিরে আছে এমন, পরিবেষ্টিত।

আবেহায়াত /আবেহায়াত্‌/ [ফা.] বি. জীবনবারি, অমৃতবারি।

আবোল-তাবোল /আবোল্‌তাবোল্‌/ [বা.] বি. ১ অর্থহীন বাক্য, অসংলগ্ন উক্তি। ২ প্রলাপ। বিণ. যা-তা, আজেবাজে।

আব্বা /আব্‌বা/ [আ.] বি. পিতা, বাবা।

আব্বু /আব্‌বু/ [আ. আব্বা >] বি. 'আব্বা'-র আদরসূচক সম্বোধন।

আব্রহ্ম /আব্রোম্‌mho/ [স. আ+ব্রহ্মন্‌] অব্য. ক্রিবিণ. ব্রহ্ম বা পরমাত্মা থেকে।

আব্রহ্মস্তম্ব /আব্রোম্‌mhoস্তম্‌বো/ [স. আব্রহ্ম+√স্তম্‌ভ্‌+অ] ক্রিবিণ. দ্র আব্রহ্মস্তম্ভ।

আব্রহ্মস্তম্ভ /আব্রোম্‌mhoস্তম্‌ভো/ [স. আব্রহ্ম+√স্তম্‌ভ্‌+অ] ক্রিবিণ. ১ ব্রহ্মা থেকে তৃণগুচ্ছ পর্যন্ত। ২ পূর্ণ চৈতন্য থেকে অচেতন পদার্থ পর্যন্ত।

আভরণ /আভোরন্‌/ [স. আ+√ভৃ+অন] বি. ভূষণ; অলংকার, গহনা।

আভা /আভা/ [স. আ+√ভা+অ+আ (টাপ্‌)] বি. ১ দীপ্তি, প্রভা। ২ শোভা, সৌন্দর্য। ৩ বর্ণ (*স্বর্ণাভা*)।

আভাং /আভাং/ [স. অভঙ্গ >] বি. অঙ্গপ্রত্যঙ্গে তৈলাদি মর্দন।

আভাঙা /আভাঙা/ [বা.] বিণ. ১ অভঙ্গ, অটুট, অখণ্ড; চূর্ণিত নয় এমন। ২ এখনো পাট ভাঙা হয়নি এমন, অব্যবহৃত (*আভাঙা শাড়ি*)।

আভাষ /আভাশ/ [স. আ+√ভাষ্‌+অ] বি. ১ ভূমিকা, মুখবন্ধ। ২ আলাপ; সম্ভাষণ।

আভাষণ /আভাশন/ [স. আ+√ভাষ্‌+অন] বি. ১ সম্ভাষণ। ২ উক্তি। ৩ অভিভাষণ, বক্তৃতা।

আভাষিত /আভাশিতো/ [স. আ+√ভাষ্‌+ত] বিণ. ১ কথিত, উক্ত। ২ সম্ভাষিত।

আভাস /আভাশ/ [স. আ+√ভাস্‌+অ] বি. ১ ইঙ্গিত, সংকেত। ২ অস্পষ্ট প্রকাশ। ৩ সাদৃশ্য, আদল। ৪ ছায়া, প্রতিবিম্ব। ৫ জ্যোতি, দীপ্তি, আভা।

আভাসমান /আভাশোমান্‌/ [স. আ+√ভাস্‌+মান (শানচ্‌)] বিণ. প্রকাশমান, প্রতীয়মান; দীপ্যমান।

আভাসিত /আভাশিতো/ [স. আ+√ভাসি+ত] বিণ. সংকেতদ্বারা প্রকাশিত।

আভিজন /আভিজন্‌/ [স. অভিজন+অ] বি. অভিজনের ভাব, কৌলিন্য। বিণ. অভিজনসম্বন্ধীয়।

আভিজাতিক /আভিজাতিক্‌/ [স. অভিজাত+ইক] বিণ. ১ অভিজাতসম্বন্ধীয়। ২ কুল পরিচায়ক।

আভিজাত্য /আভিজাত্‌তো/ [স. অভিজাত+য] বি. ১ পাণ্ডিত্য। ২ শীলতা। ৩ কৌলিন্য, বংশমর্যাদা।

আভিধানিক /আভিধানিক্‌/ [স. অভিধান+ইক] বিণ. ১ শব্দার্থবিদ। ২ শব্দকোষসম্বন্ধীয়। বি. অভিধান-সংকলক, lexicographer।

আভিমুখ্য /আভিমুক্‌খো/ [স. অভিমুখ+য] বি. ১ অভিমুখিতা। ২ মুখোমুখি অবস্থা। ৩ আনুকূল্য।

আভীর /আভির্‌/ [স. আ+ভী+√রা+অ] বি. ১ গোয়ালা জাতিবিশেষ, আহির। ২ দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

আভূতল /আভুতল্‌/ [স. আ+ভূতল] ক্রিবিণ. ভূমি পর্যন্ত।

আভূমি /আভুমি/ [স. আ+ভূমি] ক্রিবিণ. ভূমি পর্যন্ত। বি. অপবিত্র স্থান।

www.pathagar.com

আভোগ /আভোগ্/ [স. আ+√ভুজ্+অ] বি. ১ সংগীতের শেষ অংশ, সংগীতের চতুর্থ চরণ। ২ পরিপূর্ণতা। ৩ বিস্তার। ৪ উপভোগ।

আভ্যন্তর /আব্‌ভোন্‌তর্/ [স. অভ্যন্তর+অ] বি. ভেতর, মধ্য। বিণ. ১ মধ্যবর্তী। ২ ভেতরে থাকে এমন, ভেতরের। ৩ মানসিক।

আভ্যন্তরিক /আব্‌ভোন্‌তোরিক্/ [স. অভ্যন্তর+ইক] বিণ. অভ্যন্তরস্থ, অভ্যন্তরীণ।

আভ্যাসিক /আব্‌ভাশিক্/ [স. অভ্যাস+ইক] বিণ. ১ অভ্যাসসম্বন্ধীয়। ২ অভ্যাসমতো; অভ্যাসানুযায়ী।

আভ্যুদয়িক /আব্‌ভুদোয়িক্/ [স. অভ্যুদয়+ইক] বিণ. ১ অভ্যুদয়সম্বন্ধীয়। ২ শুভকর, মাঙ্গলিক। বি. শ্রাদ্ধাদি অনুষ্ঠানবিশেষ।

আম[১] /আম্/ [স. আম্র >] বি. ক্রান্তীয় অঞ্চলে ব্যাপকভাবে চাষ করা হয় এমন ভিটামিন এ সি এবং ডি সমৃদ্ধ সবুজ হলুদ লাল প্রভৃতি রঙের টকমিষ্ট পুষ্টিকর মাংসল ফল বা তার দীর্ঘ কান্ডবিশিষ্ট বহুবর্ষজীবী বৃক্ষ (আনি. ভারতীয় উপমহাদেশ), অম্র, আম্র, চূত, mango।

আম[২] /আম্/ [আ.] বি. সাধারণ (*আমজনতা*)। বিণ. সর্বসাধারণের।

আম[৩] /আম্/ [স. √অম্+অ] বি. ১ উদরস্থ শ্লেষ্মা বা কফ। ২ অন্ত্রের রোগবিশেষ; আমাশয়। বিণ. ১ কাঁচা, অপক্ক। ২ আপোড়া, অদগ্ধ।

আম-আচার /আম্‌আচার্/ [বা.] বি. বিভিন্ন মসলাযোগে তৈরি কাঁচা আমের চাটনি।

আম-আদা /আম্‌আদা/ [বা.] বি. আমের সুবাসযুক্ত মূল বা শটিবিশেষ।

আমগন্ধি /আম্‌গোন্‌ধি/ [বা.] বিণ. ১ পুরোপুরি রাঁধা হয়নি এমন। ২ কাঁচা ও দুর্গন্ধযুক্ত।

আমচুর /আমচুর্/ [বা.] বি. ফালি করে কাটা ও শুকিয়ে রাখা কাঁচা আমের টুকরো, আমসি।

আমট /আমট্/ [স. আম্রাবর্ত্ত >] বি. পাকা আমের ঘন রস রোদে শুকিয়ে তৈরি অম্লমধুর পাত, আমসত্ত্ব।

আমড়া /আমড়া/ [স. আম্রাতক >] বি. বাংলাদেশে প্রায় সর্বত্র জাত মাঝারি আকারের পত্রমোচী বৃক্ষ বা তার ভিটামিন বি এবং সি সমৃদ্ধ উপবৃত্তাকার অম্লমধুর আঁটিযুক্ত ফল, আম্রাত।

আমড়াগাছি /আমড়াগাছি/ [বা.] বি. তোষামোদ, স্তুতি।

আমতলা /আম্‌তলা / [বা.] বি. আমগাছের ছায়াঘেরা স্থান।

আমতা /আম্‌তা/ [দেশি.] অব্য. স্বীকার ও অস্বীকারের অস্পষ্টতাসূচক ভাব, ইতস্তত ভাব।

আমতা-আমতা /আম্‌তাআম্‌তা/ [দেশি.] অব্য. কোনো বিষয় স্বীকার ও অস্বীকারের ইতস্তত ভাব; কথায় অস্পষ্টতার ভাব।

আমদানি /আম্‌দানি / [ফা.] বি. ১ বিদেশ থেকে বাণিজ্যিক পণ্য আনয়ন, import। ২ বিক্রয় থেকে লব্ধ আয়। ৩ আগমন, উপস্থিতি।

আমদানিকারক /আম্‌দানিকারক্/ [ফা. আমদানি+স. কারক] বি. বিণ. বিদেশ থেকে পণ্য আমদানিকারী।

আমদানিনীতি /আম্‌দাননিতি/ [ফা. আমদানি+স. নীতি] বি. বিদেশ থেকে পণ্য আমদানির জন্য সরকার কর্তৃক আরোপিত নীতিমালা।

আমদানি-রপ্তানি /আম্‌দানিরপ্‌তানি / [ফা.] বি. বিদেশ থেকে পণ্যদ্রব্য আনয়ন এবং স্বদেশ থেকে বিদেশে প্রেরণ, import and export।

আমদানিশুল্ক /আম্‌দানিশুল্‌কো / [ফা. আমদানি+স. শুল্ক] বি. বিদেশ থেকে আমদানি করা পণ্যের ওপর আরোপিত কর।

আমন /আমোন্/ [স. হৈমন >] বিণ. হৈমন্তিক, হেমন্তকালীন। বি. হেমন্তকালে জাত ধান; শালিধান।

আমন্ত্রণ /আমোন্‌ত্রোন্ / [স. আ+√মন্ত্র্+অন] বি. ১ আহ্বান; নিমন্ত্রণ। ২ সম্বোধন।

আমন্ত্রয়িতা /আমোন্‌ত্রোয়িতা/ [স. আ+√মন্ত্র্+তৃ] বি. বিণ. আমন্ত্রণকারী।

আমন্ত্রিত /আমোন্‌ত্রিতো/ [স. আ+√মন্ত্র্+ত] বিণ. ১ নিমন্ত্রিত; অভ্যাগত। ২ অভিনন্দিত; সংবর্ধিত। ৩ নিয়োজিত। স্ত্রী. আমন্ত্রিতা /আমোন্‌ত্রিতা/।

আমপারা /আম্‌পারা/ [আ. আম+ফা. পারাহ্] বি. পবিত্র কোরানের ত্রিংশ বা সর্বশেষ অধ্যায়।

আমবাত /আম্‌বাত্ / [বা.] বি. ১ কীট দংশনজাত ত্বকের প্রদাহ। ২ চুলকানি রোগবিশেষ।

আমমোক্তার /আম্‌মোক্‌তার্/ [আ.] বি. বিষয়-সম্পত্তিসংক্রান্ত কার্যনির্বাহের জন্য আইন অনুসারে নিযুক্ত প্রতিনিধি, attorney।

আমমোক্তারনামা /আম্‌মোক্‌তারনামা / [আ. আম+মোক্তার+ফা. নামা] বি. আমমোক্তার নিয়োগের দলিল, power of attorney।

আময় /আময়্/ [স. আ+√মী+অ] বি. রোগ, ব্যাধি, পীড়া (*উদরাময়*)।

আময়দা /আময়্‌দা / [ফা. আমাদাঃ >] বিণ. প্রচুর, অঢেল।

www.pathagar.com

আময়িক /আময়িক্/ [স. আময়+ইক] বিণ. রোগ-বিষয়ক; রোগ প্রতিষেধকসম্বন্ধীয়, therapeutic।

আ মর /আমর্/ [স. মরণ >] অব্য. বিরক্তি ক্রোধ অসন্তোষ প্রভৃতিপ্রকাশক ধ্বনি; 'তোর মৃত্যু হোক' এমন অভিশাপ।

আমরক্ত /আম্‌রক্তো/ [স. আম+√রনজ্+ত] বি. মলের সঙ্গে নিঃসৃত রক্ত, রক্ত-আমাশয়।

আমরণ /আমরোন্/ [স. আ+মরণ] ক্রিবিণ. মরণ অবধি। বিণ. মরণকাল পর্যন্ত বিস্তৃত।

আমরণান্তিক /আমরোনান্‌তিক/ [স. আমরণান্ত+ইক] বিণ. মৃত্যু পর্যন্ত স্থায়ী।

আমরা /আম্‌রা/ [স. অস্মাকম্ >] সর্ব. আমি এবং সমগোত্রীয় অন্য ব্যক্তি বা ব্যক্তিবর্গ সম্পর্কে উল্লেখকালে ব্যবহৃত শব্দ, মৎসম্বন্ধীগণ, we।

আ মরি /আমোরি/ [বা.] অব্য. আহা মরি (*মোদের গরব, মোদের আশা, আ মরি বাংলা ভাষা!* অতুল.); প্রশংসা বা বিদুপাদিসূচক শব্দ।

আমরুত /আমরুত্/ [স. অমৃত >] বি. ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন মাঝারি আকৃতির চিরহরিৎ উদ্ভিদের অসংখ্য ছোটো বীজবিশিষ্ট গোলাকৃতি ফল (পেকে যাওয়ার পর যার নির্যাস থেকে জ্যাম জেলি প্রভৃতি উৎপাদিত হয়), পেয়ারা, guava।

আমরুল /আমরুল্/ [স. অম্ললোনী >] বি. অম্লস্বাদ শাকবিশেষ।

আমর্শ /আমর্শো/ [স. আ+√মৃশ্+অ] বি. ১ স্পর্শ; সংস্পর্শ। ২ চিন্তা; প্রণিধান। ৩ পরামর্শ।

আমর্শন /আমর্শোন্/ [স. আ+√মৃশ্+অন] বি. দ্র আমর্শ।

আমর্ষ /আমর্শো/ [স. আ+√মৃষ্+অ] বি. ১ ক্রোধ। ২ ক্ষমার অভাব, ক্ষমাহীনতা।

আমল /আমোল্/ [আ.] বি. ১ কাল; সময়; যুগ। ২ রাজত্বকাল, শাসনকাল (*নবাবি আমল*)। ৩ অধিকার; দখল। ৪ প্রশ্রয়; বিবেচনা (*আমলে আনা*)। ৫ পালন; অনুষ্ঠান।

আমলক /আম্‌লক্/ [স. আ+√মল্+অক] বি. দ্র আমলকী।

আমলকী /আম্‌লোকি/ [স. আমলক+ঈ] বি. গ্রীষ্ম-মণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন ছোটো লাল একলিঙ্গ ফুল ও হালকা শিরা-যুক্ত ভেষজগুণসম্পন্ন সবুজাভ গোলাকার কষায় স্বাদবিশিষ্ট ফল বা তার মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ (আনি. বাংলাদেশ ভারত ও ভিয়েতনাম), আমলা।

আমলদস্তক /আমোল্‌দস্‌তক্/ [আ. আমল+ফা. দস্তক] বি. সম্পত্তিতে অধিকার দানের দলিল।

আমলদারি /আমোল্‌দারি/ [আ. আমল+ফা. দারি] বি. ১ শাসন। ২ রাজস্ব; মালগুজারি। ৩ খাজনা আদায়কারীর পদ।

আমল দেওয়া /আমোল্ দেওআ/ ক্রিবি. ১ প্রশ্রয় বা পাত্তা দেওয়া; বিবেচনায় আনা। ২ অধিকার দেওয়া; দখল দেওয়া।

আমলনামা /আমোল্‌নামা/ [আ. আমল+ফা. নামা] বি. ১ বিষয়াধিকারের হুকুমনামা; সম্পত্তি ভোগ-দখল করার জন্য মালিকের আদেশপত্র। ২ মানুষের পাপপুণ্যের হিসাবপত্র।

আমলা[১] /আম্‌লা/ [স. আমলকী >] বি. দ্র আমলকী।

আমলা[২] /আম্‌লা/ [আ.] বি. পদস্থ সরকারি কর্মচারী।

আমলাতন্ত্র /আম্‌লাতন্‌ত্রো/ [আ. আমলা+স. তন্ত্র] বি. যে শাসনব্যবস্থায় কেবল সরকারি কর্মচারীদের আধিপত্যই প্রধান; রাজকর্মচারীদের শাসন, bureaucracy।

আমলাতান্ত্রিক /আম্‌লাতান্‌ত্রিক্/ [আ. আমলা+স. তন্ত্র+ইক] বিণ. আমলাতন্ত্রবিষয়ক।

আমলাতেল /আম্‌লাতেল্/ [বা.] বি. আমলকী থেকে আহৃত তেল।

আমলানো /আম্‌লানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ টাটানো। ২ পচে টক হয়ে যাওয়া।

আমশুঁঠ /আমশুঁঠ্/ [বা.] বি. শুকনো আমের ফালি।

আমশূল /আম্‌শুল্/ [স. আম+√শূল্+অ] বি. আমাশয়-জনিত পেটের ব্যথা।

আমসত্ত্ব /আম্‌শত্‌তো/ [বা. আম+স. সত্ত্ব] বি. পাকা আমের ঘন রস রোদে শুকিয়ে তৈরি অম্লমধুর পাত, আমট।

আমসি /আম্‌শি/ [স. আম্রপেশি >] বি. ফালি করে কাটা ও শুকিয়ে রাখা কাঁচা আমের টুকরো, আমচুর।

আমা[১] /আমা/ [স. অহম্ >] সর্ব. ১ আমি। ২ স্বয়ং, নিজে। ৩ আমাকে।

আমা[২] /আমা/ [স. আম+আ (টাপ্)] বিণ. ১ আধ-পোড়া; কাঁচা। ২ অরন্ধিত।

আমাতিসার /আমাতিশার্/ [স. আম+অতিসার] বি. আমাশয়রোগ; রক্তাতিসার।

www.pathagar.com

আমাদের /আমাদের্ / [বা.] সর্ব. আমি-সহ এক বা একাধিক ব্যক্তির।

আমান /আমান্/ [আ.] বি. ১ নিরাপত্তা; আশ্রয়। ২ শান্তি।

আমানত /আমানত্/ [আ.] বি. গচ্ছিত বস্তু। বিণ. গচ্ছিত, জমাকৃত।

আমানতি /আমানোতি/ [আ. অমানত+ফা. ই] বিণ. জমা রাখা হয়েছে এমন (*আমানতি টাকা*)।

আমানি /আমানি/ [বা.] বি. পান্তাভাতের জল, কাঁজি।

আমান্ন /আমান্নো/ [স. আম+√অদ্+ত] বি. কাঁচা বা অসেদ্ধ চাল, অপক্ক অন্ন।

আমামা /আমামা/ [আ.] বি. পাগড়ি; শিরস্ত্রাণ (*বাজিছে দামামা, বাঁধরে আমামা* নজরুল.)।

আমার /আমার্/ [বা.] সর্ব. মদীয়, নিজের, আপনার।

আমাশয় /আমাশয়্/ [স. আম+আশয়] বি. ১ শ্লেষ্মাযুক্ত উদরাময়বিশেষ, আমাতিসার রোগ। ২ আমস্থলী, পাকস্থলী।

আমাশা /আমাশা/ [স. আমাশয়>] বি. দ্র আমাশয়।

আমি /আমি/ [স. অহম্ >] সর্ব. বক্তা নিজে, স্বয়ং। বি. ১ আত্মা বা সত্তা। ২ অহমিকা, অহংকার; আমিত্ব। ৩ (ব্যা.) উত্তমপুরুষ, বাক্যের বক্তা।

আমিত্ব /আমিত্তো/ [বা.] বি. নিজত্ব, অহম্।

আমিন[১] /আমিন্/ [আ.] বি. যে ব্যক্তি জমি জরিপ ও পরিমাপ করে; তত্ত্বাবধায়ক। বিণ. সত্যবাদী।

আমিন[২] /আ:মিন্/ [আ.] অব্য. বি. প্রার্থনা পূর্ণ হোক এমন উক্তি।

আমিনি /আমিনি/ [ফা.] বি. জমি জরিপের কাজ।

আমির /আমির্/ [আ.] বিণ. বিত্তবান, ধনী। বি. ১ সম্ভ্রান্ত ব্যক্তি। ২ সম্পৎশালী ব্যক্তি। ৩ আরব শাসকের উপাধি।

আমির ওমরা /আমির্ ওম্‌রা/ বি. ১ বিত্তবান বা ধনী ব্যক্তি। ২ উচ্চপদস্থ কর্মচারী। ৩ বাদশাহী দরবারের সভাসদ।

আমিরাত /আমিরাত্/ [আ.] বি. আমিরের রাজত্ব।

আমিরি /আমিরি/ [আ. আমির+ফা. ই] বি. নবাবি। বিণ. ১ আমিরসুলভ। ২ আমিরসম্বন্ধীয়।

আমিষ /আমিশ্/ [স. আ+√অম্+ইষ] বি. মাছ মাংস ডিম প্রভৃতি জৈবখাদ্যবস্তু; অ্যামিনো অ্যাসিডের পলিমারবিশেষ।

আমিষপ্রিয় /আমিশ্‌প্রিয়ো/ [স. আমিষ+√প্রী+অ] বিণ. মাছ মাংস ডিম খেতে ভালোবাসে এমন।

আমিষভুক /আমিশ্‌ভুক্/ [স. আমিষ+বা. ভুক] বিণ. আমিষ খায় এমন।

আমিষলোলুপ /আমিশ্‌লোলুপ্/ [স. আমিষ+লোলুপ] বিণ. আমিষজাতীয় খাদ্যের প্রতি লোভ আছে এমন।

আমিষাশী /আমিশাশি/ [স. আমিষ+√অশ্+ইন্] বিণ. মাছ মাংস ডিম প্রভৃতি খায় এমন, আমিষভুক।

আমীলিত /আমিলিতো/ [স. আ+√মীল্+ত] বিণ. ঈষৎ উন্মুক্ত, সামান্য খোলা।

আমুদে /আমুদে/ [স. আমোদ >] বিণ. কৌতুক-প্রিয়, রসিক, স্ফূর্তিবাজ।

আমূল /আমুল্/ [স. আ+মূল] ক্রিবিণ. মূল অবধি; গোড়া থেকে। বিণ. সম্পূর্ণ (*আমূল পরিবর্তন*)।

আমৃত্যু /আমৃত্তু/ [স. আ+মৃত্যু] ক্রিবিণ. মৃত্যু পর্যন্ত, আমরণ।

আমেজ /আমেজ্/ [ফা.] বি. ১ রেশ। ২ আভাস, ঈষৎ প্রকাশ। ৩ অল্প মিশ্রণ।

আমেরিকান /আমেরিকান্/ [ই.] বিণ. ১ আমেরিকা-সংক্রান্ত। ২ আমেরিকায় উৎপাদিত। বি. মার্কিন দেশের নাগরিক।

আমোদ /আমোদ্/ [স. আ+√মুদ্+অ] বি. ১ হর্ষ, আহ্লাদ, আনন্দ। ২ উৎসব; ক্রীড়াকৌতুক। ৩ সুগন্ধ। বিণ. সুগন্ধপূর্ণ, সৌরভযুক্ত, সুরভিত।

আমোদ-আহ্লাদ /আমোদ্‌আল্‌hাদ্/ [স. আমোদ +আহ্লাদ] বি. আনন্দোৎসব; ক্রীড়াকৌতুক।

আমোদ-প্রমোদ /আমোদ্‌প্রোমোদ্/ [স. আমোদ+ প্রমোদ] বি. আনন্দ-উল্লাস।

আমোদিত /আমোদিতো/ [স. আ+√মোদি+ত] বিণ. ১ হৃষ্ট, হর্ষযুক্ত, আনন্দিত। ২ সুরভিত, সুবাসিত।

আমোদী /আমোদি/ [স. আ+√মুদ্+ইন্] বিণ. ১ আনন্দিত; হর্ষযুক্ত। ২ সৌরভযুক্ত। স্ত্রী. আমোদিনী /আমোদিনি/।

আম্পায়ার /আম্‌পায়ার্/ [ই.] বি. ক্রিকেট প্রভৃতি খেলার নিয়মনীতি যথাযথভাবে পালিত হচ্ছে কি না তা দেখা এবং বিতর্কিত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, umpire।

আম্বর /আম্‌বর্/ [আ.] বি. সুগন্ধ দ্রব্যবিশেষ, amber।

আম্বরি /আম্‌বোরি/ [আ. আম্বর+ফা. ই] বিণ. সুগন্ধ।

আম্বা /আম্‌বা/ [দেশি.] বি. ১ স্পর্ধা; দুর্লভ বস্তু লাভের আকাঙ্ক্ষা। ২ বড়াই।

আম্মা /আম্‌মা/ [স. অম্বা >] বি. ১ মা, মাতা,

www.pathagar.com

জননী। ২ মাতৃস্থানীয়া মহিলা।

আম্র /আম্‌ব্রো/ [স. √অম্‌+র] বি. ক্রান্তীয় অঞ্চলে ব্যাপকভাবে চাষ করা হয় এমন ভিটামিন এ সি এবং ডি সমৃদ্ধ সবুজ হলুদ লাল প্রভৃতি রঙের টকমিষ্ট পুষ্টিকর মাংসল ফল বা তার দীর্ঘ কাণ্ডবিশিষ্ট বহুবর্ষজীবী বৃক্ষ (আনি. ভারতীয় উপমহাদেশ), অম্র, আম, চূত, mango।

আম্রকুঞ্জ /আম্রোকুন্‌জো/ [স. অম্র+√কুঞ্জ্‌+অ] বি. আমগাছের ছায়াঘেরা বাগান, আম্রকানন।

আম্রমুকুল /আম্রোমুকুল্‌/ [স. অম্র+√মুচ্‌+উল] বি. আমের মুকুল।

আম্রসার /আম্রোশার্‌/ [স. সহকার >] বি. আমগাছের শাখা বা পাতা।

আম্রাত /আম্‌ব্রাত্‌/ [স. আম্র+√অত্‌+অ] বি. বাংলাদেশে প্রায় সর্বত্র জাত মাঝারি আকারের পত্রমোচী বৃক্ষ বা তার ভিটামিন বি এবং সি সমৃদ্ধ উপবৃত্তাকার অম্লমধুর আঁটিযুক্ত ফল, আমড়া।

আম্ল /আম্‌লো/ [স. অম্ল+অ] বিণ. ১ অম্লরসযুক্ত; টক। ২ অম্লসম্বন্ধীয়।

আম্লিক /আম্‌লিক্‌/ [স. অম্ল+ইক] বিণ. অম্লযুক্ত; অম্লবিষয়ক; (পরি.) acidic।

আয় /আয়্‌/ [স. √অয়্‌+অ] বি. ১ অর্থাগম, রোজগার, উপার্জন। ২ লাভ; উপস্বত্ব। অনুক্রি. (আদরার্থে বা তুচ্ছার্থে) আগমনের অনুজ্ঞা।

আয়কর /আয়্‌কর্‌/ [স. আয়+√কৃ+অ] বি. ব্যক্তি বা প্রতিষ্ঠানের আয়ের ওপর সরকার কর্তৃক ধার্য কর, income tax। বিণ. অর্থাগম ঘটে এমন; লাভজনক।

আয়ত[১] /আয়তো/ [স. আ+√যম্‌+ত] বিণ. ১ বিস্তৃত, টানাটানা, প্রসারিত (*আয়তলোচন*)। ২ (জ্যা.) বিষম বাহুবিশিষ্ট সমচতুষ্কোণ (*আয়তক্ষেত্র*)।

আয়ত[২] /আয়তো/ [স. এয়োতি>] বি. সধবা অবস্থা, সধবার লক্ষণ, এয়োতি।

আয়তক্ষেত্র /আয়তোখেত্‌ত্রো/ [স. আয়ত+√ক্ষি+ত্র] বি. (জ্যা.) যে সমচতুষ্কোণ ক্ষেত্রের বিপরীত বাহুগুলি পরস্পর সমান ও সমান্তরাল কিন্তু সন্নিহিত বাহুগুলি সমান নয় এমন ক্ষেত্র, parallellogram।

আয়তন /আয়োতন্‌/ [স. আ+√যত্‌+অন] বি. ১ (জ্যা.) দৈর্ঘ্য ও প্রস্থের গুণফল, ক্ষেত্রফল, area। ২ (গ.) ঘনমান, volume। ৩ বিস্তার, পরিসর। ৪ গৃহ; প্রতিষ্ঠান (*বিদ্যায়তন*)। ৫ আকার (*বিপুলায়তন*)। ৬ ভদ্রাসন, বাস্তুভিটা। ৭ দেবালয়, মন্দির। ৮ যজ্ঞবেদি।

আয়তনেত্র /আয়তোনেত্রো/ [স. আয়ত+√নী+ত্র] বিণ. বড়ো ও টানাটানা চোখবিশিষ্ট, আয়তলোচন।

আয়তি[১] /আয়োতি/ [স. আয়ুষ্মতী >] বি. সধবা অবস্থা, সধবার লক্ষণ, এয়োতি।

আয়তি[২] /আয়োতি/ [স. আ+√যা+অতি] বি. ১ ভাবীকাল। ২ ভাবীফল। ৩ সন্তান; বংশধর।

আয়তি[৩] /আয়োতি/ [স. আ+√যম্‌+তি] বি. ১ দৈর্ঘ্য; বিস্তার; আয়তন। ২ প্রাপ্তি। ৩ সংযোগ।

আয়ত্ত /আয়ত্তো/ [স. আ+√যত্‌+ত] বি. ১ অধিকার; কবল। ২ সামর্থ্য। বিণ. ১ অধীন, বশবর্তী। ২ অধিকৃত, হস্তগত। ৩ শিক্ষালব্ধ।

আয়ত্তি /আয়োত্‌তি/ [স. আ+√যত্‌+তি] বি. ১ অধিকার; অধীনতা। ২ নাগাল। ৩ সংযম। ৪ দক্ষতা। ৫ শক্তি; সামর্থ্য। ৬ প্রভাব। ৭ দৈর্ঘ্য; সীমা। ৮ ভাবীকাল।

আয়ন /আয়ন্‌/ [গ্রি.] বি. বৈদ্যুতিক আধানযুক্ত কণা, ion।

আয়না /আয়্‌না/ [ফা.] বি. কাচ বা অতি মসৃণ উজ্জ্বল ধাতুপৃষ্ঠ যা থেকে আলো প্রতিফলিত হওয়ার ফলে কোনো ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর প্রতিবিম্ব দৃষ্ট হয়, দর্পণ, আরশি, মুকুর।

আয়ব্যয় /আয়্‌ব্যায়্‌/ [স. আয়+বি+√ই+অ] বি. রোজগার ও খরচ; জমা ও খরচ।

আয়ব্যয়ক /আয়্‌ব্যায়ক্‌/ [স. আয়+বি+√ই+অক] বি. সম্ভাব্য আয় ও ব্যয়ের হিসাব; (পরি.) budget।

আয়মাল /আয়্‌মাল্‌/ [আ.] বি. গ্রাম; পরগনা।

আয়লা /আয়্‌লা/ [বা.] বি. মাটির তৈরি আগুন রাখার পাত্র।

আয়স /আয়শ্‌/ [স. অয়স্‌+অ] বি. লোহা। বিণ. ১ লৌহময়, লৌহনির্মিত। ২ লৌহসংক্রান্ত।

আয়স্ত্রী /আয়োস্ত্রি/ [বা.] বি. সধবা নারী, এয়োতি।

আয়া[১] /আয়া/ [পো.] বি. ১ দাই, ধাত্রী। ২ শিশুর পরিচারিকা, ঝি।

আয়া[২] /আয়া/ [স. আর্য >] বি. পিতামহ; মাতামহ।

আয়াত[১] /আয়াত্‌/ [আ.] বি. পবিত্র কোরানের বাক্য।

আয়াত[২] /আয়াত্‌/ [স. আ+√যা+ত] বিণ. ১ এসেছে এমন, আগত। ২ প্রাপ্ত।

আয়াত[৩] /আয়াত্‌/ [স. আয়ুষ্মতী >] বি. সধবার চিহ্ন।

আয়াম /আয়াম্‌/ [স. আ+√যম্‌+অ] বি. ১ দৈর্ঘ্য।

www.pathagar.com

২ বিস্তার, প্রসার।

আয়াস[১] /আয়াশ্/ [আ.] বি. ১ বিলাস; সুখভোগ। ২ আমোদ; স্ফূর্তি। ৩ আনন্দোল্লাসময় জীবন।

আয়াস[২] /আয়াশ্/ [স. আ+√যস্+অ] বি. ১ যত্ন; প্রচেষ্টা, প্রয়াস (*আয়াসসাধ্য*)। ২ ক্লান্তি, শ্রান্তি; অবসাদ। ৩ দুঃখ। ৪ ক্লেশ; পরিশ্রম।

আয়াসলব্ধ /আয়াশ্লব্ধো/ [স. আয়স+√লভ্+ত] বিণ. শ্রমদ্বারা অর্জিত।

আয়াসসাধ্য /আয়াশ্সাদ্ধ্যো/ [স. আয়স+সাধ্য] বিণ. কষ্টসাধ্য, পরিশ্রমসাপেক্ষ; দুঃসাধ্য; কঠিন।

আয়ু /আয়ু/ [স. √ই+উস্] বি. ১ জীবৎকালের মেয়াদ, পরমায়ু, হায়াত। ২ প্রাণ, জীবন।

আয়ুধ /আয়ুধ্/ [স. আ+√যুধ্+অ] বি. ১ অস্ত্রশস্ত্র; যুদ্ধাস্ত্র। ২ প্রহরণ।

আয়ুষ্প্রদ /আয়ুষ্প্রোদো/ [স. আয়ুঃ+প্র+√দা+অ] বিণ. আয়ুবর্ধক, আয়ুষ্কর।

আয়ুর্বিদ /আয়ুর্বিদ্/ [স. আয়ুঃ+বিদ] বি. বিণ. দ্র আয়ুর্বেত্তা।

আয়ুর্বেত্তা /আয়ুর্বেত্তা/ [স. আয়ুর্+√বিদ্+তৃ] বি. আয়ুর্বেদীয় চিকিৎসক, কবিরাজ। বিণ. আয়ুর্বেদ–শাস্ত্রে অভিজ্ঞ।

আয়ুর্বেদ /আয়ুর্বেদ্/ [স. আয়ুর্+√বিদ্+অ] বি. ১ কবিরাজি চিকিৎসাপদ্ধতি। ২ অথর্ববেদের অন্তর্গত চিকিৎসাশাস্ত্র।

আয়ুর্বেদজ্ঞ /আয়ুর্বেদগ্গোঁ/ [স. আয়ুর্বেদ+√জ্ঞা+অ] বিণ. আয়ুর্বেদশাস্ত্রে অভিজ্ঞ।

আয়ুর্বেদী /আয়ুর্বেদি/ [স. আয়ুর্বেদ+ইন্] বিণ. আয়ুর্বেদশাস্ত্রে অভিজ্ঞ, আয়ুর্বিদ।

আয়ুর্বেদীয় /আয়ুর্বেদিয়ো/ [স. আয়ুর্বেদ+ঈয়] বিণ. আয়ুর্বেদবিষয়ক; আয়ুর্বেদসম্মত।

আয়ুষ্কর /আয়ুশ্কর্/ [স. আয়ুঃ+√কৃ+অ] বিণ. ১ আয়ুবর্ধক। ২ জীবনদান করে এমন, সঞ্জীবক।

আয়ুষ্কাল /আয়ুশ্কাল্/ [স. আয়ুঃ+কাল] বি. ১ জীবৎকাল, পরমায়ু। ২ স্থিতি।

আয়ুষ্মান /আয়ুশ্মান্/ [স. আয়ুঃ+মৎ] বিণ. দীর্ঘজীবী। স্ত্রী. আয়ুষ্মতী /আয়ুশ্মোতি/।

আয়ুষ্য /আয়ুশ্শো/ [স. আয়ুঃ+য] বিণ. আয়ুপ্রদ।

আয়েশ /আয়েশ্/ [আ.] বি. আরাম, বিলাস, সুখভোগ; আমোদ, স্ফূর্তি।

আয়োজক /আয়োজক্/ [স. আ+√যুজ্+অক] বিণ. আয়োজনকারী, উদ্যোক্তা।

আয়োজন /আয়োজন্/ [স. আ+√যুজ্+অন] বি. ১ উদ্যোগ; চেষ্টা। ২ সংগ্রহ। ৩ কোনো অনুষ্ঠানের জন্য সংগৃহীত দ্রব্য বা খাদ্যসামগ্রী।

আয়োজনকর্তা /আয়োজন্কর্তা/ [স. আয়োজন+√কৃ+তৃ] বি. বিণ. আয়োজক, আয়োজনকারী।

আয়োজিত /আয়োজিতো/ [স. আ+√যোজি+ত] বিণ. ১ আয়োজন করা হয়েছে এমন। ২ সংগৃহীত, আহৃত; সংকলিত।

আয়োডাইজ্ড /আয়োডাইজ্ড্/ [ফ.] বিণ. থাইরয়েড গ্রন্থির বিকারজনিত রোগ প্রতিরোধের জন্য পটাশিয়াম আয়োডাইড (KI) যোগ করা হয়েছে এমন (*আয়োডাইজ্ড লবণ*), iodized।

আয়োডিন /আয়োডিন্/ [ফ.] বি. কালচে ধূসর অধাতব রাসায়নিক কঠিন মৌলিক পদার্থবিশেষ যার পরমাণু সংখ্যা ৫৩, iodine।

আর /আর্/ [স. অপর >] অব্য. ১ এবং, ও (*তুমি আর আমি*)। ২ এরপর (*আমি আর ওখানে যাচ্ছি না*)। ৩ অথবা (*মারো আর কাটো ও যাবে না*)। ৪ তদুপরি (*আর কষ্ট দিয়ে কী লাভ*)। ৫ এখন (*সেই দিন কি আর আছে*)। ৬ যেন (*নবাবপুত্র আর কি*)। ৭ কাজেই (*সেখানে আর যাওয়ার প্রশ্নই ওঠে না*)। ৮ আক্ষেপ অবসাদ হতাশা ক্রোধ বিস্ময় বিরক্তি প্রভৃতিবোধক শব্দ (*ওর কথা আর বোলো না*)। বিণ. ১ দ্বিতীয় (*এই বিষয়ে ওঁর চেয়ে ভালো শিক্ষক আর নেই*)। ২ বিগত (*আর বছরে ভালো ফলন হয়েছিল*)। ৩ আগামী (*আর বুধবারে আমিও যাব*)। ৪ অপর, অন্য (*আর কেউ জানে না*)। ৫ অধিক, এর বেশি (*এরপর আর কী বলব*)। ৬ অভিন্ন (*উনিশ আর বিশ*)। ক্রিবিণ. ১ দুবার (*এমন সুসময় আর আসবে না*)। ২ আবার (*আর এসব বিষয়ে আলোচনা করো না*)। ৩ তদবধি (*সেই যে গেছে আর ফেরেনি*)। ৪ ভবিষ্যতে (*আর এমন কাজ করো না*)। ৫ যুগপৎ (*দেখি আর অবাক হই*)। ৬ পরপর (*আমি কেবল যাব আর আসব*)। ৭ পক্ষান্তরে (*ও খেটে মরছে আর তোমরা বসে আছ*)। ৮ অব্যবহিত পরেই (*তুমিও গেলে আর বৃষ্টিও থামলো*)। সর্ব. অন্য ব্যক্তি বা বস্তু (*একে চায় আরে পায়*)।

আরও /আরো/ [বা.] বিণ. ১ এছাড়া, অন্য। ২ অধিকতর, অপেক্ষাকৃত। ক্রিবিণ. অধিকন্তু; আরো–র সংগততর বানান।

আরক /আরক্/ [আ.] বি. ১ সার, নির্যাস। ২ তীব্র রস, ঝাঁজালো নির্যাস। ৩ চুয়ানো মদ।

আরক্ত /আরক্তো/ [স. আ+√রন্জ্+ত] বিণ. ১ ঈষৎ রক্তবর্ণ; রক্তিম আভাযুক্ত (*আরক্তনয়ন*)।

www.pathagar.com

২ গাঢ় রক্তবর্ণ, টকটকে লাল।

আরক্তনয়ন /আরক্তোনয়োন্ / [স. আরক্ত+নয়ন] বিণ. রক্তবর্ণ চোখবিশিষ্ট; ক্রুদ্ধ। বি. ক্রোধপূর্ণ দৃষ্টি।

আরক্তনেত্র /আরক্তোনেত্রো/ [স. আরক্ত+√নী+ত্র] বিণ. বি. দ্র আরক্তনয়ন।

আরক্তমুখ /আরক্তোমুখ্ / [স. আরক্ত+মুখ] বিণ. লজ্জায় মুখ রাঙা হয়েছে এমন; লজ্জিত।

আরক্তলোচন /আরক্তোলোচন্/ [স. আরক্ত+লোচন] বিণ. বি. দ্র আরক্তনয়ন।

আরক্তিম /আরোক্তিম্/ [স. আ+রক্ত+ইমন্] বিণ. ঈষৎ লাল হয়েছে এমন।

আরক্ষ /আরোক্‌খো/ [স. আ+√রক্ষ্+অ] বি. ১ থানা, ঘাঁটি। ২ রক্ষীসেনা, প্রহরী। বিণ. রক্ষাকর্তা।

আরক্ষক /আরোক্‌খক্/ [স. আ+√রক্ষ্+অক] বি. বিণ. দ্র আরক্ষ।

আরক্ষা /আরোক্‌খা/ [স. আ+√রক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ পুলিশ। ২ রক্ষণ।

আরক্ষিক /আরোক্‌খিক্/ [স. আরক্ষ+ইক] বি. ১ পুলিশ। ২ প্রহরী, সিপাই।

আরক্ষী /আরোক্‌খি/ [স. আরক্ষ+ইন্] বি. দ্র আরক্ষিক।

আরজ /আরোজ্/ [আ.] বি. আবেদন, প্রার্থনা।

আরজগুজার /আরোজ্‌গুজার্/ [আ. আরজ+ফা. গুজার] বিণ. আবেদনকারী, নিবেদক।

আরণ্য /আরোন্‌নো/ [স. অরণ্য+অ] বিণ. ১ বন-জাত, বুনো। ২ বনসংক্রান্ত।

আরণ্যক /আরোন্‌নক্/ [স. অরণ্য+অক] বিণ. ১ বনসম্বন্ধীয়। ২ বনস্থিত। ৩ অরণ্যবাসী। বি. বেদের অন্তর্গত ব্রাহ্মণের উপসংহার ভাগ।

আরত /আরতো/ [স. আ+√রম্+ত] বিণ. ১ অনুরক্ত, আসক্ত। ২ নিরত। ৩ রতিকর্মে দক্ষ।

আরতি[১] /আরোতি/ [স. আরাত্রিক >] বি. ১ প্রদীপ জ্বালিয়ে দেবমূর্তি বরণ। ২ নীরাজন।

আরতি[২] /আরোতি/[স. আ+√রম্+তি] বি. ১ বিরতি, নিবৃত্তি। ২ আসক্তি, অনুরাগ। ৩ আজ্ঞা। ৪ আগ্রহ। ৫ আহ্বান। ৬ নিয়োগ। ৭ আশা; প্রার্থনা।

আরদালি /আরদালি / [ই. orderly >] বি. (অধুনা-লুপ্ত) পদস্থ কর্মচারীর আজ্ঞাবাহক।

আরব /আরব্ / [আ.] বি. আরবদেশের অধিবাসী।

আরবি /আরোবি / [আ.] বি. আরবদেশের ভাষা। বিণ. ১ আরবদেশজ, আরবদেশে জাত (*আরবি ঘোড়া*)। ২ আরবদেশসম্বন্ধীয়।

আরব্ধ /আরব্‌ধো/ [স. আ+√রভ্+ত] বিণ. শুরু করা হয়েছে এমন; অনুষ্ঠিত।

আরব্য /আরোব্‌বো / [আ. আরব >] বিণ. ১ আরব-দেশীয় (*আরব্য উপন্যাস*)। ২ আরবদেশসম্বন্ধীয়।

আরমান /আরমান্ / [ফা.] বি. ১ বাসনা, অভিলাষ, আকাঙ্ক্ষা। ২ দুঃখ; আফসোস।

আরমানি /আরমানি / [লা.] বি. আরমিনিয়া দেশের অধিবাসী। বিণ. ১ আরমিনিয়াদেশীয়। ২ আরমিনিয়া-বিষয়ক। ৩ আরমিনিয়া দেশে জাত।

আরম্ভ /আরম্‌ভো / [স. আ+√রভ্+অ] বিণ. ১ সূচনা। ২ উপক্রম; উদ্যোগ। ৩ উৎপত্তি। ৪ প্রস্তাবনা।

আরম্ভক /আরম্‌ভক্/ [স. আ+√রভ্+অক] বি. বিণ. আরম্ভকারী।

আরশ /আরশ্/ [আ.] বি. ১ আল্লাহর সিংহাসন; সিংহাসন। ২ বেহেশ্‌তের উচ্চতম অবস্থান।

আরশি /আরশি/ [স. আদর্শ >] বি. আয়না, দর্পণ।

আরশোলা /আরশোলা/ [স. অসৃপদা >] বি. গ্রীষ্ম-প্রধান দেশে বাসগৃহ এবং অন্ধকার স্যাঁতসেঁতে নোংরা জায়গায় বিচরণ করে এমন লম্বা দাড়া ও পাখাবিশিষ্ট গাঢ় খয়েরি রঙের গুবরেপোকাজাতীয় সর্বভুক পতঙ্গ, তেলাপোকা, তেলচাটা।

আরা[১] /আরা / [ফা.] বি. করাত।

আরা[২]/আরা / [স. আ+√ঋ+অ+আ (টাপ্)] বি. ১ জুতো সেলাইয়ের জন্য ব্যবহৃত কাঠের হাতলে সংযুক্ত প্রান্তভাগে খাঁজকাটা তীক্ষ্ণ ছেদনাস্ত্র যা দিয়ে চামড়া ছিদ্র করে অন্যপিঠের সুতো টেনে আনা হয়, চর্মকারের ছেদনাস্ত্র, awl। ২ চাকার পাখি, spoke।

আরাত /আরাত্/ [স. অরতি >] বি. অরুচি।

আরাত্রিক /আরাত্‌ত্রিক্/ [স. অরাত্রি+ইক] বি. ১ আরতি। ২ প্রদীপ দিয়ে দেবমূর্তি বরণ।

আরাধক /আরাধক্/ [স. আ+√রাধি+অক] বিণ. উপাসনাকারী, পূজক।

আরাধনা /আরাধোনা/ [স. আ+√রাধি+অন+আ (টাপ্)] বি. প্রার্থনা, উপাসনা।

আরাধনীয় /আরাধোনিয়ো/ [স. আ+√রাধি+অনীয়] বিণ. আরাধনার যোগ্য, উপাস্য।

আরাধিত /আরাধিতো/ [স. আ+√রাধি+ত] বিণ. ১ উপাসিত, পূজিত। ২ সেবিত।

আরাধ্য /আরাদ্‌ধো / [স. আ+√রাধি+য] বিণ. দ্র আরাধনীয়।

আরাধ্যমান /আরাদ্‌ধোমান্ / [স. আরাধ্য+মান (শানচ্)] বিণ. আরাধনা করা হচ্ছে এমন,

www.pathagar.com

উপাস্যমান।

আরাফাত /আরাফাত্/ [আ.] বি. মক্কার অদূরে অবস্থিত একটি প্রসিদ্ধ ময়দান যেখানে হজ উপলক্ষ্যে পুণ্যার্থীরা সমবেত হয়ে থাকেন।

আরাম[১] /আরাম্/ [ফা.] বি. ১ সুখ; আনন্দ; আয়েশ। ২ বিশ্রাম, শ্রান্তি অপনোদন।

আরাম[২]/আরাম্/ [স. আ+√রম্+অ] বি. ফলমূলের বাগান; বাগানবাড়ি; উপবন।

আরামকেদারা /আরামকেদারা/ [ফা. আরাম+পো. কেদারা] বি. সহজে ভাঁজ করে রাখা যায় এবং আধশোয়ার ভঙ্গিতে আরাম করে বসা যায় এমন কাপড়ের আসনবিশিষ্ট চেয়ার, easychair।

আরামদায়ক /আরামদায়ক্/ [ফা. আরাম+স. দায়ক] বিণ. আরাম দেয় এমন, আরামপ্রদ।

আরূঢ় /আরুঢ়ো/ [স. আ+√রুহ্+ত] বিণ. আরোহণ করেছে এমন, সওয়ার।

আরে /আরে/ [স. অরে >] অব্য. ১ ভয় লজ্জা বিস্ময় বিরক্তি ক্রোধ ঘৃণা প্রভৃতিপ্রকাশক শব্দ (*আরে, এ কী!*)। ২ সম্বোধনসূচক শব্দ (*আরে, তুমি কখন এলে?*)।

আরেকটি /আরেক্টি/ [বা.] বিণ. অতিরিক্ত একটি; অন্য একটি।

আরো /আরো/ [বা.] বিণ. ১ এছাড়া, অন্য। ২ অধিকতর, অপেক্ষাকৃত। ক্রিবিণ. অধিকন্তু; আরও–এর প্রচলিত বানান।

আরোগ্য /আরোগ্গো/ [স. অরোগ+য] বি. রোগ-মুক্তি, রোগনিবৃত্তি; রোগহীনতা।

আরোগ্যনিকেতন /আরোগ্গোনিকেতন্/ [স. আরোগ্য+নিকেতন] বি. নিরাময়কেন্দ্র, নার্সিংহোম, হাসপাতাল।

আরোগ্যলাভ /আরোগ্গোলাভ্/ [স. আরোগ্য+√লভ্+অ] বি. রোগমুক্তি, নিরাময়।

আরোপ /আরোপ্/ [স. আ+√রুহ্+ণিচ্+অ] বি. ১ অর্পণ (*দোষারোপ*); অন্যায়ভাবে দায়ীকরণ। ২ একের ওপর অন্যের গুণ স্থাপন; অবভাস; অধ্যাস। ৩ সন্নিবেশ।

আরোপক /আরোপক্/ [স. আ+√রুহ্+ণিচ্+অক] বিণ. আরোপকারী।

আরোপণ /আরোপোন্/ [স. আ+√রুহ্+ণিচ্+অন] বি. ১ স্থাপন; আরোহণ। ২ এক বস্তুতে অপর বস্তুর গুণ স্থাপন। ৩ ধনুকে জ্যা সংযোজন। ৪ শস্যাদি রোপণ।

আরোপিত /আরোপিতো/ [স. আ+√রুহ্+ণিচ্+ত] বিণ. ১ আরোপ করা হয়েছে এমন। ২ স্থাপিত। ৩ গচ্ছিত।

আরোহ /আরোহো/ [স. আ+√রুহ্+অ] বি. ১ (দর্শন.) কার্য থেকে কারণ অনুমান, induction। ২ আরোহণ (*দুরারোহ*)। ৩ উচ্চতা। ৪ কটিদেশ। ৫ নিতম্ব (*বরারোহ*)। ৬ দৈর্ঘ্য। ৭ শ্রেণি।

আরোহণ /আরোহোন্/ [স. আ+√রুহ্+অন] বি. ঊর্ধ্বে গমন।

আরোহণী /আরোহোনি/ [স. আরোহণ+ঈ] বি. যার সাহায্যে আরোহণ করা হয়, সোপান, সিঁড়ি; মই।

আরোহিণী /আরোহিনি/ [স. আ+√রুহ্+ইন্+ঈ] বিণ. আরোহণকারিণী।

আরোহী /আরোহি/ [স. আ+√রুহ্+ইন্] বিণ. ১ আরোহণকারী। ২ (সংগীতে) সুর ক্রমশ ঊর্ধ্বগামী এমন। ৩ কার্য থেকে কারণ বিচারের প্রণালিসম্মত, inductive।

আর্ক /আর্কো/ [স. অর্ক+অ] বিণ. সূর্যসম্বন্ধীয়, সৌর।

আর্কফলা /আর্কোফলা/ [স. অর্ক+বা. ফলা] বি. ১ রেফ (র্) চিহ্ন। ২ (ব্য.) চৈতন, টিকি।

আর্জি /আর্জি/ [আ.] বি. ১ আবেদনপত্র, দরখাস্ত। ২ প্রার্থনা, অনুরোধ।

আর্ট /আ:র্ট্/ [ফ.] বি. ১ চারুকলা চিত্রাঙ্কন নৃত্যগীত অভিনয় রসাত্মক রচনা প্রভৃতি সুকুমার শিল্প, art। ২ রসমধুর শৈলী। ৩ ছলাকলা।

আর্টিস্ট /আর্টিস্ট্/ [ফ.] বি. বিণ. শিল্পী, artist।

আর্ত /আর্তো/ [স. আ+√ঋ+ত] বিণ. ১ বিপন্ন (*বন্যার্ত*)। ২ অভিভূত (*শোকার্ত*)। ৩ কাতর (*তৃষ্ণার্ত*)। ৪ বিহ্বল। ৫ পীড়িত (*রোগার্ত*)।

আর্তনাদ /আর্তোনাদ/ [স. আর্ত+√নদ্+অ] বি. ব্যাকুল ও কাতর চিৎকার।

আর্তব /আর্তব্/ [স. ঋতু+অ] বি. স্ত্রীরজঃ। বিণ. ১ স্ত্রীরজঃসম্বন্ধীয়। ২ গ্রীষ্ম বর্ষাদি ঋতুসংক্রান্ত।

আর্তমানবতা /আর্তোমানবতা/ [স. আর্ত+মানবতা] বি. বিপন্ন মানবতা।

আর্তস্বর /আর্তোশ্শর্/ [স. আর্ত+স্বর] বি. কাতর ধ্বনি, আর্তনাদ।

আর্তি /আর্তি/ [স. আ+√ঋ+তি] বি. ১ কাতরতা, ব্যাকুলতা। ২ রোগ, পীড়া। ৩ ব্যথা, যন্ত্রণা।

আর্থ /আর্থো/ [স. অর্থ+অ] বিণ. ১ অর্থসম্বন্ধীয়, ধনবিষয়ক। ২ শব্দার্থবিষয়ক।

আর্থনীতিক /আর্থোনিতিক্/ [স. অর্থনীতি+ইক] বিণ. অর্থনীতিসম্বন্ধীয়।

www.pathagar.com

আর্থরাইটিস /আর্থ্‌রাইটিস্/ [গ্রি.] বি. অস্থিসন্ধির স্ফীতিজনিত ব্যথা, arthritis।

আর্থসামাজিক /আর্থোশামাজিক্/ [স. অর্থ+সামাজিক] বিণ. সমাজ ও অর্থনীতি বিষয়ক; (পরি.) socio-economic।

আর্থিক /আর্থিক্/ [স. অর্থ+ইক] বিণ. ১ শব্দের অর্থসম্পর্কিত। ২ (বাংলায়) ধনসম্বন্ধীয় (*আর্থিক অবস্থা*), অর্থবিষয়ক।

আর্দ্র /আর্দ্রো/ [স. √অর্দ্‌+র] বিণ. ১ সিক্ত, ভেজা (*আর্দ্রবসন*)। ২ কোমল (*দয়ার্দ্রচিত্ত*)।

আর্দ্রক /আর্দ্রোক্/ [স. আর্দ্র+ক] বি. দক্ষিণ এশিয়ায় চাষ করা হয় এমন সবুজ লম্বাটে পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন ঝাঁজালো গন্ধযুক্ত কন্দ যা মসলা-রূপে ব্যবহৃত হয়, আদ্রক, আদা।

আর্দ্রতা /আর্দ্রোতা/ [স. আর্দ্র+তা] বি. বাতাসে বিদ্যমান জলীয় বাষ্পের পরিমাণ, বায়ুর আপেক্ষিক সিক্ততা, relative humidity।

আর্দ্রা /আর্দ্রা/ [স. √অর্দ্‌+র+আ (টাপ্)] বি. কক্ষ-পথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতি-র্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের ষষ্ঠ নক্ষত্র, Orion।

আর্ধ /আর্ধো/ [স. অর্ধ+অ] বিণ. অর্ধসম্বন্ধীয়।

আর্য /আর্জো/ [স. √ঋ+য] বি. ১ মধ্য এশিয়া থেকে ভারতে আগত প্রাচীন জাতিবিশেষ, Aryans। ২ সম্মানীয় বা গুরুস্থানীয় ব্যক্তি। বিণ. ১ বিদ্বান। ২ মান্য। ৩ সভ্য।

আর্যপুত্র /আর্জোপুত্রো/ [স. আর্য+পুত্র] বি. ১ (সম্বোধনে) পতি, স্বামী। ২ গুরুপুত্র।

আর্যভাষা /আর্জোভাশা/ [স. আর্য+ভাষা] বি. আর্যজাতির ভাষা, Aryan Language।

আর্যসমাজ /আর্জোশমাজ্/ [স. আর্য+সমাজ] বি. স্বামী দয়ানন্দ সরস্বতী কর্তৃক প্রতিষ্ঠিত বৈদিক সমাজ।

আর্যা /আর্জা/ [স. আর্য+আ (টাপ্)] বি. ১ মান্যা স্ত্রীলোক। ২ শাশুড়ি। ৩ সংস্কৃত ছন্দবিশেষ। ৪ (বাংলায়) ছড়ার আকারে রচিত গণিতের সূত্র।

আর্যাবর্ত /আর্জাবর্তো/ [স. আর্য+আবর্ত] বি. হিমালয় থেকে বিন্ধ্যপর্বত পর্যন্ত বিস্তৃত আর্য অধ্যুষিত ভূখণ্ড।

আর্ষ /আর্শো/ [স. ঋষি+অ] বিণ. ১ ঋষি-সম্বন্ধীয়। ২ ঋষিপ্রোক্ত কিন্তু ব্যাকরণবিরুদ্ধ (*আর্ষ-প্রয়োগ*)।

আর্হত /আর্হত্/ [স. অর্হৎ+অ] বিণ. ১ অর্হৎ-সম্বন্ধীয়। ২ জৈন মতবিশেষ (যে মতে আত্মা অবিনশ্বর)। বি. ১ জৈন। ২ বুদ্ধ।

আল[১] /আল্/ [স. আলি >] বি. ১ জমির সীমা নির্দেশক বাঁধ। ২ উঁচু পথ; জাঙাল। ৩ পাড়, তীর। ৪ বাধা।

আল[২] /আল্/ [স. অল >] বি. ১ বিষাক্ত কীট-পতঙ্গের হুল। ২ বেধনাস্ত্র; সূক্ষ্মমুখ অস্ত্রবিশেষ। ৩ সরু অগ্রভাগ। ৪ কথার দ্বারা আঘাত করার প্রবৃত্তি; খোঁচা।

আল[৩] /আল্/ [আঞ্চ.] বি. আগুন রাখার মৃৎপাত্র।

আল[৪] /আল্/ [আ.] বি. সন্তানসন্ততি; পরিবার।

আলংকারিক /আলোংকারিক্/ [স. অলংকার+ইক] বিণ. ১ অলংকারবিষয়ক। ২ অলংকারশাস্ত্রজ্ঞ। ৩ অলংকারশাস্ত্রের রীতি অনুযায়ী।

আলকাতরা /আল্‌কাত্‌রা/ [পো.] বি. (রাস্তা তৈরি কাঠের পচন রোধ প্রভৃতি কাজে ব্যবহৃত) বায়ুশূন্য বা অল্প পরিমাণ অক্সিজেনপূর্ণ পাত্রে উচ্চ তাপ-মাত্রায় পাথুরে কয়লা পাতন করে (destructive distillation) প্রাপ্ত কালো ও ঘন দাহ্য তরল পদার্থ, tar, coaltar।

আলকুশি /আল্‌কুশি/ [বা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন গাঢ় বেগুনি রঙের ফুল ও শুঁয়োপোকার রোঁয়াসদৃশ আলযুক্ত খসখসে ফল বা তার বড়ো পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী লতানে উদ্ভিদ।

আল-কোরান /আল্‌কোরান্/ [আ.] বি. হজরত মুহম্মদ (সা.) কর্তৃক আল্লাহর নিকট থেকে প্রাপ্ত ও ওহিসংবলিত ইসলাম ধর্মের মূল গ্রন্থ।

আলখাল্লা /আল্‌খাল্‌লা/ [আ.] বি. লম্বা ঢিলেঢালা গাত্রাবরণ বা জামাবিশেষ।

আলগা /আল্‌গা/ [স. অলগ্ন >] বিণ. ১ পৃথক, স্বতন্ত্র (*আলগা হয়ে বসা*)। ২ শিথিল, ঢিলা, এলায়িত (*আলগা খোঁপা*)। ৩ ফসকা (*আলগা গেরো*)। ৪ উন্মুক্ত (*আলগা দরজা*)। ৫ বেঁফাস, অসংযত (*আলগা মুখ*)। ৬ আন্তরিকতাহীন, লোক দেখানো (*আলগা ভাব*)। ৭ সম্পর্কহীন; বাইরের, উটকো (*আলগা লোক*)।

আলগা থাকা /আল্‌গা থাকা/ ক্রিবি. কোনো কিছুতে জড়িত না হওয়া; দূরে দূরে থাকা।

আলগোছ /আল্‌গোছ্/ [বা.] বিণ. ১ অস্পৃষ্ট; অসংলগ্ন। ২ অবলম্বনহীন।

আলগোছে /আল্‌গোছে/ [বা.] ক্রিবিণ. ১ শিথিল-

www.pathagar.com

ভাবে। ২ সন্তর্পণে।

আলচা /আল্‌চা/ [বা.] বি. ১ বক্রদৃষ্টি, আড়চাহনি। ২ অলক্ষে অবলোকন।

আলজিভ /আল্‌জিভ্‌/ [স. অলিজিহ্বা >] বি. মানুষ ও প্রাইমেট বর্গের কোনো কোনো প্রাণীর গলনালির মুখে কোমল তালু থেকে ঝুলন্ত মাংসল প্রত্যঙ্গবিশেষ, অগ্রজিহ্বা, উপজিহ্বা, প্রতিজিহ্বা, uvula।

আলজিহ্বা /আল্‌জিভ্‌ভা/ [স. অলিজিহ্বা >] বি. দ্র আলজিভ।

আলটপকা /আল্‌টপ্‌কা/ [দেশি.] ক্রিবিণ. ১ হঠাৎ, আচম্বিতে, অপ্রত্যাশিতভাবে। ২ আলগোছে। ৩ অনায়াসে।

আলতা /আল্‌তা/ [স. অলক্তক >] বি. লাক্ষারস থেকে প্রাপ্ত লাল রঙের তরল প্রসাধনসামগ্রী, অলক্ত; লাক্ষারস।

আলতো /আল্‌তো/ [বা.] বিণ. ১ আলগোছ। ২ আলগা (*আলতো খোঁপা*)। ৩ এলোমেলো; অসংলগ্ন।

আলতোভাবে /আল্‌তোভাবে/ [বা.] ক্রিবিণ. অতি সন্তর্পণে, আলগোছে।

আলনা /আল্‌না/ [স. আলম্বন >] বি. ১ কাপড় ভাঁজ করে ঝুলিয়ে রাখার আসবাববিশেষ। ২ কাপড় শুকানোর ধাতব দণ্ডের মঞ্চবিশেষ।

আলপনা /আল্‌পনা/ [স. আলিম্পন >] বি. শুভকর্ম বা উৎসব উপলক্ষ্যে পিটুলি দিয়ে আঁকা নকশা, মেঝে দেওয়াল সিঁড়ি সড়ক প্রভৃতি স্থানে অঙ্কিত মঙ্গলচিত্র।

আলপাকা /আল্‌পাকা/ [স্পে.] বি. ভেড়াজাতীয় পশুর লোম থেকে তৈরি পশমি বস্ত্র; ভেড়াজাতীয় পশু, alpaca।

আলপিন /আল্‌পিন্‌/ [পো.] বি. কাগজ প্রভৃতি গেঁথে রাখার জন্য ব্যবহৃত ইস্পাতের সরু ও মসৃণ কাঁটা যার এক প্রান্ত সুচালো এবং অন্য প্রান্ত ভোঁতা ও গোলাকার, পিন।

আলবাল /আল্‌বাল্‌/ [স. আলি+√বল্‌+অ] বি. জল সেচন করার জন্য গাছের চারদিকের মাটির ঘের।

আলবেদা /আল্‌বেদা/ [আ.] বি. বিদায়।

আলবোলা /আল্‌বোলা/ [ফা.] বি. কলকেয় রাখা জ্বলন্ত তামাকের ধোঁয়া (ধাতব পাত্রে সঞ্চিত জলের মধ্য দিয়ে প্রবাহের ফলে শোধিত) সেবনের জন্য ব্যবহৃত দীর্ঘ নলযুক্ত সরঞ্জাম, গড়গড়া, ফরসি, হুঁকো।

আলম /আলম্‌/ [আ.] বি. পৃথিবী, দুনিয়া।

আলমগির /আলম্‌গির্‌/ [আ. আলম >] বি. ১ মোগলসম্রাট আওরঙ্গজেবের উপাধি। ২ দুনিয়ার শ্রেষ্ঠ ব্যক্তি।

আলমারি /আল্‌মারি/ [পো.] বি. জিনিসপত্র রাখার জন্য তাক ও কপাটবিশিষ্ট ধাতব বা কাঠের আসবাব, almirah।

আলম্ব /আলম্‌বো/ [স. আ+√লম্ব্‌+অ] বি. আশ্রয়, শরণ, অবলম্বন।

আলম্বন /আলম্‌বোন্‌/ [স. আ+√লম্ব্‌+অন] বি. ১ আশ্রয়, অবলম্বন। ২ অলংকারশাস্ত্রের বিভাব-বিশেষ (যাকে আশ্রয় করে রসের উৎস্তব হয়)।

আলম্বিত /আলোম্‌বিতো/ [স. আ+√লম্ব্‌+ত] বিণ. ১ আশ্রিত। ২ লম্বিত, ঝোলানো। ৩ ধৃত।

আলম্বী /আলোম্‌বি/ [স. আ+√লম্ব্‌+ইন্‌] বিণ. ১ আশ্রয়কারী, অবলম্বনকারী। ২ লম্বমান।

আলয় /আলয়্‌/ [স. আ+√লী+অ] বি. ১ গৃহ, আগার, বাড়ি, বাসস্থান (*লোকালয়*)। ২ আশ্রয়; নিলয় (*কমলালয়*)। ৩ আধার (*হিমালয়*)।

আলশে /আল্‌শে/ [বা.] বি. ১ পাকাবাড়ির ছাদের বেষ্টনী প্রাচীর। ২ কার্নিশ।

আলস /আলশ্‌/ [স. আলস্য >] বি. 'আলস্য'-র কোমল রূপ।

আলসার /আল্‌সার্‌/ [লা.] বি. ১ দেহের ক্ষত বা ঘা। ২ (আল.) দুষ্টপ্রভাব। ৩ ulcer।

আলসে /আল্‌শে/ [স. আলস+বা. এ] বিণ. অলস, কুঁড়ে (*আল্‌সে / নয় সে / ওঠে রোজ সকালে*, নজরুল.)।

আলসেমি /আল্‌শেমি/ [বা.] বি. অলসতা, কুঁড়েমি।

আলস্য /আলোশ্‌শো/ [স. অলস+য] বি. ১ কুঁড়েমি, অলসতা। ২ জড়তা। ৩ শ্রমবিমুখতা।

আলহাজ /আল্‌হাজ্‌/ [আ.] বি. হজব্রত পালন-কারীর উপাধি, হাজি।

আলহামদুলিল্লাহ /আল্‌হামদুলিল্‌লাহ্‌/ [আ.] বি. ১ সমুদয় প্রশংসা আল্লাহর। ২ কৃতজ্ঞতাপ্রকাশক উক্তি।

আলা[১] /আলা/ [আ.] বিণ. সর্বোচ্চ; শ্রেষ্ঠ; প্রধান।

আলা[২] /আলা/ [স. আলোক >] বি. আলো। বিণ. আলোকিত; উদ্ভাসিত।

আলাইবালাই /আলাই্‌বালাই্‌/ [আ. বালা >] বি. ১ আপদবিপদ; রোগশোক। ২ জঞ্জাল।

আলাঝালা /আলাঝালা/ [বা.] বিণ. এলোমেলো।

আলাত /আলাত্‌/ [স. অলাত+অ] বি. জ্বলন্ত অঙ্গার। বিণ. জ্বলন্ত অঙ্গারসম্বন্ধীয়।

www.pathagar.com

আলাদা /আলাদা/ [আ.] বিণ. পৃথক, স্বতন্ত্র।

আলান /আলান্/ [স. আ+√লা+অন] বি. হাতি বাঁধার থাম।

আলানো /আলানো/ [বা.] ক্রিবি. ১ আলুলায়িত করা, এলানো। ২ ওলট-পালট করা, ছড়িয়ে দেওয়া। বিণ. ১ আলগা। ২ বাসি।

আলাপ /আলাপ্/ [স. আ+√লপ্+অ] বি. ১ কথাবার্তা; সম্ভাষণ। ২ উচ্চাঙ্গ সংগীতের প্রারম্ভিক বিস্তার। ৩ (বাংলায়) পরিচয়, জানাশোনা।

আলাপচারিতা /আলাপ্চারিতা/ [স. আলাপ+√চর্+ইন্+তা] বি. আলাপ-আলোচনা, কথোপকথন।

আলাপচারী /আলাপ্চারি/ [স. আলাপ+√চর্+ইন্] বিণ. আলাপ-আলোচনাকারী।

আলাপন /আলাপন্/ [স. আ+√লাপি+অন] বি. কথোপকথন; সম্ভাষণ।

আলাপনীয় /আলাপোনিয়ো/ [স. আ+√লাপি+অনীয়] বিণ. ১ আলাপের যোগ্য। ২ আলাপের বিষয়ীভূত।

আলাপ-পরিচয় /আলাপ্পোরিচয়্/ [স. আলাপ+পরিচয়] বি. পরস্পর কথোপকথনের মাধ্যমে পরিচিতি।

আলাপসালাপ /আলাপ্শালাপ্/ [স. আলাপ+বা. সালাপ] বি. পরস্পর কথোপকথন।

আলাপিত /আলাপিতো/ [স. আ+√লাপি+ত] বিণ. পরিচয় আছে এমন, পরিচিত। বি. (বাংলায়) যার সঙ্গে আলাপ করা হয়েছে।

আলাপী /আলাপি/ [স. আ+√লপ্+ইন্] বিণ. ১ আলাপপ্রিয়। ২ (বাংলায়) পরিচিত। বি. পরিচিত ব্যক্তি। স্ত্রী. **আলাপিনী** /আলাপিনি/।

আলামত /আলামত্/ [আ.] বি. ১ প্রমাণরূপে উপস্থাপিত অপরাধ করার সময় ব্যবহৃত বস্তু-সামগ্রী। ২ চিহ্ন, লক্ষণ। ৩ অলৌকিক ঘটনা।

আলাল /আলাল্/ [হি.] বিণ. ধনী, বিত্তবান। বি. ধনী ব্যক্তি (*আলালের ঘরের দুলাল*)।

আলি[১] /আলি/ [স. আ+√অল্+ই] বি. ১ জমির সীমানির্দেশক বাঁধ; উঁচু পথ; জাঙাল। ২ শ্রেণি; পঙ্‌ক্তি, সারি। ৩ সখী; সঙ্গিনী।

আলি[২] /আলি/ [আ.] বিণ. উদার, মহান। বি. ১ ইসলামের চতুর্থ খলিফা হজরত মুহম্মদ (সা.)-এর খুড়তুতো ভাই ও কনিষ্ঠ জামাতা। ২ পদবিবিশেষ।

আলিঙ্গন /আলিংগন্/ [স. আ+√লিন্গ্+অন] বি. স্নেহভরে জড়িয়ে ধরে প্রীতি সম্ভাষণ, কোলাকুলি, আশ্লেষ।

আলিপনা /আলিপনা/ [স. আলিম্পন >] বি. দ্র আলিম্পন।

আলিম্পন /আলিম্পন্/ [স. আ+√লিপ্+অন] বি. দ্র আলপনা।

আলিশান /আলিশান্/ [আ.] বিণ. ১ বিশাল, জাঁক-জমকপূর্ণ। ২ মর্যাদাসম্পন্ন।

আলীঢ় /আলিঢ়ো/ [স. আ+√লিহ্+ত] বিণ. লেহন করা হয়েছে এমন; আস্বাদিত। বি. বাম জানু মুড়ে ডান পা ছড়িয়ে উপবেশনের ভঙ্গি।

আলীন /আলিন্/ [স. আ+√লী+ত] বিণ. ১ বিলীন, লয়প্রাপ্ত। ২ পরিব্যাপ্ত।

আলু[১] /আলু/ [দেশি.] বি. সবজিরূপে রেঁধে খাওয়া হয় এমন ভিটামিন সি বি এবং শ্বেতসারসমৃদ্ধ সহজপাচ্য গোলাকার কন্দবিশেষ বা তার বর্ষজীবী উদ্ভিদ (পৃথিবীর অধিকাংশ লোকের খাদ্যের অন্যতম উৎস)।

আলু[২] /আলু/ (ব্যা.) বিশেষার্থক কৃৎ প্রত্যয়বিশেষ (*দয়ালু, ঈর্ষালু*)।

আলুথালু /আলুথালু/ [স. আলুলায়িত >] বিণ. ১ আলুলায়িত, শিথিল (*আলুথালু হায় এবে কবরী বন্ধন* মধু.)। ২ অসংবৃত, অসংযত।

আলুনি /আলুনি/ [স. আলবণিক >] বিণ. লবণ-হীন, আলোনা; উপযুক্ত পরিমাণে লবণের অভাব-হেতু স্বাদহীন।

আলুবোখারা /আলুবোখারা/ [ফা.] বি. শুকিয়ে সংরক্ষণ করা যায় এমন বোখারা অঞ্চলে জাত গুল্মজাতীয় উদ্ভিদের অম্লস্বাদ গোলাকার ফল।

আলুর দোষ /আলুর দোশ্/ বি. লাম্পট্য; চরিত্র-দোষ।

আলুলায়িত /আলুলায়িতো/ [স. √আলুলায়্+ত] বিণ. এলায়িত, অসংযত।

আলেখা /আলেখা/ [বা.] বিণ. ১ অলিখিত। ২ সাদা; আঁচড়শূন্য।

আলেখ্য /আলেক্‌খো/ [স. আ+√লিখ্+য] বি. চিত্র, ছবি, অঙ্কিত প্রতিমূর্তি।

আলেপন /আলেপন্/ [স. আ+√লিপ্+অন] বি. ১ আলপনা। ২ প্রলেপ দান, লেপন।

আলেম /আলেম্/ [আ.] বিণ. ১ ইসলাম ধর্মতত্ত্বজ্ঞ। ২ পণ্ডিত। বি. বিদ্বান ব্যক্তি।

আলেয়া /আলেয়া/ [দেশি.] বি. পরিত্যক্ত জলাভূমিতে দৃষ্ট হঠাৎ জ্বলে ওঠা মিথেন গ্যাসের শিখা; প্রহেলিকা।

www.pathagar.com

আলো /আলো/ [স. আলোক >] বি. সূর্য আগুনের শিখা অত্যন্ত তপ্ত বস্তু বা অন্য কোনো পদার্থ থেকে বিকীর্ণ অতি ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্যের বিদ্যুৎ-চুম্বকীয় রশ্মি যার সাহায্যে বস্তু দৃশ্যমান হয়, আলোক।

আলো-আঁধারি /আলোআঁধারি/ [বা.] বি. অস্পষ্ট আলোক। বিণ. (আল.) কিছুটা স্পষ্ট এবং কিছুটা অস্পষ্ট এমন।

আলোক /আলোক্/ [স. আ+√লোক্+অ] বি. জ্যোতি, কিরণ, দীপ্তি।

আলোকচিত্র /আলোক্চিত্রো/ [স. আলোক+চিত্র] বি. আলোকসংবেদী পটে ধারণ করা কোনো ব্যক্তি বস্তু বা দৃশ্যের নিখুঁত ছায়াচিত্র, প্রতিকৃতি, photograph।

আলোকচ্ছটা /আলোকোচ্ছটা/ [স. আলোক+ছটা] বি. আলোকরশ্মির বিচ্ছুরণ।

আলোকন /আলোকন্/ [স. আ+√লোক্+অন] বি. ১ দর্শন, অবলোকন। ২ প্রদর্শন।

আলোকপাত /আলোক্পাত্/ [স. আলোক+√পত্+অ] বি. ১ আলো প্রক্ষেপণ। ২ কোনো অস্পষ্ট বিষয়ে ব্যাখ্যামূলক তথ্য পরিবেশন।

আলোকবর্ষ /আলোক্বর্শো/ [স. আলোক+বর্ষ] বি. (জ্যোবি.) আলো এক বছরে যে দূরত্ব অতিক্রম করতে পারে (আনুমানিক ৯.৪৬×১০^{১২} কিমি. বা ৫,৮৮০,০০০,০০০,০০০ মাইল), মহাজাগতিক দূরত্বের এককবিশেষ; (পরি.) light year।

আলোকবিজ্ঞান /আলোক্বিগ্‌গ্যান্/ [স. আলোক+বিজ্ঞান] বি. আলোর উৎস গতি প্রতিসরণ প্রতিফলন প্রভৃতিসংক্রান্ত শাস্ত্র, optics।

আলো করা[১] /আলো করা/ ক্রিবি. আলোকিত করা; উজ্জ্বল করা।

আলোকরা[২] /আলোকরা/ [বা.] বিণ. আলোকিত করে এমন; উজ্জ্বলকারী (*ঘর আলোকরা শিশু*)।

আলোকলতা /আলোক্লতা/ [স. আলোক+√লত্+অ+আ (টাপ্)] বি. বাংলাদেশ-সহ নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখা-প্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি রঙের পরজীবী লতানে উদ্ভিদ, কনকলতা, জ্যোতিষ্মতী, স্বর্ণলতা।

আলোকসংকেত /আলোক্সংকেত্/ [স. আলোক+সম্+√কিত্+অ] বি. ১ যে আলোর সাহায্যে জলযান বিমানপোত প্রভৃতিকে পথনির্দেশ করা হয়, beacon। ২ সমুদ্রতীরে স্থাপিত বাতিঘরের যে সংকেত জাহাজকে সতর্ক করে।

আলোকসজ্জা /আলোক্শজ্জা/ [স. আলোক+√সজ্+অ+আ (টাপ্)] বি. কোনো উৎসব উপলক্ষ্যে আলো জ্বালিয়ে ঘরবাড়ি প্রভৃতি সজ্জিতকরণ।

আলোকস্তম্ভ /আলোক্স্তম্ভো/ [স. আলোক+√স্তম্ভ্+অ] বি. সমুদ্রগামী জাহাজকে সতর্ক করার উদ্দেশ্যে সমুদ্রের উপকূলে স্থাপিত আলোকসংকেত প্রদানকারী স্তম্ভ, বাতিঘর, lighthouse।

আলোচক /আলোচক্/ [স. আ+√লোচি+অক] বিণ. আলোচনাকারী। বি. যিনি আলোচনা করেন।

আলোচন /আলোচন্/ [স. আ+√লোচি+অন] বি. দ্র আলোচনা।

আলোচনা /আলোচনা/ [স. আ+√লোচি+অন+আ (টাপ্)] বি. ১ অনুশীলন, চর্চা (*জ্ঞানালোচনা*)। ২ বিচার (*কাব্যালোচনা*)।

আলোচনী /আলোচোনি/ [স. আলোচন+ঈ] বি. আলোচ্য বিষয়।

আলোচনীয় /আলোচোনিয়ো/ [স. আ+√লোচি+অনীয়] বিণ. ১ আলোচনার জন্য উপস্থাপিত বা নির্দিষ্ট। ২ আলোচনার যোগ্য।

আলোচাল /আলোচাল্/ [দেশি.] বি. সূর্যতাপে শুকোনো অসেদ্ধ ধান ছেঁটে প্রাপ্ত চাল, আতপচাল।

আলোচিত /আলোচিতো/ [স. আ+√লোচি+ত] বিণ. আলোচনা করা হয়েছে এমন; বিচারিত।

আলোচ্য /আলোচ্চো/ [স. আ+√লোচি+য] বিণ. আলোচনার যোগ্য; আলোচনার জন্য উত্থাপিত।

আলোড়ক /আলোড়ক্/ [স. আ+√লোড়ি+অক] বিণ. আলোড়নকারী। বি. ঘোটনদণ্ড।

আলোড়ন /আলোড়ন্/ [স. আ+√লোড়ি+অন] বি. ১ মন্থন, আবর্তন, ঘোটন। ২ আন্দোলন; বিক্ষোভ।

আলোড়িত /আলোড়িতো/ [স. আ+√লোড়ি+ত] বিণ. ১ আলোড়ন করা হয়েছে এমন; মথিত। ২ আন্দোলিত।

আ-লোনা /আলোনা/ [দেশি.] বিণ. প্রয়োজনমতো লবণ দেওয়া হয়নি এমন, আলুনি।

আলোয়ান /আলোআন্/ [আ.] বি. পশমি চাদর; পাড়বিহীন শাল।

আলোল /আলোল্/ [স. আ+√লুল্+অ] বিণ. ১ ঈষৎ চঞ্চল। ২ লালায়িত।

আলোহিত /আলোহিতো/ [স. আ+লোহিত] বিণ. ১ ঈষৎ লাল। ২ রক্তাভ, লালচে।

www.pathagar.com

আল্লামা /আল্‌লামা / [আ.] বিণ. পণ্ডিত।

আল্লাহ /আল্‌লাহ্ / [আ.] বি. পবিত্র কোরানে বর্ণিত নিরাকার পরমেশ্বর ও বিশ্বচরাচরের স্রষ্টা এবং এক ও অদ্বিতীয় সত্তা, জীবজগতের প্রভু ও রক্ষা-কর্তা, যিনি পাপীকে শাস্তি দেন এবং পুণ্যবানকে পুরস্কৃত করেন, খোদা, সৃষ্টিকর্তা।

আল্লাহর কসম /আল্‌লাহ্‌র্ কসোম্/ বি. আল্লাহর নামে উচ্চারিত শপথ।

আল্লাহর কিরা /আল্‌লাহ্‌র্ কিরা/ বি. দ্র আল্লাহর কসম।

আল্লাহর কুদরত /আল্‌লাহ্‌র্ কুদ্‌রত্/ বি. আল্লাহর দয়া ও মহিমা।

আল্লাহর গজব /আল্‌লাহ্‌র্ গজ্‌ব্/ বি. আল্লাহর অভিসম্পাত।

আল্লাহর রহমত /আল্‌লাহ্‌র্ রহ্‌মত্/ বি. পরম করুণাময় আল্লাহর কৃপা।

আশ[১] /আশ্/ [স. √অশ্+অ] বি. আহার, ভোজন, অশন (*প্রাতরাশ*)।

আশ[২] /আশ্/ [স. আশা >] বি. ১ আশা, আকাঙ্ক্ষা। ২ কামনা, ইচ্ছা, অভিলাষ।

আশংসন /আশংশন্/ [স. আ+√শন্‌স্+অন] বি. ১ আশা, প্রত্যাশা। ২ কামনা, ইচ্ছা। ৩ সম্ভাবনা। ৪ সন্দেহ, সংশয়।

আশংসা /আশংশা/ [স. আ+√শন্‌স্+অ+আ (টাপ্)] বি. দ্র আশংসন।

আশকারা /আশ্‌কারা/ [ফা.] বি. ১ প্রশ্রয়, লাই। ২ তদন্তের পর রহস্য বা গুপ্ত বিষয় প্রকাশ।

আশকারা দেওয়া /আশ্‌কারা দেওআ/ ক্রিবি. প্রশ্রয় দেওয়া।

আশঙ্কনীয় /আশংকোনিয়ো/ [স. আ+√শঙ্ক্+অনীয়] বিণ. ত্রাসযোগ্য, ভীতিপ্রদ, ভয়াবহ।

আশঙ্কা /আশংকা/ [স. আ+√শঙ্ক্+অ+আ (টাপ্)] বি. ১ সংশয়, সন্দেহ, শঙ্কা। ২ ভয়।

আশঙ্কাজনক /আশংকাজনোক্/ [স. আশঙ্কা+জনক] বিণ. ১ সংকটাপন্ন। ২ ভীতিপ্রদ।

আশঙ্কাস্থল /আশংকাস্‌থল্/ [স. আশঙ্কা+স্থল] বি. ভয় বা সন্দেহের স্থান।

আশঙ্কিত /আশোংকিতো/ [স. আ+√শঙ্ক্+ত] বিণ. ১ সংশয়িত, সন্দিগ্ধ। ২ ভয় পেয়েছে এমন, ত্রস্ত। ৩ আশঙ্কা করা হয়েছে এমন।

আশনা /আশ্‌না/ [ফা.] বি. ১ প্রণয়ী, প্রেমিক। ২ পরিচিত ব্যক্তি; বন্ধু।

আশনাই /আশ্‌নাই/ [ফা.] বি. ১ প্রেম, প্রণয়, আসক্তি। ২ অবৈধ প্রণয়। ৩ বন্ধুত্ব।

আশপাশ /আশ্‌পাশ্/ [স. পার্শ্ব >] বি. চারপাশ; এদিক-ওদিক (*আশপাশ থেকে*)। বিণ. ১ নিকটবর্তী। ২ চারদিকের।

আশয় /আশয়্/ [স. আ+√শী+অ] বি. ১ আধার; আশ্রয়; স্থান (*জলাশয়*)। ২ ঐশ্বর্য, বিভব (*বিষয়-আশয়*)। ৩ অন্তঃকরণ; প্রবৃত্তি (*সদাশয়*)। ৪ বাসনা, অভিলাষ; আশা (*আশয় পূরণ*)।

আশরফি /আশ্‌রফি/ [ফা.] বি. আনুমানিক ১০ গ্রাম ওজনের অধুনালুপ্ত স্বর্ণমুদ্রাবিশেষ।

আশরাফ /আশ্‌রাফ্/ [আ.] বি. ভদ্রলোক; সম্ভ্রান্ত ব্যক্তি।

আশরাফুল মখলুকাত /আশ্‌রাফুল মখ্‌লুকাত্/ বি. সৃষ্টির সেরা জীব; মানব জাতি।

আশা /আশা/ [স. আ+√অশ্+অ+আ (টাপ্)] ১ কাঙ্ক্ষিত কোনোকিছু পাওয়ার বাসনা; প্রত্যাশা (*চাকরি পাওয়ার আশা*)। ২ আশ্বাস; ভরসা (*আশা দেওয়া*)। ৩ দিক (*পূর্বাশা*)।

আশাতীত /আশাতিতো/ [স. আশা+অতি+√ই+ত] বিণ. আশা করা হয়নি এমন, অপ্রত্যাশিত (*আশাতীত সাফল্য*)।

আশা দেওয়া /আশা দেওআ/ ক্রিবি. আশ্বাস বা ভরসা দেওয়া।

আশান্বিত /আশান্‌নিতো/ [স. আশা+অনু+√ই+ত] বিণ. আশাযুক্ত। স্ত্রী. আশান্বিতা/আশান্‌নিতা/।

আশাবরি /আশাবোরি/ [আ.] বি. প্রাতঃকালে গেয় সংগীতের রাগবিশেষ।

আশাবাদ /আশাবাদ্/ [স. আশা+√বদ্+অ] বি. সাফল্য লাভের আশা পোষণ।

আশাবাদী /আশাবাদি/ [স. আশা+√বদ্+ইন্] বিণ. আশা পোষণকারী।

আশাবান /আশ্‌মবান্/ [স. আশা+বৎ] বিণ. আশা আছে এমন, আশান্বিত, আশাযুক্ত।

আশাভঙ্গ /আশাভংগো/ [স. আশা+√ভন্‌জ্+অ] বি. প্রত্যাশা নাশ, হতাশা।

আশাভরসা /আশাভরোশা/ [স. আশা+হি. ভরসা] বি. ১ সহায় ও সম্বল, অবলম্বন। ২ সম্ভাবনা।

আশাস্পদ /আশাশ্‌পদো/ [স. আশা+আস্পদ] বি. আশাভরসার স্থল।

আশাহত /আশাহতো/ [স. আশা+আ+√হন্+ত] বিণ. হতাশ, নিরাশ।

আশাহীন /আশাহিন্/ [স. আশা+√হা+ত] বিণ. দ্র আশাহত।

www.pathagar.com

আশি /আশি/ [স. অশীতি >] বি. ৮০ সংখ্যা, অশীতি। বিণ. ৮০সংখ্যক।

আশিস/আশিশ্/[স. আ+√শাস্+ক্বিপ্] বি. আশীর্বাদ, দোয়া; শুভেচ্ছা।

আশী /আশি/ [স. আ+√শাস্+ক্বিপ্] বি. সাপের বিষদাঁত।

আশীবিষ /আশিবিশ্/ [স. আশিস্+বিষ] বি. যার দাঁতে বিষ থাকে, সাপ (*কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে, কভু আশীবিষে দংশেনি যারে*—কৃষ্ণচন্দ্র.)।

আশীর্বচন /আশির্বচোন্/ [স. আশিস্+বচন] বি. (গুরুজনের) কল্যাণ বা মঙ্গলসূচক উক্তি; শুভেচ্ছা; দোয়া।

আশীর্বাদ /আশির্বাদ্/ [স. আশিস্+√বদ্+অ] বি. দ্র আশীর্বচন।

আশীর্বাদক /আশির্বাদক্/ [স. আশিস্+√বদ্+অক] বি. বিণ. আশীর্বাদকারী। স্ত্রী. **আশীর্বাদিকা** /আশির্বাদিকা/।

আশীর্বাদি /আশির্বাদি/ [স. আশীর্বাদ+ই] বিণ. আশীর্বাদের সঙ্গে দেয়। বি. আশীর্বাদের সঙ্গে দেয় অর্থ বা উপহার।

আশু /আশু/ [স. √অশ্+উ] বিণ. দ্রুত (*আশুগতি*)। ক্রিবিণ. দ্রুত, তাড়াতাড়ি। বি. আউশ ধান (দ্রুত পাকে বলে)।

আশুকারী /আশুকারি/ [স. আশু+√কর্+ইন্] বিণ. দ্রুত কাজ করতে সক্ষম এমন, চটপটে।

আশুগতি /আশুগোতি/ [স. আশু+√গম্+তি] বি. দ্রুত গতি। বিণ. দ্রুতগামী।

আশুগামী /আশুগামি/ [স. আশু+√গম্+ইন্] বিণ. দ্রুতগামী। স্ত্রী. আশুগামিনী /আশুগামিনি/।

আশুচেতন /আশুচেতন্/ [স. আশু+√চিত্+অন] বিণ. অকালপক্ক, হঁচড়ে পাকা।

আশুতর /আশুতরো/ [স. আশু+তরপ্] বিণ. ক্ষিপ্রতর।

আশুতোষ /আশুতোশ্/ [স. আশু+√তুষ্+অ] বিণ. অল্পে তুষ্ট। বি. ১ যিনি অল্পে তুষ্ট হন। ২ শিব।

আশুধান্য /আশুধান্নো/ [স. আশুধান+য] বি. (দ্রুত ফলন হয় বলে) আউশ ধান।

আশুপাতী /আশুপাতি/ [স. আশু+√পত্+ইন্] বিণ. শীঘ্র পতন হয় এমন, শীঘ্র ঝরে যায় এমন।

আশুরা /আশুরা/ [আ.] বি. হিজরি বর্ষপঞ্জির মহরম মাসের ১০ তারিখ যেদিন হজরত মুহম্মদ (সা.)-এর দৌহিত্র ইমাম হোসেন কারবালার যুদ্ধে শহিদ হন।

আশুষ্ক /আশুশ্কো/ [স. আ+√শুষ্+ত] বিণ. কিঞ্চিৎ শুষ্ক।

আশেক /আশেক্/ [আ.] বি. প্রণয়াসক্ত ব্যক্তি, প্রেমিক।

আশেপাশে /আশেপাশে/ [স. পার্শ্ব >] ক্রিবিণ. চারপাশে; এদিকে ওদিকে; নিকটবর্তী চারদিকে।

আশৈশব /আশোইশব/ [স. আ+শৈশব] অব্য. ক্রিবিণ. শিশুকাল থেকে, বাল্যাবধি।

আশোয়ারি /আশোআরি/ [আ.] বি. প্রাতঃকালে গেয় সংগীতের রাগবিশেষ।

আশ্চর্য /আশ্চোর্জো/ [স. আ+√চর্+য] বিণ. ১ অদ্ভুত, বিস্ময়কর, আজব (*আশ্চর্য ব্যাপার*)। ২ আশ্চর্যান্বিত, বিস্মিত। বি. অদ্ভুত বস্তু; বিস্ময়কর ব্যাপার বা বিষয়।

আশ্বস্ত /আশ্শস্তো/ [স. আ+√শ্বস্+ত] বিণ. ১ আশ্বাস বা ভরসাপ্রাপ্ত। ২ নিরুদ্‌বেগ, আশঙ্কামুক্ত।

আশ্বাস /আশ্শাশ্/ [স. আ+√শ্বাসি+অ] বি. ১ অভয়, প্রবোধ, সান্ত্বনা। ২ ভরসা। ৩ উৎসাহদান।

আশ্বাসক /আশ্শাশক্/ [স. আ+√শ্বাসি+অক] বিণ. আশ্বাসদাতা, সান্ত্বনাদাতা।

আশ্বাসন /আশ্শাশন্/ [স. আ+√শ্বাসি+অন] বি. ১ আশ্বাসদান, সান্ত্বনাদান। ২ উৎসাহ প্রদান।

আশ্বাসিত /আশ্শাশিতো/ [স. আ+√শ্বাসি+ত] বিণ. আশ্বাসপ্রাপ্ত, সান্ত্বনা বা ভরসাপ্রাপ্ত।

আশ্বিন /আশ্শিন্/ [স. অশ্বিনী+অ] বি. বাংলা বর্ষপঞ্জির ষষ্ঠ মাস, শরৎ ঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৬ই সেপ্টেম্বর থেকে ১৫ই অক্টোবর পর্যন্ত কালপর্ব।

আশ্রম /আস্‌স্রোম্/ [স. আ+√শ্রম্+অ] বি. ১ সংসার-ত্যাগী সাধু সন্ন্যাসীদের আখড়া। ২ সাধনা বা শাস্ত্রচর্চার জন্য নির্দিষ্ট স্থান; মঠ; আস্তানা। ৩ তপোবন (*মুনির আশ্রম*)। ৪ আশ্রয়; স্থান; গৃহ (*অনাথাশ্রম*)। ৫ শাস্ত্রোক্ত সনাতন ধর্মাবলম্বীদের জীবনযাত্রার চতুর্বিধ অবস্থা (ব্রহ্মচর্য গার্হস্থ্য বাণপ্রস্থ ও সন্ন্যাস)।

আশ্রমধর্ম /আস্‌স্রোম্‌ধরমো/ [স. আশ্রম+ধর্ম] বি. আশ্রমে পালনীয় আচার, আশ্রমবাসীদের পালনীয় কর্তব্য।

আশ্রমিক /আস্‌স্রোমিক্/ [স. আশ্রম+ইক] বিণ. ১ আশ্রমধর্মাচারী, আশ্রমধর্ম পালনকারী। ২ আশ্রম-

www.pathagar.com

সম্বন্ধীয়। ৩ আশ্রমবাসী। ৪ চতুরাশ্রমের কোনো একটি আশ্রম পালন করে এমন। বি. যে ব্যক্তি আশ্রমে বাস করে।

আশ্রমী /আস্‌ম্রোমি/ [স. আশ্রম+ইন্] বিণ. বি. দ্র আশ্রমিক।

আশ্রয় /আস্‌শ্রয়্/ [স. আ+√শ্রি+অ] বি. ১ রক্ষণ; সহায় (*সর্বহারার আশ্রয়*)। ২ অবলম্বন। ৩ আধার (*সর্বগুণের আশ্রয়*)। ৪ গৃহ (*আশ্রয়হীন*)।

আশ্রয়ণীয় /আস্‌শ্রয়োনিয়ো/ [স. আ+√শ্রি+অনীয়] বিণ. আশ্রয় গ্রহণের উপযুক্ত, আশ্রয় গ্রহণ করা যায় এমন।

আশ্রয়দাতা /আস্‌শ্রয়্‌দাতা/ [স. আশ্রয়+√দা+তৃ] বি. যে আশ্রয় দান করে। বিণ. প্রতিপালক, আশ্রয়-দানকারী। স্ত্রী. **আশ্রয়দাত্রী** /আস্‌শ্রয়্‌দাত্‌ত্রি/।

আশ্রয়প্রার্থী /আস্‌শ্রয়্‌প্রার্‌থি/ [স. আশ্রয়+প্র+√অর্থ্+ইন্] বিণ. আশ্রয় চায় এমন। স্ত্রী. **আশ্রয়প্রার্থিনী** /আস্‌শ্রয়্‌প্রার্‌থিনি/।

আশ্রয়শূন্য /আস্‌শ্রয়্‌শুন্‌নো/ [স. আশ্রয়+√শ্বন্+য] বিণ. ১ নিরাশ্রয়। ২ সহায়সম্বলহীন। ৩ অনাথ।

আশ্রয়ার্থী /আস্‌শ্রয়ার্‌থি/ [স. আশ্রয়+√অর্থ্+ইন্] বিণ. আশ্রয়প্রার্থী। স্ত্রী. **আশ্রয়ার্থিনী** /আস্‌শ্রয়ার্‌থিনি/।

আশ্রয়ী /আস্‌শ্রোয়ি/ [স. আ+√শ্রি+ইন্] বিণ. আশ্রয় গ্রহণকারী; আশ্রয়প্রাপ্ত, আশ্রিত।

আশ্রিত /আস্‌শ্রিতো/ [স. আ+√শ্রি+ত] বিণ. ১ আশ্রয়প্রাপ্ত, শরণাগত। ২ অনুগ; সেবক। ৩ অবস্থিত (*দেহাশ্রিত*)।

আশ্রিতবৎসল /আস্‌শ্রিতোবত্‌শল্/ [স. আশ্রিত+বৎসল] বিণ. আশ্রিতের প্রতি স্নেহশীল।

আশ্রুত /আস্‌শ্রুতো/ [স. আ+√শ্রু+ত] বিণ. ১ অঙ্গীকার করা হয়েছে এমন, প্রতিশ্রুত। ২ শ্রুত।

আশ্লিষ্ট /আস্‌শ্লিশ্‌টো/ [স. আ+√শ্লিষ্+ত] বিণ. ১ সংশ্লিষ্ট। ২ আলিঙ্গিত। ৩ পরিব্যাপ্ত। ৪ শ্লেষপূর্ণ।

আশ্লেষ /আস্‌শ্লেশ্/ [স. আ+√শ্লিষ্+অ] বি. ১ আলিঙ্গন। ২ মিলন। ৩ শ্লেষ। ৪ সম্বন্ধ।

আষাঢ় /আশাঢ়্/ [স. আষাঢ়া+অ] বি. বাংলা বর্ষ-পঞ্জির তৃতীয় মাস, বর্ষাঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই জুন থেকে ১৫ই জুলাই পর্যন্ত কালপর্ব।

আষাঢ়িয়া /আশাঢ়িআ/ [বা.] বিণ. দ্র আষাঢ়ে।

আষাঢ়ে /আশাঢ়ে/ [বা.] বিণ. ১ আষাঢ় মাসে ঘটে এমন। ২ আষাঢ় মাসসম্বন্ধীয়। ৩ অলীক, আজগুবি (*আষাঢ়ে গল্প*)।

আষাঢ়ে গল্প /আশাঢ়ে গল্‌পো/ বি. আজগুবি গল্প, অবিশ্বাস্য কাহিনি।

আষ্টেপৃষ্ঠে /আশ্‌টেপৃশ্‌ঠে/ [স. অষ্টপৃষ্ঠ >] ক্রিবিণ. সারাদেহ জুড়ে, সর্বাঙ্গে।

আসকে /আশ্‌কে/ [দেশি.] বি. চালের গুঁড়ো দিয়ে তৈরি পিঠাবিশেষ (*আসকে পিঠে*)।

আসক্ত /আশক্‌তো/ [স. আ+√সন্‌জ্+ত] বিণ. ১ অতিশয় অনুরক্ত (*প্রণয়াসক্ত*)। ২ সংলিপ্ত।

আসক্তি /আশোক্‌তি/ [স. আ+√সন্‌জ্+তি] বি. ১ গভীর অনুরাগ; লিপ্সা। ২ ভোগবিলাস। ৩ সংসক্তি। ৪ অভিনিবেশ।

আসঙ্গ /আশংগো/ [স. আ+√সনজ্+অ] বি. ১ মিলন; সহবাস (*আসঙ্গলিপ্সা*)। ২ ভোগবিলাস। ৩ প্রীতি, অনুরাগ। ৪ মনোযোগ, অভিনিবেশ।

আসঙ্গলিপ্সা /আশংগোলিপ্‌শা/ [স. আসঙ্গ+√লভ্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ সহবাসের বাসনা। ২ অন্যের সঙ্গে সমাজবদ্ধ হয়ে বসবাসের ইচ্ছা।

আসছে /আশ্‌ছে/ [বা.] বিণ. আগমন করছে এমন; পরবর্তী, আগামী (*আসছে রোববার*)।

আসত্তি /আশোত্‌তি/ [স. আ+√সদ্+তি] বি. ১ নৈকট্য, সন্নিধি। ২ মিলন। ৩ (ব্যা.) বাক্যে পরস্পর অন্বিত পদসমূহের সন্নিহিত অবস্থান।

আসন /আশোন্/ [স. √আস্+অন] বি. ১ বসার উপযোগী উপকরণ, যার ওপর বসা হয় (*কাষ্ঠাসন*), যা পেতে বসা হয়, মাদুর। ২ পীঠ। ৩ সম্মানজনক অবস্থিতি (*মর্যাদার আসন*)। ৪ বাসস্থান; গৃহ (*ভদ্রাসন*)। ৫ যোগসাধনায় উপবেশনের ভঙ্গি (*পদ্মাসন*)।

আসনগ্রহণ /আশোন্‌গ্রোহোন্/ [স. আসন+গ্রহণ] বি. নির্দিষ্ট স্থানে উপবেশন।

আসন্ন /আশন্‌নো/ [স. আ+√সদ্+ত] বিণ. ১ আগতপ্রায় (*আসন্ন বিপদ*)। ২ বিপন্ন বা অন্তিম (*আসন্নকাল*)। ৩ নিকটবর্তী (*আসন্নপ্রসবা*)।

আসন্নকাল /আশন্‌নোকাল্/ [স. আসন্ন+কাল] বি. ১ মৃত্যুর সময়, অন্তিমকাল। ২ বিপৎকাল।

আসন্নপ্রসবা /আশন্‌নোপ্রোশোবা/ [স. আসন্ন+প্রসব+আ (টাপ্)] বিণ. প্রসবকাল নিকটবর্তী হয়েছে এমন।

আসন্নমৃত্যু /আশন্‌নোমৃত্‌তু/ [স. আসন্ন+মৃত্যু] বিণ. মৃত্যু অতি নিকটবর্তী এমন, মুমূর্ষু।

আসব /আশব্/ [স. আ+√সু+অ] বি. ১ চুয়ানো মদ, চোলাই করা মদ। ২ তাড়ি।

www.pathagar.com

আসবাব /আশ্‌বাব্‌/ [আ.] বি. দ্র আসবাবপত্র।

আসবাবপত্র /আশ্‌বাব্‌পত্‌ত্রো/ [আ. আসবাব+স. পত্র] বি. গৃহসজ্জার উপযোগী বস্তুসামগ্রী, টেবিল চেয়ার খাট প্রভৃতি উপকরণ।

আসমান /আস্‌মান্‌/ [ফা.] বি. আকাশ।

আসমান জমিন /আস্‌মান্‌ জোমিন্‌/ বি. আকাশ ও পৃথিবী, দ্যুলোক ও ভূলোক। বিণ. ১ সীমাহীন (*আসমান জমিন ফারাক*)। ২ দূরতিক্রম্য।

আসমান জমিন তফাত /আস্‌মান্‌ জোমিন্‌ তফাত্‌/ বি. দ্র আসমান জমিন ফারাক।

আসমান জমিন ফারাক /আস্‌মান্‌ জোমিন্‌ ফারাক্‌/ বি. আকাশপাতাল প্রভেদ; দূরতিক্রম্য ব্যবধান।

আসমানি /আস্‌মানি/ [ফা.] বিণ. ১ হালকা নীল রঙের, নীলাভ (*আসমানি শাড়ি*)। ২ আকাশ-সম্বন্ধীয়।

আসমুদ্র /আশোমুদ্‌দ্রো / [স. আ+সমুদ্র] বিণ. ক্রিবিণ. সমুদ্র পর্যন্ত।

আসমুদ্রহিমাচল /আশোমুদ্‌দ্রোহিমাচল্‌/ [স. আ+সমুদ্র+হিমাচল] বিণ. সমুদ্র থেকে হিমালয় পর্যন্ত বিস্তৃত।

আসর[১] /আসর্‌/ [আ.] বি. ১ বিকেলের নামাজের সময়। ২ বিকেলের নামাজ। ৩ অপরাহ্ণ, বিকেল।

আসর[২] /আসর্‌/ [ফা.] বি. ১ প্রভাব বিস্তার। ২ চিহ্ন; ভর (*কল্পিত ভূতের আসর*)।

আসর[৩] /আশোর্‌/ [আ.] বি. বৈঠক; মজলিস (*গানের আসর*)।

আসর জমানো /আশোর্‌ জমানো/ ক্রিবি. বাক্‌-চাতুর্য হাস্যপরিহাস প্রভৃতির দ্বারা পরিবেশকে হর্ষোৎফুল্ল করে তোলা।

আসর মাতানো /আশোর্‌ মাতানো/ ক্রিবি. দ্র আসর জমানো।

আসল /আশোল্‌/ [আ.] বিণ. ১ খাঁটি, বিশুদ্ধ, নির্ভেজাল (*আসল সোনা*)। ২ সত্য, প্রকৃত, যথার্থ (*আসল ঘটনা*)। ৩ মূল, আদি (*আসল দলিল*)। ৪ আনুষঙ্গিক খরচ বাদে মোট, নিট (*আসল আয়*)। বি. ১ মূলবস্তু। ২ ব্যবসায়ের মূলধন।

আসশ্যাওড়া /আশশ্যাওড়া/ [স. আস্যশাখোট >] বি. পতিত জমিতে জাত এবং বসন্তকালে ফোটে এমন একলিঙ্গ ফুল ও ছোটো গোলাকার ফল বা তার ঘন গাঁটযুক্ত ধূসর কাণ্ডবিশিষ্ট চিরহরিৎ পত্র-বহুল ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল)।

আসা[১] /আশা/ [বা.] ক্রিবি. ১ আগমন করা, উপস্থিত হওয়া (*স্কুলে আসা*)। ২ উদ্রেক হওয়া (*চোখে জল আসা*)। ৩ জোগানো (*মাথায় বুদ্ধি আসা*)। ৪ উপযোগী হওয়া (*কাজে আসা*)। ৫ আরম্ভ হওয়া (*বৃষ্টি আসা*)। ৬ উপার্জন হওয়া (*হাতে টাকা আসা*)। ৭ শেষ হওয়ার উপক্রম হওয়া (*নিভে আসা*)। ৮ উদয় হওয়া (*মনে আসা*)। ৯ ঘটা, হওয়া (*বিপদ আসা*)। ১০ প্রবেশ করা (*ঘরে রোদ আসা*)। ১১ উপক্রম হওয়া (*বমি আসা*)। ১২ বৃদ্ধি পাওয়া (*উঠানে পানি আসা*)।

আসা[২] /আশা/ [আ.] বি. দণ্ড, লাঠি (*আসাবরদার*)।

আসাদন /আশাদন্‌/ [স. আ+√সাদি+অন] বি. ১ প্রাপ্তি; লাভ। ২ সম্পাদন।

আসাদিত /আশাদিতো/ [স. আ+√সাদি+ত] বিণ. ১ প্রাপ্ত। ২ সম্পাদিত।

আসান /আসান্‌/ [ফা.] বিণ. সহজ। বি. ১ লাঘব (*মুশকিল আসান*)। ২ উদ্ধার। ৩ অবসান, রেহাই, নিষ্কৃতি, মুক্তি। ৪ সান্ত্বনা।

আসানি /আসানি/ [ফা.] বি. ১ সহজ ভাব। ২ আরাম।

আসাবরদার /আশাবর্‌দার্‌/ [আ. আসা+ফা. বরদার] বিণ. দণ্ডবহনকারী। বি. শাসক বা মাতব্বরের দণ্ডধারী অনুচর।

আসামি /আশামি/ [আ.] বি. অভিযুক্ত ব্যক্তি।

আসা-যাওয়া /আশাজাওআ/ [বা.] বি. ১ গমনা-গমন, যাতায়াত (*আসা-যাওয়ার পথের ধারে গান গেয়ে মোর কেটেছে দিন।* রবীন্দ্র.)। ২ মেলা-মেশা (*ওদের মধ্যে আসা-যাওয়া নেই*)। ক্রিবি. ক্ষতিবৃদ্ধি হওয়া (*তাতে কিছু আসে যায় না*)।

আসার[১] /আশার্‌/ [স. আ+√সৃ+অ] বি. ১ প্রবল বৃষ্টিপাত (*ধারাসার*)। ২ জলকণা; জলস্রাব।

আসার[২] /আশার্‌/ [আ.] বি. ১ নিদর্শন, চিহ্ন। ২ প্রাচীন চিহ্ন; প্রাচীন কীর্তি।

আসিক্ত /আশিক্‌তো/ [স. আ+সিক্ত] বিণ. ১ অল্প ভেজা। ২ সম্পূর্ণ সিক্ত।

আসিদ্ধ /আশিদ্‌ধো/ [স. আ+√সিধ্‌+ত] বিণ. ১ পুরো সেদ্ধ নয় এমন, অর্ধসেদ্ধ। ২ বিচারকের আদেশে দণ্ডপ্রাপ্ত।

আসীন /আশিন্‌/ [স. √আস্‌+ঈন (শানচ্‌)] বিণ. ১ উপবিষ্ট। ২ অধিষ্ঠিত; অবস্থিত। স্ত্রী. আসীনা

www.pathagar.com

/আশিনা/।

আসুদা /আসুদা/ [ফা.] বিণ. তৃপ্ত, পরিতৃপ্ত, সন্তুষ্ট।

আসুপ্তি /আশুপ্‌তি/ [স. আ+√স্বপ্+তি] বি. অর্ধ-জাগরিত অবস্থা, তন্দ্রা।

আসুর /আশুর/ [স. অসুর+অ] বিণ. দ্র আসুরিক।

আসুরিক /আশুরিক্/ [স. অসুর+ইক] বিণ. ১ অসুর-সম্বন্ধীয়। ২ অসুরসুলভ, অসুরতুল্য। ৩ ভীষণ, ভয়ংকর।

আসুর বিবাহ /আশুর্ বিবাহো/ বি. কন্যার অভিভাবককে অর্থ প্রদানের বিনিময়ে বিবাহ।

আসেচন /আশেচন/ [স. আ+সেচন] বি. ১ উত্তমরূপে সেচন বা সিক্তকরণ। ২ সম্যক সেক প্রদান। বিণ. অতিশয় তৃপ্তিকর।

আস্কন্দন /আস্‌কন্‌দন্/ [স. আ+√স্কন্দ্+অন] বি. ১ ধাবন; আস্ফালন। ২ প্লবগতি। ৩ আক্রমণ। ৪ তিরস্কার।

আস্কন্দিত /আস্‌কোন্‌দিতো/ [স. আ+√স্কন্দি+ত] বিণ. লাফিয়ে চলার গতিসম্পন্ন।

আস্ত /আস্‌তো/ [দেশি.] বিণ. ১ পুরো, গোটা; অখণ্ড, সমগ্র, পূর্ণ। ২ পুরোদস্তুর (*আস্ত পাগল*)। ৩ প্রকৃত; পাকা (*আস্ত চোর*)।

আস্তর /আস্‌তর্/ [স. আ+√স্তৃ+অ] বি. ১ চুন সুরকি বালি প্রভৃতির প্রলেপ, পলেস্তারা, plaster। ২ পরিধেয় বস্ত্রের ভেতরদিকে লাগানো অতিরিক্ত কাপড়ের আবরণ, লাইনিং। ৩ কারুকার্যখচিত চাদরবিশেষ। ৪ হাতির পিঠে পেতে বসার জন্য ব্যবহৃত কারুকার্যখচিত শতরঞ্চি। ৫ গালিচা।

আস্তাকুঁড় /আস্‌তাকুঁড়্/ [দেশি.] বি. আবর্জনা ফেলার স্থান।

আস্তানা /আস্‌তানা/ [ফা.] বি. ১ আশ্রম (*ফকিরের আস্তানা*)। ২ আড্ডা (*চোরের আস্তানা*)। ৩ বাস-স্থান; আশ্রয়স্থল।

আস্তানা গাড়া /আস্‌তানা গাড়া/ ক্রিবি. আড্ডা বা সাময়িক বসতি স্থাপন করা।

আস্তাবল /আস্‌তাবল্/ [ই. stable >] বি. ঘোড়া রাখার ঘর, অশ্বশালা।

আস্তিক /আস্‌তিক্/ [স. অস্তি+ইক] বিণ. ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করে এমন। বি. সর্পদেবী মনসার পুত্র ও মুনিবিশেষ।

আস্তিকতা /আস্‌তিকতা/ [স. আস্তিক+তা] বি. ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস।

আস্তিকত্ব /আস্‌তিকত্‌তো/ [স. আস্তিক+ত্ব] বি. দ্র আস্তিকতা।

আস্তিক্য /আস্‌তিক্‌কো/ [স. আস্তিক+য] বি. ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস।

আস্তিন /আস্‌তিন্/ [ফা.] বি. পরিধেয় বস্ত্রের হাতা।

আস্তিন গুটানো /আস্‌তিন্ গুটানো/ ক্রিবি. ১ জামার আস্তিন গুটিয়ে তোলা। ২ (আল.) প্রহারোদ্যত হওয়া; ভীতিপ্রদর্শন করা।

আস্তীর্ণ /আস্‌তির্‌নো/ [স. আ+√স্তৃ+ত] বিণ. ১ বিছানো বা পাতা হয়েছে এমন। ২ প্রসারিত, বিস্তীর্ণ। ৩ সমাকীর্ণ; আচ্ছাদিত (*কুসুমাস্তীর্ণ পথ*)।

আস্তে /আস্‌তে/ [ফা.] ক্রিবিণ. ১ লঘুপদে ও ধীরে (*আস্তে চলা*)। ২ সযত্নে, সন্তর্পণে। ৩ অনুচ্চ-কণ্ঠে, মৃদুস্বরে (*আস্তে কথা বলা*)। ৪ নিঃশব্দে।

আস্থা /আস্‌থা/ [স. আ+√স্থা+অ] বি. ১ বিশ্বাস; ভরসা। ২ শ্রদ্ধা। ৩ নিষ্ঠা। ৪ আশ্রয়। ৫ স্থিতি।

আস্থান /আস্‌থান্/ [স. আ+√স্থা+অন] বি. ১ অবস্থিতি। ২ আশ্রয়; স্থান। ৩ আস্থা। ৪ সভা।

আস্থাবান /আস্‌থাবান্/ [স. আস্থা+বৎ] বিণ. আস্থা আছে এমন, বিশ্বস্ত।

আস্থাভাজন /আস্‌থাভাজোন্/ [স. আস্থা+ভাজন] বিণ. ১ আস্থা রাখা যায় এমন। ২ বিশ্বাসযোগ্য; ভরসার পাত্র। ৩ শ্রদ্ধার পাত্র; শ্রদ্ধার যোগ্য।

আস্থায়ী /আস্‌থায়ি/ [স. আ+√স্থা+ইন্] বি. সংগীতের প্রথম স্তবক, সংগীতের প্রথম পদ।

আস্থিত /আস্‌থিতো/ [স. আ+√স্থা+ত] বিণ. ১ আরূঢ়। ২ অধিষ্ঠিত। ৩ আশ্রিত। ৪ পরিব্যাপ্ত।

আস্পদ /আশ্‌পদো/ [স. আ+√পদ্+অ] বি. আধার, পাত্র (*স্নেহাস্পদ*)।

আস্পর্ধা /আশ্‌পর্‌ধা/ [স. আ+√স্পর্ধ্+অ+আ (টাপ্)] বি. ১ দর্প, অহংকার; দম্ভ। ২ আস্ফালন।

আস্ফালন /আশ্‌ফালোন্/ [স. আ+√স্ফালি+অন] বি. ১ গর্ব প্রকাশ; আত্মশ্লাঘা। ২ জোরে সঞ্চালন। ৩ তাড়ন। ৪ রোষ বা কোপ প্রকাশ।

আস্ফালিত /আশ্‌ফালিতো/ [স. আ+√স্ফালি+ত] বিণ. আস্ফালন বা গর্ব প্রকাশ করা হয়েছে এমন।

আস্ফোট /আস্‌ফোট্/ [স. আ+√স্ফোটি+অ] বি. ১ তাল ঠোকার শব্দ। ২ নিজ উরুতে চাপড় দিয়ে আস্ফালন প্রকাশ (*বাহ্যাস্ফোট*)।

আস্বাদ /আশ্‌শাদ্/ [স. আ+√স্বদ্+অ] বি. স্বাদ; স্বাদগ্রহণ, আস্বাদন; রসগ্রহণ।

আস্বাদক /আশ্‌শাদক্/ [স. আ+√স্বদ্+অক] বিণ.

www.pathagar.com

১ স্বাদগ্রহণকারী। ২ রসগ্রাহী।

আস্বাদন /আশ্‌শাদন্‌/ [স. আ+√স্বাদি+অন] বি. ১ জিহ্বাদ্বারা স্বাদগ্রহণ। ২ রসগ্রহণ (*রসাস্বাদন*)। ৩ উপভোগ।

আস্বাদনীয় /আশ্‌শাদোনিয়ো/ [স. আ+√স্বাদি+অনীয়] বিণ. আস্বাদনের যোগ্য।

আস্বাদিত /আশ্‌শাদিতো/ [স. আ+√স্বাদি+ত] বিণ. ১ স্বাদ গ্রহণ করা হয়েছে এমন। ২ অনুভূত।

আস্বাদ্য /আশ্‌শাদ্‌দো/ [স. আস্বাদ+য] বিণ. আস্বাদনের যোগ্য।

আস্য /আশ্‌শো/ [স. √অস্‌+য] বি. ১ মুখ, আনন (*সহসা ঝঞ্ঝা তড়িৎশিখায় মেলিল বিপুল আস্য।* রবীন্দ্র.)। ২ মুখবিবর।

আহত /আহতো/ [স. আ+√হন্‌+ত] বিণ. ১ আঘাত-প্রাপ্ত; প্রহৃত। ২ (বাদ্যযন্ত্রাদি) বাদিত, ধ্বনিত। ৩ তাড়িত (*বাত্যাহত*)। ৪ মর্দিত (*পদাহত*)।

আহতি /আহোতি/ [স. আ+√হন্‌+তি] বি. ১ আঘাত; প্রহার। ২ তাড়ন। ৩ মর্দন। ৪ স্বনন।

আহব[১] /আহব্‌/ [স. আ+√হ্বে+অ] বি. সংগ্রাম, যুদ্ধ।

আহব[২] /আহব/ [স. আ+√হু+অ] বি. যজ্ঞ বা হোম করার উপযুক্ত স্থান।

আহরণ /আহোরন্‌/ [স. আ+√হৃ+অন] বি. ১ সংগ্রহ; সঞ্চয়ন। ২ সংকলন। ৩ উপার্জন। ৪ আয়োজন। ৫ যৌতুক; উপঢৌকন।

আহরণী /আহরোনি/ [স. আহরণ+ঈ] বি. বিভিন্ন লেখকের কবিতা বা গদ্য রচনা থেকে সংকলিত গ্রন্থ, anthology।

আহরণীয় /আহরোনিয়ো/ [স. আ+√হৃ+অনীয়] বিণ. সংগ্রহ বা আহরণের যোগ্য।

আহরিত /আহোরিতো/ [অপ্রচ.] বিণ. ১ আহরণ করা হয়েছে এমন, আহৃত, সংগৃহীত; সংকলিত, সঞ্চিত। ২ আয়োজিত।

আহরিৎ /আহোরিত্‌/ [স. আ+হরিৎ] বিণ. ঈষৎ সবুজ, ঈষৎ হরিদ্‌বর্ণ।

আহর্তব্য /আহর্‌তোব্‌বো/ [স. আ+√হৃ+তব্য] বিণ. দ্র আহরণীয়।

আহর্তা /আহর্‌তা/ [স. আ+√হৃ+তৃ] বিণ. সংগ্রাহক, আহরণকারী।

আহলে কেতাব /আহ্‌লে কেতাব/ বিণ. ১ প্রত্যাদিষ্ট ধর্মগ্রন্থের অনুসারী, কেতাবি। ২ ইহুদি খ্রিষ্টান বা ইসলাম ধর্মের অনুসারী।

আহা /আহা/ [বা.] অব্য. বি. দুঃখ শোক আক্ষেপ সমবেদনা প্রভৃতিসূচক শব্দ।

আহাজারি /আহাজারি/ [বা.] বি. চিৎকার করে শোকপ্রকাশ; উচ্চৈঃস্বরে কান্না।

আহামরি /আহামোরি/ [বা.] অব্য. প্রশংসা অনুকম্পা বা বিদ্রূপ সূচক শব্দ। বিণ. ১ প্রশংসনীয়। ২ অনিন্দ্যসুন্দর; চমৎকার।

আহাম্মক /আহাম্মক্‌/ [আ.] বিণ. নির্বোধ, বুদ্ধিহীন, কাণ্ডজ্ঞানশূন্য; স্থূলবুদ্ধি।

আহাম্মকি /আহাম্মকি/ [আ. আহাম্মক+ফা. ই] বি. মূর্খতা, বোকামি, নির্বুদ্ধিতা।

আহাম্মুকি /আহাম্মুকি/ [আ. আহাম্মক >] বি. দ্র আহাম্মকি।

আহার /আহার্‌/ [স. আ+√হৃ+অ] বি. ১ ভোজন, খাদ্যগ্রহণ। ২ খাদ্যবস্তু, ভোজ্যদ্রব্য।

আহার-আশ্রম /আহার্‌আস্‌রোম্‌/ [স. আহার+আশ্রম] বি. বিনামূল্যে আহার্য বিতরণের স্থান, লঙ্গরখানা।

আহারনিদ্রা /আহার্‌নিদ্‌দ্রা/ [স. আহার+নিদ্রা] বি. ১ শয়ন ও ভোজন। ২ সকল কাজ; যাবতীয় নিত্যকর্ম।

আহারবিহার /আহার্‌বিহার্‌/ [স. আহার+বিহার] বি. ভোজন ও আমোদ-আহ্লাদ; আহার ও ভ্রমণ।

আহারবৃত্তি /আহার্‌বৃত্‌তি/ [স. আহার+√বৃৎ+তি] বি. খাওয়াদাওয়া, ক্ষুৎপিপাসা নিবারণ।

আহারান্ত /আহারান্‌তো/ [স. আহার+অন্ত] বি. আহারের সমাপ্তি।

আহারী /আহারি/ [স. আহার+ইন্‌] বিণ. ১ ভোজনকারী (*মিতাহারী*)। ২ ভোজনরসিক, ভোজনপটু।

আহার্য /আহার্‌জো/ [স. আ+√হৃ+য] বি. খাদ্যদ্রব্য, ভোজ্যবস্তু। বিণ. ১ আহারের যোগ্য, ভক্ষ্য, ভোজ্য। ২ আহরণীয়।

আহা-হা /আহাহা/ [স. অহহ >] অব্য. বি. দুঃখ ক্ষোভ পরিতাপ অনুকম্পা আনন্দ প্রভৃতি ভাব-প্রকাশক শব্দ।

আহিক /আহিক্‌/ [স. অহি+ইক] বি. ১ সাপুড়ে। ২ কেতুগ্রহ। ৩ পাণিনি মুনি।

আহিত /আহিতো/ [স. আ+√ধা+ত] বিণ. ১ অর্পিত, ন্যস্ত। ২ প্রতিষ্ঠিত, স্থাপিত।

আহির /আহির্‌/ [স. আভীর >] বি. গোপ জাতিবিশেষ।

আহুত /আহুতো/ [স. আ+√হু+ত] বিণ. আহুতি দেওয়া হয়েছে এমন।

www.pathagar.com

আহুতি /আহুতি/ [স. আ+√হু+তি] বি. ১ প্রদত্ত হোম। ২ হোমের উপকরণ। ৩ মহৎ কাজে জীবন উৎসর্গ (*আত্মাহুতি*)।

আহূত /আহুতো/ [স. আ+√হ্বে+ত] বিণ. আহ্বান করা হয়েছে এমন, আমন্ত্রিত, নিমন্ত্রিত।

আহূতি /আহুতি/ [স. আ+√হ্বে+তি] বি. আহ্বান, আমন্ত্রণ।

আহৃত /আহৃতো/ [স. আ+√হৃ+ত] বিণ. ১ আহরণ করা হয়েছে এমন, সঞ্চিত। ২ সংগৃহীত, সংকলিত। ৩ আয়োজিত।

আহ্নিক /আন্‌হিক্/ [স. অহন্+ইক] বি. প্রত্যহ করণীয় পূজা-অর্চা, প্রতিদিনের ধর্মকর্ম। বিণ. প্রাত্যহিক, দৈনিক।

আহ্নিক গতি /আন্‌হিক্ গোতি/ বি. যে গতিদ্বারা পৃথিবী নিজ অক্ষকে কেন্দ্র করে আবর্তিত হয়।

আহ্বান /আওভান্/ [স. আ+√হ্বে+অন] বি. ১ নিমন্ত্রণ, আমন্ত্রণ (*সভা আহ্বান*)। ২ সম্বোধন, ডাক।

আহ্বায়ক /আওভায়ক্/ [স. আ+√হ্বে+অক] বি. বিণ. আহ্বানকারী, convener। স্ত্রী. **আহ্বায়িকা** /আওভায়িকা/।

আহ্লাদ /আল্‌হাদ্/ [স. আ+√হ্লদ্+অ] বি. ১ হর্ষ, আনন্দ। ২ প্রশ্রয় (*আহ্লাদ দিয়ে মাথায় তোলা*)।

আহ্লাদিত /আল্‌হাদিতো/ [স. আহ্লাদ+ইত] বিণ. প্রীত, হৃষ্ট, আনন্দিত, আনন্দপ্রাপ্ত।

আহ্লাদী /আল্‌হাদি/ [স. আহ্লাদ+ইন্] বিণ. আহ্লাদ প্রকাশ করে এমন; আমোদপ্রিয়, আমুদে; আদুরে। স্ত্রী. **আহ্লাদিনী** /আল্‌হাদিনি/।

www.pathagar.com

ই /rhɔশ্‌শো ই/

ই /rhɔশ্‌শো ই/ বাংলা বর্ণমালার তৃতীয় স্বরবর্ণ এবং তালু থেকে উচ্চারিত মৌলিক স্বরধ্বনি। ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে ই 'ি' রূপ প্রাপ্ত হয় (ক্+ই = কি; ছ্+ই = ছি প্রভৃতি)।

-ই১/ই/ অব্য. নিশ্চয়ার্থে বক্তব্যে জোর (emphasis) দেওয়ার জন্য (*যেতেই হবে*) অনিশ্চয়তা অর্থে (*হতেই পারে সে আসবে না*) অবিরাম অর্থে (*এ অবস্থা চলতেই থাকবে*) কেবল একমাত্র বা অনন্য অর্থে (*ওকেই যেতে হবে*) অগ্রাহ্য বা অবজ্ঞা অর্থে (*ও যা-ই বলুক*) আধিক্য অর্থে (*যতই বলো*) বাক্যকে দৃঢ় করার অর্থে (*আজ নাই বা গেলে*) হেতুবাচক (*কেনই বা যাব*) প্রভৃতি অর্থে ব্যবহৃত স্বরবর্ণ।

-ই২/ই/ অব্য. বিশিষ্ট অর্থ বোঝাতে (*ঢাকাই, লম্বাই*) ক্ষুদ্রার্থে (*ঝুড়ি, নুড়ি*) মাসের পাঁচ থেকে আঠারো তারিখ পর্যন্ত পূরণবাচক বিশেষণে (৭ই) সাদৃশ্যার্থে (*ছেলেমানুষি*) শব্দান্তে ব্যবহৃত বাংলা প্রত্যয়।

ইউএফও /ইউএফও/ [ই.] বি. অচেনা উড়ন্ত বস্তু, ইংরেজি unidentified flying object-এর সংক্ষেপিত রূপ, UFO।

ইউক্যালিপটাস /ইউক্যালিপ্‌টাস্/ [লা.] বি. বর্শাকৃতি সুগন্ধ পাতা সরল ও মসৃণ দীর্ঘ কাণ্ড-বিশিষ্ট দ্রুত বর্ধনশীল এবং অত্যধিক জলশোষক বৃক্ষ (আনি. অস্ট্রেলিয়া), ucalyptus।

ইউনানি /ইউনানি/ [আ.] বিণ. গ্রিসদেশীয়। বি. হেকিমি চিকিৎসাপদ্ধতি।

ইউনিফর্ম /ইউনিফর্‌ম/ [লা.] বি. কোনো সংঘ দল বা সমপেশায় নিয়োজিত কর্মী (পুলিশ সৈনিক নাবিক প্রভৃতি) যে বিশেষ পোশাক পরিধান করে।

ইউনিভার্সিটি /ইউনিভার্‌সিটি/ [লা.] বি. বিবিধ বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাদান পরীক্ষাগ্রহণ এবং গবেষণা ও উপাধি বিতরণের জন্য স্থাপিত বিদ্যাপীঠ, বিশ্ববিদ্যালয়, university।

ইউনিয়ন /ইউনিয়ন্/ [লা.] বি. ১ শ্রমিকের অধিকার ও স্বার্থ রক্ষার্থে গঠিত সংঘ (*ট্রেড ইউনিয়ন*), শ্রমিকসংঘ। ২ কয়েকটি গ্রামের সমন্বয়ে গঠিত প্রশাসনিক এলাকা (*ইউনিয়ন বোর্ড*)। ৩ একাধিক স্বাধীন রাষ্ট্রের সমন্বয়ে গঠিত সংগঠন।

ইউনিয়ন কাউন্সিল /ইউনিয়ন্ কাউন্‌সিল্/ বি. পল্লি-বাসীর স্বাস্থ্য শিক্ষা পথঘাট প্রভৃতি উন্নয়ন ও তত্ত্বাবধানের উদ্দেশ্যে নির্বাচিত প্রতিনিধি নিয়ে গঠিত স্বশাসিত প্রতিষ্ঠান, union council।

ইউনিয়ন বোর্ড /ইউনিয়ন্ বোর্ড্/ বি. দ্র ইউনিয়ন কাউন্সিল।

ইউপিএস /ইউপিএস্/ [ই.] বি. হাসপাতাল বিমান-বন্দর প্রভৃতি স্থানের যন্ত্রসামগ্রী চালনের জন্য ব্যবহৃত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সরঞ্জাম-বিশেষ, uninterruptible power supply, UPS।

ইউরেনাস /ইউরেনাস্/ [গ্রি.] বি. সূর্য থেকে দূরত্বের ক্রমানুসারে সৌরমণ্ডলের সপ্তম গ্রহ, Uranus।

ইউরেনিয়াম /ইউরেনিআম্/ [লা.] বি. তেজস্ক্রিয় মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৯২ (এবং যার ২৩৫ পারমাণবিক ভরবিশিষ্ট আইসোটোপ পরমাণুচুল্লির জ্বালানি বা পরমাণুবোমা তৈরির জন্য ব্যবহৃত), uranium।

ইউরেশিয়ান /ইয়োরেশিয়ান্/ বি. বিণ. দ্র ইউরেশীয়।

ইউরেশীয় /ইয়োরেশিয়ো/ [ই.] বি. যে সন্তানের মাতাপিতার একজন ইউরোপীয় এবং অন্যজন এশীয়। বিণ. ইউরোপ ও এশিয়া সম্বন্ধীয়।

ইউরো /ইয়োরো/ [ই.] বি. (ইংল্যান্ড ব্যতীত) ইউরোপীয় ইউনিয়নের দেশসমূহে ১৯৯৯ সাল থেকে প্রচলিত অভিন্ন মুদ্রা, Euro। বিণ. একীভূত ইউরোপবিষয়ক।

ইউরোপীয় /ইয়োরোপিয়ো/ [ই. European >] বিণ. ১ ইউরোপের অধিবাসী। ২ ইউরোপবিষয়ক। ৩ ইউরোপে জাত।

ইংরেজ /ইংরেজ্/ [পো.] বিণ. ইংল্যান্ডের অধিবাসী।

ইংরেজি /ইংরেজি/ [পো.] বি. ইংরেজদের ভাষা, English।

ইংরেজিয়ানা /ইংরেজিআনা/ [পো. ইংরেজ >] বি. ইংরেজদের উৎকট অনুকরণ, সাহেবিয়ানা।

ইংলিশ /ইংলিশ্/ [ই.] বি. ইংরেজি ভাষা। বিণ. ১ ইংল্যান্ডজাত, বিলাতি। ২ ইংরেজসম্বন্ধীয়।

www.pathagar.com

ইঃ /ইহ্/ অব্য. বি. বিস্ময় দুঃখ বা কোপ প্রকাশক শব্দ।

ইঁচড় /ইঁচোড়/ [দেশি.] বি. তরকারিরূপে রেঁধে খাওয়া যায় এমন কচি কাঁঠাল, গাছপাঁঠা, এঁচড়।

ইঁচড়ে পাকা /ইঁচোড়ে পাকা/ বিণ. ১ অকালপক্ক। ২ ফাজিল। ৩ বখাটে; বাচাল।

ইঁদারা /ইঁদারা/ [স. ইন্দ্রাগার >] বি. পাড় বাঁধানো বড়ো ও গভীর কুয়ো।

ইঁদুর /ইঁদুর/ [স. ইন্দুর >] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এমন সুচালো নাসারন্ধ্র এবং অপেক্ষাকৃত বড়ো কান সরু লম্বা লেজ তীক্ষ্ণ দাঁত ও লোমাবৃত নরম দেহবিশিষ্ট স্তন্যপায়ী ছোটো প্রাণী (লোকালয়ে বসবাস করে এবং মূলত শস্যবীজ খেয়ে জীবনধারণ করে), ইন্দুর, মূষিক।

ই-কার /ইকার/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ই-স্বরের যোগচিহ্ন 'ি'।

ই-কারাদি /ইকারাদি/ বিণ. শুরুতে 'ই' স্বরবিশিষ্ট।

ই-কারান্ত /ইকারান্তো/ বিণ. শেষে 'ই' স্বরবিশিষ্ট।

ইকেবানা /ইকেবানা/ [জাপ.] বি. ফুল সাজানোর জাপানি শৈলী।

ইক্ষু /ইক্ষু/ [স. √ইষ্+সু] বি. উত্তর ও দক্ষিণ গোলার্ধের সূর্যস্নাত ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে ব্যাপকভাবে চাষ করা হয় এমন কোমল কাণ্ডবিশিষ্ট তৃণজাতীয় বর্ষজীবী উদ্ভিদ (যার রস থেকে চিনি গুড় প্রভৃতি উৎপন্ন হয়), আখ, sugarcane।

ইক্ষুদণ্ড /ইক্ষুদন্ডো/ [স. ইক্ষু+দন্ড] বি. আখ গাছের কাণ্ড।

ইক্ষুনেত্র /ইক্ষুনেত্রো/ [স. ইক্ষু+নেত্র] বি. আখের গিঁঠ।

ইক্ষুবিকার /ইক্ষুবিকার/ [স. ইক্ষু+বিকার] বি. আখের রস থেকে তৈরি গুড়।

ইক্ষুযন্ত্র /ইক্ষুজন্ত্রো/ [স. ইক্ষু+যন্ত্র] বি. যে যন্ত্রের সাহায্যে আখ পিষ্ট করে রস আহরণ করা হয়, আখ মাড়াইয়ের কল।

ইক্ষুসার /ইক্ষুশার/ [স. ইক্ষু+সার] বি. আখের গুড়।

ইক্ষ্বাকু /ইক্ষ্বাকু/ [স. ইক্ষু+√অক্+উ] বি. (মনুর নাক থেকে উৎপন্ন বলে কল্পিত) সূর্যবংশের প্রথম রাজা এবং রামচন্দ্রের পূর্বপুরুষ।

ইগল /ইগল্/ [ই.] বি. বাদামি রেখাযুক্ত সাদা পেট প্রশস্ত লম্বা ডানা এবং ধারালো চক্ষু ও নখরবিশিষ্ট প্রখর দৃষ্টিশক্তিসম্পন্ন বড়ো শিকারি পরিযায়ী পাখি, বাজ, শ্যেন।

ইগলস্বভাব /ইগল্‌শভাব্/ [ই. ইগল+স. স্বভাব] বিণ. হিংস্র প্রকৃতিবিশিষ্ট।

ইগলু /ইগলু/ [ইনু.] বি. বরফের চাঙড় দিয়ে তৈরি এস্কিমোদের ঘর।

ইঙ্গবঙ্গ /ইংগোবংগো/ [দেশি.] বি. ১ ইংরেজি ও বাংলা ভাষার বিসদৃশ মিশ্রণ। ২ সাজসজ্জা ও চালচলনে ইংরেজভাবাপন্ন বাঙালি।

ইঙ্গিত /ইংগিত্/ [স. √ইন্‌গ্+ত] বি. ১ মনের ভাব প্রকাশার্থে আঙুল চালনা বা চোখের ঠার, সংকেত, ইশারা। ২ আভাস।

ইঙ্গিতজ্ঞ /ইংগিতগ্‌গো/ [স. ইঙ্গিত+√জ্ঞা+অ] বিণ. ইঙ্গিতেই মনের ভাব বুঝতে পারে এমন।

ইঙ্গিতবহ /ইংগিত্‌বহো/ [স. ইঙ্গিত+√বহ্+অ] বিণ. ইঙ্গিত বহন করে এমন, ইঙ্গিতপূর্ণ।

ইচা /ইচা/ [দেশি.] বি. কুচো চিংড়ি, খুব ছোটো চিংড়ি।

ইচামাছ /ইচামাছ্/ [দেশি.] বি. দুটি দাড়া ও আটটি পা আছে এমন কঠিন খোলস-আবৃত অমেরুদণ্ডী রক্তহীন জলজ প্রাণী, চিংড়ি (বৈজ্ঞানিকমতে মাছবর্গীয় না হলেও মাছরূপে পরিচিত)।

ইচ্ছা /ইচ্ছা/ [স. √ইষ্+অ+আ (টাপ্)] বি. ১ স্পৃহা, অভিলাষ, বাসনা। ২ রুচি, প্রবৃত্তি। ৩ অভিপ্রায়।

ইচ্ছাকৃত /ইচ্ছাকৃতো/ [স. ইচ্ছা+√কৃ+ত] বিণ. নিজের ইচ্ছায় সম্পাদিত, নিজে জেনেশুনে করেছে এমন।

ইচ্ছাক্রমে /ইচ্ছাক্রোমে/ [স. ইচ্ছা+ক্রম+বা. এ] ক্রিবিণ. নিজ ইচ্ছা অনুসারে, স্বেচ্ছায়।

ইচ্ছাজনিত /ইচ্ছাজোনিতো/ [স. ইচ্ছা+জনিত] বিণ. বাসনা থেকে উদ্ভূত, অভিলাষজাত।

ইচ্ছাধীন /ইচ্ছাধিন্/ [স. ইচ্ছা+অধীন] বিণ. বাসনার অধীন।

ইচ্ছানুগ /ইচ্ছানুগো/ [স. ইচ্ছা+অনুগ] বিণ. বাসনার বশবর্তী এমন। স্ত্রী. ইচ্ছানুগা /ইচ্ছানুগা/।

ইচ্ছানুগত /ইচ্ছানুগতো/ [স. ইচ্ছা+অনুগত] বিণ. স্বাধীন।

ইচ্ছানুগামী /ইচ্ছানুগামি/ [স. ইচ্ছা+অনু+√গম্+ইন্] বিণ. ইচ্ছার বশবর্তী হয়ে চলে এমন।

ইচ্ছানুযায়ী /ইচ্ছানুজায়ি/ [স. ইচ্ছা+অনু+√যা+ইন্] ক্রিবিণ. নিজ ইচ্ছা অনুসারে।

ইচ্ছানুসারে /ইচ্ছানুশারে/ [স. ইচ্ছানুসার+বা. এ] ক্রিবিণ. দ্র ইচ্ছানুযায়ী।

ইচ্ছাপত্র /ইচ্ছাপত্রো/ [স. ইচ্ছা+পত্র] বি. স্থাবর

www.pathagar.com

ও অস্থাবর সম্পত্তি বণ্টনবিষয়ে যে দানপত্র দাতার মৃত্যুর পরে কার্যকর হয়, উইল, will।

ইচ্ছাপূর্বক /ইচ্ছাপূর্বক্/ [স. ইচ্ছা+পূর্বক] ক্রিবিণ. অভিপ্রায় অনুসারে।

ইচ্ছাবরী /ইচ্ছাবোরি/ [স. ইচ্ছা+√বৃ+অ+ঈ] বিণ. নিজেই স্বামী নির্বাচন করে এমন, স্বয়ংবরা।

ইচ্ছাবসন্ত /ইচ্ছাবশোন্তো/ [স. ইচ্ছা+বসন্ত] বি. গুটিকারোগ, মসূরিকারোগ, বসন্তরোগ, small pox।

ইচ্ছাবহির্ভূত /ইচ্ছাবোহির্ভুতো/ [স. ইচ্ছা+বহির্ভূত] বিণ. দ্র ইচ্ছাবিরুদ্ধ।

ইচ্ছাবিরুদ্ধ /ইচ্ছাবিরুদ্ধো/ [স. ইচ্ছা+বিরুদ্ধ] বিণ. করতে ইচ্ছে করে না এমন, বাসনার প্রতিকূল।

ইচ্ছামতো /ইচ্ছামতো/ [স. ইচ্ছা+বা. মতো] ক্রিবিণ. খেয়ালখুশিমাফিক।

ইচ্ছাময় /ইচ্ছাময়্/ [স. ইচ্ছা+ময়ট্] বি. যাঁর ইচ্ছায় সবকিছু সংঘটিত হয়; আল্লাহ্; পরমেশ্বর।

ইচ্ছাময়ী /ইচ্ছামোয়ি/ [স. ইচ্ছাময়+ঈ] বি. ১ পরমেশ্বরী। ২ কালিকাদেবী। ৩ দেবী দুর্গা।

ইচ্ছামৃত্যু /ইচ্ছামৃত্তু/ [স. ইচ্ছা+মৃত্যু] বি. ১ স্বেচ্ছায় দেহত্যাগ। ২ আত্মহত্যা।

ইচ্ছু /ইচ্ছু/ [স. √ইষ্+উ] বিণ. ১ অভিলাষী, বাসনা-যুক্ত। ২ রাজি, সম্মত।

ইচ্ছুক /ইচ্ছুক্/ [স. ইচ্ছু+ক (স্বার্থে)] বিণ. বাসনা-যুক্ত, অভিলাষী।

ইজতেমা /ইজ্‌তেমা/ [আ.] বি. ঢাকার অদূরে তুরাগ নদের তীরে প্রতিবছর অনুষ্ঠিত (ইসলাম) ধর্মীয় সমাবেশ।

ইজা /ইজা/ [আ.] বি. হিসাবের খাতায় পূর্বপৃষ্ঠার জমাখরচের সমষ্টি পরবর্তী পৃষ্ঠার শীর্ষে লেখার রীতি, জের, carried over।

ইজাব /ইজাব্/ [আ.] বি. (মুসলিম সমাজে প্রচলিত) বিবাহের প্রস্তাবে কনের সম্মতি ও বরের স্বীকৃতি।

ইজার /ইজার/ [আ.] বি. কোমরে বাঁধার ফিতাযুক্ত পাজামা বা হাফপ্যান্ট।

ইজারবন্ধ /ইজারবন্ধো/ [আ. ইজার+ফা. বন্ধ] বি. কোমরে পাজামা বাঁধার ফিতা।

ইজারা /ইজারা/ [আ.] বি. ১ নির্দিষ্ট খাজনার বিনিময়ে জমির মেয়াদি বন্দোবস্ত, ঠিকা, lease। ২ ভোগদখলের স্বত্ব, একচেটিয়া অধিকার।

ইজারাদার /ইজারাদার্/ [আ. ইজারা+ফা. দার] বি. যে ব্যক্তি বা প্রতিষ্ঠান ইজারা গ্রহণ করে, অর্থের বিনিময়ে নির্দিষ্ট শর্তে জমি বাড়ি প্রভৃতি সম্পত্তির ঠিকাগ্রহীতা, ঠিকাদার; (পরি.) lessee।

ইজারামহাল /ইজারামহাল্/ [আ.] বি. ইজারাপ্রাপ্ত জমিজমা।

ইজিচেয়ার /ইজিচেয়ার্/ [ই.] বি. সহজে ভাঁজ করে রাখা যায় এবং আধশোয়ার ভঙ্গিতে আরাম করে বসা যায় এমন কাপড়ের আসনবিশিষ্ট চেয়ারবিশেষ, আরামকেদারা, easychair।

ইজ্জত /ইজ্জত্/ [আ.] বি. ১ মান, সম্মান, সম্ভ্রম। ২ নারীর সম্ভ্রম।

ইঞ্চি /ইন্‌চি/ [ই.] বি. ফুট-পাউন্ড পদ্ধতিতে দৈর্ঘ্যের পরিমাপবিশেষ, এক ফুট দৈর্ঘ্যের বারো ভাগের এক ভাগ বা আনুমানিক ২·৫৪ সেন্টিমিটার দৈর্ঘ্য, inch।

ইঞ্জিন /ইন্‌জিন্/ [ই. engine] বি. ১ বিদ্যুৎ তাপ বায়ু প্রভৃতি শক্তিকে যান্ত্রিক শক্তিতে পরিণত করে এমন কল। ২ রেলগাড়ি জাহাজ সড়কযান বিমান প্রভৃতি চালনার শক্তি-উৎপাদক কল।

ইঞ্জিনিয়ার /ইন্‌জিনিয়ার্/ [ই.] বি ১ প্রকৌশলী। ২ ইঞ্জিন বা কল পরিচালক। ৩ কোনো যন্ত্র বা কল নির্মাতা। ৪ পূর্তকর্মে দক্ষ ব্যক্তি, পূর্তকর্মের পরিকল্পক ও পরিচালক, engineer।

ইঞ্জিনিয়ারিং /ইন্‌জিনিয়ারিং/ [ই.] বি. প্রকৌশল-বিদ্যা। বিণ. যন্ত্রনির্মাণ বা যন্ত্রবিজ্ঞানসম্বন্ধীয়, engineering।

ইঞ্জেকশন /ইন্‌জেক্‌শন্/ [লা.] বি. জীবদেহে সূচ বিদ্ধ করে তরল ওষুধ প্রয়োগ; চাপ প্রয়োগ করে ইঞ্জিনে জ্বালানি প্রবিষ্টকরণ; উচ্চচাপ প্রয়োগ করে কোমল বা কঠিন পদার্থ প্রবিষ্টকরণ; injection।

ইঁট /ইঁট্/ [স. ইষ্টক>] বি. পাকা বাড়ি রাস্তা প্রভৃতি তৈরির জন্য উচ্চতাপে আগুনে পুড়িয়ে শক্ত করা হয়েছে এমন চারকোনা মাটির পিন্ডবিশেষ, ইষ্টক।

ইঁটখোলা /ইঁটখোলা/ [বা.] বি. ইঁট তৈরি ও পোড়ানোর স্থান, ইটের ভাটা।

ইঁটপাটকেল /ইঁটপাটকেল্/ [বা.] বি. ইঁট ও তার ভাঙা টুকরা।

ইঁটা /ইঁটা/ [দেশি.] বি. ইঁট, ঢেলা।

ইড়া /ইড়া/ [স. √ইল্+অ+আ (টাপ্)] বি. ১ মানবদেহে মেরুদন্ডের বাম পাশে অবস্থিত কল্পিত নাড়িবিশেষ। ২ পৃথিবী, মেদিনী। ৩ ধেনু, গাভি।

ইতঃক্ষিপ্ত /ইতোক্ষিপ্তো/ [স. ইতঃ+ক্ষিপ্ত] বিণ. ইতস্তত বিক্ষিপ্ত।

ইতঃপর /ইতোপ্‌পর্/ [স. ইতঃ+পর] ক্রিবিণ. অতঃপর, এরপর।

www.pathagar.com

ইতঃপূর্বে /ইতোপ্‌পুর্‌বে/ [স. ইতঃপূর্ব+বা. এ] ক্রিবিণ. এর আগে।

ইতর /ইতর্/ [স. √ই+তর] বিণ. ১ কল্পিত নিম্ন-শ্রেণিভুক্ত (*ইতর লোক*)। ২ পশুশ্রেণিভুক্ত (*ইতর জীব*)। ৩ নীচ মনোভাবাপন্ন, অধম। ৪ অপর, ভিন্ন, অন্য (*মানবেতর*)। ৫ সাধারণ।

ইতর কথা /ইতর্ কথা/ বি. অভদ্রজনোচিত কথা।

ইতরজন /ইতর্‌জন্/ [স. ইতর+জন] বি. হীন মনোভাবাপন্ন লোক।

ইতরতা /ইতরতা/ [স. ইতর+তা] বি. নীচ মনো-ভাবাপন্ন আচরণ, নীচতা।

ইতরপ্রাণী /ইতর্‌প্রানি/ [স. ইতর+প্রাণী] বি. মানুষের চেয়ে নিম্নস্তরভুক্ত প্রাণী।

ইতরবিশেষ /ইতর্‌বিশেশ্/ [স. ইতর+বিশেষ] বি. সামান্য পার্থক্য।

ইতরভাষা /ইতর্‌ভাশা/ [স. ইতর+ভাষা] বি. অমার্জিত ভাষা, কটূক্তি।

ইতরামি /ইতরামি/ [বা.] বি. হীন ও অমার্জিত আচরণ।

ইতরেতর /ইতরেতর্/ [স. ইতর+ইতর] বিণ. পরস্পর।

ইতস্তত /ইতস্‌ততো/ [স. ইতঃ+ততঃ] অব্য. ক্রিবিণ. নানাদিকে; সর্বত্র। বি. ১ কুণ্ঠাবোধ। ২ সংশয়, দোটানা অবস্থা। ৩ গড়িমসি করার প্রবণতা। ৪ (বাংলায়) দ্বিধা, সংকোচ।

ইতি /ইতি/ [স. √ই+তি] বি. ১ শেষ, খতম, অবসান, রফা। ২ চিঠির শেষে ব্যবহৃত সমাপ্তিসূচক শব্দ, সমাপ্তি। ৩ (বাংলায়) এই, এইরকম, এইরূপ।

ইতিউতি /ইতিউতি/ [বা.] ক্রিবিণ. এদিক-ওদিক, নানাদিকে।

ইতিকথা /ইতিকথা/ [স. ইতি+কথা] বি. ১ পূর্বকথা। ২ কল্পকাহিনি। ৩ (বাংলায়) ইতিহাস।

ইতি করা /ইতি করা/ ক্রিবি. শেষ করা।

ইতিকর্তব্য /ইতিকর্‌তোব্‌বো/ [স. ইতি+√কৃ+তব্য] বি. কর্তব্যকর্ম; অনুষ্ঠেয় বিষয়। বিণ. করা উচিত বা করার যোগ্য এমন।

ইতিকর্তব্যতা /ইতিকর্‌তোব্‌বোতা/ [স. ইতিকর্তব্য +তা] বি. 'এটাই কর্তব্য' এরূপ জ্ঞান।

ইতিকর্তব্যবিমূঢ় /ইতিকর্‌তোব্‌বোবিমুঢ়ো/ [স. ইতিকর্তব্য+বিমূঢ়] বিণ. উপস্থিত করণীয় স্থির করতে অসমর্থ, কিংকর্তব্যবিমূঢ়। বি. -তা /-তা/।

ইতিকাহিনি /ইতিকাহিনি/ [স. ইতি+বা. কাহিনি] বি. ইতিহাস।

ইতিপূর্বে /ইতিপুর্‌বে/ [অশুপ্র.] ক্রিবিণ. এর আগে।

ইতিবাচক /ইতিবাচক্/ [স. ইতি+√বচ্+অক] বিণ. হ্যাঁ-বাচক; হ্যাঁ-বোধক।

ইতিবৃত্ত /ইতিব্‌তো/ [স. ইতি+√বৃৎ+ত] বি. ইতিহাস, পুরাবৃত্ত; পূর্ববৃত্তান্ত।

ইতিবৃত্তকার /ইতিব্‌তোকার্/ [স. ইতিবৃত্ত+√কৃ+অ] বি. বিণ. ইতিহাসকার, ইতিহাসপ্রণেতা।

ইতিমধ্যে /ইতিমোদ্‌ধে/ [অশুপ্র.] ক্রিবিণ. 'ইতোমধ্যে'-র অশুদ্ধ প্রচলিত রূপ; ইত্যবসরে ,এর মধ্যে।

ইতিহাস /ইতিহাশ্/ [স. ইতিহ+√অস্+অ] বি. অতীতকথা, প্রাচীন কাহিনি, পূর্ববৃত্তান্ত।

ইতিহাসকার /ইতিহাশ্‌কার্/ [স. ইতিহাস+√কৃ+অ] বি. বিণ. ইতিহাস রচয়িতা, ইতিবৃত্তকার।

ইতিহাসজ্ঞ /ইতিহাশগ্‌গো/ [স. ইতিহাস+√জ্ঞা+অ] বিণ. বি. ইতিহাস বিষয়ে অভিজ্ঞ, পুরাতত্ত্ববিদ।

ইতিহাসবিৎ /ইতিহাশ্‌বিত্/ [স. ইতিহাস+√বিদ্+ক্বিপ্] বিণ. বি. দ্র ইতিহাসজ্ঞ।

ইতিহাসবেত্তা /ইতিহাশ্‌বেত্‌তা/ [স. ইতিহাস+√বিদ্ +তৃ] বিণ. বি. দ্র ইতিহাসজ্ঞ।

ইতোমধ্যে /ইতোমোদ্‌ধে/ [স. ইতঃ+মধ্য+বা. এ] ক্রিবিণ. ইত্যবসরে, এর মধ্যে।

ইত্যনুসারে /ইত্‌তোনুশারে/ [স. ইতি+অনুসার+বা. এ] ক্রিবিণ. এভাবে, এই অবসরে।

ইত্যবকাশে /ইত্‌তবোকাশে/ [স. ইতি+অবকাশ+বা. এ] ক্রিবিণ. এই অবসরে, এই সুযোগে।

ইত্যবসরে /ইত্‌তবোশরে/ [স. ইতি+অবসর+বা. এ] ক্রিবিণ. দ্র ইত্যবকাশে।

ইত্যাকার /ইত্‌তাকার্/ [স. ইতি+আকার] বিণ. এই প্রকার, এইরূপ।

ইত্যাদি /ইত্‌তাদি/ [স. ইতি+আদি] অব্য. ১ প্রভৃতি, এই এবং এমন আরো। ২ এই প্রকার।

ইদ /ইদ্/ [আ.] বি. ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান উৎসব (*ইদুল ফিতর বা ইদুল আজহা*); খুশি, উৎসব; ঈদ-এর সংগততর ও অপ্রচলিত বানান।

ইদগাহ /ইদ্‌গাহ্/ [আ. ইদ+ফা. গাহ] বি. যে স্থানে একত্র হয়ে ইদের নামাজ পড়া হয়; ঈদগাহ-এর সংগততর ও অপ্রচলিত বানান।

ইদ মোবারক /ইদ্ মোবারক্/ বি. ইদের শুভেচ্ছা বিনিময়কালে উচ্চারিত অভিবাদন।

ইদানীং /ইদানিং/ [স. ইদম্+দানীম্] অব্য. ক্রিবিণ. আজকাল; সম্প্রতি; অধুনা।

ইদানীন্তন /ইদানিন্‌তন্/ [স. ইদানীম্+তন] বিণ. আধুনিক; বর্তমানকালীন, সাম্প্রতিক।

www.pathagar.com

ইদি /ইদি/ [আ. ইদ>] বি. ইদ উপলক্ষ্যে ছোটোদের দেয় সালামি; ঈদি-র সংগততর ও অপ্রচলিত বানান।

ইদুজ্‌জোহা /ইদুজ্‌জোহা/ [আ.] বি. দ্র ইদুল আজহা।

ইদুল-আজহা /ইদুল্‌-আজ্‌হা/ [আ.] বি. হিজরি পঞ্জিকার জিলহজ মাসের দশম দিনে ইসলাম ধর্মাবলম্বীদের পালনীয় উৎসব (যে উৎসবে পশু কোরবানি দেওয়া হয়); ঈদুল-আজহা-এর সংগততর ও অপ্রচলিত বানান।

ইদুলফিতর /ইদুল্‌ফিতর্‌/ [আ.] বি. ইসলাম ধর্মাবলম্বীদের মাসব্যাপী নির্জলা উপবাসব্রত পালনের পর হিজরি পঞ্জিকার শাওয়াল মাসের প্রথম দিনে উদ্‌যাপিত উৎসব; ঈদুলফিতর-এর সংগততর ও অপ্রচলিত বানান।

ইদ্দত /ইদ্‌দত্‌/ [আ.] বি. ইসলাম ধর্মের বিধান অনুযায়ী সন্তানের পিতৃপরিচয় নিশ্চিতকরণের উদ্দেশ্যে বিবাহবিচ্ছেদ বা স্বামীর মৃত্যুর পর যে সময় পর্যন্ত নারীকে পুনর্বিবাহের জন্য অপেক্ষা করতে হয়।

ইনকিলাব /ইন্‌কিলাব্‌/ [আ.] বি. ১ বিপ্লব, বিদ্রোহ। ২ আন্দোলন।

ইনজিল /ইন্‌জিল্‌/ [আ.] বি. আরবি ভাষায় বাইবেল বা খ্রিষ্টানদের ধর্মগ্রন্থের নাম, Gospel, New Testament।

ইনটেলেকচুয়াল /ইন্‌টেলেক্‌চুআল্‌/ [লা.] বিণ. ১ বুদ্ধিজীবী। ২ বুদ্ধিসংক্রান্ত। বি. বিচক্ষণ ব্যক্তি, intellectual।

ইনভয়েস /ইন্‌ভয়েস্‌/ [ফ.] বি. বিক্রীত পণ্যের সঙ্গে মূল্যের উল্লেখ-সহ প্রদত্ত চালান, মূল্য-সহ বিক্রীত দ্রব্যের তালিকা, invoice।

ইনভিজিলেটর /ইন্‌ভিজিলেটর্‌/ [লা.] বি. যিনি পরীক্ষাকক্ষে নজরদারি করেন, invigilator।

ইনশাল্লাহ /ইন্‌শাল্‌লাহ্‌/ [আ.] অব্য. 'আল্লাহ যদি ইচ্ছা করেন' এই রূপ উক্তি, আল্লাহর কৃপায়।

ইনসান /ইন্‌সান্‌/ [আ.] বি. মানুষ।

ইনসাফ /ইন্‌সাফ্‌/ [আ.] বি. সুবিচার, ন্যায়বিচার, পক্ষপাতহীন বিচার।

ইনসিওরেন্স /ইন্‌শিওরেন্‌স্‌/ [ফ.] বি. অগ্রিম চাঁদা প্রদানের বিনিময়ে কোনো সম্পদ ধ্বংসপ্রাপ্ত হলে বা হারিয়ে গেলে (জীবনবিমার ক্ষেত্রে কোনো ব্যক্তির আকস্মিক অসুস্থতা বা মৃত্যু হলে) শর্তসাপেক্ষে আর্থিক ক্ষতিপূরণের চুক্তি, বিমা, insurance।

ইনাম /ইনাম্‌/ [আ.] বি. কোনো কাজের জন্য খুশি হয়ে প্রদত্ত পারিতোষিক, বখশিশ।

ইনি /ইনি/ [স. ইদম্‌>] সর্ব. (সম্ভ্রমার্থে) এই ব্যক্তি, এই লোক।

ইনিয়ে-বিনিয়ে /ইনিয়েবিনিয়ে/ [দেশি.] ক্রিবিণ. ১ নানাপ্রকারে, ঘুরিয়ে ফিরিয়ে। ২ অনুনয়বিনয় করে। ৩ বিস্তারিতভাবে।

-ইনু /ইনু/ [আঞ্চ.] ক্রিয়াবিভক্তির উত্তম পুরুষের সাধারণ অতীতকালের রূপ (*করিনু, খাইনু*)।

ইন্টারনেট /ইন্‌টারনেট্‌/ [ই.] বি. কম্পিউটারের সাহায্যে বিশ্বব্যাপী উপাত্ত বিনিময়ের সংযোগ-ব্যবস্থা, internet।

ইন্টারপোল /ইন্‌টারপোল্‌/ [ই.] বি. অপরাধ-দমনের লক্ষ্যে সদস্যভুক্ত রাষ্ট্রসমূহের মধ্যে পুলিশবাহিনীর তদন্তকাজ সমন্বয়সাধনের উদ্দেশ্যে ১৯২৩ সালে প্যারিসে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক সংস্থাবিশেষ, interpol।

ইন্তেকাল /ইন্‌তেকাল্‌/ [আ.] বি. (ইহলোক থেকে পরলোকে) লোকান্তরণ, প্রয়াণ, মৃত্যু।

ইন্দিবর /ইন্‌দিবর্‌/ [স. ইন্দি+বর] বি. নীলপদ্ম, নীলোৎপল।

ইন্দিরা /ইন্‌দিরা/ [স. √ইন্দ্‌+ইর+আ (টাপ্‌)] বি. লক্ষ্মী, বিষ্ণুপত্নী, কমলা।

ইন্দু /ইন্‌দু/ [স. √ইন্দ্‌+উ] বি. ১ চাঁদ, শশী। ২ মৃগ-শিরা নক্ষত্র।

ইন্দুকলা /ইন্‌দুকলা/ [স. ইন্দু+কলা] বি. চন্দ্রকলা।

ইন্দুনিভ /ইন্‌দুনিভো/ [স. ইন্দু+নি+√ভা+অ] বিণ. চাঁদের মতো, চন্দ্রোপম।

ইন্দুনিভানন /ইন্‌দুনিভানন্‌/ [স. ইন্দুনিভ+আনন] বিণ. চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্ট, চাঁদমুখ। স্ত্রী. ইন্দুনিভাননা /ইন্‌দুনিভাননা/।

ইন্দুনিভাননী /ইন্‌দুনিভাননি/ [স. ইন্দুনিভানন+ঈ] বিণ. ইন্দুনিভানন-এর স্ত্রীলিঙ্গ।

ইন্দুভূষণ /ইন্‌দুভূশন্‌/ [স. ইন্দু+ভূষণ] বি. চাঁদ যাঁর শিরোভূষণ, শিব, মহাদেব।

ইন্দুমতী /ইন্‌দুমোতি/ [স. ইন্দু+মৎ+ঈ] বি. পূর্ণিমা।

ইন্দুমুখী /ইন্‌দুমুখি/ [স. ইন্দুমুখ+ঈ] বিণ. চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্টা, চন্দ্রাননা।

ইন্দুমৌলি /ইন্‌দুমৌউলি/ [স. ইন্দু+মৌলি] বি. চাঁদ যাঁর ললাটে শোভা পায়, শিব।

ইন্দুর /ইন্‌দুর্‌/ [স. √উন্দ্‌+উর] বি. পৃথিবীর প্রায়

www.pathagar.com

সর্বত্র বিচরণ করে এমন সুচালো নাসারন্ধ্র এবং অপেক্ষাকৃত বড়ো কান সরু লম্বা লেজ তীক্ষ্ণ দাঁত ও লোমাবৃত নরম দেহবিশিষ্ট স্তন্যপায়ী ছোটো প্রাণী (লোকালয়ে বসবাস করে এবং মূলত শস্যবীজ খেয়ে জীবনধারণ করে), ইঁদুর, মূষিক।

ইন্দুরেখা /ইন্‌দুরেখা / [স. ইন্দু+ √লিখ্+অ+আ (টাপ্)] বি. চাঁদের কলা।

ইন্দুলেখা /ইন্‌দুলেখা/ [স. ইন্দু+ √লিখ্+অ+আ (টাপ্)] বি. দ্র ইন্দুরেখা।

ইন্দ্র /ইন্‌দ্রো/ [স. √ইন্দ্+র] বি. ১ স্বর্গের অধিপতি, দেবরাজ, সুরপতি। ২ শ্রেষ্ঠ ব্যক্তি; রাজা।

ইন্দ্রকীল /ইন্‌দ্রোকিল্/ [স. ইন্দ্র+কীল] বি. মন্দর পর্বত।

ইন্দ্রগোপ /ইন্‌দ্রোগোপ্/ [স. ইন্দ্র+গোপ] বি. খাদ্য-বস্তু রং করার জন্য ব্যবহৃত টকটকে লাল কীটবিশেষ, মখমলি পোকা, cochineal।

ইন্দ্রচাপ/ইন্‌দ্রোচাপ্/ [স. ইন্দ্র+চাপ] বি. দ্র ইন্দ্রধনু।

ইন্দ্রজাল /ইন্‌দ্রোজাল্/ [স. ইন্দ্র+জাল] বি. জাদু-বিদ্যা, মায়াবিদ্যা, ভোজবাজি, ভেলকি।

ইন্দ্রজালিক /ইন্‌দ্রোজালিক্/ [স. ইন্দ্রজাল+ইক] বিণ. ১ ইন্দ্রজালসম্বন্ধীয়। ২ কুহকী, মায়াবী।

ইন্দ্রজিৎ /ইন্‌দ্রোজিত্/ [স. ইন্দ্র+√জি+ক্বিপ্] বি. ১ ইন্দ্রকে যে জয় করে। ২ মন্দোদরীর গর্ভজাত রাবণের জ্যেষ্ঠ পুত্র, মেঘনাদ।

ইন্দ্রত্ব /ইন্‌দ্রোত্তো/ [স. ইন্দ্র+ত্ব] বি. ১ ইন্দ্রের ঐশ্বর্য বা মহিমা। ২ রাজত্ব; আধিপত্য।

ইন্দ্রধনু /ইন্‌দ্রোধোনু/ [স. ইন্দ্র+ধনু] বি. বৃষ্টির পরে আকাশে ভাসমান জলকণার ওপর লম্বভাবে পতিত সূর্যরশ্মি বিচ্ছুরণের (dispersion) ফলে সূর্যের বিপরীত দিকে দৃশ্যমান বিশ্লিষ্ট সাতটি রঙের বর্ণিল বৃত্তচাপ, রামধনু, ইন্দ্রচাপ, রংধনু।

ইন্দ্রনীল /ইন্‌দ্রোনিল্/ [স. ইন্দ্র+নীল] বি. মরকত-মণি, নীলকান্তমণি, পান্না, emerald।

ইন্দ্রপতন /ইন্‌দ্রোপতোন্/ [স. ইন্দ্র+পতন] বি. কোনো মহাপুরুষের মৃত্যু।

ইন্দ্রপাত /ইন্‌দ্রোপাত্/ [স. ইন্দ্র+পাত] বি. দ্র ইন্দ্র-পতন।

ইন্দ্রপুরী /ইন্‌দ্রোপুরি/ [স. ইন্দ্র+পুর+ঈ] বি. ১ দেবরাজ ইন্দ্রের পুরী, স্বর্গলোক, অমরাবতী। ২ (আল.) ঐশ্বর্যপূর্ণ প্রাসাদ।

ইন্দ্রলুপ্ত /ইন্‌দ্রোলুপ্তো/ [স. ইন্দ্র+√লুপ্+ত] বি. কেশহীনতা, মাথার টাক।

ইন্দ্রলোক /ইন্‌দ্রোলোক্/ [স. ইন্দ্র+লোক] বি. দ্র ইন্দ্রপুরী।

ইন্দ্রসুত /ইন্‌দ্রোশুতো/ [স. ইন্দ্র+সুত] বি. ১ ইন্দ্রের পুত্র, জয়ন্ত। ২ বানররাজ বালী। ৩ অর্জুন।

ইন্দ্রাগার /ইন্‌দ্রাগার্/ [স. ইন্দ্র+আগার] বি. বড়ো ও গভীর বাঁধানো কুয়ো; পাতকুয়া; ইঁদারা।

ইন্দ্রাণী /ইন্‌দ্রানি/ [স. ইন্দ্র+ঈ] বি. ১ ইন্দ্রপত্নী শচীদেবী। ২ দেবী দুর্গা।

ইন্দ্রায়ুধ /ইন্‌দ্রায়ুধ্/ [স. ইন্দ্র+আয়ুধ] বি. ১ ইন্দ্রের অস্ত্র, বজ্র। ২ ইন্দ্রচাপ, রামধনু, রংধনু।

ইন্দ্রাসন /ইন্‌দ্রাশোন্/ [স. ইন্দ্র+আসন] বি. ইন্দ্রের সিংহাসন; সিংহাসন, রাজ-আসন।

ইন্দ্রিয় /ইন্‌দ্রিয়ো/ [স. ইন্দ্র+ঈয়] বি. দেহের ১৪টি অঙ্গ-প্রত্যঙ্গ ও শক্তি (চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক বাক হস্ত পদ পায়ু উপস্থ মন বুদ্ধি অহংকার ও চিত্ত) যা দিয়ে বাহ্য বিষয়ের জ্ঞান ও অনুভূতি উপলব্ধ হয়।

ইন্দ্রিয়গম্য /ইন্‌দ্রিয়োগোম্‌মো / [স. ইন্দ্রিয়+√গম্+য] বিণ. (যে জ্ঞান) ইন্দ্রিয়ের সাহায্যে প্রত্যক্ষ করা যায় এমন, জ্ঞানগম্য, বোধগম্য, প্রত্যক্ষ।

ইন্দ্রিয়গোচর /ইন্‌দ্রিয়োগোচর্/ [স. ইন্দ্রিয়+গোচর] বিণ. দ্র ইন্দ্রিয়গম্য।

ইন্দ্রিয়গ্রাম /ইন্‌দ্রিয়োগ্রাম্/ [স. ইন্দ্রিয়+গ্রাম] বি. বহিরিন্দ্রিয়সমূহ, ইন্দ্রিয়নিচয়।

ইন্দ্রিয়গ্রাহ্য /ইন্‌দ্রিয়োগ্রাজ্ঝো / [স. ইন্দ্রিয়+√গ্রহ্+য] বিণ. দ্র ইন্দ্রিয়গম্য।

ইন্দ্রিয়জয় /ইন্‌দ্রিয়োজয়্ / [স. ইন্দ্রিয়+জয়] বি. ১ লালসা বাসনা প্রভৃতি থেকে ইন্দ্রিয়কে দমন, কামপ্রবৃত্তি জয়। ২ ব্রহ্মচর্যসাধন।

ইন্দ্রিয়জয়ী /ইন্‌দ্রিয়োজোয়ি / [স. ইন্দ্রিয়+√জি+ইন্] বিণ. ইন্দ্রিয় দমনকারী, জিতেন্দ্রিয়।

ইন্দ্রিয়জিৎ /ইন্‌দ্রিয়োজিত্ / [স. ইন্দ্রিয়+√জি+ক্বিপ্] বিণ. ইন্দ্রিয়কে জয় করে এমন।

ইন্দ্রিয়জ্ঞান /ইন্‌দ্রিয়োগ্যান্/ [স. ইন্দ্রিয়+জ্ঞান] বি. প্রত্যক্ষ জ্ঞান; ইন্দ্রিয়দ্বারা লব্ধ জ্ঞান।

ইন্দ্রিয়তৃপ্তি /ইন্‌দ্রিয়োতৃপ্‌তি / [স. ইন্দ্রিয়+√তৃপ্+তি] বি. ১ ইন্দ্রিয়সমূহের তুষ্টিসাধন। ২ রমণ, সম্ভোগ।

ইন্দ্রিয়দমন /ইন্‌দ্রিয়োদমোন্/ [স. ইন্দ্রিয়+দমন] বি. ইন্দ্রিয়কে নিয়ন্ত্রণ।

ইন্দ্রিয়দোষ /ইন্‌দ্রিয়োদোশ্ / [স. ইন্দ্রিয়+দোষ] বি. ইন্দ্রিয়ের উচ্ছৃঙ্খলতা; লাম্পট্য; কামপ্রবৃত্তির আধিক্য।

www.pathagar.com

ইন্দ্রিয়পর /ইন্দ্রিয়োপর্/ [স. ইন্দ্রিয়+√পৃ+অ] বিণ. ইন্দ্রিয়ের ক্ষুধা নিবারণে তৎপর, কামুক।

ইন্দ্রিয়পরতন্ত্র /ইন্দ্রিয়োপরোতন্ত্রো / [স. ইন্দ্রিয়পর +√তন্+ত্র] বিণ. দ্র ইন্দ্রিয়পর।

ইন্দ্রিয়পরবশ /ইন্দ্রিয়োপরোবশ্ / [স. ইন্দ্রিয়পর+ বশ] বিণ. দ্র ইন্দ্রিয়পর।

ইন্দ্রিয়পরায়ণ /ইন্দ্রিয়োপরায়োন্/ [স. ইন্দ্রিয়+ পরায়ণ] বিণ. দ্র ইন্দ্রিয়পর।

ইন্দ্রিয়বশ /ইন্দ্রিয়োবশ্ / [স. ইন্দ্রিয়+বশ] বিণ. ইন্দ্রিয়পরায়ণ।

ইন্দ্রিয়লিপ্সা /ইন্দ্রিয়োলিপ্শা / [স. ইন্দ্রিয়+লিপ্সা] বি. প্রবল ভোগবাসনা; কামুকতা, ইন্দ্রিয়সুখ ভোগের লোলুপতা।

ইন্দ্রিয়সংযম /ইন্দ্রিয়োশংজম্/ [স. ইন্দ্রিয়+সংযম] বি. লালসা বাসনা বা উচ্ছৃঙ্খলতা থেকে ইন্দ্রিয়কে দমন, ইন্দ্রিয়কে বশীভূতকরণ।

ইন্দ্রিয়সেবী /ইন্দ্রিয়োশেবি / [স. ইন্দ্রিয়+√সেব্+ ইন্] বিণ. ইন্দ্রিয়ের ক্ষুধা নিবারণে তৎপর, কামুক।

ইন্ধন /ইন্ধন্/ [স. √ইন্ধ্+অন] বি. ১ আগুন জ্বালানোর উপকরণ, জ্বালানি কাঠ কয়লা প্রভৃতি। ২ উদ্দীপনা। ৩ সহায়ক উপাদান।

ইফতার /ইফ্তার্ / [আ.] বি. ইসলাম ধর্মের বিধান অনুযায়ী সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার থেকে বিরত থাকার পর খাদ্য গ্রহণ।

ইফতারি /ইফ্তারি / [ফা.] বি. ইসলাম ধর্মের বিধান অনুযায়ী সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার থেকে বিরত থাকার পর যে খাদ্যবস্তু গ্রহণ করা হয়।

ইফতিদা /ইফ্তিদা / [আ.] বি. আরম্ভ, শুরু।

ইবলিস /ইব্লিস্/ [আ.] বি. শয়তান।

ইবাদত /ইবাদত্ / [আ.] বি. উপাসনা, প্রার্থনা, জপ।

ইমন /ইমন্ / [স.] বি. রাতের প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ইমনকল্যাণ /ইমন্কোল্ল্যান্/ [আ. ইমন+স. কল্যাণ] বি. রাতের প্রথম প্রহরে গেয় সংগীতের মিশ্র রাগ।

ইমন কেদারা /ইমন্ কেদারা/ বি. সংগীতে ইমন ও কেদার রাগের মিশ্ররূপ।

ইমান /ইমান্/ [আ.] বি. বিশ্বাস।

ইমানদার /ইমান্দার্ / [আ. ইমান+ফা. দার] বিণ. ১ ধর্মবিশ্বাসী, আস্তিক, ধার্মিক। ২ বিশ্বাসভাজন।

ইমানদারি /ইমান্দারি / [আ. ইমান+ফা. দারি] বি. বিশ্বস্ততা, সাধুতা।

ইমাম /ইমাম্ / [আ.] বি. ১ যিনি নামাজে নেতৃত্ব দেন, যাঁর পেছনে দাঁড়িয়ে জামাতে নামাজ পড়া হয়। ২ ধর্মীয় নেতা বা পথপ্রদর্শক।

ইমামতি /ইমামোতি / [আ.] বি. ১ নামাজে নেতৃত্ব, জামাতের নামাজ পরিচালনা। ২ নেতৃত্ব। ৩ ইমামের বৃত্তি।

ইমামবাড়া /ইমাম্বাড়া/ [আ. ইমাম >] বি. মহরমের শোকপালনের জন্য নির্মিত গৃহ।

ইমারত /ইমারত্ / [আ.] বি. দালান, অট্টালিকা; পাকাবাড়ি।

ই-মেইল /ই মেইল্/ [ই.] বি. কোনো কম্পিউটার থেকে অন্য যে কোনো এক বা একাধিক কম্পিউটার বা স্মার্টফোনে বৈদ্যুতিন পদ্ধতিতে বার্তা প্রেরণ ও গ্রহণের ব্যবস্থা, e-mail।

ইয়ত্তা /ইয়ত্তা/ [স. ইয়ৎ+তা] বি. ১ পরিমাণ; সংখ্যা, গণনা। ২ সীমা।

ইয়া /ইয়া / [আ.] বিণ. এত; এই আকারের (*ইয়া বড়ো*)।

ইয়া আল্লা /ইয়া আল্লাহ্ / অব্য. ১ ভয় বিস্ময় বা খেদসূচক শব্দ। ২ আল্লাহকে সম্বোধন।

ইয়াংকি /ইয়াংকি/ [ই.] বি. ১ মার্কিন যুক্তরাষ্ট্রের অন্তর্গত নিউ ইংল্যান্ড রাজ্যের অধিবাসী। ২ মার্কিন যুক্তরাষ্ট্রের অধিবাসী। বিণ. আমেরিকান।

ইয়াকুত /ইয়াকুত্ / [আ.] বি. গাঢ়লাল বেগুনি প্রভৃতি রঙের স্ফটিকীকৃত মূল্যবান খনিজ রত্নবিশেষ, পদ্মরাগমণি, চুনি, ruby।

ইয়া নাফসি /ইয়া নাফ্সি/ অব্য. 'হায় আমার নিজের কী হবে' এরূপ উক্তি।

ইয়ার /ইয়ার্ / [ফা.] বি. ১ সখা, বন্ধু। ২ রসিক ব্যক্তি। ৩ ফাজিল ব্যক্তি।

ইয়ারিং /ইয়ারিং/ [ই.] বি. মাকড়ি দুল কুণ্ডল প্রভৃতি কানের অলংকার, earring।

ইয়ার্কি /ইয়ার্কি / [ফা.] বি. রসিকতা, ফাজলামো।

ইয়ে /ইয়ে/ [দেশি.] অব্য. যে শব্দ মনে বা মুখে আসছে না সেই শব্দের পরিবর্তে ব্যবহৃত শব্দ।

ইয়েন /ইয়েন্ / [জাপ.] বি. জাপানি মুদ্রা, Yen।

ইরম্মদ /ইরম্মদ্ / [স. ইরা+ √মদ্+অ] বি. ১ বিদ্যুৎ; বজ্রাগ্নি। ২ বাড়বাগ্নি। ৩ হাতি।

ইরা /ইরা / [স. √ই+র+আ (টাপ্)] বি. ১ পৃথিবী। ২ বাণী। ৩ জল, পানি। ৪ অন্ন। ৫ সুরা।

ইরি /ইরি / [ই.] বি. ঢাকায় অবস্থিত International Rice Research Institute (IRRI) কর্তৃক উদ্ভাবিত উচ্চফলনশীল ধানের প্রজাতিবিশেষ।

www.pathagar.com

ইলশাগুঁড়ি /ইল্‌শাগুঁড়ি/ [বা.] বি. গুঁড়িগুঁড়ি বৃষ্টি, ঝিরঝিরে বৃষ্টি (যে বৃষ্টিতে অধিক সংখ্যক ইলিশমাছ ধরা পড়ে এমন ধারণা), drizzle।

ইলশে /ইল্‌শে/ [বা.] বিণ. ইলিশসম্বন্ধীয়।

ইলশেগুঁড়ি /ইল্‌শেগুঁড়ি/ [বা.] বি. দ্র ইলশেগুঁড়ি।

ইলা /ইলা/ [স. √ইল্+অ+আ (টাপ্)] বি. ১ পৃথিবী। ২ ধেনু। ৩ বাণী। ৪ জল, পানি। ৫ বৈবস্বত মুনির কন্যা ও বুধপত্নী।

ইলিশ /ইলিশ্/ [স. ইলীশ >] বি. প্রধানত পদ্মা নদীর মোহানা ও বঙ্গোপসাগরের উত্তর উপকূলে বিচরণ করে এবং জোয়ারভাটার প্রভাবমুক্ত নদীতে ডিম পাড়ে এমন চ্যাপটা দেহবিশিষ্ট রুপালি আঁশযুক্ত সুস্বাদু মাছ, বাংলাদেশের জাতীয় মাছ।

ইলেক /ইলেক্/ [দেশি.] বি. টাকা গণ্ডা পাই মন সের ছটাক প্রভৃতির নির্দেশক অধুনালুপ্ত চিহ্নবিশেষ।

ইলেকট্রন /ইলেক্‌ট্রন্/ [লা.] বি. ঋণাত্মক আধানযুক্ত মৌলিক কণাবিশেষ, electron।

ইলেকট্রনিক /ইলেক্‌ট্রনিক্/ [লা.] বিণ. ইলেকট্রনপ্রবাহদ্বারা নিয়ন্ত্রিত, বিদ্যুতিনীয়; ইলেকট্রনবিষয়ক; electronic।

ইলেকট্রিক /ইলেক্‌ট্রিক্/ [লা.] বিণ. বিদ্যুচ্চালিত; বৈদ্যুতিক; বিদ্যুৎসম্বন্ধীয়, electric। বি. বিদ্যুৎ, তড়িৎ।

ইলেকট্রোকার্ডিওগ্রাম /ইলেক্‌ট্রোকাড়্‌ডিওগ্রাম্/ [গ্রি.] বি. মানবদেহের হৃৎস্পন্দনের রেখচিত্র, electrocardiogram, ECG।

ইলেকশন /ইলেক্‌শন্/ [লা.] বি. প্রতিনিধি বাছাইয়ের উদ্দেশ্যে জনমত গ্রহণের প্রক্রিয়াবিশেষ, নির্বাচন, election।

ইল্লত /ইল্‌লত্/ [আ.] বি. নোংরামি; মলিনতা।

ইশকুল /ইশ্‌কুল্/ [ই.] বি. যে প্রতিষ্ঠানে শিশুকিশোরদের আনুষ্ঠানিক শিক্ষা দেওয়া হয়, বিদ্যালয়; 'স্কুল'-এর বঙ্গীকৃত রূপ।

ইশতাহার /ইশ্‌তাহার্/ [আ.] বি. বিজ্ঞপ্তি; প্রচারপত্র; বিজ্ঞাপন, নোটিশ।

ইশারা /ইশারা/ [আ.] বি. ইঙ্গিত, সংকেত।

ইষু /ইশু/ [স. √ইষ্+উ] বি. বাণ, শর, তির।

ইষ্ট[১] /ইশ্‌টো/ [স. √যজ্+ত] বি. যজ্ঞাদি কর্ম (*ইষ্টকর্ম*)।

ইষ্ট[২] /ইশ্‌টো/ [স. √ইষ্+ত] বিণ. ১ কাম্য, বাঞ্ছিত (*ইষ্ট কামনা*)। ২ কল্যাণকর। ৩ পূজিত; উপাস্য (*ইষ্টদেবতা*)। ৪ আত্মীয়; প্রিয়। বি. ১ কাম্য বস্তু বা বিষয়। ২ কল্যাণ। ৩ প্রিয়জন, আত্মীয়স্বজন (*ইষ্টজন*)।

ইষ্টক /ইশ্‌টক্/ [স. ইষ্টকা >] বি. ইট।

ইষ্টকবচ /ইশ্‌টোকবোচ্/ [স. ইষ্ট+√কু+অচ] বি. অভীষ্টলাভের আশায় ধারণ করা হয় এমন মন্ত্রপূত মাদুলি, তাবিজ।

ইষ্টকুটুম্ব /ইশ্‌টোকুটুম্‌বো/ [স. ইষ্ট+কুটুম্ব] বি. আত্মীয়স্বজন, আত্মীয়বর্গ।

ইষ্টগোষ্ঠী /ইশ্‌টোগোশ্‌ঠি/ [স. ইষ্ট+গোষ্ঠী] বি. ১ একই গুরুর শিষ্য বা একই সম্প্রদায়ভুক্ত লোকের সঙ্গে আলোচনা। ২ আত্মীয় বা প্রিয়জনের সঙ্গসুখ উপভোগ।

ইষ্টফল /ইশ্‌টোফল্/ [স. ইষ্ট+ফল] বি. অভিপ্রেত ফল, কাম্য ফল।

ইষ্টবিয়োগ /ইশ্‌টোবিয়োগ্/ [স. ইষ্ট+বিয়োগ] বি. প্রিয়জন বা আত্মীয়জনের মৃত্যু।

ইষ্টসাধন /ইশ্‌টোসাধোন্/ [স. ইষ্ট+সাধন] বি. মনোবাঞ্ছা পূরণ; অভিপ্রেত বিষয়ে সাফল্যলাভ।

ইষ্টসিদ্ধি /ইশ্‌টোশিদ্‌ধি/ [স. ইষ্ট+√সিধ্+তি] বি. ১ ঈপ্সিত বা অভীষ্ট বস্তু লাভ। ২ উপকার।

ইষ্টানিষ্ট /ইশ্‌টানিশ্‌টো/ [স. ইষ্ট+অনিষ্ট] বি. লাভ ও ক্ষতি; উপকার ও অপকার, হিতাহিত।

ইষ্টাপত্তি /ইশ্‌টাপোত্‌তি/ [স. ইষ্ট+আ+√পদ্+তি] বি. বাঞ্ছিত বস্তু বা বিষয় প্রাপ্তি, অভীষ্টসিদ্ধি।

ইষ্টাপূর্ত /ইশ্‌টাপুর্‌তো/ [স. ইষ্ট+√পূ+ত] বি. জলাশয় খনন পথঘাট তৈরি প্রভৃতি জনহিতকর কাজ।

ইষ্টি[১] /ইশ্‌টি/ [স. √যজ্+তি] বি. ১ যজমান কর্তৃক অনুষ্ঠেয় যজ্ঞ (অন্ত্যেষ্টি)। ২ মন্ত্রদাতা গুরু।

ইষ্টি[২] /ইশ্‌টি/ [স. √ইষ্+তি] বি. ইচ্ছা, বাসনা।

ইসপগুল /ইসপগুল্/ [ফা.] বি. মলনিঃসারক ওষুধরূপে ব্যবহৃত এক প্রকার ভেষজ বীজের পিচ্ছিল খোসা।

ইস /ইশ্/ [দেশি.] অব্য. বিস্ময় অবিশ্বাস ক্লেশ দুঃখ প্রভৃতিজ্ঞাপক শব্দ।

ইসলাম /ইস্‌লাম্/ [আ.] বি. ১ হজরত মুহম্মদ (সা.) কর্তৃক প্রবর্তিত ধর্ম। ২ শান্তির ধর্ম।

ইসা /ইসা/ [আ.] বি. আল্লাহর প্রেরিত একজন দূত; যিশু, খ্রিষ্টধর্মের প্রবর্তক।

ইসিজি /ইসিজি/ [ই.] বি. হৃৎস্পন্দনের রেখচিত্র,

www.pathagar.com

electrocardiogram–এর সংক্ষিপ্ত রূপ, ECG।

ইস্কাপন /ইস্কাপন্/ [ওল.] বি. পান-আকৃতির কালো চিহ্নযুক্ত তাস, তাসের চিহ্নবিশেষ।

ইস্ক্রুপ /ইস্ক্রুপ্/ [ফ. screw >] বি. ধাতুর তৈরি প্যাঁচকাটা সুচালো কীলকবিশেষ যার সাহায্যে কাঠ প্লাস্টিক বা অন্য কোনো পদার্থ শক্ত করে পরস্পর সংযুক্ত রাখা যায়।

ইস্তক /ইস্তক্/ [হি.] অব্য. ক্রিবিণ. ১ পর্যন্ত, অবধি। ২ এমনকি। ৩ থেকে। বি. তাসখেলায় রঙের সাহেব-বিবি।

ইস্তফা /ইস্তফা/ [আ.] বি. ১ চাকরি বা কোনো পদ থেকে স্বেচ্ছায় অব্যাহতি গ্রহণ। ২ ক্ষান্তি; শেষ।

ইস্তিরি /ইস্তিরি/ [পো.] বি. ১ কাপড় মসৃণ করার জন্য ব্যবহৃত ধাতুনির্মিত সরঞ্জামবিশেষ। ২ ধোয়া বা কোঁচকানো জামাকাপড় মসৃণ করার কাজ।

ইস্পাত /ইশ্পাত্/ [পো.] বি. হাতিয়ার (tools) অস্ত্র বা বিবিধ যন্ত্রসামগ্রী তৈরির জন্য ব্যবহৃত মৌলিক লোহার সঙ্গে সামান্য পরিমাণ কার্বন এবং ম্যাঙ্গানিজ ক্রোমিয়াম নিকেল প্রভৃতি ধাতুর মিশ্রণে উৎপাদিত কঠিনীকৃত উচ্চ ঘাতসহ মিশ্রধাতু, কান্তিলৌহ, steel।

ইস্রাফিল /ইস্রাফিল্/ [আ.] বি. ইসলাম ধর্মমতে চারজন প্রধান ফেরেশতার অন্যতম যিনি বাঁশি বাজিয়ে প্রলয়ের সংকেত দান করবেন।

ইহ /ইহো/ [স. ইদম্+হ] বিণ. এই (*ইহলোকে*)।

ইহকাল /ইহোকাল্/ [স. ইহ+কাল] বি. জন্ম থেকে মৃত্যু পর্যন্ত সময়, আয়ুষ্কাল, জীবৎকাল।

ইহজগৎ /ইহোজগোত্/ [স. ইহ+জগৎ] বি. এই পৃথিবী, মর্ত্যলোক, ইহলোক।

ইহজন্ম /ইহোজন্মো/ [স. ইহ+জন্মন্] বি. জীবৎকাল, বর্তমান জীবন।

ইহজীবন /ইহোজিবন্/ [স. ইহ+জীবন] বি. এই জীবন, বর্তমান জীবন।

ইহরাম /ইহ্রাম্/ [আ.] বি. হজব্রতের প্রারম্ভে পুরুষদের পরিধেয় সেলাইবিহীন বস্ত্রখণ্ডদ্বয়।

ইহলোক /ইহোলোক্/ [স. ইহ+লোক] বি. মর্ত্যলোক, মনুষ্যলোক।

ইহসংসার /ইহোশংশার/ [স. ইহ+সংসার] বি. ইহজগৎ।

ইহা /ইহা/ [দেশি.] সর্ব. এই বস্তু; এই বিষয়; এই।

ইহারা /ইহারা/ [বা.] সর্ব. এই ব্যক্তিবর্গ।

ইহুদি /ইহুদি/ [আ.] বি. হিব্রু ধর্মগ্রন্থের বিধিবিধান মেনে চলে এমন ধর্মসম্প্রদায়, Jew।

www.pathagar.com

ঈ /দির্ঘো ই/

ঈ /দির্ঘো ই:/ বাংলা বর্ণমালার চতুর্থ স্বরবর্ণ এবং তালু থেকে উচ্চারিত মৌলিক স্বরধ্বনি (i)-র প্রতীক (সংস্কৃতে ঈ-র উচ্চারণ দীর্ঘ হলেও বাংলায় তা হ্রস্ব এবং ই-র অনুরূপ)।

ঈ-কার /দির্ঘোইকার/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত 'ঈ' স্বরধ্বনির প্রতীকরূপে ব্যবহৃত ' ী ' চিহ্ন।

ঈক্ষণ /ইক্‌খন/ [স. √ঈক্ষ্+অন] বি. ১ দর্শন, দৃষ্টি। ২ নেত্র, নয়ন, চোখ।

ঈক্ষমাণ /ইক্‌খোমান/ [স. √ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. অবেক্ষমাণ; নিরীক্ষিত হচ্ছে এমন।

ঈক্ষিত /ইক্‌খিতো/ [স. √ঈক্ষ্+ত] বিণ. ১ দেখা হয়েছে এমন। ২ পর্যালোচিত।

ঈতি /ইতি/ [স. √ঈ+তি] বি. অতিবৃষ্টি অনাবৃষ্টি প্রভৃতি কারণে কৃষিকর্মে বিঘ্ন।

ঈদ /ইদ্/ [আ.] বি. ইদ-এর প্রচলিত ও অসংগত বানান।

ঈদি /ইদি/ [আ. ইদ >] বি. ইদি-র প্রচলিত ও অসংগত বানান।

ঈদুজ্‌জোহা /ইদুজ্‌জোহা/ [আ.] বি. 'ইদুজ্‌জোহা'-র প্রচলিত ও অসংগত বানান।

ঈদুলফিতর /ইদুলফিতর্/ [আ.] বি. 'ইদুলফিতর'-এর অসংগত ও প্রচলিত বানান।

ঈদৃক /ইদৃক্/ [স. ইদম্+√দৃশ্+ক্বিপ্] বিণ. দ্র ঈদৃশ।

ঈদৃশ /ইদৃশো/ [স. ইদম্+√দৃশ্+ক্বিন্] বিণ. এর মতো, এরূপ, এতাদৃশ। স্ত্রী. ঈদৃশী /ইদৃশি/।

ঈপ্সা /ইপ্‌সা/ [স. √আপ্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ পাওয়ার ইচ্ছা, আকাঙ্ক্ষা, বাঞ্ছা। ২ লিপ্সা।

ঈপ্সিত /ইপ্‌সিতো/ [স. √আপ্+সন্+ত] বিণ. অভিলষিত, কাঙ্ক্ষিত।

ঈপ্সু /ইপ্‌সু/ [স. √আপ্+সন্+উ] বিণ. ইচ্ছুক; পেতে ইচ্ছুক।

ঈর্ষণীয় /ইর্‌শোনিয়ো/ [স. √ঈর্ষ্+অনীয়] বিণ. ঈর্ষার যোগ্য (*ঈর্ষণীয় সাফল্য*)।

ঈর্ষা /ইর্‌শা/ [স. √ঈর্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ পরশ্রীকাতরতা। ২ ক্ষমাহীনতা। ৩ (বাংলায়) হিংসা।

ঈর্ষানল /ইর্‌শানল্/ [স. ঈর্ষা+অনল] বি. হিংসার আগুন, দ্বেষরূপ অগ্নি।

ঈর্ষান্বিত /ইর্‌শান্‌নিতো/ [স. ঈর্ষা+অন্বিত] বিণ. হিংসাযুক্ত। স্ত্রী. ঈর্ষান্বিতা /ইর্‌শান্‌নিতা/।

ঈর্ষাপরবশ /ইর্‌শাপরোবশ্/ [স. ঈর্ষা+পরবশ] বিণ. ঈর্ষাপরায়ণ, ঈর্ষার বশবর্তী।

ঈর্ষাপরায়ণ /ইর্‌শাপরায়োন্/ [স. ঈর্ষা+পরায়ণ] বিণ. ১ হিংসুটে, পরশ্রীকাতর, হিংসার বশীভূত। ২ বিদ্বেষপরায়ণ।

ঈর্ষামূলক /ইর্‌শামুলক্/ [স. ঈর্ষা+মূলক] বিণ. মূলে হিংসা আছে এমন, ঈর্ষাজনিত।

ঈর্ষালু /ইর্‌শালু/ [স. ঈর্ষা+আলু] বিণ. হিংসুটে, পরশ্রীকাতর।

ঈর্ষী /ইর্‌শি/ [স. √ঈর্ষ্+ইন্] বিণ. ঈর্ষাপরায়ণ।

ঈশ /ইশো/ [স. √ঈশ্+অ] বি. ১ আল্লাহ, ঈশ্বর। ২ প্রভু। ৩ রাজা, অধিপতি।

ঈশান[১] /ইশান্/ [স. √ঈশ্+আন] বি. প্রলয়ের দেবতা, নটরাজ, শিব। স্ত্রী. ঈশানী /ইশানি/।

ঈশান[২] /ইশান্/ [স. √ঈশ্+আন] বি. (বাংলায়) উত্তর ও পূর্ব দিকের মধ্যবর্তী কোণ।

ঈশানকোণ /ইশান্‌কোন্/ [স. ঈশান+কোণ] বি. উত্তর ও পূর্ব দিকের মধ্যবর্তী কোণ।

ঈশিতা /ইশিতা/ [স. √ঈশ্+ত্] বি. ১ ঈশ্বরত্ব; ঈশ্বরের মহিমা। ২ সকলের ওপর প্রাধান্য বা প্রভুত্ব। ৩ অষ্ট ঐশ্বর্যের অন্যতম; যোগলব্ধ ঐশ্বর্যবিশেষ।

ঈশিত্ব /ইশিত্তো/ [স. √ঈশ্+ইন্+ত্ব] বি. দ্র ঈশিতা।

ঈশ্বর[১] /ইশ্‌শর্/ [স. √ঈশ্+বর] বি. আল্লাহ, খোদা, বিধাতা, সৃষ্টিকর্তা, স্রষ্টা, God।

ঈশ্বর[২] /ইশ্‌শর্/ [স. √ঈশ্+বর] বি. ১ অধিপতি; প্রভু। ২ প্রণয়ী, হৃদয়েশ। ৩ গুরু। ৪ দেবতার স্থান বা তীর্থক্ষেত্র জ্ঞাপক চিহ্নবিশেষ ' ॰ '। বিণ. শ্রেষ্ঠ; প্রধান।

ঈশ্বরকৃত /ইশ্‌শরকৃতো/ [স. ঈশ্বর+√কৃ+ত] বিণ. ১ অলৌকিক। ২ অপৌরুষেয়।

ঈশ্বরতা /ইশ্‌শরতা/ [স. ঈশ্বর+তা] বি. দ্র ঈশ্বরত্ব।

ঈশ্বরত্ব /ইশ্‌শরত্তো/ [স. ঈশ্বর+ত্ব] বি. ঈশ্বরের গুণ, ভগদ্ভাব, divinity।

www.pathagar.com

ঈশ্বরদত্ত /ইশ্‌শরদত্তো/ [স. ঈশ্বর+√দা+ত] বিণ. অলৌকিক; আল্লাহ বা ঈশ্বরের কৃপায় প্রাপ্ত।

ঈশ্বরনিষ্ঠ /ইশ্‌শরনিশ্‌ঠো/ [স. ঈশ্বর+নিষ্ঠ] বিণ. আল্লাহ বা ঈশ্বরের প্রতি নিষ্ঠা আছে এমন, ধার্মিক, আস্তিক।

ঈশ্বরপরায়ণ /ইশ্‌শরপরায়োন্/ [স. ঈশ্বর+পরায়ণ] বিণ. আল্লাহ বা ঈশ্বরের প্রতি নিষ্ঠাযুক্ত, আস্তিক। বি. ঈশ্বরপরায়ণতা /ইশ্‌শরপরায়োনতা/।

ঈশ্বরপ্রসাদাৎ /ইশ্‌শরপ্রোশাদাত্/ [স. ঈশ্বর+প্রসাদ +আৎ] ক্রিবিণ. আল্লাহ বা ঈশ্বরের অনুগ্রহে।

ঈশ্বরবাদ /ইশ্‌শরবাদ্/ [স. ঈশ্বর+√বদ্+অ] বি. আল্লাহ বা ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে এমন মতবাদ, আস্তিক্য।

ঈশ্বরবাদী /ইশ্‌শরবাদি/ [স. ঈশ্বর+√বদ্+ইন্] বিণ. আল্লাহ বা ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে এমন, আস্তিক। স্ত্রী. **ঈশ্বরবাদিনী** /ইশ্‌শরবাদিনি/।

ঈশ্বরভক্ত /ইশ্‌শরভক্তো/ [স. ঈশ্বর+ভক্ত] বিণ. দ্র ঈশ্বরনিষ্ঠ।

ঈশ্বরসৃষ্ট /ইশ্‌শরসৃশ্‌টো/ [স. ঈশ্বর+সৃষ্ট] বিণ. আল্লাহ বা ঈশ্বর কর্তৃক সৃষ্ট; নৈসর্গিক।

ঈষ /ইশো/ [স. ঈষা >] বি. লাঙলের ফলা।

ঈষৎ /ইশত্/ [স. √ঈষ্+অৎ] অব্য. বিণ. কিঞ্চিৎ; অল্প; কিছু, সামান্য।

ঈষদচ্ছ /ইশোদচ্ছো/ [স. ঈষৎ+অচ্ছ] বিণ. স্বচ্ছ নয় কিন্তু আলো আসতে পারে এমন, অর্ধস্বচ্ছ, translucent।

ঈষদুচ্চ /ইশোদুচ্চো/ [স. ঈষৎ+উচ্চ] বিণ. অল্প উঁচু; কিঞ্চিৎ উত্থিত।

ঈষদুত্থিত /ইশোদুত্থিতো/ [স. ঈষৎ+উত্থিত] বিণ. দ্র ঈষদুচ্চ।

ঈষদুদ্ভিন্ন /ইশোদুদ্‌ভিন্নো/ [স. ঈষৎ+উদ্ভিন্ন] বিণ. ১ স্বল্প প্রকটিত বা প্রকাশিত। ২ অর্ধস্ফুটিত।

ঈষদুন্নত /ইশোদুন্নতো/ [স. ঈষৎ+উন্নত] বিণ. ১ কিঞ্চিৎ উন্নত। ২ অল্প উঁচু।

ঈষদুষ্ণ /ইশোদুশ্‌নো/ [স. ঈষৎ+উষ্ণ] বিণ. সামান্য গরম, কবোষ্ণ, কুসুম কুসুম গরম।

ঈষদূন /ইশোদুনো/ [স. ঈষৎ+ঊন] বিণ. কিছু কম, সামান্য কম। বি. **ঈষদূনতা**/ইশোদুনোতা/।

ঈষা /ইশা/ [স. √ঈষ্+অ+আ (টাপ্)] বি. ১ লাঙলের ফলা। ২ সীতা।

ঈষিকা /ইশিকা/ [স. ঈষা+কন্+আ (টাপ্)] বি. ১ কাশফুল। ২ তুলি। ৩ হাতির চোখের গোলক। ৪ শর প্রভৃতি তৃণের কুশ, খড়কে।

ঈহ /ইহো/ [স. √ঈহ্+অ] বি. ১ ইচ্ছা। ২ লিপ্সা।

ঈহমান /ইহোমান্/ [স. ঈহ+মান (শানচ্)] বিণ. ১ চেষ্টমান। ২ অভিলাষী।

ঈহা /ইহা/ [স. √ঈহ্+অ+আ (টাপ্)] বি. ১ চেষ্টা। ২ ইচ্ছা; স্পৃহা। ৩ লিপ্সা।

ঈহিত /ইহিতো/ [স. √ঈহ্+ত] বিণ. ১ চেষ্টিত। ২ যত্ন করা হয়েছে এমন। ৩ ঈপ্সিত, বাঞ্ছিত।

ঈহিনী /ইহিনি/ [স. ঈহা+ইন্+ঈ] বিণ. অভিলাষ-কারিণী।

www.pathagar.com

উ /rhɔশ্‌শো উ/

উ /rhɔশ্‌শো উ/ বাংলা বর্ণমালার পঞ্চম স্বরবর্ণ এবং ওষ্ঠদ্বারা উচ্চার্য মৌলিক স্বরধ্বনি উ (u)-র প্রতীক। ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত হলে উ ' ু ' রূপ প্রাপ্ত হয়।

উই /উই/ [স. উপদীকা >] বি. কাঠ কাগজ প্রভৃতি ধ্বংস করে এমন পিপীলিকাজাতীয় সাদা সামাজিক কীটবিশেষ, বল্মীক।

উইকেট /উইকেট্/ [ই. wicket >] বি. ১ ক্রিকেট পিচের উভয়প্রান্তে মাথায় দুটি করে বেল-সহ (bail) পুঁতে রাখা তিনটি কাঠের খুঁটি (stump)। ২ দুদিকের স্টাম্পের মধ্যবর্তী ভূমিখণ্ড। ৩ ব্যাট করার অধিকার।

উইপোকা /উইপোকা/ [স. উপদীকা >] বি. দ্র উই।

উইল /উইল্/ [ই.] বি. স্থাবর ও অস্থাবর সম্পত্তি বণ্টনবিষয়ে মৃতের ইচ্ছানুসারে লিখিত ব্যবস্থা-পত্র, যে দানপত্র দাতার মৃত্যুর পরে কার্যকর হয়, শেষ ইচ্ছাপত্র, will।

উঃ /উহ্/ [ধ্বন্যা.] অব্য. বি. বিস্ময় ক্রোধ দয়া দুঃখ প্রভৃতির অভিব্যক্তিসূচক শব্দ।

উঁ /উঁ/ [স. উম্ >] অব্য. বি. ১ 'অ্যাঁ' শব্দের সংক্ষিপ্ত রূপ। ২ ডাকে সাড়া দেওয়ার জন্য উচ্চারিত শব্দ। ৩ বেদনা অসম্মতি প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

উঁকি /উঁকি/ [দেশি.] বি. আড়াল থেকে লুকিয়ে দেখার চেষ্টা।

উঁকিঝুঁকি /উঁকিঝুঁকি/ [দেশি.] বি. আড়াল থেকে বারবার এদিকে ওদিকে তাকিয়ে দেখার চেষ্টা।

উঁচকপালি /উঁচ্‌কপালি/ [বা.] বিণ. (লোকবিশ্বাসমতে স্ত্রীলোকের জন্য উঁচুকপাল দুর্ভাগ্যের লক্ষণযুক্ত বলে) মন্দভাগ্যবিশিষ্টা।

উঁচকপালে /উঁচ্‌কপালে/ [বা.] বিণ. (লোকবিশ্বাস-মতে পুরুষলোকের জন্য উঁচুকপাল সৌভাগ্যের লক্ষণযুক্ত বলে) সৌভাগ্যশালী।

উঁচল /উঁচল্/ [স. উঞ্ছন >] বি. তৃণাদি ঝেড়ে শস্য একত্র করার কাজ ; ঝাড়ন, চলন। বিণ. উঁচু।

উঁচলানো /উঁচলানো/ [বা.] ক্রিবি. চাল কলাই প্রভৃতি তুষ ও কাঁকর থেকে পৃথক করা, ঝাড়া।

উঁচা /উঁচা/ [আঞ্চ.] বিণ. ১ উচ্চ। ২ উন্নত; উৎকৃষ্ট। ৩ উদার। ৪ কর্কশ। ৫ 'উঁচু'-র আঞ্চলিক রূপ।

উঁচানিচা /উঁচানিচা/ [আঞ্চ.] বিণ. অসমান, এবড়ো-খেবড়ো; 'উঁচুনিচু'-র আঞ্চলিক রূপ।

উঁচু /উঁচু/ [স. উচ্চ >] বিণ. ১ উচ্চ। ২ উন্নত। ৩ মর্যাদাসম্পন্ন, অভিজাত। ৪ চড়া।

উঁচুনিচু /উঁচুনিচু/ [স. উচ্চ-নিম্ন >] বিণ. অসমান, এবড়োখেবড়ো।

উঁচোনো /উঁচোনো/ [বা.] ক্রিবি. বিণ. উঁচু করা।

উঁহুঁ /উঁহুঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. অসম্মতিজ্ঞাপক ধ্বনি, না।

উক /উক্/ [স. উল্কা>] বি. ১ আগুনের কণা। ২ অগ্নি। ৩ মশাল।

উকড়া /উক্‌ড়া/ [দেশি.] বি. গুড় মেশানো খই, মুড়কি।

উকা /উকা/ [দেশি.] বি. বাঁশ বা বেতের তৈরি মাছ ধরার ফাঁদ।

উ-কার /উকার/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে উ-স্বরের যোগচিহ্ন ' ু '।

উকি /উকি/ [স. হিক্কা>] বি. উদ্‌গার, হিক্কা, হেঁচকি। অব্য. বমিবমি ভাব।

উকিওঠা /উকি ওঠা/ ক্রিবি. হিক্কা তোলা।

উকিল /উকিল্/ [আ.] বি. ১ আইন ব্যবসায়ী, ব্যবহারজীবী। ২ প্রতিনিধি। ৩ মুসলমান সমাজের বিবাহের অনুষ্ঠানে যে ব্যক্তি কনের আনুষ্ঠানিক সম্মতি নিয়ে বিজ্ঞাপিত করে।

উকুন /উকুন্/ [স. উৎকুণ >] বি. পশুপাখির গায়ে বা মানুষের মাথায় থাকে এবং রক্ত শুষে জীবনধারণ করে এমন ডানাবিহীন ক্ষুদ্র পরজীবী কীট।

উক্ত /উক্‌তো/ [স. √বচ্+ত] বিণ. ১ বলা হয়েছে এমন, ব্যক্ত, কথিত। ২ উল্লিখিত। ৩ নির্দিষ্ট।

উক্তি /উক্‌তি/ [স. √বচ্+তি] বি. ১ কথা, বচন, কথন; বাক্য। ২ উল্লেখ।

উখড়া /উখ্‌ড়া/ [স. উৎখাত >] ক্রিবি. দ্র উখড়ানো।

উখড়ানো /উখ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. সমূলে উৎপাটন করা।

উখা[১] /উখা/ [স. √উখ্+অ+আ (টাপ্)] বি. ১ হাঁড়ি; রন্ধনপাত্র। ২ উনুন, চুলা।

উখা[২] /উখা/ [দেশি.] বি. ১ কোনো কঠিন বস্তু ঘষে মসৃণ করার জন্য ব্যবহৃত অমসৃণ তলবিশিষ্ট

www.pathagar.com

ইস্পাতের দন্ড বা চাকতি, রেতি, file। ২ বাঁশের সরু কাঠি দিয়ে তৈরি মাছ ধরার ফাঁদবিশেষ।

উগরা /উগ্‌রা/ [স. উদ্‌গিরণ >] ক্রিবি. ১ বমি করা। ২ (পরীক্ষার খাতায়) মুখস্থ করা বিষয় উগরে দেওয়া। ৩ অবৈধভাবে নেওয়া বা চুরি করা জিনিস বাধ্য হয়ে ফেরত দেওয়া।

উগরানো /উগ্‌রানো/ [বা.] ক্রিবি. বমি করা, উদ্‌গিরণ করা।

উগ্র /উগ্‌গ্রো/ [স. √উচ্‌+র] বিণ. ১ অসহিষ্ণু। ২ তীব্র, উৎকট (*উগ্র গন্ধ*)। ৩ প্রখর, প্রচন্ড (*উগ্র তাপ*)। ৪ রূঢ়, কর্কশ; তীক্ষ্ণ (*উগ্র কণ্ঠ*)। ৫ ক্রূর; নিষ্ঠুর (*উগ্র স্বভাব*)। বি. ১ ক্ষত্রিয় জাতিবিশেষ। ২ শিব, মহাদেব, শংকর।

উগ্রকণ্ঠ /উগ্‌গ্রোকন্‌ঠো/ [স. উগ্র+√কণ্‌+ঠ] বিণ. কর্কশ ও ক্রুদ্ধ; রূঢ় কণ্ঠস্বরবিশিষ্ট।

উগ্রকর্মা /উগ্‌গ্রোকর্‌মা/ [স. উগ্র+কর্মন্‌] বিণ. হিংসাত্মক কাজ করে এমন।

উগ্রক্ষত্রিয় /উগ্‌গ্রোখোত্‌ত্রিয়ো/ [স. উগ্র+ক্ষত্র+ইয়] বি. সনাতনধর্মাবলম্বী জাতিবিশেষ, আগুরি।

উগ্রচণ্ডা /উগ্‌গ্রোচন্‌ডা/ [স. উগ্র+√চন্ড্‌+অ+আ (টাপ্‌)] বিণ. অত্যন্ত কোপনস্বভাবা ও কলহ-পরায়ণা।

উগ্রচণ্ডী /উগ্‌গ্রোচোন্‌ডি/ [স. উগ্রচন্ড+ঈ] বিণ. দ্র উগ্রচণ্ডা।

উগ্রতপা /উগ্‌গ্রোতপা/ [স. উগ্র+তপা] বিণ. কঠোর তপস্যাকারী।

উগ্রতা /উগ্‌গ্রোতা/ [স. উগ্র+তা] বি. ১ কোপনতা। ২ অসহিষ্ণুতা। ৩ তীব্রতা, প্রখরতা।

উগ্রত্ব /উগ্‌গ্রত্‌ত্ব/ [স. উগ্র+ত্ব] বি. দ্র উগ্রতা।

উগ্রপন্থি /উগ্‌গ্রোপোন্‌থি/ [স. উগ্র+হি. পন্থি] বিণ. হিংসাত্মক বা নাশকতামূলক নীতির অনুসারী।

উগ্রবীর্য /উগ্‌গ্রোবির্‌জ্যো/ [স. উগ্র+বীর্য] বিণ. ১ অতিশয় তেজস্বী। ২ (বাংলায়) তীক্ষ্ণ গুণবিশিষ্ট।

উগ্রমূর্তি /উগ্‌গ্রোমুর্‌ত্তি/ [স. উগ্র+√মূর্চ্ছ্‌+তি] বিণ. ক্রুদ্ধ ও ভীতিকর চেহারাবিশিষ্ট।

উগ্রস্বর /উগ্‌গ্রোশ্বর্‌/ [স. উগ্র+স্বর] বিণ. কর্কশ কণ্ঠস্বরবিশিষ্ট।

উগ্রা /উগ্‌গ্রা/ [স. উগ্র+আ (টাপ্‌)] বিণ. অতিশয় কোপনস্বভাবা। বি. কলহপ্রিয় নারী।

উঘরানো /উঘ্‌রানো/ [স. উদ্‌ঘাটিত >] ক্রিবি. ১ উন্মুক্ত করা। ২ নগ্ন করা। ৩ উদ্‌ঘাটন করা।

উচক্কা /উচক্‌কা/ [হি.] ক্রিবিণ. হঠাৎ, আচমকা। বিণ. ১ উঠতি, নব্য; অপরিপক্ক। ২ অবাধ্য। ৩ হঠকারী। বি. চোর।

উচল /উচল্‌/ [স. উচ্চ >] বিণ. উঁচু, উচ্চ। বি. উঁচু জায়গা।

উচাটন /উচাটন্‌/ [স. উচ্চাটন >] বিণ. ব্যাকুল, অস্বস্তিপূর্ণ; উৎকণ্ঠিত। বি. উৎকণ্ঠা; ব্যাকুলতা।

উচিত /উচিত্‌/ [স. √উচ্‌+ত] বিণ. যোগ্য; যথার্থ।

উচিতবক্তা /উচিত্‌বক্‌তা/ [স. উচিত+√বচ্‌+ত] বিণ. উচিত কথা বলে এমন, স্পষ্টবক্তা।

উচ্চ /উচ্‌চো/ [স. উদ্‌+√চি+অ] বিণ. ১ উঁচু; তুঙ্গ; উন্নত। ২ মহৎ। ৩ সম্ভ্রান্ত। ৪ চড়া। ৫ উর্ধ্বতন। ৬ (বাংলায়) কটু; কর্কশ।

উচ্চকিত /উচ্‌চোকিতো/ [স. উদ্‌+√চক্‌+ত] বিণ. ১ উৎকণ্ঠিত; ত্রস্ত। ২ চঞ্চল। ৩ চমকিত।

উচ্চগ্রাম /উচ্‌চোগ্রাম্‌/ [স. উচ্চ+গ্রাম] বি. ১ চড়া সুর বা উঁচু পর্দায় বাঁধা স্বর। ২ উন্নত পর্যায়।

উচ্চন্ড /উচ্‌চন্‌ডো/ [স. উদ্‌+√চন্ড্‌+অ] বিণ. ১ প্রচন্ড; ভীষণ; দুর্দান্ত। ২ অতিশয় রাগান্বিত।

উচ্চতা /উচ্‌চোতা/ [স. উচ্চ+তা] বি. খাড়াই।

উচ্চবাচ্য /উচ্‌চোবাচ্‌চো/ [স. উচ্চ+√বচ্‌+য] বি. ১ সাড়াশব্দ। ২ প্রতিবাদ। ৩ কোনো বিষয় উত্থাপন।

উচ্চবিদ্যালয় /উচ্‌চোবিদ্‌দালয়্‌/ [স. উচ্চ+বিদ্যালয়] বি. যে শিক্ষায়তনে মাধ্যমিক স্তর পর্যন্ত পড়ানো হয়, high school।

উচ্চয় /উচ্‌চয়্‌/ [স. উদ্‌+√চি+অ] বি. ১ চয়ন, সংগ্রহ। ২ রাশি, পুঞ্জ। ৩ অভ্যুদয়। ৪ সমৃদ্ধি।

উচ্চরোল /উচ্‌চোরোল্‌/ [স. উচ্চ+রোল] বি. উচ্চ শব্দ বা চিৎকার।

উচ্চহাসি /উচ্‌চোহাশি/ [স. উচ্চ+বা. হাসি] বি. উচ্চস্বরে হাসি, অট্টহাস্য।

উচ্চহাস্য /উচ্‌চোহাশ্‌যো/ [স. উচ্চ+হাস্য] বি. দ্র উচ্চহাসি।

উচ্চাকাঙ্ক্ষা /উচ্‌চাকাংখা/ [স. উচ্চ+আ+√কাঙ্ক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. উচ্চাভিলাষ, উচ্চ আকাঙ্ক্ষা।

উচ্চাটন /উচ্‌চাটন্‌/ [স. উচ্চ+√চাটি+অন] বি. ১ ব্যাকুলতা, উৎকণ্ঠা; চঞ্চলতা। ২ উৎপীড়ন। ৩ উৎপাটন। ৪ অপসারণ। ৫ তান্ত্রিক আচারবিশেষ।

উচ্চাবচ /উচ্‌চাবচো/ [স. উদক্‌+অবাক্‌] বিণ. উঁচু-নিচু, বন্ধুর, অসমান।

উচ্চার /উচ্‌চার্‌/ [স. উদ্‌+√চারি+অ] বি. ১ মল, বিষ্ঠা। ২ মলত্যাগ। ৩ উচ্চারণ।

উচ্চারণ /উচ্‌চারোন্‌/ [স. উৎ+√চারি+অন] বি. ১ বাচন, কথন। ২ ব্যক্তকরণ। ৩ বাচনভঙ্গি।

উচ্চারণতত্ত্ব /উচ্‌চারোন্‌তত্‌তো/ [স. উচ্চারণ+তৎ+ত্ব] বি. ভাষার প্রমিত স্বর ও ধ্বনি নির্দেশ করে

www.pathagar.com

এমন শাস্ত্র।

উচ্চারণবিভ্রাট /উচ্চারোন্‌বিব্‌ভ্রাট্‌/ [স. উচ্চারণ+বিভ্রাট] বি. বিকৃত উচ্চারণজনিত সংকট।

উচ্চারিত /উচ্চারিতো/ [স. উৎ+√চারি+ত] বিণ. উচ্চারণ করা হয়েছে এমন, কথিত, ব্যক্ত।

উচ্চার্য /উচ্চারজো/ [স. উৎ+√চারি+য] বিণ. উচ্চারণযোগ্য; বলার যোগ্য, কথনীয়।

উচ্চার্যমাণ /উচ্চারজোমান্‌/ [স. উচ্চার্য+মান (শানচ্‌)] বিণ. উচ্চারিত হচ্ছে এমন।

উচ্চাশয় /উচ্চাশয়্‌/ [স. উচ্চ+আশয়] বিণ. উদারচেতা।

উচ্চিংড়া /উচ্চিংড়া/ [স. উচ্চিঙ্গট >] বি. লাফিয়ে চলে এমন নিশাচর পতঙ্গবিশেষ।

উচ্চিংড়ে /উচ্চিংড়ে/ [স. উচ্চিঙ্গট >] বি. দ্র উচ্চিংড়া।

উচ্চিঙ্গট /উচ্চিংগট্‌/ [স. উদ্‌+চিঙ্গট] বি. দ্র উচ্চিংড়া।

উচ্চৈঃ /উচ্চোই/ [স. উৎ+√চি+ঐস্‌] ক্রিবিণ. ১ ওপরে, উর্ধ্বে। ২ তীব্রভাবে।

উচ্চৈঃস্বর /উচ্চোই্‌শ্বর্‌/ [স. উচ্চৈঃ+স্বর] বি. উচ্চরব; চিৎকার, জোরগলা।

উচ্ছল /উচ্ছল্‌/ [স. উদ্‌+√শল্‌+অ] বিণ. ১ উথলে বা ছাপিয়ে উঠেছে এমন। ২ সর্বত্র ব্যাপ্ত। ৩ স্ফীত। ৪ উচ্ছ্বাসময়; চঞ্চল।

উচ্ছিত্তি /উচ্ছিত্তি/ [স. উদ্‌+√ছিদ্‌+তি] বি. ১ উচ্ছেদ; সমূলে উৎপাটন, নির্মূলন। ২ বিনাশ।

উচ্ছিদ্যমান /উচ্ছিদ্‌দোমান্‌/ [স. উদ্‌+√ছিদ্‌+মান (শানচ্‌)] বিণ. উন্মূলিত হচ্ছে এমন।

উচ্ছিন্ন /উচ্ছিন্নো/ [স. উৎ+√ছিদ্‌+ত] বিণ. নির্মূল; উৎপাটিত, উন্মূলিত; বিনষ্ট; বিলুপ্ত।

উচ্ছিলীন্ধ্র /উচ্ছিলিন্‌ধ্রো/ [স. উৎ+শিলীন্ধ্র] বিণ. বিকশিত শিলীন্ধ্রযুক্ত। বি. ব্যাঙের ছাতা।

উচ্ছিষ্ট /উচ্ছিশ্‌টো/ [স. উৎ+√শিষ্‌+ত] বিণ. এঁটো; আহারের পর ধোয়া হয়নি এমন।

উচ্ছিষ্টভোজী /উচ্ছিশ্‌টোভোজি/ [স. উচ্ছিষ্ট+√ভুজ্‌+ইন্‌] বিণ. ১ অন্যের ভুক্তাবশেষ খায় এমন। ২ (আল.) পরমুখাপেক্ষী; হীন।

উচ্ছিষ্টান্ন /উচ্ছিশ্‌টান্নো/ [স. উচ্ছিষ্ট+অন্ন] বি. খাওয়ার পর পাতে পড়ে থাকা অন্ন।

উচ্ছৃঙ্খল /উচ্ছৃংখল্‌/ [স. উৎ+শৃঙ্খল] বিণ. ১ বিশৃঙ্খল; অনিয়ন্ত্রিত। ২ নিজের ইচ্ছায় চলে এমন; যথেচ্ছাচারী। ৩ অমিতাচারী। ৪ শৃঙ্খলহীন; বন্ধনমুক্ত। বি. উচ্ছৃঙ্খলতা /উচ্ছৃংখলতা/।

উচ্ছে /উচ্ছে/ [দেশি.] বি. রেঁধে খাওয়া যায় এমন তেতো সবজিবিশেষ; ছোটো করলা।

উচ্ছেদ /উচ্ছেদ্‌/ [স. উৎ+√ছিদ্‌+অ] বি. ১ উৎপাটন, উন্মূলন। ২ বিনাশ। ৩ বাস্তুচ্যুতকরণ।

উচ্ছেদক /উচ্ছেদক্‌/ [স. উৎ+√ছিদ্‌+অক] বিণ. উচ্ছেদকারী। বি. যে উচ্ছেদ করে।

উচ্ছেদনীয় /উচ্ছেদোনিয়ো/ [স. উৎ+√ছিদ্‌+অনীয়] বিণ. উচ্ছেদ করা যায় বা করা উচিত এমন; উচ্ছেদযোগ্য।

উচ্ছেদ্য /উচ্ছেদ্‌দো/ [স. উৎ+√ছিদ্‌+য] বিণ. দ্র উচ্ছেদনীয়।

উচ্ছোষণ /উচ্ছোশন্‌/ [স. উৎ+√শুষ্‌+অন] বি. ঊর্ধ্বশোষণ। বিণ. ১ঊর্ধ্বশোষক; দ্রুত শোষণকারী। ২ সন্তাপক।

উচ্ছোষিত /উচ্ছোশিতো/ [স. উৎ+√শুষ্‌+ণিচ্‌+ত] বিণ. ১ সম্পূর্ণরূপে শোষিত, শুষ্কীকৃত। ২ সন্তাপিত।

উচ্ছ্বসন /উচ্ছশোন্‌/ [স. উৎ+√শ্বস্‌+অন] বি. ১ উচ্ছ্বাস। ২ উত্থলন; স্ফীতি। ৩ শ্বাসপ্রশ্বাস ক্রিয়া। ৪ ভাবের প্রকাশ।

উচ্ছ্বসিত /উচ্ছোশিতো/ [স. উৎ+√শ্বস্‌+ত] বিণ. ১ আনন্দে উদ্‌বেলিত; উল্লসিত। ২ স্ফীত।

উচ্ছ্বাস /উচ্ছাশ্‌/ [স. উৎ+√শ্বস্‌+অ] বি. ১ প্রবল ভাবাবেগ। ২ উল্লাস। ৩ বিকাশ; স্ফুরণ। ৪ স্ফীতি (*জলোচ্ছ্বাস*)। ৫ নিশ্বাস।

উচ্ছ্বাসিত /উচ্ছাশিতো/ [স. উৎ+√শ্বস্‌+ণিচ্‌+ত] বিণ. ১ উচ্ছ্বসিত করা হয়েছে এমন। ২ উন্মোচিত; বিকশিত।

উছল /উছল্‌/ [স. উচ্ছল >] বিণ. ১ উছলে উঠেছে এমন, উচ্ছলিত। ২ উদ্‌বেল।

উছাস /উছাশ্‌/ [স. উচ্ছ্বাস >] বি. 'উচ্ছ্বাস'-এর কোমল ও কাব্যিক রূপ।

উজবুক /উজবুক্‌/ [তুর.] বিণ. আহাম্মক, বোকা, নির্বোধ। বি. মূর্খ ব্যক্তি।

উজল /উজল্‌/ [স. উজ্জ্বল >] বিণ. 'উজ্জ্বল'-এর কোমল ও কাব্যিক রূপ (*চন্দ্র সূর্য্য গ্রহ তারা, কোথায় উজল এমন ধারা!* দ্বিজেন্দ্র.)।

উজলা /উজলা/ [বা.] ক্রিবি. উজ্জ্বল হওয়া।

উজলানো /উজলানো/ [বা.] ক্রিবি. উজ্জ্বল করা।

উজাগর /উজাগর্‌/ [স. উজ্জাগর >] বিণ. বিনিদ্র, নিদ্রাহীন, জাগ্রত।

উজাড় /উজাড়্‌/ [হি.] বিণ. ১ শূন্য, খালি; নিঃশেষ। ২ জনহীন, বসতিশূন্য।

উজান /উজান্‌/ [স. উদ্‌যান >] বি. স্রোতের বিপরীত বা প্রতিকূল দিক।

www.pathagar.com

উজানভাটি /উজান্‌ভাটি/ [বা.] বি. জোয়ারভাটা।

উজানি /উজানি/ [বা.] বি. ১ জোয়ার। ২. স্রোতের বিপরীত দিক। ৩ উচ্চভূমি। ৪ দ্বিপ্রহর।

উজানো /উজানো/ [বা.] ক্রিবি. ১ উজান দিকে যাওয়া। ২ অতিক্রম করা, পার হওয়া।

উজালা /উজালা/ [স. উজ্জ্বল >] বিণ. উজ্জ্বল, দীপ্তিমান।

উজ্জয়িনী /উজ্‌জোয়িনি/ [স্থান.] বি. প্রাচীন ভারতের একটি নগর, অবন্তী, বিক্রমাদিত্যের রাজধানী।

উজ্জীবন /উজ্‌জিবন্‌/ [স. উৎ+√জীব্‌+অন] বি. ১ সঞ্জীবন; নতুন জীবনলাভ। ২ মৃতপ্রায় হয়ে আবার চেতনালাভ। ৩ বিস্মৃত বিষয়ের পুনরুত্থান।

উজ্জীবিত /উজ্‌জিবিতো/ [স. উৎ+√জীব্‌+ত] বিণ. ১ নবজীবনপ্রাপ্ত। ২ মৃতপ্রায় অবস্থা থেকে পুনরায় চেতনাপ্রাপ্ত। ৩ বিস্মৃত ঘটনা বা বিষয় পুনরায় জাগরিত হয়েছে এমন।

উজ্জ্বল /উজ্‌জল/ [স. উৎ+√জ্বল্‌+অ] বিণ. ১ আলোকিত, দীপ্তিমান। ২ উদ্ভাসিত; শোভমান; ঝলমলে (*উজ্জ্বল আলো*)।

উজ্জ্বলতা /উজ্‌জলতা/ [স. উজ্জ্বল+তা] বি. প্রভা, দীপ্তি; নির্মলতা।

উঝটি /উঝোটি/ [স.উদ্ধতি >] বি. পায়ের আঙুলে পরার অলংকার।

উঞ্ছ /উন্‌ছো/ [স. √উঞ্ছ্‌+অ] বি. ১ জীবিকানির্বাহের জন্য ঝরে পড়া শস্যকণা সংগ্রহ। ২ হীন জীবিকা। বিণ. হীন, নীচ, ওঁচা।

উঞ্ছজীবী /উন্‌ছোজিবি/ [স. উঞ্ছ+√জীব্‌+ইন্‌] বি. বিণ. শস্যক্ষেত্রে ঝরে পড়া শস্যকণা কুড়িয়ে জীবিকা নির্বাহকারী।

উঞ্ছবৃত্তি /উন্‌ছোব্‌তি/ [স. উঞ্ছ+√বৃৎ+তি] বি. ১ উঞ্ছকর্মের দ্বারা জীবিকানির্বাহ। ২ (আল.) স্বল্প আয়ে জীবনযাপন।

উঞ্ছশীল /উন্‌ছোশিল্‌/ [স. উঞ্ছ+শীল] বিণ. উঞ্ছজীবী।

উট /উট্‌/ [স. উষ্ট্র >] বি. পিঠে একটি বা দুটি কুঁজ ও লম্বা গলাবিশিষ্ট মরু অঞ্চলের ভারবাহী চতুষ্পদ (প্রতিটি পায়ে চারটি খুরবিশিষ্ট) গৃহপালিত প্রাণী, উষ্ট্র, কণ্টকভুক্‌, ক্রমেলক।

উটকা /উট্‌কা/ [বা.] বিণ. স্বামীগৃহ থেকে পিতৃগৃহে চলে যেতে চায় এমন।

উটকানো /উট্‌কানো/ [বা.] ক্রিবি. তন্নতন্ন করে খোঁজা; ওলটপালট করে খোঁজা। বিণ. সবকিছু ওলটপালট করে রাখে এমন।

উটকো /উট্‌কো/ [দেশি.] বিণ. ১ উদ্ভট; বাজে (*উটকো কথা*)। ২ অবিশ্বাস্য; ভিত্তিহীন (*উটকো খবর*)। ৩ অপরিচিত; অবাঞ্ছিত (*উটকো লোক*)। ৪ অপ্রত্যাশিত। ৫ কিম্ভূত, কদাকার। ৬ চঞ্চল-চিত্ত।

উটকো খবর /উট্‌কো খবোর্‌/ বি. উড়ো খবর, ভিত্তিহীন সংবাদ।

উটকো মানুষ /উট্‌কো মানুশ্‌/ বি. অপরিচিত বা অবাঞ্ছিত ব্যক্তি।

উটকোমুখো /উট্‌কোমুখো/ [দেশি.] বিণ. কিম্ভূত-দর্শন, কদাকার।

উটজ /উটজো/ [স. উট+√জন্‌+অ] বি. কুঁড়েঘর, পর্ণকুটির।

উটজশিল্প /উটজোশিল্‌পো/ [স. উটজ+√শীল্‌+প] বি. কুটিরশিল্প।

উটপাখি /উট্‌পাখি/ [বা.] বি. উড়তে পারে না কিন্তু জোরে দৌড়াতে পারে এমন লম্বা পা-বিশিষ্ট আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের মরু-অঞ্চলের বড়ো স্থলচর পাখিবিশেষ, ostrich।

উঠতি /উঠ্‌তি/ [বা.] বিণ. ১ বাড়ন্ত। ২ উন্নতিশীল।

উঠতেবসতে /উঠ্‌তেবোশ্‌তে/ [বা.] ক্রিবিণ. যখন-তখন, সদাসর্বদা।

উঠন /উঠোন্‌/ [বা.] বি. 'উঠান'-এর কথ্য রূপ।

উঠন্ত /উঠন্‌তো/ [বা.] বিণ. ১ উঠছে এমন, উদীয়মান। ২ বৃদ্ধিশীল, বাড়ন্ত।

উঠবন্দি /উঠ্‌বোন্‌দি/ [বা. উঠ+ফা. বন্দি] বি. জমি চাষাবাদের জন্য রায়তের সঙ্গে মালিকের মেয়াদি বন্দোবস্তবিশেষ।

উঠবস /উঠ্‌বশ্‌/ [বা.] বি. ১ পর্যায়ক্রমে ওঠা ও বসার ব্যায়াম। ২ (সচরাচর বিদ্যালয়ে) শাস্তি প্রদানের জন্য বারবার ওঠা ও বসার আদেশ।

উঠা /উঠা/ [স. উত্থান >] ক্রিবি. ১ আসন ছেড়ে দাঁড়ানো (*চেয়ার থেকে উঠা*)। ২ শয্যাত্যাগ করা (*ঘুম থেকে উঠা*)। ৩ অঙ্কুরিত হওয়া (*চারা উঠা*)। ৪ গজানো (*দাঁত উঠা*)। ৫ উদিত হওয়া (*সূর্য উঠা*)। ৬ আরোহণ করা, চড়া (*গাড়িতে উঠা*)। ৭ স্খলিত হওয়া; ঝরে পড়া (*চুল উঠা*)। ৮ উদ্গীর্ণ হওয়া (*ধোঁয়া উঠা*)। ৯ উন্নীত হওয়া (*জাতে উঠা*)। ১০ উঁচু ধাপে উন্নীত হওয়া (*উঁচু ক্লাশে উঠা*)। ১১ অবহিত হওয়া (*কানে উঠা*)। ১২ সংগৃহীত হওয়া (*ধান উঠা*)। ১৩ বাজারে আসা (*লিচু উঠা*)। ১৪ লুপ্ত হওয়া (*লাটে উঠা*)। ১৫ তালিকাভুক্ত হওয়া (*খাতায় নাম উঠা*)। ১৬ মুছে যাওয়া (*দাগ উঠা*)। ১৭ বিবর্ণ হওয়া (*রং উঠা*)। ১৮ রোগের প্রাদুর্ভাব হওয়া (*চোখ উঠা*)। ১৯ পরিণত হওয়া (*পেকে উঠা*)। ২০ 'ওঠা'-র সাধু রূপ।

www.pathagar.com

উঠান /উঠান্/ [বা.] বি. বাড়ির সামনের খোলা জায়গা, আঙিনা, প্রাঙ্গণ।

উঠানামা /উঠানামা/ [বা.] বি. ১ আরোহণ ও অবতরণ। ২ উত্থানপতন। ৩ 'ওঠানামা'-র সাধু রূপ।

উঠানো /উঠানো/ [বা.] ক্রিবি. ১ উত্তোলন করা; উন্নত করা; খাড়া করা। ২ ওপরে তুলে দেওয়া (*মাচায় উঠানো*)। ৩ উত্থাপন করা, উল্লেখ করা (*কথা উঠানো*)। ৪ আরোহণ করানো, চড়ানো (*গাড়িতে উঠানো*)। ৫ উচ্ছেদ করা (*বস্তি উঠানো*)। ৬ মুছে ফেলা (*দাগ উঠানো*)। ৭ জাগরিত করা (*ঘুম থেকে উঠানো*)। ৮ নির্মূল করা (*আগাছা উঠানো*)। ৯ তোষামোদে স্ফীত করা (*আকাশে উঠানো*)। ১০ 'ওঠানো'-র সাধু রূপ।

উঠিত /উঠিতো/ [বা.] বিণ. জঙ্গলমুক্ত করে আবাদ করা হয়েছে এমন, কর্ষিত।

উঠিত-পতিত /উঠিতোপোতিতো/ [বা.] বিণ. (যে জমিতে) কোনো বছর আবাদ হয় এবং কোনো বছর হয় না এমন।

উঠিয়ে দেওয়া /উঠিয়ে দেওআ/ ক্রিবি. ১ তুলে দেওয়া, উঠানো (*ট্রেনে উঠিয়ে দেওয়া*)। ২ উচ্ছেদ বা অপসারণ করা (*বস্তি উঠিয়ে দেওয়া*)।

উঠোন /উঠোন্/ [বা.] বি. দ্র উঠান।

উড্ডয়ন /উড্ডয়োন্/ [স. উদ্+√ডী+অন] বি. শূন্যে বিচরণ।

উড্ডীন /উড্ডিন্/ [স. উদ্+√ডী+ত] বিণ. উড়ছে এমন।

উড্ডীনোন্মুখ /উড্ডিনোনমুখ্/ [স. উড্ডয়ন+উন্মুখ] বিণ. উড়তে উন্মুখ; শূন্যে গমনোদ্যত।

উড্ডীয়মান /উড্ডিয়োমান্/ [স. উদ্+√ডী+মান (শানচ্)] বিণ. ১ উড়ছে এমন, উড়ন্ত। ২ শূন্যে বিচরণকারী; উর্ধ্বগামী।

উড়কি /উড়্কি/ [দেশি.] বি. দ্র উড়ি।

উড়তি /উড়্তি/ [বা.] বিণ. ১ উড়ছে এমন, উড্ডীয়মান। ২ মুখে মুখে শুত।

উড়নচণ্ডী /উড়নচোন্ডি/ [দেশি.] বিণ. ১ অপব্যয়ী, অমিতব্যয়ী। ২ উচ্ছৃঙ্খল।

উড়নি /উড়োনি/ [হি. ওড়না >] বি. উত্তরীয়, ওড়না।

উড়ন্ত /উড়ন্তো/ [বা.] বিণ. উড়ছে এমন।

উড়শ /উড়শ্/ [দেশি.] বি. ছারপোকা।

উড়া /উড়া/ [বা.] ক্রিবি. বি. 'ওড়া'-র সাধু রূপ।

উড়ান /উড়ান্/ [স. উড্ডয়ন >] বি. উড্ডয়ন; নিয়মিত বিমান চলাচল; (পরি.) flight।

উড়ানি /উড়ানি/ [হি. ওড়না >] বি. উত্তরীয়, ওড়না।

উড়াল /উড়াল্/ [বা.] বি. উড়ন, শূন্যে গমন, উড্ডয়ন (*উড়াল দেওয়া*)। বিণ. শূন্যে নির্মিত (*উড়ালসেতু*)।

উড়ালপুল /উড়ালপুল্/ [বা.] বি. দ্র উড়ালসেতু।

উড়ালসেতু /উড়ালশেতু/ [বা. উড়াল+স. সেতু] বি. কোনো রেলপথ বা সড়কের ওপর দিয়ে উঁচু করে নির্মিত অপর একটি সড়ক; (পরি.) flyover।

উড়ি /উড়ি/ [দেশি.] বি. অকর্ষিত জমিতে বাতাসে উড়েপড়া ধান থেকে উৎপন্ন ধানের চারা বা তার ফসল; নীবার, উড়িধান।

উড়ু-উড়ু /উড়ুউড়ু/ বিণ. ১ উড়তে উদ্যত। ২ অস্থির, উচাটন। ৩ পালাই পালাই ভাবযুক্ত। ৪ চঞ্চল।

উড়ুক্কু /উড়ুক্কু/ [বা.] বিণ. ১ উড়তে সক্ষম (*উড়ুক্কু মাছ*)। ২ উড়ু-উড়ু, উদাস; চঞ্চল।

উড়ুনি /উড়ুনি/ [বা.] বি. উত্তরীয়, ওড়না।

উড়ো /উড়ো/ [বা.] বিণ. ১ উড়তে পারে এমন; উড়ছে এমন (*উড়োজাহাজ*)। ২ লোকমুখে শুত; ভিত্তিহীন (*উড়োখবর*)। ৩ বেনামি (*উড়োচিঠি*)।

উড়োচিঠি /উড়োচিঠি/ [বা.] বি. বেনামি চিঠি।

উড়োজাহাজ /উড়োজাহাজ্/ [বা. উড়ো+আ. জাহাজ] বি. বাতাসে ভর করে চলে এমন সমআয়তনের বাতাসের চেয়ে ভারী যন্ত্রচালিত যাত্রী বা পণ্যবাহী পোত, বিমান, aeroplane।

উতরাই /উত্রাই/ [বা.] বি. ১ পাহাড় বা উঁচু জায়গা থেকে নিচের দিকে নামার পথ। ২ ঢাল।

উতরানো /উত্রানো/ [বা.] ক্রিবি. ১ লক্ষ্যস্থল বা গন্তব্যে পৌঁছানো। ২ নামা, নেমে আসা। ৩ বাসনা বা আশানুরূপ হওয়া। ৪ ভালো হওয়া, নির্দিষ্ট মান অনুযায়ী হওয়া (*লেখা উতরানো*)। ৫ সাফল্য লাভ করা (*পরীক্ষায় উতরানো*)। ৬ অতিক্রম করা; অবসান হওয়া (*সময় উতরানো*)। ৭ পার হওয়া। ৮ তরল পদার্থ উত্তপ্ত হয়ে আলোড়িত হওয়া, বলক আসা।

উতরোল /উতোরোল্/ [দেশি.] বি. কোলাহল; গন্ডগোল। বিণ. ১ অশান্ত, অধীর। ২ ব্যাকুল, উৎকণ্ঠিত। ৩ উচ্ছ্বসিত।

উতল /উতল্/ [স. উত্তাল >] বিণ. ১ উদ্‌বিগ্ন, দুশ্চিন্তাগ্রস্ত। ২ চঞ্চল (*উতল হাওয়া*); অশান্ত। ৩ আকুল, অধীর।

উতলা /উতলা/ [স. উত্তাল >] বিণ. দ্র উতল।

উতার /উতার্/ [বা.] বি. ১ দাওয়াই; প্রতিষেধক। ২ ঢাল।

উতারা /উতারা/ [বা.] ক্রিবি. নামানো।

উৎ /উত্/ অব্য. উর্ধ্ব প্রাবল্য বিরুদ্ধ উৎকর্ষ প্রভৃতি-

www.pathagar.com

সূচক সংস্কৃত উপসর্গ।

উৎকট /উত্‌কট্‌/ [স. উৎ+কট] বিণ. ১ তীব্র, প্রখর; উগ্র। ২ ভয়ংকর, বিকট। ৩ কঠিন, দুরূহ। ৪ কঠোর; দুঃসহ, নিদারুণ। ৫ অত্যধিক।

উৎকণ্ঠ /উত্‌কন্‌ঠো/ [স. উৎ+√কণ্ঠ্‌+অ] বিণ. উদ্‌গ্রীব, ব্যগ্র; অপেক্ষমাণ।

উৎকণ্ঠা /উত্‌কন্‌ঠা/ [স. উৎ+√কণ্ঠ্‌+অ+আ (টাপ্‌)] বি. উদ্‌বেগ, ব্যাকুলতা, ব্যগ্রতা; আশঙ্কা।

উৎকণ্ঠিত /উত্‌কোন্‌ঠিতো/ [স. উৎ+√কণ্ঠ্‌+ত] বিণ. ব্যাকুল। স্ত্রী. **উৎকণ্ঠিতা** /উত্‌কোন্‌ঠিতা/।

উৎকপালি /উত্‌কপালি/ [বা.] বিণ. ১ উঁচু কপালবিশিষ্ট; কদাকার। ২ মন্দ ভাগ্যযুক্ত।

উৎকর্ণ /উত্‌করনো/ [স. উৎ+কর্ণ] বিণ. শোনার জন্য কান খাড়া করে আছে এমন, শুনতে ব্যগ্র এমন।

উৎকর্ষ /উত্‌করশো/ [স. উৎ+√কৃষ্‌+অ] বি. ১ উৎকৃষ্টতা, শ্রেষ্ঠত্ব। ২ উন্নতি। ৩ বৃদ্ধি; আধিক্য।

উৎকল /উত্‌কল্‌/ [স. উৎ+√কল্‌+অ] বি. পূর্বভারতে অবস্থিত ওড়িশা রাজ্যের পূর্বতন নাম, উৎকলিঙ্গ।

উৎকলিকা /উত্‌কোলিকা/ [স. উৎ+√কল্‌+অক+আ (টাপ্‌)] বি. ১ উৎকণ্ঠা। ২ ফুলের কুঁড়ি। ৩ ঢেউ।

উৎকলিত /উত্‌কোলিতো/ [স. উৎ+√কল্‌+ত] বিণ. ১ উদ্ধৃত; গৃহীত। ২ উদ্‌বিগ্ন। ৩ তরঙ্গিত।

উৎকিরণ /উত্‌কিরন্‌/ [স. উৎ+√কৃ+অন] বি. খোদাইকরণ।

উৎকীর্ণ /উত্‌কির্‌নো/ [স. উৎ+√কৃ+ত] বিণ. ১ খোদাইকৃত। ২ চিত্রিত। ৩ বিদ্ধ। ৪ উৎক্ষিপ্ত।

উৎকীর্তন /উত্‌কির্‌তন্‌/ [স. উৎ+কীর্তন] বি. ১ প্রশংসা। ২ ব্যাপক প্রচার। ৩ ঘোষণা।

উৎকুণ /উত্‌কুন্‌/ [স. উৎ+√কুণ্‌+অ] বি. উকুন, কেশকীটবিশেষ।

উৎকূলিত /উত্‌কুলিতো/ [স. উৎ+√কূল্‌+ণিচ্‌+ত] বিণ. কূলে উঠানো হয়েছে এমন, কূলে উৎক্ষিপ্ত।

উৎকৃষ্ট /উত্‌কৃশ্‌টো/ [স. উৎ+√কৃষ্‌+ত] বিণ. ১ উত্তম, প্রকৃষ্ট। ২ শ্রেষ্ঠ। ৩ উন্নত।

উৎকেন্দ্রিক /উত্‌কেন্‌দ্রিক্‌/ [স. উৎ+কেন্দ্রিক] বিণ. খামখেয়ালি; পাগলাটে ভাবযুক্ত; eccentric। বি. **উৎকেন্দ্রিকতা** /উত্‌কেন্‌দ্রিকতা/।

উৎকোচ /উত্‌কোচ্‌/ [স. উৎ+√কুচ্‌+অ] বি. অবৈধ পারিতোষিক, ঘুস।

উৎকোচক /উত্‌কোচক্‌/ [স. উৎ+√কুচ্‌+অক] বিণ. উৎকোচদাতা। বি. যে ঘুস দেয়।

উৎক্রম /উত্‌ক্রোম্‌/ [স. উৎ+√ক্রম্‌+অ] বি. ১ ব্যতিক্রম; ক্রমভঙ্গ। ২ বিপরীত ক্রম। ৩ ক্রমের বিপরীত গতি। ৪ উদ্‌গমন। ৫ লঙ্ঘন। ৬ নির্গমন। ৭ মৃত্যু।

উৎক্রান্ত /উত্‌ক্রান্‌তো/ [স. উৎ+√ক্রম্‌+ত] বিণ. ১ উল্লঙ্ঘিত, অতিক্রান্ত। ২ উদ্‌গত; নির্গত। ৩ মৃত।

উৎক্রান্তি /উত্‌ক্রান্‌তি/ [স. উৎ+√ক্রম্‌+তি] বি. ১ উল্লঙ্ঘন। ২ উদ্‌গমন। ৩ ঊর্ধ্বগতি; ক্রমোন্নতি। ৪ নির্গমন। ৫ মৃত্যু।

উৎক্রোশ /উত্‌ক্রোশ্‌/ [স. উৎ+√ক্রুশ্‌+অ] বি. ১ কর্কশ ও উচ্চৈঃস্বরে ডাকে এমন ইগলজাতীয় শিকারি পাখি, কুরল। ২ তীব্র চিৎকার।

উৎক্ষিপ্ত /উত্‌খিপ্‌তো/ [স. উৎ+√ক্ষিপ্‌+ত] বিণ. ১ ঊর্ধ্বে নিক্ষিপ্ত। ২ উন্মূলিত। ৩ উত্তোলিত।

উৎক্ষেপ /উত্‌খেপ্‌/ [স. উৎ+√ক্ষিপ্‌+অ] বি. ঊর্ধ্বে নিক্ষেপ।

উৎক্ষেপণ /উত্‌খেপন্‌/ [স. উৎ+√ক্ষিপ্‌+অন] বি. ঊর্ধ্বে ক্ষেপণ।

উৎখাত /উত্‌খাত্‌/ [স. উৎ+√খন্‌+ত] বি. সমূলে উৎপাটন, বিনাশ, উন্মূলন। বিণ. ১ ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট। ২ উন্মূলিত, উৎপাটিত। ৩ অধিকারচ্যুত।

উৎত্রাস /উত্‌ত্রাশ্‌/ [স. উৎ+√ত্রস্‌+অ] বি. সন্ত্রাস; ভীতি।

উৎত্রাসন /উত্‌ত্রাশোন্‌/ [স. উৎ+√ত্রাসি+অন] বি. প্রচন্ড ভীতিপ্রদর্শন।

উৎপতন /উত্‌পতোন্‌/ [স. উৎ+পতন] বি. ১ উত্থান। ২ উদয়। ৩ উড্ডয়ন। ৪ ঊর্ধ্বগমন।

উৎপত্তি /উত্‌পোত্‌তি/ [স. উৎ+√পদ্‌+তি] বি. ১ উদ্ভব, জন্ম। ২ প্রকাশ, অভ্যুদয়।

উৎপত্তিস্থল /উত্‌পোত্‌তিস্‌থল্‌/ [স. উৎপত্তি+স্থল] বি. উদ্ভবের স্থান, উৎসস্থল।

উৎপথ /উত্‌পথ্‌/ [স. উৎ+√পথ্‌+অ] বি. বিপথ, কুপথ, অসৎপথ; বিরুদ্ধপথ।

উৎপথগামী /উত্‌পথ্‌গামি/ [স. উৎপথ+√গম্‌+ইন্‌] বিণ. ১ অসৎপথে গমনকারী, বিপথগামী। ২ উচ্ছৃঙ্খল। স্ত্রী. **উৎপথগামিনী** /উত্‌পথ্‌গামিনি/।

উৎপদ্যমান /উত্‌পোদ্‌দোমান্‌/ [স. উৎ+√পাদি+মান (শানচ্‌)] বিণ. উৎপন্ন হচ্ছে এমন, জায়মান।

উৎপন্ন /উত্‌পন্‌নো/ [স. উৎ+√পদ্‌+ত] বিণ. ১ জাত, সৃষ্ট; নির্মিত। ২ উৎপাদিত; উদ্ভূত।

উৎপন্নমতি /উত্‌পন্‌নোমোতি/ [স. উৎপন্ন+√মন্‌+তি] বিণ. উপস্থিত বুদ্ধি আছে এমন।

উৎপন্নমতিত্ব /উত্‌পন্‌নোমোতিত্তো/ [স. উৎপন্নমতি+ত্ব] বি. উপস্থিত বুদ্ধিমত্তা, দ্রুত চিন্তার ক্ষমতা।

www.pathagar.com

উৎপল /উত্‌পল্‌/ [স. উৎ+√পল্‌+অ] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, পদ্ম, অম্বুজ, অরবিন্দ, শতদল, কমল, কুমুদ, lotus।

উৎপলাক্ষ /উত্‌পলাক্‌খো/ [স. উৎপল+অক্ষি] বিণ. পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট, কমলনয়ন। স্ত্রী. **উৎপলাক্ষী** /উত্‌পলাক্‌খি/।

উৎপাটক /উত্‌পাটক্‌/ [স. উৎ+√পট্‌+ণিচ্‌+অক] বিণ. উৎপাটনকারী, উন্মূলনকারী।

উৎপাটন /উত্‌পাটোন্‌/ [স. উৎ+√পট্‌+ণিচ্‌+অন] বি. উন্মূলন, নির্মূলন।

উৎপাটিত /উত্‌পাটিতো/ [স. উৎ+√পট্‌+ণিচ্‌+ত] বিণ. সমূলে উপড়ে ফেলা হয়েছে এমন।

উৎপাত /উত্‌পাত্‌/ [স. উৎ+√পত্‌+অ] বি. ১ উপদ্রব; দৌরাত্ম্য। ২ ঝামেলা। ৩ দৈব বিপদ।

উৎপাদ /উত্‌পাদ্‌/ [স. উৎ+√পদ্‌+অ] বি. উৎপাদিত বস্তু বা উৎপাদনের মোট পরিমাণ, output। বিণ. পা ওপরের দিকে আছে এমন, উর্ধ্বপাদ।

উৎপাদক[১] /উত্‌পাদক্‌/ [স. উৎ+√পাদি+অক] বিণ. বি. ১ নির্মাতা; উৎপাদনকারী, প্রস্তুতকারক। ২ জনক, জন্মদাতা। স্ত্রী. **উৎপাদিকা** /উত্‌পাদিকা/।

উৎপাদক[২] /উত্‌পাদক্‌/ [স. উৎ+√পাদি+অক] বি. (গ.) গুণনীয়ক, factor।

উৎপাদন /উত্‌পাদোন্‌/ [স. উৎ+√পাদি+অন] বি. ১ নির্মাণ, সৃষ্টি; জনন, জন্মদান। ২ নির্মিত বস্তু।

উৎপিঞ্জর /উত্‌পিন্‌জর্‌/ [স. উৎ+পিঞ্জর] বিণ. খাঁচা থেকে মুক্ত হয়েছে এমন; বন্ধনমুক্ত।

উৎপিপাসু /উত্‌পিপাশু/ [স. উৎ+√পা+সন্‌+উ] বিণ. ১ অতিশয় পিপাসিত। ২ উৎকণ্ঠিত।

উৎপিষ্ট /উত্‌পিশ্‌টো/ [স. উৎ+√পিষ্‌+ত] বিণ. উত্তমরূপে চূর্ণিত, বিমর্দিত।

উৎপীড়ক /উত্‌পিড়ক্‌/ [স. উৎ+√পীড়্‌+অক] বিণ. পীড়নকারী, অত্যাচারী। বি. যে নির্যাতন করে।

উৎপীড়ন /উত্‌পিড়ন্‌/ [স. উৎ+√পীড়ি+অন] বি. ১ নিগ্রহ, নির্যাতন। ২ উত্যক্তকরণ; ক্লেশদান।

উৎপীড়িত /উত্‌পিড়িতো/ [স. উৎ+√পীড়ি+ত] বিণ. উৎপীড়ন করা হয়েছে এমন, অত্যাচারিত।

উৎপূর্ণ /উত্‌পুরনো/ [স. উৎ+পূর্ণ] বিণ. পূর্ণমাত্রায় ভরা, পরিপূর্ণ।

উৎপ্রাস /উত্‌প্রাশ্‌/ [স. উৎ+প্র+√অস্‌+অ] বি. ১ উপহাস, বিদ্রূপ। ২ ঈষৎ হাস্য। ৩ উৎক্ষেপণ।

উৎপ্রেক্ষণ /উত্‌প্রেক্‌খন্‌/ [স. উৎ+প্র+√ঈক্ষ্‌+অন] বি. ১ বিতর্ক; সন্দেহাত্মক বাক্য। ২ দর্শন। ৩ অলংকারশাস্ত্রে উপমেয় বস্তুকে উপমান বস্তুরূপে কল্পন।

উৎপ্রেক্ষা /উত্‌প্রেক্‌খা/ [স. উৎ+প্র+√ঈক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ উপমান ও উপমেয়ের অভেদ কল্পনা। ২ বিতর্ক। ৩ অনুমান, আন্দাজ।

উৎফুল্ল /উত্‌ফুল্‌লো/ [স. উৎ+√ফুল্ল্‌+অ] বিণ. ১ অত্যন্ত প্রফুল্ল, উল্লসিত। ২ বিকশিত, প্রস্ফুটিত।

উৎস /উত্‌শো/ [স. √উদ্‌+স] বি. ১ উৎপত্তিস্থল; আদিকারণ। ২ প্রস্রবণ, ঝরনা, ফোয়ারা।

উৎসঙ্গ /উত্‌শংগো/ [স. উৎ+√সন্‌জ্‌+অ] বি. ১ ক্রোড়, অঙ্ক, কোল। ২ পাহাড়ের ওপরের সমতল স্থান, অধিত্যকা।

উৎসন্ন /উত্‌শন্‌নো/ [স. উৎ+√সদ্‌+ত] বিণ. ১ অধঃপতিত। ২ ধ্বংসপ্রাপ্ত। ৩ উচ্ছন্ন, বিনষ্ট।

উৎসব /উত্‌শব্‌/ [স. উৎ+√সু+অ] বি. ১ আনন্দানুষ্ঠান; পর্ব; জাঁকজমক। ২ আহ্লাদ। ৩ যজ্ঞ।

উৎসবভাতা /উত্‌শব্‌ভাতা/ [স. উৎসব+বা. ভাতা] বি. নববর্ষ বা ধর্মীয় উৎসব উপলক্ষ্যে প্রদেয় আনুতোষিক, festival bonus।

উৎসমুখ /উত্‌শোমুখ্‌/ [স. উৎস+মুখ] বি. যেখান থেকে ঝরনার জল নিঃসৃত হয়, প্রস্রবণ বা ঝরনার উৎপত্তির স্থান বা মুখ।

উৎসর্গ /উত্‌শর্‌গো/ [স. উৎ+√সৃজ্‌+অ] বি. ১ সৎ উদ্দেশ্যে অর্পণ। ২ দেবতার উদ্দেশে নিবেদন। ৩ স্বত্বত্যাগ করে দান। ৪ প্রতিষ্ঠা।

উৎসর্গপত্র /উত্‌শর্‌গোপত্‌ত্রো/ [স. উৎসর্গ+√পত্‌+ত্র] বি. বইয়ের যে পাতায় বইটি কাকে উৎসর্গ করা হয়েছে তা লেখা থাকে।

উৎসর্গিত /উত্‌শোর্‌গিতো/ [স. উৎ+√সৃজ্‌+ত] বিণ. দ্র উৎসর্গীকৃত।

উৎসর্গীকৃত /উত্‌শোর্‌গিকৃতো/ [স. উৎসর্গ+চ্বি+কৃত] বিণ. উৎসর্গ করা হয়েছে এমন।

উৎসর্জক /উত্‌সর্‌জক্‌/ [স. উৎ+√সৃজ্‌+অক] বি. বিণ. উৎসর্গকারী।

উৎসর্জন /উত্‌শর্‌জন্‌/ [স. উৎ+√সৃজ্‌+অন] বি. ১ নিবেদন, উৎসর্গ। ২ ত্যাগ; দান।

উৎসস্থল /উত্‌শোস্‌থল্‌/ [স. উৎস+স্থল] বি. উৎপত্তিস্থল।

উৎসাদক /উত্‌শাদক্‌/ [স. উৎ+√সদ্‌+ণিচ্‌+অক] বিণ. উচ্ছেদকারী, উৎপাটক।

উৎসাদন /উত্‌শাদোন্‌/ [স. উৎ+√সদ্‌+ণিচ্‌+অন] বি. ১ উচ্ছেদ, বিতাড়ন। ২ উৎপাটন, উন্মূলন। ৩ বিনাশ, ধ্বংস।

উৎসাদনীয় /উত্‌শাদোনিয়ো/ [স. উৎ+√সদ্‌+ণিচ্‌+

www.pathagar.com

অনীয়] বিণ. ১ উচ্ছেদ করতে হবে এমন। ২ উচ্ছেদযোগ্য।

উৎসাদিত /উত্‌শাদিতো/ [স. উৎ+√সদ্‌+ণিচ্‌+ত] বিণ. ১ উচ্ছেদিত। ২ বিনষ্ট বা ধ্বংসে করা হয়েছে এমন।

উৎসার /উত্‌শার্‌/ [স. উৎ+√সৃ+অ] বি. দ্র উৎসারণ।

উৎসারক /উত্‌শারক্‌/ [স. উৎ+√সৃ+ণিচ্‌+অক] বি. বিণ. উৎসারণকারী, অপসারক।

উৎসারণ /উত্‌শারোন্‌/ [স. উৎ+√সৃ+ণিচ্‌+অন] বি. ১ ঊর্ধ্বে ক্ষেপণ; চালন। ২ অপসারণ, দূরীকরণ।

উৎসারণীয়/উত্‌শারোনিয়ো/ [স. উৎ+√সৃ+ণিচ্‌+অনীয়] বিণ. অপসারণ করতে হবে এমন, উৎসারণযোগ্য।

উৎসারিত /উত্‌শারিতো/ [স. উৎ+√সৃ+ণিচ্‌+ত] বিণ. ১ অপসারিত, দূরীকৃত। ২ উৎক্ষিপ্ত। স্ত্রী. উৎসারিতা /উত্‌শারিতা/।

উৎসাহ /উত্‌শাহো/ [স. উৎ+√সহ্‌+অ] বি. ১ কাজে আগ্রহ, উদ্যম। ২ উদ্দীপনা। ৩ প্রযত্ন; অধ্যবসায়।

উৎসাহক /উত্‌শাহক্‌/ [স. উৎ+√সহ্‌+অক] বিণ. উৎসাহদানকারী, উৎসাহদাতা।

উৎসাহজনক /উত্‌শাহোজনোক্‌/ [স. উৎসাহ+জনক] বিণ. উৎসাহ প্রদান করে এমন।

উৎসাহনীয় /উত্‌শাহোনিয়ো/ [স. উৎ+√সহ্‌+ণিচ্‌+অনীয়] বিণ. উৎসাহদানের উপযুক্ত।

উৎসাহভঙ্গ /উত্‌শাহোভংগো/ [স. উৎসাহ+√ভন্‌জ্‌+অ] বি. উদ্যম বা উৎসাহ নাশ।

উৎসাহান্বিত /উত্‌শাহান্‌নিতো/ [স. উৎসাহ+অনু+√ই+ত] বিণ. উদ্যমী, উৎসাহযুক্ত।

উৎসাহিত /উত্‌শাহিতো/ [স. উৎ+√সহ্‌+ণিচ্‌+ত] বিণ. উৎসাহপ্রাপ্ত।

উৎসাহী /উত্‌শাহি/ [স. উৎসাহ+ইন্‌] বিণ. উদ্যমী, উৎসাহযুক্ত।

উৎসিক্ত /উত্‌শিক্‌তো/ [স. উৎ+√সিচ্‌+ত] বিণ. ১ (যার) ওপরে জলসেচন করা হয়েছে এমন, সিক্ত, আর্দ্রীকৃত। ২ গর্বিত। ৩ উদ্ধত।

উৎসুক /উত্‌শুক্‌/ [স. উৎ+√সু+ক] বিণ. ১ অধীর, আগ্রহান্বিত, ব্যগ্র। ২ উৎসাহযুক্ত; কৌতূহলী।

উৎসৃষ্ট /উত্‌সৃশ্‌টো/ [স. উৎ+√সৃজ্‌+ত] বিণ. ১ মহৎ উদ্দেশ্যে অর্পিত, উৎসর্গীকৃত। ২ দত্ত; উপহৃত। ৩ পরিত্যক্ত। ৪ উচ্ছিষ্ট, এঁটো।

উৎসেচ /উত্‌শেচ্‌/ [স. উৎ+√সিচ্‌+অ] বি. জলসিঞ্চন।

উৎসেচন /উত্‌শেচন্‌/ [স. উৎ+√সিচ্‌+অন] বি. ১ ওপরে জলসিঞ্চন। ২ উদ্রেক। ৩ গর্ব, অহংকার। ৪ উৎসাহদান।

উৎসেচনক্রিয়া /উত্‌শেচন্‌ক্রিআ/ [স. উৎসেচন+ক্রিয়া] বি. গাঁজিয়ে তোলার প্রক্রিয়া, fermentation।

উত্তত /উত্‌ততো/ [স. উৎ+√তন্‌+ত] বিণ. উন্নত; ঊর্ধ্বমুখী।

উত্তপ্ত /উত্‌তপ্‌তো/ [স. উৎ+√তপ্‌+ত] বিণ. ১ অত্যন্ত তপ্ত, খুব গরম। ২ ক্রোধান্বিত।

উত্তম[১] /উত্‌তম্‌/ [স. উৎ+তমপ্‌] বিণ. খুব ভালো, উৎকৃষ্ট, সর্বশ্রেষ্ঠ। স্ত্রী. উত্তমা /উত্‌তমা/।

উত্তম[২] /উত্‌তম্‌/ [স. উৎ+√তম্‌+অ] বিণ. উপাদেয়, সুস্বাদু।

উত্তমপুরুষ /উত্‌তমপুরুশ্‌/ [স. উত্তম+পুরুষ] বি. (ব্যা.) আমি আমরা প্রভৃতি সর্বনাম পদ, ক্রিয়ার বক্তা, first person।

উত্তমমধ্যম /উত্‌তমমোদ্‌ধোম্‌/ [স. উত্তম+মধ্যম] বি. প্রচণ্ড প্রহার, মারধর।

উত্তমর্ণ /উত্‌তমর্‌নো/ [স. উত্তম+ঋণ] বিণ. ঋণদাতা। বি. মহাজন।

উত্তমর্ণিক /উত্‌তমোর্‌নিক্‌/ [স. উত্তমর্ণ+ইক] বিণ. ঋণদাতা। বি. যে ব্যক্তি ঋণ দেয়।

উত্তমাঙ্গ /উত্‌তমাংগো/ [স. উত্তম+√অঙ্গ+অ] বি. ১ শরীরের প্রধান অঙ্গ। ২ মাথা থেকে কোমর পর্যন্ত অংশ। ৩ মাথা।

উত্তমাশা /উত্‌তমাশা/ [স. উত্তম+আশা] বি. ১ দক্ষিণ আফ্রিকার দক্ষিণ প্রান্তে ভারত মহাসাগর ও আটলান্টিক মহাসাগরের সংগমস্থলে অবস্থিত অন্তরীপ। ২ নির্ভর করা যায় এমন আশা।

উত্তমন্যতা /উত্‌তমমোন্‌নোতা/ [স. উত্তম+মন্যতা] বি. নিজের সম্বন্ধে উচ্চ ধারণা।

উত্তর /উত্‌তর্‌/ [স. উৎ+তর] বি. ১ দক্ষিণের বিপরীত দিক। ২ প্রতিবাক্য, সাড়া (*উত্তরদাতা*)। ৩ সমাধান (*প্রশ্নোত্তর*)। ৪ অর্থালংকারবিশেষ। বিণ. ১ পরবর্তী; ভবিষ্যৎ (*মরণোত্তর*)। ২ দুর্লভ (*লোকোত্তর প্রতিভা*)। ৩ অধিক (*অষ্টোত্তর*)। ৪ শেষ (*মহাভারতের উত্তরকাণ্ড*)। ৫ উপরিস্থ (*উত্তরচ্ছেদ*)। ক্রিবিণ. অব্যবহিত পরে, তারপর।

উত্তরকাল /উত্‌তরকাল্‌/ [স. উত্তর+কাল] বি. পরবর্তীকাল; ভবিষ্যৎকাল, ভাবীকাল।

উত্তরকালীন /উত্‌তরকালিন্‌/ [স. উত্তরকাল+ঈন] বিণ. ভবিষ্যতে ঘটবে এমন, পরবর্তীকালের।

উত্তরকোশল /উত্‌তরকোশল্‌/ [স্থান.] বি. প্রাচীন অযোধ্যা।

উত্তরক্রিয়া /উত্‌তরক্রিআ/ [স. উত্তর+ক্রিয়া] বি. ১ মৃত্যুপরবর্তী কাজ; অন্ত্যেষ্টিক্রিয়া। ২ উত্তরদান।

উত্তরঙ্গ /উত্‌তরংগো/ [স. উৎ+তরঙ্গ] বিণ. তরঙ্গময়; অশান্ত।

www.pathagar.com

উত্তরচ্ছদ /উত্তরোচ্ছদ্/ [স. উত্তর+ছদ] বি. ১ ওপরের আচ্ছাদন, আস্তরণ। ২ বিছানার চাদর। ৩ উত্তরীয়, চাদর।

উত্তরণ /উত্তরোন্/ [স. উৎ+√তৃ+অন] বি. ১ নদী সাগর প্রভৃতি অতিক্রমণ, তরণ। ২ ওপরে গমন। ৩ গন্তব্যস্থানে আগমন। ৪ পরীক্ষায় সাফল্য।

উত্তরণীয় /উত্তরোনিয়ো/ [স. উৎ+√তৃ+অনীয়] বিণ. অতিক্রম করা যায় বা করতে হবে এমন।

উত্তরত্র /উত্তরোত্রো/ [স. উত্তর+ত্র] ক্রিবিণ. ১ উত্তর দিকে। ২ গ্রন্থের শেষভাগে।

উত্তরদাতা /উত্তরদাতা/ [স. উত্তর+√দা+তৃ] বিণ. জবাবদাতা।

উত্তরদান /উত্তরদান্/ [স. উত্তর+দান] বি. সাড়া-প্রদান।

উত্তরদায়ক /উত্তরদায়ক্/ [স. উত্তর+√দা+অক] বিণ. বি. উত্তরদানকারী।

উত্তরপক্ষ /উত্তরপোক্‌খো/ [স. উত্তর+√পক্ষ্+অ] বি. ১ তর্কের মীমাংসা। ২ সিদ্ধান্তপক্ষ। ৩ চান্দ্র-মাসের শেষ পক্ষ।

উত্তরপত্র /উত্তরপতত্রো/ [স. উত্তর+পত্র] বি. যে খাতায় প্রশ্নের উত্তর লেখা হয়।

উত্তরপদ /উত্তরপদ্/ [স. উত্তর+পদ] বি. (ব্যা.) সমাসের পরপদ বা শেষ পদ।

উত্তরপশ্চিম /উত্তরপোশ্‌চিম্/ [স. উত্তর+পশ্চিম] বি. উত্তর ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ, বায়ুকোণ।

উত্তরপুরুষ /উত্তরপুরুশ্/ [স. উত্তর+পুরুষ] বি. পরবর্তী বংশধর।

উত্তরপূর্ব /উত্তরপুরবো/ [স. উত্তর+পূর্ব] বি. উত্তর ও পূর্ব দিকের মধ্যবর্তী কোণ, ঈশানকোণ।

উত্তর-প্রত্যুত্তর /উত্তরপ্রোত্তুত্তর্/ [স. উত্তর +প্রত্যুত্তর] বি. বাদপ্রতিবাদ, তর্কবিতর্ক।

উত্তরফল্গুনী /উত্তরফোল্‌গুনি/ [স. উত্তর+√ফল্+উন+ঈ] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের দ্বাদশ নক্ষত্র।

উত্তরফাল্গুনী /উত্তরফালগুনি/ [স. উত্তর+ফল্গুনী+অ+ঈ] বি. দ্র উত্তরফল্গুনী।

উত্তরবিচার /উত্তরবিচার্/ [স. উত্তর+বিচার] বি. পুনর্বিচার।

উত্তরবিহীন /উত্তরবিহিন্/ [স. উত্তর+বিহীন] বিণ. নিরুত্তর।

উত্তরবেতন /উত্তরবেতোন্/ [স. উত্তর+বেতন] বি. অবসরভাতা, পেনশন।

উত্তরভাদ্রপদা /উত্তরভাদ্রোপদা/ [স. উত্তরভাদ্র+√পদ্+অ+আ (টাপ্)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের ষড়্‌বিংশতি নক্ষত্র, Andromeda।

উত্তরমালা /উত্তরমালা/ [স. উত্তর+মালা] বি. উত্তরপত্রে প্রদত্ত প্রশ্নসমূহের সমাধান।

উত্তরমীমাংসা /উত্তরমিমাংশা/ [স. উত্তর+মীমাংসা] বি. বেদব্যাসকৃত বেদান্তদর্শন, পঞ্চাঙ্গ ন্যায়ের বিচার।

উত্তরমেরু /উত্তরমেরু/ [স. উত্তর+মেরু] বি. পৃথিবীর উত্তরপ্রান্তে সুমেরু বৃত্তের যে বিন্দুকে কেন্দ্র করে গ্রহনক্ষত্রসমূহ প্রদক্ষিণ করে বলে প্রতীয়মান হয়, পৃথিবীর উত্তরপ্রান্ত, north pole।

উত্তররহিত /উত্তররোহিতো/ [স. উত্তর+√রহ্+ত] বিণ. নিরুত্তর।

উত্তররাবীন্দ্রিক /উত্তররাবিন্দ্রিক্/ [স. উত্তর+রাবীন্দ্রিক] বিণ. রবীন্দ্র-পরবর্তীকালের।

উত্তরশিক্ষা /উত্তরশিক্‌খা/ [স. উত্তর+√শিক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ উচ্চমাধ্যমিক স্তরের শিক্ষাক্রম। ২ উচ্চশিক্ষা।

উত্তরসাক্ষী /উত্তরশাক্‌খি/ [স. উত্তর+সাক্ষাৎ+ইন্] বি. প্রত্যক্ষদ্রষ্টা নয় এমন সাক্ষী; প্রতিবাদীর সাক্ষী।

উত্তরসাধক /উত্তরশাধক্/ [স. উত্তর+সাধক] বি. ১ পরবর্তী প্রজন্মের সাধক। ২ যে ব্যক্তি তন্ত্রসাধকের ক্রিয়াকর্মে সাহায্য করে। স্ত্রী. উত্তরসাধিকা /উত্তরশাধিকা/।

উত্তরসূরি /উত্তরশুরি/ [স. উত্তর+সূরি] বি. ১ পরবর্তী প্রজন্মের মনীষী। ২ উত্তরাধিকারী।

উত্তরা[১] /উত্তরা/ [স. উত্তর+আ (টাপ্)] বি. মহাভারতোক্ত বিরাটরাজার কন্যা ও অভিমন্যুর পত্নী।

উত্তরা[২] /উত্তরা/ [স. উত্তরণ >] ক্রিবি. ১ পার হওয়া। ২ গন্তব্যস্থলে উপনীত হওয়া।

উত্তরাধিকার /উত্তরাধিকার/ [স. উত্তর+অধিকার] বি. ওয়ারিশিসূত্রে মৃত ব্যক্তির সম্পদে অধিকার।

উত্তরাধিকারসূত্রে /উত্তরাধিকারশুত্রে/ [স. উত্তর+অধিকার+সূত্র+বা. এ] ক্রিবিণ. ওয়ারিশি সূত্রের দাবিতে।

উত্তরাধিকারী /উত্তরাধিকারি/ [স. উত্তরাধিকার+ইন্] বিণ. মৃত ব্যক্তির সম্পত্তির দাবিদার। স্ত্রী. উত্তরাধিকারিণী /উত্তরাধিকারিনি/।

www.pathagar.com

উত্তরাপথ /উত্তরাপথ্/ [স. উত্তরা+√পথ্+অ] বি. ভারতের উত্তর প্রান্তে অবস্থিত ভূখণ্ড, আর্যাবর্ত।

উত্তরায়ণ /উত্তরায়ন্/ [স. উত্তর+অয়ন] বি. যেদিন (২১শে জুন) মকররক্রান্তি রেখা থেকে সূর্য ক্রমশ উত্তর দিকে সরতে আরম্ভ করে, সূর্যের উত্তরগতি, উদগয়ন, summer solstice।

উত্তরায়ণান্তবৃত্ত /উত্তরায়নান্তোবৃত্তো/ [স. উত্তরায়ণান্ত+√বর্তি+ত] বি. কর্কটক্রান্তি।

উত্তরাশা /উত্তরাশা/ [স. উত্তর+আশা] বি. ১ উত্তর-দিক। ২ উত্তরের প্রত্যাশা।

উত্তরাষাঢ়া /উত্তরাশাঢ়া/ [স. উত্তরা+আষাঢ়া] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের একবিংশ নক্ষত্র।

উত্তরাসঙ্গ /উত্তরাশংগো/ [স. উত্তর+আসঙ্গ] বি. উত্তরীয়, উড়ানি, চাদর।

উত্তরাস্য /উত্তরাশ্শো/ [স. উত্তর+আস্য] বিণ. উত্তরদিকে মুখ করে আছে এমন, উত্তরমুখী।

উত্তরি /উত্তোরি/ [স. উত্তরীয় >] বি. দ্র উত্তরীয়।

উত্তরীয় /উত্তোরিয়ো/ [স. উত্তর+ঈয়] বি. ১ উড়ানি, চাদর। ২ উপবীতের মতো পরিহিত বস্ত্র।

উত্তরোত্তর /উত্তরোত্তর্/ [স. উত্তর+উত্তর] ক্রিবিণ. ক্রমাগত, ক্রমশ; পরপর।

উত্তরোষ্ঠ /উত্তরোশ্ঠো/ [স. উত্তর+√উষ্+থ] বি. ওপরের ঠোঁট।

উত্তল /উত্তল্/ [স. উৎ+তল] বিণ. মধ্যভাগ উঁচু এমন গোলাকার ক্ষেত্রবিশিষ্ট (*উত্তল পরকলা*), convex।

উত্তান /উত্তান্/ [স. উৎ+√তন্+অ] বিণ. চিত হয়ে আছে এমন, চিত হয়ে শায়িত।

উত্তানপাণি /উত্তানপানি/ [স. উত্তান+পাণি] বি. চিত করে রাখা হাত।

উত্তানশয়ন /উত্তানশয়োন্/ [স. উত্তান+শয়ন] বি. চিত হয়ে শয়ন।

উত্তাপ /উত্তাপ্/ [স. উৎ+√তপ্+অ] বি. ১ তাপ, উষ্ণতা। ২ সন্তাপ, মনঃকষ্ট।

উত্তাপন /উত্তাপন্/ [স. উৎ+√তপ্+অন] বি. তাপ প্রয়োগ, তপ্তকরণ।

উত্তাপিত /উত্তাপিতো/ [স. উৎ+√তাপি+ত] বিণ. ১ তপ্ত করা হয়েছে এমন। ২ সন্তাপিত।

উত্তাল /উত্তাল্/ [স. উৎ+√তল্+অ] বিণ. অতি উচ্চ; প্রবলভাবে আলোড়নরত, তরঙ্গময়।

উত্তীর্ণ /উত্তিরনো/ [স. উৎ+√তৃ+ত] বিণ. ১ পার হয়েছে এমন, অতিক্রান্ত। ২ কৃতকার্য, সফল। ৩ উল্লঙ্ঘিত। ৪ মুক্ত, নিষ্কৃতিপ্রাপ্ত।

উত্তুঙ্গ /উত্তুংগো/ [স. উৎ+√তুন্জ্+অ] বিণ. অতিশয় উচ্চ, খুব উঁচু।

উত্তুরে /উত্তুরে/ [স. উত্তর+বা. এ] বিণ. ১ উত্তর-দিক থেকে প্রবাহিত। ২ উত্তরদিকসংক্রান্ত।

উত্তেজক /উত্তেজক্/ [স. উৎ+√তিজ্+অক] বিণ. উত্তেজনা বৃদ্ধি করে এমন, উদ্দীপক, stimulant। বি. শরীরযন্ত্রের উত্তেজনা বৃদ্ধি করে এমন ওষুধ।

উত্তেজন /উত্তেজন্/ [স. উৎ+√তিজ্+অন] বি. ১ উদ্দীপন। ২ বিবর্ধন। ৩ অস্ত্র তীক্ষ্ণকরণ।

উত্তেজনা /উত্তেজনা/ [স. উৎ+√তেজি+অন+আ (টাপ্)] বি. ১ উদ্দীপনা, প্রবল উৎসাহ। ২ প্রবল মানসিক আবেগ, চিত্তচাঞ্চল্য, অস্থিরতা। ৩ কাম-ক্রোধাদি রিপুর প্রাবল্য।

উত্তেজিত /উত্তেজিতো/ [স. উৎ+√তেজি+ত] বিণ. ১ উত্তেজনা সৃষ্টি করা হয়েছে এমন। ২ ক্রোধান্বিত। ৩ উদ্দীপিত। ৪ অস্থিরচিত্ত।

উত্তোলন করা /উত্তোলোন্ করা/ ক্রিবি. ১ ওপরে তোলা, উঁচু করা। ২ বহন করা। ৩ উত্থাপন করা।

উত্তোলিত /উত্তোলিতো/ [স. উৎ+√তোলি+ত] বিণ. ১ উত্তোলন করা হয়েছে এমন। ২ ঊর্ধ্বে স্থাপন করা হয়েছে এমন। ৩ উত্থাপিত।

উত্ত্যক্ত /উত্তক্তো/ [স. উৎ+√ত্যজ্+ত] বিণ. ১ বিরক্ত। ২ অত্যন্ত ব্যতিব্যস্ত। ৩ অস্থির।

উত্থ /উত্থো/ [স. উৎ+√স্থা+অ] বিণ. ১ উত্থিত। ২ উৎপন্ন, জাত।

উত্থান /উত্থান্/ [স. উৎ+√স্থা+অন] বি. ১ উদয়। ২ উন্নতি। ৩ শয্যাত্যাগ (*গাত্রোত্থান*)। ৪ বিদ্রোহ।

উত্থানপতন /উত্থানপতোন্/ [স. উত্থান+পতন] বি. উন্নতি ও অবনতি।

উত্থাপক /উত্থাপক্/ [স. উৎ+√স্থা+ণিচ্+অক] বি. বিণ. ১ প্রস্তাবক। ২ উত্থাপনকারী। ৩ উত্তোলক।

উত্থাপন /উত্থাপন্/ [স. উৎ+√স্থা+ণিচ্+অন] বি. প্রসঙ্গের অবতারণা, প্রস্তাব উপস্থাপন।

উত্থাপনীয় /উত্থাপোনিয়ো/ [স. উৎ+√স্থা+ণিচ্+অনীয়] বিণ. ১ উত্থাপনের যোগ্য। ২ উত্থাপন করতে হবে এমন। ৩ উত্তোলনীয়।

উত্থাপিত /উত্থাপিতো/ [স. উৎ+√স্থা+ণিচ্+ত] বিণ. উত্থাপন করা হয়েছে এমন, উপস্থাপিত।

উত্থিত /উত্থিতো/ [স. উৎ+√স্থা+ত] বিণ. ১ উঁচুতে উঠেছে এমন, ঊর্ধ্বগত। ২ উদ্গত; নির্গত। ৩ বর্ধিত। ৪ জাগরিত। ৫ উচ্চারিত। ৬ দণ্ডায়মান।

উথল /উথল্/ [স. উত্তাল >] বিণ. ১ উচ্ছলিত,

www.pathagar.com

উদ্‌বেলিত। ২ উত্তাল। ৩ স্ফীত।

উথলপাথল /উথল্‌পাথল্‌/ [বা.] বিণ. দ্র উথাল-পাথাল।

উথলা /উথলা/ [স. উত্তাল >] ক্রিবি. উথলে ওঠা, উপচে পড়া; ফেঁপে ওঠা।

উথলানো /উথ্‌লানো/ [বা.] ক্রিবি. উথলে ওঠা, উপচে পড়া; ফেঁপে ওঠা।

উথলিত /উথোলিতো/ [বা.] বিণ. ১ স্ফীত। ২ উদ্‌বেলিত। ৩ প্লাবিত। ৪ উচ্ছলিত।

উথালপাথাল /উথাল্‌পাথাল্‌/ [বা.] বিণ. ১ ওলট-পালট। ২ বিক্ষুব্ধ, উত্তাল। ৩ বিপর্যস্ত।

উদ[১] /উদ্‌/ [স. উদ্র >] বি. উদ্‌বিড়াল।

উদ[২] /উদ্‌/ [স. √উন্দ্‌+অ] বি. পানি, জল, বারি।

উদক /উদক্‌/ [স. √উন্দ্‌+অক] বি. পানি, জল।

উদককার্য /উদক্‌কারজো/ [স. উদক+√কৃ+য] বি. ১ তর্পণ। ২ স্নান। ৩ প্রক্ষালন।

উদককুম্ভ /উদোককুম্‌ভো/ [স. উদক+কু+√উন্‌ভ্‌+অ] বি. জলপূর্ণ কলসি।

উদক্যা /উদোক্‌কা/ [স. উদক+য+আ (টাপ্‌)] বিণ. ঋতুমতী।

উদগয়ন /উদোগয়োন্‌/ [স. উদক্‌+অয়ন] বি. যেদিন (২১শে জুন) মকরক্রান্তি রেখা থেকে সূর্য ক্রমশ উত্তর দিকে সরতে আরম্ভ করে, সূর্যের উত্তরগতি, উত্তরায়ণ, summer solstice।

উদগ্র /উদগ্রো/ [স. উদ্‌+অগ্র] বিণ. ১ উৎকট। ২ তীব্র (*উদগ্র বাসনা*)। ৩ উচ্চ। ৪ উদ্ধত (*উদগ্র যুবক*)। ৫ উৎকৃষ্ট। ৬ ঊর্ধ্বাভিমুখ।

উদজ /উদজো/ [স. উদ্‌+√জন্‌+অ] বিণ. জলজাত।

উদধি /উদোধি/ [স. উদক্‌+√ধা+ই] বি. ১ সমুদ্র। ২ মেঘ।

উদন্ত /উদন্‌তো/ [স. উদ্‌+√অম্‌+ত] বি. ১ বার্তা, সংবাদ। ২ প্রবৃত্তি। ৩ সাধু।

উদন্যা /উদোন্‌না/ [স. √উদন্য+অ+আ (টাপ্‌)] বি. জল পানের বাসনা, পিপাসা।

উদবিন্দু /উদোবিন্‌দু/ [স. উদ+√বিন্দ্‌+উ] বি. জলকণা।

উদয় /উদয়্‌/ [স. উদ্‌+√ই+অ] বি. ১ প্রথম প্রকাশ, আবির্ভাব (*সূর্যোদয়*)। ২ উৎপত্তি। ৩ উদ্রেক, সঞ্চার (*ক্রোধের উদয়*)। ৪ উৎকর্ষ, বৃদ্ধি, উন্নতি।

উদয়গিরি /উদয়্‌গিরি/ [স. উদয়+গিরি] বি. দ্র উদয়াচল।

উদয়ন /উদয়োন্‌/ [স. উদ্‌+√ই+অন] বি. প্রথম প্রকাশ, আবির্ভাব, উদয়।

উদয়াচল /উদয়াচল্‌/ [স. উদয়+অচল] বি. পুরাণ-মতে যে কল্পিত পর্বতের আড়াল থেকে সূর্য ও গ্রহনক্ষত্রাদি উদিত হয়।

উদয়াস্ত /উদয়াস্‌তো/ [স. উদয়+√অস্‌+ত] ক্রিবিণ. সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত, সারাদিন।

উদয়োন্মুখ /উদয়োন্‌মুখ্‌/ [স. উদয়+উন্মুখ] বিণ. উদিত হওয়ার উপক্রম করছে এমন।

উদর /উদর্‌/ [স. উদ্‌+√ঋ+অ] বি. ১ পেট, জঠর; গর্ভ। ২ অভ্যন্তর। ৩ কবল, গ্রাস (*উদরস্থকরণ*)।

উদরপরায়ণ /উদর্‌পরায়োন্‌/ [স. উদর+পরায়ণ] বিণ. খেতে পছন্দ করে এমন, পেটুক, ঔদরিক। স্ত্রী. উদরপরায়ণা /উদর্‌পরায়োনা/।

উদরপীড়া /উদর্‌পিড়া/ [স. উদর+পীড়া] বি. পেটের পীড়া, উদরাময়।

উদরপূর্তি /উদর্‌পুর্‌তি/ [স. উদর+√পূ+তি] বি. পেট ভরে আহার।

উদরসর্বস্ব /উদর্‌শরবোশ্‌শো/ [স. উদর+সর্বস্ব] বিণ. পেটুক, উদরপরায়ণ।

উদরসাৎ /উদর্‌শাত্‌/ [স. উদর+সাৎ] বিণ. ১ উদরস্থ, ভক্ষিত। ২ আত্মসাৎ করা হয়েছে এমন।

উদরাধ্মান /উদরাদ্‌ধান্‌/ [স. উদর+আধ্মান] বি. উদরের স্ফীতি।

উদরান্ন /উদরান্‌নো/ [স. উদর+√অদ্‌+ত] বি. ক্ষুধার অন্ন।

উদরাময় /উদরাময়্‌/ [স. উদর+আময়] বি. পেটের পীড়াবিশেষ, অতিসার, diarrhoea।

উদরিণী /উদোরিনি/ [স. উদর+ইন্‌+ঈ] বিণ. গর্ভবতী, গর্ভিণী।

উদরী /উদোরি/ [স. উদর+ইন্‌] বি. উদর ও উদর-সংলগ্ন অঙ্গের মধ্যবর্তী স্থানে তরল পদার্থ সঞ্চিত হওয়ার ফলে পেটের স্ফীতিজনিত রোগ, dropsy।

উদলা /উদ্‌লা/ [দেশি.] বিণ. ১ আঢাকা, খোলা, উন্মুক্ত। ২ অনাবৃত, নগ্ন। ৩ অবাধ, অবারিত।

উদা /উদা/ [স. উন্দ >] বিণ. ১ ভেজা, সিক্ত। ২ মিইয়ে গিয়েছে এমন (*উদা মুড়ি*)।

উদাত্ত /উদাত্‌তো/ [স. উদ্‌+আ+√দা+ত] বিণ. ১ উদার ও উচ্চকণ্ঠে প্রদত্ত (*উদাত্ত আহ্বান*)। ২ অকৃপণ। বি. ১ সংগীতের স্বরভেদ। ২ অর্থালংকার-বিশেষ। ৩ বেদগানের উচ্চস্বর।

উদান /উদান্‌/ [স. উদ্‌+√অন্‌+অ] বি. মানবদেহের পঞ্চবায়ুর অন্যতম, কণ্ঠস্থিত বায়ু।

উদাম /উদাম্‌/ [স. উদ্দাম >] বিণ. ১ আবরণশূন্য, আঢাকা, খোলা। ২ উলঙ্গ, নগ্ন। ৩ দুরন্ত।

www.pathagar.com

উদার /উদার্/ [স. উদ্+আ+√রা+অ] বিণ. ১ বদান্য, দানশীল (*উদারহস্ত*)। ২ মহৎ। ৩ করুণাপূর্ণ। ৪ সরলতাবিশিষ্ট, অসংকীর্ণ (*উদার মনোভাব*)।

উদারচরিত /উদারচোরিত্/ [স. উদার+√চর্+ত] বিণ. মহাপ্রাণ, উদারচিত্ত।

উদারচরিত্র /উদারচোরিত্রো/ [স. উদার+√চর্+ইত্র] বিণ. দ্র উদারচরিত।

উদারচিত্ত /উদারচিত্তো/ [স. উদার+√চিৎ+ত] বিণ. মহামতি, সরলমনা।

উদারচেতা /উদারচেতা/ [স. উদার+চেতস্] বিণ. দ্র উদারচিত্ত।

উদারতা /উদারতা/ [স. উদার+তা] বি. ১ ঔদার্য। ২ বদান্যতা, দানশীলতা। ৩ ঋজুতা, সরলতা। ৪ শ্রেষ্ঠত্ব; মহত্ব; অকপটতা।

উদারনীতি /উদারনিতি/ [স. উদার+√নী+তি] বি. সংকীর্ণতামুক্ত নীতি, liberal।

উদারনীতিক /উদারনিতিক্/ [স. উদারনীতি+ইক] বিণ. উদার মত বা নীতির অনুসারী।

উদারমতি /উদারমোতি/ [স. উদার+√মন্+তি] বিণ. দ্র উদারচিত্ত।

উদারা /উদারা/ [দেশি.] বি. সংগীতের নিম্ন সপ্তকের সুর।

উদাস /উদাশ্/ [স. উদ্+√আস্+অ] বিণ. ১ উদাসীন, আসক্তিহীন। ২ অনুরাগশূন্য; নির্লিপ্ত। ৩ বিষণ্ন; উন্মনা। ৪ আকুল, ব্যাকুল। ৫ উদ্দেশ্যহীন।

উদাসিতা /উদাশিতা/ [স. উদ্+√আস্+তৃ] বি. ১ উদাসীনতা। ২ অনুরাগশূন্যতা। ৩ বিষণ্নতা।

উদাসী /উদাশি/ [স. উদাস+ইন্] বিণ. ১ নির্লিপ্ত। ২ অনাসক্ত। ৩ বিষণ্ন। বি. সন্ন্যাসী; সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ। স্ত্রী. উদাসিনী /উদাশিনি/।

উদাসীন /উদাশিন্/ [স. উদ্+√আস্+মান (শানচ্)] বিণ. ১ নিরপেক্ষ। ২ অনাসক্ত। ৩ নির্লিপ্ত। ৪ বৈরাগী। স্ত্রী. উদাসীনা /উদাশিনা/।

উদাসীনতা /উদাশিনতা/ [স. উদাসীন+তা] বি. ১ অনাসক্তি, নিস্পৃহতা। ২ নির্লিপ্ততা। ৩ বৈরাগ্য।

উদাহরণ /উদাহরোন্/ [স. উদ্+আ+√হৃ+অন] বি. ১ দৃষ্টান্ত, নিদর্শন। ২ বক্তব্য ব্যাখ্যা করার জন্য কোনো প্রসঙ্গের অবতারণা।

উদাহৃত /উদাhৃতো/ [স. উদ্+আ+√হৃ+ত] বিণ. উদাহরণরূপে ব্যবহৃত; উল্লিখিত।

উদিত /উদিতো/ [স. উদ্+√ই+ত] বিণ. ১ উদয় হয়েছে এমন, আবির্ভূত। ২ উল্লেখ করা হয়েছে এমন। ৩ বলা হয়েছে এমন। ৪ প্রকাশিত।

উদীক্ষণ /উদিক্খন্/ [স. উদ্+√ঈক্ষ্+অন] বি. ১ ঊর্ধ্বদর্শন, ঊর্ধ্বদৃষ্টি; সম্যক দর্শন। ২ প্রতীক্ষা।

উদীক্ষিত /উদিক্খিতো/ [স. উদ্+√ঈক্ষ্+ত] বিণ. ১ ঊর্ধ্বদৃষ্টিযুক্ত। ২ যত্নসহকারে দেখা হয়েছে এমন। ৩ উৎসাহ সহকারে দৃষ্ট।

উদীচী /উদিচি/ [স. উদচ্+ঈ] বি. উত্তর দিক।

উদীচীউষা /উদিচিউশা/ [স. উদীচী+উষা] বি. (পৃথিবীর চুম্বকশক্তির প্রভাবে) উচ্চ আবহমণ্ডলের বায়ুকণার সঙ্গে মহাকাশ থেকে আগত শক্তিশালী ইলেকট্রন ও প্রোটন রশ্মির সংঘর্ষের ফলে উত্তর আকাশে দৃষ্ট আলোর ছটা, মেরুপ্রভা, aurora।

উদীচীজ্যোতি /উদিচিজোতি/ [স. উদীচী+√দ্যুত্+ইস্] বি. দ্র উদীচীউষা।

উদীচীন /উদিচিন্/ [স. উদচ্+ঈন] বিণ. ১ উত্তর-দিকস্থ। ২ উত্তরদিকসম্বন্ধীয়।

উদীয়মান /উদিয়োমান্/ [স. উদ্+√ঈ+মান (শানচ্)] বিণ. ১ উদিত হচ্ছে এমন (*উদীয়মান সূর্য*)। ২ প্রতিষ্ঠা লাভ করছে এমন (*উদীয়মান কবি*)।

উদীরণ /উদিরন্/ [স. উদ্+√ঈরি+অন] বি. ১ কথন; উচ্চারণ; কীর্তন। ২ উদ্দীপন। ৩ প্রেরণ।

উদীরিত /উদিরিতো/ [স. উদ্+√ঈরি+ত] বিণ. ১ উচ্চারিত; কীর্তিত। ২ উদ্দীপিত। ৩ প্রেরিত।

উদীর্ণ /উদির্নো/ [স. উদ্+√ঋ+ত] বিণ. ১ উদ্‌গত; উৎপন্ন। ২ নির্গত। ৩ মহান, উদার। ৪ শ্রেষ্ঠ।

উদীর্যমাণ /উদির্জোমান্/ [স. উদ্+√ঈর্+মান (শানচ্)] বিণ. উচ্চারিত হচ্ছে এমন।

উদুম্বর /উদুম্বর্/ [স. উদ্+অম্বর] বি. সবজি হিসেবে রেঁধে খাওয়া যায় এমন ভূমধ্যসাগরীয় অঞ্চল এবং বাংলাদেশ-সহ বিভিন্ন অঞ্চলের পতিত জমিতে জাত গুচ্ছবদ্ধ ডুমুরের চেয়ে বড়ো ফল (ফলের ভেতরে থাকে বলে ফুল দেখা যায় না) বা তার উপবৃত্তাকার খসখসে পাতাবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন মাঝারি আকৃতির গাছ, যজ্ঞডুমুর।

উদূখল /উদুখল্/ [স. উদ্+√উখ্+ল] বি. শস্যাদি চূর্ণ করার জন্য ব্যবহৃত কাঠের তৈরি মুষল ও ডমরু আকৃতির পাত্রবিশেষ, উখলি।

উদেশ /উদেশ্/ [স. উদ্দেশ >] বি. 'উদ্দেশ'-এর কোমল ও কাব্যিক রূপ।

উদো /উদো/ [দেশি.] বিণ. ১ নির্বোধ, হাবাগোবা, বোকা, কাণ্ডজ্ঞানহীন। ২ অলস; অকর্মা।

উদোম /উদোম্/ [স. উদ্দাম >] বিণ. 'উদাম'-এর কথ্য রূপ।

www.pathagar.com

উদ্‌গত /উদ্‌গতো/ [স. উদ্‌+√গম্‌+ত] বিণ. ১ উদ্ভূত, উৎপন্ন। ২ উদিত; উত্থিত। ৩ উপচে পড়ছে এমন (*উদ্‌গত অশ্রু*)। ৪ বহির্গত (*উদ্‌গত অঙ্কুর*)।

উদ্‌গতি /উদ্‌গোতি/ [স. উদ্‌+√গম্‌+তি] বি. ১ উৎপত্তি, উদ্‌গম। ২ উদয়। ৩ ঊর্ধ্বগতি।

উদ্‌গম /উদ্‌গম্‌/ [স. উদ্‌+√গম্‌+অ] বি. উদয়, উদ্ভব; উত্থান।

উদ্‌গাঢ় /উদ্‌গাঢ়ো/ [স. উদ্‌+√গাহ্‌+ত] বিণ. ১ নিবিড়; প্রগাঢ়। ২ প্রবল। ৩ দুর্বিষহ।

উদ্‌গাতা /উদ্‌গাতা/ [স. উৎ+√গৈ+তৃ] বি. ১ সামবেদ গায়ক; যে উচ্চকণ্ঠে গান করে। ২ মহৎ আদর্শের প্রচারক। *স্ত্রী. উদ্‌গাত্রী /উদ্‌গাত্রি/।

উদ্‌গার /উদ্‌গার/ [স. উৎ+√গৃ+অ] বি. ১ মুখ দিয়ে উদরের বায়ু নির্গমন, ঢেকুর। ২ বমন। ৩ নিঃসরণ। ৪ উচ্চারণ। ৫ উৎক্ষেপ।

উদ্‌গিরণ /উদ্‌গিরন্‌/ [স. উৎ+√গৃ+অন] বি. ১ বমন। ২ ঢেকুর। ৩ নিঃসারণ, নির্গমন (*লাভা উদ্‌গিরণ*)।

উদ্‌গিরিত /উদ্‌গিরিতো/ [স. উদ্‌গীর্ণ >] বিণ. ১ নিঃসৃত, নির্গত। ২ বমিত।

উদ্‌গীত /উদ্‌গিতো/ [স. উদ্‌+√গৈ+ত] বিণ. ১ উদাত্ত কণ্ঠে গীত। ২ নিনাদিত, শব্দিত।

উদ্‌গীতি /উদ্‌গিতি/ [স. উদ্‌+√গৈ+তি] বি. উদাত্ত কণ্ঠে গাওয়া গান।

উদ্‌গীর্ণ /উদ্‌গিরনো/ [স. উদ্‌+√গৃ+ত] বিণ. ১ উদ্‌গিরিত, বমিত, উদ্‌বান্ত। ২ নিঃসৃত। ৩ উচ্চারিত।

উদ্‌গ্রহণ /উদ্‌গ্রোহোন্‌/ [স. উদ্‌+গ্রহণ] বি. ১ উত্তোলন। ২ গলাধঃকরণ।

উদ্‌গ্রীব /উদ্‌গ্রিব্‌/ [স. উদ্‌+গ্রীবা] বিণ. অত্যন্ত আগ্রহান্বিত, ব্যগ্র, ব্যাকুল, উৎকণ্ঠিত।

উদ্‌ঘট্টন /উদ্‌ঘট্‌টোন্‌/ [স. উদ্‌+√ঘট্ট্‌+অন] বি. ১ ঘোটন, আলোড়ন। ২ উন্মোচন।

উদ্‌ঘাটক /উদ্‌ঘাটক/ [স. উদ্‌+√ঘাটি+অক] বিণ. ১ উন্মোচনকারী। ২ প্রকাশক। ৩ উল্লেখকারী।

উদ্‌ঘাটন /উদ্‌ঘাটোন্‌/ [স. উদ্‌+√ঘাটি+অন] বি. ১ উন্মোচন, উন্মুক্তকরণ; উদ্‌বোধন। ২ প্রকাশন।

উদ্‌ঘাটিত /উদ্‌ঘাটিতো/ [স. উদ্‌+√ঘাটি+ত] বিণ. ১ উন্মোচিত। ২ উদ্‌বোধিত। ৩ প্রকাশিত।

উদ্‌ঘুট্টি /উদ্‌ঘুটটি/ [দেশি.] বিণ. বিদঘুটে, উদ্ভট।

উদ্‌জান /উদ্‌জান্‌/ [স. উদ্‌+√জন্‌+অ] বি. স্বাদ বর্ণ ও গন্ধহীন এমন হালকা ও দাহ্য মৌলিক গ্যাসবিশেষ যার পারমাণবিক সংখ্যা ১, হাইড্রোজেন।

উদ্‌ধ্মান /উদ্‌ধান্‌/ [স. উদ্‌+√ধ্মা+অন] বি. চুলো, উনুন, আখা।

উদ্‌বদধ /উদ্‌বদ্‌ধো/ [স. উদ্‌+√বন্ধ্‌+ত] বিণ. ঝোলানো।

উদ্‌বন্ধক /উদ্‌বন্‌ধক্‌/ [স. উদ্‌+√বন্ধ্‌+অক] বি. ১ বর্ণসংকর অনগ্রসর জাতিবিশেষ, ধোপা। ২ যে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে।

উদ্‌বন্ধন /উদ্‌বন্‌ধন্‌/ [স. উদ্‌+√বন্ধ্‌+অন] বি. আত্মহত্যা বা বধের উদ্দেশ্যে গলার ফাঁস, ফাঁসি।

উদ্‌বন্ধনরজ্জু /উদ্‌বন্‌ধন্‌রোজ্‌জু/ [স. উদ্‌বন্ধন+√সৃজ্‌+উ] বি. ফাঁসির দড়ি।

উদ্‌বমন /উদ্‌বমোন্‌/ [স. উদ্‌+বমন] বি. উদ্‌গিরণ, বমন।

উদ্‌বর্ত /উদ্‌বর্‌তো/ [স. উদ্‌+√বৃৎ+অ] বি. উদ্‌বৃত্ত অংশ। বিণ. উদ্‌বৃত্ত, অবশিষ্ট।

উদ্‌বর্তন /উদ্‌বর্‌তোন্‌/ [স. উদ্‌+√বৃৎ+ণিচ্‌+অন] বি. ১ টিকে থাকার জন্য জীবনসংগ্রাম, survival (*যোগ্যতমের উদ্‌বর্তন*); উন্নতি। ২ স্নানের পূর্বে তেল হলুদ ও গন্ধদ্রব্যাদির দ্বারা গাত্রমার্জন।

উদ্‌বর্ধন /উদ্‌বর্‌ধোন্‌/ [স. উদ্‌+√বর্ধি+অন] বি. চাপা হাসি।

উদ্‌বান্ত /উদ্‌বান্‌তো/ [স. উদ্‌+√বম্‌+ত] বিণ. বমিত। বি. যা উদ্‌গিরণ করা হয়েছে।

উদ্‌বায়িতা /উদ্‌বায়িতা/ [স. উদ্‌+√বা+ইন্‌+তা] বি. উবে যাওয়ার গুণ, volatility।

উদ্‌বায়ী /উদ্‌বায়ি/ [স. উদ্‌+√বা+ইন্‌] বিণ. বাতাসে উবে যায় এমন, volatile।

উদ্‌বায়ু /উদ্‌বায়ু/ [স. উদ্‌+√বা+উ] বিণ. বায়ুগ্রস্ত, উন্মাদ।

উদ্‌বাসন /উদ্‌বাশোন্‌/ [স. উদ্‌+√বস্‌+ণিচ্‌+অন] বি. ১ স্বদেশ বা বাসভূমি থেকে বিতাড়ন; বাস্তুত্যাগ; নির্বাসন। ২ বিসর্জন, ত্যাগ।

উদ্‌বাস্তু /উদ্‌বাস্‌তু/ [স. উদ্‌+√বস্‌+তু] বি. যাকে নিজ বাসভূমি থেকে বিতাড়ন করা হয়েছে। বিণ. বাস্তুহারা, ছিন্নমূল।

উদ্‌বাহ /উদ্‌বাহো/ [স. উদ্‌+√বহ্‌+অ] বি. বিবাহ, পরিণয়।

উদ্‌বাহন /উদ্‌বাহোন্‌/ [স. উদ্‌+√বহ্‌+ণিচ্‌+অন] বি. ১ পরিণয় সম্পাদন। ২ উত্তোলন। ৩ দ্বিতীয়বার ভূমিকর্ষণ। ৪ উদ্ধারকাজ।

উদ্‌বাহিত /উদ্‌বাহিতো/ [স. উদ্‌+√বাহি+ত] বিণ. ১ বিবাহিত, পরিণীত। ২ উন্নীত।

www.pathagar.com

উদ্‌বাহী /উদ্‌বাহি/ [স. উদ্‌+√বহ্‌+ইন্‌] বিণ. ১ ঊর্ধ্বে বহনকারী। ২ বিবাহকারী। ৩ উত্তোলক।

উদ্‌বাহু /উদ্‌বাহু/ [স. উদ্‌+বাহু] বিণ. ১ হাত উঁচু করে আছে এমন, উত্তোলিত বাহুবিশিষ্ট। ২ ব্যাকুল, আকুল, ব্যগ্র।

উদ্‌বিগ্ন /উদ্‌বিগ্‌নো/ [স. উদ্‌+√বিজ্‌+ত] বিণ. উৎকণ্ঠিত, ব্যাকুল, দুশ্চিন্তাগ্রস্ত; শঙ্কিত।

উদ্‌বিড়াল /উদ্‌বিড়াল্‌/ [স. উদ্‌+বিড়াল] বি. দ্রুত সাঁতার কাটতে পারে এমন ছোটো লিপ্তপদ ঘন লোমাবৃত স্তন্যপায়ী মৎস্যাশী উভচর প্রাণিবিশেষ, উদ্র, জলনকুল, ধেড়ে, ভোঁদড়, otter।

উদ্‌বীক্ষণ /উদ্‌বিক্‌খন্‌/ [স. উদ্‌+বি+√ঈক্ষ্‌+অন] বি. ১ ঊর্ধ্বে দৃষ্টি নিক্ষেপ। ২ পরিদর্শন।

উদ্‌বুদ্ধ /উদ্‌বুদ্‌ধো/ [স. উদ্‌+√বুধ্‌+ত] বিণ. ১ উৎসাহিত, প্রাণিত। ২ জাগরিত, চেতনাপ্রাপ্ত। ৩ স্মৃতিপথে আগত, উদিত।

উদ্‌বৃত্ত /উদ্‌বৃত্‌তো/ [স. উদ্‌+√বৃৎ+ত] বিণ. ব্যয়ের পর অবশিষ্ট, বাড়তি, অতিরিক্ত, surplus।

উদ্‌বেগ /উদ্‌বেগ্‌/ [স. উদ্‌+√বিজ্‌+অ] বি. সন্দেহ-জনিত ব্যাকুলতা, উৎকণ্ঠা, দুশ্চিন্তা, অস্থিরতা।

উদ্‌বেগজনক /উদ্‌বেগ্‌জনোক্‌/ [স. উদ্‌বেগ+জনক] বিণ. উৎকণ্ঠাযুক্ত।

উদ্‌বেগী /উদ্‌বেগি/ [স. উদ্‌বেগ+ইন্‌] বিণ. উদ্‌বিগ্ন, উদ্‌বেগজনক।

উদ্‌বেজক /উদ্‌বেজ্‌ক/ [স. উদ্‌+√বিজ্‌+ণিচ্‌+অক] বিণ. ১ উদ্‌বেগজনক। ২ ক্লেশকর, কষ্টকর। ৩ বিরক্তিকর। ৪ ভীতিপ্রদ।

উদ্‌বেজন /উদ্‌বেজন্‌/ [স. উদ্‌+√বিজ্‌+ণিচ্‌+অন] বি. উদ্‌বেগ, উৎকণ্ঠা, চিত্তচাঞ্চল্য।

উদ্‌বেজিত /উদ্‌বেজিতো/ [স. উদ্‌+√বিজ্‌+ণিচ্‌+ত] বিণ. ১ উদ্‌বিগ্ন; ব্যাকুলিত। ২ উত্যক্ত। ৩ উদ্‌বেলিত। ৪ দুঃখিত; ক্ষুব্ধ।

উদ্‌বেল /উদ্‌বেল্‌/ [স. উদ্‌+বেলা] বিণ. ১ বেলাভূমি বা তীর অতিক্রম করেছে এমন। ২ উচ্ছলিত; উথলিত। ৩ সীমাতিক্রান্ত।

উদ্‌বেলিত /উদ্‌বেলিতো/ [অশুপ্র.] বিণ. ১ উচ্ছলিত; আকুলিত। ২ বেলাভূমি ছাপিয়ে উঠেছে এমন।

উদ্‌বোঢ়া /উদ্‌বোঢ়া/ [স. উদ্‌+√বহ্‌+ত্‌] বি. যে বিবাহ করে, বিবাহের পাত্র, বর।

উদ্‌বোধ /উদ্‌বোধ্‌/ [স. উদ্‌+√বুধ্‌+অ] বি. ১ বোধের উদয়, জ্ঞানের উন্মেষ। ২ স্মরণ।

উদ্‌বোধক /উদ্‌বোধক্‌/ [স. উদ্‌+√বুধ্‌+ণিচ্‌+অক] বিণ. ১ উদ্‌বোধনকারী। ২ বোধ উদ্রেককারী। ৩ উদ্দীপক। ৪ স্মারক। বি. যে উদ্‌বোধন করে।

উদ্‌বোধন /উদ্‌বোধোন্‌/ [স. উদ্‌+√বুধ্‌+ণিচ্‌+অন] বি. ১ সূত্রপাত, আরম্ভ। ২ জাগরণ, বোধোৎপাদন। ৩ (বাংলায়) আনুষ্ঠানিক আরম্ভ বা উন্মোচন।

উদ্‌বোধনী /উদ্‌বোধোনি/ [স. উদ্‌বোধন+ঈ] বিণ. সূচনানির্দেশক (*উদ্‌বোধনী সংগীত*)।

উদ্‌ব্যক্ত /উদ্‌ব্যাক্‌তো/ [স. উদ্‌+বি+√অনজ্‌+ত] বিণ. বিশেষভাবে কথিত বা উক্ত; emphatic।

উদ্‌ব্যক্তি /উদ্‌বেক্‌তি/ [স. উদ্‌+বি+√অনজ্‌+তি] বি. জোরালো প্রকাশ, emphasis।

উদ্‌ব্যস্ত /উদ্‌ব্যাস্‌তো/ [স. উদ্‌+বি+√অস্‌+ত] বিণ. ১ অত্যন্ত ব্যস্ত, ব্যতিব্যস্ত। ২ সন্ত্রস্ত।

উদ্‌ভ্রম /উদ্‌ভ্রোম্‌/ [স. উদ্‌+√ভ্রম্‌+অ] বি. ১ বুদ্ধি-নাশ, বুদ্ধিভ্রংশ। ২ উদ্‌বেগ, ব্যাকুলতা।

উদ্‌ভ্রান্ত /উদ্‌ভ্রান্‌তো/ [স. উদ্‌+√ভ্রম্‌+ত] বিণ. ১ কিংকর্তব্যবিমূঢ়, হতবুদ্ধি, দিশেহারা। ২ উন্মত্ত। ৩ উচ্ছৃঙ্খলভাবে বিচরণ করে এমন।

উদ্‌যাপক /উদ্‌জাপক্‌/ [স. উদ্‌+√যা+ণিচ্‌+অক] বি. যে ব্যক্তি উদ্‌যাপন করে। বিণ. উদ্‌যাপনকারী।

উদ্‌যাপন /উদ্‌জাপোন্‌/ [স. উদ্‌+√যা+ণিচ্‌+অন] বি. ১ আরব্ধ ব্রত সম্পাদন। ২ নির্বাহ, সম্পাদন। ৩ পালন। ৪ (বাংলায়) সমাপ্তি, শেষ।

উদ্‌যাপিত /উদ্‌জাপিতো/ [স. উদ্‌+√যা+ণিচ্‌+ত] বিণ. ১ উদ্‌যাপন করা হয়েছে এমন। ২ ব্রত পালন করা হয়েছে এমন। ৩ সম্পাদিত।

উদ্‌যোগ /উদ্‌জোগ্‌/ [স. উদ্‌+√যুজ্‌+অ] বি. ১ আয়োজন। ২ উপক্রম। ৩ উদ্যম। ৪ চেষ্টা।

উদ্দণ্ড /উদ্‌দন্‌ডো/ [স. উদ্‌+দন্ড] বিণ. ১ লাঠি উঁচু করে আছে এমন, খড়্গহস্ত। ২ শাস্তি দিতে উদ্যত এমন। ৩ প্রবল প্রতাপান্বিত।

উদ্দাম /উদ্‌দাম্‌/ [স. উদ্‌+দাম] বিণ. ১ অসংযত; বন্ধনহীন। ২ সহজে দমন করা যায় না এমন। ৩ স্বেচ্ছাচারী। বি. **উদ্দামতা** /উদ্‌দামতা/।

উদ্দিষ্ট /উদ্‌দিশ্‌টো/ [স. উদ্‌+√দিশ্‌+ত] বিণ. ১ অন্বিষ্ট। ২ অভীষ্ট, কাঙ্ক্ষিত।

উদ্দীপক /উদ্‌দিপক্‌/ [স. উদ্‌+√দীপ্‌+ণিচ্‌+অক] বিণ. ১ প্রেরণাদায়ক। ২ উত্তেজক। ৩ প্রজ্জ্বালক, দীপ্তিদায়ক। ৪ বিবর্ধক। ৫ প্রকাশক।

উদ্দীপন /উদ্‌দিপন্‌/ [স. উদ্‌+√দীপ্‌+ণিচ্‌+অন] বি. ১ উত্তেজন। ২ প্রাণন। ৩ প্রজ্জ্বালন। ৪ প্রকাশন। ৫ (অলংকারশাস্ত্রে) যা অবলম্বন করে নায়ক-নায়িকার চিত্তে ভাবাবেগের উদ্রেক হয়।

উদ্দীপনা /উদ্‌দিপনা/ [স. উদ্‌+√দীপ্‌+নিচ্‌+অন+আ (টাপ্‌)] বি. ১ প্রবল উৎসাহ। ২ প্রেরণা। ৩

www.pathagar.com

আগ্রহের আতিশয্য।

উদ্দীপনীয় /উদ্‌দিপোনিয়ো/ [স. উদ্+√দীপ্+ণিচ্+অনীয়] বিণ. উদ্দীপনের যোগ্য।

উদ্দীপিত /উদ্‌দিপিতো/ [স. উদ্+√দীপ্+ণিচ্+ত] বিণ. ১ উত্তেজিত। ২ আলোকিত, উদ্ভাসিত। ৩ প্রজ্বালিত।

উদ্দীপ্ত /উদ্‌দিপ্‌তো/ [স. উদ্+√দীপ্+ত] বিণ. জ্বলে উঠেছে এমন, জ্বলন্ত, প্রজ্বলিত।

উদ্দেশ /উদ্‌দেশ্/ [স. উদ্+√দিশ্+অ] বি. ১ অন্বেষণ, সন্ধান, খোঁজ। ২ লক্ষ্য। ৩ উদ্দেশ্য, অভিসন্ধি। ৪ ঠিকানা। ৫ সংবাদ।

উদ্দেশক /উদ্‌দেশক/ [স. উদ্+√দিশ্+অক] বিণ. অন্বেষক, উদ্দেশকারী, লক্ষ্যকারী।

উদ্দেশে /উদ্‌দেশে/ [স. উদ্দেশ+বা. এ] অব্য. প্রতি (*যে গিয়েছে দেখার বাহিরে আছে তারি উদ্দেশে চাহি রে,* রবীন্দ্র.)।

উদ্দেশ্য /উদ্‌দেশ্‌শো/ [স. উদ্+√দিশ্+য] বি. ১ অভিপ্রায়। ২ লক্ষ্য, উদ্দেশের বিষয়। ৩ তাৎপর্য; অর্থ। ৪ (ব্যা.) বাক্যে যার সম্বন্ধে বলা হয়। বিণ. ১ অভিপ্রেত। ২ উদ্দেশ করা হয়েছে এমন।

উদ্দেশ্যবিহীন /উদ্‌দেশ্‌শোবিহিন্/ [স. উদ্দেশ্য+বিহীন] বিণ. স্থির লক্ষ্য নেই এমন।

উদ্দেশ্যহীন /উদ্‌দেশ্‌শোহিন্/ [স. উদ্দেশ্য+√হা+ত] বিণ. দ্র উদ্দেশ্যবিহীন।

উদ্দেশ্যে /উদ্‌দেশ্‌শে/ [স. উদ্দেশ্য+বা. এ] ক্রিবিণ. বিশেষ অভীষ্টসাধনের অভিপ্রায়ে।

উদধত /উদ্‌ধতো/ [স. উদ্+√হন্+ত] বিণ. ১ ধৃষ্ট; দুর্বিনীত; স্পর্ধিত; গর্বিত। ২ দুরন্ত; উগ্র; গোঁয়ার।

উদধতচারিতা /উদ্‌ধতোচারিতা/ [স. উদধত+√চর্+ইন্+তা] বি. অবিনীত ভাব, ঔদধত্য।

উদধতচারী /উদ্‌ধতোচারি/ [স. উদধত+√চর্+ইন্] বিণ. ধৃষ্ট। স্ত্রী. উদধতচারিণী /উদ্‌ধতোচারিনি/।

উদধতভাষী /উদ্‌ধতোভাশি/ [স. উদধত+√ভাষ্+ইন্] বিণ. অবিনীত ভাষায় কথা বলে এমন; রূঢ়ভাষী।

উদধতস্বভাব /উদ্‌ধতোশভাব্/ [স. উদধত+স্বভাব] বিণ. দুর্বিনীত স্বভাববিশিষ্ট, উগ্রপ্রকৃতির।

উদধরণ /উদ্‌ধরোন্/ [স. উদ্+√হৃ+অন] বি. ১ মুক্তি, উদধারকরণ। ২ উত্তোলন। ৩ কোনো রচনার অংশ উল্লেখ।

উদধর্তা /উদ্‌ধরতা/ [স. উদ্+√হৃ+তৃ] বি. যে উদধার করে। বিণ. উদধারকর্তা, পরিত্রাণকারী।

উদধার /উদ্‌ধার্/ [স. উদ্+√হৃ+অ] বি. ১ মুক্তি, পরিত্রাণ। ২ উত্তোলন। ৩ উন্নয়ন; প্রতিষ্ঠা। ৪ বিস্মৃত বা লুপ্ত বিষয়ের পুনরুদধার। ৫ দূরীকরণ, অপসারণ। ৬ (বাংলায়) শোধন; পরিশোধ।

উদধারক /উদ্‌ধারক্/ [স. উদ্+√হৃ+অক] বি. বিণ. উদধারকর্তা, ত্রাতা।

উদধারকর্তা /উদ্‌ধারকরতা/ [স. উদধার+√কৃ+তৃ] বিণ. বি. দ্র উদধারকারী।

উদধারকারী /উদ্‌ধারকারি/ [স. উদধার+√কৃ+ইন্] বিণ. ত্রাণকারী। বি. যে ব্যক্তি উদধার করে। স্ত্রী. উদধারকারিণী /উদ্‌ধারকারিনি/।

উদধারচিহ্ন /উদ্‌ধারচিন্ɲhো/ [স. উদধার+√চিহ্+অ] বি. অন্য রচনা বা উক্তি থেকে উদধৃত অংশের সূচনা ও শেষে ব্যবহৃত চিহ্নবিশেষ, ‘ ’ অথবা “ ” এরূপ চিহ্ন, inverted commas, quotation marks।

উদধারণ /উদ্‌ধারন্/ [স. উদ্+√হৃ+ণিচ্+অন] বি. উদধারকরণ।

উদধৃত /উদ্‌ধৃতো/ [স. উদ্+√হৃ+ত] বিণ. ১ কোনো রচনা বা উক্তি থেকে হুবহু গৃহীত। ২ উত্তোলিত, উত্থাপিত। ৩ অধিকৃত।

উদধৃতি /উদ্‌ধৃতি/ [স. উদ্+√হৃ+তি] বি. ১ কোনো রচনা বা উক্তি থেকে আহরণ; মোচন। ২ উত্তোলন; উদধার।

উদধৃতিচিহ্ন /উদ্‌ধৃতিচিন্ɲhো/ [স. উদধৃতি+√চিহ্+অ] বি. দ্র উদধারচিহ্ন।

উদ্ভট /উদ্‌ভট্/ [স. উৎ+√ভট্+অ] বিণ. ১ গ্রন্থ-বহির্ভূত। ২ লোকপ্রসিদ্ধ। ৩ অভিনব; বিচিত্র। ৪ (বাংলায়) আজগুবি, অদ্ভুত। বি. অজ্ঞাত লেখকের রচিত লোকপ্রসিদ্ধ শ্লোক।

উদ্ভট্টি /উদ্‌ভোট্‌টি/ [স. উদ্ভট >] বিণ. ১ অদ্ভুত, আজগুবি। ২ অশ্রুতপূর্ব। ৩ উদ্ভট শব্দের ব্যবহার-জনিত।

উদ্ভব /উদ্‌ভব্/ [স. উদ্+√ভূ+অ] বি. উৎপত্তি, জন্ম; প্রাদুর্ভাব। বিণ. উৎপন্ন, জাত।

উদ্ভাবক /উদ্‌ভাবক্/ [স. উদ্+√ভাবি+অক] বিণ. ১ উদ্ভাবনকারী। ২ আবিষ্কারক। ৩ পরিকল্পনাকারী। ৪ রচয়িতা। স্ত্রী. উদ্ভাবিকা /উদ্‌ভাবিকা/।

উদ্ভাবন /উদ্‌ভাবোন্/ [স. উদ্+√ভাবি+অন] বি. ১ অজ্ঞাত বিষয় প্রকাশ, আবিষ্কার। ২ উৎপাদন, সৃজন। ৩ পরিকল্পন, চিন্তন।

উদ্ভাবনশক্তি /উদ্‌ভাবোন্‌শোক্‌তি/ [স. উদ্ভাবন+√শক্+তি] বি. দ্র উদ্ভাবনীশক্তি।

উদ্ভাবনীয় /উদ্‌ভাবোনিয়ো/ [স. উদ্+√ভূ+ণিচ্+অনীয়] বিণ. উদ্ভাবনযোগ্য, উদ্ভাব্য।

www.pathagar.com

উদ্ভাবনীশক্তি /উদ্‌ভাবোনিশোক্‌তি/ [স. উদ্ভাবনী +√শক্‌+তি] বি. নতুন কিছু সৃষ্টি করার ক্ষমতা।

উদ্ভাবিত /উদ্‌ভাবিতো/ [স. উদ্‌+√ভূ+ণিচ্‌+ত] বিণ. ১ উদ্ভাবন করা হয়েছে এমন। ২ কল্পিত; রচিত।

উদ্ভাস /উদ্‌ভাশ্‌/ [স. উদ্‌+√ভাস্‌+অ] বি. ১ বিকাশ, প্রকাশ। ২ শোভা। ৩ দীপ্তি, জ্যোতি। ৪ উজ্জ্বলতা।

উদ্ভাসক /উদ্‌ভাশক্‌/ [স. উদ্‌+√ভাস্‌+অক] বিণ. ১ প্রকাশক। ২ উদ্দীপক।

উদ্ভাসন /উদ্‌ভাশন্‌/ [স. উদ্‌+√ভাস্‌+অন] বি. ১ আলোকিতকরণ। ২ প্রকাশন। ৩ উদ্দীপন।

উদ্ভাসিত /উদ্‌ভাশিতো/ [স. উদ্‌+√ভাস্‌+ত] বিণ. ১ আলোকিত, দীপ্ত। ২ প্রকাশিত। ৩ শোভিত।

উদ্ভিজ্জ /উদ্‌ভিজ্জো/ [স. উদ্ভিদ্‌+√জন্‌+অ] বিণ. উদ্ভিদ থেকে উৎপন্ন। বি. তরু লতা গুল্ম প্রভৃতি যা বীজ হতে মাটি ভেদ করে ওঠে।

উদ্ভিজ্জাণু /উদ্‌ভিজ্জানু/ [স. উদ্ভিজ্জ+অণু] বি. খালি চোখে দেখা যায় না এমন অতি ক্ষুদ্র উদ্ভিদ।

উদ্ভিজ্জাশী /উদ্‌ভিজ্জাশি/ [স. উদ্ভিজ্জ+√অশ্‌+ইন্‌] বিণ. উদ্ভিদভোজী, নিরামিষাশী।

উদ্ভিদ /উদ্‌ভিদ্‌/ [স. উৎ+√ভিদ্‌+ক্বিপ] বি. ভূমি থেকে উদ্‌গত জীবসত্তা যা মূলের সাহায্যে খাদ্যগ্রহণ করে এবং সালোকসংশ্লেষণ (photo-synthesis) প্রক্রিয়ায় বায়ুমণ্ডলের কার্বন ডাই-অক্সাইড শুষে নিয়ে প্রকৃতির ভারসাম্য রক্ষা করে।

উদ্ভিদাণু /উদ্‌ভিদোনু/ [স. উদ্ভিদ্‌+অণু] বি. দ্র উদ্ভিজ্জাণু।

উদ্ভিদবিদ্যা /উদ্‌ভিদ্‌বিদ্‌দা / [স. উদ্ভিদ+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. উদ্ভিদবিষয়ক শাস্ত্র, botany।

উদ্ভিন্ন /উদ্‌ভিন্নো/ [স. উদ্‌+√ভিদ্‌+ত] বিণ. ১ মাটি ভেদ করে গজিয়েছে এমন, অঙ্কুরিত। ২ প্রকাশিত, প্রস্ফুটিত।

উদ্ভূত /উদ্‌ভুতো/ [স. উদ্‌+√ভূ+ত] বিণ. ১ উৎপন্ন, জাত, সৃষ্ট। ২ প্রকাশিত। ৩ উদিত, উদ্‌গত।

উদ্ভূতি /উদ্‌ভুতি/ [স. উদ্‌+√ভূ+তি] বি. ১ উৎপত্তি, আবির্ভাব। ২ উন্নতি, উৎকর্ষ।

উদ্ভেদ /উদ্‌ভেদ্‌/ [স. উদ্‌+√ভিদ্‌+অ] বি. ১ প্রকাশ, বিকাশ। ২ উদ্‌গম। ৩ প্রস্ফুটন। ৪ আবিষ্কার।

উদ্যত /উদ্‌দতো/ [স. উদ্‌+√যম্‌+ত] বিণ. ১ উন্মুখ। ২ উন্মত্ত, ক্ষিপ্ত। ৩ উদ্যমশীল। ৪ উত্তোলিত।

উদ্যত বাহু[১] /উদ্‌দতো বাহু/ বি. উত্তোলিত বাহু, ঊর্ধ্ববাহু।

উদ্যতবাহু[২] /উদ্‌দতোবাহু / [স. উদ্যত+বাহু] বিণ. ব্যাকুল।

উদ্যতমুষল /উদ্‌দতোমুশল্‌ / [স. উদ্যত+মুষল] বিণ. মারমুখী; উদ্দণ্ড।

উদ্যতি /উদ্‌দোতি/ [স. উদ্‌+√যম্‌+তি] বি. ১ উদ্যোগ, উদ্যম। ২ উত্তোলন। ৩ উত্থান।

উদ্যম /উদ্‌দম্‌/ [স. উদ্‌+√যম্‌+অ] বি. ১ উৎসাহ; অধ্যবসায়। ২ প্রয়াস; যত্ন। ৩ উদ্যোগ; উপক্রম।

উদ্যমভঙ্গ /উদ্‌দম্‌ভংগো/ [স. উদ্যম+√ভন্‌জ্‌+অ] বি. উদ্যমহীনতা।

উদ্যমশীল /উদ্‌দম্‌শিল্‌/ [স. উদ্যম+শীল] বিণ. ১ কর্মে উৎসাহী, উদ্যোগী। ২ চেষ্টাশীল।

উদ্যমহীন /উদ্‌দম্‌হিন্‌/ [স. উদ্যম+√হা+ত] বিণ. নিরুদ্যম। বি. **উদ্যমহীনতা** /উদ্‌দম্‌হিনতা /।

উদ্যমী /উদ্‌দোমি/ [স. উদ্যম+ইন্‌] বিণ. চেষ্টা আছে এমন, উদ্যমশীল, উদ্যোগী।

উদ্যান /উদ্‌দান্‌/ [স. উদ্‌+√যা+অন] বি. কানন।

উদ্যানপাল /উদ্‌দান্‌পাল্‌/ [স. উদ্যান+পাল] বি. উদ্যানপালনের দায়িত্বে নিয়োজিত কর্মী, মালি।

উদ্যানপালক /উদ্‌দান্‌পালোক্‌/ [স. উদ্যান+পালক] বি. দ্র **উদ্যানপাল**।

উদ্যানবাটিকা /উদ্‌দান্‌বাটিকা/ [স. উদ্যান+বাটিকা] বি. বাগানবাড়ি।

উদ্যানবিদ্যা /উদ্‌দান্‌বিদ্‌দা / [স. উদ্যান+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. উদ্যান রচনা ও রক্ষণাবেক্ষণ-বিষয়ক বিদ্যা, উদ্যানতত্ত্ব, horticulture।

উদ্যানরক্ষক /উদ্‌দান্‌রোক্‌খক্‌/ [স. উদ্যান+রক্ষক] বিণ. উদ্যানের পরিচর্যাকারী। বি. মালি।

উদ্যুক্ত /উদ্‌দুক্‌তো/ [স. উদ্‌+√যুজ্‌+ত] বিণ. যত্নশীল; চেষ্টাবান, উদ্যোগবিশিষ্ট।

উদ্যোক্তা /উদ্‌দোক্‌তা/ [স. উদ্‌+√যুজ্‌+তৃ] বিণ. ১ আয়োজক; উদ্যোগকারী। ২ উৎসাহী। ৩ যত্নশীল।

উদ্যোগ /উদ্‌দোগ্‌/ [স. উদ্‌+√যুজ্‌+অ] বি. ১ আয়োজন। ২ উপক্রম। ৩ উদ্যম। ৪ উৎসাহ।

উদ্যোগকারী /উদ্‌দোগ্‌কারি/ [স. উদ্যোগ+√কৃ+ইন্‌] বিণ. আয়োজক, উদ্যোক্তা।

উদ্যোগী /উদ্‌দোগি/ [স. উদ্যোগ+ইন্‌] বিণ. ১ আয়োজনকারী। ২ উৎসাহী, উদ্যমী। ৩ যত্নশীল।

উদ্র /উদ্‌দ্রো/ [স. √উন্দ্‌+র] বি. দ্রুত সাঁতার কাটতে পারে এমন ছোটো লিপ্তপদ ঘন লোমাবৃত স্তন্যপায়ী মৎস্যাশী উভচর প্রাণিবিশেষ, উদ, উদ্‌বিড়াল, জলনকুল, ধেড়ে, ভোঁদড়, otter।

উদ্রাব /উদ্‌দ্রাব্‌/ [স. উদ্‌+√রু+অ] বি. উচ্চ ধ্বনি; চিৎকার।

উদ্রিক্ত /উদ্‌দ্রিক্‌তো/ [স. উদ্‌+√রিচ্‌+ত] বিণ. ১ উদ্রেক হয়েছে এমন। ২ উদ্‌গত। ৩ উত্তেজিত;

www.pathagar.com

অসংযত। ৪ গর্বিত। ৫ বৃদ্ধিপ্রাপ্ত।

উদ্রেক /উদ্‌দ্রেক্/ [স. উদ্+√রিচ্+অ] বি. ১ সঞ্চার, উদয়, আবির্ভাব। ২ উত্তেজনা বৃদ্ধি।

উধাও /উধাও/ [বা.] বিণ. ১ নিরুদ্দেশ। ২ চোখের আড়ালে গত, পলায়িত (*কোথা যে উধাও হল মোর প্রাণ উদাসী* রবীন্দ্র.)।

উধার /উধার্/ [স. উদ্ধার >] বি. ধার, কর্জ, ঋণ।

উধো /উধো/ [দেশি.] বিণ. ১ নির্বোধ, কান্ডজ্ঞানহীন, হাবাগোবা, বোকা। ২ অকর্মা, অলস।

উন[১] /উনো/ [স. ঊন >] বিণ. ১ কম, ন্যূন (*উন-চল্লিশ*)। ২ দুর্বল। ৩ অসম্পূর্ণ। ৪ হীন।

উন[২] /উনো/ [স. ঊর্ণ >] বি. পশমি সুতোয় বোনা কাপড়; পশমি সুতো।

উনআশি /উনোআশি/ [স. ঊনঅশীতি >] বি. ৭৯ সংখ্যা। বিণ. ৭৯ সংখ্যক।

উনকোটি /উনোকোটি/ [স. ঊনকোটি >] বিণ. বহু-সংখ্যক; প্রায় এক কোটি।

উনচল্লিশ /উনোচোল্‌লিশ্/ [স. একোনচত্বারিংশ >] বি. ৩৯ সংখ্যা। বিণ. ৩৯ সংখ্যক।

উনজন /উনোজন্/ [বা. উন+স. জন] বিণ. সংখ্যায় অল্প, সংখ্যালঘু।

উনত্রিশ /উনোত্‌ত্রিশ্/ [স. ঊনত্রিংশৎ >] বি. ২৯ সংখ্যা। বিণ. ২৯ সংখ্যক।

উনত্রিশে /উনোত্‌ত্রিশে/ [বা.] বি. মাসের ২৯ তারিখ। বিণ. ২৯ তারিখের।

উননব্বই /উনোনোব্‌বোই/ [স. ঊননবতি >] বি. ৮৯ সংখ্যা। বিণ. ৮৯ সংখ্যক।

উনপঞ্চাশ /উনোপন্‌চাশ্/ [স. ঊনপঞ্চাশৎ >] বি. ৪৯ সংখ্যা। বিণ. ৪৯ সংখ্যক।

উনপঞ্চাশ পবন /উনোপন্‌চাশ্ পবোন্/ বি. পাগলামির হাওয়া।

উনপাঁজুরে /উন্‌পাঁজুরে/ [বা.] বিণ. ১ পাঁজরের জোর কম এমন। ২ দুর্বল, অক্ষম। ৩ হতভাগ্য।

উনমূল্যে /উনোমুল্‌লে/ [বা.] ক্রিবিণ. অল্প দামে।

উনষাট /উনোশাট্/ [স. ঊনষষ্টি >] বি. ৫৯ সংখ্যা। বিণ. ৫৯ সংখ্যক।

উনসত্তর /উনোশোত্‌তোর্/ [স. একোনসপ্ততি >] বি. ৬৯ সংখ্যা। বিণ. ৬৯ সংখ্যক।

উনহার /উনোহার্/ [স. ঊনহার >] বি. হ্রাসকৃত হার।

উনান /উনান্/ [স. উদ্ধ্মান >] বি. উনুন, চুলা।

উনি /উনি/ [স. অদস্ >] সর্ব. (সম্ভ্রমে) ওই ব্যক্তি।

উনিশ /উনিশ্/ [স. ঊনবিংশতি >] বি. ১৯ সংখ্যা। বিণ. ১৯ সংখ্যক।

উনিশকুড়ি /উনিশকুড়ি/ [বা.] বি. ১৯ ও ২০ সংখ্যা। বিণ. ১৯ বা ২০ সংখ্যক; ১৯টি বা ২০টির কাছাকাছি সংখ্যক; ওই বয়সের।

উনিশবিশ /উনিশ্‌বিশ্/ [বা.] বি. ১৯ বা ২০ সংখ্যা; সামান্য পার্থক্য। বিণ. ১৯ ও ২০ সংখ্যক।

উনিশে /উনিশে/ [বা.] বি. মাসের ১৯ তারিখ। বিণ. ১৯ তারিখের।

উনুন /উনুন্/ [স. উদ্ধ্মান >] বি. চুল্লি, চুলা, আখা।

উন্নত /উন্‌নতো/ [স. উদ্+√নম্+ত] বিণ. ১ উঁচু, তুঙ্গ। ২ মহৎ। ৩ গৌরবান্বিত; উচ্চ অবস্থান-বিশিষ্ট। ৪ মার্জিত। ৫ সমৃদ্ধ। ৬ ভাগ্যবান।

উন্নতমনা /উন্‌নতোমোনা/ [স. উন্নত+মনস্] বিণ. সংকীর্ণতামুক্ত মনবিশিষ্ট, উদারহৃদয়।

উন্নতশির /উন্‌নতোশির্/ [স. উন্নত+শিরঃ] বিণ. ১ মাথা নত করে না এমন; দৃঢ়চেতা (*আমি বিশ্ব ছাড়ায়ে উঠিয়াছি একা চির-উন্নত শির!* নজরুল.)। ২ ঋজু।

উন্নতি /উন্‌নোতি/ [স. উদ্+√নম্+তি] বি. ১ অগ্রগতি। ২ শ্রীবৃদ্ধি। ৩ উচ্চ বা সমৃদ্ধ অবস্থা; সৌভাগ্য। ৪ উচ্চতা। ৫ অভ্যুদয়।

উন্নতিশীল /উন্‌নোতিশিল্/ [স. উন্নতি+শীল] বিণ. ক্রমশ উন্নতি ঘটছে এমন, উন্নয়নশীল; (পরি.) developing।

উন্নদ্ধ /উন্‌নদ্‌ধো/ [স. উদ্+√নহ্+ত] বিণ. ১ ঊর্ধ্বে গ্রথিত। ২ স্ফীত। ৩ উদ্যত। ৪ উন্নত।

উন্নমন /উন্‌নমোন্/ [স. উদ্+√নম্+অন] বি. ১ উন্নয়ন। ২ উত্থাপন। ৩ সমৃদ্ধি। ৪ ওপরে স্থাপন।

উন্নমিত /উন্‌নোমিতো/ [স. উদ্+√নম্+ণিচ্+ত] বিণ. ওপরে তোলা হয়েছে এমন।

উন্নয়ন /উন্‌নয়োন্/ [স. উদ্+√নী+অন] বি. ১ উন্নতিসাধন, বিকাশ। ২ উত্তোলন।

উন্নয়ন প্রকল্প /উন্‌নয়োন্ প্রোকল্‌পো/ বি. উন্নতি-সাধনের জন্য গৃহীত কর্মসূচি।

উন্নয়ন প্রকল্পক /উন্‌নয়োন্ প্রোকল্‌পোক/ বি. উন্নতিসাধনের পরিকল্পনা প্রণয়নকারী, planner।

উন্নয়নমুখী /উন্‌নয়োন্‌মুখি/ [স. উন্নয়ন+মুখী] বিণ. ক্রমশ উন্নতি হয় এমন, উন্নয়নের লক্ষ্যে নিয়োজিত।

উন্নয়নশীল /উন্‌নয়োন্‌শিল্/ [স. উন্নয়ন+শীল] বিণ. উন্নতিসাধনে সচেষ্ট এমন; (পরি.) developing।

উন্নয়নশীলতা /উন্‌নয়োন্‌শিলতা/ [স. উন্নয়নশীল+তা] বি. উন্নতিসাধনের প্রচেষ্টা।

উন্নস /উন্‌নশ্/ [স. উদ্+নাসা] বিণ. ১ নাসিকা উন্নত

www.pathagar.com

এমন, উঁচু নাকবিশিষ্ট। ২ (উপেক্ষা বা অবজ্ঞা করে) নাক উঁচু করে এমন।

উন্নাসিক /উন্‌নাশিক্/ [স. উদ্+নাসা+ইক] বিণ. ১ অবজ্ঞায় নাক উঁচু করে এমন; দাম্ভিক। ২ সব কিছুকেই তুচ্ছ জ্ঞান করে এমন। ৩ খুঁতখুঁতে, snob। ৪ ঘ্রাণ গ্রহণে আগ্রহী।

উন্নাসিকতা /উন্‌নাশিকতা/ [স. উন্নাসিক+তা] বি. উন্নাসিক আচরণ বা অবজ্ঞা করার মনোভাব।

উন্নিদ্র /উন্‌নিদ্‌দ্রো/ [স. উদ্+নিদ্রা] বিণ. ১ নিদ্রাহীন, বিনিদ্র, জাগ্রত। ২ সতর্ক, সাবধান।

উন্নিদ্রা /উন্‌নিদ্‌দ্রা/ [স. উদ্+নিদ্রা] বি. ১ ঘুমের অভাব, নিদ্রাহীনতা। ২ সাবধানতা, সতর্কতা।

উন্নীত /উন্‌নিতো/ [স. উদ্+√নী+ত] বিণ. ১ উন্নতি বা উৎকর্ষ সাধিত হয়েছে এমন, উন্নতিপ্রাপ্ত। ২ উর্ধ্বে নীত, উত্তোলিত।

উন্নেতা /উন্‌নেতা/ [স. উদ্+√নী+তৃ] বিণ. উন্নতি-সাধন করে এমন, উন্নয়নকারী। স্ত্রী. উন্নেত্রী /উন্‌নেত্‌ত্রি/।

উন্মগ্ন /উন্‌মগ্‌নো/ [স. উদ্+√মস্‌জ্+ত] বিণ. ১ মগ্ন অবস্থা থেকে উত্থিত। ২ নিমজ্জিত অবস্থা থেকে উদ্ধারপ্রাপ্ত।

উন্মজ্জন /উন্‌মজ্‌জন্/ [স. উৎ+√মস্‌জ্+অন] বি. নিমজ্জিত অবস্থা থেকে উত্থান।

উন্মত্ত /উন্‌মত্‌তো/ [স. উদ্+√মদ্+ত] বিণ. ১ উন্মাদ, পাগল, বাতুল। ২ ক্ষিপ্ত। ৩ হিতাহিত জ্ঞানশূন্য। ৪ অতিশয় আসক্ত, মাতাল। ৫ তন্ময়, আত্মহারা।

উন্মথন /উন্‌মথোন্/ [স. উদ্+√মন্থ্+অন] বি. ১ মন্থন, উত্তমরূপে ঘোটন, আলোড়ন। ২ মর্দন। ৩ মথিত করে উৎপাদন। ৪ হনন, বধ।

উন্মথিত /উন্‌মথিতো/ [স. উদ্+√মন্থ্+ত] বিণ. ১ ঘোঁটা হয়েছে এমন, আলোড়িত। ২ উদ্‌বেলিত।

উন্মাদ /উন্‌মদ্/ [স. উদ্+√মদ্+অ] বিণ. ১ উন্মত্ত, ক্ষিপ্ত। ২ হিতাহিত জ্ঞানশূন্য। ৩ অতিশয় আসক্ত।

উন্মন /উন্‌মন্/ [স. উদ্+মনস্] বিণ. ১ অন্যমনস্ক, আনমনা, উদাস। ২ উদ্‌বেগযুক্ত।

উন্মনা /উন্‌মোনা/ [স. উদ্+মনস্] বিণ. ১ উৎকণ্ঠিত, ব্যাকুল; আগ্রহযুক্ত। ২ অন্যমনস্ক, উদাস।

উন্মন্থন /উন্‌মন্‌থোন্/ [স. উদ্+√মন্থ্+অন] বি. ১ আলোড়ন, মন্থন। ২ হনন, বধ।

উন্মাদ /উন্‌মাদ্/ [স. উদ্+√মদ্+অ] বিণ. ১ ক্ষিপ্ত, পাগল। ২ হিতাহিত জ্ঞানশূন্য। ৩ আত্মভোলা।

উন্মাদক /উন্‌মাদক্/ [স. উদ্+√মদ্+ণিচ্+অক] বিণ. ১ পাগল করে এমন। ২ মাতাল করে এমন।

উন্মাদগ্রস্ত /উন্‌মাদ্‌গ্রোস্‌তো/ [স. উন্মাদ+√গ্রস্+ত] বিণ. উত্তেজনার বশে বুদ্ধি লোপপ্রাপ্ত।

উন্মাদন /উন্‌মাদোন্/ [স. উদ্+√মদ্+অন] বি. উন্মত্ততা সৃষ্টি; পাগলামি।

উন্মাদনা /উন্‌মাদোনা/ [স. উদ্+√মদ্+অন+আ (টাপ্)] বি. ১ প্রবল উত্তেজনা। ২ পাগলামি, ক্ষিপ্ততা। ৩ চিত্তবিক্ষোভ।

উন্মাদাগার /উন্‌মাদাগার্/ [স. উন্মাদ+আগার] বি. মানসিক ভারসাম্যহীন ব্যক্তিদের জন্য নির্মিত আরোগ্যনিবাস, পাগলাগারদ।

উন্মাদিত /উন্‌মাদিতো/ [স. উদ্+√মাদি+ত] বিণ. ১ উন্মত্ত করা হয়েছে এমন। ২ উন্মাদনাযুক্ত।

উন্মান /উন্‌মান্/ [স. উদ্+√মা+অন] বি. ১ পরিমাণ-বিশেষ। ২ ওজন; তুলাদণ্ড। ৩ উচ্চতা নির্ণয়।

উন্মার্গ /উন্‌মারগো/ [স. উদ্+মার্গ] বি. ১ অসৎপথ, কুপথ। ২ কদাচার; ভ্রষ্টাচার। বিণ. ১ বিপথগামী। ২ ভ্রষ্টাচারী; অসদাচারী।

উন্মার্গগামী /উন্‌মারগোগামি/ [স. উন্মার্গ+√গম্+ইন্] বিণ. ১ কুপথে গিয়েছে এমন। ২ অসদাচারী। স্ত্রী. উন্মার্গগামিনী /উন্‌মারগোগামিনি/।

উন্মিষিত /উন্‌মিশিতো/ [স. উদ্+√মিষ্+ত] বিণ. ১ উন্মেষপ্রাপ্ত, প্রস্ফুটিত। ২ প্রকাশিত। ৩ উন্মীলিত।

উন্মীলক /উন্‌মিলক্/ [স. উদ্+√মীল্+অক] বিণ. উন্মীলন করে এমন।

উন্মীলন /উন্‌মিলন্/ [স. উদ্+√মীল্+অন] বি. ১ বিকাশ, উন্মেষ। ২ উদ্‌ঘাটন, উন্মোচন।

উন্মীলিত /উন্‌মিলিতো/ [স. উদ্+√মীল্+ত] বিণ. ১ বিকশিত; প্রস্ফুটিত। ২ উন্মোচিত।

উন্মুক্ত /উন্‌মুক্‌তো/ [স. উদ্+√মুচ্+ত] বিণ. ১ অনাবৃত। ২ বাঁধা নয় এমন, মুক্ত; খালাসপ্রাপ্ত। ৩ উদ্‌ঘাটিত। ৪ অকপট; উদার। বি. -তা /-তা/।

উন্মুখ /উন্‌মুখ্/ [স. উদ্+মুখ] বিণ. ১ ব্যগ্র, ব্যাকুল। ২ তৎপর। ৩ প্রবৃত্ত। বি. উন্মুখতা /উন্‌মুখতা/।

উন্মুখর /উন্‌মুখর্/ [স. উদ্+মুখর] বিণ. উন্মুখ ও মুখর; আগ্রহোদ্দীপ্ত, প্রকটভাবে আগ্রহান্বিত।

উন্মুদ্র /উন্‌মুদ্‌দ্রো/ [স. উদ্+মুদ্রা] বিণ. ১ সিলমোহরের ছাপ নেই এমন। ২ বিকশিত।

উন্মূল /উন্‌মুল্/ [স. উদ্+√মূলি+অ] বিণ. মূল-সহ উৎপাটিত, নির্মূল।

উন্মূলন /উন্‌মুলন্/ [স. উদ্+√মূলি+অন] বি. মূল-সহ উৎপাটন, উচ্ছেদ; বিনাশ।

উন্মূলিত /উন্‌মুলিতো/ [স. উদ্+√মূলি+ত] বিণ. সমূলে উৎপাটিত।

উন্মেষ /উন্‌মেশ্/ [স. উদ্+√মিষ্+অ] বি. ১ ঈষৎ

www.pathagar.com

প্রকাশ; উন্মীলন। ২ সঞ্চার। ৩ দৃষ্টিপাত।

উন্মেষণ /উন্‌মেশন্‌/ [স. উৎ+√মিষ্‌+অন] বি. দ্র উন্মেষ।

উন্মেষিত /উন্‌মেশিতো/ [স. উদ্‌+√মিষ্‌+ণিচ্‌+ত] বিণ. ১ প্রকাশিত, উন্মেষপ্রাপ্ত। ২ বিকশিত।

উন্মোচক /উন্‌মোচক্‌/ [স. উদ্‌+√মুচ্‌+অক] বিণ. উদ্‌ঘাটক, প্রকাশক।

উন্মোচন /উন্‌মোচন্‌/ [স. উদ্‌+√মুচ্‌+অন] বি. ১ বন্ধনমোচন; উদ্‌ঘাটন। ২ মুক্তিদান।

উন্মোচিত /উন্‌মোচিতো/ [স. উদ্‌+√মুচ্‌+ণিচ্‌+ত] বিণ. উন্মোচন বা উদ্‌ঘাটন করা হয়েছে এমন।

উপ[১] /উপো/ অব্য. নৈকট্য (*উপকণ্ঠ*) সাদৃশ্য (*উপকথা*) সহকারী (*উপপরিচালক*) উৎকর্ষ (*উপাদেয়*) অতিরিক্ত (*উপকর*) প্রভৃতি সূচক সংস্কৃত উপসর্গ।

উপ[২] /উপ্‌/ [ধ্বন্যা.] বি. হনুমানের ডাক। ক্রিবিণ. অকস্মাৎ।

উপকণ্ঠ /উপোকন্‌ঠো/ [স. উপ+√কণ্‌+ঠ] বি. গ্রাম নগর প্রভৃতির প্রান্ত; উপান্ত। ক্রিবিণ. কণ্ঠ পর্যন্ত।

উপকথা /উপোকথা/ [স. উপ+কথা] বি. উপাখ্যান; জনশ্রুত কাহিনি, রূপকথা।

উপকরণ /উপোকরোন্‌/ [স. উপ+√কৃ+অন] বি. ১ উপাদান। ২ কর্মসম্পাদনের প্রয়োজনীয় বস্তু। ৩ উপচার, অর্ঘ্য (*পূজার উপকরণ*)।

উপকর্তা /উপোকর্‌তা/ [স. উপ+√কৃ+তৃ] বি. বিণ. উপকারক; সাহায্যকারী। স্ত্রী. **উপকর্ত্রী** /উপোকোর্‌ত্রি/।

উপকান্ত /উপোকান্‌তো/ [স. উপ+√কম্‌+ত] বি. উপপতি।

উপকার /উপোকার্‌/ [স. উপ+√কৃ+অ] বি. ১ হিতসাধন, কল্যাণ। ২ আনুকূল্য। ৩ অনুগ্রহ।

উপকারক /উপোকারোক্‌/ [স. উপ+√কৃ+অক] বিণ. উপকারকারী, সাহায্যকারী। স্ত্রী. **উপকারিকা** /উপোকারিকা/।

উপকারিতা /উপোকারিতা/ [স. উপ+√কৃ+ইন্‌+তা] বি. উপকার করার ক্ষমতা, উপযোগিতা।

উপকারী /উপোকারি/ [স. উপ+√কৃ+ইন্‌] বিণ. উপকারক। স্ত্রী. **উপকারিণী** /উপোকারিনি/।

উপকার্য /উপোকার্‌জো/ [স. উপ+√কৃ+য] বিণ. উপকার লাভের উপযুক্ত।

উপকূল /উপোকুল্‌/ [স. উপ+কূল] বি. নদী সমুদ্র প্রভৃতির কূলের নিকটবর্তী স্থান, বেলাভূমি।

উপকূলবর্তী /উপোকুলোবোর্‌তি/ [স. উপকূল+√বৃৎ+ইন্‌] বিণ. কূলের নিকটবর্তী, তীরবর্তী।

উপকৃত /উপোকৃতো/ [স. উপ+√কৃ+ত] বিণ. উপকার লাভ করেছে এমন; অনুগৃহীত।

উপকেশ /উপোকেশ্‌/ [স. উপ+কেশ] বি. কৃত্রিম চুল, পরচুলা।

উপক্রন্তা /উপোক্রোন্‌তা/ [স. উপ+√ক্রম্‌+তৃ] বিণ. ১ উপক্রম করছে এমন। ২ সূচনাকারী। ৩ উদ্যোক্তা। ৪ চেষ্টাবান।

উপক্রম /উপোক্রোম্‌/ [স. উপ+√ক্রম্‌+অ] বি. ১ আয়োজন। ২ আরম্ভ, সূত্রপাত। ৩ চেষ্টা।

উপক্রমণিকা /উপোক্রোমোনিকা/ [স. উপক্রমণী+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ ভূমিকা, মুখবন্ধ, অবতরণিকা; প্রস্তাবনা। ২ আরম্ভ, সূত্রপাত।

উপক্রমণীয় /উপোক্রোমোনিয়ো/ [স. উপ+√ক্রম্‌+অনীয়] বিণ. আরম্ভ করার যোগ্য; আরম্ভ করতে হবে এমন।

উপক্রান্ত /উপোক্রান্‌তো/ [স. উপ+√ক্রম্‌+ত] বিণ. আরম্ভ হয়েছে এমন, আরব্ধ।

উপক্রিয়া /উপোক্রিআ/ [স. উপ+ক্রিয়া] বি. উপকার; সহায়তা।

উপক্রোশ /উপোক্রোশ্‌/ [স. উপ+√ক্রুশ্‌+অ] বি. ১ অপবাদ, নিন্দা, কুৎসা; ভর্ৎসনা। ২ অনুযোগ।

উপক্রোষ্টা /উপোক্রোশ্‌টা/ [স. উপ+√ক্রুশ্‌+তৃ] বিণ. নিন্দক, অপবাদক; ভর্ৎসক। বি. গর্দভ।

উপক্ষয় /উপোক্‌খয়্‌/ [স. উপ+ক্ষয়] বি. ক্ষতি, অপচয়, হানি।

উপক্ষার /উপোক্‌খার্‌/ [স. উপ+ক্ষার] বি. উদ্ভিজ্জাত নাইট্রোজেনযুক্ত রাসায়নিক যৌগিক পদার্থ, alkaloid।

উপগত /উপোগতো/ [স. উপ+√গম্‌+ত] বিণ. ১ সমাগত। ২ লব্ধ, প্রাপ্ত। ৩ জাত। ৪ সংঘটিত। ৫ আসক্ত, অনুরক্ত।

উপগমন /উপোগমোন্‌/ [স. উপ+√গম্‌+অন] বি. ১ উপস্থিতি। ২ অনুরাগ, আসক্তি। ৩ জ্ঞান। ৪ লাভ, প্রাপ্তি। ৫ উৎপত্তি, আবির্ভাব। ৬ স্ত্রীসংগম।

উপগিরি /উপোগিরি/ [স. উপ+√গু+ই] বি. ১ কৃত্রিম পাহাড়। ২ টিলা। ৩ পাহাড়ের নিকটবর্তী স্থান।

উপগুপ্ত /উপোগুপ্‌তো/ [স. উপ+√গুপ্‌+ত] বি. বৌদ্ধধর্মে সম্রাট অশোকের দীক্ষাগুরু। বিণ. ১ সন্নিকটে লুক্কায়িত, উপগূঢ়। ২ সুরক্ষিত।

উপগুরু /উপোগুরু/ [স. উপ+গুরু] বি. গুরুর প্রতিনিধি; গুরুস্থানীয় ব্যক্তি।

উপগৃহিণী /উপোগৃহিনি/ [স. উপ+গৃহ+ইন্‌+ঈ] বি. উপপত্নী, রক্ষিতা।

www.pathagar.com

উপগ্রহ /উপোগ্‌গ্রোহো/ [স. উপ+গ্রহ] বি. ১ গ্রহকে প্রদক্ষিণ করে এমন ক্ষুদ্রতর গ্রহ; অনুষঙ্গী গ্রহ। ২ (আল.) আপদ।

উপচয় /উপোচয়/ [স. উপ+√চি+অ] বি. ১ সমূহ, নিচয়। ২ শ্রীবৃদ্ধি। ৩ পুষ্টি। ৪ আধিক্য। ৫ সম্পত্তির মূল্যবৃদ্ধি, appreciation। ৬ (জ্যোতি.) রাশিচক্রে লগ্ন থেকে তৃতীয় ষষ্ঠ দশম ও একাদশ স্থান।

উপচরিত /উপোচোরিতো/ [স. উপ+√চর্+ত] বিণ. ১ উপচারপ্রাপ্ত; পূজিত। ২ সেবিত।

উপচর্যা /উপোচোর্‌জা/ [স. উপ+√চর্+য+আ (টাপ্)] বি. ১ শুশ্রূষা, পরিচর্যা, সেবা। ২ চিকিৎসা।

উপচানো /উপ্‌চানো/ [বা.] ক্রিবি. ১ পাত্রের বাইরে অতিরিক্ত অংশ উথলে পড়া, উপচে পড়া। ২ প্রয়োজনের অতিরিক্ত হওয়া।

উপচার /উপোচার/ [স. উপ+√চর্+অ] বি. ১ পূজার সামগ্রী। ২ উপকরণ। ৩ চিকিৎসা (*অস্ত্রোপচার*)। ৪ ধর্মানুষ্ঠান। ৫ ভোগ; ব্যবহার।

উপচিকীর্ষা /উপোচিকির্‌শা/ [স. উপ+√কৃ+সন্+অ+আ (টাপ্)] বি. অন্যের উপকার করার ইচ্ছা, পরহিতৈষণা।

উপচিকীর্ষু /উপোচিকির্‌শু/ [স. উপ+√কৃ+সন্+উ] বিণ. অন্যের উপকার করতে ইচ্ছুক।

উপচিত /উপোচিতো/ [স. উপ+√চি+ত] বিণ. ১ সংগৃহীত, সঞ্চিত। ২ সমৃদ্ধ; পরিপুষ্ট। ৩ মহার্ঘ; মূল্যবান। ৪ বর্ধিত।

উপচিতি /উপোচিতি/ [স. উপ+√চি+তি] বি. ১ সংগ্রহকরণ, সঞ্চয়। ২ পরিপুষ্টি। ৩ মূল্যবৃদ্ধি; মহার্ঘতা। ৪ দেহস্থ তন্তুর পোষণ, anabolism।

উপচীয়মান /উপোচিয়মান্/ [স. উপ+√চি+মান (শানচ্)] বিণ. সঞ্চিত হচ্ছে এমন, ক্রমবর্ধমান।

উপচ্ছায়া /উপোচ্ছায়া/ [স. উপ+ছায়া] বি. ১ নিবিড় ছায়ার প্রান্তবর্তী হালকা ছায়াঘেরা স্থান, প্রচ্ছায়া, penumbra। ২ কল্পিত ভূতপ্রেতের অশুভ ছায়া।

উপজনন /উপোজনোন্/ [স. উপ+√জন্+অন] বি. ১ জন্ম, উৎপত্তি, উদ্ভব। ২ উৎপাদন।

উপজাত /উপোজাতো/ [স. উপ+√জন্+ত] বি. ১ কোনো বস্তু উৎপাদনকালে জাত গৌণ পদার্থ; (পরি.) byproduct। ২ সংস্কৃত ছন্দবিশেষ। বিণ. ১ উৎপন্ন। ২ উদ্দীপ্ত। ৩ সংঘটিত। ৪ উত্থিত।

উপজাতি /উপোজাতি/ [স. উপ+√জন্+তি] বি. ১ কোনো অঞ্চলের প্রধান জাতির অন্তর্ভুক্ত ক্ষুদ্রতর জাতি। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

উপজিহ্বা /উপোজিভ্‌বা/ [স. উপ+জিহ্বা] বি. মানুষ ও প্রাইমেট বর্গের কোনো কোনো প্রাণীর গলনালির মুখে কোমল তালু থেকে ঝুলন্ত মাংসল প্রত্যঙ্গ-বিশেষ, আলজিভ, অগ্রজিহ্বা, প্রতিজিহ্বা, uvula।

উপজীবিকা /উপোজিবিকা/ [স. উপ+জীব+কন্+আ (টাপ্)] বি. ১ বৃত্তি, পেশা। ২ অপ্রধান জীবিকা।

উপজীবী /উপোজিবি/ [স. উপ+√জীব্+ইন্] বিণ. ১ পেশা অবলম্বন করেছে এমন। ২ আশ্রিতজন।

উপজীব্য /উপোজিব্‌বো/ [স. উপ+√জীব্+য] বিণ. জীবিকার প্রয়োজনে গ্রহণযোগ্য। বি. ১ সাহিত্যে অবলম্বনীয় ভাব বা বিষয়। ২ আশ্রয়; অবলম্বন।

উপজ্ঞা /উপোগ্‌গ্যাঁ/ [স. উপ+√জ্ঞা+অ] বি. অন্যের উপদেশ ব্যতীত অর্জিত প্রথম জ্ঞান, সহজাত জ্ঞান, instinct।

উপড়ানো /উপ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. উৎপাটন করা। বিণ. সমূলে উৎপাটন করা হয়েছে এমন।

উপঢৌকন /উপোঢৌ্‌কন্/ [স. উপ+√ঢৌকি+অন] বি. ১ উপহার, ভেট, সওগাত; নজরানা। ২ ঘুস।

উপত্যকা /উপোত্তকা/ [স. উপ+√ত্যকন্+আ (টাপ্)] বি. ১ দুটি পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি। ২ পর্বতের পার্শ্ববর্তী সমতলভূমি। ৩ নদীর অব-বাহিকা।

উপদংশ /উপোদংশো/ [স. উপ+√দন্‌শ্+অ] বি. ১ যৌনবাহিত সংক্রামক রোগবিশেষ, গরমি, syphilis। ২ সুরাপানকালে ভক্ষ্য আনুষঙ্গিক দ্রব্য।

উপদল /উপোদল্/ [স. উপ+দল] বি. দলের অন্তর্গত গোষ্ঠী, অঙ্গদল।

উপদিশ্যমান /উপোদিশ্‌শোমান্/ [স. উপ+√দিশ্+মান (শানচ্)] বিণ. উপদেশপ্রাপ্ত হচ্ছে এমন।

উপদিষ্ট /উপোদিশ্‌টো/ [স. উপ+√দিশ্+ত] বিণ. ১ উপদেশ দেওয়া হয়েছে এমন। ২ আদেশপ্রাপ্ত, আদিষ্ট। ৩ উপদেশ পেয়েছে এমন, উপদেশপ্রাপ্ত।

উপদেবতা /উপোদেবোতা/ [স. উপ+দেবতা] বি. ১ অপ্রধান দেবতা। ২ ভূত প্রেত পিশাচ প্রভৃতি।

উপদেশ /উপোদেশ্/ [স. উপ+√দিশ্+অ] বি. ১ করণীয় সম্পর্কে নির্দেশ; আদেশ। ২ মন্ত্রণা, পরামর্শ। ৩ শিক্ষা। ৪ অনুশাসন।

উপদেশক /উপোদেশক্/ [স. উপ+√দিশ্+অক্] বি. বিণ. ১ উপদেশদাতা। ২ গুরু। ৩ মন্ত্রণাদাতা।

উপদেশনীয় /উপোদেশোনিয়ো/ [স. উপ+√দিশ্+অনীয়] বিণ. উপদেশ দেওয়ার উপযুক্ত, উপদেশ দেওয়া যায় এমন।

উপদেশমালা /উপোদেশ্‌মালা/ [স. উপদেশ+মালা] বি. উপদেশাবলি।

উপদেশমূলক /উপোদেশ্‌মুলক্/ [স. উপদেশ+মূলক] বিণ. উপদেশপূর্ণ, উপদেশসংবলিত।

www.pathagar.com

উপদেশাত্মক /উপোদেশাত্তঁক্/ [স. উপদেশ+আত্মন্+ক] বিণ. উপদেশমূলক; নীতিশিক্ষামূলক; নির্দেশাত্মক।

উপদেশ্য /উপোদেশ্শো/ [স. উপ+√দিশ্+য] বিণ. উপদেশ দেওয়ার যোগ্য।

উপদেষ্টব্য /উপোদেশ্টোব্বো/ [স. উপ+√দিশ্+তব্য] বিণ. দ্র উপদেশনীয়।

উপদেষ্টা /উপোদেশ্টা/ [স. উপ+√দিশ্+তৃ] বি. বিণ. পরামর্শ বা মন্ত্রণাদাতা, উপদেশক (*রাষ্ট্রপতির উপদেষ্টা*)।

উপদ্বীপ /উপোদ্দিপ্/ [স. উপ+দ্বীপ] বি. প্রায় সম্পূর্ণরূপে জলবেষ্টিত ভূভাগ; সমুদ্রবেষ্টিত প্রধান ভূভাগের অংশবিশেষ, peninsula।

উপদ্রব /উপোদ্দ্রোব্/ [স. উপ+√দ্রু+অ] বি. ১ উৎপাত, দৌরাত্ম্য; অত্যাচার। ২ অমঙ্গলজনক ঘটনা; বিপদ; বিপত্তি।

উপদ্রুত /উপোদ্দ্রুতো/ [স. উপ+√দ্রু+ত] বিণ. ১ উপদ্রবপীড়িত, বিপদগ্রস্ত। ২ অত্যাচারিত।

উপধর্ম /উপোধর্মো/ [স. উপ+ধর্ম] বি. ১ লৌকিক ধর্ম। ২ ধর্মীয় কুসংস্কার; ধর্মের নামে অহিতাচার।

উপধা /উপোধা/ [স. উপ+√ধা+অ+আ (টাপ্)] বি. ১ ছল। ২ কৌশল; উপায়। ৩ অমাত্য প্রমুখের সততা ও নিষ্ঠার পরীক্ষা। ৪ (ব্যা.) অন্ত্যবর্ণের অব্যবহিত পূর্ববর্তী বর্ণ।

উপধাতু /উপোধাতু/ [স. উপ+ধাতু] বি. ১ আয়ুর্বেদ শাস্ত্রমতে প্রধান ধাতুর মতো সাতটি ধাতুজাতীয় দ্রব্য (মাক্ষিক তুত্থক বা তুঁতে অভ্র নীলাঞ্জন মনঃশিলা হরিতাল ও রসাঞ্জন)। ২ দেহ থেকে উদ্ভূত সাতটি পদার্থ (স্তন রজঃ স্বেদ দন্ত কেশ বসা ওজঃ)।

উপধান /উপোধান্/ [স. উপ+√ধা+অন] বি. ১ বালিশ, উপাধান। ২ ধারণ; স্থাপন। ৩ প্রণয়। ৪ ব্রত-বিশেষ। ৫ বিষ। ৬ উৎকর্ষ।

উপধানীয় /উপোধানিয়/ [স. উপ+√ধা+অনীয়] বি. বালিশ।

উপধায়ক /উপোধায়োক্/ [স. উপ+√ধা+অক] বিণ. উৎপাদক। বি. জনক, জন্মদাতা।

উপধায়ী /উপোধায়ি/ [স. উপ+√ধা+ইন্] বিণ. বি. দ্র উপধায়ক।

উপধারা /উপোধারা/ [স. উপ+ধারা] বি. ধারার অন্তর্গত উপবিধি।

উপধি /উপোধি/ [স. উপ+√ধা+ই] বি. ১ ছল, চাতুরী, কপটতা। ২ রথের চাকা।

উপনক্ষত্র /উপোনোক্খোত্ত্রো/ [স. উপ+নক্ষত্র] বি. অশ্বিনী ভরণী কৃত্তিকা প্রভৃতি নক্ষত্রের অনুগামী নক্ষত্র।

উপনগর /উপোনগোর্/ [স. উপ+নগর] বি. ১ কোনো বৃহৎ শিল্পপ্রতিষ্ঠানের পরিবেশে সৃষ্ট নগর। ২ ক্ষুদ্র নগর। ৩ নগরের উপকণ্ঠ, শহরতলি।

উপনদ /উপোনদ্/ [স. উপ+নদ] বি. যে নদ কোনো বৃহত্তর নদ বা নদীতে গিয়ে পড়ে। স্ত্রী. উপনদী /উপোনোদি/।

উপনয়ন /উপোনয়োন্/ [স. উপ+√নী+অন] বি. ১ বালকের উপবীত ধারণের অনুষ্ঠান। ২ বেদ অধ্যয়নের জন্য গুরুর সান্নিধ্যে আনয়ন।

উপনাম /উপোনাম্/ [স. উপ+নামন্] বি. ১ প্রকৃত নামের পরিবর্তে ব্যবহৃত অন্য নাম। ২ নামের অন্তে ব্যবহৃত আখ্যা, পদবি, surname।

উপনায়ক /উপোনায়োক্/ [স. উপ+নায়ক] বি. ১ উপন্যাস বা নাটকের মূল চরিত্র বিকাশে সাহায্য করে এমন চরিত্র। ২ সহকারী, সহচর।

উপনিবেশ /উপোনিবেশ্/ [স. উপ+নি+√বিশ্+অ] বি. ১ জীবিকানির্বাহ অথবা স্থায়ীভাবে বিদেশে বসবাস করার জন্য যে বসতি স্থাপন করা হয়, colony। ২ বিদেশি শাসক কর্তৃক অধিকৃত অন্য দেশ বা অঞ্চল। ৩ (বাংলায়) অন্য দেশ থেকে শ্রমিক আমদানি করে যেখানে বসতি স্থাপন করা হয়।

উপনিবেশবাদ /উপোনিবেশ্বাদ্/ [স. উপনিবেশ+বাদ] বি. অন্য দেশের ওপর রাজনৈতিক কর্তৃত্ব বিস্তারের মতবাদ; শোষণের উদ্দেশ্যে অন্য দেশের ওপর রাজনৈতিক কর্তৃত্ব বিস্তারের মতবাদ, colonialism।

উপনির্বাচন /উপোনির্বাচন্/ [স. উপ+নির্বাচন] বি. আইনসভার কোনো সদস্যের পদত্যাগ বা মৃত্যু-জনিত কারণে সৃষ্ট শূন্য আসনে পুনর্নির্বাচন।

উপনিষদ /উপোনিশদ্/ [স. উপ+নি+√সদ্+ক্বিপ্] বি. ১ বেদের শেষাংশ, জ্ঞানকাণ্ড। ২ ব্রহ্মবিদ্যা।

উপনিহিত /উপোনিহিতো/ [স. উপ+নি+√ধা+ত] বিণ. অন্যের নিকট গচ্ছিত, ন্যস্ত, রক্ষিত।

উপনীত /উপোনিতো/ [স. উপ+√নী+ত] বিণ. ১ সমীপে আগত; উপস্থিত। ২ আনীত। ৩ উপনয়ন-দ্বারা সংস্কার করা হয়েছে এমন।

উপনেতা /উপোনেতা/ [স. উপ+নী+তৃ] বি. বিণ. ১ সহকারী নেতা। ২ উপনায়ক। ৩ উপনয়নদাতা।

উপনেত্র /উপোনেত্ত্রো/ [স. উপ+নেত্র] বি. চশমা।

www.pathagar.com

উপন্যস্ত /উপোন্‌নস্‌তো/ [স. উপ+নি+√অস্‌+ত] বিণ. ১ অন্যের নিকট রক্ষিত। ২ উপস্থাপিত, উল্লিখিত। ৩ প্রস্তাবিত।

উপন্যাস /উপোন্‌নাশ্‌/ [স. উপ+নি+√অস্‌+অ] বি. ১ একাধিক চরিত্র ও ঘটনা অবলম্বনে গদ্যে রচিত দীর্ঘ আখ্যায়িকা বা উপাখ্যান, বড়ো গল্প, novel। ২ মুখবন্ধ। ৩ প্রস্তাবনা।

উপন্যাসিকা /উপোন্‌নাশিকা/ [স. উপন্যাস+কন্‌+আ (টাপ্‌)] বি. ক্ষুদ্র উপন্যাস।

উপপতি /উপোপোতি/ [স. উপ+√পা+অতি] বি. অবৈধ প্রণয়ী। স্ত্রী. উপপত্নী /উপোপোত্‌নি/।

উপপত্তি /উপোপোত্‌তি/ [স. উপ+√পদ্‌+তি] বি. ১ যুক্তি; প্রমাণ। ২ সিদ্ধান্ত, মীমাংসা। ৩ সম্পাদন। ৪ প্রাপ্তি। ৫ ঘটনা।

উপপথ /উপোপথ্‌/ [স. উপ+পথ] বি. যে পথে মানুষ কম চলাফেরা করে, অপ্রশস্ত পথ, গলি; অপ্রধান পথ।

উপপদ /উপোপদ্‌/ [স. উপ+পদ] বি. ১ (ব্যা.) পূর্ব-পদের সঙ্গে কৃদন্ত পদের সমাসবদ্ধ পদ। ২ পদের নিকটস্থ পদ; পূর্বপদ। ৩ অপ্রধান পদ।

উপপরিচালক /উপোপোরিচালক্‌/ [স. উপ+পরিচালক] বি. সহযোগী পরিচালক; (পরি.) deputy director।

উপপাত /উপোপাত্‌/ [স. উপ+√পত্‌+অ] বি. আকস্মিক ঘটনা; হঠাৎ আগমন।

উপপাতক /উপোপাতক্‌/ [স. উপ+পাতক] বি. অপেক্ষাকৃত লঘু পাপ, গৌণ পাপ।

উপপাদ /উপোপাদ্‌/ [স. উপ+√পদ্‌+অ] বি. ১ যুক্তি-দ্বারা সমাধান, মীমাংসা; প্রতিপাদন। ২ প্রাপ্তি, লাভ। ৩ সংঘটন।

উপপাদক /উপোপাদক্‌/ [স. উপ+√পাদি+অক] বিণ. মীমাংসাকারী, সমাধানকারী; সম্পাদনকারী।

উপপাদন /উপোপাদন্‌/ [স. উপ+√পাদি+অন] বি. ১ তর্ক ও যুক্তির সাহায্যে সমর্থন; মীমাংসাকরণ। ২ সম্পাদন, সাধন। ৩ প্রতিপাদন।

উপপাদনীয় /উপোপাদোনিয়ো/ [স. উপ+√পাদি+অনীয়] বিণ. ১ উপপাদনযোগ্য। ২ প্রতিপাদ্য। ৩ সম্পাদনীয়।

উপপাদ্য /উপোপাদ্‌দো/ [স. উপ+√পাদি+য] বি. (জ্যা.) যথার্থ বলে প্রমাণ করতে হবে এমন প্রতিজ্ঞা, theorem। বিণ. উপপাদনীয়।

উপপাপ /উপোপাপ্‌/ [স. উপ+পাপ] বি. লঘু পাপ, গৌণ পাপ।

উপপীড়ন /উপোপিড়ন্‌/ [স. উপ+পীড়ন] বি. অতিপীড়ন, ক্লেশদান।

উপপুরাণ /উপোপুরান্‌/ [স. উপ+পুরাণ] বি. অপ্রধান পুরাণ, ১৮ মহাপুরাণের অতিরিক্ত পুরাণ।

উপপ্রলোভন /উপোপ্রোলোভোন্‌/ [স. উপ+প্র+√লুভ্‌+ণিচ্‌+অন] বি. ১ সম্যক প্রলোভন; লোভ উৎপাদন। ২ উৎকোচরূপে দেয় সামগ্রী।

উপপ্লব /উপোপ্লাবো/ [স. উপ+√প্লু+অ] বি. ১ বিপ্লব। ২ প্রাকৃতিক দুর্যোগ; বিপদ। ৩ উপরোধ।

উপপ্লবী /উপোপ্লাবি/ [স. উপ+√প্লু+ইন্‌] বিণ. ১ বিদ্রোহী। ২ প্রচন্ড। ৩ ক্লেশযুক্ত। ৪ বন্যাপীড়িত।

উপপ্লুত /উপোপপ্লুতো/ [স. উপ+√প্লু+ত] বিণ. ১ প্রাকৃতিক উপদ্রবে পীড়িত। ২ বিপদগ্রস্ত।

উপবন /উপোবোন্‌/ [স. উপ+বন] বি. মানুষের তৈরি বন, ক্ষুদ্র বন, উদ্যান, বাগান।

উপবাস/উপোবাশ্‌/ [স. উপ+√বস্‌+অ] বি. অনাহার।

উপবাসক /উপোবাশক/ [স. উপ+√বস্‌+অক] বিণ. না খেয়ে আছে এমন, অনাহারী, উপবাসকারী।

উপবাসী /উপোবাশি/ [স. উপবাস+ইন্‌] বিণ. দ্র উপবাসক।

উপবিদ্যা /উপোবিদ্‌দা/ [স. উপ+বিদ্যা] বি. ১ গৌণ বা অপ্রধান বিদ্যা। ২ বাটিচালা ভূতঝাড়া প্রভৃতি অপবিদ্যা।

উপবিধি /উপোবিধি/ [স. উপ+বিধি] বি. প্রধান বা মূল আইনের অন্তর্গত আইন; (পরি.) by-law।

উপবিষ /উপোবিশ্‌/ [স. উপ+বিষ] বি. ১ পাঁচটি গৌণ বিষ (আকন্দ করবী ধুতুরা স্নুহিরস ও কালহারিকার রস)। ২ কৃত্রিম বিষ।

উপবিষ্ট /উপোবিশ্‌টো/ [স. উপ+√বিশ্‌+ত] বিণ. আসন গ্রহণ করেছে এমন, আসীন।

উপবীত /উপোবিতো/ [স. উপ+√বী+ত] বি. পইতা।

উপবীতী /উপোবিতি/ [স. উপবীত+ঈ] বিণ. উপবীত বা পইতা ধারণ করেছে এমন, যজ্ঞসূত্রধারী।

উপবৃক্ষ /উপোবৃক্‌খো/ [স. উপ+বৃক্ষ] বি. পরগাছা।

উপবৃত্ত /উপোবৃত্‌তো/ [স. উপ+√বৃৎ+ত] বি. ডিম্বাকৃতি জ্যামিতিক ক্ষেত্র; (পরি.) ellipse।

উপবৃত্তাকার /উপোবৃত্‌তাকার/ [স. উপবৃত্ত+আকার] বিণ. ডিম্বাকৃতি, elliptical।

উপবেদ /উপোবেদ্‌/ [স. উপ+বেদ] বি. বেদ নয় কিন্তু বেদের মতো গুরুত্বপূর্ণ শাস্ত্র, গৌণ বেদ, আয়ুর্বেদ ধনুর্বেদ গন্ধর্ববেদ প্রভৃতি শাস্ত্র।

উপবেশন /উপোবেশন্‌/ [স. উপ+√বিশ্‌+অন] বি. আসনগ্রহণ।

www.pathagar.com

উপবেশিত /উপোবেশিতো/ [স. উপ+√বেশি+ত] বিণ. আসন গ্রহণ করেছে এমন।

উপভাষা /উপোভাশা/ [স. উপ+ভাষা] বি. ১ মূল ভাষার বিভিন্ন প্রাদেশিক বা স্থানীয় রূপ, আঞ্চলিক ভাষা, dialect। ২ অপ্রধান ভাষা।

উপভুক্ত /উপোভুক্তো/ [স. উপ+√ভুজ্+ত] বিণ. ১ উপভোগ করা হয়েছে এমন। ২ ব্যবহৃত। ৩ ভক্ষিত। ৪ আস্বাদিত।

উপভোক্তা /উপোভোক্তা/ [স. উপ+ভোক্তা] বি. বিণ. ১ উপভোগ করেছে এমন, উপভোগকারী। ২ পরিষেবা গ্রহণকারী, গ্রাহক, subscriber।

উপভোগ /উপোভোগ্/ [স. উপ+√ভুজ্+অ] বি. ১ তৃপ্তিসহকারে ভোগ; আস্বাদন। ২ ভক্ষণ। ৩ ব্যবহার।

উপভোগ্য /উপোভোগ্গো/ [স. উপভোগ+য] বিণ. ১ উপভোগের যোগ্য। ২ মনোরম।

-উপম /উপমো/ [স. উপ+√মা+অ] বিণ. (সমাসের পরপদে) সদৃশ, তুল্য (*প্রাসাদোপম*)।

উপমন /উপমোন/ [স. উপ+√মা+অন] বি. অবচেতন মন।

উপমন্ত্রী /উপমোন্ত্রি/ [স. উপ+√মন্ত্র্+ইন্] বি. সহযোগী মন্ত্রী, deputy minister।

উপমহাপরিচালক /উপোমহাপোরিচালক্/ [স. উপ+মহাপরিচালক] বি. সহযোগী মহাপরিচালক; (পরি.) deputy director general।

উপমা /উপোমা/ [স. উপ+√মা+অ] বি. ১ তুলনা, সাদৃশ্য। ২ একই গুণবিশিষ্ট দুটি ভিন্ন বস্তুর সাদৃশ্য কল্পিত হয় এরূপ অর্থালংকার।

উপমাংস /উপোমাংশো/ [স. উপ+মাংস] বি. ত্বকের ওপরে উদ্‌গত আঁচিল।

উপমাতা /উপোমাতা/ [স. উপ+√মা+তৃ] বি. মাতৃস্থানীয় নারী; ধাত্রী; পালয়িত্রী।

উপমান /উপোমান্/ [স. উপ+√মা+অন] বি. (ব্যা.) যার সঙ্গে বা যা দিয়ে তুলনা করা হয়।

উপমিত /উপোমিতো/ [স. উপ+√মা+ত] বিণ. (ব্যা.) তুলনা করা হয়েছে এমন, তুলিত।

উপমিতি /উপোমিতি/ [স. উপ+√মা+তি] বি. ১ উপমা, তুলনা। ২ সাদৃশ্য সম্পর্কে জ্ঞান।

উপমেয় /উপোমেয়ো/ [স. উপ+√মা+য] বিণ. তুলনীয়, উপমার্হ।

উপযাচক /উপোজাচক্/ [স. উপ+√যাচ্+অক] বি. বিণ. ১ স্বতঃপ্রবৃত্ত হয়ে যাচ্ঞা করে এমন। ২ স্বতঃপ্রবৃত্ত হয়ে অন্যের কাজ করে দেয় এমন; উপরপড়া।

উপযাচিকা /উপোজাচিকা/ [স. উপযাচক+আ (টাপ্)] বিণ. স্বতঃপ্রবৃত্ত হয়ে সাহায্য করতে এগিয়ে যায় এমন। বি. যে রমণী আপনা থেকে আসক্তি প্রকাশ করে বা সম্ভোগ প্রার্থনা করে।

উপযাচিত /উপোজাচিতো/ [স. উপ+√যাচ্+ত] বিণ. উপরপড়াভাবে প্রার্থিত।

উপযুক্ত /উপোজুক্তো/ [স. উপ+√যুজ্+ত] বিণ. ১ যোগ্য, যথোপযোগী (*উপযুক্ত ব্যক্তি*)। ২ তুল্য, সমকক্ষ (*উপযুক্ত প্রতিপক্ষ*)। ৩ ন্যায্য, উচিত (*উপযুক্ত জবাব*)। ৪ সক্ষম। বি. -তা/-তা/।

উপযুক্তি /উপোজুক্তি/ [স. উপ+√যুজ্+তি] বি. যথাযোগ্যতা; ন্যায্যতা; সামর্থ্য।

উপযোগ /উপোজোগ্/ [স. উপ+√যুজ্+অ] বি. ১ উপযোগিতা; আবশ্যকতা। ২ উপকার; আনুকূল্য। ৩ ব্যবহার; প্রয়োগ। ৪ ভোজন; ভোগ।

উপযোগবাদ /উপোজোগ্‌বাদ্/ [স. উপযোগ+বাদ] বি. (দর্শন.) জগতের সবকিছুই মঙ্গলকর এমন মতবাদ।

উপযোগী /উপোজোগি/ [স. উপযোগ+ইন্] বিণ. ১ যোগ্য। ২ প্রয়োজনসাধনে সমর্থ; কার্যকর। ৩ অনুকূল। বি. উপযোগিতা /উপোজোগিতা/।

উপযোজন /উপোজোজন্/ [স. উপ+√যুজ্+অন] বি. অবস্থার উপযোগীকরণ, সামঞ্জস্যবিধান।

উপর /উপর্/ [স. উপরি >] বি. ১ ঊর্ধ্বভাগ; ঊর্ধ্বদিক। ২ ঘরের ছাদ। বিণ. ১ ঊর্ধ্বে স্থিত। ২ উচ্চ। ৩ অতিরিক্ত। অব্য. প্রতি; 'ওপর'-এর সাধু রূপ।

উপরঅলা /উপর্‌অলা/ [বা.] বি. দ্র উপরওয়ালা।

উপর উপর /উপর্ উপর্/ ক্রিবিণ. ১ ভাসাভাসা, অগভীরভাবে; আলগা-আলগাভাবে। ২ উপর্যুপরি, একের পর আর। বিণ. বাহ্য।

উপরওয়ালা /উপর্ওআলা / [বা. উপর+হি. ওয়ালা] বিণ. ঊর্ধ্বতন। বি. ১ সৃষ্টিকর্তা, ঈশ্বর। ২ নিয়ন্ত্রণকারী ঊর্ধ্বতন ব্যক্তি।

উপরচড়া /উপরচড়া/ [বা.] বিণ. গায়ে পড়ে ঝগড়া করে এমন। ক্রিবিণ. গায়ে পড়ে, অকারণে।

উপরচাল /উপরচাল্/ [বা.] বি. ১ দাঁবা পাশা প্রভৃতি খেলায় প্রতিপক্ষকে পরাস্ত করার জন্য প্রদত্ত চাল। ২ দাবাখেলায় দর্শকের বলে দেওয়া চাল। ৩ চতুর প্রতিপক্ষকে জব্দ করার মতো পালটা চাতুরী। ৪ অতিরিক্ত চালাকি। ৫ লোকদেখানো ভাবভঙ্গি।

www.pathagar.com

উপরচালাক /উপর্‌চালাক্‌/ [বা. উপর+ফা. চালাক] বিণ. ১ চালাকির ভান করে এমন। ২ অতিচালাক; ধূর্ত; ফাজিল।

উপরচালাকি /উপর্‌চালাকি/ [স. উপর+ফা. চালাকি] বি. লোকদেখানো চালাকি; চালিয়াতি।

উপরত /উপরতো/ [স. উপ+√রম্‌+ত] বিণ. ১ বিরত, নিবৃত্ত। ২ বিরক্ত। ৩ বিগত। ৪ মৃত।

উপরতলা /উপর্‌তলা/ [বা.] বি. ১ ওপরের তলা। ২ উচ্চবিত্তের অবস্থান।

উপরত্ন /উপোরত্‌নো/ [স. উপ+√রমি+ন] বি. কৃত্রিম রত্ন; রত্নের মতো উজ্জ্বল বস্তু।

উপরন্তু /উপরোন্‌তু/ [বা.] অব্য. এছাড়াও, অধিকন্তু।

উপরপড়া /উপর্‌পড়া/ [বা.] বিণ. ১ উপযাচক। ২ অনধিকার চর্চাকারী। বি. অনধিকার চর্চা।

উপরাজ /উপোরাজ/ [স. উপ+রাজন্‌] বি. রাজ-প্রতিনিধি, viceroy।

উপরানি /উপোরানি/ [স. উপ+বা. রানি] বি. রাজার উপপত্নী।

উপরাষ্ট্রপতি /উপোরাশ্‌ট্রোপোতি/ [স. উপ+রাষ্ট্রপতি] বি. সহযোগী রাষ্ট্রপতি; (পরি.) vice-president।

উপরি[১] /উপ্‌রি/ [বা.] বিণ. ১ অবৈধ উৎস থেকে লব্ধ অতিরিক্ত, বাড়তি (*উপরি আয়*)। ২ অপ্রত্যাশিত। বি. অবৈধ আয়, ঘুস।

উপরি[২] /উপ্‌রি/ [স. ঊর্ধ্ব+রি] অব্য. ক্রিবিণ. ওপরে, ঊর্ধ্বে।

উপরিউক্ত /উপোরিউক্‌তো/ [স. উপরি+√বচ্‌+ত] বিণ. ওপরে বা পূর্বে বলা হয়েছে এমন, উপর্যুক্ত, পূর্বোক্ত, প্রাগুক্ত।

উপরি উপরি /উপ্‌রি উপ্‌রি/ অব্য. বিণ. পরপর, উপর্যুপরি। ক্রিবিণ. ভাসাভাসা, অগভীরভাবে।

উপরিচর /উপোরিচর্‌/ [স. উপরি+চর] বিণ. ঊর্ধ্বচর; আকাশচারী। বি. পৌরাণিক রাজাবিশেষ।

উপরিতন /উপোরিতনো/ [স. উপরি+তন] বিণ. ১ ঊর্ধ্বতন। ২ পদমর্যাদায় উচ্চতর। ৩ পূর্ববর্তী।

উপরিভাগ /উপোরিভাগ্‌/ [স. উপরি+√ভজ্‌+অ] বি. বস্তুর যে অংশ ওপরে থাকে, পৃষ্ঠদেশ, পিঠ।

উপরিস্থ /উপোরিস্‌থো/ [স. উপরি+√স্থা+অ] বিণ. দ্র উপরিস্থিত।

উপরিস্থিত /উপোরিস্‌থিতো/ [স. উপরি+√স্থা+ত] বিণ. ওপরে রয়েছে এমন।

উপরুদ্ধ /উপোরুদ্‌ধো/ [স. উপ+√রুধ্‌+ত] বিণ. ১ অবরুদ্ধ। ২ অনুরোধ করা হয়েছে এমন। ৩ প্রতিবন্ধ। ৪ উৎপীড়িত, অত্যাচারিত।

উপরে /উপরে/ [বা.] বিণ. ঊর্ধ্বে, ওপরে।

উপরোধ /উপোরোধ্‌/ [স. উপ+√রুধ্‌+অ] বি. ১ বিশেষ অনুরোধ; সুপারিশ। ২ সমাদর।

উপর্যুক্ত /উপোর্‌জুক্‌তো/ [স. উপরি+উক্ত] বিণ. পূর্বে কথিত বা উল্লেখ করা হয়েছে এমন।

উপর্যুপরি /উপোর্‌জুপোরি/ [স. উপরি+উপরি] ক্রিবিণ. পরপর, ক্রমান্বয়ে, ক্রমাগত, অবিরাম।

উপল /উপল/ [স. উপ+√লা+অ] বি. ১ শিলা, পাথর। ২ রত্ন, মণি।

উপলক্ষণ /উপোলোক্‌খোন্‌/ [স. উপ+√লক্ষ্‌+অন] বি. ১ সূচনা; আভাস। ২ নিদর্শন, চিহ্ন। ৩ উপক্রম।

উপলক্ষণা /উপোলোক্‌খোনা/ [স. উপলক্ষণ+আ (টাপ্‌)] বি. বাচ্যার্থসংক্রান্ত অন্য অর্থবোধক অর্থালংকারবিশেষ (যেমন গঙ্গাবাসী অর্থাৎ গঙ্গা-তীরবাসী), শব্দের অর্থবোধক শক্তিবিশেষ।

উপলক্ষিত /উপোলোক্‌খিতো/ [স. উপ+√লক্ষ্‌+ত] বিণ. ১ উপলক্ষ্য হিসেবে ব্যবহার করা হয়েছে এমন। ২ উদ্দিষ্ট, সূচিত। ৩ অনুমিত। ৪ অজুহাত-রূপে ব্যবহার করা হয়েছে এমন।

উপলক্ষ্য /উপোলোক্‌খ্যো/ [স. উপ+√লক্ষ্‌+য] বি. ১ উদ্দেশ্য, প্রয়োজন। ২ অবলম্বন। ৩ অজুহাত, ব্যপদেশ। ৪ ঘটনাক্রম। বিণ. উদ্দিষ্ট, প্রয়োজনীয়।

উপলব্ধ /উপোলব্‌ধো/ [স. উপ+√লভ্‌+ত] বিণ. ১ অনুভূত; জ্ঞাত। ২ প্রাপ্ত, লব্ধ; অর্জিত।

উপলব্ধি /উপোলোব্‌ধি/ [স. উপ+√লভ্‌+তি] বি. ১ অনুভূতি, বোধ। ২ প্রাপ্তি, লাভ। ৩ জ্ঞান।

উপলভ্য /উপোলোব্‌ভো/ [স. উপ+√লভ্‌+য] বিণ. ১ জ্ঞেয়। ২ প্রাপ্য। ৩ লাভের যোগ্য। ৪ সাধ্য।

উপলিপ্ত /উপোলিপ্‌তো/ [স. উপ+√লিপ্‌+ত] বিণ. ওপরে লেপন বা প্রলেপ দেওয়া হয়েছে এমন।

উপলেপ /উপোলেপ্‌/ [স. উপ+√লিপ্‌+অ] বি. ১ ওপরে লেপন; ওপরের প্রলেপ। ২ পরতের পর পরত জমে ওঠার ফলে বৃদ্ধিপ্রাপ্তি, accretion।

উপলেপন /উপোলেপোন্‌/ [স. উপ+√লিপ্‌+অন] বি. দ্র উপলেপ।

উপশম /উপোশম্‌/ [স. উপ+√শম্‌+অ] বি. ১ শান্তি; নিবৃত্তি। ২ রোগের প্রশমন। ৩ সংযম, ইন্দ্রিয়দমন (*ক্রোধের উপশম*)। ৪ প্রকোপ হ্রাস।

উপশমক /উপোশমক্‌/ [স. উপ+√শমি+অক] বিণ. উপশমকারী। বি. যে ব্যক্তি উপশম করে।

www.pathagar.com

উপশমনীয় /উপোশমোনিয়ো/ [স. উপ+√শমি+অনীয়] বিণ. উপশম করা যায় এমন, নিবর্তনযোগ্য।

উপশমিত /উপোশোমিতো/ [স. উপ+√শমি+ত] বিণ. ১ উপশম করা হয়েছে এমন, প্রশমিত, নিবৃত্ত, শান্ত। ২ সংযত।

উপশয় /উপোশয়্/ [স. উপ+√শী+অ] বি. ১ শয়ন। ২ (শিকারের উদ্দেশ্যে) শিকারির লুকিয়ে থাকার গুহা। ৩ পথ্যের সাহায্যে রোগের উপশম। ৪ ক্রোড়।

উপশয়ী /উপোশোয়ি/ [স. উপ+√শী+ইন্] বিণ. ১ শুয়ে আছে এমন; শায়িত। ২ গুপ্ত।

উপশাখা /উপোশাখা/ [স. উপ+শাখা] বি. মূল শাখা থেকে উদ্‌গত শাখা।

উপশান্ত /উপোশান্তো/ [স. উপ+√শম্+ত] বিণ. উপশম হয়েছে এমন, উপশমপ্রাপ্ত।

উপশিরা /উপোশিরা/ [স. উপ+শিরা] বি. প্রধান শিরার সঙ্গে যুক্ত সূক্ষ্ম শিরা।

উপশিষ্য /উপোশিশ্‌শো/ [স. উপ+√শাস্+য] বি. ১ শিষ্যের শিষ্য, প্রশিষ্য। ২ শিষ্যস্থানীয় ব্যক্তি।

উপশ্লেষ /উপোশ্লেশ/ [স. উপ+√শ্লিষ্+অ] বি. ১ উপহাস, বিদ্রূপ। ২ বঞ্চনার কারণে মূল শব্দার্থ ত্যাগ করে কূটার্থ সন্ধান।

উপসংঘ /উপোশংঘো/ [স. উপ+সম্+√হন্+অ] বি. মূল সংঘের অন্তর্গত ক্ষুদ্র সংঘ, subcommittee।

উপসংহরণ /উপোশংহরোন্/ [স. উপ+সম্+√হৃ+অন] বি. ১ উপসংহার। ২ সংকোচন।

উপসংহার /উপোশংহার্/ [স. উপ+সম্+√হৃ+অ] বি. ১ (বক্তব্যের বা গ্রন্থের) সমাপ্তির অব্যবহিত পূর্ববর্তী অংশ, শেষ অংশ। ২ সমাপ্তি, পরিশেষ।

উপসংহৃত /উপোশংhiতো/ [স. উপ+সম্+√হৃ+ত] বিণ. সমাপ্ত, শেষ।

উপসংহৃতি /উপোশংhiতি/ [স. উপ+সম্+√হৃ+তি] বি. সমাপ্তি।

উপসচিব /উপোশোচিব্/ [স. উপ+সচিব] বি. সহযোগী সচিব; (পরি.) deputy secretary।

উপসন্ন /উপোশন্নো/ [স. উপ+√সদ্+ত] বিণ. সমীপে আগত, আসন্ন, নিকটবর্তী।

উপসর্গ /উপোশর্গো/ [স. উপ+√সৃজ্+অ] বি. ১ মূল রোগের আনুষঙ্গিক অন্য রোগ। ২ রোগের লক্ষণ, রোগজাত বিকার। ৩ আনুষঙ্গিক অন্য বস্তু বা ব্যক্তি। ৪ আকস্মিক উৎপাত বা প্রতিবন্ধকতা। ৫ কল্পিত ভূতপ্রেতের প্রভাব। ৬ (ব্যা.) ধাতু বা শব্দের পূর্বে যুক্ত হয়ে তাদের অর্থ পরিবর্তন করে এমন ২২টি অব্যয় (প্র পরা অপ সম্ অনু অব নিস্ নির্ দুস্ দুর্ বি আ নি অধি অপি অতি সু উদ্ অভি প্রতি পরি উপ)। ৭ (বাংলায়) বিপদ।

উপসাগর /উপোশাগোর্/ [স. উপ+সাগর] বি. তিন দিকে স্থলবেষ্টিত সমুদ্রের অংশ (*বঙ্গোপসাগর*), ক্ষুদ্র সাগর, প্রায় স্থলবেষ্টিত সাগরাংশ, Bay।

উপসৃষ্ট /উপোস্‌শ্‌টো/ [স. উপ+√সৃজ্+ত] বিণ. ১ মিলিত, সংযুক্ত। ২ ত্যক্ত, বিসৃষ্ট। ৩ উপদ্রুত; রাহুগ্রস্ত। ৪ পীড়িত। ৫ ব্যাপ্ত। ৬ কল্পিত ভূতাবিষ্ট। ৭ (ব্যা.) উপসর্গযুক্ত বা উপসর্গসম্বন্ধীয়।

উপসেক /উপোশেক্/ [স. উপ+√সিচ্+অ] বি. ১ জলসেকদ্বারা কঠিনতা হ্রাস। ২ জলসেচন।

উপসেচন /উপোশেচন্/ [স. উপ+√সিচ্+অন] বি. ১ জলসিঞ্চন; জলসেক। ২ সিক্তকরণ।

উপসেবক /উপোশেবক্/ [স. উপ+√সেব্+অক] বিণ. ১ উপভোগকারী, সম্ভোগকারী। ২ পরস্ত্রীতে আসক্ত। ৩ সেবক, পরিচারক। ৪ পূজক।

উপসেবন /উপোশেবন্/ [স. উপ+√সেব্+অন] বি. ১ সেবা, পরিচর্যা। ২ উপভোগ, সম্ভোগ। ৩ উপাসনা। ৪ আসক্তি। ৫ ভজন; সম্মাননা।

উপসেবা /উপোশেবা/ [স. উপ+√সেব্+অ+আ (টাপ্)] বি. ১ উপভোগ, সম্ভোগ। ২ পরিচর্যা, সেবা। ৩ আরাধনা। ৪ চাকরি।

উপসেবিত /উপোশেবিতো/ [স. উপ+√সেব্+ত] বিণ. ১ উপসেবা করা হয়েছে এমন। ২ উপভুক্ত। ৩ আচরিত, পালিত।

উপসেবী /উপোশেবি/ [স. উপ+√সেব্+ইন্] বিণ. ১ উপসেবক। ২ পরিচর্যাকারী।

উপস্ত্রী /উপোস্ত্রি/ [স. উপ+√স্ত্যৈ+র+ঈ] বি. উপপত্নী; রক্ষিতা।

উপস্থ /উপোস্থো/ [স. উপ+√স্থা+অ] বিণ. সমীপস্থ, নিকটস্থ। বি. ১ উপরিভাগ। ২ জননেন্দ্রিয়, লিঙ্গ।

উপস্থাপক /উপোস্থাপক্/ [স. উপ+√স্থা+ণিচ্+অক] বি. বিণ. ১ উপস্থাপনকারী; আনয়নকারী। ২ প্রস্তাবক, উত্থাপনকারী। স্ত্রী. **উপস্থাপিকা** /উপোস্থাপিকা/।

উপস্থাপন /উপোস্থাপন্/ [স. উপ+√স্থা+ণিচ্+অন] বি. ১ উপস্থিতকরণ; আনয়ন। ২ অবতারণা; প্রস্তাবনা; উত্থাপন।

উপস্থাপনা /উপোস্থাপনা/ [স. উপস্থাপন+আ] বি. ১ উত্থাপন; প্রস্তাবনা। ২ অবতারণার কৌশল।

উপস্থাপয়িতা /উপোস্থাপোয়িতা/ [স. উপ+√স্থাপি+তৃ] বি. বিণ. উত্থাপক, প্রস্তাবক। স্ত্রী.

www.pathagar.com

উপস্থাপয়িত্রী /উপোস্‌থাপোয়িত্‌রি/।

উপস্থাপিত /উপোস্‌থাপিতো/ [স. উপ+√স্থা+ণিচ্+ত] বিণ. উপস্থাপন করা হয়েছে এমন।

উপস্থিত /উপোস্‌থিত্‌/ [স. উপ+√স্থা+ত] বিণ. ১ সমাগত; আগত। ২ বর্তমান, বিদ্যমান। ৩ আবির্ভূত। ৪ সম্মুখস্থ, নিকটবর্তী; আসন্ন।

উপস্থিতবক্তা /উপোস্‌থিত্‌বক্‌তা/ [স. উপস্থিত+√বচ্+তৃ] বি. যিনি পূর্বপ্রস্তুতি ছাড়াই বক্তৃতা করতে পারেন।

উপস্থিতবক্তৃতা /উপোস্‌থিত্‌বোক্‌তৃতা/ [স. উপ+√স্থা+ত+বক্তৃ+তা] বি. পূর্বপ্রস্তুতি ছাড়া বক্তৃতা।

উপস্থিতবুদ্ধি /উপোস্‌থিত্‌বুদ্‌ধি/ [স. উপস্থিত+√বুধ্+তি] বি. তৎক্ষণাৎ কর্তব্য স্থির করার বিচক্ষণতা, প্রত্যুৎপন্নমতিত্ব।

উপস্থিতি /উপোস্‌থিতি/ [স. উপ+√স্থা+তি] বি. ১ হাজিরা, সমীপে আগমন (*বিদ্যালয়ে উপস্থিতি*)। ২ বর্তমানতা, বিদ্যমানতা।

উপস্বত্ব /উপোশত্‌তো/ [স. উপ+স্বত্ব] বি. ১ সম্পত্তি থেকে আয়। ২ খাজনা।

উপহত /উপোহতো/ [স. উপ+√হন্+ত] বিণ. ১ আহত; আক্রান্ত; অভিভূত। ২ বিনাশিত। ৩ তাড়িত। ৪ বিস্মিত।

উপহর্তা /উপোহর্‌তা/ [স. উপ+√হৃ+তৃ] বি. বিণ. উপহারদাতা।

উপহসিত /উপোহোশিতো/ [স. উপ+√হস্+ত] বিণ. উপহাস বা পরিহাস করা হয়েছে এমন।

উপহার /উপোহার্‌/ [স. উপ+√হৃ+অ] বি. ১ প্রীতি-সূচক দান। ২ উপঢৌকন। ৩ পুরস্কার।

উপহাস /উপোহাশ্‌/ [স. উপ+√হস্+অ] বি. ১ বিদ্রূপ, ঠাট্টা, পরিহাস, কৌতুক। ২ অবজ্ঞাসূচক হাসি। ৩ তুচ্ছতাচ্ছিল্য।

উপহাস্য /উপোহাশ্‌শো/ [স. উপ+√হস্+য] বিণ. উপহাসের যোগ্য। বি. উপহাসের পাত্র।

উপহৃত /উপোhiতো/ [স. উপ+√হূ+ত] বিণ. ১ উপহারস্বরূপ প্রদত্ত। ২ উৎসর্গীকৃত। ৩ অর্পিত। ৪ আনীত; আহূত। ৫ পরিবেশিত।

উপহ্রদ /উপোrhɔদ্‌/ [স. উপ+√হ্রাদ্+অ] বি. যে হ্রদ সমুদ্রের সঙ্গে যুক্ত, lagoon।

উপাখ্যান /উপাক্‌খান্‌/ [স. উপ+আখ্যান] বি. ১ কল্প-কাহিনি, রূপকথা। ২ মূল কাহিনির অন্তর্গত ক্ষুদ্র কাহিনি। ৩ বিবরণ, বৃত্তান্ত। ৪ পুরাকাহিনি।

উপাগত /উপাগতো/ [স. উপ+আ+√গম্+ত] বিণ. ১ সমীপে আগত। ২ উপস্থিত। ৩ প্রাপ্ত। ৪ আপতিত। ৫ সংঘটিত।

উপাঙ্গ /উপাংগো/ [স. উপ+অঙ্গ] বি. ১ অঙ্গের অঙ্গ, অপ্রধান অঙ্গ। ২ প্রত্যবয়ব, প্রত্যঙ্গ। ৩ বেদের অঙ্গীভূত শাস্ত্রবিশেষ। ৪ পরিশিষ্ট।

উপাচার্য /উপাচার্‌জো/ [স. উপ+আ+√চর্+য] বি. ১ আচার্যের সহকারী। ২ বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী; (পরি.) vice chancellor।

উপাড়া /উপাড়া/ [স. উৎপাটন >] ক্রিবি. সমূলে উৎপাটন করা, ছেঁড়া।

উপাত্ত /উপাত্‌তো/ [স. উপ+আ+√দা+ত] বিণ. ১ গৃহীত; স্বীকৃত। ২ লব্ধ, প্রাপ্ত; অর্জিত। বি. সিদ্ধান্ত গ্রহণের সহায়ক তথ্য; (পরি.) data।

উপাদান /উপাদান্‌/ [স. উপ+আ+√দা+অন] বি. যে সকল বস্তু একত্র করে অন্য কোনো বস্তু তৈরি করা যায়, উপকরণ, মালমসলা।

উপাদেয় /উপাদেয়ো/ [স. উপ+আ+√দা+য] বিণ. ১ সুস্বাদু। ২ উপভোগ্য। ৩ উৎকৃষ্ট। ৪ মনোরম। ৫ গ্রহণযোগ্য, গ্রাহ্য; বিধেয়।

উপাধান /উপাধান্‌/ [স. উপ+আ+√ধা+অন] বি. বালিশ, শিরোধান, তাকিয়া।

উপাধি /উপাধি/ [স. উপ+আ+√ধা+ই] বি. (পদবি জাতি বংশ বিদ্যা সম্মান প্রভৃতির পরিচয়সূচক) নামের শেষে ব্যবহৃত উপনাম; খেতাব।

উপাধিধারী /উপাধিধারি/ [স. উপাধি+√ধৃ+ইন্] বিণ. উপাধিপ্রাপ্ত, খেতাবপ্রাপ্ত; ডিগ্রিধারী।

উপাধ্যায় /উপাদ্‌ধায়্‌/ [স. উপ+অধি+√ই+অ] বি. ১ শিক্ষক, অধ্যাপক; গুরু, উপদেষ্টা। ২ বেদের অধ্যাপক। ৩ (বাংলায়) পদবিবিশেষ।

উপানুষ্ঠানিকপত্র /উপানুশ্‌ঠানিক্‌পত্‌রো/ [স. উপ+আনুষ্ঠানিক+পত্র] বি. ব্যক্তিগত চিঠির আদলে লেখা সরকারি পত্র; (পরি.) demiofficial letter, DO letter।

উপান্ত /উপান্‌তো/ [স. উপ+অন্ত] বি. উপকণ্ঠ, সমীপ; প্রান্ত। বিণ. অন্তের অব্যবহিত পূর্বে বা পরে অবস্থিত এমন।

উপান্তবর্তী /উপান্‌তোবোর্‌তি/ [স. উপান্ত+√বৃৎ+ইন্] বিণ. প্রান্তবর্তী, উপকণ্ঠস্থ।

উপান্ত্য /উপান্‌তো/ [স. উপান্ত+য] বিণ. উপান্তে অবস্থিত, উপান্তবর্তী।

উপায় /উপায়্‌/ [স. উপ+√ই+অ] বি. ১ কার্যসিদ্ধির পন্থা। ২ রোজগার, উপার্জন, আয়। ৩ প্রতিকার। ৪ কৌশল। ৫ সন্ধান। ৬ রাজ্য পরিচালনার নীতি। ৭ (বাংলায়) বৃত্তি, পেশা।

www.pathagar.com

উপায়ক্ষম /উপায়োক্‌খম্‌/ [স. উপায়+√ক্ষম্‌+অ] বিণ. উপার্জন করতে সক্ষম।

উপায়ান্তর /উপায়ান্‌তর্‌/ [স. উপায়+অন্তর] বি. অন্য উপায়, বিকল্প পন্থা।

উপারম্ভ /উপারম্‌ভো/ [স. উপ+আ+√রভ্‌+অ] বি. প্রারম্ভ, আরম্ভ, শুরু, সূচনা।

উপার্জক /উপার্‌জক্‌/ [স. উপ+√অর্জ্‌+অক] বিণ. বি. উপার্জনকারী, রোজগেরে।

উপার্জন /উপার্‌জোন্‌/ [স. উপ+√অর্জ্‌+অন] বি. ১ আয়, কামাই। ২ লাভ, প্রাপ্তি। ৩ সংগ্রহ; অর্জন।

উপার্জিত /উপার্‌জিতো/ [স. উপ+√অর্জ্‌+ত] বিণ. আয় করা হয়েছে এমন (*উপার্জিত অর্থ*)।

উপার্থন /উপার্‌থন্‌/ [স. উপ+√অর্থ্‌+অন] বি. অনুকূল মত বা সমর্থন প্রার্থনা, উমেদারি, canvassing।

উপাশ্রয় /উপাস্‌শ্রয়্‌/ [স. উপ+আশ্রয়] বি. ১ আশ্রয়, অবলম্বন। ২ আশ্রয়কর্তা। ৩ জৈন ভিক্ষুণীদের মঠ। বিণ. আশ্রয়যোগ্য, অবলম্বনীয়।

উপাসক /উপাশক/ [স. উপ+√আস্‌+অক] বি. বিণ. উপাসনাকারী। স্ত্রী. উপাসিকা /উপাশিকা/।

উপাসন /উপাশন্‌/ [স. উপ+√আস্‌+অন] বি. দ্র উপাসনা।

উপাসনা /উপাশনা/ [স. উপাসন+আ (টাপ্‌)] বি. ১ ঈশ্বরচিন্তা। ২ আরাধনা, এবাদত। ৩ সাধ্যসাধনা। ৪ উপকারের আশায় অন্যের মনস্তুষ্টিসাধন।

উপাসনাগার /উপাশনাগার্‌/ [স. উপাসনা+আগার] বি. মন্দির মসজিদ গির্জা প্রভৃতি উপাসনার স্থান।

উপাসনাগৃহ /উপাশনাগৃহো/ [স. উপাসনা+গৃহ] বি. দ্র উপাসনাগার।

উপাসনালয় /উপাশনালয়্‌/ [স. উপাসনা+আলয়] বি. দ্র উপাসনাগার।

উপাসীন /উপাশিন্‌/ [স. উপ+√আস্‌+ঈন (শানচ্‌)] বিণ. নিকটে আসীন, নিকটে উপবিষ্ট।

উপাস্থি /উপাস্‌থি/ [স. উপ+অস্থি] বি. মেরুদণ্ডী প্রাণীর অস্থির সংযোগস্থলে থাকে এমন টিসু-জাতীয় কোমল হাড়বিশেষ, কোমলাস্থি, cartilage।

উপাস্য /উপাশ্‌শো/ [স. উপ+√আস্‌+য] বিণ. ১ উপাসনার যোগ্য, আরাধ্য। ২ আরাধিত, পূজিত।

উপাহার /উপাহার্‌/ [স. উপ+আহার] বি. অল্প আহার, স্বল্পাহার; জলযোগ।

উপাহূত /উপাrhiতো/ [স. উপ+আহূত] বিণ. ১ সংগৃহীত; অর্পিত। ২ কল্পিত।

উপু /উপু/ [স. ঊর্ধ্ব >] বিণ. উচ্চ; উন্নত।

উপুড় /উপুড়্‌/ [স. অবমূর্ধ >] বি. ভূমির দিকে মুখ এবং পিঠ ওপরের দিকে করে অবস্থান। বিণ. অধোমুখী, নিম্নমুখী।

উপেক্ষক /উপেক্‌খক্‌/ [স. উপ+√ঈক্ষ্‌+অক] বিণ. ১ উপেক্ষাকারী। ২ উদাসীন; অমনোযোগী।

উপেক্ষণ /উপেক্‌খন্‌/ [স. উপ+√ঈক্ষ্‌+অন] বি. ১ অবহেলা, তাচ্ছিল্যকরণ, অনাদর; অযত্ন। ২ উদাসীনতা; অমনোযোগ। ৩ অস্বীকার।

উপেক্ষণীয় /উপেক্‌খোনিয়ো/ [স. উপ+√ঈক্ষ্‌+অনীয়] বিণ. উপেক্ষার যোগ্য, অবজ্ঞেয়।

উপেক্ষা /উপেক্‌খা/ [স. উপ+√ঈক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. অবহেলা, তাচ্ছিল্য।

উপেক্ষিত /উপেক্‌খিতো/ [স. উপ+√ঈক্ষ্‌+ত] বিণ. উপেক্ষা করা হয়েছে এমন, অবহেলিত। স্ত্রী. উপেক্ষিতা /উপেক্‌খিতা/।

উপোতী /উপোতি/ [স. পূতিকা >] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে সবজি হিসেবে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা বেগুনি লাল প্রভৃতি বর্ণের ফুল মটরদানাসদৃশ ফল ও তম্বূলাকার পাতা (শাক হিসেবে খাওয়া হয়) বা তার বহুশাখাযুক্ত লতানে কাণ্ডবিশিষ্ট উদ্ভিদ, পুঁই, পুটিকা।

উপোদ্‌ঘাত /উপোদ্‌ঘাত্‌/ [স. উপ+উদ্‌+√হন্‌+অ] বি. ১ আরম্ভ, সূচনা। ২ ভূমিকা; প্রস্তাবনা। ৩ উদাহরণ, দৃষ্টান্ত।

উপোস /উপোশ্‌/ [স. উপবাস >] বি. অনশন; উপবাস।

উপোসি /উপোশি/ [স. উপবাসী >] বিণ. না খেয়ে আছে এমন, অভুক্ত, উপবাসী।

উপ্ত /উপ্‌তো/ [স. √বপ্‌+ত] বিণ. বপন করা হয়েছে এমন।

উপ্তি /উপ্‌তি/ [স. √বপ্‌+তি] বি. বপন, রোপণ।

উফশী /উফোশি/ বিণ. 'উচ্চ ফলনশীল'-এর সংক্ষিপ্ত রূপ (*উফশী ধান*)।

উবরানো /উব্‌রানো/ [বা.] ক্রিবি. উদ্‌বৃত্ত বা বাড়তি হওয়া।

উবা /উবা/ [বা.] ক্রিবি. ১ বাতাসে মিলিয়ে যাওয়া, উড়ে যাওয়া, evaporate। ২ শেষ হয়ে যাওয়া, অতীত হওয়া।

উবু /উবু/ [স. ঊর্ধ্ব >] বি. পা মুড়ে হাঁটু তুলে বসার ভঙ্গি।

উবুড় /উবুড়্‌/ [বা.] বি. বিণ. দ্র উপুড়।

উভ /উভো/ [স. √উভ্‌+অ] বিণ. সর্ব. যুগল; উভয়, দুইজন।

www.pathagar.com

উভ[২] /উভো/ [স. ঊর্ধ্ব >] বিণ. উচ্চ; উন্নত; ঊর্ধ্বমুখী।

উভচর /উভোচর্/ [স. উভ+√চর্+অ] বিণ. জল ও স্থলে বিচরণ করে এমন, amphibious।

উভয় /উভয়্/ [স. √উভ্+অয়] বিণ. দুই। সর্ব. দুইজন; যুগল।

উভয়চর /উভয়্চর্/ [স. উভয়+চর] বিণ. দ্র উভচর।

উভয়ত /উভয়তো/ [স. উভয়+তস্] ক্রিবিণ. উভয়-পক্ষে; দুইদিকে।

উভয়তোমুখ /উভয়তোমুখ্/ [স. উভয়তঃ+মুখ] বিণ. দুই দিকে মুখবিশিষ্ট। স্ত্রী. উভয়তোমুখী /উভয়তোমুখি/।

উভয়ত্র /উভয়ত্রো/ [স. উভয়+ত্র] ক্রিবিণ. ১ দুই-পক্ষে, দুইদিকে। ২ ইহলোক ও পরলোকে।

উভয়বিধ /উভয়বিধো/ [স. উভ+বিধা] বিণ. দ্বিবিধ, দুই প্রকার।

উভয়লিঙ্গ /উভয়্লিংগো/ [স. উভয়+√লিঙ্গ্+অ] বিণ. একই দেহে শুক্রাণু ও ডিম্বাণু উৎপাদনে সক্ষম এমন, hermaphrodite, androgynous।

উভয়সংকট /উভয়্শংকট্/ [স. উভয়+সংকট] বি. কোনোদিকেই পরিত্রাণের উপায় নেই এমন অবস্থা।

উভরানো /উভোরানো/ [বা.] ক্রিবি. ছাপিয়ে বা উছলে পড়া, উপচানো। বিণ. বাড়তি, উদ্‌বৃত্ত।

উভরায় /উভোরায়্/ [বা.] ক্রিবিণ. উচ্চরবে, উচ্চকণ্ঠে, তারস্বরে, মুক্তকণ্ঠে।

উভরোল /উভোরোল্/ [স. উভ+রোল] বি. উচ্চ শব্দ; কোলাহল; গণ্ডগোল।

উভলিঙ্গ /উভোলিংগো/ [স. উভ+√লিঙ্গ্+অ] বিণ. দ্র উভয়লিঙ্গ।

উমরা /উমরা/ [আ.] বি. অভিজাতবর্গ, ক্ষমতাশালী ধনী সম্প্রদায়, আমিরগণ।

উমরাহ /উমরাহ্/ [আ.] বি. হজ ভিন্ন অন্য সময়ে মক্কায় কাবা দর্শন ও জিয়ারত।

উমা /উমা/ [স. √উ+ম+আ (টাপ্)] বি. হিমালয় ও মেনকার কন্যা পার্বতী, দুর্গা।

উমানো /উমানো/ [বা.] ক্রিবি. ১ তা দেওয়া। ২ তপ্ত করা, তাতানো। বিণ. ১ তা দেওয়া হয়েছে এমন। ২ তপ্ত করা বা তাতানো হয়েছে এমন।

উমাপতি /উমাপোতি/ [স. উমা+√পা+অতি] বি. শিব।

উমেদ /উমেদ্/ [ফা.] বি. ১ আশা, আকাঙ্ক্ষা। ২ প্রতীক্ষা, অপেক্ষা। ৩ প্রার্থনা।

উমেদার /উমেদার্/ [ফা.] বিণ. প্রত্যাশী, প্রার্থী। বি. যে ব্যক্তি স্বার্থসিদ্ধির জন্য অন্যের মন রক্ষা করে চলে, মোসাহেব।

উমেদারি /উমেদারি/ [ফা.] বি. চাকরির আশায় অন্যের মন রক্ষা করে ঘোরাঘুরি; মোসাহেবি।

উমেশ /উমেশ্/ [স. উমা+ঈশ] বি. উমার স্বামী, শিব।

উম্মত /উম্মত/ [আ.] বি. ১ অনুসারী। ২ জাতি।

উম্মা /উম্মা/ [আ.] বি. জাতি (*মুসলিম উম্মা*)।

উর[১] /উরো/ [স. উরস্ >] বি. বক্ষঃস্থল।

উর[২] /উরো/ [স. উতর >] ক্রিবি. অবতীর্ণ হওয়া, আবির্ভূত হওয়া, অধিষ্ঠান করা।

উরঃ /উরহ্/ [স. √ঋ+অস্] বি. ১ বক্ষ, বক্ষঃস্থল। ২ প্রধান; শ্রেষ্ঠ।

উরগ /উরগো/ [স. উরস্+√গম্+অ] বি. বুকে ভর দিয়ে চলে এমন চেরা জিভবিশিষ্ট সরীসৃপ, সাপ, ফণী। স্ত্রী. উরগী /উরোগি/।

উরঙ্গ /উরংগো/ [স. উরস্+√গম্+অ] বি. দ্র উরগ।

উরঙ্গম /উরংগম্/ [স. উরস্+√গম্+অ] বি. সাপ, ফণী। স্ত্রী. উরঙ্গামী /উরংগোমি/।

উরজ /উরজো/ [স. উরস্+√জন্+অ] বি. স্তন।

উরত /উরত্/ [স. উরু >] বি. জানুর উপরিভাগ, উরু।

উরমাল /উরোমাল্/ [ফা. রুমাল >] বি. ১ ঘোড়ার উরু বা পায়ে বাঁধা হয় এমন চামড়ার উরুত্রাণ। ২ রুমাল।

উরশ্ছদ /উরশ্ছদ্/ [স. উরস্+ছদ] বি. যোদ্ধাদের গায়ে পরার বর্ম, কবচ, breast plate।

উরস[১] /উরশ্/ [স. উরস্ >] বি. বক্ষঃস্থল, বুক।

উরস[২] /উরস্/ [আ.] বি. ইসলাম ধর্মাবলম্বী সাধু-পুরুষের মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে আয়োজিত বিশেষ প্রার্থনাসভা ও ভোজ।

উরসিজ /উরোশিজো/ [স. উরস্+ই+√জন্+অ] বি. স্তন।

উরস্ত্রাণ /উরস্ত্রান্/ [স. উরস্+√ত্রৈ+অন] বি. দ্র উরশ্ছদ।

উরস্বান /উরশ্শান্/ [স. উরস্+বৎ] বিণ. প্রশস্ত বক্ষবিশিষ্ট; বলবান।

উরু /উরু/ [স. √উর্ণূ+উ] বিণ. ১ প্রশস্ত; বিশাল। ২ মহৎ।

উরুত /উরুত্/ [বা.] বি. মানবদেহের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত অংশ, উরু।

উরোগামী /উরোগামি/ [স. উরস্+√গম্+ইন্] বিণ. বুকে ভর করে চলে এমন। বি. সাপ।

উরোজ /উরোজো/ [স. উরস্+√জন্+অ] বিণ. বক্ষঃস্থলে জাত। বি. স্তন।

www.pathagar.com

উর্ণ /উর্‌নো/ [স. উর্ণা >] বি. ১ জালের সুতা। ২ সুতা।

উর্ণনাভ /উর্‌নোনাভো/ [স. উর্ণ+নাভ] বি. মাকড়সা।

উর্ণা /উর্‌না/ [স. √উর্ণ্+অ+আ (টাপ্)] বি. ১ মেষাদি পশুর লোম, পশম, wool। ২ জাল।

উর্দি /উর্‌দি/ [তুর.] বি. সমপেশায় নিয়োজিত কর্মীর (হাসপাতালকর্মী পুলিশ সৈনিক নাবিক প্রভৃতি) পরিধেয় বিশিষ্ট পোশাক।

উর্দু /উর্‌দু/ [তুর.] বি. ভারত ও পাকিস্তানে ব্যবহৃত ফারসি ও আরবি ভাষার মিশ্রণজাত ইন্দো-ইউরোপীয় ভাষাবিশেষ।

উর্বর /উর্‌বর্/ [স. উর্+√ঋ+অ] বিণ. উৎপাদন-শক্তিবিশিষ্ট (*উর্বর জমি*)। স্ত্রী. উর্বরা /উর্‌বরা/।

উর্বরতা /উর্‌বরতা/ [স. উর্বর+তা] বি. উৎপাদনশক্তি।

উর্বরমস্তিষ্ক /উর্‌বরমোস্‌তিশ্‌কো/ [স. উর্বর+মস্তিষ্ক] বিণ. (ব্য.) মাথায় নানা রকম বুদ্ধি খেলে এমন।

উর্বশী /উর্‌বোশি/ [স. উর্+√বশ্+অ+ঈ] বি. পুরাণে বর্ণিত অনন্তযৌবনা অপ্সরাবিশেষ।

উর্বী /উর্‌বি/ [স. উর্+ঈ] বি. ধরণি, পৃথিবী।

উল /উল্/ [ই.] বি. পশুর লোমজাত সুতা, পশম, wool।

উলকি /উল্‌কি/ [দেশি.] বি. সুচের সাহায্যে দেহে অঙ্কিত স্থায়ী চিত্র।

উলঙ্গ /উলংগো/ [স. উন্নগ্ন >] বিণ. ১ নগ্ন, বিবস্ত্র। ২ অনাবৃত, উন্মুক্ত। ৩ অকপট, উদার।

উলট /উলট্/ [দেশি.] বিণ. উলটা।

উলটকম্বল /উলট্‌কম্‌বোল্/ [বা.] বি. এশিয়া ও অস্ট্রেলিয়ায় জাত পাতার উলটো দিকে রোঁয়া-বিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি উচ্চতার চিরহরিৎ বৃক্ষ, Abroma augusta।

উলট-পালট /উলট্‌পালট্/ [বা.] বিণ. ১ বিপর্যস্ত, বিশৃঙ্খল। ২ অসংলগ্ন। ৩ পরস্পরবিরোধী, বিপরীত। ৪ বিধ্বস্ত, বিনষ্ট। ৫ এলোমেলো; গোলমেলে। বি. বিশৃঙ্খলা, বিপর্যয়।

উলটা /উল্‌টা/ [বা.] বিণ. ১ অধোমুখ, উপুড়। ২ বিপর্যস্ত। ৩ বিপরীত। ৪ ঘোরালো, প্যাঁচালো। ৫ ফিরতি (*উলটা রথ*)।

উলটা কথা /উল্‌টা কথা/ বি. বিপরীত কথা।

উলটানো /উল্‌টানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ উলটা হওয়া বা করা। ২ অস্বীকার করা; প্রত্যাহার করা (*কথা উলটানো*)। ৩ পরিবর্তন করা (*পৃষ্ঠা উলটানো*)। ৪ বিপর্যস্ত করা। ৫ ভাব পরিবর্তন করা (*চোখ উলটানো*)। ৬ 'ওলটানো'-র সাধু রূপ।

উলটা-পালটা /উল্‌টাপাল্‌টা/ [বা.] বিণ. এলোমেলো।

উলটা বুঝা /উল্‌টা বুঝা/ ক্রিবি. ভুল বোঝা; বিকৃত অর্থ করা।

উলটারথ /উল্‌টারথ্/ [বা. উলটা+স. রথ] বি. ১ রথযাত্রার অষ্টম দিনে রথ পূর্বস্থানে ফিরিয়ে আনার উৎসব। ২ বিপরীত দিকে যাত্রা।

উলটো /উল্‌টো/ [বা.] বিণ. 'উলটা'-র কথ্য রূপ।

উলপ /উলপ্/ [স. √উল্+অপ] বি. উশীর তৃণ, উলুখড়।

উলস /উলশ্/ [স. উল্লাস >] বি. 'উল্লাস'-এর কোমল ও কাব্যিক রূপ।

উলসা /উলশা/ [বা.] ক্রিমূ. উল্লসিত হওয়া, আনন্দে উদ্ভাসিত হওয়া।

উলসিত /উলোশিতো/ [স. উল্লসিত >] বিণ. আনন্দিত, পুলকিত, আহ্লাদিত।

উলা /উলা/ [বা.] ক্রিবি. উনুন থেকে নামিয়ে রাখা; নামানো।

উলু[১] /উলু/ [ধ্বন্যা.] বি. ভারতীয় উপমহাদেশ ও আরবদেশে শুভকর্ম উপলক্ষ্যে দ্রুত জিভ নাড়িয়ে উচ্চারিত মঙ্গলধ্বনি, হুলু; আনন্দধ্বনি।

উলু[২] /উলু/ [স. উলূক >] বি. তৃণবিশেষ (উলুখড়)।

উলু[৩] /উলু/ [আঞ্চ.] বি. বল্মীক, উই, উইপোকা।

উলুখড় /উলুখড়/ [বা.] বি. তৃণবিশেষ।

উলুখাগড়া /উলুখাগড়া/ [বা.] বি. ১ উলুখড় ও নল। ২ (আল.) অনগ্রসর ব্যক্তি; নিরীহ প্রজা।

উলুধ্বনি /উলুদ্‌ধোনি/ [বা. উলু+স. ধ্বনি] বি. দ্র উলু[১]।

উলূক /উলুক্/ [স. উদ্+√লোক্+অ] বি. ১ লক্ষ্মীর বাহন, প্যাঁচা। ২ দেবরাজ ইন্দ্র। ৩ দুর্যোধনের মাতুল শকুনির পুত্র। ৪ উলুখড়।

উলেমা /উলেমা/ [আ.] বি. শাস্ত্রজ্ঞ ব্যক্তিবর্গ।

উল্কা /উল্‌কা/ [স. √উল্+ক+আ (টাপ্)] বি. মহাশূন্য থেকে প্রতি সেকেন্ডে ১১ থেকে ৭২ কিমি. বেগে পৃথিবীর দিকে ধাবমান জ্বলন্ত (বায়ুমণ্ডলের সঙ্গে ঘর্ষণের ফলে) মহাজাগতিক বস্তুকণা, meteor।

উল্কাপাত /উল্‌কাপাত্/ [স. উল্কা+√পত্+অ] বি. আকাশ থেকে জ্বলন্ত প্রস্তরখণ্ড পতন, উল্কা-পতন।

উল্কাপিণ্ড /উল্‌কাপিন্‌ডো/ [স. উল্কা+পিণ্ড] বি. উল্কারূপে ভূপৃষ্ঠে পতিত প্রস্তরখণ্ড, meteor।

উল্কাবেগ /উল্‌কাবেগ/ [স. উল্কা+বেগ] বি. ১ প্রতি সেকেন্ডে ১১ থেকে ৭২ কিমি. বেগ। ২ (আল.) উল্কার মতো প্রবল বেগ।

www.pathagar.com

উল্কামুখী /উল্‌কামুখি/ [স. উল্কামুখ+ইন্] বি. ১ খেঁকশিয়ালি। ২ আলেয়া। ৩ ক্রোধান্বিত নারী।

উল্বণ /উল্‌লন্/ [স. উদ্+√লী+বন্] বি. বায়ু পিত্ত প্রভৃতির বিকারজনিত রোগবিশেষ। বিণ. ১ উৎকট। ২ ব্যক্ত; সুস্পষ্ট। ৩ অতিশয়, প্রবল।

উল্মুক /উল্‌মুক্/ [স. উল+মুক] বি. জ্বলন্ত অঙ্গার বা কাঠ।

উল্লঙ্ঘন /উল্‌লংঘোন্/ [স. উদ্+√লন্‌ঘ্+অন] বি. ১ লাফ দিয়ে অতিক্রমণ। ২ লঙ্ঘন; অগ্রাহ্যকরণ। ৩ বিরুদ্ধাচরণ।

উল্লঙ্ঘনীয় /উল্‌লংঘোনিয়ো/ [স. উদ্+√লন্‌ঘ্+অনীয়] বিণ. লাফ দিয়ে লঙ্ঘন করতে হবে বা করা যায় এমন।

উল্লঙ্ঘ্য /উল্‌লোংঘো/ [স. উদ্+√লন্‌ঘ্+য] বিণ. দ্র উল্লঙ্ঘনীয়।

উল্লম্ফ /উল্‌লম্‌ফো/ [স. উদ্+√রম্ফ্+অ] বি. ১ ভাঁজ করা দু পায়ের হাঁটুতে ভর দিয়ে দ্রুত ভূমি থেকে উত্থান; লাফ দিয়ে অতিক্রমণ, উল্লঙ্ঘন। ২ লাফ-ঝাঁপ।

উল্লম্ফন /উল্‌লম্‌ফোন্/ [স. উৎ+√রম্ফ্+অন] বি. দ্র উল্লম্ফ।

উল্লম্ব /উল্‌লম্‌বো/ [স. উদ্+√লম্ব্+অ] বিণ. খাড়া, vertical।

উল্লসিত /উল্‌লোশিতো/ [স. উদ্+√লস্+ত] বিণ. হৃষ্ট, আহ্লাদিত। স্ত্রী. **উল্লসিতা** /উল্‌লোশিতা/।

উল্লাস /উল্‌লাশ্/ [স. উদ্+√লস্+অ] বি. ১ পরম আনন্দ, আহ্লাদ, হৃষ্টতা। ২ গ্রন্থের পরিচ্ছেদ।

উল্লাসমুখর /উল্‌লাশ্‌মুখর্/ [স. উল্লাস+মুখর] বিণ. আনন্দমুখর, আনন্দময়।

উল্লিখিত /উল্‌লিখিতো/ [স. উদ্+√লিখ্+ত] বিণ. ওপরে বা পূর্বে লিখিত, পূর্বোক্ত।

উল্লুক /উল্‌লুক্/ [বা.] বি. ১ সর্বাঙ্গ কালো বা বাদামি পশমে আবৃত লম্বা হাতবিশিষ্ট এবং সোজা হয়ে হাঁটে এমন দক্ষিণ এশিয়ার বানরজাতীয় লেজহীন জন্তু, gibbon। ২ গালিবিশেষ (মূর্খ বা অমার্জিত অর্থে)।

উল্লুণ্ঠন /উল্‌লুন্‌ঠন্/ [স. উদ্+√লুন্‌ঠ্+অন] বি. ১ মাটিতে গড়াগড়ি। ২ পরিহাস। ৩ লুটপাট।

উল্লেখ /উল্‌লেখ্/ [স. উদ্+√লিখ্+অ] বি. ১ কোনো ব্যক্তি বা বিষয়সম্বন্ধে প্রাসঙ্গিক উক্তি। ২ বর্ণন। ৩ কথন। ৪ গ্রহীতা বা বিষয়ের ভেদহেতু একই বস্তু অনেকভাবে উল্লিখিত হলে যে অর্থালংকার হয়।

উল্লেখযোগ্য /উল্‌লেখ্‌জোগ্‌গো/ [স. উল্লেখ+√যুজ্+য] বিণ. উল্লেখ করতে হবে বা করা উচিত এমন।

উল্লেখ্য /উল্‌লেক্‌খো/ [স. উদ্+√লিখ্+য] বিণ. উল্লেখ করা যায় এমন।

উল্লোল /উল্‌লোল্/ [স. উৎ+√লোল্+অ] বি. বড়ো ঢেউ। বিণ. ১ তরঙ্গময়। ২ লীলাচঞ্চল।

উশকোখুশকো/উশ্‌কোখুশ্‌কো/ [দেশি.] বিণ. ১ রুক্ষ; শুষ্ক। ২ তেলহীন। ৩ অবিন্যস্ত, এলোমেলো (*উশকোখুশকো চুল*)। ৪ বিপর্যস্ত।

উশখুশ /উশ্‌খুশ্/ [দেশি.] বি. অধীরতা বা অস্বস্তির ভাব।

উশীর /উশির্/ [স. √বশ্+ঈর] বি. বেনার মূল, খসখস।

উশুল /উশুল্/ [আ.] বি. আদায়; প্রাপ্তি।

উশো /উশো/ [দেশি.] বি. চুন বালি প্রভৃতির আস্তর মসৃণ করার কাজে ব্যবহৃত কাষ্ঠখণ্ডবিশেষ।

উষসী /উশোশি/ [স. উষ্+√সো+অ+ঈ] বি. ১ দিবার অবসান। ২ রূপবতী নারী। ৩ (বাংলায়) উষা।

উষা /উশা/ [স. √উষ্+অ+আ (টাপ্)] বি. ১ সূর্যোদয়ের অব্যবহিত পূর্বক্ষণ, অহনা। ২ পৌরাণিক রাজা বাণাসুরের কন্যা ও অনিরুদ্ধের পত্নী।

উষাকল /উশাকল্/ [স. উষা+কল] বি. কুক্কুট।

উষাকাল /উশাকাল্/ [স. উষা+কাল] বি. প্রাতঃকাল, প্রভাত।

উষাকালীন /উশাকালিন্/ [স. উষা+কাল+ঈন] বিণ. প্রাতঃকালীন।

উষাবালা /উশাবালা/ [স. উষা+বালা] বি. প্রভাত-রূপিণী বালিকা।

উষালগ্ন /উশালগ্‌নো/ [স. উষা+√লগ্+ত] বি. উষাকাল।

উষ্ট্র /উশ্‌ট্রো/ [স. √উষ্+ট্র] বি. উট, ক্রমেলক।

উষ্ট্রগ্রীব /উশ্‌ট্রোগ্রিব্/ [স. উষ্ট্র+√গৃ+ব+আ (টাপ্)] বিণ. উটের মতো গ্রীবাবিশিষ্ট।

উষ্ণ /উশ্‌নো/ [স. √উষ্+ন] বিণ. ১ তপ্ত, গরম। ২ ক্রুদ্ধ। ৩ প্রখর। ৪ আন্তরিক (*উষ্ণ অভ্যর্থনা*)। বি. ১ তাপ। ২ ক্রোধ, উষ্মা।

উষ্ণক /উশ্‌নক্/ [স. উষ্ণ+ক] বিণ. ১ কর্মতৎপর। ২ ক্ষিপ্রকারী।

উষ্ণকাল /উশ্‌নোকাল্/ [স. উষ্ণ+কাল] বি. গ্রীষ্ম-কাল।

উষ্ণতা /উশ্‌নোতা/ [স. উষ্ণ+তা] বি. ১ উষ্ণত্ব, তাপ; তাপমাত্রা, temperature। ২ আন্তরিকতা।

উষ্ণত্ব /উশ্‌নত্‌তো/ [স. উষ্ণ+ত্ব] বি. দ্র উষ্ণতা।

উষ্ণপ্রস্রবণ /উশ্‌নোপ্রোস্‌স্রোবোন্/ [স. উষ্ণ+প্রস্রবণ] বি. যে ঝরনা বা প্রস্রবণের জল গরম।

www.pathagar.com

উষ্ণবীর্য /উশ্‌নোবির্‌জো/ [স. উষ্ণ+বীর+য] বিণ. উত্তেজক; তেজস্কর। বি. ১ তেজস্কর দ্রব্য। ২ সূর্য।

উষ্ণমণ্ডল /উশ্‌নোমন্‌ডোল্‌/ [স. উষ্ণ+√মণ্ড্‌+অল] বি. গ্রীষ্মপ্রধান অঞ্চল।

উষ্ণা /উশ্‌না/ [স. উষ্ণ >] বিণ. সেদ্ধ করা হয়েছে এমন, সিজানো।

উষ্ণীষ /উশ্‌নিশ্‌/ [স. উষ্ণ+√ঈষ্‌+অ] বি. পাগড়ি, কিরীট।

উষ্ণীষকমল /উশ্‌নিশ্‌কমোল্‌/ [স. উষ্ণীষ+কমল] বি. বৌদ্ধতন্ত্রে বর্ণিত মাথার ওপরে স্থিত পদ্ম।

উষ্ম /উশ্‌মো/ [স. √উষ্‌+ম] বি. ১ তপ্ততা; তাপ, উত্তাপ। ২ গ্রীষ্মকাল। ৩ ক্রোধ, উত্তেজনা। ৪ আক্ষেপ। ৫ প্রখরতা। ৬ তাপমাত্রা। বিণ. (ব্যা.) (উচ্চারণকালে) শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত (*উষ্মবর্ণ*)।

উষ্মবর্ণ /উশ্‌মোবর্‌নো/ [স. উষ্ম+বর্ণ] বি. উচ্চারণ-কালে শ্বাসবায়ুর প্রাধান্যযুক্ত বর্ণ (শ ষ স হ)।

উষ্মা /উশ্‌মা/ [স. √উষ্‌+মন্‌] বি. ১ তাপ। ২ ক্রোধ, ক্ষোভ (*উষ্মা প্রকাশ*); উত্তেজনা।

উসকা /উশ্‌কা/ [বা.] ক্রিবি. ১ প্রদীপের আলো উজ্জ্বল করার জন্য সলতে ঠেলে বাড়িয়ে দেওয়া। ২ প্ররোচিত করা।

উসকানি /উশ্‌কানি/ [বা.] বি. ১ প্ররোচনা। ২ উত্তেজনা।

উসকানো /উশ্‌কানো/ [বা.] ক্রিবি. ১ প্রদীপের আলো উজ্জ্বল করার জন্য সলতে বাড়িয়ে দেওয়া। ২ উত্তেজিত করা; প্ররোচিত করা। ৩ ফোড়া প্রভৃতির মুখ ফাটিয়ে দেওয়া। বিণ. প্ররোচিত।

উসুল /উশুল্‌/ [আ.] বি. ১ আদায়। ২ জমা। ৩ ক্ষতিপূরণ।

উস্রি /উস্‌স্রি/ [স. উষা >] বি. সকালের আলো।

উহা /উহা/ [স. অদস্‌ >] সর্ব. ১ ওই ব্যক্তি প্রাণী বস্তু বা বিষয়। ২ তাহা, তা।

উহুঁ /উহুঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. অসম্মতিসূচক শব্দ।

উহ্‌ /উহ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. কাতরতা বা উল্লাস প্রকাশ করে এমন শব্দ।

উহ্য /উজ্‌ঝো/ [স. √বহ্‌+অ] বিণ. বহনীয়। তুল. ঊহ্য (পৃ ২২২)।

উহ্যমান /উজ্‌ঝোমান্‌/ [স. √বহ্‌+মান (শানচ্‌)] বিণ. ১ নীত হচ্ছে এমন, নীয়মান। ২ আকর্ষিত হচ্ছে এমন। বি. সামগানের গ্রন্থবিশেষ।

www.pathagar.com

ঊ /দির্ঘো ঊ/

ঊ /দির্ঘো ঊ/ বাংলা বর্ণমালার ষষ্ঠ স্বরবর্ণ এবং ওষ্ঠদ্বারা উচ্চার্য মৌলিক স্বরধ্বনির প্রতীক (সংস্কৃতে ঊ-র উচ্চারণ দীর্ঘ হলেও বাংলায় হ্রস্ব এবং হ্রস্ব উ-র মতো)।

ঊ-কার /দির্ঘো উকার/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঊ-স্বর যুক্তকরণের চিহ্ন 'ূ'।

ঊঢ় /ঊঢ়ো/ [স. √বহ্+ত] বিণ. ১ বিবাহিত। ২ বহন করা হয়েছে এমন, বাহিত।

ঊঢ়ি /ঊঢ়ি/ [স. √বহ্+তি] বি. পরিণয়, বিবাহ।

ঊণ /ঊন/ [স. ঊর্ণা >] বি. পশুর লোম থেকে তৈরি সুতা, wool।

ঊত /ঊতো/ [স. √ঊয়্+ত] বিণ. বোনা হয়েছে এমন, woven।

ঊতি /ঊতি/ [স. √ঊয়্+তি] বি. বয়ন, সেলাই।

ঊনচত্বারিংশ /ঊনোচত্তারিংশো/ [স. ঊন+চত্বারিংশ] বিণ. ৩৯ সংখ্যক।

ঊনচত্বারিংশৎ /ঊনোচত্তারিংশত্/ [স. ঊনচত্বারিন্+শৎ] বি. ৩৯ সংখ্যা। বিণ. ৩৯ সংখ্যক।

ঊনচত্বারিংশত্তম /ঊনোচত্তারিংশত্তমো/ [স. ঊন+চত্বারিংশৎ+তমট্] বিণ. ৩৯ সংখ্যক; ৩৯ স্থানীয়। স্ত্রী. **ঊনচত্বারিংশত্তমী** /ঊনোচত্তারিংশত্তোমি/।

ঊনত্রিংশ /ঊনোত্রিংশো/ [স. ঊন+ত্রিংশৎ+অ] বিণ. ২৯ সংখ্যক।

ঊনত্রিংশৎ /ঊনোত্রিংশত্/ [স. ঊন+ত্রিদশন্+শৎ] বি. ২৯ সংখ্যা। বিণ. ২৯ সংখ্যক।

ঊনত্রিংশত্তম /ঊনোত্রিংশত্তমো/ [স. ঊনত্রিংশৎ+তমট্] বিণ. ২৯ সংখ্যক; ২৯ স্থানীয়। স্ত্রী. **ঊনত্রিংশত্তমী** /ঊনোত্রিংশত্তোমি/।

ঊননবতি /ঊনোনবোতি/ [স. ঊন+নবতি] বি. ৮৯ সংখ্যা। বিণ. ৮৯ সংখ্যক।

ঊননবতিতম /ঊনোনবোতিতমো/ [স. ঊননবতি+তমট্] বিণ. ৮৯ সংখ্যক; ৮৯ স্থানীয়। স্ত্রী. **ঊননবতিতমী** /ঊনোনবোতিতোমি/।

ঊনপঞ্চাশৎ /ঊনোপন্চাশত্/ [স. ঊন+পঞ্চদশন্+শৎ] বি. ৪৯ সংখ্যা। বিণ. ৪৯ সংখ্যক।

ঊনপঞ্চাশত্তম /ঊনোপনচাশত্তমো/ [স. ঊন+পঞ্চাশৎ+তমট্] বিণ. ৪৯ সংখ্যক; ৪৯ স্থানীয়। স্ত্রী. **ঊনপঞ্চাশত্তমী** /ঊনোপন্চাশত্তোমি/।

ঊনবিংশ /ঊনোবিংশো/ [স. ঊন+বিংশ] বিণ. ১৯ সংখ্যক।

ঊনবিংশতি /ঊনোবিংশোতি/ [স. ঊন+দ্বিদশৎ+শতি] বি. ১৯ সংখ্যা। বিণ. ১৯ সংখ্যক।

ঊনবিংশতিতম /ঊনোবিংশোতিতমো/ [স. ঊন+বিংশতি+তমট্] বিণ. ১৯ সংখ্যক; ১৯ স্থানীয়। স্ত্রী. **ঊনবিংশতিতমী** /ঊনোবিংশোতিতোমি/।

ঊনষষ্টি /ঊনোশোশ্টি/ [স. ঊন+ষট্দশৎ+তি] বি. ৫৯ সংখ্যা। বিণ. ৫৯ সংখ্যক।

ঊনষষ্টিতম /ঊনোশোশ্টিতমো/ [স. ঊনষষ্টি+তমট্] বিণ. ৫৯ সংখ্যক; ৫৯ স্থানীয়। স্ত্রী. **ঊনষষ্টিতমী** /ঊনোশোশ্টিতোমি/।

ঊনসপ্ততি /ঊনোশপ্তোতি/ [স. ঊন+সপ্তদশৎ+তি] বি. ৬৯ সংখ্যা। বিণ. ৬৯ সংখ্যক।

ঊনসপ্ততিতম /ঊনোশপ্তোতিতমো/ [স. ঊনসপ্ততি+তমট্] বিণ. ৬৯ সংখ্যক; ৬৯ স্থানীয়। স্ত্রী. **ঊনসপ্ততিতমী** /ঊনোশপ্তোতিতোমি/।

ঊনাশীতি /ঊনাশিতি/ [স. ঊন+অষ্টদশন্+তি] বি. ৭৯ সংখ্যা। বিণ. ৭৯ সংখ্যক।

ঊনাশীতিতম /ঊনাশিতিতমো/ [স. ঊনাশীতি+তমট্] বিণ. ৭৯ সংখ্যক; ৭৯ স্থানীয়। স্ত্রী. **ঊনাশীতিতমী** /ঊনাশিতিতোমি/।

ঊরু /ঊরু/ [স. √ঊর্ণু+উ] বি. মানবদেহের কুঁচকি থেকে হাঁটু পর্যন্ত অংশ, উরুত।

ঊরুভঙ্গ /ঊরুভংগো/ [স. ঊরু+√ভন্জ্+অ] বি. ১ ভাঙা ঊরু। ২ হাঁটুর উপরিভাগ।

ঊর্জস্বল /ঊর্জোশ্শল্/ [স. ঊর্জস্+বল] বিণ. বলবান, বলিষ্ঠ, শক্তিশালী, পরাক্রান্ত।

ঊর্জস্বান /ঊর্জোশ্বান্/ [স. ঊর্জস্+বৎ] বিণ. বলবান, বলিষ্ঠ। স্ত্রী. **ঊর্জস্বতী**/ঊর্জোশ্বোতি/।

ঊর্ধ্ব /ঊর্ধো/ [স. উদ্+√হা+অ] বি. ১ ওপরের দিক, উপরিভাগ। ২ উচ্চতা (*ঊর্ধ্বে তিন হাত*)।

www.pathagar.com

বিণ. ১ বেশি (*ঊর্ধ্বপক্ষে*)। ২ ওপরে অবস্থিত (*ঊর্ধ্বগগনে বাজে মাদল*)। ৩ উন্নত (*ঊর্ধ্ববাহু*)।

ঊর্ধ্বকণ্ঠ /উর্ধোকন্ঠো/ [স. ঊর্ধ্ব+√কণ্+ঠ] বিণ. ১ উচ্চকণ্ঠ। ২ উন্নতগ্রীব। ৩ উদ্‌গ্রীব।

ঊর্ধ্বকমা /উর্ধোকমা/ [স. ঊর্ধ্ব+লা. কমা] বি. কোনো উহ্য বর্ণ বা সংখ্যার পরিবর্তে ব্যবহৃত চিহ্ন (’)।

ঊর্ধ্বকর্ণ /উর্ধোকর্‌নো/ [স. ঊর্ধ্ব+কর্ণ] বিণ. শোনার জন্য কান খাড়া হয়ে আছে এমন, উৎকর্ণ।

ঊর্ধ্বকায় /উর্ধোকায়/ [স. ঊর্ধ্ব+√চি+অ] বি. নাভির ওপরের অংশ। বিণ. উন্নতদেহ।

ঊর্ধ্বগ /উর্ধগো/ [স. ঊর্ধ্ব+√গম্+অ] বিণ. ১ ক্রমে ওপরে উঠছে এমন, ঊর্ধ্বে গমনশীল। ২ আকাশ-বিহারী। ৩ সৎপথগামী; ধার্মিক। ৪ স্বর্গগামী। বি. ১ বিষ্ণু। ২ বায়ুরোগবিশেষ।

ঊর্ধ্বগতি /উর্ধোগোতি/ [স. ঊর্ধ্ব+√গম্+তি] বি. ১ ঊর্ধ্বে গমন। ২ উন্নতি, সমৃদ্ধি। ৩ পারলৌকিক সদ্‌গতি। বিণ. বর্ধনশীল (*ঊর্ধ্বগতি মূল্য*)।

ঊর্ধ্বগামী /উর্ধোগামি/ [স. ঊর্ধ্ব+√গম্+ইন্] বিণ. ওপরের দিকে গমনশীল। বি. **ঊর্ধ্বগামিতা** /উর্ধোগামিতা/।

ঊর্ধ্বগ্রীব /উর্ধোগ্রিবো/ [স. ঊর্ধ্ব+গ্রীবা] বিণ. ১ উন্নত গ্রীবাবিশিষ্ট। ২ উদ্‌গ্রীব।

ঊর্ধ্বচারী /উর্ধোচারি/ [স. ঊর্ধ্ব+√চর্+ইন্] বিণ. ১ ঊর্ধ্বে বা শূন্যে বিচরণকারী। ২ কল্পনার জগতে বিচরণ করে এমন, কল্পনাপ্রবণ। ৩ উচ্চাকাঙ্ক্ষী। বি. **ঊর্ধ্বচারিতা** /উর্ধোচারিতা/।

ঊর্ধ্বতন /উর্ধোতনো/ [স. ঊর্ধ্ব+তন] বিণ. ১ উচ্চতর পদ বা অবস্থানে অধিষ্ঠিত রয়েছে এমন (*ঊর্ধ্বতন কর্তৃপক্ষ*)। ২ পূর্বতন, পূর্ববর্তী।

ঊর্ধ্বতল /উর্ধোতল্/ [স. ঊর্ধ্ব+তল] বি. উপরি-তল।

ঊর্ধ্বদৃষ্টি /উর্ধোদৃশ্‌টি/ [স. ঊর্ধ্ব+√দৃশ্+তি] বিণ. ১ ওপরের দিকে তাকিয়ে আছে এমন। ২ উদাস দৃষ্টিসম্পন্ন, উদাসীন। বি. ১ মুমূর্ষু অবস্থায় ওপরের দিকে নিবদ্ধ দৃষ্টি। ২ যোগদৃষ্টি।

ঊর্ধ্বদেহ /উর্ধোদেহো/ [স. ঊর্ধ্ব+দেহ] বি. প্রেতদেহ; সূক্ষ্ম দেহ।

ঊর্ধ্বনয়ন /উর্ধোনয়োন্/ [স. ঊর্ধ্ব+নয়ন] বিণ. বি. দ্র **ঊর্ধ্বদৃষ্টি**।

ঊর্ধ্বনেত্র /উর্ধোনেত্রো/ [স. ঊর্ধ্ব+নেত্র] বিণ. বি. দ্র **ঊর্ধ্বদৃষ্টি**।

ঊর্ধ্বপক্ষে /উর্ধোপোক্‌খে/ [স. ঊর্ধ্বপক্ষ+বা. এ] ক্রিবিণ. বড়োজোর, বেশির পক্ষে।

ঊর্ধ্বপাতন /উর্ধোপাতোন্/ [স. ঊর্ধ্ব+পাতন] বি. (রসা.) তাপ প্রয়োগ করে উদ্‌বায়ী কঠিন পদার্থকে সরাসরি বায়বীয় পদার্থে রূপান্তরণের পর পুনরায় ঠান্ডা করে কঠিন পদার্থে পরিণত করে শোধনের প্রক্রিয়া; (পরি.) sublimation।

ঊর্ধ্বফণা /উর্ধোফনা/ [স. ঊর্ধ্ব+ফণা] বিণ. উদ্যত ফণাবিশিষ্ট।

ঊর্ধ্ববর্ত্ম /উর্ধোবর্‌তো/ [স. ঊর্ধ্ব+√বৃত্+মন্] বি. শূন্যমার্গ, আকাশপথ।

ঊর্ধ্ববাহু /উর্ধোবাহু/ [স. ঊর্ধ্ব+√বাধ্+উ] বিণ. হাত উঁচু করে আছে এমন, ঊর্ধ্বহস্ত। বি. **ঊর্ধ্ব-হস্ত** সন্ন্যাসীবিশেষ।

ঊর্ধ্বভাগ /উর্ধোভাগ/ [স. ঊর্ধ্ব+ভাগ] বি. ১ ওপরের অংশ, শীর্ষদেশ। ২ শ্রেষ্ঠ অংশ।

ঊর্ধ্বরেতা /উর্ধোরেতা/ [স. ঊর্ধ্বরেতঃ >] বিণ. জিতেন্দ্রিয়। বি. ১ নিষ্ঠাবান ব্রহ্মচারী। ২ শিব।

ঊর্ধ্বলোক /উর্ধোলোক্/ [স. ঊর্ধ্ব+লোক] বি. বেহেশত, স্বর্গ।

ঊর্ধ্বশ্বাস /উর্ধোশ্‌শাশ্/ [স. ঊর্ধ্ব+√শ্বস্+অ] বি. ১ শারীরিক পরিশ্রমের ফলে ঘনঘন শ্বাস। ২ দ্রুত শ্বাস, ঘনঘন শ্বাস।

ঊর্ধ্বশ্বাসে /উর্ধোশ্‌শাশে/ [স. ঊর্ধ্বশ্বাস+বা. এ] ক্রিবিণ. ১ অতিশয় দ্রুতবেগে, তীব্র গতিতে (*ঊর্ধ্ব-শ্বাসে ছুটে চলা*)। ২ সঘন নিশ্বাসের সঙ্গে।

ঊর্ধ্বসীমা /উর্ধোশিমা/ [স. ঊর্ধ্ব+সীমা] বি. সর্বোচ্চ সীমা (*গতির ঊর্ধ্বসীমা*)।

ঊর্ধ্বস্থ /উর্ধোস্‌থো/ [স. ঊর্ধ্ব+√স্থা+অ] বিণ. ঊর্ধ্বে অবস্থিত, উপরিস্থিত।

ঊর্ধ্বস্থিত /উর্ধোস্‌থিতো/ [স. ঊর্ধ্ব+√স্থা+ত] বিণ. ওপরে অবস্থিত।

ঊর্বস্থি /উর্বোস্‌থি/ [স. ঊরু+√অস্+থি] বি. ঊরুর হাড়।

ঊর্মি /উর্মি/ [স. √ঋ+মি] বি. তরঙ্গ, ঢেউ।

ঊর্মিমালা /উর্মিমালা/ [স. ঊর্মি+মালা] বি. ঢেউয়ের পর ঢেউ, তরঙ্গমালা।

www.pathagar.com

ঊর্মিমালী /ঊর্‌মিমালি/ [স. ঊর্মিমালা+ইন্] বি. সমুদ্র।

ঊর্মিল /ঊর্‌মিলো/ [স. ঊর্মি+√লা+অ] বিণ. তরঙ্গিত, ঢেউখেলানো, undulating।

ঊর্মিলা /ঊর্‌মিলা/ [স. ঊর্মি+√লা+অ+আ (টাপ্)] বি. রামায়ণে বর্ণিত রামের ভ্রাতা লক্ষ্মণের পত্নী।

ঊলূপ /ঊলুপ/ [স. উৎ+√লুপ্+অ] বি. ১ নাগরাজ কৌরবের কন্যা ও অর্জুনের একজন পত্নীর নাম। ২ চন্দ্র, শশধর।

ঊষর /ঊশর্/ [স. √ঊষ্+র] বিণ. ১ অনুর্বর। ২ ক্ষার-যুক্ত, নোনা। বি. অনুর্বর ভূমি।

ঊহিনী /ঊহিনি/ [স. √ঊহ্+ইন্+ঈ] বি. সমষ্টি; সমবায়।

ঊহ্য /ঊজ্ঝো/ [স. √ঊহ্+য] বিণ. ১ অনুক্ত, অনুচ্চারিত; অনুল্লিখিত, অব্যক্ত। ২ প্রকাশিত না হলেও আছে বলে কল্পিত বা অনুমিত, অনুমেয়। ৩ অপ্রকটিত। তুল. ঊহ্য (পৃ ২১৯)।

www.pathagar.com

ঋ /রি/

ঋ /রি/ বাংলা বর্ণমালার সপ্তম স্বরবর্ণ। ঋ-কে স্বরবর্ণরূপে গণ্য করা হলেও এই বর্ণের উচ্চারণ ব্যঞ্জনবর্ণ র-এর মতো।

ঋ-কার /রিকার/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঋ যুক্তকরণের চিহ্ন ‘ৃ’।

ঋকারাদি /রিকারাদি/ [স. ঋকার+আদি] বিণ. আদিতে ঋ-কার আছে এমন।

ঋকারান্ত /রিকারান্‌তো/ [স. ঋকার+অন্ত] বিণ. অন্তে ঋ-কার আছে এমন।

ঋক্ /রিক্/ [স. √ঋচ্+ক্বিপ্] বি. ১ বেদের শ্লোক বা ছন্দোবদ্ধ মন্ত্রবিশেষ। ২ ঋগ্‌বেদ। ৩ গায়ত্রী। ৪ পূজা; স্তুতি, প্রশংসা।

ঋক্‌থ /রিক্‌থো/ [স. √ঋচ্+থ] বি. ১ উত্তরাধিকার-সূত্রে প্রাপ্ত ধনসম্পত্তি। ২ মৃতব্যক্তির স্থাবর অস্থাবর সম্পত্তি। ৩ স্বর্গ, বেহেশত।

ঋক্ষ /রিক্‌খো/ [স. √ঋষ্+স] বি. ১ ভল্লুক, ভালুক। ২ নক্ষত্র। ৩ নর্মদা নদীর তীরে অবস্থিত পাহাড়। ৪ শোনাক বৃক্ষ।

ঋক্ষগন্ধ /রিক্‌খোগন্‌ধো/ [স. ঋক্ষ+√গন্ধ্+অ] বি. ভুঁইকুমড়ো।

ঋক্ষমণ্ডল /রিক্‌খোমন্‌ডোল্/ [স. ঋক্ষ+মণ্ডল] বি. পুরাণে কল্পিত সাতজন ঋষির নামে (মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু ও বশিষ্ঠ) খ্যাত উত্তর-আকাশে দৃশ্যমান সাতটি উজ্জ্বল নক্ষত্র, সপ্তর্ষিমণ্ডল, Ursa Major।

ঋক্ষরাজ /রিক্‌খোরাজ্/ [স. ঋক্ষ+রাজন্] বি. ১ নক্ষত্রপতি, চাঁদ। ২ ভল্লুকরাজ জাম্বুবান।

ঋগ্‌বেদ /রিগ্‌বেদ্/ [স. ঋক্+বেদ] বি. চতুর্বেদের প্রথম ও প্রধান বেদ।

ঋজু /রিজু/ [স. √অর্জ্+উ] বিণ. ১ অবক্র, সোজা। ২ সরল, অকপট। ৩ সুবোধ্য। ৪ অনুকূল; হিতকর। ৫ বিলাসবর্জিত। বি. ~তা /-তা/।

ঋজুকায় /রিজুকায়্/ [স. ঋজু+√চি+অ] বিণ. সোজা বা অবক্র দেহবিশিষ্ট। বি. অবক্র শরীর।

ঋজুত্ব /রিজুত্‌তো/ [স. ঋজু+ত্ব] বি. সরলতা, প্রাঞ্জলতা; অকপটতা।

ঋজুপ্রকৃতি /রিজুপ্রোকৃতি/ [স. ঋজু+প্র+√কৃ+তি] বিণ. সরলমতি, অকপট।

ঋজুরেখ /রিজুরেখ্/ [স. ঋজু+√লিখ্+অ] বিণ. সরল-রেখায় অবস্থিত, rectilinear।

ঋজুরেখা /রিজুরেখা/ [স. ঋজু+√লিখ্+অ+আ (টাপ্)] বি. দুটি বিন্দুর মধ্যবর্তী ক্ষুদ্রতম দূরত্ব, সরলরেখা।

ঋজুস্বভাব /রিজুশভাব্/ [স. ঋজু+স্বভাব] বিণ. সরলপ্রকৃতি, অকপট।

ঋজূকরণ /রিজুকরোন্/ [স. ঋজু+চ্বি+করণ] বি. সরলীকরণ।

ঋণ /রিন্/ [স. √ঋ+ত] বি. ১ ফেরত দেওয়া হবে এমন শর্তে অন্যের কাছ থেকে সাময়িকভাবে অর্থ বা অন্য কোনো বস্তু গ্রহণ, কর্জ, ধার; দেনা। ২ (গ.) বিয়োগচিহ্ন, minus।

ঋণখেলাপি /রিন্‌খেলাপি/ [স. ঋণ+আ. খেলাপি] বি. ১ শর্তানুযায়ী ঋণ পরিশোধে ব্যর্থতা। ২ ঋণ পরিশোধে আগ্রহী নয় এমন ব্যক্তি। বিণ. ঋণ পরিশোধ করতে ব্যর্থ হয়েছে এমন।

ঋণগ্রস্ত /রিনোগ্‌গ্রোস্‌তো/ [স. ঋণ+√গ্রস্+ত] বিণ. দেনায় ডুবে আছে এমন, দেনাদার, ঋণী, অধমর্ণ।

ঋণগ্রহ /রিন্‌গ্রোহো/ [স. ঋণ+√গ্রহ্+অ] বি. ঋণ-গ্রহণ।

ঋণগ্রহীতা /রিন্‌গ্রোহিতা/ [স. ঋণ+√গ্রহ্+তৃ] বি. বিণ. ঋণ গ্রহণ করেছে এমন, অধমর্ণ, খাতক।

ঋণগ্রাহক /রিন্‌গ্রাহোক্/ [স. ঋণ+গ্রাহক] বি. বিণ. দ্র ঋণগ্রহীতা।

ঋণচিহ্ন /রিন্‌চিন্‌নো/ [স. ঋণ+√চিহ্ন+অ] বি. (গ.) বিয়োগচিহ্ন, ‘–’ এই চিহ্ন।

ঋণচুক্তি /রিনচুক্‌তি/ [স. ঋণ+বা. চুক্তি] বি. ঋণ গ্রহণের শর্তাবলি উল্লেখসহ সম্পাদিত দলিল।

ঋণজর্জরিত /রিনোজর্‌জোরিতো/ [স. ঋণ+√জর্জর্+ণিচ্+ত] বিণ. ঋণের দায়ে ক্লিষ্ট।

ঋণজাল /রিনোজাল্/ [স. ঋণ+√জল্+অ] বি. দেনার দায়।

ঋণদ /রিনদো/ [স. ঋণ+√দা+অ] বিণ. বি. উত্তমর্ণ, ঋণদাতা।

www.pathagar.com

ঋণদাতা /রিন্‌দাতা/ [স. ঋণ+√দা+তৃ] বি. বিণ. ঋণদানকারী, উত্তমর্ণ।

ঋণদাস /রিনোদাশ্‌/ [স. ঋণ+√দাস্‌+অ] বি. ঋণ পরিশোধে অক্ষমতার জন্য যে ব্যক্তি ঋণদাতার দাসত্ব স্বীকার করে।

ঋণপত্র /রিন্‌পত্‌ত্রো/ [স. ঋণ+√পত্‌+ত্র] বি. ঋণের দলিল, তমসুক, খত, debenture।

ঋণমুক্ত /রিন্‌মুক্‌তো/ [স. ঋণ+√মুচ্‌+ত] বিণ. দেনার দায় থেকে মুক্ত।

ঋণমুক্তি /রিন্‌মুক্‌তি/ [স. ঋণ+√মুচ্‌+তি] বি. দেনার দায় থেকে মুক্তি।

ঋণাত্মক /রিনাত্‌তঁক্‌/ [স. ঋণ+আত্মন্‌+ক] বিণ. ১ নেতিবাচক, নঞর্থক, না-সূচক। ২ বিপরীতধর্মী।

ঋণিক /রিনিক্‌/ [স. ঋণ+ইক্‌] বি. বিণ. অধমর্ণ, ঋণী।

ঋণিতা /রিনিতা/ [স. ঋণ+ইন্‌+তা] বি. ঋণগ্রস্ত অবস্থা।

ঋণী /রিনি/ [স. ঋণ+ইন্‌] বিণ. ১ ঋণগ্রস্ত, খাতক, দেনাদার। ২ উপকারীর নিকট কৃতজ্ঞ।

ঋত /রিতো/ [স. √ঋ+ত] বি. সত্য। বিণ. ১ সত্য-পালক। ২ পূজিত। ৩ প্রাপ্ত। ৪ পীড়িত। ৫ দীপ্ত।

ঋতপর্ণ /রিতোপর্‌নো/ [স. ঋত+√পৃ+ন] বি. অযোধ্যার সূর্যবংশীয় পৌরাণিক নৃপতিবিশেষ।

ঋতম্ভর /রিতম্‌ভর্‌/ [স. ঋত+√ভৃ+অ] বিণ. সত্য-পালক। বি. বিষ্ণু। স্ত্রী. ঋতম্ভরা /রিতম্‌ভরা/।

ঋতানৃত /রিতানন্‌তো/ [স. ঋত+অনৃত] বি. সত্য-মিথ্যা।

ঋতি /রিতি/ [স. √ঋ+তি] বি. ১ গমন; গতি। ২ সৌভাগ্য; মঙ্গল। ৩ স্পর্ধা। ৪ স্মৃতি।

ঋতু /রিতু/ [স. √ঋ+তু] বি. ১ বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে বছরের ছয়টি প্রাকৃতিক বিভাগ (গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত ও বসন্ত), মৌসুম, season। ২ স্ত্রী-রজঃ, মাসিক রক্তস্রাব।

ঋতুকামিনী /রিতুকামিনি/ [স. ঋতু+কাম+ইন্‌+ঈ] বি. পৃথিবী।

ঋতুকাল /রিতুকাল্‌/ [স. ঋতু+কাল] বি. যে কয়েকদিন স্ত্রীলোকের ঋতুস্রাব থাকে, রজঃস্বলা অবস্থা।

ঋতুনাথ /রিতুনাথ্‌/ [স. ঋতু+নাথ] বি. দ্র ঋতু-পতি।

ঋতুপতি /রিতুপোতি/ [স. ঋতু+√পা+অতি] বি. ঋতুরাজ, বসন্তকাল।

ঋতুপরিবর্তন /রিতুপোরিবর্‌তোন্‌/ [স. ঋতু+পরিবর্তন] বি. এক ঋতুর সমাপ্তি ও অন্য ঋতুর সূচনা।

ঋতুপর্ণ /রিতুপর্‌নো/ [স. ঋতু+√পৃ+ন] বি. অযোধ্যার সূর্যবংশীয় নৃপতিবিশেষ।

ঋতুপর্ণা /রিতুপর্‌না/ [স. ঋতুপর্ণ+আ (টাপ্‌)] বি. ঋতুপত্রধারী বৃক্ষ, চিরহরিৎ নয় এমন বৃক্ষ।

ঋতুমতী /রিতুমোতি/ [স. ঋতু+মৎ+ঈ] বিণ. রজঃস্বলা, ঋতুযুক্তা।

ঋতুরাজ /রিতুরাজ্‌/ [স. ঋতু+রাজন্‌] বি. বসন্ত-কাল।

ঋতুস্নান /রিতুস্‌নান্‌/ [স. ঋতু+স্নান] বি. ঋতুমতী নারীর চতুর্থ দিবসে স্নান করার সংস্কার।

ঋত্বিক /রিত্‌তিক্‌/ [স. ঋতু+√যজ্‌+ক্বিপ্‌] বি. যজ্ঞের পুরোহিত, যাজক।

ঋদধ /রিদ্‌ধো/ [স. √ঋধ্‌+ত] বিণ. ১ সমৃদ্ধ, উন্নত। ২ ধনবান। ৩ সৌভাগ্যশালী।

ঋদ্ধি /রিদ্‌ধি/ [স. √ঋধ্‌+তি] বি. ১ সমৃদ্ধি, উন্নতি; শ্রীবৃদ্ধি। ২ সৌভাগ্য। ৩ সম্পত্তি।

ঋদ্ধিমান /রিদ্‌ধিমান্‌/ [স. ঋদ্ধি+মৎ] বিণ. ১ সমৃদ্ধ-শালী, ধনবান। ২ সৌভাগ্যশালী। স্ত্রী. ঋদ্ধিমতী /রিদ্‌ধিমোতি/।

ঋভু /রিভু/ [স. ঋ+√ভূ+উ] বি. ১ দেবতাবিশেষ। ২ দেবত্বপ্রাপ্ত মানুষ। বিণ. মেধাবী।

ঋষভ /রিশভ্‌/ [স. √ঋষ্‌+অভ] বি. ১ বৃষ। ২ শ্রেষ্ঠজন। ৩ স্বরগ্রামের দ্বিতীয় স্বর 'রে' ধ্বনি। ৪ পুরাণে বর্ণিত পর্বতবিশেষ।

ঋষি /রিশি/ [স. √ঋষ্‌+ই] বি. ১ শাস্ত্রজ্ঞ তপস্বী, মুনি, যোগী, দরবেশ, সুফি। ২ শাস্ত্রপ্রণেতা; বেদমন্ত্রদ্রষ্টা। ৩ বাঙালি চর্মকার জাতি।

ঋষিকল্প /রিশিকল্‌পো/ [স. ঋষি+√কল্প্‌+অ] বিণ. ঋষিতুল্য ও জ্ঞানী।

ঋষিতা /রিশিতা/ [স. ঋষি+তা] বি. ঋষির অবস্থা; ঋষির গুণ।

ঋষিতুল্য /রিশিতুল্‌লো/ [স. ঋষি+তুলা+য] বিণ. ১ ঋষির মতো জ্ঞানী। ২ ঋষিসদৃশ।

ঋষিপ্রোক্ত /রিশিপ্রোক্‌তো/ [স. ঋষি+প্র+উক্ত] বিণ. ঋষি কর্তৃক উচ্চারিত।

www.pathagar.com

ঋষিশ্রাদধ /রিশিস্রাদ্‌ধো/ [স. ঋষি+শ্রদ্ধা+অ] বি. ঋষির শ্রাদধানুষ্ঠান (যে অনুষ্ঠানে কলাপাতা বিছানো হলেও খাদ্য পরিবেশন করা হয় না)।

ঋষ্ট /রিশ্‌টো/ [স. √ঋষ্+ত] বিণ. অশুভকর, অকল্যাণজনক। বি. ১ সর্বাঙ্গে শ্বেত বিন্দুশোভিত হরিণ। ২ কল্পিত গ্রহদোষ।

ঋষ্টি /রিশ্‌টি/ [স. √ঋষ্+তি] বি. ১ কল্পিত অশুভ গ্রহদোষ। ২ দুদিকে ধারালো প্রান্তবিশিষ্ট খড়্গ, শাঁখের করাত।

ঋষ্য /রিশ্‌শো/ [স. √ঋষ্+য] বি. কৃষ্ণসার মৃগ; হরিণ।

ঋষ্যমূক /রিশ্‌শোমুক্/ [স. ঋষ্য+মূক] বি. রামায়ণে বর্ণিত দক্ষিণভারতের পর্বতবিশেষ।

ঋষ্যশৃঙ্গ /রিশ্‌শোসৃংগো/ [স. ঋষ্য+√শৃ+গ] বি. ১ রামায়ণে উল্লিখিত ঋষিবিশেষ। ২ পৌরাণিক মুনিবিশেষ। ৩ হরিণের শিং।

www.pathagar.com

এ /এ/

এ[১] /এ/ বাংলা বর্ণমালার অষ্টম স্বরবর্ণ এবং উচ্চমধ্য অর্ধসংবৃত মৌলিক স্বরধ্বনির দ্যোতক। এ-র উচ্চারণস্থান কণ্ঠ-তালু।

এ[২] /এ/ সর্ব. এই; এই ব্যক্তি বস্তু প্রাণী বা বিষয়-সূচক সর্বনাম (*এ কী?*)। অব্য. হে ওহে প্রভৃতি বোধক সম্বোধন। বিণ. এই (*এ কথা জানিতে তুমি, ভারত-ঈশ্বর শা-জাহান,* রবীন্দ্র.); সম্মুখবর্তী নিকটস্থিত আলোচ্য ইত্যাদির নির্দেশক (*এ পথে আমি-যে গেছি বার বার,* রবীন্দ্র.)।

এ[৩] /এ/ অব্য. বাংলা প্রত্যয়বিশেষ; বাংলা বিভক্তি-বিশেষ।

এই /এই/ [স. এতদ্ >] বিণ. ১ সম্মুখবর্তী, নিকটস্থ। ২ আলোচ্য (*এই বিষয়*)। ৩ শেষোক্ত (*এই অবধি*)। ৪ সদৃশ (*এইরূপে*)। অব্য. ১ হে ওহে ওগো প্রভৃতি বোধক সম্বোধন (*এই যে, শুনছ!*)। ২ হতাশা বিস্ময় প্রভৃতি সূচক ধ্বনি (*এই রে*)। সর্ব. ইহা। ক্রিবিণ. এখনই (*এই আসছি*)।

এইচআইভি /এইচ্‌আইভি/ [ই.] বি. মানবদেহের রোগ প্রতিরোধের স্বাভাবিক ক্ষমতাকে ধ্বংস করে এমন ভাইরাস, human immunodeficiency virus-এর সংক্ষিপ্ত রূপ, HIV।

এইজন্য /এইজোন্যো/ [বা.] অব্য. এই কারণে, এই উদ্দেশ্যে।

এইটা /এইটা/ [বা.] সর্ব. (তুচ্ছার্থে) এই ব্যক্তি বস্তু বা জন্তু।

এইটি /এইটি/ [বা.] সর্ব. (আদরার্থে) এই ব্যক্তি বস্তু বা জন্তু।

এইটুকু /এইটুকু/ [বা.] বি. বিণ. এটুকু।

এইডস /এইড্‌স্/ [ই.] বি. মানবদেহের রোগ প্রতি-রোধের স্বাভাবিক ক্ষমতা খর্ব করে এমন উপসর্গ, acquired immune deficiency syndrome-এর সংক্ষিপ্ত রূপ, AIDS।

এইবার /এইবার/ [বা.] ক্রিবিণ. এখন, এ যাত্রায়; ইহজীবনে; 'এবার'-এর সাধু রূপ।

এইভাবে /এইভাবে/ [বা.] ক্রিবিণ. এই প্রকারে; এই পদ্ধতিতে।

এইমতে /এইমতে/ [বা.] ক্রিবিণ. এইরূপে।

এইমাত্র /এইমাত্রো/ [বা.] ক্রিবিণ. একটু আগে (*এইমাত্র তোমার চিঠি পেলাম*)। বিণ. কেবল এটুকু; সামান্য পরিমাণ।

এই যে /এইজে/ [বা.] অব্য. সর্ব. সম্বোধনবিশেষ (*এই যে, শুনছ!*)।

এইরূপ /এইরূপ্/ [বা.] বিণ. এই প্রকার।

এইরূপে /এইরূপে/ [বা.] ক্রিবিণ. এইভাবে, এই প্রকারে।

এই রে /এই রে/ অব্য. বিরক্তি বিস্ময় প্রভৃতি সূচক অভিব্যক্তি।

এইসব /এইশব্/ [বা.] বিণ. এ সকল।

এও /এও/ [বা.] সর্ব. ১ যা বলা হলো তা (*এও কি সম্ভব?*)। ২ যার কথা বলা হলো সেই ব্যক্তি (*এও কি সঙ্গে যাবে?*)। ৩ দুই প্রকারই (*এও হয়*)। ৪ নানাবিধ বস্তু (*এও সঙ্গে নিতে হবে*)।

এওজ /এওজ্/ [আ.] বি. ১ বদল, বিনিময়; পরিবর্ত, বদলি। ২ প্রতিনিধি।

এঃ /এহ্/ [ধ্বন্যা.] অব্য. বিস্ময় ঘৃণা বিরক্তি প্রভৃতি প্রকাশক ধ্বনি (*এঃ, ভিজে গেছি*)।

এঁ /এঁ/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) ইনি (*এঁকে যেন কোথায় দেখেছি*)।

এঁকেবেঁকে /এঁকেবেঁকে/ [বা.] ক্রিবিণ. সাপের গতির মতো বহুস্থানে আঁকাবাঁকা হয়ে (*জল ছুটে যায় এঁকে বেঁকে মাঠের 'পরে।* রবীন্দ্র.); ঘুরেফিরে।

এঁচড় /এঁচোড়/ [বা.] বি. তরকারিরূপে রেঁধে খাওয়া যায় এমন কচি কাঁঠাল, ইচঁড়, গাছপাঁঠা।

এঁচড়ে পাকা /এঁচোড়ে পাকা/ বিণ. ১ অকালপক্ক। ২ ফাজিল। ৩ বখাটে; বাচাল।

এঁটুল /এঁটুল্/ [বা.] বি. গবাদিপশুর গায়ে এঁটে থেকে রক্ত শোষণ করে এমন কীট, আঁটুলি, tick।

এঁটুলি /এঁটুলি/ [বা.] বি. দ্র এঁটুল।

এঁটে /এঁটে/ [বা.] অসক্রি. শক্ত করে, কষে (*এঁটে বাঁধা*)। বি. কলা কচু প্রভৃতি গাছের শক্ত মূল বা কন্দ।

এঁটে ওঠা /এঁটে ওঠা/ ক্রিবি. পেরে ওঠা, সামলে ওঠা; সমকক্ষ হওয়া।

এঁটে যাওয়া /এঁটে যাওআ/ ক্রিবি. সংকুলান হওয়া, ধরা।

www.pathagar.com

এঁটেল /এঁটেল্/ [বা.] বি. শুকনো অবস্থায় শক্ত এবং ভেজা অবস্থায় আঠালো ও পিচ্ছিল মাটিবিশেষ। বিণ. আঠালো, পিচ্ছিল ও চটচটে (*এঁটেল মাটি*)।

এঁটো /এঁটো/ [স. উচ্ছিষ্ট>] বিণ. উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট। বি. উচ্ছিষ্ট খাদ্য, ভুক্তাবশিষ্ট দ্রব্য।

এঁটোকাঁটা /এঁটোকাঁটা/ [বা.] বি. খাওয়ার পর পাতে পড়ে থাকা দ্রব্য, উচ্ছিষ্ট খাদ্যদ্রব্য।

এঁটোখেকো /এঁটোখেকো/ [বা.] বিণ. ১ উচ্ছিষ্ট-ভোজী। ২ (আল.) পরমুখাপেক্ষী।

এঁটোপাত /এঁটোপাত/ [বা.] বি. উচ্ছিষ্ট পাত্র।

এঁড় /এঁড়/ [স. অণ্ড >] বি. অণ্ডকোষ, মুষ্ক।

এঁড়ে /এঁড়ে/ [বা.] বি. ষাঁড়, বলদ। বিণ. ১ পুরুষকুলের (*এঁড়ে বাছুর*)। ২ একগুঁয়ে (*এঁড়ে লোক*)।

এঁড়েতর্ক /এঁড়েতর্কো/ [বা.] বি. যুক্তিহীন একগুঁয়ে তর্ক।

এঁদের /এঁদের্/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) এই ব্যক্তিবর্গের, এই সকল ব্যক্তির, ইঁহাদের।

এঁদো /এঁদো/ [স. অন্ধ >] বিণ. ১ অন্ধকার ও সংকীর্ণ। ২ পরিত্যক্ত। ৩ পঙ্কিল; স্যাঁতসেঁতে।

এঁশে /এঁশে/ [স. অনুশয়ী >] বি. গবাদি পশুর খুর বা মুখের ঘা।

এঁষানি /এঁশানি/ [স. আমিষ >] বি. আমিষের গন্ধ; আঁশটে গন্ধ।

এক /অ্যাক্/ [স. √ই+ক] বি. সংখ্যা। বিণ. ১ এক সংখ্যাবিশিষ্ট; একটিমাত্র (*একজন*)। ২ অনির্দিষ্ট কোনো (*এক যে ছিল রাজা*)। ৩ পূর্ণ, ভরা (*এক গ্লাস পানি*)। ৪ একতাবদ্ধ (*একজাতি একপ্রাণ*)। ৫ অভিন্ন (*এক মায়ের সন্তান*)। ৬ মিশ্রিত। ৭ অদ্বিতীয়। ৮ অবিরাম (*একটানা বৃষ্টি*)।

এক আধ /অ্যাক্ আধ্/ বিণ. অতি অল্পসংখ্যক।

এক আধটা /অ্যাক্ আধ্টা/ বিণ. দুয়েকটি, কিছু সংখ্যক।

এক আধটু /অ্যাক্ আধ্টু/ বিণ. সামান্য পরিমাণ।

এক আধবার /অ্যাক্ আধ্বার্/ ক্রিবিণ. দুয়েকবার, কখনো কখনো।

একই /অ্যাক্ই/ [বা.] বিণ. ১ অভিন্ন (*একই মায়ের সন্তান*)। ২ সমান (*একই বয়সি*)। ৩ এক প্রকার (*একই কথা*)।

এক এক /এক্ এক্/ বিণ. ১ ভিন্ন ভিন্ন (*এক এক দেশে এক এক রীতি*)। ২ কোনো কোনো (*এক এক দিন*)। ক্রিবিণ. পরপর (*এক এক করে এসো*)।

একক /একক্/ [স. এক+ক (স্বার্থে)] বিণ. ১ অন্যের সাহায্য ব্যতীত (*একক প্রচেষ্টা*)। ২ একমাত্র। বি. ১ (গ.) কোনো সংখ্যার ডান দিক থেকে প্রথম অঙ্ক। ২ পূর্ণ রাশি। ৩ মাপকাঠি, unit।

এককড়া /অ্যাক্কড়া/ [বা.] বি. বিণ. অতি তুচ্ছ বা সামান্য পরিমাণ।

এক কথা /অ্যাক্ কথা/ বি. যে কথার নড়চড় হয় না, অপরিবর্তনীয় বাক্য (*সে এক কথার মানুষ*)।

এককলমি /অ্যাক্কলোমি/ [বা.] বি. বিণ. সংবাদ-পত্রে কেবল একটি কলম (column) লেখেন এমন, columnist।

এককাঁড়ি /অ্যাক্কাঁড়ি/ [বা.] বিণ. স্তূপীকৃত, রাশীকৃত; বহুল।

এককাট্টা /অ্যাক্কাট্টা/ [বা.] বিণ. নির্দিষ্ট উদ্দেশ্য-সাধনের লক্ষ্যে দলবদ্ধ।

এককাঠি সরেস /অ্যাক্কাঠি শরেশ্/ বিণ. (অবজ্ঞায়) অন্য কোনো ব্যক্তি বা বস্তুর চেয়ে উত্তম।

এককালীন /অ্যাক্কালিন্/ [স. এককাল+ঈন] বিণ. ১ একবারের মতো দেয় বা করণীয় (*এককালীন বরাদ্দ*)। ২ একই সময়ের, সামসময়িক। ক্রিবিণ. একই সময়ে, যুগপৎ।

এককালে /অ্যাক্কালে/ [বা.] ক্রিবিণ. কোনো এক সময়ে।

এক কুড়ি /অ্যাক্ কুড়ি/ বি. বিণ. ২০টির গুচ্ছ।

একখান /অ্যাক্খান্/ [বা.] বি. একটা, একটি, এক খণ্ড।

একখানা /অ্যাক্খানা/ [বা.] বিণ. একটি। বি. এক টুকরো।

একগম্য /একোগোম্‌মো/ [স. এক+√গম্+য] বিণ. একলভ্য; একমাত্র প্রাপ্তব্য।

একগলা /অ্যাক্গলা/ [বা.] বিণ. গলা সমান উঁচু; গলা পর্যন্ত ডুবে যায় এমন গভীর (*একগলা জল*)।

একগা /অ্যাক্গা/ [বা.] বিণ. সমস্ত দেহব্যাপী, সর্বাঙ্গময়, গা-ভরা (*একগা গয়না*)।

একগাছা /অ্যাক্গাছা/ [বা.] বিণ. (লম্বা ও সরু বস্তু সম্পর্কে) একখানা বা একটি (*একগাছা সুতো*)।

একগাছি /অ্যাক্গাছি/ [বা.] বিণ. দ্র একগাছা।

একগাদা /অ্যাক্গাদা/ [বা.] বিণ. স্তূপীকৃত, রাশীকৃত; প্রচুর।

একগাল /অ্যাক্গাল্/ [বা.] বিণ. গালভরা; মুখপূর্ণ (*একগাল হাসি*); একগ্রাস (*একগাল ভাত*)।

একগুঁয়ে /অ্যাক্গুঁয়ে/ [বা.] বিণ. জেদি, একরোখা; অবাধ্য।

একগোছা /অ্যাক্গোছা/ [বা.] বিণ. বি. এক আঁটি,

www.pathagar.com

এক গুচ্ছ।

এক গোয়ালের গোরু /অ্যাক্ গোয়ালের্ গোরু/ বি. (তুচ্ছার্থে) একই দলের লোক।

একঘরে /অ্যাক্ঘোরে/ [বা.] বি. সকল প্রকার সহযোগিতা থেকে বঞ্চিত করার অধুনালুপ্ত প্রথা। বিণ. জাতিচ্যুত, সমাজচ্যুত।

একঘেয়ে /অ্যাক্ঘেয়ে/ [বা.] বিণ. বৈচিত্র্যহীন, নতুনত্বহীন, বিরক্তিকর, একটানা, monotonous।

একঘেয়েমি /অ্যাক্ঘেয়েমি/ [বা.] বি. বিরক্তি, বৈচিত্র্যহীনতা।

একঘ্নী /একোঘ্নি/ [স. এক+√হন্+অ+ঈ] বি. মহাভারতে বর্ণিত অমোঘ ক্ষেপণাস্ত্র।

একচক্র /একোচক্রো/ [স. এক+√কৃ+অ] বিণ. একচাকাবিশিষ্ট। বি. ১ সূর্যের রথ। ২ গম্ভার।

একচক্ষু /একোচোক্খু/ [স. এক+√চক্ষ্+উস্] বিণ. একচোখবিশিষ্ট; কানা।

একচত্বারিংশ /একোচত্তারিংশো/ [স. এক+চত্বারিংশৎ+অ] বি. ৪১ সংখ্যা। বিণ. ৪১ সংখ্যক।

একচত্বারিংশৎ /একোচত্তারিংশত্/ [স. এক+চত্বারিন্+শৎ] বি. ৪১ সংখ্যা। বিণ. ৪১ সংখ্যক।

একচত্বারিংশত্তম /একোচত্তারিংশত্তমো/ [স. একচত্বারিংশৎ+তমট্] বিণ. ৪১ সংখ্যক; ৪১ স্থানীয়। স্ত্রী. **একচত্বারিংশত্তমী** /একোচত্তারিংশত্তোমি/।

একচর /একোচর্/ [স. এক+√চর্+অ] বিণ. একা বিচরণ করে এমন।

একচল্লিশ /অ্যাক্চোল্লিশ্/ [বা.] বি. ৪১ সংখ্যা। বিণ. ৪১ সংখ্যক।

একচারী /একোচারি/ [স. এক+√চর্+ইন্] বিণ. একা বিচরণ করে এমন। স্ত্রী. **একচারিণী** /একোচারিনি/।

একচালা /অ্যাক্চালা/ [বা.] বিণ. একচালবিশিষ্ট (*একচালা ঘর*)। বি. একচালবিশিষ্ট ঘর।

একচিত্ত /একোচিত্তো/ [স. এক+√চিত্+ত] বিণ. এক বিষয়ে নিবিষ্টমনা, অনন্যচিত্ত, একাগ্র।

একচুল /অ্যাক্চুল্/ [বা.] ক্রিবিণ. লেশমাত্র, সামান্যতম। বিণ. সামান্য পরিমাণ।

একচেটিয়া /অ্যাক্চেটিআ/ [বা.] বিণ. ১ এক ব্যক্তি বা প্রতিষ্ঠানের অধীন, একায়ত্ত। ২ প্রতিদ্বন্দ্বীহীন (*একচেটিয়া আধিপত্য*)।

একচেটে /অ্যাক্চেটে/ [বা.] বিণ. 'একচেটিয়া'-র আঞ্চলিক রূপ।

একচোখা /অ্যাক্চোখা/ [বা.] বিণ. ১ এক চোখবিশিষ্ট। ২ একদিকে দৃষ্টিনিবদ্ধ এমন। ৩ কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা বিষয়ের প্রতি পক্ষপাতদুষ্ট।

একচোখামি /অ্যাক্চোখামি/ [বা.] বি. কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা বিষয়ের প্রতি পক্ষপাতিত্ব।

একচোখো /অ্যাক্চোখো/ [বা.] বিণ. দ্র একচোখা।

একচোখোমি /অ্যাক্চোখোমি/ [বা.] বি. 'একচোখামি'-র কথ্য রূপ।

একচোট /অ্যাক্চোট্/ [বা.] বিণ. এক দফায় প্রচুর; যথেষ্ট (*একচোট তর্কবিতর্ক*)।

একচ্ছত্র /একোচ্ছত্তো্/ [স. এক+ছত্র] বিণ. নিরঙ্কুশ ক্ষমতার অধিকারী।

একছুট /অ্যাক্ছুট্/ [বা.] বি. ১ কোথাও না থেমে দৌড়। ২ (শাড়ি ধুতি প্রভৃতি) এক প্রস্থ।

একছুটে /অ্যাক্ছুটে/ [বা.] ক্রিবিণ. কোথাও না থেমে; এক দৌড়ে।

একজন্মা /অ্যাক্জন্মা/ [স. এক+জন্মন্] বিণ. দ্বিজ নয় এমন। বি. ১ লোকপাল, রাজা। ২ শূদ্র।

একজা /অ্যাক্জা/ [ফা.] বিণ. ১ একত্র, সম্মিলিত। ২ সমতালিকাবদ্ধ। বি. মোট হিসাব। ক্রিবিণ. ১ এক স্থানে। ২ পরপর; বারবার; অবিরাম।

একজাই /অ্যাক্জাই্/ [ফা.] বিণ. বি. ক্রিবিণ. দ্র একজা।

একজাত /একোজাতো/ [স. এক+√জন্+ত] বিণ. ১ অভিন্ন পিতামাতা থেকে জাত, সহোদর। ২ পুরুষ-সংসর্গ ব্যতীত জাত।

একজাতীয় /অ্যাক্জাতিয়ো/ [স. একজাতি+ঈয়] বিণ. এক পর্যায়ভুক্ত, সমগোষ্ঠীভুক্ত।

একজোট /অ্যাক্জোট্/ [বা.] বিণ. দলবদ্ধ, মিলিত।

একজোটে /অ্যাক্জোটে/ [বা.] ক্রিবিণ. জোটবদ্ধ হয়ে।

একজ্বর /অ্যাক্জ্বর/ [স. এক+√জ্বর্+অ] বি. উপশম হয় না এমন জ্বর, অবিরাম জ্বর।

একজ্বরী /অ্যাক্জোরি/ [স. এক+√জ্বর্+ইন্] বিণ. উপশম হয় না এমন জ্বরে আক্রান্ত।

একটা /অ্যাক্টা/ [বা.] বিণ. ১ এক সংখ্যক, একমাত্র। ২ নির্দিষ্ট, বিশেষ (*একটা কথা ছিল*)। ৩ অনির্দিষ্ট, কোনো (*একটা কিছু*)।

একটা কিছু /অ্যাক্টা কিছু/ বি. অজানা কিন্তু অস্তিত্বহীন নয় এমন কোনো বস্তু বা বিষয় (*একটা কিছু করা উচিত*)।

একটা-দুটো /অ্যাক্টাদুটো/ [বা.] বিণ. দুয়েকটি।

একটানা /অ্যাক্টানা/ [বা.] ক্রিবিণ. অবিরাম, অবিশ্রান্ত। বিণ. একঘেয়ে।

www.pathagar.com

একটি /একটি/ [বা.] বিণ. 'একটা'-র অন্তরঙ্গ ও আদরার্থক রূপ।

একটু /একটু/ [বা.] বিণ. সামান্য পরিমাণ, অতি অল্প; কিঞ্চিৎ, খানিক।

একটু–আধটু /একটুআধটু/ [বা.] বিণ. অল্প কিছু, সামান্য পরিমাণ।

একটুকু /একটুকু/ [বা.] বিণ. অতি অল্প, যৎসামান্য (*একটুকু ছোঁওয়া লাগে, একটুকু কথা শুনি*— রবীন্দ্র.)।

একটুখানি /একটুখানি/ [বা.] বিণ. অল্প, সামান্য।

একটুতেই /একটুতেই/ [বা.] ক্রিবিণ. অতি অল্পেই (*একটুতেই ভেঙে পড়ে*)।

একঠাঁই /অ্যাকঠাঁই/ [বা.] বিণ. সম্মিলিত।

একত /একতো/ [স. এক+তস্] অব্য. ক্রিবিণ. ১ একদিকে, একপক্ষে। ২ একদিক থেকে।

একতৎপর /একোতত্পর/ [স. এক+তৎপর] বিণ. একাগ্রচিত্ত, অনন্য বিষয়ে মগ্ন।

একতন্ত্র /একোতন্ত্রো/ [স. এক+√তন্+ত্র] বি. একনায়কত্ব।

একতন্ত্রবাদ /একোতন্ত্রোবাদ্/ [স. একতন্ত্র+বাদ] বি. একনায়কত্বের মতবাদ।

একতন্ত্রী[১] /একোতান্ত্রি/ [স. একতন্ত্র+ঈ] বি. একটিমাত্র তারবিশিষ্ট বাদ্যযন্ত্র, একতারা।

একতন্ত্রী[২] /একোতান্ত্রি/ [স. এক+√তন্ত্র+ইন্] বিণ. ১ একমতাবলম্বী। ২ একই শাসকের অধীন।

একতম[১] /একোতমো/ [স. এক+তমপ্] বিণ. বহুর মধ্যে এক।

একতম[২] /একোতমো/ [স. এক+তমট্] বিণ. এক সংখ্যার পূরক।

একতর /একোতরো/ [স. এক+তরপ্] বিণ. ১ দুইয়ের মধ্যে এক। ২ পৃথক, স্বতন্ত্র।

একতরফ /অ্যাকতরোফ্/ [স. এক+আ. তরফ] বি. এক পক্ষ; এক দিক, এক পাশ।

একতরফা /অ্যাকতরফা/ [ফা.] বিণ. ১ একদিক বা একপক্ষসম্বন্ধীয়। ২ পক্ষপাতদুষ্ট (*একতরফা সিদ্ধান্ত*)।

একতলা /অ্যাকতলা/ [বা.] বিণ. একটি তলবিশিষ্ট (*একতলা বাড়ি*)। বি. গৃহের প্রথম তল, ground floor।

একতা /একোতা/ [স. এক+তা] বি. ঐক্য; অভিন্নতা, অভেদত্ব, একত্ব; একভাব; মিলন।

একতান /একোতান্/ [স. এক+তান] বিণ. ১ এক সুরে গ্রথিত। ২ একটি বিষয়ে নিবিষ্ট। ৩ একাগ্র।

একতাপন্ন /একোতাপন্নো/ [স. একতা+আ+√পদ্+ত] বিণ. অভিন্ন, ভেদাভেদহীন।

একতারা /অ্যাকতারা/ [ফা.] বি. বাউল গানের সঙ্গে বাজানো হয় এমন লাউয়ের খোল থেকে তৈরি একতারবিশিষ্ট তালযন্ত্র (যার একপ্রান্ত চামড়া দিয়ে আবৃত), গুপিযন্ত্র, গোপীযন্ত্র।

একতাল /অ্যাকতাল্/ [স. এক+তাল] বি. ১ সংগীতের ১২ মাত্রার তালবিশেষ। ২ সমান তাল; সমন্বিত লয়। ৩ ধারাবাহিক নৃত্যগীত প্রভৃতি। ৪ পিণ্ড (*একতাল সোনা*)

একতালা /অ্যাকতালা/ [স. একতাল >] বি. ১২ মাত্রার তাল।

একতিল /অ্যাকতিল্/ [বা.] বি. বিণ. সূক্ষ্ম পরিমাণ, সামান্য অংশ।

একতীর্থ /একোতির্থো/ [স. এক+তীর্থ] বি. ১ একই গুরুর শিষ্য। ২ সতীর্থ, সহপাঠী।

একত্ব /একতো/ [স. এক+ত্ব] বি. দ্র একতা।

একত্র /একতত্রো/ [স. এক+ত্র] বিণ. সমবেত, মিলিত, সম্মিলিত। ক্রিবিণ. একস্থানে।

একত্রবাস /একতত্রোবাশ্/ [স. একত্র+বাস] বি. বৈবাহিক সম্পর্কবহির্ভূত নারী-পুরুষের মিলিত-ভাবে বসবাস, live together।

একত্রিত /একোতত্রিতো/ [বা.] বিণ. একত্র করা হয়েছে এমন।

একত্রিংশ /একোতত্রিংশো/ [স. এক+ত্রিংশৎ+অ] বি. ৩১ সংখ্যা। বিণ. ৩১ সংখ্যক।

একত্রিংশৎ /একোতত্রিংশত্/ [স. এক+ত্রিংশৎ] বি. ৩১ সংখ্যা। বিণ. ৩১ সংখ্যক।

একত্রিংশত্তম /একোতত্রিংশততমো/ [স. একত্রিংশৎ+তমট্] বিণ. ৩১ সংখ্যক; ৩১ স্থানীয়। স্ত্রী. একত্রিংশত্তমী/একোতত্রিংশততোমি/।

একত্রিশ /একোতত্রিশ্/ [স. একত্রিংশৎ >] বি. ৩১ সংখ্যা। বিণ. ৩১ সংখ্যক।

একথোকে /অ্যাকথোকে/ [বা.] ক্রিবিণ. একবারে, একসঙ্গে, সমষ্টিগতভাবে।

একদংষ্ট্র /একোদংশ্ট্রো/ [স. এক+√দন্শ্+ত্র] বিণ. বি. দ্র একদন্ত।

একদন্ত /একোদন্তো/ [স. এক+√দম্+ত] বিণ. একটিমাত্র দাঁত আছে এমন। বি. গণেশ।

একদম /অ্যাকদম্/ [ফা.] বিণ. সম্পূর্ণ, পুরোপুরি। ক্রিবিণ. মোটেই, আদৌ; কোনোভাবেই।

একদমক /অ্যাকদমোক্/ [বা.] বি. এক ঝটকা; এক দৌড়।

একদমা /অ্যাকদমা/ [বা.] বিণ. একবার শব্দ করেই

www.pathagar.com

থেমে যায় এমন (*একদমা পটকা*)।

একদমে /অ্যাক্‌দমে/ [বা.] ক্রিবিণ. এক নিশ্বাসে, নিমেষে।

একদলীয় /অ্যাক্‌দোলিয়ো/ [স. একদল+ঈয়] বিণ. একটি দলের অন্তর্ভুক্ত (*একদলীয় শাসন*)।

একদা /একোদা/ [স. এক+দা] ক্রিবিণ. ১ কোনো এক কালে, কোনো এক সময়ে (*একদা তুমি, প্রিয়ে, আমারি এ তরুমূলে* রবীন্দ্র.)। ২ একই কালে, যুগপৎ। ৩ কদাচিৎ।

একদাপটে /একোদাপোটে/ [বা.] ক্রিবিণ. এক দমে, এক নিশ্বাসে; এক দৌড়ে।

একদারনিষ্ঠ /একোদারনিশ্‌ঠো/ [স. একদার+নিষ্ঠ] বিণ. এক স্ত্রীতে নিষ্ঠাযুক্ত।

একদিঠ /অ্যাক্‌দিঠ্/ [স. একদৃষ্টি >] বিণ. স্থিরনেত্র।

একদিঠে /অ্যাক্‌দিঠে/ [বা.] ক্রিবিণ. স্থির দৃষ্টিতে।

একদিন /অ্যাক্‌দিন্/ [স. এক+দিন] বি. ১ যে কোনো দিন (*একদিন বাড়িতে এসো*)। ২ চূড়ান্ত নিষ্পত্তির দিন। ক্রিবিণ. একদা।

একদৃষ্টি /একোদৃশ্‌টি/ [স. এক+√দৃশ্+তি] বিণ. স্থিরনেত্র, অপলক দৃষ্টি। বি. ১ এক নজর, একবার দৃষ্টিপাত। ২ একদিকে দৃষ্টিপাত।

একদৃষ্টে /একোদৃশ্‌টে/ [স. একদৃষ্ট+বা. এ] ক্রিবিণ. অপলক নেত্রে, স্থির নেত্রে।

একদেশ /একোদেশ্/ [স. এক+দেশ] বি. ১ এক অংশ, অংশবিশেষ। ২ কোনো একটি দেশ। ৩ দেহাংশ। ৪ অবয়ব।

একদেশদর্শী /একোদেশোদোর্‌শি/ [স. একদেশ+√দৃশ্+ইন্] বিণ. ১ কেবল এক পক্ষ বা দিক বিবেচনা করে এমন, একচোখা, পক্ষপাতী। ২ সংকীর্ণ, অনুদার। ৩ অপরিণামদর্শী। বি. **একদেশদর্শিতা** /একোদেশোদোর্‌শিতা/।

একদেশীয় /একোদেশিয়ো/ [স. একদেশ+ঈয়] বিণ. ১ একই দেশে জাত বা একই দেশের অধিবাসী, স্বদেশবাসী। ৩ একদেশসম্বন্ধীয়।

একদেহ /অ্যাক্‌দেহো/ [স. এক+দেহ] বি. ১ অভিন্ন শরীর; একাত্মা (*একদেহ একপ্রাণ*)। ২ সগোত্র।

একদেহ একপ্রাণ /অ্যাক্‌দেহো অ্যাক্‌প্রাণ্/ বিণ. সবদিক দিয়ে মিল আছে এমন, একাত্ম; সব বিষয়ে একতাবদ্ধ।

একধর্মা /একোধর্‌মা/ [স. এক+ধর্মন্] বিণ. দ্র একধর্মী।

একধর্মী /একোধোর্‌মি/ [স. একধর্ম+ইন্] বিণ. অভিন্ন ধর্মসম্প্রদায়ভুক্ত। ২ সম গুণ বা প্রকৃতি বিশিষ্ট।

একধা /একোধা/ [স. এক+ধা] বিণ. ১ একপ্রকার। বি. ১ একদিক। ২ একবিষয়।

একনজর /অ্যাক্‌নজোর্/ [স. এক+আ. নজর] বি. এক পলক।

একনজরে /অ্যাক্‌নজোরে/ [বা.] ক্রিবিণ. এক পলকে, একবার দেখেই।

একনবতি /একোনবোতি/ [স. এক+নবতি] বি. ৯১ সংখ্যা। বিণ. ৯১ সংখ্যক।

একনবতিতম /একোনবোতিতমো/ [স. একনবতি+তমট্] বিণ. ৯১ সংখ্যক; ৯১ স্থানীয়। স্ত্রী. একনবতিতমী /একোনবোতিতোমি/।

একনরি /অ্যাক্‌নোরি/ [বা.] বিণ. এক প্যাঁচবিশিষ্ট। বি. এক প্যাঁচবিশিষ্ট হার।

এক নলা[১] /অ্যাক্ নলা/ বি. খাওয়ার সময় এক-বারে যে পরিমাণ খাদ্য মুখে দেওয়া হয়, লোকমা, গ্রাস (*এক নলা ভাত*)।

একনলা[২] /অ্যাক্‌নলা/ [স. নল >] বিণ. একনল-বিশিষ্ট (*একনলা বন্দুক*)।

একনাগাড়ে /অ্যাক্‌নাগাড়ে/ [বা.] ক্রিবিণ. অবিরাম, নিরবচ্ছিন্নভাবে, ক্রমাগত।

একনায়ক /একোনায়োক্/ [স. এক+নায়ক] বি. স্বৈরাচারী শাসক, স্বৈরশাসক।

একনায়কতন্ত্র /একোনায়োকোতন্‌ত্রো/ [স. এক+নায়ক+√তন্+ত্র] বি. এক ব্যক্তি গোষ্ঠী বা দলের অধীন শাসনব্যবস্থা, স্বৈরতন্ত্র, autocracy।

একনায়কত্ব /একোনায়োকত্‌তো/ [স. একনায়ক+ত্ব] বি. একজনমাত্র শাসক বা রাজার কর্তৃত্ব।

একনিশ্বাসে /অ্যাক্‌নিশ্‌শাশে/ [স. এক+নিশ্বাস+বা. এ] ক্রিবিণ. ১ এক দমে; দ্রুত। ২ খুব সংক্ষেপে।

একনিষ্ঠ /একোনিশ্‌ঠো/ [স. এক+নি+√স্থা+অ] বিণ. এক বিষয় বস্তু বা ব্যক্তিতে নিষ্ঠাবান, একাগ্র, একাসক্ত। স্ত্রী. একনিষ্ঠা /একোনিশ্‌ঠা/।

একনিষ্ঠতা /একোনিশ্‌ঠোতা/ [স. একনিষ্ঠ+তা] বি. এক বিষয় বস্তু বা ব্যক্তির প্রতি নিষ্ঠতা, একাগ্রতা, একাসক্ততা।

একপক্ষ /অ্যাক্‌পোক্‌খো/ [স. এক+√পক্ষ্+অ] বিণ. ১ একটি পাখা বা ডানাবিশিষ্ট। ২ কোনো বিশেষ গোষ্ঠীর পক্ষভুক্ত।

একপঞ্চাশৎ /একোপন্‌চাশত্/ [স. এক+পঞ্চাশৎ] বি. ৫১ সংখ্যা। বিণ. ৫১ সংখ্যক।

একপঞ্চাশত্তম /একোপন্‌চাশত্‌তমো/ [স. এক+পঞ্চাশৎ+তমট্] বিণ. ৫১ সংখ্যক; ৫১ স্থানীয়।

www.pathagar.com

স্ত্রী. একপঞ্চাশত্তমী /একোপন্‌চাশত্‌তোমি/।

একপত্নীক /একোপোত্‌নিক্‌/ [স. একপত্নী+ক] বিণ. ১ দ্বিতীয়বার বিয়ে করেনি এমন। ২ এক পত্নী-বিশিষ্ট।

একপদ /একোপদ্‌/ [স. এক+পদ] বি. অল্প দূরত্ব; এক কদম পরিমাণ জায়গা। বিণ. এক পা-বিশিষ্ট।

একপদী /একোপোদি/ [স. একপদ+ঈ] বিণ. ১ একজনমাত্র চলতে পারে এমন। ২ এক পা-বিশিষ্ট। বি. সংকীর্ণপথ; বনপথ।

একপদীকরণ /একোপোদিকরোন্‌/ [স. একপদ+চ্বি+করণ] বি. (ব্যা.) একাধিক পদকে একপদে পরিণতকরণ, সমাসবদ্ধকরণ।

একপাল /অ্যাক্‌পাল্‌/ [বা.] বি. যূথবদ্ধ পশুপাখি। বিণ. অনেক, বহু, প্রচুর।

একপাশ /অ্যাক্‌পাশ্‌/ [বা.] বি. ১ একদিক, একধার। ২ দেহের অর্ধেক অংশ। বিণ. পৃথক, আলাদা।

একপার্শ্ব /অ্যাক্‌পার্‌শো/ [স. এক+পার্শ্ব] বি. বিণ. দ্র একপাশ।

একপুরুষ /অ্যাক্‌পুরুশ্‌/ [স. এক+পুরুষ] বি. ১ বংশানুক্রম হিসাবে এক ব্যক্তির জীবৎকাল, এক প্রজন্ম। ২ এক বংশ। ৩ পরমপুরুষ; পরমেশ্বর।

একপেট /অ্যাক্‌পেট্‌/ [বা.] বিণ. ভরপেট। ক্রিবিণ. পেট পুরে (আহার)।

একপেশে /অ্যাক্‌পেশে/ [বা.] বিণ. ১ একপাশে ঝুঁকে আছে এমন; একদিকে ভারী। ২ এক পক্ষের প্রতি সহানুভূতিশীল, পক্ষপাতদুষ্ট, এক তরফা।

একপ্রস্থ /অ্যাক্‌প্রোস্‌থো/ [বা.] বিণ. ১ এক দফা; একবারের মতো। ২ এক সেট; একখানা (*এক-প্রস্থ কাপড়*)।

একফালি /অ্যাক্‌ফালি/ [বা.] বি. লম্বালম্বিভাবে কাটা এক টুকরো (*একফালি কুমড়ো*)।

একবচন /অ্যাক্‌বচোন্‌/ [স. এক+বচন] বি. (ব্যা.) একটিমাত্র ব্যক্তি বস্তু বা বিষয় নির্দেশক শব্দ, singular number।

একবর্গা /অ্যাক্‌বরগা/ [বা.] বিণ. একরোখা, একগুঁয়ে।

একবর্ণ /অ্যাক্‌বরনো/ [স. এক+বর্ণ] বিণ. ১ একরঙা। ২ কিছুমাত্র (*বক্তব্যের একবর্ণও বুঝিনি*)।

একবলকা /অ্যাক্‌বলকা/ [বা.] বিণ. জ্বাল দেওয়ার সময় একবারমাত্র বলক উঠেছে এমন (*একবলকা দুধ*)।

একবস্ত্রে /অ্যাক্‌বস্‌ত্রে/ [স. একবস্ত্র+বা. এ] ক্রিবিণ. যে কাপড় পরা ছিল সে কাপড়ে; কোনো প্রস্তুতি ছাড়া; তৎক্ষণাৎ (*একবস্ত্রে চলে যাওয়া*)।

একবাক্যে /অ্যাক্‌বাক্‌কে/ [স. একবাক্য+বা. এ] ক্রিবিণ. ১ এক কথায়, বিনা প্রতিবাদে (*একবাক্যে মেনে নেওয়া*)। ২ সমস্বরে।

একবার /অ্যাক্‌বার্‌/ [ফা.] বি. ক্রিবিণ. এক সময়; এক দফা।

একবারে /অ্যাক্‌বারে/ [বা.] ক্রিবিণ. এক দফায়।

একবাস /অ্যাক্‌বাশ্‌/ [স. এক+√বস্‌+অ] বি. একটিমাত্র পরিধেয় বস্ত্র।

একবিংশ /একোবিংশো/ [স. এক+বিংশ] বি. ২১ সংখ্যা। বিণ. ২১ সংখ্যক।

একবিংশতি /একোবিংশোতি/ [স. এক+বিংশতি] বি. ২১ সংখ্যা। বিণ. ২১ সংখ্যক।

একবিংশতিতম /একোবিংশোতিতমো/ [স. এক+বিংশতি+তমট্‌] বিণ. ২১ সংখ্যক; ২১ স্থানীয়। স্ত্রী. একবিংশতিতমী /একোবিংশোতিতোমি/।

একবিংশ শতাব্দ /একোবিংশো শতাব্‌দো/ বি. দ্র একবিংশ শতাব্দী।

একবিংশ শতাব্দী /একোবিংশো শতাব্‌দি/ বি. ২০০১ থেকে ২১০০ সাল পর্যন্ত কালপর্ব।

একবিধ /একোবিধো/ [স. এক+√বিধ্‌+অ] বিণ. একপ্রকার, একরকম; অভিন্ন।

একবিন্দু /অ্যাক্‌বিনদু/ [স. এক+√বিন্দ্‌+উ] বি. একফোঁটা।

একবেণি /অ্যাক্‌বেনি/ [স. এক+বেণি] বি. বিণ. একটি বিনুনিতে বাঁধা (চুল)।

একভাব /অ্যাক্‌ভাব্‌/ [স. এক+ভাব] বিণ. একমন, একচিত্ত। বি. কোনো বিষয়ে আসক্তি বা একনিষ্ঠতা।

একভাবে /অ্যাক্‌ভাবে/ [স. একভাব+বা. এ] ক্রিবিণ. ১ একই প্রকারে, একরূপে। ২ একমনে।

একভাষী /একোভাশি/ [স. এক+√ভাষ্‌+ইন্‌] বিণ. কেবল একটিমাত্র ভাষা জানে এমন।

একভিতে /অ্যাক্‌ভিতে/ [বা.] ক্রিবিণ. ১ একদিকে, একপাশে; এক ধারে। ২ একান্তে।

একমত /অ্যাক্‌মত্‌/ [স. এক+মত] বিণ. সমমতাবলম্বী। বি. অভিন্ন মত।

একমতাবলম্বী /অ্যাক্‌মতাবোলোম্‌বি/ [স. একমত+অবলম্বী] বিণ. একমতে বিশ্বাসী, অভিন্ন মত পোষণ করে এমন।

একমতি /অ্যাক্‌মোতি/ [স. একা+√মন্‌+তি] বিণ. একনিষ্ঠ।

একমনা /অ্যাক্‌মোনা/ [স. একমনাঃ >] বিণ. এক বিষয়ে নিবিষ্টমনা, একাগ্রচিত্ত।

www.pathagar.com

একমনে /অ্যাক্‌মোনে/ [স. একমন+বা. এ] ক্রিবিণ. একাগ্রচিত্তে।

একমাতৃক /একোমাতৃক্/ [স. একমাতৃ+ক] বিণ. একই মাতার গর্ভে জাত, সহোদর।

একমাত্র /অ্যাক্‌মাত্রো/ [স. এক+√মা+ত্র] বিণ. ১ কেবল একটি, একের বেশি নয়। ২ অদ্বিতীয়।

একমাত্রা /অ্যাক্‌মাত্রা/ [স. একমাত্র+আ (টাপ্)] বি. ১ একবারে উচ্চার্য শব্দাংশ। ২ (সংগীত বা নৃত্যে) ছন্দ পরিমাপক কাল। ৩ (চিকিৎসা) একবারে যে পরিমাণ সেবন করতে হয়, এক দাগ, one dose।

একমাত্রিক /একোমাত্রিক্/ [স. একমাত্র+ইক] বিণ. ১ এক দল বা শব্দাংশবিশিষ্ট, monosyllabic। ২ এক মাত্রাবিশিষ্ট। ৩ কেবল দৈর্ঘ্য আছে এমন, one dimensional।

একমুখী /অ্যাক্‌মুখি/ [স. এক+মুখী] বিণ. একটি মুখ বা ছিদ্রবিশিষ্ট।

একমুখীকরণ /অ্যাক্‌মুখিকরোন্/ [স. একমুখ+চ্বি+করণ] বি. পরিবর্তী বিদ্যুৎ প্রবাহকে অপরিবর্তী বিদ্যুৎ প্রবাহে পরিণতকরণ; (পরি.) rectification।

একমুখে /অ্যাক্‌মুখে/ [স. একমুখ+বা. এ] ক্রিবিণ. বরাবর একদিকে।

একমুখো /অ্যাক্‌মুখো/ [বা.] বিণ. ১ একদিকে মুখ-বিশিষ্ট। ২ একদিকে যাওয়া যায় এমন, one way।

একমুঠ /অ্যাক্‌মুঠ্/ [বা.] বিণ. মুঠোপরিমাণ।

একমুঠো /অ্যাক্‌মুঠো/ [বা.] বিণ. দ্র একমুঠ।

একমুষ্টি /অ্যাক্‌মুশ্‌টি/ [স. এক+√মুষ্+তি] বিণ. দ্র একমুঠ।

একমেটে /অ্যাক্‌মেটে/ [বা.] বিণ. ১ একবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন। ২ আংশিকভাবে কৃত; অসম্পূর্ণ। ৩ একহারা।

একমেবাদ্বিতীয়ম্ /একোমেবাদ্‌দিতিয়ম্/ [স. একম্+এব+অদ্বিতীয়ং] বিণ. এক এবং অদ্বিতীয়।

একযোগে /অ্যাক্‌জোগে/ [বা.] ক্রিবিণ. একত্রে, একসঙ্গে, সম্মিলিতভাবে, যুগপৎ।

একর /একর্/ [ই.] বি. জমির পরিমাপবিশেষ, আনুমানিক ৪০৪৭ বর্গমিটার বা ৪৮৪০ বর্গগজ।

একরকম /অ্যাক্‌রকোম্/ [বা.] বিণ. তুল্য প্রকার। ক্রিবিণ. কোনো প্রকারে, মোটামুটিভাবে।

একরঙা /অ্যাক্‌রঙা/ [বা.] বিণ. কেবল একটি রঙে রঞ্জিত (*একরঙা কাপড়*)।

একরতি /অ্যাক্‌রোতি/ [বা.] বিণ. দ্র একরত্তি।

একরত্তি /অ্যাক্‌রোত্তি/ [বা.] বিণ. ১ এক কুঁচ পরিমাণ; অত্যল্প। ২ অতি ক্ষুদ্র।

একরার /একরার্/ [আ.] বি. ১ প্রতিজ্ঞা, শপথ। ২ স্বীকার। ৩ চুক্তি।

একরারনামা /একরার্‌নামা/ [আ. একরার+ফা. নামা] বি. অঙ্গীকারপত্র, শপথনামা, প্রতিজ্ঞাপত্র।

একরাশ /অ্যাক্‌রাশ্/ [বা.] বিণ. প্রচুর পরিমাণ, বিস্তর, অঢেল।

একরূপ /অ্যাক্‌রূপ্/ [স. এক+রূপ] বিণ. একরকম।

একরোখা /অ্যাক্‌রোখা/ [ফা.] বিণ. ১ একগুঁয়ে, গোঁয়ার, অবাধ্য। ২ একদিকে দৃষ্টি নিবদ্ধ এমন।

একরোখামি /অ্যাক্‌রোখামি/ [বা.] বি. একগুঁয়েমি, অবাধ্যতা।

একল /একল্/ [স. এক+√লা+অ] বিণ. ১ একাকী। ২ একক।

একলপ্ত /অ্যাক্‌লপ্‌তো/ [ফা.] বিণ. লাগালাগি, সংলগ্ন, সংযুক্ত; অখণ্ড।

একলব্য /একোলব্‌বো/ [স. এক+√লব্+য] বি. (অদ্বিতীয় ধনুর্ধারী ও আদর্শ গুরুভক্তরূপে খ্যাত) মহাভারতে বর্ণিত নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র।

একলষেঁড়ে /একল্‌শেঁড়ে/ [বা.] বিণ. ১ একা থাকতে পছন্দ করে এমন; অমিশুক। ২ স্বার্থপর।

একলা /অ্যাক্‌লা/ [স. এক >] বিণ. ১ একা, একাকী, নিঃসঙ্গ। ২ অসহায়।

একশ /অ্যাক্‌শো/ [বা.] বি. বিণ. 'একশত'-র চলিত রূপ।

একশত /অ্যাক্‌শতো/ [স. এক+শত] বি. ১০০ সংখ্যা। বিণ. ১০০ সংখ্যক।

একশরণ /অ্যাক্‌শরোন্/ [স. এক+শরণ] বিণ. কেবল একজনের ওপর নির্ভরশীল এমন। বি. একমাত্র আশ্রয়স্থল।

একশা /অ্যাক্‌শা/ [হি.] বিণ. ১ একাকার (*ভিজে একশা*); সম্পূর্ণ। ২ একত্রমিলিত; এক সমান।

একশিরা /অ্যাক্‌শিরা/ [এক+শিরা] বি. অণ্ডকোষের স্ফীতিজনিত রোগবিশেষ, অণ্ডকোষের যে রোগে একটি অণ্ড ও শিরা স্ফীত হয়, মুষ্কবৃদ্ধি রোগ।

একশিলা /অ্যাক্‌শিলা/ [স. এক+শিলা] বিণ. একটি অখণ্ড শিলা বা পাথর দিয়ে গড়া।

একশৃঙ্গ /একোশৃংগো/ [স. এক+√শৃ+গ] বিণ. এক শিংবিশিষ্ট।

একশেষ /অ্যাক্‌শেশ্/ [স. এক+শেষ] বি. ১ চূড়ান্ত বা চরম অবস্থা (*হয়রানির একশেষ*); আতিশয্য। ২ (ব্যা.) দ্বন্দ্ব সমাসবিশেষ (আমরা তোমরা প্রভৃতি

www.pathagar.com

সর্বনাম)।

একষষ্টি /একোশোশ্‌টি/ [স. এক+ষষ্‌+তি] বি. ৬১ সংখ্যা। বিণ. ৬১ সংখ্যক।

একষষ্টিতম /একোশোশ্‌টিতমো/ [স. একষষ্টি+তমট্‌] বিণ. ৬১ সংখ্যক; ৬১ স্থানীয়। স্ত্রী. **একষষ্টিতমী** /একোশোশ্‌টিতোমি/।

একসঙ্গে /অ্যাক্‌শংগে/ [বা.] ক্রিবিণ. একসাথে।

একসপ্ততি /একোশপ্‌তোতি/ [স. এক+সপ্তদশৎ+তি] বি. ৭১ সংখ্যা। বিণ. ৭১ সংখ্যক।

একসপ্ততিতম /একোশপ্‌তোতিতমো/ [স. এক+সপ্তদি+তমট্‌] বিণ. ৭১ সংখ্যক; ৭১ স্থানীয়। স্ত্রী. **একসপ্ততিতমী** /একোশপ্‌তোতিতোমি/।

একসাথে /অ্যাক্‌শাথে/ [বা.] ক্রিবিণ. একসঙ্গে।

একসুতা /অ্যাক্‌শুতা/ [বা.] বি. (কাঠমিস্ত্রির ভাষায়) এক ইঞ্চির আট ভাগের এক ভাগ দৈর্ঘ্য।

একহাঁটু /অ্যাক্‌হাঁটু/ [বা.] বিণ. হাঁটু পর্যন্ত উঁচু (*একহাঁটু জল*)।

একহাত /অ্যাক্‌হাত্‌/ [বা.] বি. ১ হাতের কনুই থেকে মধ্যমার প্রান্ত পর্যন্ত দৈর্ঘ্য (আনুমানিক ১৮ ইঞ্চি)। ২ একদফা। ক্রিবিণ. একচোট।

একহাতে /অ্যাক্‌হাতে/ [বা.] বিণ. ক্রিবিণ. অন্যের সাহায্য ব্যতীত, একাকী।

একহারা /অ্যাক্‌হারা/ [বা.] বিণ. ছিপছিপে, কৃশকায় (*একহারা চেহারা*)।

একহালি /অ্যাক্‌হালি/ [বা.] বিণ. চারটি (*একহালি ডিম*)।

একহৃদয় /অ্যাক্‌hৃদয়/ [স. এক+√হৃ+অয়] বি. বিণ. একাত্মা, অভিন্নহৃদয়।

একা /অ্যাকা/ [স. এক >] বিণ. একলা, নিঃসঙ্গ।

একাংশ /একাংশো/ [স. এক+অংশ] বি. একটি অংশ।

একাকার /একাকার্‌/ [স. এক+আকার] বিণ. ১ একশা, মিশ্রিত। ২ অভেদ, পার্থক্যহীন। ৩ সমান আকৃতিবিশিষ্ট।

একাকিত্ব /একাকিত্তো/ [স. এক+আকিন্‌+ত্ব] বি. নিঃসঙ্গতা।

একাকী[১] /একাকি/ [স. এক+আকিন্‌] বিণ. ১ নিঃসঙ্গ। ২ অসহায়। স্ত্রী. **একাকিনী** /একাকিনি/।

একাকী[২] /একাকি/ [স. এক+আকিন্‌] ক্রিবিণ. নির্জনে, নিভৃতে।

একাগ্র /একাগ্‌গ্রো/ [স. এক+অগ্র] বিণ. এক বিষয়ে আসক্ত, একনিষ্ঠ, অনন্যমনা। বি. ~তা /– তা/।

একাগ্রচিত্ত /একাগ্‌গ্রোচিত্তো/ [স. একাগ্র+√চিত্‌+ত] বিণ. এক বিষয়ে নিবিষ্টচিত্ত, অনন্যমনা। বি. ~তা /– তা/।

একাঙ্ক /একাংকো/ [স. এক+√অঙ্ক্‌+অ] বিণ. এক অঙ্ককবিশিষ্ট (নাটক), one act (play)।

একাঙ্কিকা /একাংকিকা/ [স. একাঙ্ক+ইক+আ (টাপ্‌)] বি. এক অঙ্ককবিশিষ্ট নাটিকা।

একাট্টা /একাট্টা/ [হি.] বিণ. একজোট, দলবদ্ধ।

একাডেমি /অ্যাকাডেমি/ [ই. academy] বি. ১ এথেন্সের সন্নিকটে স্থাপিত প্লেটোর শিক্ষাদান-কেন্দ্র। ২ শিল্প সাহিত্য বিজ্ঞান প্রভৃতির চর্চা ও গবেষণার কেন্দ্র, সারস্বতকেন্দ্র। ৩ কোনো বিষয়ে প্রশিক্ষণদানের উদ্দেশ্যে স্থাপিত শিক্ষাপ্রতিষ্ঠান। ৪ 'অ্যাকাডেমি' ও 'আকাদেমি'-র বানানভেদ।

একাত্তর /অ্যাকাত্তোর্‌/ [স. একসপ্ততি >] বি. ৭১ সংখ্যা। বিণ. ৭১ সংখ্যক।

একাত্ম /একাত্তো/ [স. এক+আত্মন্‌] বিণ. ১ অভিন্নহৃদয়। ২ অভিন্ন, পার্থক্যহীন, ভেদশূন্য।

একাত্মবাদ /একাত্তোবাদ্‌/ [স. একাত্মন্‌+√বদ্‌+অ] বি. ব্রহ্ম ও জগৎ এক এবং অভিন্ন এমন মতবাদ, অদ্বৈতবাদ; একেশ্বরবাদ।

একাত্মবাদী /একাত্তোবাদি/ [স. একাত্মন্‌+√বদ্‌+ইন্‌] বিণ. এক ব্রহ্ম ছাড়া আর কিছু নেই এমন বৈদান্তিক মত পোষণকারী; একেশ্বরবাদী।

একাত্মা /একাত্তা/ [স. এক+আত্মন্‌] বিণ. অভিন্নচিত্ত, একপ্রাণ।

একাদশ /একাদশ্‌/ [স. এক+দশন্‌] বি. ১১ সংখ্যা। বিণ. ১১ সংখ্যক।

একাদশী /একাদোশি/ [স. একাদশ+ঈ] বি. ১ চাঁদের একাদশ তিথি। ২ একাদশ তিথিতে পালনীয় ব্রতবিশেষ। বিণ. এগারো বছর বয়স্কা।

একাদিক্রমে /একাদিক্‌ক্রোমে/ [স. একাদিক্রম+বা. এ] ক্রিবিণ. ১ প্রথম থেকে শুরু করে পরপর, ক্রমানুসারে। ২ একনাগাড়ে, নিরন্তর।

একাধার /একাধার্‌/ [স. এক+আধার] বি. একই পাত্র, একাশ্রয়।.

একাধারে /একাধারে/ [স. একাধার+বা. এ] ক্রিবিণ. একই সঙ্গে, যুগপৎ (*একাধারে সম্পাদক ও প্রকাশক*)।

একাধিক /একাধিক্‌/ [স. এক+অধিক] বিণ. একের বেশি।

একাধিকবার /একাধিক্‌বার্‌/ [স. একাধিক+√বৃ+অ] বিণ. ক্রিবিণ. একের অধিকবার, অনেকবার।

www.pathagar.com

একাধিকশততম /অ্যাকাধিকশতোতমো/ [স. এক+অধিক+শততম] বিণ. ১০১ স্থানীয়, ১০১ সংখ্যক (*একাধিকশততম বার্ষিকী*)।

একাধিকার /একাধিকার/ [স. এক+অধিকার] বি. একচেটিয়া অধিকার, monopoly।

একাধিপতি /একাধিপোতি/ [স. এক+অধিপতি] বি. ১ একমাত্র প্রভু; সার্বভৌম রাজা; সর্বোচ্চ শাসক। ২ সর্বেসর্বা।

একাধিপত্য /একাধিপোত্তো/ [স. একাধিপতি+য] বি. ১ সার্বভৌমত্ব। ২ প্রতিদ্বন্দ্বীহীন প্রভুত্ব, একজনের কর্তৃত্ব।

একানব্বই /অ্যাকানোব্‌বোই / [স. একনবতি >] বি. ৯১ সংখ্যা। বিণ. ৯১ সংখ্যক।

একান্ত /একান্তো/ [স. এক+√অম্+ত] বিণ. ১ নিতান্ত; অত্যন্ত (*একান্ত প্রয়োজন*)। ২ অবধারিত, নিশ্চিত। ৩ একাগ্র; নির্জন (*একান্ত সংলাপ*)। ৪ নিজস্ব, খাস (*একান্ত সচিব*)।

একান্ত সচিব /একান্তো শোচিব/ বি. বিশেষ কাজে নিয়োজিত ব্যক্তিগত সহকারী; (পরি.) private secretary।

একান্তর /একান্তর/ [স. এক+অন্তর] বিণ. একটির পর একটি করে বাদ দেওয়া হয়েছে এমন, একের ব্যবধানে অবস্থিত; alternate।

একান্তর কোণ /একান্তর্ কোন্/ বি. (জ্যা.) দুটি সরলরেখা পরপর ছেদ করার ফলে বিপরীত দিকে উৎপন্ন দুই জোড়া কোণ, alternate angles।

একান্তে /একান্তে/ [স. একান্ত+বা. এ] ক্রিবিণ. অন্যের অগোচরে, নির্জনে, গোপনে।

একান্ন[১] /অ্যাকান্নো/ [স. একপঞ্চাশৎ >] বি. ৫১ সংখ্যা। বিণ. ৫১ সংখ্যক।

একান্ন[২] /একান্নো/ [স. এক+অন্ন] বি. ১ যে ব্যক্তি দিনে একবারমাত্র অন্ন গ্রহণ করে। ২ একত্রআহার। বিণ. ১ একাহারী। ২ একসঙ্গে আহার করে এমন; যৌথ পরিবারভুক্ত।

একান্নবর্তিতা /একান্নোবোর্তিতা/ [স. একান্ন+√বৃত্+ইন্+তা] বি. যৌথ পরিবার ব্যবস্থা।

একান্নবর্তী পরিবার /একান্নোবোর্তি পোরিবার্/ বি. একসঙ্গে আহার ও বসবাস করে এমন পরিবার, যৌথ পরিবার, joint family।

একান্নভুক্ত /একান্নোভুক্তো/ [স. একান্ন+√ভুজ্+ত] বিণ. যৌথ পরিবারভুক্ত, একই গৃহস্থালির অন্তর্ভুক্ত।

একাবলি /একাবোলি/ [স. এক+আবলি] বি. ১ একনরি হার, কণ্ঠাভরণবিশেষ। ২ এগারো অক্ষরের বাংলা ছন্দবিশেষ।

এ–কার[২] /একার্/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'এ' স্বর যুক্তকরণ চিহ্ন 'ে' 'ে'।

একার[২] /অ্যাকার্/ [বা.] বিণ. কেবল একজনের।

একারাদি /একারাদি/ [বা.] বিণ. আরম্ভে 'এ' বা 'ে' চিহ্ন আছে এমন।

একার্থ /একার্থো/ [স. এক+অর্থ] বিণ. ১ সমার্থবোধক, তুল্যার্থ। ২ অভিন্ন অভিপ্রায়বিশিষ্ট।

একাল /একাল্/ [বা.] বি. বর্তমানকাল; ইহকাল।

একাশি /অ্যাকাশি/ [স. একাশীতি >] বি. ৮১ সংখ্যা। বিণ. ৮১ সংখ্যক।

একাশীতি /একাশিতি/ [স. এক+অশীতি] বি. ৮১ সংখ্যা। বিণ. ৮১ সংখ্যক।

একাশীতিতম /একাশিতিতমো/ [স. একাশীতি+তমট্] বিণ. ৮১ সংখ্যক; ৮১ স্থানীয়। স্ত্রী. **একাশীতিতমী** /একাশিতিতোমি/।

একাশ্রয় /একাস্রয়্/ [স. এক+আশ্রয়] বিণ. ১ অন্য আশ্রয় নেই এমন, অনন্যগতি। ২ কেবল একজনের ওপর নির্ভরশীল এমন, একাশ্রিত।

একাশ্রিত /একাস্রিতো/ [স. এক+আশ্রিত] বিণ. দ্র একাশ্রয়।

একাসন /একাশোন্/ [স. এক+আসন] বি. ১ অভিন্ন আসন; উপবেশনের একমাত্র স্থান। ২ যোগাসন। বিণ. অন্য আসন নেই এমন; আসন বদল করে না এমন।

একাহ /একাহো/ [স. এক+অহন্] বি. একদিন। বিণ. একদিনের।

একাহার /একাহার্/ [স. এক+আহার] বি. দিনে একবারমাত্র খাদ্য গ্রহণ।

একাহারী /একাহারি/ [স. একাহার+ইন্] বিণ. দিনে একবারমাত্র আহার করে এমন।

একাহিক /একাহিক্/ [স. একাহ+ইক] বিণ. ১ একদিনে সম্পাদনীয়, একদিনের। ২ একদিনসম্বন্ধীয়।

এ কি /এ কি/ অব্য. বিস্ময়সূচক শব্দ (*এ কি সত্য সকলই সত্য, হে আমার চিরভক্ত॥* রবীন্দ্র.)।

একিন /একিন্/ [আ.] বি. স্থির বিশ্বাস, দৃঢ় প্রত্যয়।

এ কী /এ কি/ সর্ব. এই বিষয়টি কী (*এ কী শুনছি ?*)।

একীকরণ /একিকরোন্/ [স. এক+চ্বি+করণ] বি. ১ একত্রকরণ, মিশ্রিতকরণ। ২ ভিন্নতা দূরীকরণ।

www.pathagar.com

একীকৃত /একিক্‌কৃতো/ [স. এক+চ্বি+কৃত] বিণ. ১ ভিন্নতা দূর করা হয়েছে এমন। ২ মিশ্রিত।

একীভবন /একিভবোন্‌/ [স. এক+চ্বি+ভবন] বি. ১ সমান অবস্থাপ্রাপ্তি। ২ একত্রে মিশ্রণ।

একীভূত /একিভুতো/ [স. এক+চ্বি+ভূত] বিণ. ১ সম-অবস্থাপ্রাপ্ত, সমতাপ্রাপ্ত। ২ স্তূপীকৃত।

একুন /একুন্‌/ [দেশি.] বিণ. মোট, সবসুদ্ধ।

একুনে /একুনে/ [দেশি.] ক্রিবিণ. সাকুল্যে।

একুল ওকুল /একুল্‌ ওকুল্‌/ বি. পিতৃকুল ও শ্বশুরকুল।

একুশ /একুশ্‌/ [স. একবিংশতি >] বি. ২১ সংখ্যা। বিণ. ২১ সংখ্যক।

একুশে /একুশে/ [বা.] বি. একুশ তারিখ। ক্রিবিণ. একুশ তারিখে। বিণ. একুশ তারিখের (*আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারী / আমি কি ভুলিতে পারি?* গাফ্‌ফার.)।

একূল-ওকূল /একূল্‌ওকূল্‌/ [বা.] বি. ১ নদীর উভয় তীর। ২ দুই দিক। ৩ (আল.) ইহকাল ও পরকাল।

একে[১] /একে/ [বা.] সর্ব. ইহাকে, এই ব্যক্তিকে।

একে[২] /অ্যাকে/ [স. এক+বা. এ] সর্ব. এক ব্যক্তি, একজন (*একে চায় আরে পায়*); কোনো বিষয় বা বস্তু। ক্রিবিণ. একদিকে, একপক্ষে।

একে একে /অ্যাকে অ্যাকে/ ক্রিবিণ. পরপর, একের পর এক (*একে একে সবাই চলে গেল*)।

একেবারে /অ্যাকেবারে/ [বা.] বিণ. পুরোপুরি, সম্পূর্ণ (*একেবারে বোকা*)।

একেলা /অ্যাকেলা/ [স. একা >] বিণ. একা, একলা।

একেলে /একেলে/ [বা.] বিণ. ১ হাল আমলের। ২ আধুনিক রুচিসম্পন্ন।

একেশ্বর /অ্যাকেশ্‌শর্‌/ [স. এক+ঈশ্বর] বি. ঈশ্বর এক, সর্বময় প্রভু; একাধিপতি। বিণ. সর্বময় কর্তৃত্বসম্পন্ন।

একেশ্বরবাদ /অ্যাকেশ্‌শরবাদ্‌/ [স. একেশ্বর+√বদ্‌+অ] বি. ঈশ্বর এক এবং অদ্বিতীয় এমন মতবাদ।

একেশ্বরবাদী /অ্যাকেশ্‌শরবাদি/ [স. একেশ্বর+√বদ্‌+ইন্‌] বি. বিণ. একেশ্বরবাদের অনুসারী।

একেশ্বরী /অ্যাকেশ্‌শোরি/ [স. একেশ্বর+ঈ] বি. একমাত্র কর্ত্রী, একমাত্র গৃহিণী।

একৈক /একৈক্কো/ [স. এক+এক] বিণ. একাকী; একক। ক্রিবিণ. একের পর এক, একে একে।

একোদর /একোদর্‌/ [স. এক+উদর] বি. একই মাতার সন্তান। বিণ. সহোদর।

একোদ্দিষ্ট /একোদ্‌দিশ্‌টো/ [স. এক+উৎ+√দিশ্‌+ত] বি. মৃত ব্যক্তিবিশেষের উদ্দেশে প্রতি বছর কৃত শ্রাদ্ধ।

একোন /একোনো/ [স. এক+ঊন] বিণ. এক কম এমন।

একোনঅশীতি /একোনোওশিতি/ [স. একোন+অশীতি] বি. ৭৯ সংখ্যা। বিণ. ৭৯ সংখ্যক।

একোনঅশীতিতম /একোনোওশিতিতমো/ [স. একোনঅশীতি+তমট্‌] বিণ. ৭৯ সংখ্যক; ৭৯ স্থানীয়। স্ত্রী. একোনঅশীতিতমী/একোনোওশিতিতোমি/।

একোনচত্বারিংশৎ /একোনোচত্‌তারিংশত্‌/ [স. একোনচত্বারিন্‌+শৎ] বি. ৩৯ সংখ্যা। বিণ. ৩৯ সংখ্যক।

একোনচত্বারিংশত্তম /একোনোচত্‌তারিংশত্‌তমো/ [স. একোনচত্বারিংশৎ+তমট্‌] বিণ. ৩৯ সংখ্যক; ৩৯ স্থানীয়। স্ত্রী. একোনচত্বারিংশত্তমী /একোনোচত্‌তারিংশত্‌তোমি/।

একোনত্রিংশৎ /একোনোত্‌ত্রিংশত্‌/ [স. একোনত্রিন্‌+শৎ] বি. ২৯ সংখ্যা। বিণ. ২৯ সংখ্যক।

একোনত্রিংশত্তম /একোনোত্‌ত্রিংশত্‌তমো/ [স. একোনত্রিংশৎ+তমট্‌] বিণ. ২৯ সংখ্যক; ২৯ স্থানীয়। স্ত্রী. একোনত্রিংশত্তমী /একোনোত্‌ত্রিংশত্‌তোমি/।

একোননবতি /একোনোনবোতি/ [স. একোন+নবতি] বি. ৮৯ সংখ্যা। বিণ. ৮৯ সংখ্যক।

একোননবতিতম /একোনোনবোতিতমো/ [স. একোননবতি+তমট্‌] বিণ. ৮৯ সংখ্যক; ৮৯ স্থানীয়। স্ত্রী. একোননবতিতমী /একোনোনবোতিতোমি/।

একোনপঞ্চাশৎ /একোনোপন্‌চাশত্‌/ [স. একোন+পঞ্চদশন্‌+শৎ] বি. ৪৯ সংখ্যা। বিণ. ৪৯ সংখ্যক।

একোনপঞ্চাশত্তম /একোনোপন্‌চাশত্‌তমো/ [স. একোনপঞ্চাশৎ+তমট্‌] বিণ. ৪৯ সংখ্যক; ৪৯ স্থানীয়। স্ত্রী. একোনপঞ্চাশত্তমী /একোনোপন্‌চাশত্‌তোমি/।

একোনবিংশতি /একোনোবিংশোতি/ [স. একোন+বিংশতি] বি. ১৯ সংখ্যা। বিণ. ১৯ সংখ্যক।

একোনবিংশতিতম /একোনোবিংশোতিতমো/ [স. একোনবিংশতি+তমট্‌] বিণ. ১৯ সংখ্যক; ১৯ স্থানীয়। স্ত্রী. একোনবিংশতিতমী /একোনোবিংশোতিতোমি/।

একোনশত /একোনোশতো/ [স. একোন+শত] বি. ৯৯ সংখ্যা। বিণ. ৯৯ সংখ্যক।

www.pathagar.com

একোনশততম /একোনোশতোতমো/ [স. একোন+শত+তমট্] বিণ. ৯৯ সংখ্যক; ৯৯ স্থানীয়। স্ত্রী. **একোনশততমী** /একোনোশতোতোমি/।

একোনষষ্টি /একোনোশোশ্‌টি/ [স. একোন+ষষ্‌+তি] বি. ৫৯ সংখ্যা। বিণ. ৫৯ সংখ্যক।

একোনষষ্টিতম /একোনোশোশ্‌টিতমো/ [স. একোন+ষষ্টি+তমট্] বিণ. ৫৯ সংখ্যক; ৫৯ স্থানীয়। স্ত্রী. **একোনষষ্টিতমী** /একোনোশোশ্‌টিতোমি/।

একোনসপ্ততি /একোনোশপ্‌তোতি/ [স. একোন+সপ্তদশৎ+তি] বি. ৬৯ সংখ্যা। বিণ. ৬৯ সংখ্যক।

একোনসপ্ততিতম /একোনোশপ্‌তোতিতমো/ [স. একোনসপ্ততি+তমট্] বিণ. ৬৯ সংখ্যক; ৬৯ স্থানীয়। স্ত্রী. **একোনসপ্ততিতমী** /একোনোশপ্‌তোতিতোমি/।

এক্কা /এক্‌কা/ [ফা.] বি. এক ঘোড়ায় টানা দু-চাকার গাড়ি।

এক্কা-দোক্কা /এক্‌কাদোক্‌কা/ বি. মাটিতে ছক কেটে চাড়া (ভাঙা খোলার টুকরো) ফেলে ছোটোদের এক পায়ে ভর দিয়ে লাফিয়ে চলার খেলা।

এক্তিয়ার /এক্‌তিআর্/ [আ.] বি. ১ ক্ষমতা; অধিকার; কর্তৃত্ব। ২ ইচ্ছা; অভিরুচি।

এক্তিয়ারভুক্ত /এক্‌তিআর্‌ভুক্‌তো/ [বা.] বিণ. অধিকারভুক্ত; কর্তৃত্বাধীন।

এক্ষণ /এক্‌খন্/ [বা. এ+স. ক্ষণ] বি. ১ এই সময়, এই মুহূর্ত। ২ বর্তমানকাল।

এক্ষণে /এক্‌খনে/ [বা.] ক্রিবিণ. ১ এই মুহূর্তে, এখন, এই সময়ে। ২ বর্তমানকালে।

এক্ষুনি /এক্‌খুনি/ [বা.] ক্রিবিণ. এখনই।

এক্সচেঞ্জ /এক্‌সচেন্‌জ্/ [ই. exchange] বি. ১ বিনিময়। ২ মুদ্রাবিনিময়। ৩ বাণিজ্যিক বিনিময়। ৪ টেলিফোন সংযোগকেন্দ্র। ৫ শেয়ার কেনাবেচার স্থান।

এক্সপেরিমেন্ট /এক্‌স্‌পেরিমেন্‌ট্/ [ই.] বি. অজ্ঞাত কোনো কিছু উদ্ভাবন বা জানার জন্য একাগ্রচিত্তে বৈজ্ঞানিক পরীক্ষানিরীক্ষা, experiment।

এক্সপ্রেস /এক্‌স্‌প্রেস্/ [ই. express] বি. দ্রুতগামী পরিবহণ। বিণ. ১ জরুরি। ২ দ্রুতগামী।

এক্সরে /এক্‌স্‌রে/ [ই.] বি. অস্বচ্ছ পদার্থ ভেদ করতে পারে এমন ক্ষমতাসম্পন্ন ক্ষুদ্র তরঙ্গ-দৈর্ঘ্যের বিদ্যুৎ-চুম্বকীয় রশ্মি যা চিকিৎসাশাস্ত্রে রোগনির্ণয় বা শিল্প ও প্রযুক্তির ক্ষেত্রে বস্তুর গুণাগুণ পরীক্ষার জন্য ব্যবহৃত হয়, রঞ্জনরশ্মি, X-ray।

এখন /অ্যাখন্/ [বা.] বি. এই সময়; বর্তমানকাল (*এখন শরৎকাল*)। ক্রিবিণ. ১ এই সময়ে (*এখন এসো*)। ২ অধুনা, ইদানীং (*সে এখন স্কুলে পড়ে*)। ৩ বর্তমানকালে, এ যুগে (*এখন আর সে দিন নেই*)। ৪ এত দেরিতে (*এখন তোমার আসার সময় হলো?*)। ৫ এই অবস্থায় (*এখন কী করা যায়?*)। ৬ অবসরমতো, পরে কোনো এক সময়ে। ৭ অসময়ে, যখন প্রয়োজন নেই তখন (*এখন গিয়ে আর কী লাভ?*)। ৮ এবার (*এখন আর যেতে হবে না*)। ৯ অবশেষে (*এখন বলো কী করতে হবে*)।

এখনই /অ্যাখনি/ [বা.] ক্রিবিণ. এই মুহূর্তেই, অবিলম্বে (*এখনই ট্রেন ধরতে হবে*)।

এখনও /অ্যাখনো/ [বা.] ক্রিবিণ. দ্র এখনো।

এখনকার /অ্যাখন্‌কার্/ [বা.] বিণ. এই সময়ের; আজকালকার, বর্তমানকালের, ইদানীন্তন।

এখনকার মতো /অ্যাখন্‌কার্ মতো/ ক্রিবিণ. আপাতত, আজকের মতো।

এখনতখন /অ্যাখনতখন্/ [বা.] বিণ. মুমূর্ষু অবস্থা-প্রাপ্ত।

এখনি /অ্যাখনি/ [বা.] ক্রিবিণ. দ্র এখনই।

এখনো /অ্যাখনো/ [বা.] ক্রিবিণ. ১ আজও, বর্তমান-কাল পর্যন্ত। ২ এরপরেও, তা সত্ত্বেও (*এখনো গেল না আঁধার, এখনো রহিল বাধা।* রবীন্দ্র.)। ৩ এই অবস্থাতেও, তথাপি।

এখান /এখান্/ [বা.] বি. ১ এই স্থান (*এখান থেকে*)। ২ এই পৃথিবী; ইহলোক।

এখানকার /এখান্‌কার্/ [বা.] বিণ. এই স্থানের।

এখানে /এখানে/ [বা.] ক্রিবিণ. এই স্থানে (*এখানে বেশ ঠান্ডা*)।

এখানে-সেখানে /এখানেসেখানে/ [বা.] ক্রিবিণ. বিভিন্ন স্থানে, যত্রতত্র।

এখুনি /এখুনি/ [বা.] ক্রিবিণ. এই মুহূর্তেই (*তোমাকে এখুনি যেতে হবে*)।

এগারো /অ্যাগারো/ [স. একাদশ >] বি. ১১ সংখ্যা। বিণ. ১১ সংখ্যক।

এগারোই /অ্যাগারোই্/ [বা.] বি. মাসের ১১ তারিখ (*এগারোই জ্যৈষ্ঠ*)। বিণ. ১১ তারিখের।

এগুনো /এগুনো/ [স. অগ্রগমন >] ক্রিবি. দ্র এগোনো।

এগোনো /এগোনো/ [স. অগ্রগমন >] ক্রিবি. অগ্রসর হওয়া, এগিয়ে যাওয়া।

এজন্য /এজোন্‌নো/ [বা.] অব্য. ক্রিবিণ. এই কারণে।

এজমালি /এজ্‌মালি/ [আ.] বিণ. একাধিকজনের অধিকারভুক্ত, যৌথ (*এজমালি সম্পত্তি*)।

www.pathagar.com

এজলাস /এজ্‌লাস্‌/ [আ.] বি. আদালত, বিচারালয়।

এজাহার /এজ্‌াহার্‌/ [আ.] বি. আমলযোগ্য কোনো অপরাধ সংঘটিত হওয়ার পর সে বিষয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রদত্ত মৌখিক বা লিখিত অভিযোগ, FIR।

এজিন /এজ়িন্‌/ [আ.] বি. (মুসলমান সমাজে) বিবাহের প্রাক্কালে পাত্রীর আনুষ্ঠানিক সম্মতি।

এজেন্ট /এজেন্‌ট্‌/ [ই. agent] বি. ১ ব্যবসায়ী সংস্থার প্রতিনিধি; প্রতিনিধি। ২ আমমোক্তার। ৩ প্রধান কর্মচারী; গোমস্তা।

এজেন্সি /এজেন্‌সি/ [ই. agency] বি. ১ প্রতিনিধিত্ব; এজেন্টের বৃত্তি। ২ প্রধান কর্মচারী বা গোমস্তার কর্তৃত্ব।

এটা /এটা/ [বা.] সর্ব. (তুচ্ছার্থে) এই ব্যক্তি বস্তু প্রাণী বা বিষয়।

এটি /এটি/ [বা.] সর্ব. (আদরার্থে) এই ব্যক্তি বস্তু প্রাণী বা বিষয়।

এটুকু /এটুকু/ [বা.] বি. এই অল্প বস্তু; এই সামান্য ব্যাপার। বিণ. এই সামান্য পরিমাণ; এই পরিমাণ।

এডিট /এডিট্‌/ [ই. edit] বি. ১ এক বা একাধিক রচনা বিন্যস্ত ও নির্ভুলভাবে ছাপানোর উপযোগী-করণ। ২ মুদ্রণের পূর্বে সংগৃহীত পাণ্ডুলিপি বা রচনা সুবিন্যস্তকরণ। ৩ পাঠশুদ্ধি। ৪ টীকা রচনা। ৫ সম্পাদনা।

এড়া /অ্যাড়া/ [বা.] ক্রিবি. ১ নিক্ষেপ করা, ছোড়া। ২ ত্যাগ করা, পরিহার করা।

এড়ানো /অ্যাড়ানো/ [বা.] ক্রিবি. পাশ কাটানো। বিণ. পরিহার করা হয়েছে এমন।

এড়িয়ে /এড়িয়ে/ [বা.] অসক্রি. পাশ কাটিয়ে।

এড়িয়ে যাওয়া /এড়িয়ে জাওআ/ ক্রিবি. পাশ কাটিয়ে যাওয়া; উপেক্ষা করা।

এড়ো /এড়ো/ [বা.] বিণ. ১ বাঁকা; কাত, একপেশে। ২ প্রস্থের দিকের। ৩ শঠতাপূর্ণ, কুটিল।

এণ /এনো/ [স. √ই+ণ] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সর্বত্র বনজঙ্গলে বিচরণ করে এমন মেদহীন সুন্দর দেহ বড়ো চোখ এবং দুটি বড়ো ও দুটি ছোটো খুরবিশিষ্ট চতুষ্পদ তৃণভোজী দ্রুতগামী প্রাণী (যার পুরুষকুলের একজোড়া সরল বা শাখাপ্রশাখা-বিশিষ্ট শিং থাকে), কুরঙ্গ, হরিণ, মৃগ।

এণক /এনক্‌/ [স. এণ+ক] বি. ছোটো হরিণ। স্ত্রী. এণিকা /এনিকা/।

এণাক্ষী /এনাক্‌খি/ [স. এণ+অক্ষি] বিণ. হরিণের মতো চোখবিশিষ্ট, মৃগনয়না।

এত /অ্যাতো/ [স. এতবৎ >] বিণ. এই পরিমাণ; অনেক (*এত লোক*)।

এত এত /অ্যাতো অ্যাতো/ বিণ. বিপুল পরিমাণ, রাশি রাশি।

এতকাল /অ্যাতোকাল্‌/ [বা. এত+স. কাল] ক্রিবিণ. এতদিন পর্যন্ত।

এতখানি /অ্যাতোখানি/ [বা.] বিণ. এই পরিমাণ।

এতগুলি /অ্যাতোগুলি/ [বা.] বিণ. দ্র এতগুলো।

এতগুলো /অ্যাতোগুলো/ [বা.] বিণ. (প্রচুর বা যথেষ্ট অর্থে) এই পরিমাণ; এই সংখ্যক।

এতটুকু /অ্যাতোটুকু/ [বা.] বিণ. এইটুকু; খুব কম, সামান্যমাত্র (*এতটুকু আগ্রহ নেই*)।

এতৎ /এতত্‌/ [স.√ই+তদ্‌] সর্ব. ১ অঘোষবর্ণের পূর্বে 'এতদ্‌' শব্দের রূপ (*এতৎসংক্রান্ত*)। ২ উপস্থিত ব্যক্তি বস্তু বা বিষয়। ৩ এটা, এই, ইনি।

এতদতিরিক্ত /এতদোতিরিক্‌তো/ [স. এতৎ+অতি+√রিচ্‌+ত] বিণ. এছাড়া, এর বেশি; তদুপরি।

এতদবস্থা /এতদবোস্‌থা/ [স. এতৎ+অব+√স্থা+অ] বি. এই অবস্থা, এইরূপ।

এতদর্থে /এতদর্‌থে/ [স. এতৎ+অর্থ+বা. এ] ক্রিবিণ. এই অর্থে; এই মর্মে, এই উদ্দেশ্যে।

এতদিন /অ্যাতোদিন্‌/ [বা.] ক্রিবিণ. এতকাল (*'এতদিন কোথায় ছিলেন?'* জীবনানন্দ.)।

এতদীয় /এতোদিয়ো/ [স. এতদ্‌+ঈয়] বিণ. এতৎ-সংক্রান্ত, এতদ্‌বিষয়; এই ব্যক্তি বস্তু বা বিষয়-সংক্রান্ত।

এতদুদ্দেশ্যে /এতোদুদ্‌দেশ্যে/ [স. এতৎ+উদ্দেশ্য+বা. এ] ক্রিবিণ. এই অভিপ্রায়ে, এই মতলবে।

এতদুপলক্ষ্যে /এতোদুপোলোক্‌খে/ [স. এতৎ+উপলক্ষ্য+বা. এ] ক্রিবিণ. এই উপলক্ষ্যে।

এতদ্‌ /এতোদ্‌/ [স. √ই+তদ্‌] সর্ব. ১ ঘোষবর্ণের পূর্বে 'এতৎ' শব্দের রূপ (*এতদ্‌বিষয়*)। ২ উপস্থিত এই ব্যক্তি বস্তু বা বিষয়। ৩ এটা, এই, ইনি।

এতদ্‌বিষয় /এতোদ্‌বিশয়্‌/ [স. এতদ্‌+বিষয়] বি. এই বিষয়।

এতদ্‌ব্যতীত /এতোদ্‌বেতিতো/ [স. এতদ্‌+বি+অতি+√ই+ত] অব্য. এছাড়া, ইহা ব্যতীত।

এতদ্‌হেতু /এতদ্‌হেতু/ [স. এতদ্‌+√হি+তু] ক্রিবিণ. এই কারণে, এই জন্য।

এতদ্দেশ /এতদ্‌দেশ্‌/ [স. এতদ্‌+দেশ] বি. এই দেশ; এই স্থান।

এতদ্দেশীয় /এতদ্‌দেশিয়ো/ [স. এতদ্দেশ+ঈয়] বিণ. ১ এই দেশের, এই দেশে জাত। ২ এই দেশের

www.pathagar.com

অধিবাসী।

এতদ্দ্বারা /এতদ্‌দারা/ [স. এতদ্+দ্বারা] অব্য. ইহার দ্বারা (*এতদ্দ্বারা অবহিত করা হচ্ছে যে ...*)।

এতদ্ভিন্ন /এতোদ্‌ভিন্নো/ [স. এতদ্+√ভিদ্+ত] অব্য. এছাড়া, এতদ্‌ব্যতীত।

এতদ্রূপ /এতোদ্‌রূপ্/ [স. এতদ্+রূপ] বিণ. এই রূপ, এই প্রকার, ঈদৃশ।

এতাদৃশ /এতাদ্‌শো/ [স. এতদ্+√দৃশ্+অ] বিণ. এই প্রকার, এই রূপ, ঈদৃশ।

এতাবৎ /এতাবত্/ [স. এতদ্+বৎ] অব্য. এই পর্যন্ত। বিণ. এই পরিমিত, এতটুকু।

এতাবৎকাল /এতাবত্‌কাল্/ [স. এতাবৎ+কাল] ক্রিবিণ. এতদিন ধরে, আজ পর্যন্ত। বি. এই পরিমাণ সময়; এতদিন।

এতিম /এতিম্/ [আ.] বিণ. ১ মাতাপিতাহীন, অনাথ। ২ অসহায়, নিরাশ্রয়।

এতিমখানা /এতিম্‌খানা/ [আ. এতিম+ফা. খানা] বি. আহার ও বসবাসের সুবিধা-সহ মাতৃপিতৃহীন বালকবালিকাদের আশ্রয়স্থল, অনাথনিবাস, অনাথ-আশ্রম, orphanage।

এতে /এতে/ [বা.] সর্ব. ইহাতে।

এতেক /এতেক্/ [বা.] বিণ. এই পরিমাণ, এতটুকু। ক্রিবিণ. এই পর্যন্ত; এতদূর।

এতেকাফ /এতেকাফ্/ [আ.] বি. ইবাদতের উদ্দেশ্যে রমজান মাসের শেষভাগে নির্দিষ্টকালের জন্য মসজিদে অবস্থিতি।

এত্তেলা /এত্‌তেলা/ [আ.] বি. ১ সংবাদ, খবর; নোটিশ। ২ তলব; অবহিতকরণ।

এত্তেলানামা /এত্‌তেলানামা/ [আ. এত্তেলা+ফা. নামা] বি. ১ সমন। ২ বিজ্ঞপ্তি।

এথা /এথা/ [স. অত্র >] অব্য. ক্রিবিণ. এই স্থানে, এখানে; এদিকে।

এদিক /এদিক্/ [বা. এ+স. দিক] বি. ১ এই অভিমুখ। ২ এই অঞ্চল বা দেশ। ৩ এই পক্ষ।

এদিক-ওদিক /এদিক্‌ওদিক্/ [বা.] বি. চারদিক। ক্রিবিণ. ইতস্তত, চতুষ্পার্শ্ব।

এদিক-সেদিক /এদিক্‌সেদিক্/ [বা.] বি. চারদিক। ক্রিবিণ. ইতস্তত, চারদিকে।

এদিকে /এদিকে/ [বা.] ক্রিবিণ. ১ এই স্থানে; এই অঞ্চলে; এই দেশে। ২ এই অভিমুখে। ৩ এই অবস্থায়। ৪ পক্ষান্তরে।

এদের /এদের্/ [বা.] সর্ব. এই সকল ব্যক্তির, ইহাদের।

এদ্দিন /অ্যাদ্‌দিন্/ [বা.] ক্রিবিণ. এতদিন, এতকাল, দীর্ঘসময়।

এধার /এধার্/ [বা.] বি. এই পার; এই দিক; এই অঞ্চল।

এধার-ওধার /এধার্‌ওধার্/ [বা.] বি. ক্রিবিণ. এদিক-ওদিক; এপার-ওপার; চতুর্দিক, সর্বত্র; ইতস্তত।

এনজিও /এন্‌জিও/ [ই.] বি. সমাজকল্যাণের উদ্দেশ্যে বেসরকারি উদ্যোগে গঠিত প্রতিষ্ঠান, non-governmental organization-এর সংক্ষিপ্ত রূপ, NGO।

এনামেল /এনামেল্/ [ই. enamel] বি. ১ সৌন্দর্য-বর্ধন বা ক্ষয়রোধের উদ্দেশ্যে নির্দিষ্ট অনুপাতে সোডা সিলিকা পটাশ প্রভৃতির মিশ্রণ উচ্চতাপে গালিয়ে ধাতব বস্তুর ওপর প্রদত্ত কঠিন টেকসই ও উজ্জ্বল প্রলেপবিশেষ (খ্রিষ্টপূর্ব ত্রয়োদশ শতাব্দী থেকে প্রচলিত), মিনা। ২ দাঁতের বহিরাবরণ।

এনু /এনু/ [আঞ্চ.] ক্রি. এলাম, এসেছি, আসিলাম।

এন্ট্রান্স /এন্‌ট্রান্স্/ [ই.] বি. প্রবেশিকা (*এন্ট্রান্স পরীক্ষা*), মাধ্যমিক পরীক্ষা, entrance।

এন্ডায় গন্ডায় /এন্‌ডায় গন্‌ডায়/ ক্রিবিণ. গোঁজামিল করে, ফাঁকি দিয়ে।

এন্ডি /অ্যান্‌ডি/ [স. এরণ্ড >] বি. এরণ্ডপত্রভোজী রেশমকীটের লালাজাত তন্তু থেকে উৎপন্ন তসর-বিশেষ।

এন্তার /এন্‌তার্/ [পো.] বিণ. অজস্র, অঢেল, প্রচুর। ক্রিবিণ. ক্রমাগত, অবিরাম।

এন্তেকাল /এন্‌তেকাল্/ [আ.] বি. স্থানান্তরণ, ইহলোক থেকে পরলোকে গমন, মৃত্যু।

এপার /এপার্/ [বা.] বি. এদিক, এই কূল।

এপার-ওপার /এপার্‌ওপার্/ [বা.] বি. ১ নদীর এপার ও ওপার। ২ এপিঠ ও ওপিঠ। ৩ পারাপার।

এপিক /এপিক্/ [লা.] বি. কোনো দেশ বা জাতির বীরত্বপূর্ণ কাহিনি অবলম্বনে পদ্যে রচিত বর্ণনাত্মক কাব্য, মহাকাব্য, epic।

এপিটাফ /এপিটাফ্/ [লা.] বি. মৃত ব্যক্তির স্মরণে সমাধিফলকের ওপরে খোদিত লিপি, চৈত্যলিপি, epitaph।

এপিঠ-ওপিঠ /এপিঠ্‌ওপিঠ্/ [বা.] বি. কোনো বস্তুর দুই পিঠ; উভয় দিক, ওপর-নিচ।

এপ্রিল /এপ্রিল্/ [ই.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির চতুর্থ মাস, ১৮ই চৈত্র থেকে ১৭ই বৈশাখ পর্যন্ত কালপর্ব, April।

এফআইআর /এফ্‌আইআর্/ [ই.] বি. আমলযোগ্য অপরাধ সংঘটিত হওয়ার পর সে বিষয়ে থানার

www.pathagar.com

ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট প্রদত্ত মৌখিক বা লিখিত অভিযোগ, এজাহার, FIR (First Information Report)।

এফিডেভিট /এফ্‌িডেভিট্‌/ [ই.] বি. হলফ করে প্রদত্ত লিখিত বিবৃতি, হলফনামা, affidavit।

এফোঁড়-ওফোঁড় /এফোঁড়ওফোঁড়্‌/ [বা.] বি. এক-পিঠ থেকে অন্য পিঠ বা একদিক থেকে অন্যদিক পর্যন্ত বেঁধন।

এবং /এবং/ [স. এবম্‌] অব্য. ১ দুটি শব্দ বা বাক্যের মধ্যে ব্যবহৃত সংযোজক অব্যয়। ২ (বাংলায়) আর, অধিকন্তু।

এবংবিধ /এবংবিধো/ [স. এবম্‌+বিধা] বিণ. এই রকম, এই প্রকার, ঈদৃশ, এমনতরো।

এবড়োখেবড়ো /এব্‌ড়োখেব্‌ড়ো/ [বা.] বিণ. অসমতল, উঁচুনিচু, বন্ধুর; অমসৃণ।

এবম্‌প্রকার /এবম্‌প্রোকার্‌/ [স. এবম্‌+প্রকার] বিণ. দ্র এবংবিধ।

এবাদত /এবাদত্‌/ [আ.] বি. প্রার্থনা, উপাসনা।

এবাদতখানা /এবাদত্‌খানা/ [আ. এবাদত+ফা. খানা] বি. ১ উপাসনাগৃহ। ২ উত্তর ভারতের ফতেপুর সিক্রিতে সম্রাট আকবর কর্তৃক প্রতিষ্ঠিত ধর্মচর্চার স্থান।

এবার /এবার্‌/ [বা.] ক্রিবিণ. বি. ১ এইবার, এখন, এই সময়ে। ২ এই যাত্রায়। ৩ এই বছর। ৪ এই ক্ষেত্রে। ৫ এই জীবন বা এই জীবনে (*এবার দুঃখ আমার অসীম পাথার পার হল যে,* রবীন্দ্র.)।

এবারকার /এবার্‌কার্‌/ [বা.] বিণ. ১ এবারের, এই যাত্রায়। ২ এইবারসম্বন্ধীয়।

এবে /এবে/ [বা.] অব্য. ক্রিবিণ. ১ এই সময়ে (*কিন্তু সত্য কথা এবে কহি, গুণনিধি—* মধু.), এখন। ২ অতঃপর। ৩ অধুনা, আজকাল।

এবেলা /এব্যালা/ [বা.] বি. এই সময়। ক্রিবিণ. দিনের যে কোনো এক ভাগে।

এভাবে /এভাবে/ [বা.] ক্রিবিণ. এই প্রকারে; এই পদ্ধতিতে; 'এইভাবে'-র কথ্য রূপ।

এভারেস্ট /এভারেস্ট্‌/ [ব্যক্তি.] বি. হিমালয় পর্বতমালার উচ্চতম পর্বতশৃঙ্গ (৮,৮৫০ মিটার), Everest।

এম এ /এম্‌ এ/ বি. ১ মানবিক বিভাগে বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রি, Master of Arts-এর সংক্ষিপ্ত রূপ, MA। ২ ওই উপাধিধারী ব্যক্তি।

এম এসসি /এম্‌ এস্‌ সি/ বি. ১ বিজ্ঞান বিভাগে বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর ডিগ্রি, Master of Science-এর সংক্ষিপ্ত রূপ, MSc। ২ ওই উপাধিধারী ব্যক্তি।

এম ডি /এম্‌ ডি/ বি. ১ চিকিৎসাশাস্ত্রে গবেষণায় সাফল্যের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত ডক্টরেট ডিগ্রি, Doctor of Medicine-এর সংক্ষিপ্ত রূপ, MD। ২ ওই উপাধিধারী ব্যক্তি।

এমতাবস্থা /এমতাবোস্থা/ [বা. এমত+স. অবস্থা] বি. এই অবস্থা, এই পরিস্থিতি।

এমতাবস্থায় /এমতাবোস্থায়্‌/ [বা.] ক্রিবিণ. এই অবস্থায়, এই পরিস্থিতিতে।

এমতো /এমতো/ [বা.] বিণ. ক্রিবিণ. এরূপ, এমন, ঈদৃশ।

এমন /অ্যামোন্‌/ [বা.] সর্ব. বিণ. ক্রিবিণ. এইরূপ, এইরকম, এই প্রকার, ঈদৃশ।

এমনই /অ্যামোন্‌ই/ [বা.] বিণ. এরূপই।

এমনকি /অ্যামোন্‌কি/ [বা.] অব্য. অধিকন্তু।

এমন কিছু /অ্যামোন্‌ কিছু/ বিণ. বিশেষ কিছু; উল্লেখযোগ্য; প্রয়োজনীয়।

এমনতর /অ্যামোন্‌তরো/ [বা.] বিণ. এই প্রকার, হুবহু এই রকম।

এমনতেমন /অ্যামোন্‌ত্যামোন/ [বা.] বিণ. ১ তুচ্ছ, উপেক্ষার যোগ্য। ২ সাধারণ। বি. অগ্রাহ্য করার মতো সাধারণ।

এমন ধারা /অ্যামোন্‌ ধারা/ বিণ. এ ধরনের।

এমনভাবে /অ্যামোন্‌ভাবে/ [বা.] ক্রিবিণ. এই রূপে, এই প্রকারে।

এমনি /এম্‌নি/ [বা.] ক্রিবিণ. বিশেষ কোনো উদ্দেশ্য ব্যতীত, বিনা প্রয়োজনে, অকারণে।

এমনি এমনি /এম্‌নি এম্‌নি/ ক্রিবিণ. অপ্রয়োজনে, অকারণে।

এমনিতরো /এম্‌নিতরো/ [বা.] বিণ. এই প্রকার।

এম বি বি এস /এম্‌বিবিএস/ বি. ১ চিকিৎসা-শাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি, Bachelor of Medicine and Bechelor of Surgery-র সংক্ষিপ্ত রূপ, MB BS। ২ ওই উপাধিধারী ব্যক্তি।

এমু /এমু/ [পো.] বি. উড়তে পারে না কিন্তু দ্রুতবেগে ঘণ্টায় (প্রায় ৫০ কিমি. বেগে) দৌড়াতে পারে এমন শক্তিশালী পা এবং ধূসর ও রুক্ষ লোমাবৃত উটপাখিসদৃশ বিরল প্রজাতির বিশালকায় (প্রায় ৫ ফুট উঁচু) অস্ট্রেলীয় পাখি, emu।

এমুখো /এমুখো/ [বা.] বিণ. ১ এদিকে মুখ করে আছে এমন। ২ এদিকে আসন্ন।

এমুড়ো ওমুড়ো /এমুড়ো ওমুড়ো/ বিণ. ক্রিবিণ. ১

www.pathagar.com

এই প্রান্ত থেকে ওই প্রান্ত পর্যন্ত, এ মাথা থেকে ও মাথা পর্যন্ত; আপাদমস্তক। ২ সম্পূর্ণ, সমগ্র।

এযাত্রায় /এজাত্রায়/ [বা.] ক্রিবিণ. এবারে।

এযাবৎ /এজাবত্/ [বা. এ+স. যাবৎ] অব্য. ক্রিবিণ. এ পর্যন্ত, এখন পর্যন্ত; অদ্যাবধি।

এয়ারপোর্ট /এয়ারপোর্ট্/ [ই.] বি. যাত্রী ও পণ্য পরিবহণের সুবিধা-সহ বিমান ওঠানামা ও রক্ষণা-বেক্ষণের ক্ষেত্র, বিমানবন্দর, airport।

এয়ারমেইল /এয়ারমেইল্/ [ই.] বি. বিমানবাহিত ডাক, airmail।

এয়ো /এয়ো/ [স. অবিধবা >] বি. সধবা নারী। বিণ. স্বামী জীবিত আছে এমন।

এয়োত /এয়োতো/ [বা.] বি. সধবার চিহ্ন।

এয়োতি /এয়োতি/ [বা.] বি. বিণ. সধবা।

এয়োস্ত্রী /এয়োস্ত্রি/ [বা.] বি. সধবা নারী।

এর /এর্/ [বা.] সর্ব. (সম্বন্ধার্থে ষষ্ঠী বিভক্তি) এই ব্যক্তি বস্তু বা বিষয় প্রকাশক। বি. ১ (গ.) গুণনের চিহ্ন, of (×)। ২ 'ইহার' শব্দের কথ্য রূপ।

এরকা /এরকা/ [স. √ইর্+রক্+আ (টাপ্)] বি. গাঁট-শূন্য (গ্রন্থিহীন) তৃণবিশেষ; নলখাগড়া; হোগলা।

এরণ্ড /এরন্ডো/ [স. আ+ঈর্+অন্ড] বি. ১ উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং প্রায় সারাবছর ফোটে এমন হলুদাভ ফুল ও বহুবীজযুক্ত (যা থেকে তেল উৎপন্ন হয়) ফল বা তার ভেষজ-গুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, ভেরেন্ডা, রেড়ি। ২ আগাছা, বাজে গাছ।

এরণ্ডা /এরন্ডা/ [স. এরণ্ড+আ (টাপ্)] বি. নাতি-শীতোষ্ণ অঞ্চলে জাত এবং বর্ষাকালে পুষ্পদণ্ডে ফোটে এমন গোলাপি আভাযুক্ত সাদা ছোটো ফুল বেলনাকার বীজযুক্ত চেরিজাতীয় ঝাঁঝালো বড়ো ফল বা তার গাঁটযুক্ত কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ।

এরা /এরা/ [বা.] সর্ব. এই ব্যক্তিবর্গ, 'ইহারা'-র কথ্য রূপ।

এরূপ /এরুপ্/ [বা.] বি. বিণ. ক্রিবিণ. সর্ব. এরকম, এই প্রকার।

এরে /এরে/ [বা.] সর্ব. একে, এই ব্যক্তিকে; ইহাকে।

এলা[১] /এলা/ [স. √ইল্+অ+আ (টাপ্)] বি. দ্র এলাচ।

এলা[২] /অ্যালা/ [স. আলুলায়িত >] বিণ. আলগা, ঝুরঝুরে (*এলা মাটি*)। ক্রিমূ. ১ খোলা, এলোমেলো করা; ছড়িয়ে দেওয়া। ২ আকুল করা। ৩ অবশ হওয়া; শিথিল করা।

এলাকা /এলাকা/ [আ.] বি. ১ অঞ্চল; প্রদেশ। ২ অধিকারের ক্ষেত্র; সীমা।

এলাচ /এলাচ্/ [স. এলা >] বি. মসলা ও ওষুধরূপে ব্যবহৃত দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত লতানে উদ্ভিদের সুগন্ধ বীজ, cardamom।

এলাচি /এলাচি/ [স. এলা >] বি. 'এলাচ'-এর আঞ্চলিক রূপ।

এলানো /অ্যালানো/ [বা.] ক্রিবি. ১ আলুলায়িত করা; শিথিল করা। ২ অবসন্ন হওয়া। ৩ ধান ভানা, তুষ ছাড়ানো। বিণ. ১ আলুলায়িত, এলোমেলো। ২ ক্লান্ত, অবসন্ন।

এলাম /এলাম্/ [বা.] ক্রি. আগমন করলাম।

এলাহি /এলাহি/ [আ.] বি. আল্লাহ, ঈশ্বর, ভগবান। বিণ. বিরাট, বৃহৎ, বিশাল (*এলাহি কাণ্ড*)।

এলাহি কাণ্ড /এলাহি কান্ডো/ বি. বিরাট ব্যাপার; মহা ধুমধাম।

এলাহি ভরসা /এলাহি ভরোশা/ বি. 'আল্লাহ সহায়' এরূপ অর্থবোধক উক্তি।

এলে /এলে/ [বা.] ক্রি. এসেছ (*তুমি কোন্ পথে যে এলে পথিক,* রবীন্দ্র.)।

এলেবেলে /এলেবেলে/ [বা.] বিণ. নগণ্য, গুরুত্ব-হীন। বি. গুরুত্বহীন ব্যক্তি বা বিষয়।

এলেম[১] /এলেম্/ [বা.] ক্রি. 'এলাম'-এর আঞ্চলিক রূপ (*তলায় গেল ভগ্ন তরী, কূলে এলেম ভেসে—*, রবীন্দ্র.)।

এলেম[২] /এলেম্/ [আ.] বি. ১ বিদ্যা, জ্ঞান; পান্ডিত্য। ২ সাধ্য, ক্ষমতা।

এলো[১] /এলো/ [বা.] ক্রি. আগমন করল (*এল যে শীতের বেলা বরষ-পরে।* রবীন্দ্র.)।

এলো[২] /এলো/ [স. আকুল >] বিণ. ১ আলুলায়িত, মুক্ত, ছড়ানো (*এলোকেশ*)। ২ শিথিল, আলগা। ৩ অসংযত (*এলো কথা*)।

এলোকেশ /এলোকেশ্/ [বা.] বি. আলুলায়িত বা অবিন্যস্ত চুল।

এলোকেশী /এলোকেশি/ [বা.] বিণ. চুল অবিন্যস্ত এমন, মুক্তকেশী।

এলোকেশে /এলোকেশে/ [বা.] বিণ. অবিন্যস্ত চুলবিশিষ্ট।

এলোখোঁপা /এলোখোঁপা/ [বা.] বি. শিথিল খোঁপা।

এলোচুল /এলোচুল্/ [বা.] বি. আলুলায়িত বা অবিন্যস্ত চুল।

www.pathagar.com

এলোথেলো /এলোথেলো / [বা.] বিণ. আলুথালু, শিথিল ও অবিন্যস্ত।

এলোপাতাড়ি /এলোপাতাড়ি / [বা.] বিণ. দ্র এলো-পাথাড়ি।

এলোপাথাড়ি /এলোপাথাড়ি / [বা.] বিণ. ১ বিশৃঙ্খল, এলোমেলো। ২ মাত্রাজ্ঞানহীন। ৩ দিগ্‌বিদিক জ্ঞানশূন্য। ক্রিবিণ. ১ ক্রমাগত। ২ বিশৃঙ্খল ও এলোমেলোভাবে।

এলোমেলো /এলোমেলো / [বা.] বিণ. ১ বিশৃঙ্খল, অগোছালো, বিক্ষিপ্তভাবে ছড়ানো। ২ পূর্বাপর সম্বন্ধহীন, অসংলগ্ন।

এশা /এশা/ [আ.] বি. ১ রাতের নামাজের সময়। ২ রাতের নামাজ।

এশিয়া /এশিআ/ [স্থান.] বি. পূর্বে প্রশান্ত মহাসাগর দক্ষিণে ভারত মহাসাগর পশ্চিমে আফ্রিকা ও ইউরোপ পরিবেষ্টিত এবং প্রায় সম্পূর্ণভাবে নিরক্ষ-রেখার উত্তরে অবস্থিত বিশ্বের বৃহত্তম মহাদেশ (আয়তন ৪,৪৬,১৪০০০ বর্গ কিমি.), বিশ্বের ৭টি মহাদেশের অন্যতম।

এশিয়াড /এশিআড্ / [ই.] বি. প্রতি চার বছর অন্তর এশীয় দেশগুলোর মধ্যে অনুষ্ঠিত ক্রীড়া প্রতিযোগিতাবিশেষ, Asiad।

এশিয়াবাসী /এশিআবাসি/ [স্থান. এশিয়া+স. বাসী] বি. এশিয়া মহাদেশের অধিবাসী। বিণ. এশিয়ায় বসবাসকারী।

এশীয় /এশিয়ো/ [স্থান. এশিয়া >] বিণ. ১ এশিয়া মহাদেশীয়। ২ এশিয়া মহাদেশসম্বন্ধীয়।

এষণ /এশন্ / [স. √ইষ্+অন] বি. দ্র এষণা।

এষণা /এশনা / [স. √ইষ্+অন+আ (টাপ্)] বি. ১ অন্বেষণ, অনুসন্ধান। ২ কামনা, বাসনা, ইচ্ছা।

এষণিকা /এশোনিকা/ [স. এষণী+কন্+আ (টাপ্)] বি. দ্র এষণী।

এষণী /এশোনি/ [স. এষণ+ঈ] বি. সূক্ষ্মভাবে পরিমাপ করা যায় এমন নিক্তি; স্বর্ণকারের নিক্তি।

এষণীয় /এশোনিয়ো/ [স. √ইষ্+অনীয়] বিণ. অনুসন্ধেয়।

এষা /এশা/ [স. √ইষ্+অ+আ (টাপ্)] বি. ১ অন্বেষণ, সন্ধান। ২ অভিলাষ, বাসনা, ইচ্ছা। বিণ. ১ বাঞ্ছিতা, ঈপ্সিতা। ২ অন্বেষণ করার যোগ্য।

এষিতা /এশিতা/ [স.√ইষ্+তৃ] বিণ. ইচ্ছুক, অভিলাষী।

এসএমএস /এস্‌এম্‌এস্/ [ই.] বি. চলভাষ বা মুঠোফোনে সংক্ষিপ্ত লিখিত বার্তা প্রেরণ বা গ্রহণের ব্যবস্থা, খুদেবার্তা, short messaging service-এর সংক্ষিপ্ত রূপ, sms।

এসপার-ওসপার /এস্‌পার্‌ওস্‌পার্/ [বা.] বি. চূড়ান্ত নিষ্পত্তি।

এসব /এশব্ / [বা.] বিণ. এই সকল।

এসরাজ /এস্‌রাজ্ / [আ.] বি. লঘু শাস্ত্রীয় সংগীতের সঙ্গে ছড় দিয়ে বাজানো হয় এমন সেতার ও সারেঙ্গির মিশ্রণে উদ্ভূত বাদ্যযন্ত্র।

এসে /এশে/ [বা.] অসক্রি. 'আসিয়া'-র কথ্য রূপ (*সখী, প্রতিদিন হায় এসে ফিরে যায় কে।* রবীন্দ্র.)।

এসেন্স /এসেন্‌স্/ [ই. essence] বি. ১ কোনো বিষয় বা বস্তুর মৌলিক গুণ বা উপাদান, সারবস্তু। ২ গন্ধসার।

এসো /এশো/ [বা.] অনুক্রি. আগমনের অনুজ্ঞা; আগমন করো (*কাল এসো*); গমন করো, যাও (*এখন এসো*)।

এস্‌কালেটর /এস্‌ক্যালেটার্/ [ই.] বি. এক তল থেকে অন্য তলে যাওয়া যায় এমন চলন্ত সিঁড়ি, escalator।

এস্কিমো /এস্‌কিমো/ [ডেন.] বি. উত্তর কানাডা আলাস্কা গ্রিনল্যান্ড ও পূর্ব সাইবেরিয়াসংলগ্ন সুমেরু অঞ্চলে বসবাসকারী মৎস্যজীবী জাতিবিশেষ বা তাদের ভাষা, Eskimo।

এস্টেট /এস্‌টেট্/ [ফ.] বি. ভূসম্পত্তি, তালুক, estate।

এহ্‌রাম /এহ্‌রাম্/ [আ.] বি. হজব্রতের প্রারম্ভে পুরুষদের পরিধেয় সেলাইবিহীন বস্ত্রখণ্ডদ্বয়।

এহেন /এহেনো / [বা.] বিণ. এই প্রকার।

www.pathagar.com

ঐ /ওই্/

ঐ[১]/ওই্/ বাংলা বর্ণমালার নবম স্বরবর্ণ এবং ও+ই যৌগিক স্বরের দ্যোতক ও 'ওই'-ধ্বনির বর্ণরূপ। ঐ-এর উচ্চারণস্থান কণ্ঠ-ওষ্ঠ।

ঐ[২]/ওই্/ [স. অদস্ >] বিণ. সেই; একই; উপরি-উক্ত; নির্দিষ্ট, উল্লিখিত; সম্মুখস্থ; সেখানে। অব্য. ১ খেদ স্মরণ সম্বোধন প্রভৃতিসূচক ধ্বনি। ২ কোনো কিছুর নির্দেশসূচক শব্দ।

ঐক /ওই্কো/ [স. এক+অ] বিণ. ১ একার্থবোধক। ২ একসম্বন্ধীয়, একবিষয়ক।

ঐকতান /ওই্কোতান্/ [স. একতান+অ] বি. সম্মিলিত সুর, বৃন্দবাদন, একাধিক বাদ্যযন্ত্রের সমবেত বাদন; একাধিক কণ্ঠে সমস্বরে গায়ন; concert।

ঐকপত্য /ওই্কোপোত্তো/ [স. একপতি+য] বি. ১ সার্বভৌমত্ব। ২ একাধিপত্য, একনায়কত্ব। ৩ অপ্রতিহত ক্ষমতা।

ঐকপদিক /ওই্কোপোদিক্/ [স. একপদ+ইক] বিণ. একই পদ থেকে উদ্ভূত।

ঐকপদ্য /ওই্কোপোদ্দো/ [স. একপদ+য] বি. একাধিক পদের এক অর্থ প্রকাশের ক্ষমতা, একপদতা।

ঐকবাক্য /ওই্কোবাক্কো/ [স. একবাক্য+অ] বি. ১ বাক্যের অভিন্নতা, বাক্য ও বক্তব্যের অভিন্নতা। ২ একমত অবলম্বন।

ঐকবাক্যে /ওই্কোবাক্কে/ [স. ঐকবাক্য+বা. এ] ক্রিবিণ. ১ একবাক্যে। ২ একমত হয়ে।

ঐকবাদন /ওই্কোবাদন্/ [স. একবাদন+অ] বি. একাধিক বাদ্যযন্ত্রের সমস্বরে বাদন, বৃন্দবাদন।

ঐকমত্য /ওই্কোমোত্তো/ [স. একমত+য] বি. একমত, মতের অভিন্নতা, মতের মিল বা ঐক্য, unanimity।

ঐকরাজ্য /ওই্কোরাজ্জো/ [স. একরাজন্+য] বি. একক আধিপত্য, সর্বময় ক্ষমতা; সার্বভৌমত্ব।

ঐকল্য /ওই্কোল্লো/ [স. একল+য] বি. ১ এককত্ব। ২ একাকিত্ব।

ঐকশতিক /ওই্কোশোতিক্/ [স. একশত+ইক] বিণ. ১ একশত বা ততোধিক দ্রব্যের অধিকারী। ২ শতাধিক পণ্যের ব্যবসায়ী।

ঐকাগ্র্য /ওই্কাগ্গ্রো/ [স. একাগ্র+য] বি. একাগ্রতা, এক বিষয়ে আসক্তি, একনিষ্ঠা, একান্ত মনঃসংযোগ, concentration।

ঐকাত্ম্য /ওই্কাত্তো/ [স. একাত্মন্+য] বি. ১ আত্মার ঐক্য, একাত্মতা। ২ ঐক্য, অভেদ।

ঐকান্তিক /ওই্কান্তিক্/ [স. একান্ত+ইক] বিণ. প্রগাঢ়, আত্যন্তিক, একনিষ্ঠ (*ঐকান্তিক প্রচেষ্টা*), দৃঢ়। বি. ঐকান্তিকতা /ওই্কান্তিকতা/।

ঐ-কার /ওই্কার্/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঐ-স্বরের যোগচিহ্ন 'ৈ' অথবা 'ৈ'।

ঐকার্থ্য /ওই্কার্থো/ [স. একার্থ+য] বি. একার্থতা; একার্থীভাব।

ঐকাহিক /ওই্কাহিক্/ [স. একাহ+ইক] বিণ. ১ একদিন আয়ুবিশিষ্ট, একদিনব্যাপী। ২ একদিন পরপর ঘটে এমন।

ঐকিক /ওই্কিক্/ [স. এক+ইক] বি. পাটিগণিতের প্রণালিবিশেষ (*ঐকিক নিয়ম*)। বিণ. একসংক্রান্ত।

ঐক্য /ওই্ক্কো/ [স. এক+য] বি. ১ একত্ব, একতা। ২ সাদৃশ্য, সাযুজ্য, সাধর্ম্য, সমতা, মিল।

ঐক্যবদ্ধ /ওই্ক্কোবদ্ধো/ [স. ঐক্য+√বন্ধ্+ত] বিণ. সম্মিলিত, জোটবদ্ধ।

ঐক্ষব /ওই্ক্ষব্/ [স. ইক্ষু+অ] বিণ. ১ ইক্ষুজাত। ২ ইক্ষুসম্বন্ধীয়।

ঐচ্ছিক /ওই্চ্ছিক্/ [স. ইচ্ছা+ইক] বিণ. ১ ইচ্ছানুরূপ, ইচ্ছানুযায়ী, ইচ্ছাধীন। ২ অবশ্যপাঠ্য নয় এমন (*ঐচ্ছিক বিষয়*), optional।

ঐণিক /ওই্নিক্/ [স. এণ+ইক] বিণ. হরিণশিকারি; মৃগয়াকারী।

ঐণেয় /ওই্নেয়ো/ [স. এণ+এয়] বিণ. মৃগসংক্রান্ত। বি. হরিণের চামড়া।

ঐতরেয় /ওই্তরেয়ো/ [স. ইতর+এয়] বি. ১ মহীদাস প্রণীত ঋগ্‌বেদের শাখাবিশেষ। ২ ইতর মুনির পুত্র।

ঐতিহাসিক /ওই্তিহাশিক্/ [স. ইতিহাস+ইক] বিণ. ১ ইতিহাসকার, ইতিহাসজ্ঞ, ইতিহাসবেত্তা। ২ ইতিহাসে স্থান লাভের যোগ্য, ইতিহাসরূপে গণ্য হওয়ার যোগ্য (*ঐতিহাসিক ঘটনা*)।

ঐতিহ্য /ওই্তিজ্ঝো/ [স. ইতিহ+য] বি. পরম্পরাগত

www.pathagar.com

কথা, পুরুষানুক্রমিক ধারা, কিংবদন্তি, বিশ্রুতি, লোক-প্রসিদ্ধি, tradition।

ঐন্দ্র /ওইন্দ্রো/ [স. ইন্দ্র+অ] বিণ. ইন্দ্রসম্বন্ধীয়। বি. ইন্দ্রপুত্র।

ঐন্দ্রজালিক /ওইন্দ্রোজালিক্/ [স. ইন্দ্রজাল+ইক] বিণ. ১ ইন্দ্রজালসম্বন্ধীয়। ২ কুহকী, মায়াবী। বি. জাদুকর।

ঐন্দ্রিয় /ওইন্দ্রিয়ো/ [স. ইন্দ্রিয়+অ] বিণ. ১ ইন্দ্রিয়-সম্বন্ধীয়। ২ প্রত্যক্ষ।

ঐন্দ্রিয়ক /ওইন্দ্রিয়ক্/ [স. ইন্দ্রিয়+অক] বিণ. ১ ইন্দ্রিয়সম্বন্ধীয়। ২ ইন্দ্রিয়গ্রাহ্য, প্রত্যক্ষ।

ঐন্দ্রিয়িক /ওইন্দ্রিয়িক্/ [স. ইন্দ্রিয়+ইক্] বিণ. ১ ইন্দ্রিয়সম্বন্ধীয়। ২ ইন্দ্রিয়পরায়ণ।

ঐমতো /ওইমতো/ [বা.] বিণ. ওইরূপ, তাদৃশ।

ঐরাবত /ওইরাবত্/ [স. ইরাবৎ+অ] বি. ১ পৌরাণিকমতে সমুদ্রমন্থনে উত্থিত হাতিবিশেষ, ইন্দ্রের বাহন। ২ দিকপালবিশেষ। ৩ নাগবিশেষ। ৪ কমলালেবুর গাছ।

ঐরেয় /ওইরেয়ো/ [স. ইরা+এয়] বি. ভাত থেকে তৈরি মদ, পচানি।

ঐশ /ওইশো/ [স. ঈশ+অ] বিণ. ১ ঈশ্বরসম্বন্ধীয়। ২ ঐশ্বরিক (*ঐশশক্তি*)। স্ত্রী. ঐশী /ওইশি/।

ঐশ্বরিক /ওইশ্‌শোরিক্/ [স. ঈশ্বর+ইক] বিণ. ১ ঈশ্বরের (*ঐশ্বরিক শক্তি*)। ২ ঈশ্বরসম্বন্ধীয়।

ঐশ্বর্য /ওইশ্‌শোর্জো/ [স. ঈশ্বর+য] বি. ১ ধন, সম্পত্তি; বিপুল ধনসম্পত্তি ও প্রভাবপ্রতিপত্তি, বিভব। ২ যোগলব্ধ অষ্টবিধ অলৌকিক শক্তি বা গুণ (অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব ও কামাবসায়িতা)। ৩ ঈশ্বরত্ব; প্রভুত্ব।

ঐশ্বর্যগর্ব /ওইশ্‌শোর্জোগর্বো/ [স. ঐশ্বর্য+গর্ব] বি. ধনসম্পদের গর্ব, ধনের অহংকার।

ঐশ্বর্যগর্বিত /ওইশ্‌শোর্জোগোর্বিতো/ [স. ঐশ্বর্য+গর্ব+ইত] বিণ. ধনগর্বিত।

ঐশ্বর্যবান /ওইশ্‌শোর্জোবান্/ [স. ঐশ্বর্য+বৎ] বিণ. বিপুল ঐশ্বর্যের অধিকারী। স্ত্রী. ঐশ্বর্যবতী /ওইশ্‌শোর্জোবোতি/।

ঐশ্বর্যমণ্ডিত /ওইশ্‌শোর্জোমোন্ডিতো/ [স. ঐশ্বর্য+√মণ্ড্+ত] বিণ. বিপুল ঐশ্বর্যের অধিকারী, ধনী।

ঐশ্বর্যমত্ত /ওইশ্‌শোর্জোমত্তো/ [স. ঐশ্বর্য+√মদ্+ত] বিণ. ধনগর্বিত।

ঐশ্বর্যমদ /ওইশ্‌শোর্জোমদ্/ [স. ঐশ্বর্য+√মদ্+অ] বি. ঐশ্বর্যগর্ব।

ঐশ্বর্যময় /ওইশ্‌শোর্জোময়্/ [স. ঐশ্বর্য+ময়ট্] বিণ. বিপুল ঐশ্বর্যের অধিকারী। স্ত্রী. ঐশ্বর্যময়ী /ওইশ্‌শোর্জোমোয়ি/।

ঐশ্বর্যশালী /ওইশ্‌শোর্জোশালি/ [স. ঐশ্বর্য+√শাল্+ইন্] বিণ. বিপুল ঐশ্বর্যের অধিকারী। স্ত্রী. ঐশ্বর্যশালিনী /ওইশ্‌শোর্জোশালিনি/।

ঐশ্বর্যসম্পন্ন /ওইশ্‌শোর্জোশম্‌পন্নো/ [স. ঐশ্বর্য+সম্+√পদ্+ত] বিণ. বিপুল ঐশ্বর্যের অধিকারী। স্ত্রী. ঐশ্বর্যসম্পন্না /ওইশ্‌শোর্জোশম্‌পন্না/।

ঐষীক /ওইশিক্/ [স. ইষীকা+অ] বিণ. ঈষিকা-সম্বন্ধীয়। বি. ১ মহাভারতের সৌপ্তিক পর্বের অন্তর্গত শাখাবিশেষ। ২ বাণবিশেষ।

ঐষ্টিক /ওইশ্‌টিক্/ [স. ইষ্টি+ইক] বিণ. ১ ইষ্ট-সম্বন্ধীয়। ২ যজ্ঞসম্বন্ধীয়, যজ্ঞীয়।

ঐহলৌকিক /ওইহোলৌড়্‌কিক্/ [স. ইহলোক+ইক] বিণ. ১ ইহলোকবিষয়ক। ২ ইহলোকের।

ঐহিক /ওইহিক্/ [স. ইহ+ইক] বিণ. ১ ইহলোকের, এই জন্মের। ২ ইহলোকবিষয়ক।

ঐহিকদর্শী /ওইহিক্‌দোর্‌শি/ [স. ঐহিক+√দৃশ্+ইন্] বিণ. ১ ইহকালের সুখদুঃখ দর্শনকারী; সাংসারিক। ২ ভোগান্বেষী। ৩ ইহলোকসর্বস্ব। স্ত্রী. ঐহিক-দর্শিনী /ওইহিক্‌দোর্‌শিনি/।

www.pathagar.com

ও /ও/

ও[১] /ও/ বাংলা বর্ণমালার দশম স্বরবর্ণ এবং উচ্চমধ্য অর্ধসংবৃত মৌলিক স্বরের দ্যোতক। 'ও'-ধ্বনির উচ্চারণ-স্থান কণ্ঠ-ওষ্ঠ।

ও[২]/ও/ [স. অসৌ >] সর্ব. নির্দিষ্ট ব্যক্তি বস্তু বা বিষয়। বিণ. ১ অপর, অন্য (*ও কথা*)। ২ গত (*ও বছর*)। ৩ ওই (*ও সেই লোক*)।

ও[৩]/ও/ [ধ্বন্যা.] অব্য. পর্যন্ত মাত্র মাত্রাধিক্য সম্ভাবনা অধিকন্তু সম্বোধন স্মরণ বিস্ময় অনুধাবন সহানুভূতি অনুগ্রহ প্রভৃতিসূচক ধ্বনি।

ও[৪]/ও/ [ফা.] অব্য. সংযোজক অব্যয় (*তুমি ও আমি*)।

ওই /ওই/ [স. অদস্ >] বিণ. সেই; একই; উপরি-উক্ত; নির্দিষ্ট, উল্লিখিত; সম্মুখস্থ; সেখানে (*ওই আসে ওই অতি ভৈরব হরষে* রবীন্দ্র.)। অব্য. ১ খেদ স্মরণ সম্বোধন প্রভৃতিসূচক ধ্বনি। ২ অদূরে বা সম্মুখবর্তী কোনো কিছু নির্দেশসূচক শব্দ।

ওইরূপ /ওইরূপ/ [বা.] বিণ. তদ্রূপ। ক্রিবিণ. ওইভাবে।

ওঃ /ওহ্/ [হি.] অব্য. মনস্তাপ দুঃখ ক্রোধ বিরক্তি বিস্ময় স্মরণ অবজ্ঞা খেদ প্রভৃতিসূচক ধ্বনি।

ওংকার /ওংকার/ [স. ওম্+√কৃ+অ] বি. ঈশ্বরবাচক ধ্বনি।

ওঁ /ওম্/ [স. অ+উ+ম্] বি. অ-উ-ম্ ধ্বনি দিয়ে গঠিত ঈশ্বরবাচক ধ্বনি (অ অর্থাৎ বিষ্ণু+উ অর্থাৎ শিব+ম্ অর্থাৎ ব্রহ্মা)।

ওঁকে /ওঁকে/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) ওই ব্যক্তিকে।

ওঁচলা/ওঁচ্‌লা/ [বা.] বি. আবর্জনা, জঞ্জাল, ফলমূল সবজি প্রভৃতির খোসা। বিণ. জঞ্জালপূর্ণ।

ওঁচলানো /ওঁচ্‌লানো/ [বা.] ক্রিবি. চাল কলাই প্রভৃতি শস্য থেকে তুষ ও কাঁকর বেছে পৃথক করা।

ওঁচা /ওঁচা/ [দেশি.] বিণ. ১ বাজে, নিকৃষ্ট; খেলো। ২ পরিত্যক্ত। ৩ ঘৃণ্য, হেয়। ৪ নীচ।

ওঁচানো /ওঁচানো/ [বা.] ক্রিবি. বিণ. উঁচু করা, ওঠানো; (অস্ত্রাদি) উদ্যত করা।

ওঁয়াওঁয়া /ওঁআওঁআ/ [ধ্বন্যা.] বি. নবজাত শিশুর কান্নার শব্দ।

ও-কার /ওকার/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে 'ও'-স্বরধ্বনি যুক্ত করার জন্য ব্যবহৃত 'ো' 'ে' চিহ্ন।

ওকারান্ত /ওকারান্‌তো/ বিণ. অন্তে 'ও'-কারযুক্ত।

ওকালতনামা /ওকালত্‌নামা/ [আ. ওকালত+ফা. নামহ্] বি. কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতিনিধিত্ব করার জন্য অন্য কোনো ব্যক্তিকে প্রদত্ত ক্ষমতার দলিল, আমমোক্তারনামা, power of attorney।

ওকালতি /ওকালোতি/ [আ. ওকালত >] বি. ১ আদালতে বাদী বা বিবাদীর পক্ষ সমর্থনে যুক্তি প্রদর্শন। ২ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে কৈফিয়ত প্রদান। ৩ উকিলের বৃত্তি বা পেশা। ৪ কোনো কিছুর সমর্থনে অযাচিত মন্তব্য। বিণ. উকিল বা ওকালতসম্বন্ধীয়।

ওকি /ওকি/ [বা.] অব্য. প্রশ্ন বিস্ময় প্রভৃতিসূচক ধ্বনি।

ওকুফ /ওকুফ্/ [আ.] বি. ১ জ্ঞান, বুদ্ধি। ২ বিবেচনা।

ও কে /ও কে/ [ই. all korrect >] অব্য. সব ঠিক আছে, OK।

ওক্ত /ওক্‌তো/ [আ.] বি. সময় (*নামাজের ওক্ত*)।

ওখড়ানো /ওখড়ানো/ [দেশি.] ক্রিবি. উৎপাটন করা। বিণ. উন্মূলিত।

ওখান /ওখান্/ [দেশি.] বি. ওই নির্দিষ্ট স্থান।

ওখানকার /ওখান্‌কার/ [বা.] বিণ. ওই স্থানের।

ওগরা /ওগ্‌রা/ [দেশি.] বি. চাল ডাল একত্রে সেদ্ধ করে রাঁধা রোগীর পথ্যবিশেষ।

ওগরানো /ওগ্‌রানো/ [স. উদ্‌গিরণ >] ক্রিবি. ১ বমন করা, উদ্‌গিরণ করা। ২ (আল.) বাধ্য হয়ে গৃহীত বস্তু ফেরত দেওয়া।

ওগো /ওগো/ [দেশি.] অব্য. সম্বোধনসূচক ধ্বনি। সর্ব. প্রিয়জন বা নিকটজনকে অন্তরঙ্গ সম্বোধন (*ওগো শুনছ!*)।

ওজঃ /ওজোহ্/ [স. ওজস্] বি. ১ তেজ, বল। ২ সাহিত্যের গুণবিশেষ, রচনার যে বৈশিষ্ট্য চিত্তকে উদ্দীপিত করে। ৩ দীপ্তি।

ওজন /ওজোন্/ [আ.] বি. ১ মাপ, তৌল। ২ গুরুত্ব, মর্যাদা। ৩ ক্ষমতা; শক্তি; সংগতি।

www.pathagar.com

ওজনদর /ওজোন্‌দর্‌/ [আ. ওজন+ফা. দর] বি. ওজনের ভিত্তিতে মূল্যনির্ধারণ।

ওজনদরে /ওজোন্‌দরে / [আ. ওজন+ফা. দর+বা. এ] ক্রিবিণ. ওজনের ভিত্তিতে নির্ধারিত মূল্যে।

ওজনদার /ওজোন্‌দার্‌/ [আ. ওজন+ফা. দার] বিণ. ১ ভারী ও পুরু। ২ গুরুত্বপূর্ণ; প্রভাবশালী।

ওজর /ওজোর্‌/ [আ.] বি. ১ অজুহাত, ছল। ২ আপত্তি। ৩ কৈফিয়ত।

ওজস্‌ /ওজশ্‌/ [স. √ওজ্‌+অস্‌] বি. দীপ্তি, শোভা।

ওজস্বল /ওজোশ্‌শল্‌/ [স. ওজস্‌+বল] বিণ. বীর্যবান, তেজস্বী, বলিষ্ঠ।

ওজস্বিতা /ওজোশ্‌শিতা/ [স. ওজস্‌+বিন্‌+তা] বি. ১ বলিষ্ঠতা। ২ ওজোগুণ। ৩ দীপ্তি।

ওজস্বী /ওজোশ্‌শি/ [স. ওজস্‌+বিন্‌] বিণ. ১ ওজোগুণসম্পন্ন। ২ উদ্দীপনাপূর্ণ। ৩ তেজোদীপ্ত। স্ত্রী. **ওজস্বিনী** /ওজোশ্‌শিনি/।

ওজিফা /ওজ়িফা/ [আ.] বি. ১ নিয়মিত ধর্মশাস্ত্র পাঠ। ২ দৈনিক নির্দিষ্ট ভাতা।

ওজু /ওজু/ [আ.] বি. ইসলাম ধর্মমতে নামাজ বা ধর্মগ্রন্থ পাঠের পূর্বে বিধিসম্মতভাবে হাত মুখ ধুয়ে দেহের পবিত্রতাসাধন, অজু।

ওজোগুণ /ওজোগুন্‌/ [স. ওজস্‌+গুণ] বি. রচনার যে গুণ চিত্তকে উদ্দীপিত করে।

ওজোন /ওজোন্‌/ [জ.] বি. তিনটি অক্সিজেন পরমাণু যুক্ত হয়ে গঠিত অণু; অক্সিজেনের রূপভেদ বা allotrope।

ওজোন স্তর /ওজোন্‌ সতর্‌/ বি. ভূপৃষ্ঠের উর্ধ্বে ১০ থেকে ৫০ কিমি. পর্যন্ত বিস্তৃত ওজোনসমৃদ্ধ স্তর যা সূর্যের অতিবেগুনি রশ্মিকে শোষণ করে তার ক্ষতিকর প্রভাব থেকে পৃথিবীকে রক্ষা করে, ozone layer।

ওঝা /ওঝা/ [স. উপাধ্যায় >] বি. ১ মন্ত্রবলে সাপেকাটা ভূতেধরা প্রভৃতি রোগীকে সুস্থ করতে পারে বলে দাবি করে এমন হাতুড়ে চিকিৎসক, গুনিন, রোজা। ২ পদবিবিশেষ। ৩ বাজিকর।

ওটা /ওটা/ [বা.] সর্ব. নির্দিষ্ট কোনো কিছু বোঝাতে ব্যবহৃত শব্দ, (তুচ্ছার্থে) ব্যক্তি বা বস্তু নির্দেশ করে এমন শব্দ।

ওঠবন্দি /ওঠ্‌বোন্‌দি/ [বা. ওঠ+ফা. বন্দি] বি. জমি চাষাবাদের জন্য রায়তের সঙ্গে মালিকের মেয়াদি বন্দোবস্তবিশেষ।

ওঠবস /ওঠ্‌বশ্‌/ [বা.] বি. ১ পর্যায়ক্রমে ওঠা ও বসার ব্যায়াম। ২ (সচরাচর বিদ্যালয়ে) শাস্তি প্রদানের জন্য বারবার ওঠা ও বসার আদেশ।

ওঠা /ওঠা/ [স. উত্থান >] ক্রিবি. ১ আসন ছেড়ে দাঁড়ানো (*চেয়ার থেকে ওঠা*)। ২ শয্যাত্যাগ করা (*ঘুম থেকে ওঠা*)। ৩ অঙ্কুরিত হওয়া (*চারা ওঠা*)। ৪ গজানো (*দাঁত ওঠা*)। ৫ উদিত হওয়া (*সূর্য ওঠা*)। ৬ আরোহণ করা, চড়া (*গাড়িতে ওঠা*)। ৭ স্খলিত হওয়া; ঝরে যাওয়া (*চুল ওঠা*)। ৮ উদ্‌গীর্ণ হওয়া (*ধোঁয়া ওঠা*)। ৯ উন্নীত হওয়া (*জাতে ওঠা*)। ১০ উঁচু ধাপে উন্নীত হওয়া (*উঁচু ক্লাশে ওঠা*)। ১১ অবহিত হওয়া (*কানে ওঠা*)। ১২ সংগৃহীত হওয়া (*গোলায় ধান ওঠা*)। ১৩ বাজারে আসা (*লিচু ওঠা*)। ১৪ লুপ্ত হওয়া (*লাটে ওঠা*)। ১৫ তালিকাভুক্ত হওয়া (*খাতায় নাম ওঠা*)। ১৬ মুছে যাওয়া (*দাগ ওঠা*)। ১৭ বিবর্ণ হওয়া (*রং ওঠা*)। ১৮ রোগের প্রাদুর্ভাব হওয়া (*চোখ ওঠা*)। ১৯ পরিণত হওয়া (*পেকে ওঠা*)।

ওঠানামা /ওঠানামা/ [বা.] বি. ১ আরোহণ ও অবরোহণ। ২ উত্থানপতন।

ওড্র /ওড়্‌ড্রো/ [স. আ+√উড়্‌+র] বি. ১ ওড়িশা, উৎকলদেশ। ২ জবাফুল।

ওড় /ওড়্‌/ [স. ওড্র >] বি. জবাফুল।

ওড়না /ওড়্‌না/ [দেশি.] বি. ১ সালোয়ার-কামিজের সঙ্গে নারীর পরিধেয় হালকা চাদর, উত্তরীয়। ২ অবগুণ্ঠন; আবেষ্টন।

ওড়পুষ্প /ওড়্‌পুশ্‌পো/ [বা. ওড়+স. পুষ্প] বি. জবাফুল।

ওড়ব /ওড়্‌ব্‌/ [স. ওড়্‌বী+অ] বি. ১ স্বরসপ্তকের পাঁচটি স্বরের সাহায্যে রচিত ক্রম। ২ সংগীতে রাগরাগিণীর জাতিবিশেষ।

ওড়ম্বা /ওড়োম্‌বা/ [বা.] বিণ. ১ অমিতব্যয়ী। ২ নিষ্কর্মা। ৩ লম্পট প্রকৃতির।

ওড়া[১] /ওড়া/ [বা.] ক্রিবি. ১ বাতাসে ভর করে শূন্যে বিচরণ করা (*আকাশে ওড়া*)। ২ (আল.) দ্রুত-গতিতে ছুটে যাওয়া। ৩ লোকমুখে ছড়িয়ে পড়া। ৪ অপচয় (*টাকা ওড়ানো*)। বি. শূন্যে বিচরণ; 'উড়া'-র কথ্য রূপ।

ওড়া[২] /ওড়া/ [আঞ্চ.] বি. ছোটো টুকরি, ধামা (*এক ওড়া মাটি*)।

ওড়ানো /ওড়ানো/ [বা.] ক্রিবি. ১ উড্ডয়ন করানো, আকাশে ভাসানো (*ঘুড়ি ওড়ানো*)। ২ অপচয় করা (*টাকা ওড়ানো*)।

ওড়ামুড়ি /ওড়ামুড়ি/ [বা.] বি. ১ অস্থিরতাব্যঞ্জক পার্শ্বপরিবর্তন। ২ কাতরতাজনিত অস্থিরতা।

www.pathagar.com

ওড়িয়া /ওড়িআ/ [বা.] বি. ১ ভারতের ওড়িশা রাজ্যের অধিবাসী। ২ ওড়িশার ভাষা। বিণ. ১ ওড়িশাসম্বন্ধীয়। ২ ওড়িশায় জাত, ওড়িশাদেশীয়।

ওড়িশি/ওড়িশি/ [বা.] বি. ওড়িশার নৃত্যশৈলী। বিণ. ওড়িশাসম্বন্ধীয়।

ওত /ওত্/ [দেশি.] বি. আক্রমণের জন্য আত্মগোপন করে প্রতীক্ষা।

ওত পাতা /ওত্ পাতা/ ক্রিবি. ১ আক্রমণের জন্য লুকিয়ে প্রতীক্ষা করা। ২ সুযোগের অপেক্ষায় থাকা।

ওতপ্রোত /ওতোপ্রোতো/ [স. ওত+প্র+√বে+ত] বিণ. বিশেষভাবে যুক্ত, পরিব্যাপ্ত, অন্তর্ব্যাপ্ত।

ওতরানো /ওত্রানো/ [বা.] ক্রিবি. ১ সাফল্য লাভ করা, উত্তীর্ণ হওয়া। ২ গন্তব্যস্থলে পৌঁছানো। ৩ পার হওয়া। ৪ আশানুরূপ হওয়া। ৫ তরল পদার্থ তপ্ত হয়ে আলোড়িত হওয়া, বলক আসা।

ওথলানো /ওথ্লানো/ [বা.] ক্রিবি. ১ উপচে ওঠা। ২ তরল পদার্থ তপ্ত হয়ে আলোড়িত হওয়া।

ওথা /ওথা/ [দেশি.] ক্রিবিণ. ১ ওই স্থানে, ওখানে। ২ কিছু দূরে।

ওদন /ওদোন্/ [স. √উন্দ্+অন] বি. (বাংলায়) অন্ন, ভাত।

ওদা /ওদা/ [দেশি.] বিণ. ১ ভেজা। ২ মিইয়ে গেছে এমন; নরম (*ওদা মুড়ি*)।

ওদিক /ওদিক্/ [বা. ও+স. দিক্] বি. ১ ওই দিক। ২ অপরপক্ষ। ৩ ওই দেশ।

ওধার /ওধার্/ [বা.] বি. ১ ওদিক, অন্য দিক। ২ ওই নির্দিষ্ট স্থান।

ওপড়ানো /ওপড়ানো/ [স. উৎপাটন >] ক্রিবি. উৎপাটন করা, উন্মূলিত করা। বিণ. সমূলে উৎপাটন করা হয়েছে এমন, উন্মূলিত, উপড়ানো।

ওপর /ওপোর্/ [বা.] বি. ১ ঊর্ধ্বভাগ; ঊর্ধ্বদিক। ২ ঘরের ছাদ। বিণ. ১ ঊর্ধ্বে স্থিত। ২ উচ্চ। ৩ অতিরিক্ত। অব্য. প্রতি; 'উপর'-এর কথ্য রূপ।

ওপার /ওপার্/ [বা.] বি. ১ অন্য পার, বিপরীত কূল; ওই দিক। ২ পরলোক।

ওভেন /ওভেন্/ [ই.] বি. বিশেষ পদ্ধতিতে রান্নার জন্য চারদিক থেকে সমানভাবে তাপ প্রয়োগ করা যায় এমন বদ্ধ আধারবিশেষ; শিল্পকারখানায় ব্যবহৃত চুল্লিবিশেষ, oven।

ওম /ওম্/ [স. উষ্মন্ >] বি. তাপজনিত আরাম; উষ্ণতা, তাপ।

ওমরা /ওম্রা/ [আ.] বি. অভিজাতবর্গ, ক্ষমতাশালী ধনী সম্প্রদায়, আমিরগণ।

ওমরাহ /ওম্রাহ্/ [আ.] বি. হজ ভিন্ন অন্য সময়ে মক্কায় কাবা দর্শন ও জিয়ারত।

ওমা /ওমা/ [দেশি.] অব্য. বিস্ময়সূচক শব্দ।

ওম্ /ওম্/ [স. √অব+ম] বি. অ-উ-ম্: এই তিনটি ধ্বনির দ্বারা গঠিত ঈশ্বরবাচক শব্দ (অ অর্থাৎ বিষ্ণু+উ অর্থাৎ শিব+ম্ অর্থাৎ ব্রহ্মা)।

ওয়াইন /ওআই্ন্/ [ই.] বি. গাঁজানো দ্রাক্ষারস থেকে তৈরি হালকা সুরাজাতীয় পানীয়, wine।

ওয়াইপার /ওআই্পার্/ [ই.] বি. বৃষ্টির সময় যান-বাহনের কাচ মুছে স্বচ্ছ রাখার সরঞ্জাম, wiper।

ওয়াকি-টকি /ওআকিটকি/ [ই.] বি. সীমিত দূরত্বের মধ্যে কথোপকথনের জন্য ব্যবহৃত হাতে বহনযোগ্য বেতারযন্ত্রবিশেষ, walkie-talkie।

ওয়াকিবহাল /ওআকিব্হাল্/ [আ.] বিণ. কোনো বিশেষ অবস্থা সম্পর্কে জ্ঞাত বা অভিজ্ঞ।

ওয়াকুফ /ওআকুফ্/ [আ.] বি. ১ জ্ঞান, বুদ্ধি। ২ বিবেচনা।

ওয়াক্ফ /ওআক্ফ্/ [আ.] বি. জনহিতকর কাজ বা ধর্মীয় উদ্দেশ্যে দান বা দানের ইচ্ছাপত্র।

ওয়াক্ত /ওআক্ত্/ [আ.] বি. ১ সময়; নির্দিষ্ট সময় (*নামাজের ওয়াক্ত*)। ২ সুযোগ।

ওয়াজ /ওআজ্/ [আ.] বি. ১ উপদেশ বা বক্তৃতা। ২ ধর্মব্যাখ্যা, ধর্মপ্রচার।

ওয়াজিব /ওআজিব্/ [আ.] বিণ. ১ অবশ্যপালনীয়। ২ যুক্তিসংগত, ন্যায্য। ৩ প্রয়োজনীয়।

ওয়াট /ওআট্/ [ব্যক্তি.] বি. তড়িৎশক্তির একক (প্রতি সেকেন্ডে ১ জুল), watt।

ওয়াড় /ওআড়্/ [দেশি.] বি. বালিশ লেপ প্রভৃতির আবরণ বা খোল, গিলাফ।

ওয়াদা /ওআদা/ [আ.] বি. ১ প্রতিশ্রুতি; শপথ, প্রতিজ্ঞা। ২ নির্দিষ্ট সময়, মেয়াদ।

-ওয়ারি /ওআরি/ [বা.] ক্রিবিণ. অনুযায়ী, অনুসারে (*খাতওয়ারি*)।

ওয়ারিশ /ওআরিশ্/ [ফা.] বি. উত্তরাধিকারী, বংশধর।

ওয়ারিশান /ওআরিশান্/ [ফা.] বি. ১ বংশধরগণ, উত্তরাধিকারীগণ। ২ পূজারি বা অনুসারীগণ।

ওয়ারেন্ট /ওআরেন্ট্/ [ই. warrant] বি. ১ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের যে আদেশবলে পুলিশ কোনো ব্যক্তিকে গ্রেপ্তার বা কোনো স্থানে তল্লাশি চালাতে পারে। ২ ওকালতনামা; আজ্ঞাপত্র। ৩ পূর্বিতাক্রম।

ওয়ারেন্টি /ওআরেন্টি/ [ই.] বি. বিক্রীত পণ্যের গুণমানসংক্রান্ত নিশ্চয়তা; বিক্রীত পণ্যের গুণগত

www.pathagar.com

মান আশানুরূপ না হলে তা বদলে বা সারিয়ে দেওয়ার প্রতিশ্রুতিপত্র, warranty।

ওয়ালা /ওআলা/ [হি.] অব্য. বিণ. ব্যবসায়ী (*ফল-ওয়ালা*); কর্তা, মালিক (*বাড়িওয়ালা*); যুক্ত, বিশিষ্ট (কাঁটাওয়ালা *গাছ*) প্রভৃতি অর্থবোধক তদ্ধিত প্রত্যয়বিশেষ।

ওয়ালিমা /ওআলিমা/ [আ.] বি. বরপক্ষের প্রদত্ত বিবাহোত্তর সংবর্ধনা, পাকস্পর্শ, বউভাত।

ওয়ালেদ /ওআলেদ/ [আ.] বি. পিতা।

ওয়াশিল /ওআশিল/ [আ.] বি. প্রাপ্য আদায়, উশুল।

ওয়াহাবি /ওআহাবি/ [ফা.] বিণ. ইসলাম ধর্ম-সংস্কারক আবদুল ওয়াহাবের অনুসারী।

ওয়েজবোর্ড /ওয়েজ্‌বোড়্‌ড/ [ই.] বি. গণমাধ্যম শিল্পকারখানা প্রভৃতি প্রতিষ্ঠানের কর্মীদের বেতন কাঠামো সুপারিশের জন্য সরকারকর্তৃক নিয়োজিত অভিজ্ঞ ব্যক্তিবর্গের পর্ষদ।

ওয়েবসাইট /ওয়েব্‌সাইট্‌/ [ই.] বি. বিশ্বব্যাপী ইন্টারনেটের সঙ্গে যুক্ত সবার জন্য উন্মুক্ত তথ্য-ভান্ডার যেখানে প্রয়োজনীয় তথ্য বা তৎসংক্রান্ত বিবরণ পাওয়া যায়, website।

ওয়্যারিং /ওআয়ারিং/ [ই.] বি. ভবনের অভ্যন্তরে বিদ্যুৎ বিতরণব্যবস্থার জন্য তার সংস্থাপন, wiring।

ওর[১] /ওর/ [স. অবার >] বি. ১ সীমা, অবধি, শেষ; প্রান্তদেশ, outskirt। ২ দিক, পক্ষ, তরফ।

ওর[২]/ওর/ [স. অদস্ >] সর্ব. 'তাহার'-এর কথ্য রূপ।

ওরফে /ওরফে/ [আ.] অব্য. বনাম, নামান্তরে, alias। বি. উপনাম, ডাকনাম।

ওরসা[১] /ওরসা/ [আ.] বি. ওয়ারিশিসূত্র।

ওরসা[২] /ওরসা/ [দেশি.] বিণ. স্যাঁতসেঁতে; সিক্ত, আর্দ্র।

ওরাং-ওটাং /ওরাংওটাং/ [বামা.] বি. সুমাত্রা ও বোর্নিয়োর বনাঞ্চলে বিচরণ করে এমন লম্বা হাত ও লালচে লোমশ মানুষসদৃশ বৃক্ষচারী প্রাণিবিশেষ, orang-utan।

ওরে[১] /ওরে/ [দেশি.] অব্য. বি. (তুচ্ছার্থে বা আদরে) সম্বোধনসূচক শব্দ (*ওরে আমার হৃদয় আমার*, রবীন্দ্র.)।

ওরে[২]/ওরে/ [বা.] সর্ব. উহাকে, ওকে, তাকে (*হায় রে, ওরে যায় না কি জানা।* রবীন্দ্র.)।

ওল /ওল/ [স. আ+√উদ্‌+অ] বি. রেঁধে খাওয়া যায় এমন কচুজাতীয় কন্দবিশেষ।

ওলকপি /ওল্‌কোপি/ [ইতা. Cavolirape >] বি. শীতকালে চাষ করা হয় এবং সবজিরূপে রেঁধে খাওয়ার উপযোগী লম্বা ডাঁটিযুক্ত উদ্ভিদের স্ফীত গোলাকার কন্দবিশেষ।

ওলট /ওলোট্‌/ [বা.] বিণ. 'উলট'-এর কথ্য রূপ (*ওলটপালট*)।

ওলটপালট /ওলোট্‌পালোট্‌/ [বা.] বিণ. তছনছ, অবিন্যস্ত, এলোমেলো।

ওলটানো /ওল্‌টানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ উলটা হওয়া বা করা। ২ অস্বীকার করা; প্রত্যাহার করা (*কথা ওলটানো*)। ৩ পরিবর্তন করা (*পৃষ্ঠা ওলটানো*)। ৪ বিপর্যস্ত করা। ৫ ভাব পরিবর্তন করা (*চোখ ওলটানো*)। ৬ 'উলটানো'-র কথ্য রূপ।

ওলন /ওলোন্‌/ [স. অবলম্ব>] বি. লম্বরেখা নির্ণয়ের জন্য ব্যবহৃত নিচে ভার বাঁধা সুতো, plumb line।

ওলন্দাজ /ওলোন্‌দাজ/ [ফ. Hollandaise >] বি. বিণ. হল্যান্ডের অধিবাসী, Dutch।

ওলা[১]/ওলা/ [দেশি.] বি. ১ চিনির নাড়ুবিশেষ। ২ শিলাবৃষ্টি।

ওলা[২]/ওলা/ [আঞ্চ.] ক্রিবি. অবতরণ করা; নামানো।

ওলাইচণ্ডী /ওলাইচোনডি/ [বা. ওলা+স. চণ্ডী] বি. ভেদবমি বা বিসূচিকা রোগের কল্পিত লৌকিক দেবী।

ওলাওঠা /ওলাওঠা/ [বা.] বি. ভেদবমি, বিসূচিকা রোগ, কলেরা।

ওলান /ওলান্‌/ [বা.] বি. গাভির স্তন, পালান।

ওলানো /ওলানো/ [বা.] ক্রিবি. নামানো।

ওলাবিবি /ওলাবিবি/ [বা. ওলা+তুর. বিবি] বি. দ্র ওলাইচণ্ডী।

ওলো /ওলো/ [বা.] অব্য. ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত নারী-দের মধ্যে পরস্পরকে সম্বোধনে ব্যবহৃত শব্দ।

ওষধি /ওশোধি/ [স. ওষ+√ধা+ই] বি. একবার ফল দিয়েই মরে যায় এমন উদ্ভিদ।

ওষুধ /ওশুধ্‌/ [স. ঔষধ >] বি. রোগ নিরাময় ও প্রতি-রোধের জন্য প্রযুক্ত দ্রব্যাদি, ঔষধ, medicine।

ওষুধপত্র /ওশুধপত্রো/ [বা. ওষুধ+স. পত্র] বি. রোগপ্রতিকারক ওষুধসামগ্রী।

ওষ্ঠ /ওশ্‌ঠো/ [স. √উষ্‌+থ] বি. ১ উপরের ঠোঁট। ২ (বাংলায়) ঠোঁট।

ওষ্ঠপুট /ওশ্‌ঠোপুট্‌/ [স.ওষ্ঠ+পুট] বি. মিলিত ওষ্ঠদ্বয়।

ওষ্ঠব্রণ /ওশ্‌ঠোব্রোনো/ [স. ওষ্ঠ+ব্রণ] বি. ওষ্ঠের ওপর উদ্‌গত ফোড়া।

ওষ্ঠাগত /ওশ্‌ঠাগতো/ [স. ওষ্ঠ+আগত] বিণ. ১ প্রাণ

www.pathagar.com

বেরিয়ে আসার উপক্রম হয়েছে বা ওষ্ঠের নিকট আগত এমন; মুমূর্ষু (*ওষ্ঠাগতপ্রাণ*)। ২ অতিষ্ঠ।

ওষ্ঠাগতপ্রাণ /ওষ্ঠাগতোপ্রান্/ [স. ওষ্ঠাগত+প্রাণ] বি. প্রাণ বেরিয়ে আসার মতো অবস্থা, মুমূর্ষু অবস্থা।

ওষ্ঠাধর /ওষ্ঠাধর্/ [স. ওষ্ঠ+অধর] বি. ওষ্ঠ এবং অধর, ওপরের ও নিচের ঠোঁট।

ওষ্ঠ্য /ওষ্ঠো/ [স. ওষ্ঠ+য] বিণ. ওষ্ঠজাত, ওষ্ঠের সাহায্যে উচ্চার্য। বি. ওষ্ঠের সাহায্যে উচ্চার্য বর্ণ।

ওস /ওস্/ [দেশি.] বি. শিশির।

ওসার /ওশার্/ [স. প্রসার >] বি. ১ বিস্তার, চওড়াই, প্রস্থ, পরিসর। ২ বালিশ লেপ প্রভৃতির খোল। বিণ. বিস্তৃত, চওড়া।

ওসিলা /ওসিলা/ [আ.] বি. ওজর, ছুতো, ব্যপদেশ।

ওস্তাগর /ওস্তাগর্/ [ফা.] বি. ১ নিপুণ কারিগর; রাজমিস্ত্রি। ২ প্রধান দরজি।

ওস্তাদ /ওস্তাদ্/ [ফা.] বি. গুরু, শিক্ষক। বিণ. ১ বিশেষজ্ঞ। ২ উচ্চাঙ্গ সংগীতজ্ঞ, সংগীত বিশেষজ্ঞ। ৩ দক্ষ, কুশলী, পারদর্শী। ৪ অতি চালাক, ধূর্ত।

ওস্তাদি /ওস্তাদি/ [ফা.] বি. ১ নৈপুণ্য, কুশলতা। ২ বাহাদুরি, মাতব্বরি। ৩ চালাকি। ৪ শিক্ষকতা। ৫ (ব্য.) কেরামতি। বিণ. ওস্তাদবিষয়ক।

ওহি /ওহি/ [ফা.] বি. আল্লাহর প্রেরিত বাণী, ঐশী বাণী।

ওহে /ওহে/ [স. অহে >] অব্য. মধ্যমপুরুষে একবচন বা বহুবচনে সম্বোধনসূচক শব্দ।

ওহো /ওহো/ [স. অহো >] অব্য. স্মরণ আক্ষেপ বিস্ময় বা আকস্মিক আনন্দসূচক ধ্বনি।

www.pathagar.com

ঔ /ওউ/

ঔ /ওউ/ বাংলা বর্ণমালার একাদশ স্বরবর্ণ। ব্যঞ্জন-বর্ণের সঙ্গে যুক্ত হলে যা 'ৌ' অথবা 'ৌ' রূপ ধারণ করে। ঔ-এর উচ্চারণস্থান কণ্ঠ ও ওষ্ঠ।

ঔ-কার/ওউকার্/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ঔ স্বর-ধ্বনি যুক্তকরণের প্রতীকরূপে ব্যবহৃত 'ৌ' অথবা 'ৌ' চিহ্ন।

ঔকারাদি/ওউকারাদি/ বিণ. আদিতে ঔ-কার আছে এমন।

ঔকারাদ্য /ওউকারাদ্যো/ বিণ. দ্র ঔকারাদি।

ঔকারান্ত /ওউকারান্তো/ বিণ. অন্তে বা শেষে 'ঔ'-কার আছে এমন।

ঔক্ষ /ওউক্ষো/ [স. উক্ষন্+অ] বি. ষাঁড়ের পাল, বৃষসমূহ। বিণ. ষাঁড়বিষয়ক।

ঔগ্র্য /ওউগ্রো/ [স. উগ্র+য] বি. ১ উগ্রভাব, উগ্রতা। ২ ভয়ংকর ভাব। ৩ ঔদ্ধত্য, বেয়াদবি।

ঔচিত্য /ওউচিত্তো/ [স. উচিত+য] বি. ১ ন্যায্যতা, যথাযোগ্যতা, উপযোগিতা। ২ সত্য। ৩ অভ্যস্ততা।

ঔচিত্যবোধ /ওউচিত্তোবোধ্/ [স. ঔচিত্য+√বুধ্+অ] বি. ন্যায্যতা সম্পর্কে উপলব্ধি বা সচেতনতা।

ঔজসিক /ওউজোশিক্/ [স. ওজস্+ইক] বিণ. তেজস্বী, বলশালী, বলিষ্ঠ।

ঔজস্য /ওউজোশ্শো/ [স. ওজস্+য] বি. তেজস্বিতা, ওজস্বিতা, বলিষ্ঠতা।

ঔজ্জ্বল্য /ওউজ্জোল্লো/ [স. উজ্জ্বল+য] বি. ১ উজ্জ্বলতা, দীপ্তি; প্রখরতা। ২ চাকচক্য।

ঔড়ব /ওউড়ব্/ [স. ওড়ব+অ] বি. ১ স্বরসপ্তকের পাঁচটি স্বরের সাহায্যে রচিত ক্রম। ২ সংগীতে রাগরাগিণীর জাতিবিশেষ।

ঔৎকট্য /ওউত্কোট্টো/ [স. উৎকট+য] বি. ১ উগ্রতা, প্রচন্ডতা; রূঢ়তা। ২ আতিশয্য; আধিক্য।

ঔৎকণ্ঠ্য /ওউত্কোন্ঠো/ [স. উৎকণ্ঠ+য] বি. উদ্‌বেগ, চিত্তচাঞ্চল্য, ব্যাকুলতা।

ঔৎকোচিক /ওউত্কোচিক্/ [স. উৎকোচ+ইক] বিণ. ১ উৎকোচসংক্রান্ত। ২ উৎকোচদাতা। ৩ উৎকোচ-গ্রাহক। ৪ উৎকোচপ্রিয়।

ঔৎপাতিক /ওউত্পাতিক্/ [স. উৎপাত+ইক] বিণ. ১ উৎপাতযুক্ত। ২ অশুভসূচক।

ঔৎসর্গিক /ওউত্শোর্গিক্/ [স. উৎসর্গ+ইক] বিণ. ১ উৎসর্গসম্বন্ধীয়। ২ সহজ; স্বাভাবিক। ৩ সাধারণ বিধিসংক্রান্ত।

ঔৎসুক্য /ওউত্শুক্কো/ [স. উৎসুক+য] বি. ১ উৎসুক ভাব, আগ্রহ। ২ উৎকণ্ঠা, উদ্‌বেগ।

ঔত্তরপদিক /ওউত্তোর্পোদিক্/ [স. উত্তরপদ+ইক] বিণ. (সমাসের) সমস্তপদবিষয়ক; শেষপদ-বিষয়ক, পরপদবিষয়ক।

ঔদ /ওউদো/ [স. রৌদ্র >] বি. রোদ।

ঔদক /ওউদক্/ [স. উদক+অ] বিণ. জলীয়।

ঔদনিক /ওউদোনিক্/ [স. ওদন+ইক] বি. বিণ. পাচক; সূপকার।

ঔদরিক /ওউদোরিক্/ [স. উদর+ইক] বিণ. ১ উদর-সম্বন্ধীয়। ২ উদরসর্বস্ব, উদরপরায়ণ, পেটুক।

ঔদার্য /ওউদার্জ্জো/ [স. উদার+য] বি. ১ উদারতা, মহানুভবতা; বিনয়। ২ অকৃপণতা।

ঔদাসীন্য /ওউদাশিন্নো/ [স. উদাসীন+য] বি. ১ নির্লিপ্ততা। ২ অনাসক্তি, বৈরাগ্য। ৩ উপেক্ষা।

ঔদাস্য /ওউদাশ্শো/ [স. উদাস+য] বি. উদাসীনতা।

ঔদ্‌বাহিক /ওউদ্‌বাহিক্/ [স. উদ্‌বাহ+ইক] বিণ. ১ বিবাহসংক্রান্ত। ২ বৈবাহিকসূত্রে প্রাপ্ত।

ঔদধত্য /ওউদ্‌ধোত্তো/ [স. উদ্ধত+য] বি. ১ ধৃষ্টতা, স্পর্ধা, অশিষ্টতা, অবিনয়। ২ উগ্রতা। ৩ দর্প, গর্ব।

ঔদধারিক /ওউদ্‌ধারিক্/ [স. উদধার+ইক] বিণ. ১ উদধারবিষয়ক। ২ ঋণ পরিশোধসংক্রান্ত।

ঔদ্ভিজ্জ /ওউদ্‌ভিজ্জো/ [স. উদ্ভিজ্জ+অ] বিণ. ১ উদ্ভিদ থেকে জাত। ২ উদ্ভিদসংক্রান্ত। বি. সৈন্ধব লবণ।

ঔদ্ভিদ /ওউদ্‌ভিদ্/ [স. উদ্ভিদ্+অ] বিণ. উদ্ভিদ-বিষয়ক।

ঔপকূলিক /ওউপোকুলিক্/ [স. উপকূল+ইক] বিণ. ১ উপকূলসম্পর্কিত। ২ উপকূলে উৎপন্ন।

ঔপচারিক /ওউপোচারিক্/ [স. উপচার+ইক] বিণ. উপচারবিষয়ক।

ঔপদেশিক /ওউপোদেশিক্/ [স. উপদেশ+ইক] বিণ. ১ উপদেশসংক্রান্ত। ২ উপদেশপ্রাপ্ত।

ঔপনয়নিক /ওউপোনয়োনিক্/ [স. উপনয়ন+ইক] বিণ. উপনয়নসংক্রান্ত।

www.pathagar.com

ঔপনায়নিক /ওউপোনায়োনিক্/ [স. উপনয়ন+ইক] বিণ. ১ উপনয়নবিষয়ক। ২ উপনয়নকর্তা।

ঔপনিধিক /ওউপোনিধিক্/ [স. উপনিধিক+অ] বি. বিশ্বাসপূর্বক অর্পিত দ্রব্য।

ঔপনিবেশিক /ওউপোনিবেশিক্/ [স. উপনিবেশ+ইক] বিণ. ১ উপনিবেশসংক্রান্ত। ২ উপনিবেশে উৎপন্ন। ৩ উপনিবেশ স্থাপনকারী। ৪ উপনিবেশে বসবাসকারী।

ঔপনিষদ /ওউপোনিশদ্/ [স. উপনিষদ্+অ] বিণ. ১ উপনিষদসম্বন্ধীয়। ২ উপনিষদ থেকে জ্ঞাত।

ঔপনিষদিক /ওউপোনিশদিক্/ [স. উপনিষদ্+ইক] বিণ. উপনিষদজ্ঞ।

ঔপন্যাসিক /ওউপোন্যাশিক্/ [স. উপন্যাস+ইক] বি. উপন্যাস রচয়িতা। বিণ. উপন্যাসসম্বন্ধীয়।

ঔপপত্তিক /ওউপোপোত্তিক্/ [স. উপপত্তি+ইক] বিণ. ১ যুক্তিতর্কদ্বারা প্রতিপাদিত; গ্রন্থাদির সাহায্যে প্রামাণ্য। ২ উপপত্তিসম্বন্ধীয়। ৩ সিদ্ধান্ত প্রতিপাদক।

ঔপমিক /ওউপোমিক্/ [স. উপমা+ইক] বিণ. ১ উপমার দ্বারা কল্পিত বা বর্ণিত। ২ উপমাসম্বন্ধীয়।

ঔপম্য /ওউপোম্‌মো/ [স. উপমা+য] বি. ১ তুল্যতা, সাদৃশ্য। ২ সামঞ্জস্য।

ঔপায়িক /ওউপোয়িক্/ [স. উপায়+ইক] বিণ. ১ উপায়সংক্রান্ত। ২ উপায়সাধ্য। ৩ ধর্মসংগত।

ঔপল /ওউপল্/ [স. উপল+অ] বিণ. ১ প্রস্তরময়, উপলনির্মিত। ২ উপলসম্বন্ধীয়।

ঔপসর্গিক /ওউপোশোর্গিক্/ [স. উপসর্গ+ইক] বিণ. ১ রোগের লক্ষণবিষয়ক। ২ আপদবিপৎসূচক।

ঔপাধিক /ওউপাধিক্/ [স. উপাধি+ইক] বিণ. ১ উপাধিসম্বন্ধীয়। ২ উপাধিজাত। ৩ নামমাত্র। ৪ অনিত্য, অস্থায়ী।

ঔপাধ্যায়ক /ওউপাদ্‌ধায়ক্/ [স. উপাধ্যায়ক+অ] বিণ. ১ আচার্যের সহকারী। ২ উপাধ্যায়সংক্রান্ত। ৩ উপাধ্যায় থেকে প্রাপ্ত।

ঔপায়িক /ওউপায়িক্/ [স. উপায়+ইক] বিণ. ১ উপায়সংক্রান্ত। ২ উপায়সাধ্য।

ঔপাসন /ওউপাশন্/ [স. উপাসনা+অ] বিণ. ১ উপাসনাসম্বন্ধীয়। ২ উপাসনাকালীন।

ঔর /ওউর্/ [স. অপর >] বিণ. অন্য, অপর।

ঔরস /ওউরশ্/ [স. উরস্+অ] বিণ. নিজ বীর্যে স্বীয় স্ত্রীর গর্ভজাত; ধর্মপত্নীজাত। বি. (বাংলায়) বীর্য।

ঔরস্য /ওউরোশ্‌শো/ [স. উরস্+য] বিণ. বি. দ্র ঔরস।

ঔর্ণ /ওউর্‌নো/ [স. উর্ণা+অ] বিণ. ভেড়ার লোমের তৈরি, woollen।

ঔর্ণনাভ /ওউর্‌নোনাভো/ [স. উর্ণনাভ+অ] বিণ. মাকড়সাসম্বন্ধীয়।

ঔর্ধ্বদেহিক /ওউর্‌ধ্বোদেহিক্/ [স. ঊর্ধ্বদেহ+ইক] বিণ. অন্ত্যেষ্টিবিষয়ক। বি. ১ মৃত্যুর পরে করণীয় অগ্নিসংস্কার, অন্ত্যেষ্টি। ২ শ্রাদ্ধ।

ঔর্ব /ওউর্‌বো/ [স. উর্ব+অ] বি. সমুদ্রতল থেকে উদ্‌গত আগুন। বিণ. পার্থিব।

ঔর্বর /ওউর্‌বর্/ [স. উর্বরা+অ] বিণ. ১ ভূমি-সম্বন্ধীয়। ২ পার্থিব।

ঔর্বশেয় /ওউর্‌বশেয়ো/ [স. উর্বশী+এয়] বিণ. উর্বশীর গর্ভজাত। বি. অগস্ত্য মুনি।

ঔলুক /ওউলুক্/ [স. উলুক+অ] বি. প্যাঁচার ঝাঁক।

ঔশীর /ওউশির্/ [স. উশীর+অ] বিণ. উশীরসংক্রান্ত। বি. ১ চামরদন্ড। ২ বেণার মূল দিয়ে তৈরি শয্যা। ৩ চৌকি; আসন।

ঔষধ /ওউশধ্/ [স. ওষধি+অ] বি. রোগ নিরাময় ও প্রতিরোধের জন্য প্রযুক্ত দ্রব্যাদি, ওষুধ।

ঔষধ করা /ওউশধ্ করা/ ক্রিবি. ১ চিকিৎসা করা; প্রতিকার করা। ২ বশ করা, গুণ করা।

ঔষধালয় /ওউশধালয়্/ [স. ঔষধ+আলয়] বি. ওষুধ বিক্রয়ের দোকান।

ঔষধি /ওউশোধি/ [বা.] বি. ১ যে সকল গাছগাছড়া থেকে ওষুধ তৈরি হয়। ২ (বাংলায়) ওষুধ।

ঔষধীয় /ওউশোধিয়ো/ [স. ঔষধ+ঈয়] বিণ. ওষুধ-সম্বন্ধীয়।

ঔষর /ওউশর্/ [স. ঊষর+অ] বিণ. ঊষর ভূমিজাত।

ঔষস /ওউশশ্/ [স. ঊষস্+অ] বিণ. ঊষাসংক্রান্ত। বি. সান্ধ্য অবসর।

ঔষ্ট্র /ওউশ্‌ট্রো/ [স. উষ্ট্র+অ] বিণ. উটসম্বন্ধীয়।

ঔষ্ট্রক /ওউশ্‌ট্রোক্/ [স. উষ্ট্র+অক] বি. উটের পাল।

ঔষ্ট্ররথ /ওউশ্‌ট্রোরথ্/ [স. উষ্ট্র+রথ] বি. উটে টানা গাড়ি।

ঔষ্ঠ্য /ওউশ্‌ঠো/ [স. ওষ্ঠ+য] বিণ. ওষ্ঠদ্বারা উচ্চার্য, ওষ্ঠজাত। বি. ওষ্ঠদ্বারা উচ্চার্য বর্ণ।

ঔষ্ণ /ওউশ্‌নো/ [স. উষ্ণ+অ] বি. উষ্ণতা।

ঔষ্ণীক /ওউশ্‌নিক্/ [স. উষ্ণীষ+কন্] বিণ. উষ্ণীষ-ধারী, কিরীটধারী, মুকুটধারী। বি. রাজা।

ঔষ্ণ্য /ওউশ্‌নো/ [স. উষ্ণ+য] বি. উষ্ণতা, উষ্ণত্ব।

ঔষ্ম্য /ওউশ্‌মো/ [স. উষ্মন্+য] বি. ১ উষ্মভাব। ২ উষ্ণতা, উষ্ণত্ব।

www.pathagar.com

ং /ওনুশ্শার্ /

ং অনুস্বার (বা অনুস্বর) অযোগবাহ বর্ণ অর্থাৎ এই বর্ণের সঙ্গে অন্য স্বর বা ব্যঞ্জনের যোগ কল্পিত হয়নি। সংস্কৃত নিয়মে সন্ধিতে ম্-স্থলে অনুস্বার লেখা বিধেয় (সম্+গীত = সঙ্গীত, বিকল্পে সংগীত; অহম্+কার = অহঙ্কার, বিকল্পে অহংকার)। স্বরান্ত না হলে ব্যঞ্জনের অন্তে ং উচ্চারণ করা যায় না (*রং, সং*)।

ঃ /বিশর্গো /

ঃ (বিসর্গ) অযোগবাহ বর্ণ অর্থাৎ এই বর্ণের সঙ্গে অন্য স্বর বা ব্যঞ্জনের যোগ কল্পিত হয়নি। ঃ উচ্চারণে হ্-এর অঘোষ ধ্বনির রূপ লাভ করে বলে বিসর্গ অঘোষ বর্ণের অন্তর্ভুক্ত। আবেগসূচক পদে ঃ হ্-এর মতো উচ্চারিত হয় (বাঃ /বাহ্/, উঃ /উহ্/)। শব্দমধ্যস্থ ঃ পরবর্তী ব্যঞ্জন উচ্চারণে দ্বিত্ব হয় (দুঃসহ > দুস্সহো, অধঃপাত > অধোপ্পাত)। বিসর্গ র্ এবং স্ > শ্ ধ্বনিতে পরিবর্তিত হতে পারে বা সম্পূর্ণ অনুচ্চারিতও থাকতে পারে (প্রাতঃআশ > প্রাতরাশ, মনঃচক্ষু > মনশ্চক্ষু)। বিসর্গের নিজস্ব ধ্বনি বা উচ্চারণ স্থান নেই বলে যে ধ্বনির সঙ্গে যুক্ত হয় তার উচ্চারণস্থান গ্রহণ করে।

ঁ /চন্দ্রোবিন্দু /

চন্দ্রবিন্দু অনুনাসিক ধ্বনির প্রতীক। এটি কেবল স্বরবর্ণ বা স্বরের সঙ্গে যুক্ত হয় (দন্ত > দাঁত, বন্ধন > বাঁধন)। চন্দ্রবিন্দু কখনো ম্-এর রূপও ধারণ করে (ওঁ > ওম্)।

www.pathagar.com

ক /ক/

ক[১] /ক/ বাংলা বর্ণমালার প্রথম ব্যঞ্জনবর্ণ ও কণ্ঠ থেকে উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ এবং ক–বর্গের প্রথম বর্ণ।

ক[২] /ক/ অনুক্রি. (সকর্মক) বলার অনুজ্ঞা, কহো।

ক[৩] /ক/ বিণ. বিশেষণরূপে ব্যবহৃত সর্বনাম; কয়েক, কতিপয়, কত (*ক টাকা?*)।

–ক[৪] /ক/ বিভক্তি প্রত্যয় প্রভৃতিরূপে ব্যবহৃত বর্ণ (*অনর্থক*)।

কই[১] /কোই/ [স. কবয়ি >] বি. ডাঙায় তোলার পরেও কানকোর সাহায্যে অল্প দূরত্বে চলাচল করতে পারে এবং পিঠে শক্ত কাঁটাওয়ালা কালচে আঁশযুক্ত মিঠাপানির ছোটো জিওল মাছ।

কই[২] /কোই/ [স. কম্বিন্ >] অব্য. ১ কোথায় (*কলমটা কই?*)। ২ নৈরাশ্য বিস্ময় হতাশা প্রভৃতিসূচক শব্দ (*সে আর এল কই*)।

কই[৩] /কোই/ [বা.] ক্রিবি. বলি, কহি।

কইয়ে /কোইয়ে/ [বা.] বিণ. অনর্গল কথা বলতে পারে এমন, বাকপটু, মুখরা।

কইয়ে–বলিয়ে /কোইয়েবোলিয়ে/ [বা.] বিণ. গুছিয়ে কথা বলতে পারে এমন, কথা বলায় দক্ষ ও চৌকশ।

কইলা /কোইলা/ [দেশি.] বি. সদ্যোজাত বকনা বাছুর।

কওন /কওন/ [বা.] বি. বলন, কহন।

কওয়া /কওআ/ [বা.] ক্রিবি. বলা, কহা (*কথা কওয়া*)।

কংক্রিট /কংক্রিট/ [লা.] বি. নির্দিষ্ট অনুপাতে সিমেন্ট বালি পাথরকুচি ও জলের সংমিশ্রণে তৈরি ঢালাই যা শুকানোর পর শক্ত হয়ে যায়, concrete।

কংগ্রেস /কংগ্রেস/ [ই. congress] বি. ১ সভা; সমিতি। ২ যুক্তরাষ্ট্রের ব্যবস্থাপক পরিষদ। ৩ ভারতের রাজনৈতিক দলবিশেষ।

কংস[১] /কংশো/ [স. √কম্+স] বি. ১ তামা ও দস্তার মিশ্র ধাতুবিশেষ, কাঁসা। ২ কাঁসার তৈরি পাত্র।

কংস[২] /কংশো/ [স. √কংস্+অ] বি. শ্রীকৃষ্ণের পরম শত্রু ও মাতুল, মথুরাপতি।

কংসক /কংশোক/ [স. কংস+ক] বি. হিরাকস, green vitriol।

কংসকার /কংশোকার/ [স. কংস+√কৃ+অ] বি. কাঁসার পাত্রাদি নির্মাণ যার পেশা, কাঁসারি।

কংসজিৎ /কংশোজিত্/ [স. কংস+√জি+ক্বিপ্] বি. কংসজয়ী শ্রীকৃষ্ণ।

কংসবণিক /কংশোবোনিক্/ [স. কংস+বণিক] বি. ১ কাঁসার তৈরি পণ্যসামগ্রীর ব্যবসায়ী, কাঁসারি। ২ পদবিবিশেষ।

কংসহা /কংশোহা/ [স. কংস+√হন্+ক্বিপ্] বি. কংসের বধকারী, শ্রীকৃষ্ণ।

কংসারি /কংশারি/ [স. কংস+অরি] বি. কংসের শত্রু, শ্রীকৃষ্ণ।

ককটেল /ককটেল্/ [ই. cocktail] বি. ১ সুরা–জাতীয় পদার্থের সঙ্গে ফলের রস বা অন্য উপাদানের মিশ্রণে তৈরি পানীয়বিশেষ। ২ একাধিক বিপরীতধর্মী বিষয় বা উপাদানের মিশ্রণ। ৩ ছুড়ে মারা যায় এমন পটকাবিশেষ।

ককনি /ককনি/ [ই.] বি. লন্ডনের পূর্বপ্রান্তে ব্যবহৃত বুলিবিশেষ, cockney।

ককপিট /ককপিট/ [ই. cockpit] বি. ১ বিমান বা মহাশূন্যযানে চালকের কক্ষ; মোটরদৌড়ে ব্যবহৃত গাড়ির চালকের আসন। ২ মোরগ লড়াইয়ের জন্য তৈরি কক্ষ।

ককানি /ককানি/ [ধ্বন্যা.] বি. কাতর ক্রন্দনধ্বনি।

ককানো /ককানো/ [বা.] ক্রিবি. ১ কাতর শব্দ করা। ২ দমবন্ধ হয়ে এলেও কাঁদতে থাকা, অস্ফুটস্বরে কাঁদা।

ককুদ /কোকুদ/ [স. ক+√কু+ক্বিপ্] বি. ১ ষাঁড়ের কাঁধের ঝুঁটি, অংসকূট। ২ পাহাড়ের চূড়া। ৩ রাজচিহ্ন। বিণ. শ্রেষ্ঠ, প্রধান।

ককুভ /কোকুভ্/ [স. ক+√কুভ্+অ] বি. ১ বৈদিক ছন্দবিশেষ। ২ দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ। ৩ অর্জুন।

কক্ষ /কোক্খো/ [স. √কষ্+স] বি. ১ প্রকোষ্ঠ, কামরা; ঘর। ২ গ্রহের পরিক্রমণপথ, orbit। ৩ বগল, বাহুমূল। ৪ কাঁখ।

কক্ষচ্যুত /কোক্খোচ্চুতো/ [স. কক্ষ+√চ্যু+ত] বিণ. নির্দিষ্ট পরিক্রমণপথ থেকে বিচ্যুত, কক্ষভ্রষ্ট।

www.pathagar.com

কক্ষনো /কক্‌খোনো/ [বা.] অব্য. কখনো, কোনো-দিনও। ক্রিবিণ. কোনো সময়ে; কোনো কারণে।

কক্ষপথ /কোক্‌খোপথ্‌/ [স. কক্ষ+√পথ্‌+অ] বি. গ্রহ-উপগ্রহের নির্দিষ্ট পরিভ্রমণপথ।

কক্ষপুট /কোক্‌খোপুট্‌/ [স. কক্ষ+পুট] বি. বগল।

কক্ষভ্রষ্ট /কোক্‌খোভ্রোশ্‌টো/ [স. কক্ষ+√ভ্রন্‌শ্‌+ত] বিণ. পরিক্রমণপথ থেকে বিচ্যুত।

কক্ষস্থ /কোক্‌খোস্‌থো/ [স. কক্ষ+√স্থা+অ] বিণ. ক্রোড়স্থ; নিকটবর্তী।

কক্ষান্তর /কোক্‌খান্‌তর্‌/ [স. কক্ষ+অন্তর] বি. ভিন্ন প্রকোষ্ঠ, অন্য কামরা।

কখন /কখোন্‌/ [বা.] ক্রিবিণ. ১ কবে (*কখন আসবে?*)। ২ বহুক্ষণ, অনেকক্ষণ (*কখন থেকে বসে আছি*)।

কখনই /কখোনোই/[বা.] ক্রিবিণ. কোনো অবস্থাতেই।

কখনো /কখোনো/ [বা.] ক্রিবিণ. ১ কোনো সময়ে (*কখনো রোদ কখনো বৃষ্টি*)। ২ কোনো কারণে; কোনো অবস্থাতেই (*ও কখনো এ কাজ করতে পারে না*)।

কখনোই /কখোনোই্‌/ [বা.] ক্রিবিণ. কোনোদিনই, কোনো পরিস্থিতিতেই, কোনো কারণেই (*ও কখনোই আসবে না*)।

কখনো কখনো /কখোনো কখোনো/ ক্রিবিণ. মাঝে মাঝে।

কখনো সখনো /কখোনো শখোনো/ ক্রিবিণ. কোনো কোনো সময়ে, কালেভদ্রে (*কখনো সখনো আমি নিজেই বাজার করি*)।

কঙ্ক /কংকো/ [স. √কঙ্ক্‌+অ] বি. ১ লম্বা পা ও গলাবিশিষ্ট সাদাকালো বা ফিকে লাল রঙের বৃহদাকার পাখি, কাঁক। ২ বিরাটনগরে অজ্ঞাত-বাসকালীন জ্যেষ্ঠ পাণ্ডব যুধিষ্ঠিরের ছদ্মনাম। ৩ জাতিবিশেষ।

কঙ্কট /কংকোট্‌/ [স. √কঙ্ক্‌+অট] বি. রণসজ্জা; বর্ম, সাঁজোয়া।

কঙ্কণ /কংকন্‌/ [স. কম্‌+√কণ্‌+অ] বি. ১ (কং কং শব্দ করে বলে) কাঁকন, বলয়; খাড়ু। ২ (আল.) ভূষণ (*কবিকঙ্কণ*)।

কঙ্কণী /কংকোনি/ [স. কঙ্কণ+ঈ] বি. নূপুর, ছোটো ঘুঙুর, কিঙ্কিণি।

কঙ্কত /কংকত্‌/ [স. √কঙ্ক্‌+অত] বি. ১ চিরুনি। ২ মাছের ফুলকা।

কঙ্কতিকা /কংকোতিকা/ [স. কঙ্কতী+কন্‌+আ (টাপ্‌)] বি. চিরুনি।

কঙ্কতী /কংকোতি/ [স. কঙ্কত+ঈ] বি. চিরুনি।

কঙ্কমুখ /কংকোমুখ্‌ / [স. কঙ্ক+মুখ] বি. চিমটা, সাঁড়াশি।

কঙ্কর /কংকর্‌ / [স. কং+√কৃ+অ] বি. ১ খুব ছোটো পাথরের টুকরো, কাঁকর। ২ তক্র, ঘোল। বিণ. কর্কশ।

কঙ্করোল /কংকোরোল্‌/ [স. কঙ্কর+লোল] বি. কাঁকরোল বা তার গাছ।

কঙ্কাল /কংকাল্‌/ [স. √কঙ্ক্‌+আল] বি. মেরুদণ্ডী প্রাণীর দেহের কাঠামো, অস্থিপঞ্জর; খাঁচা।

কঙ্কালমালিনী /কংকাল্‌মালিনি/ [স. কঙ্কাল+মালিনী] বি. কঙ্কালের মালা পরিহিতা দেবী কালিকা।

কঙ্কালমালী /কংকাল্‌মালি/ [স. কঙ্কাল+মালা+ইন্‌] বি. কঙ্কালের মালা পরিহিত শিব, মহাদেব।

কঙ্কালসার /কংকাল্‌শার্‌/ [স. কঙ্কাল+সার] বিণ. দেহে হাড় ছাড়া কিছু নেই এমন, শীর্ণ।

কচ[১] /কচ্‌/ [স. √কচ্‌+অ] বি. ১ পুরাণোক্ত বৃহস্পতির পুত্র ও দৈত্যগুরু শুক্রাচার্যের শিষ্য। ২ চুল, কেশ।

কচ[২] /কচ্‌/ [ফা.] বি. ১ কলমের সূক্ষ্ম অগ্রভাগ, কৎ। ২ জমি ইমারত প্রভৃতির ত্যারচাভাবে বেরিয়ে থাকা অংশ।

কচ[৩] /কচ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ধারালো অস্ত্র দিয়ে নরম কোনোকিছু কাটার অনুকার শব্দ।

কচকচ /কচ্‌কচ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত নরম কোনো কিছু কাটা বা চিবানোর অনুকার শব্দ।

কচকচানি /কচ্‌কচানি/ [ধ্বন্যা.] বি. ১ একটানা কচকচ শব্দ।২ একঘেয়ে দীর্ঘ বক্তৃতা বা উপদেশ। ৩ কলহ, বচসা, তর্কবিতর্ক।

কচকচি /কচ্‌কোচি/ [বা.] বি. ঝগড়াঝাটি, বচসা।

কচকচে /কচ্‌কোচে/ [ধ্বন্যা.] বিণ. চিবানোর সময় কচকচ আওয়াজ হয় এমন।

কচটানো /কচ্‌টানো/ [বা.] ক্রিবি. বিণ. কচলানো, চটকানো, মাখানো।

কচড়া /কচ্‌ড়া/ [দেশি.] বি. ১ মোটা দড়ি, কাছি; লম্বা দড়া। ২ মহুয়া ফল। বিণ. ১ দরকচা। ২ কৃত্রিম উপায়ে পাকানো হয়েছে এমন।

কচমচ /কচ্‌মচ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. নরম জিনিস চিবিয়ে খাওয়ার অনুকার শব্দ।

কচরকচর /কচোর্‌কচোর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ খাদ্য চিবানোর অনুকার শব্দ। ২ অনর্থক তর্ক-বিতর্ক ও বচসা।

www.pathagar.com

কচরমচর /কচোর্‌মচোর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র কচরকচর।

কচলা /কচ্‌লা/ [বা.] ক্রিবি. রগড়ানো।

কচলাকচলি /কচ্‌লাকোচ্‌লি/ [বা.] বি. ১ দরকষাকষি। ২ কোনো বিষয় নিয়ে বিস্তর বাক্যব্যয় করে সুবিধা আদায়ের চেষ্টা।

কচলানো /কচ্‌লানো/ [বা.] ক্রিবি. ১ হাত দিয়ে বারবার ঘষা, রগড়ানো, চটকানো। ২ বিশেষভাবে কচলে ধোয়া।

কচা /কচা/ [দেশি.] বি. ১ ডাঁটা। ২ গাছ থেকে কাটা কচি ডাল। ৩ দম্ভ। ৪ বিবাদ। ৫ ইটের টুকরো।

কচাকচি /কচাকোচি/ [দেশি.] বি. তুচ্ছ বাগ্‌বিতন্ডা।

কচাৎ /কচাত্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. কোনো নরম বস্তু এককোপে কেটে ফেলার অনুকার শব্দ।

কচানো /কচানো/ [দেশি.] ক্রিবি. কচলানো।

কচাল /কচাল/ [দেশি.] বি. ১ অযথা বাগ্‌বিতন্ডা। ২ কুৎসা, নিন্দা। ৩ মাছ ধরার বড়ো জাল বা ফাঁদ।

কচি /কোচি/ [দেশি.] বিণ. ১ নবজাত। ২ কোমল।

কচিকাঁচা /কোচিকাঁচা/ [বা.] বি. অল্পবয়স্ক বালকবালিকা, ছোটো ছেলেমেয়ে।

কচিখোকা /কোচিখোকা/ [বা.] বি. ১ অবোধ শিশু। ২ (আল.) অপরিণত বুদ্ধিসম্পন্ন ব্যক্তি। স্ত্রী. কচিখুকি /কোচিখুকি/।

কচু /কোচু/ [স. √কচ্‌+উ] বি. ১ আর্দ্রভূমিতে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন কমলা রঙের ফুল বা তার কন্দবেষ্টিত লম্বাটে সবৃন্তক বড়ো পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির বহুবর্ষজীবী উদ্ভিদ (পাতা কন্দ প্রভৃতি সবজি হিসেবে রেঁধে খাওয়া হয়)। ২ (বাংলায়) কিছুই না, ঘোড়ার ডিম।

কচুকাটা /কোচুকাটা/ [স. কচু+বা. কাটা] বিণ. ১ কচুর মতো নির্বিচারে কাটা হয়েছে এমন, অবলীলাক্রমে খন্ডবিখন্ডিত। ২ (আল.) নির্মূলিত।

কচুঘেঁচু /কোচুঘেঁচু/ [স. কচু+দেশি. ঘেঁচু] বি. ১ খেলে মুখ চুলকায় এমন কন্দবিশেষ, অতি তুচ্ছ আনাজ; শূকরের খাদ্য। ২ (আল.) তুচ্ছ জিনিস।

কচুপোড়া /কোচুপোড়া/ [স. কচু+বা. পোড়া] বি. ১ অখাদ্য। ২ কিছুই না।

কচুপোড়া খাওয়া /কোচুপোড়া খাওআ/ ক্রিবি. (ব্য.) প্রত্যাশা করে বিফল হওয়া।

কচুয়া /কোচুআ/ [স. কচু+বা. উয়া] বি. সেতারজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ।

কচুরি /কোচুরি/ [স. কর্চ্চরিকা >] বি. কলাইয়ের পুর দেওয়া তেলে পুরিজাতীয় খাদ্যবস্তু।

কচুরিপানা /কোচুরিপানা/ [বা.] বি. খুব তাড়াতাড়ি বিস্তার লাভ করে এবং নৌচলাচলে বিঘ্ন সৃষ্টি করে এমন ভাসমান জলজ উদ্ভিদ (আনি. ব্রাজিল), water hyacinth।

কচ্ছ /কচ্‌ছো/ [স. ক+√ছো+অ] বি. ১ পরিধেয় বস্ত্রের প্রান্তভাগ, কাছা। ২ নদীর প্রান্তভাগ; জলময় অঞ্চল। ৩ গুজরাটের উত্তরে সমুদ্রতীরবর্তী অঞ্চল। ৪ নৌকার পশ্চাদ্‌ভাগ। ৫ পর্বতের নিকটস্থ অঞ্চল।

কচ্ছটিকা /কচ্‌ছোটিকা/ [দেশি.] বি. ১ কাছা, কাছুটি। ২ কৌপীন; ল্যাঙট।

কচ্ছপ /কচ্‌ছোপ/ [স. কচ্ছ+√পা+অ] বি. কঠিন খোলসে আবৃত অত্যন্ত ধীরগতিসম্পন্ন সরীসৃপজাতীয় জলচর ডিম্বজ প্রাণী যা প্রয়োজনবোধে মাথা ও পা খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে, কাছিম, কূর্ম।

কচ্ছু /কোচ্‌ছু/ [স. √কষ্‌+উ] বি. খোস পাঁচড়া দাদ প্রভৃতি চুলকানি রোগ।

কজ্জল /কজ্‌জল/ [স. √কজ্‌+অল] বি. ১ কাজল, অঞ্জন। ২ মেঘ। ৩ মিঠাপানির ছোটো মাছবিশেষ।

কজ্জলা /কজ্‌জলা/ [স. √কজ্‌+অল+আ (টাপ্‌)] বি. চারজোড়া গোঁফবিশিষ্ট চ্যাপটা সরু ও আঁশবিহীন মিঠাপানির ছোটো মাছ, কাজলি।

কজ্জলী /কজ্‌জোলি/ [স. কজ্জল+ঈ] বি. পারদ ও গন্ধকের মিশ্রণে তৈরি আয়ুর্বেদীয় ওষুধবিশেষ।

কঞ্চি /কোন্‌চি/ [স. কঞ্চিকা >] বি. বাঁশের গ্রন্থিমূল থেকে নির্গত সরু ডাল, বাঁশের সরু শাখা।

কঞ্চু /কোন্‌চু/ [স. √কন্‌চ্‌+উ] বি. দ্র কঞ্চুক।

কঞ্চুক /কোন্‌চুক্‌/ [স. √কন্‌চ্‌+উক] বি. ১ সাঁজোয়া; কবচ, বর্ম। ২ গাত্রাবরণ, জামা; বস্ত্র। ৩ কাঁচুলি, নারীর বক্ষাবরণ। ৪ সাপের খোলস, নির্মোক।

কঞ্চুকী /কোন্‌চুকি/ [স. কঞ্চুক+ইন্‌] বি. ১ রাজান্তঃপুরে প্রবেশাধিকার আছে এমন বিচক্ষণ ব্রাহ্মণ; অন্তঃপুরের খোজা প্রহরী বা রক্ষী। ২ বর্মধারী ব্যক্তি। ৩ নারীর বক্ষাবরণ। ৪ সাপ।

কঞ্চুল /কোন্‌চুল্‌/ [স. √কন্‌চ্‌+উল] বি. নারীর বক্ষাবরণ, কাঁচুলি।

কঞ্চুলিকা /কোন্‌চুলিকা/ [স. কঞ্চুলী+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র কঞ্চুল।

কঞ্চুলী /কোন্‌চুলি/ [স. √কন্‌চ্‌+উল+ঈ] বি. দ্র কঞ্চুল।

কঞ্জ /কন্‌জো/ [স. কম্‌+√জন্‌+অ] বি. ১ কমল।

www.pathagar.com

২ চুল, কেশ। ৩ অমৃত। বিণ. জলে জাত, জলজ।

কঞ্জক /কন্‌জক্‌/ [স. কম্‌+√জন্‌+অক] বি. দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারতীয় উপমহাদেশ-সহ পৃথিবীর বিভিন্ন অঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এবং ফল মধু কীটপতঙ্গ প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন কমলা রঙের সুচালো চঞ্চুবিশিষ্ট কালো পালকাবৃত শালিকজাতীয় পাখি যা শেখানো বুলি আওড়াতে পারে, ময়না।

কঞ্জনয়নী /কন্‌জোনয়োনি/ [স. কঞ্জ+নয়ন+ঈ] বিণ. পদ্মের মতো কমনীয় চোখবিশিষ্ট, নলিনাক্ষ।

কঞ্জমুখী /কন্‌জোমুখি/ [স. কঞ্জ+মুখী] বিণ. পদ্মমুখী, কমলাননা।

কঞ্জুস /কোন্‌জুস্‌/ [হি.] বিণ. কৃপণ, কিপটে।

কঞ্জুসপনা /কোন্‌জুস্‌পনা/ [হি. কঞ্জুস+বা. পনা] বি. কৃপণতা।

কঞ্জুসি /কোন্‌জুসি/ [হি.] বি. কৃপণতা, কার্পণ্য।

কট[১] /কট্‌/ [স. √কট্‌+অ] বি. ১ তৃণ, খড়। ২ মাদুর; তৃণের আসন; দরমা। ৩ ঘাসের তৈরি মোটা দড়ি, কাছি। ৪ ঘাসের দড়ি দিয়ে তৈরি খাটিয়া; শববাহী খাটিয়া। ৫ তক্তা। ৬ মদবর্ষণকারী হস্তিগণ্ড।

কট[২] /কট্‌/ [দেশি.] বি. ১ নির্দিষ্ট শর্তযুক্ত দলিল, খত, তমসুক। ২ আচার; বিধান, নিয়ম।

কট[৩] /কট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. শক্ত জিনিস কাটা বা কামড় দিয়ে ভাঙার অনুকার শব্দ।

কটক /কটোক্‌/ [স. √কট্‌+অক] বি. ১ সেনাশিবির। ২ হাতের অলংকারবিশেষ। ৩ পাহাড়ের সানুদেশ। ৪ ওড়িশার নগরবিশেষ।

কটকট /কট্‌কট্‌/ [ধ্বন্যা.] বি. শক্তবস্তু কাটার অনুকার শব্দ। অব্য. তীব্র বেদনার অনুভূতি।

কটকটা /কট্‌কটা/ [ধ্বন্যা.] বি. কড়মড়ানির শব্দ, দাঁতে দাঁতে ঘষার শব্দ।

কটকটে /কট্‌কোটে/ [ধ্বন্যা.] বিণ. ১ কটকট শব্দ করে এমন। ২ উৎকট (*কটকটে লাল*)। ৩ কঠোর; কর্কশ। ৪ নীরস।

কটকবালা /কট্‌কবালা/ [দেশি. কট+আ. কবালা] বি. যে দলিলের মেয়াদ উত্তীর্ণ হলে বন্ধকি সম্পত্তি বা সম্পদ মহাজনের হাতে চলে যায়।

কটকি /কোট্‌কি/ [বা.] বিণ. কটকে উৎপাদিত (*কটকিশাড়ি*)।

কটকিনা /কট্‌কিনা/ [স. কঠিন >] বি. ১ নিয়মের কড়াকড়ি। ২ কঠিন প্রতিজ্ঞা। ৩ জমির মেয়াদি ইজারা।

কটকেনা /কট্‌কেনা/ [বা.] বি. দ্র কটকিনা।

কটমট /কট্‌মট্‌/ [ধ্বন্যা.] বিণ. ১ কঠিন; কর্কশ। ২ নীরস। অব্য. ক্রোধের লক্ষণপ্রকাশক ভাব।

কটমটে /কট্‌মোটে/ [ধ্বন্যা.] বিণ. কাঠখোট্টা; রসকষহীন, শুষ্ক।

কটরমটর /কটোর্‌মটোর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. শুকনো কঠিনবস্তু চিবানোর অনুকার শব্দ।

কটা[১] /কটা/ [স. কড়ার >] বিণ. ১ পিঙ্গলবর্ণবিশিষ্ট, তামাটে (*কটা চোখ*)। ২ রুক্ষ।

কটা[২] /কটা/ [বা.] বিণ. কত সংখ্যক (*কটা বই?*); 'কয়টা'-র চলিত রূপ।

কটাক্ষ /কটাক্‌খো/ [স. কট্‌+অক্ষি] বি. ১ বাঁকা চাহনি, বক্রদৃষ্টি, অপাঙ্গদৃষ্টি। ২ প্রতিকূল সমালোচনা; বিদ্রূপাত্মক সমালোচনা।

কটাক্ষপাত /কটাক্‌খোপাত্‌/ [স. কটাক্ষ+√পত্‌+অ] বি. ১ নেত্রপাত, দৃষ্টিপাত; বাঁকা চাহনি। ২ ব্যঙ্গ-সূচক দৃষ্টি বা উল্লেখ। ৩ লক্ষ্য; মনোযোগ।

কটাক্ষে /কটাক্‌খে/ [স. কটাক্ষ+বা. এ] ক্রিবিণ. নিমেষে, মুহূর্তে।

কটাৎ /কটাত্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ধারালো অস্ত্র বা দাঁত দিয়ে কঠিনবস্তু কাটা বা ভাঙার অনুকার শব্দ।

কটাল /কটাল্‌/ [আঞ্চ.] বি. অমাবস্যা ও পূর্ণিমায় নদী বা সমুদ্রে জলের স্ফীতি বা হ্রাস; জোয়ার (*ভরা কটাল*); ভাটা (*মরা কটাল*)।

কটাস /কটাশ্‌/ [ধ্বন্যা.] অব্য. পিঁপড়ার কামড় বা চিমটি কাটার অনুকার শব্দ।

কটাহ /কটাহো/ [স. কট+আ+√হন্‌+অ] বি. লোহার তৈরি রান্নার পাত্র, কড়াই।

কটি[১] /কটি/ [বা.] বিণ. (ছোটো বা আদরার্থে) কত সংখ্যক (*কটি বই?*)।

কটি[২] /কোটি/ [স. √কট্‌+ই] বি. কোমর, মাজা।

কটিতট /কোটিতট্‌/ [স. কটি+তট] বি. কাঁখ, কোল (*তোমার কটি-তটের ধটি কে দিল রাঙিয়া—* রবীন্দ্র.)।

কটিত্র /কোটিত্রো/ [স. কটি+√ত্রৈ+অ] বি. কোমর-বন্ধ, বেল্ট, ঘুনসি।

কটিদেশ /কোটিদেশ/ [স. কটি+দেশ] বি. কোমর।

কটিবন্ধ /কোটিবন্‌ধো/ [স. কটি+√বন্ধ্‌+অ] বি. পরিধেয় বস্ত্র কোমরে বেঁধে রাখার পটি, বেল্ট, কোমরবন্ধ, ঘুনসি।

কটিবসন /কোটিবশোন্‌/ [স. কটি+বসন] বি. কটি-দেশে পরিধেয় বস্ত্র (শাড়ি ধুতি প্রভৃতি)।

www.pathagar.com

কটিবাস /কোটিবাশ্/ [স. কটি+বাস] বি. দ্র কটিবসন।

কটিভূষণ /কোটিভূশন্/ [স. কটি+ভূষণ] বি. কোমরের অলংকারবিশেষ; মেখলা।

কটিশূল /কোটিশূল্/ [স. কটি+শূল] বি. কোমরের ব্যথা।

কটিসূত্র /কোটিশুত্রো/ [স. কটি+সূত্র] বি. ঘুনসি, কোমরবন্ধ।

কটু /কোটু/ [স. √কট্+উ] বিণ. ১ তিক্ত, তেতো (*কটু স্বাদ*)। ২ ঝাঁঝালো, ঝাল (*কটু তেল*)। ৩ বিস্বাদ। ৪ উগ্র; কঠোর; তীব্র (*কটু বাক্য*)। ৫ পীড়াদায়ক। বি. -তা /-তা/।

কটুকাট্‌ব্য /কোটুকাটোব্‌বো/ [স. কটু+কাট্‌ব্য] বি. কড়া কথা, রূঢ় বাক্য; গালিগালাজ।

কটুতেল /কোটুতেল্/ [স. কটু+বা. তেল] বি. সরষের তেল।

কটুবাক্য /কোটুবাক্কো/ [স. কটু+বাক্য] বি. রূঢ় বাক্য, কটু কথা।

কটুভাষ /কোটুভাশ্/ [স. কটু+√ভাষ্+অ] বি. অপ্রিয় বাক্য। বিণ. কটু কথা বলে এমন।

কটুভাষী /কোটুভাশি/ [স. কটু+√ভাষ্+ইন্] বিণ. রূঢ়বাক্য প্রয়োগকারী, অপ্রিয়বাদী; দুর্মুখ।

কটূক্তি /কোটুক্তি/ [স. কটূ+√বচ্+তি] বি. অশোভন উক্তি; গালিগালাজ।

কটোরা /কটোরা/ [স. √কট্+ওর+আ (টাপ্)] বি. তরল পদার্থ খাওয়ার ধাতব পাত্র; মাটির খুরি; বাটি।

কট্ট /কট্টো/ [স. কৃত্ত >] বি. কোমরের মধ্যবর্তী ক্ষীণ অংশ, কাঁখ, কাঁকাল। বিণ. ছিন্ন, কর্তিত।

কট্টর /কট্টোর্/ [দেশি.] বিণ. ১ কড়া; নিয়মের কড়াকড়ি আছে এমন। ২ গোঁড়া, চরমপন্থি।

কঠিন /কোঠিন্/ [স. √কঠ্+ইন] বিণ. ১ শক্ত, দৃঢ়, অনমনীয়। ২ গাঢ়; নিশ্ছিদ্র। ৩ দুর্বোধ্য, দুরধিগম্য। ৪ নির্দয়। ৫ ভয়ানক। ৬ দুরারোগ্য (*কঠিন পীড়া*)। বি. কঠিনতা /কোঠিনতা/।

কঠিনচিত্ত /কোঠিন্‌চিত্তো/ [স. কঠিন+√চিৎ+ত] বিণ. মায়ামমতাহীন, নির্দয়।

কঠিনচীবর /কোঠিন্‌চিবর্/ [স. কঠিন+চীবর] বি. পূর্ণিমার পূর্বরাত্রে বয়ন করা হয় এবং বৌদ্ধ ভিক্ষু বা সন্ন্যাসীদের প্রদত্ত গেরুয়া বস্ত্র (*কঠিন চীবর দান*)।

কঠিনত্ব /কোঠিনত্তো/ [স. কঠিন+ত্ব] বি. কঠিনতা।

কঠিনা /কোঠিনা/ [স. কঠিন+আ (টাপ্)] বি. ১ কাঠখড়ি। ২ খড়িমাটি।

কঠিনীকৃত /কোঠিনিকৃতো/ [স. কঠিন+ঢ্বি+কৃত] বিণ. শক্ত করা হয়েছে এমন।

কঠিনীভূত /কোঠিনিভুতো/ [স. কঠিন+ঢ্বি+ভূত] বিণ. শক্ত হয়ে গেছে এমন।

কঠোপনিষদ /কঠোপোনিশদ্/ [স. কঠ+উপনিষদ্] বি. কঠ ঋষিপ্রোক্ত উপনিষদ।

কঠোর /কঠোর্/ [স. √কঠ্+ওর] বিণ. ১ কঠিন, দৃঢ়, শক্ত। ২ নিষ্ঠুর, নির্মম। ৩ পরুষ, কর্কশ। ৪ অবিচল; অনমনীয়। ৫ নীরস, শুষ্ক। ৬ দুঃসাধ্য, দুরূহ। ৭ কষ্টকর। বি. কঠোরতা /কঠোরতা/।

কড়[১] /কড়্/ [স. কটক >] বি. ১ হিন্দু বিবাহে কনের হাতে পরার লৌহবলয়; লোহার বলয়। ২ বড়শি-বাঁধা সুতা, মাছ ধরার ফাঁদবিশেষ।

কড়[২] /কড়্/ [স. কোর >] বি. ১ নবোদ্‌গত পাতা। ২ ফলের গুটি বা প্রথম অবস্থা।

কড়ই /কড়োই/ [দেশি.] বি. বাংলাদেশে পথের ধারে ছায়াবৃক্ষ হিসেবে লাগানো হয় এমন দ্রুত বর্ধনশীল শিম্বগোত্রীয় ভেষজগুণসম্পন্ন বৃহদাকার পত্রমোচী উদ্ভিদ, শ্বেত শিরীষ।

কড়ক /কড়ক্/ [স. √কড়্+অক] বি. সামুদ্রিক লবণ, করকচ লবণ।

কড়কড় /কড়্‌কড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ শুকিয়ে শক্ত হয়ে গিয়েছে এমন ভাত, পর্যুষিত অন্ন। ২ মেঘের গর্জন; বজ্রপাতের অনুকার শব্দ। ৩ কঠিন বস্তু চিবানোর অনুকার শব্দ।

কড়কড়া /কড়্‌কড়া/ [ধ্বন্যা.] বিণ. শুকিয়ে শক্ত বা ভঙ্গুর করা হয়েছে এমন।

কড়কড়ে /কড়্‌কোড়ে/ [ধ্বন্যা.] বিণ. ১ শুষ্ক। ২ ভঙ্গুর। ৩ আনকোরা (*কড়কড়ে নোট*)।

কড়কা /কড়্‌কা/ [স. কটাক্ষ >] ক্রিবি. দ্র কড়কানো।

কড়কানো /কড়্‌কানো/ [বা.] ক্রিবি. ভর্ৎসনা করা।

কড়ঙ্গা /কড়ংগো/ [স. করঙ্ক >] বি. ১ ভিক্ষাপাত্র-রূপে ব্যবহৃত নারকেলের মালা। ২ জলপাত্র-বিশেষ।

কড়চা /কড়্‌চা/ [স. কারিকা >] বি. ১ সংক্ষিপ্ত দিনপঞ্জি, রোজনামচা; বৈষ্ণব সাহিত্যে দিনলিপির আকারে রচিত ছন্দবদ্ধ রচনা। ২ খাজনার বিবরণ-সংবলিত খাতা।

কড়তা /কড়্‌তা/ [দেশি.] বি. বিক্রয়ের পণ্যদ্রব্য যে পাত্রে ওজন করা হয় সেই পাত্রের ওজন, ক্রয়-বিক্রয়কালে থলে প্রভৃতি আধারের জন্য বাদ দেওয়া অংশ।

www.pathagar.com

কড়মড়্ /কড়্মড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কঠিন দ্রব্য চিবানোর অনুকার শব্দ। ২ আক্রোশ বা ক্রোধের ভাবসূচক শব্দ।

কড়মড়ানো /কড়্মড়ানো/ [বা.] ক্রিবি. ক্রোধ বা আক্রোশের ভাব প্রকাশ করা।

কড়মড়ি/কড়্মোড়ি/ [বা.] বি. মেঘের গর্জন।

কড়মড়ে /কড়্মোড়ে/ [বা.] বিণ. ১ কড়মড় শব্দ করে এমন। ২ আনকোরা।

কড়ম্ব /কড়ম্বো/ [স. √কড়্+অম্ব] বি. বর্ষাকালে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের পুকুর ডোবা জলাশয় বা ডাঙায় জাত (এবং চীনে ব্যাপকভাবে চাষ করা হয়) এমন ফাঁপা কান্ড ও নরম গাঁটবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন লতাজাতীয় বর্ষজীবী উদ্ভিদ বা তার পাতা, কলমিলতা, কলমিশাক।

কড়সি /কড়শি/ [দেশি.] বি. কটিবন্ধন, কটিসূত্র।

কড়া[১] /কড়া/ [দেশি.] বি. নবোদ্‌গত ফলের প্রথম অবস্থা।

কড়া[২] /কড়া/ [স. কিণ >] বি. ১ কলঙ্ক চিহ্ন। ২ জীবদেহের বহিস্ত্বকে নিত্য ঘর্ষণজাত চিহ্ন (*পায়ের কড়া*)।

কড়া[৩] /কড়া/ [স. কটুক >] বিণ. ১ তীব্র; কঠোর (*কড়া শাসন*)। ২ কটু (*কড়া কথা*)। ৩ প্রখর (*কড়া রোদ*)। ৪ নিয়মনিষ্ঠ (*কড়া শিক্ষক*)। ৫ নিশ্ছিদ্র (*কড়া প্রহরা*)। ৬ দুর্লঙ্ঘ্য (*কড়া নির্দেশ*)। ৭ উগ্র, রুক্ষ (*কড়া মেজাজ*)।

কড়া[৪] /কড়া/ [স. কটাহ >] বি. ১ ধাতুবলয়; বালার মতো হাতল, আংটা (*দরজার কড়া*)। ২ রাঁধার পাত্রবিশেষ, কড়াই, কটাহ।

কড়া[৫] /কড়া/ [স. কপর্দক >] বি. কড়ি, কপর্দক (*কড়ায় গন্ডায় আদায়*)।

কড়াই[১] /কড়াই/ [স. কলায় >] বি. মটর শিম প্রভৃতি শুঁটিযুক্ত শস্য, কলাই (*কড়াইশুঁটি*)।

কড়াই[২] /কড়াই/ [স. কটাহ >] বি. দুদিকে আংটা লাগানো রন্ধনপাত্রবিশেষ, কটাহ।

কড়াইশুঁটি /কড়াইশুঁটি/ [বা.] বি. যে শুঁটির ভেতরের সবুজ বীজ আনাজরূপে খাওয়া হয়, মটরশুঁটি।

কড়াকড়/কড়াকড়্/ [বা.] বিণ. কঠোর। বি. কড়াকড়ি।

কড়াকড়ি /কড়াকোড়ি/ [বা.] বি. নিয়মের কঠোরতা।

কড়াকিয়া /কড়াকিআ/ [বা.] বি. (অধুনালুপ্ত) কড়ার নামতা।

কড়াক্কড় /কড়াক্‌কড়্/ [ধ্বন্যা.] বিণ. শক্ত, কঠোর, দৃঢ়। বি. কড়াকড়ি।

কড়াক্রান্তি /কড়াক্রান্‌তি/ [বা. কড়া+স. ক্রান্তি] বি. (অধুনালুপ্ত) কড়া ও ক্রান্তি-সহ পুঙ্খানুপুঙ্খ হিসাব।

কড়াৎ /কড়াত্/ [ধ্বন্যা.] অব্য. বি. বজ্রপাত বা শক্ত কোনো জিনিস ভাঙার অনুকার শব্দ।

কড়ায় গন্ডায় /কড়ায় গন্‌ডায়/ ক্রিবিণ. নিখুঁত হিসাবমতে।

কড়ার[১] /কড়ার্/ [স. √গড়্+আর] বিণ. নীলাভ হলুদ রঙের, ঈষৎ তামাটে, পিঙ্গল বর্ণবিশিষ্ট।

কড়ার[২] /কড়ার্/ [দেশি.] বি. ১ অঙ্গীকার, শপথ। ২ শর্ত।

কড়ি[১] /কোড়ি/ [স. কপর্দিকা >] বি. ১ শামুকজাতীয় সামুদ্রিক জীবের খোল। ২ কপর্দক, অর্থ, ধন (*টাকাকড়ি*)। ৩ পারানির মাশুল (*কণ্ঠে নিলেম গান, আমার শেষ পারানির কড়ি*— রবীন্দ্র.)। ৪ সংগীতের মধ্যম ও পঞ্চমের মধ্যবর্তী সুর।

কড়ি[২] /কোড়ি/ [স. কটুক >] বিণ. কড়া, তীব্র।

কড়ি[৩] /কোড়ি/ [স. কান্ড >] বি. ভার ধারণের জন্য ছাদের নিচে আড়াআড়িভাবে লাগানো কাঠের বরগা, আড়া, beam।

কড়িওয়ালা /কোড়িওআলা/ [বা. কড়ি+হি. ওয়ালা] বিণ. বিত্তশালী, ধনী; সংগতিপন্ন।

কড়িকপালে /কোড়িকপালে/ [বা.] বিণ. অর্থভাগ্য ভালো এমন।

কড়িকাঠ /কোড়িকাঠ/ [বা.] বি. ঘরের ছাদ বা চালের নিচে স্থাপিত প্রস্থ বরাবর কাঠ যা ছাদকে ধরে রাখে, আড়কাঠ, joist।

কড়িগোনা /কোড়ি গোনা/ ক্রিবি. ১ কোনো কাজ না থাকায় শুয়ে শুয়ে ছাদের কড়িকাঠ গুনে সময় কাটানো। ২ (আল.) কর্মহীন অবসর যাপন করা।

কড়িপিশাচ /কোড়িপিশাচ্/ [বা. কড়ি+স. পিশাচ] বি. বিণ. অর্থপিশাচ, ধনলোভী।

কড়িমধ্যম /কোড়িমোদ্‌ধোম্/ [বা. কড়ি+স. মধ্যম] বি. 'মা' সুরের ঈষৎ চড়া পর্দা, সংগীতের মধ্যম ও পঞ্চমের মধ্যবর্তী সুর।

কড়িয়াল /কোড়িআল্/ [বা.] বিণ. ধনশালী, বিত্তবান। বি. লাগামের যে অংশ ঘোড়ার মুখে থাকে।

কড়ুয়া /কোড়ুআ/ [বা.] বি. ১ অঙ্কুর। ২ আঁকশি। বিণ. কটু (*কড়ুয়া তেল*)।

কড়ে /কোড়ে/ [স. কনিষ্ঠ >] বিণ. কনিষ্ঠ, ছোটো।

কড়ে আঙুল /কোড়ে আঙুল/ বি. হাতের বা পায়ের সবচেয়ে ছোটো আঙুল।

কড়ে রাঁড়ি /কোড়ে রাঁড়ি/ বি. বাল্যবিধবা।

কণ /কন্/ [স. √কণ্+অ] বি. ১ অতি সূক্ষ্ম অংশ, কণা। ২ গুঁড়ো; রেণু। ৩ শস্যাদির ক্ষুদ্র অংশ,

www.pathagar.com

কুঁড়া, খুদ।

কণা /কনা/ [স. √কণ্+অ+আ (টাপ্)] বি. ১ অণু; তিল পরিমাণ অংশ। ২ রেণু; বিন্দু। ৩ চালের খুদকুঁড়া। ৪ খণ্ড, অংশ, টুকরা।

কণাদ /কনাদ্/ [স. কণ+√অদ্+অ] বি. বৈশেষিক দার্শনিক মুনিবিশেষ, মহামুনি কশ্যপ। বিণ. পণ্ডিত, নৈয়ায়িকশ্রেষ্ঠ।

কণি /কোনি/ [স. কোণ >] বি. নখের কোণ।

কণিক /কোনিক্/ [স. কণ+ইক] বিণ. কণা পরিমাণ, খুব অল্প পরিমাণ। বি. ময়দা; চালের খুদ; কণা।

কণিকা /কোনিকা/ [স. কণা+কন্+আ (টাপ্)] বি. ক্ষুদ্র অংশ, কণা। বিণ. অতি অল্প পরিমাণ; অতিশয় ক্ষুদ্র।

কণ্টক /কন্টক্/ [স. √কণ্ট্+অক] বি. ১ লতাগুল্ম বা গাছের সুচালো অংশ, কাঁটা। ২ মাছের কাঁটা, মাছের হাড়পাঁজরা। ৩ (আল.) বিঘ্ন, অন্তরায় (*পথের কাঁটা*)। ৪ শত্রু। ৫ রোমাঞ্চ।

কণ্টকফল /কন্টক্ফল্/ [স. কণ্টক+ফল] বি. কাঁঠাল।

কণ্টকভুক /কন্টক্ভুক্/ [স. কণ্টক+বা. ভুক] বি. কাঁটা যার খাদ্য, উট।

কণ্টকময় /কন্টক্ময়্/ [স. কণ্টক+ময়ট্] বিণ. কণ্টকাকীর্ণ, কাঁটায় ভরা।

কণ্টকশয্যা /কন্টক্শোজ্জা/ [স. কণ্টক+√শী+য+আ (টাপ্)] বি. ১ কাঁটা বিছানো শয্যা। ২ (আল.) দুঃসহ অবস্থা।

কণ্টকাকীর্ণ /কন্টকাকির্ণো/ [স. কণ্টক+আকীর্ণ] বিণ. ১ কাঁটায় ছাওয়া (*কণ্টকাকীর্ণ পথ*)। ২ (আল.) দুর্গম।

কণ্টকারী /কন্টোকারি/ [স. কণ্টক+√কৃ+অ+ঈ] বি. নদীর ধারে বালুকাময় স্থানে জাত শাখাপ্রশাখা-বিশিষ্ট ভেষজগুণসম্পন্ন কাঁটাবহুল গুল্ম।

কণ্টকাশন /কন্টকাশোন্/ [স. কণ্টক+অশন] বি. কাঁটা যার খাদ্য, উট।

কণ্টকিত /কন্টোকিতো/ [স. কণ্টক+ইত] বিণ. ১ কাঁটায় ভরা। ২ কাঁটা বিঁধেছে এমন। ৩ দুর্গম, বিঘ্নযুক্ত। ৪ রোমাঞ্চিত, পুলকিত।

কণ্টকিফল /কন্টোকিফল্/ [স. কণ্টকী+ফল] বি. কাঁঠাল।

কণ্টকী /কন্টোকি/ [স. কণ্টক+ইন্] বিণ. কাঁটাযুক্ত। বি. ১ কাঁটাযুক্ত গাছ। ২ কাঁটাওয়ালা মাছ।

কণ্টকোদধার /কন্টকোদ্ধার্/ [স. কণ্টক+উদ্ধার] বি. ১ কাঁটা দূরীকরণ। ২ অসুবিধার কারণ বা বিঘ্ন দূরীকরণ; শত্রুনাশন।

কণ্টিকা /কোন্টিকা/ [স. কণ্টক>] বি. কাঁটা।

কণ্ঠ /কন্ঠো/ [স. √কণ্+ঠ] বি. ১ গলদেশ (*কণ্ঠভূষণ*); টুঁটি (*কণ্ঠরোধ*)। ২ স্বরযন্ত্র। ৩ গলার স্বর (*সুকণ্ঠ*)।

কণ্ঠকণ্ডূয়ন /কন্ঠোকোন্ডুয়ন্/ [স. কণ্ঠ+কণ্ডূয়ন] বি. ১ গলার চুলকানি। ২ কথা বলার জন্য কণ্ঠদেশে অস্থিরতার অনুভূতি।

কণ্ঠনালি /কন্ঠোনালি/ [স. কণ্ঠ+নালি] বি. ১ শ্বাস-নালি। ২ গ্রাসনালি।

কণ্ঠনিঃসৃত /কন্ঠোনিসৃতো/ [স. কণ্ঠ+নির্+√সৃ+ত] বিণ. গলা থেকে নির্গত; উচ্চারিত।

কণ্ঠনির্গত /কন্ঠোনির্গতো/ [স. কণ্ঠ+নির্+√গম্+ত] বিণ. দ্র কণ্ঠনিঃসৃত।

কণ্ঠবদধ /কন্ঠোবদ্ধো/ [স. কণ্ঠ+√বন্ধ্+ত] বিণ. কণ্ঠ বেষ্টন করে আছে এমন, আলিঙ্গনবদধ; গললগ্ন।

কণ্ঠভূষণ /কন্ঠোভুশন্/ [স. কণ্ঠ+√ভূষ্+অন] বি. ১ গলার হার। ২ (আল.) প্রিয় ব্যক্তি।

কণ্ঠরোধ /কন্ঠোরোধ্/ [স. কণ্ঠ+√রুধ্+অ] বি. ১ শ্বাসরোধ। ২ কথা বলার অধিকার হরণ, বাগ্‌রোধ।

কণ্ঠলগ্ন /কন্ঠোলগ্নো/ [স. কণ্ঠ+√লগ্+ত] বিণ. গললগ্ন, আলিঙ্গনবদধ।

কণ্ঠলীন /কন্ঠোলিন্/ [স. কণ্ঠ+√লী+ত] বিণ. কণ্ঠ-বদধ, গললগ্ন।

কণ্ঠসূত্র /কন্ঠোশূত্রো/ [স. কণ্ঠ+√সূত্র্+অ] বি. গলার মালা, হার।

কণ্ঠস্থ /কন্ঠোস্থো/ [স. কণ্ঠ+√স্থা+অ] বিণ. স্মৃতিতে ধরা আছে এমন, মুখস্থ।

কণ্ঠস্বর /কন্ঠোশ্শর্/ [স. কণ্ঠ+স্বর] বি. গলার আওয়াজ।

কণ্ঠহানি /কন্ঠোহানি/ [স. কণ্ঠ+√হা+তি] বি. গলার স্বরভঙ্গ।

কণ্ঠহার /কন্ঠোহার্/ [স. কণ্ঠ+√হৃ+অ] বি. গলার মালা, হার।

কণ্ঠা /কন্ঠা/ [স. কণ্ঠ+আ (টাপ্)] বি. কণ্ঠের সম্মুখস্থ উঁচু কোমলাস্থি, Adam's apple।

কণ্ঠাগত /কন্ঠাগতো/ [স. কণ্ঠ+আগত] বিণ. কণ্ঠ পর্যন্ত আগত; বহির্গমনোন্মুখ।

কণ্ঠাগতপ্রাণ /কন্ঠাগতোপ্রান্/ [স. কণ্ঠাগত+প্র+√অন্+অ] বি. মরণাপন্ন অবস্থা, মুমূর্ষু অবস্থা।

কণ্ঠাগ্র /কন্ঠাগ্রো/ [স. কণ্ঠ+অগ্র] বি. কণ্ঠের অগ্রভাগ। বিণ. কণ্ঠস্থ, মুখস্থ।

www.pathagar.com

কণ্ঠাভরণ /কন্‌ঠাভরোন্‌/ [স. কণ্ঠ+আভরণ] বি. দ্র কণ্ঠভূষণ।

কণ্ঠি /কোন্‌ঠি/ [স. কণ্ঠ >] বি. ১ কণ্ঠে ধারণের একনর মালা। ২ তুলসীকাঠের একনর মালা, বৈষ্ণবের কণ্ঠভূষণ।

কণ্ঠি ছেঁড়া[১] /কোন্‌ঠি ছেঁড়া/ ক্রিবি. বৈষ্ণব সম্প্রদায় ত্যাগ করা।

কণ্ঠিছেঁড়া[২] /কোন্‌ঠিছেঁড়া/ [বা.] বিণ. বৈষ্ণব সম্প্রদায় ত্যাগ করেছে বা বহিষ্কৃত এমন।

কণ্ঠিধারণ /কোন্‌ঠিধারোন্‌/ [বা. কণ্ঠি+স. ধারণ] বি. বৈষ্ণবধর্মে দীক্ষাগ্রহণ।

কণ্ঠিধারী /কোন্‌ঠিধারি/ [বা. কণ্ঠি+স. ধারী] বিণ. বৈষ্ণবধর্মে দীক্ষা গ্রহণ করেছে এমন।

কণ্ঠিবদল /কোন্‌ঠিবদোল্‌/ [দেশি.] বি. বৈষ্ণব ধর্মমতে পরস্পর মালা বিনিময় করে বিবাহ।

কণ্ঠ্য /কোন্‌ঠো/ [স. কণ্ঠ+য] বিণ. ১ কণ্ঠ থেকে উৎপন্ন, কণ্ঠজাত। ২ কণ্ঠবিষয়ক।

কণ্ঠ্যধ্বনি /কোন্‌ঠোদ্‌ধোনি/ [স. কণ্ঠ্য+√ধ্বন্‌+ই] বি. কণ্ঠ থেকে নিঃসৃত ধ্বনি, গলার আওয়াজ।

কণ্ঠ্যবর্ণ /কোন্‌ঠোবরনো/ [স. কণ্ঠ্য+বর্ণ] বি. জিহ্বামূল বা কণ্ঠদ্বারা উচ্চার্য বর্ণ।

কণ্ঠ্যৌষ্ঠ্য /কোন্‌ঠোউশ্‌ঠো/ [স. কণ্ঠ্য+ওষ্ঠ] বিণ. কণ্ঠ ও ওষ্ঠের সাহায্যে উচ্চার্য।

কণ্ডন /কন্‌ডোন/ [স. √কণ্ড্‌+অন] বি. শস্য ছেঁটে তুষ পৃথক্‌করণ।

কণ্ডনী /কন্‌ডোনি/ [স. কণ্ডন+ঈ] বি. চাল কাঁড়ার জন্য ব্যবহৃত কাঠের পাত্র ও মুষল, উদূখল ও মুষল।

কণ্ডু /কোন্‌ডু/ [স. √কণ্ড্‌+উ] বি. খোস, পাঁচড়া, চুলকানি, চর্মরোগবিশেষ।

কণ্ডূতি /কোন্‌ডুতি/ [স. √কণ্ড্‌য়্‌+তি] বি. ১ চুলকানি; সুড়সুড়ি। ২ (বাংলায়) উসখুস ভাব।

কণ্ডূয়ন /কোন্‌ডুয়ন/ [স. √কণ্ড্‌য়্‌+অন] বি. ১ চুলকানি। ২ পাঁচড়া।

কণ্ডূয়মান /কোন্‌ডুয়মান/ [স. √কণ্ড্‌য়্‌+মান (শানচ্‌)] বিণ. চুলকাচ্ছে এমন।

কণ্ডূল/কোন্‌ডুল্‌/ [স. কণ্ডু+ল] বিণ. কণ্ডুরোগাক্রান্ত।

কণ্ডোল /কন্‌ডোল্‌/ [স. √কণ্ড্‌+ওল] বি. বাঁশের তৈরি শস্য রাখার আধারবিশেষ, ডোল, গোলা।

কণ্ব /কন্‌নো/ [স. √কণ্‌+ব] বি. মহাভারতোক্ত শকুন্তলার পালক পিতা, মুনিবিশেষ।

কণ্বসুতা /কন্‌নোশুতা/ [স. কণ্ব+সুতা] বি. কণ্বমুনির কন্যা, শকুন্তলা।

কত[১] /কতো/ [স. কতি >] বিণ. কী সংখ্যক (*কতজন*)। ক্রিবিণ. বহু, অনেক (*কত করে বলেছি*)। সর্ব. ১ কী পরিমাণ। ২ কী দর।

কত[২] /কত্‌/ [আ.] বি. ত্যারচাভাবে কাটা কলমের সূক্ষ্ম অগ্রভাগ, কলমের নিব।

কতই /কতোই/ [বা.] বিণ. ১ কতো না; কতো যে; অনেক। ২ অল্প, সামান্য; খুব কম।

কতক /কতোক্‌/ [বা.] সর্ব. কিছু অংশ। বি. খানিকটা, কিছুটা। বিণ. কিছু পরিমাণ; কিছু কিছু। ক্রিবিণ. ১ অংশত, আংশিকভাবে। ২ কিছু দূর পর্যন্ত।

কতকগুলি /কতোক্‌গুলি/ [বা.] বিণ. ১ কয়েকটি; দু-চারটি। ২ অনেক।

কতকগুলো /কতোক্‌গুলো/ [বা.] বিণ. 'কতকগুলি'-র কথ্য রূপ।

কতকটা /কতোক্‌টা/ [বা.] বিণ. খানিকটা, কিছুটা; কিছু পরিমাণ। ক্রিবিণ. কিছু পরিমাণে।

কত করে /কতো কোরে/ ক্রিবিণ. ১ নানাভাবে; বহু অনুনয়বিনয় সহকারে (*ওকে কত করে বলেছি*)। ২ কী হারে, কী দামে (*চাল কত করে?*)।

কতকাটা /কত্‌কাটা/ [বা.] বিণ. কলমের মতো ত্যারচা করে কাটা হয়েছে এমন।

কত কী /কতো কি/ অব্য. বিণ. নানারকম। সর্ব. কত কিছু (*একলা বসে বাদল-শেষে শুনি কত কী—* রবীন্দ্র.)।

কতক্ষণ /কতোক্‌খন্‌/ [বা. কত+স. ক্ষণ] বি. কিছু সময়; বহু সময়। ক্রিবিণ. কত সময় ধরে।

কতটুকু /কতোটুকু/ [বা.] বিণ. ১ কী পরিমাণ। ২ কিছুটা, খানিকটা।

কত-না /কতোনা/ [বা.] বিণ. অনেক, সংখ্যা বা পরিমাণ নির্ধারণ করা যায় না এমন (*দিতেছ দান দিবস-বিভাবরী—/ হল না সারা কত-না যুগ ধরি* রবীন্দ্র.)।

কতবেল /কত্‌বেল্‌/ [স. কপিত্থ >] বি. বর্ষাকালে ফোটে এমন সাদা ফুল ও ধূসরবর্ণের কঠিন খোলসাবৃত বেলসদৃশ ছোটো অম্লস্বাদ ফল বা তার বৃহদাকার পত্রমোচী বৃক্ষ (আনি. ভারত ও বাংলাদেশ); কপিত্থ, কয়েতবেল।

কতমতো /কতোমতো/ [বা.] বিণ. বহু প্রকার, নানারকম; অনেক। ক্রিবিণ. বহু প্রকারে।

কত-যে /কতোজে/ [বা.] বিণ. পরিমাণ বা সংখ্যার আধিক্যের প্রকাশসূচক শব্দ (*কত-যে গিরি কত-*

www.pathagar.com

যে নদীতীরে— রবীন্দ্র.)।

কতল /কতোল/ [আ.] বি. তরবারির সাহায্যে শিরশ্ছেদ; হত্যা, বধ।

কতশত /কতোশতো/ [বা.] বিণ. অগণ্য, বহু, অসংখ্য।

কতিপয় /কোতিপয়/ [স. কতি+অয়] বিণ. কয়েকটি, কিছু সংখ্যক, অল্প পরিমাণ।

কতেক /কতেক্/ [বা.] সর্ব. বি. বিণ. ক্রিবিণ. দ্র কতক।

কত্থক /কত্থক্/ [হি.] বি. উত্তরভারতে প্রচলিত উচ্চাঙ্গের নৃত্যশৈলীবিশেষ।

কথক /কথোক্/ [স. √কথ্+অক] বি. ১ পুরাণাদি গ্রন্থের ব্যাখ্যাকার। ২ বক্তা।

কথকঠাকুর /কথোক্ঠাকুর্/ [স. কথক+ঠাকুর] বি. পুরাণাদি গ্রন্থের পাঠক ও ব্যাখ্যাকার ব্রাহ্মণ।

কথকতা /কথোকতা/ [স. কথক+তা] বি. ১ পুরাণ পাঠ ও ব্যাখ্যা। ২ কথকবৃত্তি।

কথঞ্চিৎ /কথোন্চিত্/ [স. কথম্+চিৎ] ক্রিবিণ. কোনো মতে, কোনো প্রকারে। বিণ. সামান্য কিছু।

কথন /কথোন্/ [স. √কথ্+অন] বি. বচন, কথা, উক্তি; ভাষণ; বিবৃতি।

কথনীয় /কথোনিয়ো/ [স. √কথ্+অনীয়] বিণ. বলা যায় বা বলা উচিত এমন; বাচ্য।

কথনেচ্ছা /কথোনেচ্ছা/ [স. কথন+ইচ্ছা] বি. বলার স্পৃহা।

কথা /কথা/ [স. √কথ্+অ+আ (টাপ্)] বি. ১ উক্তি, বচন। ২ কাহিনি, গল্প, আখ্যান (*মহাভারতের কথা অমৃত সমান*)। ৩ মত, অভিমত (*এটি আমার কথা*)। ৪ প্রসঙ্গ, বিষয় (*অবান্তর কথা*)। ৫ প্রতিশ্রুতি (*কথা দেওয়া*)। ৬ আলাপ (*এ বিষয়ে তার সঙ্গে কথা হয়নি*)। ৭ পরামর্শ; প্ররোচনা (*তোমার কথায় আমি এই দায়িত্ব নিয়েছি*)। ৮ তিরস্কার, কটুবাক্য (*ওকে দুই কথা শুনিয়ে দিয়েছি*)। ৯ ব্যাপার (*যে-সে কথা নয়*)। ১০ বাধ্য-বাধকতা (*যেতেই হবে এমন কোনো কথা নেই*)। ১১ ওজর, কৈফিয়ত (*ভুল হলে কোনো কথা শুনব না*)। ১২ কল্পনাধর্মী বর্ণনা (*কথা-সাহিত্য*)। ১৩ আদেশ, নির্দেশ (*বাবার কথা ফেলতে পারব না*)। ১৪ প্রবাদ (*কথায় বলে অল্প বিদ্যা ভয়ংকরী*)। ১৫ চুক্তি (*কথা ছিল একসঙ্গে যাব*)। ১৬ সাধ, আকাঙ্ক্ষা, অভিলাষ (*আমার মনের কথা কেউ বোঝে না*)। ১৭ খবর, তথ্য (*এই কথা সর্বত্র ছড়িয়ে গেছে*)। ১৮ বাণী (*হাদিসের কথা*)। ১৯ স্থির সিদ্ধান্ত, দৃঢ় মত (*এই বিষয়ে এটা তার শেষ কথা*)। ২০ ভাষা (*কথার বাঁধুনি*)। ২১ ফ্যাঁকড়া, গোলমাল (*এর মধ্যে নিশ্চয়ই কোনো কথা আছে*)। ২২ কেবল মুখের বাক্য (*শুকনো কথায় চিড়ে ভিজবে না*)।

কথাকলি /কথাকোলি/ [স. কথা+কলি] বি. পৌরাণিক যুদ্ধের কাহিনি অবলম্বনে সৃষ্ট ভারতীয় নৃত্যশৈলী।

কথা কাটা /কথা কাটা/ ক্রিবি. যুক্তি দিয়ে কোনো মত খণ্ডন করা।

কথা কাটাকাটি /কথা কাটাকাটি/ বি. বাদানুবাদ।

কথা চালা /কথা চালা/ ক্রিবি. এক কান থেকে অন্য কানে সংবাদ রটনা করা।

কথা চালাচালি /কথা চালাচালি/ বি. কথা বা গুজব রটনা।

কথা দেওয়া /কথা দেওআ/ ক্রিবি. প্রতিশ্রুতি দেওয়া, অঙ্গীকার করা।

কথান্তর /কথান্তর্/ [স. কথা+অন্তর] বি. ১ বাগ্-বিতণ্ডা, বাদপ্রতিবাদ, বচসা। ২ মতান্তর।

কথা পাড়া /কথা পাড়া/ ক্রিবি. প্রসঙ্গ উত্থাপন করা।

কথা ফেলা /কথা ফেলা/ ক্রিবি. কথা অগ্রাহ্য করা।

কথা ফোটা /কথা ফোটা/ ক্রিবি. বাক্স্ফুরণ হওয়া।

কথা বাড়ানো /কথা বাড়ানো/ ক্রিবি. তর্কবিতর্ক প্রলম্বিত করা; সামান্য বিষয়কে দীর্ঘায়িত করা।

কথাবার্তা /কথাবার্তা/ [স. কথা+বার্তা] বি. কথোপ-কথন, বাক্যালাপ।

কথামাত্র /কথামাত্রো/ [স. কথা+মাত্র] বিণ. বাক্-সর্বস্ব; অন্তঃসারশূন্য।

কথার তুবড়ি /কথার তুবড়ি/ বি. অনর্গল কথার তোড়।

কথারম্ভ /কথারম্ভো/ [স. কথা+আ+√রভ্+অ] বি. প্রসঙ্গের অবতারণ, প্রসঙ্গের আনুষ্ঠানিক সূচনা।

কথাশিল্পী /কথাশিল্পি/ [স. কথা+শিল্প+ইন্] বি. কাহিনিকার, উপন্যাস রচয়িতা।

কথা শোনা /কথা শোনা/ ক্রিবি. কথা মান্য করা।

কথা সরা /কথা সরা/ ক্রিবি. বাক্স্ফূর্তি হওয়া।

কথাসাহিত্য /কথাশাহিত্তো/ [স. কথা+সাহিত্য] বি. গল্প উপন্যাস প্রভৃতি সাহিত্য।

কথিকা /কথিকা/ [স. কথা+ইকা] বি. নির্দিষ্ট পরিসরে বর্ণনাত্মক রচনা।

কথিত /কথিতো/ [স. √কথ্+ত] বিণ. বিবৃত, উক্ত।

কথোপকথন /কথোপোকথোন্/ [স. কথা+উপকথন] বি. বাক্যালাপ, কথাবার্তা, আলাপ-আলোচনা।

কথ্য /কত্থো/ [স. √কথ্+য] বিণ. ১ লিখিত নয় এমন, কথনীয়, কথনযোগ্য। ২ (বাংলায়) কথায়

www.pathagar.com

ব্যবহৃত (*কথ্য ভাষা*)।

কদ /কদ্/ [আ.] বি. দেহ, শরীর।

কদক্ষর /কদোক্‌খোর/ [স. কু+অক্ষর] বি. দুর্বোধ্য হস্তাক্ষর। বিণ. অসুন্দর ও দুষ্পাঠ্য।

কদগ্নি /কদোগ্‌নি/ [স. কু+√অগ্+নি] বি. ১ নিভে আসছে এমন আগুন। ২ অগ্নিমান্দ্য, অজীর্ণরোগ।

কদন্ন /কদন্‌নো/ [স. কু+√অদ্+ত] বি. ১ কুখাদ্য, অখাদ্য। ২ আহারের অযোগ্য অন্ন। ৩ বাসিভাত।

কদভ্যাস /কদোব্‌ভাশ্/ [স. কু+অভ্যাস] বি. মন্দ অভ্যাস, খারাপ অভ্যাস, কুঅভ্যাস।

কদম[১] /কদোম/ [স. কদম্ব >] বি. বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে সর্বত্র দেখা যায় এবং বর্ষাকালে ফোটে এমন অসংখ্য পুষ্পমঞ্জরিসংবলিত গোলাকার সাদাটে হলুদাভ মৃদুগন্ধ ফুল বা তার দ্রুত বর্ধনশীল বহুশাখাবিশিষ্ট বৃক্ষ (আনি. চীন)।

কদম[২] /কদোম্/ [আ.] বি. ১ পা, চরণ। ২ পদক্ষেপ। ৩ পদচিহ্ন। ৪ অশ্বের গতিভঙ্গিবিশেষ।

কদমছাঁট /কদোম্‌ছাঁট/ [বা. কদম+হি. ছাঁট] বি. কদম ফুলের কেশরের মতো ছোটো করে মাথার চুল ছাঁটার ধরন।

কদমবুসি /কদোম্‌বুসি/ [আ. কদম্+ফা. বুসি] বি. পায়ে হাত দিয়ে সালাম করার সংস্কার, পদচুম্বন, প্রণাম।

কদমা /কদ্‌মা/ [স. কদম্ব >] বি. কদমফুলের মতো দেখতে চিনির তৈরি সাদা ও ফাঁপা নাড়ু।

কদমি /কদোমি/ [আ. কদম+ফা. ই] বি. অনুচর; অনুবর্তী।

কদম্ব[১] /কদম্‌বো/ [স. √কদি+অম্ব] বি. দ্র কদম[১]।

কদম্ব[২] /কদম্‌বো/ [স. √কদি+অম্ব] বি. ১ শ্রেণি, সমূহ, সমষ্টি। ২ আতশবাজিবিশেষ।

কদম্বকেশর /কদম্‌বোকেশর্/ [স. কদম্ব+কেশর] বি. কদমফুলের কেশর।

কদম্বরেণু /কদম্‌বোরেনু/ [স. কদম্ব+রেণু] বি. কদমফুলের পরাগ।

কদর /কদোর্/ [আ.] বি. ১ মর্যাদা। ২ সমাদর।

কদর্থ /কদর্‌থো/ [স. কু+অর্থ] বি. বিকৃত ও অনভিপ্রেত ব্যাখ্যা।

কদর্থনা /কদর্‌থোনা/ [স. √কদর্থি+অন+আ (টাপ্)] বি. ১ পীড়া, ক্লেশ। ২ অবজ্ঞা, অনাদর। ৩ নিন্দা।

কদর্থিত /কদোর্‌থিতো/ [স. √কদর্থি+ত] বিণ. ১ বিকৃত অর্থ করা হয়েছে এমন। ২ বিড়ম্বিত।

কদর্থীকৃত /কদোর্‌থিকৃতো/ [স. কদর্থ+ঈ+কৃত] বিণ. দ্র কদর্থিত।

কদর্য /কদোর্‌জো/ [স. কু+অর্য] বিণ. ১ কদাকার। ২ ঘৃণ্য; হেয়। ৩ অরুচিকর। বি. -তা/-তা/।

কদল /কদোল্/ [স. কদি+অল] বি. দ্র কদলী।

কদলী /কদোলি/ [স. কদল+ঈ] বি. ১ ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন বড়ো লম্বা ও সবুজ পাতাবিশিষ্ট একবীজপত্রী ওষধি উদ্ভিদ বা তার পুষ্টিকর ফল (পাকলে হলুদ হয়ে যায়), রম্ভা। ২ কাঁচকলা (কাঁচা অবস্থায় রেঁধে খাওয়া যায়)।

কদলীকুসুম /কদোলিকুশুম্/ [স. কদলী+কুসুম] বি. কলাগাছের ফুল যা সবজি হিসেবেও রেঁধে খাওয়া যায়, মোচা।

কদলীদণ্ড /কদোলিদন্‌ডো/ [স. কদলী+√দণ্ড্+অ] বি. কলাগাছের কাণ্ডের মজ্জা যা সবজিরূপে রেঁধে খাওয়া হয়, থোড়।

কদাকার /কদাকার্/ [স. কু+আকার] বিণ. কুৎসিত আকৃতিবিশিষ্ট, বেঢপ।

কদাচ /কদাচো/ [স. কদাচন >] অব্য. ১ কদাচিৎ, ক্বচিৎ। ২ কদাপি। ক্রিবিণ. কখনো কখনো।

কদাচরণ /কদাচরন্/ [স. কৎ+আচরণ] বি. অমার্জিত আচরণ।

কদাচার /কদাচার্/ [স. কৎ+আচার] বি. দ্র কদাচরণ।

কদাচারী /কদাচারি/ [স. কদাচার+ইন্] বিণ. অমার্জিত আচরণ করে এমন।

কদাচিৎ /কদাচিত্/ [স. কদা+চিৎ] অব্য. ক্রিবিণ. দৈবাৎ, কখনো কখনো, কদাচ।

কদাপি /কদাপি/ [স. কদা+অপি] অব্য. ক্রিবিণ. কখনো, কোনোকালে; কক্ষনো, কখনোই, কদাচ।

কদাহার /কদাহার্/ [স. কৎ+আহার] বি. কুখাদ্য বা অখাদ্য গ্রহণ।

কদিন /কদিন্/ [বা.] ক্রিবিণ. কতদিন, কয়েকদিন।

কদু /কোদু/ [ফা.] বি. সবজি হিসেবে রেঁধে খাওয়া হয় এমন বড়ো পাতা ও সাদা ফুলবিশিষ্ট লতানে উদ্ভিদের বৃহদাকার লম্বাটে (বা গোলাকৃতি) সবুজ ফল (আনি. আফ্রিকা), লাউ, অলাবু।

কদুক্তি /কদুক্‌তি/ [স. কৎ+উক্তি] বি. কটূবাক্য, গালিগালাজ, দুর্বাক্য, অশালীন উক্তি।

কদুত্তর /কদুত্‌তর্/ [স. কৎ+উত্তর] বি. রূঢ় উত্তর; মন্দ উত্তর, কটু উক্তি।

কদুষ্ণ /কদুশ্‌নো/ [স. কৎ+উষ্ণ] বিণ. ঈষদুষ্ণ, কবোষ্ণ, কুসুম গরম, অল্প গরম।

কদ্দিন /কদ্‌দিন্/ [বা.] ক্রিবিণ. দ্র কদিন।

কনক /কনোক্/ [স. √কন্+অক] বি. ১ স্বর্ণ, সোনা।

www.pathagar.com

২ গম। ৩ (বাংলায়) মোহর। বিণ. স্বর্ণবর্ণ, সোনার মতো উজ্জ্বল; প্রভাময়, দ্যুতিমান।

কনককদলী /কনোক্‌কদোলি/ [স. কনক+কদলী] বি. সোনালি রঙের কলা।

কনকচাঁপা /কনোক্‌চাঁপা/ [স. কনক+বা. চাঁপা] বি. এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে গ্রীষ্মকালে ফোটে এমন মাঝারি আকৃতির গুচ্ছবদ্ধ হলুদ সুগন্ধ ফুল বা তার মসৃণ কাণ্ড ও ধূসর বাকলবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ (আনি. মিয়ানমার শ্রীলঙ্কা ও দক্ষিণ ভারত), স্বর্ণচাঁপা।

কনকচূড় /কনোক্‌চুড়/ [স. কনক+বা. চূড়] বি. ১ সোনালি ধানবিশেষ। ২ সোনার তৈরি শিরোভূষণ। ৩ যে অলংকারের শীর্ষদেশ সোনায় মোড়া।

কনকদণ্ড /কনোক্‌দন্‌ডো/ [স. কনক+√দণ্ড্‌+অ] বি. সোনার তৈরি দণ্ড।

কনকধুতুরা /কনোক্‌ধুতুরা/ [স. কনক+বা. ধুতুরা] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্ত ও গ্রীষ্মকালে ফোটে এমন পাঁচটি সোনালি পাপড়ি-বিশিষ্ট ঘণ্টাকৃতি সুগন্ধ ফুল বিষাক্ত বীজযুক্ত ফল বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. উত্তর আমেরিকা)।

কনকন /কন্‌কন্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. অত্যন্ত ঠান্ডা বা তীব্র যন্ত্রণার অনুভূতি।

কনকনানি /কন্‌কনানি/ [বা.] বি. তীব্র ব্যথা বা কনকন করার অনুভূতি।

কনকনে /কন্‌কোনে/ [বা.] বিণ. অত্যন্ত ঠান্ডা বা তীব্র যন্ত্রণার অনুভূতিযুক্ত।

কনকপ্রভ /কনোক্‌প্রোভো/ [স. কনক+প্র+√ভা+অ] বিণ. সোনার মতো দ্যুতিময়।

কনকপ্রভা /কনোক্‌প্রোভা/ [স. কনক+প্র+√ভা+অ+আ (টাপ্‌)] বি. সোনার দ্যুতি বা আভা।

কনকময় /কনোক্‌ময়/ [স. কনক+ময়ট্‌] বিণ. স্বর্ণনির্মিত, সুবর্ণময়।

কনকমুকুট /কনোক্‌মুকুট/ [স. কনক+মুকুট] বি. সোনার মুকুট।

কনকরঞ্জিত /কনোক্‌রোন্‌জিতো/ [স. কনক+√রঞ্জ্‌+ত] বিণ. সোনার জলে গিলটি করা হয়েছে এমন; সোনালি রঙে রাঙানো।

কনকরস /কনোক্‌রশ/ [স. কনক+রস] বি. পারদ ও আর্সেনিকের মিশ্রণজাত বিষাক্ত হলুদ পদার্থ, হরিতাল।

কনকরেণু /কনোক্‌রেনু/ [স. কনক+রেণু] বি. চূর্ণাকার স্বর্ণ।

কনকলতা /কনোক্‌লতা/ [স. কনক+লতা] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখা-প্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি রঙের পরজীবী লতানে উদ্ভিদ, স্বর্ণলতা, আলোকলতা, জ্যোতিষ্মতী।

কনকসূত্র /কনোক্‌শুত্রো/ [স. কনক+সূত্র] বি. সোনার তার, স্বর্ণসূত্র।

কনকাচল /কনোকাচল/ [স. কনক+অচল] বি. সুমেরু পর্বত।

কনকাঞ্জলি /কনোকান্‌জোলি/ [স. কনক+অঞ্জলি] বি. মাঙ্গলিক ক্রিয়াকর্মে অঞ্জলিপূর্ণ স্বর্ণ প্রদানের সংস্কার।

কনটেইনার /কন্‌টেইনার/ [ই.] বি. সড়ক রেল বা জলপথে পরিবহণের জন্য দ্রুত পণ্য বোঝাই ও খালাসের সুবিধার্থে ব্যবহৃত প্রমিত মাপের ধাতব আধারবিশেষ, container।

কনট্রাক্ট /কন্‌ট্র্যাক্ট/ [ই.] বি. দুই বা ততোধিক ব্যক্তি বা পক্ষের মধ্যে শর্তযুক্ত লিখিত চুক্তি, ঠিকা, contract।

কনট্রাক্টর /কন্‌ট্র্যাক্টার/ [ই.] বি. যে ব্যক্তি বা প্রতিষ্ঠান চুক্তিপত্রে বর্ণিত শর্তানুসারে অর্থের বিনিময়ে নির্দিষ্ট সময়ের মধ্যে বিশেষ কোনো পণ্য সরবরাহ বা কর্ম সম্পাদনের দায়িত্ব গ্রহণ করে, ঠিকাদার।

কনফারেন্স /কন্‌ফারেন্‌স/ [ই. conference] বি. ১ জরুরি বিষয়ের আলোচনা-অনুষ্ঠান; কেন্দ্রীয় পর্ষদের বার্ষিক আলোচনাসভা। ২ পণ্য পরিবহণের জন্য জাহাজমালিকদের সংঘ। ৩ তথ্য বা মত বিনিময়ের উদ্দেশ্যে একত্রে একাধিক টেলিফোন বা কম্পিউটারের মধ্যে সংযোগসাধন।

কনভোকেশন /কন্‌ভোকেশন/ [ই.] বি. বিশ্ব-বিদ্যালয়ের ডিগ্রি বা উপাধি প্রদানের উদ্দেশ্যে আয়োজিত বিশেষ সভা, সমাবর্তন, convocation।

কনসার্ট /কন্‌সার্ট/ [ফ.] বি. সম্মিলিত সুর, বৃন্দ-বাদন, একাধিক বাদ্যযন্ত্রের সমবেত বাদন; একাধিক কণ্ঠে সমস্বরে গায়ন, concert।

কনসালট্যান্ট /কন্‌সাল্‌ট্যান্ট/ [ই.] বি. যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কোনো বিশেষায়িত বিষয়ে পরামর্শ দেয়, পরামর্শক, consultant।

কনস্টেবল /কন্‌স্টেবল্‌/ [ই.] বি. পুলিশ বিভাগের মাঠ পর্যায়ের কর্মী, constable।

কনিষ্ক /কোনিশ্‌কো/ [ব্যক্তি.] বি. খ্রিষ্টীয় প্রথম শতকের শকবংশীয় রাজা ও শকাব্দের প্রবর্তক।

www.pathagar.com

কনিষ্ঠ /কোনিশ্‌ঠো/ [স. যুবন্+ইষ্ঠ] বিণ. সকলের ছোটো; বয়সে ছোটো; অনুজ।

কনিষ্ঠা /কোনিশ্‌ঠা/ [স. কনিষ্ঠ+আ (টাপ্)] বিণ. অনুজা; বয়সে ছোটো; সকলের ছোটো। বি. হাত ও পায়ের কড়ে আঙুল।

কনীনিকা /কোনিনিকা/ [স. √কন্+ঈন+কন্+আ (টাপ্)] বি. ১ চোখের তারা। ২ কনিষ্ঠাঙ্গুলি, কড়ে আঙুল। ৩ ছোটো বোন।

কনীয়সী /কোনিয়োশি/ [স. যুবন্+ঈয়স্+ঈ] বিণ. কনিষ্ঠা। বি. অল্পবয়স্কা নারী।

কনীয়ান /কোনিয়ান/ [স. যুবন্+ঈয়স্] বিণ. ১ দুইয়ের মধ্যে ছোটো বা অল্পবয়স্ক। ২ অতি ক্ষুদ্র।

কনুই /কোনুই/ [স. কফোণি >] বি. বাহু ও হাতের সন্ধিস্থলের বাইরের দিক, elbow।

কনে /কোনে/ [স. কন্যা >] বি. বিবাহের পাত্রী; বিবাহযোগ্য কন্যা; নববধূ, নববিবাহিত কন্যা।

কনেচন্দন /কোনেচন্‌দন/ [বা. কনে+স. চন্দন] বি. বিবাহে কনের মুখ চন্দন দিয়ে চিত্রিতকরণ।

কনেদেখা /কোনেদ্যাখা/ [বা.] বি. বিবাহের পূর্বে পাত্রপক্ষ কর্তৃক পাত্রী দেখার সংস্কার।

কনেদেখা-আলো /কোনেদ্যাখাআলো/ [বা.] বি. গোধূলির মৃদু সোনালি আলো, যে আলোতে সবকিছু সুন্দর দেখায়।

কনেবউ /কোনেবোউ/ [বা.] বি. ১ নববিবাহিত বধূ। ২ বালিকাবধূ। ৩ লজ্জাশীলা বধূ। বিণ. নববধূর মতো লজ্জাশীলা বা ব্রীড়াময়ী।

কন্ডাক্টর /কন্‌ডাক্‌টার/ [ই. conductor] বি. ১ ট্রাম বাস ট্রেন প্রভৃতি পরিবহণে টিকিট পরীক্ষণ ও তত্ত্বাবধানের দায়িত্বে নিয়োজিত কর্মী। ২ বৃন্দ-বাদনের পরিচালক। ৩ (পদার্থ.) তাপ বা বিদ্যুৎ পরিবাহী বস্তু।

কন্ডোম /কন্‌ডোম/ [ই.] বি. সংগমকালে যৌনবাহিত রোগ বা জন্ম নিরোধের উদ্দেশ্যে পুরুষ জননেন্দ্রিয় আবৃত রাখার জন্য ব্যবহৃত ল্যাটেক্সনির্মিত বিশেষ ধরনের খাপ, condom।

কন্থা /কন্‌থা/ [স. √কম্+থন্+আ (টাপ্)] বি. শীত নিবারণের জন্য পুরানো শাড়ি প্রভৃতি একসঙ্গে সেলাই করে তৈরি নকশা তোলা চাদরবিশেষ, কাঁথা।

কন্দ /কন্‌দো/ [স. √কন্দ্+অ] বি. যে উদ্ভিদের প্রধান অংশ মাটির নিচে থাকে (আলু কচু ওল প্রভৃতি)।

কন্দমূল /কন্‌দোমুল/ [স. কন্দ+মূল] বি. (মুলা ওল শালগম প্রভৃতি) কন্দবিশিষ্ট মূল।

কন্দর /কন্‌দর/ [স. কম্+√দৃ+অ] বি. ১ অঙ্কুশ, হস্তীতাড়নদণ্ড। ২ গুহা। ৩ (বাংলায়) গহ্বর।

কন্দর্প /কন্‌দর্‌পো/ [স. কম্+দর্প] বি. মদন, কামদেব।

কন্দর্পকান্তি /কন্‌দর্‌পোকান্‌তি/ [স. কন্দর্প+√কম্+তি] বিণ. কন্দর্পের মতো সুন্দর চেহারাবিশিষ্ট।

কন্দল /কন্‌দল/ [স. √কন্দ্+অল] বি. ১ কলহ; হাতাহাতি। ২ অঙ্কুর; পত্রোদ্‌গম। ৩ কলাগাছ।

কন্দলি /কন্‌দোলি/ [স. কন্দল >] বি. কলহপটু নারী।

কন্দলিত /কন্‌দোলিতো/ [স. কন্দল+ইত] বিণ. অঙ্কুরিত, উদ্‌গত।

কন্দালিয়া /কন্‌দালিআ/ [স. কন্দল >] বিণ. ঝগড়াটে, কলহপটু, কুঁদুলে।

কন্দু /কোনদু/ [স. কম্+√দা+উ] বি. কড়াই; তাওয়া, তন্দুর।

কন্দুক /কোন্‌দুক/ [স. কন্দু+ক] বি. ১ খেলার গোলক, বল, ভাঁটা। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

কন্দুকভূমি /কোন্‌দুক্‌ভুমি/ [স. কন্দুক+ভূমি] বি. বলখেলার মাঠ।

কন্ধ /কন্‌ধো/ [স. স্কন্ধ >] বি. স্কন্ধ, কাঁধ।

কন্ধকাটা /কন্‌ধোকাটা/ [বা.] বিণ. স্কন্ধ থেকে কাটা এমন, মস্তকবিহীন। বি. ১ মস্তকবিহীন ধড়, কবন্ধ। ২ কল্পিত মুণ্ডবিহীন ভূতবিশেষ।

কন্ধর /কন্‌ধর/ [স. কম্+√ধৃ+অ] বি. স্কন্ধদেশ, কাঁধ; গ্রীবা।

কন্না /কন্‌না/ [স. করণ >] বি. করণীয় ক্রিয়া; ঘরের কাজ (*ঘরকন্না*)।

কন্নি /কোন্‌নি/ [দেশি.] বি. সিমেন্ট বালি চুন প্রভৃতির আস্তর লাগানোর জন্য রাজমিস্ত্রিদের ব্যবহার্য লোহার পাতযুক্ত সরঞ্জামবিশেষ, কর্নিক, trowel।

কন্যকা /কোন্‌নোকা/ [স. কন্যা+কন্+আ (টাপ্)] বি. কন্যা; দশমবর্ষীয়া কন্যা; অল্পবয়স্কা অবিবাহিত কন্যা।

কন্যা /কোন্‌না/ [স. √কন্+য+আ (টাপ্)] বি. ১ দুহিতা, আত্মজা, তনয়া, সুতা, নন্দিনী। ২ কুমারী বালিকা; বিবাহযোগ্য নারী। ৩ রাশিচক্রের ষষ্ঠ রাশি, Virgo।

কন্যাকর্তা /কোন্‌নাকর্‌তা/ [স. কন্যা+কর্তা] বি. বিবাহে পাত্রীপক্ষের অভিভাবক।

কন্যাকাল /কোন্‌নাকাল/ [স. কন্যা+কাল] বি. নারীর অবিবাহিত অবস্থা, বিবাহপূর্ব কুমারী অবস্থা।

কন্যাকুমারী /কোন্‌নাকুমারি/ [স. কন্যা+কুমারী] বি.

www.pathagar.com

ভারতের দক্ষিণপ্রান্তে অবস্থিত কুমারিকা অন্তরীপ, Cape Comorin।

কন্যাদান /কোন্নাদান্/ [স. কন্যা+দান] বি. ১ বিবাহে আনুষ্ঠানিকভাবে পাত্রী সম্প্রদান। ২ কন্যার বিবাহদান।

কন্যাদায় /কোন্নাদায়্/ [স. কন্যা+দায়] বি. কন্যার বিবাহ আয়োজনের দায়িত্ব।

কন্যাদায়গ্রস্ত /কোন্নাদায়্গ্রোস্তো/ [স. কন্যাদায়+গ্রস্ত] বিণ. কন্যার বিবাহদানের দায়িত্বপ্রাপ্ত।

কন্যাপক্ষ /কোন্নাপোক্‌খো/ [স. কন্যা+√পক্ষ+অ] বি. বিবাহ অনুষ্ঠানে পাত্রীপক্ষের অতিথিবৃন্দ।

কন্যাপণ /কোন্নাপন্/ [স. কন্যা+পণ] বি. বিবাহে পাত্রীপক্ষের কাছে পণরূপে পাত্রপক্ষের অবৈধ দাবি, যৌতুক।

কন্যাভাগ্য /কোন্নাভাগ্‌গো/ [স. কন্যা+ভাগ্য] বি. কন্যাসন্তান-লাভরূপ ভাগ্য।

কন্যাযাত্র /কোন্নাজাত্‌ত্রো/ [স. কন্যা+√যা+ত্র] বি. বিবাহ উপলক্ষ্যে পাত্রপক্ষের গৃহে আমন্ত্রিত কন্যা-পক্ষের অতিথি।

কন্যাযাত্রী /কোন্নাজাত্‌ত্রি/ [স. কন্যাযাত্র+ঈ] বি. বিবাহে আমন্ত্রিত কন্যাপক্ষের অতিথি।

কন্যারত্ন /কোন্নারত্নো/ [স. কন্যা+√রম্+ন] বি. ১ রত্নসম প্রিয় কন্যা, আদরিণী কন্যা। ২ শ্রেষ্ঠ নারী।

কন্যারাশি /কোন্নারাশি/ [স. কন্যা+রাশি] বি. রাশি-চক্রের ষষ্ঠ রাশি, Virgo।

কন্যাসুন্দর-আলো /কোন্নাশুন্দর্‌আলো/ [স. কন্যাসুন্দর+আলো] বি. কনেদেখা আলো, গোধূলির মৃদু সোনালি আলো।

কপ /কপ্/ [ধ্বন্যা.] অব্য. চোখের নিমেষে মুখে পুরে ফেলার অনুকার শব্দ (*কপ করে গিলে ফেলা*)।

কপ কপ /কপ্ কপ্/ অব্য. বারবার মুখে পোরার অনুকার শব্দ (*কপ কপ করে খাওয়া*)।

কপচানো /কপ্‌চানো/ [বা.] ক্রিবি. ১ অর্থ না বুঝে বাঁধা বুলি উচ্চারণ করা। ২ অনর্থক কথা বলা। ৩ মুখস্থ করার জন্য একই পাঠ বারবার আওড়ানো।

কপট /কপোট্/ [স. √কপ্+অট] বিণ. ১ প্রতারক, শঠ, মিথ্যাচারী; ভণ্ড। ২ পরিচয় গোপনকারী; ছদ্মবেশী। ৩ কৃত্রিম। ৪ (বাংলায়) ছলপূর্ণ।

কপটচারী /কপোট্‌চারি/ [স. কপট+√চর্+ইন্] বিণ. ১ শঠ, ধূর্ত, প্রবঞ্চক, প্রতারক। ২ ছদ্মবেশী। স্ত্রী. কপটচারিণী /কপোট্‌চারিনি/।

কপটতা /কপোটতা/ [স. কপট+তা] বি. শঠতা, প্রতারণা।

কপটপ্রণয় /কপোট্‌প্রোনয়্/ [স. কপট+প্রণয়] বি. ভালোবাসার অভিনয়, কৃত্রিম প্রণয়।

কপটাচরণ /কপোটাচরন্/ [স. কপট+আচরণ] বি. চাতুরীপূর্ণ আচরণ, ছলনা, প্রতারণা; মিথ্যাচার।

কপটাচার /কপোটাচার্/ [স. কপট+আচার] বি. কপট আচরণ।

কপটাচারী /কপোটাচারি/ [স. কপটাচার+ইন্] বিণ. ১ ধূর্ত, মিথ্যাচারী, ঠক। ২ ছদ্মবেশী। স্ত্রী. কপটাচারিণী /কপোটাচারিনি/।

কপটী /কপোটি/ [স. কপট+ইন্] বিণ. প্রবঞ্চক, প্রতারক, শঠ। স্ত্রী. কপটিনী /কপোটিনি/।

কপনি /কোপ্‌নি/ [স. কৌপীন >] বি. কৌপীন; নেংটি, ল্যাঙট, চীরবসন।

কপর্দ /কপর্‌দো/ [স. ক+√পৃ+দ] বি. ১ শিবের জটা। ২ শঙ্খসদৃশ সামুদ্রিক কীটবিশেষ, কড়ি।

কপর্দক /কপর্‌দক্/ [স. কপর্দ+ক (স্বার্থে)] বি. ১ (অধুনালুপ্ত) মুদ্রারূপে ব্যবহৃত কড়ি। ২ প্রাচীন মুদ্রার ক্ষুদ্রতম ভাগ।

কপর্দকশূন্য /কপর্‌দক্‌শুন্নো/ [স. কপর্দক+√স্বন্+য] বিণ. নিঃসম্বল।

কপর্দকহীন /কপর্‌দক্‌হিন্/ [স. কপর্দক+হীন] বিণ. দ্র কপর্দকশূন্য।

কপর্দিনী /কপোর্‌দিনি/ [স. কপর্দ+ইন্+ঈ] বি. শিবপত্নী, পার্বতী।

কপর্দী /কপোর্‌দি/ [স. কপর্দ+ইন্] বি. শিব, মহাদেব।

কপাকপ /কপাকপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্রুত মুখে পুরে খাওয়ার অনুকার শব্দ। ক্রিবিণ. কপ কপ করে।

কপাট /কপাট্/ [স. ক+√পাটি+অ] বি. ১ দরজার পাল্লা। ২ আবরণ। ৩ (বাংলায়) ভয় পাওয়ার ফলে ওপর ও নিচের চোয়ালের দৃঢ় সংযোগ।

কপাটক /কপাটক্/ [স. কপাট+অক] বি. হৃৎপিন্ডের যে কপাট রক্তপ্রবাহ কেবল একদিকে চলতে দেয়; (পরি.) heart valve।

কপাটি /কপাটি/ [স. কপাট >] বি. ১ ভয় পাওয়ার ফলে ওপর ও নিচের চোয়ালের আটকে যাওয়া অবস্থা। ২ হাডুডু খেলা।

কপাৎ /কপাত্/ [ধ্বন্যা.] অব্য. খাদ্যবস্তু মুখে পোরার সঙ্গে সঙ্গে গিলে ফেলার অনুকার শব্দ।

কপাল /কপাল্/ [স. ক+√পালি+অ] বি. ১ উচ্চতর

www.pathagar.com

স্তরের মেরুদণ্ডী প্রাণীর ভ্রূ ও মাথার মধ্যবর্তী অংশ, ললাট। ২ (আল.) ভাগ্য, অদৃষ্ট। ৩ কলসির খাপরা। ৪ ভিক্ষাপাত্র।

কপালক্রমে /কপাল্ক্রোমে/ [স. কপালক্রম+বা. এ] ক্রিবিণ. ভাগ্যক্রমে, ভাগ্যবশত।

কপালগুণে /কপালগুনে/ [স. কপালগুণ+বা. এ] ক্রিবিণ. ১ ভাগ্যের জোরে। ২ দুর্ভাগ্যবশত।

কপাল চাপড়ানো /কপাল্ চাপ্ড়ানো/ ক্রিবি. ভাগ্যকে দোষারোপ করে দুঃখ প্রকাশ করা; নিজের ভুলের জন্য অনুশোচনা করা।

কপালজোর /কপাল্জোর্/ [স. কপাল+ফা. জোর] বি. ভাগ্যের আনুকূল্য।

কপাল ঠোকা /কপাল্ ঠোকা/ ক্রিবি. ১ প্রণাম করা। ২ মাথা ঠোকা। ৩ পরিণাম সম্পর্কে চিন্তা না করে মরিয়া হয়ে কাজে নেমে পড়া।

কপাল পোড়া /কপাল্ পোড়া/ ক্রিবি. সৌভাগ্য নষ্ট হওয়া; দুর্ভাগ্যজনক কিছু ঘটা। বিণ. হতভাগ্য।

কপাল ফেরা /কপাল্ ফেরা/ ক্রিবি. অবস্থার উন্নতি হওয়া, সৌভাগ্যের সূচনা হওয়া।

কপাল ভাঙা /কপাল্ ভাঙা/ ক্রিবি. দুর্ভাগ্যের কবলে পড়া। বিণ. ভাগ্যহত।

কপালমালা /কপাল্মালা/ [স. কপাল+মালা] বি. নরমুণ্ডের মালা।

কপালমালী /কপাল্মালি/ [স. কপালমালা+ইন্] বিণ. নরমুণ্ডধারী। বি. শিব।

কপালি /কপালি/ [স. ক+√পালি+ই] বি. ১ চৌকাঠের মাথার কাঠ, ঝনকাঠ। ২ শীতকালে রস সংগ্রহের উদ্দেশ্যে খেজুরগাছের যে স্থানে কলসি ঝুলিয়ে রাখা হয়। ৩ শনের দড়ি তৈরি ও বিক্রয় যার পেশা। ৪ বাঙালি জাতিবিশেষ।

কপালিনী /কপালিনি/ [স. কপাল+ইন্+ঈ] বিণ. ১ কপালধারিণী। ২ (বাংলায়) ভাগ্যবতী। বি. কালিকাদেবী।

কপালী /কপালি/ [স. কপাল+ইন্] বিণ. ভাগ্যবান। বি. ১ শিব। ২ সম্প্রদায়বিশেষ। ৩ ভাগ্য গণনাকারী।

কপালে /কপালে/ [স. কপাল+বা. এ] বিণ. সৌভাগ্যের অধিকারী, ভাগ্যবান।

কপি[১] /কোপি/ [পো.] বি. ১ বাঁধাকপি, cabbage। ২ ফুলকপি, cauliflower। ৩ ওলকপি।

কপি[২] /কোপি/ [স. √কম্প্+ই] বি. গ্রীষ্ম ও উপগ্রীষ্ম মণ্ডলীয় বনাঞ্চলে বিচরণকারী লম্বা লেজ ও লোমাবৃত দেহাবরণবিশিষ্ট প্রাইমেটবর্গের মাঝারি আকৃতির স্তন্যপায়ী সামাজিক প্রাণী, বানর, বাঁদর, শাখামৃগ, মর্কট।

কপি[৩] /কোপি/ [দেশি.] বি. দ্র কপিকল।

কপি[৪] /কপি/ [ই.] বি. ১ প্রতিলিপি, হুবহু অনুলিপি, নকল। ২ মুদ্রণের জন্য প্রস্তুত পাণ্ডুলিপি, copy।

কপিকল /কোপিকল্/ [দেশি.] বি. কোনো নির্দিষ্ট দণ্ড থেকে ঝোলানো চাকার খাঁজে দড়ি (বা শেকল) পরিয়ে সেই দড়ি টেনে ভারী বস্তু সহজে ওপরে তোলার সরঞ্জামবিশেষ, যন্ত্রচক্র, pulley।

কপিঞ্জল /কোপিন্জল্/ [স. ক+√পিনজ্+অল] বি. ১ চাতকপাখি। ২ তিতির পাখি। ৩ মুনিবিশেষ।

কপিত্থ /কোপিত্থো/ [স. কপি+√স্থা+অ] বি. বর্ষাকালে ফোটে এমন সাদা ফুল ও ধূসরবর্ণের কঠিন খোলসাবৃত বেলসদৃশ ছোটো অম্লস্বাদ ফল বা তার বৃহদাকার পত্রমোচী বৃক্ষ (আনি. ভারত ও বাংলাদেশ), কতবেল, কয়েতবেল।

কপিধ্বজ /কোপিদ্ধ্বজ্/ [স. কপি+ধ্বজ] বি. যাঁর পতাকায় হনুমানের প্রতিকৃতি অঙ্কিত আছে, অর্জুন।

কপিনাস /কোপিনাশ্/ [স. কপি+নাসা] বি. হনুমানের নাকসদৃশ বাদ্যযন্ত্রবিশেষ।

কপিরাইট /কপিরাইট্/ [ই.] বি. প্রকাশিত রচনা বা শিল্পকর্মের স্বত্ব, গ্রন্থস্বত্ব, copyright।

কপিল /কোপিল্/ [স. কপি+ল] বি. ১ পিঙ্গলবর্ণ। ২ সাংখ্যদর্শনপ্রণেতা মুনি। বিণ. পিঙ্গলবর্ণবিশিষ্ট।

কপিলা /কোপিলা/ [স. কপিল+আ (টাপ্)] বি. ১ পিঙ্গলবর্ণের গাভি। ২ বকনা বাছুর। ৩ কামধেনু।

কপিলাবস্তু /কোপিলাবোস্তু/ [স্থান.] বি. নেপালের অন্তর্গত বুদ্ধের পিতৃভূমি।

কপিশ /কোপিশ্/ [স. কপি+শ] বি. পাঁশুটে রং, মেটে রং। বিণ. মেটে রংবিশিষ্ট।

কপোত /কপোত্/ [স. ক+পোত] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে ও দূরদূরান্তে বার্তাবহনের জন্য প্রশিক্ষিত করা যায় এমন শস্যভোজী ডিম্বজ ছোটো পাখিবিশেষ, পায়রা, কবুতর, পারাবত। স্ত্রী. কপোতী /কপোতি/।

কপোতপালিকা /কপোত্পালিকা/ [স. কপোত+পালিকা] বি. পায়রার খোপ।

কপোতবৃত্তি /কপোত্বৃত্তি/ [স. কপোত+√বৃৎ+তি] বি. কপোতের মতো সঞ্চয়হীন জীবিকা। বিণ. কপোতের মতো সঞ্চয়হীনভাবে জীবিকা-নির্বাহকারী।

কপোতমিথুন /কপোত্মিথুন্/ [স. কপোত+মিথুন] বি. কপোত দম্পতি, কপোত-কপোতী।

কপোতাক্ষ /কপোতাক্খো/ [স. কপোত+অক্ষি] বি.

www.pathagar.com

যশোর জেলার একটি নদ যার তীরে অবস্থিত সাগরদাঁড়ি গ্রামে কবি মাইকেল মধুসূদন দত্ত জন্মগ্রহণ করেন।

কপোতারি /কপোতারি/ [স. কপোত+অরি] বি. কপোত বা পক্ষিজাতির শত্রু, বাজপাখি।

কপোল /কপোল্/ [স. √কপ্+ওল] বি. গণ্ড, গাল।

কপোলকল্পনা /কপোল্‌কল্‌পোনা/ [স. কপোল+কল্পনা] বি. উদ্ভট ও অবাস্তব কল্পনা, অলীক বিষয় বা ঘটনার কল্পনা।

কপোলকল্পিত /কপোল্‌কোল্‌পিতো/ [স. কপোল+√কল্পি+ত] বিণ. মনগড়া, অবাস্তব ও ভিত্তিহীন।

কফ /কফ্/ [স. ক+√ফণ্+অ] বি. আয়ুর্বেদ শাস্ত্রমতে মানবদেহের তিনটি ধাতুর (বায়ু পিত্ত ও কফ) অন্যতম, শ্লেষ্মা।

কফ ওঠা /কফ্ ওঠা/ ক্রিবি. বুকে জমে থাকা কফ নির্গত হওয়া।

কফঘ্ন /কফোঘ্‌নো/ [স. কফ+√হন্+অ] বিণ. শ্লেষ্মানাশক।

কফণি /কফোনি/ [স. ক+√ফণ্+ই] বি. কনুই।

কফবর্ধক /কফ্‌বর্‌ধোক্/ [স. কফ+বর্ধক] বিণ. শ্লেষ্মার বৃদ্ধি ঘটে এমন।

কফি /কফি/ [তুর.] বি. ক্রান্তীয় অঞ্চলের পাহাড়ি এলাকায় জাত চিরহরিৎ গুল্মবিশেষ বা তার বীজ; শুকনো খোলায় ভাজা ওই বীজের চূর্ণ থেকে তৈরি বিশ্বব্যাপী জনপ্রিয় এবং জরারোধকারী (anti-oxidant) পানীয়; coffee।

কফিন /কফিন্/ [ই.] বি. যে আধারে মৃতদেহ সমাধিস্থ করা হয়, শবাধার, coffin।

কবচ /কবোচ্/ [স. √কু+অচ] বি. ১ মন্ত্রপূত মাদুলি, তাবিজ। ২ প্রতিপক্ষের আঘাত থেকে রক্ষার জন্য ব্যবহৃত বর্ম, অঙ্গাবরণ।

কবজ /কবোজ্/ [আ.] বি. ১ গ্রহণ; অধিকার। ২ সংহার (*জান কবজ*)। ৩ খাজনার রসিদ, দাখিলা। বিণ. অধিকৃত, হস্তগত।

কবজা /কব্‌জা/ [ফা.] বি. ভাঁজ করা যায় এমন ধাতুনির্মিত পাতবিশেষ যার সাহায্যে চৌকাঠে লাগানো কপাট পাল্লা প্রভৃতি সহজে খোলা বা বন্ধ করা যায়, hinge।

কবজা করা /কব্‌জা করা/ ক্রিবি. আয়ত্তে আনা; অনৈতিকভাবে দখল করে রাখা।

কবজি /কোব্‌জি/ [ফা.] বি. করতলের গোড়ার অংশ, মণিবন্ধ, wrist।

কবন্ধ /কবন্‌ধো/ [স. ক+√বন্ধ্+অ] বি. ১ মস্তকহীন দেহ। ২ রাহু। ৩ ধূমকেতু। বিণ. আকৃতিবিহীন।

কবয়ি /কবোয়ি/ [স. ক+√বয়্+ই] বি. কইমাছ।

কবর /কবোর্/ [আ.] বি. মাটির নিচে মরদেহ প্রোথিত করার স্থান, সমাধি, গোরস্থান।

কবরখানা /কবোর্‌খানা/ [আ. কবর+ফা. খানা] বি. সমাধিভূমি, কবরস্থান।

কবর দেওয়া /কবোর্ দেওআ/ ক্রিবি. ১ কবরস্থ করা, দাফন করা, মাটি দেওয়া। ২ (আল.) বিসর্জন করা, সম্পূর্ণ পরিত্যাগ করা।

কবরস্থান /কবোর্‌স্থান্/ [আ. কবর+স. স্থান] বি. যেখানে মৃতকে সমাহিত করা হয়, গোরস্থান।

কবরী /কবোরি/ [স. কবর+ঈ] বি. ১ নারীর কেশবিন্যাস; মাথার পেছনে গুচ্ছাকারে বাঁধা চুল, খোঁপা। ২ বেণি। ৩ বনতুলসী।

কবরীবন্ধ /কবোরিবন্‌ধো/ [স. কবরী+√বন্ধ্+অ] বি. বেণিবন্ধ।

কবরীভূষণ /কবোরিভূশন্/ [স. কবরী+ভূষণ] বি. খোঁপার অলংকার।

ক-বর্গ /কবর্‌গো/ বি. বাংলা বর্ণমালায় ক খ গ ঘ ঙ এই পাঁচটি বর্ণ নিয়ে গঠিত বর্গ।

কবল /কবোল্/ [স. ক+√বল্+অ] বি. ১ গ্রাস। ২ কৌশল বা বলপ্রয়োগের দ্বারা অধিকার। ৩ মুষ্টি। ৪ কুলকুচা।

কবলানো /কব্‌লানো/ [বা.] ক্রিবি. বলানো, কহানো; প্রতিশ্রুতি দেওয়া। বিণ. কবুল করা হয়েছে এমন।

কবলিত /কবোলিতো/ [স. √কবলি+ত] বিণ. ১ বলপ্রয়োগ করে হস্তগত। ২ অনৈতিকভাবে গ্রাস করা হয়েছে এমন।

কবলীকৃত /কবোলিক্‌কৃতো/ [স. কবল+ঢ়ি+কৃত] বিণ. দ্র কবলিত।

কবালা /কবালা/ [আ.] বি. ভূসম্পত্তি বিক্রয়ের দলিল (*সাফ কবালা*)।

কবি /কোবি/ [স. √কব্+ই] বি. ১ কবিতা রচয়িতা। ২ বিদ্বান। ৩ (বাংলায়) মঞ্চে দাঁড়িয়ে মুখে মুখে গান রচনা করে গাইতে পারেন এমন গায়ক (*কবিগান*)।

কবিকঙ্কণ /কবিকংকন্/ [স. কবি+কঙ্কন] বি. কাব্যপ্রতিভার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত উপাধি; চণ্ডীমঙ্গলকাব্যের প্রণেতা মুকুন্দরামের উপাধি।

কবিকণ্ঠ /কোবিকন্‌ঠো/ [স. কবি+√কণ্+ঠ] বি. কবিপ্রতিভার জন্য প্রদত্ত উপাধিবিশেষ।

কবিকল্পনা /কোবিকল্‌পোনা/ [স. কবি+কল্পনা] বি. ১ কবিসুলভ কল্পনা। ২ কবির মানসলোক, কবির

www.pathagar.com

মনোজগৎ। ৩ অবাস্তব ও মনগড়া কথা।

কবিকুল /কোবিকুল্/ [স. কবি+√কুল্+অ] বি. কবি সম্প্রদায়।

কবিগান /কোবিগান্/ [স. কবি+গান] বি. কবিসভায় শ্রোতাদের উপস্থিতিতে কবিদের বাদপ্রতিবাদকালে তাৎক্ষণিকভাবে রচিত ও সুরারোপিত গান।

কবিগুরু /কোবিগুরু/ [স. কবি+√গু+উ] বি. ১ সংস্কৃত ভাষার আদিকবি বাল্মীকি। ২ কবিদের গুরু। ৩ রবীন্দ্রনাথ ঠাকুরকে প্রদত্ত উপাধি।

কবিজনোচিত /কোবিজনোচিতো/ [স. কবিজন+উচিত] বিণ. কবিসুলভ।

কবিতা /কোবিতা/ [স. কবি+তা] বি. ছন্দবদ্ধ রচনা, পদ্য; শ্লোক; কাব্য।

কবিত্ব /কোবিত্তো/ [স. কবি+ত্ব] বি. ১ কবিতা রচনার শক্তি; কবিতা রচনার অনুকূল ভাব বা কল্পনা। ২ কল্পনার সৌন্দর্য। ৩ কল্পনাবিলাস।

কবিপক্ষ /কোবিপোক্‌খো/ [কবি+√পক্ষ্+অ] বি. ২৫শে বৈশাখ থেকে পক্ষকালব্যাপী কালপর্ব যখন রবীন্দ্রনাথ ঠাকুরের জন্মোৎসব পালিত হয়।

কবিপনা /কোবিপনা/ [স. কবি+বা. পনা] বি. কবিসুলভ হাবভাব।

কবিপ্রসিদ্ধি /কোবিপ্রোশিদ্‌ধি/ [স. কবি+প্র+√সিধ্+তি] বি. প্রাচীন কবি-কল্পনা যা বহুকাল ধরে অনুসৃত হয়ে এসেছে।

কবিবর /কোবিবর্/ [স. কবি+বর] বিণ. ১ প্রধান-কবি। ২ কবিগোষ্ঠীর মধ্যে শ্রেষ্ঠ।

কবিয়াল /কোবিআল/ [বা.] বি. কবিগান রচয়িতা বা গায়ক; কবিগানের দলনেতা।

কবিরত্ন /কোবিরত্নো/ [স. কবি+√রম্+ন] বি. ১ কাব্যরচনায় প্রতিভার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত উপাধি। ২ সংস্কৃত ভাষায় পাণ্ডিত্যের জন্য প্রদত্ত উপাধি। বিণ. কবিশ্রেষ্ঠ।

কবিরাজ /কোবিরাজ্/ [স. কবি+রাজন্] বি. ১ আয়ুর্বেদীয় চিকিৎসাশাস্ত্রে পারদর্শী ব্যক্তি, বৈদ্য। ২ কাব্যরচনায় প্রতিভার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত উপাধি। বিণ. কবিশ্রেষ্ঠ।

কবিরাজি /কোবিরাজি/ [স. কবিরাজ+বা. ই] বি. ১ আয়ুর্বেদীয় চিকিৎসাপদ্ধতি। ২ কবিরাজের পেশা। বিণ. কবিরাজসংক্রান্ত।

কবিলা /কোবিলা/ [আ.] বি. ১ স্ত্রী, পত্নী। ২ গোত্র। ৩ উপজাতি।

কবিশ্রেষ্ঠ /কোবিশ্রেশঠো/ [স. কবি+প্রশস্য+ইষ্ঠ] বিণ. কবিদের মধ্যে শ্রেষ্ঠ; প্রধানকবি।

কবুতর /কোবুতর্/ [ফা.] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এবং দূরদূরান্তে বার্তাবহনের জন্য প্রশিক্ষিত করা যায় এমন শস্যভোজী ডিম্বজ ছোটো পাখিবিশেষ, কপোত, পায়রা, পারাবত। স্ত্রী. **কবুতরি** /কোবুতোরি/।

কবুল /কোবুল্/ [আ.] বি. ১ সম্মতি; স্বীকৃতি; বিবাহে সম্মতি। ২ স্বীকার; অনুমোদন। ৩ দায়। বিণ. ১ অনুমোদিত। ২ স্বীকৃত।

কবুলতি /কোবুলোতি/ [আ. কবুলিয়ত >] বি. ১ অঙ্গীকারপত্র। ২ খাজনা দেওয়ার চুক্তিপত্র।

কবে[১] /কবে/ [বা.] ক্রিবি. কহিবে, বলিবে।

কবে[২] /কবে/ [বা.] ক্রিবিণ. কোন সময়ে, কখন।

কবেকার /কবেকার্/ [বা.] বিণ. ১ কোন সময়ের, কখনকার। ২ অনেক পূর্বের, বহুকালের।

কবোষ্ণ /কবোশ্‌নো/ [স. কু+উষ্ণ] বিণ. কুসুম গরম, ঈষদুষ্ণ।

কভু /কোভু/ [বা.] অব্য. কখন। ক্রিবিণ. কখনো, কোনো সময়ে; কোনোকালেও।

কম[১] /কমো/ [স. কমনীয় >] বিণ. ১ সুন্দর, মনোহর; রমণীয়। ২ কাম্য।

কম[২] /কম্/ [ফা.] বিণ. ১ সংখ্যায় বা পরিমাণে অল্প, অনধিক। ২ তুচ্ছ; হীন। ৩ দুর্বল, ক্ষীণ। ৪ অনগ্রসর।

কমজোর /কম্‌জোর্/ [ফা.] বিণ. হীনবল; ক্ষীণ।

কমজোরি /কম্‌জোরি/ [ফা.] বি. দুর্বলতা।

কমঠ /কমঠ্/ [স. √কম্+অঠ] বি. ১ কচ্ছপ, কূর্ম। ২ সন্ন্যাসীদের ব্যবহৃত কাঠের তৈরি জলপাত্রবিশেষ। ৩ বাঁশ। ৪ শজারু।

কমণ্ডলু /কমন্‌ডোলু/ [স. ক+√মন্ড্+অলু] বি. ১ সাধুসন্ন্যাসীদের ব্যবহৃত জলপাত্রবিশেষ। ২ হাতল-যুক্ত পাত্র, মগ।

কমতি /কোম্‌তি/ [ফা. কম >] বি. অল্পতা; ঘাটতি।

কমনীয় /কমোনিয়ো/ [স. √কম্+অনীয়] বিণ. ১ শোভন, স্নিগ্ধ। ২ বাঞ্ছনীয়, কাম্য।

কমনীয়তা /কমোনিয়োতা/ [স. কমনীয়+তা] বি. স্নিগ্ধতা, শোভনতা, সৌন্দর্য।

কমবখত /কম্‌বখ্‌ত্/ [ফা.] বিণ. (গালি হিসেবে ব্যবহৃত) হতভাগা; নির্বোধ।

কমবেশি /কম্‌বেশি/ [ফা.] বিণ. ন্যূনাধিক, মোটামুটি।

কমল /কমোল্/ [স. √কম্+অল] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, পদ্ম, অরবিন্দ, উৎপল, কুমুদ, lotus।

www.pathagar.com

কমল-আঁখি /কমোল্‌আঁখি/ [স. কমল+বা. আঁখি] বিণ. পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট। বি. পদ্মের মতো সুন্দর চোখ।

কমলজ /কমলোজ্‌/ [স. কমল+√জন্‌+অ] বিণ. পদ্মজাত। বি. ব্রহ্মা।

কমলযোনি /কমোল্‌জোনি/ [স. কমল+যোনি] বি. কমল অর্থাৎ পদ্ম যাঁর উৎপত্তিস্থান, ব্রহ্মা।

কমলা[১] /কমোলা/ [দেশি.] বি. উপক্রান্তীয় বা নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত উজ্জ্বল লালচে হলুদ বর্ণের গোলাকার (ওপরে ও নিচে কিঞ্চিৎ চাপা) টকমিষ্ট স্বাদযুক্ত লেবুজাতীয় ফল বা তার বহুবর্ষজীবী চিরহরিৎ বৃক্ষ, নাগরঙ্গ।

কমলা[২] /কমোলা/ [স. √কম্‌+অল+আ (টাপ্‌)] বি. ১ ধনসম্পদের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী, বিষ্ণুর পত্নী। ২ দশমহাবিদ্যার অন্যতমা।

কমলাপতি /কমোলাপোতি/ [স. কমলা+√পা+অতি] বি. লক্ষ্মীপতি বিষ্ণু।

কমলালয়া /কমোলালয়া/ [স. কমল+আলয়+আ (টাপ্‌)] বি. লক্ষ্মীদেবী, পদ্মাসনা।

কমলালেবু /কমোলালেবু/ [দেশি.] বি. দ্র **কমলা**[১]।

কমলাসন /কমোলাশোন্‌/ [স. কমল+আসন] বি. কমল যার আসন, ব্রহ্মা, পদ্মাসন।

কমলাসনা /কমোলাশোনা/ [স. কমলাসন+আ (টাপ্‌)] বি. লক্ষ্মীদেবী।

কমলিনী /কমোলিনি/ [স. কমল+ইন্‌+ঈ] বি. ১ পদ্মের ঝাড়। ২ পদ্মিনী। ৩ শ্রীরাধিকা।

কমসেকম /কম্‌সেকম্‌/ [ফা.] ক্রিবিণ. নিদেনপক্ষে, কমপক্ষে, অন্ততপক্ষে।

কমা[১] /কমা/ [লা.] বি. যতিচিহ্নবিশেষ (,), বিরামচিহ্নবিশেষ, comma।

কমা[২] /কমা/ [বা.] ক্রিবি. হ্রাস পাওয়া, কমে যাওয়া।

কমানো /কমানো/ [বা.] ক্রিবি. ১ হ্রাস করা। ২ খাটো করা। বিণ. হ্রস্বীকৃত।

কমান্ডার /কমান্‌ডার্‌/ [ই.] বি. অধিনায়ক, commander।

কমান্ডো /কমান্‌ডো/ [ই.] বি. অতর্কিত আক্রমণ চালানোর জন্য বিশেষভাবে প্রশিক্ষিত সেনাসদস্য, commando।

কমি /কোমি/ [ফা.] বি. ১ অল্পতা, কমতি, ন্যূনতা। ২ খর্বতা; হ্রাস।

কমিউনিটি /কমিউনিটি/ [ই.] বি. কোনো অঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠী, community।

কমিউনিস্ট /কমিউনিস্‌ট্‌/ [ফ.] বি. বিণ. শ্রেণিহীন সমাজব্যবস্থা বা সাম্যবাদের অনুসারী, সম্পদের উৎপাদন ও বণ্টনে জনগণের মালিকানা প্রতিষ্ঠা করে এমন সমাজব্যবস্থার অনুসারী, communist।

কমিক /কমিক্‌/ [গ্রি.] বিণ. কৌতুকপ্রদ। বি. ব্যঙ্গচিত্র বা হাস্যরসাত্মক রচনা, কৌতুক।

কমিটি /কমিটি/ [ই.] বি. বিশেষ কাজের জন্য গঠিত সমিতি, committee।

কমিশন /কমিশন্‌/ [ই.] বি. ১ নির্দিষ্ট কোনো বিষয় বিচারবিশ্লেষণ করে পরামর্শ ও সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে সরকার কর্তৃক নিয়োজিত এক বা একাধিক ব্যক্তির সমন্বয়ে গঠিত পর্ষদ। ২ ক্রয়-বিক্রয়ের দস্তুরি, ছাড়; দালালি।

কমিশনার /কমিশনার্‌/ [লা.] বি. বিভাগের প্রধান শাসক; পুরসভার সদস্য; তদন্ত কমিশনের সদস্য; commissioner।

কম্প /কম্‌পো/ [স. √কম্প্‌+অ] বি. দ্র **কম্পন**।

কম্পন /কম্‌পোন্‌/ [স. √কম্প্‌+অন] বি. স্পন্দন; শিহরন।

কম্পমান /কম্‌পোমান্‌/ [স. √কম্প্‌+মান (শানচ্‌)] বিণ. ১ কাঁপছে এমন, কম্পনযুক্ত; স্পন্দিত। ২ ঈষৎ আন্দোলনশীল। ৩ অস্থির।

কম্পাউন্ডার /কম্‌পাউন্‌ডার্‌/ [ই.] বি. ১ চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী বিভিন্ন উপাদান মিশিয়ে ওষুধ তৈরি করা যার পেশা। ২ যে ব্যক্তি বিভিন্ন উপাদান মিশিয়ে পশুখাদ্য তৈরি করে। ৩ compounder।

কম্পান্বিত /কম্‌পানিতো/ [স. কম্প+অনু+√ই+ত] বিণ. কম্পনযুক্ত; দোদুল্যমান।

কম্পাস /কম্‌পাস্‌/ [ফ.] বি. দিকনির্ণয়ের জন্য ব্যবহৃত চুম্বকশলাকা; স্বল্প দূরত্ব পরিমাপ বা বৃত্ত আঁকার কাজে ব্যবহৃত স্ক্রু দিয়ে সংযুক্ত দুটি কাঁটা; compass।

কম্পিউটার /কম্‌পিউটার্‌/ [ই.] বি. উপাত্ত সংরক্ষণ বিশ্লেষণ ও পূর্ব নির্দেশানুযায়ী পর্যায়ক্রমে দ্রুত কার্যসম্পাদনে সক্ষম বৈদ্যুতিন সরঞ্জামবিশেষ, পরিগণক, computer।

কম্পিত /কোম্‌পিতো/ [স. √কম্প্‌+ত] বিণ. কম্পনযুক্ত; শিহরিত।

কম্পোজ /কম্‌পোজ্‌/ [ই. compose] বি. ১ মুদ্রণের জন্য বর্ণবিন্যাস। ২ সুর রচনা, সুরারোপ।

কম্পোজিটর /কম্‌পোজিটার্‌/ [ই.] বি. মুদ্রণের জন্য বর্ণবিন্যাস করা যার পেশা, compositor।

কম্পোস্ট /কম্‌পোস্ট্‌/ [ফ.] বি. গোবর পাতা প্রভৃতি জৈব উপাদান পচিয়ে তৈরি সার, compost।

www.pathagar.com

কম্প্র /কম্প্রো/ [স. √কম্প্+র] বিণ. কাঁপছে এমন, কম্পনশীল; কম্পিত, স্পন্দিত।

কম্ফর্টার /কম্ফ্‌র্টার্/ [ই.] বি. পশমি গলাবন্ধ, comforter।

কম্বল /কম্‌বোল্/ [স. √কম্+অল] বি. মোটা পশমি শীতনিবারক গাত্রাবরণবিশেষ।

কম্বু/কোম্‌বু/ [স. √কম্ব্+উ] বি. শাঁখ, শঙ্খ।

কম্বুকণ্ঠ /কোম্‌বুকন্‌ঠো/ [স. কম্বু+√কণ্+ঠ] বিণ. ১ শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাবিশিষ্ট। ২ শঙ্খের মতো উচ্চ ও গম্ভীর কণ্ঠস্বরবিশিষ্ট। বি. ১ শঙ্খের মতো রেখাযুক্ত কণ্ঠ, শঙ্খের বৃত্তাকার রেখার মতো যার গ্রীবায় তিনটি ভাঁজ পড়ে। ২ যার কণ্ঠ শঙ্খধ্বনির মতো গম্ভীর।

কম্বুকণ্ঠী /কোম্‌বুকোন্‌ঠি/ [স. কম্বুকণ্ঠ+ঈ] বিণ. শঙ্খের মতো রেখাবিশিষ্ট কণ্ঠধারিণী।

কম্বুগ্রীব /কোম্‌বুগ্রিবো/ [স. কম্বু+গ্রীব] বিণ. শঙ্খের মতো রেখাযুক্ত গ্রীবাধারী। স্ত্রী. **কম্বুগ্রীবা**/কোম্‌বুগ্রিবা/।

কম্বুনিনাদ /কোম্‌বুনিনাদ্/ [স. কম্বু+নিনাদ] বি. শঙ্খের গম্ভীর ধ্বনি।

কম্বুরেখা /কোম্‌বুরেখা/ [স. কম্বু+রেখা] বি. শঙ্খের গায়ের বৃত্তাকার রেখা।

কম্র /কম্‌ম্রো/ [স. √কম্+র] বিণ. ১ মনোহর, সুদর্শন, সুন্দর, কমনীয়। ২ অভিলাষী। ৩ কামুক।

কয়[১] /কয়্/ [স. কিয়ৎ >] বিণ. ১ কত (*কয়জন*)। ২ কিছু বা কতক (*কয়েকটি*)। ৩ অল্পতাবাচক।

কয়[২] /কয়্/ [স. কথয়তি >] ক্রি. কহে, বলে (*ওরা কার কথা কয় রে বনময়॥* রবীন্দ্র.)।

কয়জন /কয়্‌জন্/ [বা.] বিণ. কত সংখ্যক (ব্যক্তি-বাচক)।

কয়টা /কয়্‌টা/ [বা.] বিণ. কত সংখ্যক (*কয়টা চেয়ার*)।

কয়টি /কয়্‌টি/ [বা.] বিণ. (ছোটো বা আদরার্থে) কত সংখ্যক (*কয়টি মেয়ে*)।

কয়লা /কয়্‌লা/ [দেশি.] বি. গ্যাস আলকাতরা প্রভৃতি উৎপাদন ও জ্বালানিরূপে ব্যবহৃত হয় এমন কালো ও কঠিন খনিজ পদার্থবিশেষ, অঙ্গার।

কয়াল /কয়াল্/ [আ.] বি. ১ ক্রয়বিক্রয়কালে পণ্যদ্রব্য ওজন করার কাজে নিয়োজিত ব্যক্তি। ২ শস্য সংগ্রাহক ও মজুতদার।

কয়ালি /কয়ালি/ [ফা.] বি. কয়ালের বৃত্তি বা কয়ালের মজুরি।

কয়েক /কয়েক্/ [বা.] বিণ. কিছুসংখ্যক, কতিপয়।

কয়েকটি /কয়েক্‌টি/ [বা.] বিণ. কিছুসংখ্যক।

কয়েতবেল /কয়েত্‌বেল্/ [স. কপিত্থবিল্ব >] বি. বর্ষাকালে ফোটে এমন সাদা ফুল ও ধূসরবর্ণের কঠিন খোলসাবৃত বেলসদৃশ ছোটো অম্লস্বাদ ফল বা তার বৃহদাকার পত্রমোচী বৃক্ষ (আনি. ভারত ও বাংলাদেশ), কতবেল, কপিত্থ।

কয়েদ /কয়েদ্/ [আ.] বি. কারাদণ্ড। বিণ. আটক, আবদ্ধ, বন্দি, কারারুদ্ধ।

কয়েদখানা /কয়েদ্‌খানা/ [আ. কয়েদ+ফা. খানা] বি. কারাগার, জেলখানা, ফাটক।

কয়েদি /কয়েদি/ [ফা.] বি. কারাগারে আবদ্ধ ব্যক্তি।

কর[১] /কর্/ [স. √কৃ+অ] বি. রাজস্ব, শুল্ক, খাজনা, tax।

কর[২] /কর্/ [স. √কৃ+অ] বি. ১ হস্ত, হাত। ২ হাতির শুঁড়। ৩ কিরণ, রশ্মি (*রবির কর*)। ৪ পদবিবিশেষ।

কর[৩] /কর্/ [বা.] অনুক্রি. (অবজ্ঞায়) করার অনুজ্ঞা।

–কর[৪] /কর্/ [স. √কৃ+অ] বিণ. ১ উৎপাদক সৃজক জনক প্রভৃতি অর্থ প্রকাশ করে এমন (*কল্যাণ-কর*)। ২ স্রষ্টা, নির্মাতা (*চিত্রকর*)।

করকচি /করকোচি/ [দেশি.] বিণ. কোমল, কচি। বি. কোমল ভাব।

করকবলিত /করোকবোলিতো/ [স. কর+√কবলি+ত] বিণ. আয়ত্ত, হস্তগত।

করকমল /করোকমোল্/ [স. কর+কমল] বি. পদ্মের মতো সুন্দর ও কোমল হাত।

করকমলেষু /করোকমোলেশু/ [স. করকমল+এষু] বি. উপহার বা উৎসর্গপত্রে প্রাপকের নামের পরে প্রযুক্ত পদবিশেষ।

করকর /করকর্/ [ধ্বন্যা.] অব্য. অস্বস্তিকর অনুভূতি। বি. ক্ষুদ্র কঠিনবস্তুর সঙ্গে ঘর্ষণজনিত অনুকার শব্দ।

করকরানো /করকরানো/ [বা.] ক্রিবি. ১ করকর করা। ২ কর্কশ শব্দ করা। বিণ. শ্রুতিকটু।

করকা /করকা/ [স. √কৃ+অক্+আ (টাপ্)] বি. বৃষ্টির সঙ্গে পড়া বরফের টুকরো, শিলা।

করকাপাত /করকাপাত্/ [স. করকা+√পত্+অ] বি. শিলাবৃষ্টি, শিলাবর্ষণ।

করকোষ্ঠী /করোকোশ্‌ঠি/ [স. কর+কোষ্ঠ+ঈ] বি. ১ হাতের রেখা দেখে তৈরি কোষ্ঠী। ২ হস্তরেখা।

করগ্রহ /করোগ্‌গ্রোহো/ [স. কর+গ্রহ] বি. ১ বিবাহ, পাণিগ্রহণ। ২ রাজস্ব আদায়।

www.pathagar.com

করগ্রহণ /করোগ্‌গ্রোহোন্‌/ [স. কর+গ্রহণ] বি. দ্র করগ্রহ।

করগ্রাহক /কর্‌গ্রাহোক্‌/ [স. কর+গ্রাহক] বিণ. ১ কর বা খাজনা আদায়কারী। ২ পাণিগ্রাহী। বি. স্বামী, পতি।

করগ্রাহী /করোগ্‌গ্রাহি/ [স. কর+√গ্রহ্‌+ইন্‌] বিণ. বি. দ্র করগ্রাহক।

করঙ্ক /করোংকো/ [স. √কৃ+অঙ্ক] বি. ১ পানের ডিবা, পানের বাটা। ২ ভিক্ষাপাত্র। ৩ কৌটা। ৪ নারকেলের মালা। ৫ মাথার খুলি। ৬ জলপাত্র-বিশেষ।

করজ /করোজো/ [স. কর+√জন্‌+অ] বিণ. হস্ত-জাত। বি. ১ নখ। ২ (বাংলায়) আঙুল।

করজোড়ে /করোজোড়ে/ [স. কর+বা. জোড়ে] ক্রিবিণ. দুই হাত একত্র করে, কৃতাঞ্জলি হয়ে (*করজোড়ে ক্ষমা প্রার্থনা*)।

করঞ্জ /করোন্‌জো/ [স. ক+√রন্‌জ্‌+অ] বি. বসন্ত-কালে ফোটে এমন ছোটো সাদা ফুল এবং উপ-বৃত্তাকার বেরিজাতীয় লালচে অম্লস্বাদ ফল বা তার গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. মালয়েশিয়া), করমচা।

করঞ্জা /করোন্‌জা/ [স. করঞ্জক >] বি. দ্র করঞ্জ।

করঞ্জক /করোন্‌জক্‌/ [স. করঞ্জ+ক] বি. দ্র করঞ্জ।

করণ /করোন্‌/ [স. √কৃ+অন] বি. ১ কর্মসম্পাদন। ২ কার্যালয়। ৩ তিথির অংশবিশেষ। ৪ ইন্দ্রিয়। ৫ শরীর। ৬ জাতিবিশেষ। ৭ (ব্যা.) ক্রিয়া সম্পাদনের প্রধান সহায়ক, কারকবিশেষ।

করণকারণ /করোন্‌কারোন্‌/ [স. করণ+কারণ] বি. বিবাহে লেনদেনসংক্রান্ত সংস্কার।

করণিক /করোনিক্‌/ [স. করণ+ইক] বি. কেরানি। বিণ. অফিসের কর্মসহায়ক।

করণীয় /করোনিয়ো/ [স. √কৃ+অনীয়] বিণ. ১ করার যোগ্য, কর্তব্য। ২ (বাংলায়) বৈবাহিক সম্বন্ধ স্থাপনের উপযুক্ত।

করণ্ড /করোন্‌ডো/ [স. √কৃ+অন্ড] বি. ১ ফুলের সাজি। ২ ঝুড়ি, ঝাঁপি। ৩ মৌচাক।

করত /করতো/ [বা.] অসক্রি. করার পর, করে।

করতল /করোতল্‌/ [স. কর+তল] বি. হাতের তালু, palm।

করতলগত /করোতল্‌গতো/ [স. করতল+√গম্‌+ত] বিণ. হস্তগত, আয়ত্ত।

করতাড়ন /করোতাড়োন্‌/ [স. কর+তাড়ন] বি. হাত দিয়ে আঘাত, চাপড়।

করতাল /করোতাল্‌/ [স. কর+তাল] বি. ১ কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। ২ বড়ো মন্দিরা।

করতালি /করোতালি/ [স. কর+তালি] বি. ১ দুই করতলে পরস্পর আঘাত করে উচ্ছ্বাস বা আনন্দ প্রকাশ, হাততালি। ২ প্রশংসা, বাহবা।

করতোয়া /করোতোআ/ [স. করতোয়+অ+আ (টাপ্‌)] বি. পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের রাজশাহী বিভাগের মধ্য দিয়ে প্রবাহিত নদীবিশেষ।

করত্রাণ /করোত্‌ত্রান্‌/ [স. কর+ত্রাণ] বি. আঙুল থেকে কবজি পর্যন্ত হাতের আবরণ, হাতমোজা, দস্তানা, gloves।

করদ /করোদো/ [স. কর+√দা+অ] বিণ. কর দেয় এমন; কর দিয়ে বশ্যতা স্বীকার করে এমন (*করদরাজ্য*)।

করদাতা /কর্‌দাতা/ [স. কর+√দা+তৃ] বি. বিণ. ১ খাজনা প্রদানকারী। ২ আয়করদাতা।

করপক্ষ /করোপোক্‌খো/ [স. কর+√পক্ষ্‌+অ] বি. পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত এবং লেজ পর্যন্ত বিস্তৃত পাখাবিশিষ্ট মাঝারি আকৃতির স্তন্য-পায়ী নিশাচর (মূলত পতঙ্গভুক্‌) পাখি, বাদুড়।

করপত্র /করোপত্‌ত্রো/ [স. কর+পত্র] বি. কাঠ লোহা প্রভৃতি শক্ত বস্তু কাটার জন্য ব্যবহৃত খাঁজকাটা ইস্পাতের পাত দিয়ে তৈরি হাতিয়ার, করাত।

করপদ্ম /করোপদ্‌দো/ [স. কর+√পদ্‌+ম] বি. পদ্মের মতো সুন্দর ও কোমল হাত, করকমল।

করপল্লব /করোপল্‌লোব্‌/ [স. কর+পল্লব] বি. নব পল্লবের মতো সুন্দর ও কোমল হাত।

করপাল /করোপাল্‌/ [স. কর+√পালি+অ] বি. তরবারি, অসি।

করপীড়ন /করোপিড়ন্‌/ [স. কর+পীড়ন] বি. বিবাহ, পাণিগ্রহণ, পরিণয়।

করপুট /করোপুট্‌/ [স. কর+পুট] বি. অঞ্জলি, জোড়-হাত।

করপৃষ্ঠ /করোপৃশ্‌ঠো/ [স. কর+√পৃষ্‌+থ] বি. হাতের তালুর অপর পিঠ।

করবার /কর্‌বার্‌/ [বা.] অসক্রি. করার, করিবার।

করবাল /করোবাল্‌/ [স. কর+√বালি+অ] বি. তরবারি, তলোয়ার, অসি; খড়্গ।

করবী /করোবি/ [স. করবীর >] বি. উত্তর গোলার্ধের উষ্ণমণ্ডলীয় আবহাওয়ায় জাত এবং বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন লাল গোলাপি প্রভৃতি রঙের মৃদুগন্ধ ফুল বা তার বিষাক্ত চিরহরিৎ গুল্ম (আনি. ভারত)।

www.pathagar.com

করবীর /করোবির্/ [স. কর+বীর] বি. ১ করবী ফুল। ২ করবীর ঝাড়। ৩ খড়্গ। ৪ শ্মশান। ৫ নাগবিশেষ।

করভ[১]/করোভো/ [স. কর+√ভা+অ] বি. মণিবন্ধ থেকে কড়ে আঙুলের মূল পর্যন্ত হাতের বাইরের অংশ।

করভ[২] /করোভো/ [স. √কৃ+অভ] বি. ১ হস্তীশাবক। ২ উট বা উটের শাবক। ৩ খচ্চর, অশ্বতর। স্ত্রী. করভী /করোভি/।

করভূষণ /করোভুশন্/ [স. কর+ভূষণ] বি. হাতের অলংকার, কঙ্কণ।

করম /করম্/ [স. কর্ম >] বি. 'কর্ম' শব্দের কোমল ও কাব্যিক রূপ।

করমচা /করোম্চা/ [স. করঞ্জ >] বি. বসন্তকালে ফোটে এমন ছোটো সাদা ফুল এবং উপবৃত্তাকার বেরিজাতীয় লালচে অম্লস্বাদ ফল বা তার গুল্ম-জাতীয় উদ্ভিদ (আনি. মালয়েশিয়া), করঞ্জ।

করমর্দন /করোমর্দোন্ / [স. কর+√মৃদ্+অন] বি. হাত ধরে পরস্পর শুভেচ্ছা বিনিময়, হস্তমর্দন, handshake।

করমুক্ত /করমুক্তো/ [স. কর+√মুচ্+ত] বিণ. ১ রাজস্ব প্রদান থেকে অব্যাহতিপ্রাপ্ত। ২ শুল্কবিহীন। ৩ হস্তচ্যুত।

করযষ্টি /করোজোশ্টি/ [স. কর+√যক্ষ্+তি] বি. হাঁটার সময় ভারসাম্য রক্ষার্থে ব্যবহৃত হাতলযুক্ত ছড়ি, হাতছড়ি।

করলা /করোলা/ [স. কারবেল্ল >] বি. রেঁধে খাওয়া যায় এমন খাঁজকাটা সবুজ লম্বাটে তিক্তস্বাদ উচ্ছেজাতীয় আনাজ বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ।

করসূত্র /করোশুত্রো/ [স. কর+সূত্র] বি. গায়ে-হলুদের সময় বিবাহের পাত্রপাত্রীর হাতে মঙ্গল-সূত্র বাঁধার সংস্কারবিশেষ।

করা /করা/ [বা.] ক্রিবি. ১ গাওয়া (*গান করা*)। ২ গড়ে তোলা (*বাড়ি করা*)। ৩ প্রভাব খাটানো (*জোর করা*)। ৪ লেখা (*প্রণয়ন করা*)। ৫ উত্তীর্ণ হওয়া (*পাস করা*)। ৬ চালানো (*দোকান করা*)। ৭ ছোড়া (*গুলি করা*)। ৮ কষা (*অঙ্ক করা*)। ৯ মাথা খাটানো (*বুদ্ধি করা*)। ১০ কেনা (*বাজার করা*)। ১১ প্রস্তুতি নেওয়া (*পড়া তৈরি করা*)। ১২ জমা (*মেঘ করা*)। ১৩ সংসার পাতা (*ঘর করা*)। ১৪ রোগাক্রান্ত হওয়া (*অসুখ করা*)। ১৫ না বলে অন্যের জিনিস নেওয়া (*চুরি করা*)। ১৬ যত্ন নেওয়া (*শিশু লালন করা*)। ১৭ পাতা (*বিছানা করা*)। ১৮ ক্ষুব্ধ হওয়া (*রাগ করা*)। ১৯ পেশা হিসেবে নেওয়া (*ওকালতি করা*)। ২০ রাঁধা (*রান্না করা*)। ২১ বিখ্যাত হওয়া (*নাম করা*)।

করাঘাত /করাঘাত্/ [স. কর+আ+√হন্+অ] বি. হাত দিয়ে আঘাত, চাপড়।

করাত /করাত্/ [স. করপত্র >] বি. কাঠ লোহা প্রভৃতি শক্ত বস্তু কাটার জন্য ব্যবহৃত খাঁজকাটা ইস্পাতের পাত দিয়ে তৈরি হাতিয়ার, করপত্র।

করাতি /করাতি/ [বা.] বি. করাত দিয়ে কাঠ চেরা যার পেশা।

করানো /করানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে করিয়ে নেওয়া। বিণ. করিয়ে নেওয়া হয়েছে এমন।

করায়ত্ত /করায়ত্তো/ [স. কর+আয়ত্ত] বিণ. ১ হস্তগত, অধিগত। ২ বশীভূত করা হয়েছে এমন।

করার[১] /করার্/ [বা.] বিণ. করণীয়, সম্পাদনীয়।

করার[২] /করার্/ [আ.] বি. ১ চুক্তি; শর্ত; অঙ্গীকার। ২ স্বীকৃতি।

করাল /করাল্/ [স. কর+√অল্+অ] বিণ. ১ ভীষণ-দর্শন, ভয়ংকর, ভীতিপ্রদ (*করাল গ্রাস*)। ২ বড়ো দাঁতবিশিষ্ট, দাঁতালো, দন্তুর। ৩ ভীষণ; তুঙ্গ।

করালবদনা /করাল্বদোনা / [স. করাল+বদন+আ (টাপ্)] বিণ. ভয়ংকর মুখবিশিষ্টা। বি. দেবী কালিকা।

করালি /করালি/ [আঞ্চ.] বি. কাঁকর।

করিকর /কোরিকর্/ [স. করী+কর] বি. হাতির শুঁড়।

করিকরভ /কোরিকরোভো/ [স. করী+করভ] বি. হস্তিশাবক।

করিডর /করিডর্/ [ফ.] বি. অন্য কোনো ভূখণ্ড বা দেশের মধ্য দিয়ে নিয়মিত যাতায়াতের নির্দিষ্ট পথ; অন্য দেশের ওপর দিয়ে যাতায়াতের নির্দিষ্ট আকাশপথ; দুটি পৃথক ভূখণ্ডের মধ্যে সংযোগ-কারী সংকীর্ণ ভূমি; রেলগাড়ির এক কামরা থেকে অন্য কামরায় গমনাগমনের পথ; ভবনের মধ্যস্থ লম্বা বারান্দা ; corridor।

করিতকর্মা /কোরিত্করমা/ [স. কৃতকর্মন্ >] বিণ. ১ কর্মকুশল; কৃতী। ২ অভিজ্ঞ। ৩ নিজ হাতে কাজ করে এমন।

করিবর /কোরিবর্/ [স. করী+বর] বি. শ্রেষ্ঠ হাতি।

করিশিশু /কোরিশিশু/ [স. করী+শিশু] বি. হস্তীশাবক।

করিষ্ণু /কোরিশ্নু/ [স. √কৃ+ইষ্ণু] বিণ. করছে এমন, ক্রিয়াশীল।

www.pathagar.com

করী /কোরি/ [স. কর+ইন্] বি. হস্তী, হাতি।

করীষ /কোরিশ্/ [স. √কৃ+ঈষ] বি. শুকনো গোবর, ঘুঁটে।

করীষাগ্নি /কোরিশাগ্নি/ [স. করীষ+√অগ্+নি] বি. ঘুঁটের আগুন।

করুণ /কোরুন্/ [স. √কৃ+উন্] বিণ. ১ কাতর, বেদনা-পূর্ণ। ২ স্নেহ বা সহানুভূতিপূর্ণ। ৩ বেদনা-উদ্দীপক (*করুণ রস*)। বি. রসবিশেষ।

করুণরস /কোরুনরশ্/ [স. করুণ+রস] বি. কাব্য-শাস্ত্রের ৯টি রসের (শৃঙ্গার বীর করুণ রৌদ্র অদ্ভুত ভয়ানক বীভৎস হাস্য ও শান্ত) তৃতীয়টি, করুণা উদ্রেককারী রস।

করুণা /কোরুনা/ [স. √কৃ+উন্+আ (টাপ্)] বি. ১ কৃপা, দয়া। ২ অনুকম্পা, অনুগ্রহ।

করুণানিধান /কোরুনানিধান্/ [স. করুণা+নি+√ধা+অন] বিণ. কৃপাময়, দয়ালু। বি. ঈশ্বর।

করুণানিধি /কোরুনানিধি/ [স. করুণা+নিধি] বিণ. বি. দ্র করুণানিধান।

করুণানিলয় /কোরুনানিলয়্/ [স. করুণা+নিলয়] বিণ. বি. দ্র করুণানিধান।

করুণাময় /কোরুনাময়/ [স. করুণা+ময়ট্] বিণ. দয়াময়, দয়ালু। স্ত্রী. **করুণাময়ী** /কোরুনাময়ি/।

করেণু /করেনু/ [স. √কৃ+এণু] বি. হস্তী, হাতি, গজ।

করেণুকা /করেনুকা/ [স. করেণু+কন্+আ (টাপ্)] বি. হস্তিনী।

করোজ্জ্বল /করোজ্জল্/ [স. কর+উজ্জ্বল] বিণ. আলোয় উদ্ভাসিত, ভাস্বর।

করোট /করোট্/ [স. ক+√রুট্+অ] বি. দ্র করোটি।

করোটি /করোটি/ [স. ক+√রুট্+ই] বি. মাথার খুলি।

কর্ক /করক্/ [ই.] বি. শিশিবোতলের মুখ বন্ধ করার জন্য ব্যবহৃত ওক (cork oak) গাছের ছাল থেকে তৈরি ক্রমশ সরু হয়ে আসা নমনীয় গোঁজ, ছিপি।

কর্কট /করকট্/ [স. √কর্ক্+অট্] বি. দেহে জীব-কোষের নিয়ন্ত্রণহীন বৃদ্ধিজনিত দুরারোগ্য ব্যাধি, ক্যানসার।

কর্কটক্রান্তি /করকটক্রান্তি/ [স. কর্কট+√ক্রম্+তি] বি. সূর্যের উত্তরায়ণ গতির সীমানির্দেশক কাল্পনিক বৃত্ত, বিষুবরেখা থেকে ২৩°২৭´ অক্ষাংশ উত্তরে কল্পিত রেখা, Tropic of Cancer।

কর্কশ /করকশ্/ [স. কর্ক+শ] বিণ. ১ অমসৃণ। ২ পরুষ। ৩ শ্রীহীন। ৪ শুতিকটু। ৫ নীরস। ৬ কঠিন। বি. **কর্কশতা** /করকশোতা/।

কর্কোট /করকোট্/ [স. কর্ক+ওট] বি. ১ মারাত্মক বিষবিশেষ। ২ বিষাক্ত সাপবিশেষ। ৩ কাঁকরোল। ৪ কাঁকুড়।

কর্কোটক /করকোটক্/ [স. কর্কোট+ক (স্বার্থে)] বি. রেঁধে খাওয়া যায় এমন বর্ষাকালে জাত ডিম্বাকৃতি আনাজ (যার বহির্ভাগ সুচালো আলযুক্ত এবং কাঁচা অবস্থায় সবুজ ও পরে হলুদ বা লাল হয়ে যায়) বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, কঙ্করোল, কাঁকরোল।

কর্জ /করজো/ [আ.] বি. ঋণ, ধার, হাওলাত।

কর্ণ[১] /করনো/ [স. √কর্ণ্+অ] বি. কান, শ্রবণেন্দ্রিয়।

কর্ণ[২] /করনো/ [স. √কৃ+ন] বি. ১ বৈঠা, হাল, অরিত্র। ২ (জ্যা.) যে রেখা চতুর্ভুজের বিপরীত দুটি কোণকে যুক্ত করে।

কর্ণ[৩] /করনো/ [স. √কর্ণ্+অ] বি. সূর্যের ঔরসজাত কুন্তীপুত্র।

কর্ণকুহর /করনোকুহর/ [স. কর্ণ+কুহর] বি. কানের গর্ত বা ছিদ্র।

কর্ণগত /করনোগতো/ [স. কর্ণ+√গম্+ত] বিণ. শোনা হয়েছে বা কানে প্রবেশ করেছে এমন, শ্রুত।

কর্ণগোচর /করনোগোচর/ [স. কর্ণ+গোচর] বিণ. কানে এসেছে এমন, শ্রুত।

কর্ণধার /করনোধার/ [স. কর্ণ+√ধৃ+অ] বি. নৌকার প্রধান কান্ডারী, captain।

কর্ণনাদ /করনোনাদ্/ [স. কর্ণ+নাদ] বি. আঙুল দিয়ে দুকান বন্ধ করলে যে শব্দ শোনা যায়।

কর্ণপট /করনোপট্/ [স. কর্ণ+√পট্+অ] বি. কানের সূক্ষ্ম পর্দা যার কম্পনের ফলে ধ্বনি শ্রুত হয়।

কর্ণপটহ /করনোপটোহো/ [স. কর্ণ+পটহ] বি. দ্র কর্ণপট।

কর্ণপাত /করনোপাত্/ [স. কর্ণ+√পত্+অ] বি. ১ শ্রবণ। ২ গুরুত্ব প্রদান।

কর্ণপুট /করনোপুট্/ [স. কর্ণ+পুট] বি. কর্ণরূপ আধার।

কর্ণফুল /করনোফুল্/ [স. কর্ণ+বা. ফুল] বি. কানফুল, কানের অলংকার।

কর্ণফুলি /করনোফুলি/ [বা.] বি. পূর্ব ভারতের লুসাই পাহাড় থেকে উৎপন্ন হয়ে বাংলাদেশের পার্বত্য চট্টগ্রাম ও চট্টগ্রামের ওপর দিয়ে প্রবাহিত নদী।

কর্ণবিবর /করনোবিবর্/ [স. কর্ণ+বিবর] বি. কানের ছিদ্র।

কর্ণবেধ /করনোবেধ্/ [স. কর্ণ+বেধ] বি. কান বিঁধানোর অনুষ্ঠান।

www.pathagar.com

কর্ণভূষণ /করনোভুশন্ / [স. কর্ণ+ভূষণ] বি. কানের অলংকার।

কর্ণমর্দন /করনোমর্দোন্/ [স. কর্ণ+মর্দন] বি. কানমলা।

কর্ণমল /করনোমল্/ [স. কর্ণ+মল] বি. কানের ময়লা, কানের খইল।

কর্ণমূল /করনোমূল্/ [স. কর্ণ+মূল] বি. কানের গোড়া।

কর্ণরন্ধ্র /করনোরন্ধ্রো/ [স. কর্ণ+√রধ্+র] বি. কানের ছিদ্র বা গহ্বর।

কর্ণশূল /করনোশুল্/ [স. কর্ণ+শূল] বি. কানের ব্যথা, কানের রোগবিশেষ।

কর্ণাটী /করনাটি/ [স. কর্ণাট+অ+ঈ] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

কর্ণান্তর /করনান্তর্ / [স. কর্ণ+অন্তর] ক্রিবিণ. এক কান থেকে অন্য কানে (ছড়ানো)।

কর্ণিক /কোর্‌নিক্ / [স. কর্ণ+ইক] বিণ. কর্ণযুক্ত; লম্বকর্ণ।

কর্ণিকা /কোর্‌নিকা/ [স. কর্ণিক+আ (টাপ্)] বি. ১ কর্ণভূষণ, কানের অলংকারবিশেষ। ২ লেখনী। ৩ পদ্মের বীজকোষ। ৪ বৃন্ত।

কর্ণিকার /কোর্‌নিকার্ / [স. কর্ণিকা+√ঋ+অ] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে থোকায় থোকায় ঝুলে থাকে এমন হলুদ ফুল ও লম্বাটে ফল বা তার চিরহরিৎ শিম্বগোত্রীয় গাছবিশেষ, বাঁদর-লাঠি, সোনালু।

কর্তন /করতোন্/ [স. √কৃৎ+অন] বি. ১ ছেদন। ২ অতিবাহন (*কাল কর্তন*)।

কর্তনী /করতোনি/ [স. কর্তন+ঈ] বি. কাঁচি; ছেদনাস্ত্র।

কর্তব /করতব্/ [স. কর্তব্য >] বি. উচ্চাঙ্গের গানে সুরের কলাকৌশল প্রদর্শন।

কর্তব্য /করতোব্বো/ [স. √কৃ+তব্য] বিণ. ১ করণীয়। ২ উচিত। বি. ১ করণীয় কর্ম। ২ উচিত কর্ম।

কর্তব্যকর্ম /করতোব্বোকরমো / [স. কর্তব্য+কর্মন্] বি. করণীয় কাজ।

কর্তব্যজ্ঞান /করতোব্বোগ্যান্/ [স. কর্তব্য+√জ্ঞা+অন] বি. করণীয় কাজের বিষয়ে বোধ।

কর্তব্যতা /করতোব্বোতা/ [স. কর্তব্য+তা] বি. ঔচিত্য।

কর্তব্যনিষ্ঠ /করতোব্বোনিশ্ঠো/ [স. কর্তব্য+নি+√স্থা+অ] বিণ. কর্তব্য পালনে নিষ্ঠা আছে এমন।

কর্তব্যনিষ্ঠা /করতোব্বোনিশ্ঠা/ [স. কর্তব্য+নি+√স্থা+অ+আ (টাপ্)] বি. কাজে আসক্তি, কাজের প্রতি নিষ্ঠা।

কর্তব্যপরাঙ্মুখ /করতোব্বোপরাংমুখ্ / [স. কর্তব্য +পরাঙ্মুখ] বিণ. কর্তব্যপালনে অবহেলা করে এমন, কাজে যত্নবান নয় এমন।

কর্তব্যপরায়ণ /করতোব্বোপরায়োন্/ [স. কর্তব্য+ পরায়ণ] বিণ. কর্তব্যপালনে যত্নবান।

কর্তব্যপালন /করতোব্বোপালোন্ / [স. কর্তব্য+ পালন] বি. কর্তব্য সম্পাদন।

কর্তব্যবিমুখ /করতোব্বোবিমুখ্/ [স. কর্তব্য+বিমুখ] বিণ. দায়িত্ব পালনে আগ্রহী নয় এমন, কর্তব্য-পালনে অবহেলা করে এমন।

কর্তব্যবিমূঢ় /করতোব্বোবিমূঢ়ো/ [স. কর্তব্য+বিমূঢ়] বিণ. কর্তব্য স্থির করতে অক্ষম এমন।

কর্তব্যসম্পাদন /করতোব্বোশম্পাদোন্ / [স. কর্তব্য +সম্পাদন] বি. দ্র কর্তব্যপালন।

কর্তব্যসাধন /করতোব্বোশাধোন্ / [স. কর্তব্য+সাধন] বি. কর্তব্যপালন।

কর্তরিকা /করতোরিকা/ [স. কর্তরী+কন্+আ (টাপ্)] বি. কোনো বস্তু কাটা বা ছেদন করার অস্ত্র, কাটারি, কর্তরী।

কর্তরী /করতোরি/ [স. √কৃৎ+অর+ঈ] বি. কাটারি, ছেদনাস্ত্র; কাঁচি; ছুরি।

কর্তা /করতা/ [স. √কৃ+তৃ] বি. ১ যে করে। ২ মালিক, প্রভু। ৩ গৃহস্বামী। ৪ স্রষ্টা। ৫ নির্মাতা। ৬ (ব্যা.) কারকবিশেষ। ৭ (বাংলায়) প্রধান ব্যক্তি; অধ্যক্ষ।

কর্তাগিন্নি /করতাগিন্নি / [বা.] বি. গৃহস্বামী ও গৃহিণী, স্বামী-স্ত্রী।

কর্তাগিরি /করতাগিরি/ [বা.] বি. কর্তার মতো আচরণ, কর্তৃত্ব প্রদর্শন।

কর্তাভজা /করতাভজা/ [বা.] বিণ. প্রভুভক্ত; স্তাবক, তোষামোদকারী। বি. ধর্মীয় সম্প্রদায়বিশেষ।

কর্তিত /কোরতিতো/ [স. √কৃৎ+ণিচ্+ত] বিণ. কাটা হয়েছে এমন, ছিন্ন, খন্ডিত।

কর্তৃক /কোরতৃক্/ দ্বারা দিয়ে থেকে প্রভৃতিবাচক অনুসর্গ। ক্রিবিণ. সহায়তায়, আনুকূল্যে।

কর্তৃকারক /কোরতৃকারোক্ / [স. কর্তৃ+কারক] বি. (ব্যা.) ক্রিয়ার সঙ্গে অন্বিত কর্তৃপদ।

কর্তৃত্ব /কোরতৃতো/ [স. কর্তৃ+ত্ব] বি. ১ অধিকার; মালিকানা। ২ প্রভুত্ব, প্রভুসুলভ আচরণ।

কর্তৃপক্ষ /কোরতৃপোক্খো / [স. কর্তৃ+পক্ষ] বি. কর্তাস্থানীয় ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠান; মালিকপক্ষ; authority।

www.pathagar.com

কর্তৃবর্গ /কোর্‌তৃবর্‌গো/ [স. কর্তৃ+√বৃজ্‌+অ] বি. দ্র কর্তৃপক্ষ।

কর্তৃবাচ্য /কোর্‌তৃবাচ্চো/ [স. কর্তৃ+√বচ্‌+য] বি. (ব্যা.) যে বাক্যে ক্রিয়াপদটি প্রত্যক্ষভাবে কর্তার দ্বারা চালিত হয় ও কর্তার পুরুষ অনুযায়ী তার রূপ নির্ধারিত হয়, active voice।

কর্ত্রী /কোর্‌ত্রি/ [স. √কৃৎ+তৃ+ঈ] বি. বিণ. ১ ক্ষমতার অধিকারী। ২ গৃহিণী, গৃহস্বামিনী। ৩ প্রভুপত্নী। ৪ প্রণেত্রী। ৫ অধ্যক্ষা।

কর্দম /কর্‌দম্‌/ [স. √কর্দ্‌+অম] বি. ১ কাদা, পাঁক। ২ (আল.) পাপ, কলুষ।

কর্দমপিচ্ছিল /কর্‌দম্‌পিচ্‌ছিল্‌/ [স. কর্দম+পিচ্ছিল] বিণ. কর্দমাক্ত ও পিচ্ছিল, পঙ্কিল।

কর্দমময় /কর্‌দম্‌ময়্‌/ [স. কর্দম+ময়ট্‌] বি. পঙ্কিল, পাঁকযুক্ত, কাদামাখা।

কর্দমাক্ত /কর্‌দমাক্‌তো/ [স. কর্দম+√অনজ্‌+ত] বিণ. পঙ্কিল, পঙ্কলিপ্ত, কাদামাখা।

কর্নিক /কোর্‌নিক্‌/ [দেশি.] বি. সিমেন্ট বালি চুন প্রভৃতির আস্তর লাগানোর জন্য রাজমিস্ত্রিদের ব্যবহার্য কাঠের হাতলের সঙ্গে সংযুক্ত অগ্রভাগ ক্রমশ সরু হয়ে আসা লোহার পাতের তৈরি হাতিয়ার, কন্নি, trowel।

কর্নেল /কর্‌নেল্‌/ [ফ.] বি. সামরিক বাহিনীর রেজিমেন্টের অধিনায়ক, colonel।

কর্পূর /কোর্‌পুর্‌/ [স. √কৃপ্‌+উর] বি. ক্যাম্ফোরা বৃক্ষের নির্যাস থেকে তৈরি তিক্তস্বাদ ও তীব্র গন্ধযুক্ত সাদা কেলাসিত উদ্‌বায়ী পদার্থ, camphor।

কর্পোরেশন/কর্‌পোরেশন্‌/ [ই.] বি. পুরসভা-পরিষদ, পৌরসভা; স্বশাসিত আধাসরকারি প্রতিষ্ঠান, corporation।

কর্বুর /কোর্‌বুর্‌/ [স. √কর্‌+উর] বিণ. চিত্রবিচিত্র, বিচিত্র বর্ণযুক্ত।

কর্বূর /কোর্‌বুর্‌/ [স. √কর্‌+উর] বি. ব্রহ্মার আদেশে সৃষ্ট রক্ষী (পরবর্তীকালে রাক্ষস নামে খ্যাত)।

কর্বূরপতি /কোর্‌বুর্‌পোতি/ [স. কর্বুর+√পা+অতি] বি. রাক্ষসরাজ, রাবণ।

কর্ম /কর্‌মো/ [স. √কৃ+মন্‌] বি. ১ যা করা হয়, কাজ, ক্রিয়া; অনুষ্ঠান। ২ সার্থকতা; উপযোগিতা। ৩ জীবিকা, বৃত্তি। ৪ কারকবিশেষ।

কর্মকর /কর্‌মোকর্‌/ [স. কর্মন্‌+√কৃ+অ] বি. বিণ. কর্মচারী; আজ্ঞাবাহী।

কর্মকর্তা /কর্‌মোকর্‌তা/ [স. কর্মন্‌+√কৃ+তৃ] বি. ১ কর্মনির্বাহী। ২ আধিকারিক। ৩ প্রধান ব্যক্তি।

কর্মকাণ্ড /কর্‌মোকান্‌ডো/ [স. কর্মন্‌+√কন্‌+ড] বি. ১ যাবতীয় কাজ। ২ যজ্ঞাদি কর্মের বিধানসংবলিত বেদের অংশ।

কর্মকার /কর্‌মোকার্‌/ [স. কর্মন্‌+√কৃ+অ] বি. ১ যে ব্যক্তি লোহার কাজ করে, কামার। ২ পদবিবিশেষ।

কর্মকারী /কর্‌মোকারি/ [স. কর্মন্‌+√কৃ+ইন্‌] বিণ. বি. কর্মী; কর্মচারী।

কর্মকুশল /কর্‌মোকুশল্‌/ [স. কর্মন্‌+কুশল] বিণ. কাজ করতে নিপুণ বা দক্ষ, কর্মপটু।

কর্মক্ষম /কর্‌মোক্‌খম্‌/ [স. কর্মন্‌+√ক্ষম্‌+অ] বিণ. কাজ করতে সক্ষম, সমর্থ।

কর্মক্ষমতা /কর্‌মোক্‌খমোতা/ [স. কর্মক্ষম+তা] বি. কাজ করার সামর্থ্য বা ক্ষমতা।

কর্মক্ষেত্র /কর্‌মোখেত্রো/ [স. কর্মন্‌+√ক্ষি+ত্র] বি. কর্মস্থল।

কর্মচারী /কর্‌মোচারি/ [স. কর্মন্‌+√চর্‌+ইন্‌] বি. বেতনভোগী কর্মী, নির্দিষ্ট কাজের জন্য নিয়োজিত ব্যক্তি, আমলা।

কর্মচ্যুত /কর্‌মোচ্‌চুতো/ [স. কর্মন্‌+√চ্যু+ত] বিণ. পদচ্যুত করা হয়েছে এমন, চাকরিচ্যুত।

কর্মঠ /কর্‌মোঠো/ [স. কর্মন্‌+অঠ] বিণ. দ্র কর্মণ্য।

কর্মণ্য /কর্‌মোন্‌নো/ [স. কর্মন্‌+য] বিণ. নিষ্ঠার সঙ্গে কাজ করে এমন; কর্মপটু।

কর্মত্যাগ /কর্‌মোত্‌ত্যাগ্‌/ [স. কর্মন্‌+ত্যাগ] বি. চাকরি থেকে ইস্তফা বা অবসর গ্রহণ।

কর্মদক্ষ /কর্‌মোদোক্‌খো/ [স. কর্মন্‌+দক্ষ] বিণ. কাজে পটু, কর্মনিপুণ।

কর্মধারয় /কর্‌মোধারয়্‌ / [স. কর্মন্‌+√ধৃ+ণিচ্‌+অ] বি. (ব্যা.) যে সমাসে সমান বিভক্তিযুক্ত বিশেষণ ও বিশেষ্য পদের মিলন হয় এবং পরপদে বিশেষ্যের অর্থ প্রাধান্য পায় (কটু যে বাক্য > কটুবাক্য)।

কর্মনাশা / কর্‌মোনাশা/ [স. কর্মন্‌+বা. নাশা] বিণ. কাজ পণ্ড করে এমন, কর্মে বিঘ্ন সৃষ্টিকারী। বি. পূর্বভারতের নদীবিশেষ।

কর্মনিষ্ঠ /কর্‌মোনিশ্‌ঠো/ [স. কর্মন্‌+নি+√স্থা+অ] বিণ. কর্মে নিষ্ঠাযুক্ত, কর্তব্যপরায়ণ।

কর্মনিষ্ঠা /কর্‌মোনিশ্‌ঠা/ [স. কর্মন্‌+নি+√স্থা+অ+আ (টাপ্‌)] বি. কাজের প্রতি মনোযোগ, কর্তব্য-পরায়ণতা।

কর্মপটু /কর্‌মোপোটু/ [স. কর্মন্‌+পটু] বিণ. কর্মনিপুণ।

www.pathagar.com

কর্মপটুতা /কর্‌মোপোটুতা/ [স. কর্মপটু+তা] বি. কর্মে দক্ষতা, কর্মনিপুণতা।

কর্মপত্র /কর্‌মোপত্‌ত্রো/ [স. কর্মন্+পত্র] বি. বৈঠকে আলোচ্য বিষয়বস্তুর বিবরণসংবলিত পত্র; (পরি.) working paper।

কর্মপ্রবচনীয় /কর্‌মোপ্রোবচোনিয়ো/ [স. কর্মন্+প্র+√বচ্+অনীয়] বি. (ব্যা.) পদের শেষে বসে পদটিকে বাক্যের সঙ্গে যুক্ত করে এমন শব্দ; পদের শেষে বিভক্তিরূপে ব্যবহৃত শব্দ; অনুসর্গ; suffix।

কর্মফল /কর্‌মোফল/ [স. কর্মন্+ফল] বি. ১ কৃত-কর্মের ফল। ২ লোকবিশ্বাসমতে ইহলোকে যে কর্মের ফল পরজন্মে ভোগ করতে হয়।

কর্মবাচ্য /কর্‌মোবাচ্‌চো/ [স. কর্মন্+√বচ্+য] বি. (ব্যা.) ব্যাকরণে যে বাচ্যে কর্মপদ কর্তৃপদে পরিণত হয়ে প্রাধান্য লাভ করে ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে।

কর্মবিশদ /কর্‌মোবিশদ/ [স. কর্মন্+বি+√শদ্+অ] বি. কোনো পদে নিয়োজিত ব্যক্তির দায়িত্ব ও কর্তব্যের তালিকা; (পরি.) job description।

কর্মবিরতি /কর্‌মোবিরোতি/ [স. কর্মন্+বি+√রম্+তি] বি. দাবি আদায়ের কৌশলরূপে সাময়িকভাবে কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত।

কর্মবীর /কর্‌মোবির/ [স. কর্মন্+বীর] বি. যিনি মহৎ উদ্দেশ্যে জীবনকে কর্মে নিয়োগ করেন; যিনি মহৎ কাজ করে সফলতা অর্জন করেন।

কর্মব্যস্ত /কর্‌মোব্যাস্‌তো/ [স. কর্মন্+বি+√অস্+ত] বিণ. কর্মে রত। বি. ~তা /-তা/।

কর্মভূমি /কর্‌মোভুমি/ [স. কর্মন্+√ভূ+মি] বি. কর্মক্ষেত্র, কর্মস্থল।

কর্মভোগ /কর্‌মোভোগ/ [স. কর্মন্+√ভুজ্+অ] বি. ১ দুষ্কর্মের পরিণাম। ২ অহেতুক পরিশ্রম।

কর্মময় /কর্‌মোময়/ [স. কর্মন্+ময়ট্] বিণ. কর্মে ব্যাপৃত।

কর্মমুখী /কর্‌মোমুখি/ [স. কর্মন্+মুখ+ইন্] বিণ. ব্যাবহারিক, বৃত্তিসহায়ক (*কর্মমুখী শিক্ষা*)।

কর্মযজ্ঞ /কর্‌মোজ্ঞোগ্‌গো/ [স. কর্মন্+√যজ্+ন] বি. কর্মসম্পাদনের ব্যাপক আয়োজন।

কর্মযোগ /কর্‌মোজ্ঞোগ/ [স. কর্মন্+√যুজ্+অ] বি. ১ কার্যসাধনে নিষ্ঠা। ২ বেদবিহিত কর্মের কৌশল।

কর্মযোগী /কর্‌মোজ্ঞোগি/ [স. কর্মন্+√যুজ্+ইন্] বিণ. কর্মসাধনে যোগীর মতো নিষ্ঠাবান।

কর্মলিপ্ত /কর্‌মোলিপ্‌তো/ [স. কর্মন্+√লিপ্+ত] বিণ. কর্মে নিযুক্ত।

কর্মশালা / কর্‌মোশালা/ [স. কর্মন্+√শল্+অ+আ (টাপ্)] বি. বিশেষীকৃত শিক্ষামূলক আলোচনাসভা; (পরি.) workshop।

কর্মশীল /কর্‌মোশিল/ [স. কর্মন্+শীল] বিণ. কর্ম-সাধনে তৎপর, কর্তব্যপরায়ণ।

কর্মসংস্থান /কর্‌মোশংস্থান/ [স. কর্মন্+সম্+ √স্থা +অন] বি. কাজের সুযোগ সৃষ্টি।

কর্মসচিব /কর্‌মোশোচিব্/ [স. কর্মন্+সচিব] বি. কার্যনির্বাহী, কর্মসম্পাদক; (পরি.) executive secretary।

কর্মসিদ্ধি /কর্‌মোশিদ্‌ধি/ [স. কর্মন্+√সিধ্+তি] বি. কার্যোদ্ধার; উদ্দেশ্য সাধন; কাজে সাফল্য লাভ; অভীষ্টপূরণ।

কর্মসূচি /কর্‌মোশুচি/ [স. কর্মন্+√সূচ্+ই] বি. কাজের তালিকা বা নির্ঘণ্ট; (পরি.) agenda।

কর্মসূত্র /কর্‌মোশুত্‌ত্রো/ [স. কর্মন্+√সূত্র্+অ] বি. ১ কাজের বিধি। ২ কৃতকর্মের ফলানুযায়ী বিধান; ভাগ্য।

কর্মসূত্রে /কর্‌মোশুত্‌ত্রে/ [স. কর্মসূত্র+বা. এ] ক্রিবিণ. কাজের প্রয়োজনে।

কর্মস্থল /কর্‌মোস্‌থল/ [স. কর্মন্+স্থল] বি. কাজের প্রয়োজনে যেখানে বসবাস বা যাতায়াত করতে হয়, চাকরিস্থল, কর্মক্ষেত্র।

কর্মস্থান /কর্‌মোস্‌থান/ [স. কর্মন্+√স্থা+অন] বি. দ্র কর্মস্থল।

কর্মাধ্যক্ষ /কর্‌মাদ্‌ধোক্‌খো/ [স. কর্মন্+অধ্যক্ষ] বি. প্রধান কার্যনির্বাহী, পরিচালক, director।

কর্মানুবন্ধ /কর্‌মানুবন্‌ধো/ [স. কর্মন্+অনু+√বন্ধ্+অ] বি. কাজের প্রয়োজন।

কর্মান্তর /কর্‌মান্‌তর/ [স. কর্মন্+অন্তর] বি. অন্য কাজ, কার্যান্তর; ভিন্ন পেশা।

কর্মার /কর্‌মার/ [স. কর্মন্+√কৃ+অ] বি. ১ কর্মকার। ২ কামরাঙা গাছ। ৩ বেড়া তৈরির বাঁশবিশেষ।

কর্মিষ্ঠ/কোর্‌মিশ্‌ঠো/ [স. কর্মিন্+ইষ্ঠ] বিণ. কর্মপরায়ণ। বি. ~তা /-তা/।

কর্মী /কোর্‌মি/ [স. কর্মন্+ইন্] বি. যে কাজ করে, শ্রমিক, কর্মচারী। বিণ. কর্মকুশল, কর্মপটু।

কর্মেন্দ্রিয় /কর্‌মেন্‌দ্রিয়ো/ [স. কর্মন্+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে কাজ করা হয়।

কর্মোদ্যম /কর্‌মোদ্‌দম/ [স. কর্মন্+উদ্যম] বি. কর্মের প্রতি উৎসাহ বা নিষ্ঠা, কর্মে অধ্যবসায়।

কর্ষ /কর্‌শো/ [স. √কৃষ্+অ] বি. ১ সোনা রুপা প্রভৃতি ওজনের পরিমাপবিশেষ। ২ ঘষে যাচাইকরণ। ৩ কৃষিকর্ম, চাষ। ৪ আকর্ষণ। ৫ পীড়ন।

www.pathagar.com

কর্ষক /কর্‌শক্/ [স. √কৃষ্+অক] বি. বিণ. ১ কৃষিজীবী, কৃষক, চাষি। ২ আকর্ষক।

কর্ষণ /কর্‌শোন্/ [স. √কৃষ্+অন] বি. ১ চাষ। ২ আকর্ষণ। ৩ ঘষে যাচাইকরণ। ৪ পীড়ন।

কর্ষণীয় /কর্‌শোনিয়ো/ [স. √কৃষ্+অনীয়] বিণ. চাষ করার উপযুক্ত, চাষ করতে হবে এমন।

কর্ষিত /কোর্‌শিতো/ [স. √কৃষ্+ণিচ্+ত] বিণ. ১ লাঙল চালনা করা হয়েছে এমন। ২ ঘষে যাচাই করা হয়েছে এমন।

কল[১] /কল্/ [স. কলা >] বি. ১ যন্ত্র। ২ ফাঁদ (*ইঁদুরের কল*)। ৩ কারখানা (*চটকল*)। ৪ কৌশল, কায়দা; প্যাঁচ। ৫ যন্ত্রের বোতাম; সুইচ; হাতল ঘুরিয়ে বা চেপে চালু করা যায় এমন সরঞ্জাম (*জলের কল*)। ৬ নলকূপ। ৭ বন্দুকের ঘোড়া, trigger।

কল[২] /কল্/ [স. √কল্+অ] বি. ১ সুললিত ধ্বনি। ২ মৃদু গুঞ্জন। বিণ. ১ সুললিত (*কলকণ্ঠ*)। ২ অস্ফুট (*কলকাকলি*)।

কল[৩] /কল্/ [স. করীর >] বি. বীজ থেকে জাত উদ্ভিদের প্রথম অবস্থা, অঙ্কুর।

কলকণ্ঠ /কলোকন্‌ঠো/ [স. কল+কণ্ঠ] বি. ১ মধুর স্বর, ললিত কণ্ঠধ্বনি। ২ কপোত। ৩ কোকিল। ৪ হাঁস। বিণ. মধুর কণ্ঠস্বরবিশিষ্ট।

কলকণ্ঠী /কলোকন্‌ঠি/ [স. কলকণ্ঠ+ঈ] বিণ. মধুর কণ্ঠবিশিষ্টা।

কলকথা /কলোকথা/ [স. কল+কথা] বি. শ্রুতিমধুর ভাষা, সুললিত ভাষা।

কলকব্জা /কল্‌কব্‌জা/ [বা. কল+আ. কবজা] বি. যন্ত্রপাতি।

কলকল /কল্‌কল্/ [ধ্বন্যা.] বি. ১ জলপ্রবাহের মৃদু শব্দ; অস্ফুট মধুর ধ্বনি। ২ নারী বা শিশু কণ্ঠের কোলাহল। ৩ পাখির কলকাকলি।

কলকলানো /কল্‌কলানো / [ধ্বন্যা.] ক্রিবি. কলকল শব্দ করা।

কলকল্লোলিনী /কলোকল্‌লোলিনি/ [স. কল+কল্লোল+ইন্+ঈ] বিণ. মধুর ধ্বনিযুক্ত (তরঙ্গ)।

কলকা /কল্‌কা/ [বা.] বি. মোরগফুলের আকৃতি-বিশিষ্ট নকশা।

কলকাকলি /কলোকাকোলি/ [স. কল+কাকলি] বি. মধুর গুঞ্জনধ্বনি; পাখির কিচিরমিচির।

কলকাঠি /কল্‌কাঠি/ [বা.] বি. (যা দিয়ে নিয়ন্ত্রণ করা যায়) চাবিকাঠি।

কলকাঠি নাড়া /কল্‌কাঠি নাড়া/ ক্রিবি. (সচরাচর স্বার্থসিদ্ধি বা অসৎ উদ্দেশ্যে) আড়াল থেকে প্রভাব খাটিয়ে নিয়ন্ত্রণ করা।

কলকাপেড়ে /কল্‌কাপেড়ে/ [বা.] বিণ. কলকার নকশাযুক্ত পাড়বিশিষ্ট।

কলকারখানা /কল্‌কারখানা/ [বা. কল+ফা. কারখানা] বি. যন্ত্রের সাহায্যে পণ্যদ্রব্য উৎপাদন ও শিল্পদ্রব্যাদি নির্মাণের স্থান, mill, factory।

কলকি /কোল্‌কি/ [হি.] বি. ধূমপানের জন্য ব্যবহৃত ছিদ্রযুক্ত মাটির পাত্রবিশেষ (যাতে তামাক ভরে তার ওপরে জ্বলন্ত টিকা রাখা হয়), হুঁকোর কলকে; এক কলকে পরিমাণ (তামাক বা গাঁজা)।

কলকে[১] /কোল্‌কে/ [হি.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং সারাবছর ফোটে এমন বিষাক্ত বীজ-বিশিষ্ট ঘণ্টাকৃতি হলুদ সুগন্ধ ফুল সরু লম্বা পাতা বা তার ধূসরাভ সাদাটে মসৃণ কাণ্ডবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. মেক্সিকো)।

কলকে[২] /কোল্‌কে/ [হি.] বি. দ্র কলকি।

কলকে পাওয়া /কোল্‌কে পাওআ/ ক্রিবি. স্বীকৃতি পাওয়া।

কলগা /কোল্‌গা/ [তুর.] বি. দ্র কলগি।

কলগি /কোল্‌গি/ [তুর.] বি. শিরোভূষণ, রাজ-মুকুটের চূড়া।

কলঘর /কল্‌ঘর/ [বা.] বি. ১ স্নানের ঘর, যে ঘরে জলের কল থাকে। ২ যে কক্ষে যন্ত্র (সচরাচর মুদ্রণযন্ত্র) চালানো হয়।

কলঘোষ /কলোঘোশো/ [স. কল+ঘোষ] বি. ১ মধুর কণ্ঠ, কলকণ্ঠ, মিষ্ট স্বর। ২ কোকিল।

কলঙ্ক /কলোংকো/ [স. ক+√রঙ্কি+অ] বি. ১ অপবাদ। ২ দাগ। ৩ মলিনতা। ৪ মরচে।

কলঙ্ককালিমা /কলোংকোকালিমা/ [স. কলঙ্ক+কালিমা] বি. কলঙ্কজড়িত মলিনতা বা দাগ; অখ্যাতি; নিন্দা; অপযশের ছাপ।

কলঙ্কভঞ্জন /কলোংকোভন্‌জোন্/ [স. কলঙ্ক+ভঞ্জন] বি. কলঙ্ক বা অপযশ ক্ষালন; দোষ বা অপরাধ মোচন।

কলঙ্কভাগী /কলোংকোভাগি/ [স. কলঙ্ক+√ভজ্+ইন্] বিণ. কলঙ্কের অংশভাগী (*আমি তোমার প্রেমে হব সবার কলঙ্কভাগী।* রবীন্দ্র.)।

কলঙ্কমোচন /কলোংকোমোচন্/ [স. কলঙ্ক+মোচন] বি. দ্র কলঙ্কভঞ্জন।

কলঙ্কিত /কলোংকিতো/ [স. কলঙ্ক+ইত] বিণ. কলঙ্কযুক্ত, অপবাদগ্রস্ত। স্ত্রী. কলঙ্কিতা

www.pathagar.com

/কলোৎকিতা/।

কলঙ্কী /কলোংকি/ [স. কলঙ্ক+ইন্] বিণ. কলঙ্কযুক্ত। স্ত্রী. কলঙ্কিনী /কলোংকিনি/।

কল টেপা /কল্ টেপা/ ক্রিবি. বন্দুকের ঘোড়া টিপে গুলি করা।

কলতলা /কল্‌তলা/ [বা.] বি. স্নান কাপড় ধোয়া বাসন মাজা প্রভৃতি কাজের জন্য বাঁধানো স্থান যেখানে পানির কল থাকে।

কলতান /কলোতান্/ [স. কল+√তন্+অ] বি. মধুর ধ্বনি, কাকলি।

কলত্র /কলোত্‌ত্রো/ [স. কল+√ত্রৈ+অ] বি. পত্নী, ভার্যা, স্ত্রী, সহধর্মিণী।

কলধৌত /কলোধৌতো/ [স. কল+ধৌত] বি. ১ সোনা। ২ রুপা। ৩ মধুর ধ্বনি।

কলধ্বনি /কলোদ্‌ধোনি/ [স. কল+ধ্বনি] বি. কাকলি, মধুর ধ্বনি, কলরব।

কলন /কলোন্/ [স. √কল্+অন] বি. ১ গণন। ২ আহরণ। ৩ গ্রহণ।

কলনাদ /কলোনাদ্/ [স. কল+√নদ্+অ] বি. মধুর ধ্বনি।

কলনাদী / কলোনাদি/ [স. কল+√নদ্+ইন্] বিণ. কলকল শব্দ করে এমন, কলনাদবিশিষ্ট।

কলন্তর /কলন্‌তর্/ [স. কলান্তর >] বি. সুদ, কুসীদ।

কলন্দর /কলন্‌দর্ / [আ.] বি. দরবেশ, ফকির, গৃহত্যাগী সাধুপুরুষ।

কলপ /কলোপ্/ [আ. কলফ >] বি. ১ পাকা চুল কালো করার রং। ২ মাড়।

কলপিত /কলোপিতো/ [বা.] বিণ. ১ কলপ দিয়ে কালো করা হয়েছে এমন। ২ মাড় দেওয়া হয়েছে এমন।

কলবিঙ্ক /কলোবিংকো/ [স. কল+বিঙ্ক] বি. (পৃথিবীর প্রায় সর্বত্র) দালান কৃষিজমি ঝোপঝাড় প্রভৃতি স্থানে বিচরণ করে এমন ত্রিকোণাকৃতি কালচে বাদামি চঞ্চুবিশিষ্ট ধূসর বর্ণের ছোটো পাখি, চড়ুই, চড়াই।

কলভ /কলোভো/ [স. √কল্+অভ] বি. ১ উট বা হাতির শাবক। ২ ধুতুরাগাছ।

কলম[১] / কলোম্/ [আ.] বি. ১ কোনো শক্ত দন্ডের প্রান্তে বল বা নিব সংযুক্ত করে তৈরি লেখনী; ঝরনাকলম। ২ নলখাগড়া পালক প্রভৃতির অগ্রভাগ ত্যারচা করে কেটে তৈরি লেখনী।

কলম[২] /কলোম্/ [আ.] বি. ১ পলতোলা লম্বা কাচের খন্ড। ২ গাছের কচি ডাল ত্যারচা করে কেটে অন্য গাছের ডালের সঙ্গে বিশেষ পদ্ধতিতে বেঁধে উৎপাদিত নতুন চারা।

কলম[৩] /কলোম্/ [ই. column] বি. ১ খবরের কাগজ অভিধান প্রভৃতি গ্রন্থের পৃষ্ঠার লম্বালম্বি ভাগ; সংবাদপত্রে প্রকাশিত সাময়িক বিষয়ে প্রবন্ধ। ২ ইট বা পাথরের তৈরি স্তম্ভ। ৩ সেনাবাহিনী বা সামরিক যানের সারি।

কলমচি /কলোম্‌চি/ [ফা.] বি. শুতিলেখক; লিপিকর।

কলমদান / কলোম্‌দান্/ [আ. কলম+ফা. দান] বি. কলম রাখার খাপ।

কলমপেষা /কলোম্‌পেশা/ [আ. কলম+ফা. পেষা] বি. ১ মসিজীবী, লেখক। ২ কেরানির বৃত্তি। ৩ লিপিকরের বৃত্তি।

কলমবাজ /কলোম্‌বাজ্/ [আ. কলম+ফা. বাজ] বি. শক্তিধর লেখক; পেশাদার লেখক।

কলমবাজি /কলোম্‌বাজি/ [আ. কলম+ফা. বাজি] বি. লেখকের কাজ; লেখনীযুদ্ধ।

কলমা[১] /কল্‌মা/ [আ.] বি. ইসলাম ধর্মের মূলমন্ত্র।

কলমা[২] /কল্‌মা/ [দেশি.] বি. ধানের প্রজাতিবিশেষ।

কলমা শাহাদত /কল্‌মা শাহাদত্/ বি. ইসলাম ধর্মের মূলমন্ত্র, 'আমি সাক্ষ্য দিই যে আল্লাহ ব্যতীত উপাস্য নেই এবং তিনি এক ও অদ্বিতীয় এবং হজরত মুহম্মদ (সা.) তাঁর দূত'।

কলমি /কোল্‌মি/ [স. কলম্বী >] বি. দ্র **কলমিশাক**।

কলমিলতা /কোল্‌মিলতা/ [বা.] বি. দ্র **কলমিশাক**।

কলমিশাক /কোল্‌মিশাক্ / [বা.] বি. বর্ষাকালে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের পুকুর ডোবা জলাশয় বা ডাঙায় জাত (এবং চীনে ব্যাপকভাবে চাষ করা হয়) এমন ক্রমশ সরু হয়ে আসা কচুপাতাসদৃশ পাতা নলাকৃতি ফাঁপা কান্ড ও নরম গঁটবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন লতাজাতীয় বর্ষজীবী উদ্ভিদ বা তার পাতা, কড়ম্ব।

কলম্ব /কলম্বো/ [স. √কল্+অম্ব] বি. ১ বাণ, তির, শর। ২ কদম্ব গাছ। ৩ শাকের ডাঁটা।

কলম্বিকা /কলোম্‌বিকা/ [স. কলম্বী+কন্+আ (টাপ্)] বি. দ্র **কলমিশাক**।

কলরব /কলোরব্/ [স. কল+রব] বি. কোলাহল, গুঞ্জরণ; গন্ডগোল।

কলরোল /কলোরোল্ / [স. কল+রোল] বি. দ্র **কলরব**।

কলস /কলোশ্/ [স. কল+√শু+অ] বি. মাটি বা ধাতুনির্মিত পেটমোটা জলপাত্র, ঘড়া, গাগরি, কুম্ভ।

www.pathagar.com

কলসি /কোল্‌শি/ [স. কলস+ই] বি. দ্র কলস।

কলস্বন /কলোশ্‌শন্‌ / [স. কল+স্বন] বি. মধুর ধ্বনি, কলকাকলি।

কলস্বর /কলোশ্‌শর্‌/ [স. কল+স্বর] বি. দ্র কলস্বন।

কলহ /কলোহো/ [স. কল+√হন্‌+অ] বি. ঝগড়া, বিবাদ, বচসা, বাগ্‌বিতন্ডা।

কলহংস /কলোহংশো/ [স. কল+হংস] বি. মধুর শব্দ করে ডাকে এমন হাঁস; রাজহাঁস; বালিহাঁস। স্ত্রী. কলহংসী /কলোহোংশি/।

কলহপরায়ণ /কলোহোপরায়োন্‌/ [স. কলহ+পরায়ণ] বিণ. ঝগড়াটে।

কলহান্তরিতা /কলোহান্‌তোরিতা/ [স. কলহ+অন্তরিতা] বি. নায়কের সঙ্গে কলহের ফলে যে নায়িকার বিচ্ছেদ হয়েছে।

কলহাস /কলোহাশ/ [স. কল+√হস্‌+অ] বি. মধুর হাসি; মধুর হাস্যধ্বনি।

কলহাস্য /কলোহাশ্‌শো/ [স. কল+√হস্‌+য] বি. হাস্যময় মধুর ধ্বনি।

কলা[১] /কলা/ [স. কদলক >] বি. ১ ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন বড়ো লম্বা ও সবুজ পাতাবিশিষ্ট একবীজপত্রী ওষধি উদ্ভিদ বা তার পুষ্টিকর ফল (পাকলে হলুদ হয়ে যায়), রম্ভা। ২ কাঁচকলা (কাঁচা অবস্থায় রেঁধে খাওয়া যায়)।

কলা[২] /কলা/ [স. √কলি+অ] বি. ১ গীতবাদ্যনৃত্য প্রভৃতি চৌষট্টি বিদ্যা। ২ চারুশিল্প। ৩ নির্মাণকুশলতা। ৪ ছলচাতুরী (*ছলাকলা*)। ৫ রাশিচক্রের সূক্ষ্ম ভাগ। ৬ যে বিশেষ তন্তুদ্বারা দেহের বিভিন্ন অংশ গঠিত হয়, tissue।

কলাই[১] /কলাই/ [স. কলায় >] বি. মটর শিম প্রভৃতি শুঁটিযুক্ত শস্য (*মাষকলাই*)।

কলাই[২] /কলাই/ [আ.] বি. ১ ধাতুর ওপর রাং টিন দস্তা প্রভৃতির প্রলেপ। ২ এনামেল।

কলাইশুঁটি /কলাইশুঁটি/ [বা.] বি. সবজিরূপে খাওয়া হয় এমন কাঁচা মটরের শুঁটি যার ভেতরে সবুজ বীজ থাকে, মটরশুঁটি; ডালবিশেষ।

কলাকার /কলাকার্‌/ [স. কলা+√কৃ+অ] বি. শিল্পী।

কলাকুশল /কলাকুশল/ [স. কলা+কুশল] বিণ. চৌষট্টিকলায় পারদর্শী; নৃত্য গীত অভিনয় প্রভৃতি সুকুমার শিল্পে দক্ষ।

কলাকুশলী /কলাকুশোলি/ [স. কলাকুশল+ইন্‌] বি. ১ নৃত্য গীত অভিনয় প্রভৃতি সুকুমার শিল্পে দক্ষ শিল্পী। ২ (বাংলায়) কারিগরিবিদ্যায় দক্ষ কর্মী।

কলাকৌশল /কলাকৌশল্‌/ [স. কলা+কৌশল] বি. শিল্পনৈপুণ্য।

কলাদ /কলাদ্‌/ [স. কলা+√দা+অ] বি. স্বর্ণকার, স্যাকরা।

কলা দেখানো /কলা দ্যাখানো / ক্রিবি. ১ প্রতারণা করা, ফাঁকি দেওয়া। ২ তোয়াক্কা না করা।

কলাধর /কলাধর্‌ / [স. কলা+√ধৃ+অ] বি. ১ চন্দ্র, চাঁদ। ২ শিব।

কলানিধি /কলানিধি/ [স. কলা+নিধি] বি. চাঁদ।

কলানো /কলানো/ [বা.] ক্রিবি. অঙ্কুরিত হওয়া, গজানো।

কলাপ /কলাপ্‌/ [স. কল+√আপ্‌+অ] বি. ১ ময়ূর-পুচ্ছ (*শত বরনের ভাব-উচ্ছ্বাস কলাপের মতো করেছে বিকাশ*, রবীন্দ্র.)। ২ অলংকার। ৩ গুচ্ছ, সমূহ (*ক্রিয়াকলাপ*)। ৪ বাণ। ৫ সংস্কৃত ব্যাকরণ-বিশেষ।

কলাপী /কলাপি/ [স. কলাপ+ইন্‌] বি. ময়ূর। স্ত্রী. কলাপিনী /কলাপিনি/।

কলাবউ /কলাবোউ / [বা.] বি. ১ দুর্গাপূজার প্রথম দিনে পূজিত কলাগাছের বধূমূর্তি, কলা বেল প্রভৃতি নয়টি গাছের পাতার তৈরি দেবীমূর্তি। ২ (আল.) অতি লজ্জাশীলা বধূ।

কলাবতী[১] /কলাবোতি/ [স. কলাবৎ+ঈ] বিণ. ১ ক্রান্তীয় ও আমেরিকার উপক্রান্তীয় অঞ্চলে জাত উজ্জ্বল হলুদ লাল প্রভৃতি রঙের ফুল বা তার উদ্ভিদ, ক্যানা, canna। ২ অপ্সরাবিশেষ।

কলাবতী[২] /কলাবোতি/ [স. কলাবৎ+ঈ] বিণ. নাচ গান প্রভৃতি চৌষট্টি কলায় নিপুণা, শিল্পকর্মে নিপুণা। বি. মধ্যরাতে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

কলাবৎ /কলাবত্‌/ [স. কলা+বৎ] বিণ. সংগীত-বিদ্যায় নিপুণ।

কলাবধূ /কলাবোধু/ [বা. কলা+স. বধূ] বি. দ্র কলাবউ।

কলাবিদ /কলাবিদ্‌/ [স. কলা+√বিদ্‌+অ] বিণ. শিল্প-জ্ঞানী, শিল্পরসজ্ঞ, শিল্পরসিক।

কলাবিদ্যা /কলাবিদ্দা / [স. কলা+বিদ্যা] বি. চারু-শিল্পবিষয়ক শাস্ত্র।

কলার[১] /কলার্‌/ [হি.] বি. জামার গলায় লাগানো শক্ত পটিবিশেষ, collar।

কলার[২] /কলার্‌/ [হি.] বি. যে ব্যক্তি টেলিফোন করে, caller।

কলার আইডি /কলার্‌ আইডি/ বি. যে নম্বর থেকে টেলিফোন করা হয় অপর প্রান্তের টেলিফোনে সেই নম্বর ভেসে ওঠার ব্যবস্থা, caller ID।

www.pathagar.com

কলি[১] /কোলি/ [স. √কল্+ই] বি. ১ ফুলের কুঁড়ি, মুকুল, কলিকা, কোরক। ২ বৈষ্ণবদের তিলক-বিশেষ (*রসকলি*)। ৩ কবিতা বা গানের চরণ। ৪ কেশ রচনার শৈলীবিশেষ। ৫ বিবাদ, বচসা। ৬ পুরাণে কল্পিত চতুর্থ বা শেষ যুগ (*কলিকাল*); দুর্নীতি ও অন্যায়ের কাল (*ঘোরকলি*)।

কলি[২] /কোলি/ [আ.] বি. চুনমেশানো জলের প্রলেপ।

কলিকা[১] /কোলিকা/ [স. কলি+কন্+আ (টাপ্)] বি. কলকে, ছিলিম।

কলিকা[২] /কোলিকা/ [স. কলি+কন্+আ (টাপ্)] বি. ১ কুঁড়ি, কলি। ২ কলকে ফুল।

কলিকাল / কোলিকাল্/ [স. কলি+√কল্+অ] বি. পুরাণে কল্পিত চারটি যুগের শেষ যুগ, দ্বাপর যুগের পরবর্তী যুগ, অনাচার ও অসহিষ্ণুতার কাল।

কলিচুন /কোলিচুন্/ [বা.] বি. ঝিনুক প্রভৃতির খোলা পুড়িয়ে উৎপাদিত চুন, দেওয়ালে সাদা প্রলেপ দেওয়ার জন্য ব্যবহৃত চুন।

কলিজা /কোলিজা/ [স. কালেয় >] বি. ১ মেরুদণ্ডী প্রাণীর উদরের ডানদিকে অবস্থিত পিত্ত নিঃসরণ-কারী গ্রন্থি, যকৃৎ, মেটে, liver। ২ (আল.) সাহস।

কলিত /কোলিতো/ [স. √কল্+ত] বিণ. ১ গণনা বা কলন করা হয়েছে এমন। ২ গৃহীত। ৩ আহূত।

কলিযুগ /কোলিজুগ্/ [স. কলি+√যুজ্+অ] বি. দ্র কলিকাল।

কলিল /কোলিল্/ [স. √কল্+ইল] বিণ. ১ মিশ্রিত। ২ পরিপূর্ণ। ৩ কলুষিত। ৪ নিবিড়। বি. মাঘীপূর্ণিমা।

কলু /কোলু/ [দেশি.] বি. ১ ঘানিতে তৈলবীজ পেষণ করে তেল উৎপাদন যার পেশা। ২ তৈলকার জাতিবিশেষ। স্ত্রী. **কলুনি** /কোলুনি/।

কলুর বলদ /কোলুর্ বলোদ্/ প্র. বলদের মতো নীরবে পরিশ্রম করে এমন চিন্তাশক্তিহীন ব্যক্তি।

কলুষ /কোলুশ্/ [স. √কল্+উষ] বি. ১ পাপ; দোষ। ২ মলিনতা। বিণ. মলিন, আবিল; অধর্ম।

কলুষিত /কোলুশিতো/ [স. কলুষ+ইত] বিণ. ১ মলিন। ২ দূষিত। ৩ পাপগ্রস্ত।

কলেক্টর /কালেক্টার্/ [ই.] বি. রাজস্ব আদায়ের দায়িত্বে নিয়োজিত আধিকারিক, জেলাপ্রশাসক, collector।

কলেজ /কলেজ্/ [ই.] বি. মাধ্যমিক শিক্ষার পরবর্তী স্তরের শিক্ষায়তন, মহাবিদ্যালয়, college।

কলেবর /কলেবর্/ [স. কল+বর] বি. দেহ, শরীর।

কলেরা /কলেরা/ [লা.] বি. এককোষবিশিষ্ট জীবাণু-ঘটিত মানবদেহের ছোঁয়াচে ও প্রাণঘাতী রোগবিশেষ (যার প্রধান লক্ষণ প্রবল উদরাময় ও বমন), বিসূচিকা, ওলাওঠা, ভেদবমি, cholera।

কলোচ্ছলিত /কলোচ্ছোলিতো/ [স. কল+উচ্ছলিত] বিণ. মধুর শব্দে উচ্ছ্বসিত।

কলোনি[১] /কলোনি/ [লা.] বি. উপনিবেশ, colony।

কলোনি[২] /কলোনি/ [লা.] বি. একটি কোষ থেকে দ্রুত বেড়ে ওঠা ছত্রাক, colony।

কল্ক /কল্‌কো/ [স. √কল্+ক] বি. ১ পাপ। ২ ময়লা গাদ; মল। ৩ খইল।

কল্কি /কোল্‌কি / [স. কল্ক+ই] বি. পুরাণে বর্ণিত কলিযুগের শেষ অবতার, বিষ্ণুর দশম অবতার।

কল্প /কল্‌পো/ [স. √কল্প্+অ] বি. ১ পুরাণে কল্পিত ব্রহ্মার একদিন ও একরাত। ২ পূজার বিধিসংবলিত বেদাঙ্গ গ্রন্থবিশেষ। ৩ (ব্যা.) ঈষৎ ন্যূনার্থ অর্থাৎ মূলের চেয়ে কিঞ্চিৎ কম এমন অর্থে ব্যবহৃত তদ্ধিত প্রত্যয়। ৪ সিদ্ধান্ত; অভিপ্রায়। ৫ প্রলয়। ৬ পক্ষ।

কল্পতরু /কল্‌পোতোরু/ [স. কল্প+তরু] বি. স্বর্গের যে কল্পিত বৃক্ষের কাছে চাওয়ামাত্র প্রার্থিত বস্তু পাওয়া যায়, কল্পবৃক্ষ।

কল্পদ্রুম /কল্‌পোদ্‌দ্রুম্/ [স. কল্প+দ্রুম] বি. দ্র কল্প-তরু।

কল্পন /কল্‌পোন্/ [স. √কল্প্+অন] বি. ১ পরিকল্পনা। ২ সিদ্ধান্ত গ্রহণ। ৩ অনুমান।

কল্পনা /কল্‌পোনা/ [স. কল্পন+আ (টাপ্)] বি. ১ অলীক, মনগড়া বিষয়। ২ কবির সৃষ্টি। ৩ রচনা। ৪ ধারণা, আন্দাজ, অনুমান।

কল্পনাপ্রসূত /কল্‌পোনাপ্রোশুতো/ [স. কল্পনা+প্র+√সূ+ত] বিণ. ১ অলীক। ২ অনুমিত।

কল্পনাবিলাস / কল্‌পোনাবিলাশ্/ [স. কল্পনা+বি+√লস্+অ] বি. কল্পনার আনন্দ।

কল্পনাশক্তি /কল্‌পোনাশোক্‌তি/ [স. কল্পনা+√শক্+তি] বি. উদ্ভাবনীশক্তি, উদ্ভাবনের ক্ষমতা।

কল্পবিজ্ঞান /কল্‌পোবিগ্‌গ্যান্/ [স. কল্প+বি+√জ্ঞা+অন] বি. কাল্পনিক বিজ্ঞানকাহিনি।

কল্পবৃক্ষ /কল্‌পোব্‌ক্‌খো/ [স. কল্প+বৃক্ষ] বি. দ্র কল্পতরু।

কল্পলতা /কল্‌পোলতা / [স. কল্প+√লত্+অ+আ (টাপ্)] বি. দ্র কল্পতরু।

কল্পলোক /কল্‌পোলোক্ / [স. কল্প+লোক] বি. কল্পনার জগৎ, মানসভূমি, মনোরাজ্য।

www.pathagar.com

কল্পিত /কোল্‌পিতো/ [স. √কল্প্‌+ত] বিণ. ১ কল্পনা করা হয়েছে এমন; মনগড়া। ২ রচিত, সম্পাদিত। ৩ অনুমিত। ৪ আরোপিত।

কল্পী /কোল্‌পি/ [স. কল্প+ইন্‌] বিণ. কল্পনাকারী।

কল্প্য /কোল্‌পো/ [স. √কল্প্‌+য] বিণ. কল্পনীয়।

কল্মষ /কল্‌মশ্‌/ [স. কর্মন্‌+√সো+অল্‌] বি. ১ কলুষ। ২ ময়লা। ৩ নরকবিশেষ। বিণ. ১ আবিল। ২ পাপিষ্ঠ।

কল্মাষ /কল্‌মাশ্‌ / [স. কল্মষ+অ] বি. কৃষ্ণবর্ণ; মিশ্রবর্ণ। বিণ. সাদাকালোমিশ্রিত বর্ণবিশিষ্ট।

কল্য /কোল্‌লো/ [স. √কলি+য] বি. ১ আগামীকাল, পরবর্তী দিবস (*আগামীকল্য*)। ২ বিগত দিবস, গতকাল (*গতকল্য*)। ৩ (বাংলায়) প্রভাতকাল।

কল্যকার /কোল্‌লোকার্‌/ [স. কল্য+বা. কার] বিণ. পূর্বের বা পরবর্তী দিবসের।

কল্যবর্ত /কোল্‌লোবর্‌তো/ [স. কল্য+√বৃৎ+অ] বি. সকালের নাশতা বা জলখাবার, প্রাতরাশ।

কল্যাণ /কোল্‌ল্যান্‌/ [স. কল্য+√অন্‌+অ] বি. ১ শুভ, মঙ্গল। ২ সমৃদ্ধি। ৩ দাক্ষিণ্য। ৪ রাতের প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ। বিণ. ১ সুখী। ২ শুভকর।

কল্যাণকর /কোল্‌ল্যান্‌কর্‌/ [স. কল্যাণ+√কৃ+অ] বিণ. মঙ্গলজনক, শুভকর।

কল্যাণপ্রদ /কোল্‌ল্যান্‌প্রোদো / [স. কল্যাণ+প্র+√দা +অ] বিণ. দ্র কল্যাণকর।

কল্যাণবতী /কোল্‌ল্যান্‌বোতি / [স. কল্যাণ+বৎ+ঈ] বিণ. কল্যাণময়ী।

কল্যাণবর /কোল্‌ল্যান্‌বর্‌/ [স. কল্যাণ+√বৃ+অ] বি. চিঠিতে স্নেহের পাত্রকে সম্বোধনসূচক পাঠ।

কল্যাণবরেষু /কোল্‌ল্যান্‌বরেশু/ [স. কল্যাণবর+এষু] বি. পত্রে স্নেহভাজন পুরুষকে লিখিত সম্বোধনসূচক পাঠ। স্ত্রী. কল্যাণবরাসু /কোল্‌ল্যান্‌বরাশু/।

কল্যাণময় /কোল্‌ল্যান্‌ময়্‌/ [স. কল্যাণ+ময়ট্‌] বিণ. মঙ্গলময়। স্ত্রী. কল্যাণময়ী /কোল্‌ল্যান্‌মোয়ি/।

কল্যাণী /কোল্‌ল্যানি/ [স. কল্যাণ+ইন্‌] বিণ. মঙ্গলময়ী, শুভদা।

কল্যাণীয় /কোল্‌ল্যানিয়ো / [স. কল্যাণ+ঈয়] বিণ. কল্যাণাস্পদ। বি. ১ আশীর্বাদের পাত্র। ২ বয়ঃকনিষ্ঠের প্রতি পত্রে সম্বোধনসূচক পাঠ। স্ত্রী. কল্যাণীয়া /কোল্‌ল্যানিআ/।

কল্যাণীয়বর /কোল্‌ল্যানিয়োবর্‌/ [স. কল্যাণীয়+বর] বি. স্নেহভাজনকে লিখিত পত্রের সম্বোধনসূচক পাঠ।

কল্যাণীয়াসু /কোল্‌ল্যানিআশু/ [স. কল্যাণীয়+আসু] বি. স্নেহভাজন নারীকে লিখিত পত্রের সম্বোধন-সূচক পাঠ।

কল্যাণীয়েষু /কোল্‌ল্যানিয়েশু / [স. কল্যাণীয়+এষু] বি. বয়ঃকনিষ্ঠ পুরুষকে লিখিত পত্রের সম্বোধন-সূচক পাঠ।

কল্ল /কল্‌লো/ [স. কল্য >] বিণ. কানে শোনে না এমন, বধির, কালা, শ্রবণকালা।

কল্লা[১] /কল্‌লা/ [ফা.] বিণ. মুখরা, অতি চতুরা। বি. ১ মুখরা নারী। ২ মাথা, মুণ্ডু।

কল্লা[২] /কল্‌লা/ [স. কলহী >] বিণ. ১ কলহপটু, কুঁদুলে। ২ চতুরা। বি. ঠাট, ঢং; চতুরালি।

কল্লোল /কল্‌লোল্‌/ [স. √কল্ল্‌+ওল] বি. জলের কলকল শব্দ; মহাতরঙ্গ। বিণ. কোলাহলমুখর।

কল্লোলিত /কল্‌লোলিতো/ [স. কল্লোল+ইত] বিণ. কলধ্বনিতে মুখরিত, কোলাহলমুখর।

কল্লোলিনী /কল্‌লোলিনি/ [স. কল্লোল+ইন্‌+ঈ] বিণ. ১ কলধ্বনিমুখরিত। ২ কল্লোলকারিণী। বি. নদী।

কশ /কশ্‌/ [দেশি.] বি. ওষ্ঠাধরের দুই কোণ, সৃক্কণী।

কশা /কশা/ [স. √কশ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ চাবুক। ২ কশাঘাত।

কশাঘাত /কশাঘাত্‌/ [স. কশা+√হন্‌+অ] বি. চাবুকের আঘাত।

কশাড় /কশাড়্‌/ [স. কশেরু >] বি. খড়জাতীয় কাশতৃণ।

কশিদা /কোশিদা/ [ফা.] বি. সুচ সুতো দিয়ে কাপড়ে তোলা নকশা।

কশেরু /কশেরু/ [স. ক+√শৃ+উ] বি. ১ মেরুদণ্ড। ২ তৃণবিশেষের কন্দ, কেশুর।

কশেরুক /কশেরুক্‌/ [স. কশেরু+ক (স্বার্থে)] বিণ. মেরুদণ্ডী। বি. ১ মেরুদণ্ড। ২ কন্দবিশেষ।

কশেরুকা /কশেরুকা/ [স. কশেরু+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ মেরুদণ্ড। ২ মেরুদণ্ডের ক্ষুদ্র অস্থিখণ্ড-সমূহের যে কোনো একটি, vertebra।

কশ্যপ /কোশ্‌শপ্‌/ [স. কশ্য+√পা+অ] বি. ১ পৌরাণিক মুনিবিশেষ এবং ব্রহ্মার মানসপুত্র। ২ সপ্তর্ষিমণ্ডলে সাতটি নক্ষত্রের একটি।

কশ্যপনন্দন /কোশ্‌শপ্‌নন্‌দোন্‌/ [স. কশ্যপ+নন্দন] বি. কশ্যপের পুত্র, গরুড়।

কষ[১] /কশ্‌/ [স. কষায় >] বি. ১ কষায় রস; গাব হরীতকী প্রভৃতি গাছের কটু রস। ২ পশুচর্ম পাকানোর জন্য ব্যবহৃত কষায় রসবিশেষ, ক্বাথবিশেষ। ৩ কষায় রসের ছোপ।

www.pathagar.com

কষ[২] /কশ্/ [স. √কষ্+অ] বি. সোনা প্রভৃতি ধাতুর বিশুদ্ধতা যাচাইয়ের জন্য ব্যবহৃত কালো পাথর-বিশেষ, কষ্টিপাথর।

কষণ /কশন্/ [স. √কষ্+অন] বি. ১ কষ্টিপাথরে ঘষে পরীক্ষণ। ২ ঘর্ষণ। ৩ কণ্ডূয়ন।

কষন /কশন্/ [বা.] বি. ১ চামড়ায় কষ প্রয়োগ। ২ শক্ত বাঁধন। ৩ মাছ মাংস প্রভৃতি জারণ।

কষা[১] /কশা/ [স. কষায় >] বিণ. কষায় রসবিশিষ্ট। ক্রিবি. ১ কষায় রসযুক্ত করা। ২ চামড়ায় কষ দেওয়া।

কষা[২]/ কশা/ [স. √ কষ্+অ+আ (টাপ্)] ক্রিবি. ১ কষ্টিপাথরে ঘষে সোনা যাচাই করা। ২ গণিতে ফল নির্ণয় করা (*অঙ্ক কষা*); গণনা করা। ৩ প্রয়োগ করা (*ব্রেক কষা*)। ৪ মূল্য স্থির করা (*দর কষা*)। বিণ. (বাংলায়) নিকষে পরীক্ষিত।

কষা[৩] /কশা/ [বা.] ক্রিবি. বিণ. ১ সাঁতলানো। ২ আঁট করে বাঁধা। ৩ শক্তি প্রয়োগ করা (*কষে চড় মারা*)। ৪ শক্ত করা (*কষে বাঁধা*)। ৫ রুক্ষ হওয়া (*শরীর কষে যাওয়া*)।

কষাকষি /কশাকোশি/ [বা.] বি. ১ দুই পক্ষের মধ্যে কোনো বিষয়ে বাদানুবাদ (*দর কষাকষি*), তর্ক-বিতর্ক। ২ দুই পক্ষের মধ্যে অসন্তোষজনিত বিরূপভাব (*মন কষাকষি*)।

কষানি /কশানি/ [বা.] বি. খোসপাঁচড়া থেকে নিঃসৃত পুঁজ।

কষানো /কশানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ মাছ মাংস প্রভৃতি জারিত করা। ২ কষায় রস দেওয়া।

কষায় /কশায়্ / [স. কষায়+অ] বি. ১ কটু বা তিক্ত রস। ২ কষ। ৩ লালচে রং। ৪ ক্বাথ। বিণ. ১ কটু স্বাদযুক্ত, তিক্ত। ২ লোহিত, আরক্ত।

কষায়িত /কশায়িতো/ [স. কষায়+ইত] বিণ. রক্তিম, রঞ্জিত।

কষি /কোশি/ [দেশি.] বি. ১ লম্বা সরলরেখা। ২ পরিধেয় বস্ত্রের যে অংশ কোমরে বাঁধা থাকে। ৩ কাঁচা আমের আঁটি।

কষিত /কোশিতো/ [স. √কষ্+ত] বিণ. ১ কষ্টিপাথরে পরীক্ষিত। ২ খাঁটি, নিখাদ।

কষ্ট /কশ্টো/ [স. √কষ্+ত] বি. ১ পরিশ্রম। ২ দুঃখ; ক্লেশ। বিণ. ১ ক্লিষ্ট। ২ স্বতঃস্ফূর্ত নয় এমন।

কষ্টকর /কশ্টোকর্/ [স. কষ্ট+কর] বিণ. ক্লেশকর।

কষ্টকল্পনা /কশ্টোকল্পোনা / [স. কষ্ট+কল্পনা] বি. সহজসাধ্য নয় এমন কল্পনা।

কষ্টকল্পিত /কশ্টোকোল্পিতো/ [স. কষ্ট+√কল্প্+ত] বিণ. কষ্ট করে কল্পনা করা হয়েছে এমন।

কষ্টজীবী /কশ্টোজিবি/ [স. কষ্ট-জীব+ইন্] বিণ. কষ্ট করে জীবিকা অর্জন করে বা বেঁচে থাকে এমন।

কষ্টদায়ক /কশ্টোদায়ক্/ [স. কষ্ট+√দা+অক] বিণ. কষ্ট দেয় এমন, কষ্টকর।

কষ্টলভ্য /কশ্টোলোব্ভো/ [স. কষ্ট+√লভ্+য] বিণ. কষ্ট করে লাভ করতে হয় এমন।

কষ্টসহ /কশ্টোশহো/ [স. কষ্ট+√সহ্+অ] বিণ. কষ্ট সহ্য করতে হয় বা করে এমন।

কষ্টসহিষ্ণু /কশ্টোশোহিশ্নু/ [স. কষ্ট+√সহ্+ইষ্ণু] বিণ. দ্র কষ্টসহ।

কষ্টসাধ্য /কশ্টোশাদ্ধো/ [স. কষ্ট+√সাধি+য] বিণ. কষ্ট করে সম্পাদন করতে হয় এমন, দুষ্কর।

কষ্টার্জিত /কশ্টার্জিতো/ [স. কষ্ট+√অর্জ্+ত] বিণ. বহু কষ্টে অর্জন করা হয়েছে এমন।

কষ্টি /কোশ্টি/ [স. √কষ্+তি] বি. সোনা প্রভৃতির বিশুদ্ধতা যাচাই করার পাথরবিশেষ, নিকষপাথর।

কষ্টিপাথর /কোশ্টিপাথোর্ / [স. কষ্টি+পাথর] বি. সোনা পরীক্ষা করার পাথর, নিকষপাথর।

কষ্টেসৃষ্টে /কশ্টেসৃশ্টে/ [বা.] ক্রিবিণ. বহু কষ্টে, কোনো রকমে।

কসবা /কশ্বা/ [আ.] বি. গ্রামের চেয়ে বড়ো কিন্তু শহরের চেয়ে ছোটো জনপদ; সমৃদ্ধ ও উন্নত গ্রাম, বর্ধিষ্ণু গ্রাম; যে গ্রামে হাটবাজার আছে।

কসবি /কোস্বি/ [ফা.] বি. যৌনকর্মী, গণিকা।

কসম /কসম্/ [আ.] বি. শপথ, কিরা, দিব্যি।

কসম খাওয়া /কসম্ খাওআ/ ক্রিবি. আল্লাহর নামে শপথ করা।

কসমস /কস্মস্/ [হি.] বি. উজ্জ্বল লাল গোলাপি সাদা প্রভৃতি রঙের লম্বা ডাঁটাযুক্ত মরশুমি ফুল বা তার সরু সবুজ পাতাবিশিষ্ট বর্ষজীবী উষ্ণমণ্ডলীয় অঞ্চলের উদ্ভিদ।

কসরত /কস্রত্/ [আ.] বি. ১ কৌশল, কায়দা। ২ অঙ্গচালনার কৌশল, ব্যায়াম। ৩ অভ্যাস, চর্চা, অনুশীলন। ৪ প্রতিকূল অবস্থার সঙ্গে যুদ্ধ।

কসাই /কশাই/ [আ.] বি. ১ পশু হত্যা ও মাংস বিক্রয় যার পেশা। ২ (আল.) অত্যন্ত নির্মম ও স্বার্থপর ব্যক্তি।

কসাইখানা /কশাইখানা/ [আ. কসাই+ফা. খানা] বি. পশু বধের স্থান।

কসাইগিরি /কশাইগিরি/ [আ. কসাই+ফা. গিরি] বি. ১ কসাইয়ের পেশা। ২ কসাইসুলভ নির্মম আচরণ।

www.pathagar.com

কসুর /কোসুর্/ [আ.] বি. ১ অপরাধ, অন্যায়। ২ ভুল। ৩ অবহেলা। ৪ ন্যূনতা, কমতি; অপূর্ণতা।

কস্ত /কস্তো/ [আ.] বি. ১ কষ্টকর ও কৌশলময় অভ্যাস। ২ ব্যায়াম। ৩ শিক্ষা।

কস্তা /কস্তা/ [বা.] বিণ. টকটকে লাল, রক্তবর্ণ।

কস্তাকস্তি /কস্তাকোস্তি/ [বা.] বি. ধস্তাধস্তি।

কস্তাপাড় /কস্তাপাড়্/ [বা.] বি. চওড়া লাল পাড়।

কস্তাপেড়ে /কস্তাপেড়ে/ [বা.] বিণ. চওড়া লাল পাড়বিশিষ্ট (*কস্তাপেড়ে শাড়ি*)।

কস্তুরিকা /কোস্তুরিকা/ [স. কস্তুরী+কন্+আ (টাপ্)] বি. মৃগনাভি।

কস্তুরী /কোস্তুরি/ [স. √কস্+উর+ঈ] বি. মৃগনাভিজাত গন্ধদ্রব্য, মৃগনাভি, মৃগমদ।

কস্মিনকালে /কোশ্শিন্কালে/ [স. কস্মিনকাল+বা. এ] ক্রিবিণ. কোনোকালে, কখনো।

কস্য /কোশ্শো/ [স. কিম্ >] সর্ব. বিণ. (সম্পত্তি-সংক্রান্ত দলিলের পাঠবিশেষ) যার; কার; অমুকের (*কস্য পত্রমিদং কার্যঞ্চাগে*)।

কহতব্য /কহোতোব্বো/ [স. কথয়িতব্য >] বিণ. ১ বলার যোগ্য, বলার উপযুক্ত। ২ কথনসাধ্য।

কহন /কহোন্/ [স. কথন >] বি. বলন, কথন।

কহনীয় /কহোনিয়ো/ [বা.] বিণ. বলতে হবে এমন, বলার যোগ্য, কহতব্য।

কহা /কহা/ [বা.] ক্রিবি. বলা। বিণ. কথিত, উক্ত।

কহানো /কহানো/ [বা.] ক্রিবি. বলানো।

কহিয়ে /কোহিয়ে/ [বা.] বিণ. বাক্‌পটু।

কহিল /কোহিলো/ [স. কথিত >] ক্রি. বলল।

কহিলা /কোহিলা/ [বা.] ক্রি. (কবিতায়) বলল।

কহে /কহে/ [বা.] ক্রিবি. বলে।

কহো /কহো/ [বা.] অনুক্রি. মধ্যম পুরুষে বলার অনুজ্ঞা বা অনুরোধ, (কাব্যে) বলো, কও; বিবৃত করো (*কহো কহো মোরে প্রিয়ে,* রবীন্দ্র.)।

কহ্লার /কল্হার্/ [স. ক+√হ্লাদি+অ] বি. শ্বেতপদ্ম; শালুক; সুঁদি।

কা /কা/ [স. কিম্ >] সর্ব. ১ কে, কোনজন। ২ কী; কোনো বস্তু বা বিষয়।

কাই /কাই/ [স. ক্বাথ >] বি. আঠা, লেই, ঘন মাড়, ক্বাথ।

কাইট /কাইট্/ [স. কিট্ট >] বি. তৈলবীজ পিষে তেল আহরণের পর যা পড়ে থাকে, তেলের গাদ, খইল।

কাউ /কাউ/ [স. কাক >] বি. বায়স, কাক।

কাউকে /কাউকে/ [বা.] সর্ব. কোনো ব্যক্তিকে।

কাউন /কাউন্/ [দেশি.] বি. মিহি চালের ধানবিশেষ (*কাউনের চাল*)।

কাউন্সিল /কাউন্সিল্/ [ই.] বি. আইনসভা; পরিষদ, council।

কাউয়া /কাউআ/ [স. কাক >] বি. বায়স, কাক।

কাউর /কাউর্/ [বা.] বি. দাদ, দদ্রু।

কাওয়াজ /কাওআজ্/ [আ.] বি. সৈন্যদের যুদ্ধকৌশল অনুশীলন (*কুচকাওয়াজ*)।

কাওয়াল /কাওআল্/ [আ.] বি. বিণ. কাওয়ালি গায়ক।

কাওয়ালি /কাওআলি/ [ফা.] বি. উর্দু ভাষায় রচিত ভক্তিগীতি; ভক্তিগীতির তালবিশেষ।

কাওরা /কাওরা/ [দেশি.] বি. পালকিবাহক, কাহার; বাংলাদেশ ও ভারতের অনগ্রসর জাতিবিশেষ।

কাংসক /কাংশক্/ [স. কাংস+ক (স্বার্থে)] বি. ১ তামার সঙ্গে টিন মিশ্রিত ধাতুবিশেষ, কাঁসা। ২ কাঁসার থালা বাটি প্রভৃতি। ৩ কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। বিণ. কাঁসার তৈরি।

কাংস্য /কাংশো/ [স. কংস+য] বি. দ্র কাংসক।

কাঁইবিচি /কাঁইবিচি/ [বা.] বি. তেঁতুলের বীজ।

কাঁইমাই /কাঁইমাই/ [ধ্বন্যা.] বি. নাকি সুরে অস্পষ্ট কথা।

কাঁক[১] /কাঁক্/ [স. কঙ্ক >] বি. লম্বা পা ও গলাবিশিষ্ট সাদাকালো বা ফিকে লাল রঙের বকজাতীয় বৃহদাকার পাখি।

কাঁক[২] /কাঁক্/ [স. কক্ষ >] বি. ১ মানবদেহের পাঁজর ও নিতম্বের মধ্যবর্তী অংশ, কটিদেশ, কোমর, কোল, কাঁকাল। ২ বগল।

কাঁকই /কাঁকোই/ [স. কঙ্কতিকা >] বি. চুল আঁচড়ানোর জন্য ব্যবহৃত সরু ও লম্বা দাঁতযুক্ত পাতবিশেষ, চিরুনি।

কাঁকড়া /কাঁক্ড়া/ [স. কর্কট >] বি. সামনে পেছনে বা পাশে সমানগতিতে চলতে পারে এমন কঠিন খোলসযুক্ত ও পাঁচ জোড়া পা-বিশিষ্ট (যার প্রথম জোড়া দাড়াযুক্ত) সাগর সৈকতে বিচরণকারী উভচর অমেরুদন্ডী প্রাণিবিশেষ, কর্কট।

কাঁকড়াবিছা /কাঁক্ড়াবিছা/ [বা.] বি. দুটি বড়ো দাড়া এবং ওপরদিকে বাঁকানো দীর্ঘ লেজ ও বিষাক্ত হুলযুক্ত কীটবিশেষ।

কাঁকড়ি /কাঁক্ড়ি/ [স. কর্কটি >] বি. দ্র কাঁকুড়।

কাঁকন /কাঁকোন্/ [স. কঙ্কণ >] বি. নারীর হাতে পরিধেয় বালাজাতীয় অলংকারবিশেষ, কঙ্কণ।

কাঁকর /কাঁকোর্/ [স. কর্কর >] বি. পাথরের ছোটো কুচি, কঙ্কর, নুড়ি।

www.pathagar.com

কাঁকরোল /কাঁক্‌রোল্‌/ [স. কর্কোটক >] বি. রেঁধে খাওয়া হয় এমন বর্ষাকালে জাত ডিম্বাকৃতি আনাজ (যার বহির্ভাগ সুচালো আলযুক্ত এবং কাঁচা অবস্থায় সবুজ ও পরে হলুদ বা লাল হয়ে যায়) বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, কন্ধকরোল, কর্কোটক।

কাঁকাল /কাঁকাল্‌/ [স. কক্কাল >] বি. মাজা, কোমর, কটি, কাঁখ।

কাঁকুড় /কাঁকুড়্‌/ [স. কর্কটি >] বি. দক্ষিণ এশিয়ায় বেলে মাটিতে জাত সবুজ হলুদ লালচে প্রভৃতি রঙের বৃহদাকার শসাজাতীয় ফল বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, কাঁকড়ি, ফুটি।

কাঁখ /কাঁখ্‌/ [স. কক্ষ >] বি. দ্র কাঁক[২]।

কাঁখতলি /কাঁখ্‌তোলি/ [বা.] বি. ১ বগল। ২ কক্ষতল।

কাঁখবিড়ালি /কাঁখ্‌বিড়ালি/ [বা.] বি. বগলের ফোড়া।

কাঁচকড়া /কাঁচ্‌কড়া/ [বা.] বি. ১ কাছিমের খোলা। ২ তিমিমাছের দন্তসংলগ্ন কোমল অস্থিবিশেষ। ৩ উচ্চ তাপমাত্রায় কঠিনীকৃত রবার ও গন্ধকের মিশ্রণ-জাত প্লাস্টিকজাতীয় পদার্থবিশেষ, vulcanite।

কাঁচকলা /কাঁচ্‌কলা/ [বা.] বি. ১ গ্রীষ্মমণ্ডলে জাত বড়ো লম্বা ও চওড়া সবুজ পাতাবিশিষ্ট একবীজপত্রী গাছের নৌকাকৃতি বাঁকা ও পুষ্টিকর ফলবিশেষ যা আনাজরূপে রেঁধে খাওয়া হয়। ২ (ব্য.) কিছুই না, লবডঙ্কা।

কাঁচড়া /কাঁচ্‌ড়া/ [স. কক্ষট >] বি. বুনো শাকবিশেষ।

কাঁচপোকা /কাঁচ্‌পোকা/ [বা.] বি. উজ্জ্বল নীলবর্ণের শক্ত খোলসে আবৃত বোলতাজাতীয় আর্থোপোডা পর্বের পতঙ্গবিশেষ।

কাঁচল /কাঁচোল্‌/ [স. কঞ্চুলিকা >] বি. দ্র কাঁচুলি।

কাঁচলি /কাঁচোলি/ [স. কঞ্চুলিকা >] বি. বক্ষবন্ধনী।

কাঁচা /কাঁচা/ [দেশি.] বিণ. ১ অপক্ক (*কাঁচা আম*)। ২ অরন্ধিত (*কাঁচা মাংস*)। ৩ অদগ্ধ (*কাঁচা ইঁট*)। ৪ অপরিণত (*কাঁচা বুদ্ধি*)। ৫ মাটির তৈরি (*কাঁচা ঘর*)। ৬ আনাড়ি (*কাঁচা হাতের কাজ*)। ৭ তরুণ (*কাঁচা বয়স*)। ৮ অস্থায়ী (*কাঁচা রং*)। ৯ চূড়ান্ত নয় এমন (*কাঁচা হিসাব*)। ১০ বিশুদ্ধ (*কাঁচা সোনা*)। ১১ অশুষ্ক (*কাঁচা কাঠ*)। ১২ ওজনে কম এমন (*কাঁচা সের*)। ১৩ বাঁধানো নয় এমন (*কাঁচা রাস্তা*)। ১৪ সাময়িক (*কাঁচা রসিদ*)। ১৫ অপূর্ণ (*কাঁচা ঘুম*)। ১৬ প্রক্রিয়াকরণের জন্য অপেক্ষমাণ (*কাঁচামাল*)। ১৭ পারদর্শী নয় এমন (*ইংরেজিতে কাঁচা*)। ১৮ বিনা আয়াসে অর্জিত (*কাঁচা টাকা*)। বি. কিশোর ও কিশোরী (*ওরে নবীন, ওরে আমার কাঁচা*, রবীন্দ্র.)।

কাঁচা কাজ /কাঁচা কাজ্‌/ বি. ১ অপটু হাতের কাজ। ২ বোকামি।

কাঁচাগোল্লা /কাঁচাগোল্‌লা/ [বা.] বি. নরম পাকের ছানার তৈরি সন্দেশবিশেষ।

কাঁচা ঘুম /কাঁচা ঘুম্‌/ বি. ঘুমের ঘোর কাটেনি এমন অবস্থা।

কাঁচা চুল /কাঁচা চুল্‌/ বি. পাকেনি এমন চুল।

কাঁচা টাকা /কাঁচা টাকা/ বি. বিনা শ্রমে অর্জিত টাকা।

কাঁচাপাকা /কাঁচাপাকা/ [বা.] বিণ. (চুল সম্পর্কে) অর্ধেক পাকা এবং অর্ধেক কাঁচা; আধপাকা।

কাঁচা বয়স /কাঁচা বয়োশ্‌/ বি. অপরিণত বয়স, অল্পবয়স, তরুণ।

কাঁচাবাজার /কাঁচাবাজার্‌/ [বা.] বি. মাছ মাংস আনাজ প্রভৃতি বিক্রয়ের স্থান।

কাঁচা বুদ্ধি /কাঁচা বুদ্‌ধি/ বি. অপরিণত বুদ্ধি।

কাঁচামাল /কাঁচামাল্‌/ [বা. কাঁচা+আ. মাল] বি. যে সকল (কৃষিজাত বা অন্য) উপাদান থেকে শিল্পদ্রব্য তৈরি হয়।

কাঁচামিঠা /কাঁচামিঠা/ [বা.] বিণ. অপক্ক বা কাঁচা অবস্থায় মিষ্ট এমন (*কাঁচামিঠা আম*)।

কাঁচামিঠে /কাঁচামিঠে/ [বা.] বিণ. দ্র কাঁচামিঠা।

কাঁচা রসিদ /কাঁচা রোশিদ্‌/ বি. অস্থায়ী প্রাপ্তি-স্বীকারপত্র।

কাঁচা লেখা /কাঁচা লেখা/ বি. ১ নিম্নমানের রচনা। ২ অপরিণত হাতের লেখা, খারাপ হস্তাক্ষর।

কাঁচি[১] /কাঁচি/ [তুর.] বি. কাপড় কাগজ প্রভৃতি কাটার জন্য ব্যবহৃত দুটি হাতলযুক্ত ইস্পাতের ফলা একত্রে জুড়ে তৈরি ধারালো অস্ত্রবিশেষ, scissors।

কাঁচি[২] /কাঁচি/ [দেশি.] বিণ. ১ কম ওজনবিশিষ্ট। ২ ঠাসবুননিসম্পন্ন।

কাঁচুমাচু /কাঁচুমাচু/ [দেশি.] বিণ. লজ্জা ভয় প্রভৃতির জন্য সংকুচিত; জড়সড়।

কাঁচুলি /কাঁচুলি/ [স. কঞ্চুলিকা >] বি. স্ত্রীলোকদের স্তন আবরক বস্ত্র, বক্ষবন্ধনী, বুকের আবরণ।

কাঁজি /কাঁজি/ [স. কাঞ্জিক >] বি. আমানি, গাঁজানো পান্তা ভাতের পানি; অম্লজল।

কাঁটা /কাঁটা/ [স. কণ্টক >] বি. ১ মাছের সরু ও সুচালো হাড় (*মাছের কাঁটা*)। ২ শজারুর গায়ের তীক্ষ্ণ শলাকা। ৩ গাছের গায়ে উদ্‌গত সুচের মতো তীক্ষ্ণ অগ্রভাগবিশিষ্ট কঠিন বস্তু (*গাছের কাঁটা*)। ৪ অ্যানালগ ঘড়ির সময় নির্দেশক বাহু (*ঘড়ির কাঁটা*)। ৫ কাঠ প্রভৃতি জোড়া দেওয়ার জন্য ব্যবহৃত ধাতব শলাকা, পেরেক (*তারকাঁটা*)। ৬

www.pathagar.com

পুলক বা ভীতিকর শিহরন (*গায়ে কাঁটা দেওয়া*)। ৭ দাঁড়িপাল্লা (*ওজন করার কাঁটা*)। ৮ প্রতিবন্ধক (*পথের কাঁটা*)। ৯ পাশ্চাত্য পদ্ধতিতে খাওয়ার সময় আহার্য মুখে তোলার জন্য বা ছুরি দিয়ে কাটার সময় খাদ্যবস্তু ধরে রাখার জন্য ব্যবহৃত দুই বা ততোধিক ফলাযুক্ত সরঞ্জামবিশেষ (*কাঁটাচামচ*), fork।

কাঁটা করা /কাঁটা করা/ ক্রিবি. ১ ঢাকাই জামদানি শাড়ি ধোয়ার জন্য প্রান্তভাগে দুটি বাঁশ এবং কাঁটাযুক্ত কয়েকটি দণ্ডের সাহায্যে আড়াআড়িভাবে বিস্তৃত করার পর তরল সাবান দিয়ে পরিষ্করণ এবং চাল সেদ্ধ করে প্রাপ্ত মণ্ডের হালকা প্রলেপ দিয়ে রোদে শুকিয়ে ভাঁজ করে রাখা। ২ ওজন করা।

কাঁটাচামচ /কাঁটাচামোচ্/ [বা.] বি. আহারের জন্য ব্যবহৃত অগ্রভাগে দুটি থেকে চারটি সরু ফলাবিশিষ্ট চামচজাতীয় উপকরণ ও চামচ, fork and spoon।

কাঁটাচুয়া /কাঁটাচুআ/ [দেশি.] বি. আফ্রিকা এশিয়া ও দক্ষিণ-পূর্ব ইউরোপে বিচরণ করে এমন সারা গায়ে কাঁটাযুক্ত স্তন্যপায়ী ও পতঙ্গভুক নিশাচর মেরুদণ্ডী প্রাণী (যা ভয় পেলে বলের মতো গোল হয়ে শরীর গুটিয়ে ফেলতে পারে), শল্লকী, শজারু।

কাঁটাঝোপ /কাঁটাঝোপ্/ [বা.] বি. কাঁটাওয়ালা গাছে ভরা ঝোপঝাড়।

কাঁটাতার /কাঁটাতার্/ [বা.] বি. ছোটো ছোটো সুচালো কাঁটাযুক্ত তারবিশেষ, barbed wire।

কাঁটা তোলা /কাঁটা তোলা/ ক্রিবি. শত্রু দমন করা।

কাঁটা দেওয়া /কাঁটা দেওআ/ ক্রিবি. রোমাঞ্চিত বোধ করার ফলে গায়ের লোম খাড়া হওয়া।

কাঁটানটে /কাঁটানোটে/ [দেশি.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে পতিত জমিতে সারাবছর গুচ্ছাকারে ফোটে এমন সবুজ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন পাতাবিশিষ্ট কাঁটাওয়ালা বীরুৎশ্রেণির উদ্ভিদ যা পশুখাদ্যরূপে ব্যবহৃত হয়।

কাঁটায় কাঁটায় /কাঁটায় কাঁটায়/ ক্রিবিণ. ঠিক সময়ে, যথাসময়ে।

কাঁটাল /কাঁটাল্/ [স. কণ্টকফল >] বি. 'কাঁঠাল'-এর আঞ্চলিক রূপ।

কাঁটালি কলা /কাঁটালি কলা/ বি. 'কাঁঠালিকলা'-র আঞ্চলিক রূপ।

কাঁটা হওয়া /কাঁটা হওআ/ ক্রিবি. ভয়ে সংকুচিত হওয়া বা শিউরে ওঠা।

কাঁঠাল /কাঁঠাল্/ [স. কণ্টকফল >] বি. ক্রান্তীয় অঞ্চলের উষ্ণ ও আর্দ্র জলবায়ুতে জাত সর্বাঙ্গে কাঁটাযুক্ত গ্রীষ্মকালীন বড়ো ফল বা তার চিরহরিৎ গাছ, পনস।

কাঁঠালচাঁপা /কাঁঠালচাঁপা/ [বা.] বি. বর্ষাকালে ফোটে এমন পাকা কাঁঠালের গন্ধযুক্ত হলুদ বা সবুজাভ সাদা ফুল (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া)।

কাঁঠালিকলা /কাঁঠালিকলা/ [বা.] বি. বিচিওয়ালা কলাবিশেষ, কলার প্রজাতিবিশেষ।

কাঁঠি /কাঁঠি/ [স. কণ্ঠিকা >] বি. ১ মাছ ধরার জালের নিচের অংশে সংযুক্ত লোহার ছোটো টুকরো যা জালকে পানিতে ডুবিয়ে রাখতে সাহায্য করে। ২ গলার মালার গুটিকা। ৩ শুকপাখির গলদেশের রেখা। ৪ ছোটো পেরেক। ৫ সাপের গলার দাগ।

কাঁড় /কাঁড়/ [স. কান্ড >] বি. ১ স্তূপ, রাশি। ২ বাণ, বাঁশের ধনুক। ৩ বাঁশ বা তক্তার উঁচু মাচাবিশেষ যার ওপর গৃহস্থালির জিনিসপত্র রাখা যায়।

কাঁড়া /কাঁড়া/ [স. কন্ডিত >] ক্রিবি. ছেঁটে পরিষ্কার করা, কুঁড়া বা তুষের কণামুক্ত করা। বিণ. পরিষ্কৃত, ছাঁটা হয়েছে এমন (*ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া*)।

কাঁড়ানো /কাঁড়ানো/ [বা.] ক্রিবি. ছাঁটানো, পরিষ্কার করানো। বিণ. পরিষ্কৃত, ছাঁটা হয়েছে এমন।

কাঁড়ারি /কাঁড়ারি/ [স. কান্ডারী >] বি. কর্ণধার, মাঝি।

কাঁড়ি /কাঁড়ি/ [স. কান্ড >] বি. স্তূপ, রাশি।

কাঁড়ি কাঁড়ি /কাঁড়ি কাঁড়ি/ বিণ. রাশি রাশি; প্রচুর।

কাঁথ /কাঁথ্/ [স. কন্থা >] বি. মাটির তৈরি ভিত; দেওয়াল, প্রাচীর।

কাঁথা /কাঁথা/ [স. কন্থা >] বি. শীত নিবারণের জন্য পুরানো শাড়ি প্রভৃতি একত্রে সেলাই করে তৈরি চাদরবিশেষ, কন্থা।

কাঁথি /কাঁথি/ [স. কন্থা >] বি. ১ নদীর উঁচু তীর বা পাড়। ২ প্রাচীর, দেওয়াল।

কাঁদা /কাঁদা/ [স. ক্রন্দন >] ক্রিবি. রোদন করা।

কাঁদাকাটা /কাঁদাকাটা/ [বা.] ক্রিবি. কান্নাকাটি করা।

কাঁদাকাটি /কাঁদাকাটি/ [বা.] বি. ১ কান্নাকাটি; বিলাপ, খেদোক্তি-সহ কান্না। ২ অনুনয়বিনয়।

কাঁদানে গ্যাস /কাঁদানে গ্যাস্/ বি. বিক্ষুব্ধ জনতাকে ছত্রভঙ্গ করার উদ্দেশ্যে আইন প্রয়োগকারী সংস্থাকর্তৃক ব্যবহৃত হ্যালোজেন শ্রেণির গ্যাসবিশেষ যা চোখের জ্বালা এবং শ্বাসনালির প্রদাহ সৃষ্টি করে (সর্বপ্রথম ১ম মহাযুদ্ধে ব্যবহৃত), tear gas।

www.pathagar.com

কাঁদানো /কাঁদানো/ [বা.] ক্রিবি. কাঁদতে প্রবৃত্ত করা।

কাঁদি /কাঁদি/ [দেশি.] বি. ফলের বড়ো গুচ্ছ বা স্তবক (*কলার কাঁদি*), থোকা।

কাঁদুনি /কাঁদুনি/ [স. ক্রন্দন >] বি. ১ কান্না, রোদন। ২ কাতরতা। ৩ বিলাপ।

কাঁদুনে /কাঁদুনে/ [স. ক্রন্দন >] বিণ. কথায় কথায় কাঁদে এমন, ঘ্যানঘেনে।

কাঁদোকাঁদো /কাঁদোকাঁদো/ [বা.] বিণ. কাঁদার উপক্রম করছে এমন, ক্রন্দনোন্মুখ।

কাঁধ /কাঁধ/ [স. স্কন্ধ >] বি. মানবদেহের যে অংশের সঙ্গে দুই হাত সংযুক্ত থাকে; চতুষ্পদ জন্তুর ক্ষেত্রে দেহের যে অংশের সঙ্গে সামনের দুই পা যুক্ত থাকে; ঘাড়, স্কন্ধ, অংস।

কাঁধাকাঁধি /কাঁধাকাঁধি/ [বা.] বি. পরস্পরের কাঁধে বহন; ভারবহনকালে একাধিক ব্যক্তির কাঁধ পরিবর্তন; একজনের কাঁধের পাশে অন্যজন এমন অবস্থা।

কাঁধার /কাঁধার/ [স. কন্ধর >] বি. কূল, তীর; কিনারা, ধার, পার্শ্বদেশ।

কাঁধে নেওয়া /কাঁধে নেওআ/ ক্রিবি. ১ কাঁধে তুলে নেওয়া। ২ (আল.) দায়িত্ব গ্রহণ করা।

কাঁপ /কাঁপ/ [স. কম্প >] বি. দ্র কাঁপন।

কাঁপন /কাঁপোন/ [স. কম্পন >] বি. কম্পন; শিহরন।

কাঁপা /কাঁপা/ [স. কম্প >] ক্রিবি. কম্পিত হওয়া।

কাঁপানো /কাঁপানো/ [বা.] ক্রিবি. কম্পিত করা, নড়ানো। বিণ. কাঁপায় এমন (*হাড়কাঁপানো শীত*)।

কাঁপুনি /কাঁপুনি/ [বা.] বি. কম্পন; স্পন্দন।

কাঁপুনে /কাঁপুনে/ [বা.] বিণ. কম্পমান, কাঁপছে এমন।

কাঁসর /কাঁশোর/ [স. কাংস্য >] বি. কাঁসার তৈরি বাদ্যযন্ত্র (*মন্দিরেতে কাঁসর ঘণ্টা বাজল ঠঙ্ ঠঙ্।* রবীন্দ্র.)।

কাঁসা /কাঁশা/ [স. কাংস্য >] বি. টিন ও তামার মিশ্রধাতু, bell metal।

কাঁসারি /কাঁশারি/ [স. কাংস্যকার >] বি. ১ কাঁসার পণ্যদ্রব্য নির্মাতা বা বিক্রেতা। ২ জাতিবিশেষ।

কাঁসি /কাঁশি/ [বা.] বি. ১ উঁচু কানাবিশিষ্ট কাঁসার ছোটো থালা। ২ কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ।

কাঁহা /কাঁহা/ [বা.] ক্রিবিণ. কোথা।

কাঁহাতক /কাঁহাতক/ [বা.] ক্রিবিণ. কতদূর পর্যন্ত, কোন সীমা পর্যন্ত; কতক্ষণ পর্যন্ত।

কাক /কাক/ [স. √কৈ+ক] বি. পশ্চিম ইউরোপ এবং ভারতীয় উপমহাদেশ-সহ এশিয়ার কোনো কোনো অঞ্চলে বিচরণ করে এমন লম্বা চঞ্চু ও কর্কশ-স্বরবিশিষ্ট কালো বড়ো পাখিবিশেষ, (নিজের ডিম ভেবে কোকিলের ডিমে তা দেয় বলে) পরভৃৎ, পরপোষক, বায়স, crow।

কাকচক্ষু /কাকচোক্খু/ [স. কাক+চক্ষুঃ] বিণ. কাকের চোখের মতো স্বচ্ছ ও নির্মল।

কাকজ্যোৎস্না /কাকজোত্স্না/ [স. কাক+√জ্যোতিস্+ন+আ (টাপ্)] বি. রাত্রিশেষের ম্লান জ্যোৎস্না যা দেখে কাক দিনের আলো ভেবে জেগে ওঠে।

কাকতন্দ্রা /কাকতন্দ্রা/ [স. কাক+√তন্দ্র্+অ+আ (টাপ্)] বি. দ্র কাকনিদ্রা।

কাকতালীয় /কাকোতালিয়ো/ [স. কাক+তাল+ঈয়] বিণ. (তালগাছে কাক বসামাত্র তাল পতনের মতো) পরস্পর সম্বন্ধহীন দুটি ঘটনা একত্রে ঘটেছে এমন, কার্যকারণ সম্বন্ধহীন।

কাকনিদ্রা /কাকনিদ্দ্রা/ [স. কাক+নি+√দ্রা+অ+আ (টাপ্)] বি. কাকের ঘুমের মতো সতর্ক ও অগভীর ঘুম, কপট ঘুম।

কাকপক্ষ /কাকপোক্খো/ [স. কাক+পক্ষ] বি. দুই কানের পাশে ঝোলানো চুলের গোছা, জুলফি।

কাকপদ /কাকপদ/ [স. কাক+√পদ্+অ] বি. ১ কাকের পা। ২ ত্বকের ওপর কাকের পায়ের মতো চিহ্ন। ৩ লেখা বা ছাপায় বাদ পড়া অংশ নির্দেশের জন্য ব্যবহৃত চিহ্নবিশেষ, (^) চিহ্ন, caret। ৪ উদ্ধার চিহ্ন, (‘ ’) চিহ্ন। ৫ লেখায় পরিত্যক্ত অংশ বা শূন্যস্থান নির্দেশক চিহ্ন (* * *)।

কাকপুচ্ছ /কাকপুচ্ছো/ [স. কাক+√পুচ্ছ+অ] বি. কাকের মতো পুচ্ছবিশিষ্ট পাখি, কোকিল।

কাকফল /কাকফল/ [স. কাক+ফল] বি. নিমফল।

কাকবন্ধ্যা /কাকবোন্ধা/ [স. কাক+বন্ধ্যা] বি. যে নারী একবার মাত্র গর্ভধারণ করেছে, একগর্ভা।

কাকবলি /কাকবলি/ [স. কাক+বলি] বি. কাককে দেয় অন্নাদি, কাকের আহারের উদ্দেশ্যে দেয় নবান্নের অংশ।

কাকভীরু /কাকভিরু/ [স. কাক+ভীরু] বি. প্যাঁচা।

কাকভূশণ্ডি /কাকভুশোন্ডি/ [স. কাক+ভূশণ্ডি] বি. ১ পুরাণে কল্পিত ত্রিকালদর্শী কাক। ২ (আল.) বয়োবৃদ্ধ অভিজ্ঞ ব্যক্তি। বিণ. ভূশণ্ডি কাকের মতো দীর্ঘজীবী।

কাকভোর /কাকভোর/ [স. কাক+হি. ভোর] বি. খুব সকাল।

কাকল /কাকোল/ [স. কু+√কল্+অ] বি. ১ দাঁড়কাক। ২ কণ্ঠমণি। ৩ টুঁটি।

কাকলাস /কাকলাশ/ [স. কৃকলাস >] বি. ১ আরু-

www.pathagar.com

গোপনের জন্য দেহের রং পালটে পরিবেশের সঙ্গে মিশে যেতে পারে এমন সরীসৃপজাতীয় প্রাণী, কৃকলাস, গিরগিটি। ২ (আল.) অত্যন্ত কৃশ লোক।

কাকলি /কাকোলি/ [ধ্বন্যা.] বি. মধুর ও অস্ফুট ধ্বনি, কলধ্বনি।

কাকশীর্ষ /কাক্‌শিরশো/ [স. কাক+শীর্ষ] বি. বাংলা-দেশের প্রায় সর্বত্র জাত কাস্তে-আকৃতির সাদা পাপড়িবিশিষ্ট ফুল বা তার সরল কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন দ্রুতবর্ধনশীল পত্রমোচী উদ্ভিদ, বকফুল, অগুস্তি।

কাকস্নান /কাক্‌স্নান্/ [স. কাক+স্নান] বি. কাকের মতো কেবল মাথা ভিজিয়ে অল্প জলে স্নান।

কা-কা[১] /কাকা/ [ধ্বন্যা.] বি. কাকের ডাক।

কাকা[২] /কাকা/ [ফা.] বি. পিতার ছোটো ভাই বা তৎস্থানীয় ব্যক্তি, চাচা। স্ত্রী. কাকি /কাকি/।

কাকাতুয়া /কাকাতুআ/ [মাল.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে বিচরণ করে এবং বীজ ফল প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন ছোটো বাঁকানো চঞ্চু ও মাথায় ঝুঁটিওয়ালা কর্কশকণ্ঠ (যা শেখানো বুলি আওড়াতে পারে) উজ্জ্বল বর্ণের পাখি।

কাকিলা /কাকিলা/ [দেশি.] বি. বকের ঠোঁটের মতো দীর্ঘ ও সুচালো ঠোঁট এবং সরু ও গোলাকার লম্বাটে দেহবিশিষ্ট হালকা সবুজাভ সাদাটে মিঠাপানির মাছ, বকঠুঁটোমাছ।

কাকু[১] /কাকু/ [ফা. কাকা>] বি. 'কাকা'-র আদরসূচক ডাক।

কাকু[২] /কাকু/ [স. √কক্+উ] বি. ১ রাগ ভয় শোক প্রভৃতির আবেগজনিত বিকৃত কণ্ঠস্বর, স্বর-বিকৃতি। ২ কাকুতিমিনতি।

কাকুতি /কাকুতি/ [স. কাতরোক্তি >] বি. ১ কাতর অনুনয়, মিনতি। ২ খেদোক্তি।

কাকুতিমিনতি /কাকুতিমিনোতি/ [বা.] বি. অনুনয়-বিনয়, সাধাসাধি।

কাকুবাদ /কাকুবাদ/ [স. কাকু+√বদ্+অ] বি. কাতর বাক্য, মিনতি।

কাকূক্তি /কাকুক্‌তি/ [স. ককু+উক্তি] বি. ১ কাতরোক্তি; খেদোক্তি। ২ বক্রোক্তি।

কাকোদর /কাকোদর/ [স. কাক+উদর] বি. সাপ।

কাগ /কাগ/ [স. কাক >] বি. 'কাক'-এর আঞ্চলিক ও বিকৃত রূপ।

কাগজ /কাগোজ/ [ফা.] বি. ১ লেখা আঁকা বা ছাপার কাজে ব্যবহৃত বাঁশ তুলা প্রভৃতির মণ্ড থেকে তৈরি পাতলা পত্রবিশেষ। ২ দলিলপত্র, document। ৩ সংবাদপত্র।

কাগজওয়ালা /কাগোজ্‌ওআলা/ [ফা. কাগজ+হি. ওয়ালা] বি. সংবাদপত্র বিক্রেতা।

কাগজপত্র /কাগোজ্‌পত্‌ত্রো/ [ফা. কাগজ+স. পত্র] বি. ১ বিভিন্ন ধরনের কাগজ। ২ প্রামাণ্য নথিপত্র।

কাগজি /কাগোজি/ [ফা.] বিণ. ১ কাগজের তৈরি। ২ কাগজসম্বন্ধীয়। ৩ কাগজের মতো পাতলা আবরণবিশিষ্ট (*কাগজি লেবু*)। ৪ কেবল কাগজেই আছে কিন্তু বাস্তবে নেই এমন।

কাগজে কলমে /কাগোজে কলোমে/ ক্রিবিণ. লিখিতভাবে।

কাগতি /কাগোতি/ [ফা. কাগজ >] বিণ. ১ কাগজ প্রস্তুতকারী। ২ কাগজের ব্যবসায়ী।

কাগাবগা /কাগাবগা/ [দেশি.] বি. এলোমেলো ভাব; সামঞ্জস্যহীন অবস্থা।

কাগুজে /কাগুজে/ [ফা. কাগজ >] বিণ. ১ কাগজ-সংক্রান্ত। ২ কেবল কাগজেই আছে কিন্তু বাস্তবে অস্তিত্ব নেই এমন (*কাগুজে বাঘ*)।

কাঙাল /কাঙাল/ [দেশি.] বিণ. ১ নিঃস্ব, দরিদ্র। ২ লোভী, লোলুপ। ৩ দুঃখী। ৪ অক্ষম। বি. ভিখারি।

কাঙালখানা /কাঙালখানা/ [দেশি. কাঙাল+ফা. খানা] বি. ১ অন্নসত্র। ২ এতিমখানা।

কাঙালপনা /কাঙাল্‌পনা / [দেশি.] বি. ১ দরিদ্রের মতো আচরণ; দীনতা। ২ অতিশয় লোলুপতা।

কাঙালি /কাঙালি/ [দেশি.] বিণ. নিঃস্ব, দরিদ্র। স্ত্রী. কাঙালিনি /কাঙালিনি/।

কাঙালিভোজ /কাঙালিভোজ/ [বা.] বি. ভিক্ষুককে অন্নদান।

কাঙ্ক্ষণীয় /কাংখোনিয়ো/ [স. √কাঙ্ক্ষ্+অনীয়] বিণ. আকাঙ্ক্ষা করার যোগ্য, অভিলষণীয়, বাঞ্ছনীয়।

কাঙ্ক্ষা /কাংখা/ [স. √কাঙ্ক্ষ্+অ+আ (টাপ্)] বি. অভিলাষ, বাঞ্ছা, ইচ্ছা, আকাঙ্ক্ষা; স্পৃহা।

কাঙ্ক্ষিত /কাংখিতো/ [স.√কাঙ্ক্ষ+ত] বিণ. বাঞ্ছিত, অভিলষিত, ঈপ্সিত, প্রার্থিত।

-কাঙ্ক্ষী /কাংখি/ [স. √কাঙ্ক্ষ্+ইন্] বিণ. অভিলাষী, ইচ্ছুক (*হিতাকাঙ্ক্ষী*)।

কাঙ্গা /কাংগা/ [স. কঙ্ক >] বি. ১ বড়ো চিরুনি, কাঁকই। ২ হাড়গিলে পাখি।

কাঙ্গি /কাংগি/ [দেশি.] বি. কাঠের তৈরি চিরুনি।

কাচ[১] /কাচ্/ [স. √কচ্+অ] বি. সোডা পটাশ বালি প্রভৃতি গালিয়ে তৈরি (সচরাচর স্বচ্ছ) চকচকে কঠিন ও ভঙ্গুর পদার্থবিশেষ, glass।

কাচ[২] /কাচ্/ [দেশি.] বি. ১ সাজ, বেশভূষা। ২

www.pathagar.com

অভিনয়কালে শিল্পীর সাজপোশাক।

কাচ[৩] /কাচ্/ [দেশি.] বি. ১ লীলাখেলা; অভিনয়; ক্রীড়াকৌতুক, রঙ্গতামাশা। ২ বাতিক, বাই।

কাচা[১] /কাচা/ [স. কচ্ছ >] বি. ১ (হিন্দুসমাজে) মাতা পিতা বা গুরুজনের মৃত্যুজনিত অশৌচকালে পরিধেয় ধুতির প্রান্ত। ২ উত্তরীয়রূপে পরিধেয় বস্ত্রখণ্ড। ৩ নতুন বস্ত্রখণ্ড।

কাচা[২] /কাচা/ [বা.] ক্রিবি. (কাপড়) আছাড় দিয়ে ধোয়া। বিণ. ধোয়া হয়েছে এমন (*কাচা কাপড়*)।

কাচানো /কাচানো/ [বা.] ক্রিবি. (কাপড়) ধোয়ানো। বিণ. অন্যকে দিয়ে ধোয়ানো হয়েছে এমন।

কাচারি /কাচারি/ [হি. কচহরি >] বি. ১ বিচারালয়, আদালত। ২ দপ্তর, কার্যালয়।

কাচ্চাবাচ্চা /কাচ্চাবাচ্চা/ [দেশি.] বি. অল্পবয়স্ক ছেলেমেয়ে।

কাছ /কাছ্/ [স. কক্ষ >] বিণ. নিকট, সমীপ (*কাছের মানুষ*)। বি. ১ নদীর তীর, তট। ২ কোমর।

কাছটি /কাছোটি/ [দেশি.] বি. মালকোঁচা; কৌপীন, কাছা।

কাছা /কাছা/ [স. কক্ষা >] বি. পরিধেয় বস্ত্রের যে অংশ পায়ের ফাঁক দিয়ে কটিদেশের পেছনে গোঁজা হয়।

কাছা-আলগা /কাছাআল্‌গা/ [বা.] বিণ. ১ অসতর্ক। ২ ঢিলেঢালা স্বভাববিশিষ্ট। ৩ উদাসীন।

কাছাকাছি /কাছাকাছি/ [বা.] ক্রিবিণ. নিকটে, কাছে, অদূরে। বিণ. ১ নিকটবর্তী। ২ প্রায় সমান (*কাছাকাছি মূল্য*)।

কাছাখোলা /কাছাখোলা/ [বা.] বিণ. ১ অসতর্ক, অসাবধান। ২ বিশৃঙ্খল। ৩ নিস্তেজ, শিথিল।

কাছাধরা /কাছাধরা/ [বা.] বিণ. ১ তোষামোদকারী, ধামাধরা। ২ অন্যের ওপর নির্ভরশীল।

কাছানো /কাছানো/ [বা.] ক্রিবি. নিকটবর্তী হওয়া, ঘনিয়ে আসা, কাছে যাওয়া।

কাছারি /কাছারি/ [হি. কচ্‌হরি >] বি. দ্র কাচারি।

কাছি /কাছি/ [স. কক্ষা >] বি. ১ মোটা রশি। ২ জাহাজ বা নৌকা বাঁধার মোটা রশি।

কাছিম /কাছিম্/ [স. কচ্ছপ >] বি. কঠিন খোলসে আবৃত অত্যন্ত ধীরগতিসম্পন্ন সরীসৃপজাতীয় জলচর দ্বিস্বজ প্রাণী যা প্রয়োজনবোধে মাথা ও পা খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে, কচ্ছপ, কূর্ম।

কাছে /কাছে/ [স. কক্ষ >] ক্রিবিণ. ১ সমীপে, নিকটে (*কাছে আসা*)। ২ পক্ষে, জন্য (*ওর কাছে অঙ্কটা সহজ*)। ৩ তুলনায় (*ওর কাছে আমি কিছুই না*)। ৪ বিবেচনায় (*তার কাছে সবই এক*)।

কাছেপিঠে /কাছেপিঠে/ [বা.] ক্রিবিণ. সন্নিকটে, ধারে-কাছে।

কাজ /কাজ্/ [স. কার্য >] বি. ১ কর্ম, কার্য (*কাজ করা*)। ২ দরকার (*রোজ গিয়ে কাজ নেই*)। ৩ কৃত বিষয় (*এটা নিশ্চয় ওর কাজ*)। ৪ কর্তব্য (*তোমার কাজ পড়াশোনা করা*)। ৫ উদ্দেশ্য সিদ্ধি (*ওষুধে কাজ হয়েছে*)। ৬ কারুকার্য (*রঙের কাজ*)। ৭ সাধ্য (*এ কাজ ওর আয়ত্তের বাইরে*)। ৮ ব্যবহারযোগ্যতা (*এটা কোনো কাজের নয়*)।

কাজকর্ম /কাজ্‌কর্‌মো/ [বা. কাজ+স. কর্ম] বি. জীবিকা, চাকরি, পেশা।

কাজ দেওয়া /কাজ্ দেওআ/ ক্রিবি. ১ কর্মে নিযুক্ত করা। ২ দায়িত্ব প্রদান করা।

কাজ দেখা /কাজ্ দেখা/ ক্রিবি. ১ কাজের দেখাশোনা করা, কাজ পরিচালনা করা। ২ চাকরি খোঁজা।

কাজ দেখানো /কাজ্ দেখানো/ ক্রিবি. ১ কাজ করে নিজের যোগ্যতা প্রমাণ করা। ২ সর্বদা কর্মব্যস্ততার ভান করা।

কাজপাগল /কাজ্‌পাগোল্/ [বা.] বিণ. কাজ করতে খুব ভালোবাসে এমন, কাজের নেশাযুক্ত, work-aholic।

কাজপাগলা /কাজ্‌পাগ্‌লা/ [বা.] বিণ. দ্র কাজ-পাগল।

কাজ বাগানো /কাজ্ বাগানো/ ক্রিবি. ১ কাজ জোগাড় করে নেওয়া। ২ উদ্দেশ্য সিদ্ধি হওয়া।

কাজরি /কাজোরি/ [হি.] বি. বর্ষাকালে গাওয়া হয় এমন গানের শ্রেণিবিশেষ।

কাজল /কাজোল্/ [স. কজ্জল >] বি. কজ্জল, কাজল, অঞ্জন। বিণ. কাজলের বর্ণবিশিষ্ট।

কাজলপাতা /কাজোল্‌পাতা/ [বা.] বি. কাজল তৈরির ধাতব পাত্রবিশেষ।

কাজললতা /কাজোল্‌লতা/ [বা. কাজল+স. লতা] বি. কাজল তৈরির ধাতব আধার।

কাজলা[১] /কাজ্‌লা/ [স. কজ্জলাভ >] বিণ. কৃষ্ণবর্ণ, উজ্জ্বল শ্যামবর্ণা।

কাজলা[২] /কাজ্‌লা/ [স. কাষ্ঠ >] বি. করাতিদের ব্যবহৃত ^-আকৃতির কাঠের গোঁজবিশেষ।

কাজলা[৩] /কাজ্‌লা/ [স. কজ্জল >] বি. কালো ইক্ষুবিশেষ (*কাজলা আখ*)।

কাজলি /কাজোলি/ [দেশি.] বি. পানির উপরিতলে ঝাঁক বেঁধে চলে এমন চারজোড়া লম্বা স্পর্শীযুক্ত বাঁশের পাতাসদৃশ চ্যাপটা ও সরু আঁশহীন মিঠা-

www.pathagar.com

পানির রুপালি মাছ, বাঁশপাতা মাছ, বংশক।

কাজ হওয়া /কাজ্ হ্ওআ/ ক্রিবি. উদ্দেশ্য সিদ্ধি হওয়া।

কাজা /কাজা/ [আ.] বি. নামাজে বিলম্ব।

কাজি[১] /কাজি/ [ফা] বি. ১ মুসলমান বিবাহের নিবন্ধক। ২ পদবিবিশেষ। ৩ (অধুনালুপ্ত) বিচারক।

কাজি[২] /কাজি/ [স. কায্যিক >] বি. কর্মী, কাজের লোক।

কাজিয়া /কাজিআ/ [ফা.] বি. ঝগড়া, বিবাদ।

কাজু /কাজু/ [পো.] বি. ভারতীয় উপমহাদেশে জাত প্রোটিন ও তেলসমৃদ্ধ যকৃত আকৃতির বাদাম (আনি. আমেরিকার ক্রান্তীয় অঞ্চল), cashew nut।

কাজেই /কাজেই/ [বা.] অব্য. অতএব, সুতরাং।

কাজেকাজেই /কাজেকাজেই/ [বা.] অব্য. দ্র কাজেই।

কাঞ্চন /কান্চন/ [স. √কাঞ্চ্+অন] বি. ১ বাংলাদেশের সর্বত্র দেখা যায় এবং হেমন্তকালে ফোটে এমন হালকা বেগুনি গাঢ় লাল প্রভৃতি রঙের ফুল বা তার মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ। ২ সোনা। বিণ. স্বর্ণবর্ণবিশিষ্ট; স্বর্ণময়।

কাঞ্চনজঙ্ঘা /কান্চনজংঘা/ [স. কাঞ্চন+√জঙ্ঘ্+অ+আ (টাপ্)] বি. ১ কাঞ্চনপ্রভ জঙ্ঘা। ২ (আল.) উদীয়মান সূর্যের আলোয় সোনালি রং ধারণ করে বলে হিমালয় পর্বতমালার একটি শৃঙ্গের নাম।

কাঞ্চনপ্রভ /কান্চন্প্রোভো/ [স. কাঞ্চন+প্রভা] বিণ. সোনালি আভাযুক্ত।

কাঞ্চনপ্রভা /কান্চন্প্রোভা/ [স. কাঞ্চন+প্র+√ভা+অ+আ (টাপ্)] বি. সোনালি আভা, সুবর্ণপ্রভা।

কাঞ্চনমূল্য /কান্চনমুল্লো/ [স. কাঞ্চন+মূল্য] বি. ১ স্বর্ণমুদ্রার মূল্য। ২ পারিশ্রমিকরূপে প্রদেয় অর্থ। ৩ দক্ষিণা।

কাঞ্চি /কান্চি/ [স. √কাঞ্চ্+ই] বি. নারীর কটি-ভূষণবিশেষ, মেখলা, গোট।

কাঞ্জি /কান্জি/ [স. কাঞ্জিক >] বি. পান্তাভাতের পানি, আমানি।

কাট[১] /কাট্/ [ই. cut] বি. ১ কাটার ভঙ্গি, কাটার ধরন (*জামার কাট*)। ২ আকৃতি, গড়ন (*মুখের কাট*)।

কাট[২] /কাট্/ [স. কিউ >] বি. তেলের কাইট বা গাদ।

কাট কাট /কাট্ কাট্/ বিণ. ১ কাঠের মতো শক্ত। ২ শুষ্ক ও লাবণ্যহীন। ৩ কর্কশ। ৪ কটু, কড়া।

কাটখোট্টা /কাট্খোট্টা/ [দেশি.] বিণ. দ্র কাঠখোট্টা।

কাটগোঁয়ার /কাট্গোঁআর্/ [বা.] বিণ. দ্র কাঠগোঁয়ার।

কাটছাঁট /কাট্ছাঁট্/ [ই. কাট+বা. ছাঁট] বি. ১ পোশাক প্রভৃতি কাটার ধরন। ২ কেটে বাদ দেওয়া অংশ, যা কেটে কমানো হয়েছে (*কাটছাঁট করে ছাপানো লেখা*)।

কাটতি /কাট্তি/ [বা.] বি. বিক্রয়ের পরিমাণ।

কাটনা /কাট্না/ [স. কর্তন >] বি. ১ তুলা থেকে সুতা তৈরির কাজ। ২ চরকা, তকলি।

কাটব্য/কাটোব্বো/ [স. কটু+য] বি. রূঢ়তা, কর্কশতা।

কাটমোল্লা /কাট্মোল্লা/ [বা. কাট+আ. মোল্লা] বি. প্রকৃত ধর্মজ্ঞানহীন ব্যক্তি; ধর্মব্যবসায়ী।

কাটরা /কাট্রা / [বা.] বি. ১ কাঠের তৈরি ঘর। ২ বাজারে অবস্থিত শ্রেণিবদ্ধ ঘর।

কাটলেট /কাট্লেট্/ [ফ.] বি. মাছ বা মাংসের বড়া, cutlet।

কাটা /কাটা/ [বা.] ক্রিবি. ১ কর্তন বা ছেদন করা (*গাছ কাটা*)। ২ খনন করা (*পুকুর কাটা*)। ৩ খণ্ডন করা (*যুক্তি কাটা*)। ৪ প্রতিবাদ করা (*কথা কাটা*)। ৫ অতিবাহিত হওয়া (*সময় কাটা*)। ৬ রেখা টেনে বাতিল করা (*ভুল উত্তর কাটা*)। ৭ আঁকা (*দাগ কাটা*)। ৮ দূরীভূত হওয়া (*বিপদ কাটা*)। ৯ রচনা করা (*ছড়া কাটা*)। ১০ লিখে দেওয়া (*চেক কাটা*)। ১১ ছন্দপতন হওয়া (*তাল কাটা*)। ১২ তৈরি করা (*চরকায় সুতা কাটা*)। ১৩ বিন্যাস করা (*সিঁথি কাটা*)। ১৪ ছিন্ন হওয়া (*ঘুড়ি কাটা*)। ১৫ খোদাই করা (*পাথর কাটা*)। ১৬ আঙুলের নখ দিয়ে চেপে ধরা (*চিমটি কাটা*)। ১৭ ছাঁটানো (*চুল কাটা*)। ১৮ মুণ্ডন করা (*দাড়ি কাটা*)। ১৯ জলে ভেসে বিচরণ করা (*সাঁতার কাটা*)। ২০ পৃথক করা (*ছানা কাটা*)। ২১ ক্রয় করা (*টিকিট কাটা*)। ২২ পরিষ্কার হওয়া (*মেঘ কাটা*)। ২৩ অকেজো হওয়া (*বালব্ কাটা*)। ২৪ অস্ত্রোপচার করা (*ফোঁড়া কাটা*)। ২৫ চুরি করা (*সিঁধ কাটা*)। বিণ. ১ কর্তিত, খণ্ডিত। ২ মণ্ডিত। ৩ বাতিল।

কাটাই /কাটাই/ [বা.] বি. ১ ছেনি দিয়ে ঠুকে খাঁজ কাটার কাজ (*শিল কাটাই*)। ২ কাটানোর মজুরি।

কাটাকাটি /কাটাকাটি/ [বা.] বি. ১ হানাহানি, মারামারি। ২ তর্কাতর্কি (*কথা কাটাকাটি*)।

কাটাকুটি /কাটাকুটি/ [বা.] বি. ১ লেখা প্রভৃতি কেটে সংশোধন। ২ দেনাপাওনা বা তর্কাতর্কির অবসান (*কাটাকুটি হওয়া*)।

কাটানি /কাটানি/ [বা.] বি. কোনো কিছু কাটানোর মজুরি।

www.pathagar.com

কাটানো /কাটানো/ [বা.] বিণ. ক্রিবি. ১ অন্যকে দিয়ে কাটিয়ে নেওয়া। ২ অতিবাহিত করা (*ছুটি কাটানো*)। ৩ অতিক্রম করা (*পাশ কাটানো*)। ৪ খনন করানো (*পুকুর কাটানো*)।

কাটারি /কাটারি/ [স. কর্তরিকা >] বি. ঘাস আগাছা প্রভৃতি কাটার জন্য ব্যবহৃত সরু ও লম্বা দা।

কাটারিভোগ /কাটারিভোগ্/ [বা.] বি. বাংলাদেশে জাত উন্নতমানের ধান্যবিশেষ বা তার চাল।

কাটি /কাটি/ [বা.] বি. দ্র কাঠি।

কাটিম /কাটিম্/ [স. কাষ্ঠিকা >] বি. সুতা জড়িয়ে রাখার জন্য ব্যবহৃত কাঠ প্লাস্টিক প্রভৃতির তৈরি বেলনাকৃতির সরঞ্জাম, reel।

কাটুরকুটুর /কাটুরকুটুর্/ [ধ্বন্যা.] অব্য. বি. কোনো কিছু কাটার অনুকার শব্দ।

কাট্টা /কাট্টা/ [বা.] বিণ. কেটে গেছে এমন (*ভোকাট্টা*)।

কাট্য /কাট্টো/ [বা.] বিণ. কাটার যোগ্য, খণ্ডনীয় (*অকাট্য যুক্তি*)।

কাঠ /কাঠ্/ [স. কাষ্ঠ >] বি. ১ কেটে বিভিন্ন আকৃতি দেওয়া যায় এবং আসবাবপত্র তৈরির জন্য ব্যবহৃত বড়ো গাছের কাণ্ড বা শাখা থেকে প্রাপ্ত কঠিন পদার্থ, কাষ্ঠ। ২ কঙ্কাল; হাড়। বিণ. ১ অনড় ও স্পন্দনহীন। ২ রসশূন্য। ৩ শক্ত ও অসাড়। ৪ বিস্ময়ে বিমূঢ়।

কাঠকয়লা /কাঠ্কয়্লা/ [বা.] বি. বদ্ধ আধারে কাঠ পুড়িয়ে প্রাপ্ত কয়লা, charcoal।

কাঠ কাঠ /কাঠ্ কাঠ্/ বিণ. কাঠের মতো নীরস ও লাবণ্যহীন।

কাঠকুড়ানি /কাঠ্কুড়ানি/ [বা.] বি. বিণ. কাঠ কুড়িয়ে জীবিকানির্বাহকারী।

কাঠখড় /কাঠ্খড়্/ [বা.] বি. ১ কাঠ ও শুকনা লতাপাতা। ২ (আল.) জোগাড়যন্ত্র।

কাঠখড় পোড়ানো /কাঠ্খড় পোড়ানো/ ক্রিবি. অভীষ্টসিদ্ধির জন্য বহুবিধ চেষ্টা ও উদ্যোগ আয়োজন করা; ব্যয় ও পরিশ্রম করা।

কাঠখোট্টা /কাঠ্খোট্টা/ [দেশি.] বিণ. ১ গোঁয়ার, একগুঁয়ে। ২ রসবোধহীন, শুষ্ক, নীরস। ৩ নির্দয়।

কাঠখোদাই /কাঠ্খোদাই/ [বা.] বি. কাঠ খোদিত করে নকশা তোলার কাজ।

কাঠখোলা /কাঠ্খোলা/ [বা.] বি. তেল বা বালি ছাড়া কেবল তাপ প্রয়োগ করে ভাজার পাত্র।

কাঠগড় /কাঠ্গড়্/ [বা.] বি. উদূখল।

কাঠগড়া /কাঠ্গড়া/ [বা.] বি. অভিযুক্তকে আদালতে জেরা করা বা সাক্ষ্য গ্রহণের জন্য কাঠের বেড় দেওয়া মঞ্চ, dock।

কাঠগোঁয়ার /কাঠ্গোঁআর্/ [বা.] বিণ. অত্যন্ত গোঁয়ার প্রকৃতির, একরোখা।

কাঠগোলা /কাঠ্গোলা/ [বা.] বি. কাঠের আড়ত বা গুদাম।

কাঠগোলাপ /কাঠ্গোলাপ্/ [বা. কাঠ+ফা. গোলাপ] বি. গ্রীষ্ম ও বর্ষাকালে ফোটে এমন লাল গোলাপি প্রভৃতি রঙের মৃদুগন্ধ ফুল বা তার ঊর্ধ্বমুখী ডালপালাযুক্ত মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ।

কাঠঠোকরা /কাঠ্ঠোক্রা/ [বা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এবং খাদ্যের সন্ধানে গাছের ডালে ক্রমাগত ঠোকর দেয় এমন শক্ত লম্বা চঞ্চু ও খাড়া লেজবিশিষ্ট পাখি, কাষ্ঠকুট্ট, woodpecker।

কাঠপিঁপড়া /কাঠ্পিঁপড়া/ [বা.] বি. কাঠে বসবাস করে এমন বড়ো ও লম্বা কালো পিঁপড়াবিশেষ।

কাঠপিঁপড়ে /কাঠ্পিঁপ্ড়ে/ [বা.] বি. 'কাঠপিঁপড়া'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

কাঠফড়িং /কাঠ্ফোড়িং/ [বা.] বি. লাফিয়ে চলতে পারে এমন সরু পা-বিশিষ্ট লম্বাটে ফড়িংবিশেষ।

কাঠফাটা /কাঠ্ফাটা/ [বা.] বিণ. কাঠও ফেটে যায় এমন তপ্ত ও তীব্র (*কাঠফাটা রোদ*)।

কাঠবমি /কাঠ্বোমি/ [বা. কাঠ+স. বমি] বি. ভুক্ত দ্রব্য উঠে আসে না এমন বমনের বেগ।

কাঠবিড়াল /কাঠ্বিড়াল্/ [বা. কাঠ+স. বিড়াল] বি. ঝাঁকড়া লোমাবৃত লেজ ও কোমল দেহবিশিষ্ট ক্ষিপ্র গতিসম্পন্ন বৃক্ষচারী বীজভুক (যা শীতঋতুর জন্য বাদাম প্রভৃতি লুকিয়ে রাখে) ছোটো প্রাণী, squirrel। স্ত্রী. কাঠবিড়ালী /কাঠ্বিড়ালি/।

কাঠমল্লিকা /কাঠ্মোল্লিকা/ [বা. কাঠ+স. মল্লিকা] বি. ভারতীয় উপমহাদেশে শীত ব্যতীত প্রায় সারাবছর থোকায় থোকায় ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত সাদা মৃদুগন্ধ ফুল বা তার গুল্মজাতীয় চিরহরিৎ গাছ, টগর।

কাঠমিস্ত্রি /কাঠ্মিস্ত্রি/ [বা.] বি. কাঠের আসবাব-পত্র তৈরি ও মেরামত যার পেশা, ছুতার, সূত্রধর।

কাঠা /কাঠা/ [দেশি.] বি. জমির পরিমাপবিশেষ (৬৬.৮৯ বর্গমিটার বা ৭২০ বর্গফুট আয়তন)।

কাঠাকালি /কাঠাকালি/ [বা.] বি. কাঠা হিসাবে জমির আয়তন নির্ণয়ের পদ্ধতি।

কাঠাকিয়া /কাঠাকিআ/ [দেশি.] বি. কাঠার নামতা,

www.pathagar.com

কাঠার হিসাবে জমির আয়তন নির্ণয়ের পদ্ধতি।

কাঠামো /কাঠামো/ [দেশি.] বি. ১ ভবন নির্মাণের জন্য কাঠ বাঁশ বা লোহার তৈরি গড়ন, ছাঁচ, frame। ২ আকৃতি, ধরন, structure।

কাঠি /কাঠি/ [স. কাষ্ঠিকা >] বি. কাঠ বাঁশ ধাতু প্রভৃতির তৈরি লম্বা ও সরু শলাকা (*দেশলাইয়ের কাঠি*)। বিণ. কাঠির মতো কৃশ।

কাঠিন্য /কাঠিন্যে/ [স. কঠিন+য] বি. ১ দৃঢ়তা, কঠিনতা। ২ কঠোরতা, নির্দয়তা।

কাঠিম /কাঠিম/ [স. কাষ্ঠিকা >] বি. দ্র কাটিম।

কাঠুরিয়া /কাঠুরিআ/ [দেশি.] বি. কুঠার দিয়ে গাছ বা কাঠ কাটা যার পেশা।

কাঠুরে /কাঠুরে/ [দেশি.] বি. 'কাঠুরিয়া'-র কথ্য রূপ।

কাড়া[১] /কাড়া/ [স. কর্ষণ >] ক্রিবি. ১ জোর করে আদায় করা। ২ মুগ্ধ করা (*নজর কাড়া*)। ৩ উচ্চারণ করা। বিণ. কেড়ে নেওয়া হয়েছে এমন।

কাড়া[২] /কাড়া/ [স. কটাহ >] বি. একদিক চামড়ায় আবৃত ঢাকজাতীয় বড়ো বাদ্যযন্ত্রবিশেষ।

কাড়াকাড়ি /কাড়াকাড়ি/ [বা.] বি. ১ পরস্পরের কাছ থেকে ছিনিয়ে নেওয়ার চেষ্টা। ২ টানাটানি।

কাড়ানাকাড়া /কাড়ানাকাড়া/ [বা.] বি. ঢাকজাতীয় বিবিধ বাদ্যযন্ত্র।

কাড়ানো[১] /কাড়ানো/ [বা.] ক্রিবি. আগাছা উৎপাটনের উদ্দেশ্যে ক্ষেত চষা।

কাড়ানো[২] /কাড়ানো/ [বা.] ক্রিবি. ১ অন্যকে দিয়ে ছিনিয়ে নেওয়ানো। ২ আদায় করানো। ৩ স্বীকার করানো (*কথা কাড়ানো*)। বিণ. অন্যকে দিয়ে ছিনিয়ে নেওয়া হয়েছে এমন।

কাণ্ড /কাণ্ডে/ [স. √কন্+ড] বি. ১ গাছের গোড়া থেকে শাখা পর্যন্ত অংশ; গুঁড়ি। ২ দুই গাঁটের মধ্যবর্তী অংশ (ইক্ষুকাণ্ড)। ৩ গ্রন্থের ভাগ (*অরণ্যকাণ্ড*)। ৪ (বাংলায়) ব্যাপার (*ভয়ংকর কাণ্ড*)।

কাণ্ডকারখানা /কাণ্ডোকারখানা/ [স. কাণ্ড+ফা. কারখানা] বি. ১ ব্যাপার বা ঘটনাসমূহ। ২ কার্যাবলি।

কাণ্ডজ /কাণ্ডোজো/ [স. কাণ্ড+√জন্+অ] বিণ. কাণ্ড বা গুঁড়ি থেকে প্রাপ্ত।

কাণ্ডজ্ঞান /কাণ্ডোগ্যান্/ [স. কাণ্ড+জ্ঞান] বি. বুদ্ধিবিবেচনা, অবস্থাভেদে বিচারবিবেচনার ক্ষমতা।

কাণ্ডজ্ঞানবোধ /কাণ্ডোগ্যান্বোধ/ [স. কাণ্ড+জ্ঞান +√বুধ্+অ] বি. ১ ন্যায়-অন্যায় বোধ; হিতাহিত বোধ। ২ কর্তব্য ও অকর্তব্য জ্ঞান।

কাণ্ডজ্ঞানহীন /কাণ্ডোগ্যান্হিন্/ [স. কাণ্ডজ্ঞান+√হা+ত] বিণ. হিতাহিত জ্ঞানশূন্য।

কাত[১] /কাত্/ [দেশি.] বি. পাশ, দিক (*ডান কাত*)। বিণ. ১ পরাজিত। ২ একপেশে; আড়, বাঁকা। ৩ ভূলুণ্ঠিত; পর্যুদস্ত (*এক চড়ে কাত*)।

কাত[২] /কাত্/ [আ.] বি. জমির টুকরো, ভূমিখণ্ড।

কাতর /কাতোর্/ [স. কৃ+√তৃ+অ] বিণ. ১ বিপন্ন। ২ দুঃখপীড়িত। ৩ অধীর, ব্যাকুল। ৪ কুণ্ঠিত। ৫ অভাবগ্রস্ত, কাঙাল। ৬ ভীত।

কাতরকণ্ঠ /কাতোর্কন্ঠো/ [স. কাতর+√কণ্+ঠ] বি. যন্ত্রণাপ্রকাশক ধ্বনি, আর্তরব।

কাতরচিত্ত /কাতোর্চিত্তো/ [স. কাতর+√চিৎ+ত] বিণ. ১ ব্যাকুলহৃদয়। ২ শঙ্কিতচিত্ত।

কাতরতা /কাতোরতা/ [স. কাতর+তা] বি. ১ অধীরতা, ব্যাকুলতা। ২ কুণ্ঠা।

কাতরানি /কাত্রানি/ [বা.] বি. যন্ত্রণাসূচক কাতর শব্দ, আর্তনাদ, গোঙানি, ছটফটানি।

কাতরানো /কাত্রানো/ [বা.] ক্রিবি. যন্ত্রণায় কাতর হয়ে শব্দ করা, আর্তনাদ করা, ছটফট করা।

কাতরোক্তি /কাতোরোক্তি/ [স. কাতর+√বচ্+তি] বি. শোকদুঃখ বা বেদনাপূর্ণ উক্তি।

কাতর্য /কাতোর্জো/ [স. কাতর+য] বি. কাতরতা।

কাতল /কাতোল্/ [দেশি.] বি. দ্র কাতলা[১]।

কাতলা[১] /কাত্লা/ [দেশি.] বি. দেহের তুলনায় বড়ো মাথাবিশিষ্ট কালচে আঁশযুক্ত কার্পজাতীয় মিঠাপানির মাছ, কাতল।

কাতলা[২] /কাত্লা/ [দেশি.] বি. করাত দিয়ে কাঠ চেরাই করার সময় চিরের মুখে গুঁজে রাখা ^-আকৃতির কাঠের গোঁজ, wedge।

কাতা /কাতা/ [স. কর্তিকা >] বি. ১ নারকেলের ছোবড়ার তৈরি রশি বা দড়ি। ২ নাপিতের কাঁচি ক্ষুর চিরুনি প্রভৃতি রাখার থলি।

কাতান[১] /কাতান/ [দেশি.] বি. ঢাকার মিরপুর এবং ভারতের বেনারসে তৈরি রেশমের শাড়িবিশেষ।

কাতান[২] /কাতান/ [স. কর্তরী >] বি. লম্বা হাতলযুক্ত কাটারিবিশেষ।

কাতার /কাতার/ [আ.] বি. ১ পঙ্‌ক্তি। ২ বড়ো দল।

কাতারবন্দি /কাতার্বোন্দি/ [আ. কাতার+ফা. বন্দি] বিণ. শ্রেণিবদ্ধ, সঙ্ঘবদ্ধ।

কাতি[১] /কাতি/ [স. কর্তরী >] বি. ১ শাঁখের করাত। ২ ক্ষুর। ৩ কাঁচি। ৪ খড়্গ, খাঁড়া।

www.pathagar.com

কাতি[২] /কাতি/ [স. কার্ত্তিক >] বি. ১ বাংলা পঞ্জিকার সপ্তম মাস, হেমন্ত ঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৬ই অক্টোবর থেকে ১৪ই নভেম্বর পর্যন্ত কালপর্ব, 'কার্তিক'-এর আঞ্চলিক রূপ। ২ দেবসেনাপতি কার্তিকেয়।

কাতুকুতু /কাতুকুতু/ [বা.] বি. হাসি উদ্রেক করে এমন অঙ্গস্পর্শজনিত শিহরন, সুড়সুড়ি।

কাতুরি /কাতুরি/ [স. কর্তরী >] বি. ১ ধাতুর পাত কাটার হাতিয়ারবিশেষ। ২ কাঁচি।

কাত্যায়ন /কাত্‌তায়োন্‌/ [স. কত্য+আয়ন] বি. ১ শাস্ত্রোপদেষ্টা মুনিবিশেষ। ২ পাণিনি-ব্যাকরণের বিখ্যাত টীকাকার, বররুচি।

কাত্যায়নী /কাত্‌তায়োনি/ [স. কাত্যায়ন+ঈ] বি. দেবী দুর্গা।

কাথিক /কাথিক্‌/ [স. কথা+ইক] বিণ. বেশি কথা বলে এমন, বাচাল, বাকপটু।

কাদম্ব/কাদোম্‌বো/ [স. কদম্ব+অ] বিণ. কদম্বসম্বন্ধীয়। বি. ১ বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে সর্বত্র দেখা যায় এবং বর্ষাকালে ফোটে এমন অসংখ্য পুষ্পমঞ্জরি-সংবলিত গোলাকার সাদাটে হলুদাভ মৃদুগন্ধ ফুল বা তার দ্রুত বর্ধনশীল বহুশাখাবিশিষ্ট বৃক্ষ (আনি. চীন)। ২ রাজহাঁস; বালিহাঁস। ৩ বাণ, তির।

কাদম্বর /কাদোম্‌বর/ [স. কাদম্ব+√রা+অ] বি. ১ দধির সর। ২ সুরাবিশেষ। ৩ আখের গুড়।

কাদম্বরী /কাদোম্‌বোরি/ [স. কাদম্বর+ঈ] বি. ১ দেবী সরস্বতী। ২ কোকিল। ৩ শারিকা। ৪ মদিরা। ৫ বানভট্ট ও তাঁর পুত্র কর্তৃক প্রণীত সংস্কৃত গদ্যকাব্যবিশেষ।

কাদম্বিনী /কাদোম্‌বিনি/ [স. কাদম্ব+ইন্‌+ঈ] বি. মেঘমালা, মেঘপুঞ্জ।

কাদা /কাদা/ [স. কর্দম >] বি. জলসিক্ত পিচ্ছিল মাটি, কর্দম। বিণ. কর্দমাক্ত।

কাদাখোঁচা /কাদাখোঁচা/ [বা.] বি. জলাভূমিতে বিচরণ করে এবং কাদা খুঁচিয়ে খাদ্যসন্ধান করে এমন লম্বা চঞ্চু ও খাটো পা-বিশিষ্ট হালকা ধূসর রঙের পরিযায়ী ছোটো পাখি, চাহা, snipe।

কাদাটে /কাদাটে/ [বা.] বিণ. কাদাযুক্ত; কাদার মতো।

কান[১] /কান্‌/ [স. কর্ণ >] বি. ১ মানুষ ও অন্যান্য মেরুদন্ডী প্রাণীর শ্রবণ এবং ভারসাম্য রক্ষায় সহায়ক মাথার দুইপাশে অবস্থিত স্থূল খাড়া বহিঃস্থ অঙ্গবিশেষ, কর্ণ, শ্রবণেন্দ্রিয়। ২ সেতার তানপুরা প্রভৃতি বাদ্যযন্ত্রের সুরবাঁধার জন্য তার জড়ানো গোলাকার চাবিবিশেষ।

কান[২] /কান্‌/ [স. কৃষ্ণ >] বি. 'কানাই'-এর সংক্ষিপ্ত রূপ।

কানকথা /কান্‌কথা/ [বা. কান+স. কথা] বি. কানে কানে বলা কথা; গোপন মন্ত্রণা।

কানকাটা /কান্‌কাটা/ [বা.] বিণ. (আল.) নির্লজ্জ, বেহায়া।

কানকো /কান্‌কো/ [স. কর্ণকূপ >] বি. মাছের ফুলকার ওপরের শক্ত আবরণ।

কানখড়কে /কান্‌খোড়্‌কে/ [বা.] বিণ. ১ শ্রবণশক্তি প্রখর এমন। ২ (বাংলায়) কুমন্ত্রণাদাতা।

কান খাড়া করা /কান্‌ খাড়া করা/ ক্রিবি. একাগ্র হয়ে শোনার চেষ্টা করা।

কানখুশকি /কান্‌খুশ্‌কি/ [বা. কান+ফা. খুশকি] বি. কানের খইল বের করার ছোটো দন্ডবিশেষ।

কানঝাপটা /কান্‌ঝাপ্‌টা/ [বা. কান+হি. ঝাপটা] বি. ১ কানের অলংকারবিশেষ। ২ দুই কানের পাশে লম্বিত কেশগুচ্ছ, জুলফি।

কান দেওয়া /কান্‌ দেওআ/ ক্রিবি. কর্ণপাত করা, মনঃসংযোগ করা।

কানন /কানোন্‌/ [স. √কানি+অন] বি. উদ্যান; অরণ্য।

কাননকুসুম /কানোনকুশুম্‌/ [স. কানন+কুসুম] বি. বনফুল।

কানপাকা /কান্‌পাকা/ [বা.] বি. কানে পুঁজ জমে ব্যথা করে এমন রোগবিশেষ।

কানপাতলা /কান্‌পাত্‌লা/ [বা.] বিণ. শোনাকথায় প্রভাবিত হয় এমন।

কান পাতা /কান্‌ পাতা/ ক্রিবি. ১ শোনার জন্য উদ্‌গ্রীব হওয়া (*আমি কান পেতে রই* ও *আমার আপন হৃদয় গহন-দ্বারে বারে বারে* রবীন্দ্র.)। ২ গোপনে শোনা, আড়ি পাতা।

কানফাটা /কান্‌ফাটা/ [বা.] বিণ. কানের পর্দা ফাটানোর মতো উচ্চ শব্দযুক্ত (*কানফাটা আওয়াজ*)।

কানফুল /কান্‌ফুল/ [বা.] বি. কানের অলংকার-বিশেষ।

কানবালা /কান্‌বালা/ [বা.] বি. কানের বলয়াকৃতি অলংকারবিশেষ।

কানভাঙানি /কান্‌ভাঙানি/ [বা.] বি. অন্যের সম্পর্কে কুপরামর্শ দান।

কানভাঙানো /কান্‌ভাঙানো/ [বা.] ক্রিবি. গোপনে কারো কাছে অন্যের বিরুদ্ধে বলে দুজনের মধ্যে মনোমালিন্য সৃষ্টি করা, কুমন্ত্রণা দেওয়া।

www.pathagar.com

কান মলা /কান্ মলা/ ক্রিবি. ১ কর্ণ মর্দন করা। ২ (আল.) অপমানিত করা, অপদস্থ করা।

কানা[১]/কানা/ [স. কাণ >] বিণ. ১ একচোখ নেই এমন। ২ ফুটো (*কানাকড়ি*)। বি. একচোখ নেই এমন ব্যক্তি।

কানা[২] /কানা/ [স. কর্ণ >] বি. ১ প্রান্তভাগ, কিনারা। ২ পাত্রাদির মুখের বেড় বা ঘের (*কানায় কানায় পূর্ণ*)। ৩ হাঁড়ি কলসি প্রভৃতির ভাঙা অংশ।

কানাই /কানাই/ [স. কৃষ্ণ >] বি. শ্রীকৃষ্ণ।

কানাকড়ি /কানাকোড়ি/ [বা.] বি. খুঁতযুক্ত কড়ি, ফুটো পয়সা। বিণ. ১ (আল.) অতি তুচ্ছ ও মূল্যহীন। ২ অতি নগণ্য পরিমাণ।

কানাকানি /কানাকানি/ [স. কর্ণাকর্ণি >] বি. কানে কানে কথা।

কানাঘুষা /কানাঘুশা/ [বা.] বি. গোপন কথা রটনা।

কানাঘুষো /কানাঘুশো/ [বা.] বি. 'কানাঘুষা'-র কথ্য রূপ।

কানাচ /কানাচ্/ [ফা.] বি. ১ দেওয়ালের বাইরে স্থিত চালাঘরের ছাঁচ। ২ ছাঁচতলা; ঘরের পশ্চাদ্‌ভাগ।

কানাড় /কানাড়্/ [স. কর্ণাট >] বিণ. কর্ণাটদেশীয়।

কানাড়া /কানাড়া/ [স. কর্ণাটী >] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

কানাড়ি /কানাড়ি/ [স. কর্ণাট >] বিণ. কর্ণাট দেশে জাত, কর্ণাটদেশীয়।

কানাত /কানাত্/ [আ.] বি. তাঁবুর দেওয়াল বা শিবির বেষ্টনের জন্য ব্যবহৃত মোটাকাপড়; পর্দা।

কানামাছি /কানামাছি/ [বা.] বি. ছোটোদের খেলা-বিশেষ যাতে একজনের চোখ বেঁধে অন্ধ সাজানো হয়।

কানায় কানায় /কানায় কানায়/ ক্রিবিণ. ১ কানা পর্যন্ত, গলা পর্যন্ত। ২ (বাংলায়) পরিপূর্ণরূপে।

কানি /কানি/ [দেশি.] বি. ১ ছেঁড়া কাপড়ের টুকরো। ২ মনসামঙ্গল কাব্যে মনসাকে প্রদত্ত নাম। ৩ তবলা প্রভৃতি বাদ্যযন্ত্রের প্রান্তদেশ। ৪ জমির আয়তনবিশেষ (আনুমানিক ২৯১৮·০৭ বর্গমিটার)।

কানীন /কানিন্/ [স. কন্যা+ঈন] বি. কুমারী মাতার গর্ভজাত পুত্র সন্তান। স্ত্রী. **কানীনী** /কানিনি/।

কানু /কানু/ [স. কৃষ্ণ >] বি. শ্রীকৃষ্ণ।

কানুটি /কানুটি/ [বা.] বি. কানমলা।

কানুন /কানুন্/ [আ.] বি. ১ আইন। ২ বিধিব্যবস্থা।

কানুনগো /কানুনগো/ [আ. কানুন+ফা. গো] বি. ১ জমি জরিপকারী বা জমির হিসাবরক্ষক। ২ পদবিবিশেষ।

কানে কানে /কানে কানে/ ক্রিবিণ. চুপিচুপি, গোপনে (*বলো সখী, বলো তারি নাম /আমার কানে কানে* রবীন্দ্র.)।

কানেস্তারা /কানেস্তারা/ [পো. Canastara >] বি. তরলপদার্থ বা খাদ্যবস্তু রাখার চারকোনা ধাতব পাত্রবিশেষ, canister।

কান্ডারি /কান্ডারি/ [স. কর্ণধার >] বি. নাবিক।

কান্ত /কান্তো/ [স. √কম্+ত] বি. ১ স্বামী, পতি। ২ প্রণয়ী। ৩ রত্ন। ৪ কুমকুম। ৫ লোহা (*অয়স্কান্ত*)। বিণ. ১ সুন্দর, মনোরম, কমনীয়। ২ প্রিয়।

কান্তকবি /কান্তোকোবি/ [স. কান্ত+কবি] বি. রজনীকান্ত সেনকে প্রদত্ত উপাধি।

কান্তগীতি /কান্তোগিতি/ [স. কান্ত+√গৈ+তি] বি. রজনীকান্ত সেন কর্তৃক রচিত কবিতা বা গান।

কান্তলৌহ /কান্তোলোড়হো/ [স. কান্ত+লৌহ] বি. ১ চুম্বকপাথর। ২ পরিস্রুত বা বিশুদ্ধ লোহা। ৩ ইস্পাত। ৪ ঢালাই করা লোহা; পেটা লোহা।

কান্তা /কান্তা/ [স. কান্ত+আ (টাপ্)] বি. ১ পত্নী, ভার্যা। ২ প্রিয়া, প্রণয়িনী। ৩ রূপবতী নারী।

কান্তায়স /কান্তায়শ্/ [স. কান্ত+অয়স্+অ] বি. দ্র কান্তলৌহ।

কান্তার /কান্তার্/ [স. কান্ত+√ঋ+অ] বি. নিবিড় বন; দুর্গম পথ (*দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার* নজরুল.)।

কান্তি /কান্তি/ [স. √কম্+তি] বি. ১ লাবণ্য, সৌন্দর্য। ২ দীপ্তি, ঔজ্জ্বল্য; শোভা।

কান্তিক /কান্তিক্/ [স. কান্তি+√কৈ+অ] বি. ইস্পাত।

কান্তিবিদ্যা /কান্তিবিদ্যা/ [স. কান্তি+বিদ্যা] বি. শিল্প সাহিত্য প্রভৃতি সৌন্দর্যবিষয়ক মতবাদ, নন্দনতত্ত্ব, aesthetics।

কান্তিমতী /কান্তিমোতি/ [স. কান্তিমৎ+ঈ] বিণ. লাবণ্যময়ী, সুন্দরী। বি. অপ্সরাবিশেষ।

কান্তিময় /কান্তিময়/ [স. কান্তি+ময়] বিণ. কান্তি-যুক্ত, লাবণ্যময়। স্ত্রী. **কান্তিময়ী** /কান্তিময়ি/।

কান্তিমান /কান্তিমান/ [স. কান্তি+মৎ] বিণ. দীপ্তিমান, লাবণ্যময়, সুন্দর।

কান্দর্প /কান্দর্পো/ [স. √কন্দর্প্+অ] বি. কন্দর্পের পুত্র। বিণ. কন্দর্পসম্বন্ধীয়।

কান্না /কান্না/ [স. ক্রন্দন >] বি. রোদন, অশ্রুপাত।

কান্নাকাটি /কান্নাকাটি/ [বা.] বি. ১ অবিরাম ক্রন্দন বা বিলাপ। ২ (আল.) অনুনয়বিনয়।

www.pathagar.com

কান্নাহাসি /কান্‌নাহাশি/ [বা.] বি. কান্না ও হাসির মিশ্র ভাব (*কান্নাহাসির-দোল-দোলানো পৌষ-ফাগুনের পালা*, রবীন্দ্র.)।

কাপ[১] /কাপ্/ [ই.] বি. ১ হাতলযুক্ত বাটি (*চায়ের কাপ*)। ২ ট্রফি।

কাপ[২] /কাপ্/ [স. কাপট্য >] বি. ১ ব্রাহ্মণের শ্রেণিবিশেষ। ২ কপটতা, ছলনা। বিণ. ১ কৌতুক-কারী। ২ ছদ্মবেশী।

কাপটিক /কাপোটিক্/ [স. কপট+ইক] বিণ. কপট, কপটাচারী।

কাপট্য /কাপোট্‌টো/ [স. কপট+য] বি. প্রবঞ্চনা, শঠতা।

কাপড় /কাপোড়্/ [স. কর্পট >] বি. ১ কোনো কিছু আবৃত করা বা বিছানোর জন্য ব্যবহৃত সুতা রেশম পাট পশম কৃত্রিম আঁশ প্রভৃতির বোনা উপকরণ। ২ পোশাক তৈরির মূল উপাদান। ৩ পরিধেয় বস্ত্র।

কাপড় কাচা /কাপোড়্ কাচা/ ক্রিবি. কাপড় ধুয়ে পরিষ্কার করা।

কাপড়চোপড় /কাপোড়্‌চোপোড়্/ [বা.] বি. পোশাক পরিচ্ছদ প্রভৃতি।

কাপালিক /কাপালিক্/ [স. কপাল+ইক] বি. ১ তান্ত্রিক সন্ন্যাসীবিশেষ। ২ কৃষিজীবী জাতিবিশেষ।

কাপাস /কাপাশ্/ [স. কার্পাস >] বি. ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে জাত বহুবর্ষজীবী বৃক্ষ বা তার ফলের বীজ পরিবেষ্টনকারী সাদা কোমল আঁশ যা থেকে সুতা তৈরি হয়, কার্পাস।

কাপুড়ে /কাপুড়ে/ [বা.] বি. কাপড় ব্যবসায়ী, বস্ত্র বিক্রেতা। বিণ. কাপড়সম্বন্ধীয়।

কাপুরুষ /কাপুরুশ্/ [স. কু+পুরুষ] বিণ. ১ পৌরুষ-হীন। ২ ভীরু। বি. পুরুষোচিত গুণবর্জিত ব্যক্তি।

কাপুরুষতা /কাপুরুশতা/ [স. কাপুরুষ+তা] বি. দ্র কাপুরুষত্ব।

কাপুরুষত্ব /কাপুরুশত্তো/ [স. কাপুরুষ+ত্ব] বি. ১ পৌরুষহীনতা। ২ ভীরুতা। ৩ অযোগ্যতা।

কাপুরুষোচিত /কাপুরুশোচিতো/ [স. কাপুরুষ+ উচিত] বিণ. কাপুরুষের মতো, কাপুরুষসুলভ।

কাপ্তান /কাপ্‌তান্/ [ই. captain] বি. ১ জাহাজের প্রধান নাবিক। ২ প্রধান বৈমানিক। ৩ সেনাবাহিনীর মধ্যমানের অধিনায়ক। ৪ খেলোয়াড়দের অধিনায়ক। ৫ ধনী ও অপব্যয়ী যুবক।

কাপ্তানি /কাপ্‌তানি/ [বা.] বি. সর্দারি।

কাফ্‌তান /কাফ্‌তান্/ [তুর.] বি. মহিলাদের পরিধেয় ঢোলা জামাবিশেষ।

কাফন /কাফোন্/ [আ.] বি. মুসলমানদের মৃতদেহ আচ্ছাদনের জন্য ব্যবহৃত আনকোরা ও সেলাই-বিহীন সাদা কাপড়।

কাফি /কাফি/ [আ.] বি. রাতের দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

কাফের /কাফের্/ [আ. কাফির্ >] বি. আল্লাহ্‌র অস্তিত্বে অবিশ্বাসী, নাস্তিক।

কাফেলা /কাফেলা/ [আ.] বি. মরু অঞ্চলে উটের পিঠে ভ্রমণকারী দল, মরুযাত্রীদল।

কাফ্‌ফারা /কাফ্‌ফারা/ [আ.] বি. ইসলাম ধর্মমতে পাপমোচনের জন্য দেয় অর্থ।

কাফ্রি /কাফ্‌রি/ [পো.] বি. ১ আফ্রিকার কৃষ্ণকায় জাতিবিশেষ। ২ আফ্রিকার অধিবাসী।

কাবলি /কাব্‌লি/ [ফা.] বিণ. কাবুলদেশীয়।

কাবা[১] /কাবা/ [আ.] বি. দ্র কাবাশরিফ।

কাবা[২] /কাবা/ [আ. কবা >] বি. আলখাল্লাজাতীয় লম্বা ঢোলা অঙ্গাবরণ বা পরিধেয়বিশেষ।

কাবাডি /কাবাডি/ [দেশি.] বি. দুটি দলের মধ্যে প্রতিযোগিতামূলক খেলা যেখানে এক পক্ষের খেলোয়াড়কে প্রতিপক্ষের কোর্টে গিয়ে এক বা একাধিক খেলোয়াড়কে ছুঁয়ে একদমে নিজ কোর্টে ফিরে আসতে হয় (দম শেষ হয়ে যায়নি তা প্রমাণ করতে খেলোয়াড়কে কাবাডি কাবাডি শব্দ ক্রমাগত শ্রুতিগোচরভাবে উচ্চারণ করতে হয়), হাডুডু, বাংলাদেশের জাতীয় খেলা।

কাবাব /কাবাব্/ [ফা.] বি. শলাকায় বিদ্ধ করে আগুনে সেঁকা মাংস।

কাবাবচিনি /কাবাব্‌চিনি/ [ফা.] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদের বীজ থেকে প্রাপ্ত সুগন্ধ মসলা, cubeb।

কাবার /কাবার্/ [পো.] বি. ১ সমাপ্তি (*মাস কাবার*)। ২ যাপন (*রাত কাবার*)। বিণ. ১ নিঃশেষিত। ২ অতিবাহিত।

কাবারি /কাবারি/ [স. কর্বট >] বি. বাঁশের বাখারি বা শলাকা।

কাবাশরিফ /কাবাশোরিফ্/ [আ.] বি. ১ পবিত্র মক্কা নগরীতে অবস্থিত মুসলমানদের পবিত্র তীর্থস্থান। ২ মক্কাশরিফের যে গৃহে (ইসলাম ধর্মাবলম্বীদের কাছে অত্যন্ত পবিত্র বলে বিবেচিত) কালো পাথর রক্ষিত আছে।

কাবিন /কাবিন্/ [ফা.] বি. দ্র কাবিননামা।

কাবিননামা /কাবিন্‌নামা/ [ফা.] বি. মুসলমান বিবাহের চুক্তিপত্র।

www.pathagar.com

কাবিল /কাবিল্/ [আ.] বিণ. উপযুক্ত, যোগ্য।

কাবু /কাবু/ [তুর.] বিণ. ১ নিস্তেজ, দুর্বল। ২ জব্দ, পরাজিত। ৩ বশীভূত।

কাবুলি /কাবুলি/ [ফা.] বিণ. ১ কাবুলসম্পর্কিত। ২ আফগানিস্তানে জাত। বি. আফগানিস্তানের অধিবাসী।

কাবুলিওয়ালা /কাবুলিওআলা/ [ফা. কাবুলি+হি. ওয়ালা] বি. কাবুল বা আফগানিস্তানের অধিবাসী।

কাব্য /কাব্বো/ [স. √কব্+য] বি. ১ ছন্দোময় রসাত্মক ও ভাবমধুর বাক্য বা রচনা, কবিতা। ২ কবিতাগ্রন্থ। ৩ পদ্যসাহিত্য। ৪ পদ্যরচনা।

কাব্যকলা /কাব্বোকলা/ [স. কাব্য+কলা] বি. কাব্যরচনার রীতি বা কৌশল।

কাব্যকার /কাব্বোকার্/ [স. কাব্য+√কৃ+অ] বি. কাব্যের রচয়িতা, কবি।

কাব্যকোবিদ /কাব্বোকোবিদ্/ [স. কাব্য+কোবিদ] বিণ. কাব্যসাহিত্যে পারদর্শী।

কাব্যগ্রন্থ /কাব্বোগ্রোন্থো/ [স. কাব্য+√গ্রন্থ্+অ] বি. কবিতার বই।

কাব্যচর্চা /কাব্বোচর্চা/ [স. কাব্য+চর্চা] বি. কাব্য-গ্রন্থ অনুশীলন ও আলোচনা।

কাব্যতীর্থ /কাব্বোতির্থো/ [স. কাব্য+√তৃ+থ] বি. কাব্যসাহিত্যে প্রতিভার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত উপাধি।

কাব্যবিশারদ /কাব্বোবিশারদ্/ [স. কাব্য+বিশারদ] বিণ. কাব্যসাহিত্যে পারদর্শী।

কাব্যরস /কাব্বোরশ্/ [স. কাব্য+রস] বি. কবিতার রস; কাব্যপাঠের ফলে হৃদয়ে সঞ্চারিত অনুভূতি।

কাব্যরসিক /কাব্বোরোশিক্/ [স. কাব্যরস+ইক] বি. কাব্যরস উপলব্ধি করতে পারে এমন ব্যক্তি। বিণ. কাব্যরস উপলব্ধিতে পারঙ্গম।

কাব্যসাহিত্য /কাব্বোশাহিত্তো/ [স. কাব্য+সাহিত্য] বি. গদ্য বা পদ্যে রচিত রসগুণসম্পন্ন সাহিত্য।

কাব্যাংশ /কাব্বাংশো/ [স. কাব্য+অংশ] বি. কাব্যের অংশ।

কাব্যানুশীলন /কাব্বানুশিলন্/ [স. কাব্য+অনুশীলন] বি. দ্র কাব্যচর্চা।

কাব্যালংকার /কাব্বালংকার্/ [স. কাব্য+অলংকার] বি. কাব্যের সৌন্দর্যবৃদ্ধি করে এমন অনুপ্রাস উপমা প্রভৃতি অলংকার।

কাব্যালোচনা /কাব্বালোচনা/ [স. কাব্য+আলোচনা] বি. কাব্য অনুশীলন ও তদ্‌বিষয়ে আলোচনা।

কাব্যিক /কাব্বিক্/ [স. কাব্য+ইক] বিণ. কাব্য-সম্বন্ধীয়।

কাম[১] /কাম্/ [স. √কামি+অ] বি. মদন, কন্দর্প।

কাম[২] /কাম্/ [স. √কম্+অ] বি. ১ কামনা, ইচ্ছা (*সিদ্ধকাম*)। ২ সম্ভোগের ইচ্ছা। ৩ অনুরাগ।

কাম[৩] /কাম্/ [স. কর্মন্ >] বি. ১ কাজ, কর্ম। ২ প্রয়োজন, দরকার।

কামকলহ /কাম্কলোহো/ [স. কাম+কলহ] বি. প্রণয়কলহ।

কামকলা /কাম্কলা/ [স. কাম+কলা] বি. রতিশাস্ত্র, রতিবিদ্যা।

কামকাজ /কাম্কাজ্/ [বা.] বি. কাজকর্ম, জীবিকা।

কামকেলি /কাম্কেলি/ [স. কাম+কেলি] বি. রতিকর্ম, যৌনসম্ভোগ।

কামক্ষুধা /কাম্খুধা/ [স. কাম+ক্ষুধা] বি. যৌন-সম্ভোগের বাসনা।

কামগ /কামোগো/ [স. কাম+√গম্+অ] বিণ. দ্র কামচর।

কামগন্ধ /কাম্গন্ধো/ [স. কাম+√গন্ধ্+অ] বি. কামের আভাস, অল্প কামভাব।

কামচর /কাম্চর্/ [স. কাম+√চর্+অ] বিণ. ইচ্ছা-মতো সর্বত্র গমন করতে পারে এমন, স্বেচ্ছাগামী।

কামচার /কাম্চার্/ [স. কাম+√চর্+অ] বি. নিজ ইচ্ছেমতো সর্বত্র যাওয়ার ক্ষমতা, স্বেচ্ছাচারিতা। বিণ. স্বেচ্ছাচারী।

কামচারী /কাম্চারি/ [স. কামচার+ইন্] বিণ. ১ স্বচ্ছন্দ গমনশীল, স্বেচ্ছাবিহারী, স্বেচ্ছাচারী। ২ কামের বশীভূত, ব্যভিচারী। স্ত্রী. কামচারিণী /কাম্চারিনি/।

কামজ /কামোজো/ [স. কাম+√জন্+অ] বিণ. যৌন সম্ভোগের ইচ্ছা থেকে জাত, কামজাত।

কামজ্বর /কাম্জর্/ [স. কাম+জ্বর] বি. প্রচণ্ড কাম-প্রবৃত্তি।

কামঠ /কামোঠ্/ [স. কমঠ+অ] বি. ১ কচ্ছপ। ২ কচ্ছপের মাংস। বিণ. কচ্ছপসম্বন্ধীয়।

কামড় /কামোড়্/ [দেশি.] বি. ১ দংশন (*মশার কামড়*)। ২ নির্দয় দাবি (*সুদের কামড়*)। ৩ যন্ত্রণা (*পেটের কামড়*)। ৪ তীব্রতা (*শীতের কামড়*)।

কামড়াকামড়ি /কাম্ড়াকাম্ড়ি/ [দেশি.] বি. ১ পরস্পর দংশন। ২ পরস্পর মারামারি।

কামড়ানি /কাম্ড়ানি/ [বা.] বি. ব্যথা, যন্ত্রণাবোধ।

কামড়ানো /কাম্ড়ানো/ [বা.] ক্রিবি. ১ দংশন করা, দাঁত দিয়ে আঘাত করা। ২ যন্ত্রণা বোধ করা (*পেট কামড়ানো*)। ৩ সজোরে চেপে ধরা।

কামড়ি /কাম্ড়ি/ [দেশি.] বি. ১ কামড়ানি। ২ কোনো

www.pathagar.com

কিছু আঁকড়ে ধরার জন্য সাঁড়াশিজাতীয় হাতিয়ার। ৩ দুটি ধাতব পাতের প্রান্তভাগ মুড়ে সংযুক্তকরণ।

কামতন্ত্র /কাম্‌তন্‌ত্রো/ [স. কাম+√তন্+ত্র] বি. রতিশাস্ত্র।

কামদ /কামোদো/ [স. কাম+√দা+অ] বিণ. অভীষ্ট-পূরক, কাম্য বস্তু দান করে এমন। বি. শিব।

কামদা /কামোদা/ [স. কাম+√দা+অ+আ (টাপ্)] বিণ. অভীষ্টদাত্রী, কামনাদায়িনী। বি. কামধেনু।

কামদানি /কাম্‌দানি/ [হি.] বি. কাপড়ে ফুল বা নকশা তোলার কাজ, embroidery।

কামদার /কাম্‌দার্/ [হি.] বিণ. কারুকার্যখচিত। বি. কামদানি, কারচুবি।

কামদুঘা /কাম্‌দুঘা/ [স. কাম্+√দুহ্+অ+আ (টাপ্)] বি. দ্র কামধেনু।

কামদেব /কাম্‌দেব্/ [স. কাম+দেব] বি. মন্মথ বা মদনদেব, প্রেমের দেবতা।

কামধেনু /কাম্‌ধেনু/ [স. কাম+ধেনু] বি. পুরাণে বর্ণিত অভীষ্টদাত্রী স্বর্গের কল্পিত গাভি।

কামনা /কামোনা/ [স. √কামি+অন+আ (টাপ্)] বি. বাসনা, ইচ্ছা, মনোরথ, অভিলাষ।

কামনাপীড়িত /কামোনাপিড়িতো/ [স. কামনা+√পীড়্+ত] বিণ. কামাতুর।

কামপত্নী /কাম্‌পোত্‌নি/ [স. কাম+পতি+ঈ] বি. ১ রতিদেবী। ২ (বাংলায়) ধর্মপত্নী।

কামপ্রদ /কাম্‌প্রোদো/ [স. কাম+প্র+√দা+অ] বিণ. অভীষ্টপূরক, অভীষ্টদাতা।

কামপ্রবৃত্তি /কাম্‌প্রোবৃত্‌তি/ [স. কাম+প্র+√বৃৎ+তি] বি. কামস্পৃহা।

কামবাণ/কাম্‌বান্/ [স. কাম+বাণ] বি. মদনদেবের পঞ্চবাণ, কামোদ্দীপক শর।

কামরা /কাম্‌রা/ [পো.] বি. কক্ষ, কুঠুরি, ঘর।

কামরাঙা/কাম্‌রাঙা/[স. কর্ম্মরক >] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত ছত্রাকৃতি শীর্ষদেশ ডিম্বাকৃতির পাতা ও বহু শাখাপ্রশাখাবিশিষ্ট মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ বা তার পাঁচটি শিরাযুক্ত ভিটামিনসমৃদ্ধ অম্ল-মধুর রসালো ফল।

কামরূপ /কাম্‌রূপ্/ [স. কাম+রূপ] বিণ. দ্র কামরূপী।

কামরূপী /কাম্‌রুপি/ [স. কামরূপ+ইন্] বিণ. ১ ইচ্ছা-মতো রূপ ধারণ করতে পারে এমন। ২ সুন্দর।

কামলতা /কাম্‌লতা/ [স. কাম+√লত্+অ+আ (টাপ্)] বি. ১ শিল্প। ২ (বাংলায়) কল্পলতা, অভীষ্টদায়িনী লতা।

কামলা[১] /কাম্‌লা/ [স. কর্মকার >] বি. যে ব্যক্তি মজুরির বিনিময়ে জীবিকা অর্জন করে, দিনমজুর।

কামলা[২]/কাম্‌লা/ [স. কামল >] বি. (যকৃতের বৈকল্য বা পিত্তনালিতে বাধা সৃষ্টি হওয়ার ফলে) মানব-দেহের পিত্তরসে বিলিরুবিন (bilirubin) রঞ্জক পদার্থের আধিক্যহেতু ত্বক ও চোখের সাদা অংশ হলুদ হয়ে যায় এমন রোগের লক্ষণবিশেষ, ন্যাবা, পাণ্ডু, জন্ডিস, jaundice।

কামলালসা /কাম্‌লালোশা/ [স. কাম+লালসা] বি. কামনাজাত লিপ্সা।

কামশর /কাম্‌শর্/ [স. কাম+শর] বি. দ্র কামবাণ।

কামশাস্ত্র /কাম্‌শাস্‌ত্রো/ [স. কাম+√শাস্+ত্র] বি. কামকলাসম্বন্ধীয় শাস্ত্র, রতিশাস্ত্র।

কামসূত্র /কাম্‌শুত্রো/ [স. কাম+সূত্র] বি. দ্র কামশাস্ত্র।

কামাই[১] /কামাই/ [বা.] বি. ১ রোজগার, উপার্জন, আয়। ২ উপার্জিত অর্থ বা ধন।

কামাই[২] /কামাই/ [ফা.] বি. ১ অনুপস্থিতি, গর-হাজিরি। ২ বিরাম।

কামাক্ষী /কামাক্‌খি/ [স. কাম+অক্ষি] বি. (চোখ সুন্দর বলে) কামাখ্যাদেবী।

কামাখ্যা /কামাক্‌খা/ [স. কামা+আখ্যা] বি. তীর্থ-রূপে পরিগণিত ভারতের অসম রাজ্যের পর্বত-বিশেষ বা ওই তীর্থক্ষেত্রের অধিষ্ঠাত্রী দেবী।

কামাগ্নি /কামাগ্‌নি/ [স. কাম+√অগ্+নি] বি. প্রবল সম্ভোগেচ্ছা, অতিশয় কামলালসা।

কামাচার /কামাচার্/ [স. কাম+আচার] বি. স্বেচ্ছাচারিতা, উচ্ছৃঙ্খলতা।

কামাতুর /কামাতুর্/ [স. কাম+আতুর] বিণ. কামার্ত, কামে জর্জরিত, কামবিহ্বল। স্ত্রী. কামাতুরা /কামাতুরা/।

কামাত্মা /কামাত্‌মা/ [স. কাম+আত্মন্] বিণ. ১ কামপরবশ। ২ ফল কামনাকারী, ফলকামী।

কামান /কামান্/ [ই.] বি. গোলা নিক্ষেপ করা যায় এমন বৃহদাকার আগ্নেয়াস্ত্রবিশেষ, তোপ, Cannon।

কামানল /কামানল্ /[স.কাম+অনল] বি. দ্র কামাগ্নি।

কামানি[১]/কামানি/ [বা.] বি. ১ ক্ষৌরকর্মের মজুরি। ২ বেতন; উপার্জন।

কামানি[২] /কামানি/ [ফা.] বি. স্প্রিংবিশেষ।

কামানিয়া /কামানিয়া/ [বা.] বি. গোলন্দাজ।

কামানো /কামানো/ [বা.] ক্রিবি. ১ রোজগার করা। ২ ক্ষৌরকর্ম করা। বিণ. ১ উপার্জিত। ২ ক্ষৌরকৃত।

কামান্ধ /কামান্‌ধো/ [স. কাম+অন্ধ] বিণ. কামপ্রবৃত্তির বশীভূত, কামাতুর।

কামাবসায়িতা /কামাবশায়িতা/ [স. কামাবসায়িন্+

www.pathagar.com

তা] বি. ১ নিজের সর্বকামনা পূর্ণ করার যোগলব্ধ ক্ষমতা। ২ ইন্দ্রিয়দমন শক্তি।

কামার /কামার্/ [স. কর্মকার >] বি. যে কারিগর লোহার জিনিসপত্র তৈরি করে, কর্মকার।

কামারশালা /কামার্শালা/ [বা. কামার+স. শালা] বি. যে গৃহে কর্মকার লোহার জিনিসপত্র তৈরি করে।

কামার্ত /কামার্তো/ [স. কাম+আর্ত] বিণ. কামের একান্ত বশীভূত, কামাতুর।

কামার্থী /কামার্থি/ [স. কাম+√অর্থ্+ইন্] বিণ. কামাভিলাষী।

কামাল /কামাল্/ [আ.] বি. ১ নৈপুণ্য, চরমোৎকর্ষ। ২ বিস্ময়কর সাফল্য।

কামাসক্ত /কামাশক্তো/ [স. কাম+আসক্ত] বিণ. কামপ্রবৃত্তিতে আসক্ত, যৌনসম্ভোগপ্রিয়।

কামিজ /কামিজ্/ [ফা.] বি. মেয়েদের পরিধেয় ঢিলা ও লম্বা জামাবিশেষ।

কামিন /কামিন্/ [স. কর্মিনী >] বি. নারী শ্রমিক।

কামিনী /কামিনি/ [স. কাম+ইন্+ঈ] বি. ১ এশিয়া ও অস্ট্রেলিয়ার ক্রান্তীয় অঞ্চলে জাত এবং গ্রীষ্ম ও বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত সুগন্ধ সাদা ফুল বা তার মাঝারি আকৃতির পত্রনিবিড় ভেষজগুণসম্পন্ন চিরহরিৎ উদ্ভিদ। ২ নারী। ৩ পত্নী।

কামিনীসুলভ /কামিনিশুলভ্/ [স. কামিনী+সুলভ] বিণ. স্ত্রীজাতির পক্ষে স্বাভাবিক এমন।

–কামী /কামি/ [স. √কম্+ইন্] বিণ. ১ কামুক, কামযুক্ত। ২ ইচ্ছুক, অভিলাষী (*শান্তিকামী*)।

কামুক /কামুক্/ [স. √কম্+উক] বিণ. ১ যৌন সম্ভোগেচ্ছা অত্যন্ত প্রবল এমন। ২ অভিলাষী।

কামেল /কামেল্/ [আ.] বিণ. ১ সিদ্ধ। ২ পূর্ণাঙ্গ। ৩ নিষ্কলঙ্ক। বি. সিদ্ধপুরুষ, সাধুব্যক্তি।

কামেশ্বর /কামেশ্শর্/ [স. কাম+ঈশ্বর] বি. যিনি কাম্যবস্তু দান করেন।

কামোদ /কামোদ্/ [স. কাম+√দা+অ] বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

কামোদা /কামোদা/ [স. কাম+√দা+অ+আ (টাপ্)] বি. দ্র কামোদ।

কামোদ্দীপক /কামোদ্দিপক্/ [স. কাম+উদ্দীপক] বিণ. কামনার উদ্রেক করে এমন।

কামোন্মাদ /কামোন্মাদ্/ [স. কাম+উন্মাদ] বিণ. কামপ্রবৃত্তির বশে উন্মাদ। স্ত্রী. কামোন্মাদিনী /কামোন্মাদিনি/।

কাম্য /কাম্মো/ [স. √কামি+য] বিণ. ১ কামনার যোগ্য, অভিলষণীয়, অভীষ্ট। ২ ভোগ্য। ৩ ফল লাভের জন্য অনুষ্ঠেয়।

কাম্যফল /কাম্মোফল্/ [স. কাম্য+ফল] বি. কামনার ফল বা পরিণতি।

কায় /কায়্/ [স. √চি+অ] বি. তনু, শরীর।

কায়কল্প /কায়্কল্পো/ [স. কায়+√কল্প্+অ] বি. আয়ুবৃদ্ধি ও যৌবন লাভের জন্য আয়ুর্বেদীয় চিকিৎসাবিশেষ।

কায়ক্লেশ /কায়োক্লেশ্/ [স. কায়+√ক্লিশ্+অ] বি. শারীরিক পরিশ্রম, কায়িক শ্রম।

কায়ক্লেশে /কায়োক্লেশে/ [স. কায়ক্লেশ+বা. এ] ক্রিবিণ. কষ্টেসৃষ্টে; অভাব অনটনে।

কায়চিকিৎসা /কায়্চিকিত্শা/ [স. কায়+চিকিৎসা] বি. শারীরিক ব্যাধির চিকিৎসা।

কায়দা /কায়দা/ [আ.] বি. ১ কৌশল (*কাজের কায়দা*)। ২ পটুতা। ৩ আচার-ব্যবহারের রীতি (*আদবকায়দা*)। ৪ দমন (*শত্রুকে কায়দা করা*)। ৫ অধিকার, সুযোগ (*কায়দায় পাওয়া*)। ৬ আরবি বর্ণমালা ও বানান শিক্ষার প্রাথমিক পুস্তক।

কায়দা পাওয়া /কায়্দা পাওআ/ ক্রিবি. বাগে পাওয়া, কাউকে জব্দ করার সুযোগ লাভ করা।

কায়দাকানুন /কায়্দাকানুন্ / [আ.] বি. রীতিনীতি।

কায়দাদুরস্ত /কায়্দাদুরস্ত্/ [আ. কায়দা+ফা. দুরস্ত্] বিণ. মার্জিত আচার-ব্যবহারসম্পন্ন।

কায়মনোবাক্যে /কায়্মনোবাক্কে/ [বা.] ক্রিবিণ. দেহ মন ও কথায়; সম্পূর্ণরূপে, সর্বতোভাবে।

কায়স্থ /কায়োস্থো/ [স. কায়+√স্থা+অ] বি. বাঙালি হিন্দু জাতিবিশেষ, কায়েত।

কায়া /কায়া/ [স. কায় >] বি. দেহ, শরীর, তনু।

কায়িক /কায়িক্/ [স. কায়+ইক] বিণ. শারীরিক, দৈহিক (*কায়িক শ্রম*)।

কায়েত /কায়েত্/ [স. কায়স্থ >] বি. দ্র কায়স্থ।

কায়েম /কায়েম্/ [আ.] বিণ. দ্র কায়েমি।

কায়েমি /কায়েমি/ [আ.] বিণ. পাকাপাকিভাবে প্রতিষ্ঠিত, সুদৃঢ়, চিরস্থায়ী।

কার[১] /কার্/ [বা.] সর্ব. কোন লোক বা ব্যক্তির (*কার বই*); 'কাহার'-এর চলিত রূপ।

কার[২] /কার্/ [ই. cord>] বি. পাকানো সুতা, ঘুনসি।

কার[৩] /কার্/ [ফা.] বি. ১ কর্ম, কার্য, ক্রিয়া (*কারখানা*)। ২ ফ্যাসাদ, ঝামেলা, সংকট (*কারে পড়া*)। ৩ পেশা, বৃত্তি (*বেকার*)।

–কার[৪] /কার্/ [স. √কৃ+অ] বিণ. ১ নির্মাতা (*স্বর্ণকার*)।

www.pathagar.com

২ প্রণেতা (*প্রবন্ধকার*)। বি. ১ শব্দকরণ (*হুংকার*); উচ্চারণ (*হাহাকার*)। ২ স্বরচিহ্ন (*আ-কার*)।

-কার[৫] /কার্/ বি. সম্বন্ধার্থক বাংলা প্রত্যয়বিশেষ (*আগেকার, ভেতরকার*)।

কারও /কারো/ [বা.] সর্ব. কোনো ব্যক্তির, কাহারো।

কারক /কারোক্/ [স. √কৃ+অক] বি. (ব্যা.) ক্রিয়ার আধার, বাক্যে ক্রিয়ার সঙ্গে সম্বন্ধযুক্ত শব্দ। বিণ. কর্মসম্পাদক।

কারকিত /কারকিত্/ [দেশি.] বি. ১ কৃষিকাজের যত্ন ও তত্ত্বাবধান। ২ কর্মনৈপুণ্য।

কারকুন /কারকুন্/ [ফা.] বিণ. জমিদারির তত্ত্বাবধায়ক; বিষয়সম্পত্তি তদারককারী। বি. মুসলমান আমলের রাজস্ব বিভাগের কর্মচারী।

কারখানা /কারখানা/ [ফা.] বি. ১ যে গৃহে পণ্যদ্রব্য উৎপাদন করা হয়, factory। ২ (আল.) বিরাট ব্যাপার (*কাণ্ডকারখানা*)।

কারচুপি /কারচুপি/ [ফা. কারচুবি >] বি. ১ চালাকি, কৌশল, চাতুরী। ২ কাপড় বা অন্য কিছুর ওপর নকশা তোলার কাজ।

কারণ[১] /কারোন্/ [স. √কৃ+ণিচ্+অন] বি. ১ হেতু, নিমিত্ত। ২ উদ্দেশ্য, প্রয়োজন। ৩ যা থেকে বা যার সাহায্যে কার্য সম্পন্ন হয়। ৪ দেহ; ইন্দ্রিয়। ৫ মূল। ৬ বীজ। অব্য. কেননা, যেহেতু।

কারণ[২] /কারোন্/ [স. করণ+অ] বি. তান্ত্রিক পদ্ধতিতে ব্যবহৃত উপাদান (*কারণবারি*)।

কারণজল /কারোন্জল্/ [স. কারণ+জল] বি. দ্র কারণবারি।

কারণবারি /কারোন্বারি/ [স. কারণ+বারি] বি. ১ শাস্ত্রোক্ত আদিম জল যা থেকে জীবের উৎপত্তি হয়েছে বলে মনে করা হয়। ২ সুরা, মদ।

কারণিক /কারোনিক্/ [স. কারণ+ইক] বিণ. ১ কারণ-বিষয়ক। ২ কারণ সন্ধানকারী। ৩ পরীক্ষক।

কারণীভূত /কারোনিভুতো/ [স. কারণ+চ্বি+ভূত] বিণ. ১ কারণরূপে কল্পিত বা উপস্থাপিত। ২ কারণ-স্বরূপ; বীজস্বরূপ।

কারদানি /কারদানি/ [ফা.] বি. ১ কর্মকৌশল। ২ কৃতিত্বের ভান; বাহাদুরি।

কারপরদাজ /কারপরদাজ্/ [ফা.] বি. ১ পরিচালক। ২ ব্যবস্থাপক। ৩ তত্ত্বাবধায়ক।

কারফা /কারফা/ [হি. কাহারবা >] বি. মধ্যযুগে প্রচলিত রাগসংগীত ও লোকসংগীতের মিশ্রণজাত সংগীতের রীতি, কাহারবা তাল।

কারবার /কারবার্/ [ফা.] বি. ১ ব্যবসায়। ২ পেশা, বৃত্তি। ৩ কাজকর্ম। ৪ আদানপ্রদানজনিত সম্পর্ক।

কারবারি /কারবারি/ [ফা.] বি. ব্যবসায়ী।

কারবালা /কারবালা/ [স্থান.] বি. ইরাকের ফোরাত নদীর তীরে অবস্থিত স্থানবিশেষ যেখানে ৬৮০ খ্রিষ্টাব্দে দামেস্কের অধিপতি এজিদের সঙ্গে যুদ্ধে ইমাম হোসেন শহিদ হন।

কারয়িতা /কারোয়িতা/ [স. √কৃ+ণিচ্+তৃ] বিণ. অন্যকে দিয়ে করিয়ে নেয় বা অন্যকে কাজ করতে বাধ্য করে এমন। স্ত্রী. কারয়িত্রী /কারোয়িত্রি/।

কারসাজ /কারশাজ্/ [ফা.] বিণ. ১ ভাঙাগড়ার নিয়ামক। ২ চালাক।

কারসাজি /কারশাজি/ [ফা.] বি. চালাকি, ছলচাতুরী, কূটকৌশল; প্রবঞ্চনা।

কারা[১] /কারা/ [বা.] সর্ব. কোন লোকেরা; 'কাহারা' শব্দের কথ্য রূপ।

কারা[২] /কারা/ [স. √কৃ+অ+আ (টাপ্)] বি. যে গৃহে দণ্ডপ্রাপ্ত অপরাধীকে বন্দি করে রাখা হয়, জেলখানা (*কারাগার*)।

কারাগার /কারাগার্/ [স. কারা+আগার] বি. যে গৃহে দণ্ডপ্রাপ্ত অপরাধীকে বন্দি করে রাখা হয়, কারাগৃহ, ফাটক।

কারাগৃহ /কারাগৃহো/ [স. কারা+গৃহ] বি. কারাগার।

কারাদণ্ড /কারাদন্ডো/ [স. কারা+√দন্ড্+অ] বি. অপরাধীকে প্রদত্ত কারাবাসের দন্ড।

কারাধ্যক্ষ /কারাদ্ধোক্ষো/ [স. কারা+অধ্যক্ষ] বি. কারাগারের ঊর্ধ্বতন কর্মচারী বা অধ্যক্ষ, jailer।

কারাপরিদর্শক /কারাপোরিদর্শক্/ [স. কারা+পরিদর্শক] বি. কারাগারের পরিদর্শক।

কারাপাল /কারাপাল্/ [স. কারা+পাল] বি. দ্র কারাধ্যক্ষ।

কারাবরণ /কারাবরোন্/ [স. কারা+বরণ] বি. সরকারের বিরোধিতা করে স্বেচ্ছায় কারাবাস।

কারাবাস /কারাবাশ্/ [স. কারা+বাস] বি. ১ বন্দিরূপে কারাগারে বাস বা অবস্থিতি। ২ বন্দিত্ব দশা।

কারাভান /কারাভান্/ [ফ.] বি. ১ মরু অঞ্চলে বণিক ও তীর্থগামীর দলবদ্ধ যাত্রা। ২ বসবাসের উপযুক্ত আচ্ছাদনযুক্ত শকট।

কারামুক্তি /কারামুক্তি/ [স. কারা+√মুচ্+তি] বি. কারাগারের বন্দিত্ব থেকে খালাসপ্রাপ্তি।

কারারক্ষী /কারারোক্ষি/ [স. কারা+√রক্ষ্+ইন্] বি. কারাগারের প্রহরী।

কারারুদ্ধ /কারারুদ্ধো/ [স. কারা+√রুধ্+ত] বিণ.

www.pathagar.com

কারাগারে বন্দি করে রাখা হয়েছে এমন।

কারি[১] /কারি/ [তামি.] বি. মাছ মাংস প্রভৃতির ঝোল, কালিয়া, curry।

কারি[২] /কা:রি/ [আ.] বি. যিনি শুদ্ধ উচ্চারণে কোরান আবৃত্তি করেন।

কারিকর /কারিকর্/ [ফা.] বি. ১ শিল্পদ্রব্যের নির্মাতা, কারুশিল্পী, artisan। ২ মিস্ত্রি। ৩ বস্ত্রবয়নকারী।

কারিকা /কারিকা/ [স. √কৃ+অক+আ (টাপ্)] বি. ১ অল্প কথায় একাধিক অর্থ বোঝায় এমন কবিতা। ২ শিল্পকর্ম। বিণ. কর্মসম্পাদিকা।

কারিকুরি /কারিকুরি/ [ফা.] বি. ১ শিল্পনৈপুণ্য। ২ দক্ষতা। ৩ কারিগরের কাজ বা পেশা। ৪ ফন্দি। ৫ উপায়। বিণ. শিল্পনৈপুণ্যবিষয়ক।

কারিগর /কারিগর্/ [ফা.] বি. দ্র কারিকর।

কারিগরি /কারিগোরি/ [ফা.] বি. কারিগরের দক্ষতা। বিণ. শিল্পনৈপুণ্যসম্বন্ধীয়।

কারিগরি শিক্ষা /কারিগোরি শিক্‌খা/ বি. শিল্পদ্রব্য নির্মাণবিষয়ক শিক্ষা।

কারিত /কারিতো/ [স. √কৃ+ণিচ্+ত] বিণ. অন্যের দ্বারা কৃত।

–কারী /কারি/ [স. √কৃ+ইন্] বিণ. কার্যকারী; উপযোগী; ফলদায়ক (*উপকারী*); নির্মাতা (*নির্মাণ-কারী*)। স্ত্রী. –কারিণী /কারিনি/।

কারু /কারু/ [স. √কৃ+উ] বি. বিণ. নির্মাতা; শিল্পকার, artisan।

কারুকর্ম /কারুকর্‌মো/ [স. কারু+কর্মন্] বি. ১ কাঠ ধাতু প্রভৃতির কারিগরি শিল্প, শিল্পকর্ম, crafts। ২ নকশা। ৩ শিল্পবিদ্যা।

কারুকর্মী /কারুকোর্‌মি/ [স. কারুকর্মন্+ইন্] বি. কারিগর, কারুশিল্পী, craftsman।

কারুকলা /কারুকলা/ [স. কারু+কলা] বি. দ্র কারুকর্ম।

কারুকার্য /কারুকার্‌জো/ [স. কারু+√কৃ+য] বি. দ্র কারুকর্ম।

কারুণিক /কারুনিক্/ [স. করুণা+ইক] বিণ. করুণাময়।

কারুণ্য /কারুন্‌নো/ [স. করুণা+য] বি. করুণার ভাব।

কারুপণ্য /কারুপোন্‌নো/ [স. কারু+পণ্য] বি. শিল্পদ্রব্য।

কারুশিল্প /কারুশিল্‌পো/ [স. কারু+√শিল্+প] বি. ১ কাঠ ধাতু প্রভৃতির কারিগরি শিল্প, শিল্পকর্ম, crafts। ২ নকশা। ৩ শিল্পবিদ্যা।

কারুশিল্পী /কারুশিল্‌পি/ [স. কারুশিল্প+ইন্] বি. কারিগর, শিল্পী, craftsman।

কারুসমবায় /কারুশমোবায়্/ [স. কারু+সমবায়] বি. শিল্পদ্রব্য উৎপাদন ও বিক্রয়ের উদ্দেশ্যে গঠিত সমবায় প্রতিষ্ঠান, guild।

কারেন্ট /কারেন্‌ট্/ [ই.] বি. ১ জলস্রোত। ২ বিদ্যুৎ প্রবাহ।

কারেন্সি নোট /কারেন্‌সি নোট্/ বি. নগদ মুদ্রার পরিবর্তে কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক প্রদত্ত বাহককে চাওয়ামাত্র নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের অঙ্গীকারপত্র, পত্রমুদ্রা, নোট, currency note।

কারো /কারো/ [বা.] সর্ব. কোনো ব্যক্তির, কাহারো।

কার্কশ্য /কার্‌কোশ্‌শো/ [স. কর্কশ+য] বি. কর্কশতা, রূঢ়তা, কঠিনতা।

কার্টুন /কার্‌টুন্/ [ইতা.] বি. ব্যঙ্গচিত্র, cartoon।

কার্ট্রিজ /কার্‌ট্রিজ্/ [ফ.] বি. ১ টেপ ফিল্‌ম কালি বা অন্য কোনো বস্তু ধারণের খাপ। ২ বন্দুকের টোটা।

কার্ট্রিজ পেপার /কার্‌ট্রিজ্ পেপার্/ বি. ছবি আঁকার জন্য বা মুদ্রণশিল্পে ব্যবহৃত অমসৃণ কাগজবিশেষ, cartridge paper।

কার্ড /কার্‌ড্/ [ই.] বি. ১ মোটা কাগজের টুকরো, পুরু কাগজের খণ্ড। ২ পোস্টকার্ড।

কার্তিক /কার্‌তিক্/ [স. কৃত্তিকা+অ] বি. ১ বাংলা পঞ্জিকার সপ্তম মাস, হেমন্ত ঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৬ই অক্টোবর থেকে ১৪ই নভেম্বর পর্যন্ত কালপর্ব। ২ দেবসেনাপতি কার্তিকেয়।

কার্তিকেয় /কার্‌তিকেয়ো/ [স. কৃত্তিকা+এয়] বি. শিব ও পার্বতীর পুত্র, দেবসেনাপতি।

কার্তুজ /কার্‌তুজ্/ [পো.] বি. বন্দুকের টোটা, cartridge।

কার্নিভ্যাল /কার্‌নিভ্যাল্/ [ইতা.] বি. আনন্দমেলা; আনন্দোৎসব, carnival।

কার্নিশ /কার্‌নিশ্/ [ফ.] বি. দেওয়াল বা ছাদের বাইরের দিকে প্রলম্বিত প্রান্তভাগ।

কার্পণ্য /কার্‌পোন্‌নো/ [স. কৃপণ+য] বি. কৃপণতা।

কার্পাস /কার্‌পাশ্/ [স. কর্পাসী+অ] বি. ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে জাত বহুবর্ষজীবী বৃক্ষবিশেষ বা তার ফলের বীজ পরিবেষ্টনকারী সাদা কোমল আঁশ যা থেকে সুতা তৈরি হয়, কাপাস।

www.pathagar.com

কার্পেট /কার্‌পেট্‌/ [ফ.] বি. পশুলোম বা পাটের আঁশ থেকে তৈরি ঘরের মেঝেতে পাতা হয় এমন পুরু ফরাশবিশেষ, carpet।

কার্ফিউ /কার্‌ফিউ্‌/ [ই.] বি. নির্ধারিত সময়ে বাড়ির বাইরে বা রাস্তায় না যাওয়ার সাময়িক নির্দেশ, curfew।

কার্বন /কার্‌বন্‌/ [ফ.] বি. কয়লা বা গ্র্যাফাইটরূপে পাওয়া যায় এমন অধাতব রাসায়নিক মৌলিক খনিজ পদার্থ যার পারমাণবিক সংখ্যা ৬, carbon।

কার্বন ডাইঅক্সাইড /কার্‌বন্‌ ডাইঅক্‌সাইড্‌/ বি. কার্বনের সঙ্গে অক্সিজেনের রাসায়নিক বিক্রিয়ার ফলে সৃষ্ট বর্ণ ও গন্ধহীন গ্যাস, carbon dioxide।

কার্বন পেপার /কার্‌বন্‌ পেপার্‌/ বি. একপিঠে কালিমাখানো পাতলা কাগজবিশেষ যা লেখার কাগজের তলায় রেখে ওপরের কাগজে লিখলে নিচের কাগজে হুবহু সেই লেখার ছাপ পড়ে, carbon paper।

কার্বন মনোক্সাইড /কার্‌বন্‌ মনোক্‌সাইড্‌/ বি. কার্বনের অসম্পূর্ণ দহনের ফলে সৃষ্ট বর্ণহীন মৃদুগন্ধ বিষাক্ত গ্যাসবিশেষ, carbon monoxide।

কার্বুরেটর /কার্‌বুরেটার্‌/ [ফ.] বি. মোটরগাড়ির ইঞ্জিনে নির্দিষ্ট অনুপাতে তরল বা গ্যাসীয় জ্বালানি ও বাতাস সংমিশ্রণের সরঞ্জামবিশেষ, carburettor।

কার্বলিক /কার্‌বোলিক্‌/ [ই.] বি. জীবাণুনাশকরূপে ব্যবহৃত ফেনলমিশ্রিত (phenol) তীব্রগন্ধযুক্ত রাসায়নিক পদার্থ, carbolic।

কার্বলিক সাবান /কার্‌বোলিক্‌ শাবান্‌/ বি. তীব্র-গন্ধযুক্ত জীবাণুনাশক সাবানবিশেষ।

কার্মিক /কার্‌মিক্‌/ [স. কর্মন্‌+ইক] বিণ. কারুকর্ম করা হয়েছে এমন, সূচিকর্মদ্বারা শোভিত।

কার্মুক /কারমুক্‌/ [স. কর্মন্‌+উক] বি. ১ তূলোধুনার ধনুকাকৃতি সরঞ্জাম, ধনুক। ২ (জ্যা.) চাপ, arc।

কার্মুকধারী /কারমুকধারি/ [স. কার্মুক+√ধৃ+ইন্‌] বিণ. ধনুর্ধর। স্ত্রী. **কার্মুকধারিণী** /কারমুকধারিনি/।

কার্য /কার্‌জো/ [স. √কৃ+য] বি. ১ কাজকর্ম। ২ প্রয়োজন, নিমিত্ত। ৩ উপকার; ফল। ৪ শাস্ত্র-বিহিত ক্রিয়াকর্ম। বিণ. কর্তব্য, করণীয়।

কার্যকর /কার্‌জোকর্‌/ [স. কার্য+√কৃ+অ] বিণ. বলবৎ, ফলদায়ক; উপযোগী; ক্রিয়াসাধক।

কার্যকরতা /কার্‌জোকরোতা/ [স. কার্যকর+তা] বি. উপযোগিতা।

কার্যকরী /কার্‌জোকোরি/ [স. কার্য+√কৃ+ইন্‌] বিণ. ফলদায়ক, ক্রিয়াসাধক।

কার্যকলাপ /কার্‌জোকলাপ্‌/ [স. কার্য+কলাপ] বি. বিভিন্ন ধরনের কাজ, কাজকর্ম, কর্মপ্রবাহ।

কার্যকারণ /কার্‌জোকারোন্‌/ [স. কার্য+কারণ] বি. কাজের হেতু বা ফল।

কার্যকারণসম্বন্ধ /কার্‌জোকারোন্‌শম্‌বন্‌ধো/ [স. কার্যকারণ+সম্‌+√বনধ্‌+অ] বি. কার্য ও কারণের পারস্পরিক আপেক্ষিক সম্বন্ধ।

কার্যকারিতা /কার্‌জোকারিতা/ [স. কার্যকারী+তা] বি. কোনো কিছুর উপযোগিতা বা প্রায়োগিকতা।

কার্যকারী /কার্‌জোকারি/ [স. কার্য+√কৃ+ইন্‌] বিণ. উপযোগী, ক্রিয়াসাধক।

কার্যকাল /কার্‌জোকাল্‌/ [স. কার্য+কাল] বি. ১ কর্মকাল, চাকরি প্রভৃতির ব্যাপ্তিকাল। ২ ব্যবহারযোগ্যতার সময়সীমা, মেয়াদকাল।

কার্যকুশল /কার্‌জোকুশল্‌/ [স. কার্য+কুশল] বিণ. কর্মপটু। বি. **কার্যকুশলতা** /কার্‌জোকুশলতা/।

কার্যক্রম /কার্‌জোক্রোম্‌/ [স. কার্য+ক্রম] বি. করণীয় কাজের ক্রমিক তালিকা।

কার্যক্ষম /কার্‌জোক্‌খম্‌/ [স. কার্য+ক্ষম] বিণ. কাজ করতে সমর্থ, কর্মক্ষম।

কার্যক্ষমতা /কার্‌জোখমোতা/ [স. কার্যক্ষম+তা] বি. কাজ করার সামর্থ্য।

কার্যক্ষেত্র /কার্‌জোখেত্‌ত্রো/ [স. কার্য+√ক্ষি+ত্র] বি. কর্মস্থল।

কার্যগতিকে /কার্‌জোগোতিকে/ [স. কার্যগতিক+বা. এ] ক্রিবিণ. কাজের তাগিদে, কাজের প্রয়োজনে।

কার্যঞ্চাগে /কার্‌জোন্‌চাগে/ [বা.] অব্য. ইহাই অগ্রে কর্তব্য (বাংলা দলিলপত্রের প্রারম্ভিক পাঠ)।

কার্যত /কার্‌জোতো/ [স. কার্য+তস্‌] অব্য. ক্রিবিণ. প্রকৃতপক্ষে, ফলত, বস্তুত।

কার্যতৎপর /কার্‌জোতোত্‌পর্‌/ [স. কার্য+তৎপর] বিণ. ১ কর্মে উদ্যমী। ২ কর্মপটু, কার্যদক্ষ।

কার্যদক্ষ /কার্‌জোদোক্‌খো/ [স. কার্য+দক্ষ] বিণ. কর্মনিপুণ।

কার্যনির্বাহ /কার্‌জোনির্‌বাহো/ [স. কার্য+নির্বাহ] বি. কার্যসমাধা, কর্মসম্পাদন।

কার্যনির্বাহী /কার্‌জোনির্‌বাহি/ [স. কার্যনির্বাহ+ইন্‌] বিণ. কর্মসম্পাদক, executive। বি. কর্ম-সম্পাদনের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি।

কার্যনিষ্পত্তি /কার্‌জোনিশ্‌পোত্‌তি/ [স. কার্য+নিস্‌+√পদ্‌+তি] বি. কাজের মীমাংসা বা সমাধা।

www.pathagar.com

কার্যপটু /কার্‌জোপোটু / [স. কার্য+পটু] বিণ. কর্মদক্ষ।

কার্যপদ্ধতি /কার্‌জোপদ্‌ধোতি / [স. কার্য+পদ+√হন্+তি] বি. কাজের রীতি, কার্যপ্রণালি।

কার্যপরম্পরা /কার্‌জোপরোম্‌পরা / [স. কার্য+পরম্পরা] বি. কাজের ধারাবাহিকতা।

কার্যপ্রণালি /কার্‌জোপ্রোনালি / [স. কার্য+প্রণালি] বি. কাজের ধারা।

কার্যফল /কার্‌জোফল্ / [স. কার্য+ফল] বি. কাজের পরিণাম, কর্মফল।

কার্যবশত /কার্‌জোবশোতো / [স. কার্য+বশ+তস্] ক্রিবিণ. কাজের প্রয়োজনে।

কার্যবাহ /কার্‌জোবাহো / [স. কার্য+বাহ] বি. কর্মপ্রবাহ; সভাসমিতিতে আলোচিত বিষয়সমূহ; (পরি.) proceedings।

কার্যবিবরণ /কার্‌জোবিবরোন্ / [স. কার্য+বিবরণ] বি. কাজের বৃত্তান্ত।

কার্যবিবরণী /কার্‌জোবিবরোনি / [স. কার্যবিবরণ+ঈ] বি. কাজের বিবরণযুক্ত লিপি।

কার্যব্যপদেশে /কার্‌জোব্যাপোদেশে / [স. কার্য+ব্যপদেশ+বা. এ] ক্রিবিণ. কাজের প্রয়োজনে; কাজের অজুহাতে।

কার্যভার /কার্‌জোভার্ / [স. কার্য+√ভৃ+অ] বি. কাজের দায়িত্ব।

কার্যরত /কার্‌জোরতো / [স. কার্য+√রম্+ত] বিণ. কাজে নিযুক্ত, কর্মরত; ব্যস্ত।

কার্যসমাধা /কার্‌জোশমাধা/ [স. কার্য+সমাধা] বি. কার্যনির্বাহ; কাজের সমাপ্তি।

কার্যসম্পাদন /কার্‌জোশম্‌পাদোন্/ [স. কার্য+সম্পাদন] বি. কর্মনির্বাহ।

কার্যসাধন /কার্‌জোশাধোন্/ [স. কার্য+সাধন] বি. দ্র কার্যসম্পাদন।

কার্যসিদ্ধি /কার্‌জোশিদ্‌ধি/ [স. কার্য+√সিধ্+তি] বি. কর্মে সাফল্য প্রাপ্তি, অভীষ্টলাভ।

কার্যসূচি /কার্‌জোশুচি/ [স. কার্য+√সূচ্+ই] বি. কার্যতালিকা।

কার্যাকার্য /কার্‌জাকার্‌জো / [স. কার্য+অকার্য] বি. বিধেয় ও অবিধেয় কাজ।

কার্যাদেশ /কার্‌জাদেশ্/ [স. কার্য+আদেশ] বি. ঠিকাদারকে প্রদত্ত কাজের দায়িত্ব ও চুক্তি; কাজ শুরু করার আদেশ; (পরি.) work order।

কার্যাধ্যক্ষ /কার্‌জাদ্‌ধোক্‌খো / [স. কার্য+অধ্যক্ষ] বি. কাজের তত্ত্বাবধায়ক, কর্মনিয়ন্তা।

কার্যান্তর /কার্‌জান্‌তর্ / [স. কার্য+অন্তর] বি. অন্য কাজ, ভিন্ন কাজ।

কার্যালয় /কার্‌জালয়্/ [স. কার্য+আলয়] বি. কর্মস্থল, কর্মক্ষেত্র, office।

কার্যোদ্ধার /কার্‌জোদ্‌ধার্ / [স. কার্য+উদ্ধার] বি. বাঞ্ছিত কাজের ফললাভ; অভীষ্টলাভ।

কার্যোদ্যোগ /কার্‌জোদ্‌দোগ্/ [স. কার্য+উদ্যোগ] বি. কাজের উদ্যম; কর্মসাধনের প্রয়াস।

কার্শ্য /কার্‌শো/ [স. কৃশ+য] বি. ১ শীর্ণতা, ক্ষীণতা; দুর্বলতা। ২ দীনতা। ৩ মাদার গাছ।

কার্ষাপণ /কার্‌শাপন্/ [স. কর্ষাপণ+অ] বি. প্রাচীন ভারতের মুদ্রা; ১৬ পণ বা এক কাহন।

কার্ষ্ণ /কার্‌শ্নো/ [স. কৃষ্ণ+অ] বিণ. কৃষ্ণসম্বন্ধীয়।

কার্ষ্ণি /কার্‌শ্নি/ [স. কৃষ্ণ+ই] বি. কৃষ্ণের পুত্র।

কার্ষ্ণ্য /কার্‌শ্নো/ [স. কৃষ্ণ+য] বি. কালো রং; কৃষ্ণতা।

কাল[১] /কাল্/ [স. √কলি+অ] বি. ১ সময়; ঋতু (*বর্ষাকাল*)। ২ যুগ (*একাল সেকাল*)। ৩ মানব-জীবনের বিভিন্ন স্তর বা সময়বিভাগ (*তোমার এই খেলাঘরে শিশুকাল কাটিল রে*, রবীন্দ্র.)। ৪ আয়ুষ্কাল (*কাল পূর্ণ হওয়া*)। ৫ অবসর (*কালভাব*)। ৬ যম; মৃত্যু (*অসুখটাই তার কাল হলো*)। ৭ (ব্যা.) অতীত বর্তমান ভবিষ্যৎ প্রভৃতি।

কাল[২] /কাল্/ [স. কল্য >] বি. ক্রিবিণ. ১ পরবর্তী দিন, আগামীদিন (*কাল আবার এসো*)। ২ আগেরদিন, পূর্ববর্তী দিন (*সে কাল এসেছিল*)।

কাল[৩] /কাল্/ [আঞ্চ.] বিণ. অতিশয় ঠান্ডা, হিমশীতল। বি. শৈত্য।

কালকার /কাল্‌কার্/ [বা.] বিণ. ১ আগামীকালের। ২ পূর্বদিনের।

কাল কাটানো /কাল কাটানো/ ক্রিবি. ১ কাল ক্ষেপণ করা। ২ জীবনযাপন করা।

কালকূট /কাল্‌কুট্/ [স. কাল+√কূট+অ] বি. তীব্র বিষ, গরল।

কালকে /কাল্‌কে/ [বা.] বি. ক্রিবিণ. ১ আগামীকাল, পরদিন। ২ পূর্বদিন, আগেরদিন।

কালকের /কাল্‌কের্ / [বা.] বিণ. ১ পূর্ববর্তী দিনের (*কালকের কাগজ*)। ২ আগামীদিনের।

কালক্রমে /কালোক্‌ক্রোমে/ [স. কালক্রম+বা. এ] ক্রিবিণ. ১ কালে কালে। ২ কিছুকাল পরে, পরবর্তী এক সময়ে।

কালক্ষয় /কালোক্‌খয়্/ [স. কাল+ক্ষয়] বি. ১ কাল অতিবাহন, কালাতিপাত। ২ বিলম্ব, দেরি।

www.pathagar.com

কালক্ষেপ /কালোক্‌খেপ্/ [স. কাল+√ক্ষিপ্+অ] বি. দ্র কালক্ষেপণ।

কালক্ষেপণ /কালোক্‌খেপন্/ [স. কাল+√ক্ষিপ্+অন] বি. ১ সময় অতিবাহন। ২ সময় অপচয়।

কালগঙ্গা /কাল্‌গংগা/ [স. কাল+√গম্+গ+আ (টাপ্)] বি. যমুনা নদী, কালিন্দী।

কালগ্রাস /কালোগ্‌গ্রাশ্/ [স. কাল+গ্রাস] বি. মৃত্যুর কবল, মরণের ছোবল; মৃত্যু।

কালঘাম /কাল্‌ঘাম্/ [স. কাল+বা. ঘাম] বি. ১ মৃত্যুকালীন ঘাম। ২ কঠোর পরিশ্রমের ফলে নির্গত ঘাম।

কালঘুম /কাল্‌ঘুম্/ [স. কাল+দেশি. ঘুম] বি. ১ যে ঘুম সহজে ভাঙে না। ২ মৃত্যু, চিরনিদ্রা।

কালচক্র /কাল্‌চক্রো/ [স. কাল+চক্র] বি. চাকার মতো অবিরাম ঘুরছে যে কাল, প্রবহমান কাল।

কালচিটা /কাল্‌চিটা/ [বা.] বি. আঘাতের ফলে সৃষ্ট গায়ের কালো দাগ। বিণ. কালচে।

কালচিটে /কাল্‌চিটে/ [বা.] বি. বিণ. 'কালচিটা'-র কথ্য রূপ।

কালচিহ্ন /কাল্‌চিন্‌nho/ [স. কাল+√চিহ্ন্+অ] বি. মৃত্যুর লক্ষণ।

কালচে /কাল্‌চে/ [বা.] বিণ. ঈষৎ কৃষ্ণাভ।

কালজ্ঞ /কালোগ্‌গো/ [স. কাল+√জ্ঞা+অ] বিণ. ১ দৈবজ্ঞ। ২ সময়ের মূল্য বুঝে কাজ করে এমন।

কালজ্ঞান /কালোগ্‌গ্যান্/ [স. কাল+√জ্ঞা+অন] বি. ১ সময়জ্ঞান। ২ জ্যোতিঃশাস্ত্র।

কালতুল্য /কাল্‌তুল্লো/ [স. কাল+তুল্য] বিণ. ১ মারাত্মক। ২ মৃত্যুবৎ।

কালত্রয় /কালোত্‌ত্রয়্/ [স. কাল+ত্রয়] বি. অতীত বর্তমান ও ভবিষ্যৎ কাল, ত্রিকাল।

কালত্রয়জ্ঞ /কালোত্‌ত্রয়োগ্‌গো/ [স. কালত্রয়+√জ্ঞা+অ] বিণ. অতীত বর্তমান ও ভবিষ্যতের যাবতীয় বিষয় সম্পর্কে অবগত।

কালধর্ম /কাল্‌ধর্‌মো/ [স. কাল+ধর্ম] বি. ১ কাল পরিবর্তনের ফলে পরিবর্তিত রীতিনীতি ও চেতনা, যুগধর্ম। ২ জন্ম জরা মৃত্যু ঋতুভেদ প্রভৃতির স্বাভাবিক গুণ।

কালনাগ /কাল্‌নাগ্/ [স. কাল+নাগ] বি. কেউটে সাপ।

কালনিদ্রা /কাল্‌নিদ্‌দ্রা/ [স. কাল+নিদ্রা] বি. মৃত্যু।

কালনিধি /কাল্‌নিধি/ [স. কাল+নিধি] বি. শিব।

কালনিরূপণ /কাল্‌নিরুপন্/ [স. কাল+নিরূপণ] বি. সময় নির্ণয়।

কালনেমি /কাল্‌নেমি/ [স. কাল+√নী+মি] বি. ১ রামায়ণোক্ত রাবণের মাতুল। ২ রাক্ষসবিশেষ।

কালপুরুষ /কাল্‌পুরুশ্/ [স. কাল+পুরুষ] বি. ১ আকাশে বিষুবরেখার ওপরে দৃশ্যমান সাতটি উজ্জ্বল নক্ষত্রের মনুষ্যাকৃতি সমাবেশ, আদমসুরত, অগ্রহায়ণী, Orion। ২ যমের অনুচর।

কালপৃষ্ঠ /কাল্‌পৃশ্‌ঠো/ [স. কাল+√পৃষ্+থ] বি. ১ মহাবীর কর্ণের ধনুক। ২ মৃগবিশেষ।

কালপ্যাঁচা /কাল্‌প্যাঁচা/ [বা.] বি. ধূসরবর্ণ মস্তক ও তামাটে পালকবিশিষ্ট প্যাঁচা যার ডাক অশুভসূচক বলে কল্পিত।

কালপ্রবাহ /কাল্‌প্রোবাহো/ [স. কাল+প্রবাহ] বি. কালের গতি, সময়ের অবিরাম স্রোত।

কালপ্রভাব /কাল্‌প্রোভাব্/ [স. কাল+প্রভাব] বি. সময়ের শক্তি বা মাহাত্ম্য।

কালপ্রাপ্তি /কাল্‌প্রাপ্‌তি/ [স. কাল+প্র+√আপ্+তি] বি. মৃত্যু।

কালবাউশ /কাল্‌বাউশ্/ [দেশি.] বি. কালচে আঁশ-বিশিষ্ট রুইজাতীয় মাঝারি আকৃতির মিঠাপানির মাছবিশেষ।

কালবিলম্ব /কাল্‌বিলম্‌বো/ [স. কাল+বি+√লম্ব্+অ] বি. সময়ক্ষেপণ, কালক্ষেপণ।

কালবুদ /কাল্‌বুদ্/ [ফা.] বি. ১ ছাঁচ, আধার। ২ জুতা তৈরির কাঠের ফর্মা; খিলান গাঁথার জন্য ব্যবহৃত কাঠের ফর্মা। ৩ সাঁকো, culvert।

কালবেলা /কাল্‌ব্যালা/ [স. কাল+বেলা] বি. জ্যোতিষশাস্ত্রে অশুভ বলে কল্পিত সময়।

কালবৈশাখি /কাল্‌বোইশাখি/ [স. কাল+বৈশাখি] বি. বাংলাদেশ পশ্চিমবঙ্গ ও ত্রিপুরার ওপর দিয়ে চৈত্র-বৈশাখ মাসে উত্তর-পশ্চিম দিক থেকে প্রবাহিত প্রবল ঝড়বৃষ্টি, nor'-wester।

কালবোশেখি /কাল্‌বোশেখি/ [বা.] বি. দ্র কাল-বৈশাখি।

কালভৈরব /কাল্‌ভোইরব্/ [স. কাল+ভৈরব] বি. শিবের ভয়ালমূর্তি অনুচরবিশেষ।

কালমেঘ[১] /কাল্‌মেঘ্/ [স. কাল+√মিহ্+অ] বি. সচরাচর পতিত জমিতে জাত গাঢ় কালচে সবুজ তিক্তস্বাদ বিপরীতমুখী পাতাবিশিষ্ট ভেষজগুণ-সম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, ভুঁইনিম।

কালমেঘ[২] /কালোমেঘ্/ [স. কাল+√মিহ্+অ] বি. কৃষ্ণবর্ণ মেঘ; সৃষ্টিনাশক প্রলয়মেঘ।

কালযাপন /কাল্‌জাপোন্/ [স. কাল+যাপন] বি. সময় অতিবাহন, কালক্ষেপণ।

কালরাত্রি /কাল্‌রাত্‌ত্রি/ [স. কাল+রাত্রি] বি. ১ মহাবিপদের আশঙ্কাযুক্ত রাত। ২ বাসি বিয়ের পরবর্তী রাত। ৩ (বাংলায়) অশুভ রাত।

www.pathagar.com

কালশশী /কালোশোশি/ [স. কাল+শশ+ইন্] বি. কৃষ্ণপক্ষের চাঁদ।

কালশিটা /কাল্‌শিটা/ [বা.] বি. আঘাতজনিত কারণে রক্ত জমে যাওয়ার ফলে মানবদেহে সৃষ্ট কালো দাগ।

কালশিটে /কাল্‌শিটে/ [বা.] বি. 'কালশিটা'-র কথ্য রূপ।

কালশিরা /কাল্‌শিরা/ [স. কাল+শিরা] বি. দ্র কালশিটা।

কালশুদ্ধি /কাল্‌শুদ্ধি/ [স. কাল+√শুধ্+তি] বি. ক্রিয়াকর্মের জন্য শাস্ত্রবিহিত কাল, জ্যোতিষ-শাস্ত্রমতে প্রশস্ত সময়।

কালসমুদ্র /কাল্‌শোমুদ্‌দ্রো/ [স. কাল+সমুদ্র] বি. সাগরের মতো বিস্তৃত কাল, অনন্তকাল।

কালসর্প /কাল্‌শর্‌পো/ [স. কাল+√সৃপ্+অ] বি. বিণ. দ্র কালসাপ।

কালসাপ /কাল্‌শাপ্/ [স. কাল+বা. সাপ] বি. কালো রঙের বিষাক্ত সাপ, কেউটে সাপ। বিণ. ১ (আল.) ভয়ানক ও হিংস্র। ২ কুটিল।

কালস্রোত /কালোস্‌স্রোত্/ [স. কাল+√স্রু+অস্] বি. সময়ের স্রোত বা প্রবাহ।

কালহরণ /কাল্‌হরোন্/ [স. কাল+√হৃ+অন] বি. কালক্ষেপণ; কালাতিপাত।

কালা[১] /কালা/ [স. কল্প >] বিণ. কানে শোনে না এমন, বধির।

কালা[২] /কালা/ [বা.] বি. শ্রীকৃষ্ণ। বিণ. ১ কালো, কৃষ্ণবর্ণ। ২ কলঙ্কিত। ৩ অবাঞ্ছিত, আপত্তিকর।

কালা[৩] /কালা/ [বা.] বিণ. অতিশয় শীতল।

কালাংড়া /কালাংড়া/ [অজ্ঞা.] বি. দিনের প্রথম প্রহরে গেয় সংগীতের মিশ্র রাগবিশেষ।

কালাকানুন /কালাকানুন্/ [বা. কালা+আ. কানুন] বি. জনস্বার্থবিরোধী নিপীড়নমূলক আইন।

কালাকাল /কালাকাল্/ [স. কাল+অকাল] বি. সময় ও অসময়, শুভ ও অশুভ সময়।

কালাগুরু /কালাগুরু/ [স. কাল+অগুরু] বি. কালো চন্দন, কৃষ্ণচন্দন।

কালাগ্নি /কালাগ্‌নি/ [স. কাল+√অগ্+নি] বি. সৃষ্টি ধ্বংসকারী আগুন, প্রলয়াগ্নি।

কালাচাঁদ /কালাচাঁদ্/ [বা.] বি. শ্রীকৃষ্ণ।

কালাজিন /কালাজিন্/ [স. কাল+অজিন] বি. কালো হরিণের চামড়া।

কালাজ্বর /কালাজ্বর্/ [অসম.] বি. ক্রান্তীয় ও উপ-ক্রান্তীয় অঞ্চলের মাছিবাহিত জীবাণুদ্বারা সংক্রমিত রোগবিশেষ যার ফলে জ্বর রক্তশূন্যতা গায়ের চামড়া কালো হওয়া যকৃৎ ও প্লীহার স্ফীতি প্রভৃতি উপসর্গ দেখা দেয়, Kala-azar।

কালাতিক্রম /কালাতিক্‌ক্রোম্/ [স. কাল+অতিক্রম] বি. সময় অতিবাহন, কালক্ষেপণ।

কালানুক্রমিক /কালানুক্‌ক্রোমিক্/ [স. কাল+অনু+ক্রমিক] ক্রিবিণ. কালের ধারাবাহিকতা অনুসারে।

কালানুবর্তী /কালানুবোর্‌তি/ [স. কাল+অনু+√বৃৎ+ইন্] বিণ. সময় বা যুগ অনুযায়ী।

কালানুসারী /কালানুশারি/ [স. কাল+অনু+√সৃ+ইন্] বিণ. সময়ানুযায়ী, কালক্রমিক।

কালানো /কালানো/ [বা.] ক্রিবি. অতিশয় শীতল হওয়া। বিণ. শীতে অসাড় হয়ে গেছে এমন।

কালান্তক /কালান্‌তক্/ [স. কাল+অন্তক] বিণ. কাল বা যুগের ধ্বংসকারী; প্রলয়ংকর। বি. যম।

কালান্তর /কালান্‌তর্/ [স. কাল+অন্তর] বি. ১ অন্যকাল, সময়ান্তর। ২ সময় বা যুগের পরিবর্তন; যুগান্তর, ভিন্নযুগ।

কালাপানি /কালাপানি/ [বা. কালা+হি. পানি] বি. ১ (ব্রিটিশ আমলে স্বাধীনতাকামী বিপ্লবীদের শাস্তি-রূপে প্রদত্ত) আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে নির্বাসনদণ্ড। ২ দ্বীপান্তর। ৩ সমুদ্র।

কালাপাহাড় /কালাপাহাড়/ [বা.] বি. ১ দেবমন্দির ধ্বংসকারী ইসলাম ধর্মে ধর্মান্তরিত ব্রাহ্মণবিশেষ। ২ (আল.) স্বধর্মবিরোধী ও অত্যাচারী ব্যক্তি।

কালাপাহাড়ি /কালাপাহাড়ি/ [বা.] বিণ. ১ কালা-পাহাড়ের মতো। ২ কালাপাহাড়সংক্রান্ত।

কালাবাজার /কালাবাজার্/ [বা. কালা+ফা. বাজার] বি. নিয়ন্ত্রিত দামের চেয়ে বেশি দামে অবৈধ কেনাবেচার স্থান, কালোবাজার, black market।

কালাম /কালাম্/ [আ.] বি. উক্তি; বাণী; বাক্য।

কালামপাক /কালাম্‌পাক্/ [আ. কালাম+ফা. পাক] বি. আল্লাহর বাণী, কোরানশরিফ।

কালাশুদ্ধি /কালাশুদ্‌ধি/ [স. কাল+অশুদ্ধি] বি. জ্যোতিষশাস্ত্রে কল্পিত অপ্রশস্ত কাল, লোকবিশ্বাস মতে যে কালে ক্রিয়াকর্ম করলে কর্ম শুদ্ধ হয় না।

কালাশৌচ /কালাশোউচ্/ [স. কাল+অশৌচ] বি. হিন্দুবিশ্বাস মতে পিতামাতা বা গুরুজনের মৃত্যুর পর বর্ষকালব্যাপী পালনীয় অশৌচ।

কালি[১] /কালি/ [স. কালী >] বি. ১ লেখার জন্য ব্যবহৃত কালো তরল পদার্থ, মসি (*লেখার কালি*)। ২ মলি-নতা (*মনের কালি*)। ৩ কলঙ্ক। বিণ. কৃষ্ণবর্ণ।

কালি[২] /কালি/ [স. কল্য >] বি. (কাব্যে) আগামী-দিন, পরদিন; আগেরদিন, পূর্বদিন, গতকাল।

www.pathagar.com

কালি[৩] /কালি/ [স. কাল >] বি. ১ ক্ষেত্র বা ঘন পদার্থের আয়তন, বর্গফল; ঘনফল। ২ সংকলন।

কালিক /কালিক্/ [স. কাল+ইক] বিণ. ১ কাল-সংক্রান্ত। ২ সময়োচিত।

কালিকা /কালিকা/ [স. কালী+কন্+আ (টাপ্)] বি. কালী বা চন্ডিকাদেবীর রূপবিশেষ।

কালিকাপুরাণ /কালিকাপুরান্ / [স. কালিকা+পুরাণ] বি. কালিকা দেবীর মাহাত্ম্যসংবলিত কাব্য।

কালিকার /কালিকার্/ [বা.] বিণ. ১ আগামী দিনের। ২ বিগত দিনের, গতকালের।

কালিকাশ্রম /কালিকাস্রোম্/ [স. কালিকা+আশ্রম] বি. বিপাশা নদীর কূলে অবস্থিত কালিকাদেবীর মন্দির ও তীর্থক্ষেত্র।

কালিজিরা /কালিজিরা/ [বা.] বি. শীতকালে ফোটে এমন সাদা নীল পীতাভ প্রভৃতি রঙের ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ যার গোলাকার ফলের কালো বীজ মসলারূপে ব্যবহৃত হয় (আনি. দক্ষিণ ইউরোপ), কালোজিরা।

কালিঝুলি /কালিঝুলি/ [বা.] বি. কালি ও ঝুল।

কালিদহ /কালিদহো/ [বা.] বি. ১ যমুনাগর্ভস্থ কালিয়নাগের কল্পিত বাসস্থান। ২ গভীর নদী।

কালিদাস /কালিদাশ্/ [স. কালী+দাস] বি. (মেঘদূত শকুন্তলা প্রভৃতি সংস্কৃত কাব্যের রচয়িতা) পঞ্চম শতকে বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন এবং শ্রেষ্ঠ কবি ও নাট্যকার।

কালিনী /কালিনি/ [স. কাল+ইন্+ঈ] বি. ১ আর্দ্রা নক্ষত্র। ২ (বাংলায়) কালনাগিনী। বিণ. শোকাকুলা।

কালিন্দী /কালিন্দি/ [স. কলিন্দ+অ+ঈ] বি. ১ কলিন্দ পর্বত থেকে উৎপন্ন নদী, যমুনা নদী। ২ শ্রীকৃষ্ণের অন্যতম মহিষী।

কালিমা /কালিমা/ [স. কাল+ইমন্] বি. ১ কালির দাগ; মলিনতা। ২ কলঙ্ক। ৩ কৃষ্ণত্ব।

কালিমালিপ্ত /কালিমালিপ্তো/ [স. কালিমা+√লিপ্ +ত] বিণ. কলঙ্কযুক্ত।

কালিয় /কালিও/ [স. কাল+ইয়] বি. যমুনাগর্ভে বাসকারী কল্পিত নাগবিশেষ।

কালিয়দমন /কালিওদমোন্ / [স. কালিয়+দমন] বি. ১ কালিয়নাগের দমন বা শাসন। ২ যে কালিয় নাগকে দমন করেছে, কৃষ্ণ।

কালিয়া /কালিআ/ [আ.] বি. মাছ মাংস প্রভৃতির ব্যঞ্জনবিশেষ।

কালী /কালি/ [স. কাল+ঈ] বি. দেবতা শিবের পত্নী, দশ মহাবিদ্যার অন্যতম, চন্ডিকার একটি রূপ।

-কালীন /কালিন্/ [স. কাল+ঈন] বিণ. সাময়িক (*প্রভাতকালীন*)।

কালেক্টর /কালেক্টর/ [ই. collector] বি. ১ জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্মকর্তা, জেলাপ্রশাসক। ২ সংগ্রহকারী।

কালেক্টরি /কালেক্টোরি/ [ই. collector >] বি. ১ কালেক্টরের বৃত্তি। ২ কালেক্টরের দপ্তর, জেলার রাজস্ব আদায়ের প্রধান কার্যালয়। বিণ. কালেক্টর বা তাঁর দপ্তরসংক্রান্ত।

কালেভদ্রে /কালেভদ্রে/ [বা.] ক্রিবিণ. কখনো-সখনো, কদাচিৎ।

কালো /কালো/ [বা.] বি. কৃষ্ণ বর্ণ; শ্যাম বর্ণ। বিণ. ১ কৃষ্ণবর্ণের, শ্যামবর্ণবিশিষ্ট। ২ (আল.) বিষণ্ন।

কালোগঙ্গা /কালোগংগা/ [বা. কালো+স. গঙ্গা] বি. যমুনা নদী, কালিন্দী।

কালোচিত /কালোচিতো/ [স. কাল+উচিত] বিণ. নির্দিষ্ট সময়ের পক্ষে উপযুক্ত, সময়োচিত।

কালোচোখি /কালোচোখি/ [বা.] বিণ. কালো চোখবিশিষ্ট।

কালোজাম /কালোজাম্/ [বা.] বি. ১ বাংলাদেশ ভারত মালয়েশিয়া অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে গ্রীষ্মকালে জাত পাতলা খোসাবিশিষ্ট হালকা বেগুনি শাঁস এবং আঁটিযুক্ত টকমিষ্ট কষায় স্বাদের রসালো ফল (কাঁচা অবস্থায় সবুজ এবং পাকলে ঘন কালো রং ধারণ করে) বা তার বিশাল আকৃতির চিরহরিৎ বৃক্ষ, জাম, blackberry। ২ কালো রঙের ছানার মিঠাইবিশেষ।

কালোটাকা /কালোটাকা/ [বা.] বি. (কর ফাঁকি দেওয়ার উদ্দেশ্যে) যে আয় গোপন করা হয়েছে; অবৈধ টাকা; black money।

কালোবাজার /কালোবাজার্/ [বা. কালো+ফা. বাজার] বি. নিয়ন্ত্রিত দামের চেয়ে বেশি দামে অবৈধ কেনাবেচার স্থান, black market।

কালোবাজারি /কালোবাজারি/ [বা. কালো+ফা. বাজারি] বি. ১ নিয়ন্ত্রিত দামের চেয়ে বেশি দামে অবৈধ কেনাবেচার ব্যবসায়। ২ অবৈধ পণ্যদ্রব্য কেনাবেচার সঙ্গে জড়িত ব্যক্তি।

কালোয়াত /কালোআত্/ [স. কলাবৎ >] বি. ধ্রুপদ অঙ্গের গানে পারদর্শী শিল্পী।

কালোয়াতি /কালোআতি/ [স. কলাবৎ >] বি. উচ্চাঙ্গ সংগীতে নৈপুণ্য, রাগসংগীতে পারদর্শিতা। বিণ. উচ্চাঙ্গ সংগীতসম্বন্ধীয়, কালোয়াতসংক্রান্ত।

www.pathagar.com

কাল্পনিক /কাল্‌পোনিক্/ [স. কল্পনা+ইক] বিণ. ১ কল্পনাপ্রসূত, মনগড়া। ২ মিথ্যা, অলীক, অবাস্তব।

কাশ[১] /কাশ্/ [স. √কাশ্+অ] বি. দ্র কাশফুল।

কাশ[২] /কাশ্/ [স. √কাশ্+অ] বি. দ্র কাশি।

কাশফুল /কাশ্‌ফুল্/ [স. কাশ+বা. ফুল] বি. শরৎকালে নদী ও বিলের ধারে বিস্তীর্ণ এলাকা-জুড়ে ফোটে এমন সাদা রূপালি রোমশ ফুল বা তার সরু লম্বা ফলকাকৃতি পাতাবিশিষ্ট তৃণজাতীয় উদ্ভিদ (আনি. রোমানিয়া)।

কাশবন /কাশ্‌বোন্/ [স. কাশ+বন] বি. কাশতৃণের বন (*এক ধারে কাশবন ফুলে ফুলে শাদা।* রবীন্দ্র.)।

কাশি /কাশি/ [স. কাশ+ই] বি. ১ শ্বাসনালির প্রদাহজনিত রোগবিশেষ। ২ কণ্ঠনিঃসৃত শ্লেষ্মা।

কাশী /কাশি/ [স. √কাশ্+অ+ঈ] বি. তীর্থস্থান-বিশেষ, বেনারস, বারাণসী।

কাশীধাম /কাশিধাম্/ [স. কাশী+ধাম] বি. বারাণসী, কাশীনগরী।

কাশীনাথ /কাশিনাথ্/ [স. কাশী+নাথ] বি. কাশীর অধিদেবতা শিব, মহাদেব।

কাশীপ্রাপ্তি /কাশিপ্রাপ্‌তি/ [স. কাশী+প্র+√আপ্+তি] বি. ১ কাশীতে মৃত্যুবরণ। ২ (আল.) মৃত্যু।

কাশীয়াল /কাশিআল্/ [বা.] বি. ১ কাশীর অধিবাসী। ২ কাশীবাসী দুশ্চরিত্র ব্যক্তি।

কাশীলাভ /কাশিলাভ্/ [স. কাশী+লাভ] বি. দ্র কাশীপ্রাপ্তি।

কাশীশ্বর /কাশিশ্‌শ্বর্/ [স. কাশী+ঈশ্বর] বি. দ্র কাশীনাথ।

কাশ্মীর[১] /কাশ্‌মির্/ [স. কাশ্মীর+অ] বি. ১ জাফরান, কুমকুম। ২ পদ্মের মূল। ৩ টঙ্ক, সোহাগা।

কাশ্মীর[২] /কাশ্‌মির্/ [স্থান.] বি. ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলে অবস্থিত হিমালয়সংলগ্ন অঞ্চল-বিশেষ।

কাশ্মীরি /কাশ্‌মিরি/ [স্থান. কাশ্মীর >] বি. কাশ্মীর অঞ্চলের অধিবাসী। বিণ. কাশ্মীরে প্রস্তুত (*কাশ্মীরি শাল*)।

কাশ্যপ /কাশ্‌যোপ্/ [স. কশ্যপ+অ] বিণ. কশ্যপ-মুনিসম্বন্ধীয়। বি. ১ কশ্যপমুনির বংশধর। ২ কণাদ-মুনি। ৩ কশ্যপ গোত্রের বংশধর।

কাশ্যপেয় /কাশ্‌শোপেয়ো/ [স. কাশ্যপী+এয়] বি. ১ কশ্যপমুনির পুত্র। ২ পুরাণে উল্লিখিত পক্ষীরাজ গরুড়, জটায়ু। ৩ সূর্য।

কাষায় /কাশায়্/ [স. কষায়+অ] বিণ. ফিকে লাল রঙে রঞ্জিত, গৈরিক, খয়েরি।

কাষ্ঠ /কাশ্‌ঠো/ [স. √কাশ্+থ] বি. কাঠ; জ্বালানি। বিণ. ১ নীরস। ২ (বাংলায়) কাঠের মতো।

কাষ্ঠকুট্ট /কাশ্‌ঠোকুট্‌টো/ [স. কাষ্ঠ+কুট্ট] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এবং খাদ্যের সন্ধানে গাছের ডালে ক্রমাগত ঠোকর দেয় এমন লম্বা শক্ত চঞ্চু ও খাড়া লেজবিশিষ্ট পাখি, কাঠঠোকরা, woodpecker।

কাষ্ঠপদ /কাশ্‌ঠোপদ্/ [স. কাষ্ঠ+√পদ্+অ] বি. কাঠের তৈরি কৃত্রিম পা।

কাষ্ঠপাদুকা /কাশ্‌ঠোপাদুকা/ [স. কাষ্ঠ+পাদু+কন্+আ (টাপ্)] বি. কাঠের তৈরি পাদত্রাণ, খড়ম।

কাষ্ঠপুত্তলিকা /কাশ্‌ঠোপুত্‌তোলিকা/ [স. কাষ্ঠ+পুত্তলী+কন্+আ (টাপ্)] বি. কাঠের পুতুল।

কাষ্ঠফলক /কাশ্‌ঠোফলোক্/ [স. কাষ্ঠ+ফলক] বি. কাঠের ফলক, তক্তা, কাঠের তৈরি বোর্ড।

কাষ্ঠবৎ /কাশ্‌ঠোবত্/ [স. কাষ্ঠ+বৎ] বিণ. ১ কাঠের মতো নীরস ও কঠিন। ২ (আল.) নির্দয়, নির্মম। ৩ স্থির, অচল।

কাষ্ঠমঞ্চ /কাশ্‌ঠোমন্‌চো/ [স. কাষ্ঠ+√মঞ্চ্+অ] বি. ১ কাঠের তৈরি মাচা। ২ পূজার জন্য নির্মিত কাঠের বেদি। ৩ কাঠের আসন।

কাষ্ঠময় /কাশ্‌ঠোময়্/ [স. কাষ্ঠ+ময়ট্] বিণ. ১ কাঠের তৈরি। ২ (আল.) নির্মম, নির্দয়।

কাষ্ঠহাসি /কাশ্‌ঠোহাসি/ [স. কাষ্ঠ+বা. হাসি] বি. কৃত্রিম হাসি, আন্তরিকতাশূন্য লোকদেখানো হাসি।

কাষ্ঠা /কাশ্‌ঠা/ [স. কাষ্ঠ+আ (টাপ্)] বি. ১ সীমা (*পরাকাষ্ঠা*)। ২ সময়ের অতি সূক্ষ্ম পরিমাপ-বিশেষ (প্রায় ০·২৫ সেকেন্ড)।

কাষ্ঠাসন /কাশ্‌ঠাশোন্/ [স. কাষ্ঠ+আসন] বি. কাঠের তৈরি আসন।

কাসার /কাশার্/ [স. ক+আসার] বি. জলাশয়; সরোবর; পুকুর।

কাসুন্দি /কাশুন্‌দি/ [স. কাশমর্দ >] বি. সরিষার গুঁড়ো কাঁচা আম সিরকা প্রভৃতির মিশ্রণজাত স্বাদবর্ধক তরল বস্তু।

কাস্টমস /কাস্‌টম্‌স্/ [ই.] বি. পণ্য আমদানি-রপ্তানি নিয়ন্ত্রণ ও তার ওপর শুল্ক সংগ্রহের দায়িত্বে নিয়োজিত সরকারি দপ্তর, customs।

কাস্তে /কাস্‌তে/ [স. কর্ত্রিকা >] বি. ফসল কাটার জন্য ব্যবহৃত বাঁকা দাঁতালো অস্ত্র, শস্যকর্তরী।

কাহন /কাহোন্/ [স. কার্ষাপণ >] বি. বিণ. ১৬ পণ অর্থাৎ ১২৮০ টি; বহু সংখ্যক; কার্ষাপণ।

www.pathagar.com

কাহাকে /কাহাকে/ [বা.] সর্ব. কোন ব্যক্তিকে; 'কাকে'-শব্দের সাধুরূপ।

কাহার[১] /কাহার্/ [বা.] সর্ব. কোন ব্যক্তির; 'কার'-শব্দের সাধুরূপ।

কাহার[২] /কাহার্/ [স. কাহারক >] বি. (অধুনালুপ্ত) পালকিবাহক; জাতিবিশেষ।

কাহারবা /কাহার্বা/ [হি.] বি. (পালকি চলার ছন্দ থেকে উদ্ভূত) সংগীতের তালবিশেষ।

কাহাল /কাহাল্/ [স. কলাহক >] বি. চামড়া দিয়ে আবৃত ঢাকজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ।

কাহিনি /কাহিনি/ [হি. কাহানি >] বি. ১ বৃত্তান্ত ও বিবরণ। ২ গল্প; আখ্যান; উপন্যাস।

কাহিল /কাহিল্/ [আ.] বিণ. ১ দুর্বল, নিস্তেজ; অবসন্ন, ক্লান্ত। ২ ক্ষীণ, কৃশ, রোগা।

কাহ্ন /কান্‌ñho/ [স. কৃষ্ণ >] বি. শ্রীকৃষ্ণ।

কি /কি/ [স. কিম্ >] অব্য. ১ সংশয়সূচক প্রশ্নবাচক শব্দ যার উত্তর 'হ্যাঁ' কিংবা 'না' (*সে কি আসবে?*)। ২ অথবা (*ছেলে কি মেয়ে কেউ একজন*)। তুল. কী (পৃ ৩০৮)।

কিউবিক টন /কিউবিক্ টন্/ বি. ৪০ ঘনফুট বা ১.১৩২৬ ঘনমিটার আয়তন (জাহাজে পণ্য পরিবহণের জন্য ৪০ ঘনফুট আয়তনকে এক টন ওজনরূপে গণ্য করা হয়)।

কিংকর /কিংকর্/ [স. কিম্+√কৃ+অ] বি. পরিচারক; অনুচর। স্ত্রী. কিংকরী /কিংকোরি/।

কিংকর্তব্য /কিংকর্তোব্বো/ [স. কিম্+কর্তব্য] বি. কী করা উচিত বা কী করতে হবে।

কিংকর্তব্যবিমূঢ় /কিংকর্তোব্যবোবিমুঢ়ো/ [স. কিম্+কর্তব্য+বিমূঢ়] বিণ. কর্তব্য নিরূপণে অক্ষম। বি. -তা /-তা/।

কিংখাব /কিংখাব্/ [ফা.] বি. জরির নকশাকাটা রেশমি কাপড়বিশেষ, brocade।

কিংবদন্তি /কিংবদোন্তি/ [স. কিম্+√বদ্+অন্তি] বি. ১ লোকপরম্পরায় শ্রুত কাহিনি। ২ গুজব।

কিংবা /কিম্বা/ [স. কিম্+বা] অব্য. অথবা, বিকল্পে, পক্ষান্তরে।

কিংশুক /কিংশুক্/ [স. কিম্+শুক] বি. লম্বা পুষ্প-মঞ্জরিতে বসন্তকালে ফোটে এমন লালচে কমলা ফুল বা তার মসৃণ ডালপালাযুক্ত ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পর্ণমোচী উদ্ভিদ।

কিঙ্কিণি /কিংকিনি/ [স. কিম্+√কণ্+ই] বি. ১ নূপুর, ঘুঙুর, ছোটো ঘন্টা। ২ নারীর কটিভূষণ।

কিচকিচ /কিচ্‌কিচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ছোটো পশুপাখির একত্র কোলাহলের অনুকার ধ্বনি। ২ দাঁতে কাঁকর বা বালি পড়ার অনুভূতি। ৩ ঝগড়া।

কিচমিচ /কিচ্‌মিচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র কিচকিচ।

কিচিমিচি /কিচিমিচি/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র কিচিরমিচির।

কিচিরমিচির /কিচিরমিচির্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ছোটো পশুপাখির একত্র কোলাহলের অনুকার শব্দ। ২ ঝগড়া, বচসা।

কিচ্ছা /কিচ্ছা/ [আ.] বি. ১ কাহিনি, গল্প। ২ কুৎসা।

কিচ্ছু /কিচ্ছু/ [বা.] বিণ. সর্ব. কিছুই (*কিচ্ছু হয়নি*)।

কিছু /কিছু/ [স. কিঞ্চিৎ >] বিণ. ১ অল্প পরিমাণ, সামান্য, কয়েক। ২ অপেক্ষাকৃত (*মায়ের শরীর আজ কিছু ভালো*)। সর্ব. কোনো বস্তু বা বিষয় (*সে অনৈতিক কিছু করেনি*)।

কিছু কিছু /কিছু কিছু/ বিণ. অল্পস্বল্প (*কিছু কিছু কাজ বাকি রয়েছে*)। ক্রিবিণ. সামান্য পরিমাণে।

কিছুতে /কিছুতে/ [বা.] ক্রিবিণ. কোনোমতে, কোনো যুক্তিতে। সর্ব. বি. কোনো বিষয়ে বা বস্তুতে।

কিছুতেই /কিছুতেই/ [বা.] ক্রিবিণ. কোনো উপায়েই, কোনো মতেই, কোনো প্রকারেই।

কিঞ্চিৎ /কিন্‌চিত্/ [স. কিম্+√চিৎ+অ] বিণ. কিছু, সামান্য, অল্প, একটু, ঈষৎ।

কিঞ্চিৎকর /কিন্‌চিত্‌কর্/ [স. কিঞ্চিৎ+√কৃ+অ] বিণ. উপকারক; উপযোগী।

কিঞ্চিদধিক /কিন্‌চিদোধিক্/ [স. কিঞ্চিৎ+অধিক] বিণ. সামান্য বেশি, একটু বেশি।

কিঞ্চিদুষ্ণ /কিন্‌চিদুশ্‌নো/ [স. কিঞ্চিৎ+উষ্ণ] বিণ. সামান্য গরম, কুসুম গরম।

কিঞ্চিদূন /কিন্‌চিদুনো/ [স. কিঞ্চিৎ+ঊন] বিণ. কিছু কম, একটু কম।

কিঞ্চিন্মাত্র /কিন্‌চিন্‌মাত্রো/ [স. কিঞ্চিৎ+মাত্র] বিণ. বি. অল্প পরিমাণ, কিছুমাত্র। ক্রিবিণ. সামান্য পরিমাণেও।

কিঞ্জল /কিন্‌জল্/ [স. কিম্+√জল্+অ] বি. ১ পরাগ, পুষ্পরেণু। ২ কেশর। ৩ নাগকেশর ফুল।

কিটকিট /কিট্‌কিট্/ [স. কিট্ট >] অব্য. তীব্র মিষ্ট-স্বাদজনিত গলার অনুভূতি।

কিটকিটে /কিট্‌কিটে/ [স. কিট্ট >] বিণ. ১ মলিন, অপরিচ্ছন্ন। ২ অত্যন্ত মিষ্টস্বাদের ভাবপ্রকাশক।

কিটিমিটি /কিটিমিটি/ [দেশি.] বি. মনকষাকষি; কথাকাটাকাটি; ঠোকাঠুকি।

কিডনি /কিড্‌নি/ [ই.] বি. স্তন্যপায়ী প্রাণী পাখি

www.pathagar.com

সরীসৃপ প্রভৃতি মেরুদণ্ডী প্রাণীর রক্ত শোধনের জন্য উদরগহ্বরে (মানুষের ক্ষেত্রে উদরের পশ্চাতে) অবস্থিত বর্জ্য পদার্থ নিঃসারক গ্রন্থিদ্বয়, বৃক্ক, kidney।

কিড়মিড়/কিড়মিড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. দাঁতে দাঁত ঘষার অনুকার শব্দ।

কিড়িমিড়ি /কিড়িমিড়ি/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র কিড়মিড়।

কিণ /কিন্/ [স. √কণ্+অ] বি. ১ ঘষার চিহ্ন; কড়া। ২ আঁচিল; শুষ্ক ব্রণ।

কিণাঙ্ক /কিনাংকো/ [স. কিণ+√অঙ্ক্+অ] বি. বারবার ঘর্ষণের ফলে হাত বা পায়ের তালুর শক্ত হয়ে যাওয়া চামড়া, কড়া।

কিণাঙ্কিত /কিনাংকিতো/ [স. কিণ+√অঙ্ক্+ত] বিণ. ক্রমাগত ঘর্ষণের ফলে দাগযুক্ত।

কিণ্ব /কিন্নো/ [স. √কণ্+ব] বি. ১ খামির, গাঁজ। ২ পাপ।

কিতব /কিতব্/ [স. কিত+√বঞ্চ্+অ] বিণ. ১ প্রবঞ্চক, প্রতারক। ২ জুয়াড়ি।

কিতা /কিতা/ [আ.] বি. ১ ধরন; পদ্ধতি। ২ ফ্যাশন। ৩ সামাজিক রীতি। ৪ গোছা; সারি।

কিতাব /কিতাব্/ [আ.] বি. ১ কোরানশরিফ, ঐশীগ্রন্থ। ২ বই, পুস্তক, গ্রন্থ।

কিতাবি /কিতাবি/ [আ.] বি. কিতাবের অনুসারী কিন্তু মুসলমান নয় (খ্রিষ্টান বা ইহুদি)। বিণ. ১ পুথিগত বিদ্যা আছে কিন্তু অভিজ্ঞতা নেই এমন (*কিতাবি বিদ্যা*), হাতেকলমে আয়ত্ত করেনি এমন, impractical। ২ পুথিগত, বইসংক্রান্ত।

কি না /কি না/ অব্য. ১ সন্দেহ বিতর্ক সংশয় প্রভৃতিসূচক শব্দ (*যাব কি না ঠিক নেই*)। ২ যেহেতু (*নতুন চাকরি পেয়েছে কি না, তাই এত খুশি*)। ৩ প্রশ্নবোধক শব্দ (*তুমি কাজটি পারবে কি না বলো*)।

কিনার /কিনার্/ [ফা.] বি. ১ ধার, প্রান্ত। ২ কূল, তীর (*আমি তরী নিয়ে বসে আছি নদী-কিনারে॥* রবীন্দ্র.)।

কিনারা /কিনারা/ [ফা.] বি. ১ কূল, পাড় (*পুকুরের কিনারা*)। ২ প্রান্ত, পার্শ্ব (*খাটের কিনারা*)। ৩ মীমাংসা, নিষ্পত্তি (*সমস্যার কিনারা*)। ৪ খোঁজ, তদন্ত (*চুরির কিনারা*)।

কিন্ডারগার্টেন /কিন্ডারগারটেন্/ [জ.] বি. যে বিদ্যালয়ে ক্রীড়াচ্ছলে শিশুদের শিক্ষা দেওয়া হয়, শিশুদের প্রারম্ভিক বিদ্যালয়, kindergarten।

কিন্তু /কিনতু/ [স. কিম্+তু] অব্য. ১ তবে (*যেতে পারি কিন্তু কেন যাবো শক্তি.*)। ২ অথচ, তবু (*গরিব হতে পারি কিন্তু চোর নই*)।

কিন্তু কিন্তু /কিন্তু কিন্তু/ অব্য. বি. আমতা আমতা ভাব, দ্বিধা বা সংকোচের ভাব (*কিন্তু কিন্তু করা*)।

কিন্নর /কিন্নর্/ [স. কিম্+নর] বি. দেবলোকের সুকণ্ঠ গায়ক, ঘোড়ার মতো মুখ ও মানুষের মতো দেহবিশিষ্ট স্বর্গের গায়ক।

কিন্নরকণ্ঠ /কিন্নরকন্ঠো/ [স. কিন্নর+√কণ্+ঠ] বিণ. সুরেলা কণ্ঠস্বরবিশিষ্ট।

কিন্নরী /কিন্নোরি/ [স. কিন্নর+ঈ] বি. ১ দেবলোকের গায়িকা, কিন্নরজাতীয় নারী। ২ বীণা বা তানপুরা-বিশেষ।

কিপটে /কিপটে/ [স. কৃপণ>] বিণ. কৃপণ, ব্যয়কুণ্ঠ।

কিবা /কিবা/ [বা.] অব্য. ১ কি, অথবা, হোক না কেন (*অন্ধের কিবা দিন কিবা রাত*)। ২ কেমন; কী মনোহর (*আহা কিবা সুন্দর*)। ৩ কী আর (*সে এলো না গেল তাতে কিবা আসে যায়*)। ৪ না জানি কী (*কিবা তোমার লীলা*)।

কিমা /কিমা/ [ফা.] বি. কুচি কুচি করে কাটা মাংস (*কিমা পরোটা*)।

কিমাকার /কিমাকার/ [স. কিম্+আকার] বিণ. ১ কীরূপ আকারের। ২ কুৎসিত আকারবিশিষ্ট (*কিম্ভূত-কিমাকার*)।

কিমিয়া /কিমিআ/ [আ.] বি. রসায়নবিদ্যা।

কিম্পুরুষ /কিম্পুরুশ্/ [স. কিম্+পুরুষ] বি. ১ কিন্নর, পুরাণোক্ত দেবলোকের সুকণ্ঠ গায়কবিশেষ। ২ হিমালয় ও হেমকূটের অন্তর্বর্তী অঞ্চলবিশেষ। ৩ জম্বুদ্বীপের অংশবিশেষ।

কিম্ভূত /কিম্ভুত্/ [স. কিম্+√ভূ+ত] বিণ. ১ কীরূপ, কীরকম। ২ অদ্ভুত।

কিম্ভূতকিমাকার /কিম্ভুতকিমাকার্/ [স. কিম্ভূত+কিমাকার] বিণ. কুৎসিত আকৃতিবিশিষ্ট, কদাকার।

কিয়ৎ /কিয়ত্/ [স. কিম্+ইয়ৎ] অব্য. বিণ. ১ কিঞ্চিৎ (*কিয়দংশ*); একটু, কিছু (*কিয়ৎকাল*)। ২ কী পরিমাণ, কতো।

কিয়ৎকাল /কিয়ত্কাল্/ [স. কিয়ৎ+কাল] বি. কিছু সময় (*কিয়ৎকালযাবত*)।

কিয়ৎপরিমাণ/কিয়ত্পোরিমান্/ [স. কিয়ৎ+পরিমাণ] বিণ. বি. সামান্য পরিমাণ, কিছু পরিমাণ।

কিয়দংশ /কিয়দংশো/ [স. কিয়ৎ+অংশ] বি. কিছু

www.pathagar.com

অংশ (*সম্পদের কিয়দংশ*)।

কিয়দ্দিন /কিয়োদ্‌দিন্‌/ [স. কিয়ৎ+দিন] বি. কিছুদিন, অল্প কয়েকদিন।

কিয়দ্দূর /কিয়োদ্‌দুর্‌/ [স. কিয়ৎ+দূর] বি. কিছুদূর, অল্পদূর (*কিয়দ্দূর পর্যন্ত*)।

কিরকির /কির্‌কির্‌/ [ধ্বন্যা.] অব্য. বালিকণার সঙ্গে কোনো বস্তুর ঘর্ষণজনিত অনুকার শব্দের অনুভূতি।

কিরকিরে /কির্‌কিরে/ [ধ্বন্যা.] বিণ. বালির মতো খরখরে।

কিরণ /কিরন্‌/ [স. √কৃ+অন] বি. আলো; রশ্মি, অংশু, কর; রোদ।

কিরণপাত /কিরন্‌পাত্‌/ [স. কিরণ+√পত্‌+অ] বি. আলোকরশ্মির পতন, আলোকপাত।

কিরণময় /কিরন্‌ময়্‌/ [স. কিরণ+ময়ট্‌] বিণ. জ্যোতির্ময়, আলোকময়। স্ত্রী. কিরণময়ী /কিরন্‌-মোয়ি/।

কিরণমালী /কিরন্‌মালি/ [স. কিরণমালা+ইন্‌] বি. সূর্য।

কিরণসম্পাত /কিরন্‌শম্‌পাত্‌/ [স. কিরণ+সম্‌+√পত্‌+অ] বি. দ্র কিরণপাত।

কিরা /কিরা/ [স. ক্রিয়া >] বি. শপথ, দিব্যি (*আল্লাহর কিরা*)।

কিরাত[১] /কিরাত্‌/ [আ.] বি. শুদ্ধ উচ্চারণ ও যতি-সহ কোরান পাঠ।

কিরাত[২] /কিরাত্‌/ [স. কির+√অৎ+অ] বি. ১ ব্যাধ। ২ প্রাচীন জাতিবিশেষ। ৩ পূর্ব হিমালয়ের পাদদেশে অবস্থিত ভূটান সিকিম প্রভৃতি অঞ্চল।

কিরাতিনী /কিরাতিনি/ [স. কিরাত+ইন্‌+ঈ] বি. ভেষজগুণসম্পন্ন সুগন্ধ গুল্মবিশেষ বা তার শেকড়, জটামাংসী।

কিরাতী /কিরাতি/ [স. কিরাত+ঈ] বিণ. কিরাতের অধিবাসী।

কিরিচ /কিরিচ্‌/ [মাল.] বি. তরবারিজাতীয় বাঁকা ছোরাবিশেষ।

কিরীট /কিরিট্‌/ [স. √কৃ+ঈট্‌] বি. ১ মুকুট, শিরোভূষণ। ২ পাগড়ি

কিরীটিনী /কিরিটিনি/ [স. কিরীট+ইন্‌+ঈ] বিণ. ১ মুকুটধারিণী। ২ (যার) ঊর্ধ্বদেশ শোভিত বা মণ্ডিত এমন।

কিরীটী /কিরিটি/ [স. কিরীট+ইন্‌] বিণ. মুকুটধারী। বি. অর্জুন।

কিরে /কিরে/ [বা.] অব্য. (অবজ্ঞা বা আদরার্থে) প্রশ্ন বা সম্বোধনসূচক শব্দ (*কিরে কেমন আছিস?*)।

কিল /কিল্‌/ [দেশি.] বি. ১ মুষ্টির আঘাত, ঘুসি। ২ বদ্ধমুষ্টি।

কিলকিঞ্চিত /কিলোকিন্‌চিত্‌/ [স. কিল+কিম্‌+√চিৎ+অ] বি. হাস্য গর্ব আনন্দ অভিলাষ প্রভৃতির একত্রপ্রকাশ।

কিলবিল /কিল্‌বিল্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বহুসংখ্যক মানুষ বা সরীসৃপজাতীয় প্রাণীর একত্র সঞ্চরণের ভাবপ্রকাশক শব্দ।

কিলাকিলি /কিলাকিলি/ [স. মুষ্টামুষ্টি >] বি. পরস্পর মুষ্ট্যাঘাত, ঘুসোঘুসি; মারামারি।

কিলানো /কিলানো/ [বা.] ক্রিবি. মুষ্ট্যাঘাত করা, ঘুসি মারা।

কিলোওয়াট /কিলোওআট্‌/ [ব্যক্তি.] বি. প্রতি সেকেন্ডে এক হাজার ওয়াট; বিদ্যুৎশক্তির একক-বিশেষ, kilowatt।

কিলোগ্রাম /কিলোগ্রাম্‌/ [ফ.] বি. এক হাজার গ্রাম ওজনের পরিমাপবিশেষ, kilogram।

কিলোমিটার /কিলোমিটার্‌/ [ফ.] বি. এক হাজার মিটার দৈর্ঘ্যের পরিমাপবিশেষ, kilometre।

কিলোলিটার /কিলোলিটার্‌/ [ফ.] বি. এক হাজার লিটার আয়তনের পরিমাপবিশেষ, kilolitre।

কিশতি /কিস্‌তি/ [ফা.] বি. নৌকা; বড়ো মালবাহী নৌকা; জাহাজ।

কিশমিশ /কিশ্‌মিশ্‌/ [ফা.] বি. বীজশূন্য ছোটো শুকনো আঙুর।

কিশলয় /কিশোলয়্‌/ [স. কিম্‌+√শল্‌+অয়] বি. ১ কচি পাতা। ২ কচি পাতাযুক্ত গাছের ডাল।

কিশোর /কিশোর্‌/ [স. কিম্‌+√শ+ওর] বি. ১ অপ্রাপ্তবয়স্ক বালক (১১ থেকে ১৫ বছর)। ২ অশ্বশাবক। বিণ. কচি। স্ত্রী. কিশোরী /কিশোরি/।

কিশোরসাহিত্য /কিশোর্‌শাহিত্তো/ [স. কিশোর+সাহিত্য] বি. কিশোরকিশোরীদের জন্য রচিত সাহিত্য।

কিষান /কিশান/ [স. কৃষাণ >] বি. ১ কৃষক, চাষি। ২ হালচাষের মজুর। স্ত্রী. কিষানি /কিষানি/।

কিষ্কিন্ধা /কিশ্‌কিন্‌ধা/ [স. কিম্‌+√ধা+অ+আ (টাপ্‌)] বি. রামায়ণোক্ত বানরদের দেশ, বানররাজ্যের রাজধানী।

কিসমত /কিস্‌মত্‌/ [আ.] বি. ভাগ্য, বরাত, অদৃষ্ট।

কিস্‌সা /কিস্‌সা/ [আ.] বি. ১ কাহিনি, গল্প। ২ কুৎসা।

www.pathagar.com

কিসিম /কিসিম্/ [আ. কিসম্>] বি. প্রকার, রকম (*হরেক কিসিম*)।

কিস্তি[১] /কিস্‌তি/ [আ.] বি. নির্দিষ্ট সময়ের ব্যবধানে পরিশোধযোগ্য ঋণের অংশ; নির্দিষ্ট ব্যবধানে প্রকাশিতব্য ধারাবাহিক রচনার অংশ; instalment।

কিস্তি[২] /কিস্‌তি/ [ফা.] বি. দাবাখেলায় বিপক্ষকে পরাজিত করার চাল।

কিস্তিটুপি /কিস্‌তিটুপি/ [ফা. কিস্তি+হি. টুপি] বি. নৌকা-আকৃতির টুপি।

কিস্তিবন্দি /কিস্‌তিবোন্‌দি/ [আ. কিস্তি+ফা. বন্দি] বি. নির্দিষ্ট সময়ের ব্যবধানে ঋণ পরিশোধের ব্যবস্থা।

কিস্তিমাত /কিস্‌তিমাত্/ [ফা. কিস্তি+আ. মাত] বি. ১ দাবাখেলায় যে চালের ফলে প্রতিপক্ষের রাজার চলাচলের সব পথ বন্ধ হয়ে যায়। ২ সাফল্যলাভ।

কী /কি:/ [স. কিম্ >] অব্য. বিস্ময়সূচক পদ (*কী আশ্চর্য!*)। সর্ব. কোন বস্তু (*কী চাও?*)। বিণ. কেমন (*কী করে?*)। তুল. কি (পৃ ৩০৫)।

কীচক /কিচক্/ [স. √চীক্+অক] বি. ১ ছিদ্রযুক্ত সরু বাঁশের নল যা ফুঁ দিয়ে বাজানো যায়, বাঁশি। ২ মহাভারতোক্ত বিরাটরাজার শ্যালক ও সেনাপতি। ৩ রাক্ষসবিশেষ।

কীচকবধ /কিচক্‌বধ্/ [স. কীচক+√হন্+অ] বি. ১ হত্যার পর মাংসপিন্ডে পরিণতকরণ। ২ (আল.) প্রচন্ড প্রহার।

কীজন্য /কিজোন্‌নো/ [বা. কী+স. √জন্+য] অব্য. কেন, কী কারণে।

কীট /কি:ট্/ [স. √কীট্+অ] বি. তিন খন্ডে বিভক্ত দেহ (মস্তক বক্ষ ও উদর) আর্থ্রোপোডা (arthropoda) পর্বের অমেরুদন্ডী প্রাণীর প্রজাতিবিশেষ যার বক্ষে তিন জোড়া পা এবং এক বা দুই জোড়া পাখা ও মাথায় সংবেদী অঙ্গ (antenna) থাকে।

কীটঘ্ন /কিটঘ্‌নো/ [স. কীট+√হন্+অ] বিণ. দ্র কীটনাশক।

কীটনাশক /কিট্‌নাশক্/ [স. কীট+নাশক] বিণ. পোকামাকড় ধ্বংসকারী, insecticide।

কীটপতঙ্গ /কিট্‌পতংগো/ [স. কীট+পত+√গম্+অ] বি. পোকামাকড়।

কীটাণু /কিটানু/ [স. কীট+অণু] বি. খালি চোখে দেখা যায় না এমন অতি ক্ষুদ্রকীট।

কীটাণুকীট /কিটানুকি:ট্/ [স. কীটাণু+কীট] বি. ১ খালি চোখে দেখা যায় না এমন ক্ষুদ্রাতিক্ষুদ্র কীট। ২ (আল.) নগণ্য ব্যক্তি।

কীদৃক্ /কিদ্‌দৃক্/ [স. কিম্+√দৃশ্+ক্বিপ্] বিণ. কীরকম, কী প্রকার।

কীদৃশ /কিদ্‌দৃশো/ [স. কিম্+√দৃশ্+অ] বিণ. কীরূপ, কেমন।

কী-বোর্ড /কি:বোড়্‌/ [ই.] বি. কম্পিউটার পিয়ানো প্রভৃতি চালনের বোতামশ্রেণি, Keyboard।

কীভাবে /কিভাবে/ [বা.] ক্রিবিণ. কেমন করে (*কীভাবে এলে?*)।

কীরকম /কিরকোম্/ [বা. কী+আ. রকম] অব্য. বিণ. কেমন; কী ধরনের (*কীরকম মানুষ তুমি?*)।

কীরূপ /কিরুপ্/ [বা. কী+স. রূপ] বিণ. কীরকম।

কীর্ণ /কি:র্‌নো/ [স. √কৃ+ত] বিণ. ১ ইতস্তত বিক্ষিপ্ত, ছড়ানো; বিস্তীর্ণ। ২ ব্যাপ্ত।

কীর্তক /কির্‌তক্/ [স. √কৃৎ+অক] বিণ. কীর্তন-গায়ক; গুণ বা মহিমা প্রচারক।

কীর্তন /কির্‌তন্/ [স. √কীর্তি+অন] বি. ১ গুণবর্ণনা, যশ বা মহিমা প্রচার। ২ রাধাকৃষ্ণের লীলাবিষয়ক সংগীত। ৩ রাধাকৃষ্ণের লীলাবিষয়ক গানের শ্রেণি।

কীর্তনাঙ্গ /কির্‌তনাংগো/ [স. কীর্তন+√অঞ্জ্+অ] বিণ. কীর্তনের ঢঙে গাওয়া হয় এমন।

কীর্তনীয় /কির্‌তোনিয়ো/ [স. √কীর্তি+অনীয়] বিণ. প্রচারের যোগ্য, কীর্তনযোগ্য।

কীর্তনীয়া /কির্‌তোনিআ/ [স. কীর্তন >] বি. বিণ. কীর্তনগায়ক।

কীর্তি /কির্‌তি/ [স. √কীর্তি+তি] বি. ১ যশ, খ্যাতি, সুনাম। ২ কৃতিত্বের পরিচায়ক কাজ বা প্রতিষ্ঠান (*তাজমহল শাজাহানের অমর কীর্তি*)। ৩ (ব্য.) কাণ্ড; কুকাজ (*তোমার ছেলের কীর্তি দেখো*)।

কীর্তিকলাপ /কির্‌তিকলাপ্/ [স. কীর্তি+কলাপ] বি. ১ প্রশংসনীয় কাজ। ২ ভালো ও মন্দ কাজ; অকাজকুকাজ।

কীর্তিত /কির্‌তিতো/ [স. √কীর্তি+ত] বিণ. প্রশংসা করা হয়েছে এমন, সুখ্যাতি করা হয়েছে এমন।

কীর্তিনাশা /কির্‌তিনাশা/ [স. কীর্তি+√নশ্+অ+আ (টাপ্)] বি. (রাজা রাজবল্লভের কীর্তি ধ্বংসকারিণী বলে) পদ্মানদীর অপর নাম।

কীর্তিবাস /কির্‌তিবাশ্/ [স. কীর্তি+√বস্+অ] বিণ. যশস্বী, বিখ্যাত।

কীর্তিমান /কির্‌তিমান্/ [স. কীর্তি+মৎ] বিণ. দ্র কীর্তিবাস।

www.pathagar.com

কীর্তিস্তম্ভ /কির্‌তিস্‌তম্‌ভো/ [স. কীর্তি+√স্তম্‌ভ্‌+অ] বি. মহৎ ব্যক্তির কাজ বা ঘটনার স্মরণে প্রতিষ্ঠিত স্তম্ভ, স্মারকস্তম্ভ, monument।

কীল /কি:ল্‌/ [স. √কীল্‌+অ] বি. দ্র কীলক।

কীলক /কিলক্‌/ [স. কীল+ক (স্বার্থে)] বি. ১ হুড়কা, খিল। ২ খোঁটা, গোঁজ। ৩ শলাকা, শল্য। ৪ গজাল, পেরেক।

কীসে /কিশে/ [বা.] সর্ব. কী থেকে; কেমন করে; কার মধ্যে।

কীসের /কিশের্‌/ [বা.] সর্ব. ১ কোন বস্তুর। ২ কী প্রকারের। ৩ অবজ্ঞায় (*সে কীসের গরিব?*)।

কু[১] /কু/ [স. √কু+উ] বি. ১ পৃথিবী, ধরণি; ভূমি। ২ বেদাঙ্গের ব্যাখ্যা। ৩ পাপ। বিণ. ১ খারাপ। ২ অমঙ্গলজনক; কুটিল (*কুমন্ত্রণা*)।

কু[২] /কু/ [ফ.] বি. বলপূর্বক অবৈধ পথে ক্ষমতা দখল, সামরিক অভ্যুত্থান, coup।

কু[৩] /কু/ [দেশি.] অব্য. (বাংলাদেশে গ্রামাঞ্চলে মেয়েদের মধ্যে প্রচলিত) পরিচিতজনের ডাকে সম্মতিসূচক সাড়া দেওয়ার জন্য ব্যবহৃত শব্দ, আজ্ঞা।

কুইনাইন /কুই্‌নাই্‌ন্‌/ [পে.] বি. সিনকোনা (cinchona) গাছের ছালের তিক্তস্বাদ নির্যাস যা ম্যালেরিয়া রোগের চিকিৎসায় এবং কোমল পানীয়রূপে পেয় সোডাজলের সঙ্গে অল্পমাত্রায় মেশানো হয়, quinine –এর বঙ্গীকৃত রূপ।

কুইন্টাল /কুই্‌ন্‌টাল্‌/ [ই.] বি. একশত কিলোগ্রাম ওজনের একক, quintal।

কুওত/কুআত্‌/ [আ.] বি. শক্তি, সামর্থ্য (*নাহি আর বাজুতে কুওত নজরুল.*)।

কুংফু /কুংফু্‌/ [চী.] বি. চীনদেশীয় কারাটে, খালি হাতে আত্মরক্ষার চীনদেশীয় পদ্ধতিবিশেষ।

কুঁইকুঁই /কুঁই্‌কুঁই্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্ষুধা শীত প্রভৃতি কষ্টসূচক চাপা আর্তনাদ (*শীতে কুঁইকুঁই করা*)।

কুঁকড়া[১]/কুঁক্‌ড়া/ [স. কুক্কুট >] বি. মোরগ, কুক্কুট। স্ত্রী. **কুঁকড়ি**/কুঁক্‌ড়ি/।

কুঁকড়া[২]/কুঁক্‌ড়া/ [বা.] ক্রিবি. কুঞ্চিত হওয়া, জড়সড়ো হওয়া (*ভয়ে কুঁকড়ে যাওয়া*)।

কুঁকড়ানো /কুঁক্‌ড়ানো/ [বা.] ক্রিবি. কুঞ্চিত হওয়া, কোঁচকানো। বিণ. কুঞ্চিত (*কুঁকড়ানো চুল*)।

কুঁকড়িমুকড়ি /কুঁক্‌ড়িমুক্‌ড়ি/ [বা.] বিণ. জড়সড়ো, কুঞ্চিত, কুণ্ডলীকৃত।

কুঁচ /কুঁচ্‌/ [স. কুঞ্চিকা >] বি. বাংলাদেশের গ্রাম-গঞ্জে জাত (বর্তমানে বিরল) বীরুৎশ্রেণির লতানে শিম্বগোত্রীয় উদ্ভিদের লাল কালো সাদা প্রভৃতি রঙের বীজযুক্ত ফল বা তার মিষ্টস্বাদ ভেষজ-গুণসম্পন্ন পাতা, গুঞ্জাফল। বিণ. লাল (*কুঁচবরন কন্যা*)।

কুঁচকা /কুঁচ্‌কা/ [বা.] ক্রিবি. কুঞ্চিত করা, কুঞ্চিত হওয়া।

কুঁচকানো /কুঁচ্‌কানো/ [বা.] ক্রিবি. কুঞ্চিত হওয়া বা করা। বিণ. কুঞ্চিত, কোঁকড়ানো।

কুঁচকি /কুঁচ্‌কি/ [স. কুঞ্চিত >] বি. মেরুদণ্ডী প্রাণীর উরু ও কোমরের সংযোগস্থল, উরুসন্ধি।

কুঁচকিকণ্ঠা /কুঁচ্‌কিকন্‌ঠা/ [বা.] ক্রিবিণ. কুঁচকি থেকে গলা পর্যন্ত।

কুঁচা[১]/কুঁচা/ [স. কুচিত >] বিণ. অতি ক্ষুদ্র, খুব ছোটো (*কুঁচাচিংড়ি*)।

কুঁচা[২]/কুঁচা/ [স. কুঞ্চিত >] ক্রিবি. কুঞ্চিত করা।

কুঁচাকাঁচা /কুঁচাকাঁচা/ [বা.] বি. কচি ছেলেমেয়ে।

কুঁচানো /কুঁচানো/ [বা.] ক্রিবি. কুঞ্চিত করা। বিণ. কুঞ্চিত।

কুঁচি[১] /কুঁচি/ [স. কুচ্চিকা >] বি. পরিধেয় বস্ত্র বা পর্দার পাট করা অংশ।

কুঁচি[২] /কুঁচি/ [স. কুচ্চিকা >] বি. ১ পশুর মোটা লোম। ২ চাল মুড়ি প্রভৃতি খোলায় ভাজার জন্য ব্যবহৃত শলাকাগুচ্ছ। ৩ বুরুশ। ৪ ইঁট পাথর প্রভৃতির ছোটো টুকরো (*ইটের কুঁচি*)।

কুঁচিয়া /কুঁচিআ/ [স. কুঞ্চিকা >] বি. সর্পাকৃতি মাছবিশেষ।

কুঁজ /কুঁজ্‌/ [স. কুব্জ >] বি. পিঠের বক্রতা ও স্ফীতি।

কুঁজড়া /কুঁজ্‌ড়া/ [হি.] বিণ. ১ ঝগড়াটে। ২ কুটিল স্বভাববিশিষ্ট।

কুঁজড়ামি /কুঁজ্‌ড়ামি/ [বা.] বি. কলহপ্রবণ স্বভাব।

কুঁজা /কুঁজা/ [স. কুব্জ >] বিণ. পিঠ বাঁকা বা ফোলা এমন। বি. কুঁজবিশিষ্ট ব্যক্তি।

কুঁজি /কুঁজি/ [স. কুঞ্চিকা >] বিণ. কুঁজবিশিষ্টা। বি. চাবি।

কুঁজো /কুঁজো/ [স. কুব্জ >] বি. মাটির তৈরি সরুগলা জলপাত্র, সোরাই। বিণ. কুঁজবিশিষ্ট।

কুঁড় /কুঁড়/ [স. কুণ্ড >] বি. ১ গর্ত; জলাশয়; কুণ্ড। ২ স্তূপ, গাদা।

কুঁড়া[১] /কুঁড়া/ [স. কণা >] বি. ধানের খোসার নিচে চালের সঙ্গে লেগে থাকা পাতলা আবরণ (*ধান*

www.pathagar.com

ভানলে কুঁড়া দেব)।

কুঁড়া[১] /কুঁড়া/ [স. খনন >] ক্রিবি. খনন করা, খোঁড়া। বিণ. খননকৃত।

কুঁড়াজালি/কুঁড়াজালি/ [বা.] বি. ১ মাছ ধরার জাল-বিশেষ। ২ (ব্য.) বৈষ্ণবদের জপমালার থলি।

কুঁড়ি[১] /কুঁড়ি/ [দেশি.] বি. কোরক, মুকুল, কলিকা।

কুঁড়ি[২] /কুঁড়ি/ [স. কুণ্ডিকা >] বি. মাটি পাথর বা কাঠের তৈরি গামলাজাতীয় পাত্র।

কুঁড়ে[১] /কুঁড়ে/ [স. কুটির >] বি. কুটির; খড় পাতা ঘাস প্রভৃতির ছাওয়া ছোটো ঘর (*কুঁড়েঘর*)।

কুঁড়ে[২] /কুঁড়ে/ [দেশি.] বিণ. কাজ করতে অনিচ্ছুক এমন, অলস।

কুঁড়েমি/কুঁড়েমি/ [বা.] বি. আলস্য।

কুঁদ[১] /কুঁদ/ [স. কুন্দ >] বি. পৃথিবীর প্রায় সব দেশে জাত এবং হেমন্তকালে ফোটে এমন সাতটি পাপড়িবিশিষ্ট গন্ধহীন রোমশ সাদা ফুল বা তার গুল্মজাতীয় উদ্ভিদ, কুন্দ, দন্তপুষ্প।

কুঁদ[২] /কুঁদ/ [স. কুন্দ >] বি. ছুতারের খোদাই করার হাতিয়ার।

কুঁদন /কুঁদন/ [স. কুর্দন >] বি. ১ খোদাই। ২ লক্ষন।

কুঁদা[১] /কুঁদা/ [দেশি.] বি. ১ কাঠের গুঁড়ি; মোটা কাষ্ঠখণ্ড। ২ বন্দুক প্রভৃতির কাঠের হাতল। ৩ কোনো জিনিসের বড়ো খণ্ড বা চাঙড় (*মিছরির কুঁদা*)। ক্রিবি. ১ খোদাই করা। ২ লাফানো।

কুঁদা[২] /কুঁদা/ [স. কুর্দন >] ক্রিবি. ১ লম্ফঝম্ফ করা। ২ আস্ফালন করা। ৩ আঘাত করার জন্য তেড়ে যাওয়া।

কুঁদুলি /কুঁদুলি/ [স. কোন্দল >] বিণ. কলহপরায়ণা।

কুঁদুলে /কুঁদুলে/ [স. কোন্দল >] বিণ. ঝগড়াটে।

কুকথা /কুকথা/ [স. কু+কথা] বি. ১ অশ্লীল বা কুৎসিত কথা। ২ পৃথিবীসম্বন্ধীয় কথা; লোকহিতকর কথা।

কুকর্ম /কুকর্মো/ [স. কু+কর্মন্] বি. অসৎ কাজ, খারাপ কাজ, নিন্দনীয় কাজ।

কুকর্মা /কুকর্মা/ [স. কু+কর্মন্] বিণ. কুকর্মকারী।

কুকর্মী /কুকোর্মি/ [স. কু+কর্মন্+ইন্] বিণ. দ্র কুকর্মা।

কুকশিমা /কুকশিমা/ [স. কুক্কুরদ্রু >] বি. পতিত ভূমিতে জাত বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন চিরহরিৎ উদ্ভিদ (যার একটি পাতার বিপরীত দিকে একটু ওপরে বা নিচে আরেকটি করে পাতা গজায়) বা তার হালকা বেগুনি ফুল, ডানকুনি, কুকুরশোঁকা, সহদেবী।

কুকাজ /কুকাজ/ [স. কু+বা. কাজ] বি. হীন কাজ; অসৎকাজ, কুকর্ম।

কুকার্য /কুকার্জো/ [স. কু+কার্য] বি. দ্র কুকাজ।

কুকীর্তি /কুকির্তি/ [স. কু+√কীর্তি+তি] বি. অপকীর্তি, অসৎ বা হীন কাজ।

কুকুর /কুকুর/ [স. কুক্কুর >] বি. অপরাধী শনাক্তকরণ গন্ধ শুঁকে মাদকদ্রব্য সন্ধান প্রভৃতি বিশেষায়িত কাজের জন্য প্রশিক্ষিত করা যায় এমন প্রখর ঘ্রাণশক্তিসম্পন্ন চতুষ্পদ মাংসাশী স্তন্যপায়ী মেরুদণ্ডী প্রাণী, সারমেয়, কুত্তা। স্ত্রী. কুকুরী/কুকুরি/।

কুকুরকুণ্ডলী /কুকুরকুন্ডোলি/ [বা. কুকুর+স. কুণ্ডলী] বি. শীতে কুঁকড়ে কুকুরের মতো গোল হয়ে শোয়ার ধরন।

কুকুরছড়ি /কুকুরছোড়ি/ [বা.] বি. বাংলাদেশসহ ভারতীয় উপমহাদেশ ও উত্তর অস্ট্রেলিয়ায় বর্ষাকালে ফোটে এমন সাদা সুগন্ধ ফুল ও মসৃণ কালো গোলাকার ফল এবং উপবৃত্তাকার পাতা ও ধূসর কাণ্ডবিশিষ্ট বৃহদাকার গুল্মজাতীয় উদ্ভিদ, কুকুরচূড়া।

কুকুরে দাঁত /কুকুরে দাঁত/ বি. মানুষের চোয়ালে উদ্‌গত কুকুরের দাঁতের মতো চারটি সুচালো দাঁতের যে কোনোটি, canine tooth।

কুক্কুট /কুক্কুট/ [স. কু+√কুট্+অ] বি. মেদহীন মাংস ও ডিমের উৎসরূপে পৃথিবীর প্রায় সর্বত্র বাণিজ্যিক পণ্যরূপে পালন করা হয় এমন বিভিন্ন রঙের পালকাবৃত স্থলচর ডিম্বজ পাখি, মোরগ, মুরগি।

কুক্কুভ /কুক্কুভো/ [ধ্বন্যা.] বি. ১ মোরগ; বনমোরগ। ২ চক্রবাক পাখি।

কুক্কুর /কুক্কুর/ [স. কু+√কুর্+অ] বি. দ্র কুকুর।

কুক্রিয়/কুক্রিয়ো/ [স. কু+√কৃ+অ] বিণ. ১ কুকর্মকারী। ২ কুকর্মে রত।

কুক্রিয়া /কুক্রিআ/ [স. কু+√কৃ+অ+আ (টাপ্)] বি. অসামাজিক বা অনৈতিক কাজ।

কুক্ষণ/কুক্খন/ [স. কু+ক্ষণ] বি. অশুভ সময়।

কুক্ষি /কুক্খি/ [স. √কুষ্+সি] বি. ১ জঠর, উদর। ২ গুহা। ৩ অভ্যন্তর। ৪ (আল.) দখল (*কুক্ষিগত*)।

কুক্ষিগত /কুক্খিগতো/ [স. কুক্ষি+√গম্+ত] বিণ. ১ উদরস্থ হয়েছে এমন। ২ আত্মসাৎ করেছে এমন।

কুখাদ্য /কুখাদ্যো/ [স. কু+√খাদ্+য] বি. খাওয়ার অযোগ্য খাদ্য, অখাদ্য; নিষিদ্ধ খাদ্য।

কুখ্যাত /কুক্খ্যাতো/ [স. কু+√খ্যা+ত] বিণ. নিন্দিত ও অখ্যাতিযুক্ত।

www.pathagar.com

কুখ্যাতি /কুক্‌খ্যাতি/ [স. কু+√খ্যা+তি] বি. নিন্দা, অপযশ।

কুগ্রহ /কুগ্‌গ্রোহো/ [স. কু+√গ্রহ্+অ] বি. ১ অশুভ বলে কল্পিত গ্রহ। ২ (আল.) উৎপাত, উপদ্রব।

কুঙর /কুঙর্/ [স. কুমার >] বি. ১ পুত্র। ২ কুল-জ্ঞাপক পদবি।

কুঙ্গি /কুংগি/ [স. করঙ্ক >] বি. ছোটো পেটিকা; ঠোঙা।

কুচ[১] /কুচ্/ [স. √কুচ্+অ] বি. স্তন, পয়োধর।

কুচ[২] /কুচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ধারালো অস্ত্রের সাহায্যে নরম জিনিস কাটার অনুকার শব্দ।

কুচ[৩] /কুচ্/ [ফা.] বি. সৈন্যদের যুদ্ধযাত্রা বা দলবদ্ধ-ভাবে একস্থান থেকে অন্যস্থানে গমন।

কুচকাওয়াজ /কুচ্‌কাওআজ্/ [ফা. কুচ+আ. কাওয়াজ] বি. সৈনিকদের দলবদ্ধ ব্যায়াম ও রণ-কৌশলাদি অনুশীলন।

কুচকুচ /কুচ্‌কুচ্/ [বা.] অব্য. বি. ১ উজ্জ্বল ও গাঢ় কৃষ্ণবর্ণের আভা। ২ বারবার কাটার অনুকার শব্দ।

কুচকুচে /কুচ্‌কুচে/ [বা.] বিণ. গাঢ় ও চকচকে, তৈলচিক্কণ (*কুচকুচে কালো*)।

কুচকুম্ভ /কুচোকুম্‌ভো/ [স. কুচ+কু+√উন্‌ভ্+অ] বি. কলসাকৃতির উন্নত বক্ষ, স্তন।

কুচক্র /কুচক্রো/ [স. কু+√কৃ+অ] বি. ষড়যন্ত্র, চক্রান্ত; কুমন্ত্রণা।

কুচক্রী /কুচোক্রি/ [স. কুচক্র+ইন্] বিণ. চক্রান্ত-কারী, ষড়যন্ত্রকারী; কুমন্ত্রণাদাতা।

কুচতট/কুচোতট্/ [স. কুচ+√তট্+অ] বি. ১ স্তনের তটরেখা, কুচপ্রান্ত, contour। ২ বিশাল কুচ।

কুচনি /কুচ্‌নি/ [বা.] বি. ১ কোচজাতীয় নারী। ২ বারাঙ্গনা।

কুচন্দন /কুচন্‌দন্/ [স. কু+চন্দন] বি. ১ রক্তচন্দন; কুমকুম। ২ কণ্টকী বৃক্ষ যার ছাল থেকে লাল রং পাওয়া যায়। ৩ বকমকাঠ।

কুচরিত্র /কুচোরিত্‌ত্রো/ [স. কু+√চর্+ইত্র] বি. খারাপ স্বভাব; মন্দ প্রকৃতি। বিণ. দুশ্চরিত্র; মন্দস্বভাব-বিশিষ্ট।

কুচর্যা /কুচোর্‌জা/ [স. কু+চর্যা] বি. ১ গর্হিত আচরণ। ২ কুপ্রথা, কদাচার।

কুচা /কুচা/ [ফা.] বিণ. খুব ছোটো করে কাটা হয়েছে এমন।

কুচাগ্র /কুচাগ্‌গ্রো/ [স. কুচ+অগ্র] বি. স্তনের অগ্রভাগ বা বোঁটা।

কুচানো /কুচানো/ [বা.] ক্রিবি. কুচিকুচি করে কাটা। বিণ. কুচি করে কাটা হয়েছে এমন।

কুচি /কুচি/ [ফা. কুচা >] বিণ. খুব ছোটো করে কাটা হয়েছে এমন। বি. ছোটো টুকরো।

কুচিকিৎসক /কুচিকিত্‌শক্/ [স. কু+চিকিৎসক] বি. আনাড়ি চিকিৎসক, হাতুড়ে ডাক্তার।

কুচিকিৎসা /কুচিকিত্‌শা/ [স. কু+চিকিৎসা] বি. ভুল চিকিৎসা, ত্রুটিপূর্ণ চিকিৎসা।

কুচিন্তা /কুচিন্‌তা/ [স. কু+√চিন্তি+অ+আ (টাপ্)] বি. ১ অসৎ চিন্তা। ২ দুর্ভাবনা।

কুচিলা /কুচিলা/ [স. কুচেলক >] বি. বসন্তকালে ফোটে এমন সবুজাভ ফুল ও তিক্তস্বাদ গোলাকার বিষাক্ত ফল বা তার বহু শাখা-প্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বৃক্ষ।

কুচুটিয়া /কুচুটিআ/ [দেশি.] বিণ. ১ হিংসুটে। ২ কুচক্রী, ষড়যন্ত্রী। ৩ কুটিল।

কুচুটে /কুচুটে/ [দেশি.] বিণ. দ্র কুচুটিয়া।

কুচুন্ডে /কুচুনডে/ [দেশি.] বিণ. দ্র কুচুটিয়া।

কুচুৎ /কুচুত্/ [ধ্বন্যা.] অব্য. বি. এক কোপে নরম জিনিস কেটে ফেলার অনুকার শব্দ।

কুচুরমুচুর /কুচুরমুচুর্/ [ধ্বন্যা.] অব্য. বি. ভাজা বা মচমচে জিনিস চিবিয়ে খাওয়ার অনুকার শব্দ।

কুচেল /কুচেল্/ [স. কু+চেল] বিণ. জীর্ণবস্ত্র পরিহিত।

কুচেষ্টা /কুচেশ্‌টা/ [স. কু+√চেষ্ট্+অ+আ (টাপ্)] বি. অপচেষ্টা, দুরভিসন্ধি।

কুচো /কুচো/ [বা.] বিণ. ১ খুব ছোটো (*কুচো চিংড়ি*)। ২ খুব ছোটো করে কাটা হয়েছে এমন। ৩ 'কুচা'-র কথ্য রূপ।

কুচো চিংড়ি /কুচো চিংড়ি/ বি. খুব ছোটো চিংড়ি।

কুজ /কুজ্/ [স. কু+√জন্+অ] বি. ১ মঙ্গলগ্রহ। ২ পুরাণোক্ত অসুরবিশেষ।

কুজগ্রহ /কুজ্‌গ্রোহো/ [স. কুজ+√গ্রহ্+অ] বি. মঙ্গলগ্রহ।

কুজন /কুজন্/ [স. কু+√জন্+অ] বি. মন্দ লোক।

কুজা /কুজা/ [ফা.] বি. মাটির তৈরি সরুগলা জলপাত্র, সোরাই।

কুজাত /কুজাত্/ [স. কু+বা. জাত] বি. অবহেলিত ও নিগৃহীত জাতি।

কুষ্মটিকা /কুজ্‌ঝোটিকা/ [স. কুষ্মটি+কন্+আ (টাপ্)] বি. ভূপৃষ্ঠের সন্নিকটে বাতাসে ভাসমান অপেক্ষা-কৃত ঠান্ডা ধূলিকণা প্রভৃতি আর্দ্র বায়ুর সংস্পর্শে

www.pathagar.com

আসার ফলে সৃষ্ট জলকণার আবরণ যা দৃষ্টিসীমাকে বাধাগ্রস্ত করে, কুয়াশা, কুহেলিকা, নভোরজ, নীহার, fog।

কুঞ্চন /কুন্‌চন্‌/ [স. √কুঞ্চ্‌+অন] বি. ১ সংকোচন। ২ বক্রীকরণ।

কুঞ্চি /কুন্‌চি/ [স. √কুঞ্চ্‌+ই] বি. আট মুঠো পরিমাণ (৮ মুষ্টি = ১ কুঞ্চি)।

কুঞ্চিকা /কুন্‌চিকা/ [স. √কুঞ্চ্‌+অক+আ (টাপ্‌)] বি. ১ কুঁচ, গুঞ্জাফল। ২ চাবি। ৩ অনুক্রমণিকা; নির্ঘণ্ট; সূচি। ৪ কঞ্চি। ৫ কুঁচে মাছ।

কুঞ্চিত /কুন্‌চিতো/ [স. √কুঞ্চ্‌+ত] বিণ. ১ সংকুচিত। ২ কোঁকড়ানো (*কুঞ্চিত কেশ*)।

কুঞ্জ[১] /কুন্‌জো/ [স. √কুঞ্জ্‌+অ] বি. ১ লতাবেষ্টিত স্থান বা গৃহ (*কুঞ্জবন*)। ২ উপবন। ৩ বৈষ্ণবদের তপোবন বা আশ্রম।

কুঞ্জ[২] /কুন্‌জো/ [ফা.] বি. কাপড়ে তোলা ফুলের নকশা।

কুঞ্জকানন /কুন্‌জোকানোন্‌/ [স. কুঞ্জ+কানন] বি. দ্র কুঞ্জবন।

কুঞ্জদার /কুন্‌জোদার্‌/ [ফা.] বিণ. নকশাবিশিষ্ট, কলকাতোলা।

কুঞ্জদ্বার /কুন্‌জোদার্‌/ [স. কুঞ্জ+√দ্বারি+অ] বি. কুঞ্জের প্রবেশদ্বার।

কুঞ্জবন /কুন্‌জোবোন্‌/ [স. কুঞ্জ+বন] বি. লতাবেষ্টিত কানন বা বন।

কুঞ্জবাটী /কুন্‌জোবাটি/ [স. কুঞ্জ+বাটী] বি. বৈষ্ণবদের ভজনাস্থল যেখানে রাধাকৃষ্ণের বিগ্রহ থাকে।

কুঞ্জর /কুন্‌জর্‌/ [স. কুঞ্জ+র] বি. হাতি, করী। বিণ. শ্রেষ্ঠ (*বীরকুঞ্জর*)।

কুঞ্জরী /কুন্‌জোরি/ [স. কুঞ্জর+ঈ] বি. হস্তিনী।

কুঞ্জল /কুন্‌জল্‌/ [স. কু+জল] বি. পান্তাভাতের পানি, আমানি, কাঁজি।

কুট[১] /কুট্‌/ [স. √কুট্‌+অ] বি. ১ কেল্লা, দুর্গ, গড়। ২ পর্বত; পর্বতশৃঙ্গ। ৩ বৃক্ষ।

কুট[২] /কুট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কীটপতঙ্গের দংশনের অনুকার শব্দ (*ভন করে সেইখানে গিয়ে কুট করে কামড়ায়* দীনবন্ধু.)। ২ দাঁত বা কোনো অস্ত্র দিয়ে কঠিন বস্তু কাটার অনুকার শব্দ।

কুটকুট /কুট্‌কুট্‌/ [ধ্বন্যা.] অব্য. চুলকানির ভাব বোধ (*গা কুটকুট করা*)।

কুটকুটানি /কুট্‌কুটানি/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ চুলকানোর ইচ্ছা বা প্রবণতা, চুলকানির ভাব। ২ অস্বস্তিবোধ।

কুটকুটুনি /কুট্‌কুটুনি/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র কুট-কুটানি।

কুটকুটে /কুট্‌কুটে/ [ধ্বন্যা.] বিণ. চুলকানি বা কামড়ানির ভাব জন্মায় এমন (*কুটকুটে ওল*)।

কুটন /কুটন্‌/ [স. কুট্টন >] বি. কোটার কাজ।

কুটনা /কুট্‌না/ [স. কুট্টন >] বি. রান্নার উপযোগী ছোটো ছোটো খণ্ড করে কাটা সবজি; কাটতে হবে এমন সবজি।

কুটনি /কুট্‌নি/ [স. কুট্টনী >] বি. ১ যে নারী কানভাঙানি দিয়ে ঝগড়া বাধায়। ২ নারী-পুরুষের অবৈধ মিলন সংঘটনকারিণী, দূতী।

কুটা[১] /কুটা/ [দেশি.] বি. কাঠ খড় তৃণ প্রভৃতির বর্জিত অংশ (*খড়কুটা*)।

কুটা[২] /কুটা/ [স. কুট্টন >] ক্রিবি. কেটে টুকরো করা (*সবজি কুটা*); চূর্ণ করা (*চাল কুটা*)। বিণ. টুকরো করে কাটা বা চূর্ণ করা হয়েছে এমন।

কুটানো /কুটানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে কুটিয়ে নেওয়া। বিণ. অন্যকে দিয়ে কুটিয়ে নেওয়া হয়েছে এমন।

কুটি[১] /কুটি/ [স. কুটির >] বি. কুটির, কুঁড়েঘর।

কুটি[২] /কুটি/ [বা.] বিণ. ছোটো। বি. ছোটো ছোটো করে কাটা খড় বা তৃণ।

কুটিকুটি /কুটিকুটি/ [বা.] বিণ. ১ খুব ছোটো ছোটো করে কাটা হয়েছে এমন, টুকরো টুকরো। ২ আকুল (*বালিকা আনন্দে কুটি-কুটি পাতায় পাতায় পড়ে লুটি॥* রবীন্দ্র.)।

কুটির /কুটির্‌/ [স. √কুট্‌+ইর] বি. কুঁড়েঘর, অতি ক্ষুদ্র এবং দীন গৃহ।

কুটিরশিল্প /কুটির্‌শিল্‌পো/ [স. কুটির+√শীল্‌+প] বি. কারখানায় উৎপাদনের পরিবর্তে পারিবারিক উদ্যোগে ক্ষুদ্র পরিসরে গৃহে উৎপাদনের ব্যবস্থা, cottage industry।

কুটিল /কুটিল্‌/ [স. √কুট্‌+ইল] বিণ. ১ বাঁকা, অসরল (*কুটিল রেখা*)। ২ খল, কপট (*কুটিল স্বভাব*)। ৩ জটিল (*কুটিল প্রশ্ন*)। বি. কুটিলতা/কুটিলতা/।

কুটিল আবর্ত /কুটিল্‌ আবর্‌তো/ বি. ঘূর্ণিপাক।

কুটিলচিত্ত /কুটিল্‌চিত্‌তো/ [স. কুটিল+√চিৎ+ত] বিণ. মন সরল নয় এমন।

কুটিলস্বভাব /কুটিল্‌শভাব্‌/ [স. কুটিল+স্বভাব] বিণ. কপট বা জটিল প্রকৃতিবিশিষ্ট।

www.pathagar.com

কুটিলা /কুটিলা/ [স. কুটিল+আ (টাপ্)] বিণ. অসরলা; কপটিনী। বি. ১ সরস্বতী নদী। ২ আয়ান ঘোষের ভগিনী ও শ্রীরাধিকার ননদিনী।

কুটুম /কুটুম্/ [স. কুটুম্ব >] বি. ১ বৈবাহিক সম্পর্ক-সূত্রে আত্মীয় (*বিয়ের কুটুম এসেছে আজ সাজুর মায়ের বাড়ি* জসীম.)। ২ পরিবারের লোকজন, পোষ্যবর্গ। ৩ 'কুটুম্ব'-র কথ্য রূপ।

কুটুম্ব /কুটুম্বো/ [স. √কুটুম্বি+অ] বি. দ্র কুটুম।

কুটুম্বিতা /কুটুম্বিতা/ [স. কুটুম্বিন্+তা] বি. ১ বৈবাহিক সম্পর্ক ও তজ্জনিত লৌকিকতা। ২ আত্মীয়তা।

কুটুম্বী /কুটুম্বি/ [স. কুটম্ব+ইন্] বি. গৃহস্থ, গৃহী। বিণ. কুটুম্ববিশিষ্ট। স্ত্রী. **কুটুম্বিনী**/কুটুম্বিনি/।

কুটুর /কুটুর্/ [ধ্বন্যা.] অব্য. বি. দাঁত বা ছোটো অস্ত্র দিয়ে শক্ত বস্তু কাটার অনুকার শব্দ।

কুটো /কুটো/ [দেশি.] বি. দ্র কুটা[১]।

কুটোকাটা /কুটোকাটা/ [দেশি.] বি. ছোটোখাটো জিনিসপত্র; অকিঞ্চিৎকর বা তুচ্ছ জিনিসপত্র।

কুট্টন /কুট্টন্/ [স. √কুট্ট্+অন] বি. ১ খনন। ২ কর্তন; ছেদন। ৩ নিষ্পেষণ। ৪ দোষারোপ।

কুট্টনী /কুট্টোনি/ [স. কুট্টন+ঈ] বি. ১ কুটনি। ২ দূতী।

কুট্টমিত /কুট্টোমিতো/ [স. √কুট্ট্+অম্+ইত] বি. নায়কের আচরণে নায়িকার কপট বিরূপতা।

কুট্টিম /কুট্টিম্/ [স. √কুট্ট্+ইম] বি. ১ পাকা মেঝে, চাতাল। ২ রত্নের খনি।

কুট্মল /কুট্মল্/ [স. √কুট্+মল] বি. কুঁড়ি, মুকুল।

কুট্মলিত /কুট্মোলিতো/ [স. কুট্মল+ইত] বিণ. মুকুলিত।

কুঠ /কুঠ/ [স. কুষ্ঠ >] বি. কুষ্ঠরোগ।

কুঠরি /কুঠোরি/ [স. কুটির >] বি. ১ ছোটো ঘর। ২ কক্ষ, কামরা, প্রকোষ্ঠ।

কুঠার /কুঠার্/ [স. কুঠ+√ঋ+অ] বি. কাঠ বা গাছ কাটার হাতলযুক্ত হাতিয়ার, কুড়াল, পরশু।

কুঠি /কুঠি/ [স. কুটির >] বি. ১ কোম্পানি আমলের ইংরেজ ব্যবসায়ীদের কার্যালয় বা বাসস্থানরূপে নির্মিত গৃহ (*নীলকুঠি*)। ২ বাড়ি, গৃহ; বাংলো।

কুঠিবাড়ি/কুঠিবাড়ি/ [বা.] বি. দ্র কুঠি।

কুঠিয়াল /কুঠিআল্/ [বা.] বি. ১ কুঠির মালিক। ২ বণিক।

কুঠুরি /কুঠুরি/ [স. কোষ্ঠ >] বি. ছোটো ঘর।

কুড়[১] /কুড়্/ [স. কুষ্ঠ >] বি. কুষ্ঠরোগ।

কুড়[২] /কুড়্/ [স. কুট >] বি. ১ স্তূপ, গাদা। ২ আবর্জনা ফেলার স্থান (*আস্তাকুঁড়*)।

কুড়কুড় /কুড়কুড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ভাজা মুড়ি চিড়া প্রভৃতি চিবানোর অনুকার শব্দ।

কুড়বা /কুড়োবা/ [স. কুড়ব >] বি. ভূমির পরিমাপ-বিশেষ, ২০ কাঠা বা ১ বিঘা পরিমাণ।

কুড়মুড় /কুড়মুড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র কুড়কুড়।

কুড়া[১] /কুড়া/ [দেশি.] ক্রিবি. ১ ঝাঁট দেওয়া। ২ ছড়ানো জিনিস জড়ো করা। ৩ পরিত্যক্ত বা পতিত জিনিস তুলে নেওয়া।

কুড়া[২] /কুড়া/ [স. কুড়ব >] বি. দ্র কুড়বা।

কুড়া[৩] /কুড়া/ [স. কুটির >] বি. কুটির।

কুড়ানি/কুড়ানি/ [বা.] বি. কুড়িয়ে সংগ্রহ করা যার পেশা (*পাতাকুড়ানি*)।

কুড়ানো /কুড়ানো/ [বা.] ক্রিবি. ১ ছড়ানো বা পতিত বস্তু তুলে জড়ো করা, সংগ্রহ করা। ২ পরিষ্করণের উদ্দেশ্যে কুড়িয়ে একত্র করা (*পাতা কুড়ানো*)। বিণ. ১ সংগৃহীত (*কুড়ানো আম*)। ২ পরিত্যক্ত অবস্থায় প্রাপ্ত (*কুড়ানো মানিক*)। ৩ ঝাঁট দেওয়া হয়েছে এমন (*কুড়ানো উঠান*)।

কুড়াল /কুড়াল্/ [স. কুঠার >] বি. দ্র কুঠার।

কুড়ি[১] /কুড়ি/ [বা.] বি. ২০ সংখ্যা। বিণ. ২০ সংখ্যক।

কুড়ি[২] /কুড়ি/ [স. কুষ্ঠী >] বি. কুষ্ঠরোগ।

কুড়ুতা /কুড়ুতা/ [দেশি.] বি. রাংতা।

কুণ্ঠ /কুন্ঠো/ [স. √কুণ্ঠ্+অ] বিণ. ১ অনিচ্ছুক। ২ অনুদার (*ব্যয়কুণ্ঠ*)। ৩ সংকুচিত। ৪ অকর্মণ্য, অলস (*কর্মকুণ্ঠ*)।

কুণ্ঠা /কুন্ঠা/ [স. √কুণ্ঠ্+অ+আ (টাপ্)] বি. সংকোচ, দ্বিধা; লজ্জা, জড়তা; ভয়।

কুণ্ঠিত /কুন্ঠিতো/ [স. √কুণ্ঠ্+ত] বিণ. সংকোচগ্রস্ত, দ্বিধান্বিত। স্ত্রী. **কুণ্ঠিতা** /কুন্ঠিতা/।

কুণ্ড[১] /কুন্ডো/ [স. √কুণ্+ড] বি. ১ আগুন জ্বালানোর গর্ত; কৃত্রিম গহ্বর (*নাভিকুণ্ড*)। ২ তীর্থস্থানের জলাশয়। ৩ গোলাকার পাত্র, আধার (*ঘৃতকুণ্ড*)। ৪ চৌবাচ্চা; জলাধার।

কুণ্ড[২] /কুন্ডো/ [স. √কুণ্ড্+অ] বি. জারজ সন্তান, সধবা স্ত্রীর উপপতির ঔরসে জাত সন্তান।

কুণ্ডল /কুন্ডল্/ [স. √কুণ্ড্+অল] বি. ১ কানের

www.pathagar.com

অলংকার। ২ বলয়াকৃতি অলংকার; পায়ের মল।

কুণ্ডলাকৃতি /কুন্‌ডলাক্‌কৃতি/ [স. কুণ্ডল+আ+√কৃ+তি] বিণ. কুণ্ডলের আকৃতিবিশিষ্ট।

কুণ্ডলিত /কুন্‌ডোলিতো/ [স. √কুণ্ডলি+ত] বিণ. ১ কুণ্ডলাকারে অবস্থিত বা আবর্তিত। ২ কুণ্ডলী-কৃত।

কুণ্ডলিনী /কুন্‌ডোলিনি/ [স. কুণ্ডল+ইন্‌+ঈ] বি. ১ তান্ত্রিক শাস্ত্রমতে জীবের মূল শক্তি। ২ সর্পিণী। বিণ. কুণ্ডলধারিণী।

কুণ্ডলী /কুন্‌ডোলি/ [স. কুণ্ডল+ঈ] বিণ. গোল করে পাকানো। বি. গোটানো বস্তু।

কুণ্ডলী পাকানো /কুন্‌ডোলি পাকানো/ ক্রিবি. পেঁচিয়ে কুণ্ডলে পরিণত করা।

কুণ্ডা /কুন্‌ডা/ [স. কুণ্ডল >] বি. সিন্দুক বা দরজা বন্ধ করার জন্য ব্যবহৃত লোহার কড়া।

কুণ্ডু /কুনডু/ [স. কুণ্ড >] বি. পদবিবিশেষ।

কুত /কুত্‌/ [স. আকৃত >] বি. ১ আনুমানিক পরিমাণ। ২ নৌ-বাহিত পণ্যের ওপর আরোপিত শুল্ক, toll।

কুতঘাট /কুত্‌ঘাট্‌/ [বা.] বি. নৌ-বাহিত পণ্যদ্রব্যের ওপর শুল্ক আদায়ের ঘাট।

কুতর্ক /কুতর্‌কো/ [স. কু+তর্ক] বি. যুক্তিহীন তর্ক, বাজে তর্ক, কূটতর্ক।

কুতুপ /কুতুপ্‌/ [দেশি.] বি. ১ চামড়ায় তৈরি ক্ষুদ্র তৈলপাত্র; ক্ষুদ্র পাত্রবিশেষ। ২ তেলের কুপি।

কুতূহল /কুতুহল্‌/ [স. কু+√তূলি+অ] বি. ১ অজ্ঞাত বিষয় জানার আগ্রহ, কৌতূহল। ২ আনন্দ, আমোদ। ৩ সুখ।

কুতূহলী /কুতুহোলি/ [স. কুতূহল+ইন্‌] বিণ. ১ উৎসুক, ব্যগ্র, কৌতূহলযুক্ত। ২ আনন্দিত। ৩ আমোদে মত্ত।

কুতূহলে /কুতুহোলে/ [স. কুতূহল+বা. এ] ক্রিবিণ. কৌতূহলভরে, কৌতূহল চরিতার্থ করার আনন্দে।

কুৎসন /কুত্‌শন্‌/ [স. √কুৎস্‌+অন] বি. নিন্দন।

কুৎসা /কুত্‌শা/ [স. √কুৎস্‌+অ+আ (টাপ্‌)] বি. অকারণ নিন্দা, দোষ কীর্তন।

কুৎসাকারী /কুত্‌শাকারি/ [স. কুৎসা+√কৃ+ইন্‌] বিণ. নিন্দক, দোষ কীর্তনকারী।

কুৎসিত /কুত্‌শিত্‌/ [স. √কুৎস্‌+ত] বিণ. ১ শ্রীহীন, কদাকার। ২ অশ্লীল; জঘন্য।

কুৎসিতাচরণ /কুত্‌শিতাচরন্‌/ [স. কুৎসিত+আচরণ] বি. অশিষ্ট আচরণ।

কুত্তা /কুত্‌তা/ [হি.] বি. কুকুর, সারমেয়। স্ত্রী. কুত্তি /কুত্‌তি/।

কুত্র /কুত্‌ত্রো/ [স. কিম্‌+ত্র] অব্য. ক্রিবিণ. কোথায়, কোন স্থানে।

কুত্রাপি /কুত্‌ত্রাপি/ [স. কুত্র+অপি] অব্য. ক্রিবিণ. কোথাও, কোনো স্থানে।

কুদরত /কুদ্‌রত/ [আ.] বি. ১ মহিমা; অলৌকিক শক্তি (*আল্লাহর কুদরত*)। ২ ক্ষমতা; দক্ষতা।

কুদরতি /কুদ্‌রোতি/ [আ. কুদরত+ফা. ই] বিণ. ১ মহিমাযুক্ত। ২ বিশেষ ক্ষমতাশালী।

কুদর্শন /কুদর্‌শোন্‌/ [স. কু+দর্শন] বিণ. কদাকার, কুৎসিত, কদর্য। স্ত্রী. কুদর্শনা /কুদর্‌শোনা/।

কুদিন /কুদিন্‌/ [স. কু+দিন] বি. ১ দুর্দিন। ২ (তিথি নক্ষত্রাদির অবস্থানজনিত) অশুভ বলে কল্পিত দিন। ৩ মেঘাচ্ছন্ন দিন।

কুদৃষ্টি /কুদৃশটি/ [স. কু+√দৃশ্‌+তি] বি. ১ অশুভ দৃষ্টি। ২ দুরভিসন্ধিপূর্ণ দৃষ্টি, কুনজর।

কুধারা /কুধারা/ [স. কু+√ধারি+অ+আ (টাপ্‌)] বি. কুৎসিত রীতি, কুপ্রথা।

কুনকি /কুনকি/ [দেশি.] বি. ১ যে পোষা হস্তিনী বন্যহস্তীকে ফাঁদে ফেলতে সাহায্য করে। ২ কুচক্রী বা ধূর্ত রমণী।

কুনকুন /কুনকুন্‌/ [ধ্বন্যা.] অব্য. সুচ ফোটার মতো সামান্য ব্যথার অনুভূতি।

কুনকে /কুন্‌কে/ [স. কুঞ্চি >] বি. শস্যাদি পরিমাপের কাজে ব্যবহৃত বেতের তৈরি ধামা।

কুনখ /কুনখ্‌/ [স. কু+নখ] বি. রোগাক্রান্ত নখ।

কুনখী /কুনোখি/ [স. কুনখ+ইন্‌] বিণ. নখের রোগে আক্রান্ত; বিকৃত নখবিশিষ্ট।

কুনজর /কুনজোর্‌/ [স. কু+আ. নজর] বি. দ্র কুদৃষ্টি।

কুনাম /কুনাম্‌/ [স. কু+নামন্‌] বি. দুর্নাম, অপযশ।

কুনি /কুনি/ [স. কোণ >] বি. নখপ্রান্তের প্রদাহজনিত রোগবিশেষ।

কুনিকা /কুনিকা/ [স. কুঞ্চিকা >] বি. দ্র কুনকে।

কুনীতি /কুনিতি/ [স. কু+√নী+তি] বি. ১ দুর্নীতি। ২ ভ্রান্ত নীতি; অনুচিত নীতি।

কুনো /কুনো/ [দেশি.] বিণ. ১ ঘর থেকে বের হতে চায় না এমন; অমিশুক। ২ কোণসম্বন্ধীয়।

কুনো ব্যাং /কুনো ব্যাং/ বি. ১ কূপমণ্ডূক, কুয়োর ব্যাং। ২ (আল.) ঘরকুনো ব্যক্তি।

www.pathagar.com

কুন্ত[১] /কুন্‌তো/ [স. কু+অন্ত] বি. ১ পালকযুক্ত বাণ। ২ বর্শাকৃতি বেঁধনাস্ত্রবিশেষ।

কুন্ত[২] /কুন্‌তো/ [স. ক+√অন্ত্+অ] বি. পাখি।

কুন্তল /কুন্‌তল্/ [স. কুন্ত+√লা+অ] বি. নারীর কেশপাশ, চুল।

কুন্তলপেটিকা/কুন্‌তল্‌পেটিকা/ [স. কুন্তল+পেটিকা] বি. কেশবিন্যাসের উপকরণ রাখার ছোটো বাক্স।

কুন্তলপেড়ি /কুন্‌তল্‌পেড়ি/ [স. কুন্তল+বা. পেড়ি] বি. দ্র কুন্তলপেটিকা।

কুন্তলা /কুন্‌তলা/ [স. কুন্ত+√লা+অ+আ (টাপ্)] বিণ. কেশবিশিষ্টা।

কুন্তি/কুন্‌তি/ [স. কুন্ত+ই] বি. ১ যদুবংশীয় নৃপতি-বিশেষ। ২ দেশবিশেষ।

কুন্তী /কুন্‌তি/ [স. কুন্তি+অ+ঈ] বি. মহাভারতোক্ত পাণ্ডুপত্নী এবং কর্ণ ও পঞ্চপাণ্ডবের মাতা।

কুন্থন /কুন্‌থন্/ [স. √কুন্থ্+অন] বি. ১ কাতরানি। ২ মলত্যাগের জন্য দম বন্ধ করে জোরে চাপ প্রদান, কোঁত।

কুন্দ[১]/কুন্‌দো/ [স. কু+√উন্দ্+অ] বি. পৃথিবীর প্রায় সর্বত্র দেখা যায় এবং হেমন্তকালে ফোটে এমন সাতটি পাপড়িবিশিষ্ট গন্ধহীন রোমশ সাদা ফুল বা তার গুল্মজাতীয় উদ্ভিদ, কুঁদফুল, দন্তপুষ্প।

কুন্দ[২] /কুন্‌দো/ [স. কু+√দো+অ] বি. ছুতারের খোদাই করার হাতিয়ার।

কুন্দকর /কুন্‌দোকর্/ [স. কুন্দ+√কৃ+অ] বি. কুঁদ-যন্ত্রের সাহায্যে কাঠখোদাইয়ের মিস্ত্রি।

কুন্দুলি /কুন্‌দুলি/ [স. কোন্দল >] বিণ. ঝগড়াটে।

কুপথ /কুপথ্/ [স. কু+পথ] বি. ১ পাপের পথ, অসৎ পথ; নিন্দিত পথ। ২ উঁচুনিচু ও দুর্গম পথ।

কুপথগামী /কুপথোগামি/ [স. কুপথ+√গম্+ইন্] বিণ. বিপথগামী; অসচ্চরিত্র। স্ত্রী. কুপথগামিনী /কুপথোগামিনি/।

কুপথ্য /কুপোত্‌থো/ [স. কু+পথ্য] বি. অপকারী বা অহিতকর পথ্য, রোগীর জন্য ক্ষতিকর খাদ্য।

কুপন /কুপন্/ [ফ.] বি. ১ রসিদের যে অংশের বিনিময়ে কিছু দাবি করা যায়। ২ মানিঅর্ডার ফর্মের যে ছেদ্য অংশে প্রাপকের নিকট প্রেরক তার বক্তব্য লেখে। ৩ রসিদ।

কুপরামর্শ/কুপরামর্‌শো/ [স. কু+পরামর্শ] বি. অসৎ পরামর্শ, অনিষ্টকর উপদেশ।

কুপা /কুপা/ [স. কূপক >] বি. চামড়ার তৈরি পেটমোটা ও সরুগলা তৈলপাত্রবিশেষ, ভিস্তি।

কুপাত্র /কুপাত্‌ত্রো/ [স. কু+পাত্র] বি. ১ অযোগ্য বা অসৎ ব্যক্তি। ২ (বিবাহের) অযোগ্য পাত্র। বিণ. অপাত্র।

কুপি /কুপি/ [স. কূপক>] বি. ১ যে প্রদীপে সলতের একপ্রান্ত একটি সরু ধাতব নল থেকে বেরিয়ে থাকে এবং অপরপ্রান্ত ওই নলের সঙ্গে যুক্ত ধাতব-পাত্রের কেরোসিন তেলে ডোবানো থাকে, টেমি, ডিবা। ২ ছোটো কুপা, চামড়ার থলিবিশেষ। ৩ তৈলাদি ঢালার চোঙা বা ডিবা।

কুপিত /কুপিতো/ [স. √কুপ্+ত] বিণ. ১ ক্রুদ্ধ। ২ বিরক্ত, অসন্তুষ্ট। ৩ প্রবল বৃদ্ধিপ্রাপ্ত। ৪ দূষিত।

কুপুত্র /কুপুত্‌ত্রো/ [স. কু+পুৎ+√ত্রৈ+অ] বি. দুশ্চরিত্র ও অবাধ্য পুত্র; গুণহীন বা অযোগ্য ছেলে।

কুপোকাত /কুপোকাত্/ [স. কূপক >] বি. পতন; ভূমিসাৎ। বিণ. পরাজিত, পর্যুদস্ত।

কুপোষ্য /কুপোশ্‌শো/ [স. কু+√পুষ্+য] বি. ১ অবাঞ্ছিত পোষ্য; গলগ্রহ। ২ অকৃতজ্ঞ পোষ্য।

কুপ্য /কুপ্‌পো/ [স. √গুপ্+য] বি. সোনা ও রুপা ভিন্ন অন্য যে-কোনো ধাতু, base metal।

কুপ্যশালা /কুপ্‌পোশালা/ [স. কুপ্য+√শল্+অ+আ (টাপ্)] বি. তামা কাঁসা প্রভৃতি ধাতবপাত্র নির্মাণের কারখানা, কাঁসারির কর্মশালা।

কুপ্রকৃতি /কুপ্রোকৃতি/ [স. কু+প্র+√কৃ+তি] বি. খারাপ স্বভাব। বিণ. খারাপ স্বভাববিশিষ্ট।

কুপ্রবৃত্তি /কুপ্রোবৃত্‌তি/ [স. কু+প্র+√বৃৎ+তি] বি. মন্দ কাজ করার ইচ্ছা বা প্রবণতা।

কুপ্রস্তাব /কুপ্রোস্‌তাব্/ [স. কু+প্রস্তাব] বি. অশালীন প্রস্তাব।

কুফর /কুফর্/ [আ.] বি. আল্লাহর প্রত্যাদেশ প্রত্যাখ্যান; অবাধ্যতা।

কুফরি /কুফ্‌রি/ [আ.] বি. নাস্তিকতা; অবিশ্বস্ততা।

কুফল /কুফল্/ [স. কু+ফল] বি. অশুভ পরিণাম, মন্দ বা খারাপ ফল।

কুবক্তা /কুবক্‌তা/ [স. কু+√বচ্+তৃ] বিণ. ভালো বক্তৃতা করতে পারে না এমন। বি. সুবক্তা নয় এমন ব্যক্তি।

কুবচন /কুবচোন্/ [স. কু+√বচ্+অন] বি. ১ অশ্লীল বাক্য; কটু কথা। ২ নিন্দা, কুৎসা।

কুবল /কুবল্/ [স. কু+√বল্+অ] বি. ১ পদ্মফুল। ২ কুল। ৩ ডালিম। ৪ মুক্তা।

কুবলয় /কুবলয়্/ [স. কু+√বল্+অয়] বি. ১ নীলোৎ-পল, নীলপদ্ম। ২ পদ্ম, নলিনী, উৎপল।

কুবা /কুবা/ [স. কুব্জ >] বি. জলছাদ বা মেঝে

www.pathagar.com

পিটানোর হাতিয়ার, পিটনা।

কুবাক্য /কুবাক্‌কো/ [স. কু+√বচ্+য] বি. দ্র কুবচন।

কুবাদ /কুবাদ্/ [স. কু+√বদ্+অ] বি. দ্র কুবচন।

কুবাস /কুবাশ্/ [স. কু+√বাস্+অ] বি. দুর্গন্ধ।

কুবাসনা /কুবাশোনা/ [স. কু+√বাসি+অন+আ (টাপ্)] বি. অসৎ অভিপ্রায়, দুরভিসন্ধি।

কুবিচার /কুবিচার্/ [স. কু+বিচার] বি. পক্ষপাতদুষ্ট বিচার।

কুবিধা /কুবিধা/ [স. কু+√বিধ্+অ+আ (টাপ্)] বি. অসুবিধা; বাধাবিঘ্ন।

কুবিন্দ /কুবিন্‌দো/ [স. কু+√বিদ্+অ] বি. তাঁতি।

কুবিন্দু /কুবিন্‌দু/ [স. কু+√বিন্দ্+উ] বি. নভোমণ্ডলে কোনো দর্শকের সরাসরি নিম্নস্থ কল্পিত সর্বনিম্ন বিন্দু, সর্বোচ্চ বিন্দুর বিপরীত বিন্দু, অধোবিন্দু, পাদবিন্দু; (পরি.) nadir।

কুবুদ্ধি /কুবুদ্ধি/ [স. কু+√বুধ্+তি] বি. ১ দুর্বুদ্ধি, অসৎ বুদ্ধি। ২ নির্বুদ্ধিতা, মূর্খতা। বিণ. মন্দবুদ্ধি, দুর্বুদ্ধিযুক্ত।

কুবৃত্তি /কুবৃত্তি/ [স. কু+√বৃৎ+তি] বি. ১ অনৈতিক জীবিকা। ২ অসদাচরণ, খারাপ ব্যবহার।

কুবেণি /কুবেনি/ [স. কু+√বেণ্+ই] বি. বাঁশের কাঠি দিয়ে তৈরি মাছের খালুই। বিণ. অবিন্যস্ত বেণিবিশিষ্টা।

কুবের /কুবের্/ [স. কু+বের] বি. ১ যক্ষরাজ, ধনাধিপ। ২ মহাধনী (*ধনকুবের*)।

কুবোধ /কুবোধ্/ [স. কু+√বুধ্+অ] বি. কুবুদ্ধি, কুমতি, দুরভিসন্ধি।

কুব্জ /কুব্‌জো/ [স. কু+√উব্জ্+অ] বিণ. পিঠে কুঁজবিশিষ্ট, কুঁজো।

কুব্জা /কুব্‌জা/ [স. কু+√উব্জ্+অ+আ (টাপ্)] বিণ. পিঠে কুঁজবিশিষ্টা। বি. রামায়ণোক্ত দশরথপত্নী কৈকেয়ীর পরিচারিকা মন্থরা।

কুভোজন /কুভোজোন্/ [স. কু+√ভুজ্+অন] বি. ১ অখাদ্য বস্তু ভক্ষণ। ২ অপরিমিত আহার।

কুমকুম /কুম্‌কুম্/ [আ.] বি. প্রসাধনীরূপে ব্যবহৃত আবিরমিশ্রিত সুগন্ধি তরলবিশেষ।

কুমড়া /কুম্‌ড়া/ [স. কুষ্মাণ্ড >] বি. পৃথিবীর প্রায় সব দেশে জাত হলুদ ফুল এবং সবজিরূপে রেঁধে খাওয়া যায় এমন ডিম্বাকৃতি (বা গোলাকার) বড়ো ফল বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, কুষ্মাণ্ড।

কুমড়াগড়াগড়ি /কুম্‌ড়াগড়াগড়ি/ [বা.] বি. কুমড়ার মতো মাটিতে গড়াগড়ি।

কুমড়ো /কুম্‌ড়ো/ [বা.] বি. দ্র কুমড়া।

কুমড়োপটাশ /কুম্‌ড়োপটাশ্/ [বা.] বি. কুমড়োর মতো নিরীহ ও গোলগাল কাল্পনিক প্রাণী।

কুমতলব /কুমত্‌লোব্/ [স. কু+আ. মতলব] বি. অহিতকর অভিপ্রায়, দুরভিসন্ধি।

কুমতি /কুমোতি/ [স. কু+√মন্+তি] বি. দুর্বুদ্ধি, কুবুদ্ধি; অসৎ অভিপ্রায়। বিণ. মন্দ বুদ্ধিসম্পন্ন; অসৎ অভিপ্রায়যুক্ত।

কুমন্ত্রণা /কুমোন্‌ত্রোনা/ [স. কু+মন্ত্রণা] বি. কুযুক্তি, অসৎ পরামর্শ, দুষ্ট মন্ত্রণা।

কুমন্ত্রী /কুমোন্‌ত্রি/ [স. কু+√মন্ত্র+ইন্] বিণ. অসৎ পরামর্শদাতা। বি. দুষ্টবুদ্ধিসম্পন্ন মন্ত্রী।

কুমাতা /কুমাতা/ [স. কু+√মা+তৃ] বি. সন্তান লালনপালনে অক্ষম মাতা, অযোগ্য মাতা।

কুমার[১] /কুমার্/ [স. √কুমারি+অ] বি. ১ পাঁচ থেকে দশ বছর বয়স্ক বালক। ২ অবিবাহিত পুরুষ (*চিরকুমার*)। ৩ যুবরাজ, রাজপুত্র (*রাজকুমার*)। ৪ দেব সেনাপতি কার্তিকেয়।

কুমার[২] /কুমার্/ [স. কুম্ভকার >] বি. মৃৎপাত্র বা পুতুল তৈরি যার বৃত্তি, কুম্ভকার (*কুমারটুলি*)।

কুমারশাল /কুমার্‌শাল্/ [বা.] বি. মাটির পাত্রাদি প্রভৃতি তৈরির ঘর, কুমারের কর্মশালা।

কুমারসম্ভব /কুমার্‌শম্‌ভব্/ [স. কুমার+সম্+√ভূ+অ] বি. মহাকবি কালিদাসপ্রণীত মহাকাব্য।

কুমারিকা /কুমারিকা/ [স. কুমারী+কন্+আ (টাপ্)] বি. ১ দশ থেকে বারো বছর বয়স্কা কন্যা; অনূঢ়া কন্যা। ২ বড়ো এলাচ। ৩ ভারতের দক্ষিণ প্রান্তে অবস্থিত অন্তরীপবিশেষ, Cape Comorin।

কুমারী /কুমারি/ [স. কুমার+ঈ] বি. ১ অবিবাহিত কন্যা। ২ রাজকন্যা। ৩ দিবার তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ। বিণ. অবিবাহিতা, অনূঢ়া।

কুমারীত্ব /কুমারিত্তো/ [স. কুমারী+ত্ব] বি. অবিবাহিতা অবস্থা।

কুমারীব্রত /কুমারিব্রোতো/ [স. কুমারী+√ব্+অত] বি. কুমারী কন্যার পালনীয় বিবিধ ব্রত।

কুমারের চাক /কুমারের্ চাক্/ বি. অনুভূমিক তলে ঘূর্ণ্যমান চাকতিবিশেষ যার ওপর নরম মাটি রেখে হাত দিয়ে মৃৎপাত্রের নির্দিষ্ট আকৃতি দেওয়া হয়, কুম্ভকারের চাক, কুলালচক্র, potter's wheel।

কুমির /কুমির্/ [স. কুম্ভীর >] বি. পৃথিবীর প্রায় সব

www.pathagar.com

দেশে ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন অমসৃণ ত্বক শক্তিশালী চোয়াল ও চ্যাপটা লেজবিশিষ্ট তীক্ষ্ণ দাঁতবিশিষ্ট সরীসৃপজাতীয় লিপ্তপদ জলচর মাংসাশী হিংস্র প্রাণী, নক্র।

কুমুদ /কুমুদ্/ [স. কু+√মুদ্+অ] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, পদ্ম, শতদল, অরবিন্দ, কমল, lotus।

কুমুদনাথ /কুমুদ্‌নাথ্/ [স. কুমুদ+নাথ] বি. চাঁদ।

কুমুদবান্ধব /কুমুদ্‌বান্ধব্/ [স. কুমুদ+বান্ধব] বি. চাঁদ।

কুমুদিনী /কুমুদিনি/ [স. কুমুদ+ইন্+ঈ] বি. ১ পদ্মের ঝাড়। ২ কুমুদশোভিত সরোবর।

কুমুদ্‌বতী /কুমুদ্‌বোতি/ [স. কুমুদ+বৎ+ঈ] বিণ. পদ্মশোভিতা, কুমুদপূর্ণা (*কুমুদ্‌বতী সরসী*)।

কুমুদ্‌বান /কুমুদ্‌বান্/ [স. কুমুদ+বৎ] বিণ. পদ্মশোভিত।

কুমেরু /কুমেরু/ [স. কু+মেরু] বি. পৃথিবীর দক্ষিণ দিকের শেষ প্রান্ত, দক্ষিণমেরু।

কুমেরুবৃত্ত /কুমেরুব্‌বৃত্তো/ [স. কুমেরু+√বৃৎ+ত] বি. নিরক্ষরেখার ৬৬°৩৩´ দক্ষিণে যে কাল্পনিক রেখা পৃথিবীকে বেষ্টন করে আছে, antarctic circle।

কুমোর /কুমোর্/ [স. কুম্ভকার >] বি. কুমার[২]-এর কথ্য রূপ।

কুম্ভ/কুম্‌ভো/ [স. ক+√উনভ্+অ] বি. ১ ঘট; কলস। ২ (জ্যোতি.) রাশিচক্রের একাদশ রাশি। ৩ হাতির মাথার দুইপার্শ্বস্থ মাংসপিণ্ড।

কুম্ভক/কুম্‌ভক্/ [স. কুম্ভ+ক (স্বার্থে)] বি. যোগ-ব্যায়ামকালে শ্বাসবায়ু ধরে রাখার প্রক্রিয়াবিশেষ।

কুম্ভকর্ণ /কুম্‌ভোকর্‌নো/ [স. কুম্ভ+কর্ণ] বি. ১ রামায়ণোক্ত লঙ্কাধিপতি রাবণের দ্বিতীয় ভ্রাতা যিনি ছয় মাসে একদিনের জন্য ঘুম থেকে জেগে উঠতেন বলে কথিত। ২ (আল.) ঘুমকাতুরে ও অলস ব্যক্তি।

কুম্ভকর্ণের ঘুম /কুম্‌ভোকর্‌নের্ ঘুম্/ বি. যে ঘুম থেকে জাগিয়ে তোলা কঠিন।

কুম্ভকার/কুম্‌ভোকার্/ [স. কুম্ভ+√কৃ+অ] বি. মাটির হাঁড়িপাতিল তৈরি করা যার পেশা।

কুম্ভমেলা /কুম্‌ভোম্যালা/ [স. কুম্ভ+√মিল্+ণিচ্+অ+আ (টাপ্)] বি. সূর্যের কুম্ভরাশিতে সংক্রমণকালে প্রতি বারো বৎসর অন্তর হরিদ্বার প্রয়াগ দ্বারকা প্রভৃতি স্থানে পালিত স্নানোৎসব।

কুম্ভশাল /কুম্‌ভোশাল্/ [স. কুম্ভ+বা. শাল] বি. দ্র কুম্ভশালা।

কুম্ভশালা /কুম্‌ভোশালা/ [স. কুম্ভ+√শল্+অ+আ (টাপ্)] বি. যে গৃহে মৃৎপাত্র প্রতিমা প্রভৃতি তৈরি করা হয়।

কুম্ভিকা /কুম্‌ভিকা/ [স. কুম্ভী+কন্+আ (টাপ্)] বি. ১ ছোটো কলসি। ২ শৈবাল। ৩ নেত্ররোগবিশেষ।

কুম্ভিল /কুম্‌ভিল্/ [স. কুম্ভী+√লা+অ] বি. দ্র কুম্ভিলক।

কুম্ভিলক/কুম্‌ভিলক্/ [প্রা.] বি. ১ যে ব্যক্তি অন্যের রচনার ভাব বা ভাষা নিজের নামে চালায়, plagiarist। ২ শ্যালক।

কুম্ভীপাক /কুম্‌ভিপাক্/ [স. কুম্ভী+√পচ্+অ] বি. পুরাণোক্ত নরকবিশেষ।

কুম্ভীর /কুম্‌ভির্/ [স. কুম্ভিন্+√ঈরি+অ] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন অমসৃণ ত্বক শক্তিশালী চোয়াল ও চ্যাপটা লেজবিশিষ্ট তীক্ষ্ণ দাঁতওয়ালা সরীসৃপজাতীয় লিপ্তপদ জলচর মাংসাশী হিংস্র প্রাণী, কুমির, নক্র।

কুম্ভীরাশ্রু /কুম্‌ভিরাস্‌সু/ [স. কুম্ভীর+√অশ্+রু] বি. মায়াকান্না, কপট সহানুভূতি।

কুযশ/কুজশ্/ [স. কু+যশস্] বি. কুখ্যাতি, বদনাম।

কুযাত্রা /কুজাত্‌ত্রা/ [স. কু+যাত্রা] বি. কল্পিত অশুভ সময়ে যাত্রা।

কুযুক্তি /কুজুক্‌তি/ [স. কু+√যুজ্+তি] বি. ১ অসংগত যুক্তি। ২ কুমন্ত্রণা।

কুয়া /কুআ/ [স. কূপ >] বি. জল আহরণের জন্য অল্প গভীর করে খোঁড়া গোলাকার ক্ষুদ্র জলাশয়, কূপ, ইঁদারা।

কুয়ার ব্যাং /কুআর্ ব্যাং/ বি. ১ কূপমণ্ডূক। ২ (আল.) যে ব্যক্তি বহির্বিশ্বের কোনো খবর রাখে না, ঘরকুনো ব্যক্তি।

কুয়াশা /কুআশা/ [স. কুহেলিকা >] বি. ভূপৃষ্ঠের সন্নিকটে বাতাসে ভাসমান অপেক্ষাকৃত ঠান্ডা ধূলিকণা প্রভৃতি আর্দ্র বায়ুর সংস্পর্শে আসার ফলে সৃষ্ট জলকণার আবরণ যা দৃষ্টিসীমাকে বাধাগ্রস্ত করে, কুজ্ঝটিকা, কুহেলিকা, নভোরজ, নীহার, fog।

কুয়ো /কুও/ [স. কূপ >] বি. 'কুয়া'-র কথ্য রূপ।

কুরআন /কুর্‌আন্/ [আ.] বি. হজরত মুহম্মদ (সা.) কর্তৃক আল্লাহর নিকট থেকে প্রাপ্ত ঐশী বাণী-সংবলিত গ্রন্থ, ১১৪টি সুরা বা অনুচ্ছেদে বিভক্ত ইসলাম ধর্মাবলম্বীদের মূল ধর্মগ্রন্থ, কোরানশরিফ;

www.pathagar.com

'কোরান' এবং 'কোরআন'–এর বানানভেদ।

কুরকুরে /কুরকুরে/ [ধ্বন্যা.] বিণ. কুরকুর শব্দ করে এমন।

কুরঙ্গ/কুরংগো/ [স. কু+√রন্‌গ্‌+অ] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এমন মেদহীন সুন্দর দেহ বড়ো চোখ এবং দুটি বড়ো ও দুটি ছোটো খুরবিশিষ্ট চতুষ্পদ তৃণভোজী দ্রুতগামী প্রাণী (যার পুরুষকুলের একজোড়া সরল বা শাখা-প্রশাখাবিশিষ্ট শিং থাকে), এণ, হরিণ, মৃগ।

কুরঙ্গক /কুরংগক্‌/ [স. কুরঙ্গ+ক (স্বার্থে)] বি. দ্র কুরঙ্গ।

কুরঙ্গগঞ্জন /কুরংগোগন্‌জোন্‌/ [স. কুরঙ্গ+গঞ্জন] বিণ. হরিণের চেয়েও সুন্দর।

কুরঙ্গনয়ন /কুরংগোনয়োন্‌/ [স. কুরঙ্গ+নয়ন] বিণ. হরিণের মতো সুন্দর চোখবিশিষ্ট। স্ত্রী. কুরঙ্গনয়না /কুরংগোনয়োনা/।

কুরঙ্গম /কুরংগম্‌/ [স. কুরঙ্গ+√মা+অ] বি. দ্র কুরঙ্গ।

কুরচি /কুরচি/ [স. কুটজ >] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং শীতের শেষে ছোটো ছোটো থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার উপবৃত্তাকার পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ, গিরিমল্লিকা।

কুরণ্ড /কুরন্‌ডো/ [স. √কুর্‌+অণ্ড] বি. অণ্ডকোষ বেষ্টনকারী ঝিল্লিস্তরসমূহের মধ্যবর্তী স্থানে তরল পদার্থের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ, hydrocele।

কুরনি /কুরোনি/ [দেশি.] বি. দ্র কুরানি।

কুরব /কুরব্‌/ [স. কু+রব] বি. ১ কর্কশ স্বর। ২ অশ্লীল কথা; কুবাক্য। ৩ কলঙ্ক, অপবাদ। বিণ. ১ অশ্লীল শব্দবিশিষ্ট। ২ কর্কশস্বরবিশিষ্ট।

কুরবান /কুরবান্‌/ [আ.] বি. আল্লাহ্‌র উদ্দেশে ত্যাগ; বিশেষ উদ্দেশ্যে আত্মদান, উৎসর্গ।

কুরবানি /কুরবানি/ [আ.] বি. হিজরি পঞ্জিকার জিলহজ মাসের দশ তারিখে আল্লাহ্‌র উদ্দেশে সক্ষম মুসলমানদের পশু বধ, কোরবানি।

কুরর /কুরর্‌/ [স. √কুর্‌+অর] বি. চিলজাতীয় বড়ো পাখিবিশেষ, উৎক্রোশ। স্ত্রী. কুররী /কুরোরি/।

কুরসি /কুরসি/ [আ.] বি. ১ হেলান দিয়ে বসা যায় এমন পায়াযুক্ত উঁচু আসনবিশেষ, কেদারা, chair। ২ বংশপরিচয়।

কুরসিনামা/কুরসিনামা/ [আ. কুরসি+ফা. নামা] বি. বংশতালিকা, কুলজি।

কুরা /কুরা/ [বা.] ক্রিবি. কুরনি দিয়ে চাঁছা।

কুরানি /কুরানি/ [দেশি.] বি. নারকেল কোরানোর জন্য ব্যবহৃত বঁটিসদৃশ খাঁজকাটা প্রান্তবিশিষ্ট ধাতব সরঞ্জাম।

কুরানো /কুরানো/ [বা.] ক্রিবি. কুরানি দিয়ে চাঁছা। বিণ. কোরা বা চাঁছা হয়েছে এমন (*কুরানো নারকেল*)।

কুরি /কুরি/ [হি. কোরী >] বি. ১ জাতিবিশেষ। ২ নারকেল প্রভৃতির কোরানো সারবস্তু।

কুরীতি /কুরিতি/ [স. কু+√রী+তি] বি. ১ মন্দ প্রথা বা ধারা। ২ অনৈতিক আচার-ব্যবহার।

কুরু /কুরু/ [স. √কৃ+উ] বি. ১ চন্দ্রবংশীয় রাজা-বিশেষ। ২ প্রাচীন ভারতের দেশবিশেষ।

কুরুক্ষেত্র /কুরুক্‌খেত্‌রো/ [স. কুরু+√ক্ষি+ত্র] বি. ১ মহাভারতোক্ত কুরুপাণ্ডবের যুদ্ধক্ষেত্র, দিল্লির উত্তরে অবস্থিত স্থানবিশেষ। ২ (আল.) ভীষণ ঝগড়া, তুমুল কাণ্ড; যুদ্ধ।

কুরুচি /কুরুচি/ [স. কু+রুচি] বি. অশালীন বা কুৎসিত বিষয়ের প্রতি অনুরাগ, নীচ প্রবৃত্তি।

কুরুচিপূর্ণ /কুরুচিপুরনো/ [স. কুরুচি+পূর্ণ] বিণ. কুৎসিত রুচিসম্পন্ন, নীচ প্রবৃত্তিবিশিষ্ট।

কুরুচিসম্পন্ন /কুরুচিশম্‌পননো/ [স. কুরুচি+সম্‌+√পদ্‌+ত] বিণ. দ্র কুরুচিপূর্ণ।

কুরুচিসম্মত /কুরুচিশম্‌মতো/ [স. কুরুচি+সম্‌+√মন্‌+ত] বিণ. রুচিসম্মত নয় এমন।

কুরুনি[১] /কুরুনি/ [দেশি.] বি. দ্র কুরানি।

কুরুনি[২] /কুরুনি/ [বা.] বি. মাথায় পরিধেয় চিরুনি-সদৃশ অলংকারবিশেষ।

কুরুবক /কুরুবক্‌/ [স. কুরব+ক (স্বার্থে)] বি. ভারতীয় উপমহাদেশে শীতের শেষে ছোটো ছোটো থোকায় ফোটে এমন সাদা গোলাপি বেগুনি প্রভৃতি রঙের ফুল বা তার রোমশ কাণ্ডবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ, ঝাঁটি ফুল।

কুরুবিন্দ /কুরুবিন্‌দো/ [স. কুরু+√বিদ্‌+অ] বি. মণিবিশেষ; পদ্মরাগমণি।

কুরুল /কুরুল্‌/ [স. কোরক >] বি. ১ বাঁশজাতীয় গাছের অঙ্কুর। ২ কুঁড়ি।

কুরূপ /কুরুপ্‌/ [স. কু+রূপ] বি. কুৎসিত রূপ।

কুর্তা /কুর্‌তা/ [ফা.] বি. পুরুষদের ঢিলা জামা-বিশেষ; ফতুয়া, পিরান।

কুর্তি /কুর্‌তি/ [ফা.] বি. গায়ে পরার ছোটো জামা।

কুর্দন /কুর্‌দন্‌/ [স. √কুর্দ্‌+অন] বি. লম্ফন, লাফ।

www.pathagar.com

কুর্নিশ /কুর্‌নিশ্‌/ [তুর.] বি. সম্ভ্রমপূর্ণ অভিবাদন।

কুর্পর /কুর্‌পর্‌/ [স. √কুর্‌+অর] বি. ১ কনুই। ২ জানু। বিণ. অধীন; বাধ্য।

কুল[১] /কু:ল্‌/ [স. √কুল্‌+অ] বি. ১ বংশ (*রঘুকুল*)। ২ আভিজাত্য। ৩ সন্তান। ৪ সমাজ (*কুলত্যাগ*)। ৫ আবাস। ৬ পুঞ্জ, সমূহ, যূথ (*প্রাণিকুল*)।

কুল[২] /কু:ল্‌/ [স. কোলি >] বি. ভারতীয় উপমহাদেশে জাত কাঁটাযুক্ত মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ বা তার শক্ত বীজবিশিষ্ট সবুজাভ টকমিষ্টস্বাদ গোলাকার শীতকালীন ফল, বরই।

কুল[৩] /কু:ল্‌/ [স. কু+√লা+অ] বি. ১ তান্ত্রিক ধর্ম-সম্প্রদায়। ২ তান্ত্রিক সাধনার পথ। ৩ জনপদ।

কুলকজ্জল /কুলোকজ্‌জল্‌/ [স. কুল+√কজ্‌+অল] বি. কুলের কলঙ্ক।

কুলকণ্টক /কুলোকন্‌টক্‌/ [স. কুল+কণ্টক] বি. বংশের কাঁটা; বংশের কলঙ্ক।

কুলকন্যা /কুলোকোন্‌না/ [স. কুল+√কন্‌+য+আ (টাপ্‌)] বি. কল্পিত সৎকুলে জাত কন্যা।

কুলকর্ম /কুলোকর্‌মো/ [স. কুল+কর্মন্‌] বি. কুলোচিত ক্রিয়াকলাপ।

কুলকলঙ্ক /কুলোকলোংকো/ [স. কুল+ক+√রঙ্কি+অ] বি. বংশের গ্লানি বা অগৌরব। বিণ. কুল কলঙ্কিত করে এমন চরিত্রবিশিষ্ট।

কুলকলঙ্কী /কুলোকলোংকি/ [স. কুলকলঙ্ক+ইন্‌] বি. ১ যার চরিত্রদোষে কুলের সুনাম ক্ষুণ্ন হয়। ২ কুলত্যাগী ব্যক্তি। স্ত্রী. **কুলকলঙ্কিনী** /কুলো-কলোংকিনি/।

কুলকামিনী /কুলোকামিনি/ [স. কুল+√কম্‌+ইন্‌+ঈ] বি. কল্পিত সৎকুলে জাত কন্যা।

কুলকুচা /কুল্‌কুচা/ [দেশি.] বি. মুখে পানি নিয়ে সশব্দে আলোড়ন, কুলি।

কুলকুল /কুল্‌কুল্‌/ [ধ্বন্যা.] বি. জলপ্রবাহের মৃদু কলকল ধ্বনি।

কুলক্রম /কুলোক্‌ক্রম্‌/ [স. কুল+ক্রম] বি. বংশের ধারা।

কুলক্রিয়া /কুলোক্‌ক্রিআ/ [স. কুল+ক্রিয়া] বি. কুলের উপযুক্ত কর্মকাণ্ড।

কুলক্ষণ /কুলোক্‌খোন্‌/ [স. কু+√লক্ষ্‌+অন] বি. অশুভ চিহ্ন। বিণ. অশুভ লক্ষণযুক্ত। স্ত্রী. **কুলক্ষণা** /কুলোক্‌খোনা/।

কুলক্ষয় /কুলোক্‌খয়্‌/ [স. কুল+√ক্ষি+অ] বি. বংশনাশ, বংশলোপ।

কুলক্ষুনে /কুলোক্‌খুনে/ [স. কুলক্ষণ+বা. এ] বিণ. ১ অশুভ লক্ষণযুক্ত। ২ অলক্ষুনে, অপয়া।

কুলখানি /কুল্‌খানি/ [আ. কুল+ফা. খানি] বি. মৃতের সদ্‌গতি কামনায় কোরান পাঠ ও প্রার্থনাসভা।

কুলগর্ব /কুলোগর্‌বো/ [স. কুল+√গর্ব্‌+অ] বি. আভিজাত্যের অহংকার।

কুলগিরি /কুলোগিরি/ [স. কুল+গিরি] বি. পুরাণোক্ত আটটি কুলপর্বত (মহেন্দ্র মলয় সহ্য শুক্তিমান ঋক্ষ বিন্ধ্য পারিযাত্র ও হিমালয়), অষ্টকুলাচল।

কুলগুরু /কুলোগুরু/ [স. কুল+√গৃ+উ] বি. বংশের গুরু।

কুলগৌরব /কুলোগৌ্‌রব্‌/ [স. কুল+গৌরব] বি. বংশের মর্যাদা।

কুলগ্ন /কুলগ্‌নো/ [স. কু+√লগ্‌+ত] বি. অশুভ বলে কল্পিত গ্রহনক্ষত্রের অবস্থানজনিত লগ্ন।

কুলঘ্ন /কুলঘ্‌নো/ [স. কুল+√হন্‌+অ] বিণ. বংশের গৌরব হানি করে এমন।

কুলঙ্গি /কুলোংগি/ [দেশি.] বি. জিনিসপত্র রাখার জন্য দেওয়াল কেটে নির্মিত ছোটো খোপ, কুলুঙ্গি।

কুলচুর /কুলচুর্‌/ [বা.] বি. কুলের আচার।

কুলচ্যুত /কুলোচ্‌চুতো/ [স. কুল+√চ্যু+ত] বিণ. নিজ বংশ বা কুল থেকে বিচ্যুত, কুলভ্রষ্ট।

কুলজ /কুলোজো/ [স. কুল+√জন্‌+অ] বিণ. কল্পিত সদ্‌বংশজাত, কুলীন। স্ত্রী. **কুলজা** /কুলোজা/।

কুলজি /কুলোজি/ [স. কুলপঞ্জি >] বি. বংশের ইতিহাস, বংশপরিচয়, বংশতালিকা, কুলপঞ্জি।

কুলজ্ঞ /কুলোগ্‌গোঁ/ [স. কুল+√জ্ঞা+অ] বিণ. বংশের দোষগুণের বিষয়ে জানে এমন।

কুলটা /কুলটা/ [স. কুলট+আ (টাপ্‌)] বিণ. ভ্রষ্টা। বি. অসতী নারী।

কুলতিলক /কুলোতিলক্‌/ [স. কুল+তিলক] বি. ১ যার গুণে বংশের গৌরব বৃদ্ধি হয়। ২ বংশের শিরোমণি।

কুলত্থ /কুলত্‌থো/ [স. কুলস্থ >] বি. কলাইবিশেষ।

কুলত্যাগ /কুলোত্‌ত্যাগ্‌/ [স. কুল+√ত্যাজ্‌+অ] বি. কুলধর্ম বিসর্জন।

কুলত্যাগী /কুলোত্‌ত্যাগি/ [স. কুল+√ত্যাজ্‌+ইন্‌] বিণ. কুলধর্ম ত্যাগ করেছে এমন।

কুলদূষক /কুলোদুশক্‌/ [স. কুল+√দূষি+অক] বি. বিণ. কুলে কলঙ্ক লেপনকারী; কুলাঙ্গার।

কুলদূষণ /কুলোদুশন্‌/ [স. কুল+√দূষি+অন] বি. কুলে কলঙ্কলেপন।

www.pathagar.com

কুলদেবতা /কুলোদেবোতা/ [স. কুল+দেবতা] বি. বংশানুক্রমে পূজিত দেবতা।

কুলধর্ম /কুলোধর্‌মো/ [স. কুল+√ধৃ+ম] বি. বংশগত আচার-অনুষ্ঠান।

কুলনারী /কুলোনারি/ [স. কুল+নর+ঈ] বি. কুল-কন্যা; কুলবধূ।

কুলনাশক /কুলোনাশক্/ [স. কুল+√নাশি+অক] বি. যে কুলনাশ করে। বিণ. ১ বংশলোপকারী। ২ কুলে কলঙ্ককলেপনকারী।

কুলনাশন /কুলোনাশন্/ [স. কুল+√নাশি+অন] বি. বংশলোপকরণ।

কুলপঞ্জি /কুলোপোন্‌জি/ [স. কুল+√পঞ্চ্+ই] বি. বংশতালিকা, বংশপরিচয়।

কুলপতি /কুলোপোতি/ [স. কুল+√পা+অতি] বি. বংশের প্রধান ব্যক্তি, গোষ্ঠীর প্রধান ব্যক্তি।

কুলপাংশুল/কুলোপাংশুল্/ [স. কুল+পাংশু+ল] বিণ. কুলাঙ্গার। বি. বংশের কলঙ্ক।

কুলপি /কুল্‌পি/ [ফা.] বি. দ্র কুলফি।

কুলপিবরফ /কুল্‌পিবরোফ্/ [ফা.] বি. দ্র কুলফি-বরফ।

কুলপিমালাই /কুল্‌পিমালাই/ [ফা.] বি. দ্র কুলফি-মালাই।

কুলপুত্র /কুলোপুত্রো/ [স. কুল+পুত্র] বি. ১ বংশের মর্যাদারক্ষক পুত্র। ২ সদ্‌বংশজাত ব্যক্তি।

কুলপুরোহিত /কুলোপুরোহিত্/ [স. কুল+পুরোহিত] বি. বংশপরম্পরাগত পুরোহিত।

কুলপ্রথা /কুলোপ্রোথা/ [স. কুল+√প্রথ্+অ+আ (টাপ্)] বি. বংশানুক্রমে অনুসৃত প্রথা।

কুলপ্রদীপ /কুলোপ্রোদিপ্/ [স. কুল+প্রদীপ] বি. বংশের গৌরব রক্ষাকারী ব্যক্তি, কুলতিলক।

কুলফি /কুল্‌ফি/ [ফা.] বি. ১ চোঙাকৃতি লোহার ছাঁচে ঠান্ডা করে জমানো ঘন দুধের মিষ্ট খাদ্যবস্তু-বিশেষ। ২ বরফ জমাট করার জন্য ব্যবহৃত লোহার তৈরি ছাঁচ।

কুলফিবরফ /কুল্‌ফিবরোফ্/ [ফা.] বি. চোঙাকৃতি লোহার ছাঁচ বা কুলফিতে জমানো বরফ।

কুলফিমালাই /কুল্‌ফিমালাই/ [ফা.] বি. চোঙাকৃতি লোহার ছাঁচে ঠান্ডা করে জমানো ঘন দুধের আইসক্রিমজাতীয় খাদ্যবস্তু।

কুলবতী /কুলোবোতি/ [স. কুল+বৎ+ঈ] বিণ. কল্পিত সৎকুলজাত।

কুলবধূ /কুলোবোধূ/ [স. কুল+√বহ্+ঊ] বি. কল্পিত সৎকুলজাত নারী, বাড়ির বউ।

কুলবালা /কুলোবালা/ [স. কুল+√বল্+অ+আ (টাপ্)] বি. কুলকন্যা; কুলবধূ।

কুলব্রত /কুলোব্রোতো/ [স. কুল+√বৃ+অত] বি. বংশানুক্রমে আচরিত অনুষ্ঠান।

কুলভঙ্গ /কুলোভংগো/ [স. কুল+√ভন্‌জ্+অ] বি. বংশের মর্যাদাহানি।

কুলভূষণ /কুলোভুশন্/ [স. কুল+ভূষণ] বি. বংশের গৌরব, কুলতিলক।

কুলভ্রষ্ট /কুলোভ্রোশ্‌টো/ [স. কুল+√ভ্রন্‌শ্+ত] বিণ. স্বীয় বংশ থেকে বিতাড়িত। স্ত্রী. কুলভ্রষ্টা /কুলো-ভ্রোশ্‌টা/।

কুলমর্যাদা /কুলোমোর্‌জাদা/ [স. কুল+মর্যাদা] বি. বংশের মানসম্মান।

কুলমান /কুলোমান্/ [স. কুল+√মান্+অ] বি. দ্র কুলমর্যাদা।

কুল রাখা /কুল্ রাখা/ ক্রিবি. কুলাচার রক্ষা করা।

কুললক্ষণ /কুলোলোক্‌খোন্/ [স. কুল+লক্ষণ] বি. সৎকুলের নয়টি গুণ (আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা আবৃত্তি তপস্যা ও দান)।

কুললক্ষ্মী /কুলোলোক্‌খ্মি/ [স. কুল+√লক্ষ্+ঈ] বি. বংশমর্যাদা বৃদ্ধি করে এমন নারী।

কুলশীল /কুলোশিল্/ [স. কুল+√শীল্+অ] বি. বংশ ও চরিত্র।

কুলস্ত্রী /কুলোস্ত্রি/ [স. কুল+√স্ত্যৈ+র+ঈ] বি. কুলবধূ, ঘরের বউ।

কুলা /কুলা/ [স. কুল্য >] বি. ধান চাল প্রভৃতি ঝাড়ার জন্য ব্যবহৃত বাঁশের চাঁচ দিয়ে তৈরি অর্ধবৃত্তাকার ডালাবিশেষ, কুলো।

কুলাঙ্গার /কুলাংগার্/ [স. কুল+অঙ্গার] বি. যার চরিত্রদোষে কুল কলঙ্কিত হয়, কুলের কলঙ্ক।

কুলাচল /কুলাচল্/ [স. কুল+অচল] বি. পুরাণে উল্লিখিত আটটি পর্বত (হিমালয় মহেন্দ্র মলয় সহ্য শুক্তিমান ঋক্ষ বিন্ধ্য ও পারিযাত্র); ভিন্নমতে সাতটি পর্বত (মহেন্দ্র মলয় সহ্য শুক্তিমান ঋক্ষ বিন্ধ্য ও পারিযাত্র)।

কুলাচার /কুলাচার্/ [স. কুল+আ+√চর্+অ] বি. ১ কুলে প্রচলিত আচার। ২ তান্ত্রিক আচারবিশেষ।

কুলাচার্য /কুলাচার্জো/ [স. কুল+আ+√চর্+য] বি. বংশপরম্পরাগত পুরোহিত।

কুলাদ্রি /কুলাদ্‌দ্রি/ [স. কুল+√অদ্+রি] বি. দ্র কুলাচল।

www.pathagar.com

কুলানো /কুলানো/ [বা.] ক্রিবি. ১ যথেষ্ট হওয়া, প্রয়োজন মেটা (*টাকায় কুলানো*)। ২ স্থান সংকুলান হওয়া।

কুলাভিমান /কুলাভিমান/ [স. কুল+অভিমান] বি. আভিজাত্যের অহংকার, বংশমর্যাদার গর্ব।

কুলায় /কুলায়/ [স. কুল+√অয়্+অ] বি. পাখির বাসা, নীড়।

কুলায়িকা /কুলায়িকা/ [স. কুলায়+ইক+আ (টাপ্)] বি. চিড়িয়াখানা।

কুলাল /কুলাল্/ [স. √কুল্+আল] বি. মৃৎপাত্র পুতুল প্রভৃতি তৈরি করা যার পেশা, কুম্ভকার।

কুলালচক্র /কুলাল্চক্রো/ [স. কুলাল+√কৃ+অ] বি. দ্র কুমারের চাক।

কুলি[১] /কুলি/ [দেশি.] বি. মুখে পানি নিয়ে সশব্দে আলোড়ন, কুলকুচা (*কুলি করা*)।

কুলি[২] /কুলি/ [তুর.] বি. ১ ভার বহন যার পেশা, মুটে। ২ শ্রমিক, মজুর।

কুলিকামিন /কুলিকামিন্/ [তুর. কুলি >] বি. নারী ও পুরুষ শ্রমিক।

কুলিঙ্গা /কুলিংগো/ [স. কু+√লিন্গ্+অ] বি. ১ ফিঙে পাখি। ২ চটক্, চড়ুই।

কুলির /কুলির্/ [স. √কুল্+ইর] বি. ১ কাঁকড়া, কর্কট। ২ কর্কট রাশি।

কুলিরক /কুলিরক্/ [স. কুলির+ক (স্বার্থে)] বি. দ্র কুলির।

কুলিশ /কুলিশ্/ [স. কুলিন্+√শো+অ] বি. বাজ, বজ্র, অশনি।

কুলিশকঠোর /কুলিশ্কঠোর্/ [স. কুলিশ+কঠোর] বিণ. বজ্রকঠোর।

কুলিশধারী /কুলিশ্ধারি/ [স. কুলিশ+√ধৃ+ইন্] বি. ইন্দ্র।

কুলিশপাত /কুলিশ্পাত্/ [স. কুলিশ+√পত্+অ] বি. বজ্রপাত, অশনিপাত।

কুলিশী /কুলিশি/ [স. কুলিশ+ইন্] বিণ. বজ্রসদৃশ; বজ্রী, বজ্রধারী। বি. ইন্দ্র।

কুলীন /কুলিন্/ [স. কুল+ঈন] বিণ. ১ কল্পিত অভিজাত বংশে জাত। ২ আচার বিনয় বিদ্যা প্রভৃতি গুণসম্পন্ন। ৩ বল্লাল সেন প্রবর্তিত কুল-মর্যাদার অধিকারী।

কুলীনকুলসর্বস্ব /কুলিনকুলোশরবোশ্শো/ [স. কুলীনকুল+সর্বস্ব] বিণ. বংশমর্যাদা ব্যতীত গর্ব করার মতো আর কিছু নেই এমন।

কুলুখ /কুলুখ্/ [ফা.] বি. মলমূত্র ত্যাগের পর পানির অভাবে শুদ্ধির জন্য ব্যবহৃত মাটির ঢেলা।

কুলুঙ্গি /কুলুংগি/ [দেশি.] বি. জিনিসপত্র রাখার জন্য দেওয়াল কেটে নির্মিত ছোটো খোপ।

কুলুপ /কুলুপ্/ [আ. কুলুব >] বি. ১ তালা। ২ মোহর, seal। ৩ বন্ধন, আবদ্ধকরণ, আটক।

কুলো /কুলো/ [স. কুল্য >] বি. ধান চাল প্রভৃতি ঝাড়ার জন্য ব্যবহৃত বাঁশের চাঁচ দিয়ে তৈরি অর্ধবৃত্তাকার ডালাবিশেষ, 'কুলা'-র কথ্য রূপ।

কুলোৎপন্ন /কুলোত্পন্নো/ [স. কুল+উৎ+√পদ্+ত] বিণ. দ্র কুলোদ্ভূত।

কুলোদ্ভব /কুলোদ্ভব্/ [স. কুল+উদ্ভব] বিণ. দ্র কুলোদ্ভূত।

কুলোদ্ভূত /কুলোদ্ভুতো/ [স. কুল+উৎ+√ভূ+ত] বিণ. কুল বা বংশে জাত।

কুল্লে /কুল্লে/ [আ.] অব্য. ক্রিবিণ. ১ সাকুল্যে। ২ কেবল, মাত্র (*কুল্লে পাঁচ টাকা*)। বিণ. সমুদয়, যাবতীয়।

কুশ /কুশ্/ [স. কু+√শী+অ] বি ১ তৃণবিশেষ (*কুশ-পুতুল*)। ২ সূর্যবংশীয় রাজা রামচন্দ্রের জ্যেষ্ঠপুত্র। ৩ পুরাণোক্ত সপ্তদ্বীপের একটি।

কুশণ্ডিকা /কুশোন্ডিকা/ [স. কুশণ্ড+কন্+আ (টাপ্)] বি. বিবাহ প্রভৃতি অনুষ্ঠানে মাঙ্গলিক ক্রিয়া-বিশেষ; যজ্ঞের জন্য অনুষ্ঠিত অগ্নিক্রিয়া।

কুশন /কুশন্/ [ফ.] বি. কাপড় বা চামড়া দিয়ে মোরা পেঁজা তুলো স্পঞ্জ প্রভৃতির গদি, cushion।

কুশপা /কুশ্পা/ [দেশি.] বিণ. কুশের মতো দুর্বল পা-বিশিষ্ট।

কুশপুতুল /কুশ্পুতুল্/ [স. কুশ+বা. পুতুল] বি. দ্র কুশপুত্তলিকা।

কুশপুত্তলি /কুশোপুত্তোলি/ [স. কুশ+বা. পুত্তলি] বি. দ্র কুশপুত্তলিকা।

কুশপুত্তলিকা /কুশোপুত্তোলিকা/ [স. কুশপুত্তলী+কন্+আ (টাপ্)] বি. কুশের তৈরি মানুষের প্রতিমূর্তি (*কুশপুত্তলিকা দাহ*), effigy।

কুশর /কুশোর্/ [দেশি.] বি. আখ, ইক্ষু।

কুশল /কুশল্/ [স. কুশ+√লা+অ] বি. মঙ্গল, শুভ, কল্যাণ (*কুশল কামনা*)। বিণ. ১ মঙ্গলময়। ২ নিপুণ, দক্ষ (*কর্মকুশল*)। ৩ নির্বিঘ্ন, নিরাপদ।

কুশলতা /কুশলতা/ [স. কুশল+তা] বি. দক্ষতা, নিপুণতা।

www.pathagar.com

কুশলসংবাদ /কুশল্‌সংবাদ্/ [স. কুশল+সংবাদ] বি. সুসংবাদ, মঙ্গলবার্তা।

কুশলসমাচার /কুশল্‌সমাচার্/ [স. কুশল+সমাচার] বি. সুসংবাদ, সুখবর, মঙ্গলবার্তা।

কুশলী /কুশোলি/ [স. কুশল+ইন্] বিণ. ১ কৌশলী; পারদর্শী, দক্ষ (*কলাকুশলী*)। ২ কল্যাণযুক্ত।

কুশাক্ষ /কুশাক্‌খো/ [স. কুশ+অক্ষি] বি. কুশসদৃশ চোখ যার, বানর।

কুশাগ্র /কুশাগ্‌গ্রো/ [স. কুশ+√অন্‌গ্‌+র] বি. কুশ-তৃণের অগ্রভাগ। বিণ. কুশের ডগার মতো অতি সূক্ষ্ম, তীক্ষ্ণ।

কুশাগ্রধী /কুশাগ্‌গ্রোধি/ [স. কুশাগ্র+√ধ্যৈ+ক্বিপ্] বিণ. কুশাগ্রের মতো অতি সূক্ষ্ম বুদ্ধিসম্পন্ন।

কুশাগ্রীয় /কুশাগ্‌গ্রিয়ো/ [স. কুশাগ্র+ঈয়] বিণ. কুশাগ্রের মতো সূক্ষ্ম, অতিশয় তীক্ষ্ণ।

কুশাঙ্কুর /কুশাংকুর্/ [স. কুশ+অঙ্কুর] বি. কুশ-তৃণের নবজাত তীক্ষ্ণ পাতা বা ফলা। বিণ. অতিশয় তীক্ষ্ণ, কুশের ডগার মতো সূক্ষ্ম।

কুশাঙ্গুরী /কুশাংগুরি/ [স. কুশ+অঙ্গুরী] বি. দ্র কুশাঙ্গুরীয়।

কুশাঙ্গুরীয় /কুশাংগুরিয়ো/ [স. কুশাঙ্গুরী+ঈয়] বি. পূজা তর্পণ শ্রাদ্ধ প্রভৃতি ক্রিয়াকর্মে ব্যবহৃত কুশের তৈরি আংটি।

কুশাসক /কুশাশক্/ [স. কু+শাসক] বি. অযোগ্য শাসক। বিণ. প্রজাপীড়ক।

কুশাসন[১] /কুশাশোন্/ [স. কুশ+আসন] বি. কুশতৃণের তৈরি আসন।

কুশাসন[২] /কুশাশোন্/ [স. কু+শাসন] বি. স্বৈরশাসন।

কুশি[১] /কুশি/ [স. কোশ >] বি. পূজায় ব্যবহৃত তামার তৈরি জলসিঞ্চনপাত্র; কোশা থেকে জল তোলার জন্য ব্যবহৃত তামার ছোটো পাত্র।

কুশি[২] /কুশি/ [স. কোশাতকী >] বি. আয় প্রভৃতির খুব কচিফল। বিণ. কচি (*কুশি আম*)।

কুশিক্ষা /কুশিক্‌খা/ [স. কু+√শিক্ষ্+অ+আ (টাপ্)] বি. ভুল শিক্ষা, অনুচিত শিক্ষা।

কুশীলব[১] /কুশিলব্/ [স. কুশীল+ব] বি. ১ নাটকের পাত্রপাত্রীগণ, নট, অভিনেতা। ২ গায়ক; চারণ।

কুশীলব[২] /কুশিলব্/ [স. কুশ+লব] বি. কুশ ও লব নামক রামচন্দ্রের পুত্রদ্বয়।

কুশুণ্ডিকা /কুশুন্‌ডিকা/ [স. কুশণ্ড+কন্+আ (টাপ্)] বি. দ্র কুশণ্ডিকা।

কুশেশয় /কুশেশয়্ / [স. কুশ+√শী+অ] বি. ১ পদ্ম, শতদল, কমল, উৎপল, কুমুদ। ২ সারসপাখি।

কুশ্রী /কুস্‌ত্রি/ [অশুপ্র.] বিণ. ১ শ্রীহীন, কুৎসিত, কদর্য। ২ জঘন্য। বি. -তা /-তা/।

কুষ্ঠ /কুশ্‌ঠো/ [স. কু+√ স্থা+অ] বি. দেহের চামড়া ও অঙ্গ বিকৃত করে এমন রোগবিশেষ।

কুষ্ঠাশ্রম /কুশ্‌ঠাস্‌স্রোম্/ [স. কুষ্ঠ+আশ্রম] বি. কুষ্ঠ-রোগীদের চিকিৎসালয়।

কুষ্ঠি /কুশ্‌ঠি/ [স. কোষ্ঠ+ই] বি. জন্মকালে গ্রহ-নক্ষত্রাদির অবস্থানবিষয়ক তথ্যসংবলিত পত্র, জন্মপত্রিকা, horoscope।

কুষ্ঠী /কুশ্‌ঠি/ [স. কুষ্ঠ+ইন্] বিণ. কুষ্ঠরোগে আক্রান্ত। বি. কুষ্ঠরোগে আক্রান্ত ব্যক্তি।

কুষ্মাণ্ড /কুশ্‌শাঁন্‌ডো/ [স. কু+উষ্মা+√অম্+ড] বি. ১ জরায়ু, গর্ভাশয়। ২ পৃথিবীর প্রায় সর্বত্র জাত হলুদ ফুল এবং সবজিরূপে রেঁধে খাওয়া যায় এমন ডিম্বাকৃতি (বা গোলাকার) বড়ো ফল বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, কুমড়া, কুমড়ো। ৩ (আল.) অপদার্থ ব্যক্তি (*অকালকুষ্মাণ্ড*)।

কুষ্মাণ্ডখণ্ড /কুশ্‌শাঁন্‌ডোখন্‌ডো/ [স. কুষ্মাণ্ড+√খণ্ড্+অ] বি. কবিরাজি ওষুধবিশেষ।

কুষ্মাণ্ডলতা /কুশ্‌শাঁন্‌ডোলতা/ [স. কুষ্মাণ্ড+√লত্+অ+আ (টাপ্)] বি. কুমড়োলতা।

কুসংসর্গ /কুশংশর্‌গো/ [স. কু+সম্+√সৃজ্+অ] বি. অসৎসঙ্গ; অশুভকর সঙ্গ।

কুসংসর্গী /কুশংশোর্‌গি/ [স. কু+সম্+√সৃজ্+ইন্] বিণ. অসৎসঙ্গে বাস করে এমন; দুষ্টলোকের সঙ্গে সংস্রব রক্ষা করে এমন।

কুসংস্কার /কুশংশ্‌কার্/ [স. কু+সম্+√কৃ+অ] বি. যুক্তিহীন ও অনৈতিক সামাজিক আচার-আচরণ, superstition।

কুসংস্কারমূলক /কুশংশ্‌কারমুলক্/ [স. কুসংস্কার+মূলক] বিণ. অন্ধবিশ্বাস বা ভ্রান্ত ধারণাপ্রসূত।

কুসংস্কারাচ্ছন্ন /কুশংশ্‌কারাচ্‌ছন্‌নো/ [স. কুসংস্কার+আ+√ছাদি+ত] বিণ. কুসংস্কারদ্বারা আচ্ছন্ন; ভ্রান্ত ধারণার বশীভূত।

কুসংস্কারাপন্ন /কুশংশ্‌কারাপন্‌নো/ [স. কুসংস্কার+আ+√পদ্+ত] বিণ. দ্র কুসংস্কারাচ্ছন্ন।

কুসংস্কারাবিষ্ট /কুশংশ্‌কারাবিশ্‌টো/ [স. কুসংস্কার+আ+√বিশ্+ত] বিণ. দ্র কুসংস্কারাচ্ছন্ন।

কুসঙ্গ /কুশংগো/ [স. কু+√সন্‌জ্+অ] বি. অসৎসঙ্গ। স্ত্রী. কুসঙ্গী /কুশোংগি/।

www.pathagar.com

কুসিম্বী /কুশিম্‌বি/ [স. কু+√শিম্ব্+অ+ঈ] বি. শিমের লতা।

কুসীদ /কুশিদ্/ [স. কু+√সদ্+অ] বি. ১ সুদ। ২ সুদের বিনিময়ে টাকা ধার দেওয়ার ব্যবসায়, তেজারতি (*কুসীদজীবী*)।

কুসীদজীবী /কুশিদ্‌জিবি/ [স. কুসীদ+√জীব্+ইন্] বি. বিণ. সুদের বিনিময়ে টাকা ধার দেওয়া যার পেশা; সুদখোর।

কুসীদব্যবহার /কুশিদ্‌ব্যাবোহার্/ [স. কুসীদ+বি+অব+√হৃ+অ] বি. সুদে টাকা বিনিয়োগ।

কুসুম[১] /কুশুম্/ [স. √কুস্+উম] বি. ১ ফুল, পুষ্প, প্রসূন। ২ ডিমের ভেতরের হলুদ অংশ। ৩ চোখের রোগবিশেষ। ৪ *স্ত্রীরজ।

কুসুম[২] /কুশুম্/ [স. কুসুম্ভ >] বি. ভারতীয় উপ-মহাদেশে বসন্তকালে ফোটে এমন উজ্জ্বল হলুদ কমলা প্রভৃতি রঙের ছোটো ফুল (বস্ত্ররঞ্জকরূপে ব্যবহৃত) বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী পর্ণমোচী উদ্ভিদ, কুসুম্ভ, কৌসুম্ভ, safflower।

কুসুম[৩] /কুশুম্/ [স. কোষ্ণ >] বিণ. ঈষৎ উষ্ণ, কবোষ্ণ; অল্প গরম।

কুসুমকলি/কুশুম্‌কোলি/ [স. কুসুম+√কল্+ই] বি. ফুলের কুঁড়ি, পুষ্পকোরক।

কুসুমকানন /কুশুম্‌কানোন্/ [স. কুসুম+কানন] বি. ফুলের বাগান।

কুসুমকুন্তলা /কুশুমকুন্‌তলা/ [স. কুসুম+কুন্ত+√লা+অ+আ (টাপ্)] বিণ. পুষ্পশোভিতা; পুষ্পকেশী।

কুসুম কুসুম /কুশুম্ কুশুম্/ বিণ. অল্প অল্প; কবোষ্ণ, অল্প উষ্ণ, অল্প গরম।

কুসুমকোমল /কুশুম্‌কোমোল্/ [স. কুসুম+√কম্+অল] বিণ. ফুলের মতো কোমল। বি. ফুলের কুঁড়ি।

কুসুমকোরক/কুশুম্‌কোরক্/ [স. কুসুম+√কুর্+অক] বি. ফুলের কুঁড়ি, পুষ্পকলিকা।

কুসুমচাপ /কুশুম্‌চাপ্/ [স. কুসুম+চপ+অ] বি. কুসুম যার ধনুক, মদনদেব।

কুসুমদাম /কুশুম্‌দাম্/ [স. কুসুম+√দো+মন্] বি. ১ ফুলের মালা। ২ সাজানো ফুলের গুচ্ছ।

কুসুমপেলব /কুশুম্‌পেলব্/ [স. কুসুম+√পিল্+অব] বিণ. বি. দ্র কুসুমকোমল।

কুসুমমালিকা /কুশুম্‌মালিকা/ [স. কুসুম+মালিক+আ (টাপ্)] বি. ১ ফুলের ছোটো মালা। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

কুসুমশয্যা /কুশুম্‌শোজ্জা/ [স. কুসুম+√শী+য+আ (টাপ্)] বি. ১ ফুলশয্যা। ২ পুষ্পশোভিত শয্যা।

কুসুমশয়ন/কুশুম্‌শয়োন্/ [স. কুসুম+√শী+অন] বি. দ্র কুসুমশয্যা।

কুসুমশর /কুশুম্‌শর্/ [স. কুসুম+√শৃ+অ] বি. পুষ্প যার বাণ, মদনদেব।

কুসুমস্তবক /কুশুম্‌স্তবক্/ [স. কুসুম+√স্তু+অক] বি. সাজানো ফুলের গুচ্ছ, পুষ্পগুচ্ছ।

কুসুমাকর /কুশুমাকর্/ [স. কুসুম+আকর] বি. যে ঋতুতে ফুল ফোটে, বসন্তঋতু।

কুসুমাগম /কুশুমাগম্/ [স. কুসুম+আগম] বি. দ্র কুসুমাকর।

কুসুমাঞ্জলি/কুশুমান্‌জোলি/ [স. কুসুম+√অঞ্জ্+অলি] বি. অঞ্জলিরূপে প্রদত্ত ফুল, পুষ্পাঞ্জলি।

কুসুমায়ুধ /কুশুমায়ুধ্/ [স. কুসুম+আ+√যুধ্+অ] বি. পুষ্প যার অস্ত্র, মদনদেব।

কুসুমাসব /কুশুমাশব্/ [স. কুসুম+আ+√সু+অ] বি. ফুলের মধু।

কুসুমাসার/কুশুমাশার্/ [স. কুসুম+আ+√সৃ+অ] বি. বিশেষ উপলক্ষ্যে মান্য অতিথিকে পুষ্প বর্ষণ করে সংবর্ধনা জ্ঞাপন, পুষ্পবৃষ্টি।

কুসুমাস্তীর্ণ /কুশুমাস্‌তির্‌নো/ [স. কুসুম+আ+√স্তৃ+ত] বিণ. ফুলে ঢাকা, পুষ্পাবৃত।

কুসুমিত /কুশুমিতো/ [স. কুসুম+ইত] বিণ. পুষ্পিত, কুসুমযুক্ত।

কুসুমিতা /কুশুমিতা/ [স. কুসুমিত+আ (টাপ্)] বিণ. ১ পুষ্পিতা। ২ রজস্বলা।

কুসুমেষু /কুশুমেশু/ [স. কুসুম+ইষু] বি. মদনদেব।

কুসুম্ভ /কুশুম্‌ভো/ [স. √কুস্+উম্ভ] বি. দ্র কুসুম[২]।

কুসুম্ভরাগ /কুশুম্‌ভোরাগ্/ [স. কুসুম্ভ+√রন্জ্+অ] বি. কুসুম্ভফুলের লাল রং।

কুসুম্ভা /কুশুম্‌ভা/ [হি.] বি. ১ কুসুম ফুলের রং। ২ আফিম ও সিদ্ধিমিশ্রিত কুসুম রঙের পানীয়।

কুসুম্ভী/কুশুম্‌ভি/ [হি. কুসুম্ভা >] বিণ. কুসুমের রঙে রঞ্জিত, কুসুমের রং মিশ্রিত।

কুস্তি /কুস্‌তি/ [ফা.] বি. শক্তি পরীক্ষার জন্য মল্ল-যুদ্ধে প্রতিপক্ষকে ধরাশায়ী করার প্রতিযোগিতা।

কুস্তিগির /কুস্‌তিগির্/ [ফা.] বি. কুস্তিতে পারদর্শী ব্যক্তি, মল্ল, পালোয়ান।

কুস্তিবাজ /কুস্‌তিবাজ্/ [ফা.] বিণ. কুস্তিতে পটু।

কুস্থান /কুস্থান্/ [স. কু+√স্থা+অন] বি. খারাপ জায়গা, অযোগ্য স্থান, অস্থান।

www.pathagar.com

কুস্বপ্ন /কুশপ্নো/ [স. কু+√স্বপ্+ন] বি. ১ খারাপ স্বপ্ন, দুঃস্বপ্ন। ২ দুরাশা।

কুস্বভাব /কুশভাব/ [স. কু+স্বভাব] বি. মন্দ প্রকৃতি, অসচ্চরিত্র। বিণ. মন্দ প্রকৃতিবিশিষ্ট। স্ত্রী. কুস্বভাবা /কুশভাবা/।

কুহক /কুহক্/ [স. √কুহি+অক] বি. ১ মায়া, ভেলকি, ইন্দ্রজাল, magic। ২ ছলনা, প্রতারণা। ৩ সাপ-বিশেষ। ৪ অন্ধকার।

কুহকজাল /কুহক্জাল্/ [স. কুহক+√জল্+অ] বি. ইন্দ্রজাল, মোহিনীশক্তি; ফাঁদ।

কুহকী /কুহোকি/ [স. কুহক+ইন্] বিণ. মায়াবী, জাদুকর, ঐন্দ্রজালিক, magician। স্ত্রী. কুহকিনী /কুহোকিনি/।

কুহর /কুহর্/ [স. কুহ+√রা+অ] বি. ১ গর্ত; ছিদ্র; গহ্বর। ২ কণ্ঠস্বর।

কুহরন /কুহরন্/ [বা.] বি. ১ কূজন; কুহুধ্বনি। ২ কুহুধ্বনি উৎপাদন।

কুহরা /কুহরা/ [হি.] ক্রিবি. কুহুধ্বনি করা; মধুর স্বরে ডাকা, কুহুরব করা।

কুহরিত /কুহোরিতো/ [স. √কুহরি+ত] বিণ. ১ কূজিত; ধ্বনিত। ২ মুখরিত।

কুহা /কুহা/ [স. কূহা >] বি. দ্র কুহেলিকা।

কুহু /কুহু/ [স. √কুহি+উ] বি. ১ কোকিলের ডাক, কূজন। ২ অমাবস্যা।

কুহুকণ্ঠ /কুহুকন্ঠো/ [স. কুহু+√কণ্+ঠ] বি. এশিয়া ও ইউরোপে বিচরণ করে এবং বসন্তের আগমন ঘোষণা করে এমন কালচে ধূসর বর্ণের পরিযায়ী ও পরভৃত পাখি, কোকিল, পিক।

কুহুতান /কুহুতান্/ [স. কুহু+√তন্+অ] বি. কোকিলের কুহুরব।

কুহুমুখ /কুহুমুখ্/ [স. কুহু+মুখ] বি. কোকিল।

কুহুযামিনী /কুহুজামিনি/ [স. কুহু+যাম+ইন্+ঈ] বি. অমাবস্যার রাত, অমারজনি।

কুহুরব /কুহুরব্/ [স. কুহু+√রু+অব] বি. কোকিলের ডাক, কূজন।

কুহেলি /কুহেলি/ [স. কু+√হেড়্+ই] বি. দ্র কুহেলিকা।

কুহেলিকা /কুহেলিকা/ [স. কুহেলী+কন্+আ (টাপ্)] বি. ভূপৃষ্ঠের সন্নিকটে বাতাসে ভাসমান অপেক্ষাকৃত ঠান্ডা ধূলিকণা প্রভৃতি আর্দ্র বায়ুর সংস্পর্শে আসার ফলে সৃষ্ট জলকণার আবরণ যা দৃষ্টিসীমাকে বাধাগ্রস্ত করে, কুয়াশা, কুজ্ঝটিকা, নভোরজ, নীহার, fog।

কুহোর /কুহোর্/ [স. কুহূ >] বি. অন্ধকার।

কূচিকা /কুচিকা/ [স. কূচ+ইক+আ (টাপ্)] বি. ছোটো তুলি, তুলিকা।

কূজন /কুজন্/ [স. √কূজ্+অন] বি. ১ পাখির ডাক; কাকলি। ২ অব্যক্ত ধ্বনি।

কূজিত /কুজিতো/ [স. √কূজি+ত] বিণ. পাখির ডাকে মুখরিত, ধ্বনিত।

কূট /কূট্/ [স. √কূট্+অ] বিণ. ১ কুটিল; বক্র (*কূটবুদ্ধি*)। ২ জটিল (*কূটপ্রশ্ন*)। ৩ কপট; মিথ্যা (*কূটসাক্ষী*)। ৪ শঠ (*কূটচরিত্র*)। বি. ১ পর্বতশৃঙ্গ (*চিত্রকূট*)। ২ চূড়া (*কূটাগার*)। ৩ মৃগ প্রভৃতি পশু ধরার ফাঁদ (*কূটবন্ধ*)। ৪ স্তূপ (*অন্নকূট*)। ৫ বিরোধাভাস।

কূটকচাল /কূট্কচাল্/ [স. কূট+দেশি. কচাল] বি. ১ অন্তরায়, বাধাবিঘ্ন। ২ ঘোরপ্যাঁচ। ৩ বাজে তর্ক।

কূটকচালে /কূট্কচালে/ [বা.] বিণ. ১ জটিল। ২ কুটিল। ৩ বিঘ্নময়। ৪ কলহপ্রিয়, কূটতর্ককারী।

কূটকর্ম /কুটোকর্মো/ [স. কূট+কর্মন্] বি. জালিয়াতি, প্রতারণা, জুয়াচুরি; ছলনা।

কূটকৌশল /কুটোকৌশল্/ [স. কূট+কুশল+অ] বি. চতুর কৌশল, কারসাজি; চালাকি।

কূটজ /কুটজো/ [স. কূট+√জন্+অ] বিণ. ভারতীয় উপমহাদেশে জাত এবং শীতের শেষে ছোটো ছোটো থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার উপবৃত্তাকার পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ, কুরচি, গিরিমল্লিকা।

কূটজ কুসুম /কুটজো কুশুম্/ বি. কুরচি ফুল।

কূটতর্ক /কুটোতর্কো/ [স. কূট+√তর্ক্+অ] বি. কুতর্ক, বাজে তর্ক।

কূটতার্কিক /কুটতারকিক্/ [স. কূটতর্ক+ইক] বিণ. অন্যায় তর্ক করে এমন।

কূটনীতি /কুটনিতি/ [স. কূট+√নী+তি] বি. পররাষ্ট্রবিষয়ে কৌশলপূর্ণ নীতি।

কূটনীতিক /কুটনিতিক্/ [স. কূটনীতি+ইক] বিণ. কূটনীতিসংক্রান্ত।

কূটনীতিজ্ঞ /কুটনিতিগ্গো/ [স. কূটনীতি+√জ্ঞা+অ] বিণ. কূটনীতির বিষয়ে অভিজ্ঞ এমন।

কূটনৈতিক /কুটনোইতিক্/ [স. কূটনীতি+ইক] বিণ. পররাষ্ট্রবিষয়ে কৌশলপূর্ণ নীতিসংক্রান্ত।

কূটপ্রশ্ন /কুটোপ্রোস্নো/ [স. কূট+√প্রচ্ছ্+ন] বি. জটিল ও দুর্বোধ্য প্রশ্ন, কৌশলপূর্ণ প্রশ্ন।

কূটবন্ধ /কুট্বন্ধো/ [স. কূট+√বন্ধ্+ত] বি. জাল; ফাঁদ।

www.pathagar.com

কূটবুদ্ধি/কূটোবুদ্ধি/ [স. কূট+√বুধ্+তি] বি. ধূর্ততা।

কূটভাষী /কূটোভাশি/ [স. কূট+√ভাষ্+ইন্] বিণ. নিজ স্বার্থ রক্ষা করে বিচক্ষণতার সঙ্গে কথা বলে এমন।

কূটযন্ত্র /কূটোজন্ত্রো/ [স. কূট+√যন্ত্র্+অ] বি. ফাঁদ।

কূটযুদ্ধ /কূটোজুদ্ধো/ [স. কূট+√যুধ্+ত] বি. অন্যায় যুদ্ধ।

কূটযোদ্ধা /কূটোজোদ্ধা/ [স. কূট+√যুধ্+তৃ] বি. যে ব্যক্তি প্রতিদ্বন্দ্বীর অজ্ঞাতে কৌশলে যুদ্ধ করে।

কূটসাক্ষী /কূটোশাক্খি/ [স. কূট+সাক্ষাৎ+ইন্] বি. মিথ্যাসাক্ষী।

কূটস্থ /কূটস্থো/ [স. কূট+√স্থা+অ] বিণ. ১ অপরিবর্তনীয়। ২ গূঢ় (*কূটস্থ চৈতন্য*)। ৩ নির্বিকার। ৪ (দর্শন.) নিত্য।

কূটাগার /কূটাগার্/ [স. কূট+আগার] বি. ১ চিলে-কোঠা। ২ প্রহরীর প্রাকারের ওপরে নির্মিত ঘর।

কূটাভাস/কূটাভাশ্/ [স. কূট+আভাস] বি. বাক্যালংকারবিশেষ।

কূটার্থ /কূটারথো/ [স. কূট+অর্থ] বি. ১ জটিল অর্থ। ২ গূঢ় অর্থ। ৩ বিপরীত অর্থ।

কূপ /কূ:প্/ [স. √কূ+প] বি. ১ জল আহরণের জন্য খোঁড়া অগভীর জলাশয়বিশেষ, কুয়া, ইঁদারা। ২ খনিজ গ্যাস বা তেল আহরণের জন্য ভূপৃষ্ঠ বা সমুদ্রগর্ভে খোঁড়া গভীর নলকূপ। ৩ গর্ত, ছিদ্র (*লোমকূপ*)।

কূপদন্ড /কূপোদন্ডো/ [স. কূপ+√দন্ড্+অ] বি. জলযানের মাস্তুল।

কূপমন্ডূক /কূপোমোন্ডুক্/ [স. কূপ+মন্ডূক] বি. ১ কুয়ার ব্যাঙ। ২ (আল.) সংকীর্ণচেতা ব্যক্তি। বিণ. কুয়ার ব্যাঙের মতো সীমাবদ্ধ জ্ঞানবিশিষ্ট।

কূপমন্ডূকতা /কূপোমোন্ডুকতা/ [স. কূপমন্ডূক+তা] বি. কূপমন্ডূকের মতো আচরণ।

কূপমাণ্ডূক্য /কূপোমান্ডুক্কো/ [স. কূপমন্ডূক+য] বি. দ্র কূপমণ্ডূকতা।

কূপোদক /কূপোদক্/ [স. কূপ+উদক] বি. কুয়ার পানি, ইঁদারার জল।

কূর্চ/কুরচো/ [স. √কূচ্+চ] বি. ১ ভ্রু-যুগলের মধ্যবর্তী রোমরাজি। ২ পশুলোমের তুলি। ৩ তৃণগুচ্ছ।

কূর্চিকা /কুরচিকা/ [স. কূর্চ+ইক+আ (টাপ্)] বি. ১ তুলি। ২ মুকুল। ৩ তক্র, ঘোল। ৪ ঘন দুধ।

কূর্ম /কুরমো/ [স. কু+উর্মি] বি. ১ কঠিন খোলসে আবৃত অত্যন্ত ধীরগতিসম্পন্ন সরীসৃপজাতীয় জলচর ডিম্বজ প্রাণী যা প্রয়োজনবোধে মাথা ও পা খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে, কচ্ছপ, কাছিম। ২ বিষ্ণুর দ্বিতীয় অবতার।

কূর্মপুরাণ /কুরমোপুরান্/ [স. কূর্ম+পুরাণ] বি. অষ্টাদশ পুরাণের অন্যতম।

কূর্মাবতার /কুরমাবোতার্/ [স. কূর্ম+অবতার] বি. বিষ্ণুর দ্বিতীয় অবতার; কচ্ছপ।

কূল /কুল্/ [স. √কূল্+অ] বি. ১ তীর, কিনারা (*নদীর কূল*)। ২ আশ্রয় (*অকূলের কূল*)। ৩ সীমা, অন্ত, অবধি (*দুঃখের কূল নাই*)।

কূল করা /কুল্ করা/ ক্রিবি. গতি করা।

কূলকিনারা /কুল্কিনারা/ [স. কূল+ফা. কিনারা] বি. প্রতিকার, গতি, মুক্তির উপায়।

কূলঙ্কষ /কুলোংকোষ/ [স. কূল+√কষ্+অ] বি. যে নদ বা নদী তীরভূমিকে বিধ্বস্ত ও প্লাবিত করে।

কূলঙ্কষা /কুলোংকষা/ [স. কূলঙ্কষ+আ (টাপ্)] বি. দ্র কূলঙ্কষ।

কূলছাড়া /কুল্ছাড়া/ [বা.] বিণ. দিশাহারা, নিরুপায়।

কূলপ্লাবী /কুলোপ্লাবি/ [স. কূল+√প্লু+ণিচ্+ইন্] বিণ. তীরভূমিকে প্লাবিত করে এমন।

কূলবর্তী /কুলোবোর্তি/ [স. কূল+√বৃত্+ইন্] বিণ. তীরে আছে এমন, তীরবর্তী।

কূলহারা /কুল্হারা/ [স. কূল+বা. হারা] বিণ. দিশাহারা।

কৃকলাস /কৃকোলাশ্/ [স. কৃক+√লাসি+অ] বি. আত্মগোপনের জন্য দেহের রং পালটে পরিবেশের সঙ্গে মিশে যেতে পারে এমন সরীসৃপজাতীয় প্রাণী, গিরগিটি, chameleon।

কৃচ্ছ্র /কৃচ্ছ্রো/ [স. √কৃচ্ছ্র্+অ] বি. ১ কষ্টসাধ্য ব্রত। ২ শারীরিক ক্লেশ। বিণ. কষ্টসাধ্য (*কৃচ্ছ্রব্রত*)।

কৃচ্ছ্রতাপ /কৃচ্ছ্রোতাপ্/ [স. কৃচ্ছ্র+√তপ্+অ] বি. অত্যন্ত কষ্টসাধ্য ব্রত বা সাধনা।

কৃচ্ছ্রসাধন /কৃচ্ছ্রোশাধোন্/ [স. কৃচ্ছ্র+√সাধ্+অন] বি. দ্র কৃচ্ছ্রসাধনা।

কৃচ্ছ্রসাধনা /কৃচ্ছ্রোশাধোনা/ [স. কৃচ্ছ্র+√সাধি+অন+আ (টাপ্)] বি. ক্লেশকর সাধনা।

কৃচ্ছ্রসাধ্য /কৃচ্ছ্রোশাদ্ধো/ [স. কৃচ্ছ্র+√সাধ্+য] বিণ. ক্লেশকর, কষ্টসাধ্য।

কৃত /কৃতো/ [স. √কৃ+ত] বিণ. ১ রচিত (*নজরুলকৃত অগ্নিবীণা*)। ২ সম্পাদিত (*সুকৃত কর্ম*)। ৩ লব্ধ; সুশিক্ষিত (*কৃতবিদ্য*)। ৪ নির্মিত, গঠিত (*শেরশাহ-কৃত ডাকব্যবস্থা*)। ৫ গৃহীত (*কৃতদার*)। ৬ নিযুক্ত, নির্ধারিত (*কৃতকর্তব্য*)। ৭ পূর্ণ, সফল

www.pathagar.com

(*কৃতকার্য*)। বি. পুরাণে কল্পিত সৃষ্টির আদি যুগ, সত্যযুগ।

কৃতঋণ /কৃতোরিন্ / [স. কৃত+√ঋ+ত] বিণ. অন্য ভাষা থেকে ধার করা হয়েছে এমন (*কৃতঋণ শব্দ*)।

কৃতক /কৃতক্/ [স. √কৃত্+ক (স্বার্থে)] বিণ. ১ কল্পিত। ২ দত্তক (*কৃতকপুত্র*)। ৩ কৃত্রিম।

কৃতকপুত্র /কৃতকপুত্রো/ [স. কৃতক+পুৎ+√ত্রৈ+অ] বি. পিতামাতা ভিন্ন অন্যের দ্বারা পালিত পুত্র।

কৃতকর্ম /কৃতোকর্মো/ [স. কৃত+কর্মন্] বি. যে কাজ করা হয়েছে (*কৃতকর্মের ফল*)।

কৃতকর্মা /কৃতোকর্মা/ [স. কৃত+কর্মন্] বিণ. কৃতী, নিপুণ কর্মকারী, কর্মপটু, কর্মদক্ষ।

কৃতকাম /কৃতোকাম্/ [স. কৃত+√কম্+অ] বিণ. সিদ্ধকাম, কৃতার্থ।

কৃতকার্য /কৃতোকার্জো/ [স. কৃত+√কৃ+য] বিণ. সফল হয়েছে এমন, সফলকাম। বি. ~তা /-তা/।

কৃতকৃত্য /কৃতোকৃত্তো/ [স. কৃত+√কৃ+য] বিণ. ১ কৃতকার্য, সফলকাম, চরিতার্থ। ২ কৃতবিদ্য।

কৃতঘ্ন /কৃতঘ্নো / [স. কৃত+√হন্+অ] বিণ. উপকারীর অপকার করে এমন।

কৃতঘ্নতা /কৃতঘ্নোতা/ [স. কৃতঘ্ন+তা] বি. উপকারীর অপকার করার প্রবণতা।

কৃতজ্ঞ /কৃতগ্গোঁ/ [স. কৃত+√জ্ঞা+অ] বিণ. উপকারীর উপকার বা ঋণ স্বীকার করে এমন। বি. ~তা /-তা/।

কৃতজ্ঞচিত্ত /কৃতগ্গোঁচিত্তো/ [স. কৃতজ্ঞ+√চিৎ+ত] বিণ. কৃতজ্ঞতাবোধসম্পন্ন।

কৃতজ্ঞহৃদয় /কৃতগ্গোঁhiদয়/ [স. কৃতজ্ঞ+√হৃ+অয়] বিণ. দ্র কৃতজ্ঞচিত্ত।

কৃততীর্থ /কৃততিত্থো/ [স. কৃত+√তৃ+থ] বিণ. তীর্থ দর্শন ও আনুষঙ্গিক আচার অনুষ্ঠান পালন করেছে এমন।

কৃতদার /কৃতোদার্ / [স. কৃত+√দারি+অ] বিণ. পাণিগ্রহণ করেছে এমন, বিবাহিত।

কৃতদাস /কৃতোদাশ্/ [স. কৃত+√দাস্+অ] বি. ঋণ পরিশোধে অক্ষমতাহেতু নির্দিষ্ট সময় পর্যন্ত দাসত্বে আবদ্ধ ব্যক্তি। স্ত্রী. কৃতদাসী /কৃতোদাশি/। তুল. ক্রীতদাস (পৃ ৩৪৬)।

কৃতধী /কৃতোধি/ [স. কৃত+√ধ্যে+ক্বিপ্] বিণ. স্থির-চিত্ত, বিচারবুদ্ধিসম্পন্ন।

কৃতনিশ্চয় /কৃতোনিশ্চয়্/ [স. কৃত+নির্+√চি+অ] বিণ. দৃঢ়প্রতিজ্ঞ, স্থিরসংকল্প। বি. কৃতনিশ্চয়তা /কৃতোনিশ্চয়োতা/।

কৃতপূর্ব /কৃতোপুর্বো / [স. কৃত+√পূর্+অ] বিণ. পূর্বে করা হয়েছে এমন।

কৃতপ্রতিজ্ঞ /কৃতোপ্রোতিগ্গোঁ/ [স. কৃত+প্রতি+√জ্ঞা +অ] বিণ. প্রতিজ্ঞা করেছে এমন, প্রতিজ্ঞাবদ্ধ।

কৃতবিদ্য /কৃতোবিদ্দো / [স. কৃত+√বিদ্যা] বিণ. বিদ্বান, পণ্ডিত।

কৃতবুদ্ধি /কৃতোবুদ্ধি/ [স. কৃত+√বুধ্+তি] বিণ. স্থিরচিত্ত; বিজ্ঞ; মার্জিতবুদ্ধি।

কৃতযুগ /কৃতোজুগ্/ [স. কৃত+√যুজ্+অ] বি. পুরাণে কল্পিত সৃষ্টির আদিযুগ, সত্যযুগ।

কৃতশ্রম /কৃতোস্শ্রোম্/ [স. কৃত+√শ্রম্+অ] বিণ. পরিশ্রমদ্বারা কোনো বিষয়ে জ্ঞান অর্জন করেছে এমন।

কৃতসংকল্প /কৃতোশংকল্পো/ [স. কৃত+সম্+√কল্প +অ] বিণ. প্রতিজ্ঞা করেছে এমন, স্থিরসংকল্প।

কৃতাঞ্জলি /কৃতান্জোলি/ [স. কৃত+√অঞ্জ্+অলি] বিণ. হাত জোড় করে আছে এমন, বদ্ধাঞ্জলি।

কৃতাত্মা /কৃতাত্তা/ [স. কৃত+আত্মন্] বিণ. শুদ্ধ-চিত্ত।

কৃতান্ত /কৃতান্তো/ [স. কৃত+√অম্+ত] বি. যম, মৃত্যুদূত, আজরাইল। বিণ. সম্পাদিত।

কৃতান্তদলনী /কৃতান্তোদলোনি / [স. কৃতান্ত+দলন +ঈ] বি. কালিকাদেবী।

কৃতাপরাধ /কৃতাপোরাধ্/ [স. কৃত+অপরাধ] বিণ. দোষ করেছে এমন, অপরাধী।

কৃতাভিষেক /কৃতাভিশেক্/ [স. কৃত+অভিষেক] বিণ. সিংহাসনে আরোহণের আনুষ্ঠানিক ক্রিয়াকর্ম সম্পন্ন হয়েছে এমন, অভিষিক্ত।

কৃতার্থ /কৃতারথো / [স. কৃত+অর্থ] বিণ. সফলকাম, সিদ্ধকাম, চরিতার্থ; ধন্য।

কৃতার্থম্মন্য /কৃতারথোম্মোন্নো / [স. কৃতার্থ+√মন্ +য] বিণ. নিজেকে কৃতার্থ বলে মনে করে এমন। বি. ~তা /-তা/।

কৃতাস্ত্র /কৃতাস্ত্রো/ [স. কৃত+√অস্+ত্র] বিণ. অস্ত্রচালনা করতে পারে এমন, অস্ত্রসিদ্ধ।

কৃতাহ্নিক /কৃতানhiক্ / [স. কৃত+অহন্+ইক] বিণ. (সন্ধ্যাবন্দনাদি) নিত্যকর্ম সম্পাদন করেছে এমন।

কৃতি /কৃতি/ [স. √কৃ+তি] বি. ১ সম্পাদিত কর্ম। ২ নির্মাণ। ৩ নির্মিত বস্তু। ৪ যত্ন, চেষ্টা, সাধনা।

কৃতিত্ব /কৃতিত্তো/ [স. কৃতিন্+ত্ব] বি. কার্যদক্ষতা, নিপুণতা।

www.pathagar.com

কৃতিস্বত্ব /কৃতিশত্তো/ [স. কৃতি+স্বত্ব] বি. ১ কোনো পণ্যের উদ্ভাবক ভিন্ন অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক ওই পণ্যদ্রব্য উৎপাদন ও বিপণনে আইনগত নিষেধাজ্ঞা, patent। ২ শিল্প সাহিত্য প্রভৃতির মুদ্রণ পুনর্মুদ্রণ ধারণ বা চিত্রায়ণে লেখক গায়ক বা শিল্পীর একচেটিয়া অধিকার, স্বত্ব, copyright।

কৃতী /কৃতি/ [স. কৃত+ইন্] বিণ. ১ কার্যে সফলতা লাভ করেছে এমন। ২ কৃতকার্য। ৩ নিপুণ, কর্মকুশল। ৪ পন্ডিত।

কৃতোদ্বাহ /কৃতোদ্‌বাহো/ [স. কৃত+উৎ+√বহ্+অ] বিণ. বিবাহিত, পরিণীত।

কৃতোপকার /কৃতোপোকার্/ [স. কৃত+উপকার] বিণ. ১ উপকার করেছে এমন। ২ উপকৃত।

–কৃৎ /কৃত্/ [স. √কৃ+ক্বিপ্] বি. ১ যে করে, কর্তা (*পথিকৃৎ*)। ২ (ব্যা.) ধাতুর পূর্বে বা পরে যে প্রত্যয় যুক্ত হয়।

কৃৎকৌশল /কৃত্‌কৌঁশল্/ [স. কৃৎ+কুশল+অ] বি. কাজের পদ্ধতি, কর্মকৌশল।

কৃৎস্ন /কৃত্‌স্নো/ [স. √কৃৎ+স্ন] বিণ. সমুদয়।

কৃত্ত /কৃত্তো/ [স. √কৃৎ+ত] বিণ. খন্ডিত, কর্তিত।

কৃত্তি /কৃত্তি/ [স. √কৃৎ+তি] বি. ১ পশুর চামড়া (*কৃত্তিবাস*)। ২ ত্বক।

কৃত্তিক /কৃত্তিক্/ [স. √কৃৎ+তিক] বি. ওপরের চামড়া, ছাল, বহিস্ত্বক, cuticle।

কৃত্তিকা /কৃত্তিকা/ [স. √কৃৎ+তিক+আ (টাপ্)] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের তৃতীয় নক্ষত্র। ২ দেবসেনাপতি কার্তিকেয়র পালয়িত্রী ধাত্রী।

কৃত্তিকাসুত /কৃত্তিকাশুতো/ [স. কৃত্তিকা+সুত] বি. কার্তিক, কার্তিকেয়।

কৃত্তিবাস /কৃত্তিবাশ্/ [স. কৃত্তি+√বস্+অ] বি. ১ (বাঘের ছাল পরিধান করেন বলে) মহাদেব, শিব। ২ রামায়ণের বাংলা অনুবাদক।

কৃত্তিবাসি /কৃত্তিবাশি/ [দেশি.] বিণ. কৃত্তিবাস ওঝাপ্রণীত (*কৃত্তিবাসি রামায়ণ*)।

কৃত্য /কৃত্তো/ [স. √কৃ+য] বিণ. করতে হবে বা করা উচিত এমন, করণীয়, কর্তব্য। বি. ৫টি কৃৎপ্রত্যয় (তব্য অনীয় ক্যপ ঘ্যণ য)।

কৃত্যক /কৃত্তক্/ [স. কৃত্য+ক (স্বার্থে)] বি. পেশা-ভিত্তিক সরকারি চাকরির শাখা (*তথ্যকৃত্যক*), cadre।

কৃত্যা /কৃত্তা/ [স. কৃত্য+আ (টাপ্)] বি. ১ ছলনা; কারসাজি; তুকতাক, অভিচার। ২ ক্রিয়া, কার্য।

কৃত্যাকৃত্য /কৃত্তাকৃত্তো/ [স. কৃত্যা+√কৃ+য] বি. কর্তব্য-অকর্তব্য, কাজ ও অকাজ।

কৃত্রিম /কৃত্তিম্/ [স. √কৃ+ত্রিম] বিণ. ১ প্রকৃত নয় এমন; নকল (*কৃত্রিম রেশম*)। ৩ মেকি। ৪ কপট (*কৃত্রিম ভালোবাসা*)। বি. কৃত্রিমতা /কৃত্তিমতা/।

কৃত্রিম উপগ্রহ /কৃত্তিম্ উপোগ্‌গ্রোহো/ বি. ভূপৃষ্ঠ থেকে উৎক্ষিপ্ত মহাকাশে প্রদক্ষিণরত উপগ্রহ; (পরি.) artificial satellite।

কৃত্রিম রাশি /কৃত্তিম্ রাশি/ বি. যে রাশি মৌলিক নয়, দুটি কাল্পনিক রাশির গুণনদ্বারা উৎপন্ন রাশি ($\sqrt{-১}$), *i*, imaginary number।

কৃদন্ত /কৃদন্তো/ [স. কৃৎ+√অম্+ত] বি. (ব্যা.) যে সকল শব্দ কৃৎ প্রত্যয়দ্বারা সাধিত হয়েছে, কৃৎ প্রত্যয়ান্ত শব্দ।

কৃন্তন /কৃন্তন্/ [স. √কৃৎ+অন] বি. ১ ছেদন। ২ আঙুল দিয়ে টেনে তারযন্ত্র বাজানোর প্রক্রিয়া।

কৃপ /কৃপো/ [স. √কৃপ্+অ] বি. মহাভারতে বর্ণিত চিরজীবী বলে কল্পিত কুরুপাণ্ডবদের অস্ত্রগুরু।

কৃপণ /কৃপন্/ [স. √কৃপ্+অন] বিণ. ১ অত্যন্ত ব্যয়কুণ্ঠ। ২ অনুদার। স্ত্রী. কৃপণা /কৃপনা/।

কৃপণতা /কৃপনতা/ [স. কৃপণ+তা] বি. ব্যয়কুণ্ঠতা, অনুদারতা, কঞ্জুসি।

কৃপা /কৃপা/ [স. √কৃপ্+অ+আ (টাপ্)] বি. ১ করুণা, অনুগ্রহ (*কৃপাসিন্ধু*)। ২ অনুকম্পা (*কৃপার পাত্র*)। ৩ প্রসন্নতা।

কৃপাকটাক্ষ /কৃপাকটাক্‌খো/ [স. কৃপা+কটাক্ষ] বি. সদয় বা করুণাপূর্ণ দৃষ্টি।

কৃপাণ /কৃপান্/ [স. √কৃপ্+আন] বি. অসি, খড়্গ।

কৃপাণপাণি /কৃপান্‌পানি/ [স. কৃপাণ+√পণ্+ই] বিণ. খড়্গহস্ত, অসিধারী।

কৃপাদৃষ্টি /কৃপাদৃশ্‌টি/ [স. কৃপা+√দৃশ্+তি] বি. সদয় বা করুণাপূর্ণ দৃষ্টি, অনুগ্রহ।

কৃপাধন্য /কৃপাধোন্‌নো/ [স. কৃপাধন+য] বিণ. কৃপাপ্রাপ্ত।

কৃপানেত্র /কৃপানেত্‌ত্রো/ [স. কৃপা+√নী+ত্র] বি. দ্র কৃপাদৃষ্টি।

কৃপাপাত্র /কৃপাপাত্‌ত্রো/ [স. কৃপা+√পা+ত্র] বিণ. করুণাভাজন। বি. অনুগ্রহ লাভের উপযুক্ত ব্যক্তি।

কৃপাবলোকন /কৃপাবোলোকন্/ [স. কৃপা+

www.pathagar.com

অবলোকন] বি. কৃপাদৃষ্টি, করুণাদৃষ্টি।

কৃপাবর্ষণ /কৃপাবর্‌শোন্‌/ [স. কৃপা+√বৃষ্‌+অন] বি. করুণা প্রদর্শন।

কৃপাবান /কৃপাবান্‌/ [স. কৃপা+বৎ] বিণ. করুণাময়।

কৃপাবিন্দু /কৃপাবিনদু/ [স. কৃপা+√বিন্দ্‌+উ] বি. সামান্য কৃপা, করুণা।

কৃপাময় /কৃপাময়্‌/ [স. কৃপা+ময়ট্‌] বিণ. দয়াময়।

কৃপালু /কৃপালু/ [স. কৃপা+√লা+উ] বিণ. দ্র কৃপাবান।

কৃপাসিন্ধু /কৃপাশিনধু/ [স. কৃপা+√স্যন্দ্‌+উ] বি. দয়ার সাগর। বিণ. অসীম দয়াময়।

কৃপীট /কৃপিট্‌/ [স. √কৃপ্‌+ণিচ্‌+অট] বি. কাঠ।

কৃপীটযোনি /কৃপিট্‌জোনি/ [স. কৃপীট+যোনি] বি. আগুন, অনল।

কৃমি/কৃমি/ [স. √ক্রম্‌+ই] বি. মানুষ-সহ জীবদেহের অন্ত্রে পরজীবীরূপে বাস করে এমন সরু লম্বাটে আর্দ্র নরম দেহবিশিষ্ট অমেরুদণ্ডী কীট, worm।

কৃমিঘ্ন /কৃমিঘ্‌নো/ [স. কৃমি+√হন্‌+অ] বিণ. কৃমি-নাশ করে এমন (ওষুধ)।

কৃমিজ /কৃমিজো/ [স. কৃমি+√জন্‌+অ] বিণ. কৃমি থেকে উৎপন্ন, কৃমিজাত। বি. লাক্ষা।

কৃমিনাশক /কৃমিনাশক্‌/ [স. কৃমি+√নাশি+অক] বিণ. দ্র কৃমিঘ্ন।

কৃমিল /কৃমিলো/ [স. কৃমি+√লা+অ] বিণ. কৃমিপূর্ণ।

কৃশ /কৃশো/ [স. √কৃশ্‌+ত] বিণ. ১ রোগা, শীর্ণ, ক্ষীণ। ২ দুর্বল, কাহিল। বি. ~তা /-তা/।

কৃশকায় /কৃশোকায়্‌/ [স. কৃশ+√চি+অ] বিণ. ক্ষীণকায়, শীর্ণ, রোগা।

কৃশর /কৃশর্‌/ [স. কৃশ+√রা+অ] বি. চালের সঙ্গে ডাল ও মসলাসহযোগে রাঁধা অন্ন, খিচুড়ি।

কৃশরান্ন /কৃশরান্‌নো/ [স. কৃশর+√অন্‌+ন] বি. দ্র কৃশর।

কৃশলা /কৃশলা/ [স. কৃশ+√লা+অ+আ (টাপ্‌)] বি. কেশ, চুল।

কৃশাঙ্গ /কৃশাংগো/ [স. কৃশ+অঙ্গ] বিণ. ১ ক্ষীণ-কায়, কৃশকায়। ২ দুর্বল দেহবিশিষ্ট। স্ত্রী. কৃশাঙ্গী /কৃশাংগি/।

কৃশানু /কৃশানু/ [স. √কৃশ্‌+আনু] বি. আগুন, অনল।

কৃশোদর /কৃশোদর্‌/ [স. কৃশ+উদর] বিণ. ক্ষীণোদর, ক্ষীণ কটিবিশিষ্ট। স্ত্রী. কৃশোদরী /কৃশোদোরি/।

কৃষক /কৃশক্‌/ [স. √কৃষ্‌+অক] বি. ভূমিকর্ষণ ও কৃষিকর্ম যার পেশা, চাষি।

কৃষান /কৃশান্‌/ [বা.] বি. কৃষক, চাষি।

কৃষানি[১] /কৃশানি/ [বা.] বি. 'কৃষান'-এর স্ত্রীলিঙ্গ।

কৃষানি[২] /কৃশানি/ [বা.] বি. ১ চাষাবাদ, কৃষিকর্ম। ২ কৃষিকর্মের মজুরি।

কৃষি /কৃশি/ [স. √কৃষ্‌+ই] বি. চাষাবাদ।

কৃষিঋণ /কৃশিরিন্‌/ [স. কৃষি+√ঋ+ত] বি. কৃষি-কর্মের জন্য প্রদত্ত সরকারি ঋণ।

কৃষিকর্ম /কৃশিকর্‌মো/ [স. কৃষি+কর্মন্‌] বি. কৃষকের কাজ, চাষাবাদ।

কৃষিকাজ /কৃশিকাজ্‌/ [স. কৃষি+বা. কাজ] বি. দ্র কৃষিকর্ম।

কৃষিকার্য /কৃশিকার্‌জো/ [স. কৃষি+√কৃ+য] বি. দ্র কৃষিকর্ম।

কৃষিজ /কৃশিজো/ [স. কৃষি+√জন্‌+অ] বিণ. দ্র কৃষিজাত।

কৃষিজাত /কৃশিজাতো/ [স. কৃষি+√জন্‌+ত] বিণ. কৃষি থেকে উৎপন্ন।

কৃষিজীবী /কৃশিজিবি/ [স. কৃষি+√জীব্‌+ইন্‌] বিণ. চাষাবাদ করে জীবিকা নির্বাহ করে এমন।

কৃষিপণ্য /কৃশিপোন্‌নো/ [স. কৃষি+√পণ্‌+য] বি. কৃষিজাত পণ্যদ্রব্য।

কৃষিপ্রধান /কৃশিপ্রোধান্‌/ [স. কৃষি+প্রধান] বিণ. (যে অঞ্চল বা দেশ) প্রধানত কৃষিনির্ভর।

কৃষিবিজ্ঞান /কৃশিবিগ্‌গ্যান্‌/ [স. কৃষি+বিজ্ঞান] বি. কৃষিসম্বন্ধীয় বিজ্ঞান।

কৃষীবল /কৃশিবল্‌/ [স. কৃষি+বল] বি. চাষি, কৃষক।

কৃষ্ট /কৃশ্‌টো/ [স. √কৃষ্‌+ত] বিণ. ১ কর্ষণ করা হয়েছে এমন, কর্ষিত। ২ আকৃষ্ট।

কৃষ্টি /কৃশ্‌টি/ [স. √কৃষ্‌+তি] বি. ১ হালচাষ, কর্ষণ, কৃষিকর্ম। ২ (বাংলায়) সংস্কৃতি।

কৃষ্ণ /কৃশ্‌নো/ [স. √কৃষ্‌+ন] বি. বাসুদেবের ঔরসে দেবকীর গর্ভে জাত অষ্টম সন্তান এবং বিষ্ণুর অষ্টম অবতার, অর্জুনের সারথি, শ্যাম, কানাই। বিণ. ১ কালো, কৃষ্ণবর্ণ, অসিত। ২ নীলবর্ণ। ৩ তমসাচ্ছন্ন, অন্ধকারময় (*কৃষ্ণরাত্রি*)।

কৃষ্ণকণ্ঠ /কৃশ্‌নোকন্‌ঠো/ [স. কৃষ্ণ+√কণ্‌+ঠ] বি. নীলকণ্ঠ, শিব, মহাদেব।

কৃষ্ণকথা /কৃশ্‌নোকথা/ [স. কৃষ্ণ+√কথ্‌+অ+আ (টাপ্‌)] বি. কৃষ্ণলীলার আখ্যান।

কৃষ্ণকলি /কৃশ্‌নোকোলি/ [স. কৃষ্ণ+√কল্‌+ই] বি. ক্রান্তীয় অঞ্চলে প্রায় সারাবছর সন্ধ্যায় ফোটে

www.pathagar.com

এমন নীল বেগুনি হলুদ প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ, সন্ধ্যামণি, সন্ধ্যামালতী।

কৃষ্ণকায় /কৃশ্নোকায়্/ [স. কৃষ্ণ+√চি+অ] বিণ. কৃষ্ণবর্ণ দেহবিশিষ্ট।

কৃষ্ণকীর্তন /কৃশ্নোকির্তন্/ [স. কৃষ্ণ+√কীর্তি+অন] বি. ১ শ্রীকৃষ্ণের নামকীর্তন, রাধাকৃষ্ণের লীলাবিষয়ক গান। ২ বড়ুচণ্ডীদাস রচিত কৃষ্ণের লীলাবিষয়ক কাব্য।

কৃষ্ণগতি /কৃশ্নোগোতি/ [স. কৃষ্ণ+√গম্+তি] বি. অগ্নি।

কৃষ্ণগহ্বর /কৃশ্নোগওভর্/ [স. কৃষ্ণ+√গাহ্+বর] বি. তীব্র মহাকর্ষবলের প্রভাবে চুপসে যাওয়া জ্যোতিষ্কবিশেষ (যার কাছাকাছি কোনো জড়বস্তু আলোককণা প্রভৃতি আসামাত্র ওই নক্ষত্র তা গ্রাস করে নেয় অর্থাৎ ওই জ্যোতিষ্ক থেকে কিছুই বেরিয়ে আসতে পারে না), black hole।

কৃষ্ণচন্দন /কৃশ্নোচন্দন্/ [স. কৃষ্ণ+√চন্দি+অন] বি. হরিচন্দন, পীতচন্দন।

কৃষ্ণচূড়া /কৃশ্নোচূড়া/ [স. কৃষ্ণ+√চূড়্+অ+আ (টাপ্)] বি. ভারতীয় উপমহাদেশে বসন্তকালে ফোটে এমন লাল হলুদ প্রভৃতি রঙের ফুল বা তার দ্বিপক্ষল যৌগিক পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির শিম্বগোত্রীয় পত্রমোচী উদ্ভিদ (আনি. মাদাগাস্কার), গুলমোহর।

কৃষ্ণতিথি /কৃশ্নোতিথি/ [স. কৃষ্ণ+√অৎ+ইথি] বি. কৃষ্ণপক্ষের প্রতিপদ থেকে অমাবস্যা পর্যন্ত যে কোনো তিথি; কৃষ্ণপক্ষে চন্দ্রকলার হ্রাসদ্বারা নিরূপিত কাল।

কৃষ্ণদ্বৈপায়ন /কৃশ্নোদ্দোইপায়োন্/ [স. কৃষ্ণ+দ্বীপায়ন+অ] বি. দ্বীপে জাত বলে পরাশর ও সত্যবতীর পুত্র।

কৃষ্ণপক্ষ /কৃশ্নোপোক্খো/ [স. কৃষ্ণ+√পক্ষ্+অ] বি. চান্দ্রমাসের যে পক্ষে চন্দ্রের ক্ষয় হয়।

কৃষ্ণপতাকা /কৃশ্নোপতাকা/ [স. কৃষ্ণ+পতাকা] বি. ১ শোক প্রকাশের জন্য উত্তোলিত কালো পতাকা। ২ বিক্ষোভ প্রকাশের উদ্দেশ্যে প্রদর্শিত কালো পতাকা।

কৃষ্ণপ্রাপ্তি /কৃশ্নোপ্রাপ্তি/ [স. কৃষ্ণ+প্র+√আপ্+তি] বি. মৃত্যু।

কৃষ্ণবর্ণ /কৃশ্নোবরনো/ [স. কৃষ্ণ+√বর্ণ্+অ] বি. কালো রং। বিণ. কালো রঙের।

কৃষ্ণবর্ত্মা /কৃশ্নোবর্তা/ [স. কৃষ্ণ+√বৃৎ+মন+আ (টাপ্)] বি. ১ অগ্নি। ২ রাহু।

কৃষ্ণভক্ত /কৃশ্নোভক্তো/ [স. কৃষ্ণ+√ভজ্+ত] বিণ. কৃষ্ণের অনুরাগী।

কৃষ্ণযাত্রা /কৃশ্নোজাত্রা/ [স. কৃষ্ণ+√যা+ত্র+আ (টাপ্)] বি. শ্রীকৃষ্ণের জীবনী অবলম্বনে রচিত যাত্রাপালা।

কৃষ্ণসর্প /কৃশ্নোশরপো/ [স. কৃষ্ণ+√সৃপ্+অ] বি. কালোসাপ, কালকেউটে, কেউটে।

কৃষ্ণসার /কৃশ্নোশার/ [স. কৃষ্ণ+√সৃ+অ] বি. আফ্রিকা ও এশিয়ার তৃণভূমিতে বিচরণ করে এমন ছিপছিপে দেহ লম্বা পা ও পেছনদিকে বাঁকানো শিংবিশিষ্ট (সচরাচর পুরুষকুলের) ক্ষিপ্র গতিসম্পন্ন হরিণজাতীয় সুদর্শন প্রাণী, রুরু, antelope।

কৃষ্ণসারথি /কৃশ্নোশারোথি/ [স. কৃষ্ণ+সারথি] বি. কৃষ্ণ যার রথের সারথি, অর্জুন।

কৃষ্ণসীস /কৃশ্নোশিশ্/ [স. কৃষ্ণ+সীস] বি. পরমাণু চুল্লিতে নিউক্লীয় কণার গতিরোধকরূপে (moderator) ব্যবহৃত কোমল কার্বনবিশেষ; পেন্সিলের সীসরূপে ব্যবহৃত কালো রঙের যৌলিক খনিজ পদার্থবিশেষ, কার্বনের রূপভেদ (allotrope), graphite।

কৃষ্ণা /কৃশ্না/ [স. কৃষ্ণ+আ (টাপ্)] বিণ. কৃষ্ণবর্ণা। বি. ১ দক্ষিণ ভারতের নদীবিশেষ। ২ পঞ্চালরাজ-কন্যা দ্রৌপদী।

কৃষ্ণাগুরু /কৃশ্নাগুরু/ [স. কৃষ্ণ+অগুরু] বি. কৃষ্ণ-চন্দন, কালো অগুরু।

কৃষ্ণাঙ্গ /কৃশ্নাংগো/ [স. কৃষ্ণ+অঙ্গ] বি. নিগ্রয়েড জাতির বৈশিষ্ট্যযুক্ত ব্যক্তি, কৃষ্ণকায় ব্যক্তি। স্ত্রী. কৃষ্ণাঙ্গী /কৃশ্নাংগি/।

কৃষ্ণাজিন /কৃশ্নাজিন্/ [স. কৃষ্ণ+√অজ্+ইন্] বি. কৃষ্ণসার হরিণের চামড়া।

কৃষ্ণাভ /কৃশ্নাভো/ [স. কৃষ্ণ+আভা] বিণ. কালো আভাযুক্ত, ঈষৎ কৃষ্ণবর্ণ, কালচে।

কৃষ্ণাষ্টমী /কৃশ্নাশ্টোমি/ [স. কৃষ্ণ+অষ্টমী] বি. ভাদ্রমাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি, শ্রীকৃষ্ণের জন্মতিথি, জন্মাষ্টমী।

কৃষ্য /কৃশ্যো/ [স. √কৃষ্+য] বিণ. চাষের উপযোগী, কৃষিকাজের যোগ্য।

কে[১] /কে/ [স. কিম্ >] সর্ব. ১ কোন ব্যক্তি (*তিনি কে?*)। ২ অনির্দিষ্ট কোনো ব্যক্তি (*কে বা কারা*)।

www.pathagar.com

৩ কোনো সম্বন্ধযুক্ত ব্যক্তি (*সে তোমার কে?*)।

-কে[২] /কে/ বাংলায় দ্বিতীয়া বিভক্তির চিহ্ন (*তাকে, তোমাকে, তাহাকে*)।

কেউ /কেউ/ [বা.] সর্ব. ১ কেহ, কোনো ব্যক্তি (*আলের ধারে দাঁড়িয়ে ছিলেম একা, /মাঠের মাঝে আর ছিল না কেউ।* রবীন্দ্র.)। ২ সম্বন্ধসূত্রে আত্মীয় বা এমন কোনো ব্যক্তি (*সে আমার কেউ নয়*)।

কেউ কেউ /কেউ কেউ/ সর্ব. কোনো কোনো ব্যক্তি।

কেউকেটা /কেউকেটা/ [বা.] বিণ. তুচ্ছ, নগণ্য। বি. ১ তুচ্ছতাচ্ছিল্য করার মতো ব্যক্তি। ২ (ব্য.) পদস্থ বা গণ্যমান্য ব্যক্তি।

কেউটিয়া /কেউটিআ/ [দেশি.] বি. দ্র কেউটে।

কেউটে /কেউটে/ [দেশি.] বি. ফণাযুক্ত কালো রঙের তীব্র বিষধর সাপবিশেষ, কালসাপ।

কেউ না কেউ /কেউ না কেউ/ সর্ব. অনির্দিষ্ট কোনো একজন, কোনো না কোনো ব্যক্তি।

কেউবা /কেউবা/ [বা.] সর্ব. অনির্দিষ্ট কোনো ব্যক্তি।

কেওট /ক্যাওট/ [স. কৈবর্ত >] বি. ধীবরজাতি।

কেওড়া /ক্যাওড়া/ [স. কেতকী >] বি. ১ ভারতীয় উপমহাদেশে সমুদ্র উপকূলীয় অঞ্চলে বর্ষায় ফোটে এমন সুগন্ধ সাদা ফুল ও আনারসসদৃশ ফল বা তার কাঁটাযুক্ত সরু পাতাবিশিষ্ট উদ্ভিদ, কেয়া, কেতকী। ২ কেয়াফুলের সুগন্ধ নির্যাসযুক্ত জল।

কেঁউকেঁউ /কেঁউকেঁউ/ [ধ্বন্যা.] অব্য. বি. আহত ও পলায়নপর কুকুরের ডাক।

কেঁচে গণ্ডূষ /কেঁচে গোনডুশ/ বি. অসমাপ্ত কাজ পুনরায় সূচনা।

কেঁচে যাওয়া /কেঁচে জাওআ/ ক্রিবি. আয়োজন পন্ড হওয়া।

কেঁচো /কেঁচো/ [স. কিঞ্চুলুক >] বি. ১ মাটিতে গর্ত করে বাস করে এবং দেহ সংকুচিত ও প্রসারিত করতে পারে এমন মসৃণ ত্বকবিশিষ্ট লম্বা ও গোলাকার লালচে অ্যানিলিডা (annelida) পর্বের অমেরুদন্ডী প্রাণী, মহীলতা, ভূলতা। ২ (আল.) কীটের মতো হীন বা কৃশকায় ব্যক্তি।

কেঁড়ে /কেঁড়ে/ [দেশি.] বি. ১ দুধ রাখার পাত্রবিশেষ। ২ তেল প্রভৃতি রাখার জন্য বাঁশের চোঙা বা পাত্র। ৩ ভাঁড়, মাটির পাত্রবিশেষ।

কেঁড়েলি /কেঁড়েলি/ [দেশি.] বি. জ্যাঠামি, অকালপক্কতা।

কেঁদো /কেঁদো/ [বা.] বিণ. অতিকায়, মোটা ও স্থূল (*কেঁদো বাঘ*)।

কেঁয়ে /কেঁয়ে/ [দেশি.] বি. কৃপণ ও স্বার্থপর ব্যবসায়ী। বিণ. কলহপ্রবণ।

কেক /কেক/ [ই.] বি. ময়দা ডিম মাখন চিনি প্রভৃতির মন্ড তন্দুরে সেঁকে তৈরি পিঠাজাতীয় কোমল খাদ্যবস্তু, cake।

কেকা /কেকা/ [স. কে+√কৈ+অ+আ (টাপ্)] বি. ময়ূরের ডাক।

কেকী /কেকি/ [স. কেকা+ইন্] বি. লেজ খাড়া করে পাখার মতো প্রসারিত করতে পারে এমন বিচিত্র বর্ণের দীর্ঘ পুচ্ছধারী নৃত্যপটু সর্পভুক পাখি, ময়ূর, শিখী, কলাপী।

কে কে /কে কে/ সর্ব. কোন কোন ব্যক্তি।

কেচ্ছা /কেচ্ছা/ [আ. কিস্সা >] বি. ১ কাহিনি, গল্প, উপাখ্যান, কিস্সা। ২ কুৎসা।

কেজি /কেজি/ [ফ. kilogramme >] বি. ১০০০ গ্রাম, 'কিলোগ্রাম'-এর সংক্ষিপ্ত রূপ।

কেজো /কেজো/ [বা.] বিণ. ১ কাজের যোগ্য। ২ কর্মকুশল। ৩ দরকারি।

কেটলি /কেটলি/ [ই.] বি. দ্র কেতলি।

কেটা /কেটা/ [বা.] সর্ব. কে, কোন জন।

কেটে /কেটে/ [বা.] বি. মোটা তসরের কাপড়। অসক্রি. কাটার পরে।

কেটেছেঁটে /কেটেছেঁটে/ [বা.] অসক্রি. কেটে ছোটো করার পরে, কাটছাঁট করার পর।

কেটে পড়া /কেটে পড়া/ ক্রিবি. অজ্ঞাতসারে সরে পড়া, পলায়ন করা।

কেঠো /কেঠো/ [বা.] বিণ. ১ কাঠের তৈরি, কাষ্ঠজাত। ২ রুক্ষ, শ্রীহীন (*কেঠো চেহারা*)। বি. আমের ভেতরে থাকে এমন পোকা।

কেড়াপোকা /কেড়াপোকা/ [বা.] বি. ভয় পেলেই গোল হয়ে গুটিয়ে যায় এমন বহু খন্ডে বিভক্ত লম্বাটে গোল দেহ (যার প্রতিটি খন্ডে দুই জোড়া করে পা থাকে) এবং মন্থর গতিসম্পন্ন গাঢ় বাদামি বা মেরুন রঙের তৃণভোজী কীট, কর্ণকীট, কেন্নো, কিন্নাই, millipede।

কেড়ি /কেড়ি/ [স. কীট >] বি. ধান চাল গম প্রভৃতির ক্ষতিকারক কীটবিশেষ।

কেতক /কেতক/ [স. √কিৎ+অক] বি. দ্র কেতকী।

কেতকী /কেতোকি/ [স. কেতক+ঈ] বি. কেয়া ফুল বা তার গাছ (*একলা বসে বাদল-শেষে শুনি কত কী—। 'এবার আমার গেল বেলা' বলে কেতকী॥* রবীন্দ্র.)।

www.pathagar.com

কেতন /কেতন্/ [স. √কিৎ+অন] বি. পতাকা, নিশান, ধ্বজ (*ওই নূতনের কেতন ওড়ে কাল বোশেখীর ঝড় নজরুল.*)।

কেতলি /কেত্‌লি/ [ই. kettle] বি. ১ পানি গরম করা বা ফোটানোর জন্য ব্যবহৃত ঢাকনা হাতল ও নলযুক্ত ধাতব পাত্রবিশেষ। ২ গরম তরল পদার্থ রাখা বা ঢালার জন্য ব্যবহৃত চীনামাটির তৈরি ঢাকনা হাতল ও নলযুক্ত পাত্রবিশেষ।

কেতা /কেতা/ [আ.] বি. ১ ধরন; কায়দা, পদ্ধতি। ২ ফ্যাশন; সামাজিক রীতি। ৩ গোছা; সারি, পঙ্‌ক্তি। ৪ খণ্ড, টুকরো।

কেতাদুরস্ত /কেতাদুরস্‌তো/ [আ. কেতা+ফা. দুরস্ত] বিণ. বাহ্যিক চালচলনে নিখুঁত; সুশৃঙ্খল, পরিপাটি; রুচিসম্মত।

কেতাব /কেতাব্/ [আ.] বি. ১ কোরানশরিফ, ঐশীগ্রন্থ। ২ বই, পুস্তক, গ্রন্থ।

কেতাবি /কেতাবি/ [আ.] বি. কেতাবের অনুসারী কিন্তু মুসলমান নয় (খ্রিষ্টান বা ইহুদি)। বিণ. ১ পুথিগত বিদ্যা আছে কিন্তু অভিজ্ঞতা নেই এমন (*কেতাবি বিদ্যা*), হাতেকলমে আয়ত্ত করেনি এমন, impractical। ২ পুথিগত, বইসংক্রান্ত।

কেতাবি বিদ্যা /কেতাবি বিদ্যা/ বি. বাস্তবতা-বর্জিত কেবল বই পড়ে অর্জিত বিদ্যা, পুথিগত বিদ্যা।

কেতু /কেতু/ [স. √চায়+তু] বি. ১ পতাকা, নিশান, কেতন। ২ ভারতীয় জ্যোতির্বিদ্যায় অশুভ বলে কল্পিত গ্রহবিশেষ।

কেতুমান /কেতুমান্/ [স. কেতু+মৎ] বিণ. ১ পীড়িত। ২ চিহ্নবিশিষ্ট।

কেদার /কেদার্/ [স. কে+√দৃ+অ] বি. ১ শস্যক্ষেত্র, চাষের খেত। ২ খেতের আইল; গাছের গোড়ায় পানি দেওয়ার জন্য তৈরি মাটির ঘের। ৩ হিমালয় পর্বতে অবস্থিত তীর্থবিশেষ। ৪ কেদারের অধীশ্বর, শিব। ৫ সংগীতের সন্ধ্যাকালীন রাগবিশেষ।

কেদারা[১] /কেদারা/ [স. কেদারী >] বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

কেদারা[২] /কেদারা/ [পো.] বি. হেলান দেওয়ার ব্যবস্থা-সহ একজনের বসার উপযোগী উঁচু আসনবিশেষ, চেয়ার।

কেন /ক্যানো/ [বা.] অব্য. কী জন্য, কী কারণে।

কেননা /ক্যানোনা/ [বা.] অব্য. যেহেতু; কারণ।

কেনা /কেনা/ [বা.] ক্রিবি. ক্রয় করা; মূল্য দিয়ে কোনো কিছু গ্রহণ করা। বিণ. ক্রয় করা হয়েছে এমন, ক্রীত, মূল্যের বিনিময়ে প্রাপ্ত।

কেনা দর /কেনা দর্/ বি. যে দামে কেনা হয়েছে; ক্রয়মূল্য।

কেনানো /কেনানো/ [বা.] ক্রিবি. অপরকে দিয়ে ক্রয় করানো।

কেনাবেচা /কেনাব্যাচা/ [বা.] বি. ক্রয়বিক্রয়।

কেনি /কেনি/ [বা.] বি. নখের গোড়ার ঘা-বিশেষ।

কেনে /কেনে/ [বা.] ক্রিবি. ক্রয় করে।

কেনো /কেনো/ অনুক্রি. (মধ্যম পুরুষে) ক্রয়ের অনুজ্ঞা, ক্রয় করো।

কেন্দ্র /কেন্‌দ্রো/ [গ্রি. kentron >] বি. ১ মধ্যবিন্দু; গোলাকার বস্তুর ঠিক মধ্যবর্তী স্থান। ২ (জ্যা.) বৃত্তের মধ্যবিন্দু। ৩ প্রধান স্থান (*শিক্ষাকেন্দ্র*)। ৪ লগ্ন, লগ্ন থেকে চতুর্থ সপ্তম ও দশম স্থান। ৫ পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত, মেরু।

কেন্দ্রক /কেন্‌দ্রক্/ [স. কেন্দ্র+ক] বি. পরমাণুর কেন্দ্রস্থল যেখানে প্রোটন ও নিউট্রন প্রভৃতি কণা পুঞ্জীভূত থাকে; (পরি.) nucleus।

কেন্দ্রগত /কেন্‌দ্রোগতো/ [স. কেন্দ্র+√গম্+ত] বিণ. মধ্যস্থ; কেন্দ্রে অবস্থিত।

কেন্দ্রবিন্দু /কেন্‌দ্রোবিন্‌দু/ [স. কেন্দ্র+√বিন্দ্+উ] বি. প্রধান কেন্দ্র বা স্থান।

কেন্দ্রবিমুখ /কেন্‌দ্রোবিমুখ্/ [স. কেন্দ্র+বিমুখ] বিণ. কেন্দ্র থেকে দূরে গমনশীল, কেন্দ্রাতিগ, centrifugal।

কেন্দ্রস্থল /কেন্‌দ্রোস্‌থল্/ [স. কেন্দ্র+স্থল] বি. মধ্যবর্তী স্থান; মধ্যবিন্দু।

কেন্দ্রাতিগ /কেন্‌দ্রাতিগো/ [স. কেন্দ্র+অতি+√গম্+অ] বিণ. কেন্দ্র থেকে ছিটকে বেরিয়ে যাওয়ার প্রবণতাযুক্ত, centrifugal।

কেন্দ্রাতিগ বল /কেন্‌দ্রাতিগো বল্/ বি. কেন্দ্র থেকে ছিটকে বেরিয়ে যাওয়ার বল, centrifugal force।

কেন্দ্রাতিগাকর্ষণ /কেন্‌দ্রাতিগাকর্‌শোন্/ [স. কেন্দ্রাতিগ+আকর্ষণ] বি. কেন্দ্র থেকে দূরে গমনের প্রবণতা।

কেন্দ্রানুগ /কেন্‌দ্রানুগো/ [স. কেন্দ্র+অনু+√গম্+অ] বিণ. কেন্দ্রাভিমুখগামী, centripetal।

কেন্দ্রাভিকর্ষী /কেন্‌দ্রাভিকোর্‌শি/ [স. কেন্দ্রাভিকর্ষ+ইন্] বিণ. কেন্দ্রাভিমুখে আকর্ষণশক্তি।

কেন্দ্রাভিগ /কেন্‌দ্রাভিগো/ [স. কেন্দ্র+অভি+√গম্+অ] বি. অভিকেন্দ্র। বিণ. কেন্দ্রের অভিমুখে গমনশীল বা আকর্ষণকারী; centripetal।

www.pathagar.com

কেন্দ্রাভিগামী /কেন্দ্রাভিগামি/ [স. কেন্দ্র+অভি+√গম্+ইন্] বি. বিণ. দ্র কেন্দ্রাভিগ।

কেন্দ্রাভিমুখ /কেন্দ্রাভিমুখ্/ [স. কেন্দ্র+অভিমুখ] বি. বিণ. দ্র কেন্দ্রাভিগ।

-কেন্দ্রিক / কেন্দ্রিক্/ [স. কৈন্দ্রিক>] বিণ. কোনো আদর্শ ব্যক্তি বিষয় বা স্থানকে কেন্দ্র করে ঘটে বা থাকে এমন (*আশ্রমকেন্দ্রিক*)।

কেন্দ্রিত /কেন্দ্রিতো/ [বা.] বিণ. কেন্দ্রগত; কেন্দ্রস্থিত।

কেন্দ্রী /কেন্দ্রি/ [স. কেন্দ্র+ইন্] বিণ. কেন্দ্রস্থলে অবস্থিত; কেন্দ্রযুক্ত। বি. (জ্যোতি.) কেন্দ্রস্থলে অধিষ্ঠিত গ্রহ।

কেন্দ্রীভূত /কেন্দ্রিভূতো/ [স. কেন্দ্র+চ্বি+ভূত] বিণ. কেন্দ্রে আনীত; কোনো একটি স্থানে সমবেত।

কেন্দ্রীয় /কেন্দ্রিয়ো/ [স. কেন্দ্র+ঈয়] বিণ. কেন্দ্র-সংক্রান্ত; কেন্দ্রে অবস্থিত; কেন্দ্রের বিষয়ীভূত (*কেন্দ্রীয় কার্যালয়*)।

কেন্নাই /কেন্নাই/ [দেশি.] বি. দ্র কেন্নো।

কেন্নুই /কেন্নুই/ [দেশি.] বি. দ্র কেন্নো।

কেন্নো /কেন্নো/ [দেশি.] বি. ভয় পেলেই গোল হয়ে গুটিয়ে যায় এমন বহুখণ্ডে বিভক্ত লম্বাটে গোল দেহ (প্রতি খণ্ডে দুই জোড়া পা-বিশিষ্ট) এবং মন্থর গতিসম্পন্ন গাঢ় বাদামি বা মেরুন রঙের তৃণভোজী কীট, কর্ণকীট, কেড়াপোকা, কিন্নাই, millipede।

কেবট /কেবট্/ [স. কৈবর্ত >] বি. কৈবর্ত বা ধীবর জাতি।

কেবল /কেবোল্/ [স. √কেব্+অল] অব্য. ১ এক-মাত্র, শুধু (*চারিদিকে কেবল জল*)। ২ অবিরাম, নিরন্তর (*কেবল খেলা*)। ৩ নিরবচ্ছিন্ন, অমিশ্র (*কেবল সুখ*)। ক্রিবিণ. ১ এইমাত্র (*কেবল এসেছে*)। ২ অনবরত (*কেবল হাসি আর হাসি*)।

কেবলই /কেবোল্ই/ [স. কেবল >] অব্য. ক্রিবিণ. ১ শুধুই (*আমি কেবলই স্বপন করেছি বপন বাতাসে*— রবীন্দ্র.)। ২ অনবরত (*কেবলই হাসছে*)। ৩ এইমাত্র (*কেবলই এলাম*)।

কেবলা /কেবলা/ [আ. কিবলা >] বি. ১ মক্কায় অবস্থিত কাবাগৃহ যার দিকে মুখ করে নামাজ পড়া হয়। ২ পিতামাতা বা শিক্ষকের স্থলাভিষিক্ত হতে পারেন এমন শ্রদ্ধেয় ব্যক্তি; পিতা।

কেব্‌ল /কেব্‌ল্/ [ই.] বি. তার; উপগ্রহ থেকে টেলিভিশন-সংকেত গ্রহণ করে সমাক্ষীয় তারের (co-axial cable) সাহায্যে স্বতন্ত্র গ্রাহকের নিকট পৌঁছে দেওয়ার ব্যবস্থা, cable।

কেমত /কেমতো/ [বা.] বিণ. কী রকম, কী প্রকার।

কেমন /ক্যামোন্/ [বা.] অব্য. সম্মতি প্রত্যাশা করে প্রশ্ন (*কাল এসো, কেমন?*)। ক্রিবিণ. কীরূপে (*তুমি কেমন করে গান করো হে গুণী*, রবীন্দ্র.)। বিণ. ১ কী প্রকার (*কেমন আছ?*)। ২ বেশ (*কেমন মজা*)। বি. ব্যাকুলতা (*মন কেমন করা*)।

কেমন কেমন /ক্যামোন্ ক্যামোন্/ বিণ. ভালো কি মন্দ ঠিক বোঝা যায় না এমন (*তার ভাবগতিক কেমন কেমন ঠেকছে*)।

কেমনতর /ক্যামোন্‌তরো / [বা.] বিণ. ১ কী রকমের, কী প্রকারের (*কেমনতর লোক তুমি?*)। ২ সন্দেহ-জনক (*ব্যাপারটা কেমনতর লাগছে*)।

কেমন যেন /ক্যামোন্ জ্যানো/ বিণ. ঠিক স্বাভাবিক নয় এমন।

কেমনে /ক্যামোনে/ [বা.] ক্রিবিণ. কীরূপে, কীভাবে (*কেমনে ফিরিয়া যাও না দেখি তাঁহারে!* রবীন্দ্র.); 'কেমন করে'-র কাব্যিক রূপ।

কেমিকৌশল /কেমিকৌশল্/ [আ. কিমিয়া+স. কৌশল] বি. রসায়ন শিল্পবিষয়ক প্রযুক্তি; (পরি.) chemical engineering।

কেমিক্যাল /কেমিক্যাল্/ [ই.] বিণ. রাসায়নিক প্রক্রিয়ায় তৈরি; রসায়নশাস্ত্রসংক্রান্ত; chemical।

কেয়া /কেআ/ [স. কেতক >] বি. ভারতীয় উপমহাদেশে সমুদ্র উপকূলীয় অঞ্চলে বর্ষায় ফোটে এমন সুগন্ধ সাদা ফুল ও আনারসসদৃশ ফল বা তার কাঁটাযুক্ত সরু পাতাবিশিষ্ট উদ্ভিদ, কেতকী।

কেয়াপাতা /কেআপাতা/ [বা.] বি. কেয়া গাছের পাতা (*কেয়া-পাতার নৌকো গড়ে সাজিয়ে দেব ফুলে*— রবীন্দ্র.)।

কেয়ামত /কেআমত্/ [আ.] বি. মহাপ্রলয়ের দিন, ইসলাম ধর্মমতে যেদিন আল্লাহ মানুষের পাপ-পুণ্যের বিচার করবেন, অন্তিম বিচারের জন্য মৃতদের পুনরুত্থানের দিন, হাশর, প্রলয়।

কেয়ারি /কেআরি/ [স. কেদারিকা >] বি. বীজবপন বা চারা রোপণের জন্য আলঘেরা বাগানের নির্দিষ্ট ছোটো জায়গা; সযত্নে বিন্যাস (*কেয়ারি-করা চুল*)।

কেয়ূর /কেয়ুর্/ [স. কে+√যা+উর] বি. বাজু, অঙ্গদ, বাহুর অলংকারবিশেষ।

-কের /কের্/ অব্য. সময় বোঝায় এমন সম্বন্ধসূচক বাংলা প্রত্যয়বিশেষ (*আজকের*)।

কেরদানি /কের্‌দানি / [ফা.] বি. ১ কর্মকৌশল। ২ বাহাদুরি ; কৃতিত্ব প্রদর্শন।

www.pathagar.com

কেরাঞ্চি /কেরান্‌চি/ [হি. কিরাচি >] বি. দুই বা চার চাকার মালবাহী গোরুর গাড়িবিশেষ।

কেরাত /কেরাত্‌/ [আ.] বি. শুদ্ধ উচ্চারণ ও যতি-সহ কোরান পাঠ, কিরাত।

কেরানি /কেরানি/ [স. করণ >] বি. অফিস-আদালতে নথিপত্র সংরক্ষণ তদারকি ও দৈনন্দিন বাঁধাধরা কাজের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি; করণিক।

কেরানিগিরি /কেরানিগিরি/ [বা. কেরানি+ফা. গিরি] বি. কেরানির কাজ বা বৃত্তি।

কেরামত /কেরামত্‌/ [আ.] বি. ১ ক্ষমতা; শক্তি, প্রতাপ। ২ অলৌকিক ক্ষমতা, ঐশীশক্তি।

কেরামতি /কেরামোতি/ [আ.] বি. ১ ক্ষমতা; শক্তি। ২ বাহাদুরি। বিণ. অলৌকিক ক্ষমতাসম্পন্ন।

কেরুয়াল /কেরুআল / [স. করপাল >] বি. নৌকার হাল বা দাঁড়।

কেরুল /কেরুল/ [দেশি.] বি. অঙ্কুর (*বাঁশের কেরুল*)।

কেরোসিন /কেরোসিন্‌/ [গ্রি.] বি. জেট ইঞ্জিন উনুন লণ্ঠন প্রভৃতির জ্বালানিরূপে ব্যবহৃত পরিশোধিত খনিজ তরল হাইড্রোকার্বনবিশেষ (যার স্ফুটনাঙ্ক ১৫০° থেকে ৩০০° সেলসিয়াস), kerosene।

কেলাস /কেলাশ্‌/ [স. কে+√লস্‌+অ] বি. নির্দিষ্ট সংখ্যক তলবিশিষ্ট বিভিন্ন জ্যামিতিক আকৃতির রাসায়নিক পদার্থ, স্ফটিকমণি, crystal।

কেলাসন /কেলাশন্‌/ [স. √কেলাসি+অন] বি. (রসা.) নির্দিষ্ট জ্যামিতিক আকৃতি বা কেলাসের অবস্থাপ্রাপ্তি, স্ফটিকীভবন, crystallization।

কেলাসিত /কেলাশিতো/ [স. √কেলাসি+ত] বিণ. স্ফটিকীভূত, crystallized।

কেলি /কেলি/ [স. √কেল্‌+ই] বি. ১ প্রমোদ, বিহার (*কেলিকুঞ্জ*)। ২ লীলা; কৌতুক (*জলকেলি*)।

কেলিকদম্ব /কেলিকদমবো/ [স. কেলি+√কদি+অম্ব] বি. আমেরিকা ও ভারতের উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত কদম্বগোত্রীয় বৃক্ষের হলুদ বর্ণের ছোটো ফুলবিশেষ, Holdina cordifolia।

কেলিকুঞ্চিকা /কেলিকুন্‌চিকা/ [স. কেলি+√কুঞ্চ+অক+আ (টাপ্‌)] বি. পত্নীর ছোটো বোন, শ্যালিকা।

কেলিকুঞ্জ /কেলিকুন্‌জো/ [স. কেলি+√গুঞ্জ+অ] বি. প্রমোদকানন, লীলাকানন।

কেলিগৃহ /কেলিগৃহো/ [স. কেলি+√গ্রহ্‌+অ] বি. প্রমোদভবন।

কেলে /কেলে/ [বা.] বিণ. (ব্য.) কালো; কালচে।

কেলে কার্তিক /কেলে কার্‌তিক্‌/ বি. (ব্য.) অতি কৃষ্ণকায় ব্যক্তি।

কেলেঙ্কার /কেলেংকার্‌/ [স. কলঙ্ককার >] বিণ. কলঙ্কজনক; নিন্দাজনক।

কেলেঙ্কারি /কেলেংকারি/ [বা.] বি. ১ কলঙ্ক, অপযশ; নিন্দা। ২ নিন্দাজনক কাজ।

কেলেভূত /কেলেভুত্‌/ [বা.] বিণ. (ব্য.) ভূতের মতো কালো।

কেলেমানিক /কেলেমানিক্‌/ [বা.] বি. কালো ছেলে। বিণ. কালো হলেও সুন্দর এমন।

কেলেহাঁড়ি /কেলেহাঁড়ি/ [বা.] বি. দীর্ঘদিন ব্যবহারের ফলে যে হাঁড়িতে কালি জমেছে।

কেল্লা /কেল্‌লা/ [আ.] বি. দুর্গ; সেনানিবাস; গড়।

কেল্লাদার /কেল্‌লাদার্‌/ [আ. কেল্লা+ফা. দার] বি. কেল্লা প্রহরার ভারপ্রাপ্ত কর্মচারী; দুর্গরক্ষক।

কেল্লাফতে /কেল্‌লাফতে/ [আ.] বি. দুর্গজয়; সিদ্ধি-লাভ, বাজিমাত।

কেল্লামাত /কেল্‌লামাত্‌/ [আ.] বি. ১ দুর্গজয়। ২ (আল.) সাফল্যলাভ।

কেশ /কেশ্‌/ [স. কে+√শী+অ] বি. মানুষ ও অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর চামড়ার ওপর গজানো (বিশেষ করে মাথায়) সুতোর মতো সূক্ষ্ম ও নমনীয় রোম, চুল।

কেশ আকর্ষণ করা /কেশ্‌ আকর্‌শোন করা/ ক্রিবি. চুল ধরে টানা।

কেশকর্ম /কেশ্‌কর্‌মো/ [স. কেশ+কর্মন্‌] বি. চুল পরিপাটিকরণ; চুল বাঁধার কাজ।

কেশকলাপ /কেশ্‌কলাপ্‌/ [স. কেশ+কলা+√পা+অ] বি. চুলের গোছা।

কেশকীট /কেশ্‌কিট্‌/ [স. কেশ+√কীট্‌+অ] বি. মানুষের মাথা এবং পশুপাখির বহিস্ত্বক থেকে রক্ত শুষে খায় এমন ডানাবিহীন ক্ষুদ্র পরজীবী কীট, উকুন।

কেশগুচ্ছ /কেশ্‌গুচ্ছো/ [স. কেশ+√গু+ছ] বি. চুলের গুচ্ছ।

কেশতৈল /কেশ্‌তোই্‌লো/ [স. কেশ+তিল+অ] বি. চুলে মাখার তেল।

কেশদাম /কেশোদাম্‌/ [স. কেশ+√দো+মন্‌] বি. চুলের গোছা।

কেশপাশ /কেশ্‌পাশ্‌/ [স. কেশ+√পশ্‌+অ] বি. দ্র

www.pathagar.com

কেশদাম।

কেশপ্রসাধন /কেশ্‌প্রোশাধোন্ / [স. কেশ+প্রসাধন] বি. চুলের পরিচর্যা ও পারিপাট্যসাধন।

কেশব /কেশোব্ / [স. কেশ+ব] বি. শ্রীকৃষ্ণ; বিষ্ণু।

কেশবতী /কেশোবোতি/ [স. কেশ+√বৎ+ঈ] বিণ. কুন্তলা; মাথায় ঘন কালো চুলবিশিষ্ট (নারী)।

কেশবিন্যাস /কেশোবিন্‌ন্যাশ্/ [স. কেশ+বিন্যাস] বি. কেশপরিচর্যা, চুলের পারিপাট্যসাধন।

কেশমুণ্ডন /কেশ্‌মুন্‌ডন্/ [স. কেশ+√মুণ্ড্+অন] বি. মাথার চুল চেঁছে ফেলার কাজ, মস্তকমুণ্ডন।

কেশর /কেশোর্/ [স. কে+শর] বি. ১ ফুলের পাপড়ির মধ্যস্থ কেশের মতো সূক্ষ্ম অঙ্গ (*পরাগ কেশর*)। ২ বকুল নাগকেশর প্রভৃতি ফুল বা তার গাছ। ৩ জাফরান। ৪ ঘোড়া সিংহ প্রভৃতি প্রাণীর ঘাড়ের দীর্ঘ কেশরাশি।

কেশরচনা /কেশ্‌রচোনা/ [স. কেশ+রচনা] বি. কেশবিন্যাস।

কেশরী /কেশোরি/ [স. কেশর+ইন্] বি. ১ কেশরযুক্ত প্রাণী। ২ সিংহ। ৩ শ্রেষ্ঠ; প্রধান (*বীরকেশরী*)। বিণ. জাফরানি রঙের।

কেশ সংস্কার /কেশ্ শংস্‌কার/ বি. কেশরচনা, কেশপরিচর্যা।

কেশপরিচর্যা /কেশ্‌পোরিচোর্‌জা/ [স. কেশ+পরি+√চর্+অ+আ (টাপ্)] বি. চুলের যত্ন।

কেশাকেশি /কেশাকেশি/ [বা.] বি. পরস্পরের চুল ধরে টানাটানি, চুলোচুলি।

কেশাগ্র /কেশাগ্‌রো/ [স. কেশ+√অনগ্+র] বি. চুলের ডগা, চুলের অগ্রভাগ।

কেশাগ্র স্পর্শ করতে না পারা /কেশাগ্‌রো স্‌পর্‌শো কোরতে না পারা/ ক্রিবি. ধরাছোঁয়ার বাইরে অবস্থান করা।

কেশিনী /কেশিনি/ [স. কেশ+ইন্+ঈ] বি. ১ পৌরাণিক নল রাজার পত্নী দময়ন্তীর সখী ও সগররাজমহিষী। ২ বন্ধ্যা। ৩ জটামাংসী (উদ্ভিদবিশেষ)।

কেশী[১] /কেশি/ [স. কেশ+ইন্] বিণ. দীর্ঘ ঘন ও সুন্দর কেশবিশিষ্ট। স্ত্রী. কেশিনী /কেশিনি/।

কেশী[২] /কেশি/ [স. কেশ+ঈ] বি. কৃষ্ণ কর্তৃক নিহত কংসের জনৈক মল্ল।

কেশুর /কেশুর্/ [স. কশেরু >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত রোমশ তামাটে কান্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ বা তার শালগমাকৃতির হালকা মিষ্টস্বাদ রসালো সাদা কন্দ যা কাঁচা খাওয়া যায়, শাঁকালু।

কেশেল /কেশেল্/ [বা.] বি. ১ কাশীর অধিবাসী, কাশীয়াল। ২ দুশ্চরিত্র ব্যক্তি।

কেষ্ট /কেশ্‌টো/ [স. কৃষ্ণ >] বি. শ্রীকৃষ্ণ; 'কৃষ্ণ'-র আঞ্চলিক রূপ।

কেষ্টবিষ্টু /কেশ্‌টোবিশ্‌টু/ [বা.] বি. (বিদ্রূপে) সম্মানিত ব্যক্তি, হোমরাচোমরা লোক।

কেস /কেস্/ [ই.] বি. ১ মোকদ্দমা (*ফৌজদারি কেস*)। ২ ঘটনা, ব্যাপার। ৩ রোগী বা মক্কেল। ৪ বন্ধ করা যায় এমন আধার, খাপ, পেটিকা, case।

কেহ /কেহো/ [বা.] সর্ব. অনির্দিষ্ট কোনো ব্যক্তি; সম্বন্ধসূত্রে আত্মীয় এমন ব্যক্তি; 'কেউ'-শব্দের সাধু রূপ।

কেহ কেহ /কেহো কেহো/ সর্ব. কোনো কোনো ব্যক্তি; কিছু সংখ্যক লোক; 'কেউ কেউ'-শব্দের সাধু রূপ।

কৈকেয়ী /কোই্‌কেয়ি/ [স. কেকয়+ঈ] বি. রামায়ণোক্ত সূর্যবংশীয় রাজা দশরথের মধ্যমা পত্নী ও ভরতের মাতা।

কৈছন /কোই্‌ছন্/ [স. কীদৃশ >] বিণ. কেমন; কীরূপ।

কৈটভ /কোই্‌টভ্/ [স. কীট+√ভা+অ] বি. (বিষ্ণুর কর্ণমল থেকে উদ্ভূত বলে কল্পিত) বিষ্ণু কর্তৃক নিহত অসুরবিশেষ।

কৈতব /কোই্‌তব্ / [স. কিতব+অ] বি. ১ কপটতা; প্রতারণা; ছল। ২ জুয়াখেলা।

কৈতববাদ /কোই্‌তব্‌বাদ্ / [স. কৈতব+√বদ্+অ] বি. মিথ্যাচার; চাটুবাদ।

কৈতববাদী /কোই্‌তব্‌বাদি / [স. কৈতব+√বদ্+ইন্] বিণ. মিথ্যাচারী; কপট।

কৈন্দ্রিক /কোই্‌নদ্রিক্/ [স. কেন্দ্র+ইক] বিণ. ১ কেন্দ্রস্থিত। ২ কেন্দ্রসম্বন্ধীয়।

কৈফিয়ত /কোই্‌ফিয়ত্/ [আ.] বি. ১ অন্যায় বা দোষের কারণ প্রদর্শন, জবাবদিহি। ২ জমাখরচের বাকি হিসাব প্রদান।

কৈবর্ত /কোই্‌বর্‌তো / [স. কেবর্ত+অ] বি. ১ ধীবর, জেলে। ২ কৃষিজীবী বা ব্যবসায়ী জাতিবিশেষ; ধীবর জাতিবিশেষ।

কৈবল্য /কোই্‌বোল্‌লো/ [স. কেবল+য] বি. ১ দুঃখনিবৃত্তি। ২ কেবলের ভাব। ৩ মোক্ষলাভ; সংসার থেকে মুক্তি।

কৈবল্যদায়িনী /কোই্‌বোল্‌লোদায়িনি / [স. কৈবল্য +√দা+ইন্+ঈ] বি. মুক্তিদায়িনী আদ্যাশক্তি; পরমাশক্তি।

www.pathagar.com

কৈবল্যধাম /কৈবোল্‌লোধাম্ / [স. কৈবল্য+ধাম] বি. মোক্ষধাম, স্বর্গ।

কৈরব /কোইরব্ / [স. কেরব+অ] বি. ১ কুমুদ; শ্বেতপদ্ম। ২ শত্রু।

কৈরবনাথ /কোইরব্‌নাথ্ / [স. কৈরব+নাথ] বি. চন্দ্র।

কৈলাস /কোইলাশ্ / [স. কেলাস+অ] বি. শিবের বাসস্থানরূপে বর্ণিত হিমালয় পর্বতমালার শৃঙ্গ-বিশেষ; শিবলোক।

কৈলাসনাথ /কোইলাশ্‌নাথ্ / [স. কৈলাস+নাথ] বি. শিব।

কৈলাসবাসিনী /কোইলাশ্‌বাশিনি/ [স. কৈলাস+ √বস্+ইন্+ঈ] বি. দেবী দুর্গা।

কৈলাসেশ্বর /কোইলাশেশ্‌শর্/ [স. কৈলাস+ঈশ্বর] বি. কৈলাসের অধিপতি, শিব।

কৈশিক /কোইশিক্/ [স. কেশ+ইক] বিণ. ১ কেশ-তুল্য; কেশসদৃশ। ২ কেশসংক্রান্ত। বি. অতি সূক্ষ্ম নালি, capillary।

কৈশিকাকর্ষণ /কোইশিকাকর্‌শোন্/ [স. কৈশিক+ আকর্ষণ] বি. (তরল পদার্থের) যে স্বাভাবিক ধর্ম সূক্ষ্ম নালি বা ছিদ্রের ভেতরে তরল পদার্থের তল উন্নত করে, সূক্ষ্ম নালি বা ছিদ্রের ভেতরে তরল পদার্থের তল উন্নত হওয়ার প্রবণতা, পৃষ্ঠটান; (পরি.) capillary attraction।

কৈশিকা নাড়ি /কোইশিকা নাড়ি/ বি. জীবদেহে চুলের মতো সূক্ষ্ম রক্তবাহী নালি।

কৈশিকাবনতি /কোইশিকাবোনোতি/ [স. কৈশিক+ অব+ √নম্+তি] বি. পৃষ্ঠটান বা surface tension-এর ফলে সূক্ষ্ম নালির অভ্যন্তরে তরল পদার্থের পৃষ্ঠতলের অবনতি; (পরি.) capillary depression।

কৈশিকোন্নতি /কোইশিকোন্‌নোতি/ [স. কৈশিক+ উদ্+√নম্+তি] বি. পৃষ্ঠটান বা surface tension-এর ফলে সূক্ষ্ম নালির অভ্যন্তরে তরল পদার্থের পৃষ্ঠতলের উন্নতি; (পরি.) capillary rise।

কৈশোর /কোইশোর্/ [স. কিশোর+অ] বি. দশ বৎসর থেকে পনেরো বৎসর পর্যন্ত বয়ঃক্রম, কিশোর কাল।

কৈশোরক /কোইশোরক্/ [স. কিশোর+অক] বিণ. কৈশোরসুলভ।

-কো /কো/ নিষেধার্থসূচক শব্দে স্বার্থে ব্যবহৃত বাংলা প্রত্যয়বিশেষ (*এখন যেয়ো নাকো*)।

কোঁক /কোঁক্/ [স. কুক্ষি >] বি. ১ উদর, পেট, গর্ভ। ২ উদরের পার্শ্বদেশ, কুক্ষি।

কোঁকড়া /কোঁকড়া/ [স. কুঞ্চিত >] বিণ. কুঞ্চিত (*কোঁকড়া চুল*), বাঁকা।

কোঁকড়ানো /কোঁকড়ানো/ [বা.] ক্রিবি. কুঁকড়ে যাওয়া; কুঞ্চিত করা। বিণ. কুঞ্চিত।

কোঁকা /কোঁকা/ [ধ্বন্যা.] ক্রিবি. কাতরানো।

কোঁকানো /কোঁকানো/ [ধ্বন্যা.] ক্রিবি. অনুচ্চস্বরে কাঁদা; কাতরানো।

কোঁ কোঁ /কোঁ কোঁ/ অব্য. বি. বেদনাবোধক অস্পষ্ট অনুকার শব্দ; কাতরানি।

কোঁচ[১] /কোঁচ্/ [দেশি.] বি. মাছ শিকারের জন্য ব্যবহৃত লোহার শলাকাযুক্ত বর্শা।

কোঁচ[২] /কোঁচ্ / [স. কুঞ্চিত >] বি. কুঞ্চনের ভাব।

কোঁচ[৩] /কোঁচ্/ [স. ক্রৌঞ্চ >] বি. খালবিল বা অগভীর জলাশয়ের ধারে বিচরণ করে এমন লম্বা পা ও গলাবিশিষ্ট সাদা বাদামি প্রভৃতি রঙের পালকাবৃত তীক্ষ্ণাগ্র সুচালো চঞ্চুবিশিষ্ট মৎসাশী বকের প্রজাতিবিশেষ, ক্রৌঞ্চ।

কোঁচকা /কোঁচ্‌কা/ [স. কুঞ্চিত >] বিণ. কুঞ্চিত, কোঁকড়া। ক্রিবি. কুঞ্চিত করা।

কোঁচড় /কোঁচোড়্/ [স. ক্রোড়াঞ্চল >] বি. শাড়ির আঁচল পেতে তৈরি অস্থায়ী আধার; পরিধেয় বস্ত্রের কোঁচা।

কোঁচা /কোঁচা/ [দেশি.] বি. পরিধেয় বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ, ধুতি শাড়ি বা লুঙ্গির সম্মুখের কোঁচানো ঝুলে থাকা অংশ; কোল-আঁচল।

কোঁচানো /কোঁচানো/ [বা.] ক্রিবি. কুঞ্চিত করা। বিণ. কুঞ্চিত; কোঁকড়া।

কোঁড় /কোঁড়্/ [স. অঙ্কুর >] বি. বাঁশ প্রভৃতির অঙ্কুর; কুঁড়ি।

কোঁড়ল[১] /কোঁড়োল/ [স. কুরর >] বি. ১ বাঁশ বেত প্রভৃতির অঙ্কুর। ২ কুড়ুল পাখি।

কোঁড়ল[২] /কোঁড়োল/ [স. কুরণ্ড >] বি. অণ্ডকোষ বেষ্টনকারী ঝিল্লিস্তরসমূহের মধ্যবর্তী স্থানে তরল পদার্থের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ, কুরণ্ড, hydrocele।

কোঁত /কোঁত্/ [স. কুন্থন >] বি. মলত্যাগের উদ্দেশ্যে দম বন্ধ করে চাপ প্রয়োগ, কুন্থন।

কোঁতা /কোঁতা/ [স. কুন্থন >] ক্রিবি. ১ মলত্যাগের উদ্দেশ্যে দম বন্ধ করে জোর বা চাপ দেওয়া। ২ কষ্টকর কাজ করার সময় শব্দ করে দম ফেলা।

কোঁথলি /কোঁথলি/ [স. কন্থা >] বি. ছোটো পাতলা কাঁথা।

কোঁদন /কোঁদোন্ / [স. কুর্দন >] বি. কুর্দন।

www.pathagar.com

কোঁদল /কোঁদোল্/ [স. কোন্দল >] বি. কলহবিবাদ।

কোঁদা[১]/কোঁদা/ [বা.] বি. ১ অতিকায়। ২ খুব মোটা, অত্যন্ত স্থূল।

কোঁদা[২] /কোঁদা/ [বা.] ক্রিবি. কাঠ পাথর প্রভৃতি খোদাই করা।

কোঁদা[৩] /কোঁদা/ [বা.] ক্রিবি. আস্ফালন করা; মারার জন্য তেড়ে যাওয়া।

কোঁয়াজ্বর /কোঁয়াজর্/ [দেশি.] বি. বাতশিরা জ্বর; অণ্ডকোষের স্ফীতিজনিত জ্বর।

কোক[১] /কোক্/ [স. √কুক্+অ] বি. ১ চখা, চক্রবাক। ২ বুনো খেজুর গাছ। ৩ নেকড়ে বাঘ। ৪ বুনো কুকুর। ৫ ভেক। ৬ বিষ্ণু।

কোক[২]/কোক্/ [ই.] বি. বদ্ধ আধারে উচ্চ তাপমাত্রায় খনিজ কয়লা পাতন করে প্রাপ্ত জ্বালানিবিশেষ যা ব্লাস্ট ফার্নেসে (blast furnace) ব্যবহৃত হয়, coke।

কোকনদ /কোকোনদ্/ [স. কোক+√নদ্+অ] বি. শাপলাজাতীয় লাল ফুল; লাল শালুক।

কোকিল /কোকিল্/ [স. √কুক্+ইল] বি. এশিয়া ও ইউরোপে বিচরণ করে এবং বসন্তের আগমন ঘোষণা করে এমন কালচে ধূসর বর্ণের পরিযায়ী ও পরভৃত পাখি, পিক। স্ত্রী. কোকিলা /কোকিলা/।

কোকিলকণ্ঠ /কোকিল্কন্ঠো/ [স. কোকিল+√কণ্+ঠ] বিণ. কণ্ঠস্বর কোকিলের কুহুধ্বনির মতো মধুর। স্ত্রী. কোকিলকণ্ঠী /কোকিল্কোনঠি/।

কোকিলাসন /কোকিলাশোন্/ [স. কোকিল+আসন] বি. তন্ত্রসাধনার আসনবিশেষ।

কোকিলেক্ষু /কোকিলেক্খু/ [স. কোকিল+ইক্ষু] বি. কৃষ্ণবর্ণের ইক্ষু।

কোকেন /কোকেন্/ [স্পে.] বি. মাদকরূপে সেবন করা হয় এবং চেতনানাশক ওষুধরূপে ব্যবহৃত দক্ষিণ আমেরিকায় জাত কোকাগুল্মের পাতা ও অন্যান্য অংশের ক্ষারজাতীয় নির্যাস, cocaine।

কোঙর /কোঙর্/ [স. কুমার >] বি. ১ পুত্র, তনয়; সন্তান। ২ পদবিবিশেষ।

কোঙা /কোঙা/ [বা.] বিণ. কুঁজো, বক্রপৃষ্ঠ।

কোঙ্কণা/কোংকনা/ [স. কোম্+√কণ্+অ+আ (টাপ্)] বি. পুরাণোক্ত পরশুরামের মাতা রেণুকা।

কোচ /কোচ্/ [স. √কুচ্+অ] বি. ১ ভারতের কোচবিহার অঞ্চলের আদিম অধিবাসী। ২ ধীবর জাতিবিশেষ।

কোচবাক্স /কোচ্বাক্শো/ [ই. Coachbox >] বি. গাড়োয়ান যে আসনে বসে ঘোড়ার গাড়ি চালায়।

কোচোয়ান /কোচোআন্/ [ই. coachman >] বি. ঘোড়ায় টানা গাড়ির চালক, গাড়োয়ান।

কোজাগর /কোজাগর্/ [স. কঃ+√জাগৃ+অ] বি. আশ্বিন মাসের পূর্ণিমা তিথি, যে তিথিতে লক্ষ্মীপূজা করা হয়।

কোজাগরি /কোজাগোরি/ [স. কোজাগর >] বিণ. কোজাগরসংক্রান্ত।

কোট[১]/কোট্/ [স. কোট্ট >] বি. ১ দুর্গ (*রাজকোট*)। ২ নগর (*পাঠানকোট*)। ৩ অধিকার; দখল। ৪ সীমানা, চৌহদ্দি। ৫ জিদ, গোঁ; পণ।

কোট[২] /কোট্/ [ই.] বি. জামার ওপরে পরিধেয় (সচরাচর মোটা বা পশমি কাপড়ের) পুরোহাতা বহির্বাস, coat।

কোটন /কোটোন্/ [স. কুট্ট >] বি. কোটার কাজ, খণ্ডন বা চূর্ণন, চূর্ণীতকরণ।

কোটনা /কোট্না/ [স. কুট্টনী >] বি. ১ যে ব্যক্তি কানভাঙানি দিয়ে বিবাদ সৃষ্টি করে। ২ নারীপুরুষের অবৈধ মিলন সংঘটনকারী। ৩ কুপরামর্শদাতা।

কোটনাগিরি /কোট্নাগিরি/ [বা. কোটনা+ফা. গিরি] বি. কোটনার কাজ।

কোটনাপনা /কোট্নাপনা/ [বা.] বি. দ্র কোটনাগিরি।

কোটনামি /কোট্নামি/ [বা.] বি. কোটনার বৃত্তি।

কোটর /কোটোর্/ [স. কোট+√রা+অ] বি. ১ গাছের গায়ে সৃষ্ট গহ্বর, খোঁড়ল (*গাছের কোটর*)। ২ কুঠুরি, ছোটো ঘর (*কোটরবাসী*)।

কোটরাগত /কোটোরাগতো/ [স. কোটর+আ+√গম্+ত] বিণ. কোটরে প্রবিষ্ট (*কোটরাগত চোখ*)।

কোটা[১] /কোটা/ [স. কুট্ট >] ক্রিবি. ১ কেটে খণ্ড খণ্ড করা। ২ ছোটো ছোটো করে কাটা (*মাছ বা শাকসবজি কোটা*)। ৩ চূর্ণ করা; লোহার মুষল দিয়ে চ্যাপটা করা (*চিড়া কোটা*)। ৪ ক্রমাগত আঘাত করা (*মাথা কোটা*)। ৫ ছেনি দিয়ে ঠুকে খাঁজ কাটা (*শিল কোটা*)। বিণ. খণ্ডিত; কর্তিত; চূর্ণিত; পিষ্ট। বি. কর্তন; চূর্ণন; পেষণ।

কোটা[২] /কোটা/ [বা.] বি. মিহি সুতোয় বোনা কাপড়বিশেষ (*কোটাশাড়ি*)।

কোটানো /কোটানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে কোটার কাজ করানো।

কোটাল /কোটাল্/ [স. কোট্টপাল >] বি. ১ নগররক্ষক। ২ কোতোয়াল; প্রহরী, পাহারাদার।

www.pathagar.com

কোটালি /কোটালি/ [বা.] বি. ১ কোটালের পদ। ২ প্রহরীর কাজ।

কোটি /কোটি/ [স. √কুট্+ই] বি. ১,০০,০০,০০০ সংখ্যা; ধনুক খড়্গ প্রভৃতির প্রান্তভাগ; উৎকর্ষ; পরাকাষ্ঠা। বিণ. ১,০০,০০,০০০ সংখ্যক; অসংখ্য (*কোটি কোটি মানুষ*)।

কোটিকল্প /কোটিকল্‌পো/ [স. কোটি+√কল্প্+অ] বি. ১ পুরাণে কল্পিত ব্রহ্মার এক দিন। ২ অনন্তকাল; চিরদিন।

কোটিপতি /কোটিপোতি/ [স. কোটি+√পা+অতি] বি. কোটি টাকার মালিক; অপরিমেয় ধনের অধিকারী।

কোটেশন /কোটেশন্/ [ই.] বি. ১ উদ্ধৃতি; উদ্ধার চিহ্ন (' ' অথবা " ")। ২ কোনো পণ্য সরবরাহ বা কর্ম সম্পাদনের জন্য ক্রেতার নিকট প্রদত্ত মূল্যোদ্ধৃতি, quotation।

কোট্ট /কোট্‌টো/ [স. √কুট্ট্+অ] বি. সুরক্ষিত গৃহ বা প্রাসাদ, দুর্গ; গড়।

কোট্টপাল /কোট্‌টোপাল্/ [স. কোট্ট+√পালি+অ] বি. দুর্গের রক্ষক; দুর্গাধিপতি।

কোঠা /কোঠা/ [স. কোষ্ঠ >] বি. ১ প্রকোষ্ঠ, কামরা। ২ পাকাঘর; অট্টালিকা। ৩ স্তর (*বয়স তিরিশের কোঠায়*)।

কোঠাবাড়ি /কোঠাবাড়ি/ [বা.] বি. পাকাবাড়ি।

কোড়া /কোড়া/ [দেশি.] বি. কশা, চাবুক; বেত্র।

কোণ /কোন্/ [স. √কুণ্+অ] বি. (জ্যা.) ১ পরস্পর মিলিত দুটি সরলরেখার মধ্যবর্তী স্থান (*ত্রিভুজের কোণ*); কোনা। ২ দুই পার্শ্বের মিলনস্থান (*ঘরের কোণ*)। ৩ সূক্ষ্ম প্রান্ত (*আঁখিকোণ*)। ৪ অস্ত্রাদির অগ্রভাগ (*ছুরির কোণ*)। ৫ খুঁট (*কাপড়ের কোণ*)। ৬ গৃহাভ্যন্তর, অন্তঃপুর।

কোণঘেঁষা /কোন্‌ঘ্যাঁশা/ [স. কোণ+বা. ঘেঁষা] বিণ. ১ লাজুক; অমিশুক; একা থাকতে ভালোবাসে এমন, নির্জনবাসী। ২ প্রান্তে অবস্থিত।

কোণঠাসা /কোন্‌ঠাশা/ [স. কোণ+বা. ঠাসা] বিণ. ১ সংকীর্ণ গন্ডির মধ্যে আবদ্ধ। ২ উপেক্ষিত। ৩ পরাজয়ের মুখোমুখি।

কোতরা /কোত্‌রা/ [ওড়.] বি. ঝোলাগুড়, মাতগুড়; কালো পাতলা গুড়।

কোতোয়াল /কোতোআল্/ [ফা.] বি. ১ নগররক্ষার দায়িত্বে নিয়োজিত আধিকারিক, কমিশনার, কোটাল। ২ প্রহরী।

কোতোয়ালি /কোতোআলি/ [ফা. কোতোয়াল >] বি. কোতোয়ালের কর্ম বা পদ; থানা, পুলিশফাঁড়ি।

কোথা /কোথা/ [স. কুত্র >] অব্য. কোন স্থান (*কোথা থেকে*)। ক্রিবিণ. কোথায়, কোন স্থানে।

কোথাও /কোথাও/ [বা.] অব্য. ক্রিবিণ. কোনো স্থানে (*কোথাও আমার হারিয়ে যাওয়ার নেই মানা মনে মনে!* রবীন্দ্র.); কোনো কোনো জায়গায়।

কোথাকার /কোথাকার/ [বা.] বিণ. ১ কোন স্থানের (*কোথাকার লোক*)। ২ অস্থানের (*কোথাকার কে*)। ৩ (তিরস্কারে) অস্থানের কুস্থানের; কোনো অপ্রীতিকর ও অবাঞ্ছিত ঘটনার যোগসংক্রান্ত (*চোর কোথাকার*)।

কোথায় /কোথায়/ [বা.] অব্য. ক্রিবিণ. কোন জায়গায়, কোন স্থানে।

কোদণ্ড /কোদন্‌ডো/ [স. √কুণ্+অণ্ড] বি. ১ ধনুক, শরাসন। ২ (জ্যা.) চাপ। ৩ ভ্রূভঙ্গি। ৪ বাঁশ।

কোদণ্ড টংকার /কোদন্‌ডো টংকার/ বি. ধনুকের ছিলা আন্দোলনের শব্দ।

কোদন /কোদন্/ [বা.] বি. ১ আস্ফালন। ২ কুর্দন। ৩ লম্ফন।

কোদাল /কোদাল্/ [স. কুদ্দাল >] বি. মাটি কাটার জন্য ব্যবহৃত কাঠের লম্বা হাতলযুক্ত লোহার চ্যাপটা ও ধারালো ফলকবিশিষ্ট হাতিয়ার, spade।

কোদালি /কোদালি/ [বা.] বি. ছোটো কোদাল।

কোদালিয়া /কোদালিআ/ [বা.] বি. যে ব্যক্তি কোদাল দিয়ে মাটি কাটে। বিণ. কোদাল দিয়ে কোপানো মাটির মতো আকৃতিবিশিষ্ট (*কোদালিয়া মেঘ*)।

কোদালিয়া মেঘ /কোদালিআ মেঘ/ বি. ভূপৃষ্ঠের ২ থেকে ৭ কিলোমিটার উচ্চতায় থোকায় থোকায় ভাসমান কোদালে কোপানো মাটির আকৃতিসদৃশ মেঘ, altocumulus cloud।

কোন /কোন্/ [বা.] সর্ব. কী, কে, কোনটি (*কোন দিন*)। ক্রিবিণ. কী প্রকারে, কীভাবে; কীসে (*তুমিই বা কোন ভালো খেলোয়াড়*)।

কোনও /কোনো/ [বা.] সর্ব. বিণ. অনির্দিষ্ট একটি বা একজন; বহুর মধ্যে এক।

কোনা[১] /কোনা/ [স. কোণ >] বি. প্রান্ত; ধার (*কোনাকুনি*)। বিণ. কোণযুক্ত, কোণবিশিষ্ট।

কোনা[২] /কোনা/ [দেশি.] বি. ১ তিনশত পানপাতার গুচ্ছ। ২ ধান মাপার পাত্র। ৩ ঘরের চাল ধরে রাখার জন্য মাটিতে পোঁতা খুঁটি।

কোনাকুনি /কোনাকুনি/ [বা.] ক্রিবিণ. বিণ. এক কোণ থেকে বিপরীত কোণ পর্যন্ত; কোণ বরাবর।

www.pathagar.com

কোনাচ /কোনাচ্/ [স. কোণ >] বি. ১ কোণের দিকের অংশ বা স্থান। ২ বাক্স বা সিন্দুকের কোনায় আঁটা পাত।

কোনাচে /কোনাচে/ [বা.] বিণ. কোনাকুনি (*কোনাচে রাস্তা*), কোনার দিকে মুখ এমন; ত্যাড়া।

কোনো /কোনো/ [বা.] সর্ব. বিণ. ১ অনির্দিষ্ট বা অনির্ধারিত একজন লোক বা বস্তু। ২ কে বা কী (*কোনো বিষয়*)। ৩ বহুর মধ্যে একটি বা একজন (*কোনো লোকই আসেনি*)।

কোনো কোনো /কোনো কোনো/ সর্ব. বিণ. ১ অনির্দিষ্ট কোনো এক বা একাধিক ব্যক্তি (*কোনো কোনো লোক*)। ২ মাঝে মাঝে (*কোনো কোনো দিন সে আসে*)।

কোনো না কোনো /কোনো না কোনো/ সর্ব. বিণ. যে কোনো উপায়ে (*কাজটি কোনো না কোনো-ভাবে করতে হবে*)।

কোনোমতে /কোনোমতে/ [বা.] ক্রিবিণ. কোনো প্রকারে, কষ্টেসৃষ্টে (*এই টাকায় কোনোমতে চালিয়ে নিতে হবে*)।

কোনোরকমে /কোনোরকমে/ [বা.] ক্রিবিণ. দ্র কোনোমতে।

কোন্দল /কোন্দোল্/ [স. কন্দল >] বি. ঝগড়া-বিবাদ।

কোন্দলিয়া /কোন্দোলিআ/ [বা.] বিণ. ঝগড়াটে।

কোপ[১] /কোপ্/ [স. √কুপ্+অ] বি. ১ ক্রোধ, রোষ (*কোপানল*)। ২ অসন্তোষ (*দেবতার কোপ*)।

কোপ[২] /কোপ্/ [দেশি.] বি. তীক্ষ্ণ ও ভারী অস্ত্রের আঘাত (*কোদালের কোপ*)।

কোপকটাক্ষ /কোপ্কটাক্খো/ [স. কোপ+কট+অক্ষি] বি. ক্রোধপূর্ণ দৃষ্টি।

কোপদৃষ্টি /কোপ্দৃশ্টি/ [স. কোপ+√দৃশ্+তি] বি. দ্র কোপকটাক্ষ।

কোপন /কোপন্/ [স. √কুপ্+অন] বিণ. সহজে রেগে যায় এমন, রাগী। স্ত্রী. কোপনা /কোপনা/।

কোপনস্বভাব /কোপন্শভাব্/ [স. কোপন+স্বভাব] বি. বিণ. অল্পেই রেগে যাওয়ার স্বভাব।

কোপা /কোপা/ [বা.] ক্রিবি. তীক্ষ্ণ ও ধারালো অস্ত্র দিয়ে আঘাত করা। বি. ছাদ পিটানোর জন্য ব্যবহৃত কাঠের মুষল; পিটনা।

কোপানল /কোপানল্/ [স. কোপ+অনল] বি. ক্রোধাগ্নি, ক্রোধরূপ বহ্নি; তীব্র ক্রোধ।

কোপানো /কোপানো/ [বা.] ক্রিবি. ১ তীক্ষ্ণধার অস্ত্র দিয়ে কুপিয়ে আঘাত করা (*দা দিয়ে কোপানো*)। ২ কোদালের কোপ দিয়ে কাটা (*মাটি কোপানো*)।

কোপাবিষ্ট /কোপাবিশ্টো/ [স. কোপ+আ+√বিশ্+ত] বিণ. রুষ্ট; ক্রোধান্বিত।

কোপিত /কোপিতো/ [স. √কোপি+ত] বিণ. রাগিয়ে দেওয়া হয়েছে এমন; ক্রোধিত, রোষিত।

কোপ্তা /কোপ্তা/ [ফা.] বি. দ্র কোফতা।

কোফতা /কোফ্তা/ [ফা.] বি. মসলা মাখানো পিষ্ট মাছ বা মাংসের তেলে ভাজা বড়া।

কোফরান /কোফ্রান্/ [ফা.] বি. অকৃতজ্ঞতা; বিশ্বাসহীনতা।

কোবিদ /কোবিদ্/ [স. কো+√বিদ্+অ] বিণ. ১ জ্ঞানী, পণ্ডিত। ২ পারদর্শী, দক্ষ, নিপুণ।

কোমর /কোমোর্/ [ফা.] বি. কটিদেশ, মাজা।

কোমরপাটা /কোমোর্পাটা/ [ফা. কোমর+বা. পাটা] বি. নারী ও শিশুদের কটিভূষণবিশেষ।

কোমরবন্ধ /কোমোর্বন্ধ্/ [ফা.] বি. পরিধেয় বস্ত্র কোমরে বেঁধে রাখার পটি, কটিবন্ধ, বেল্ট।

কোমর বাঁধা /কোমোর্ বাঁধা/ ক্রিবি. কোনো কাজে উঠেপড়ে লাগা (*কোমর বেঁধে কাজে নামা*), কোনো বিষয়ে দৃঢ়সংকল্প হওয়া।

কোমল /কোমোল্/ [স. √কম্+অল] বিণ. ১ নরম (*কোমল শয্যা*)। ২ ললিত; মধুর (*কোমল কণ্ঠ*)। ৩ মৃদু (*কোমল আঘাত*)। বি. গানে শুদ্ধ স্বরের চেয়ে নিচু পর্দা।

কোমলচিত্ত /কোমোল্চিত্তো/ [স. কোমল+√চিৎ+ত] বিণ. কোমল হৃদয়বিশিষ্ট।

কোমলতা /কোমোলতা/ [স. কোমল+তা] বি. নম্রতা; স্নিগ্ধতা; মাধুর্য।

কোমলত্ব /কোমোলত্তো/ [স. কোমল+ত্ব] বি. দ্র কোমলতা।

কোমল পানীয় /কোমোল্ পানিয়ো/ বি. সুরা ভিন্ন ফলের রস প্রভৃতি বা বাতাস্বিত (aerated) বোতলজাত পানীয়, soft drink।

কোমলমতি /কোমোল্মোতি/ [স. কোমল+√মন্+তি] বিণ. দয়ার্দ্রচিত্ত, কোমল হৃদয়বিশিষ্ট।

কোমলায়ন /কোমোলায়ন্/ [স. কোমল+অয়ন] বি. ১ ইস্পাত প্রভৃতি মিশ্র ধাতু ঘাতসহ করার উদ্দেশ্যে উচ্চ তাপমাত্রায় (প্রায় ৬৮০° সে.) গরম করার পর ধীরে ধীরে ঠান্ডা করার প্রক্রিয়া। ২ কাচ বা ধাতব বস্তু টেকসই করার উদ্দেশ্যে নির্দিষ্ট তাপমাত্রায় গরম করার পর ধীরে ধীরে ২০° থেকে ২৫° সেলসিয়াসে নামিয়ে আনার প্রক্রিয়া। ৩ কাচ বা চীনামাটির তৈরি পাত্র উচ্চ তাপমাত্রায় পুড়িয়ে রং মিশ্রণের পদ্ধতিবিশেষ। ৪ annealing।

www.pathagar.com

কোম্পানি /কোম্পানি/[ই. company] বি. ১ এক বা একাধিক ব্যক্তির যৌথ উদ্যোগে গঠিত ব্যবসায় প্রতিষ্ঠান। ২ অবিভক্ত ভারতে ব্রিটিশ সাম্রাজ্য স্থাপনকারী ব্যবসায় প্রতিষ্ঠান। ৩ মেজর বা ক্যাপটেনের অধীন পদাতিকবাহিনীর ছোটো দল।

কোম্পানির কাগজ /কোম্পানির্ কাগোজ্/ বি. ব্যবসায় প্রতিষ্ঠানে বিনিয়োগের স্বীকৃতিপত্ররূপে প্রদত্ত দলিল, শেয়ার (share)।

কোয়া /কোআ/ [স. কোষ >] বি. ১ ফলের কোষ (*কমলালেবুর কোয়া*)। ২ ফলের বীজ।

কোয়ার্টারস /কোআর্টার্স্/ [ই. quarters] বি. ১ সরকারি কর্মীদের জন্য নির্মিত অস্থায়ী আবাস। ২ শিল্পকারখানা বা বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক নির্মিত নির্দিষ্ট আবাসন।

কোয়ালিশন /কোআলিশন্/ [ই.] বি. সরকার গঠন বা বিশেষ কোনো উদ্দেশ্যে বিভিন্ন রাজনৈতিক দল বা শক্তির মধ্যে প্রতিষ্ঠিত অস্থায়ী ঐক্য, জোট, coalition।

কোয়েল[১] /কোয়েল্/ [স. কোকিল >] বি. এশিয়া ও ইউরোপে বিচরণ করে এবং বসন্তের আগমন ঘোষণা করে এমন কালচে ধূসর বর্ণের পরিযায়ী ও পরভৃত পাখি, কোকিল, কুহুকণ্ঠ, পিক।

কোয়েল[২] /কোয়েল্/ [ই.] বি. মুরগির বাচ্চার মতো দেখতে সাধারণত হালকা ধূসরবর্ণের ছোটো পাখিবিশেষ যা জন্মের ৬–৭ সপ্তাহের মধ্যে ডিম পাড়তে শুরু করে এবং বছরে প্রায় ২৫০টি ডিম পেড়ে থাকে, quail।

কোরআন /কোর্আন্/ [আ.] বি. হজরত মুহম্মদ (সা.) কর্তৃক আল্লাহর নিকট থেকে প্রাপ্ত ঐশী-বাণীসংবলিত গ্রন্থ; ১১৪টি সুরা বা অনুচ্ছেদে বিভক্ত ইসলাম ধর্মাবলম্বীদের মূল ধর্মগ্রন্থ; কোরানশরিফ; কুরআন এবং কোরান–এর বানানভেদ।

কোরক /কোরক্/ [স. √কুর্+অক] বি. মুকুল, কলিকা, কুঁড়ি; আফোটা ফুল।

কোরণ্ড /কোরন্ডো/ [স. কুরণ্ড >] বি. অণ্ডকোষ বেষ্টনকারী ঝিল্লিস্তরসমূহের মধ্যবর্তী স্থানে তরল পদার্থের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগবিশেষ, কুরণ্ড, hydrocele।

কোরবান /কোর্বান্/ [আ.] বি. আল্লাহ্‌র উদ্দেশে ত্যাগ; বিশেষ উদ্দেশ্যে আত্মদান, উৎসর্গ।

কোরবানি /কোর্বানি/ [আ.] বি. হিজরি পঞ্জিকার জিলহজ মাসের দশ তারিখে আল্লাহ্‌র উদ্দেশে সক্ষম মুসলমানদের পশু বধ।

কোরা[১] /কোরা/ [হি.] বিণ. ১ মাড়যুক্ত; আধোয়া (*কোরা শাড়ি*)। ২ সম্পূর্ণ নতুন; অব্যবহৃত।

কোরা[২] /কোরা/ [দেশি.] ক্রিবি. কোরানি দিয়ে চাঁছা (*নারকেল কোরা*)।

কোরান /কোরান্/ [আ.] বি. দ্র কোরআন।

কোরান–এ মজিদ /কোরান্-এ মোজিদ্/ বি. দ্র কোরআন।

কোরানখানি /কোরান্খানি/ [আ.] বি. বিশেষ উপলক্ষ্যে আয়োজিত কোরান পাঠ ও প্রার্থনাসভা।

কোরানি /কোরানি/ [বা.] বি. নারকেল কোরানোর কাজে ব্যবহৃত বঁটিসদৃশ খাঁজকাটা প্রান্তভাগবিশিষ্ট ধাতব সরঞ্জাম।

কোরানো /কোরানো/ [বা.] ক্রিবি. ১ কোরানি দিয়ে চাঁছা, আঁচড় দিয়ে কুরে বের করা (*নারকেল কোরানো*)। ২ একটু একটু করে খোঁড়া। বিণ. কুরে বের করা হয়েছে এমন।

কোরাম /কোরাম্/ [ই.] বি. সংসদ বা কোনো প্রতিষ্ঠানের পক্ষে গৃহীত সিদ্ধান্তকে বৈধতা প্রদানের জন্য যে সর্বনিম্নসংখ্যক সদস্যের উপস্থিতি অপরিহার্য, quorum।

কোরাল /কোরাল্/ [স. করাল>] বি. চ্যাপটা গড়নের প্রশস্ত মুখবিশিষ্ট বৃহদাকার ক্রান্তীয় অঞ্চলের সামুদ্রিক মাছবিশেষ।

কোরেশ /কোরেশ্/ [আ.] বি. আরবদেশের যে বংশে হজরত মুহম্মদ (সা.) জন্মগ্রহণ করেন।

কোরেশি /কোরেশি/ [ফা.] বিণ. কোরেশ বংশে জাত।

কোরো /কোরো/ [বা.] অনুক্রি. করার অনুরোধ বা অনুজ্ঞা (*বঁধু, মিছে রাগ কোরো না, কোরো না।* রবীন্দ্র.)।

কোর্ট /কোর্ট্/ [ই. court] বি. ১ আদালত, বিচারালয়। ২ টেনিস ব্যাডমিন্টন প্রভৃতি খেলার জন্য চিহ্নিত চতুষ্কোণ অঙ্গন; দেওয়ালঘেরা চত্বর। ৩ প্রাসাদ। ৪ উঠোন।

কোর্টমার্শাল /কোর্ট্মার্শাল্/ [ই.] বি. সামরিক বিধি অনুযায়ী স্থাপিত আদালতে বিচার, court martial।

কোর্ফা /কোর্ফা/ [আ.] বি. ১ অন্য প্রজার জমিতে চাষাবাদ। ২ স্বত্বাধিকারহীন প্রজা।

কোর্ফাপ্রজা /কোর্ফাপ্রোজা/ [আ. কোরফা+স. প্রজা] বি. প্রজার অধীন প্রজা; জমির স্বত্বহীন প্রজা।

কোর্মা /কোর্মা/ [তুর.] বি. তুরকি পদ্ধতিতে দই-সহযোগে অল্প মসলায় রাঁধা মাছ মাংস প্রভৃতি।

কোর্স /কোর্স্/ [ই.] বি. পঠনপাঠনের বিষয়সূচি, পাঠ্যধারা, course।

www.pathagar.com

কোল[১] /কোল্/ [স. √কুল্+অ] বি. ১ ক্রোড় (*মায়ের কোল*)। ২ মধ্যভাগ, পেটি (*কোলের মাছ*)। ৩ তীর (*নদীর কোল*)। ৪ বক্ষ (*সাগরকোল*)। ৫ সান্নিধ্য (*কোলঘেঁষা*)। ৬ ভারতের আদিম অনার্য জাতিবিশেষ। ৭ শূকর।

কোল[২] /কোল্/ [ফা.] বি. নদীর চর ও তীরের মধ্যবর্তী অগভীর ডোবা।

কোল-আঁচল /কোল্আঁচোল্/ [বা.] বি. শাড়ির আঁচলের যে অংশ কোলের কাছে থাকে।

কোল আঁধার /কোল্ আঁধার্/ বি. নিজের ছায়া পড়ার ফলে সৃষ্ট অন্ধকার।

কোলকুঁজো /কোল্কুঁজো/ [বা.] বিণ. দেহ কোমরের দিকে বাঁকা হওয়ার ফলে সামনের দিকে ঝুঁকে পড়েছে এমন।

কোলছাড়া /কোল্ছাড়া/ [বা.] বিণ. ক্রোড়চ্যুত।

কোলজুড়ানো /কোল্জুড়ানো/ [বা.] বিণ. কোলে বসার ফলে মায়ের মন জুড়ায় এমন।

কোলজোড়া /কোল্জোড়া/ [বা.] বিণ. দ্র কোল-জুড়ানো।

কোলন /কোলোন্/ [ই.] বি. যতিচিহ্নবিশেষ (:), colon।

কোলপাতি /কোল্পাতি/ [স. ক্রোড়পত্র >] বি. ক্রোড়পত্র।

কোলপোঁছা /কোল্পোঁছা/ [বা.] বিণ. সর্বশেষ গর্ভজাত; সর্বকনিষ্ঠ।

কোলবালিশ /কোল্বালিশ্/ [বা.] বি. বিছানায় কোলের পাশে যে বালিশ রাখা হয়, পাশবালিশ।

কোলমোছা /কোল্মোছা/ [বা.] বিণ. দ্র কোল-পোঁছা।

কোলম্বক /কোলম্বক্/ [স. √কুল্+অম্ব+ক] বি. বীণার কাঠামো (তারবিহীন)।

কোলশরা /কোল্শরা/ [বা.] বি. মঙ্গলকর্মে হলুদ কাপড় দিয়ে দুটি শরা মুড়ে রাখার সংস্কার।

কোলা /কোলা/ [স. গোলক >] বিণ. মোটা; স্ফীতোদর (*কোলা ব্যাং*)। বি. পেটমোটা বড়ো জালাবিশেষ।

কোলাকুলি /কোলাকুলি/ [বা.] বি. পরস্পরকে জড়িয়ে ধরে আলিঙ্গন।

কোলাজ /কোলাজ্/ [ই.] বি. ছবি দেশলাইয়ের কাঠি কাগজ কাপড় প্রভৃতি সেঁটে রচিত বিমূর্ত শিল্পকর্ম (*কোলাজ কার্টুন*), collage।

কোলাপুরি চটি /কোলাপুরি চোটি/ বি. মহারাষ্ট্রের কোলাপুর জেলায় উৎপন্ন চামড়ার নকশাদার চটি।

কোলাব্যাং /কোলাব্যাং/ [বা.] বি. অগভীর জলাশয়ে বাস করে এমন পেটমোটা বড়ো ব্যাংবিশেষ।

কোলাহল /কোলাহল্/ [স. কোল+আ+√হল্+অ] বি. বহু লোকের মিলিত কণ্ঠের আওয়াজ; গোলমাল।

কোলাহলময় /কোলাহল্ময়্/ [স. কোলাহল+ময়ট্] বিণ. কোলাহলপূর্ণ।

কোলে কাঁখে করা /কোলে কাঁখে করা/ ক্রিবি. বিশেষ যত্নসহকারে লালন করা।

কোলেস্টেরল /কোলেস্টেরল্/ [গ্রি.] বি. মেরুদণ্ডী প্রাণীর দেহে স্নেহপদার্থের আধিক্যহেতু প্রোটিন ও অন্যান্য উপাদানের সঙ্গে মিশে থাকে এমন স্টেরয়েডজাতীয় পদার্থ (যা হৃদযন্ত্রে রক্ত চলাচলে বাধা সৃষ্টি করে), cholesterol।

কোশ /কোশ্/ [স. √কুশ্+অ] বি. দ্র কোষ।

কোশল /কোশল্/ [স. √কুশ্+অল] বি. উত্তর প্রদেশের নিকটবর্তী জনপদ।

কোশা /কোশা/ [স. কোশ >] বি. ১ পূজায় ব্যবহৃত তামার তৈরি ছোটো জলপাত্রবিশেষ। ২ ডিঙি।

কোষ /কোশ্/ [স. √কুষ্+অ] বি. ১ (উদ্ভিদ ও প্রাণি-দেহে) সূক্ষ্ম পর্দায় আবৃত জীবন্ত কলা (tissue) গঠনের একক, cell। ২ ভান্ডার (*রাজকোষ*)। ৩ ধনরত্ন। ৪ আধার, থলি (*বীজকোষ*)। ৫ খাপ (*কোষবদ্ধ তরবারি*)। ৬ কোয়া (*কাঁঠালের কোষ*)। ৭ অভিধান গ্রন্থ (*শব্দকোষ*)। ৮ রেশমের গুটি। ৯ মুকুল, কুঁড়ি (*পদ্মকোষ*)।

কোষকাব্য /কোশ্কাব্যো/ [স. কোষ+কবি+য] বি. বিভিন্ন কবিতার সংকলনগ্রন্থ।

কোষকার /কোশ্কার্/ [স. কোষ+√কৃ+অ] বি. ১ অভিধানপ্রণেতা। ২ গুটিপোকা।

কোষবৃদ্ধি /কোশ্বৃদ্ধি/ [স. কোষ+√বৃধ্+তি] বি. অণ্ডকোষ বেষ্টনকারী ঝিল্লিস্তরসমূহের মধ্যবর্তী স্থানে তরল পদার্থের অস্বাভাবিক বৃদ্ধিজনিত রোগ, কুরন্ড, কোরন্ড, hydrocele।

কোষমুক্ত /কোশ্মুক্তো/ [স. কোষ+√মুচ্+ত] বিণ. খাপমুক্ত করা হয়েছে এমন (*কোষমুক্ত অসি*)।

কোষাগার /কোশাগার্/ [স. কোষ+আগার] বি. যে গৃহে টাকাপয়সা প্রভৃতি রাখা হয়।

কোষাধ্যক্ষ /কোশাদ্ধোক্ষো/ [স. কোষ+অধ্যক্ষ] বি. ধনাগারের তত্ত্বাবধায়ক, ধনরক্ষক; (পরি.) treasurer, cashier।

কোষ্টা /কোশ্টা/ [দেশি.] বি. পাট।

কোষ্ঠ /কোশ্ঠো/ [স. √কুষ্+থ] বি. ১ কক্ষ, ঘর।

www.pathagar.com

২ শস্যভান্ডার, গোলা। ৩ জলাশয়। ৪ উদরের মধ্যস্থিত মলভান্ড; মল।

কোষ্ঠকাঠিন্য /কোশ্‌ঠোকাঠিন্‌নো/ [স. কোষ্ঠ+কঠিন +য] বি. নিয়মিত পেটের মল পরিষ্কার না হওয়ার রোগবিশেষ, constipation।

কোষ্ঠবদধতা /কোশ্‌ঠোবদ্‌ধোতা/ [স. কোষ্ঠ+বদ্ধ+ তা] বি. দ্র কোষ্ঠকাঠিন্য।

কোষ্ঠী /কোশ্‌ঠি/ [স. কোষ্ঠ+ঈ] বি. যে পত্রে মানুষের জন্মকালের গ্রহনক্ষত্রাদির অবস্থান লিপিবদ্ধ করা হয়, ঠিকুজি, জন্মকোষ্ঠী।

কোষ্ঠী কাটা /কোশ্‌ঠি কাটা/ ক্রিবি. নিন্দা করা; গালি দেওয়া।

কোষ্ঠীবিচার /কোশ্‌ঠিবিচার্‌/ [স. কোষ্ঠী+বিচার] বি. কোষ্ঠীর ফলাফল নির্ণয়।

কোষ্ণ /কোশ্‌নো/ [স. কু+উষ্ণ] বিণ. অল্প গরম, ঈষদুষ্ণ, কবোষ্ণ।

কোহল /কোহল্‌/ [স. কু+√হল্‌+অ] বি. ১ সুরাসার, মদ, alcohol। ২ বাদ্যযন্ত্রবিশেষ। ৩ নাট্যকার।

কোহিনুর /কোহিনুর্‌/ [ফা.] বি. ১ মহামূল্য রত্নবিশেষ; হীরক। ২ সম্মাননীয় ব্যক্তি।

কৌঁসুলি /কৌঁশুলি/ [ই. counsellor >] বি. আদালতের উকিল বা ব্যারিস্টার।

কৌচ /কাউচ্‌/ [ফ.] বি. একজন বা একাধিক ব্যক্তি বসার উপযোগী গদি-আঁটা আসন, couch।

কৌটা /কোউটা/ [দেশি.] বি. ঢাকনিযুক্ত ছোটো পাত্র বা আধারবিশেষ।

কৌটিল্য /কৌউটিল্‌লো/ [স. কুটিল+য] বি. ১ স্বভাব বা মনের ক্রূরতা, কুটিলতা। ২ প্রথম মৌর্য সম্রাট দ্বিতীয় চন্দ্রগুপ্তের মন্ত্রণাদাতা ও 'অর্থশাস্ত্র' গ্রন্থের প্রণেতা, চাণক্য।

কৌটো /কোউটো/ [দেশি.] বি. 'কৌটা'-র কথ্য রূপ।

কৌড়ি /কৌড়ি/ [বা.] বি. কড়ি, বরাটক, টাকা-পয়সা; মূল্য।

কৌণিক /কৌণিক্‌/ [স. কোণ+ইক] বিণ. ১ কোণ-বিষয়ক। ২ কোনাকুনি (*কৌণিক দূরত্ব*)।

কৌণী /কৌণি/ [বা.] বি. দৈর্ঘ্যে ও প্রস্থে এক হাত মাপের জমির আয়তন।

কৌতুক /কৌতুক্‌/ [স. কুতুক+অ] বি. ১ আমোদ, মজা। ২ পরিহাস; রহস্য। ৩ কৌতূহল।

কৌতুকপ্রিয় /কৌতুক্‌প্রিয়ো/ [স. কৌতুক+প্রিয়] বিণ. ঠাট্টাতামাশা করতে ভালোবাসে এমন।

কৌতুকাবহ /কৌতুকাবহো/ [স. কৌতুক+আবহ] বিণ. আমোদপূর্ণ; কৌতূহলজনক।

কৌতুকী /কৌতুকি/ [স. কৌতুক+ইন্‌] বিণ. ১ কৌতুকপূর্ণ। ২ আমুদে। ৩ কৌতুককারী। ৪ কৌতূহলী, রহস্যপ্রিয়।

কৌতূহল /কৌতুহল্‌/ [স. কুতূহল+অ] বি. অজ্ঞাত বিষয় জানার আগ্রহ, ঔৎসুক্য।

কৌতূহলজনক /কৌতুহল্‌জনোক্‌/ [স. কৌতূহল +√জনি+অক] বিণ. ঔৎসুক্যজনক।

কৌতূহলপরবশ /কৌতুহল্‌পরোবশ্‌/ [স. কৌতূহল +পরবশ] বিণ. অজ্ঞাত বিষয় জানতে আগ্রহী, কৌতূহলপূর্ণ।

কৌতূহলী /কৌতুহোলি/ [স. কৌতূহল+ইন্‌] বিণ. নতুন কিছু জানার জন্য আগ্রহী, উৎসুক।

কৌতূহলোদ্দীপক /কৌতুহলোদ্‌দিপক্‌/ [স. কৌতূহল+উদ্দীপক] বিণ. জানার আগ্রহ বাড়ায় এমন।

কৌন্তিক /কৌন্‌তিক্‌/ [স. কুন্ত+ইক] বিণ. কুন্তধারী। বি. অস্ত্রধারী যোদ্ধা।

কৌন্তেয় /কৌন্‌তেয়ো/ [স. কুন্তী+এয়] বি. ১ মহাভারতে বর্ণিত কুন্তীর পাঁচজন পুত্র (যুধিষ্ঠির ভীম অর্জুন নকুল ও সহদেব)। ২ অর্জুন বৃক্ষ।

কৌপ /কৌপো/ [স. কূপ+অ] বিণ. কূপসম্বন্ধীয়। বি. কূপের জল।

কৌপীন /কৌপিন্‌/ [স. কূপ+ঈন] বি. ১ চীরবসন, কপনি, ল্যাঙট। ২ গুহ্যদেশ। ৩ দুষ্কর্ম। ৪ পাপ।

কৌমার /কৌমার্‌/ [স. কুমার+অ] বিণ. কুমার-সম্বন্ধীয়। বি. ৫-১০ বৎসর বয়স পর্যন্ত অবস্থা, বাল্য অবস্থা; অবিবাহিত অবস্থা।

কৌমারভৃত্য /কৌমারভৃতো/ [স. কৌমার+√ভৃ+ য] বি. আয়ুর্বেদীয় পদ্ধতিতে শিশু ও প্রসূতিরোগ-সংক্রান্ত চিকিৎসাশাস্ত্র।

কৌমার্য /কৌমারজো/ [স. কুমার+য] বি. অবিবাহিত কাল, কুমারদশা।

কৌমুদী /কৌমুদি/ [স. কুমুদ+অ+ঈ] বি. ১ চাঁদের আলো, জ্যোৎস্না। ২ কার্তিক মাসের পূর্ণিমা। ৩ ব্যাখ্যাপুস্তক।

কৌমুদীপতি /কৌমুদিপোতি/ [স. কৌমুদী+√পা+ অতি] বি. চাঁদ।

কৌমোদকী /কৌমোদোকি/ [স. কুমোদক+অ+ঈ] বি. বিষ্ণুর গদা।

কৌরব /কৌরব্‌/ [স. কুরু+অ] বি. কুরুবংশে জাত ধৃতরাষ্ট্রের পুত্রগণ। বিণ. কুরুবংশীয়।

www.pathagar.com

কৌরবেয় /কৌঁরবেয়ো/ [স. কুরু+এয়] বিণ. কুরুবংশীয়।

কৌরব্য /কোঁরোব্‌বো/ [স. কুরু+য] বিণ. দ্র কৌরবেয়।

কৌর্ম /কৌঁরমো/ [স. কূর্ম+অ] বিণ. কূর্মবিষয়ক। বি. কূর্মপুরাণ।

কৌল /কৌঁলো/ [স. কুল+অ] বিণ. ১ কুলে জাত; কুলীন। ২ বামাচারী তান্ত্রিক। ৩ কৌলিক, কুল-বিষয়ক। বি. তন্ত্রোক্ত আচার।

কৌলাচারী /কৌঁলাচারি/ [স. কৌলাচার+ইন্] বি. বিণ. তান্ত্রিকসাধক।

কৌলিক /কৌঁলিক্/ [স. কুল+ইক] বিণ. ১ কুল-সম্বন্ধীয়। ২ কুলধর্মের প্রবর্তক। ৩ কুলধর্ম অনুযায়ী। বি. ১ কুলপ্রথা। ২ তন্তুবায়, তাঁতি।

কৌলীন্য /কৌঁলিন্‌নো/ [স. কুলীন+য] বি. ১ কল্পিত বংশমর্যাদার গৌরব। ২ কুলীন প্রথা।

কৌলীন্য প্রথা /কৌঁলিন্‌নো প্রোথা/ বি. কুলের কল্পিত মর্যাদা অনুযায়ী বিভাজনের প্রথা।

কৌলেয়ক /কৌঁলেয়ক্/ [স. কুল+এয়ক] বিণ. কল্পিত সদ্‌বংশজাত।

কৌশল /কৌঁশল্/ [স. কুশল+অ] বি. ১ নিপুণতা (*কর্মকৌশল*)। ২ কারিগরি গঠনশৈলী (*নির্মাণ-কৌশল*)। ৩ চাতুর্য; ছল (*কৌশলে কার্যসিদ্ধি*)।

কৌশলগত /কৌঁশল্‌গতো/ [স. কৌশল+√গম্+ত] বিণ. কুশলতাজনিত।

কৌশলী /কৌঁশোলি/ [স. কৌশল+অ+ঈ] বিণ. ১ কুশলতাসম্পন্ন। ২ ফন্দিবাজ।

কৌশলেয় /কৌঁশলেয়ো/ [স. কৌশল্যা+এয়] বি. রামায়ণোক্ত কৌশল্যার গর্ভজাত পুত্র রাম।

কৌশল্যা /কৌঁশোল্‌লা/ [স. কোশল+য+আ (টাপ্)] বি. রামায়ণোক্ত রাজা দশরথের প্রথমা পত্নী ও রামচন্দ্রের মাতা।

কৌশিক[১] /কৌঁশিক্/ [স. কুশিক+অ] বি. কুশিক মুনির পুত্র, বিশ্বামিত্র।

কৌশিক[২] /কৌঁশিক্/ [স. কোশ+ইক] বিণ. রেশমের তৈরি।

কৌশিকী /কৌঁশিকি/ [স. কৌশিক+ঈ] বি. ১ আদ্যাশক্তির রূপবিশেষ, দুর্গা। ২ পূর্বভারতের নদীবিশেষ। ৩ দিবার মধ্যভাগে গেয় সংগীতের রাগবিশেষ। ৪ নাট্যশাস্ত্র রচনার প্রকারভেদ।

কৌশেয় /কৌঁশেয়ো/ [স. কোশ+এয়] বিণ. রেশমের তৈরি, রেশমি।

কৌসুম্ভ /কৌঁশুম্‌ভো/ [স. কুসুম্ভ+অ] বি. দ্র কুসুম[১]।

কৌস্তুভ /কৌঁস্‌তুভ্/ [স. কুস্তুভ+অ] বি. পুরাণে বর্ণিত মণিবিশেষ; কৃষ্ণের ভূষণ।

ক্বচিৎ /কোচিত্/ [স. √কিম্+চিৎ] অব্য. ক্রিবিণ. কোথাও, কুত্রাপি; কখনো; কদাচিৎ।

ক্বণ /কন্/ [স. √ক্বণ্+অ] বি. বীণা প্রভৃতি বাদ্য-যন্ত্রের ঝংকার; নিক্বণ।

ক্বণন /কনোন্/ [স. √ক্বণ্+অন] বি. ধ্বনন, ঝংকার।

ক্বণিত /কোনিতো/ [স. √ক্বণ্+ত] বিণ. শব্দিত; ঝংকৃত।

ক্বাথ /কাথ্/ [স. √ক্বথ্+অ] বি. ১ গাছগাছড়া সেদ্ধ করে আহৃত নির্যাস। ২ মাড়।

ক্যাঁক /ক্যাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. আকস্মিক আঘাত উত্তেজনা প্রভৃতিব্যঞ্জক ধ্বনি (*ক্যাঁক করে ওঠা*)।

ক্যাঁককেঁকে /ক্যাঁক্‌কেঁকে/ [ধ্বন্যা.] বিণ. কর্কশ, রূঢ়।

ক্যাঁকক্যাঁক /ক্যাঁক্‌ক্যাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. রূঢ়-স্বরে বিরক্তি প্রকাশ; বারবার ক্যাঁক শব্দ।

ক্যাঁচ /ক্যাঁচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. তীক্ষ্ণ অস্ত্র দিয়ে কাটার অনুকার শব্দ (*ক্যাঁচ করে কেটে ফেলা*)।

ক্যাঁচক্যাঁচ /ক্যাঁচ্‌ক্যাঁচ্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ক্যাঁচ শব্দ।

ক্যাঁচক্যাঁচানি /ক্যাঁচ্‌ক্যাঁচানি/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ক্যাঁচ শব্দ।

ক্যাঁচরক্যাঁচর /ক্যাঁচোর্‌ক্যাঁচোর্/ [ধ্বন্যা.] বি. দ্র ক্যাঁচক্যাঁচ।

ক্যাঁচরম্যাচর /ক্যাঁচোর্‌ম্যাচোর্/ [ধ্বন্যা.] বি. ১ পাখির কলরব। ২ একাধিক লোকের একত্র-কোলাহল।

ক্যাঙারু /ক্যাঙারু/ [ই.] বি. অস্ট্রেলিয়া নিউগিনি ও তৎসংলগ্ন দ্বীপপুঞ্জে বিচরণ করে এবং শাবক বহনের থলিযুক্ত উদর ও বলিষ্ঠ লেজওয়ালা তৃণভোজী স্তন্যপায়ী মেরুদণ্ডী প্রাণী (পেছনের দু-পা ও লেজের ওপর ভর করে লাফিয়ে চলার সুবিধার্থে যার সামনের পা দুটি ছোটো এবং পেছনের পা দুটি দীর্ঘ ও শক্তিশালী), kangaroo।

ক্যাটকেটে /ক্যাট্‌কেটে/ [ধ্বন্যা.] বিণ. ১ কর্কশ ও তীব্র (*ক্যাটকেটে কথা*)। ২ মর্মবিদারক।

ক্যাটক্যাট /ক্যাট্‌ক্যাট্/ [ধ্বন্যা.] অব্য. বি. কটু ও বিরক্তিকর ধ্বনি (*ক্যাটক্যাট করা*); কর্কশভাবে কথা বলার ভঙ্গি।

www.pathagar.com

ক্যাটালগ /ক্যাটালগ্/ [ফ.] বি. সংক্ষিপ্ত বিবরণ-সহ বিশেষ পদ্ধতিতে বিন্যস্ত তালিকা, catalogue।

ক্যাডার /ক্যাডার্/ [ফ.] বি. ১ সরকারি স্থায়ীপদে নিয়োগের জন্য প্রশিক্ষিত কর্মীদের তালিকা, cadre। ২ সৈন্যদলের নিয়মিত সদস্য। ৩ রাজনৈতিক দল বা সংগঠনের কর্মিবৃন্দ।

ক্যাডেট /ক্যাডেট্/ [ফ.] বি. সামরিক বিদ্যালয়ের ছাত্র; শিক্ষানবিশ সৈনিক, cadet।

ক্যাথলিক /ক্যাথোলিক্/ [ফ.] বি. পোপের অনুগত খ্রিষ্টীয় ধর্মসম্প্রদায়বিশেষ, catholic।

ক্যানটনমেন্ট /ক্যান্টোন্‌মেন্ট্/ [ফ.] বি. সেনা-ছাউনি, সেনানিবাস, cantonment।

ক্যানটিন /ক্যান্টিন্/ [ফ.] বি. বিদ্যায়তন কারখানা হাসপাতাল প্রভৃতি স্থানের হালকা আহার্য বিক্রয়ের স্থান; সৈনিকদের ব্যবহৃত সহজে বহনযোগ্য ছোটো জলপাত্র; canteen।

ক্যানভাস[১] /ক্যান্‌ভাস্/ [ফ.] বি. তাঁবু ব্যাগ প্রভৃতি তৈরি বা তেল রঙের ছবি আঁকার জন্য ব্যবহৃত মোটা টেকসই কাপড়, ক্যাম্বিস, canvas।

ক্যানভাস[২] /ক্যান্‌ভাস্/ [ফ.] বি. কোনো বিশেষ প্রার্থীর বা দলের পক্ষে সমর্থন চেয়ে জনমত গঠনের উদ্দেশ্যে প্রচার, canvass।

ক্যানসার /ক্যান্‌সার্/ [ই. cancer] বি. ১ প্রাণিদেহে জীবকোষের নিয়ন্ত্রণহীন বৃদ্ধিজনিত দুরারোগ্য প্রাণঘাতী ব্যাধি, কর্কটরোগ। ২ কাঁকড়া। ৩ রাশিচক্রের চতুর্থ রাশি।

ক্যানেস্তারা /ক্যানেস্‌তারা/ [ই.] বি. তরলপদার্থ বা খাদ্যবস্তু রাখার জন্য চারকোনা বড়ো ধাতব পাত্রবিশেষ, canister।

ক্যাপ /ক্যাপ্/ [ই. cap] বি. ১ ছোটো টুপি। ২ শিশিবোতলের ছিপি। ৩ কলমের খাপ। ৪ খেলনা বন্দুকের বারুদের টিপ।

ক্যাপশন /ক্যাপ্‌শন্/ [ই. caption] বি. ১ শিরোনাম; আখ্যা। ২ ব্যঙ্গচিত্র প্রভৃতির সংক্ষিপ্ত ব্যাখ্যা।

ক্যাপসুল /ক্যাপ্‌সুল্/ [ফ.] বি. ১ আধার। ২ জীব-দেহের অভ্যন্তরে কোনো অঙ্গের সূক্ষ্ম আবরণ। ৩ (উদ্ভিদ.) অঙ্কুরিত হওয়ার সময় বিভক্ত হয়ে যায় এমন বীজাধার। ৪ নির্দিষ্ট মাত্রার ওষুধ ধারণের জন্য ব্যবহৃত দ্রবণীয় জিলেটিনের ছোটো আধার যা গিলে ফেলা যায়। ৫ রকেটের সম্মুখবর্তী মোচাকৃতি অংশ (গবেষণার যাবতীয় সূক্ষ্ম যন্ত্রসামগ্রী সজ্জিত) এবং উৎক্ষেপণের পর যা রকেট থেকে বিচ্ছিন্ন হয়ে যায়, মহাকাশযানের যে প্রকোষ্ঠে নভশ্চর থাকে। ৬ capsule।

ক্যাপিট্যাল /ক্যাপিট্যাল্/ [ফ.] বি. ১ রাজধানী। ২ মূলধন।

ক্যাপ্টেন /ক্যাপ্‌টেন্/ [ফ.] বি. ১ মাঠে খেলোয়াড়দের দলনেতা। ২ নৌযান বা বিমানপোতের কর্ণধার। ৩ সামরিক বাহিনীর পদবিশেষ। ৪ বিদ্যায়তনের শ্রেণিকক্ষে শৃঙ্খলা রক্ষার দায়িত্বে মনোনীত ছাত্র।

ক্যাফে /ক্যাফে/ [ফ.] বি. যেখানে অর্থের বিনিময়ে কোমল পানীয় ও হালকা আহার্য পরিবেশন করা হয়, cafe।

ক্যাফেটেরিয়া /ক্যাফেটেরিআ/ [স্পে.] বি. বিদ্যায়তন কারখানা প্রভৃতি স্থানের সঙ্গে যুক্ত খাবার দোকান যেখানে আহার্য কিনে নিজেই নিজেকে পরিবেশন করতে হয়, cafeteria।

ক্যাবলা /ক্যাব্‌লা/ [আ.] বিণ. স্থূলবুদ্ধি। বি. স্থূলবুদ্ধিসম্পন্ন ব্যক্তি; মূর্খ ব্যক্তি।

ক্যাবলাকান্ত /ক্যাব্‌লাকান্‌তো/ [আ. ক্যাবলা+স. √কম্+ত] বিণ. বি. দ্র ক্যাবলা।

ক্যাবলারাম /ক্যাব্‌লারাম্/ [আ. ক্যাবলা+স. রাম] বিণ. বি. দ্র ক্যাবলা।

ক্যাবলাহাসি /ক্যাব্‌লাহাশি/ [আ. ক্যাবলা+বা. হাসি] বি. বোকা বোকা হাসি।

ক্যাবিন /ক্যাবিন্/ [ই.] বি. রেলগাড়ি জাহাজ হাসপাতাল প্রভৃতির প্রকোষ্ঠ, cabin।

ক্যাবিনেট /ক্যাবিনেট্/ [ফ.] বি. ১ দেরাজ ও তাকযুক্ত আলমারিবিশেষ। ২ বেতার টেলিভিশন প্রভৃতি গ্রাহকযন্ত্রের খোলস। ৩ মন্ত্রিসভা।

ক্যামেরা /ক্যামেরা/ [লা.] বি. ১ চলমান বা স্থিরচিত্র ধারণের সরঞ্জামবিশেষ। ২ বিচারকের খাসকামরা (প্রকাশ্য নয়)।

ক্যামেলিয়া /ক্যামেলিআ/ [লা.] বি. গুল্মজাতীয় চা-গোত্রীয় চিরহরিৎ উদ্ভিদ বা তার উজ্জ্বল লাল সাদা গোলাপি প্রভৃতি রঙের ফুল (আনি. দূরপ্রাচ্য)।

ক্যাম্পখাট /ক্যাম্প্‌খাট্/ [ই.] বি. মুড়ে নিয়ে সহজে বহনযোগ্য ক্যানভাসের অস্থায়ী খাট, campcot।

ক্যাম্পাস /ক্যাম্পাস্/ [লা.] বি. বিদ্যালয় বিশ্ববিদ্যালয় প্রভৃতির চত্বর-সহ ভবন; আশ্রম; চত্বর; campus।

ক্যাম্বিস /ক্যাম্‌বিশ্/ [ই.] বি. ক্যানভাস[১]-এর বঙ্গীকৃত রূপ।

ক্যারম /ক্যারম্/ [ই.] বি. চারকোণে চারটি গর্ত-সহ (পকেটবিশিষ্ট) মসৃণ কাঠের বোর্ডের ওপর রাখা উনিশটি ঘুঁটিকে একটি স্ট্রাইকারে আঙুলে টোকা দিয়ে পকেটে ফেলার অন্তরঙ্গনের খেলা, carom।

www.pathagar.com

ক্যারাট /ক্যারাট্/ [ই.] বি. মণিমাণিক্যের ওজনের এককবিশেষ (২০০ মিলিগ্রাম), carat।

ক্যারাটে /ক্যারা:টে/ [জাপ.] বি. খালি হাতে লড়াইয়ের জাপানি কৌশলবিশেষ, karate।

ক্যালকুলেটর /ক্যালকুলেটার্/ [ই.] বি. যোগ বিয়োগ গুণ ভাগ প্রভৃতি হিসাবের জন্য ব্যবহৃত বিদ্যুতিনীয় সরঞ্জামবিশেষ, গণনযন্ত্র, calculator।

ক্যালানো /ক্যালানো/ [বা.] ক্রিবি. ১ (ব্য.) বিদ্রূপাত্মক ভাব প্রকাশ করা। ২ খোসা ছাড়ানো।

ক্যালেন্ডার[১] /ক্যালেন্‌ডার্ / [ফ.] বি. বছরের মাস তারিখ ও দিনের বিবরণজ্ঞাপক তালিকা, বর্ষপঞ্জি; দেওয়ালপঞ্জি ; calendar।

ক্যালেন্ডার[২] /ক্যালেন্‌ডার্ / [ই.] বি. কারখানায় ব্যবহৃত কাপড় মসৃণ করার সরঞ্জামবিশেষ; ইস্তিরি করার সরঞ্জামবিশেষ, calender।

ক্যাশবাক্স /ক্যাশ্‌বাক্‌শো/ [ফ. cash+ই. box] বি. নগদ টাকাপয়সা রাখার বাক্স।

ক্যাশিয়ার /ক্যাশিআর্/ [ফ.] বি. ব্যাংক অফিস প্রভৃতি প্রতিষ্ঠানে নগদ টাকা গ্রহণ বা পরিশোধের দায়িত্বে নিয়োজিত কর্মচারী।

ক্যাসিনো /ক্যাসিনো/ [ইতা.] বি. জুয়াখেলার নির্দিষ্ট গৃহ; পানশালা; casino।

ক্যাসেট /ক্যাসেট্/ [ফ.] বি. মুদ্রণযন্ত্রের কালি টেপ ফিল্ম প্রভৃতি সংরক্ষণের খাপবিশেষ, cassette।

ক্যাস্টর অয়েল /ক্যাস্‌টর্ অয়েল্/ বি. এরন্ড গাছের বীজ থেকে প্রাপ্ত ভেষজগুণসম্পন্ন ফ্যাকাশে হলুদ তেল, রেড়ির তেল, castor oil।

ক্রকচ /ক্রোকচ্/ [স. ক্র+√কচ্+অ] বি. কাঠ লোহা প্রভৃতি শক্ত বস্তু কাটার জন্য ব্যবহৃত ইস্পাতের তৈরি হাতিয়ার, করপত্র, করাত।

ক্রতু /ক্রোতু/ [স. √কৃ+অতু] বি. ১ যজ্ঞ। ২ ব্রহ্মার একজন মানসপুত্র। ৩ সপ্তর্ষির প্রথম ঋষি।

ক্রন্দন /ক্রোন্‌দোন্/ [স. √ক্রন্দ্+অন] বি. অশ্রুপাত-সহ দুঃখ বেদনা শোক প্রভৃতির বহিঃপ্রকাশ, রোদন, কান্না।

ক্রন্দনধ্বনি /ক্রোন্‌দোন্‌ধ্বোনি/ [স. ক্রন্দন+√ধ্বন্+ই] বি. কান্নার আওয়াজ।

ক্রন্দনরত /ক্রোন্‌দোন্‌রতো/ [স. ক্রন্দন+√রম্+ত] বিণ. কাঁদছে এমন, রোরুদ্যমান।

ক্রন্দনরোল /ক্রোন্‌দোন্‌রোল্/ [স. ক্রন্দন+হি. রোল] বি. দ্র ক্রন্দনধ্বনি।

ক্রন্দসী /ক্রোন্‌দোশি/ [স. ক্রন্দস্+ঈ] বি. ১ আকাশ ও পৃথিবী। ২ স্বর্গ ও মর্ত্য।

ক্রন্দিত /ক্রোন্‌দিতো/ [স. √ক্রন্দ্+ত] বিণ. ১ রোদন করছে এমন, ক্রন্দনরত। ২ গর্জনকারী।

ক্রব্য /ক্রোব্‌বো/ [স. √ক্রুপ্+য] বি. কাঁচা মাংস।

ক্রব্যাদ /ক্রোব্‌য্যাদ্/ [স. ক্রব্য+√অদ্+অ] বি. যে প্রাণী কাঁচা মাংস খায় (সিংহ বাঘ প্রভৃতি)। বিণ. মাংসাশী।

ক্রম /ক্রোম্ / [স. √ক্রম্+অ] বি. ১ অনুক্রম, পরম্পরা ; পর্যায় (*ক্রমানুসারে*)। ২ পদ্ধতি (*কার্যক্রম*)। ৩ অনুসরণ; অনুযায়ী (*আদেশক্রমে*)। ৪ অতিক্রম (*কালক্রমে*)। ৫ পদক্ষেপ। ৬ বিধান, নিয়ম; নির্দেশ। ৭ শক্তি, বিক্রম, বল।

ক্রমণ /ক্রোমোন্/ [স. √ক্রম্+অন] বি. ১ পাদচারণ, পায়চারি। ২ গমন।

ক্রমনিম্ন /ক্রোমোনিম্‌নো/ [স. ক্রম+নি+√ম্না+অ] বিণ. ক্রমশ নিচে নেমে গিয়েছে এমন, ঢালু, গড়ানে।

ক্রমপর্যায় /ক্রোমোপোর্‌জায়্ / [স. ক্রম+পরি+√ই+অ] বি. পর্যায়ক্রম; পরপর।

ক্রমবর্ধমান /ক্রোমোবর্‌ধোমান্ / [স. ক্রম+√বৃধ্+মান (শানচ্)] বিণ. ক্রমশ বৃদ্ধিপ্রাপ্ত হচ্ছে এমন।

ক্রমবিকাশ /ক্রোমোবিকাশ্/ [স. ক্রম+বি+√কাশ্+অ] বি. ধাপে ধাপে উন্নতিসাধন, ক্রমোন্নতি।

ক্রমভঙ্গ /ক্রোম্‌ভংগো/ [স. ক্রম+√ভন্‌জ্+অ] বি. ১ প্রচলিত পদ্ধতির ব্যতিক্রম; পরম্পরা লঙ্ঘন। ২ বিশৃঙ্খলা।

ক্রমমাণ /ক্রোমোমান্/ [স. ক্রম+মান (শানচ্)] বিণ. গমনশীল, চলমান।

ক্রমশ /ক্রোমোশো/ [স. ক্রম+শস্] ক্রিবিণ. ১ পরপর, পর্যায়ক্রমে, ক্রমাগত। ২ একটু একটু করে।

ক্রমাগত /ক্রোমাগতো/ [স. ক্রম+আগত] বিণ. ১ ধারাবাহিক (*ক্রমাগত অগ্রসরমান*)। ২ পরম্পরা-গত (*কুলক্রমাগত প্রথা*)। ক্রিবিণ. অবিরাম।

ক্রমানুসারে /ক্রোমানুশারে/ [স. ক্রমানুসার+বা. এ] ক্রিবিণ. পর্যায়ক্রমে, ধারাবাহিকভাবে।

ক্রমান্বয় /ক্রোমান্‌নয়্/ [স. ক্রম+অনু+√ই+অ] বি. ১ ধারাবাহিকতা। ২ ক্রমের অনুসরণ।

ক্রমান্বয়ে /ক্রোমান্‌নয়ে / [স. ক্রমান্বয়+বা. এ] ক্রিবিণ. ক্রম অনুসরণ করে, পর্যায়ক্রমে, পরপর।

ক্রমাবনতি /ক্রোমাবোনোতি/ [স. ক্রম+অব+√নম্+তি] বি. পর্যায়ক্রমে হ্রাসপ্রাপ্তি।

ক্রমায়াত /ক্রোমায়াতো/ [স. ক্রম+আ+√যা+ত] বিণ. ক্রমানুসারে আগত, পরপর এসেছে এমন।

ক্রমিক /ক্রোমিক্/ [স. ক্রম+ইক] বিণ. পরপর আগত, ধারাবাহিক।

www.pathagar.com

ক্রমিক সংখ্যা /ক্রোমিক্ শোংখ্যা/ বি. ক্রমনির্দেশক সংখ্যা।

ক্রমে /ক্রোমে/ [স. ক্রম+বা. এ] ক্রিবিণ. ক্রমানুসারে।

ক্রমে ক্রমে /ক্রোমে ক্রোমে/ ক্রিবিণ. ১ ধীরে ধীরে, একটু একটু করে। ২ পরপর, পর্যায়ক্রমে।

ক্রমেলক /ক্রোমেলক্/ [স. √ক্রম্+এল+ক (স্বার্থে)] বি. পিঠে একটি বা দুটি কুঁজ ও লম্বা গলাবিশিষ্ট মরু অঞ্চলের ভারবাহী চতুষ্পদ (প্রতিটি পায়ে চারটি খুরবিশিষ্ট) গৃহপালিত প্রাণী, উট, উষ্ট্র, কন্টকভুক।

ক্রমোৎকর্ষ /ক্রোমোত্করশো/ [স. ক্রম+উৎ+√কৃষ্+অ] বি. ১ ক্রমশ উন্নতিসাধন। ২ ক্রমশ বিকাশ, বিবর্তন, evolution।

ক্রমোন্নত /ক্রোমোন্নতো/ [স. ক্রম+উদ্+√নম্+ত] বিণ. ক্রমে উঁচু হয়েছে এমন, ক্রমশ উন্নীত।

ক্রমোন্নতি /ক্রোমোন্নোতি/ [স. ক্রম+উদ্+√নম্+তি] বি. পর্যায়ক্রমে উন্নতি লাভ, ক্রমবিকাশ।

ক্রমোন্নতিশীল /ক্রোমোন্নোতিশিল্/ [স. ক্রমোন্নতি +√শীল্+অ] বিণ. ক্রমশ উন্নত হচ্ছে এমন।

ক্রয় /ক্রয়্/ [স. √ক্রী+অ] বি. মূল্যের বিনিময়ে গ্রহণ, খরিদ।

ক্রয়বিক্রয় /ক্রয়বিক্রয়্/ [স. ক্রয়+বিক্রয়] বি. ১ কেনাবেচা, বিকিকিনি। ২ ব্যবসায়বাণিজ্য।

ক্রয়মূল্য /ক্রয়মুল্লো/ [স. ক্রয়+মূল+য] বি. যে দামে কেনা হয়েছে, কেনা দাম।

ক্রয়যোগ্য /ক্রয়জোগ্গো/ [স. ক্রয়+যোগ+য] বিণ. কেনা যায় এমন, কেনার যোগ্য।

ক্রয়সাধ্য /ক্রয়শাদ্ধো/ [স. ক্রয়+√সাধ্+য] বিণ. ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে এমন।

ক্রয়সীমা /ক্রয়শিমা/ [স. ক্রয়+√সি+মন্] বি. যে পর্যন্ত কেনা যেতে পারে, ক্রয়ের উর্ধ্বসীমা।

ক্রয়িক /ক্রয়িক্/ [স. ক্রয়+ইক] বি. ক্রেতা।

ক্রয়ী /ক্রয়ি/ [স. ক্রয়+ইন্] বি. বিণ. ক্রেতা, ক্রয়কারী। স্ত্রী. **ক্রয়িণী** /ক্রয়িনি/।

ক্রয়েচ্ছু /ক্রয়েচ্ছু/ [স. ক্রয়+√ইষ্+উ] বিণ. কিনতে ইচ্ছুক এমন।

ক্রসিং /ক্রসিং/ [ই.] বি. ১ দুই বা ততোধিক সড়ক বা রেলপথের সংযোগস্থল। ২ একই লাইনে বিপরীত দিক থেকে আগত দুটি রেলগাড়ির একটিকে কোনো স্টেশনে থামিয়ে রেখে অন্যটির অতিক্রমণ। ৩ পারাপার।

ক্রাউন /ক্রাউন্/ [ই. crown] বি. ১ রাজা বা রানির মাথায় ধারণীয় শিরোভূষণ, মুকুট। ২ কাগজের পরিমাপবিশেষ (৩৮১×৫০৮ মিলিমিটার)। ৩ চূড়া। ৪ সিসামুক্ত কাচ (crown glass)। ৫ কোনো সড়কের মধ্যস্থলের সর্বোচ্চ বিন্দু।

ক্রান্ত /ক্রান্তো/ [স. √ক্রম্+ত] বিণ. ১ ব্যাপ্ত। ২ আক্রান্ত।

ক্রান্তদর্শী /ক্রান্তোদোর্শি/ [স. ক্রান্ত+√দৃশ্+ইন্] বিণ. অতীত ভবিষ্যৎ সব জানেন এমন; সর্বদর্শী।

ক্রান্তি /ক্রান্তি/ [স. √ক্রম্+তি] বি. ১ সংক্রমণ, সঞ্চারণ। ২ আক্রমণ। ৩ গতি; গমন। ৪ অবস্থার পরিবর্তন। ৫ (জ্যোবি.) সৌরমণ্ডলে বিষুবরেখার উত্তর ও দক্ষিণে সমান দূরত্বে পৃথিবীর ওপর কল্পিত রেখা (*কর্কটক্রান্তি রেখা*); অয়নবৃত্ত।

ক্রান্তিকাল /ক্রান্তিকাল্/ [স. ক্রান্তি+√কলি+অ] বি. সংক্রমণকাল; অবস্থা পরিবর্তনের সময়।

ক্রান্তিপাত /ক্রান্তিপাত্/ [স. ক্রান্তি+√পত্+অ] বি. সূর্য যেদিন (২১শে মার্চ ও ২৩শে সেপ্টেম্বর) বিষুবরেখার ঠিক ওপরে অবস্থান করে এবং যখন পৃথিবীর সর্বত্র দিন ও রাত্রি সমান হয়; equinoctical point।

ক্রান্তিবলয় /ক্রান্তিবলয়্/ [স. ক্রান্তি+√বল্+অয়] বি. বিষুবরেখার আনুমানিক ২৩°২৭' উত্তরে বা দক্ষিণে কল্পিত বৃত্তরেখা; সূর্যের আপাত পরিক্রমণ পথ, ক্রান্তিবৃত্ত; ecliptic।

ক্রান্তিবৃত্ত /ক্রান্তিবৃত্তো/ [স. ক্রান্তি+√বৃৎ+ত] বি. পৃথিবীর বার্ষিক আপাত ভ্রমণকক্ষ; সূর্যের আপাত গতিপথ; ecliptic।

ক্রান্তীয় /ক্রান্তিয়ো/ [স. √ক্রম্+তি+ঈয়] বিণ. বিষুবরেখার ২৩°২৭' উত্তর বা দক্ষিণে কল্পিত রেখা বা ওই অঞ্চলবিষয়ক; tropical।

ক্রিকেট /ক্রিকেট্/ [ই.] বি. এগারোজন করে দুটি দলের মধ্যে উইকেট বল ও ব্যাটের সাহায্যে প্রতিপক্ষের চেয়ে বেশি রান করতে হয় এমন বহিরঙ্গণ খেলাবিশেষ।

ক্রিয়মাণ /ক্রিয়োমান্/ [স. √কৃ+মান (শানচ্)] বিণ. করা হচ্ছে এমন; সম্পাদ্যমান।

ক্রিয়া /ক্রিআ/ [স. √কৃ+অ+আ (টাপ্)] বি. ১ কাজ, কর্ম। ২ অভ্যাস; কৃত্য (*নিত্যক্রিয়া*)। ৩ পূজা পার্বণ বিবাহ প্রভৃতি শাস্ত্রীয় অনুষ্ঠান; সংস্কার। ৪ (ব্যা.) ধাতুর অর্থ প্রকাশ করে এমন পদ, verb।

ক্রিয়াকর্ম /ক্রিআকরমো/ [স. ক্রিয়া+কর্মন্] বি. শাস্ত্রীয় বা সামাজিক অনুষ্ঠান।

ক্রিয়াকলাপ /ক্রিআকলাপ্/ [স. ক্রিয়া+কলাপ] বি. ১ পূজা পার্বণ প্রভৃতি শাস্ত্রীয় কর্ম। ২ কার্যাবলি। ৩ (বাংলায়) আচারব্যবহার; কাণ্ডকারখানা।

ক্রিয়াকাণ্ড /ক্রিআকান্ডো/ [স. ক্রিয়া+√কন্+ড] বি.

www.pathagar.com

দ্র ক্রিয়াকলাপ।

ক্রিয়াকুশল /ক্রিআকুশল্/ [স. ক্রিয়া+কুশ+√লা+অ] বিণ. কর্মদক্ষ।

ক্রিয়ান্বিত /ক্রিআন্‌নিতো/ [স. ক্রিয়া+অনু+√ই+ত] বিণ. ১ ক্রিয়াদ্বারা অন্বয়যুক্ত। ২ শাস্ত্রে বর্ণিত ক্রিয়া-কর্মসাধক।

ক্রিয়াপদ /ক্রিআপদ্/ [স. ক্রিয়া+√পদ্+অ] বি. (ব্যা.) ক্রিয়া বা ধাতুবাচক পদ।

ক্রিয়াবাচক /ক্রিআবাচক্/ [স. ক্রিয়া+√বচ্+অক] বিণ. (ব্যা.) কার্যবোধক।

ক্রিয়াবিধি /ক্রিআবিধি/ [স. ক্রিয়া+বি+√ধা+ই] বি. ধর্মীয় আচার-অনুষ্ঠানের নিয়ম।

ক্রিয়াবিশেষণ /ক্রিআবিশেশন্/ [স. ক্রিয়া+বি+√শিষ্+অন] বি. (ব্যা.) ক্রিয়াপদের বিশেষণ, ক্রিয়ার গুণবাচক পদ, adverb।

ক্রিয়াশীল /ক্রিআশিল্/ [স. ক্রিয়া+√শীল্+অ] বিণ. ১ কর্মরত। ২ কর্মপরায়ণ।

ক্রিয়াসক্ত /ক্রিআশক্‌তো/ [স. ক্রিয়া+আ+√সন্‌জ্+ত] বিণ. ১ শাস্ত্রীয় অনুষ্ঠানে অনুরক্ত। ২ কর্মপ্রিয়।

ক্রিয়াসিদ্ধ /ক্রিআসিদ্‌ধো/ [স. ক্রিয়া+√সিধ্+ত] বিণ. কাজ করে দক্ষতা অর্জন করেছে এমন।

ক্রীড়ক /ক্রিড়ক্/ [স. √ক্রীড়্+অক] বি. যে খেলা করে, খেলোয়াড়। বিণ. ক্রীড়া প্রদর্শক।

ক্রীড়ন /ক্রিড়ন্/ [স. √ক্রীড়্+অন] বি. খেলা, ক্রীড়া।

ক্রীড়নক /ক্রিড়োনক্/ [স. ক্রীড়ন+ক (স্বার্থে)] বি. ১ খেলার পুতুল; খেলনা। ২ (আল.) যে ব্যক্তি অন্যের নির্দেশে চলে। ৩ পরিহাসের বিষয়।

ক্রীড়নীয় /ক্রিড়োনিয়ো/ [স. √ক্রীড়্+অনীয়] বিণ. খেলার যোগ্য।

ক্রীড়মান /ক্রিড়োমান্/ [স. √ক্রীড়্+মান (শানচ্)] বিণ. খেলছে এমন, খেলায় রত, ক্রীড়ারত।

ক্রীড়া /ক্রিড়া/ [স. √ক্রীড়্+অ+আ (টাপ্)] বি. ১ খেলা। ২ তামাশা। ৩ কৌতুকপ্রদ অনুষ্ঠান।

ক্রীড়াকন্দুক /ক্রিড়াকোন্‌দুক্/ [স. ক্রীড়া+কন্দুক] বি. খেলার গোলক, বল।

ক্রীড়াকৌতুক /ক্রিড়াকোউতুক্/ [স. ক্রীড়া+কুতুক+অ] বি. খেলাধুলা ও আমোদ-প্রমোদ।

ক্রীড়াকৌশল /ক্রিড়াকোউশল্/ [স. ক্রীড়া+কুশল+অ] বি. খেলার কায়দাকানুন।

ক্রীড়াচ্ছলে /ক্রিড়াচ্‌ছলে/ [স. ক্রীড়াচ্ছল+বা. এ] ক্রিবিণ. খেলার ছলে।

ক্রীড়ানারী /ক্রিড়ানারি/ [স. ক্রীড়া+নর+ঈ] বি. যৌনকর্মী।

ক্রীড়ানুষ্ঠান /ক্রিড়ানুশ্‌ঠান্/ [স. ক্রীড়া+অনুষ্ঠান] বি. খেলাধুলার অনুষ্ঠান, sports।

ক্রীড়াবিদ /ক্রিড়াবিদ্/ [স. ক্রীড়া+√বিদ্+অ] বি. বিণ. খেলোয়াড়; ক্রীড়াবিশেষজ্ঞ।

ক্রীড়াভূমি /ক্রিড়াভূমি/ [স. ক্রীড়া+√ভূ+মি] বি. খেলার মাঠ, ক্রীড়াঙ্গন; মল্লভূমি।

ক্রীড়ারথ /ক্রিড়ারথ্/ [স. ক্রীড়া+√রম্+থ] বি. পুষ্প-রথ; প্রমোদ-শকট।

ক্রীড়াসক্ত /ক্রিড়াশক্‌তো/ [স. ক্রীড়া+আ+√সন্‌জ্+ত] বিণ. খেলাধুলার প্রতি আসক্তিযুক্ত।

ক্রীত /ক্রিতো/ [স. √ক্রী+ত] বিণ. অর্থের বিনিময়ে লব্ধ।

ক্রীতক /ক্রিতক্/ [স. ক্রীত+ক (স্বার্থে)] বি. যে পুত্রকে প্রতীকী মূল্যের বিনিময়ে মাতাপিতার কাছ থেকে ক্রয় করা হয়, ক্রীতপুত্র।

ক্রীতদাস /ক্রিতোদাশ্/ [স. ক্রীত+√দাস্+অ] বি. যাকে বংশানুক্রমে বাধ্যতামূলকভাবে বিনা পারি-শ্রমিকে সব ধরনের কাজ করানো হয়, কেনা গোলাম। স্ত্রী. ক্রীতদাসী /ক্রিতোদাশি/। তুল. কৃতদাস (পৃ ৩২৬)।

ক্রুদ্ধ /ক্রুদ্‌ধো/ [স. √ক্রুধ্+ত] বিণ. রুষ্ট, রাগান্বিত। স্ত্রী. ক্রুদ্ধা /ক্রুদ্‌ধা/।

ক্রুশ /ক্রুশ্/ [ই. cross >] বি. ১ যে কাঠের ফলকে বিদ্ধ করে যিশুকে বধ করা হয়েছিল। ২ খ্রিষ্টধর্মের প্রতীক। ৩ ঢ্যারাচিহ্ন (x)।

ক্রুশকাঠি /ক্রুশ্‌কাঠি/ [ই. crochet >] বি. সুতো দিয়ে বয়নের জন্য ব্যবহৃত প্রান্তভাগে খাঁজযুক্ত লোহার সরু ও মসৃণ শলাকা।

ক্রুশবিদ্ধ /ক্রুশ্‌বিদ্‌ধো/ [ই. ক্রুশ+স. বিদ্ধ] বিণ. (বধ করার উদ্দেশ্যে) ক্রুশফলকে বিদ্ধ করা হয়েছে এমন।

ক্রূর /ক্রুর্/ [স. √কৃৎ+র] বিণ. ১ নির্দয়, নিষ্ঠুর; হিংস্র। ২ খল, কপট। ৩ অহিতকর, অশুভকর। বি. ক্রূরতা /ক্রুরোতা/।

ক্রূরকর্মা /ক্রুরোকরমা/ [স. ক্রূর+কর্মন্] বিণ. নিষ্ঠুর কর্মকারী; নির্দয়।

ক্রূরত্ব /ক্রুরত্‌তো/ [স. ক্রূর+ত্ব] বি. নিষ্ঠুরতা।

ক্রূরমতি /ক্রুরোমোতি/ [স. ক্রূর+√মন্+তি] বিণ. কঠিনহৃদয়; নিষ্ঠুর প্রকৃতিবিশিষ্ট।

ক্রূরলোচন /ক্রুরোলোচন্/ [স. ক্রূর+√লোচ্+অন] বিণ. হিংস্র দৃষ্টিযুক্ত। বি. শনিগ্রহ।

ক্রূরাত্মা /ক্রুরাত্‌তা/ [স. ক্রূর+আত্মন্] বিণ. কঠিন-হৃদয়; হিংস্র।

www.pathagar.com

ক্রেডিট কার্ড /ক্রেডিট্ কাড়্/ বি. আর্থিক বা অন্য কোনো প্রতিষ্ঠান-প্রদত্ত গুপ্ত সাংকেতিক নির্দেশ-সংবলিত প্লাস্টিক কার্ডবিশেষ যার সাহায্যে ভোক্তা কেনাকাটা বা সেবা গ্রহণ করতে পারেন, credit card।

ক্রেতব্য /ক্রেতোব্‌বো/ [স. √ক্রী+তব্য] বিণ. মূল্য দিয়ে কেনা যায় এমন, ক্রেয়, ক্রয়যোগ্য।

ক্রেতা /ক্রেতা/ [স. √ক্রী+তৃ] বি. যে ক্রয় করে। বিণ. ক্রয়কারী। স্ত্রী. ক্রেত্রী /ক্রেত্‌ত্রি/।

ক্রেয় /ক্রেয়ো/ [স. √ক্রী+য] বিণ. দ্র ক্রেতব্য।

ক্রোক /ক্রোক্/ [আ.] বি. সরকার বা আদালতের কর্তৃত্ববলে বাজেয়াপ্তকরণ।

ক্রোড়[১] /ক্রোড়্/ [স. √কুড়্+অ] বি. ১ কোল (*মাতৃক্রোড়*)। ২ সংবাদপত্র সাময়িকী বা দলিলের অতিরিক্ত অংশ (*ক্রোড়পত্র*)। ৩ শনিগ্রহ। ৪ শূকর।

ক্রোড়[২] /ক্রোড়্/ [স. কোটি >] বি. বিণ. কোটি, ১,০০,০০,০০০ সংখ্যা বা শত লক্ষসংখ্যক।

ক্রোড়চ্যুত /ক্রোড়োচ্‌চুতো/ [স. ক্রোড়+√চ্যু+ত] বিণ. কোলছাড়া, কোল থেকে বিচ্যুত।

ক্রোড়পতি /ক্রোড়্‌পোতি/ [বা. ক্রোড়+স. পতি] বি. বিণ. কোটি টাকার মালিক; অতিশয় ধনবান।

ক্রোড়পত্র /ক্রোড়্‌পত্‌ত্রো/ [স. ক্রোড়+পত্র] বি. সংবাদপত্র সাময়িকী বা দলিলের অতিরিক্ত অংশ।

ক্রোড়াঙ্ক /ক্রোড়াংকো/ [স. ক্রোড়+√অঙ্ক্+অ] বি. যে অংশ নাটকের শেষে যুক্ত করা হয়।

ক্রোধ /ক্রোধ্/ [স. √ক্রুধ্+অ] বি. রাগ, রোষ; ষড়রিপুর দ্বিতীয় রিপু।

ক্রোধন /ক্রোধন্/ [স. √ক্রুধ্+অন] বি. ক্রোধ, রাগ।

ক্রোধবহ্নি /ক্রোধ্‌বোন্‌ñhi/ [স. ক্রোধ+√বহ্+নি] বি. ১ প্রচণ্ড ক্রোধ। ২ ক্রোধের তেজ বা আগুন।

ক্রোধমতি /ক্রোধ্‌মোতি/ [স. ক্রোধ+√মন্+তি] বিণ. রাগান্বিত।

ক্রোধাগার /ক্রোধাগার্/ [স. ক্রোধ+আগার] বি. (অধুনালুপ্ত) রাজা জমিদার প্রভৃতি ক্রোধান্বিত হলে মহিলারা অন্তঃপুরের যে গৃহে আশ্রয় নিতেন।

ক্রোধাগ্নি /ক্রোধাগ্‌নি/ [স. ক্রোধ+√অগ্+নি] বি. প্রচণ্ড ক্রোধ, ক্রোধের আগুন।

ক্রোধানল /ক্রোধানল্/ [স. ক্রোধ+অনল] বি. দ্র ক্রোধবহ্নি।

ক্রোধান্ধ /ক্রোধান্‌ধো/ [স. ক্রোধ+√অন্ধ্+অ] বিণ. অত্যধিক ক্রোধের ফলে হিতাহিত জ্ঞানশূন্য; অতিশয় ক্রুদ্ধ।

ক্রোধান্বিত /ক্রোধান্‌নিতো/ [স. ক্রোধ+অনু+√ই+ত] বিণ. ক্রুদ্ধ। স্ত্রী. ক্রোধান্বিতা /ক্রোধান্‌নিতা/।

ক্রোধাবিষ্ট /ক্রোধাবিশ্‌টো/ [স. ক্রোধ+আ+√বিশ্+ত] বিণ. ক্রোধাভিভূত, ক্রুদ্ধ।

ক্রোধী /ক্রোধি/ [স. √ক্রুধ্+ইন্] বিণ. সামান্য কারণে রেগে যায় এমন, রাগি।

ক্রোধোদ্দীপক /ক্রোধোদ্‌দিপক্/ [স. ক্রোধ+উদ্+√দীপ্+ণিচ্+অক] বিণ. ক্রোধ উদ্রেক করে এমন।

ক্রোশ /ক্রোশ্/ [স. √ক্রুশ্+অ] বি. (বর্তমানে অপ্রচলিত) দূরত্বের এককবিশেষ (আনুমানিক ৩.৬৫৬ কিলো-মিটার)।

ক্রৌঞ্চ /ক্রৌন্‌চো/ [স. √কুঞ্চ্+অ] বি. ১ খালবিল বা অগভীর জলাশয়ের ধারে বিচরণ করে এমন লম্বা পা ও গলাবিশিষ্ট সাদা বাদামি প্রভৃতি রঙের পালকাবৃত তীক্ষ্নাগ্র সুচালো চঞ্চুবিশিষ্ট মৎস্যাশী বকের প্রজাতিবিশেষ, কোঁচবক। ২ পুরাণোক্ত সাতটি দ্বীপের প্রথমটি। ৩ হিমালয় পর্বতের অংশবিশেষ। ৪ দৈত্যবিশেষ।

ক্রৌঞ্চদ্বীপ /ক্রৌন্‌চোদিপ্/ [স. ক্রৌঞ্চ+দ্বি+√অপ্+অ] বি. পুরাণে বর্ণিত সপ্তদ্বীপের প্রথমটি।

ক্রৌঞ্চমিথুন /ক্রৌন্‌চোমিথুন্/ [স. ক্রোঞ্চ+√মিথ্+উন] বি. ক্রৌঞ্চবকযুগল।

ক্রৌর্য /ক্রৌর্‌জ্যো/ [স. √ক্রুর্+য] বি. খলতা।

ক্লম /ক্লোম্/ [স. √ক্লম্+অ] বি. ক্লান্তি, অবসাদ।

ক্লাউন /ক্লাউন্/ [জ.] বি. দর্শকের মনোরঞ্জনের জন্য স্থূল রসিকতা ও উদ্ভট বেশভূষা ধারণ করা যার পেশা, বিদূষক, ভাঁড়।

ক্লান্ত /ক্লান্‌তো/ [স. √ক্লম্+ত] বিণ. অতিশয় শ্রান্ত; অবসন্ন ও অবসাদগ্রস্ত।

ক্লান্তি /ক্লান্‌তি/ [স. √ক্লম্+তি] বি. শ্রান্তি; অবসাদ।

ক্লাব /ক্লাব্/ [ই.] বি. সদস্যদের খেলাধুলা ও অবসর বিনোদনের ব্যবস্থা-সহ স্থায়ী সমিতি, club।

ক্লাস /ক্লাস্/ [লা.] বি. ১ বিদ্যালয়ের পাঠশ্রেণি। ২ রেল জাহাজ বা উড়োজাহাজে ভ্রমণে স্বাচ্ছন্দ্য-ভিত্তিক শ্রেণিবিভাগ। ৩ পর্যায়, স্তর।

ক্লাসিক /ক্লাসিক্/ [লা.] বি. (শিল্প সাহিত্য প্রভৃতি ক্ষেত্রে) উচ্চস্তরের কালজয়ী সৃষ্টি। বিণ. উচ্চমার্গের বলে স্বীকৃত; ধ্রুপদাঙ্গের, classic।

ক্লাসিক্যাল /ক্লাসিক্যাল্/ [লা.] বিণ. ধ্রুপদাঙ্গের, উচ্চমার্গের বলে স্বীকৃত।

ক্লিনিক /ক্লিনিক্/ [ফ.] বি. (বেসরকারি) বিশেষায়িত চিকিৎসাকেন্দ্র; clinic।

ক্লিন্ন /ক্লিন্‌নো/ [স. √ক্লিদ্+ত] বিণ. ১ ক্লেদ বা ময়লাযুক্ত। ২ আর্দ্র, ভেজা। বি. -তা /-তা/।

www.pathagar.com

ক্লিশিত /ক্লিশিতো/ [স. √ক্লিশ্+ত] বিণ. ১ কষ্ট পেয়েছে এমন, ক্লেশপ্রাপ্ত, জর্জরিত। ২ ক্লান্ত।

ক্লিশ্যমান /ক্লিশ্যোমান/ [স. √ক্লিশ্+মান (শানচ্)] বিণ. ক্লেশ ভোগ করছে এমন।

ক্লিষ্ট /ক্লিশ্টো/ [স. √ক্লিশ্+ত] বিণ. ক্লেশপ্রাপ্ত। বি. -তা /-তা/।

ক্লীব /ক্লিব্/ [স. √ক্লীব্+অ] বি. ১ নপুংসক; হিজড়া। ২ পুরুষত্বহীন ব্যক্তি। বিণ. বীর্য বা বিক্রমহীন, কাপুরুষ, ভীরু; অক্ষম।

ক্লীবতা /ক্লিবতা/ [স. ক্লীব+তা] বি. ১ পুরুষত্বহীন অবস্থা। ২ কাপুরুষতা।

ক্লীবত্ব /ক্লিবত্তো/ [স. ক্লীব+ত্ব] বি. ১ ক্লীবের ভাব। ২ কাপুরুষতা।

ক্লীবলিঙ্গ /ক্লিব্লিংগো/ [স. ক্লীব+√লিঙ্গ্+অ] বি. (ব্যা.) পুরুষ বা স্ত্রীবাচক নয় এমন লিঙ্গ, neuter gender।

ক্লেদ /ক্লেদ্/ [স. √ক্লিদ্+অ] বি. ১ পুঁজ লালা ঘাম প্রভৃতি ময়লাযুক্ত তরলপদার্থ। ২ ময়লা; কলুষ। ৩ কাদাজল।

ক্লেদাক্ত /ক্লেদাক্তো/ [স. ক্লেদ+√অনজ্+ত] বিণ. ক্লেদযুক্ত, ক্লিন্ন; নোংরা।

ক্লেদিত /ক্লেদিতো/ [স. √ক্লিদ্+ত] বিণ. ক্লেদাক্ত।

ক্লেশ /ক্লেশ্/ [স. √ক্লিশ্+অ] বি. ১ কষ্ট; যন্ত্রণা। ২ পরিশ্রম।

ক্লেশিত /ক্লেশিতো/ [স. √ক্লিশ্+ণিচ্+ত] বিণ. ক্লেশ দেওয়া হয়েছে এমন; কষ্ট পাচ্ছে এমন।

ক্লৈব্য /ক্লৈব্যো/ [স. ক্লীব+য] বি. ১ ক্লীবতা, ক্লীবের ভাব, নপুংসকের ভাব। ২ কাপুরুষতা, পৌরুষের অভাব। ৩ কাতরতা। ৪ অক্ষমতা।

ক্লোন /ক্লোন্/ [গ্রি.] বি. উদ্ভিদ বা জীবদেহের একটিমাত্র কোষ থেকে গবেষণাগারে হুবহু একই রূপ ও গুণবিশিষ্ট এক বা একাধিক উদ্ভিদ বা প্রাণী সৃষ্টির পদ্ধতি, clone।

ক্লোম /ক্লোম্/ [স. √ক্লু+মন্] বি. জীবদেহের ফুসফুস পিত্তকোষ মূত্রাশয় প্রভৃতি প্রত্যঙ্গ।

ক্লোমনালিকা /ক্লোম্নালিকা/ [স. ক্লোম+নাল+ইক+আ (টাপ্)] বি. শ্বাসনালি।

ক্লোমশাখা /ক্লোম্শাখা/ [স. ক্লোম+√শাখ্+অ+আ (টাপ্)] বি. শ্বাসনালির প্রধান দুটি শাখার একটি, শ্বাসযন্ত্র, bronchus।

ক্লোরাইড /ক্লোরাইড্/ [গ্রি.] বি. ক্লোরিনের যৌগবিশেষ, chloride।

ক্লোরিন /ক্লোরিন্/ [গ্রি.] বি. ঝাঁজালো গন্ধযুক্ত হলুদাভ সবুজ মৌলিক গ্যাসবিশেষ যার পারমাণবিক সংখ্যা ১৭, chlorine।

ক্লোরোফর্ম /ক্লোরোফ়র্ম্/ [গ্রি.] বি. চেতনানাশক এবং দ্রাবকরূপে ব্যবহৃত মিষ্টি গন্ধযুক্ত উদ্‌বায়ী বর্ণহীন রাসায়নিক তরল পদার্থবিশেষ, chloroform।

ক্লোরোফিল /ক্লোরোফিল্/ [ফ.] বি. উদ্ভিদের ম্যাগনেসিয়াম-সমৃদ্ধ সবুজ রং যা সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় সূর্যের আলোকশক্তি শুষে নেয়, পত্রহরিৎ, chlorophyll।

ক্ষওয়া /খওআ/ [বা.] ক্রিবি. ক্ষয় হওয়া। বিণ. ক্ষয়ে গেছে এমন।

ক্ষণ /খ়ন্/ [স. √ক্ষণ্+অ] বি. ১ সময়ের পরিমাণবাচক শব্দ। ২ অতি অল্পকাল (*ক্ষণস্থায়ী*)।

ক্ষণকাল /খনোকাল্/ [স. ক্ষণ+√কল্+অ] বি. অতি অল্প সময়।

ক্ষণচর /খনোচর্/ [স. ক্ষণ+√চর্+অ] বিণ. ১ অল্পসময় বিচরণকারী। ২ ক্ষণস্থায়ী।

ক্ষণজন্মা /খনোজন্মা/ [স. ক্ষণ+জন্মন্] বিণ. ১ শুভক্ষণে জন্মেছে এমন। ২ সৌভাগ্যবান; বিরল ভাগ্যযুক্ত। বি. মহামানব।

ক্ষণদা /খনোদা/ [স. ক্ষণ+√দা+অ+আ (টাপ্)] বি. রাত্রি, নিশি, শর্বরী, যামিনী।

ক্ষণদ্যুতি /খনোদ্‌দ্যুতি/ [স. ক্ষণ+√দ্যুৎ+ই] বি. বিজলি, বিদ্যুৎ, ক্ষণপ্রভা।

ক্ষণপূর্বে /খনোপূরবে/ [স. ক্ষণপূর্ব+বা. এ] ক্রিবিণ. একটু আগে, কিছুক্ষণ পূর্বে।

ক্ষণপ্রভা /খনোপ্রোভা/ [স. ক্ষণ+প্র+√ভা+অ+আ (টাপ্)] বি. বিদ্যুৎ, দামিনী।

ক্ষণবিধ্বংসিক /খনোবিদ্‌ধোংশিক্/ [স. ক্ষণ+বি+√ধ্বন্স্+ইক] বিণ. অল্পকাল স্থায়ী, ক্ষণস্থায়ী।

ক্ষণভঙ্গুর /খনোভোংগুর্/ [স. ক্ষণ+√ভন্জ্+উর] বিণ. সহজে ভেঙে যায় এমন।

ক্ষণস্থায়ী /খনোস্থায়ি/ [স. ক্ষণ+√স্থা+ইন্] বিণ. অল্পকাল স্থিতিশীল; অল্পকাল স্থায়ী।

ক্ষণিক /খোনিক্/ [স. ক্ষণ+ইক] বি. ক্ষণকাল (*হে ক্ষণিকের অতিথি, /এলে প্রভাতে কারে চাহিয়া* রবীন্দ্র.)। বিণ. ক্ষণস্থায়ী।

ক্ষণে /খনে/ [স. ক্ষণ+বা. এ] ক্রিবিণ. মুহূর্তে; অল্প সময়ে।

ক্ষণেক /খনেক্/ [স √ক্ষণ্+এক] বি. অতি অল্প সময়। ক্রিবিণ. এক মুহূর্তের জন্য; অল্পকালের জন্য (*ক্ষণেক দাঁড়াও*)।

www.pathagar.com

ক্ষণে ক্ষণে /খনে খনে/ ক্রিবিণ. থেকে থেকে, মাঝে মাঝে; ঘনঘন, বারবার।

ক্ষত /খতো/ [স. √ক্ষণ্+ত] বি. ১ শরীরের আঘাত-প্রাপ্ত স্থান; ঘা। ২ ব্রণ। বিণ. আঘাতের চিহ্নযুক্ত, আঘাতপ্রাপ্ত।

ক্ষতচিহ্ন /খতোচিন্ñho/ [স. ক্ষত+√চিহ্ন্+অ] বি. ক্ষতস্থান শুকিয়ে যাওয়ার পরেও যে দাগ থেকে যায়, আঘাতের দাগ।

ক্ষতবিক্ষত /খতোবিক্খতো/ [স. ক্ষত+বি+√ক্ষণ্+ত] বিণ. আঘাতের ফলে ছিন্নভিন্ন অবস্থাপ্রাপ্ত।

ক্ষতস্থান /খতোস্থান্/ [স. ক্ষত+√স্থা+অন] বি. আঘাতপ্রাপ্ত স্থান।

ক্ষতাশৌচ /খতাশৌচ্/ [স. ক্ষত+অশৌচ] বি. দেহের ক্ষত বা রক্তস্রাবজনিত অপবিত্রতা।

ক্ষতি /খোতি/ [স. √ক্ষণ্+তি] বি. ১ লোকসান; হানি; অপচয়, অর্থনাশ। ২ অনিষ্ট। ৩ ক্ষয়।

ক্ষতিকর /খোতিকর্/ [স. ক্ষতি+√কৃ+অ] বিণ. ক্ষতি হয় এমন; অনিষ্টকর।

ক্ষতিগ্রস্ত /খোতিগ্‌গ্রোস্‌তো/ [স. ক্ষতি+√গ্রস্+ত] বিণ. ১ ক্ষতি হয়েছে এমন। ২ অপকৃত।

ক্ষতিপূরণ /খোতিপুরন্/ [স. ক্ষতি+√পূর্+অন] বি. লোকসানের জন্য মূল্যদান, খেসারত।

ক্ষতিবৃদ্ধি /খোতিবৃদ্‌ধি/ [স. ক্ষতি+√বৃধ্+তি] বি. লাভলোকসান; হেরফের।

ক্ষতিসাধন /খোতিশাধোন্/ [স. ক্ষতি+√সাধ্+অন] বি. অনিষ্টসাধন।

ক্ষত্তা /খত্‌তা/ [স. √ক্ষদ্+তৃ] বি. ১ শূদ্রের ঔরসজাত কল্পিত উচ্চবর্ণ নারীর সন্তান। ২ দাসীপুত্র। ৩ মহাভারতোক্ত বিদুর। ৪ সারথি।

ক্ষত্র /খত্‌ত্রো/ [স. ক্ষৎ+√ত্রৈ+অ] বি. ক্ষত্রিয় সম্প্রদায়, হিন্দু চতুর্বর্ণের দ্বিতীয় বর্ণ।

ক্ষত্রকর্ম /খত্‌ত্রোকর্‌মো/ [স. ক্ষত্র+কর্মন্] বি. ক্ষত্রিয়ের যোগ্য কাজ।

ক্ষত্রতেজ /খত্‌ত্রোতেজ্/ [স. ক্ষত্র+√তিজ্+অস্] বি. ক্ষত্রিয়সুলভ বীরত্ব।

ক্ষত্রধর্ম /খত্‌ত্রোধর্‌মো/ [স. ক্ষত্র+√ধৃ+ম] বি. সাহস বীরত্ব রাজ্যরক্ষা প্রভৃতি ক্ষত্রিয়ের বিহিত ধর্ম, ক্ষত্রিয়ের প্রতিপাল্য ধর্ম।

ক্ষত্রবন্ধু /খত্‌ত্রোবোন্‌ধু/ [স. ক্ষত্র+√বন্ধ্+উ] বি. নিকৃষ্ট ক্ষত্রিয়।

ক্ষত্রবিদ্যা /খত্‌ত্রোবিদ্‌দা/ [স. ক্ষত্র+√বিদ্+য+আ (টাপ্)] বি. যুদ্ধবিদ্যা; ধনুর্বিদ্যা।

ক্ষত্রিয় /খোত্‌ত্রিয়ো/ [স. ক্ষত্র+ইয়] বি. হিন্দু বর্ণাশ্রম বিভাজনের প্রথা অনুযায়ী চতুর্বর্ণের দ্বিতীয় বর্ণ।

ক্ষত্রোচিত /খোত্‌ত্রোচিতো/ [স. ক্ষত্র+উচিত] বিণ. ক্ষত্রিয়সুলভ।

ক্ষন্তব্য /খন্‌তোব্‌বো/ [স. √ক্ষম্+তব্য] বিণ. ক্ষমার যোগ্য, মার্জনীয়, ক্ষমার্হ।

ক্ষন্তা /খন্‌তা/ [স. √ক্ষম্+তৃন্] বি. যে ক্ষমা করে। বিণ. মার্জনাকারী।

ক্ষপণ /খপোন্/ [স. √ক্ষপ্+অন] বিণ. লজ্জা দূর করেছে এমন, নির্লজ্জ। বি. ১ ত্যাগ। ২ নিক্ষেপ।

ক্ষপণক /খপোনক্/ [স. ক্ষপণ+ক (স্বার্থে)] বি. ১ প্রাচীন বৌদ্ধ সন্ন্যাসী; উলঙ্গ বৌদ্ধ ভিক্ষুবিশেষ। ২ বিক্রমাদিত্যের নবরত্নসভার অন্যতম রত্ন।

ক্ষপণী /খপোনি/ [স. ক্ষপণ+ঈ] বি. ১ মাছ ধরার জালবিশেষ। ২ নৌকা বাওয়ার দাঁড়।

ক্ষপা /খপা/ [স. √ক্ষপ্+অ+আ (টাপ্)] বি. রাত্রি, নিশা, তিমির, শর্বরী, যামিনী।

ক্ষপাকর /খপাকর্/ [স. ক্ষপা+√কৃ+অ] বি. ১ চন্দ্র। ২ কর্পূর।

ক্ষপাচর /খপাচর্/ [স. ক্ষপা+√চর্+অ] বি. ১ নিশাচর। ২ রাক্ষস।

ক্ষপাট /খপাট্/ [স. ক্ষপা+√অট্+অ] বি. রাক্ষস।

ক্ষম[১]/খমো/ [স. √ক্ষম্+অ] অনুক্রি. ক্ষমা করো (*ক্ষম হে মম দীনত্ব পাপীজনশরণ প্রভু!* রবীন্দ্র.)।

–ক্ষম[২]/খম্/ [স. √ক্ষম্+অ] বিণ. ১ ক্ষমতাশীল; শক্তিমান; দক্ষ; সমর্থ (*কার্যক্ষম*)। ২ উপযুক্ত; যোগ্য (*মার্জনাক্ষম অপরাধ*)।

ক্ষমতা /খমোতা/ [স. ক্ষম+তা] বি. শক্তি; প্রভাব; সামর্থ্য; পটুতা, দক্ষতা; যোগ্যতা।

ক্ষমতাপন্ন /খমোতাপন্নো/ [স. ক্ষমতা+আ+√পদ্+ত] বিণ. ক্ষমতাশীল; প্রতিপত্তিশালী।

ক্ষমতাচ্যুত /খমোতাচ্‌চুতো/ [স. ক্ষমতা+√চ্যু+ত] বিণ. ক্ষমতা লুপ্ত হয়েছে এমন।

ক্ষমতাবান /খমোতাবান্/ [স. ক্ষমতা+বৎ] বিণ. ১ শক্তিশালী; সামর্থ্যবান। ২ পটু; নিপুণ। ৩ প্রভাবশালী। স্ত্রী. ক্ষমতাবতী /খমোতাবোতি/।

ক্ষমতায়ন /খমোতায়োন্/ [স. ক্ষমতা+√অয়্+অন] বি. ক্ষমতা প্রদান।

ক্ষমতাশালী /খমোতাশালি/ [স. ক্ষমতা+√শাল্+ইন্] বিণ. প্রতিপত্তিশালী, ক্ষমতাবান। স্ত্রী. ক্ষমতা-শালিনী /খমোতাশালিনি/।

ক্ষমা /খমা/ [স. √ক্ষম্+অ+আ (টাপ্)] বি. ১ অপরাধ মার্জনা। ২ সহিষ্ণুতা; তিতিক্ষা। ৩ নিবৃত্তি; শান্তি। ক্রিবি. ১ মার্জনা করা। ২ বিরত হওয়া।

www.pathagar.com

ক্ষমাগুণ /খমাগুন্/ [স. ক্ষমা+√গুণ্+অ] বি. ক্ষমারূপ গুণ বা ধর্ম, অন্যের অপরাধ ক্ষমা করার সদ্‌গুণ।

ক্ষমা দেওয়া /খমা দেওআ/ ক্রিবি. ক্ষান্ত বা বিরত হওয়া।

ক্ষমাপ্রার্থনা /খমাপ্রার্থোনা/ [স. ক্ষমা+প্র+√অর্থ্+অন+আ (টাপ্)] বি. ক্ষমা করার অনুরোধ।

ক্ষমাবান /খমাবান্/ [স. ক্ষমা+বৎ] বিণ. অন্যায় অপরাধ ক্ষমা করার গুণবিশিষ্ট, ক্ষমাশীল। স্ত্রী. ক্ষমাবতী /খমাবোতি/।

ক্ষমার্হ /খমার্হো/ [স. ক্ষমা+√অর্হ্+অ] বিণ. ক্ষমার যোগ্য।

ক্ষমাহীন /খমাহিন্/ [স. ক্ষমা+√হা+ত] বিণ. ক্ষমা-শূন্য।

ক্ষমী /খমি/ [স. √ক্ষম্+ইন্] বিণ. ১ ক্ষমাবান, ক্ষমাশীল। ২ সহিষ্ণু, সহনশীল। ৩ সমর্থ, সক্ষম।

ক্ষম্য /খোম্‌মো/ [স. √ক্ষম্+য] বিণ. ক্ষমার যোগ্য, মার্জনীয়, ক্ষান্তব্য।

ক্ষয় /খয়্/ [স. √ক্ষি+অ] বি. ১ ধ্বংস, বিনাশ (*শক্তি-ক্ষয়*)। ২ লোপ (*কুলক্ষয়*)। ৩ নিঃশেষ (*আয়ু ক্ষয়*)। ৪ ক্ষতি; অপচয় (*অর্থক্ষয়*)। ৫ পরাজয়। ৬ অবসান; অন্ত (*ক্ষয় করা*)। ৭ রোগবিশেষ (*ক্ষয়কাশ*)। ৮ প্রাকৃতিক কারণে ভূপৃষ্ঠস্থ শিলার ক্রমধ্বংস (*ভূমিক্ষয়*)।

ক্ষয় করা /খয় করা/ ক্রিবি. ১ ধ্বংস করা। ২ হ্রাস করা, কমানো।

ক্ষয়কাশ /খয়্‌কাশ্/ [স. ক্ষয়+√কাশ্+অ] বি. দ্র ক্ষয়রোগ।

ক্ষয়ক্ষতি /খয়্‌খোতি/ [স. ক্ষয়+√ক্ষণ্+তি] বি. লোকসান।

ক্ষয়ঙ্কর /খয়োংকর্/ [স. ক্ষয়+√কৃ+অ] বিণ. ক্ষয় করে এমন, প্রলয়ঙ্কর।

ক্ষয় পাওয়া /খয় পাওআ/ ক্রিবি. ক্রমশ ক্ষীণ হয়ে লোপ পাওয়া, কমে যাওয়া।

ক্ষয়প্রাপ্ত /খয়্‌প্রাপ্তো/ [স. ক্ষয়+প্র+√আপ্+ত] বিণ. ক্ষয়ে গিয়েছে এমন, ক্ষয়িত।

ক্ষয়রোগ /খয়্‌রোগ্/ [স. ক্ষয়+√রুজ্+অ] বি. ব্যাসি-লাস (bacillus) ব্যাকটেরিয়া সংক্রমণের ফলে ফুসফুসের প্রদাহজনিত প্রাণঘাতী রোগবিশেষ, যক্ষ্মা, ক্ষয়কাশ, tuberculosis।

ক্ষয়শীল /খয়্‌শিল্/ [স. ক্ষয়+√শীল্+অ] বিণ. দ্র ক্ষয়িষ্ণু।

ক্ষয়িষ্ণু /খোয়িশ্‌নু/ [স. ক্ষয়+ইষ্ণু] বিণ. ক্রমশ ক্ষয়প্রাপ্ত হচ্ছে এমন, ক্ষয়শীল।

ক্ষয়িত /খোয়িতো/ [স. ক্ষয়+ণিচ্+ত] বিণ. ক্ষয়প্রাপ্ত।

ক্ষয়ী /খোয়ি/ [স. √ক্ষি+ইন্] বিণ. ১ ক্ষয়শীল। ২ নশ্বর; ক্ষণস্থায়ী; ভঙ্গুর।

ক্ষর /খর্/ [স. √ক্ষর্+অ] বি. ১ ক্ষরণ, নিঃসরণ। ২ নাশ। বিণ. ১ ক্ষরিত হয় এমন। ২ নশ্বর; ভঙ্গুর।

ক্ষরণ /খরোন্/ [স. √ক্ষর্+অন] বি. ১ ফোঁটা ফোঁটা করে নিঃসরণ। ২ নাশ, ধ্বংস। ৩ (রসা.) স্যন্দন, exudation।

ক্ষরী /খোরি/ [স. √ক্ষর্+ইন্] বিণ. চুইয়ে পড়ছে এমন; ক্ষরণশীল।

ক্ষাত্র /খাত্‌ত্রো/ [স. ক্ষত্র+অ] বিণ. ১ ক্ষত্রিয়-সম্পর্কিত। ২ ক্ষত্রিয়ের যোগ্য (*ক্ষাত্রধর্ম*), ক্ষত্রিয়োচিত (*ক্ষাত্রকর্ম*)। বি. ক্ষত্রিয়ের ধর্ম।

ক্ষাত্রধর্ম /খাত্‌ত্রোধর্‌মো/ [স. ক্ষাত্র+√ধৃ+ম] বি. ক্ষত্রিয়ের পালনীয় আচার, বীরত্ব রাজ্যরক্ষা পুরুষকার প্রভৃতি ক্ষত্রিয়ের বিহিত ধর্ম।

ক্ষাত্রশক্তি /খাত্‌ত্রোশোক্‌তি/ [স. ক্ষাত্র+√শক্+তি] বি. যুদ্ধক্ষেত্রে ক্ষত্রিয়সুলভ বীরত্ব প্রদর্শন।

ক্ষান্ত /খান্‌তো/ [স. √ক্ষম্+ত] বিণ. ১ বিরত, নিবৃত্ত, নিরস্ত (*ক্ষান্ত হওয়া*)। ২ সহিষ্ণু। ৩ ক্ষমাশীল।

ক্ষান্তি /খান্‌তি/ [স. √ক্ষম্+তি] বি. ১ নিবৃত্তি, বিরতি। ২ সহনশীলতা, সহিষ্ণুতা। ৩ ক্ষমা।

ক্ষাম /খাম্/ [স. √ক্ষৈ+ত] বিণ. ১ ক্ষয়প্রাপ্ত। ২ কৃশ।

ক্ষার /খার্/ [স. √ক্ষর্+অ] বি. ১ (রসা.) যে অজৈব যৌগিক পদার্থ অম্লতাকে নিষ্ক্রিয় করে এবং লাল লিটমাসকে (litmus) নীল করে। ২ সোডা চুন ক্ষারীয় লবণ যবক্ষার প্রভৃতি, alkali।

ক্ষারক[১] /খারক্/ [স. √ক্ষর্+অক] বি. ধাতুর সঙ্গে অম্লজানের বিক্রিয়ার ফলে উৎপন্ন পদার্থ।

ক্ষারক[২] /খারক্/ [স. √ক্ষার+অক] বি. ১ কাপড় ধোয়ার জন্য যে ব্যক্তি ক্ষার তৈরি করে, রজক। ২ মাছের খালুই।

ক্ষারজল /খারজল্/ [স. ক্ষার+√জল্+অ] বি. ক্ষারমিশ্রিত পানি।

ক্ষারধাতু /খারধাতু/ [স. ক্ষার+√ধা+তু] বি. রসায়ন-শাস্ত্রে পর্যায় সারণির সমরাসায়নিক গুণসম্পন্ন ৬টি ঘাতসহ ধাতু (লিথিয়াম সোডিয়াম পটাশিয়াম রুবিডিয়াম সিজিয়াম ও ফ্রান্সিয়াম) যা অন্য মৌলিক পদার্থের সঙ্গে মিশ্রণে ক্ষার উৎপাদন করে; (পরি.) alkali metal।

ক্ষারভূমি /খারভুমি/ [স. ক্ষার+√ভূ+মি] বি. যে মাটিতে ক্ষার থাকে।

ক্ষারমিতি /খারমিতি/ [স. ক্ষার+√মা+তি] বি. (রসা.)

www.pathagar.com

কোনো দ্রবণে ক্ষারের পরিমাণ পরিমাপবিষয়ক শাস্ত্র; (পরি.) alkalimetry।

ক্ষারমৃত্তিকা /খারমৃত্‌তিকা/ [স. ক্ষার+√মৃদ্‌+তিক+আ (টাপ্‌)] বি. যে মাটির pH মান ৭.৪ বা তার বেশি, সাজিমাটি, লোনা মাটি।

ক্ষারিত /খারিতো/ [স. √ক্ষারি+ত] বিণ. ১ স্রাবিত; গলিত। ২ অপবাদগ্রস্ত, কলঙ্কগ্রস্ত। ৩ দূষিত।

ক্ষারীয় /খারিয়ো/ [স. √ক্ষর্‌+ঈয়] বিণ. ১ ক্ষারযুক্ত, ক্ষারমিশ্রিত। ২ ক্ষারধর্মী; alkaline।

ক্ষালন /খালোন্‌/ [স. √ক্ষালি+অন] বি. ১ প্রক্ষালন, ধৌতকরণ। ২ মোচন; শোধন (*অপরাধ ক্ষালন*)।

ক্ষালিত /খালিতো/ [স. √ক্ষালি+ত] বিণ. ১ ধৌত; পরিষ্কৃত। ২ শোধিত। ৩ পরিমার্জিত। ৪ দূরীকৃত।

ক্ষিতি /খিতি/ [স. √ক্ষি+তি] বি. ১ পৃথিবী। ২ মাটি।

ক্ষিতিজ /খিতিজো/ [স. ক্ষিতি+√জন্‌+অ] বিণ. ভূমিতে জাত। বি. ১ দিগন্ত; চক্রবাল। ২ মঙ্গলগ্রহ।

ক্ষিতিধর /খিতিধর্‌/ [স. ক্ষিতি+√ধৃ+অ] বি. (পৌরাণিক বিশ্বাসমতে পৃথিবীকে ধারণ করে আছে বলে) পর্বত।

ক্ষিতিনাথ /খিতিনাথ্‌/ [স. ক্ষিতি+নাথ] বি. রাজা, ভূপতি, ক্ষিতীশ।

ক্ষিতিপ /খিতিপো/ [স. ক্ষিতি+√পা+অ] বি. যিনি পৃথিবীকে পালন করেন, নৃপতি, রাজা।

ক্ষিতিপতি /খিতিপোতি/ [স. ক্ষিতি+√পা+অতি] বি. ভূপতি, ক্ষিতিনাথ।

ক্ষিতিভৃৎ /খিতিভৃত্‌/ [স. ক্ষিতি+√ভৃৎ+ক্বিপ্‌] বি. পর্বত।

ক্ষিতিসৌরভ /খিতিশৌড়্‌রভ্‌/ [স. ক্ষিতি+সুরভি+অ] বি. প্রথম বর্ষণের পর সিক্ত মাটির গন্ধ (ওই *আসে ওই অতি ভৈরব হরষে / জলসিঞ্চিত ক্ষিতিসৌরভরভসে* রবীন্দ্র.)।

ক্ষিতীশ্বর /খিতিশ্‌শর্‌/ [স. ক্ষিতি+ঈশ্বর] বি. ভূপতি, ক্ষিতিনাথ।

ক্ষিদ্যমান /খিদ্‌দোমান্‌/ [স. খিদ্যমান >] বিণ. খেদ করছে এমন, খেদযুক্ত।

ক্ষিপ্ত /খিপ্‌তো/ [স. √ক্ষিপ্‌+ত] বিণ. ১ নিক্ষিপ্ত। ২ বিক্ষিপ্ত। ৩ খ্যাপা। স্ত্রী. ক্ষিপ্তা /খিপ্‌তা/।

ক্ষিপ্যমাণ /খিপ্‌পোমান্‌/ [স. √ক্ষিপ্‌+মান (শানচ্‌)] বিণ. নিক্ষেপ করা হচ্ছে এমন।

ক্ষিপ্র /খিপ্‌প্রো/ [স. √ক্ষিপ্‌+র] ক্রিবিণ. বিণ. দ্রুত, শীঘ্র, সত্বর।

ক্ষিপ্রকারিতা /খিপ্‌প্রোকারিতা/ [স. ক্ষিপ্র+√কৃ+ইন্‌+তা] বি. কর্মসম্পাদনে দ্রুততা।

ক্ষিপ্রকারী /খিপ্‌প্রোকারি/ [স. ক্ষিপ্র+√কৃ+ইন্‌] বিণ. দ্রুত কাজ সম্পন্ন করে এমন, চটপটে; লঘুহস্ত। বি. ক্ষিপ্রকারিতা /খিপ্‌প্রোকারিতা/।

ক্ষিপ্রগতি /খিপ্‌প্রোগোতি/ [স. ক্ষিপ্র+√গম্‌+তি] বিণ. দ্রুতগতিসম্পন্ন, বেগবান।

ক্ষিপ্রগামী /খিপ্‌প্রোগামি/ [স. ক্ষিপ্র+√গম্‌+ইন্‌] বিণ. দ্রুতগামী। স্ত্রী. ক্ষিপ্রগামিনী /খিপ্‌প্রোগামিনি/।

ক্ষিপ্রতা /খিপ্‌প্রোতা/ [স. ক্ষিপ্র+তা] বি. দ্রুততা।

ক্ষিপ্রহস্ত /খিপ্‌প্রোহস্‌তো/ [স. ক্ষিপ্র+√হস্‌+ত] বিণ. কর্মতৎপর। বি. হাতের কৌশল।

ক্ষীণ /খিন্‌/ [স. √ক্ষি+ত] বিণ. ১ কৃশ, শীর্ণ (*ক্ষীণ দেহ*)। ২ ক্ষয়িত (*ক্ষীণচন্দ্র*)। ৩ সরু (*ক্ষীণ কটি*)। ৪ অত্যল্প (*ক্ষীণ আশা*)। ৫ মৃদু (*ক্ষীণ আলো*)। ৬ দুর্বল (*ক্ষীণ দৃষ্টি*)।

ক্ষীণকটি /খিনোকোটি/ [স. ক্ষীণ+√কট্‌+ই] বিণ. সরু কটিবিশিষ্ট (*ক্ষীণকটি নারী*)।

ক্ষীণকায় /খিনোকায়্‌/ [স. ক্ষীণ+√চি+অ] বিণ. কৃশকায়, রোগা; শীর্ণ।

ক্ষীণচন্দ্র /খিনোচন্‌দ্রো/ [স. ক্ষীণ+√চন্দ্‌+র] বি. কৃষ্ণপক্ষের শেষভাগের চাঁদ।

ক্ষীণচেতা /খিনোচেতা/ [স. ক্ষীণ+চেতস্‌] বিণ. নিষ্প্রভ, অনুজ্জ্বল।

ক্ষীণজীবী /খিনোজিবি/ [স. ক্ষীণ+√জীব্‌+ইন্‌] বিণ. দীর্ঘজীবী নয় এমন, অল্পজীবী।

ক্ষীণতা /খিনতা/ [স. ক্ষীণ+তা] বি. ক্ষীণ অবস্থা, দুর্বলতা; রুগ্‌ণতা।

ক্ষীণতোয়া /খিনোতোআ/ [স. ক্ষীণ+তোয়া] বি. ক্ষীণ জলধারাবিশিষ্ট নদী।

ক্ষীণপ্রাণ /খিনোপ্‌প্রান্‌/ [স. ক্ষীণ+প্র+√অন্‌+অ] বিণ. ১ অল্পজীবী। ২ সংকীর্ণহৃদয়।

ক্ষীণবল /খিনোবল্‌/ [স. ক্ষীণ+বল] বিণ. দুর্বল।

ক্ষীণবুদ্ধি /খিনোবুদ্‌ধি/ [স. ক্ষীণ+√বুধ্‌+তি] বিণ. অল্পবুদ্ধি।

ক্ষীণশক্তি /খিনোশোক্‌তি/ [স. ক্ষীণ+√শক্‌+তি] বিণ. অল্পশক্তিসম্পন্ন, দুর্বল।

ক্ষীণাঙ্গী /খিনাংগি/ [স. ক্ষীণ+অঙ্গ+ইন্‌] বিণ. শীর্ণদেহ।

ক্ষীয়মাণ /খিয়োমান্‌/ [স. √ক্ষি+মান (শানচ্‌)] বিণ. ক্ষয় হচ্ছে এমন।

ক্ষীর /খির্‌/ [স. √ঘস্‌+ঈর] বি. ১ যা ক্ষরিত হয়; দুধ। ২ ঘন করে জমানো দুধ। ৩ রস; আঠা।

www.pathagar.com

৪ (বাংলায়) দুধচিনি দিয়ে রাঁধা চাল। ৫ জল।

ক্ষীরদ্রুম /খিরোদদ্রুম্/ [স. ক্ষীর+দ্রুম] বি. বট অশ্বত্থ প্রভৃতি বৃক্ষ যা থেকে আঠা নিঃসৃত হয়।

ক্ষীরমোহন /খিরমোহোন্/ [স. ক্ষীর+√মুহ্+ণিচ্+অন] বি. ক্ষীরের পুর দেওয়া ছানার মিঠাইবিশেষ।

ক্ষীরশাপাত /খিরশাপাত্/ [স. ক্ষীরস >] বি. উত্তরবঙ্গে উৎপন্ন মিহি চালবিশেষ।

ক্ষীরশাপাতি /খিরশাপাতি/ [স. ক্ষীরস >] বি. ১ সুমিষ্ট আমবিশেষ। ২ মিঠাইবিশেষ।

ক্ষীরসমুদ্র /খিরশোমুদ্রো / [স. ক্ষীর+সম্+√উন্দ্+র] বি. বিষ্ণুর অনন্তশয্যারূপে বর্ণিত পুরাণোক্ত সমুদ্র।

ক্ষীরসাগর /খিরশাগোর্/ [স. ক্ষীর+সাগর] বি. দ্র ক্ষীরসমুদ্র।

ক্ষীরাব্ধি /খিরাব্ধি/ [স. ক্ষীর+অপ্+√ধা+ই] বি. ক্ষীরসমুদ্র।

ক্ষীরাব্ধিজ /খিরাব্ধিজো/ [স. ক্ষীরাব্ধি+√জন্+অ] বি. চন্দ্র।

ক্ষীরোদ /খিরোদ্/ [স. ক্ষীর+উদ] বি. ক্ষীরসমুদ্র।

ক্ষীরোদনন্দন /খিরোদ্ননন্দোন্/ [স. ক্ষীরোদ+√নন্দি+অন] বি. চাঁদ, শশধর।

ক্ষুণ্ন /খুন্নো/ [স. √ক্ষুদ্+ত] বিণ. ১ চূর্ণীত, চূর্ণীকৃত। ২ দুঃখিত (*ক্ষুণ্নমনা*)। ৩ খর্ব (*মর্যাদা ক্ষুণ্ন হওয়া*)। ৪ ত্রুটিযুক্ত। ৫ (বাংলায়) আশাহত ও ব্যথিত।

ক্ষুণ্নমনা /খুন্নোমোনা / [স. ক্ষুন্ন+মনস্] বিণ. দুঃখিত; ব্যথিত; ক্ষুব্ধ।

ক্ষুৎ[১] /খুত্/ [স. √ক্ষু+ক্বিপ্] বি. হাঁচি।

ক্ষুৎ[২] /খুত্/ [স. √ক্ষুধ্+ক্বিপ্] বি. (সমাসের পূর্বপদে) ক্ষুধা (*ক্ষুৎপীড়িত*)।

ক্ষুৎকাতর /খুত্কাতোর্/ [স. ক্ষুৎ+কাতর] বিণ. ক্ষুধায় কাতর, ক্ষুৎপীড়িত।

ক্ষুৎক্ষাম /খুত্খাম্/ [স. ক্ষুৎ+√ক্ষৈ+ত] বিণ. ক্ষুধায় কাতর।

ক্ষুৎপিপাসা /খুত্পিপাশা/ [স. ক্ষুৎ+√পিপাস্+অ+আ (টাপ্)] বি. ক্ষুধা ও তৃষ্ণা।

ক্ষুৎপীড়িত /খুত্পিড়িতো/ [স. ক্ষুৎ+√পীড়্+ত] বিণ. ক্ষুধায় কাতর।

ক্ষুদ্র /খুদ্দ্রো/ [স. √ক্ষুদ্+র] বিণ. ১ হ্রস্ব (*ক্ষুদ্রাকৃতি*)। ২ নীচ, অনুদার (*ক্ষুদ্রমনা*)। ৩ কৃপণ। ৪ দরিদ্র; সামান্য (*ক্ষুদ্র লোক*)। ৫ (বাংলায়) ছোটো। ৬ অল্প (*ক্ষুদ্রপ্রাণ*)। স্ত্রী. ক্ষুদ্রা /খুদ্দ্রা /।

ক্ষুদ্রক /খুদ্দ্রোক্/ [স. ক্ষুদ্র+ক (স্বার্থে)] বিণ. সামান্য পরিমাণ; তোলাপরিমাণ। বি. পশ্চিম ভারতের প্রাচীন জনপদবিশেষ।

ক্ষুদ্রকায় /খুদ্দ্রোকায়/ [স. ক্ষুদ্র+√চি+অ] বিণ. খর্ব দেহবিশিষ্ট।

ক্ষুদ্রচেতা /খুদ্দ্রোচেতা/ [স. ক্ষুদ্র+চেতস্] বিণ. নীচমনা, সংকীর্ণমনা।

ক্ষুদ্রতম /খুদ্দ্রোতমো/ [স. ক্ষুদ্র+তমট্] বিণ. সর্বাপেক্ষা ক্ষুদ্র।

ক্ষুদ্রতা /খুদ্দ্রোতা/ [স. ক্ষুদ্র+তা] বি. ১ নীচতা, হীনতা। ২ অল্পতা।

ক্ষুদ্রত্ব /খুদ্দ্রোত্তো/ [স. ক্ষুদ্র+ত্ব] বি. দ্র ক্ষুদ্রতা।

ক্ষুদ্রপ্রাণ /খুদ্দ্রোপ্রান্/ [স. ক্ষুদ্র+প্র+√অন্+অ] বিণ. ১ বিনাশশীল; অল্পজীবী। ২ কৃপণ।

ক্ষুদ্রাদপি ক্ষুদ্র /খুদ্দ্রাদোপি খুদ্দ্রো/ বিণ. ক্ষুদ্রের চেয়েও ক্ষুদ্র, অতি ক্ষুদ্র।

ক্ষুদ্রাশয় /খুদ্দ্রাশয়্/ [স. ক্ষুদ্র+আ+√শী+অ] বিণ. সংকীর্ণমনা।

ক্ষুধা /খুধা/ [স. √ক্ষুধ্+ক্বিপ্+আ (টাপ্)] বি. ১ ভোজনেচ্ছা, খাওয়ার প্রবৃত্তি। ২ ইচ্ছা, বাসনা; প্রবৃত্তি।

ক্ষুধাতুর /খুধাতুর্/ [স. ক্ষুধা+আতুর] বিণ. ক্ষুধায় কাতর। স্ত্রী. ক্ষুধাতুরা /খুধাতুরা/।

ক্ষুধাতৃষ্ণা /খুধাতৃশ্না/ [স. ক্ষুধা+√তৃষ্+ন+আ (টাপ্)] বি. ক্ষুৎপিপাসা।

ক্ষুধানিবৃত্তি /খুধানিবৃত্তি/ [স. ক্ষুধা+নি+√বৃৎ+তি] বি. ক্ষুধা দূরীকরণ, ক্ষুন্নিবৃত্তি, আহার।

ক্ষুধান্বিত /খুধান্নিতো/ [স. ক্ষুধা+অনু+√ই+ত] বিণ. ক্ষুধিত।

ক্ষুধামান্দ্য /খুধামান্দো / [স. ক্ষুধা+মন্দ+য] বি. ক্ষুধার অল্পতাহেতু আহারে অনিচ্ছা।

ক্ষুধার্ত /খুধার্তো/ [স. ক্ষুধা+আ+√ঋ+ত] বিণ. ক্ষুধায় কাতর।

ক্ষুধাসঞ্চার /খুধাশনচার্/ [স. ক্ষুধা+সঞ্চার] বি. ক্ষুধার উদ্রেক।

ক্ষুধিত /খুধিতো/ [স. √ক্ষুধ্+ত] বিণ. ক্ষুধা পেয়েছে এমন, ক্ষুধার্ত, ক্ষুধাতুর। স্ত্রী. ক্ষুধিতা /খুধিতা/।

ক্ষুন্নিবারণ /খুন্নিবারোন্ / [স. ক্ষুৎ+নিবারণ] বি. আহারের ফলে ক্ষুধার নিবৃত্তি, ক্ষুধার উপশম।

ক্ষুন্নিবৃত্ত /খুন্নিবৃত্তো/ [স. ক্ষুৎ+নি+√বৃৎ+ত] বিণ. ক্ষুধার উপশম হয়েছে এমন।

ক্ষুন্নিবৃত্তি /খুন্নিবৃত্তি/ [স. ক্ষুৎ+নি+√বৃৎ+তি] বি. আহারের ফলে ক্ষুধার নিবৃত্তি, ক্ষুধার উপশম।

www.pathagar.com

ক্ষুপ /খুপ্/ [স. √ক্ষুপ্+অ] বি. ১ ছোটো ছোটো শাখা-যুক্ত গুল্মজাতীয় উদ্ভিদ। ২ শ্রীকৃষ্ণ ও সত্যভামার পুত্র।

ক্ষুব্ধ /খুব্ধো/ [স. √ক্ষুভ্+ত] বিণ. ১ বিচলিত, ব্যাকুল। ২ আলোড়িত; ক্ষুভিত; মথিত। ৩ দুঃখিত, ব্যথিত; ক্ষুণ্ন। স্ত্রী. ক্ষুব্ধা /খুব্ধা/।

ক্ষুভিত /খুভিতো/ [স. √ক্ষুভ্+ত] বিণ. ১ আলোড়িত। ২ বিচলিত। ৩ ব্যাকুল। স্ত্রী. ক্ষুভিতা /খুভিতা/।

ক্ষুমা /খুমা/ [স. √ক্ষু+ম+আ (টাপ্)] বি. ১ অতসী মসিনা প্রভৃতির তন্তু। ২ শন। ৩ পাট।

ক্ষুর /খুর্/ [স. √ক্ষুর্+অ] বি. ক্ষৌরকর্ম বা কেশ-মুণ্ডনের ধারালো অস্ত্রবিশেষ।

ক্ষুরক্ষুণ্ন /খুরোখুন্নো/ [স. ক্ষুর+√ক্ষুদ্+ত] বিণ. ক্ষুর-দ্বারা বিক্ষত।

ক্ষুরধার /খুরোধার্/ [স. ক্ষুর+√ধারি+অ] বিণ. ১ ক্ষুরের মতো ধারালো। ২ তীক্ষ্ণ।

ক্ষুরী /খুরি/ [স. ক্ষুর+ঈ] বি. ক্ষৌরকার, নাপিত। বিণ. (যে পশুর) ক্ষুর আছে এমন।

ক্ষেত্র /খেত্তো/ [স. √ক্ষি+ত্র] বি. ১ চাষের জমি, খেত, জমি। ২ স্থান (*যুদ্ধক্ষেত্র*)। ৩ (জ্যা.) রেখাদ্বারা বেষ্টিত স্থান; তল, surface। ৪ পত্নী। ৫ তীর্থ (*জগন্নাথক্ষেত্র*)। ৬ (দর্শন.) শরীর।

ক্ষেত্রকর্ম /খেত্তোকর্‌মো/ [স. ক্ষেত্র+কর্মন্] বি. ১ চাষাবাদ, কৃষিকাজ। ২ অবস্থা অনুযায়ী কাজ।

ক্ষেত্রজ /খেত্তোজো/ [স. ক্ষেত্র+√জন্+অ] বিণ. ১ জমিতে উৎপন্ন, কৃষিজাত। ২ নিজ পত্নীর গর্ভে অন্য পুরুষের ঔরসজাত।

ক্ষেত্রজ্ঞ /খেত্তোগ্‌গোঁ/ [স. ক্ষেত্র+√জ্ঞা+অ] বিণ. ১ কৃষিকাজে দক্ষ। ২ স্থান বা অবস্থা অনুযায়ী কাজ করতে সমর্থ; অবস্থা সম্পর্কে অভিজ্ঞ। ৩ নিপুণ, কর্মকুশল। ৪ পণ্ডিত। ৫ অন্তর্যামী।

ক্ষেত্রতত্ত্ব /খেত্তোতত্তো/ [স. ক্ষেত্র+তৎ+ত্ব] বি. বিন্দু রেখা ক্ষেত্র প্রভৃতি বিষয়ক গণিতশাস্ত্রের শাখা, জ্যামিতি; ক্ষেত্রমিতি।

ক্ষেত্রপতি /খেত্তোপোতি/ [স. ক্ষেত্র+√পা+অতি] বি. জমির মালিক।

ক্ষেত্রপাল /খেত্তোপাল্/ [স. ক্ষেত্র+√পালি+অ] বি. ১ জমির রক্ষক। ২ কৃষক। ৩ শিব।

ক্ষেত্রফল /খেত্তোফল্/ [স. ক্ষেত্র+ফল] বি. (গ.) জমির দৈর্ঘ্য ও প্রস্থের গুণফল।

ক্ষেত্রমিতি /খেত্তোমিতি/ [স. ক্ষেত্র+√মা+তি] বি. রেখার দৈর্ঘ্য ক্ষেত্রফল বস্তুর আয়তন ইত্যাদি নির্ণয়সংক্রান্ত জ্যামিতির শাখা; ক্ষেত্রতত্ত্ব।

ক্ষেত্রস্বামী /খেত্তোশ্‌শামি/ [স. ক্ষেত্র+স্ব+আমিন্] বি. জমির মালিক।

ক্ষেত্রাজীব /খেত্তাজিব্/ [স. ক্ষেত্র+আজীব] বিণ. কৃষিজীবী।

ক্ষেত্রাধিকারী /খেত্তাধিকারি/ [স. ক্ষেত্র+অধি+√কৃ+ইন্] বি. জমির মালিক, ভূস্বামী।

ক্ষেত্রিক /খেত্তিক্/ [স. ক্ষেত্র+ইক] বি. ভূস্বামী।

ক্ষেত্রী /খেত্তি/ [স. ক্ষেত্র+ইন্] বি. ১ ক্ষেত্রের মালিক। ২ স্বামী, পতি।

ক্ষেপ /খেপ্/ [স. √ক্ষিপ্+অ] বি. ১ নিক্ষেপ, ক্ষেপণ (*শরক্ষেপ*)। ২ প্রেরণ, চালন (*হস্তক্ষেপ*)। ৩ বিন্যাস (*পদক্ষেপ*)। ৪ অতিবাহন, যাপন (*কাল-ক্ষেপ*)। ৫ লঙ্ঘন।

ক্ষেপক /খেপক্/ [স. √ক্ষিপ্+অক] বিণ. নিক্ষেপক। বি. গ্রন্থের প্রক্ষিপ্ত পাঠ, তোলাপাঠ।

ক্ষেপণ /খেপন্/ [স. √ক্ষিপ্+অন] বি. ১ নিক্ষেপ (*ক্ষেপণাস্ত্র*)। ২ অতিবাহন (*কালক্ষেপণ*)।

ক্ষেপণাস্ত্র /খেপনাস্ত্রো/ [স. ক্ষেপণ+√অস্+ত্র] বি. যে অস্ত্র ছুড়ে মারা হয়, missile (*দূরপাল্লার ক্ষেপণাস্ত্র*)।

ক্ষেপণি /খেপোনি/ [স. √ক্ষিপ্+অনি] বি. ১ নৌকা বাওয়ার দাঁড়। ২ যে জাল ক্ষেপণ করে মাছ ধরা হয়।

ক্ষেপণিক /খেপোনিক্/ [স. ক্ষেপণি+ইক] বি. দাঁড় চালনা যার পেশা, দাঁড়ি।

ক্ষেপণীয় /খেপোনিয়ো/ [স. √ক্ষিপ্+অনীয়] বিণ. নিক্ষেপযোগ্য, ক্ষেপণযোগ্য।

ক্ষেপ্তা /খেপ্‌তা/ [স. √ক্ষিপ্+তৃ] বিণ. নিক্ষেপকারী, ক্ষেপণকারী। বি. যে নিক্ষেপ করে।

ক্ষেম /খেম্/ [স. √ক্ষি+ম] বি. ১ কল্যাণ, শুভ; কুশল, মঙ্গল। ২ লব্ধবস্তু সংরক্ষণ (*যোগক্ষেম*)।

ক্ষেমংকর /খেমংকর্/ [স. ক্ষেম+√কৃ+অ] বিণ. মঙ্গলদায়ক। স্ত্রী. ক্ষেমংকরী /খেমংকোরি/।

ক্ষেমবৎ /খেমোবত/ [স. ক্ষেম+বৎ] বিণ. কুশলী, মঙ্গলবিশিষ্ট।

ক্ষেমবান /খেমোবান্/ [স. ক্ষেম+বৎ] বিণ. দ্র ক্ষেমবৎ।

ক্ষৈরেয় /খোইরেয়ো/ [স. ক্ষীর+এয়] বিণ. ১ ক্ষীর-সম্বন্ধীয়, ক্ষীরসংক্রান্ত। ২ দুগ্ধজাত; দুগ্ধপক্ক।

ক্ষোণি /খোনি/ [স. √ক্ষু+নি] বি. পৃথিবী, ধরণি।

ক্ষোদন /খোদোন্/ [স. √ক্ষুদ্+অন] বি. ১ প্রস্তরাদিতে চিত্র অঙ্কন, খোদাইকরণ। ২ চূর্ণন।

www.pathagar.com

ক্ষোদিত /খোদিতো/ [স. √ক্ষোদি+ত] বিণ. ১ খোদাই করা হয়েছে এমন, উৎকীর্ণ। ২ চূর্ণিত।

ক্ষোভ /খোভ্/ [স. √ক্ষুভ্+অ] বি. ১ মনস্তাপ; উদ্‌বেগ। ২ আন্দোলন; বিক্ষোভ।

ক্ষোভিত /খোভিতো/ [স. √ক্ষোভি+ত] বিণ. ১ ক্ষুব্ধ; দুঃখপ্রাপ্ত। ২ উদ্‌বিগ্ন। স্ত্রী. ক্ষোভিতা /খোভিতা/।

ক্ষৌণি /খোউ়নি/ [স. √ক্ষু+নি] বি. পৃথিবী, ধরণি।

ক্ষৌণীশ /খোউ়নিশ্/ [স. ক্ষৌণী+ঈশ্] বি. রাজা; পৃথিবীর অধিপতি।

ক্ষৌদ্র /খোউ়দ্‌দ্রো/ [স. ক্ষুদ্রা+অ] বিণ. ১ ক্ষুদ্র-সম্বন্ধীয়। ২ মৌচাক থেকে সংগৃহীত। বি. মধু।

ক্ষৌদ্রজ /খোউ়দ্‌দ্রোজো/ [স. ক্ষৌদ্র+√জন্+অ] বি. মোম।

ক্ষৌম /খোউ়মো/ [স. ক্ষুমা+অ] বি. ১ মসিনার তেল। ২ রেশমি কাপড়; linen। ৩ অট্টালিকা। ৪ চিলে-কোঠা। বিণ. ১ রেশমি। ২ শণনির্মিত।

ক্ষৌর /খোউ়রো/ [স. ক্ষুর+অ] বি. চুল দাড়ি প্রভৃতি মুণ্ডন, ক্ষুরকর্ম, খেউরি। বিণ. ক্ষুরসম্বন্ধীয়।

ক্ষৌরকর্ম /খোউ়রোকর্‌মো/ [স. ক্ষৌর+কর্মন্] বি. চুল দাড়ি প্রভৃতি মুণ্ডন।

ক্ষৌরিক /খোউ়রিক্/ [স. ক্ষৌর+ইক] বি. নাপিত, ক্ষুরকার।

ক্ষৌরী /খোউ়রি/ [স. ক্ষুর+ইন্] বি. চুল দাড়ি প্রভৃতি মুণ্ডন, ক্ষুরকর্ম।

www.pathagar.com

খ /খ/

খ[১] /খ/ বাংলা বর্ণমালার দ্বিতীয় ব্যঞ্জনবর্ণ এবং কণ্ঠ থেকে উচ্চার্য ক-এর অঘোষ মহাপ্রাণ রূপ।

খ[২] /খ:/ [স. √খন্+অ] বি. ১ আকাশ, নভঃ, শূন্য। ২ সুবিন্দু, zenith।

খই /খোই/ [স. খদিকা >] বি. খোলায় ধান ভেজে তৈরি খাদ্যবস্তুবিশেষ, লাজ, খদি, খদিকা।

খইচড়া /খোইচড়া/ [বা.] বি. ভাজার সময়ে যে খই পুরোপুরি ফোটে না।

খইচাল /খোইচাল্/ [বা.] বি. ভাজার পর খই তুষ বালি প্রভৃতি পৃথক করার চালনি।

খইচুর /খোইচুর্/ [বা.] বি. চিনিতে পাককরা খইয়ের মোয়া।

খইছড়া /খোইছড়া/ [বা.] বি. দ্র খইচড়া।

খইঢেকুর /খোইঢেকুর্/ [বা.] বি. অজীর্ণজনিত খইয়ের গন্ধযুক্ত ঢেকুর, চোঁয়া ঢেকুর।

খইনি /খোইনি/ [হি.] বি. নেশাবস্তুরূপে দাঁতের গোড়ায় রাখা হয় এমন চুন মাখানো শুকনো তামাকপাতা।

খই ফুটা /খোই ফুটা/ ক্রিবি. দ্র খই ফোটা।

খই ফোটা /খোই ফোটা/ ক্রিবি. (আল.) ধান ভাজার সময় খই যেমন ফোটে তেমনি মুখ থেকে অনর্গল কথা নিঃসৃত হওয়া।

খইয়া /খোইআ/ [বা.] বিণ. খইসম্বন্ধীয়; খইসদৃশ।

খইয়া খোলা /খোইআ খোলা/ বি. খই ভাজার খোলা।

খইয়া ঢেকুর /খোইআ ঢেকুর্/ বি. দ্র খইঢেকুর।

খইয়া ধান /খোইআ ধান/ বি. খই ভাজার ধান।

খইয়ে /খোইয়ে/ [বা.] বিণ. দ্র খইয়া।

খইরঙা /খোইরংআ/ [বা.] বিণ. খইসদৃশ, খইয়ের মতো রংবিশিষ্ট; সাদা।

খইল /খোইল্/ [স. খলি >] বি. ১ তিল সরষে প্রভৃতি থেকে তেল নিঃসারণের পর যা অবশিষ্ট থাকে, ছোবড়া। ২ কানের ভেতরে জমে থাকা ময়লা, কর্ণমল, খোল।

খওফ /খওফ্/ [আ.] বি. ভয়, ভীতি, আতঙ্ক।

খওয়া /খওআ/ [স. ক্ষয় >] ক্রিবি. ক্ষয় হওয়া, ব্যবহারের ফলে অস্পষ্ট হওয়া; কমে যাওয়া। বিণ. ক্ষয়িত, ক্ষয়প্রাপ্ত।

খওয়ানো /খওআনো/ [স. ক্ষয় >] ক্রিবি. ক্ষয় করা।

খক /খক্/ [ধ্বন্যা.] অব্য. বি. কাশির অনুকার শব্দ।

খকখক /খক্খক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বারবার খক শব্দ। ২ শুষ্ক হাসির আওয়াজ।

খকখকানি /খক্খকানি/ [ধ্বন্যা.] বি. ১ কাশির আওয়াজ। ২ অনবরত হাসির আওয়াজ।

খকখকে /খক্খোকে/ [ধ্বন্যা.] বিণ. খকখক শব্দযুক্ত।

খগ /খগো/ [স. খ+√গম্+অ] বি. ১ পাখি। ২ বায়ু। ৩ সূর্য। ৪ গ্রহ। ৫ বাণ। ৬ দেবতা। ৭ পতঙ্গ। ৮ (বাংলায়) গরুড়। বিণ. শূন্যে বিচরণকারী।

খগগতি /খগোগোতি/ [স. খগ+√গম্+তি] বি. আকাশে পাখি ওড়ার গতি।

খগপতি /খগোপোতি/ [স. খগ+√পা+অতি] বি. পাখিদের রাজা, পক্ষিরাজ, গরুড়।

খগবর /খগোবর্/ [স. খগ+√বৃ+অ] বি. খগপতি।

খগম /খগোম্/ [স. খগ+√গম্+অ] বি. ১ পাখি। ২ পৌরাণিক মুনিবিশেষ যাঁর অভিশাপে মুনি সহস্রপাদ ঢোঁড়াসাপে পরিণত হয়েছিলেন। বিণ. গগনবিহারী।

খগমণি /খগোমোনি/ [স. খগ+√মণ্+ই] বি. পাখিদের রাজা, খগপতি।

খগরাজ /খগোরাজ্/ [স. খগ+রাজন্] বি. গরুড়।

খগস্থান /খগোস্থান্/ [স. খগ+√স্থা+অন] বি. ১ গাছের কোটর। ২ নীড়।

খগান্তক /খগানতক্/ [স. খগ+√অন্তি+অক] বি. ১ বাজপাখি। ২ ব্যাধ, পাখিশিকারি।

খগেন্দ্র /খগেন্দ্রো/ [স. খগ+√ইন্দ্+র] বি. খগপতি, গরুড়।

খগেশ্বর /খগেশ্শর্/ [স. খগ+ঈশ্বর] বি. দ্র খগেন্দ্র।

খগোল /খগোল্/ [স. খ+গোল] বি. নভোমণ্ডল, আকাশমণ্ডল; the celestial sphere।

খগোলবিদ্যা /খগোলবিদ্যা/ [স. খগোল+√বিদ্+য+আ (টাপ্)] বি. গ্রহনক্ষত্রাদি সংক্রান্ত শাস্ত্র, জ্যোতির্বিজ্ঞান, astronomy।

www.pathagar.com

খচ /খচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ 'খট' শব্দের কোমল রূপ। ২ এক কোপে কেটে ফেলার অনুকার শব্দ। ৩ হঠাৎ কাঁটা বেঁধার অনুভূতিব্যঞ্জক শব্দ।

খচখচ[১] /খচ্খচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ক্রমাগত খচ শব্দ; অনবরত কাটা বা বেঁধার অনুভূতিব্যঞ্জক শব্দ। ২ কোমল স্থানে বেঁধার অনুভূতিব্যঞ্জক শব্দ। ৩ আক্ষেপজনিত ক্লেশের অনুভূতিব্যঞ্জক শব্দ (*মন খচখচ করা*)।

খচখচ[২] /খচ্খচ্/ [ধ্বন্যা.] বি. ১ গন্ডগোল; গোলমাল। ২ বাগ্‌বিতন্ডা।

খচখচানো /খচ্খচানো/ [ধ্বন্যা.] ক্রিবি. খচখচ করা।

খচখচে /খচ্খোচে/ [ধ্বন্যা.] বিণ. খচখচ করে এমন।

খচাখচ /খচাখচ্/ [ধ্বন্যা.] ক্রিবিণ. খচখচ শব্দ সহকারে।

খচাখচি /খচাখোচি/ [ধ্বন্যা.] বি. বাদানুবাদ, বিবাদ।

খচাৎ /খচাত্/ [ধ্বন্যা.] অব্য. বি. ধারালো অস্ত্র দিয়ে এক কোপে কেটে ফেলার অনুকার শব্দ।

খ-চারী /খচারি/ [সং. খ+√চর্+ইন্] বিণ. আকাশচারী। স্ত্রী. খ-চারিণী /খচারিনি/।

খচিত /খোচিতো/ [সং. √খচ্+ত] বিণ. ১ অলংকৃত, ভূষিত; শোভিত। ২ গ্রথিত। ৩ জড়িত। ৪ বিন্যস্ত। ৫ পরিব্যাপ্ত।

খচ্চর /খচ্চোর্/ [দেশি.] বি. ১ ঘোড়া ও গাধার মিলনজাত পশু; অশ্বতর। ২ জারজ সন্তান। ৩ গালিবিশেষ। বিণ. দুষ্ট, বদমায়েশ।

খজ্যোতি /খজ্যোতি/ [সং. খ+√দ্যুৎ+ইস্] বি. (ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে শূন্যে বিচরণ করতে দেখা যায়) প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিতভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গবিশিষ্ট কীট, জোনাকি, খদ্যোত।

খঞ্চা /খন্চা/ [ফা.] বি. ১ বড়ো থালা। ২ বারকোশ।

খঞ্চাপোশ /খন্চাপোশ্/ [ফা.] বি. খঞ্চা ঢেকে রাখার কাপড়।

খঞ্জ /খন্জো/ [সং. √খঞ্জ্+অ] বিণ. খোঁড়া, পঙ্গু। বি. -তা /-তা/।

খঞ্জন /খন্জোন্/ [সং. √খঞ্জ্+অন] বি. এশিয়া ইউরোপ ও আফ্রিকার জলাশয়ের ধারে বিচরণ করে এবং ক্রমাগত লেজ নাচায় এমন চঞ্চল স্বভাবের ছোটো গায়ক পাখি, wagtail। স্ত্রী. খঞ্জনা /খন্জোনা/।

খঞ্জন-আঁখি /খন্জোনআঁখি/ [বা.] বি. খঞ্জন পাখির মতো চঞ্চল ও আকর্ষক চোখ।

খঞ্জনগঞ্জন /খন্জোনগন্জোন্/ [সং. খঞ্জন+গঞ্জন] বিণ. চঞ্চলতায় খঞ্জনকেও লজ্জা দেয় এমন।

খঞ্জননয়না /খন্জোননয়োনা/ [সং. খঞ্জন+নয়ন+আ (টাপ্)] বি. মধুর ভঙ্গিমাবিশিষ্ট চঞ্চল চোখ; নর্তনশীল চোখ, চটুল নয়ন।

খঞ্জনি /খন্জোনি/ [ধ্বন্যা.] বি. ১ প্রান্তভাগে করতাল লাগানো ছোটো গোলাকার বাদ্যযন্ত্রবিশেষ যার একদিকের মুখ চামড়া দিয়ে আবৃত এবং অন্য মুখ খোলা, tambourine। ২ মন্দিরা।

খঞ্জনিকা /খন্জোনিকা/ [সং. খঞ্জন+কন্+আ (টাপ্)] বি. খঞ্জনসদৃশ ছোটো পাখিবিশেষ।

খঞ্জর /খন্জর্/ [ফা.] বি. দুই দিক ধারালো এমন ছোরাবিশেষ।

খট[১] /খট্/ [ধ্বন্যা] অব্য. বি. কাঠ পাথর প্রভৃতি কঠিন জিনিসের পরস্পর আঘাতজনিত অনুচ্চ শব্দ।

খট[২] /খট্/ [সং. ষট্ >] বি. দিনের প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

খট[৩] /খট্/ [সং. খাত >] বি. খাদ।

খট[৪] /খট্/ [সং. √খট্+অ] বি. ১ তৃণ, খড়। ২ লাঙল।

খটকা /খট্কা/ [হি.] বি. সংশয়, সন্দেহ।

খটখট /খট্খট্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বারবার খট শব্দ (*খটখট শব্দ*)। ২ শুকিয়ে কাঠ হয়ে যাওয়ার ভাবপ্রকাশক শব্দ।

খটখট করা /খট্খট্ করা/ ক্রিবি. হাতের আঙুল বা কোনো কঠিন বস্তু দিয়ে কাঠে আঘাত করে শব্দ করা, knock।

খটখটানি /খটখটানি/ [ধ্বন্যা.] বি. খটখট শব্দ।

খটখটে /খট্খোটে/ [বা.] বিণ. ১ অত্যন্ত শুষ্ক ও নীরস। ২ প্রখর (*খটখটে রোদ*)।

খটমট /খট্মট্/ [ধ্বন্যা.] অব্য. বি. কঠিন গোড়ালিযুক্ত জুতা পায়ে দিয়ে গর্বভরে চলার শব্দ। বিণ. ১ কর্কশ; কঠিন; নীরস। ২ দুর্বোধ্য, জটিল।

খটমটে /খট্মোটে/ [বা.] বিণ. দুর্বোধ্য, জটিল।

খটরমটর /খটোর্মটোর্/ [ধ্বন্যা.] অব্য. বি. জিনিসপত্র নাড়াচাড়া করার অনুকার শব্দ। বিণ. জটিল।

খটাখট /খটাখট্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কঠিন দ্রব্যের পরস্পর অনবরত আঘাতের অনুকার শব্দ। ২ ক্রমাগত খট শব্দ। ক্রিবিণ. চটপট, দ্রুত।

খটাৎ /খটাত্/ [ধ্বন্যা.] অব্য. বি. খট-এর চেয়ে উচ্চতর শব্দ।

খটাপদ /খটাপদ্/ [সং. খট্টাপদ >] বিণ. খড়মপেয়ে।

খটাশ /খটাশ্/ [সং. খট্টাশ >] বি. গায়ে দুর্গন্ধযুক্ত বনবিড়ালজাতীয় মাংসাশী প্রাণী, খাটাশ, খট্টাশ; ভাম, গন্ধগোকুল, polecat।

www.pathagar.com

খটাস /খটাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. শক্ত জিনিস ঠোকাঠুকির অনুকার শব্দ।

খটিক /খোটিক্/ [পরি.] বি. রুপোর মতো সাদা মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ২০ এবং চুনের অন্যতম উপাদান, ক্যালসিয়াম, calcium।

খটিকা /খোটিকা/ [স. খটী+কন্+আ (টাপ্)] বি. খড়ি, খড়িমাটি।

খটেল /খোটেল্/ [বা.] বিণ. ১ খুঁত বা দোষ ধরার স্বভাববিশিষ্ট। ২ লম্পট।

খটোমটো /খটোমটো/ [ধ্বন্যা.] বিণ. ১ কর্কশ; কঠিন; নীরস। ২ দুর্বোধ্য, জটিল।

খট্টাশ /খট্টাশ্/ [স. খট্ট+√অশ্+অ] বি. দ্র খটাশ।

খট্টি/খোট্টি/ [স. √খট্ট+ই] বি. মরদেহ বহনের খাট।

খট্টা /খট্টা/ [স. √খট্+ব+আ (টাপ্)] বি. কাঠের তৈরি শয্যাধার, পালঙ্ক, খাট।

খট্টাঙ্গ /খট্টাংগো/ [স. খট্টা+অঙ্গ] বি. ১ খাটের পায়া। ২ খাটের পায়াসদৃশ মুগুর। ৩ শিবের অস্ত্র-বিশেষ।

খট্টাঙ্গাধর /খট্টাংগোধর্/ [স. খট্টাঙ্গ+√ধৃ+অ] বি. শিব।

খট্টারূঢ় /খট্টারুঢ়ো/ [স. খট্ট+আ+√রুহ্+ত] বিণ. ১ খাটে শুয়ে আছে এমন। ২ উচ্ছৃঙ্খল। ৩ অলস। ৪ দুর্বিনীত। ৫ মূর্খ। ৬ ব্রতত্যাগী।

খড় /খড়্/ [দেশি.] বি. ধান গম প্রভৃতি শস্য ছাড়িয়ে নেওয়ার পর পরিত্যক্ত শুকনো অংশ, বিচালি।

খড়কি /খোড়্কি/ [স. খড়ক্কী >] বি. বাড়ির পেছনের দরজা, খিড়কি, পাছদুয়ার।

খড়কুটা /খড়্কুটা/ [দেশি.] বি. জ্বালানিরূপে ব্যবহৃত শুকনো খড় লতাপাতা প্রভৃতি।

খড়কুটো /খড়্কুটো/ [দেশি.] বি. 'খড়কুটা'-র কথ্য রূপ।

খড়কে /খোড়্কে/ [দেশি.] বি. ১ উলুখড়ের শক্ত মূল বা কঠিন অংশ। ২ দাঁত পরিষ্কার করার ক্ষুদ্র সরু শলাকা বা কাঠি, খিলাল, toothpick।

খড়ক্কী /খড়োক্কি/ [স. খড়ক্+√কৃ+অ+ঈ] বি. দ্র খড়কি।

খড়খড় /খড়্খড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. শুকনো পাতা বা কাগজ নড়াচড়ার অনুকার শব্দ।

খড়খড়ি /খড়্খোড়ি/ [বা.] বি. ফাঁক ফাঁক করে লাগানো ছোটো ছোটো কাঠের ফালির তৈরি দরজা-জানালার কপাট, ঝিলমিল, venetian blind।

খড়খড়ে /খড়্খোড়ে/ [বা.] বিণ. শুষ্কতাহেতু খড়খড় শব্দ করে এমন।

খড়ম /খড়োম্/ [স. কাষ্ঠময় >] বি. কাঠের পাদুকা-বিশেষ যার মধ্যভাগ মাটি স্পর্শ করে না।

খড়মড় /খড়্মড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. শুকনো পাতা বা কাগজ নড়াচড়ার অনুকার শব্দ।

খড়মড়ে /খড়্মোড়ে / [বা.] বিণ. দ্র খড়খড়ে।

খড়মপেটা /খড়োম্পেটা/ [বা.] বি. খড়ম দিয়ে প্রহার।

খড়মপেয়ে /খড়োম্পেয়ে/ [বা.] বিণ. পায়ের তালুর মাঝের অংশ মাটি স্পর্শ করে না এমন পা-বিশিষ্ট, খড়মের মতো পা-বিশিষ্ট।

খড়রা /খড়্রা/ [হি. খরহরা >] বি. ঘোড়ার গা ঘষার জন্য ব্যবহৃত শক্ত আলযুক্ত চিরুনিসদৃশ বুরুশ।

খড়ি /খোড়ি/ [স. খটিকা >] বি. ১ সাদা খনিজ মাটি-বিশেষ, chalk। ২ তিলকমাটি। ৩ অঙ্ক; গণনা। ৪ জ্বালানি কাঠ, খড়কুটা। ৫ খুশকি। ৬ চিহ্ন, দাগ। ৭ নৈপুণ্য; শিল্পচাতুর্য। ৮ উপদেশ। ৯ কর্ম।

খড়িওঠা /খোড়িওঠা/ ক্রিবি. খড়ির মতো সাদা মরা চামড়া ওঠা, খুশকি ওঠা।

খড়িকা /খোড়িকা/ [বা.] বি. দ্র খড়কে।

খড়ি পাতা /খোড়ি পাতা/ ক্রিবি. খড়ির দাগ কেটে জ্যোতিষিক গণনা করা।

খড়িমাটি /খোড়িমাটি/ [বা.] বি. ফুলখড়ি বা চকখড়ি; তিলকমাটি, chalk।

খড়্গ /খড়্গো/ [স. √খড়্+গ] বি. ১ অসি, তরবারি। ২ খাঁড়া। ৩ গন্ডারের শিং।

খড়্গচর্ম /খড়্গোচর্মো/ [স. খড়্গ+√চর্+মন্] বি. ঢাল-তলোয়ার।

খড়্গধেনু /খড়্গোধেনু/ [স. খড়্গ+√ধে+নু] বি. ছোরা; ছোটো খড়্গ।

খড়্গনাসা /খড়্গোনাশা/ [স. খড়্গ+√নাস্+অ+আ (টাপ্)] বিণ. খড়্গের অগ্রভাগের মতো আকৃতি-বিশিষ্ট ও খাড়া নাকবিশিষ্ট। বি. নাকের অগ্রভাগ।

খড়্গপাণি /খড়্গোপাণি/ [স. খড়্গ+√পণ্+ই] বিণ. ১ খড়্গধারী। ২ অন্যায়ের প্রতিকারের জন্য উদ্যত।

খড়্গবিধান /খড়্গোবিধান্/ [স. খড়্গ+বি+√ধা+অন] বি. তলোয়ারের খাপ।

খড়্গমৃগ /খড়্গোমৃগো/ [স. খড়্গ+√মৃগ্+অ] বি. গন্ডার।

খড়্গহস্ত /খড়্গোহস্তো/ [স. খড়্গ+√হস্+ত] বিণ. ১ খড়্গধারী। ২ অস্ত্র দিয়ে আঘাত করতে উদ্যত এমন। ৩ অত্যন্ত ক্ষুব্ধ; কুপিত।

খড়্গী /খোড়্গি/ [স. খড়্গ+ইন্] বি. ১ মহাদেব। ২ গন্ডার। বিণ. খড়্গধারী।

খণ্ড[১] /খন্ডো/ [স. √খণ্ড্+অ] বি. ১ টুকরো, অংশ।

www.pathagar.com

২ পরিচ্ছেদ, পুস্তকের ভাগ, volume। ৩ অঞ্চল। ৪ গুড়। বিণ. ১ ভগ্ন। ২ আংশিক।

খণ্ড[২] /খন্‌ডো/ [স. √খণ্ড্+অ] বি. ১ খাঁড়া। ২ চোর, ছ্যাঁচড়; দস্যু, ডাকাত।

খণ্ডক /খন্‌ডক্/ [স. √খণ্ড্+অক] বিণ. ছেদক, ছেদন করে এমন।

খণ্ডকথা /খন্‌ডোকথা/ [স. খণ্ড+কথা] বি. ছোটো-গল্প; ক্ষুদ্র আখ্যায়িকা।

খণ্ডকপাল /খন্‌ডোকপাল্/ [স. খণ্ড+ক+√পালি+অ] বি. ভাঙা কপাল, মন্দ ভাগ্য।

খণ্ডকাব্য /খন্‌ডোকাব্‌বো/ [স. খণ্ড+কবি+য] বি. কোনো একটি বিষয় অবলম্বনে রচিত ক্ষুদ্র কাব্য।

খণ্ডকাল /খন্‌ডোকাল্/ [স. খণ্ড+√কলি+অ] বি. আংশিক সময়, part time।

খণ্ডকালীন /খন্‌ডোকালিন্/ [স. খণ্ডকাল+ঈন] বিণ. পূর্ণকালের জন্য নয় এমন, আংশিক সময়ের জন্য (*খণ্ডকালীন শিক্ষক*)।

খণ্ড খণ্ড /খন্‌ডো খন্‌ডো/ বিণ. টুকরো টুকরো; ছিন্নবিচ্ছিন্ন। বি. ছোটো ছোটো টুকরো।

খণ্ডগিরি/খন্‌ডোগিরি/ [স. খণ্ড+√গু+ই] বি. ভারতের অন্তর্গত ওড়িষার পাহাড়বিশেষ।

খণ্ডন /খন্‌ডোন্/ [স. √খণ্ড্+অন] বি. ১ যুক্তির সাহায্যে ভঞ্জন। ২ অপনোদন, নিরাকরণ, মোচন। ৩ ছেদন, কর্তন, বিভাজন।

খণ্ডনীয় /খন্‌ডোনিয়ো/ [স. √খণ্ড্+অনীয়] বিণ. খণ্ডনযোগ্য; খণ্ডন করা উচিত এমন।

খণ্ডপ্রলয় /খন্‌ডোপ্রোলয়/ [স. খণ্ড+প্র+√লী+অ] বি. ১ ক্ষুদ্র প্রলয়; ওলট-পালট। ২ তুমুল কলহ।

খণ্ডবাক্য /খন্‌ডোবাক্‌কো/ [স. খণ্ড+√বচ্+য] বি. জটিল বাক্যের অন্তর্গত ক্ষুদ্র বাক্য।

খণ্ডবিখণ্ড /খন্‌ডোবিখন্‌ডো/ [স. খণ্ড+বিখণ্ড] বিণ. ছিন্নভিন্ন।

খণ্ডযুদ্ধ /খন্‌ডোজুদ্‌ধো/ [স. খণ্ড+√যুধ্+ত] বি. ১ ছোটোখাটো যুদ্ধ। ২ প্রবল বাদানুবাদ।

খণ্ডা /খন্‌ডা/ [স. খণ্ড>] ক্রিবি. ত্যাগ করা, পরিহার করা, বর্জন করা; খণ্ডন করা।

খণ্ডানো /খন্‌ডানো/ [বা.] ক্রিবি. ১ যুক্তি দিয়ে অসার বলে প্রতিপন্ন করা। ২ মোচন করা।

খণ্ডিত /খোন্‌ডিতো/ [স. √খণ্ড্+ত] বিণ. ১ খণ্ডন করা হয়েছে এমন। ২ অঙ্গহীন। ৩ অসম্পূর্ণ (*খণ্ডিতচিত্র*)।

খণ্ডিতা /খোন্‌ডিতা/ [স. খণ্ডিত+আ (টাপ্)] বি. নায়কের দেহে অন্য নারীর প্রণয়ের চিহ্ন দেখে কুপিত ও অপমানিত নারী।

খণ্ডী /খোন্‌ডি/ [স. √খণ্ড্+ইন্] বিণ. খণ্ডনকারিণী।

খণ্ডীকৃত /খোন্‌ডিক্‌কৃতো/ [স. খণ্ড+চ্বি+কৃত] বিণ. খণ্ডিত করা হয়েছে এমন।

খণ্ডীভূত /খোন্‌ডিভূতো/ [স. খণ্ড+চ্বি+ভূত] বিণ. বিভক্ত হয়েছে এমন।

খণ্ড্য /খোন্‌ডো/ [স. √খণ্ড্+য] বিণ. খণ্ডনীয়, খণ্ডন-যোগ্য।

খত /খত্/ [আ.] বি. ১ চিঠিপত্র; লিপি। ২ ঋণের প্রতিজ্ঞাপত্র বা দলিল (*দাসখত*); তমসুক; ঋণ-পত্র। ৩ শপথনামা; স্বীকৃতিপত্র।

খতনা /খত্‌না/ [আ.] বি. ইসলাম ও ইহুদি ধর্মের বিধান অনুযায়ী পুরুষাঙ্গের ত্বকচ্ছেদ, মুসলমানি, সুন্নত, circumcision।

খতম /খতোম্/ [আ.] বি. ১ শেষ, সমাপ্তি। ২ মৃত্যু; অবসান, বিনাশ। বিণ. সমাপ্ত, সাঙ্গ।

খতম করা /খতোম্ করা/ ক্রিবি. ১ শেষ করা, সাবাড় করা। ২ হত্যা করা।

খতম তারাবি /খতোম্ তারাবি/ বি. রমজান মাসে যে তারাবির নামাজে সমগ্র কোরানের ধারাবাহিক তেলাওয়াত শেষ করা হয়।

খতম পড়া /খতোম্ পড়া/ ক্রিবি. সমগ্র কোরান তেলাওয়াত করা।

খতম পড়ানো /খতোম্ পড়ানো/ ক্রিবি. মৃতের সদ্‌গতির উদ্দেশ্যে সমগ্র কোরান তেলাওয়াত করানো।

খতর /খতর্/ [আ.] বি. ১ বিপদ। ২ ভয়।

খতরনাক /খতর্‌নাক্/ [ফা.] বিণ. ১ বিপজ্জনক। ২ ভয়ংকর।

খতরা /খত্‌রা/ [আ.] বি. ১ বিপদ। ২ ভয়। ৩ অনিষ্টের আশঙ্কা।

খতানো /খতানো/ [বা.] ক্রিবি. ১ হিসাবনিকাশ করে দেখা; লাভলোকসান বিচার করা; বুঝে দেখা। ২ গণনা করা। বিণ. হিসাবনিকাশ বা বিচার-বিবেচনা করে দেখা হয়েছে এমন।

খতি /খোতি/ [দেশি.] বি. ১ ঘুস। ২ চটের থলে।

খতিব /খোতিব্/ [আ.] বি. জুম্মার নামাজে জামাত শুরু হওয়ার পূর্বে বা ইদের নামাজের পরে যিনি অভিভাষণ বা খুতবা পাঠ করেন।

খতিবি /খোতিবি/ [আ. খতিব+ফা. ই] বি. খতিবের বৃত্তি।

খতিয়ান /খোতিআন্/ [হি.] বি. ১ নাম উল্লেখপূর্বক খাজনার পরিমাণ ও আদায়ের হিসাবপত্র, প্রজার

www.pathagar.com

জমিজমা সংক্রান্ত তথ্যনিরূপক বই। ২ যে খাতায় ক্রয়বিক্রয় আমদানি-রপ্তানি প্রভৃতির স্বতন্ত্র হিসাব লেখা হয়; ledgerbook।

খতিয়ান করা /খোতিআন্ করা/ ক্রিবি. ১ প্রজার জমির দাগনম্বর পরিমাণ প্রভৃতির স্বতন্ত্র ফর্দ লেখা। ২ জমাখরচের বিস্তারিত বিবরণ তৈরি করা।

খত্তাল /খত্তাল্/ [স. করতাল >] বি. ১ কাঁসার তৈরি মন্দিরাজাতীয় বড়ো বাদ্যযন্ত্রবিশেষ; কর-তাল; cymbal। ২ হাততালি।

খদ /খদ্/ [হি. খড >] বি. ১ দুটি পর্বতের মধ্যবর্তী গভীর নিচু জায়গা। ২ ছোটো পুকুর।

খদি /খোদি/ [স. খদিকা >] বি. খোলায় ধান ভেজে তৈরি খাদ্যবস্তুবিশেষ, খই, লাজ।

খদিকা /খোদিকা/ [বা.] বি. দ্র খদি।

খদির /খোদির্/ [স. √খদ্+ইর] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও চীনে জাত মাঝারি আকৃতির শিম্বগোত্রীয় কাঁটাওয়ালা পত্রমোচী উদ্ভিদ বা তা থেকে আহৃত লালচে কালো ট্যানিনসমৃদ্ধ (tannin) কষায় নির্যাস (জীবজন্তুর কাঁচা চামড়াকে পাকা চামড়ায় পরিণত করার জন্য ব্যবহৃত), খয়ের।

খদিরিকা /খোদিরিকা/ [স. খদির+কন্+আ (টাপ্)] বি. ১ লাক্ষা, গালা। ২ লজ্জাবতী লতা।

খদ্দর /খদ্দোর্/ [দেশি.] বি. চরকায় কাটা কার্পাস সুতোর মোটা কাপড়।

খদ্দের /খোদ্দের্/ [ফা. খরিদদার >] বি. ক্রেতা, গ্রাহক।

খদ্যোত /খদ্দোত্/ [স. খ+√দ্যোতি+অ] বি. ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে ওড়ে এবং প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিত-ভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গবিশিষ্ট কীট, জোনাকি, জুনিপোকা।

খদ্যোতমালা /খদ্দোত্মালা/ [স. খদ্যোত+মা+ √লা +অ+আ (টাপ্)] বি. জোনাকির ঝাঁক।

খধূপ /খধূপ্/ [স. খ+√ধূপ্+অ] বি. আগুন ধরানোর পর তারার মতো ফুলকি ঝরে এমন আতশবাজি, তারাবাজি, হাউইবাজি।

খন /খন্/ [স. ক্ষণ >] বি. ক্ষণ; মুহূর্ত।

খনক /খনোক্/ [স. √খন্+অক] বি. ১ যে খনন করে। ২ খনিশ্রমিক, miner। ৩ সিঁধেল চোর। বিণ. খননকারী।

খনখন /খন্খন্/ [ধ্বন্যা.] অব্য. বি. ধাতব বস্তুর পরস্পর আঘাতের অনুকার শব্দ।

খনখনে /খন্খোনে/ [বা.] বিণ. খনখন শব্দবিশিষ্ট।

খনন /খনোন্/ [স. √খন্+অন] বি. মাটি খোঁড়ার কাজ।

খননকারী /খনোন্কারি/ [স. খনন+√কৃ+ইন্] বি. যে মাটি খোঁড়ার কাজ করে। বিণ. খনক।

খননযন্ত্র /খনোন্জন্ত্রো/ [স. খনন+√যম্+ত্র] বি. খনন করার যন্ত্র।

খননীয় /খনোনিয়ো/ [স. √খন্+অনীয়] বিণ. খনন করতে হবে এমন বা খননযোগ্য।

খনয়িত্রী /খনোইত্রি/ [স. √খনি+তৃ+ঈ] বি. যে খনন করে বা খনন করায়। বিণ. খননকারী।

খনা[১] /খনা/ [ব্যক্তি.] বি. জ্যোতিষ ও গণিত-শাস্ত্রে পারদর্শী প্রাচীন বাংলার প্রবাদপ্রতিম নারী (*খনার বচন*)।

খনা[২] /খনা/ [বা.] বিণ. অনুনাসিক স্বরে কথা বলে এমন।

খনা[৩] /খনা/ [স. খনন >] ক্রিবি. খোঁড়া, খনন করা।

খনার বচন /খনার্ বচোন্/ বি. কৃষিতত্ত্ব প্রভৃতি বিষয়ে খনার উপদেশসংবলিত ছড়ার আকারে রচিত বচন।

খনি /খোনি/ [স. √খন্+ই] বি. যেখানে ভূগর্ভ খনন করে কয়লা ধাতু প্রভৃতি উত্তোলন করা হয়।

খনিজ /খোনিজো/ [স. খনি+√জন্+অ] বিণ. খনি থেকে পাওয়া যায় এমন, খনিজাত, আকরিক।

খনিত /খোনিতো/ [স. খাত >] বিণ. খোঁড়া হয়েছে এমন।

খনিত্র /খোনিত্রো/ [স. √খন্+ইত্র] বি. মাটি খোঁড়ার হাতিয়ার।

খনে /খনে/ [বা.] ক্রিবিণ. ১ ক্ষণে; এক মুহূর্তে। ২ এক সময়ে; একবার।

খনেক /খনেক্/ [বা.] বি. মুহূর্তকাল; ক্ষণকাল।

খনে খনে /খনে খনে/ ক্রিবিণ. ঘনঘন; থেকে থেকে; বারবার।

খন্তা /খন্তা/ [স. খনিত্র >] বি. ১ খনন করার হাতিয়ার, শাবল, খনিত্র। ২ রান্নার কাজে ব্যবহৃত চ্যাপটা প্রান্তবিশিষ্ট হাতা।

খন্দ[১] /খন্দো/ [আ.] বি. ১ নালা, গর্ত। ২ নিম্নভূমি।

খন্দ[২] /খন্দো/ [স. কন্দ >] বি. ফসল, শস্য।

খন্দক /খন্দোক্/ [আ.] বি. গর্ত, নালা (*খানাখন্দ*)।

খন্দকার /খন্দোকার্/ [ফা.] বি. ১ শিক্ষক। ২ শস্যউৎপাদক। ৩ পদবিবিশেষ। ৪ 'খোন্দকার'-এর বানানভেদ।

খন্নাস /খন্নাস্/ [আ.] বি. শয়তান।

www.pathagar.com

খন্য /খোন্‌নো / [স. √খন্+য] বিণ. খননযোগ্য।

খপ /খপ্/ [দেশি.] অব্য. ক্রিবিণ. হঠাৎ; দ্রুত; অতর্কিতভাবে, আচম্বিতে।

খপুর /খোপুর্/ [স. খর্পর >] ১ সুপারি; সুপারিগাছ। ২ পানসুপারি রাখার পাত্র। ৩ মাটির কলসি। ৪ শূন্যে কল্পিত অট্টালিকা।

খপুষ্প /খপুশ্‌পো/ [স. খ+√পুষ্প্+অ] বি. আকাশ-কুসুম; অস্তিত্বহীন, অবাস্তব পদার্থ।

খপোত /খপোত্/ [স. খ+√পূ+ত] বি. বাতাসে ভর করে চলে এমন সম-আয়তনের বাতাসের চেয়ে ভারী যন্ত্রচালিত যাত্রী বা পণ্যবাহী পোত, বিমান, উড়োজাহাজ, আকাশযান, aeroplane।

খপ্পর /খপ্‌পোর্ / [স. খর্পর >] বি. ১ ফাঁদ; কবল; চক্রান্ত। ২ খোলা; খোলার চাল।

খবর /খবোর্/ [আ.] বি. ১ সংবাদ, তথ্য; বৃত্তান্ত। ২ তত্ত্ব, সন্ধান, উদ্দেশ। ৩ যত্ন; তত্ত্বাবধান।

খবরদার /খবোর্‌দার্/ [আ. খবর+ফা. দার] অব্য. সাবধান, হুঁশিয়ার। বিণ. খবর রাখে এমন।

খবরদারি /খবোর্‌দারি / [আ. খবর+ফা. দারি] বি. ১ তত্ত্বাবধান। ২ সাবধানতা; সতর্কতা, হুঁশিয়ারি।

খবর রাখা /খবোর্ রাখা/ ক্রিবি. খোঁজ রাখা, অবহিত থাকা।

খবর লওয়া /খবোর্ লওআ/ ক্রিবি. ১ তত্ত্বাবধান করা। ২ সংবাদ জানা; খোঁজ নেওয়া।

খবর হওয়া /খবোর্ হওআ/ ক্রিবি. ১ কোনো তথ্য বা ঘটনা প্রকাশ পাওয়া। ২ সাড়া পড়ে যাওয়া।

খবরাখবর /খবোরাখবোর্ / [আ.] বি. তত্ত্বতালাশ, খোঁজখবর।

খবরের কাগজ /খবোরের্ কাগোজ্/ বি. দৈনিক বা সাপ্তাহিক ভিত্তিতে নিয়মিতভাবে সংবাদ প্রকাশ করা হয় এমন মুদ্রিত কাগজের গুচ্ছ, সংবাদপত্র, newspaper।

খবিশ /খোবিশ্/ [ফা.] বিণ. ১ নোংরা, অপরিষ্কার। ২ কদাচারী। ৩ কুটিল। বি. ১ অপবিত্র হৃদয়, অশুদ্ধচিত্ত। ২ অপদেবতা। ৩ শয়তান।

খমক /খমোক্/ [ফা.] বি. বাউল গানের সঙ্গে বাজানো হয় এমন একমুখ চামড়া দিয়ে আবৃত একতারবিশিষ্ট বাদ্যযন্ত্র, আনন্দলহরি।

খমণি /খমোনি/ [স. খ+√মণ্+ই] বি. সূর্য।

খ-মধ্য /খমোদ্‌ধ্যো / [স. খ+√মন+য] বি. মাথার ঠিক ওপরে ঊর্ধ্ব-আকাশে কল্পিত বিন্দুবিশেষ, সুবিন্দু, কুবিন্দুর বিপরীত বিন্দু, zenith।

খয়রা /খয়্‌রা / [দেশি.] বি. ইলিশজাতীয় খরগামী ছোটো সাদা আঁশওয়ালা মাছবিশেষ।

খয়রাত /খয়্‌রাত্/ [আ.] বি. ১ ভিক্ষা। ২ পুণ্যার্থে দান। ৩ বিতরণ।

খয়রাতি /খয়্‌রাতি/ [আ. খয়রাত+ফা. ই] বিণ. ১ দানরূপে প্রাপ্ত, দাতব্য। ২ দানবিষয়ক।

খয়া /খঅ্যা/ [স. ক্ষয় >] বিণ. খয়ে গিয়েছে এমন, ক্ষয়প্রাপ্ত। ২ রোগা।

খয়ানো /খঅানো/ [বা.] বিণ. ক্ষয়ে গেছে এমন।

খয়ের /খয়ের্/ [স. খদির >] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও চীনে জাত মাঝারি আকৃতির শিম্বগোত্রীয় কাঁটাওয়ালা পত্রমোচী উদ্ভিদ বা তা থেকে আহৃত লালচে কালো ট্যানিনসমৃদ্ধ (tannin) কষায় নির্যাস (পানের মসলারূপে ব্যবহৃত), খদির।

খয়েরখাঁ /খয়ের্‌খাঁ/ [আ. খয়ের+ফা. খাঁ] বিণ. স্তাবক, তোশামুদে, মোসাহেব।

খয়েরি /খয়েরি/ [বা.] বিণ. খয়েরের মতো উজ্জ্বল গাঢ় বাদামি বর্ণবিশিষ্ট।

খর[১]/খর্/ [স. খ+√রা+অ] বিণ. ১ প্রখর, প্রচন্ড (*খর-তাপ*)। ২ প্রবল (*খরস্রোতা*)। ৩ ধারালো, তীক্ষ্ণ (*খরকৃপাণ*)। ৪ অতিশয় দ্রুতগতিসম্পন্ন (*খরবায়ু*)। ৫ রূঢ়; কঠোর (*খরবচন*)। ৬ ক্ষারমিশ্রিত (*খর-জল*)।

খর[২]/খর্/ [স. খ+র] বি. ১ খচ্চর, অশ্বতর। ২ রামায়ণোক্ত রাক্ষসবিশেষ, রাবণের বৈমাত্রেয় ভ্রাতা। ৩ কাক।

খরখরে /খর্‌খোরে/ [বা.] বিণ. ১ কর্কশ; অমসৃণ (*খরখরে ত্বক*)। ২ চালাক, চতুর; চটপটে। ৩ কড়া করে ভাজা হয়েছে এমন। ৪ প্রখর (*খরখরে রোদ*)। ৫ অবিরাম কথা বলে এমন, মুখরা। ৬ চঞ্চল। ৭ বিশুদ্ধ।

খরগোশ /খর্‌গোশ্/ [ফা.] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এমন ক্ষিপ্রগতিসম্পন্ন লম্বা কানবিশিষ্ট কোমল লোমাবৃত স্তন্যপায়ী তৃণভোজী চতুষ্পদ (পেছনের পা-দুটি অপেক্ষাকৃত লম্বা) মেরুদণ্ডী প্রাণী, শশক।

খরচ /খরোচ্/ [আ.] বি. ব্যয়।

খরচপত্র /খরোচ্‌পত্রো/ [আ. খরচ+স. পত্র] বি. নানা ধরনের আনুষঙ্গিক ব্যয়, বাড়তি খরচ।

খরচপাতি /খরোচ্‌পাতি/ [আ. খরচ+বা. পাতি] বি. দ্র খরচপত্র।

খরচা /খর্‌চা/ [আ. খরচ >] বি. বিবিধ ব্যয়।

খরচান্ত /খরোচান্তো/ [আ. খরচ+স. অন্ত] বি. অতিরিক্ত ব্যয়। বিণ. অতিরিক্ত ব্যয়ের ফলে

www.pathagar.com

রিক্তহস্ত।

খরচে /খোর্‌চে/ [আ. খরচ+বা. এ] বিণ. বেশি ব্যয় করে এমন।

খরজ /খরোজ্‌/ [স. ষড়্‌জ >] বি. সংগীতে স্বর-গ্রামের সপ্তসুরের প্রথম সুর 'সা'।

খরজল /খরোজল্‌/ [স. খর+√জল্‌+অ] বি. লবণ ক্ষার প্রভৃতি পদার্থমিশ্রিত পানি, যে পানিতে সাবানের ফেনা হয় না, hard water।

খরজালি /খরোজালি/ [দেশি.] বি. রোদের তাপে জল শুকিয়ে প্রস্তুত লবণ।

খরতর /খরোতরো/ [স. খর+তরপ্‌] বিণ. ১ দুইয়ের মধ্যে অধিক খর। ২ প্রচণ্ড। ৩ উগ্রপ্রকৃতির। ৪ বেগবান (*খরতর নদী*)।

খরতা /খরোতা/ [স. খর+তা] বি. প্রখরতা, তীব্রতা।

খরতাপ /খরোতাপ্‌/ [স. খর+√তপ্‌+অ] বি. প্রখর তাপ, প্রচণ্ড তাপ।

খরতাল /খর্‌তাল্‌/ [স. করতাল >] বি. কাঁসার তৈরি মন্দিরাজাতীয় বড়ো বাদ্যযন্ত্রবিশেষ, করতাল।

খরদৃষ্টি /খরোদৃশ্‌টি/ [স. খর+√দৃশ্‌+তি] বি. ১ প্রখর দৃষ্টি। ২ ক্রোধান্বিত দৃষ্টি।

খরধার /খরোধার্‌/ [স. খর+√ধৃ+অ] বিণ. অত্যন্ত ধারালো, তীক্ষ্ণ ধারবিশিষ্ট, শানিত।

খরবুজ /খোর্‌বুজ্‌/ [ফা.] বি. দ্র খরমুজ।

খরমুজ /খোর্‌মুজ্‌/ [ফা. খরবুজ >] বি. ভারতীয় উপমহাদেশ-সহ পশ্চিম এশিয়ায় জাত সাদাটে সবুজ খোসাবিশিষ্ট ছোটো গোলাকার ফুটিজাতীয় ফল, muskmelon।

খরযান /খরজান্‌/ [স. খর+√যা+অন] বি. গাধায় টানা গাড়ি।

খরশান[১] /খরোশান্‌/ [হি.] বিণ. তীক্ষ্ণধার, শানিত।

খরশান[২] /খর্‌শান্‌/ [বা.] বি. শুকনো তামাক পাতা, দোক্তা। বিণ. ঝাঁজালো, কড়া।

খরশুলা /খর্‌শুলা/ [স. খরশফর >] বি. দ্রুতবেগে সাঁতার কাটতে পারে এমন মিঠাপানির ছোটো মাছবিশেষ, খোরশোলা।

খরস্রোত /খরোস্‌স্রোত্‌/ [স. খর+√সৃ+অস্‌] বি. অতি বেগবান স্রোত; প্রবল স্রোত।

খরস্রোতা /খরোস্‌স্রোতা/ [স. খর+স্রোতস্‌] বিণ. বেগবান স্রোতযুক্ত।

খরা /খরা/ [স. খর >] বি. ১ অনাবৃষ্টি। ২ রৌদ্র।

খরাজ /খরাজ্‌/ [আ.] বি. ভূমিকর, খাজনা।

খরাদ /খরাদ্‌/ [আ.] বি. যে যন্ত্রের সাহায্যে ঘূর্ণ্যমান ধাতবখণ্ড কাঠ প্রভৃতি চেঁছে বিশেষ আকৃতি দেওয়া হয় বা মসৃণ করা হয়, lathe।

খরাদি /খরাদি/ [আ. খরাদ >] বি. খরাদযন্ত্রের চালক, turner।

খরান /খরান্‌/ [বা.] বি. ১ অনাবৃষ্টি। ২ একটানা প্রখর রোদ।

খরানি /খরানি/ [দেশি.] বি. শুষ্ক মৌসুম, dry season।

খরিদ /খোরিদ্‌/ [ফা.] বি. ক্রয়।

খরিদদার /খোরিদ্‌দার্‌/ [ফা.] বি. যে ক্রয় করে, ক্রেতা।

খরিফ /খোরিফ্‌/ [আ.] বি. হেমন্তকালীন ফসল, হৈমন্তিক শস্য।

খরোষ্ঠী /খরোশ্‌ঠি/ বি. পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্ত অঞ্চলের প্রাচীন ভাষা ও তার লিপি।

খর্জুর /খোর্‌জুর্‌/ [স. √খর্জ্‌+উর] বি. ১ ক্রান্তীয় অঞ্চলে জাত তীক্ষ্ণ কাঁটাওয়ালা পাতাবিশিষ্ট গাছবিশেষ শীতকালে যার কাণ্ড চেঁছে মিষ্টরস সংগ্রহ করা হয় এবং তার মিষ্টস্বাদ ছোটো ফল। ২ পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকায় জাত তীক্ষ্ণ কাঁটাওয়ালা পাতাবিশিষ্ট গাছ বা তার আঁটিযুক্ত গাঢ় বাদামি মিষ্টস্বাদ ফল। ৩ খেজুর।

খর্জুরবীথি /খোর্‌জুর্‌বিথি/ [স. খর্জুর+√বিধ্‌+ই] বি. খেজুরগাছের সারি।

খর্জুরবীথিকা /খোর্‌জুর্‌বিথিকা/ [স. খর্জুরবীথি+কন্‌+আ (টাপ্‌)] বি. খেজুরগাছের সারি দিয়ে শোভিত পথ।

খর্পর /খর্‌পর্‌/ [স. কর্পর >] বি. ১ মাটির পাত্রের ভাঙা অংশ, খোলা, খাপরা। ২ মড়ার মাথার খুলি। ৩ ভিক্ষাপাত্র। ৪ চোর। বিণ. ধূর্ত।

খর্ব /খর্‌বো/ [স. √খর্ব্‌+অ] বিণ. ১ খাটো, বেঁটে, বামন (*খর্বকায়*)। ২ ছোটো; হীন। ৩ হ্রস্ব, অল্প, কম। বি. সহস্র কোটি সংখ্যা।

খর্বকায় /খর্‌বোকায়্‌/ [স. খর্ব+√চি+অ] বিণ. ক্ষুদ্র দেহবিশিষ্ট, বেঁটে, বামন।

খর্বশাখ /খর্‌বোশাখ্‌/ [স. খর্ব+শাখা] বি. ক্ষুদ্র শাখাবিশিষ্ট বৃক্ষ। বিণ. বেঁটে, বামন।

খর্বাকৃতি /খর্‌বাকৃতি/ [স. খর্ব+আ+√কৃ+তি] বিণ. বেঁটে, বামন।

খল[১] /খ:ল্‌/ [স. √খল্‌+অ] বিণ. ১ কপট; ক্রূর। ২ হিংসক। ৩ নীচ। বি. যেখানে শস্য মাড়াই করা হয়, খামার।

খল[২] /খল্‌/ [স. খল্ল >] বি. ওষুধ পেষণের জন্য ব্যবহৃত পাথরের পাত্র।

খলই /খলোই/ [দেশি.] বি. বাঁশের ফালি দিয়ে

www.pathagar.com

তৈরি মাছ রাখার পাত্র, খালুই।

খলক /খলক্/ [আ.] বি. ১ সৃষ্টি। ২ সৃষ্টজগৎ। ৩ জনসাধারণ, জনতা।

খলকপট /খলকপোট্/ [স. খল+√কপ্+অট] বি. খল ও কপট ব্যক্তি।

খলখল /খল্‌খল্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ হাসির অনুকার শব্দ। ২ অল্প জলে মাছ নড়াচড়া করার অনুকার শব্দ।

খলট /খলোট্/ [দেশি.] বি. ১ উঠান। ২ যেখানে ধান মাড়াই করা হয়।

খলতা /খলোতা/ [স. খল+তা] বি. ১ কপটতা। ২ নীচতা। ৩ হিংসা।

খলতি /খলোতি/ [স. স্খলিত >] বি. ১ মাথার টাক। ২ চুল পড়ার রোগ। বিণ. টাকবিশিষ্ট।

খলধান /খল্‌ধান্/ [স. খল+ধান] বি. ১ যেখানে ধান মাড়াই করা হয়, খামার। ২ মাড়াইয়ের পর খলে পড়ে থাকা ধান।

খলনায়ক /খল্‌নায়োক্/ [স. খল+√নী+অক] বি. নাটক বা চলচ্চিত্রে নায়কের বিরুদ্ধ চরিত্র, villain। স্ত্রী. খলনায়িকা /খল্‌নায়িকা/।

খলনুড়ি /খল্‌নুড়ি/ [বা.] বি. ওষুধ পেষণের ছোটো প্রস্তরখণ্ড ও পেষণদণ্ড।

খলপা /খল্‌পা/ [দেশি.] বি. ১ শস্যের গোলা। ২ বাঁশের তৈরি চাটাই বা দরমা। ৩ পায়ের গোড়ালি।

খলপূ /খলোপু/ [স. খল+√পূ+ক্বিপ্] বি. ঝাড়ুদার।

খলবল /খল্‌বল্/ [ধ্বন্যা.] অব্য. বি. অল্প পানিতে মাছ নড়াচড়া করার অনুকার শব্দ।

খলবলানি /খল্‌বলানি/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ অল্প-জলে মাছের লাফালাফি। ২ (আল.) প্রবল চাঞ্চল্য।

খলশে /খোল্‌শে/ [স. খলিশ >] বি. পুকুর খাল বিলে পাওয়া যায় এমন বিভিন্ন রঙের ডোরাকাটা চ্যাপটা কইমাছসদৃশ মিঠাপানির ছোটো মাছ।

খলা /খোলা/ [স. খল >] বি. ১ ধান মাড়ানো ও শুকোনোর খোলা জায়গা। ২ ক্ষেত্র; উন্মুক্ত স্থান।

খলি /খোলি/ [স. √খল্+ই] বি. ১ সরষে তিল প্রভৃতি তৈলবীজ পেষণ করে তেল আহরণের পর পড়ে থাকা ছোবড়া, কাইট, খইল। ২ কর্ণমল।

খলিত /খোলিতো/ [স. স্খলিত >] বিণ. ১ পতিত, চ্যুত, ভ্রষ্ট। ২ শিথিল। ৩ টাকবিশিষ্ট, টেকো।

খলিন /খোলিন্/ [স. খে+লীন] বি. ঘোড়ার মুখে পরানো যে লোহার শলাকার সঙ্গে লাগাম সংযুক্ত করা হয়।

খলিফা /খোলিফা/ [আ.] বি. ১ প্রাচীন আরবদেশের নির্বাচিত শাসনকর্তা ও ধর্মীয় নেতা। ২ সর্দার। ৩ প্রতিনিধি। ৪ দরজি। ৫ পদবিবিশেষ।

খলিশা /খোলিশা/ [স. খলিশ >] বি. দ্র খলশে।

খলেন /খোলেন্/ [স. খলধান >] বি. শস্য মাড়াইয়ের নির্দিষ্ট জায়গা।

খল্ল /খল্‌লো/ [স. √খল্+ক্বিপ্] বি. ১ ওষুধ পেষণ করার পাত্র। ২ চামড়া। ৩ গর্ত, খাত।

খল্লিকা /খোল্‌লিকা/ [স. খল্ল+কন্+আ (টাপ্)] বি. পিঠা ভাজার খোলা।

খল্লিট /খোল্‌লিট্/ [স. স্খলিত >] বিণ. মাথায় টাক পড়েছে এমন।

খস /খশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. খসে পড়ার অনুকার শব্দ।

খসখস[১] /খশ্‌খশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ শুকনো কাপড় বা পাতা নড়াচড়ার অনুকার শব্দ। ২ স্খলিত হয়ে পড়ার শব্দ। ৩ কলম দিয়ে দ্রুত লেখার অনুকার শব্দ।

খসখস[২] /খশ্‌খশ্/ [ফা.] বি. ১ বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়া ওয়েস্টইন্ডিজ ও আফ্রিকায় জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদাভ লালচে বেগুনি ফুল বা তার ভেষজগুণসম্পন্ন সুগন্ধ তৃণজাতীয় বর্ষ-জীবী উদ্ভিদ, উশীর, বেনা। ২ গ্রীষ্মকালে ঘর ঠান্ডা রাখার জন্য জানালায় লাগানো বেনামূলের আবরণ।

খসখসানি /খশ্‌খশানি/ [ধ্বন্যা.] বি. খসখস শব্দ।

খসখসে /খশ্‌খোশে/ [ধ্বন্যা.] বিণ. ১ কর্কশ; অমসৃণ। ২ খসখস শব্দ করে এমন।

খসড়া /খশ্‌ড়া/ [আ.] বি. ১ রচনা বা শিল্পকর্মের প্রাথমিক ছক, নকশা। ২ মুসাবিদা, draft। ৩ পাণ্ডু-লিপি। ৪ দৈনিক আয়ব্যয়ের প্রাথমিক হিসাবের খাতা।

খসম /খসোম্/ [আ.] বি. স্বামী, পতি।

খসরু /খস্‌রু/ [ফা.] বি. রাজা, বাদশাহ।

খসা /খশা/ [বা.] ক্রিবি. ১ স্খলিত হওয়া, ঝরে পড়া (*পাতা খসা*)। ২ ধসে পড়া (*চুন বালি খসা*)। ৩ খরচ হওয়া (*টাকা খসা*)। ৪ বাঁধন শিথিল হওয়া (*খোঁপা খসা*)। ৫ নিঃসৃত হওয়া (*মুখ থেকে কথা খসা*)। বিণ. বিচ্যুত, স্খলিত।

খসানো /খশানো/ [বা.] ক্রিবি. ১ খসিয়ে ফেলা; স্খলিত করা, বিচ্যুত করা। ২ পৃথক করা, সরানো। ৩ খরচ করানো (*টাকা খসানো*)।

খসে পড়া /খোশে পড়া/ ক্রিবি. বিচ্যুত হওয়া।

খ-স্বস্তিক /খশোস্তিক্/ [স. খ+স্বস্তিক] বি. মাথার ঠিক ওপরে ঊর্ধ্ব-আকাশে কল্পিত বিন্দুবিশেষ, সুবিন্দু, কুবিন্দুর বিপরীত বিন্দু, খ-মধ্য, zenith।

খাই[১] /খাই/ [বা.] ক্রিবি. আহার করি, ভক্ষণ করি।

www.pathagar.com

বি. আহার (*খাইখরচ*)।

খাই[১] /খাই/ [স. খাতি >] বি. ১ গর্ত, খাত। ২ দুর্গের চারদিকের খাত, পরিখা। ৩ গভীরতা।

খাইকুঁড় /খাইকুঁড়/ [দেশি.] বিণ. পেটুক, ঔদরিক।

খাইখরচ /খাইখরোচ/ [বা. খাই+আ. খরচ] বি. খাওয়াদাওয়ার খরচ, খোরাকি।

খাইখরচা /খাইখরচা/ [বা. খাই+ফা. খরচা] বি. দ্র খাইখরচ।

খাইখাই /খাইখাই/ [বা.] বি. ১ সর্বদা খাওয়ার আগ্রহ, খাওয়ার লালসা। ২ চাহিদা।

খাইখালাসি /খাইখালাশি/ [বা. খাই+ফা. খালাসি] বিণ. জমির ফসল বা উপস্বত্ব থেকে ধার শোধ করার শর্তযুক্ত (*খাইখালাসি দলিল*)। বি. সম্পত্তির আয় থেকে ঋণ পরিশোধ।

খাইয়ে /খাইয়ে/ [বা.] বিণ. ১ বেশি খেতে পারে এমন, পেটুক। ২ ভোজনরসিক। ৩ খাওয়াতে পছন্দ করে এমন।

খাউজ /খাউজ/ [স. খর্জ্জু >] বি. চুলকানি, খোস।

খাউনি /খাউনি/ [বা.] বিণ. খেতে পটু, পেটুক।

খাওয়া /খাওআ/ [বা.] ক্রিবি. ১ আহার বা ভোজন করা। ২ পান বা সেবন করা (*ওষুধ খাওয়া*)। ৩ শাস্তি ভোগ করা (*মার খাওয়া*)। ৪ অন্যায়ভাবে গ্রহণ করা (*ঘুস খাওয়া*)। ৫ বরখাস্ত করা (*চাকরি খাওয়া*)। ৬ খারাপ করা (*মাথা খাওয়া*)। ৭ উপযুক্ত হওয়া (*খাপ খাওয়া*)। ৮ গ্রাস করা (*সম্পত্তি খাওয়া*)। ৯ শপথ করা (*কসম খাওয়া*)। ১০ ক্ষতিগ্রস্ত হওয়া (*ব্যবসায়ে মার খাওয়া*)। বিণ. ১ ভক্ষিত। ২ দংশিত।

খাওয়াদাওয়া /খাওআদাওআ/ [বা.] বি. আহারাদি ক্রিয়া, পানাহার।

খাওয়ানো /খাওআনো/ [বা.] বিণ. ক্রিবি. ভোজন বা পান করানো।

খাওয়াপরা /খাওআপরা/ [বা.] বি. ভাতকাপড়, খোরপোশ।

খাঁ /খাঁ/ [তুর.] বি. ১ পদবিবিশেষ। ২ অভিজ্ঞ লোক। ৩ মহৎ ব্যক্তি।

খাঁই /খাঁই/ [স. আকাঙ্ক্ষা >] বি. ১ লোভ; অনৈতিক আকাঙ্ক্ষা। ২ দাবি, চাহিদা, demand।

খাঁকার /খাঁকার/ [দেশি.] বি. দ্র খাঁকারি।

খাঁকারি /খাঁকারি/ [দেশি.] অব্য. বি. ১ গলা পরিষ্কার করার অনুকার শব্দ। ২ নিজের অস্তিত্ব বা উপস্থিতি জ্ঞাপনার্থে কৃত্রিম কাশির অনুকার শব্দ।

খাঁখাঁ /খাঁখাঁ/ [দেশি.] অব্য. শূন্যতা ব্যাকুলতা উৎকণ্ঠা প্রভৃতির ভাব।

খাঁচা /খাঁচা/ [হি.] বি. ১ পাখি পোষার জন্য বাঁশ তার প্রভৃতির তৈরি কাঠামোবিশেষ, পিঞ্জর। ২ হাড়পাঁজরের কাঠামো (*বুকের খাঁচা*)।

খাঁজ /খাঁজ/ [বা.] বি. ১ রেখা। ২ ভাঁজ। ৩ ইট কাঠ প্রভৃতির জোড়ের মুখের ফাঁক।

খাঁজকাটা /খাঁজ্‌কাটা/ [বা.] বিণ. খাঁজবিশিষ্ট।

খাঁটি /খাঁটি/ [দেশি.] বিণ. ১ নির্ভেজাল, বিশুদ্ধ (*আমার দেশের মাটি /ও ভাই খাঁটি সোনার চেয়ে খাঁটি* নজরুল.)। ২ সত্যপরায়ণ, ন্যায়বান (*খাঁটি মানুষ*)। ৩ মূল্যবান, সত্য (*খাঁটি কথা*)।

খাঁড়ি /খাঁড়ি/ [স. খণ্ড >] বি. দানাদার শক্ত গুড়।

খাঁড়া /খাঁড়া/ [স. খড়্গ >] বি. অসি, খড়্গ।

খাঁড়ি /খাঁড়ি/ [স. অখণ্ড >] বিণ. গোটা, আস্ত।

খাঁদা /খাঁদা/ [দেশি.] বিণ. বোঁচা; থ্যাবড়া, চ্যাপটা (*খাঁদা নাক*)।

খাক /খাক/ [ফা.] বি. ১ ছাই। ২ মাটি; ধুলাবালি।

খাকসার /খাক্‌সার/ [ফা.] বি. ধুলোমাটিতুল্য দীন সেবক। বিণ. অকিঞ্চন, অধম; বিনয়াবনত।

খাকি[১] /খাকি/ [ফা.] বিণ. মেটে বা কপিশ বর্ণবিশিষ্ট (*খাকি পোশাক*)।

খাকি[২] /খাকি/ [স. খাদিকা >] বিণ. ভক্ষণকারিণী। বি. কোনো শব্দের পরে যুক্ত করে গালিরূপে ব্যবহৃত (*চোখখাকি*)।

খাগ /খাগ/ [স. খগ্‌গড় >] বি. ১ খাগড়ার নল, শর। ২ খাগড়ার নল থেকে তৈরি কলম।

খাগড়া /খাগড়া/ [স. খগ্‌গড় >] বি. নলজাতীয় দীর্ঘ ঘাস বা শর।

খাগি /খাগি/ [স. খাদিকা >] বিণ. বি. দ্র খাকি[২]।

খাজনা /খাজনা/ [আ.] বি. সরকার বা ভূস্বামীকে দেয় কর, ভূমিকর, রাজস্ব।

খাজনাখানা /খাজ্‌নাখানা/ [আ. খাজনা+ফা. খানা] বি. কোষাগার, খাজাঞ্চিখানা।

খাজা /খাজা/ [স. খাদ্য >] বি. তিলের মিঠাইবিশেষ। বিণ. ১ কচকচে (*খাজা কাঁঠাল*)। ২ নিরেট মূর্খ ও রসবোধহীন (*খাজা লোক*)।

খাজাঞ্চি /খাজান্‌চি/ [আ. খাজানা+তুর. চি] বি. কোষাধ্যক্ষ, রাজকোষের অধ্যক্ষ, treasurer।

খাজাঞ্চিখানা /খাজান্‌চিখানা/ [আ. খাজানা >] বি. ১ কোষাগার, treasury। ২ খাজাঞ্চির দপ্তর।

খাঞ্চা /খান্‌চা/ [ফা.] বি. খাঁচা, পিঞ্জর।

www.pathagar.com

খাট /খাট্/ [স. খট্বা >] বি. পালঙ্ক, পর্যঙ্ক।

খাটনি /খাট্নি/ [বা.] বি. ১ পরিশ্রম, মেহনত। ২ প্রয়াস, চেষ্টা।

খাটলি /খাট্লি/ [বা.] বি. ১ আহত বা অসুস্থ মানুষকে বহনের জন্য ব্যবহৃত চার কোণে হাতলযুক্ত ছোটো খাট। ২ মরদেহ বহনের খাট। ৩ stretcher।

খাটা[১] /খাটা/ [বা.] ক্রিবি. ১ মেহনত করা (*পরীক্ষার জন্য খাটা*)। ২ সংগত বা মানানসই হওয়া। ৩ কাজ করা (*কামলা খাটা*)। ৪ নির্দিষ্ট কাজে নিয়োগ করা (*ভাড়া খাটা*)। ৫ প্রযোজ্য হওয়া।

খাটা[২] /খাটা/ [দেশি.] বিণ. টক স্বাদবিশিষ্ট।

খাটাখাটি /খাটাখাটি/ [বা.] বি. নানাবিধ পরিশ্রম।

খাটানো /খাটানো/ [বা.] ক্রিবি. ১ মেহনত বা পরিশ্রম করানো। ২ কাজ করানো, নিয়োগ করা (*লোক খাটানো*)। ৩ টাঙানো (*মশারি খাটানো*)। ৪ প্রয়োগ করা (*বুদ্ধি খাটানো*)। ৫ বিনিয়োগ করা (*টাকা খাটানো*)। ৬ স্থাপন করা (*তাঁবু খাটানো*)।

খাটা পায়খানা /খাটা পায়্খানা/ বি. যে পায়খানা নিকাশি ব্যবস্থার সঙ্গে সংযুক্ত নয়, কাঁচা পায়খানা।

খাটাল /খাটাল্/ [বা.] বি. ১ গোয়াল। ২ ঘরের মেঝে। ৩ দুটি থাম বা পায়ার মধ্যবর্তী জায়গা।

খাটাশ /খাটাশ্/ [স. খট্টাশ >] বি. গায়ে দুর্গন্ধযুক্ত বনবিড়ালজাতীয় মাংসাশী প্রাণী, খটাশ, খট্টাশ; ভাম, গন্ধগোকুল, polecat।

খাটিয়া /খাটিআ/ [স. খট্বিকা >] বি. দড়ি বা নেয়ারের তৈরি হালকা ছোটো খাটবিশেষ।

খাটিয়ে /খাটিয়ে/ [বা.] বিণ. পরিশ্রম করে এমন, পরিশ্রমী।

খাটুনি /খাটুনি/ [বা.] বি. পরিশ্রম।

খাটুলি /খাটুলি/ [বা.] বি. দ্র খাটলি।

খাটো /খাটো/ [দেশি.] বিণ. ১ খর্ব, বেঁটে (*খাটো লোক*)। ২ তুচ্ছ (*খাটো করে দেখা*)। ৩ মৃদু, অনুচ্চ (*খাটো স্বর*)। ৪ ক্ষীণ (*কানে খাটো*)।

খাটো কথা /খাটো কথা/ বি. ১ সামান্য কথা। ২ অনুচ্চস্বরের কথা।

খাটো করা /খাটো করা/ ক্রিবি. ১ তুচ্ছ বা হেয় করা, অপমানিত করা। ২ লম্বায় ছোটো করা।

খাটো দৃষ্টি /খাটো দৃশ্টি/ বি. ১ দূরে দেখার অক্ষমতা। ২ ছোটো নজর। ৩ (আল.) কৃপণতা।

খাটো হওয়া /খাটো হওআ/ ক্রিবি. ১ অপমানিত বোধ করা, অপদস্থ হওয়া। ২ লম্বায় ছোটো হওয়া।

খাট্টা /খাট্টা/ [দেশি.] বিণ. ১ অম্লস্বাদবিশিষ্ট, টক স্বাদযুক্ত। ২ অপ্রসন্ন, বিরক্ত (*খাট্টা মেজাজ*)। ৩ কর্কশ; কটু। বি. টক ব্যঞ্জন।

খাট্টামিঠা /খাট্টামিঠা/ [দেশি.] বিণ. অম্লমধুর, মিঠেকড়া।

খাড়ব /খাড়োব্/ [স. ষাড়ব >] বি. যে সকল রাগ-রাগিণীতে সপ্তস্বরের ছয়টি স্বরের বিকাশ ঘটে।

খাড়া /খাড়া/ [স. স্থির >] বিণ. ১ সোজা; স্থির; দণ্ডায়মান। ২ পুরোপুরি বা একটানা (*খাড়া এক ঘণ্টা দাঁড়ানো*)। ৩ লম্বভাবে অবস্থিত, steep (*খাড়া পাহাড়*)। ৪ অবশ্য প্রতিপাল্য (*খাড়া হুকুম*)। ৫ সর্বদা প্রস্তুত (*এক পায়ে খাড়া*)।

খাড়াই /খাড়াই্/ [বা.] বি. উচ্চতা।

খাড়া পাহারা /খাড়া পাহারা/ বি. কড়া পাহারা, সতর্ক প্রহরা।

খাড়া ফসল /খাড়া ফশোল্/ বি. জমির পাকা ফসল যা এখনও কাটা হয়নি।

খাড়ি /খাড়ি/ [দেশি.] বি. ১ সমুদ্র থেকে স্থলভাগে প্রবিষ্ট ক্ষীণ জলধারা; নদী বা খালের সংকীর্ণ অংশ। ২ নদীর মোহানা।

খাড়ু /খাড়ু/ [দেশি.] বি. হাত বা পায়ের অলংকার-বিশেষ; বাঁকমল।

খাণ্ডব /খান্ডব্/ [স. খণ্ডু+অ] বিণ. খণ্ড থেকে জাত। বি. মহাভারতে বর্ণিত যমুনাতীরে অবস্থিত বর্তমান দিল্লির নিকটস্থ বনবিশেষ।

খাণ্ডবদাহ /খান্ডবদাহো / [স. খাণ্ডব+√দহ্+অ] বি. দ্র খাণ্ডবদাহন।

খাণ্ডবদাহন /খান্ডবদাহোন্/ [স. খাণ্ডব+দাহন] বি. শ্রীকৃষ্ণ ও অর্জুনের সহায়তায় খাণ্ডববন দাহন।

খাত[১] /খাত্/ [স. √খন্+ত] বি. ১ গর্ত, খননকৃত স্থান; পরিখা। ২ খনি। ৩ পুকুর; খাড়ি। ৪ হিসাবের শিরোনাম (*খরচের খাত*)।

খাত[২] /খাতো/ [স. √খন্+ত] বিণ. খনন করা হয়েছে এমন, খনিত।

খাতক[১] /খাতক্/ [স. খাদক >] বিণ. ঋণী, অধমর্ণ, দেনাদার। বি. যে ব্যক্তি মহাজনের নিকট থেকে টাকা ধার নিয়েছে।

খাতক[২] /খাতক্/ [স. খাত+ক (স্বার্থে)] বি. ১ গর্ত, পরিখা, খাত। ২ সরোবর, জলাশয়।

খাতকি /খাতোকি/ [বা.] বিণ. ঋণদানবিষয়ক (*খাতকি কারবার*)।

খাতা /খাতা/ [আ.] বি. ১ একসঙ্গে সেলাই-করা

www.pathagar.com

লেখার কাগজ। ২ হিসাবের বই। ৩ দোষ, ত্রুটি; অপরাধ।

খাতা খোলা /খাতা খোলা/ ক্রিবি. ব্যাবসায়িক লেনদেনসংক্রান্ত হিসাব শুরু করা।

খাতাপত্র /খাতাপত্তর্/ [আ. খাতা+স. পত্র] বি. বিভিন্ন বিষয়ের খাতা; হিসাবপত্র।

খাতাবন্দি /খাতাবোন্দি/ [আ. খাতা+ফা. বন্দি] বি. হিসাবের খাতায় অন্তর্ভুক্তি। বিণ. হিসাবের খাতায় অন্তর্ভুক্ত।

খাতা লেখা /খাতা লেখা/ ক্রিবি. দৈনিক আয়ব্যয় বা কেনাবেচার বিবরণ খাতায় লিপিবদ্ধ করা।

খাতির /খাতির্/ [আ.] বি. ১ সৌহার্দ্য বা প্রীতিপূর্ণ সম্পর্ক। ২ সমাদর, যত্ন, কদর। ৩ কারণ, নিমিত্ত; প্রভাব।

খাতিরজমা /খাতির্জমা/ [আ.] বিণ. নিশ্চিন্ত। বি. মানসিক প্রশান্তি; নিশ্চিন্ততা; নিশ্চয়তা।

খাতিরতোয়াজ /খাতির্তোআজ্/ [আ. খাতির+ফা. তোয়াজ] বি. ১ সম্প্রীতি। ২ শিষ্টাচার। ৩ বিনয়।

খাতিরদারি /খাতির্দারি/ [আ. খাতির+ফা. দারি] বি. সমাদর, আপ্যায়ন, যত্ন-আত্তি, আতিথ্য।

খাতিরনদারদ /খাতির্নদারদ্/ [আ. খাতির+ফা. নদারদ] বিণ. ১ খাতির করে চলে না এমন। ২ নিরপেক্ষ সমালোচনা করে এমন, স্পষ্টবক্তা।

খাতুন /খাতুন্/ [তুর.] বি. ১ মুসলমান নারীর নামান্ত। ২ সম্ভ্রান্ত নারী; গৃহিণী।

খাদ[১] /খাদ্/ [বা.] বি. ১ সোনারুপার সঙ্গে মিশ্রিত নিকৃষ্ট ধাতু। ২ ভেজাল।

খাদ[২] /খাদ্/ [স. খাত >] বি. ১ গর্ত, গহ্বর। ২ গভীর উপত্যকাভূমি। ৩ নালা, ডোবা। ৪ পরিখা। ৫ খনি। ৬ গভীরতা। ৭ সংগীতের নিম্নস্বর।

খাদক /খাদোক্/ [স. √খাদ্+অক] বি. ১ যে খায়। ২ পণ্য প্রভৃতির ব্যবহারকারী বা ভোক্তা, consumer। বিণ. ১ ভক্ষক (*নরখাদক*)। ২ ঋণী।

খাদন /খাদোন্/ [স. √খাদ্+অন] বি. ১ আহার, ভোজন। ২ পণ্যদ্রব্যের ভোগ বা ব্যবহার।

খাদরি /খাদ্রি/ [স. খদির+অ] বি. প্রস্থের দিকে কোনাকুনিভাবে খাড়া করে ইঁট গাঁথার প্রণালি।

খাদা /খাদা/ [দেশি.] বি. ১ জমির পরিমাপবিশেষ; প্রায় ষোলো বিঘা। ২ গর্ত, খাদ। ৩ পাথর বা কাঠের তৈরি গামলাজাতীয় পাত্র।

খাদাড়ি /খাদাড়ি/ [দেশি.] বি. লবণ প্রস্তুত করার কারখানা।

খাদান /খাদান্/ [দেশি.] বি. খনিজ আহরণের জন্য সুড়ঙ্গ খুঁড়তে হয় না এমন খোলা মুখবিশিষ্ট খনি।

খাদাবাড়ি /খাদাবাড়ি/ [বা.] বি. বসতবাড়ি।

খাদি[১] /খাদি/ [গুজ.] বি. চরকায় কাটা কার্পাস সুতোর তৈরি মোটা কাপড়, খদ্দর।

খাদি[২] /খাদি/ [স. √খাদ্+ই] বিণ. ভক্ষক, খাদক।

খাদিত /খাদিতো/ [স. √খাদ্+ত] বিণ. খাওয়া হয়েছে এমন, ভক্ষিত।

খাদিম /খাদিম্/ [আ.] বি. সেবক; সহচর।

খাদির /খাদির্/ [স. খদির+অ] বিণ. ১ খদিরসংক্রান্ত। ২ খদির বৃক্ষের কাঠ থেকে তৈরি।

খাদেম /খাদেম্/ [আ.] বি. দ্র খাদিম।

খাদ্য /খাদ্দো/ [স. √খাদ্+য] বি. জীবনধারণ ও দেহের পুষ্টিসাধনের জন্য অপরিহার্য ভোজ্য বস্তু, আহার্য।

খাদ্যনালি /খাদ্দোনালি/ [স. খাদ্য+√নল্+ণিচ্+ই] বি. মেরুদণ্ডী প্রাণীর মুখগহ্বরের ঠিক পেছনে অবস্থিত নলাকৃতি দেহাংশ যার মধ্য দিয়ে খাদ্য পানীয় প্রভৃতি পাকস্থলীতে প্রবেশ করে, কণ্ঠনালি, গলনালি, oesophagus।

খাদ্যপ্রাণ /খাদ্দোপ্রান্/ [স. খাদ্য+প্র+√অন্+অ] বি. খাদ্যবস্তুতে বিদ্যমান এমন জৈবযৌগিক উপাদান (organic compound) যা দেহের পুষ্টিসাধন ও স্বাভাবিক গঠনপ্রণালি অব্যাহত রাখে এবং জীবনীশক্তি বৃদ্ধি করে, vitamin।

খাদ্যবস্তু /খাদ্দোবোস্তু/ [স. খাদ্য+√বস্+তু] বি. জীবনধারণ ও দেহের পুষ্টিসাধনের জন্য অপরিহার্য ভোজ্য বস্তু।

খাদ্যশস্য /খাদ্দোশোশ্শো/ [স. খাদ্য+√শস্+য] বি. ধান গম প্রভৃতি ফসল, foodgrain।

খাদ্যাখাদ্য /খাদ্দাখাদ্দো/ [স. খাদ্য+অখাদ্য] বি. খাওয়ার যোগ্য বা অযোগ্য বস্তু।

খাদ্যাভাব /খাদ্দাভাব্/ [স. খাদ্য+অভাব] বি. ১ খাদ্যশস্যের অভাব। ২ আকাল; দুর্ভিক্ষ।

খাদ্যাভ্যাস /খাদ্দাবভাশ্/ [স. খাদ্য+অভ্যাস] বি. খাদ্য গ্রহণের অভ্যাস, food habit।

খান[১] /খান্/ [ফা. খানাহ্>] বি. স্থান (*এখান সেখান*)।

খান[২] /খান্/ [স. খণ্ড >] বি. টুকরো, খণ্ড (ভেঙে *খানখান*)। বিণ. সংখ্যানির্দেশক (*দুইখান জামা*)।

খান[৩] /খান্/ [তুর.] বি. পদবিবিশেষ। স্ত্রী. খানম /খানোম্/।

খান[৪] /খান্/ [বা.] অনুক্রি. (সম্ভ্রমে) খাওয়ার অনুজ্ঞা।

খানকা /খান্কা/ [আ.] বি. ১ পিরের আস্তানা;

www.pathagar.com

আশ্রম; মঠ। ২ বৈঠকখানা।

খানকি /খান্‌কি/ [ফা.] বি. যৌনকর্মী।

খানকিগিরি /খান্‌কিগিরি/ [ফা.] বি. যৌনকর্মীর বৃত্তি।

খানকিপনা /খান্‌কিপনা/ [ফা. খানকি >] বি. যৌনকর্মীবৎ আচরণ।

খানদান /খান্‌দান্‌/ [ফা.] বি. ১ বংশ; বংশধর। ২ বংশখ্যাতি, আভিজাত্য; বংশপরম্পরায় আধিপত্য।

খানদানি /খান্‌দানি/ [ফা.] বিণ. বংশমর্যাদাসম্পন্ন; অভিজাত।

খানবাহাদুর /খান্‌বাহাদুর/ [তুর. খান+ফা. বাহাদুর] বি. ইংরেজ আমলে সরকার কর্তৃক মুসলমানদের প্রদত্ত সম্মানসূচক উপাধি।

খানসামা /খান্‌শামা/ [ফা.] বি. যে ব্যক্তি আহার পরিবেশন করে; পরিচারক, valet।

খানসামাগিরি /খান্‌শামাগিরি/ [ফা.] বি. খানসামার পেশা বা বৃত্তি।

খানা[১] /খানা/ [দেশি.] বি. ১ গর্ত, গহ্বর, খাত (*খানা-খন্দ*)। ২ ছোটো জলাশয়।

খানা[২] /খানা/ [ফা.] বি. ১ কক্ষ, গৃহ (*বৈঠকখানা*)। ২ চত্বর, স্থান (*চিড়িয়াখানা*)।

খানা[৩] /খানা/ [হি.] বি. ১ খাদ্য, আহার্য। ২ বৃহৎ ভোজসভা।

–খানা[৪] /খানা/ [স. খণ্ড >] অব্য. বি. ১ টুকরো, খণ্ড। ২ নির্দিষ্ট বস্তু বা বিষয়নির্দেশক শব্দ (*বই-খানা*)। ৩ সংখ্যামাত্র (*দুখানা ঘর*)।

খানাখন্দ /খানাখন্‌দো/ [বা.] বি. গর্ত, খাদ।

খানাজাদ /খানাজ়াদ্‌/ [ফা.] বিণ. গৃহে জাত; ঘরোয়া। বি. ১ পরিচারক। ২ পরিচারিকার পুত্র।

খানাতল্লাশ /খানাতল্‌লাশ্‌/ [ফা. খানা+তুর. তল্লাশ] বি. সরকারি আদেশবলে ঘরবাড়ি তল্লাশি, search।

খানাতল্লাশি /খানাতল্‌লাশি/ [ফা. খানা+তুর. তল্লাশি] বি. দ্র খানাতল্লাশ।

খানাপিনা /খানাপিনা/ [হি.] বি. পানাহার।

খানাবাড়ি /খানাবাড়ি/ [ফা. খানা+বা. বাড়ি] বি. বসতবাড়ি, ভিটাবাড়ি।

খানাশুমারি /খানাশুমারি/ [ফা.] বি. গৃহগণনা।

খানিক /খানিক্‌/ [স. ক্ষণ >] ক্রিবিণ. অল্প সময়, কিছুক্ষণ। বি. কিয়দংশ। বিণ. অল্প, কিছু, একটু।

খানিকক্ষণ /খানিক্‌খন্‌/ [বা. খানিক+স. ক্ষণ] ক্রিবিণ. বি. কিছুসময়, কিছুক্ষণ।

খানেক /খানেক্‌/ [বা.] বিণ. একের চেয়ে সামান্য কম বা বেশি, প্রায় এক (*মাসখানেক*)।

খানেজাদ /খানেজ়াদ্‌/ [ফা.] বিণ. বি. দ্র খানা-জাদ।

খান্ডার /খান্‌ডার্‌/ [দেশি.] বিণ. কলহপ্রিয়, ঝগড়াটে। স্ত্রী. খান্ডারনি /খান্‌ডারনি/।

খান্নাস /খান্‌নাস্‌/ [আ.] বি. শয়তান, পাপাত্মা।

খাপ /খাঃপ্‌/ [আ.] বি. ১ অসিকোষ, অস্ত্রাধার (*তরবারির খাপ*)। ২ আবরণ, কোষ (*চশমার খাপ*)। ৩ বস্ত্রাদির ঠাসবুনন (*কাপড়ের খাপ*)। ৪ মিল, সামঞ্জস্য (*খাপ খাওয়া*)।

খাপ খাওয়া /খাঃপ্‌ খাওআ/ ক্রিবি. ১ সামঞ্জস্যপূর্ণ হওয়া। ২ উপযুক্ত হওয়া।

খাপ খাওয়ানো /খাঃপ্‌ খাওআনো/ ক্রিবি. সামঞ্জস্য-বিধান করা।

খাপচি /খাঃপ্‌চি/ [আঞ্চ.] বি. ১ খামচি। ২ চিমটি। বিণ. অল্প পরিমাণ।

খাপছাড়া /খাপ্‌ছাড়া/ [বা.] বিণ. ১ সামঞ্জস্যহীন; বেমানান, অসংলগ্ন। ২ অদ্ভুত, উদ্ভট।

খাপর /খাপর্‌/ [স. খর্পর >] বি. ভিক্ষাপাত্র।

খাপরা /খাপ্‌রা/ [স. খর্পর >] বি. ১ কলসি হাঁড়ি প্রভৃতির ভাঙা টুকরো। ২ ঘরের চাল ছাওয়ার টালি, খোলা। ৩ মাটি বা পাথরের পাত্রবিশেষ।

খাপরেল /খাপ্‌রেল্‌/ [স. খর্পর >] বি. ১ খোলার ছাউনি দেওয়া ঘর। ২ ঘরের চাল ছাওয়ার জন্য ব্যবহৃত খোলা।

খাপা /খাপা/ [বা.] ক্রিবি. ১ খাপ খাওয়া, সামঞ্জস্যপূর্ণ বা সংগতিপূর্ণ হওয়া। ২ সংকুচিত হওয়া।

খাপানো /খাপানো/ [বা.] ক্রিবি. বিণ. খাপ খাওয়ানো, মানানো।

খাপি /খাপি/ [বা.] বিণ. ১ ঠাসবুননের, ঘন জমিনবিশিষ্ট। ২ মোটা, পুরু।

খাপ্পা /খাপ্‌পা/ [ফা. খফা >] বিণ. ক্ষেপে আছে এমন, ক্ষিপ্ত, রাগান্বিত।

খাবরি /খাব্‌রি/ [স. খর্পর >] বি. খাপরাজাতীয় কাঁসা বা পিতলের তৈরি পাত্র।

খাবল /খাবোল্‌/ [স. কবল >] বি. দ্র খাবলা।

খাবলা /খাব্‌লা/ [বা.] বি. ১ পাঞ্জা পরিমাণ, হাতের কোষ বা কোষ পরিমাণ; মুষ্টি, মুঠি। ২ গ্রাস। ৩ দংশন, কামড়; থাবা।

খাবলানো /খাবলানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ খাবলা দেওয়া, থাবা দিয়ে নেওয়া। ২ কামড়ানো।

খাবলা মারা /খাব্‌লা মারা/ ক্রিবি. ১ অতর্কিতে থাবা দেওয়া। ২ কামড় দেওয়া, দংশন করা।

www.pathagar.com

খাবার /খাবার্/ [বা.] বি. ১ খাদ্যদ্রব্য ; নাশতা। বিণ. ১ আহার্য। ২ পানযোগ্য (*খাবার পানি*)।

খাবারদাবার /খাবারদাবার্ / [বা.] বি. নানা রকমের খাদ্যদ্রব্য।

খাবি /খাবি/ [দেশি.] বি. ১ শ্বাসকষ্টহেতু মুখ খুলে শ্বাসগ্রহণের চেষ্টা। ২ হাঁসফাঁস, ধড়ফড়ানি।

খাবি খাওয়া /খাবি খাওআ/ ক্রিবি. ১ বাধাপ্রাপ্ত অবস্থায় শ্বাসগ্রহণের জন্য প্রাণপণ চেষ্টায় হাঁসফাঁস করা। ২ (আল.) বিপদ থেকে মুক্তির জন্য প্রাণান্তকর চেষ্টা করা।

খাম[১] /খাম্/ [ফা.] বি. চিঠিপত্র পাঠানোর জন্য ব্যবহৃত বন্ধ করা যায় এমন কাগজের মোড়ক, লেফাফা , envelope।

খাম[২] /খাম্/ [স. স্তম্ভ >] বি. বাঁশ কাঠ প্রভৃতির খুঁটি, স্তম্ভ, থাম, pole।

খামখেয়াল /খামখেআল্/ [ফা. খাম+আ. খেয়াল] বি. ১ আজগুবি খেয়াল। ২ চঞ্চলচিত্ততা। ৩ মেজাজ-মর্জি।

খামখেয়ালি /খামখেআলি/ [ফা.] বিণ. ১ খেয়ালখুশি অনুযায়ী চলে এমন। ২ অস্থিরচিত্ত। ৩ কল্পনা-বিলাসী।

খামখেয়ালিপনা /খামখেআলিপনা/ [বা.] বি. খেয়াল-খুশিমতো চলার প্রবণতা।

খামচ /খামোচ্/ [আ. খামশ >] বি. নখের আঁচড় বা আঘাত, থাবল ; থাবা।

খামচা /খামচা/ [আ. খামশ >] ক্রিবি. নখ দিয়ে আঁচড় বা আঘাত করা; থাবা দেওয়া। বি. নখের আঁচড়; থাবা।

খামচাখামচি /খামচাখামচি/ [বা.] বি. পরস্পর নখ দিয়ে আঘাত, আঁচড়া-আঁচড়ি।

খামচানো /খামচানো/ [বা.] ক্রিবি. নখ দিয়ে আঘাত করা। বিণ. খামচি দেওয়া হয়েছে এমন।

খামচি /খামচি/ [আ. খামশ >] বি. নখ দিয়ে আঁচড়।

খামটি /খামটি/ [দেশি.] বি. ১ ক্রোধান্বিত হয়ে ওপরের দাঁত দিয়ে অধর পীড়ন ; দাঁতে দাঁত ঘর্ষণ। ২ মাল-কোঁচা, মালসাট।

খামতি /খামতি/ [দেশি.] বি. ১ ঘাটতি, কমতি। ২ ত্রুটিবিচ্যুতি।

খামার /খামার্/ [দেশি.] বি. মাঠ থেকে শস্য এনে রাখা ও মাড়াই করার স্থান, শস্যাঙ্গন।

খামারজমি /খামারজোমি/ [বা.] বি. ভূস্বামীর নিজ আবাদি জমি।

খামারবাড়ি /খামারবাড়ি/ [বা.] বি. শস্যাদি সংরক্ষণের স্থান, শস্যাগার, গোলাবাড়ি।

খামি /খামি/ [ফা. খাম >] বি. ১ অলংকার বা হারের মধ্যবর্তী অংশ, লকেট। ২ হার প্রভৃতির বলয়ের সঙ্গে সংযুক্ত আংটা।

খামির /খামির্/ [আ.] বি. ১ জিলাপি অমৃতি প্রভৃতি মিঠাই প্রস্তুত করার উপকরণ। ২ (ফুটন্ত জলে বিশেষ পদ্ধতিতে মাখা) ময়দার তাল।

খামিরা /খামিরা/ [আ.] বি. মসলাযুক্ত সুগন্ধি তামাকবিশেষ।

খামোখা /খামোখা/ [ফা.] ক্রিবিণ. ১ অকারণে, অযথা। ২ হঠাৎ। বিণ. (আঞ্চ.) অবশ্যকরণীয়।

খামোশ /খামোশ্/ [ফা.] অনুক্রি. চুপ থাকো, স্তব্ধ হও। বিণ. নীরব , নিঃশব্দ।

খাম্বা /খাম্বা/ [স. স্তম্ভ >] বি. মোটা খুঁটি, থাম।

খাম্বাজ /খাম্বাজ্/ [দেশি.] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

খায়েশ /খায়েশ্/ [ফা.] বি. ইচ্ছা, আকাঙ্ক্ষা, সাধ।

খারাপ /খারাপ্/ [আ. খরাব >] বিণ. ১ মন্দ; দুষ্ট (*খারাপ লোক*)। ২ অশুভ (*খারাপ সময়*)। ৩ অমার্জিত (*খারাপ ব্যবহার*)। ৪ অকেজো, ব্যব-হারের অযোগ্য (*খারাপ ঘড়ি*)। ৫ রুক্ষ, উগ্র (*খারাপ মেজাজ*)। ৬ বিষণ্ন (*খারাপ মন*)। ৭ দূষিত। ৮ শ্রীহীন (*খারাপ চেহারা*)। ৯ প্রতিকূল (*খারাপ আবহাওয়া*)। ১০ দুর্দশাগ্রস্ত (*খারাপ অবস্থা*)।১১ সস্তা (*খারাপ জিনিস*)। ১২ ভেজাল-মিশ্রিত। ১৩ সমাজে অননুমোদিত বা নিষিদ্ধ (*খারাপ পথ*)। ১৪ বিকৃত (*মাথা খারাপ*)।

খারাবি /খারাবি/ [আ. খরাব+ফা. ই] বি. ১ ক্ষতি, অহিত। ২ অপচয়। ৩ চরম দুর্দশা বা দুরবস্থা। ৪ বদমায়েশি।

খারিজ /খারিজ্/ [আ.] বিণ. ১ বাতিল করা হয়েছে এমন। ২ বর্জিত। ৩ পরিবর্তিত। বি. ১ বর্জন। ২ অগ্রাহ্যকরণ। ৩ পরিবর্তন।

খারিজ করা /খারিজ্ করা/ ক্রিবি. ১ একজনের নাম থেকে অন্যজনের নামে জমিজমার মালিকানা পরিবর্তন করে নেওয়া। ২ বাতিল করা।

খারিজ দাখিল /খারিজ্ দাখিল্/ বি. জমিজমার ক্রয়বিক্রয় অনুমোদন করে নামজারি।

খারিজা /খারিজা/ [আ.] বিণ. খারিজ করা হয়েছে এমন। বি. যে তালুকের খাজনা সরাসরি কালেক্টরিতে জমা হয়।

www.pathagar.com

খারেজি /খারেজি/ [ফা.] বিণ. ১ বহিরাগত। ২ বাইরে থেকে প্রযুক্ত, আরোপিত। ৩ আইনবিরোধী কাজে লিপ্ত। ৪ অনাবশ্যক। ৫ খারিজ-সম্বন্ধীয়।

খাল[১] /খাল্/ [স. খল্ল >] বি. ১ জলনালি, নালা, প্রণালি, canal। ২ গর্ত; খাদ।

খাল[২] /খাল্/ [দেশি.] বি. ১ ত্বক, চামড়া, ছাল। ২ শরীরের খিঁচুনি।

খালসা /খাল্শা/ [আ.] বি. ১ গুরু গোবিন্দের মতাবলম্বী শিখ সম্প্রদায়বিশেষ। ২ প্রধান রাজস্ব আদালত। বিণ. অকৃত্রিম, বিশুদ্ধ, খাঁটি।

খালা /খালা/ [আ.] বি. মায়ের বোন, মাসি।

খালাতো /খালাতো/ [আ. খালা >] বিণ. মাসি বা খালার সূত্রে সম্পর্কিত, মাসতুতো।

খালাতো ভাই /খালাতো ভাই/ বি. খালা বা মাসির পুত্র, মাসতুতো ভাই।

খালাস /খালাশ্/ [আ.] বি. ১ রেহাই, নিষ্কৃতি, অব্যাহতি। ২ দায়মুক্তি। ৩ কারামুক্তি, বন্ধন-মোচন। ৪ প্রসব। বিণ. ভারমুক্ত, দায়মুক্ত।

খালাসপত্র /খালাশ্পত্রো/ [আ. খালাস+স. পত্র] বি. মুক্তিনির্দেশক পত্র, ছাড়পত্র।

খালাসি /খালাশি/ [ফা.] বি. ১ জাহাজ বা যানবাহন থেকে পণ্যদ্রব্য খালাসের জন্য নিয়োজিত শ্রমিক। ২ ভারী জিনিসপত্র স্থানান্তরণের কাজে নিযুক্ত শ্রমিক। বিণ. খালাস করা হয়েছে এমন।

খালি /খালি/ [আ.] বিণ. ১ শূন্য, রিক্ত (*খালি হাত*)। ২ অনাবৃত, আবরণহীন (*খালি গা*)। ৩ ফাঁকা (*খালি বাড়ি*)। ক্রিবিণ. ১ শুধু, কেবল (*খালি কথায় কাজ হয় না*)। ২ সর্বদা।

খালিখালি /খালিখালি/ [আ.] ক্রিবিণ. শুধুশুধু, অকারণে, অহেতুক। বিণ. শূন্যপ্রায়, প্রায় ফাঁকা (*বাড়িটা খালিখালি লাগছে*)।

খালিজুলি /খালিজুলি/ [দেশি.] বি. ছোটো জলধারা।

খালি ঠ্যাকা /খালি ঠ্যাকা/ ক্রিবি. শূন্যতাবোধ করা।

খালিত্য /খালিত্তো/ [স. খলিত+য] বি. মাথার কেশশূন্যতা, টাক।

খালু /খালু/ [আ.] বি. খালা বা মাসির স্বামী, মেসো।

খালুই /খালুই/ [দেশি.] বি. মাছ তরিতরকারি প্রভৃতি বহন করার জন্য বাঁশের তৈরি ঝুড়িবিশেষ।

খাস /খাশ্/ [আ.] বিণ. ১ সরকারের অধিকারভুক্ত (*খাসজমি*)। ২ স্বকীয়, নিজস্ব (*খাসকামরা*)। ৩ মালিকের কর্তৃত্বাধীন (*খাস তালুক*)। ৪ আসল, প্রকৃত (*খাস খবর*)।

খাস আপিল /খাশ্ আপিল/ বি. বিশেষ আপিল, আপিলের ওপর আপিল।

খাস করা /খাশ্ করা/ ক্রিবি. অন্যের অধিকার থেকে ভূসম্পত্তি নিজের অধিকারে আনা।

খাসকামরা /খাশ্কামরা/ [আ. খাস+হি. কামরা] বি. ১ নিজস্ব ঘর। ২ আদালতে বিচারকদের নিজস্ব কক্ষ।

খাসখামার /খাশ্খামার/ [আ. খাস+দেশি. খামার] বি. জমির মালিকের নিজ চাষাবাদের জমি।

খাসগেলাশ /খাশ্গেলাশ্/ [আ. খাস >] বি. ১ অভ্র থেকে তৈরি কাচের মতো স্বচ্ছ পদার্থ। ২ আনন্দ মিছিলে ব্যবহৃত হাতে বহনযোগ্য অভ্রবেষ্টিত বাতিদান।

খাসজমি /খাশ্জোমি/ [আ. খাস+ফা. জমি] বি. সরকারের কর্তৃত্বাধীন জমি।

খাসতালুক /খাশ্তালুক/ [আ.] বি. জমিদারের কর্তৃত্বাধীন ভূসম্পত্তি।

খাসদখল /খাশ্দখোল/ [আ.] বি. প্রজার দখল উপেক্ষা করে জমিদারের নিজস্ব অধিকার স্থাপন; ভূস্বামীর নিজস্ব অধিকার।

খাসদান /খাশ্দান/ [আ. খাস+ফা. দান] বি. পানের খিলি রাখার সুদৃশ্য পাত্রবিশেষ।

খাসনবিশ /খাশ্নোবিশ/ [আ. খাস+ফা. নবিশ] বি. ১ শাসক বা তার সমপর্যায়ের কর্মচারীর ব্যক্তিগত কর্মসচিব, private secretary। ২ পদবিবিশেষ।

খাসবরদার /খাশ্বরদার/ [আ. খাস+ফা. বরদার] বি. যে রক্ষী বন্দুক নিয়ে আগে চলে। বিণ. লাঠিসোঁটাধারী।

খাসমহল /খাশ্মহোল/ [আ.] বি. নিজ আবাস।

খাসমহাল /খাশ্মহাল/ [আ.] বি. যে মহাল বা মৌজা প্রজার নিকট বিলি না করে সরকার সরাসরি নিজ তত্ত্বাবধানে রাখে, সরকারি জমি।

খাসলত /খাশ্লত্/ [আ.] বি. স্বভাব।

খাসা /খাশা/ [আ.] বিণ. ১ উৎকৃষ্ট, খুব ভালো; চমৎকার। ২ উপাদেয়।

খাসি /খাশি/ [আ.] বি. ছিন্নমুষ্ক ছাগ। বিণ. অণ্ড-হীন, ছিন্নমুষ্ক।

খাসিয়া /খাশিআ/ [বা.] বি. ১ পূর্বভারতের পার্বত্য অঞ্চলের জাতিবিশেষ। ২ পূর্বভারতের পাহাড়-বিশেষ।

খাস্তগির /খাস্তোগির/ [ফা.] বিণ. প্রার্থী, আবেদক। বি. পদবিবিশেষ।

www.pathagar.com

খাস্তা[১] /খাস্‌তা/ [ফা.] বিণ. ১ নষ্ট, বিকৃত। ২ লুপ্ত। ৩ ক্লান্ত। ৪ ক্ষুব্ধ।

খাস্তা[২] /খাস্‌তা/ [হি. খস্তা >] বিণ. ১ উৎকৃষ্ট, উত্তম। ২ ঘিয়ের ময়ান দেওয়ার ফলে মচমচে (*খাস্তা লুচি*)।

খিঁচ /খিঁচ্‌/ [দেশি.] বি. ১ পেশির টান। ২ কাঁকর। ৩ ত্রুটি, গোলযোগ। ৪ কলহ, বিবাদ, তর্কবিতর্ক।

খিঁচা /খিঁচা/ [বা.] ক্রিবি. বিকৃত মুখভঙ্গি করা।

খিঁচানো /খিঁচানো/ [বা.] ক্রিবি. বিকৃত মুখভঙ্গি করা, ভেংচি কাটা।

খিঁচুনি /খিঁচুনি/ [বা.] বি. ১ বিকারজনিত দৈহিক আক্ষেপ। ২ বিকৃত মুখভঙ্গি, ভেংচি।

খিচখিচ /খিচ্‌খিচ্‌/ [দেশি.] অব্য. বি. ১ দাঁতে কাঁকর বা বালির ঘর্ষণজনিত অনুভূতি। ২ অনবরত বকাবকি, তর্কাতর্কি।

খিচখিচি /খিচ্‌খিচি/ [দেশি.] অব্য. বি. দ্র খিচখিচ।

খিচড় /খিচড়্‌/ [হি. খচ্চর >] বিণ. বদ, পাজি।

খিচড়ামি /খিচ্‌ড়ামি/ [বা.] বি. পেজোমি; দুষ্টামি।

খিচমিচ /খিচ্‌মিচ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র খিচখিচ।

খিচিমিচি /খিচিমিচি/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র খিচ-খিচ।

খিচুড়ি /খিচুড়ি/ [দেশি.] বি. ১ চাল ডাল সবজি প্রভৃতি মিশিয়ে রাঁধা খাদ্যবস্তু। ২ (আল.) বিবিধ বস্তু বা বিষয়ের বিসদৃশ সংমিশ্রণ। ৩ দুটি বিপরীত ভাষা বা বর্ণের মিশ্রণ।

খিটকেল /খিট্‌কেল্‌/ [দেশি.] বি. বিঘ্ন, ঝঞ্ঝাট, গোলযোগ। বিণ. সারাক্ষণ খিটখিট করে এমন।

খিটখিট /খিট্‌খিট্‌/ [ধ্বন্যা.] বি. ১ সর্বদা তিরস্করণ। ২ ছোটোখাটো বিষয় নিয়ে সর্বদা বিরক্তি প্রকাশ।

খিটখিটানি /খিট্‌খিটানি/ [ধ্বন্যা.] বি. সর্বদা বিরক্তি প্রকাশ।

খিটখিটে /খিট্‌খিটে/ [ধ্বন্যা.] বিণ. সর্বদা খিটখিট করে এমন, বদমেজাজি; অসহিষ্ণু।

খিটমিট /খিট্‌মিট্‌/ [ধ্বন্যা.] বি. দ্র খিটিমিটি।

খিটিমিটি /খিটিমিটি/ [ধ্বন্যা.] বি. সামান্য বিষয় নিয়ে সর্বদা মতবিরোধ ও কলহ।

খিটিমিটি করা /খিটিমিটি করা/ ক্রিবি. বাদানুবাদ করা।

খিড়কি /খিড়কি/ [দেশি.] বি. বাড়ির পেছনের দরজা, পাছদুয়ার।

খিড়কি দুয়ার /খিড়কি দুআর্‌/ বি. ১ বাড়ির পেছন দিকের ছোটো দরজা। ২ গুপ্ত দরজা।

খিড়কি পুকুর /খিড়কি পুকুর্‌/ বি. বাড়ির পেছনে অবস্থিত অন্তঃপুরের পুকুর।

খিদমত /খিদ্‌মত্‌/ [আ.] বি. ১ সেবাযত্ন, পরিচর্যা। ২ চাকরি। ৩ দাসত্ব।

খিদমতগার /খিদ্‌মত্‌গার্‌/ [আ. খিদমত+ফা. গার] বি. সেবক, পরিচারক।

খিদমতগারি /খিদ্‌মত্‌গারি/ [আ. খিদমত+ফা. গারি] বি. পরিচারকের কাজ বা পেশা।

খিদে /খিদে/ [স. ক্ষুধা >] বি. ১ আহার করার ইচ্ছা, ভোজনস্পৃহা, ক্ষুধা। ২ লালসা।

খিদ্যমান /খিদ্‌দোমান্‌/ [স. √খিদ্‌+মান (শানচ্‌)] বিণ. খেদ বা দুঃখ প্রকাশ করছে এমন।

খিন্ন /খিন্‌নো/ [স. √খিদ্‌+ত] বিণ. ১ খেদযুক্ত, দুঃখিত। ২ অবসন্ন, পরিশ্রান্ত। ৩ কাতর; পীড়িত।

খিমচি /খিম্‌চি/ [দেশি.] বি. লঘু খামচি, চিমটি।

খিরা /খিরা/ [হি.] বি. ভারতীয় উপমহাদেশ-সহ বাংলাদেশের প্রায় সব অঞ্চলে জাত বর্ষজীবী লতানে উদ্ভিদের শসাজাতীয় ফল যা কাঁচা খাওয়া যায়, খিরাই।

খিল[১] /খিল্‌/ [স. কীলক >] বি. ১ কপাটের অর্গল, হুড়কো, কীলক।

খিল[২] /খিল্‌/ [স. খ+√লা+অ] বিণ. ১ চাষের অনুপযুক্ত, পতিত। ২ অকর্ষিত। ৩ পরিশিষ্ট। ৪ দুর্গম। ৫ (বাংলায়) রক্ত চলাচলে সাময়িক ব্যাঘাত ঘটার ফলে প্রাণিদেহে মাংসপেশির আড়ষ্টভাব (*পায়ে খিল ধরা*)।

খিলখিল /খিল্‌খিল্‌/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত হাসির শব্দ, আনন্দময় হাস্যধ্বনি।

খিল ধরা /খিল্‌ ধরা/ ক্রিবি. ১ রক্ত চলাচলে সাময়িক ব্যাঘাত ঘটায় প্রাণিদেহের মাংসপেশিতে টান ধরা। ২ দাঁতে দাঁত লেগে খিঁচুনি ধরা।

খিলাত /খিলাত্‌/ [আ.] বি. সম্মান ও পদমর্যাদার যোগ্য লম্বা ঢিলেঢালা পোশাক, রাজদত্ত সম্মান-সূচক পোশাক (*নাই-বা পেলাম রাজার খিলাত*—রবীন্দ্র.)।

খিলান /খিলান্‌/ [দেশি.] বি. প্রবেশপথের ওপরে ইঁট বা পাথরের অর্ধবৃত্তাকার গাঁথনির কেন্দ্রবিন্দুতে স্থাপিত V-আকৃতির প্রস্তরখণ্ড (যা অন্যসব ইঁট বা পাথরকে নিজ স্থানে ধরে রাখে), keystone।

খিলাফ /খিলাফ্‌/ [আ.] বি. শর্তভঙ্গ; ব্যত্যয়; অন্যথাচরণ। বিণ. বিপরীত, প্রতিকূল।

খিলাফত /খিলাফ্‌ত্‌/ [আ.] বি. ১ খলিফার পদ বা মর্যাদা। ২ প্রতিনিধিত্ব।

খিলাল /খিলাল্‌/ [আ.] বি. দাঁত পরিষ্করণের সরু কাঠি, দাঁতকাঠি, খড়কে, toothpick।

www.pathagar.com

খিলি /খিলি/ [দেশি.] বি. ভেতরে সুপারি ও চুন সহকারে মসলা দিয়ে মোড়ানো পান, সাজা পান (*পানের খিলি*)।

খিস্তি /খিস্‌তি/ [বা.] বি. অমার্জিত ভাষায় গালাগাল, ঝগড়া, খেউড়।

খুঁচানো /খুঁচানো/ [বা.] ক্রিবি. ১ গঞ্জনা দেওয়া। ২ উত্তেজিত করা। ৩ উত্যক্ত করা। ৪ বারবার তাগাদা দেওয়া।

খুঁজা /খুঁজা/ [বা.] ক্রিবি. ১ অনুসন্ধান করা। ২ যাচ্ঞা করা, চাওয়া। ৩ 'খোঁজা'-র সাধু রূপ।

খুঁজাখুঁজি /খুঁজাখুঁজি/ [বা.] বি. তন্নতন্ন করে সন্ধান।

খুঁজেপেতে /খুঁজেপেতে/ [বা.] অসক্রি. যত্নের সঙ্গে খোঁজাখুঁজি করে।

খুঁট /খুঁট/ [স. কোটি >] বি. ১ ধুতি বা শাড়ির প্রান্তভাগ। ২ সুতার প্রান্তভাগ।

খুঁটা[১] /খুঁটা/ [দেশি.] বি. দ্র খুঁটি।

খুঁটা[২] /খুঁটা/ [দেশি.] ক্রিবি. ১ নখ দিয়ে খুঁচিয়ে ছোটো কিছু তোলা। ২ নির্বাচন করা, বেছে নেওয়া। ৩ পাখির ঠোঁট দিয়ে শস্যকণা তোলা।

খুঁটা[৩] /খুঁটা/ [স. ক্ষত >] বি. গঞ্জনা; নিন্দা; কলঙ্ক।

খুঁটি /খুঁটি/ [দেশি.] বি. ১ বাঁশ বা কাঠের গোঁজ। ২ চারণভূমিতে গোরু ছাগল বাঁধার গোঁজ। ৩ খাটের পায়া। ৪ সীমানা চিহ্নিতকরণের স্তম্ভ। ৫ (আল.) অবলম্বন (*খুঁটির জোর*)।

খুঁটি গাড়া /খুঁটি গাড়া/ ক্রিবি. ১ নৌকা বাঁধা। ২ শক্ত বা স্থায়ী হয়ে অবস্থান করা।

খুঁটিনাটি /খুঁটিনাটি/ [বা.] বি. ১ ছোটোখাটো বা তুচ্ছ সকল বিষয়। ২ সামান্য দোষত্রুটি।

খুঁটিয়ে দেখা /খুঁটিয়ে দেখা/ ক্রিবি. যত্নসহকারে সব দিক পরীক্ষা করা।

খুঁটির জোর /খুঁটির জোর/ বি. প্রভাবশালী ব্যক্তির ওপর নির্ভরতা।

খুঁড়া /খুঁড়া/ [স. খঞ্জ >] ক্রিবি. ১ খনন করা। ২ ঠোকা (*মাথা খুঁড়া*), কোটা। ৩ ঈর্ষান্বিত হওয়া। ৪ (বাংলায়) প্রশংসাচ্ছলে কারো নিন্দা করা।

খুঁড়ানো[১] /খুঁড়ানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে খনন করানো। বিণ. খনন করানো হয়েছে এমন।

খুঁড়ানো[২] /খুঁড়ানো/ [বা.] ক্রিবি. খুঁড়িয়ে খুঁড়িয়ে চলা।

খুঁত /খুঁত/ [স. ক্ষত >] বি. ১ দোষ, ত্রুটি; কলঙ্ক। ২ অসম্পূর্ণতা। ৩ ক্ষতচিহ্ন।

খুঁতখুঁত /খুঁতখুঁত/ [বা.] বি. ছোটোখাটো ত্রুটি বা ভুলভ্রান্তির জন্য অস্বস্তিকর মনোভাব।

খুঁতখুঁতে /খুঁতখুঁতে/ [বা.] বিণ. ১ ছোটোখাটো ভুল-ভ্রান্তির জন্য সর্বদা অসন্তোষ প্রকাশ করে এমন। ২ সন্দেহপ্রবণ।

খুঁত ধরা /খুঁত্‌ ধরা/ ক্রিবি. দোষত্রুটি খোঁজা।

খুক /খুক্‌/ [ধ্বন্যা.] বি. অনুচ্চ বা চাপা কাশির শব্দ।

খুকখুক /খুক্‌খুক্‌/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত চাপা কাশির শব্দ।

খুকখুকানি /খুক্‌খুকানি/ [ধ্বন্যা.] বি. অনবরত অনুচ্চ বা চাপা কাশি।

খুকি /খুকি/ [বা.] বি. ১ ছোটো মেয়ে, শিশুকন্যা। ২ শিশুকন্যাকে সম্বোধনসূচক শব্দ।

খুকিপনা /খুকিপনা/ [বা.] বি. খুকির মতো আচরণ।

খুকু /খুকু/ [বা.] বি. 'খুকি'-র আদরসূচক রূপ।

খুচখুচ /খুচ্‌খুচ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ সাবধানতার সঙ্গে চলা বা নড়াচড়া করার অনুকার শব্দ। ২ ছোটো জিনিস নাড়ানোর অনুকার শব্দ।

খুচরা /খুচ্‌রা/ [স. ক্ষুদ্র >] বিণ. ১ ছোটো; ছোটো-খাটো। ২ অল্প পরিমাণ (*খুচরা বিক্রি*)। বি. টাকার ভাংতি, রেজকি।

খুচরা কথা /খুচ্‌রা কথা/ বি. ১ বাজে কথা, অবান্তর কথা। ২ অল্প জরুরি কথা।

খুচরা কাজ /খুচ্‌রা কাজ/ বি. ছোটোখাটো কাজ, সাধারণ কাজ।

খুচরা খরচ /খুচ্‌রা খরোচ্‌/ বি. ১ অল্প খরচ। ২ বিবিধ ব্যয়।

খুচরা বিক্রি /খুচ্‌রা বিক্‌ক্রি/ বি. ভেঙে ভেঙে বিক্রি, অল্প পরিমাণ বিক্রি, retail।

খুচরো /খুচ্‌রো/ [বা.] বিণ. বি. দ্র খুচরা।

খুজলি /খুজ্‌লি/ [হি.] বি. চুলকানি, খোসপাঁচড়া।

খুঞ্চি /খুন্‌চি/ [ফা.] বি. উঁচু কানাবিশিষ্ট চ্যাপটা ও গোলাকার পাত্রবিশেষ, ছোটো বারকোশ।

খুট /খুট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. কাঠ লোহা প্রভৃতি কঠিন বস্তুর ওপর মৃদু আঘাতের অনুকার শব্দ।

খুটখাট /খুট্‌খাট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. কাঠ লোহা প্রভৃতি ঠোকাঠুকির অনুকার শব্দ।

খুটখুট /খুট্‌খুট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. কাঠ লোহা প্রভৃতির ওপর ক্রমাগত খুট শব্দ।

খুটুরমুটুর /খুটুরমুটুর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ইঁদুর প্রভৃতি ক্ষুদ্র প্রাণীর চলাফেরার শব্দ। ২ জিনিস-পত্রের ঠোকাঠুকিজনিত শব্দ।

খুড়তুতো /খুড়্‌তুতো/ [স. খুল্লতাত >] বিণ. খুড়ার ঔরসে জাত, খুড়ার সম্পর্কে সম্পর্কিত।

খুড়শাশুড়ি /খুড়্‌শাশুড়ি/ [বা.] বি. শ্বশুরের ছোটো

www.pathagar.com

ভাইয়ের পত্নী।

খুড়শ্বশুর /খুড়শোশুর্/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর খুড়া, শ্বশুরের ছোটো ভাই।

খুড়া /খুড়া/ [দেশি.] বি. পিতার ছোটো ভাই, কাকা, চাচা, পিতৃব্য।

খুড়াশ্বশুর /খুড়াশোশুর্/ [দেশি.] বি. দ্র খুড়শ্বশুর।

খুড়ি /খুড়ি/ [দেশি.] বি. পিতার ছোটো ভাইয়ের পত্নী, কাকি, চাচি।

খুড়িশাশুড়ি /খুড়িশাশুড়ি / [দেশি.] বি. দ্র খুড়-শাশুড়ি।

খুড়ো /খুড়ো/ [দেশি.] বি. দ্র খুড়া।

খুতবা /খুতবা/ [আ.] বি. শুক্রবারে জুম্মার নামাজে জামাতের আগে বা ইদের নামাজের পরে ধর্মীয় বিষয়ে ইমামের অভিভাষণ।

খুতি /খুতি/ [দেশি.] বি. ছোটো থলিবিশেষ।

খুদ /খুঃদ্/ [স. ক্ষুদ্র >] বি. ১ চালের ক্ষুদ্র বা ভাঙা অংশ। ২ যে কোনো শস্যের ক্ষুদ্রাংশ বা কণা।

খুদকুঁড়ো /খুদকুঁড়ো/ [বা.] বি. ১ খুদের সঙ্গে মেশানো কুঁড়া। ২ (আল.) অতি সামান্য আহার্য।

খুদা /খুদা/ [স. ক্ষোদন >] ক্রিবি. ১ খনন করা। ২ উৎকীর্ণ করা, খোদিত করা। বিণ. খোদিত।

খুদাই /খুদাই্/ [স. ক্ষোদন >] বি. ধাতু বা পাথরের ওপর ছেনি হাতুড়ি দিয়ে উৎকীর্ণ করার কাজ।

খুদে /খুদে/ [স. ক্ষুদ্র >] বিণ. অতি ছোটো, ক্ষুদ্র।

খুদে বার্তা /খুদে বার্তা/ বি. চলভাষ বা মুঠোফোনে সংক্ষেপে লিখিত বার্তা বিনিময়ের ব্যবস্থা, short messaging service (SMS)।

খুদে শয়তান /খুদে শয়্তান্/ বি. ১ শয়তানের ক্ষুদ্র সংস্করণ। ২ ক্ষুদ্রকায় অথচ অতিমাত্রায় দুষ্ট প্রকৃতির লোক।

খুন /খুন্/ [ফা.] বিণ. ১ নিহত। ২ মৃতপ্রায়, আধমরা। ৩ আকুল (*হেসে খুন*)। ৪ অতিশয় ক্লান্ত। বি. ১ হত্যা, বধ। ২ রক্ত, শোণিত।

খুনখারাবি /খুন্খারাবি/ [ফা.] বি. ১ রক্তারক্তি, রক্তপাত; হত্যাকান্ড। ২ দাঙ্গাহাঙ্গামা।

খুনখুনে /খুন্খুনে/ [দেশি.] বিণ. অত্যন্ত বৃদ্ধ।

খুন চড়া /খুন্ চড়া/ ক্রিবি. ১ প্রচন্ড রেগে যাওয়া। ২ হত্যা করার প্রবৃত্তি হওয়া।

খুন চাপা /খুন্ চাপা/ ক্রিবি. দ্র খুন চড়া।

খুনশি /খুন্শি/ [ফা.] বিণ. ১ ক্রুদ্ধ; মারমুখো। ২ শত্রু-ভাবাপন্ন। বি. ১ বিবাদ, বিরোধ। ২ কৃত্রিম কলহ, খুনশুটি।

খুনশুটি /খুন্শুটি/ [দেশি.] বি. ১ কলহের ছল। ২ প্রণয়কলহ। ৩ তুচ্ছ দোষারোপ।

খুনশুড়ি /খুন্শুড়ি/ [দেশি.] বি. দ্র খুনশুটি।

খুনাখুনি /খুনাখুনি/ [ফা.] বি. ১ রক্তারক্তি, রক্ত-পাত। ২ তুমুল ঝগড়াবিবাদ ও দাঙ্গা।

খুনি /খুনি/ [ফা.] বিণ. ১ ঘাতক, হত্যাকারী। ২ দাঙ্গা-বাজ। ৩ অতিশয় নিষ্ঠুর। বি. ১ যে খুন করে। ২ অত্যন্ত নিষ্ঠুর ব্যক্তি।

খুনোখুনি /খুনোখুনি/ [ফা.] বি. দ্র খুনাখুনি।

খুন্তি /খুন্তি/ [স. খনিত্র >] বি. রান্নার কাজে ব্যবহৃত চ্যাপটা প্রান্তবিশিষ্ট ছোটো হাতা।

খুপরি /খুপ্রি/ [দেশি.] বি. ১ কুঁড়েঘর; খোপের মতো ছোটো ঘর। ২ খোপ, কুলুঙ্গি।

খুপি /খুপি/ [দেশি.] বিণ. ১ খোপের মতো ঘরযুক্ত। ২ খোপের তুল্য। ৩ খোপের মতো নকশা করা হয়েছে এমন। বি. অত্যন্ত ছোটো ঘর।

খুব /খুব্/ [ফা.] বিণ. ১ অতিশয় (*খুব ভালো*)। ২ যথোচিত (*খুব শিক্ষা হয়েছে*)। ক্রিবিণ. ১ যথেষ্ট (*খুব হয়েছে*)। ২ নিশ্চয় (*খুব পারবে*)।

খুবলানো /খুব্লানো/ [বা.] ক্রিবি. খাবলে দেওয়া।

খুবসুরত /খুব্সুরত্/ [ফা. খুব+আ. সুরত] বিণ. অত্যন্ত সুন্দর, সুদর্শন, সুশ্রী।

খুবানি /খুবানি/ [ফা.] বি. উষ্ণমন্ডলীয় অঞ্চলে জাত কুল বা খেজুরসদৃশ হলুদ আঁটিবিশিষ্ট ফলবিশেষ, apricot।

খুবি[১] /খুবি/ [ফা.] বি. ১ কল্যাণ। ২ সৌন্দর্য, শোভা।

খুবি[২] /খুবি/ [স. ক্ষুপ >] বি. বীজ বপনের জন্য খোঁড়া ছোটো গর্ত।

খুর /খুর্/ [বা.] বি. গোরু ঘোড়া প্রভৃতি চতুষ্পদ প্রাণীর অস্থিময় প্রান্তভাগ।

খুরপা /খুর্পা/ [স. ক্ষুরপ্র >] বি. দ্র খুরপি।

খুরপি /খুর্পি/ [স. ক্ষুরপ্র >] বি. ১ মাটি খোঁড়ার জন্য ব্যবহৃত হাতলওয়ালা ছোটো যন্ত্রবিশেষ। ২ ঘাস চেঁছে তোলার হাতিয়ারবিশেষ। ৩ চর্মকারের হাতিয়ারবিশেষ।

খুরমা /খুর্মা/ [ফা.] বি. উত্তর আফ্রিকায় জাত তীক্ষ্ণ কাঁটাওয়ালা পাতাবিশিষ্ট গাছের শক্ত আঁটিযুক্ত গাঢ় বাদামি মিষ্টস্বাদ শুকনো ফল, খোরমা।

খুরলি /খুরোলি/ [স. খুর+√লা+ই] বি. ১ ব্যায়াম। ২ যুদ্ধকৌশল বা বংশীবাদনের কৌশল শিক্ষা। ৩ কোনো বিদ্যাভ্যাস। ৪ রঙ্গ, কৌতুক।

www.pathagar.com

খুরসানি /খুর্‌শানি/ [বা.] বি. খুরাঘাতের শব্দ।

খুরা /খুরা/ [স. ক্ষুর >] বি. আসবাবপত্রের পায়ার তলায় স্থাপিত মাটির খুরি বা কাঠের টুকরো।

খুরি /খুরি/ [বা.] বি. মাটি বা ধাতব পদার্থের ছোটো বাটি।

খুলি /খুলি/ [দেশি.] বি. ১ মাথার উপরিভাগ, করোটি, খর্পর। ২ মাটির পাত্রবিশেষ।

খুল্ল /খুল্‌লো/ [স. খুৎ+√লা+অ] বিণ. ১ ক্ষুদ্র। ২ অল্প। ৩ কনিষ্ঠ।

খুল্লতাত /খুল্‌লোতাতো/ [স. খুল্ল+√তন্‌+ত] বি. পিতার ছোটো ভাই, কাকা, চাচা।

খুশ /খুশ্‌/ [ফা.] বিণ. প্রীতিকর, আনন্দজনক। বি. সন্তোষ; প্রীতি।

খুশকা /খুশ্‌কা/ [ফা.] বি. অল্প ঘি দিয়ে রাঁধা পোলাও।

খুশকি /খুশ্‌কি/ [ফা.] বি. ১ শীতকালে শরীরের শুকনো চামড়ায় আঁচড় লাগলে যে সাদা মরামাস ঝরে পড়ে, মরামাস। ২ মাথার ত্বক থেকে ওঠা শুষ্ক চর্মরেণু, dandruff।

খুশখবর /খুশ্‌খবোর্‌/ [ফা. খুশ+আ. খবর] বি. সুসংবাদ।

খুশবু /খুশ্‌বু/ [ফা.] বি. সুগন্ধ, সৌরভ।

খুশি /খুশি/ [ফা.] বি. ১ আনন্দ; সন্তোষ। ২ ইচ্ছা, মর্জি (*যাকে খুশি দাও*)। বিণ. আনন্দিত; তৃপ্ত।

খেই /খেই/ [স. ক্ষেপ >] বি. ১ ধারা, প্রসঙ্গ, সূত্র (*কথার খেই*)। ২ সুতার প্রান্ত। ৩ সন্ধান।

খেউড় /খেড়্‌উড়্‌/ [স. ক্ষোড়া >] বি. ১ অকথ্য ভাষায় গালাগালি, খিস্তি। ২ (অধুনালুপ্ত) বাদপ্রতিবাদ-মূলক অশ্লীল গান বা কবিতা।

খেউর /খেড়্‌উর্‌ / [স. ক্ষেত্র >] বি. খেত।

খেউরি /খেড়্‌উরি/ [স. ক্ষৌর >] বি. ১ দাড়িগোঁফ মুণ্ডন। ২ অশৌচান্তে ক্ষৌরকার্য।

খেঁকি /খেঁকি/ [দেশি.] বিণ. ১ খ্যাঁকখ্যাঁক করে এমন (*খেঁকি কুকুর*)। ২ অল্পতেই রেগে যায় এমন, রগচটা।

খেঁড়ু /খেঁড়ু/ [বা.] বি. বাদপ্রতিবাদমূলক অশিষ্ট গান বা কবিতা, খেউড়।

খেঁদি /খেঁদি/ [দেশি.] বিণ. অনুন্নত ও চ্যাপটা নাকবিশিষ্টা।

–খেকো /খেকো/ [আঞ্চ.] বিণ. ১ ভক্ষণকারী, খাদক (*মানুষখেকো বাঘ*)। ২ ভক্ষিত।

খেচর /খেচর্‌/ [স. খে+√চর্‌+অ] বিণ. আকাশে বিচরণ করে এমন। বি. পাখি।

খেচরান্ন /খেচরান্নো/ [স. খেচর+√অন্‌+ন] বি. খিচুড়ি।

খেজুর /খেজুর্‌/ [স. খর্জূর >] বি. ১ ক্রান্তীয় অঞ্চলে জাত তীক্ষ্ণ কাঁটাওয়ালা পাতাবিশিষ্ট গাছবিশেষ শীতকালে যার কান্ড চেঁছে মিষ্টরস সংগ্রহ করা হয় বা তার মিষ্টস্বাদ ছোটো ফল। ২ পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকায় জাত তীক্ষ্ণ কাঁটাওয়ালা পাতা-বিশিষ্ট গাছ বা তার আঁটিযুক্ত গাঢ় বাদামি মিষ্ট-স্বাদ ফল। ৩ খর্জুর।

খেজুরছড়ি /খেজুরছোড়ি/ [বা.] বি. ১ খেজুরের কাঁদি। ২ ধান্যবিশেষ। ৩ খেজুরপাতার নকশা-পেড়ে শাড়ি।

খেজুরপাতা /খেজুর্‌পাতা/ [বা.] বি. খেজুরগাছের পাতা।

খেজুরমাথি /খেজুর্‌মাথি/ [বা.] বি. খেজুরগাছের মাথার কোমল মিষ্টস্বাদ শাঁস।

খেজুররস /খেজুর্‌রশ্‌/ [বা.] বি. শীতকালে খেজুর গাছের বাকল কেটে যে রস সংগ্রহ করা হয়।

খেজুরে /খেজুরে/ [বা.] বিণ. ১ খেজুরের রস থেকে তৈরি (*খেজুরে গুড়*)। ২ (আল.) বিরক্তিকর ও অবান্তর (*খেজুরে আলাপ*)।

খেজুরে আলাপ /খেজুরে আলাপ্‌/ বি. অবান্তর কথাবার্তা।

খেটক /খেটক্‌/ [স. খেট+ক (স্বার্থে)] বি. ১ মুগুর। ২ ঢাল। ৩ পল্লিগ্রাম।

খেটে[১] /খেটে/ [বা.] অসক্রি. পরিশ্রম করে (*খেটে খাওয়া মানুষ*)।

খেটে[২] /খেটে/ [স. খেট >] বি. ছোটো মুগুর।

খেত /খেত্‌/ [স. ক্ষেত্র >] বি. চাষের জমি, শস্য উৎপাদনের মাঠ।

খেতখামার /খেত্‌খামার্‌/ [বা.] বি. আবাদি জমি।

খেতমজুর /খেত্‌মোজুর্‌/ [বা. খেত+ফা. মজুর] বি. অন্যের জমিতে চাষ করে এমন শ্রমিক।

খেতাব /খেতাব্‌/ [আ.] বি. সম্মানজনক উপাধি।

খেতাবধারী /খেতাব্‌ধারি/ [আ. খেতাব+স. ধারী] বিণ. খেতাব লাভ করেছে এমন, খেতাবপ্রাপ্ত।

খেতি /খেতি/ [স. ক্ষেত্রী >] বি. চাষবাদ।

খেত্রি /খেত্‌রি/ [স. ক্ষত্রিয় >] বি. হিন্দিভাষী ক্ষত্রিয় জাতিবিশেষ, ছত্রী।

খেদ /খেদ্‌/ [স. √খিদ্‌+অ] বি. আক্ষেপ, অনুতাপ।

খেদমত /খেদ্‌মত্‌/ [আ.] বি. ১ সেবাযত্ন, পরিচর্যা।

www.pathagar.com

২ চাকরি। ৩ দাসত্ব।

খেদা /খেদা/ [বা.] বি. হাতি ধরার ফাঁদ।

খেদিত[১] /খেদিতো/ [বা.] বিণ. তাড়ানো হয়েছে এমন, দূরীকৃত।

খেদিত[২] /খেদিতো/ [স. খেদ+ইত] বিণ. ১ ব্যথিত, দুঃখিত। ২ অবসাদগ্রস্ত।

খেপ /খেঁপ্/ [স. ক্ষেপ >] বি. ১ নৌকা রিকশা প্রভৃতি যাত্রী বোঝাই করে একবারের যাত্রা, একবারে বহনযোগ্য মালপত্র। ২ মাছ ধরার জন্য ওপর থেকে জাল নিক্ষেপ।

খেয়া /খেআ/ [স. ক্ষেপ >] বি. নদী বা খাল পারাপারের নৌকা (*খেয়াঘাট*)।

খেয়াকড়ি /খেআকোড়ি/ [বা.] বি. খেয়া পারাপারের ভাড়া, পারানি।

খেয়াঘাট /খেআঘাট্/ [বা.] বি. নদী বা খাল পারাপারের ঘাট, যে ঘাটে খেয়া পারাপারের নৌকা থাকে।

খেয়াতরি /খেআতোরি/ [বা.] বি. নদী বা খাল পারাপারের নৌকা।

খেয়ানৌকা /খেআনোউকা/ [বা.] বি. দ্র খেয়াতরি।

খেয়াপারাপার /খেআপারাপার্/ [বা.] বি. নৌকায় খাল বা নদীর এক পার থেকে অন্য পারে গমনাগমন।

খেয়ামাঝি /খেআমাঝি/ [বা.] বি. খেয়ানৌকার মাঝি।

খেয়ারি /খেআরি/ [স. ক্ষেপকার >] বি. যে মাঝি খাল বা নদী পারাপার করে, খেয়ামাঝি।

খেয়াল /খেআল্/ [আ.] বি. ১ ইচ্ছা, খুশি, মর্জি; শখ। ২ স্মরণ; অনুমান। ৩ জ্ঞান, চেতনা। ৪ স্বপ্ন, কল্পনা। ৫ ঝোঁক, প্রবৃত্তি। ৬ (আমীর খসরু এবং সুলতান হোসেন শাহ্ কর্তৃক চতুর্দশ শতাব্দীতে প্রবর্তিত) ভারতীয় শাস্ত্রীয় সংগীতে ধ্রুপদের চেয়ে লঘুতর একটি শাখা যেখানে পরিবেশনকালে কল্পনা অনুযায়ী অলংকার প্রয়োগ করা যায়।

খেয়ালখুশি /খেআলখুশি/ [আ. খেয়াল+ফা. খুশি] বি. খামখেয়াল।

খেয়ালমাফিক /খেআলমাফিক্/ [আ.] ক্রিবিণ. খুশিমতো, মর্জিমাফিক।

খেয়ালি /খেআলি/ [আ. খেয়াল+ফা. ই] বিণ. ১ কল্পনাবিলাসী। ২ খেয়ালখুশিমতো চলে এমন। বি. খেয়ালগায়ক।

খেয়োখেয়ি /খেয়োখেয়ি/ [বা.] বি. তুমুল কলহ-বিবাদ; মারামারি; হানাহানি।

খেরাজ /খেরাজ্/ [আ.] বি. রাজস্ব, ভূমিকর।

খেরাজি /খেরাজি/ [আ. খেরাজ >] বিণ. (জমির জন্য) খাজনা দিতে হয় এমন।

খেরুয়া /খেরুআ/ [হি. খারুয়া >] বি. দ্র খেরো।

খেরো /খেরো/ [হি. খারুয়া >] বি. ১ মোটা সুতায় বোনা লাল রঙের কাপড়বিশেষ যা সাধারণত লেপ তোশক তৈরি ও বই খাতা বাঁধাইয়ের কাজে ব্যবহৃত হয়। ২ শিশুদের হাত বা পায়ের অলংকার।

খেরো খাতা /খেরো খাতা/ বি. ১ লাল কাপড়ে বাঁধাই করা খাতা। ২ বিবিধ বিষয় লেখার খাতা।

খেল /খেঁল্/ [স. খেলা >] বি. ১ খেলা। ২ জাদুর খেলা, ভেলকিবাজি।

খেলন /খেলন্/ [স. √খেল্+অন] বি. দ্র খেলা।

খেলনা /খ্যালনা/ [স. খেলনক >] বি. খেলার দ্রব্য-সামগ্রী, ক্রীড়নক।

খেলা /খ্যালা/ [স. √খেল্+অ+আ (টাপ্)] বি. ১ ক্রীড়া; লীলা। ২ পারদর্শিতা প্রদর্শন। ৩ কৌতুক, পরিহাস। ৪ ভোজবাজি। ৫ প্রমোদ, বিলাস। ক্রিবি. ১ ক্রীড়া বা কৌশল প্রদর্শন করা। ২ স্ফুরিত হওয়া। ৩ চমকানো।

খেলাঘর /খ্যালাঘর্/ [স. খেলা+বা. ঘর] বি. ১ খেলাধুলার স্থান। ২ (আল.) কৃত্রিম সংসার।

খেলাধুলা /খ্যালাধুলা/ [বা.] বি. ১ নানা ধরনের খেলা। ২ ক্রীড়াকৌতুক।

খেলাধুলো /খ্যালাধুলো/ [বা.] বি. 'খেলাধুলা'-র কথ্য রূপ।

খেলানিয়া /খ্যালানিআ/ [বা.] বিণ. ১ খেলা করায় বা খেলায় এমন। ২ খেলোয়াড়। ৩ ক্রীড়াপ্রিয়।

খেলানো /খ্যালানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ খেলা করানো বা দেখানো। ২ ইচ্ছামতো পরিচালিত করা।

খেলাপ /খেলাপ/ [আ.] বি. শর্তভঙ্গ; ব্যত্যয়; অন্যথাচরণ। বিণ. বিপরীত, প্রতিকূল।

খেলাপি /খেলাপি/ [আ.] বিণ. ঋণের শর্ত ভঙ্গ করেছে এমন (*ঋণখেলাপি*)।

খেলাফত /খেলাফত্/ [আ.] বি. ১ খলিফার পদ বা মর্যাদা; প্রতিনিধিত্ব। ২ খিলাফতের আমল।

খেলুড়ে /খেলুড়ে/ [বা.] বি. ১ যে খেলে, খেলোয়াড়। ২ খেলার সাথি। স্ত্রী. খেলুড়ি /খেলুড়ি/।

খেলো /খেলো/ [দেশি.] বিণ. ১ মূল্যহীন, সস্তা। ২ অন্তঃসারশূন্য। ৩ মন্দ, নিকৃষ্ট। ৪ হীন; অপদস্থ।

খেলোয়াড় /খ্যালোআড়/ [বা.] বি. যে খেলে, ক্রীড়ক। বিণ. কৌশলী; ধূর্ত, চক্রান্তকারী।

খেলোয়াড়সুলভ /খ্যালোআড়শুলভ্/ [বা.] বিণ. ১ খেলোয়াড়োচিত। ২ কৌশলী।

খেলোয়াড়ি /খ্যালোআড়ি/ [বা.] বিণ. দ্র খেলোয়াড়-

www.pathagar.com

সুলভ।

খেশ /খেশ্/ [ফা.] বিণ. আপন; নিজস্ব।

খেশকুটুম /খেশ্‌কুটুম্/ [বা.] বি. আত্মীয়স্বজন।

খেসারত /খেশারত্/ [আ.] বি. ক্ষতিপূরণ।

খেসারি /খ্যাশারি/ [স. খঞ্জকারি >] বি. এশিয়া ও আফ্রিকায় চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন কাস্তেসদৃশ সাদাটে নীল বেগুনি প্রভৃতি রঙের ছোটো ফুল বা তার বহুবীজবিশিষ্ট গোলাকার শুঁটি এবং লম্বাটে সবুজ পাতাবিশিষ্ট বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, নিম্নমানের কলাইবিশেষ।

খোঁচ /খোঁচ্/ [দেশি.] বি. ১ কাটা। ২ সুচের মতো তীক্ষ্ণ মুখ। ৩ সূক্ষ্ম কোণ। ৪ কুঞ্চন। ৫ (আল.) ভুলত্রুটি।

খোঁচা /খোঁচা/ [বা.] বি. ১ তীক্ষ্ণবস্তুর আঘাত (*কাঁটার খোঁচা*); আঁচড় (*কলমের খোঁচা*)। ২ কটাক্ষ (*খোঁচা দিয়ে কথা বলা*)। বিণ. তীক্ষ্ণাগ্র।

খোঁচাখুঁচি /খোঁচাখুঁচি/ [বা.] বি. ১ পরস্পর আঘাত-করণ। ২ ক্রমাগত আঘাত। ৩ কার্যসিদ্ধির জন্য নানাদিক থেকে চাপ প্রয়োগ। ৪ কোনো অপ্রিয় বিষয়ে কটাক্ষপূর্ণ আলোচনা।

খোঁচানো /খোঁচানো/ [বা.] ক্রিবি. ১ ক্রমাগত আঘাত করা, খোঁচা দেওয়া। ২ বিরক্ত করা। ৩ বারবার তাগাদা দেওয়া।

খোঁজ /খোঁজ্/ [বা.] বি. অন্বেষণ, সন্ধান; হদিস।

খোঁজখবর /খোঁজ্‌খবোর্/ [বা. খোঁজ+আ. খবর] বি. তত্ত্বতালাশ, পাত্তা।

খোঁজা /খোঁজা/ [বা.] ক্রিবি. অন্বেষণ করা।

খোঁজাখুঁজি /খোঁজাখুঁজি/ [বা.] বি. চতুর্দিকে অনুসন্ধান।

খোঁজানো /খোঁজানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে অনুসন্ধান করানো।

খোঁটা[১] /খোঁটা/ [দেশি.] ক্রিবি. ১ নখ দিয়ে খুঁচিয়ে ছোটো কিছু তোলা। ২ নির্বাচন করা, বেছে নেওয়া। ৩ পাখির ঠোঁট দিয়ে শস্যকণা তোলা।

খোঁটা[২] /খোঁটা/ [স. ক্ষত >] বি. ১ অপবাদ, গঞ্জনা (*খোঁটা দেওয়া*)। ২ দোষ, ত্রুটি।

খোঁড়ল /খোঁড়ল্/ [আ. খন্দক >] বি. ১ গর্ত, গহ্বর; খাদ। ২ দেওয়ালের গায়ে ছোটো খোপ।

খোঁড়া[১] /খোঁড়া/ [স. খোড >] বি. বিণ. খঞ্জ; পঙ্গু।

খোঁড়া[২] /খোঁড়া/ [বা.] ক্রিবি. ১ খনন করা। ২ টোকা, কোটা (*মাথা খোঁড়া*)। ৩ কুনজর দেওয়া। ৪ প্রশংসাচ্ছলে কারো নিন্দা করা। বিণ. খনিত।

খোঁড়াখুঁড়ি /খোঁড়াখুঁড়ি/ [বা.] বি. বারবার খনন।

খোঁড়ানো[১] /খোঁড়ানো/ [বা.] ক্রিবি. অপরকে দিয়ে খনন করানো। বিণ. খনন করানো হয়েছে এমন।

খোঁড়ানো[২] /খোঁড়ানো/ [বা.] ক্রিবি. খুঁড়িয়ে চলা।

খোঁদল /খোঁদোল্/ [আ. খন্দক >] বি. দ্র খোঁড়ল।

খোঁপা /খোঁপা/ [বা.] বি. (নারীর) মাথার পেছনে গোছা করে বাঁধা চুল, কবরী।

খোঁয়াড় /খোঁআড়্/ [দেশি.] বি. ১ গবাদিপশু আটক করে রাখার ঘর। ২ গবাদিপশু রাখার ঘর।

খোঁয়ারি /খোঁআরি/ [ফা.] বি. ১ নেশা কেটে যাওয়ার অবসাদ। ২ অবসাদযুক্ত আবেশ।

খোকন /খোকোন্/ [তুর. খোকা >] বি. খোকা।

খোকা /খোকা/ [তুর.] বি. ১ শিশুপুত্র, পুত্রসন্তান। ২ বালক। ৩ (ব্য.) বালকসুলভ আচরণকারী বয়স্ক লোক।

খোকাপনা /খোকাপনা/ [তুর. খোকা+বা. পনা] বি. (বয়স্ক ব্যক্তির) খোকাসুলভ আচরণ।

খোক্কস /খোক্‌কোশ্/ [স. রাক্ষস >] বি. রূপকথায় বর্ণিত কাল্পনিক রাক্ষসজাতীয় প্রাণিবিশেষ।

খোজা /খোজা/ [ফা.] বিণ. নপুংসক। বি. পৌরুষহীন ব্যক্তি।

খোজা প্রহরী /খোজা প্রোহোরি/ বি. অন্তঃপুরের প্রহরায় নিযুক্ত নপুংসক প্রহরী।

খোট্টা /খোট্টা/ [হি.] বি. (অবজ্ঞায়) হিন্দিভাষী বা উত্তর-পূর্ব ভারতের অধিবাসী। বিণ. নীরস, শুষ্ক।

খোতবা /খোত্‌বা/ [আ. খুতবা>] বি. শুক্রবারে জুম্মার নামাজে জামাতের আগে বা ইদের নামাজের পরে ধর্মীয় বিষয়ে ইমামের অভিভাষণ, খুতবা।

খোদ /খোদ্/ [ফা.] বিণ. স্বয়ং, নিজ, আত্ম।

খোদ-কর্তা /খোদ্‌কর্‌তা/ [ফা. খোদ+স. কর্তা] বি. ১ স্বয়ং প্রভু। ২ আসল মালিক বা কর্তা।

খোদকস্তা /খোদ্‌কস্‌তা/ [ফা.] বি. যে নিজে জমি চাষ করে।

খোদকার /খোদ্‌কার্/ [স. ক্ষোদন >] বি. যে ব্যক্তির পেশা খোদাই করা। বিণ. স্বয়ংক্রিয়।

খোদকারি /খোদ্‌কারি/ [স. ক্ষোদন>] বি. ১ খোদাই করার কাজ। ২ (আল.) অযাচিত হস্তক্ষেপ।

খোদা[১] /খোদা/ [ফা.] বি. আল্লাহ, বিধাতা, ঈশ্বর।

খোদা[২] /খোদা/ [বা.] ক্রিবি. ১ খনন করা। ২ উৎকীর্ণ করা। বিণ. খোদাইকৃত, উৎকীর্ণ।

খোদাই /খোদাই্/ [স. ক্ষোদন >] বি. ধাতু পাথর প্রভৃতি কঠিন বস্তুর ওপর ক্ষোদন করে লেখা।

www.pathagar.com

খোদাই খিদমতগার /খোদাই্ খিদ্‌মত্‌গার্/ বি. ১ খোদার পথে সেবক। ২ নিঃস্বার্থ সেবক।

খোদাতালা /খোদাতা:লা/ [ফা. খোদা >] বি. মহান আল্লাহ।

খোদাবন্দ /খোদাবন্দ্/ [ফা.] বি. পৃথিবীর অধীশ্বর।

খোদার কসম /খোদার কসম্/ বি. খোদার নামে কৃত শপথ।

খোদার খাসি /খোদার খাশি/ বি. ১ খোদার নামে ছেড়ে দেওয়া খাসি। ২ (আল.) চিন্তাভাবনাহীন অলস ও হৃষ্টপুষ্ট ব্যক্তি।

খোদা হাফেজ /খোদা হাফেজ্/ বি. 'আল্লাহ আপনার নিরাপত্তা বিধান করুন' এরূপ উক্তি।

খোদিত /খোদিতো/ [স. ক্ষোদন >] বিণ. খোদাই-কৃত, উৎকীর্ণ।

খোনা /খোনা/ [স. ঘোণা >] বিণ. নাকি সুরে কথা বলে এমন, অনুনাসিক।

খোন্দকার /খোন্‌দোকার্/ [ফা.] বি. ১ শিক্ষক। ২ শস্য-উৎপাদক। ৩ পদবিবিশেষ।

খোপ /খোপ্/ [স. ক্ষুপ >] বি. ১ গর্ত, কোটর; খুপরি। ২ ছোটো বাসা।

খোপর /খোপোর্/ [বা.] বি. দ্র খোপ।

খোয়া[১] /খোআ/ [স. ক্ষয় >] বি. ১ ভেঙে টুকরো করা ইট। ২ শুকনো ক্ষীর।

খোয়া[২] /খোআ/ [স. ক্ষয়িত >] ক্রিবি. হারানো। বিণ. হারিয়ে গেছে এমন; অপহৃত।

খোয়ানো /খোআনো/ [স. ক্ষয়িত>] ক্রিবি. হারানো। বিণ. হারিয়ে গেছে এমন।

খোয়াব /খোআব্/ [ফা.] বি. ১ নিদ্রিত অবস্থায় মানুষের মনের অনুভূতি ভাবাবেগ চিত্রকল্প প্রভৃতি, স্বপ্ন। ২ ভবিষ্যৎ সম্পর্কে কল্পনা। ৩ (আল.) কল্পনা; মিথ্যা আশা।

–খোর /খোর্/ [ফা.] বিণ. খায় বা ভোগ করে এমন, আসক্ত (*আফিমখোর*)।

খোরপোশ /খোর্‌পোশ্/ [ফা.] বি. ১ ভরণপোষণের ব্যয়। ২ গ্রাসাচ্ছাদন।

খোরমা /খোর্‌মা/ [ফা. খুরমা] বি. উত্তর আফ্রিকায় জাত তীক্ষ্ণ কাঁটাওয়ালা পাতাবিশিষ্ট গাছের শক্ত আঁটিযুক্ত গাঢ় বাদামি মিষ্টস্বাদ শুকনো ফল, খুরমা।

খোরশোলা /খোর্‌শোলা/ [দেশি.] বি. দ্রুতবেগে সাঁতার কাটতে পারে এমন মিঠাপানির ছোটো মাছবিশেষ।

খোরা /খোরা/ [দেশি.] বি. মাটি বা পাথরের তৈরি বড়ো বাটি।

খোরাক /খোরাক্/ [ফা.] বি. ১ আহার্য, খাদ্যবস্তু; রসদ। ২ আহারের পরিমাণ। ৩ নির্দিষ্ট আহার্য।

খোরাকি /খোরাকি/ [ফা.] বি. ১ খাওয়াদাওয়া বাবত ব্যয়। ২ ভরণপোষণের ব্যয়।

খোল /খোল্/ [দেশি.] বি. ১ আবরণ। ২ যে কাপড়ের মধ্যে তুলা ভরে বালিশ লেপ প্রভৃতি তৈরি করা হয় (*বালিশের খোল*); ওয়াড়। ৩ সুপারি বা কলা গাছের বাকল। ৪ কোটর; আধার। ৫ উদর। ৬ কর্ণাটকী শাস্ত্রীয় সংগীত বা বাউল অঙ্গের গানের সঙ্গে বাজানো হয় এমন (সচরাচর মাটির তৈরি) আনদ্ধ তালযন্ত্রবিশেষ, মৃদঙ্গ।

খোলক /খোলক্/ [স. খোল+ক (স্বার্থে)] বি. ১ আবরণ, shell। ২ সর্বাঙ্গের আবরক বস্ত্র।

খোলতা /খোল্‌তা/ [দেশি.] বিণ. ১ দীপ্তিমান, উজ্জ্বল। ২ সুস্পষ্ট। ৩ সুবিকশিত।

খোলতাই /খোল্‌তাই্/ [দেশি.] বি. দীপ্তি, উজ্জ্বলতা।

খোলস /খোলোশ্/ [দেশি.] বি. ১ সাপের গায়ের পরিত্যক্ত চামড়া, নির্মোক। ২ (আল.) বাইরের আবরণ।

খোলসা /খোলোশা/ [আ. খুলাসা >] বিণ. দ্র খোলাসা।

খোলা[১] /খোলা/ [বা.] ক্রিবি. ১ উন্মুক্ত করা (*জানালা খোলা*)। ২ শিথিল করা, অবিন্যস্ত করা (*চুল খোলা*)। ৩ প্রতিষ্ঠা করা (*স্কুল খোলা*)। ৪ কাজ আরম্ভ হওয়া (*ব্যাংক খোলা*)। ৫ সমাধান করা (*জট খোলা*)। বিণ. ১ অবাধ, অবারিত (*খোলা হাওয়া*)। ২ দরাজ (*খোলা গলা*)। ৩ সরল, অকপট (*খোলা মন*)। ৪ অনিয়ন্ত্রিত (*খোলা বাজার*)। ৫ প্রকাশ্য (*খোলা ডাক*)।

খোলা[২] /খোলা/ [স. খোলক >] বি. ১ খোসা, শক্ত আবরণ। ২ খই মুড়ি প্রভৃতি ভাজার জন্য ব্যবহৃত মাটির পাত্র। ৩ টালি, খাপরা (*খোলার ঘর*)। ৪ খেত, আবাদি জমি (*ধানের খোলা*)। ৫ স্থান (*হাটখোলা*)। ৬ আখ মাড়াই করে গুড় প্রস্তুত করার স্থান।

খোলাখুলি /খোলাখুলি/ [বা.] বিণ. ১ অকপট। ২ স্পষ্ট। ক্রিবিণ. প্রকাশ্যে; অকপটে।

খোলা তালাক /খোলা তালাক্/ বি. স্ত্রীর ইচ্ছায় যে বিবাহবিচ্ছেদ হয়।

খোলা দলিল /খোলা দোলিল্/ বি. ১ নিবন্ধিত হয়নি এমন দলিল। ২ প্রত্যক্ষ বা স্পষ্ট প্রমাণ।

খোলানো /খোলানো/ [বা.] ক্রিবি. অপরকে দিয়ে

www.pathagar.com

খুলিয়ে নেওয়া। বিণ. অন্যকে দিয়ে খুলে নেওয়া হয়েছে এমন।

খোলাবাজার /খোলাবাজার্/ [বা. খোলা+ফা. বাজার] বি. সকলের জন্য উন্মুক্ত ও নিয়ন্ত্রণমুক্ত বাজার, মুক্তবাজার, open market।

খোলামকুচি /খোলামকুচি/ [বা.] বি. ১ মাটির হাঁড়ি কলসি প্রভৃতির ভাঙা টুকরো। ২ (আল.) তুচ্ছ বা মূল্যহীন জিনিস।

খোলামেলা /খোলাম্যালা / [বা.] বিণ. গুপ্ত নয় এমন।

খোলাসা /খোলাসা/ [আ. খুলাসা >] বিণ. ১ স্পষ্ট; বিশদ; পরিস্ফুট। ২ খোলাখুলি। ৩ অবারিত, উন্মুক্ত। ৪ অকপট। ৫ উজাড়। ৬ ভারমুক্ত।

খোশ /খোশ্/ [ফা.] বিণ. ১ আনন্দিত, সন্তুষ্ট (*খোশ মেজাজ*)। ২ আনন্দদায়ক। ৩ ভালো, শুভ (*খোশখবর*)। ৪ স্বেচ্ছাকৃত।

খোশকবালা /খোশ্কবালা/ [ফা. খোশ+আ. কবালা] বি. স্বেচ্ছাকৃত স্বত্ব হস্তান্তরের পাকা দলিল।

খোশখবর /খোশ্খবোর্/ [ফা. খোশ+আ. খবর] বি. সুসংবাদ।

খোশখেয়াল /খোশ্খেআল্/ [ফা. খোশ+আ. খেয়াল] বি. খামখেয়াল, মর্জি, ইচ্ছা।

খোশখেয়ালি /খোশ্খেআলি/ [ফা.] বি. খামখেয়ালি।

খোশগল্প /খোশ্গল্পো/ [ফা. খোশ+বা. গল্প] বি. আমোদপূর্ণ গল্পগুজব।

খোশনবিশ /খোশ্নোবিশ্/ [ফা.] বি. যে ব্যক্তির হাতের লেখা সুন্দর। বিণ. সুন্দর হস্তাক্ষরবিশিষ্ট।

খোশনসিব /খোশ্নোসিব্/ [ফা. খোশ+আ. নসিব] বিণ. সৌভাগ্যবান।

খোশবু /খোশ্বু/ [ফা.] বি. সুগন্ধ, সৌরভ, খুশবু।

খোশমেজাজ /খোশ্মেজাজ্/ [ফা. খোশ+আ. মেজাজ] বি. প্রফুল্লচিত্ত।

খোশমেজাজি /খোশ্মেজাজি/ [ফা.] বিণ. প্রসন্ন-চিত্ত, প্রফুল্ল।

খোশরোজ /খোশ্রোজ্/ [ফা.] বি. খুশির দিন।

খোশামুদি /খোশামুদি/ [ফা.] বি. চাটুকারিতা।

খোশামুদে /খোশামুদে/ [বা.] বিণ. তোষামোদ করে এমন, চাটুকার।

খোশামোদ /খোশামোদ্/ [ফা.] বি. স্তুতি; চাটু-কারিতা।

খোস /খোশ্/ [স. খস >] বি. ছোঁয়াচে চুলকানি রোগবিশেষ, পাঁচড়া।

খোসা /খোশা/ [স. কোষ >] বি. ১ ফল বা সবজির বাইরের আবরণ। ২ ত্বক, চামড়া; ছাল।

খ্যাংরা /খ্যাংরা/ [দেশি.] বি. ঝাঁটা, ঝাড়ু, সম্মার্জনী।

খ্যাঁক /খ্যাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কুকুর শিয়াল প্রভৃতির রোষপূর্ণ ধ্বনি। ২ রূঢ় ও কর্কশ শব্দ।

খ্যাঁকখ্যাঁক /খ্যাঁক্খ্যাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. কর্কশ-ভাবে ক্রোধ বা বিরক্তি প্রকাশ।

খ্যাঁকখ্যাঁকানি /খ্যাঁক্খ্যাঁকানি/ [ধ্বন্যা.] অব্য. বি. খ্যাঁকখ্যাঁক শব্দ বা ধ্বনি।

খ্যাঁকশিয়াল /খ্যাঁক্শিআল্/ [দেশি.] বি. খাড়া ত্রিকোণাকৃতি কান সুচালো মুখ ও মোটা লোমশ লেজওয়ালা চতুষ্পদ স্তন্যপায়ী মাংসাশী ধূর্ত প্রাণী।

খ্যাঁকানি /খ্যাঁকানি/ [বা.] অব্য. বি. দ্র খ্যাঁক-খ্যাঁকানি।

খ্যাঁকানো /খ্যাঁকানো / [বা.] ক্রিবি. খ্যাঁকখ্যাঁক করে ক্রোধ বা বিরক্তি প্রকাশ করা।

খ্যাঁচড়া /খ্যাঁচ্ড়া/ [দেশি.] বিণ. ১ অশিষ্ট; দুষ্ট; ধূর্ত। ২ অসম্পূর্ণ ও বিশৃঙ্খলভাবে কৃত।

খ্যাঁচম্যাচ /খ্যাঁচ্ম্যাচ্/ [দেশি.] বি. ১ কলহবিবাদ। ২ বিরক্তি প্রকাশ।

খ্যাঁচাখেঁচি /খ্যাঁচাখেঁচি/ [দেশি.] বি. বাদানুবাদ; মনোমালিন্য।

খ্যাঁচামেচি /খ্যাঁচামেচি/ [দেশি.] বি. দ্র খ্যাঁচাখেঁচি।

খ্যাঁট /খ্যাঁট্/ [স. খেট >] বি. ভোজন, আহার; খাদ্য।

খ্যাঁদা /খ্যাঁদা/ [বা.] বিণ. বোঁচা; চ্যাপটা (*খ্যাঁদা নাক*)।

খ্যাত /খ্যাতো/ [স. √খ্যা+ত] বিণ. ১ বিখ্যাত, প্রসিদ্ধ; পরিচিত। ২ কথিত, উক্ত।

খ্যাতনামা /খ্যাতোনামা/ [স. খ্যাত+নামন্] বিণ. বিখ্যাত, সুপ্রসিদ্ধ।

খ্যাতি /খ্যাতি/ [স. √খ্যা+তি] বি. ১ প্রসিদ্ধি, সুনাম, যশ। ২ প্রচার। ৩ আখ্যা।

খ্যাতি-প্রতিপত্তি /খ্যাতিপ্রোতিপোত্তি/ [স. খ্যাতি +প্রতিপত্তি] বি. সুনাম ও প্রভাব, নামডাক।

খ্যাতিমান /খ্যাতিমান্/ [স. খ্যাতি+মৎ] বিণ. খ্যাতি বা প্রসিদ্ধি আছে এমন, যশস্বী।

খ্যাদানে /খ্যাদানে / [বা.] বি. বিণ. বিতাড়ক।

খ্যাদানো /খ্যাদানো / [বা.] ক্রিবি. তাড়িয়ে দেওয়া, দূর করা। বিণ. বিতাড়িত।

খ্যাপক /খ্যাপক্/ [স. √খ্যা+ণিচ্+অক] বিণ. ঘোষণা-কারী, প্রচারক, প্রকাশক; নিবেদনকারী।

খ্যাপন /খ্যাপোন্ / [স. √খ্যা+ণিচ্+অন] বি. ঘোষণা, প্রচার, জ্ঞাপন, প্রকাশ; নিবেদন।

খ্যাপলা /খ্যাপ্লা/ [বা.] বি. মাছ ধরার জন্য ব্যবহৃত গোলাকার জালবিশেষ যা দুই হাত দিয়ে

www.pathagar.com

ওপর থেকে ছড়িয়ে ফেলতে হয়।

খ্যাপা /খ্যাপা / [স. ক্ষিপ্ত >] বিণ. ১ ক্ষিপ্ত, ক্রুদ্ধ। ২ ভাবুক, খেয়ালি, ভাবোন্মত্ত। ক্রিবি. ক্রুদ্ধ হওয়া।

খ্যাপানো /খ্যাপানো / [বা.] ক্রিবি. ১ বিরক্ত করা; রাগানো। ২ মাতিয়ে তোলা। বিণ. ক্ষেপিয়ে তোলা হয়েছে এমন।

খ্যাপামি /খ্যাপামি/ [স. ক্ষিপ্ত >] বি. পাগলামি, মত্ততা; ভাবালুতা।

খ্যাপিত /খ্যাপিতো/ [স. √খ্যা+ণিচ্+ত] বিণ. ১ কথিত। ২ ঘোষিত, জ্ঞাপিত। ৩ কীর্তিত।

খ্যামটা /খ্যাম্‌টা/ [হি.] বি. সংগীতের বারো মাত্রার তালবিশেষ এবং ওই তালের লঘু নৃত্য।

খ্যামটাতাল /খ্যাম্‌টাতাল্/ [হি. খ্যামটা+স. তাল] বি. সংগীতের বারো মাত্রার তালবিশেষ।

খ্যামটানাচ /খ্যাম্‌টানাচ্/ [হি. খ্যামটা+বা. নাচ] বি. খ্যামটাতালের লঘু নৃত্য।

খ্রিষ্ট /খ্রিশ্‌টো/ [ব্যক্তি.] বি. খ্রিষ্টধর্মের প্রবর্তক, যিশু, Christ।

খ্রিষ্টধর্ম /খ্রিশ্‌টোধর্‌মো/ [ব্যক্তি. খ্রিষ্ট+স. ধর্ম] বি. যিশুখ্রিষ্ট প্রবর্তিত ধর্ম।

খ্রিষ্টপূর্ব /খ্রিশ্‌টোপুর্‌বো / [ব্যক্তি. খ্রিষ্ট+স. পূর্ব] বিণ. যিশুখ্রিষ্টের জন্মের পূর্ববর্তী।

খ্রিষ্টান /খ্রিশ্‌টান্/ [হি.] বি. খ্রিষ্টধর্মের অনুসারী ব্যক্তি। বিণ. ১ খ্রিষ্টধর্মাবলম্বী। ২ খ্রিষ্টধর্মসম্বন্ধীয়।

খ্রিষ্টাব্দ /খ্রিশ্‌টাব্‌দো/ [ব্যক্তি. খ্রিষ্ট+স. অব্দ] বি. যিশু-খ্রিষ্টের জন্মবৎসর থেকে পরিগণিত অব্দ, সাল।

খ্রিষ্টীয় /খ্রিশ্‌টিয়ো/ [ব্যক্তি. খ্রিষ্ট >] বিণ. ১ যিশুখ্রিষ্টের জন্ম থেকে পরিগণিত। ২ যিশুখ্রিষ্টসম্বন্ধীয়।

www.pathagar.com

গ /গ/

গ[১] /গ/ বাংলা বর্ণমালার তৃতীয় ব্যঞ্জনবর্ণ এবং কণ্ঠ থেকে উচ্চার্য ক–এর ঘোষ অল্পপ্রাণ রূপ।

–গ[২] /গো/ [স. √গম্+অ] বিণ. গামী (*অগ্রগ*), গমনকারী, অভিমুখী। স্ত্রী. –গা /গা/ (*অনুগা*)।

গং /গং/ [আ. গয়রাহ্ >] অব্য. ইত্যাদি, প্রভৃতি; অন্যান্য, সহযোগীবৃন্দ; 'গয়রহ্'-র সংক্ষিপ্ত রূপ।

গঁদ /গঁদ্/ [হি. গোঁদ >] বি. বাবলা জিওল প্রভৃতি বৃক্ষের নির্যাস থেকে প্রাপ্ত আঠা।

গগন /গগোন্/ [স. √গম্+অন] বি. আকাশ, অম্বর, খ, নভঃ।

গগনচারী /গগোন্চারি/ [স. গগন+√চর্+ইন্] বিণ. ১ আকাশে বিচরণ করে এমন। ২ (আল.) অবাস্তব কল্পনাকারী।

গগনচুম্বী /গগোন্চুম্বি/ [স. গগন+√চুম্ব্+ইন্] বিণ. ১ আকাশকে স্পর্শ করে এমন, আকাশছোঁয়া। ২ অত্যন্ত উঁচু (*গগনচুম্বী প্রাসাদ*)।

গগনতল /গগোন্তল্/ [স. গগন+√তল্+অ] বি. আকাশের পৃষ্ঠ, আকাশপট।

গগনপট /গগোন্পট্/ [স. গগন+√পট্+অ] বি. পটরূপে কল্পিত আকাশ, নভস্তল।

গগনপথ /গগোন্পথ্/ [স. গগন+√পথ্+অ] বি. শূন্যমার্গ, আকাশপথ, বিমানপথ।

গগনপ্রান্ত /গগোন্প্রান্তো/ [স. গগন+প্র+অন্ত] বি. ১ আকাশের প্রান্তদেশ। ২ দিকচক্রবাল, দিগন্ত।

গগনবিদারী /গগোন্বিদারি/ [স. গগন+বি+√দৃ+ইন্] বিণ. আকাশ ফুঁড়ে বেরিয়ে যায় এমন; আকাশ-ফাটানো (*গগনবিদারী শব্দ*)।

গগনবিহারী /গগোন্বিহারি/ [স. গগন+বি+√হৃ+ইন্] বিণ. আকাশে বিচরণ করে এমন। বি. খেচর।

গগনভেদী /গগোন্ভেদি/ [স. গগন+√ভিদ্+ইন্] বিণ. আকাশ ভেদ করে ওপরে ওঠে এমন।

গগনমণ্ডল /গগোন্মন্ডোল্/ [স. গগন+√মণ্ড্+অল] বি. সমগ্র আকাশ, নভোমণ্ডল।

গগনমার্গ /গগোন্মার্গো/ [স. গগন+√মার্গ্+অ] বি. আকাশপথ।

গগনস্পর্শী /গগোন্স্পোর্শি/ [স. গগন+√স্পৃশ্+ইন্] বিণ. আকাশ স্পর্শ করে এমন, আকাশছোঁয়া।

গগনাঙ্গান /গগোনাংগন্/ [স. গগন+অঙ্গন] বি. আকাশরূপ আঙিনা, নভস্থল, আকাশপট।

গগনাম্বু /গগোনাম্বু/ [স. গগন+√অম্ব্+উ] বি. মেঘনিঃসৃত জল, বৃষ্টির পানি।

গগ্‌ল্‌স /গগ্‌ল্‌স্/ [ই.] বি. সূর্যের কিরণ থেকে চোখ রক্ষার জন্য ব্যবহৃত রঙিন চশমা, রোদচশমা, goggles।

গঙ্গা /গংগা/ [স. √গম্+গ+আ (টাপ্)] বি. ১ হিমালয় পর্বতমালার গঙ্গোত্রী হিমবাহ থেকে উৎপন্ন ভারতের একটি বড়ো নদী যা বাংলাদেশের রাজশাহী সীমান্ত অতিক্রম করে গোয়ালন্দঘাটে যমুনা নদীর সঙ্গে মিলিত হয়ে পদ্মা নাম ধারণ করেছে, সুরধুনী, ভাগীরথী, জাহ্নবী। ২ শিবপত্নী, গঙ্গাদেবী।

গঙ্গাজ /গংগাজো/ [স. গঙ্গা+√জন্+অ] বিণ. গঙ্গাজাত। বি. ১ মহাভারতোক্ত ভীষ্ম। ২ দেবতা কার্তিকেয়।

গঙ্গাজল /গংগাজল্/ [স. গঙ্গা+জল] বি. ১ গঙ্গা-নদীর পবিত্র জল। ২ গঙ্গার জলের মতো নির্মলচিত্ত দুই নারীর সখিত্বসূচক সম্পর্ক।

গঙ্গাজলি /গংগাজোলি/ [স. গঙ্গাজল+বা. ই] বি. ১ অন্তর্জলি। ২ মুমূর্ষু ব্যক্তির মুখে গঙ্গাজল প্রদানের সংস্কার। ৩ গঙ্গাজল স্পর্শ করে শপথ। বিণ. গঙ্গাজলের মতো গেরুয়া বর্ণবিশিষ্ট।

গঙ্গাধর /গংগাধর/ [স. গঙ্গা+√ধৃ+অ] বি. শিব।

গঙ্গাপুত্র /গংগাপুত্রো/ [স. গঙ্গা+পুৎ+√ত্রৈ+অ] বি. ১ মহাভারতে বর্ণিত রাজা শান্তনুর ঔরসে গঙ্গার গর্ভে জাত পুত্র, ভীষ্ম। ২ শবদাহকারী জাতিবিশেষ, মুর্দাফরাশ।

গঙ্গাপ্রাপ্তি /গংগাপ্রাপ্তি/ [স. গঙ্গা+প্র+√আপ্+তি] বি. ১ গঙ্গানদীর তীরে মৃত্যু। ২ (আল.) মৃত্যু।

গঙ্গাফড়িং/গংগাফোড়িং/ [স. গঙ্গা+বা. ফড়িং] বি. ঘাসের ওপর লাফিয়ে চলে এমন সবুজ পতঙ্গ-বিশেষ, grasshopper।

গঙ্গাবাসী /গংগাবাশি/ [স. গঙ্গা+√বস্+ইন্] বি. বিণ. গঙ্গানদীর সন্নিকটে বসবাসকারী।

গঙ্গাযমুনা /গংগাজোমুনা/ [স. গঙ্গা+যমুনা] বি. ১ গঙ্গা ও যমুনা নদী। ২ (আল.) দুটি ভিন্ন বর্ণের

www.pathagar.com

(সাদা ও কালো) পাশাপাশি অবস্থান। ৩ সোনা ও রুপার মিশ্রধাতু।

গঙ্গাযাত্রা /গংগাজাত্রা/ [স. গঙ্গা+√যা+ত্র+আ (টাপ্)] বি. মৃত্যুর পূর্বে মুমূর্ষু ব্যক্তির গঙ্গাজল স্পর্শ করার উদ্দেশ্যে গঙ্গাতীরে গমন।

গঙ্গাযাত্রী /গংগাজাত্রি/ [স. গঙ্গাযাত্রা+ইন্] বি. ১ বিশেষ তিথিতে গঙ্গাস্নানার্থী। ২ (আল.) মুমূর্ষু ব্যক্তি।

গঙ্গালাভ /গংগালাভ্/ [স. গঙ্গা+√লভ্+অ] বি. ১ গঙ্গানদীর তীরে মৃত্যু। ২ (আল.) মৃত্যু।

গঙ্গাসংগম /গংগাশংগম্/ [স. গঙ্গা+সম্+√গম্+অ] বি. গঙ্গানদী যেখানে সাগরের সঙ্গে মিলিত হয়।

গঙ্গাসাগর /গংগাশাগোর্/ [স. গঙ্গা+সাগর] বি. দ্র গঙ্গাসংগম।

গঙ্গোত্তরী /গংগোত্তোরি/ [স. গঙ্গা+উত্তর+ঈ] বি. ১ নিম্নাভিমুখে অবতরণকালীন গঙ্গা। ২ হিমালয়ের পাদদেশে যে স্থানে গঙ্গা অবতরণ করেছে। ৩ পবিত্র তীর্থস্থানবিশেষ।

গঙ্গোত্রী /গংগোত্রি/ [স. গঙ্গা+উত্রী] বি. ১ হিমালয়ের পাদদেশে গাড়োয়াল প্রদেশের যে স্থানে গঙ্গা অবতীর্ণ হয়েছে, গঙ্গার উৎসস্থল, গঙ্গোত্তরী। ২ গঙ্গাজল।

গঙ্গোদক /গংগোদক্/ [স. গঙ্গা+√উন্দ্+অক] বি. গঙ্গানদীর জল।

গঙ্গোপাধ্যায় /গংগোপাদ্ধায়্/ [স. গঙ্গা+উপাধ্যায়] বি. পদবিবিশেষ, গাঙ্গুলি।

গচ্চা /গচ্চা/ [দেশি.] বি. ১ অসাবধানতাহেতু লোকসান, অর্থদণ্ড। ২ ক্ষতিপূরণ।

গচ্ছিত /গোচ্ছিতো/ [দেশি.] বিণ. জমা রাখা হয়েছে এমন, রক্ষিত; ন্যস্ত, আমানত।

গছা /গছা/ [দেশি.] ক্রিবি. কৌশলে অন্যের ঘাড়ে চাপানো; অর্পণ করা।

গছানো /গছানো/ [দেশি.] ক্রিবি. কৌশলে অন্যের ঘাড়ে চাপানো। বিণ. অন্যের ঘাড়ে চাপানো হয়েছে এমন।

গজ[১] /গজ/ [ফা.] বি. ৩৬ ইঞ্চি বা ৯১.৪ সেন্টিমিটার দৈর্ঘ্যের পরিমাপ, আনুমানিক দুই হাত।

গজ[২] /গজ/ [স. √গজ্+অ] বি. ১ হাতি, হস্তী। ২ কয়েতবেলের ভেতরে থাকে এমন ক্ষুদ্র কীটবিশেষ। ৩ দাবাখেলার ঘুঁটিবিশেষ। ৪ অসুরবিশেষ।

গজকচ্ছপ /গজোকচ্ছোপ্/ [স. গজ+কচ্ছ+√পা+অ] বি. ১ পুরাণোক্ত প্রবল বিদ্বেষভাবাপন্ন মুনিকুমারদ্বয়। ২ (আল.) দুজনের মধ্যে প্রবল প্রতিদ্বন্দ্বিতা। ৩ পৈতৃক সম্পত্তির উত্তরাধিকার নিয়ে বিরোধ।

গজকুম্ভ /গজোকুম্ভো/ [স. গজ+কু+√উনভ্+অ] বি. হাতির কপালে কলসসদৃশ মাংসপিণ্ড, করিকুম্ভ।

গজগজ /গজ্‌গজ্/ [ধ্বন্যা.] অব্য. বি. চাপা ক্রোধ বা অসন্তোষ প্রকাশক অস্পষ্ট উক্তি, গসগস।

গজগতি /গজোগোতি/ [স. গজ+√গম্+তি] বি. ১ হাতির মতো মন্থর ও ছন্দময় চলার ভঙ্গি। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

গজগামী /গজোগামি/ [স. গজ+√গম্+ইন্] বিণ. ১ হাতির পিঠে আরোহণকারী, গজারোহী। ২ হাতির মতো সুন্দর ও মন্থর গমনভঙ্গিবিশিষ্ট। স্ত্রী. গজগামিনী /গজোগামিনি/।

গজগিরি /গজোগিরি/ [হি.] বি. ১ শান বাঁধানো কুয়ার চাতাল। ২ ঘরের মেঝেতে চুনের কারুকর্ম।

গজঘণ্টা /গজোঘন্টা/ [স. গজ+√ঘন্ট্+অ+আ (টাপ্)] বি. দূর থেকে লোকজনকে সতর্ক করার জন্য হাতির গলায় বাঁধা ঘণ্টা।

গজচক্ষু /গজোচোক্‌খু/ [স. গজ+চক্ষুঃ] বি. দেহের তুলনায় খুব ছোটো ঈষৎ বাঁকা ও বেমানান চোখ।

গজদন্ত /গজোদন্‌তো/ [স. গজ+√দম্+ত] বি. ১ হাতির দাঁত, ivory। ২ দাঁতের ওপর গজানো দাঁত। ৩ গণেশ।

গজদন্তমিনার /গজোদন্‌তোমিনার্/ [স. গজদন্ত+আ. মিনার] বি. ১ হাতির দাঁতের তৈরি কল্পিত সুউচ্চ প্রাসাদ। ২ (আল.) কল্পনাপ্রসূত স্থান।

গজদন্তমিনারবাসী /গজোদন্‌তোমিনার্‌বাশি/ [স. গজদন্ত+আ. মিনার+স. বাসী] বিণ. ১ হাতির দাঁতের তৈরি মিনারসদৃশ কল্পিত প্রাসাদে বাস করে এমন। ২ (আল.) কল্পনাবিলাসী।

গজনবি /গজ্‌নোবি/ [ফা.] বি. ১ গজনির অধিবাসী। ২ পদবিবিশেষ।

গজপতি /গজোপোতি/ [স. গজ+√পা+অতি] বি. ১ প্রধান হাতি। ২ ওড়িশার প্রাচীন রাজাদের উপাধি।

গজব /গজ্‌ব্/ [আ.] বি. ১ আল্লাহর অভিসম্পাত। ২ জুলুম, অত্যাচার। ৩ ক্রোধ, রোষ।

গজবীথি /গজোবিথি/ [স. গজ+√বিথ্+ই] বি. সারিবদ্ধ হাতির পাল।

গজভুক্ত কপিত্থবৎ /গজোভুক্‌তো কোপিত্‌থোবত্/ বিণ. ১ গজ (ক্ষুদ্র কীটবিশেষ) কর্তৃক ভুক্ত বা পোকায় খাওয়া ফাঁপা কয়েতবেলের মতো। ২ (আল.) অন্তঃসারশূন্য।

গজমুক্তা /গজোমুক্‌তা/ [স. গজ+মুক্ত+আ (টাপ্)]

www.pathagar.com

বি. কল্পিত মুক্তা যা হাতির মাথায় থাকে।

গজমোতি /গজোমোতি/ [স. গজমুক্তা >] বি. দ্র গজমুক্তা।

গজরগজর /গজোর্‌গজোর্‌/ [ধ্বন্যা.] বি. বিরক্তি-সূচক স্বগতোক্তি।

গজরা /গজ্‌রা/ [স. গর্জন >] ক্রিবি. চাপা ক্রোধ প্রকাশ করা।

গজরাজ /গজোরাজ্‌/ [স. গজ+রাজন্‌] বি. শ্রেষ্ঠ হাতি, করিবর।

গজরানি /গজ্‌রানি/ [স. গর্জন >] বি. চাপা গর্জন।

গজরানো /গজ্‌রানো/ [স. গর্জন >] ক্রিবি. ১ আক্রোশে চাপা গর্জন করা। ২ নিষ্ফল আক্রোশে গজগজ করা।

গজল /গজ্‌ল্‌/ [আ.] বি. ১ হিন্দি বা উর্দু ভাষায় রচিত গীতিকবিতা। ২ সংগীতের সুর বা তাল-বিশেষ। ৩ ধর্মসংগীত।

গজস্কন্ধ /গজোস্‌কন্‌ধো/ [স. গজ+√স্কন্দ্‌+অ] বিণ. হাতির কাঁধের মতো মোটা কাঁধবিশিষ্ট। বি. স্থূলস্কন্ধবিশিষ্ট ব্যক্তি।

গজা[১] /গজা/ [দেশি.] বি. ময়দার তৈরি ঘৃতপক্ক মিঠাইবিশেষ।

গজা[২] /গজা/ [বা.] ক্রিবি. ১ অঙ্কুরিত হওয়া, জন্মানো। ২ বৃদ্ধি পাওয়া, বাড়া।

গজাজিন /গজাজিন্‌/ [স. গজ+√অজ্‌+ইন্‌] বি. ১ হাতির চামড়া। ২ মহাদেবের পরিধেয় গজাসুরের চামড়া।

গজানন /গজানন্‌/ [স. গজ+আনন] বি. যার মুখ হাতির মতো, দেবতা গণেশ।

গজানীক /গজানিক্‌/ [স. গজ+√অন্‌+ঈক] বি. হাতির পিঠে চড়ে যুদ্ধ করে এমন সৈন্যদল।

গজানো /গজানো/ [বা.] ক্রিবি. অঙ্কুরিত হওয়া (*চারা গজানো*)। বিণ. উদ্‌গত; অঙ্কুরিত।

গজার /গজার্‌/ [স. গর্জক >] বি. কালচে আঁশবিশিষ্ট শোলজাতীয় লম্বাটে মিঠাপানির বড়ো জিওল মাছবিশেষ।

গজারি /গজারি/ [স. গজ+অরি] বি. ১ বড়ো পাতা এবং পুরু বাকলবিশিষ্ট শালজাতীয় বৃক্ষ। ২ হাতির শত্রু; সিংহ। ৩ গজ নামক অসুরের হন্তা শিব।

গজারোহী /গজারোহি/ [স. গজ+আ+√রুহ্‌+ইন্‌] বি. বিণ. হাতির পিঠে আরোহণকারী।

গজাল /গজাল্‌/ [বা.] বি. ১ বড়ো আকারের পেরেক। ২ গজার মাছ।

গজেন্দ্র /গজেন্দ্রো/ [স. গজ+√ইন্দ্‌+র] বি. শ্রেষ্ঠ হাতি, গজরাজ।

গজেন্দ্রগমন /গজেন্দ্রোগমোন্‌/ [স. গজেন্দ্র+√গম্‌+অন] বি. হাতির মতো ছন্দময় ও মন্থর গতি।

গজেন্দ্রগামিনী /গজেন্দ্রোগামিনি/ [স. গজেন্দ্র+√গম্‌+ইন্‌+ঈ] বিণ. গজেন্দ্রের ন্যায় মন্থর ও মনোহর চলনবিশিষ্টা।

গঞ্জ /গনজো/ [ফা.] বি. ১ ব্যাবসাবাণিজ্যের স্থান, হাট। ২ শস্যাদি কেনাবেচার স্থান। ৩ ধনভান্ডার।

গঞ্জন /গনজোন্‌/ [স. √গঞ্জি+অন] বি. তিরস্কার; নিন্দা; লাঞ্ছনা। বিণ. ১ তিরস্কারক। ২ তুচ্ছকর।

গঞ্জনা /গনজোনা/ [স. √গঞ্জি+অন+আ (টাপ্‌)] বি. তিরস্কার, খোঁটা, ভর্ৎসনা; কটূক্তি; লাঞ্ছনা।

গঞ্জিকা /গোন্‌জিকা/ [বা.] বি. বাংলাদেশ-সহ পশ্চিম হিমালয় ও মধ্য এশিয়ায় জাত করাতের মতো খাঁজকাটা সবুজ পাতা ও গুচ্ছবদ্ধ ফুলবিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ বা তার শুকনো পাতা ও ফুল চূর্ণ করে প্রাপ্ত মাদকবিশেষ, গাঁজা।

গঞ্জিকাসেবী /গোন্‌জিকাশেবি/ [বা.] বি. বিণ. গাঁজাসেবী, গাঁজাখোর।

গঞ্জিত /গোন্‌জিতো/ [স. √গঞ্জি+ত] বিণ. তিরস্কৃত, ভর্ৎসিত; লাঞ্ছিত।

গটগট /গট্‌গট্‌/ [ধ্বন্যা.] বি. ক্রোধ ও দম্ভের সঙ্গে দৃঢ় পদক্ষেপের শব্দ।

গটমট /গট্‌মট/ [ধ্বন্যা.] বি. দ্র গটগট।

গঠন /গঠোন্‌/ [স. ঘটন >] বি. ১ রচনা, নির্মাণ। ২ গ্রথন, বিন্যাস। ৩ আকৃতি, অবয়ব, চেহারা।

গঠনবৈচিত্র্য /গঠোন্‌বোইচিত্‌ত্রো/ [বা. গঠন+স. বৈচিত্র্য] বি. নির্মাণকৌশলের বিচিত্রতা।

গঠনবৈশিষ্ট্য /গঠোন্‌বোইশিশ্‌টো/ [বা. গঠন+স. বৈশিষ্ট্য] বি. নির্মাণকৌশলের বিশেষত্ব।

গঠিত /গঠিতো/ [স. ঘটিত >] বিণ. নির্মিত, রচিত।

গড্ডর /গড্‌ডোর্‌/ [অর্বাস.] বি. দ্র গড্ডল।

গড্ডরিকা /গড্‌ডোরিকা/ [অর্বাস.] বি. দ্র গড্ডলিকা।

গড্ডরিকা প্রবাহ /গড্‌ডোরিকা প্রবাহো/ বি. দ্র গড্ডলিকা প্রবাহ।

গড্ডল /গড্‌ডোল্‌/ [অর্বাস.] বি. ভেড়া, মেষ; গাড়ল।

গড্ডলিকা /গড্‌ডোলিকা/ [অর্বাস.] বি. অগ্রবর্তী ভেড়াকে অনুসরণকারী ভেড়ার পাল।

গড্ডলিকা প্রবাহ /গড্‌ডোলিকা প্রবাহো/ বি. ১ অগ্রবর্তী যে ভেড়াকে অন্যান্য ভেড়া অনুসরণ করে। ২ (আল.) বিচারবিবেচনা না করে অন্যের অন্ধ অনুকরণ, প্রচলিত ধারার অনুগামিতা।

গড্ডুক /গোড্‌ডুক্‌/ [অর্বাস.] বি. জলপাত্র; গাড়ু।

www.pathagar.com

গড়[১] /গড়্/ [স. গর্ত >] বি. ১ কেল্লা, দুর্গ (*গড়ের মাঠ*)। ২ পরিখা, খাত। ৩ ঢেঁকির মুষল পড়ার গর্ত।

গড়[২] /গড়্/ [দেশি.] বি. সাষ্টাঙ্গ প্রণাম, প্রণিপাত।

গড়[৩] /গড়্/ [স. গণ >] বি. গড়পড়তা বা মোটামুটি হিসাব; average।

গড় করা /গড় করা/ ক্রিবি. ১ সাষ্টাঙ্গে প্রণাম করা। ২ গড়পড়তা হিসাব করা।

গড়খাই /গড়খাই/ [স. গর্ত >] বি. কেল্লার চারদিকের খাত বা পরিখা।

গড়খান /গড়খান্/ [স. গর্ত >] বি. গভীর খাত।

গড়গড় /গড়গড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ মেঘের গর্জন। ২ কোনোকিছু গড়িয়ে যাওয়ার অনুকার শব্দ। ৩ যানবাহন চলাচলের অনুকার শব্দ।

গড়গড়া /গড়গড়া/ [ধ্বন্যা.] বি. কলকেয় রাখা জ্বলন্ত তামাকের ধোঁয়া (ধাতবপাত্রে রাখা জলের মধ্য দিয়ে প্রবাহের ফলে শোধিত) সেবনের জন্য ব্যবহৃত দীর্ঘ নলযুক্ত সরঞ্জাম, আলবোলা, ফরসি; হুঁকো।

গড়ন /গড়োন্/ [স. ঘটন >] বি. ১ গঠন, নির্মাণ। ২ অবয়ব, চেহারা, সৌষ্ঠব।

গড়নদার /গড়োনদার্/ [বা.] বি. ধাতু গালিয়ে ও পিটিয়ে জিনিসপত্র তৈরি করা যার পেশা। বিণ. নির্মাতা।

গড়নপিটন /গড়োন্পিটন্/ [বা.] বি. গঠন, অঙ্গ-সৌষ্ঠব।

গড়নপেটন /গড়োন্পেটন্/ [বা.] বি. দ্র গড়নপিটন।

গড়পড়তা /গড়পড়তা/ [বা.] ক্রিবিণ. গড় হিসাবে, মোটামুটি, স্থূল হিসাবে।

গড়া[১] /গড়া/ [স. ঘট >] ক্রিবি. ১ প্রস্তুত করা (*গহনা গড়া*)। ২ সৃষ্টি করা (*সম্পর্ক গড়া*)। ৩ লালন-পালন করা। ৪ উন্নত করা (*দেশ গড়া*)। ৫ উদ্বুদ্ধ করা। ৬ সংগঠন করা (*দল গড়া*)। বিণ. ১ গঠিত। ২ সাজানো।

গড়া[২] /গড়া/ [দেশি.] বি. মোটা বুননের থান ধুতি।

গড়াগড়ি /গড়াগোড়ি/ [বা.] বি. ১ ভূলুণ্ঠন, লুটো-পুটি। ২ ছড়াছড়ি। ৩ বিশ্রাম গ্রহণ।

গড়ান /গড়ান্/ [বা.] বি. ঢাল, slope।

গড়ানে /গড়ানে/ [বা.] বিণ. ঢালু।

গড়ানো /গড়ানো/ [বা.] ক্রিবি. ১ অন্যকে দিয়ে তৈরি করানো (*গহনা গড়ানো*)। ২ ঢালা (*জল গড়ানো*)। ৩ শুয়ে বিশ্রাম নেওয়া (*বিছানায় গড়ানো*)। ৪ বয়ে যাওয়া, প্রবাহিত হওয়া (*বেলা গড়ানো*)। বিণ. তৈরি করানো হয়েছে এমন (*গড়ানো গয়না*)।

গড়াপেটা /গড়াপেটা/ [বা.] বি. ১ পছন্দমতো আকৃতিদান। ২ (খেলাধুলার ক্ষেত্রে) অসাধু উপায়ে ফলাফল পরিবর্তন, পাতানো খেলা, match fixing।

গড়িমসি /গোড়িমোশি/ [দেশি.] বি. হচ্ছে হবে এমন ভাব, ঢিলামি, টালবাহানা।

গড়ু /গোড়ু/ [স. √গড়্+উ] বি. দেহের কোনোস্থানে মাংসস্ফীতি, কুঁজ, গলগণ্ড। বিণ. কুব্জ, কুঁজা।

গড়ে[১] /গড়ে/ [বা.] ক্রিবিণ. গড়পড়তায়।

গড়ে[২] /গোড়ে/ [বা.] বিণ. অলসপ্রকৃতির; দীর্ঘসূত্রী।

গড়ে গোরু /গোড়ে গোরু/ বি. লাঙল টানতে টানতে শুয়ে পড়ে এবং সহজে উঠতে চায় না এমন গোরু।

গণ /গন্/ [স. √গণ্+অ] বি. ১ সমূহ সমষ্টি শ্রেণি দল গোষ্ঠী বর্গ প্রভৃতি বহুবচননির্দেশক শব্দ (*জনগণ*)। ২ সমশ্রেণিভুক্ত বস্তু বা প্রাণিবর্গ। ৩ জনসাধারণ (*গণহত্যা*)। ৪ নক্ষত্র অনুসারে জাতকের প্রকৃতি-ভেদ (*নরগণ*)। ৫ (ব্যা.) ধাতুর শ্রেণিবিভাগ। ৬ সংখ্যা; গণনা। ৭ শিবের অনুচর। বিণ. জনগণের (*গণ আদালত*)

গণ অভ্যুত্থান /গনো ওব্‌ভুত্থান্/ বি. গণজাগরণ।

গণ আন্দোলন /গনো আন্‌দোলন্/ বি. (প্রতিবাদ-জ্ঞাপন বা দাবি আদায়ের উদ্দেশ্যে) যে আন্দোলনে জনসাধারণ স্বেচ্ছায় অংশগ্রহণ করে, গণবিক্ষোভ।

গণক /গনোক্/ [স. √গণ্+অক] বি. গনতকার, astrologer।

গণকবর /গনোকবোর্/ [স. গণ+আ. কবর] বি. বহুলোকের একত্রসমাধি, mass grave।

গণকযন্ত্র /গনোক্‌জন্ত্রো/ [স. গণক+√যন্ত্র+অ] বি. যোগ বিয়োগ গুণ ভাগ প্রভৃতি হিসাবের জন্য ব্যবহৃত বিদ্যুতিনীয় গণনযন্ত্র, calculator।

গণচেতনা /গনোচেতোনা/ [স. গণ+√চেতি+অন+আ (টাপ্)] বি. গণসচেতনতা, গণজাগরণ।

গণজমায়েত /গনোজমায়েত্/ [স. গণ+আ. জমায়েত] বি. জনসমাবেশ।

গণজাগরণ /গনোজাগোরন্/ [স. গণ+জাগরণ] বি. গণসচেতনতা।

গণটোকাটুকি /গনোটোকাটুকি/ [দেশি.] বি. পরীক্ষা-কেন্দ্রে ব্যাপক হারে অসদুপায় অবলম্বন।

গণতন্ত্র /গনোতন্ত্রো/ [স. গণ+√তন+ত্র] বি. ১ জনগণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধিদ্বারা রাষ্ট্রশাসন ব্যবস্থা, democracy। ২ নির্বাচিত প্রতিনিধিদ্বারা শাসিত রাষ্ট্র, republic।

www.pathagar.com

গণতন্ত্রী /গনোতোন্‌ত্রি/ [স. গণ+√তন্ত্র+ইন্] বিণ. ১ গণতান্ত্রিক নীতির অনুসরণকারী। ২ গণতন্ত্রমূলক।

গণতান্ত্রিক /গনোতান্‌ত্রিক্/ [স. গণতন্ত্র+ইক] বিণ. ১ গণতন্ত্রের নীতি-অনুসারী। ২ গণতন্ত্রসম্বন্ধীয়।

গণদেব /গনোদেব্/ [স. গণ+দেব] বি. ১ গণশক্তির দেবতা, গণেশ। ২ জনগণ; জনশক্তি।

গণদেবতা /গনোদেবোতা/ [স. গণদেব+তা] বি. ১ জনসাধারণরূপ দেবতা। ২ সংঘভূত দেবগণ।

গণন /গনোন্/ [স. √গণ্+অন] বি. দ্র গণনা।

গণনা /গনোনা/ [স. √গণ্+অন+আ (টাপ্)] বি. ১ সংখ্যাগণন, হিসাব; অঙ্কের সমাধান। ২ অবধারণ; নিরূপণ। ৩ গ্রাহ্যকরণ। ৪ উল্লেখ, বর্ণন।

গণনাটক /গনোনাটক্/ [স. গণ+√নট্+অক] বি. সাধারণ মানুষের দুঃখ বেদনা ও সংগ্রামের কাহিনি-সংবলিত নাটক; শোষিত জনসাধারণকে সংগ্রামে প্রেরণা দেয় এমন নাটক।

গণনাট্য /গনোনাট্টো/ [স. গণ+√নট্+য] বি. দ্র গণনাটক।

গণনায়ক /গনোনায়োক্/ [স. গণ+√নী+অক] বি. জনগণের নেতা।

গণনীয় /গনোনিয়ো/ [স. √গণ্+অনীয়] বিণ. ১ গণনা করার উপযুক্ত। ২ গণনা করতে হবে এমন।

গণপতি /গনোপোতি/ [স. গণ+√পা+অতি] বি. গণেশ।

গণপরিষদ /গনোপোরিশদ্/ [স. গণ+পরি+√সদ্+ক্বিপ্] বি. সংবিধান প্রণয়নের উদ্দেশ্যে জনগণের নির্বাচিত প্রতিনিধিসভা, constituent assembly।

গণপিটুনি /গনোপিটুনি/ [স. গণ+বা. পিটুনি] বি. বহুলোকের একত্রপ্রহার।

গণপ্রজাতন্ত্রী /গনোপ্রোজাতোন্‌ত্রি/ [স. গণ+প্রজা+√তন্ত্র+ইন্] বিণ. জনগণের নির্বাচিত প্রতিনিধিদ্বারা শাসিত, people's republic।

গণপ্রহার /গনোপ্রোহার্/ [স. গণ+প্র+√হৃ+অ] বি. দ্র গণপিটুনি।

গণবাহিনী /গনোবাহিনি/ [স. গণ+√বহ্+ইন্+ঈ] বি. জনগণ কর্তৃক গঠিত বাহিনী, people's army।

গণবিক্ষোভ /গনোবিক্‌খোভ্/ [স. গণ+বি+√ক্ষুভ্+অ] বি. দ্র গণ আন্দোলন।

গণবিরোধী /গনোবিরোধি/ [স. গণ+বি+√রুধ্+ইন্] বিণ. জনস্বার্থবিরোধী।

গণভবন /গনোভবোন্/ [স. গণ+√ভূ+অন] বি. বাংলাদেশের প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন।

গণভোট /গনোভোট্/ [স. গণ+ই. ভোট] বি. কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্তে উপনীত হওয়ার জন্য জনসাধারণের মতামত গ্রহণ, referendum।

গণমত /গনোমত/ [স. গণ+√মন্+ত] বি. জনসাধারণের বৃহত্তর অংশের অভিমত, জনমত।

গণমাধ্যম /গনোমাদ্‌ধোম্/ [স. গণ+মাধ্যম] বি. দেশবাসীর সঙ্গে যোগাযোগের বাহনরূপে ব্যবহৃত মাধ্যম (বেতার টেলিভিশন সংবাদপত্র প্রভৃতি)।

গণমানস /গনোমানশ্/ [স. গণ+মানস] বি. জনসাধারণের সম্মিলিত চিন্তাভাবনা।

গণশক্তি /গনোশোক্‌তি/ [স. গণ+√শক্+তি] বি. জনসাধারণের ঐক্যবদ্ধ শক্তি।

গণশত্রু /গনোশোত্‌ত্রু/ [স. গণ+√শাতি+রু] বি. গণমানুষের শত্রু।

গণশিক্ষা /গনোশিক্‌খা/ [স. গণ+√শিক্ষ্+অ+আ (টাপ্)] বি. সর্বজনীন শিক্ষা; (পরি.) mass education।

গণসন্নিপাত /গনোশন্‌নিপাত্/ [স. গণ+সম্+নি+√পত্+অ] বি. দ্র গণশক্তি।

গণহত্যা /গনোহোত্‌তা/ [স. গণ+√হন্+য+আ (টাপ্)] বি. কোনো সম্প্রদায় জাতি বা নৃগোষ্ঠীকে পরিকল্পিতভাবে সম্পূর্ণরূপে নিশ্চিহ্ন করার প্রক্রিয়া; কোনো নৃগোষ্ঠীকে সম্পূর্ণরূপে বা আংশিকভাবে উৎখাত করার উদ্দেশ্যে গুরুতর শারীরিক ও মানসিক ক্ষতিসাধন; genocide।

গণিকা /গোনিকা/ [স. গণ+ইক+আ (টাপ্)] বি. যৌনকর্মী, বারনারী।

গণিকাবৃত্তি /গোনিকাবৃত্‌তি/ [স. গণিকা+√বৃৎ+তি] বি. গণিকার পেশা।

গণিকালয় /গোনিকালয়/ [স. গণিকা+আলয়] বি. পতিতালয়।

গণিত[১] /গোনিত্/ [স. √গণ্+ত] বি. সংখ্যা পরিমাণ পরিসর প্রভৃতি বিষয়ক শাস্ত্র, অঙ্কশাস্ত্র, গণনা-বিজ্ঞান, mathematics।

গণিত[২] /গোনিতো/ [স. √গণ্+ত] বিণ. গণনা করা হয়েছে এমন, সংখ্যাত, গোনাগাঁথা গণনার দ্বারা স্থিরীকৃত।

গণিতজ্ঞ /গোনিতগ্‌গো/ [স. গণিত+√জ্ঞা+অ] বিণ. গণিতশাস্ত্রে অভিজ্ঞ, গণিতশাস্ত্রবেত্তা। স্ত্রী. গণিতজ্ঞা /গোনিতগ্‌গা/।

গণিতবিজ্ঞান /গোনিত্‌বিগ্‌গ্যান্/ [স. গণিত+বি+√জ্ঞা+অন] বি. অঙ্কশাস্ত্র, mathematics।

গণিতবিদ্যা /গোনিত্‌বিদ্‌দা/ [স. গণিত+√বিদ্+য+

www.pathagar.com

আ (টাপ্)] বি. দ্র গণিতবিজ্ঞান।

গণীভূত /গোনিভূতো/ [স. গণ+চ্বি+ভূত] বিণ. ১ জাতিগত। ২ গণের অন্তর্ভুক্ত। ৩ সংখ্যা বা সংঘের অন্তর্গত। ৪ সম্প্রদায় বা গোষ্ঠীগত।

গণেশ /গনেশ্/ [স. গণ+ঈশ] বি. শিব ও দুর্গার জ্যেষ্ঠপুত্র, সিদ্ধিদাতা, লম্বোদর, গজানন।

গণ্ড /গন্ডো/ [স. √গম্+ড] বি. ১ গাল (*গণ্ডকূপ*)। ২ আব। ৩ গ্রন্থি। ৪ চিহ্ন। ৫ যোগবিশেষ। বিণ. ১ প্রধান। ২ ক্ষুদ্র ও দূরবর্তী (*গণ্ডগ্রাম*)।

গণ্ডক /গন্ডোক্/ [স. গণ্ড+ক (স্বার্থে)] বি. ১ গন্ডার। ২ বিঘ্ন, অন্তরায়। ৩ সংখ্যাবিশেষ; গন্ডা। ৪ নেপালে উৎপন্ন হয়ে গোরখপুর ও বিহার রাজ্যের মধ্য দিয়ে প্রবাহিত নদীবিশেষ।

গণ্ডকীশিলা /গন্ডোকিশিলা/ [স. গণ্ডকী+√শিল্+অ+আ (টাপ্)] বি. গণ্ডকী নদীজ শালগ্রাম শিলা।

গণ্ডকূপ /গন্ডোকুপ্/ [স. গণ্ড+কূপ] বি. ১ গালের টোল। ২ অধিত্যকা।

গণ্ডগাত্র /গন্ডোগাত্রো/ [স. গণ্ড+√গম্+ত্র] বি. গ্রীষ্মকালে ফোটে এমন তিনটি পাপড়িযুক্ত সাদাটে ফুল ও পুরু মাংসল অম্লমধুর বেরিজাতীয় গোলাকার ফল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ, আতা।

গণ্ডগ্রাম /গন্ডোগ্রাম্/ [স. গণ্ড+গ্রাম] বি. ১ জনাকীর্ণ বড়ো গ্রাম। ২ দূরবর্তী ক্ষুদ্র গ্রাম।

গণ্ডদেশ /গন্ডোদেশ্/ [স. গণ্ড+√দিশ্+অ] বি. গাল, কপোল, cheek।

গণ্ডমালা /গন্ডোমালা/ [স. গণ্ড+মা+√লা+অ+আ (টাপ্)] বি. দেহে আয়োডিনের অভাবহেতু থাই-রয়েড গ্রন্থির বৃদ্ধিজনিত গলদেশের অস্বাভাবিক স্ফীতি, ঘ্যাগ, গলগন্ড, goitre।

গণ্ডমূর্খ /গন্ডোমুর্খো/ [স. গণ্ড+√মুহ্+খ] বিণ. আকাট মূর্খ, অত্যন্ত নির্বোধ।

গণ্ডযোগ /গন্ডোজোগ্/ [স. গণ্ড+√যুজ্+অ] বি. জ্যোতিষশাস্ত্রে কল্পিত যে যোগে সন্তান জন্মগ্রহণ করলে মা-বাবার মৃত্যু হয়।

গণ্ডশিলা /গন্ডোশিলা/ [স. গণ্ড+√শিল্+অ+আ (টাপ্)] বি. পাহাড় থেকে ধসে পড়া বড়ো প্রস্তর-খণ্ড।

গণ্ডশৈল /গন্ডোশোইলো/ [স. গণ্ড+শিলা+অ] বি. ১ পাহাড় থেকে উৎক্ষিপ্ত পাথরের বড়ো টুকরো। ২ ছোটো পাহাড়। ৩ মেরুদন্ডী প্রাণীর মুখের ওপর দিকের চোয়ালের হাড়, গন্ডাস্থি।

গণ্ডস্থল /গন্ডোস্থল্/ [স. গণ্ড+√স্থল্+অ] বি. গন্ডদেশ, গাল, কপোল।

গণ্ডি /গোন্ডি/ [স. গণ্ড >] বি. ১ পরিধি, চৌহদ্দি, বেষ্টনরেখা। ২ সীমাসূচক নির্দিষ্ট পরিসর। ৩ গাছের গুঁড়ি। ৪ ধনু।

গণ্ডু /গোন্ডু/ [স. √গণ্ড্+উ] বি. ১ উপাধান, বালিশ। ২ গ্রন্থি, গিঁট।

গণ্ডুপদ /গোন্ডুপদ্/ [স. গণ্ডু+√পদ্+অ] বি. মাটিতে গর্ত করে বাস করে এবং দেহ সংকুচিত ও প্রসারিত করতে পারে এমন মসৃণ ত্বকবিশিষ্ট লম্বা ও গোলাকার লালচে অ্যানিলিডা (annelida) পর্বের অমেরুদন্ডী প্রাণী, কেঁচো, মহীলতা, ভূলতা।

গণ্ডুপদী /গোন্ডুপোদি/ [স. গণ্ডুপদ+ঈ] বি. ছোটো কেঁচো।

গণ্ডূষ /গোনডুশ্/ [স. √গণ্ড্+ঊষ] বি. ১ মুখে বা হাতের কোষে যে পরিমাণ ধরে। ২ একমুখ বা এক অঞ্জলি পরিমাণ জল। ৩ হাতের কোষ। ৪ (আল.) অত্যন্ত অল্প পরিমাণ।

গণ্ডূষ করা /গোন্ডুশ্ করা/ ক্রিবি. মন্ত্রপাঠ করে হাতের কোষে জল নিয়ে পান করা।

গণ্য /গোন্নো/ [স. √গণ্+য] বিণ. ১ গণনার যোগ্য, গণনীয়। ২ বিবেচনার যোগ্য। ৩ গ্রাহ্য; স্বীকৃত।

গণ্যমান্য /গোন্নোমান্নো/ [স. গণ্য+√মান্+য] বিণ. ১ সম্ভ্রান্ত। ২ বিশেষভাবে মান্য, সম্মাননীয়।

গত[১] /গতো/ [স. √গম্+ত] বিণ. ১ চলে গেছে এমন। ২ অতীত। ৩ বর্তমানকালের পূর্ববর্তী, অব্যবহিত পূর্ববর্তী (*গতবৎসর*)। ৪ মৃত (*গতাসু*)।

–গত[২] /গতো/ [স. √গম্+ত] বিণ. ১ অধিগত, লব্ধ, প্রাপ্ত (*পুথিগত বিদ্যা*)। ২ বিষয়ক (*গুণগত*)। ৩ সম্বন্ধযুক্ত (*ব্যক্তিগত*)। ৪ নিহিত, নিবেশিত (*বংশগত*)। ৫ অনুযায়ী, অনুমত (*প্রথাগত*)।

গতকল্য /গতোকোল্লো/ [স. গত+√কলি+য] বি. অব্যবহিত পূর্ববর্তী দিন।

গতকাল /গতোকাল্/ [স. গত+√কলি+অ] বিণ. দ্র গতকল্য।

গতক্লম /গতোক্লোম/ [স. গত+√ক্লম্+অ] বিণ. ক্লান্তি দূর হয়েছে এমন।

গতচেতন /গতোচেতন্/ [স. গত+√চিৎ+অন] বিণ. চেতনা নেই এমন, চেতনাহীন, সংজ্ঞাহীন।

গতজীব /গতোজিব্/ [স. গত+√জীব্+অ] বিণ. প্রাণহীন, মৃত।

গতজীবন /গতোজিবন্/ [স. গত+√জীব্+অন] বিণ. প্রাণহীন, মৃত, বিগতপ্রাণ।

গতনিদ্র /গতোনিদ্রো/ [স. গত+নি+√দ্রা+অ] বিণ. ঘুম নেই এমন।

www.pathagar.com

গতত্রপ /গতোত্ত্রোপো/ [স. গত+√ত্রপ্+অ] বিণ. লজ্জা দূর হয়েছে এমন; নির্লজ্জ।

গতপ্রাণ /গতোপ্প্রান্/ [স. গত+প্রাণ] বিণ. প্রাণ নেই এমন, মৃত।

গতপ্রায় /গতোপ্প্রায়্/ [স. গত+প্রায়] বিণ. প্রায় চলে গেছে বা শীঘ্রই চলে যাবে এমন।

গতবল /গতোবল্/ [স. গত+বল] বিণ. বলহীন, হৃতশক্তি, দুর্বল।

গতবুদ্ধি /গতোবুদ্ধি/ [স. গত+√বুধ্+তি] বিণ. বুদ্ধি লোপ পেয়েছে এমন।

গতব্যথ /গতোবেথো/ [স. গত+√ব্যথ্+অ] বিণ. ব্যথা দূর হয়েছে এমন, ব্যথামুক্ত।

গতভাষ /গতোভাশ্/ [স. গত+√ভাষ্+অ] বিণ. বাক্‌শক্তি হারিয়েছে এমন, বাক্‌শক্তিহীন।

গতভূষণা /গতোভুশনা/ [স. গত+√ভূষ্+অন+আ (টাপ্)] বিণ. ১ নিরাভরণ। ২ হৃতালংকার।

গতযৌবন /গতোজোঁবন্/ [স. গত+যুবন্+অ] বিণ. ১ যৌবন উত্তীর্ণ হয়েছে এমন, বিগতযৌবন। ২ প্রৌঢ়। স্ত্রী. গতযৌবনা /গতোজোঁবনা/।

গতর /গতোর্/ [স. গাত্র >] বি. ১ শরীর, দেহ। ২ দেহের সামর্থ্য বা শক্তি। ৩ স্বাস্থ্য।

গতরখাকি /গতোর্খাকি/ [বা.] বি. ১ সামর্থ্য থাকা সত্ত্বেও শ্রমবিমুখ নারী। ২ গালিবিশেষ।

গতর খাটানো /গতোর্ খাটানো/ ক্রিবি. শারীরিক পরিশ্রম করা; শারীরিক পরিশ্রম করানো।

গতরখেকো /গতোর্খেকো/ [বা.] বি. সামর্থ্য থাকা সত্ত্বেও পরিশ্রমবিমুখ ব্যক্তি।

গতশোক /গতোশোক্/ [স. গত+√শুচ্+অ] বিণ. শোক দূর হয়েছে এমন।

গতশোচনা /গতোশোচোনা/ [স. গত+√শুচ্+অন+আ (টাপ্)] বি. কৃতকর্মের জন্য অনুতাপ।

গতসঙ্গ /গতোশংগো/ [স. গত+√সন্জ্+অ] বিণ. ১ আসক্তিহীন, নিরাসক্ত। ২ নিঃসঙ্গ।

গতস্পৃহ /গতোস্পৃহো/ [স. গত+√স্পৃহ্+অ] বিণ. কামনাশূন্য, নিষ্কাম; বীতরাগ।

গতাগত /গতাগতো/ [স. গত+আ+√গম্+ত] বি. ১ যাতায়াত, গমনাগমন। ২ জন্ম ও মৃত্যু।

গতাগতি /গতাগোতি/ [স. গত+আ+√গম্+তি] বি. দ্র গতাগত।

গতানুগতিক /গতানুগোতিক্/ [স. গতানুগত+ইক] বিণ. একঘেয়ে, নতুনত্বহীন। বি. গতানুগতিকতা /গতানুগোতিকতা/।

গতানুশোচন /গতানুশোচোন্/ [স. গত+অনু+√শুচ্+অন] বি. দ্র গতানুশোচনা।

গতানুশোচনা /গতানুশোচোনা/ [স. গতানুশোচন+আ (টাপ্)] বি. অতীত কৃতকর্মের জন্য খেদ।

গতায়তি /গতায়োতি/ [স. গত+আ+√যা+তি] বি. দ্র গতায়াত।

গতায়াত /গতায়াত/ [স. গত+আ+√যা+ত] বি. ১ গমনাগমন, যাতায়াত। ২ জন্ম ও মৃত্যু।

গতায়ু /গতায়ু/ [স. গত+আয়ুস্] বিণ. ১ আয়ু শেষ হয়ে এসেছে এমন, মুমূর্ষু। ২ মৃত।

গতার্তবা /গতার্তবা/ [স. গত+আর্তব] বি. যার আর্তব বা ঋতু বন্ধ হয়েছে। বিণ. বন্ধ্যা।

গতাসু /গতাশু/ [স. গত+√অস্+উ] বিণ. প্রাণ গত হয়েছে এমন, মৃত।

গতি /গোতি/ [স. √গম্+তি] বি. ১ দর্শকের দৃষ্টিতে সময়ের নিরিখে কোনো বস্তুর অবস্থানগত পরিবর্তনের পরিমাপ, বেগ (*দ্রুতগতি*)। ২ দ্রুততা (*কাজের গতি*)। ৩ গমন। ৪ সমাধান। ৫ আশ্রয়, সহায়। ৬ পরিণাম। ৭ সৎকার (*মৃতের গতি*)। ৮ অবস্থা (*দুর্গতি*)। ৯ ধরনধারণ (*গতিপ্রকৃতি*)। ১০ হাবভাব (*মতিগতি*)।

গতিক /গোতিক্/ [স. গতি+ক] বি. ১ অবস্থা, দশা। ২ কৌশল। ৩ লক্ষণ। ৪ ধরন, ভঙ্গি; রকম।

গতিক্রিয়া /গোতিক্‌ক্রিআ/ [স. গতি+√কৃ+অ+আ (টাপ্)] বি. কোনো কারণ ব্যতীত দেরি করার প্রবণতা, দীর্ঘসূত্রতা।

গতিদায়িনী /গোতিদায়িনি/ [স. গতি+√দা+ইন্+ঈ] বিণ. মুক্তিদাত্রী।

গতিদায়ী /গোতিদায়ি/ [স. গতি+√দা+ইন্] বিণ. মুক্তিদাতা, উদ্ধারকর্তা।

গতিনিয়ন্ত্রক /গোতিনিঅন্ত্রোক্/ [স. গতি+নিয়ন্ত্রক] বিণ. ১ ঘূর্ণ্যমান যন্ত্রের গতি স্থির রাখার স্বয়ংক্রিয় নিয়ামক; (পরি.) speed governor। ২ সড়কে যানবাহনের গতিরোধক, speed breaker।

গতিনিয়ন্ত্রণ /গোতিনিঅন্ত্রোন্/ [স. গতি+নিয়ন্ত্রণ] বি. গতি সংযতকরণ বা বশে আনয়ন।

গতিপরিপন্থি /গোতিপোরিপোন্থি/ [স. গতি+পরি+হি. পন্থি] বি. গতির অন্তরায়।

গতিবিজ্ঞান /গোতিবিগ্‌গ্যাঁন্/ [স. গতি+বি+√জ্ঞা+অন] বি. বস্তুর গতি এবং তার ওপর ক্রিয়াশীল বলের মধ্যকার সম্পর্কবিষয়ক শাস্ত্র, dynamics।

গতিবিদ্যা /গোতিবিদ্‌দা/ [স. গতি+√বিদ্+য+আ (টাপ্)] বি. দ্র গতিবিজ্ঞান।

www.pathagar.com

গতিবিধি /গোতিবিধি/ [স. গতি+বি+√ধা+ই] বি. ১ চালচলন; কার্যকলাপ। ২ যাতায়াত। ৩ মুক্তির উপায় বা পথ।

গতিভঙ্গ /গোতিভংগো/ [স. গতি+√ভন্জ্+অ] বি. চলায় নিবৃত্তি, যাত্রাপথে বিঘ্ন।

গতিভঙ্গ হওয়া /গোতিভংগো হওআ/ ক্রিবি. চলতে চলতে বাধা পেয়ে থেমে যাওয়া, যাত্রাপথে বিঘ্ন ঘটা।

গতিমুখ /গোতিমুখ্/ [স. গতি+মুখ] বি. গতি বা প্রবাহের দিক, direction of motion।

গতিরোধ /গোতিরোধ্/ [স. গতি+√রুধ্+অ] বি. ১ পথরোধ। ২ গমনে প্রতিবন্ধকতা, যাত্রাপথে বিঘ্ন।

গতিরোধক /গোতিরোধক্/ [স. গতি+√রুধ্+অক] বিণ. গতি রোধ করে এমন। বি. যানবাহনের গতি কমিয়ে আনার জন্য তৈরি সড়কের উঁচু করা অংশ; (পরি.) speed breaker।

গতিশক্তি /গোতিশোক্তি/ [স. গতি+√শক্+তি] বি. চলার শক্তি।

গতিশক্তিরহিত /গোতিশোক্তিরোহিতো/ [স. গতি+শক্তি+√রহ্+ত] বিণ. চলার শক্তি নেই এমন।

গতিশীল /গোতিশিল্/ [স. গতি+√শীল্+অ] বিণ. চলছে এমন, চলমান।

গতিশূন্য /গোতিশুন্নো/ [স. গতি+√শ্বন্+য] বিণ. গতি নেই এমন, নিশ্চল, স্থির।

গতিসত্তম /গোতিশত্তম্/ [স. গতি+সৎ+তমপ্] বি. পরমেশ্বর; ঈশ্বর, সৃষ্টিকর্তা।

গতিসীমা /গোতিশিমা/ [স. গতি+সীমা] বি. (যানবাহন চলাচলের ক্ষেত্রে) অনুমোদিত গতির সর্বোচ্চ সীমা; (পরি.) speed limit।

গতিহীন /গোতিহিন্/ [স. গতি+√হা+ত] বিণ. ১ নিশ্চল, স্থির। ২ নিরুপায়, উপায়শূন্য।

গতীয় /গোতিয়ো/ [স. গতি+ঈয়] বিণ. গতিতত্ত্ব বা গতিবিজ্ঞানসংক্রান্ত, kinetic।

গতে /গতে/ [বা.] ক্রিবিণ. (পঞ্জিকার ভাষায়) গত হলে (*অমৃতযোগ গতে ৭–২১ ১১–০ মধ্যে*)।

গৎ /গত্/ [হি.] বি. ১ সংগীতের নির্ধারিত সুর। ২ নিয়ম।

গত্যন্তর /গোত্তোনন্তর্/ [স. গতি+অন্তর] বি. অন্য উপায়, উপায়ান্তর।

গদ /গ্দ্/ [স. √গদ্+অ] বি. ১ রোগ, ব্যাধি। ২ বিষ, গরল। ৩ যে কল্পিত মন্ত্র সাপের বিষ নিষ্ক্রিয় করতে পারে। ৪ (বাংলায়) গুরুভোজনের ভার।

গদকণ্ঠ /গদোকন্ঠো/ [স. গদ+√কণ্+ঠ] বি. ভাব বা আবেগের প্রাবল্যজড়িত কণ্ঠ।

গদগদ /গদোগদো/ [স. গদ+√গদ্+অ] বি. ভাবের আতিশয্যজনিত অব্যক্ত কণ্ঠধ্বনি, আবেগজনিত বিহ্বলতা। বিণ. আবেগের আতিশয্যে রুদ্ধ।

গদবচন /গদোবচোন্/ [স. গদ+√বচ্+অন] বি. শোক অভিমান ক্রোধ প্রভৃতি-হেতু অস্ফুট বাক।

গদা /গদা/ [স. √গদি+অ+আ (টাপ্)] বি. ১ মুগুর-জাতীয় যুদ্ধাস্ত্র। ২ শক্ত ও মোটা লাঠি।

গদাই /গদাই্/ [স. গদাধর >] বিণ. গদাধারী। বি. ১ শ্রীকৃষ্ণ। ২ বিষ্ণু।

গদাইলশকরি /গদাইলশকোরি/ [বা.] বিণ. ১ অত্যধিক পণ্য বোঝাইয়ের ফলে ধীরগতিসম্পন্ন নৌকার মতো অতি মন্থর। ২ কুঁড়ে, অলস, ঢিমা (*গদাইলশকরি চাল*)।

গদাঘাত /গদাঘাত্/ [স. গদা+আ+√হন্+অ] বি. গদার আঘাত, গদা দিয়ে প্রহার।

গদাধর /গদাধর্/ [স. গদা+√ধৃ+অ] বিণ. গদাধারী। বি. গদা যার অস্ত্র, বিষ্ণু।

গদাপাণি /গদাপানি/ [স. গদা+√পণ্+ই] বি. ১ বিষ্ণু। ২ শ্রীকৃষ্ণ।

গদাযুদ্ধ /গদাজুদ্ধো/ [স. গদা+√যুধ্+ত] বি. যে যুদ্ধে গদা অস্ত্ররূপে ব্যবহৃত হয়।

গদি /গোদি/ [হি. গদ্দি >] বি. ১ তুলা নারকেলের ছোবড়া বা স্পঞ্জজাতীয় কৃত্রিম রবারের নরম আসন বা বিছানা। ২ ব্যবসায়ীর কর্মস্থল (*গদিঘর*)। ৩ সিংহাসন। ৪ পির জমিদার বা প্রভাবশালী ব্যক্তির পদ।

গদিনশিন /গোদিনোশিন্/ [বা. গদি+ফা. নশিন] বিণ. ১ গদিতে অধিষ্ঠিত। ২ প্রভুপদে আসীন।

গদ্য /গোদ্দো/ [স. √গদ্+য] বি. ১ ছন্দবদ্ধ নয় এমন রচনা। ২ কথোপকথনের স্বাভাবিক ভাষা।

গদ্যকবিতা /গোদ্দোকোবিতা/ [স. গদ্য+কবিতা] বি. গদ্যে রচিত অন্ত্যমিলহীন কবিতা।

গদ্যছন্দ /গোদ্দোছন্দো/ [স. গদ্য+ছন্দস্] বি. গদ্য রচনার মধ্যকার ছন্দবদ্ধ সুর।

গদ্যময় /গোদ্দোময়/ [স. গদ্য+ময়ট্] বিণ. কবিত্ব-হীন; নীরস (*ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়*; সুকান্ত.)।

গদ্যরচনা /গোদ্দোরচোনা/ [স. গদ্য+√রচ্+অন+আ (টাপ্)] বি. ছন্দবদ্ধ নয় এমন রচনা।

গদ্যরীতি /গোদ্দোরিতি/ [স. গদ্য+√রী+তি] বি. গদ্য রচনার নিয়মনীতি।

গদ্যশিল্পী /গোদ্দোশিল্পি/ [স. গদ্য+শিল্প+ইন্]

www.pathagar.com

বি. গদ্যরচনাকারী, গদ্যকার।

গদ্যসাহিত্য /গোদ্‌দোশাহিত্‌তো/ [স. গদ্য+সহিত+য] বি. গদ্যে রচিত সাহিত্য।

গদ্যাংশ /গোদ্‌দ্যাংশো/ [স. গদ্য+অংশ] বি. গদ্যের অংশ।

গনগন /গন্‌গন্‌/ [ধ্বন্যা.] অব্য. অগ্নিশিখার প্রখরতার ভাব। বি. প্রজ্বলিত অগ্নিশিখার দীপ্তি।

গনগনে /গন্‌গোনে/ [বা.] বিণ. লেলিহান।

গনতকার /গনতকার/ [স. গণকার >] বি. যে ব্যক্তি রাশিচক্রের অবস্থান বিচার করে ভাগ্য নিরূপণ করতে পারে বলে দাবি করে, গণক।

গনতি /গোন্‌তি/ [বা.] বি. সংখ্যা নিরূপণ, গণনা।

গনা /গনা/ [স. গণনা>] ক্রিবি. ১ গণনা করা, সংখ্যা স্থির করা। ২ গণ্য করা, গ্রাহ্য করা। ৩ অনুমান করা। বি. ১ গণনা। ২ গ্রাহ্যকরণ। ৩ অনুমান। বিণ. ১ গোনা হয়েছে এমন (*গনাগাঁথা*)। ২ সম্পূর্ণ, পুরোপুরি।

গনাগনতি /গনাগোন্‌তি/ [বা.] বিণ. দ্র গনাগাঁথা।

গনাগাঁথা /গনাগাঁথা/ [বা.] বিণ. কম বা বেশি নয় এমন, একেবারে ঠিক।

গনাগুনতি /গনাগুন্‌তি/ [বা.] বিণ. দ্র গনাগাঁথা।

গনাগোষ্ঠী /গনাগোশ্‌ঠি/ [বা. গনা+স. গোষ্ঠী] বি. সমস্ত আত্মীয়স্বজন, গোষ্ঠীবর্গ।

গনানো /গনানো/ [বা.] ক্রিবি. ১ অন্যকে দিয়ে গণনা করানো। ২ গনতকারকে দিয়ে শুভাশুভ স্থির করানো।

গনিমত /গোনিমত্‌/ [আ.] বি. ১ যুদ্ধক্ষেত্রে পরাজিত পক্ষের নিকট থেকে লুণ্ঠিত দ্রব্যসামগ্রী। ২ সৌভাগ্য। বিণ. (আল.) অনায়াসলব্ধ।

গনোরিয়া /গনোরিআ/ [লা.] বি. যৌনাঙ্গের ক্ষরণ ও প্রদাহজনিত সংক্রামক রোগবিশেষ, gonorrhoea।

গন্ডগোল /গন্‌ডোগোল্‌/ [দেশি.] বি. গোলমাল, বিশৃঙ্খলা; বিবাদ।

গন্ডা /গন্‌ডা/ [স. গণ্ডক >] বি. ৪টির গুচ্ছ, চার কড়ার সমষ্টি।

গন্ডাকিয়া /গন্‌ডাকিআ/ [দেশি.] বি. কড়াগন্ডার নামতা।

গন্ডাগন্ডা /গন্‌ডাগন্‌ডা/ [বা.] বিণ. প্রচুর, ভূরিভূরি।

গন্ডায়গন্ডায় /গন্‌ডায়গন্‌ডায়/ [বা.] বিণ. অনেক, রাশি রাশি, বহুসংখ্যক।

গন্ডার /গন্‌ডার/ [স. গণ্ডক >] বি. প্রধানত আফ্রিকা ও দক্ষিণ-পূর্ব এশিয়ার জলাভূমিতে বিচরণ করে এমন স্থূলদেহ নাকের ওপর একটি বা দুটি খড়্গের মতো শিং ও পুরু চামড়াবিশিষ্ট স্তন্যপায়ী চতুষ্পদ (শরীরের তুলনায় পা অপেক্ষাকৃত ছোটো) নিভৃতচারী প্রাণী, খড়্গী।

গন্ডারের চামড়া /গন্‌ডারের চামড়া/ বিণ. (আল.) ১ পুরু চামড়াবিশিষ্ট। ২ (আল.) গালাগাল বা অপমানসূচক কথা গায়ে মাখে না এমন।

গন্ডেপিন্ডে /গন্‌ডেপিন্‌ডে/ [বা.] ক্রিবিণ. আকণ্ঠ, গলা পর্যন্ত ঠেসে (*গন্ডেপিন্ডে ভোজন*)।

গন্তব্য /গন্‌তোব্‌বো/ [স. √গম্‌+তব্য] বি. ১ গমনের লক্ষ্যস্থল, যেখানে যেতে হবে। ২ উদ্দেশ্য, লক্ষ্য। বিণ. ১ গমনীয়। ২ অধিগম্য; জ্ঞাতব্য।

গন্তব্যস্থল /গন্‌তোব্‌বোস্‌থল্‌/ [স. গন্তব্য+√স্থল্‌+অ] বি. যে স্থানে যেতে হবে, গমনের লক্ষ্যস্থল।

গন্তা /গন্‌তা/ [স. √গম্‌+ত্‌] বিণ. গমন করে এমন, গমনকারী।

গন্তু /গন্‌তু/ [স. √গম্‌+তুন্‌] বিণ. গমনশীল, গমনকারী। বি. পথিক।

গন্তুকাম /গন্‌তুকাম্‌/ [স. গন্তু+√কম্‌+অ] বিণ. যেতে ইচ্ছুক।

গন্ত্রী /গোন্‌ত্রি/ [স. √গম্‌+ত্র+ঈ] বিণ. গমনকারিণী, গমনশীলা।

গন্ধ /গন্‌ধো/ [স. √গন্ধ্‌+অ] বি. ১ নাক দিয়ে অনুভূত পদার্থের গুণ (*ফুলের গন্ধ*)। ২ সুগন্ধ দ্রব্য (*গন্ধ মাখা*)। ৩ সম্বন্ধ (*টাকার গন্ধ*)। ৪ অনুমান (*বিপদের গন্ধ*)। বিণ. ঘ্রাণবিশিষ্ট (*গন্ধপুষ্প*)।

গন্ধক /গন্‌ধোক্‌/ [স. গন্ধ+ক (স্বার্থে)] বি. কেলাসিত বা অকেলাসিত হালকা হলুদ অধাতব মৌলিক পদার্থবিশেষ যার পারমাণবিক সংখ্যা ১৬, sulphur।

গন্ধকচূর্ণ /গন্‌ধোক্‌চুর্‌নো/ [স. গন্ধক+√চূর্ণ্‌+অ] বি. বিস্ফোরকরূপে ব্যবহৃত পটাশিয়াম নাইট্রেট কাঠ-কয়লার গুঁড়ো ও গন্ধকের মিশ্রণজাত চূর্ণবিশেষ, বারুদ, gunpowder।

গন্ধকাম্ল /গন্‌ধোকাম্‌লো/ [স. গন্ধক+√অম্‌+ল] বি. ঘন ও বর্ণহীন অ্যাসিডবিশেষ, মহদ্রাবক, sulphuric acid।

গন্ধকাষ্ঠ /গন্‌ধোকাশ্‌ঠো/ [স. গন্ধ+√কাশ্‌+থ] বি. ১ সুগন্ধ কাঠ, চন্দনকাঠ। ২ কালাগুরু, কৃষ্ণ চন্দন।

গন্ধগোকুল /গন্‌ধোগোকুল্‌/ [স. গন্ধ+গোকুল] বি. গায়ে দুর্গন্ধযুক্ত বনবিড়ালজাতীয় মাংসাশী প্রাণী, খটাশ, খাটাশ, খট্টাশ; ভাম, polecat।

গন্ধজাত /গন্‌ধোজাতো/ [স. গন্ধ+√জন্‌+ত] বিণ. গন্ধ থেকে উৎপন্ন।

গন্ধতৈল /গন্‌ধোতোইলো/ [স. গন্ধ+তিল+অ] বি.

www.pathagar.com

সুবাসিত তেল।

গন্ধদ্রব্য /গন্‌ধোদ্রোব্‌বো / [স. গন্ধ+√দ্রু+য] বি. সুগন্ধ দ্রব্য।

গন্ধপুষ্প /গন্‌ধোপুশ্‌পো / [স. গন্ধ+√পুষ্প্‌+অ] বি. ১ সুগন্ধ ফুল। ২ চন্দন ফুল।

গন্ধবণিক /গন্‌ধোবোনিক্‌ / [স. গন্ধ+বণিক] বি. ১ গন্ধদ্রব্যের ব্যবসায়ী। ২ মসলা ব্যবসায়ী। ৩ জাতিবিশেষ, গন্ধবেনে।

গন্ধবল্কল /গন্‌ধোবল্‌কল্‌ / [স. গন্ধ+√বল্‌+কল] বি. দক্ষিণ ভারত ও মালয় দ্বীপপুঞ্জে জাত মাঝারি উচ্চতার চিরহরিৎ ভেষজগুণসম্পন্ন বৃক্ষবিশেষের মিষ্টস্বাদ সুগন্ধ শুকনো বাকল (মসলারূপে ব্যবহৃত), দারুচিনি।

গন্ধবহ /গন্‌ধোবহো / [স. গন্ধ+√বহ্‌+অ] বি. দ্র গন্ধবাহ।

গন্ধবাহ /গন্‌ধোবাহো / [স. গন্ধ+√বহ্‌+অ] বি. বায়ু।

গন্ধভাদাল /গন্‌ধোভাদাল্‌ / [স. গন্ধভদ্রা >] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে জাত ভেষজগুণ-সম্পন্ন উৎকট গন্ধযুক্ত লতাবিশেষ, গাঁদাল।

গন্ধমাদন /গন্‌ধোমাদোন্‌ / [স. গন্ধ+√মদ্‌+ণিচ্‌+অন] বি. রামায়ণোক্ত হনুমান কর্তৃক উৎপাটিত বিশল্য-করণী গাছ-সহ পর্বতবিশেষ।

গন্ধমূষিক /গন্‌ধোমুশিক্‌/ [স. গন্ধ+√মূষ্‌+ইক] বি. খুব ছোটো চোখ সুচালো মুখ ও ঘন কোমল লোমাবৃত গাঢ় ধূসরবর্ণের স্তন্যপায়ী নিশাচর ইঁদুর-জাতীয় প্রাণী যার সামনের পা দুটি অপেক্ষাকৃত ছোটো ও শক্তিশালী, ছুঁচা, ছুঁচো, mole।

গন্ধমৃগ /গন্‌ধোমৃগো / [স. গন্ধ+মৃগ] বি. ছোটো প্রজাতির যে হরিণের নাভির কাছে চামড়ার থলিতে সুগন্ধি নির্যাস পাওয়া যায়, কস্তুরীমৃগ।

গন্ধরাজ /গন্‌ধোরাজ্‌ / [স. গন্ধ+রাজন্‌] বি. এশিয়া ও আফ্রিকার ক্রান্তীয় অঞ্চলে জাত এবং গ্রীষ্ম ও বর্ষাকালে ফোটে এমন সাদা বা হলুদাভ সুগন্ধ ফুল বা তার চিরহরিৎ উদ্ভিদ।

গন্ধর্ব /গন্‌ধর্‌বো / [স. গন্ধ+√অর্ব্‌+অ] বি. ১ পুরাণে কল্পিত স্বর্গের গায়ক সম্প্রদায়। ২ স্বভাবগায়ক। ৩ পৌরাণিক অপদেবতাবিশেষ।

গন্ধর্ব ছুটানো /গন্‌ধর্‌বো ছুটানো / ক্রিবি. (আল.) নির্মমভাবে প্রহার করা (যার ফলে বেসুরে চিৎকার করে)।

গন্ধর্বপূজা /গন্‌ধর্‌বোপুজা / [স. গন্ধর্ব+√পূজ্‌+অ+আ (টাপ্‌)] বি. (আল.) প্রথমে সমাদর এবং পরে প্রহার করে বিদায় দান।

গন্ধর্ববিদ্যা /গন্‌ধর্‌বোবিদ্‌দা / [স. গন্ধর্ব+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. সংগীতবিদ্যা।

গন্ধর্ববিবাহ /গন্‌ধর্‌বোবিবাহো / [স. গন্ধর্ব+বি+√বহ্‌+অ] বি. প্রচলিত আচার-অনুষ্ঠান না মেনে পাত্রপাত্রীর একে অন্যকে স্বামী-স্ত্রীরূপে বরণ।

গন্ধর্ববেদ /গন্‌ধর্‌বোবেদ্‌ / [স. গন্ধর্ব+√বিদ্‌+অ] বি. গন্ধর্বের সংগীতবিষয়ক বেদ; সংগীতশাস্ত্র।

গন্ধর্বভূষণ /গন্‌ধর্‌বোভুশন্‌/ [স. গন্ধর্ব+√ভূষ্‌+অন] বি. সিঁদুর।

গন্ধর্বলোক /গন্‌ধর্‌বোলোক্‌ / [স. গন্ধর্ব+√লোক্‌+অ] বি. গন্ধর্বদের আবাসস্থল।

গন্ধলি /গন্‌ধোলি / [দেশি.] বি. পৃথিবীর প্রায় সব দেশে শীত মৌসুমে ফোটে এমন উজ্জ্বল হলুদ কমলা প্রভৃতি রঙের ফুল বা তার পালকসদৃশ পাতাবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. মেক্সিকো), গাঁদা, marigold।

গন্ধশালি /গন্‌ধোশালি / [স. গন্ধ+√শাল্‌+ই] বি. সুগন্ধ ধানবিশেষ।

গন্ধশূন্য /গন্‌ধোশুন্যো / [স. গন্ধ+√শূন্য+য] বিণ. গন্ধ নেই এমন।

গন্ধসার /গন্‌ধোশার / [স. গন্ধ+সার] বি. ১ ভারতীয় উপমহাদেশে জাত মূল্যবান সুগন্ধ কাঠের জন্য বিখ্যাত মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, চন্দন। ২ প্রসাধনের জন্য ব্যবহৃত ভেজা পাথরের ওপর চন্দনকাঠ ঘষে প্রাপ্ত প্রলেপবিশেষ, বাটাচন্দন।

গন্ধহীন /গন্‌ধোহিন্‌/ [স. গন্ধ+√হা+ত] বিণ. গন্ধ নেই এমন, গন্ধশূন্য।

গন্ধাজীব /গন্ধাজিব্‌ / [স. গন্ধ+আজীব] বিণ. বি. দ্র গন্ধোপজীবী।

গন্ধাধিবাস /গন্‌ধাধিবাশ্‌/ [স. গন্ধ+অধি+√বাসি+অ] বি. (পূজা বিবাহ প্রভৃতি) শুভকর্মের পূর্বে চন্দন তেল হলুদ প্রভৃতির দ্বারা করণীয় সংস্কারবিশেষ।

গন্ধাধিবাসন /গন্‌ধাধিবাশোন্‌/ [স. গন্ধ+অধি+√বাসি+অন] বি. দ্র গন্ধাধিবাস।

গন্ধী /গোন্‌ধি / [স. গন্ধ+ইন্‌] বিণ. গন্ধ আছে এমন। বি. ১ সুগন্ধদ্রব্যের বিক্রেতা। ২ গান্ধিপোকা।

গন্ধেগন্ধে /গন্‌ধেগন্‌ধে / [বা.] ক্রিবিণ. সূত্র অনুসরণ করে; অনুমানের ওপর ভিত্তি করে (*গন্ধেগন্ধে চলে আসা*)।

গন্ধেন্দ্রিয় /গন্‌ধেন্‌দ্রিয়ো / [স. গন্ধ+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে গন্ধ অনুভব করা যায়, নাক।

গন্ধেশ্বরী /গন্‌ধেশ্‌শোরি / [স. গন্ধ+ঈশ্বরী] বি. গন্ধবণিক জাতিকর্তৃক পূজিত কুলদেবতা।

গন্ধোপজীবী /গন্‌ধোপোজিবি / [স. গন্ধ+উপ+√জীব্‌+ইন্‌] বিণ. গন্ধদ্রব্য ও মসলার ব্যবসায়দ্বারা

www.pathagar.com

জীবিকানির্বাহকারী। বি. গন্ধবণিক।

গন্নাকাটা /গন্নাকাটা/ [বা.] বিণ. জন্মগতভাবে ওপরের ঠোঁট কাটা এমন, খোনা।

গপগপ /গপ্‌গপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. বড়ো বড়ো গ্রাসে দ্রুত গিলে খাওয়ার অনুকার শব্দ।

গপাগপ /গপাগপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র গপগপ।

গপ্প /গপ্‌পো/ [বা.] বি. গল্প; গালগল্প; কল্পকথা।

গবগব /গব্‌গব্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র গপগপ।

গবচন্দ্র /গবোচন্‌দ্রো/ [স. গোচন্দ্র >] বিণ. দ্র গবুচন্দ্র।

গবয় /গবয়ো/ [স. গো+√ই+অ] বি. ১ গলকম্বলহীন গো-সদৃশ পশুবিশেষ। ২ বানরের প্রজাতিবিশেষ।

গবা /গবা/ [স. গো >] বিণ. দ্র গবেট।

গবাক্ষ /গবাক্‌খো/ [স. গো+√অক্ষ্+অ] বি. ১ বাতাস চলাচলের জন্য ঘরের দেওয়ালে নির্মিত পথ, ঘুলঘুলি। ২ জানালা।

গবাগব /গবাগব্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র গপগপ।

গবাদি /গবাদি/ [স. গো+আদি] বিণ. গোরু ও অন্যান্য গৃহপালিত পশুর মতো (*গবাদি পশু*)।

গবী /গবি/ [স. গো+ঈ] বি. ১ গাভি। ২ বাক্য।

গবুচন্দ্র /গোবুচন্‌দ্রো/ [স. গোচন্দ্র >] বিণ. ১ আকাট মূর্খ। ২ (আল.) বোধশক্তিহীন।

গবেট /গবেট্/ [দেশি.] বিণ. নির্বোধ, বোকা, হাবা, হাঁদা, স্থূলবুদ্ধি।

গবেষক /গবেশক্/ [স. √গবেষ্+অক] বি. অজানা বিষয়ের তত্ত্বান্বেষক। বিণ. গবেষণাকারী।

গবেষণ /গবেশন্/ [স. √গবেষ্+অন] বি. দ্র গবেষণা।

গবেষণা /গবেশনা/ [স. গবেষণ+আ (টাপ্)] বি. তত্ত্বাদির বিশেষ অনুসন্ধান, তত্ত্বান্বেষণ, research।

গবেষণাগার /গবেশনাগার্/ [স. গবেষণা+আগার] বি. যে গৃহে অজানা বিষয়ে তত্ত্বানুসন্ধান বা গবেষণা করা হয়, পরীক্ষাগার, laboratory।

গবেষণাবৃত্তি /গবেশনাবৃত্তি/ [স. গবেষণা+√বৃৎ+তি] বি. ১ গবেষণার পেশা। ২ গবেষণা করার জন্য প্রদত্ত জলপানি।

গবেষণামূলক /গবেশনামুলক্/ [স. গবেষণা+মূলক] বিণ. তত্ত্বানুসন্ধানধর্মী।

গবেষণালব্ধ /গবেশনালব্‌ধো/ [স. গবেষণা+√লভ্+ত] বিণ. গবেষণাদ্বারা প্রাপ্ত।

গবেষিত /গবেশিতো/ [স. √গবেষ্+ত] বিণ. তত্ত্বানুসন্ধান বা গবেষণা করা হয়েছে এমন, অন্বেষিত।

গব্য /গোব্‌বো/ [স. গো+য] বিণ. ১ গোরুসংক্রান্ত। ২ গোরু থেকে জাত (*গব্য ঘৃত*)।

গভর্নমেন্ট /গভ়র্‌নমেন্ট্/ [ফ.] বি. রাষ্ট্রের শাসন-ব্যবস্থা; সরকার; government।

গভর্নর /গভ়র্‌নর্/ [ই. governor] বি. ১ প্রদেশের শাসনকর্তা। ২ রাজ্যপাল, লাটসাহেব। ৩ কোনো প্রতিষ্ঠানের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত ব্যক্তি।

গভস্তি /গভোস্‌তি/ [স. গ+√ভস্+তি] বি. চাঁদ বা সূর্যের আলো।

গভীর /গোভির্/ [স. √গম্+ঈর] বিণ. ১ অগাধ (*গভীর সমুদ্র*)। ২ নিচু তলবিশিষ্ট (*গভীর কূপ*)। ৩ জটিল (*গভীর তত্ত্ব*)। ৪ প্রগাঢ় (*গভীর জ্ঞান*)। ৫ নিবিড় (*গভীর বন*)। ৬ অধিক (*গভীর রাত*)। বি. গভীরতা /গোভিরতা/।

গম /গ:ম্/ [স. গোধূম >] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে উৎপন্ন হয় এমন ধানজাতীয় শস্যবিশেষ যা গুঁড়ো করে আটা ময়দা প্রভৃতি খাদ্যবস্তু পাওয়া যায়, গোধূম।

গমক /গমোক্/ [স. √গমি+অক] বি. সংগীতের স্বরকম্পন বা অলংকারবিশেষ।

গমগম /গম্‌গম্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ গম্ভীর শব্দের প্রতিধ্বনি। ২ লোকসমাগমে পরিপূর্ণ হওয়ার ভাব (*বইমেলা গমগম করছে*)।

গমন /গমোন্/ [স. √গম্+অন] বি. ১ প্রস্থান। ২ পাদক্ষেপকরণ; গতি। ৩ সম্ভোগ, স্ত্রী-সংগম।

গমনাগমন /গমোনাগমোন্/ [স. গমন+আগমন] বি. যাতায়াত, আসা-যাওয়া।

গমনার্হ /গমোনারহো/ [স. গমন+অর্হ] বিণ. গমনের উপযুক্ত, গম্য, গন্তব্য।

গমনীয় /গমোনিয়ো/ [স. √গম্+অনীয়] বিণ. দ্র গমনার্হ।

গমনোদ্যত /গমোনোদ্‌দতো/ [স. গমন+উদ্+√যম্+ত] বিণ. প্রস্থানের উপক্রম করছে এমন।

গমনোন্মুখ /গমোনোনমুখ্/ [স. গমন+উন্মুখ] বিণ. দ্র গমনোদ্যত।

গমিত /গোমিতো/ [স. √গমি+ত] বিণ. ১ প্রাপিত। ২ জ্ঞাপিত। ৩ যাপিত। ৪ প্রবিষ্ট। ৫ প্রেরিত।

গম্বুজ /গোম্‌বুজ্/ [ফা.] বি. প্রাসাদ মন্দির মসজিদ গির্জা প্রভৃতির বর্তুলাকার শীর্ষদেশ।

গম্ভীর /গোম্‌ভির্/ [স. √গম্+ঈর] বিণ. ১ গভীর, নিবিড়। ২ গুরুতর (*গম্ভীর বিষয়*)। ৩ নিরানন্দ, বিমর্ষ (*গম্ভীর মুখ*)। ৪ নিম্নস্বরবিশিষ্ট (*গম্ভীর ধ্বনি*)। ৫ লঘু নয় এমন (*গম্ভীর চাল*)।

গম্ভীরতা /গোম্‌ভিরতা/ [স. গম্ভীর+তা] বি. ১ গম্ভীর ভাব। ২ গভীরতা।

www.pathagar.com

গম্ভীরপ্রকৃতি /গোম্‌ভিরপ্রোকৃতি/ [স. গম্ভীর+প্রকৃতি] বিণ. ভারিক্কি স্বভাববিশিষ্ট, অলঘুচিত্ত।

গম্ভীরবেদী /গোম্‌ভিরবেদি/ [স. গম্ভীর+√বিদ্+ইন্] বিণ. পাগলা (হাতি), মদমত্ত।

গম্ভীরা /গোম্‌ভিরা/ [স. √গম্+ঈর+আ (টাপ্)] বি. ১ সামাজিক ও সাময়িক ঘটনাবলির ওপর ভিত্তি করে লেখা উত্তরবঙ্গের জনপ্রিয় কবিগান। ২ চৈত্রসংক্রান্তির গাজন উৎসবের অনুষ্ঠানবিশেষ।

গম্য /গোম্‌মো/ [স. √গম্+য] বিণ. ১ গমনীয়; গন্তব্য। ২ প্রাপ্য। ৩ সাধ্য। ৪ জ্ঞেয়। ৫ ভোগ্য।

গম্যমান /গোম্‌মোমান্/ [স. √গম্+মান (শানচ্)] বিণ. অনুমান করা যাচ্ছে এমন।

গম্যহীন /গোম্‌মোহিন্/ [স. গম্য+√হা+ত] বিণ. গন্তব্যশূন্য বা লক্ষ্যহীন।

গয় /গয়ো/ [স. √গৈ+অয়] বি. ১ বিষ্ণু কর্তৃক নিহত পুরাণোক্ত দেবকুলের শত্রু ও অসুরবিশেষ। ২ সুগ্রীবের অনুচর বানরবিশেষ।

গয়ংগচ্ছ /গয়োংগচ্ছো/ [বা.] বি. যাচ্ছি যাব এমন ভাব, গড়িমসি, ঢিলেমি; কুঁড়েমি; দীর্ঘসূত্রতা।

গয়না[১] /গয়্‌না/ [হি. গহনা >] বি. অলংকার; ভূষণ।

গয়না[২] /গয়্‌না/ [দেশি.] বি. দ্র গয়নার নৌকা।

গয়নাগাটি /গয়্‌নাগাটি/ [বা.] বি. নানাবিধ অলংকার ও তদ্‌রূপ মূল্যবান সামগ্রী।

গয়নার নৌকা /গয়্‌নার্ নোউ়কা/ বি. (অধুনালুপ্ত) নির্দিষ্ট সময় অনুযায়ী চলাচল করে এমন যাত্রীবাহী দ্রুতগামী বড়ো নৌকা।

গয়রহ /গয়্‌রহো/ [আ.] অব্য. প্রভৃতি; অন্যান্য।

গয়লা /গয়্‌লা/ [স. গোপাল >] বি. 'গোয়ালা'-র চলিত রূপ।

গয়সাল /গয়্‌শাল্/ [দেশি.] বি. ইসলামধর্মে দীক্ষিত হিন্দুধর্মত্যাগী ব্যক্তি।

গয়া /গয়া/ [স্থান.] বি. তীর্থস্থানরূপে প্রসিদ্ধ বিহার-রাজ্যের অন্তর্গত নগরবিশেষ।

গয়ার /গয়ার্/ [দেশি.] বি. শ্লেষ্মা, কফ।

গয়াল /গয়াল্/ [বা.] বি. গলকম্বলহীন গো-সদৃশ বন্য প্রাণিবিশেষ।

গয়ালি /গয়ালি/ [হি. গয়ারাল >] বি. গয়ার পান্ডা, পুরোহিত। বিণ. (বাংলায়) গয়াবাসী।

গর[১] /গর্/ [স. √গৃ+অ] বি. ১ বিষ, গরল। ২ ব্যাধি।

গর[২] /গর্/ [আ. গয়র >] অব্য. অভাব বৈপরীত্য প্রভৃতিসূচক শব্দ (*গরহাজির*)।

গরগর[১] /গর্‌গর্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রোধ বিরক্তি প্রভৃতি মনোভাব প্রকাশক শব্দ (*রাগে গরগর করা*)।

গরগর[২] /গর্‌গর্/ [স. গদ্‌গদ >] বিণ. ১ গদগদ, অভিভূত। ২ ব্যাকুলিত। ৩ উল্লসিত, আহ্লাদিত।

গরজ[১] /গরোজ্/ [আ.] বি. ১ ঝোঁক; ইচ্ছা; আগ্রহ। ২ ব্যগ্রতা। ৩ স্বার্থ, প্রয়োজন। ৪ ঐকান্তিক যত্ন, মনোযোগ (*তার লেখাপড়ায় গরজ নেই*)।

গরজ[২] /গরোজ্/ [স. গর্জন >] বি. গর্জন[১]-এর কাব্যিক রূপ।

গরজি /গরোজি/ [আ. গরজ >] বিণ. ১ গরজ আছে এমন, আগ্রহযুক্ত। ২ স্বার্থযুক্ত।

গরঠিকানা /গর্‌ঠিকানা/ [আ. গর+হি. ঠিকানা] বি. ভুল ঠিকানা।

গরদ[১] /গরোদ্/ [দেশি.] বি. রেশমগুটি থেকে তৈরি কোরা রেশমি কাপড়।

গরদ[২] /গরোদো/ [স. গর+√দা+অ] বি. যে অন্যকে বিষ দেয়। বিণ. বিষপ্রদানকারী।

গরব /গরোব্/ [স. গর্ব>] বি. গৌরব (*মোদের গরব, মোদের আশা, আ' মরি বাংলা ভাষা!* অতুল.); 'গর্ব'-র কোমল ও কাব্যিক রূপ।

গরবা /গর্‌বা/ [গুজ.] বি. ভারতের গুজরাট অঞ্চলে প্রচলিত নৃত্যগীতবিশেষ।

গরবিত /গরোবিতো/ [স. গর্বিত >] বিণ. 'গর্বিত'-র কোমল ও কাব্যিক রূপ।

গরবিনি /গরোবিনি/ [স. গর্বিণী >] বিণ. 'গর্বিণী'-র কাব্যিক রূপ।

গরবী /গরোবি/ [স. গর্বী >] বিণ. 'গর্বী'-র কোমল রূপ।

গরম /গরোম্/ [ফা.] বিণ. ১ তপ্ত (*গরম চা*)। ২ ক্রুদ্ধ, উদ্ধত, উগ্র (*গরম মেজাজ*)। ৩ কড়া, তীব্র। ৪ উত্তেজক। ৫ মহার্ঘ, চড়া (*বাজার গরম*)। ৬ টাটকা (*গরম খবর*)। ৭ শীতনিবারক (*গরম কাপড়*)। বি. ১ তাপ। ২ গ্রীষ্ম (*গরমকাল*)। ৩ দর্প, অহংকার (*টাকার গরম*)। ৪ ঔদ্ধত্য, উগ্রতা। ৫ অসুস্থতা, বিকার (*মাথা গরম*)।

গরম কাপড় /গরোম্ কাপোড়্/ বি. যে কাপড় পরলে শরীর গরম থাকে, পশমি কাপড়।

গরমকাল /গরোম্‌কাল্/ [ফা. গরম+স. কাল] বি. বাংলা পঞ্জিকার ষড়্‌ঋতুর প্রথম ঋতু, ১লা বৈশাখ থেকে ৩১শে জ্যৈষ্ঠ পর্যন্ত (১৪ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত) কালপর্ব, গ্রীষ্মকাল।

গরম খবর /গরোম্ খবোর্/ বি. সদ্যপাওয়া সংবাদ, টাটকা খবর, কৌতূহলোদ্দীপক সংবাদ।

গরমগরম /গরোম্‌গরোম্/ [ফা.] বিণ. সদ্য চুলো

www.pathagar.com

থেকে নামানো হয়েছে এমন; টাটকা।

গরম মসলা /গরোম্ মশ্‌লা/ বি. দারুচিনি লবঙ্গ এলাচ প্রভৃতি মসলা।

গরমি /গোর্‌মি/ [ফা.] বি. ১ গরম, উত্তাপ। ২ গ্রীষ্ম-কাল, নিদাঘ। ৩ অহংকার; ঔদ্ধত্য। ৪ ক্রোধ, রোষ। ৫ উপদংশ রোগ। বিণ. উষ্ম, উত্তপ্ত।

গরমিল /গর্‌মিল্/ [বা.] বি. ১ জমা ও খরচের বৈষম্য, হিসাবের গোলযোগ। ২ অনৈক্য, অমিল। ৩ মনকষাকষি, মনান্তর।

গররা /গর্‌রা/ [আ.] বি. উচ্চহাস্য ও হট্টগোল, হল্লা।

গররাজি /গর্‌রাজি/ [আ. গয়র+ফা. রাজি] বিণ. অসম্মত, অনিচ্ছুক, অরাজি। বি. অসম্মতি।

গরল /গরোল্/ [স. গর+লচ্] বি. ১ বিষ। ২ (আঞ্চ.) বিষাক্ত ক্ষত বা ঘা।

গরহাজির /গর্‌হাজির্/ [ফা.] বি. অনুপস্থিতি। বিণ. অনুপস্থিত।

গরাদ /গরাদ/ [পো.] বি. জানালায় লাগানো হয় এমন কাঠ বা লোহার শিক।

গরাদে /গরাদে/ [পো.] বি. দ্র গরাদ।

গরান /গরান্/ [দেশি.] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ার উপকূলীয় ম্যানগ্রোভ বনাঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন সাদা ফুল ও মোচাকৃতি ফল বা তার উপবৃত্তাকার পাতা ও সাদাটে বাকলযুক্ত শক্ত কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন চিরহরিৎ বৃক্ষ।

গরিব /গোরিব্/ [আ.] বিণ. ১ দরিদ্র, ধনহীন, দীন, কাঙাল। ২ বিনীত।

গরিবখানা /গোরিব্‌খানা/ [আ. গরিব+ফা. খানা] বি. ১ দরিদ্রের কুটির। ২ নিজ আবাস সম্পর্কে ব্যবহৃত বিনয়সূচক শব্দ।

গরিবগুরবা /গোরিব্‌গুর্‌বা/ [আ.] বিণ. কাঙাল, দীনদরিদ্র। বি. বিত্তহীন সম্প্রদায়।

গরিব নেওয়াজ /গোরিব্ নেওআজ্/ বি. গরিবের সহায়, দরিদ্রের আশ্রয়।

গরিবানা /গোরিবানা/ [ফা.] বিণ. দরিদ্রের উপযুক্ত। বি. দরিদ্রের ভাব, দারিদ্র্য।

গরিবি /গোরিবি/ [আ. গরিব+ফা. ই] বি. দারিদ্র্য (*গরিবি হটাও*)।

গরিমা /গোরিমা/ [স. গুরু+ইমন্] বি. ১ মহিমা, মাহাত্ম্য। ২ গর্ব, দর্প। ৩ গুরুত্ব। ৪ শ্রেষ্ঠত্ব।

গরিলা /গোরিলা/ [লা.] বি. মধ্য আফ্রিকার বনে দলবদ্ধভাবে বিচরণ করে এমন লম্বা ও শক্তিশালী হাত এবং বড়ো মাথাবিশিষ্ট মনুষ্যসদৃশ বৃহদাকার স্থূলোদর তৃণভোজী লোমশ প্রাণী, gorilla।

গরিষ্ঠ /গোরিশ্‌ঠো/ [স. গুরু+ইষ্ঠ] বিণ. ১ সর্বাধিক, সর্বোচ্চ। ২ সর্বজন শ্রদ্ধেয়, পূজ্যতম। ৩ সংখ্যায় বৃহত্তম (*গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক*)। ৪ গুরুতম।

গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক /গোরিশ্‌ঠো শাধারোন্ গুনোনিয়ক্/ বি. কোনো সংখ্যাকে দুই বা ততো-ধিক যে সর্বোচ্চ সংখ্যা দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না, গণিতের প্রণালিবিশেষ, গ. সা. গু., HCF।

গরীয়ান /গোরিয়ান্/ [স. গুরু+ঈয়স্] বিণ. ১ মর্যাদা-পূর্ণ, মহান। ২ গুরুতর; বৃহত্তর। ৩ মহার্ঘ। ৪ বিত্তশালী। স্ত্রী. গরীয়সী /গোরিয়োশি/।

গরুড় /গোরুড়/ [স. √গৃ+উড়] বি. ১ পুরাণে কল্পিত পক্ষিশ্রেষ্ঠ, বিষ্ণুর বাহন এবং কশ্যপ ও বিনতার পুত্র। ২ ইগল পাখি।

গরুড়ধ্বজ /গোরুড়োদ্‌ধ্বজ/ [স. গরুড়+√ধ্বজ্+অ] বি. ১ দেবতা বিষ্ণু। ২ কৃষ্ণ।

গরুড়বাহন /গোরুড়্‌বাহোন্/ [স. গরুড়+√বাহি+অন] বি. গরুড় যার বাহন, বিষ্ণু।

গরুড় শায়ন /গোরুড় শায়োন্/ বি. পুরাণমতে জন্মের আগে গরুড় যেমন দীর্ঘদিন ডিমের মধ্যে লুকিয়ে ছিলেন সেইরূপ দীর্ঘনিদ্রা।

গরুড়াসন /গোরুড়াশোন্/ [স. গরুড়+আসন] বি. যোগ সাধনার আসনবিশেষ।

গরুৎ /গোরুত্/ [স. √গৃ+উৎ] বি. ১ পালক, পাখনা, পক্ষ। ২ নৌকার পাল।

গরুত্মতী /গোরুত্‌মোতি/ [স. গরুত্মৎ+ঈ] বি. পক্ষিণী। বিণ. (বাংলায়) পালতোলা (নৌকা)।

গরুত্মন্ত /গোরুত্‌তন্‌তো/ [স. গরুৎ+মন্ত] বি. ১ পাখি। ২ গরুড়।

গরুত্মান /গোরুত্‌তান্/ [স. গরুৎ+মৎ] বি. ১ গরুড়। ২ পাখি। বিণ. পাখাযুক্ত, পক্ষবিশিষ্ট।

গর্গর /গর্‌গর্/ [স. গর্গ+√রা+অ] বি. ১ কলস; ঘট। ২ ঘূর্ণাবর্ত। ৩ চাপা ধ্বনিবিশেষ।

গর্গরী /গর্‌গোরি/ [স. গর্গর+ঈ] বি. গাগরি, কলসি।

গর্জক /গর্‌জক্/ [স. √গর্জ্+অক] বিণ. গর্জন করে এমন, গর্জনকারী।

গর্জন[১] /গর্‌জোন্/ [স. √গর্জ্+অন] বি. ১ উচ্চ ও গম্ভীর নাদ (*মেঘের গর্জন*)। ২ ক্রোধ; স্পর্ধা; প্রচণ্ড তিরস্কার। ৩ (বাংলায়) হুংকার।

গর্জন[২] /গর্‌জোন্/ [ফা.] বি. এশিয়া আফ্রিকা ও অস্ট্রেলিয়ার উপকূলবর্তী অঞ্চলে জাত বহু-বর্ষজীবী ভেষজগুণসম্পন্ন বৃহদাকার পত্রমোচী বৃক্ষ যার কাঠ আসবাবপত্র তৈরির জন্য ব্যবহৃত হয়।

www.pathagar.com

গর্জমান /গর্‌জোমান্‌/ [স. √গর্জ্‌+মান (শানচ্‌)] বিণ. গর্জন করছে এমন, গর্জনরত, গর্জনশীল।

গর্জা /গর্‌জা/ [স. গর্জন >] ক্রিমূ. গর্জন করা।

গর্জানি /গর্‌জানি/ [স. গর্জন >] বি. গর্জনের শব্দ, গর্জন, হুংকার।

গর্জানো /গর্‌জানো/ [বা.] ক্রিবি. গর্জন করা।

গর্জিত /গোর্‌জিতো/ [স. √গর্জ্‌+ত] বিণ. গর্জন করেছে এমন, শব্দিত, নিনাদিত।

গর্ত /গর্‌তো/ [স. √গৃ+ত] বি. ১ খাদ, গহ্বর। ২ রন্ধ্র, ছিদ্র। ৩ কোটর, খোঁড়ল।

গর্দ /গর্‌দো/ [ফা.] বি. ধুলামাটি; ময়লা।

গর্দভ /গর্‌দোভ্‌/ [স. √গর্দ্‌+অভ] বি. ১ মোট বহনের জন্য ব্যবহৃত ঘোড়াপ্রজাতির লম্বা কানবিশিষ্ট গৃহ-পালিত চতুষ্পদ স্তন্যপায়ী প্রাণী, গাধা, রাসভ। ২ গালিবিশেষ। বিণ. (আল.) অত্যন্ত নির্বোধ, বোকা।

গর্দা /গর্‌দা/ [ফা.] বিণ. ১ (ধুলাবালি জমার ফলে) অপরিষ্কার, নোংরা। ২ অস্পষ্ট, আবছা।

গর্দান /গর্‌দান্‌/ [ফা.] বি. ১ ঘাড়-সহ মাথা। ২ স্কন্ধ, ঘাড়; গলা।

গর্দান যাওয়া /গর্‌দান্‌ জাওআ/ ক্রিবি. শিরশ্ছেদ হওয়া, মাথা কাটা যাওয়া।

গর্দান লওয়া /গর্‌দান্‌ লওআ/ ক্রিবি. শিরশ্ছেদ করা, মাথা কেটে নেওয়া।

গর্দানি /গর্‌দানি/ [ফা.] বি. ঘাড়ধাক্কা, গলাধাক্কা।

গর্ব /গর্‌বো/ [স. √গর্ব্‌+অ] বি. ১ দর্প, অহংকার, আত্মশ্লাঘা। ২ গর্বের বস্তু বা বিষয়, গৌরব।

গর্বান্ধ /গর্‌বান্‌ধো/ [স. গর্ব+√অন্ধ্‌+অ] বিণ. অতিশয় গর্বহেতু শোভনতাবোধশূন্য।

গর্বিত /গোর্‌বিতো/ [স. √গর্ব্‌+ইত] বিণ. দর্পযুক্ত। স্ত্রী. গর্বিতা /গোর্‌বিতা/।

গর্বী /গোর্‌বি/ [স. √গর্ব্‌+ইন্‌] বিণ. গর্বযুক্ত, অহংকারী। স্ত্রী. গর্বিণী /গোর্‌বিনি/।

গর্বোজ্জ্বল /গর্‌বোজ্‌জল্‌/ [স. গর্ব+উৎ+√জ্বল্‌+অ] বিণ. গৌরবে উদ্ভাসিত; মহিমায় দীপ্ত।

গর্বোদ্ধত /গর্‌বোদ্‌ধতো/ [স. গর্ব+উৎ+√হন্‌+ত] বিণ. দাম্ভিক।

গর্ভ /গর্‌ভো/ [স. √গৃ+ভ] বি. ১ উদর, জঠর, গর্ভাশয় (*মাতৃগর্ভ*)। ২ ভ্রূণ; জঠরস্থ সন্তান (*গর্ভসঞ্চার*)। ৩ অন্তঃসত্ত্বা অবস্থা (*গর্ভলক্ষণ*)। ৪ অভ্যন্তর (*শূন্যগর্ভ*)। ৫ তলদেশ (*নদীগর্ভ*)।

গর্ভকেশর /গর্‌ভোকেশর্‌/ [স. গর্ভ+কেশর] বি. (উদ্ভিদ.) ফুলের ভেতরের কেশর যার নিচে বীজকোষ থাকে।

গর্ভকোষ /গর্‌ভোকোশ্‌/ [স. গর্ভ+কোষ] বি. গর্ভাশয়, জরায়ু, uterus।

গর্ভগৃহ /গর্‌ভোগৃহো/ [স. গর্ভ+√গ্রহ্‌+অ] বি. ১ ভেতরে অবস্থিত ঘর। ২ আঁতুরঘর, সূতিকাগার।

গর্ভচ্যুত /গর্‌ভোচ্‌চুতো/ [স. গর্ভ+√চ্যু+ত] বিণ. গর্ভ থেকে পতিত; গর্ভনিঃসৃত।

গর্ভজ /গর্‌ভোজো/ [স. গর্ভ+√জন্‌+অ] বিণ. দ্র গর্ভজাত।

গর্ভজাত /গর্‌ভোজাত্‌/ [স. গর্ভ+√জন্‌+ত] বিণ. গর্ভে জাত।

গর্ভতন্তু /গর্‌ভোতোন্‌তু/ [স. গর্ভ+√তন্‌+তু] বি. (উদ্ভিদ.) গর্ভকেশরের ওপরে অবস্থিত দীর্ঘ সুতার মতো অংশ।

গর্ভদাস /গর্‌ভোদাশ্‌/ [স. গর্ভ+দাস] বিণ. দাসীর গর্ভজাত। বি. দাসীর গর্ভজাত সন্তান। স্ত্রী. গর্ভদাসী /গর্‌ভোদাশি/।

গর্ভদোহদ /গর্‌ভোদোহদ্‌/ [স. গর্ভ+দোহ+√দা+অ] বি. গর্ভিণীর অভিলষিত বস্তু ও রুচিকর খাদ্য, সাধ।

গর্ভধারণ /গর্‌ভোধারোন্‌/ [স. গর্ভ+√ধারি+অন] বি. গর্ভে সন্তানধারণ, গর্ভসঞ্চার।

গর্ভধারিণী /গর্‌ভোধারিনি/ [স. গর্ভ+√ধৃ+ইন্‌+ঈ] বি. জননী, মা, মাতা, জন্মদাত্রী।

গর্ভনাড়ি /গর্‌ভোনাড়ি/ [স. গর্ভ+নাড়ি] বি. গর্ভস্থ শিশুর নাভি থেকে যে নাড়ি প্রসূতির গর্ভপুষ্পের সঙ্গে যুক্ত থাকে, umbilical cord।

গর্ভনিঃসৃত /গর্‌ভোনিস্‌সৃতো/ [স. গর্ভ+নির্‌+√সৃ+ত] বিণ. গর্ভজাত, গর্ভচ্যুত।

গর্ভপাত /গর্‌ভোপাত্‌/ [স. গর্ভ+√পত্‌+অ] বি. ১ অস্বাভাবিকভাবে গর্ভ থেকে ভ্রূণের নিঃসরণ, গর্ভস্রাব। ২ ভ্রূণহত্যা।

গর্ভপাতন /গর্‌ভোপাতোন্‌/ [স. গর্ভ+√পাতি+অন] বি. কৃত্রিম উপায়ে গর্ভনাশ।

গর্ভবতী /গর্‌ভোবোতি/ [স. গর্ভ+বৎ+ঈ] বিণ. গর্ভে সন্তান আছে এমন, গর্ভিণী, অন্তঃসত্ত্বা।

গর্ভবাক্য /গর্‌ভোবাক্‌কো/ [স. গর্ভ+√বচ্‌+য] বি. (ব্যা.) মূলবাক্যের অধীন উপাদানবাক্য, উপবাক্য।

গর্ভবাস /গর্‌ভোবাশ্‌/ [স. গর্ভ+√বস্‌+অ] বি. শিশুর মাতৃগর্ভে অবস্থান।

গর্ভমাস /গর্‌ভোমাশ্‌/ [স. গর্ভ+√মস্‌+অ] বি. সন্তান ধারণের প্রথম মাস।

গর্ভমোচন /গর্‌ভোমোচন্‌/ [স. গর্ভ+√মুচ্‌+অন] বি. প্রসব।

গর্ভযন্ত্রণা /গর্‌ভোজন্‌ত্রোনা/ [স. গর্ভ+√যন্ত্র্‌+অন+

www.pathagar.com

আ (টাপ্)] বি. ১ প্রসববেদনা, গর্ভধারণের কষ্ট। ২ (আল.) নিদারুণ কষ্ট।

গর্ভলক্ষণ /গর্‌ভোলোক্‌খোন্/ [স. গর্ভ+√লক্ষ্+অন] বি. গর্ভে সন্তান ধারণের চিহ্ন, গর্ভসঞ্চারের লক্ষণ।

গর্ভসংক্রমণ/গর্‌ভোশংক্রোমোন্/ [স. গর্ভ+সম্+√ক্রম্+অন] বি. দ্র গর্ভসঞ্চার।

গর্ভসঞ্চার /গর্‌ভোশন্‌চার্/ [স. গর্ভ+সম্+√চর্+অ] বি. গর্ভে সন্তান বা ভ্রূণের আবির্ভাব, গর্ভাধান।

গর্ভস্থ /গর্‌ভোস্‌থো/ [স. গর্ভ+√স্থা+অ] বিণ. গর্ভে আছে এমন, গর্ভস্থিত, জঠরস্থ।

গর্ভস্রাব /গর্‌ভোস্‌স্রাব্/ [স. গর্ভ+√স্রু+অ] বি. ১ গর্ভপাত। ২ ভ্রূণহত্যা। বিণ. (আল.) অকাল কুষ্মাণ্ড, অপদার্থ।

গর্ভাগার /গর্‌ভাগার্/ [স. গর্ভ+আগার] বি. ১ আঁতুড়-ঘর, সূতিকাগার। ২ অন্তঃকক্ষ।

গর্ভাঙ্ক /গর্‌ভাংকো/ [স. গর্ভ+√অঙ্ক্+অ] বি. নাটকের অঙ্কের অন্তর্গত ক্ষুদ্রতর অঙ্ক বা দৃশ্য।

গর্ভাধান /গর্‌ভাধান্/ [স. গর্ভ+আধান] বি. ১ ভ্রূণ উৎপাদন। ২ গর্ভসঞ্চার।

গর্ভানুভূতি /গর্‌ভানুভুতি/ [স. গর্ভ+অনু+√ভূ+তি] বি. সন্তান গর্ভে থাকার সময় গর্ভিণীর উপলব্ধি।

গর্ভাশয় /গর্‌ভাশয়্/ [স. গর্ভ+আশয়] বি. গর্ভস্থ সন্তান যেখানে অবস্থান করে, জরায়ু, uterus।

গর্ভিণী /গোর্‌ভিনি/ [স. গর্ভ+ইন্+ঈ] বিণ. গর্ভবতী।

গর্ভিত /গোর্‌ভিতো/ [স. গর্ভ+ইত] বিণ. ১ গর্ভবতী হয়েছে এমন, গর্ভযুক্ত। ২ পূর্ণ করা হয়েছে এমন।

গর্হণ /গর্‌হন্/ [স. √গর্হ্+অন] বি. ১ দোষারোপ, নিন্দা, অপবাদ, বদনাম। ২ ভর্ৎসনা, তিরস্কার।

গর্হণা /গর্‌হনা/ [স. √গর্হ্+অন+আ (টাপ্)] বি. নিন্দা, অপবাদ।

গর্হিত /গোর্‌হিতো/ [স. √গর্হ্+ত] বিণ. ১ অতিশয় নিন্দনীয় (*গর্হিত অপরাধ*)। ২ মন্দ; কুৎসিত।

গর্হ্য /গোর্‌হো/ [স. √গর্হ্+য] বিণ. নিন্দনীয়, নিন্দার্হ।

গল /গল্/ [স. √গল্+অ] বি. গলা, কণ্ঠদেশ।

গলকম্বল/গলোকম্‌বোল্/ [স. গল+√কম্+অল] বি. গবাদিপশুর গলার নিচে কম্বলসদৃশ ঝুলন্ত মাংসপিণ্ড।

গলগণ্ড/গলোগন্‌ডো/ [স. গল+√গণ্ড্+অ] বি. দেহে আয়োডিনের অভাবহেতু থাইরয়েড গ্রন্থির বৃদ্ধিজনিত গলদেশের অস্বাভাবিক স্ফীতি, ঘ্যাগ, গণ্ডমালা, goitre।

গলগল /গল্‌গল্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত তরল পদার্থ নির্গত হওয়ার ভাবপ্রকাশক অনুকার শব্দ।

গলগ্রহ/গলোগ্‌গ্রোহো/ [স. গল+√গ্রহ্+অ] বি. ১ গলার অনভিপ্রেত বোঝা। ২ (আল.) অনিচ্ছাসত্ত্বেও যে ব্যক্তির ভরণপোষণের ভার অন্যকে গ্রহণ করতে হয়। ৩ যে দায়িত্ব বাধ্য হয়ে প্রতিপালন করতে হয়।

গলত /গলোত্/ [আ.] বি. ভুল; দোষ; অপরাধ।

গলতি /গোল্‌তি/ [ফা.] বি. ভুল; দোষ, ত্রুটি।

গলৎ /গলোত্/ [স. √গল্+অৎ] বিণ. গলছে বা ঝরছে এমন (*গলদশ্রু*); প্রবহমান।

গলদশ্রু /গলোদোস্‌স্রু/ [স. গলৎ+অশ্রু] বিণ. ক্রমাগত অশ্রু বিগলিত হচ্ছে বা ঝরছে এমন।

গলদা /গল্‌দা/ [দেশি.] বি. মস্তকের উপরিভাগে পুঞ্জাক্ষি (stalked eye) ও কঠিন খোলসাবৃত অমেরুদন্ডী রক্তহীন নীলাভ ধূসরবর্ণের জলজ প্রাণী যার উপাঙ্গের প্রথম জোড়া সাঁড়াশির মতো (মাছরূপে গণ্য হলেও বৈজ্ঞানিকমতে মাছ নয়)।

গলদেশ /গলোদেশ্/ [স. গল+√দিশ্+অ] বি. গলা।

গলদ্‌ঘর্ম /গলোদ্‌ঘর্‌মো/ [স. গলৎ+√ঘৃ+ম] বিণ. ১ শরীর থেকে ঘাম নিঃসৃত হচ্ছে এমন। ২ ক্লান্ত ও ঘর্মাক্ত (*গলদ্‌ঘর্ম অবস্থা*)।

গলন /গলোন্/ [স. √গল্+অন] বি. ১ দ্রবীভবন। ২ ক্ষরণ, নিঃসরণ, নির্গমন, নিষ্ক্রমণ।

গলনাঙ্ক /গলোনাংকো/ [স. গলন+অঙ্ক] বি. যে তাপমাত্রায় নির্দিষ্ট পরিমাণের কোনো কঠিন পদার্থ গলতে আরম্ভ করে এবং সম্পূর্ণ পরিমাণ পদার্থ গলে না যাওয়া পর্যন্ত ওই তাপমাত্রা অপরিবর্তিত থাকে, melting point।

গলনালি /গলোনালি/ [স. গল+নালি] বি. মেরুদন্ডী প্রাণীর মুখগহ্বরের পেছনে অবস্থিত নলাকৃতি অংশ যার মধ্য দিয়ে খাদ্য পানীয় প্রভৃতি পাকস্থলীতে প্রবেশ করে, খাদ্যনালি, কণ্ঠনালি, oesophagus।

গলনীয় /গলোনিও/ [স. √গল্+অনীয়] বিণ. গলনযোগ্য।

গলবস্ত্র /গলোবস্‌ত্রো/ [স. গল+√বস্+ত্র] বি. গলায় কাপড় জড়িয়ে বিনয় প্রকাশ। বিণ. অতিশয় বিনীত।

গলবিল /গলোবিল্/ [স. গল+√বিল্+অ] বি. মুখবিবরের ঠিক পেছনে দীর্ঘ এবং প্রশস্ত নলাকৃতি অংশ যা অন্ননালির সঙ্গে যুক্ত থাকে, pharynx।

গলরজ্জু /গলোরোজ্‌জু/ [স. গল+√সৃজ্+উ] বি. গলার দড়ি; ফাঁসি।

গললগ্ন /গলোলগ্‌নো/ [স. গল+√লগ্+ত] বিণ. ১ কণ্ঠনালি বা গলায় ঝুলে আছে এমন, কণ্ঠসংলগ্ন।

www.pathagar.com

২ গলায় জড়ানো হয়েছে এমন।

গলস্তনী /গলোস্‌তোনি/ [স. গল+√স্তন্+অ+ঈ] বি. ছাগী।

গলহস্ত /গলোহস্‌তো/ [স. গল+√হস্+ত] বি. গলায় হাত দিয়ে বহিষ্করণ, অর্ধচন্দ্র, গলাধাক্কা।

গলা[১] /গলা/ [স. গল >] বি. ১ গ্রীবা বা ঘাড়ের বিপরীত দিকের অংশ, কণ্ঠ। ২ ঘাড়, গ্রীবা। ৩ টুঁটি (*গলা চেপে ধরা*)। ৪ কণ্ঠস্বর (*গম্ভীর গলা*)। ৫ কণ্ঠের সুর (*গানের গলা*)। ৬ কণ্ঠস্বরের সামর্থ্য বা যোগ্যতা।

গলা[২] /গলা/ [বা.] ক্রিবি. ১ গলে যাওয়া, তরল বা দ্রবীভূত হওয়া (*বরফ গলা*)। ২ সংকীর্ণ ফাঁকের মধ্য দিয়ে কোনো প্রকারে নির্গত হওয়া বা প্রবেশ করা (*ফাঁক দিয়ে মাথা গলা*)। ৩ অভিভূত বা বিহ্বল হওয়া (*মন গলা*)। ৪ কোনো কিছু ফেটে নিঃসৃত হওয়া (*ফোড়া গলা*)। ৫ সেদ্ধ হওয়া, নরম হওয়া (*ভাত গলা*)। বিণ. ১ গলিত, দ্রবীভূত। ২ পচে গিয়েছে এমন (*গলা মাছ*)।

গলা কাটা /গলা কাটা/ ক্রিবি. ১ দেহ থেকে মাথা বিচ্ছিন্ন করা। ২ (আল.) প্রবঞ্চনা করা।

গলাকাটা দাম /গলাকাটা দাম/ বি. অত্যধিক মূল্য, বেশি দাম।

গলাখাঁকারি /গলাখাঁকারি/ [দেশি.] বি. নিজ অস্তিত্ব বা উপস্থিতি জ্ঞাপনার্থে কৃত্রিম কাশির শব্দ।

গলা খুসখুস /গলা খুশ্‌খুশ্/ বি. গলার মধ্যে এমন অনুভূতি যাতে কাশির উদ্রেক হয়।

গলাগলি /গলাগোলি/ [বা.] বি. একে অন্যের গলা জড়িয়ে আলিঙ্গন। বিণ. অতিশয় আন্তরিকতাপূর্ণ (*গলাগলি ভাব*)। ক্রিবিণ. অত্যন্ত ঘনিষ্ঠ হয়ে বা আন্তরিকভাবে।

গলা ঘড়ঘড় /গলা ঘড়্‌ঘড়্/ বি. গলায় শ্লেষ্মা জমার ফলে ঘড়ঘড় শব্দ।

গলা চাপা /গলা চাপা/ ক্রিবি. ১ কণ্ঠস্বর নিচু করা। ২ শ্বাসরোধ করা।

গলা ছাড়া /গলা ছাড়া/ [বা.] ক্রিবি. কণ্ঠস্বর উঁচু করা (*গলা ছেড়ে গাওয়া*)।

গলাজল /গলাজল্/ [বা. গলা+স. জল] বি. ১ গলা পর্যন্ত ডোবে এমন গভীরতা। ২ গলা পর্যন্ত জলে নিমজ্জিত অবস্থা। ৩ (আল.) গভীর সংকট।

গলাধঃকরণ /গলাধোক্‌করোন্/ [স. গল+অধঃ+√কৃ+অন] বি. ১ গিলন। ২ ভক্ষণ; গ্রাসকরণ। ৩ পান।

গলা ধরা /গলা ধরা/ ক্রিবি. ১ ঠান্ডা লেগে গলার স্বর বিকৃত হওয়া। ২ আবেগে কণ্ঠ রুদ্ধ হওয়া।

গলাধাক্কা /গলাধাক্‌কা/ [বা.] বি. গলায় হাত দিয়ে বিতাড়ন, অপমান করে বিতাড়ন, অর্ধচন্দ্র।

গলানো /গলানো/ [বা.] ক্রিবি. ১ তরলায়িত করা। ২ সংকীর্ণ পরিসরের মধ্য দিয়ে প্রবেশ করানো, ঢোকানো (*মাথা গলানো*)। ৩ আর্দ্র বা তুষ্ট করে ভুলানো (*মন গলানো*)।

গলাবন্ধ /গলাবন্‌ধো/ [বা. গলা+স. বন্ধ] ক্রিবি. ঠান্ডা না লাগার জন্য গলায় জড়ানোর লম্বা বস্ত্রখণ্ড, comforter।

গলা বসা /গলা বশা/ ক্রিবি. ক্রমাগত জোরে কথা বলা বা ঠান্ডা লাগার ফলে গলার স্বর বিকৃত হওয়া।

গলা বাঁচানো /গলা বাঁচানো/ ক্রিবি. প্রাণ বাঁচানো।

গলাবাজি /গলাবাজি/ [বা.] বি. ১ চিৎকার, চেঁচামেচি। ২ (ব্য.) অসার বক্তৃতা।

গলা ভাঙা /গলা ভাঙা/ [বা.] ক্রিবি. দ্র গলা বসা।

গলায় গলায় /গলায় গলায়/ বিণ. অত্যন্ত ঘনিষ্ঠ। ক্রিবিণ. নিবিড়ভাবে।

গলায় গাঁথা /গলায় গাঁথা/ ক্রিবি. গলগ্রহ হওয়া, অনভিপ্রেত বোঝা হওয়া।

গলায় দড়ি /গলায় দোড়ি/ বি. ১ ফাঁসি। ২ ধিক্কার-সূচক উক্তি।

গলায় লাগা /গলায় লাগা/ ক্রিবি. ১ খাদ্যবস্তু গলায় আটকে দম বন্ধের উপক্রম হওয়া। ২ ওল কচু প্রভৃতি খাওয়ার ফলে গলা চুলকানো।

গলা সাধা /গলা শাধা/ ক্রিবি. গানের সুর সাধনা করা, গানের রেওয়াজ করা।

গলাসি /গলাশি/ [দেশি.] বি. গবাদিপশুর গলায় যে দড়ি বাঁধা হয়।

গলি /গোলি/ [দেশি.] বি. চলাচলের সংকীর্ণ পথ।

গলিঘুঁজি /গোলিঘুঁজি/ [দেশি.] বি. ১ দুর্গম ও অপ্রশস্ত পথ। ২ অলিগলি।

গলিজ /গোলিজ্/ [আ.] বিণ. ১ নোংরা। ২ দুর্গন্ধময়। ৩ পচা; বিকৃত।

গলিত /গোলিতো/ [স. √গল্+ত] বিণ. ১ গলে গেছে এমন, দ্রবীভূত। ২ জীর্ণ, বার্ধক্যপীড়িত। ৩ শিথিল, ঢিলা, আলগা। ৪ ক্ষরিত, ক্ষয়প্রাপ্ত।

গলিতকুষ্ঠ /গোলিতোকুশ্‌ঠো/ [স. গলিত+√কুষ্+থ] বি. যে কুষ্ঠ রোগে অঙ্গপ্রত্যঙ্গ পচে গলে পড়ে।

গলুই /গোলুই/ [দেশি.] বি. নৌকার সামনের দিকে বা পেছনের দিকে যে অংশ ক্রমশ সরু হয়ে আসে।

গল্প /গল্‌পো/ [স. জল্প >] বি. ১ কাহিনি, উপকথা;

www.pathagar.com

ক্ষুদ্র উপন্যাস। ২ কথাবার্তা, আলাপ (*গল্প করা*)।

গল্পগুচ্ছ /গল্‌পোগুচ্ছো/ [বা.] বি. ১ গল্পসংগ্রহ। ২ রবীন্দ্রনাথকৃত গল্পসংগ্রহ।

গল্পগুজব /গল্‌পোগুজব্/ [বা.] বি. নানাবিধ কথা-বার্তা, গালগল্প।

গল্পসল্প /গল্‌পোশল্‌পো/ [বা.] বি. আলাপ-আলোচনা, গালগল্প।

গল্পে /গোল্‌পে/ [বা.] বিণ. গল্প করে সময় কাটাতে পছন্দ করে এমন।

গসগস /গশ্‌গশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. চাপা ক্রোধ বা অসন্তোষ প্রকাশক অস্পষ্ট উক্তি, গজগজ।

গ. সা. গু. /গশাগু/ বি. কোনো সংখ্যাকে দুই বা ততোধিক যে সর্বোচ্চ সংখ্যা দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না, গণিতের প্রণালিবিশেষ, 'গরিষ্ঠ সাধারণ গুণনীয়ক'-এর সংক্ষিপ্ত রূপ, HCF।

গস্ত /গস্‌তো/ [ফা.] বি. ১ ভ্রমণ, টহল। ২ ভ্রমণ করে নানা জিনিস ক্রয়।

গস্তবেনে /গস্‌তোবেনে/ [ফা. গস্ত >] বি. যে ব্যবসায়ী হাটবাজারে ঘুরে দ্রব্যাদি ক্রয় করে।

গস্তানি /গস্‌তানি/ [ফা.] ক্রিবি. ১ টহল দেওয়া। ২ অলসভাবে ঘোরা। বি. কুলটা নারী।

গস্তিদার /গস্‌তিদার্/ [ফা.] বি. যে ব্যক্তি সস্তাদরে জিনিসপত্র কেনার জন্য বিভিন্ন জায়গায় অনুসন্ধান করে।

গহন /গহোন্/ [স. √গহ্+অন] বিণ. ১ নিবিড়, গভীর (*গহন রাতে শ্রাবণধারা পড়িছে ঝরে*, রবীন্দ্র.)। ২ দুর্গম, দুষ্প্রবেশ্য। ৩ দুরূহ; দুর্বোধ্য। ৪ অতল-স্পর্শ, গহীন। বি. দুর্গম স্থান।

গহনা /গহোনা/ [হি.] বি. অলংকার, ভূষণ।

গহনাগাটি /গহোনাগাটি/ [বা.] বি. নানাবিধ অলংকার ও ওইরূপ মূল্যবান সামগ্রী, গয়নাগাটি।

গহনাপত্র /গহোনাপত্‌ত্রো/ [হি. গহনা+স. পত্র] বি. দ্র গহনাগাটি।

গহিন /গোহিন্/ [স. গহন >] বিণ. ১ গভীর, অতল। (*গহিন গাঙের নাইয়া*)। ২ গহন, দুর্গম।

গহ্বর /গওভর্/ [স. √গাহ্+বর] বি. ১ খাদ, গর্ত। ২ সংকীর্ণ ও গভীর জায়গা। ৩ পাহাড়ের গুহা।

গা[১] /গা/ [স. গাত্র >] বি. ১ শরীর, দেহ, গাত্র (*গায়ে দেওয়ার চাদর*)। ২ বস্তুর বহিরঙ্গ বা পৃষ্ঠদেশ। ৩ চামড়া, বহিরাবরণ। ৪ মনোযোগ, গরজ (*গা করা*)। ৫ অনুভূতি (*গা সওয়া*)।

গা[২] /গা/ [স. গান্ধার >] বি. স্বরগ্রামের তৃতীয় সুর গান্ধার, গান্ধারের সংকেত।

গা[৩] /গা/ [স. গৈ >] অনুক্রি. (তুচ্ছার্থে বা আদরার্থে মধ্যম পুরুষে) গাইবার অনুজ্ঞা।

গা[৪] /গা/ [স. অঘো >] অব্য. সম্বোধনসূচক শব্দ (*তুমি কে গা*)।

গাই[১] /গাই/ [স. গবী >] বি. গাভি।

গাই[২] /গাই/ [বা.] ক্রিবি. (উত্তম পুরুষে) গাহি, গান করি (*আমি বাংলার গান গাই* প্রতুল.)।

গাই গোরু /গাই্ গোরু/ বি. গাভি।

গাইয়ে /গাইয়ে/ [বা.] বিণ. ১ গান করে এমন। ২ সুগায়ক, গানে পটু। বি. গায়ক।

গাউন /গাউন্/ [ফ.] বি. ১ পাশ্চাত্য নারীদের পোশাক। ২ বিশ্ববিদ্যালয়ের আচার্য স্নাতক বিচারক প্রমুখের সম্মান ও পদমর্যাদা সূচক লম্বা ও ঢিলেঢালা আনুষ্ঠানিক বহির্বাস। ৩ gown।

গাওনা /গাওনা/ [স. গান >] বি. ১ গানের মজুরি বা পারিশ্রমিক। ২ পেশাদার গায়কের গান।

গাওয়া[১] /গাওআ/ [স. গান >] ক্রিবি. ১ গান করা। ২ মহিমা প্রচার করা (*গুণ গাওয়া*)। বিণ. গান করা হয়েছে এমন, গীত।

গাওয়া[২] /গাওআ/ [স. গব্য >] বিণ. গোদুগ্ধজাত, গব্য (*গাওয়া ঘি*)।

গাওয়া[৩] /গাওআ/ [ফা.] বি. ১ সাক্ষী, প্রত্যক্ষদর্শী। ২ সাক্ষ্য।

গাওয়ানো /গাওআনো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে গান করানো।

গাং /গাং/ [স. গঙ্গা >] বি. নদী (*গহিন গাং*)।

গাংচিল /গাংচিল্/ [স. গঙ্গাচিল >] বি. নদী জলাশয় প্রভৃতি অঞ্চলে বিচরণ করে এমন সুচালো চঞ্চু এবং ধূসরবর্ণ লম্বা ডানা ও লেজবিশিষ্ট ঝুঁটিওয়ালা শিকারি পাখিবিশেষ, জলকুক্কুট।

গাংদাড়া /গাংদাড়া/ [বা.] বি. বকের ঠোঁটের মতো দীর্ঘ ও সুচালো ঠোঁট এবং সরু ও গোলাকার লম্বাটে দেহবিশিষ্ট হালকা সবুজাভ সাদা মিঠাপানির মাছ, বকঠুঁটোমাছ, কাকিলা।

গাংশালিক /গাংশালিক/ [স. গঙ্গাশালিক >] বি. নদী জলাশয় প্রভৃতি অঞ্চলে বিচরণ করে এমন শালিক-জাতীয় পাখিবিশেষ।

গাঁ /গাঁ/ [স. গ্রাম >] বি. গ্রাম (*কালো তারে বলে গাঁয়ের লোক।* রবীন্দ্র.)।

গাঁই /গাঁই/ [স. গ্রামী >] বি. ব্রাহ্মণদের শ্রেণিবিভাগ-বিশেষ।

গাঁইগুঁই /গাঁইগুঁই/ [ধ্বন্যা.] অব্য. অনিচ্ছা বা অসম্মতি সূচক ভাবভঙ্গি।

www.pathagar.com

গাইগোত্র /গাইগোত্তোত্রো/ [বা.] বি. পূর্বপুরুষের গ্রাম ও গোত্রপরিচয়, কুলপরিচয়।

গাইট /গাইট্/ [স. গ্রন্থি >] বি. ১ জীবদেহের অস্থির সংযোগস্থল, সন্ধি। ২ আখ বাঁশ প্রভৃতির গেরো। ৩ বাঁধন, knot। ৪ ট্যাঁক, পকেট। ৫ গোছা, বস্তা, বান্ডিল।

গাইতি /গাইতি/ [হি. গৈঁতী >] বি. শক্ত মাটি ও কঠিন পৃষ্ঠতল কাটার জন্য ব্যবহৃত দুমুখো কুঠারবিশেষ।

গাইয়া /গাইআ/ [স. গ্রাম্য >] বিণ. ১ গ্রাম্য। ২ শহরের রীতিনীতির সঙ্গে মানানসই নয় এমন, পাড়াগেঁয়ে। ৩ গ্রামসম্বন্ধীয়। ৪ গ্রামে প্রচলিত।

গাঁকগাঁক /গাঁক্‌গাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ক্রুদ্ধ পশুর ডাক। ২ (আল.) উচ্চস্বরে কথা বলার ভঙ্গি।

গাঁজ /গাঁজ্/ [হি.] বি. ১ ফেনা। ২ (বাংলায়) খামির।

গাঁজন /গাঁজোন্/ [বা.] বি. পচন; গেঁজে ওঠা ফেনা, fermentation।

গাঁজলা /গাঁজ্‌লা/ [দেশি.] বি. দ্র গাঁজ।

গাঁজা[১] /গাঁজা/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ পশ্চিম হিমালয় ও মধ্য এশিয়ায় জাত করাতের মতো খাঁজকাটা সবুজ পাতা ও গুচ্ছবদ্ধ ফুলবিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ বা তার শুকনো পাতা ও ফুল চূর্ণ করে প্রাপ্ত মাদকবিশেষ, মারিজুয়ানা।

গাঁজা[২] /গাঁজা/ [বা.] ক্রিবি. ১ পচে ফেনাযুক্ত হওয়া বা মেতে ওঠা। ২ সঞ্চিত হওয়া।

গাঁজাখুরি /গাঁজাখুরি/ [বা.] বিণ. গাঁজাখোরের কল্পনার মতো উদ্ভট ও অবিশ্বাস্য (*গাঁজাখুরি গল্প*)।

গাঁজাখোর /গাঁজাখোর্/ [বা. গাঁজা+ফা. খোর] বিণ. গাঁজার ধোঁয়া সেবন করে এমন, গঞ্জিকাসেবী।

গাঁজানো /গাঁজানো/ [বা.] ক্রিবি. ১ মাতানো বা পচানো। ২ (আল.) অবান্তর কথা বলে কালক্ষেপণ করা।

গাঁট /গাঁট্/ [স. গ্রন্থি >] বি. 'গাঁইট'-এর চলিত রূপ।

গাঁটি কাটা[১] /গাঁট্‌কাটা/ ক্রিবি. ট্যাঁক কেটে টাকা চুরি করা।

গাঁটিকাটা[২] /গাঁট্‌কাটা/ [স. গ্রন্থিচ্ছেদক >] বি. যে অন্যের ট্যাঁক কেটে টাকা চুরি করে, পকেটমার।

গাঁটছড়া /গাঁট্‌ছড়া/ [স. গ্রন্থিছড়া >] বি. হিন্দুবিবাহে কনের আঁচলের সঙ্গে বরের উত্তরীয়ের গ্রন্থি বাঁধার সংস্কার।

গাঁটরি /গাঁট্‌রি/ [স. গ্রন্থিল >] বি. কাপড়ের বোঁচকা, ছোটো বস্তা বা পুঁটলি।

গাঁটের পয়সা /গাঁটের পয়্‌শা/ বি. ১ নিজ তহবিল বা পকেটের টাকা। ২ জমানো টাকা।

গাঁট্টা /গাঁট্‌টা/ [হি. গট্টা >] বি. ১ মুষ্টিবদ্ধ আঙুলের গাঁট। ২ আঙুলের গাঁট দিয়ে আঘাত।

গাঁট্টাগোট্টা /গাঁট্‌টাগোট্‌টা/ [বা.] বিণ. বলিষ্ঠ ও শক্তিশালী।

গাঁতা /গাঁতা/ [স. গ্রন্থ >] বি. ১ বিনা পারিশ্রমিকে বিপন্ন কৃষকের কাজে সাহায্য করার রীতি। ২ দলবদ্ধভাবে কাজ।

গাঁতি[১] /গাঁতি/ [স. গ্রন্থি >] বি. ১ অল্প জোতজমা। ২ কোনো কাজ শেষ করার জন্য বহুলোকের সম্মিলন, guild। ৩ শ্রেণি, দল।

গাঁতি[২] /গাঁতি/ [হি. গৈঁতী >] বি. শক্ত মাটি ও কঠিন পৃষ্ঠতল কাটার জন্য ব্যবহৃত দুমুখো কুঠারবিশেষ, গাইতি।

গাঁতিদার /গাঁতিদার্/ [বা. গাঁতি+ফা. দার] বি. জোতজমার মালিক, জোতদার।

গাঁথন /গাঁথোন্/ [স. গ্রন্থন >] বি. দ্র গাঁথুনি।

গাঁথনি /গাঁথ্‌নি/ [স. গ্রন্থন >] বি. দ্র গাঁথুনি।

গাঁথা /গাঁথা/ [স. গ্রন্থন >] ক্রিবি. ১ সুশৃঙ্খলভাবে বিন্যস্ত করা (*মালা গাঁথা*)। ২ চিরজাগরূক থাকা (*মনে গাঁথা*)। ৩ বিদ্ধ করা (*বড়শিতে মাছ গাঁথা*)। ৪ সংলগ্ন করা (*চিঠির সঙ্গে গেঁথে দেওয়া*)।

গাঁথুনি /গাঁথুনি/ [স. গ্রন্থন >] বি. ১ মাল্যরচনা। ২ গ্রন্থন, শব্দচয়ন। ৩ নির্মাণকাজে স্তরে স্তরে ইট বিন্যাস।

গাঁদা /গাঁদা/ [স. গেন্দুক >] বি. পৃথিবীর প্রায় সর্বত্র শীত মৌসুমে ফোটে এমন উজ্জ্বল হলুদ কমলা প্রভৃতি রঙের ফুল বা তার পালকের মতো পাতা-বিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. মেক্সিকো), গন্ধলি, marigold।

গাঁদাল /গাঁদাল্/ [স. গন্ধালী >] বি. বাংলাদেশের প্রায় সর্বত্র জাত ভেষজগুণসম্পন্ন উৎকট গন্ধযুক্ত লতাবিশেষ, গন্ধভাদাল।

গা করা /গা করা/ ক্রিবি. ১ গরজ করা, আগ্রহ প্রকাশ করা। ২ মনোযোগ দেওয়া।

গা কাঁপা /গা কাঁপা/ ক্রিবি. শঙ্কাযুক্ত হওয়া, ভীত বোধ করা।

গা গতর /গা গতোর্/ বি. সর্বাঙ্গ, সমস্ত দেহ।

গা গরম /গা গরোম্/ বি. অল্প জ্বর।

গাগরি /গাগোরি/ [স. গর্গরী >] বি. জল রাখার ধাতব বা মাটির পাত্র, ঘড়া, কলস, কলসি।

গা গুলানো /গা গুলানো/ ক্রিবি. বমির উদ্রেক হওয়া।

www.pathagar.com

গা ঘেঁষা /গা ঘ্যাঁশা/ ক্রিবি. ১ গায়ের খুব কাছ ঘেঁষে অবস্থান করা। ২ অন্তরঙ্গ হওয়ার চেষ্টা করা। বিণ. গায়ে পড়ে ভাব জমায় এমন।

গাঙুর /গাঙুর্ / [স. গাঙ্গ >] বি. ছোটো নদী।

গাঙ্গ /গাংগো/ [স. গঙ্গা+অ] বিণ. ১ গঙ্গাসম্বন্ধীয়। ২ গঙ্গাজাত। বি. গঙ্গাপুত্র, ভীষ্ম।

গাঙ্গুলি /গাংগুলি/ [বা.] বি. পদবিবিশেষ, গঙ্গোপাধ্যায়।

গাঙ্গেয় /গাংগেয়ো/ [স. গঙ্গা+এয়] বিণ. ১ গঙ্গা-বিধৌত, গঙ্গাতীরবর্তী (*গাঙ্গেয় পশ্চিমবঙ্গ*)। ২ গঙ্গাসম্বন্ধীয়। ৩ গঙ্গাজাত। বি. মহাভারতোক্ত গঙ্গার পুত্র ভীষ্ম।

গাছ[১] /গাছ্/ [স. গচ্ছ >] বি. ১ ভূমি থেকে উদ্‌গত জীবসত্তা যা মূলের সাহায্যে খাদ্যগ্রহণ করে এবং সালোকসংশ্লেষণ (photo-synthesis) প্রক্রিয়ায় বায়ুমণ্ডলের কার্বন ডাই-অক্সাইড শুষে নিয়ে প্রকৃতির ভারসাম্য রক্ষা করে, বৃক্ষ, তরু; পাদপ, উদ্ভিদ; লতা; গুল্ম। ২ বৃক্ষসদৃশ কাঠের খণ্ড, ঘানিযন্ত্র।

গাছ[২] /গাছ্/ [বা.] বি. সংখ্যাবাচক শব্দের পরে টা টি অর্থে ব্যবহৃত প্রত্যয়বিশেষ (*দুগাছ লাঠি*)।

গাছগাছড়া /গাছ্‌গাছড়া/ [বা.] বি. ১ নানাজাতীয় বৃক্ষলতা। ২ ওষুধরূপে ব্যবহৃত লতাপাতা গুল্ম প্রভৃতি ভেষজ উদ্ভিদ।

গাছগাছালি /গাছ্‌গাছালি/ [বা.] বি. নানাজাতের বৃক্ষ ও লতাপাতা।

গাছড়া /গাছড়া/ [বা.] বি. ছোটো বুনো গাছ লতা গুল্ম প্রভৃতি।

গাছতলা /গাছ্‌তলা/ [বা.] বি. গাছের নিচে ছায়া-ঢাকা জায়গা।

গাছপাঁঠা/গাছ্‌পাঁঠা/ [দেশি.] বি. তরকারিরূপে রেঁধে খাওয়া যায় এমন কচি কাঁঠাল, ইঁচড়, এঁচড়।

গাছপাথর /গাছ্‌পাথোর/ [বা.] বি. পরিমাণ বা হিসাবের জন্য ব্যবহৃত সমবয়সের বৃক্ষ প্রস্তর প্রভৃতি (*বয়সের গাছপাথর নেই*), অজানা বয়স হিসাবের নির্দেশক শব্দ।

গাছপালা /গাছ্‌পালা/ [বা.] বি. বৃক্ষ ও ডালপালা, তরু ও লতাপাতা।

গা ছমছম /গা ছম্‌ছম্/ অব্য. ভয়ের অনুভূতি-সূচক ভাব (*ভয়ে গা ছমছম করা*)।

গাছা[১] /গাছা/ বি. ১ সংখ্যাবাচক শব্দের পরে টা টি অর্থে ব্যবহৃত বাংলা প্রত্যয়বিশেষ (*একগাছা চুড়ি*)। ২ দীর্ঘ ও সরু বস্তুর সংখ্যাসূচক বাংলা প্রত্যয় (*একগাছা দড়ি*)।

গাছা[২] /গাছা/ [বা.] বি. দীপাধার, পিলসুজ।

গা-ছাড়া /গাছাড়া/ [বা.] বিণ. আগ্রহহীন (*গা-ছাড়া ভাব*)। বি. ঢিলেঢালা ভাব।

গাছালি /গাছালি/ [বা.] বি. বৃক্ষলতাদি; বুনো লতা-গুল্ম।

গাছি[১] /গাছি/ বি. (আদরার্থে) দীর্ঘ ও সরু বস্তুর সংখ্যাসূচক বাংলা প্রত্যয় (*গোপনে তুলিয়া কুসুম গাঁথিয়া রেখে যাবে মালাগাছি।* রবীন্দ্র.)।

গাছি[২] /গাছি/ [বা.] বি. ১ যে ব্যক্তি খেজুর বা তালগাছের কাণ্ড চেঁছে রস সংগ্রহ ও গুড় তৈরি করে, সিউলি। ২ জাতিবিশেষ।

গাজন /গাজোন্/ [স. গর্জ্জন >] বি. চৈত্রমাসের শেষে দেবতা শিবের উৎসব; গম্ভীরা।

গাজর /গাজোর্/ [স. গর্জর >] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত কাঁচা বা রেঁধে খাওয়া যায় এমন গাঢ় অথবা হালকা কমলা রঙের মুলাসদৃশ কন্দ, carrot।

গাজি /গাজি/ [আ.] বি. ১ ন্যায়যোদ্ধারূপে খ্যাত একজন পির ও পুথিসাহিত্যের নায়ক। ২ পদবি-বিশেষ।

গাজির গান /গাজির্ গান্/ বি. গাজির প্রশস্তিসূচক গান।

গাজির পট /গাজির্ পট্/ বি. পুথিসাহিত্যে উল্লিখিত গাজির বীরত্বগাথা অবলম্বনে অঙ্কিত গ্রামীণ চিত্রপট।

গা জুড়ানো /গা জুড়ানো/ ক্রিবি. ১ ক্লান্তি বা জ্বালাযন্ত্রণা দূর হওয়া। ২ স্বস্তি পাওয়া। ৩ বমির উদ্রেক হওয়া, গা-গুলানো।

গা-জুরি করা /গাজুরি করা/ ক্রিবি. গায়ের জোরে কথা বলা; অন্যায় কথা বলা।

গা জ্বালা করা /গা জ্বালা করা/ ক্রিবি. ঈর্ষা বা বিরক্তির সৃষ্টি হওয়া।

গাড্ডা /গাড়্ডা/ [হি.] বি. ১ গর্ত, গহ্বর। ২ (আল.) অস্বস্তিকর পরিস্থিতি, বিপদ (*গাড্ডায় পড়া*)।

গাড়ল /গাড়োল্/ [বা.] বি. ১ মেষ, ভেড়া, গড্ডল। ২ (আল.) অন্যের বুদ্ধিতে পরিচালিত হয় এমন ব্যক্তি। ৩ গালিবিশেষ।

গাড়া[১] /গাড়া/ [স. গর্ত >] বি. গর্ত, খানা, খাদ।

গাড়া[২] /গাড়া/ [বা.] ক্রিবি. ১ প্রোথিত করা, ভেতরে প্রবেশ করানো (*খুঁটি গাড়া*)। ২ স্থাপন করা (*আস্তানা গাড়া*)। ৩ মুড়ে বসা (*হাঁটু গাড়া*)।

গাড়ি /গাড়ি/ [স. গন্ত্রী >] বি. এক স্থান থেকে অন্য স্থানে যাত্রী বা পণ্য বহনের জন্য ব্যবহৃত শকট।

গাড়িঘোড়া /গাড়িঘোড়া/ [বা.] বি. বিভিন্ন ধরনের

www.pathagar.com

যানবাহন, শকটাদি।

গাড়িবারান্দা /গাড়িবারান্দা/ [বা.] বি. বাড়ির সামনের দিকের ছাদওয়ালা বারান্দা যেখানে গাড়ি রাখা যায় বা গাড়িতে ওঠানামা করা যায়।

গাড়িয়াল /গাড়িআল্/ [বা.] বি. যে ব্যক্তি গোরুর গাড়ি চালায়।

গাড়ু /গাড়ু/ [স. গড্ডুক >] বি. নলযুক্ত জলপাত্র-বিশেষ, বদনা।

গাড়োয়ান /গাড়োআন্/ [বা.] বি. ঘোড়ায় টানা গাড়ি চালানো যার পেশা।

গাড়োয়ানি /গাড়োআনি/ [বা.] বি. ঘোড়ায় টানা গাড়ি চালানোর পেশা।

গা ঢাকা /গা ঢাকা/ ক্রিবি. আত্মগোপন করা, অদৃশ্য হওয়া।

গা ঢাকা দেওয়া /গা ঢাকা দেওআ/ ক্রিবি. আত্ম-গোপন করা।

গাঢ় /গাঢ়ো/ [স. √গাহ্+ত] বিণ. ১ ঘন (*গাঢ় দুধ*)। ২ রাশীকৃত ও ঘনীভূত (*গাঢ় অন্ধকার*)। ৩ গভীর (*গাঢ় ঘুম*)। ৪ নিবিড় (*গাঢ় আলিঙ্গন*)। ৫ আবদ্ধ (*গাঢ় মুষ্টি*)। ৬ নিমগ্ন, নিবিষ্ট। ৭ চড়া, টকটকে (*গাঢ় লাল*)। ৮ দৃঢ়, অবিচল (*গাঢ় বন্ধুত্ব*)। বি. ~তা /-তা/।

গাঢ়ত্ব /গাঢ়োত্তো/ [স. গাঢ়+ত্ব] বি. ১ গভীরতা। ২ নিবিড়তা। ৩ তীব্রতা। ৪ দৃঢ়তা।

গাণনিক /গানোনিক্/ [স. গণন+ইক] বিণ. গণনা-কারী। বি. হিসাবরক্ষক।

গাণপত্য /গানোপোত্তো/ [স. গণপতি+য] বিণ. গণেশসম্বন্ধীয়। বি. গণেশ-উপাসক সম্প্রদায়-বিশেষ।

গাণিতিক /গানিতিক্/ [স. গণিত+ইক] বিণ. ১ গণিত-বিষয়ক। ২ গণিতজ্ঞ, গণিতশাস্ত্রজ্ঞ।

গাণ্ডিব /গান্ডিব্/ [স. গাণ্ডি+ব] বি. ১ ধনু। ২ মহাভারতে বর্ণিত অর্জুনের ধনুক।

গাণ্ডিবধন্বা /গান্ডিবধন্না/ [স. গাণ্ডিব+ধন্বন্] বি. অর্জুন।

গাণ্ডিবী /গান্ডিবি/ [স. গাণ্ডিব+ইন্] বিণ. গাণ্ডিব-ধারী। বি. তৃতীয় পাণ্ডব অর্জুন।

গাতব্য /গাতোব্বো/ [স. √গৈ+তব্য] বিণ. গাওয়া যায় বা গাওয়ার যোগ্য এমন।

গাতা /গাতা/ [স. √গৈ+ত্] বি. যে গান করে, গায়ক।

গা তোলা /গা তোলা/ ক্রিবি. শয্যাত্যাগ করা।

গাত্র /গাত্রো/ [স. √গম্+ত্র] বি. ১ শরীর, গা, দেহ, তনু। ২ উপরিভাগ বা বহির্ভাগ; পার্শ্বদেশ।

গাত্রজ্বালা /গাত্রোজালা/ [স. গাত্র+√জ্বল্+অ+আ (টাপ্)] বি. দ্র গাত্রদাহ।

গাত্রদাহ /গাত্রোদাহো/ [স. গাত্র+√দহ্+অ] বি. ১ গায়ের জ্বালা। ২ ঈর্ষা ক্রোধ প্রভৃতি মানসিক ভাব।

গাত্রমার্জনী /গাত্রোমারজোনি/ [স. গাত্র+√মৃজ্+অন+ঈ] বি. যা দিয়ে গা মোছা হয় (গামছা তোয়ালে প্রভৃতি)।

গাত্রহরিদ্রা /গাত্রোহোরিদ্রা/ [স. গাত্র+হরি+√দ্রা+অ+আ (টাপ্)] বি. বিয়ের আগে পাত্রপাত্রীর গায়ে হলুদ লেপনের সংস্কারবিশেষ, গায়েহলুদ।

গাত্রানুলেপনী /গাত্রানুলেপোনি/ [স. গাত্র+অনু+√লিপ্+অন+ঈ] বি. গায়ে প্রসাধনদ্রব্য লেপনের তুলি।

গাত্রাবরণ /গাত্রাবোরন্/ [স. গাত্র+আবরণ] বি. দ্র গাত্রাবরণী।

গাত্রাবরণী /গাত্রাবোরোনি/ [স. গাত্রাবরণ+ঈ] বি. ১ গায়ের চাদর, উড়ুনি, উত্তরীয়। ২ বর্ম, সাঁজোয়া।

গাত্রী /গাত্রি/ [স. √গাত্+ঈ] বি. গায়িকা।

গাত্রোত্থান /গাত্রোত্থান্/ [স. গাত্র+উত্থান] বি. শয্যাত্যাগ।

গাথক /গাথক্/ [স. √গৈ+থক] বি. গায়ক। স্ত্রী. গাথিকা /গাথিকা/।

গাথা /গাথা/ [স. √গৈ+থ+আ (টাপ্)] বি. ১ কবিতা, শ্লোক; গান। ২ এক প্রকার গীতিকবিতা, ballad; পালাগান। ৩ বর্ণন; গুণকথন (*যশোগাথা*)।

গাথিকা /গাথিকা/ [স. গাথা+কন্+আ (টাপ্)] বি. গায়িকা।

গাদ /গাদ্/ [স. কর্দ >] বি. তরল পদার্থের যে ময়লা থিতিয়ে নিচে জমা হয়, তলানি, কাইট, শিটা (*তেলের গাদ*)।

গাদ কাটা /গাদ্ কাটা/ ক্রিবি. ময়লা কাটা, ময়লা দূর করা।

গাদন /গাদোন্/ [বা.] বি. ১ গাদাগাদি অবস্থা। ২ পেট পুরে আহার। ৩ প্রহার। ৪ খেলাবিশেষ।

গাদা[১] /গাদা/ [বা.] ক্রিবি. চাপাচাপি করে ভরতি করা। বিণ. ঠেসে ভরা হয়েছে এমন।

গাদা[২] /গাদা/ [দেশি.] বি. বড়ো মাছের পিঠের দিকের অংশ।

গাদা[৩] /গাদা/ [হি. গদ্দা >] বি. ১ রাশি, স্তূপ (*ময়লার গাদা*)। ২ ভিড়।

গাদাগাদা /গাদাগাদা/ [বা.] বিণ. রাশি রাশি, প্রচুর।

গাদাগাদি /গাদাগাদি/ [বা.] বি. ঠাসাঠাসি, চাপাচাপি।

গাদানো /গাদানো/ [বা.] ক্রিবি. ১ ঠেসে ভরানো।

www.pathagar.com

২ জোর করে খাওয়ানো। বিণ. ঠেসে ভরা হয়েছে এমন।

গাদাবন্দুক /গাদাবোন্দুক্ / [বা.] বি. যে বন্দুক থেকে গুলি নিক্ষেপ করার জন্য বারুদ ঠেসে ভরতে হয়।

গাদি /গাদি / [বা.] বি. দ্র গাদা[৩]।

গাধ /গাধ্/ [স. √গাধ্+অ] বি. তল। বিণ. তল স্পর্শ করা যায় এমন, অগভীর।

গাধা /গাধা/ [স. গর্দভ >] বি. ১ মোট বহনের জন্য ব্যবহৃত ঘোড়াপ্রজাতির গৃহপালিত স্তন্যপায়ী চতুষ্পদ প্রাণী, গর্দভ, রাসভ। ২ গালিবিশেষ। বিণ. (আল.) অত্যন্ত নির্বোধ, বোকা। স্ত্রী. গাধি /গাধি/।

গাধামি /গাধামি/ [বা.] বি. মূর্খতা, নির্বুদ্ধিতা, বোকামি।

গাধার খাটুনি /গাধার খাটুনি/ বি. ১ বুদ্ধি খাটিয়ে করতে হয় না কিন্তু শ্রমসাধ্য এমন কাজ। ২ পারিশ্রমিকের তুলনায় অতিরিক্ত খাটুনি।

গাধার পিটুনি /গাধার পিটুনি/ বি. অপরিমিত ও নির্মম প্রহার।

গাধি /গাধি/ [স. √গাধ্+ই] বি. পৌরাণিক রাজা কুশিকের পুত্র ও বিশ্বামিত্রের পিতা।

গাধেয় /গাধেয়ো/ [স. গাধি+এয়] বি. রামায়ণে বর্ণিত গাধির পুত্র বিশ্বামিত্র।

গা ধোয়া /গা ধোআ/ ক্রিবি. গাত্র প্রক্ষালন করা, স্নান করা, গোসল করা, অবগাহন করা।

গান /গান্ / [স. √গৈ+অন] বি. ১ নির্দিষ্ট সুর তাল ও লয়ে উচ্চারিত ছন্দবদ্ধ রচনা, সংগীত (*গান গাওয়া*)। ২ গীতিকবিতা। ৩ সুমধুর ধ্বনি বা রব (*পাখির গান*)। ৪ কীর্তন, বর্ণন (*গুণগান*)।

গানবাজনা /গান্বাজ্না / [স. গান+হি. বাজনা] বি. গান ও বাজনা, গীতবাদ্য।

গানবোট /গান্বোট্ / [ই.] বি. অগভীর জলে চলতে পারে এমন ছোটো ভারী আগ্নেয়াস্ত্রসজ্জিত রণতরি, gunboat।

গান্ধর্ব /গান্ধর্বো / [স. গন্ধর্ব+অ] বি. স্বর্গীয় গায়ক ও বৈদ্য। বিণ. ১ গন্ধর্ববিষয়ক। ২ গন্ধর্বপ্রথা অনুযায়ী সম্পাদিত।

গান্ধর্ববিদ্যা /গান্ধর্বোবিদ্দা / [স. গান্ধর্ব+√বিদ্+য+আ (টাপ্)] বি. সংগীতবিষয়ক শাস্ত্র।

গান্ধর্ববিবাহ /গান্ধর্বোবিবাহো / [স. গান্ধর্ব+বিবাহ] বি. পাত্রপাত্রীর ইচ্ছানুযায়ী প্রচলিত আচার-অনুষ্ঠান পরিহার করে একে অপরকে স্বামী-স্ত্রীরূপে বরণ।

গান্ধর্বমত /গান্ধর্বোমত্ / [স. গান্ধর্ব+√মন্+ত] বি. গান্ধর্ববিবাহের মতবাদ।

গান্ধার /গান্ধার্/ [স. গান্ধারি+অ] বি. ১ স্বরগ্রামের তৃতীয় স্বর গা। ২ দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ। ৩ কান্দাহারের অধুনালুপ্ত নাম। ৪ কান্দাহারের অধিবাসী। বিণ. কান্দাহার বা ওইদেশজাত।

গান্ধারী /গান্ধারি/ [স. গান্ধার+ঈ] বি. গান্ধাররাজ সুবলের কন্যা যিনি জন্মান্ধ ধৃতরাষ্ট্রকে স্বামিত্বে বরণ করেন।

গান্ধিপোকা /গান্ধিপোকা/ [দেশি.] বি. বাংলাদেশসহ ধান উৎপাদনকারী দেশসমূহে বিচরণ করে এমন তিনজোড়া পা ও শুঙ্গবিশিষ্ট এবং আত্মরক্ষার কৌশলরূপে গন্ধ ছড়ায় এমন শস্য ধ্বংসকারী বাদামি-সবুজ কীট, rice bug।

গান্ধিবাদ /গান্ধিবাদ্ / [ব্যক্তি. গান্ধি+স. বাদ] বি. মহাত্মা গান্ধি কর্তৃক প্রবর্তিত অহিংস মতবাদ, অহিংস মতবাদ।

গাপ /গাপ্ / [আ. গায়েব >] বি. গোপনে আত্মসাৎ। বিণ. গায়েব, অদৃশ্য; গুপ্ত, লুক্কায়িত।

গাফিলতি /গাফিলোতি/ [আ. গফ্লত >] বি. ১ অবহেলা, উপেক্ষা; উদাসীনতা। ২ অমনোযোগিতা, অনবধানতা। ৩ কুঁড়েমি, ঢিলেমি।

গাব[১]/গাব্ / [স. গালব >] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে জাত চারটি পাপড়িবিশিষ্ট ছোটো সাদাটে মৃদুগন্ধ ফুল ও কষায় মিষ্টস্বাদ গোলাকার ফল (যার কষায় আঠা মাছ ধরার জাল বা আনদ্ধ বাদ্যযন্ত্রের চামড়ার ওপরে লাগানো হয়) বা তার মাঝারি আকৃতির চিরসবুজ গাছ, তিন্দু।

গাব[২]/গাব্ / [স. গালব >] বি. ধাতব পদার্থের ওপর জমে থাকা ময়লা দাগ।

গাবগুবাগুব /গাব্গুবাগুব্ / [দেশি.] বি. বাউল গানের সঙ্গে বাজানো হয় এমন একমুখ চামড়া দিয়ে আবৃত কেবল একটি তারবিশিষ্ট বাদ্যযন্ত্র, আনন্দলহরি, খমক।

গাবদা /গাব্দা / [আঞ্চ.] বিণ. ১ ভারী। ২ স্থূল; বেমানান রকম মোটা।

গাবদাগোবদা /গাব্দাগোব্দা / [আঞ্চ.] বিণ. স্থূল ও বেমানান; মোটাসোটা।

গাবর[১] /গাবর্ / [স. কর্ণধার >] বি. ১ নৌকার মাঝিমাল্লা; হালিক। ২ কৈবর্ত। ৩ গোয়ালা। ৪ মজুর।

গাবর[২] /গাবর্ / [দেশি.] বিণ. ১ নির্বোধ। ২ অসভ্য।

গাবা /গাবা / [স. গর্ভ >] বি. ১ গর্ভ; গর্ভকেশর। ২ পুষ্পমঞ্জরি। ৩ কেশগুচ্ছ।

www.pathagar.com

গাবানো /গাবানো/ [স. গর্ব >] ক্রিবি. ১ কাঁচা গাবের কষ লাগানো। ২ পুকুর ডোবা প্রভৃতি জলাশয়ের পানি আলোড়ন করা। ৩ গর্বভরে জাহির করা।

গাভি /গাভি/ [স. গবী >] বি. গোরু, গাই, ধেনু।

গাভিন /গাভিন্/ [স. গর্ভিনী >] বিণ. গর্ভবতী (গাভি)।

গাভুর /গাভুর্/ [দেশি.] বিণ. ১ বলশালী, বলবান। ২ গোঁয়ার। ৩ দুর্বিনীত। বি. যুবক, জোয়ান।

গামছা /গাম্ছা/ [দেশি.] বি. গা মোছার কাপড়।

গামলা /গাম্লা/ [পো.] বি. মাটি বা ধাতুর তৈরি গোলক-আকৃতির বড়ো পাত্র।

গামার[১] /গামার্/ [স. গম্ভারী >] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত মসৃণ বাকল ও দীর্ঘ কাণ্ডবিশিষ্ট (৩০–৩৫ মিটার) ভেষজগুণসম্পন্ন বৃক্ষ যার কাঠ আসবাব-পত্র তৈরির কাজে ব্যবহৃত হয় (আনি. মায়ানমার), গামারি, গাম্ভারী।

গামার[২] /গামার্/ [হি.] বিণ. ১ গোঁয়ার। ২ মূর্খ।

গামা রশ্মি /গামা রোশ্মি/ বি. রঞ্জনরশ্মির চেয়ে ক্ষুদ্রতর তরঙ্গদৈর্ঘ্যের শক্তিশালী বিদ্যুৎ-চুম্বকীয় রশ্মি।

গামারি /গামারি/ [স. গম্ভারী >] বি. দ্র গামার[১]।

-গামী /গামি/ [স. √গম্+ইন্] বিণ. গমন করে এমন, গমনশীল (*অগ্রগামী*)।

গা-মোড়া /গামোড়া/ [দেশি.] ক্রিবি. আলস্য দূর করার জন্য গা মোচড় দেওয়া, আড়মোড়া ভাঙা।

গাম্ভারি /গাম্ভারি/ [স. গম্ভারিকা >] বি. দ্র গামার[১]।

গাম্ভীর্য /গাম্ভির্জ্যো/ [স. গম্ভীর+য] বি. ১ গম্ভীর ভাব। ২ চপলতার অভাব; অবিকারত্ব। ৩ গুরুত্ব; প্রগাঢ়তা। ৪ মহিমা।

গায়ক /গায়োক্/ [স. √গৈ+অক] বি. বিণ. গায়েন, গাইয়ে। স্ত্রী. গায়িকা /গায়িকা/।

গায়কি /গায়োকি/ [স. গায়িকা >] বি. গান গাওয়ার নিজস্ব ঢং।

গায়ত্রী /গায়োত্রি/ [স. গায়ৎ+√ত্রৈ+অ+ঈ] বি. ১ বেদমাতা। ২ তিন সন্ধ্যায় (প্রাতঃকাল মধ্যাহ্ন ও অপরাহ্নে) জপ্য মন্ত্র। ৩ বৈদিক ছন্দ।

গায়ন /গায়োন্/ [স. √গৈ+অন] বি. ১ গায়ক। ২ স্তুতিপাঠক। ৩ সংগীত পরিবেশন। ৪ (বাংলায়) মধুর কূজন।

গায়নপদ্ধতি /গায়োন্পদ্ধোতি/ [স. গায়ন+পদ্ধতি] বি. দ্র গায়কি।

গায়নবাদন /গায়োন্বাদোন্/ [স. গায়ন+বাদন] বি. গীতবাদ্য, গানবাজনা।

গায়ে কাঁটা দেওয়া /গায়ে কাঁটা দেওআ/ ক্রিবি. রোমাঞ্চের উদ্রেক হওয়া।

গায়েগতরে /গায়েগতোরে/ [বা.] ক্রিবিণ. সর্বাঙ্গে।

গায়ে দেওয়া /গায়ে দেওআ/ ক্রিবি. পরিধান করা (*জামা গায়ে দেওয়া*); শরীর আবৃত করা (*কাঁথা গায়ে দেওয়া*)।

গায়েন /গায়েন্/ [স. গায়ন >] বি. বিণ. ১ গায়ক (*গুপি গায়েন*); পুরাণগায়ক। ২ পদবিবিশেষ।

গায়ে পড়া[১] /গায়ে পড়া/ ক্রিবি. অযাচিতভাবে আলাপ করা।

গায়েপড়া[২] /গায়েপড়া/ [বা.] বিণ. উপরপড়া।

গায়েব /গায়েব্/ [আ.] বিণ. ১ অদৃশ্য; নিরুদ্দেশ। ২ গুপ্ত। ৩ আত্মসাৎ; গাপ (*টাকা গায়েব করা*)।

গায়েবি /গায়েবি/ [আ.] বিণ. প্রত্যক্ষ নয় এমন।

গায়ে মাংস লাগা /গায়ে মাংশো লাগা/ ক্রিবি. দ্র গায়ে মাস লাগা।

গায়ে মাখা /গায়ে মাখা/ ক্রিবি. গায়ে নেওয়া; গ্রাহ্য করা, আমল দেওয়া।

গায়ে মাস লাগা /গায়ে মাশ্ লাগা/ ক্রিবি. ১ কৃশতা দূর হওয়া। ২ স্বাস্থ্য ভালো হওয়া।

গায়ের জ্বালা /গায়ের জ্বালা/ বি. ১ গাত্রদাহ; ঈর্ষা, হিংসা। ২ ক্রোধ, রাগ।

গায়ে সওয়া /গায়ে শওআ/ ক্রিবি. অভ্যস্ত হওয়া।

গায়ে সহা /গায়ে শহা/ ক্রিবি. দ্র গায়ে সওয়া।

গায়েহলুদ /গায়েহোলুদ্/ [বা.] বি. বিয়ের আগে পাত্রপাত্রীর গায়ে হলুদ লেপনের সংস্কার।

গায়ে হাত তোলা /গায়ে হাত্ তোলা/ ক্রিবি. প্রহার করা, মারধর করা।

গারদ /গারোদ্/ [ই. guard >] বি. ১ জেল, কয়েদ, কারাদণ্ড। ২ কারাগার, জেলখানা, ফাটক।

গারুড় /গারুড়্/ [স. গরুড়+অ] বিণ. গরুড়-সম্পর্কিত। বি. ১ মহামূল্য রত্নবিশেষ, মরকতমণি। ২ ব্যূহ রচনার পৌরাণিক পদ্ধতিবিশেষ। ৩ পৌরাণিক অস্ত্রবিশেষ। ৪ সাপের বিষ নামানোর কল্পিত মন্ত্র।

গারুড়িক /গারুড়িক্/ [স. গরুড়+ইক] বি. ১ সাপুড়ে। ২ সাপের বিষ নামানোর কল্পিত চিকিৎসক, ওঝা।

গারো /গারো/ [স্থান.] বি. ১ অসম রাজ্যের দক্ষিণ-পশ্চিম অঞ্চলে অবস্থিত পর্বতশ্রেণি। ২ গারো পর্বতের উপত্যকায় বসবাসকারী নৃগোষ্ঠী।

গার্গী /গার্গি/ [স. গার্গ্য+ঈ] বি. প্রাচীন ভারতের মহীয়সী নারীরূপে পরিগণিত গর্গমুনির বিদুষী কন্যা এবং ঋগ্বেদের টীকাকার।

গার্গ্য /গার্গ্যো/ [স. গর্গ+য] বি. গর্গমুনির পুত্র

www.pathagar.com

(ঋগ্‌বেদের অধ্যাপক ও বিখ্যাত বৈয়াকরণ)।

গার্জেন /গার্‌জেন্‌/ [ই. guardian >] বি. অভিভাবক।

গার্টার/গাড়্‌টার্‌/[ই.] বি. (অধুনালুপ্ত) হাঁটুতে মোজা বেঁধে রাখার জন্য ব্যবহৃত রবারের ফিতে, garter।

গার্ড /গাড়্‌ড্‌/ [ই.] বি. ১ রক্ষক, পাহারাদার। ২ পরীক্ষার সময় যিনি নজরদারি করেন, invigilator। ৩ রেলগাড়ির পরিচালক বা তত্ত্বাবধায়ক।

গার্মেন্টিশ্রমিক /গার্‌মেন্‌ট্‌স্রোমিক্‌/ [ই. গার্মেন্ট+স. শ্রমিক] বি. পোশাকশিল্পে নিয়োজিত কর্মী।

গার্হপত্য /গার্‌হোপোত্‌তো/ [স. গৃহপতি+য] বি. যে গৃহস্থ হোমের আগুন সর্বক্ষণ প্রজ্বালিত রাখে, সাগ্নিক গৃহী। বিণ. গৃহপতি-সম্পর্কিত।

গার্হস্থ্য /গার্‌হোস্‌থো/ [স. গৃহস্থ+য] বি. গৃহস্থের কর্তব্য বা ধর্ম।

গাল[১] /গাল্‌/ [স. গল >] বি. ১ কপোল। ২ মুখবিবর; মুখ।

গাল[২] /গাল্‌/[বা.] বি. গালাগালি, কটু বাক্য।

গালগল্প /গাল্‌গল্‌পো/ [বা.] বি. মনগড়া কথা; বানানো গল্প বা বর্ণনা।

গালন /গালোন্‌/ [স. √গালি+অন] বি. ১ দ্রাবণ। ২ ক্ষারণ।

গালপাট্টা /গাল্‌পাট্‌টা/ [বা.] বি. গালজোড়া দাড়ি।

গাল ফোলানো /গাল্‌ ফোলানো/ ক্রিবি. অভিমান করা।

গালবাদ্য /গাল্‌বাদ্‌দো/ [স. গাল+√বাদি+য] বি. গাল ফুলিয়ে বমবম শব্দ উৎপাদন।

গালভরা /গাল্‌ভরা/ [বা.] বিণ. ১ পূর্ণ সন্তোষসূচক (*গালভরা হাসি*)। ২ আড়ম্বরপূর্ণ (*গালভরা কথা*)। ৩ পরিপূর্ণ (*গালভরা পান*)।

গালমন্দ/গাল্‌মোন্‌দো/ [বা.] বি. গালাগাল, কটূক্তি।

গালমন্দ করা /গাল্‌মোন্‌দো করা/ ক্রিবি. তিরস্কার করা, বকুনি দেওয়া, কটুবাক্য বলা।

গালা[১] /গালা/ [দেশি.] বি. পলাশ প্রভৃতি বৃক্ষের শাখায় পরজীবী কীট ক্যারিয়া লাক্ষার (kerrea lacca) ত্বকনিঃসৃত লাল রঞ্জনপদার্থের পুরু ও কঠিন আচ্ছাদন (স্বর্ণালংকারশিল্প বার্নিশ রং তৈরি সিলমোহর প্রভৃতি কাজে ব্যবহৃত), জউ, জতু।

গালা[২] /গালা/ [বা.] ক্রিবি. ১ গলিয়ে ফেলা। ২ ফাটিয়ে ভেতরের তরল পদার্থ নিষ্কাশিত করা।

গালাগাল /গালাগাল্‌/ [বা.] বি. গালমন্দ, ভর্ৎসনা।

গালাগালি /গালাগালি/ [বা.] বি. দ্র গালাগাল।

গালানো /গালানো/ [বা.] ক্রিবি. গলিয়ে ফেলা। বিণ. তরলিত।

গালি /গালি/ [বা.] বি. দ্র গালাগাল।

গালিগালাজ /গালিগালাজ্‌/ [বা.] বি. দ্র গালাগাল।

গালিচা /গালিচা/ [ফা.] বি. পশুলোম বা পাটের আঁশ থেকে তৈরি মেঝেতে পাতার পুরু ফরাশবিশেষ, কার্পেট।

গালিত /গালিতো/ [স. √গালি+ত] বিণ. ১ গালানো হয়েছে এমন। ২ নিংড়ানো। ৩ ছাঁকা।

গালে চুনকালি /গালে চুন্‌কালি/ বি. সামাজিক অন্যায়ের জন্য হেয় প্রতিপন্নকরণ।

গাল্পিক /গাল্‌পিক্‌/ [বা.] বি. বিণ. গল্পলেখক।

গা-সওয়া /গাশও্‌আ/ [বা.] ক্রিবি. সহ্য হওয়া। বিণ. অভ্যস্ত হয়ে গেছে এমন।

গা-সহা /গাশহা/ [বা.] ক্রিবি. বিণ. দ্র গা-সওয়া।

গাহ[১] /গাহো/ [স. গৃহ >] বি. ঘর।

গাহ[২] /গাহো/ [স. √গাহ্‌+অ] বি. দ্র গাহন।

গাহক /গাহোক্‌/ [স. গ্রাহক >] বি. ক্রেতা; 'গ্রাহক'-এর আঞ্চলিক রূপ।

গাহন /গাহোন্‌/ [স. √গাহ্‌+অন] বি. শরীর ডুবিয়ে অবগাহন, স্নান, গোসল।

গাহা /গাহা/ [বা.] ক্রিবি. ১ গান করা, গাওয়া। ২ মহিমা কীর্তন করা। ৩ প্রচার করা।

গিঁট /গিঁ:ট/ [স. গ্রন্থি >] বি. ১ শরীরের হাড়ের সংযোগ বা মিলনস্থান, গাঁট, গ্রন্থি। ২ বাঁধন।

গিজগিজ /গিজ্‌গিজ্‌/ [দেশি.] অব্য. ঠাসাঠাসি করে একত্রে অবস্থানের ভাবপ্রকাশক শব্দ, গিসগিস।

গিঞ্জি /গিন্‌জি/ [ফা.] বিণ. সংকীর্ণ; ঘন; নিবিড়; ঘেঁষাঘেঁষি; ঘিঞ্জি।

গিটকারি/গিট্‌কারি/ [হি.] বি. দ্র গিটকিরি।

গিটকিরি /গিট্‌কিরি/ [হি.] বি. (সংগীতে) পরপর দ্রুত উচ্চারিত একাধিক সুর।

গিধড়/গিধড়্‌/ [হি.] বি. শিয়াল। বিণ. ১ অপরিচ্ছন্ন। ২ স্বেচ্ছাচারী। ৩ অর্থলোভী।

গিনি /গিনি/ [ই.] বি. ইংল্যান্ডের ২১ শিলিং মূল্যমানের অধুনালুপ্ত স্বর্ণমুদ্রা, guinea।

গিনিসোনা /গিনিসোনা/ [ই. গিনি+বা. সোনা] বি. ২২ ভাগ বিশুদ্ধ সোনার সঙ্গে ২ ভাগ তামামিশ্রিত সোনা, ২২ ক্যারাটের সোনা।

গিন্নি /গিন্‌নি/ [স. গৃহিণী >] বি. 'গৃহিণী'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

গিন্নিপনা /গিন্‌নিপনা/ [বা.] বি. ১ গৃহিণীসুলভ আচরণ। ২ গৃহিণীর দায়িত্ব পালনে দক্ষতা। ৩ (ব্য.) অল্পবয়সে গৃহিণীসুলভ আচরণ।

www.pathagar.com

গিন্নিবান্নি /গিন্‌নিবান্‌নি / [বা.] বি. ১ বয়স্ক ও অভিজ্ঞতাসম্পন্ন গৃহকর্ত্রী বা তার মতো আচরণ। ২ চালচলনে সুগৃহিণীর মতো ধীর গম্ভীর নারী।

গিম /গিম্‌/ [স. গ্রীবা >] বি. গ্রীবা, গলা, গলদেশ।

গিমা /গিমা/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং বর্ষাকালে ফোটে এমন সাদা ছোটো ফুল বা তার ভেষজগুণসম্পন্ন লম্বাটে উপবৃত্তাকার তিক্ত-স্বাদ পাতাবিশিষ্ট (যা শাক হিসেবে রেঁধে খাওয়া হয়) বীরুৎশ্রেণির উদ্ভিদ।

গিয়া /গিআ/ [বা.] অসক্তি. অব্য. দ্র গিয়ে।

গিয়ে /গিয়ে/ [বা.] অসক্তি. গমন করার পর। অব্য. কথার মাত্রাবিশেষ (*তারপর হলো গিয়ে*)।

গিরগিটি /গির্‌গিটি/ [হি.] বি. আত্মরক্ষার জন্য দেহের রং পালটে পারিপার্শ্বিক পরিবেশের সঙ্গে মিশে যেতে পারে এমন সরীসৃপজাতীয় প্রাণিবিশেষ, chameleon। বিণ. (আল.) বহুরূপী।

গিরস্থালি /গিরস্‌থালি/ [স. গৃহস্থালি >] বি. ঘরকন্না বা সংসারের কাজ।

গিরা[১] /গিরা/ [ফা.] বি. ১ গিঁট, গ্রন্থি; বাঁধন। ২ অস্থিসন্ধি। ৩ বাধা।

গিরা[২] /গিরা/ [ফা.] বি. (বর্তমানে অপ্রচলিত) এক গজের ১৬ ভাগের ১ ভাগ; সোয়া দুই ইঞ্চি পরিমাণ।

গিরি[১] /গিরি/ [স. √গু+ই] বি. ১ পর্বত, পাহাড়। ২ দশনামী সম্প্রদায়ের সন্ন্যাসী বা তান্ত্রিকবিশেষ।

–গিরি[২] /গিরি/ [ফা.] অব্য. বৃত্তি আচরণ প্রভৃতি বোধক তদ্ধিত প্রত্যয়বিশেষ (*বাবুগিরি*)।

গিরিকন্দর /গিরিকন্‌দর্‌/ [স. গিরি+কন্দর] বি. পাহাড়ের গুহা।

গিরিকা /গিরিকা/ [স. গিরি+কন্‌+আ (টাপ্‌)] বি. নেংটি ইঁদুর, ছোটো ইঁদুর।

গিরিকুমারী /গিরিকুমারি/ [স. গিরি+কুমার+ঈ] বি. দুর্গা, উমা, পার্বতী, গৌরী, হিমালয়কন্যা।

গিরিগহ্বর /গিরিগওভর্‌/ [স. গিরি+√গাহ্‌+বর] বি. দ্র গিরিকন্দর।

গিরিগুহা /গিরিগুহা/ [স. গিরি+√গুহ্‌+অ+আ (টাপ্‌)] বি. দ্র গিরিকন্দর।

গিরিজা /গিরিজা/ [স. গিরি+√জন্‌+অ+আ (টাপ্‌)] বি. দ্র গিরিকুমারী।

গিরিজায়া/গিরিজায়া /[স. গিরি+√জন্‌+য+আ (টাপ্‌)] বি. পুরাণমতে হিমালয়পত্নী ও উমার মাতা মেনকা।

গিরিতরঙ্গিণী /গিরিতরোংগিনি/ [স. গিরি+তরঙ্গ+ইন্‌+ঈ] বি. পাহাড়ি নদী।

গিরিতল /গিরিতল্‌/ [স. গিরি+তল] বি. ১ পর্বতের নিম্নদেশ; পাহাড়ের নিচু অংশ। ২ পর্বতপৃষ্ঠ।

গিরিদরি /গিরিদোরি/ [স. গিরি+√দু+ই] বি. পাহাড়ের গুহা।

গিরিদুর্গ /গিরিদুর্‌গো / [স. গিরি+দুর্‌+√গম্‌+অ] বি. ১ পাহাড়ের ওপর তৈরি দুর্গ। ২ পর্বতরূপ দুর্গ।

গিরিধারী /গিরিধারি/ [স. গিরি+√ধৃ+ইন্‌] বি. (পৌরাণিকমতে আঙুলের ওপরে গোবর্ধন পর্বত ধারণ করে রেখেছিলেন বলে) শ্রীকৃষ্ণ।

গিরিনদী /গিরিনোদি/ [স. গিরিনদ+ঈ] বি. গিরি-তরঙ্গিণী, পাহাড়ি নদী।

গিরিনন্দিনী /গিরিনোন্‌দিনি / [স. গিরি+√নন্দি+ইন্‌+ঈ] বি. ১ পার্বতী, উমা, দুর্গা। ২ গঙ্গা।

গিরিপথ /গিরিপথ্‌/ [স. গিরি+পথ] বি. দুটি পাহাড়ের মধ্য দিয়ে যাতায়াতের পথ, pass।

গিরিবর /গিরিবর্‌/ [স. গিরি+বর] বি. শ্রেষ্ঠ পর্বত, হিমালয়, পুরাণে বর্ণিত গৌরীর পিতা হিমালয়।

গিরিবর্ত্ম /গিরিবর্‌র্তো/ [স. গিরি+বর্ত্ম] বি. দ্র গিরিপথ।

গিরিমল্লিকা /গিরিমোল্‌লিকা/ [স. গিরি+মল্লি+কন্‌+আ (টাপ্‌)] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং শীতের শেষে ছোটো ছোটো থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার উপবৃত্তাকার পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ, কুরচি।

গিরিমাটি /গিরিমাটি/ [স. গিরি+বা. মাটি] বি. গেরুয়া মাটি; ক্ষারযুক্ত মাটি।

গিরিরাজ /গিরিরাজ্‌/ [স. গিরি+রাজন্‌] বি. হিমালয়।

গিরিরানি /গিরিরানি/ [স. গিরি+বা. রানি] বি. হিমালয়পত্নী মেনকা।

গিরিশ /গিরিশ্‌/ [স. গিরি+√শী+অ] বি. কৈলাশ পর্বতে শয়ন করেন যিনি, শিব, মহাদেব।

গিরিশৃঙ্গ /গিরিসৃংগো/ [স. গিরি+√শৃ+গ] বি. পর্বতশিখর, শৈলচূড়া।

গিরিসংকট /গিরিশংকট্‌/ [স. গিরি+সংকট] বি. পর্বতশ্রেণির মধ্যবর্তী সংকীর্ণ নিচু জায়গা।

গিরীন্দ্র /গিরিন্দ্রো / [স. গিরি+ইন্দ্র] বি. পর্বতরাজ, হিমালয় পর্বত।

www.pathagar.com

গিরীশ /গিরিশ্/ [স. গিরি+ঈশ] বি. ১ হিমালয়। ২ মহাদেব। ৩ বৃহস্পতি।

গিরীষি /গিরিশি/ [স. গ্রীষ্ম >] বি. 'গ্রীষ্ম'-র কোমল রূপ।

গির্জা /গির্জা/ [পো.] বি. খ্রিষ্টধর্মাবলম্বীদের উপাসনালয়।

গিলটি[১] /গিল্‌টি/ [স. গ্রন্থি >] বি. ১ গ্রন্থিস্ফীতি। ২ ফোড়ায় পুঁজ বসে শক্ত হয়ে যাওয়া স্থান।

গিলটি[২] /গিল্‌টি/ [ই. gilt >] বি. সোনা বা রুপার সূক্ষ্ম প্রলেপ।

গিলটিকরা /গিল্‌টিকরা/ [বা.] বিণ. ১ সোনা বা রুপার পাত দিয়ে মোড়া; মেকি। ২ অলংকৃত।

গিলটি সোনা /গিল্‌টি শোনা/ বি. কৃত্রিম সোনা।

গিলন /গিলন্/ [স. √গিল্+অন] বি. গলাধঃকরণ।

গিলা[১] /গিলা/ [দেশি.] বি. দক্ষিণপূর্ব এশিয়ায় জাত শিম্বগোত্রীয় দ্রুত বর্ধনশীল কাষ্ঠলতার শুঁটিসদৃশ ফলের (প্রায় ৫০ সেমি. লম্বা) চ্যাপটা ও মসৃণ বীজ যা কাপড় কোঁচকানোর জন্য ব্যবহৃত হয় (*গিলাকরা ধুতি*)।

গিলা[২] /গিলা/ [বা.] ক্রিবি. ১ না চিবিয়ে খাওয়া, গলাধঃকরণ করা, পান করা, গেলা। ২ গ্রাস করা।

গিলা করা[১] /গিলা করা/ ক্রিবি. গিলার সাহায্যে কাপড় কুঞ্চিত করা।

গিলাকরা[২] /গিলাকরা/ [বা.] বিণ. গিলার সাহায্যে কুঞ্চিত করা হয়েছে এমন (*গিলাকরা কুর্তা*)।

গিলাফ /গিলাফ্/ [আ.] বি. আচ্ছাদন, আবরণ; বালিশ লেপ প্রভৃতির ওয়াড়, খোল।

গিলিত /গিলিতো/ [স. √গিল্+ত] বিণ. গলাধঃকরণ করা হয়েছে এমন; ভক্ষিত।

গিলিতচর্বণ /গিলিতোচর্‌বোন্/ [স. গিলিত+চর্বণ] বি. ১ ভক্ষিত বস্তু উগরে পুনরায় চর্বণ; রোমন্থন। ২ পুরাতন বিষয়ের পুনরাবৃত্তি।

গিলে /গিলে/ [দেশি.] বি. গিলা[১]-এর কথ্য রূপ।

গিলেকরা /গিলেকরা/ [বা.] বিণ. 'গিলাকরা'-র আঞ্চলিক রূপ।

গিলোটিন /গিলোটিন্/ [ফ.] বি. কাগজের গোছা বা বাঁধাই করার পর গ্রন্থাদির প্রান্তভাগ কেটে সমান করার যন্ত্রবিশেষ; শিরশ্ছেদ করার অস্ত্রবিশেষ; guillotine।

গিল্ড /গিল্‌ড্/ [ই.] বি. পারস্পরিক স্বার্থ রক্ষার লক্ষ্যে স্থাপিত সংগঠন, নিগম, guild।

গিসগিস /গিশ্‌গিশ্/ [ধ্বন্যা.] অব্য. ঠাসাঠাসি করে একত্র-অবস্থানের ভাবপ্রকাশক শব্দ, গিজগিজ।

গীঃ /গিহ্/ [স. √গৃ+ক্বিপ্] বি. বাক, বচন, কথা।

গীঃপতি /গিহ্‌পোতি/ [স. গীঃ+পতি] বি. ১ দেবগুরু বৃহস্পতি। ২ মহাপণ্ডিত। ৩ গীষ্পতি।

গীত[১] /গিত্/ [স. √গৈ+ত] বি. গান, সংগীত।

গীত[২] /গিতো/ [স. √গৈ+ত] বিণ. ১ গাওয়া হয়েছে এমন। ২ বর্ণিত, কীর্তিত। ৩ উক্ত, কথিত।

গীতগোবিন্দ /গিতোগোবিন্‌দো/ [স. গীত+গোবিন্দ] বি. জয়দেবরচিত কাব্যগ্রন্থবিশেষ।

গীতবধির /গিতোবোধির্/ [স. গীত+বধির] বিণ. সুর বা তালজ্ঞান নেই এমন।

গীতবাদ্য /গিতোবাদ্‌দো/ [স. গীত+√বাদি+য] বি. সংগীত ও বাদ্য, গানবাজনা।

গীতবিতান /গিতোবিতান্/ [স. গীত+বিতান] বি. রবীন্দ্রনাথের লেখা গানের সংকলনগ্রন্থ।

গীতল /গিতল্/ [স. গীত+ল] বিণ. গাওয়ার যোগ্য, সুরধর্মী, lyrical।

গীতসংকলন /গিতোশংকলোন্/ [স. গীত+সম্+√কল্+অন] বি. গানের সংকলন।

গীতা /গিতা/ [স. গীত+আ (টাপ্)] বি. অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের উপদেশাবলির সংকলনগ্রন্থ, শ্রীমদ্‌ভগবদ্‌গীতার সংক্ষিপ্ত ও প্রচলিত রূপ।

গীতাঞ্জলি /গিতাঞ্জোলি/ [স. গীতা+অঞ্জলি] বি. ১ সংগীতাঞ্জলি। ২ রবীন্দ্রনাথের কাব্যগ্রন্থবিশেষ।

গীতি /গিতি/ [স. √গৈ+তি] বি. গান, সংগীত।

গীতিকবিতা /গিতিকোবিতা/ [স. গীতি+কবিতা] বি. গীতিছন্দে রচিত কবিতা, lyric।

গীতিকা /গিতিকা/ [স. গীতি+কন্+আ (টাপ্)] বি. ছোটো কবিতা, গাথা।

গীতিকাব্য /গিতিকাব্‌বো/ [স. গীতি+√কব্+য] বি. দ্র গীতিকবিতা।

গীতিনাট্য /গিতিনাট্‌টো/ [স. গীতি+√নাটি+য] বি. যে নাটকে গান সংলাপের স্থান গ্রহণ করে, সংগীতপ্রধান নাটিকা।

গীতিময় /গিতিময়্/ [স. গীতি+ময়ট্] বিণ. সংগীত-ময়। বি. গীতিময়তা /গিতিময়োতা/।

গীতিময়ী /গিতিময়ি/ [স. গীতিময়+ঈ] বিণ. গীত-প্রধান, সংগীতময়।

গীর্ণ /গির্‌নো/ [স. √গৃ+ত] বিণ. ১ বর্ণিত, বিবৃত। ২ গিলিত, ভক্ষিত। ৩ কীর্তিত, স্তুত।

গীর্দেবী /গির্‌দেবি/ [স. গীঃ+দেবী] বি. বিদ্যার দেবী সরস্বতী, বাগ্‌দেবী।

www.pathagar.com

গীর্পতি /গির্‌পোতি/ [স. গীঃ+পতি] বি. দ্র গীষ্পতি।

গীর্বাণ /গির্‌বান্/ [স. গীঃ+বাণ] বি. ১ বাক্য যার বাণ। ২ দেবতা।

গীর্বাণী /গির্‌বানি / [স. গীর্বাণ+ইন্] বি. ১ দৈববাণী। ২ সংস্কৃত ভাষা।

গীষ্পতি /গিশ্‌পোতি/ [স. গীঃ+পতি] বি. ১ পুরাণে বর্ণিত দেবগুরু বৃহস্পতি। ২ মহাপন্ডিত।

গু /গু / [ফা.] বি. বিষ্ঠা, মল, পুরীষ।

গুইসাপ /গুইশাপ্/ [দেশি.] বি. গাছের কোটরে বাস করে এমন হলুদাভ বা কালচে বাদামি অমসৃণ ত্বক ও তীক্ষ্ণ নখরযুক্ত কুমিরসদৃশ দিবাচর ছোটো প্রাণী (যার প্রধান খাদ্য কচিপাতা ছোটো পাখি ও কাঁকড়াজাতীয় প্রাণী), গোসাপ, গোধা, গোধিকা।

গুঁজা /গুঁজা/ [বা.] ক্রিবি. ১ প্রবেশ করানো; পোঁতা (*খুঁটি গুঁজা*)। ২ নত করা (*ঘাড় গুঁজা*)। ৩ কোনো-ভাবে আশ্রয় লাভ করা (*মাথা গুঁজা*)। ৪ দ্রুত খাওয়া (*মুখে দুটো গুঁজা*)। ৫ সযত্নে রাখা বা লুকোনো (*টাঁকে গুঁজা*)। ৬ 'গোঁজা'-র সাধু রূপ।

গুঁজি /গুঁজি/ [বা.] বি. ১ ছোটো গোঁজ বা খিল। ২ খোঁপায় ব্যবহৃত কাঁটা।

গুঁড়া /গুঁড়া/ [স. গুন্ডিত >] বি. চূর্ণ, রেণু, কণা; অবশেষ। বিণ. ১ চূর্ণ করা হয়েছে এমন, চূর্ণীকৃত, গুঁড়ানো। ২ অতি ক্ষুদ্র।

গুঁড়ানো /গুঁড়ানো/ [বা.] ক্রিবি. গুঁড়া করা, চূর্ণ করা। বিণ. চূর্ণিত।

গুঁড়ি[১] /গুঁড়ি/ [স. গুন্ডিত >] বি. গুঁড়া, চূর্ণ, রেণু। বিণ. ক্ষুদ্র।

গুঁড়ি[২] /গুঁড়ি/ [দেশি.] বি. গাছের মূল থেকে শাখা পর্যন্ত অংশ, কান্ড।

গুঁড়িগুঁড়ি /গুঁড়িগুঁড়ি/ [দেশি.] বিণ. বিন্দুবিন্দু (*গুঁড়িগুঁড়ি বৃষ্টি*)।

গুঁতা /গুঁতা/ [দেশি.] বি. কনুই লাঠি শিং প্রভৃতির ধাক্কা বা আঘাত।

গুঁতাগুঁতি /গুঁতাগুঁতি/ [দেশি.] বি. ১ ঠ্যালাঠেলি। ২ ঝগড়াবিবাদ।

গুঁতানো /গুঁতানো/ [বা.] ক্রিবি. ধাক্কা দেওয়া, গুঁতা দেওয়া। বিণ. গুঁতা দেওয়া হয়েছে এমন।

গুঁতো /গুঁতো/ [দেশি.] বি. 'গুঁতা'-র কথ্য রূপ।

গুঁতোগুঁতি /গুঁতোগুঁতি/ [দেশি.] বি. 'গুঁতাগুঁতি'-র কথ্য রূপ।

গুঁফো /গুঁফো/ [বা.] বিণ. গোঁফ আছে এমন।

গুগলি /গুগ্‌লি/ [দেশি.] বি. স্থির জলাশয় বা মাটিতে বিচরণ করে এবং সমস্ত দেহকে কঠিন খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে এমন অত্যন্ত ধীর-গতিসম্পন্ন ছোটো প্রাণী, ছোটো শামুক, গেঁড়ি।

গুচ্ছ /গুচ্ছো/ [স. √গুচ্+ছ] বি. স্তবক, গোছা, থোকা।

গুচ্ছক /গুচ্ছক্/ [স. গুচ্ছ+ক] বি. ১ বত্রিশ নরের হার। ২ ময়ূরপুচ্ছ।

গুছা /গুছা/ [স. গুচ্ছ >] ক্রিমূ. ১ সাজানো; সুশৃঙ্খল করা। ২ হাসিল করা।

গুছানে /গুছানে/ [বা.] বিণ. জিনিসপত্র গুছিয়ে রাখতে অভ্যস্ত এমন।

গুছানো /গুছানো/ [বা.] বিণ. সুশৃঙ্খলভাবে স্থাপিত, সাজানো। ক্রিবি. ১ সংস্থান করা। ২ হাসিল করা।

গুছি /গুছি/ [স. গুচ্ছ >] বি. ১ ছোটো গুচ্ছ। ২ চুল বাঁধার জন্য ব্যবহৃত কৃত্রিম চুলের গোছা, tassel।

গুজগুজ /গুজ্‌গুজ্/ [ধ্বন্যা.] অব্য. বি. গোপন পরামর্শ; চাপা কণ্ঠে কথাবার্তা।

গুজগুজানি /গুজ্‌গুজানি/ [দেশি.] বি. নিম্নস্বরে গোপন পরামর্শ।

গুজব /গুজব্ / [ফা.] বি. ভিত্তিহীন রটনা, জনশ্রুতি।

গুজরা /গুজ্‌রা/ [ফা. গুজরান >] ক্রিমূ. যাপন করা।

গুজরাটি /গুজ্‌রাটি/ [স্থান.] বি. ১ গুজরাট প্রদেশের ভাষা। ২ গুজরাটের অধিবাসী। বিণ. ১ গুজরাটে জাত। ২ গুজরাটসম্বন্ধীয়।

গুজরান /গুজ্‌রান্/ [ফা.] বি. যাপন, অতিবাহন।

গুজরানো /গুজ্‌রানো / [ফা. গুজরান >] ক্রিবি. যাপন করা, অতিবাহন করা, নির্বাহ করা।

গুজরি /গুজ্‌রি/ [হি.] বি. ১ তাল নারকেল প্রভৃতি গাছের কীটবিশেষ। ২ পায়ের অলংকারবিশেষ।

গুজরিপঞ্চম /গুজ্‌রিপন্‌চোম্/ [বা.] বি. নারীর পায়ে পরিধেয় ঝুমঝুম শব্দে রণিত হয় এমন নূপুর-জাতীয় অধুনালুপ্ত অলংকারবিশেষ।

গুজিয়া /গুজিআ/ [দেশি.] বি. ক্ষীরের মিঠাইবিশেষ।

গুঞ্জ /গুন্‌জো/ [স. √গুঞ্জ্+অ] বি. ১ গুচ্ছ, গোছা; স্তবক, ফুলের গুচ্ছ। ২ গুঞ্জন। ৩ কুঁচ, গুঞ্জা।

গুঞ্জন /গুন্‌জন্/ [স. √গুঞ্জ্+অন] বি. ১ গুনগুন ধ্বনি; ঝংকার। ২ অস্ফুট মৃদু ধ্বনি।

গুঞ্জরণ /গুন্‌জরন্/ [স. গুঞ্জন >] বি. গুনগুন রব।

গুঞ্জরা /গুন্‌জরা/ [স. গুঞ্জন >] ক্রিবি. গুঞ্জরণ করা।

গুঞ্জরিত /গুন্‌জোরিতো/ [দেশি.] বিণ. গুঞ্জরণ করা হয়েছে এমন।

গুঞ্জা /গুন্‌জা/ [স. √গুঞ্জ্+অ+আ (টাপ্)] বি. কুঁচফল। ক্রিমূ. গুঞ্জন করা।

গুঞ্জিকা /গুন্‌জিকা/ [স. গুঞ্জা+কন+আ (টাপ্)] বি. গুঞ্জাফলের লাল কালো প্রভৃতি বীজ।

www.pathagar.com

গুঞ্জিত /গুন্‌জিতো/ [স. √গুঞ্জ্‌+ত] বিণ. ১ গুঞ্জনপূর্ণ। ২ ঝংকৃত।

গুটলি /গুটলি/ [বা.] বি. গুটির মতো ছোটো ঢ্যালা, ছোটো ও গোলাকার বস্তু।

গুটানো /গুটানো/ [বা.] ক্রিবি. ১ টেনে এনে জড়ো করা; টেনে তোলা। ২ বন্ধ করা; তুলে দেওয়া (*কারবার গুটানো*)। ৩ সংকুচিত করা (*আস্তিন গুটানো*); নিষ্ক্রিয় করা। ৪ 'গোটানো'-র সাধু রূপ।

গুটি[১] /গুটি/ [স. √গুড়্‌+ই] বি. ১ বড়ি, pill। ২ ছোটো ঢ্যালা। ৩ ঘুঁটি। ৪ ছোটো গোলাকার বস্তু। ৫ ফলের কুশি। ৬ বসন্ত প্রভৃতি রোগের গোটা (*বসন্তের গুটি*)। ৭ রেশমের কোষ। ৮ রেশমকীট।

গুটি[২] /গুটি/ [বা.] বিণ. সংখ্যানির্দেশক (*গুটিকয়েক*)।

গুটিকত /গুটিকতো/ [বা.] বিণ. কয়েকটি, অল্প-সংখ্যক।

গুটিকতক /গুটিকতোক্‌/ [বা.] বিণ. অল্প পরিমাণ; অল্প-সংখ্যক (*গুটিকতক লোক*)।

গুটিকয়েক /গুটিকয়েক্‌/ [বা.] বিণ. দ্র গুটিকতক।

গুটিকা /গুটিকা/ [স. গুটি+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র গুটি[১]।

গুটিগুটি /গুটিগুটি/ [বা.] ক্রিবিণ. ধীর পদক্ষেপে।

গুটিপোকা /গুটিপোকা/ [বা.] বি. তুঁত গাছের পাতা খেয়ে জীবনধারণ করে এমন ধূসর আঁশ দিয়ে আবৃত পতঙ্গবিশেষ, রেশমকীট।

গুটিবসন্ত /গুটিবশোন্‌তো/ [স. গুটি+বসন্ত] বি. ভ্যারিওলা ভাইরাস-সংক্রামিত (variola virus) জ্বর ও শরীরের ত্বক চোখ প্রভৃতি স্থানে মারাত্মক ক্ষত সৃষ্টি করে এমন প্রাণঘাতী ছোঁয়াচে রোগ-বিশেষ, মসূরিকা, বসন্তরোগ, smallpox।

গুটিশুটি /গুটিশুটি/ [বা.] ক্রিবিণ. জড়সড়ো।

গুড়[১] /গুড়/ [স. √গুড়্‌+অ] বি. আখ খেজুর তাল প্রভৃতির রস ঘন করে তৈরি মিষ্ট খাদ্যবস্তু।

গুড়[২] /গুড়/ [বা.] বি. ১ মূলদেশ, গোড়া। ২ চরণ, পা। ৩ গোড়ালি।

গুড়গুড় /গুড়্‌গুড়্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ক্রমাগত দূরমেঘের মৃদু গর্জন। ২ বদহজম বা শঙ্কাজনিত অস্বস্তি বোধ।

গুড়গুড়ি /গুড়্‌গুড়ি/ [দেশি.] বি. কলকের মধ্যে রাখা জ্বলন্ত তামাকের ধোঁয়া (ধাতবপাত্রে সঞ্চিত জলের মধ্য দিয়ে শোধিত) সেবনের জন্য ব্যবহৃত দীর্ঘ নলযুক্ত সরঞ্জাম, আলবোলা, ফরসি; হুঁকো।

গুড়গুড়ে /গুড়্‌গুড়ে/ [দেশি.] বিণ. ১ গুড়গুড় শব্দ করে এমন। ২ বেঁটে, খর্বাকৃতি।

গুড়া /গুড়া/ [দেশি.] বি. নৌকার দুইপাশে বসার তক্তা; নৌকার আড়কাঠ।

গুড়াকা /গুড়াকা/ [স. গুড়+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ নিদ্রা। ২ ধনুর্বিদ্যা।

গুড়াকেশ /গুড়াকেশ্‌/ [স. গুড়াকা+ঈশ] বিণ. ঘুম ও অবসাদকে জয় করেছেন এমন, কর্মবীর। বি. ১ শিব। ২ মহাভারতোক্ত অর্জুন।

গুড়ি /গুড়ি/ [স. গুটি >] বি. সংকুচিত দেহে নিঃশব্দে অবস্থান বা চলন।

গুড়িগুড়ি /গুড়িগুড়ি/ [বা.] ক্রিবিণ. ধীরগতিতে, ধীর পদক্ষেপে।

গুড়ি মারা /গুড়ি মারা/ ক্রিবি. ১ সংকুচিত দেহে অবস্থান করা; গুটিশুটি হয়ে থাকা। ২ আক্রমণের উদ্দেশ্যে ওত পেতে অপেক্ষা করা।

গুড়িসুড়ি /গুড়িশুড়ি/ [স. গুটি >] ক্রিবিণ. দ্র গুটিশুটি।

গুড়ুক /গুড়ুক্‌/ [হি. গুড়াকু >] বি. শুকনো তামাক-পাতার চূর্ণ ও চিটাগুড়ের মিশ্রণ; মিঠা তামাক।

গুড়ুচি /গুড়ুচি/ [স. গুলঞ্চ >] বি. বাংলাদেশ ভারত মালয়েশিয়া প্রভৃতি অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন নতমুখ গুচ্ছবদ্ধ সবুজাভ সাদা ফুল বা তার হৃৎপিণ্ডাকৃতির তীক্ষ্ণাগ্র পাতা এবং ধূসর ও কোমল কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ, অমৃতবল্লি, গুলঞ্চ।

গুড়ুম /গুড়ুম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. কামান থেকে গোলাবর্ষণের শব্দ, তোপধ্বনি।

গুণ /গুন্‌/ [স. √গুণ্‌+অ] বি. ১ ধর্ম, স্বভাব, প্রকৃতি। ২ চরিত্রের বৈশিষ্ট্য (*গুণবান*)। ৩ হিত, কল্যাণ; সুফল (*ভেষজগুণ*)। ৪ ফলদায়ক শক্তি (*ওষুধের গুণ*)। ৫ নৈপুণ্য, দক্ষতা। ৬ প্রকৃতির ত্রিবিধ ধর্ম (সত্ত্ব রজঃ তমঃ)। ৭ দড়ি (*গুণ টানা*)। ৮ গুণন (২ *কে ৩ দিয়ে গুণ করা*)। ৯ বশীকরণ (*গুণ করা*)। ১০ ধনুকের জ্যা (*ধনুর্গুণ*)।

গুণক /গুনক/ [স. √গুণ্‌+অক] বি. যে রাশি বা সংখ্যা দিয়ে পূরণ করা হয়, multiplier।

গুণ করা /গুন্‌ করা/ ক্রিবি. ১ (গ.) পূরণ করা। ২ লোকবিশ্বাসমতে জাদু দিয়ে বশ করা।

গুণকীর্তন /গুনোকির্‌তন্‌/ [স. গুণ+কীর্তন] বি. যশোগান, মহিমা প্রচার।

গুণগরিমা /গুনোগোরিমা/ [স. গুণ+গরিমা] বি. সদ্‌গুণের মহিমা।

গুণগান /গুনোগান্‌/ [স. গুণ+গান] বি. গুণকীর্তন।

গুণগৌরব /গুনোগৌড়্‌রব্‌/ [স. গুণ+গৌরব] বি. দ্র

www.pathagar.com

গুণগরিমা।

গুণগ্রহণ /গুনোগ্‌গ্রোহোন্‌/ [স. গুণ+গ্রহণ] বি. অন্যের গুণ স্বীকার ও তার মর্যাদা প্রদান।

গুণগ্রাম /গুনোগ্‌গ্রাম্‌/ [স. গুণ+গ্রাম] বি. গুণাবলি।

গুণগ্রাহকতা /গুনোগ্‌গ্রাহোকতা/ [স. গুণ+√গ্রহ্‌+অক+তা] বি. দ্র গুণগ্রহণ।

গুণগ্রাহিতা /গুনোগ্‌গ্রাহিতা/ [স. গুণ+√গ্রহ্‌+ইন্‌+তা] বি. অন্যের গুণের সমাদর।

গুণগ্রাহী /গুনোগ্‌গ্রাহি/ [স. গুণ+√গ্রহ্‌+ইন্‌] বিণ. অন্যের গুণের সমাদর করে এমন। স্ত্রী. গুণগ্রাহিণী /গুনোগ্‌গ্রাহিনি/।

গুণজ্ঞ /গুনগ্‌গোঁ/ [স. গুণ+√জ্ঞা+অ] বিণ. গুণের মূল্য দেয় এমন, সমঝদার। বি. -তা /-তা/।

গুণ টানা /গুন্‌ টানা/ ক্রিবি. নৌকার মাস্তুলে লম্বা দড়ি বেঁধে নৌকা টানা।

গুণধর /গুনোধর্‌/ [স. গুণ+√ধৃ+অ] বিণ. ১ গুণবান। ২ (ব্য.) গুণহীন; কুকাজ করতে অভ্যস্ত।

গুণধাম /গুনোধাম্‌/ [স. গুণ+√ধা+মন্‌] বি. গুণী ব্যক্তি; বহুগুণের আকর বা আধার।

গুণন /গুনন্‌/ [স. √গুণ্‌+অন] বি. (গ.) কোনো সংখ্যাকে একাধিকবার যোগ করে প্রাপ্ত ফল নির্ণয়ের পদ্ধতি, পূরণ, multiplication।

গুণনিধি /গুনোনিধি/ [স. গুণ+নি+√ধা+ই] বি. ১ গুণের সাগর, গুণের আধার। ২ গুণী ব্যক্তি।

গুণনীয় /গুনোনিয়ো/ [স. √গুণ্‌+অনীয়] বিণ. (গ.) পূরণ করতে হবে এমন। বি. যে রাশি দিয়ে গুণ করতে হবে।

গুণনীয়ক /গুনোনিয়ক্‌/ [স. গুণনীয়+ক (স্বার্থে)] বি. (গ.) কোনো রাশিকে অন্য যে রাশি দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না, factor।

গুণপনা /গুনোপনা/ [স. গুণ+বা. পনা] বি. নিপুণতা, দক্ষতা, গুণবত্তা।

গুণফল /গুন্‌ফল্‌/ [স. গুণ+ফল] বি. গুণ করে লব্ধ রাশি, product।

গুণবত্তা /গুনোবত্‌তা/ [স. গুণবৎ+তা] বি. গুণের বিদ্যমানতা; গুণশালিতা; সদ্‌গুণের অস্তিত্ব।

গুণবাচক /গুনোবাচক্‌/ [স. গুণ+√বচ্‌+অক] বিণ. গুণ প্রকাশ করে এমন, গুণপ্রকাশক।

গুণবাদ /গুনোবাদ্‌/ [স. গুণ+√বদ্‌+অ] বি. গুণ-কীর্তন, প্রশংসাবাদ।

গুণবান /গুনোবান্‌/ [স. গুণ+বৎ] বিণ. গুণ আছে এমন, গুণশালী, গুণী। স্ত্রী. গুণবতী /গুনোবোতি/।

গুণবৃক্ষ /গুনোবৃক্‌খো/ [স. গুণ+√বৃশ্চ্‌+স] বি. নৌকা টানার জন্য যে উঁচু দণ্ডের প্রান্তভাগে গুণ বাঁধা হয়, মাস্তুল।

গুণবৈষম্য /গুনোবোই্‌শোম্‌মো/ [স. গুণ+বিষম+য] বি. গুণের অসামঞ্জস্য, পরস্পর বিপরীত গুণের একত্র সমাহার।

গুণভৃৎ /গুনোবভৃত্‌/ [স. গুণ+√ভৃ+ক্বিপ্‌] বি. পরমেশ্বর। বিণ. গুণী, গুণবান।

গুণমণি /গুনোমোনি/ [স. গুণ+মণি] বি. বিশিষ্ট গুণী ব্যক্তি; গুণনিধি।

গুণময় /গুনোময়/ [স. গুণ+ময়ট্‌] বিণ. গুণবিশিষ্ট, গুণবান। স্ত্রী. গুণময়ী /গুনোমোয়ি/।

গুণমুগ্ধ /গুনোমুগ্‌ধো/ [স. গুণ+√মুহ্‌+ত] বিণ. গুণ-দ্বারা মোহিত। স্ত্রী. গুণমুগ্ধা /গুনোমুগ্‌ধা/।

গুণমোহিত /গুনোমোহিতো/ [স. গুণ+√মুহ্‌+ণিচ্‌+ত] বিণ. দ্র গুণমুগ্ধ।

গুণশালিতা /গুনোশালিতা/ [স. গুণ+শালিন্‌+তা] বি. গুণবত্তা।

গুণশালী /গুনোশালি/ [স. গুণ+√শাল্‌+ইন্‌] বিণ. গুণবান, গুণী। স্ত্রী. গুণশালিনী /গুনোশালিনি/।

গুণশূন্য /গুনোশুন্‌নো/ [স. গুণ+√শ্বন্‌+য] বিণ. গুণহীন, নির্গুণ।

গুণসম্পন্ন /গুনোশম্‌পন্‌নো/ [স. গুণ+সম্‌+√পদ্‌+ত] বিণ. গুণবান।

গুণসাগর /গুনোশাগোর্‌/ [স. গুণ+সাগর] বি. গুণের সাগর; অতিশয় গুণবান ব্যক্তি।

গুণহীন /গুনোহিন্‌/ [স. গুণ+√হা+ত] বিণ. গুণ নেই এমন।

গুণাকর /গুনাকর্‌/ [স. গুণ+আকর] বি. ১ গুণের আধার। ২ অতিশয় গুণী ব্যক্তি। ৩ উপাধিবিশেষ।

গুণাগুণ /গুনাগুন্‌/ [স. গুণ+অগুণ] বি. দোষগুণ, ভালোমন্দ।

গুণাঢ্য /গুনাঢ্যো/ [স. গুণ+আ+√ধ্যৈ+অ] বিণ. বিবিধ গুণের অধিকারী, গুণসমৃদ্ধ।

গুণাতীত /গুনাতিতো/ [স. গুণ+অতীত] বিণ. সর্বগুণের অতীত, প্রকৃতির ত্রিগুণের (সত্ত্ব রজঃ তমঃ) অতীত। বি. ১ আল্লাহ। ২ পরম ব্রহ্ম।

গুণাধার /গুনাধার্‌/ [স. গুণ+আধার] বি. সর্ব গুণ-সম্পন্ন ব্যক্তি; গুণবান ব্যক্তি।

গুণানুবাদ /গুনানুবাদ্‌/ [স. গুণ+অনুবাদ] বি. গুণ-কীর্তন।

গুণানুরাগ /গুনানুরাগ্‌/ [স. গুণ+অনুরাগ] বি. গুণের প্রতি আকর্ষণ, গুণগ্রাহিতা।

গুণান্বিত /গুনান্‌নিতো/ [স. গুণ+অন্বিত] বিণ. গুণযুক্ত,

www.pathagar.com

গুণসম্পন্ন। স্ত্রী. গুণান্বিতা /গুনান্‌নিতা/।

গুণাপকর্ষ /গুনাপোকর্‌শো/ [স. গুণ+অপকর্ষ] বি. গুণক্ষয়; গুণের অবচয়, depreciation।

গুণাবলি /গুনাবোলি/ [স. গুণ+আবলি] বি. গুণাগুণ, গুণসমূহ।

গুণাভাস /গুনাভাশ্/ [স. গুণ+আভাস] বি. ১ গুণের আভাস। ২ গুণ আছে এমন ভ্রমাত্মক ধারণা।

গুণার্ণব /গুনার্‌নব্/ [স. গুণ+অর্ণব] বি. (আল.) গুণের সাগর; যিনি বহু গুণের অধিকারী।

গুণালংকার /গুনালংকার্/ [স. গুণ+অলংকার] বি. গুণ যার অলংকার।

গুণিগণ /গুনিগন্/ [স. গুণী+গণ] বি. গুণিবৃন্দ।

গুণিজন /গুনিজন্/ [স. গুণী+জন] বি. গুণী ব্যক্তি।

গুণিত /গুনিতো/ [স. √গুণি+ত] বিণ. (গ.) পূরণ করা হয়েছে এমন।

গুণিতক /গুনিতক্/ [স. গুণিত+ক] বি. (গ.) কোনো রাশিকে অন্য যে সংখ্যা দিয়ে ভাগ করলে ভাগশেষ থাকে না, multiple। বিণ. পূরিত।

গুণিসম্মাননা /গুনিশম্‌মাননা/ [স. গুণী+সম্+√মানি+অন+আ (টাপ্)] বি. গুণী ব্যক্তিকে সম্মান জ্ঞাপন।

গুণী /গুনি/ [স. গুণ+ইন্] বিণ. ১ গুণ আছে এমন। ২ কলাবিদ। ৩ সত্ত্ব তমঃ ও রজঃ গুণযুক্ত। ৪ মন্ত্রদ্বারা বশ করতে পারে এমন।

গুণীজ্ঞানী /গুনিগ্যানি/ [স. গুণী+জ্ঞানী] বিণ. বিজ্ঞ ও পন্ডিত।

গুণীভূত /গুনিভুতো/ [স. গুণ+চ্বি+ভূত] বিণ. মূল অর্থ বর্জন করা হয়েছে এমন, অপ্রধানীভূত; মুখ্য অর্থ নেই এমন।

গুণীভূতব্যঙ্গ্য /গুনিভুতোব্যাংগো/ [স. গুণীভূত+বি+√অনজ্+য] বি. যে কাব্যালংকারে ব্যঙ্গার্থের চেয়ে বাচ্যার্থের আকর্ষণ বেশি।

গুণোৎকর্ষ /গুনোত্‌কর্‌শো/ [স. গুণ+উৎকর্ষ] বি. গুণের উৎকর্ষ।

গুণোপেত /গুনোপেতো/ [স. গুণ+উপেত] বিণ. গুণসম্পন্ন, গুণবান, গুণী।

গুণ্ঠন /গুন্‌ঠন্/ [স. √গুণ্ঠ্+অন] বি. ১ ঘোমটা। ২ বেষ্টন। ৩ আবরণ, আচ্ছাদন।

গুণ্ঠিত /গুন্‌ঠিতো/ [স. √গুণ্ঠ্+ত] বিণ. ১ বেষ্টিত। ২ আবৃত, আচ্ছাদিত। ৩ সংকুচিত। স্ত্রী. গুণ্ঠিতা /গুন্‌ঠিতা/।

গুন্ডিত /গুন্‌ডিতো/ [স. √গুন্ড্+ত] বিণ. ১ চূর্ণিত, চূর্ণীকৃত। ২ চূর্ণযুক্ত।

গুণ্য /গুন্‌নো/ [স. √গুণি+য] বিণ. (গ.) গুণ করতে হবে এমন।

গুদ /গুদ্/ [স. √গুদ্+অ] বি. ১ গুহ্যদেশ, মলদ্বার, পায়ু। ২ স্ত্রী-চিহ্ন, যোনি।

গুদাম /গুদাম্/ [পো.] বি. ১ মালখানা, godown। ২ ভাঁড়ার। ৩ (আল.) বদ্ধ কামরা।

গুদারা /গুদারা/ [আ.] বি. ১ বড়ো খেয়ানৌকা। ২ খাল নদী প্রভৃতি পারাপারের ঘাট, খেয়াঘাট।

গুদারাঘাট /গুদারাঘাট্/ [আ. গুদারা+বা. ঘাট] বি. খেয়া পারাপারের ঘাট, খেয়াঘাট।

গুন /গুন্/ [স. গোণী >] বি. ১ চট সেলাই করার মোটা সুচ। ২ চটের থলি।

গুনগুন /গুন্‌গুন্/ [দেশি.] অব্য. বি. মধুর ধ্বনি; মৃদু গুঞ্জন।

গুনচট /গুন্‌চট্/ [বা.] বি. শণের সুতো দিয়ে তৈরি চট।

গুনতি /গুন্‌তি/ [বা.] বি. গণনা, সংখ্যাকরণ।

গুনসুচ /গুন্‌শুচ্/ [বা.] বি. চট সেলাই করার বড়ো সুচ।

গুনা[১] /গুনা/ [ফা.] বি. 'গুনাহ'-র চলিত রূপ।

গুনা[২] /গুনা/ [বা.] বি. ১ ধাতব সুতো, তার। ২ স্ক্রুর প্যাঁচ, screwthread।

গুনাগার /গুনাগার্/ [ফা.] বিণ. দ্র গুনাহগার।

গুনাগারি /গুনাগারি/ [ফা.] বি. ১ আক্কেল সেলামি। ২ অর্থদন্ড, জরিমানা।

গুনাহ /গুনাহ্/ [ফা.] বি. ধর্মবিহিত নয় এমন কাজ, পাপ; অন্যায়, অপরাধ।

গুনাহগার /গুনাহ্‌গার্/ [ফা.] বিণ. পাপী, অপরাধী।

গুনিন /গুনিন্/ [বা.] বি. ১ মন্ত্রবলে সাপেকাটা ভূতেধরা প্রভৃতি রোগীকে সুস্থ করতে পারে বলে দাবি করে এমন হাতুড়ে চিকিৎসক, ওঝা, রোজা। ২ বাজিকর।

গুন্ডা /গুন্‌ডা/ [দেশি.] বি. দুর্বৃত্ত; বদমাশ।

গুন্ডামি /গুন্‌ডামি/ [দেশি.] বি. গুন্ডাসুলভ আচরণ।

গুপিযন্ত্র /গুপিজনত্রো/ [ধ্বন্যা.] বি. বাউল গানের সঙ্গে বাজানো হয় এমন লাউয়ের খোল কেটে তৈরি একতারবিশিষ্ট তালযন্ত্র (যার প্রান্তদেশ চামড়া দিয়ে আবৃত), একতারা, গোপীযন্ত্র।

গুপ্ত[১] /গুপ্‌তো/ [স. √গুপ্+ত] বিণ. ১ গোপন রাখা হয়েছে এমন; লুক্কায়িত (গুপ্তধন)। ২ সংবৃত, আচ্ছাদিত। ৩ সংরক্ষিত।

গুপ্ত[২] /গুপ্‌তো/ [স. √গুপ্+ত] বি. পদবিবিশেষ।

গুপ্তগতি /গুপ্‌তোগোতি/ [স. গুপ্ত+√গম্+তি] বি. ১ যে গোপনে গমন করে। ২ গুপ্তচর।

www.pathagar.com

গুপ্তঘাতক /গুপ্‌তোঘাতক্‌/ [স. গুপ্ত+√হন্‌+অক] বিণ. গোপনে হত্যা করে এমন।

গুপ্তচর /গুপ্‌তোচর্‌/ [স. গুপ্ত+√চর্‌+অ] বি. যে ব্যক্তি গোপনে খবরাখবর সংগ্রহ করে, spy।

গুপ্তধন /গুপ্‌তোধন্‌/ [স. গুপ্ত+ধন] বি. লুকিয়ে রাখা ধন।

গুপ্তবেশ /গুপ্‌তোবেশ্‌/ [স. গুপ্ত+বেশ] বি. আত্ম-গোপনের জন্য ধারণ করা বেশ, ছদ্মবেশ।

গুপ্তবেশী /গুপ্‌তোবেশি/ [স. গুপ্তবেশ+ইন্‌] বিণ. আত্মগোপনের জন্য ছদ্মবেশধারী।

গুপ্তভোট /গুপ্‌তোভোট্‌/ [স. গুপ্ত+ই. ভোট] বি. প্রতিনিধি নির্বাচনের জন্য গৃহীত গোপন ভোট।

গুপ্তমন্ত্র /গুপ্‌তোমোন্‌ত্রো/ [স. গুপ্ত+√মন্ত্র+অ] বি. (নৃপতি বা সরকারপ্রধানকে প্রদত্ত) গোপন মন্ত্রণা।

গুপ্তযুগ /গুপ্‌তোজুগ্‌/ [স. গুপ্ত+যুগ] বি. উত্তরবাংলায় গুপ্তবংশীয় নৃপতিদের শাসনকাল (৩২০ থেকে ৫৫০ খ্রি. পর্যন্ত)।

গুপ্তরহস্য /গুপ্‌তোরহোশ্‌শো/ [স. গুপ্ত+রহস্য] বি. গোপনীয় বিষয়ের গূঢ় তত্ত্ব।

গুপ্তি /গুপ্‌তি/ [স. √গুপ্‌+তি] বি. ১ গোপনে রক্ষণ। ২ পাহারা। ৩ কারাগার। ৪ গহ্বর। ৫ আস্তাকুঁড়। ৬ নৌকা বা জাহাজের খোল। ৭ ফাঁপা লাঠির মধ্যে লুকিয়ে রাখা সরু ছোরা।

গুফা /গুফা/ [স. গুহা >] বি. পর্বতকন্দর।

গুবরে পোকা /গুবরে পোকা/ বি. গোবরের স্তূপে জাত কীটবিশেষ।

গুবলেট করা /গুবলেট্‌ করা/ ক্রিবি. তালগোল পাকিয়ে ফেলা, ভেস্তে দেওয়া; পন্ড করা।

গুবাক /গুবাক্‌/ [স. √গু+আক] বি. এশিয়ার উষ্ণ ও আর্দ্র উপকূলীয় অঞ্চলে জাত শাখাবিহীন দীর্ঘ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী উদ্ভিদ বা তার একবীজবিশিষ্ট গোলাকার ছোটো ফল, সুপারি, গুয়া।

গুম[১] /গুম্‌/ [দেশি.] অব্য. অপ্রকাশিত বা বদ্ধ অবস্থাসূচক ভাব। বি. উচ্চ ও গম্ভীর শব্দ। বিণ. নির্বাক, নিশ্চুপ ও গম্ভীর; স্তম্ভিত, স্তব্ধ।

গুম[২] /গুম্‌/ [ফা.] বি. গায়েব, নিখোঁজ, লাপাত্তা। বিণ. গুপ্ত, লুক্কায়িত।

গুমখুন /গুম্‌খুন্‌/ [ফা.] বি. গুপ্তহত্যা।

গুমগুম /গুম্‌গুম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার গুম শব্দ, ক্রমাগত গুম আওয়াজ।

গুমটি /গুম্‌টি/ [হি.] বি. পাহারা দেওয়ার জন্য নির্মিত তিনদিকে ঘেরা ছোটো ঘর।

গুমরা /গুম্‌রা/ [ফা. গুমর >] ক্রিবি. শোক দুঃখ ঈর্ষা প্রভৃতি মনে চেপে রেখে কষ্ট পাওয়া।

গুমরানো /গুম্‌রানো/ [ফা. গুমর >] ক্রিবি. শোক দুঃখ ঈর্ষা প্রভৃতি চেপে রাখার ফলে কষ্ট পাওয়া।

গুমরাহ /গুম্‌রাহ্‌/ [ফা.] বিণ. বিপথগামী, পথভ্রষ্ট।

গুমরাহি /গুম্‌রাহি/ [ফা. গুমরাহ >] বি. বিপথগমন।

গুমসা /গুম্‌শা/ [হি.] বিণ. ১ গুমোট ভাবযুক্ত, ভ্যাপসা। ২ গরমের জন্য ঈষৎ গন্ধযুক্ত।

গুমসানি /গুম্‌শানি/ [হি. গুমসা >] বি. গুমোট ভাব।

গুমসানো /গুম্‌শানো/ [হি. গুমসা >] ক্রিবি. গুমোট হওয়া।

গুমাগুম /গুমাগুম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার গুম শব্দ; ঘুসি মারার অনুকার শব্দ।

গুমি /গুমি/ [ফা. গুম >] বিণ. গোপন, লুক্কায়িত।

গুমোট /গুমোট্‌/ [হি. গুমসা >] বি. বাতাস চলাচলের অভাবহেতু ভ্যাপসা গরম।

গুমোর /গুমোর্‌/ [ফা.] বি. ১ অহংকার, দেমাক। ২ গোপন অভিসন্ধি; রহস্য।

গুমোর ফাঁক /গুমর্‌ ফাঁক্‌/ বি. ১ গোপন অভিসন্ধি প্রকাশ। ২ অহমিকা চূর্ণন।

গুম্ফ /গুম্‌ফো/ [স. √গুম্ফ্‌+অ] বি. ১ মানুষ এবং অন্য কোনো কোনো পুরুষকুলের মেরুদণ্ডী প্রাণীর নাকের নিচে গজানো রোমরাজি, গোঁফ, moustache। ২ গুচ্ছ, গোছা, স্তবক।

গুম্ফন /গুম্‌ফন্‌/ [স. √গুম্ফ্‌+অন] বি. ১ গ্রন্থন, গাঁথুনি। ২ রচনা। ৩ বিন্যাস।

গুম্ফা /গুম্‌ফা/ [স. গুহা >] বি. পাহাড়ের গুহা।

গুম্ফিত /গুম্‌ফিতো/ [স. √গুম্ফ্‌+ত] বিণ. ১ গাঁথা হয়েছে এমন, গ্রথিত। ২ গুচ্ছাকারে বিন্যস্ত।

গুয়া /গুআ/ [স. গুবাক >] বি. দ্র গুবাক।

গুয়াবাড়ি /গুআবাড়ি/ [বা.] বি. সুপারির বাগান।

গুরগুটে /গুরগুটে/ [স. গুটিকা >] বিণ. বেঁটে, খাটো; গোলগাল।

গুরমুখি /গুরমুখি/ [প.] বি. পঞ্জাবি ভাষার লিপিমালা।

গুরু /গুরু/ [স. √গু+উ] বি. ১ আচার্য, ধর্মোপদেষ্টা (*দীক্ষাগুরু*)। ২ উপদেশক; শিক্ষক (*শিক্ষাগুরু*)। ৩ পূজনীয় ব্যক্তি (*গুরুজন*)। ৪ বৃহস্পতি (*গুরুবার*)। বিণ. ১ ভারী (*লোহা কাঠের চেয়ে গুরু*)। ২ দুর্বহ (*গুরুভার*)। ৩ মহান; কঠিন (*গুরু দায়িত্ব*)। ৪ শ্রদ্ধেয় ও মাননীয় শিক্ষক (*গুরুমশাই*)। ৫ অতিশয়, অধিক (*গুরুভোজন*)। ৬ লঘু নয় এমন (*গুরুপাক খাদ্য*)।

www.pathagar.com

গুরুকন্যা /গুরুকোন্না/ [স. গুরু+কন্যা] বি. শিক্ষক বা গুরুর দুহিতা।

গুরুকরণ /গুরুকরোন্/ [স. গুরু+√কৃ+অন] বি. গুরুর দীক্ষা গ্রহণ; গুরুর কাজ।

গুরুকুল /গুরুকুল্/ [স. গুরু+কুল] বি. ১ গুরুর বংশ। ২ গুরুর আশ্রম।

গুরুক্রম /গুরুক্রোম্/ [স. গুরু+ক্রম] বিণ. গুরু-পরম্পরাগত।

গুরুগত /গুরুগতো/ [স. গুরু+√গম্+ত] বিণ. ১ গুরুর অনুগত বা বাধ্যগত। ২ গুরুঘটিত।

গুরুগম্ভীর /গুরুগোম্ভির্/ [স. গুরু+গম্ভীর] বিণ. ১ ওজোগুণ ও মহত্ত্বপূর্ণ। ২ গভীর অর্থ ও ধ্বনি-বিশিষ্ট। ৩ (ব্যা.) দীর্ঘ মাত্রাযুক্ত।

গুরুগিরি /গুরুগিরি/ [স. গুরু+ফা. গিরি] বি. ১ গুরুর বৃত্তি, শিক্ষকতা। ২ গুরুসুলভ ভাবভঙ্গি।

গুরুগুরু /গুরুগুরু/ [ধ্বন্যা.] অব্য. বি. দূরমেঘের গর্জন, মেঘের গর্জন।

গুরুগৃহ /গুরুগৃহো/ [স. গুরু+√গ্রহ্+অ] বি. গুরুর আশ্রম।

গুরুঘাতক /গুরুঘাতক্/ [স. গুরু+√হন্+অক] বি. বিণ. গুরুহন্তা।

গুরুঘাতী /গুরুঘাতি/ [স. গুরু+√হন্+ইন্] বি. বিণ. দ্র গুরুঘাতক।

গুরুচণ্ডালী /গুরুচন্ডালি/ [স. গুরু+চণ্ডাল+ঈ] বি. সাধুভাষার সঙ্গে চলিত ভাষার বিসদৃশ মিশ্রণ।

গুরুজন /গুরুজন্/ [স. গুরু+√জন্+অ] বি. বয়োজ্যেষ্ঠ ও সম্মাননীয় ব্যক্তি, গুরুর মতো মান্য ব্যক্তি।

গুরুঠাকুর /গুরুঠাকুর্/ [স. গুরু+বা. ঠাকুর] বি. পারিবারিক ও বংশানুক্রমিক উপদেষ্টা।

গুরুতনয় /গুরুতনয়/ [স. গুরু+তনয়] বি. গুরু বা শিক্ষকের পুত্র।

গুরুতর /গুরুতরো/ [স. গুরু+তরপ্] বিণ. ১ দুইয়ের মধ্যে অধিক গুরুত্বপূর্ণ, মহত্তর। ২ সাংঘাতিক, ভয়ংকর (*গুরুতর অপরাধ*)। ৩ মারাত্মক; জটিল (*গুরুতর সমস্যা*)।

গুরুতা /গুরুতা/ [স. গুরু+তা] বি. ১ গুরুগিরি। ২ মহত্ত্ব। ৩ আধিক্য। ৪ ওজন। ৫ গাম্ভীর্য। ৬ কাঠিন্য। ৭ মনোযোগ আকর্ষণের যোগ্যতা। ৮ স্তূপ। ৯ পিণ্ড, mass।

গুরুত্ব /গুরুত্তো/ [স. গুরু+ত্ব] বি. দ্র গুরুতা।

গুরুত্বপূর্ণ /গুরুত্তোপুরনো/ [স. গুরুত্ব+√পূরি+ত] বিণ. গুরুত্বসহকারে বিবেচনার যোগ্য।

গুরুদক্ষিণা /গুরুদোক্‌খিনা/ [স. গুরু+√দক্ষ্+ইন্+আ (টাপ্)] বি. শিক্ষা সমাপ্তির পর গুরুকে নিবেদিত উপচার, গুরুবিদায়।

গুরুদশা /গুরুদশা/ [স. গুরু+√দন্‌শ্+অ+আ (টাপ্)] বি. ১ পিতামাতা বা তৎস্থানীয় ব্যক্তির মৃত্যুর পর পালনীয় সংস্কার। ২ বৃহস্পতির দশা।

গুরুদেব /গুরুদেব/ [স. গুরু+দেব] বি. ১ শ্রদ্ধেয় ও দেবতুল্য গুরু, শিক্ষক। ২ শান্তিনিকেতনে রবীন্দ্রনাথকে সম্বোধনের জন্য ব্যবহৃত শব্দ।

গুরুপত্নী /গুরুপোত্নি/ [স. গুরু+পতি+ঈ] বি. গুরুর ভার্যা।

গুরুপরিচর্যা /গুরুপোরিচোর্জ্যা/ [স. গুরু+পরিচর্যা] বি. গুরুর সেবাযত্ন।

গুরুপাক /গুরুপাক্/ [স. গুরু+পাক] বিণ. সহজে হজম হয় না এমন (*গুরুপাক খাদ্য*)।

গুরুপাট /গুরুপাট্/ [স. গুরু+বা. পাট] বি. গুরুর স্থান।

গুরুপুত্র /গুরুপুত্তো্র/ [স. গুরু+পুত্র] বি. শিক্ষক বা গুরুর তনয়।

গুরুপুরুত /গুরুপুরুত্/ [স. গুরু+বা. পুরুত] বি. 'গুরুপুরোহিত'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

গুরুপুরোহিত /গুরুপুরোহিত্/ [স. গুরু+পুরোহিত] বি. মন্ত্রগুরু বা পুরোহিত।

গুরুপূজা /গুরুপুজা/ [স. গুরু+√পূজ্+অ+আ (টাপ্)] বি. গুরুর সেবা ও অর্চনা।

গুরুবধ /গুরুবধ্/ [স. গুরু+√হন্+অ] বি. গুরুহত্যা।

গুরুবরণ /গুরুবরোন্ / [স. গুরু+√বৃ+অন] বি. গুরুকে দক্ষিণাসহকারে বরণ; মান্যব্যক্তিকে গুরুরূপে বরণ।

গুরুবল /গুরুবল্/ [স. গুরু+বল] বি. গুরুর আশীর্বাদ-রূপ বল।

গুরুবার /গুরুবার্/ [স. গুরু+√বারি+অ] বি. বৃহস্পতি-বার।

গুরুভক্ত /গুরুভক্তো/ [স. গুরু+√ভজ্+ত] বিণ. গুরুর প্রতি ভক্তি পোষণ করে এমন।

গুরুভক্তি /গুরুভোক্তি/ [স. গুরু+√ভজ্+তি] বি. গুরুর প্রতি শ্রদ্ধা ও ভক্তি।

গুরুভাই /গুরুভাই/ [স. গুরু+বা. ভাই] বি. একই গুরুর শিষ্য, সতীর্থ।

গুরুভার /গুরুভার্/ [স. গুরু+ভার] বি. গুরুত্বপূর্ণ দায়িত্ব। বিণ. অতিশয় ভারী।

গুরুমশাই /গুরুমশাই/ [স. গুরু+বা. মশাই] বি. 'গুরুমহাশয়'-এর কথ্য রূপ।

গুরুমহাশয় /গুরুমহাশয়/ [স. গুরু+মহাশয়] বি. মাননীয় শিক্ষক।

গুরুমা /গুরুমা/ [স. গুরু+√মা+কিপ্] বি. দ্র গুরু-

www.pathagar.com

মাতা।

গুরুমাতা /গুরুমাতা/ [স. গুরু+√মা+ত্] বি. ১ শিক্ষাদাত্রী। ২ গুরু বা শিক্ষকের পত্নী।

গুরুমারা বিদ্যা /গুরুমারা বিদ্দা/ বি. গুরুর কাছে শেখা যে বিদ্যা গুরুর বিরুদ্ধে প্রয়োগ করা হয়।

গুরুমুখি /গুরুমুখি/ [প.] বি. পঞ্জাবি ভাষার লিপিমালা।

গুরুমুখী বিদ্যা /গুরুমুখি বিদ্দা/ বি. যে বিদ্যা কেবল গুরুর মুখ থেকে শুনে আয়ত্ত করতে হয়।

গুরুয়া /গুরুআ/ [স. গরুয়া >] বিণ. ১ গুরু, ভারী; স্থূল। ২ তীব্র; দুঃসহ। ৩ গভীর। ৪ বিশাল।

গুরুরত্ন /গুরুরত্নো/ [স. গুরু+√রমি+ন] বি. পুষ্পরাগমণি, পোখরাজ।

গুরুলঘুজ্ঞান /গুরুলোঘুগ্যান্/ [স. গুরুলঘু+√জ্ঞা+অন] বি. গুরুত্বপূর্ণ ও গুরুত্বহীন বিষয় সম্পর্কে জ্ঞান।

গুরুলাঘব /গুরুলাঘব্/ [স. গুরু+লঘু+অ] বি. ১ আপেক্ষিক গুরুত্ব ও লঘুত্ব। ২ গৌরব হ্রাস।

গুরুশিষ্য /গুরুশিশ্শো/ [স. গুরু+√শাস্+য] বি. শিক্ষক ও শিক্ষার্থী, দীক্ষাদাতা ও দীক্ষাগ্রহীতা।

গুরুসেবা /গুরুশেবা/ [স. গুরু+সেবা] বি. গুরুর সেবা ও পরিচর্যা।

গুরুস্থানীয় /গুরুস্থানিয়ো/ [স. গুরু+√স্থা+অনীয়] বিণ. গুরুর মতো শ্রদ্ধেয়, গুরুতুল্য।

গুরুহত্যা /গুরুহোত্তা/ [স. গুরু+√হন্+য+আ (টাপ্)] বি. ১ গুরুকে হত্যা। ২ গুরুকে হত্যার মতো মহাপাপ।

গুরুহন্তা /গুরুহন্তা/ [স. গুরু+√হন্+তৃ] বিণ. গুরুকে হত্যাকারী।

গুর্জর /গুর্জর/ [স্থান.] বি. গুজরাট রাজ্য বা গুজরাটের অধিবাসী।

গুর্জরি /গুর্জোরি/ [বা.] বি. দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

গুর্দা /গুর্দা/ [ফা.] বি. ১ বৃক্ক। ২ (আল.) হিম্মত; সাহস।

গুর্বিণী /গুর্বিনি/ [স. গুরু+ইন+ঈ] বি. গুরুর পত্নী। বিণ. ১ মহিমাময়ী, গৌরবময়ী। ২ গর্ভিণী।

গুর্বী /গুর্বি/ [স. গুরু+ঈ] বি. গুরুপত্নী। বিণ. মহিমাময়ী, গৌরবময়ী।

গুল[১] /গুল্/ [ফা.] বি. ১ পোড়া তামাক। ২ কয়লার গুঁড়ো গোবর ও ভাতের মাড় সহযোগে তৈরি রোদে শুকানো গুলি যা জ্বালানিরূপে ব্যবহৃত হয়। ৩ তামাকের কলকের টিকা।

গুল[২] /গুল্/ [বা.] বি. বানানো গল্প, মিথ্যা গল্প।

গুলজার /গুলজার্/ [ফা.] বিণ. ১ জাঁকজমকপূর্ণ, জমজমাট। ২ জনাকীর্ণ, ঘনবসতিপূর্ণ।

গুলঞ্চ /গুলন্চো/ [স. গুড়ূচী>] বি. বাংলাদেশ ভারত মালয়েশিয়া প্রভৃতি অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন নতমুখ গুচ্ছবদ্ধ সবুজাভ সাদা ফুল বা তার হৃৎপিণ্ডাকৃতির তীক্ষ্ণাগ্র পাতা এবং ধূসর ও কোমল কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ, অমৃতবল্লি, গুড়ুচী।

গুলতরাশ /গুল্তরাশ্/ [ফা.] বি. ১ কাগজ কেটে ফুল তৈরি করা যার পেশা। ২ প্রদীপের পোড়া সলতে কাটার কাঁচি।

গুলতান /গুল্তান্/ [ফা.] বি. দ্র গুলতানি।

গুলতানি /গুল্তানি/ [ফা.] বি. ১ গল্পগুজব, গালগল্প। ২ গোলযোগ। ৩ জটলা, ঘোঁট।

গুলতি /গুল্তি/ [দেশি.] বি. পাথর বা মাটির গুলি ছোঁড়ার জন্য ব্যবহৃত গাছের Y-আকৃতির ডালের দুই প্রান্তে রবারের জ্যা লাগানো ধনুকজাতীয় দেশীয় কলবিশেষ, বাঁটুল।

গুলনার /গুল্নার্/ [ফা.] বি. ১ ডালিমের ফুল। ২ ডালিম ফুলের নকশাকরা শাড়ি।

গুলপট্টি /গুল্পোট্টি/ [বা.] বি. ধাপ্পাবাজি, ফাঁকিবাজি, ধোঁকাবাজি।

গুলফাম /গুল্ফাম্/ [ফা.] বিণ. ১ কুসুমদেহী। ২ রঙিন বা গোলাপি। বি. গোলাপি রং।

গুলবদন[১] /গুল্বদোন্/ [ফা. গুল+আ. বদন] বিণ. কোমল অঙ্গবিশিষ্ট, গোলাপের মতো কোমলদেহী। স্ত্রী. গুলবদনি /গুল্বদোনি/।

গুলবদন[২] /গুল্বদোন্/ [ফা.] বি. মহিলাদের পরিধেয় রেশমি কাপড়বিশেষ।

গুলবাগ /গুল্বাগ্/ [ফা.] বি. দ্র গুলবাগিচা।

গুলবাগিচা /গুল্বাগিচা/ [ফা.] বি. ফুলের বাগান, কুসুমকানন।

গুলবাজ /গুল্বাজ্/ [বা.] বিণ. ধাপ্পাবাজ।

গুলবাহার /গুল্বাহার্/ [ফা.] বিণ. ১ রঙিন ফুল তোলা বুটিদার শাড়ি। ২ কেয়ারি করা ফুলের বাগান, সুশোভিত কানন।

গুলমোহর /গুল্মোহোর্/ [ফা.] বি. ভারতীয় উপমহাদেশে বসন্তকালে ফোটে এমন লাল হলুদ প্রভৃতি রঙের ফুল বা তার দ্বিপক্ষল যৌগিক পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির শিম্বগোত্রীয় পত্রমোচী উদ্ভিদ (আনি. মাদাগাস্কার), কৃষ্ণচূড়া।

গুলা /গুলা/ [দেশি.] ক্রিবি. ১ কোনো তরল পদার্থের সঙ্গে অন্য কোনো কঠিন বা তরল পদার্থ মেশানো (*চায়ে চিনি গুলা*)। ২ গোলমাল করে ফেলা (*হিসাব*

www.pathagar.com

গুলিয়ে ফেলা)। ৩ আলোড়িত হওয়া।

গুলানো /গুলানো/ [বা.] ক্রিবি. বিণ. 'গোলানো'-র সাধু রূপ।

গুলাব /গুলাব্/ [ফা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এমন লাল হলুদ গোলাপি প্রভৃতি রঙের ঘন পাপড়িযুক্ত সুগন্ধ ফুল বা তার কাঁটা-ওয়ালা কাণ্ডবিশিষ্ট বহুবর্ষজীবী গুল্মজাতীয় উদ্ভিদ, গোলাপ।

গুলাবপাশ /গুলাব্পাশ্/ [ফা.] বি. গোলাপজল ছিটানোর জন্য ব্যবহৃত ঝাঁজরাযুক্ত পাত্র, গোলাপ-পাশ।

গুলাল /গুলাল্/ [ফা. গুল্লালা>] বি. ১ আবির, ফাগ। ২ সুগন্ধি তুলসী গাছ, বাবুই তুলসী। ৩ সুগন্ধি ফুলবিশেষ। ৪ গুলতি।

গুলি[১] /গুলি/ [স. গুলিকা >] বি. ১ বাঁটুলের মতো ছোটো গোলাকার পিণ্ড। ২ বন্দুকের টোটার মধ্যে থাকে এমন ছোটো গোলাকার ধাতব পিণ্ড (*বন্দুকের গুলি*)। ৩ হাত বা পায়ের পিণ্ডাকার মাংসপেশি, muscle। ৪ বড়ি, pill। ৫ আফিম থেকে প্রস্তুত মাদকদ্রব্যবিশেষ, চন্ডু (*গুলিখোর*)।

গুলি[২] /গুলি/ অব্য. 'গুলো'-র সাধু রূপ।

গুলিকা /গুলিকা/ [স. √গুড়্+কন্+আ (টাপ্)] বি. ১ গুটিকা; বন্দুকের গুলি। ২ বসন্তরোগ।

গুলিখোর /গুলিখোর্/ [বা. গুলি+ফা. খোর] বি. বিণ. আফিমখোর, চন্ডুসেবী।

গুলিবিদ্ধ /গুলিবিদ্ধো/ [বা. গুলি+স. বিদ্ধ] বিণ. আগ্নেয়াস্ত্র থেকে ছোঁড়া গুলি লেগে আঘাতপ্রাপ্ত।

গুলি মারা /গুলি মারা/ ক্রিবি. গুরুত্ব না দেওয়া।

গুলো /গুলো/ অব্য. বহুত্বনির্দেশক বাংলা প্রত্যয়-বিশেষ (*ফুলগুলো*); গুলি[২]-এর কথ্য রূপ।

গুল্ফ /গুল্ফো/ [স. √গুল্+ফ] বি. মানবদেহের পায়ের গোড়ালির নিচের অংশ; পায়ের গ্রন্থিদ্বয়।

গুল্ম /গুল্মো/ [স. √গুড়্+ম] বি. ১ শক্ত ও কাষ্ঠল কাণ্ড থেকে শাখা-প্রশাখা উদ্‌গত হয় এমন ঝোপ-জাতীয় উদ্ভিদ, shrub। ২ হাতি ঘোড়া রথ ও পদাতির সমন্বয়ে গঠিত পুরাণোক্ত সৈন্যদল। ৩ সেনাঘাঁটি। ৪ প্লীহার বৃদ্ধিজনিত রোগবিশেষ।

গুষ্টি /গুশ্‌টি/ [স. গোষ্ঠী >] বি. ১ পরিবার। ২ আত্মীয়-বর্গ। ৩ বংশ। ৪ সম্প্রদায়। ৫ 'গোষ্ঠী'-র আঞ্চলিক রূপ।

গুষ্টি /গুশ্‌টি/ [স. গোষ্ঠী >] বি. ১ পরিবার। ২ জ্ঞাতি। ৩ বংশ। ৪ দল। ৫ 'গোষ্ঠী'-র আঞ্চলিক রূপ।

গুহ /গুহো/ [স. √গুহ্+অ] বি. ১ দেবতা বিষ্ণু। ২ দেবসেনাপতি কার্তিকেয়। ৩ পদবিবিশেষ।

গুহক /গুহোক/ [স. গুহ+ক] বি. রামায়ণে বর্ণিত রামচন্দ্রের মিত্র নিষাদরাজ।

গুহা /গুহা/ [স. √গুহ্+অ+আ (টাপ্)] বি. ১ গহ্বর; শৈলগহ্বর। ২ নিভৃত স্থান। ৩ গুপ্ত প্রবেশপথ।

গুহাচর /গুহাচর্/ [স. গুহা+√চর্+অ] বিণ. গুহায় বিচরণ করে এমন; গুহাবাসী।

গুহাচিত্র /গুহাচিত্রো/ [স. গুহা+√চিত্র্+অ] বি. গুহার দেওয়ালে উৎকীর্ণ চিত্রকলা।

গুহাবাসী /গুহাবাশি/ [স. গুহা+√বস্+ইন্] বি. গুহায় বসবাসকারী আদিম মানুষ। বিণ. গুহায় বসবাস করে এমন।

গুহামানব /গুহামানব্/ [স. গুহা+মানব] বি. গুহাবাসী আদিম মানুষ।

গুহাশয় /গুহাশয়্/ [স. গুহা+√শী+অ] বিণ. গুহায় শয়নকারী। বি. গুহাবাসী পশু।

গুহাশিল্প /গুহাশিল্পো/ [স. গুহা+√শীল্+প] বি. গুহার দেওয়ালে উৎকীর্ণ চিত্রকলা।

গুহাহিত /গুহাহিতো/ [স. গুহা+আহিত] বিণ. গুহায় ন্যস্ত বা প্রতিষ্ঠিত। বি. পরব্রহ্ম।

গুহ্য /গুজ্‌ঝো/ [স. √গুহ্+য] বিণ. ১ গোপনীয়। ২ নিগূঢ়। ৩ নিভৃত। ৪ দুর্বোধ্য। বি. মলদ্বার।

গুহ্যক /গুজ্‌ঝক্/ [স. গুহ্য+ক (স্বার্থে)] বি. কুবেরের অনুচর; যক্ষ।

গূঢ় /গুঢ়ো/ [স. √গুহ্+ত] বিণ. ১ গুপ্ত, লুক্কায়িত (*গূঢ়পথ*)। ২ দুর্বোধ্য, জটিল (*গূঢ় তত্ত্ব*)। ৩ দুর্গম (*গূঢ় রহস্য*)। ৪ নিভৃত। বি. -তা /-তা/।

গূঢ়চারী /গুঢ়োচারি/ [স. গূঢ়+√চর্+ইন্] বিণ. গোপনচারী।

গূঢ়পথ /গুঢ়োপথ্/ [স. গূঢ়+পথ] বি. সুড়ঙ্গ।

গূঢ়পাদ /গুঢ়োপাদ্/ [স. গূঢ়+√পদ্+অ] বি. ১ কচ্ছপ। ২ সাপ।

গূঢ়পুরুষ /গুঢ়োপুরুশ্/ [স. গূঢ়+পুরুষ] বি. গুপ্তচর। বিণ. ছদ্মবেশধারী।

গূঢ়বৃক্ষ /গুঢ়োব্‌ক্‌খো/ [স. গূঢ়+√বৃক্ষ্+স] বি. উত্তর গোলার্ধের উষ্ণমণ্ডলীয় আবহাওয়ায় জাত এবং বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন লাল গোলাপি প্রভৃতি রঙের মৃদুগন্ধ ফুল বা তার বিষাক্ত চিরহরিৎ গুল্ম (আনি. ভারত), করবী।

গূঢ়মায়া /গুঢ়োমায়া/ [স. গূঢ়+√মা+য+আ (টাপ্)] বিণ. বুদ্ধির অতীত মায়াসম্পন্ন।

গূঢ়মার্গ /গুঢ়োমার্গো/ [স. গূঢ়+√মার্গ্+অ] বি. সুড়ঙ্গ,

www.pathagar.com

গুপ্তপথ।

গূঢ়সাক্ষী /গূঢ়োশাক্‌ষি/ [স. গূঢ়+সাক্ষাৎ+ইন্] বি. যে সাক্ষী সন্তর্পণে বাদী বা প্রতিবাদীর গোপন তথ্য জেনে নেয়; প্রচ্ছন্নভাবে শেখানো হয়েছে এমন সাক্ষী।

গূঢ়ার্থ /গূঢ়ার্থো/ [স. গূঢ়+অর্থ] বি. গূঢ় ও অপ্রকাশিত অর্থ।

গৃঞ্জন /গ্রিন্‌জন্/ [স. √গৃঞ্জ্+অন] বি. রসুন গাজর শালগম প্রভৃতি মূল।

গৃধিনী /গৃধিনি/ [দেশি.] বি. শকুনি।

গৃধ্নু /গৃধ্‌নু/ [স. √গৃধ্+নু] বিণ. লোভী, লোলুপ।

গৃধ্র /গৃদ্‌ধ্রো/ [স. √গৃধ্+র] বি. সাধারণত পালকহীন মাথা ও গলাবিশিষ্ট এবং শক্ত বাঁকানো ঠোঁট দিয়ে মরা জীবজন্তু ছিঁড়ে খায় এমন তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন মাংসাশী বড়ো পাখি, শকুন। স্ত্রী. গৃধ্রী /গৃদ্‌ধ্রি/।

গৃধ্ররাজ /গৃদ্‌ধ্রোরাজ্/ [স. গৃধ্র+রাজন্] বি. ১ গরুড়। ২ জটায়ু। ৩ সম্পাতি।

গৃহ /গৃহো/ [স. √গ্রহ্+অ] বি. ১ বাড়ি, ভবন। ২ বাসস্থান, আবাস। ৩ গৃহাশ্রম, সংসার।

গৃহকপোত /গৃহোকপোত্/ [স. গৃহ+কপোত] বি. পোষা পায়রা।

গৃহকর্তা /গৃহোকর্‌তা/ [স. গৃহ+√কৃ+ত্] বি. গৃহস্বামী। স্ত্রী. গৃহকর্ত্রী /গৃহোকোর্‌ত্রি/।

গৃহকর্ম /গৃহোকর্‌মো/ [স. গৃহ+কর্মন্] বি. গৃহস্থালির কাজ, ঘরকন্নার কাজ, সাংসারিক কাজ।

গৃহকার্য /গৃহোকার্‌জো/ [স. গৃহ+√কৃ+য] বি. দ্র গৃহকর্ম।

গৃহকোণ /গৃহোকোন্/ [স. গৃহ+কোণ] বি. ১ ঘরের কোণ বা অভ্যন্তর। ২ অন্তঃপুর। ৩ সংসার।

গৃহগোধিকা /গৃহোগোধিকা/ [স. গৃহ+গোধা+কন্+আ (টাপ্)] বি. সচরাচর ঘরবাড়িতে থাকে এমন লম্বাটে দেহ সরু লেজ এবং খসখসে ত্বক ও চোখের পাতাবিশিষ্ট পতঙ্গভুক সরীসৃপজাতীয় চতুষ্পদ ছোটো প্রাণী, টিকটিকি, জ্যেষ্ঠী, জেঠি, lizard।

গৃহচ্ছিদ্র /গৃহোচ্‌ছিদ্‌দ্রো/ [স. গৃহ+√ছিদ্+র] বি. পারিবারিক কলঙ্ক; গৃহের অপবাদ।

গৃহচ্যুত /গৃহোচ্‌চুতো/ [স. গৃহ+√চ্যু+ত] বিণ. নিজ বাড়ি থেকে বিতাড়িত বা বিচ্ছিন্ন; গৃহহারা।

গৃহজ /গৃহোজো/ [স. গৃহ+√জন্+অ] বিণ. বাড়িতে তৈরি, গৃহজাত।

গৃহজন /গৃহোজন্/ [স. গৃহ+√জন্+অ] বি. ঘরের লোক, পরিজন।

গৃহজাত /গৃহোজাতো/ [স. গৃহ+√জন্+ত] বিণ. ১ ঘরে তৈরি। ২ দাসীর গর্ভজাত।

গৃহতল /গৃহোতল্/ [স. গৃহ+তল] বি. ঘরের মেঝে।

গৃহত্যাগ /গৃহোত্‌ত্যাগ্/ [স. গৃহ+√ত্যজ্+অ] বি. ১ সংসার ত্যাগ। ২ সন্ন্যাস গ্রহণ, বৈরাগ্য অবলম্বন।

গৃহত্যাগী /গৃহোত্‌ত্যাগি/ [স. গৃহ+√ত্যজ্+ইন্] বিণ. গৃহত্যাগ করেছে এমন। বি. সন্ন্যাসী।

গৃহদাহ /গৃহোদাহো/ [স. গৃহ+দাহ] বি. ১ আগুন লাগার ফলে বাসগৃহের ধ্বংসপ্রাপ্তি। ২ (আল.) সাংসারিক বিপর্যয়।

গৃহদেবতা /গৃহোদেবোতা/ [স. গৃহ+দেবতা] বি. পুরুষানুক্রমে পূজিত দেবতা, কুলদেবতা।

গৃহদেবী /গৃহোদেবি/ [স. গৃহ+দেব+ঈ] বি. ১ ষষ্ঠী-দেবী। ২ গৃহিণী।

গৃহদ্বার /গৃহোদ্‌দার্/ [স. গৃহ+√দ্বারি+অ] বি. ১ ঘরের দরজা। ২ (আল.) সন্নিধি, নৈকট্য।

গৃহধর্ম /গৃহোধর্‌মো/ [স. গৃহ+√ধৃ+ম] বি. ১ গার্হস্থ্য ধর্ম, সংসারধর্ম। ২ গৃহীর পালনীয় কর্তব্য।

গৃহনির্মাতা /গৃহোনির্‌মাতা/ [স. গৃহ+নির্+√মা+তৃ] বি. বিণ. ভবননির্মাতা।

গৃহপতি /গৃহোপোতি/ [স. গৃহ+√পা+অতি] বি. ১ গৃহস্বামী, গৃহস্থ; যাগকর্তা। ২ (বাংলায়) স্বামী।

গৃহপরিচারক /গৃহোপোরিচারক্/ [স. গৃহ+পরিচারক] বি. পারিশ্রমিকের বিনিময়ে বাড়ির যাবতীয় কাজ সম্পাদন যার পেশা। স্ত্রী. গৃহ-পরিচারিকা /গৃহোপোরিচারিকা/।

গৃহপাল /গৃহোপাল্/ [স. গৃহ+√পালি+অ] বি. গৃহস্বামী।

গৃহপালিত /গৃহোপালিতো/ [স. গৃহ+√পাল্+ত] বিণ. বাড়িতে পোষা হয় এমন (*গৃহপালিত পশু*)।

গৃহপোষ্য /গৃহোপোশ্‌শো/ [স. গৃহ+√পুষ্+য] বিণ. দ্র গৃহপালিত।

গৃহপ্রতিষ্ঠা /গৃহোপ্রোতিশ্‌ঠা/ [স. গৃহ+প্রতি+√স্থা+অ+আ (টাপ্)] বি. ভবনের ভিত্তি স্থাপন।

গৃহপ্রবেশ /গৃহোপ্রোবেশ্/ [স. গৃহ+প্র+√বিশ্+অ] বি. নবনির্মিত গৃহে প্রথম প্রবেশকালে পালনীয় আচার-অনুষ্ঠান।

গৃহপ্রাঙ্গণ /গৃহোপ্রাঙ্গন্/ [স. গৃহ+প্রাঙ্গণ] বি. বাড়ির উঠান।

গৃহবধূ /গৃহোবোধু/ [স. গৃহ+√বহ্+ঊ] বি. সংসারধর্ম পালন করে এমন বিবাহিতা নারী, কুলবধূ।

গৃহবন্দি /গৃহোবোন্‌দি/ [স. গৃহ+ফা. বন্দি] বিণ. ঘরে আটক করে রাখা হয়েছে এমন।

গৃহবলিভুক /গৃহোবোলিভুক্/ [স. গৃহবলি+√ভুজ্+ক্বিপ্] বি. ১কাক। ২ চড়ুই পাখি। ৩ কপোত।

www.pathagar.com

গৃহবাটিকা /গৃহোবাটিকা/ [স. গৃহ+বাটি+কন্+আ (টাপ্)] বি. ১ বাসগৃহসংলগ্ন উদ্যান। ২ বাগান-বাড়ি।

গৃহবাসী /গৃহোবাশি/ [স. গৃহ+√বস্+ইন] বিণ. বি. ১ গৃহে বাসকারী, গৃহস্থ। ২ সংসারী (*ওরে গৃহবাসী খোল্, দ্বার খোল্, লাগল যে দোল।* রবীন্দ্র.)।

গৃহবিচ্ছেদ /গৃহোবিচ্ছেদ্/ [স. গৃহ+বি+√ছিদ্+অ] বি. স্বজনদের মধ্যে কলহের কারণে বিচ্ছেদ।

গৃহবিবাদ /গৃহোবিবাদ্/ [স. গৃহ+বিবাদ] বি. ১ পারিবারিক কলহ। ২ একই রাষ্ট্রের প্রজাদের মধ্যে পরস্পর যুদ্ধবিগ্রহ, গৃহযুদ্ধ।

গৃহভৃত্য /গৃহোভৃত্তো/ [স. গৃহ+√ভৃ+য] বি. যে ব্যক্তি পারিশ্রমিকের বিনিময়ে বাড়ির যাবতীয় কাজকর্ম করে দেয়, গৃহপরিচারক।

গৃহভেদ /গৃহোভেদ্/ [স. গৃহ+√ভিদ্+অ] বি. ১ ঘরোয়া কলহবিবাদ, ঝগড়া। ২ সিঁধ কেটে চুরি।

গৃহভেদী /গৃহোভেদি/ [স. গৃহ+√ভিদ্+ইন্] বিণ. পরিবারের মধ্যে বিরোধ ঘটায় এমন; ঘরভাঙানে। স্ত্রী. **গৃহভেদিনী** /গৃহোভেদিনি/।

গৃহমণি /গৃহোমোনি/ [স. গৃহ+মণি] বি. দীপ, প্রদীপ।

গৃহমার্জার /গৃহোমার্জার্/ [স. গৃহ+√মৃজ্+আর] বি. পোষা বিড়াল।

গৃহমৃগ /গৃহোমৃগো/ [স. গৃহ+মৃগ] বি. গৃহপালিত কুকুর, সারমেয়।

গৃহমেধী /গৃহোমেধি/ [স. গৃহ+√মেধ্+ইন] বি. গৃহস্থ। বিণ. বিবাহিত। স্ত্রী. **গৃহমেধিনী** /গৃহোমেধিনি/।

গৃহযাচিকা /গৃহোযাচিকা/ [স. গৃহ+যাচিকা] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন অঞ্চলে বিচরণ করে এমন পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত পাখাবিশিষ্ট বাদুড়জাতীয় নিশাচর স্তন্যপায়ী পতঙ্গভুক ছোটো পাখি, চামচিকা, titmouse।

গৃহযুদ্ধ /গৃহোজুদ্ধো/ [স. গৃহ+√যুধ্+ত] বি. একই রাষ্ট্রের প্রজাদের মধ্যে পরস্পর যুদ্ধবিগ্রহ, রাষ্ট্রের অভ্যন্তরে বিপ্লব, civil war।

গৃহলক্ষ্মী /গৃহোলোক্‌খি/ [স. গৃহ+√লক্ষ্+ঈ] বি. গৃহের লক্ষ্মীরূপ বধূ, গৃহিণী, কুলবধূ।

গৃহশত্রু /গৃহোশোত্তু/ [স. গৃহ+√শাতি+রু] বি. যে ব্যক্তি গোপনে নিজ দেশ গৃহ বা দলের বিরুদ্ধে শত্রুতা করে।

গৃহশান্তি /গৃহোশান্তি/ [স. গৃহ+√শম্+তি] বি. পারিবারিক শান্তি।

গৃহশিক্ষক /গৃহোশিক্‌খক্/ [স. গৃহ+শিক্ষক] বি. যে শিক্ষক পারিশ্রমিকের বিনিময়ে বাড়িতে এসে ছাত্র-ছাত্রীকে পাঠদান করেন।

গৃহশূন্য /গৃহোশুন্যো/ [স. গৃহ+√শূন্+য] বিণ. ১ আশ্রয়হীন, গৃহহীন। ২ বিপত্নীক।

গৃহসজ্জা /গৃহোশজ্জা/ [স. গৃহ+√সজ্জ্+অ+আ (টাপ্)] বি. ঘরের আসবাবপত্র; ঘর সাজানোর উপকরণ।

গৃহস্থ /গৃহস্থো/ [স. গৃহ+√স্থা+অ] বিণ. সংসার ধর্ম পালন করে এমন, গৃহী। বি. (বাংলায়) গৃহস্বামী।

গৃহস্থালি /গৃহস্থালি/ [স. গার্হস্থ্য >] বি. ঘরকন্নার কাজ; সংসারধর্ম পালন।

গৃহস্থাশ্রম /গৃহস্থাস্‌শ্রোম্/ [স. গৃহস্থ+আশ্রম] বি. সংসারধর্ম, গৃহস্থজীবন, দ্বিতীয় আশ্রম।

গৃহস্থিত /গৃহোস্থিতো/ [স. গৃহ+√স্থা+ত] বিণ. গৃহে অবস্থিত।

গৃহস্বামী /গৃহোশ্শামি/ [স. গৃহ+স্ব+আমিন্] বি. পরিবারের প্রধান ব্যক্তি। স্ত্রী. **গৃহস্বামিনী** /গৃহোশ্শামিনি/।

গৃহহীন /গৃহোহিন্/ [স. গৃহ+√হা+ত] বিণ. গৃহ নেই এমন; আশ্রয়হীন, নিরাশ্রয়।

গৃহাগত /গৃহাগতো/ [স. গৃহ+আগত] বিণ. গৃহে আগত এমন। বি. অভ্যাগত অতিথি; আগন্তুক, অতিথি।

গৃহান্তর /গৃহান্তর্/ [স. গৃহ+অন্তর] বি. ভিন্ন গৃহ, অন্য ঘর।

গৃহান্তরিন /গৃহান্তোরিন্/ [স. গৃহ+ই. intern] বিণ. নিজ গৃহে অন্তরিন, গৃহবন্দি।

গৃহায়ন /গৃহায়ন্/ [বা.] বি. আবাসন।

গৃহায়নিক /গৃহায়োনিক্/ [বা.] বি. গৃহস্থ, গৃহাশ্রমী।

গৃহাশ্রম /গৃহাস্‌শ্রোম্/ [স. গৃহ+আশ্রম] বি. গার্হস্থ্য জীবন, সংসারজীবন।

গৃহাসক্ত /গৃহাশক্তো/ [স. গৃহ+আ+√সন্জ্+ত] বিণ. ১ সংসারের প্রতি অনুরক্ত। ২ ঘরকুনো।

গৃহিণী /গৃহিনি/ [স. গৃহ+ইন্+ঈ] বি. গৃহকর্ত্রী; পত্নী।

গৃহিণীপনা /গৃহিনিপনা/ [স. গৃহিণী+বা. পনা] বি. ১ গৃহিণীসুলভ আচরণ। ২ গৃহকর্মে নিপুণতা।

গৃহী /গৃহি/ [স. গৃহ+ইন্] বি. ১ গৃহস্থ, সংসারী। ২ বিবাহিত ব্যক্তি।

গৃহীত /গৃহিতো/ [স. √গ্রহ্+ত] বিণ. ১ গ্রহণ করা হয়েছে এমন; প্রাপ্ত, লব্ধ। ২ ধারণ করা হয়েছে এমন। ৩ স্বীকৃত। ৪ আশ্রয়প্রাপ্ত, আশ্রিত।

গৃহ্য[১] /গৃজ্ঝো/ [স. √গ্রহ্+য] বিণ. ১ গ্রহণ করা যায় এমন, গ্রহণযোগ্য। ২ বশীভূত, আয়ত্ত।

www.pathagar.com

গৃহ্য[১] /গৃজ্ঝো/ [স. গৃহ+য] বিণ. ১ গৃহে পালিত। ২ গৃহে জাত। ৩ গৃহসংক্রান্ত।

গৃহ্যসূত্র /গৃজ্ঝোসুত্তোত্রো/ [স. গৃহ্য+√সূত্র+অ] বি. গৃহস্থের করণীয় বিধিসংবলিত প্রাচীন গ্রন্থবিশেষ।

গে /গে/ [আঞ্চ.] অসক্রি. অব্য. গমন করিয়া; কথার মাত্রাবিশেষ (*যাক গে*); 'গিয়ে'-র কথ্য ও আঞ্চলিক রূপ।

গেঁজিয়া /গেঁজিআ/ [দেশি.] বি. কাপড়ের লম্বা থলিবিশেষ।

গেঁজে /গেঁজে/ [দেশি.] বি. দ্র গেঁজিয়া।

গেঁজেল /গেঁজেল্/ [বা.] বিণ. ১ গাঁজাখোর। ২ অবাস্তব কথা বলে এমন। ৩ মিথ্যাবাদী।

গেঁট /গেঁট্/ [স. গ্রন্থি >] বিণ. আঁটোসাঁটো; অনড়।

গেঁটাগোট্টা /গেঁটাগোট্টা/ [বা.] বিণ. বেঁটেখাটো; মোটাসোটা ও শক্তপোক্ত।

গেঁটে /গেঁটে/ [স. গ্রন্থি >] বিণ. ১ গাঁটযুক্ত, গ্রন্থি-বিশিষ্ট, গ্রন্থিল। ২ গ্রন্থি থেকে উৎপন্ন (*গেঁটে বাত*)। ৩ গ্রন্থিসংক্রান্ত।

গেঁড় /গেঁড়্/ [স. গেন্দুক >] বি. গ্রন্থিযুক্ত মূল; কন্দ।

গেঁড়ি /গেঁড়ি/ [দেশি.] বি. ছোটো শামুকের প্রজাতি-বিশেষ।

গেঁড়ু /গেঁড়ু/ [স. গেন্দুক >] বি. ১ গোলক। ২ ভাঁটা, বল, কন্দুক। ৩ স্তবক, তোড়া, মালা।

গেঁড়ো /গেঁড়ো/ [স. গ্রন্থি >] বি. ১ কলার থোড়ের নিচের অংশ। ২ বড়ো কচু।

গেঁতো /গেঁতো/ [দেশি.] বিণ. দীর্ঘসূত্রী; অলস।

গেঁয়ো /গেঁয়ো/ [স. গ্রাম >] বিণ. ১ গ্রামবাসী। ২ শহরের চালচলনের সঙ্গে মানানসই নয় এমন। ৩ গ্রামসম্বন্ধীয়। ৪ গ্রাম্য। ৫ (অবজ্ঞায়) অমার্জিত।

গেছে /গ্যাছে/ [বা.] ক্রিবি. গিয়েছে (*আমার যে দিন ভেসে গেছে চোখের জলে*, রবীন্দ্র.)।

গেছো /গেছো/ [বা.] বিণ. ১ গাছসংক্রান্ত। ২ গাছে গাছে থাকে এমন। ৩ গাছে চড়তে ভালোবাসে এমন। ৪ (আল.) ডানপিটে ও পুরুষভাবাপন্ন (*গেছো মেয়ে*)।

গেজেট /গেজেট্/ [ফ.] বি. ১ সরকারের আদেশ ও বিভিন্ন রাষ্ট্রীয় পদে নিয়োগসংক্রান্ত গণবিজ্ঞপ্তি-সংবলিত সরকারি প্রকাশনা। ২ সংবাদপত্র। ৩ সব খবর রাখে এমন ব্যক্তি। ৪ gazette।

গেঞ্জি /গেন্‌জি/ [স্থান.] বি. জামার নিচে পরিধেয় পুরুষদের অন্তর্বাস।

গেট /গেট্/ [ই.] বি. ফটক, প্রবেশদ্বার, gate।

গেড়ে বসা /গেড়ে বশা/ ক্রিবি. অটল হয়ে বসা; দখল করে বসা।

গেণ্ডু /গেন্ডু/ [স. কন্দুক >] বি. ১ ভাঁটা। ২ গোলক।

গেণ্ডুক /গেন্ডুক্/ [স. কন্দুক >] বি. দ্র গেণ্ডু।

গেণ্ডুয়া /গেন্ডুআ/ [স. কন্দুক >] বি. দ্র গেণ্ডু।

গেদা /গ্যাদা/ [দেশি.] বি. শিশু। বিণ. অল্পবয়স্ক।

গেনু /গেনু/ [আঞ্চ.] ক্রিবি. গেলাম; গমন করলাম (*দিয়ে গেনু বসন্তের এই গানখানি—* রবীন্দ্র.)।

গেন্দা[১] /গ্যান্‌দা/ [আঞ্চ.] বি. শিশুসন্তান; শিশুপুত্র। স্ত্রী. গেন্দি /গেন্‌দি/।

গেন্দা[২] /গ্যান্‌দা/ [আঞ্চ.] বি. শীত মৌসুমে ফোটে এমন উজ্জ্বল হলুদ কমলা প্রভৃতি রঙের ফুল বা তার পালকের মতো পাতাবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. মেক্সিকো), গন্ধলি, গাঁদা, marigold।

গেন্দুক /গ্যান্‌দুক্/ [স. কন্দুক >] বি. দ্র গেণ্ডু।

গেয় /গেয়ো/ [স. √গৈ+য] বিণ. ১ গাওয়ার উপ-যুক্ত। ২ গাওয়া হয় এমন।

গেয়ান /গেআন্/ [স. জ্ঞান >] বি. 'জ্ঞান'-এর বিকৃত রূপ।

গেয়ে /গেয়ে/ [বা.] অসক্রি. গাহিয়া (*গান গেয়ে তরী বেয়ে কে আসে পারে!* রবীন্দ্র.)।

গেরণ /গেরোন্/ [স. গ্রহণ >] বি. 'গ্রহণ'-এর আঞ্চলিক ও বিকৃত রূপ।

গেরবাজ /গেরবাজ্/ [হি. গিরবাজ >] বি. ১ লোটন পায়রা। ২ 'গৃহবাজ'-এর বিকৃত রূপ।

গেরস্ত /গেরোস্‌তো/ [স. গৃহস্থ >] বি. ১ গৃহী, দ্বিতীয় আশ্রমী। ২ সাধারণ মধ্যবিত্ত। ৩ (বাংলায়) গৃহস্বামী। বিণ. গৃহে আছে এমন, গৃহবাসী।

গেরি /গেরি/ [স. গৈরিক >] বিণ. 'গৈরিক'-এর আঞ্চলিক ও বিকৃত রূপ।

গেরিলা /গেরিলা/ [স্পে.] বি. ছোটো ছোটো দলে বিভক্ত হয়ে চোরাগোপ্তা হামলা চালিয়ে অধিকতর শক্তিশালী অস্ত্রসজ্জিত সংঘবদ্ধ সেনাবাহিনীকে বিপর্যস্ত করতে পারে এমন যোদ্ধা, guerrilla।

গেরুয়া /গেরুআ/ [স. গৈরিক >] বিণ. গৈরিক বর্ণবিশিষ্ট, গৈরিক বর্ণে রঞ্জিত।

গেরো[১] /গেরো/ [ফা. গিরিহ্ >] বি. ১ গিঁট, গ্রন্থি, বাঁধন। ২ অস্থিসন্ধি। ৩ বাধা।

গেরো[২] /গেরো/ [স. গ্রহ >] বি. ১ বিপদ; আপদ। ২ কল্পিত কুগ্রহ বা তার প্রভাব।

গেল[১] /গ্যালো/ [স. গত >] ক্রিবি. ১ গমন করল (*চলে গেল*)। ২ আগমন করল (*এসে গেল*)। ৩ শেষ হলো (*বেলা গেল*)। ৪ মৃত্যু হলো (*প্রাণ*

www.pathagar.com

গেল)। ৫ বিনষ্ট হলো (*রাজ্য গেল*)। ৬ ব্যয় হলো (*টাকা গেল*)। বিণ. ১ চলে গেছে এমন। ২ অব্যবহিত পূর্ববর্তী (*গেল বছর*)।

গেল[২] /গ্যালো/ [বা.] অব্য. বি. ১ বিস্ময় প্রকাশক শব্দ (*এই গেল!*)। ২ ভীতি হতাশা দুশ্চিন্তা প্রভৃতিবোধক শব্দ (*গেল গেল রব*)।

গেলা /গেলা/ [স. গলাধঃকরণ >] ক্রিবি. ১ ভক্ষণ করা, গিলে ফেলা। ২ পান করা (*মদ গেলা*)। ৩ ভোজন করা; আহার করা। ৪ (আল.) আত্মসাৎ করা; গ্রাস করা।

গেলানো /গেলানো/ [বা.] ক্রিবি. ১ গলাধঃকরণ করানো। ২ ভোজন করানো। ৩ পান করানো।

গেলাপ /গেলাপ্/ [আ. গিলাফ্ >] বি. আচ্ছাদন, আবরণ; বালিশ লেপ প্রভৃতির ওয়াড়, খোল।

গেলাস /গেলাশ্/ [ই.] বি. কাচ বা ধাতুর তৈরি পানপাত্র; 'glass'-এর বঙ্গীকৃত রূপ।

গেলো /গেলো/ [বা.] অনুক্তি. (মধ্যমপুরুষে) গলাধঃকরণের অনুজ্ঞা।

গেহ /গেহো/ [স. গৃহ >] বি. বাসস্থান; আবাস, ঘর (*যার বাঁশরিধ্বনি শুনিয়ে /আমি ত্যজিলাম গেহ।* রবীন্দ্র.); 'গৃহ'-র কোমল ও কাব্যিক রূপ।

গৈরিক /গোইরিক্/ [স. গিরি+ইক] বি. ১ গিরিমাটি। ২ গেরুয়া রং। ৩ সোনা। ৪ গেরুয়া কাপড় (*গৈরিক বসন*)। বিণ. ১ পর্বতে উৎপন্ন। ২ গেরুয়া।

গৈরেয় /গোইরেয়ো/ [স. গিরি+এয়] বি. ১ গিরিমাটি। ২ পর্বতে উৎপন্ন বস্তু।

গো[১] /গো/ [স. √গম্+ও] বি. ১ ধেনু, গাভি; গোরু; বৃষ, ষাঁড়। ২ ইন্দ্রিয় (*গোচরীভূত*)। ৩ পৃথিবী।

গো[২] /গো/ [বা.] অব্য. বি. সম্বোধনসূচক শব্দবিশেষ (*এসো গো, জ্বেলে দিয়ে যাও প্রদীপখানি* রবীন্দ্র.); ওহে (*ওগো সুন্দর আমার।* নজরুল.)।

গোঁ /গোঁ/ [বা.] বি. জিদ, একরোখামি।

গোঁ-গোঁ /গোঁগোঁ/ অব্য. বি. যন্ত্রণা ক্রোধ প্রভৃতির অনুভূতিসূচক কাতরানি; চাপা আর্তনাদ।

গোঁজ /গোঁজ্/ [দেশি.] বি. খোঁটা; কীলক। বিণ. বিরক্তি বা অভিমানে নির্বাক।

গোঁজা /গোঁজা/ [বা.] ক্রিবি. ১ পোঁতা (*খুঁটি গোঁজা*)। ২ নত করা (*ঘাড় গোঁজা*)। ৩ আশ্রয় পাওয়া (*মাথা গোঁজা*)। ৪ দ্রুত খাওয়া (*তাড়াহুড়ো করে মুখে দুটো গোঁজা*)। ৫ সযত্নে রাখা (*ট্যাঁকে গোঁজা*)।

গোঁজামিল /গোঁজামিল্/ [বা.] বি. ১ জোড়াতালি দিয়ে হিসাব প্রদান। ২ ফাঁকি।

গোঁড়ি /গোঁড়ি/ [স. গোন্ড >] বি. নাভির স্ফীত মাংস-পিণ্ড।

গোঁড়া[১] /গোঁড়া/ [বা.] বিণ. স্ফীত নাভিযুক্ত।

গোঁড়া[২] /গোঁড়া/ [বা.] বিণ. ১ কোনো বিষয়ে অন্ধ-বিশ্বাসী। ২ রক্ষণশীল মনোভাবাপন্ন, orthodox। ৩ একগুঁয়ে; অত্যধিক পক্ষপাতযুক্ত।

গোঁড়ামি /গোঁড়ামি/ [বা.] বি. ১ রক্ষণশীলতা; অন্ধ-বিশ্বাস ও একগুঁয়েমি। ২ অতিরিক্ত পক্ষপাত।

গোঁড়া লেবু /গোঁড়া লেবু/ বি. অত্যন্ত টক স্বাদের বড়ো লেবুর প্রজাতিবিশেষ।

গোঁৎ /গোঁত্/ [আ. গুতা >] বি. দ্র গোত্তা।

গোঁৎ খাওয়া /গোঁত্ খাওআ/ ক্রিবি. হঠাৎ টাল খেয়ে পড়া।

গোঁপ /গোঁপ্/ [স. গুম্ফ >] বি. দ্র গোঁফ।

গোঁফ /গোঁফ্/ [স. গুম্ফ >] বি. মানুষ বা অন্য কোনো কোনো মেরুদণ্ডী প্রাণীর পুরুষকুলের নাকের নিচে গজানো রোমরাজি, গুম্ফ, moustache।

গোঁফখেজুরে /গোঁফ্খেজুরে/ [বা.] বিণ. অত্যন্ত অলস। বি. গোঁফের ওপরে পড়া খেজুরটিও হাতে নিয়ে মুখে পুরতে নারাজ এমন অলস ব্যক্তি।

গোঁয়ার /গোঁআর্/ [বা.] বিণ. ১ একগুঁয়ে, জেদি, একরোখা; অবিনয়ী। ২ হঠকারী; উদ্ধত; কাণ্ড-জ্ঞানহীন। ৩ দুঃসাহসী। ৪ মূর্খ ও অমার্জিত।

গোঁয়ারগোবিন্দ /গোঁআরগোবিন্দো/ [বা.] বিণ. হঠকারী; কাণ্ডজ্ঞানহীন; একগুঁয়ে ও দুঃসাহসী।

গোঁয়ারতুমি /গোঁআরতুমি/ [বা.] বি. গোঁয়ারের ভাব বা কাজ, হঠকারিতা।

গোঁসাই /গোঁশাই/ [স. গোস্বামী >] বি. ১ প্রভু; জগদীশ্বর। ২ পূজনীয় ব্যক্তি। ৩ পদবিবিশেষ।

গোকর্ণ /গোকরনো/ [স. গো+কর্ণ] বি. ১ গোরুর কান। ২ প্রসারিত অনামিকা ও বুড়ো আঙুলের মধ্যবর্তী ব্যবধান। ৩ গণ্ডূষ। ৪ সাপ। ৫ খচ্চর। ৬ মৃগবিশেষ।

গোকুল /গোকুল্/ [স. গো+কুল] বি. ১ যমুনাতীরে অবস্থিত শ্রীকৃষ্ণের বাল্যলীলাভূমি। ২ গোরুর পাল। ৩ গোচারণভূমি।

গোকুলধাম /গোকুল্ধাম্/ [স্থান.] বি. মথুরার নিকটে যমুনাতীরে অবস্থিত গোকুল নামক গ্রাম।

গোকুলে বাড়া /গোকুলে বাড়া/ ক্রিবি. অজ্ঞাত স্থানে লুকিয়ে শক্তি বৃদ্ধি করা (*তোমারে বধিবে যে গোকুলে বাড়িছে সে*)।

গোকুলের ষাঁড় /গোকুলের্ শাঁড়/ বি. বৃন্দাবনের ষাঁড়ের মতো ঘুরে বেড়ায় এমন দায়িত্বজ্ঞানহীন ব্যক্তি।

গোক্ষীর /গোক্খির্/ [স. গো+ক্ষীর] বি. গোদুগ্ধ।

www.pathagar.com

গোখরা /গোখ্‌রা/ [বা.] বি. ঝোপঝাড়ে বিচরণ করে এবং ইঁদুর পাখি প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন চ্যাপটা গোলাকৃতি মাথা ও গাঢ় বাদামি রঙের দীর্ঘতম বিষধর সাপ যার ফণায় গোরুর খুরের মতো চিহ্ন থাকে (আনি. ভারতীয় উপমহাদেশ) শঙ্খচূড়, পদ্মগোখরা, king cobra।

গোখরো /গোখ্‌রো/ [বা.] বি. 'গোখরা'-র কথ্য রূপ।

গোখুর /গোখুর্‌/ [স. গোক্ষুর >] বি. ১ গোরুর খুর। ২ গোখরা সাপ। ৩ ছোটো কাঁটাগাছবিশেষ।

গোখুরা /গোখুরা/ [বা.] বি. দ্র গোখরা।

গো-গর্দভ /গোগর্‌দোভ/ [স. গো+√গর্দ্‌+অভ] বিণ. অজমূর্খ, নিরেট মূর্খ।

গোগৃহ /গোগ্‌গৃহো/ [স. গো+√গ্রহ্‌+অ] বি. গোরু রাখার ঘর, গোয়ালঘর, গোশালা।

গোগ্রন্থি /গোগ্রোন্‌থি/ [স. গো+√গ্রন্থ্‌+ই] বি. ১ জ্বালানি হিসেবে ব্যবহৃত গোবরের শুকনো টুকরো, ঘুঁটে। ২ গোষ্ঠ। ৩ ওষধিবিশেষ।

গোগ্রাস /গোগ্‌গ্রাশ্‌/ [স. গো+√গ্রস্‌+অ] বি. ১ গোরুর মতো বড়ো বড়ো গ্রাসে আহার। ২ প্রায়শ্চিত্তের পর গোরুর মুখে ঘাস দেওয়ার সংস্কার।

গোগ্রাসী /গোগ্‌গ্রাশি/ [স. গো+√গ্রস্‌+ইন্‌] বিণ. ১ বড়ো বড়ো গ্রাসে আহার করে এমন। ২ সর্বগ্রাসী।

গোগ্রাসে /গোগ্‌গ্রাশে/ [বা. গোগ্রাস+বা. এ] ক্রিবিণ. গোরুর মতো বড়ো বড়ো গ্রাসে (*গোগ্রাসে গেলা*)।

গোঘ্ন /গোঘ্‌নো/ [স. গো+√হন্‌+অ] বিণ. গোরু হত্যাকারী।

গোঙানি /গোঙানি/ [ধ্বন্যা.] বি. গোঁ-গোঁ শব্দে কান্না।

গোঙানো /গোঙানো/ [ধ্বন্যা.] ক্রিবি. গোঁ-গোঁ শব্দ করে কাতরানো।

গোচর /গোচর্‌/ [স. গো+√চর্‌+অ] বি. ১ ইন্দ্রিয়-গ্রাহ্য বস্তু। ২ অবগতি। ৩ গোচারণের ক্ষেত্র। ৪ অধিকার। বিণ. ১ অবগত। ২ আশ্রিত; স্থিত। ৩ ইন্দ্রিয়ের বিষয়ীভূত (*দৃষ্টিগোচর*)।

গোচারণ /গোচারোন্‌/ [স. গো+√চারি+অন] বি. গোরু মাঠে নিয়ে ঘাস খাওয়ানোর কাজ।

গোচারণক্ষেত্র /গোচারোন্‌খেত্‌ত্রো/ [স. গোচারণ+√ক্ষি+ত্র] বি. দ্র গোচারণভূমি।

গোচারণভূমি /গোচারোনভুমি/ [স. গোচারণ+√ভূ+মি] বি. গোরু চরানোর মাঠ।

গোছ /গোছ্‌/ [স. গুচ্ছ >] বি. ১ গুচ্ছ, স্তবক; আঁটি। ২ রকম, ধরন (*বোকা গোছের লোক*)। ৩ সুব্যবস্থা; শৃঙ্খলা (*গোছগাছ*)। ৪ মানবদেহের হাঁটু ও গোড়ালির মধ্যবর্তী অংশ।

গোছগাছ /গোছ্‌গাছ্‌/ [বা.] বি. বিন্যাস, সজ্জা; সুশৃঙ্খলভাবে রক্ষণ।

গোছা /গোছা/ [স. গুচ্ছ >] বি. ১ গুচ্ছ, থোকা (*চুলের গোছা*)। ২ মানবদেহের হাঁটু ও গোড়ালির মধ্যবর্তী অংশ (*পায়ের গোছা*)।

গোছা গোছা /গোছা গোছা/ বি. থোকা থোকা, গুচ্ছ গুচ্ছ, রাশি রাশি।

গোছানো /গোছানো/ [বা.] ক্রিবি. ১ সাজানো; সুশৃঙ্খলভাবে স্থাপন করা। ২ ব্যবস্থা করা। ৩ হাসিল করা। বিণ. গুছিয়ে রাখা হয়েছে এমন।

গোছালো /গোছালো/ [বা.] বিণ. ১ সুশৃঙ্খলভাবে কাজ করে এমন। ২ সুবিন্যস্ত, সাজানো।

গোট /গোট্‌/ [স. কটিত্র >] বি. নারীর কোমরের অলংকারবিশেষ, মেখলা; কটিভূষণ; কিঙ্কিণি।

গোটা[১] /গোটা/ [স. এক >] বিণ. ১ অখণ্ড, আস্ত (*গোটা দেশ*)। ২ কিছু সংখ্যক (*গোটা দুয়েক*)।

গোটা[২] /গোটা/ [দেশি.] ক্রিমূ. টেনে একত্র করা, টেনে তোলা; সংকুচিত করা (*আস্তিন গোটানো*)। বি. ঢেঁকিতে কোটা বিভিন্ন মসলার মিশ্রণ।

গোটা[৩] /গোটা/ [দেশি.] বি. ১ ছোটো ছোটো ফল। ২ বিষফল। ৩ ফুসকুড়ি; ঘা।

গোটা[৪] /গোটা/ [হি.] বি. সোনা বা রুপার জরি।

গোটাকতক /গোটাকতোক্‌/ [বা.] বিণ. সামান্য কয়েকটি, অল্প কয়েকটি, কিছু সংখ্যক।

গোটাকয়েক /গোটাকয়েক্‌/ [বা.] বিণ. দ্র গোটা-কতক।

গোটা গোটা /গোটা গোটা/ বিণ. ১ আস্ত আস্ত। ২ (হস্তাক্ষরসংক্রান্ত) পরিচ্ছন্ন (*গোটা গোটা অক্ষরে লেখা*)।

গোটানো /গোটানো/ [বা.] ক্রিবি. ১ টেনে জড়ো করা। ২ তুলে দেওয়া (*ব্যবসায় গোটানো*)। ৩ সংকুচিত করা (*আস্তিন গোটানো*)। ৪ 'গুটানো'-র কথ্য রূপ।

গোঠ /গোঠ্‌/ [স. গোষ্ঠ >] বি. ১ গবাদিপশুর চারণভূমি, গোষ্ঠ, বাথান। ২ গোয়াল।

গোডিম /গোডিম্‌/ [বা.] বি. ১ সদ্যোজাত পাখির ছানার মতো অসহায় অবস্থা। ২ শিশুর জন্মের পর থেকে ছয় মাস পর্যন্ত বয়সকাল।

গোড় /গোড়্‌/ [দেশি.] বি. ১ মূলদেশ। ২ পা, চরণ। ৩ গোড়ালি।

গোড়া /গোড়া/ [বা.] বি. ১ মূল। ২ সূত্রপাত (*গোড়ায় গলদ*); ভিত্তিমূল (*গোড়াপত্তন*); মূল কারণ (*নষ্টের গোড়া*)। ৩ সান্নিধ্য (*দোরগোড়া*)।

গোড়াগুড়ি /গোড়াগুড়ি/ [বা.] ক্রিবিণ. শুরু থেকে। বি. সূচনা, আরম্ভ; আদি, প্রথম।

গোড়াপত্তন /গোড়াপত্‌তোন্‌/ [বা. গোড়া+স. পত্তন]

www.pathagar.com

বি. সূত্রপাত, আরম্ভ।

গোড়ালি /গোড়ালি/ [দেশি.] বি. পায়ের পাতার পেছনের অংশ, গুল্ফ, পাদমূল, heel।

গোড়ে /গোড়ে/ [বা.] বি. মোটা করে গাঁথা সাদা ফুলের বড়ো মালা।

গোণী /গোনি/ [স. গোণ+ঈ] বি. ১ থলে, বস্তা। ২ ছেঁড়া কাপড়; মোটা কাপড়।

গোতম /গোতম্/ [স. গো+তমঃ] বি. ১ ন্যায়শাস্ত্র-প্রণেতা মুনিবিশেষ। ২ বুদ্ধদেব।

গোত্তা /গোত্তা/ [আ. গুতা >] বি. নিচের দিকে মাথা দিয়ে বেগে পতন; নিচু হয়ে মাথা দিয়ে আঘাত।

গোত্র[১] /গোত্রো/ [স. √গু+ত্র] বি. ১ বংশ, কুল। ২ বংশপ্রবর্তক ঋষির সন্তানপরম্পরা।

গোত্র[২] /গোত্রো/ [স. গো+√ত্রৈ+অ] বি. পর্বত।

গোত্রজ /গোত্রোজো/ [স. গোত্র+√জন্+অ] বিণ. গোত্রে জাত, সগোত্র।

গোত্রপ্রধান /গোত্রোপ্রোধান্/ [স. গোত্র+প্রধান] বি. ১ পর্বতশ্রেষ্ঠ হিমালয়। ২ বংশশ্রেষ্ঠ।

গোত্রভিৎ /গোত্রোভিত্/ [স. গোত্র+√ভিদ্+ক্বিপ্] বি. বজ্রের সাহায্যে পর্বত বিদীর্ণকারী দেবরাজ ইন্দ্র।

গোত্রশ্রেষ্ঠ /গোত্রোশ্রেশ্ঠো/ [স. গোত্র+প্রশস্য+ইষ্ঠ] বি. হিমালয়।

গোত্রা /গোত্রা/ [স. গোত্র+আ (টাপ্)] বি. পৃথিবী।

গোদ /গোদ্/ [দেশি.] বি. মশাবাহিত পরজীবী সুতাকৃমির সংক্রমণহেতু জীবদেহের কোনো অঙ্গে লসিকা (lymphatic fluid) প্রবাহ বাধাপ্রাপ্ত হওয়ার ফলে সেই অঙ্গের অস্বাভাবিক স্ফীতি, শ্লীপদ, শোথ, elephantiasis।

গোদা /গোদা/ [বা.] বিণ. ১ গোদযুক্ত। ২ অত্যন্ত স্থূল। বি. (অকাজের) দলপতি (*পালের গোদা*)।

গোদাচিল /গোদাচিল/ [বা.] বি. প্রশস্ত ডানা ও চেরা লেজবিশিষ্ট তীক্ষ্ণ নখরযুক্ত মাংসাশী ধূসর শিকারি পাখি, ডোমচিল।

গোদান /গোদান্/ [স. গো+√দা+অন] বি. গাভিদান-রূপ মঙ্গলাচার।

গোদাবরী /গোদাবোরি/ [স. গো+√দা+বন্+ঈ] বি. (ভারত) মহারাষ্ট্র রাজ্যের পশ্চিম ঘাটে উৎপন্ন হয়ে পূর্বঘাট পর্যন্ত প্রবাহিত নদী।

গোদোহিনী /গোদোহিনি/ [স. গো+√দুহ্+অন+ইন্+ঈ] বি. দুধ দোহনের পাত্র; দুধের ভাঁড়।

গোধন /গোধন্/ [স. গো+ধন] বি. গোসম্পদ।

গোধা /গোধা/ [স. √গুধ্+অ+আ (টাপ্)] বি. দ্র গোধিকা।

গোধিকা /গোধিকা/ [স. গোধা+কন্+আ (টাপ্)] বি. গাছের কোটরে বাস করে এমন হলুদাভ বা কালচে বাদামি অমসৃণ ত্বক ও তীক্ষ্ণ নখরযুক্ত কুমিরসদৃশ দিবাচর ছোটো প্রাণী (যার প্রধান খাদ্য কচিপাতা ছোটো পাখি ও কাঁকড়াজাতীয় প্রাণী), গুইসাপ, গোসাপ, গোধা।

গোধূম /গোধুম্/ [স. √গুধ্+উম] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে উৎপন্ন হয় এমন ধানজাতীয় শস্যবিশেষ যা গুঁড়ো করে আটা ময়দা সুজি প্রভৃতি খাদ্যবস্তু পাওয়া যায়, গম।

গোধূমচূর্ণ /গোধুমচুর্নো/ [স. গোধূম+চূর্ণ] বি. আটা; ময়দা; সুজি।

গোধূলি /গোধুলি/ [স. গো+ধূলি] বি. ১ গোরুর পাল ধূলি উড়িয়ে ঘরে ফেরার সময়, সূর্যাস্তের সময়, সায়ংকাল, সন্ধ্যাকাল। ২ (আল.) শেষজীবন।

গোধূলিলগন /গোধুলিলগোন্/ [স. গোধূলিলগ্ন >] বি. 'গোধূলিলগ্ন'-র কোমল রূপ (*আজি গোধূলি লগনে এই বাদলগগনে* রবীন্দ্র.)।

গোধূলিলগ্ন /গোধুলিলগ্নো/ [স. গোধূলি+√লগ্+ত] বি. ১ দিন ও রাত্রির সন্ধিক্ষণ, গোধূলির সময়। ২ লোকবিশ্বাসমতে বিবাহের শুভলগ্ন।

গোনা /গোনা/ [স. গণনা >] ক্রিবি. গণনা করা; হিসাব করা। বিণ. গণনা করা হয়েছে এমন।

গোনাগাঁথা /গোনাগাঁথা/ [বা.] বিণ. পরিমিত; প্রয়োজনীয় সংখ্যক।

গোনাগুনতি /গোনাগুন্তি/ [বা.] বিণ. নির্দিষ্ট সংখ্যক; কম বা বেশি নয় এমন, ঠিকঠিক।

গোপ /গোপ্/ [স. গো+√পা+অ] বি. ১ গো-রক্ষক, গোয়ালা। ২ গোয়ালা জাতি। ৩ রাজা; ভূপ; ভূম্যধিকারী। স্ত্রী. গোপী /গোপি/।

গোপকন্যা /গোপ্কোন্না/ [স. গোপ+কন্যা] বি. গোপজাতীয় কন্যা।

গোপথ /গোপথ্/ [স. গো+পথ] বি. গোরুর চলাচলের পথ।

গোপন /গোপোন্/ [স. √গুপ্+অন] বিণ. অন্যের গোচরীভূত নয় এমন, অপ্রকাশিত, গুপ্ত।

গোপনারী /গোপ্নারি/ [স. গোপ+নারী] বি. গোপ-জাতীয় নারী, গোপিকা, গোপিনী।

গোপনীয় /গোপোনিয়ো/ [স. √গুপ্+অনীয়] বিণ. অপ্রকাশ্য। বি. -তা /-তা/।

গোপবধূ /গোপোবোধু/ [স. গোপ+√বহ্+ঊ] বি. গোপপত্নী; গোপনারী।

গোপবল্লভ /গোপোবল্লোভ/ [স. গোপ+বল্লভ] বি. শ্রীকৃষ্ণ।

www.pathagar.com

গোপবালক /গোপোবালোক্/ [স. গোপ+বালক] বি. ১ গো-পালকের সন্তান, রাখাল। ২ শ্রীকৃষ্ণের সখা।

গোপবালা /গোপোবালা/ [স. গোপ+বালা] বি. গোপকন্যা, গোপজাতীয় কন্যা।

গোপা /গোপা/ [স. গো+√পা+অ+আ (টাপ্)] বি. ১ গোপকন্যা। ২ গয়লানি। ৩ বুদ্ধদেবের পত্নী।

গোপাঙ্গনা /গোপাংগনা/ [স. গোপ+অঙ্গনা] বি. গোপকুলবধূ; গোপনারী; গোয়ালিনি।

গোপাট /গোপাট্/ [স. গো+বা. পাট] বি. গোয়াল।

গোপাল[১] /গোপাল্/ [স. গো+√পালি+অ] বি. ১ গোরক্ষক, রাখাল; গোয়ালা। ২ শ্রীকৃষ্ণের বালক বয়সের নাম। ৩ পালবংশের প্রথম রাজা। ৪ রাজা। ৫ (আল.) আদুরে সন্তান।

গো-পাল[২] /গোপাল্/ [স. গো+√পালি+অ] বি. গোরুর পাল।

গোপালক /গোপালোক্/ [স. গোপাল+ক (স্বার্থে)] বি. ১ শ্রীকৃষ্ণ। ২ গো-পালনকারী; রাখাল।

গোপালকাছা /গোপাল্কাছা/ [স. গোপাল+বা. কাছা] বিণ. গোপালের মতো কাছাবিহীন বা মুক্তকচ্ছ।

গো-পালন /গোপালোন্/ [স. গো+পালন] বি. গোরুর প্রতিপালন ও পরিচর্যা।

গোপালভোগ /গোপাল্ভোগ্/ [বা.] বি. ১ উৎকৃষ্ট আমের প্রজাতিবিশেষ। ২ শালিধান্যবিশেষ। ৩ উত্তম প্রজাতির কলাবিশেষ।

গোপাষ্টমী /গোপাশ্টোমি/ [স. গোপ+অষ্টম+ঈ] বি. কার্তিক মাসে শুক্লাষ্টমী তিথি এবং ওই তিথিতে পালনীয় ব্রতবিশেষ।

গোপিকা /গোপিকা/ [স. গোপী+কন্+আ (টাপ্)] বি. গোয়ালিনি; গোপনারী; গোপবধূ।

গোপিনী /গোপিনি/ [স. √গুপ্+ইন্+ঈ] বি. গয়লানি; গোপবধূ।

গোপিনীবল্লভ /গোপিনিবল্লভ্/ [স. গোপিনী+বল্লভ] বি. শ্রীকৃষ্ণ।

গোপী /গোপি/ [স. গোপ+ঈ] বি. গোয়ালিনি; গোপবধূ।

গোপীচন্দন /গোপিচন্দন্/ [স. গোপী+√চন্দি+অন] বি. বৈষ্ণবদের ব্যবহার্য তিলকমাটি।

গোপীনাথ /গোপিনাথ্/ [স. গোপী+নাথ] বি. শ্রীকৃষ্ণ।

গোপীযন্ত্র /গোপিজন্ত্রো/ [স. গোপী+√যন্ত্র+অ] বি. বাউল গানের সঙ্গে বাজানো হয় এমন লাউয়ের খোল কেটে তৈরি একতারবিশিষ্ট তালযন্ত্র (যার প্রান্তদেশ চামড়া দিয়ে আবৃত), একতারা, গুপিযন্ত্র।

গোপুর /গোপুর্/ [স. √গুপ্+উর] বি. ১ মন্দিরের তোরণ। ২ নগরদ্বার, পুরদ্বার।

গোপ্তব্য /গোপ্তোব্বো/ [স. √গুপ্+তব্য] বিণ. ১ অপ্রকাশ্য; গোপনীয়। ২ রক্ষণীয়, রক্ষণযোগ্য।

গোপ্তা[১] /গোপ্তা/ [স. √গুপ্+তৃ] বিণ. আশ্রয়দাতা; রক্ষাকর্তা। স্ত্রী. গোপ্ত্রী /গোপ্ত্রি/।

গোপ্তা[২] /গোপ্তা/ [স. গুপ্ত >] বিণ. গুপ্ত; অজ্ঞাত (*চোরাগোপ্তা*)।

গোপ্য /গোপ্পো/ [স. √গুপ্+য] বিণ. গোপন করতে হবে এমন, অপ্রকাশ্য; গোপনীয়।

গোবৎস /গোবত্শো/ [স. গো+√বদ্+স] বি. বাছুর।

গোবদা /গোব্দা/ [দেশি.] বিণ. ১ অশোভন ধরনের স্থূল; বেমানান মোটা; মাংসল। ২ ফোলা।

গো-বধ /গোবধ্/ [স. গো+বধ] বি. গোরু হত্যা।

গোবর /গোবোর্/ [স. গোবিট্ >] বি. গোরুর বিষ্ঠা।

গোবরগণেশ /গোবোর্গনেশ্/ [বা. গোবর+স. গণেশ] বিণ. বি. ১ গোবরের তৈরি গণেশমূর্তির মতো অকর্মণ্য। ২ (আল.) ব্যক্তিত্বহীন ও নির্বোধ।

গোবরগাদা /গোবোর্গাদা/ [বা.] বি. গোবরের স্তূপ। বিণ. (আল.) অন্তঃসারশূন্য।

গোবরছড়া /গোবোর্ছড়া/ [বা.] বি. জলে গোলা গোবরের ছিটা।

গোবরাট /গোব্রাট্/ [দেশি.] বি. দরজা বা জানালার চৌকাঠের নিচের কাঠ, sill।

গোবর্ধন /গোবর্ধোন্/ [স. গো+√বৃধ্+অন] বি. ১ বৃন্দাবনের পর্বতবিশেষ। ২ বড়ো স্তূপ।

গোবর্ধনধারী /গোবর্ধোন্ধারি/ [স. গোবর্ধন+√ধৃ+ইন্] বি. (পৌরাণিকমতে গোবর্ধন পর্বত আঙুল দিয়ে তুলে ধরেছিলেন বলে) শ্রীকৃষ্ণ।

গোবাঘ /গোবাঘ্/ [স. গো+বা. বাঘ] বি. ১ সাধারণত গোরু শিকার করে এমন বাঘ। ২ নেকড়ে বাঘ। ৩ চিতাবাঘ। ৪ হায়েনা, hyena।

গোবাট /গোবাট্/ [স. গো+√বট্+অ] বি. গোয়ালঘর।

গোবিন্দ /গোবিন্দো/ [স. গো+√বিদ্+অ] বি. ১ বিষ্ণু; শ্রীকৃষ্ণ। ২ বেদজ্ঞ পণ্ডিত। ৩ গো-পালক।

গোবেচারা /গোবেচারা/ [স. গো+ফা. বেচারা] বিণ. গোরুর মতো নিরীহ; শান্তশিষ্ট; অতিশয় ভালো-মানুষ।

গোবেচারি /গোবেচারি/ [স. গো+ফা. বেচারি] বিণ. দ্র গোবেচারা।

গোবেড়েন /গোবেড়েন্/ [বা.] বি. গোরুকে প্রহার করার মতো নির্মম প্রহার।

গোবৈদ্য /গোবোই্দ্যো/ [স. গো+বৈদ্য] বি. ১ গোচিকিৎসক; পশুচিকিৎসক। ২ হাতুড়ে ডাক্তার।

গোব্রজ /গোব্রোজো/ [স. গো+√ব্রজ্+অ] বি. গোষ্ঠ, গোচারণভূমি।

www.pathagar.com

গোভাগাড় /গোভাগাড়্ / [স. গো+বা. ভাগাড়] বি. মরা গোরু ফেলার স্থান, গো-মশান।

গোমক্ষিকা /গোমোক্‌খিকা/ [স. গো+√মশ্+সিক+আ (টাপ্)] বি. গবাদিপশুকে কামড়ায় ও বিরক্ত করে এমন মাছি, ডাঁশ, gadfly।

গোমড়া /গোম্‌ড়া/ [ফা. গুমন >] বিণ. ১ গম্ভীর; মলিন। ২ গুমোট; মেঘাচ্ছন্ন।

গোমতী /গোমোতি/ [স. গোমৎ+ঈ] বি. বাংলাদেশ ও ভারতের অযোধ্যা অঞ্চলে প্রবাহিত দুটি ভিন্ন নদী।

গোময় /গোময়্/ [স. গো+ময়ট্] বি. ১ গোরুর বিষ্ঠা, গোবর। ২ (আল.) অসার পদার্থ।

গোমরাহি /গোম্‌রাহি/ [ফা.] বি. ১ বিপথগমন। ২ সত্যমিথ্যা সম্পর্কে অজ্ঞতা।

গোমসা /গোম্‌শা/ [ফা. গুমন >] বিণ. ১ গম্ভীর; নির্বাক; বিষণ্ন; অপ্রফুল্ল। ২ গুমট; মেঘাচ্ছন্ন।

গোমস্তা /গোমোস্‌তা/ [ফা.] বি. ১ খাজনা আদায়-কারী; তহসিলদার। ২ জমিদার বা মহাজনের পাওনা-আদায়কারী। ৩ প্রতিনিধি।

গোমাংস /গোমাংশো/ [স. গো+√মন্+স] বি. গোরুর মাংস।

গোমায়ু /গোমায়ু/ [স. গো+√মি+উ] বি. শিয়াল।

গোমুখ /গোমুখ্/ [স. গো+মুখ] বি. ১ গোরুর মুখ। ২ ফুঁ দিয়ে বাজানো হয় এমন গোরুর মুখসদৃশ বাদ্যযন্ত্রবিশেষ, trumpet। ৩ জপমালার ঝুলি। ৪ শিবের অনুচরবিশেষ। ৫ গৃহ।

গোমুখী /গোমুখি/ [স. গোমুখ+ঈ] বি. ১ হিমালয়ের গোমুখ আকৃতি গহ্বরবিশেষ যার ভেতর দিয়ে গঙ্গা নির্গত হয়েছে। ২ জপমালার ঝুলি।

গোমূত্র /গোমুত্‌ত্রো/ [স. গো+মূত্র] বি. গোরুর চোনা বা প্রস্রাব।

গোমূর্খ /গোমুর্‌খো / [স. গো+√মূহ্+খ] বিণ. ১ গোরুর মতো নির্বোধ। ২ অক্ষর পরিচয়হীন।

গোমেদ /গোমেদ্/ [স. গো+√মিদ্+অ] বি. ১ কমলা রঙের মণিবিশেষ। ২ বৈদূর্যমণি।

গোমেধ /গোমেধ্/ [স. গো+√মেধ্+অ] বি. যে যজ্ঞে গোরু বলি দেওয়া হয়।

গোযান /গোজান্/ [স. গো+যান] বি. গোরুর গাড়ি।

গোয়াল[১] /গোআল্/ [স. গোশাল >] বি. গোরুর ঘর, গোশালা, গোগৃহ (*গোয়ালঘর*)।

গোয়াল[২] /গোআল্/ [স. গোপাল >] বি. ১ গোপ। ২ দুধ-ব্যবসায়ী। স্ত্রী. গোয়ালিনি /গোআলিনি/।

গোয়ালা /গোআলা/ [স. গোপাল >] বি. দুধ-ব্যবসায়ী।

গোয়েন্দা /গোয়েন্‌দা/ [ফা.] বি. ১ গুপ্তচর। ২ রহস্যসন্ধানী, সত্যান্বেষী, detective।

গোয়েন্দাগিরি /গোয়েন্‌দাগিরি/ [ফা.] বি. গোয়েন্দার বৃত্তি বা কাজ, গুপ্তচরবৃত্তি।

গোর[১] /গোর্/ [ফা.] বি. কবর, সমাধি।

গোর[২] /গোর্/ [স. গৌর >] বিণ. গৌরবর্ণ, ফরসা।

গোরক্ষক /গোরোক্‌খক্/ [স. গো+√রক্ষ্+অক] বি. রাখাল।

গোরখ /গোরখ্/ [স. গোরক্ষ >] বি. সন্ন্যাসীবিশেষ। বিণ. নাথপন্থি।

গোরখনাথ /গোরোখ্‌নাথ্/ [বা. গোরখ+স. নাথ] বি. বি. নাথসম্প্রদায়ের শ্রেষ্ঠ গুরু ও মীননাথের শিষ্য।

গোরখা /গোরখা/ [নাম.] বি. ভারত ও নেপালের যোদ্ধাজাতিবিশেষ।

গোরস /গোরশ্/ [স. গো+রস] বি. গোরুর দুধ।

গোরস্তান /গোরোস্‌তান্/ [ফা.] বি. দ্র গোরস্থান।

গোরস্থান /গোরোস্‌থান্/ [ফা.] বি. কবরস্থান।

গোরা /গোরা/ [স. গৌর >] বিণ. ১ গৌরবর্ণ, ফরসা। ২ শ্বেতাঙ্গ। বি. ১ শ্রীচৈতন্য, গৌরাঙ্গ। ২ ইউ-রোপের অধিবাসী।

গোরাচাঁদ /গোরাচাঁদ্/ [স. গৌরচন্দ্র >] বি. শ্রীচৈতন্য।

গোরু /গোরু/ [স. গোরূপ >] বি. ১ দুটি শিংযুক্ত লম্বাটে মাথা গুছিবদ্ধ লেজ ও মসৃণ লোমাবৃত ত্বক এবং পুনঃপুন জাবর কাটে এমন স্তন্যপায়ী তৃণভোজী চতুষ্পদ (চেরা খুরবিশিষ্ট) গৃহপালিত প্রাণী। ২ গোজাতি। ৩ (আল.) নির্বোধ ব্যক্তি, মূর্খ লোক।

গোরুচোর /গোরুচোর্/ [বা.] বি. ১ অন্যের গোরু হরণকারী। ২ (আল.) মুখ বুজে অন্যায়-অত্যাচার সহ্য করে এমন লোক। ৩ ভীরু স্বভাবের লোক।

গোরোচনা /গোরোচোনা/ [স. গো+√রোচি+অন+আ (টাপ্)] বি. গোরুর পিত্তনিঃসৃত উজ্জ্বল পীতবর্ণ দ্রব্যবিশেষ, গোচন্দন, পিউড়ি।

গোর্জ /গোর্‌জো/ [ফা.] বি. মুগুর।

গোল[১] /গোল্/ [স. √গুড়্+অ] বিণ. বৃত্তাকার, চক্রাকার, round। বি. বৃত্তাকার বস্তু; বৃত্ত; কন্দুক।

গোল[২] /গোল্/ [ফা.] বি. ১ হল্লা, গোলমাল (*গোল করা*)। ২ সন্দেহ, দ্বিধা, দ্বন্দ্ব (*মনের গোল*)। ৩ ফ্যাসাদ, ঝামেলা (*ভুল কবুল করিলে সকল গোল মিটিয়া যাইত ঈশ্বর.*)। ৪ ভুল, ভ্রান্তি।

গোল[৩] /গোল্/ [ই. goal] বি. ১ ফুটবল হকি প্রভৃতি খেলায় বল প্রবিষ্ট করানোর নির্দিষ্ট স্থান। ২ ফুটবল

www.pathagar.com

হকি প্রভৃতি খেলায় নির্দিষ্ট স্থানে বল প্রবিষ্টকরণ (*গোল করা*)।

গোলক /গোলোক্/ [স. গোল+ক (স্বার্থে)] বি. ১ গোলাকৃতি বস্তু; মণ্ডল, কন্দুক, ball। ২ যে মণ্ডলাকার পৃষ্ঠতলের ওপর পৃথিবীর মানচিত্র অঙ্কিত থাকে, globe।

গোলকধাঁধা /গোলোক্‌ধাঁধা/ [স. গোলক+বা. ধাঁধা] বি. ১ যে বেষ্টনীর মধ্যে প্রবেশ করলে বেরিয়ে আসার পথ খুঁজে পাওয়া কঠিন। ২ দুর্বোধ্য সমস্যা, জটিল বিষয়।

গোলকায়ন /গোলোকায়ন/ [স. গোলক+অয়ন] বি. সাংস্কৃতিক অর্থনৈতিক প্রাযুক্তিক ও অন্যান্য ক্ষেত্রে বিশ্বের উন্নয়নকামী দেশের সঙ্গে উন্নত দেশসমূহের সমন্বয়সাধনের প্রক্রিয়া, বিশ্বায়ন; (পরি.) globalization।

গোল খাওয়া /গোল্ খাওআ/ ক্রিবি. ফুটবল প্রভৃতি খেলায় গোল রক্ষা করতে ব্যর্থ হওয়া।

গোলগাল /গোল্‌গাল্/ [বা.] বিণ. ১ প্রায় গোলাকার। ২ মোটাসোটা, হৃষ্টপুষ্ট।

গোলটেবিল বৈঠক /গোল্‌টেবিল্ বোইঠক্/ বি. সমমর্যাদায় মিলিত হয়ে কোনো বিষয়ে আলোচনা।

গোলন্দাজ /গোলোন্‌দাজ্/ [ফা.] বি. কামান দাগা বা গোলা নিক্ষেপ করার দায়িত্বে নিয়োজিত সৈনিক (*গোলন্দাজ বাহিনী*), artillery।

গোলন্দাজি /গোলোন্‌দাজি/ [ফা.] বি. গোলন্দাজের পেশা। বিণ. গোলন্দাজসংক্রান্ত।

গোলপাতা /গোল্‌পাতা/ [দেশি.] বি. সুন্দরবনে জাত ম্যানগ্রোভজাতীয় উদ্ভিদের নারকেলপাতাসদৃশ লম্বা ও খাড়া পাতা (মূলত ঘরের চাল ছাওয়ার কাজে ব্যবহৃত)।

গোলমরিচ /গোল্‌মোরিচ্/ [স. গোল+ফা. মরিচ] বি. দক্ষিণভারত শ্রীলঙ্কা মালয়েশিয়া প্রভৃতি অঞ্চলের ছায়াঢাকা উদ্যানে জাত ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদের ঝাঁজালো স্বাদবিশিষ্ট ছোটো গোলাকৃতি ফল (মসলারূপে ব্যবহৃত)।

গোলমাল /গোল্‌মাল্/ [ফা. গোল >] বি. ১ একাধিক ব্যক্তির মিলিত চিৎকার, গণ্ডগোল। ২ বিশৃঙ্খলা। ৩ বিঘ্ন, ব্যাঘাত। ৪ ঝামেলা। ৫ কলহবিবাদ।

গোলমেলে /গোল্‌মেলে/ [ফা. গোল >] বিণ. ১ জটিল। ২ বিশৃঙ্খল। ৩ পরস্পরবিরোধী, অসঙ্গতিপূর্ণ। ৪ সন্দেহজনক।

গোলযোগ /গোলোজোগ্/ [ফা. গোল+স. যোগ] বি. ১ হট্টগোল। ২ এলোমেলো অবস্থা। ৩ বিঘ্ন, বিপত্তি। ৪ জটিল পরিস্থিতি। ৫ ফ্যাসাদ।

গোলরক্ষক /গোল্‌রোক্‌খক্/ [ই. গোল+স. রক্ষক] বি. ফুটবল হকি প্রভৃতি খেলায় যে খেলোয়াড় নিজ দলকে প্রতিপক্ষের গোল থেকে রক্ষা করে।

গোলা[১] /গোলা/ [দেশি.] বি. ১ ধান রাখার বড়ো আধারবিশেষ, মরাই। ২ আড়ত। ৩ গঞ্জ, বাজার।

গোলা[২] /গোলা/ [স. গোলক >] বি. ১ গোলাকার বস্তু। ২ বল, কন্দুক। ৩ কামান থেকে ছোড়া যায় এবং লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম এমন বিস্ফোরক (*কামানের গোলা*)।

গোলা[৩] /গোলা/ [বা.] ক্রিবি. তরল পদার্থের সঙ্গে মেশানো (*চিনি গোলা*)। বিণ. তরল পদার্থের সঙ্গে মেশানো হয়েছে এমন।

গোলাকার /গোলাকার্/ [স. গোল+আকার] বিণ. বৃত্তাকার, বর্তুলাকার, round।

গোলাকৃতি /গোলাক্‌কৃতি/ [স. গোল+আকৃতি] বিণ. দ্র গোলাকার।

গোলাগুলি /গোলাগুলি/ [বা.] বি. বিভিন্ন ধরনের আগ্নেয়াস্ত্রের গুলিবর্ষণ।

গোলাদ /গোলাদ্/ [স. গো+দেশি. লাদ] বি. গোরুর বিষ্ঠা, গোবর।

গোলানো /গোলানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ গুলিয়ে ফেলা (*কথা গোলানো*)। ২ তরল পদার্থের সঙ্গে কোনো কিছু মিশ্রিত করা। ৩ ঘুলিয়ে ওঠা (*গা গোলানো*)। ৪ 'গুলানো'-র কথ্য রূপ।

গোলাপ /গোলাপ্/ [ফা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে ব্যাপকভাবে চাষ করা হয় এমন লাল হলুদ গোলাপি প্রভৃতি রঙের ঘন পাপড়িযুক্ত সুগন্ধ ফুল বা তার কাঁটাওয়ালা কাণ্ডবিশিষ্ট বহুবর্ষজীবী গুল্মজাতীয় উদ্ভিদ, গুলাব।

গোলাপখাস /গোলাপ্‌খাশ্/ [ফা. গোলাপ+আ. খাস] বি. গোলাপের মতো সুগন্ধ আমের প্রজাতিবিশেষ।

গোলাপজল /গোলাপ্‌জল্/ [ফা. গোলাপ+স. জল] বি. গোলাপ ফুলের নির্যাসমিশ্রিত সুবাসিত পানি।

গোলাপজাম /গোলাপ্‌জাম্/ [ফা. গোলাপ+বা. জাম] বি. ১ ক্রান্তীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন উভলিঙ্গ ফুল সবুজাভ বেরিজাতীয় ফল বা তার চিরহরিৎ গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. ভারত ও মালয়েশিয়া)। ২ ছানার মিঠাইবিশেষ।

গোলাপদান /গোলাপ্‌দান্/ [ফা.] বি. গোলাপ ফুল সাজানোর পাত্র।

গোলাপপানি /গোলাপ্‌পানি/ [ফা. গোলাপ+হি. পানি] বি. দ্র গোলাপজল।

গোলাপপাশ /গোলাপ্‌পাশ্/ [ফা.] বি. গোলাপপানি

www.pathagar.com

ছিটানোর জন্য ব্যবহৃত ঝাঁজরাযুক্ত পাত্র।

গোলাপি /গোলাপি / [ফা.] বিণ. গোলাপের রংবিশিষ্ট।

গোলাপেরণ /গোলাপেরন্ / [স. গোল+অপেরণ] বি. গোলাকার দর্পণ বা পরকলার পৃষ্ঠদেশে ত্রুটির কারণে প্রতিফলিত বা প্রতিসারিত বিম্বের বিকৃতি; (পরি.) spherical aberration।

গোলাব /গোলাব্/ [ফা.] বি. দ্র গোলাপ।

গোলাবাড়ি /গোলাবাড়ি/ [বা.] বি. শস্যাদি মজুত রাখার স্থান, খামারবাড়ি।

গোলাম /গোলাম্/ [আ.] বি. ১ ক্রীতদাস। ২ একান্ত অনুগত ব্যক্তি। ৩ তাসের রংবিশেষ।

গোলামি /গোলামি/ [আ. গোলাম+ফা. ই] বি. ১ পরিচারকের বৃত্তি। ২ চাকরি।

গোলার্ধ /গোলার্ধো / [স. গোল+অর্ধ] বি. ১ পৃথিবীর উত্তর বা দক্ষিণের অর্ধাংশ। ২ গোলকের অর্ধভাগ।

গোলালো /গোলালো / [বা.] বিণ. ১ বর্তুলাকার, গোলগাল। ২ নিটোল ও ভরাট।

গোলোক /গোলোক্/ [স. গো+লোক] বি. বৈকুণ্ঠ, বিষ্ণুলোক, স্বর্গে নারায়ণের বাসস্থান।

গোলোকধাম /গোলোক্ধাম্ / [স. গোলক+ধাম] বি. বৈকুণ্ঠপুরী।

গোলোকনাথ /গোলোক্নাথ্ / [স. গোলক+নাথ] বি. যিনি গোলোকধামে বাস করেন, নারায়ণ, বিষ্ণু।

গোলোকপতি /গোলোক্পোতি/ [স. গোলাক+√পা+অতি] বি. দ্র গোলোকনাথ।

গোলোকবিহারী /গোলোকবিহারি/ [স. গোলক+বি+√হৃ+ইন্] বি. দ্র গোলোকনাথ।

গোল্লা /গোল্লা / [বা.] বি. ১ গোলাকার মিঠাই (*রসগোল্লা*)। ২ শূন্য (*পরীক্ষায় গোল্লা পাওয়া*)। ৩ অধঃপাত (*গোল্লায় যাওয়া*)।

গোল্লাছুট /গোল্লাছুট্/ [বা.] বি. বালকবালিকাদের ছোটাছুটির খেলাবিশেষ।

গোশত /গোশ্ত্/ [ফা.] বি. জীবদেহের অভ্যন্তরে হাড়কে আবৃত করে রাখে এমন নরম কোমল পেশি বা কোষগুচ্ছ, মাংস।

গোশালা /গোশালা / [স. গো+শালা] বি. গোয়ালঘর।

গোষ্ঠ /গোশ্ঠো/ [স. গো+√স্থা+অ] বি. ১ গোশালা। ২ গোচারণভূমি। ৩ সভাস্থল। ৪ জোট।

গোষ্ঠগৃহ /গোশ্ঠোগৃহো/ [স. গোষ্ঠ+গৃহ] বি. গোয়ালঘর, গোশালা।

গোষ্ঠবিহার /গোশ্ঠোবিহার্/ [স. গোষ্ঠ+বি+√হৃ+অ] বি. গোচারণভূমিতে বিচরণ।

গোষ্ঠবিহারী /গোশ্ঠোবিহারি/ [স. গোষ্ঠ+বি+√হৃ+ইন্] বি. শ্রীকৃষ্ণ।

গোষ্ঠবৃতি /গোশ্ঠোবৃতি/ [স. গোষ্ঠ+√বৃ+তি] বি. গোশালার বেষ্টনী।

গোষ্ঠলীলা /গোশ্ঠোলিলা / [স. গোষ্ঠ+লী+√লা+অ+আ (টাপ্)] বি. বৃন্দাবনে শ্রীকৃষ্ণের গোচারণরূপ লীলা।

গোষ্ঠাগার /গোশ্ঠাগার্/ [স. গোষ্ঠ+আগার] বি. সভাগৃহ।

গোষ্ঠী /গোশ্ঠি/ [স. গোষ্ঠ+ঈ] বি. ১ পরিবার। ২ আত্মীয়বর্গ। ৩ বংশ, গোত্র। ৪ দল; সম্প্রদায়।

গোষ্ঠীকলহ /গোশ্ঠিকলোহো/ [স. গোষ্ঠী+কল+√হন্+অ] বি. বিভিন্ন গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্ব।

গোষ্ঠীগত /গোশ্ঠিগতো/ [স. গোষ্ঠী+√গম্+ত] বিণ. গোষ্ঠীসম্বন্ধযুক্ত।

গোষ্ঠীপতি /গোশ্ঠিপোতি/ [স. গোষ্ঠী+√পা+অতি] বি. ১ বংশ পরিবার বা সমাজের প্রধান ব্যক্তি, কুলপতি। ২ দলপতি, সর্দার। ৩ সভাপতি।

গোষ্ঠীপ্রীতি /গোশ্ঠিপ্রিতি/ [স. গোষ্ঠী+√প্রী+তি] বি. গোষ্ঠীবিশেষের প্রতি পক্ষপাত।

গোষ্ঠীবদধ /গোশ্ঠিবদ্ধো/ [স. গোষ্ঠী+√বন্ধ্+ত] বিণ. গোষ্ঠীর অন্তর্গত, গোষ্ঠীভুক্ত।

গোষ্ঠীবর্গ /গোশ্ঠিবরগো / [স. গোষ্ঠী+√বৃজ্+অ] বি. আত্মীয় ও জ্ঞাতিবর্গ।

গোষ্ঠীসুখ /গোশ্ঠিশুখ্/ [স. গোষ্ঠী+সুখ] বি. আত্মীয়-স্বজনের সঙ্গসুখ।

গোষ্পদ /গোশ্পদ্/ [স. গো+√পদ্+অ] বি. ১ গোরুর খুর দিয়ে চিহ্নিত স্থান; গোরুর পায়ের চাপে তৈরি গর্ত। ২ গোরুর খুরের চাপে তৈরি গর্তে যে পরিমাণ পানি ধরে; অতি ক্ষুদ্র আধার; খুব ছোটো জলাশয়। ৩ (আল.) সামান্য বিষয়।

গোসল /গোসোল্/ [আ.] বি. জল দিয়ে শরীর প্রক্ষালন, অবগাহন, স্নান।

গোসলখানা /গোসোল্খানা/ [আ. গোসল+ফা. খানা] বি. স্নানের ঘর, স্নানাগার, হাম্মাম, কলঘর।

গোসা /গোশা / [আ.] বি. ১ রাগ, ক্রোধ। ২ অভিমান।

গোসাঘর /গোশাঘর্ / [আ. গোসা+বা. ঘর] বি. (অধুনালুপ্ত) রাজা জমিদার প্রমুখ ক্রোধান্বিত হলে মহিলারা অন্তঃপুরের যে গৃহে আশ্রয় নিতেন।

গোসাপ /গোশাপ্/ [স. গোসর্প >] বি. গাছের কোটরে বাস করে এমন হলুদাভ বা কালচে বাদামি অমসৃণ ত্বক ও তীক্ষ্ণ নখরযুক্ত কুমিরসদৃশ দিবাচর ছোটো প্রাণী (যার প্রধান খাদ্য কচিপাতা ছোটো পাখি ও কাঁকড়াজাতীয় প্রাণী), গুইসাপ,

www.pathagar.com

গোধা, গোধিকা।

গোসোয়ারা /গোশোয়ারা/ [ফা.] বি. ১ চুম্বক হিসাব, সংক্ষিপ্ত হিসাব। ২ সারাংশ, সারকথা।

গোস্‌সা /গোশ্‌শা/ [আ.] বি. ১ রাগ, ক্রোধ। ২ অভিমান।

গোস্তন /গোস্‌তন্‌/ [স. গো+√স্তন্‌+অ] বি. ১ গোরুর স্তন, ওলান। ২ চারনরি হার।

গোস্তনী /গোস্‌তোনি/ [স. গোস্তন+ঈ] বি. গোরুর স্তনসদৃশ ফল; দ্রাক্ষাফল, আঙুর।

গোস্তাখি /গোস্‌তাখি/ [ফা.] বি. ১ দুর্বিনয়, অশিষ্টতা। ২ ঔদ্ধত্য, স্পর্ধা।

গোস্বামী /গোশ্‌শামি/ [স. গো+স্ব+আমিন্‌] বি. ১ গোরুর রক্ষক। ২ পৃথিবীর অধিপতি, প্রভু, ভগবান। ৩ ধর্মোপদেষ্টা। ৪ পদবিবিশেষ।

গোহাড় /গোহাড়/ [স. গো+বা. হাড়] বি. ১ গোরুর হাড়। ২ (আল.) নীরস অস্থি।

গোহারা /গোহারা/ [বা.] বিণ. শোচনীয়ভাবে পরাজিত। ক্রিবি. শোচনীয়ভাবে পরাজয়বরণ করা।

গোহারি /গোহারি/ [হি.] বি. কাতর প্রার্থনা।

গোহাল /গোহাল্‌/ [স. গোশাল >] বি. গোরুর ঘর, গোশালা, গোগৃহ (*ওই ডাকে শোনো ধেনু ঘন ঘন, ধবলীরে আনো গোহালে* রবীন্দ্র.)।

গোহালট /গোহালট্‌/ [দেশি.] বি. গোরু চলাচলের পথ।

গৌড় /গৌড়্‌/ [স্থান.] বি. ১ অবিভক্ত বঙ্গের প্রাচীন নাম। ২ বাংলাদেশের অন্তর্গত উত্তরবঙ্গের অংশবিশেষ।

গৌড়জন /গৌড়্‌োজন/ [স. গৌড়+√জন্‌+অ] বি. গৌড়ের অধিবাসী।

গৌড়সারং /গৌড়্‌োশারং/ [স. গৌড়+বা. সারং] বি. দিবার তৃতীয়ভাগে গেয় সংগীতের রাগবিশেষ।

গৌড়ী /গৌড়ি/ [স. গৌড়+ঈ] বি. ১ দিবার তৃতীয়-ভাগে গেয় সংগীতের রাগবিশেষ। ২ কাব্য রচনার রীতিবিশেষ। ৩ গুড় থেকে প্রস্তুত মদ্যবিশেষ। বিণ. গৌড়সম্বন্ধীয়।

গৌড়ীয় /গৌড়িয়ো/ [স. গৌড়+ঈয়] বিণ. ১ গৌড়-সম্বন্ধীয়। ২ গৌড়ের অধিবাসী। ৩ গৌড়দেশে উৎপন্ন বা প্রচলিত।

গৌণ /গৌনো/ [স. গৌণী+অ] বিণ. মুখ্য বা প্রধান নয় এমন, অপ্রধান। বি. (বাংলায়) বিলম্ব, দেরি।

গৌণকর্ম /গৌনোকরমো/ [স. গৌণ+কর্মন্‌] বি. ১ অপ্রধান কাজ। ২ (ব্যা.) অপ্রধান কর্মপদ, indirect object।

গৌণার্থ /গৌনারথো/ [স. গৌণ+অর্থ] বি. বাচ্যার্থ নয় এমন অর্থ, শব্দের অপ্রধান অর্থ; হীন অর্থ।

গৌতম /গৌতম্‌/ [স. গোতম+অ] বি. অহিংসার প্রচারক ও ন্যায়দর্শনপ্রণেতা ঋষি, বুদ্ধদেব।

গৌতমী /গৌতোমি/ [স. গোতম+ঈ] বি. ১ গৌতম-বংশীয় নারী। ২ গোদাবরী নদী। ৩ দেবী দুর্গা।

গৌর /গৌড়রো/ [স. √গু+র] বিণ. উজ্জ্বল বর্ণযুক্ত, গোরা। বি. শ্রীচৈতন্য, গৌরাঙ্গ।

গৌরচন্দ্র /গৌড়রোচন্দ্রো/ [স. গৌর+√চন্দ্‌+র] বি. শ্রীচৈতন্য।

গৌরচন্দ্রিকা /গৌড়রোচোনদ্রিকা/ [স. গৌর+চন্দ্র+ইক+আ (টাপ্‌)] বি. ১ মুখবন্ধ, ভূমিকা। ২ গীতি-কাহিনির ভূমিকারূপে শ্রীচৈতন্যের বন্দনা।

গৌরনিধি /গৌড়রোনিধি/ [স. গৌর+নিধি] বি. শ্রীচৈতন্যদেব।

গৌরব /গৌড়রব্‌/ [স. গুরু+অ] বি. ১ গর্ব (*বংশের গৌরব*)। ২ অহংকার (*ধনের গৌরব*)। ৩ মহিমা, কৃপা, করুণা। ৪ মর্যাদা, সম্মান (*জাতির গৌরব*)। ৫ উৎকর্ষ, শ্রেষ্ঠত্ব।

গৌরবচ্যুত /গৌড়রবোচ্চুতো/ [স. গৌরব+√চ্যু+ত] বিণ. মর্যাদা হারিয়েছে এমন।

গৌরবহানি /গৌড়রবহানি/ [স. গৌরব+√হা+তি] বি. মানহানি, মর্যাদাহানি।

গৌরবান্বিত /গৌড়রবানিতো/ [স. গৌরব+অনু+√ই+ত] বিণ. ১ গৌরবযুক্ত। ২ মহিমান্বিত। স্ত্রী. গৌরবান্বিতা /গৌড়রবানিতা/।

গৌরবিত /গৌড়রোবিতো/ [স. গৌরব+ইত] বিণ. দ্র গৌরবান্বিত।

গৌরবোজ্জ্বল /গৌড়রবোজ্জল্‌/ [স. গৌরব+উজ্জ্বল] বিণ. মর্যাদাপূর্ণ, গৌরবযুক্ত।

গৌরাঙ্গ /গৌড়রাংগো/ [স. গৌর+√অঙ্গ্‌+অ] বিণ. গৌরবর্ণ দেহবিশিষ্ট। বি. শ্রীচৈতন্যদেব।

গৌরাঙ্গাবতার /গৌড়রাংগাবোতার/ [স. গৌরাঙ্গ+অবতার] বি. শ্রীচৈতন্যদেব।

গৌরী /গৌড়রি/ [স. গৌর+ঈ] বি. ১ গৌরবর্ণ নারী। ২ দেবীদুর্গা; পার্বতী। ৩ আট বছর বয়স্ক কুমারী। বিণ. গৌরবর্ণা।

গৌরীদান /গৌড়রিদান/ [স. গৌরী+দান] বি. ৮ বছর বয়সে কন্যার বিবাহদানের অধুনালুপ্ত সংস্কার।

গৌরীশংকর /গৌড়রিশংকর/ [স. গৌরী+শংকর] বি. ১ দুর্গা ও শিব। ২ হিমালয় পর্বতের চূড়াবিশেষ।

গৌরীশৃঙ্গ /গৌড়রিসৃংগো/ [স. গৌরী+√শৃ+গ] বি. হিমালয়ের সর্বোচ্চ চূড়া, এভারেস্ট।

গৌরী সেন /গৌড়রি শেন/ [ব্যক্তি.] বি. ১ (খ্রিষ্টীয়

www.pathagar.com

১৭শ–১৮শ শতক) হুগলি অঞ্চলের প্রবাদপ্রতিম ধনী ব্যবসায়ী যিনি জাতিধর্ম নির্বিশেষে দায়গ্রস্ত ব্যক্তিকে চাওয়ামাত্র অর্থদান করতেন। ২ (ব্য.) চাওয়ামাত্র টাকা দেয় এবং হিসাব নেয় না এমন ব্যক্তি (*লাগে টাকা দেবে গৌরী সেন*); সরকার, government।

গ্যাঁজ /গ্যাঁজ্/ [দেশি.] বি. ১ অঙ্কুর; কলি। ২ আব।

গ্যাঁজলা /গ্যাঁজ্‌লা/ [দেশি.] বি. ১ ফেনা, froth। ২ খামির।

গ্যাঁজানো /গ্যাঁজানো/ [বা.] ক্রিবি. ১ পচনের ফলে ফেনিয়ে ওঠা। ২ গল্পগুজব করে সময় কাটানো।

গ্যাঁট /গ্যাঁট্/ [দেশি.] বিণ. স্থির, অনড়, নিশ্চল (*গ্যাঁট হয়ে বসা*)।

গ্যাঁড়া /গ্যাঁড়া/ [বা.] ক্রিবি. আত্মসাৎ করা। বিণ. বেঁটে।

গ্যাঁড়াকল /গ্যাঁড়াকল্/ [বা.] বি. ১ লোককে ঠকানোর কৌশল, ফাঁদ। ২ বিপদ।

গ্যারাজ /গ্যারাজ্/ [ফ.] বি. মোটরযান রাখার ঘর; মোটরযান মেরামতের কারখানা, garage।

গ্যারান্টি /গ্যারান্‌টি/ [ফ.] বি. নিশ্চয়তা; প্রতিশ্রুতি; guarantee।

গ্যারিসন /গ্যারিসন্/ [ই.] বি. নগর বা দুর্গরক্ষার দায়িত্বে নিয়োজিত ক্ষুদ্র সেনাদল, garrison।

গ্যালন /গ্যালন্/ [ই.] বি. তরল পদার্থের আয়তনের অধুনালুপ্ত একক (১ ব্রিটিশ গ্যালন = ৪·৫৫ লিটার। ১ মার্কিন গ্যালন = ৩·৭৯ লিটার), gallon।

গ্যালারি /গ্যালারি/ [ই. gallery] বি. ১ খেলার মাঠ শ্রেণিকক্ষ প্রেক্ষাগৃহ প্রভৃতি স্থানে বিভিন্ন ধাপে বিন্যস্ত আসনের সারি। ২ শিল্পকর্মের প্রদর্শশালা।

গ্যাস /গ্যাস্/ [ই. gas] বি. ১ (সাধারণ তাপমাত্রায়) চাপ কমানোর সঙ্গে সীমাহীনভাবে আয়তন বৃদ্ধি পেতে পারে এমন বায়বীয় পদার্থ। ২ জ্বালানিরূপে ব্যবহৃত কার্বন ও হাইড্রোজেনের মিশ্রণজাত বায়বীয় পদার্থ। ৩ হাইড্রোজেন হিলিয়াম প্রভৃতি বায়বীয় পদার্থ যা দিয়ে বেলুন ফোলানো হয়। ৪ (মার্কিন যুক্তরাষ্ট্রে) মোটরগাড়ির জ্বালানিরূপে ব্যবহৃত পেট্রোল।

গ্যাসীয় /গ্যাসিয়ো/ [ই. gas>] বিণ. ১ গ্যাসসংক্রান্ত। ২ গ্যাস থেকে উৎপন্ন, গ্যাসজাত।

গ্রথন /গ্রোথোন্/ [স. √গ্রন্থ্+অন] বি. দ্র গ্রন্থন।

গ্রথিত /গ্রোথিতো/ [স. √গ্রন্থ্+ত] বিণ. ১ গাঁথা হয়েছে এমন। ২ প্রস্তুত। ৩ রচিত। ৪ ভূষিত।

গ্রন্থ /গ্রোন্থো/ [স. √গ্রন্থ্+অ] বি. ১ এক সঙ্গে বাঁধাই করা সমান মাপের লিখিত বা মুদ্রিত কাগজের সংকলন, বই, পুস্তক, পুথি। ২ শাস্ত্র।

গ্রন্থকর্তা /গ্রোন্থোকর্‌তা/ [স. গ্রন্থ+√কৃ+তৃ] বি. দ্র গ্রন্থকার।

গ্রন্থকার /গ্রোন্থোকার্/, [স. গ্রন্থ+√কৃ+অ] বি. গ্রন্থরচয়িতা।

গ্রন্থকীট /গ্রোন্থোকিট্/ [স. গ্রন্থ+কীট] বি. ১ বই-পোকা। ২ (আল.) গ্রন্থপাঠে আসক্ত ব্যক্তি।

গ্রন্থতালিকা /গ্রোন্থোতালিকা/ [স. গ্রন্থ+আ. তালিকা] বি. বইয়ের তালিকা; পঠিতব্য বইয়ের তালিকা।

গ্রন্থন /গ্রোন্থোন্/ [স. √গ্রন্থ্+অন] বি. ১ গাঁথন। ২ গাঁথুনি। ৩ বাঁধাই।

গ্রন্থনা /গ্রোন্থোনা/ [স. গ্রন্থন+আ (টাপ্)] বি. বিভিন্ন অংশ একত্র করে গাঁথন।

গ্রন্থপ্রণয়ন /গ্রোন্থোপ্রোনয়োন্/ [স. গ্রন্থ+প্রণয়ন] বি. পুস্তকরচনা।

গ্রন্থপ্রণেতা /গ্রোন্থোপ্রোনেতা/ [স. গ্রন্থ+প্র+√নী+তৃ] বি. গ্রন্থরচয়িতা, গ্রন্থকার।

গ্রন্থপ্রেম /গ্রোন্থোপ্রেম্/ [স. গ্রন্থ+প্রিয়+ইমন্] বি. বইয়ের প্রতি আসক্তি।

গ্রন্থপ্রেমী /গ্রোন্থোপ্রেমি/ [স. গ্রন্থ+প্রেমন্+ইন্] বিণ. বই পড়তে ভালোবাসে এমন।

গ্রন্থমেলা /গ্রোন্থোম্যালা/ [স. গ্রন্থ+√মিল্+ণিচ্+অ+আ (টাপ্)] বি. বিক্রয় ও প্রচারের উদ্দেশ্যে পুস্তকের প্রদর্শনী, বইমেলা।

গ্রন্থসাহেব /গ্রোন্থোশাহেব্/ [নাম.] বি. শিখ-ধর্মাবলম্বীদের ধর্মগ্রন্থ।

গ্রন্থসূচি /গ্রোন্থোশুচি/ [স. গ্রন্থ+√সূচ্+ই] বি. বইয়ের তালিকা।

গ্রন্থস্বত্ব /গ্রোন্থোশতো/ [স. গ্রন্থ+স্বত্ব] বি. কোনো পুস্তকের মুদ্রণ বা প্রকাশ সম্পর্কে লেখক বা তৎকর্তৃক মনোনীত ব্যক্তির অধিকার, লেখকের স্বত্ব, copyright।

গ্রন্থাগার /গ্রোন্থাগার্/ [স. গ্রন্থ+আগার] বি. সর্বসাধারণ (বা সদস্যদের) ব্যবহারের জন্য যে গৃহে পুস্তক সংবাদপত্র সাময়িকী চলচ্চিত্র বা গীতবাদ্যের রেকর্ড সিডি প্রভৃতি সংরক্ষিত থাকে, লাইব্রেরি।

গ্রন্থাগারিক /গ্রোন্থাগারিক্/ [স. গ্রন্থাগার+ইক] বি. গ্রন্থাগারের পরিচালক বা অধ্যক্ষ।

গ্রন্থাদি /গ্রোন্থাদি/ [স. গ্রন্থ+আদি] বি. পুস্তকসমূহ।

গ্রন্থাবলি /গ্রোন্থাবোলি/ [স. গ্রন্থ+আবলি] বি. ১ বইপত্র, গ্রন্থসমূহ। ২ কোনো লেখকের রচিত বিভিন্ন গ্রন্থের একত্র সংকলন বা সংগ্রহ।

গ্রন্থি /গ্রোন্থি/ [স. √গ্রন্থ্+ই] বি. ১ গেরো, গাট। ২ হাড়ের সন্ধিস্থল। ৩ বাঁশ আখ প্রভৃতির গিঁট।

www.pathagar.com

৪ দেহমধ্যস্থ রসনিঃসরণকারী কোষ, gland। ৫ জটিলতা।

গ্রন্থিক /গ্রোন্থিক্/ [স. গ্রন্থ+ইক] বি. ১ মহাভারতে উক্ত কনিষ্ঠ পাণ্ডব সহদেবের অজ্ঞাতবাসকালীন নাম। ২ গণক।

গ্রন্থিছেদক /গ্রোন্থিছেদক্/ [স. গ্রন্থি+√ছিদ্+অক] বিণ. গাঁটকাটা। বি. চোর।

গ্রন্থিবন্ধন /গ্রোন্থিবন্ধন্/ [স. গ্রন্থি+√বন্ধ্+অন] বি. গাঁটছড়া।

গ্রন্থিমোচন /গ্রোন্থিমোচন্/ [স. গ্রন্থি+√মুচ্+অন] বি. রহস্য উন্মোচন।

গ্রন্থিল /গ্রোন্থিল্/ [স. গ্রন্থি+ল] বিণ. গ্রন্থিময়।

গ্রন্থী /গ্রোন্থি/ [স. √গ্রন্থ্+ইন্] বি. ১ বহু গ্রন্থের রচয়িতা বা স্বত্বাধিকারী। ২ বহু গ্রন্থের পাঠক। বিণ. বিদ্বান।

গ্রসন /গ্রোশোন্/ [স. √গ্রস্+অন] বি. ১ আহার, গ্রাসকরণ। ২ আত্মসাৎকরণ। ৩ আবৃতকরণ।

গ্রসমান /গ্রোশোমান্/ [স. √গ্রস্+মান (শানচ্)] বিণ. গ্রাস করছে এমন।

গ্রস্ত /গ্রোস্তো/ [স. √গ্রস্+ত] বিণ. ১ গ্রাসিত (*রাহুগ্রস্ত*)। ২ আক্রান্ত (*বিপদগ্রস্ত*)। ৩ পরাভূত (*শোকগ্রস্ত*)। ৪ পীড়িত, জর্জরিত (*ঋণগ্রস্ত*)।

গ্রহ /গ্রোহো/ [স. √গ্রহ্+অ] বি. ১ সূর্যকে প্রদক্ষিণকারী ৮টি জ্যোতিষ্ক (বুধ শুক্র পৃথিবী মঙ্গল বৃহস্পতি শনি ইউরেনাস ও নেপচুন), planet। ২ গ্রহণ, আদান। ৩ বোধ। ৪ দুর্ভাগ্য।

গ্রহণ /গ্রোহোন্/ [স. √গ্রহ্+অন] বি. ১ প্রাপ্তি (*অর্থ গ্রহণ*)। ২ পরিগ্রহ (*নামগ্রহণ*)। ৩ স্বীকার (*দায়িত্ব গ্রহণ*)। ৪ অবলম্বন (*সন্ন্যাসগ্রহণ*)। ৫ বরণ (*দারগ্রহণ*)। ৬ উপলব্ধি (*হৃদয়ে গ্রহণ*)। ৭ আহার (*খাদ্যগ্রহণ*)। ৮ আড়ালে গমন (*সূর্যগ্রহণ*), eclipse।

গ্রহণযোগ্য /গ্রোহোন্জোগ্গো/ [স. গ্রহণ+যোগ+য] বিণ. গ্রহণ করার উপযুক্ত, গ্রহণীয়, গ্রাহ্য।

গ্রহণি /গ্রোহোনি/ [স. √গ্রহ্+অনি] বি. মেরুদণ্ডী প্রাণীর পাকস্থলীর ঠিক নিচে অবস্থিত ক্ষুদ্রান্ত্রের প্রথম অংশ, duodenum।

গ্রহণীয় /গ্রোহোনিয়ো/ [স. √গ্রহ্+অনীয়] বিণ. দ্র গ্রহণযোগ্য।

গ্রহদেবতা /গ্রোহোদেবোতা/ [স. গ্রহ+দেবতা] বি. গ্রহের অধিপতি বা অধিদেবতা।

গ্রহদোষ /গ্রোহোদোশ্/ [স. গ্রহ+√দুষ্+অ] বি. কোনো গ্রহের অবস্থানজনিত কল্পিত অশুভ প্রভাব; দুর্ভাগ্য।

গ্রহনক্ষত্র /গ্রোহোনোক্খোত্ত্রো/ [স. গ্রহ+নক্ষত্র] বি. মহাজাগতিক জ্যোতিষ্কসমূহ।

গ্রহপতি /গ্রোহোপোতি/ [স. গ্রহ+√পা+অতি] বি. সূর্য।

গ্রহবশত /গ্রোহোবশোতো/ [স. গ্রহ+বশতঃ] ক্রিবিণ. গ্রহের ফের বা অবস্থান হেতু, দুর্ভাগ্যবশত।

গ্রহবিপাক /গ্রোহোবিপাক্/ [স. গ্রহ+বিপাক] বি. অশুভ বলে কল্পিত গ্রহের প্রভাবজনিত বিপদ।

গ্রহবৈগুণ্য/গ্রোহোবোইগুন্নো / [স. গ্রহ+বিগুণ+য] বি. দ্র গ্রহদোষ।

গ্রহমণ্ডল /গ্রোহোমন্ডোল্ / [স. গ্রহ+√মণ্ড্+অল] বি. সৌরমণ্ডল ও গ্রহসমূহের সমন্বয়ে গঠিত বিশ্বব্রহ্মাণ্ড, জ্যোতির্মণ্ডল; গ্রহাদির পরিক্রমণপথ।

গ্রহরাজ /গ্রোহোরাজ্ / [স. গ্রহ+রাজন্] বি. ১ সূর্য। ২ বৃহস্পতি। ৩ শনি।

গ্রহশান্তি /গ্রোহোশান্তি/ [স. গ্রহ+√শম্+তি] বি. গ্রহের কল্পিত অশুভ প্রভাব দূরীকরণার্থে পূজা।

গ্রহাচার্য /গ্রোহাচার্জো/ [স. গ্রহ+আচার্য] বি. গ্রহ সম্বন্ধে বিশেষজ্ঞ ব্যক্তি, জ্যোতিষী।

গ্রহাণু /গ্রোহানু/ [স. গ্রহ+অণু] বি. ১ সূর্যকে পরিক্রমণকারী ক্ষুদ্র গ্রহসমূহ। ২ উপগ্রহ, asteroids।

গ্রহাণুপুঞ্জ /গ্রোহানুপুন্জো / [স. গ্রহাণু+পুঞ্জ+√জি+অ] বি. একাধিক গ্রহাণুর একত্র সমাবেশ।

গ্রহীতা /গ্রোহিতা/ [স. √গ্রহ্+তৃ] বিণ. গ্রহণকারী, গ্রাহক। স্ত্রী. **গ্রহীত্রী** /গ্রোহিত্রি/।

গ্রাবু /গ্রাবু/ [দেশি.] বি. তাসের খেলাবিশেষ।

গ্রাম[১] /গ্রাম্/ [স. √গ্রস্+ম] বি. ১ পাড়াগাঁ, পল্লি। ২ ক্ষুদ্র জনপদ। ৩ সংগীতের ত্রিবিধ স্বরবিভাগ (ষড়্জ মধ্যম ও গান্ধার)। ৪ প্রবাহ, স্বরগ্রামের ওঠানামা (*উচ্চগ্রাম*)। ৫ সমূহ (*গুণগ্রাম*)।

গ্রাম[২] /গ্রাম্/ [ফ.] বি. এক কিলোগ্রামের এক হাজার ভাগের এক ভাগ, ওজনের এককবিশেষ, gram।

গ্রামকেন্দ্রিক /গ্রাম্কেন্দ্রিক্/ [স. গ্রাম+কেন্দ্রিক] বিণ. গ্রামকে কেন্দ্র করে সংঘটিত হয় এমন।

গ্রামজ /গ্রামোজো/ [স. গ্রাম+√জন্+অ] বিণ. গ্রামে উৎপাদিত, গ্রামে জাত।

গ্রামণী /গ্রামোনি/ [স. গ্রাম+√নী+ক্বিপ্] বি. গ্রামের নেতা, গ্রামের মোড়ল।

গ্রামধর্ম /গ্রাম্ধর্মো/ [স. গ্রাম+ধর্ম] বি. স্ত্রীসংসর্গ, যৌনসম্ভোগ, মৈথুন।

গ্রামবাসী /গ্রাম্বাশি/ [স. গ্রাম+√বস্+ইন্] বিণ. গ্রামে বসবাসকারী।

www.pathagar.com

গ্রামভাটি /গ্রাম্‌ভাটি/ [স. গ্রাম+বা. ভাটি] বি. গ্রামে সামাজিক উৎসব উপলক্ষ্যে দেয় চাঁদা, গ্রামবৃত্তি।

গ্রামমৃগ /গ্রাম্‌মৃগো/ [স. গ্রাম+√মৃগ্+অ] বি. কুকুর।

গ্রামসম্পর্ক/গ্রাম্‌শম্‌পর্‌কো/ [স. গ্রাম+সম্+√পৃচ্+অ] বি. একই গ্রামে বসবাসের সূত্রে পাতানো সম্পর্ক।

গ্রামান্ত /গ্রামান্‌তো/ [স. গ্রাম+অন্ত] বি. গ্রামের প্রান্তভাগ বা শেষসীমা।

গ্রামান্তর /গ্রামান্‌তর্/ [স. গ্রাম+অন্তর] বি. অন্য গ্রাম, ভিন্ন গ্রাম।

গ্রামিক /গ্রামিক্/ [স. গ্রাম+ইক] বিণ. ১ গ্রামবাসী। ২ গ্রামরক্ষক।

গ্রামী /গ্রামি/ [স. গ্রাম+ইন্] বিণ. ১ গ্রামবাসী। ২ গ্রাম্য; গ্রামীণ।

গ্রামীণ /গ্রামিন্/ [স. গ্রাম+ঈন] বিণ. ১ গ্রামজাত, গ্রাম্য। ২ গ্রামসম্বন্ধীয়। ৩ গ্রামস্থ।

গ্রামোফোন /গ্রামোফোন্/ [ই.] বি. যে যন্ত্রে কোনো ঘূর্ণ্যমান চাকতির অমসৃণ খাঁজের ওপর রাখা একটি পিনের সঙ্গে সংযুক্ত ডায়াফ্রাম থেকে উৎপন্ন শব্দ শোনা যায়, কলের গান, gramophone।

গ্রাম্ভারি /গ্রাম্‌ভারি/ [স.গম্ভীর >] বিণ. গুরুগম্ভীর।

গ্রাম্য /গ্রাম্‌মো/ [স. গ্রাম+য] বিণ. ১ গ্রামসংক্রান্ত। ২ গ্রামে উৎপন্ন। ৩ গ্রামস্থ। ৪ অশিক্ষিত; অমার্জিত।

গ্রাম্যতা /গ্রাম্‌মোতা/ [স. গ্রাম্য+তা] বি. ১ ভাষার অশালীনতা। ২ গেঁয়োভাব।

গ্রাম্যধর্ম /গ্রাম্‌মোধর্‌মো/ [স. গ্রাম্য+ধর্ম] বি. দ্র গ্রামধর্ম।

গ্রাম্যমৃগ /গ্রাম্‌মোমৃগো/ [স. গ্রাম্য+মৃগ] বি. কুকুর।

গ্রাস /গ্রাশ্/ [স. √গ্রস্+অ] বি. ১ একবারে যে পরিমাণ আহার্য মুখে পোরা হয়, লোকমা, নলা। ২ খাদ্যগ্রহণ। ৩ খোরাক (*গ্রাসাচ্ছাদন*)। ৪ কবল, খাবলা। ৫ গ্রহণকালে সূর্য চন্দ্র বা পৃথিবীর একে অপরের আড়ালে গমন (*পূর্ণগ্রাস সূর্যগ্রহণ*)। ৬ অন্যায়ভাবে গ্রহণ।

গ্রাসকারী /গ্রাশ্‌কারি/ [স. গ্রাস+√কৃ+ইন্] বিণ. গ্রাস করে এমন; ভক্ষক, খাদক।

গ্রাসনালি /গ্রাশ্‌নালি/ [স. গ্রাস+নালি] বি. মেরুদণ্ডী প্রাণীর মুখগহ্বরের ঠিক পেছনে অবস্থিত নলাকৃতি দেহাংশ যার মধ্য দিয়ে খাদ্য পানীয় প্রভৃতি পাকস্থলীতে প্রবেশ করে, গলনালি, খাদ্যনালি, কণ্ঠনালি, oesophagus।

গ্রাসাচ্ছাদন /গ্রাশাচ্‌ছাদোন্/ [স. গ্রাস+আচ্ছাদন] বি. অন্ন ও বস্ত্র, খোরপোশ।

গ্রাহ /গ্রাহো/ [স. √গ্রহ্+অ] বি. ১ আদান, গ্রহণ। ২ বোধ। ৩ নির্বন্ধ; পীড়াপীড়ি। ৪ স্বীকার। ৫ হাঙর কুমির প্রভৃতি হিংস্র জলচর প্রাণী।

গ্রাহক /গ্রাহোক্/ [স. √গ্রহ্+অক] বিণ. গ্রহণকারী। বি. ক্রেতা, গাহক, customer। স্ত্রী. গ্রাহিকা /গ্রাহিকা/।

গ্রাহিত /গ্রাহিতো/ [স. √গ্রাহি+ত] বিণ. গ্রহণ করানো হয়েছে এমন।

–গ্রাহী /গ্রাহি/ [স. √গ্রহ্+ইন্] বিণ. ১ গ্রহণকারী। ২ গ্রহণ করতে সক্ষম। ৩ আকর্ষণকারী (*হৃদয়–গ্রাহী*)। ৪ ধারক (*পাণিগ্রাহী*)। ৫ মলবদ্ধ করে এমন।

গ্রাহ্য /গ্রাজ্‌ঝো/ [স. √গ্রহ্+য] বিণ. ১ গ্রহণযোগ্য। ২ জ্ঞেয়; বোধগম্য (*ইন্দ্রিয়গ্রাহ্য*)। ৩ স্বীকার্য। ৪ বিবেচ্য। ৫ (বাংলায়) গণনীয়; মান্য।

গ্রাহ্য করা /গ্রাজ্‌ঝো করা/ ক্রিবি. মান্য করা, পালন করা (*হুকুম গ্রাহ্য করা*)।

গ্রাহ্য হওয়া /গ্রাজ্‌ঝো হওআ/ ক্রিবি. গ্রহণীয় বলে বিবেচিত হওয়া।

গ্রিক /গ্রিক্/ [ই.] বি. গ্রিসের অধিবাসী বা ভাষা। বিণ. গ্রিস দেশ বা ওই দেশের ভাষা বিষয়ক, Greek।

গ্রিনিচ /গ্রিনিচ্/ [স্থান.] বি. ব্রিটেনে ০° দ্রাঘিমার ওপর অবস্থিত স্থানবিশেষ (যেখানকার স্থানীয় সময় আন্তর্জাতিকভাবে গ্রিনিচ মান সময়রূপে স্বীকৃত), Greenwich।

গ্রিন রুম /গ্রিন্ রুম্/ বি. চলচ্চিত্র বা মঞ্চ শিল্পীদের সাজঘর ও বিশ্রামকক্ষ, green room।

গ্রিল[১] /গ্রিল্/ [ফ.] বি. জানালা বা দরজায় ব্যবহৃত লোহার গরাদ, grille।

গ্রিল[২] /গ্রিল্/ [ফ.] বি. নিচের দিকে তাপ বিকিরণ করে এমন উনুনবিশেষ, grill।

গ্রীবা /গ্রিবা/ [স. √গ্রী+ব+আ (টাপ্)] বি. ১ গলদেশ। ২ ঘাড়।

গ্রীবাদেশ /গ্রিবাদেশ্/ [স. গ্রীবা+দেশ] বি. ঘাড়।

গ্রীবাভঙ্গি /গ্রিবাভোংগি/ [স. গ্রীবা+√ভন্‌জ্+ই] বি. ঘাড় বাঁকানোর ভঙ্গি।

গ্রীষ্ম /গ্রিশ্‌শোঁ/ [স. √গ্রস্+ম] বি. ঋতুবিশেষ; গরম–কাল, নিদাঘ। বিণ. গরম।

গ্রীষ্মঋতু /গ্রিশ্‌শোঁরিতু/ [স. গ্রীষ্ম+√ঋ+তু] বি. বাংলা বর্ষপঞ্জির বৈশাখ ও জ্যৈষ্ঠ মাসব্যাপী (১৪ই এপ্রিল থেকে ১৪ই জুন পর্যন্ত) কালপর্ব, বসন্তের পরবর্তী ও বর্ষার পূর্ববর্তী ঋতু, গরমকাল।

গ্রীষ্মকাল /গ্রিশ্‌শোঁকাল্/ [স. গ্রীষ্ম+কাল] বি. দ্র গ্রীষ্মঋতু।

www.pathagar.com

গ্রীষ্মনিবাস /গ্রিশ্‌শোঁনিবাশ্‌/ [স. গ্রীষ্ম+নিবাস] বি. গ্রীষ্মকাল যাপনের জন্য অপেক্ষাকৃত ঠান্ডা জায়গায় নির্মিত অস্থায়ী নিবাস।

গ্রীষ্মপীড়িত /গ্রিশ্‌শোঁপিড়িতো/ [স. গ্রীষ্ম+√পীড়্+ত] বিণ. গ্রীষ্মের তাপে বিপর্যস্ত, উত্তাপক্লিষ্ট।

গ্রীষ্মমণ্ডল /গ্রিশ্‌শোঁমন্‌ডোল্‌/ [স. গ্রীষ্ম+মণ্ডল] বি. কর্কটক্রান্তি ও মকরক্রান্তি রেখার মধ্যবর্তী উষ্ণ-মণ্ডলে অবস্থিত ভূভাগ।

গ্রীষ্মমণ্ডলীয় /গ্রিশ্‌শোঁমন্‌ডোলিয়ো/ [স. গ্রীষ্মমণ্ডল +ঈয়] বিণ. গ্রীষ্মমণ্ডলবিষয়ক।

গ্রীষ্মাতিশয্য /গ্রিশ্‌শাঁতিশোজ্‌জো/ [স. গ্রীষ্ম+ আতিশয্য] বি. গ্রীষ্মের উত্তাপের আধিক্য।

গ্রীষ্মাবকাশ /গ্রিশ্‌শাঁবোকাশ্‌/ [স. গ্রীষ্ম+অবকাশ] বি. শিক্ষাপ্রতিষ্ঠানের গরমের ছুটি, গ্রীষ্মকালীন অবকাশ, summer vacation।

গ্রেনেড /গ্রেনেড়্/ [ফ.] বি. হাতে (বা যন্ত্রের সাহায্যে) ছোড়া যায় এমন বোমাবিশেষ, grenade।

গ্রেপ্তার /গ্রেপ্‌তার্‌/ [ফা.] বি. দ্র গ্রেফতার।

গ্রেপ্তারকৃত /গ্রেপ্‌তারকৃতো/ [ফা. গ্রেপ্তার+স. কৃত] বিণ. গ্রেফতার করা হয়েছে এমন।

গ্রেপ্তারি /গ্রেপ্‌তারি/ [ফা.] বিণ. দ্র গ্রেফতারি।

গ্রেফতার /গ্রেফ্‌তার্‌/ [ফা.] বি. পাকড়াও, আটক; ধরপাকড়, arrest।

গ্রেফতারকৃত /গ্রেফ্‌তারকৃতো/ [ফা. গ্রেফতার+স. কৃত] বিণ. গ্রেফতার করা হয়েছে এমন, arrested।

গ্রেফতারি /গ্রেফ্‌তারি/ [ফা.] বিণ. ১ গ্রেফতারের আদেশযুক্ত (*গ্রেফতারি পরোয়ানা*)। ২ গ্রেফতার-সংক্রান্ত। বি. ১ বন্দিত্ব। ২ অধীনতা।

গ্রৈব /গ্রোইবো/ [স. গ্রীবা+অ] বিণ. গ্রীবাসম্বন্ধীয়।

গ্রৈবেয় /গ্রোইবেয়ো/ [স. গ্রীবা+এয়] বিণ. দ্র গ্রৈব।

গ্রৈবেয়ক /গ্রোইবেয়ক্‌/ [স. গ্রীবা+এয়ক] বি. কণ্ঠের অলংকারবিশেষ, কণ্ঠভূষণ।

গ্রৈষ্মিক /গ্রোইশ্‌শিক্‌/ [স. গ্রীষ্ম+ইক] বিণ. গ্রীষ্মকাল-সম্বন্ধীয়।

গ্র্যাচুইটি /গ্র্যাচুইটি/ [ফ.] বি. কাজের স্বীকৃতি-স্বরূপ অবসর গ্রহণকালে প্রদত্ত এককালীন পারি-তোষিক, gratuity।

গ্লাইড /গ্লাইড়্/ [ই.] ক্রিবি. নিঃশব্দে বাতাসে ভেসে চলা, glide।

গ্লাইডার /গ্লাইডার্‌/ [ই. glider] বি. ১ ইঞ্জিন ছাড়া আকাশে ভেসে চলতে পারে এমন ভেলা। ২ যে ব্যক্তি ওই ভেলার সাহায্যে বাতাসে ভর করে আকাশে উড়ে বেড়ায়।

গ্লান /গ্লান্‌/ [স. √গ্লৈ+ত] বি. দ্র গ্লানি।

গ্লানি /গ্লানি/ [স. √গ্লৈ+তি] বি. ১ ক্লান্তি, ক্লম। ২ অতিশয় শ্রান্তি, অবসাদ। ৩ অসুস্থতা। ৪ মলিনতা (*মনের গ্লানি*)। ৫ কলঙ্ক (*বংশের গ্লানি*)। ৬ অনুশোচনা; ক্ষোভ (*আত্মগ্লানি*)।

গ্লাস /গ্লাস্‌/ [ই. glass] বি. ১ কাচ। ২ কাচ কাগজ ধাতু প্রভৃতির তৈরি পানপাত্র (*জলের গ্লাস*)।

গ্লিসারিন /গ্লিসারিন্‌/ [ফ.] বি. বিবিধ রাসায়নিক দ্রব্য উৎপাদনকালে উপজাত স্বচ্ছ ও বর্ণহীন থকথকে মিষ্টস্বাদ তরল পদার্থ, glycerine।

গ্লুকোজ /গ্লুকোজ্‌/ [ফ.] বি. উদ্ভিদ থেকে প্রাপ্ত বর্ণহীন বা সাদা মিষ্টস্বাদ কঠিন পদার্থ (জীবদেহে শক্তির অন্যতম উৎস) যা রক্তের সঙ্গে সহজে মিশে যায়।

গ্লোকোমা /গ্লোকোমা/ [ই.] বি. অক্ষিগোলকে অভ্যন্তরীণ চাপ বৃদ্ধির ফলে অপটিক নার্ভের রোগবিশেষ যার ফলে আক্রান্ত ব্যক্তি দৃষ্টিশক্তি হারাতে পারে, glaucoma।

গ্লোব /গ্লোব্‌/ [ই.] বি. গোলাকার বস্তুর পৃষ্ঠদেশে মুদ্রিত পৃথিবীর মানচিত্র, ভূ-গোলক, বিশ্ব, globe।

www.pathagar.com

ঘ /ঘ/

ঘ /ঘ/ বাংলা বর্ণমালার চতুর্থ ব্যঞ্জনবর্ণ এবং কণ্ঠ থেকে উচ্চার্য ক-এর ঘোষ মহাপ্রাণ রূপ।

ঘচঘচ /ঘচ্‌ঘচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. অপেক্ষাকৃত নরম জিনিস ক্রমাগত কাটার অনুকার শব্দ।

ঘচাঘচ /ঘচাঘচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. একনাগাড়ে নরম জিনিস কেটে যাওয়ার অনুকার শব্দ।

ঘট /ঘ্‌ট্/ [স. √ঘট্+অ] বি. ১ ঘড়া, কলস, কুম্ভ। ২ মগজ, মাথা (*ঘটে কিছু নেই*)। ৩ দেহ; মূর্তি।

ঘটক /ঘটোক্/ [স. √ঘটি+অক] বিণ. ঘটয়িতা, ঘটনার সম্পাদক, যোজক। বি. ১ বিবাহের সম্বন্ধ করা যার পেশা। ২ পদবিবিশেষ।

ঘটকর্পর /ঘটোকর্‌পর্/ [স. ঘট+√কৃপ্+অর] বি. ১ ঘট বা কলসির ভাঙা টুকরা। ২ বিক্রমাদিত্যের নবরত্নসভার ষষ্ঠ রত্ন।

ঘটকার /ঘটোকার্/ [স.ঘট+√কৃ+অ] বি. যে ব্যক্তি ঘট তৈরি করে, কুম্ভকার, কুমার।

ঘটকারক /ঘটোকারোক্/ [স. ঘট+√কৃ+অক] বি. দ্র ঘটকার।

ঘটকালি /ঘট্‌কালি/ [দেশি.] বি. বৈবাহিকসম্বন্ধ স্থাপনের কৌশল; ঘটকের বৃত্তি।

ঘটঘট /ঘট্‌ঘট্/ [ধ্বন্যা.] অব্য. বি. শূন্য কাঠের পাত্রের মধ্যে কাঠের দন্ড বা অনুরূপ কিছু নাড়াচাড়া করার অনুকার শব্দ।

ঘটঘটানি /ঘট্‌ঘটানি/ [ধ্বন্যা.] বি. ঘটঘট শব্দ।

ঘটদাসী /ঘট্‌দাসি/ [স. ঘট+দাস+ঈ] বি. দূতী; কুটনি।

ঘটন /ঘটোন্/ [স. √ঘট্+অন] বি. ১ সংঘটন। ২ নির্বন্ধ, বিধান। ৩ যোজন; নিয়োজন।

ঘটনা /ঘটোনা/ [স. √ঘটি+অন+আ (টাপ্)] বি. ১ কান্ড। ২ যোজন। ৩ সংঘটন। ৪ আকস্মিক পরিস্থিতি।

ঘটনা-উত্তর /ঘটোনাউত্তর্/ [স. ঘটনা+উত্তর] বিণ. ঘটে যাওয়ার পর; (পরি.) ex post facto।

ঘটনাক্রমে /ঘটোনাক্রোমে/ [স. ঘটনাক্রম+বা. এ] ক্রিবিণ. হঠাৎ, ঘটনাচক্রে, অপ্রত্যাশিতভাবে।

ঘটনাচক্র /ঘটোনাচক্‌ক্রো/ [স. ঘটনা+√কৃ+অ] বি. ১ ঘটনাপরম্পরা। ২ ঘটনাবলি। ৩ ব্যাপারসমূহ।

ঘটনাচক্রে /ঘটোনাচক্‌ক্রে/ [স. ঘটনাচক্র+বা. এ] ক্রিবিণ. দ্র ঘটনাক্রমে।

ঘটনাধীন /ঘটোনাধিন্/ [স. ঘটনা+অধীন] বিণ. ঘটনার দ্বারা প্রভাবিত।

ঘটনাপূর্ণ /ঘটোনাপুরনো/ [স. ঘটনা+√পূরি+ত] বিণ. নানা ঘটনায় পূর্ণ, ঘটনাবহুল।

ঘটনাপ্রবাহ /ঘটোনাপ্রোবাহো/ [স. ঘটনা+প্রবাহ] বি. ধারাবাহিক ঘটনা, ঘটনার ক্রমধারা।

ঘটনাবলি /ঘটোনাবোলি/ [স. ঘটনা+আবলি] বি. ব্যাপারসমূহ, ঘটনাসমূহ।

ঘটনাবহ /ঘটোনাবহো/ [স. ঘটনা+√বহ্+অ] বিণ. সংঘটক; ঘটনা বহনকারী।

ঘটনাবহুল /ঘটোনাবোহুল্/ [স. ঘটনা+বহুল] বিণ. বহু ঘটনা সমাকীর্ণ; ঘটনার আধিক্যযুক্ত।

ঘটনাস্থল /ঘটোনাস্‌থল্/ [স. ঘটনা+√স্থল্+অ] বি. ঘটনার স্থান, যে স্থানে ঘটনা ঘটে; অকুস্থল।

ঘটনাস্রোত /ঘটোনাস্‌স্রোত্/ [স. ঘটনা+স্রোতস্] বি. ১ ঘটনার ক্রমধারা বা প্রবাহ। ২ ঘটনার তোড়।

ঘটনীয় /ঘটোনিয়ো/ [স. √ঘট্+ণিচ্+অনীয়] বিণ. ঘটবে এমন, ঘটার মতো, সম্ভাব্য, ঘটিতব্য।

ঘটমান /ঘটোমান্/ [স. √ঘট্+মান (শানচ্)] বিণ. ঘটছে এমন; চলমান।

ঘটপট /ঘট্‌পট্/ [স. ঘট+পট] বি. ঘট ও বস্ত্র।

ঘটরঘটর /ঘটোর্‌ঘটোর্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ অবিরাম ঘটঘট শব্দ। ২ মন্থর গতিতে গড়িয়ে চলার অনুকার শব্দ।

ঘটা[১] /ঘটা/ [স. √ঘট্+অ+আ (টাপ্)] বি. ১ আড়ম্বর, সমারোহ (*ঘটা করে উদ্‌বোধন*)। ২ আয়োজন। ৩ শোভা। ৪ রাশি। ৫ ঘটন।

ঘটা[২] /ঘটা/ [বা.] ক্রিবি. ১ সংঘটিত হওয়া। ২ পরিণত হওয়া বা রূপ পাওয়া। ৩ সম্পন্ন হওয়া।

ঘটাকাশ /ঘটাকাশ/ [স. ঘট+আকাশ] বি. খন্ড জগৎ; ক্ষুদ্র পরিধি।

ঘটাটোপ /ঘটাটোপ্/ [স. ঘট+আটোপ] বি. ১ পর্দা, যবনিকা। ২ ঘেরাটোপ। ৩ মহাসমারোহ।

ঘটানো /ঘটানো/ [বা.] ক্রিবি. পরিণত বা সম্পন্ন করানো। বিণ. অন্যকে দিয়ে করানো হয়েছে এমন।

ঘটি /ঘোটি/ [স. ঘটিকা >] বি. ১ ঘটসদৃশ ধাতব ছোটো জলপাত্র। ২ এক দন্ড (২৪ মিনিট)। ৩ ঘড়ি। ৪ (ব্য.) পশ্চিমবঙ্গের অধিবাসী।

www.pathagar.com

ঘটিকা /ঘটিকা/ [স. ঘটী+কন্+আ (টাপ্)] বি. ১ ঘণ্টা, সময় (*সকাল দশ ঘটিকা*), hour। ২ সময় নিরূপণের সরঞ্জাম, ঘড়ি। ৩ ছোটো কলস।

ঘটিকাযন্ত্র /ঘোটিকাজন্ত্রো/ [স. ঘটিকা+√যন্ত্র্+অ] বি. সময় নিরূপণের সরঞ্জাম, ঘড়ি।

ঘটিচোর /ঘোটিচোর্/ [স. ঘটি+√চোরি+অ] বি. ছিঁচকে চোর।

ঘটিত /ঘোটিতো/ [স. √ঘট্+ত] বিণ. ১ সম্পাদিত; সংঘটিত; ঘটেছে এমন। ২ সম্পর্কিত। ৩ যুক্ত।

ঘটিতব্য /ঘোটিতোব্বো/ [স. √ঘট্+তব্য] বিণ. ঘটবে এমন; সম্ভাবিত।

ঘটিরাম /ঘোটিরাম্/ [স. ঘটি+√রম্+অ] বি. নির্বোধ ব্যক্তি; অনভিজ্ঞ ও অযোগ্য কর্মী।

ঘটোধ্নী /ঘটোধ্নি/ [স. ঘট+উধস্+ঈ] বিণ. ঘটের মতো বড়ো পালানবিশিষ্ট (*ঘটোধ্নী গাভি*)।

ঘট্ট /ঘট্টো/ [স. √ঘট্ট্+অ] বি. ১ নদী পুকুর প্রভৃতির ঘাট। ২ ঘাঁটি।

ঘট্টন /ঘট্টোন্/ [স. √ঘট্ট্+অন] বি. ১ মন্থন, ঘোটন। ২ গঠন, নির্মাণ; সংঘটন। ৩ ঘর্ষণ, পেষণ।

ঘট্টনী /ঘট্টোনি/ [স. ঘট্টন+ঈ] বি. যা দিয়ে ঘোঁটা হয়, ঘোটনা।

ঘট্টিত /ঘোট্টিতো/ [স. √ঘট্ট্+ত] বিণ. ১ ঘোঁটা হয়েছে এমন। ২ গঠিত, নির্মিত।

ঘড়ঘড় /ঘড়ঘড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. মানুষের শ্বাস-নালিতে শ্লেষ্মা জমে থাকার ফলে শ্বাস গ্রহণ বা নাসিকা গর্জনের অনুকার শব্দ।

ঘড়া /ঘড়া/ [স. ঘট >] বি. বড়ো কলসি; পিতলের কলস।

ঘড়াঞ্চি /ঘড়ানচি/ [দেশি.] বি. ১ সিঁড়িওয়ালা উঁচু টুল। ২ কলসি রাখার খাঁজকাটা মঞ্চ।

ঘড়ি /ঘোড়ি/ [স. ঘটিকা >] বি. ১ সময় নিরূপক সরঞ্জামবিশেষ, ঘটিকা। ২ আড়াই দন্ড।

ঘড়ি ঘড়ি /ঘোড়ি ঘোড়ি/ ক্রিবিণ. ক্ষণে ক্ষণে, বারবার, থেকে থেকে (*ঘড়ি ঘড়ি যাতায়াত*)।

ঘড়িঘর /ঘোড়িঘর্/ [বা.] বি. যে ঘর থেকে ঘণ্টা বাজিয়ে সময় ঘোষণা করা হয়।

ঘড়িবাবু /ঘোড়িবাবু/ [বা.] বি. সময়রক্ষক, time keeper।

ঘড়িয়াল[১] /ঘোড়িআল্/ [হি.] বি. ঘণ্টা বাজিয়ে সময় ঘোষণা করা যার পেশা।

ঘড়িয়াল[২] /ঘোড়িআল্/ [দেশি.] বি. ১ গঙ্গা ও সিন্ধু নদীর অববাহিকায় বিচরণ করে এমন সরু ও লম্বা মুখওয়ালা কুমিরসদৃশ মৎস্যাশী সরীসৃপজাতীয় উভচর প্রাণী। ২ (আল.) ধূর্ত বা ধড়িবাজ লোক।

ঘণ্ট /ঘন্টো/ [স. √ঘণ্ট্+অ] বি. বিবিধ সবজি মিশিয়ে রাঁধা ব্যঞ্জন; মাছ সহযোগে রাঁধা সবজি।

ঘণ্টা /ঘন্টা/ [স. √ঘণ্ট্+অ+আ (টাপ্)] বি. ১ ষাট মিনিট সময় (*দু ঘণ্টা*)। ২ কাঁসার থালা বা বাটি আকৃতির পাত্র যাতে আঘাত করলে ঢং ঢং শব্দ হয়। ৩ (ব্য.) কিছুই না।

ঘণ্টাকর্ণ[১] /ঘন্টাকর্নো/ [স. ঘণ্টা+কর্ণ] বি. ভারতীয় উপমহাদেশে পতিত জমি ও রাস্তার ধারে জাত এবং বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন লাল বা বেগুনি দাগযুক্ত সাদা সুগন্ধ ফুল বা তার খসখসে পাতাবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ, ঘেঁটুফুল, ভাঁটফুল।

ঘণ্টাকর্ণ[২] /ঘন্টাকর্নো/ [স. ঘণ্টা+কর্ণ] বি. শিবের অনুচরবিশেষ; ঘেঁটুঠাকুর।

ঘণ্টাকৃতি /ঘন্টাকৃতি/ [স. ঘণ্টা+আকৃতি] বিণ. ঘণ্টার আকৃতিবিশিষ্ট, ঘণ্টাসদৃশ (*ঘণ্টাকৃতি ফুল*)।

ঘণ্টাঘর /ঘন্টাঘর্/ [বা.] বি. দ্র ঘড়িঘর।

ঘণ্টাধ্বনি /ঘন্টাদ্ধোনি/ [স. ঘণ্টা+√ধ্বন্+ই] বি. ঘণ্টার আওয়াজ।

ঘণ্টা পড়া /ঘন্টা পড়া/ ক্রিবি. ঘণ্টা পিটিয়ে সময় ঘোষণা করা।

ঘণ্টাপথ /ঘন্টাপথ্/ [স. ঘণ্টা+পথ] বি. রাজপথ।

ঘণ্টায় ঘণ্টায় /ঘন্টায় ঘন্টায়/ ক্রিবিণ. প্রতি ঘণ্টায়।

ঘণ্টি /ঘোন্টি/ [স. ঘণ্টা+ই] বি. ১ ছোটো ঘণ্টা। ২ আলজিভ।

ঘণ্টিকা /ঘোন্টিকা/ [স. ঘণ্টা+কন্+আ (টাপ্)] বি. দ্র ঘণ্টি।

ঘণ্টেশ্বর /ঘন্টেশ্শর্/ [স. ঘণ্টা+ঈশ্বর] বি. ১ মঙ্গলের পুত্র ঘেঁটু; ঘেঁটুঠাকুর। ২ মহাদেব।

ঘন /ঘনো/ [স. √হন্+অ] বি. ১ মেঘ (*ঘনঘটা*)। ২ তিনটি সমান রাশির গুণফল (*ঘনফল*), cube। ৩ বাদ্যের শ্রেণিবিশেষ। ৪ (বাংলায়) দৈর্ঘ্য প্রস্থ ও বেধবিশিষ্ট বস্তু। বিণ. ১ গহন; দুর্গম (*ঘন বন*)। ২ গাঢ় (*ঘন দুধ*)। ৩ পুরু; জমাট (*ঘন বুনট*)। ৪ দুর্ভেদ্য (*ঘনকালো*)। ৫ অবিচ্ছিন্ন। ৬ ঘোর (*ঘন বরষা*)।

ঘনক /ঘনোক্/ [স. ঘন+ক] বি. যে বস্তুর দৈর্ঘ্য প্রস্থ ও উচ্চতা সমান, cube।

ঘনকফ /ঘনোকফ্/ [স. ঘন+কফ] বি. গাঢ় বা ঘন শ্লেষ্মা।

ঘনকাল /ঘনোকাল্/ [স. ঘন+√কল্+অ] বি. বর্ষা-কাল।

ঘনকৃষ্ণ /ঘনোকৃশ্নো/ [স. ঘন+√কৃষ্+ন] বিণ. ১ মেঘের মতো কালো। ২ ঘোর কৃষ্ণবর্ণ।

www.pathagar.com

ঘনঘটা /ঘনোঘটা/ [স. ঘন+ঘটা] বি. মেঘের আড়ম্বর।

ঘনঘন /ঘনোঘনো/ [স. ঘন+ঘন] ক্রিবিণ. ১ বারবার; অল্প সময়ের ব্যবধানে। ২ ঘনসন্নদ্ধ হয়ে।

ঘনঘোর /ঘনোঘোর্/ [স. ঘন+√ঘুর্+অ] বিণ. গাঢ় মেঘে ঢাকা ও অন্ধকার।

ঘনতা /ঘনোতা/ [স. ঘন+তা] বি. ১ নিবিড়তা; গাঢ়তা। ২ দৈর্ঘ্য প্রস্থ ও বেধের মিলিত ফল।

ঘনত্ব /ঘনোত্তো/ [স. ঘন+ত্ব] বি. দ্র ঘনতা।

ঘনপল্লব /ঘনোপল্‌লোব্/ [স. ঘন+পল্লব] বিণ. ঘন পাতাবিশিষ্ট। বি. সজনে গাছের পাতা।

ঘনফল /ঘনোফল্/ [স. ঘন+ফল] বি. ১ দৈর্ঘ্য প্রস্থ ও বেধের গুণফল। ২ সমান তিন রাশির গুণফল।

ঘনফুট /ঘনোফুট্/ [স. ঘন+ই. ফুট] বি. ফুটের মাপে দৈর্ঘ্য প্রস্থ ও বেধের গুণফল।

ঘনবসতি /ঘনোবশোতি/ [স. ঘন+√বস্+অতি] বি. অল্প দূরত্বের ব্যবধানে তৈরি ঘরবাড়ি।

ঘনবস্তু /ঘনোবোস্তু/ [স. ঘন+√বস্+তু] বি. যে বস্তুর দৈর্ঘ্য প্রস্থ ও বেধ আছে।

ঘনবারি /ঘনোবারি/ [স. ঘন+√বারি+ই] বিণ. মেঘাচ্ছন্ন।

ঘনবিন্যস্ত /ঘনোবিন্‌নস্তো/ [স. ঘন+বি+নি+√অস্+ত] বিণ. নিবিড়ভাবে স্থাপিত।

ঘনবিন্যাস /ঘনোবিন্‌ন্যাশ্/ [স. ঘন+বি+নি+ √অস্+অ] বি. কোনো ফাঁক না রেখে কাছাকাছি স্থাপন।

ঘনবীথি /ঘনোবিথি/ [স. ঘন+√বিথ্+ই] বি. আকাশ-পথ।

ঘনমালা /ঘনোমালা/ [স. ঘন+মালা] বি. মেঘমালা; জলরাশি।

ঘনমিটার /ঘনোমিটার্/ [স. ঘন+ফ. মিটার] বি. মিটারের মাপে দৈর্ঘ্য প্রস্থ ও বেধের গুণফল, cubic metre।

ঘনমূল /ঘনোমুল্/ [স. ঘন+ √মূল্+অ] বি. ঘনফলের মূলরাশি, cubic root।

ঘনরস /ঘনোরশ্/ [স. ঘন+রস] বি. ১ গাঢ় রস বা আঠা। ২ বৃষ্টির জল।

ঘনশ্যাম /ঘনোশ্যাম্/ [স. ঘন+√শৈ+ম] বিণ. নিবিড় মেঘের মতো নীল বর্ণবিশিষ্ট। বি. শ্রীকৃষ্ণ।

ঘনশ্রুতি /ঘনোস্‌স্রুতি/ [স. ঘন+√শ্রু+তি] বিণ. (বিদ্যুতিনীয় যন্ত্রে উৎপাদিত) যে শব্দ একাধিক উৎস থেকে আসছে বলে মনে হয়, (পরি.) stereophonic।

ঘনসন্নিবিষ্ট /ঘনোশন্‌নিবিশ্‌টো/ [স. ঘন+ সম্+নি+√বিশ্+ত] বিণ. ঘনবিন্যস্ত।

ঘনসিক্ত /ঘনোশিক্‌তো/ [স. ঘন+√সিচ্+ত] বিণ. বৃষ্টিতে ভেজা।

ঘনাগম /ঘনাগম্/ [স. ঘন+আগম] বি. ১ মেঘের আগমন। ২ বর্ষাকাল।

ঘনাঙ্ক /ঘনাংকো/ [স. ঘন+ অঙ্ক] বি. ঘনত্বের মাত্রা, density।

ঘনাত্যয় /ঘনাত্‌তয়্/ [স. ঘন+অত্যয়] বি. বর্ষার অবসান; শরৎকাল।

ঘনানো /ঘনানো/ [বা.] ক্রিবি. ১ কাছে আসা, নিকটবর্তী হওয়া। ২ গাঢ় করা। বিণ. ঘনীভূত।

ঘনান্ত /ঘনান্‌তো/ [স. ঘন+অন্ত] বি. বর্ষার অবসান।

ঘনান্ধকার /ঘনান্‌ধোকার্/ [স. ঘন+অন্ধকার] বি. গাঢ় অন্ধকার; মেঘাচ্ছন্নতার ফলে অন্ধকার।

ঘনাবৃত /ঘনাব্‌বৃতো/ [স. ঘন+আবৃত] বিণ. মেঘে ঢাকা, মেঘাচ্ছন্ন।

ঘনায়মান /ঘনায়োমান্/ [স. √ঘনায়্+মান (শানচ্)] বিণ. ১ আসন্ন। ২ গাঢ় হয়ে উঠছে এমন।

ঘনায়িত /ঘনায়িতো/ [স. √ঘনায়্+ত] বিণ. ঘনীভূত।

ঘনিমা /ঘোনিমা/ [স. ঘন+ইমন্] বি. (কাব্যে) ঘনত্ব।

ঘনিষ্ঠ /ঘোনিশ্‌ঠো/ [স. ঘন+ইষ্ঠ] বিণ. অন্তরঙ্গ; অত্যন্ত নিকটবর্তী। স্ত্রী. **ঘনিষ্ঠা** /ঘোনিশ্‌ঠা/।

ঘনীকৃত /ঘোনিক্‌কৃতো/ [স. ঘন+চ্বি+কৃত] বিণ. ঘন করা হয়েছে এমন।

ঘনীভবন /ঘোনিভবোন্/ [স. ঘন+চ্বি+ভবন] বি. ১ পাতলা তরল পদার্থকে ঘন তরল পদার্থে পরিণত-করণ। ২ তরল পদার্থকে কঠিন পদার্থে পরিণত-করণ।

ঘনীভূত /ঘোনিভুতো/ [স. ঘন+চ্বি+ভূত] বিণ. ঘন করা হয়েছে এমন।

ঘনোপল /ঘনোপল্/ [স. ঘন+উপল] বি. শিলা, করকা।

ঘর /ঘর্/ [স. গৃহ >] বি. ১ গৃহ। ২ কক্ষ (*পড়ার ঘর*)। ৩ আশ্রয়; ঠাঁই। ৪ সংসার (*ঘর করা*)। ৫ পরিবার (*এক ঘর বাঙালি*)। ৬ কুল (*উচ্চঘর*)। ৭ হিসাবের খাত (*জমার ঘর*)। ৮ অফিস (*ডাকঘর*)। ৯ ছিদ্র (*বোতামের ঘর*)। ১০ গ্রন্থি বা বুননের খোপ (*একঘর সোজা একঘর উলটো*)। ১১ গদি (*মহাজনের ঘর*)। ১২ অভ্যন্তর (*ঘরেবাইরে*)। ১৩ স্থান (*খেলাঘর*)।

ঘরকন্না /ঘরকন্না/ [বা.] বি. সাংসারিক কাজকর্ম।

ঘর করা /ঘর্ করা/ ক্রিবি. ১ সংসারধর্ম পালন করা। ২ পত্নীরূপে দায়িত্ব পালন করা।

ঘর কাটা /ঘর্ কাটা/ ক্রিবি. ছক কাটা।

www.pathagar.com

ঘরকুনো /ঘর্‌কুনো/ [বা.] বিণ. ১ বাইরের জগতের সঙ্গে সম্পর্কশূন্য। ২ অমিশুক; অসামাজিক।

ঘরখরচ /ঘরখরোচ্‌/ [বা. ঘর+ফা. খরচ] বি. সংসারের নৈমিত্তিক ব্যয়।

ঘর খোঁজা /ঘর্‌ খোঁজা/ ক্রিবি. ১ বৈবাহিকসম্বন্ধ স্থাপনের জন্য উপযুক্ত পরিবার সন্ধান করা। ২ বাসস্থান খোঁজা।

ঘর গড়া /ঘর্‌ গড়া/ ক্রিবি. ১ ঘর তৈরি করা। ২ সংসার করা; বিবাহ করা।

ঘরঘেঁষা /ঘর্‌ঘ্যাঁশা/ [বা.] বিণ. ঘরকুনো; অসামাজিক।

ঘরছাড়া /ঘরছাড়া/ [বা.] বিণ. ১ গৃহত্যাগী। ২ প্রবাসী। বি. সন্ন্যাসী।

ঘরজামাই /ঘর্‌জামাই/ [বা.] বি. যে ব্যক্তি শ্বশুরালয়ে বসবাস করে বা আহার ও বাসস্থানের জন্য শ্বশুরের ওপর নির্ভরশীল।

ঘরজোড়া /ঘর্‌জোড়া/ [বা.] বিণ. সমগ্র ঘর জুড়ে বিরাজ করে এমন।

ঘরজ্বালানে /ঘর্‌জালানে/ [বা.] বিণ. ১ গৃহে অগ্নি-সংযোগকারী। ২ (আল.) সংসারে শান্তি বিঘ্নিত করে এমন। স্ত্রী. **ঘরজ্বালানি** /ঘর্‌জালানি/।

ঘরট্ট /ঘরট্ট/ [ধ্বন্যা.] বি. জাঁতা, পেষণযন্ত্র; যে যন্ত্র ঘরঘর শব্দ করে ঘোরে।

ঘর তোলা /ঘর্‌ তোলা/ ক্রিবি. ১ ঘর তৈরি করা। ২ কাঁটা দিয়ে বুননের সময় ঘর বাড়ানো।

ঘরনি /ঘরোনি/ [স. গৃহিণী >] বি. ১ সংসারের কর্ত্রী। ২ পত্নী। ৩ সংসারকর্মে নিপুণা নারী।

ঘরন্তি /ঘরোন্‌তি/ [বা.] বিণ. ঘরের কাজে নিপুণা। বি. ঘরনি (*অতি বড়ো ঘরন্তি না পায় ঘর*)।

ঘরপর /ঘর্‌পর্‌/ [বা.] বি. আপনপর।

ঘরপোড়া /ঘর্‌পোড়া/ [বা.] বি. লঙ্কাদাহকারী হনুমান। বিণ. ঘর পুড়েছে এমন (*ঘরপোড়া গোরু*)।

ঘরপোষা /ঘর্‌পোশা/ [বা.] বিণ. ঘরে পোষা হয়েছে এমন, গৃহপালিত।

ঘর বসানো /ঘর্‌ বসানো/ ক্রিবি. ১ বসতিস্থাপন করা। ২ প্রজা বসানো।

ঘর বাঁধা /ঘর্‌ বাঁধা/ ক্রিবি. ১ গৃহনির্মাণ করা, বসতিস্থাপন করা। ২ সংসার পাতা।

ঘরবাড়ি /ঘর্‌বাড়ি/ [বা.] বি. বাসগৃহ, বাসস্থান।

ঘর ভাঙা /ঘর্‌ ভাঙা/ ক্রিবি. বিবাহবিচ্ছেদ ঘটানো।

ঘরভাঙানে /ঘর্‌ভাঙানে/ [বা.] বিণ. সংসারে ভাঙন ধরায় এমন। স্ত্রী. **ঘরভাঙানি** /ঘর্‌ভাঙানি/।

ঘর ভাঙানো /ঘর্‌ ভাঙানো/ ক্রিবি. দ্র ঘর ভাঙা।

ঘরভেদী /ঘর্‌ভেদি/ [বা.] বিণ. গৃহে বিবাদসৃষ্টিকারী। বি. ঘরের শত্রু।

ঘরমুখী /ঘর্‌মুখি/ [বা. ঘর+স. মুখী] বিণ. ঘরে ফিরছে এমন, গৃহাভিমুখী; গৃহাসক্ত।

ঘরমুখো /ঘর্‌মুখো/ [বা.] বিণ. দ্র ঘরমুখী।

ঘরশত্রু /ঘর্‌শোত্‌ত্রু/ [বা. ঘর+স. শত্রু] বিণ. বি. দ্র ঘরভেদী।

ঘরসংসার /ঘর্‌শংশার্‌/ [বা. ঘর+স. সংসার] বি. গৃহস্থালি বা সংসারের কাজকর্ম, সংসারধর্ম পালন।

ঘরসন্ধানী /ঘর্‌শন্‌ধানি/ [বা. ঘর+স. সন্ধানী] বিণ. ঘরের গোপন কথা জেনে ফাঁস করে দেয় এমন।

ঘরানা /ঘরানা/ [হি.] বি. ১ পুরুষানুক্রমে কোনো বংশে অনুসৃত গায়নরীতি। ২ কল্পিত অভিজাত বা কুলীন ঘর। বিণ. পারিবারিক, ঘরোয়া।

ঘরামি /ঘরামি/ [হি.] বি. বাঁশ খড় প্রভৃতি দিয়ে ঘর তৈরি যার পেশা।

ঘরামিগিরি /ঘরামিগিরি/ [হি. ঘরামি+ফা. গিরি] বি. ঘরামির বৃত্তি।

ঘরে ঘরে /ঘরে ঘরে/ ক্রিবিণ. প্রতিটি ঘরে।

ঘরের কথা /ঘরের কথা/ বি. পারিবারিক কথা।

ঘরের লক্ষ্মী /ঘরের লোক্‌খি/ বি. লক্ষ্মীরূপ বধূ, স্ত্রী।

ঘরোয়া /ঘরোআ/ [বা.] বিণ. ১ পারিবারিক। ২ গৃহস্থালি-সম্পর্কিত। ৩ অনানুষ্ঠানিক, informal।

ঘর্ঘরা /ঘর্‌ঘরা/ [স. ঘর্ঘর+আ (টাপ্‌)] বি. দ্র ঘর্ঘরী।

ঘর্ঘরিত /ঘর্‌ঘোরিতো/ [স. ঘর্ঘর+ইত] বিণ. ঘর্ঘর ধ্বনিতে আলোড়িত।

ঘর্ঘরী /ঘর্‌ঘোরি/ [স. ঘর্ঘর+ঈ] বি. ১ ঘুঙুর, নূপুর, শিঞ্জিনী। ২ নদীবিশেষ।

ঘর্ম /ঘর্‌মো/ [স. √ঘৃ+ম] বি. ঘাম, স্বেদ।

ঘর্মকর /ঘর্‌মোকর্‌/ [স. ঘর্ম+√কৃ+অ] বিণ. কষ্টকর।

ঘর্মচর্চিকা /ঘর্‌মোচোর্‌চিকা/ [স. ঘর্ম+চর্চা+কন্‌+আ (টাপ্‌)] বি. (মানবদেহে) ঘাম থেকে দেহে উদ্‌গত ছোটো ছোটো ফুসকুড়ি, ঘামাচি।

ঘর্মাক্ত /ঘর্‌মাক্‌তো/ [স. ঘর্ম+অক্ত] বিণ. ঘামে ভেজা।

ঘর্মাক্তকলেবর /ঘর্‌মাক্‌তোকলেবর্‌/ [স. ঘর্মাক্ত+কলেবর] বি. ঘামে ভেজা শরীর।

ঘর্মাপ্লুত /ঘর্‌মাপ্‌প্লুতো/ [স. ঘর্ম+আপ্লুত] বিণ. ঘামে ভেজা।

ঘর্মার্ত /ঘর্‌মারতো/ [স. ঘর্ম+ঋত] বিণ. ঘামে ভিজে ক্লিষ্ট; গ্রীষ্মপীড়িত।

ঘর্ম্য /ঘোর্‌মো/ [স. ঘর্ম+য] বিণ. ঘামসম্বন্ধীয়।

www.pathagar.com

ঘর্ষ /ঘর্‌শো/ [স. √ঘৃষ্‌+অ] বি. ঘর্ষণ; ঘষটানি।

ঘর্ষক /ঘর্‌শোক্‌/ [স. √ঘৃষ্‌+অক] বিণ. ঘর্ষণ করে এমন, ঘর্ষণকারী।

ঘর্ষকপদী /ঘর্‌শোক্‌পোদি/ [স. ঘর্ষক+পদ+ঈ] বি. যেসব প্রাণী পা দিয়ে মাটি আঁচড়ে খাদ্য খুঁজে বেড়ায়। বিণ. মাটি আঁচড়ে খাদ্য সংগ্রহ করে এমন।

ঘর্ষণ /ঘর্‌শোন্‌/ [স. √ঘৃষ্‌+অন] বি. দ্র ঘর্ষ।

ঘষটা /ঘশ্‌টা/ [স. ঘৃষ্ট >] ক্রিবি. ঘষে ঘষে টানা, বারবার ঘষা; বারবার চেষ্টা করে বিফল হওয়া।

ঘষটানি /ঘশ্‌টানি/ [বা.] বি. বারবার ঘর্ষণ।

ঘষটানো /ঘশ্‌টানো/ [বা.] ক্রিবি. বারবার চেষ্টা করে বিফল হওয়া। বিণ. রগড়ানো; হেঁচড়ানো।

ঘষা /ঘশা/ [স. ঘর্ষ >] ক্রিবি. ঘর্ষণ করা (*গা ঘষা*)। বি. ঘর্ষণ (*ঘষা লাগা*)। বিণ. ১ ঘষটানো; ঘর্ষিত (*ঘষা কাচ*)। ২ ক্ষয়প্রাপ্ত (*ঘষা পয়সা*)।

ঘষাঘষি /ঘশাঘোশি/ [বা.] বি. ১ পরস্পর ঘর্ষণ। ২ বারবার ঘর্ষণ।

ঘষানো /ঘশানো/ [বা.] ক্রিবি. ঘর্ষণ করানো।

ঘষামাজা /ঘশামাজা/ [বা.] বিণ. ঘষেমেজে পরিষ্কৃত, ঝকঝকে। ক্রিবি. ঘষেমেজে পরিষ্কার করা।

ঘষেমেজে /ঘোশেমেজে/ [বা.] অসক্রি. নানাভাবে চেষ্টাচরিত্র করে; তোয়াজ তদারক করে।

ঘষ্টানো /ঘশ্‌টানো/ [বা.] ক্রিবি. ১ ঘষতে থাকা; বারবার ঘষা। ২ হেঁচড়ে টানা। ৩ রগড়ানো।

ঘসি /ঘোষি/ [দেশি.] বি. ঘুঁটে।

ঘা /ঘা/ [স. ঘাত >] বি. ১ চোট, প্রহার (*বেতের ঘা*)। ২ ক্ষত (*পোড়া ঘা*)। ৩ শোক। ৪ ক্ষতি (*ব্যবসায় ঘা খাওয়া*)। ৫ ধাক্কা (*দরজায় ঘা দেওয়া*)। ৬ মনঃকষ্ট (*আঁতে ঘা*)।

ঘাই[১] /ঘাই/ [স. ঘাতি >] বি. ১ আঘাত; গুঁতো। ২ জলে বড়ো মাছের লেজের ঝাপটা।

ঘাই[২] /ঘাই/ [স. ঘাত >] বি. বুনো পাখিকে খাঁচা-বন্দি করার জন্য ব্যবহৃত পোষাপাখি, decoy। বিণ. শিকারের কাজে ব্যবহৃত (প্রাণী)।

ঘাউয়া /ঘাউআ/ [আঞ্চ.] বিণ. ক্ষতযুক্ত; ঘেয়ো।

ঘাঁটন /ঘাঁটোন্‌/ [বা.] বি. আলোড়িতকরণ, ঘোঁটন, মন্থন, মিশ্রণ।

ঘাঁটা[১] /ঘাঁটা/ [স. ঘট্ট >] ক্রিবি. ১ আলোড়ন করা, ঘোঁটা, মন্থন করা। ২ পর্যালোচনা করা।

ঘাঁটা[২] /ঘাঁটা/ [দেশি.] বি. ক্রমাগত ঘর্ষণের ফলে চামড়ায় সৃষ্ট চিহ্ন; কিণাঙ্ক।

ঘাঁটাঘাঁটি /ঘাঁটাঘাঁটি/ [বা.] বি. ১ বারবার আলোড়ন। ২ পুনঃপুন আলোচনা।

ঘাঁটানো /ঘাঁটানো/ [বা.] ক্রিবি. ১ বারবার নাড়াচাড়া করা। ২ অনভিপ্রেত প্রসঙ্গ পুনরুত্থাপন করে খেপিয়ে তোলা। বিণ. ঘাঁটা হয়েছে এমন।

ঘাঁটা পড়া /ঘাঁটা পড়া/ ক্রিবি. ক্রমাগত ঘর্ষণের ফলে দাগ পড়া; কড়া পড়া।

ঘাঁটি /ঘাঁটি/ [দেশি.] বি. ১ ফাঁড়ি, চৌকি; প্রহরীর থাকার জায়গা। ২ প্রবেশপথ। ৩ সৈনিকদের ছাউনি। ৪ বিমান জলযান প্রভৃতি থামা ও ছাড়ার জায়গা (*বিমানঘাঁটি*)। ৫ বিশেষ কোনো উদ্দেশ্যে গোষ্ঠীবদ্ধ লোকজনের মিলিত হওয়ার স্থান।

ঘাঁটিয়াল /ঘাঁটিআল্‌/ [বা.] বি. ঘাঁটির রক্ষক বা প্রধান।

ঘাঁতঘোত /ঘাঁত্‌ঘোত্‌/ [দেশি.] বি. ১ অন্ধিসন্ধি; সুলুকসন্ধান। ২ খোঁজখবর।

ঘা-কতক /ঘাকতোক্‌/ [বা.] বি. কয়েকবার প্রহার।

ঘা করা /ঘা করা/ ক্রিবি. ক্ষত সৃষ্টি করা।

ঘাগর /ঘাগোর্‌/ [স. ঘর্ঘরা >] বি. কিঙ্কিনী, ঘুঙুর।

ঘাগরা /ঘাগ্‌রা/ [স. ঘর্ঘরা >] বি. কোমর থেকে গোড়ালি পর্যন্ত ঝোলানো নারীর পরিধেয়বিশেষ।

ঘাগি /ঘাগি/ [হি.] বিণ. দ্র ঘাগু।

ঘাগু /ঘাগু/ [হি.] বিণ. ১ সেয়ানা, সুচতুর, ঝানু। ২ ভুক্তভোগী। ৩ বারবার শাস্তি পেয়েছে এমন (*ঘাগু আসামি*)।

ঘাট[১] /ঘাট্‌/ [স. ঘট্ট>] বি. ১ পুকুর নদী বা জলাশয়ে নামার জায়গা। ২ নৌকা বা জাহাজ ভিড়ানোর স্থান। ৩ বাদ্যযন্ত্রের সুরের পর্দা, reed। ৪ প্রবেশ-পথ; ঘাঁটি। ৫ নৌবাহিত পণ্যের ওপর ধার্য শুল্ক, কুত। ৬ পর্বত (*পশ্চিমঘাট*)। ৭ গিরিসংকট।

ঘাট[২] /ঘাট্‌/ [স. ঘট্ট >] বি. ১ অপরাধ, দোষ, ত্রুটি (*ঘাট হয়েছে*)। ২ কমতি (*তার গুণের ঘাট নেই*)।

ঘাটতি /ঘাট্‌তি/ [হি. ঘটতি >] বি. ১ কমতি, অভাব। ২ লোকসান।

ঘাটতি বাজেট /ঘাট্‌তি বাজেট্‌/ বি. যে বাজেটে আয়ব্যয়ের হিসাবে আয়ের তুলনায় ব্যয়ের পরিমাণ বেশি, deficit budget।

ঘাটন /ঘাটোন্‌/ [দেশি.] বি. কমতি।

ঘাট মানা /ঘাট্‌ মানা/ ক্রিবি. ত্রুটি স্বীকার করে নেওয়া (*ঘাট মেনে নেওয়া*)।

ঘাট মারা /ঘাট্‌ মারা/ ক্রিবি. শুল্ক ফাঁকি দিয়ে গোপনে নৌপথে আমদানি-রপ্তানি করা।

ঘাটলা /ঘাট্‌লা/ [বা.] বি. বাঁধানো ঘাট; ছোটো ঘাট।

ঘাটা /ঘাটা/ [বা.] বি. ১ জাহাজ নৌকা প্রভৃতি ভেড়ার জায়গা, ঘাট (*জাহাজঘাটা*)। ২ পথ।

www.pathagar.com

ঘাটাল /ঘাটাল্/ [বা.] বিণ. বন্ধুর, অসমতল।

ঘাটে ঘাটে /ঘাটে ঘাটে/ ক্রিবিণ. প্রতি ঘাটে, সর্বত্র।

ঘাটোয়াল /ঘাটোআল্/ [স. ঘট্টপাল >] বি. ১ ঘাট-রক্ষক, খেয়াঘাটের ঠিকাদার, পাটনি। ২ তীর্থ-স্থানে যাত্রীর কাছ থেকে কর সংগ্রাহক।

ঘাটোয়ালি[১] /ঘাটোআলি/ [বা.] বি. ঘাটোয়াল-এর স্ত্রীলিঙ্গ।

ঘাটোয়ালি[২] /ঘাটোআলি/ [বা.] বি. ১ ঘাটোয়ালের বৃত্তি। ২ ঘাটোয়ালকে প্রদত্ত জমি।

ঘাড় /ঘাড়্/ [স. ঘাট >] বি. ১ গলার পশ্চাদ্‌ভাগ, গ্রীবা, গর্দান। ২ কাঁধ, স্কন্ধ।

ঘাড় ধরা /ঘাড় ধরা/ ক্রিবি. ঘাড়ে হাত দিয়ে বল প্রয়োগ করা।

ঘাড়ধাক্কা /ঘাড়ধাক্কা/ [বা.] বি. অপমান করে বিতাড়ন, গলাধাক্কা, অর্ধচন্দ্র।

ঘাড় নাড়া /ঘাড় নাড়া/ ক্রিবি. ঘাড় নেড়ে সম্মতি বা অসম্মতি প্রকাশ করা।

ঘাড় পাতা /ঘাড় পাতা/ ক্রিবি. দায়িত্ব গ্রহণ করতে সম্মত হওয়া।

ঘাড় ভাঙা /ঘাড় ভাঙা/ ক্রিবি. খরচ করতে বাধ্য করা; অন্যের ওপর জোর খাটিয়ে নিজের স্বার্থ উদ্ধার করা।

ঘাড়েগর্দানে /ঘাড়েগর্দানে/ [বা.] বিণ. অত্যন্ত স্থূল।

ঘাত /ঘাত্/ [স. √হন্+অ] বি. ১ চোট, আঘাত। ২ হত্যা। ৩ কোপ। ৪ ঘা, ক্ষত। ৫ (গ.) কোনো রাশিকে যতবার গুণ করলে কোনো নির্দিষ্ট রাশি পাওয়া যায় ($৪^৩ = ৪×৪×৪ = ৬৪$, এই ক্ষেত্রে ৩-কে ৪-এর ঘাত বা power বলা হয়)।

ঘাতক /ঘাতক্/ [স. √হন্+অক] বিণ. খুনি, হত্যাকারী। বি. যে ব্যক্তি দণ্ডপ্রাপ্ত অপরাধীর মৃত্যুদণ্ড কার্যকর করে, জল্লাদ, ফাঁসুড়ে।

ঘাতচিহ্ন /ঘাতচিন্‌nho/ [স. ঘাত+চিহ্ন] বি. (গ.) বর্গ ঘন প্রভৃতিসূচক অঙ্ক, index, power।

ঘাতন /ঘাতোন্/ [স. √ঘাতি+অন] বি. ১ বধ, হত্যা; যন্ত্রের জন্য বধ। ২ প্রহারের অস্ত্র। ৩ আঘাত।

ঘাতপ্রতিঘাত /ঘাত্‌প্রোতিঘাত্/ [স. ঘাত+প্রতিঘাত] বি. ১ আঘাত ও প্রত্যাঘাত। ২ ক্রিয়া ও প্রতিক্রিয়া।

ঘাতসহ /ঘাত্‌শহো/ [স. ঘাত+সহ] বিণ. আঘাত সহ্য করতে পারে এমন, malleable।

-ঘাতী /ঘাতি/ [স. √হন্+ইন্] বিণ. (সমাসের উত্তর-পদে) হননকারী, ঘাতক (*আত্মঘাতী*)। স্ত্রী. **ঘাতিনী** /ঘাতিনি/।

ঘাতুক /ঘাতুক্/ [স. √হন্+উক] বিণ. ১ বধকারী, ঘাতক। ২ নাশক। ৩ হিংস্র; নিষ্ঠুর; ক্রূর।

ঘাত্য /ঘাত্‌তো/ [স. √হন্+য] বিণ. ১ বধ করার যোগ্য, হননীয়। ২ গুণনীয়।

ঘানি /ঘানি/ [দেশি.] বি. সরষে তিল প্রভৃতি পিষে তেল নিষ্কাশন করার সরঞ্জামবিশেষ।

ঘানিগাছ /ঘানিগাছ্/ [দেশি.] বি. যে মোটা খুঁটিতে জোয়াল বেঁধে তার চারদিকে ঘানি ঘুরিয়ে তেল নিষ্কাশন করা হয়।

ঘানি টানা /ঘানি টানা/ ক্রিবি. ১ কয়েদিকে দিয়ে ঘানি ঘোরানো। ২ কারাদণ্ড ভোগ করা। ৩ (আল.) অতিকষ্টে গতানুগতিক জীবনধারণ করা।

ঘাপটি /ঘাপ্‌টি/ [বা.] বি. শিকারের অপেক্ষায় গোপনে প্রতীক্ষা, ওত, গোপন অপেক্ষা।

ঘাপটি মারা /ঘাপ্‌টি মারা/ ক্রিবি. ওত পেতে থাকা, লুকিয়ে বসে থাকা।

ঘাপলা /ঘাপ্‌লা/ [দেশি.] বি. ১ প্যাঁচ, ঝামেলা। ২ সংকট, বিপদ।

ঘাবড়ানি /ঘাবড়ানি/ [বা.] বি. ঘাবড়ানোর ভাব।

ঘাবড়ানো /ঘাবড়ানো/ [বা.] ক্রিবি. হতবুদ্ধি হওয়া; ভয় পেয়ে বিচলিত হওয়া। বিণ. হতবুদ্ধি, বিচলিত।

ঘাম /ঘাম্/ [স. ঘর্ম >] বি. গরম কায়িক শ্রম বা ভয় পাওয়ার ফলে শরীরের লোমকূপ থেকে নিঃসৃত জল, ঘর্ম, স্বেদ।

ঘাম ছোটা /ঘাম্ ছোটা/ ক্রিবি. ঘাম নিঃসৃত হওয়া।

ঘাম ঝরানো /ঘাম্ ঝরানো/ ক্রিবি. কায়িক শ্রম করা।

ঘামতেল /ঘাম্‌তেল্/ [বা.] বি. গর্জন তেল; বার্নিশ মেশানো তার্পিন তেল।

ঘামা /ঘামা/ [স. ঘর্ম >] ক্রিবি. স্বেদযুক্ত হওয়া, ঘর্মাক্ত হওয়া, ঘামে ভিজে যাওয়া।

ঘামাচি /ঘামাচি/ [স. ঘর্মচর্চিকা >] বি. ঘর্মাক্ত হওয়ার ফলে মানবদেহে উদ্‌গত ছোটো ফুসকুড়ি।

ঘামানো /ঘামানো/ [বা.] ক্রিবি. ঘর্মাক্ত করানো, পরিশ্রম করানো, খাটানো (*মাথা ঘামানো*)।

ঘায়েল /ঘায়েল্/ [হি.] বিণ. ১ আঘাতপ্রাপ্ত। ২ নিহত। ৩ কাহিল। ৪ দুর্দশাগ্রস্ত। ৫ পরাভূত।

ঘাস /ঘাশ্/ [স. √অদ্+অ] বি. খোলা জায়গায় গজিয়ে মাঠঘাট ছেয়ে ফেলে এমন সবুজ ফলাযুক্ত উদ্ভিদ যা গবাদিপশুর অন্যতম খাদ্য, তৃণ।

ঘাস কাটা /ঘাশ্ কাটা/ ক্রিবি. ১ গবাদিপশুর জন্য আহার্য সংগ্রহ করা। ২ (আল.) বেকার বসে থাকা।

ঘাসি /ঘাশি/ [বা.] বি. ঘাস কেটে জীবিকানির্বাহ যার পেশা, ঘাস ব্যবসায়ী; ঘেসেড়া। বিণ. ১ ঘাস-সংক্রান্ত। ২ ঘাস জন্মায় এমন (*ঘাসি জমি*)।

www.pathagar.com

ঘাসিনৌকা /ঘাশিনৌ্কা/ [বা.] বি. ঘাস বহনকারী ছোটো লম্বাটে নৌকা।

ঘাসুড়িয়া /ঘাশুড়িআ/ [বা.] বি. গবাদিপশুর জন্য ঘাস কাটা যার পেশা, ঘাসি।

ঘি /ঘি/ [স. ঘৃত >] বি. ১ দুধের সর বা মাখন জ্বাল দিয়ে প্রাপ্ত স্নেহপদার্থ, ঘৃত, হবিঃ। ২ ঘিলু, মগজ।

ঘিচিঘিচি /ঘিচিঘিচি/ [দেশি.] বিণ. দ্র ঘিচিমিচি।

ঘিচিমিচি /ঘিচিমিচি/ [দেশি.] বিণ. ১ অপরিচ্ছন্ন। ২ গায়ে গায়ে লাগানো।

ঘিঞ্জি /ঘিন্‌জি/ [ফা.] বিণ. ১ ঘন, নিবিড়। ২ সংকীর্ণ ও ঘেঁষাঘেষি, ঘুপচি। ৩ জনবহুল বা ঘনবসতিপূর্ণ।

ঘিন /ঘিন্‌/ [স. ঘৃণা >] বি. অবজ্ঞা; অশ্রদ্ধা।

ঘিনঘিন /ঘিন্‌ঘিন্‌/ [স. ঘৃণা >] অব্য. ঘৃণা জাগিয়ে তোলে এমন ভাব; অস্বস্তিবোধ।

ঘিনঘিনে /ঘিন্‌ঘিনে / [বা.] বিণ. ঘৃণা জাগায় এমন।

ঘিরা /ঘিরা/ [স. বেষ্টন >] ক্রিবি. ১ বেষ্টন করা (*প্রাচীর দিয়ে ঘিরা*)। ২ বেড়া দেওয়া। ৩ আবৃত করা, ছাওয়া (*লতাপাতায় ঘিরা*)। ৪ ব্যাপ্ত করা; ছেয়ে ফেলা। বি. ১ বেড়া, বেষ্টনী, ঘের। ২ বেষ্টিত স্থান। বিণ. বেষ্টিত, আবৃত; 'ঘেরা'-র সাধু রূপ।

ঘিলু /ঘিলু/ [দেশি.] বি. ১ মগজ, মস্তিষ্ক। ২ বুদ্ধি।

ঘিসকাপ /ঘিশ্‌কাপ্‌ / [দেশি.] বি. কাঠ চেঁছে মসৃণ করার সরঞ্জামবিশেষ, র‍্যাঁদা।

ঘুংড়িকাশি /ঘুংড়িকাশি/ [ধ্বন্যা.] বি. শিশুরা আক্রান্ত হয় এমন ব্যাকটেরিয়াজাত ছোঁয়াচে কাশিবিশেষ, হুপিং কাশি, whooping cough।

ঘুংনি /ঘুংনি/ [হি.] বি. দ্র ঘুগনি।

ঘুঁজি /ঘুঁজি/ [দেশি.] বি. ১ অপরিসর স্থান; সরু গলি। ২ সংকীর্ণ ও অন্ধকার জায়গা।

ঘুঁটনি /ঘুঁটনি/ [দেশি.] বি. মন্থন করার দন্ডবিশেষ।

ঘুঁটা /ঘুঁটা/ [স. ঘট্টা >] ক্রিবি. 'ঘোঁটা'-র সাধু রূপ।

ঘুঁটানো /ঘুঁটানো/ [বা.] ক্রিবি. বিণ. 'ঘোঁটানো'-র সাধু রূপ।

ঘুঁটি /ঘুঁটি/ [স. ঘুন্টিকা >] বি. ১ দাবা পাশা প্রভৃতি খেলার গুটি। ২ ইটের ছোটো টুকরো, ঢিল।

ঘুঁটি চালা /ঘুঁটি চালা/ ক্রিবি. ১ দাবা পাশা প্রভৃতি খেলায় চাল দেওয়া। ২ কোনো কাজ উদ্ধারের জন্য সুচিন্তিতভাবে পা ফেলা, কৌশল খাটানো।

ঘুঁটে /ঘুঁটে/ [স. ঘুন্টিক >] বি. গ্রামাঞ্চলে জ্বালানি-রূপে ব্যবহৃত গোবরের শুকনো চাকতি, ঘসি।

ঘুঁটেকুড়ানি /ঘুঁটেকুড়ানি/ [বা.] বি. ১ ঘুঁটে কুড়িয়ে জীবিকানির্বাহ যার পেশা। ২ সহায়সম্বলহীনা।

ঘুঁটেকুড়ুনি /ঘুঁটেকুড়ুনি/ [বা.] বি. 'ঘুঁটেকুড়ানি'-র কথ্য রূপ।

ঘুগনি /ঘুগ্‌নি / [হি.] বি. সেদ্ধ আলু মটর তেঁতুল প্রভৃতি মিশিয়ে তৈরি মুখরোচক খাদ্যবস্তু।

ঘুগনিদানা /ঘুগ্‌নিদানা/ [হি. ঘুগনি+ফা. দানা] বি. দ্র ঘুগনি।

ঘুগরা /ঘুগ্‌রা / [স. ঘুর্ঘুর >] বি. ক্ষুদ্র কীটবিশেষ, ঘুরঘুরে পোকা।

ঘুঘু /ঘুঘু / [ধ্বন্যা.] বি. বনে বিচরণ করে এবং ঘু ঘু শব্দ করে ডাকে এমন ধূসর রঙের পায়রাজাতীয় পাখি। বিণ. (আল.) অতি ধূর্ত ও কৌশলী।

ঘুঙট /ঘুঙট্‌/ [স. অবগুন্ঠন >] বি. ঘোমটা।

ঘুঙুর /ঘুঙুর / [স. ঘর্ঘর >] বি. মলজাতীয় পায়ের অলংকারবিশেষ, নূপুর, কিঙ্কিণি, শিঞ্জিনী।

ঘুচা /ঘুচা/ [বা.] ক্রিবি. দূরীভূত হওয়া (*দুঃখ ঘুচা*); অপসৃত হওয়া; শেষ হওয়া (*অভাব ঘুচা*)।

ঘুচানো /ঘুচানো/ [বা.] ক্রিবি. ১ লাঘব করা (*দুঃখ ঘুচানো*)। ২ শেষ করা (*সম্পর্ক ঘুচানো*)। ৩ মুক্ত করা। ৪ পরিষ্কার করা। বিণ. বিনষ্ট; লুপ্ত।

ঘুটঘুট /ঘুট্‌ঘুট্‌/ [দেশি.] অব্য. ঘোর অন্ধকারের ভাবপ্রকাশক শব্দ।

ঘুটঘুটে /ঘুট্‌ঘুটে/ [দেশি.] বিণ. নিবিড় অন্ধকার, মিশমিশে কালো (*ঘুটঘুটে অন্ধকার*)।

ঘুটিং /ঘুটিং/ [দেশি.] বি. যে পাথর পুড়িয়ে চুন তৈরি করা হয়।

ঘুড়ি[১] /ঘুড়ি/ [দেশি.] বি. সুতো বেঁধে আকাশে ওড়ানো যায় এমন বাঁশের সরু কাঠি দিয়ে প্রসারিত করে রাখা হালকা ও পাতলা কাগজের তৈরি খেলনা-বিশেষ (*ঘুড়ি ওড়ানো*)।

ঘুড়ি[২] /ঘুড়ি/ [বা.] বি. ঘোড়ার স্ত্রীলিঙ্গ, ঘোটকী।

ঘুণ /ঘুন্‌/ [স. √ঘুণ্‌+অ] বি. কাঠের ঘরবাড়ি আসবাব-পত্র প্রভৃতি কুরে খেয়ে ধ্বংস করে এমন অতি ক্ষুদ্র অমেরুদন্ডী কীট, woodworm। বিণ. (বাংলায়) অতি নিপুণ, সুদক্ষ; পরিপক্ক।

ঘুণপরিমাণ /ঘুন্‌পোরিমান্‌ / [স. ঘুণ+পরিমাণ] বিণ. সামান্য বা অল্প পরিমাণ।

ঘুণাক্ষর /ঘুন্যাক্‌খর্‌ / [স. ঘুণ+অক্ষর] বি. ১ ঘুণপোকা কাঠ বা কাগজ কুরে খাওয়ার ফলে সৃষ্ট অক্ষর-সদৃশ ক্ষতচিহ্ন। ২ (আল.) সামান্যতম ইঙ্গিত।

ঘুণিত /ঘুনিতো / [বা.] বিণ. ঘুণে জর্জরিত।

ঘুণেধরা /ঘুনেধরা/ [বা.] বিণ. ঘুণাক্রান্ত; অনেক পুরানো।

www.pathagar.com

ঘুণ্টি /ঘুন্‌টি/ [স. ঘুণ্টিকা >] বি. ১ কাপড় বা সুতোর তৈরি বোতামবিশেষ। ২ খুব ছোটো ঘণ্টা।

ঘুণ্টিঘর /ঘুন্‌টিঘর্‌/ [বা.] বি. বোতাম পরানোর ঘর।

ঘুনসি /ঘুন্‌শি/ [দেশি.] বি. কোমরে বাঁধার সুতো।

ঘুনি /ঘুনি/ [দেশি.] বি. বাঁশের শলার তৈরি খাঁচাসদৃশ মাছ ধরার ফাঁদ।

ঘুপচি /ঘুপ্‌চি/ [বা.] বিণ. ১ অন্ধকারাচ্ছন্ন ও সংকীর্ণ। ২ গুটিশুটি, জড়সড়ো। বি. আলোবাতাস ঢোকে না এমন অপরিসর স্থান।

ঘুপটি /ঘুপ্‌টি/ [বা.] অব্য. গুটিশুটি হয়ে ওত পেতে থাকার ভাব।

ঘুপসি /ঘুপ্‌শি/ [বা.] বিণ. বি. দ্র ঘুপচি।

ঘুম /ঘুম্‌/ [স. ঘূর্ণ >] বি. উচ্চতর স্তরের প্রাণিকুলের শারীরিক ক্লান্তি ও অবসাদ দূরীকরণের জন্য দেহের স্বাভাবিক ও নিয়মিত অবচেতন অবস্থা (বিশেষ করে সূর্যাস্তের পর), তন্দ্রা, সুপ্তি, নিদ্রা।

ঘুমকাতুরে /ঘুম্‌কাতুরে/ [বা.] বিণ. ঘুমাতে ভালোবাসে এমন; নিদ্রালু, তন্দ্রালু, নিদ্রালস।

ঘুমঘোর /ঘুমোঘোর্‌/ [বা.] বি. নিদ্রার আবেশ; গভীরনিদ্রা; তন্দ্রা।

ঘুম ধরা /ঘুম্‌ ধরা/ ক্রিবি. নিদ্রালু হওয়া।

ঘুমন্ত /ঘুমন্‌তো/ [বা.] বিণ. ১ ঘুমিয়ে আছে এমন। ২ অচেতন; নির্জীব। ৩ স্তব্ধতায় আচ্ছন্ন।

ঘুমপাড়ানি /ঘুম্‌পাড়ানি/ [বা.] বিণ. শিশুদের ঘুম পাড়াতে সাহায্য করে এমন (*ঘুমপাড়ানি মাসিপিসি মোদের বাড়ি এসো*)।

ঘুমলি /ঘুমলি/ [বা.] বিণ. ঘুমে ঢুলুঢুলু; তন্দ্রালু।

ঘুমানো /ঘুমানো/ [বা.] ক্রিবি. বিণ. ঘুমিয়ে যাওয়া; নিদ্রিত থাকা।

ঘুমুনে /ঘুমুনে/ [বা.] বিণ. নিদ্রাভাবাপন্ন, নিদ্রালু।

ঘুর /ঘুর্‌/ [স. ঘূর্ণ >] বি. ১ পাক, চক্কর। ২ ঘূর্ণিরোগ। বিণ. সোজা নয় এমন (*ঘুরপথ*)।

ঘুরঘুট্টি /ঘুরঘুট্‌টি/ [দেশি.] বিণ. ১ গাঢ়, ঘন, নিবিড়, ঘোর, ঘুটঘুটে। ২ ঘন অন্ধকার, ঘোর অন্ধকার।

ঘুরঘুর /ঘুরঘুর্‌/ [স. ঘুর্ঘুর >] অব্য. অকাজে ঘুরে বেড়ানোর ভাব (*ঘুরঘুর করা*)।

ঘুরপথ /ঘুরপথ্‌/ [বা.] বি. অসরল ও দীর্ঘতর পথ।

ঘুরপাক /ঘুরপাক্‌/ [বা.] বি. চক্রাকারে ঘূর্ণন।

ঘুরপ্যাঁচ /ঘুরপ্যাঁচ্‌/ [বা.] বি. জটিলতা, কুটিলতা।

ঘুরা /ঘুরা/ [স. ঘূর্ণ >] ক্রিবি. ১ পাক খাওয়া। ২ হাঁটাহাঁটি করা, বারবার যাতায়াত করা। ৩ ভ্রমণ করা। ৪ চলতে থাকা। বিণ. সরল নয় এমন।

ঘুরাঘুরি /ঘুরাঘুরি/ [বা.] বি. অপ্রয়োজনে বারবার যাতায়াত; ইতস্তত হাঁটাহাঁটি; ঘোরাঘুরি।

ঘুরানি /ঘুরানি/ [স. ঘূর্ণি >] বি. ১ ঘূর্ণিতকরণ। ২ ঘুরপাক। ৩ ঘূর্ণিরোগ (*মাথা ঘুরানি*)।

ঘুরানো /ঘুরানো/ [বা.] ক্রিবি. ১ হয়রানি করা। ২ ঘূর্ণিত করা। ৩ ভ্রমণ করানো।

ঘুরুনি /ঘুরুনি/ [স. ঘূর্ণি >] বি. দ্র ঘুরানি।

ঘুরুলি /ঘুরুলি/ [স. ঘূর্ণি >] বি. ১ ঘূর্ণাবর্ত, ঘূর্ণিপাক। ২ মাথাঘোরা রোগ।

ঘুরে পড়া /ঘুরে পড়া/ ক্রিবি. শারীরিক দুর্বলতা বা অসুস্থতার কারণে হঠাৎ টাল খেয়ে পড়া।

ঘুরেফিরে /ঘুরেফিরে/ [বা.] ক্রিবিণ. বারবার।

ঘুলঘুলি /ঘুল্‌ঘুলি/ [দেশি.] বি. ১ বাতাস চলাচলের জন্য ঘরের দেওয়ালের ওপর দিকে জাফরি বসানো ছোটো জানালা। ২ ছিদ্র।

ঘুলা /ঘুলা/ [বা.] ক্রিবি. ১ ঘোলা করা। ২ মিশ্রিত করা। ৩ জটিল করা। ৪ বিভ্রান্ত করা বা হওয়া।

ঘুলানো /ঘুলানো/ [বা.] ক্রিবি. 'ঘোলানো'-র সাধু রূপ।

ঘুস /ঘুশ্‌/ [বা.] বি. অন্যায্য সুবিধা আদায়ের জন্য গোপনে প্রদত্ত পারিতোষিক, উৎকোচ, bribe।

ঘুসখোর /ঘুশ্‌খোর্‌/ [বা. ঘুস+ফা. খোর] বিণ. উৎকোচগ্রাহী। বি. যে ব্যক্তি ঘুস নেয়।

ঘুসঘুস /ঘুশ্‌ঘুশ্‌/ [বা.] বি. চাপাগুঞ্জন।

ঘুসঘুসে /ঘুশ্‌ঘুশে/ [দেশি.] বিণ. দেখে বোঝা না গেলেও প্রচ্ছন্নভাবে আছে এমন (*ঘুসঘুসে জ্বর*)।

ঘুসা[১] /ঘুশা/ [দেশি.] বি. ১ মুষ্টি। ২ মুষ্ট্যাঘাত।

ঘুসা[২] /ঘুশা/ [দেশি.] বি. কুচা চিংড়িবিশেষ।

ঘুসাঘুসি /ঘুশাঘুশি/ [বা.] বি. ১ পরস্পর মুষ্ট্যাঘাত। ২ মারামারি, হাতাহাতি। ৩ মুষ্টিযুদ্ধ, boxing।

ঘুসি /ঘুশি/ [বা.] বি. মুষ্ট্যাঘাত; মুষ্টি।

ঘুসো /ঘুশো/ [বা.] বি. দ্র ঘুসা[১]।

ঘুসোঘুসি /ঘুশোঘুশি/ [বা.] বি. দ্র ঘুসাঘুসি।

ঘৃৎকার /ঘৃত্‌কার্‌/ [স. ঘৃৎ+√কৃ+অ] বি. ১ প্যাঁচার ডাক। ২ শূকরের ঘোঁতঘোঁত শব্দ। ৩ কর্কশ শব্দ।

ঘূর্ণ /ঘুর্‌নো/ [স. √ঘূর্ণ্‌+অ] বি. ঘূর্ণি, ভ্রমি; আবর্তন। বিণ. আবর্তিত, ঘূর্ণিত।

ঘূর্ণন /ঘুর্‌নন্‌/ [স. √ঘূর্ণ্‌+অন] বি. অনবরত আবর্তন, চক্রগতি (*মিনিট প্রতি ঘূর্ণন*)।

ঘূর্ণবাত /ঘুর্‌নোবাত্‌/ [স. ঘূর্ণ+√বা+ত] বি. ঘূর্ণিঝড়।

ঘূর্ণবায়ু /ঘুর্‌নোবায়ু/ [স. ঘূর্ণ+√বা+উ] বি. ঘূর্ণিঝড়।

ঘূর্ণমান /ঘুর্‌নোমান্‌/ [স. √ঘূর্ণ্‌+মান (শানচ্‌)] বিণ. ১

www.pathagar.com

আবর্তিত হচ্ছে এমন, ঘুরছে এমন (*ঘূর্ণমান গ্রহ*)। ২ ভ্রমণরত, ভ্রাম্যমাণ। (তুল.) ঘূর্ণ্যমান।

ঘূর্ণাবর্ত /ঘুর্‌নাবর্‌তো / [স. ঘূর্ণ+আ+√বৃৎ+অ] বি. ঘূর্ণি, প্রচন্ড পাক; ঘূর্ণিজল, whirlpool।

ঘূর্ণায়মান /ঘুর্‌নায়োমান্ / [স. √ঘূর্ণায়্+মান (শানচ্)] বিণ. ঘুরছে এমন।

ঘূর্ণায়মান মঞ্চ /ঘুর্‌নায়োমান্ মন্‌চো/ বি. (দ্রুত দৃশ্যপট পরিবর্তনের জন্য) ঘোরানো যায় এমন মঞ্চ, revolving stage।

ঘূর্ণি /ঘুর্‌নি / [স. √ঘূর্ণ্+ই] বি. ১ আবর্তন; ভ্রমি। ২ জল বা বায়ুর প্রচন্ড আবর্তন (*ঘূর্ণিবায়ু*); ঝড়।

ঘূর্ণিজল /ঘুর্‌নিজল্ / [স. ঘূর্ণি+জল] বি. প্রবহমান জলের পাক, whirlpool।

ঘূর্ণিঝড় /ঘুর্‌নিঝড় / [স. ঘূর্ণি+বা. ঝড়] বি. বায়ুমন্ডলের চাপ হঠাৎ কমে যাওয়ার ফলে উত্তর গোলার্ধে বামাবর্তে (anti'clockwise) এবং দক্ষিণ গোলার্ধে দক্ষিণাবর্তে (clockwise) প্রচন্ড বেগে পাক খেতে খেতে এগিয়ে চলে এমন ঝড়, cyclone।

ঘূর্ণিপাক /ঘুর্‌নিপাক্ / [স. ঘূর্ণি+দেশি. পাক] বি. বায়ু বা জলের প্রচন্ড আবর্ত।

ঘূর্ণিবায়ু /ঘুর্‌নিবায়ু / [স. ঘূর্ণি+√বা+উ] বি. প্রচন্ড বেগে ঘুরপাক খেতে খেতে ধাবিত বায়ুপ্রবাহ, ঘূর্ণিঝড়, ঘূর্ণিবাত, cyclone।

ঘূর্ণিবৃষ্টি /ঘুর্‌নিবৃশ্‌টি / [স. ঘূর্ণি+√বৃষ্+তি] বি. ঘূর্ণিঝড়-সহ বৃষ্টিপাত।

ঘূর্ণ্যমান /ঘুর্‌নোমান্ / [স. √ঘূর্ণি+মান (শানচ্)] বিণ. ঘোরানো হচ্ছে এমন (*ঘূর্ণ্যমান লাটিম*)। (তুল.) ঘূর্ণমান (পৃ ৪৩৩)।

ঘৃণা /ঘৃনা / [স. √ঘৃ+ন+আ (টাপ্)] বি. ১ কোনো ব্যক্তি বা বিষয়ের প্রতি প্রবল বিতৃষ্ণা। ২ অবজ্ঞা, অশ্রদ্ধা, hate। ৩ অপমানবোধ।

ঘৃণার্হ /ঘৃনারহো / [স. ঘৃণা+অর্হ] বিণ. ঘৃণার যোগ্য।

ঘৃণাস্পদ /ঘৃনাশ্‌পদো / [স. ঘৃণা+আস্পদ] বিণ. ঘৃণার পাত্র।

ঘৃণিত /ঘৃনিতো / [স. √ঘৃণ্+ত] বিণ. ঘৃণা করা হয়েছে এমন; অবজ্ঞাত; অবহেলিত, হেয়।

ঘৃণ্য /ঘৃন্‌নো / [স. ঘৃণা+য] বিণ. ঘৃণার যোগ্য, ঘৃণার্হ।

ঘৃত /ঘৃতো / [স. √ঘৃ+ত] বি. দুধের সর বা মাখন জ্বাল দিয়ে প্রাপ্ত স্নেহপদার্থ, ঘি, হবিঃ।

ঘৃতকুমারী /ঘৃতোকুমারি / [স. ঘৃত+কুমারী] বি. শীতকালে ফোটে এমন হলুদাভ লাল ফুল বা তার খাঁজকাটা ত্রিকোণাকৃতি রসালো পুরু পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. আফ্রিকা), aloe।

ঘৃতপক্ক /ঘৃতোপক্কো / [স. ঘৃত+√পচ্+ত] বিণ. ঘিয়ে ভাজা; ঘি দিয়ে রাঁধা হয়েছে এমন।

ঘৃতাক্ত /ঘৃতাক্তো / [স. ঘৃত+√অন্‌জ্+ত] বিণ. ঘি দিয়ে মাখা, ঘৃতসিক্ত।

ঘৃতাচী /ঘৃতাচি/ [স. ঘৃত+√অঞ্চ্+ক্বিপ্+ঈ] বি. মহাভারতোক্ত স্বর্গের ৬ জন শ্রেষ্ঠ অপ্সরার অন্যতম (যার গর্ভে রাজর্ষি কুশনাভের শত কন্যার জন্ম হয়)।

ঘৃতান্ন /ঘৃতান্নো / [স. ঘৃত+√অদ্+ত] বি. ১ ঘি-ভাত; ঘৃতপক্ক অন্ন, পোলাও। ২ অগ্নি।

ঘৃতার্চি /ঘৃতার্‌চি / [স. ঘৃত+অর্চিস্] বি. অগ্নি।

ঘৃতাহুতি /ঘৃতাহুতি/ [স. ঘৃত+আ+√হু+তি] বি. যজ্ঞের আগুনে ঘি নিক্ষেপ।

ঘৃষ্ট /ঘৃশ্‌টো / [স. √ঘৃষ্+ত] বিণ. ১ ঘর্ষিত, মর্দিত (*ঘৃষ্ট চন্দন*)। ২ (ব্যা.) তালুর সঙ্গে জিভের ঘর্ষণজাত (*ঘৃষ্টধ্বনি*)।

ঘেউ /ঘেউ্/ [*ধ্বন্যা.*] অব্য. বি. কুকুরের ডাক।

ঘেউ ঘেউ /ঘেউ্ ঘেউ্/ অব্য. বি. ১ অনবরত কুকুরের ডাক। ২ (আল.) নিষ্ফল চিৎকার।

ঘেঁচু /ঘেঁচু/ [স. ঘেঞ্চুলিকা >] বি. ১ ছোটো কচু-বিশেষ। ২ বাজে জিনিস। ৩ (ব্য.) কিছুই না।

ঘেঁটি /ঘেঁটি / [আঞ্চ.] বি. ঘাড়, গর্দান।

ঘেঁটু[১] /ঘেঁটু / [স. ঘন্টাকর্ণ>] বি. ভারতীয় উপমহাদেশে রাস্তার ধারে ও পতিত জমিতে জাত এবং বসন্ত-কালে গুচ্ছাকারে ফোটে এমন লাল বা বেগুনি রেখা-যুক্ত সাদা সুগন্ধ ফুল বা তার খসখসে পাতাবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ, ভাঁটফুল, ঘন্টাকর্ণফুল।

ঘেঁটু[২] /ঘেঁটু / [স. ঘন্টাকর্ণ >] বি. শিবের অনুচর-বিশেষ; ঘেঁটুঠাকুর, ঘন্টাকর্ণ।

ঘেঁষ /ঘেঁশ্ / [স. ঘর্ষ >] বি. ১ ঘর্ষণ। ২ সংস্রব, ঘনিষ্ঠতা। ৩ প্রশ্রয়।

ঘেঁষা /ঘ্যাঁশা/ [স. ঘর্ষ >] ক্রিবি. ১ গায়ে গায়ে লেগে থাকা; ঘনিষ্ঠ বা নিবিড় হওয়া। ২ সংস্রবে যাওয়া। বিণ. গায়ে গায়ে লেগে আছে এমন (*কোলঘেঁষা*)।

ঘেঁষাঘেষি /ঘ্যাঁশাঘেশি/ [বা.] বি. গায়ে গায়ে লেগে থাকা অবস্থা, খুব কাছাকাছি অবস্থান।

ঘেঁস /ঘেঁশ্/ [স. ঘর্ষণ >] বি. ১ পাথুরে কয়লার ছাই। ২ সুরকির স্তূপ।

ঘেটেল /ঘেটেল্/ [বা.] বি. ১ ঘাটের মাঝি, পাটনি। ২ ঘাটের কর সংগ্রহকারী, ঘাটোয়াল।

ঘেটেলি /ঘেটেলি/ [বা.] বি. ঘাটোয়ালের কাজ বা

www.pathagar.com

পারিশ্রমিক।

ঘেন্না /ঘেন্না/ [স. ঘৃণা >] বি. 'ঘৃণা'-র কথ্য রূপ।

ঘেন্নাপিত্তি /ঘেন্নাপিত্তি/ [বা.] বি. লজ্জায় মাথা কাটা যায় এমন বোধ; ঘৃণা ও ক্রোধ।

ঘেয়ো /ঘেয়ো/ [বা.] বিণ. ঘা-ওয়ালা, ক্ষতযুক্ত।

ঘের /ঘের্/ [দেশি.] বি. ১ পরিধি, বেড়। ২ চিংড়ি চাষের জন্য বেষ্টিত স্থান, ভেড়ি। ৩ আবরণ।

ঘেরা /ঘেরা/ [দেশি.] ক্রিবি. ১ বেষ্টিত করা; বেড়া দেওয়া (*প্রাচীর দিয়ে ঘেরা*)। ২ আচ্ছাদিত করা। বি. ১ আবৃতকরণ। ২ বেড়া, বেষ্টনী। বিণ. বেষ্টিত।

ঘেরাও /ঘেরাও/ [দেশি.] বি. ১ বেষ্টন। ২ অবরোধ।

ঘেরাও করা /ঘেরাও করা/ ক্রিবি. ১ বেষ্টিত করা। ২ দাবি আদায়ের জন্য কোনো ব্যক্তিকে আটক বা অবরুদ্ধ করে রাখা। বিণ. অবরুদ্ধ; পরিবেষ্টিত।

ঘেরাটোপ /ঘেরাটোপ্/ [বা.] বি. কাপড়ের ঢাকনা, ওয়াড়; বাদ্যযন্ত্র প্রভৃতি আবৃত করে রাখার খোল; পালকি গোরুর গাড়ি প্রভৃতি ঘিরে রাখার পর্দা।

ঘেরানো /ঘেরানো/ [বা.] ক্রিবি. বেষ্টন করানো।

ঘেসো /ঘেশো/ [বা.] বিণ. ১ ঘাসসম্বন্ধীয়। ২ (আল.) তুচ্ছ।

ঘোঁজ /ঘোঁজ্/ [দেশি.] বি. ১ বাঁকাচোরা পথ। ২ আলের বাঁক।

ঘোঁজঘাঁজ /ঘোঁজ্‌ঘাঁজ্/ [বা.] বি. ১ অপরিসর স্থান। ২ আড়াল-আবডাল।

ঘোঁট /ঘোঁট্/ [বা.] বি. ১ তরল পদার্থ মন্থন বা আলোড়ন। ২ জটলা; বিক্ষোভ। ৩ দলাদলি।

ঘোঁট পাকানো /ঘোঁট্ পাকানো/ ক্রিবি. ১ জটলা পাকানো। ২ উত্তেজনা সৃষ্টি করা।

ঘোঁটা /ঘোঁটা/ [বা.] ক্রিবি. ১ মন্থন করা; আন্দোলিত করা। ২ মিশ্রিত করা; মাড়া।

ঘোঁটানো /ঘোঁটানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে আলোড়ন করানো। বিণ. আলোড়িত।

ঘোঁতঘোঁত /ঘোঁত্‌ঘোঁত্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ শূকরের ডাক। ২ অসন্তোষ বা ক্রোধজনিত চাপা গুঞ্জন। ৩ নাসিকা গর্জন।

ঘোগ /ঘোগ্/ [স. কোক >] বি. ১ কুকুরজাতীয় বন্য জন্তুবিশেষ। ২ রূপকথায় বর্ণিত বাঘের শত্রু (*বাঘের ঘরে ঘোগের বাসা*)।

ঘোচা /ঘোচা/ [বা.] ক্রিবি. 'ঘুচা'-র কথ্য রূপ।

ঘোটক /ঘোটোক্/ [স. √ঘুট্+অক] বি. দ্র ঘোড়া[১]।

ঘোটকারূঢ় /ঘোটোকারূঢ়ো/ [স. ঘোটক+আরূঢ়] বিণ. ঘোড়ার পিঠে আসীন।

ঘোটন /ঘোটন্/ [বা.] বি. ১ আলোড়ন বা মন্থন। ২ মিশ্রিতকরণ। ৩ পেষণ, চূর্ণন। ৪ সন্ধান, অন্বেষণ।

ঘোটনা /ঘোটনা/ [বা.] বি. তরল পদার্থ ঘোটনের দন্ড, যা দিয়ে ঘোঁটা হয়, মন্থনদন্ড।

ঘোটানো /ঘোটানো/ [বা.] ক্রিবিণ. অন্যকে দিয়ে আলোড়িত করানো।

ঘোড় /ঘোড়্/ [স. ঘোটক >] বিণ. ঘোড়াসংক্রান্ত।

ঘোড়দৌড় /ঘোড়্‌দৌড়্/ [বা.] বি. বাজি রেখে ঘোড়া দৌড়ানোর প্রতিযোগিতা, horse race।

ঘোড়সওয়ার /ঘোড়্‌সওআর্/ [বা. ঘোড়+ফা. সওয়ার] বি. বিণ. অশ্বারোহী, ঘোড়ার পিঠে আসীন।

ঘোড়া[১] /ঘোড়া/ [স. ঘোটক >] বি. ভারবহনের কাজে ব্যবহৃত লোমাবৃত দেহ এবং ঘাড়ে লম্বা কেশর-বিশিষ্ট শক্ত খুরওয়ালা ক্ষিপ্রগামী স্তন্যপায়ী চতুষ্পদ জন্তু, ঘোটক, অশ্ব, হয়, তুরঙ্গম, তুরগ।

ঘোড়া[২] /ঘোড়া/ [স. ঘোটক >] বি. ১ দাবা খেলার ঘুঁটিবিশেষ। ২ বন্দুকের চাবি বা trigger। ৩ ইঞ্জিন বা মোটরের শক্তি পরিমাপের একক, horsepower, hp (*এক ঘোড়ার ইঞ্জিন*)।

ঘোড়ানিম /ঘোড়ানিম্/ [বা.] বি. এশিয়া ইউরোপ এবং আমেরিকার ক্রান্তীয় অঞ্চলে গুচ্ছাকারে ফোটে এমন বেগুনি আভাযুক্ত ছোটো ফুল ও ডিম্বাকার ফল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির দ্রুত বর্ধনশীল পত্রমোচী বৃক্ষ, বুনোনিম, বকাইন, মহানিম।

ঘোড়ামুখো /ঘোড়ামুখো/ [বা.] বিণ. ঘোড়ার মতো লম্বা মুখবিশিষ্ট।

ঘোড়ামুগ /ঘোড়ামুগ্/ [বা.] বি. নিকৃষ্ট জাতের মুগডাল।

ঘোড়ার গাড়ি /ঘোড়ার্ গাড়ি/ বি. ঘোড়ায় টানা দুই বা চার চাকার গাড়ি।

ঘোড়ার ডিম /ঘোড়ার্ ডিম্/ বি. অসার বা অসম্ভব বস্তু; কিছুই না।

ঘোড়ারোগ /ঘোড়ারোগ্/ [বা. ঘোড়া+স. রোগ] বি. সাধ্যের অতীত ও অপ্রয়োজনীয় ব্যয় করার প্রবৃত্তি।

ঘোড়াশাল /ঘোড়াশাল্/ [বা.] বি. ১ ঘোড়া রাখার ঘর, আস্তাবল। ২ বাংলাদেশের রাজধানী ঢাকার অদূরে অবস্থিত উপজেলাবিশেষ।

ঘোড়ারু /ঘোড়ারু/ [বা.] বি. ঘোড়াসদৃশ হরিণবিশেষ।

ঘোড়েল /ঘোড়েল্/ [বা.] বি. ১ গঙ্গা ও সিন্ধু নদীর অববাহিকায় বিচরণ করে এমন সরু ও লম্বা মুখওয়ালা কুমিরসদৃশ মৎস্যাশী সরীসৃপজাতীয় উভচর প্রাণী। ২ (আল.) ধূর্ত বা ধড়িবাজ লোক।

www.pathagar.com

ঘোণা /ঘোনা / [স. √ঘূণ্+অ+আ (টাপ্)] বি. ঘোড়ার নাক; নাক।

ঘোনা /ঘোনা / [স. ঘূর্ণ >] বি. কাপড়ের বেড়; বুনন।

ঘোপ /ঘোপ্ / [বা.] বি. ১ খোপ; কোটর। ২ গোপন স্থান।

ঘোপঘাপ /ঘোপ্‌ঘাপ্ / [বা.] বি. লুকিয়ে থাকার জায়গা।

ঘোমটা /ঘোম্‌টা/ [স. অবগুণ্ঠন >] বি. অবগুণ্ঠন বা আঁচল; মুখাবরণ; মাথা ঢেকে রাখার শাড়ির প্রান্তভাগ।

ঘোর /ঘোর্ / [স. √ঘুর্+অ] বি. ১ অন্ধকার। ২ আচ্ছন্নতা, আবেশ। ৩ মোহ, ভ্রান্তি। বিণ. ১ ভয়ংকর (*ঘোর সংকট*)। ২ অত্যন্ত (*ঘোর মাতাল*)। ৩ নিবিড়, ঘন (*ঘোর অন্ধকার*)।

ঘোরঘটা /ঘোরোঘটা / [স. ঘোর+বা. ঘটা] বি. ১ মেঘাচ্ছন্নতা। ২ মহা-আড়ম্বর।

ঘোরতর /ঘোরোতরো / [স. ঘোর+তরপ্] বিণ. ১ প্রচন্ড; অতিশয়, নিদারুণ। ২ অতি ভয়ংকর। ৩ দুইয়ের মধ্যে অধিক ঘোর।

ঘোরদর্শন /ঘোর্‌দর্‌শোন্ / [স. ঘোর+√দৃশ্+অন] বিণ. বিকটাকার।

ঘোরপ্যাঁচ /ঘোর্‌প্যাঁচ্/ [স. ঘোর+ফা. প্যাঁচ] বি. ১ গোলমাল; জটিলতা, কুটিলতা। ২ ফাঁদ।

ঘোর লাগা[১] /ঘোর্ লাগা/ ক্রিবি. ধাঁধা লাগা।

ঘোরলাগা[২] /ঘোর্‌লাগা / [বা.] বিণ. ধাঁধাপূর্ণ; বিভ্রান্তি-কর।

ঘোরা /ঘোরা / [বা.] ক্রিবি. ১ আবর্তন করা, পাক খাওয়া। ২ হাঁটাহাঁটি করা, বারবার যাতায়াত করা। ৩ ভ্রমণ করা। ৪ চলতে থাকা।

ঘোরাঘুরি /ঘোরাঘুরি / [বা.] বি. ১ হাঁটাহাঁটি, বারবার চলাফেরা, ইতস্তত ভ্রমণ। ২ কোনো কাজ উদ্ধারের জন্য ক্রমাগত যাতায়াত।

ঘোরানো /ঘোরানো / [বা.] ক্রিবি. ১ কাউকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়ে বারবার ফিরিয়ে দেওয়া; অনর্থক হয়রানি করা। ২ ঘূর্ণিত করা। বিণ. আবর্তিত।

ঘোরালো /ঘোরালো / [বা.] বিণ. ১ অন্ধকারে ঢাকা। ২ নিবিড়, ঘন। ৩ অতি জটিল (*ঘোরালো পরিস্থিতি*)।

ঘোল /ঘোল্ / [স. √ঘুর্+অ] বি. ১ জল মিশিয়ে তরলিত করা মাখনতোলা দই, তক্র। ২ নদীর আবর্ত। বিণ. আবিল; কর্দমাক্ত।

ঘোল খাওয়া /ঘোল্ খাওআ/ ক্রিবি. ১ ঘোল পান করা। ২ (আল.) নাকাল হওয়া।

ঘোলমউনি /ঘোল্‌মোউনি / [বা.] বি. দই ঘোঁটার দন্ড, মন্থনদন্ড।

ঘোলা /ঘোলা / [স. ঘোল >] বিণ. ১ আবিল, কর্দমাক্ত; অপরিচ্ছন্ন (*ঘোলা জল*)। ২ নিষ্প্রভ। ৩ অস্বচ্ছ। ৪ গেঁজে উঠেছে এমন।

ঘোলাটে /ঘোলাটে / [বা.] বিণ. অল্প ঘোলা।

ঘোলানো /ঘোলানো / [বা.] ক্রিবি. ১ আলোড়ন করে ঘোলা করা। ২ মিশ্রিত করা। ৩ তালগোল পাকানো।

ঘোষ /ঘোশ্ / [স. √ঘুষ্+অ] বি. ১ নিনাদ; ধ্বনি; রব। ২ ঘোষণা। ৩ গোয়ালা। ৪ পদবিবিশেষ। ৫ (ব্যা.) ধ্বনির গুণবিশেষ (*ঘোষবর্ণ*)।

ঘোষক /ঘোশক্/ [স. √ঘুষ্+অক] বি. যে ব্যক্তি ঘোষণা করে। বিণ. ঘোষণাকারী। স্ত্রী. **ঘোষিকা** /ঘোশিকা/।

ঘোষণ /ঘোশোন্ / [স. √ঘুষ্+অন] বি. দ্র ঘোষণা।

ঘোষণা /ঘোশোনা / [স. √ঘোষি+অন+আ (টাপ্)] বি. ১ উচ্চ রবে প্রচার। ২ বিজ্ঞপ্তি; ইশতাহার।

ঘোষণাপত্র /ঘোশোনাপত্‌ত্রো/ [স. ঘোষণা+√পত্+ত্র] বি. বিজ্ঞাপন, ইশতাহার, প্রচারপত্র।

ঘোষপত্র /ঘোশোপত্‌ত্রো/ [স. ঘোষ+√পত্+ত্র] বি. দ্র ঘোষণাপত্র।

ঘোষবর্ণ /ঘোশোবর্‌নো / [স. ঘোষ+√বর্ণ্+অ] বি. বর্গের তৃতীয় চতুর্থ ও পঞ্চম বর্ণ (গ ঘ ঙ, জ ঝ ঞ, ড ঢ ণ, দ ধ ন, ব ভ ম) ড় ঢ় এবং য র ল (অন্তঃস্থ) ব হ।

ঘোষা /ঘোশা / [স. ঘোষ >] ক্রিবি. ঘোষণা করা।

ঘোষিত /ঘোশিতো/ [স. √ঘোষি+ত] বিণ. ১ ঘোষণা করা হয়েছে এমন। ২ নিনাদিত, শব্দিত, ধ্বনিত।

ঘ্যাঁচ /ঘ্যাঁচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. নরম জিনিস কাটার অনুকার শব্দ।

ঘ্যাঁচ ঘ্যাঁচ /ঘ্যাঁচ্ ঘ্যাঁচ্/ অব্য. বি. ক্রমাগত নরম জিনিস কাটার ঘ্যাঁচ শব্দ।

ঘ্যাঁচড়া /ঘ্যাঁচ্‌ড়া/ [স. ঘৃষ্ট >] বি. বারবার ঘর্ষণের ফলে শক্ত হয়ে যাওয়া চামড়া, কড়া। বিণ. ১ কড়াপড়া। ২ একগুঁয়ে, ঠ্যাঁটা। ৩ নির্লজ্জ।

ঘ্যাঁচড়ানো /ঘ্যাঁচ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. ১ বারবার ঘষা। ২ বারবার একই কথা বলা।

ঘ্যাঁট /ঘ্যাঁট্/ [স. ঘন্ট >] বি. ১ বিবিধ সবজি মিশিয়ে রাঁধা তরকারি; ঘন্ট। ২ নানাবিধ বস্তুর একত্র সমাবেশ। ৩ বিবিধ দ্রব্যের অবাঞ্ছিত মিশ্রণ।

ঘ্যাগ /ঘ্যাগ্/ [বা.] বি. দেহে আয়োডিনের অভাবে থাইরয়েড গ্রন্থির বৃদ্ধিজনিত গলদেশের অস্বাভাবিক স্ফীতি, গলগন্ড, গন্ডমালা, goitre।

ঘ্যাঙরঘ্যাং /ঘ্যাঙোরঘ্যাং / [ধ্বন্যা.] অব্য. বি. ব্যাঙের ডাক, মকমকি।

www.pathagar.com

ঘ্যাঙানি /ঘ্যাঙানি / [বা.] বি. ১ বিরক্তিকর ঘ্যানঘ্যান শব্দ। ২ একঘেয়ে কাতরোক্তি।

ঘ্যাঙানো /ঘ্যাঙানো / [বা.] ক্রিবি. ঘ্যানঘ্যান করা।

ঘ্যানঘ্যান /ঘ্যানঘ্যান্ / [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত নাকি কান্না বা অনুনয়।

ঘ্যানঘ্যানানি /ঘ্যানঘ্যানানি / [ধ্বন্যা.] বি. একঘেয়ে ও বিরক্তিকর উক্তি।

ঘ্যানরঘ্যানর /ঘ্যানোর্‌ঘ্যানোর্ / [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঘ্যানঘ্যান ; একটানা বিরক্তিকর শব্দ।

ঘ্রাণ /ঘ্রান্/ [স. √ঘ্রা+ত] বি. ১ গন্ধ, বাস। ২ গন্ধ-গ্রহণ। ৩ নাক, ঘ্রাণেন্দ্রিয়।

ঘ্রাণজ /ঘ্রানোজো / [স. ঘ্রাণ+√জন্+অ] বিণ. ঘ্রাণ থেকে জাত।

ঘ্রাণতর্পণ /ঘ্রান্‌তর্‌পোন্ / [স. ঘ্রাণ+√তৃপ্+অন] বি. যা ঘ্রাণেন্দ্রিয়কে তৃপ্ত করে, সুবাস।

ঘ্রাণশক্তি /ঘ্রান্‌শোক্‌তি/ [স. ঘ্রাণ+√শক্+তি] বি. গন্ধ উপলব্ধি করার ক্ষমতা, গন্ধ গ্রহণের ক্ষমতা।

ঘ্রাণেন্দ্রিয় /ঘ্রানেন্‌দ্রিয়ো / [স. ঘ্রাণ+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে ঘ্রাণ নেওয়া হয়, নাক, নাসিকা।

ঘ্রাত /ঘ্রাতো / [স. √ঘ্রা+ত] বিণ. ঘ্রাণ নেওয়া হয়েছে এমন, শোঁকা হয়েছে এমন।

ঘ্রাতব্য /ঘ্রাতোব্‌বো / [স. √ঘ্রা+তব্য] বিণ. ঘ্রাণ গ্রহণ বা শোঁকার যোগ্য।

ঘ্রেয় /ঘ্রেয়ো / [স. √ঘ্রা+য] বিণ. দ্র ঘ্রাতব্য।

ঙ /ঙঁঅ/

বাংলা বর্ণমালার পঞ্চম ব্যঞ্জনবর্ণ এবং ক-বর্গের নাসিক্য ধ্বনির দ্যোতক। ঙ-র সঙ্গে স্বর যুক্ত না হলে ঙ এবং ং-এর ধ্বনি অভিন্ন এবং ঙ-স্থলে ং লেখা যায়। সন্ধিতে ম্-স্থানে ঙ-র পরিবর্তে ং লেখা বিধেয়। শব্দের আরম্ভে ঙ-র প্রয়োগ নেই।

www.pathagar.com

চ /চ/

চ /চ/ বাংলা বর্ণমালার ষষ্ঠ ব্যঞ্জনবর্ণ ও তালু থেকে উচ্চার্য চ-বর্গের প্রথম বর্ণ এবং অঘোষ অল্পপ্রাণ ঘৃষ্ট ধ্বনির দ্যোতক।

চই /চোই্/ [স. চবি >] বি. রান্নায় সুগন্ধি মসলারূপে ব্যবহৃত পানপাতাসদৃশ পিপুলজাতীয় লতার ঝাঁজালো ভেষজগুণসম্পন্ন মূল বা তার ডাঁটা।

চই চই /চোই্ চোই্/ অব্য. বি. গৃহপালিত হাঁস-মুরগিকে খাওয়ানোর জন্য ডাকার শব্দ।

চইত /চোইত্/ [স. চৈত্র >] বি. বাংলা বর্ষপঞ্জির দ্বাদশ মাস, বসন্তঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই মার্চ থেকে ১৩ই এপ্রিল পর্যন্ত কালপর্ব; চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমার মাস, মধুমাস; 'চৈত্র'-র আঞ্চলিক রূপ।

চওড়া /চওড়া/ [বা.] বিণ. প্রশস্ত, প্রসারিত (*চওড়া রাস্তা*)। বি. ১ প্রস্থের দিক। ২ ওসার।

চওড়াই /চওড়াই্/ [বা.] বি. প্রস্থের পরিমাপ, বহর।

চক[১] /চক্/ [স. চক্র >] বি. ১ গ্রামের প্রধান স্থান; বৃহৎ বাজার। ২ প্রশস্ত চতুষ্কোণ ক্ষেত্র। ৩ চতুষ্কোণ প্রাঙ্গণ ও তার চতুর্দিকে নির্মিত দালান (*চকমিলানো বাড়ি*)। ৪ তালুক বা তহসিল।

চক[২] /চক্/ [ই.] বি. কালো বা সবুজ বোর্ডে লেখার জন্য ব্যবহৃত আনুমানিক ১০ সে.মি. লম্বা খড়িমাটির সরু দণ্ড, খড়িমাটি, ফুলখড়ি, chalk।

চকচক[১] /চক্চক্/ [দেশি.] অব্য. ঔজ্জ্বল্য বা দীপ্তি প্রকাশক ভাব; তেলতেলে ভাব।

চকচক[২] /চক্চক্/ [ধ্বন্যা.] অব্য. বি. চুকচুক শব্দ করে জিভ দিয়ে তরল পদার্থ পান।

চকচকানি /চক্চকানি/ [বা.] বি. উজ্জ্বলতা।

চকচকানো /চক্চকানো/ [বা.] ক্রিবি. চকচক করা।

চকচকে /চক্চোকে/ [বা.] বিণ. উজ্জ্বল, দ্যুতিময়।

চকবন্দি /চক্বোন্দি/ [বা. চক+ফা. বন্দি] বি. ১ জমি বা গ্রামের চারিদিকের সীমানা নির্ধারণ। ২ জমির ভাগ। বিণ. (জমির) সীমা চিহ্নিত করা হয়েছে এমন।

চকম /চকোম্/ [দেশি.] বি. বাঁশের বহনযোগ্য মই।

চকমক /চক্মক্/ [তুর.] অব্য. বি. তীব্র উজ্জ্বলতার ভাবপ্রকাশক শব্দ।

চকমকানি /চক্মকানি/ [তুর. চকমক >] বি. তীব্র উজ্জ্বলতা; ঝকমকানি।

চকমকানো /চক্মকানো/ [বা.] ক্রিবি. চকমক করা।

চকমকি /চক্মোকি/ [তুর. চকমক >] বি. ইস্পাতের সঙ্গে ঘর্ষণের ফলে আগুনের স্ফুলিঙ্গ উৎপন্ন হয় এমন সিলিকাজাত প্রস্তরখণ্ড, অগ্নিপ্রস্তর, flint।

চকমকে /চক্মোকে/ [তুর. চকমক >] বিণ. তীব্র উজ্জ্বলতাবিশিষ্ট, ঝকমকে; চোখ ধাঁধানো।

চকমিলানো /চক্মিলানো/ [স. চক্র >] বিণ. চৌকো উঠোন ঘিরে তৈরি শ্রেণিবদ্ধ দালান, চকবন্দি।

চকলেট /চক্লেট্/ [ফ.] বি. টেলে নেওয়া (roasted) কোকো বা cacao বীজের গুঁড়োর সঙ্গে দুধ চিনি মিশিয়ে তৈরি সুস্বাদু তক্তি বা পানীয়বিশেষ, chocolate।

চকসা /চক্শা/ [বা.] বি. মেঘ সরে যাওয়ার ফলে সূর্যালোকের প্রকাশ।

চকিত /চোকিতো/ [স. √চক্+ত] বিণ. ১ ত্রস্ত; চমকিত। ২ আকস্মিক। ৩ চমক সৃষ্টি করে এমন।

চকিতনয়না /চোকিতোনয়োনা/ [স. চকিত+নয়না] বিণ. ত্রস্তনয়না।

চকিতে /চোকিতে/ [স. চকিত+বা. এ] ক্রিবিণ. নিমেষে।

চকিনী /চোকিনি/ [স. চক্রবাকী >] বি. চক্রবাকী।

চকোর /চকোর্/ [স. √চিক্+ওর] বি. খয়েরি পালক-বিশিষ্ট পায়রাজাতীয় পাখিবিশেষ (চাঁদের কিরণ পান করে তৃপ্ত হয় বলে কল্পিত)। স্ত্রী. চকোরী /চকোরি/।

চক্কর /চক্কোর্/ [স. চক্র >] বি. ১ চাকা। ২ আবর্ত; ঘূর্ণি। ৩ কুমারের চাক। ৪ ঘানিগাছের চারদিকে ঘোরার চক্রাকার পথ; গোলাকার পথ। ৫ চক্রাকার চিহ্ন। ৬ পাক, ঘূর্ণন। ৭ ফণা। ৮ ধাঁধা।

চক্কর খাওয়া /চক্কোর্ খাওআ/ ক্রিবি. মাথা পাক দিয়ে ওঠা।

চক্কর মারা /চক্কোর্ মারা/ ক্রিবি. ঘোরা।

চক্র /চক্রো/ [স. √চক্+র] বি. ১ চাকা। ২ চাকার আকৃতিযুক্ত বস্তু; কোনো নগরকে বেষ্টন করে নির্মিত চক্রাকার পথ (*চক্ররেল*)। ৩ আবর্তনশীল বস্তু (*কুম্ভচক্র*)। ৪ ক্রম, পরম্পরা (*ঘটনাচক্র*)। ৫ ঘুরপাক। ৬ প্রাচীন অস্ত্রবিশেষ (*সুদর্শন চক্র*)।

www.pathagar.com

৭ পুরাণোক্ত ব্যূহ তৈরির কৌশলবিশেষ (*চক্রব্যূহ*)। ৮ হাতের তালু আঙুল ও পদতলের মণ্ডলাকার রেখা। ৯ কয়েকটি গ্রামের সমষ্টি। ১০ সাপের ফণা। ১১ চক্রান্ত। ১২ গুচ্ছ। ১৩ তান্ত্রিক সাধনার জন্য উপবেশনের ভঙ্গি (*চক্রাসন*)। ১৪ যোগশাস্ত্রমতে দেহমধ্যস্থ বিভাগ (*নাভিচক্র*)। ১৫ গ্রহনক্ষত্রের অবস্থান-নির্দেশক ছক (*রাশিচক্র*)।

চক্রগতি /চক্‌ক্রোগোতি/ [স. চক্র+√গম্+তি] বি. চক্রের ন্যায় আবর্তন বা ঘূর্ণন।

চক্রধর /চক্‌ক্রোধর্/ [স. চক্র+√ধৃ+অ] বি. ১ রাজা, নৃপতি। ২ ফণাধর সাপ। ৩ বিষ্ণু।

চক্রনাভি /চক্‌ক্রোনাভি/ [স. চক্র+√নহ্+ই] বি. চক্রের কেন্দ্রবিন্দু।

চক্রনেমি /চক্‌ক্রোনেমি/ [স. চক্র+√নী+মি] বি. চাকার বেড়।

চক্রপাণি /চক্‌ক্রোপানি/ [স. চক্র+√পণ্+ই] বি. কৃষ্ণ; চক্রধারী, বিষ্ণু।

চক্রবক্র /চক্‌ক্রোবক্‌ক্রো/ [স. চক্র+√বনচ্+র] বি. ছলচাতুরী।

চক্রবৎ /চক্‌ক্রোবত্/ [স. চক্র+বৎ] বিণ. চক্রের মতো।

চক্রবর্তী /চক্‌ক্রোবোর্তি/ [স. চক্র+√বৃৎ+ইন্] বি. ১ পদবিবিশেষ। ২ সার্বভৌম নৃপতি।

চক্রবাক /চক্‌ক্রোবাক্/ [স. চক্র+বাক] বি. দ্র চখা।

চক্রবাত /চক্‌ক্রোবাত্/ [স. চক্র+√বা+ত] বি. ঘূর্ণিঝড়।

চক্রবাল /চক্‌ক্রোবাল্/ [স. চক্র+√বল্+অ] বি. যে স্থান আকাশ ও পৃথিবীর মিলনরেখা বলে প্রতীয়মান হয়, দিঙ্‌মণ্ডল, দিগন্তবৃত্ত, horizon।

চক্রবৃদ্ধি /চক্‌ক্রোবৃদ্ধি/ [স. চক্র+√বৃধ্+তি] বি. সুদ বৃদ্ধির যৌগিক হার, সুদের ওপরে ধার্য সুদ (*চক্রবৃদ্ধি হার*)।

চক্রব্যূহ /চক্‌ক্রোব্‌বুহো/ [স. চক্র+বি+√ঊহ্+অ] বি. চক্রাকারে সেনা সমাবেশের কৌশলবিশেষ।

চক্রযান /চক্‌ক্রোজান্/ [স. চক্র+যান] বি. চাকাযুক্ত বাহন (*দ্বিচক্রযান*)।

চক্রাকার /চক্‌ক্রাকার্/ [স. চক্র+আকার] বিণ. চাকার মতো আকৃতিবিশিষ্ট; গোলাকার।

চক্রান্ত /চক্‌ক্রান্তো/ [স. চক্র+√অম্+ত] বি. অনিষ্ট-সাধনের জন্য গুপ্ত পরামর্শ, ষড়যন্ত্র, কূটমন্ত্রণা।

চক্রান্তকারী /চক্‌ক্রান্তোকারি/ [স. চক্রান্ত+√কৃ+ইন্] বিণ. ক্ষতিসাধনের উদ্দেশ্যে গোপন মন্ত্রণাকারী।

চক্রাবর্ত /চক্‌ক্রাবরতো/ [স. চক্র+আ+√বৃৎ+অ] বি. চক্রাকারে আবর্তন, ঘুরপাক।

চক্রায়ুধ /চক্‌ক্রায়ুধ্/ [স. চক্র+আয়ুধ] বি. ১ চক্র যাঁর অস্ত্র। ২ বিষ্ণু; কৃষ্ণ; চক্রধারী যোদ্ধা।

চক্রিকা /চোক্‌ক্রিকা/ [স. চক্র+ইক+আ (টাপ্)] বি. ১ হাঁটুর অস্থিময় চাকতি, মালাইচাকি। ২ হাঁটু।

চক্রী /চোক্‌ক্রি/ [স. চক্র+ইন্] বিণ. ১ চক্রান্তকারী (*কূটচক্রী*); কুটিল; খল। ২ চক্রধারী। বি. ১ বিষ্ণু; কৃষ্ণ। ২ সাপ। ৩ কুমার। ৪ শকট।

চক্রেশ্বর /চক্‌ক্রেশ্‌শর্/ [স. চক্র+ঈশ্বর] বি. চক্রবর্তী; সম্রাট।

চক্ষু /চোক্‌খু/ [স. √চক্ষ্+উস্] বি. মাথার সম্মুখভাগে অবস্থিত যে অঙ্গের সাহায্যে মানুষ ও অন্যান্য প্রাণী দেখতে পায়, দর্শনেন্দ্রিয়, চোখ, নয়ন।

চক্ষুগোচর /চোক্‌খুগোচর্/ [অশুপ্র.] বিণ. দেখা যায় এমন, দৃষ্টিসীমার অন্তর্ভুক্ত; দৃষ্টির বিষয়ীভূত।

চক্ষুদান /চোক্‌খুদান্/ [অশুপ্র.] বি. ১ দৃষ্টিশক্তি দান। ২ মৃত্যুর পর অন্যের উপকারের জন্য চক্ষু দানের ঘোষণা। ৩ জ্ঞানহীনকে জ্ঞান দান। ৪ প্রতিমায় প্রাণ প্রতিষ্ঠা।

চক্ষুরুন্মীলন /চোক্‌খুরুনমিলন্/ [স. চক্ষুঃ+উন্মীলন] বি. ১ জাগরণ। ২ অন্তর্দৃষ্টির উন্মেষ।

চক্ষুলজ্জা /চোক্‌খুলজ্জা/ [অশুপ্র.] বি. অন্যের দৃষ্টিতে লজ্জাজনক ঠেকে এমন কিছু করতে বা বলতে কুণ্ঠাবোধ, লোকলজ্জা।

চক্ষুশূল /চোক্‌খুশুল্/ [অশুপ্র.] বি. ১ চোখের তীব্র যন্ত্রণা। ২ (আল.) দেখলে বিরক্তিবোধ হয় এমন ব্যক্তি।

চক্ষুষ্মত্তা /চোক্‌খুশ্‌মত্তা/ [স. চক্ষুঃ+মৎ+তা] বি. ১ প্রখর দৃষ্টিশক্তি। ২ সূক্ষ্মদৃষ্টি; তীক্ষ্ণদৃষ্টি।

চক্ষুষ্মান /চোক্‌খুশ্‌মান্/ [স. চক্ষুঃ+মৎ] বিণ. ১ চোখ আছে এমন; তীক্ষ্ণ দৃষ্টিশক্তিসম্পন্ন। ২ সত্যদ্রষ্টা। স্ত্রী. চক্ষুষ্মতী /চোক্‌খুশ্‌মোতি/।

চক্ষুস্থির /চোক্‌খুস্‌থির্/ [অশুপ্র.] বি. অত্যধিক বিস্ময়জনিত হতবুদ্ধিতা।

চক্ষূরাগ /চোক্‌খুরাগ্/ [স. চক্ষুঃ+√রন্‌জ্+অ] বি. চোখের রক্তিম আভা।

চক্ষূরোগ /চোক্‌খুরোগ্/ [স. চক্ষুঃ+রোগ] বি. চোখের রোগ, চোখের ব্যাধি।

চখা /চখা/ [স. চক্রবাক >] বি. ক্রান্তীয় অঞ্চলে জলে বিচরণ করে এমন হাঁসজাতীয় পরিযায়ী পাখি-বিশেষ, চক্রবাক। স্ত্রী. চখি /চোখি/।

চখাচখি /চখাচোখি/ [বা.] বি. জোড়বদ্ধ চক্রবাক পাখি (*আজ কিসের তরে নদীর চরে চখা-চখীর মেলা॥* রবীন্দ্র.)।

চঙ্ক্রমণ /চংক্রোমোন্/ [স. √চঙ্ক্রম্+অন] বি. বারবার

www.pathagar.com

ঘুরপাক; পায়চারি।

চচ্চড় /চচ্চড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ রোদ বা আগুনের তাপে কাঠ ফাটার শব্দ। ২ গায়ের চামড়া শুকিয়ে যাওয়ার অনুভূতি প্রকাশক শব্দ।

চচ্চড়ি /চচ্চোড়ি/ [দেশি.] বি. অল্পঝোলে রাঁধা ব্যঞ্জন (*ডাল চচ্চড়ি*); 'চড়চড়ি'-র কথ্য রূপ।

চঞ্চরী /চন্‌চোরি/ [স. √চঞ্চর্+ঈ] বি. বিষাক্ত হুল ফুটিয়ে আক্রমণ করে এমন হলুদ ও লালের ওপর কালো ডোরাকাটা লোমশ ছয় পা-বিশিষ্ট সামাজিক পতঙ্গবিশেষ, ভিমরুল, ভ্রমর, বোলতা।

চঞ্চল /চন্‌চল্/ [স. √চঞ্চ্+অল] বিণ. ১ অস্থির, ছটফটে, চপল, অশান্ত। ২ চলনশীল। ৩ ব্যাকুল, ব্যগ্র। ৪ কম্পমান। স্ত্রী. চঞ্চলা /চন্‌চলা/।

চঞ্চলতা /চন্‌চলতা/ [স. চঞ্চল+তা] বি. অস্থিরতা।

চঞ্চলিত /চন্‌চোলিতো/ [স. চঞ্চল+ইত] বিণ. চঞ্চল, চাপল্যযুক্ত।

চঞ্চু /চোন্‌চু/ [স. √চঞ্চ্+উ] বি. পাখির ঠোঁট।

চঞ্চুপুট /চোনচুপুট্/ [স. চঞ্চু+√পুট্+অ] বি. দুই ঠোঁটের মধ্যবর্তী স্থান যেখানে পাখি খাদ্যবস্তু জমিয়ে রাখে।

চঞ্চুরী /চোনচুরি/ [স. √চঞ্চর্+ঈ] বি. পৃথিবীর প্রায় সব দেশে দালানকোঠা কৃষিজমি ঝোপঝাড় প্রভৃতি স্থানে বিচরণ করে এমন ত্রিকোণাকৃতি কালচে বাদামি চঞ্চুবিশিষ্ট ধূসর ছোটো পাখি, চড়ুই।

চট[১] /চট্/ [দেশি.] বি. থলি বস্তা প্রভৃতি তৈরির জন্য ব্যবহৃত পাটের সুতোয় বোনা মোটা কাপড়।

চট[২] /চট্/ [স. ঝটিতি >] অব্য. ক্রিবিণ. ঝট, শীঘ্র, জলদি, সত্বর।

চট[৩] /চট্/ [ধ্বন্যা.] অব্য. বি. চপেটাঘাতের শব্দ।

চটক[১] /চটোক্/ [স. √চট্+অক] বি. দ্র চড়ুই।

চটক[২] /চটোক্/ [হি.] বি. ১ চমক, জেল্লা। ২ ভড়ং, বাহ্য আড়ম্বর (*চটকদার*)।

চটকদার /চটোক্‌দার্/ [হি. চটক+ফা. দার] বিণ. চটকযুক্ত, চাকচক্যযুক্ত।

চটকনা /চট্‌কনা/ [হি.] বি. চপেটাঘাত।

চট করে /চট্ করে/ ক্রিবিণ. একটুও দেরি না করে।

চটকল /চট্‌কল্/ [দেশি.] বি. পাটের সুতা বা চট তৈরির কারখানা।

চটকা[১] /চট্‌কা/ [দেশি.] বি. ১ ঘুমের আবেশ, ঘোর আচ্ছন্নতা। ২ মগ্নভাব।

চটকা[২] /চট্‌কা/ [দেশি.] ক্রিবি. হাত দিয়ে নরম জিনিস মন্থন।

চটকাচটকি /চট্‌কাচোট্‌কি/ [দেশি.] বি. ক্রমাগত মর্দন, দলন, পেষণ।

চটকানি /চট্‌কানি/ [বা.] বি. হাত দিয়ে মর্দন বা পেষণ।

চটকানো /চট্‌কানো/ [বা.] ক্রিবি. নরম দ্রব্য মর্দন বা পেষণ করা। বিণ. মর্দন করা হয়েছে এমন।

চটকা ভাঙা /চট্‌কা ভাঙা/ ক্রিবি. ঘুমের আবেশ কেটে যাওয়া, তন্দ্রার ভাব দূর হওয়া।

চটচট[১] /চট্‌চট্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ হঠাৎ ফেটে যাওয়ার শব্দ। ২ বারবার চপেটাঘাত করার শব্দ।

চটচট[২] /চট্‌চট্/ [স. চটচটা >] অব্য. আঠালো ভাব প্রকাশক।

চটচটে /চট্‌চোটে/ [স. চটচটা>] বিণ. আঠালো।

চটজলদি /চট্‌জোল্‌দি/ [বা. চট+ফা. জলদি] ক্রিবিণ. খুব তাড়াতাড়ি, অতিদ্রুত।

চটপট /চট্‌পট্/ [দেশি.] ক্রিবিণ. খুব তাড়াতাড়ি, অতিদ্রুত, ঝটিতি, সত্বর।

চটপটি /চট্‌পটি/ [দেশি.] বি. সেদ্ধ মটরকলাই মসলা তেঁতুল প্রভৃতি মিশিয়ে তৈরি মুখরোচক খাদ্যবস্তু।

চটপটে /চট্‌পোটে/ [বা.] বিণ. তাড়াতাড়ি কাজ করতে পারে এমন; চালাকচতুর; ক্ষিপ্র; চৌকশ।

চটা[১] /চটা/ [বা.] ক্রিবি. রাগ করা, ক্রুদ্ধ বা রুষ্ট হওয়া। বিণ. রুষ্ট, রাগান্বিত।

চটা[২] /চটা/ [বা.] ক্রিবি. ১ চিড় খাওয়া, কাঠ বা ধাতব বস্তু ফেটে যাওয়া। ২ বহিরাবরণ উঠে যাওয়া। ৩ লুপ্ত হওয়া; কমে যাওয়া। বিণ. বহিরাবরণ উঠে গেছে এমন (*রংচটা*)।

চটা[৩] /চটা/ [বা.] বি. ১ বাঁশের পাতলা ফালি, বাখারি, চাঁচারি। ২ চাটাই, দরমা।

চটাচট /চটাচট্/ [বা.] অব্য. ক্রিবিণ. একের পর এক; দ্রুত।

চটাচটি /চটাচোটি/ [বা.] বি. রাগারাগি; বাদানুবাদ।

চটানো /চটানো/ [বা.] ক্রিবি. রাগিয়ে দেওয়া।

চটাল /চটালো/ [আঞ্চ.] বিণ. বিস্তৃত, চওড়া।

চটাস /চটাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. চপেটাঘাতের শব্দ।

চটি[১] /চোটি/ [স. চর্ম >] বি. হালকা পাদুকাবিশেষ।

চটি[২] /চোটি/ [দেশি.] বিণ. পাতলা (*চটি বই*)। বি. পাতলা বাখারি।

চটি[৩] /চোটি/ [ফা. চতর >] বি. পথিকদের বিশ্রাম ও থাকার জায়গা, পান্থশালা, সরাই।

চটিকা /চোটিকা/ [স. চর্ম >] বি. দ্র চটি[১]।

চটু /চোটু/ [স. √চট্+উ] বি. তোষামোদ; চাটুবাদ।

চটুল /চোটুল্/ [স. চটু+লচ্] বিণ. ১ চঞ্চল, চপল।

www.pathagar.com

২ লঘু। ৩ মুগ্ধকর; সুন্দর। স্ত্রী. চটুলা /চোটুলা/।

চটুলতা /চোটুলতা/ [স. চটুল+তা] বি. লঘুত্ব, গাম্ভীর্য-হীনতা।

চট্টগ্রাম /চট্‌টোগ্রাম্/ [স্থান.] বি. বঙ্গোপসাগরের তীরে অবস্থিত বাংলাদেশের প্রধান বন্দরনগর।

চট্টল /চট্‌টোল্/ [স্থান.] বি. চট্টগ্রামের প্রাচীন নাম।

চট্টলা /চট্‌টোলা/ [স্থান.] বি. দ্র চট্টল।

চট্টোপাধ্যায় /চট্‌টোপাদ্‌ধায়্/ [স. চট্ট+উপাধ্যায়] বি. পদবিবিশেষ।

চড় /চড়্/ [স. চপট >] বি. হাতের তালু দিয়ে আঘাত, চাপড়, থাপ্পড়, চপেটাঘাত।

চড়ই /চড়োই/ [স. চটক >] বি. দ্র চড়ুই।

চড়ক /চড়োক্/ [স. চক্র >] বি. চৈত্র মাসের সংক্রান্তিতে উদ্‌যাপিত পর্ববিশেষ; গাজন উৎসব।

চড়কগাছ /চড়োক্‌গাছ্/ [বা.] বি. চড়ক উৎসবে গাজন সন্ন্যাসীদের ঘুরপাক খাওয়ার জন্য বাঁশের খুঁটিবিশেষ।

চড়কসংক্রান্তি /চড়োক্‌শংক্রান্‌তি/ [বা. চড়ক+স. সংক্রান্তি] বি. চৈত্র মাসের সংক্রান্তি বা শেষ দিন, চৈত্রসংক্রান্তি।

চড়কের বাদ্যি /চড়োকের বাদ্‌দি/ বি. বাদ্যযন্ত্রের বিরামহীন জোরালো শব্দ।

চড়চড় /চড়্‌চড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ রোদ বা আগুনের তাপে কাঠ ফাটার অনুকার শব্দ। ২ গায়ের চামড়া শুকিয়ে যাওয়ার অনুভূতি।

চড়চড়ি /চড়্‌চোড়ি/ [দেশি.] বি. শুকনো করে বা অল্পঝোলে রাঁধা ব্যঞ্জন (*ডাল চড়চড়ি*)।

চড়তি /চোড়্‌তি/ [বা.] বি. ১ আরোহণ। ২ বৃদ্ধি, বাড়তি। বিণ. বাড়ছে এমন, বৃদ্ধিশীল।

চড়ন[১] /চড়োন্/ [বা.] বি. ১ আরোহণ। ২ বৃদ্ধি।

চড়ন[২] /চড়োন্/ [বা.] বি. খচিতকরণ, অলংকরণ।

চড়নদার /চড়োন্‌দার্/ [বা. চড়ন+ফা. দার] বি. বিণ. শকটের যাত্রী, সওয়ারি, আরোহী।

চড়বড় /চড়্‌বড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ খই বা মুড়ি ভাজার অনুকার শব্দ। ২ খই ফোটার শব্দের মতো দ্রুত কথা বলার শব্দ। ৩ বড়ো বড়ো ফোঁটায় বৃষ্টি পড়ার অনুকার শব্দ।

চড়া[১] /চড়া/ [স. তট >] বি. ১ থিতিয়ে পড়া পলি থেকে নদীবক্ষে উৎপন্ন ভূভাগ, চর। ২ (আল.) শুষ্ক বা তৃষিত অবস্থা।

চড়া[২] /চড়া/ [বা.] ক্রিবি. ১ কোনো কিছুর ওপরে ওঠা, আরোহণ করা। ২ বৃদ্ধি পাওয়া (*চড়া দর*)। ৩ ওপরে পড়া; চড়াও হওয়া। বিণ. কড়া, উগ্র (*চড়া মেজাজ*); তীব্র (*চড়া রোদ*)।

চড়াই[১] /চড়াই/ [বা.] বি. ১ পাহাড়ি অঞ্চলে ঊর্ধ্বগামী পথ। ২ আরোহণ, ঊর্ধ্বগমন। ৩ ঊর্ধ্বগতি।

চড়াই[২] /চড়াই/ [স. চটক >] বি. দ্র চড়ুই।

চড়াই-উতরাই /চড়াইউত্‌রাই/ বি. ১ ওঠানামার পথ। ২ (আল.) উন্নতি ও অবনতি।

চড়াও /চড়াও/ [বা.] বি. আক্রমণ, হামলা। বিণ. আক্রমণ করতে উদ্যত, হামলাকারী।

চড়াৎ /চড়াত্/ [ধ্বন্যা.] অব্য. বি. কোনো কিছু ফেটে যাওয়ার অনুকার শব্দ।

চড়ানো[১] /চড়ানো/ [বা.] ক্রিবি. ১ আরোহণ করানো; চাপানো (*উনুনে চড়ানো*)। ২ বাড়ানো; তীব্রতর করা (*সুর চড়ানো*)। ৩ সংযোজন করা; পরানো (*গায়ে জামা চড়ানো*)। ৪ স্থাপন করা।

চড়ানো[২] /চড়ানো/ [বা.] ক্রিবি. চপেটাঘাত করা।

চড়ায় ঠেকা /চড়ায় ঠ্যাকা/ ক্রিবি. জলযান চরে আটকে যাওয়া।

চড়ুই /চোড়ুই/ [স. চটক >] বি. পৃথিবীর প্রায় সব দেশে দালানকোঠা কৃষিজমি ঝোপঝাড় প্রভৃতি স্থানে বিচরণ করে এমন ত্রিকোণাকৃতি কালচে বাদামি চঞ্চুবিশিষ্ট ধূসর বর্ণের ছোটো পাখি, চড়াই, চটক।

চড়ুইভাতি /চোড়ুইভাতি/ [বা.] বি. বাড়ির বাইরে উন্মুক্ত পরিবেশে খেলাধুলা রান্না ও একসঙ্গে খাওয়াদাওয়ার অনুষ্ঠান, বনভোজন, picnic।

চড়ুকে /চোড়ুকে/ [বা.] বিণ. ১ চড়কসংক্রান্ত। ২ চড়কগাছের মতো লম্বা। ৩ চটকদার। বি. চৈত্রসংক্রান্তির পর্ববিশেষ; গাজন উৎসব।

চড়ুকে হাসি /চোড়ুকে হাশি/ বি. ১ কৃত্রিম হাসি। ২ অট্টহাসি।

চণক /চনোক/ [স. √চণ্+অ+ক (স্বার্থে)] বি. এশিয়া মহাদেশে গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন ছোটো সাদা ফুল বা তার বহু শাখা-বিশিষ্ট শিম্বগোত্রীয় উদ্ভিদের বীজ যা মানুষ ও ঘোড়ার খাদ্যরূপে ব্যবহৃত হয়, ছোলা।

চণ্ড /চন্‌ডো/ [স. √চণ্ড্+অ] বিণ. উগ্র, অত্যন্ত ক্রুদ্ধ। বি. ১ পুরাণোক্ত দৈত্যরাজ শুম্ভ ও নিশুম্ভের অনুচর। ২ (বাংলায়) দুর্বৃত্ত।

চণ্ডমুণ্ড /চন্‌ডোমুন্‌ডো/ [স. চণ্ড+√মুণ্ড্+অ] বি. মার্কণ্ডেয় চণ্ডীতে বর্ণিত চণ্ড ও মুণ্ড নামক দৈত্য-ভ্রাতৃদ্বয়।

চণ্ডমূর্তি /চন্‌ডোমুর্‌তি/ [স. চণ্ড+√মূর্ছ্+তি] বিণ.

www.pathagar.com

উগ্রমূর্তি।

চণ্ডা /চন্‌ডা/ [স. √চণ্ড্+অ+আ (টাপ্)] বিণ. কোপন-স্বভাবা, অত্যন্ত ক্রুদ্ধা।

চণ্ডাল /চন্‌ডাল্/ [স. √চণ্ড্+আল] বি. ১ অবহেলিত নিগৃহীত ও অনগ্রসর জাতিবিশেষ, চাঁড়াল। ২ (আল.) নিষ্ঠুর প্রকৃতির মানুষ।

চণ্ডালিকা /চন্‌ডালিকা/ [স. চণ্ডালী+কন্+আ (টাপ্)] বি. চণ্ডালনারী, চণ্ডালকন্যা।

চণ্ডালী /চন্‌ডালি/ [স. চণ্ডাল+ঈ] বি. চণ্ডাল সম্প্রদায়ের নারী।

চণ্ডাশোক /চন্‌ডাশোক্/ [স. চণ্ড+অশোক] বি. অহিংসা মন্ত্রে দীক্ষা গ্রহণের পূর্বকার নিষ্ঠুর ও অত্যাচারী সম্রাট অশোক। বিণ. নিষ্ঠুর, নির্দয়, অত্যাচারী।

চণ্ডিকা /চোন্‌ডিকা/ [স. চণ্ডী+কন্+আ (টাপ্)] বি. ১ চণ্ডীদেবী, দেবী দুর্গা। ২ কোপনস্বভাবা নারী।

চণ্ডী /চোন্‌ডি/ [স. চণ্ড+ঈ] বি. ১ দুর্গার রূপবিশেষ। ২ কোপনস্বভাবা নারী। ৩ মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত দেবীমাহাত্ম্য।

চণ্ডীদাস /চোন্‌ডিদাশ্/ [স. চণ্ডী+দাস] বি. পঞ্চদশ শতকের প্রসিদ্ধ বৈষ্ণব পদকর্তা।

চণ্ডীপাঠ /চোন্‌ডিপাঠ্/ [স. চণ্ডী+পাঠ] বি. মার্কণ্ডেয় পুরাণে বর্ণিত দেবীমাহাত্ম্য পাঠ।

চণ্ডীমঙ্গল /চোন্‌ডিমোংগোল্/ [স. চণ্ডী+√মঙ্গ্+অল] বি. দেবী চণ্ডীর মাহাত্ম্য কীর্তনের জন্য রচিত কাব্য।

চণ্ডীমণ্ডপ /চোন্‌ডিমন্‌ডোপ্/ [স. চণ্ডী+মণ্ড+√পা+অ] বি. যে মণ্ডপে চণ্ডিপাঠ ও দেবীর পূজা হয়, ঠাকুরদালান, পূজামণ্ডপ।

চতু /চোতু/ [স. চতুর্] বি. ৪ সংখ্যা। বিণ. ৪ সংখ্যক।

চতুঃপঞ্চাশৎ /চোতুপ্‌পন্‌চাশত্/ [স. চতুর্+পঞ্চাশৎ] বি. ৫৪ সংখ্যা। বিণ. ৫৪ সংখ্যক।

চতুঃপঞ্চাশত্তম /চোতুপ্‌পন্‌চাশত্তমো/ [স. চতুর্+পঞ্চাশৎ+তমট্] বিণ. ৫৪ সংখ্যক; ৫৪ স্থানীয়। স্ত্রী. চতুঃপঞ্চাশত্তমী /চোতুপ্‌পন্‌চাশত্তোমি/।

চতুঃশাখ /চোতুশ্‌শাখ্/ [স. চতুঃ+বা. শাখ] বিণ. চারটি শাখাবিশিষ্ট। বি. বেদ।

চতুঃশাল /চোতুশ্‌শাল্/ [স. চতুঃ+√শাল্+অ] বি. ১ চকমিলানো বাড়ি। ২ চারকক্ষবিশিষ্ট গৃহ।

চতুঃশালা /চোতুশ্‌শালা/ [স. চতুঃ+√শল্+অ+আ (টাপ্)] বি. দ্র চতুঃশাল।

চতুঃষষ্টি /চোতুশ্‌শোশ্‌টি/ [স. চতুর্+ষট্‌দশৎ+তি] বি. ৬৪ সংখ্যা। বিণ. ৬৪ সংখ্যক।

চতুঃষষ্টিতম /চোতুশ্‌শোশ্‌টিতমো/ [স. চতুঃষষ্টি+তমট্] বিণ. ৬৪ সংখ্যক; ৬৪ স্থানীয়। স্ত্রী. চতুঃষষ্টিতমী /চোতুশ্‌শোশ্‌টিতোমি/।

চতুঃসপ্ততি /চোতুশ্‌শপ্‌তোতি / [স. চতুর্+সপ্তদশৎ+তি] বি. ৭৪ সংখ্যা। বিণ. ৭৪ সংখ্যক।

চতুঃসপ্ততিতম /চোতুশ্‌শপ্‌তোতিতমো/ [স. চতুঃসপ্ততি+তমট্] বিণ. ৭৪ সংখ্যক; ৭৪ স্থানীয়। স্ত্রী. চতুঃসপ্ততিতমী /চোতুশ্‌শপ্‌তোতিতোমি/।

চতুঃসীমা /চোতুশ্‌শিমা/ [স. চতুঃ+সীমন্+আ (টাপ্)] বি. চারদিকের সীমানা, চৌহদ্দি।

চতুর /চোতুর্/ [স. √চত্+উর] বিণ. ১ ধূর্ত; বুদ্ধিমান; নিপুণ। ২ ঠগ। স্ত্রী. চতুরা /চোতুরা/।

চতুরংশ /চোতুরংশো/ [স. চতুর্+অংশ] বি. চার ভাগ। বিণ. চার খণ্ডে বিভক্ত।

চতুরংশিত /চোতুরোংশিতো/ [স. চতুর্+অংশিত] বিণ. ১ চার ভাগে বিভক্ত। ২ চার পাতা বা আট পৃষ্ঠায় করা হয়েছে এমন। বি. কাগজের পরিমাপ-বিশেষ, quarto (২৫৪ × ২০৩ মিমি.)।

চতুরঙ্গ /চোতুরংগো/ [স. চতুর্+অঙ্গ] বি. ১ চারটি শাখাবিশিষ্ট সৈন্যদল (হাতি ঘোড়া রথ ও পদাতিক)। ২ সংগীতের প্রকারভেদ। ৩ দাবা-খেলা। বিণ. ১ চার অঙ্গযুক্ত। ২ সকল অঙ্গযুক্ত।

চতুরতা /চোতুরতা/ [স. চতুর+তা] বি. ১ কপটতা; ধূর্ততা। ২ বুদ্ধিমত্তা; নিপুণতা।

চতুরশীতি /চোতুরোশিতি/ [স. চতুর্+অশীতি] বি. ৮৪ সংখ্যা। বিণ. ৮৪ সংখ্যক।

চতুরশীতিতম /চোতুরোশিতিতমো/ [স. চতুরশীতি+তমট্] বিণ. ৮৪ সংখ্যক; ৮৪ স্থানীয়। স্ত্রী. চতুরশীতিতমী /চোতুরোশিতিতোমি/।

চতুরশ্ব /চোতুরশ্‌শো/ [স. চতুর্+√অশ্+ব] বি. চার ঘোড়া। বিণ. চার ঘোড়াবিশিষ্ট; চার ঘোড়ায় টানা।

চতুরস্র /চোতুরস্‌রো/ [স. চতুর্+অস্র] বিণ. ১ চার কোণবিশিষ্ট, চতুষ্কোণ। ২ সমতল। ৩ উঁচু নয় এমন। ৪ নিখুঁত। ৫ সব বিষয়ে পটু, চৌকশ।

চতুরানন /চোতুরানন্/ [স. চতুর্+আনন] বিণ. চার মুখবিশিষ্ট; চতুর্মুখ। বি. ব্রহ্মা।

চতুরালি /চোতুরালি/ [স. চতুর্+বা. আলি] বি. ছল, চাতুরী, চালাকি; রঙ্গকৌতুক; মশকরা।

চতুরাশ্রম /চোতুরাস্‌স্রোম/ [স. চতুর্+আশ্রম] বি. সনাতন ধর্মাবলম্বীদের বিশ্বাস অনুযায়ী জীবনের চতুর্বিধ অবস্থা বা আশ্রম (ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস); চতুর্বিধ আশ্রম জীবন।

www.pathagar.com

চতুর্গুণ /চোতুর্‌গুন্‌/ [স. চতুর্‌+গুণ] বিণ. চারগুণ; বহুগুণ, অত্যধিক, অত্যন্ত বেশি।

চতুর্গুণিত /চোতুর্‌গুনিতো/ [স. চতুর্‌+গুণিত] বিণ. চার গুণ করা হয়েছে বা বাড়িয়ে তোলা হয়েছে এমন।

চতুর্থ /চোতুর্‌থো/ [স. চতুর্‌+থ] বিণ. ৪ সংখ্যক; ৪ সংখ্যার পূরক। স্ত্রী. চতুর্থী /চোতুর্‌থি/।

চতুর্থক /চোতুর্‌থক্‌/ [স. চতুর্থ+ক] বি. প্রতি চতুর্থ দিনে ফিরে আসে এমন জ্বর।

চতুর্থী /চোতুর্‌থি/ [স. চতুর্থ+ঈ] বি. ১ অমাবস্যা বা পূর্ণিমার পরবর্তী চতুর্থ দিন, তিথিবিশেষ। ২ বিবাহের চতুর্থ দিনে পালনীয় সংস্কার। ৩ পিতা বা মাতার মৃত্যুর চতুর্থ দিনে বিবাহিতা কন্যার পালনীয় আচার। ৪ (ব্যা.) সম্প্রদান কারকের বিভক্তি।

চতুর্থী বিভক্তি /চোতুর্‌থি বিভোক্‌তি/ বি. সম্প্রদান বা নিমিত্ত কারকের বিভক্তি।

চতুর্দশ /চোতুর্‌দশ্‌/ [স. চতুর্‌+দশন্‌] বি. ১৪ সংখ্যা। বিণ. ১৪ সংখ্যক; ১৪ পঙ্‌ক্তিবিশিষ্ট।

চতুর্দশপদী /চোতুর্‌দশ্‌পোদি/ [স. চতুর্দশ+পদী] বি. ১৪টি পঙ্‌ক্তিবিশিষ্ট কবিতা, সনেট। বিণ. ১৪টি পঙ্‌ক্তিবিশিষ্ট (*চতুর্দশপদী কবিতা*)।

চতুর্দশ পুরুষ /চোতুর্‌দশ্‌ পুরুষ/ বি. ঊর্ধ্বতন চৌদ্দ পুরুষ বা প্রজন্ম।

চতুর্দশ বিদ্যা /চোতুর্‌দশ্‌ বিদ্‌দা/ বি. চারটি বেদ (ঋক্‌ যজুঃ সাম ও অথর্ব) ছয়টি বেদাঙ্গ (শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দ ও জ্যোতিষ) এবং মীমাংসা ন্যায়দর্শন ইতিহাস ও পুরাণ এই চৌদ্দটি বিদ্যা।

চতুর্দশ ভুবন /চোতুর্‌দশ্‌ ভুবন্‌/ বি. পৌরাণিক বিশ্বাসমতে সাতটি স্বর্গ ও সাতটি পাতাল।

চতুর্দশী /চোতুর্‌দোশি/ [স. চতুর্দশ+ঈ] বি. ১ তিথি-বিশেষ। ২ চৌদ্দ বছর বয়স্ক বালিকা।

চতুর্দিক /চোতুর্‌দিক্‌/ [স. চতুর্‌+দিক্‌] বি. ১ চারদিক (উত্তর দক্ষিণ পূর্ব ও পশ্চিম)। ২ সর্বদিক, সব দিক। ৩ সকল ব্যাপার, সববিষয়, সবকিছু।

চতুর্দোল /চোতুর্‌দোল্‌/ [স. চতুর্‌+দোল] বি. দ্র চতুর্দোলা।

চতুর্দোলা /চোতুর্‌দোলা/ [স. চতুর্‌+দোলা] বি. চার-জন বেহারার কাঁধে বাহিত পালকি, চৌদোলা।

চতুর্ধা /চোতুর্‌ধা/ [স. চতুর্‌+ধা] ক্রিবিণ. অব্য. ১ চার রকমে। ২ চারদিকে। ৩ চার খণ্ডে; চারভাগে। বিণ. চারবার, চতুর্বিধ।

চতুর্নবতি /চোতুর্‌নবোতি/ [স. চতুর্‌+নবতি] বি. ৯৪ সংখ্যা। বিণ. ৯৪ সংখ্যক।

চতুর্নবতিতম /চোতুর্‌নবোতিতমো/ [স. চতুর্নবতি+তমট্‌] বিণ. ৯৪ সংখ্যক; ৯৪ স্থানীয়। স্ত্রী. চতুর্নবতিতমী /চোতুর্‌নবোতিতোমি/।

চতুর্বক্ত্র /চোতুর্‌বক্‌ত্রো/ [স. চতুর্‌+√বচ্‌+ত্র] বিণ. চার মুখবিশিষ্ট, চতুরানন। বি. ব্রহ্মা।

চতুর্বর্গ /চোতুর্‌বর্‌গো/ [স. চতুর্‌+√বৃজ্‌+অ] বি. চার পুরুষার্থ (ধর্ম অর্থ কাম ও মোক্ষ); জীবনের চারটি লক্ষ্য।

চতুর্বর্ণ /চোতুর্‌বর্‌নো/ [স. চতুর্‌+বর্ণ] বি. হিন্দু সম্প্রদায়ের চারটি শ্রেণি (ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র)।

চতুর্বিংশ /চোতুর্‌বিংশো/ [স. চতুর্‌+বিংশতি+অ] বি. ২৪ সংখ্যা। বিণ. ২৪ সংখ্যক; ২৪ সংখ্যার পূরক।

চতুর্বিংশতি /চোতুর্‌বিংশোতি/ [স. চতুর্‌+বিংশতি] বি. ২৪ সংখ্যা। বিণ. ২৪ সংখ্যক।

চতুর্বিংশতিতম /চোতুর্‌বিংশোতিতমো/ [স. চতুর্বিংশতি+তমট্‌] বিণ. ২৪ সংখ্যক; ২৪ স্থানীয়। স্ত্রী. চতুর্বিংশতিতমী /চোতুর্‌বিংশোতিতোমি/।

চতুর্বিধ /চোতুর্‌বিধো/ [স. চতুর্‌+বিধ] বিণ. চার প্রকার, চাররকম। স্ত্রী. চতুর্বিধা /চোতুর্‌বিধা/।

চতুর্বেদ /চোতুর্‌বেদ্‌/ [স. চতুর্‌+বেদ] বি. বেদ-চতুষ্টয় (ঋক্‌ যজুঃ সাম ও অথর্ব)।

চতুর্বেদী /চোতুর্‌বেদি/ [স. চতুর্বেদ+ইন্‌] বিণ. চারটি বেদে অভিজ্ঞ এমন। বি. পদবিবিশেষ।

চতুর্ভুজ /চোতুর্‌ভুজ্‌/ [স. চতুর্‌+ভুজ] বি. ১ (জ্যা.) চারটি বাহু বা সরলরেখার দ্বারা বেষ্টিত ক্ষেত্র। ২ কালিকা দেবী। ৩ নারায়ণ। বিণ. (ব্য.) কৃতার্থ। স্ত্রী. চতুর্ভুজা /চোতুর্‌ভুজা/।

চতুর্মুখ /চোতুর্‌মুখ্‌/ [স. চতুর্‌+মুখ] বিণ. চার মুখবিশিষ্ট। বি. ব্রহ্মা।

চতুর্যুগ /চোতুর্‌জুগ্‌/ [স. চতুর্‌+যুগ] বি. পুরাণে কল্পিত চারটি যুগ (সত্য ত্রেতা দ্বাপর ও কলি)।

চতুশ্চত্বারিংশৎ /চোতুশ্‌চত্‌তারিংশত্‌/ [স. চতুঃ+চত্বারিন্‌+শৎ] বি. ৪৪ সংখ্যা। বিণ. ৪৪ সংখ্যক।

চতুশ্চত্বারিংশত্তম /চোতুশ্‌চত্‌তারিংশত্‌তমো/ [স. চতুঃ+চত্বারিংশৎ+তমট্‌] বিণ. ৪৪ সংখ্যক; ৪৪ সংখ্যার পূরক; ৪৪ স্থানীয়। স্ত্রী. চতুশ্চত্বারিং-শত্তমী /চোতুশ্‌চত্‌তারিংশত্‌তোমি/।

চতুষ্ক /চোতুশ্‌কো/ [স. চতুঃ+ক] বি. ১ চারকোনা ক্ষেত্র। ২ চারকোনায় চারটি স্তম্ভযুক্ত মণ্ডপ। ৩ চারটির সমষ্টি। বিণ. চারটি অবয়বযুক্ত।

www.pathagar.com

চতুষ্কোণ /চতুশ্‌কোন্/ [স. চতুঃ+কোণ] বিণ. চারটি কোণযুক্ত, চৌকো, quadrangular।

চতুষ্টয় /চতুশ্‌টয়্/ [স. চতুঃ+তয়] বিণ. চার অবয়ববিশিষ্ট; চতুর্বিধ। বি. চারটির সমষ্টি।

চতুষ্পথ /চতুশ্‌পথ্/ [স. চতুঃ+পথ] বি. যেখানে চারটি পথ মিলিত হয়েছে, চৌরাস্তা, চৌমাথা।

চতুষ্পদ /চতুশ্‌পদো/ [স. চতুঃ+পদ] বিণ. ১ চারটি পা-বিশিষ্ট (*চতুষ্পদ প্রাণী*)। ২ (আল.) পশুর মতো মূর্খ। বি. চারটি পা-বিশিষ্ট প্রাণী।

চতুষ্পাঠী /চতুশ্‌পাঠি/ [স. চতুঃ+পাঠ+ঈ] বি. যে বিদ্যালয়ে চারটি বেদ বা ব্যাকরণ কাব্য স্মৃতি ও দর্শনশাস্ত্র পড়ানো হয়।

চতুষ্পাদ /চতুশ্‌পাদো/ [স. চতুঃ+পাদ] বিণ. ১ চার চরণযুক্ত। ২ পূর্ণাঙ্গ। বি. চারপেয়ে জন্তু।

চতুষ্পার্শ্ব /চতুশ্‌পার্‌শো/ [স. চতুঃ+পার্শ্ব] বি. চারধার, চারদিক।

চতুষ্পার্শ্বস্থ /চতুশ্‌পার্‌শোস্‌থো/ [স. চতুষ্পার্শ্ব+√স্থা+অ] বিণ. চারদিকের।

চতুষ্তল /চতুস্‌তল্/ [স. চতুঃ+তল] বিণ. চারতলা।

চতুস্ত্রিংশ /চতুস্‌ত্রিংশো/ [স. চতুঃ+ত্রিংশৎ+অ] বিণ. ৩৪-এর পূরক; ৩৪ সংখ্যক।

চতুস্ত্রিংশৎ /চতুস্‌ত্রিংশত্/ [স. চতুঃ+ত্রিন্+শৎ] বি. ৩৪ সংখ্যা। বিণ. ৩৪ সংখ্যক।

চতুস্ত্রিংশত্তম /চতুস্‌ত্রিংশত্‌তমো/ [স. চতুস্ত্রিংশৎ+তমট্] বিণ. ৩৪ সংখ্যার পূরক; ৩৪ সংখ্যক; ৩৪ স্থানীয়। স্ত্রী. চতুস্ত্রিংশত্তমী /চতুস্‌ত্রিংশত্‌তোমি/।

চত্বর /চত্‌তোর্/ [স. √চত্+বর] বি. ১ চাতাল, চবুতর। ২ উঠান। ৩ রঙ্গভূমি। ৪ যজ্ঞভূমি।

চত্বারিংশ /চত্‌তারিংশো/ [স. চত্বারিংশৎ+অ] বি. ৪০ সংখ্যা। বিণ. ৪০-এর পূরক; ৪০ সংখ্যক।

চত্বারিংশৎ /চত্‌তারিংশত্/ [স. চতুরচত্বারিন্+শৎ] বি. ৪০ সংখ্যা। বিণ. ৪০ সংখ্যক।

চত্বারিংশত্তম /চত্‌তারিংশত্‌তমো/ [স. চত্বারিংশৎ+তমট্] বিণ. ৪০ সংখ্যক; ৪০ স্থানীয়। স্ত্রী. চত্বারিংশত্তমী /চত্‌তারিংশত্‌তোমি/।

চত্বাল /চত্‌তাল্/ [স. √চৎ+বালন্] বি. দ্র চত্বর।

চনচন /চন্‌চন্/ [ধ্বন্যা.] অব্য. বি. বেদনার প্রখরতা-সূচক ধ্বনি।

চনমন /চন্‌মন্/ [দেশি] অব্য. বি. অস্থিরতা বা সজীবতার ভাব প্রকাশক শব্দ।

চনমনে /চন্‌মোনে/ [বা.] বিণ. চঞ্চল; প্রাণবন্ত।

চন্ডু /চোন্‌ডু/ [হি.] বি. আফিম থেকে তৈরি মাদকবিশেষ।

চন্ডুখানা /চোন্‌ডুখানা/ [হি. চন্ডু+ফা. খানা] বি. চন্ডু ক্রয় ও সেবনের স্থান।

চন্ডুখোর /চোন্‌ডুখোর্/ [হি. চন্ডু+ফা. খোর] বিণ. চন্ডু সেবনে আসক্ত, চন্ডুসেবী।

চন্দ /চন্‌দো/ [স. √চন্দ্+অ] বি. চাঁদ, চন্দ্র।

চন্দক /চন্‌দক্/ [স. চন্দ+ক (স্বার্থে)] বি. বঙ্গোপসাগর প্রশান্ত মহাসাগর ও আটলান্টিক মহাসাগরের উপকূলে বিচরণ করে এমন পিঠের দিকে উজ্জ্বল রুপালি বা কালচে মিহি আঁশবিশিষ্ট চ্যাপটা ও প্রায় চতুষ্কোণাকৃতি সুস্বাদু মাছ, রুপচাঁদা, pomfret।

চন্দন /চন্‌দন্/ [স. √চন্দি+অন] বি. ১ মূল্যবান সুগন্ধ কাঠের জন্য বিখ্যাত ভারতীয় উপমহাদেশে জাত মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষবিশেষ। ২ প্রসাধনের জন্য ব্যবহৃত ভেজা পাথরের ওপর চন্দনকাঠ ঘষে প্রাপ্ত প্রলেপবিশেষ, বাটাচন্দন।

চন্দনচর্চিত /চন্‌দন্‌চোর্‌চিতো/ [স. চন্দন+√চর্চ্+ত] বিণ. বাটাচন্দন লেপন করা হয়েছে এমন।

চন্দনপঙ্ক /চন্‌দন্‌পংকো/ [স. চন্দন+√পঙ্ক্+অ] বি. বাটাচন্দন।

চন্দনপাটা /চন্‌দন্‌পাটা/ [স. চন্দন+বা. পাটা] বি. যে প্রস্তরখণ্ডে চন্দনকাঠ ঘষা হয়।

চন্দনপিঁড়ি /চন্‌দন্‌পিঁড়ি/ [স. চন্দন+বা. পিঁড়ি] বি. দ্র চন্দনপাটা।

চন্দনপুষ্প /চন্‌দন্‌পুশ্‌পো/ [স. চন্দন+√পুষ্প্+অ] বি. ক্রান্তীয় অঞ্চলের আর্দ্র ও স্যাঁতসেঁতে আবহাওয়ায় জাত চিরহরিৎ বীরুৎশ্রেণির উদ্ভিদ বা তার ভেষজ-গুণসম্পন্ন বোঁটা-সহ ফুলের কুঁড়ি যা শুকানোর পর মসলারূপে ব্যবহৃত হয়, লবঙ্গ, লং, clove।

চন্দনা /চন্‌দোনা/ [স. চন্দন+আ (টাপ্)] বি. ১ নদী-বিশেষ। ২ গলায় লাল রেখাযুক্ত টিয়াপাখির প্রজাতিবিশেষ। ৩ ইলিশসদৃশ মিঠাপানির মাছ-বিশেষ।

চন্দনি /চন্‌দোনি/ [বা.] বি. ১ চন্দনের নির্যাস। ২ গোরোচনা।

চন্দ্র /চন্‌দ্রো/ [স. √চন্দ্+র] বি. ১ পৃথিবীকে পরিক্রমণ করে এমন প্রাকৃতিক উপগ্রহ, চাঁদ। ২ শ্রেষ্ঠ ব্যক্তি। ৩ মধ্যনামবিশেষ। ৪ পদবিবিশেষ।

চন্দ্রক /চন্‌দ্রোক্/ [স. চন্দ্র+ক (স্বার্থে)] বি. ১ চাঁদ। ২ ময়ূরপুচ্ছের অর্ধচন্দ্রাকার চিহ্ন। ৩ মণ্ডল। ৪ রুপচাঁদা মাছ।

www.pathagar.com

চন্দ্রকর /চন্‌দ্রোকর্‌/ [স. চন্দ্র+√কৃ+অ] বি. চাঁদের আলো, জ্যোৎস্না।

চন্দ্রকলা /চন্‌দ্রোকলা/ [স. চন্দ্র+√কলি+অ] বি. পূর্ণচন্দ্রের ষোলো ভাগের এক ভাগ।

চন্দ্রকলাপ /চন্‌দ্রোকলাপ্‌/ [স. চন্দ্র+কলাপ] বি. অর্ধচন্দ্রাকার চিহ্নযুক্ত সাজসজ্জা।

চন্দ্রকান্ত /চন্‌দ্রোকান্‌তো/ [স. চন্দ্র+√কম্‌+ত] বি. ১ মূল্যবান রত্নবিশেষ। ২ কুমুদ। বিণ. চাঁদের মতো সুন্দর।

চন্দ্রকান্তা /চন্‌দ্রোকান্‌তা/ [স. চন্দ্রকান্ত+আ (টাপ্‌)] বি. ১ তারকা। ২ রাত্রি। ৩ চাঁদের কিরণ। ৪ ওষধি।

চন্দ্রকান্তি /চন্‌দ্রোকান্‌তি/ [স. চন্দ্র+√কম্‌+তি] বি. ১ রুপো। ২ চাঁদের দীপ্তি। বিণ. চাঁদের মতো সুন্দর।

চন্দ্রকিরণ /চন্‌দ্রোকিরন্‌/ [স. চন্দ্র+√কৃ+অন] বি. চাঁদের আলো, জ্যোৎস্না।

চন্দ্রকিরণসুধা /চন্‌দ্রোকিরনশুধা/ [স. চন্দ্রকিরণ+সু+√ধে+অ+আ (টাপ্‌)] বি. জ্যোৎস্নার মাধুর্য।

চন্দ্রকোনা /চন্‌দ্রোকোনা/ [স. চন্দ্র >] বি. তাঁতে বোনা কাপড়বিশেষ।

চন্দ্রকোষ /চন্‌দ্রোকোশ্‌/ [স. চন্দ্র+√কুষ্‌+অ] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

চন্দ্রগ্রহণ /চন্‌দ্রোগ্রোহোন্‌/ [স. চন্দ্র+√গ্রহ্‌+অন] বি. নিজ কক্ষপথে পৃথিবী ও চাঁদের সূর্যকে প্রদক্ষিণ-কালে চাঁদের ওপর পৃথিবীর ছায়াপাত।

চন্দ্রচূড় /চন্‌দ্রোচূড়্‌/ [স. চন্দ্র+চূড়] বি. চাঁদ যার ভূষণ, শিব।

চন্দ্রজ /চন্‌দ্রোজো/ [স. চন্দ্র+√জন্‌+অ] বি. চন্দ্রের পুত্র বলে কল্পিত বুধ গ্রহ।

চন্দ্রপুলি /চন্‌দ্রোপুলি/ [স. চন্দ্র+বা. পুলি] বি. নারকেলের পুর দিয়ে তৈরি অর্ধচন্দ্রাকৃতি পিঠা-বিশেষ।

চন্দ্রপ্রভ /চন্‌দ্রোপ্রোভো/ [স. চন্দ্র+প্র+√ভা+অ] বিণ. চাঁদের মতো প্রভাবিশিষ্ট। বি. সৌম্যমূর্তি।

চন্দ্রপ্রভা /চন্‌দ্রোপ্রোভা/ [স. চন্দ্রপ্রভ+আ (টাপ্‌)] বি. চাঁদের প্রভা, জ্যোৎস্না। বিণ. দীপ্তিময়ী।

চন্দ্রবংশ /চন্‌দ্রোবংশো/ [স. চন্দ্র+√বম্‌+শ] বি. চাঁদ থেকে জাত বলে কল্পিত পৌরাণিক রাজবংশ।

চন্দ্রবংশীয় /চন্‌দ্রোবোংশিয়ো/ [স. চন্দ্রবংশ+ঈয়] বিণ. কল্পিত চন্দ্রবংশে জাত।

চন্দ্রবদন /চন্‌দ্রোবদোন্‌/ [স. চন্দ্র+√বদ্‌+অন] বিণ. দ্র চন্দ্রমুখ।

চন্দ্রবিন্দু /চন্‌দ্রোবিন্‌দু/ [স. চন্দ্র+√বিন্দ্‌+উ] বি. অনুনাসিক ধ্বনির প্রতীকরূপে কেবল স্বরবর্ণ বা স্বরের সঙ্গে যুক্ত হয় এমন বর্ণ, ঁ।

চন্দ্রবোড়া /চন্‌দ্রোবোড়া/ [স. চন্দ্র+বা. বোড়া] বি. ফণাহীন বিষধর সাপবিশেষ।

চন্দ্রভাগা /চন্‌দ্রোভাগা/ [স. চন্দ্র+√ভজ্‌+অ+আ (টাপ্‌)] বি. পঞ্জাবের নদীবিশেষ, Chenub।

চন্দ্রমল্লিকা /চন্‌দ্রোমোল্‌লিকা/ [স. চন্দ্র+মল্লি+কন্‌+আ (টাপ্‌)] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এমন লাল হলুদ গোলাপি প্রভৃতি উজ্জ্বল রঙের শীতকালীন ফুল বা তার বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ, chrysanthemum।

চন্দ্রমা /চন্‌দ্রোমা/ [স. চন্দ্র+মা] বি. চন্দ্র, চাঁদ।

চন্দ্রমুখ /চন্‌দ্রোমুখ/ [স. চন্দ্র+মুখ] বিণ. চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্ট। স্ত্রী. **চন্দ্রমুখী** /চন্‌দ্রোমুখি/।

চন্দ্রমৌলি /চন্‌দ্রোমৌলি/ [স. চন্দ্র+মূল+ই] বি. শিব।

চন্দ্ররেখা /চন্‌দ্রোরেখা/ [স. চন্দ্র+√লিখ্‌+অ+আ (টাপ্‌)] বি. দ্র **চন্দ্রলেখা**।

চন্দ্ররেণু /চন্‌দ্রোরেনু/ [স. চন্দ্র+রেণু] বি. যে ব্যক্তি অন্যের রচনার ভাব বা ভাষা নিজের নামে চালায়, কুম্ভিলক, plagiarist।

চন্দ্রলেখা /চন্‌দ্রোলেখা/ [স. চন্দ্র+√লিখ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ চন্দ্রকলা। ২ সংস্কৃত ছন্দবিশেষ। ৩ অপ্সরাবিশেষ।

চন্দ্রলোক /চন্‌দ্রোলোক্‌/ [স. চন্দ্র+লোক] বি. স্বর্গবিশেষ।

চন্দ্রশালা /চন্‌দ্রোশালা/ [স. চন্দ্র+√শল্‌+অ+আ (টাপ্‌)] বি. ছাদের ওপর নির্মিত সিঁড়িসংলগ্ন ছোটো ঘর, চিলেকোঠা, attic।

চন্দ্রশেখর /চন্‌দ্রোশেখর্‌/ [স. চন্দ্র+√শী+খর] বি. ১ শিব। ২ পর্বতবিশেষ।

চন্দ্রসম্ভব /চন্‌দ্রোশম্‌ভব্‌/ [স. চন্দ্র+সম্‌+√ভূ+অ] বি. চন্দ্রপুত্র বুধ।

চন্দ্রসুধা /চন্‌দ্রোশুধা/ [স. চন্দ্র+সু+√ধে+অ+আ (টাপ্‌)] বি. চাঁদের আলো, জ্যোৎস্না।

চন্দ্রহার /চন্‌দ্রোহার্‌/ [স. চন্দ্র+√হৃ+অ] বি. গলার হারবিশেষ; কোমরের অলংকারবিশেষ, মেখলা।

চন্দ্রহাস /চন্‌দ্রোহাশ্‌/ [স. চন্দ্র+√হস্‌+অ] বি. ১ খড়্গবিশেষ। ২ পৌরাণিক নৃপতিবিশেষ।

চন্দ্রা /চন্‌দ্রা/ [স. চন্দ্র+আ (টাপ্‌)] বি. চাঁদোয়া, চন্দ্রাতপ।

চন্দ্রাংশু /চন্‌দ্রাংশু/ [স. চন্দ্র+অংশু] বি. জ্যোৎস্না।

চন্দ্রাতপ /চন্‌দ্রাতপ্‌/ [স. চন্দ্র+আতপ] বি. ১ মণ্ডপ।

www.pathagar.com

২ চাঁদোয়া, শামিয়ানা। ৩ চাঁদের আলো, জ্যোৎস্না।

চন্দ্রানন /চন্দ্রানন্/ [স. চন্দ্র+আনন] বি. চাঁদমুখ। বিণ. চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্ট। স্ত্রী. **চন্দ্রাননা** /চন্দ্রানোনা/।

চন্দ্রাপীড় /চন্দ্রাপিড়্/ [স. চন্দ্র+√পীড়্+অ] বি. শিব।

চন্দ্রাবলী /চন্দ্রাবোলি/ [স. চন্দ্র+আবলি] বি. ১ বৈষ্ণব সাহিত্যে বর্ণিত গোপিকাবিশেষ, রাধা। ২ জ্যোৎস্না। ৩ (বাংলায়) কর্ণভূষণ।

চন্দ্রালোক /চন্দ্রালোক্/ [স. চন্দ্র+আলোক] বি. জ্যোৎস্না।

চন্দ্রালোকিত /চন্দ্রালোকিতো/ [স. চন্দ্র+আলোকিত] বিণ. চাঁদের আলোয় উদ্ভাসিত।

চন্দ্রাহত /চন্দ্রাহতো/ [স. চন্দ্র+আহত] বিণ. পাগল, moonstruck।

চন্দ্রিকা /চোন্দ্রিকা/ [স. চন্দ্র+ইক+আ (টাপ্)] বি. ১ জ্যোৎস্না। ২ চোখের মণি। ৩ রূপচাঁদা মাছ। ৪ সংস্কৃত ছন্দবিশেষ।

চন্দ্রিমা /চোন্দ্রিমা/ [স. চন্দ্রমাঃ >] বি. জ্যোৎস্না।

চন্দ্রোদয় /চন্দ্রোদয়্/ [স. চন্দ্র+উদয়] বি. চাঁদের আবির্ভাব।

চপ /চপ্/ [ই.] বি. ইউরোপীয় প্রণালিতে তৈরি মাছ মাংস সবজি প্রভৃতির বড়া, chop।

চপচপ /চপ্‌চপ্/ [দেশি.] অব্য. তৈলাক্ততা বা আর্দ্রতার ভাব।

চপচপে /চপ্‌চোপে/ [বা.] বিণ. অতিমাত্রায় আর্দ্র বা তৈলাক্ত।

চপল /চপোল্/ [স. √চপ্+অল] বিণ. ১ চঞ্চল (*চপলমতি*)। ২ প্রগল্‌ভ। ৩ ক্ষণস্থায়ী।

চপলতা /চপোলতা/ [স. চপল+তা] বি. চঞ্চলতা।

চপলা /চপোলা/ [স. √চপ্+অল+আ (টাপ্)] বি. ১ দেবী লক্ষ্মী, কমলা। ২ বিদ্যুৎ। বিণ. চঞ্চলা।

চপেট /চপেট্/ [স. √চপ্+অট] বি. চড়, থাপ্পড়।

চপেটাঘাত /চপেটাঘাত্/ [স. চপেট+আঘাত] বি. হাত দিয়ে আঘাত, চড়।

চপেটিকা /চপেটিকা/ [স. চপেটী+কন্+আ (টাপ্)] বি. চড়, থাপ্পড়।

চপ্পল /চপ্‌পোল্/ [হি.] বি. চটিজুতা, স্যান্ডেল।

চবচব /চবচব্/ [দেশি.] অব্য. দ্র চপচপ।

চবচবে /চব্‌চোবে/ [বা.] বিণ. দ্র চপচপে।

চ-বর্গ /চবর্‌গো/ বি. বাংলা বর্ণমালার চ ছ জ ঝ এবং ঞ বর্ণ নিয়ে গঠিত বর্গ।

চবুতর /চোবুতর্/ [স. চত্বর >] বি. চত্বর, চাতাল।

চবুতরা /চোবুতরা/ [স. চত্বর >] বি. দ্র চবুতর।

চবুতারা /চোবুতারা/ [স. চত্বর >] বি. দ্র চবুতর।

চব্বিশ /চোব্‌বিশ্/ [স. চতুর্বিংশতি >] বি. ২৪ সংখ্যা। বিণ. ২৪ সংখ্যক।

চব্বিশ ঘণ্টা /চোব্‌বিশ্ ঘন্‌টা/ বি. এক দিন পরিমাণ সময়। ক্রিবিণ. সারাদিনরাত ধরে, অনবরত।

চব্বিশে /চোব্‌বিশে/ [বা.] বি. মাসের ২৪ তারিখ। বিণ. ২৪ তারিখের।

চমক /চমোক্/ [স. চমৎকার >] বি. ঝলকানি; বিস্ময়; ভীতিকর বিস্ময়; চেতনা।

চমক ভাঙা /চমোক্ ভাঙা/ ক্রিবি. সংবিৎ ফিরে পাওয়া।

চমকদার /চমোক্‌দার্/ [বা. চমক+ফা. দার] বিণ. দ্র চমকপ্রদ।

চমকপ্রদ /চমোক্‌প্রোদো/ [বা. চমক+স. প্রদ] বিণ. চমক জাগায় এমন; বিস্ময়কর।

চমকা /চম্‌কা/ [স. চমৎকার >] ক্রিমূ. চমকিত করা।

চমকানি /চম্‌কানি/ [বা.] বি. আলোর ক্ষণস্থায়ী ছটা।

চমকানো /চম্‌কানো/ [বা.] ক্রিবি. ১ ঝিলিক দেওয়া; চমকিত হওয়া। ২ বিস্ময়ে আঁতকে ওঠা।

চমকিত /চমোকিতো/ [বা.] বিণ. চমকে উঠেছে এমন। স্ত্রী. **চমকিতা** /চমোকিতা/।

চমচম /চম্‌চম্/ [হি.] বি. ছানার তৈরি মিঠাইবিশেষ।

চমৎকরণ /চমোত্‌করোন্/ [স. চমৎ+√কৃ+অন] বি. বিস্ময় উৎপাদন, চমকিতকরণ।

চমৎকার /চমোত্‌কার্/ [স. চমৎ+√কৃ+অ] বিণ. ১ চমকপ্রদ; তাক লাগায় এমন। ২ (বাংলায়) বিস্ময়কর।

চমৎকারক /চমোত্‌কারোক্/ [স. চমৎ+√কৃ+অক] বিণ. বিস্ময়কর, মনোহর।

চমৎকারিতা /চমোত্‌কারিতা/ [স. চমৎকারী+তা] বি. ১ বিস্ময় সৃষ্টির শক্তি। ২ পরম উৎকর্ষ, শ্রেষ্ঠত্ব।

চমৎকারিত্ব /চমোত্‌কারিত্‌তো/ [স. চমৎকারী+ত্ব] বি. দ্র চমৎকারিতা।

চমৎকারী /চমোত্‌কারি/ [স. চমৎ+√কৃ+ইন্] বিণ. ১ বিস্ময়কর। ২ উপভোগ্য।

চমৎকৃত /চমোত্‌কৃতো/ [স. চমৎ+√কৃ+ত] বিণ. আশ্চর্যান্বিত; বিমুগ্ধ; বিস্ময়াবিষ্ট।

চমর /চমোর্/ [স. √চম্+অর] বি. তিব্বত-সহ মধ্য এশিয়ার মালভূমিতে বিচরণ করে এমন পুরু ও কোমল পশমাবৃত পিঠে কুঁজবিশিষ্ট বিশালকায় চতুষ্পদ প্রাণী (যা দুধ ও পশমের উৎসরূপে পালন করা হয়), yak। স্ত্রী. **চমরী** /চমোরি/।

চমস /চমোশ্/ [স. √চম্+অস] বি. হাতা, চামচ।

চমূ /চোমু/ [স. √চম্+ঊ] বি. পৌরাণিক সেনাদলের

www.pathagar.com

অংশবিশেষ; বড়ো সেনাদল।

চম্পক /চম্‌পক্‌/ [স. √চম্প্‌+অক] বি. ভারতীয় উপমহাদেশে বসন্তকালে ফোটে এমন সুগন্ধ সোনালি ফুল বা তার ম্যাগনোলিয়াসি (magnoliaceae) গোত্রের মাঝারি উচ্চতার চিরহরিৎ উদ্ভিদ, চম্পা, চাঁপা।

চম্পককলি /চম্‌পক্‌কোলি/ [স. চম্পক+কলি] বি. চাঁপাফুলের কুঁড়ি।

চম্পকদাম /চম্‌পক্‌দাম্‌/ [স. চম্পক+√দো+মন] বি. চাঁপাফুলের মালা।

চম্পকমালা /চম্‌পক্‌মালা/ [স. চম্পক+মালা] বি. ১ চাঁপাফুলের মালা। ২ ছন্দবিশেষ।

চম্পট /চম্‌পট্‌/ [হি. চম্পৎ >] বি. প্রস্থান, পলায়ন।

চম্পা[১] /চম্‌পা/ [স. চম্পক >] বি. দ্র চম্পক।

চম্পা[২]/চম্‌পা/ [স. √চন্‌প্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ মহাভারতোক্ত কর্ণের পত্নী। ২ প্রাচীন ভারতের নগরবিশেষ।

চয় /চয়্‌/ [স. √চি+অ] বি. ১ নিচয়, সমূহ; কুল; রাশি; পুঞ্জ (*গ্রহ–তারাচয়*)। ২ চয়ন; আহরণ।

চয়ন /চয়োন্‌/ [স. √চি+অন] বি. ১ সংকলন; সংগ্রহ (*সংগীত চয়ন*)। ২ আহরণ। ৩ নির্বাচন।

চয়নিকা /চয়োনিকা/ [স. চয়ন+ইক+আ] বি. নির্বাচিত কবিতা বা প্রবন্ধের সংকলন।

চয়নীয় /চয়োনিয়ো/ [স. √চি+অনীয়] বিণ. চয়নের যোগ্য বা চয়ন করতে হবে এমন।

চয়িত /চোয়িতো/ [অশুপ্র.] বিণ. চয়ন করা হয়েছে এমন, আহৃত; দ্র চিত[৩] (পৃ ৪৬০)।

চর[১]/চর্‌/ [দেশি.] বি. ১ থিতিয়ে পড়া পলি থেকে নদীবক্ষে উৎপন্ন ভূভাগ, দ্বীপ। ২ গোচারণভূমি।

চর[২]/চর্‌/ [স. √চর্‌+অ] বি. ১ যে ব্যক্তি গোপনে তথ্য সংগ্রহ করে, গোয়েন্দা। ২ মঙ্গলগ্রহ।

–চর[৩] /চর্‌/ [স. √চর্‌+অ] বিণ. ১ বিচরণকারী (*জলচর*)। ২ জঙ্গম, গমনশীল (*চরাচর*)।

চরক /চরোক/ [স. চর+ক (স্বার্থে)] বি. ১ চরক-সংহিতার প্রণেতা পৌরাণিক ঋষিবিশেষ; আয়ুর্বেদ শাস্ত্রকার। ২ গোয়েন্দা। ৩ দূত।

চরকসংহিতা /চরোক্‌শংহিতা/ [স. চরক+সম্‌+√ধা+ত+আ (টাপ্‌)] বি. চরকমুনি প্রণীত আয়ুর্বেদ গ্রন্থ।

চরকা /চর্‌কা/ [স. চক্র >] বি. সুতো কাটার হস্তচালিত যন্ত্র।

চরকি /চোর্‌কি/ [ফা.] বি. ১ বাতাসে ঘোরে এমন খেলনা। ২ ঘুরে ঘুরে জ্বলে এমন আতশবাজি। ৩ সুতো প্যাঁচানোর নাটাই, মাছ ধরার ছিপের হুইল। ৪ মন্থনদণ্ড।

চরকি ঘোরা /চোর্‌কি ঘোরা/ ক্রিবি. ১ অবিরাম কাজ করা। ২ ঘুরে বেড়ানো।

চরকি ঘোরানো /চোর্‌কি ঘোরানো/ ক্রিবি. কাউকে অনর্থক ঘুরিয়ে হয়রান করা।

চরকিপাক /চোর্‌কিপাক্‌/ [ফা. চরকি+বা. পাক] বি. চরকার মতো অবিরাম ঘোরাঘুরি।

চরকিবাজি /চোর্‌কিবাজি/ [ফা.] বি. ১ চক্রাকারে স্ফুলিঙ্গ ছড়ায় এমন আতশবাজি। ২ অপ্রয়োজনে ঘোরাঘুরি।

চরণ /চরোন্‌/ [স. √চর্‌+অন] বি. ১ পা। ২ কবিতার পঙ্‌ক্তি; শ্লোকের একচতুর্থাংশ। ৩ বিচরণ; ভ্রমণ। ৪ আচরণ; অনুষ্ঠান।

চরণকমল /চরোন্‌কমোল্‌/ [স. চরণ+কমল] বি. পাদপদ্ম, পদ্মের মতো সুন্দর চরণ, পদ্মরূপ চরণ।

চরণচারণ /চরোন্‌চারোন্‌/ [স. চরণ+চারণ] বি. পাদচারণ; পায়চারি।

চরণচারী /চরোন্‌চারি/ [স. চরণ+√চর্‌+ইন্‌] বিণ. হেঁটে চলাচলকারী। বি. পান্থ, পথিক।

চরণচিহ্ন /চরোন্‌চিন্‌nho/ [স. চরণ+√চিহ্ন্‌+অ] বি. পায়ের ছাপ, পদচিহ্ন।

চরণতল /চরোন্‌তল্‌/ [স. চরণ+তল] বি. পদতল।

চরণধুলা /চরোন্‌ধুলা/ [স. চরণ+বা. ধুলা] বি. পায়ের ধুলো, পদধূলি।

চরণধূলি /চরোন্‌ধুলি/ [স. চরণ+√ধূ+লি] বি. পদধূলি, পায়ের ধুলো।

চরণধ্বনি /চরোন্‌ধোনি/ [স. চরণ+√ধ্বন্‌+ই] বি. পায়ের আওয়াজ, পদধ্বনি।

চরণপদ্ম /চরোন্‌পদ্দো/ [স. চরণ+√পদ্‌+ম] বি. পদ্মের মতো সুন্দর পা, পাদপদ্ম, পদ্মরূপ চরণ।

চরণরেখা /চরোন্‌রেখা/ [স. চরণ+√লিখ্‌+অ+আ (টাপ্‌)] বি. পায়ের ছাপ, পদচিহ্ন।

চরণরেণু /চরোন্‌রেনু/ [স. চরণ+√রী+ণু] বি. পায়ের ধুলো, পদধূলি।

চরণসেবা /চরোন্‌শেবা/ [স. চরণ+√সেব্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ সেবাযত্ন; পদসেবা। ২ তোষামোদ।

চরণামৃত /চরোনামৃতো/ [স. চরণ+অমৃত] বি. পা-ধোয়া জল।

চরণাম্বুজ /চরোনাম্বুজ্‌/ [স. চরণ+অম্বুজ] বি. দ্র চরণপদ্ম।

চরণারবিন্দ /চরোনারোবিন্দো/ [স. চরণ+অরবিন্দ] বি. দ্র চরণপদ্ম।

চরম /চরোম্‌/ [স. √চর্‌+অম] বিণ. ১ সর্বোচ্চ (*চরম মূল্য*)। ২ চূড়ান্ত, সর্বশেষ (*চরম পরিণতি*)। ৩

www.pathagar.com

পরম; যারপরনাই। ৪ তীব্র, প্রবল। বি. ১ সংকটময় অবস্থা। ২ শেষ সীমা। ৩ সমাপ্তি।

চরমপত্র /চরোম্‌পত্রো/ [স. চরম+পত্র] বি. ১ শেষ সতর্কবার্তা। ২ মৃত্যুর পূর্বে লিখিত ইচ্ছাপত্র।

চরমপন্থা /চরোম্‌পন্থা/ [স. চরম+হি. পন্থা] বি. উগ্র মতামত, অনমনীয় মনোভাব, আপসহীনতা।

চরমপন্থি /চরোম্‌পোন্থি/ [স. চরম+হি. পন্থি] বিণ. উগ্রপন্থার অনুসারী, উগ্রপন্থি।

চরমোৎকর্ষ /চরোমোত্‌কর্‌শো/ [স. চরম+উৎকর্ষ] বি. উন্নতির পরাকাষ্ঠা, শ্রেষ্ঠত্ব।

চরস /চরোশ্‌/ [হি.] বি. গাঁজা থেকে তৈরি মাদকদ্রব্য, hashish।

চরা /চরা/ [স. চর >] ক্রিবি. ১ ঘাস পাতা খেয়ে বিচরণ করা। ২ (আল.) যথেচ্ছ ঘুরে বেড়ানো।

চরাচর /চরাচর্‌/ [স. চর+অচর] বি. ১ স্থাবর ও জঙ্গম; চর ও অচর। ২ সমগ্র পৃথিবী; সমগ্র সৃষ্টি।

চরাট /চরাট্‌/ [দেশি.] বি. ১ কোণাকৃতির সংকীর্ণ স্থান। ২ নৌকার সম্মুখ বা পশ্চাদ্‌ভাগে বাঁশ বা কাঠের তৈরি পাটাতন।

চরানো /চরানো/ [বা.] ক্রিবি. ১ গবাদিপশুকে মাঠে নিয়ে ঘাস খাওয়ানো। ২ (ব্য.) শিক্ষকতা করা।

চরিত /চোরিত্‌/ [স. √চর্‌+ত] বি. ১ চরিত্র। ২ আচরণ। ৩ কার্যকলাপ। ৪ জীবনকাহিনি (*জীবনচরিত*)। বিণ. ১ আচরিত; অনুষ্ঠিত। ২ নিষ্পন্ন।

চরিতকথা /চোরিত্‌কথা/ [স. চরিত+√কথ্‌+অ+আ (টাপ্‌)] বি. জীবনী, জীবনকাহিনি।

চরিতকার /চোরিতোকার্‌/ [স. চরিত+√কৃ+অ] বিণ. জীবনীকার। বি. জীবনকাহিনির রচয়িতা।

চরিতাভিধান /চোরিতাভিধান্‌/ [স. চরিত+অভিধান] বি. বিখ্যাত ব্যক্তিদের জীবনীসংবলিত অভিধানজাতীয় গ্রন্থ, জীবনীকোষ।

চরিতাখ্যান /চোরিতাক্‌খান্‌/ [স. চরিত+আখ্যান] বি. জীবনকাহিনি।

চরিতাবলি /চোরিতাবোলি/ [স. চরিত+আবলি] বি. বিভিন্ন ব্যক্তির জীবনচরিতসংবলিত গ্রন্থ।

চরিতার্থ /চোরিতার্‌থো/ [স. চরিত+অর্থ] বিণ. ১ সফল, সিদ্ধকাম, কৃতকার্য। ২ সফলতার জন্য তুষ্ট, পরিতুষ্ট। ৩ ধন্য, কৃতার্থ। বি. -তা /-তা/।

চরিত্র /চোরিত্রো/ [স. √চর্‌+ইত্র] বি. ১ কোনো ব্যক্তির বৈশিষ্ট্যসূচক গুণাবলি; চালচলন। ২ (বাংলায়) উপন্যাস নাটক প্রভৃতি গ্রন্থের পাত্রপাত্রী।

চরিত্র খোয়ানো /চোরিত্রো খোআনো/ ক্রিবি. অসচ্চরিত্র হওয়া; চরিত্র নাশ করা।

চরিত্রদোষ /চোরিত্রোদোশ্‌/ [স. চরিত্র+√দুষ্‌+অ] বি. অসচ্চরিত্রতা, চরিত্রের ত্রুটি; লাম্পট্য।

চরিত্রবল /চোরিত্রোবল্‌/ [স. চরিত্র+√বল্‌+অ] বি. চরিত্রের দৃঢ়তা।

চরিত্রবান /চোরিত্রোবান্‌/ [স. চরিত্র+বৎ] বিণ. সচ্চরিত্র, সদাচারনিষ্ঠ।

চরিত্রমাহাত্ম্য /চোরিত্রোমাহাত্‌তোঁ/ [স. চরিত্র+√মহাত্মন্‌+য] বি. চরিত্রের মহানুভবতা।

চরিত্রসনদ /চোরিত্রোশনোদ্‌/ [স. চরিত্র+আ. সনদ] বি. নৈতিক চরিত্রের গুণাগুণসংক্রান্ত শংসাপত্র; শীলপত্র; (পরি.) character certificate।

চরিত্রহনন /চোরিত্রোহনোন্‌/ [স. চরিত্র+√হন্‌+অন] বি. হেয় প্রতিপন্ন করার উদ্দেশ্যে কারো চরিত্র সম্পর্কে মিথ্যা রটনা।

চরিত্রহানি /চোরিত্রোহানি/ [স. চরিত্র+√হা+তি] বি. চরিত্রনাশ।

চরিত্রহীন /চোরিত্রোহিন্‌/ [স. চরিত্র+√হা+ত] বিণ. ভ্রষ্ট, দুশ্চরিত্র; বিপথগামী।

চরিষ্ণু /চোরিশ্‌নু/ [স. √চর্‌+ইষ্ণু] বিণ. বিচরণ করছে এমন; গতিশীল; জঙ্গম।

চরু /চোরু/ [স. √চর্‌+উ] বি. যজ্ঞের পায়েস।

চরুস্থালী /চোরুস্‌থালি/ [স. চরু+স্থাল+ঈ] বি. দেবতার ভোগ রন্ধনের পাত্র।

চর্চরিকা /চর্‌চোরিকা/ [স. চর্চরী+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ চর্চরী ছন্দে রচিত সংগীত। ২ উৎসব। ৩ করতালি।

চর্চরী /চর্‌চোরি/ [স. √চর্চ্‌+অর+ঈ] বি. ১ আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ। ২ চাঁচর উৎসব। ৩ প্রাকৃত ছন্দবিশেষ; গীতবিশেষ। ৪ করতালি।

চর্চা /চর্‌চা/ [স. √চর্চ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ অভ্যাস, অনুশীলন (*কাব্যচর্চা*)। ২ নিন্দা (*পরচর্চা*)। ৩ পরিশীলন, পরিমার্জন (*রূপচর্চা*)। ৪ লেপন (*তিলকচর্চা*)। ৫ অনুধ্যান; জপ (*মোক্ষচর্চা*)।

চর্চিত /চোর্‌চিতো/ [স. √চর্চ্‌+ত] বিণ. ১ চর্চা করা হয়েছে এমন। ২ পরিশীলিত। ৩ অনুধ্যাত। ৪ লেপন করা হয়েছে এমন (*চন্দনচর্চিত*)।

চর্পট /চর্‌পট্‌/ [স. √চ্‌প্‌+অট] বি. চড়, চাপড়।

চর্পটি /চর্‌পোটি/ [স. চর্পট+ঈ] বি. হাতে চাপড়িয়ে তৈরি করা রুটি, পাতলা রুটি, চাপাটি, চাপাতি।

চর্বণ /চর্‌বোন্‌/ [স. √চর্ব্‌+অন] বি. দাঁত দিয়ে খাদ্যবস্তু চূর্ণকরণ, পেষণ।

চর্বণীয় /চর্‌বোনিয়ো/ [স. √চর্ব্‌+অনীয়] বিণ. চিবিয়ে খেতে হয় এমন, চর্ব্য।

www.pathagar.com

চর্বি /চোর্‌বি / [ফা.] বি. প্রাণিদেহস্থ স্নেহপদার্থ, মেদ।

চর্বিত /চোর্‌বিতো/ [স. √চর্ব্+ত] বিণ. দাঁত দিয়ে পেষণ করা হয়েছে এমন।

চর্বিতচর্বণ /চোর্‌বিতোচর্‌বোন্/ [স. চর্বিত+√চর্ব্+অন] বি. ১ ভক্ষিত বস্তু উগরে মুখে এনে পুনরায় চর্বণ, রোমন্থন। ২ একই বিষয়ের বারবার আলোচনা; প্রতিভা ও মৌলিকতার অভাবহেতু অপরের রচনা অনুকরণ।

চর্ব্য /চোর্‌বো / [স. √চর্ব্+য] বিণ. চর্বণীয়।

চর্ব্যচূষ্য /চোর্‌বোচুশ্‌শো/ [স. চর্ব+√চুষ্+য] বিণ. চিবিয়ে এবং চুষে খাওয়ার যোগ্য। বি. নানা প্রকার উত্তম ও সুস্বাদু খাদ্যবস্তু।

চর্ব্যচূষ্যলেহ্যপেয় /চর্‌বোচুশ্‌শোলেজ্‌ঝোপেয়ো / [স. চর্বচূষ্য+লেহ্য+পেয়] বিণ. চিবিয়ে চুষে লেহন করে ও পান করে খাওয়ার যোগ্য।

চর্ব্যচোষ্য /চোর্‌বোচোশ্‌শো/ [স. চর্ব+√চুষ্+য] বিণ. দ্র চর্বচূষ্য।

চর্ব্যচোষ্যলেহ্যপেয় /চোর্‌বোচোশ্‌শোলেজ্‌ঝোপেয়ো/ [স. চর্বচূষ্য+লেহ্যপেয়] বিণ. দ্র চর্ব্যচূষ্যলেহ্যপেয়।

চর্ম /চর্‌মো/ [স. √চর্+মন্] বি. ১ চামড়া, ত্বক। ২ গাছের ছাল, বাকল। ৩ ঢাল (*অসিচর্ম*)।

চর্মকার /চর্‌মোকার্/ [স. চর্মন্+√কৃ+অ] বি. জুতা তৈরি বা মেরামত করা যার পেশা, মুচি।

চর্মকীল /চর্‌মোকি:ল/ [স. চর্মন্+√কীল্+অ] বি. আঁচিল।

চর্মচক্ষু /চর্‌মোচোক্‌খু/ [স. চর্মন+চক্ষুঃ] বি. ১ রক্তমাংসের চক্ষু। ২ (আল.) স্থূল দৃষ্টি।

চর্মচটক /চর্‌মোচটোক্/ [স. চর্মন্+চটক] বি. পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত পাখাবিশিষ্ট বাদুড়-জাতীয় নিশাচর স্তন্যপায়ী পতঙ্গভুক ছোটো পাখি, চামচিকা, titmouse। স্ত্রী. চর্মচটিকা /চর্‌মোচোটিকা/।

চর্মধারী /চর্‌মোধারি/ [স. চর্মন্+√ধৃ+ইন্] বিণ. ঢাল হাতে যুদ্ধ করে এমন, ঢালী। বি. যে যোদ্ধা ঢাল হাতে যুদ্ধ করে।

চর্মপেটি /চর্‌মোপেটি/ [স. চর্মন্+পেট+ই] বি. দ্র চর্মপেটিকা।

চর্মপেটিকা /চর্‌মোপেটিকা/ [স. চর্মন্+পেটক+আ (টাপ্)] বি. ১ চামড়ার কোমরবন্ধ। ২ চামড়ার বাক্স।

চর্মপ্রসেবক /চর্‌মোপ্রোশেবক্/ [স. চর্মন্+প্রসেবক] বি. চামড়ার তৈরি হাপর, ভস্ত্রা।

চর্মরোগ /চর্‌মোরোগ্/ [স. চর্মন্+রোগ] বি. চুলকানি দদ্রু প্রভৃতি চামড়ার রোগ।

চর্মার /চর্‌মার্/ [স. চর্মন্+√ঋ+অ] বি. দ্র চর্মকার।

চর্মী /চর্‌মি / [স. চর্মন্+ইন্] বি. ঢালধারী যোদ্ধা।

চর্য /চোর্‌জো / [স. √চর্+য] বিণ. পালনীয়; অনুষ্ঠেয়।

চর্যাগীতি /চোর্‌জাগিতি/ [স. চর্য+√গৈ+তি] বি. দ্র চর্যাপদ।

চর্যাপদ /চোর্‌জাপদ্/ [স. চর্য+পদ] বি. বৌদ্ধ সহজিয়াদের বাংলা ভাষায় রচিত গীতিকবিতা (খ্রিষ্টীয় দশম থেকে দ্বাদশ শতকে রচিত এই গীতিকবিতাকে বাংলা ভাষা ও সাহিত্যের প্রথম নিদর্শন বলে মনে করা হয়)।

চল /চল্/ [স. √চল্+অ] বিণ. চঞ্চল স্বভাবযুক্ত, অস্থির; চপল। বি. (বাংলায়) প্রচলন, রেওয়াজ।

চলকা /চল্‌কা/ [স. উচ্ছল >] ক্রিবি. আলোড়নের ফলে উপচে পড়া, উছলানো।

চলকানো /চল্‌কানো/ [বা.] ক্রিবি. উপচে পড়া।

চলচ্চিত্ত /চলোচ্‌চিত্‌তো/ [স. চলৎ+চিত্ত] বিণ. ১ চঞ্চল প্রকৃতিবিশিষ্ট। ২ উদ্‌বিগ্ন, বিচলিত।

চলচ্চিত্র /চলোচ্‌চিত্‌ত্রো/ [স. চলৎ+চিত্র] বি. ১ অন্ধকার প্রেক্ষাগৃহের রুপালি পর্দায় সেলুলয়েডের (যাতে ছবি ও শব্দ ধারণ করা থাকে) মধ্য দিয়ে প্রক্ষিপ্ত আলোকরশ্মির পরিবর্তমান আকৃতি ও ঘনত্ব যা দেখলে মনে হয় একটি ছবি নড়াচড়া করছে। ২ কোনো কাহিনি ঘটনা প্রভৃতি অবলম্বনে নির্মিত সবাক ছায়াছবি, সিনেমা।

চলচ্ছক্তি /চলোচ্‌ছোক্‌তি/ [স. চলৎ+√শক্+তি] বি. দ্র চলনশক্তি।

চলতি /চোল্‌তি/ [বা.] বিণ. ১ চলন্ত; গতিশীল; চলছে এমন। ২ ভালো বিক্রি হচ্ছে এমন। ৩ প্রচলিত (*চলতিপ্রথা*)। ৪ বর্তমান (*চলতি মাস*)।

চলতি হিসাব /চোল্‌তি হিশাব্/ বি. ব্যাংকের যে হিসাবে জমা টাকার ওপর কোনো সুদ দেওয়া হয় না এবং শর্তসাপেক্ষে জমার অতিরিক্ত টাকা তোলা যায়; (পরি.) current account।

চলৎ /চলত্/ [স. √চল্+অৎ] বিণ. ১ চলে এমন, চলনশীল, গতিশীল। ২ প্রচলিত।

চলদল /চলোদল্/ [স. চল+দল] বি. যে বৃক্ষের পাতা সর্বদা চঞ্চল; অশ্বত্থ বৃক্ষ।

চলন[১] /চলোন্/ [স. √চল্+অন] বি. ১ গমন; ভ্রমণ। ২ সঞ্চালন; স্পন্দন।

চলন[২] /চলোন্/ [বা.] বি. আচার-ব্যবহার; প্রচলন; প্রথা, ধারা, রীতি, রেওয়াজ।

www.pathagar.com

চলনক্ষম /চলোন্‌খম্‌/ [স. চলন+√ক্ষম্‌+অ] বিণ. চলার শক্তি বা ক্ষমতা আছে এমন।

চলনবলন /চলোন্‌বলোন্‌/ [বা.] বি. চালচলন ও কথাবার্তার ধরনধারণ।

চলনবিল /চলোন্‌বিল্‌/ [স্থান.] বি. রাজশাহী বিভাগে অবস্থিত বাংলাদেশের বৃহত্তম অগভীর জলাভূমি।

চলনশক্তি /চলোন্‌শোক্‌তি/ [স. চলন+√শক্‌+তি] বি. চলার ক্ষমতা।

চলনসই /চলোন্‌শোই্‌/ [বা.] বিণ. ১ কাজ চালানো যায় এমন, মাঝামাঝি রকমের। ২ মানানসই।

চলন্ত /চলোন্‌তো/ [স. √চল্‌+অন্ত] বিণ. চলছে এমন, সচল, গতিশীল।

চলভাষ /চলোভাশ্‌/ [স. চল+√ভাষ্‌+অ] বি. হাতের মুঠোয় পকেটে বা হাতব্যাগে বহন করা যায় এমন তারবিহীন টেলিফোন, মুঠোফোন, মোবাইল ফোন, সেলফোন।

চলমান /চলোমান্‌/ [স. √চল্‌+মান (শানচ্‌)] বিণ. ১ চলছে এমন, চলন্ত। ২ বহমান।

চলা /চলা/ [বা.] ক্রিবি. ১ যাত্রা করা; অগ্রসর হওয়া (*এগিয়ে চলা*); যাওয়া। ২ চলতে শুরু করা (*গাড়ি চলা*)। ৩ অতিবাহিত হওয়া (*দিন চলা*)। ৪ পোষানো, কুলানো (*মাস চলা*)। ৫ সক্রিয় হওয়া (*যন্ত্র চলা*)। ৬ হাঁটাহাঁটি করা (*চলাফেরা*)। ৭ অব্যাহত থাকা (*কাজ চলা*)। ৮ গ্রাহ্য হওয়া (*টাকা চলা*)। ৯ চালু হওয়া (*বাজারে চলা*)। ১০ অভ্যাস থাকা (*চা-কফি চলা*)।

চলাচল /চলাচল্‌/ [বা.] বি. ১ গমনাগমন (*বাতাস চলাচল করা*); যাতায়াত (*লোক চলাচল*)। ২ সঞ্চালন (*রক্ত চলাচল*)।

চলাফিরা /চলাফিরা/ [বা.] বি. 'চলাফেরা'-র সাধু রূপ।

চলাফেরা /চলাফেরা/ [বা.] বি. ১ ইতস্তত ভ্রমণ; হাঁটাচলা। ২ যাতায়াত। ৩ চালচলন, গতিবিধি।

চলি /চোলি/ [বা.] ক্রি. 'চলা'-র বর্তমানকালের উত্তম পুরুষের রূপ, যাই।

চলিত /চোলিতো/ [স. √চল্‌+ত] বিণ. চালু, চলতি।

চলিত ভাষা /চোলিতো ভাশা/ বি. ভাষার প্রচলিত রূপ, প্রমিত ভাষা; কথ্য ভাষা।

চলিষ্ণু /চোলিশ্‌নু/ [স. √চল্‌+ইষ্ণু] বিণ. ১ সচল, গতিশীল। ২ চঞ্চল, অস্থির। ৩ প্রস্থান করতে উদ্যত। বি. ~তা /-তা/।

চলো /চলো/ [বা.] অনুক্রি. (মধ্যম পুরুষে) চলার অনুজ্ঞা।

চলোর্মি /চলোর্‌মি/ [স. চল+ঊর্মি] বি. চঞ্চল তরঙ্গ, লীলাচঞ্চল লহরি।

চলোর্মিচঞ্চল /চলোর্‌মিচন্‌চল্‌/ [স. চলোর্মি+চঞ্চল] বিণ. ১ তরঙ্গক্ষুব্ধ। ২ (আল.) অস্থির।

চল্লিশ /চোল্‌লিশ্‌/ [স. চত্বারিংশৎ>] বি. ৪০ সংখ্যা। বিণ. ৪০সংখ্যক।

চল্লিশা /চোল্‌লিশা/ [স. চত্বারিংশৎ>] বি. (মুসলমান সমাজে প্রচলিত) মৃত্যুর চল্লিশতম দিনে অনুষ্ঠেয় বিশেষ প্রার্থনা ও কাঙালিভোজের সংস্কার।

চল্লিশোত্তর /চোল্‌লিশোত্‌তর্‌/ [স. চল্লিশ+উত্তর] বিণ. চল্লিশ অতিক্রান্ত হয়েছে এমন; চল্লিশোর্ধ্ব।

চল্লিশোর্ধ্ব /চোল্‌লিশোর্‌ধ্বো/ [স. চল্লিশ+উদ্‌+√হা+অ] বিণ. চল্লিশের উর্ধ্বে।

চশম /চশোম্‌/ [ফা.] বি. চক্ষু, চোখ, আঁখি।

চশমখোর /চশোম্‌খোর্‌/ [ফা.] বিণ. চক্ষুলজ্জাহীন।

চশমা /চশ্‌মা/ [ফা.] বি. ক্ষীণদৃষ্টিশক্তি সংশোধনের উদ্দেশ্যে নাকের ওপর ধারণীয় ফ্রেমে আঁটা কাচ বা প্লাস্টিকের পরকলাযুক্ত সরঞ্জাম, উপনেত্র।

চষক /চশোক্‌/ [স. √চষ্‌+অক] বি. ১ সুরাপানের জন্য ব্যবহৃত পাত্র, পানপাত্র। ২ মধু। ৩ সুরা।

চষা /চশা/ [স. কর্ষণ>] ক্রিবি. ১ চাষ করা, লাঙল দেওয়া। ২ তন্নতন্ন করে খোঁজা (*চষে বেড়ানো*)। বিণ. কর্ষণ করা হয়েছে এমন, কর্ষিত।

চষানো /চশানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে চাষ করানো।

চষে বেড়ানো /চশে ব্যাড়ানো/ ক্রিবি. ১ তন্নতন্ন করে খুঁজে বেড়ানো। ২ নানা স্থানে ঘুরে বেড়ানো।

চা /চা/ [চী.] বি. ১ বাংলাদেশ ভারত চীন শ্রীলঙ্কা প্রভৃতি দেশের পাহাড়ি অঞ্চলের গুল্মজাতীয় উদ্ভিদের (Camellia sinensis) প্রক্রিয়াজাত কচি পাতা। ২ ফুটন্ত জলে ওই পাতা সিক্ত করে প্রাপ্ত পানীয়বিশেষ। ৩ চায়ের সঙ্গে পরিবেশিত হালকা আহার্য।

চাই /চাই্‌/ [বা.] ক্রিবি. ১ দৃষ্টিপাত করি (*সম্মুখপানে চাই*)। ২ দাবি করি (*বিশ্বশান্তি চাই*)। ৩ প্রয়োজন (*রোজ স্নান করা চাই*)।

চাই-কী /চাইকি/ [বা.] অব্য. এমনকী, হয়তো।

চাইতে[১] /চাইতে/ [বা.] অব্য. অপেক্ষা, তুলনায়।

চাইতে[২] /চাইতে/ [বা.] 'চাওয়া'-র অসমাপিকা রূপ।

চাইনিজ /চাইনিজ্‌/ [ই.] বি. চীনদেশীয় পদ্ধতিতে রাঁধা জনপ্রিয় আহার্য। বিণ. চীনদেশীয়।

চাউনি /চাউনি/ [বা.] বি. চাহনি, দৃষ্টিপাত।

www.pathagar.com

চাউর /চাউর্/ [বা.] বিণ. সুবিদিত, প্রচারিত।

চাউল /চাউল্/ [দেশি.] বি. ধানের খোসা ছাড়িয়ে আহৃত শস্য, চাল, তণ্ডুল (বাংলাদেশ-সহ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়াবাসীর অন্যতম প্রধান খাদ্য)।

চাউলপড়া /চাউল্‌পড়া/ [বা.] বি. মন্ত্রপূত চাল।

চাওয়া[১] /চাওআ/ [বা.] ক্রিবি. ১ কামনা করা, ইচ্ছা করা। ২ যাচ্ঞা বা ভিক্ষা করা।

চাওয়া[২] /চাওআ/ [স. চক্ষুর্‌মীলন >] ক্রিবি. দৃষ্টিপাত করা, তাকানো।

চাওয়াচাওয়ি /চাওআচাওয়ি/ [বা.] বি. পরস্পরের মধ্যে অর্থবোধক দৃষ্টিবিনিময়।

চাওয়ানো /চাওআনো/ [বা.] ক্রিবি. ১ কামনা বা যাচ্ঞা করানো। ২ দৃষ্টিপাত করানো।

চাওয়াপাওয়া /চাওআপাওআ/ [বা.] বি. যাচ্ঞা ও প্রাপ্তি।

চাঁই /চাঁই/ [দেশি.] বি. ১ মোড়ল, সর্দার; প্রধান নেতা, মণ্ডল। ২ বাঁশের শলার তৈরি মাছ ধরার ফাঁদ। ৩ চাঙড়, চাপ, ঢেলা। বিণ. ঝানু।

চাঁইচোর /চাঁইচোর্/ [দেশি.] বি. ঝানু ও পাকা চোর, প্রধান তস্কর।

চাঁচ[১] /চাঁচ্/ [স. তষ্ট >] বি. স্বচ্ছ গালা; লাক্ষা।

চাঁচ[২] /চাঁচ্/ [স. চক্ষা >] বি. চাটাই, দরমা, জাফরি।

চাঁচনি /চাঁচ্‌নি/ [স. তক্ষণী >] বি. ১ যা দিয়ে চাঁছা হয়; (রস আহরণের জন্য) খেজুরগাছ প্রভৃতি চাঁছার ধারালো কাটারি। ২ চেঁছে তোলা অংশ।

চাঁচর[১] /চাঁচোর্/ [স. চচরী >] বিণ. কোঁকড়া, কুঞ্চিত, কোঁচকানো।

চাঁচর[২] /চাঁচোর্/ [হি.] বি. দোলের আগের দিন পালিত উৎসববিশেষ; ফল্গুৎসব, হোলি।

চাঁচা /চাঁচা/ [স. তষ্ট >] ক্রিবি. 'চাঁছা'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

চাঁচাছোলা /চাঁচাছোলা/ [বা.] বিণ. 'চাঁছাছোলা'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

চাঁচি /চাঁচি/ [স. তক্ষ >] বি. দ্র চাঁছি।

চাঁছা /চাঁছা/ [স. তষ্ট >] ক্রিবি. ১ বাইরের আবরণ চেঁছে তুলে ফেলা। ২ কামানো। বিণ. ১ মসৃণ। ২ (আল.) মাধুর্যহীন (*চাঁছাছোলা*)।

চাঁছাছোলা /চাঁছাছোলা/ [বা.] বিণ. ১ বহিরাবরণ চেঁছে তুলে ফেলা হয়েছে এমন; পরিষ্কৃত; মসৃণ। ২ (আল.) মাধুর্যহীন (*চাঁছাছোলা কথা*)।

চাঁছি /চাঁছি/ [স. তক্ষ >] বি. দুধ ফুটিয়ে ঢেলে নেওয়ার পর পাত্রে লেগে থাকা শুকনো অংশ যা চেঁছে তুলে নেওয়া হয়।

চাঁটি /চাঁট্/ [বা.] বি. গৃহপালিত পশুর পদাঘাত।

চাঁটা /চাঁটা/ [হি.] বি. দ্র চাঁটি।

চাঁটি /চাঁটি/ [হি.] বি. ১ পরিহাসের ছলে করতল দিয়ে মৃদু আঘাত, করাঘাত। ২ চপেটাঘাত, চড়।

চাঁড়াল /চাঁড়াল্/ [স. চন্ডাল >] বি. ১ অবহেলিত নিগৃহীত ও অনগ্রসর জাতিবিশেষ, চন্ডাল। ২ (আল.) নিষ্ঠুর প্রকৃতির মানুষ।

চাঁদ /চাঁদ্/ [স. চন্দ্র >] বি. ১ পৃথিবীকে প্রদক্ষিণকারী প্রাকৃতিক উপগ্রহ, চন্দ্রমা, নিশাকর, নিশাকান্ত, শশধর, হিমাংশু, সুধাকর, ইন্দু, বিধু, শশী, সোম, মৃগাঙ্গ। ২ (আল.) আদরের বস্তু।

চাঁদকপালি /চাঁদ্‌কপালি/ [বা.] বি. অর্ধচন্দ্রের মতো চিহ্নবিশিষ্ট কপাল। বিণ. (আল.) ভাগ্যবান।

চাঁদকপালে /চাঁদ্‌কপালে/ [বা.] বি. বিণ. দ্র চাঁদ-কপালি।

চাঁদকুড়া /চাঁদ্‌কুড়া/ [বা.] বি. দ্র চাঁদা[২]।

চাঁদকুড়ো /চাঁদ্‌কুড়ো/ [বা.] বি. দ্র চাঁদা[২]।

চাঁদনি[১] /চাঁদ্‌নি/ [স. চন্দ্রাতপ >] বি. শামিয়ানা, চাঁদোয়া, চন্দ্রাতপ; মন্ডপ, ছাদযুক্ত চত্বর।

চাঁদনি[২] /চাঁদ্‌নি/ [স. চন্দ্রিমা >] বিণ. চন্দ্রালোকিত (*চাঁদনি রাত*)। বি. জ্যোৎস্না, চাঁদের আলো।

চাঁদপনা /চাঁদ্‌পনা/ [বা.] বিণ. চাঁদের মতো।

চাঁদবদন /চাঁদ্‌বদোন্/ [বা. চাঁদ+স. বদন] বি. বিণ. চাঁদের মতো সুন্দর বা প্রীতিপ্রদ মুখবিশিষ্ট। স্ত্রী. চাঁদবদনি /চাঁদ্‌বদোনি/।

চাঁদমামা /চাঁদমামা/ [বা.] বি. (রূপকথার গল্পে বা ছড়ায়) মামারূপে উপমিত চাঁদ।

চাঁদমারি /চাঁদ্‌মারি/ [হি.] বি. ১ তীর বা আগ্নেয়াস্ত্রের লক্ষ্যভেদ অনুশীলনের জন্য স্থাপিত চন্দ্রাকৃতি লক্ষ্যস্থল, target। ২ বিদ্রূপ বা আক্রমণের লক্ষ্য।

চাঁদমালা /চাঁদ্‌মালা/ [বা. চাঁদ+স. মালা] বি. প্রতিমা সাজানোর জন্য ব্যবহৃত শোলার মালা।

চাঁদমুখ /চাঁদ্‌মুখ/ [বা. চাঁদ+স. মুখ] বি. চাঁদের মতো প্রীতিপ্রদ মুখ।

চাঁদ হাতে পাওয়া /চাঁদ্ হাতে পাওআ/ ক্রিবি. আশাতীত দুর্লভ বস্তু পাওয়া।

চাঁদা[১] /চাঁদা/ [স. চন্দ্র >] বি. ১ শামিয়ানা। ২ চাঁদ। ৩ (জ্যা.) কোণ মাপার জন্য ব্যবহৃত অর্ধবৃত্তাকার সরঞ্জামবিশেষ, protractor।

চাঁদা[২] /চাঁদা/ [বা.] বি. রূপচাঁদাসদৃশ আঁশহীন উজ্জ্বল রুপালি বা হালকা ধূসর বর্ণের মিঠা বা লোনা পানির ছোটো মাছ।

www.pathagar.com

চাঁদা[৩] /চাঁদা/ [ফা. চানদা >] বি. ১ কোনো বিশেষ উদ্দেশ্যে একাধিক ব্যক্তির নিকট থেকে সংগৃহীত অর্থ; ভীতিপ্রদর্শন করে আদায় করা টাকা। ২ কোনো প্রকাশনা বা সাময়িকীর গ্রাহক হওয়ার জন্য প্রদেয় অগ্রিম অর্থ; কোনো সমিতি বা প্রতিষ্ঠানের সদস্যপদের জন্য নির্দিষ্ট সময়ের ব্যবধানে প্রদেয় অর্থ, subscription।

চাঁদা[৪] /চাঁদা/ [স. চন্দ্র >] বি. দ্র চাঁদি[২]।

চাঁদাকুড়া/চাঁদাকুড়া/ [স. চন্দ্রক >] বি. দ্র চাঁদা[২]।

চাঁদাবাজি /চাঁদাবাজি/ [বা. চাঁদা+ফা. বাজি] বি. ভয় দেখিয়ে টাকা আদায়, তোলাবাজি।

চাঁদি[১] /চাঁদি/ [হি.] বি. চাঁদসদৃশ উজ্জ্বল খাঁটি রুপা, খাদহীন রুপা।

চাঁদি[২] /চাঁদি/ [বা.] বি. ব্রহ্মতালু, মাথার ওপরের মধ্যবর্তী অংশ, মাথার উপরিভাগ।

চাঁদিনি /চাঁদিনি/ [স. চন্দ্রিমা >] বিণ. বি. দ্র চাঁদনি[২]।

চাঁদিফাটা /চাঁদিফাটা/ [বা.] বিণ. প্রায় ব্রহ্মতালু ফেটে যায় এমন তেজোময়; অত্যন্ত প্রখর।

চাঁদিমা /চাঁদিমা/ [বা.] বি. চন্দ্রকিরণ, জ্যোৎস্না।

চাঁদোয়া /চাঁদোআ/ [স. চন্দ্রাতপ >] বি. চন্দ্রাতপ, শামিয়ানা, আচ্ছাদন, মেরাপ।

চাঁপা /চাঁপা/ [স. চম্পক>] বি. ভারতীয় উপমহাদেশে বসন্তকালে ফোটে এমন সুগন্ধ সোনালি ফুল বা তার ম্যাগনোলিয়াসি (magnoliaceae) গোত্রের মাঝারি উচ্চতার চিরহরিৎ উদ্ভিদ, চম্পা, চম্পক।

চাঁপা কলা /চাঁপা কলা/ বি. কাগজের মতো পাতলা খোসাবিশিষ্ট ছোটো প্রজাতির কলা।

চাক[১] /চাক্/ [স. চক্র >] বি. ১ মধুচক্র, মৌচাক (*চাকভাঙা মধু*)। ২ ঘূর্ণায়মান চক্র যার সাহায্যে মাটির পাত্র গড়া হয় (*কুমোরের চাক*)। ৩ কুয়ার দেওয়ালে বসানোর পোড়া মাটি বা কংক্রিটের বেড়।

চাক[২] /চাক্/ [বা.] বি. কর্তন; ছিদ্র; ফাটল; ছেঁড়া।

চাকচক্য /চাক্‌চোক্‌কো/ [স. চকচক+য] বি. ঔজ্জ্বল্য, দীপ্তি।

চাক চাক /চাক্ চাক্/ বিণ. চ্যাপটা ও গোল টুকরো টুকরো।

চাকচিক্য /চাক্‌চিক্‌কো/ [স. চাকচক্য >] বি. ১ দীপ্তি, ঔজ্জ্বল্য। ২ বাইরের ছটা।

চাকতি /চাক্‌তি/ [স. চক্রপত্রী >] বি. ১ ক্ষুদ্র চাকা। ২ চক্রাকৃতি বস্তু। ৩ রুটি বেলার তক্তা।

চাকভাঙা /চাক্‌ভাঙা/ [বা.] বিণ. ১ চাক থেকে সদ্য আহৃত (*চাকভাঙা মধু*)। ২ (আল.) টাটকা ও খাঁটি।

চা-কর[১] /চা:কর্/ [চী. চা+স. কর] বি. বিণ. ১ চা উৎপাদক। ২ চা-বাগানের মালিক।

চাকর[২] /চাকোর্ / [ফা.] বি. পরিচারক; কর্মচারী।

চাকরান /চাক্‌রান্/ [ফা. চাকর >] বি. বেতনভোগী কর্মচারীর ভরণপোষণের জন্য প্রদত্ত নিষ্কর ভূমি।

চাকরি /চাক্‌রি/ [ফা.] বি. ১ নির্দিষ্ট পারিশ্রমিকের বিনিময়ে নিয়মিত কর্মসম্পাদন। ২ অন্যের পরিচর্যা।

চাকরিজীবী /চাক্‌রিজিবি/ [ফা. চাকরি+স. জীবী] বিণ. চাকরি করে জীবিকা নির্বাহকারী।

চাকরিবাকরি /চাক্‌রিবাক্‌রি/ [ফা. চাকরি >] বি. চাকরি বা ওই রূপ পেশা।

চাকলা[১] /চাক্‌লা/ [ফা.] বি. কয়েকটি পরগনার সমষ্টি।

চাকলা[২] /চাক্‌লা/ [দেশি.] বি. খণ্ড বা টুকরো; চাকতি। বিণ. চক্রাকার।

চাকলাদার /চাক্‌লাদার্/ [ফা.] বি. ১ চাকলার শাসক; প্রধান সহকারী। ২ পদবিবিশেষ।

চাকা /চাকা/ [স. চক্র >] বি. ১ ঈশের (axle) সঙ্গে পাখি (spoke) দিয়ে সংযুক্ত বৃত্তাকার কাঠামো-বিশেষ যা ঘুরিয়ে কোনো শকটকে চালনা করা যায়, wheel। ২ গোলাকার বস্তু।

চাকাচাকা /চাকাচাকা/ [বা.] বিণ. গোল গোল খণ্ডে বিভক্ত।

চাকি /চাকি/ [স. চক্র >] বি. ১ চ্যাপটা ও গোলাকার বস্তু, চাকতি। ২ রুটি বেলার পিঁড়ি বা তক্তা। ৩ গোলাকার ধাতব খণ্ড; মুদ্রা। ৪ শস্যাদি ভাঙানো বা পেষণের গোলাকার পাথরবিশেষ, জাঁতা।

চাকী /চাকি/ [বা.] বি. পদবিবিশেষ।

চাকু /চাকু/ [তুর.] বি. ফলার ধারালো দিক ভাঁজ করে হাতলে ঢুকিয়ে রাখা যায় এমন ছোটো ছুরি।

চাকুন্দা /চাকুন্‌দা/ [স. চক্রমর্দ্দ >] বি. পৃথিবীর উষ্ণমণ্ডলীয় অঞ্চলে রাস্তার ধার ও পতিত জমিতে জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদ ফুল উপবৃত্তাকার পাতা ও চ্যাপটা কালো বহুবীজ-যুক্ত শুঁটিসদৃশ ফল বা তার রোমশ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন শিম্বগোত্রীয় উদ্ভিদ (আনি. দক্ষিণ আমেরিকা)।

চাকুরি /চাকুরি/ [ফা.] বি. দ্র চাকরি।

চাকুরিচ্যুত /চাকুরিচ্‌চুতো/ [ফা. চাকুরি+স. চ্যুত] বিণ. কর্মচ্যুত হয়েছে এমন।

চাকুরিজীবী /চাকুরিজিবি/ [ফা. চাকুরি+স. জীবী] বিণ. দ্র চাকরিজীবী।

চাকুরিয়া /চাকুরিআ/ [ফা. চাকরি >] বিণ. দ্র চাকরিজীবী।

www.pathagar.com

চাকুরে /চাকুরে/ [বা.] বিণ. দ্র চাকরিজীবী।

চাক্কা /চাক্কা/ [স. চক্র >] বি. দ্র চাকা।

চাক্কি /চাক্কি/ [স. চক্র >] বি. শস্যাদি ভাঙানো বা পেষণের গোলাকার পাথরবিশেষ, জাঁতা, চাকি।

চাক্ষুষ /চাক্‌খুশ্‌/ [স. চক্ষুস্‌+অ] বিণ. চোখে দেখে লব্ধ; চোখে দেখা; প্রত্যক্ষ (*চাক্ষুষ প্রমাণ*)।

চা–খড়ি /চাখোড়ি/ [ই. chalk >] বি. কালো বা সবুজ বোর্ডে লেখার জন্য ব্যবহৃত আনুমানিক ১০ সে.মি. লম্বা খড়িমাটির সরু দণ্ড, খড়িমাটি, ফুলখড়ি, চক।

চাখন /চাখোন্‌/ [বা.] বি. স্বাদগ্রহণ।

চাখনদার /চাখোন্‌দার/ [বা. চাখন+ফা. দার] বিণ. স্বাদ গ্রহণকারী।

চাখা /চাখা/ [বা.] ক্রিবি. ১ স্বাদ গ্রহণ করা, আস্বাদন করা। ২ ভোগ করা। ৩ অনুভব করা।

চাখানো /চাখানো/ [বা.] ক্রিবি. স্বাদ গ্রহণ করানো। বিণ. স্বাদ গ্রহণ করানো হয়েছে এমন।

চা–খোর /চাখোর/ [চী. চা+ফা. খোর] বিণ. ঘন ঘন চা পান করে এমন, চা পানে আসক্ত।

চাগা /চাগা/ [বা.] ক্রিবি. ১ মাথা চাড়া দেওয়া; সতেজ হওয়া। ২ জেগে ওঠা। ৩ উদিত হওয়া।

চাগাড় /চাগাড়/ [দেশি.] বি. ১ প্রবল ভাবাবেগ বা চাড়। ২ উত্তেজনা।

চাগাড় দেওয়া /চাগাড় দেওআ/ ক্রিবি. ১ উত্তেজিত হয়ে ওঠা। ২ মাথা চাড়া দেওয়া; বেড়ে ওঠা।

চাগানো /চাগানো/ [বা.] ক্রিবি. ১ চাড়া দেওয়া। ২ উসকে দেওয়া (*প্রদীপের শিখা চাগানো*); উদ্দীপিত করা; জাগানো। ৩ বাড়ানো। ৪ গুটানো।

চাঙ /চাং/ [দেশি.] বি. বাঁশ কাঠ প্রভৃতির তৈরি তাকবিশেষ, মাচা (*চাঙে তুলে রাখা*)।

চাঙড় /চাঙোড়/ [বা.] বি. মাটির বড়ো তাল।

চাঙড়া /চাংড়া/ [বা.] বি. দ্র চাঙড়।

চাঙা /চাঙা/ [ফা. চংগ্‌ >] বিণ. ১ সবল, সতেজ, সজীব। ২ রোগমুক্ত, সুস্থ।

চাঙারি /চাঙারি/ [দেশি.] বি. বাঁশ বেত প্রভৃতির তৈরি ছোটো ধামাবিশেষ, চওড়ামুখ ঝুড়িবিশেষ।

চাঙ্গা /চাংগা/ [ফা. চংগ্‌ >] বিণ. দ্র চাঙা।

চাচা /চাচা/ [স. তাত >] বি. বাবার ছোটো ভাই, কাকা, খুড়া; পিতৃব্য, খুল্লতাত। স্ত্রী. চাচি /চাচি/।

চাঞ্চল্য /চান্‌চোল্‌লো/ [স. চঞ্চল+য] বি. উদ্‌বেগের ভাব, অস্থিরতা, ব্যাকুলতা; চঞ্চলতা, চপলতা।

চাঞ্চল্যকর /চান্‌চোল্‌লোকর্‌/ [স. চাঞ্চল্য+√কৃ+অ] বিণ. ১ উদ্‌বেগজনক। ২ ভীতি জাগায় এমন।

চাট[১] /চাট্‌/ [দেশি.] বি. গোরু ঘোড়া প্রভৃতি পশুর পদাঘাত।

চাট[২] /চাট্‌/ [হি.] বি. ১ চেটে খাওয়ার মতো মুখরোচক খাদ্য। ২ সুরাপানের সঙ্গে আহার্য খাদ্য।

চাটনি /চাট্‌নি/ [হি.] বি. টক–ঝাল–মিষ্ট মুখরোচক খাদ্যবস্তু।

চাটা /চাটা/ [বা.] ক্রিবি. জিভ দিয়ে লেহন করা।

চাটাই /চাটাই/ [দেশি.] বি. বেত বাঁশ গাছের পাতা প্রভৃতির তৈরি মাদুরবিশেষ, পাটি, দরমা।

চাটাচাটি /চাটাচাটি/ [বা.] বি. ১ বারবার লেহন। ২ অতিরিক্ত মাখামাখি। ৩ পরস্পর পরস্পরের প্রশংসা।

চাটান /চাটান্‌/ [স. চত্বর >] বি. চত্বর; প্রাঙ্গণ।

চাটানো /চাটানো/ [বা.] ক্রিবি. লেহন করানো।

চাটাল /চাটালো/ [দেশি.] বিণ. প্রশস্ত, চওড়া, বিস্তৃত।

চাটি /চাটি/ [বা.] বিণ. ১ উৎখাত করা হয়েছে এমন, উৎসাদিত। ২ ধ্বংস, বিনষ্ট।

চাটি বাটি তোলা /চাটি বাটি তোলা/ ক্রিবি. ভিটা–মাটি ছেড়ে চলে যাওয়া।

চাটিম /চাটিম্‌/ [দেশি.] বি. বাংলাদেশের চট্টগ্রাম অঞ্চলে জাত বড়ো লম্বা ও সবুজ পাতাবিশিষ্ট একবীজপত্রী ওষধি উদ্ভিদ বা তার লম্বাটে ফলের প্রজাতিবিশেষ; মর্তমান কলা।

চাটু[১] /চাটু/ [বা.] বি. ভাজার কাজে ব্যবহৃত অগভীর প্রশস্ত লোহার পাত্রবিশেষ, তাওয়া।

চাটু[২] /চাটু/ [স. √চট্‌+উ] বি. স্তুতিবাক্য, খোশামোদ।

চাটুকার /চাটুকার্‌/ [স. চাটু+√কৃ+অ] বিণ. তোষামোদ করে এমন, তোষামোদকারী। বি. **চাটুকারিতা** /চাটুকারিতা/।

চাটুপাঠ /চাটুপাঠ্‌/ [স. চাটু+√পঠ্‌+অ] বি. তোষামোদপূর্ণ কথা বা রচনা।

চাটুবচন /চাটুবচোন্‌/ [স. চাটু+√বচ্‌+অন] বি. কপট বা তোষামোদপূর্ণ উক্তি।

চাটুবাদ /চাটুবাদ্‌/ [স. চাটু+√বদ্‌+অ] বি. তোষামোদ, খোশামোদ।

চাটুবাদিতা /চাটুবাদিতা/ [স. চাটুবাদী+তা] বি. দ্র চাটুভাষিতা।

চাটুবাদী /চাটুবাদি/ [স. চাটু+√বদ্‌+ইন্‌] বিণ. তোষামোদকারী। স্ত্রী. চাটুবাদিনী /চাটুবাদিনি/।

চাটুভাষিতা /চাটুভাশিতা/ [স. চাটু+√ভাষ্‌+ত্‌] বি. তোষামোদপূর্ণ উক্তি।

চাটুভাষী /চাটুভাশি/ [স. চাটু+√ভাষ্‌+ইন্‌] বিণ. তোষামোদকারী। স্ত্রী. চাটুভাষিণী /চাটুভাশিনি/।

চাটুক্তি /চাটুক্তি/ [স. চাটু+√বচ্‌+তি] বি. ১ তোষামোদপূর্ণ বাক্য। ২ কপট স্তুতি।

চাট্টি /চাট্‌টি/ [আঞ্চ.] বিণ. 'চারটি'–র আঞ্চলিক রূপ।

www.pathagar.com

চাট্টিখানি /চাট্‌টিখানি/ [আঞ্চ.] বিণ. 'চারটিখানি'-র আঞ্চলিক রূপ।

চাট্টিখানিক /চাট্‌টিখানিক্/ [আঞ্চ.] বিণ. দ্র চাট্টি-খানি।

চাড় /চাড়্/ [স. চন্ড >] বি. ভারী বস্তুর প্রান্তভাগ উঁচু করা বা কোনো কিছু খোলার জন্য যে চাপ প্রয়োগ করা হয়।

চাড়া /চাড়া/ [দেশি.] বি. ১ খোলার ভাঙা টুকরো। ২ তাগাদা। ৩ উৎসাহ, উদ্যম। ৪ যত্ন। ৫ চাপ; বোঝা। ক্রিবি. জেগে ওঠা (*মাথা চাড়া দেওয়া*)।

চাড়ি /চাড়ি/ [দেশি.] বি. মাটির বড়ো গামলা।

চাতক /চাতোক্/ [স. √চত্+অক] বি. কবির কল্পনায় বৃষ্টির জল ভিন্ন অন্য জল পান করে না এমন কোকিলজাতীয় পাখিবিশেষ (*বাবুই কোথা বাসা বোনে— /চাতক বারি যাচে রে? সত্যেন্দ্র.*)। স্ত্রী. চাতকী /চাতোকি/।

চাতর[১] /চাতোর্/ [স. চত্বর >] বি. ১ চত্বর, ময়দান। ২ হাট; বাজার।

চাতর[২] /চাতোর্/ [স. চাতুরী >] বি. ১ চক্র। ২ চাতুরী। ৩ জাল; ফাঁদ।

চাতাল /চাতাল্/ [স. চত্বর >] বি. ১ চত্বর, চবুতর। ২ বাড়ির সামনের শান বাঁধানো উঠান, রোয়াক।

চাতুর[১] /চাতুর্/ [স. চতুঃ >] বি. চার চাকার গাড়ি।

চাতুর[২] /চাতুর্/ [স. চাতুর্য >] বিণ. ১ চতুর। ২ নিপুণ।

চাতুরালি /চাতুরালি/ [বা.] বি. শঠতা, চালাকি।

চাতুরী /চাতুরি/ [স. চতুর+অ+ঈ] বি. ১ চতুরতা, শঠতা। ২ নৈপুণ্য। ৩ কৌশল, কায়দা।

চাতুর্বর্ণ্য /চাতুরবোরনো/ [স. চতুর্বর্ণ+য] বি. ১ শাস্ত্রীয় বিধানমতে চারটি বর্ণ (ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র)। ২ চতুর্বর্ণের পালনীয় আচার। বিণ. চতুর্বর্ণসম্বন্ধীয়।

চাতুর্মাস্য /চাতুরমাশ্‌শো/ [স. চতুর্মাস+য] বি. চার মাসব্যাপী পালনীয় ব্রতবিশেষ। বিণ. চার মাস ধরে অনুষ্ঠেয়।

চাতুর্য /চাতুরজো/ [স. চতুর+য] বি. চতুরতা।

চাদর /চাদোর্/ [ফা.] বি. ১ দেহের ঊর্ধ্বাংশে ধারণের বস্ত্রখন্ড, উড়ানি, উত্তরীয়। ২ আবরণ, আস্তরণ। ৩ ধাতুর পাতলা পাত।

চান[১] /চান্/ [আঞ্চ.] বি. 'চাঁদ'-এর আঞ্চলিক রূপ।

চান[২] /চান্/ [স. স্নান >] বি. 'স্নান'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

চানক /চানক্/ [স. চন্দ্রাতপ >] বি. চাঁদোয়া।

চানকা /চানকা/ [দেশি.] বি. ১ ছাদওয়ালা গাড়ি-বারান্দা। ২ যে তোরণাকৃতি মাচা অবলম্বন করে লতা ওপরে ওঠে, বাঁশের মাচা।

চানকানো /চানকানো/ [বা.] ক্রিবি. ১ তপ্ত বালিতে ভাজার পরে মুড়ি পৃথক করে তুলে নেওয়া। ২ জড়তা বা আলস্যের ভাব দূর করা। ৩ অল্প গরম করে নেওয়া। ৪ উজ্জ্বল করা।

চানা /চানা/ [স. চণক >] বি. এশিয়া মহাদেশের গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন ছোটো সাদা ফুল বা তার বহু শাখাবিশিষ্ট শিম্বগোত্রীয় উদ্ভিদের বীজ যা মানুষ ও ঘোড়ার খাদ্যরূপে ব্যবহৃত হয়, ছোলা, চণক, বুট।

চানাচুর /চানাচুর্/ [বা.] বি. বেসনের ঝুরি তেলে ভাজা ছোলার ডাল বাদাম চিড়া প্রভৃতি সহযোগে তৈরি নোনতা মুখরোচক খাদ্যবস্তু।

চান্দ্র /চান্দ্রো/ [স. চন্দ্র+অ] বিণ. ১ চন্দ্রের গতিদ্বারা নিরূপিত (*চান্দ্রমাস*)। ২ চন্দ্রসম্পর্কিত।

চান্দ্রবৎসর /চান্দ্রোবত্‌শর্/ [স. চান্দ্র+√বস্+সর] বি. ১২ চান্দ্রমাস বা ৩৫৪ দিনে পরিগণিত বৎসর।

চান্দ্রমাস /চান্দ্রোমাশ্/ [স. চান্দ্র+√মস্+অ] বি. শুক্ল প্রতিপদ থেকে অমাবস্যা পর্যন্ত চন্দ্রের গতিদ্বারা নিরূপিত মাস (আনুমানিক ২৯.৫ দিন)।

চান্দ্রায়ণ /চান্দ্রায়োন্/ [স. চন্দ্র+অয়ন] বি. এক চান্দ্রমাসব্যাপী পালনীয় ব্রতবিশেষ।

চান্দ্রায়ণিক /চান্দ্রায়োনিক্/ [স. চান্দ্রায়ণ+ইক] বিণ. চান্দ্রায়ণ ব্রত পালন করে এমন।

চাপ[১] /চাপ্/ [স. √চপ্+অ] বি. ১ (জ্যা.) বৃত্ত-পরিধির যে কোনো অংশ, arc। ২ ধনুক।

চাপ[২] /চাপ্/ [স. চর্পটা >] বি. ১ ভার, বোঝা; দায়িত্ব (*কাজের চাপ*)। ২ প্রেষ, pressure (*রক্তের চাপ*)। ৩ পীড়াপীড়ি (*চাপ দিয়ে কাজ আদায়*)। বিণ. ঘন, জমাট (*চাপদাড়ি*)।

চাপকান /চাপ্‌কান্/ [ফা.] বি. পুরুষদের পরিধেয় কাঁধ থেকে হাঁটু পর্যন্ত লম্বা ঢিলে জামাবিশেষ।

চাপট /চাপট্/ [স. চর্পট >] বি. করতল দিয়ে আঘাত, চড়, থাপ্পড়।

চাপড় /চাপোড়্/ [স. চর্পট >] বি. দ্র চাপট।

চাপড়া /চাপ্‌ড়া/ [বা.] বি. চাঙড় (*মাটির চাপড়া*)।

চাপড়ানো /চাপ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. মৃদু চাপড় দেওয়া।

চাপদণ্ড /চাপ্‌দন্‌ডো/ [বা. চাপ+স. দন্ড] বি. বায়বীয় বা তরল পদার্থ টেনে তোলা বা চাপ দিয়ে নিষ্কাশনের সরঞ্জামবিশেষ, পাম্প, pump।

চাপদাড়ি /চাপ্‌দাড়ি/ [বা.] বি. মুখমণ্ডলে গজানো

www.pathagar.com

ঘন ও জমাট ছোটো দাড়ি।

চাপদার /চাপ্‌দার্‌/ [স. চাপ+ফা. দার] বি. ধনুর্ধর, তিরন্দাজ।

চাপন /চাপোন্‌/ [বা.] বি. ১ চাপ প্রদান; ভার অর্পণ। ২ আরোহণ। ৩ পীড়ন; আক্রমণ।

চাপরাশ /চাপ্‌রাশ্‌/ [ফা.] বি. অঙ্গে ধারণীয় পরিচয়-জ্ঞাপক ধাতুফলক, তকমা, badge।

চাপরাশি /চাপ্‌রাশি/ [ফা.] বি. পেয়াদা; আজ্ঞাবহ।

চাপল /চাপোল্‌/ [স. চপল+অ] বি. দ্র চাপল্য।

চাপল্য /চাপোল্‌লো/ [স. চপল+য] বি. ১ অস্থিরতা। ২ বাকচাতুরী। ৩ ধৃষ্টতা। ৪ হঠকারিতা।

চাপা /চাপা/ [বা.] ক্রিবি. ১ চাপ দেওয়া (*কাঁধে চাপা*)। ২ পিষ্ট হওয়া (*চাপা পড়া*)। ৩ আরোহণ করা (*ট্রেনে চাপা*)। বিণ. ১ গোপন (*চাপা অভিমান*)। ২ অস্ফুট (*চাপা কথা*)। ৩ অবরুদ্ধ (*চাপা গলা*)। ৪ আবৃত (*ধামাচাপা*)। ৫ চ্যাপটা (*পৃথিবী উত্তর ও দক্ষিণে কিঞ্চিৎ চাপা*)। ৬ মনোভাব গোপন করে এমন (*চাপা স্বভাব*)। ৭ অস্পষ্ট (*চাপা গুঞ্জন*)।

চাপাচাপি /চাপাচাপি/ [বা.] বি. পীড়াপীড়ি। বিণ. ঘনবিন্যস্ত (*চাপাচাপি করে বসা*)।

চাপাচুপি /চাপাচুপি/ [বা.] বি. গোপনতা, ঢাকাঢাকি।

চাপাটি /চাপাটি/ [স. চর্পট >] বি. দ্র চাপাতি।

চাপাতি /চাপাতি/ [স. চর্পট >] বি. ১ হাতে চাপড়িয়ে তৈরি রুটি। ২ বড়ো দা-বিশেষ, কাটারি।

চা-পান /চা পান্‌/ [দেশি.] বি. চা সেবন।

চাপান /চাপান্‌/ [বা.] বি. (কবিগানে) যে সমস্যা সমাধানের জন্য একপক্ষ অপরপক্ষের নিকট উত্থাপন করে।

চাপানসারা /চাপান্‌শারা/ [বা.] বি. সুন্দরবনে বাঘের আক্রমণ থেকে রক্ষার জন্য মন্ত্রপাঠ।

চাপানো /চাপানো/ [বা.] ক্রিবি. ১ বোঝাই করা (*গাধার পিঠে চাপানো*)। ২ স্থাপন করা (*মাথায় চাপানো*)। ৩ আরোপ করা; অর্পণ করা (*কলঙ্ক চাপানো*)। ৪ এক ধারে সরানো (*গাড়ি চাপানো*)।

চাপা পড়া /চাপা পড়া/ ক্রিবি. ১ দৃষ্টির আড়ালে যাওয়া; আবৃত হওয়া (*লতাপাতায় চাপা পড়া*)। ২ বিস্মৃত হওয়া (*কথা চাপা পড়া*)। ৩ আহত হওয়া (*গাড়ি চাপা পড়া*)। ৪ নিবৃত্ত হওয়া (*গুজব চাপা পড়া*)।

চাবকানি /চাবকানি/ [ফা. চাবুক >] বি. কশাঘাত।

চাবকানো /চাবকানো/ [বা.] ক্রিবি. কশাঘাত করা, চাবুক মারা।

চাবড়া /চাবড়া/ [বা.] বি. মাটির ঢ্যালা।

চাবি /চাবি/ [পো.] বি. ১ তালা বন্ধ করা ও খোলার শলাকা। ২ যন্ত্রাদি চালু বা বন্ধ করার কাঠিবিশেষ (*গাড়ির চাবি*)। ৩ ঘড়ির কাঁটা ঘোরানো বা দম দেওয়ার হাতল।

চাবিকাঠি /চাবিকাঠি/ [পো. চাবি+বা. কাঠি] বি. ১ তালা খোলা বা বন্ধ করার শলাকা। ২ (আল.) সমস্যা সমাধানের সূত্র।

চাবুক /চাবুক্‌/ [ফা.] বি. প্রহরণরূপে ব্যবহৃত দণ্ডের প্রান্তভাগে লাগানো দড়ি বা নমনীয় ফালি, কশা।

চাম /চাম্‌/ [স. চর্ম >] বি. চামড়া, ত্বক, ছাল।

চামচ /চামোচ্‌/ [স. চমস >] বি. লম্বা হাতলযুক্ত ছোটো অর্ধডিম্বাকার আধারবিশেষ যা দিয়ে খাদ্য-বস্তু তোলা বা মিশ্রণের উদ্দেশ্যে তরল পদার্থ আলোড়ন করা যায়, হাতাবিশেষ।

চামচা /চাম্‌চা/ [দেশি.] বি. চাটুকার, মোসাহেব।

চামচাগিরি /চাম্‌চাগিরি/ [দেশি. চামচা+ফা. গিরি] বি. তোষামুদি, চাটুকারের বৃত্তি।

চামচিকা /চাম্‌চিকা/ [স. চর্মচটকা >] বি. পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত পাখাবিশিষ্ট বাদুড়-জাতীয় নিশাচর স্তন্যপায়ী পতঙ্গভুক ছোটো পাখি, চর্মচটিকা, titmouse।

চামচিকে /চাম্‌চিকে/ [স. চর্মচটকা >] বি. দ্র চামচিকা।

চামচিটে /চাম্‌চিটে/ [বা.] বিণ. ১ চামড়ার সঙ্গে লেগে থাকে এমন। ২ চিটচিটে, আঠালো।

চামচিটেল /চাম্‌চিটেল্‌/ [স. চর্মচটকা >] বিণ. চামচিটের মতো প্রকৃতিবিশিষ্ট।

চামচে[১] /চাম্‌চা/ [স. চমস >] বি. দ্র চামচ।

চামচে[২] /চাম্‌চা/ [দেশি.] বি. দ্র চামচা।

চামড়া /চাম্‌ড়া/ [স. চর্ম >] বি. ১ জীবদেহের বহিরাবরণ, ত্বক, skin। ২ গাছের ছাল, বাকল। ৩ জুতা ব্যাগ পোশাক প্রভৃতি তৈরির জন্য ব্যবহৃত পশুর প্রক্রিয়াজাত বহিরাবরণ, leather।

চামর /চামোর্‌/ [স. চমর+অ] বি. গোরুজাতীয় পশুর লোম দিয়ে তৈরি পাখা বা ঝাড়ন।

চামরিণী /চামোরিনি/ [স. চামর+ইন্‌+ঈ] বি. দ্র চামরধারিণী।

চামরধারিণী /চামোর্‌ধারিনি/ [স. চামর+√ধৃ+ইন্‌+ঈ] বি. যে নারী চামর দিয়ে বাতাস করে।

চামরী /চামোরি/ [স. চামর+ইন্‌] বিণ. চামরযুক্ত। বি. ১ ঘোড়া, অশ্ব। ২ চমরী মৃগী।

চামসা /চাম্‌শা/ [বা.] বিণ. শুকনো চামড়ার মতো দেখতে এমন।

www.pathagar.com

চামাটি /চামাটি/ [স. চর্মপটী >] বি. ১ ক্ষুর শান দেওয়ার জন্য ব্যবহৃত চর্মখন্ড। ২ চামড়ার পট্টি। ৩ চর্মময় বন্ধনী।

চামার /চামার্/ [স. চর্মকার >] বি. ১ চামড়ার কাজ বা জুতা সেলাই করা যার পেশা, মুচি, চর্মকার। ২ (আল.) অতি কৃপণ ব্যক্তি। বিণ. নিষ্ঠুর। স্ত্রী. চামারনি /চামার্নি/।

চামুণ্ডা /চামুন্ডা/ [স. চন্ডমুণ্ড >] বি. দেবী দুর্গার রূপবিশেষ। বিণ. উগ্রস্বভাববিশিষ্ট।

চামেলি /চামেলি/ [বা.] বি. উপ-উষ্ণমন্ডলীয় অঞ্চলে গ্রীষ্মকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার কোমল লোমাবৃত ভেষজ-গুণসম্পন্ন গুল্মজাতীয় লতানে চিরহরিৎ উদ্ভিদ (আনি. ভারত), জাতীপুষ্প ।

চার[১] /চার্/ [স. চতুর্ >] বি. ৪ সংখ্যা। বিণ. ৪ সংখ্যক।

চার[২] /চার্/ [স. √চর্+অ] বি. ১ গুপ্তচর, গোয়েন্দা। ২ বাঁশের সাঁকো।

চার[৩] /চার্/ [হি. চারা >] বি. পানিতে ছুড়ে ফেলা হয় এমন সুগন্ধ মসলা যা মাছকে আকর্ষণ করে।

চার আনা /চার্ আনা/ বি. ১ অধুনালুপ্ত মুদ্রাবিশেষ। ২ (সম্পত্তি প্রভৃতি) এক চতুর্থাংশ, সিকি ভাগ।

চার আনি /চার্ আনি/ বি. দ্র চার আনা।

চারক /চারোক্/ [স. √চারি+অক] বি. রাখাল।

চারকোনা /চার্কোনা/ [বা.] বিণ. চারটি কোণবিশিষ্ট, চতুষ্কোণ, চৌকো।

চারখানা /চার্খানা/ [বা.] বিণ. চারটি।

চারচালা /চার্চালা/ [বা.] বিণ. চারটি চালবিশিষ্ট (*চারচালা ঘর*), চৌচালা। বি. চারটি চালবিশিষ্ট ঘর।

চারচোখের মিলন /চার্চোখের মিলন্/ বি. পরস্পরের প্রতি দৃষ্টিপাত।

চারচৌকা /চার্চৌড়্কা/ [বা.] বিণ. চারটি কোণবিশিষ্ট।

চারটা /চার্টা/ [বা.] বি. চার ঘটিকা। বিণ. ১ চার-খানি। ২ যৎসামান্য (*চারটা ভাত*)।

চারটি /চার্টি/ [বা.] বিণ. যৎসামান্য, খুব অল্প (*চারটি ভাত*)।

চারটিখানি /চার্টিখানি/ [বা.] বিণ. অত্যল্প, সামান্য (*চারটিখানি কথা*)

চারটে /চার্টে/ [বা.] বি. বিণ. 'চারটা'-র কথ্য রূপ।

চারণ /চারোন্/ [স. √চারি+অন] বিণ. স্তুতিগায়ক (*চারণ কবি*)। বি. ১ পশু চারণা। ২ পশু চারণার মাঠ। ৩ সঞ্চালন (*পদচারণ*)।

চারণ কবি /চারোন্ কোবি/ বি. যে কবি ঘুরে ঘুরে মহিমাকীর্তনদ্বারা জনগণকে উদ্দীপিত করে।

চারণা /চারোনা/ [স. √চারি+অন+আ (টাপ্)] বি. ১ পশু চরানোর কাজ। ২ সঞ্চালন।

চারদেওয়ারি /চার্দেওআরি/ [বা.] বি. চার দেওয়ালে ঘেরা স্থান বা অঙ্গন।

চারপাই /চার্পাই/ [বা.] বি. চারটি পায়াবিশিষ্ট খাট।

চারপায়া /চার্পায়া/ [ফা.] বিণ. চার পায়াযুক্ত।

চারপেয়ে /চার্পেয়ে/ [বা.] বিণ. চারটি পা-বিশিষ্ট।

চারভিত /চার্ভিত্/ [বা.] বি. চতুর্দিক, চারপাশ।

চারশত /চার্শতো/ [বা. চার+স. শত] বি. ৪০০ সংখ্যা। বিণ. ৪০০ সংখ্যক।

চারশো /চার্শো/ [বা.] বি. বিণ. 'চারশত'-র কথ্য রূপ।

চারা[১] /চারা/ [দেশি.] বি. ১ কচি গাছ; ছোটো গাছ। ২ মাছের পোনা। বিণ. নবজাত বা ক্ষুদ্র।

চারা[২] /চারা/ [ফা.] বি. ১ উপায়, গতি (*বেচারা*)। ২ প্রতিকার, প্রতিবিধান।

চারা[৩] /চারা/ [হি.] বি. পশু বা মাছের খাদ্য, মাছের টোপ।

চারানো /চারানো/ [বা.] ক্রিবি. বিস্তৃত হওয়া।

চারি /চারি/ [স. চতুর্ >] বি. ৪ সংখ্যা। বিণ. ৪ সংখ্যক।

চারিত /চারিতো/ [স. √চর্+ণিচ্+ত] বিণ. ১ চরানো হয়েছে এমন। ২ ব্যাপ্ত; সংক্রমিত। ৩ চালিত।

চারিত্র্য /চারিত্রো/ [স. চরিত্র+য] বি. ১ মহৎ গুণাবলি; সদাচার। ২ চরিত্র।

চারিত্রিক /চারিত্রিক্/ [স. চরিত্র+ইক] বিণ. চরিত্রগত; চরিত্রসম্পর্কিত।

চারিভিত /চারিভিত্/ [বা.] বি. চতুর্দিক, চারপাশ।

-চারী /চারি/ [স. √চর্+ইন্] বিণ. ১ বিচরণকারী, ভ্রমণকারী (*পথচারী*)। ২ আচরণকারী (*সদাচারী*)।

-চারিণী /চারিনি/ [স. √চর্+ইন্+ঈ] বিণ. বিচরণ-কারিণী (*যে ছিল আমার স্বপনচারিণী* রবীন্দ্র.)।

চারু /চারু/ [স. √চর্+উ] বিণ. ১ মনোহর, সুন্দর। ২ ললিত, সুকুমার। ৩ সৎ; উত্তম। বি. -তা /-তা/।

চারুকলা /চারুকলা/ [স. চারু+কলা] বি. চিত্রাঙ্কনাদির সুকুমার শিল্প, ললিতকলা, fine arts।

চারুনেত্র /চারুনেত্রো/ [স. চারু+√নী+ত্র] বিণ. সুন্দর চোখবিশিষ্ট। বি. হরিণ। স্ত্রী. চারুনেত্রা /চারু-নেত্রা/।

চারুশিল্প /চারুশিল্পো/ [স. চারু+√শীল্+প] বি. সুকুমার শিল্প, ললিতকলা, fine arts।

www.pathagar.com

চারুশীল /চারুশিল্/ [স. চারু+√শীল্+অ] বিণ. কমনীয় স্বভাববিশিষ্ট। স্ত্রী. চারুশীলা /চারুশিলা/।

চার্চ /চারচ্/ [ই.] বি. খ্রিষ্টীয় উপাসনাগৃহ, গির্জা, church।

চার্জ /চারজ্/ [ই. charge] বি. ১ বিদ্যুৎশক্তিতে রূপান্তরের জন্য ব্যাটারিতে রাসায়নিক শক্তি সংরক্ষণের প্রক্রিয়া (*ব্যাটারি চার্জ করা*)। ২ কার্য-ভার। ৩ মাশুল দাবি। ৪ অভিযোগ, দোষারোপ।

চার্জশিট /চারজ্শিট্/ [ই.] বি. অভিযোগনামা, charge sheet।

চার্ট /চার্ট্/ [ফ.] বি. তথ্যসংবলিত সারণিলেখ বা নকশা, chart।

চার্টার /চার্টার্/ [ই. charter] বি. ১ নির্দিষ্ট সময়ের জন্য উড়োজাহাজ জলযান প্রভৃতি ভাড়ায় গ্রহণ, প্রক্রয়। ২ সনদ; হুকুমনামা।

চার্বাক /চার্বাক্/ [স. চারু+বাক্] বি. বৃহস্পতির জনৈক শিষ্য ও দার্শনিক মুনি।

চার্ম /চারমো/ [স. চর্ম+অ] বিণ. ১ চর্মময়। ২ চামড়া-সম্পর্কিত।

চাল[১] /চাল্/ [স. তণ্ডুল >] বি. ধানের খোসা ছাড়িয়ে আহৃত শস্য, চাউল, তণ্ডুল (যা বাংলাদেশ-সহ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়াবাসীর প্রধান খাদ্য)।

চাল[২] /চাল্/ [স. √চল্+অ] বি. খড় বাঁশ টিন টালি প্রভৃতির তৈরি কাঁচা ঘরের আচ্ছাদন (*ঘরের চাল*)।

চাল[৩] /চাল্/ [স. √চালি+অ] বি. ১ রীতি; জীবন-যাত্রার পদ্ধতি; আচার-আচরণ (*চালচলন*)। ২ গতিভঙ্গি (*গদাইলশকরি চাল*)। ৩ ধরন, ঢং। ৪ মিথ্যা বড়াই (*চালবাজ*)। ৫ দাবা পাশা প্রভৃতি খেলার দান (*ঘোড়ার চাল*)। ৬ কৌশল, ফন্দি (*কূটচাল*)। ৭ প্রতিমার পেছনের দৃশ্যপট (*চালচিত্র*)।

চালক /চালক্/ [স. √চালি+অক] বি. বিণ. ১ চালনাকারী। ২ নিয়ন্ত্রক, নিয়ামক; পরিচালক (*রাষ্ট্রচালক*)।

চাল কমানো /চাল কমানো/ ক্রিবি. ব্যয় সংকোচ করা; জীবনযাত্রার ব্যয় হ্রাস করা।

চালকুমড়া /চালকুমড়া/ [বা.] বি. ঘরের চাল বা মাচায় বেড়ে ওঠে এবং গ্রীষ্মকালে ফোটে এমন সাদা ফুল ও রোঁয়াযুক্ত লম্বাটে গোলাকার সবজি বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ।

চালকুমড়ো /চালকুমড়ো/ [বা.] বি. দ্র চালকুমড়া।

চালচলন /চালচলোন্/ [দেশি.] বি. ১ রীতিনীতি; আচার-ব্যবহার। ২ মতিগতি।

চাল চালা /চাল্ চালা/ ক্রিবি. ১ ফন্দি খাটানো, কৌশল প্রয়োগ করা। ২ লুডো দাবা পাশা প্রভৃতি খেলার চাল দেওয়া।

চালচিড়ে /চালচিড়ে/ [বা.] বি. পথের খাদ্য ও প্রয়োজনীয় জিনিসপত্র।

চালচিত্র /চাল্চিত্রো/ [স. চাল+√চিত্র+অ] বি. প্রতিমার পেছন দিকের পট।

চালচুলা /চালচুলা/ [বা.] বি. আশ্রয় ও খাদ্যের সংস্থান, আহার ও বাসস্থানের ব্যবস্থা।

চালচুলাহীন /চালচুলাহিন্/ [বা. চালচুলা+স. হীন] বিণ. আহার-বাসস্থানের ব্যবস্থা নেই এমন, নিঃস্ব।

চালচুলো /চালচুলো/ [বা.] বি. 'চালচুলা'-র কথ্য রূপ।

চালচুলোহীন /চালচুলোহিন্/ [বা. চালচুলো+স. হীন] বিণ. দ্র চালচুলাহীন।

চালতা /চাল্তা/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জাত মসৃণ বাকল ও ঘন সবুজ লম্বা পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ বা তার ভেষজ-গুণসম্পন্ন সবুজ গোলাকার অম্লস্বাদ ফল।

চালন /চালোন্/ [স. √চালি+অন] বি. ১ সঞ্চালন (*অসি চালন*)। ২ চর্চা (*দেহ চালন*)। ৩ পরিচালন। ৪ ছাঁকার কাজে ব্যবহৃত বাঁশ বা কাঠের ফ্রেমে সংযুক্ত ছিদ্রবিশিষ্ট জাল।

চালনি /চাল্নি/ [স. চালন >] বি. আটা ময়দা প্রভৃতি ছাঁকার জন্য ব্যবহৃত ছিদ্রবহুল পাত্রবিশেষ।

চালনীয় /চালোনিয়ো/ [স. √চালি+অনীয়] বিণ. চালনার উপযুক্ত, চালাতে হবে এমন।

চালপড়া /চাল্পড়া/ [বা.] বি. মন্ত্র বা দোয়া পড়ে ফুঁ দেওয়া চাল, মন্ত্রপূত চাল।

চালবাজ /চাল্বাজ্/ [স. চাল+ফা. বাজ] বিণ. ১ মিথ্যা জাঁক করে এমন, মিথ্যা বড়াইকারী। ২ ফাঁকিবাজ; ঠক। ৩ ফন্দিবাজ।

চালবাজি /চাল্বাজি/ [স. চাল+ফা. বাজি] বি. ১ মিথ্যা বড়াই। ২ ফাঁকি দেওয়ার প্রবণতা।

চাল বাড়ানো /চাল্ বাড়ানো/ ক্রিবি. জীবনযাত্রার ব্যয় বাড়ানো।

চালমাত /চাল্মাত্/ [বা.] বি. ১ দাবাখেলায় যে চালে প্রতিপক্ষ পরাজিত হয়। ২ (আল.) কার্যোদ্ধার।

চাল মারা /চাল্ মারা/ ক্রিবি. ১ বড়াই করা। ২ ফাঁকি দেওয়া; চালাকি করা।

চালমুগরা /চাল্মুগ্রা/ [দেশি.] বি. ছোটো গুল্মবিশেষ যার বীজ থেকে আহৃত তেল আয়ুর্বেদিক চিকিৎসায় ব্যবহৃত হয়।

www.pathagar.com

চালশে /চাল্‌শে/ [স. চল্লিশ >] বি. (চল্লিশ বছর বয়সের পর থেকে) দৃষ্টিশক্তির স্বাভাবিক ক্ষীণতা।

চালা[১] /চালা/ [বা.] ক্রিবি. ১ সঞ্চালন করা। ২ ছেঁকে পৃথক করা। ৩ দাবা পাশা প্রভৃতি খেলায় এক ঘর থেকে অন্য ঘরে ঘুঁটি চালনা করা। ৪ কল্পিত মন্ত্র পড়ে চালনা করা (*বাটি চালা*)।

চালা[২] /চালা/ [বা.] ক্রিবি. খড় শণ টিন প্রভৃতি দিয়ে আবৃত করা। বিণ. খড় শণ টিন প্রভৃতি দিয়ে ছাওয়া হয়েছে এমন।

চালা[৩] /চালা/ [বা.] বিণ. চালবিশিষ্ট (*দোচালা*)।

চালাক /চালাক্/ [ফা.] বিণ. ১ বুদ্ধিমান। ২ চতুর।

চালাকচতুর /চালাক্‌চোতুর্/ [ফা. চালাক+স. চতুর] বিণ. চটপটে ও বুদ্ধিমান।

চালাকি /চালাকি/ [ফা. চালাক >] বি. ১ চাতুরী, চালবাজি। ২ কৌশল, ফন্দি।

চালাচালি /চালাচালি/ [বা.] বি. ইতস্তত সঞ্চালন; আদান-প্রদান, বিনিময় (*চিঠি চালাচালি*)।

চালান /চালান্/ [বা.] বি. ১ বিক্রির জন্য পণ্য প্রেরণ; রপ্তানি। ২ অপরাধীকে গ্রেপ্তার করে থানায় প্রেরণ; বিচারের জন্য প্রেরণ। ৩ প্রেরিত পণ্যের মূল্য-সহ তালিকা; জায়; invoice। ৪ সরকারি খাতে টাকা জমা দেওয়ার রসিদ।

চালানো /চালানো/ [বা.] ক্রিবি. ১ সচল করা; চালনা করা (*গাড়ি চালানো*)। ২ নির্বাহ করা (*সংসার চালানো*)। ৩ সচল রাখা (*ব্যবসায় চালানো*)। ৪ প্রবর্তন করা (*নিয়ম চালানো*)। ৫ নিয়ন্ত্রণ করা (*ঠিক পথে চালানো*)। ৬ গছানো (*জাল নোট চালানো*)। ৭ কুলানো (*অল্প টাকায় মাস চালানো*)।

চালিত /চালিতো/ [স. √চালি+ত] বিণ. ১ চালনা করা হয়েছে এমন, পরিচালিত। ২ নিয়ন্ত্রিত।

চালিয়াত /চালিআত্/ [বা.] বি. যে মিথ্যা বড়াই করে। বিণ. মিথ্যা বড়াই করে এমন।

চালিয়াতচন্দর /চালিয়াত্‌চন্‌দোর্/ [বা.] বি. বিণ. অতিশয় ধূর্ত ও চালবাজ।

চালিয়াতি /চালিআতি/ [বা.] বি. মিথ্যা বড়াই।

চালিশা /চালিশা/ [স. চল্লিশ >] বি. দ্র চালশে।

চালু /চালু/ [বা.] বিণ. ১ প্রবর্তিত (*নিয়ম চালু হয়েছে*)। ২ কাটতি আছে এমন (*চালু পণ্য*)। ৩ সচল (*চালু কল*)। ৪ বৃদ্ধিশীল (*চালু কারবার*)। ৫ ধূর্ত (*চালু লোক*)।

চালুনি /চালুনি/ [বা.] বি. ছাঁকার জন্য ব্যবহৃত ছিদ্রবহুল পাত্র, চালনি।

চালু মাল /চালু মাল্/ বি. ১ বাজারে কাটতি আছে এমন পণ্য। ২ (অশা.) ধূর্ত ব্যক্তি।

চাষ /চাশ্/ [বা.] বি. ১ কৃষিকর্ম। ২ উৎপাদন (*মাছের চাষ*)। ৩ অনুশীলন, চর্চা (*বুদ্ধির চাষ*)।

চাষ-আবাদ /চাশ্‌আবাদ্/ [বা. চাষ+ফা. আবাদ] বি. কৃষিকাজ, চাষবাস।

চাষবাস /চাশ্‌বাশ্/ [বা.] বি. চাষাবাদ।

চাষা /চাশা/ [বা.] বি. যার পেশা চাষাবাদ, কৃষক।

চাষাড়ে /চাশাড়ে/ [বা.] বিণ. গোঁয়ার; অমার্জিত।

চাষাবাদ /চাশাবাদ্/ [বা. চাষ+ফা. আবাদ] বি. কৃষিকাজ, চাষবাস।

চাষাভুষা /চাশাভুশা/ [বা.] বি. (তুচ্ছার্থে) কৃষক বা ওই পেশায় নিয়োজিত ব্যক্তি।

চাষাভুষো /চাশাভুশো/ [বা.] বি. 'চাষাভুষা'-র কথ্য রূপ।

চাষি /চাশি/ [বা.] বি. ভূমিকর্ষণ যার পেশা, কৃষক।

চা-সেবী /চাশেবি/ [চী. চা+স. সেবী] বিণ. চা-পায়ী।

চাহন[১] /চাহোন্/ [বা.] বি. ১ ইচ্ছা, আকাঙ্ক্ষা; অভিলাষ। ২ প্রার্থনা; যাচ্ঞা।

চাহন[২] /চাহোন্/ [বা.] বি. দৃষ্টিপাত; চক্ষুরুন্মীলন।

চাহনি /চাহোনি/ [বা.] বি. তাকানোর ভঙ্গি; নজর।

চাহা[১] /চাহা/ [বা.] ক্রিবি. ১ ইচ্ছা করা; প্রার্থনা করা, চাওয়া। ২ দৃষ্টিপাত করা, দেখা।

চাহা[২] /চাহা/ [বা.] বি. জলাভূমিতে বিচরণ করে এবং কাদা খুঁচিয়ে খাদ্যসন্ধান করে এমন লম্বা চঞ্চু ও খাটো পা-বিশিষ্ট হালকা ধূসর রঙের পরিযায়ী ছোটো পাখিবিশেষ, কাদাখোঁচা, snipe।

চাহিদা /চাহিদা/ [বা.] বি. ১ বাজারে পণ্যদ্রব্যের প্রয়োজনীয়তা, demand। ২ ক্রয়ের ইচ্ছা।

চিংড়ি /চিংড়ি/ [স. চিঙ্গট >] বি. দুটি দাড়া ও আটটি পা-বিশিষ্ট কঠিন খোলসযুক্ত অমেরুদণ্ডী রক্তহীন জলজ প্রাণিবিশেষ (বৈজ্ঞানিক মতে মাছরূপীয় না হলেও মাছরূপে অভিহিত)।

চিঁ /চিঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্ষীণ আর্তনাদ।

চিঁচিঁ /চিঁচিঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার চিঁ ধ্বনি; (দুর্বলতাহেতু) ক্ষীণ আর্তনাদ।

চিঁহি /চিঁহি/ [ধ্বন্যা.] অব্য. বি. ঘোড়ার ডাক, হ্রেষাধ্বনি।

চিক[১] /চি:ক্/ [স. চিলমীলিকা >] বি. গলায় পরার অলংকারবিশেষ।

চিক[২] /চি:ক্/ [তুর.] বি. বাঁশের সরু শলাকার তৈরি পর্দাবিশেষ (যার খুব কাছে গেলে ফাঁক দিয়ে অপর প্রান্তের দৃশ্য দেখা যায় কিন্তু দূর থেকে কিছু দেখা যায় না)।

www.pathagar.com

চিকচিক /চিক্‌চিক্‌/ [দেশি.] অব্য. বি. ১ পাখির ডাকের শব্দ। ২ দীপ্তিময়তা ও মসৃণতাব্যঞ্জক ভাব। ৩ ঈষৎ উজ্জ্বলতার ভাব।

চিকচিকে/চিক্‌চিকে/ [দেশি.] বিণ. ঈষৎ উজ্জ্বলতার ভাবযুক্ত।

চিকন[১] /চিকন্‌/ [স. চিক্কণ >] বিণ. মিহি; স্নিগ্ধ; মসৃণ; উজ্জ্বল।

চিকন[২] /চিকন্‌/ [ফা.] বি. কাপড়ের ওপর সুচের সূক্ষ্ম কাজ (*চিকনের কাজ করা শাড়ি*)।

চিকনকালা /চিকন্‌কালা/ [বা.] বি. শ্যামসুন্দর, শ্রীকৃষ্ণ।

চিকনাই /চিক্‌নাই/ [হি.] বি. ঔজ্জ্বল্য, মসৃণতা।

চিকমিক /চিক্‌মিক্‌/ [দেশি.] অব্য. ঈষৎ উজ্জ্বলতার ভাব।

চিকা[১] /চিকা/ [দেশি.] বি. খুব ছোটো চোখ ও সুচালো মুখবিশিষ্ট ঘন কোমল লোমাবৃত গাঢ় ধূসরবর্ণের স্তন্যপায়ী গায়ে দুর্গন্ধযুক্ত নিশাচর ইঁদুরজাতীয় প্রাণী, ছুঁচা, ছুঁচো, গন্ধমূষিক।

চিকা[২] /চিকা/ [দেশি.] বি. গুণ চিহ্ন (x), ঢ্যারাচিহ্ন।

চিকা মারা /চিকা মারা/ ক্রিবি. ১ দেওয়ালে লিখে বিজ্ঞাপিত করা; ছাপ মারা। ২ ঢ্যারাচিহ্ন দেওয়া।

চিকারি /চিকারি/ [হি.] বি. ঝালা দেওয়ার জন্য সেতার প্রভৃতি তারযন্ত্রে সংযোজিত অতিরিক্ত দুটি তার।

চিকিৎসক /চিকিত্‌শক্‌/ [স. √কিৎ+সন্‌+অক] বি. যে চিকিৎসা করে, বৈদ্য, ভিষক, ডাক্তার।

চিকিৎসনীয় /চিকিত্‌শোনিয়ো/ [স. √চিকিৎস্‌+অনীয়] বিণ. চিকিৎসার যোগ্য, চিকিৎসাসাধ্য।

চিকিৎসা /চিকিত্‌শা/ [স. √চিকিৎস্‌+অ+আ (টাপ্‌)] বি. রোগ নিরাময়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

চিকিৎসাকারী /চিকিত্‌শাকারি/ [স. চিকিৎসা+√কৃ+ইন্‌] বি. বিণ. চিকিৎসক, বৈদ্য, ডাক্তার।

চিকিৎসাকেন্দ্র /চিকিত্‌শাকেন্দ্রো/ [স. চিকিৎসা+কেন্দ্র] বি. যে কেন্দ্রে রোগের চিকিৎসা করা হয়।

চিকিৎসাগার /চিকিত্‌শাগার্‌/ [স. চিকিৎসা+আগার] বি. যে গৃহে চিকিৎসা করা হয়, হাসপাতাল।

চিকিৎসাধীন /চিকিত্‌শাধিন্‌/ [স. চিকিৎসা+অধীন] বিণ. চিকিৎসা করা হচ্ছে এমন।

চিকিৎসাবিজ্ঞান /চিকিত্‌শাবিগ্‌গ্যাঁন্‌/ [স. চিকিৎসা+বি+√জ্ঞা+অন] বি. চিকিৎসাবিদ্যা।

চিকিৎসালয় /চিকিত্‌শালয়্‌/ [স. চিকিৎসা+আলয়] বি. যে গৃহে চিকিৎসা করা হয়, হাসপাতাল।

চিকিৎসাশাস্ত্র /চিকিত্‌শাশাস্‌ত্রে/ [স. চিকিৎসা+√শাস্‌+ত্র] বি. দ্র চিকিৎসাবিজ্ঞান।

চিকিৎসাসংকট /চিকিত্‌শাশংকট্‌/ [স. চিকিৎসা+সংকট] বি. চিকিৎসাজনিত সমস্যা।

চিকিৎসিত /চিকিত্‌শিতো/ [স. √চিকিৎস্‌+ত] বিণ. চিকিৎসা করা হয়েছে এমন।

চিকিৎস্য /চিকিত্‌শো/ [স. √চিকিৎস্‌+য] বিণ. চিকিৎসার যোগ্য, চিকিৎসা করতে হবে এমন।

চিকিমিকি /চিকিমিকি/ [বা.] অব্য. থেকে থেকে দ্যুতির প্রকাশ।

চিকীর্ষা /চিকির্‌শা/ [স. √চিকীর্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. করার ইচ্ছা।

চিকীর্ষিত /চিকির্‌শিতো/ [স. √চিকীর্ষ্‌+ত] বিণ. অভিপ্রায়যুক্ত, অভিপ্রেত, অভিলষিত।

চিকীর্ষু /চিকির্‌শু / [স. √চিকীর্ষ্‌+উ] বিণ. করতে ইচ্ছুক।

চিকুনগুনিয়া /চিকুন্‌গুনিআ/ [আফ্রি.] বি. (পূর্বআফ্রিকা ও এশিয়ার কোনো কোনো অঞ্চলে প্রাদুর্ভূত) মশাবাহিত ভাইরাসজনিত ডেঙ্গুর উপসর্গবিশিষ্ট রোগবিশেষ, chikungunya।

চিকুর /চিকুর্‌/ [স. চি+√কুর্‌+অ] বি. ১ চুল, কেশ (*বাঁধিতেছিল সে দীর্ঘ চিকুর,* রবীন্দ্র.)। ২ বিজলি, বিদ্যুৎ, তড়িৎ। বিণ. চপল, অস্থির।

চিকুরজাল /চিকুর্‌জাল্‌/ [স. চিকুর+√জল্‌+অ] বি. চুলের গোছা, কেশদাম, কেশগুচ্ছ।

চিকুরঝালা /চিকুর্‌ঝালা/ [স. চিকুর +বা. ঝালা] বি. বিদ্যুতের দীপ্তি, বিদ্যুৎ-চমকানি।

চিক্কণ /চিক্‌কন্‌/ [স. √চিৎ+কণ] বিণ. ১ চিকন, মসৃণ, চকচকে। ২ স্নিগ্ধ, শোভন। ৩ লাবণ্যময়।

চিক্কুর[১] /চিক্‌কুর্‌/ [স. চিকুর >] বি. বজ্র।

চিক্কুর[২] /চিক্‌কুর্‌/ [স. চিৎকার >] বি. তীব্র চিৎকার।

চিঙ্গট /চিংগট্‌/ [স. চিঙ্গ+√অট্‌+অ] বি. দ্র চিঙ্গাড়।

চিঙ্গাড় /চিংগড়্‌/ [স. চিঙ্গা+√অট্‌+অ] বি. দুটি দাড়া ও আটটি পা-বিশিষ্ট কঠিন খোলসযুক্ত অমেরুদণ্ডী রক্তহীন জলজ প্রাণিবিশেষ (বৈজ্ঞানিক মতে মাছবর্গীয় না হলেও মাছরূপে অভিহিত), চিংড়ি।

চিচিংফাঁক /চিচিংফাঁক্‌/ [দেশি.] বি. আরব্য উপন্যাসে বর্ণিত ধনাগারের দরজা খোলার কল্পিত গুপ্তমন্ত্র। বিণ. (আল.) প্রকাশিত, উন্মোচিত।

চিচিঙ্গা /চিচিংগা/ [স. চিচিন্ড >] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত সবুজের ওপর সাদা ডোরাকাটা লম্বাটে সবজি বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ।

www.pathagar.com

চিট /চিট্/ [হি.] অব্য. আঠালো ভাব। বিণ. চটচটে।

চিটচিট /চিটচিট্/ [দেশি.] অব্য. আঠালো ভাব।

চিটচিটে /চিট্চিটে/ [দেশি.] বিণ. আঠালো ভাবযুক্ত, চটচটে।

চিটা[১] /চিটা/ [বা.] বিণ. ১ ঈষৎ চটচটে বা আঠালো। ২ মলিন। বি. ১ তামাকে মিশ্রিত নিম্নমানের গুড়-বিশেষ, মাতগুড়। ২ ক্বাথ। ৩ কাইট।

চিটা[২] /চিটা/ [দেশি.] বিণ. শুকনো ও অসার। বি. ১ শস্যহীন ধান। ২ ধানের রোগবিশেষ।

চিটাগুড় /চিটাগুড়/ [বা.] বি. তামাকচূর্ণের সঙ্গে মিশ্রণের জন্য ব্যবহৃত নিম্নমানের ঝোলাগুড়, রাব।

চিঠা /চিঠা/ [বা.] বি. ১ লেনদেনের হিসাবের খাতা। ২ ছোটো চিঠি। ৩ আদেশপত্র। ৪ ফর্দ। ৫ জমি জরিপের বিবরণপত্র; জমির মানচিত্র।

চিঠি /চিঠি/ [বা.] বি. পত্র, লিপি।

চিঠিচাপাটি /চিঠিচাপাটি/ [বা.] বি. দ্র চিঠিপত্র।

চিঠিচৌপাটি /চিঠিচৌপাটি/ [বা.] বি. দ্র চিঠিপত্র।

চিঠিপত্র /চিঠিপত্রো/ [বা. চিঠি+স. পত্র] বি. চিঠি ও তজ্জাতীয় কাগজপত্র, পত্রাবলি।

চিড় /চিড়্/ [দেশি.] বি. ফাটল; বিদারণের সরু চিহ্ন।

চিড়চিড় /চিড়্চিড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ফেটে যাওয়ার অনুকার শব্দ; ফাটল ধরার বোধ।

চিড়বিড় /চিড়্বিড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. অসহ্য জ্বালা ও চুলকানির অনুভূতির ভাব প্রকাশক শব্দ।

চিড়া /চিড়া/ [স. চিপিটক >] বি. ভেজা ধান মাটির খোলায় ভেজে ছেঁটে চ্যাপটা করা খাদ্যবস্তুবিশেষ, চিপিটক।

চিড়া কোটা /চিড়া কোটা/ ক্রিবি. ঢেঁকি বা কলে ধান চ্যাপটা করে চিড়া তৈরি করা।

চিড়িক /চিড়িক্/ [দেশি.] অব্য. শরীরে হঠাৎ সূচ ফোটানোর মতো তীব্র ব্যথার অনুভূতি।

চিড়িতন /চিড়িতন্/ [হি.] বি. তাসের রংবিশেষ, club।

চিড়িয়া /চিড়িআ/ [হি.] বি. ১ পাখি। ২ জন্তু। ৩ (আল.) চালবাজ লোক।

চিড়িয়াখানা /চিড়িআখানা/ [হি. চিড়িয়া+ফা. খানা] বি. বন্য জীবজন্তুর প্রদর্শশালা; যে গৃহে গবেষণা ও প্রজননের জন্য বন্য জীবজন্তু রাখা হয়।

চিড়ে /চিড়ে/ [বা.] বি. 'চিড়া'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

চিড়েচ্যাপটা /চিড়েচ্যাপ্টা/ [বা.] বিণ. ১ প্রবল চাপে চিড়ের মতো চ্যাপটা হয়ে গিয়েছে এমন, পিষ্ট। ২ (আল.) নাস্তানাবুদ।

চিত[১] /চিত্/ [দেশি.] বি. মাটিতে পিঠ রেখে ঊর্ধ্বমুখী হয়ে শোয়ার ভঙ্গি, উত্তানশয়ন। বিণ. পর্যুদস্ত।

চিত[২] /চিত্/ [স. চিত্ত >] বি. 'চিত্ত'-র কোমল ও কাব্যিক রূপ।

চিত[৩] /চিতো/ [স. √চি+ত] বিণ. ১ চয়ন করা হয়েছে এমন, চায়িত; সংকলিত। ২ সঞ্চিত। ৩ রচিত।

চিতই /চিতোই্/ [স. চিত্রাপূপ >] বি. চালের গুঁড়ো জলে গুলে শুকনো খোলায় ভাজা পিঠা।

চিতচোর /চিতোচোর্/ [বা. চিত+স. চোর] বি. যে চিত্তকে হরণ করে, প্রেমিক।

চিতপটাং /চিত্পটাং/ [বা.] বিণ. ঊর্ধ্বমুখ হয়ে পতিত।

চিতপাত /চিত্পাত্/ [বা.] বিণ. দ্র চিতপটাং।

চিতল /চিতল্/ [স. চিত্রফল >] বি. ছোটো রুপালি আঁশযুক্ত চ্যাপটা ও চওড়া পেটবিশিষ্ট মিঠাপানির বড়ো মাছ।

চিতসাঁতার /চিত্শাঁতার্/ [বা.] বি. চিত হয়ে ভেসে সন্তরণ।

চিতা[১] /চিতা/ [স. √চি+ত+আ (টাপ্)] বি. শবদাহের চুল্লি বা অগ্নিকুণ্ড।

চিতা[২] /চিতা/ [স. চিত্রক >] বি. সর্বাঙ্গে হলুদের ওপর কালো ছাপযুক্ত ক্ষিপ্রগতিসম্পন্ন বাঘের প্রজাতিবিশেষ, leopard।

চিতা[৩] /চিতা/ [স. চিত্রক >] বি. ১ আধভেজা কাপড় ফেলে রাখলে তাতে যে কালচে ছোটো ছোটো দাগ পড়ে। ২ মুখমণ্ডলে মেচেতার দাগ। ৩ রাংচিতা।

চিতান /চিতান্/ [দেশি.] বি. কবিগানে যে অংশ গলা ছেড়ে গাইতে হয়।

চিতানো /চিতানো/ [বা.] ক্রিবি. ১ চিত হওয়া। ২ ফোলানো (*বুক চিতানো*)।

চিতাভস্ম /চিতাভস্শোঁ/ [স. চিতা+√ভস্+মন্] বি. চিতায় মরদেহ পোড়ানোর পর সংগৃহীত ছাই।

চিতারোহণ /চিতারোহোন্/ [স. চিতা+আরোহণ] বি. স্বামীর চিতায় পত্নীকে জীবন্ত পুড়িয়ে হত্যার অধুনালুপ্ত প্রথা।

চিতি[১] /চিতি/ [স. চিত্রক >] বি. ১ কাপড় বা গায়ের ছোপ ছোপ কালো দাগ। ২ চিত্রিতদেহ ছোটো কাঁকড়া। ৩ চিত্রিতদেহ বিষধর ছোটো সাপবিশেষ।

চিতি[২] /চিতি/ [স. √চি+তি] বি. চয়ন, আহরণ, সঞ্চয়, সমবায়।

চিতুই /চিতুই্/ [স. চিত্রাপূপ >] বি. দ্র চিতই।

চিৎ /চিত্/ [স. √চিৎ+ক্বিপ্] বি. ১ চৈতন্য; বোধ। ২ চিত্ত, মন। ৩ জ্ঞান।

www.pathagar.com

চিৎকার /চিত্‌কার্‌/ [স. চিৎ+√কৃ+অ] বি. উচ্চৈঃস্বরে চেঁচামেচি; কোলাহল, উচ্চরব।

চিৎপ্রকর্ষ /চিত্‌প্রোকর্‌শো/ [স. চিৎ+প্র+√কৃষ্‌+অ] বি. বুদ্ধির উৎকর্ষ, চিত্তের শ্রেষ্ঠতা।

চিত্ত /চিত্‌তো/ [স. √চিৎ+ত] বি. অন্তঃকরণ, হৃদয়, মন, আত্মা; প্রাণ।

চিত্তক্ষোভ /চিত্‌তোখোভ্‌/ [স. চিত্ত+ক্ষোভ] বি. মনের আক্ষেপ বা দুঃখ, মনস্তাপ, মর্মবেদনা।

চিত্তগ্রাহী /চিত্‌তোগ্‌গ্রাহি/ [স. চিত্ত+√গ্রহ্‌+ইন্‌] বিণ. হৃদয়গ্রাহী, চিত্তাকর্ষক, হৃদ্য, মনোজ্ঞ; মর্মস্পর্শী।

চিত্তচমৎকারী /চিত্‌তোচমোত্‌কারি/ [স. চিত্ত+চমৎ+√কৃ+ইন্‌] বিণ. মনোহর, মনোমুগ্ধকর।

চিত্তচাঞ্চল্য /চিত্‌তোচান্‌চোল্‌লো/ [স. চিত্ত+চঞ্চল+য] বি. চিত্তের অস্থিরতা।

চিত্তচাঞ্চল্যকর /চিত্‌তোচানচোল্‌লোকর্‌/ [স. চিত্ত+চঞ্চল্য+√কৃ+অ] বিণ. মানসিক অস্থিরতা উদ্রেক করে এমন।

চিত্তচালন /চিত্‌তোচালোন্‌/ [স. চিত্ত+চালন] বি. মানসিক বৃত্তির অনুশীলন।

চিত্তচোর /চিত্‌তোচোর্‌/ [স. চিত্ত+চোর] বি. যে ব্যক্তি মন হরণ করে, প্রেমিক।

চিত্তদমন /চিত্‌তোদমোন্‌/ [স. চিত্ত+√দম্‌+অন] বি. ১ মনকে সংযতকরণ, আত্মশাসন। ২ কুপ্রবৃত্তি নিরোধ; প্রবল বাসনা সংবরণ; ইন্দ্রিয় জয়।

চিত্তদাহ /চিত্‌তোদাহো/ [স. চিত্ত+√দহ্‌+অ] বি. মানসিক অশান্তি, মনস্তাপ, মর্মপীড়া।

চিত্তদোষ /চিত্‌তোদোশ্‌/ [স. চিত্ত+√দুষ্‌+অ] বি. মনের কলুষ বা বিকার।

চিত্তদ্রাবক /চিত্‌তোদ্রাবোক্‌/ [স. চিত্ত+√দ্রু+অক] বিণ. হৃদয় দ্রবীভূত করে এমন, মর্মস্পর্শী।

চিত্তনিরোধ /চিত্‌তোনিরোধ্‌/ [স. চিত্ত+নি+√রুধ্‌+অ] বি. মনকে জাগতিক বিষয় থেকে বিমুখকরণ।

চিত্তপুত্তলি /চিত্‌তোপুত্‌তোলি/ [স. চিত্ত+পুত্তলি] বি. পরম স্নেহের ধন।

চিত্তপুত্তলিকা /চিত্‌তোপুত্‌তোলিকা/ [স. চিত্ত+পুত্তলী+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র চিত্তপুত্তলি।

চিত্তপ্রসাদ /চিত্‌তোপ্রোশাদ্‌/ [স. চিত্ত+প্র+√সদ্‌+অ] বি. মানসিক প্রশান্তি; মনের আনন্দ; মনস্তুষ্টি।

চিত্তবিকার /চিত্‌তোবিকার্‌/ [স. চিত্ত+বিকার] বি. ১ মানসিক ব্যাধি; মানসিক বৈগুণ্য। ২ হৃদয়ের চাঞ্চল্য। ৩ নৈতিক অবনতি।

চিত্তবিক্ষেপ /চিত্‌তোবিক্‌খেপ্‌/ [স. চিত্ত+বিক্ষেপ] বি. ১ মানসিক বিচলন, মানসিক বিভ্রম। ২ কোনো বিষয়ে মানসিক একাগ্রতার অভাব।

চিত্তবিনোদন /চিত্‌তোবিনোদোন্‌/ [স. চিত্ত+বি+√নুদ্‌+অন] বি. মনোরঞ্জন, মনস্তুষ্টিসাধন।

চিত্তবিপ্লব /চিত্‌তোবিপ্‌লব্‌/ [স. চিত্ত+বিপ্লব] বি. ১ মানসিক আন্দোলন বা বিক্ষোভ। ২ মানসিক বিকৃতি বা বুদ্ধিভ্রংশ।

চিত্তবিভ্রম /চিত্‌তোবিব্‌ভ্রোম্‌/ [স. চিত্ত+বি+√ভ্রম্‌+অ] বি. মনের বিকার।

চিত্তবিমোহন /চিত্‌তোবিমোহোন্‌/ [স. চিত্ত+বি+√মোহি+অন] বি. মনোহরণ। বিণ. মনোমুগ্ধকারী।

চিত্তবৃত্তি /চিত্‌তোবৃত্‌তি/ [স. চিত্ত+√বৃৎ+তি] বি. মনের ধর্ম; মনোবৃত্তি।

চিত্তবৈকল্য /চিত্‌তোবোই্‌কোল্‌লো/ [স. চিত্ত+বৈকল্য] বি. ১ চিত্তবিকার; চিত্তবিভ্রম। ২ কর্তব্য নির্ণয়ে অক্ষমতা। ৩ নৈতিক অবনতি।

চিত্তভ্রংশ /চিত্‌তোভ্রোংশো/ [স. চিত্ত+√ভ্রন্‌শ্‌+অ] বি. ১ স্মৃতিলোপ। ২ চিত্তবিভ্রম। ৩ চিত্তবৈকল্য। ৪ হৃদয়ের বিকার।

চিত্তরঞ্জন /চিত্‌তোরন্‌জোন্‌/ [স. চিত্ত+√রঞ্জি+অন] বি. চিত্তের আনন্দবিধান। বিণ. চিত্তে আনন্দ সঞ্চার করে এমন।

চিত্তরঞ্জী /চিত্‌তোরোন্‌জি/ [স. চিত্ত+√রঞ্জি+ইন্‌] বিণ. মনোরঞ্জন করে এমন। স্ত্রী. **চিত্তরঞ্জিনী** /চিত্‌তোরোন্‌জিনি/।

চিত্তরঞ্জিনীবৃত্তি /চিত্‌তোরোন্‌জিনিবৃত্‌তি/ [স. চিত্ত+রঞ্জিনী+√বৃৎ+তি] বি. যে বৃত্তি মানুষকে নন্দন-তত্ত্ব ও সৌন্দর্যচেতনায় উদ্‌বুদ্ধ করে, aesthetics।

চিত্তশুদ্ধি /চিত্‌তোশুদ্‌ধি/ [স. চিত্ত+√শুধ্‌+তি] বি. ১ মনের মলিনতা দূরীকরণ। ২ হৃদয়ের পবিত্রতা।

চিত্তস্থৈর্য /চিত্‌তোস্‌থোই্‌রজো/ [স. চিত্ত+স্থির+য] বি. ১ হৃদয়ের স্থিরতা। ২ মনের প্রশান্তি।

চিত্তহরণ /চিত্‌তোহরোন্‌/ [স. চিত্ত+√হৃ+অন] বি. মনোহরণ।

চিত্তহারী /চিত্‌তোহারি/ [স. চিত্ত+√হৃ+ইন্‌] বিণ. মনকে হরণ করে এমন, মনোহারী। স্ত্রী. **চিত্তহারিণী** /চিত্‌তোহারিনি/।

চিত্তাকর্ষক /চিত্‌তাকর্‌শক্‌/ [স. চিত্ত+আকর্ষক] বিণ. ১ মনোজ্ঞ, মনোহর। ২ কৌতূহলোদ্দীপক।

চিত্তোৎকর্ষ /চিত্‌তোত্‌করশো/ [স. চিত্ত+উৎকর্ষ] বি. চিত্তের উৎকর্ষ।

চিত্তোদ্‌বেগ /চিত্‌তোদ্‌বেগ্‌/ [স. চিত্ত+উদ্‌বেগ] বি. মনের উদ্‌বেগ, মানসিক চাঞ্চল্য।

www.pathagar.com

চিত্তোদ্দীপক /চিত্‌তোদ্‌দিপক্‌/ [স. চিত্ত+উদ্দীপক] বিণ. মনকে উদ্দীপিত করে এমন।

চিত্তোন্নতি /চিত্‌তোন্‌নোতি/ [স. চিত্ত+উন্নতি] বি. মানসিক বৃত্তির উৎকর্ষসাধন।

চিত্র /চিত্‌ত্রো/ [স. √চিত্র্+অ] বি. ১ অঙ্কিত প্রতিকৃতি, ছবি। ২ পত্রলেখা। বিণ. বিচিত্র।

চিত্রক[১] /চিত্‌ত্রক্‌/ [স. চিত্র+ক (স্বার্থে)] বি. সর্বাঙ্গে হলুদের ওপর কালো ছাপযুক্ত ক্ষিপ্রগতিসম্পন্ন বাঘের প্রজাতিবিশেষ, চিতা, leopard।

চিত্রক[২] /চিত্‌ত্রক্‌/ [স. চিত্র+ক] বি. ফোঁটা, তিলক।

চিত্রক[৩] /চিত্‌ত্রক্‌/ [স. √চিত্র্+অক] বি. চিত্রশিল্পী, চিত্রকর, পটুয়া।

চিত্রকম্বল /চিত্‌ত্রোকম্‌বোল্‌/ [স. চিত্র+কম্বল] বি. বিচিত্র বর্ণের গালিচা, carpet।

চিত্রকর /চিত্‌ত্রোকর্‌/ [স. চিত্র+√কৃ+অ] বি. পটুয়া, চিত্রশিল্পী।

চিত্রকর্ম /চিত্‌ত্রোকর্‌মো/ [স. চিত্র+কর্মন্‌] বি. ছবি; চিত্রশিল্প।

চিত্রকর্মা /চিত্‌ত্রোকর্‌মা/ [স. চিত্র+কর্মন্‌] বিণ. ১ চিত্রকর। ২ ঐন্দ্রজালিক।

চিত্রকলা /চিত্‌ত্রোকলা/ [স. চিত্র+√কলি+অ] বি. ছবি আঁকার বিদ্যা, চিত্রশিল্প, চিত্রাঙ্কনবিদ্যা।

চিত্রকল্প /চিত্‌ত্রোকল্‌পো/ [স. চিত্র+√কল্প্+অ] বি. রূপকল্প; imagery।

চিত্রকাব্য /চিত্‌ত্রোকাব্‌বো/ [স. চিত্র+√কব্+য] বি. যে কাব্যরচনায় ছবি ফুটে ওঠে।

চিত্রকার /চিত্‌ত্রোকার্‌/ [স. চিত্র+√কৃ+অ] বি. দ্র চিত্রকর।

চিত্রকূট /চিত্‌ত্রোকুট্‌/ [স. চিত্র+কূট] বি. রামায়ণে বর্ণিত রামগিরি পর্বত।

চিত্রগত /চিত্‌ত্রোগতো/ [স. চিত্র+√গম্+ত] বিণ. চিত্রপটে অঙ্কিত।

চিত্রগন্ধ /চিত্‌ত্রোগন্‌ধো/ [স. চিত্র+√গন্ধ্+অ] বি. ১ হরিতাল। ২ মনোহর গন্ধ, সুগন্ধ।

চিত্রগুপ্ত /চিত্‌ত্রোগুপ্‌তো/ [স. চিত্র+√গুপ্+ত] বি. লোকবিশ্বাসমতে যিনি সকল জীবের পাপপুণ্যের হিসাব লিখে রাখেন (*চিত্রগুপ্তের খাতা*)।

চিত্রণ /চিত্‌ত্রন্‌/ [স. √চিত্র্+অন] বি. অঙ্কিতকরণ, বর্ণন, অলংকরণ।

চিত্রতারকা /চিত্‌ত্রোতারোকা/ [স. চিত্র+√তারি+অক+আ (টাপ্‌)] বি. চলচ্চিত্রের অভিনেতা বা অভিনেত্রী, film star।

চিত্রদীপ /চিত্‌ত্রোদিপ্‌/ [স. চিত্র+√দীপ্+অ] বি. পূজায় ব্যবহৃত পঞ্চদীপের একটি।

চিত্রনাট্য /চিত্‌ত্রোনাট্‌টো/ [স. চিত্র+√নাটি+য] বি. চলচ্চিত্রায়ণ বা অভিনয়ের জন্য উপন্যাস বা গল্পের নাট্যরূপ।

চিত্রনেত্রা /চিত্‌ত্রোনেত্‌ত্রা/ [স. চিত্র+√নী+ত্র+আ (টাপ্‌)] বি. শালিক পাখি। বিণ. বিচিত্রনয়না।

চিত্রনৈপুণ্য /চিত্‌ত্রোনোইপুন্‌নো/ [স. চিত্র+নিপুণ+য] বি. চিত্রাঙ্কনবিদ্যায় পারদর্শিতা।

চিত্রপট /চিত্‌ত্রোপট্‌/ [স. চিত্র+√পট্+অ] বি. ১ যে পটের ওপর ছবি আঁকা হয়। ২ ছবি আঁকার উপযোগী মোটা কাপড়, canvas।

চিত্রপরিচালক /চিত্‌ত্রোপোরিচালক্‌/ [স. চিত্র+পরিচালক] বি. চলচ্চিত্রের নির্দেশক।

চিত্রপুত্তলিকা /চিত্‌ত্রোপুত্‌তোলিকা/ [স. চিত্র+পুত্তলী+কন্+আ (টাপ্‌)] বি. অঙ্কিত পুতুল বা প্রতিমূর্তি।

চিত্রফল /চিত্‌ত্রোফল্‌/ [স. চিত্র+√ফল্+অ] বি. ছোটো রুপালি আঁশযুক্ত চ্যাপটা ও চওড়া পেটবিশিষ্ট মিঠাপানির বড়ো মাছ, চিতল।

চিত্রফলক /চিত্‌ত্রোফলোক্‌/ [স. চিত্রফল+ক (স্বার্থে)] বি. চিত্রাঙ্কিত ধাতু বা কাঠের খণ্ড।

চিত্রবৎ /চিত্‌ত্রোবত্‌/ [স. চিত্র+বৎ] বিণ. পটে আঁকা ছবির মতো; নিস্পন্দ।

চিত্রবিচিত্র /চিত্‌ত্রোবিচিত্‌ত্রো/ [স. চিত্র+বিচিত্র] বিণ. নানা রঙের নকশাযুক্ত।

চিত্রবিদ /চিত্‌ত্রোবিদ্‌/ [স. চিত্র+√বিদ্+অ] বিণ. অঙ্কনবিদ্যায় পারদর্শী; চিত্রশিল্পজ্ঞ।

চিত্রবিদ্যা /চিত্‌ত্রোবিদ্‌দা/ [স. চিত্র+√বিদ্+য+আ (টাপ্‌)] বি. অঙ্কনশিল্প; চিত্রকলা।

চিত্রভানু /চিত্‌ত্রোভানু/ [স. চিত্র+√ভা+নু] বি. ১ অগ্নি। ২ সূর্য। ৩ আকন্দবৃক্ষ। ৪ অর্জুনপত্নী চিত্রাঙ্গদার পিতা ও মণিপুরের পৌরাণিক রাজা।

চিত্রময় /চিত্‌ত্রোময়্‌/ [স. চিত্র+ময়ট্‌] বিণ. ১ ছবিতে পরিপূর্ণ, চিত্রিত। ২ চিত্রদ্বারা বিবৃত। ৩ ছবির মতো। স্ত্রী. চিত্রময়ী /চিত্‌ত্রোমোয়ি/।

চিত্রযোধী /চিত্‌ত্রোজোধি/ [স. চিত্র+√যুধ্+ইন্‌] বি. তৃতীয় পাণ্ডব অর্জুনের একটি নাম।

চিত্ররথ /চিত্‌ত্রোরথ্‌/ [স. চিত্র+√রথ্+অ] বি. ১ সূর্য। ২ চিত্রবিচিত্র রথের অধিকারী গন্ধর্ববিশেষ।

চিত্ররেখা /চিত্‌ত্রোরেখা/ [স. চিত্র+√লিখ্+অ+আ (টাপ্‌)] বি. অপ্সরাবিশেষ।

চিত্রল /চিত্‌ত্রল্‌/ [স. চিত্র+লচ্‌] বিণ. বিবিধ বর্ণে চিত্রিত, চিত্রময়; চিত্রবিচিত্র।

www.pathagar.com

চিত্রলিপি /চিত্‌ত্রোলিপি/ [স. চিত্র+√লিপ্+ই] বি. ছবির সাহায্যে ভাব প্রকাশ, pictograph।

চিত্রলেখা /চিত্‌ত্রোলেখা/ [স. চিত্র+√লিখ্+অ+আ (টাপ্)] বি. অপ্সরাবিশেষ।

চিত্রশালা /চিত্‌ত্রোশালা/ [স. চিত্র+√শল্+অ+আ (টাপ্)] বি. ১ ছবি আঁকার ঘর, studio। ২ যে গৃহে প্রদর্শনের জন্য ছবি রাখা হয়, ছবির সংগ্রহ-শালা, gallery।

চিত্রশিল্পী /চিত্‌ত্রোশিল্‌পি/ [স. চিত্র+শিল্প+ইন্] বি. চিত্রকর, চিত্রী।

চিত্রা /চিত্‌ত্রা/ [স. চিত্র+আ (টাপ্)] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের চতুর্দশ নক্ষত্র। ২ বাংলাদেশের যশোর ও নড়াইল জেলার একটি নদী যা পূর্বে ইছামতির শাখানদী হলেও বর্তমানে নবগঙ্গার উপনদীরূপে প্রবাহিত এবং খুলনায় ভৈরব নদীতে পতিত। ৩ সংস্কৃত ছন্দবিশেষ। ৪ অপ্সরাবিশেষ।

চিত্রাঙ্কন /চিত্‌ত্রাংকোন্/ [স. চিত্র+অঙ্কন] বি. ছবি আঁকার শিল্প।

চিত্রাঙ্গ /চিত্‌ত্রাংগ/ [স. চিত্র+অঙ্গ] বিণ. চিত্রিত অঙ্গবিশিষ্ট। বি. ১ সাপ। ২ রাংচিতা।

চিত্রাঙ্গদ /চিত্‌ত্রাংগদ্/ [স. চিত্রাঙ্গ+√দা+অ] বি. মহাভারতোক্ত পৌরাণিক রাজা শান্তনুর পুত্র।

চিত্রাঙ্গদা /চিত্‌ত্রাংগদা/ [স. চিত্রাঙ্গম+√দা+অ+আ (টাপ্)] বি. পৌরাণিক রাজা চিত্রভানুর কন্যা ও তৃতীয় পান্ডব অর্জুনের অন্যতম পত্নী।

চিত্রানুগ /চিত্‌ত্রানুগো/ [স. চিত্র+অনুগ] বিণ. ছবির মতো নিখুঁত, সুস্পষ্ট, সমুজ্জ্বল।

চিত্রাভাস /চিত্‌ত্রাভাশ্/ [স. চিত্র+আভাস] বি. অঙ্কনশিল্পের রীতিবিরুদ্ধতা। বিণ. অঙ্কনশৈলীর রীতিবিরুদ্ধ।

চিত্রায়ণ /চিত্‌ত্রায়োন্/ [স. চিত্র+অয়ন] বি. চিত্রে রূপায়ণ।

চিত্রার্পিত /চিত্‌ত্রার্‌পিতো/ [স. চিত্র+√অর্পি+ত] বিণ. ১ চিত্রপটে অঙ্কিত। ২ নিস্পন্দ, স্থির।

চিত্রার্পিত প্রায় /চিত্‌ত্রার্‌পিতো প্রায়্/ বিণ. চিত্রপটে আঁকা ছবির মতো; মূর্তির মতো স্পন্দনহীন।

চিত্রালংকার /চিত্‌ত্রালংকার্/ [স. চিত্র+অলংকার] বি. শব্দালংকারবিশেষ।

চিত্রাহরিণ /চিত্‌ত্রাহোরিন্/ [স. চিত্রা+হরিণ] বি. বিশেষত বাংলাদেশের সুন্দরবন ভারত ও শ্রীলংকায় বিচরণ করে এমন হলদে বাদামি দেহত্বকে সাদা ছোপ ছোপ দাগযুক্ত স্তন্যপায়ী তৃণভোজী দ্রুতগামী প্রাণী, spotted dear।

চিত্রিক /চিত্‌ত্রিক্/ [স. চিত্রা+ইক] বি. বাংলা বর্ষপঞ্জির দ্বাদশ মাস, বসন্তঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই মার্চ থেকে ১৩ই এপ্রিল পর্যন্ত কালপর্ব; চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমার মাস, চৈত্র, মধুমাস।

চিত্রিণী /চিত্‌ত্রিনি/ [স. চিত্র+ইন্+ঈ] বি. ১ কাম-শাস্ত্রে বর্ণিত দৈহিক গঠনভেদে চতুর্বিধ নারীর (পদ্মিনী চিত্রিণী শঙ্খিনী ও হস্তিনী) দ্বিতীয় রূপ। ২ তন্ত্রশাস্ত্রমতে দেহের নাড়িবিশেষ।

চিত্রিত /চিত্‌ত্রিতো/ [স. √চিত্রি+ত] বিণ. ১ অঙ্কিত, নকশাকাটা। ২ নানা বর্ণে রঞ্জিত; বহুবর্ণমন্ডিত।

চিত্রীকরণ /চিত্‌ত্রিকরোন্/ [স. চিত্র+চ্বি+করণ] বি. চিত্রিতকরণ; অঙ্কন।

চিদম্বর /চিদম্‌বর্/ [স. চিৎ+অম্বর] বি. ১ চৈতন্যরূপ আকাশ (*হের চিদম্বরে মঙ্গলে সুন্দরে*— রবীন্দ্র.)। ২ আকাশের মতো নির্লিপ্ত পরব্রহ্ম। ৩ চিত্তরূপ আকাশ। ৪ মনোরূপ পরব্রহ্ম।

চিদাকাশ /চিদাকাশ্/ [স. চিৎ+আকাশ] বি. দ্র চিদম্বর।

চিদাত্মা /চিদাত্‌মা/ [স. চিৎ+আত্মন্] বি. চৈতন্যরূপ আত্মা; চিন্ময়।

চিদানন্দ /চিদানন্‌দো/ [স. চিৎ+আনন্দ] বি. ১ চৈতন্য ও আনন্দের স্বরূপ; জ্ঞান ও আনন্দ। ২ পরব্রহ্ম। ৩ চৈতন্যময় শিব।

চিদাভাস /চিদাভাশ্/ [স. চিৎ+আভাস] বি. ১ চৈতন্য বা জ্ঞানের বিকাশ। ২ জীবাত্মা।

চিদ্রূপ /চিদ্‌রূপ্/ [স. চিৎ+রূপ] বি. চৈতন্যস্বরূপ জ্ঞানময় আত্মা; পরমাত্মা; ব্রহ্ম। বিণ. চৈতন্যময়।

চিন[১] /চিন্/ [স. চিহ্ন>] বি. ১ দাগ, চিহ্ন, ছাপ। ২ নিদর্শন, লক্ষণ। ৩ অভিজ্ঞান; পরিচয়।

চিন[২] /চিন্/ [বা.] বি. জানাশোনা। বিণ. পরিচিত।

চিনচিন /চিন্‌চিন্/ [দেশি.] অব্য. বি. সূক্ষ্ম বা অল্প বেদনার অনুভূতি প্রকাশক শব্দ; ক্ষীণ বেদনাবোধ।

চিনচিনে /চিন্‌চিনে/ [বা.] বিণ. ক্ষীণ বেদনার ভাবযুক্ত।

চিনা /চিনা/ [স. চিহ্ন>] ক্রিবি. ১ পূর্ব পরিচিত বলে বুঝতে পারা। ২ শেখা (*অক্ষর চিনা*)। বিণ. পরিচিত (*চিনা লোক*); 'চেনা'-র সাধু রূপ।

চিনাচিনি /চিনাচিনি/ [বা.] বি. 'চেনাচিনি'-র সাধু রূপ।

চিনাজানা /চিনাজানা/ [বা.] বিণ. 'চেনাজানা'-র সাধু

www.pathagar.com

রূপ।

চিনানো /চিনানো/ [বা.] ক্রিবি. 'চেনানো'-র সাধু রূপ।

চিনাপরিচয় /চিনাপোরিচয়্ / [বা.] বি. 'চেনাপরিচয়'-এর সাধু রূপ।

চিনাশুনা /চিনাশুনা/ [বা.] বি. 'চেনাশোনা'-র সাধু রূপ।

চিনি /চিনি/ [স. শর্করা >] বি. আখ বিট প্রভৃতি উদ্ভিদের নির্যাস থেকে উৎপন্ন কেলাসিত মিষ্ট পদার্থবিশেষ, sugar।

চিনিপাতা দই /চিনিপাতা দোই্/ বি. চিনি মিশিয়ে পাতা দই।

চিনির বলদ /চিনির্ বলোদ্/ বি. (আল.) যে ব্যক্তি অন্যের সুখের জন্য কঠোর পরিশ্রম করে কিন্তু নিজে সুখ ভোগ করতে পারে না।

চিন্তক /চিন্তক্/ [স. √চিন্তি+অক] বিণ. চিন্তা করে এমন, চিন্তাকারী। বি. মননশীল ব্যক্তি।

চিন্তন /চিন্তন্/ [স. √চিন্তি+অন] বি. ১ চিন্তাকরণ; মনন। ২ নিবিড় উপলব্ধি। ৩ অনুধ্যান। ৪ স্মরণ।

চিন্তনীয় /চিন্তোনিয়ো/ [স. √চিন্তি+অনীয়] বিণ. চিন্তার যোগ্য।

চিন্তা /চিন্তা/ [স. √চিন্তি+অ+আ (টাপ্)] বি. ১ একাগ্রচিত্তে স্মরণ, অনুধ্যান। ২ উদ্‌বেগ; দুর্ভাবনা। ৩ আশঙ্কা (*চিন্তা দূর হওয়া*)।

চিন্তাকুল /চিন্তাকুল্/ [স. চিন্তা+আকুল] বিণ. উদ্‌বেগ বা চিন্তায় কাতর, ভাবনাগ্রস্ত।

চিন্তাকুলিত /চিন্তাকুলিতো/ [স. চিন্তা+আ+√কুল্+ত] বিণ. দ্র চিন্তাকুল।

চিন্তাগম্য /চিন্তাগোম্‌মো/ [স. চিন্তা+√গম্+য] বিণ. চিন্তা করে বোঝা যায় এমন; চিন্তার বিষয়ীভূত।

চিন্তাজনক /চিন্তাজনোক্/ [স. চিন্তা+√জনি+অক] বিণ. দুর্ভাবনা বা উদ্‌বেগ সৃষ্টি করে এমন।

চিন্তাজ্বর /চিন্তাজ্বর্/ [স. চিন্তা+জ্বর] বি. উদ্‌বেগ-জনিত ক্লেশ বা সন্তাপ।

চিন্তাতীত /চিন্তাতিতো/ [স. চিন্তা+অতি+√ই+ত] বিণ. ভাবা যায় না এমন, ধারণার অতীত।

চিন্তাধারা /চিন্তাধারা/ [স. চিন্তা+ধারা] বি. চিন্তার প্রবাহ; ভাবধারা।

চিন্তান্বিত /চিন্তান্নিতো/ [স. চিন্তা+অনু+√ই+ত] বিণ. দুশ্চিন্তায় ব্যাকুল, ভাবনাগ্রস্ত, উদ্‌বিগ্ন।

চিন্তাপ্রবণ /চিন্তাপ্রোবোন্/ [স. চিন্তা+প্রবণ] বিণ. চিন্তা করতে ভালোবাসে এমন।

চিন্তাবিদ /চিন্তাবিদ্/ [স. চিন্তা+√বিদ্+অ] বিণ. ভাবুক, চিন্তক; মননশীল; thinker।

চিন্তাবিভ্রম /চিন্তাবিব্‌ভ্রোম্/ [স. চিন্তা+বিভ্রম] বি. চিন্তাজনিত বিভ্রান্তি।

চিন্তাবিমুখ /চিন্তাবিমুখ্/ [স. চিন্তা+বিমুখ] বিণ. চিন্তা করে না এমন। বি. চিন্তাবিমুখতা /চিন্তা-বিমুখতা/।

চিন্তাভাবনা /চিন্তাভাবনা/ [স. চিন্তা+√ভাবি+অন+আ (টাপ্)] বি. বিচারবিবেচনা।

চিন্তামগ্ন /চিন্তামগ্‌নো/ [স. চিন্তা+√মস্‌জ্+ত] বিণ. চিন্তায় ডুবে আছে এমন।

চিন্তামণি /চিন্তামোনি/ [স. চিন্তা+মণি] বি. বাঞ্ছিত ফল প্রদান করে এমন মণি। বিণ. পরম আরাধ্য।

চিন্তাশক্তি /চিন্তাশোক্‌তি/ [স. চিন্তা+√শক্+তি] বি. চিন্তা করার ক্ষমতা।

চিন্তাশীল /চিন্তাশিল্/ [স. চিন্তা+√শীল্+অ] বিণ. ১ মননশীল, চিন্তাপরায়ণ। ২ ভাবনাদ্বারা ভালোমন্দ বিচার করতে সক্ষম এমন। ৩ মনীষী, জ্ঞানী।

চিন্তাসূত্র /চিন্তাশুত্‌ত্রো/ [স. চিন্তা+√সূত্র্+অ] বি. চিন্তার পরম্পরা বা ধারাবাহিকতা।

চিন্তাস্রোত /চিন্তাস্‌স্রোত্/ [স. চিন্তা+√স্রু+অস্] বি. চিন্তার ধারাবাহিকতা, চিন্তাপ্রবাহ।

চিন্তিত /চিন্তিতো/ [স. √চিন্তি+ত] বিণ. ১ চিন্তান্বিত, উদ্‌বিগ্ন। ২ বিবেচনা করা হয়েছে এমন (*সুচিন্তিত অভিমত*)। ৩ চিন্তার বিষয়ীভূত।

চিন্ত্য /চিন্তো/ [স. √চিন্তি+য] বিণ. ১ চিন্তনীয়। ২ বিচার্য, বিবেচ্য।

চিন্ত্যমান /চিন্তোমান্/ [স. চিন্ত্য+মান (শানচ্)] বিণ. চিন্তা করা হচ্ছে এমন।

চিন্ময় /চিন্ময়্/ [স. √চিৎ+ময়ট্] বিণ. চিৎস্বরূপ, জ্ঞানময়; চৈতন্যস্বরূপ। স্ত্রী. চিন্ময়ী /চিন্‌ময়ি/।

চিপটা /চিপ্‌টা/ [হি.] বিণ. কৃপণ। ক্রিবি. চাপ দিয়ে চ্যাপটা করা।

চিপটানি /চিপ্‌টানি/ [হি. চিপটা >] বি. ১ পিষ্টকরণ। ২ চেপে সংলগ্নকরণ।

চিপটানো /চিপ্‌টানো/ [বা.] ক্রিবি. ১ চ্যাপটা করা। ২ পিষ্ট হওয়া। ৩ চেপে সংযুক্ত করা।

চিপসা /চিপ্‌শা/ [বা.] ক্রিবি. দ্র চিপসানো।

চিপসানো /চিপ্‌শানো/ [বা.] ক্রিবি. চুপসে যাওয়া।

চিপা /চিপা/ [বা.] ক্রিবি. ১ নিষ্পেষিত করা; মথিত করা; নিংড়ানো। ২ চাপ দেওয়া। বিণ. ১ আঁটো-সাঁটো। ২ সংকীর্ণ; সরু (*চিপা গলি*)।

www.pathagar.com

চিপিটক /চিপিটক্/ [হি.] বি. ভেজা ধান মাটির খোলায় ভেজে ছেঁটে চ্যাপটা করা খাদ্যবস্তু, চিড়া।

চিবা /চিবা/ [স. চর্বণ >] ক্রিমূ. দাঁত দিয়ে পেষণ করা, চর্বণ করা।

চিবানো /চিবানো/ [বা.] ক্রিবি. বিণ. চর্বণ করা, দাঁত দিয়ে পেষণ করা।

চিবিয়ে কথা বলা /চিবিয়ে কথা বলা/ ক্রিবি. ১ মুখ অল্প ফাঁক করে কথা বলা। ২ বক্তব্য স্পষ্ট না করে কথা বলা।

চিবুক /চিবুক্/ [স. চিবু+ক (স্বার্থে)] বি. থুতনি।

চিবুক স্পর্শ /চিবুক্ স্পর্শো/ বি. স্নেহভরে থুতনি স্পর্শ।

চিবুনি /চিবুনি/ [স. চর্বণ >] বি. দাঁত দিয়ে চূর্ণন।

চিবুনো /চিবুনো/ [বা.] ক্রিবি. 'চিবানো'-র কথ্য রূপ।

চিমটা /চিম্‌টা/ [দেশি.] বি. (হাতে না ছুঁয়ে) কোনো কিছু ধরার জন্য ব্যবহৃত সাঁড়াশিজাতীয় সরঞ্জাম-বিশেষ।

চিমটানো /চিম্‌টানো/ [বা.] ক্রিবি. দুই আঙুল বা নখ দিয়ে চিমটার মতো করে দেহের চামড়া টিপে ধরা, চিমটি কাটা।

চিমটি /চিম্‌টি/ [বা.] বি. ১ দুই আঙুলের নখ দিয়ে শরীরের চামড়ায় চাপ প্রয়োগ। ২ দুই আঙুলের অগ্রভাগ একত্র করে যে পরিমাণ জিনিস তোলা যায় (*এক চিমটি লবণ*)। ৩ খুব অল্প পরিমাণ।

চিমটি কাটা /চিম্‌টি কাটা/ ক্রিবি. ১ দুই আঙুলের নখ দিয়ে শরীরের চামড়ায় চাপ দিয়ে ব্যথা দেওয়া। ২ (আল.) কটাক্ষ করা।

চিমটে /চিম্‌টে/ [বা.] বি. 'চিমটা'-র আঞ্চলিক রূপ।

চিমড়া /চিম্‌ড়া/ [হি.] বিণ. ১ শুকনো চামড়ার মতো শক্ত এবং টেনে ছিঁড়তে কষ্ট হয় এমন (*চিমড়া লুচি*)। ২ (আল.) একগুঁয়ে, নাছোড়। ৩ লিকলিকে অথচ মজবুত (*চিমড়া গড়ন*)।

চিমনি /চিম্‌নি/ [ই.] বি. ধোঁয়া নিষ্কাশনের জন্য চুল্লির ওপরে উলটো করে স্থাপিত ওপরের দিকে ক্রমশ সরু হয়ে আসা চোঙা, chimney।

চিমসা /চিম্‌শা/ [বা.] বিণ. শুকনো চামড়ার মতো।

চির[১] /চিরো/ [স. √চি+র] বিণ. ১ অনন্ত, নিরবধি। ২ সকল। ৩ অক্ষয়; অবিচল। ৪ আজীবন। ৫ (বাংলায়) বহু। বি. দীর্ঘ সময়, দীর্ঘ বিলম্ব।

চির[২] /চি:র্/ [স. চীর্ণ>] বি. ১ ফাটল, বিদারণ। ২ লম্বা ফালি বা টুকরো। ৩ ওষ্ঠপ্রান্ত, কশ।

চিরকর্মা /চিরোকর্মা/ [স. চির+কর্মন্] বিণ. কাজ করতে বিলম্ব করে এমন।

চিরকাঙ্ক্ষিত /চিরোকাংখিতো/ [স. চির+√কাঙ্ক্ষ্+ত] বিণ. দীর্ঘকাল যাবৎ কাঙ্ক্ষিত, ঈপ্সিত।

চিরকারী /চিরোকারি/ [স. চির+√কৃ+ইন্] বিণ. কাজ করতে বিলম্ব করে এমন। বি. চিরকারিতা /চিরোকারিতা/।

চিরকাল /চিরোকাল্/ [স. চির+√কাল্+অ] বি. অনন্তকাল। ক্রিবিণ. বরাবর; আজীবন।

চিরকালিক /চিরোকালিক্/ [স. চিরকাল+ইক্] বিণ. সর্বকালীন বা পুরাতন; সনাতন।

চিরকালীন /চিরোকালিন্/ [স. চিরকাল+ঈন] বিণ. চিরন্তন, সর্বকালের; সনাতন।

চিরকিশোর /চিরোকিশোর্/ [স. চির+কিম্+√শ+ওর] বিণ. চিরনূতন।

চিরকুট /চির্‌কুট্/ [স. চির+বা. কুট] বি. ১ ছোটো চিঠি, slip। ২ কাগজের ছোটো টুকরো।

চিরকুমার /চিরোকুমার্/ [স. চির+কুমার] বিণ. আজীবন অবিবাহিত। স্ত্রী. চিরকুমারী /চিরো-কুমারি/।

চিরকেলে /চিরোকেলে/ [স. চিরকাল >] বিণ. সর্বকালের; সনাতন; চিরন্তন।

চিরক্রিয় /চিরোক্রিয়ো/ [স. চির+√কৃ+অ+আ (টাপ্)] বিণ. কাজ করতে দেরি করে এমন; দীর্ঘসূত্র। বি. -তা /-তা/।

চিরক্রীত /চিরোক্রিতো/ [স. চির+√ক্রী+ত] বিণ. উপকারীর নিকট অপরিশোধ্য ঋণে আবদ্ধ; চির-দিনের জন্য কেনা হয়ে আছে এমন।

চিরজীবক /চিরোজিবক্/ [স. চির+√জীব্+অক] বিণ. ১ দীর্ঘজীবী। ২ (বাংলায়) অমর।

চিরজীবন /চিরোজিবন্/ [স. চির+√জীব্+অন] বি. সারাজীবন; সমগ্র জীবৎকাল। ক্রিবিণ. সমস্ত জীবনকালব্যাপী, মরণকাল পর্যন্ত, আজীবন।

চিরজীবিতা /চিরোজিবিতা/ [স. চির+√জীব্+ইন্+তা] বি. অমরতা, অবিনশ্বরতা।

চিরজীবী[১] /চিরোজিবি/ [স. চির+√জীব্+ইন্] বিণ. ১ দীর্ঘজীবী, দীর্ঘায়ু। ২ (বাংলায়) অমর; অবিনশ্বর। স্ত্রী. চিরজীবিনী /চিরোজিবিনি/।

চিরজীবী[২] /চিরোজিবি/ [স. চির+√জীব্+ইন্] বি. পুরাণোক্ত অমর বলে খ্যাত সাতজন (অশ্বত্থামা বলিরাজ হনুমান বিভীষণ কৃপাচার্য ব্যাসদেব পরশুরাম)।

চিরঞ্জীব /চিরোন্‌জিব্/ [স. চিরম্+√জীব্+অ] বিণ. দ্র চিরজীবী[২]।

www.pathagar.com

চিরঞ্জীবী /চিরোন্‌জিবি / [স. চিরম্‌+√জীব্‌+ইন্‌] বিণ. দ্র চিরজীবী।

চিরতরুণ /চিরোতোরুন্‌ / [স. চির+√তৃ+উন] বিণ. দীর্ঘকালব্যাপী তরুণ এমন, চিরনূতন। বি. চির-তারুণ্য /চিরোতারুন্যো/।

চিরতা /চিরোতা/ [স. চিরাতক >] বি. বাংলাদেশের পাহাড়ি অঞ্চল ও পতিত জমিতে জাত এবং হেমন্ত-কালে ফোটে এমন সবুজ ও হলুদ ফুল বা তার বর্শাফলাকৃতি লম্বাটে পাতাবিশিষ্ট ছোটো গুল্মজাতীয় উদ্ভিদ (যার শুকনো মূল বা শাখা ভিজিয়ে প্রাপ্ত তিক্তস্বাদ জল ওষুধরূপে সেবন করা হয়)।

চিরতুষার /চিরোতুশার্‌/ [স. চির+√তুষ্‌+আর] বি. যে বরফ কখনো গলে না।

চিরতুষাররেখা /চিরোতুশাররেখা/ [স. চিরতুষার+√লিখ্‌+অ+আ (টাপ্‌)] বি. যে উচ্চতা পর্যন্ত পাহাড়ের গায়ে সারাবছর বরফ জমে থাকে, হিমরেখা।

চিরদারিদ্র্য /চিরোদারিদ্‌দ্রো / [স. চির+দারিদ্র্য] বি. যে দারিদ্র্য কখনো ঘোচে না।

চিরদিন /চিরোদিন্‌ / [স. চির+দিন] বি. ক্রিবিণ. দীর্ঘদিন ; চিরকাল।

চিরদীন /চিরোদিন্‌ / [স. চির+√দী+ত] বিণ. চিরকাল দরিদ্র। বি. চিরদীনতা /চিরোদিনতা/।

চিরদুঃখ /চিরোদুক্‌খো / [স. চির+দুস্‌+√খন্‌+অ] বি. জীবনব্যাপী দুঃখ।

চিরদৈন্য /চিরোদোইন্‌নো / [স. চির+দৈন্য] বি. চিরকালের দারিদ্র্য, চিরদীনতা।

চিরনতুন /চিরোনোতুন্‌ / [স. চিরনূতন >] বিণ. দ্র চিরনূতন।

চিরনদাঁতি /চিরোন্‌দাঁতি/ [বা.] বিণ. চিরুনির মতো ফাঁক ফাঁক এবং সরু দাঁতবিশিষ্ট।

চিরনবীন /চিরোনোবিন্‌ / [স. চির+নবীন] বিণ. দ্র চিরনূতন।

চিরনিদ্রা /চিরোনিদ্‌দ্রা / [স. চির+নি+√দ্রা+অ+আ (টাপ্‌)] বি. কখনো ভাঙে না এমন নিদ্রা, মৃত্যু।

চিরনিবাস /চিরোনিবাশ্‌/ [স. চির+নি+√বস্‌+অ] বি. স্থায়ী আবাসস্থল।

চিরনির্বাসন /চিরোনির্‌বাশোন্‌ / [স. চির+নির্‌+√বাসি +অন] বি. ভারতে ইংরেজ শাসনের বিরুদ্ধা-চারীদের শাস্তিরূপে চিরকালের জন্য স্বদেশ থেকে বহিষ্করণ; দ্বীপান্তর, দ্বীপচালান।

চিরনির্বাসিত /চিরোনির্‌বাশিতো / [স. চির+নির্‌+√বাসি+ত] বিণ. চিরকালের জন্য স্বদেশ থেকে বিতাড়িত।

চিরনির্ভর /চিরোনির্‌ভর্‌ / [স. চির+নির্ভর] বিণ. চিরদিন ভরসা রাখা যায় এমন, চিরসহায়। বি. ১ যে চিরকাল আশ্রয় দান করে থাকে। ২ ঈশ্বর।

চিরনীহার /চিরোনিহার্‌/ [স. চির+নি+√হৃ+অ] বি. ১ যে বরফ কখনো গলে না। ২ অত্যন্ত ঠান্ডা স্থান।

চিরনীহাররেখা /চিরোনিহার্‌রেখা / [স. চিরনীহার+√লিখ্‌+অ+আ (টাপ্‌)] বি. দ্র চিরতুষাররেখা।

চিরনূতন /চিরোনুতন্‌/ [স. চির+নূতন] বিণ. চির-নবীন, চিরকাল নতুন (*চিরনূতনেরে দিল ডাক / পঁচিশে বৈশাখ॥* রবীন্দ্র.)।

চিরন্তন /চিরন্‌তন্‌ / [স. চিরম্‌+তন] বিণ. ১ নিত্য; চিরকালীন। ২ দীর্ঘকালব্যাপী; অবিনশ্বর। স্ত্রী. চিরন্তনী /চিরন্‌তোনি/।

চিরন্তনতা /চিরন্‌তনতা/ [স. চিরন্তন+তা] বি. অবিনশ্বরতা।

চিরপরিচিত /চিরোপোরিচিতো/ [স. চির+পরি+√চি +ত] বিণ. দীর্ঘদিন ধরে পরিচয় আছে এমন।

চিরপুষ্প /চিরোপুশ্‌পো/ [স. চির+√পুষ্প্‌+অ] বি. যে গাছে সারাবছর ফুল ফোটে (বকুল নারকেল প্রভৃতি গাছ)।

চিরপূজ্য /চিরোপুজ্‌জো/ [স. চির+√পূজ্‌+য] বিণ. (যিনি) চিরদিন আরাধনা বা পূজনের যোগ্য।

চিরপ্রচলিত /চিরোপ্রোচোলিতো/ [স. চির+প্র+√চল্‌ +ত] বিণ. আবহমান কাল থেকে চলে এসেছে এমন, স্মরণাতীত কাল থেকে প্রচলিত।

চিরপ্রবাস /চিরোপ্রোবাশ্‌ / [স. চির+প্রবাস] বি. দীর্ঘকাল বিদেশে বাস।

চিরপ্রবাহী /চিরোপ্রোবাহি / [স. চির+প্র+√বহ্‌+ইন্‌] বিণ. চিরকাল বহমান।

চিরবাঞ্ছিত /চিরোবান্‌ছিতো/ [স. চির+√বাঞ্ছ্‌+ত] বিণ. বহুকাল অবধি কাঙ্ক্ষিত।

চিরবিচ্ছেদ /চিরোবিচ্‌ছেদ্‌ / [স. চির+বি+√ছিদ্‌+অ] বি. স্থায়ী বিচ্ছেদ।

চিরবৈর /চিরোবোইরো / [স. চির+বীর+অ] বি. চিরদিনের শত্রুতা, যে শত্রুতার শেষ নেই।

চিরবৈরাগ্য /চিরোবোইরাগ্‌গো / [স. চির+বিরাগ+য] বি. সংসারের প্রতি আজীবন বৈরাগ্য।

চিরবৈরী /চিরোবোইরি / [স. চিরবৈর+ইন্‌] বিণ. আজীবন শত্রুভাবাপন্ন।

চিররহস্য /চিরোরহোশ্‌শো/ [স. চির+রহস্য] বি. যে রহস্যের কোনোদিন সমাধান হয় না।

চিররুগ্‌ণ /চিরোরুগ্‌নো / [স. চির+√রুজ্‌+ত] বিণ. দীর্ঘকাল ধরে অসুস্থ।

www.pathagar.com

চিররোগী /চিরোরোগি/ [স. চির+রোগ+ইন্] বিণ. আবাল্য পীড়িত।

চিরশত্রু /চিরোশোত্রু/ [স. চির+√শাতি+রু] বি. যে ব্যক্তি জীবনভর শত্রুতা করে।

চিরশান্ত /চিরোশান্তো/ [স. চির+√শম্+ত] বিণ. চিরকালের জন্য শান্ত, মৃত।

চিরশান্তি /চিরোশান্তি/ [স. চির+√শম্+তি] বি. ১ স্থায়ী শান্তি। ২ চিরনিবৃত্তি। ৩ মৃত্যু।

চিরশ্যামল /চিরোশ্যামোল্/ [স. চির+শ্যামল] বিণ. সর্বদা সবুজ থাকে এমন, চিরহরিৎ, evergreen।

চিরশ্লাঘ্য /চিরোস্লাগ্‌ঘো/ [স. চির+√শ্লাঘ্+য] বিণ. চিরকাল প্রশংসার যোগ্য।

চিরসখা /চিরোশখা/ [স. চির+সখা] বি. চিরসুহৃৎ; চিরসহচর। স্ত্রী. চিরসখী /চিরোশোখি/।

চিরসঙ্গী /চিরোশোংগি/ [স. চির+√সন্‌জ্+ইন] বিণ. চিরদিন সঙ্গে থাকে এমন। বি. চিরকালের সহচর।

চিরসবুজ /চিরোশোবুজ্/ [স. চির+ফা. সবুজ] বিণ. ১ চিরহরিৎ। ২ চিরনবীন, চিরতরুণ।

চিরসাথি /চিরোশাথি/ [স. চির+বা. সাথি] বিণ. বি. দ্র চিরসঙ্গী।

চিরসুখী /চিরোশুখি/ [স. চির+সুখ+ইন্] বিণ. কখনো দুঃখ ভোগ করতে হয়নি এমন, জীবনভর সুখী।

চিরসুন্দর /চিরোশুন্‌দর্/ [স. চির+সু+√উন্দ্+অর] বিণ. সৌন্দর্য চিরকাল অটুট থাকে এমন।

চিরসুহৃৎ /চিরোশুhiত্/ [স. চির+সু+হৃদ্] বি. চিরদিনের বন্ধু।

চিরসুহৃদ /চিরোশুhiদ্/ [স. চির+সু+হৃদ্] বি. দ্র চিরসুহৃৎ।

চিরসূতা /চিরোশুতা/ [স. চির+বা. সুতা] বি. বহুবার প্রসব করে এমন গাভি।

চিরস্থায়ী /চিরোস্থায়ি/ [স. চির+√স্থা+ইন্] বিণ. ১ কখনো ক্ষয়প্রাপ্ত হয় না এমন, অবিনশ্বর; দীর্ঘকাল স্থায়ী। ২ অপরিবর্তনীয়।

চিরস্থায়ী বন্দোবস্ত /চিরোস্থায়ি বন্‌দোবস্‌তো/ বি. ১৭৯৩ খ্রিষ্টাব্দে ভারতের বড়োলাট লর্ড কর্নওয়ালিস কর্তৃক প্রবর্তিত বিধি অনুযায়ী ইংরেজ সরকারকে খাজনা প্রদানের শর্তে বংশানুক্রমিকভাবে জমিদারি ভোগের ব্যবস্থা, permanent settlement।

চিরস্থির /চিরোস্থির্/ [স. চির+√স্থা+ইর] বিণ. চিরদিন অটল থাকে এমন (*চিরস্থির কবে নীর, হায় রে জীবন–নদে ?* মধু.)।

চিরস্বপ্রকাশ /চিরোশ্‌শোপ্রোকাশ্/ [স. চির+স্ব+প্রকাশ] বিণ. আপন জ্যোতিতে সর্বদা ভাস্বর।

চিরস্মরণীয় /চিরোশ্‌শরোনিয়ো/ [স. চির+√স্মৃ+অনীয়] বিণ. চিরদিন মনে রাখা যায় এমন।

চিরহরিৎ /চিরোহোরিত্/ [স. চির+হরিৎ] বিণ. সারা-বছর সবুজ থাকে এমন (বৃক্ষ), evergreen।

চিরা /চিরা/ [স. চীর >] ক্রিবি. বিদারণ করা; ফালি করে কাটা। বিণ. ফালি করে কাটা হয়েছে এমন।

চিরাই /চিরাই/ [স. চীর >] বি. ১ বিদারণ। ২ চেরাই করার মজুরি।

চিরাগ /চিরাগ্/ [ফা.] বি. প্রদীপ, বাতি।

চিরাগত /চিরাগতো/ [স. চির+আ+√গম্+ত] বিণ. বহুকাল ধরে চলে আসছে এমন, চিরপ্রচলিত।

চিরাগদান /চিরাগ্‌দান্/ [ফা.] বি. পিতলের দীপাধার, পিলসুজ; প্রদীপের আধার।

চিরাচরিত /চিরাচোরিতো/ [স. চির+আ+√চর্+ত] বিণ. অতি প্রাচীনকাল থেকে চলে আসছে এমন (*চিরাচরিতপ্রথা*), traditional।

চিরানন্দ /চিরানন্‌দো/ [স. চির+আ+√নন্দ+অ] বিণ. আজীবন আনন্দ অনুভব করে এমন; সর্বদা আনন্দিত। বি. অক্ষয় আনন্দ।

চিরানুরক্ত /চিরানুরক্‌তো/ [স. চির+অনু+√রন্‌জ্+ত] বিণ. দীর্ঘকাল যাবৎ ভক্ত বা আসক্ত; চিরকাল অনুরক্ত; চিরপ্রিয়।

চিরানো /চিরানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে চেরাই করানো। বিণ. বিদারিত।

চিরান্ধ /চিরান্‌ধো/ [স. চির+অন্ধ] বিণ. ১ জন্মান্ধ। ২ (আল.) কখনো সত্য দর্শন করে না এমন।

চিরাভ্যস্ত /চিরাব্‌ভোস্‌তো/ [স. চির+অভ্যস্ত] বিণ. দীর্ঘকাল ধরে অভ্যস্ত, আজন্ম অভ্যস্ত।

চিরাভ্যাস /চিরাব্‌ভাশ্/ [স. চির+অভ্যাস] বি. দীর্ঘদিনের অভ্যাস।

চিরায়ত /চিরায়তো/ [স. চির+আ+√যম্+ত] বিণ. বহুকাল যাবৎ প্রচলিত ও সুপ্রতিষ্ঠিত; পরিব্যাপ্ত; শাশ্বত, চিরন্তন; classical।

চিরায়ু /চিরায়ু/ [স. চির+আয়ুস্] বিণ. ১ চিরজীবী; অমর। ২ দীর্ঘজীবী।

চিরায়ুষ্মান /চিরায়ুশ্‌মান্/ [স. চির+আয়ুস্+মৎ] বি. চিরজীবী। স্ত্রী. চিরায়ুষ্মতী /চিরায়ুশ্‌মোতি/।

চিরুনি /চিরুনি/ [বা.] বি. চুল আঁচড়ানোর জন্য ব্যবহৃত সরু ও লম্বা দাঁতযুক্ত ধাতু বা প্লাস্টিকের পাতবিশেষ, কাঁকই, কঙ্কত।

চিরুনিতল্লাসি /চিরুনিতল্‌লাশি/ [বা. চিরুনি+ফা. তল্লাসি] বি. তন্নতন্ন করে সন্ধান।

www.pathagar.com

চিল /চি:ল্/ [দেশি.] বি. দীর্ঘ পাখা শক্ত ধারালো ঠোঁট তীক্ষ্ণ নখর ও ছড়ানো লেজবিশিষ্ট লালচে বাদামি রঙের অ্যাকসিপিট্রিডি (accipitridae) গোত্রের এবং পাখা না ঝাপটিয়ে শূন্যে ভেসে বেড়াতে পারে এমন মাঝারি আকৃতির মাংসাশী শিকারি পাখি, kite।

চিলচিৎকার /চি:লচিত্কার্/ [বা. চিল+স. চিৎকার] বি. চিলের মতো তীক্ষ্ণস্বরে চিৎকার।

চিলতা /চিল্তা/ [বা.] বি. সরু ও লম্বা ফালি। বিণ. সরু ও লম্বা ফালি করা হয়েছে এমন।

চিলতে /চিল্তে/ [বা.] বি. বিণ. 'চিলতা'-র কথ্য রূপ।

চিলম /চিলম্/ [ফা.] বি. ১ ধূমপানের জন্য ব্যবহৃত ছিদ্রযুক্ত মাটির পাত্রবিশেষ (যাতে তামাক ভরে তার ওপরে জ্বলন্ত টিকা রাখা হয়), হুঁকোর কলকে; কলকি। ২ এক কলকে পরিমাণ (তামাক বা গাঁজা)।

চিলমচি /চিলম্চি/ [তুর.] বি. আহারের পূর্বে বা পরে (সচরাচর অতিথির) হাতমুখ ধোয়ানোর জন্য ব্যবহৃত ধাতব পাত্রবিশেষ।

চিলাকোঠা /চিলাকোঠা/ [দেশি.] বি. দ্র চিলেকোঠা।

চিলিক /চিলিক্/ [বা.] বি. চমক; ঝিলিক।

চিলেকোঠা /চিলেকোঠা/ [দেশি.] বি. ছাদের ওপর নির্মিত সিঁড়িসংলগ্ন ছোটো ঘর, চন্দ্রশালা, attic।

চিলেঘুড়ি /চিলেঘুড়ি/ [দেশি.] বি. চিল-আকৃতির ঘুড়িবিশেষ; মাঝারি আকারের ঘুড়ি।

চিল্লা /চিল্লা/ [দেশি.] ক্রিবি. চিৎকার করা।

চিল্লাচিল্লি /চিল্লাচিল্লি/ [ধ্বন্যা.] বি. চিৎকার ও চেঁচামেচি, হাঁকাহাকি।

চিল্লানি /চিল্লানি/ [ধ্বন্যা.] বি. চিৎকার, চেঁচামেচি।

চিল্লানো /চিল্লানো/ [বা.] ক্রিবি. চিৎকার করা।

চিল্লাহ /চিল্লাহ্/ [ফা.] বি. চল্লিশ দিনব্যাপী দলবদ্ধ হয়ে উপাসনা ও ধ্যানমগ্নতা।

চিহ্ন /চিন্ñho/ [স. √চিহ্+অ] বি. ১ দাগ (ক্ষত*চিহ্ন*)। ২ ছাপ, প্রতিচ্ছবি (*পদচিহ্ন*)। ৩ নিদর্শন (*স্মৃতি-চিহ্ন*)। ৪ সাংকেতিক লিপি। ৫ স্মারক।

চিহ্নিত /চিন্ñhiতো/ [স. √চিহ্+ত] বিণ. চিহ্ন দেওয়া হয়েছে এমন।

চীনবাস /চি:নবাশ্/ [স. চীন+বাস] বি. চীনদেশে উৎপন্ন রেশমবস্ত্র, চীনাংশুক।

চীনা /চিনা/ [স. চীন >] বি. চীনদেশের অধিবাসী। বিণ. চীনদেশে উৎপন্ন; চীন দেশজ; চৈনিক।

চীনাংশুক /চিনাংশুক্/ [স. চীন+অংশুক] বি. চীনে উৎপাদিত রেশমি বস্ত্রবিশেষ।

চীনাঘাস /চিনাঘাশ্/ [বা.] বি. ১ চীনদেশীয় সুগন্ধ ঘাসবিশেষ যার আঁশ থেকে দড়ি তৈরি হয়। ২ তরল পদার্থ জমানোর জন্য ব্যবহৃত ঘাসবিশেষ।

চীনাজোঁক /চিনাজোঁক্/ [বা.] বি. ১ শরীরের সঙ্গে লেগে থাকে এবং সহজে ছাড়ে না এমন রক্তপায়ী জলকীটবিশেষ। ২ (আল.) নাছোড়বান্দা।

চীনাবাদাম /চিনাবাদাম্/ [বা. চীনা+ফা. বাদাম] বি. ভারতীয় উপমহাদেশ-সহ বিশ্বের উপ-উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এমন দ্বিবীজপত্রী উদ্ভিদের মাটির নিচে জাত কঠিন খোলসাবৃত শক্ত বীজবিশেষ (তেল প্রোটিন ও ভিটামিন বি এবং ই সমৃদ্ধ), groundnut।

চীনামাটি /চিনামাটি/ [বা.] বি. বাসনপত্র প্রভৃতি তৈরির জন্য ব্যবহৃত নীলাভ ধূসর খনিজ মাটি-বিশেষ, China clay।

চীনেজোঁক /চিনেজোঁক্/ [বা.] বি. দ্র চীনাজোঁক।

চীনেবাদাম /চিনেবাদাম্/ [বা.] বি. দ্র চীনাবাদাম।

চীবর /চিবর্/ [স. √চি+বর] বি. ১ বৌদ্ধ ভিক্ষুদের পরিধেয় গেরুয়া বস্ত্রখণ্ড, কৌপীন। ২ ছিন্নবস্ত্র।

চীর /চি:র্/ [স. √চি+র] বি. ১ কাপড়ের ফালি, ছেঁড়া কাপড়। ২ বৌদ্ধ সন্ন্যাসীর পরিধেয় বসন। ৩ গাছের বাকল। ৪ শিরস্ত্রাণ। ৫ চিরকুট।

চীর্ণ /চিরনো/ [স. √চৃ+ত] বিণ. ১ ছিন্ন, খণ্ডীকৃত; বিদীর্ণ। ২ সঞ্চিত, চিত। ৩ সম্পাদিত।

চুইংগাম /চুইংগাম্/ [ই.] বি. মুখ সতেজ ও নির্মল রাখে এবং দীর্ঘক্ষণ চিবানো যায় এমন মিষ্টস্বাদ রবারজাতীয় আঠালো বস্তু, chewing gum।

চুঁইচুঁই /চুঁইচুঁই/ [ধ্বন্যা.] অব্য. ক্ষুধার ভাব (*পেট চুঁইচুঁই করা*)। বি. আগুনের তাপে জল বাষ্পীভবন বা শোষণের শব্দ।

চুঁচুঁ /চুঁচুঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত শুষে পান করার অনুকার শব্দ।

চুঁয়া /চুঁআ/ [ধ্বন্যা.] বিণ. ১ অজীর্ণতাজনিত অল্প টক গন্ধযুক্ত (*চুঁয়া ঢেকুর*)। ২ অল্প পোড়া গন্ধযুক্ত আহার্য; 'চোঁয়া'-র সাধু রূপ।

চুক /চুক্/ [স. ভ্রংশ >] বি. বিস্মৃতি বা ভ্রান্তিজনিত ত্রুটিবিচ্যুতি (ভুলচুক); স্খলন।

চুকচুক /চুক্চুক্/ [ধ্বন্যা.] অব্য. বি. জিভ দিয়ে ধীরে ধীরে তরল পদার্থ পান করার অনুকার শব্দ।

চুকলি /চুক্লি/ [তুর. চুগল >] বি. দ্র চুগলি।

চুকা[১] /চুকা/ [বা.] ক্রিবি. ১ শেষ হওয়া, অবসিত হওয়া, সমাপ্ত করা। ২ মিটানো; মিটে যাওয়া।

www.pathagar.com

চুকা[১] /চুকা/ [স. চুক্র >] বিণ. অম্লস্বাদ, টক।

চুকানো /চুকানো/ [বা.] ক্রিবি. ১ শেষ করা বা মিটিয়ে ফেলা। ২ প্রত্যর্পণ করা। বিণ. চুকিয়ে দেওয়া হয়েছে এমন।

চুকিয়ে /চুকিয়ে/ [বা.] অসক্রি. পরিশোধ করার পর।

চুক্তি /চুক্‌তি/ [বা.] বি. দুই বা ততোধিক পক্ষের মধ্যে কোনো বিষয়ে বিরোধ নিষ্পত্তির ঐকমত্য; মিটমাট, সমাধা।

চুক্তিনামা /চুক্‌তিনামা/ [বা. চুক্তি+ফা. নামা] বি. দুই বা ততোধিক পক্ষের মধ্যে কোনো বিরোধ নিষ্পত্তির উদ্দেশ্যে সহমতপোষণের শর্তযুক্ত দলিল, deed of agreement।

চুক্তিপত্র /চুক্‌তিপত্‌ত্রো/ [বা. চুক্তি+স. পত্র] বি. দ্র চুক্তিনামা।

চুক্তিবদ্ধ /চুক্‌তিবদ্‌ধো/ [বা. চুক্তি+স. বদ্ধ] বিণ. চুক্তিদ্বারা আবদ্ধ।

চুগলি /চুগলি/ [তুর. চুগল >] বি. আড়ালে নিন্দা।

চুঙ্গি /চুংগি/ [হি.] বি. তরল পদার্থ ঢালার জন্য ব্যবহৃত বড়োমুখ সরু ও ফাঁপা নল; ক্ষুদ্র চোঙ। বিণ. নলের আকৃতিবিশিষ্ট।

চুঙ্গিকর /চুংগিকর্‌/ [হি. চুঙ্গি+স. কর] বি. নগরে পণ্যদ্রব্য আমদানির ওপর আরোপিত শুল্ক, নগর-শুল্ক, octroi।

চুচুক /চুচুক্‌/ [ধ্বন্যা.] বি. ১ চূড়া, শীর্ষ। ২ স্তনবৃন্ত।

চুচুকৃতি /চুচুক্‌কৃতি/ [স. চুচু+√কৃ+তি] অব্য. তরল পদার্থ পান করার অনুকার শব্দ। বি. চোষণ।

-চুঞ্চু /চুনচু/ [স. চঞ্চু >] বিণ. (সমাসের পরপদে) বিখ্যাত, প্রসিদ্ধ (*বিদ্যাচুঞ্চু*)।

চুটকি[১] /চুটকি/ [হি.] বি. ১ পায়ের আঙুলে পরার ঝুমকাযুক্ত আংটি। ২ আঙুল দিয়ে তুড়ি মেরে শব্দ উৎপাদন। বিণ. ১ চটুল। ২ সামান্য।

চুটকি[২] /চুটকি/ [স. জুটিকা >] বি. টিকি, শিখা।

চুটা /চুটা/ [বা.] ক্রিবি. কোনো কিছুর জন্য সর্বশক্তি প্রয়োগ করা।

চুড় /চুড়্‌/ [দেশি.] বি. নারীর হাতে পরিধেয় মোটা বলয়জাতীয় গহনাবিশেষ।

চুড়ি /চুড়ি/ [দেশি.] বি. নারীর হাতে পরিধেয় বলয়জাতীয় সরু গহনাবিশেষ।

চুড়িওয়ালা /চুড়িওআলা/ [দেশি. চুড়ি+হি. ওয়ালা] বি. ফেরি করে চুড়ি বিক্রি করা যার পেশা। স্ত্রী. চুড়িওয়ালি /চুড়িওআলি/।

চুড়িদার /চুড়িদার্‌/ [দেশি. চুড়ি+ফা. দার] বিণ. ১ চুড়ির মতো কোঁচকানো ও সরু অগ্রভাগবিশিষ্ট (*চুড়িদার পাজামা*)। ২ চুনটকরা।

চুড়ো /চুড়ো/ [স. চূড়া >] বি. 'চূড়া'-র কথ্য রূপ।

চুড়োখোঁপা /চুড়োখোঁপা/ [বা.] বি. উঁচু করে বাঁধা খোঁপা; 'চূড়াখোঁপা'-র কথ্য রূপ।

চুন /চুন্‌/ [স. চূর্ণ >] বি. ঝিনুক শামুক প্রভৃতি পুড়িয়ে প্রাপ্ত ক্ষারপদার্থ, সুধা। বিণ. বিবর্ণ, পাংশু।

চুনকাম /চুন্‌কাম/ [বা.] বি. চুনগোলা পানির প্রলেপ।

চুনকালি /চুন্‌কালি/ [বা.] বি. (আল.) কলঙ্ক (*মুখে চুনকালি পড়া*)।

চুনট /চুনট্‌/ [স. চূর্ণিত >] বি. গিলার সাহায্যে জামার হাতা চাদর প্রভৃতির প্রান্তভাগ কুঞ্চন। বিণ. কোঁচকানো, কুঞ্চিত।

চুনা[১] /চুনা/ [বা.] বিণ. ১ চুনের তৈরি। ২ চুনবিশিষ্ট, চুনযুক্ত (*চুনাপাথর*)।

চুনা[২] /চুনা/ [স. চূর্ণ >] বি. খুব ছোটো মাছ (*চুনাপুঁটি*)। বিণ. অত্যন্ত সংকীর্ণ; ক্ষুদ্র।

চুনাপুঁটি /চুনাপুঁটি/ [বা.] বি. ছোটো পুঁটিমাছ। বিণ. (আল.) গুরুত্বহীন; নগণ্য।

চুনারি /চুনারি/ [স. চূর্ণকারী >] বি. ১ চুন উৎপাদন করা যার পেশা। ২ চুন প্রস্তুতকারী জাতি। বিণ. চুন প্রস্তুতকারী।

চুনি /চুনি/ [দেশি.] বি. গাঢ় লাল বেগুনি প্রভৃতি রঙের স্ফটিকীভূত মূল্যবান খনিজ রত্নবিশেষ, পদ্মরাগমণি, ruby।

চুনুরি /চুনুরি/ [হি.] বিণ. রঙিন। বি. ১ রঙিন কাপড়; শাড়ি। ২ চুন প্রস্তুতকারী জাতি।

চুনো /চুনো/ [স. চূর্ণ >] বি. বিণ. চুনা[২]-এর কথ্য রূপ।

চুনোপুঁটি /চুনোপুঁটি/ [বা.] বি. ছোটো পুঁটিমাছ। বিণ. (আল.) গুরুত্বহীন; নগণ্য; 'চুনাপুঁটি'-র কথ্য রূপ।

চুন্নি /চুন্নি/ [দেশি.] বি. যে নারী চুরি করে।

চুপ /চুপ্‌/ [বা.] বিণ. নিস্তব্ধ, নীরব, নিঃশব্দ। অনুক্রি. কথা না বলার অনুজ্ঞা।

চুপ করা /চুপ্‌ করা/ ক্রিবি. কথা না বলা।

চুপচাপ /চুপ্‌চাপ্‌/ [বা.] বিণ. ১ নীরব। ২ নিশ্চেষ্ট।

চুপটি /চুপ্‌টি/ [বা.] বিণ. নীরব, একদম চুপ।

চুপড়ি /চুপ্‌ড়ি/ [দেশি.] বি. বেত বা বাঁশের কঞ্চির তৈরি চওড়ামুখ ছোটো ঝুড়ি, টুকরি, ছোটো ধামা।

চুপসানো /চুপ্‌শানো/ [বা.] ক্রিবি. বাতাস বা জল বেরিয়ে যাওয়ার ফলে সংকুচিত হওয়া; শুকিয়ে যাওয়া। বিণ. চুপসে বা তুবড়ে গেছে এমন।

চুপি /চুপি/ [বা.] বি. নিস্তব্ধতা, নীরবতা।

www.pathagar.com

চুপিচাপি/চুপিচাপি/ [বা.] ক্রিবিণ. অন্যের অগোচরে।

চুপিচুপি/চুপিচুপি/ [বা.] ক্রিবিণ. ১ ফিসফিস করে। ২ অন্যের অগোচরে বা অজ্ঞাতসারে।

চুপিসারে/চুপিশারে/ [বা.] ক্রিবিণ. প্রায় নিঃশব্দে, অন্যের অলক্ষ্যে, চুপিচুপি, গোপনে।

চুপেচুপে/চুপেচুপে/ [বা.] ক্রিবিণ. দ্র চুপিসারে।

চুবড়ি/চুবড়ি/ [দেশি.] বি. দ্র চুপড়ি।

চুবনি/চুবোনি/ [বা.] বি. দ্র চুবানি।

চুবা/চুবা/ [বা.] ক্রিমূ. কোনো তরল পদার্থে নিমজ্জিত করা বা হওয়া।

চুবানি/চুবানি/ [বা.] বি. নিমজ্জন, নিমজ্জিতকরণ।

চুবানো/চুবানো/ [বা.] ক্রিবি. বিণ. কোনো তরল পদার্থে নিমজ্জিত করা।

চুবুনি/চুবুনি/ [বা.] বি. নিমজ্জন; 'চুবানি'-র কথ্য রূপ।

চুম/চুম্/ [স. চুম্ব >] বি. ওষ্ঠাধর দিয়ে স্পর্শন, চুমু।

চুমকি/চুমকি/ [হি.] বি. সোনালি রুপালি প্রভৃতি রঙের উজ্জ্বল ছোটো চাকতি বা বুটি।

চুমকুড়ি/চুমকুড়ি/ [বা.] বি. দুই ঠোঁট সংকুচিত করে উৎপন্ন শব্দ।

চুমটি/চুমটি/ [হি.] বি. গায়ের চামড়ার শুকনো খোসা।

চুমরা/চুমরা/ [বা.] ক্রিবি. ১ মিথ্যা প্রশংসা করে ফোলানো। ২ মোচড় দেওয়া, পাকানো।

চুমরানো/চুমরানো/ [বা.] ক্রিবি. ১ স্বার্থোদ্ধারের জন্য মিথ্যা প্রশংসার দ্বারা ফোলানো। ২ পাকানো (*গোঁফ চুমরানো*)।

চুমরি/চুমরি/ [স. চমর >] বি. নারকেল খেজুর প্রভৃতির পুষ্পকোষ।

চুমা/চুমা/ [স. চুম্ব >] বি. দ্র চুমু।

চুমাচুমি/চুমাচুমি/ [বা.] বি. একে অন্যকে চুম্বন।

চুমু/চুমু/ [বা.] বি. স্নেহ বা অনুরাগের বশে পরস্পরের ওষ্ঠাধর স্পর্শন, চুম্বন।

চুমুক/চুমুক/ [দেশি.] বি. পাত্রে ঠোঁট লাগিয়ে তরল পদার্থ পান।

চুমু খাওয়া/চুমু খাওআ/ ক্রিবি. স্নেহ বা অনুরাগের বশে একে অন্যকে চুম্বন করা।

চুমু দেওয়া/চুমু দেওআ/ ক্রিবি. দ্র চুমু খাওয়া।

চুমো/চুমো/ [স. চুম্ব >] বি. দ্র চুমু।

চুম্ব/চুম্বো/ [স. √চুম্ব+অ] বি. দ্র চুমু।

চুম্বক/চুম্বক্/ [স. √চুম্ব+অক] বি. ১ লোহাকে আকর্ষণ করে এবং ঝুলিয়ে রাখলে আপনা থেকে উত্তর-দক্ষিণ দিক বরাবর বিন্যস্ত হয় এমন গুণ-সম্পন্ন লোহার টুকরো, magnet। ২ চুম্বনকারী। ৩ (বাংলায়) সারসংক্ষেপ, abstract।

চুম্বকশক্তি/চুম্বক্শোক্তি/ [স. চুম্বক+√শক্+তি] বি. চুম্বক যে শক্তিদ্বারা লোহা বা কোনো সমগুণসম্পন্ন পদার্থকে আকর্ষণ করে এবং বহির্দেশীয় চৌম্বকক্ষেত্রের (external magnetic field) সঙ্গে নিজেকে বিন্যস্ত করে।

চুম্বকশলাকা/চুম্বক্শলাকা/ [স. চুম্বক+শলাকা] বি. লোহা আকর্ষণ করে এমন অয়স্কান্তমণির কাঁটা, magnetic needle।

চুম্বকীয়/চুম্বোকিয়ো/ [স. চুম্বক+ঈয়] বিণ. চুম্বকের গুণসম্পন্ন।

চুম্বন/চুম্বন্/ [স. √চুম্ব্+অন] বি. দ্র চুমু।

চুম্বন করা/চুম্বন্ করা/ ক্রিবি. দ্র চুমু খাওয়া।

চুম্বিত/চুম্বিতো/ [স. √চুম্ব্+ত] বিণ. অধরোষ্ঠ দিয়ে স্পর্শ করা হয়েছে এমন, চুমু খাওয়া হয়েছে এমন।

–চুম্বী/চুম্বি/ [স. √চুম্ব্+ইন্] বিণ. (সমাসের পরপদে) স্পর্শ করে এমন (*গগনচুম্বী*)।

চুয়া[১]/চুআ/ [হি.] বি. সুগন্ধ নির্যাসবিশেষ (*চুয়াচন্দন*); গন্ধদ্রব্য।

চুয়া[২]/চুআ/ [স. চ্যুত >] ক্রিবি. ফোঁটা ফোঁটা করে ক্ষরিত হওয়া, চুইয়ে পড়া, চোয়ানো।

চুয়াড়/চুআড়/ [হি.] বি. ১ অবহেলিত নিগৃহীত ও অনগ্রসর জাতিবিশেষ, চাঁড়াল, চন্ডাল। ২ (আল.) নিষ্ঠুর প্রকৃতির মানুষ।

চুয়াত্তর/চুআত্তোর্/ [স. চতুঃসপ্ততি >] বি. ৭৪ সংখ্যা। বিণ. ৭৪ সংখ্যক।

চুয়ানি/চুআনি/ [বা.] বি. ১ পরিস্রুত তরল পদার্থ। ২ মদ্যবিশেষ।

চুয়ানো/চুআনো/ [বা.] ক্রিবি. ফোঁটা ফোঁটা করে ঝরে পড়া বা চুইয়ে পড়া; ক্ষরিত হওয়া। বিণ. চুইয়ে পড়ছে এমন; পরিস্রুত।

চুয়ান্ন/চুআন্নো/ [স. চতুঃপঞ্চাশৎ >] বি. ৫৪ সংখ্যা। বিণ. ৫৪ সংখ্যক।

চুয়াল্লিশ/চুআল্লিশ্/ [স. চতুশ্চত্বারিংশৎ >] বি. ৪৪ সংখ্যা। বিণ. ৪৪ সংখ্যক।

চুর/চুর্/ [স. চূর্ণ >] বি. গুঁড়া, চূর্ণ (*আমচুর*)। বিণ. বিভোর; নেশাগ্রস্ত (*নেশায় চুর*)।

চুরট/চুরট্/ [তামি. ছুরুট্টু >] বি. দ্র চুরুট।

চুরমার/চুরমার্/ [বা.] বিণ. সম্পূর্ণ চূর্ণ ও বিনষ্ট; বিধ্বস্ত, ধ্বংসপ্রাপ্ত।

চুরা/চুরা/ [স. চূর্ণ >] ক্রিমূ. চূর্ণ করা, গুঁড়া করা।

চুরানব্বই/চুরানোব্বোই/ [স. চতুর্নবতি >] বি. ৯৪

www.pathagar.com

সংখ্যা। বিণ. ৯৪ সংখ্যক।

চুরাশি /চুরাশি/ [স. চতুরশীতি >] বি. ৮৪ সংখ্যা। বিণ. ৮৪ সংখ্যক।

চুরি /চুরি/ [স. চৌর্য্য >] বি. না বলে পরদ্রব্য হরণ, চৌর্য; গোপনে আত্মসাৎকরণ।

চুরিচামারি /চুরিচামারি/ [বা.] বি. চুরি ও অনুরূপ অপকর্ম।

চুরুট /চুরুট/ [তামি.] বি. ধূমপানের জন্য তৈরি শুকনো তামাকপাতায় মোড়া তামাকচূর্ণ, cigar।

চুরুটিকা /চুরুটিকা/ [তামি. ছুরুট্টু >] বি. ছোটো চুরুট, cigarillo; সিগারেট, cigarette।

চুল /চুল্ / [স. চূড়া >] বি. স্তন্যপায়ী প্রাণীর (বিশেষ করে মানুষের মাথায় এবং পুরুষদের মুখ-মণ্ডলে) চামড়ার ওপরে উদ্‌গত সুতোর মতো সরু ও নমনীয় কেরাটিনসমৃদ্ধ (keratin) তন্তু, কেশ।

চুলকা /চুল্‌কা/ [স. কণ্ডূতি >] ক্রিমূ. নখ দিয়ে আঁচড়ানো।

চুলকানি /চুল্‌কানি/ [স. কণ্ডূতি >] বি. আঙুল বা নখ দিয়ে ঘর্ষণের ফলে অস্বস্তি দূর হয় এমন বহিস্ত্বকের ছোঁয়াচে রোগবিশেষ, কণ্ডুরোগ, পাঁচড়া।

চুলকানো /চুল্‌কানো/ [বা.] ক্রিবি. নখ দিয়ে আঁচড়ানো, কণ্ডুয়ন করা।

চুলকুনি /চুল্‌কুনি/ [বা.] বি. দ্র চুলকানি।

চুলচেরা /চুল্‌চেরা/ [স. চূড়া >] বিণ. চেরা চুলের মতো সূক্ষ্ম, অতিশয় সূক্ষ্ম (*চুলচেরা বিশ্লেষণ*)।

চুলবুল /চুল্‌বুল্/ [হি.] অব্য. চঞ্চলতা বা অস্থিরতা-জ্ঞাপক বোধ।

চুলবুলানি /চুল্‌বুলানি/ [বা.] বি. অস্থিরতা, ছট-ফটানি; উশখুশ; চঞ্চলতা।

চুলবুলে /চুল্‌বুলে/ [বা.] বিণ. অস্থির, চঞ্চল।

চুলা /চুলা/ [স. চুল্লি >] বি. ১ উনুন, আখা। ২ শব-দাহের চুল্লি, চিতা।

চুলাচুলি /চুলাচুলি/ [বা.] বি. ১ পরস্পরের চুল ধরে টানাটানি। ২ (আল.) কলহবিবাদ।

চুলায় যাওয়া /চুলায় জাওআ/ ক্রিবি. উৎসন্নে যাওয়া, গোল্লায় যাওয়া।

চুলো /চুলো/ [স. চুল্লি >] বি. 'চুলা'-র কথ্য রূপ।

চুলোচুলি /চুলোচুলি/ [বা.] বি. 'চুলাচুলি'-র কথ্য রূপ।

চুলোয় যাওয়া /চুলোয় জাওআ/ ক্রিবি. 'চুলায় যাওয়া'-র কথ্য রূপ।

চুল্লি /চুল্‌লি/ [স. √চুল্ল+ই] বি. ১ কারখানার অগ্নি-কুণ্ড, furnace। ২ উনুন, উনান, আখা, চুলা।

চুষা /চুশা/ [বা.] ক্রিবি. মুখ দিয়ে তরল পদার্থ শোষণ করা। বিণ. ১ শোষণকারী (*রক্তচুষা*)। ২ শোষিত (*বাদুড়চুষা পেয়ারা*)।

চুষি /চুশি/ [বা.] বি. চুষিকাঠি। বিণ. চুষে খেতে হয় এমন।

চুষিকাঠি /চুশিকাঠি/ [বা.] বি. শিশুদের চোষার কাঠিবিশেষ।

চুষিপিঠা /চুশিপিঠা/ [বা.] বি. চুষে বা লেহন করে খেতে হয় এমন পিঠা।

চূড়ধ্বজ /চুড়োদ্‌ধ্বজ/ [স. চূড়+√ধ্বজ্+অ] বিণ. চূড়ায় পতাকা আছে এমন।

চূড়া /চুড়া/ [স. √চূড়্+অ+আ (টাপ্)] বি. ১ শীর্ষদেশ, শিখর, শৃঙ্গ। ২ মস্তক। ৩ মুকুট। ৪ উঁচু করে বাঁধা চুল (*চূড়াখোঁপা*); ঝুঁটি, টিকি।

চূড়াকরণ /চুড়াকরোন্/ [স. চূড়া+√কৃ+অন] বি. ১ মাথা মুড়িয়ে একগোছা চুল রেখে দেওয়ার সংস্কার। ২ মস্তকমুণ্ডন।

চূড়াকর্ম /চুড়াকর্‌মো/ [স. চূড়া+কর্মন্] বি. দ্র চূড়াকরণ।

চূড়াখোঁপা /চুড়াখোঁপা/ [স. চূড়া+বা. খোঁপা] বি. উঁচু করে বাঁধা খোঁপা।

চূড়ান্ত /চুড়ান্‌তো/ [স. চূড়া+√অম্+ত] বি. ১ চরম সীমা। ২ পরাকাষ্ঠা, চরম উৎকর্ষ। বিণ. সর্বশেষ।

চূড়ামণি /চুড়ামোনি/ [স. চূড়া+মণি] বি. ১ মুকুট বা মাথায় ধারণের রত্ন। ২ সংস্কৃত পণ্ডিতের উপাধি-বিশেষ। ৩ শ্রেষ্ঠ ব্যক্তি। বিণ. অগ্রগণ্য।

চূড়ামণিযোগ /চুড়ামোনিজোগ্/ [স. চূড়ামণি+যোগ] বি. চন্দ্রগ্রহণ বা সূর্যগ্রহণ উপলক্ষ্যে গঙ্গাস্নানের যোগ।

চূত /চুতো/ [স. √চুৎ+অ] বি. ১ আমগাছ। ২ আম।

চূতমঞ্জরি /চুতোমন্‌জোরি/ [স. চূত+√মঞ্জ্+অরি] বি. আমের মুকুল বা শিষ।

চূতলতা /চুতোলতা/ [স. চূত+√লত্+অ+আ (টাপ্)] বি. ১ লতানে আমগাছ। ২ আমগাছকে বেষ্টন করে থাকে এমন লতা।

চূর্ণ /চুর্‌নো/ [স. √চূর্ণ্+অ] বি. ১ কণায় পরিণত পদার্থ, গুঁড়ো। ২ চুন। ৩ সুগন্ধি গুঁড়ো। ৪ আবির। বিণ. গুঁড়ো করা হয়েছে এমন, চূর্ণীকৃত, সম্পূর্ণ ভগ্ন, গুঁড়োয় পরিণত।

চূর্ণক /চুর্‌নক্/ [স. চূর্ণ+ক (স্বার্থে)] বি. ১ গুঁড়ো। ২ ছাতু। ৩ দীর্ঘ সমাসহীন রচনারীতি।

চূর্ণকার /চুর্‌নোকার্/ [স. চূর্ণ+কার] বি. চুন উৎপাদন করা যার পেশা, চুনারি।

www.pathagar.com

চূর্ণকুন্তল /চুর্‌নোকুন্‌তল্‌/ [স. চূর্ণ+কুন্তল] বি. কপালের ওপর এসে পড়া কোঁকড়ানো কেশগুচ্ছ।

চূর্ণন /চুর্‌নন্‌/ [স. √চূর্ণ্‌+অন] বি. চূর্ণিতকরণ, কণায় পরিণতকরণ।

চূর্ণনীয় /চুর্‌নোনিয়ো/ [স. √চূর্ণ্‌+অনীয়] বিণ. গুঁড়ো করার উপযুক্ত; চূর্ণ করার যোগ্য।

চূর্ণবিচূর্ণ /চুর্‌নোবিচুর্‌নো/ [স. চূর্ণ+বি+√চূর্ণ্‌+অ] বিণ. ১ সম্পূর্ণ চূর্ণিত। ২ (আল.) সম্পূর্ণ বিনষ্ট।

চূর্ণিকা /চুর্‌নিকা/ [স. চূর্ণ+কন্‌+আ (টাপ্‌)] বি. ছাতু।

চূর্ণিত /চুর্‌নিতো/ [স. √চূর্ণ্‌+ত] বিণ. ১ গুঁড়ো করা হয়েছে এমন। ২ (আল.) বিধ্বস্ত, বিনষ্ট।

চূর্ণীকৃত /চুর্‌নিকৃতো/ [স. চূর্ণ+ঢ়ি+কৃত] বিণ. গুঁড়ো করা হয়েছে এমন, চূর্ণিত।

চূর্ণীভূত /চুর্‌নিভুতো/ [স. চূর্ণ+ঢ়ি+ভূত] বিণ. গুঁড়ো হয়েছে এমন; কণায় পরিণত।

চূষণীয় /চুশোনিয়ো/ [স. √চূষ্‌+অনীয়] বিণ. চুষে খাওয়া যায় এমন; চোষার যোগ্য।

চূষিত /চুশিতো/ [স. √চূষ্‌+ত] বিণ. চোষা হয়েছে এমন।

চূষ্য /চুশ্‌শো/ [স. √চূষ্‌+য] বিণ. দ্র চূষণীয়।

চেইন /চেইন্‌/ [ই. chain] বি. ১ শেকল। ২ দৈর্ঘ্যের পরিমাপবিশেষ। ৩ গলায় পরার অলংকার, মালা।

চেঁচেপুঁছে /চেঁচেপুঁছে/ [বা.] ক্রিবিণ. চেটেপুটে, একটুও অবশিষ্ট না রেখে।

চেক[১] /চেক্‌/ [ই. check] বি. ১ ছোটো চতুর্ভুজ আকৃতির নকশা, চৌখুপি, ছক। ২ পরীক্ষণ। বিণ. ছোটো চতুর্ভুজ আকৃতির নকশাযুক্ত।

চেক[২] /চেক্‌/ [ই. cheque] বি. ব্যাংককে প্রদত্ত টাকা প্রদানের লিখিত আদেশপত্র; হুন্ডি।

চেক-আউট /চেক্‌আউট্‌/ বি. হোটেল অতিথিশালা প্রভৃতি ছেড়ে যাওয়ার আগে বিল পরিশোধ, check-out।

চেক-আপ /চেক্‌আপ্‌/ বি. সার্বিক পরীক্ষণ, স্বাস্থ্য পরীক্ষণ, check-up।

চেক-ইন /চেক্‌ইন্‌/ বি. হোটেলে অতিথির বা বিমানবন্দরে যাত্রীর নিবন্ধীকরণ, check-in।

চেক কাটা[১] /চেক্‌ কাটা/ ক্রিবি. টাকা প্রদানের জন্য ব্যাংকের চেক লেখা।

চেককাটা[২] /চেক্‌কাটা/ [ই. চেক+বা. কাটা] বিণ. ছোটো চতুর্ভুজ আকৃতির নকশাকরা।

চেকদাখিলা /চেক্‌দাখিলা/ [ই. চেক+আ. দাখিলা] বি. খাজনার ছাপানো রসিদ, খাজনার রসিদ।

চেকনাই /চেক্‌নাই্‌/ [হি.] বি. ঔজ্জ্বল্য, চাকচক্য।

চেকপোস্ট /চেক্‌পোস্‌ট্‌/ [ই.] বি. চৌহদ্দি বা সীমান্ত নির্ধারক চৌকি, checkpost।

চেকমুড়ি /চেক্‌মুড়ি/ [ই. cheque >] বি. ১ খাজনার রশিদের যে অংশ দাখিলদাতার কাছে থাকে, খাজনা প্রাপ্তির রশিদ। ২ চেকবইয়ের যে অংশ চেকবইতে থেকে যায়; counterfoil।

চেকার /চেকার্‌/ [ই. checker] বি. ১ (সচরাচর রেলগাড়িতে) টিকিট পরীক্ষক। ২ পরীক্ষক।

চেকিং /চেকিং/ [ই.] বি. পরীক্ষণ, checking।

চেটো /চেটো/ [বা.] বি. ১ হাতের তালু, করতল। ২ পায়ের তলদেশ।

চেড়ী /চেড়ি/ [স. √চেড়্‌+অ+ঈ] বি. অন্তঃপুরের নারী প্রহরী।

চেতঃ /চেতোহ্‌/ [স. √চিৎ+অস্‌] বি. ১ চিত্ত, মন, হৃদয়, অন্তঃকরণ। ২ চিত্তবৃত্তি। ৩ আত্মা।

চেতক /চেতক্‌/ [স. √চিৎ+অক] বিণ. চেতনা দান করে এমন; রাজনৈতিক দলের শৃঙ্খলারক্ষক, party whip।

চেতন /চেতন্‌/ [স. √চিৎ+অন] বিণ. ১ প্রাণবন্ত, সজীব। ২ জাগ্রত। বি. আত্মা; জীব।

চেতন পাওয়া /চেতন্‌ পাওআ/ ক্রিবি. জাগ্রত হওয়া; টের পাওয়া।

চেতনা /চেতোনা/ [স. √চেতি+অন+আ (টাপ্‌)] বি. ১ চৈতন্য, সংজ্ঞা। ২ অনুভূতি। ৩ জীবন। ৪ জাগরিত অবস্থা।

চেতনাত্মক /চেতোনাত্‌ঁক্‌/ [স. চেতনা+আত্মন্‌+ক] বিণ. চৈতন্যময়। স্ত্রী. চেতনাত্মিকা /চেতোনাত্‌ঁতিঁকা/।

চেতনাবাহী /চেতোনাবাহি/ [স. চেতনা+√বহ্‌+ইন্‌] বিণ. চৈতন্যযুক্ত।

চেতনাবিধান /চেতোনাবিধান্‌/ [স. চেতনা+বিধান] বি. চৈতন্যদান।

চেতনারহিত /চেতোনারোহিতো/ [স. চেতনা+√রহ্‌+ত] বিণ. ১ অচেতন, অজ্ঞান, বেহুঁশ। ২ জড়।

চেতা /চ্যাতা/ [বা.] ক্রিবি. ১ সংজ্ঞা লাভ করা। ২ প্রেরণা বা উৎসাহ লাভ করা। ৩ জেগে ওঠা। ৪ সতর্ক হওয়া। ৫ ক্রুদ্ধ বা উত্তেজিত হওয়া।

চেতানো /চ্যাতানো/ [বা.] ক্রিবি. ১ চেতনা সঞ্চার করা। ২ উদ্‌বুদ্ধ করা। ৩ খেপিয়ে তোলা।

চেতাবনি /চেতাবোনি/ [বা.] বি. সতর্কতাজ্ঞাপক প্রলম্বিত উচ্চনাদ উৎপাদনকারী সরঞ্জামবিশেষ; হুঁশিয়ারি, বিপৎসংকেত, siren।

চেদি /চেদি/ [স্থান.] বি. মহাভারতোক্ত প্রাচীন রাজ্যবিশেষ।

www.pathagar.com

চেনা /চেনা/ [বা.] ক্রিবি. ১ চিনতে পারা। ২ শেখা (*অক্ষর চেনা*)। বিণ. পরিচিত (*চেনা লোক*); 'চিনা'-র কথ্য রূপ।

চেনাচিনি /চেনাচিনি/ [বা.] বি. পরস্পর পরিচয়।

চেনাজানা /চেনাজানা/ [বা.] বিণ. জানাশোনা।

চেনানো /চেনানো/ [বা.] ক্রিবি. চিনিয়ে দেওয়া, পরিচিত করানো।

চেনাপরিচয় /চেনাপোরিচয়্/ [বা. চেনা+স. পরিচয়] বি. জানাশোনা, আলাপ-পরিচয়।

চেনাশোনা /চেনাশোনা/ [বা.] বিণ. জানাশোনা।

চেয় /চেয়ো/ [স. √চি+য] বিণ. চয়নের যোগ্য।

চেয়ার /চেআর্/ [ই.] বি. হেলান দিয়ে বসা যায় এমন পায়াযুক্ত উঁচু আসনবিশেষ, কেদারা, chair।

চেয়ারম্যান /চেআর্ম্যান্/ [ই.] বি. সভা সমিতি বা সঙ্ঘের পরিচালক; সভাপতি, chairman।

চেয়ারপার্সন /চেআরপার্সন্/ [ই.] বি. সমিতি বা প্রতিষ্ঠানের প্রধান পরিচালক, chairperson।

চেয়ে /চেয়ে/ [বা.] অব্য. অপেক্ষা, হতে, থেকে। অসক্রি. ১ যাচ্ঞা করে (*চেয়ে নাও*)। ২ তাকিয়ে (*চেয়ে দেখা*)।

চেয়েচিন্তে /চেয়েচিন্তে/ [বা.] অসক্রি. অন্যের সাহায্য নিয়ে (*চেয়েচিন্তে কাজ চালানো*)।

চেরা /চেরা/ [বা.] ক্রিবি. বিদারণ করা; ফালি করে কাটা। বিণ. ফালি করে কাটা হয়েছে এমন।

চেরাই /চেরাই/ [বা.] বি. ১ বিদারণ। ২ চেরানোর মজুরি।

চেরাগ /চেরাগ্/ [ফা.] বি. প্রদীপ, বাতি।

চেরাগদান /চেরাগ্দান্/ [ফা.] বি. পিলসুজ, প্রদীপের আধার।

চেরানো /চেরানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে চেরাই করানো। বিণ. বিদারিত।

চেরি /চেরি/ [ই.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলের প্রায় সব দেশে বর্ষাকালে ফোটে এমন গোলাপি সাদা বেগুনি প্রভৃতি রঙের ঘনপুঞ্জিত ফুল এবং ছোটো বীজ-বিশিষ্ট মিষ্টস্বাদ নরম ফল (যা পাকলে গাঢ় লাল বা হলুদ বর্ণ ধারণ করে) বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, cherry।

চেল /চেল্/ [স. √চিল্+অ] বি. ধুতি বা শাড়ি; পরিধেয় বস্ত্র, অন্তরীয়, পরিচ্ছদ।

চেলাঞ্চল /চেলান্চল্/ [স. চেল+অঞ্চল] বি. পরিধেয় বস্ত্রের আঁচল।

চেলানো /চ্যালানো/ [বা.] ক্রিবি. কুড়াল প্রভৃতি দিয়ে বিদারণ করা।

চেলি /চেলি/ [স. চেল >] বি. বিবাহ বা কোনো বিশেষ উপলক্ষ্যে নারীর ধারণীয় রেশমি কাপড়।

চেলুনি /চেলুনি/ [বা.] বি. চাল ধোয়া পানি।

চেলো /চেলো/ [জ.] বি. মেঝের ওপর খাড়া করে রেখে চেয়ারে বসে টোকা দিয়ে বাজানো হয় এমন বেহালাসদৃশ বৃহদাকার তারযন্ত্র, cello।

চেষ্টক /চেশ্টক্/ [স. √চেষ্ট্+অক] বিণ. চেষ্টা করে এমন, চেষ্টাকারী, প্রয়াসশীল।

চেষ্টন /চেশ্টন্/ [স. √চেষ্ট্+অন] বি. চেষ্টা। বিণ. সচেষ্ট, চেষ্টাযুক্ত।

চেষ্টমান /চেশ্টোমান্/ [স. √চেষ্ট্+মান (শানচ্)] বিণ. চেষ্টা করছে এমন; সচেষ্ট, উদ্যমশীল, উদ্যোগী।

চেষ্টা /চেশ্টা/ [স. √চেষ্ট্+অ+আ (টাপ্)] বি. ১ কোনো কাজ সম্পাদন বা কোনো কিছু লাভ করার উদ্যোগ; প্রয়াস, সন্ধান (*চাকরির চেষ্টা*)। ২ অধ্যবসায় (*সাফল্য লাভের চেষ্টা*)।

চেষ্টাচরিত্র /চেশ্টাচোরিত্রো/ [স. চেষ্টা+চরিত্র] বি. বিশেষ উদ্যোগ ও আয়োজন।

চেষ্টান্তর /চেশ্টান্তর্/ [স. চেষ্টা+অন্তর] বি. অন্য উপায়।

চেষ্টান্বিত /চেশ্টান্নিতো/ [স. চেষ্টা+অনু+√ই+ত] বিণ. চেষ্টাশীল, সচেষ্ট।

চেষ্টাবিহীন /চেশ্টাবিহিন্/ [স. চেষ্টা+বি+√হা+ত] বিণ. নিশ্চেষ্ট, চেষ্টাশূন্য, উদ্যমহীন।

চেষ্টাশূন্য /চেশ্টাশুন্নো/ [স. চেষ্টা+√শ্বন্+য] বিণ. দ্র চেষ্টাবিহীন।

চেষ্টিত /চেশ্টিতো/ [স. √চেষ্ট্+ত] বিণ. চেষ্টা করা হয়েছে এমন, সচেষ্ট, চেষ্টাযুক্ত।

চেষ্টিতব্য /চেশ্টিতোব্বো/ [স. √চেষ্ট্+তব্য] বিণ. ১ চেষ্টা করার যোগ্য। ২ চেষ্টা করতে হবে এমন।

চেহারা /চেহারা/ [ফা.] বি. ১ গঠন, আকৃতি, রূপ। ২ মূর্তি; মুখচ্ছবি।

চেহারাবন্দি /চেহারাবোন্দি/ [ফা.] বি. প্রতিকৃতি।

চৈত /চোইত্/ [স. চৈত্র >] বি. 'চৈত্র'-র আঞ্চলিক রূপ।

চৈতন /চোইতন্/ [স. চৈতন্য >] বি. মুণ্ডিত মস্তকে রেখে দেওয়া চুলের গোছা, টিকি।

চৈতনক /চোইতোনক্/ [বা.] বি. দ্র চৈতন।

চৈতনচুটকি /চোইতনচুটকি/ [বা.] বি. টিকি, শিখা।

চৈতনফক্কা /চোইতন্ফক্কা/ [বা.] বি. টিকি।

চৈতন্য /চোইতোন্নো/ [স. চেতন+য] বি. ১ চেতনা। ২ অনুভূতি। ৩ প্রকৃত অবস্থা সম্বন্ধে জ্ঞান।

চৈতন্যচরিতামৃত /চোইতোন্নোচোরিতামৃতো/ [স.

www.pathagar.com

চৈতন্য+চরিতামৃত] বি. শ্রীচৈতন্যের জীবনচরিত।

চৈতন্যদেব /চৈতোন্‌নোদেব্ / [স. চৈতন্য+দেব] বি. ১৬শ শতকে বঙ্গে গৌড়ীয় বৈষ্ণব মতবাদের প্রবর্তক, শচীপুত্র নিমাই, গৌরাঙ্গ।

চৈতন্যময় /চৈতোন্‌নোময়্ / [স. চৈতন্য+ময়ট্] বিণ. চেতনাময়; চিন্ময়। স্ত্রী. চৈতন্যময়ী /চৈতোন্‌নোমোয়ি/।

চৈতন্যোদয় /চৈতোন্‌নোদয়্ / [স. চৈতন্য+উদয়] বি. জ্ঞানসঞ্চার, জ্ঞানের আবির্ভাব, বুদ্ধির উদয়।

চৈতন্যোদ্রেক /চৈতোন্‌নোদ্‌দ্রেক্ / [স. চৈতন্য+উদ্রেক] বি. দ্র চৈতন্যোদয়।

চৈতালি /চৈতালি/ [বা.] বি. ১ চৈত্রমাসের রবিশস্য। ২ চৈত্রমাসে দেয় খাজনা। ৩ বসন্তের হাওয়া। বিণ. চৈত্রমাসে জাত; চৈত্রমাসবিষয়ক।

চৈতি /চৈইতি/ [স. চৈত্র >] বিণ. চৈত্র মাসসম্বন্ধীয়।

চৈত্ত /চৈইত্তো/ [স. চিত্ত+অ] বিণ. চিত্তসংক্রান্ত।

চৈত্তিক /চৈইত্তিক্/ [স. চিত্ত+ইক] বিণ. দ্র চৈত্ত।

চৈত্ত্য /চৈইত্তো/ [স. চিত্ত+য] বি. স্মরণ, স্মৃতি।

চৈত্য /চৈইত্তো/ [স. চিত্যা+অ] বি. ১ যে স্থানে পূজা বা যজ্ঞ করা হয়। ২ বেদি। ৩ বৌদ্ধ মঠ; মন্দির বা স্মৃতিস্তম্ভ। বিণ. চিতাসম্বন্ধীয়।

চৈত্যপাল /চৈইত্তোপাল্/ [স. চৈত্য+পাল] বি. চৈত্যের অধ্যক্ষ; বৌদ্ধ মঠের প্রধান।

চৈত্যলিপি /চৈইত্তোলিপি/ [স. চৈত্য+লিপি] বি. মৃত ব্যক্তির স্মরণে সমাধিফলকে উৎকীর্ণ লেখ, epitaph।

চৈত্র /চৈইত্রো/ [স. চৈত্রী+অ] বি. ১ বাংলা বর্ষপঞ্জির দ্বাদশ মাস, বসন্তঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই মার্চ থেকে ১৩ই এপ্রিল পর্যন্ত কালপর্ব; চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমার মাস, মধুমাস। ২ চিত্রার গর্ভজাত বুধপুত্র।

চৈত্রপবন /চৈইত্রোপবোন্ / [স. চৈত্র+√পূ+অন] বি. বসন্তের বাতাস।

চৈত্ররথ /চৈইত্রোরথ্ / [স. চৈত্র+রথ] বি. কুবেরের উদ্যান; যক্ষপুরীর প্রমোদকানন।

চৈত্রসংক্রান্তি /চৈইত্রোশংক্রান্তি/ [স. চৈত্র+সম্+√ক্রম্+তি] বি. ১ চৈত্রমাসের শেষ দিন, বাংলা বছরের শেষ দিন। ২ যে দিন চড়কপূজা অনুষ্ঠিত হয়।

চৈত্রিক /চৈইত্রিক্/ [স. চৈত্রী+ইক] বি. চৈত্রমাস।

চৈত্রী /চৈইত্রি/ [স. চিত্রা+অ+ঈ] বি. চৈত্রমাসের পূর্ণিমা তিথি; চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমা।

চৈন /চৈইনো/ [স. চীন+অ] বিণ. দ্র চৈনিক।

চৈনিক /চৈইনিক্/ [স. চীন+ইক] বিণ. চীনদেশ-সম্বন্ধীয়।

চোং /চোং/ [হি.] বি. ১ (শব্দ বিবর্ধকরূপে ব্যবহৃত) মুখের সঙ্গে লাগিয়ে কথা বলার জন্য ব্যবহৃত ক্রমশ চওড়া হয়ে আসা ফাঁপা নলবিশেষ, মেগাফোন (megaphone)। ২ যন্ত্রচালিত নৌযানের চিমনি। ৩ ফাঁপা নল।

চোঁচ /চোঁচ্/ [স. চঞ্চু >] বি. ১ চঞ্চু। ২ বাঁশের ধারালো ছাল। ৩ শুঁয়া।

চোঁচাঁ /চোঁচাঁ/ [ধ্বন্যা.] ক্রিবিণ. বুদ্ধশ্বাসে; অন্য কোনো দিকে না তাকিয়ে। বি. খোসা, ছাল।

চোঁয়া /চোঁআ/ [দেশি.] বিণ. ১ অজীর্ণতাজনিত অল্প টক গন্ধযুক্ত (*চোঁয়া ঢেকুর*)। ২ অল্প পোড়া গন্ধযুক্ত (আহার্য)।

চোঁয়ানো /চোঁআনো/ [বা.] ক্রিবি. সামান্য পোড়ানো; সামান্য অম্লগন্ধ করা।

চোকল /চোকল্/ [দেশি.] বি. শস্যের ছাল, গমের ভুসি।

চোকলা /চোক্‌লা/ [দেশি.] বি. কাঁচা সবজি ফল প্রভৃতির খোসা; আবরণ।

চোকানো /চোকানো/ [বা.] ক্রিবি. চুকিয়ে দেওয়া, পরিশোধ করা।

চোখ /চোখ্/ [দেশি.] বি. ১ মাথার সম্মুখভাগে অবস্থিত যে অঙ্গের সাহায্যে মানুষ বা অন্যান্য প্রাণী দেখতে পায়, চক্ষু, নয়ন, লোচন, দর্শনেন্দ্রিয়। ২ দৃষ্টি, নজর (*স্নেহের চোখে দেখা*)। ৩ সুদৃষ্টি, অনুকূল দৃষ্টি; খেয়াল (*চোখ রাখা*)। ৪ লোলুপ দৃষ্টি (*চোখ দেওয়া*)। ৫ যে স্থানে বাঁশ আখ আনারস প্রভৃতির অঙ্কুরোদ্‌গম হয়।

চোখ ওঠা /চোখ্ ওঠা/ ক্রিবি. চোখের প্রদাহজনিত ছোঁয়াচে রোগে আক্রান্ত হওয়া, চোখ উঠা।

চোখ ওলটানো /চোখ্ উল্‌টানো/ ক্রিবি. ১ মৃত্যুর ঠিক পূর্বমুহূর্তে চোখের দৃষ্টি স্থির হয়ে আসা। ২ (আল.) অকৃতজ্ঞতার ভাব প্রকাশ করা, চোখ উলটানো।

চোখ খাওয়া /চোখ্ খাওআ/ ক্রিবি. দৃষ্টিশক্তি হারানো।

চোখখাকি /চোখ্‌খাকি/ [বা.] বিণ. বি. দৃষ্টিহীনা (গালিবিশেষ)।

চোখখেকো /চোখ্‌খেকো/ [বা.] বিণ. বি. দৃষ্টিহীন (গালিবিশেষ)।

চোখ খোলা /চোখ্ খোলা/ ক্রিবি. ১ জেগে ওঠা, জাগা। ২ সতর্ক হওয়া। ৩ জ্ঞান লাভ করা।

www.pathagar.com

চোখ গেল /চোখ্ গ্যালো/ বি. পূর্ব এশিয়ার কোকিলজাতীয় পাখিবিশেষ যার ডাক শুনতে অনেকটা 'চোখ গেলো'-র মতো, পাপিয়া।

চোখ ঘুরানো /চোখ্ ঘুরানো/ ক্রিবি. ১ চোখের মণি ঘুরিয়ে অসন্তোষ প্রকাশ করা। ২ রেগে তাকানো।

চোখ ঘোরানো /চোখ্ ঘোরানো/ ক্রিবি. দ্র চোখ ঘুরানো।

চোখ ছলছল করা /চোখ্ ছল্‌ছল্ করা/ ক্রিবি. দুঃখ শোক অভিমান প্রভৃতির কারণে চোখ অশ্রুসিক্ত হওয়া।

চোখ ছানাবড়া /চোখ্ ছানাবড়া/ বি. ভয় বা বিস্ময়জনিত চোখের স্ফীতি।

চোখ ঝলসানো /চোখ্ ঝল্‌শানো/ ক্রিবি. ১ তীব্র আলোয় চোখ ধাঁধিয়ে ওঠা। ২ রূপে মুগ্ধ হওয়া।

চোখ ঝাঁ ঝাঁ করা /চোখ্ ঝাঁ ঝাঁ করা/ ক্রিবি. দ্র চোখ ঝলসানো।

চোখ টাটানো /চোখ্ টাটানো/ ক্রিবি. ১ চোখে বেদনা অনুভব করা। ২ (আল.) অন্যের শ্রীবৃদ্ধিতে ঈর্ষান্বিত হওয়া।

চোখ টেপা /চোখ্ টেপা/ ক্রিবি. চোখ দিয়ে ইঙ্গিত করা; এক চোখ বন্ধ করে অশোভন ইঙ্গিত করা।

চোখ ঠারা /চোখ্ ঠারা/ ক্রিবি. ১ চোখ কুঁচকে ইশারা করা। ২ নিজেকে মিথ্যা প্রবোধ দেওয়া।

চোখ দেওয়া /চোখ্ দেওআ/ ক্রিবি. ১ ঈর্ষার দৃষ্টিতে তাকানো। ২ কুনজর দেওয়া।

চোখ নাচা /চোখ্ নাচা/ ক্রিবি. চোখের পাতা স্পন্দিত হওয়া।

চোখ পড়া /চোখ্ পড়া/ ক্রিবি. ১ মনোযোগ আকৃষ্ট হওয়া। ২ (অসাধু উদ্দেশ্যে) কোনো কিছুর প্রতি নজর পড়া।

চোখ পাকানো /চোখ্ পাকানো/ ক্রিবি. ক্রুদ্ধ দৃষ্টি নিক্ষেপ করা, রেগে তাকানো।

চোখ ফোটা /চোখ্ ফোটা/ ক্রিবি. ১ জন্মের পর মনুষ্যেতর প্রাণীর প্রথম চোখের পাতা খোলা। ২ (আল.) প্রকৃত অবস্থা জানতে পারা।

চোখ বুলানো /চোখ্ বুলানো/ ক্রিবি. মনোযোগ না দিয়ে দ্রুত পড়া।

চোখ বোজা /চোখ্ বোজা/ ক্রিবি. ১ চোখ বন্ধ করা; ঘুমানো। ২ (আল.) মৃত্যুবরণ করা। ৩ আমলে না আনা।

চোখ বোলানো /চোখ্ বোলানো/ ক্রিবি. দ্র চোখ বুলানো।

চোখ মটকানো /চোখ্ মট্‌কানো/ ক্রিবি. চোখ টিপে ইঙ্গিত করা।

চোখ মারা /চোখ্ মারা/ ক্রিবি. এক চোখ বন্ধ করে অশালীন ইঙ্গিত করা।

চোখ রাখা /চোখ্ রাখা/ ক্রিবি. ১ তত্ত্বাবধান করা। ২ সতর্ক থাকা। ৩ মনোযোগী হওয়া।

চোখ রাঙানো /চোখ্ রাঙানো/ ক্রিবি. ১ রেগে কোনো কিছুর দিকে তাকানো। ২ ভীতি প্রদর্শন করা।

চোখল /চোখল্/ [বা.] বিণ. ১ চোখবিশিষ্ট। ২ সব-দিকে দৃষ্টি আছে এমন; চৌকশ। ৩ চটপটে।

চোখা /চোখা/ [দেশি.] বিণ. ১ তীক্ষ্ণ। ২ তীব্র। ৩ তুখোড়, চৌকশ। ৪ খাঁটি।

চোখা কথা /চোখা কথা/ বি. তীব্র বাক্য; কটু কথা।

চোখাচোখি /চোখাচোখি/ [দেশি.] বি. ১ পরস্পর দৃষ্টি বিনিময়। ২ হঠাৎ একে অপরের প্রতি দৃষ্টিপাত। ক্রিবিণ. সামনাসামনি।

চোখানো /চোখানো/ [বা.] ক্রিবি. ধার দেওয়া, শান দেওয়া, ছুঁচালো করা।

চোখালো /চোখালো/ [বা.] বিণ. ১ তীক্ষ্ণ, ধারালো। ২ ঝাঁঝালো স্বাদবিশিষ্ট। ৩ (আল.) তুখোড়।

চোখে চোখে কথা /চোখে চোখে কথা/ বি. চোখের ইশারায় পরস্পর ভাববিনিময়।

চোখে চোখে রাখা /চোখে চোখে রাখা/ ক্রিবি. ১ দৃষ্টির বাইরে যেতে না দেওয়া। ২ সতর্ক পাহারায় রাখা, সজাগ দৃষ্টি রাখা।

চোখে ঠুলি দেওয়া /চোখে ঠুলি দেওআ/ ক্রিবি. দেখেও না দেখার ভান করা; উদাসীন থাকা।

চোখে ধরা /চোখে ধরা/ ক্রিবি. পছন্দ হওয়া; মনে রেখাপাত করা।

চোখে ধুলো দেওয়া /চোখে ধুলো দেওআ/ ক্রিবি. প্রকৃত তথ্য গোপন করে প্রতারণা করা।

চোখের চামড়া /চোখের্ চাম্‌ড়া/ বি. ১ চোখের পাতা। ২ (আল.) অন্যের দৃষ্টিতে লজ্জাজনক ঠেকে এমন কিছু করতে কুণ্ঠাবোধ; চক্ষুলজ্জা।

চোখের দেখা /চোখের্ দ্যাখা/ ক্রিবি. কথা না বলে ক্ষণিকের তরে দেখা।

চোখের নেশা /চোখের্ নেশা/ বি. কেবল চোখে দেখার বাসনা।

চোখের পর্দা /চোখের্ পর্‌দা/ বি. ১ চোখের পাতা। ২ (আল.) চক্ষুলজ্জা।

চোখের পলক /চোখের্ পলোক্/ বি. (আল.) নিমেষ, ক্ষণকাল।

চোখের পাতা /চোখের্ পাতা/ বি. ১ চোখের ওপরের

www.pathagar.com

চামড়া, নেত্রপল্লব। ২ (আল.) লজ্জা।

চোখের বালি /চোখের্ বালি/ বি. ১ চোখে পতিত ধূলিকণা। ২ (আল.) চোখের জন্য পীড়াদায়ক ব্যক্তি বা বস্তু; চক্ষুশূল।

চোখের ভুল /চোখের্ ভুল্/ বি. দেখার ভুল।

চোখের মাথা খাওয়া /চোখের্ মাথা খাওআ/ ক্রিবি. দৃষ্টিশক্তি হারানো।

চোখে সরষেফুল দেখা /চোখে শোর্শেফুল্ দ্যাখা/ ক্রিবি. বিপদে পড়ে দিশেহারা বোধ করা।

চোগল /চোগোল্/ [তুর.] বি. আড়ালে নিন্দা, চুগলি।

চোগা /চোগা/ [তুর.] বি. পুরুষদের পরিধেয় লম্বা ও ঢিলে বুকখোলা জামা (*চোগা-চাপকান*)।

চোঙা /চোঙা/ [হি.] বি. ১ (সরুমুখ পাত্রে তরল পদার্থ ঢালার জন্য ব্যবহৃত) সরু নলের সঙ্গে যুক্ত ক্রমশ চওড়া হয়ে আসা ধাতু প্লাস্টিক বা কাচের তৈরি মুখখোলা পাত্র। ২ জাহাজের ধাতুনির্মিত চিমনি বা ধূমনল। ৩ তামাক রাখার জন্য ব্যবহৃত বাঁশের তৈরি আধারবিশেষ। ৪ (তরল পদার্থ মাপার জন্য গ্রামাঞ্চলে ব্যবহৃত) একদিকে ফাঁপা ও অন্যদিকে গাঁটযুক্ত বাঁশের টুকরো।

চোট /চোট্/ [হি.] বি. ১ ব্যথা; আঘাত (*পায়ের চোট*)। ২ তেজ, শক্তি, জোর (*কথার চোট*)। ৩ বেগ; তোড়; স্রোত; দমক (*হাসির চোট*)। ৪ ক্রোধ (*চোটপাট*)। ৫ বার, দফা (*একচোট*)।

চোটপাট /চোট্পাট্/ [বা.] বি. ধমকাধমকি বা তিরস্কার; ক্রোধ প্রকাশ।

চোটা[১] /চোটা/ [স. চতুর্থ >] বি. উচ্চহারে সুদ।

চোটা[২] /চোটা/ [হি. চোট >] বি. ঝোলা গুড়।

চোটানো /চোটানো/ [বা.] ক্রিবি. ১ আঘাত দেওয়া। ২ ধমক দেওয়া।

চোট্টা /চোট্টা/ [হি.] বি. চোর; শঠ, প্রবঞ্চক।

চোট্টামি /চোট্টামি/ [বা.] বি. ১ প্রতারণা। ২ মৃদু তিরস্কার।

চোত /চোত্/ [বা.] বি. 'চৈত্র'-র আঞ্চলিক রূপ।

চোতা /চোতা/ [স. চ্যুত >] বিণ. দ্র চোথা।

চোথা /চোথা/ [স. চ্যুত >] বিণ. তুচ্ছ (*চোথা কাগজ*)।

চোদ্দো /চোদ্দো/ [স. চতুর্দশ >] বি. ১৪ সংখ্যা। বিণ. ১৪ সংখ্যক; 'চৌদ্দ'-র কথ্য রূপ।

চোদ্দই /চোদ্দোই্/ [বা.] বি. মাসের ১৪ তারিখ। বিণ. ১৪ তারিখের।

চোদ্দোপুরুষ /চোদ্দোপুরুশ্/ [বা. চোদ্দো+স. পুরুষ] বি. (ঊর্ধ্বতন বা অধস্তন) চোদ্দো প্রজন্ম।

চোদ্দোবার /চোদ্দোবার/ [বা.] বি. অনেকবার। ক্রিবিণ. পুনঃপুন, বারবার।

চোনা /চোনা/ [হি. চুনা >] বি. গোমূত্র।

চোপ[১] /চোপ্/ [ই. chop >] বি. কোপ; চোট।

চোপ[২] /চোপ্/ [বা.] অনুক্রি. চুপ থাকার আদেশ দেওয়া। বি. নীরবতা বিধান।

চোপ[৩] /চোপ্/ [ফা. চোব >] বি. দণ্ড, লাঠি।

চোপড়া /চোপ্ড়া/ [বা.] বি. ছোবড়া; খোসা।

চোপদার /চোপ্দার্/ [ফা. >] বি. দ্র চোবদার।

চোপরা /চোপ্রা/ [বা.] বি. ১ মুখরতা। ২ ভর্ৎসনা।

চোপরাও /চোপ্রাও/ [হি.] ক্রিবি. আর কথা নয়—চুপ থাকো।

চোপসানো /চোপ্শানো/ [বা.] ক্রিবি. বাতাস বা জল বেরিয়ে যাওয়ার ফলে সংকুচিত হওয়া; শুকিয়ে যাওয়া। বিণ. চুপসে বা তুবড়ে গেছে এমন।

চোপা /চোপা/ [দেশি.] বি. ১ মুখের ওপর জবাব; তর্কবিতর্ক; বাচালতা। ২ মুখ। ৩ ভর্ৎসনা, নিন্দা।

চোপাড় /চোপাড়্/ [বা.] বি. চড়।

চোপানো /চোপানো/ [বা.] ক্রিবি. ১ তর্জনগর্জন করা। ২ বারবার ভারী অস্ত্র দিয়ে আঘাত করা।

চোব /চোব্/ [ফা.] বি. দণ্ড, লাঠি।

চোবদার /চোবদার্/ [ফা.] বি. দণ্ডধর, দণ্ডবাহক; গদাধর; লাঠিয়াল, লাঠিসোঁটাধারী অনুচর।

চোবল /চোবল্/ [দেশি.] বি. নখ বা দাঁত দিয়ে আকস্মিক আক্রমণ; ছোবল; খাবল।

চোবানি /চোবানি/ [বা.] বি. নিমজ্জন।

চোবানো /চোবানো/ [বা.] ক্রিবি. নিমজ্জন করা।

চোবে /চোবে/ [স. চতুর্বেদ >] বি. ১ ঋক্ যজুঃ সাম ও অথর্ব বেদে যার অধিকার আছে, চতুর্বেদী। ২ পদবিবিশেষ।

চোয়া /চোয়া/ [বা.] ক্রিবি. ফোঁটা ফোঁটা করে ক্ষরিত হওয়া, চোয়ানো, চুইয়ে পড়া।

চোয়াড় /চোয়াড়্/ [হি.] বি. পার্বত্য অঞ্চলে বসবাসকারী অনগ্রসর জাতিবিশেষ; ব্যাধ।

চোয়ানি /চোআনি/ [বা.] বি. ১ পরিস্রুত তরল পদার্থ। ২ মদ্যবিশেষ।

চোয়ানো /চোআনো/ [বা.] ক্রিবি. ফোঁটা ফোঁটা করে চুইয়ে পড়া। বিণ. চুইয়ে পড়ছে এমন; পরিস্রুত; চুয়ানো।

চোয়াল /চোআল্/ [দেশি.] বি. মুখের যে অংশে দাঁতের পাটি সংলগ্ন থাকে, চিবুকের হাড়, jaw।

চোয়াল ধরা /চোআল্ ধরা/ ক্রিবি. মাড়ি আটকে যাওয়ার কারণে কথা বলতে না পারা।

চোর /চোর্/ [স. √চুর্+অ] বি. যে ব্যক্তি না বলে

www.pathagar.com

অন্যের দ্রব্য হরণ করে, তস্কর।

চোরকাঁটা /চোর্‌কাঁটা/ [স. চোর+বা. কাঁটা] বি. ঘাস-জাতীয় বুনো গুল্মের শুঁয়াযুক্ত বীজকোষ (ফল) যা সংস্পর্শে আসার ফলে কাপড়ে বিঁধে যায়, ভ্রুকুণ্ডা।

চোরকুঠুরি /চোর্‌কুঠুরি/ [স. চোর+বা. কুঠুরি] বি. ১ ঘরের ভেতরের ছোটো গুপ্ত কামরা; টাকা পয়সা রাখার গুপ্ত ঘর। ২ সিঁড়ির নিচের খোপ।

চোর-চোর খেলা /চো:রচো:র্ খ্যালা/ বি. ছোটোদের যে খেলায় একজন চোর সেজে পালায় এবং অন্যরা তাকে ধরতে চেষ্টা করে।

চোরছ্যাঁচড় /চো:রছ্যাঁচোড়/ [স. চোর+বা. ছ্যাঁচড়] বি. চোর ও প্রতারক, প্রবঞ্চক।

চোরা /চোরা/ [স. চোরিত >] বি. ১ যে চুরি করে, তস্কর। ২ (আদরার্থে) অনুরাগের পাত্র। ৩ অসুর-বিশেষ। বিণ. ১ অলক্ষিত (*চোরা চাহনি*)। ২ গুপ্ত (*চোরাবালি*)। ৩ বেআইনি (*চোরা কারবার*)।

চোরাই /চোরাই/ [স. চোরায়িত >] বিণ. চুরি করে আনা হয়েছে এমন; অপহৃত (*চোরাই মাল*)।

চোরাকারবার /চোরাকার্‌বার্/ [বা. চোরা+ফা. কারবার] বি. বেআইনি গোপন ব্যবসায়।

চোরাকারবারি /চোরাকার্‌বারি/ [বা. চোরা+ফা. কারবারি] বি. চোরাকারবারের বৃত্তি বা পেশা।

চোরাগর্ত /চোরাগর্‌তো/ [বা. চোরা+গর্ত] বি. দেখা যায় না এমন গর্ত।

চোরাগলি /চোরাগোলি/ [বা.] বি. গলির ভেতরের সরু গলি; সংকীর্ণ ও অন্ধকার গলি; গোপন পথ।

চোরাগোপ্তা /চোরাগোপ্‌তা/ [বা. চোরা+√গুপ্+ত্] বিণ. আকস্মিক ও অন্যের অগোচরে (*চোরাগোপ্তা হামলা*)।

চোরাচালান /চোরাচালান্/ [বা.] বি. শুল্ক ফাঁকি দিয়ে গোপনে আমদানি-রপ্তানি, smuggling।

চোরাচালানকারী /চোরাচালান্‌কারি/ [বা.] বি. অবৈধ আমদানি-রপ্তানি যার পেশা।

চোরাপকেট /চোরাপকেট্/ [বা.] বি. পরিধেয় বস্ত্রের গুপ্ত পকেট।

চোরাপথ /চোরাপথ্/ [বা. চোরা+স. পথ] বি. গোপন পথ।

চোরাবালি /চোরাবালি/ [বা.] বি. ওপরে শক্ত কিন্তু ভেতরে ফাঁপা ও শিথিল বালির স্তর যার ওপর চাপ পড়ামাত্র মানুষ জীবজন্তু নৌকা প্রভৃতি তলিয়ে যায়, quicksand।

চোরামি /চোরামি/ [বা.] বি. চোরের বৃত্তি বা পেশা।

চোরামো /চোরামো/ [বা.] বি. 'চোরামি'-র কথ্য রূপ।

চোরের ওপর বাটপাড়ি /চোরের্ ওপর্ বাট্‌পাড়ি/ বি. চোরের সঙ্গে প্রতারণা।

চোল /চোল্/ [স. √চুল্+অ] বি. ১ কাঁচুলি। ২ ঘাগরা। ৩ দক্ষিণ ভারতের প্রাচীন রাজবংশ।

চোলাই /চোলাই/ [বা.] বি. ১ বকযন্ত্রের সাহায্যে বাষ্পীভূত তরল পদার্থ ঠাণ্ডা করে অন্য পাত্রে গ্রহণ, ঊর্ধ্বপাতন, distillation। ২ চুয়ানো মদ।

চোলী /চোলি/ [স. √চুল্+অ+ঈ] বি. ১ বক্ষবন্ধনী, কাঁচুলি। ২ ঘাগরা।

চোষ /চোশ্/ [স. √চুষ্+অ] বি. শোষণ।

চোষক /চোশক্/ [স. √চুষ্+অক] বিণ. চুষে নেয় এমন, শোষক।

চোষকাগজ /চোশ্‌কাগোজ্/ [স. চোষ+ফা. কাগজ] বি. কলমের নিব কালিতে ডুবিয়ে লেখার পর কাগজ থেকে অতিরিক্ত কালি শুষে নেওয়ার জন্য ব্যবহৃত কাগজবিশেষ; তরল পদার্থ শুষে নেয় এমন কাগজ।

চোষণ /চোশোন্/ [স. √চুষ্+অন] বি. শোষণ।

চোষণীয় /চোশোনিয়ো/ [স. √চুষ্+অনীয়] বিণ. চুষে খেতে হয় এমন, চুষে খাওয়ার যোগ্য, চোষ্য।

চোষা /চোশা/ [বা.] ক্রিবি. শোষণ করা; চুষে খাওয়া। বিণ. ১ শোষিত। ২ শোষণকারী (*রক্তচোষা*)।

চোষানো /চোশানো/ [বা.] ক্রিবি. শোষণ করানো।

চোষ্য /চোশ্‌শো/ [স. √চুষ্+য] বিণ. দ্র চোষণীয়।

চোস্ত /চোস্‌ত্/ [ফা.] বিণ. ১ বিশুদ্ধ। ২ প্রাঞ্জল। ৩ ঋজু। ৪ মসৃণ; সমতল। ৫ চালাক; চৌকশ। ৬ আঁটোসাঁটো। বি. আঁটোসাঁটো পাজামাবিশেষ।

চৌ /চৌ/ [স. চতুর্ >] বিণ. অন্য শব্দের সঙ্গে যুক্ত হয়ে চারের অর্থ প্রকাশক (*চৌচালা*); চার।

চৌকশ /চৌক্‌কোশ্ / [হি.] বিণ. ১ সব বিষয়ে অভিজ্ঞ। ২ চতুর। ৩ চারদিকে দৃষ্টি আছে এমন।

চৌকা /চৌক্‌কা/ [স. চতুষ্ক >] বিণ. চার কোণবিশিষ্ট। বি. ১ উনুন, চুলা। ২ চার ফোটাযুক্ত তাস।

চৌকাঠ /চৌক্‌কাঠ্/ [বা.] বি. (সচরাচর কাঠের) যে কাঠামোর সঙ্গে দরজা লাগানো হয়।

চৌকাঠ না মাড়ানো /চৌক্‌কাঠ্ না মাড়ানো/ ক্রিবি. ১ ঘরে প্রবেশ না করা। ২ (আল.) সম্পর্ক ছিন্ন করা।

চৌকি /চৌক্‌কি/ [স. চতুষ্কী >] বি. ১ চারটি পায়া-যুক্ত খাট, তক্তপোশ। ২ প্রহরী। ৩ ফাঁড়ি। ৪ কর আদায়ের ঘাঁটি।

চৌকিদার /চৌক্‌কিদার্/ [বা. চৌকি+ফা. দার] বি. ১ কর আদায় করা যার পেশা। ২ প্রহরী।

www.pathagar.com

চৌকিদারি /চোউকিদারি/ [বা. চৌকি+ফা. দারি] বি. চৌকিদারের বৃত্তি। বিণ. চৌকিদারবিষয়ক।

চৌকি দেওয়া /চোউকি দেওআ/ ক্রিবি. পাহারা দেওয়া।

চৌকুনে /চোউকুনে/[বা.] বিণ. দ্র চৌকো।

চৌকো /চোউকো/ [স. চতুষ্ক >] বিণ. চারটি কোণ আছে এমন, চারকোণবিশিষ্ট, চতুষ্কোণ।

চৌকোনা /চোউকোনা/[বা.] বিণ. দ্র চৌকো।

চৌখণ্ড /চোউখন্ডো/ [বা. চৌ+স. খণ্ড] বিণ. ১ চারভাগে বিভক্ত। ২ চারটি চালবিশিষ্ট।

চৌখণ্ডিয়া /চোউখোন্ডিআ/ [বা.] বিণ. চার পায়াযুক্ত। বি. চারটি পায়াযুক্ত পিঁড়ি।

চৌখুপি /চোউখুপি/ [বা.] বিণ. চারটি খোপবিশিষ্ট; চেককাটা। বি. চৌকো ছককাটা নকশা।

চৌখুরি /চোউখুরি/ [বা.] বি. চারটি খুর বা পায়াযুক্ত কাঠের আসন, চৌকি।

চৌগুণ /চোউগুন্ / [বা.] বিণ. চারগুণ, চতুর্গুণ।

চৌগুনা /চোউগুনা/ [বা.] বিণ. দ্র চৌগুণ।

চৌগুনো /চোউগুনো/ [বা.] বিণ. দ্র চৌগুণ।

চৌগোঁপ্পা /চোউগোঁপ্পা/ [বা.] বিণ. চোয়ালের দাড়ি দুদিকে ভাগ করে গোঁফের সঙ্গে মিলিয়ে দেওয়া হয়েছে এমন।

চৌঘাট /চোউঘাট্/ [বা.] বি. চার দিকের ঘাট; চারঘাট; চতুর্দিক।

চৌঘুড়ি /চোউঘুড়ি/ [বা.] বি. চার ঘোড়ায় টানা গাড়ি।

চৌচাকা /চোউচাকা/ [স. চতুশ্চক্র >] বিণ. চারটি চাকাবিশিষ্ট।

চৌচাক্কা /চোউচাক্কা/ [স. চতুশ্চক্র >] বিণ. দ্র চৌচাকা।

চৌচাপট /চোউচাপোট্/ [বা.] বি. ১ চতুর্দিকের স্থান; চতুর্দিকের বিস্তার। ২ সমচতুর্ভুজ।

চৌচাপটে /চোউচাপোটে/ [বা.] ক্রিবিণ. ১ চারদিকে। ২ যথাযথভাবে, সর্বতোভাবে। বিণ. পূর্ণমাত্রায়।

চৌচাপড় /চোউচাপোড়/ [বা.] বি. দ্র চৌচাপট।

চৌচালা /চোউচালা/ [বা.] বিণ. চারটি চালবিশিষ্ট।

চৌচির /চোউচির্/ [বা.] বিণ. ১ চারটি খণ্ডে বিভক্ত। ২ (আল.) খণ্ডে খণ্ডে বিভক্ত, খণ্ডবিখণ্ড।

চৌঠা /চোউঠা/ [স. চতুর্থ >] বি. বিণ. মাসের চতুর্থ দিন; মাসের চার তারিখ (*৪ঠা আষাঢ়*)।

চৌতলা /চোউতলা/ [বা.] বি. চতুর্থ তলা। বিণ. চারটি তলবিশিষ্ট।

চৌতারা[১] /চোউতারা/ [ফা.] বি. মেঝের ওপর খাড়া করে রেখে চেয়ারে বসে টোকা দিয়ে বাজানো হয় এমন বেহালাসদৃশ বৃহদাকার তারযন্ত্র, cello।

চৌতারা[২] /চোউতারা/ [স. চত্বর >] বি. চত্বর, অঙ্গন, উঠান।

চৌতাল /চোউতাল্/ [হি.] বি. সংগীতের বারো মাত্রার তালবিশেষ।

চৌতালা /চোউতালা/ [হি.] বিণ. সংগীতের বারো মাত্রার তালবিশিষ্ট।

চৌত্রিশ /চোউত্রিশ্/ [স. চতুস্ত্রিংশৎ >] বি. ৩৪ সংখ্যা। বিণ. ৩৪ সংখ্যক।

চৌথ /চোউথ্/ [স. চতুর্থ >] বি. ১ এক চতুর্থাংশ, চারভাগের একভাগ। ২ প্রজার উপস্বত্বের চতুর্থ ভাগ। ৩ মরাঠা শাসক কর্তৃক আদায়কৃত পরাজিত রাজা বা কৃষকের উৎপাদিত ফসলের এক চতুর্থাংশ বা তার সমপরিমাণ মূল্য।

চৌদিক /চোউদিক্/ [স. চতুর্দিক >] বি. সবদিক।

চৌদিশ /চোউদিশ্ / [স. চতুর্দিশ্ >] বি. চারদিক।

চৌদুলি /চোউদুলি/ [বা.] বি. ১ চতুর্দোলা বহন করার বৃত্তি। ২ চতুর্দোলা বহনকারী জাতিবিশেষ।

চৌদোল /চোউদোল্ / [স. চতুর্দোল >] বি. কাঁধে বহন করা হয় এমন ডুলি, পালকি, শিবিকা।

চৌদোলা /চোউদোলা/ [স. চতুর্দোল >] বি. দ্র চৌদোল।

চৌদ্দ /চোউদ্দো/ [স. চতুর্দশ >] বি. ১৪ সংখ্যা। বিণ. ১৪ সংখ্যক।

চৌদ্দই /চোউদ্দোই/ [বা.] বি. মাসের ১৪ তারিখ।

চৌদ্দপুরুষ /চোউদ্দোপুরুশ্/ [বা. চৌদ্দ+স. পুরুষ] বি. (ঊর্ধ্বতন বা অধস্তন) চোদ্দো প্রজন্ম।

চৌধুরি /চোউধুরি/ [হি.] বি. ১ নৌ হস্তী অশ্ব ও পদাতিরূপ চার শক্তির অধিকারী সামন্ত রাজা। ২ গ্রামের মোড়ল। ৩ নগরের প্রধান ব্যবসায়ী। ৪ পদবিবিশেষ। স্ত্রী. চৌধুরানি /চৌধুরানি/।

চৌপট /চোউপট্/ [হি.] বিণ. বন্ধুর নয় এমন, সমতল, সমান।

চৌপথ /চোউপথ্/ [বা. চৌ+স. পথ] বি. চারটি পথের সংযোগস্থল, চৌরাস্তা, চৌমাথা।

চৌপদ /চোউপদ্ / [স. চতুষ্পদ >] বিণ. চার পা-বিশিষ্ট, চতুষ্পদ।

চৌপদী /চোউপোদি/ [স. চতুষ্পদী >] বি. চার-চরণবিশিষ্ট ছন্দ। বিণ. চার পা-বিশিষ্ট, চতুষ্পদ।

চৌপর /চোউপর্/ [স. চতুঃপ্রহর >] বি. চার প্রহরকাল। ক্রিবিণ. সর্বদা, দিনরাতব্যাপী।

চৌপল /চোউপল্ / [হি.] বিণ. চারটি কোণবিশিষ্ট।

চৌপহর /চোউপহোর্/ [স. চতুঃপ্রহর >] বি. চার প্রহরকাল। ক্রিবিণ. সর্বক্ষণ।

www.pathagar.com

চৌপাটি /চৌড়্পাটি/ [স. চতুষ্পাঠী >] বি. যে পাঠশালায় সংস্কৃত পড়ানো হয়, চতুর্বেদ অধ্যয়নের স্থান, টোল।

চৌপাঠি /চৌড়্পাঠি/ [স. চতুষ্পাঠী >] বি. দ্র চৌপাটি।

চৌপাড়্ /চৌড়্পাড়্/ [স. চতুষ্পাঠী >] বি. পাঠশালা; টোল; চতুষ্পাঠী।

চৌপাড়ি /চৌড়্পাড়ি/ [স. চতুষ্পাঠী >] বি. দ্র চৌপাটি।

চৌপায়া /চৌড়্পায়া/ [স. চতুষ্পদী >] বিণ. চারটি পায়াবিশিষ্ট। বি. চৌকি, খাট।

চৌপাশ /চৌড়্পাশ্/ [স. চতুঃপার্শ্ব >] বি. চারদিক।

চৌপ্রহর /চৌড়্প্রোহর্/ [স. চতুঃপ্রহর >] বি. চার প্রহরকাল। ক্রিবিণ. সর্বক্ষণ।

চৌবাচ্চা /চৌড়্বাচ্চা/ [ফা.] বি. চারকোনা জলাধার।

চৌবাড়ি /চৌড়্বাড়ি/ [স. চতুষ্পাঠী >] বি. দ্র চৌপাটি।

চৌবে /চৌড়্বে/ [স. চতুর্বেদী >] বিণ. চারটি বেদে অভিজ্ঞ এমন, চৌবেদী। বি. পদবিবিশেষ।

চৌমহলা /চৌড়্মহোলা/ [বা.] বিণ. চারটি মহলে বিভক্ত। বি. চারমহলা বাড়ি।

চৌমাথা /চৌড়্মাথা/ [বা.] বি. দ্র চৌপথ।

চৌমোহনা /চৌড়্মোহোনা/ [বা.] বি. চারটি নদীর সংগমস্থল।

চৌম্বক /চৌড়্ম্বক্/ [স. চুম্বক+অ] বিণ. ১ চুম্বক-সম্পর্কিত। ২ আকর্ষক, আকর্ষণের শক্তিবিশিষ্ট।

চৌযুগ /চৌড়্যুগ্/ [স. চতুর্যুগ >] বি. পুরাণে কল্পিত চারটি যুগ (সত্য ত্রেতা দ্বাপর ও কলি)। ক্রিবিণ. চিরকাল, সর্বকাল।

চৌয়ারি /চৌড়্আরি/ [হি.] বি. ১ চার চালবিশিষ্ট ঘর। ২ চারদুয়ারি ঘর। ৩ পাঠশালা। বিণ. চৌচালা।

চৌর /চৌড়্রো/ [স. চোর+অ] বি. চোর, তস্কর।

চৌরস /চৌড়্রশ্/ [স. চতুরস্র >] বিণ. ১ চওড়া, প্রশস্ত। ২ সমান। ৩ মসৃণ। ৪ চারকোনা।

চৌরাস্তা /চৌড়্রাস্তা/ [বা. চৌ+ফা. রাস্তা] বি. চারটি রাস্তার সংযোগস্থল, চৌমাথা।

চৌরাশি /চৌড়্রাশি/ [স. চতুরশীতি >] বি. ৮৪ সংখ্যা। বিণ. ৮৪ সংখ্যক।

চৌরি /চৌড়্রি/ [বা.] বিণ. চৌচালা। বি. চৌচালা ঘর।

চৌর্য /চৌড়্রজ্যো/ [স. চোর+য] বি. চুরি, অপহরণ।

চৌর্যবৃত্তি /চৌড়্রজ্যোবৃত্তি/ [স. চৌর্য+√বৃৎ+তি] বি. চোরের বৃত্তি বা পেশা, চোরের কাজ।

চৌর্যোন্মাদ /চৌড়্রজ্যোন্মাদ্/ [স. চৌর্য+উন্মাদ] বি. প্রয়োজন না থাকা সত্ত্বেও চুরি করার অভ্যাস, চুরি করার রোগ, kleptomania।

চৌশাল /চৌড়্শাল্/ [স. চতুঃশাল >] বিণ. চক-মিলানো। বি. চতুষ্কোণ উঠান ঘিরে নির্মিত অট্টালিকাশ্রেণি।

চৌশিঙা /চৌড়্শিঙা/ [বা.] বিণ. চারটি শিং আছে এমন। বি. চারটি শিংবিশিষ্ট হরিণ।

চৌষট্টি /চৌড়্শোট্টি/ [স. চতুঃষষ্টি >] বি. ৬৪ সংখ্যা। বিণ. ৬৪ সংখ্যক।

চৌহদ্দি /চৌড়্হোদ্দি/ [বা. চৌ+ফা. হদ্দি] বি. চারদিকের সীমানা, চতুঃসীমা।

চৌহান /চৌড়্হান্/ [হি.] বি. ১ রাজপুত জাতির শাখাবিশেষ। ২ পদবিবিশেষ।

চ্যবন /চ্যাবোন্/ [স. √চ্যু+অন] বি. ১ ভৃগু মুনির ঔরসে পুলোমার গর্ভজাত মুনি। ২ ক্ষরণ, পতন।

চ্যবনপ্রাশ /চ্যাবোনপ্রাশ্/ [স. চ্যবন+প্র+√অশ্+অ] বি. দেবচিকিৎসক অশ্বিনীকুমারদ্বয় উদ্ভাবিত জীবনীশক্তিবর্ধক আয়ুর্বেদিক ওষুধবিশেষ।

চ্যাং /চ্যাং/ [দেশি.] বি. ১ টাকি মাছের মতো মাথা মোটা শোলজাতীয় ছোটো মাছবিশেষ। ২ সরু মাচা। ৩ শব বহনের খাটুলি।

চ্যাংড়া /চ্যাংড়া/ [দেশি.] বি. চপলমতি তরুণ। বিণ. অর্বাচীন; অপরিণত বয়স্ক।

চ্যাংড়াপনা /চ্যাংড়াপনা/ [বা.] বি. দ্র চ্যাংড়ামি।

চ্যাংড়ামি /চ্যাংড়ামি/ [বা.] বি. বালকসুলভ আচরণ।

চ্যাংড়ামো /চ্যাংড়ামো/ [দেশি.] বি. 'চ্যাংড়ামি'-র কথ্য রূপ।

চ্যাংদোলা /চ্যাংদোলা/ [দেশি.] বি. দুই হাত ও দুই পা ধরে দেহ ঝুলিয়ে বহন।

চ্যাংমুড়ি /চ্যাংমুড়ি/ [দেশি.] বিণ. চ্যাং মাছের মাথার মতো বিসদৃশ মাথাবিশিষ্ট। বি. সর্পদেবী মনসা।

চ্যাঁচানি /চ্যাঁচানি/ [স. চিৎকার >] বি. চিৎকার।

চ্যাঁচানো /চ্যাঁচানো/ [বা.] ক্রিবি. চিৎকার করা; চিৎকার করে কাঁদা বা ডাকাডাকি করা।

চ্যাঁচামেচি /চ্যাঁচামেচি/ [বা.] বি. একাধিক ব্যক্তির একসঙ্গে চিৎকার, হট্টগোল।

চ্যাঁচারি /চ্যাঁচারি/ [দেশি.] বি. বাঁশের পাতলা ও ধারালো ফালি, চটা।

চ্যাগার /চ্যাগার্/ [আঞ্চ.] বি. বাড়ি বা জমির বেষ্টনী তৈরির জন্য ব্যবহৃত বাঁশের বাখারি।

চ্যাঙারি /চ্যাঙারি/ [দেশি.] বি. বাঁশ বা বেতের তৈরি ছোটো ঝুড়ি, চওড়ামুখ ঝুড়িবিশেষ।

চ্যাটাং চ্যাটাং /চ্যাটাং চ্যাটাং/ বিণ. কর্কশ ও ধৃষ্টতাপূর্ণ (*চ্যাটাং চ্যাটাং কথা*)।

www.pathagar.com

চ্যানেল /চ্যানেল্/[ই. channel] বি. ১ দুটি জলাশয় বা সমুদ্রের মধ্যে সংযোজক জলপথ; খাল; খাঁজ। ২ বেতার বা টেলিভিশনের সংকেতবাহী কম্পাঙ্ক-ব্যান্ড (frequency band)। ৩ মাধ্যম।

চ্যান্সেলর /চ্যান্‌সেলার্/ [ই.] বি. বিশ্ববিদ্যালয়ের আচার্য, প্রধান শিক্ষাগুরু, chancellor।

চ্যাপটা /চ্যাপ্‌টা/ [স. চিপিট>] বিণ. ১ চাপ প্রয়োগ করে প্রসারিত, পিষ্ট। ২ থ্যাবড়া।

চ্যাপটানো /চ্যাপ্‌টানো/ [বা.] ক্রিবি. ১ চাপ দিয়ে বা পিটিয়ে চওড়া করা। ২ দলিত করা। বিণ. পিষ্ট।

চ্যাম্পিয়ান /চ্যাম্‌পিআন্/ [ই.] বি. প্রতিযোগিতা-মূলক খেলার মধ্যে সর্বাধিক খেলায় জয়ী বা সর্বোচ্চ কৃতিত্বের অধিকারী, champion।

চ্যালা[১] /চ্যালা/ [হি.] বি. ১ শাগরেদ, অনুচর। ২ ছাত্র।

চ্যালা[২] /চ্যালা/ [বা.] বি. পৃথিবীর প্রায় সব দেশের স্যাঁতসেঁতে পরিবেশে বিচরণ করে এমন বহু খণ্ডে বিভক্ত খয়েরি বর্ণের চ্যাপটা লম্বাটে দেহবিশিষ্ট দ্রুতগামী স্থলজ সন্ধিপদী (প্রতি খণ্ডে একজোড়া পা থাকে) arthropoda পর্বের আলোকবিমুখী প্রাণী।

চ্যালা[৩] /চ্যালা/ [দেশি.] বি. ফালি করে চেরাই করা কাঠ; জ্বালানি কাঠ।

চ্যালা[৪] /চ্যালা/ [দেশি.] বি. লম্বা ও চ্যাপটা দেহ-বিশিষ্ট ছোটো আঁশযুক্ত সবুজাভ রুপালি মিঠা-পানির ছোটো মাছ।

চ্যালাকাঠ /চ্যালাকাঠ্/ [বা.] বি. চেরাই করা কাঠ।

চ্যালাচামুণ্ডা /চ্যালাচামুন্‌ডা/ [বা.] বি. শাগরেদ ও তার অনুচরবৃন্দ।

চ্যুত /চুতো/ [স. √চ্যু+ত] বিণ. ১ চুয়ে পড়ছে এমন; ক্ষরিত। ২ পতিত (*বৃন্তচ্যুত*)। ৩ ভ্রষ্ট (*আদর্শ-চ্যুত*)। ৪ নির্দিষ্ট পথ থেকে অপসৃত (*কক্ষচ্যুত*)। ৫ বহিষ্কৃত, বিতাড়িত (*পদচ্যুত*)।

চ্যুতাধিকার /চুতাধিকার্/ [স. চ্যুত+অধিকার] বিণ. অধিকার থেকে বিচ্যুত; অধিকার থেকে বঞ্চিত।

চ্যুতি /চুতি/ [স. √চ্যু+তি] বি. ১ পতন। ২ ক্ষরণ। ৩ বহিষ্কার (*কর্মচ্যুতি*)। ৪ নাশ (*ধৈর্যচ্যুতি*)।

www.pathagar.com

ছ /ছ/

ছ[১] /ছ/ বাংলা বর্ণমালার সপ্তম ব্যঞ্জনবর্ণ এবং তালু থেকে উচ্চার্য চ-এর অঘোষ মহাপ্রাণ ঘৃষ্ট ধ্বনির দ্যোতক।

ছ[২] /ছ/ [স. ষষ্ >] বি. ৬ সংখ্যা। বিণ. ৬ সংখ্যক; 'ছয়'-এর সংক্ষিপ্ত রূপ।

ছই /ছোই্/ [স. ছদি >] বি. নৌকা বা গোরুর গাড়ির অর্ধবেলনাকৃতি ছাদ।

ছউই /ছউই/ [বা.] বি. ৬ই, মাসের ষষ্ঠ দিবস। বিণ. মাসের ছয় তারিখের।

ছক /ছক্/ [দেশি.] বি. ১ দাবা পাশা প্রভৃতি খেলার চৌকো খোপযুক্ত বোর্ড। ২ পরিকল্পিত কাঠামো বা আদল; নকশা; পরিকল্পনা।

ছক কাটা[১] /ছক্ কাটা/ ক্রিবি. ১ রেখা টেনে চৌকো খোপে বিভক্ত করা। ২ কোনো কাজ করার আগে কর্মপরিকল্পনা স্থির করে নেওয়া।

ছককাটা[১] /ছক্কাটা/ [বা.] বিণ. ১ চৌকো ঘর কাটা হয়েছে এমন। ২ পরিকল্পিত।

ছকড়া /ছক্ড়া/ [স. শকট >] বি. ১ বাদ্যযন্ত্রবিশেষ। ২ অতি জীর্ণ ও নড়বড়ে ঘোড়ার গাড়ি, ছ্যাকড়াগাড়ি।

ছকড়া-নকড়া /ছক্ড়ানক্ড়া/ [দেশি.] বি. অবজ্ঞা-সূচক আচরণ; তুচ্ছতাচ্ছিল্য। বিণ. বিশৃঙ্খল।

ছকবাঁধা /ছক্বাঁধা/ [বা.] বিণ. ১ পূর্বপরিকল্পিত। ২ গতানুগতিক।

ছকা /ছকা/ [দেশি.] ক্রিবি. ১ ছক কাটা; নকশা আঁকা। ২ খসড়া পরিকল্পনা করা।

ছক্কড় /ছক্কোড়্/ [স. শকট >] বি. অতি জীর্ণ ও নড়বড়ে ঘোড়ার গাড়ি; ছ্যাকড়াগাড়ি।

ছক্কা[১] /ছক্কা/ [স. ষট্ক >] বি. ১ ছয় ফোঁটাচিহ্নিত তাস; লুডোর দানে ঘুঁটির ছয় ফোঁটাযুক্ত পার্শ্ব। ২ ক্রিকেট খেলায় ছয় রানের মার।

ছক্কা[২] /ছক্কা/ [দেশি.] বি. কুমড়োর ব্যঞ্জন, ছোঁকা।

ছক্কাপাঞ্জা /ছক্কাপানজা/ [বা. ছক্কা+ফা. পাঞ্জা] বি. ছয় বা পাঁচ ফোঁটাচিহ্নিত তাস।

ছক্কাপাঞ্জা করা /ছক্কাপান্জা করা/ ক্রিবি. ১ বড়াই করা। ২ প্রতারণা করা।

ছটকানো /ছট্কানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ছিটানো, বিক্ষিপ্ত করা। ২ ঠিকরানো; সজোরে নিক্ষেপ করা বা নিক্ষিপ্ত হওয়া। ৩ বেগে ধাবন করা।

ছটফট /ছট্ফট্/ [দেশি.] অব্য. অস্থিরতা চঞ্চলতা ব্যাকুলতা প্রভৃতির ভাব।

ছটফটানি /ছট্ফটানি/ [বা.] বি. ছটফটে ভাব, অস্থিরতা, চঞ্চলতা, ব্যাকুলতা; উদ্‌বেগ।

ছটফটানো /ছট্ফটানো/ [বা.] ক্রিবি. ছটফট করা, অস্থির হওয়া।

ছটফটে /ছট্ফোটে/ [বা.] বিণ. অস্থির, চপল।

ছটরা /ছট্রা/ [হি. ছরা >] বি. বন্দুকের ছোটো গুলি, ছিটা গুলি, ছররা।

ছ-টা[১] /ছটা/ [বা.] বিণ. ৬ সংখ্যক; ৬টি। বি. ৬ঘটিকা।

ছটা[১] /ছটা/ [স. √ছো+অট+আ (টাপ্)] বি. ১ দীপ্তি; দ্যুতি (*আলোর ছটা*)। ২ সৌন্দর্য, কান্তি (*রূপের ছটা*)। ৩ সমূহ। ৪ পরম্পরা (*শ্লোকের ছটা*)।

ছটাক /ছটাক্/ [হি.] বি. ১ ওজনের অধুনালুপ্ত পরিমাপ (আনুমানিক ৫৮·৩ গ্রাম)। ২ ভূমির পরিমাপবিশেষ (আনুমানিক এক কাঠার ১৬ ভাগের এক ভাগ বা ৪·১৮০৬ বর্গমিটার)।

ছড়[১] /ছড়্/ [হি.] বি. বেহালা এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্র বাজানোর জন্য ব্যবহৃত দণ্ডের দুই প্রান্তে টানটান করে সংযুক্ত ঘোড়ার লেজের তন্তু দিয়ে তৈরি সরঞ্জাম, ছড়ি।

ছড়[২] /ছড়্/ [দেশি.] বি. ১ আঁচড়। ২ চামড়া; বাকল।

ছড়া[১] /ছড়া/ [স. ছটা >] বি. ১ ছোটোদের জন্য রচিত অন্ত্যমিলবিশিষ্ট পদ্য। ২ ছড়ি। ৩ দীর্ঘ ও সরু বস্তুর সংখ্যাসূচক বাংলা প্রত্যয় (*হারছড়া*)। ৪ গুচ্ছ (*আঙুরের ছড়া*)। ৫ ছড়িয়ে পড়া তরল পদার্থ (*গোবরছড়া*)। ক্রিমূ. ছড়িয়ে ফেলা।

ছড়া[২] /ছড়া/ [দেশি.] ক্রিবি. ১ আঁচড় লাগা। ২ ছাল ওঠা।

ছড়া[৩] /ছড়া/ [দেশি.] বি. পাহাড় থেকে নির্গত জলধারা; ঝরনা; পাহাড়ি নদী।

ছড়া কাটা /ছড়া কাটা/ ক্রিবি. মুখে মুখে ছড়া তৈরি করা; ছড়া তৈরি করে প্রতিপক্ষকে উত্তর দেওয়া।

ছড়াকার /ছড়াকার্/ [বা.] বি. বিণ. ছড়া রচয়িতা।

ছড়াছড়ি /ছড়াছোড়ি/ [বা.] বি. ১ বিশৃঙ্খলভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা জিনিস। ২ প্রাচুর্য; অবহেলা-জনিত অপচয় (*টাকার ছড়াছড়ি*)।

ছড়াৎ /ছড়াত্/ [ধ্বন্যা.] অব্য. বি. তরল পদার্থ পড়ে যাওয়ার অনুকার শব্দ।

www.pathagar.com

ছড়ানো /ছড়ানো/ [বা.] ক্রিবি. ১ প্রসারিত করা (*হাত-পা ছড়িয়ে বসা*); বিস্তৃত হওয়া (*রোগ ছড়ানো*)। ২ ছিটানো (*বীজ ছড়ানো*)। ৩ অপচয় করা (*টাকা ছড়ানো*)। বিণ. ইতস্তত নিক্ষিপ্ত।

ছড়ানোছিটানো /ছড়ানোছিটানো/ [বা.] বিণ. ইতস্তত ছড়িয়ে রাখা হয়েছে এমন।

ছড়ি /ছোড়ি/ [স. যষ্টি >] বি. ১ ছোটো ও সরু লাঠি। ২ বেহালা এসরাজ প্রভৃতি তারযন্ত্র বাজানোর ছড়।

ছড়িদার /ছোড়িদার/ [বা. ছড়ি+ফা. দার] বিণ. হাতে ছড়ি আছে এমন। বি. পান্ডার অনুচর।

ছড়িবরদার /ছোড়িবরদার/ [বা. ছড়ি+ফা. বরদার] বি. জমিদারের নকিব; উর্দি-পরিহিত কর্মচারী।

ছতর /ছতোর/ [আ.] বি. লজ্জাস্থান।

ছতরি /ছোত্‌রি/ [স. ছত্র >] বি. দ্র ছত্রি[১]।

ছতিচ্ছন্ন /ছোতিচ্‌ছন্নো/ [বা.] বিণ. ১ নিরাশ্রয়, আশ্রয়হীন। ২ লক্ষ্মীছাড়া; ছন্নছাড়া।

ছত্র[১] /ছত্‌ত্রো/ [স. √ছাদি+ত্র] বি. সূর্যের তাপ বা বৃষ্টি থেকে রক্ষার জন্য ব্যবহৃত ফ্রেমে টানটান করে বাঁধা জলনিরোধক কাপড়ের আচ্ছাদন, আতপত্র; ছাতা, umbrella।

ছত্র[২] /ছত্‌ত্রো/ [স. সত্র >] বি. অন্ন বা পানীয় বিতরণের স্থান; সত্র (*অন্নছত্র*)।

ছত্র[৩] /ছত্‌ত্রো/ [আ.] বি. পদ্যের পঙ্‌ক্তি, চরণ; পদ।

ছত্রক /ছত্‌ত্রোক্‌/ [স. ছত্র+ক (স্বার্থে)] বি. ১ ছত্র, ছাতা, আতপত্র। ২ ছত্রাক, শিলীন্ধ্র, mushroom। ৩ মাছরাঙা পাখি।

ছত্রখান /ছত্‌ত্রোখান/ [স. ছত্র+ফা. খান] বিণ. ১ ছাতার মতো প্রসারিত। ২ (আল.) ইতস্তত বিক্ষিপ্ত।

ছত্রছায়া /ছত্‌ত্রোছায়া/ [স. ছত্র+√ছো+য+আ (টাপ্‌)] বি. আশ্রয় ও প্রশ্রয়।

ছত্রধর /ছত্‌ত্রোধর্‌/ [স. ছত্র+√ধৃ+অ] বি. বিণ. ১ জমিদারের ছাতাধারী। ২ বশংবদ আজ্ঞাবহ।

ছত্রধারী /ছত্‌ত্রোধারি/ [স. ছত্র+√ধৃ+ইন্‌] বি. বিণ. দ্র ছত্রধর।

ছত্রপতি /ছত্‌ত্রোপোতি/ [স. ছত্র+√পা+অতি] বি. ১ রাজা; সম্রাট। ২ মহারাষ্ট্র সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা শিবাজির উপাধি।

ছত্রপত্র /ছত্‌ত্রোপত্‌ত্রো/ [স. ছত্র+√পত্‌+ত্র] বি. ১ স্থলপদ্ম। ২ ভূর্জপত্র। ৩ ছাতিম গাছ, সপ্তপর্ণী।

ছত্রভঙ্গ /ছত্‌ত্রোভংগো/ [স. ছত্র+√ভন্‌জ্‌+অ] বি. ১ বিশৃঙ্খলা সৃষ্টি। ২ পরাজিত সৈন্যদলের বিশৃঙ্খল অবস্থা। বিণ. বিশৃঙ্খল করা হয়েছে এমন।

ছত্রাক /ছত্‌ত্রাক্‌/ [স. ছত্র+আ+ক] বি. স্যাঁতসেঁতে পরিবেশে জাত দৃঢ় কোষপ্রাচীরবিশিষ্ট ক্লোরোফিলবিহীন পরভোজী অপুষ্পক উদ্ভিদ, কোঁড়, ব্যাঙের ছাতা, শিলীন্ধ্র, fungus।

ছত্রাকার /ছত্‌ত্রাকার/ [স. ছত্র+আকার] বিণ. খোলা ছাতার মতো বিস্তৃত, চারদিকে বিক্ষিপ্ত; ছত্রখান।

ছত্রি[১] /ছোত্‌ত্রি/ [স. ছত্র >] বি. ১ যানবাহনের ছাদ। ২ নৌকার ছই। ৩ মশারি টাঙানোর কাঠামো।

ছত্রি[২] /ছোত্‌ত্রি/ [স. ক্ষত্রিয় >] বি. ক্ষত্রিয় জাতি-বিশেষ, খেত্রি।

ছত্রিশ /ছোত্‌ত্রিশ্‌/ [স. ষট্‌ত্রিংশৎ >] বি. ৩৬ সংখ্যা। বিণ. ৩৬ সংখ্যক।

ছত্রী /ছোত্‌ত্রি/ [স. ছত্র+ইন্‌] বিণ. ছত্রধারী।

ছত্রীসেনা /ছোত্‌ত্রিশেনা/ [স. ছত্রী+সেনা] বি. প্যারাসুটের সাহায্যে যুদ্ধবিমান থেকে রণক্ষেত্রে অবতরণকারী সেনা, paratrooper।

ছদ /ছদ্‌/ [স. √ছদ্‌+অ] বি. ১ গাছের পাতা। ২ পাখির ডানা। ৩ আবরণ; পোশাক (*পরিচ্ছদ*)।

ছদ্ম /ছদ্‌দোঁ/ [স. √ছদ্‌+মন্‌] বি. চেহারা গোপন করার উদ্দেশ্যে কপট বেশধারণ; ছলনা, কপটতা।

ছদ্মনাম /ছদ্‌দোঁনাম্‌/ [স. ছদ্ম+নামন্‌] বি. পরিচয় গোপন রাখার উদ্দেশ্যে গৃহীত নাম।

ছদ্মপরিচয় /ছদ্‌দোঁপোরিচয়্‌/ [স. ছদ্ম+পরিচয়] বি. প্রকৃত পরিচয় গোপনের উদ্দেশ্যে গৃহীত পন্থা।

ছদ্মবেশ /ছদ্‌দোঁবেশ্‌/ [স. ছদ্ম+√বিশ্‌+অ] বি. যে বেশ ধারণ করে প্রকৃত পরিচয় গোপন করা যায়।

ছদ্মবেশী /ছদ্‌দোঁবেশি/ [স. ছদ্ম+√বিশ্‌+ইন্‌] বিণ. ছদ্মবেশধারী। স্ত্রী. ছদ্মবেশিনী /ছদ্‌দোঁবেশিনি/।

ছদ্মাবরণ /ছদ্‌দাঁবোরন্‌/ [স. ছদ্ম+আবরণ] বি. স্বরূপ আচ্ছাদন, ছদ্মবেশ ধারণ।

ছদ্মাভরণ /ছদ্‌দাঁভোরন্‌/ [স. ছদ্ম+আভরণ] বি. কপট ভূষণ।

ছন /ছন্‌/ [দেশি.] বি. ঘরের চাল ছাওয়ার জন্য ব্যবহৃত তৃণবিশেষ, শণ।

ছনছন /ছনছন্‌/ [ধ্বন্যা.] অব্য. জ্বর জ্বর ভাব।

ছন্দ[১] /ছন্‌দো/ [স. √ছন্দি+অস্‌] বি. ১ কবিতা বা বাক্যে শব্দ ও অক্ষরের ধ্বনিবিন্যাসের সামঞ্জস্য; ছাঁদ; পদ্যবন্ধ; রচনানুবন্ধ। ২ পদ্যের রচনারীতি। ৩ নাচ গান প্রভৃতির মাত্রা ও তাল।

ছন্দ[২] /ছন্‌দো/ [স. √ছন্দ্‌+অ] বি. ১ ঝোঁক; ইচ্ছা। ২ বশ্যতা। ৩ রকম, প্রকার। ৪ ছলনা, প্রতারণা।

ছন্দতত্ত্ব /ছন্‌দোতত্‌তো/ [স. ছন্দঃ+√তৎ+ত্ব] বি. ছন্দবিজ্ঞান।

ছন্দদোষ /ছন্‌দোদোশ/ [স. ছন্দঃ+√দুষ্‌+অ] বি. ছন্দের স্খলন, ছন্দচ্যুতি।

www.pathagar.com

ছন্দপতন /ছন্‌দোপতোন্‌/ [স. ছন্দঃ+√পত্‌+অন] বি. ১ কবিতার মাত্রাদোষ, ছন্দের ত্রুটি। ২ (আল.) আকস্মিক ও অবাঞ্ছিত উপস্থিতি। ৩ রসভঙ্গ।

ছন্দপাত /ছন্‌দোপাত্‌/ [স. ছন্দঃ+√পত্‌+অ] বি. দ্র ছন্দপতন।

ছন্দপারিপাট্য / ছন্‌দোপারিপাট্‌টো/ [স. ছন্দঃ+পরিপাটি+য] বি. ছন্দের শৃঙ্খলা।

ছন্দপ্রবাহ/ ছন্‌দোপ্রোবাহো/ [স. ছন্দঃ+প্র+√বহ্‌+অ] বি. ছন্দের গতি।

ছন্দবদ্ধ /ছন্‌দোবদ্‌ধো/ [স. ছন্দঃ+√বন্ধ্‌+ত] বিণ. ছন্দে রচিত। বি. ধ্বনি ও মাত্রার সুষম বাঁধুনি।

ছন্দবন্ধ /ছন্‌দোবন্‌ধো/ [স. ছন্দঃ+√বন্ধ্‌+অ] বিণ. ছন্দে বাঁধা।

ছন্দবিদ্যা /ছন্‌দোবিদ্‌দা / [স. ছন্দঃ+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. ছন্দশাস্ত্র।

ছন্দবৈচিত্র্য /ছন্‌দোবোই্‌চিত্‌ত্রো/ [স. ছন্দঃ+বিচিত্র+য] বি. ছন্দের বিচিত্রতা ও নতুনত্ব।

ছন্দবৈশিষ্ট্য /ছন্‌দোবোই্‌শিশ্‌টো / [স. ছন্দঃ+বিশিষ্ট+য] বি. ছন্দের বিশিষ্টতা বা অসাধারণত্ব।

ছন্দময় /ছন্‌দোময়্‌/ [স. ছন্দঃ+ময়ট্‌] বিণ. ছন্দযুক্ত।

ছন্দমাধুরী /ছন্‌দোমাধুরি/ [স. ছন্দঃ+মধুর+ঈ] বি. দ্র ছন্দমাধুর্য।

ছন্দমাধুর্য / ছন্‌দোমাধুর্‌জো/ [স. ছন্দঃ+মধুর+য] বি. ছন্দের সৌন্দর্য।

ছন্দশাস্ত্র /ছন্‌দোশ্‌শাস্‌ত্রো/ [স. ছন্দঃ+√শাস্‌+ত্র] বি. ছন্দবিষয়ক শাস্ত্র।

ছন্দশিল্পী /ছন্‌দোশিল্‌পি / [স. ছন্দঃ+শিল্প+ইন্‌] বি. কবি; ছড়া রচয়িতা।

ছন্দশৈথিল্য /ছন্‌দোশোই্‌থিল্‌লো/ [স. ছন্দঃ+শিথিল+য] বি. ছন্দের শিথিলতা বা স্খলন।

ছন্দস্পন্দ /ছন্‌দোস্‌পন্‌দো/ [স. ছন্দঃ+√স্পন্দ্‌+অ] বি. ছন্দের অনুরণন।

ছন্দস্রোত /ছন্‌দোস্‌স্রোত্‌/ [স. ছন্দঃ+√সৃ+অস্‌] বি. ছন্দের গতি বা প্রবাহ।

ছন্দানুগমন /ছন্‌দানুগমোন্‌/ [স. ছন্দঃ+অনুগমন] বি. ১ ছন্দরীতির অনুসরণ। ২ স্বেচ্ছাচারিতা।

ছন্দানুসরণ /ছন্‌দানুশরোন্‌/ [স. ছন্দঃ+অনু+√স্‌+অন] বি. দ্র ছন্দানুগমন।

ছন্দোগ /ছন্‌দোগো/ [স. ছন্দঃ+√গৈ+অ] বি. সামবেদ গায়ক।

ছন্ন /ছন্‌নো / [স. √ছাদি+ত] বিণ. ১ আচ্ছাদিত, আবৃত। ২ লুপ্ত; বিধ্বস্ত, বিনষ্ট। ৩ অপসারিত।

ছন্নছাড়া /ছন্‌নোছাড়া/ [স. ছন্ন+বা. ছাড়া] বিণ. ১ উৎসন্নে গেছে এমন; লক্ষ্মীছাড়া। ২ নিরাশ্রয়।

ছন্নতা/ছন্‌নোতা/[স. ছন্ন+তা] বি. ১ আচ্ছন্নতা; মোহ। ২ পাগলামি।

ছন্নমতি /ছন্‌নোমোতি/ [স. ছন্ন+√মন্‌+তি] বিণ. বুদ্ধি লোপ পেয়েছে এমন, বুদ্ধিভ্রষ্ট; নির্বোধ।

ছপছপ /ছপ্‌ছপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ জলে বারবার আঘাত করার ফলে উৎপন্ন অনুকার শব্দ। ২ জলের ওপরে কোনোকিছু চলার শব্দ।

ছপ্পর /ছপ্‌পোর্‌/ [হি.] বি. ১ ছাদ, চাল; আচ্ছাদন। ২ খাটের ওপরের চাঁদোয়া।

ছপ্পর ফুঁড়ে /ছপ্‌পোর্‌ ফুঁড়ে/ ক্রিবিণ. ১ ছাদ ফুঁড়ে। ২ (আল.) অপ্রত্যাশিতভাবে।

ছবি[১]/ছোবি/ [আ.] বি. ১ প্রতিকৃতি। ২ চিত্র; আলেখ্য। ৩ আভাস। ৪ চলচ্চিত্র, সিনেমা।

ছবি[২] /ছোবি/ [স. √ছো+বি] বি. ১ কিরণ, দ্যুতি, দীপ্তি, প্রভা। ২ শোভা, কান্তি, সৌন্দর্য।

ছমছম /ছম্‌ছম্‌/ [ধ্বন্যা.] অব্য. ভীতিজনিত শিহরনের ভাব।

ছমছমে /ছম্‌ছোমে/ [বা.] বিণ. ভীতিকর।

ছয় /ছয়্‌/ [স. ষট্‌>] বি. ৬ সংখ্যা। বিণ. ৬ সংখ্যক।

ছয়–ই /ছয়ই/ বি. ৬ই, মাসের ষষ্ঠ দিবস। বিণ. মাসের ছয় তারিখের।

ছয়লাপ /ছয়্‌লাপ্‌/ [ফা.] বি. 'সয়লাব'–এর বিকৃত ও আঞ্চলিক রূপ।

ছরকট /ছরকট্‌/ [দেশি.] বি. ১ শৃঙ্খলার অভাব। ২ অতিবৃষ্টি। ৩ ছড়াছড়ি। বিণ. বিশৃঙ্খল।

ছররা /ছর্‌রা/ [হি.] বি. বন্দুকের যে টোটায় অসংখ্য ছোটো ছোটো সিসার গুলি থাকে।

ছল /ছল্‌ / [স. √ছো+অল] বি. ১ ছলনা, কৌশল (*ছলেবলে*)। ২ উপলক্ষ্য (*কথাচ্ছলে*)। ৩ রূপ; আকার। ৪ ইঙ্গিত। ৫ ছুতো, অসিলা (*খেলার ছলে*)। ৬ ত্রুটি (*কথার ছল ধরা*)। বিণ. কপট।

ছলকপট /ছল্‌কপোট্‌/ [স. ছল+কপট] বি. কপটতা, প্রবঞ্চনা।

ছলকানি /ছল্‌কানি/ [ধ্বন্যা.] বি. আকস্মিক কম্পনের ফলে তরল পদার্থের আন্দোলন বা পতন।

ছলকানো /ছল্‌কানো/ [বা.] ক্রিবি. বিণ. হঠাৎ কম্পনের ফলে তরল পদার্থ আন্দোলিত হওয়া বা পড়া।

ছলকে পড়া /ছল্‌কে পড়া/ ক্রিবি. হঠাৎ কম্পনের ফলে তরল পদার্থ আন্দোলিত হওয়া বা উপচে পড়া।

ছলগ্রাহী /ছলোগ্‌গ্রাহি/ [স. ছল+√গ্রহ্‌+ইন্‌] বিণ. অন্যের ত্রুটি খুঁজে বেড়ায় এমন, ছিদ্রান্বেষী।

ছলচাতুরী /ছল্‌চাতুরি / [স. ছল+চতুর+অ+ঈ] বি. শঠতা, প্রতারণা, কপটতা।

www.pathagar.com

ছলচ্ছল /ছলোচ্ছল্ / [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ছলছল।

ছলছল /ছল্ছল্ / [ধ্বন্যা.] অব্য. বি. ১ জলপ্রবাহের অনুকার শব্দ। ২ কাঁদোকাঁদো ভাব।

ছলছুতা /ছলছুতা/ [স. ছল+বা. ছুতা] বি. কোনো সামান্য কারণ বা অজুহাত, অসিলা।

ছলন /ছলোন্/ [স. √ছলি+অন] বি. দ্র ছলনা।

ছলনা /ছলোনা/ [স. √ছলি+অন+আ (টাপ্)] বি. শঠতা, প্রতারণা।

ছলবলানো /ছল্বলানো/ [ধ্বন্যা.] ক্রিবি. আন্দোলিত বা উচ্ছলিত হওয়া।

ছলা /ছলা/ [স. ছল >] ক্রিবি. ছলনা বা প্রতারণা করা, ধোঁকা দেওয়া।

ছলাকলা /ছলাকলা/ [বা.] বি. মন ভোলানোর কৌশল।

ছলাৎ /ছলাত্/ [ধ্বন্যা.] অব্য. বি. আন্দোলিত হয়ে তরল পদার্থ উছলে পড়ার অনুকার শব্দ; তরল পদার্থের সঙ্গে কঠিন পদার্থের আঘাতজনিত অনুকার শব্দ।

ছলিত /ছোলিতো/ [স. √ছলি+ত] বিণ. ছলনা করা হয়েছে এমন, প্রতারিত।

ছলেবলে /ছলেবলে/ [বা.] ক্রিবিণ. ছলনা বা বল প্রয়োগ করে, যে কোনো কৌশলে।

ছলোছলো /ছলোছলো/ [বা.] বিণ. কান্নার ভাবযুক্ত (*ছলোছলো আঁখি*); উচ্ছলিত।

ছা /ছা/ [স. শাবক >] বি. ১ পশুপাখির ছানা। ২ ছোটো ছেলেমেয়ে (*ছাপোষা কেরানি*)।

ছাই /ছাই/ [স. ক্ষার >] বি. ১ কাঠ পাতা প্রভৃতি পুড়ে যাওয়ার পর যা অবশিষ্ট থাকে, ভস্ম। ২ অসার বস্তু (*ছাইভস্ম*)। ৩ কিছুই নয় (*তুমি ছাই জানো*)। অব্য. (আল.) বিরক্তির ভাব (*দূর ছাই*)।

ছাই কপালে /ছাই্ কপালে/ বিণ. ভাগ্যহীন; দুর্ভাগা।

ছাইগাদা /ছাইগাদা/ [বা.] বি. ছাইয়ের স্তূপ।

ছাইচাপা আগুন /ছাইচাপা আগুন্/ বি. ১ ছাইঢাকা আগুন। ২ (আল.) সুপ্ত প্রতিভা। বিণ. অপ্রকাশিত।

ছাইদান /ছাইদান্/ [বা. ছাই+ফা. দান] বি. বিড়ি সিগারেটের ছাই ফেলার পাত্র, ashtray।

ছাইদানি /ছাইদানি/ [বা. ছাই+ফা. দানি] বি. দ্র ছাইদান।

ছাইপাঁশ /ছাইপাঁশ্/ [বা.] বি. অসার বস্তু বা বিষয়।

ছাইভস্ম /ছাইভশ্মোঁ/ [বা.] বি. দ্র ছাইপাঁশ।

ছাউনি /ছাউনি/ [স. ছাদন >] বি. ১ সেনানিবাস, cantonment। ২ শিবির। ৩ আচ্ছাদন, চাঁদোয়া।

ছাও /ছাও/ [স. শাবক >] বি. ইতর প্রাণীর শাবক।

ছাওয়া /ছাওআ/ [স. ছাদন >] ক্রিবি. বিণ. ১ আবৃত করা, ঢাকা (*আকাশ ছাওয়া*)। ২ ছড়ানো।

ছাওয়ানো /ছাওআনো/ [বা.] ক্রিবি. বিণ. আবৃত বা আচ্ছাদিত করানো, ছড়ানো।

ছাওয়াল /ছাওআল/ [আঞ্চ.] বি. সন্তান; ছেলে। বিণ. শিশু; অল্পবয়স্ক।

ছাঁকজালি /ছাঁক্জালি/ [বা.] বি. ছোটো মাছ ধরার জন্য ব্যবহৃত মিহি করে বোনা জাল।

ছাঁকন /ছাঁকোন্/ [বা.] বি. চোষকাগজ কাপড় প্রভৃতির সাহায্যে তরল পদার্থ থেকে কঠিন বস্তু পৃথক্করণ।

ছাঁকনা /ছাঁক্না/ [বা.] বি. যা দিয়ে ছাঁকা হয়, চালনি।

ছাঁকনি /ছাঁক্নি/ [বা.] বি. দ্র ছাঁকনা।

ছাঁকা /ছাঁকা/ [বা.] ক্রিবি. চোষকাগজ কাপড় প্রভৃতির সাহায্যে তরল পদার্থ থেকে কঠিন পদার্থ পৃথক করা, ছেঁকে নেওয়া; বেছে নেওয়া। বিণ. ১ ছেঁকে পৃথক্কৃত। ২ কিছুই বাদ যায় না এমন (*ছাঁকা নম্বর*)।

ছাঁকাই /ছাঁকাই/ [বা.] বি. বাছাই; নির্বাচন।

ছাঁকিজাল /ছাঁকিজাল্/ [বা.] বি. দ্র ছাঁকজালি।

ছাঁচ /ছাঁচ্/ [দেশি.] বি. ১ নকশাকরা ভেতরের পিঠবিশিষ্ট ফাঁপা পাত্র (যাতে গলিত পদার্থ ঢেলে নকশার রূপ দেওয়া হয়), ফর্মা, mould। ২ ধরন, আদল, সাদৃশ্য। ৩ ঘরের চালের ঢালু প্রান্ত।

ছাঁচতলা /ছাঁচ্তলা/ [বা.] বি. ছাদের প্রান্তবর্তী তলদেশ (যেখানে জল গড়িয়ে পড়ে)।

ছাঁচি /ছাঁচি/ [স. সত্য >] বিণ. প্রকৃত, আসল (*ছাঁচিপান*)।

ছাঁচিকুমড়া /ছাঁচিকুম্ড়া/ [দেশি.] বি. ঘরের চাল বা মাচায় বেড়ে ওঠে এবং গ্রীষ্মকালে ফোটে এমন সাদা ফুল ও রোঁয়াযুক্ত লম্বাটে গোলাকার সবজি বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, চালকুমড়া।

ছাঁচিকুমড়ো /ছাঁচিকুম্ড়ো/ [দেশি.] বি. 'ছাঁচিকুমড়া'-র কথ্য রূপ।

ছাঁচিপান /ছাঁচিপান্/ [দেশি.] বি. উৎকৃষ্ট মানের সুগন্ধ পান।

ছাঁচিবেত /ছাঁচিবেত্/ [দেশি.] বি. উৎকৃষ্ট মানের সরু বেত।

ছাঁট /ছাঁট্/ [বা.] বি. ১ কেটে বাদ দেওয়া টুকরো, বাড়তি অংশ। ২ ছাঁটা বা কাটার পদ্ধতি (*জামার ছাঁট*)। ৩ ধরন (*চুলের ছাঁট*)। বিণ. কেটে বাদ দেওয়া হয়েছে এমন (*ছাঁট কাপড়*)।

ছাঁটনি /ছাঁটনি/ [হি.] বি. ঘরের চালের শণ ধরে রাখার জন্য ব্যবহৃত ফাঁক ফাঁক করে বোনা বাঁশের বেড়া।

ছাঁটা /ছাঁটা/ [স. শাতন >] ক্রিবি. ১ বাড়তি অংশ কেটে ফেলা; কেটে ছোটো করা (*চুল ছাঁটা*)। ২ চাল ডাল প্রভৃতি কাঁড়ানো (*কলে ছাঁটা চাল*)। ৩ বর্জন করা,

www.pathagar.com

বাদ দেওয়া (*দল থেকে ছাঁটা*)।

ছাঁটাই /ছাঁটাই/ [হি.] বি. ১ কর্তন; বাতিলকরণ। ২ উদ্‌বৃত্ত কর্মীকে চাকরি থেকে অব্যাহতি দান (*কর্মী ছাঁটাই*); retrenchment।

ছাঁটানো /ছাঁটানো/ [বা.] ক্রিবি. বিণ. ছাঁটাই করা; অন্যকে দিয়ে ছাঁটাই করানো।

ছাঁৎ /ছাঁত্/ [দেশি.] অব্য. বুকে হঠাৎ তীব্র শিহরন; আচমকা কোনো তপ্ত বস্তুর ছোঁয়া লাগার অনুভূতি।

ছাঁদ /ছাঁদ্/ [বা.] বি. ১ ধরন, গড়ন; আদল (*মুখের ছাঁদ*)। ২ ভঙ্গি, শৈলী (*লেখার ছাঁদ*)।

ছাঁদন /ছাঁদোন্/ [বা.] বি. ১ বাঁধন। ২ বেষ্টন। ৩ দোহনকালে গোরুর পায়ের বন্ধন (*ছাঁদনদড়ি*)।

ছাঁদনাতলা / ছাঁদ্‌নাতলা/ [বা.] বি. যে ছায়ামন্ডপের নিচে বিবাহ অনুষ্ঠিত হয়, চাঁদোয়া।

ছাঁদা /ছাঁদা/ [বা.] ক্রিবি. ১ গোছানো; জড়ো করা (*বাঁধাছাঁদা*)। ২ দোহনকালে গোরুর পেছনের দুই পা একত্র করে বেঁধে রাখা। ৩ ফাঁদা; পত্তন করা। ৪ নিমন্ত্রণে আহারের পর খাদ্যবস্তু সঙ্গে নিয়ে যাওয়া।

ছাগ /ছাগ্/ [স. √ছো+গ] বি. অজ, ছাগল, পাঁঠা। স্ত্রী. ছাগী /ছাগি/।

ছাগদাড়ি /ছাগ্‌দাড়ি/ [স. ছাগ+বা. দাড়ি] বি. ছাগলের দাড়িসদৃশ দাড়ি।

ছাগল /ছাগোল্/ [স. ছগল+অ] বি. দুধ মাংস ও চামড়ার উৎসরূপে পৃথিবীর প্রায় সব দেশে পালন করা হয় এমন কালো বাদামি প্রভৃতি রঙের কর্কশ লোমাবৃত দেহ এবং ফাঁপা শিং ও ছোটো লেজবিশিষ্ট স্তন্যপায়ী তৃণভোজী চতুষ্পদ প্রাণী, অজ, ছাগ।

ছাগলাদ্য ঘৃত /ছাগোলাদ্‌দো ঘৃতো/ বি. খাসির চর্বির সঙ্গে ঘি মিশিয়ে তৈরি আয়ুর্বেদীয় ওষুধ-বিশেষ।

ছাট /ছাট্/ [স. ছটা >] বি. ১ বায়ুতাড়িত জলের বিন্দু (*বৃষ্টির ছাট*)। ২ বেত; ছড়ি।

ছাড় /ছাড়্/ [বা.] বি. ১ ত্যাগ। ২ মূল্যহ্রাস (*দামে ছাড়*), discount। ৩ মুক্তি; নিষ্কৃতি।

ছাড়পত্র /ছাড়্‌পত্তো/ [বা. ছাড়+স. পত্র] বি. দেশের বাইরে যাওয়ার অনুমতিপত্র, passport।

ছাড়া /ছাড়া/ [বা.] ক্রিবি. ১ পরিত্যাগ করা (*নেশা ছাড়া*)। ২ বদলানো (*কাপড় ছাড়া*)। ৩ রওয়ানা হওয়া (*গাড়ি ছাড়া*)। ৪ খালাস পাওয়া (*ছাড়া পাওয়া*)। ৫ দূর হওয়া (*জ্বর ছাড়া*)। ৬ উপেক্ষা করা (*ওকে ছাড়া চলবে*)। ৭ মুক্ত করা (*বাঁধন ছাড়া*)। ৮ স্বর উচ্চে তোলা (*কণ্ঠ ছাড়া*)। ৯ ডাকে দেওয়া (*চিঠি ছাড়া*)। ১০ নিক্ষেপ করা (*বাণ ছাড়া*)। ১১ পাড়া (*ডিম ছাড়া*)। বিণ. ১ পরিত্যক্ত (*ভিটাছাড়া*)। ২ বন্ধনহীন (*ঘরছাড়া*)। ৩ বর্জিত (*লক্ষ্মীছাড়া*)। ৪ বহির্ভূত (*সৃষ্টিছাড়া*)।

ছাড়া ছাড়া /ছাড়া ছাড়া/ বিণ. ১ ফাঁক ফাঁক (*ছাড়া ছাড়া লেখা*)। ২ অসংলগ্ন (*ছাড়া ছাড়া কথা*)। ৩ বিচ্ছিন্ন; দায়িত্বহীন (*কাজে ছাড়া ছাড়া ভাব*)।

ছাড়াছাড়ি /ছাড়াছাড়ি/ [বা.] বি. বিচ্ছেদ।

ছাড়ান /ছাড়ান্/ [বা.] বি. মুক্তি, খালাস; বর্জন।

ছাড়ানো /ছাড়ানো/ [বা.] ক্রিবি. ১ ত্যাগ করানো (*নেশা ছাড়ানো*)। ২ তাড়ানো (*কল্পিত ভূত ছাড়ানো*)। ৩ বিযুক্ত করা (*খোসা ছাড়ানো*)। ৪ খোলা (*জট ছাড়ানো*)। ৫ মুক্ত হওয়া (*বাঁধন ছাড়ানো*)। বিণ. ছাড়া হয়েছে এমন।

ছাত /ছাত্/ [স. ছাদ >] বি. ঘরের ওপরের আচ্ছাদন, চাল।

ছাতরা /ছাত্‌রা/ [স. ছত্রাকার >] ক্রিবি. ছাতার মতো ছড়িয়ে পড়া।

ছাতরানো /ছাত্‌রানো/ [বা.] ক্রিবি. বিণ. ছাতার মতো ছড়িয়ে পড়া।

ছাতলা /ছাত্‌লা/ [বা.] বি. ১ ছাতা পড়ার ফলে বিবর্ণ অবস্থাপ্রাপ্তি। ২ ছত্রাক।

ছাতা[১] /ছাতা/ [স. ছত্র >] বি. সূর্যের তাপ বা বৃষ্টি থেকে রক্ষার জন্য ব্যবহৃত ফ্রেমে টানটান করে বাঁধা জলনিরোধক কাপড়ের আচ্ছাদন, আতপত্র; ছত্র, umbrella।

ছাতা[২] /ছাতা/ [স. ছত্রাক >] বি. ১ ছত্রাক, কোঁড়, শিলীন্ধ্র, mushroom। ২ ময়লা; ছাতলা। ৩ অবাঞ্ছিত বস্তু (*দুর ছাতা!*)।

ছাতা ধরা[১] /ছাতা ধরা/ ক্রিবি. আশ্রয় দেওয়া।

ছাতাধরা[২] /ছাতাধরা/ [বা.] বিণ. ছাতলা পড়া, ছত্রাক-যুক্ত।

ছাতাপড়া /ছাতাপড়া/ [বা.] বিণ. দ্র ছাতাধরা[২]।

ছাতাপেটা /ছাতাপেটা/ [বা.] বি. ছাতা দিয়ে প্রহার।

ছাতার /ছাতার্/ [বা.] বি. ঝোপঝাড়ে দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন পতঙ্গভোজী চড়ুইজাতীয় চঞ্চল প্রকৃতির পাখিবিশেষ।

ছাতি[১] /ছাতি/ [স. ছত্র >] বি. দ্র ছাতা[১]।

ছাতি[২] /ছাতি/ [হি.] বি. ১ বুকের পাটা। ২ সাহস।

ছাতি পেটা /ছাতি পেটা/ ক্রিবি. বুকে করাঘাত করে ক্ষোভ প্রকাশ করা, বুক চাপড়ানো।

ছাতিম /ছাতিম্/ [স. সপ্তপর্ণ >] বি. শরৎকালে ফোটে এমন সবুজাভ সাদা ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন দীর্ঘজীবী ছায়ানিবিড় চিরহরিৎ বৃক্ষ যার প্রতিটি গুচ্ছে সাতটি করে পাতা থাকে, সপ্তপর্ণী,

www.pathagar.com

সপ্তচ্ছদ।

ছাতিমতলা /ছাতিম্‌তলা/ [বা.] বি. ছাতিম গাছের নিবিড় ছায়াময় তলদেশ।

ছাতু /ছাতু/ [স. সক্তু >] বি. ১ খোলায় ভাজা ছোলা গম যব প্রভৃতির চূর্ণ। ২ ধ্বংস, নাশ। ৩ (ব্য.) কিছুই না।

ছাতুখোর /ছাতুখোর্‌/ [বা. ছাতু+ফা. খোর] বিণ. ছাতু-ভোজী। বি. (ব্য.) স্থূলবুদ্ধি ব্যক্তি।

ছাত্র /ছাত্‌ত্রো/ [স. ছত্র+অ] বি. ১ বিদ্যায়তনে নির্দিষ্ট পাঠক্রম অনুযায়ী নিয়মিত শিক্ষা গ্রহণকারী বিদ্যার্থী, শিক্ষার্থী, student। ২ শিষ্য। স্ত্রী. ছাত্রী /ছাত্‌ত্রি/।

ছাত্রজীবন /ছাত্‌ত্রোজিবন্‌/ [স. ছাত্র+√জীব্‌+অন] বি. পাঠ্যাবস্থা, ছাত্রাবস্থা।

ছাত্রনিবাস /ছাত্‌ত্রোনিবাশ্‌/ [স. ছাত্র+নি+√বস্‌+অ] বি. বিদ্যার্থীদের বাসস্থান। স্ত্রী. ছাত্রীনিবাস /ছাত্‌ত্রিনিবাশ্‌/।

ছাত্রবৎসল /ছাত্‌ত্রোবত্‌শল্‌/ [স. ছাত্র+বৎস+লচ্‌] বিণ. শিক্ষার্থীর প্রতি স্নেহ ও অনুরাগযুক্ত।

ছাত্রবৃত্তি /ছাত্‌ত্রোবৃত্‌তি/ [স. ছাত্র+√বৃৎ+তি] বি. পড়াশোনার ব্যয় নির্বাহের জন্য মেধাবী শিক্ষার্থীকে প্রদেয় আর্থিক বৃত্তি, জলপানি, scholarship।

ছাত্রসমাজ /ছাত্‌ত্রোশমাজ্‌/ [স. ছাত্র+সমাজ] বি. ছাত্রসম্প্রদায়।

ছাত্রাবাস /ছাত্‌ত্রাবাশ্‌/ [স. ছাত্র+আবাস] বি. দ্র ছাত্রনিবাস।

ছাদ /ছাদ্‌/ [স. √ছাদি+অ] বি. ঘরের চাল, গৃহের উপরিস্থ আচ্ছাদন, ছাত।

ছাদক /ছাদোক্‌/ [স. √ছাদি+অক] বি. ছাদ তৈরি করা যার পেশা, ঘরামি। বিণ. আচ্ছাদনকারী।

ছাদন /ছাদোন্‌/ [স. √ছাদি+অন] বি. ১ ছাদ তৈরি। ২ আচ্ছাদন। ৩ আচ্ছাদনের উপকরণ।

ছাদিত /ছাদিতো/ [স. √ছাদি+ত] বিণ. আচ্ছাদন করা হয়েছে এমন, ছাদযুক্ত।

ছানতা /ছান্‌তা/ [বা.] বি. বহু ছিদ্রবিশিষ্ট হাতা, ঝাঁজরি।

ছানা[১] /ছানা/ [স. ছিন্নক >] বি. গরম দুধের সঙ্গে লেবুর রস বা অম্লজাতীয় পদার্থ মিশিয়ে প্রাপ্ত পিণ্ডাকার খাদ্যবস্তু, তক্রকুচিকা, ছিন্নক।

ছানা[২] /ছানা/ [বা.] ক্রিবি. জল মিশিয়ে মর্দন করা (*আটা ছানা*)। বিণ. চটকানো, মাখানো।

ছানা[৩] /ছানা/ [স. শাবক >] বি. পশুপাখির শাবক।

ছানা কাটা /ছানা কাটা/ ক্রিবি. গরম দুধের সঙ্গে অম্লপদার্থ মিশিয়ে ছানা পৃথক করা।

ছানাপোনা /ছানাপোনা/ [বা.] বি. ১ জীবজন্তুর শাবকের দল। ২ (ব্য.) শিশুসন্তান, বাচ্চাকাচ্চা।

ছানাবড়া /ছানাবড়া/ [বা.] বি. ১ ছানার তৈরি মিঠাইবিশেষ। ২ (আল.) বিস্ময়ে চোখের বিস্ফারণ (*দেখে চোখ ছানাবড়া*)।

ছানি[১] /ছানি/ [স. ছন্ন >] বি. চোখের লেন্স ক্রমে অস্বচ্ছ হয়ে আসার ফলে দৃষ্টিশক্তি হ্রাস পায় এমন নেত্ররোগ, cataract।

ছানি[২] /ছানি/ [ফা. সানি >] বি. ১ ইশারা, ইঙ্গিত (*হাতছানি*)। ২ মামলা-মোকদ্দমা পুনর্বিচারের প্রার্থনা, আপিল।

ছানি[৩] /ছানি/ [হি.] বি. গোবুর খাদ্যবিশেষ; গোবুর জাব।

ছানি কাটানো /ছানি কাটানো/ ক্রিবি. অস্ত্রোপচারের সাহায্যে চোখের অস্বচ্ছ লেন্স অপসারণ করা।

ছানিত /ছানিতো/ [বা.] বিণ. মর্দন করা হয়েছে এমন।

ছান্দ[১] /ছান্‌দো/ [স. ছন্দঃ >] বি. বাঁধন, বেষ্টন।

ছান্দ[২] /ছান্‌দো/ [স. ছন্দঃ >] বি. ১ ছন্দ, ছাঁদ। ২ প্রকার, রকম।

ছান্দস /ছান্‌দোশ্‌/ [স. ছন্দঃ+অ] বিণ. ১ ছন্দ-বিষয়ক। ২ বেদ থেকে উৎপন্ন। ৩ বেদাধ্যায়ী।

ছান্দসিক /ছান্‌দোশিক্‌/ [স. ছন্দঃ+ইক] বিণ. ছন্দবিষয়ে জ্ঞানসম্পন্ন; ছন্দবিষয়ক।

ছান্দোগ্য /ছান্‌দোগ্‌গো/ [স. ছন্দোগ+য] বি. সাম-বেদের অংশবিশেষ।

ছাপ /ছাপ্‌/ [হি.] বি. ১ চিহ্ন (*আঙুলের ছাপ*)। ২ মুদ্রণ, সিলমোহর। ৩ লক্ষণ (*তারুণ্যের ছাপ*)।

ছাপর /ছাপোর্‌/ [হি.] বি. ১ খোলার চাল; ছাদ। ২ কুঁড়েঘর।

ছাপরখাট /ছাপোর্‌খাট্‌/ [হি.] বি. মশারি টাঙানোর ব্যবস্থা-সহ খাট, ফ্রেমযুক্ত খাট।

ছাপরা /ছাপ্‌রা/ [স. খর্পর >] বি. ১ খোলা দিয়ে ছাওয়া ঘর। ২ ঘর ছাওয়ার জন্য ব্যবহৃত খোলা।

ছাপা[১] /ছাপা/ [বা.] বি. মুদ্রণ। বিণ. মুদ্রিত, ছাপানো।

ছাপা[২] /ছাপা/ [বা.] বিণ. গুপ্ত, লুক্কায়িত; অপ্রকাশিত (*লুকোছাপা*)। ক্রিবি. চাপা বা গোপন থাকা।

ছাপা[৩] /ছাপা/ [স. উপচয় >] ক্রিবি. পরিপূর্ণ হয়ে উপচে পড়া (*তীর ছাপিয়ে প্লাবিত হওয়া*)। বি. প্লাবিত অবস্থা। বিণ. প্লাবিত হওয়ার অবস্থাপ্রাপ্ত।

ছাপাই /ছাপাই/ [বা.] বি. ১ মুদ্রণ। ২ ছাপার খরচ।

ছাপাখানা /ছাপাখানা/ [বা. ছাপা+ফা. খানা] বি. যে গৃহে ছাপা হয়, মুদ্রণালয়।

ছাপাছাপি /ছাপাছাপি/ [বা.] বি. লুকোছাপা।

www.pathagar.com

ছাপানো /ছাপানো/ [বা.] ক্রিবি. ১ মুদ্রিত করা। ২ উপচে পড়া; তট অতিক্রম করা। বিণ. ১ মুদ্রিত। ২ তট অতিক্রম করেছে এমন।

ছা-পোষা /ছা-পোশা/ [বা.] বিণ. ১ সীমিত আয়ে একাধিক সন্তানের ভরণপোষণ করতে হয় এমন। ২ নিরীহ; দরিদ্র। বি. নিরীহ ব্যক্তি।

ছাপ্পর /ছাপ্পোর / [হি.] বি. দ্র ছাপর।

ছাপ্পান্ন /ছাপ্পান্নো/ [স. ষট্‌পঞ্চাশৎ >] বি. ৫৬ সংখ্যা। বিণ. ৫৬ সংখ্যক।

ছাব্বিশ /ছাব্‌বিশ্/ [স. ষড়্‌বিংশতি >] বি. ২৬ সংখ্যা। বিণ. ২৬ সংখ্যক।

ছাব্বিশে /ছাব্‌বিশে/ [স. ষড়্‌বিংশতি >] বি. বিণ. মাসের ছাব্বিশ তারিখ বা ওই তারিখের (*২৬শে মার্চ*)।

ছায়া /ছায়া/ [স. √ছো+য+আ (টাপ্)] বি. ১ কোনো বস্তুদ্বারা আলোকরশ্মি বাধাপ্রাপ্ত হওয়ার ফলে সেই বস্তুর আকৃতিবিশিষ্ট অন্ধকার স্থান; প্রতিবিম্ব, shadow। ২ প্রতিরূপ (*মৃত্যুর ছায়া*)। ৩ আশ্রয়। ৪ পুরাণে কল্পিত সূর্যের পত্নী। ৫ নিত্যসঙ্গী (*ছায়া-সঙ্গী*)। ৬ নৈকট্য (*ছায়া মাড়ানো*)।

ছায়াকর /ছায়াকর্/ [স. ছায়া+√কৃ+অ] বিণ. ১ ছায়া দেয় এমন। ২ ছত্রধর, ছাতাধারী।

ছায়াকরী /ছায়াকরি/ [স. ছায়া+√কৃ+ইন্] বিণ. দ্র ছায়াকর।

ছায়াঘন /ছায়াঘনো/ [স. ছায়া+√হন্+অ] বিণ. ছায়াঢাকা (*ছায়াঘন পথ*)।

ছায়াচিত্র /ছায়াচিত্রো / [স. ছায়া+চিত্র] বি. দ্র ছায়াছবি।

ছায়াচ্ছন্ন /ছায়াচ্ছন্নো / [স. ছায়া+আ+√ছিদ্+ত] বিণ. ১ ছায়াঢাকা। ২ অন্ধকার।

ছায়াছবি / ছায়াছোবি/ [স. ছায়া+আ. ছাবি] বি. ১ কোনো অস্বচ্ছ বস্তুর ছায়ার ঘনত্ব দিয়ে গঠিত ছবি। ২ অন্ধকার প্রেক্ষাগৃহের রুপালি পর্দায় সেলুলয়েডের (যাতে ছবি ও শব্দ ধারণ করা থাকে) মধ্য দিয়ে প্রক্ষিপ্ত আলোকরশ্মির পরিবর্তমান আকৃতি ও ঘনত্ব যা দেখলে মনে হয় একটি ছবি নড়াচড়া করছে। ৩ কোনো কাহিনি ঘটনা প্রভৃতি অবলম্বনে নির্মিত সবাক চলচ্চিত্র।

ছায়াঢাকা /ছায়াঢাকা/ [স. ছায়া+ বা. ঢাকা] বিণ. ১ ছায়াঘেরা। ২ অন্ধকার।

ছায়াতরু /ছায়াতোরু / [স. ছায়া+√তৃ+উ] বি. ছাতিম বট প্রভৃতি ছায়াপ্রদ বৃক্ষ।

ছায়াদেহ /ছায়াদেহো/ [স. ছায়া+√দিহ্+অ] বি. কল্পিত অশরীরী, কায়াহীন মূর্তি।

ছায়ানট /ছায়ানট্/ [স. ছায়া+বা. নট] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ছায়ানিবিড় /ছায়ানিবিড়্/ [স. ছায়া+নিবিড়] বিণ. ঘন ছায়ায় ঢাকা।

ছায়ানীড় /ছায়ানিড়্/ [স. ছায়া+নি+√ঈড়্+অ] বি. ছায়াঢাকা আশ্রয়।

ছায়াপথ /ছায়াপথ্/ [স. ছায়া+পথ] বি. মহাকাশে উত্তর-দক্ষিণে বিস্তৃত সাদা হালকা মেঘসদৃশ সৌর মণ্ডলের অসংখ্য নক্ষত্রপুঞ্জের ক্ষীণ আলোকরেখা, আকাশগঙ্গা, অজবীথি, Milky Way।

ছায়াবাজি /ছায়াবাজি/ [স. ছায়া+ফা. বাজি] বি. প্রেক্ষাগৃহে পর্দায় ম্যাজিক লন্ঠনের সাহায্যে ছায়া ফেলে অভিনয় প্রদর্শন, shadow play।

ছায়ামণ্ডপ / ছায়ামন্‌ডোপ্/ [স. ছায়া+মণ্ডপ] বি. চাঁদোয়া দিয়ে ঢাকা স্থান, ছাঁদনাতলা; মেরাপ।

ছায়াময় /ছায়াময়্/ [স. ছায়া+ময়ট্] বিণ. ছায়াবৃত, ছায়াচ্ছন্ন, ছায়াঘেরা।

ছায়ামাখা /ছায়ামাখা / [স. ছায়া+বা. মাখা] বিণ. ছায়াবৃত।

ছায়া মাড়ানো /ছায়া মাড়ানো/ ক্রিবি. সংস্রব রাখা।

ছায়ামূর্তি /ছায়ামুরতি/ [স. ছায়া+√মূর্চ্ছ্+তি] বি. কল্পিত ছায়াকৃতি দেহ, অশরীরী মূর্তি।

ছায়াশরীর /ছায়াশোরির্/ [স. ছায়া+শরীর] বি. দ্র ছায়ামূর্তি।

ছার /ছার্/ [স. ক্ষার >] বি. ১ ছাই; ক্ষার। ২ নগণ্য ব্যক্তি (*তুমি কোন ছার*); অসার বস্তু (*এ কোন ছার*)। বিণ. ১ হেয়; অধম। ২ উৎসন্ন। ৩ অসার।

ছারকপাল /ছারকপাল্/ [বা. ছার+স. কপাল] বি. মন্দভাগ্য, পোড়াকপাল।

ছারকপালী /ছারকপালি/ [বা. ছার+স. কপালী] বিণ. বি. হতভাগী।

ছারকপালে /ছারকপালে/ [বা.] বিণ. বি. হতভাগা, হতভাগ্য।

ছারখার /ছারখার্/ [বা.] বি. সর্বনাশ; অধঃপাত। বিণ. সম্পূর্ণ নাশপ্রাপ্ত, ধ্বংসীভূত।

ছারপোকা /ছারপোকা/ [দেশি.] বি. দ্রুত বংশবিস্তার করে এবং রক্ত শুষে খায় এমন তিন খণ্ডে বিভক্ত দেহ (মস্তক বক্ষ ও উদর) ও ছয়টি পা-বিশিষ্ট লালচে ধূসর বর্ণের দুর্গন্ধিযুক্ত অর্ধগোলাকার ক্ষুদ্র শয্যাকীট।

ছাল /ছাল্/ [স. শল্ক >] বি. ১ চামড়ার উপরিভাগের পাতলা স্তর, ত্বক। ২ চামড়া (*বাঘের ছাল*)। ৩

www.pathagar.com

বাকল, খোসা (*গাছের ছাল*)।

ছালট /ছালোট্/ [বা.] বি. গাছের ছাল, বাকল।

ছালটি /ছাল্‌টি/ [বা.] বি. তিসি শণ প্রভৃতির বাকলের আঁশ থেকে উৎপন্ন কাপড়।

ছালা[১] /ছালা/ [দেশি.] বি. ১ বস্তা, থলে। ২ চট।

ছালা[২] /ছালা/ [বা.] ক্রিবি. ছাল বা চামড়া তোলা।

ছি /ছি/ [স. ধিক >] অব্য. ঘৃণা নিন্দা বা লজ্জা প্রকাশ করে এমন উক্তি।

ছিঁচকা[১] /ছিঁচ্‌কা/ [ফা.] বি. হুঁকোর নল পরিষ্করণের জন্য ব্যবহৃত ছোটো আংটাযুক্ত লোহার সরু শিক।

ছিঁচকা[২] /ছিঁচ্‌কা/ [দেশি.] বিণ. দ্র ছিঁচকে।

ছিঁচকাঁদুনে /ছিঁচ্‌কাঁদুনে/ [দেশি.] বিণ. অল্পতেই কাঁদে এমন। স্ত্রী. ছিঁচকাঁদুনি /ছিঁচ্‌কাঁদুনি/।

ছিঁচকে /ছিঁচ্‌কে/ [দেশি.] বিণ. হাতের কাছে যা পায় তাই চুরি করে এমন (*ছিঁচকে চোর*)।

ছিঁড়া /ছিঁড়া/ [স. ছিদ্র >] ক্রিবি. ১ ছিন্ন করা (*কাপড় ছিঁড়া*)। ২ চয়ন করা (*ফুল ছিঁড়া*)। ৩ উৎপাটন করা (*চুল ছিঁড়া*)। বিণ. ১ ছিন্ন (*ছিঁড়া কাপড়*)। ২ বাজে (*ছিঁড়া কাগজ*)। ৩ ছানাকাটা (*ছিঁড়া দুধ*)।

ছিঁড়াখোঁড়া /ছিঁড়াখোঁড়া/ [বা.] বিণ. ছিন্ন ও বিদীর্ণ।

ছিঁড়াছিঁড়ি /ছিঁড়াছিঁড়ি/ [বা.] বি. ১ বারবার ছিন্নকরণ। ২ আঁচড় বা কামড় দিয়ে পরস্পরকে আঘাত। ৩ প্রচন্ড ঝগড়াবিবাদ।

ছিঁড়ানো /ছিঁড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. 'ছেঁড়ানো'-র সাধু রূপ।

ছিকা /ছিকা/ [স. শিক্যা >] বি. হাঁড়ি পাতিল ঝুলিয়ে রাখা যায় এমন সরু রশির তৈরি (সচরাচর নকশাকরা) আধারবিশেষ; শিকা।

ছি ছি /ছি ছি/ বি. ধিক্কার নিন্দা প্রভৃতি সূচক উক্তি।

ছিট[১] /ছিঃট্/ [স. চিত্র >] বি. ১ ফোঁটা, বিন্দু; দাগ (*কাদার ছিট*)। ২ বিবিধ রঙের ছাপযুক্ত কাপড় (*ছিট কাপড়*)। ৩ পাগলামি, বাতিক (*মাথার ছিট*)। ৪ লক্ষণ; চিহ্ন; আভাস।

ছিট[২] /ছিঃট্/ [স. শিষ্ট >] বি. ১ টুকরো, খন্ড। ২ অবশিষ্ট, শেষ। বিণ. বিচ্ছিন্ন (*ছিটমহল*)।

ছিটকা /ছিটকা/ [দেশি.] ক্রিবি. নিক্ষিপ্ত হওয়া।

ছিটকানি[১] /ছিট্‌কানি/ [দেশি.] বি. ছিটকে পড়া জল-কাদা জাতীয় পদার্থ।

ছিটকানি[২] /ছিট্‌কানি/ [হি.] বি. দরজা জানালা প্রভৃতি বন্ধ রাখার খিল বা হুড়কো।

ছিটকানো /ছিট্‌কানো/ [বা.] ক্রিবি. ১ ছড়ানো। ২ সজোরে নিক্ষিপ্ত হওয়া। ৩ ঠিকরে যাওয়া। বিণ. ছড়িয়ে পড়েছে এমন।

ছিটকাপড় /ছিট্‌কাপোড়্/ [বা.] বি. বিবিধ রঙের ছাপযুক্ত কাপড়।

ছিটকিনি /ছিট্‌কিনি/ [হি.] বি. দ্র ছিটকানি[২]।

ছিটগ্রস্ত /ছিটোগ্‌গ্রোস্‌তো/ [বা.] বিণ. পাগলাটে, খ্যাপাটে; বাতিকগ্রস্ত।

ছিট জমি /ছিট্ জোমি/ বি. ভিন্ন মৌজার জমি, বিচ্ছিন্ন জমি।

ছিটমহল /ছিট্‌মহোল্/ [বা. ছিট+আ. মহল] বি. একদেশের অভ্যন্তরে বিচ্ছিন্নভাবে থেকে যাওয়া অন্যদেশের ভূখন্ড।

ছিটা /ছিটা/ [স. ছট >] বি. ১ সামান্য পরিমাণ (*ছিটা-ফোঁটা*)। ২ ছাট (*পানির ছিটা*)। ৩ বন্দুকের ছররা গুলি। ৪ আফিম থেকে উৎপন্ন মাদকদ্রব্য।

ছিটাছিটি /ছিটাছিটি/ [বা.] বি. পরস্পরের প্রতি সিঞ্চন বা নিক্ষেপ।

ছিটানো /ছিটানো/ [বা.] ক্রিবি. বিণ. সিঞ্চন করা।

ছিটাফোঁটা /ছিটাফোঁটা/ [বা.] বি. অতি সামান্য বা কণা পরিমাণ বস্তু। বিণ. সামান্য, কণা পরিমাণ।

ছিটাবেড়া /ছিটাব্যাড়া/ [বা.] বি. মাটির প্রলেপযুক্ত বাঁশের বেড়া।

ছিটাবোনা /ছিটাবোনা/ [বা.] ক্রিবি. অকর্ষিত চরজমিতে বীজ ছিটিয়ে বপন।

ছিটে /ছিটে/ [বা.] বি. 'ছিটা'-র কথ্য রূপ।

ছিটেফোঁটা /ছিটেফোঁটা/ [বা.] বি. বিণ. 'ছিটাফোঁটা'-র কথ্য রূপ।

ছিদ্যমান /ছিদ্‌দোমান্/ [স. √ছিদ্+মান (শানচ্)] বিণ. ছেদন করা হচ্ছে এমন।

ছিদ্র /ছিদ্‌দ্রো/ [স. √ছিদ্+র] বি. ১ ফুটো, বিবর, রন্ধ্র। ২ দোষ, ত্রুটি (*ছিদ্রান্বেষণ*)।

ছিদ্রদর্শী /ছিদ্‌দ্রোদোর্‌শি/ [স. ছিদ্র+√দৃশ্+ইন্] বিণ. দ্র ছিদ্রান্বেষী।

ছিদ্রানুসন্ধান /ছিদ্‌দ্রানুশন্‌ধান্/ [স. ছিদ্র+অনুসন্ধান] বি. অন্যের দোষত্রুটির সন্ধান।

ছিদ্রানুসন্ধানী /ছিদ্‌দ্রানুশন্‌ধানি/ [স. ছিদ্রানুসন্ধান +ইন্] বিণ. দ্র ছিদ্রান্বেষী।

ছিদ্রানুসন্ধায়ী /ছিদ্‌দ্রানুশন্‌ধায়ি/ [স. ছিদ্রানুসন্ধায় +ইন্] বিণ. দ্র ছিদ্রান্বেষী।

ছিদ্রান্বেষণ /ছিদ্‌দ্রান্‌নেশন্/ [স. ছিদ্র+অনু+√ইষ্+অন] বি. দ্র ছিদ্রানুসন্ধান।

www.pathagar.com

ছিদ্রান্বেষী /ছিদ্‌দ্রান্‌নেশি/ [স. ছিদ্র+অনু+√ইষ্+ইন্] বিণ. অন্যের দোষ খোঁজে এমন।

ছিদ্রিত /ছিদ্‌রিতো/ [স. √ছিদ্র্+ত] বিণ. ১ ছিদ্র করা হয়েছে এমন। ২ ছিদ্রযুক্ত। ৩ বিদগ্ধ।

ছিনতাই /ছিন্‌তাই/ [বা.] বি. বলপূর্বক হরণ।

ছিনতাইকারী /ছিন্‌তাইকারি/ [বা. ছিনতাই+স. কারী] বি. যে ভীতি প্রদর্শন করে ছিনিয়ে নেয়।

ছিনন /ছিন্‌ন/ [বা.] বি. বলপূর্বক হরণ; জবরদখল।

ছিনা[১] /ছিনা/ [বা.] বিণ. রোগা, কৃশ, ক্ষীণকায়।

ছিনা[২] /ছিনা/ [বা.] ক্রিমু. জোর করে কেড়ে নেওয়া।

ছিনানো /ছিনানো/ [বা.] ক্রিবি. ছিনিয়ে নেওয়া।

ছিনাল /ছিনাল/ [স. ছিন্না >] বি. ভ্রষ্টা, কুলটা।

ছিনালি /ছিনালি / [স. ছিন্না >] বি. ভ্রষ্টা রমণীর হাবভাব।

ছিনালিপনা /ছিনালিপনা/ [বা.] বি. ব্যভিচারিণীসুলভ আচরণ বা হাবভাব।

ছিনিমিনি /ছিনিমিনি/ [দেশি.] বি. ১ জলাশয়ে খোলামকুচি ছুঁড়ে ভাসানোর খেলাবিশেষ। ২ স্বেচ্ছাচারিতা। ৩ অর্থের অপচয়।

ছিন্ন /ছিন্‌নো/ [স. √ছিদ্+ত] বিণ. ১ ছিঁড়ে গেছে বা ছেঁড়া হয়েছে এমন। ২ ঝরে পড়েছে এমন। ৩ উন্মূলিত (*ছিন্নমূল*)। ৪ দূরীকৃত, নিরাকৃত।

ছিন্নক /ছিন্‌নক/ [স. ছিন্ন+ক (স্বার্থে)] বি. গরম দুধের সঙ্গে অম্লজাতীয় পদার্থ মিশিয়ে প্রাপ্ত পিন্ডাকার খাদ্যবস্তু, তক্রকূচিকা, ছানা।

ছিন্নদ্বৈধ / ছিন্‌নোদোইধো/ [স. ছিন্ন+দ্বিধা+অ] বিণ. সংশয় দূর করা হয়েছে এমন, সংশয়মুক্ত।

ছিন্নপক্ষ /ছিন্‌নোপোক্‌খো/ [স. ছিন্ন+√পক্ষ্+অ] বিণ. ডানা ছেঁটে দেওয়া হয়েছে এমন।

ছিন্নপত্র /ছিন্‌নোপত্‌ত্রো/ [স. ছিন্ন+পত্র] বি. ১ ছেঁড়া পাতা। ২ ছোটো ছোটো চিঠির সংকলন। ৩ রবীন্দ্রনাথ ঠাকুরের পত্রসংকলনবিশেষ।

ছিন্নপ্রায় /ছিন্‌নোপ্রায়/ [স. ছিন্ন+প্র+√ই+অ] বিণ. প্রায় ছিঁড়ে গেছে এমন; অর্ধছিন্ন।

ছিন্নবাহু /ছিন্‌নোবাহু/ [স. ছিন্ন+√বহ্+উ] বিণ. হাত নেই এমন, বাহুহীন।

ছিন্নবিচ্ছিন্ন /ছিন্‌নোবিচ্‌ছিন্‌নো/ [স. ছিন্ন+বি+√ছিদ্+ত] বিণ. ১ কেটে টুকরো টুকরো করা হয়েছে এমন। ২ ইতস্তত বিক্ষিপ্ত; লন্ডভন্ড।

ছিন্নবৃন্ত /ছিন্‌নোবৃন্‌তো/ [স. ছিন্ন+√বৃ+ত] বিণ. বৃন্তচ্যুত হয়েছে এমন (*তরুতলে ছিন্নবৃন্ত মালতীর ফুল*— রবীন্দ্র.)।

ছিন্নভিন্ন /ছিন্‌নোভিন্‌নো/ [স. ছিন্ন+√ভিদ্+ত] বিণ. দ্র ছিন্নবিচ্ছিন্ন।

ছিন্নমস্তক /ছিন্‌নোমস্‌তক্/ [স. ছিন্ন+মস্তক] বিণ. কন্ধকাটা।

ছিন্নমস্তা /ছিন্‌নোমস্‌তা/ [স. ছিন্ন+মস্ত+আ (টাপ্)] বি. দেবীবিশেষ; দশ মহাবিদ্যার ষষ্ঠ রূপ।

ছিন্নমুষ্ক /ছিন্‌নোমুশ্‌কো/ [স. ছিন্ন+√মুষ্+ক] বিণ. অন্ড কেটে ফেলা হয়েছে এমন, খাসি।

ছিন্নমূল /ছিন্‌নোমুল্/ [স. ছিন্ন+√মূল্+অ] বিণ. ১ সমূলে উৎপাটন করা হয়েছে এমন (*ছিন্নমূল বৃক্ষ*)। ২ বিতাড়িত; উদ্‌বাস্তু (*ছিন্নমূল শরণার্থী*)।

ছিন্না /ছিন্‌না/ [স. √ছিদ্+ত+আ (টাপ্)] বি. গণিকা।

ছিপ[১] /ছিপ্/ [স. ক্ষিপ্র >] বি. দ্রুতগামী সরু লম্বা নৌকা।

ছিপ[২] /ছিপ্/ [দেশি.] বি. কঞ্চির তৈরি মাছ ধরার দন্ডবিশেষ যার প্রান্তদেশে বাঁধা সুতার সঙ্গে বড়শি লাগানো থাকে।

ছিপছিপে /ছিপ্‌ছিপে/ [বা.] বিণ. পাতলা ও লম্বা গড়নবিশিষ্ট (*ছিপছিপে দেহ*)।

ছিপি /ছিপি/ [দেশি.] বি. শিশি বোতলের মুখ বন্ধ করার জন্য ব্যবহৃত শোলা ওক প্রভৃতি গাছের ছাল থেকে তৈরি ক্রমশ সরু হয়ে আসা নমনীয় গোঁজ-বিশেষ, cork।

ছিবড়া /ছিব্‌ড়া/ [দেশি.] বি. কোনো কিছুর রস নিষ্কাশনের পর অবশিষ্ট বর্জ্য, ছোবড়া।

ছিবড়ে /ছিব্‌ড়ে/ [দেশি.] বি. 'ছিবড়া'-র কথ্য রূপ।

ছিমছাম /ছিম্‌ছাম্/ [দেশি.] বিণ. ১ পরিপাটি; শোভন ও বাহুল্যবর্জিত। ২ পরিচ্ছন্ন ও সাজানোগোছানো।

ছিয়াত্তর /ছিআত্‌তোর্/ [স. ষট্‌সপ্ততি >] বি. ৭৬ সংখ্যা। বিণ. ৭৬ সংখ্যক।

ছিয়ানব্বই /ছিআনোব্‌বোই/ [স. ষণ্ণবতি >] বি. ৯৬ সংখ্যা। বিণ. ৯৬ সংখ্যক।

ছিয়ানব্বুই /ছিআনোব্‌বুই/ [স. ষণ্ণবতি >] বি. বিণ. 'ছিয়ানব্বই'-এর আঞ্চলিক রূপ।

ছিয়াশি /ছিআশি/ [স. ষড়শীতি >] বি. ৮৬ সংখ্যা। বিণ. ৮৬ সংখ্যক।

ছিরি /ছিরি/ [স. শ্রী >] বি. 'শ্রী'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

ছিরিছাঁদ /ছিরিছাঁদ্/ [বা.] বি. লাবণ্য ও সৌষ্ঠব।

ছিল /ছিলো/ [স. স্থিত >] ক্রি. আছ্-ধাতুর অতীতকালের প্রথম পুরুষের রূপ।

ছিলকা /ছিল্‌কা/ [আঞ্চ.] বি. গাছের ছাল; ফলের খোসা; চামড়া।

www.pathagar.com

ছিলা[১] /ছিলা/ [স. ছল্লি>] বি. ১ ধনুকের গুণ, জ্যা। ২ আঁচল বা চাদরের প্রান্তভাগে বেরিয়ে থাকা ঝালর।

ছিলা[২] /ছিলা/ [প্রা. ছোল্ল>] ক্রিবি. খোসা ছাড়ানো।

ছিলিম /ছিলিম্/ [হি. চিলম >] বি. ১ ধূমপানের জন্য ব্যবহৃত মাটির তৈরি ছিদ্রযুক্ত পাত্রবিশেষ (যাতে তামাক ভরে তার ওপরে জ্বলন্ত টিকা রাখা হয়), হুঁকোর কলকে। ২ এক কলকে পরিমাণ।

ছিলে /ছিলে/ [বা.] আছ্-ধাতুর অতীতকালের মধ্যম পুরুষের রূপ।

ছিষ্টি /ছিশ্‌টি/ [স. সৃষ্টি >] বি. 'সৃষ্টি'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

ছুঁইছুঁই /ছুঁইছুঁই/ [বা.] অব্য. প্রায় ছোঁয়া লাগে এমন ভাব। ক্রিবিণ. সন্নিকটে, খুব কাছে।

ছুঁচ /ছুঁচ্/ [স. সূচি >] বি. 'সুচ'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

ছুঁচা /ছুঁচা/ [স. ছুছুন্দরী >] বি. দ্র ছুঁচো।

ছুঁচাবাজি /ছুঁচাবাজি/ [বা. ছুঁচা+ফা. বাজি] বি. দ্র ছুঁচোবাজি।

ছুঁচালো /ছুঁচালো/ [বা.] বিণ. সুচের মতো তীক্ষ্ণ; 'সুচালো'-র আঞ্চলিক রূপ।

ছুঁচিবাই /ছুঁচিবাই/ [স. শুচিবায়ু >] বি. 'শুচিবাই'-এর আঞ্চলিক ও বিকৃত রূপ।

ছুঁচো /ছুঁচো/ [স. ছুছুন্দরী >] বি. ১ খুব ছোটো চোখ সুচালো মুখ ও ঘন কোমল লোমাবৃত গাঢ় ধূসরবর্ণের স্তন্যপায়ী গায়ে দুর্গন্ধযুক্ত নিশাচর ইঁদুরজাতীয় প্রাণী যার সামনের পা দুটি অপেক্ষাকৃত ছোটো ও শক্তিশালী, ছুঁচা, গন্ধমুষিক, mole। ২ (আল.) নীচ স্বভাবের লোক।

ছুঁচোবাজি /ছুঁচোবাজি/ [বা. ছুঁচো+ফা. বাজি] বি. ছুঁচোর মতো ইতস্তত ছোটাছুটি করে এমন আতশ-বাজি।

ছুঁড়ি /ছুঁড়ি/ [স. ছমণ্ডী >] বি. (অবজ্ঞায়) নবযুবতি; কিশোরী, বালিকা।

ছুঁত /ছুঁত্/ [হি.] বি. ১ স্পর্শজনিত দোষ; স্পর্শ। ২ খুঁত; ত্রুটি। ৩ অশৌচ।

ছুঁতমার্গ /ছুঁত্‌মার্‌গো/ [হি. ছুত+স. মার্গ] বি. স্পর্শদোষসংক্রান্ত বিশ্বাস।

ছুঁয়া /ছুঁআ/ [বা.] ক্রিবি. স্পর্শ করা। বিণ. স্পর্শ করা হয়েছে এমন; স্পৃষ্ট; স্পর্শী।

ছুঁয়াছুঁয়ি /ছুঁআছুঁয়ি/ [বা.] বি. ১ একে অপরকে স্পর্শ; বারবার স্পর্শ। ২ স্পর্শদোষ।

ছুঁয়ানো /ছুঁআনো/ [বা.] ক্রিবি. স্পর্শ করানো। বিণ. স্পর্শ করেছে এমন।

ছুকরি /ছুক্‌রি/ [স. ছমণ্ডী >] বি. (অবজ্ঞায়) বালিকা; কিশোরী; ছুঁড়ি।

ছুছুন্দর /ছুছুন্‌দর্/ [স. ছুছু+√উন্দ্+উর] বি. দ্র ছুঁচো।

ছুট /ছুট্/ [স. ক্ষিপ্ত >] বি. ১ ছাঁট; পরিত্যাজন। ২ বাদ; ছাড়; বর্জন। ৩ দৌড়, ধাবন। ৪ অবসর; ফাঁক। বিণ. ১ বর্জিত। ২ দলছুট।

ছুটকা /ছুটকা/ [বা.] বিণ. ১ হঠাৎ ছিটকে আসা; হঠাৎ আগত। ২ অপ্রধান। ৩ দলছুট। ৪ পলাতক।

ছুটকাছাটকা /ছুট্‌কাছাট্‌কা/ [বা.] বিণ. ১ ইতস্তত ছড়ানো। ২ টুকিটাকি। ৩ হিসাবের বাইরে এমন।

ছুটকো /ছুট্‌কো/ [বা.] বিণ. 'ছুটকা'-র কথ্য রূপ।

ছুটকোছাটকা /ছুট্‌কোছাট্‌কা/ [বা.] বিণ. দ্র ছুটকা-ছাটকা।

ছুটন্ত /ছুটন্‌তো/ [বা.] বিণ. ছুটছে এমন।

ছুটা /ছুটা/ [স. ক্ষিপ্ত >] ক্রিবি. ১ দ্রুতবেগে ধাবিত হওয়া, দৌড়ানো। ২ প্রবাহিত হওয়া। ৩ দূর হওয়া; ছাড়া, মুক্ত হওয়া (*নেশা ছুটা*)।

ছুটাছুটি /ছুটাছুটি/ [বা.] বি. ১ দৌড়াদৌড়ি। ২ অতিশয় ব্যস্ততা।

ছুটানো /ছুটানো/ [বা.] ক্রিবি. ১ ধাবিত করানো (*ঘোড়া ছুটানো*)। ২ দূর করানো (*অভ্যাস ছুটানো*)।

ছুটি /ছুটি/ [হি. ছুট্টি >] বি. ১ ফুরসত; অবকাশ। ২ দৈনিক কর্মসূচির অবসান (*স্কুল ছুটি*)। ৩ বিভিন্ন পর্ব উপলক্ষ্যে নির্দিষ্ট কাজে বিরাম (*নববর্ষের ছুটি*)। ৪ কাজ থেকে সাময়িক অবসর (*বিনোদন ছুটি*)। ৫ চাকরি থেকে অবসর। ৬ নিষ্কৃতি, খালাস।

ছুড়া /ছুড়া/ [স. ক্ষিপ্ত >] ক্রিবি. ইতস্তত নিক্ষেপ করা। বিণ. ছুড়ে ফেলা হয়েছে এমন, নিক্ষিপ্ত।

ছুড়াছুড়ি /ছুড়াছুড়ি/ [বা.] বি. বারবার ছুড়ার কাজ।

ছুড়ানো /ছুড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে ছুড়ে ফেলানো।

ছুতা /ছুতা/ [স. সূত্র >] বি. ১ অজুহাত, ব্যপদেশ, ভান। ২ খুঁত, দোষ, ত্রুটি।

ছুতানাতা /ছুতানাতা/ [বা.] বি. ১ কোনো সামান্য কারণ বা অজুহাত। ২ সামান্য ত্রুটি।

ছুতার /ছুতার্/ [স. সূত্রধার>] বি. ১ কাঠের আসবাব-পত্র তৈরি ও মেরামত যার পেশা, সূত্রধর। ২ পদবি-বিশেষ।

ছুতো /ছুতো/ [স. সূত্র >] বি. 'ছুতা'-র কথ্য রূপ।

ছুতোর /ছুতোর্/ [স. সূত্রধার >] বি. 'ছুতার'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

ছুতোর পাখি /ছুতোর্ পাখি/ বি. পৃথিবীর প্রায় সব

www.pathagar.com

দেশে বিচরণ করে এবং খাদ্যের সন্ধানে গাছের শুকনো ডালে ক্রমাগত ঠোকর দেয় এমন শক্ত লম্বা চঞ্চু ও বিচিত্র বর্ণের পালকবিশিষ্ট পাখি, কাঠঠোকরা, কাষ্ঠকুট্ট, woodpecker।

ছুপা[১]/ছুপা/ [বা.] ক্রিবি. রঙের ছোপ ধরানো, রাঙানো।

ছুপা[২] /ছুপা/ [হি.] বিণ. গুপ্ত (*ছুপা রুস্তম*)।

ছুপানো /ছুপানো/ [বা.] ক্রিবি. রঙিন জলে ডুবিয়ে রঞ্জিত করা, রাঙানো। বিণ. রঞ্জিত।

ছুবলা /ছুব্‌লা/ [বা.] ক্রিবি. (সাপের) ছোবল দেওয়া।

ছুবলানো /ছুব্‌লানো/ [বা.] ক্রিবি. বিণ. 'ছোবলানো'-র সাধু রূপ।

ছুমন্তর /ছুমন্‌তোর্‌/ [হি.] বি. ঝাড়ফুঁক।

ছুরি /ছুরি/ [স. ক্ষুরী >] বি. ১ কাটারিরূপে ব্যবহৃত হাতলের সঙ্গে যুক্ত ইস্পাতের সরু ও ধারালো লম্বা পাত, ছোটো অস্ত্রবিশেষ। ২ ফলার ধারালো দিক ভাঁজ করে হাতলে ঢুকিয়ে রাখা যায় এমন ছোটো ছোরা।

ছুরিকা /ছুরিকা/ [স. ক্ষুরিকা >] বি. দ্র ছুরি।

ছুরিকাঁটা /ছুরিকাঁটা/ [বা.] বি. আহারের সময় খাদ্যবস্তু কাটার জন্য ব্যবহৃত ছোটো ছুরি ও কাঁটা (তিনটি থেকে চারটি ফলাযুক্ত চামচজাতীয় উপকরণবিশেষ) যা দিয়ে গেঁথে খাদ্যবস্তু মুখে তোলা হয়, knife and fork।

ছুরিকাঘাত /ছুরিকাঘাত্‌/ [বা. ছুরিকা+স. আঘাত] বি. ছুরির আঘাত।

ছুরিত /ছুরিতো/ [স. √ছুর্‌+ত] বিণ. ১ ব্যাপ্ত, বিস্তৃত। ২ লিপ্ত; জড়িত। ৩ খচিত, অলংকৃত; শোভিত।

ছুরিবিদ্ধ /ছুরিবিদ্‌ধো/ [বা. ছুরি+স. বিদ্ধ] বিণ. ছুরিকাঘাতপ্রাপ্ত।

ছুলা /ছুলা/ [বা.] ক্রিবি. ১ ছাল ছাড়ানো। ২ চেঁছে পরিষ্কার করা।

ছুলানো /ছুলানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে ছাল বা খোসা ছাড়ানো; চেঁছে পরিষ্কার করানো।

ছুলি /ছুলি/ [স. ছল্লি >] বি. গায়ে হালকা সাদাটে দাগ হয় এমন চর্মরোগবিশেষ।

ছেঁকে ধরা /ছেঁকে ধরা/ ক্রিবি. ঘিরে ধরা; চারদিক থেকে ব্যতিব্যস্ত করা।

ছেঁচকি /ছেঁচ্‌কি/ [দেশি.] বি. অল্প তেলে রাঁধা ব্যঞ্জনবিশেষ; চড়চড়ি।

ছেঁড়া /ছেঁড়া/ [স. ছিন্ন >] ক্রিবি. 'ছিঁড়া'-র কথ্য রূপ।

ছেঁড়াখোঁড়া /ছেঁড়াখোঁড়া/ [বা.] বিণ. ছিন্ন ও বিদীর্ণ; 'ছিঁড়াখোঁড়া'-র কথ্য রূপ।

ছেঁড়াছিঁড়ি /ছেঁড়াছিঁড়ি/ [বা.] বি. ১ বারবার ছিন্নকরণ। ২ আঁচড় বা কামড় দিয়ে পরস্পরকে ক্ষতবিক্ষত-করণ। ৩ প্রচণ্ড ঝগড়াবিবাদ।

ছেঁড়ানো /ছেঁড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে বিদীর্ণ করানো।

ছেঁদো /ছেঁদো/ [বা.] বিণ. ১ তুচ্ছ, নগণ্য; মূল্যহীন; অসার; কৃত্রিম। ২ কপট।

ছেক /ছেক্‌/ [স. √ছো+এক] বি. ১ ব্যঞ্জনধ্বনির পুনরাবৃত্তিমূলক অনুপ্রাসবিশেষ। ২ বিরাম, বিরতি।

ছে কাঠ /ছে কাঠ্‌/ বি. ঢেঁকির মুষল।

ছেচল্লিশ /ছেচোল্‌লিশ্‌ / [স. ষট্‌চত্বারিংশ >] বি. ৪৬ সংখ্যা। বিণ. ৪৬ সংখ্যক।

ছেটানো /ছেটানো/ [বা.] ক্রিবি. বিণ. ছড়ানো; ফোঁটা ফোঁটা করে ছড়িয়ে দেওয়া; সিঞ্চিত করা।

ছেত্তা /ছেত্‌তা/ [স. √ছিদ্‌+ত্‌] বিণ. ১ ছেদনকারী, ছেদক। ২ বলির পশুর হন্তারক।

ছেদ /ছেদ্‌/ [স. √ছিদ্‌+অ] বি. ১ কর্তন, ছেদন (*মুণ্ডচ্ছেদ*)। ২ বিরাম (*বৃষ্টির ছেদ*)। ৩ ভাগ, অধ্যায় (*পরিচ্ছেদ*)। ৪ যতিচিহ্ন (*পূর্ণচ্ছেদ*)।

ছেদক /ছেদক্‌/ [স. √ছিদ্‌+অক] বিণ. ছেদন করে এমন। বি. যা দিয়ে ছিদ্র করা হয়, ভ্রমিযন্ত্র, drill।

ছেদন /ছেদোন্‌/ [স. √ছিদ্‌+অন] বি. বিচ্ছিন্নকরণ; কর্তন।

ছেদনী /ছেদোনি/ [স. √ছিদ্‌+অন+ঈ] বি. ছেদনের হাতিয়ার।

ছেদনীয় /ছেদোনিয়ো/ [স. √ছিদ্‌+অনীয়] বিণ. ছেদন করা যায় এমন, ছেদনযোগ্য, ছেদ্য।

ছেদিত /ছেদিতো/ [স. √ছিদ্‌+ত] বিণ. ছেদন করা হয়েছে এমন; খণ্ডিত।

ছেদ্য /ছেদ্‌দো/ [স. √ছিদ্‌+য] বিণ. দ্র ছেদনীয়।

ছেনি /ছেনি/ [স. ছেদনী>] বি. ইস্পাতের তৈরি বাটালি-জাতীয় হাতিয়ার যার ওপর হাতুড়ি দিয়ে আঘাত করে পাথর লোহা প্রভৃতি কাটা হয়, chisel।

ছেয়ে /ছেয়ে/ [বা.] অসক্রি. আচ্ছাদিত করে (*আকাশ ছেয়ে মেঘ করেছে*)।

ছেলে /ছেলে/ [বা.] বি. ১ বালক; বাচ্চা, শিশু (*ছেলেমানুষ*)। ২ পুত্র। ৩ লোক; ব্যক্তি। ৪ বিবাহের পাত্র (*ছেলেপক্ষ*)।

ছেলেখেলা /ছেলেখ্যালা/ [বা.] বি. ১ শিশুদের খেলা। ২ (আল.) অকিঞ্চিৎকর কাজ; সহজসাধ্য কাজ।

ছেলেছোকরা /ছেলেছোক্‌রা / [বা.] বি. অপরিণত বুদ্ধির বালক; কিশোর বা অপ্রাপ্তবয়স্ক ব্যক্তি।

ছেলেধরা /ছেলেধরা/ [বা.] বি. অসদুদ্দেশ্যে অল্পবয়সি

www.pathagar.com

ছেলেমেয়েদের অপহরণ করে যে লোক।

ছেলেপিলে /ছেলেপিলে / [বা.] বি. ছোটো ছোটো ছেলেমেয়ে; সন্তানসন্ততি, পুত্রকন্যা।

ছেলেপুলে /ছেলেপুলে/ [বা.] বি. দ্র ছেলেপিলে।

ছেলেবেলা /ছেলেব্যালা/ [বা. ছেলে+স. বেলা] বি. বাল্যকাল, ছোটোবেলা।

ছেলেভুলানো/ছেলেভুলানো/ [বা.] বিণ. ছোটো ছেলে-মেয়েরা আকৃষ্ট হয় এমন (*ছেলেভুলানো ছড়া*)।

ছেলেভোলানো /ছেলেভোলানো / [বা.] বিণ. দ্র ছেলেভুলানো।

ছেলেমানুষ /ছেলেমানুশ/ [বা. ছেলে+স. মানুষ] বিণ. অল্পবয়স্ক ও অনভিজ্ঞ; অপরিণতবুদ্ধি।

ছেলেমানুষি /ছেলেমানুশি/ [বা.] বি. বালকসুলভ আচরণ। বিণ. বালকোচিত।

ছেলেমি /ছেলেমি/ [বা.] বি. ছেলেমানুষি।

ছেলেমেয়ে /ছেলেমেয়ে/ [বা.] বি. ১ বালকবালিকা। ২ সন্তানসন্ততি; পুত্রকন্যা।

ছেষট্টি /ছেশোট্‌টি/ [স. ষট্‌ষষ্টি >] বি. ৬৬ সংখ্যা। বিণ. ৬৬ সংখ্যক।

ছোঁ /ছোঁ/ [হি. ছোপ >] বি. ১ ছিনিয়ে নেওয়ার উদ্দেশ্যে হঠাৎ আক্রমণ, হঠাৎ উড়ে এসে ছিনতাই (*ছোঁ মেরে নিয়ে যাওয়া*)। ২ ছোবল।

ছোঁকছোঁক/ছোঁক্‌ছোঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. লোলুপতা-জনিত চাঞ্চল্যের ভাবপ্রকাশক শব্দ।

ছোঁকা /ছোঁকা/ [বা.] বি. অতি অল্প তেলে সাঁতলানো সবজিবিশেষ; ছক্কা।

ছোঁচা[১] /ছোঁচা/ [স. সূচক >] বি. বিণ. ১ খাদ্যলোভী; অত্যন্ত লোভী। ২ আত্মসম্মানহীন। ৩ প্রতারক।

ছোঁচা[২] /ছোঁচা/ [স. শৌচ >] ক্রিবি. মলত্যাগের পর জলশৌচ করা।

ছোঁচানো /ছোঁচানো/ [স. শৌচ >] ক্রিবি. বিণ. মল-ত্যাগের পর পরিষ্কার করানো, জলশৌচ করানো।

ছোঁড়া /ছোঁড়া/ [স. ছমড্ডা >] বি. (অবজ্ঞায়) ছোকরা, কিশোর, বালক।

ছোঁড়াছুঁড়ি /ছোঁড়াছুঁড়ি/ [বা.] বি. (অবজ্ঞায়) কিশোরকিশোরী।

ছোঁয়া /ছোঁআ/ [বা.] ক্রিবি. স্পর্শ করা। বিণ. স্পর্শ করা হয়েছে এমন, স্পৃষ্ট; স্পর্শী (*আকাশছোঁয়া*)।

ছোঁয়াচে /ছোঁআচে/ [বা.] বিণ. স্পর্শদ্বারা সংক্রমিত হয় এমন (*ছোঁয়াচে রোগ*)।

ছোঁয়াছুঁয়ি /ছোঁআছুঁয়ি/ [বা.] বি. একে অপরকে স্পর্শ; বারবার স্পর্শ, স্পর্শদোষ।

ছোঁয়ানো /ছোঁআনো/ [বা.] ক্রিবি. বিণ. স্পর্শ করানো।

ছোকরা /ছোক্‌রা/ [হি.] বি. ১ (তুচ্ছার্থে) কিশোর, বালক। ২ অপ্রাপ্তবয়স্ক পরিচারক।

ছোটা /ছোটা/ [স. ক্ষিপ্ত >] ক্রিবি. ১ দ্রুতবেগে ধাবিত হওয়া। ২ প্রভাবমুক্ত হওয়া (*নেশা ছোটা*)।

ছোটাছুটি /ছোটাছুটি/ [বা.] বি. ১ দৌড়াদৌড়ি। ২ অতিশয় ব্যস্ততা।

ছোটানো /ছোটানো/ [বা.] ক্রিবি. ধাবিত করানো, দৌড় করানো (*ঘোড়া ছোটানো*); দূর করা; প্রভাবমুক্ত করানো (*অভ্যাস ছোটানো*)।

ছোটো /ছোটো/ [স. ক্ষুদ্র >] বিণ. ১ কনিষ্ঠ (*ছোটো ভাই*)। ২ অপেক্ষাকৃত অল্পবয়স্ক (*বয়সে ছোটো*)। ৩ ক্ষুদ্র (*ছোটো আকার*)। ৪ নীচ প্রকৃতিবিশিষ্ট (*ছোটোলোক*)। ৫ ক্ষমতা বা পদমর্যাদায় অপেক্ষা-কৃত খাটো (*ছোটো সাহেব*)। ৬ নম্র (*বড়ো যদি হতে চাও ছোটো হও তবে*)। ৭ সংকুচিত (*ছোটো হওয়া*)। ৮ মর্যাদায় হীন (*ছোটো করা*)। ৯ সংকীর্ণ (*ছোটো মন*)।

ছোটোখাটো /ছোটোখাটো/ [বা.] বিণ. অল্প আয়তন-বিশিষ্ট; খর্বাকৃতি; নাতিদীর্ঘ।

ছোটোগল্প /ছোটোগল্‌পো/ [বা.] বি. উপন্যাসের চেয়ে ছোটো পূর্ণাঙ্গ গল্প।

ছোটোলাট /ছোটোলাট্/ [বা.] বি. ব্রিটিশ শাসিত ভারতের প্রাদেশিক শাসনকর্তা, governor।

ছোটোলোক /ছোটোলোক্/ [বা.] বি. নীচ স্বভাব বা ইতর প্রকৃতির লোক; অভদ্র ব্যক্তি।

ছোটোলোকামি /ছোটোলোকামি/ [বা.] বি. অমার্জিত আচরণ। বিণ. ছোটোলোকসুলভ।

ছোটোলোকামো /ছোটোলোকামো / [বা.] বি. বিণ. 'ছোটোলোকামি'-র কথ্য রূপ।

ছোটোলোকি /ছোটোলোকি/ [বা.] বি. বিণ. দ্র ছোটোলোকামি।

ছোটোহাজরি /ছোটোহাজ্‌রি/ বি. ইউরোপীয় কায়দায় প্রাতরাশ।

ছোট্ট /ছোট্‌টো/ [স. ক্ষুদ্র >] বিণ. ১ অত্যন্ত ছোটো; অতি ক্ষুদ্র (*ছোট্ট বাচ্চা*)। ২ হ্রস্ব; সামান্য।

ছোড় /ছোড়্/ [হি.] বি. ছাড়াছাড়ি। বিণ. পৃথক।

ছোড়দা /ছোড়্‌দা/ [আঞ্চ.] বি. দাদাদের মধ্যে যে কনিষ্ঠ।

ছোড়দি /ছোড়্‌দি/ [আঞ্চ.] বি. দিদিদের মধ্যে যে কনিষ্ঠ।

ছোড়ভঙ্গ /ছোড়্‌ভংগো/ [স. ছত্রভঙ্গ >] বিণ. ছাড়াছাড়ি হয়েছে এমন; বিশৃঙ্খল; বিচ্ছিন্ন।

ছোড়া /ছোড়া/ [স. ক্ষিপ্ত >] ক্রিবি. ইতস্তত নিক্ষেপ

www.pathagar.com

করা। বিণ. ছুড়ে ফেলা হয়েছে এমন, নিক্ষিপ্ত; 'ছুড়া'-র কথ্য রূপ।

ছোড়াছুড়ি /ছোড়াছুড়ি/ [বা.] বি. বারবার ছোড়া, লোফালুফি।

ছোড়ানো /ছোড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. নিক্ষেপ করানো; সঞ্চালন করানো।

ছোপ /ছোপ্/ [বা.] বি. ১ ছাপ, দাগ (*কালির ছোপ*)। ২ প্রলেপ।

ছোপ ধরা /ছোপ্ ধরা/ ক্রিবি. ছাপ লাগা।

ছোপ লাগা /ছোপ্ লাগা/ ক্রিবি. ছাপ লাগা।

ছোপা /ছোপা/ [বা.] ক্রিবি. বিণ. ছোপ ধরানো।

ছোপানো /ছোপানো/ [বা.] ক্রিবি. রঙিন জলে ডুবিয়ে রঞ্জিত করা, রাঙানো। বিণ. রঞ্জিত।

ছোবড়া /ছোবড়া/ [দেশি.] বি. ১ কোনো কিছুর রস নিষ্কাশনের পর অবশিষ্ট অসার বর্জ্য। ২ খোসা।

ছোবল /ছোবোল্/ [স. কবল >] বি. ১ সর্পাঘাত, দংশন। ২ নখ বা দাঁতের আকস্মিক আঘাত।

ছোবল মারা /ছোবোল্ মারা/ ক্রিবি. (সাপের) ছোবল দেওয়া।

ছোবলানো /ছোব্লানো/ [বা.] ক্রিবি. বিণ. ছোবল দেওয়া, খাবলানো।

ছোবা /ছোবা/ [দেশি.] বি. নারকেলের ছোবড়া।

ছোরা /ছোরা/ [দেশি.] বি. কাটারিরূপে ব্যবহৃত হাতলের সঙ্গে যুক্ত ইস্পাতের সরু ও ধারালো লম্বা পাত, বড়ো আকারের ছুরি।

ছোলঙ্গ /ছোলংগো/ [দেশি.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন সাদাটে উভলিঙ্গ ফুল অম্লস্বাদ গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া), বাতাবিলেবু, জম্বুরা, জামির।

ছোলা[১] /ছোলা/ [স. চণক >] বি. এশিয়া মহাদেশের গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন ছোটো সাদা ফুল বা তার বহু শাখাবিশিষ্ট শিম্বগোত্রীয় উদ্ভিদের বীজ যা মানুষ ও ঘোড়ার খাদ্যরূপে ব্যবহৃত হয়, চণক, চানা, বুট।

ছোলা[২] /ছোলা/ [বা.] ক্রিবি. পরিষ্কার করা (*জিভ ছোলা*)। বিণ. খোসা ছাড়ানো হয়েছে এমন।

ছোলানো /ছোলানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে ছাল বা খোসা ছাড়ানো; চাঁছানো।

ছ্যা /ছ্যা/ [স. ধিক >] অব্য. ঘৃণা নিন্দা ধিক্কার প্রভৃতি ব্যঞ্জক শব্দ (*ছ্যা ছ্যা করা*)।

ছ্যাঁক /ছ্যাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. গরম তেলে ভাজার অনুকার শব্দ। ক্রিবি. আচমকা কোনো তপ্ত বস্তুর ছোঁয়া লাগা।

ছ্যাঁকা /ছেঁকা/ [ধ্বন্যা.] বি. শরীরে তপ্ত বস্তুর স্পর্শজনিত জ্বালাকর অনুভূতি। ক্রিবি. সেঁকা; সামান্য তেলে ভাজা বা সাঁতলানো।

ছ্যাঁচড় /ছ্যাঁচোড়/ [স. ছিত্বর >] বিণ. ১ প্রতারক। ২ সহজে দেনা পরিশোধ করে না এমন।

ছ্যাঁচড়া /ছ্যাঁচ্ড়া/ [স. ছিত্বর >] বিণ. ১ নির্লজ্জ। ২ সহজে দেনা পরিশোধ করতে চায় না এমন।

ছ্যাঁচা /ছ্যাঁচা/ [বা.] ক্রিবি. ১ পিষ্ট করা। ২ সেচন করা। বিণ. পিষ্ট।

ছ্যাঁচানো /ছ্যাঁচানো/ [বা.] ক্রিবি. বিণ. থ্যাঁতলানো; পিষ্ট করানো।

ছ্যাঁৎ /ছ্যাঁত্/ [দেশি.] অব্য. আচমকা শিউরে ওঠার ভাব, তপ্ত বস্তুর ছোঁয়া লাগার অনুভূতি।

ছ্যাঁদা /ছ্যাঁদা/ [স. ছিদ্র >] বি. ফুটো, ছিদ্র।

ছ্যাকড়া /ছ্যাক্ড়া/ [স. শকট >] বি. নড়বড়ে ঘোড়ার গাড়ি (*ছ্যাকড়াগাড়ি*)।

ছ্যা ছ্যা /ছ্যা ছ্যা/ অব্য. ছিছিক্কার।

ছ্যাতলা /ছ্যাত্লা/ [বা.] বি. ১ ছত্রাক। ২ শেওলা, শেওলাজাতীয় আবরণ।

ছ্যাপ /ছ্যাপ্/ [আঞ্চ.] বি. থুতু।

ছ্যাবলা /ছ্যাব্লা/ [বা.] বি. ১ হালকা স্বভাব; লঘু-প্রকৃতি। ২ বাচাল। বিণ. চপল স্বভাববিশিষ্ট।

ছ্যাবলামি /ছ্যাব্লামি/ [বা.] বি. ছ্যাবলার মতো লঘু আচরণ।

ছ্যাবলামো /ছ্যাব্লামো/ [বা.] বি. দ্র ছ্যাবলামি।

ছ্যামড়া /ছ্যামড়া/ [আঞ্চ.] বি. ১ অনাথ বালক। ২ (তুচ্ছার্থে) কিশোর; বালক। ৩ অপরিণত বয়স্ক পরিচারক। বিণ. অপরিণত বয়স্ক।

www.pathagar.com

জ /জ/

জ[১] /বোরগো জ/ বাংলা বর্ণমালার অষ্টম ব্যঞ্জনবর্ণ এবং তালু থেকে উচ্চার্য চ-এর ঘোষ অল্পপ্রাণ ঘৃষ্ট ধ্বনির দ্যোতক।

জ[২] /জ/ [স. যব >] বি. এক ইঞ্চির চার ভাগের এক ভাগ দৈর্ঘ্য। বিণ. সিকি ইঞ্চি পরিমাণ।

-জ[৩] /জো/ [স. √জন+অ] অব্য. জাত উৎপন্ন প্রভৃতি অর্থে সমাসের পরপদে যুক্ত প্রত্যয় (*জলজ*)।

জই /জোই/ [হি.] বি. যবজাতীয় শস্য; বার্লি।

জইফ /জোয়িফ্/ [আ.] বিণ. দুর্বল; বৃদ্ধ; জরাজীর্ণ।

জউ /জোউ/ [স. জতু >] বি. পলাশ প্রভৃতি বৃক্ষের শাখায় পরজীবী কীট ক্যারিয়া লাক্ষার (kerrea lacca) ত্বকনিঃসৃত লাল রঞ্জনজাতীয় পদার্থের পুরু ও কঠিন আচ্ছাদন (স্বর্ণালংকারশিল্প বার্নিশ রং তৈরি সিলমোহর প্রভৃতি কাজে ব্যবহৃত), গালা, জতু।

জউঘর /জোউঘর্/ [স. জতুগৃহ >] বি. লাক্ষার তৈরি ঘর, জতুগৃহ।

জওয়ান /জওআন্/ [ফা.] বি. ১ সেনাবাহিনীর যোদ্ধা। ২ শক্তিশালী ও বলবান ব্যক্তি।

জওয়াব /জওআব্/ [আ.] বি. ১ ডাকে সাড়া প্রদান; চিঠিপত্র বা প্রশ্নের উত্তর। ২ কৈফিয়ত। ৩ উদ্ধৃত প্রত্যুত্তর। ৪ ইস্তফা; বরখাস্ত।

জং /জং/ [ফা.] বি. লোহা বা ইস্পাতের গায়ে জমে ওঠা লালচে হলুদ আবরণ (আর্দ্র বায়ুর অক্সিজেনের সঙ্গে রাসায়নিক বিক্রিয়ার ফলে সৃষ্ট), লৌহমল, অয়োমল, মরিচা, মরচে, rust।

জং ধরা /জং ধরা/ ক্রিবি. বিণ. মরচে পড়া।

জংকার /জংকার্/ [ফা. জং >] বি. মরচে।

জংলা /জংলা/ [ফা.] বিণ. বুনো; জঙ্গলময়।

জংলি /জোংলি/ [ফা.] বিণ. ১ জঙ্গলে বাস করে এমন, বুনো। ২ (আল.) অমার্জিত।

জংশন /জংশন্/ [ল্যা.] বি. যে রেলস্টেশনে তিনটি বা ততোধিক গন্তব্য থেকে আগত রেলপথ মিলিত হয়।

জখম /জখোম্/ [ফা.] বি. ক্ষত। বিণ. আঘাতপ্রাপ্ত, আহত।

জখমি /জোখমি/ [ফা.] বিণ. আঘাতপ্রাপ্ত, আহত।

জগ[১] /জগ্/ [স. জগৎ >] বি. জগৎ। বিণ. জগদ্বাসী।

জগ[২] /জগ্/ [ই.] বি. কাচ প্লাস্টিক বা ধাতুনির্মিত হাতলযুক্ত পেটমোটা জলপাত্র, jug।

জগজ্জন /জগোজ্জন্/ [স. জগৎ+জন] বি. জগদ্বাসী।

জগজ্জননী /জগোজ্জনোনি/ [স. জগৎ+√জনি+অন+ঈ] বি. বিশ্বমাতা; জগতের মাতা; দেবী দুর্গা।

জগজ্জয়ী /জগোজ্জোয়ি/ [স. জগৎ+√জি+ইন্] বিণ. বিশ্ববিজয়ী; দিগ্‌বিজয়ী।

জগজ্জীবন /জগোজ্জিবন্/ [স. জগৎ+√জীব্+অন] বি. জগতের প্রাণরূপ বায়ু।

জগঝম্প /জগোঝম্পো/ [ধ্বন্যা.] বি. ঢাকজাতীয় প্রাচীন রণবাদ্য; জয়ঢাক।

জগতি /জগোতি/ [স. জগৎ >] বি. ১ জগৎকর্তা। ২ সিংহাসন।

জগতী /জগোতি/ [স. √গম্+ক্বিপ্+ঈ] বি. ১ পৃথিবী। ২ বৈদিক ছন্দবিশেষ। ৩ (বাংলায়) জগন্মাতা।

জগৎ /জগোত্/ [স. √গম্+ক্বিপ্] বি. ১ ভুবন, বিশ্ব, পৃথিবী। ২ সমাজ। ৩ চিন্তারাজ্য (*মনোজগৎ*)।

জগৎকর্তা /জগোত্করতা/ [স. জগৎ+√কৃ+তৃ] বি. জগতের প্রভু; আল্লাহ্; ঈশ্বর।

জগৎপতি /জগোত্পোতি/ [স. জগৎ+√পা+অতি] বি. দ্র জগৎকর্তা।

জগৎপালক /জগোত্পালোক্/ [স. জগৎ+পালক] বি. দ্র জগৎকর্তা।

জগৎপিতা /জগোত্পিতা/ [স. জগৎ+√পা+তৃ] বি. দ্র জগৎকর্তা।

জগৎপ্রাণ /জগোত্প্রান্/ [স. জগৎ+প্র+√অন্+অ] বি. বায়ু, বাতাস।

জগৎসংসার /জগোত্শংশার্/ [স. জগৎ+সংসার] বি. মর্ত্যলোক।

জগৎসভা /জগোত্শভা/ [স. জগৎ+সৎ+√ভা+অ+আ (টাপ্)] বি. বিশ্বের দরবার।

জগৎস্রষ্টা /জগোত্স্রোশ্টা/ [স. জগৎ+√সৃজ্+তৃ] বি. দ্র জগৎকর্তা।

জগদম্বা /জগোদম্বা/ [স. জগৎ+√অম্ব্+অ+আ (টাপ্)] বি. জগতের মাতা; কালী; পরমেশ্বরী।

জগদীশ /জগোদিশ্/ [স. জগৎ+ঈশ] বি. দ্র জগৎকর্তা।

জগদীশ্বর /জগোদিশ্শর্/ [স. জগৎ+ঈশ্বর] বি. দ্র

www.pathagar.com

জগৎকর্তা।

জগদ্‌গুরু /জগোদ্‌গুরু/ [স. জগৎ+√গু+উ] বি. দ্র জগৎকর্তা।

জগদ্‌গৌরী /জগোদ্‌গৌড়ি/ [স. জগৎ+গৌর+ঈ] বি. মনসাদেবী।

জগদ্‌বন্ধু /জগোদ্‌বোন্‌ধু / [স. জগৎ+√বন্ধ্‌+উ] বি. জগতের সকল জীবের মঙ্গলাকাঙ্ক্ষী; কৃষ্ণ।

জগদ্‌বরেণ্য /জগোদ্‌বরেন্‌নো/ [স. জগৎ+√বৃ+এণ্য] বিণ. বিশ্ববাসীর শ্রদ্ধার পাত্র।

জগদ্‌বাসী /জগোদ্‌বাশি/ [স. জগৎ+√বস্‌+ইন্‌] বি. বিণ. মর্ত্যবাসী। স্ত্রী. জগদ্‌বাসিনী / জগোদ্‌বাশিনি/।

জগদ্‌বিখ্যাত /জগোদ্‌বিক্‌খ্যাতো/ [স. জগৎ+বি+√খ্যা+ত] বিণ. বিশ্বজোড়া খ্যাতি আছে এমন।

জগদ্‌বিধাতা /জগোদ্‌বিধাতা/ [স. জগৎ+বি+√ধা+তৃ] বি. দ্র জগৎকর্তা।

জগদ্‌বিধান /জগোদ্‌বিধান্‌/ [স. জগৎ+বি+√ধা+অন] বি. পৃথিবীর রীতিনীতি।

জগদ্‌ব্যাপী /জগোদ্‌ব্যাপি/ [স. জগৎ+বি+√আপ্‌+ইন্‌] বিণ. পৃথিবীর সর্বত্র পরিব্যাপ্ত, বিশ্বময়।

জগদ্দল /জগোদ্‌ল্‌/ [স. জগৎ+দল] বিণ. অতি বিশাল ও গুরুভার (*জগদ্দল পাথর*)।

জগদ্ধাত্রী /জগোদ্‌ধাত্‌ত্রি/ [স. জগৎ+√ধা+ত্‌+ঈ] বি. বিশ্বের ধাত্রী, পরমেশ্বরী, দেবী দুর্গা।

জগন্নাথ /জগোন্‌নাথ্‌/ [স. জগৎ+নাথ] বি. ১ জগতের প্রভু; বিশ্বের অধিকর্তা। ২ দেবতা বিষ্ণু; পুরীর মন্দিরে অধিষ্ঠিত বিষ্ণুমূর্তি। ৩ শ্রীকৃষ্ণ।

জগন্নাথক্ষেত্র /জগোন্‌নাথ্‌খেত্‌ত্রো/ [স. জগন্নাথ+√ক্ষি+ত্র] বি. ১ শ্রীক্ষেত্র, পুরীধাম। ২ জাতপাতের উর্ধ্বে সকলের মিলনক্ষেত্র।

জগন্নিবাস /জগোন্‌নিবাশ্‌/ [স. জগৎ+নিবাস] বি. ১ যিনি জগতের নিবাস বা আশ্রয়। ২ দেবতা বিষ্ণু।

জগন্মণ্ডল /জগোন্‌মন্‌ডোল্‌/ [স. জগৎ+মণ্ডল] বি. পৃথিবী, ভূমণ্ডল; বিশ্বজগৎ; নিখিল ভুবন।

জগন্ময় /জগোন্‌ময়্‌/ [স. জগৎ+ময়] বিণ. বিশ্বব্যাপী। বি. পরমেশ্বর। স্ত্রী. জগন্ময়ী /জগোন্‌মোয়ি/।

জগন্মাতা /জগোন্‌মাতা/ [স. জগৎ+√মা+ত্‌] বি. বিশ্বজননী; আদ্যাশক্তি।

জগন্মোহন /জগোন্‌মোহোন্‌/ [স. জগৎ+মোহন] বি. বিণ. পৃথিবীকে মুগ্ধকারী।

জগমোহন /জগোমোহোন্‌/ [বা. জগ+স. মোহন] বি. ১ পুরীর জগন্নাথ মন্দিরের সমীপবর্তী গৃহ। ২ যে পৃথিবীকে মুগ্ধ করে। বিণ. পৃথিবীকে মুগ্ধ করে এমন।

জগাখিচুড়ি /জগাখিচুড়ি/ [বা.] বি. ১ বিভিন্ন তরিতরকারি মিশিয়ে রাঁধা খিচুড়ি। ২ (আল.) বিবিধ বিসদৃশ বস্তুর সংমিশ্রণ বা একত্র সমাবেশ।

জগাতি /জগাতি/ [হি.] বি. ১ শুল্ক আদায়ের কর্মচারী। ২ বিঘ্ন।

জগ্ধ /জগ্‌ধো/ [স. √ অদ্‌+ত] বিণ. খাওয়া হয়েছে এমন।

জঘন /জঘোন্‌/ [স. √হন্‌+অ] বি. ১ নারীর নিতম্বের সম্মুখভাগ। ২ কোমর, কটিদেশ।

জঘনদেশ /জঘোন্‌দেশ্‌/ [স. জঘন+√দিশ্‌+অ] বি. জঘনের অংশ।

জঘন্য /জঘোন্‌নো/ [স. জঘন+য] বিণ. ১ কদর্য, কুৎসিত। ২ ঘৃণিত, গর্হিত। ৩ নীচ, হেয়।

জঙ্গম /জংগম্‌/ [স. √জঙ্গম্‌+অ] বিণ. ১ গতিশীল, চলমান, সচল। ২ প্রাণবিশিষ্ট।

জঙ্গল /জংগোল্‌/ [স. √জঙ্গল্‌+অ] বি. ১ বন, অরণ্য; ঝোপঝাড়পূর্ণ স্থান। ২ নির্জনস্থান।

জঙ্গলাবৃত /জংগোলাব্‌বৃতো/ [স. জঙ্গল+আ+√বৃ+ত] বিণ. আগাছায় ঢাকা; বনময়।

জঙ্গি /জোংগি/ [ফা.] বিণ. ১ সামরিক; যুদ্ধবিষয়ক। ২ মারমুখো।

জঙ্ঘা /জংঘা/ [স. √জঙ্ঘ্‌+অ+আ (টাপ্‌)] বি. মানবদেহের হাঁটুর উপরিভাগ; উরু।

জজ /জজ্‌/ [ই.] বি. বিচারক, বিচারপতি, judge।

জজগিরি /জজ্‌গিরি/ [ই. জজ+ফা. গিরি] বি. বিচারকের বৃত্তি।

জজবা /জজ্‌বা/ [আ.] বি. ভাবোন্মত্ততা, ভাবাবেগ; নাম জপকালে ঐশী আবেগে অভিভূত অবস্থা।

জজানো /জজানো/ [বা.] ক্রিবি. সংক্রমিত করা; ছোঁয়াছুঁয়ি করে জিনিসপত্র অপবিত্র করা।

জজিয়তি /জজিওতি/ [ই. judge >] বি. বিচারকের বৃত্তি; বিচারকের পদ।

জঞ্জাল /জন্‌জাল্‌/ [হি.] বি. ১ আবর্জনা। ২ আগাছা। ৩ ঝঞ্ঝাট, উৎপাত, উপদ্রব।

জট /জট্‌/ [স. জটা >] বি. ১ এলোমেলো বা জড়িয়ে যাওয়া চুল, জটা। ২ গ্রন্থি, গিঁট। ৩ গাছের ঝুরি। ৪ (আল.) মনের জটিল অবস্থা।

জট পাকানো /জট্‌ পাকানো/ ক্রিবি. ১ কেশগুচ্ছ জড়িয়ে যাওয়া। ২ তালগোল পাকিয়ে জটিলতা সৃষ্টি হওয়া।

জট বাঁধা /জট্‌ বাঁধা/ ক্রিবি. দ্র জট পাকানো।

www.pathagar.com

জটলা /জট্‌লা/ [স. জটিল >] বি. ১ দলবদ্ধ হয়ে জল্পনা। ২ একত্রসমাবেশ।

জটা /জটা/ [স. √জট্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ জট পাকিয়েছে এমন কেশরাশি; জটপাকানো অবস্থা। ২ গাছের ঝুরি। ৩ শিকড়। ৪ সিংহের কেশর।

জটাচীর /জটাচির্‌/ [স. জটা+√চি+র] বি. জটা ও চীরবস্ত্রধারী সন্ন্যাসী; সন্ন্যাসের সাজ।

জটাজাল /জটাজাল্‌/ [স. জটা+জাল] বি. জট বেঁধে গেছে এমন অবস্থা; জটবাঁধা চুল।

জটাজূট /জটাজুটো / [স. জটা+√জূট্‌+অ] বি. দ্র জটাজাল।

জটাধর /জটাধর্‌/ [স. জটা+√ধৃ+অ] বিণ. বি. দ্র জটাধারী।

জটাধারী / জটাধারি/ [স. জটা+√ধৃ+ইন্‌] বিণ. জটা ধারণ করেছে এমন। বি. শিব।

জটামাংসী /জটামাংশি/ [স. জটা+√মন্‌+স+ঈ] বি. ভারতীয় উপমহাদেশের পাহাড়ি অঞ্চলে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন গোলাপি নীল প্রভৃতি রঙের ফুল পাঁচটি শিরাযুক্ত লম্বাটে পাতা ও সাদা ছোটো ফল বা তার রুক্ষ খোলসাবৃত কান্ডবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন সুগন্ধ উদ্ভিদ যার নির্যাস স্নায়ুকে শমিত রাখে।

জটায়ু /জটায়ু/ [স. জটা+আয়ুস্‌] বি. রামায়ণে বর্ণিত বায়ু বেগে উড়তে পারে এমন পক্ষী, পক্ষিরাজ।

জটাল /জটালো/ [স. জটা+লচ্‌] বিণ. জটাযুক্ত।

জটিবুড়ি /জটিবুড়ি/ [বা.] বি. রূপকথায় কল্পিত জটাধারিণী নারীমূর্তি।

জটিয়া /জোটিআ/ [বা.] বিণ. জটাযুক্ত।

জটিল /জোটিল্‌/ [স. জটা+ইল] বিণ. ১ জট পাকিয়েছে এমন। ২ গোলমেলে। ৩ দুর্বোধ্য।

জটিলা /জোটিলা/ [স. জটা+ইল+আ (টাপ্‌)] বিণ. ১ কুটিলবুদ্ধিসম্পন্না। ২ কলহপরায়ণা। ৩ দুর্বোধ্য। বি. শ্রীরাধিকার শাশুড়ি।

জটী /জোটি/ [স. জটা+ইন্‌] বিণ. জটাধারী। বি. ১ জটাধারী পুরুষ। ২ শিব। ৩ ব্রহ্মচারী। ৪ সিংহ। ৫ বটগাছ; পাকুড়গাছ।

জটুল /জোটুল্‌ / [স. √জট্‌+উল] বি. দেহের জন্মগত বড়ো দাগ; জড়ুল।

জটে /জোটে/ [বা.] বিণ. জটাবিশিষ্ট।

জটেবুড়ি /জোটেবুড়ি/ [বা.] বি. দ্র জটিবুড়ি।

জঠর /জঠোর্‌/ [স. √জন্‌+অর] বি. ১ পেট, উদর। ২ পাকস্থলী। ৩ গর্ভাশয়, জরায়ু।

জঠরজ্বালা /জঠোরজ্বালা/ [স. জঠর+√জ্বল্‌+অ+আ (টাপ্‌)] বি. তীব্র ক্ষুধার তাড়না।

জঠরবাস /জঠোরবাস্‌/ [স. জঠর+√বস্‌+অ] বি. গর্ভে অবস্থান।

জঠরযন্ত্রণা /জঠোরজন্ত্রোনা/ [স. জঠর+√যন্ত্র+অন+আ (টাপ্‌)] বি. গর্ভধারণজনিত যন্ত্রণা।

জঠরস্থ /জঠোরস্থো/ [স. জঠর+√স্থা+অ] বিণ. ১ গর্ভে অবস্থিত। ২ উদরস্থ।

জঠরাগ্নি /জঠোরাগ্‌নি/ [স. জঠর+√অগ্‌+নি] বি. ১ প্রবল ক্ষুধার তাড়না। ২ পাচকরস।

জঠরানল /জঠোরানল্‌ / [স. জঠর+অনল] বি. দ্র জঠরাগ্নি।

জঠরাময় /জঠোরাময়্‌ / [স. জঠর+আময়] বি. উদর ও উদরসংলগ্ন অঙ্গের মধ্যবর্তী স্থানে তরল পদার্থ সঞ্চিত হওয়ার ফলে পেটের স্ফীতিজনিত রোগ, উদরী, dropsy।

জড়[১] /জড়ো/ [স. √জল্‌+অ] বিণ. ১ অচেতন; নির্জীব। ২ ইন্দ্রিয়গ্রাহ্য; ভৌত। ৩ চেষ্টাশূন্য। ৪ অজ্ঞান; নির্বোধ। ৫ মোহগ্রস্ত; মূঢ়। বি. ১ বস্তুর উপাদান; অচেতন পদার্থ। ২ নিষ্ক্রিয় ব্যক্তি। ৩ পৌরাণিক চন্দ্রবংশের রাজা। ৪ পঞ্চভূত।

জড়[২] /জড়্‌/ [স. জটা >] বি. ১ শিকড়, মূল। ২ আদি কারণ; গোড়া।

জড়ক্রিয় /জড়োক্‌ক্রিয়ো/ [স. জড়+ক্রিয়] বিণ. কোনো কাজ করতে দীর্ঘ সময় লাগে এমন।

জড়চৈতন্যবাদ /জড়োচোইতোন্‌নোবাদ/ [স. জড়+চৈতন্য+√বদ্‌+অ] বি. কল্পিত ভূতপ্রেতের অস্তিত্বে বিশ্বাস।

জড়জগৎ /জড়োজগোত্‌/ [স. জড়+জগৎ] বি. ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ; প্রকৃতি।

জড়তা /জড়োতা/ [স. জড়+তা] বি. ১ জড়ের ভাব। ২ চেতনার অভাব। ৩ আড়ষ্টতা। ৪ শিথিলতা। ৫ আলস্য। ৬ নিষ্প্রাণ ভাব; শিথিলতা। ৭ শৈত্য।

জড়ত্ব /জড়োত্‌তো/ [স. জড়+ত্ব] বি. দ্র জড়তা।

জড়ত্বজয়ী /জড়োত্‌তোজোয়ি/ [স. জড়ত্ব+√জি+ইন্‌] বিণ. জড়ত্বকে জয় করেছে এমন।

জড়পদার্থ /জড়োপদারত্থো/ [স. জড়+পদার্থ] বি. চেতনা নেই এমন বস্তু।

জড়পিণ্ড /জড়োপিন্‌ডো/ [স. জড়+√পিন্ড্‌+অ] বি. ১ স্থূল জড়পদার্থ। ২ (আল.) নিশ্চেষ্ট ব্যক্তি।

জড়পুত্তলি /জড়োপুত্‌তোলি/ [স. জড়+পুত্ত+√লা+ই] বি. ১ নিষ্প্রাণ পুতুল। ২ (আল.) স্থূলবুদ্ধি ব্যক্তি।

জড়প্রকৃতি /জড়োপ্রোকৃতি/ [স. জড়+প্র+√কৃ+তি] বি. ১ জড়জগৎ। ২ নিষ্ক্রিয়তা।

জড়প্রায় /জড়োপ্রায়্‌/ [স. জড়+প্র+√ই+অ] বিণ. জড়ের মতো নিস্পন্দ বা অচেতন।

www.pathagar.com

জড়বস্তু /জড়োবোস্‌তু/ [স. জড়+√বস্‌+তু] বি. চেতনা নেই এমন বস্তু।

জড়বাদ /জড়োবাদ্‌/ [স. জড়+√বদ্‌+অ] বি. জড়-প্রকৃতির ঊর্ধ্বে আত্মার কোনো স্বতন্ত্র অস্তিত্ব নেই এমন মতবাদ।

জড়বাদী /জড়োবাদি/ [স. জড়+√বদ্‌+ইন্‌] বিণ. আত্মার স্বতন্ত্র অস্তিত্বে বিশ্বাস নেই এমন।

জড়বুদ্ধি /জড়োবুদ্‌ধি/ [স. জড়+√বুধ্‌+তি] বিণ. ১ নির্বোধ। ২ মানসিক প্রতিবন্ধী।

জড়ভরত /জড়োভরোত্‌/ [স. জড়+√ভৃ+অত] বি. ১ পুরাণমতে চন্দ্রবংশীয় রাজা ঋষভদেবের পুত্র ভরত যিনি মোক্ষলাভের জন্য জড়ত্ব অবলম্বন করেছিলেন। ২ জড়বুদ্ধি ও কর্মবিমুখ ব্যক্তি। বিণ. অকর্মণ্য, অকেজো।

জড়সড়ো /জড়োশড়ো/ [বা.] বিণ. ভীত ও আড়ষ্ট।

জড়া /জড়া/ [বা.] বি. জট। বিণ. জড়িয়ে আছে এমন। ক্রিবি. বেষ্টন করা।

জড়াজড়ি /জড়াজোড়ি/ [বা.] বি. আলিঙ্গন, গলা-গলি; জাপটাজাপটি। বিণ. অতি ঘনিষ্ঠ।

জড়ানো /জড়ানো/ [বা.] ক্রিবি. ১ আলিঙ্গন করা। ২ আবৃত করা। ৩ গুটানো। ৪ লিপ্ত হওয়া (*কাজে জড়ানো*)। ৫ অস্পষ্ট হওয়া (*কথা জড়ানো*)। ৬ পিণ্ডে পরিণত হওয়া (*সুতোয় জড়িয়ে যাওয়া*)।

জড়িত /জোড়িতো/ [দেশি.] বিণ. ১ সংশ্লিষ্ট, সংলগ্ন। ২ লিপ্ত। ৩ যুক্ত, আচ্ছন্ন (*ভয়জড়িত*)। ৪ জড়তাপূর্ণ (*দ্বিধাজড়িত*)। ৫ খচিত। ৬ বেষ্টিত বা আবদ্ধ (*ঋণে জড়িত*)। ৭ অস্পষ্ট (*জড়িত কণ্ঠ*)।

জড়িবুটি /জোড়িবুটি/ [বা.] বি. টোটকা চিকিৎসায় ব্যবহৃত গাছের শেকড় থেকে তৈরি ওষুধের বড়ি।

জড়িমা /জোড়িমা/ [স. জড়+ইমন্‌] বি. ১ জাড্য, জড়তা। ২ অস্পষ্টতা। ৩ ঘোর, আবেশ।

জড়ীভূত /জোড়িভুতো/ [স. জড়+ঢ্বি+ভূত] বিণ. ১ জড়তাপ্রাপ্ত। ২ নিশ্চেষ্ট। ৩ বিজড়িত। ৪ মগ্ন, বিভোর।

জড়ুল /জোড়ুল্‌/ [স. জটুল >] বি. দেহের জন্মগত বড়ো দাগ; জটুল।

জড়ো /জড়ো/ [বা.] বিণ. ১ সমবেত। ২ স্তূপীকৃত। ৩ সংগৃহীত।

জড়োপাসক /জড়োপাশক্‌/ [স. জড়+উপাসক] বিণ. ১ জড়বস্তুর উপাসক। ২ প্রকৃতিপূজক।

জড়োপাসনা /জড়োপাশনা/ [স. জড়+উপাসনা] বি. প্রকৃতিপূজা।

জড়োয়া /জড়োআ/ [হি.] বি. মণিমুক্তাখচিত অলংকার। বিণ. মণিমুক্তাখচিত।

জতু /জোতু/ [স. √জন+উ] বি. পলাশ প্রভৃতি বৃক্ষের শাখায় পরজীবী কীট ক্যারিয়া লাক্ষার (kerrea lacca) ত্বকনিঃসৃত লাল রঞ্জনজাতীয় পদার্থের পুরু ও কঠিন আচ্ছাদন (স্বর্ণালংকারশিল্প বার্নিশ রং তৈরি সিলমোহর প্রভৃতি কাজে ব্যবহৃত), গালা।

জতুক /জোতুক্‌/ [স. জতু+ক (স্বার্থে)] বি. ১ রান্নার মসলা এবং ওষুধরূপে ব্যবহৃত পারস্য দেশে জাত শাকবিশেষের মূল থেকে প্রাপ্ত তীব্র গন্ধযুক্ত নির্যাস, হিং, হিঙ্গু। ২ লাক্ষা।

জতুগৃহ /জোতুগৃহো/ [স. জতু+√গ্রহ্‌+অ] বি. পাণ্ডবদের জীবন্ত দগ্ধ করে হত্যার জন্য দুর্যোধনের ষড়যন্ত্রে নির্মিত গালার তৈরি ঘর, (আল.) অতিমাত্রায় দাহ্য ঘর।

জতুরস /জোতুরশ্‌/ [স. জতু+রস] বি. গালা থেকে উৎপন্ন লাল রং, আলতা।

জতুরাগ /জোতুরাগ্‌/ [স. জতু+√রন্‌জ্‌+অ] বি. লাক্ষাজাত রক্তিম আভা।

জত্রু /জোত্রু/ [স. √জন্‌+রু] বি. গলার দুপাশের বাঁকা হাড়, কণ্ঠাস্থি।

জন /জন্‌/ [স. √জন্‌+অ] বি. ১ লোক, ব্যক্তি। ২ কামলা, মজুর। ৩ সম্প্রদায় (*হরিজন*)। ৪ গণ, সমূহ। ৫ সর্বসাধারণ (*জনগণ*)। বিণ. ব্যক্তির সংখ্যা নির্দেশ করে এমন (*পাঁচজন*)।

জনক /জনোক্‌/ [স. √জনি+অক] বি. ১ পিতা। ২ প্রতিষ্ঠাতা পুরুষ (*জাতির জনক বঙ্গবন্ধু*)। ৩ রামায়ণোক্ত সীতার পিতা। বিণ. উৎপাদক (*দুঃখ-জনক*)।

জনকজননী /জনোক্‌জনোনি/ [স. জনক+জননী] বি. পিতামাতা।

জনকজননী-জননী /জনোক্‌জনোনিজনোনি/ [স. জনক+জননী+জননী] বি. পিতামাতার জন্মদাত্রী; জন্মভূমি, ধরিত্রী (*অয়ি নির্মলসূর্যকরোজ্জ্বল ধরণী জনকজননিজননী ॥* রবীন্দ্র.)।

জনকতনয়া /জনোকতনয়া/ [স. জনক+√তন্‌+অয়+আ(টাপ্‌)] বি. মিথিলারাজ জনকের কন্যা সীতা।

জনকতা /জনোকতা/ [স. জনক+তা] বি. উৎপাদন শক্তি, প্রজননক্ষমতা।

জনকত্ব /জনোকত্তো/ [স. জনক+ত্ব] বি. পিতৃত্ব।

জনকল্যাণ /জনোকোল্‌ল্যান্‌/ [স. জন+কল্যাণ] বি. জনগণের মঙ্গল।

জনকল্যাণকর /জনোকোল্‌ল্যান্‌কর্‌/ [স. জনকল্যাণ+√কৃ+অ] বিণ. জনহিতকর।

www.pathagar.com

জনকল্যাণমুখী /জনোকোল্‌ল্যানমুখি / [স. জনকল্যাণ +মুখ+ইন্] বিণ. জনগণের জন্য মঙ্গলকর।

জনক্ষয় /জনোক্‌খয়্‌/ [স. জন+√ক্ষি+অ] বি. ১ লোকনাশ। ২ মড়ক, মহামারী।

জন খাটানো /জন খাটানো/ ক্রিবি. দৈনিক মজুরি ভিত্তিতে কাজ করানো।

জনগণ /জনোগন্‌/ [স. জন+গণ] বি. রাষ্ট্র বা সমাজের অধিকাংশ লোক, সাধারণ লোক।

জনগণতন্ত্র /জনোগনোতন্‌ত্রো / [স. জনগণ+√তন্+ ত্র] বি. জনগণের ভোটে প্রতিষ্ঠিত শাসনব্যবস্থা।

জনগণনা /জনোগনোনা / [স. জন+√গণ্+অন+আ (টাপ্)] বি. আদমশুমারি, census।

জনগোষ্ঠী /জনোগোশ্‌ঠি/ [স. জন+√গোষ্ঠ্+ইন্] বি. জনসমাজ।

জনচক্ষু /জনোচোক্‌খু / [স. জন+চক্ষুস্] বি. ১ সূর্য। ২ লোকচক্ষু।

জনতন্ত্র /জনোতন্‌ত্রো/ [স. জন+√তন্+ত্র] বি. জনসাধারণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধিদের শাসন-ব্যবস্থা, গণতন্ত্র।

জনতা /জনোতা/ [স. জন+তা] বি. ১ সাধারণ মানুষ, জনসাধারণ। ২ অনেক লোকের একত্রসমাবেশ।

জনন /জনোন্‌ / [স. √জনি+অন] বি. জন্মদান, উৎপাদন, উৎপত্তি, জন্ম।

জননকোষ /জনোন্‌কোশ্‌ / [স. জনন+কোষ] বি. যে কোষ উদ্ভিদ বা জীবদেহের উৎপাদন করতে সক্ষম, বীজকোষ, reproductive cell।

জননযন্ত্র /জনোন্‌জন্‌ত্রো/ [স. জনন+√যম্+ত্র] বি. যার সাহায্যে সন্তানের উৎপত্তি হয়।

জননরস /জনোন্‌রশ্‌/ [স. জনন+রস] বি. ১ শুক্র, বীর্য। ২ মাছ ডিম পাড়ার পর পুরুষমাছ এসে ডিমের ওপর যে শুক্রাণু রস ছড়িয়ে দেয়।

জননায়ক /জনোনায়োক্‌ / [স. জন+√নী+অক] বি. জনসাধারণের নেতা।

জননাশৌচ /জনোনাশৌচ্‌/ [স. জনন+অশৌচ] বি. হিন্দুশাস্ত্র মতে সন্তান জন্মের পর পালনীয় অশৌচ।

জননী /জনোনি/ [স. √জনি+অন+ঈ] বি. মাতা, মা, আম্মা। বিণ. জন্মদাত্রী, গর্ভধারিণী।

জননীক্রোড় /জনোনিক্রোড়্‌/ [স. জননী+√ক্রুড়্+অ] বি. মায়ের কোল, মাতৃক্রোড়।

জননীয় /জনোনিয়ো/ [স. √জন্+অনীয়] বিণ. জন্মদান বা উৎপাদনের উপযুক্ত, জননযোগ্য ।

জননেতা /জনোনেতা/ [স. জন+√নী+তৃ] বি. জন-সাধারণের নেতা। স্ত্রী. **জননেত্রী** /জনোনেত্‌রি/।

জননেন্দ্রিয় /জনোনেন্‌দ্রিয়ো/ [স. জনন+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে সন্তানের জন্মদান করা হয়, শিশ্ন; যোনি।

জনপথ /জনোপথ্‌/ [স. জন+পথ] বি. সর্বজনের যাতায়াতের পথ; মহাসড়ক; (পরি.) highway।

জনপদ /জনোপদ্‌/ [স. জন+পদ] বি. ১ লোকালয়, লোকবসতির স্থান। ২ দেশ, রাজ্য।

জনপ্রতিনিধি /জনোপ্রোতিনিধি/ [স. জন+প্রতি+নি +√ধা+ই] বি. জনগণ কর্তৃক নির্বাচিত প্রতিনিধি।

জনপ্রবাদ /জনোপ্রোবাদ্‌ / [স. জন+প্র+√বদ্+অ] বি. যে কাহিনি দীর্ঘকাল যাবৎ লোকমুখে প্রচলিত।

জনপ্রাণিহীন /জনোপ্‌প্রানিহিন্‌ / [স. জনপ্রাণী+√হা +ত] বিণ. কোনো মানুষ বা প্রাণী নেই এমন, নির্জন।

জনপ্রাণী /জনোপ্‌প্রানি / [স. জন+প্রাণ+ইন্] বি. মানুষ বা প্রাণী।

জনপ্রিয় /জনোপ্‌প্রিয়ো / [স. জন+√প্রী+অ] বিণ. লোকপ্রিয়। বি. -তা /-তা/।

জনবল /জনোবল্‌ / [স. জন+বল] বি. লোকবল।

জনবল্লভ /জনোবল্‌লভ্‌ / [স. জন+√বল্ল্+অভ] বি. বিণ. জনসাধারণের ভালোবাসার পাত্র; লোকপ্রিয়।

জনবসতি /জনোবশোতি/ [স. জন+√বস্+অতি] বি. বসবাসের স্থান, লোকালয়।

জনবহুল /জনোবোহুল্‌ / [স. জন+বহু+√লা+অ] বিণ. অনেক লোক বাস করে এমন, জনসমাকীর্ণ। বি. **জনবহুলতা** /জনোবোহুলতা/।

জনবিজ্ঞপ্তি /জনোবিগ্‌গোঁপ্‌তি/ [স. জন+বি+ √জ্ঞাপি +ত] বি. জনগণের অবগতির জন্য প্রচারিত বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন।

জনবিরল /জনোবিরল্‌/ [স. জন+বিরল] বিণ. নির্জন।

জনম /জনোম্‌/ [স. জন্ম >] বি. 'জন্ম'-র কোমল ও কাব্যিক রূপ।

জনমজুর /জন্‌মোজুর্‌/ [স. জন+ফা. মজুর] বি. শ্রমিক, কামলা।

জনমত /জনোমত্‌ / [স. জন+√মন্+ত] বি. বৃহত্তর জনগোষ্ঠীর অভিমত বা অভিপ্রায়।

জনমতনির্ভর /জনোমত্‌নির্‌ভর্‌ / [স. জনমত+ নির+√ভ্+অ] বিণ. বৃহত্তর জনগোষ্ঠীর অভিমত বা অভিপ্রায় অনুযায়ী।

জনমানব /জনোমানব্‌/ [স. জন+মনু+অ] বি. মানুষজন ; জনপ্রাণী।

জনমানবশূন্য /জনোমানব্‌শুন্‌নো / [স. জনমানব+

www.pathagar.com

স্খন্+য] বিণ. দ্র জনমানবহীন।

জনমানবহীন /জনোমানব্‌হিন্‌/ [স. জনমানব+√হা+ত] বিণ. কোনো মানুষ বা প্রাণী নেই এমন, জনবিরল, নির্জন।

জনমেজয় /জন্‌মেজয়্‌/ [স. জন্মন্‌+√এজি+অ] বি. ১ বিষ্ণু। ২ চন্দ্রবংশীয় রাজা পরীক্ষিতের পুত্র। ৩ 'জন্মেজয়'-এর কোমল রূপ।

জনযুদ্ধ /জনোজুদ্‌ধো/ [স. জন+√যুধ্‌+ত] বি. ১ যে যুদ্ধে জনগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। ২ জনসাধারণের কল্যাণার্থে যুদ্ধ।

জনয়িতা /জনোয়িতা/ [স. √জনি+তৃ] বি. বিণ. জনক, জন্মদাতা। স্ত্রী. জনয়িত্রী /জনোয়িত্‌ত্রি/।

জনরব /জনোরব্‌/ [স. জন+রব] বি. লোকমুখে প্রচারিত কাহিনি, জনশ্রুতি; গুজব।

জনলোক /জনোলোক্‌/ [স. জন+লোক] বি. পুরাণে কল্পিত সপ্তলোকের একটি।

জনশক্তি /জনোশোক্‌তি/ [স. জন+√শক্‌+তি] বি. ১ সম্পদরূপে বিবেচিত কর্মক্ষম মানুষ। ২ কোনো কাজে নিযুক্ত লোকবল।

জনশিক্ষা /জনোশিক্‌খা/ [স. জন+√শিক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. জনসাধারণের জন্য শিক্ষা; (পরি.) mass education।

জনশূন্য /জনোশুন্‌নো/ [স. জন+√শ্বন্‌+য] বিণ. লোক বসবাস করে না এমন, জনমানবহীন।

জনশ্রুতি /জনোস্‌সুতি/ [স. জন+√শ্রু+তি] বি. লোকমুখে প্রচারিত কাহিনি, কিংবদন্তি; রটনা।

জনসংখ্যা /জনোশোংখ্যা/ [স. জন+সম্‌+√খ্যা+অ+আ (টাপ্‌)] বি. কোনো অঞ্চল বা দেশের লোকসংখ্যা, population।

জনসংখ্যাবৃদিধ /জনোশোংখ্যাবৃদ্‌ধি/ [স. জনসংখ্যা+√বৃধ্‌+তি] বি. কোনো স্থান বা দেশের লোকসংখ্যা বৃদ্ধি।

জনসংখ্যাহ্রাস /জনোশোংখ্যাrhaশ্‌/ [স. জনসংখ্যা+√হ্রস্‌+অ] বি. কোনো দেশ বা অঞ্চলের লোকসংখ্যা হ্রাস।

জনসংভরণ /জনোশংভরোন্‌/ [স. জন+সম্‌+√ভৃ+অন] বি. জনগণের জন্য খাদ্যসামগ্রী সরবরাহের রাষ্ট্রীয় ব্যবস্থা; (পরি.) civil supply।

জনসংযোগ /জনোশংজোগ্‌/ [স. জন+সম্‌+√যুজ্‌+অ] বি. জনসাধারণের সঙ্গে সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানের সংযোগ; (পরি.) public relations।

জনসংযোগহীন /জনোশংজোগ্‌হিন্‌/ [স. জন+সংযোগ+√হা+ত] বিণ. জনগণের সঙ্গে যোগাযোগ নেই এমন, জনবিচ্ছিন্ন।

জনসভা /জনোশভা/ [স. জন+সৎ+√ভা+অ+আ (টাপ্‌)] বি. বহু মানুষের উপস্থিতিতে অনুষ্ঠিত জনসমাবেশ।

জনসমাগম /জনোশমাগম্‌/ [স. জন+সমাগম] বি. বহু লোকের সম্মিলন।

জনসমাজ /জনোশমাজ্‌/ [স. জন+সমাজ] বি. মানবসমাজ।

জনসমাদর /জনোশমাদর্‌/ [স. জন+সম্‌+আ+√দৃ+অ] বি. জনগণের সমাদর ও প্রীতি।

জনসমাবেশ /জনোশমাবেশ্‌/ [স. জন+সম্‌+√বিশ্‌+অ] বি. অনেক লোকের জমায়েত, জনসমাগম।

জনসমুদ্র /জনোশোমুদ্‌দ্রো/ [স. জন+সম্‌+√উন্দ্‌+র] বি. বিপুল জনতা, বিরাট জনসমাবেশ।

জনসাধারণ /জনোশাধারোন্‌/ [স. জন+সাধারণ] বি. দেশ বা সমাজের বৃহত্তর জনগোষ্ঠী, public।

জনসেবা /জনোশেবা/ [স. জন+√সেব্‌+অ+আ (টাপ্‌)] বি. সাধারণ মানুষের মঙ্গলার্থে সেবা।

জনস্থান /জনোস্‌থান্‌/ [স. জন+স্থান] বি. ১ লোকালয়। ২ রামায়ণোক্ত দণ্ডকারণ্যে অবস্থিত তপস্বী-অধ্যুষিত স্থানবিশেষ।

জনস্বার্থ /জনোশার্‌থো/ [স. জন+স্বার্থ] বি. জনসাধারণের মঙ্গলের উদ্দেশ্যে যা করা হয়; (পরি.) public interest।

জনস্বাস্থ্য /জনোশাস্‌থো/ [স. জন+স্বস্থ+য] বি. সাধারণ মানুষের স্বাস্থ্যসংক্রান্ত বিষয়; (পরি.) public health।

জনস্রোত /জনোস্‌স্রোত্‌/ [স. জন+স্রোতস্‌] বি. চলমান মানুষের অবিচ্ছিন্ন প্রবাহ, জনপ্রবাহ।

জনহিত /জনোহিতো/ [স. জন+√ধা+ত] বি. সর্বসাধারণের কল্যাণ।

জনহিতকর /জনোহিতোকর্‌/ [স. জনহিত+√কৃ+অ] বিণ. সর্বসাধারণের জন্য কল্যাণকর।

জনহীন /জনোহিন্‌/ [স. জন+√হা+ত] বিণ. নির্জন, জনশূন্য, জনবিরল।

জনা[১] /জনা/ [স. জন >] বি. ১ জন, ব্যক্তি, লোক (*জনা কয়েক*)। ২ মাথাগুনতির হিসাব।

জনা[২] /জনা/ [স. জন >] বি. জৈমিনিভারতে বর্ণিত মাহিষ্মতীরাজ নীলধ্বজের পত্নী ও মহাবীর প্রবীরের জননী।

জনাকতক /জনাকতোক্‌/ [বা.] বিণ. কয়েকজন।

জনাকীর্ণ /জনাকির্‌নো/ [স. জন+আকীর্ণ] বিণ. বহু

www.pathagar.com

লোক আছে এমন, জনবহুল।

জনাচার /জনাচার্/ [স. জন+আচার] বি. প্রচলিত রীতিনীতি ও সংস্কার, লোকাচার।

জনাতিগ /জনাতিগো/ [স. জন+অতি+√গম্+অ] বিণ. লোকাতীত।

জনাধিপ /জনাধিপো/ [স. জন+অধি+√পা+অ] বি. ১ রাজা, নৃপতি। ২ বিষ্ণু।

জনান্তিক /জনান্তিক্/ [স. জন+অন্তিক] বি. মঞ্চ-নাটকে দর্শক বা কোনো চরিত্রের উদ্দেশে উচ্চারিত বক্তব্য যা অন্য চরিত্র শুনতে পাচ্ছে না বলে ধরে নেওয়া হয়, স্বগতোক্তি।

জনান্তিকে /জনান্তিকে/ [স. জনান্তিক+বা. এ] ক্রিবিণ. জনসমীপে কিন্তু আড়ালে, নেপথ্যে (*এইখানে জনান্তিকে ব'লে রাখি, / সৃষ্টিকর্তার প্রসাদ সত্যই আছে আমার চোখে।* রবীন্দ্র.)।

জনাপবাদ /জনাপোবাদ্/ [স. জন+অপবাদ] বি. লোকনিন্দা, অপযশ, অখ্যাতি; কলঙ্ক।

জনাব /জনাব্/ [আ.] বি. ব্যক্তিনামের পূর্বে ব্যবহৃত সম্মানসূচক শব্দ, মহাশয়, শ্রী।

জনার /জনার্/ [স. যবনাল >] বি. মধ্য আমেরিকায় জাত ভুট্টাজাতীয় শস্যবিশেষ, মকাই।

জনারণ্য /জনারোন্নো/ [স. জন+অরণ্য] বি. ঘন-সন্নিবিষ্ট বনের মতো বহু লোকের একত্র অবস্থান।

জনার্দন /জনার্দোন্/ [স. জন+√অর্দি+অন] বি. (জন নামক অসুরকে বধ করেছিলেন বলে) বিষ্ণুর অপর নাম।

জনাশ্রয় /জনাস্শ্রয়্/ [স. জন+আশ্রয়] বি. ১ সাময়িক কাজের জন্য তৈরি অস্থায়ী ঘর (মণ্ডপ প্যান্ডেল প্রভৃতি)। ২ লোকালয়।

জনি /জোনি/ [স. √জন্+ই] বি. ১ জন্ম, উৎপত্তি। ২ মাতা, জননী। ৩ নারী। ৪ জায়া। ৫ পুত্রবধূ।

জনিকা /জোনিকা/ [স. জনক+আ (টাপ্)] বি. জননী।

জনিত /জোনিতো/ [স. √জনি+ত] বিণ. ১ জাত, উৎপাদিত, উৎপন্ন। ২ হেতু (*ঘাটতিজনিত*)।

জনিত্র /জোনিত্রো/ [স. √জন্+ইত্র] বি. উৎপাদক-যন্ত্র।

জনিত্রী /জোনিত্রি/ [স. √জন্+তৃ+ঈ] বি. জননী।

-জনীন /জোনিন্/ [স. √জন্+ঈন] বিণ. ১ লোক-সম্পর্কিত (*সর্বজনীন*)। ২ ব্যাপক (*বিশ্বজনীন*)।

জনু /জোনু/ [স. √জন্+উ] বি. উৎপত্তি, জন্ম।

জনেক /জনেক্/ [বা.] বিণ. দ্র জনৈক।

জনৈক /জনোই্কো/ [স. জন+এক] বিণ. অনির্দিষ্ট (কেউ), অনির্দিষ্ট কোনো একজন (*জনৈক ব্যক্তি*)। স্ত্রী. জনৈকা /জনোই্কা/।

জন্ডিস /জন্ডিস্/ [ই.] বি. (যকৃতের বৈকল্য বা পিত্তনালিতে বাধা সৃষ্টি হওয়ার ফলে) মানবদেহের পিত্তরসে বিলিরুবিন (bilirubin) রঞ্জক পদার্থের আধিক্যহেতু ত্বক ও চোখের সাদা অংশ হলুদ হয়ে যায় এমন রোগের লক্ষণবিশেষ, কামলা, ন্যাবা, পাণ্ডু, jaundice।

জন্তু /জোন্তু/ [স. √জন্+তু] বি. ১ নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে না কিন্তু চলাচল করতে পারে এমন প্রাণী, জানোয়ার, পশু। ২ (আল.) অতি নিষ্ঠুর মানুষ।

জন্ম /জন্মো/ [স. √জন্+মন্] বি. ১ সৃষ্টি, উদ্ভব। ২ মাতৃগর্ভ থেকে জন্মলাভ। ৩ জীবনকাল (*ইহজন্ম*)। বিণ. ডিম থেকে জাত।

জন্ম-এয়োতি /জন্মোএয়োতি/ [স. জন্মন্+বা. এয়োতি] বি. দ্র জন্ম-এয়োস্ত্রী।

জন্ম-এয়োস্ত্রী /জন্মোএয়োস্ত্রি/ [স. জন্মন্+বা. এয়োস্ত্রী] বি. যে নারীর মৃত্যু পর্যন্ত স্বামী জীবিত থাকে, চিরসধবা নারী।

জন্মকর্ম /জন্মোকরমো/ [স. জন্মন্+কর্মন্] বি. শিশুর জন্মের পর করণীয় সংস্কার, জাতকর্ম।

জন্মকুণ্ডলী /জন্মোকুন্ডোলি/ [স. জন্মন্+কুণ্ডল+ঈ] বি. দ্র জন্মকোষ্ঠী।

জন্মকোষ্ঠী /জন্মোকোশ্ঠি/ [স. জন্মন্+কোষ্ঠ+ঈ] বি. যে পত্রে মানুষের জন্মকালের গ্রহনক্ষত্রাদির অবস্থান লিপিবদ্ধ করা হয়; জ্যোতিষশাস্ত্রমতে মানুষের অতীত ভবিষ্যৎ ও শুভাশুভ নির্ণয়ের জন্য রচিত জন্মপত্রিকা, কোষ্ঠী, ঠিকুজি, জন্মপত্র।

জন্মক্ষেত্র /জন্মোখেত্ত্রো/ [স. জন্মন্+√ক্ষি+ত্র] বি. জন্মস্থান, জন্মভূমি।

জন্মগত /জন্মোগতো/ [স. জন্মন্+√গম্+ত] বিণ. জন্মসূত্রে প্রাপ্ত বা অর্জিত; সহজাত।

জন্মগ্রহণ /জন্মোগ্রোহোন্/ [স. জন্মন্+√গ্রহ্+অন] বি. ১ মাতৃগর্ভ থেকে নিষ্ক্রমণ; ডিম থেকে জন্ম-লাভ। ২ উৎপত্তি।

জন্মঘটিত /জন্মোঘোটিতো/ [স. জন্মন্+√ঘট্+ত] বিণ. জন্মসম্বন্ধীয়, জন্মবিষয়ক।

জন্মজন্মান্তর /জন্মোজন্মান্তর্/ [স. জন্মন্+জন্মান্তর] বি. পুরাণমতে ইহজন্ম ও পরবর্তী অন্যান্য জন্ম।

জন্মজন্মান্তরে /জন্মোজন্মান্তরে/ [স. জন্ম+জন্মান্তর+বা. এ] ক্রিবিণ. ইহজন্মে এবং পরবর্তী জন্মে, যতবার জন্ম হবে ততবার।

www.pathagar.com

জন্মজয়ন্তী /জন্‌মোজয়োন্‌তি / [স. জন্মন্+জয়ন্তী] বি. জন্মদিন উপলক্ষ্যে আয়োজিত উৎসব।

জন্মজরামরণ /জন্‌মোজরামরোন্‌/ [স. জন্মন্+জরা +মরণ] বি. জন্ম বার্ধক্য এবং মৃত্যু।

জন্মতিথি /জন্‌মোতিথি/ [স. জন্মন্+√অৎ+ইথি] বি. জন্মকালীন তিথি, জন্মদিন।

জন্মদ /জন্‌মোদো/ [স. জন্মন্+√দা+অ] বিণ. জন্মদাতা। বি. পিতা।

জন্মদা /জন্‌মোদা / [স. জন্মন্+√দা+অ+আ (টাপ্)] বি. ১ মাতা। ২ জন্মভূমি।

জন্মদাতা /জন্‌মোদাতা / [স. জন্মন্+√দা+তৃ] বিণ. জন্মদানকারী। স্ত্রী. **জন্মদাত্রী** /জন্‌মোদাত্‌ত্রি /।

জন্মদান /জন্‌মোদান্‌/ [স. জন্মন্+দান] বি. জনন।

জন্মদিন /জন্‌মোদিন্‌/ [স. জন্মন্+দিন] বি. জন্মগ্রহণের দিন বা তারিখ।

জন্মদুঃখী /জন্‌মোদুক্‌খি / [স. জন্মন্+দুঃখ+ইন্] বিণ. চিরজীবন দুঃখ ভোগ করে এমন। স্ত্রী. **জন্মদুঃখিনী** /জন্‌মোদুক্‌খিনি /।

জন্মনক্ষত্র /জন্‌মোনোক্‌খোত্‌ত্রো/ [স. জন্মন্+নক্ষত্র] বি. জন্মের সময়ে গ্রহনক্ষত্রাদির অবস্থান।

জন্মপত্র /জন্‌মোপত্‌ত্রো/ [স. জন্মন্+পত্র] বি. যে পত্রে শিশুর জন্মমুহূর্তে গ্রহনক্ষত্রাদির অবস্থান লিপিবদ্ধ করা হয়।

জন্মপত্রিকা /জন্‌মোপোত্‌ত্রিকা / [স. জন্মন্+পত্রী+ কন্+আ (টাপ্)] বি. দ্র জন্মপত্র।

জন্মপরিগ্রহ /জন্‌মোপোরিগ্‌গ্রোহো / [স. জন্মন্+ পরিগ্রহ] বি. জন্মগ্রহণ।

জন্মবার্ষিকী /জন্‌মোবার্‌শিকি / [স. জন্মন্+বার্ষিক+ ঈ] বি. জন্মদিবস উপলক্ষ্যে পালিত উৎসব।

জন্মবাসর /জন্‌মোবাশোর্‌/ [স. জন্মন্+বাসর] বি. ভূমিষ্ঠ হওয়ার দিন বা তারিখ, জন্মদিন।

জন্মবৃত্তান্ত /জন্‌মোবৃত্‌তান্‌তো / [স. জন্মন্+বৃত্ত+ অন্ত] বি. জন্মকাহিনি; উৎপত্তির বিবরণ।

জন্মভূমি /জন্‌মোভূমি/ [স. জন্মন্+√ভূ+মি] বি. জন্মগ্রহণের স্থান, মাতৃভূমি (*সকল দেশের রাণী সে যে— আমার জন্মভূমি।* দ্বিজেন্দ্র.)।

জন্মমাস /জন্‌মোমাশ্‌/ [স. জন্মন্+মাস] বি. জন্মগ্রহণের মাস।

জন্মমৃত্যু /জন্‌মোমৃত্‌তু/ [স. জন্মন্+√মৃ+ত্যু] বি. জন্ম ও মৃত্যু; সৃষ্টি ও লয়, উৎপত্তি ও নাশ।

জন্মরহস্য /জন্‌মোরহোশ্‌শো / [স. জন্ম+রহস্+য] বি. উৎপত্তিসংক্রান্ত গূঢ় তত্ত্ব।

জন্মরাশি /জন্‌মোরাশি / [স. জন্মন্+√অশ্+ই] বি. জন্মলগ্নে গ্রহনক্ষত্রের অবস্থান।

জন্মরোগী /জন্‌মোরোগি / [স. জন্মন্+রোগ+ইন্] বিণ. জন্মকাল থেকে রোগাক্রান্ত।

জন্মলগ্ন /জন্‌মোলগ্‌নো / [স. জন্মন্+√লগ্+ত] বি. জন্মলাভ বা ভূমিষ্ঠ হওয়ার মুহূর্ত।

জন্মশাসন /জন্‌মোশাশোন্‌/ [স. জন্মন্+√শাস্+অন] বি. পরিকল্পিতভাবে জন্মনিয়ন্ত্রণ, পরিবার পরিকল্পনা; (পরি.) family planning।

জন্মশোধ /জন্‌মোশোধ্‌/ [স. জন্মন্+√শুধ্+অ] ক্রিবিণ. চিরদিনের মতো, সারাজীবনের জন্য।

জন্মস্থান /জন্‌মোস্‌থান্‌/ [স. জন্মন্+স্থান] বি. জন্মগ্রহণের স্থান, জন্মভূমি।

জন্মা /জন্‌মা/ [স. জন্মন্ >] ক্রিবি. ১ জন্মগ্রহণ করা। ২ উৎপন্ন হওয়া।

জন্মাধিকার /জন্‌মাধিকার্‌/ [স. জন্মন্+অধিকার] বি. জন্মগত অধিকার, birth right।

জন্মানো /জন্‌মানো / [বা.] ক্রিবি. ১ জন্মগ্রহণ করা। ২ উৎপন্ন হওয়া। বিণ. ১ ভূমিষ্ঠ। ২ উৎপাদিত।

জন্মান্তর /জন্‌মান্‌তর্‌/ [স. জন্মন্+অন্তর] বি. ১ সনাতন ধর্মাবলম্বীদের বিশ্বাসমতে ইহজন্মের পূর্ববর্তী ও পরবর্তী অন্যান্য জন্ম। ২ পরলোক।

জন্মান্তরবাদ /জন্‌মান্‌তরবাদ্‌/ [স. জন্মান্তর+√বদ্ +অ] বি. মৃত্যুর পর পুনরায় জন্মগ্রহণের মতবাদ।

জন্মান্তরীণ /জন্‌মান্‌তোরিন্‌/ [স. জন্মান্তর+ঈন] বিণ. অন্যজন্ম সম্পর্কিত বা পূর্বজন্মঘটিত।

জন্মান্ধ /জন্‌মান্‌ধো/ [স. জন্মন্+√অন্ধ্+অ] বিণ. জন্ম থেকেই দৃষ্টিশক্তি নেই এমন।

জন্মাবচ্ছিন্ন /জন্‌মাবোচ্‌ছিন্‌নো / [স. জন্মন্+অব+ √ছিদ্+ত] বিণ. জন্ম থেকে মৃত্যু পর্যন্ত, আমৃত্যু।

জন্মাবধি /জন্‌মাবোধি/ [স. জন্মন্+অবধি] ক্রিবিণ. জন্মকাল থেকে, আজন্ম।

জন্মায়তি /জন্‌মায়োতি/ [বা.] বিণ. চিরসধবা।

জন্মাষ্টমী /জন্‌মাশ্‌টোমি/ [স. জন্মন্+অষ্টম+ঈ] বি. শ্রীকৃষ্ণের জন্মতিথি, ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথি।

জন্মিত /জোন্‌মিতো / [স. জন্মন্ >] বিণ. জন্মগ্রহণ করেছে এমন, জাত।

–জন্মে[১] /জন্‌মে/ [বা.] ক্রিবিণ. জীবিতাবস্থায়, সারাজীবনে (*ইহজন্মে*)।

জন্মে[২] /জোন্‌মে / [বা.] অসক্রি. জন্মগ্রহণের পর (*জন্মেই দেখি ক্ষুব্ধ স্বদেশভূমি* সুকান্ত.)।

জন্মেজয় /জন্‌মেজয়্‌/ [স. জন্মন্+√এজি+অ] বি. ১ বিষ্ণু। ২ চন্দ্রবংশীয় রাজা পরীক্ষিতের পুত্র।

www.pathagar.com

জন্মোৎসব /জন্‌মোত্‌শব্‌/ [স. জন্মন্‌+উৎসব] বি. জন্মদিন উপলক্ষ্যে পালিত আনন্দোৎসব।

জন্য /জোন্‌নো/ [স. √জনি+য] অব্য. ক্রিবিণ. বিণ. ১ নিমিত্ত, হেতু, ফলে। ২ উদ্দেশ্যে, প্রয়োজনে। ৩ উৎপাদিত। ৪ জনিত, সম্ভূত।

জন্যজনকসম্বন্ধ /জোন্‌নোজনোকশম্‌বন্‌ধো/ [স. জন্য+জনক+সম্‌+√বন্‌ধ্‌+ত] বি. যে উৎপাদন করে এবং যা উৎপন্ন হয় তাদের মধ্যে সম্পর্ক; জাতক ও জনকের মধ্যে সম্পর্ক।

জপ /জপ্‌/ [স. √জপ্‌+অ] বি. অনুচ্চস্বরে একই নাম বারবার উচ্চারণ, ইষ্টমন্ত্রাদির পুনঃপুন আবৃত্তি।

জপগুটিকা /জপোগুটিকা/ [স. জপ+গুটী+কন্‌+আ (টাপ্‌)] বি. একই নাম বা মন্ত্র কতবার উচ্চারণ করা হবে তার হিসাব রাখার জন্য ব্যবহৃত গুটিকা, জপমালা, তসবি।

জপতপ /জপ্‌তপ্‌/ [স. জপ+√তপ্‌+অস্‌] বি. বারবার ঈশ্বরের নাম উচ্চারণ ও তপস্যা।

জপন /জপোন্‌/ [স. √জপ্‌+অন] বি. জপকরণ।

জপমালা /জপোমালা/ [স. জপ+মালা] বি. ১ যে মালার গুটিকা গুনে জপ করা হয়। ২ (আল.) নিত্য স্মরণীয় বস্তু।

জপযজ্ঞ /জপোজোগ্‌গোঁ/ [স. জপ+√যজ্‌+ন] বি. ইষ্টনাম জপরূপ যজ্ঞ।

জপা /জপা/ [স. জপ >] ক্রিবি. ১ মনে মনে আবৃত্তি করা, জপ করা। ২ নিত্য স্মরণ বা চিন্তা করা।

জপানো /জপানো/ [বা.] ক্রিবি. ১ জপ করানো। ২ মুখস্থ করানো। ৩ নিত্য স্মরণ করানো। ৪ প্ররোচিত করা বা ফুসলানো।

জপিত /জোপিতো/ [স. √জপ্‌+ত] বিণ. জপ করা হয়েছে এমন।

জপ্য /জোপ্‌পো/ [স. √জপ্‌+য] বিণ. জপ করার যোগ্য, জপনীয়। বি. জপমালা।

জবজব /জব্‌জব্‌/ [দেশি.] অব্য. অতিশয় আর্দ্রতা বা ভেজার ভাব।

জবজবে /জব্‌জোবে/ [দেশি.] বিণ. ভিজে জবজব করছে এমন, সিক্ত।

জবর /জবোর্‌/ [ফা.] বিণ. ১ চমকপ্রদ, দারুণ (*জবর খবর*)। ২ জমকালো (*জবর আয়োজন*)। ৩ খাসা (*জবর জিনিস*)। ৪ বলিষ্ঠ (*জবর পালোয়ান*)। ৫ প্রবল (*জবর শীত*)। ৬ কঠোর (*জবর শাসন*)। ৭ নাছোড়প্রকৃতির (*জবর লোক*)।

জবরজং /জবোর্‌জং/ [ফা.] বিণ. ১ জমকালো ও আড়ম্বরপূর্ণ। ২ বিশৃঙ্খল, এলোমেলো। ৩ বিসদৃশ।

জবরজুলুম /জবোর্‌জুলুম্‌/ [ফা. জবর+আ. জুলুম] বি. ভীষণ অত্যাচার।

জবরদখল /জবোর্‌দখোল্‌/ [ফা. জবর+আ. দখল] বি. বলপূর্বক দখল, বেআইনি দখল।

জবরদখলি /জবোর্‌দখোলি/ [ফা.] বিণ. বলপূর্বক দখল করা হয়েছে এমন।

জবরদস্ত /জবোর্‌দস্‌ত্‌/ [ফা.] বিণ. ১ শক্তিশালী; জোরালো। ২ দুর্দমনীয়।

জবরদস্তি /জবোর্‌দোস্‌তি/ [ফা.] বি. অন্যায়ভাবে বলপ্রয়োগ; পীড়ন। ক্রিবিণ. জোর করে।

জবা /জবা/ [স. √জব্‌+অ+আ (টাপ্‌)] বি. প্রধানত গ্রীষ্মমণ্ডলে জাত গুল্মজাতীয় মাঝারি আকৃতির উদ্ভিদ বা তার পাঁচটি পাপড়িযুক্ত উজ্জ্বল লাল গোলাপি হলুদ প্রভৃতি রঙের গন্ধহীন ফুল (আনি. চীন), ওড়পুষ্প, hibiscus।

জবাই /জবাই/ [ফা. জবহ্‌ >] বি. ১ ইসলামি ও ইহুদি রীতিতে গলনালি ছিন্ন করে পশুবধ। ২ (আল.) হত্যা; নাশ, ধ্বংস।

জবাকুসুমসংকাশ /জবাকুসুমশংকাশ্‌/ [স. জবাকুসুম+সম্‌+√কাশ্‌+অ] বিণ. জবাফুলের মতো (রক্তবর্ণ)।

জবান /জবান্‌/ [ফা.] বি. ১ (অধিকাংশ মেরুদণ্ডী প্রাণীর) স্বাদগ্রহণ খাদ্য গলাধঃকরণ ও সুসংবদ্ধভাবে বাক্‌শক্তি প্রকাশের জন্য ব্যবহৃত মুখগহ্বরের নিম্নভাগে অবস্থিত পেশিবহুল কোমল ও মাংসল অঙ্গ, জিহ্বা, জিভ, রসনা, tongue। ২ ভাষা, বুলি। ৩ বাণী, বাক্য। ৪ প্রতিশ্রুতি।

জবানবন্দি /জবান্‌বোন্‌দি/ [ফা.] বি. ১ আদালতে বিচারকের উপস্থিতিতে হলফ করে প্রদত্ত বিবৃতি, সাক্ষ্য। ২ কোনো তদন্তকারী কর্মচারীর কাছে প্রদত্ত বিবরণ।

জবানি /জবানি/ [ফা.] বি. মৌখিক বিবৃতি, উক্তি।

জবাব /জবাব্‌/ [আ.] বি. ১ চিঠিপত্র বা কথার উত্তর। ২ কৈফিয়ত (*জবাবদিহি*)। ৩ উদ্ধত প্রত্যুত্তর (*কথায় কথায় জবাব*)। ৪ বরখাস্ত, বিদায়; ইস্তফা।

জবাবদিহি /জবাব্‌দিহি/ [আ. জবাব+ফা. দিহি] বি. ১ কারণপ্রদর্শন, কৈফিয়ত। ২ দায়িত্ব।

জবাবদিহিতা /জবাব্‌দিহিতা/ [আ. জবাব+ফা. দিহি+স. তা] বি. কোনো কাজের দায়দায়িত্ব গ্রহণ ও তৎসংক্রান্ত প্রশ্নের জবাব দেওয়ার বাধ্যবাধকতা।

জবাবি /জবাবি/ [ফা.] বিণ. জবাব লেখার জন্য প্রদত্ত বা নির্দিষ্ট (*জবাবি পত্র*), প্রত্যুত্তরমূলক।

www.pathagar.com

জবুথবু /জবুথোবু/ [বা.] বিণ. ১ জড়সড়ো, আড়ষ্ট। ২ নড়াচড়া করতে অক্ষম। ৩ পারিপাট্যহীন।

জবুর /জ়োবুর্/ [আ.] বি. পয়গম্বর দাউদ-এর ওপর অবতীর্ণ ঐশী কিতাব।

জবেহ্ /জ়বেহ্/ [ফা.] বি. দ্র জবাই।

জব্দ /জব্‌দো/ [আ.] বিণ. ১ অপদস্থ, লাঞ্ছিত, নিগৃহীত। ২ শাসিত, দমিত (*শত্রু জব্দ*)। ৩ বাজেয়াপ্ত (*সম্পত্তি জব্দ*)।

জব্বর /জব্‌বোর্/ [বা.] বিণ. জবর, ভীষণ, প্রচন্ড।

জমক /জমোক্/ [হি. ঝমক >] বি. ১ আড়ম্বর, সমারোহ (*জাঁকজমক*)। ২ দীপ্তি, শোভা, ঔজ্জ্বল্য।

জমকানো /জম্‌কানো/ [বা.] বিণ. জাঁকালো। ক্রিবি. ১ শোভিত করা। ২ জমজমাট হওয়া।

জমকালো /জম্‌কালো/ [বা.] বিণ. আড়ম্বরপূর্ণ, জাঁকজমকপূর্ণ, জাঁকালো।

জমজম[১] /জ়মজ়ম্/ [আ.] বি. মক্কা নগরীর কূপ যার পানি মুসলমানদের কাছে অত্যন্ত পবিত্র বলে বিবেচিত (*আব-এ-জমজম*)।

জমজম[২] /জম্‌জম্/ [দেশি.] অব্য. লোকজনে পরিপূর্ণ হওয়ার ভাব, সরগরম ভাব।

জমজমাট /জম্‌জমাট্/ [আ.] বিণ. ১ সুসংহত ও চিত্তাকর্ষক। ২ সরগরম ও উপভোগ্য (*জমজমাট আড্ডা*)।

জমদগ্নি /জমদোগ্‌নি/ [স. জমৎ+√অগ্+নি] বি. বিষ্ণুর ষষ্ঠ অবতার ও পরশুরামের পিতা। বিণ. ১ অগ্নিভক্ষণকারী। ২ কোপনস্বভাববিশিষ্ট, ক্রোধী। ৩ আগুনের মতো তেজস্বী।

জমরুদ /জম্‌রুদ্/ [আ.] বি. সবুজ রঙের মূল্যবান পাথরবিশেষ, পান্না, emerald।

জমা /জমা/ [আ.] ক্রিবি. ১ ঘনীভূত হওয়া, সঞ্চিত হওয়া (*মেঘের পরে মেঘ জমেছে*, রবীন্দ্র.)। ২ রাশীকৃত হওয়া (*জঞ্জাল জমা*)। ৩ জমাট বাঁধা (*বরফ জমা*)। ৪ একত্র হওয়া (*লোক জমা*)। ৫ আটকে থাকা (*নর্দমায় পানি জমা*)। ৬ উপভোগ্য হওয়া (*আসর জমা*)। বিণ. ১ ঘনীভূত। ২ জমাট। ৩ সঞ্চিত। বি. ১ পুঁজি, সঞ্চয়। ২ আয় (*জমা-খরচ*)। ৩ মোট, থোক। ৪ খাজনা, রাজস্ব। ৫ খাজনার আওতাভুক্ত জমি।

জমাওয়াসিল /জমাওআসিল্/ [আ.] বি. আয়-ব্যয়ের হিসাব।

জমাওয়াসিলবাকি /জমাওআসিল্‌বাকি/ [আ.] বি. আদায়কৃত ও অনাদায়ী খাজনার হিসাব।

জমাখরচ /জমাখরোচ্/ [আ.] বি. চলতি হিসাব; আয়ব্যয়ের হিসাব।

জমাখারিজ /জমাখারিজ্/ [আ.] বি. একাধিক লোকের অধিকারভুক্ত সম্পত্তির অংশীদারগণ-কর্তৃক রাজা জমিদার বা সরকারকে পৃথকভাবে খাজনা দেওয়ার ব্যবস্থা।

জমাট /জমাট্/ [বা.] বিণ. ১ দৃঢ়, মজবুত (*জমাট গাঁথনি*)। ২ জমেছে এমন (*জমাট দই*)। ৩ ঘনিষ্ঠ। ৪ উপভোগ্য; সরগরম (*জমাট আড্ডা*)।

জমাদার /জমাদার্/ [আ. জমা+ফা. দার] বি. ১ পুলিশ বা সেনাবাহিনীর কর্মচারীবিশেষ। ২ প্রধান যন্ত্রচালক। ৩ কুলিসর্দার।

জমানত /জমানত্/ [ফা.] বি. জামিনস্বরূপ প্রদত্ত গচ্ছিত টাকা।

জমানবিশ /জমানোবিশ্/ [আ. জমা+ফা. নবিশ] বি. যে ব্যক্তি জমি ও খাজনার হিসাব রাখে।

জমানা /জমানা/ [আ.] বি. কাল; যুগ।

জমানো /জমানো/ [আ. জমা >] ক্রিবি. ১ সঞ্চয় বা সংগ্রহ করা (*টাকা জমানো*)। ২ একত্র করা (*লোক জমানো*)। ৩ জমাট বা ঘনীভূত করা (*বরফ জমানো*)। ৪ সরগরম করা (*আসর জমানো*)। বিণ. ১ সংগৃহীত। ২ ঘনীভূত।

জমাবন্দি /জমাবোন্‌দি/ [আ. জমা+ফা. বন্দি] বি. ১ খাজনার হিসাব। ২ জমিজমার হিসাবের খাতা।

জমায়েত /জমায়েত্/ [আ.] বি. ১ বহু লোকের একত্রসমাবেশ (*গণজমায়েত*)। ২ নামাজের জন্য শ্রেণিবদ্ধ সারি। বিণ. সম্মিলিত, সমবেত।

জমি /জোমি/ [ফা. জমিন্ >] বি. ১ ভূমি, ভূখণ্ড, মাটি। ২ ভূপৃষ্ঠ, ভূতল। ৩ চাষের উপযোগী খেত। ৪ ভূসম্পত্তি। ৫ কাপড়ের বুনুনি।

জমিজমা /জোমিজমা/ [ফা. জমিন+আ. জমা] বি. জমিজিরাত, ভূসম্পত্তি।

জমিজায়দাদ /জোমিজায়্‌দাদ্/ [ফা.] বি. যাবতীয় ভূসম্পত্তি।

জমিজিরাত /জোমিজিরাত্/ [ফা. জমি+আ. জিরাত] বি. চাষের উপযোগী জমি, কৃষিজমি।

জমিদার /জোমিদার্/ [ফা.] বি. (অধুনালুপ্ত) যে ভূস্বামীকে খাজনা দিতে হয়, ভূস্বামী।

জমিদারগিন্নি /জোমিদার্‌গিন্‌নি/ [ফা. জমিদার+বা. গিন্নি] বি. জমিদারপত্নী।

জমিদারি /জোমিদারি/ [ফা.] বি. ১ ভূসম্পত্তির মালিকানা। ২ তালুক। বিণ. জমিদারসম্পর্কিত।

www.pathagar.com

জমিন /জোমিন্/ [ফা.] বি. দ্র জমি।

জম্পতি /জম্পোতি/ [স. জায়া+পতি] বি. ১ স্বামী ও স্ত্রী, পতি-পত্নী, দম্পতি। ২ যুগল।

জম্পেশ /জম্পেশ্/ [দেশি.] বিণ. ১ উত্তম। ২ অতিশয় উপভোগ্য (*জম্পেশ আড্ডা*)।

জম্বির /জোম্বির্/ [স. √জম্+ইর] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন সাদাটে উভলিঙ্গ ফুল অম্লস্বাদ গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, জামির, বাতাবিলেবু, জম্বুরা (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া)।

জম্বু /জোম্বু/ [স. √জম্+উ] বি. ১ জাম বা তার গাছ (*জম্বু-পুঞ্জে শ্যাম বনান্ত, বনবীথিকা ঘনসুগন্ধ॥* রবীন্দ্র.)। ২ সুমেরু পর্বতের নদীবিশেষ। ৩ পুরাণে বর্ণিত সপ্তদ্বীপের একটি দ্বীপ।

জম্বুক /জোম্বুক্/ [স. জম্বু+ক (স্বার্থে)] বি. শিয়াল।

জম্বুরা /জোম্বুরা/ [আঞ্চ.] বি. দ্র জম্বির।

জয় /জয়্/ [স. √জি+অ] বি. ১ যুদ্ধে প্রতিপক্ষকে পরাজিতকরণ (*যুদ্ধজয়*)। ২ অধিকার প্রতিষ্ঠা (*রাজ্য জয়*)। ৩ আয়ত্তে আনয়ন (*শত্রু জয়*)। ৪ সাফল্য (*বুদ্ধির জয়*)। ৫ স্তুতি বা শুভেচ্ছা সূচক উক্তি (*জয় বাংলা*)।

জয়কেতু /জয়োকেতু/ [স. জয়+√চায়্+তু] বি. ১ জয়পতাকা, জয়নিশান। ২ (আল.) যে ব্যক্তি স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে গুণগান করে।

জয়জয়কার /জয়্জয়্কার্/ [স. জয়জয়+√কৃ+অ] বি. (কোনো সাফল্যের জন্য) সবার মুখে জয়ধ্বনি, জয়োল্লাসের ধ্বনি।

জয়জয়ন্তী /জয়্জয়োন্তি/ [স. জয়+√জি+অন্ত+ঈ] বি. ১ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগ-বিশেষ। ২ বিজয়নিশান।

জয়টিকা /জয়োটিকা/ [স. জয়+বা. টিকা] বি. বিজয়ী ব্যক্তির কপালে অঙ্কিত তিলক।

জয়ডঙ্কা /জয়োডংকো/ [স. জয়+বা. ডঙ্কা] বি. দ্র জয়ঢাক।

জয়ঢাক /জয়্ঢাক্/ [স. জয়+বা. ঢাক] বি. ১ বিজয়-সূচক বাদ্যধ্বনি ; রণবাদ্য। ২ বড়ো ঢাকবিশেষ।

জয়তু /জয়োতু/ [স. √জি+তু] অনুক্রি. জয় হোক।

জয়তুন /জয়্তুন্/ [আ.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও ভূমধ্যসাগরীয় অঞ্চলে জাত ছোটো সাদা ফুল সরু পাতা ও শক্ত আঁটিবিশিষ্ট সবুজাভ ডিম্বাকৃতি অম্লস্বাদ ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, জলপাই, olive।

জয়ত্রি /জয়োত্রি/ [স. জাতিপত্রী >] বি. শ্রীলঙ্কা মালয়েশিয়া জাভা সুমাত্রা ও ভারতের কেরালা রাজ্যে ব্যাপকভাবে চাষ করা হয় এমন পুরু পাতা-বিশিষ্ট হলুদাভ সুগন্ধ ফুল (মসলারূপে ব্যবহৃত) বা তার চিরহরিৎ উঁচু বৃক্ষ, জাতিপত্র, mace।

জয়দেব /জয়্দেব্/ [স. জয়+√দিব্+অ] বি. গীত-গোবিন্দের রচয়িতা এবং খ্রিষ্টীয় পঞ্চদশ শতকের মহাকবি।

জয়ধ্বজ /জয়োদ্ধজ/ [স. জয়+ধ্বজ] বি. বিজয়-পতাকা।

জয়ধ্বনি /জয়োদ্ধোনি/ [স. জয়+√ধ্বন্+ই] বি. জয়োল্লাসের ধ্বনি (*তোরা সব জয়ধ্বনি কর।* নজরুল.)।

জয়নাদ /জয়োনাদ্/ [স. জয়+নাদ] বি. আনন্দধ্বনি।

জয়ন্ত /জয়োন্তো/ [স. √জি+অন্ত] বি. ১ দেবরাজ ইন্দ্রের পত্নী শচীদেবীর গর্ভজাত পুত্র। ২ শিব। ৩ (বিরাটনগরে অজ্ঞাতবাসকালে) ভীমের ছদ্মনাম।

জয়ন্তিকা /জয়োন্তিকা/ [স. জয়ন্তী+কন্+আ (টাপ্)] বি. ১ হরিদ্রা, হলুদ। ২ দেবী দুর্গার সহচরী।

জয়ন্তী /জয়োন্তি/ [স. √জি+অন্ত+ঈ] বি. ১ দেবী দুর্গা। ২ দেবরাজ ইন্দ্রের কন্যা। ৩ পতাকা। ৪ শ্রীকৃষ্ণের জন্মতিথি। ৫ বরেণ্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের বর্ষপূর্তি উপলক্ষ্যে পালনীয় উৎসব (*নজরুল জয়ন্তী*)।

জয়পতাকা /জয়্পতাকা/ [স. জয়+√পত্+অক+আ (টাপ্)] বি. যে পতাকা জয়লাভের চিহ্নস্বরূপ ওড়ানো হয়, বিজয়নিশান।

জয়পত্র /জয়োপত্রো/ [স. জয়+পত্র] বি. ১ সাফল্য বা বিজয়ের নিদর্শনসূচক পত্র। ২ বিজয়ীপক্ষকে বিচারপতিপ্রদত্ত চূড়ান্ত ডিক্রি।

জয়পরাজয় /জয়্পরাজয়্/ [স. জয়+পরা+√জি+অ] বি. জয়লাভ ও পরাজয়বরণ।

জয়পাল /জয়্পাল্/ [স. জয়+√পালি+অ] বি. ১ এশিয়ার উষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন লোমশ পাপড়িযুক্ত সাদা ফুল কালচে বাদামি ডিম্বাকৃতি ফল (যার নির্যাস থেকে ঔষধি তেল উৎপন্ন হয়) বা তার নিবিড় পত্রাচ্ছাদিত মাঝারি আকৃতির ভেষজগুণসম্পন্ন চিরহরিৎ বৃক্ষ। ২ বিষ্ণু। ৩ ব্রহ্মা।

জয়বাংলা /জয়্বাংলা/ [স. জয়+বা. বাংলা] বি. বাংলাদেশের জয়সূচক ধ্বনি।

জয়বাদ্য /জয়োবাদ্যো/ [স. জয়+√বাদি+য] বি. বিজয়সূচক ঢাকের বাদ্য।

জয়ভেরি /জয়োভেরি/ [স. জয়+√ভী+রি] বি. ১ জয়ঢাক। ২ জয়সূচক বাদ্য।

www.pathagar.com

জয়মঙ্গল /জয়োমোংগোল্/ [স. জয়+√মঙ্গ্+অল] বি. ১ মঙ্গলচণ্ডী। ২ রাজহস্তী। ৩ জ্বরনাশক কবিরাজি ওষুধবিশেষ (*জয়মঙ্গল রস*)।

জয়মালা /জয়োমালা/ [স. জয়+মালা] বি. জয়ের নিদর্শনস্বরূপ প্রদত্ত মালা।

জয়মাল্য /জয়োমাল্‌লো / [স. জয়মালা+য] বি. -দ্র জয়মালা।

জয়যাত্রা /জয়োজাত্‌ত্রা/ [স. জয়+√যা+ত্র+আ (টাপ্)] বি. জয়লাভের উদ্দেশ্যে যাত্রা (*জয়যাত্রায় যাও গো, ওঠো জয়রথে তব।* রবীন্দ্র.)।

জয়লক্ষ্মী /জয়োলোক্‌খি/ [স. জয়+√লক্ষ্+ম+ঈ] বি. জয়ের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী, জয়শ্রী।

জয়লেখ /জয়োলেখ্/ [স. জয়+√লিখ্+অ] বি. বিজয়ীর কপালে অঙ্কিত জয়ের তিলক।

জয়শঙ্খ /জয়োশংখো/ [স. জয়+√শম্+খ] বি. যে শঙ্খ বাজিয়ে যুদ্ধজয় ঘোষণা করা হয়।

জয়শব্দ /জয়্‌শবদো / [স. জয়+√শব্দ্+অ] বি. ১ 'জয় হোক' এমন আশীর্বাদসূচক বাক্য। ২ জয়ধ্বনি।

জয়শীল /জয়্‌শিল্/ [স. জয়+√শীল্+অ] বিণ. জয়লাভ করে থাকে এমন। স্ত্রী. জয়শীলা /জয়্‌শিলা/।

জয়শৃঙ্গ /জয়োসৃংগো/ [স. জয়+√শৃ+গ] বি. জয়ঘোষক শিঙা, রণশিঙা।

জয়শ্রী /জয়োস্‌শ্রি/ [স. জয়+√শ্রী+ক্বিপ্] বি. ১ জয়ের অধিষ্ঠাত্রী দেবী, বিজয়লক্ষ্মী। ২ সন্ধ্যাকালে গেয় সংগীতের রাগবিশেষ।

জয়স্তম্ভ /জয়োস্‌তম্‌ভো/ [স. জয়+√স্তম্ভ্+অ] বি. বিজয়ের স্মারকরূপে নির্মিত স্তম্ভ বা মিনার।

জয়া /জয়া / [স. √জি+অ+আ (টাপ্)] বি. ১ পার্বতী। ২ পার্বতীর সহচরী। ৩ হরীতকী। ৪ ভাং, সিদ্ধি। ৫ জয়ন্তীবৃক্ষ।

জয়িত্রি /জোয়িত্‌ত্রি/ [স. জাতিপত্রী>] বি. দ্র জয়ত্রি।

জয়িষ্ণু /জোয়িশ্‌নু / [স. √জি+ইষ্ণু] বিণ. জয়শীল।

জয়ী /জোয়ি/ [স. √জি+ইন্] বিণ. জয়লাভ করেছে এমন, জয়লাভকারী।

জয়ৈষণা /জয়োইশনা/ [স. জয়+এষণা] বি. জয়লাভের আকাঙ্ক্ষা।

জয়োৎসব /জয়োত্‌শব/ [স. জয়+উৎসব] বি. জয়লাভ উপলক্ষ্যে উৎসব।

জয়োন্মত্ত /জয়োনমত্‌তো/ [স. জয়+উদ্+√মদ্+ত] বিণ. ১ জয়ের জন্য অস্থিরচিত্ত। ২ জয়লাভের আনন্দে অস্থির।

জয়োল্লাস /জয়োল্‌লাশ্/ [স. জয়+উল্লাস] বি. জয়ের আনন্দ।

জয়োস্তু /জয়োস্‌তু/ [স. জয়ঃ+√অস্+তু] ক্রিবি. 'জয় হোক' এইরূপ আশীর্বাদ, জয়তু।

জর /জর্ / [ফা.] বি. ১ স্বর্ণ। ২ ধন, বিত্ত; মুদ্রা।

জরঠ /জরোঠ্/ [স. √জু+অঠ] বিণ. ১ অতিবৃদ্ধ। ২ জীর্ণ। ৩ কঠিন। ৪ বিবর্ণ। ৫ কর্কশ।

জরৎ /জরোত্/ [স. √জ+অৎ] বিণ. ১ জরাজীর্ণ, জরাগ্রস্ত। ২ বৃদ্ধ। ৩ প্রাচীন। স্ত্রী. জরতী /জরোতি/।

জরৎকারু /জরোত্‌কারু/ [স. জরৎ+√কৃ+উ] বি. (কঠোর তপস্যাদ্বারা শরীর ক্ষয় করেছিলেন বলে) পৌরাণিক মুনিবিশেষ, মনসাদেবীর স্বামী।

জরথুস্ত্র /জরোথুস্‌ত্রো/ [ব্যক্তি.] বি. আনুমানিক খ্রি.পূ. ১০ শতকে প্রাচীন পারস্যে প্রবর্তিত একেশ্বরবাদী ধর্মের প্রবর্তক, Zarathustra।

জরদ /জরোদ/ [ফা.] বিণ. হলদে, পীতবর্ণের।

জরদ্‌গব /জরদ্‌গব্ / [স. জরৎ+গো+অ] বি. বৃদ্ধ বা জরাগ্রস্ত ষাঁড়। বিণ. ১ (আল.) অকর্মণ্য। ২ স্থবির, শক্তিসামর্থ্যহীন।

জরা[১] /জরা / [স. √জু+অ+আ (টাপ্)] বি. ১ বার্ধক্য, বার্ধক্যজনিত দুর্বলতা, স্থবিরতা। ২ পুরাণে বর্ণিত রাক্ষসীবিশেষ। বিণ. (বাংলায়) বৃদ্ধ।

জরা[২] /জরা/ [স. √জু >] ক্রিবি. ১ জীর্ণ করা, জীর্ণ হওয়া (*লবণে জরা*)। ২ হজম বা পরিপাক হওয়া। বিণ. ১ জীর্ণ। ২ জারিত।

জরাগ্রস্ত /জরাগ্রোস্‌তো/ [স. জরা+√গ্রস্+ত] বিণ. বার্ধক্যেহেতু স্থবিরতাপ্রাপ্ত।

জরাজীর্ণ /জরাজির্‌নো / [স. জরা+√জু+ত] বিণ. বার্ধক্যের জন্য জীর্ণ ও দুর্বল। বি. -তা /-তা/।

জরানো /জরানো / [বা.] ক্রিবি. জারিত করা (*লবণ দিয়ে জরানো*)। বিণ. জারিত করা হয়েছে এমন।

জরায়ু /জরায়ু/ [স. জরা+√ই+উ] বি. স্তন্যপায়ী স্ত্রীজাতীয় প্রাণীর নিম্নাঙ্গে যে আধার বা থলিতে ভ্রূণ থাকে, গর্ভাশয়, গর্ভকোষ, uterus।

জরায়ুজ /জরায়ুজো/ [স. জরায়ু+√জন্+অ] বিণ. জরায়ু থেকে জাত।

জরাসন্ধ /জরাশন্‌ধো/ [স. জরা+সন্ধ] বি. চন্দ্রবংশীয় মগধরাজ বৃহদ্রথের পুত্র।

জরি /জোরি/ [ফা.] বি. সোনালি রুপালি প্রভৃতি রঙের পাতে মোড়া সুতা।

জরিদার /জোরিদার্/ [ফা.] বিণ. জরির কাজ করা আছে এমন, জরিযুক্ত।

জরিপ /জোরিপ্/ [আ. জরিব >] বি. ১ কোনো

www.pathagar.com

ভূসম্পত্তির অবস্থান আয়তন প্রভৃতি নির্ণয়। ২ ক্রেতা বীমা প্রতিষ্ঠান বা ঋণদাতার পক্ষে কোনো সম্পত্তির মূল্যায়ন। ৩ কোনো জনগোষ্ঠীর আচার-আচরণ অভ্যাস প্রভৃতি বিষয়ে উপাত্ত সংগ্রহ। ৪ কোনো বিষয় সম্পর্কে মোটামুটি ধারণা অর্জনের জন্য উচ্চতর অবস্থান থেকে অবলোকন।

জরিপ-আমিন /জোরিপ্আমিন্/ [আ.] বি. জমির পরিমাণ সীমানা নির্ধারণ প্রভৃতি কাজে নিযুক্ত কর্মচারী।

জরিপাড় /জোরিপাড়্/ [ফা. জরি+বা. পাড়] বি. পাড়ে মিহি সোনালি রুপালি প্রভৃতি রঙের পাত দিয়ে নকশা করা কাপড়। বিণ. কাপড়ের পাড়ে জরির কাজ করা হয়েছে এমন।

জরিপেড়ে /জোরিপেড়ে/ [ফা. জরি+বা. পেড়ে] বিণ. জরির কাজ করা পাড়বিশিষ্ট।

জরিমানা /জোরিমানা/ [আ. জারিম+ফা. আনা] বি. অপরাধের দণ্ড; অর্থদণ্ড, fine।

জরু /জোরু/ [হি.] বি. পত্নী, জায়া, ভার্যা, সহধর্মিণী।

জরুজাত /জোরুজাত্/ [হি. জরু+স. জাত] বি. সন্তান, পুত্রকন্যা।

জরুর /জোরুর্/ [ফা.] অব্য. ক্রিবিণ. অবশ্যই, নিশ্চিতরূপে, আলবত।

জরুরি /জোরুরি/ [ফা.] বিণ. ১ এখনই করতে হবে এমন, urgent। ২ শীঘ্র দরকার হবে এমন (*জরুরি চিঠি*)। ৩ অত্যন্ত দরকারি (*জরুরি কথা*)।

জর্জর /জর্জর্/ [স. √জর্জ্+অর] বিণ. ১ জীর্ণ, ক্লিষ্ট। ২ কাতর, ব্যথিত; পীড়িত।

জর্জরিত /জর্জোরিতো/ [স. জর্জর+ণিচ্+ত] বিণ. ১ জর্জর করা হয়েছে এমন; জীর্ণ, শীর্ণ। ২ দুঃখে কাতর। ৩ নিপীড়িত। ৪ ক্ষতবিক্ষত।

জর্জরীকৃত /জর্জোরিকৃতো/ [স. জর্জর+ঈ+কৃত] বিণ. জর্জরিত করা হয়েছে এমন।

জর্জরীভূত /জর্জোরিভূতো/ [স. জর্জর+ঈ+ভূত] বিণ. জীর্ণ ও পীড়িত; ক্লিষ্ট।

জর্জেট /জর্জেট্/ [ফ.] বি. কুঞ্চিত সুতায় বোনা মিহি (সচরাচর রেশমি) কাপড়, georgette।

জর্দা /জর্দা/ [ফা.] বি. ১ পানের সঙ্গে খাওয়া হয় এমন সুগন্ধ মসলাযুক্ত তামাকচূর্ণ। ২ জাফরান মিশ্রিত মিষ্টি পোলাও।

জল /জল্/ [স. √জল্+অ] বি. ১ দুটি হাইড্রোজেন ও একটি অক্সিজেন পরমাণুর রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন স্বাদ গন্ধ ও বর্ণহীন তরল পদার্থ যা জীবনধারণের জন্য অপরিহার্য এবং সাগর হ্রদ নদী জলাশয় ও বৃষ্টি প্রভৃতির মূল উপাদান, পানি, বারি, সলিল, তোয়, অপ্। ২ বর্ষণ, বৃষ্টিপাত (*জল হওয়া*)। ৩ অপব্যয় (*টাকা জলে ফেলা*)। ৪ অশ্রু (*চোখের জল*)। বিণ. ১ শীতল (*চা জল হয়ে যাওয়া*)। ২ বিগলিত (*রাগ জল হওয়া*)। ৩ সহজবোধ্য।

জল ওঠা /জল্ ওঠা/ ক্রিবি. বন্যার ফলে ভেতরে জল প্রবেশ করা (*ঘরে জল ওঠা*)।

জলকণা /জলোকনা/ [স. জল+√কণ্+অ+আ (টাপ্)] বি. জলবিন্দু।

জলকন্যা /জলোকোন্না/ [স. জল+√কন্+য+আ (টাপ্)] বি. সমুদ্রমন্থনের ফলে উত্থিত বলে কল্পিত অপ্সরি, জলপরি, মৎস্যকন্যা।

জলকপাট /জল্কপাট্/ [স. জল+কপাট] বি. জলের প্রবাহ নিয়ন্ত্রণ করতে পারে এমন কপাটযুক্ত বাঁধ; (পরি.) floodgate।

জলকর /জল্কর্/ [স. জল+√কৃ+অ] বি. মাছের চাষ বা জলাশয় ব্যবহারের জন্য প্রদেয় কর।

জলকরঙ্ক /জলোকরোংকো/ [স. জল+√কৃ+অঙ্ক] বি. ১ নারকেল। ২ শঙ্খ। ৩ মেঘ। ৪ পদ্ম।

জল করা /জল্ করা/ ক্রিবি. ১ পানির মতো তরল করা। ২ (আল.) ক্রোধ প্রশমিত করা।

জলকল্লোল /জলোকল্লোল্/ [স. জল+√কল্ল+ওল] বি. ১ জলপ্রবাহের শব্দ। ২ ধ্বনিমুখর জলতরঙ্গ, জলের বড়ো ঢেউ।

জলকষ্ট /জলোকশ্টো/ [স. জল+√কষ্+ত] বি. জলের অভাবহেতু ক্লেশ।

জলকাক /জল্কাক্/ [স. জল+কাক] বি. এশিয়া ইউরোপ আমেরিকা ও অস্ট্রেলিয়ার জলাভূমিতে বিচরণ করে এমন সরু লম্বা গলা এবং চঞ্চুবিশিষ্ট উজ্জ্বল কালো মাছশিকারি লিপ্তপদ উভচর পাখি-বিশেষ, পানকৌড়ি, জলবায়স।

জলকাদা /জল্কাদা/ [স. জল+বা. কাদা] বি. বৃষ্টির জল ও তার ফলে সৃষ্ট কাদা।

জলকান্দা /জল্কান্দা/ [দেশি.] বি. পিঁপড়ের উপদ্রব থেকে রক্ষার উদ্দেশ্যে খাদ্যবস্তু রাখার আলমারি বা টেবিলের পায়ার নিচে স্থাপিত জলপূর্ণ মাটি বা প্লাস্টিকের পাত্রবিশেষ।

জলকুক্কুট /জলোকুক্কুট্/ [স. জল+কু+√কুট্+অ] বি. নদী জলাশয় প্রভৃতি অঞ্চলে বিচরণকারী সুঠালো চঞ্চু এবং ধূসরবর্ণের লম্বা ডানা ও লেজবিশিষ্ট ঝুঁটিওয়ালা শিকারি পাখি, গাংচিল।

জলকুন্তল /জলোকুন্তল/ [স. জল+কুন্ত+√লা+অ] বি. শৈবাল, শ্যাওলা।

জলকূর্ম /জলোকুর্মো/ [স. জল+কে+ঊর্মি] বি. শুশুক।

www.pathagar.com

জলকেলি /জলোকেলি/ [স. জল+√কেল্+ই] বি. জলে নেমে সন্তরণ ও ক্রীড়াকৌতুক; জলবিহার।

জলক্রীড়া /জলোক্রিড়া/ [স. জল+√ক্রীড়্+অ+আ (টাপ্)] বি. দ্র জলকেলি।

জল খাওয়া /জল্ খাওআ/ ক্রিবি. ১ জল পান করা। ২ সামান্য কিছু মুখে দিয়ে পানি খাওয়া।

জলখাবার /জল্খাবার্/ [স. জল+বা. খাবার] বি. হালকা খাবার, নাশতা, জলযোগ।

জলগণ্ডূষ /জলোগোন্ডুশ্/ [স. জল+√গণ্ড্+ঊষ] বি. এক আঁজলা জল।

জলগত /জলোগতো/ [স. জল+√গম্+ত] বিণ. জলে নিমজ্জিত, জলমগ্ন।

জলগর্ভ /জলোগর্ভো/ [স. জল+√গৃ+ভ] বিণ. ভেতরে জল আছে এমন।

জলগ্রহণ /জল্গ্রোহোন্/ [স. জল+√গ্রহ্+অন] বি. ১ জলপান। ২ আহার।

জলচর /জলোচর্/ [স. জল+√চর্+অ] বিণ. জলে বিচরণ করে এমন। স্ত্রী. জলচরী /জলোচোরি/।

জলচল /জলোচল্/ [স. জল+√চল্+অ] বি. যার ছোঁয়া জল পানের অযোগ্য নয়। বিণ. জলাচরণীয়।

জলচারী /জলোচারি/ [স. জল+√চর্+ইন্] বিণ. জলে বিচরণকারী। স্ত্রী. জলচারিণী /জলোচারিনি/।

জলচুড়ি /জল্চুড়ি/ [স. জল+বা. চুড়ি] বি. শাড়ি বা ধুতির পাড়ে সরু ডুরে জলছাপ।

জলচৌকি /জল্চোউকি/ [স. জল+বা. চৌকি] বি. কাঠের তৈরি ছোটো ও নিচু চৌকিসদৃশ আসন।

জল ছড়া /জল্ ছড়া/ ক্রিবি. ঝাঁট দেওয়ার সময় ধুলো ওড়া বন্ধ করার জন্য জল ছিটানো।

জলছত্র /জলছ্ত্রো/ [স. জলসত্র >] বি. তৃষ্ণার্ত পথিককে জল বিতরণের স্থান, জলসত্র।

জলছবি /জল্ছোবি/ [স. জল+আ. ছবি] বি. যে ছবি জলে ভিজিয়ে অন্য কাগজে চেপে ধরে ছাপ তোলা যায়।

জলছাদ /জল্ছাদ্/ [স. জল+√ছাদি+অ] বি. (বৃষ্টির জল চোয়ানো রোধ এবং গ্রীষ্মকালে ঘর ঠান্ডা রাখার জন্য) কংক্রিটের ছাদের ওপরে দেওয়া চুন সুরকি প্রভৃতির আস্তরণ।

জলছাপ /জল্ছাপ্/ [স. জল+হি. ছাপ] বি. আলোর বিপরীতে ধরলে কাগজের যে ছাপ (কাগজ তৈরির সময় অঙ্কিত) দৃশ্যমান হয়; (পরি.) water mark।

জলজ /জলোজো/ [স. জল+√জন্+অ] বিণ. ১ জলে জাত। ২ জলে বিচরণ করে এমন।

জলজন্তু /জলোজোন্তু/ [স. জল+√জন্+তু] বি. যে সকল প্রাণী জলে জন্মলাভ ও বসবাস করে, জলচর প্রাণী।

জলজিয়ন্ত /জলোজিঅন্তো/ [স. জল+বা. জিয়ন্ত] বিণ. দ্র জলজ্যান্ত।

জলজ্যান্ত /জলোজ্জ্যান্তো/ [স. জল+বা. জ্যান্ত] বিণ. ১ সম্পূর্ণ জীবন্ত। ২ প্রত্যক্ষ। ৩ খাঁটি।

জলটুঙি /জল্টুঙি/ [স. জল+বা. টুঙি] বি. জলাশয়ের মধ্যস্থলে উঁচু করে নির্মিত ঘর।

জলঢাকা /জল্ঢাকা/ [স. জল+বা. ঢাকা] বি. ১ দক্ষিণ-পূর্ব সিকিমে হিমালয় থেকে উৎপন্ন হয়ে ভারতের জলপাইগুড়ি কোচবিহার ও বাংলাদেশের রংপুর জেলায় প্রবাহিত নদী। ২ বাংলাদেশের নীলফামারী জেলার একটি উপজেলা।

জলঢোঁড়া /জল্ঢোঁড়া/ [স. জল+বা. ঢোঁড়া] বি. জলে বিচরণ করে এমন নির্বিষ সাপ।

জলতরঙ্গ /জল্তরোংগো/ [স. জল+√তৃ+অঙ্গ] বি. ১ জলের ঢেউ। ২ বাদ্যযন্ত্রবিশেষ (পরপর সাজিয়ে রাখা বিভিন্ন পরিমাণ জলসংবলিত সাতটি চীনামাটির বাটি যাতে কাঠি দিয়ে আঘাত করে সুর তোলা যায়)।

জলতেষ্টা /জল্তেশ্টা/ [স. জল+বা. তেষ্টা] বি. জলপানের ইচ্ছা, পিপাসা, তৃষ্ণা।

জলত্রাস /জলোত্রাশ্/ [স. জল+√ত্রস্+অ] বি. পাগলা কুকুর শিয়াল বিড়াল প্রভৃতি প্রাণীর লালা থেকে র‍্যাবিস ভাইরাস (rabies virus) সংক্রমণের ফলে জল দেখে ভয় পায় এমন প্রাণঘাতী রোগের লক্ষণ, জলাতঙ্ক, hydrophobia।

জলদ /জলোদো/ [স. জল+√দা+অ] বিণ. জল দেয় এমন। বি. মেঘ।

জলদগম্ভীর /জলোদোগোম্ভির্/ [স. জলদ+√গম্+ঈর] বিণ. মেঘের গর্জনের মতো গম্ভীর (ধ্বনি)।

জলদমালা /জলোদোমালা/ [স. জলদ+মালা] বি. অল্প উচ্চতায় আকাশে পুঞ্জীভূত গোলাকার মেঘ, পুঞ্জমেঘ, cumulus cloud।

জলদস্যু /জলোদোশ্যু/ [স. জল+√দস্+যু] বি. যে দস্যু নদী বা সমুদ্রপথে ডাকাতি করে, বোম্বেটে।

জলদাগম /জলোদাগম্/ [স. জলদ+আগম] বি. মেঘের আগমন, বর্ষাকাল।

জলদি /জোল্দি/ [ফা.] ক্রিবিণ. তাড়াতাড়ি, শীঘ্র।

জলদুর্গ /জলোদুর্গো/ [স. জল+দুর্+√গম্+অ] বি. পরিখাঘেরা দুর্গ, জলবেষ্টিত দুর্গ।

জলদেবতা /জলোদেবোতা/ [স. জল+দেবতা] বি. জলের অধিদেবতা, বরুণ।

www.pathagar.com

জলদোষ /জলোদোশ্/ [স. জল+√দুষ্+অ] বি. উদর ও উদর-সংলগ্ন অঙ্গের মধ্যবর্তী স্থানে তরল পদার্থ সঞ্চিত হওয়ার ফলে পেটের স্ফীতিজনিত রোগ, উদরী, dropsy।

জলদ্রোণি /জলোদ্রোনি / [স. জল+√দ্রু+ণি] বি. জল সেচনের পাত্র, সেঁউতি, ডোঙ্গা।

জলধর /জলোধর্/ [স. জল+√ধৃ+অ] বিণ. জল-ধারণকারী, জলপূর্ণ। বি. ১ মেঘ। ২ সমুদ্র।

জলধারা /জলোধারা/ [স. জল+√ধারি+অ+আ (টাপ্)] বি. ১ জলস্রোত। ২ বারিধারা।

জলধি /জলোধি/ [স. জল+√ধা+ই] বি. পৃথিবীর দুই তৃতীয়াংশ জুড়ে স্থলভূমি পরিবেষ্টনকারী বিস্তীর্ণ লবণাক্ত জলরাশি, সমুদ্র, অর্ণব, বারিধি, পয়োধি।

জলননকুল /জল্নোকুল্/ [স. জল+নকুল] বি. দ্রুত সাঁতার কাটতে পারে এমন ছোটো লিপ্তপদ ঘন লোমাবৃত স্তন্যপায়ী উভচর মৎস্যাশী প্রাণী, উদ্-বিড়াল, উদ্র, ধেড়ে, জলমার্জার, ভোঁদড়, otter।

জলনালি /জলোনালি/ [স. জল+নালি] বি. জল নিষ্কাশনের পথ, নর্দমা, পয়ঃপ্রণালি।

জলনিকাশ /জল্নিকাশ্/ [স. জল+নি+√কাশ্+অ] বি. জল নির্গমন।

জলনিধি /জলোনিধি/ [স. জল+নি+√ধা+ই] বি. সাগর, সমুদ্র, বারিধি, জলধি, পয়োধি।

জলনিষ্কাশন /জলোনিশ্কাশোন্/ [স. জল+নিস্+√কাশি+অন] বি. জল নির্গমন।

জলপটি /জল্পোটি/ [স. জল+বা. পটি] বি. দ্র জলপট্টি।

জলপট্টি /জল্পোট্টি/ [স. জল+পট্টি] বি. জলসিক্ত কাপড়ের ফালি (শরীরের তাপমাত্রা কমানোর জন্য কপালে দেওয়া হয়); জলসেক।

জল পড়া /জল্ পড়া/ ক্রিবি. ১ বৃষ্টি পড়া। ২ জল পড়ে যাওয়া।

জলপতি /জলোপোতি/ [স. জল+পতি] বি. ১ জলের অধিদেবতা, বরুণ। ২ সমুদ্র।

জলপথ /জলোপথ্/ [স. জল+পথ] বি. নৌকা জাহাজ প্রভৃতি জলযান চলাচলের পথ।

জলপাই /জল্পাই্/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও ভূমধ্যসাগরীয় অঞ্চলে জাত ছোটো সাদা ফুল লম্বাটে পাতা ও শক্ত আঁটি-বিশিষ্ট সবুজাভ ডিম্বাকৃতি অম্লস্বাদ ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, জয়তুন, olive।

জলপাত্র /জলোপাত্রো/ [স. জল+√পা+ত্র] বি. জলাধার, জল রাখার পাত্র (কলসি ঘট প্রভৃতি)।

জলপান /জল্পান্/ [স. জল+পান] বি. ১ পানি বা জলগ্রহণ। ২ চিড়া মুড়ি খই প্রভৃতি সহযোগে জল-গ্রহণ, হালকা আহার্য গ্রহণ, জলখাবার (*জলপান যে করতে দেব / শালি ধানের চিঁড়ে।* জসীম.)

জলপানি /জল্পানি/ [স. জল+হি. পানি] বি. ১ মেধাবী শিক্ষার্থীকে প্রদেয় মাসিক বৃত্তি। ২ জলযোগের পয়সা।

জলপিঁড়ি /জল্পিঁড়ি/ [স. জল+বা. পিঁড়ি] বি. ১ জলের কলসি রাখার খাঁজকাটা মঞ্চ। ২ পা ধোয়ার জন্য বসার আসন।

জলপিপি /জল্পিপি/ [স. জল+ধ্বন্যা. পিপি] বি. লম্বা গলা ও চঞ্চুবিশিষ্ট উজ্জ্বল কালো মাছশিকারি পাখি, পানকৌড়ি, জলকাক, জলবায়স।

জলপ্রণালি /জলোপ্রোনালি/ [স. জল+প্র+√নল্+অ+ই] বি. জল নিষ্কাশনের পথ, জলনালি।

জলপ্রদান /জলোপ্রোদান্/ [স. জল+প্র+√দা+অন] বি. হিন্দুবিশ্বাসমতে মৃত ব্যক্তির উদ্দেশে জলদান।

জলপ্রপাত /জলোপ্রোপাত্/ [স. জল+প্র+√পত্+অ] বি. অবিরাম ধারায় পাহাড় থেকে পতনশীল জলরাশি।

জলপ্রবাহ /জলোপ্রোবাহো/ [স. জল+প্র+√বহ্+অ] বি. জলস্রোত।

জলপ্লাবন /জলোপ্লাবোন্/ [স. জল+√প্লু+ণিচ্+অন] বি. কোনো জায়গা জলে ভেসে যায় এমন অবস্থা, বন্যা।

জলপ্লাবিত /জলোপ্লাবিতো/ [স. জল+√প্লু+ণিচ্+ত] বিণ. বন্যার জলে প্লাবিত।

জলবসন্ত /জল্বশোন্তো/ [স. জল+√বস্+অন্ত] বি. ভাইরাসজনিত সংক্রামক গুটিকারোগবিশেষ (প্রাণঘাতী নয়) যার ফলে শরীরের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পায়, chickenpox।

জলবহ /জলোবহো/ [স. জল+√বহ্+অ] বিণ. ১ জলবাহী। ২ জলপূর্ণ। বি. ১ ভিস্তি। ২ মেঘ।

জলবাতাস /জল্বাতাশ্/ [স. জল+বা. বাতাস] বি. দ্র জলবায়ু।

জলবায়স /জলোবায়োশ্/ [স. জল+বায়স] বি. দ্র জলপিপি।

জলবায়ু /জলোবায়ু/ [স. জল+√বা+উ] বি. কোনো অঞ্চলের ৩০ থেকে ৪০ বছরের দৈনিক উষ্ণতা বায়ুপ্রবাহ বায়ুর আর্দ্রতা বৃষ্টিপাত প্রভৃতির গড় অবস্থা।

জলবাহ /জলোবাহো/ [স. জল+বাহ] বিণ. বি. দ্র জলবহ।

জলবাহিত /জলোবাহিতো/ [স. জল+√বাহি+ত] বিণ. জলের মাধ্যমে সংক্রামিত (*জলবাহিত রোগ*)।

www.pathagar.com

জলবিছুটি /জল্‌বিছুটি/ [বা.] বি. অনাবাদি জমিতে জাত লোমশ পাতাবিশিষ্ট উদ্ভিদ যা ভেজা অবস্থায় গায়ে লাগলে চুলকায় ও জ্বালা করে।

জলবিজ্ঞান /জলোবিগ্‌গ্যান্‌/ [স. জল+বি+ √জ্ঞা+ অন] বি. জলবিষয়ক বিদ্যা বা শাস্ত্র।

জলবিদ্যুৎ /জলোবিদ্‌দুত্‌/ [স. জল+বি+ √দ্যুৎ+ ক্বিপ্‌] বি. জলপ্রবাহের শক্তিদ্বারা উৎপাদিত বিদ্যুৎ।

জলবিভাজিকা /জলোবিভাজিকা/ [স. জল+ বিভাজিকা] বি. দুটি জলধারার মিলনস্থানে জলের বিভাজনরেখা।

জলবিম্ব /জলোবিম্‌বো / [স. জল+ √বী+ব] বি. পানির বুদ্‌বুদ, ভুড়ভুড়ি।

জলবিয়োগ /জল্‌বিয়োগ্‌/ [স. জল+বি+ √যুজ্‌+অ] বি. মূত্রত্যাগ।

জলবিষুব /জলোবিশুব্‌/ [স. জল+বিষুব] বি. কর্কট-ক্রান্তি রেখা থেকে সূর্যের দক্ষিণায়নে গমনকালে বিষুবরেখা অতিক্রমণের দিন (৭ই আশ্বিন বা ২২শে সেপ্টেম্বর), যে তারিখে পৃথিবীর সর্বত্র দিন ও রাত সমান হয়, autumnal equinox।

জলবিহার /জলোবিহার্‌ / [স. জল+বি+ √হৃ+অ] বি. ১ জলপথে ভ্রমণ। ২ জলে নেমে খেলা।

জলবুদ্‌বুদ /জল্‌বুদ্‌বুদ / [স. জল+দেশি. বুদ্‌বুদ] বি. দ্র জলবিম্ব।

জলবেষ্টনী /জলোবেশ্‌টোনি / [স. জল+ √বেষ্ট্‌+অন +ঈ] বি. কোনো স্থান পরিবেষ্টনকারী জলের পরিখা।

জলবেষ্টিত /জলোবেশ্‌টিতো/ [স. জল+ √বেষ্ট্‌+ত] বিণ. জল দিয়ে ঘেরা এমন, পরিখাবেষ্টিত।

জলভাগ /জলোভাগ্‌/ [স. জল+ √ভজ্‌+অ] বি. জলমগ্ন অংশ।

জল ভাঙা /জল্‌ ভাঙা/ ক্রিবি. ১ জলপ্লাবিত অঞ্চল অতিক্রম করা। ২ ভেতর থেকে পানি বের হয়ে আসা। ৩ সন্তান প্রসবের সময় গর্ভিণীর গর্ভাশয় থেকে পানি বের হওয়া।

জলভাত /জল্‌ভাত্‌/ [স. জল+বা. ভাত] বি. ১ পান্তাভাত। ২ (আল.) অতি সহজ ব্যাপার।

জলভ্রমি /জলোব্‌ভ্রোমি/ [স. জল+ √ভ্রম্‌+ই] বি. নদী বা সমুদ্রে বিপরীত দুটি স্রোতের সংঘাতের ফলে সৃষ্ট জলের আবর্ত।

জলমগ্ন /জলোমগ্‌নো / [স. জল+ √মস্‌জ্‌+ত] বিণ. পানিতে ডুবে আছে এমন, জলে নিমজ্জিত।

জলমজ্জন /জলোমজ্‌জন্‌ / [স. জল+ √মস্‌জ্‌+অন] বি. ১ জলে ডোবা অবস্থা। ২ গোসল, স্নান।

জলময় /জলোময়্‌ / [স. জল+ময়ট্‌] বিণ. জলপূর্ণ; জলে প্লাবিত।

জলমার্জার /জলোমার্‌জার্‌/ [স. জল+ √মৃজ্‌+ আর] বি. দ্রুত সাঁতার কাটতে পারে এমন ছোটো লিপ্তপদ ঘন লোমাবৃত স্তন্যপায়ী উভচর মৎস্যাশী প্রাণী, উদ্‌বিড়াল, জলনকুল, ভোঁদড়, otter।

জলমুক /জলোমুক্‌/ [স. জল+ √মুচ্‌+ক্বিপ্‌] বি. মেঘ।

জলমুহরি /জলোমুহোরি / [স. জল+হি. মুহরি] বি. পানি বের হওয়ার পথ, নর্দমা।

জলযন্ত্র /জলোজন্‌ত্রো / [স. জল+ √যন্ত্র্‌+অ] বি. ১ পানি তোলার কল। ২ কৃত্রিম ফোয়ারা।

জলযাত্রা /জলোজাত্‌ত্রা/ [স. জল+ √যা+ত্র+আ (টাপ্‌)] বি. জলপথে যাত্রা।

জলযান /জলোজান্‌/ [স. জল+ √যা+অন] বি. জলপথে যাতায়াতের জন্য ব্যবহৃত নৌকা স্টিমার জাহাজ প্রভৃতি যান।

জলযুদ্ধ /জলোজুদ্‌ধো / [স. জল+ √যুধ্‌+ত] বি. নৌযুদ্ধ।

জলযোগ /জলোজোগ্‌/ [স. জল+ √যুজ্‌+অ] বি. জল সহযোগে হালকা খাবার গ্রহণ।

জলরং /জল্‌রং/ [স. জল+বা. রং] বি. ১ (ছবি আঁকার জন্য ব্যবহৃত) জলে গোলা রং, water-colour। ২ জলরঙে আঁকা ছবি।

জলরোধক /জল্‌রোধক্‌/ [স. জল+ √রুধ্‌+অক] বিণ. জল আটকে রাখে এমন, watertight।

জলরোধী /জলোরোধি/ [স. জল+ √রুধ্‌+ইন্‌] বিণ. জল প্রবেশ করতে পারে না এমন, waterproof।

জলশূকর /জল্‌শুকর্‌/ [স. জল+শূকর] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন অমসৃণ ত্বক শক্তিশালী চোয়াল ও চ্যাপটা লেজবিশিষ্ট তীক্ষ্ণ দাঁতওয়ালা সরীসৃপজাতীয় লিপ্তপদ জলচর মাংসাশী হিংস্র প্রাণী, কুমির, নক্র।

জলশৌচ /জলোশৌড়চো/ [স. জল+শৌচ] বি. জল দিয়ে শৌচকর্ম।

জল সওয়া /জল্‌ শওআ/ ক্রিবি. বিবাহ প্রভৃতি মঙ্গলকর্মের জন্য প্রতিবেশীর বাড়ি থেকে জল সংগ্রহ করা।

জলসত্র /জল্‌শত্‌ত্রো/ [স. জল+ √সদ্‌+ত্র] বি. যে স্থানে তৃষ্ণার্তকে জলদান করা হয়, জলছত্র।

জলসম /জলোশমো/ [স. জল+সম] বিণ. পানির পৃষ্ঠদেশের মতো সমতল, অনুভূমিক।

জলসরা /জল্‌শরা / [বা.] বিণ. জল নিঃসৃত হয়েছে এমন (*জলসরা দই*)।

www.pathagar.com

জল সহা /জল্ শহা/ ক্রিবি. দ্র জল সওয়া।

জলসা /জল্শা/ [আ.] বি. ১ নাচ গান প্রভৃতির মজলিস। ২ আসর; বৈঠক।

জলসাঘর /জল্শাঘর্/ [আ. জলসা+বা. ঘর] বি. নাচগান পরিবেশনের জন্য জমিদারবাড়ির নির্দিষ্ট কক্ষ, প্রমোদকক্ষ।

জলসাৎ /জল্শাত্/ [স. জল+সাৎ] বিণ. ১ জলে নিক্ষিপ্ত। ২ জলে পরিণত।

জলসিঞ্চিত /জলোশিন্চিতো/ [স. জল+বা. সিঞ্চিত] বিণ. জল ছিটিয়ে ভেজানো হয়েছে এমন (*জল-সিঞ্চিত ক্ষিতিসৌরভরভসে—* রবীন্দ্র.)।

জলসেক /জল্শেক্/ [স. জল+√সিচ্+অ] বি. ১ ব্যথা উপশমের জন্য গরম পানিতে ন্যাকড়া ভিজিয়ে সেক প্রদান। ২ জলসেচন।

জলসেচ /জল্শেচ্/ [স. জল+√সিচ্+অ] বি. ফসল বা উদ্ভিদের পুষ্টিসাধনের জন্য বাগান খেত প্রভৃতি স্থান জলসিক্তকরণ।

জলস্তম্ভ /জলোস্তম্ভো/ [স. জল+√স্তম্ভ্+অ] বি. ঘূর্ণিবায়ুর প্রভাবে সমুদ্রপৃষ্ঠের কোনো স্থানে বায়ুর চাপ কমে যাওয়ার ফলে স্তম্ভাকারে ঘূর্ণায়মান জলের সাময়িক উত্থান, waterspout।

জলস্ফীতি /জলোস্ফিতি/ [স. জল+√স্ফীতি+ই] বি. পূর্ণিমা ও অমাবস্যায় জোয়ারের ফলে নদী ও সমুদ্রের পানি বৃদ্ধি।

জলস্রোত /জলোস্স্রোত্/ [স. জল+স্রোতস্] বি. জলপ্রবাহ।

জল হওয়া /জল্ হওআ/ ক্রিবি. ১ তরল হওয়া। ২ বৃষ্টি হওয়া। ৩ (আল.) সহজবোধ্য হওয়া। ৪ শান্ত হওয়া।

জলহস্তী /জলোহোস্তি/ [স. জল+হস্ত+ইন্] বি. আফ্রিকার ক্রান্তীয় অঞ্চলে নদী বা জলাশয়ে বিচরণকারী লম্বাটে গোলাকৃতি দেহ এবং প্রায় লোমহীন পুরু ত্বক ও লেজবিশিষ্ট ধূসর বাদামি রঙের বৃহদাকার স্তন্যপায়ী উভচর চতুষ্পদ (দেহের তুলনায় অপেক্ষাকৃত খাটো পা) জন্তু। স্ত্রী. জলহস্তিনী /জলোহোস্তিনি/।

জলহাওয়া /জল্হাওআ/ [স. জল+আ. হাওয়া] বি. আবহাওয়া।

জলহারা /জল্হারা/ [স. জল+বা. হারা] বিণ. শুষ্ক।

জলা /জলা/ [স. জল >] বি. পানি জমে থাকে এমন নিম্নভূমি। বিণ. জলমগ্ন।

জলাচরণীয় /জলাচরোনিয়ো/ [স. জল+আ+√চর্+অনীয়] বিণ. (যার ছোঁয়া জল) পান করার যোগ্য।

জলাঞ্জলি /জলান্জোলি/ [স. জল+√অঞ্জ্+অলি] বি. ১ এক আঁজলা জল। ২ শবদাহের পর প্রেতের উদ্দেশে অঞ্জলিবদ্ধ জল প্রদানের সংস্কার। ৩ (আল.) বিসর্জন, ত্যাগ। ৪ অপচয়।

জলাতঙ্ক /জলাতংকো/ [স. জল+আ+√তঙ্ক্+অ] বি. পাগলা কুকুর শিয়াল বিড়াল প্রভৃতি প্রাণীর লালা থেকে র‍্যাবিস ভাইরাস (rabies virus) সংক্রমণের ফলে জল দেখে ভয় পায় এমন প্রাণঘাতী রোগের লক্ষণ, জলত্রাস, hydrophobia।

জলাত্যয় /জলাত্তয়/ [স. জল+অত্যয়] বি. বর্ষা-ঋতুর অবসান; শরৎঋতুর সূচনা (১লা ভাদ্র)।

জলাধার /জলাধার্/ [স. জল+আধার] বি. ১ জল রাখার পাত্র। ২ জলাশয়; পুকুর।

জলাধিপ /জলাধিপো/ [স. জল+অধিপ] বি. দ্র জলাধিপতি।

জলাধিপতি /জলাধিপোতি/ [স. জল+অধিপতি] বি. ১ সমুদ্র। ২ জলের অধিদেবতা, বরুণ।

জলাবর্ত /জলাবর্তো/ [স. জল+আ+√বৃৎ+অ] বি. নদী বা সমুদ্রে বিপরীত দুটি স্রোতের সংঘাতের ফলে সৃষ্ট জলের আবর্ত, জলভ্রমি, whirlpool।

জলার্দ্র /জলার্দ্রো/ [স. জল+√অর্দ্+র] বিণ. জল-সিক্ত, ভেজা।

জলাভূমি /জলাভুমি/ [স. জল+√ভূ+মি] বি. জলমগ্ন ও কর্দমাক্ত নিম্নভূমি।

জলাশয় /জলাশয়/ [স. জল+আশয়] বি. জলের আধার (পুকুর নদী হ্রদ সমুদ্র প্রভৃতি)।

জলাসার /জলাশার/ [স. জল+আ+√সৃ+অ] বি. বৃষ্টির ধারা, জলধারা।

জলীয় /জোলিয়ো/ [স. জল+ঈয়] বিণ. ১ জলে উৎপন্ন। ২ জলের মতো তরল। ৩ জলপূর্ণ। ৪ জলসম্বন্ধীয়।

জলুস /জোলুশ্/ [আ. জুলুস্ >] বি. ১ চাকচক্য, উজ্জ্বলতা। ২ জৌলুস।

জলেন্দ্র /জলেন্দ্রো/ [স. জল+√ইন্দ্+র] বি. দ্র জলেশ্বর।

জলেশ /জলেশ্/ [স. জল+ঈশ] বি. ১ সমুদ্র। ২ জলের অধিদেবতা, বরুণ।

জলেশ্বর /জলেশ্শর্/ [স. জল+ঈশ্বর] বি. ১ জলের অধিদেবতা, বরুণ। ২ শিবমূর্তিবিশেষ।

জলোচ্ছ্বাস /জলোচ্ছ্বাশ্/ [স. জল+উচ্ছ্বাস] বি. ১ নদী সমুদ্র প্রভৃতির আকস্মিক জলস্ফীতি। ২ জোয়ার।

জলোদর /জলোদর্/ [স. জল+উদর] বি. উদর ও

www.pathagar.com

উদরসংলগ্ন অঙ্গের মধ্যবর্তী স্থানে তরল পদার্থ সঞ্চিত হওয়ার ফলে পেটের স্ফীতিজনিত রোগ, উদরী, dropsy।

জলোদ্ভব /জলোদ্‌ভব্/ [স. জল+উদ্ভব] বিণ. জল থেকে উৎপন্ন, জলজাত।

জলৌকা /জলোঁউকা/ [স. জল+ওক+আ (টাপ্)] বি. সংকুচিত ও প্রসারিত করতে পারে এমন মসৃণ ও পেশিবহুল দেহবিশিষ্ট কেঁচোজাতীয় উভলিঙ্গ অমেরুদণ্ডী দুমুখো জলজ প্রাণী যা জীবদেহের রক্ত চুষে খেয়ে জীবনধারণ করে, জোঁক।

জলৌষধি /জলোঁউশোধি/ [স. জল+ঔষধি] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে সমুদ্রের উপকূল পুকুরপাড় প্রভৃতি স্থানে জাত এবং গ্রীষ্ম-কালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট হালকা নীলাভ সাদা ফুল আয়তাকার বৃন্তহীন পাতা বা তার বর্ষজীবী ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ, ব্রাহ্মীশাক।

জল্প /জল্‌পো/ [স. √জল্প্+অ] বি. ১ বিবুদধমত খণ্ডন করে নিজের মত প্রতিষ্ঠা। ২ আলোচনা বা জল্পনা। ৩ বাচালতা।

জল্পক /জল্‌পক্/ [স. √জল্প্+অক] বিণ. ১ তার্কিক। ২ বাচাল। ৩ বহুভাষী।

জল্পন /জল্‌পোন/ [স. √জল্প্+অন] বি. দ্র জল্পনা।

জল্পনা /জল্‌পোনা/ [স. জল্পন+আ (টাপ্)] বি. ১ আলাপ-আলোচনা, পরামর্শ। ২ সূচনা, প্রস্তাবনা। ৩ অনুমান। ৪ অনর্থক কথন; বাচালতা।

জল্পনাকল্পনা /জল্‌পোনাকল্‌পোনা/ [স. জল্পনা+√কল্প্+অন+আ (টাপ্)] বি. ১ আলাপ-আলোচনা, পরামর্শ। ২ অনুমান।

জল্পিত /জোল্‌পিতো/ [স. √জল্প্+ত] বিণ. ১ কথিত; আলোচিত। ২ প্রস্তাবিত। ৩ অনুমিত।

জল্লাদ /জল্‌লাদ্/ [আ.] বি. ১ যে ব্যক্তি মৃত্যুদণ্ড-প্রাপ্ত অপরাধীর দণ্ড কার্যকর করে। ২ (আল.) নির্মম বা নিষ্ঠুর ব্যক্তি।

জশদ /জশোদ্/ [স. যশদ >] বি. (সচরাচর লোহার পাত কলাইয়ের কাজে ব্যবহৃত) উজ্জ্বল নীলাভ সাদা কঠিন মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৩০, দস্তা, zinc।

জশম /জশোম/ [আ. জউশন >] বি. মাদুলির সঙ্গে পরিধেয় হাতের অলংকারবিশেষ।

জহৎস্বার্থা /জহত্‌শারথা/ [স. জহৎ+স্বার্থ+আ (টাপ্)] বি. যে শব্দ আভিধানিক অর্থের অতিরিক্ত অন্য কোনো অর্থ গ্রহণ করে, লক্ষণাবিশেষ।

জহর[১] /জহোর্/ [ফা.] বি. বিষ, গরল।

জহর[২]/জহোর্/ [আ. জওহর >] বি. বহুমূল্য পাথর, রত্ন।

জহরত /জহরত্/ [আ. জওহর >] বি. বিবিধ মূল্যবান মণিমুক্তা, বহুমূল্য রত্ন।

জহরব্রত /জহোর্‌ব্রোতো/ [ফা. জহর+স. ব্রত] বি. (অধুনালুপ্ত) আত্মসম্মান রক্ষার জন্য রাজপুত নারীদের বিষপান বা জ্বলন্ত অগ্নিকুণ্ডে ঝাঁপ দিয়ে প্রাণ বিসর্জনের ব্রত।

জহরি /জহোরি/ [আ. জওহরি >] বি. দ্র জহুরি।

জহুরি /জোহুরি/ [ফা.] বি. ১ মণিমুক্তার উৎকর্ষ যাচাই করতে জানে এমন ব্যক্তি। ২ রত্নব্যবসায়ী। ৩ (আল.) গুণগ্রাহী ব্যক্তি।

জহ্নু /জোন্‌nhu/ [স. √হা+নু] বি. পৌরাণিক রাজর্ষিবিশেষ।

জহ্নুকন্যা /জোন্‌nhuকোন্না/ [স. জহ্নু+√কন্+য+আ (টাপ্)] বি. গঙ্গা, জাহ্নবী।

জা[১] /জা/ [দেশি.] বি. দেবর বা ভাসুরের পত্নী।

-জা[২] /জা/ [স. √জন্+অ+আ (টাপ্)] বি. সন্তান; কন্যা (*আত্মজা*)।

জাউ /জাউ/ [স. যবাগূ >] বি. মাড়সহকারে রাঁধা নরম ভাত।

জাং /জাং/ [স. জঙ্ঘা >] বি. মানবদেহের হাঁটুর উপরিভাগ, জঙ্ঘা।

জাঁক /জাঁক্/ [দেশি.] বি. ১ গর্ব, বড়াই, দেমাক। ২ আড়ম্বর, ঘটা, সমারোহ।

জাঁকজমক /জাঁকজমোক্/ [দেশি.] বি. ১ আড়ম্বর, ঘটা। ২ ঐশ্বর্যের অহংকার।

জাঁকড় /জাঁকোড়্/ [হি.] বি. নির্দিষ্ট সময়ের মধ্যে কেনা জিনিস ফেরত দিয়ে টাকা পাওয়ার শর্ত।

জাঁকা /জাঁকা/ [বা.] ক্রিবি. ১ জাঁকজমকপূর্ণ হওয়া। ২ এঁটে ধরা; চেপে বসা (*জেঁকে বসা*)।

জাঁকানো /জাঁকানো/ [বা.] ক্রিবি. আড়ম্বরপূর্ণ করা। বিণ. জমকালো; সরগরম।

জাঁকালো /জাঁকালো/ [বা.] বিণ. জাঁকজমকপূর্ণ, জমকালো, আড়ম্বরপূর্ণ।

জাঁতা[১]/জাঁতা/ [স. যন্ত্র >] বি. ১ গম যব ডাল প্রভৃতি পেষণ করার জন্য ব্যবহৃত পাথরের চাকতিবিশেষ, পেষণযন্ত্র। ২ কামারের হাপরে হাওয়া দেওয়ার সরঞ্জামবিশেষ।

জাঁতা[২]/জাঁতা/ [আঞ্চ.] ক্রিবি. ১ পেষণ করা। ২ চেপে ধরা। ৩ পীড়ন করা।

জাঁতাকল /জাঁতাকল্/ [বা.] বি. ১ জাঁতিসদৃশ ইঁদুর মারার ফাঁদ। ২ 'নলকূপ' শব্দের আঞ্চলিক রূপ।

www.pathagar.com

জাঁতি /জাঁতি/ [স. যন্ত্র >] বি. ১ সুপারি কাটার অস্ত্রবিশেষ, সরতা। ২ জাঁতাকল।

জাঁতিকল /জাঁতিকল্/ [বা.] বি. দ্র জাঁতাকল।

জাঁদরেল /জাঁদ্‌রেল্/ [ই. general>] বিণ. ১ বিরাট, প্রকাণ্ড। ২ জবরদস্ত ; প্রভাবশালী। বি. ১ সম্ভ্রান্ত ব্যক্তি। ২ মহাবীর; সেনাপতি।

জাকাত /জাকাত্/ [আ.] বি. ইসলাম ধর্মের বিধান অনুযায়ী প্রতিবছর সঞ্চিত সম্পদের মোট মূল্যের আড়াই শতাংশ হারে দরিদ্রকে অবশ্য প্রদেয় অর্থ।

জাগ /জাগ্/ [বা.] বি. ১ কাঁচা ফল পাকানোর জন্য খড় পাতা প্রভৃতি দিয়ে ঢেকে রাখার ব্যবস্থা। ২ পানিতে ডুবিয়ে পাট পচানোর পদ্ধতিবিশেষ।

জাগগান /জাগ্‌গান্/ [দেশি.] বি. (উত্তরবঙ্গের গ্রামাঞ্চলে প্রচলিত) পৌষমাসে রাত জেগে গাওয়া হয় এমন গান বা তার উৎসব।

জাগতিক /জাগোতিক্/ [স. জগৎ+ইক] বিণ. জগৎ-সম্বন্ধীয়, পার্থিব।

জাগন্ত /জাগোন্‌তো/ [স. জাগ্রত >] বিণ. জেগে আছে এমন, জাগ্রত।

জাগর /জাগোর্/ [স. √জাগৃ+অ] বি. ১ জাগরণ। ২ ঘুমভাঙানি গানবিশেষ। বিণ. জাগ্রত, সজাগ।

জাগরক্লান্ত /জাগোরক্লান্‌তো/ [স. জাগর+√ক্লম্+ত] বিণ. অনিদ্রাহেতু ক্লান্ত।

জাগরণ /জাগোরন্/ [স. √জাগৃ+অন] বি. ১ নিদ্রা-ভঙ্গ। ২ অনিদ্রা। ৩ উদ্দীপনা; চেতনা। ৪ সারারাত ধরে গাওয়া হয় এমন পালাগান।

জাগরণী /জাগোরোনি/ [স. জাগরণ+ঈ] বিণ. ১ উদ্দীপনামূলক। ২ জাগরণবিষয়ক। বি. ঘুম ভাঙানোর গান; উদ্দীপক গান।

জাগরমন্ত্র /জাগোরমোন্‌ত্রো/ [স. জাগর+√মন্ত্র্+অ] বি. জেগে ওঠার উদ্দীপক গান, জড়তা থেকে মুক্তির গান।

জাগরস্বপ্ন /জাগোরশপ্‌নো/ [স. জাগর+√স্বপ্+ন] বি. জাগ্রত অবস্থায় কোনো সুখকর বিষয়ে কল্পনা, দিবাস্বপ্ন।

জাগরিত /জাগোরিতো/ [স. √জাগৃ+ত] বিণ. ১ ঘুম থেকে জেগেছে এমন। ২ জাগ্রত। ৩ চেতনাপ্রাপ্ত।

জাগরী /জাগোরি/ [স. √জাগৃ+ইন্] বিণ. নিদ্রাহীন।

জাগরূক /জাগোরুক্/ [স. √জাগৃ+উক] বিণ. ১ সজাগ। ২ হুঁশিয়ার। ৩ চিরস্থায়ী, অটুট।

জাগর্তি /জাগোর্‌তি/ [স. √জাগৃ+তি] বি. ১ জাগ্রত অবস্থা। ২ সচেতনতা। ৩ উৎসাহ, উদ্দীপনা।

জাগা /জাগা/ [বা.] ক্রিবি. ১ জাগ্রত হওয়া। ২ বিনিদ্র থাকা (*রাত জাগা*)। ৩ উদয় হওয়া (*মনে প্রশ্ন জাগা*)। ৪ সঞ্চার হওয়া (*প্রাণ জাগা*)। ৫ সতর্ক হওয়া। ৬ উঁচু হয়ে থাকা।

জাগানিয়া /জাগানিআ/ [বা.] বিণ. জাগ্রত রাখে এমন।

জাগানো /জাগানো/ [বা.] ক্রিবি. ১ ঘুম ভাঙানো, জাগরিত করা। ২ সচেতন করা; সতর্ক করা। ৩ স্মরণ করা। বিণ. জাগিয়ে দেওয়া হয়েছে এমন।

জাগ্রত /জাগ্‌গ্রোতো/ [স. জাগ্রৎ >] বিণ. ১ জেগে আছে এমন, সজাগ। ২ সচেতন; সতর্ক।

জাগ্রৎ /জাগ্‌গ্রোত্/ [স. √জাগৃ+অৎ] বিণ. দ্র জাগ্রত।

জাঙাল /জাঙাল্/ [স. জঙ্গাল >] বি. ১ বাঁধ, dam। ২ সেতু। ৩ জমির আল।৪ রাস্তা। ৫ পতিত জমি।

জাঙিয়া /জাঙিআ/ [বা.] বি. নিম্নাঙ্গের খাটো ও আঁটোসাঁটো অন্তর্বাসবিশেষ।

জাঙ্গাল /জাংগোল্/ [স. জঙ্গল+অ] বিণ. ১ জঙ্গল-সম্পর্কিত।২ জঙ্গলস্থিত। ৩ জঙ্গলপূর্ণ।৪ বন্য; বনচর। ৫ অসভ্য।

জাজিম /জাজিম্/ [ফা.] বি. ১ নারকেলের ছোবড়া ও তুলোর পুরু গদিবিশেষ যা খাট মেঝে প্রভৃতির ওপর পাতা হয়। ২ বিছানা কার্পেট প্রভৃতির ওপর পাতা হয় এমন নকশাদার পুরু চাদরবিশেষ।

জাজ্বল্যমান /জাজ্‌জোল্‌লোমান্/ [স. √জ্বল্+য+মান (শানচ্)] বিণ. ১ অতিশয় উজ্জ্বল। ২ সুস্পষ্ট।

জাটকা /জাট্‌কা/ [অজ্ঞা.] বি. ২৩ সেমি. বা তার চেয়ে কম দৈর্ঘ্যের ইলিশ মাছ, ছোটো ইলিশ মাছ।

জাঠ /জাঠ্/ [হি.] বি. ১ পঞ্জাব ও রাজপুতনা অঞ্চলের জাতিবিশেষ। ২ কাঠের টুকরা বা যষ্টি। ৩ ঘানিগাছের স্থূল ও অনতিদীর্ঘ কাষ্ঠখণ্ড।

জাঠর /জাঠোর্/ [স. জঠর+অ] বিণ. জঠরসম্বন্ধীয়।

জাঠা /জাঠা/ [স. যাত্রা >] বি. মিছিল; প্রচারাভিযান।

জাড্য /জাড্‌ডো/ [স. জড়+য] বি. ১ নির্জীব অবস্থা। ২ অলসতা। ৩ বুদ্ধির জড়তা, মূর্খতা। ৪ জড়-পদার্থের বৈশিষ্ট্যবিশেষ। ৫ শৈত্য।

জাড় /জাড়্/ [স. জাড্য >] বি. ১ শীত, হিম, ঠান্ডা। ২ শীতজনিত জড়তা।

জাড়কাঁটা /জাড়্‌কাঁটা/ [বা.] বি. ১ শীতকালের চর্মরোগবিশেষ। ২ জিহ্বায় উদ্‌গত ব্রণ।

জাড়ি[১] /জাড়ি/ [দেশি.] বি. ১ গাছের নির্যাস থেকে প্রস্তুত জ্বরনাশক পাঁচন। ২ ভেষজগুণসম্পন্ন গুল্ম।

জাড়ি[২] /জাড়ি/ [ই. jar >] বি. পাত্র, আধার, ভান্ড।

জাত[১] /জাতো/ [স. √জন্+ত] বিণ. ১ জন্মেছে এমন (*নবজাত*)। ২ উৎপন্ন, সঞ্জাত (*পাটজাত পণ্য*)। ৩ সঞ্চিত, রক্ষিত (*গুদামজাত*)।

www.pathagar.com

জাত[২] /জাত্/ [স. জাতি >] বি. ১ কল্পিত বংশগত বা জন্মগত সামাজিক শ্রেণি (*জাতের নামে বজ্জাতি সব জাত-জালিয়াৎ খেলছ জুয়া নজরুল.*)। ২ শ্রেণি, প্রকার (*ভালো জাতের আম*)।

জাত[৩] /জাত্/ [স. জাত্য >] বিণ. ১ শ্রেষ্ঠ (*জাত শিল্পী*)। ২ প্রকৃত, আসল (*জাত সাপ*)।

জাতক /জাতক্/ [স. জাত+ক (স্বার্থে)] বিণ. জন্মগ্রহণকারী। বি. ১ সদ্যোজাত শিশু। ২ জন্ম-কোষ্ঠী। ৩ জাতকর্ম। ৪ বুদ্ধদেবের পূর্বজন্মের বিবরণসংবলিত পালি ভাষায় রচিত গ্রন্থবিশেষ।

জাতকর্ম /জাতোকর্‌মো/ [স. জাত+কর্মন্] বি. শিশুর জন্মকালে পালনীয় সংস্কারবিশেষ।

জাতকৃত্য /জাতোকৃত্তো/ [স. জাত+√কৃ+য] বি. দ্র **জাতকর্ম**।

জাতকোপ /জাতোকোপ্/ [স. জাত+√কুপ্+অ] বি. আজন্ম ক্রোধ। বিণ. ক্রোধ জন্মেছে এমন, ক্রুদ্ধ।

জাতক্রিয়া /জাতোক্রিআ/ [স. জাত+√কৃ+অ+আ (টাপ্)] বি. দ্র **জাতকর্ম**।

জাতক্রোধ /জাতোক্রোধ্/ [স. জাত+√ক্রুধ্+অ] বি. বিণ. দ্র **জাতকোপ**।

জাতক্লম /জাতোক্লম্/ [স. জাত+√ক্লম্+অ] বিণ. ক্লান্ত, পরিশ্রান্ত।

জাত খাওয়া /জাত্ খাওআ/ ক্রিবি. ১ জাত খোয়ানো। ২ ধর্মচ্যুত করা। ৩ সতীত্ব নাশ করা।

জাত খোয়ানো /জাত্ খোআনো/ ক্রিবি. অন্য ধর্ম বা কুলে বিবাহের কারণে সামাজিক শ্রেণি বা বর্ণ থেকে বিচ্যুত হওয়া।

জাতজন্ম /জাত্‌জন্‌মো/ [স. জাত+জন্মন্] বি. ১ জাতি, কুল। ২ কল্পিত বংশমর্যাদা বা কৌলীন্য।

জাতপত্র /জাতোপত্তো/ [স. জাত+√পত্+ত্র] বি. জন্মপত্রিকা। বিণ. পাতা গজিয়েছে এমন।

জাতপাত /জাত্‌পাত্/ [বা.] বি. ধর্ম ও বংশগত ভেদাভেদ।

জাতপুত্র /জাতোপুত্তো/ [স. জাত+পুৎ+√ত্রৈ+অ] বিণ. পুত্র জন্মলাভ করেছে এমন, পুত্রবান।

জাতপ্রত্যয় /জাতোপ্রোত্তয়/ [স. জাত+প্রতি+√ই+অ] বিণ. বিশ্বাস জন্মেছে এমন, বিশ্বস্ত।

জাতবসন্ত /জাত্‌বশোন্‌তো/ [বা. জাত+স. বসন্ত] বি. গুটিবসন্ত।

জাতবেদা /জাতোবেদা/ [স. জাত+√বিদ্+অস্] বি. অগ্নিদেব।

জাতব্যবসায় /জাত্‌ব্যাবোশায়/ [বা.] বি. বংশগত বৃত্তি বা পেশা।

জাতভাই /জাত্‌ভাই/ [বা.] বি. একই শ্রেণি বা পেশার মানুষ। বিণ. স্বজাতীয় বা সমগোত্রীয়।

জাতমাত্র /জাতোমাত্তো/ [স. জাত+√মা+ত্র] ক্রিবিণ. জন্ম হওয়ার সঙ্গে সঙ্গে। বিণ. সদ্যোজাত।

জাত মারা /জাত্ মারা/ ক্রিবি. ১ জাতিচ্যুত করা। ২ (আল.) সতীত্বনাশ করা।

জাত যাওয়া /জাত্ জাওয়া/ ক্রিবি. জাতিচ্যুত হওয়া।

জাতশত্রু[১] /জাত্‌শোত্তু/ [বা. জাত+স. শত্রু] বি. ১ আসল শত্রু। ২ আজন্ম শত্রু।

জাতশত্রু[২] /জাতোশোত্তু/ [স. জাত+শত্রু] বিণ. অনেক শত্রু জন্মেছে এমন।

জাতশ্মশ্রু /জাতোশ্‌শোঁস্‌সু/ [স. জাত+শ্মন্+√শ্রি+উ] বিণ. দাড়ি গজিয়েছে এমন।

জাতশ্রম /জাতোস্‌স্রোম্/ [স. জাত+√শ্রম্+অ] বিণ. পরিশ্রান্ত। স্ত্রী. **জাতশ্রমা** /জাতোস্‌স্রোমা/।

জাতসাপ /জাত্‌শাপ্/ [বা.] বি. অভিজাত অর্থাৎ প্রকৃত বিষধর সাপ (কেউটে প্রভৃতি)।

জাতাপত্যা /জাতাপোত্‌তা/ [স. জাত+অপত্য+আ (টাপ্)] বিণ. সন্তান প্রসবিনী। বি. যে নারী সন্তানের জন্মদান করেছে।

জাতাশৌচ /জাতাশোউচ্/ [স. জাত+অশৌচ] বি. হিন্দুবিশ্বাসমতে সন্তানের জন্মহেতু অশৌচ অবস্থা।

জাতি /জাতি/ [স. √জন্+তি] বি. ১ প্রকার, শ্রেণি (*নানা জাতির মানুষ*)। ২ সমলক্ষণ বিচারে শ্রেণি-বিন্যাস (*নারীজাতি*)। ৩ জন্মভূমি রাষ্ট্র ধর্ম বর্ণ প্রভৃতি অনুসারে জনগোষ্ঠীর শ্রেণিভেদ (*বাঙালি জাতি*)। ৪ জন্ম, উৎপত্তি।

জাতিকচু /জাতিকোচু/ [স. জাতি+কচু] বি. মানকচু।

জাতিকলা /জাতিকলা/ [বা.] বি. কাঁঠালি কলা।

জাতিকুল /জাতিকুল্/ [স. জাতি+কুল] বি. ১ বর্ণ ও বংশ। ২ যে বংশে জাত।

জাতিকোষ /জাতিকোশ্/ [স. জাতি+√কুষ্+অ] বি. এশিয়া মহাদেশের উষ্ণ অঞ্চল এবং পশ্চিম আফ্রিকা আমেরিকা প্রভৃতি অঞ্চলে জাত পুরু পাতাবিশিষ্ট দীর্ঘ ও সরল চিরহরিৎ বৃক্ষ বা তার শক্ত গোলাকার ফলের অভ্যন্তরস্থ সুগন্ধ বীজ যা মসলারূপে ব্যবহৃত হয়, জায়ফল, জাতিফল, nutmeg।

জাতিগত /জাতিগতো/ [স. জাতি+√গম্+ত] বিণ. ১ জাতির প্রকৃতি বা স্বভাব অনুযায়ী। ২ জাতি-সম্বন্ধীয়। ৩ জাতীয় (*জাতিগত ঐক্য*)।

জাতিগতভাবে /জাতিগতোভাবে/ [স. জাতিগতভাব +বা. এ] ক্রিবিণ. জাতির প্রকৃতি অনুসারে।

জাতিচ্যুত /জাতিচ্চুতো/ [স. জাতি+√চ্যু+ত] বিণ.

www.pathagar.com

নিজ সমাজ বা জাতি থেকে বহিষ্কৃত, জাতিভ্রষ্ট।

জাতিতত্ত্ব /জাতিতত্তো/ [স. জাতি+তৎ+ত্ব] বি. মানবজাতির উৎপত্তি ও ক্রমবিকাশসংক্রান্ত বিজ্ঞান, নৃবিজ্ঞান, নৃবিদ্যা, anthropology।

জাতিত্ব /জাতিত্তো/ [স. জাতি+ত্ব] বি. জাতীয়তা।

জাতিধর্ম /জাতিধর্‌মো/ [স. জাতি+√ধৃ+ম] বি. ১ জাতির পালনীয় আচারসমূহ। ২ জাতির প্রকৃতি।

জাতিধর্মনির্বিশেষে /জাতিধর্‌মোনির্‌বিশেশে/ [স. জাতিধর্ম+নির্বিশেষ+বা. এ] ক্রিবিণ. বিভিন্ন জাতি ও ধর্মের মধ্যে ভেদাভেদ না রেখে।

জাতিনাশ /জাতিনাশ্/ [স. জাতি+নাশ] বি. জাতি থেকে বিচ্যুতি।

জাতিপত্র /জাতিপত্‌ত্রো/ [স. জাতি+√পত্+ত্র] বি. মালয়েশিয়া শ্রীলঙ্কা জাভা সুমাত্রা ও ভারতের কেরালা রাজ্যে ব্যাপকভাবে চাষ করা হয় এমন পুরু পাতাবিশিষ্ট হলুদাভ সুগন্ধ ফুল (যা মসলারূপে ব্যবহৃত হয়) বা তার চিরহরিৎ উঁচু বৃক্ষবিশেষ, জয়ত্রি, mace।

জাতিপুঞ্জ /জাতিপুন্‌জো/ [স. জাতি+পুঞ্জ+√জি+অ] বি. দ্র জাতিসংঘ।

জাতিফল /জাতিফল্/ [স. জাতি+ফল] বি. দ্র জাতিকোষ।

জাতিবর্ণনির্বিশেষে /জাতিবর্‌নোনির্‌বিশেশে/ [স. জাতিবর্ণ+নির্বিশেষ+বা. এ] ক্রিবিণ. জন্ম বংশ প্রভৃতির মধ্যে কোনো বিভেদ না রেখে।

জাতিবাচক /জাতিবাচক্/ [স. জাতি+বাচক] বিণ. জাতি শ্রেণি বা বর্ণসূচক।

জাতিবিদ্বেষ /জাতিবিদ্‌দেশ্/ [স. জাতি+বি+√দ্বিষ্+অ] বি. বিভিন্ন জাতির মধ্যে হিংসা বা শত্রুতা।

জাতিবিদ্যা /জাতিবিদ্‌দা/ [স. জাতি+√বিদ্+য+আ (টাপ্)] বি. মানবজাতির উৎপত্তি ও ক্রমবিকাশ-সংক্রান্ত বিজ্ঞান, নৃবিজ্ঞান, anthropology।

জাতিবৈর /জাতিবোইরো/ [স. জাতি+বৈর] বি. বিভিন্ন জাতির মধ্যে শত্রুতার ভাব, জাতিবিদ্বেষ।

জাতিব্যবসায় /জাতিব্যাবোশায়্/ [স. জাতি+ব্যবসায়] বি. জাতি বা বংশগত পেশা।

জাতিভেদ /জাতিভেদ্/ [স. জাতি+ভেদ] বি. ১ বিভিন্ন জাতির মধ্যে ভেদাভেদ। ২ হিন্দুধর্মের চারটি বর্ণের শ্রেণিবিভাগ।

জাতিভ্রংশ /জাতিভ্রোংশো/ [স. জাতি+√ভ্রন্শ্+অ] বি. জাতিনাশ, জাতিচ্যুতি।

জাতিভ্রষ্ট /জাতিভ্রোশ্‌টো/ [স. জাতি+√ভ্রন্শ্+ত] বিণ. নিজ সমাজ বা জাতি থেকে বহিষ্কৃত, জাতিচ্যুত। স্ত্রী. জাতিভ্রষ্টা /জাতিভ্রোশ্‌টা/।

জাতির পিতা /জাতির পিতা/ বি. কোনো রাষ্ট্র বা জাতির প্রতিষ্ঠাতা পুরুষ।

জাতিরম্ভা /জাতিরম্‌ভা/ [স. জাতি+√রম্ভ্+অ+আ (টাপ্)] বি. কাঁঠালি কলা, জাতিকলা; দ্র কলা (পৃ ২৭৮)।

জাতিসংকর /জাতিশংকর্/ [স. জাতি+সংকর] বিণ. বিভিন্ন জাতির মিলনে জাত, বর্ণসংকর।

জাতিসংঘ /জাতিশংঘো/ [স. জাতি+সংঘ] বি. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিভিন্ন দেশের মধ্যে সংঘাত পরিহার এবং মৈত্রী ও সহযোগিতার সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে বিশ্বের স্বাধীন রাষ্ট্রসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক সংগঠন, রাষ্ট্রসংঘ, জাতিপুঞ্জ, UNO।

জাতিসংঘাত /জাতিশংঘাত্/ [স. জাতি+সম্+ঘাত] বি. বিভিন্ন জাতির মধ্যকার দ্বন্দ্ব ও বিদ্বেষ।

জাতিসত্তা /জাতিশত্তা/ [স. জাতি+সৎ+তা] বি. স্বীয়জাতির বৈশিষ্ট্য সম্পর্কে সচেতনতা।

জাতিস্মর /জাতিশ্শর্/ [স. জাতি+√স্মৃ+অ] বিণ. কল্পিত পূর্বজন্মের কথা স্মরণ করতে পারে এমন।

জাতীপুষ্প /জাতিপুশ্‌পো/ [স. জাতী+√পুষ্প্+অ] বি. উপ-উষ্ণমণ্ডলীয় অঞ্চলে গ্রীষ্মকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার কোমল লোমাবৃত ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় লতানে চিরহরিৎ উদ্ভিদ (আনি. ভারত), চামেলি।

জাতীয় /জাতিয়ো/ [স. জাতি+ঈয়] বিণ. ১ জাতি-সম্পর্কিত, বর্ণ বা গোত্রসম্বন্ধীয়, জাতিগত (*জাতীয় ঐক্য*)। ২ জাতির প্রকৃতিগত (*জাতীয় আদর্শ*)। ৩ সমগ্র জাতির (*জাতীয় সংগীত*)। ৪ প্রকার বা শ্রেণিভুক্ত (*বিড়ালজাতীয় প্রাণী*)।

জাতীয়করণ /জাতিয়োকরোন্/ [স. জাতীয়+√কৃ+অন] বি. কোনো সংস্থা বা প্রতিষ্ঠানকে রাষ্ট্রের অধিকারে আনয়ন, রাষ্ট্রায়ত্তকরণ।

জাতীয়করণনীতি /জাতিয়োকরোন্‌নিতি/ [স. জাতীয়+করণ+√নী+তি] বি. রাষ্ট্রায়ত্তকরণের জন্য অনুসৃত নীতিমালা।

জাতীয়করণপ্রক্রিয়া /জাতিয়োকরোন্‌প্রোক্‌ক্রিআ/ [স. জাতীয়করণ+প্র+√কৃ+অ+আ (টাপ্)] বি. রাষ্ট্রায়ত্তকরণের জন্য অনুসৃত পদ্ধতি।

জাতীয়তা /জাতিয়োতা/ [স. জাতীয়+তা] বি. ১ স্বজাতিচেতনা; স্বাজাত্য। ২ জাতিগত চরিত্র;

www.pathagar.com

জাতীয় ভাব।

জাতীয়তাবাদ /জাতিয়োতাবাদ্/ [স. জাতীয়তা+√বদ্+অ] বি. স্বজাতির মঙ্গল ও অগ্রগতি সম্পর্কে চিন্তাভাবনা এবং সচেতনতা।

জাতে ওঠা /জাতে ওঠা/ ক্রিবি. মর্যাদালাভের আশায় কল্পিত অভিজাত সমাজের একজন হয়ে ওঠা।

জাতে তোলা /জাতে তোলা/ ক্রিবি. জাত বা শ্রেণিতে স্থান দেওয়া।

জাতেষ্টি /জাতেশ্‌টি/ [স. জাত+√যজ্+তি] বি. শিশুর জন্ম উপলক্ষ্যে পালনীয় সংস্কার, জাতকর্ম।

জাত্য /জাত্‌তো/ [স. জাতি+য] বিণ. ১ কুলীন। ২ শ্রেষ্ঠ; প্রধান। ৩ কান্ত, কমনীয়।

জাত্যংশ /জাত্‌তংশো/ [স. জাতি+অংশ] বি. ১ জাতির অংশ বা সম্বন্ধ। ২ গোত্র বা বংশ, কুল।

জাত্যন্ধ /জাত্‌তোন্‌ধো/ [স. জাতি+√অন্ধ্+অ] বিণ. আজন্ম দৃষ্টিশক্তিহীন, জন্ম থেকে অন্ধ।

জাত্যভিমান /জাত্‌তোভিমান্/ [স. জাতি+অভিমান] বি. উচ্চবংশে জন্মের অহংকার, বংশগৌরব।

জাদ[১] /জাদ্/ [দেশি.] বি. চুল বাঁধার কাপড়ের ফালি।

জাদ[২] /জাদ্/ [ফা.] বি. পুত্র, ছেলে।

–জাদা /জাদা/ [ফা.] বি. পুত্র (*নবাবজাদা*)। স্ত্রী. **জাদি** /জাদি/।

জাদু[১] /জাদু/ [ফা.] বি. ১ ইন্দ্রজাল, ভেলকি, মায়া। ২ বশীকরণ।

জাদু[২] /জাদু/ [স. জাত >] বি. ১ শিশুকে আদর-সূচক সম্বোধনবিশেষ (*জাদুমণি*)। ২ বিদ্রূপাত্মক সম্বোধনবিশেষ (*এ তো বড়ো রঙ্গ জাদু* রবীন্দ্র.)।

জাদুকর /জাদুকর্/ [ফা. জাদুগর >] বি. যে জাদু জানে বা প্রদর্শন করে।

জাদু করা /জাদু করা/ ক্রিবি. সম্মোহিত করা, মোহাবিষ্ট করা।

জাদুঘর /জাদুঘর্/ [ফা. জাদু+বা. ঘর] বি. ঐতিহাসিক মূল্য আছে এমন ললিতকলা স্থাপত্য ভাস্কর্য প্রভৃতি পুরাকীর্তির সংগ্রহ সংরক্ষণ ও প্রদর্শনশালা, museum।

জাদুবিদ্যা /জাদুবিদ্যা/ [ফা. জাদু+স. বিদ্যা] বি. ১ ভেলকি দেখানোর কৌশল, ইন্দ্রজালবিদ্যা। ২ কল্পিত বশীকরণবিদ্যা।

জাদুমণি /জাদুমোণি/ [স. জাত >] বি. স্নেহের পাত্রকে সম্বোধনে ব্যবহৃত শব্দ।

জান[১] /জান্/ [ফা.] বি. ১ জীবন, প্রাণ (*জান বাঁচানো ফরজ*)। ২ রাগরাগিণীর প্রধান সুর।

জান[২] /জান্/ [স. জ্ঞান >] বি. কল্পিত ভবিষ্যদ্‌বক্তা।

জানকবুল /জান্‌কোবুল্/ [ফা. জান+আ. কবুল] বিণ. প্রাণ দিতেও প্রস্তুত এমন, প্রাণপণ (*দেশের জন্য জানকবুল*)।

জানকী /জানোকি/ [স. জনক+অ+ঈ] বি. রামায়ণে বর্ণিত জনকরাজার কন্যা, রামচন্দ্রের পত্নী সীতা।

জানকীনাথ /জানোকিনাথ্/ [স. জানকী+√নাথ্+অ] বি. রামচন্দ্র।

জানত /জানতো/ [স. জ্ঞানতঃ>] ক্রিবিণ. জেনেশুনে, সজ্ঞানে।

জানপদ /জানোপদ্/ [স. জনপদ+অ] বিণ. ১ জনপদে জাত। ২ জনপদসম্বন্ধীয়। ৩ জনপদবাসী।

জানমান /জান্‌মান্/ [ফা. জান+স. মান] বি. প্রাণ ও সম্মান।

জানমাল /জান্‌মাল্/ [ফা. জান+আ. মাল] বি. জীবন ও ধনসম্পদ।

জানলা /জান্‌লা/ [পো. জানালা>] বি. দ্র **জানালা**।

জানা /জানা/ [বা.] ক্রিবি. বিণ. ১ জ্ঞাত থাকা, অবগত হওয়া (*তার অবস্থা আমার জানা*)। ২ বোঝা বা অনুমান করা (*বিষয়টি জানা কষ্টকর*)। ৩ আলাপ পরিচয় থাকা (*ওঁর সঙ্গে জানাশোনা নেই*)। ৪ পারা বা করার ক্ষমতা (*কাজ জানা*)। ৫ জ্ঞান থাকা (*লেখাপড়া জানা*)।

জানাজা /জানাজা/ [আ.] বি. ১ মৃত ব্যক্তিকে সমাহিত করার পূর্বে সমবেত নামাজ বা প্রার্থনা। ২ শবযাত্রা।

জানাজানি /জানাজানি/ [বা.] বি. বহুলোকের অবগতি। বিণ. প্রকাশিত।

জানান দেওয়া /জানান্ দেওআ/ ক্রিবি. ১ আগে থেকে জানিয়ে রাখা বা সংবাদ দেওয়া। ২ আভাসে বোঝানো, ইঙ্গিতে জ্ঞাপন করা।

জানানা /জানানা/ [ফা.] বি. ১ স্ত্রীলোক, নারী। ২ পত্নী। ৩ অন্তঃপুর। ৪ অন্তঃপুরবাসিনী।

জানানো /জানানো/ [বা.] ক্রিবি. ১ অবহিত করা, জ্ঞাত করা (*সবাইকে জানানো*)। ২ সতর্ক করা। ৩ নিবেদন করা (*শ্রদ্ধা জানানো*)।

জানালা /জানালা/ [পো.] বি. আলো বাতাস চলাচলের জন্য গাড়ি বা ঘরের দেওয়াল কেটে তৈরি এবং খোলা বা বন্ধ করা যায় এমন বাতায়ন, গবাক্ষ, window।

জানাশুনা /জানাশুনা/ [বা.] বি. বিণ. দ্র জানা-শোনা।

জানাশোনা /জানাশোনা/ [বা.] বি. ১ পরিচয়। ২ জ্ঞান, অভিজ্ঞতা। বিণ. পরিচিত।

www.pathagar.com

জানি[১] /জানি/ [বা.] বিণ. অবগত আছি এমন (*আমি জানি*)।

জানি[২] /জানি/ [বা.] অব্য. ১ যদি, পাছে (*না জানি কী হয়*)। ২ যেন বা।

জানি[৩] /জানি/ [ফা.] বিণ. ঘনিষ্ঠ (*জানি দোস্ত*)।

জানিত /জানিতো/ [স. জ্ঞাত >] বিণ. ১ বিদিত, অবগত। ২ চেনাজানা, পরিচিত।

জানু /জানু/ [স. √জন্+উ] বি. প্রাণিদেহের (মানুষ এবং কোনো কোনো মেরুদণ্ডী প্রাণীর) উরু ও পায়ের সন্ধিস্থল, হাঁটু, knee।

জানুগতি /জানুগোতি/ [স. জানু+√গম্+তি] বি. হাত ও হাঁটুর ওপর ভর করে গমন, হামাগুড়ি।

জানুয়ারি /জানুআরি/ [ল্যা.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির প্রথম মাস, ১৮ই পৌষ থেকে ১৮ই মাঘ পর্যন্ত কালপর্ব, January।

জানুসন্ধি /জানুশোন্ধি/ [স. জানু+সম্+√ধা+ই] বি. হাঁটুর সন্ধিস্থল।

জানোয়ার /জানোআর/ [ফা.] বি. ১ নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে না কিন্তু চলাচল করতে পারে এমন প্রাণী, পশু, জন্তু। ২ (আল.) মনুষ্যত্বহীন ব্যক্তি। বিণ. কাণ্ডজ্ঞানহীন।

জান্তব /জান্তব/ [স. জন্তু+অ] বিণ. ১ জন্তুজাত। ২ জন্তুসম্পর্কিত। ৩ পশুবৎ।

–জান্তা /জান্তা/ [বা.] বিণ. ১ জানে এমন, অবগত (*সবজান্তা*)। ২ অভিজ্ঞ।

জান্নাত /জান্নাত্/ [আ.] বি. ১ বেহেশত, স্বর্গ, অমর্ত্যলোক। ২ স্বর্গের উদ্যান।

জান্নাতবাসী /জান্নাত্বাশি/ [আ. জান্নাত+স. বাসী] বিণ. ১ স্বর্গবাসী। ২ (আল.) পরলোকগত। স্ত্রী. **জান্নাতবাসিনী** /জান্নাত্বাশিনি/।

জান্নাতি /জান্নাতি/ [আ. জান্নাত >] বিণ. স্বর্গীয়।

জান্নাতুল ফিরদৌস /জান্নাতুল্ ফির্‌দোউস্/ বি. ইসলাম ধর্মমতে সর্বোচ্চ স্বর্গ।

জান্নাতুল বাকি /জান্নাতুল্ বাকি/ বি. ১ শ্রেষ্ঠতম স্বর্গ। ২ মদিনার পূর্বদিকের গোরস্তানবিশেষ।

জাপ[১] /জাপ্/ [স. √জপ্+অ] বি. জপ; জপমন্ত্র।

জাপ[২] /জাপ্/ [ই. Jap >] বি. জাপানের অধিবাসী। বিণ. ১ জাপানি। ২ জাপানসংক্রান্ত।

জাপক /জাপক্/ [স. √জপ্+অক] বিণ. জপকারী।

জাপটা /জাপ্টা/ [বা.] ক্রিবি. দুহাতে জড়িয়ে ধরা।

জাপটাজাপটি /জাপ্টাজাপ্টি/ [বা.] বি. পরস্পর জড়াজড়ি।

জাপটানো /জাপ্টানো/ [বা.] ক্রিবি. দুই বাহু দিয়ে জড়িয়ে ধরা।

জাপানি /জাপানি/ [স্থান.] বিণ. জাপানদেশীয় (*জাপানি খাবার*)। বি. জাপানের অধিবাসী।

জাফরান /জাফ্‌রান্/ [আ.] বি. শরৎকালে ফোটে এমন লালচে ফুলের হলুদাভ কমলা রঙের পরাগ (খাদ্যরঞ্জকরূপে ব্যবহৃত) ও তিন প্রকোষ্ঠবিশিষ্ট গোলাকার বীজযুক্ত ফল বা তার ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী উদ্ভিদ (আনি. এশিয়া মাইনর), saffron।

জাফরানি /জাফ্‌রানি/ [আ. জাফরান+বা. ই] বিণ. জাফরানের রঙে রঞ্জিত, হলুদাভ কমলা রংবিশিষ্ট।

জাফরি /জাফ্‌রি/ [আ.] বি. ১ বাতাস চলাচলের জন্য ঘরের দেওয়ালে লাগানো বাঁশের চটার তৈরি ছিদ্রযুক্ত ঝাঁপ। ২ কপাটহীন ছোটো জানালা।

জাব /জাব্/ [স. যবস >] বি. কুচি করে কেটে খড়ের সঙ্গে খইল প্রভৃতি মিশিয়ে তৈরি গোখাদ্য।

জাবড় /জাবোড়্/ [বা.] বিণ. ১ জাবের মতো ভেজা। ২ অগোছালো। ৩ অত্যন্ত স্থূল। ৪ জবরজং।

জাবড়ানো /জাবড়ানো/ [বা.] ক্রিবি. ১ পানিতে ডুবানো, চুবানো (*পানিতে শরীর জাবড়ানো*)। ২ বিশৃঙ্খলভাবে কাজ করা।

জাবনা /জাবনা/ [স. যবস >] বি. দ্র জাব।

জাবর /জাবোর্/ [বা.] বি. (গবাদিপশুর) খাওয়ার পর খাদ্যবস্তু উগরে পুনরায় চর্বণ, গবাদিপশুর চর্বিতচর্বণ (*জাবর কাটা*)।

জাবর কাটা /জাবোর্ কাটা/ ক্রিবি. ১ চর্বিতচর্বণ করা। ২ (আল.) বারবার একই কথা বলা; রোমন্থন করা।

জাবালি /জাবালি/ [স. অজপাল >] বি. ১ মহা-তপস্বী পৌরাণিক মুনিবিশেষ। ২ ছাগপালক।

জাবেদা /জাবেদা/ [আ.] বি. ১ দৈনিক হিসাবের খাতা। ২ আইন, বিধান, law।

জাবেদা আপিল /জাবেদা আপিল্/ বি. আইন-সম্মত পুনর্বিচারের জন্য আবেদন।

জাবেদা খাতা /জাবেদা খাতা/ বি. যে খাতায় দৈনিক হিসাব লেখা হয়, ক্যাশবই।

জাবেদা নকল /জাবেদা নকোল্/ বি. আদালত কর্তৃক প্রত্যয়ন করা হয়েছে এমন নকল।

জাম[১] /জাম্/ [স. জম্বু >] বি. বাংলাদেশ ভারত মালয়েশিয়া অস্ট্রেলিয়া প্রভৃতি দেশে গ্রীষ্মকালে জাত পাতলা খোসাবিশিষ্ট হালকা বেগুনি শাঁস এবং আঁটিযুক্ত টকমিষ্ট কষায় স্বাদের রসালো ফল বা তার বিশাল আকৃতির চিরহরিৎ বৃক্ষ, blackberry।

জাম[২] /জাম্/ [ফা.] বি. বড়ো পেয়ালা বা বাটি (*জামবাটি*)।

www.pathagar.com

জাম[৩] /জাম্/ [ই. jam>] বি. ১ গাদাগাদি, ঠাসাঠাসি। ২ যানজট।

জামড়া /জামড়া/ [আ. জামিদ >] বি. ক্রমাগত ঘর্ষণের ফলে চামড়ায় উদ্‌গত দাগ, কড়া।

জামদগ্ন্য /জামোদোগ্‌নো/ [স. জামদগ্নি+য] বি. বিষ্ণুর ষষ্ঠ অবতার এবং জমদগ্নি ও রেণুকার পঞ্চম পুত্র যিনি মহাদেবের নিকট থেকে পরশু (কুঠার) অস্ত্র লাভ করে পরশুরাম নামে খ্যাত হন।

জামদানি /জামদানি/ [ফা.] বি. ১ ঢাকা জেলার উপকণ্ঠে তাঁতে বোনা নকশাতোলা মিহি জমিনের উচ্চমানের সুতিশাড়ি (*ঢাকাই জামদানি*)।

জামধর /জামধর্/ [ফা. জাম >] বি. কোনো বস্তুকে ইস্পাতের দুটি ফলার মধ্যে এঁটে ধরার জন্য কামারশালায় ব্যবহৃত হাতিয়ারবিশেষ, পাক-সাঁড়াশি, vice।

জামবাটি /জামবাটি/ [দেশি.] বি. কাঁসার তৈরি বড়ো বাটি।

জামরুদ /জামরুদ্/ [আ.] বি. উজ্জ্বল সবুজ বর্ণের মূল্যবান রত্নবিশেষ, emerald।

জামরুল /জামরুল্/ [দেশি.] বি. দক্ষিণ এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে জাত সাদা লালচে প্রভৃতি ত্বকবিশিষ্ট হালকা মিষ্টস্বাদ রসালো ফল বা তার গাছ।

জামা /জামা/ [ফা.] বি. সেলাই করা কাপড়ের অঙ্গাবরণ (শার্ট ব্লাউজ প্রভৃতি)।

জামাই /জামাই/ [স. জামাতা >] বি. কন্যার স্বামী, জামাতা।

জামাই-আদর /জামাইআদোর্/ [বা. জামাই+স. আদর] বি. ১ শ্বশুরবাড়িতে জামাইয়ের প্রাপ্ত যত্ন-আত্তি। ২ (আল.) পরম সমাদর।

জামাইবরণ /জামাইবরোন্/ [বা. জামাই+স. বরণ] বি. বিয়ের অনুষ্ঠানে কন্যাগৃহে আগত পাত্রকে বরণ করার আচারবিশেষ।

জামাইষষ্ঠী /জামাইশোশ্‌ঠি/ [বা. জামাই+স. ষষ্ঠী] বি. জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষের ষষ্ঠী তিথিতে জামাইকে আপ্যায়ন ও উপঢৌকনপ্রদানের সংস্কার।

জামাকাপড় /জামাকাপোড়/ [ফা. জামা >] বি. পোশাকপরিচ্ছদ।

জামাতা /জামাতা/ [স. জায়া+√মা+তৃ] বি. কন্যা বা কন্যাস্থানীয়ার স্বামী, জামাই।

জামাদিয়াল-আউয়াল /জামাদিআল্‌আউ্আল্/ [আ.] বি. হিজরি পঞ্জিকার পঞ্চম চান্দ্রমাস।

জামাদিয়াস-সানি /জামাদিআস্‌সানি/ [আ.] বি. হিজরি পঞ্জিকার ষষ্ঠ চান্দ্রমাস।

জামানত /জামানত্/ [আ.] বি. ১ জামিনরূপে গচ্ছিত অর্থাদি। ২ জামিন, প্রতিভূ।

জামিন /জামিন্/ [আ.] বি. বিচারের অপেক্ষায় কারাগারে আটক অভিযুক্ত ব্যক্তিকে শর্তসাপেক্ষে আদালতপ্রদত্ত সাময়িক মুক্তির আদেশ, bail।

জামিন-অযোগ্য /জামিন্‌অজোগ্‌গো/ [আ. জামিন +স. অযোগ্য] বিণ. (যে অপরাধের জন্য) জামিন প্রদান করা যায় না এমন, non-bailable।

জামিনদার /জামিন্‌দার্/ [আ. জামিন+ফা. দার] বি. যিনি আদালতে অভিযুক্ত ব্যক্তির জামিন হন।

জামিননামা /জামিন্‌নামা/ [আ. জামিন+ফা. নামা] বি. যে পত্রে জামিনের শর্তাবলি লিপিবদ্ধ থাকে, মুচলেকা।

জামিনযোগ্য /জামিন্‌জোগ্‌গো/ [আ. জামিন+স. যোগ্য] বিণ. (যে অপরাধের জন্য) জামিন প্রদান করা যায় এমন।

জামিয়ার /জামিআর্/ [ফা.] বি. জমিনে ফুলের নকশা করা পশমি শাল বা চাদর।

জামির /জামির্/ [স. জম্বীর >] বি. দ্র জাম্বুরা।

জামে মসজিদ /জামে মোস্‌জিদ্/ বি. যে মসজিদে প্রতিদিনের নামাজের জামাত ছাড়াও শুক্রবারে জুম্মার নামাজের জামাত অনুষ্ঠিত হয়।

জাম্পার /জাম্‌পার্/ [ই.] বি. (হাতে বোনা বা কলে বোনা) শীতকালে পরিধেয় পশমি জামাবিশেষ, সোয়েটার, jumper।

জাম্ববতী /জাম্‌বোবোতি/ [স. জাম্ববৎ+অ+ঈ] বি. ভল্লুকরাজ জাম্ববানের কন্যা ও শ্রীকৃষ্ণের পত্নী।

জাম্ববান /জাম্‌বোবান্/ [স. জাম্ববৎ+অ] বি. পুরাণোক্ত ভল্লুকরাজ।

জাম্বীর /জাম্‌বির্/ [স. জম্বীর+অ] বিণ. ১ জামির থেকে জাত বা উৎপন্ন। ২ জামিরসম্বন্ধীয়।

জাম্বুনদ /জাম্‌বুনদ্/ [স. জম্বুনদ+অ] বিণ. জম্বুনদ থেকে উৎপন্ন। বি. সোনা।

জাম্বুরা /জাম্‌বুরা/ [আঞ্চ.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন সাদাটে উভলিঙ্গ ফুল অম্লস্বাদ গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া), বাতাবিলেবু, জম্বুরা, জামির।

জায় /জায়/ [ফা.] বি. ১ হিসাবের লিখিত বিস্তৃত বিবরণ। ২ তালিকা, ফর্দ; তফসিল। ৩ বিনিময়।

জায়গা /জায়্‌গা/ [ফা.] বি. ১ ঠাঁই, স্থান (*তিল ধারণের জায়গা নেই*)। ২ ভূসম্পত্তি। ৩ অবস্থা; সুযোগ (*জায়গা বুঝে কথা বলা*)। ৪ আধার (*ধান*

www.pathagar.com

রাখার জায়গা)। ৫ বদল (*মাছের জায়গায় মাংস*)। ৬ আশ্রয় (*থাকার জায়গা*)। ৭ আবাস (*সুন্দরবন বাঘের জায়গা*)। ৮ অঞ্চল (*গ্রীষ্মপ্রধান জায়গা*)। ৯ পরিসর (*ছোটো জায়গা*)।

জায়গাজমি /জায়্গাজোমি/ [ফা.] বি. ভূসম্পত্তি।

জায়গির /জায়্গির্/ [ফা.] বি. ১ দানরূপে প্রাপ্ত নিষ্কর ভূমি। ২ বাড়ির ছেলেমেয়েদের পড়ানোর বিনিময়ে বিনা খরচে কোনো পরিবারের সঙ্গে থাকাখাওয়ার ব্যবস্থা (*জায়গির থাকা*)।

জায়গিরদার /জায়্গিরদার্/ [ফা.] বি. ১ যাকে জায়গির দেওয়া হয়েছে। ২ পদবিবিশেষ।

জায়গিরদারি /জায়্গিরদারি/ [ফা.] বি. জায়গিরের ভোগদখল।

জায়দাদ /জায়্দাদ্/ [ফা.] বি. ১ জমি প্রভৃতি সম্পত্তি, ভূসম্পত্তি। ২ ভূমিতে দখলিস্বত্ব।

জায়নামাজ /জায়্নামাজ্/ [ফা.] বি. যে মাদুর পেতে নামাজ পড়া হয়।

জায়ফল /জায়্ফল্/ [স. জাতিফল >] বি. এশিয়া মহাদেশের উষ্ণ অঞ্চল এবং পশ্চিম আফ্রিকা আমেরিকা প্রভৃতি অঞ্চলে চাষ করা হয় এমন পুরু পাতাবিশিষ্ট সরল দীর্ঘ চিরহরিৎ বৃক্ষ বা তার শক্ত গোলাকার ফলের অভ্যন্তরস্থ সুগন্ধ বীজ যা মসলারূপে ব্যবহৃত হয়, জাতিকোষ, জাতিফল, nutmeg।

জায়বাকি /জায়্বাকি/ [ফা. জায়+আ. বাকি] বি. পাওনা টাকার তালিকা বা ফর্দ।

জায়মান /জায়োমান্/ [স. √জন্+মান (শানচ্)] বিণ. উৎপাদিত হচ্ছে এমন।

জায়া /জায়া/ [স. √জন্+য+আ (টাপ্)] বি. পত্নী, স্ত্রী, ভার্যা।

জায়াজীব /জায়াজিব্/ [স. জায়া+√জীব্+অ] বি. দ্র জায়াজীবী।

জায়াজীবী /জায়াজিবি/ [স. জায়া+√জীব্+ইন্] বি. যে স্বামী স্ত্রীর অর্থে জীবিকানির্বাহ করে।

জায়াপতি /জায়াপোতি/ [স. জায়া+পতি] বি. স্ত্রী ও স্বামী, দম্পতি।

জায়ু /জায়ু/ [স. √জি+উ] বি. ওষুধ।

জায়ুজব্যাধি /জায়ুজোব্যাধি/ [স. জায়ু+জ+ব্যাধি] বি. কোনো ওষুধ দীর্ঘদিন যাবৎ সেবনের ফলে সৃষ্ট ব্যাধি, drug disease।

জায়েজ /জায়েজ্/ [আ. জাইজ >] বিণ. ১ বৈধ, আইনসম্মত। ২ প্রচলিত। ৩ যথার্থ, উপযুক্ত।

জার[১] /জার্/ [স. √জারি+অ] বি. উপপতি; গুপ্ত প্রণয়ী (*জারজ*)।

জার[২] /জার্/ [রু.] বি. ১ রুশ সম্রাট। ২ রুশ সম্রাটের উপাধি; czar, tsar, tzar।

–জার[৩] /জার্/ অব্য. প্রাচুর্য পূর্ণতা প্রভৃতি নির্দেশক প্রত্যয় (*গুলজার*)।

জারক /জারোক্/ [স. √জারি+অক] বিণ. পরিপাক করে এমন, পাচক, জীর্ণকারী, হজমি।

জারজ /জারোজো/ [স. জার+√জন্+অ] বিণ. উপপতির ঔরসে জাত, অবৈধ (*জারজ সন্তান*)। বি. অবৈধ সন্তান।

জারণ /জারোন্/ [স. √জারি+অন] বি. ১ জীর্ণকরণ, পাচন। ২ (রসা.) রাসায়নিক বিক্রিয়ায় অক্সিজেনের সঙ্গে যুক্তকরণ বা হাইড্রোজেন থেকে বিযুক্ত হওয়ার প্রক্রিয়া, oxidation। তুল. বিজারণ (পৃ ৯৬৫)।

জারা /জারা/ [বা.] ক্রিবি. ১ জীর্ণ করা। ২ শোধন করা। বিণ. জারিত বা শোধিত।

জারি[১] /জারি/ [আ.] বি. ১ প্রবর্তন (*১৪৪ ধারা জারি*)। ২ দম্ভ (*জারিজুরি*)। ৩ প্রচার (*সমন জারি*)। বিণ. প্রচলিত, প্রবর্তিত।

জারি[২] /জারি/ [ফা.] বি. ১ দুঃখ কান্না শোক প্রভৃতি। ২ কারবালার শোকাবহ কাহিনি অবলম্বনে রচিত গীতি।

জারিগান /জারিগান্/ [ফা. জারি+স. গান] বি. কারবালার শোকাবহ কাহিনিনির্ভর গীতি।

জারিজুরি /জারিজুরি/ [আ. জারি >] বি. ১ বাহাদুরি, জাঁক। ২ কলাকৌশল। ৩ প্রভাব।

জারিত /জারিতো/ [স. √জারি+ত] বিণ. ১ জারণ করা হয়েছে এমন। ২ শোধিত। ৩ ভস্মীকৃত।

জারীকৃত /জারিক্কৃতো/ [আ. জারি+স. কৃত] বিণ. প্রচলন করা হয়েছে এমন, প্রবর্তিত।

জারুল /জারুল্/ [দেশি.] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে বর্ষাকালে ফোটে এমন উজ্জ্বল বেগুনি রঙের ছোটো ফুল বা তার ধূসর বাকলবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. চীন), তিনিশ।

জার্নাল /জার্নাল্/ [ফ.] বি. বিশেষীকৃত বিষয়ে রচনাসমৃদ্ধ সাময়িকী; দিনপঞ্জি; ব্যাবসায়িক লেনদেনের দৈনিক বিবরণসংবলিত খাতা; journal।

জার্মান /জার্মান্/ [স্থান.] বি. জার্মানির অধিবাসী। বিণ. ১ জার্মানিতে জাত। ২ জার্মানিসম্বন্ধীয়।

জার্সি /জার্সি/ [ই. Jersey] বি. ১ ইংলিশ চ্যানেলের দ্বীপবিশেষ। ২ খেলোয়াড়দের পরিধেয় দলের প্রতীকবাহী জামা।

জাল[১] /জাল্/ [আ.] বিণ. ১ নকল। ২ ছদ্মবেশী।

www.pathagar.com

জাল[১] /জাল্/ [স. √জল্+অ] বি. ১ ফাঁক ফাঁক করে বোনা সুতা বা তারের আচ্ছাদনবিশেষ। ২ ফাঁদ (*জাল বিস্তার*)। ৩ ঝামেলা (*জালে জড়ানো*)। ৪ সূক্ষ্ম আবরণ (*মাকড়সার জাল*)। ৫ অপশক্তি বা কুপ্রভাব (*কুহকজাল*)। ৬ বন্ধন, পাশ (*মায়াজাল*)। ৭ সমূহ (*স্নায়ুজাল*)।

জালক /জালক্/ [স. জাল+ক] বি. ১ ফুলের কুঁড়ি, কোরক। ২ পাখির উপদ্রব থেকে ফল সবজি প্রভৃতি রক্ষা করার জন্য ব্যবহৃত জাল। ৩ ফল পাড়ার জন্য আঁকশির সঙ্গে যুক্ত জালবিশেষ। ৪ গবাক্ষ। ৫ কুলায়, নীড়। ৬ দম্ভ। ৭ ভূষণবিশেষ। ৮ জালি কুমড়া।

জাল করা /জাল করা/ ক্রিবি. প্রতারণার উদ্দেশ্যে নকল জিনিস তৈরি করা (*দলিল জাল করা*)।

জালকাঁঠি /জাল্কাঁঠি/ [বা.] বি. মাছ ধরার জালের প্রান্তভাগে সংযুক্ত লোহা বা সিসার টুকরা (যা জালের নিচের অংশ পানিতে ডুবিয়ে রাখে)।

জাল ছেঁড়া /জাল্ ছেঁড়া/ ক্রিবি. বিপদ থেকে উদ্ধার পাওয়া।

জালজীবী /জাল্জিবি/ [স. জাল+√জীব্+ইন্] বিণ. মাছ ধরে জীবিকা নির্বাহ করে এমন। বি. জেলে।

জালতি /জালতি/ [বা.] বি. ১ উঁচু গাছ থেকে ফল পাড়ার জন্য জালযুক্ত আঁকশি। ২ গোবুর মুখ বন্ধ রাখার জন্য ব্যবহৃত টুকরি-আকৃতির বেতের ছোটো জালবিশেষ, ঠুশি, টোনা। ৩ ছোটো জাল।

জালপাদ /জাল্পাদ্/ [স. জাল+√পদ্+অ] বিণ. লিপ্তপদ, web-footed।

জালা[১] /জালা/ [ফা. জারা >] বি. মাটির তৈরি পেটমোটা বৃহদাকার পাত্র, মটকা।

জালা[২] /জালা/ [দেশি.] বি. অঙ্কুর; ধান প্রভৃতির ছোটো চারা (*ধানের জালা*)।

জালি[১] /জালি/ [হি.] বি. ১ ছোটো জাল। ২ জালের মতো বোনা আবরণ, ঢাকনা (*বাঁশের জালি*)। ৩ জাফরি। বিণ. জালের মতো জাফরিকাটা।

জালি[২] /জালি/ [স. জালক >] বিণ. ১ কচি (*জালি-কুমড়া*)। ২ সদ্য অঙ্কুরিত (*জালি ধান*)। বি. ফলের কচি অবস্থা, কচি ফল।

জালি[৩] /জালি/ [আ. জাল >] বিণ. ঠগ, প্রতারক।

জালিক /জালিক্/ [স. জাল+ইক] বি. ১ ধীবর, জেলে। ২ ব্যাধ। ৩ মাকড়সা। বিণ. প্রতারক।

জালি বোট /জালি বোট্/ বি. সমুদ্র বা নদীতে জাহাজের যাত্রী ওঠানামার জন্য ব্যবহৃত এবং জাহাজের সঙ্গে বেঁধে রাখা হয় এমন ছোটো নৌকা, jolly boat।

জালিম /জালিম্/ [আ.] বিণ. জুলুমকারী, অত্যাচারী, উৎপীড়ক। বি. অত্যাচারী ব্যক্তি।

জালিয়া /জালিআ/ [স. জালিক >] বি. ১ জেলে নৌকাবিশেষ। ২ জেলে, ধীবর। ৩ ব্যাধ।

জালিয়াত /জালিআত্/ [আ.] বিণ. মেকি পণ্য তৈরি করে এমন; প্রতারক। বি. যে ব্যক্তি ঠকানোর জন্য হস্তাক্ষর বা সই নকল করে।

জালিয়াতি /জালিআতি/ [ফা.] বি. জালিয়াতের বৃত্তি, প্রবঞ্চনা, ধোঁকাবাজি।

জালুয়া /জালুআ/ [বা.] বি. জেলে, ধীবর।

জালেম /জালেম্/ [আ.] বিণ. বি. দ্র জালিম।

জাল্ম /জাল্মো/ [স. √জল্+ম] বিণ. ১ অশিষ্ট। বি. ইতর বা নীচ স্বভাবের লোক।

জাসু /জাসু/ [আ. জাসুস >] বিণ. ১ অগ্রগণ্য। ২ ধূর্ত, চতুর (*জাসু চোর*)। বি. গোয়েন্দা, গুপ্তচর।

জাস্টিফাই /জাস্টিফাই/ [ই. justify] বি. ১ মুদ্রণ-শিল্পে হরফবিন্যাসকালে দুটি শব্দের মধ্যবর্তী ব্যবধান যুক্তিসংগতভাবে নির্দিষ্টকরণ এবং প্রতিটি চরণ সমদৈর্ঘ্যে বিন্যস্তকরণ। ২ কোনো কাজ বা আচরণের সমর্থন বা ন্যায্যতা প্রতিপাদন।

জাহাঁপনা /জাহাঁপনা/ [ফা.] বি. সম্ভ্রমসূচক সম্বোধন-বিশেষ।

জাহাঁবাজ /জাহাঁবাজ্/ [ফা.] বিণ. ১ শঠ, খল। ২ চতুর; কূটবুদ্ধিসম্পন্ন।

জাহাজ /জাহাজ্/ [আ.] বি. ১ ইঞ্জিনচালিত সমুদ্রগামী বড়ো নৌযান, অর্ণবপোত। ২ (আল.) বিশাল আধার (*বিদ্যার জাহাজ*)।

জাহাজঘাট /জাহাজ্ঘাট্/ [আ. জাহাজ+বা. ঘাট] বি. নদী বা সমুদ্রবন্দর যেখানে জাহাজ ভেড়ানো হয়।

জাহাজঘাটা /জাহাজ্ঘাটা/ [আ. জাহাজ+বা. ঘাটা] বি. দ্র জাহাজঘাট।

জাহাজি /জাহাজি/ [ফা.] বিণ. ১ জাহাজবাহিত (*জাহাজি পণ্য*)। ২ জাহাজসংক্রান্ত। বি. যে ব্যক্তি জাহাজে কাজ করে, জাহাজের শ্রমিক।

জাহান /জাহান্/ [ফা.] বি. পৃথিবী, বিশ্বভুবন।

জাহান্নম /জাহান্নম্/ [আ.] বি. ধর্মীয় বিশ্বাসমতে মৃত্যুর পর পাপীদের শাস্তিভোগের জন্য নির্দিষ্ট স্থান, নরক, দোজখ।

জাহির /জাহির্/ [আ.] বি. ১ প্রচার (*বিদ্যা জাহির*)। ২ প্রদর্শন (*ক্ষমতা জাহির*)।

জাহিল /জাহিল্/ [আ.] বিণ. অজ্ঞ, নির্বোধ। বি. অশিক্ষিত ব্যক্তি।

www.pathagar.com

জাহিলি /জাহিলি/ [ফা.] বি. ১ অজ্ঞতা। ২ বর্বরতা।

জাহিলিয়াত /জাহিলিআত/ [আ.] বি. ইসলাম ধর্ম প্রবর্তনের পূর্বে আরবদেশের চরম বর্বরতা ও অজ্ঞতার যুগ।

জাহেল /জাহেল্/ [আ.] বিণ. বি. জাহিলি।

জাহেলি /জাহেলি/ [আ.] বি. দ্র জাহিলি।

জাহেলিয়াত /জাহেলিআত্/ [আ.] বি. দ্র জাহিলিয়াত।

জাহ্নবী /জান্নভবি/ [স. জহ্নু+অ+ঈ] বি. (পৌরাণিক রাজর্ষি জহ্নুমুনি গঙ্গাকে গণ্ডূষে পান করার পর মহর্ষিদের প্রার্থনায় জানু বিদীর্ণ করে পুনরায় গঙ্গাকে প্রবাহিত করেন বলে) গঙ্গার অপর নাম, গঙ্গা, ভাগীরথী, জহ্নুকন্যা।

–জি /জি/ [আ.] বি. ১ নামান্তে ব্যবহৃত সম্মানসূচক শব্দ (*মিয়াজি*); সম্মানসূচক ও সম্বোধনবাচক শব্দ (*ওস্তাদজি*)। ২ মান্যব্যক্তির ডাকে সাড়া দেওয়ার জন্য ব্যবহৃত শব্দ (*জি হ্যাঁ*)।

জিউ /জিউ/ [স. জীব >] বি. ১ প্রাণ; চিত্ত। ২ দেবতা। অনুক্রি. বেঁচে থাকো (*যুগ যুগ জিউ*)।

জিকির /জিকির/ [ফা.] বি. ১ সৃষ্টিকর্তার নাম উচ্চারণ বা জপ। ২ একই কথা বারবার উচ্চারণ। ৩ সম্মিলিত কণ্ঠের উদ্দীপক ধ্বনি। ৪ শোরগোল।

জিগমিষা /জিগোমিশা/ [স. √গম্+সন্+অ+আ (টাপ্)] বি. গমনের ইচ্ছা।

জিগমিষু /জিগোমিশু/ [স. √গম্+সন্+অ+উ] বিণ. গমন করতে ইচ্ছুক।

জিগীষা /জিগিশা/ [স. √জি+সন্+অ+আ (টাপ্)] বি. জয়লাভ করার ইচ্ছা।

জিগীষু /জিগিশু/ [স. √জি+সন্+উ] বিণ. জয়লাভ করতে ইচ্ছুক।

জিগ্যেস /জিগ্‌গেশ্/ [স. জিজ্ঞাস >] বি. 'জিজ্ঞাসা'-র কথ্য রূপ।

জিঘৎসা /জিঘত্‌শা/ [স. √অদ্+সন্+অ+আ (টাপ্)] বি. ভোজন করার ইচ্ছা, বুভুক্ষা।

জিঘৎসু /জিঘত্‌শু/ [স. √অদ্+সন্+উ] বিণ. খেতে ইচ্ছুক; ক্ষুধার্ত।

জিঘাংসক /জিঘাংশক্/ [স. √হন্+অক] বিণ. হত্যা করতে ইচ্ছুক, বধেচ্ছু।

জিঘাংসা /জিঘাংশা/ [স. √হন্+সন্+অ+আ (টাপ্)] বি. বধ করার ইচ্ছা, হননেচ্ছা।

জিঘাংসাবৃত্তি /জিঘাংশাবৃত্তি/ [স. জিঘাংসা+√বৃৎ+তি] বি. প্রাণনাশের প্রবৃত্তি।

জিঘাংসিত /জিঘাংশিতো/ [স. জিঘাংসা+ইত] বিণ. বধ করা হয়েছে এমন।

জিঘাংসু /জিঘাংশু/ [স. √হন্+সন্+উ] বিণ. হত্যা করতে ইচ্ছুক, বধেচ্ছু।

জিঘৃক্ষা /জিঘৃক্‌খা/ [স. √গ্রহ্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ গ্রহণ করার ইচ্ছা। ২ বশীকরণের ইচ্ছা।

জিঘৃক্ষু /জিঘৃক্‌খু/ [স. √গ্রহ্+সন্+উ] বিণ. ১ লাভ করতে ইচ্ছুক। ২ লোভী। ৩ পিপাসু।

জিজিয়া /জিজি্আ/ [আ.] বি. সামরিক কর্তব্য থেকে অব্যাহতি দানের শর্তে অমুসলমান প্রজাদের ওপর মুসলমান শাসকদের আরোপিত কর (ভারতে সম্রাট আকবর এই কর রদ করেন)।

জিজীবিষা /জিজিবিশা/ [স. √জীব্+সন্+অ+আ (টাপ্)] বি. বেঁচে থাকার ইচ্ছা।

জিজীবিষু /জিজিবিশু/ [স. √জীব্+সন্+উ] বিণ. বেঁচে থাকতে ইচ্ছুক।

জিজ্ঞাসক /জিগ্‌গাঁশক্/ [স. √জ্ঞা+সন্+অক] বিণ. জিজ্ঞাসাকারী। বি. যে ব্যক্তি প্রশ্ন করে।

জিজ্ঞাসনীয় /জিগ্‌গাঁশোনিয়ো/ [স. √জিজ্ঞাস্+অনীয়] বিণ. জিজ্ঞাসার যোগ্য, জিজ্ঞাস্য।

জিজ্ঞাসা /জিগ্‌গাঁশা/ [স. √জ্ঞা+সন্+অ+আ (টাপ্)] বি. ১ জানার ইচ্ছা, কৌতূহল। ২ প্রশ্ন (*জিজ্ঞাসা করা*)। ৩ জ্ঞানানুসন্ধান, তত্ত্বানুসন্ধান।

জিজ্ঞাসাবাদ /জিগ্‌গাঁশাবাদ্/ [স. জিজ্ঞাসা+√বদ্+অ] বি. নানারকম প্রশ্ন করে সত্য উদ্‌ঘাটনের চেষ্টা, জেরা।

জিজ্ঞাসালব্ধ /জিগ্‌গাঁশালব্‌ধো/ [স. জিজ্ঞাসা+√লভ্+ত] বিণ. জেরা করে প্রাপ্ত।

জিজ্ঞাসিত /জিগ্‌গাঁশিতো/ [স. √জ্ঞা+সন্+ত] বিণ. (যাকে) জিজ্ঞাসা করা হয়েছে এমন।

জিজ্ঞাসু /জিগ্‌গাঁশু/ [স. √জ্ঞা+সন্+উ] বিণ. জানতে ইচ্ছুক, অনুসন্ধিৎসু, কৌতূহলী।

জিজ্ঞাসে /জিগ্‌গাঁশে/ [স. জিজ্ঞাস+বা. এ] ক্রি. জিজ্ঞাসা করে, সুধায় (*'হিন্দু না ওরা মুসলিম?' ওই জিজ্ঞাসে কোন জন?* নজরুল.)।

জিজ্ঞাস্য /জিগ্‌গাঁশ্‌শো/ [স. √জ্ঞা+সন্+য] বিণ. জিজ্ঞাসার যোগ্য, অনুসন্ধেয়। বি. জানার বিষয়।

জিজ্ঞেস /জিগ্‌গেঁশ্/ [স. জিজ্ঞাসা >] বি. দ্র জিজ্ঞাসা।

জিঞ্জির /জিন্‌জির্/ [ফা.] বি. ১ শিকল; শৃঙ্খল। ২ গ্রন্থি বা বন্ধন। ৩ কারাগার।

জিত /জিতো/ [স. √জি+ত] বিণ. ১ জয় করা হয়েছে এমন, বিজিত। ২ পরাজিত (*জিতশত্রু*)। ৩ বশীকৃত (*জিতেন্দ্রিয়*)। বি. জয় (*হারজিত*)।

www.pathagar.com

জিতা /জিতা/ [স. জিত >] ক্রিবি. দ্র জেতা।

জিতাক্ষর /জিতাক্‌খর/ [স. জিত+অক্ষর] বিণ. দুর্বোধ্য হস্তাক্ষর পাঠ করতে দক্ষ। স্ত্রী. জিতাক্ষরা /জিতাক্‌খরা/।

জিতানো /জিতানো/ [বা.] ক্রিবি. অন্যকে জিতিয়ে দেওয়া বা জয়লাভ করতে সাহায্য করা।

জিতেন্দ্রিয় /জিতেন্‌দ্রিয়ো/ [স. জিত+ইন্দ্রিয়] বিণ. ইন্দ্রিয়বাসনাকে জয় করেছেন এমন, ইন্দ্রিয়জয়ী। বি. -তা /-তা/।

-জিৎ /জিত্‌/ [স. √জি+ক্বিপ্‌] বিণ. জয় করে এমন, জয়ী, জয়কারী (সমাসে দ্বিতীয় পদরূপে অন্য শব্দের সঙ্গে প্রযুক্ত: ইন্দ্রজিৎ)। বি. যে জয় করে (*রণজিৎ*)।

জিদ /জিদ্‌/ [ফা.] বি. ১ গোঁ, নাছোড় ভাব। ২ রাগ।

জিদি /জিদি/ [ফা.] বিণ. একরোখা, একগুঁয়ে।

জিন[১] /জিন্‌/ [স. √জি+ন] বি. যে ব্যক্তি ইন্দ্রিয়ের বাসনা ও সকল প্রলোভন জয় করেছে, জৈন সিদ্ধপুরুষ, সন্ন্যাসী।

জিন[২] /জিন্‌/ [আ.] বি. ১ ইসলাম ধর্মবিশ্বাসমতে আগুনের তৈরি অদৃশ্য দেহধারী জীববিশেষ। ২ দৈত্য।

জিন[৩] /জি:ন্‌/ [জ.] বি. বংশানুক্রমিক বৈশিষ্ট্য সঞ্চার করে এমন ক্রোমোজোম, gene।

জিন[৪] /জি:ন্‌/ [ফ.] বি. মোটা সুতায় বোনা ঠাস-বুনুনির কাপড়, jean।

জিন[৫] /জি:ন্‌/ [ফা.] বি. ঘোড়ার পিঠে পেতে বসার চামড়ার তৈরি আসন, saddle।

জিন[৬] /জিন্‌/ [ই. gin] বি. তুলা থেকে বীজ পৃথক করার যন্ত্র।

জিন[৭] /জিন্‌/ [ওল.] বি. যব প্রভৃতি শস্য পাতন করে প্রাপ্ত বর্ণহীন সুগন্ধ সুরাবিশেষ, gin।

জিনপোল /জিন্‌পোল্‌/ [ই.] বি. ভারী জিনিস উঁচু করার জন্য ব্যবহৃত কপিকলজাতীয় সরঞ্জামবিশেষ।

জিনস /জি:নস্‌/ [ফ.] বি. ঠাসবুনুনির ডেনিম ধরনের মোটা কাপড়ে তৈরি পাতলুন, jeans।

জিনা[১] /জিনা/ [স. জিন+বা. আ] ক্রিবি. জয় করা, জিতে নেওয়া।

জিনা[২] /জিনা/ [আ.] বি. ব্যভিচার।

জিনিয়া /জিনিআ/ [লা.] বি. বর্ষাকালে ফোটে এমন গাঢ় ও উজ্জ্বল লাল বেগুনি প্রভৃতি রঙের ফুল বা তার কম্পোজিট (composite) গোত্রের বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. মেক্সিকো), zinnia।

জিনিস /জিনিশ্‌/ [আ.] বি. ১ পদার্থ, বস্তু, দ্রব্য। ২ মূল্যবান বা সারগর্ভ বস্তু। ৩ সরঞ্জাম; আসবাব। বিণ. (আল.) অদ্ভুতচরিত্র।

জিনিসপত্র /জিনিশ্‌পত্‌ত্রো/ [আ. জিনিস+স. পত্র] বি. নানা প্রকারের জিনিস, দ্রব্যসামগ্রী।

জিন্দা /জিন্‌দা/ [ফা.] বিণ. ১ জীবিত, জীবন্ত। ২ অলৌকিক শক্তিসম্পন্ন (*জিন্দাপির*)।

জিন্দান /জিন্‌দান্‌/ [ফা.] বি. কারাগার, জেলখানা।

জিন্দাপির /জিন্‌দাপির/ [ফা.] বি. ১ জাগ্রত সিদ্ধ-পুরুষ। ২ কল্পিত অলৌকিক শক্তির অধিকারী সাধুপুরুষ।

জিন্দাবাদ /জিন্‌দাবাদ্‌/ [ফা.] অব্য. 'দীর্ঘজীবী' বা 'অমর হোক' এইরূপ ধ্বনি।

জিন্দিগি /জিন্‌দিগি/ [ফা.] বি. ১ জীবন। ২ জীবৎ-কাল, আয়ুষ্কাল।

জিন্দিগিভর /জিন্‌দিগিভর্‌/ [ফা. জিন্দিগি >] ক্রিবিণ. সারাজীবন ধরে, আজীবন।

জিপ /জি:প্‌/ [ই. general purpose >] বি. দ্বিতীয় মহাযুদ্ধের সময় উদ্ভাবিত অসমতল পথ বা মাঠেঘাটে চলতে পারে এমন চার চাকার মজবুত ছোটো মোটরগাড়ি, jeep।

জিপিএস /জিপিএস্‌/ [ই. GPS] বি. বিমান জলযান সড়কযান প্রভৃতির নির্দিষ্ট গন্তব্যের পথ ও দূরত্ব নির্দেশ করে এমন কৃত্রিম উপগ্রহনির্ভর ব্যবস্থা, (Global Positioning System-এর সংক্ষিপ্ত রূপ)।

জিব /জিব্‌/ [স. জিহ্বা >] বি. (অধিকাংশ মেরুদণ্ডী প্রাণীর) স্বাদগ্রহণ খাদ্য গলাধঃকরণ এবং কথা বলায় সাহায্য করে এমন মুখগহ্বরের নিম্নভাগে অবস্থিত পেশিবহুল কোমল ও মাংসল অঙ্গ, জিহ্বা, জিভ, রসনা, tongue।

জিব কাটা /জিব্‌ কাটা/ ক্রিবি. লজ্জায় দাঁত দিয়ে জিব চেপে ধরা।

জিবছোলা /জিব্‌ছোলা/ [বা.] বি. জিব পরিষ্কার করার পাতলা লম্বা ও সরু ধাতব পাত।

জিবরাইল /জিব্‌রাইল্‌/ [আ.] বি. আল্লাহর যে দূত তাঁর বাণী নবিদের নিকট পৌঁছে দেন।

জিবেখাজা /জিবেখাজা/ [বা.] বি. (জিবের আকৃতিবিশিষ্ট) ময়দার তৈরি ঘিয়ে ভাজা ও চিনির রসে পক্ক মিঠাইবিশেষ।

জিবেগজা /জিবেগজা/ [বা.] বি. দ্র জিবেখাজা।

জিভ /জিভ্‌/ [স. জিহ্বা >] বি. দ্র জিব।

জিমখানা /জিম্‌খানা/ [ই.] বি. ঘোড়দৌড় ও খেলা-

www.pathagar.com

ধুলার সুবিধাসংবলিত স্থান।

জিমনাস্টিক /জিম্‌নাস্‌টিক্‌/ [লা.] বি. শরীর কর্মক্ষম রাখে এমন ব্যায়াম, শরীরচর্চা, gymnastic।

জিমনেসিয়াম /জিম্‌নেশিআম্‌/ [লা.] বি. যে গৃহে শরীরচর্চা ও ব্যায়াম করার সুবিধাদি থাকে।

জিম্মা /জিম্‌মা/ [আ.] বি. ১ হেফাজত; তত্ত্বাবধান; দায়িত্ব। ২ অধিকার; আয়ত্ত। বিণ. গচ্ছিত, ন্যস্ত।

জিম্মাদার /জিম্‌মাদার্‌/ [আ. জিম্মা+ফা. দার] বি. যে ব্যক্তির দায়িত্বে কোনো কিছু রাখা হয়।

জিম্মাদারি /জিম্‌মাদারি/ [আ. জিম্মা+ফা. দারি] বি. রক্ষণাবেক্ষণের দায়িত্ব।

জিয়নকাঠি /জিঅন্‌কাঠি/ [বা.] বি. ১ রূপকথায় কল্পিত মন্ত্রপূত কাঠিবিশেষ যা প্রাণসঞ্চার করতে পারে। ২ (আল.) বেঁচে থাকার প্রেরণা।

জিয়ন্ত /জিয়ন্‌তো/ [স. জীবন্ত >] বিণ. জীবিত।

জিয়ল[১] /জিঅল্‌/ [বা.] বিণ. পুকুর জলাশয় প্রভৃতি থেকে তোলার পরেও জিইয়ে রাখা যায় এমন (*জিয়ল মাছ*)।

জিয়ল[২] /জিঅল্‌/ [বা.] বি. ভারতীয় উপমহাদেশে পতিত জমিতে জাত এবং বসন্তকালে ফোটে এমন হলুদাভ সবুজ ফুল লালচে ফল বা তার নরম কাণ্ডবিশিষ্ট মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ যার কাণ্ড বেয়ে আঠালো তরল পদার্থ নিঃসৃত হয়, জিগা।

জিয়ানো /জিআনো/ [বা.] ক্রিবি. ১ বাঁচিয়ে রাখা (*মাছ জিয়ানো*)। ২ বাঁচিয়ে তোলা (*মুমূর্ষুকে জিয়ানো*)। বিণ. বাঁচিয়ে রাখা হয়েছে এমন।

জিয়াফত /জিআফ্‌ত্‌/ [ফা.] বি. দ্র জেয়াফত।

জিয়ারত /জিআরত্‌/ [আ.] বি. দ্র জেয়ারত।

জিরজির /জিরজির্‌/ [স. জর্জর >] বিণ. জীর্ণ, শীর্ণ; কৃচ্ছকালসার; রোগা।

জিরজিরে /জিরজিরে/ [স. জর্জর >] বিণ. অতিশয় কৃশ, কৃচ্ছকালসার।

জিরা /জিরা/ [স. জীরক >] বি. ভূমধ্যসাগরীয় অঞ্চলে জাত মৌরিজাতীয় উদ্ভিদের ছোটো সুগন্ধ বীজ যা মসলারূপে ব্যবহৃত হয়, cumin।

জিরাত /জিরাত্‌/ [আ.] বি. ১ চাষাবাদ। ২ চাষের জমি।

জিরাতি /জিরাতি/ [ফা.] বিণ. ১ চাষের যোগ্য। ২ কৃষিসংক্রান্ত।

জিরানকাট /জিরান্‌কাট/ [বা.] বি. খেজুরগাছ পরপর তিনদিন কেটে রস আহরণ করার পরের তিনদিন বন্ধ রেখে পুনরায় কাটার প্রক্রিয়া।

জিরানো /জিরানো/ [ফা.] ক্রিবি. ১ সাময়িক বিরতি নেওয়া। ২ বিশ্রাম করা।

জিরাফ /জিরাফ্‌/ [ই.] বি. আফ্রিকার বনাঞ্চলে বিচরণ করে এমন লম্বা গলাবিশিষ্ট তৃণভোজী স্তন্যপায়ী চতুষ্পদ প্রাণী যার সামনের পা পেছনের পায়ের চেয়ে লম্বা (পৃথিবীর সবচেয়ে উঁচু প্রাণী যার উচ্চতা আনুমানিক ৫.৫ মিটার), giraffe।

জিরিয়া /জিরিআ/ [বা.] বি. সাধারণত জলাঞ্চলে এবং কখনো কখনো তৃণভূমি তুন্দ্রা বা পাহাড়ি অঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন খাটো চঞ্চুবিশিষ্ট মাঝারি আকৃতির তিতিরজাতীয় পাখি-বিশেষ, plover।

জিল /জিল্‌/ [আ.] বি. দ্র জিলদ।

জিলকদ /জিল্‌কদ্‌/ [আ.] বি. হিজরি পঞ্জিকার একাদশ চান্দ্রমাস।

জিলদ /জিল্‌দ্‌/ [আ.] বি. ১ একত্রে সেলাই করা বইয়ের ফর্মা (*জিলদ বাঁধাই*)। ২ বইয়ের মলাট বা তার ভেতরের দিকের অংশ।

জিলদগর /জিল্‌দ্‌গর্‌/ [আ. জিলদ+ফা. গর] বি. বই বাঁধাই করা যার পেশা।

জিলহজ /জিল্‌হজ্‌/ [আ.] বি. হিজরি পঞ্জিকার দ্বাদশ চান্দ্রমাস।

জিলা /জিলা/ [ফা.] বি. 'জেলা'-র সাধু রূপ।

জিলাপি /জিলাপি/ [হি. জলেবি >] বি. চিনির রসে ভেজানো ময়দার তৈরি প্যাঁচানো নকশাবিশিষ্ট কুণ্ডলাকার মিঠাইবিশেষ।

জিলিপি /জিলিপি/ [হি. জলেবি >] বি. দ্র জিলাপি।

জিষ্ণু /জিশ্‌নু/ [স. √জি+স্নু] বিণ. জয়শীল; বিজয়-কামী। বি. ১ বিষ্ণু। ২ ইন্দ্র। ৩ অর্জুন।

জিহ /জিহো/ [স. জিহ্ম >] বি. দ্র জিহ্ম।

জিহাদ /জিহাদ্‌/ [আ.] বি. ১ সত্য ও ন্যায় প্রতিষ্ঠার লড়াই। ২ ধর্মরক্ষার নামে অন্যায় যুদ্ধ, crusade।

জিহীর্ষা /জিহির্‌শা/ [স. √হৃ+সন্‌+অ+আ(টাপ্‌)] বি. হরণ করার ইচ্ছা।

জিহীর্ষু /জিহির্‌শু/ [স. √হৃ+সন্‌+উ] বিণ. হরণ করতে ইচ্ছুক।

জিহ্ম /জিড়্‌ভা/ [স. √লিহ্‌+ব+আ (টাপ্‌)] বি. (অধিকাংশ মেরুদণ্ডী প্রাণীর) স্বাদগ্রহণ খাদ্য গলাধঃকরণ এবং কথা বলায় সাহায্য করে এমন মুখগহ্বরের নিম্নভাগে অবস্থিত পেশিবহুল কোমল ও মাংসল অঙ্গ, জিহ্বা, জিভ, রসনা, tongue।

জিহ্বাকণ্ডূয়ন /জিড়্‌ভাকোন্‌ডুয়ন/ [স. জিহ্ম+√কণ্ডূয়্‌ +অন] বি. ঝগড়ার জন্য জিভের চুলকানি।

www.pathagar.com

জিহ্বাগ্র /জিউ্ভাগ্‌গ্রো/ [স. জিহ্বা+অগ্র] বি. জিহ্বার অগ্রভাগ, জিভের ডগা।

জিহ্বামূল /জিউ্ভামুল্/ [স. জিহ্বা+মূল] বি. জিভের গোড়া।

জিহ্বামূলীয় /জিউ্ভামুলিও/ [স. জিহ্বামূল+ঈয়] বিণ. ১ জিহ্বামূল থেকে উচ্চারিত (*জিহ্বামূলীয় ধ্বনি*)। ২ জিহ্বামূলবিষয়ক।

জিহ্বাস্তম্ভ /জিউভাস্‌তম্‌ভো/ [স. জিহ্বা+√স্তম্ভ্+অ] বি. জিভের পক্ষাঘাত রোগ, জিভের অসাড়তা।

জিহ্ম /জিম্‌mho/ [স. √হা+ম] বিণ. ১ অপ্রসন্ন। ২ বক্র। ৩ কুটিল। ৪ সংকুচিত।

জিহ্মগ /জিম্‌mhoগো/ [স. জিহ্ম+√গম্+অ] বিণ. ১ এঁকেবেঁকে চলে এমন। ২ ধীরগামী। বি. সাপ।

জিহ্মিত /জিম্‌mhiতো/ [স. জিহ্ম+ইত] বিণ. ১ বাঁকা করা হয়েছে এমন; নমিত। ২ ঘূর্ণিত।

জীব[১] /জিব্/ [স. √জীব্+অ] বি. ১ নিজেদের খাদ্য নিজেরা তৈরি করতে পারে না কিন্তু চলাচল করতে পারে এমন দেহধারী প্রাণী। ২ উদ্ভিদ।

জীব[২] /জিবো/ [স. জীব >] অনুক্রি. 'বেঁচে থাকো' বা 'দীর্ঘজীবী হও' এমন আশীর্বাদসূচক উক্তি।

জীবক /জিবক্/ [স. √জীব্+অক] বি. ১ সুদখোর। ২ পরিচারক। ৩ সাপুড়ে। ৪ ভিক্ষুক। ৫ ক্ষপণক।

জীবজগৎ /জিব্‌জগোত্/ [স. জীব+√গম্+ক্বিপ্] বি. ১ প্রাণিজগৎ। ২ মর্ত্যলোক।

জীবজন্তু /জিব্‌জোন্‌তু/ [স. জীব+√জন্+তু] বি. প্রাণিকূল।

জীবতত্ত্ব /জিবোতত্‌তো/ [স. জীব+তৎ+ত্ব] বি. প্রাণী ও উদ্ভিদের জীবনবিষয়ক বিজ্ঞান, জীববিজ্ঞান, biological science।

জীবতত্ত্বজ্ঞ /জিবোতত্‌তোগ্‌গোঁ/ [স. জীবতত্ত্ব+√জ্ঞা+অ] বিণ. দ্র জীবতত্ত্ববিদ।

জীবতত্ত্ববিদ /জিবোতত্‌তোবিদ্/ [স. জীবতত্ত্ব+√বিদ্+অ] বিণ. জীববিজ্ঞান বিষয়ে অভিজ্ঞ।

জীবতারা /জিবোতারা/ [স. জীব+তারা] বি. জীবন-রূপ তারা, জীবন (*প্রবাসে দৈবের বশে, জীব-তারা যদি খসে* মধু.)।

জীবৎ /জিবত্/ [স. √জীব্+অৎ] বিণ. জীবিত।

জীবৎকাল /জিবত্‌কাল্/ [স. জীবৎ+কাল] বি. দ্র জীবদ্দশা।

জীবদ্দশা /জিবদ্‌দশা/ [স. জীবৎ+দশা] বি. জীবন-কাল, জীবিত অবস্থা, আয়ুষ্কাল।

জীবধন /জিবোধন্/ [স. জীব+ধন] বি. গোরু মহিষ প্রভৃতি পশুসম্পদ।

জীবধর্ম /জিবোধর্‌মো/ [স. জীব+√ধৃ+মন্] বি. জীবের ক্ষুধা তৃষ্ণা প্রভৃতি স্বাভাবিক শারীরিক বৃত্তি।

জীবধাত্রী /জিবোধাত্‌ত্রি/ [স. জীব+√ধা+তৃ+ঈ] বিণ. জীবের পালনকারিণী। বি. ধরিত্রী।

জীবন /জিবন্/ [স. √জীব্+অন] বি. ১ প্রাণ। ২ প্রাণধারণ। ৩ জীবৎকাল (*জীবন কাটানো*)। ৪ আয়ু (*জীবন ফুরিয়ে আসা*)। ৫ জীবিকা।

জীবনকথা /জিবন্‌কথা/ [স. জীবন+√কথ্+অ+আ (টাপ্)] বি. দ্র জীবনচরিত।

জীবনচরিত /জিবন্‌চোরিত্/ [স. জীবন+√চর্+ত] বি. জীবনকাহিনি, জীবনী।

জীবনজিজ্ঞাসা /জিবন্‌জিগ্‌গাশা/ [স. জীবন+জিজ্ঞাসা] বি. জীবন বা জগৎ সম্পর্কে কৌতূহল।

জীবনদর্শন /জিবন্‌দর্‌শোন্/ [স. জীবন+√দৃশ্+অন] বি. জীবনের উদ্দেশ্য সম্পর্কে বোধ ও ধারণা।

জীবননাশ /জিবন্‌নাশ্/ [স. জীবন+√নশ্+অ] বি. প্রাণনাশ।

জীবনপ্রবাহ /জিবন্‌প্রোবাহো/ [স. জীবন+প্রবাহ] বি. জীবনযাপন।

জীবনবল্লভ /জিবন্‌বল্‌লভ্/ [স. জীবন+√বল্ল্+অভ] বিণ. প্রাণের চেয়ে প্রিয়। স্ত্রী. **জীবনবল্লভা** /জিবন্‌বল্‌লভা/।

জীবনবিমা /জিবন্‌বিমা/ [স. জীবন+ফা. বিমা] বি. অগ্রিম প্রদত্ত নির্দিষ্ট চাঁদার বিনিময়ে পূর্বনির্ধারিত মেয়াদান্তে বা অকালমৃত্যু হলে মনোনীত ব্যক্তিকে চুক্তি অনুযায়ী বিমা প্রতিষ্ঠান কর্তৃক অর্থ প্রদানের নিশ্চয়তা, life insurance।

জীবনবৃত্তান্ত /জিবন্‌বৃত্‌তান্‌তো/ [স. জীবন+বৃত্ত+অন্ত] বি. জীবনের বিবিধ তথ্যসংবলিত বিবরণ; (পরি.) biodata।

জীবনবেদ /জিবন্‌বেদ্/ [স. জীবন+বেদ] বি. জীবনের আদর্শ ও নিয়ন্ত্রকনীতি, জীবনদর্শন।

জীবনব্যাপী /জিবন্‌ব্যাপি/ [স. জীবন+বি+√আপ্+ইন্] বিণ. সারাজীবন, আজীবন।

জীবনমরণ সমস্যা /জিবন্‌মরোন্ শমোশ্‌শা/ বি. বেঁচে থাকা বা না-থাকা নির্ভর করে এমন কঠিন সমস্যা।

জীবনযাত্রা /জিবন্‌জাত্‌ত্রা/ [স. জীবন+√যা+ত্র+আ (টাপ্)] বি. জীবিকানির্বাহ।

জীবনযাপন /জিবন্‌জাপোন্/ [স. জীবন+√যাপি+অন] বি. জীবন অতিবাহন।

জীবনযৌবন /জিবন্‌জৌবন্/ [স. জীবন+যুবন্+অ] বি. জীবন ও তারুণ্য, প্রাণ ও যৌবন।

www.pathagar.com

জীবনলীলা /জিবন্‌লিলা/ [স. জীবন+লী+ √লা+অ +আ (টাপ্)] বি. জীবৎকাল।

জীবনসংগ্রাম /জিবন্‌শংগ্রাম্/ [স. জীবন+সংগ্রাম] বি. বেঁচে থাকার জন্য প্রতিকূল অবস্থার সঙ্গে যুদ্ধ।

জীবনসঙ্গী /জিবন্‌শোংগি/ [স. জীবন+ সঙ্গ+ইন্] বি. সারাজীবনের সহচর, স্বামী। স্ত্রী. জীবন-সঙ্গিনী /জিবন্‌শোংগিনি/।

জীবনসঞ্চার /জিবন্‌শন্‌চার/ [স. জীবন+সম্+ √চর্ +অ] বি. প্রাণসঞ্চার।

জীবনসহচর /জিবন্‌শহোচর্/ [স. জীবন+সহচর] বি. জীবনের সঙ্গী, স্বামী। স্ত্রী. জীবনসহচরী /জিবন্‌শহোচোরি/।

জীবনস্মৃতি /জিবন্‌স্মৃতি/ [স. জীবন+ √স্মৃ+তি] বি. জীবনের বিবিধ ঘটনার স্মৃতি, আত্মচরিত।

জীবনাধিক /জিবনাধিক্/ [স. জীবন+অধিক] বিণ. প্রাণের চেয়েও বেশি এমন, প্রাণাধিক।

জীবনান্ত /জিবনান্‌তো/ [স. জীবন+√অম্+ত] বি. জীবনের অবসান, মৃত্যু।

জীবনাবধি /জিবনাবোধি/ [স. জীবন+অবধি] বিণ. বেঁচে থাকাকালীন, আজীবন।

জীবনাবসান /জিবনাবোশান্/ [স. জীবন+অবসান] বি. জীবনের সমাপ্তি, মৃত্যু।

জীবনালেখ্য /জিবনালেক্‌খো/ [স. জীবন+আ+ √লিখ্+য] বি. জীবনচরিত, জীবনকাহিনি।

জীবনী /জিবোনি/ [স. জীবন+ঈ] বিণ. প্রাণশক্তি দান করে এমন (*জীবনীশক্তি*)। বি. জীবনের ইতিহাস নিয়ে লেখা গ্রন্থ, অন্যের লেখা জীবন-চরিত, biography।

জীবনীকার /জিবোনিকার্/ [স. জীবনী+ √কৃ+অ] বি. জীবনচরিত রচয়িতা।

জীবনীয় /জিবোনিয়ো/ [স. √জীব্+অনীয়] বিণ. প্রাণধারণের জন্য অপরিহার্য।

জীবনীলেখক /জিবোনিলেখক্/ [স. জীবনী+লেখক] বি. দ্র জীবনীকার।

জীবনীশক্তি /জিবোনিশোক্‌তি/ [স. জীবনী+ √শক্+ তি] বি. বেঁচে থাকার শক্তি।

জীবনোচ্ছ্বাস /জিবনোচ্‌ছাশ্/ [স. জীবন+উচ্ছ্বাস] বি. প্রাণশক্তির উদ্‌বেল অবস্থা।

জীবনোপায় /জিবনোপায়্/ [স. জীবন+উপায়] বি. জীবন রক্ষার উপায়, জীবিকা।

জীবন্ত /জিবন্‌তো/ [স. √জীব্+অন্ত] বিণ. ১ বেঁচে আছে এমন, জীবিত। ২ প্রাণবন্ত, সজীব। ৩ অত্যন্ত স্পষ্ট। ৪ উৎসাহ ও উদ্দীপনায় পূর্ণ।

জীবন্তিকা /জিবোন্‌তিকা/ [স. জীবন্তী+কন্+আ (টাপ্)] বি. ১ বাস্তব জীবনের ঘটনাপ্রবাহের নাট্যরূপ। ২ পরগাছা।

জীবন্মুক্ত /জিবন্‌মুক্‌তো/ [স. জীবৎ+√মুচ্+ত] বিণ. ১ জীবিতকালে মায়ার বন্ধন থেকে মুক্ত। ২ তত্ত্বজ্ঞানী।

জীবন্মুক্তি /জিবন্‌মুক্‌তি/ [স. জীবন+√মুচ্+তি] বি. জীবিত থেকেও পার্থিব মায়াবন্ধন থেকে মুক্তি।

জীবন্মৃত /জিবন্‌মৃতো/ [স. জীবৎ+মৃত] বিণ. বেঁচে থেকেও মৃতপ্রায়, নির্জীব, মনমরা।

জীবন্যাস /জিবোন্‌ন্যাশ্/ [স. জীবৎ+ন্যাস] বি. মন্ত্র পড়ে প্রতিমায় প্রাণপ্রতিষ্ঠা।

জীববলি /জিবোবোলি/ [স. জীব+√বল্+ই] বি. পূণ্য অর্জনের জন্য ধর্মের নামে পশুবধ।

জীববিজ্ঞান /জিবোবিগ্‌গ্যান্/ [স. জীব+বিজ্ঞান] বি. প্রাণী ও উদ্ভিদের জীবনবিষয়ক বিজ্ঞান, biological science।

জীববিদ্যা /জিবোবিদ্‌দা/ [স. জীব+বিদ্যা] বি. প্রাণী ও উদ্ভিদের জীবনবিষয়ক শাস্ত্র, biology।

জীববৈচিত্র্য /জিবোবোইচিত্‌ত্রো/ [স. জীব+বিচিত্র +য] বি. উদ্ভিদ ও অণুজীব-সহ পৃথিবীর সমগ্র প্রাণিকুলের বিচিত্রতা, biodiversity।

জীবরহস্য /জিবোরহোশ্‌শো/ [স. জীব+রহস্য] বি. প্রাণিসম্বন্ধীয় অজ্ঞাত বা গুপ্ত বিষয়।

জীবলীলা /জিবোলিলা/ [স. জীব+লী+√লা+অ+আ (টাপ্)] বি. জীবনের কার্যাবলি।

জীবলোক /জিবোলোক্/ [স. জীব+লোক] বি. মর্ত্যলোক, পৃথিবী।

জীবহত্যা /জিবোহোত্‌তা/ [স. জীব+√হন্+য+আ (টাপ্)] বি. প্রাণিবধ, পশুহত্যা।

জীবহিংসা /জিবোহিংশা/ [স. জীব+√হিংস্+অ+আ (টাপ্)] বি. দ্র জীবহত্যা।

জীবাণু /জিবানু/ [স. জীব+অণু] বি. খালি চোখে দেখা যায় না এমন অতি ক্ষুদ্রপ্রাণী, microbe।

জীবাত্মা /জিবাত্‌মা/ [স. জীব+আত্মন্] বি. দেহধারী আত্মা।

জীবান্তক /জিবান্‌তক্/ [স. জীব+অন্তক] বিণ. প্রাণনাশক, জীবননাশক। বি. ব্যাধ।

জীবাবশেষ /জিবাবোশেশ্/ [স. জীব+অবশেষ] বি. দ্র জীবাশ্ম।

জীবাশ্ম /জিবাশ্‌মো/ [স. জীব+অশ্মন্] বি. প্রাণী বা উদ্ভিদের প্রস্তরীভূত দেহ, fossil।

www.pathagar.com

জীবিকা /জিবিকা/ [স. √জীব্+কন্+আ (টাপ্)] বি. জীবনধারণের জন্য গৃহীত পেশা বা বৃত্তি।

জীবিকার্জন /জিবিকার্‌জোন্/ [স. জীবিকা+অর্জন] বি. জীবনযাত্রা নির্বাহের জন্য অর্থোপার্জন।

জীবিকানির্বাহ /জিবিকানির্‌বাহো/ [স. জীবিকা+নির্বাহ] বি. জীবনযাত্রা নির্বাহ, জীবনযাপন।

জীবিত /জিবিতো/ [স. √জীব্+ত] বিণ. বেঁচে আছে এমন (*জীবিত প্রাণী*)। স্ত্রী. জীবিতা /জিবিতা/।

জীবিতাশা /জিবিতাশা/ [স. জীবিত+আশা] বি. বেঁচে থাকার বাসনা।

জীবিতেশ /জিবিতেশ্/ [স. জীবিত+ঈশ] বি. দ্র জীবিতেশ্বর।

জীবিতেশ্বর /জিবিতেশ্‌শর্/ [স. জীবিত+ঈশ্বর] বি. ১ স্বামী। ২ প্রিয়তম। ৩ জগদীশ্বর।

-জীবী /জিবি/ [স. √জীব্+ইন্] বিণ. ১ জীবন্ত (*দীর্ঘজীবী*)। ২ জীবিকাবিশিষ্ট (*পেশাজীবী*)।

জীমূত /জিমুতো/ [স. জী+√মূ+ত] বি. ১ মেঘ। ২ পর্বত।

জীমূতনাদ /জিমুতোনাদ্/ [স. জীমূত+নাদ] বি. মেঘের গর্জন।

জীমূতবাহন /জিমুতোবাহোন্/ [স. জীমূত+√বহ্+অন] বি. মেঘ যার বাহন, দেবরাজ ইন্দ্র।

জীমূতবাহী /জিমুতোবাহি/ [স. জীমূত+√বহ্+ইন্] বি. মেঘ যাকে বহন করে, দেবরাজ ইন্দ্র।

জীমূতমন্দ্র /জিমুতোমন্দ্রো/ [স. জীমূত+√মন্দ্+র] বি. মেঘের গর্জন।

জীয়ন্ত /জিয়ন্তো/ [স. জীবন্ত >] বিণ. জীবিত।

জীরক /জিরক্/ [স. জীর+ক (স্বার্থে)] বি. মসলা-বিশেষ, জিরা।

জীর্ণ /জির্‌নো/ [স. √জু+ত] বিণ. ১ শীর্ণ (*জীর্ণদশা*)। ২ জর্জরিত (*জীর্ণদেহ*)। ৩ শিথিলতাপ্রাপ্ত। ৪ অকর্মণ্য। ৫ পুরনো (*জীর্ণবস্ত্র*)। ৬ জারিত বা হজম হয়েছে এমন। বি. -তা /-তা/।

জীর্ণদশা /জির্‌নোদশা/ [স. জীর্ণ+√দন্‌শ্+অ+আ (টাপ্)] বি. জরাগ্রস্ত ও ক্ষয়প্রাপ্ত অবস্থা।

জীর্ণবসন /জির্‌নোবশোন্/ [স. জীর্ণ+বসন] বি. পুরাতন ও ছেঁড়া কাপড়। বিণ. ছিন্নবস্ত্র পরিহিত।

জীর্ণসংস্কার /জির্‌নোশংশ্‌কার্/ [স. জীর্ণ+সংস্কার] বি. ক্ষয়প্রাপ্ত বস্তু মেরামত ও সংস্কার।

জীর্ণোদধার /জির্‌নোদ্‌ধার্/ [স. জীর্ণ+উদধার] বি. ক্ষয়প্রাপ্ত বস্তুর সংস্কার।

জুঁই /জুঁই/ [স. যূথিকা >] বি. ঝোপঝাড় ও তৃণ-ভূমিতে জাত এবং গ্রীষ্ম ও বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার কোমল লোমাবৃত ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় লতানে উদ্ভিদ (আনি. ভারত ও থাইল্যান্ড), যূথী।

জুগি /জুগি/ [স. যোগী >] বি. ১ ভিক্ষাজীবী সম্প্রদায়-বিশেষ (*গাঁয়ের যুগি*)। ২ তাঁতে কাপড় বোনা যার পেশা, তাঁতি।

জুগুপ্সা /জুগুপ্‌সা/ [স. √গুপ্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ কুৎসা বা অপবাদ রটানোর ইচ্ছা। ২ ঘৃণা।

জুগুপ্সিত /জুগুপ্‌সিতো/ [স. √গুপ্+সন্+ত] বিণ. ১ নিন্দা করা হয়েছে এমন। ২ ঘৃণিত।

জুগুপ্সু /জুগুপ্‌শু/ [স. √গুপ্+সন্+উ] বিণ. গোপন করতে ইচ্ছুক এমন।

জুজ /জুজ্/ [আ.] বি. বইয়ের ১৬ পৃষ্ঠা বা ৮ পৃষ্ঠার ফর্মা।

জুজদান /জুজ্‌দান্/ [আ. জুজ+ফা. দান] বি. ধর্মগ্রন্থ মুড়ে রাখার বস্ত্রখণ্ড।

জুজসেলাই /জুজ্‌শেলাই/ [আ. জুজ+বা. সেলাই] বি. বইয়ের প্রতিটি ফর্মা স্বতন্ত্রভাবে সেলাই করে বাঁধাই।

জুজু /জুজু/ [দেশি.] বি. শিশুদের ভয় দেখানোর জন্য কল্পিত মূর্তি বা জীব।

জুজুৎসু /জুজুৎশু/ [জাপ.] বি. খালি হাতে আকস্মিক আক্রমণ প্রতিরোধের জন্য প্রতিপক্ষের শক্তি ও ওজন ব্যবহার করার জাপানি কসরত, জুডো, jujitsu; তুল. যুযুৎসু (পৃ ১১৫২)।

জুজুবুড়ি /জুজুবুড়ি/ [দেশি.] বি. দ্র জুজু।

জুঝা /জুঝা/ [স. যুদ্ধ >] ক্রিবি. ১ যুদ্ধ করা। ২ বাধাবিঘ্ন অতিক্রম করা। ৩ বোঝাপড়া করা। ৪ 'জোঝা'-র সাধু রূপ।

জুঝানো /জুঝানো/ [বা.] ক্রিবি. লড়াই করানো।

জুটন /জুটন্/ [ই. jute+cotton] বি. পাট ও কার্পাস সুতার মিশ্রণে তৈরি কাপড়বিশেষ, jutton।

জুটা /জুটা/ [বা.] ক্রিবি. ১ জোগাড় হওয়া (*অন্ন জুটা*)। ২ উপস্থিত হওয়া (*এসে জুটা*)। ৩ লাভ করা (*চাকরি জুটা*)। ৪ 'জোটা'-র সাধু রূপ।

জুটানো /জুটানো/ [বা.] ক্রিবি. বিণ. সংগ্রহ করা, একত্র করা; হাজির করা; 'জোটানো'-র সাধু রূপ।

জুটি /জুটি/ [বা.] বি. জুড়ি, দোসর; সঙ্গী, সাথি।

জুটি বাঁধা /জুটি বাঁধা/ ক্রিবি. জোড় বাঁধা।

জুঠা /জুঠা/ [হি.] বিণ. এঁটো, উচ্ছিষ্ট।

জুডো /জুডো/ [জাপ.] বি. খালি হাতে আকস্মিক আক্রমণ প্রতিরোধের জন্য প্রতিপক্ষের শক্তি ও

www.pathagar.com

ওজন ব্যবহার করার জাপানি কসরত।

জুড়ন /জুড়ন/ [বা.] বি. ১ যুক্তকরণ। ২ শীতলকরণ।

জুড়া /জুড়া/ [বা.] ক্রিবি. ১ একত্র করা, জুড়ে দেওয়া। ২ আরম্ভ করা। বিণ. যোজিত।

জুড়ানো /জুড়ানো/ [বা.] ক্রিবি. ১ ঠান্ডা করা (*খাবার জুড়ানো*)। ২ শমিত হওয়া (*জ্বালা জুড়ানো*)। ৩ তৃপ্ত হওয়া (*প্রাণ জুড়ানো*)।

জুড়ি /জুড়ি/ [হি.] বি. ১ সমান দুটির জোড়; সমান দ্বিতীয় ব্যক্তি (*জুড়ি মেলা*)। ২ দোসর; সাথি। ৩ দুই ঘোড়ায় টানা গাড়ি (*জুড়ি হাঁকানো*)। ৪ যাত্রা-দলের বৃন্দগায়ক। ৫ সেতারের যে দুটি তার একই সুরে বাঁধা হয়। বিণ. ১ যুগ্ম। ২ সমকক্ষ।

জুড়িগাড়ি /জুড়িগাড়ি/ [হি.] বি. দুই ঘোড়ায় টানা গাড়ি।

জুড়িদার /জুড়িদার/ [হি. জুড়ি+ফা. দার] বিণ. ১ সহযোগী, সঙ্গী। ২ সমকক্ষ।

জুত[১] /জুত/ [স. যুক্ত >] বি. ১ আরাম (*জুত করে বসা*)। ২ সুবিধা (*কাজের জুত*)।

জুত[২] /জুত/ [স. জ্যোতিঃ >] বি. ১ শক্তি। ২ জ্যোতি।

জুতসই /জুতশোই/ [বা.] বিণ. সুবিধাজনক (*জুত-সই প্রযুক্তি*), appropriate।

জুতা[১] /জুতা/ [হি.] বি. ধুলোবালি ময়লা থেকে রক্ষার জন্য চামড়া কাপড় প্রভৃতির তৈরি পায়ের আবরণবিশেষ, পাদুকা, জুতো, উপানৎ, পানই।

জুতা[২] /জুতা/ [স. যুক্ত >] ক্রিবি. যুক্ত করা।

জুতা খাওয়া /জুতা খাওআ/ ক্রিবি. ১ জুতা দিয়ে প্রহৃত হওয়া। ২ অপমানিত হওয়া।

জুতানো[১] /জুতানো/ [বা.] ক্রিবি. ১ জুতা দিয়ে প্রহার করা। ২ অপমানিত করা।

জুতানো[২] /জুতানো/ [বা.] ক্রিবি. সংযুক্ত করা।

জুতো /জুতো/ [হি. জুতা >] বি. জুতা[১]-এর কথ্য রূপ।

জুতোনো /জুতোনো/ [বা.] ক্রিবি. জুতানো[১]-এর কথ্য রূপ।

জুদা /জুদা/ [ফা.] বিণ. পৃথক, বিচ্ছিন্ন, আলাদা।

জুন /জুন/ [ফ.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির ষষ্ঠ মাস, ১৮ই জ্যৈষ্ঠ থেকে ১৬ই আষাঢ় পর্যন্ত কালপর্ব, June।

জুনিপোকা /জুনিপোকা/ [স. জ্যোতিরিঙ্গণ >] বি. ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে ওড়ে এবং প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিতভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গ-বিশিষ্ট কীট, জোনাকি, খদ্যোত।

জুবিলি /জুবিলি/ [ই.] বি. কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা ঘটনার (২৫ ৫০ ৭৫ বা ১০০) বর্ষপূর্তি উপলক্ষ্যে পালিত উৎসব, jubilee।

জুম /জুম/ [অজ্ঞা.] বি. দ্র জুমচাষ।

জুমওয়াতুলবিদা /জুম্ওআতুল্‌বিদা/ [আ.] বি. ১ রমজান মাসের শেষ শুক্রবার, বিদায়ি শুক্রবার। ২ হিজরি পঞ্জিকার রমজান মাসের শেষ শুক্রবারের জুম্মার নামাজ।

জুমচাষ /জুম্‌চাশ/ [অজ্ঞা. জুম+স. চাষ] বি. চট্টগ্রাম ও অসমের পাহাড়ি অঞ্চলের ঢালু মাটিতে একাধিক ফসলের একত্রচাষাবাদ।

জুমা /জুমা/ [আ.] বি. ১ শুক্রবারের দুপুরে অনুষ্ঠিত নামাজের জামাত। ২ শুক্রবার।

জুমামসজিদ /জুমামোস্‌জিদ/ [আ.] বি. যে মসজিদে শুক্রবারের জুম্মার নামাজ ও খুতবা পাঠ করা হয়।

জুমিয়া /জুমিআ/ [দেশি.] বি. বিণ. জুমচাষী।

জুম্মা /জুম্মা/ [আ.] বি. দ্র জুমা।

জুম্মাতুলবিদা /জুম্মাতুল্‌বিদা/ [আ.] বি. দ্র জুমওয়াতুলবিদা।

জুম্মামসজিদ /জুম্মামোস্‌জিদ/ [আ.] বি. দ্র জুমামসজিদ।

জুয়া /জুআ/ [স. দ্যূত >] বি. অর্থের বিনিময়ে বাজি রেখে প্রতিযোগিতামূলক খেলা, gambling।

জুয়াচুরি /জুআচুরি/ [বা.] বি. প্রবঞ্চনা, ধোঁকাবাজি, প্রতারণা, শঠতা।

জুয়াচোর /জুআচোর/ [বা.] বি. বিণ. 'জোচ্চোর'-এর সাধু রূপ।

জুয়াড়ি /জুআড়ি/ [স. দ্যূতকার >] বি. যে জুয়া খেলে। বিণ. জুয়াখেলায় আসক্ত।

জুয়ানো /জুআনো/ [বা.] ক্রিবি. জোগান দেওয়া।

জুরি /জুরি/ [ই.] বি. বিচারসভায় মতামত প্রদানের জন্য মনোনীত সমাজের সুধীজন, নির্ণায়ক সভা, jury।

জুলজুল /জুল্‌জুল্/ [দেশি.] অব্য. বি. দৃষ্টির চক-চকে ভাব, সজীব ও উজ্জ্বল দৃষ্টি (*জুলজুল করে চেয়ে থাকা*)। বিণ. ১ ঈষৎ উজ্জ্বল। ২ চকচকে।

জুলপি /জুল্‌পি/ [ফা.] বি. দ্র জুলফি।

জুলফি /জুল্‌ফি/ [ফা.] বি. দুকানের পাশে গালের ওপর কিছুদূর পর্যন্ত রাখা দাড়ি; দুকানের পাশে গালের ওপর নেমে আসা চুলের গোছা।

জুলাই /জুলাই/ [লা.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির সপ্তম মাস, ১৭ই আষাঢ় থেকে ১৬ই শ্রাবণ পর্যন্ত কালপর্ব, July।

www.pathagar.com

জুলি /জুলি/ [তি.] বি. ১ ছোটো নালা, লম্বা সরু খাত (*নয়নজুলি*)। ২ গলনালি।

জুলু /জুলু/ বি. দক্ষিণ আফ্রিকার কোয়াজুলু (নাটাল প্রদেশের) অধিবাসী বা তাদের ভাষা, Zulu।

জুলুম /জুলুম্/ [আ.] বি. ১ অত্যাচার; পীড়ন; উৎপীড়ন। ২ জবরদস্তি, জোরাজুরি।

জুলুমবাজ /জুলুম্বাজ্/ [আ. জুলুম+ফা. বাজ] বিণ. অত্যাচারী, পীড়নকারী।

জুলুমবাজি /জুলুম্বাজি/ [আ. জুলুম+ফা. বাজি] বি. অত্যাচার, উৎপীড়ন।

জুষ্ট /জুশ্টো/ [স. √জুষ্+ত] বিণ. সেবিত; পূজিত।

জুস[১] /জুস্/ [ই.] বি. ফলের রস, juice।

জুস[২] /জুস্/ [স. যূষ >] বি. ডাল মাংস প্রভৃতির ক্বাথ বা ঝোল।

জূট /জুট্/ [স. √জট্+অ] বি. ১ গোছা, গুচ্ছ; সমূহ। ২ চুলের ঝুঁটি (*জটাজূট*)।

জৃম্ভ /জ্‌ম্‌ভো/ [স. √জৃম্ভ্+অ] বি. দ্র জৃম্ভণ।

জৃম্ভক /জ্‌ম্‌ভক্/ [স. √জৃম্ভ্+অক] বি. যে হাই তোলে। বিণ. আলস্যজনক।

জৃম্ভকাস্ত্র /জ্‌ম্‌ভকাস্ত্রো/ [স. জৃম্ভক+√অস্+ত্র] বি. যে অস্ত্র প্রয়োগ করলে হাই ওঠে বা দেহে শিথিলতার ভাব নেমে আসে।

জৃম্ভণ /জ্‌ম্‌ভন্/ [স. √জৃম্ভ্+অন] বি. ১ আলস্য-জনিত মুখব্যাদান, হাই। ২ বিস্তার; প্রকাশ।

জৃম্ভমাণ /জ্‌ম্‌ভোমান্/ [স. √জৃম্ভ্+মান (শানচ্)] বিণ. ১ হাই তুলছে এমন, মুখব্যাদানরত। ২ প্রকাশমান, বিকাশমান।

জৃম্ভিত /জ্‌ম্‌ভিতো/ [স. √জৃম্ভ্+ত] বিণ. ১ জৃম্ভণ-যুক্ত। ২ প্রকাশিত।

জেঁকো /জেঁকো/ [বা.] বিণ. ১ জাঁকজমকসম্পন্ন, আড়ম্বরপূর্ণ। ২ বড়াই করে এমন।

জেট /জেট্/ [ফ.] বি. সরুমুখ দিয়ে প্রবল বেগে তরল বা বায়বীয় পদার্থের দ্রুত নিষ্ক্রমণ, jet।

জেট ইঞ্জিন /জেট্ ইন্‌জিন্/ বি. (সচরাচর ডানার সঙ্গে সংযুক্ত) যে ইঞ্জিনের সরুমুখ ছিদ্রপথে প্রবল বেগে গরম বাতাস নিঃসরণের ফলে সৃষ্ট চাপ (thrust) বিমানকে সামনের দিকে ঠেলে নিয়ে যায়।

জেট প্লেন /জেট্ প্লেন্/ বি. জেট ইঞ্জিনদ্বারা চালিত বিমানপোত, jet plane।

জেট ল্যাগ /জেট্ ল্যাগ্/ বি. জেটবিমানে পূর্ব-পশ্চিম বরাবর দীর্ঘপথ ভ্রমণের ফলে দুই প্রান্তের স্থানীয় সময়ের বৈষম্যজনিত শারীরিক ক্লান্তি ও অবসাদ, jet lag।

জেটি /জেটি/ [ই.] বি. সমুদ্রবন্দরে জাহাজে যাত্রী ওঠানামা বা পণ্য বোঝাই ও খালাসের জন্য নির্মিত কংক্রিটের মঞ্চবিশেষ, jetty।

জেঠ- /জেঠ্/ [স. জ্যেষ্ঠ >] বি. জ্যাঠা শব্দের রূপবিশেষ যা প্রত্যয় বা সমাসবদ্ধ শব্দে পূর্বপদে যুক্ত হয় (*জেঠতুতো*)।

জেঠতুতো /জেঠতুতো/ [স. জ্যেষ্ঠতাত >] বিণ. জ্যাঠা বা পিতার জ্যেষ্ঠ ভ্রাতার সূত্রে সম্পর্কিত (*জেঠতুতো ভাই*)।

জেঠশাশুড়ি /জেঠ্‌শাশুড়ি/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর জেঠিমা।

জেঠশ্বশুর /জেঠ্‌শোশুর্/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর জ্যাঠা।

জেঠি[১] /জেঠি/ [বা.] বি. দ্র জেঠিমা।

জেঠি[২] /জেঠি/ [স. জ্যেষ্ঠী >] বি. টিকটিকি।

জেঠিমা /জেঠিমা/ [বা.] বি. জ্যাঠার পত্নী; পিতার জ্যেষ্ঠ ভ্রাতা বা তৎসম্পর্কীয় ব্যক্তির পত্নী।

জেতব্য /জেতোব্‌বো/ [স. √জি+তব্য] বিণ. জয় করতে হবে বা জয় করার যোগ্য, জেয়।

জেতা /জেতা/ [স. √জি+তৃ] বিণ. জয় হয়েছে এমন, জয়ী, বিজয়ী; জয়শীল। ক্রিবি. ১ জয়লাভ করা। ২ প্রতিযোগিতায় জয়ী হওয়া।

জেতানো /জেতানো/ [বা.] ক্রিবি. বিজয়ী করা, জয় করানো; লাভবান করা।

জেদ /জেদ্/ [আ.] বি. 'জিদ'-র কথ্য রূপ।

জেদাজেদি /জেদাজেদি/ [আ.] বি. পারস্পরিক একগুঁয়েমি প্রকাশ, জোরাজুরি।

জেদি /জেদি/ [আ.] বিণ. 'জিদি'-র কথ্য রূপ।

জেনা /জেনা/ [আ.] বি. ব্যভিচার।

জেনাকার /জেনাকার্/ [আ. জেনা+স. কার] বিণ. ১ ব্যভিচারী। ২ ধর্ষক।

জেনাকারী /জেনাকারি/ [আ. জেনা+স. কারী] বিণ. ব্যভিচারী।

জেনানা /জেনানা/ [ফা.] বি. ১ পত্নী। ২ নারী। বিণ. অন্তঃপুরবাসিনী।

জেনারেল /জেনারেল্/ [ই. general] বি. সেনা-বাহিনীর উচ্চপদস্থ আধিকারিক, সেনাপতি। বিণ. সাধারণ।

জেনারেশন /জেনারেশন্/ [ই. generation] বি. ১ প্রায় একই সময়ে জাত ও জীবিত ব্যক্তিবর্গ, প্রজন্ম। ২ যুগ।

জেনেশুনে /জেনেশুনে/ [বা.] ক্রিবিণ. সচেতনভাবে (*আমি জেনে শুনে তবু ভুলে আছি*, রবীন্দ্র.)।

www.pathagar.com

জেন্দ /জেন্‌দ্‌/ [ফা.] বি. প্রাচীন পারস্যের ভাষা-বিশেষ; জরথুস্ত্রকৃত ধর্মশাস্ত্র 'আবেস্তা'-র ভাষা, Zend।

জেব /জেব্‌ / [ফা.] বি. জামার সঙ্গে সেলাই করা থলেবিশেষ যাতে টাকাপয়সা বা ছোটোখাটো দরকারি জিনিসপত্র রাখা যায়, জামার পকেট।

জেব্রা /জেব্‌রা/ [ইতা.] বি. মূলত আফ্রিকার জঙ্গলে বিচরণকারী সাদা-কালো ডোরাকাটা ও ঘাড়ে খাড়া কেশরযুক্ত ঘোড়াজাতীয় প্রাণী, Zebra।

জেব্রা ক্রসিং /জেব্‌রা ক্রসিং/ বি. শহরে পথচারীর রাস্তা পারাপারের জন্য সহজে দেখা যায় এমন সাদা-কালো দাগ কাটা স্থান, Zebra crossing।

জেয় /জেয়ো/ [স. √জি+য] বিণ. জয় করা যায় এমন, জয়সাধ্য, জেতব্য।

জেয়াফত /জেআফত্‌/ [আ.] বি. বিশেষ কোনো উপলক্ষ্যে আয়োজিত একত্রভোজনের নিমন্ত্রণ।

জেয়ারত /জেয়ারত্‌/ [আ.] বি. কবরস্থান বা পুণ্যস্থান দর্শন ও প্রার্থনা।

জের /জের্‌/ [ফা.] বি. ১ আগের হিসাবের রেশ, অনুবৃত্তি (*হিসাবের জের টানা*)। ২ পরিণাম।

জের টানা /জের্‌ টানা/ ক্রিবি. ১ হিসাবের খাতার আগের পৃষ্ঠার জমাখরচের যোগফল পরের পৃষ্ঠায় লেখা, brought forward। ২ পূর্বের কৃতকর্মের ফল ভোগ করা।

জেরবার /জের্‌বার্‌ / [ফা.] বিণ. ১ নাকাল; বিপর্যস্ত। ২ হীনবল। ৩ ক্ষতবিক্ষত। ৪ ভারাক্রান্ত।

জেরা /জেরা / [আ.] বি. মামলায় সত্যাসত্য নির্ধারণের জন্য উভয়পক্ষকে জিজ্ঞাসাবাদ।

জেল /জেল্‌ / [ই. jail] বি. ১ কারাগার, ফাটক (*জেলে যাওয়া*)। ২ কারাদণ্ড (*জেল হওয়া*)।

জেলখানা /জেল্‌খানা / [ই. জেল+ফা. খানা] বি. কারাগার, ফাটক।

জেলখালাসি /জেল্‌খালাশি / [ই. জেল+ফা. খালাসি] বিণ. জেল থেকে মুক্ত, কারামুক্ত।

জেলদারোগা /জেল্‌দারোগা / [ই. জেল+ফা. দারোগা] বি. দ্র জেলার।

জেলফেরত /জেল্‌ফেরোত্‌ / [ই. জেল+বা. ফেরত] বিণ. জেল খেটেছে এমন।

জেলা /জেলা / [আ.] বি. বিভাগের অন্তর্গত প্রশাসনিক অঞ্চল; কয়েকটি উপজেলার সমষ্টি।

জেলাপরিষদ /জেলাপোরিশদ্‌/ [আ. জেলা+স. পরিষদ] বি. জেলা পর্যায়ে গঠিত স্থানীয় প্রশাসনিক ব্যবস্থা।

জেলাপ্রশাসক /জেলাপ্রোশাশক্‌/ [আ. জেলা+স. প্রশাসক] বি. জেলার প্রধান প্রশাসক।

জেলার /জেলার্‌/ [ই.] বি. কারারক্ষক, কয়েদিদের তত্ত্বাবধায়ক, jailor।

জেলাশহর /জেলাশহোর্‌ / [আ. জেলা+ফা. শহর] বি. জেলার প্রধান শহর, জেলাসদর।

জেলাশাসক /জেলাশাশোক্‌ / [আ. জেলা+স. শাসক] বি. দ্র জেলাপ্রশাসক।

জেলি /জেলি / [ই. jelly] বি. ১ ফলের রস চিনি ও জিলেটিনের মিশ্রণ জ্বাল দিয়ে প্রস্তুত নরম ও থকথকে খাদ্যবস্তু (*পেয়ারার জেলি*)। ২ নরম ও থকথকে পদার্থবিশেষ (*পেট্রোলিয়াম জেলি*)।

জেলে /জেলে / [স. জালিক >] বি. জাল দিয়ে মাছ ধরা যার পেশা, ধীবর, মৎস্যব্যবসায়ী। স্ত্রী. জেলেনি /জেলেনি /।

জেলেডিঙি /জেলেডিঙি / [বা.] বি. মাছ ধরার জন্য ব্যবহৃত জেলেদের ছোটো নৌকা।

জেলেনৌকা /জেলেনোউকা / [বা.] বি. জেলেদের মাছ ধরা ও বহন করার নৌকা।

জেল্লা /জেল্‌লা/ [আ.] বি. ঔজ্জ্বল্য, চাকচক্য, চেকনাই, খোলতাই, চটক।

জেল্লাই /জেল্‌লাই্‌ / [আ. জেল্লা >] বি. জৌলুস; জাঁকজমক; চটক।

জেল্লাদার /জেল্‌লাদার্‌/ [আ. জেল্লা+ফা. দার] বিণ. চকচকে।

জেহাদ /জেহাদ্‌/ [আ.] বি. ১ সত্য ও ন্যায় প্রতিষ্ঠার লড়াই। ২ ধর্মরক্ষার নামে অন্যায় যুদ্ধ, crusade।

জেহাদি /জেহাদি / [আ. জেহাদ>] বিণ. ১ অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধসম্পর্কীয়। ২ ধর্মযুদ্ধ-বিষয়ক।

জৈত্র /জোই্‌ত্রো/ [স. জেত্‌+অ] বিণ. জয়শীল।

জৈত্রী /জোই্‌ত্রি / [স. জয়িত্রী >] বি. মালয়েশিয়া শ্রীলঙ্কা জাভা সুমাত্রা ও ভারতের কেরালা রাজ্যে ব্যাপকভাবে চাষ করা হয় এমন পুরু পাতাবিশিষ্ট হলুদাভ সুগন্ধ ফুল (মসলারূপে ব্যবহৃত হয়) বা তার চিরহরিৎ উঁচু বৃক্ষ, জয়ত্রি, জাতিপত্র, mace।

জৈন /জোইনো / [স. জিন+অ] বিণ. মহাবীর কর্তৃক প্রবর্তিত ধর্মের অনুসারী, জিনোপাসক।

জৈব /জোইবো / [স. জীব+অ] বিণ. ১ জীববিষয়ক। ২ জীবজাত, প্রাণিজ। ৩ উদ্ভিজ্জ (*জৈবসার*)।

জৈবনিক /জোইবোনিক্‌ / [স. জীবন+ইক] বিণ. জীবনঘটিত।

জৈবরসায়ন /জোইবোরশায়োন্‌ / [স. জৈব+রসায়ন] বি. জীববিষয়ক রসায়নশাস্ত্র, organic chemistry।

www.pathagar.com

জৈবসার /জোইবোশার / [স. জৈব+সার] বি. জমির উর্বরতা বৃদ্ধির জন্য ব্যবহৃত গোবর পচা পাতা প্রভৃতি বর্জ্য জৈব পদার্থ; (পরি.) organic manure।

জৈমিনি /জোইমিনি / [ব্যক্তি.] বি. ভারতীয় মীমাংসা-দর্শনের প্রণেতা, দার্শনিক মুনি।

জো /জো/ [স. যোগ >] বি. ১ পথ; ফাঁক; উপায় (*অস্বীকার করার জো নেই*)। ২ সুযোগ, সুবিধা (*জো পেলে করা যাবে*)। ৩ বীজ বা চারা রোপণের উপযুক্ত অবস্থা বা সময়।

জোঁক /জোঁক্/ [স. জলৌকা >] বি. সংকুচিত ও প্রসারিত করতে পারে এমন মসৃণ ও পেশিবহুল দেহবিশিষ্ট কেঁচোজাতীয় উভলিঙ্গ অমেরুদণ্ডী দুমুখো জলজ প্রাণী যা জীবদেহের রক্ত চুষে খেয়ে জীবনধারণ করে, জলৌকা।

জোঁদা /জোঁদা/ [বা.] বিণ. অত্যন্ত টক স্বাদযুক্ত। বি. অম্লদ্রব্য।

জোকার[১] /জোকার্ / [স. জয়কার >] বি. ১ জয়ধ্বনি। ২ হুলুধ্বনি, উলুধ্বনি।

জোকার[২] /জোকার্ / [লা.] বি. ১ ভাঁড়। ২ চিত্রিত তাসবিশেষ, বাড়তি তাসবিশেষ।

জোখ /জোখ্ / [হি.] বি. পরিমাপ, ওজন (*মাপ-জোখ*)।

জোখা /জোখা/ [হি. জোখ >] ক্রিবি. ওজন করা, মাপা। বিণ. পরিমাপ করা হয়েছে এমন।

জোগাড় /জোগাড়্/ [বা.] বি. ১ সংগ্রহ, আহরণ। ২ আয়োজন, উদ্‌যোগ। ৩ উপায়; ব্যবস্থা।

জোগাড় দেওয়া /জোগাড় দেওআ/ ক্রিবি. অন্যের কাজে সহায়তা করা।

জোগাড়যন্ত্র /জোগাড়্জন্‌ত্রো/ [বা. জোগাড়+স. যন্ত্র] বি. কোনো কাজ সম্পন্ন করার জন্য উপকরণাদি সংগ্রহ; বন্দোবস্ত।

জোগাড়ে /জোগাড়ে/ [বা.] বিণ. ১ জোগাড় করতে দক্ষ। ২ সংগ্রহকারী। ৩ সাহায্যকারী।

জোগান /জোগান্/ [বা.] বি. নিয়মিত সরবরাহের ব্যবস্থা।

জোগানদার /জোগান্‌দার্/ [বা. জোগান+ফা. দার] বি. বিণ. সরবরাহকারী।

জোগানে /জোগানে / [বা.] বি. বিণ. দ্র জোগানদার।

জোগানো /জোগানো / [বা.] ক্রিবি. ১ প্রয়োজনীয় জিনিসের অভাব পূরণ করা; সরবরাহ করা। ২ ক্রমাগত উৎপন্ন হওয়া। ৩ শেষ হতে না দেওয়া।

জোগালিয়া /জোগালিআ/ [বা.] বি. দ্র জোগালে।

জোগালে /জোগালে / [বা.] বি. যে ব্যক্তি নির্মাণ-সামগ্রী হাতের কাছে এনে দিয়ে রাজমিস্ত্রিকে সাহায্য করে।

জোচ্চুরি /জোচ্চুরি/ [বা.] বি. ১ জুয়াখেলায় কপটতা। ২ প্রতারণা, প্রবঞ্চনা।

জোচ্চোর /জোচ্চোর্ / [বা.] বি. যে ব্যক্তি জুয়া-খেলায় প্রতারণা করে। বিণ. প্রতারক।

জোছনা /জোছোনা / [স. জ্যোৎস্না >] বি. চাঁদের আলো, কৌমুদী; 'জ্যোৎস্না'-র কোমল ও কাব্যিক রূপ।

জোঝা /জোঝা/ [বা.] ক্রিবি. ১ যুদ্ধ করা। ২ বাধাবিঘ্ন অতিক্রম করা। ৩ বোঝাপড়া করা।

জোট /জোট্ / [বা.] বি. ১ দল, গোষ্ঠী (*জোটবদ্ধ*)। ২ জটলা; সমাবেশ (*জোট করা*)।

জোটনিরপেক্ষ /জোট্‌নিরোপেক্‌খো/ [বা. জোট+স. নিরপেক্ষ] বিণ. ১ সমকালীন বিশ্বের বৃহৎ শক্তিবর্গের সামরিক জোটে অন্তর্ভুক্ত নয় এমন। ২ কোনো গোষ্ঠীভুক্ত নয় এমন। বি. -তা /-তা/।

জোটবদ্ধ /জোট্‌বদ্‌ধো / [বা. জোট+স. বদ্ধ] বিণ. একত্র সমাবিষ্ট, দলবদ্ধ, মিলিত।

জোট বাঁধা /জোট্ বাঁধা/ ক্রিবি. দলবদ্ধ হওয়া।

জোট ভাঙা /জোট্ ভাঙা/ ক্রিবি. জোট থেকে বিচ্ছিন্ন হওয়া। বিণ. বিচ্ছিন্ন।

জোটা /জোটা / [বা.] ক্রিবি. ১ জোগাড় হওয়া (*অন্ন জোটা*)। ২ মিলিত হওয়া; উপস্থিত হওয়া (*এসে জোটা*)। ৩ লাভ করা, পাওয়া (*চাকরি জোটা*)।

জোটানো /জোটানো / [বা.] ক্রিবি. বিণ. সংগ্রহ করা, একত্র করা; হাজির করা।

জোড় /জোড়্/ [বা.] বি. ১ সংযোগ, সন্ধি (*জোড়ের মুখ*)। ২ জোড়া (*মানিকজোড়*)। ৩ ধুতি ও চাদর। বিণ. মিলিত, যুক্ত, একত্রিত (*করজোড়*)।

জোড়কলম /জোড়্কলোম্/ [বা.] বি. এক গাছের কচি ডাল অন্য গাছের ডালের সঙ্গে সংযুক্ত করে (ছালের নিচে ঢুকিয়ে) নতুন গাছ অঙ্কুরিত করার পদ্ধতি।

জোড় খাওয়া /জোড়্ খাওআ/ ক্রিবি. মিলিত হওয়া; সংযোজিত হওয়া।

জোড় ভাঙা /জোড়্ ভাঙা/ ক্রিবি. যুগলের মধ্যে বিচ্ছেদ হওয়া। বিণ. বিচ্ছিন্ন।

জোড়সংখ্যা /জোড়্‌শোংখা/ [বা. জোড়+স. সংখ্যা] বি. যে সংখ্যাকে দুই দিয়ে ভাগ করলে কোনো ভাগশেষ থাকে না, যুগ্মসংখ্যা।

জোড়হাত /জোড়্হাত্/ [বা.] বি. দুই করতল যুক্ত করে নমস্কার বা ক্ষমা প্রার্থনার ভঙ্গি, যুক্তকর।

www.pathagar.com

জোড়া /জোড়া/ [বা.] বিণ. ১ যুগল; যুগ্ম (*জুতো-জোড়া*)। ২ জুড়ি, সমকক্ষ; সমান (*জোড়া মেলা ভার*)। ৩ সংলগ্ন (*জোড়া দিদি*)। ৪ ব্যাপ্ত (*বিশ্বজোড়া খ্যাতি*)। ৫ যুক্ত, সম্পৃক্ত। ৬ যোজিত। বি. দোসর। ক্রিবি. ১ আরম্ভ করা (*কান্না জোড়া*)। ২ সংযুক্ত করা (*লাঙলে গোরু জোড়া*)।

জোড়াতাড়া /জোড়াতাড়া/ [বা.] বি. কোনো রকমে কাজ চালানোর মতো ব্যবস্থা, গোঁজামিল।

জোড়াতালি /জোড়াতালি/ [বা.] বি. ১ সেলাই করে জোড়া লাগানো এবং তালি দেওয়ার কাজ। ২ কোনো রকমে কাজ চালানোর মতো ব্যবস্থা।

জোড়াশব্দ /জোড়াশব্‌দো/ [বা. জোড়া+স. শব্দ] বি. ১ বিশেষ অর্থ প্রকাশের জন্য কোনো শব্দ পরপর দুবার ব্যবহার (ছোটো ছোটো ফুল)। ২ একটি শব্দের সঙ্গে অন্য শব্দ যুক্ত করে নতুন দ্যোতনা প্রকাশ (গাছপালা)। ৩ একটি শব্দের অনুকরণে গঠিত শব্দের সঙ্গে প্রথমটির জোটবদ্ধ অবস্থান (চাকরিবাকরি)।

জোত /জোত্/ [স. যোক্ত্র >] বি. ১ লাঙলের সঙ্গে গোরু বাঁধার দড়ি। ২ চাষের উপযোগী জমি।

জোতজমা /জোত্‌জমা/ [বা. জোত+আ. জমা] বি. ভূসম্পত্তি; বিষয়সম্পত্তি।

জোতজমি /জোত্‌জোমি/ [বা. জোত+ফা. জমি] বি. জমিদারের কাছ থেকে রায়তি স্বত্বে পাওয়া চাষের জমি।

জোতদার /জোত্‌দার্/ [বা. জোত+ফা. দার] বি. জমিদারের কাছ থেকে রায়তি স্বত্বে পাওয়া চাষের জমির মালিক, রায়ত।

জোতদারি /জোত্‌দারি/ [বা. জোত+ফা. দারি] বি. জোতদারের পেশা বা বৃত্তি।

জোতা /জোতা/ [বা.] ক্রিবি. গাড়ি লাঙল ঘানি প্রভৃতিতে পশু যোজন করা, যুক্ত করা।

জোতানো /জোতানো/ [বা.] ক্রিবি. জোড়া বা যুক্ত করা। বিণ. যুক্ত করা হয়েছে এমন।

জোত্র /জোত্‌ত্রো/ [স. যোত্র >] বি. ১ জো, সুযোগ। ২ সংস্থান; উপায়।

জোনাকি /জোনাকি/ [স. জ্যোতিরিঙ্গণ >] বি. ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে ওড়ে এবং প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিতভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গ-বিশিষ্ট কীট, খদ্যোত, জুনিপোকা।

জোন্দা /জোনদা/ [স. যমদূতিকা >] বিণ. বি. দ্র জোঁদা।

জোব্বা /জোব্‌বা/ [আ.] বি. জামার ওপর পরিধেয় লম্বা ও ঢিলে বুকখোলা জামাবিশেষ।

জোয়ান[১] /জোআন্/ [ফা.] বি. ১ যুবক; প্রাপ্তবয়স্ক লোক। ২ বলবান ব্যক্তি (*কে আছ জোয়ান হও আগুয়ান— নজরুল.*)। ৩ সেনাবাহিনীর যোদ্ধা। বিণ. ১ যুবাবয়সী। ২ বলিষ্ঠ (*জোয়ান লোক*)।

জোয়ান[২] /জোআন্/ [স. যমানী >] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং শীতকালে ফোটে এমন ছত্রাকার সাদা ফুল ও পালকসদৃশ পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী উদ্ভিদ বা তার কটুস্বাদ সুগন্ধ বীজ যা মসলারূপে ব্যবহৃত হয়।

জোয়ার[১] /জোআর্/ [হি.] বি. ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলের প্রধান খাদ্যশস্যরূপে ব্যবহৃত গমজাতীয় শস্য (আনি. মধ্য আমেরিকা)।

জোয়ার[২] /জোআর্/ [হি. জুবার >] বি. চাঁদ ও সূর্যের আকর্ষণে প্রতি চান্দ্রদিবসে দুবার করে সমুদ্র ও নদীর জলস্ফীতি।

জোয়ারদার /জোআর্‌দার্/ [ফা.] বি. পদবিবিশেষ।

জোয়ারভাটা /জোআর্‌ভাটা/ [বা. জোয়ার+হি. ভাটা] বি. চন্দ্র ও সূর্যের আকর্ষণে প্রতি চান্দ্রদিবসে দুবার করে সমুদ্র ও নদীতে নিয়মিত জলের স্ফীতি ও হ্রাস।

জোয়ারি /জোআরি/ [হি. যবারি >] বি. ১ তানপুরা সেতার প্রভৃতি বাদ্যযন্ত্রের তারধারণকারী ফলক, bridge। ২ তারযন্ত্রের স্পন্দন বা ঝংকার।

জোয়াল /জোআল্/ [স. যুগল >] বি. লাঙল বা গাড়িতে সংযুক্ত কাঠ বা বাঁশের কাঠামো যা পশুর কাঁধে আড়াআড়িভাবে বসানো হয়, যুগন্ধর।

জোর /জোর্/ [ফা.] বি. ১ ক্ষমতা, শক্তি (*গায়ের জোর*)। ২ তীব্রতা (*গলার জোর*)। ৩ দৃঢ়তা (*মনের জোর*)। ৪ দাবি; অধিকার (*আত্মীয়তার জোর*)। বিণ. ১ চড়া (*জোরগলা*)। ২ কড়া, অনড় (*জোরহুকুম*)। ৩ জরুরি (*জোরতলব*)। ৪ তীব্র (*জোর প্রতিবাদ*)। ৫ দ্রুত (*জোরকদম*)। ৬ বিশেষ অনুকূল (*জোর কপাল*)।

জোরকলম /জোর্‌কলোম্/ [ফা. জোর+আ. কলম] বি. শক্তিশালী লেখা।

জোরগলায় /জোর্‌গলায়্/ [ফা. জোর+বা. গলায়] ক্রিবিণ. ১ উচ্চস্বরে। ২ বলিষ্ঠ কণ্ঠে।

জোরজবরদস্তি /জোর্‌জবোর্‌দোস্‌তি/ [ফা.] বি. দ্র জোরজুলুম।

জোরজুলুম /জোর্‌জুলুম্/ [ফা. জোর+আ. জুলুম] বি. ১ অত্যাচার; বলপ্রয়োগ। ২ জোরাজুরি,

www.pathagar.com

জবরদস্তি, পীড়াপীড়ি।

জোরতলব /জোর্‌তলোব্‌ / [ফা. জোর+আ. তলব] বি. অবিলম্বে হাজির হওয়ার হুকুম।

জোলাপ /জোলাপ্‌ / [আ. জুলাব >] বি. পেট পরিষ্কার করার ওষুধ, বিরেচক ওষুধ।

জোলো /জোলো / [বা.] বিণ. ১ পানিমিশ্রিত (*জোলো দুধ*)। ২ সজল (*জোলো হাওয়া*)। ৩ পানসে (*জোলো স্বাদ*)। ৪ নীরস (*জোলো গল্প*)। ৫ অন্তঃসারশূন্য (*জোলো রচনা*)। ৬ ফিকে।

জোশ /জোশ্‌ / [ফা.] বি. উদ্দীপনা, মত্ততা।

জোহর /জোহোর্‌ / [আ.] বি. দ্বিপ্রাহরিক নামাজের সময়।

জৌনপুরি /জৌন্‌পুরি / [স্থান.] বিণ. ১ জৌনপুরে জাত বা উৎপন্ন। ২ জৌনপুরসম্বন্ধীয়। বি. দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

জৌলুস /জৌল্‌লুশ্‌ / [আ. জলুস >] বি. ১ দীপ্তি, ঔজ্জ্বল্য (*রূপের জৌলুস*)। ২ চাকচক্য।

-জ্ঞ /গ্‌গোঁ/ [স. √জ্ঞা+অ] বিণ. ১ (সমাসের পরপদে) জানে এমন (*গণিতজ্ঞ*)। ২ পণ্ডিত (*সর্বজ্ঞ*)।

জ্ঞাত /গ্যাঁতো / [স. √জ্ঞা+ত] বিণ. ১ জানা গেছে বা জেনেছে এমন, অবগত (*জ্ঞাত থাকা*)। ২ বিদিত; প্রকাশিত (*জ্ঞাত বিষয়*)।

জ্ঞাতব্য /গ্যাঁতোব্‌বো / [স. √জ্ঞা+তব্য] বিণ. ১ জানতে হবে এমন। ২ জানার যোগ্য।

জ্ঞাতসারে /গ্যাঁতোশারে / [স. জ্ঞাতসার+বা. এ] ক্রিবিণ. ১ সজ্ঞানে (*জ্ঞাতসারে অন্যায় করিনি*)। ২ গোচরে (*তার জ্ঞাতসারে কাজটি হয়েছে*)।

জ্ঞাতা /গ্যাঁতা / [স. √জ্ঞা+তৃ] বিণ. ১ পণ্ডিত, জ্ঞানী। ২ অবহিত, জ্ঞাত। ৩ অভিজ্ঞ।

জ্ঞাতি /গ্যাঁতি / [স. √জ্ঞা+তি] বি. ১ একই বংশে জাত ব্যক্তি, স্বগোত্র। ২ পিতৃবংশের লোক।

জ্ঞাতিকুটুম্ব /গ্যাঁতিকুটুম্‌বো / [স. জ্ঞাতি+√কুটুম্বি+অ] বি. আত্মীয়স্বজন, স্বগোত্রীয় ব্যক্তিবর্গ।

জ্ঞাতিগোত্র /গ্যাঁতিগোত্‌ত্রো / [স. জ্ঞাতি+গো+√ত্রৈ+অ] বি. দ্র জ্ঞাতিকুটুম্ব।

জ্ঞাতিগোষ্ঠী /গ্যাঁতিগোশ্‌ঠি / [স. জ্ঞাতি+√গোষ্ঠ+ইন্‌] বি. একই বংশজাত ব্যক্তিবর্গ; আত্মীয়স্বজন।

জ্ঞাতিত্ব /গ্যাঁতিত্‌তো / [স. জ্ঞাতি+ত্ব] বি. জ্ঞাতির ভাব বা ধর্ম; জ্ঞাতির মতো আচরণ।

জ্ঞাতিভাই /গ্যাঁতিভাই / [স. জ্ঞাতি+বা. ভাই] বি. একই বংশজাত এবং জ্ঞাতি সম্পর্কে ভাই।

জ্ঞান /গ্যান্‌ / [স. √জ্ঞা+অন] বি. ১ বোধ, বোঝার শক্তি (*বাহ্যজ্ঞান*)। ২ শিক্ষা, বিদ্যা (*শাস্ত্রজ্ঞান*)। ৩ চেতনা (*জ্ঞান ফিরে পাওয়া*)। ৪ বিচার করার ক্ষমতা (*মাত্রাজ্ঞান*)। ৫ অভিজ্ঞতা (*বিষয়কর্ম সম্পর্কে জ্ঞান*)। ৬ পরমতত্ত্ব (*জ্ঞানযোগ*)। ৭ বিশ্বাস (*দেবতাজ্ঞান*)। ৮ অবগতি।

জ্ঞানকাণ্ড /গ্যান্‌কান্‌ডো / [স. জ্ঞান+√কন্‌+ড] বি. বেদের দার্শনিক অংশ।

জ্ঞানকৃত /গ্যানোক্‌কৃতো / [স. জ্ঞান+√কৃ+ত] বিণ. জেনেশুনে করা হয়েছে এমন, সজ্ঞানে কৃত।

জ্ঞানকোষ /গ্যান্‌কোশ্‌ / [স. জ্ঞান+√কুষ্‌+অ] বি. নানাবিধ তথ্যসংবলিত কোষগ্রন্থ, বিশ্বকোষ, encyclopaedia।

জ্ঞানগম্য /গ্যানোগোম্‌মো / [স. জ্ঞান+√গম্‌+য] বিণ. জ্ঞানদ্বারা লাভ করা যায় এমন, বোধগম্য।

জ্ঞানগম্যি /গ্যান্‌গোম্‌মি / [স. জ্ঞান+বা. গম্যি] বি. সাধারণ জ্ঞান, কাণ্ডজ্ঞান।

জ্ঞানগরিমা /গ্যান্‌গোরিমা / [স. জ্ঞান+গুরু+ইমন্‌] বি. জ্ঞানের গর্ব, জ্ঞানের গৌরব।

জ্ঞানগর্ভ /গ্যানোগর্‌ভো / [স. জ্ঞান+√গৃ+ভ] বিণ. জ্ঞানপূর্ণ, সারগর্ভ।

জ্ঞানগোচর /গ্যানোগোচর্‌ / [স. জ্ঞান+গোচর] বিণ. জ্ঞানের বিষয়ীভূত, জ্ঞাত।

জ্ঞানগৌরব /গ্যানোগৌর্‌রব / [স. জ্ঞান+গুরু+অ] বি. ১ জ্ঞানের জন্য লব্ধ সম্মান। ২ জ্ঞানের শ্রেষ্ঠত্ব।

জ্ঞানচক্ষু /গ্যান্‌চোক্‌খু / [স. জ্ঞান+চক্ষুঃ] বি. অন্তর্দৃষ্টি। বিণ. তত্ত্বজ্ঞানরূপ চক্ষুবিশিষ্ট।

জ্ঞানজ্যেষ্ঠ /গ্যানোজেশ্‌ঠো / [স. জ্ঞান+প্রশস্য+ইষ্ঠ] বিণ. অধিক জ্ঞানবান, জ্ঞানে গরীয়ান।

জ্ঞানত /গ্যানোতো / [স. জ্ঞান+তস্‌] ক্রিবিণ. জেনে-শুনে, জ্ঞাতসারে, সজ্ঞানে।

জ্ঞানতপস্বী /গ্যান্‌তপোশ্‌শি / [স. জ্ঞান+তপস্‌+বিন্‌] বিণ. জ্ঞানের তপস্যাকারী। বি. যিনি সর্বদা জ্ঞানের তপস্যা করেন।

জ্ঞানতাপস /গ্যান্‌তাপোশ্‌ / [স. জ্ঞান+তপস্‌+অ] বিণ. বি. দ্র জ্ঞানতপস্বী।

জ্ঞানতৃষ্ণা /গ্যানোতৃশ্‌না / [স. জ্ঞান+√তৃষ্‌+ন+আ (টাপ্‌)] বি. জ্ঞানলাভের প্রবল আগ্রহ।

জ্ঞানদ /গ্যানোদো / [স. জ্ঞান+√দা+অ] বিণ. জ্ঞান দান করে এমন। স্ত্রী. জ্ঞানদা /গ্যানোদা /।

জ্ঞানদাতা /গ্যান্‌দাতা / [স. জ্ঞান+√দা+তৃ] বিণ. জ্ঞানদান করে এমন। বি. গুরু; শিক্ষক। স্ত্রী. জ্ঞানদাত্রী /গ্যান্‌দাত্‌ত্রি /।

জ্ঞানদায়ী /গ্যানোদায়ি / [স. জ্ঞান+√দা+ইন্‌] বিণ. জ্ঞানদাতা। স্ত্রী. জ্ঞানদায়িনী /গ্যানোদায়িনি /।

www.pathagar.com

জ্ঞাননিষ্ঠ /গ্যাঁনোনিশ্‌ঠো/ [স. জ্ঞান+নি+√স্থা+অ] বিণ. বি. দ্র জ্ঞানতপস্বী।

জ্ঞানপবন /গ্যাঁন্‌পবোন্‌/ [স. জ্ঞান+পবন] বি. বোধবুদ্ধি।

জ্ঞানপাপী /গ্যাঁন্‌পাপি/ [স. জ্ঞান+পাপ+ইন্‌] বিণ. জেনেশুনে অন্যায় করে এমন।

জ্ঞানপিপাসা /গ্যাঁন্‌পিপাশা/ [স. জ্ঞান+পিপাসা] বি. জ্ঞানলাভের প্রবল বাসনা, জ্ঞানতৃষ্ণা।

জ্ঞানবন্ত /গ্যাঁনোবন্‌তো/ [স. জ্ঞান+বা. বন্ত] বিণ. জ্ঞানবান, জ্ঞানী।

জ্ঞানবর্জিত /গ্যাঁন্‌বোর্‌জিতো/ [স. জ্ঞান+√বৃজ্‌+ত] বিণ. জ্ঞানহীন, মূর্খ।

জ্ঞানবাদ /গ্যাঁনোবাদ্‌/ [স. জ্ঞান+√বদ্‌+অ] বি. জ্ঞানই মুক্তিলাভের উপায় এমন দার্শনিক মতবাদ।

জ্ঞানবান /গ্যাঁনোবান্‌/ [স. জ্ঞান+বৎ] বিণ. ১ জ্ঞানী। ২ অভিজ্ঞ। স্ত্রী. জ্ঞানবতী /গ্যাঁনোবোতি/।

জ্ঞানবিজ্ঞান /গ্যাঁন্‌বিগ্‌গ্যাঁন্‌/ [স. জ্ঞান+বিজ্ঞান] বি. ১ দর্শন বিজ্ঞান প্রভৃতি শাস্ত্র। ২ তত্ত্বজ্ঞান ও ঈশ্বরের উপলব্ধি।

জ্ঞানবৃদ্ধ /গ্যাঁনোবৃদ্‌ধো/ [স. জ্ঞান+√বৃধ্‌+ত] বিণ. প্রজ্ঞাবান।

জ্ঞানভান্ডার /গ্যাঁনোভান্‌ডার্‌/ [স. জ্ঞান+বা. ভান্ডার] বি. জ্ঞানের আধার।

জ্ঞানময় /গ্যাঁনোময়্‌/ [স. জ্ঞান+ময়ট্‌] বিণ. জ্ঞানপূর্ণ।

জ্ঞানমার্গ /গ্যাঁনোমার্‌গো/ [স. জ্ঞান+√মার্গ+অ] বি. যে পথে ব্রহ্মজ্ঞান লাভ করা যায়; যে সাধনার পথে জ্ঞানই সর্বশ্রেষ্ঠ উপায়।

জ্ঞানমাহাত্ম্য /গ্যাঁনোমাহাত্‌তোঁ/ [স. জ্ঞান+মহাত্মন্‌ +য] বি. জ্ঞানের মহিমা।

জ্ঞানলিপ্সা /গ্যাঁনোলিপ্‌শা/ [স. জ্ঞান+√লভ্‌+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. জ্ঞান অর্জনের আকাঙ্ক্ষা।

জ্ঞানলিপ্সু /গ্যাঁনোলিপ্‌শু/ [স. জ্ঞান+√লভ্‌+সন্‌+উ] বিণ. জ্ঞানপিপাসু।

জ্ঞানলীন /গ্যাঁনোলিন্‌/ [স. জ্ঞান+√লী+ত] বিণ. জ্ঞানের গভীরে ডুবে আছে এমন।

জ্ঞানশক্তি /গ্যাঁন্‌শোক্‌তি/ [স. জ্ঞান+√শক্‌+তি] বি. ১ জ্ঞানরূপ শক্তি। ২ জ্ঞান থেকে প্রাপ্ত শক্তি। ৩ শ্রীকৃষ্ণের তিনটি শক্তির একটি।

জ্ঞানশালী /গ্যাঁন্‌শালি/ [স. জ্ঞান+√শাল্‌+ইন্‌] বিণ. জ্ঞানী, জ্ঞানসম্পন্ন।

জ্ঞানশীল /গ্যাঁন্‌শিল্‌/ [স. জ্ঞান+√শীল্‌+অ] বিণ. দ্র জ্ঞানশালী।

জ্ঞানশূন্য /গ্যাঁন্‌শুন্‌নো/ [স. জ্ঞান+√শূন্‌+য] বিণ. ১ জ্ঞানহীন, মূর্খ, মূঢ়। ২ অজ্ঞান, অচেতন।

জ্ঞানসঞ্চার /গ্যাঁন্‌শন্‌চার্‌/ [স. জ্ঞান+সঞ্চার] বি. চেতনা লাভ।

জ্ঞানসাধন /গ্যাঁন্‌শাধোন/ [স. জ্ঞান+সাধন] বি. ১ তত্ত্বজ্ঞান লাভের প্রয়াস। ২ জ্ঞানলাভের উপায়।

জ্ঞানহর /গ্যাঁন্‌হরো/ [স. জ্ঞান+√হৃ+অ] বিণ. জ্ঞান হরণ বা নাশ করে এমন, জ্ঞাননাশক।

জ্ঞানহারা /গ্যাঁন্‌হারা/ [স. জ্ঞান+বা. হারা] বিণ. ১ বিবেচনাশূন্য, কাণ্ডজ্ঞানশূন্য। ২ অজ্ঞান।

জ্ঞানহীন /গ্যাঁন্‌হিন্‌/ [স. জ্ঞান+√হা+ত] বিণ. ১ জ্ঞানশূন্য, মূর্খ, মূঢ়। ২ অজ্ঞান।

জ্ঞানাকর /গ্যাঁনাকর/ [স. জ্ঞান+আকর] বি. ১ জ্ঞানের আকর। ২ পরম জ্ঞানী ব্যক্তি।

জ্ঞানাঙ্কুর /গ্যাঁনাংকুর্‌/ [স. জ্ঞান+অঙ্কুর] বি. ১ জ্ঞানের প্রাথমিক বিকাশ, জ্ঞানের সূচনা। ২ সামান্য জ্ঞান।

জ্ঞানাঙ্কুশ /গ্যাঁনাংকুশ্‌/ [স. জ্ঞান+অঙ্কুশ] বি. ১ জ্ঞানরূপ অঙ্কুশ। ২ ভালোমন্দ বিচারের ধীশক্তি।

জ্ঞানাঞ্জন /গ্যাঁনান্‌জোন্‌/ [স. জ্ঞান+অঞ্জন] বি. তত্ত্বজ্ঞানরূপ কাজল যার দ্বারা প্রত্যেক বস্তুর স্বরূপ উপলব্ধি করা যায়।

জ্ঞানাঞ্জনশলাকা /গ্যাঁনান্‌জোন্‌শলাকা/ [স. জ্ঞানাঞ্জন +√শল্‌+আক+আ (টাপ্‌)] বি. যার সাহায্যে জ্ঞানদৃষ্টি উন্মোচিত হয়।

জ্ঞানাতীত /গ্যাঁনাতিতো/ [স. জ্ঞান+অতি+√ই+ত] বিণ. জ্ঞানদ্বারা লাভ করা যায় না এমন।

জ্ঞানান্বেষণ /গ্যাঁনান্‌নেশন্‌/ [স. জ্ঞান+অন্বেষণ] বি. জ্ঞানের অনুশীলন বা অধ্যয়ন।

জ্ঞানাভাব /গ্যাঁনাভাব্‌/ [স. জ্ঞান+অভাব] বি. জ্ঞানের অভাব, অজ্ঞানতা।

জ্ঞানাভ্যাস /গ্যাঁনাব্‌ভ্যাশ্‌/ [স. জ্ঞান+অভ্যাস] বি. জ্ঞানের অনুশীলন।

জ্ঞানার্জন /গ্যাঁনার্‌জোন্‌/ [স. জ্ঞান+অর্জন] বি. জ্ঞানলাভ।

জ্ঞানার্জিত /গ্যাঁনার্‌জিতো/ [স. জ্ঞান+√অর্জ্‌+ত] বিণ. জ্ঞানদ্বারা অর্জিত।

জ্ঞানালংকার /গ্যাঁনালংকার্‌/ [স. জ্ঞান+অলংকার] বি. জ্ঞানরূপ অলংকার।

জ্ঞানালোক /গ্যাঁনালোক্‌/ [স. জ্ঞান+আলোক] বি. জ্ঞানরূপ আলো।

জ্ঞানালোচনা /গ্যাঁনালোচনা/ [স. জ্ঞান+আলোচনা] বি. জ্ঞানের অনুশীলন বা চর্চা।

জ্ঞানী /গ্যাঁনি/ [স. জ্ঞান+ইন্‌] বিণ. ১ জ্ঞান আছে এমন, জ্ঞানসম্পন্ন। ২ তত্ত্বজ্ঞ, শাস্ত্রজ্ঞ।

www.pathagar.com

জ্ঞানেন্দ্রিয় /গ্যাঁনেন্‌দ্রিয়ো / [স. জ্ঞান+ইন্দ্রিয়] বি. জ্ঞানরূপ ইন্দ্রিয়, যে সকল ইন্দ্রিয়ের দ্বারা জ্ঞান অর্জন করা যায় (চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক)।

জ্ঞানোদয় /গ্যাঁনোদয়্/ [স. জ্ঞান+উদয়] বি. চেতনার উন্মেষ।

জ্ঞাপক /গ্যাঁপক্/ [স. √জ্ঞাপি+অক] বিণ. ১ জ্ঞাপন করে এমন, জ্ঞাপনকারী। ২ সূচক, ব্যঞ্জক, বোধক। ৩ প্রচারক, প্রকাশক।

জ্ঞাপন /গ্যাঁপোন্ / [স. √জ্ঞাপি+অন] বি. ১ জ্ঞাত-করণ। ২ নিবেদন। ৩ বিজ্ঞাপন।

জ্ঞাপনীয় /গ্যাঁপোনিয়ো / [স. √জ্ঞাপি+অনীয়] বিণ. ১ জানানো উচিত এমন। ২ নিবেদনের যোগ্য।

জ্ঞাপয়িতা /গ্যাঁপোয়িতা / [স. √জ্ঞাপি+তৃ] বি. বিণ. জ্ঞাপনকারী। স্ত্রী. **জ্ঞাপয়িত্রী** /গ্যাঁপোয়িত্‌ত্রি/।

জ্ঞাপিত /গ্যাঁপিতো/ [স. √জ্ঞাপি+ত] বিণ. ১ জ্ঞাপন করা হয়েছে এমন। ২ নিবেদিত।

জ্ঞেয় /গ্যেঁও / [স. √জ্ঞা+য] বিণ. ১ জানার যোগ্য, জ্ঞাতব্য। ২ জ্ঞানসাধ্য।

জ্বর /জর্/ [স. √জ্বর্+অ] বি. রোগজীবাণু সংক্রমণের ফলে দেহের তাপমাত্রা ও নাড়ির স্পন্দন বৃদ্ধি করে এমন রোগ।

জ্বরঘ্ন /জরোঘ্‌নো / [স. জ্বর+√হন্+অ] বিণ. জ্বর নিরাময় করে এমন, জ্বরনাশক, জ্বরান্তক।

জ্বরজারি /জর্‌জারি / [বা.] বি. জ্বর ও আনুষঙ্গিক উপসর্গ।

জ্বরজ্বালা /জর্‌জালা / [স. জ্বর+√জ্বল্+অ+আ (টাপ্)] বি. দ্র জ্বরজারি।

জ্বরঠুঁটো /জর্‌ঠুঁটো/ [বা.] বিণ. জ্বরাক্রান্ত হওয়ার ফলে ঠোঁটে ফুসকুড়ি হয়েছে এমন।

জ্বরঠোসা /জর্‌ঠোশা/ [বা.] বি. জ্বরাক্রান্ত হওয়ার কারণে ঠোঁটে উদ্‌গত ফুসকুড়ি।

জ্বরাক্রান্ত /জরাক্‌ক্রান্‌তো/ [স. জ্বর+আ+√ক্রম্+ত] বিণ. জ্বরে আক্রান্ত।

জ্বরাগ্নি /জরাগ্‌নি /[স. জ্বর+√অগ্+নি] বি. জ্বরাক্রান্ত হওয়ার ফলে অনুভূত গাত্রদাহ।

জ্বরাতিসার/জরাতিশার্/ [স. জ্বর+অতিসার] বি. এক সঙ্গে জ্বর ও অতিসাররোগ, উদরাময়-সহ জ্বর।

জ্বরান্তক /জরান্‌তক্/ [স. জ্বর+অন্তক] বিণ. জ্বর নাশ করে এমন, জ্বরঘ্ন। বি. জ্বরনাশক ওষুধ।

জ্বরিত /জোরিতো / [স. জ্বর+ইত] বিণ. জ্বরাক্রান্ত।

জ্বলজ্বল /জল্‌জল্ / [স. জ্বল+√জ্বল্+অ] অব্য. তেজোময় দীপ্তির ভাব।

জ্বলজ্বলে /জল্‌জোলে / [স. জ্বলজ্বল+বা. এ] বিণ. জ্বলজ্বল করছে এমন, দীপ্তিমান।

জ্বলৎ /জলোত্/ [স. √জ্বল্+অৎ] বিণ. জ্বলছে এমন, জ্বলন্ত, দীপ্যমান।

জ্বলদগ্নি /জলোদোগ্‌নি / [স. জ্বলৎ+√অগ্+নি] বি. দীপ্যমান অগ্নি।

জ্বলদনল /জলোদনল্/ [স. জ্বলৎ+নল] বি. দ্র জ্বলদগ্নি।

জ্বলদর্চি /জলোদোর্‌চি / [স. জ্বলৎ+√অর্চ্+ই] বি. আগুনের প্রজ্বলিত শিখা। বিণ. জ্যোতির্ময়।

জ্বলদর্চিশিখা /জলোদোর্‌চিশিখা / [স. জ্বলদর্চি+√শী+খ+আ (টাপ্)] বি. জ্বলন্ত আগুনের শিষ।

জ্বলন /জলোন্/ [স. √জ্বল্+অন] বি. ১ দহন। ২ প্রভা। ৩ দহনজনিত ক্লেশ। ৪ অগ্নি।

জ্বলন্ত /জলোন্‌তো / [স. √জ্বল্+অন্ত] বিণ. ১ জ্বলছে এমন, প্রজ্বলিত। ২ তেজোময় (*জ্বলন্ত অগ্নি*)। ৩ প্রত্যক্ষ, আগুনের মতো স্বয়ং প্রকাশিত (*জ্বলন্ত প্রমাণ*)। ৪ জ্যোতির্ময়।

জ্বলা /জলা / [স. জ্বল >] ক্রিবি. ১ প্রজ্বলিত হওয়া (*আগুন জ্বলা*)। ২ দীপ্ত হওয়া (*আলো জ্বলা*)। ৩ পোড়া (*কাঠ জ্বলা*)। ৪ জ্বালা করা (*চোখ জ্বলা*)। ৫ উজ্জ্বলতা কমে যাওয়া বা বিকৃত হওয়া (*রং জ্বলা*)। ৬ বিরক্ত হওয়া, ক্রুদ্ধ হওয়া (*রাগে জ্বলা*)। বিণ. দগ্ধ।

জ্বলিত /জোলিতো/ [স. √জ্বল্+ত] বিণ. ১ দগ্ধ। ২ প্রজ্বলিত। ৩ দীপ্ত, বিকশিত।

জ্বলুনি /জোলুনি / [বা.] বি. ১ দহন, জ্বলন; প্রদাহ। ২ যন্ত্রণা, জ্বালাবোধ।

জ্বাল /জাল্ / [স. √জ্বল্+অ] বি. ১ আগুনের আঁচ (*জ্বাল কমানো*)। ২ আগুনের তাপ প্রয়োগ (*দুধ জ্বাল দেওয়া*)। ৩ জ্বলন, দহন। ৪ যাতনা।

জ্বালা /জালা /[স. √জ্বল্+অ+আ (টাপ্)] বি. ১ প্রদাহ (*চোখ জ্বালা করা*)। ২ অগ্নিশিখা। ৩ বিরক্তিকর বিষয় (*কী জ্বালা*)। ৪ সন্তাপ (*বিরহজ্বালা*)। ৫ যন্ত্রণা (*ক্ষুধার জ্বালা*)। ৬ (বাংলায়) তেজ।

জ্বালাতন /জালাতোন্/ [বা.] বি. ১ উপদ্রব, উৎপাত। ২ কষ্টদান (*জ্বালাতন করা*)।

জ্বালানি /জালানি/ [বা.] বি. যা জ্বালিয়ে তাপ বা শক্তি উৎপাদন করা হয় (তেল গ্যাস প্রভৃতি), ইন্ধন। বিণ. জ্বালানো যায় এমন (*জ্বালানি কাঠ*)।

জ্বালানিয়া /জালানিআ / [বা.] বিণ. দ্র জ্বালানে।

জ্বালানে /জালানে/ [বা.] বিণ. ১ দগ্ধকারী, অগ্নি সংযোগকারী (*ঘরজ্বালানে*)। ২ জ্বালায় বা জ্বালাতন করে এমন, উত্যক্তকারী।

www.pathagar.com

জ্বালানো /জালানো/ [বা.] ক্রিবি. ১ প্রজ্বলন করা (*চুলা জ্বালানো*)।২ প্রদীপ্ত করা (*আলো জ্বালানো*)। ৩ পুড়িয়ে ফেলা (*আবর্জনা জ্বালানো*)। ৪ বিরক্ত করা, উত্যক্ত করা। বিণ. ১ জ্বালিত। ২ দগ্ধীভূত। ৩ দীপ্ত।

জ্বালাময়ী /জালাময়ি/ [স. জ্বালা+ময়ট্+ঈ] বিণ. আগুনঝরানো ; উত্তেজক (*জ্বালাময়ী ভাষণ*)।

জ্বালামালিনী /জালামালিনি/ [স. জ্বালা+মালা+ইন্+ঈ] বি. দেবী দুর্গার রূপবিশেষ।

জ্বালামুখ /জালামুখ/ [স. জ্বালা+মুখ] বি. আগ্নেয়-গিরির যে স্থান থেকে অগ্ন্যুৎপাত হয়।

জ্বালিত /জালিতো/ [স. √জ্বালি+ত] বিণ. ১ জ্বালানো হয়েছে এমন, প্রদীপ্ত। ২ দগ্ধীভূত, ভস্মীভূত। ৩ উত্যক্ত। ৪ সন্তাপিত।

জ্যা /জ্যা/ [স. √জ্যা+অ+আ (টাপ্)] বি. ১ ধনুকের ছিলা। ২ (জ্যা.) দুটি বিন্দুতে কোনো বৃত্তের পরিধি স্পর্শকারী সরলরেখা, chord। ৩ পৃথিবী।

জ্যাকেট /জ্যাকেট্/ [ই. jacket] বি. ১ আঁটোসাঁটো ও অপেক্ষাকৃত কম ঝুলবিশিষ্ট কোট। ২ বাঁধানো বইয়ের মলাটের বহিরাবরণ।

জ্যাঘাত-নিবারণ /জ্যাঘাত্‌নিবারোন্/ [স. জ্যাঘাত +নিবারণ] বি. ধনুকধারীর বাহুতে পরিধেয় চামড়ার আবরণ।

জ্যাজ /জ্যাজ্/ [অজ্ঞা.] বি. (মার্কিন যুক্তরাষ্ট্রে প্রধানত কৃষ্ণাঙ্গদের মধ্যে প্রচলিত) উচ্চনাদের পাশ্চাত্য যন্ত্রসংগীতবিশেষ, jazz।

জ্যাঠতুতো /জ্যাঠ্‌তুতো/ [স. জ্যেষ্ঠতাত >] বিণ. জ্যাঠার সন্তানের সূত্রে সম্পর্কিত।

জ্যাঠশাশুড়ি /জ্যাঠ্‌শাশুড়ি/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর জেঠিমা।

জ্যাঠশ্বশুর /জ্যাঠ্‌শোশুর্/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর জ্যাঠা।

জ্যাঠা /জ্যাঠা/ [স. জ্যেষ্ঠতাত >] বি. পিতার জ্যেষ্ঠ ভ্রাতা, বড়ো চাচা। বিণ. অকালপক্ক।

জ্যাঠাইমা /জ্যাঠাইমা/ [বা.] বি. জ্যাঠার পত্নী।

জ্যাঠামশাই /জ্যাঠামশাই/ [বা.] বি. পিতার জ্যেষ্ঠ ভ্রাতা।

জ্যাঠামি /জ্যাঠামি/ [বা.] বি. ১ সর্দারি। ২ পাকামি।

জ্যাঠামো /জ্যাঠামো/ [বা.] বি. দ্র জ্যাঠামি।

জ্যানির্ঘোষ /জ্যানির্‌ঘোশ্/ [স. জ্যা+নির্ঘোষ] বি. ধনুকের ছিলা টেনে ছেড়ে দেওয়ার শব্দ।

জ্যান্ত /জ্যান্তো/ [স. জীবন >] বিণ. জীবন্ত।

জ্যামিতি /জ্যামিতি/ [স. জ্যা+মিতি] বি. গণিত-শাস্ত্রের যে শাখায় রেখা ক্ষেত্র আকার পরিমাপ প্রভৃতি বিষয় চর্চা করা হয়, geometry।

জ্যামিতিক /জ্যামিতিক্/ [স. জ্যামিতি+ইক] বিণ. জ্যামিতিশাস্ত্র-সংক্রান্ত। বি. জ্যামিতিবিদ।

জ্যা-রোপণ /জ্যারোপোন্/ [স. জ্যা+রোপণ] বি. ধনুকে গুণ স্থাপন, ধনুকে ছিলা রোপণ।

জ্যালজেলে /জ্যালজেলে/ [দেশি.] বিণ. ১ নিষ্প্রভ (*জ্যালজেলে রং*)। ২ বহু ব্যবহারে পাতলা ও জালের মতো হয়ে গেছে এমন (*জ্যালজেলে কাপড়*)। ৩ ফাঁক ফাঁক করে বোনা এমন।

জ্যেষ্ঠ /জেশ্‌ঠো/ [স. প্রশস্য+ইষ্ঠ] বিণ. ১ অগ্রে জাত, অগ্রজ। ২ প্রবীণ (*বয়োজ্যেষ্ঠ*)। ৩ শ্রেষ্ঠ। ৪ তুলনায় বড়ো। বি. অগ্রজ ভ্রাতা।

জ্যেষ্ঠতা /জেশ্‌ঠোতা/ [স. জ্যেষ্ঠ+তা] বি. কর্মক্ষেত্র প্রতিষ্ঠান প্রভৃতি ক্ষেত্রে বয়স বা পদমর্যাদার ভিত্তিতে পূর্বিতাক্রম, order of priority।

জ্যেষ্ঠতাত /জেশ্‌ঠোতাতো/ [স. জ্যেষ্ঠ+√তন্+ত] বি. জ্যাঠা, জ্যাঠামশাই, বড়ো চাচা।

জ্যেষ্ঠা[১] /জেশ্‌ঠা/ [স. জ্যেষ্ঠ+আ (টাপ্)] বিণ. ১ অগ্রজা (*জ্যেষ্ঠা ভগিনী*)। ২ প্রবীণা। ৩ শ্রেষ্ঠা। বি. ১ বয়সে বড়ো (নারী)। ২ হাতের মধ্যমা অঙ্গুলি। ৩ টিকটিকি।

জ্যেষ্ঠা[২] /জেশ্‌ঠা/ [স. জ্যেষ্ঠ+আ (টাপ্)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের অষ্টাদশ নক্ষত্র।

জ্যেষ্ঠাধিকার /জেশ্‌ঠাধিকার/ [স. জ্যেষ্ঠ+অধিকার] বি. জ্যেষ্ঠ হিসেবে প্রদত্ত অধিকার।

জ্যেষ্ঠাশ্রম /জেশ্‌ঠাস্‌শ্রোম/ [স. জ্যেষ্ঠ+আশ্রম] বি. গার্হস্থ্য জীবন।

জ্যেষ্ঠাশ্রমী /জেশ্‌ঠাস্‌শ্রোমি/ [স. জ্যেষ্ঠাশ্রম+ইন্] বিণ. গৃহস্থ।

জ্যেষ্ঠী /জেশ্‌ঠি/ [স. জ্যেষ্ঠ+ঈ] বি. সচরাচর ঘরবাড়িতে থাকে এমন লম্বাটে দেহ, সরু লেজ এবং খসখসে ত্বক ও চোখের পাতাবিশিষ্ট পতঙ্গভুক সরীসৃপজাতীয় চতুষ্পদ ছোটো প্রাণী, টিকটিকি, গৃহগোধিকা, জেঠি, lizard।

জ্যৈষ্ঠ /জোই্‌শ্‌ঠো/ [স. জ্যেষ্ঠ+অ] বি. বাংলা বর্ষপঞ্জির দ্বিতীয় মাস, গ্রীষ্ম ঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই মে থেকে ১৪ই জুন পর্যন্ত কালপর্ব।

জ্যোতি /জোতি/ [স. √দ্যুত্+ইস্] বি. ১ উজ্জ্বলতা, দীপ্তি। ২ গ্রহ নক্ষত্র প্রভৃতি। ৩ (বাংলায়) দৃষ্টি-

www.pathagar.com

শক্তি (*চোখের জ্যোতি*)।

জ্যোতিঃপথ /জোতিপ্‌পথ্‌/ [স. জ্যোতিঃ+পথ] বি. ১ গ্রহনক্ষত্রের পরিক্রমণপথ। ২ জ্যোতির্ময় পথ।

জ্যোতিঃপুঞ্জ /জোতিপ্‌পুন্‌জো/ [স. জ্যোতিঃ+পুঞ্জ্‌স্‌ +√জি+অ] বি. মহাকাশে দীপ্যমান গ্রহনক্ষত্র।

জ্যোতিঃপূর্ণ /জোতিপ্‌পুর্‌নো/ [স. জ্যোতিঃ+পূর্ণ] বিণ. জ্যোতির্ময়।

জ্যোতিঃশাস্ত্র /জোতিশ্‌শাস্‌ত্রো/ [স. জ্যোতিঃ+ √শাস্‌+ত্র] বি. দ্র জ্যোতির্বিজ্ঞান।

জ্যোতিরিঙ্গ /জোতিরিংগো/ [স. জ্যোতিঃ+ইঙ্গ] বি. ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে ওড়ে এবং প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিতভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গ–বিশিষ্ট কীট, জোনাকি, খদ্যোত, জুনিপোকা।

জ্যোতিরিঙ্গণ /জোতিরিংগন্‌/ [স. জ্যোতিঃ+ইঙ্গন] বি. দ্র জ্যোতিরিঙ্গ।

জ্যোতির্বিজ্ঞান /জোতির্‌বিগ্‌গ্যান্‌/ [স. জ্যোতিঃ+ বিজ্ঞান] বি. নভোমণ্ডল গ্রহনক্ষত্র জ্যোতিষ্ক প্রভৃতিবিষয়ক বিজ্ঞান, astronomy।

জ্যোতির্বিদ /জোতির্‌বিদ্‌/ [স. জ্যোতিঃ+√বিদ্‌+ অ] বিণ. জ্যোতির্বিদ্যায় পান্ডিত্য আছে এমন। বি. জ্যোতির্বিদ্যায় অভিজ্ঞ ব্যক্তি, জ্যোতির্বিজ্ঞানী।

জ্যোতির্বিদ্যা /জোতির্‌বিদ্‌দা/ [স. জ্যোতিঃ+বিদ্যা] বি. দ্র জ্যোতির্বিজ্ঞান।

জ্যোতির্বেত্তা /জোতির্‌বেত্‌তা/ [স. জ্যোতিঃ+√বিদ্‌ +তৃ] বিণ. জ্যোতির্বিদ্যায় পারদর্শী, astronomer।

জ্যোতির্মণ্ডল /জোতির্‌মন্‌ডোল্‌/ [স. জ্যোতিঃ+ মণ্ডল] বি. নভোমণ্ডল।

জ্যোতির্ময় /জোতির্‌ময়্‌/ [স. জ্যোতিঃ+ময়ট্‌] বিণ. দীপ্তিময়। স্ত্রী. জ্যোতির্ময়ী /জোতির্‌ময়ি/।

জ্যোতিশ্চক্র /জোতিশ্‌চক্‌ক্রো/ [স. জ্যোতিঃ+চক্র] বি. রাশিচক্র।

জ্যোতিষ /জোতিশ্‌/ [স. জ্যোতিঃ+অ] বি. দ্র জ্যোতিষশাস্ত্র।

জ্যোতিষশাস্ত্র /জোতিশ্‌শাস্‌ত্রো/ [স. জ্যোতিষ+ √শাস্‌+ত্র] বি. গ্রহনক্ষত্রের গতি অবস্থিতি ও সঞ্চার অনুসারে ভাগ্যের শুভাশুভ গণনাবিষয়ক অপবিজ্ঞান, astrology।

জ্যোতিষিক /জোতিশিক্‌/ [স. জ্যোতিঃ+ইক] বিণ. জ্যোতিষশাস্ত্র–সম্বন্ধীয়।

জ্যোতিষী /জোতিশি/ [স. জ্যোতিঃ+ইন্‌] বি. বিণ. যে ব্যক্তি ভাগ্যগণনা করে, গণক, গণৎকার।

জ্যোতিষ্ক /জোতিশ্‌কো/ [স. জ্যোতিঃ+ক (স্বার্থে)] বি. সূর্য তারা ধূমকেতু প্রভৃতি উজ্জ্বল গ্রহনক্ষত্র।

জ্যোতিষ্কমণ্ডল/জোতিশ্‌কোমন্‌ডোল্‌/ [স. জ্যোতিষ্ক +মণ্ডল] বি. নভোমণ্ডলে ঘূর্ণমান গ্রহনক্ষত্র।

জ্যোতিষ্কলোক /জোতিশ্‌কোলোক্‌/ [স. জ্যোতিষ্ক +লোক] বি. নভোমণ্ডল।

জ্যোতিষ্মতী /জোতিশ্‌মোতি/ [স. জ্যোতিঃ+মৎ+ঈ] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি রঙের পরজীবী লতানে উদ্ভিদ, আলোকলতা, কনকলতা, স্বর্ণলতা।

জ্যোতিষ্মত্তা /জোতিশ্‌মত্‌তা/ [স. জ্যোতিঃ+মৎ+তা] বি. দীপ্তি, প্রভা, উজ্জ্বলতা।

জ্যোতিষ্মান /জোতিশ্‌মান্‌/ [স. জ্যোতিঃ+মৎ] বিণ. জ্যোতির্ময়, দীপ্তিমান, আলোকময়। বি. সূর্য।

জ্যোৎস্না /জোত্‌স্না/ [স. জ্যোতিঃ+ন+আ (টাপ্‌)] বি. চাঁদের আলো, চাঁদনি, জোছনা, কৌমুদী।

জ্যোৎস্নাময় /জোত্‌স্নাময়্‌/ [স. জ্যোৎস্না+ময়ট্‌] বিণ. চাঁদের আলোয় পূর্ণ। স্ত্রী. জ্যোৎস্নাময়ী /জোত্‌স্নামোয়ি/।

জ্যোৎস্নালোকিত/জোত্‌স্নালোকিতো/ [স. জ্যোৎস্না +আলোকিত] বিণ. চাঁদের আলোয় উদ্ভাসিত।

জ্যৌতিষিক /জৌতিশিক্‌/ [স. জ্যোতিঃ+ইক] বিণ. ১ জ্যোতিষশাস্ত্রজ্ঞ। ২ জ্যোতিষশাস্ত্র–সংক্রান্ত।

www.pathagar.com

ঝ /ঝ/

ঝ /ঝ/ বাংলা বর্ণমালার নবম ব্যঞ্জনবর্ণ এবং তালু থেকে উচ্চার্য চ-এর ঘোষ মহাপ্রাণ ঘৃষ্ট ধ্বনির দ্যোতক।

ঝংকার /ঝংকার্/ [স. ঝম্+√কৃ+অ] বি. ১ বাঁশি বীণা প্রভৃতি বাদ্যযন্ত্রের ধ্বনি। ২ অস্ফুট শব্দ, কাকলি। ৩ ঝনঝন শব্দ। ৪ ক্রোধের তীব্র প্রকাশ।

ঝংকারা /ঝংকারা/ [স. ঝংকার >] ক্রিবি. (কাব্যে.) গুঞ্জন করা, গুনগুন ধ্বনি করা।

ঝংকৃত /ঝোংকৃতো/ [স. ঝন্+√কৃ+ত] বিণ. ধ্বনিত।

ঝংকৃতি /ঝোংকৃতি/ [স. ঝন্+√কৃ+তি] বি. ঝংকার।

ঝকঝক /ঝক্ঝক্/ [হি.] অব্য. চাকচক্য বা উজ্জ্বলতার ভাব।

ঝকঝকানি /ঝক্ঝকানি/ [হি.] বি. ঝকঝকে অবস্থা।

ঝকঝকানো /ঝক্ঝকানো/ [বা.] ক্রিবি. ঝকঝক বা ঝকমক করা।

ঝকঝকি /ঝক্ঝোকি/ [হি. ঝকঝক >] বি. অকারণ কলহ, বচসা।

ঝকঝকে /ঝক্ঝোকে/ [হি. ঝকঝক >] বিণ. ঝক-ঝক করছে এমন, উজ্জ্বল।

ঝকমক /ঝক্মক্/ [হি. ঝকঝক >] অব্য. দ্র ঝকঝক।

ঝকমকানি /ঝক্মকানি/ [ধ্বন্যা.] বি. দ্র ঝকঝকানি।

ঝকমকানো /ঝক্মকানো/ [বা.] ক্রিবি. দ্র ঝকঝকানো।

ঝকমকি /ঝক্মোকি/ [ধ্বন্যা.] অব্য. বি. ঝকমক করার ভাব, উজ্জ্বলতা।

ঝকমকে /ঝক্মোকে/ [ধ্বন্যা.] বিণ. ঝকমক করছে এমন।

ঝকমারি /ঝক্মারি/ [বা.] বি. ১ ঝামেলা, ঝঞ্ঝাট, ল্যাঠা। ২ মূর্খতা, বোকামি।

ঝক্কি /ঝোক্কি/ [হি.] বি. ১ ঝঞ্ঝাটপূর্ণ দায়িত্ব, ঝুঁকি (*ঝক্কি সামলানো*)। ২ ধকল। ৩ উপদ্রব।

ঝগড় /ঝগোড়্/ [হি.] বি. ১ কলহ। ২ ত্রুটি। ৩ অপরাধ।

ঝগড়া /ঝগড়া/ [হি.] বি. কলহ, বিবাদ, তর্কাতর্কি।

ঝগড়াঝাঁটি /ঝগড়াঝাঁটি/ [হি. ঝগড়া >] বি. ১ ক্ষুদ্র কলহ। ২ অপ্রীতিকর বাদবিসংবাদ।

ঝগড়াটে /ঝগ্ড়াটে/ [হি. ঝগড়া >] বিণ. কলহপ্রিয়।

ঝগড়াটেপনা /ঝগ্ড়াটেপনা/ [হি. ঝগড়া >] বি. ঝগড়া করার স্বভাব।

ঝগড়াফ্যাসাদ /ঝগড়াফ্যাসাদ্/ [হি. ঝগড়া+আ. ফ্যাসাদ] বি. ঝগড়াবিবাদ।

ঝগড়ুটে /ঝগ্ড়ুটে/ [হি. ঝগড়া >] বিণ. কলহপ্রিয়।

ঝঞ্ঝনা /ঝন্ঝনা/ [ধ্বন্যা.] বি. ১ ঝনঝন শব্দ। ২ ধাতব পদার্থের পতন বা পরস্পর আঘাতের শব্দ। ৩ বজ্র।

ঝঞ্ঝা /ঝন্ঝা/ [স. ঝম্+√ঝট্+অ+আ (টাপ্)] বি. প্রচণ্ড ঝড়; ঝড়বৃষ্টি।

ঝঞ্ঝাক্ষুব্ধ /ঝন্ঝাখুব্ধো/ [স. ঝঞ্ঝা+√ক্ষুভ্+ত] বিণ. প্রবল ঝড়ে উত্তাল ও আন্দোলিত।

ঝঞ্ঝাট /ঝন্ঝাট্/ [হি. ঝংঝট >] বি. ঝামেলা, ঝক্কি, অশান্তি; হাঙ্গামা।

ঝঞ্ঝানিল /ঝন্ঝানিল্/ [স. ঝঞ্ঝা+অনিল] বি. ঝোড়ো বাতাস।

ঝঞ্ঝাবর্ত /ঝন্ঝাবর্তো/ [স. ঝঞ্ঝা+আ+√বৃৎ+অ] বি. পশ্চিম আফ্রিকা যুক্তরাষ্ট্র ও ভারতীয় উপ-মহাদেশের ভূখণ্ডে সীমিত এলাকা জুড়ে সংকীর্ণ পথ ধরে এগিয়ে চলে এমন বিধ্বংসী ঘূর্ণিঝড় (দেখতে অনেকটা কলার মোচার মতো) যার কেন্দ্রস্থলে বাতাসের গতি ঘণ্টায় ৫০০ কিলোমিটার পর্যন্ত হতে পারে, tornado।

ঝঞ্ঝাবাত /ঝন্ঝাবাত্/ [স. ঝঞ্ঝা+√বা+ত] বি. দ্র ঝঞ্ঝানিল।

ঝঞ্ঝাবায়ু /ঝন্ঝাবায়ু/ [স. ঝঞ্ঝা+√বা+উ] বি. দ্র ঝঞ্ঝানিল।

ঝট /ঝট্/ [স. ঝটিতি >] ক্রিবিণ. শীঘ্র, অতিদ্রুত।

ঝটকা /ঝট্কা/ [হি.] বি. আকস্মিক তীব্র আকর্ষণ, হ্যাঁচকা টান।

ঝটকানি /ঝট্কানি/ [বা.] বি. দ্র ঝটকা।

ঝটপট[১] /ঝট্পট্/ [স. ঝটিতি >] ক্রিবিণ. ত্বরিত, দ্রুত, তাড়াতাড়ি।

ঝটপট[২] /ঝট্পট্/ [ধ্বন্যা.] বি. আহত পাখির ডানা সঞ্চালনের শব্দ; পাখির ডানা ঝাপটানোর শব্দ।

ঝটপটানি /ঝট্পটানি/ [বা.] বি. ১ পক্ষসঞ্চালন। ২ ব্যস্ততা; অস্থিরতা।

ঝটপটানো /ঝট্পটানো/ [বা.] ক্রিবি. ১ ঝটপট শব্দ করা। ২ পাখির ডানা ঝাপটানো।

www.pathagar.com

ঝটিকা /ঝোটিকা/ [বা.] বি. ঝড় (*আনন্দের ঝটিকায় কাঁপে প্রাণ স্পন্দমান তারকার মতো,* প্রেমেন্দ্র.), বাত্যা, ঝঞ্ঝা। বিণ. ক্ষণস্থায়ী (*ঝটিকাসফর*)।

ঝটিকাকেন্দ্র /ঝোটিকাকেন্দ্রো/ [বা. ঝটিকা+স. কেন্দ্র] বি. ঝড়ের উৎপত্তিস্থল।

ঝটিকাবর্ত /ঝোটিকাবর্তো/ [বা. ঝটিকা+স. আবর্ত] বি. ঘূর্ণিঝড়, cyclone।

ঝটিকাসফর /ঝোটিকাসফোর্/ [বা. ঝটিকা+আ. সফর] বি. (প্রায় ঝড়ের গতিতে) খুব অল্প সময়ের মধ্যে পরিভ্রমণ।

ঝটিতি /ঝোটিতি/ [স. ঝটৎ+ইতি] ক্রিবিণ. ঝড়ের বেগে, চটজলদি, শীঘ্র, অতিদ্রুত।

ঝড় /ঝড়্/ [দেশি.] বি. বৃষ্টি ও বজ্রপাতের সঙ্গে প্রবলবেগে বায়ুপ্রবাহ, ঝটিকা, তুফান।

ঝড়জল /ঝড়্জল্/ [বা.] বি. ঝড়বৃষ্টি।

ঝড়ঝাপটা /ঝড়্ঝাপ্টা/ [বা.] বি. ১ ঝড়ের তাড়না। ২ (আল.) বিপদ-আপদ, বাধাবিপত্তি।

ঝড়তিপড়তি /ঝোড়্তিপোড়্তি/ [বা.] বি. মজুত-পণ্যের যে অংশ পড়ে গিয়ে বা ঝরে নষ্ট হয়। বিণ. (আল.) যৎসামান্য।

ঝড়তুফান /ঝড়্তুফান্/ [দেশি. ঝড়+আ. তুফান] বি. ঝড়ের তাড়না, ঝড়ঝঞ্ঝা।

ঝড়বাদল /ঝড়্বাদোল্/ [বা.] বি. দ্র ঝড়বৃষ্টি।

ঝড়বৃষ্টি /ঝড়্বৃশ্টি/ [দেশি. ঝড়+স. বৃষ্টি] বি. ঝড় ও বৃষ্টি; দুর্যোগপূর্ণ আবহাওয়া।

ঝন /ঝন্/ [ধ্বন্যা.] বি. ধাতব দ্রব্যাদির পতন বা আঘাতের তীক্ষ্ণ শব্দ।

ঝনকাঠ /ঝনকাঠ্/ [দেশি.] বি. চৌকাঠের মাথার কাঠ, কপালি।

ঝনঝন /ঝন্ঝন্/ [ধ্বন্যা.] বি. ১ ক্রমাগত ঝন শব্দ। ২ কঠিনতা বা বেদনাব্যঞ্জক শব্দ।

ঝনঝনানি /ঝনঝনানি/ [ধ্বন্যা.] বি. ঝনঝন শব্দ (*অস্ত্রের ঝনঝনানি*)।

ঝনঝনানো /ঝন্ঝনানো/ [ধ্বন্যা.] ক্রিবি. ১ ঝনঝন শব্দ হওয়া। ২ আঘাতের কারণে বেদনা বোধ করা, ব্যথা করা।

ঝনঝনায়মান /ঝন্ঝনায়োমান্/ [বা.] বিণ. ঝনঝন শব্দ করছে এমন।

ঝনৎকার /ঝনোৎ্কার্/ [স. ঝনৎ+√কৃ+অ] বি. ১ ধাতব পদার্থের পতন বা পরস্পর আঘাতের শব্দ। ২ অলংকার টাকাপয়সা চাবির গোছা প্রভৃতির পরস্পর ঘর্ষণের শব্দ। ৩ অস্ত্র নাড়াচাড়ার শব্দ।

ঝনন /ঝনোন্/ [ধ্বন্যা.] বি. ঝনঝন শব্দ।

ঝননরণন /ঝনোন্রনোন্/ [ধ্বন্যা.] বি. ঝনঝন শব্দে অনুরণন।

ঝনাৎ /ঝনাত্/ [ধ্বন্যা.] বি. ঝনঝন অপেক্ষা তীক্ষ্ণ ও ক্ষণস্থায়ী শব্দ।

ঝপ /ঝপ্/ [ধ্বন্যা.] বি. হঠাৎ জলে পড়ার শব্দ। ক্রিবিণ. চট করে, দ্রুত।

ঝপঝপ /ঝপ্ঝপ্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঝপ শব্দ। ক্রিবিণ. তাড়াতাড়ি, দ্রুত।

ঝপাং /ঝপাং/ [ধ্বন্যা.] বি. ১ জলে ঝাঁপ দেওয়ার শব্দ। ২ ভারী বস্তু জলে পতনের শব্দ।

ঝপাঝপ /ঝপাঝপ্/ [ধ্বন্যা.] ক্রিবিণ. ১ ঝপঝপ করে; খুব তাড়াতাড়ি, দ্রুত। ২ একনাগাড়ে।

ঝপাৎ /ঝপাত্/ [ধ্বন্যা.] বি. দ্র ঝপাং।

ঝমক /ঝমোক্/ [ধ্বন্যা.] বি. বাদ্যধ্বনি; নহবত বাদ্যের ধ্বনি।

ঝমকিত /ঝমোকিতো/ [হি. ঝমক>] বিণ. দীপ্তিময়।

ঝমঝম /ঝম্ঝম্/ [ধ্বন্যা.] বি. ১ জোরে বৃষ্টি পড়ার অনুকার শব্দ (*ঝমঝম বৃষ্টি*)। ২ পায়ে মল পরে চলার শব্দ।

ঝমর /ঝমোর্/ [ধ্বন্যা.] বি. মল নূপুর প্রভৃতি অলংকারের ধ্বনি।

ঝমরঝমর /ঝমোর্ঝমোর্/ [ধ্বন্যা.] বি. ১ ক্রমাগত ঝমর শব্দ। ২ পায়ে অলংকার পরে চলার শব্দ।

ঝমাঝম /ঝমাঝম্/ [ধ্বন্যা.] অব্য. বি. প্রবল বৃষ্টিপাতের অনুকার শব্দ।

ঝম্প /ঝম্পো/ [স. √ঝম্প্+অ] বি. ঝাঁপ, লাফ।

ঝম্পক /ঝম্পক্/ [স. √ঝম্প্+অক] বি. রবীন্দ্রনাথ কর্তৃক সৃষ্ট পাঁচ মাত্রার তালবিশেষ।

ঝম্পন /ঝম্পোন্/ [স. √ঝম্প্+অন] বি. লম্ফন।

ঝরঝর[১] /ঝর্ঝর্/ [স. ক্ষর>] অব্য. বি. ১ অবিরল ধারায় জল পড়ার অনুকার শব্দ; কোনো তরল পদার্থের ক্রমাগত ক্ষরণ। ২ চূর্ণপদার্থ পড়ার শব্দ। বিণ. অবিরাম ধারায় ঝরছে এমন (*ঝরঝর বৃষ্টি*)।

ঝরঝর[২] /ঝর্ঝর্/ [হি. ঝকঝক>] অব্য. পরিচ্ছন্নতা বা নির্মলতার ভাব।

ঝরঝরানি /ঝর্ঝরানি/ [বা.] বি. অবিরাম প্রবাহ বা ক্ষরণ।

ঝরঝরে /ঝর্ঝোরে/ [বা.] বিণ. ১ পরিষ্কার পরিচ্ছন্ন। ২ সজীব, প্রাণবন্ত (*ঝরঝরে শরীর*)। ৩ গোটা গোটা (*ঝরঝরে ভাত*)। ৪ স্পষ্ট (*ঝরঝরে হাতের লেখা*)। ৫ (ব্য.) বিনষ্ট।

ঝরতি /ঝোর্তি/ [স. ক্ষরিত>] বি. শস্যাদির ঝরে পড়া অংশ। বিণ. ঝরে পড়েছে এমন।

ঝরন /ঝরোন্/ [বা.] বি. অবিরল ধারায় পতন।

www.pathagar.com

ঝরনা /ঝর্‌না / [বা.] বি. ১ (পাহাড় থেকে) পতনশীল জলধারা, নির্ঝর। ২ ফোয়ারা (*সোনালি হাসির ঝরনা তোমার ওষ্ঠাধরে।* বিষ্ণু.)।

ঝরনাকলম /ঝর্‌নাকলোম্ / [বা. ঝরনা+আ. কলম] বি. যে কলমে ভরে রাখা কালি লেখার সময় নিজে থেকে কলমের ডগায় (নিবে) নেমে আসে, fountain pen।

ঝরনাতলা /ঝর্‌নাতলা / [বা.] বি. পাহাড়ের পাদদেশ যেখানে ঝরনার জল পড়ে (*তোমারি ঝরনাতলার নির্জনে* রবীন্দ্র.)।

ঝরনাধারা /ঝর্‌নাধারা / [বা.] বি. ঝরনার প্রবাহ।

ঝরা /ঝরা / [বা.] ক্রিবি. ১ ফোঁটায় ফোঁটায় পড়া (*অশ্রু ঝরা*)। ২ ক্ষীণ ধারায় নির্গত হওয়া (*রক্ত ঝরা*)। ৩ খসে পড়া (*মুকুল ঝরা*)। বিণ. ক্ষরিত; পতিত (*ঝরা পাতা*)।

ঝরানো /ঝরানো / [বা.] ক্রিবি. খসানো।

ঝরা পাতা /ঝরা পাতা/ বি. ঝরে পড়া পাতা (*ঝরা পাতা গো, আমি তোমারি দলে।* রবীন্দ্র.)।

ঝরিত /ঝোরিতো / [স. ক্ষরিত >] বিণ. ঝরে পড়েছে এমন; ক্ষরিত।

ঝরোকা /ঝরোকা / [স. জালক >] বি. জাফরিকাটা ছোটো জানালা।

ঝরো ঝরো /ঝরো ঝরো / বি. অবিরাম বৃষ্টির শব্দ (*আজি ঝরো ঝরো মুখর বাদর দিনে* রবীন্দ্র.)।

ঝলক /ঝলোক্ / [স. জ্বলকা >] বি. ১ দীপ্তি বা আলোর আকস্মিক প্রকাশ। ২ দৃষ্টিভ্রম হয় এমন প্রখর আলো। ৩ দ্যুতি; উদ্ভাস।

ঝলকদর্পণ /ঝলোকদর্‌পোন্ / [বা. ঝলক+স. দর্পণ] বি. ছোটো আয়নাবিশেষ।

ঝলকা /ঝল্‌কা / [স. জ্বলকা >] বি. দ্র ঝলক।

ঝলকানি /ঝল্‌কানি / [বা.] বি. প্রখর আলোর আকস্মিক স্ফুরণ।

ঝলকানো /ঝল্‌কানো / [বা.] ক্রিবি. ১ হঠাৎ উজ্জ্বল আলোয় উদ্ভাসিত হওয়া। ২ ঝকমক করা।

ঝলকিত /ঝলোকিতো / [বা.] বিণ. উজ্জ্বল আলোয় উদ্ভাসিত।

ঝলঝল /ঝল্‌ঝল্ / [ধ্বন্যা.] অব্য. ১ ঝুলে পড়ার ভাব, শিথিলতার ভাব। ২ দীপ্ত হওয়ার ভাব।

ঝলঝলে /ঝল্‌ঝোলে / [বা.] বিণ. ১ ঝলঝল করছে এমন, শিথিল। ২ দোলায়মান।

ঝলমল /ঝল্‌মল্ / [ধ্বন্যা.] বি. দীপ্তি বা উজ্জ্বলতার প্রকাশ। বিণ. প্রদীপ্ত, উজ্জ্বল।

ঝলমলানি /ঝল্‌মলানি / [বা.] বি. ঝলমলে ভাব, দীপ্তিময়তা, উজ্জ্বলতা।

ঝলমলানো /ঝল্‌মলানো / [বা.] ক্রিবি. ঝলমল করা। বিণ. ঝলমল করার ভাবযুক্ত।

ঝলমলে /ঝল্‌মোলে / [বা.] বিণ. ঝলমল করছে এমন।

ঝলসা /ঝল্‌শা/ [দেশি.] ক্রিমূ. ১ আগুনে সেঁকে নেওয়া। ২ তীব্র আলোয় চোখে ধাঁধা লাগা।

ঝলসানি /ঝল্‌শানি / [বা.] বি. ১ দগ্ধ হওয়ার ভাব। ২ তীব্র আলোর স্ফুরণ।

ঝলসানো /ঝল্‌শানো / [বা.] ক্রিবি. ১ আগুনে সেঁকে নেওয়া। ২ উজ্জ্বল আলোয় চোখ ধাঁধানো। বিণ. ১ সেঁকা (*পূর্ণিমা-চাঁদ যেন ঝলসানো রুটি* সুকান্ত.)। ২ চোখে ধাঁধা লাগায় এমন।

ঝলসিত /ঝলোশিতো / [বা.] বিণ. ১ আগুনে ঝলসে নেওয়া হয়েছে এমন। ২ তীব্র আলোয় চোখ ঝলসে গেছে এমন।

ঝল্লক /ঝল্‌লোক্ / [স. ঝল্ল+ক] বি. দ্র ঝল্লরী।

ঝল্লকণ্ঠ /ঝল্‌লোকন্‌ঠো / [স. ঝল্ল+√কণ্+ঠ] বি. পারাবত, পায়রা।

ঝল্লকি /ঝল্‌লোকি / [স. ঝল্লক >] বি. দ্র ঝল্লরী।

ঝল্লরা /ঝল্‌লোরা / [স. ঝল্ল+√রা+অ+আ (টাপ্)] বি. ১ দেবমন্দিরে বাজানো হয় এমন কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। ২ হুড়কা, খিল।

ঝল্লরী /ঝল্‌লোরি / [স. ঝল্ল+√রা+অ+ঈ] বি. কাঁসার তৈরি বাদ্যযন্ত্র (কাঁসর করতাল প্রভৃতি)।

ঝল্লিকা /ঝোল্‌লিকা / [স. ঝল্লী+কন্+আ (টাপ্)] বি. ১ ঝলক। ২ সূর্যরশ্মির তেজ। ৩ গামছা।

ঝাউ /ঝাউ্ / [স. ঝাবু >] বি. ভারতীয় উপমহাদেশ-সহ দক্ষিণ ইউরোপ ও পশ্চিম এশিয়ার সাগর বা নদীর তীরে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন ছোটো গোলাপি ফুল বা তার তীক্ষ্ণ পাতা ও পিরামিডাকৃতির পালকসদৃশ শাখাবিশিষ্ট বৃহদাকার গুল্মজাতীয় উদ্ভিদ, tamarisk।

ঝাউতলা /ঝাউ্‌তলা / [বা.] বি. ঝাউগাছের ছায়াঢাকা স্থান।

ঝাউবীথি /ঝাউ্‌বিথি / [বা. ঝাউ+স. বীথি] বি. দুই পাশে ঝাউগাছের সারিবিশিষ্ট পথ।

ঝাঁ /ঝাঁ / [ধ্বন্যা.] অব্য. অত্যন্ত শীঘ্রতার ভাব। ক্রিবিণ. দ্রুত গতিতে (*ঝাঁ করে নিয়ে এসো*)।

ঝাঁক /ঝাঁক্ / [হি. ঝাংক >] বি. পাখি পতঙ্গ মাছ প্রভৃতির দল (*এক ঝাঁক পায়রা*)।

ঝাঁকড়মাকড় /ঝাঁকোড়্‌মাকোড়্ / [দেশি.] বিণ. দ্র ঝাঁকড়ামাকড়া।

www.pathagar.com

ঝাঁকড়া /ঝাঁক্‌ড়া/ [বা.] বিণ. ১ দীর্ঘ ও ঘন গোছা-বিশিষ্ট (*স্বাধীনতা তুমি / কাজী নজরুল ঝাঁকড়া চুলের বাবরি দোলানো / মহান পুরুষ*, শামসুর.)। ২ ঝোপের মতো (*ঝাঁকড়া গাছ*)।

ঝাঁকড়ামাকড়া /ঝাঁক্‌ড়ামাক্‌ড়া/ [দেশি.] বিণ. উশকোখুশকো, এলোমেলো, অবিন্যস্ত।

ঝাঁকবাঁধা[১] /ঝাঁক্‌বাঁধা/ [বা.] বিণ. দলবদ্ধ।

ঝাঁক বাঁধা[২] /ঝাঁক্ বাঁধা/ ক্রিবি. দলবদ্ধ হওয়া।

ঝাঁকরানি /ঝাঁক্‌রানি/ [বা.] বি. জোরে ঝাঁকুনি, সবেগে আন্দোলন।

ঝাঁকরানো /ঝাঁক্‌রানো / [বা.] ক্রিবি. জোরে ঝাঁকানো।

ঝাঁকা[১]/ঝাঁকা/ [হি.] বি. পণ্য বহনের জন্য ব্যবহৃত বেত বা বাঁশের চওড়ামুখ শক্ত বড়ো ঝুড়ি।

ঝাঁকা[২] /ঝাঁকা/ [বা.] ক্রিবি. সজোরে নাড়া দেওয়া।

ঝাঁকানি /ঝাঁকানি/ [বা.] বি. সবেগে আন্দোলন, দুলুনি, ঝাঁকুনি।

ঝাঁকানো /ঝাঁকানো / [বা.] ক্রিবি. জোরে আন্দোলিত করা। বিণ. সবেগে আন্দোলিত।

ঝাঁকামুটে /ঝাঁকামুটে/ [বা.] বি. ঝাঁকায় মাল বহন করা যার পেশা।

ঝাঁকি[১] /ঝাঁকি/ [বা.] বি. দ্র ঝাঁকুনি।

ঝাঁকি[২] /ঝাঁকি/ [বা.] বি. ঝুঁকে অবলোকন, উঁকি।

ঝাঁকিদর্শন /ঝাঁকিদর্‌শোন্/ [বা. ঝাঁকি+স. দর্শন] বি. গোপনে অবলোকন।

ঝাঁকুনি /ঝাঁকুনি/ [বা.] বি. সজোরে আন্দোলন।

ঝাঁকে ঝাঁকে /ঝাঁকে ঝাঁকে/ ক্রিবিণ. ঝাঁক বেঁধে।

ঝাঁ-গুড়গুড় /ঝাঁগুড়্‌গুড়্/ [ধ্বন্যা.] বি. ঢাকের আওয়াজ।

ঝাঁজ[১] /ঝাঁজ্/ [হি.] বি. ১ তেজ, আঁচ। ২ তীব্র স্বাদ বা গন্ধ (*ওষুধের ঝাঁজ*)। ৩ উগ্রতা।

ঝাঁজ[২] /ঝাঁজ্/ [স. ঝর্ঝর >] বি. কাঁসার তৈরি বাদ্য-যন্ত্রবিশেষ।

ঝাঁজ[৩] /ঝাঁজ্/ [স. জর্জ্জর >] বি. দ্র ঝাঁজি।

ঝাঁজর[১] /ঝাঁজোর্/ [স. ঝর্ঝর >] বি. ১ কাঁসার তৈরি বাদ্যযন্ত্রবিশেষ। ২ পায়ের মলবিশেষ।

ঝাঁজর[২] /ঝাঁজোর্/ [স. ঝর্ঝরী >] বিণ. ১ বহু ছিদ্রযুক্ত। ২ ফাঁপা।

ঝাঁজরা /ঝাঁজ্‌রা/ [স. ঝর্ঝর >] বিণ. ১ বহু ছিদ্র-বিশিষ্ট, সচ্ছিদ্র। ২ অত্যন্ত জীর্ণ ও পুরনো। বি. ডুবো তেলে ভাজা খাদ্যবস্তু ছেঁকে তোলার জন্য ব্যবহৃত ছিদ্রযুক্ত হাতা, ছানতা।

ঝাঁজরি[১] /ঝাঁজ্‌রি/ [স. ঝর্ঝরী >] বি. ১ ডুবো তেলে ভাজা জিনিস ছেঁকে তোলার জন্য ব্যবহৃত বহু ছিদ্রযুক্ত হাতা। ২ ফুলগাছে জল ছিটানোর কাজে ব্যবহৃত ছিদ্রযুক্ত পাত্র, ঝারি। ৩ নর্দমার মুখের ছিদ্রযুক্ত ছোটো ঢাকনা।

ঝাঁজরি[২] /ঝাঁজ্‌রি/ [স. ঝর্ঝর >] বি. কাঁসরজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ।

ঝাঁজালো /ঝাঁজালো/ [বা.] বিণ. ১ প্রখর তেজযুক্ত। ২ উগ্র গন্ধ বা স্বাদবিশিষ্ট।

ঝাঁজি /ঝাঁজি/ [দেশি.] বি. আর্দ্র ও জলময় স্থানে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন হলুদ বৃন্তযুক্ত ফুল বা তার সূক্ষ্ম নলাকৃতি শাখাবিশিষ্ট মাঝারি উচ্চতার বহুবর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ, ঝাঁঝি।

ঝাঁঝ[১] /ঝাঁঝ্/ [হি.] বি. দ্র ঝাঁজ[১]।

ঝাঁঝ[২] /ঝাঁঝ্/ [স. ঝর্ঝর >] বি. দ্র ঝাঁজ[২]।

ঝাঁঝর /ঝাঁঝোর্/ [স. ঝর্ঝর >] বি. দ্র ঝাঁজর[১]।

ঝাঁঝরা /ঝাঁঝ্‌রা/ [হি. ঝাঁঝর >] বিণ. দ্র ঝাঁজরা।

ঝাঁঝরি[১] /ঝাঁঝ্‌রি/ [স. ঝর্ঝরী >] বি. দ্র ঝাঁজরি[১]।

ঝাঁঝরি[২] /ঝাঁঝ্‌রি/ [স. ঝর্ঝর >] বি. দ্র ঝাঁজরি[২]।

ঝাঁঝাঁ /ঝাঁঝাঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ নিস্তব্ধতার ভাব। ২ যন্ত্রণার বোধ (*মাথা ঝাঁঝাঁ করা*)। বিণ. দুঃসহ উত্তাপযুক্ত (*ঝাঁঝাঁ রোদ*)।

ঝাঁঝালো /ঝাঁঝালো/ [বা.] বিণ. দ্র ঝাঁজালো।

ঝাঁঝি /ঝাঁঝি/ [দেশি.] বি. দ্র ঝাঁজি।

ঝাঁট /ঝাঁট্/ [দেশি.] বি. ঝাঁটার সাহায্যে আবর্জনা পরিষ্করণ, সম্মার্জন।

ঝাঁট দেওয়া /ঝাঁট্ দেওআ/ ক্রিবি. ঝাঁটা দিয়ে আবর্জনা পরিষ্কার করা।

ঝাঁটা /ঝাঁটা/ [দেশি.] বি. ঝাঁট দিয়ে আবর্জনা পরিষ্করণের সরঞ্জাম, সম্মার্জনী, ঝাড়ু, খ্যাংরা।

ঝাঁটাখেকো /ঝাঁটাখেকো/ [বা.] বিণ. প্রায়ই ঝাঁটার সাহায্যে প্রহৃত হয়ে থাকে এমন। বি. গালিবিশেষ।

ঝাঁটাতারা /ঝাঁটাতারা/ [বা. ঝাঁটা+স. তারা] বি. ঝাঁটার মতো পুচ্ছবিশিষ্ট তারা, ধূমকেতু, comet।

ঝাঁটানো /ঝাঁটানো/ [বা.] ক্রিবি. ১ ঝাঁটার সাহায্যে পরিষ্কার করা। ২ ঝাঁটা দিয়ে প্রহার করা।

ঝাঁটাপেটা /ঝাঁটাপেটা/ [বা.] বি. ঝাঁটার প্রহার। বিণ. ঝাঁটা দিয়ে প্রহার করা হয়েছে এমন।

ঝাঁটি /ঝাঁটি/ [স. ঝিন্টী >] বি. ভারতীয় উপমহাদেশে শীতের শেষে ছোটো ছোটো থোকায় ফোটে এমন সাদা গোলাপি বেগুনি প্রভৃতি রঙের ফুল বা তার রোমশ কান্ডবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ, কুরুবক।

ঝাঁপ[১] /ঝাঁপ্/ [স. ঝম্প >] বি. ওপর থেকে লম্ফন।

www.pathagar.com

ঝাঁপ[২] /ঝাঁপ্/ [হি.] বি. ১ বাঁশের বেড়া দরমা লোহা প্রভৃতির তৈরি কপাট (*দোকানের ঝাঁপ*)। ২ তাঁতযন্ত্রে কাপড় বোনার সময় মাকুর সাহায্যে পোড়েনের সুতা চালনার পথ।

ঝাঁপতাল /ঝাঁপ্তাল্/ [স. ঝম্পাতাল >] বি. সংগীতের দশ মাত্রার তালবিশেষ।

ঝাঁপা /ঝাঁপা/ [বা.] ক্রিবি. ঝাঁপ দেওয়া।

ঝাঁপান /ঝাঁপান্/ [বা.] বি. ১ মনসাপূজায় সাপ খেলানোর উৎসব। ২ পাহাড়ে ওঠার শিবিকা।

ঝাঁপানিয়া /ঝাঁপানিআ/ [বা.] বিণ. ঝাঁপান-প্রদর্শক। বি. ঝাঁপান উৎসবে যে ব্যক্তি সাপের খেলা দেখায়।

ঝাঁপানো /ঝাঁপানো/ [বা.] ক্রিবি. ঝাঁপ দেওয়া।

ঝাঁপি /ঝাঁপি/ [বা.] বি. বাঁশ বেত ও তাল বা খেজুরপাতার তৈরি ঢাকনিযুক্ত ছোটো পেটিকা (*কেউটে সাপের ঝাঁপি। জাফর.*)।

ঝাটনা /ঝাট্না/ [বা.] বি. ঝাঁট দিয়ে সংগৃহীত আবর্জনা।

ঝাড়[১] /ঝাড়্/ [দেশি.] বি. ১ ছোটো গাছের জঙ্গল, ঝোপ। ২ স্তবক, গুচ্ছ। ৩ গোষ্ঠী, বংশ। ৪ শাখা-প্রশাখাবিশিষ্ট দীপাধার (*ঝাড়লণ্ঠন*)।

ঝাড়[২] /ঝাড়্/ [হি.] বি. ১ পরিমার্জন। ২ পরিষ্করণ। ৩ ভর্ৎসনা। ৪ প্রহার। ৫ অপহরণ।

ঝাড়ন /ঝাড়োন্/ [হি.] বি. ১ ধুলোবালি পরিষ্কার করার কাপড়। ২ সম্মার্জন।

ঝাড়পোঁছ /ঝাড়্পোঁছ্/ [বা.] বি. ঝেড়ে মুছে পরিষ্করণ।

ঝাড়ফুঁক /ঝাড়্ফুঁক্/ [বা.] বি. রোগবালাই থেকে মুক্তির জন্য দোয়া বা মন্ত্র উচ্চারণ করে গায়ে ফুঁ দেওয়ার সংস্কার।

ঝাড়বংশ /ঝাড়্বংশো/ [বা. ঝাড়+স. বংশ] বি. বংশের সকল লোক।

ঝাড়লণ্ঠন /ঝাড়্লন্ঠোন্/ [বা.] বি. ঝুলিয়ে রাখা হয় এমন শাখাপ্রশাখাযুক্ত দীপাধার, chandelier।

ঝাড়া /ঝাড়া/ [হি.] ক্রিবি. ১ ঝেড়ে পরিষ্কার করা (*ধুলো ঝাড়া*)। ২ সঞ্চালন করা (*গা ঝাড়া*)। ৩ ত্যাগ করা (*দুশ্চিন্তা ঝেড়ে ফেলা*)। ৪ ক্রোধ মিটানো (*ঝাল ঝাড়া*)। ৫ বাছাই করা (*ধান ঝাড়া*)। বিণ. ১ ঝেড়ে ফেলা হয়েছে এমন। ২ সম্পূর্ণ (*ঝাড়া মুখস্থ*)। ৩ একটানা (*ঝাড়া এক ঘণ্টা*)।

ঝাড়াই /ঝাড়াই/ [বা.] বি. ঝাড়ার কাজ, বাছাই।

ঝাড়াইবাছাই /ঝাড়াইবাছাই/ [বা.] বি. ধুলোমাটি প্রভৃতি ঝেড়ে পরিষ্করণ ও নির্বাচন।

ঝাড়ানো /ঝাড়ানো/ [বা.] ক্রিবি. ১ পরিষ্কার করানো। ২ ঝাড়ফুঁকের সাহায্যে রোগব্যাধি নিরাময় বা কল্পিত ভূতপ্রেত ছাড়ানো।

ঝাড়ামোছা /ঝাড়ামোছা/ [বা.] ক্রিবি. বিণ. ধুলো-ময়লা প্রভৃতি ঝেড়েমুছে পরিষ্কার করা।

ঝাড়া হাত পা /ঝাড়া হাত্ পা/ বিণ. ঝামেলাশূন্য।

ঝাড়ু /ঝাড়ু/ [হি.] বি. ঝাঁটা, সম্মার্জনী, খ্যাংরা।

ঝাড়ুদার /ঝাড়ুদার্/ [হি. ঝাড়ু+ফা. দার] বি. যে ব্যক্তি ঝাড়ামোছার কাজ করে, পরিচ্ছন্নতাকর্মী।

ঝাড়ুবরদার /ঝাড়ুবর্দার্/ [হি. ঝাড়ু+ফা. বরদার] বি. দ্র ঝাড়ুদার।

ঝাড়েবংশে /ঝাড়েবংশে/ [বা.] ক্রিবিণ. সমূলে।

ঝাড়েমূলে /ঝাড়েমুলে/ [বা.] ক্রিবিণ. দ্র ঝাড়ে-বংশে।

ঝানু /ঝানু/ [দেশি.] বিণ. ১ অভিজ্ঞ, দক্ষ (*ঝানু শিকারি*)। ২ চতুর। ৩ ঘাগি (*ঝানু চোর*)।

ঝান্ডা /ঝান্ডা/ [হি.] বি. পত্যকা, নিশান, ধ্বজা।

ঝাপট /ঝাপোট্/ [হি. ঝপট >] বি. দ্র ঝাপটা।

ঝাপটা /ঝাপ্টা/ [বা.] বি. ১ ঝড় জল বা বাতাসের প্রবল আঘাত। ২ মাছ পাখি প্রভৃতির লেজ বা ডানার আকস্মিক আঘাত। ৩ চুলে গোঁজার অলংকার।

ঝাপটানো /ঝাপ্টানো / [বা.] ক্রিবি. ঘনঘন আলোড়িত করা।

ঝাপসা /ঝাপ্শা/ [বা.] বিণ. অস্পষ্ট, আবছা (*ঝাপসা দৃষ্টি*)।

ঝামটা /ঝাম্টা/ [দেশি.] বি. রুক্ষ মুখভঙ্গি সহকারে ভর্ৎসনা, ধমকানি।

ঝামর /ঝামোর্/ [বা.] বিণ. ১ ঝামার মতো মলিন; বিবর্ণ। ২ উশকোখুশকো। ৩ জলভারাক্রান্ত। বি. শাণ দেওয়ার প্রস্তরখণ্ড; ছোটো পাথর।

ঝামরচুলো /ঝামোরচুলো / [বা.] বিণ. রুক্ষ ও মলিন চুলবিশিষ্ট।

ঝামরানো /ঝাম্রানো / [বা.] ক্রিবি. ১ মলিন হওয়া, বিবর্ণ হওয়া। ২ জলভারাক্রান্ত হওয়া; ঠান্ডা লাগার ফলে চোখমুখ ভারী হওয়া।

ঝামা /ঝামা/ [দেশি.] বি. অতিরিক্ত পুড়ে ঝাঁজরা হয়ে যাওয়া কালচে ইঁট।

ঝামাল /ঝামাল্/ [হি.] বি. প্রখর তেজ, ঝাঁজ।

ঝামেলা /ঝামেলা/ [দেশি.] বি. ১ ঝঞ্ঝাট, ঝক্কি, ফ্যাসাদ। ২ ঝগড়া, বিবাদ। ৩ জটিলতা।

ঝারা /ঝারা/ [স. ধারা >] বি. দ্র ঝারি।

ঝারি /ঝারি/ [বা.] বি. গাছে জল ছিটানোর জন্য ব্যবহৃত ছিদ্রযুক্ত জলপাত্র, ভৃঙ্গার।

ঝাল[১] /ঝাল্/ [স. জ্বাল >] বিণ. তীব্র ও কটু স্বাদ-যুক্ত। বি. ১ কটুস্বাদ মসলা, লঙ্কা। ২ কটুস্বাদ

www.pathagar.com

মসলায় রাঁধা ব্যঞ্জন। ৩ প্রসূতিকে যে বিশেষ ধরনের খাদ্য খাওয়ানো হয়। ৪ (আল.) ক্রোধ, জ্বালা (*গায়ের ঝাল ঝাড়া*)।

ঝাল[২] /ঝাল্/ [হি.] বি. ঝালাই করে ধাতু জোড়া দেওয়ার পান।

ঝাল চচ্চড়ি/ঝাল্ চচ্চোড়ি/ বি. শুকনো করে ঝাল দিয়ে রাঁধা ব্যঞ্জন।

ঝাল ঝাড়া /ঝাল্ ঝাড়া/ ক্রিবি. আক্রোশ প্রকাশ করা, ক্রোধ উপশম করা।

ঝাল মেটানো /ঝাল্ মেটানো/ ক্রিবি. দ্র ঝাল ঝাড়া।

ঝালর /ঝালোর্/ [স. ঝল্লরা >] বি. ১ তৈরি পোশাক কাপড়ের পটি প্রভৃতি থেকে ঝুলে থাকা কোঁচকানো প্রান্তদেশ। ২ অলংকারের কারুকার্যময় দোলানো অংশ।

ঝালা[১] /ঝালা/ [বা.] বি. তারযন্ত্র বাদনের শেষ পর্যায়ে চিকারির তারে ক্রমাগত দ্রুত আঘাত করে বিশেষ আবহ সৃষ্টি।

ঝালা[২] /ঝালা/ [বা.] বি. দ্র ঝালাই।

ঝালাই /ঝালাই/ [বা.] বি. ১ ধাতব দ্রব্যাদি পান দিয়ে জোড়া লাগানোর কাজ। ২ কূপ বা পুকুর থেকে পাঁক তুলে পরিষ্কার করার কাজ।

ঝালানো /ঝালানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ধাতব দ্রব্যাদি পান দিয়ে জোড়া লাগানো। ২ সংস্কার করানো। ৩ (আল.) পুরনো সম্পর্ক পুনরুজ্জীবিত করা।

ঝালাপালা /ঝালাপালা/ [বা.] বি. ১ কর্ণবিদারী শব্দ। ২ উৎপাত। বিণ. ১ কর্ণপীড়াদায়ক। ২ উত্ত্যক্ত।

ঝালি /ঝালি/ [দেশি.] বি. ১ বেতের তৈরি ঝুড়ি। ২ ঝুলন (বৈষ্ণব উৎসববিশেষ)। ৩ নর্দমা প্রভৃতির মুখে লাগানোর ছিদ্রযুক্ত ঝাঁজরি। ৪ কৃষিজমিতে সেচের পানি ধরে রাখার জন্য খোঁড়া গর্ত।

ঝি /ঝি/ [স. দুহিতা >] বি. ১ দুহিতা, কন্যা। ২ পরিচারিকা।

ঝিউড়ি /ঝিউড়ি/ [স. দুহিতা >] বি. কন্যা, দুহিতা।

ঝিঁক /ঝিঁক্/ [স. শিখা >] বি. ১ উনুনের প্রান্তভাগের উঁচু অংশ (যার ওপর রান্নার পাত্র বসানো হয়)। ২ জাঁতার উপরিস্থিত চাকির ছিদ্র।

ঝিঁকরা /ঝিঁক্রা/ [দেশি.] বি. পতিত জমিতে জাত ছোটো বুনো গাছ।

ঝিঁকা /ঝিঁকা/ [বা.] বি. নৌকার হাল ধরে হঠাৎ সজোরে ধাক্কা বা টান (*ঝিঁকা মারা*)।

ঝিঁঝি[১] /ঝিঁঝি/ [স. ঝিল্লি >] বি. ঝোপঝাড় ও অন্ধকারাচ্ছন্ন স্যাঁতসেঁতে মাটির গর্তে বাস করে এবং সন্ধ্যায় গর্ত থেকে বেরিয়ে ঝিঁঝি শব্দে ডাকে এমন অর্থোপ্টেরা (orthoptera) বর্গের ডানাযুক্ত নিশাচর ছোটো পতঙ্গ, ঝিল্লি (*আঁধার তবু ক্ষান্তিবিহীন ঝিঁঝির সুরে বাজে* জাফর.)।

ঝিঁঝি[২] /ঝিঁঝি/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ঝিনঝিন।

ঝিঁঝি ধরা /ঝিঁঝি ধরা/ ক্রিবি. রক্ত চলাচলে সাময়িক বাধাপ্রাপ্তির ফলে অঙ্গ-প্রত্যঙ্গ অবসন্ন হওয়া।

ঝিঁঝিট /ঝিঁঝিট্/ [হি. ঝিঞ্জোটি >] বি. দ্র ঝিঞ্জোটি।

ঝিকমিক /ঝিক্‌মিক্/ [দেশি.] অব্য. বি. দ্র ঝিকিমিকি।

ঝিকিমিকি/ঝিকিমিকি/ [দেশি.] অব্য. কখনো উজ্জ্বল কখনো ম্লান এমন ভাব। বি. মৃদু আলোর আভা।

ঝিকুট /ঝিকুট্/ [দেশি.] বি. বিণ. দ্র ঝিকুর।

ঝিকুর /ঝিকুর্/ [দেশি.] বি. ১ মস্তিষ্ক। ২ মাথার নরম অংশ, মগজ। বিণ. ১ অকালপক্ক। ২ শুকিয়ে শক্ত হয়ে গেছে এমন, ঝুনা।

ঝিকুর নড়া /ঝিকুর্ নড়া/ ক্রিবি. মাথা খারাপ হওয়া।

ঝিঙা /ঝিঙা/ [স. ঝিঙ্গাক >] বি. দোআঁশ মাটিতে চাষ করা হয় এবং গ্রীষ্মকালে ফোটে এমন পাঁচটি পাপড়ি-বিশিষ্ট হলুদাভ একলিঙ্গ ফুল ও শিরাযুক্ত কোমল আঁশ-আবৃত লম্বাটে সবুজ রঙের সবজি বা তার দীর্ঘ আকর্ষযুক্ত বর্ষজীবী লতানে উদ্ভিদ, ঝিঙে।

ঝিঙুর /ঝিঙুর/ [হি.] বি. দ্র ঝিঁঝি[১]।

ঝিঙে /ঝিঙে/ [বা.] বি. 'ঝিঙা'-র কথ্য রূপ।

ঝিঙে ফুল /ঝিঙে ফুল্/ বি. ঝিঙালতার হলুদাভ ফুল (*ঝিঙে ফুল! ঝিঙে ফুল! / সবুজ পাতার দেশে ফিরোজিয়া ফিঙে-কুল—* নজরুল.)।

ঝিঞ্জোটি /ঝিন্‌ঝোটি/ [হি.] বি. দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ঝিনঝিন /ঝিন্‌ঝিন্/ [ধ্বন্যা.] অব্য. দেহের কোনো অঙ্গে রক্ত চলাচলে বাধাপ্রাপ্তির ফলে সাময়িক অসাড়তার ভাব বা মৃদু কম্পনের অনুভূতি, ঝিঁঝি।

ঝিনঝিনি /ঝিন্‌ঝিনি/ [স. ক্ষীণ >] অব্য. দ্র ঝিনঝিন।

ঝিনিকিঝিনি /ঝিনিকিঝিনি/ [ধ্বন্যা.] বি. নূপুরের মৃদু শিঞ্জন ধ্বনি, নিক্কণ; মৃদু ঝনঝন ধ্বনি।

ঝিনিঝিনি /ঝিনিঝিনি/ [ধ্বন্যা.] বি. দ্র ঝিনিকি-ঝিনি।

ঝিনুক /ঝিনুক্/ [দেশি.] বি. ১ খাদ্য ও মুক্তা আহরণের উদ্দেশ্যে চাষ করা হয় এমন দুই ভাগে বিভক্ত কালচে সাদা প্রভৃতি রঙের শক্ত খোলসাবৃত কোমল দেহবিশিষ্ট মলাস্কা (mollusca) পর্বের অমেরুদণ্ডী জলজ প্রাণী, শুক্তি, oyster। ২ শিশুদের দুধ খাওয়ানোর জন্য ব্যবহৃত ঝিনুকের খোলস।

www.pathagar.com

ঝিম /ঝিম্/ [স. জৃম্ভ >] বি. ক্লান্তি বা নেশাজনিত অবসন্নতা; অবসাদ। বিণ. অবসন্ন, ক্লান্ত।

ঝিমঝিম /ঝিম্‌ঝিম্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ অবসন্ন ভাব (*মাথা ঝিমঝিম করা*)। ২ ক্ষীণ ধারায় বৃষ্টি পড়ার শব্দ।

ঝিমানি /ঝিমানি/ [বা.] বি. তন্দ্রাজনিত অবসন্নতা।

ঝিমানো /ঝিমানো/ [বা.] ক্রিবি. ১ নেশা বা তন্দ্রার বশে চোখ বন্ধ করে ঢুলে পড়া। ২ নিরুদ্যম হওয়া।

ঝিমিক /ঝিমিক্/ [ধ্বন্যা.] বি. দ্র ঝিমিকি।

ঝিমিকি /ঝিমিকি/ [ধ্বন্যা.] বি. ১ ঘনঘন বিদ্যুৎ চমকানি। ২ ধীর পদক্ষেপ।

ঝিমুনি /ঝিমুনি/ [বা.] বি. তন্দ্রাজনিত অবসন্নতা।

ঝিমোনো /ঝিমোনো/ [বা.] ক্রিবি. দ্র ঝিমানো।

ঝিয়ারি /ঝিআরি/ [আঞ্চ.] বি. ১ অবিবাহিতা কন্যা; দুহিতা। ২ পুত্রের শ্যালিকা, কন্যার ননদ।

ঝিরকুটে /ঝিরকুটে/ [বা.] বিণ. কৃশ ও খাটো।

ঝিরঝির /ঝিরঝির্/ [ধ্বন্যা.] বি. ১ মৃদু ঝরঝর ধ্বনি। ২ হালকা বৃষ্টির শব্দ। অব্য. ১ ধীর গতিতে প্রবাহিত হওয়ার ভাব। ২ লঘু ক্ষরণের ভাব।

ঝিরঝিরে /ঝিরঝিরে/ [ধ্বন্যা.] বিণ. ধীরগতিতে প্রবাহিত (*ঝিরঝিরে হাওয়া*)।

ঝিল /ঝিল্/ [হি.] বি. বিলের চেয়ে ছোটো এবং সরু ও লম্বা প্রাকৃতিক জলাশয়।

ঝিলমিল[১] /ঝিল্‌মিল্/ [হি.] বি. ১ জানালার খড়খড়ি। ২ রঙিন কাপড়ের তৈরি ঝালর।

ঝিলমিল[২] /ঝিল্‌মিল্/ [ধ্বন্যা.] বি. ঝলমল করছে এমন আলোর দীপ্তি।

ঝিলমিলি /ঝিল্‌মিলি/ [ধ্বন্যা.] অব্য. ঝিকমিক করার ভাব, উজ্জ্বলতার ভাব।

ঝিলমিলে /ঝিল্‌মিলে/ [বা.] বিণ. ঝিলমিল করে এমন; উজ্জ্বল।

ঝিলিক /ঝিলিক্/ [হি. ঝলক >] বি. ১ ক্ষণস্থায়ী উজ্জ্বল দীপ্তি। ২ বিদ্যুতের চমক, ক্ষণিকের বিদ্যুৎ-স্ফুরণ, ঝলক (*সূর্য যেথায় অস্তে নামে ঝিলিক মারে মেঘে।* রবীন্দ্র.)।

ঝিলিমিলি[১] /ঝিলিমিলি/ [হি.] বি. দ্র ঝিলমিল[১]।

ঝিলিমিলি[২] /ঝিলিমিলি/ [ধ্বন্যা.] বিণ. ঈষৎ ঝলমলে; ঢেউখেলানো (*সন্ধ্যারাগে-ঝিলিমিলি ঝিলমের স্রোতখানি বাঁকা* রবীন্দ্র.)।

ঝিল্লি /ঝিল্লি/ [স. ঝিল্লিকা >] বি. ১ ত্বকের সূক্ষ্ম আবরণ, membrane। ২ ঝিঁঝি পোকা।

ঝিল্লিকা /ঝিল্লিকা/ [স. ঝিল্লী+কন্+আ (টাপ্)] বি. দ্র ঝিল্লি।

ঝিল্লিঝংকৃত /ঝিল্লিঝোংকৃতো/ [স. ঝিল্লি+ঝম্+√কৃ+ত] বিণ. ঝিঁঝি পোকার শব্দে মুখরিত।

ঝিল্লিমুখর /ঝিল্লিমুখর্/ [স. ঝিল্লি+মুখর] বিণ. দ্র ঝিল্লিঝংকৃত।

ঝুঁকা /ঝুঁকা/ [বা.] ক্রিবি. ১ অবনত হওয়া, নুয়ে পড়া। ২ আকৃষ্ট হওয়া। ৩ পক্ষ নেওয়া।

ঝুঁকানো /ঝুঁকানো/ [বা.] ক্রিবি. ১ ঝুঁকে পড়া, নত করা। ২ আকৃষ্ট বা পক্ষপাতদুষ্ট করা। বিণ. ১ অবনত। ২ পক্ষপাতদুষ্ট।

ঝুঁকি /ঝুঁকি/ [হি.] বি. ১ ভার, দায়িত্ব। ২ বিপদে পড়ার আশঙ্কা।

ঝুঁকি সামলানো /ঝুঁকি শাম্‌লানো/ বি. যথাযথভাবে গুরুদায়িত্ব সম্পাদন করা।

ঝুঁটি /ঝুঁটি/ [স. জুট >] বি. ১ চূড়া করে বাঁধা চুল। ২ ষাঁড়ের কাঁধের ককুদ বা মাংসপিণ্ড। ৩ পাখির মাথার পালকের চূড়া, ঝোঁটন।

ঝুটঝামেলা /ঝুটঝামেলা/ [হি.] বি. অস্বস্তি ও বিরক্তিকর পরিস্থিতি।

ঝুটা[১] /ঝুটা/ [হি.] বিণ. ১ অসত্য, মিথ্যা। ২ কৃত্রিম।

ঝুটা[২] /ঝুটা/ [হি. জুঠা >] বিণ. উচ্ছিষ্ট, এঁটো।

ঝুটাপুটি /ঝুটাপুটি/ [বা.] বি. ১ চুলোচুলি। ২ জাপটা-জাপটি।

ঝুটো /ঝুটো/ [দেশি.] বিণ. দ্র ঝুটা[১]।

ঝুড়া /ঝুড়া/ [দেশি.] ক্রিবি. গাছের অনাবশ্যক ডালপালা ছেঁটে ফেলা।

ঝুড়ানো /ঝুড়ানো/ [বা.] ক্রিবি. গাছের অনাবশ্যক ডালপালা ছেঁটে পরিষ্কার করানো। বিণ. ঝোড়া হয়েছে এমন।

ঝুড়ি /ঝুড়ি/ [মুন্ডা. ঝুরি >] বি. বাঁশ বেত প্রভৃতির বোনা চওড়ামুখ পাত্র।

ঝুড়িঝুড়ি /ঝুড়িঝুড়ি/ [বা.] বিণ. প্রচুর, ভূরিভূরি (*ঝুড়িঝুড়ি ফল*)। ক্রিবিণ. প্রচুর পরিমাণে।

ঝুনঝুন /ঝুনঝুন্/ [ধ্বন্যা.] বি. নূপুর মল প্রভৃতির মৃদু শব্দ, শিঞ্জন, নিক্কণ।

ঝুনঝুনি /ঝুনঝুনি/ [ধ্বন্যা.] বি. ঝুনঝুন শব্দ করে এমন খেলনা।

ঝুনা /ঝুনা/ [স. জীর্ণ >] বিণ. ১ অভিজ্ঞ ও ঝানু। ২ ধূর্ত। ৩ পাকা ও শক্ত (*ঝুনা নারিকেল*)।

ঝুনো /ঝুনো/ [স. জীর্ণ >] বিণ. 'ঝুনা'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

www.pathagar.com

ঝুপ/ঝুপ্/[ধ্বন্যা.] অব্য. বি. ১ জলে ঝাঁপ দেওয়ার অনুকার শব্দ। ২ স্থূল বস্তু পতনের শব্দ।

ঝুপঝাপ /ঝুপ্‌ঝাপ্/ [ধ্বন্যা.] বি. ১ বারবার দাঁড় ফেলার শব্দ। ২ ঝাঁপ দিয়ে বারবার জলে পড়ার শব্দ।

ঝুপঝুপ /ঝুপ্‌ঝুপ্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঝুপ শব্দ।

ঝুপড়ি /ঝুপ্‌ড়ি/ [দেশি.] বি. লতাপাতায় আচ্ছাদিত ছোটো ঘর; জীর্ণ কুঁড়েঘর।

ঝুপুরঝাপুর /ঝুপুর্‌ঝাপুর্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত দাঁড় ফেলার শব্দ।

ঝুপুরঝুপুর /ঝুপুর্‌ঝুপুর্/ [ধ্বন্যা.] বি. দ্র **ঝুপুর-ঝাপুর**।

ঝুমকা /ঝুম্‌কা/ [হি.] বি. ১ পতিত জমিতে প্রায় সারাবছর ফোটে এমন হলুদ কমলা প্রভৃতি রঙের ঘণ্টাকৃতির ফুল বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট গুল্ম-জাতীয় উদ্ভিদ। ২ কানের ঘণ্টাকৃতি অলংকার।

ঝুমকাজবা/ঝুম্‌কাজবা/ [বা.] বি. গ্রীষ্ম ও বর্ষাকালে ফোটে এমন লালচে কমলা রঙের ঝালরের মতো বাঁকানো ঝুমকাসদৃশ ফুল বা তার শোভাবর্ধক উদ্ভিদ (আনি. ব্রাজিল ও পেরু)।

ঝুমকো /ঝুম্‌কো/ [বা.] বি. দ্র ঝুমকা।

ঝুমকোজবা /ঝুম্‌কোজবা/ [বা.] বি. দ্র **ঝুমকা-জবা**।

ঝুমঝুম /ঝুম্‌ঝুম্/ [ধ্বন্যা.] বি. ১ লঘু ও মৃদু ঝমঝম শব্দ। ২ নূপুরের শব্দ।

ঝুমুরঝুমু /ঝুম্‌রুঝুম্/ [ধ্বন্যা.] বি. দ্র **ঝুমুর ঝুমুর**।

ঝুমুর /ঝুমুর্/ [স. ঝুমরি >] বি. ১ নৃত্যসংবলিত আদিরসাত্মক সংগীত। ২ পায়ের অলংকারবিশেষ।

ঝুমুর ঝুমুর /ঝুমুর্ ঝুমুর্/ বি. নূপুর মল প্রভৃতির শব্দ।

ঝুরঝুর /ঝুর্‌ঝুর্/ [স. ঝর্ঝর >] অব্য. বি. ক্রমাগত মাটি বালি প্রভৃতি পড়ার মৃদু অনুকার শব্দ।

ঝুরঝুরে /ঝুর্‌ঝুরে/ [বা.] বিণ. ১ ঝুরঝুর করে ঝরে পড়ার অবস্থাপ্রাপ্ত। ২ শুষ্ক ও পরস্পর অসংলগ্ন (*ঝুরঝুরে মাটি*)।

ঝুরা[১] /ঝুরা/ [বা.] ক্রিবি. ১ ঝরে পড়া। ২ অশ্রুপাত করা।

ঝুরা[২] /ঝুরা/ [স. চূর্ণ >] বিণ. শুকনো ও পরস্পর অসংলগ্ন, ঝুরঝুরে (*ঝুরা মাটি*)।

ঝুরি /ঝুরি/ [বা.] বি. ১ গাছের শাখাপ্রশাখা থেকে ঝুলে আসা শিকড়সদৃশ জটা (*বটের ঝুরি*)। ২ বেসন প্রভৃতির তেলেভাজা খাদ্যবস্তু।

ঝুরিভাজা /ঝুরিভাজা/ [বা.] বি. ময়দা বেসন প্রভৃতি তেলেভাজা খাদ্যবস্তু।

ঝুরুঝুরু/ঝুরুঝুরু/ [ধ্বন্যা.] ক্রিবিণ. ১ ঝুরঝুর শব্দে। ২ মৃদু ধারায়।

ঝুরো /ঝুরো/ [স. চূর্ণ >] বিণ. দলা পাকানো নয় এমন, ঝুরঝুরে (*ঝুরো মাটি*)।

ঝুরোঝুরো /ঝুরোঝুরো/ [স. চূর্ণ>] বিণ. ঝুরঝুরে।

ঝুল /ঝুল্/ [বা.] বি. ১ পোশাকের লম্বালম্বি মাপ (*জামার ঝুল*)। ২ মাকড়সার জালের সঙ্গে আটকে পড়া ধোঁয়ার কালি পতঙ্গ প্রভৃতি আবর্জনা। ৩ নিচের দিকে টান বা আকর্ষণ।

ঝুলন /ঝুলন্/ [বা.] বি. ১ দোলন। ২ শ্রীকৃষ্ণের দোল-উৎসব, বৈষ্ণবদের উৎসববিশেষ।

ঝুলনযাত্রা /ঝুলন্‌জাত্‌ত্রা/ [বা. ঝুলন+স. যাত্রা] বি. শ্রীকৃষ্ণের দোল-উৎসব।

ঝুলনা /ঝুলনা/ [বা.] বি. দোলনা।

ঝুলবারান্দা /ঝুল্‌বারান্‌দা/ [বা. ঝুল+পো. বারান্দা] বি. ওপরতলার দেয়াল থেকে ঝোলানো বারান্দা (যার নিচে কোনো ঠ্যাকনা বা থাম থাকে না)।

ঝুলা /ঝুলা/ [বা.] ক্রিবি. বিণ. দ্র **ঝোলা**[২]।

ঝুলাঝুলি /ঝুলাঝুলি/ [বা.] বি. দ্র **ঝোলাঝুলি**[২]।

ঝুলানো /ঝুলানো/ [বা.] ক্রিবি. বিণ. দ্র **ঝোলানো**।

ঝুলি /ঝুলি/ [দেশি.] বি. কাঁধে ঝোলানো যায় এমন চট বা কাপড়ের থলে, ঝোলা।

ঝোঁক /ঝোঁক্/ [বা.] বি. ১ প্রবণতা; শখ; আগ্রহ। ২ আকর্ষণ, টান। ৩ বিশেষ কোনো পক্ষের প্রতি আসক্তি, পক্ষপাত। ৪ আবেশ, প্রভাব। ৫ আকস্মিক উত্তেজনা (*ঝোঁকের মাথায়*)।

ঝোঁকা /ঝোঁকা/ [বা.] ক্রিবি. ১ অবনত হওয়া, নুয়ে পড়া। ২ আকৃষ্ট হওয়া। ৩ পক্ষ নেওয়া।

ঝোঁকানো /ঝোঁকানো/ [বা.] ক্রিবি. ১ ঝুঁকে পড়া, নত করা। ২ আকৃষ্ট বা পক্ষপাতদুষ্ট করা। বিণ. ১ অবনত। ২ পক্ষপাতদুষ্ট।

ঝোঁটোন /ঝোঁটোন্/ [বা.] বি. ১ পালকের গুচ্ছ, ঝুঁটি। ২ চূড়াবাঁধা চুল। বিণ. ঝুঁটিযুক্ত।

ঝোড়া /ঝোড়া/ [দেশি.] বি. বাঁশ বেত প্রভৃতির তৈরি বড়ো ঝুড়ি। ক্রিবি. গাছের ডালপালা ছেঁটে পরিষ্কার করা।

ঝোড়ো /ঝোড়ো/ [বা.] বিণ. ১ ক্ষুব্ধ বাতাসতাড়িত (*ঝোড়ো হাওয়া*)। ২ বাত্যাপীড়িত (*ঝোড়ো কাক*)। ৩ ঝড়সম্বন্ধীয়।

ঝোপ /ঝোপ্/ [স. ক্ষুপ >] বি. মাঝারি উচ্চতার বিবিধ উদ্ভিদের ঝাড় বা জঙ্গল।

ঝোপঝাড় /ঝোপ্‌ঝাড়্/ [বা.] বি. গুল্ম ও লতা-

www.pathagar.com

পাতায় আচ্ছাদিত স্থান।

ঝোপড়া /ঝোপ্‌ড়া/ [হি.] বি. লতাপাতায় আচ্ছাদিত ছোটো ঘর; জীর্ণ কুটির।

ঝোরা[১] /ঝোরা / [বা.] বি. ঝরনা।

ঝোরা[২]/ঝোরা / [বা.] বি. ধানক্ষেতে জাত শস্যহীন উদ্ভিদ।

ঝোল /ঝোল্‌ / [দেশি.] বি. ১ ব্যঞ্জনের ক্বাথ। ২ সূপ।

ঝোলা[১] /ঝোলা/ [বা.] বিণ. ঘন ও গাঢ় (*ঝোলা গুড়*)।

ঝোলা[২] /ঝোলা/ [বা.] ক্রিবি. ১ দোল খাওয়া। ২ ঝোঁকা। বিণ. ঝুলে লম্বা হয়েছে এমন, ঢিলা।

ঝোলা[৩] /ঝোলা/ [হি.] বি. কাঁধে ঝোলানো যায় এমন চট বা কাপড়ের থলে, ঝুলি।

ঝোলাঝুলি[১] /ঝোলাঝুলি/ [বা.] বি. ছোটো বড়ো নানা প্রকারের থলি।

ঝোলাঝুলি[২] /ঝোলাঝুলি/ [বা.] বি. টানাটানি; বারবার পীড়াপীড়ি।

ঝোলানো /ঝোলানো / [বা.] ক্রিবি. ঝুলিয়ে রাখা। বিণ. ঝুলিয়ে রাখা হয়েছে এমন।

ঝোলামালা /ঝোলামালা / [বা.] বি. বৈষ্ণব ভিখারির ঝুলি ও গলার মালা।

ঝ্যাঁটা /ঝ্যাঁটা / [দেশি.] বি. 'ঝাঁটা'-র আঞ্চলিক রূপ।

ঝ্যাঁটানো /ঝ্যাঁটানো / [বা.] ক্রিবি. ১ ঝাঁট দিয়ে পরিষ্কার করা। ২ ঝাঁটা দিয়ে প্রহার করা।

ঞ /হঁঅ/

বাংলা বর্ণমালার দশম ব্যঞ্জনবর্ণ এবং চ-বর্গের নাসিক্য ধ্বনির দ্যোতক। স্বতন্ত্র বর্ণরূপে ঞ-র ধ্বনি অঁ-র মতো। ঞ-র সঙ্গে চ ছ জ অথবা ঝ যুক্ত হলে ঞ-র ধ্বনি ন-র মতো হয় (অঞ্চল /অন্‌চল্‌/, বাঞ্ছা /বান্‌ছা/, অঞ্জন /অন্‌জন্‌/, ঝঞ্ঝা /ঝন্‌ঝা/)। চ-এর পরে ঞ যুক্ত করলেও ঞ-র ধ্বনি ন-র মতো থাকে (যাচ্ঞা /জাচ্‌না/)। কিন্তু জ-এর পরে ঞ যুক্ত করলে যুক্তবর্ণটির ধ্বনি গ্‌গঁ-র মতো হয় (জ্ঞান /গ্যাঁন্‌/ অথবা বিজ্ঞান /বিগ্‌গ্যাঁন্‌/)।

www.pathagar.com

ট /ট/

ট /ট/ বাংলা বর্ণমালার একাদশ ব্যঞ্জনবর্ণ ও মূর্ধা থেকে উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক।

টই /টোই্/ [স. তুঙ্গ >] বি. ঘরের চালের শীর্ষদেশ।

টইটই /টোই্টোই্/ [দেশি.] অব্য. ১ (তরল পদার্থের) কানায় কানায় পূর্ণতার ভাব। ২ কোনো কারণ ছাড়া ঘুরে বেড়ানোর ভাবপ্রকাশক শব্দ (*টইটই করে বেড়ানো*)। বিণ. কানায় কানায় পূর্ণ।

টইটম্বুর /টোই্টোমবুর্/ [দেশি.] বিণ. কানায় কানায় পূর্ণ।

টং[১] /টং/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ধনুকের জ্যা টেনে ছেড়ে দেওয়ার অনুকার শব্দ। ২ ঘণ্টা বা তারযন্ত্রে আঘাত করার ফলে উৎপন্ন শব্দ।

টং[২] /টং/ [স. টঙ্ক >] বিণ. ১ অত্যন্ত ক্রোধান্বিত (*রেগে টং*)। ২ বিহ্বল; নেশাগ্রস্ত (*মদ খেয়ে টং*)।

টং[৩] /টং/ [স. তুঙ্গ >] বি. ১ খেত পুকুর প্রভৃতি পাহারা দেওয়ার জন্য উঁচু মাচার ওপর তৈরি ছোটো ঘর, মঞ্চ, মাচা। ২ কুটিরের শীর্ষদেশ বা চূড়া, মটকা। ৩ বৃক্ষাবাস। ৪ উঁচু মঞ্চের ওপর তৈরি পায়রার খোপ।

টংকার /টংকার্/ [স. টম্+√ক্+অ] বি. ধনুকের ছিলা টেনে ছেড়ে দেওয়ার অনুকার শব্দ।

টং ঘর /টং ঘর্/ বি. উঁচু মাচার ওপর তৈরি ছোটো ঘর।

টংটং /টংটং/ [ধ্বন্যা.] বি. ১ ক্রমাগত টং শব্দ। ২ ছোটো ঘণ্টার শব্দ।

টক[১] /টক্/ [স. তক্র >] বিণ. অম্ল স্বাদবিশিষ্ট। বি. ১ অম্লস্বাদ ব্যঞ্জন, অম্বল। ২ অম্লরস।

টক[২] /টক্/ [ধ্বন্যা.] অব্য. বি. শুকনো কাঠ প্রভৃতির ওপর মৃদু আঘাতের অনুকার শব্দ।

টক[৩] /টক্/ [স. শীঘ্র >] ক্রিবিণ. অতি দ্রুত, মুহূর্তের মধ্যে (*টক করে গিলে ফেলা*)।

টকটক /টক্টক্/ [ধ্বন্যা.] অব্য. (সচরাচর লাল রঙের ক্ষেত্রে) উজ্জ্বলতার ভাবপ্রকাশক শব্দ। বি. ক্রমাগত টক শব্দ।

টকটকে /টক্টোকে/ [বা.] বিণ. গাঢ়; অত্যন্ত উজ্জ্বলতার ভাবযুক্ত (*টকটকে লাল সূর্য*)।

টকা /টকা/ [বা.] ক্রিবি. ১ টক হওয়া; টকে যাওয়া। ২ (অতিরিক্ত টক খাওয়ার ফলে) দাঁত শিরশির করার অনুভূতি বোধ করা। বিণ. টকস্বাদযুক্ত।

টকাটক /টকাটক্/ [ধ্বন্যা.] বি. ১ ঘোড়ার খুরের শব্দ। ২ ক্রমাগত টক শব্দ। ক্রিবিণ. চটপট।

টকানো /টকানো/ [বা.] ক্রিবি. টকস্বাদে পরিণত করা (*দুধ টকানো*)। বিণ. টকস্বাদযুক্ত।

টকি /টকি/ [ই.] বি. সবাক চলচ্চিত্র, talkie।

টক্কর /টক্কোর্/ [দেশি.] বি. ১ হোঁচট। ২ ধাক্কা, সংঘর্ষ। ৩ যোগ্যতার লড়াই। ৪ ঠোকাঠুকি।

টক্কর দেওয়া /টক্কোর্ দেওআ/ ক্রিবি. পাল্লা দেওয়া, প্রতিযোগিতা করা।

টগবগ /টগ্বগ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ জল ফোটার অনুকার শব্দ। ২ ছুটন্ত ঘোড়ার পায়ের আওয়াজ।

টগবগানো /টগ্বগানো/ [বা.] ক্রিবি. ১ তরল পদার্থ টগবগ শব্দে ফুটতে থাকা। ২ ক্রোধে উত্তেজিত হওয়া। বিণ. টগবগ করছে এমন।

টগর /টগোর্/ [স. তগর >] বি. ভারতীয় উপমহাদেশে শীতকাল ব্যতীত প্রায় সারাবছর থোকায় থোকায় ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত সাদা মৃদুগন্ধ ফুল বা তার গুল্মজাতীয় চিরহরিৎ উদ্ভিদ, তগর, কাঠমল্লিকা, বনমল্লিকা।

টগরা /টগ্রা/ [দেশি.] বিণ. ১ চতুর; চটপটে। ২ ধৃষ্ট।

টঙ্ক[১] /টংকো/ [স. √টঙ্ক্+অ] বি. ১ মুদ্রা, টাকা। ২ সোহাগা। ৩ ছেদন বা খননের জন্য ব্যবহৃত লোহার তৈরি হাতিয়ার। ৪ পর্বতের উঁচু স্থান।

টঙ্ক[২] /টংকো/ [দেশি.] বিণ. দৃঢ়, শক্ত, মজবুত।

টঙ্কক /টংকক্/ [স. টঙ্ক+ক (স্বার্থে)] বি. দ্র টঙ্কপতি।

টঙ্কন /টংকোন্/ [স. √টঙ্ক্+অন] বি. ১ সোহাগা। ২ পার্বত্য ঘোড়াবিশেষ। ৩ বাঁধন। ৪ চিহ্নিতকরণ। ৫ আঙিনা, উঠান।

টঙ্কপতি /টংকোপোতি/ [স. টঙ্ক+√পা+অতি] বি. টাঁকশালের অধিকর্তা।

টঙ্কবান /টংকোবান্/ [স. টঙ্ক+বৎ] বিণ. ধনবান।

টঙ্কবিজ্ঞান /টংকোবিগ্যান্/ [স. টঙ্ক+বিজ্ঞান] বি. প্রাচীন যুগের ধাতব মুদ্রা পদক প্রভৃতির ইতিহাস-বিষয়ক বিদ্যা, মুদ্রাবিষয়ক বিদ্যা, numismatics।

www.pathagar.com

টঙ্কশাল /টংকোশাল্/ [স. টঙ্ক+√শল্+অ] বি. দ্র টঙ্কশালা।

টঙ্কশালা /টংকোশালা/ [স. টঙ্কশাল+আ (টাপ্)] বি. যেখানে মুদ্রা তৈরি করা হয়, ধাতব মুদ্রা তৈরির কারখানা, টাঁকশাল, mint।

টঙ্কা /টংকা/ [স. √টঙ্ক্+অ+আ (টাপ্)] বি. ১ টাকা। ২ বেতন, মাহিনা।

টঙ্কিত /টংকিতো/ [স. √টঙ্ক্+ত] বিণ. ঝংকৃত; ধনুকের ছিলার শব্দে রণিত।

টঙ্গা /টংগো/ [বা.] বি. কুঠার, খননাস্ত্র।

টঙ্গান /টংগোন্/ [স. টঙ্কন >] বি. দ্র টঙ্কন।

টঙ্গি /টোংগি/ [স. তুঙ্গ >] বি. দ্র টং[৩]।

টট্টর[১] /টট্টর্/ [ধ্বন্যা.] অব্য. দ্রুত বা চটপট কথা বলার ভাব। ক্রিবিণ. ১ আধোআধোভাবে। ২ ছোটো ছোটো দ্রুত পদক্ষেপে।

টট্টর[২] /টট্টর্/ [ধ্বন্যা.] বি. ১ টাট্টু ঘোড়ার দৌড়ানোর শব্দ। ২ ক্রুদ্ধ বা অহংকৃত পদক্ষেপ।

টট্টরে /টট্টোরে/ [বা.] বিণ. ১ চালাক; চটপটে, smart। ২ বাকপটু। ৩ দ্রুত ও ছোটো ছোটো পদক্ষেপে চলে এমন।

টন[১] /টন্/ [ধ্বন্যা.] অব্য. বি. শক্ত কোনো বস্তুদ্বারা ধাতব পদার্থে আঘাত করার অনুকার শব্দ।

টন[২] /টন্/ [ই.] বি. ১ লং টন (২২৪০ পাউন্ড বা ১০১৬·০৫ কিলোগ্রাম)। ২ শর্ট টন (২০০০ পাউন্ড বা ৯০৭·১৯ কিলোগ্রাম)। ৩ মেট্রিক টন (১০০০ কিলোগ্রাম বা ২২০৫ পাউন্ড)। ৪ কিউবিক টন (১·৩২৬ ঘনমিটার বা ৪০ ঘনফুট আয়তন)।

টনক[১] /টনোক্/ [দেশি.] বি. ১ চৈতন্য উদ্রেক করে এমন আঘাত। ২ বোধ, হুঁশ, খেয়াল।

টনক[২] /টনোক্/ [স. টঙ্ক >] বিণ. ১ মজবুত, শক্ত। ২ বিচক্ষণ। ৩ দক্ষ।

টনক নড়া /টনোক্ নড়া/ ক্রিবি. চৈতন্য হওয়া, হুঁশ হওয়া, খেয়াল হওয়া।

টনটন /টনটন্/ [ধ্বন্যা.] অব্য. দুঃসহ ব্যথার ভাব (*ফোড়া পেকে টনটন করা*)।

টনটনানি /টনটনানি/ [বা.] বি. প্রবল বেদনা বোধ।

টনটনে /টনটোনে/ [বা.] বিণ. ১ প্রখর (*টনটনে জ্ঞান*)। ২ ভালো। ৩ শক্ত, মজবুত।

টনসিল /টনসিল্/ [ফ.] বি. উচ্চস্তরের মেরুদন্ডী প্রাণীর জিভের গোড়ার দুই দিকে অবস্থিত গ্রন্থিদ্বয়ের প্রতিটি, tonsil।

টনিক /টনিক্/ [ফ.] বি. ১ শারীরিক শক্তি বাড়ায় এমন ওষুধ। ২ (আল.) মনের জোর বাড়ায় এমন প্রভাব।

টন্ডাই /টন্ডাই্/ [বা.] বি. ১ বিরক্তি উৎপাদক ঘটনা, ঝঞ্ঝাট। ২ ধৃষ্টতা। ৩ কলহ। ৪ তাড়না।

টন্ডু /টোন্ডু/ [বা.] বিণ. ঝগড়াটে, কলহপ্রিয়।

টপ[১] /টপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ জল প্রভৃতি তরল পদার্থের ফোঁটা পড়ার অনুকার শব্দ। ২ গাছ থেকে ফল পড়ার অনুকার শব্দ। ৩ চট করে কোনোকিছু উদরস্থ করার ভাবপ্রকাশক শব্দ (*টপ করে গিলে ফেলা*)। ক্রিবিণ. চট করে, অবিলম্বে।

টপ[২] /টপ্/ [ই.] বি. মুক্তা বা মটরদানাসদৃশ কানের অলংকারবিশেষ।

টপ[৩] /টপ্/ [ই.] বি. নারীর ঊর্ধ্বাঙ্গে পরিধেয় পোশাক, top।

টপকা /টপ্কা/ [হি.] ক্রিবি. লাফিয়ে অতিক্রম করা।

টপকানো /টপ্কানো/ [বা.] ক্রিবি. টপকে অতিক্রম করা, ডিঙিয়ে যাওয়া। বিণ. উল্লঙ্ঘিত।

টপটপ /টপ্টপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ফোঁটা ফোঁটা করে অবিরত তরল পদার্থ পতনের অনুকার শব্দ।

টপাটপ /টপাটপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. একটির পর একটি দ্রুত গলাধঃকরণের ভাবপ্রকাশক শব্দ। ক্রিবিণ. ক্রমাগত ও অতি দ্রুততা সহকারে।

টপাস /টপাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. হঠাৎ বড়ো ফোঁটা পতনের অনুকার শব্দ।

টপ্পা /টপ্পা/ [হি.] বি. ১ খেয়াল গানের অনুকরণে রচিত লঘুরসাত্মক বৈঠকি গান। ২ ষোলো মাত্রার তালবিশেষ।

টপ্পাবাজ /টপ্পাবাজ্/ [হি. টপ্পা+ফা. বাজ] বিণ. স্ফূর্তিবাজ, রসিক।

টফি /টফি/ [অজ্ঞা.] বি. কোকো দুধ চিনি প্রভৃতির মিশ্রণে তৈরি মুখরোচক খাদ্যবস্তু, toffee।

টব /টব্/ [ই. tub >] বি. ১ জল রাখার খোলা পাত্র। ২ ফুলের চারা রোপণের জন্য ব্যবহৃত মাটির পাত্র। ৩ খনিতে কয়লা বহন করার কাজে ব্যবহৃত পাত্র।

ট-বর্গ /টবর্গো/ বি. ট ঠ ড (ড়) ঢ (ঢ়) ণ বর্ণের সমষ্টি নিয়ে গঠিত বর্গ।

টমক /টমক্/ [ধ্বন্যা.] বি. বাদ্যযন্ত্রবিশেষ।

টমটম /টম্টম্/ [ই. tandem >] বি. এক ঘোড়ায় টানা দুই চাকার গাড়ি, এক্কা, টাঙা।

টমিগান /টমিগান্/ [ই.] বি. স্বয়ংক্রিয় আগ্নেয়াস্ত্র-বিশেষ, tommy gun।

টম্যাটো /টোম্যাটো/ [ফ.] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে ব্যাপকভাবে চাষ করা হয় এমন

www.pathagar.com

মসৃণ খাঁজযুক্ত রসালো উপবৃত্তাকার শীতকালীন সবজি (কাঁচা অবস্থায় সবুজাভ ও পাকা অবস্থায় লালচে) বা তার শাখান্বিত লোমশ বর্ষজীবী বীরুৎ-শ্রেণির উদ্ভিদ (আনি. মধ্য ও দক্ষিণ আমেরিকা), টক বেগুন, বিলাতি বেগুন, tomato।

টয়লেট /টয়লেট্/ [ফ.] বি. শৌচাগার।

টয়লেট ওয়াটার /টয়লেট্ ওআটার্/ বি. দেহকে সজীব ও স্নিগ্ধ করে এমন গায়ে মাখার সুগন্ধ তরল পদার্থ, toilet water।

টয়লেট পেপার /টয়লেট্ পেপার্/ বি. শৌচাগারে ব্যবহার্য কোমল টিসু কাগজ, toilet paper।

টয়ে বাঁধা /টয়ে বাঁধা/ ক্রিবি. বিণ. পাগড়ির মতো করে মাথায় ফেট্টি বা কাপড় জড়ানো।

টরটর /টর্‌টর্/ [স. ত্বর >] অব্য. ক্রিবিণ. দ্র টট্টর[১]।

টরটরে /টর্‌টোরে/ [বা.] বিণ. দ্র টট্টরে।

টর্চ /টর্চ্/ [ই. torch] বি. ১ হাতে বহনযোগ্য ও টিপ দিয়ে জ্বালানো যায় এমন ব্যাটারিযুক্ত বাতি, টিপবাতি। ২ মশাল।

টর্নেডো /টর্‌নেডো/ [স্পে.] বি. পশ্চিম আফ্রিকা যুক্তরাষ্ট্র ও দক্ষিণ-পূর্ব এশিয়ার ভূখণ্ডে সীমিত এলাকা জুড়ে সংকীর্ণ পথ ধরে এগিয়ে চলে এমন বিধ্বংসী ঘূর্ণিঝড় (দেখতে অনেকটা কলার মোচা-কৃতি) যার কেন্দ্রস্থলে বাতাসের গতি ঘণ্টায় ৫০০ কিলোমিটার পর্যন্ত হতে পারে, ঝঞ্ঝাবর্ত, tornado।

টর্পেডো /টর্‌পেডো/ [লা.] বি. ১ জাহাজ ডুবো-জাহাজ বা উড়োজাহাজ থেকে ছোড়া যায় এবং জলের মধ্যে চলতে পারে এমন চুরুট-আকৃতির জাহাজবিধ্বংসী স্বয়ংক্রিয় ক্ষেপণাস্ত্র। ২ বৈদ্যুতিক শক দিতে পারে এমন হাঙরজাতীয় সামুদ্রিক প্রাণিবিশেষ। ৩ torpedo।

টল[১] /টল্/ [হি. টহল >] বি. ১ টহল। ২ প্রহরীর কাজ।

টল[২] /টল্/ [স. √টল্+অ] বি. দ্র টলন।

টলটল /টল্‌টল্/ [ধ্বন্যা.] অব্য. ১ কানায় কানায় পরিপূর্ণ পাত্রে তরল পদার্থের সামান্য আন্দোলিত হওয়ার ভাব। ২ স্বচ্ছতার ভাব। বিণ. ১ অস্থির, চঞ্চল। ২ আন্দোলিত।

টলটলানি /টল্‌টলানি/ [ধ্বন্যা.] বি. ১ টলটল করার অবস্থা। ২ পতনোন্মুখ অবস্থা।

টলটলানো /টল্‌টলানো/ [বা.] ক্রিবি. টলটল করা।

টলটলায়মান /টল্‌টলায়েমান্/ [বা.] বিণ. ১ টলটল করছে এমন। ২ পতনোন্মুখ। ৩ অস্থির।

টলটলে /টল্‌টোলে/ [বা.] বিণ. ১ স্বচ্ছ; অনাবিল। ২ ঈষৎ আন্দোলনরত।

টলট্টল /টলোট্‌টল্/ [ধ্বন্যা.] বিণ. বিক্ষুব্ধ ও আন্দোলিত।

টলন /টলোন্/ [স. √টল্+অন] বি. ১ নড়ন। ২ স্খলন। ৩ বিহ্বলতা; বিমুগ্ধতা।

টলবল /টল্‌বল্/ [ধ্বন্যা.] অব্য. বিণ. দ্র টলমল।

টলবলানি /টল্‌বলানি/ [বা.] বি. আলোড়ন।

টলবলানো /টল্‌বলানো/ [বা.] ক্রিবি. টলবল করা; আন্দোলিত করা।

টলমল /টল্‌মল্/ [বা.] অব্য. টলে পড়ার ভাব; পতনের ভাব। বিণ. ১ কম্পিত, আন্দোলিত। ২ দুলছে এমন, দোলায়মান। ৩ চঞ্চল।

টলমলা /টল্‌মলা/ [বা.] ক্রিমূ. টলমল করা।

টলমলানি /টল্‌মলানি/ [বা.] বি. টলমলে অবস্থা।

টলমলানো /টল্‌মলানো/ [বা.] ক্রিবি. টলমল করা।

টলমলায়মান /টল্‌মলায়োমান্/ [বা.] বিণ. ১ টলমল করছে এমন। ২ সংশয়পূর্ণ। ৩ পতনোন্মুখ।

টলমলে /টল্‌মোলে/ [বা.] বিণ. ১ টলমল করছে এমন। ২ অব্যবস্থিত; সংশয়পূর্ণ। ৩ পতনোন্মুখ।

টলা /টলা/ [বা.] ক্রিবি. ১ চঞ্চল হওয়া, বিচলিত হওয়া (*মন টলা*)। ২ কম্পিত হওয়া। ৩ পতনোন্মুখ হওয়া। ৪ অন্যথা হওয়া। ৫ নড়চড় হওয়া; স্থানচ্যুত হওয়া। ৬ স্খলিত হওয়া।

টলানো /টলানো/ [বা.] ক্রিবি. ১ নাড়িয়ে দেওয়া। ২ আন্দোলিত করা। ৩ অন্যথা করানো। ৪ স্থানচ্যুত করা, নাড়ানো। ৫ বিচলিত করা।

টলোমলো /টলোমলো/ [বা.] বিণ. ১ টলমল করছে এমন। ২ ঘনঘন আন্দোলিত; কম্পিত। ৩ উচ্ছলিত। ৪ পতনোন্মুখ। ৫ সংশয়াপন্ন, বিচলিত। ৬ পরিপূর্ণ। ৭ দোলায়মান।

টস[১] /টস্/ [ধ্বন্যা.] অব্য. বি. ফোঁটায় ফোঁটায় তরল পদার্থ পতনের শব্দ।

টস[২] /টস্/ [অজ্ঞা.] বি. (সচরাচর প্রতিযোগিতামূলক খেলায়) আলতোভাবে ওপরের দিকে ছুড়ে দেওয়া একটি মুদ্রা ভূমিতে পড়ার পর তার কোন পিঠ ওপরের দিকে রয়েছে তা দেখে সিদ্ধান্ত গ্রহণ, toss।

টসকা /টস্‌কা/ [হি. টসকান >] ক্রিবি. বিণ. দ্র টসকানো।

টসকানো /টস্‌কানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ভগ্নস্বাস্থ্য হওয়া। ২ ভেঙে যাওয়া বা নষ্ট হওয়া। ৩ পেকে মজে যাওয়া। ৪ টোল খাওয়া।

টসটস /টস্‌টস্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ রসে পরিপূর্ণ

www.pathagar.com

হওয়ার ভাব। ২ পেকে ওঠার ভাব। ৩ ফোঁটায় ফোঁটায় তরল পদার্থ পতনের ভাবপ্রকাশক শব্দ।

টসটসানি /টস্‌টশানি/ [বা.] বি. ১ ফোঁটায় ফোঁটায় পতনের অবস্থা। ২ রসে পরিপূর্ণতা। ৩ পরিপক্ক অবস্থা।

টসটসানো /টস্‌টশানো/ [বা.] ক্রিবি. ১ পেকে রসপূর্ণ হওয়া। ২ পেকে ওঠার ফলে টসটস করা।

টসটসে /টস্‌টোশে/ [বা.] বিণ. রসে পরিপূর্ণ।

টহল /টহোল্/ [হি.] বি. ১ পাহারাদারির জন্য পদচারণা। ২ পর্যটন, ঘোরাফেরা। ৩ পায়চারি।

টহলদার /টহোল্‌দার্/ [হি. টহল+ফা. দার] বি. টহল দিয়ে পাহারা দেওয়া যার পেশা, প্রহরী। বিণ. টহল বা পাহারা দেয় এমন।

টহলদারি /টহোল্‌দারি/ [হি. টহল+ফা. দারি] বি. ১ টহলদারের বৃত্তি। ২ পায়চারি।

টহল পুলিশ /টহোল্ পুলিশ্/ বি. ভ্রাম্যমাণ পুলিশ, patrol police।

টহলানো /টহোলানো/ [বা.] ক্রিবি. ১ টহল দেওয়ানো। ২ ঘোড়াকে হাঁটানো।

টহলিয়া /টহোলিআ/ [বা.] বি. যে টহল দেয়।

-টা /টা/ ব্যক্তি বস্তু বিষয় পরিমাণ সংখ্যা প্রভৃতি নির্দেশ করে এমন বাংলা প্রত্যয় (*লোকটা, বইটা*)।

টাই /টাই্/ [ই. tie] বি. ১ পাশ্চাত্য পোশাকের সঙ্গে গলায় বেঁধে ঝোলানো হয় এমন বস্ত্রখণ্ড। ২ প্রতিযোগিতায় সমান পয়েন্ট প্রাপ্তি।

টাইগন /টাইগন্/ [ই.] বি. বাঘ ও সিংহের মিলনজাত পশুর প্রজাতি, tigon।

টাইট /টাইট্/ [ই. tight] বিণ. ১ আঁটোসাঁটো, টানটান (*টাইট পোশাক*)। ২ শক্ত (*টাইট করে বাঁধা*)।

টাইটেল /টাইটেল্/ [ই. title] বি. ১ উপাধি, খেতাব। ২ নামলিপি, আখ্যা। ৩ পদবি। ৪ স্বত্ব, অধিকার।

টাইপ /টাইপ্/ [লা.] বি. ছাপানোর জন্য ব্যবহৃত সিসার হরফ।

টাইপ করা /টাইপ্ করা/ ক্রিবি. মুদ্রলেখযন্ত্রের সাহায্যে নির্দিষ্ট বোতামে চাপ দিয়ে একটি একটি করে বর্ণ ছাপার অক্ষরে লেখা।

টাইপরাইটার /টাইপ্‌রাইটার্/ [লা. টাইপ+ই. রাইটার] বি. নির্দিষ্ট বোতামে চাপ দিয়ে একটি একটি করে বর্ণ ছাপার অক্ষরে লেখা যায় এমন যন্ত্র, মুদ্রলেখযন্ত্র, মুদ্রাক্ষরযন্ত্র, typewriter।

টাইপিস্ট /টাইপিস্ট্/ [লা.] বি. টাইপ করে জীবিকানির্বাহ যার পেশা, মুদ্রাক্ষরিক।

টাইফয়েড /টাইফয়েড্/ [লা.] বি. এককোষবিশিষ্ট জীবাণুবাহিত অন্ত্রের প্রদাহ-সহ সংক্রামক জ্বর, সান্নিপাতিক জ্বর, typhoid।

টাইফুন /টাইফুন্/ [আ. তুফান >] বি. ভারত মহাসাগর ও পশ্চিম প্রশান্ত মহাসাগরের ক্রান্তীয় অঞ্চলের বিধ্বংসী ঝড়বিশেষ, typhoon।

টাইব্রেকার /টাইব্রেকার্/ [ই.] বি. (ফুটবল হকি প্রভৃতি খেলায় দুই পক্ষের ফল সমান হলে) জয়-পরাজয় নির্ধারণের বিশেষ পদ্ধতি, tiebreaker।

টাইমকিপার /টাইম্‌কিপার্/ [ই. timekeeper] বি. ১ কর্মস্থলে কর্মচারীদের হাজিরার সময়রক্ষক। ২ সময়রক্ষক সরঞ্জাম।

টাইমটেবল /টাইম্‌টেব্‌ল্/ [ই.] বি. যানবাহন চলাচল বা কোনো কাজ সম্পাদনের নির্দিষ্ট সময়-সূচি, সময়সারণি, timetable।

টাইল /টাইল্/ [ই.] বি. পাকা বাড়ির দেওয়াল মেঝে স্নানাগার প্রভৃতি স্থানে লাগানো হয় এমন পোড়ামাটি বা পাথরের পাতলা ফলকবিশেষ, tile।

টাউট /টাউট্/ [ই. tout] বি. বিণ. ১ দালাল। ২ খদ্দের বা মক্কেল সংগ্রাহক। ৩ ভদ্রবেশী প্রতারক। ৪ (ঘোড়দৌড় প্রতিযোগিতায়) ঘোড়ার দক্ষতা সম্পর্কে গোপন তথ্য সংগ্রহকারী।

টাউন /টাউন্/ [ই.] বি. নাগরিক সুবিধাদি-সহ ক্ষুদ্র জনপদ, town।

টাউন হল /টাউন্ হল্/ বি. নাগরিকদের মিলনায়তন বা সভাগৃহ, town hall।

টাঁক[১] /টাঁক্/ [ই. tuck] বি. বড়ো বড়ো ফোঁড়ের সেলাই (*টাঁক দেওয়া*); বন্ধনী।

টাঁক[২] /টাঁক্/ [স. তর্ক >] বি. ১ বিশেষ লক্ষ্য; তাক। ২ লুব্ধদৃষ্টি। ৩ প্রতীক্ষা। ৪ আশা-আকাঙ্ক্ষা।

টাঁকশাল /টাঁক্‌শাল্/ [স. টঙ্কশাল >] বি. ধাতব মুদ্রা তৈরির কারখানা, টঙ্কশালা, mint।

টাঁকা[১] /টাঁকা/ [ই. tuck >] ক্রিবি. বড়ো বড়ো ফোঁড়ে সেলাই করা। বিণ. টাঁক দেওয়া হয়েছে এমন।

টাঁকা[২] /টাঁকা/ [স. তর্ক >] ক্রিবি. ১ বিশেষরূপে দৃষ্টি রাখা। ২ অনুমান করা। ৩ অপেক্ষা করা।

টাঁসা /টাঁশা/ [দেশি.] ক্রিবি. ১ রক্ত চলাচল সাময়িক বাধাপ্রাপ্ত হওয়ার ফলে অঙ্গপ্রত্যঙ্গে টান ধরা। ২ (ব্য.) মৃত্যুবরণ করা।

টাক[১] /টাক্/ [দেশি.] বি. কেশহীন মস্তক; মাথার কেশহীনতা, ইন্দ্রলুপ্ত। বিণ. মাথায় চুল নেই এমন।

-টাক[২] /টাক্/ [দেশি.] অব্য. পরিমাণবাচক বা অনুমানবাচক প্রত্যয়বিশেষ (*পোয়াটাক দুধ*)।

টাকরা /টাক্‌রা/ [দেশি.] বি. তালু, palate।

www.pathagar.com

টাকা /টাকা/ [স. টঙ্ক >] বি. ১ বাংলাদেশের মুদ্রার একক; মুদ্রাবিশেষ। ২ অর্থ, ধনসম্পত্তি (*টাকাকড়ি*)।

টাকা উড়ানো /টাকা উড়ানো/ ক্রিবি. দ্র টাকা ওড়ানো।

টাকা ওড়ানো /টাকা ওড়ানো/ ক্রিবি. অর্থ অপব্যয় করা।

টাকাওয়ালা /টাকাওআলা/ [বা. টাকা+হি. ওয়ালা] বিণ. ধনী, বিত্তশালী।

টাকাকড়ি /টাকাকোড়ি/ [বা.] বি. ধনসম্পত্তি।

টাকা করা /টাকা করা/ ক্রিবি. ১ টাকা উপার্জন করা। ২ টাকা জমানো।

টাকা খাওয়া /টাকা খাওআ/ ক্রিবি. ঘুস খাওয়া।

টাকা তোলা /টাকা তোলা/ ক্রিবি. ১ ব্যাংক বা কোনো প্রতিষ্ঠানে জমাকৃত অর্থ থেকে টাকা ওঠানো। ২ চাঁদা তোলা।

টাকাপয়সা /টাকাপয়শা/ [বা.] বি. ধনদৌলত, ধনসম্পত্তি, টাকাকড়ি।

টাকা ভাঙানো /টাকা ভাঙানো/ ক্রিবি. বেশি মূল্য-মানের মুদ্রা বা কাগজি মুদ্রার সঙ্গে অল্প মূল্যের সমপরিমাণ মুদ্রা বা কাগজি মুদ্রার বিনিময় করা, খুচরা করা।

টাকা মারা /টাকা মারা/ ক্রিবি. অন্যের টাকা আত্মসাৎ করা।

টাকার আন্ডিল /টাকার্ আন্ডিল্/ বি. বিপুল ধনের অধিকারী ব্যক্তি।

টাকার কুমির /টাকার্ কুমির্/ বি. যার অনেক টাকা আছে, বিত্তশালী ব্যক্তি।

টাকার গরম /টাকার্ গরোম্/ বি. ধনসম্পদের অহংকার, ধনগর্ব।

টাকার শ্রাদ্ধ /টাকার্ শ্রাদ্ধো/ বি. বিপুল পরিমাণ অর্থের অপচয়।

টাকু /টাকু/ [স. তর্কু >] বি. ১ চরকায় সুতা কাটার শলাকা। ২ সুতা জড়িয়ে রাখার লাটাই।

টাকুয়া /টাকুআ/ [স. তর্কু >] বি. দ্র টাকু।

টাঙন /টাংঅন/ [স. তুরঙ্গম >] বি. পাহাড়ি ঘোড়া।

টাঙা[১] /টাঙা/ [হি.] বি. টাট্টুঘোড়ায় টানা দুই চাকার গাড়ি।

টাঙা[২] /টাঙা/ [বা.] ক্রিমূ. ঝোলানো, টানানো।

টাঙাওয়ালা /টাঙাওআলা/ [বা. টাঙা+হি. ওয়ালা] বি. ঘোড়ায় টানা দুই চাকার গাড়ির চালক, গাড়োয়ান।

টাঙানো /টাঙানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ খাটানো। ২ ঝুলিয়ে রাখা, ঝোলানো।

টাঙি /টাঙি/ [স. টঙ্ক >] বি. কুঠারজাতীয় হাতিয়ার, পরশু।

টাঙ্গি /টাংগি/ [স. টঙ্ক >] বি. দ্র টাঙি।

টাট[১] /টাট্/ [স. তাম্রপাত্র >] বি. পূজার উপকরণ রাখার জন্য ব্যবহৃত তামার পাত্র; থালা।

টাট[২] /টাট্/ [হি.] বি. ১ মহাজনের গদি। ২ কাঠের উঁচু আসন। ৩ ত্রুটি; অপরাধ। ৪ বিপদ; ক্লেশ।

টাটকা /টাট্কা/ [হি.] বিণ. ১ বাসি নয় এমন, তাজা (*টাটকা ফল*)। ২ সদ্যপ্রাপ্ত, নতুন (*টাটকা খবর*)। ৩ গরম (*টাটকা খাবার*)।

টাটা[১] /টাটা/ [স. তপ্ত >] ক্রিবি. যন্ত্রণা ও ব্যথা বোধ করা। বি. পদবিবিশেষ।

টা-টা[২] /টাটা:/ [অজ্ঞা.] অব্য. বিদায়সূচক অভিবাদন।

টাটানি /টাটানি/ [বা.] বি. ১ ব্যথার অনুভূতি, টনটনানি। ২ বেদনা, ব্যথা। ৩ ঈর্ষা (*চোখ টাটানি*)।

টাটানো /টাটানো/ [বা.] ক্রিবি. ১ টনটন করা, তীব্র যন্ত্রণা বোধ হওয়া। ২ ঈর্ষান্বিত হওয়া।

টাটি[১] /টাটি/ [হি. টট্টর >] বি. ১ বাঁশের বেড়া। ২ তাঁতযন্ত্রে বুননকালে পোড়েনের সুতা চালনের পথ, দুই প্রস্থ টানাসুতার মধ্যবর্তী ফাঁক, ঝাঁপ।

টাটি[২] /টাটি/ [দেশি.] বি. মাটির তৈরি ছোটো পাত্র-বিশেষ, ছোটো খুরি।

টাটি[৩] /টাটি/ [হি. টট্টি >] বি. দ্র টাট্টি।

টাট্টি /টাট্টি/ [হি.] বি. ১ পায়খানা। ২ বাহ্যক্রিয়া।

টাট্টু /টাট্টু/ [হি.] বি. ছোটো প্রজাতির ঘোড়াবিশেষ।

টাড় /টাড়্/ [স. তাটঙ্ক >] বি. হাতের ঊর্ধ্বাংশে পরিধেয় অলংকারবিশেষ।

টাড়স /টাড়োস্/ [স. ত্রাস >] বি. (ব্যথার কারণে) শরীরের কোনো স্থানের স্পর্শকাতর অবস্থা।

টান /টান্/ [হি.] বি. ১ স্নেহ, ভালোবাসা (*নাড়ির টান*)। ২ ধূমপান, সেবন (*গাঁজার টান*)। ৩ ঘাটতি (*টাকাপয়সার টান*)। ৪ চাহিদার অনুপাতে সরবরাহের স্বল্পতা (*বাজারে পণ্যের টান*)। ৫ হাঁপানি (*টান ওঠা*)। ৬ কথার সুর (*কথায় আঞ্চলিক টান*)। ৭ আঁচড় (*তুলির টান*)। ৮ চুরির অভ্যাস (*হাত-টান*)। ৯ প্রবাহ (*স্রোতের টান*)। বিণ. দৃঢ়সংবদ্ধ।

টানটান /টান্টান্/ [হি.] বিণ. ১ আঁটোসাঁটো। ২ প্রবল (*টানটান উত্তেজনা*)।

টান দেওয়া /টান্ দেওআ/ ক্রিবি. ১ আকর্ষণ করা। ২ রেখা টানা, আঁচড় কাটা।

টান ধরা /টান্ ধরা/ ক্রিবি. ১ শ্বাসকষ্ট হওয়া। ২ হাত পায়ের স্নায়ুতে খিঁচুনি অনুভব করা (*পায়ে টান ধরা*)। ৩ শুকাতে আরম্ভ করা (*চামড়ায় টান ধরা*)।

www.pathagar.com

টানন /টানোন্/ [বা.] বি. আকর্ষণ।

টানা /টানা/ [বা.] বি. ১ কাপড়ের দৈর্ঘ্যের দিকের সুতো। ২ দেরাজ, drawer। ৩ সংযোগ সূত্র। ৪ নাক বা কানের অলংকারের ভার লাঘবের জন্য ব্যবহৃত শেকল। ক্রিবি. ১ আকর্ষণ করা (*চুল টানা*)। ২ আঁকা (*লাইন টানা*)। ৩ বহন করা (*বোঝা টানা*)। ৪ চালানো (*রিকশা টানা*)। ৫ পক্ষপাতিত্ব করা (*পক্ষ টেনে বলা*)। ৬ হিসাব করে চলা (*ব্যয়ের রাশ টানা*)। ৭ শুকানো (*রস টানা*)। ৮ মাদকদ্রব্য সেবন করা (*গাঁজা টানা*)। বিণ. ১ টেনে চালিত (*টানা রিকশা*)। ২ ঋজু ও দীর্ঘ (*টানা পথ*)। ৩ বিরামহীন (*টানা দু-ঘণ্টা*)। ৪ আয়ত (*টানা চোখ*)।

টানা জাল /টানা জাল্/ বি. মাছ ধরার জন্য জলাশয়ের মধ্য দিয়ে টেনে নিয়ে যাওয়া হয় এমন বড়ো জাল।

টানাটানা /টানাটানা/ [বা.] বিণ. ১ আয়ত (*টানাটানা চোখ*)। ২ বাঁকা (*টানাটানা কথা*)।

টানাটানি /টানাটানি/ [বা.] বি. ১ পরস্পর আকর্ষণ, টানাহ্যাঁচড়া (*যমে-মানুষে টানাটানি*)। ২ অভাব-অনটন (*টানাটানির সংসার*)।

টানা দেওয়া /টানা দেওআ/ ক্রিবি. লম্বা করে ঝুলিয়ে দেওয়া, টাঙানো।

টানানো /টানানো/ [বা.] ক্রিবি. বেঁধে ঝোলানো (*মশারি টানানো*)।

টানা পাখা /টানা পাখা/ বি. (অধুনালুপ্ত) ছাদ থেকে আড়াআড়িভাবে ঝুলন্ত কাষ্ঠখণ্ডের সঙ্গে লাগানো ভারী পাটি বা বস্ত্রখণ্ড যা দড়ি টেনে দোলানো হয়।

টানাপোড়েন /টানাপোড়েন্/ [বা.] বি. ১ কাপড়ের লম্বালম্বি ও আড়াআড়িভাবে বোনা সুতা। ২ (আল.) উভয়সংকট; দ্বিধাগ্রস্ত অবস্থা।

টানাবোনা /টানাবোনা/ [বা.] ক্রিবি. ১ কষ্টেসৃষ্টে কোনোরকমে চালানো। ২ ব্যয়সংকোচ করা। ৩ গোঁজামিল দেওয়া।

টানাহ্যাঁচড়া /টানাহ্যাঁচড়া/ [বা.] বি. কষ্টেসৃষ্টে বা জোর করে প্রবৃত্তকরণ (*টানাহ্যাঁচড়া করা*)।

টানেল /টানেল্/ [ই.] বি. পাহাড় বা জলাশয়ের তলদেশে সুড়ঙ্গ কেটে তৈরি পথ, tunnel।

টাপু /টাপু/ [স. স্তূপ >] বি. ১ ছোটো দ্বীপ; দ্বীপ। ২ উচ্চ স্থান।

টাপুরটুপুর /টাপুরটুপুর/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত বৃষ্টি পড়ার অনুকার শব্দ (*বিষ্টি পড়ে টাপুরটুপুর, নদেয় এল বান।* রবীন্দ্র.)।

টাপেটোপে /টাপেটোপে/ [ধ্বন্যা.] ক্রিবিণ. ইশারায়, ইঙ্গিতে; ভাবভঙ্গিতে।

টাবা /টাবা/ [দেশি.] বি. লেবুর প্রজাতিবিশেষ।

টাবুটুবু /টাবুটুবু/ [বা.] বিণ. কানায় কানায় পূর্ণ, টইটুম্বুর।

টায়টায় /টায়টায়/ [বা.] ক্রিবিণ. কোনোক্রমে, টেনে-টুনে (*টায়টায় সংসার চালানো*); একটুও কম বা বেশি নয় এমন, ঠিক ঠিক (*টায়টায় পূর্ণ*)।

টায়টোয় /টায়টোয়্/ [বা.] ক্রিবিণ. দ্র টায়টায়।

টায়রা /টায়রা/ [লা.] বি. ১ নারীর মাথায় পরার অলংকার। ২ শিরোভূষণবিশেষ।

টায়ার /টায়ার্/ [ই.] বি. যানবাহনের চাকায় পরানো রবার ইস্পাত প্রভৃতির বেড় বা পটি, tyre।

টার /টার্/ [স. কর্তরী >] বি. কাটার হাতিয়ার-বিশেষ, দা, কাটারি।

টারবাইন /টারবাইন্/ [ফ.] বি. উচ্চ চাপে নির্গত গ্যাস বায়ু বাষ্প বা তরল পদার্থের সাহায্যে ঘোরানো হয় এমন সরঞ্জাম, turbine।

টারবালা /টারবালা/ [স. তাটঙ্ক >] বি. হাতের ঊর্ধ্বাংশে পরিধেয় অলংকারবিশেষ।

টারবোপ্রপ /টারবোপ্রপ্/ [ফ.] বি. উচ্চ চাপে নির্গত গ্যাস বা বায়ুর সাহায্যে ঘোরানো হয় এমন প্রপেলারযুক্ত বিমান, turboprop।

টাল[১] /টাল্/ [স. টল >] বি. ১ ঝোঁক; বক্রতা, বক্র-ভাব। ২ হেলে পড়ার ভাব। ৩ ধাক্কা, চোট; ঠ্যালা (*টাল খেয়ে পড়া*)। ৪ ঝুঁকি (*টাল সামলানো*)। ৫ স্তোকবাক্য, মিথ্যা প্রবোধ।

টাল[২] /টাল্/ [হি.] বি. ১ স্তূপ (*বালির টাল*)। ২ আড়ত, গোলা।

টাল খাওয়া[১] /টাল্ খাওআ/ ক্রিবি. ১ টক্কর খাওয়া, টলা। ২ সদ্যোজাত শিশু বা রুগ্ণ ব্যক্তির প্রাণ সংকটাপন্ন হওয়া। ৩ বেঁকে যাওয়া।

টালখাওয়া[২] /টালখাওআ/ [বা.] বিণ. হেলে পড়েছে এমন।

টালবাহানা /টালবাহানা/ [হি.] বি. ওজর, ছল, মিথ্যা অজুহাত, তালবাহানা।

টালমাটাল /টালমাটাল্/ [হি.] বি. নড়বড়ে অবস্থা, টলমলে অবস্থা। বিণ. অতিশয় অস্থির বা নড়বড়ে (*টালমাটাল অবস্থা*)।

টাল সামলানো /টাল্ শামলানো/ ক্রিবি. ধাক্কা সামলে ওঠা।

টালা /টালা/ [বা.] ক্রিবি. ১ ভাড়ানো, মিথ্যে আশ্বাস দেওয়া। ২ অবহেলা করা; অগ্রাহ্য করা; প্রতিজ্ঞা পালন না করা। ৩ প্রতারণা করা। ৪ শুকনো খোলা

www.pathagar.com

বা তাওয়ায় ভাজা (*মরিচ টালা*)। বিণ. টেলে নেওয়া হয়েছে এমন।

টালাটালি /টালাটালি/ [বা.] বি. কথার নড়চড় (*কথা টালাটালি*)।

টালি /টালি/ [ই. tile >] বি. ১ পাকা বাড়ির দেওয়াল মেঝে স্নানাগার প্রভৃতি স্থানে লাগানো হয় এমন পাথরের ফলক। ২ চালের ছাউনি হিসেবে ব্যবহৃত হয় এমন পোড়ামাটির ফলক, খাপরা।

টাস /টাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ প্রহার বা চপেটাঘাতের অনুকার শব্দ। ২ ক্রমাগত কান্নার ফলে শিশুর দমবন্ধ ভাব।

টি /টি/ অব্য. ১ সংখ্যানির্দেশক বাংলা প্রত্যয় (*দুটি পাখি*)। ২ (আদরার্থে) ব্যক্তিবাচক বাংলা প্রত্যয় (*মেয়েটি*)।

টিউবওয়েল /টিউব্ওয়েল্/ [ফ. tube+ই. well] বি. ভূগর্ভে প্রবিষ্ট প্রান্তভাগে বহুছিদ্রবিশিষ্ট নলের সাহায্যে মাটির নিচে সঞ্চিত জল তোলার কল-বিশেষ, নলকূপ, টিপকল, চাপকল, tubewell।

টিউবেকটমি /টিউবেক্টোমি/ [ফ.] বি. স্থায়ীভাবে গর্ভসঞ্চার রোধের উদ্দেশ্যে অস্ত্রোপচারের সাহায্যে নারীদেহের ফেলোপিয়ান টিউব অপসারণ, tubectomy।

টিউমার /টিউমার্/ [লা.] বি. জীবদেহে কোষবৃদ্ধি-জনিত মাংসপিণ্ডের স্ফীতি, অর্বুদ, আব, tumour।

টিউশনি /টিউশোনি/ [ই. tuition >] বি. গৃহশিক্ষকের বৃত্তি।

টিংটিং /টিংটিং/ [ধ্বন্যা.] অব্য বি. ছোটো ঘণ্টার সঙ্গে কোনো শক্ত বস্তুর আঘাতজনিত অনুকার শব্দ; বারবার টিং শব্দ।

টিংটিঙে /টিংটিঙে/ [বা.] বিণ. কাঠির মতো সরু ও রোগা, কৃশ।

টিকটিক /টিক্টিক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বারবার টিক শব্দ। ২ টিকটিকির ডাক।

টিকটিক করা /টিক্টিক্ করা/ ক্রিবি. খিটখিট করা; সারাক্ষণ দোষ খোঁজা।

টিকটিকি /টিক্টিকি/ [ধ্বন্যা.] বি. ১ সচরাচর ঘরবাড়িতে থাকে এমন লম্বাটে দেহ সরু লেজ এবং খসখসে ত্বক ও চোখের পাতাবিশিষ্ট পতঙ্গভুক সরীসৃপজাতীয় চতুষ্পদ ছোটো প্রাণী, টিকটিকি, জ্যেষ্ঠী, জেঠি, lizard। ২ (আল.) গোয়েন্দা।

টিকরা /টিক্রা/ [হি.] বি. বাংলাদেশের হাওড় অঞ্চলে বিচরণ করে এমন লম্বাটে চঞ্চুবিশিষ্ট হলুদাভ বাদামি দীর্ঘ পালকবিশিষ্ট পরিযায়ী পাখি।

টিকলি /টিক্লি/ [স. তিলক >] বি. ১ (নারীর) ললাটে পরিধেয় আংটা লাগানো সরু শেকলের সঙ্গে যুক্ত অলংকারবিশেষ। ২ তিলক; ফোঁটা।

টিকসই /টিক্শোই্/ [বা. টিক+ফা. সই] বিণ. দ্র টেকসই।

টিকা[১] /টিকা/ [স. গুটিকা >] বি. রোগ প্রতিরোধের ক্ষমতা সৃষ্টির জন্য দেহে প্রতিষেধক বীজ প্রয়োগ, vaccination।

টিকা[২] /টিকা/ [স. তিষ্ঠন >] ক্রিবি. ১ থাকা; অবস্থান করা; তিষ্ঠানো (*টিকে থাকা*)। ২ বজায় থাকা (*ধোপে টিকা*)। ৩ স্থায়ী হওয়া (*কাপড়ের রং টিকা*)। ৪ জীবিত থাকা (*রোগীর টিকে থাকা*)।

টিকা[৩] /টিকা/ [দেশি.] বি. হুঁকোর তামাকে আগুন দেওয়ার জন্য ভাতের মাড়ের সঙ্গে কাঠকয়লার গুঁড়ো মিশিয়ে তৈরি রোদে শুকানো চাকতিবিশেষ।

টিকা[৪] /টিকা/ [স. তিলক >] বি. কপালের টিপ, তিলক; রাজচিহ্ন।

টিকা ওঠা /টিকা ওঠা/ ক্রিবি. বসন্তরোগ প্রতিরোধের জন্য প্রদত্ত টিকার ঘা পেকে ওঠা।

টিকাদার /টিকাদার্/ [বা. টিকা+ফা. দার] বি. প্রতিষেধক টিকা দেওয়ার কাজে নিয়োজিত কর্মী।

টিকানো /টিকানো/ [বা.] ক্রিবি. ১ বজায় রাখা। ২ দীর্ঘস্থায়ী করা। ৩ প্রাণরক্ষা করা।

টিকারা[১] /টিকারা/ [ধ্বন্যা.] বি. নাকাড়াজাতীয় আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ; দুন্দুভি।

টিকারা[২] /টিকারা/ [স. ধিক্কার >] বি. ১ ধিক্কার; লজ্জাদান; টিটকিরি। ২ লঙ্ঘন।

টিকি /টিকি/ [দেশি.] বি. ১ মাথার পেছনে রেখে দেওয়া কেশগুচ্ছ, শিখা, চৈতন। ২ চুলের ডগা।

টিকিট /টিকিট্/ [ই. ticket] বি. ১ ভাড়া বা মাশুলের রসিদ (*ট্রেনের টিকিট*)। ২ (ডাকে প্রেরণের জন্য) দলিল বা চিঠিপত্রে এঁটে লাগাতে হয় এমন ডাক-মাশুলনির্দেশক মুদ্রিত কাগজের খণ্ড (*ডাকটিকিট*)। ৩ প্রেক্ষাগৃহ ক্রীড়াঙ্গন প্রভৃতি স্থানে দর্শনীর বিনিময়ে প্রবেশের অনুমতিপত্র (*সিনেমার টিকিট*)। ৪ গাড়ি চালানোর সময় নিয়মভঙ্গ বা অননু-মোদিত স্থানে গাড়ি রাখার জন্য পুলিশের দেওয়া অভিযোগপত্র (*পার্কিং টিকিট*)। ৫ কোনো দলের পক্ষে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য ওই দলের মনোনয়ন লাভ।

টিকিটঘর /টিকিট্ঘর্/ [ই. টিকিট+বা. ঘর] বি. যে ঘর থেকে টিকিট বিক্রি করা হয়।

টিকিন /টিকিন্/ [ই.] বি. তোশক বালিশ প্রভৃতি

www.pathagar.com

তৈরির জন্য ব্যবহৃত মোটা ও টেকসই (সাধারণত ডোরাকাটা) সুতির কাপড়, ticking।

টিকিরি /টিকিরি/ [আঞ্চ.] বি. ঠিকা মজুর।

টিকে থাকা /টিকে থাকা/ ক্রিবি. বেঁচে থাকা।

টিকে যাওয়া /টিকে যাওআ/ ক্রিবি. ১ মৃত্যুর কবল থেকে রক্ষা পাওয়া। ২ কোনো কাজে দীর্ঘদিন থেকে যাওয়া।

টিকোলো /টিকোলো/ [স. তীক্ষ্ণ >] বিণ. তীক্ষ্ণ বা সুচালো অগ্রভাগযুক্ত; খাড়া (*টিকোলো নাক*)।

টিট /টিট্/ [স. ধৃষ্ট >] বিণ. ১ নির্লজ্জ। ২ ধূর্ত।

টিটকার /টিট্কার্/ [স. ধিক্কার >] বি. দ্র টিটকারি।

টিটকারি /টিট্কারি/ [স. ধিক্কার >] বি. ১ ঠাট্টা, উপহাস। ২ ভর্ৎসনা, ধিক্কার। ৩ বিদ্রুপাত্মক ধ্বনি।

টিটকিরি /টিট্কিরি/ [স. ধিক্কার >] বি. দ্র টিটকারি।

টিটপনা /টিট্পনা/ [বা.] বি. ঠ্যাঁটামি; চতুরতা।

টিটি /টিটি/ [স. টিট্টিভ >] বি. ইউরোপ ও এশিয়ায় বিচরণ করে এমন পেট ও পিঠে মিহি রেখাযুক্ত এবং লম্বা পা-বিশিষ্ট কালচে ধূসর মুরগিসদৃশ টি-টি রবকারী পাখি, তিতির।

টিটিই /টিটিই/ [ই.] বি. রেলের ভ্রাম্যমাণ টিকিট পরিদর্শক, TTE (Travelling Ticket Examiner)।

টিট্টিভ /টিট্টিভ্/ [স. টিট্টি+√ভণ্+অ] বি. দ্র টিটি।

টিন /টিন্/ [ই.] বি. ১ রুপাসদৃশ ঘাতসহ উজ্জ্বল মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৫০। ২ দস্তা দিয়ে কলাই করা লোহার পাত (*ঢেউটিন*); (টিন দিয়ে কলাই করা) পাতলা লোহার পাত দিয়ে তৈরি পাত্র (*মুড়ির টিন*), tin।

টিনটিন /টিন্টিন্/ [দেশি.] অব্য. কৃশতা রুগ্ণতা প্রভৃতি অর্থ প্রকাশক।

টিনটিনে /টিন্টিনে/ [দেশি.] বিণ. টিনটিন করে এমন, অত্যন্ত কৃশ ও রুগ্ণ।

টিন নম্বর /টিন্ নম্বর্/ বি. করদাতার শনাক্তকরণ নম্বর, Tax Identification Number, TIN।

টিপ[১] /টি:প্/ [দেশি.] বি. তিলক, টিকা, কপালের ফোঁটা বা ওইরূপ প্রসাধন (*সিঁদুরের টিপ*)।

টিপ[২] /টি:প্/ [হি.] বি. ১ আঙুলের অগ্রভাগের ছাপ (*টিপসই*)। ২ দুই আঙুলের অগ্রভাগ দিয়ে চেপে তোলা যায় এমন পরিমাণ (*এক টিপ নস্যি*)। ৩ নিশানা, তাক (*বন্দুকের টিপ*)। ৪ গুপ্ত সংকেত (*টিপ দেওয়া*)। ৫ হুন্ডি; হাতচিঠি। ৬ ভাংচি।

টিপ[৩] /টিপ্/ [ই.] বি. হোটেল রেস্তোরাঁ প্রভৃতি স্থানে পরিচারককে দেয় বকশিশ, tip।

টিপকল /টিপ্কল্/ [হি. টিপ+স. কল] বি. ভূগর্ভে প্রবিষ্ট প্রান্তভাগে বহুছিদ্রবিশিষ্ট নলের সাহায্যে মাটির নিচে সঞ্চিত জল তোলার কলবিশেষ, নলকূপ, চাপকল, tubewell।

টিপছাপ /টিপ্ছাপ্/ [হি. টিপ+বা. ছাপ] বি. দ্র টিপসই।

টিপটিপ /টিপ্টিপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ প্রদীপ লণ্ঠন প্রভৃতির নিবুনিবু ভাব (*টিপটিপ করে জ্বলা*)। ২ ক্ষীণ বেদনাবোধ (*মাথা টিপটিপ করা*)। ৩ ক্রমাগত ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়ার অনুকার শব্দ (*টিপটিপ করে বৃষ্টি পড়া*)।

টিপটিপানি /টিপ্টিপানি/ [ধ্বন্যা.] বি. টিপটিপ করার ভাব প্রকাশক শব্দ।

টিপটিপানো /টিপ্টিপানো/ [দেশি.] ক্রিবি. টিপটিপ করা।

টিপটিপে /টিপ্টিপে/ [দেশি.] বিণ. টিপটিপ করে ঝরছে এমন (*টিপটিপে বৃষ্টি*)।

টিপন /টিপন্/ [হি.] বি. ১ চাপ প্রয়োগ। ২ মর্দন। ৩ গোপনে আঘাত। ৪ গুপ্ত প্ররোচনা; ইঙ্গিত।

টিপননড়ি /টিপন্নোড়ি/ [দেশি.] বি. বাঁশের তৈরি তাঁতযন্ত্রের সরঞ্জামবিশেষ (তাঁতে বুননের সময় যা দিয়ে ঝাঁপকে টিপে ধরে রাখা হয়)।

টিপবাতি /টিপ্বাতি/ [বা.] বি. টিপ দিয়ে জ্বালানো যায় এমন হাতে বহনযোগ্য ব্যাটারিযুক্ত বাতি, টর্চলাইট।

টিপবোতাম /টিপ্বোতাম্/ [বা.] বি. টিপে লাগানো যায় এবং টেনে খোলা যায় এমন বোতাম।

টিপয় /টিপয় / [ই.] বি. (হালকা আহার্য বা চা পরিবেশনের জন্য ব্যবহৃত) তিন পা-বিশিষ্ট ছোটো নিচু টেবিল, teapoy।

টিপসই /টিপ্শোই/ [হি. টিপ+আ. সই] বি. (স্বাক্ষর-রূপে গৃহীত) বাঁ-হাতের বুড়ো আঙুলের অগ্রভাগের ছাপ।

টিপসহি /টিপ্শোহি/ [হি. টিপ+আ. সহি] বি. দ্র টিপসই।

টিপা /টিপা/ [বা.] ক্রিবি. ১ পেষণ করা; মর্দন করা (*পা টিপা*)। ২ আঙুলের ডগা দিয়ে চাপ দেওয়া (*গাল টিপা*)। ৩ ইঙ্গিত করা (*চোখ টিপা*); সতর্ক করা। ৪ অতি সাবধানে স্থাপন বা পদক্ষেপ করা (*পা টিপে হাঁটা*)।

টিপাই /টিপাই/ [ই. teapoy >] বি. দ্র টিপয়।

টিপাটিপি /টিপাটিপি/ [বা.] বি. পরস্পরের গোপন ইঙ্গিত বিনিময়।

www.pathagar.com

টিপানো /টিপানো/ [বা.] ক্রিবি. মর্দন করানো; চাপ দেওয়ানো। বিণ. মর্দন করানো হয়েছে এমন।

টিপিটিপি /টিপিটিপি/ [দেশি.] অব্য. মন্থর ধারায় পতনের অনুকার শব্দ। ক্রিবিণ. ১ টিপটিপ করে। ২ সতর্কতার সঙ্গে (*টিপিটিপি পা ফেলে চলা*)।

টিপুনি /টিপুনি/ [স. টিপ্পনী >] বি. ১ টিপে দেওয়ার কাজ, মর্দন। ২ গোপনে আঘাত। ৩ গুপ্ত প্ররোচনা। ৪ ইঙ্গিত।

টিপেটিপে /টিপেটিপে/ [বা.] ক্রিবিণ. ১ সতর্কতার সঙ্গে (*টিপেটিপে চলা*)। ২ গোপনে। ৩ কৃপণতা সহকারে (*টিপেটিপে খরচ করা*)।

টিপে দেওয়া /টিপে দেওআ/ ক্রিবি. ১ গোপনে সতর্ক করা। ২ শিখিয়ে দেওয়া।

টিপ্পনী /টিপ্পোনি/ [স. টিপ্পন+ঈ] বি. ১ ব্যাখ্যা, টীকা। ২ শ্লেষাত্মক মন্তব্য (*টিপ্পনী কাটা*)।

টিপ্পনী কাটা /টিপ্পোনি কাটা/ ক্রিবি. ফোড়ন কাটা (*কথায় কথায় টিপ্পনী কাটা*)।

টিফিন /টিফিন্/ [ই. tiffin] বি. ১ হালকা আহার্য-বস্তু। ২ বিদ্যালয় অফিস কারখানা প্রভৃতি স্থানে জলযোগের জন্য সাময়িক বিরতি।

টিফিন ক্যারিয়ার /টিফিন্ ক্যারিআর্/ বি. একটির ওপর একটি বাটি সাজিয়ে তৈরি খাবার বহন করা যায় এমন পাত্র, tiffin carrier।

টিফিন বাক্স /টিফিন্ বাক্শো/ বি. স্কুল কারখানা অফিস প্রভৃতি স্থানে হালকা খাবার বহনের পাত্রবিশেষ, tiffin box।

টি বি /টি বি/ বি. ব্যাসিলাস (bacillus) ব্যাকটেরিয়া সংক্রমণের ফলে ফুসফুসের প্রদাহজনিত রোগ, যক্ষ্মা, ক্ষয়কাশ, tuberculosis।

টিভি /টিভি/ [ই.] বি. 'টেলিভিশন'-এর সংক্ষিপ্ত রূপ।

টিম /টিম্/ [ই.] বি. দল; বিশেষ উদ্দেশ্যে গঠিত দুই বা ততোধিক ব্যক্তির গোষ্ঠী, team।

টিমটিম /টিমটিম্/ [ধ্বন্যা.] অব্য. আলোকের ক্ষীণত্ব বা অনুজ্জ্বলতা প্রকাশক ভাব, মিটমিট।

টিমটিমে /টিমটিমে/ [বা.] বিণ. মিটমিট করছে এমন, নিষ্প্রভ, ক্ষীণ, অনুজ্জ্বল।

টিয়া /টিআ/ [দেশি.] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এবং শেখানো বুলি অনুকরণ করতে পারে এমন নাতিদীর্ঘ বাঁকানো শক্তিশালী চঞ্চুবিশিষ্ট (প্রধানত শস্যভুক) সবুজ লাল প্রভৃতি উজ্জ্বল রঙের শুক-জাতীয় দীর্ঘজীবী পাখি, তোতা পাখি, শুক পাখি।

টিয়ার গ্যাস / টিআর্ গ্যাস্/ বি. বিক্ষুব্ধ জনতাকে ছত্রভঙ্গ করার উদ্দেশ্যে আইন প্রয়োগকারী সংস্থা কর্তৃক ব্যবহৃত হ্যালোজেন শ্রেণির গ্যাসবিশেষ যা চোখের জ্বালা এবং শ্বাসনালির প্রদাহ সৃষ্টি করে (সর্বপ্রথম ১ম মহাযুদ্ধে ব্যবহৃত), কাঁদানে গ্যাস, tear gas।

টিলা /টিলা/ [হি.] বি. মাটির উঁচু ঢিবি।

টিসু /টিশু/ [ই. tissue] বি. ১ অত্যন্ত মিহি বুননের পাতলা কাপড় বা ওইরূপ কাগজ। ২ (জীব.) নির্দিষ্ট বৈশিষ্ট্যযুক্ত ক্ষুদ্র কোষগুচ্ছ বা তন্তুর সমাহার যা উদ্ভিদ ও প্রাণিদেহ (অঙ্গপ্রত্যঙ্গ) গঠনের অন্যতম উপাদান, কলা।

টীকা /টিকা/ [স. √টীক্+অ+আ (টাপ্)] বি. ১ বিস্তৃত ব্যাখ্যা, টিপ্পনী। ২ গ্রন্থাদির ব্যাখ্যাপুস্তক।

টীকাকার /টিকাকার্/ [স. টীকা+√কৃ+অ] বি. যিনি ব্যাখ্যা করেন, ব্যাখ্যাতা।

টুই /টুই/ [দেশি.] বি. ঘরের চালের শীর্ষদেশ; চূড়া।

টুইটার /টুইটার/ [অজ্ঞা.] বি. ইন্টারনেটভিত্তিক সামাজিক যোগাযোগের ব্যবস্থা যেখানে কোনো নিবন্ধিত ব্যবহারকারী সর্বোচ্চ ১৪০ হরফের খুদে বার্তা লিখতে এবং পড়তে পারে কিন্তু অনিবন্ধিত ব্যবহারকারী কেবল পড়তে পারে, twitter।

টুইড /টুইড্/ [ই.] বি. বিভিন্ন রঙের সুতায় বোনা অমসৃণ মোটা পশমি কাপড়, tweed।

টুইল /টুইল্/ [ই.] বি. কোনাকুনি সমান্তরাল সুতা দেখা যায় এমন বুনটের কাপড়, twill।

টুংটুং /টুংটুং/ [ধ্বন্যা.] অব্য. বি. ধাতব পদার্থে মৃদু আঘাতের অনুকার শব্দ; বারবার টুং শব্দ।

টুঁ /টুঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ সামান্য শব্দ, ক্ষীণতম শব্দ (*টুঁ শব্দ*)। ২ সামান্য প্রতিবাদ; কোনো প্রকার উত্তর-প্রত্যুত্তর।

টুঁটি /টুঁটি/ [স. ত্রোটি >] বি. কণ্ঠনালি, গলদেশ (*টুঁটি চেপে ধরা*)।

টুক[১] /টুক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কাঠ বা কোনো কঠিন পদার্থের ওপর মৃদু আঘাতের শব্দ। ২ দ্রুততাসূচক ভাব (*টুক করে খেয়ে ফেলা*)।

টুক[২] /টুক্/ [স. স্তোক >] অব্য. অত (*অতটুক*) এত (*এতটুক*) কত (*কতটুক*) ওই (*ওইটুক*) প্রভৃতি শব্দযোগে সামান্য পরিমাণবাচক অর্থে ব্যবহৃত বাংলা প্রত্যয়।

টুকটাক /টুকটাক্/ [দেশি.] বিণ. অতি সামান্য, ছোটোখাটো, টুকিটাকি। বি. ছোটোখাটো কাজ।

টুকটুক /টুকটুক্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত টুক শব্দ। অব্য. গতির মৃদুতাসূচক ভাব (*টুকটুক করে চলা*)। বিণ. গাঢ় অথচ সুন্দর (*লাল টুকটুক জামা*)।

www.pathagar.com

টুকটুকে /টুক্‌টুকে/ [ধ্বন্যা.] বিণ. রক্তবর্ণবিশিষ্ট; উজ্জ্বল ও জ্বলজ্বলে।

টুকনি /টুক্‌নি/ [দেশি.] বি. যে পাত্রে ভিক্ষা সংগ্রহ করা হয়, ভিক্ষাপাত্র।

টুকরা /টুক্‌রা/ [দেশি.] বি. কাটা অংশ। বিণ. ১ ছুটকো; বিচ্ছিন্ন। ২ ছোটো ছোটো অংশে বিভক্ত।

টুকরাটাকরা /টুক্‌রাটাক্‌রা/ [বা.] বি. বিভিন্ন আকৃতির ছোটো ও বড়ো খণ্ড।

টুকরা দাখিলা /টুক্‌রা দাখিলা/ বি. রাজস্ব প্রাপ্তির কাঁচা রসিদ।

টুকরি /টুক্‌রি/ [দেশি.] বি. বাঁশ বা বেতের তৈরি ছোটো ঝুড়ি, চেঙারি।

টুকরো /টুক্‌রো/ [দেশি.] বি. বিণ. 'টুকরা'-র কথ্য রূপ।

টুকরোটাকরা /টুক্‌রোটাক্‌রা/ [বা.] বি. দ্র টুকরা-টাকরা।

টুকরো টুকরো /টুক্‌রো টুক্‌রো/ বিণ. একাধিক খণ্ডে বিভক্ত।

টুকলি /টুক্‌লি/ [বা.] বি. পরীক্ষায় সঙ্গে আনা নোট বা অন্যের খাতা থেকে টুকে অসদুপায় অবলম্বন।

টুকা /টুকা/ [বা.] ক্রিবি. ১ নকল করা; লিখে রাখা। ২ দোষত্রুটি ধরা; তিরস্কার করা। ৩ সেলাই করা।

টুকাটুকি /টুকাটুকি/ [বা.] বি. পরীক্ষায় পরস্পরের খাতা বই বা নোট দেখে অসদুপায় অবলম্বন।

টুকানো /টুকানো/ [দেশি.] ক্রিবি. সেলাই করানো।

টুকি /টুকি/ [দেশি.] বিণ. সামান্য (*টুকিটাকি*)। বি. ১ শিশুকন্যা। ২ ছোটো খণ্ড। ৩ ছোটো গ্রাস।

টুকিটাকি /টুকিটাকি/ [দেশি] বি. ১ ছোটোখাটো ও তুচ্ছ বস্তু। ২ একটু-আধটু।

টুকু /টুকু/ [দেশি.] অব্য. পরিমাণ বা আকারের স্বল্পতাসূচক বাংলা প্রত্যয় (*এইটুকু সময়*)।

-টুকুন /টুকুন/ [দেশি.] অব্য. দ্র টুকু।

টুঙি /টুঙি/ [স. তুঙ্গ >] বি. মাচার ওপর তৈরি ছোটো ঘর।

টুট /টুট্‌/ [স. ত্রুটি >] বি. ১ ত্রুটি। ২ অল্পতা।

টুটন /টুটন্‌/ [স. ত্রোটন >] বি. ১ হ্রাসপ্রাপ্তি। ২ ভগ্ন দশা; ছিন্ন অবস্থা। ৩ ভাঙন; চূর্ণন।

টুটা /টুটা/ [স. ত্রুটিত >] ক্রিবি. ১ ভাঙা, ভেঙে যাওয়া। ২ ঘুচানো। বিণ. ১ ভগ্ন; চূর্ণ। ২ অল্প।

টুটানো /টুটানো/ [বা.] ক্রিবি. ১ ভগ্ন করা। ২ হ্রাস করা; দূর করা; ঘুচানো।

টুটাফাটা /টুটাফাটা/ [বা.] বিণ. (কাপড়) ছোটোখাটো খুঁতযুক্ত; সামান্য ছেঁড়া।

টুটাফুটা /টুটাফুটা/ [বা.] বিণ. ফুটাফাটা; ভাঙাচোরা।

টুথব্রাশ /টুথ্‌ব্রাশ্‌/ [ই.] বি. দাঁত মাজার জন্য ব্যবহৃত হাতলযুক্ত ছোটো বুরুশ, toothbrush।

টু দেওয়া /টু দেওআ/ ক্রিবি. সাড়া দেওয়া; নিজের অস্তিত্ব জ্ঞাপন করা।

টুন[১] /টুন্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. টন অপেক্ষা মৃদুতর ধ্বনি; শক্ত কোনো বস্তু দিয়ে ধাতব পদার্থে আঘাতের ফলে উৎপন্ন মৃদু শব্দ।

টুন[২] /টুন্‌/ [স. টুণ্টক >] বি. লাল কাপড়বিশেষ, শালু।

টুনটুন /টুনটুন্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার টুন শব্দ।

টুনটুনি /টুন্‌টুনি/ [স. টুণ্টক >] বি. বাংলাদেশ-সহ এশিয়ার প্রায় সর্বত্র বিচরণ করে এবং পাতা তুলা প্রভৃতির সাহায্যে নিখুঁত নীড় বুনতে পারদর্শী সবুজ হলুদ প্রভৃতি রঙের লম্বা লেজবিশিষ্ট বাবুই-জাতীয় চঞ্চলমতি ছোটো পাখি, টুনি, tailorbird।

টুপ /টুপ্‌/ [ধ্বন্যা.] বি. ফোঁটা পড়ার শব্দ; হালকা ও লঘু বস্তু পড়ার শব্দ। অব্য. ডুবে যাওয়া বা চট করে কিছু গিলে ফেলার অনুকার শব্দ।

টুপটাপ /টুপ্‌টাপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ফোঁটা ফোঁটা করে তরলপদার্থ পড়ার শব্দ। ২ ক্রমাগত কিছু পড়ার শব্দ (*টুপটাপ করে আম পড়া*)।

টুপটুপ /টুপ্‌টুপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার টুপ শব্দ।

টুপি /টুপি/ [দেশি.] বি. মাথায় ধারণের আস্তরণ-বিশেষ; শিরস্ত্রাণ।

টুয়ানো /টুআনো/ [আঞ্চ.] ক্রিবি. ১ উসকিয়ে দেওয়া। ২ সজাগ করে দেওয়া। ৩ অন্ধকারে হাতড়িয়ে খোঁজা। ৪ ইশারা করা।

টুর্নামেন্ট /টুর্‌নামেন্‌ট/ [ফ.] বি. ১ নির্বাচিত কয়েকটি দলের মধ্যে অনুষ্ঠিত প্রতিযোগিতামূলক খেলা। ২ (মধ্যযুগীয় ইউরোপের) দুজন অশ্বারোহীর মধ্যে দ্বন্দ্বযুদ্ধ। ৩ tournament।

টুল /টুল্‌/ [ই. stool >] বি. একজন বসার উপযোগী কাঠের তৈরি আসনবিশেষ।

-টুলি /টুলি/ [হি.] বি. ছোটো অঞ্চল, পাড়া, মহল্লা, এলাকা (*কুমারটুলি*)।

টুলো /টুলো/ [বা.] বিণ. ১ টোলে শিক্ষিত। ২ টোল-বিষয়ক। ৩ (ব্য.) কেতাবি বিদ্যায় শিক্ষিত কিন্তু ব্যাবহারিক জগতে অচল (*টুলো পণ্ডিত*)।

টুলো পণ্ডিত /টুলো পোন্‌ডিত্‌/ বি. (অবজ্ঞাসূচক) টোলের শিক্ষক; কেতাবি বিদ্যায় শিক্ষিত হলেও ব্যাবহারিক জগতে অনভিজ্ঞ ব্যক্তি।

www.pathagar.com

টুসকি/টুশ্‌কি/ [ধ্বন্যা.] বি. তর্জনী ও বুড়ো আঙুল দিয়ে লঘু আঘাত, টুসি, তুড়ি, টোকা।

টুসটুস /টুশ্‌টুশ্‌/ [ধ্বন্যা.] অব্য. রসালো ভাব।

টুসটুসে /টুশ্‌টুশে/ [বা.] বিণ. রসে টুসটুস করছে এমন।

টুসি/টুশি/ [ধ্বন্যা.] বি. দ্র টুসকি।

–টে /টে/ [বা.] বি. 'টা'–র কথ্য রূপ (*চারটে*)।

টেংরি /টেঙ্‌রি/ [স. টঙ্গ >] বি. ছাগজাতীয় পশুর হাঁটু থেকে গোড়ালি পর্যন্ত অংশের হাড়।

টেকর /টেকর/ [দেশি.] বি. ১ উঁচু স্থান বা জায়গা। ২ আলি, বাঁধ। ৩ উঁচু স্তূপ।

টেকসই /টেক্‌শোই/ [বা. টেক+আ. সই] বিণ. মজবুত, দীর্ঘস্থায়ী; (পরি.) sustainable।

টেকা /টেকা/ [স. স্থা >] ক্রিবি. ১ থাকা। ২ বজায় থাকা (*ধোপে টেকা*)। ৩ স্থায়ী হওয়া (*কাপড়ের রং টেকা*)। ৪ জীবিত থাকা। ৫ টিকা[১]-এর কথ্য রূপ।

টেকানো /টেকানো/ [বা.] ক্রিবি. ১ বজায় রাখা। ২ দীর্ঘস্থায়ী করা। ৩ প্রাণরক্ষা করা।

টেকুয়া /টেকুআ/ [বা.] বি. ১ চরকার টাকু যা দিয়ে সুতো পাক দেওয়া হয়। ২ জুতো সেলাইয়ের জন্য ব্যবহৃত কাঠের হাতলে সংযুক্ত প্রান্তভাগে খাঁজকাটা তীক্ষ্ণ ছেদনাস্ত্র যা দিয়ে চামড়া ছিদ্র করে অন্য-পিঠের সুতো টেনে আনা হয়, চর্মকারের ছেদনাস্ত্র, আরা, awl। ৩ চুবড়ি; ছোটো আকৃতির ধামা।

টেকো /টেকো/ [দেশি.] বিণ. মাথায় চুল নেই এমন।

টেক্কা /টেক্‌কা/ [দেশি.] বি. ১ এক ফোঁটাবিশিষ্ট তাস। ২ প্রতিযোগিতা; টক্কর; পাল্লা। বিণ. প্রধান, সেরা।

টেক্কা দেওয়া /টেক্‌কা দেওআ/ ক্রিবি. ১ অতিক্রম করা। ২ প্রতিদ্বন্দ্বিতা করা, পাল্লা দেওয়া।

টেক্কা মারা /টেক্‌কা মারা/ ক্রিবি. দ্র টেক্কা দেওয়া।

টেটিয়া /টেটিআ/ [দেশি.] বিণ. চতুর, ধূর্ত; শঠ।

টেড়ি /টেড়ি/ [স. তির্যক >] বি. বাঁকা করে পাট করা চুলের সিঁথি।

টেড়ি কাটা /টেড়ি কাটা/ ক্রিবি. ১ বাঁকা করে সিঁথি কাটা। ২ কেশবিন্যাস করা।

টেনশন /টেন্‌শন্‌/ [ই. tension] বি. ১ দড়ি বা তারের টান। ২ দুশ্চিন্তা, স্নায়বিক চাপ।

টেনিস /টেনিস্‌/ [ই.] বি. র‍্যাকেট ও রবারের ফাঁপা বলের সহযোগে দুই বা চার জনের খেলাবিশেষ, tennis।

টেন্ডাইমেন্ডাই /ট্যান্‌ডাইমেন্‌ডাই / [দেশি.] বি. ক্রোধোক্তি; তেড়িমেড়ি; কুদধ আস্ফালন।

টেন্ডার[১]/টেন্‌ডার্‌ / [ফ.] বি. নির্দিষ্ট সময়ের মধ্যে কোনো কাজ সম্পাদন বা কোনো পণ্য সরবরাহের অঙ্গীকার-সহ ঠিকাদারের দরপত্র, মূল্যোদ্ধৃতি, tender।

টেন্ডার[২]/টেন্‌ডার্‌ /[ই.] বিণ. সুপক্ক; কোমল; tender।

টেপ /টেপ্‌/ [ই. tape] বি. ১ দৈর্ঘ্য পরিমাপের জন্য ব্যবহৃত কাপড় প্লাস্টিক বা ধাতবফিতা। ২ (অধুনালুপ্ত) বিদ্যুৎ-চুম্বকীয় পদার্থের প্রলেপযুক্ত প্লাস্টিকের ফিতাবিশেষ যাতে বিদ্যুতিনীয় (electronic) পদ্ধতিতে শব্দ ছবি উপাত্ত প্রভৃতি ধারণ করে রাখা যায়।

টেপা /টেপা/ [বা.] ক্রিবি. বিণ. 'টিপা'–র কথ্য রূপ।

টেপাটিপি /টেপাটিপি/ [বা.] বি. 'টিপাটিপি'–র কথ্য রূপ।

টেপানো /টেপানো/ [বা.] ক্রিবি. বিণ. 'টিপানো'–র কথ্য রূপ।

টেবিল /টেবিল্‌/ [ই.] বি. লেখাপড়া আহার প্রভৃতি কাজের উপযোগী ছোটো ও উঁচু চৌকিজাতীয় আসবাববিশেষ, মেজ, table।

টেবিলক্লথ /টেবিলক্লথ্‌/ [ই.] বি. টেবিল আচ্ছাদনের কাপড়, tablecloth।

টেবো /টেবো/ [বা.] বিণ. গোলগাল; নিটোল; ফোলা (*টেবো গাল*)।

টেমি /টেমি/ [হি.] বি. যে প্রদীপে সলতের একপ্রান্ত একটি সরু ধাতবনল থেকে বেরিয়ে থাকে এবং অপরপ্রান্ত ওই নলের সঙ্গে যুক্ত ধাতবপাত্রের কেরোসিন তেলে ডোবানো থাকে, কুপি, ডিবা।

টেম্পারা /ট্যাম্‌পারা / [ইতা.] বি. ডিমের কুসুম বা সাদা অংশের সঙ্গে জল ও রঞ্জক পদার্থের গুঁড়ো মিশিয়ে তৈরি ছবি আঁকার রংবিশেষ, tempera।

টেম্পো /টেম্‌পো/ [লা.] বি. ১ রিকশার চেয়ে অপেক্ষাকৃত বড়ো এবং ইঞ্জিনচালিত তিন চাকার যানবিশেষ। ২ কাজের গতি বা উদ্যম। ৩ সঙ্গীতের লয়।

টের[১] /টের্‌/ [অজ্ঞা.] বি. ১ বোধ (*টের পাওয়া*)। ২ সন্ধান, হদিস। ৩ অনুমান (*বিপদ টের পাওয়া*)।

টের[২] /টের্‌/ [স. তির্যক >] বি. কোলাহল থেকে দূরে নিভৃত স্থান; কোণ, প্রান্ত, বাঁক।

টেরাকোটা /টেরাকোটা/ [ইতা.] বি. নকশাযুক্ত পোড়ামাটির ফলক, terracotta।

টেলিগ্রাফ /টেলিগ্রাফ্‌/ [ফ.] বি. দ্র টেলিগ্রাম।

টেলিগ্রাম /টেলিগ্রাম্‌/ [ফ.] বি. (অধুনালুপ্ত) তার বা বেতারের মাধ্যমে লিখিত বার্তা প্রেরণ বা গ্রহণের

www.pathagar.com

ব্যবস্থা, telegram।

টেলিপ্যাথি /টেলিপ্যাথি/ [ই.] বি. ইন্দ্রিয়ের সহায়তা ব্যতীত পরস্পরের মধ্যে মনোভাব বিনিময়ের ধারণা, telepathy।

টেলিপ্রিন্টার /টেলিপ্রিন্টার/ [ই.] বি. (অধুনালুপ্ত) তারের সহায়তায় (বা বেতারে) টাইপ করে বার্তা প্রেরণের ব্যবস্থা, teleprinter।

টেলিফোন /টেলিফোন্/ [ফ.] বি. বিদ্যুতিনীয় সংকেতের সাহায্যে তারের মাধ্যমে (বা বেতারে) দূরবর্তী কোনো ব্যক্তির সঙ্গে কথোপকথনের ব্যবস্থা, দূরালাপনী, দূরভাষ, telephone।

টেলিফ্যাক্স /টেলিফ্যাক্স্/ [ই.] বি. টেলিফোনের সহায়তায় লিখিত দলিল প্রেরণের ব্যবস্থা, telefax।

টেলিভিশন /টেলিভিশন্/ [ই.] বি. বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গের মাধ্যমে প্রেরিত সবাক চিত্রের গ্রাহকযন্ত্র, দূরদর্শনযন্ত্র, television, TV।

টেলিভিশনকেন্দ্র /টেলিভিশনকেন্দ্রো/ [ই. টেলিভিশন +স. কেন্দ্র] বি. টেলিভিশন অনুষ্ঠানের সম্প্রচার-কেন্দ্র।

টেলিস্কোপ /টেলিস্কোপ্/ [ইতা.] বি. দূরের জিনিস বড়ো করে দেখা যায় এমন পরকলাযুক্ত সরঞ্জাম-বিশেষ, দুরবিন, telescope।

টেলেক্স /টেলেক্স্/ [ই.] বি. (অধুনালুপ্ত) টেলিফোন লাইনের সহায়তায় (বা বেতারে) আন্তর্জাতিক বা স্থানীয় পর্যায়ে টাইপ করে বার্তা আদান-প্রদানের ব্যবস্থা, telex।

টেস্ট পরীক্ষা /টেস্ট্ পোরিক্‌খা/ বি. চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে যোগ্যতা যাচাইয়ের পরীক্ষা।

টেস্টম্যাচ /টেস্ট্ম্যাচ্/ [ফ. টেস্ট+ই. ম্যাচ] বি. দুটি দেশের প্রতিনিধিত্বকারী দলের মধ্যে ক্রিকেট বা রাগবি খেলা, test match।

টোক /টোক্/ [হি.] বি. কোনো বিষয় সম্পর্কে সরকারি নথিতে লিপিবদ্ধ মন্তব্য; (পরি.) note।

টোকরা /টোক্‌রা/ [দেশি.] বি. বাঁশ বেত প্রভৃতির তৈরি বড়ো ঝুড়ি; টুকরির চেয়ে বড়ো ঝুড়ি।

টোকা[১] /টোকা/ [পো.] বি. ১ শুকনো পাতা। ২ তালপাতা বা বাঁশের চটা দিয়ে তৈরি ছাতা; মাথাল। ৩ চাল ধোয়ার ছিদ্রযুক্ত পাত্র, ধুচুনি।

টোকা[২] /টোকা/ [ধ্বন্যা.] বি. আঙুলের অগ্রভাগ দিয়ে লঘু আঘাত, টুসকি।

টোকা[৩] /টোকা/ [দেশি.] ক্রিবি. ১ নোট করা, লিখে নেওয়া। ২ নকল করা। ৩ অসাধু উপায়ে একে অপরের খাতা দেখে লেখা। ৪ দোষ ধরা। ৫ পিছু ডাকা। বিণ. টুকে লেখা হয়েছে এমন।

টোকা[৪] /টোকা/ [স. টঙ্কন >] ক্রিবি. বড়ো বড়ো ফোঁড়ে সেলাই করে জুড়ে রাখা।

টোকাই /টোকাই/ [দেশি.] বি. পথে পথে জিনিসপত্র কুড়িয়ে জীবিকা নির্বাহ করে এমন উঞ্ছজীবী বালকবালিকা।

টোকাটুকি /টোকাটুকি/ [দেশি.] বি. পরীক্ষায় পরস্পরের খাতা বই বা নোট দেখে অসদুপায় অবলম্বন।

টোকানো[১] /টোকানো/ [দেশি.] ক্রিবি. কুড়িয়ে নেওয়া, কুড়ানো; সন্ধান করা।

টোকানো[২] /টোকানো/ [বা.] ক্রিবি. বিণ. টাঁকানো, সেলাই করানো।

টোকাপানা /টোকাপানা/ [বা.] বি. জলে ভাসে এমন শৈবালজাতীয় জলজ উদ্ভিদ।

টোকো /টোকো/ [বা.] বিণ. অম্লস্বাদযুক্ত; টক।

টোটকা /টোট্‌কা/ [স. ত্রোটক >] বি. (বিজ্ঞানসম্মত চিকিৎসাপদ্ধতি-বহির্ভূত) চিকিৎসায় ব্যবহৃত গাছ-গাছড়া থেকে আহৃত ওষুধ।

টোটা[১] /টোটা/ [হি.] বি. ১ বন্দুকের কার্তুজ, cartridge। ২ প্রজ্বলিত বাতির শেষ অংশ।

টোটা[২] /টোটা/ [তেলে.] বি. ১ বাগান। ২ পর্ণকুটির।

টোটো /টো:টো/ [স. তত্র >] বি. লক্ষ্যহীন ও ইতস্তত ঘোরাঘুরি। ক্রিবিণ. যত্রতত্র, চারিদিকে।

টোড়ি /টোড়ি/ [স. ত্রোটকী >] বি. দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

টোন /টোন্/ [ই. twine >] বি. কয়েকটি সুতো পাকিয়ে তৈরি বই বাঁধাইয়ের উপযোগী শক্ত সুতো।

টোনা /টোনা/ [স. তন্ত্র >] বি. ১ বশীকরণের কল্পিত মন্ত্র, তুকতাক। ২ কুনজর, কুদৃষ্টি।

টোপ[১] /টোপ্/ [দেশি.] বি. ১ অলংকার প্রভৃতিতে খোদাই করা নকশার কারুকার্য। ২ কাপড় মুড়ে সেলাইকরা বোতাম। ৩ মুকুট; শিরোভূষণ। ৪ বড়শিতে গাঁথা মাছের খাদ্য। ৫ প্রলোভনের বস্তু (*টোপ গেলা*)। ৬ কৌশল।

টোপ ফেলা /টোপ্ ফ্যালা/ ক্রিবি. ফাঁদ পাতা।

টোপর /টোপোর্/ [দেশি.] বি. ১ শিরোস্ত্রাণ; বড়ো টুপি। ২ বরের মাথার মুকুট। ৩ চূড়া, শীর্ষদেশ। ৪ উঁচু জায়গা, উন্নত ভূমি।

টোপরপানা /টোপোর্‌পানা/ [দেশি.] বি. জলে ভাসে এমন শৈবালজাতীয় জলজ উদ্ভিদ (*সেই সোহাগের একটু পরাগ টোপর-পানায় টুপিয়েছে।* সত্যেন্দ্র.)।

www.pathagar.com

টোপলা /টোপ্‌লা/ [দেশি.] বি. পুঁটলি, পোঁটলা।

টোপা /টোপা/ [বা.] বিণ. ১ টোপযুক্ত; টোপের মতো গোল। ২ ফাঁপা। বি. ১ গোল বয়ার মতো ফাঁপা বস্তু যা পানিতে ভাসে। ২ দেশি কুলবিশেষ।

টোপাজ /টোপাজ্‌/ [ই.] বি. হালকা সবুজ হলুদ (বা বর্ণহীন) মূল্যবান উজ্জ্বল রত্ন, পোখরাজ, topaz।

টোপানো /টোপানো/ [বা.] ক্রিবি. টুপটাপ করে ফোঁটায় ফোঁটায় ঝরে পড়া।

টোরা /টোরা/ [স. কটিত্র >] বি. শিশুদের কটিভূষণ বা অলংকার।

টোল[১] /টোল্‌/ [হি.] বি. ১ যে পাঠশালায় সংস্কৃত পড়ানো হয়, চতুষ্পাঠী। ২ কুঁড়েঘর। ৩ পাড়া।

টোল[২] /টোল্‌/ [দেশি.] বি. ১ ছোটো গর্ত। ২ তোবড়ানো ভাব বা অবস্থা।

টোল[৩] /টোল্‌/ [হি. টর >] বি. তিরস্কার, গঞ্জনা; কর্কশ বা কটু কথা।

টোল[৪] /টোল্‌/ [ই.] বি. শুল্ক, মাশুল, toll।

টোল খাওয়া /টোল্‌ খাওআ/ ক্রিবি. ১ তুবড়ে যাওয়া। ২ গালে খাঁজ পড়া।

টোল পড়া /টোল্‌ পড়া/ বি. গর্ত হওয়া; কিঞ্চিৎ ডেবে যাওয়া (*গালে টোল পড়া*)।

–টোলা /টোলা/ [হি.] বি. পাড়া, পল্লি (*মালিটোলা*)।

টোসা /টোশা/ [বা.] বি. বিন্দু, ফোঁটা।

টোস্ট /টোস্‌ট/ [ই. toast] বি. ১ আগুনে সেঁকা পাউরুটির টুকরো। ২ কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বা ঘটনার সম্মানে একত্রে পানপাত্র তুলে ধরে পান করার পাশ্চাত্য প্রথা; যাঁর সম্মানে একত্রে পানপাত্র তুলে পান করা হয়।

ট্যাংক /ট্যাংক্‌/ [গুজ.] বি. ১ জল প্রভৃতি তরল পদার্থ বা গ্যাসের বড়ো আধারবিশেষ। ২ কামান-সজ্জিত সাঁজোয়া গাড়ি।

ট্যাংরা /ট্যাংরা/ [স. ত্রিকণ্টক >] বি. মাথার দুপাশে দুটি এবং পিঠে একটি শক্ত কাঁটাবিশিষ্ট আঁশহীন মিঠাপানির ছোটো মাছ।

ট্যাঁ /ট্যাঁ/ [ধ্বন্যা.] বি. শিশুর কান্নার শব্দ।

ট্যাঁক /ট্যাঁক্‌/ [দেশি.] বি. ১ কোমর, কটিদেশ। ২ কোমরের কশি। ৩ তহবিল, কোষ।

ট্যাঁকঘড়ি /ট্যাঁক্‌ঘোড়ি/ [দেশি.] বি. ট্যাঁকে গুঁজে রাখা হয় এমন ঘড়ি, পকেটঘড়ি।

ট্যাঁস /ট্যাঁশ্‌/ [দেশি.] বি. (অবজ্ঞায়) ইঙ্গ-ভারতীয় সংকর জাতি, ফিরিঙ্গি।

ট্যাক্স /ট্যাক্‌স্‌/ [ই.] বি. খাজনা, রাজস্ব; কর, শুল্ক; আয়কর; মাশুল; tax।

ট্যাক্সি /ট্যাক্‌সি/ [ই.] বি. ভাড়ায় যাত্রীবহনকারী যানবিশেষ, taxi।

ট্যাটন /ট্যাটোন্‌/ [দেশি.] বিণ. ধৃষ্ট; চতুর; ধড়িবাজ; ধূর্ত; প্রবঞ্চক। বি. জুয়াড়ি।

ট্যাটা /ট্যাটা/ [দেশি.] বি. মাছ শিকারের জন্য ব্যবহৃত বাঁশের প্রান্তভাগে ইস্পাতের ফলাযুক্ত বল্লমসদৃশ হাতিয়ারবিশেষ।

ট্যাড়া /ট্যাড়া/ [বা.] বিণ. তির্যক, বাঁকা।

ট্যানারি /ট্যানারি/ [ই.] বি. পশুচামড়া প্রক্রিয়াজাত করার কারখানা।

ট্যাপারি /ট্যাপারি/ [দেশি.] বি. প্রধানত ইউরোপ ও আমেরিকার ঠান্ডা ও ছায়াময় স্থানে চাষ করা হয় এমন কুলজাতীয় ছোটো বিচিযুক্ত লালচে হলুদাভ টকমিষ্ট ফল, strawberry।

ট্যাবলেট /ট্যাব্‌লেট্‌/ [ই. tablet] বি. ১ ওষুধের বড়ি, বটিকা। ২ মৃত ব্যক্তির স্মরণে প্রাচীরের গায়ে লিপি-বদ্ধ ফলক। ৩ বহনযোগ্য ছোটো কম্পিউটার-বিশেষ। ৪ সাবানের ছোটো টুকরো। ৫ লেখার প্যাড।

ট্যারা /ট্যারা/ [স. তির্যক >] বিণ. ১ বাঁকা, তির্যক, ত্যারচা। ২ বাঁকা দৃষ্টিসম্পন্ন (*ট্যারা চোখ*)। ৩ কুটিল। ৪ উগ্র; রুক্ষ।

ট্যালকম /ট্যাল্‌কম্‌/ [লা.] বি. ম্যাগনেশিয়াম সিলিকেট থেকে প্রাপ্ত চূর্ণবিশেষ।

ট্যাসেল /ট্যাসেল্‌/ [ই.] বি. চুল বাঁধার জন্য ব্যবহৃত ঝালরযুক্ত রেশমের ফিতা, tassel।

ট্রফি /ট্রফি/ [ফ.] বি. প্রতিযোগিতায় বিজয়ীর প্রাপ্য কাপ শিল্ড প্রভৃতি পুরস্কার।

ট্রলার /ট্রালার্‌/ [ওল.] বি. সমুদ্রে মাছ ধরার জন্য ব্যবহৃত যন্ত্রচালিত জলযান, trawler।

ট্রলি /ট্রলি/ [অজ্ঞা.] বি. ১ অল্প দূরত্বে ভারী জিনিস-পত্র বহনের জন্য ব্যবহৃত ঠ্যালাগাড়িবিশেষ। ২ ওপরের তারের সঙ্গে বিদ্যুৎ সংযোগের জন্য ট্রাম বা বাসের ছাদে লাগানো খাঁজকাটা চাকাযুক্ত দন্ড। ৩ (রেলপথ পরীক্ষণের জন্য ব্যবহৃত) রেলপথের ওপর দিয়ে চালানো যায় এমন ছোটো গাড়ি। ৪ আহার্য পরিবেশনের জন্য ব্যবহৃত চাকাযুক্ত ট্রে। ৫ বড়ো কারখানায় ব্যবহৃত বিদ্যুচ্চালিত ছোটো যান।

ট্রাংক /ট্রাংক্‌/ [ই.] বি. লোহার তৈরি বড়ো বাক্স, তোরঙ্গ, trunk।

ট্রাক /ট্রাক্‌/ [ই.] বি. সড়কপথে ভারী পণ্য বা সেনা পরিবহণের জন্য ব্যবহৃত বড়ো মোটরযান, truck।

ট্রাম /ট্রাম্‌/ [জ.] বি. শহরের রাস্তায় পাতা লোহার রেলের ওপর দিয়ে চলাচলকারী যন্ত্রচালিত যাত্রী-বাহী যানবিশেষ, tram।

www.pathagar.com

ট্রায়াল /ট্রায়াল্/ [ই. trial] বি. ১ জামাকাপড়ের মাপ পরখ। ২ বিচার।

ট্রাস্ট /ট্রাস্ট্/ [ই. trust] বি. ১ দৃঢ় বিশ্বাস, আস্থা। ২ অর্পণ। ৩ ন্যাসপালনিয়ন্ত্রিত সংগঠন।

ট্রাস্টি /ট্রাস্টি/ [ই.] বি. যে প্রতিষ্ঠান বা যাঁদের নিকট গচ্ছিত ধনসম্পদ নিয়ন্ত্রণ ও রক্ষাণাবেক্ষণের দায়িত্ব অর্পণ করা হয়, গচ্ছিত বস্তুর রক্ষক, ন্যাসপাল, trustee।

ট্রিগার /ট্রিগার্/ [ওল.] বি. যা টিপে বন্দুকের গুলি ছোড়া হয়, বন্দুকের ঘোড়া, trigger।

ট্রে /ট্রে/ [ই.] বি. হালকা আহার্য চা প্রভৃতি পরিবেশনের জন্য ব্যবহৃত ডালা, tray।

ট্রেজারি /ট্রেজ়ারি/ [ফ.] বি. সরকারি কোষাগার, ধনাগার, খাজাঞ্চিখানা, treasury।

ট্রেঞ্চ /ট্রেন্চ্/ [ই.] বি. পরিখা, খাত; খাদ বা খানাবিশেষ, trench।

ট্রেডমার্ক /ট্রেড্মার্ক্/ [ই.] বি. পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের স্বীকৃত প্রতীকচিহ্ন, trademark।

ট্রেন /ট্রেন্/ [ই. train] বি. ১ ভূতলে স্থাপিত দুটি সমান্তরাল ইস্পাতদন্ডের ওপর দিয়ে চলাচল করতে পারে এমন পরপর বগিসংযুক্ত যান, রেলগাড়ি। ২ ঘটনা বা চিন্তার পরম্পরা।

ট্র্যাক্টর /ট্র্যাক্টার্/ [ই.] বি. জমি চাষ করার জন্য ব্যবহৃত পেছনে বড়ো চাকাওয়ালা যন্ত্রচালিত শক্তিশালী যানবিশেষ, tractor।

ট্র্যাজিক /ট্র্যাজিক্/ [ফ. tragique >] বিণ. বিয়োগান্ত; বিষাদময়।

ট্র্যাজেডি /ট্র্যাজেডি/ [ই. tragedy] বি. ১ শোকাবহ বা দুঃখজনক ঘটনা। ২ বিয়োগান্ত ঘটনাসংবলিত রচনা বা নাটক।

ট্র্যাডিশন /ট্র্যাডিশন্/ [ই.] বি. বংশপরম্পরায় প্রচলিত ধারা, ঐতিহ্য, tradition।

ট্র্যান্সফরমার /ট্র্যান্স্ফর্মার্/ [ই.] বি. বিদ্যুৎ সঞ্চালন বা সরবরাহের উদ্দেশ্যে ভোল্টেজ কমানো বা বাড়ানোর সরঞ্জাম, transformer।

ট্র্যাফিক /ট্র্যাফ়িক্/ [ফ.] বি. সড়ক রেলপথ জলপথ বা আকাশপথে চলাচলকারী যানবাহন, পরিযাণ, traffic।

ট্র্যাফিক পুলিশ /ট্র্যাফ়িক্ পুলিশ্/ বি. সড়কপথে যানচলাচল নিয়ন্ত্রণকারী পুলিশ, traffic police।

www.pathagar.com

ঠ /ঠ/

ঠ /ঠ/ বাংলা বর্ণমালার দ্বাদশ ব্যঞ্জনবর্ণ এবং মূর্ধা থেকে উচ্চার্য ট-এর অঘোষ মহাপ্রাণ ধ্বনির দ্যোতক।

ঠং /ঠং/ [ধ্বন্যা.] অব্য. বি. টুং বা টং অপেক্ষা অধিকতর জোরালো আওয়াজ, ঘণ্টা কাঁসা প্রভৃতিতে আঘাতের ধ্বনি।

ঠং ঠং /ঠং ঠং/ বি. ক্রমাগত ঠং শব্দ।

ঠক[১] /ঠক্/ [ধ্বন্যা.] অব্য. বি. লাঠি দিয়ে কাঠ প্রভৃতি ঠোকার অনুকার শব্দ।

ঠক[২] /ঠক্/ [দেশি.] বি. বিণ. শঠ, প্রবঞ্চক, প্রতারক।

ঠকঠক /ঠক্ঠক্/ [ধ্বন্যা.] বি. বারবার ঠক শব্দ। অব্য. দ্রুত বা প্রবল কম্পন (*ঠকঠক করে কাঁপা*)।

ঠকঠকানি /ঠক্ঠকানি/ [ধ্বন্যা.] বি. ১ ঠকঠক শব্দ। ২ ঠকঠক করে কম্পন।

ঠকঠকানো /ঠক্ঠকানো/ [বা.] ক্রিবি. ১ ঠকঠক শব্দ করা। ২ অত্যধিক শীত বা ভয়ে প্রবলভাবে কাঁপা।

ঠকঠকি /ঠক্ঠোকি/ [দেশি.] বি. (চালনার সময় ঠকঠক শব্দ করে বলে) তাঁতযন্ত্র।

ঠকরঠকর /ঠকোর্ঠকোর্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঠকঠক শব্দ।

ঠকা /ঠকা/ [বা.] ক্রিবি. ১ প্রতারিত হওয়া; প্রাপ্যের কম পাওয়া। ২ হেরে যাওয়া।

ঠকাঠক /ঠকাঠক্/ [ধ্বন্যা.] বি. বাঁশ বা কাঠের পরস্পর ঘর্ষণের ফলে উৎপন্ন শব্দ। অব্য. প্রবল ঠান্ডায় কাঁপুনির ফলে দাঁতের সঙ্গে দাঁতের ঠোকা-ঠুকির অনুকার শব্দ।

ঠকানে /ঠকানে/ [বা.] বিণ. ঠগ, প্রবঞ্চক, প্রতারক।

ঠকানো /ঠকানো/ [বা.] ক্রিবি. ১ প্রতারণা করা। ২ হারিয়ে দেওয়া। ৩ অপ্রতিভ বা অপ্রস্তুত করা।

ঠকামি /ঠকামি/ [বা.] বি. প্রতারণা, বঞ্চনা।

ঠকামো /ঠকামো/ [বা.] বি. 'ঠকামি'-র কথ্য রূপ।

ঠক্কর /ঠক্কোর্/ [ধ্বন্যা.] বি. দ্র ঠোকর।

ঠগ /ঠগ্/ [দেশি.] বিণ. ঠক; প্রবঞ্চক। বি. ১ দস্যু। ২ প্রতারক।

ঠগি /ঠোগি/ [দেশি.] বি. প্রাচীন ভারতের ছদ্মবেশী দস্যু সম্প্রদায়বিশেষ।

ঠন /ঠন্/ [ধ্বন্যা.] অব্য. বি. ধাতব বস্তুর সঙ্গে কঠিন বস্তুর আঘাতের ফলে উদ্ভূত শব্দ।

ঠনঠন /ঠন্ঠন্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঠন শব্দ। বিণ. (ব্য.) খালি (*পকেট ঠনঠন*)।

ঠনঠনানি /ঠন্ঠনানি/ [ধ্বন্যা.] বি. ঠনঠন শব্দ।

ঠনঠনানো /ঠন্ঠনানো/ [বা.] ক্রিবি. ঠনঠন শব্দ করা।

ঠনঠনে /ঠন্ঠোনে/ [বা.] বিণ. ১ কঠিন। ২ শুষ্ক। ৩ (আল.) শূন্য।

ঠনাঠন /ঠনাঠন্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঠনঠন শব্দ।

ঠমক /ঠমোক্/ [হি.] বি. ১ গর্বযুক্ত ভাবভঙ্গি; নাচের তালে তালে পা ঠুকে চলার ভঙ্গি। ২ মলের শব্দ।

ঠসক /ঠশোক্/ [হি.] বি. ১ অতিশয় গর্বিত ভাবভঙ্গি; ছলাকলা। ২ বিলাসিতা।

ঠসা /ঠশা/ [দেশি.] বিণ. শুনতে পায় না এমন, বধির, কালা, deaf।

ঠা /ঠা/ [স. স্থয়িন্ >] বিণ. স্থির (*ঠা দাঁড়িয়ে থাকা*)।

ঠাওর /ঠাওর্/ [স. স্থাবর >] বি. উপলব্ধি; মনোযোগ সহকারে দর্শন, নিরীক্ষণ।

ঠাওরানো /ঠাওর্ানো/ [বা.] ক্রিবি. ১ দেখে বোঝা। ২ উপলব্ধি বা নির্ণয় করা। ৩ অনুমান করা।

ঠাঁই[১] /ঠাঁই/ [স. স্থান >] বি. ১ স্থান; আশ্রয় (*ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী* রবীন্দ্র.)। ২ আহারে বসার জায়গা। ৩ থই। বিণ. নিকট।

ঠাঁই[২] /ঠাঁই/ [ধ্বন্যা.] অব্য. বি. হঠাৎ প্রবল আঘাতের অনুকার শব্দ (*ঠাঁই করে চড় লাগানো*)।

ঠাঁই নাড়া /ঠাঁই্ নাড়া/ ক্রিবি. স্থান বদল করা; বাসস্থান বদল করা।

ঠাকঠমক /ঠাক্ঠমোক্/ [ধ্বন্যা.] বি. জাঁকজমক।

ঠাকরুন /ঠাকর্ুন্/ [বা.] বি. ১ মান্য নারী। ২ প্রভুপত্নীকে সম্বোধনসূচক শব্দ।

ঠাকরুন দিদি /ঠাক্রুন্ দিদি/ বি. পিতামহীস্থানীয় নারী, ঠানদিদি।

ঠাকুমা /ঠাকুমা/ [বা.] বি. 'ঠাকুরমা'-র কথ্য রূপ।

ঠাকুর /ঠাকুর্ / [স. ঠক্কুর >] বি. ১ ভগবান, দেবতা। ২ প্রতিমা। ৩ প্রভু। ৪ শ্রদ্ধেয় ব্যক্তি, গুরু। ৫ ব্রাহ্মণ। ৬ পুরোহিত। ৭ পাচক ব্রাহ্মণ। ৮ পদবিবিশেষ। স্ত্রী. ঠাকুরানি /ঠাকুরানি/।

ঠাকুরঘর /ঠাকুর্ঘর্ / [বা.] বি. পূজার ঘর।

ঠাকুরজামাই /ঠাকুর্জামাই/ [বা.] বি. নন্দাই,

www.pathagar.com

ননদের স্বামী।

ঠাকুরঝি /ঠাকুর্‌ঝি/ [বা.] বি. স্বামীর বোন, শ্বশুরকন্যা, ননদ।

ঠাকুরদা /ঠাকুর্‌দা/ [বা.] বি. দ্র ঠাকুরদাদা।

ঠাকুরদাদা /ঠাকুর্‌দাদা/ [বা.] বি. পিতার পিতা।

ঠাকুরদালান /ঠাকুর্‌দালান্‌/ [বা.] বি. পূজামণ্ডপ।

ঠাকুরপূজা /ঠাকুর্‌পূজা/ [বা. ঠাকুর+স. পূজা] বি. ইষ্ট দেবতার নৈমিত্তিক পূজা।

ঠাকুরপো /ঠাকুর্‌পো/ [বা.] বি. স্বামীর ছোটো ভাই, দেবর।

ঠাকুরমশাই /ঠাকুর্‌মশাই/ [বা.] বি. দ্র ঠাকুর-মহাশয়।

ঠাকুরমশায় /ঠাকুর্‌মশায়/ [বা.] বি. দ্র ঠাকুর-মহাশয়।

ঠাকুরমহাশয় /ঠাকুর্‌মহাশয়/ [বা. ঠাকুর+স. মহাশয়] বি. গুরু; পুরোহিত; ব্রাহ্মণ।

ঠাকুরমা /ঠাকুর্‌মা/ [বা.] বি. পিতার মাতা, পিতামহী।

ঠাকুরসেবা /ঠাকুর্‌সেবা/ [বা. ঠাকুর+স. সেবা] বি. ঠাকুরপূজা।

ঠাকুরাল /ঠাকুরাল্‌/ [বা.] বি. ১ দেবতার মহিমা। ২ দেবত্ব। ৩ প্রভুত্ব। ৪ সমাদর। ৫ রহস্য; ঠাট্টা।

ঠাকুরালি /ঠাকুরালি/ [বা.] বি. দ্র ঠাকুরাল।

ঠাট /ঠাট্‌/ [হি.] বি. ১ সেনাদল; দল। ২ উচ্চাঙ্গ সংগীতে স্বরের ক্রমিক আরোহণ অবরোহণ ও তার বিন্যাস। ৩ রাগরাগিণীর শ্রেণি। ৪ বাহ্যিক চালচলন; ছলাকলা; ঠমক। ৫ কাঠামো। ৬ ধরন।

ঠাটঠমক /ঠাট্‌ঠমোক্‌/ [হি.] বি. বাহ্যিক আড়ম্বর।

ঠাটবাট /ঠাট্‌বাট্‌/ [হি.] বি. দ্র ঠাটঠমক।

ঠাটা /ঠাটা/ [আঞ্চ.] বি. বজ্রপাত, বজ্র।

ঠাটারি /ঠাটারি/ [বা.] বি. কাঁসার তৈজসপত্রের নির্মাতা ও বিক্রেতা, কাঁসারি।

ঠাট্টা /ঠাট্‌টা/ [স. টট্টরী >] বি. উপহাস, বিদ্রূপ, কৌতুক, পরিহাস; রহস্য।

ঠা ঠা /ঠাঠা/ বিণ. অতিশয় তীব্র (*ঠা ঠা রোদ*)।

ঠাড় /ঠাড়্‌/ [স. স্তব্ধ >] বিণ. দাঁড়িয়ে আছে এমন।

ঠাড়া /ঠাড়া/ [স. স্তব্ধ >] ক্রিবি. দাঁড়িয়ে থাকা; অপেক্ষা করা।

ঠান /ঠান্‌/ [স. স্থান >] বি. ঠাকুরানি।

ঠানদি /ঠান্‌দি/ [বা.] বি. দ্র ঠানদিদি।

ঠানদিদি /ঠান্‌দিদি/ [বা.] বি. ঠাকুরমা, দাদি।

ঠান্ডা /ঠান্‌ডা/ [হি.] বিণ. ১ শীতল। ২ স্নিগ্ধ; শান্ত; শীতলকারী। বি. হিম; শৈত্য।

ঠাম /ঠাম্‌/ [স. স্থান >] বি. ১ স্থান, ঠাঁই, জায়গা। ২ নিকট। ৩ আকার; মূর্তি। ৪ রূপ। ৫ শোভা, সৌন্দর্য। ৬ ভঙ্গিমা, ঢং; ধরন; রীতি।

ঠায় /ঠায়্‌/ [স. স্থির >] ক্রিবিণ. ১ স্থির হয়ে। ২ কর্মহীন হয়ে। ৩ একটানা। ৪ কাছে, নিকটে।

ঠার /ঠার্‌/ [দেশি.] বি. ইশারা, সংকেত, ইঙ্গিত।

ঠারা /ঠারা/ [দেশি.] ক্রিবি. ইশারা করা বা সংকেত দেওয়া; আড়চোখে ইঙ্গিত করা (*চোখ ঠারানো*)।

ঠারাঠারি /ঠারাঠারি/ [দেশি.] বি. চোখের ইশারায় ভাব বিনিময়।

ঠারেঠোরে /ঠারেঠোরে/ [বা.] ক্রিবিণ. ইঙ্গিতে, ইশারায়।

ঠাস[১] /ঠাশ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ সজোরে চড় মারার অনুকার শব্দ। ২ হঠাৎ পড়ে যাওয়ার অনুকার শব্দ।

ঠাস[২] /ঠাশ্‌/ [দেশি.] বিণ. ঘনসন্নিবিষ্ট (*ঠাসবুনন*)।

ঠাসঠাস /ঠাশ্‌ ঠাশ্‌/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ঠাস শব্দ।

ঠাসবুনন /ঠাশবুন্‌/ [দেশি.] বি. ঘনসন্নিবদ্ধ বয়ন।

ঠাসা /ঠাশা/ [দেশি.] ক্রিবি. ১ চেপে জোর করে ঢোকানো, বেশি করে বোঝাই করা, গাদানো। ২ পেট পুরে খাওয়া। ৩ মর্দন বা পেষণ করা।

ঠাসাঠাসি /ঠাশাঠাশি/ [দেশি.] বি. অল্প জায়গায় বেশি জিনিসের গাদাগাদি, ঘেঁষাঘেঁষি।

ঠাহর /ঠাহোর্‌/ [স. স্থাবর >] বি. মনোযোগ সহকারে দর্শন, নিরীক্ষণ; উপলব্ধি।

ঠিক /ঠিক্‌/ [স. স্থিত >] বিণ. ১ সত্য, নির্ভুল। ২ স্থিরীকৃত। ৩ কম বা বেশি নয় এমন। ৪ সম্পূর্ণ; হুবহু। ৫ প্রস্তুত। ৬ পরিপাটি।

ঠিকঠাক /ঠিক্‌ঠাক্‌/ [বা.] বিণ. ১ নির্ভুল; যথাযথ, যথার্থ। ২ স্থিরীকৃত।

ঠিক ঠিক /ঠিক্‌ ঠিক্‌/ বিণ. ঠিকমতো; যথার্থ।

ঠিকমতো /ঠিক্‌মতো/ [বা.] ক্রিবিণ. নির্ভুলভাবে।

ঠিকরা /ঠিক্‌রা/ [বা.] বি. (হুঁকোর) কলকের ছিদ্রের ওপর রাখা হয় এমন ছোটো ঢেলাবিশেষ।

ঠিকরানো /ঠিক্‌রানো/ [বা.] ক্রিবি. ১ তীব্র আলোর ঝলকানির ফলে মুহূর্তের জন্য কিছু দেখতে না পারা (*আলোয় চোখ ঠিকরানো*)। ২ বিকীর্ণ হওয়া; ঝলসানো (*আলো ঠিকরানো*)।

ঠিকা /ঠিকা/ [বা.] বিণ. ১ পারিশ্রমিকের বিনিময়ে নির্দিষ্ট সময়ের জন্য নিয়োজিত। ২ নির্দিষ্ট সময়ের জন্য দখলপ্রাপ্ত। বি. নির্দিষ্ট শর্তযুক্ত কাজ, contract।

www.pathagar.com

ঠিকাদার /ঠিকাদার/ [বা. ঠিকা+ফা. দার] বি. যে ব্যক্তি বা প্রতিষ্ঠান চুক্তিপত্রে বর্ণিত শর্তানুসারে অর্থের বিনিময়ে নির্দিষ্ট সময়ের মধ্যে বিশেষ কোনো পণ্য সরবরাহ বা কর্মসম্পাদনের দায়িত্ব গ্রহণ করে, contractor।

ঠিকাদারি /ঠিকাদারি/ [বা. ঠিকা+ফা. দারি] বি. ঠিকাদারের বৃত্তি। বিণ. ঠিকাদারসংক্রান্ত।

ঠিকানা /ঠিকানা/ [বা.] বি. ১ বাসস্থানের বিবরণ। ২ সন্ধান, খোঁজ।

ঠিকা বন্দোবস্ত /ঠিকা বন্‌দোবস্‌তো/ বি. জমি বাসস্থান প্রভৃতি সম্পত্তি ভোগদখলের সাময়িক ব্যবস্থা; অস্থায়ী বন্দোবস্ত।

ঠিকারি /ঠিকারি/ [বা.] বি. হাঁড়ির ভাঙা টুকরো।

ঠিকুজি /ঠিকুজি/ [দেশি.] বি. সংক্ষিপ্ত বিবরণযুক্ত জন্মপত্রিকা।

ঠিকুজিকোষ্ঠী /ঠিকুজিকোশ্‌ঠি/ [বা.] বি. পূর্ণ বিবরণযুক্ত জন্মপত্রিকা।

ঠিলা /ঠিলা/ [হি. ঠিলিয়া >] বি. কলস, কলসি।

ঠিলি /ঠিলি/ [দেশি.] বি. মাটির ছোটো কলস।

ঠুং /ঠুং/ [ধ্বন্যা.] অব্য. বি. ঠন অপেক্ষা মৃদুতর শব্দ।

ঠুংঠাং /ঠুংঠাং/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত ঠুং শব্দ।

ঠুং ঠুং /ঠুং ঠুং/ অব্য. বি. বারবার ঠুং শব্দ।

ঠুংরি /ঠুংরি/ [হি. ঠুমরি >] বি. দ্র ঠুমরি।

ঠুঁটা /ঠুঁটা/ [দেশি.] বিণ. হাত নেই এমন; নুলো।

ঠুঁটো[১] /ঠুঁটো/ [দেশি.] বি. 'ঠুঁটা'-র কথ্য রূপ।

ঠুঁটো[২] /ঠুঁটো/ [দেশি.] বিণ. দীর্ঘ চঞ্চুবিশিষ্ট।

ঠুঁটো জগন্নাথ /ঠুঁটো জগোন্‌নাথ/ বি. শক্তি থাকা সত্ত্বেও কোনো কাজ করতে অক্ষম ব্যক্তি। বিণ. অক্ষম।

ঠুক /ঠুক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ঠক অপেক্ষা মৃদুতর ধ্বনি।

ঠুকঠুক /ঠুক্‌ঠুক্/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার ঠুক শব্দ।

ঠুকঠুকানো /ঠুক্‌ঠুকানো/ [ধ্বন্যা.] ক্রিবি. ঠুকঠুক আওয়াজ করা।

ঠুকর /ঠুকোর্/ [বা.] বি. দ্র ঠোকর।

ঠুকরা /ঠুক্‌রা/ [বা.] ক্রিবি. ঠোকর দেওয়া।

ঠুকরানো /ঠুক্‌রানো/ [বা.] ক্রিবি. দ্র ঠোকরানো।

ঠুকা /ঠুকা/ [বা.] ক্রিবি. বিণ. দ্র ঠোকা।

ঠুকাঠুকি /ঠুকাঠুকি/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ঠোকা-ঠুকি।

ঠুকানো /ঠুকানো/ [বা.] ক্রিবি. বিণ. দ্র ঠোকানো।

ঠুন /ঠুন্/ [ধ্বন্যা.] অব্য. বি. ধাতব পদার্থের সঙ্গে কঠিন বস্তুর মৃদু আঘাতের ফলে উৎপন্ন শব্দ।

ঠুনকা /ঠুন্‌কা/ [দেশি.] বিণ. ১ সহজে ভেঙে যায় এমন, ভঙ্গুর। ২ অপদার্থ, অসার। বি. প্রসূতির স্তনের রোগবিশেষ।

ঠুনকো /ঠুন্‌কো/ [দেশি.] বিণ. বি. দ্র ঠুনকা।

ঠুনঠুন /ঠুন্‌ঠুন্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত ঠুন শব্দ।

ঠুনি /ঠুনি/ [স. স্থূণা >] বি. খুঁটি, থাম; ঠেকনা।

ঠুমকি /ঠুমকি/ [হি.] বি. নৃত্যের ভঙ্গিবিশেষ।

ঠুমরি /ঠুমরি/ [হি.] বি. ১ আট মাত্রায় গঠিত তাল-বিশেষ। ২ ধ্রুপদাঙ্গের লঘু সংগীতবিশেষ।

ঠুলি /ঠুলি/ [বা.] বি. গোরু ঘোড়া প্রভৃতির চোখে লাগানো হয় এমন আবরণ।

ঠুস /ঠুশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ঠাস অপেক্ষা লঘুতর ধ্বনি; বাজি ফোটার মৃদু শব্দ।

ঠুসঠাস /ঠুশ্‌ঠাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত ঠুস ও ঠাস শব্দ।

ঠুসা /ঠুশা/ [বা.] ক্রিবি. 'ঠোসা'-র সাধু রূপ।

ঠুসানো /ঠুশানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ চেপে ঢোকানো। ২ অতিমাত্রায় আহার করানো। ৩ প্রহার করানো।

ঠুসি /ঠুশি/ [দেশি.] বি. ১ ছোটো ঠোস; ফোসকা। ২ ফল পাড়ার জন্য ব্যবহৃত জালিবিশেষ।

ঠেঁটি /ঠেঁটি/ [দেশি.] বি. অপ্রশস্ত কাপড়ের ফালি।

ঠেক /ঠেক্/ [দেশি.] বি. ১ পতন রোধ করার অবলম্বন, ঠ্যাকনা, প্যালা। ২ আশ্রয়।

ঠেকে শেখা /ঠেকে শেখা/ ক্রিবি. দায়ে পড়ে কোনো বিষয়ে শিক্ষালাভ করা।

ঠেট /ঠেট্/ [স. ধৃষ্ট >] বিণ. ১ নির্লজ্জ। ২ অমিশ্র; শুদ্ধ; নির্ভেজাল।

ঠেটপনা /ঠেট্‌পনা/ [বা.] বি. বেহায়াপনা।

ঠেস /ঠেশ্/ [হি.] বি. ১ চেয়ার বালিশ বা দেওয়ালে হেলান দিয়ে উপবেশন। ২ ঠ্যাকনা। ৩ নিন্দা। ৪ খোঁটা, ব্যঙ্গোক্তি (*ঠেস দিয়ে কথা বলা*)।

ঠোঁট /ঠোঁট্/ [স. তুণ্ড >] বি. ১ ওষ্ঠ; অধর। ২ চঞ্চু।

ঠোঁট ওলটানো /ঠোঁট্ ওল্‌টানো/ ক্রিবি. তাচ্ছিল্য বা অবজ্ঞা প্রকাশ করা; উপেক্ষা করা।

ঠোঁটকাটা /ঠোঁট্‌কাটা/ [বা.] বিণ. ১ নির্দ্বিধায় অপ্রিয় কথা বলে এমন; স্পষ্টভাষী। ২ নির্লজ্জ।

ঠোঁট ফোলানো /ঠোঁট্ ফোলানো/ ক্রিবি. ১ অভিমান করা। ২ অভিমানে কান্নার উপক্রম করা।

ঠোক /ঠোক্/ [ধ্বন্যা.] বি. ঠক শব্দ করে চঞ্চু দিয়ে আঘাত, ঠোকর।

www.pathagar.com

ঠোকনা /ঠোকোনা/ [ধ্বন্যা.] বি. দ্র ঠোনা।

ঠোকর /ঠোকোর্/ [হি.] বি. ১ পাখির চঞ্চুর আঘাত। ২ সাপের ছোবল। ৩ ভর্ৎসনা। ৪ অন্যের কথার মধ্যে অযাচিত মন্তব্য করে বাধা সৃষ্টি। ৫ হোঁচট। ৬ উচিত শিক্ষা।

ঠোকরানো /ঠোক্‌রানো/ [বা.] ক্রিবি. ১ পাখির চঞ্চু দিয়ে ঠোকর দেওয়া। ২ অস্ত্র দিয়ে আঘাত করা।

ঠোকা /ঠোকা/ [ধ্বন্যা.] ক্রিবি. ১ সশব্দে মারা বা চাপড়ানো। ২ বুজু করা (*মামলা ঠোকা*)। বিণ. ঠুকে বসানো হয়েছে এমন।

ঠোকাঠুকি /ঠোকাঠুকি/ [ধ্বন্যা.] বি. ১ হাতুড়ির ঠুকঠাক শব্দ। ২ (আল.) অবনিবনা; সংঘর্ষ।

ঠোকানো /ঠোকানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ প্রহার করানো। ২ ঠুকে বসানো।

ঠোক্কর /ঠোক্‌কোর্/ [ধ্বন্যা.] বি. দ্র ঠোকর।

ঠোঙা /ঠোঙা/ [দেশি.] বি. কাগজ বা পাতার তৈরি অস্থায়ী আধার।

ঠোনা /ঠোনা/ [বা.] বি. আঙুল দিয়ে চিবুকে মৃদু আঘাত, ঠোকনা।

ঠোস /ঠোশ্/ [দেশি.] বি. ১ স্ফীতি; ছোটো ফোসকা। ২ অঙ্গুলিত্রাণ।

ঠোসা /ঠোশা/ [বা.] ক্রিবি. ১ চেপে জোর করে ঢোকানো, বেশি করে বোঝাই করা। ২ অতিমাত্রায় খাওয়া। ৩ মর্দন বা পেষণ করা। ৪ প্রহার করা।

ঠ্যাং /ঠ্যাং/ [স. টঙ্গ >] বি. পা, পদ, চরণ।

ঠ্যাঁটা /ঠ্যাঁটা/ [স. ধৃষ্ট >] বিণ. ১ অবাধ্য; একগুঁয়ে। ২ নির্লজ্জ। ৩ শঠ।

ঠ্যাঁটামি /ঠ্যাঁটামি/ [স. ধৃষ্ট >] বি. ১ অবাধ্যতা; একগুঁয়েমি। ২ নির্লজ্জতা। ৩ শঠতা।

ঠ্যাকনা /ঠ্যাক্‌না/ [বা.] বি. ১ পতন রোধ করার অবলম্বন, প্যালা। ২ আশ্রয়।

ঠ্যাকা[১] /ঠ্যাকা/ [বা.] বি. ১ গানের সঙ্গে তাল-বাদ্যের সংগত। ২ দায়; অসহায় অবস্থা।

ঠ্যাকা[২] /ঠ্যাকা/ [বা.] বিণ. ১ স্পৃষ্ট। ২ সংকটাপন্ন। ৩ বাধাপ্রাপ্ত। ৪ উপনীত। ৫ বিবেচিত। ক্রিবি. ১ ছোঁয়া লাগা। ২ সংকটাপন্ন হওয়া। ৩ বাধা পাওয়া; আটকে যাওয়া।

ঠ্যাকানো /ঠ্যাকানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ছোঁয়ানো; স্পর্শ করানো। ২ দায়ে ফেলা। ৩ বাধা দেওয়া; প্রতিহত করা। ৪ (নৌকা) তীরে লাগানো।

ঠ্যাকার /ঠ্যাকার্/ [বা.] বি. অহংকার, বড়াই, দেমাক, গর্ব; ঢং।

ঠ্যাকারে /ঠ্যাকারে/ [বা.] বিণ. অহংকার করে এমন। স্ত্রী. ঠ্যাকারি /ঠ্যাকারি/।

ঠ্যাঙা /ঠ্যাঙা/ [স. দণ্ড >] বি. লাঠি, যষ্টি; লগুড়।

ঠ্যাঙাঠেঙি /ঠ্যাঙাঠেঙি/ [বা.] বি. লাঠালাঠি।

ঠ্যাঙাড়িয়া /ঠ্যাঙাড়িআ/ [বা.] বি. পথিকের মাথায় লাঠি দিয়ে আঘাত করে সবকিছু কেড়ে নেয় এমন দস্যু সম্প্রদায়, রাহাজান।

ঠ্যাঙাড়ে /ঠ্যাঙাড়ে/ [বা.] বি. 'ঠ্যাঙাড়িয়া'-র কথ্য রূপ।

ঠ্যাঙানি /ঠ্যাঙানি/ [স. দণ্ড >] বি. প্রহার।

ঠ্যাঙানো /ঠ্যাঙানো/ [বা.] ক্রিবি. প্রহার করা। বিণ. লাঠিপেটা করা হয়েছে এমন; প্রহৃত।

ঠ্যালা[১] /ঠ্যালা/ [বা.] বি. ১ ধাক্কা। ২ সংকট; বিপদ; দায়। ৩ ঝামেলা (*ঠ্যালা সামলানো*)।

ঠ্যালা[২] /ঠ্যালা/ [বা.] বিণ. ঠেলে চালাতে হয় এমন (*ঠ্যালাগাড়ি*)। ক্রিবি. ১ ধাক্কা দেওয়া; ঠেলে চালানো। ২ অমান্য করা (*কথা ঠ্যালা*)। ৩ বর্জন করা। ৪ অবজ্ঞা করা (*পায়ে ঠ্যালা*)।

ঠ্যালাগাড়ি /ঠ্যালাগাড়ি/ [বা.] বি. ঠেলে চালানো হয় এমন পণ্যবাহী যান।

ঠ্যালাঠেলি /ঠ্যালাঠেলি/ [বা.] বি. পরস্পর ধাক্কাধাক্কি।

ঠ্যালা দেওয়া /ঠ্যালা দেওআ/ ক্রিবি. ধাক্কা দেওয়া।

ঠ্যালামারা কথা /ঠ্যালামারা কথা/ বি. বক্রোক্তি।

ঠ্যাসা /ঠ্যাশা/ [বা.] ক্রিবি. ১ ঠেস দেওয়া, হেলান দেওয়া; ঘেঁষা। ২ চাপ দেওয়া। ৩ ঠেসে ভরা।

ঠ্যাসাঠেসি /ঠ্যাশাঠেশি/ [বা.] বি. গাদাগাদি।

ঠ্যাসান /ঠ্যাশান্/ [বা.] বি. ঠেস, হেলান।

ঠ্যাসানো /ঠ্যাশানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ হেলানো। ২ আলতো করে ভেজিয়ে রাখা; বন্ধ করা। ৩ বক্রোক্তি বা কটাক্ষ করা।

ঠ্যাকো /ঠেকো/ [দেশি.] বি. ছোটাছুটি বন্ধ করার জন্য দুষ্ট গোরুর গলায় পরানোর কাঠের ফ্রেম।

www.pathagar.com

ড /ড/

ড /ড/ বাংলা বর্ণমালার ত্রয়োদশ ব্যঞ্জনবর্ণ এবং মূর্ধা থেকে উচ্চার্য ট-এর ঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক।

ডওর /ডওর্/ [স. হ্রদ >] বি. ১ গভীর গর্ত। ২ অপেক্ষাকৃত নিচু অনাবাদি জমি। ৩ জলাভূমি। ৪ মেটে পথ। ৫ জাহাজের খোল। বিণ. গভীর (*ডওর পানি*)।

ডওরা /ডওরা/ [স. হ্রদ >] বি. নৌকার খোলের নিম্নতম স্থান যেখানে জল জমে।

ডক /ডক্/ [ই. dock] বি. ১ জাহাজে পণ্য বোঝাই ও খালাস করার স্থান, বন্দর। ২ পোতাশ্রয়। ৩ জাহাজ তৈরি বা মেরামতের সুবিধা-সহ সমুদ্র বা নদীতীরে নির্মিত কৃত্রিম জলাশয়। ৪ কাঠগড়া।

ডকিং /ডকিং/ [ই.] বি. মহাশূন্যে দুটি মহাকাশযান সংলগ্ন হওয়ার ব্যবস্থা, docking।

ডক্টর /ডক্টর্/ [ই. doctor] বি. ১ কোনো বিষয়ে গবেষণায় সাফল্যের জন্য বিশ্ববিদ্যালয়প্রদত্ত বিশেষ উপাধি। ২ চিকিৎসাশাস্ত্রে স্নাতকের উপাধি।

ডগডগ /ডগ্‌ডগ্/ [ধ্বন্যা.] অব্য. উজ্জ্বলতার ভাব। বি. দীপ্তি।

ডগডগে /ডগ্‌ডোগে / [বা.] বিণ. ১ অত্যন্ত, ঘোর; টকটকে; অতিশয় উজ্জ্বল। ২ দগদগে।

ডগমগ /ডগোমগো / [দেশি.] বিণ. ঢলঢলে; পরিপূর্ণ; ভরপুর।

ডগমগে /ডগ্‌মোগে / [বা.] বিণ. ডগমগ করছে এমন; খুশিতে বিভোর।

ডগর /ডগোর্/ [ধ্বন্যা.] বি. আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ।

ডগরা /ডগ্‌রা / [দেশি.] বিণ. ১ বিরাট, বিশাল। ২ উচ্চ, উন্নত।

ডগলা /ডগ্‌লা / [বা.] বি. ডগা।

ডগা /ডগা / [দেশি.] বি. ১ শাকের কচি অগ্রভাগ (*লাউয়ের ডগা*); সরু ডাল। ২ সর্বোচ্চ অংশ (*গাছের ডগা*)।

ডগি /ডোগি / [দেশি.] বি. শাকের কচি অগ্রভাগ।

ডঙ্ক /ডংকো/ [দেশি.] বি. ১ জয়ঢাক। ২ দংশন।

ডঙ্কা /ডংকা/ [স. ঢক্কা >] বি. জয়ঢাক, ঢক্কা; দুন্দুভি, টিকারা।

ডঙ্কা পেটা /ডংকা পেটা/ ক্রিবি. সগৌরবে ঘোষণা করা, সগর্বে প্রচার করা; দম্ভ প্রকাশ করা।

ডজন /ডজোন্/ [ই.] বি. বারোটির গুচ্ছ, dozen।

ডজনখানেক /ডজোন্‌খানেক্/ [ফ. ডজন+বা. খানেক] বিণ. এক ডজন বা তার কাছাকাছি সংখ্যক, দশবারোটি।

ডন /ডন্/ [স. দণ্ড >] বি. উপুড় হয়ে মাটিতে দুই হাত ও পায়ের ওপর ভর দিয়ে ঋজু হয়ে ব্যায়াম করার পদ্ধতি (*ডনবৈঠক*)।

ডনবৈঠক /ডন্‌বোই্ঠক্ / [বা. ডন+হি. বৈঠক] বি. ডন ও ওঠবস করার ব্যায়াম।

ডবডব /ডব্‌ডব্/ [বা.] অব্য. অশ্রুপূর্ণ ভাব; বিস্ফারিত ভাব।

ডবডবে /ডব্‌ডোবে / [বা.] বিণ. সজল বা আয়ত (*ডবডবে চোখ*)।

ডবল /ডবোল্/ [ই.] বিণ. দ্বিগুণ, double।

ডবল ডেকার /ডবোল্ ডেকার্/ বিণ. দুই তল-বিশিষ্ট। বি. দুই তলবিশিষ্ট যান।

ডবল পয়সা /ডবোল্ পয়শা/ বি. (অধুনালুপ্ত) এক টাকার ৩২ ভাগের এক ভাগ মূল্যমানের মুদ্রা (*তবে চারটে ডবল পয়সা— তাই দে?* শিবরাম.)।

ডবল প্রোমোশন /ডবোল্ প্রোমোশন্/ বিণ. ১ পরীক্ষায় মেধার স্বীকৃতিস্বরূপ বিদ্যালয়ে একসঙ্গে দুই ধাপ ওপরে উত্তরণ, double promotion।

ডবল ব্যারেল /ডবোল্ ব্যারেল্/ বিণ. দোনলা, দুই নলবিশিষ্ট, double barrel।

ডমর /ডমোর্/ [স. ডম্+√ঋ+অ] বি. ১ কলহ, বিবাদ। ২ বিদ্রোহ, বিপ্লব; উপদ্রব।

ডমরু /ডমোরু/ [স. ডম্+√ঋ+উ] বি. ঢাকজাতীয় ক্ষীণমধ্য ছোটো আনদ্ধ বাদ্যযন্ত্র, ডুগডুগি।

ডমরুমধ্য /ডমোরুমোদ্ধো/ [স. ডমরু+মধ্য] বিণ. ডমরুর মতো মধ্যভাগ সরু এমন; সরু কোমর-বিশিষ্ট। বি. দুটি বৃহৎ ভূভাগ সংযোগকারী ভূখণ্ড।

ডমিনিয়ন /ডোমিনিঅন্ / [ই.] বি. ব্রিটেনের ভৌগোলিক সীমার বাইরে অবস্থিত ব্রিটিশ সম্রাটের প্রতি আনুগত্যপূর্ণ স্বাধীন রাষ্ট্র, dominion।

ডমিসাইল /ডোমিসাইল্/ [ই.] বি. অধিরাজ্যের নাগরিক।

ডম্ফ[১] /ডম্‌ফো/ [স. দম্ভ >] বি. দম্ভ, গর্ব।

ডম্ফ[২] /ডম্‌ফো / [ধ্বন্যা.] বি. ঢোলজাতীয় প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ।

www.pathagar.com

ডম্বর /ডম্‌বোর্‌/ [স. √ডম্ব্‌+অর] বি. ১ জাঁকজমক, আড়ম্বর। ২ সমূহ, রাশি।

ডম্বরু /ডম্‌বোরু/ [বা.] বি. ঢাকজাতীয় ক্ষীণমধ্য ছোটো আনদ্ধ বাদ্যযন্ত্র, ডুগডুগি।

ডর /ডর্‌/ [বা.] বি. আতঙ্ক, ত্রাস, ভয়।

ডরা /ডরা/ [বা.] ক্রিবি. ভয় করা।

ডরমিটরি /ডর্‌মিটোরি/ [ই.] বি. বিশ্ববিদ্যালয় বা মহাবিদ্যালয়ের ছাত্রাবাস; কোনো প্রতিষ্ঠানের বহুশয্যাবিশিষ্ট (সচরাচর স্বতন্ত্র প্রকোষ্ঠে বিভক্ত) শয়নকক্ষ; নগরের উপকণ্ঠ যেখান থেকে মানুষ অন্যত্র কাজ করতে যায়; dormitory।

ডরানো /ডরানো/ [বা.] ক্রিবি. ভয় পাওয়া।

ডলন /ডলোন্‌/ [স. দলন >] বি. মর্দন; পেষণ।

ডলফিন /ডল্‌ফিন্‌/ [ই.] বি. দক্ষিণ এশিয়া ও আমেরিকার ক্রান্তীয় অঞ্চলের নদীতে বিচরণ করে এমন লম্বা ও সুচালো নাসারন্ধ্রবিশিষ্ট তিমিজাতীয় স্তন্যপায়ী বুদ্ধিমান জলজ প্রাণী, dolphin।

ডলা /ডলা/ [স. দলন >] ক্রিবি. মালিশ করা, মর্দন করা; ঘর্ষণ করা; পেষণ করা; ঠাসা।

ডলাইমলাই /ডলাইমলাই/ [বা.] বি. অঙ্গমর্দন।

ডলাডলি /ডলাডোলি/ [বা.] বি. টেপাটিপি।

ডলানো /ডলানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ অন্যকে দিয়ে মর্দন করানো। ২ ঠাসানো।

ডলার /ডলার্‌/ [ফ্রে.] বি. যুক্তরাষ্ট্র ক্যানাডা অস্ট্রেলিয়া ও নিউজিল্যান্ড-সহ বিশ্বের কয়েকটি দেশের মুদ্রার একক, dollar।

ডল্লক /ডল্‌লোক্‌/ [দেশি.] বি. বাঁশের চটা দিয়ে তৈরি পাত্রবিশেষ, ডালা।

ডহর /ডহোর্‌/ [স. হ্রদ >] বি. দ্র ডওর।

ডহরা /ডহোরা/ [স. হ্রদ >] বি. দ্র ডওরা।

ডহা /ডহা/ [দেশি.] ক্রিবি. ১ বর্ষণ করা। ২ বহা।

ডাইন[১] /ডাইন্‌/ [স. দক্ষিণ >] বি. বিণ. দক্ষিণ, বামেতর, ডান।

ডাইন[২] /ডাইন্‌/ [স. ডাকিনী >] বি. বিণ. দ্র ডাইনি।

ডাইনামাইট /ডাইনামাইট্‌/ [গ্রি.] বি. উনবিংশ শতাব্দীর মধ্যভাগে আলফ্রেড নোবেল কর্তৃক উদ্ভাবিত নাইট্রোগ্লিসারিন (nitroglycerine) থেকে উৎপন্ন উচ্চ ক্ষমতাসম্পন্ন বিস্ফোরক পদার্থ, dynamite।

ডাইনি /ডাইনি/ [স. ডাকিনী >] বি. লোকবিশ্বাস-মতে মায়াবিদ্যায় পারদর্শী নারী। বিণ. মায়াবিনী; কুহকিনী (*ডাইনি বুড়ি*)।

ডাইনোসর /ডাইনোসর্‌/ [লা.] বি. প্রাগৈতিহাসিক যুগে ভূপৃষ্ঠে বিচরণকারী বিশালকায় টিকটিকিসদৃশ সরীসৃপশ্রেণির প্রাণী, dinosaur।

ডাইয়া /ডাইআ/ [দেশি.] বি. পৃথিবীর প্রায় সব দেশে দেওয়াল বা গাছের গায়ে গর্ত করে বাস করে এমন হুলযুক্ত অপেক্ষাকৃত বড়ো কালো পিঁপড়া।

ডাইল /ডাইল্‌/ [স. দল >] বি. দ্র ডাল[১]।

ডাং /ডাং/ [স. দণ্ড >] বি. দণ্ড, লাঠি, ডান্ডাগুলি খেলার ছোটো মোটা লাঠি (*ডাং-গুলি*)।

ডাং-গুলি /ডাংগুলি/ [বা.] বি. দ্র ডান্ডাগুলি।

ডাঁই /ডাঁই/ [স. দণ্ড >] বি. স্তূপ, গাদা।

ডাঁট[১] /ডাঁট্‌/ [স. দণ্ড >] বি. হাতল, বাঁট, handle।

ডাঁট[২] /ডাঁট্‌/ [দেশি.] বি. দৃঢ়তা; দেমাক; তেজ।

ডাঁটন /ডাঁটোন্‌/ [হি. ডাঁটনা >] বি. তিরস্করণ।

ডাঁটা /ডাঁটা/ [স. দণ্ড >] বি. ১ ব্যঞ্জনরূপে রেঁধে খাওয়া যায় এমন উদ্ভিদের সরু কাণ্ড। ২ শব্জনে, শোভাঞ্জন। ৩ বোঁটা।

ডাঁটানো /ডাঁটানো/ [হি.] ক্রিবি. ধমকানো।

ডাঁটালো /ডাঁটালো/ [বা.] বিণ. ১ ডাঁটাযুক্ত। ২ শক্ত।

ডাঁটি /ডাঁটি/ [দেশি.] বি. ছোটো হাতল, বাঁট; মুষল।

ডাঁটিয়াল /ডাঁটিআল্‌/ [দেশি.] বিণ. উন্নাসিক।

ডাঁটো /ডাঁটো/ [স. দৃঢ় >] বিণ. ১ দৃঢ়; কঠিন। ২ সবল। ৩ ডাঁসা; আধপাকা। ৪ আধসেদ্ধ।

ডাঁড়া /ডাঁড়া/ [স. দণ্ড>] বি. ১ জল নিষ্কাশনের পথ। ২ জমির আইল। ৩ শিরদাঁড়া। ৪ রীতি।

ডাঁপ /ডাঁপ্‌/ [স. দণ্ড >] বি. বাঁশের খুঁটি।

ডাঁশ /ডাঁশ্‌/ [স. দংশ >] বি. গোরু-মহিষকে কামড়ায় এমন বুনো মাছিবিশেষ।

ডাঁসা /ডাঁশা/ [দেশি.] বিণ. আধপাকা (*ডাঁসা পেয়ারা*)। বি. নৌকার পাটাতনের আড়কাঠ।

ডাক[১] /ডাক্‌/ [বা.] বি. ১ আহ্বান; সম্বোধন। ২ বুলি; রব (*পশুপাখির ডাক*)। ৩ চিৎকার; হাঁক। ৪ গবাদিপশুর গর্ভকালীন রব। ৫ গর্জন (*মেঘের ডাক*)। ৬ নিলামে ক্রেতার হাঁকা দর (*নিলামের ডাক*)। ৭ যশ (*নামডাক*)।

ডাক[২] /ডাক্‌/ [হি.] বি. ১ চিঠিপত্র পার্সেল প্রভৃতি প্রেরণ ও বিলির সরকারি ব্যবস্থা। ২ চিঠিপত্র বহনকারী গাড়ি। ৩ চিঠিপত্র। ৪ প্রতিমাসজ্জার জন্য ব্যবহৃত কৃত্রিম অলংকার (*ডাকের সাজ*)।

ডাক[৩] /ডাক্‌/ [স. ডাহুক >] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ঝোপঝাড় এবং জলাশয়ের ধারে বিচরণ করে এমন কালচে ধূসর মাঝারি আকৃতির জলচর পাখি, ডাহুক, সিতকণ্ঠ।

www.pathagar.com

ডাক[৪]/ডাক্/ [স. √ডী+অ] বি. শিবের অনুচর পিশাচ-বিশেষ।

ডাক[৫] /ডাক্/ [তি.] বি. দ্র ডাকপুরুষ।

ডাককারী /ডাক্কারি/ [বা. ডাক+স. কারী] বি. নিলামে যে ব্যক্তি দাম হাঁকে।

ডাকগাড়ি /ডাক্গাড়ি/ [হি.] বি. ডাকবাহী গাড়ি।

ডাকঘর /ডাক্ঘর্/ [হি. ডাক+বা. ঘর] বি. যে গৃহে সরকারি ব্যবস্থায় চিঠিপত্র এনে প্রেরণ ও বিলি করা হয়, post office।

ডাকচৌকি /ডাক্চৌক্কি/ [হি.] বি. (অধুনালুপ্ত) সড়কপথে ডাকবাহী যান বদলের স্থান।

ডাক ছাড়া /ডাক্ ছাড়া/ ক্রিবি. দ্র ডাক পাড়া।

ডাকটিকিট /ডাক্টিকিট্/ [হি. ডাক+ই. টিকেট] বি. ডাকমাশুল প্রদানের প্রমাণস্বরূপ চিঠির সঙ্গে সেঁটে লাগানো ছোটো মুদ্রিত কাগজের খণ্ড, postage stamp।

ডাকনাম /ডাক্নাম্/ [বা.] বি. (সচরাচর ঘনিষ্ঠ জনকে) পোশাকি নামের পরিবর্তে যে নামে ডাকা হয়।

ডাক পাড়া /ডাক্ পাড়া/ ক্রিবি. বারবার ডাকা; উচ্চস্বরে ডাকা।

ডাকপিওন /ডাক্পিওন্/ [হি. ডাক+পো. পিওন] বি. ডাকবিভাগের যে কর্মচারী বাড়ি বাড়ি গিয়ে চিঠিপত্র বিলি করে।

ডাকপুরুষ /ডাক্পুরুশ্/ [তি. ডাক+স. পুরুষ] বি. ১ তন্ত্রবিদ্যায় সিদ্ধ ও জ্ঞানী ব্যক্তি। ২ কিংবদন্তি, জনশ্রুতি।

ডাকবাংলা /ডাক্বাংলা/ [হি.] বি. সরকারি কর্মচারী বা ভ্রমণকারীর জন্য নির্মিত পান্থশালা, dak-bungalow।

ডাকবাংলো /ডাক্বাংলো/ [হি.] বি. দ্র ডাকবাংলা।

ডাকবাক্স /ডাক্বাক্শো/ [হি. ডাক+ই. বক্স] বি. ১ চিঠি ডাকে দেওয়ার বাক্স। ২ ডাকহরকরা বাড়ি বাড়ি গিয়ে যে বাক্সে চিঠি বিলি করে।

ডাক বাড়া /ডাক্ বাড়া/ ক্রিবি. নিলামে ডাকে টাকার অঙ্ক বৃদ্ধি পাওয়া।

ডাকবিভাগ /ডাক্বিভাগ্/ [হি. ডাক+স. বিভাগ] বি. চিঠিপত্র প্রভৃতি প্রেরণ ও বিতরণের দায়িত্বে নিয়োজিত সরকারি বিভাগ, postal department।

ডাকমাশুল /ডাক্মাশুল্/ [হি. ডাক+আ. মাশুল] বি. ডাকে চিঠিপত্র প্রভৃতি পাঠানোর খরচ।

ডাকমুনশি /ডাক্মুন্শি/ [হি. ডাক+আ. মুনশি] বি. ডাকঘরের প্রধান কর্মকর্তা, পোস্টমাস্টার, post master।

ডাকসাইটে /ডাক্শাইটে/ [বা.] বিণ. দোর্দণ্ড প্রতাপশালী; বিখ্যাত, প্রসিদ্ধ।

ডাকসিদ্ধ /ডাক্শিদ্ধো/ [স. ডাক+√সিধ্+ত] বিণ. পিশাচ যার আজ্ঞাবহ। বি. তন্ত্রবিদ্যায় সিদ্ধিপ্রাপ্ত ব্যক্তি।

ডাকহরকরা /ডাক্হরকরা/ [হি. ডাক+ফা. হরকরা] বি. ১ এক ডাকঘর থেকে অন্য ডাকঘরে চিঠিপত্র বহনকারী; রানার। ২ ডাকবিভাগের যে কর্মচারী বাড়ি বাড়ি গিয়ে চিঠিপত্র বিলি করে।

ডাকা /ডাকা/ [বা.] ক্রিবি. ১ আহ্বান করা (*নাম ধরে ডাকা*)। ২ নাম জপ করা (*ঈশ্বরকে ডাকা*)। ৩ শব্দ করা (*নাক ডাকা*)। ৪ গর্জন করা (*মেঘ ডাকা*)। ৫ চিৎকার করা (*ডাকাডাকি করা*)। ৬ আমন্ত্রণ করা (*খেতে ডাকা*)। ৭ দর হাঁকা (*নিলাম ডাকা*)। ৮ ভয় বা আশঙ্কা করা।

ডাকাডাকি করা /ডাকাডাকি করা/ ক্রিবি. বারবার ডাকা; চেঁচিয়ে ডাকা।

ডাকাত /ডাকাত্/ [হি. ডকৈত >] বি. দলবদ্ধ হয়ে বলপূর্বক অন্যের দ্রব্য হরণ করা যার পেশা, দস্যু। বিণ. ১ লুণ্ঠক। ২ (আল.) অসমসাহসী।

ডাকাতি /ডাকাতি/ [হি. ডকৈত >] বি. পাঁচ বা ততোধিক ব্যক্তির দলবদ্ধ আক্রমণ ও লুণ্ঠন, বলপূর্বক অপহরণ, দস্যুতা।

ডাকাতে /ডাকাতে/ [হি. ডকৈত>] বিণ. ১ ডাকাত-সুলভ। ২ ডাকাতসম্বন্ধীয়।

ডাকাতে কালী /ডাকাতে কালি/ বি. ডাকাতদের উপাস্য দেবী কালিকা।

ডাকাবুকা /ডাকাবুকা/ [বা.] বিণ. ডাকাতের মতো অসমসাহসী, নির্ভীক, অকুতোভয়।

ডাকাবুকো /ডাকাবুকো/ [বা.] বিণ. 'ডাকাবুকা'-র কথ্য রূপ।

ডাকিনী /ডাকিনি/ [স. ডাক+ইন্+ঈ] বি. শিব বা দুর্গার অনুচরী; পিশাচী।

ডাকিনীবিদ্যা /ডাকিনিবিদ্দা/ [স. ডাকিনী+√বিদ্+য+আ (টাপ্)] বি. লোকবিশ্বাসমতে ভবিষ্যদ্‌বাণী করার অপবিদ্যা।

ডাকু /ডাকু/ [হি.] বি. দস্যু, ডাকাত।

ডাক্তার /ডাক্তার্/ [হি. doctor >] বি. ১ বিজ্ঞান-সম্মত পদ্ধতিতে চিকিৎসা করা যার পেশা। ২ চিকিৎসাশাস্ত্রে স্নাতকের উপাধিপ্রাপ্ত ব্যক্তি।

ডাক্তারখানা /ডাক্তারখানা/ [বা. ডাক্তার+ফা. খানা] বি. যে গৃহে রোগীর চিকিৎসা করা হয়, হাসপাতাল।

www.pathagar.com

ডাক্তারি /ডাক্তারি/ [ই. doctor >] বি. ডাক্তারের বৃত্তি। বিণ. চিকিৎসাসম্বন্ধীয়।

ডাগর /ডাগোর/ [স. দীর্ঘ >] বিণ. ১ দিঘল; বড়ো; বিশাল। ২ উৎকৃষ্ট। ৩ মূল্যবান। ৪ বয়স্ক।

ডাঙর /ডাঙোর/ [দেশি.] বিণ. দ্র ডাগর।

ডাঙশ /ডাঙোশ্/ [স. দন্ডাঙ্কুশ >] বি. হাতি চালনার দন্ড, অঙ্কুশ।

ডাঙা /ডাঙা/ [দেশি.] বি. ১ নদী বা জলাশয়ের কাছে জলহীন উঁচু স্থান, তীর, শুকনো জায়গা। ২ বাসভূমি (*চুয়াডাঙা*)। ৩ চাষাবাদের স্থান, ক্ষেত্র।

ডান[১] /ডান্/ [স. দক্ষিণ >] বি. বিণ. বামের বিপরীত, বামেতর, দক্ষিণ।

ডান[২] /ডান্/ [স. ডাকিনী >] বি. ইন্দ্রজালবিদ্যায় পারদর্শী নারী। বিণ. মায়াবিনী, জাদুকরী।

ডানকনা /ডান্কনা/ [স. দন্ডিক >] বি. পাখনায় কালো চিহ্নবিশিষ্ট মিঠাপানির ছোটো মাছবিশেষ।

ডানকুনি /ডান্কুনি/ [দেশি.] বি. ১ পতিত জমিতে জাত বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন চিরহরিৎ উদ্ভিদ (যার একটি পাতার বিপরীত দিকে একটু ওপরে বা নিচে আরেকটি করে পাতা গজায়) বা তার হালকা বেগুনি ফুল, কুকশিমা, কুকুরশোঁকা, সহদেবী। ২ পাখনায় কালো চিহ্নবিশিষ্ট মিঠাপানির ছোটো মাছ।

ডানপন্থি /ডান্পোন্থি/ [বা. ডান+হি. পন্থি] বিণ. রক্ষণশীল মতবাদের অনুসারী, দক্ষিণপন্থি।

ডানপিটে /ডান্পিটে/ [বা.] বিণ. ১ শাসন মানে না এমন; দুঃসাহসী; দুরন্ত (*বাপরে কি ডানপিটে ছেলে!*— সুকুমার.)। ২ গোঁয়ার, একগুঁয়ে।

ডানা /ডানা/ [স. ডয়ন >] বি. ১ মেরুদন্ডী প্রাণীর পালকযুক্ত পাখনা যার সাহায্যে বাতাসের ওপর ভর করে পাখি আকাশে ওড়ে। ২ বিমানপোতের দুপাশে সংযুক্ত পাখনাসদৃশ অনুভূমিক ধাতব কাঠামো। ৩ হাতের উপরিভাগ, বাহু।

ডানাকাটা /ডানাকাটা/ [বা.] বিণ. পক্ষহীন।

ডানাকাটা পরি /ডানাকাটা পোরি/ বি. রূপকথায় কল্পিত ডানাহীন পরির মতো সুন্দরী; অনিন্দ্য-সুন্দরী নারী।

ডান্ডা /ডান্ডা/ [স. দন্ড >] বি. ১ মোটালাঠি। ২ হাতল।

ডান্ডাগুলি /ডান্ডাগুলি/ [বা.] বি. গাছের ডাল কেটে তৈরি দেড়-দু হাত লম্বা লাঠি দিয়ে ছোটো লম্বাটে কাঠের গুলির সরু প্রান্তভাগে আঘাত করে দূরে ছুড়ে মারার খেলা, ডাংগুলি।

ডান্ডাবাজি /ডান্ডাবাজি/ [বা. ডান্ডা+ফা. বাজি] বি. দাঙ্গাফ্যাসাদ, গুন্ডামি।

ডান্ডি /ডান্ডি/ [স. দন্ড >] বি. ১ পার্বত্য অঞ্চলে ব্যবহৃত মনুষ্যবাহিত শিবিকা, ডুলি। ২ ছোটো লাঠি।

ডাব /ডাব্/ [দেশি.] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত শাখাহীন দীর্ঘ কান্ডবিশিষ্ট চিরহরিৎ উদ্ভিদের অপক্ক ফল যার জল সুপেয় এবং নরম শাঁস উপাদেয় খাদ্য, কচি নারকেল।

ডাবধান /ডাব্ধান্/ [দেশি.] বি. অপক্ক ধান।

ডাবর /ডাবোর্/ [হি.] বি. ১ বড়ো বাটি, গামলা। ২ পান রাখার পিতলের পাত্র। ৩ পানের পিক ফেলার বড়ো মুখওয়ালা ধাতব পাত্র।

ডাবা[১] /ডাবা/ [দেশি.] বি. ১ গোরু মহিষের জাবনা খাওয়ার মাটির বড়ো গামলা। ২ টব। ৩ তামাক সেবনের জন্য ব্যবহৃত নারকেলের খোল থেকে তৈরি কাঠের নলিচাযুক্ত হুঁকো। বিণ. বড়ো খোলের তৈরি (*ডাবাহুঁকো*)।

ডাবা[২] /ডাবা/ [বা.] ক্রিবি. ডেবে যাওয়া।

ডাবু /ডাবু/ [স. দর্বী >] বি. ১ খাদ্য পরিবেশনের জন্য ব্যবহৃত নারকেলের মালা বা পিতলের হাতা। ২ গোলমুখ চামচবিশেষ। ৩ ছোটো কলসি।

ডামাডোল /ডামাডোল্/ [দেশি.] বি. কোলাহল, শোরগোল; গন্ডগোল, বিশৃঙ্খলা।

ডাম্বেল /ডাম্বেল্/ [ই.] বি. ভার উত্তোলনের জন্য ব্যবহৃত দুই প্রান্তে দুটি ভারী বল বা চাকতি লাগানো দন্ডবিশেষ, dumb-bell।

ডায়নামো /ডায়্নামো/ [গ্রি.] বি. বিদ্যুৎ পরিবাহী তারের কোনো কুন্ডলীকে চৌম্বকক্ষেত্রে ক্রমাগত আবর্তিত করে যান্ত্রিক শক্তিকে বৈদ্যুতিক শক্তিতে রূপান্তরিত করার যন্ত্র, dynamo।

ডায়মন /ডায়্মন্/ [লা. diamond >] বি. ১ হীরা। ২ রুইতনের মতো পলতোলা নকশা।

ডায়মনকাটা /ডায়্মন্কাটা/ [লা. diamond >] বিণ. রুইতনের মতো পলতোলা নকশাবিশিষ্ট।

ডায়মন্ড /ডায়্মন্ড্/ [লা.] বি. বিশুদ্ধ কার্বনের কেলাসিত রূপবিশেষ (বর্ণহীন উজ্জ্বল ও অত্যন্ত কঠিন মহামূল্য রত্ন), হীরা, diamond।

ডায়াবিটিস /ডায়াবি:টিস্/ [লা.] বি. মেরুদন্ডী প্রাণীর দেহস্থ অগ্ন্যাশয় (pancreas) থেকে নিঃসৃত ইনসুলিন হরমোনের উৎপাদন কমে যাওয়ার ফলে রক্তে শর্করার আধিক্যজনিত রোগ, বহুমূত্র, মধুমেহ, diabetes।

ডায়ারি /ডায়ারি/ [লা.] বি. ১ রোজনামচা, দিনলিপি।

www.pathagar.com

২ থানায় দাখিল করা অভিযোগের লিখিত বিবরণ।

ডায়ারিভুক্ত /ডায়ারিভুক্‌তো/ [লা. ডায়ারি+স. ভুক্ত] বিণ. অভিযোগ থানায় লিপিবদ্ধ করা হয়েছে এমন।

ডায়াল /ডায়াল্‌/ [ই.] বি. ঘড়ি মাপযন্ত্র প্রভৃতির মুখপাত, dial।

ডারা /ডারা/ [হি. ডার >] ক্রিবি. ১ ঢেলে ফেলা। ২ ফেলে দেওয়া। ৩ অর্পণ করা।

ডাল[১] /ডাল্‌/ [স. দল >] বি. খোসাছাড়ানো মুগ মসুর প্রভৃতি কলাইজাতীয় শস্য যা রেঁধে খাওয়া হয়, দাল, দাইল।

ডাল[২] /ডাল্‌/ [দেশি.] বি. গাছের শাখা।

ডালকুত্তা /ডালকুত্‌তা/ [হি.] বি. লম্বা ছিপছিপে মসৃণ ত্বকবিশিষ্ট শিকারি কুকুরের প্রজাতিবিশেষ।

ডালচিনি /ডালচিনি/ [বা.] বি. প্রধানত দক্ষিণ ভারত ও মালয় দ্বীপপুঞ্জে জাত মাঝারি উচ্চতার চিরহরিৎ ভেষজগুণসম্পন্ন বৃক্ষবিশেষের মিষ্টস্বাদ সুগন্ধ শুকনো বাকল যা মসলারূপে ব্যবহৃত হয়, দারচিনি, দারুচিনি।

ডালনা /ডাল্‌না/ [দেশি.] বি. অল্প ঝোলে রাঁধা ব্যঞ্জন।

ডালপালা /ডাল্‌পালা/ [দেশি.] বি. ১ শাখাপ্রশাখা; পাতা-সহ গাছের ডাল। ২ (আল.) বিস্তার।

ডালপুরি /ডাল্‌পুরি/ [বা.] বি. (ডুবো তেলে ভাজা) ডালের পুর দেওয়া লুচিজাতীয় খাদ্যবস্তু।

ডালভাত /ডাল্‌ভাত্‌/ [বা.] বি. ডাল সহযোগে ভাত। বিণ. (আল.) অতি সাধারণ ও সহজসাধ্য।

ডালমুট /ডাল্‌মুট্‌/ [বা.] বি. তেল বা ঘিয়ে ভাজা মটর বাদাম প্রভৃতি মুখরোচক নোনতা খাদ্যবস্তু।

ডালা/ডালা /[দেশি.] বি. ১ বেত বা বাঁশের চটা দিয়ে তৈরি অগভীর পাত্রবিশেষ। ২ নৈবেদ্যপূর্ণ পাত্র, অর্ঘ্যপাত্র (*সে লইল মোর ভরা বাদলের ডালা, চাহিল সকৌতুকে।* রবীন্দ্র.)। ৩ বাক্সের ঢাকনি।

ডালি /ডালি/ [বা.] বি. ১ ছোটো ডালা। ২ অর্ঘ্য; ভেট। ৩ নৌকার খোলের ওপরের মোটা লম্বা তক্তা।

ডালিম /ডালিম্‌/ [স. দাড়িম্ব >] বি. দক্ষিণ-পশ্চিম এশিয়া ও ভূমধ্যসাগরের তীরবর্তী অঞ্চলে জাত লাল রঙের বহুবীজযুক্ত রসালো গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির উদ্ভিদ, আনার, বেদানা।

ডালিয়া /ডালিআ/ [লা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন অসম পাপড়িযুক্ত লাল সাদা গোলাপি প্রভৃতি রঙের গন্ধহীন ফুল বা তার বীরুৎশ্রেণির বর্ষজীবী উদ্ভিদ (আনি. মেক্সিকো), dahlia।

ডাস্টবিন /ডাস্‌টবিন্‌/ [ই.] বি. জঞ্জাল ফেলার আধার, dustbin।

ডাস্টার /ডাস্‌টার্‌/ [ই.] বি. বোর্ডের লেখা মোছার জন্য ব্যবহৃত কাঠের হাতলের সঙ্গে লাগানো ফেল্ট (felt) বা কাপড়ের টুকরো; ধুলো ঝাড়ার কাপড়, ঝাড়ন; duster।

ডাহা /ডাহা/ [দেশি.] বিণ. ১ সম্পূর্ণ, পুরোপুরি (*ডাহা মিথ্যা*)। ২ অবিকল; অমিশ্র।

ডাহিন /ডাহিন্‌/ [স. দক্ষিণ >] বি. বিণ. বামের বিপরীত, বামেতর, দক্ষিণ।

ডাহুক /ডাহুক্‌/ [ধ্বন্যা.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ঝোপঝাড় এবং জলাশয়ের ধারে বিচরণ করে এমন কালচে ধূসর মাঝারি আকৃতির জলচর পাখি, ডাকপাখি, সিতকণ্ঠ।

ডিএনএ /ডিএনএ/ [ই.] বি. প্রাণিদেহের বংশানুক্রমিক বৈশিষ্ট্যবাহী ক্রোমোজোম (যা থেকে কোনো ব্যক্তির স্বকীয় বৈশিষ্ট্য নির্ণয় করা যায়), deoxyribonucleic acid, DNA।

ডিকটেশন /ডিক্‌টেশন্‌/ [লা.] বি. শ্রুতিলিখন।

ডিকশনারি /ডিক্‌শনারি/ [লা.] বি. যে গ্রন্থে কোনো ভাষার শব্দের বর্ণানুক্রমিক অবস্থান বানান উচ্চারণ অর্থ ব্যুৎপত্তি ও ব্যবহার নির্দেশ করা হয়, অভিধান, শব্দকোষ, dictionary।

ডিক্রি /ডিক্‌ক্রি/ [ই.] বি. কোনো বিষয়ে বিবদমান পক্ষসমূহের অধিকার নির্ধারণ করার উদ্দেশ্যে আদালত কর্তৃক প্রদত্ত আদেশ, decree।

ডিগডিগ /ডিগ্‌ডিগ্‌/ [দেশি.] অব্য. সরু ডগার আন্দোলিত হওয়ার ভাব।

ডিগডিগে /ডিগ্‌ডিগে/ [দেশি.] বিণ. সরু ডগার মতো নড়বড়ে; অত্যন্ত কৃশ।

ডিগবাজি /ডিগ্‌বাজি/ [বা.] বি. ১ মাটিতে মাথা ঠেকিয়ে দুই পা উঁচু করে উলটে চিত হয়ে পতন। ২ (আল.) সুবিধা বুঝে দল বা মত পরিবর্তন।

ডিগ্রি /ডিগ্‌রি/ [ই. degree] বি. ১ স্নাতক বা উচ্চতর স্তরের পরীক্ষায় সাফল্যের স্বীকৃতিস্বরূপ বিশ্ববিদ্যালয়প্রদত্ত উপাধি। ২ তাপমাত্রা বা কৌণিক পরিসর পরিমাপের একক।

ডিগ্রিধারী /ডিগ্‌গ্রিধারি/ [ই. ডিগ্রি+স. ধারী] বিণ. বিশ্ববিদ্যালয়ের ডিগ্রিপ্রাপ্ত।

ডিঙা[১]/ডিঙা/ [দেশি.] বি. ছোটো বাণিজ্যতরী (*সপ্ত-ডিঙা*), নৌকা।

www.pathagar.com

ডিঙা[২] /ডিঙা/ [বা.] বি. পায়ের আঙুলের ওপর ভর করে মাথা উঁচু করে দাঁড়ানোর ভঙ্গি। ক্রিবি. টপকানো, ডিঙানো।

ডিঙানো /ডিঙানো/ [বা.] ক্রিবি. বিণ. অতিক্রম করা; লাফিয়ে পার হওয়া।

ডিঙা মারা /ডিঙা মারা/ ক্রিবি. দ্র ডিঙি মারা।

ডিঙি /ডিঙি/ [দেশি.] বি. ছোটো জেলে নৌকাবিশেষ।

ডিঙি মারা /ডিঙি মারা/ ক্রিবি. পায়ের আঙুলের ওপর ভর দিয়ে ডিঙানো।

ডিজাইন /ডিজাইন্/ [ই.] বি. ১ ভবন সেতু প্রভৃতির নকশা। ২ পোশাক আসবাবপত্র প্রভৃতির ধাঁচ। ৩ পরিকল্পনা।

ডিজিট /ডিজিট্/ [লা.] বি. ০ থেকে ৯ পর্যন্ত প্রতিটি সংখ্যা, digit।

ডিজিটাল /ডিজিটাল্/ [ই digital] বিণ. ১ কম্পিউটারে সংরক্ষিত তথ্যভান্ডার ব্যবহার করে স্বয়ংক্রিয়ভাবে সাধিত। ২ সংখ্যাদ্বারা নিরূপিত (*ডিজিটাল ঘড়ি*)। ৩ ডিজিটসংক্রান্ত।

ডিজেল /ডিজেল্/ [ব্যক্তি.] বি. অন্তর্দাহন ইঞ্জিনের জ্বালানিরূপে ব্যবহৃত খনিজ তেল পাতন করে প্রাপ্ত পেট্রোলিয়ামজাত তরল পদার্থ, diesel।

ডিটেকটিভ /ডিটেক্‌টিভ্/ [ই.] বি. যে ব্যক্তি গোপন তথ্য ও বুদ্ধিমত্তা প্রয়োগ করে অপরাধসংক্রান্ত সত্য উদ্‌ঘাটন করে, গোয়েন্দা, detective।

ডিণ্ডিম /ডিন্‌ডিম্/ [স. ডিন্ডি+√মা+অ] বি. ডুগডুগি-জাতীয় ছোটো আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ।

ডিণ্ডির /ডিন্‌ডির্/ [অজ্ঞা.] বি. সমুদ্রের ফেনা; ফেনা।

ডিন /ডি:ন্/ [ই. dean] বি. ১ বিশ্ববিদ্যালয়ের কলা বিজ্ঞান চিকিৎসা প্রভৃতির কোনো একটি অনুষদের প্রধান। ২ খ্রিষ্টীয় ধর্মযাজকদের তত্ত্বাবধায়ক।

ডিনার /ডিনার্/ [ই. dinner] বি. দুপুর বা সন্ধ্যায় গৃহীত দিনের প্রধান আহার; রাতের আহার; আনুষ্ঠানিক ভোজসভা।

ডিপো /ডিপো/ [ফ.] বি. ১ পণ্যদ্রব্য রাখার স্থান, গুদাম, আড়ত। ২ আশ্রয়স্থান (*মশার ডিপো*)।

ডিপোজিট /ডিপোজিট্/ [লা.] বি. ব্যাংকে গচ্ছিত রাখা বা জামানতরূপে কোনো প্রতিষ্ঠানকে প্রদত্ত টাকা, deposit।

ডিপ্লোমা /ডিপ্‌লোমা/ [লা.] বি. (শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত) শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতিপত্র; উপাধিপত্র; diploma।

ডিফথেরিয়া /ডিফ্‌থেরিআ/ [লা.] বি. কণ্ঠনালির প্রদাহ ও শ্বাসকষ্টদায়ক ব্যাকটেরিয়াবাহিত সংক্রামক রোগবিশেষ, diphtheria।

ডিবা /ডিবা/ [তেলে. ডব্বি >] বি. ১ যে প্রদীপে সলতের একপ্রান্ত একটি সরু ধাতবনল থেকে বেরিয়ে থাকে এবং অপরপ্রান্ত ওই নলের সঙ্গে যুক্ত ধাতবপাত্রের কেরোসিন তেলে ডোবানো থাকে, কুপি, টেমি। ২ ঢাকনিযুক্ত ছোটো পাত্র; বাটা; কৌটা।

ডিবেঞ্চার /ডিবেন্‌চার্/ [ই.] বি. পূর্বনির্ধারিত হারে মুনাফা প্রদানের শর্তে দীর্ঘমেয়াদি কোম্পানির কাগজ, তমসুক, debenture।

ডিভান /ডিভান্/ [ফ.] বি. প্রয়োজনবোধে শয্যা-রূপেও ব্যবহার করা যায় এমন গদিওয়ালা লম্বা আসন, divan।

ডিভিডেন্ড/ডিভিডেন্ড্/ [ফ.] বি. বিনিয়োগকারীকে লভ্যাংশরূপে প্রদেয় অর্থ, dividend।

ডিভিশন /ডিভিশন্/ [ই. division] বি. ১ দেশ বা রাজ্যের প্রশাসনিক বিভাগ। ২ কর্মপরিধির ভিত্তিতে মন্ত্রণালয়ের বিভাগ। ৩ পরীক্ষায় সাফল্যের মান-নির্দেশক বিভাজন। ৪ সামাজিক মর্যাদাভেদে আটক ব্যক্তির কারাগারে প্রাপ্য সুবিধাদির স্তর। ৫ কয়েকটি ব্রিগেডের সমন্বয়ে গঠিত সেনাদল। ৬ বিভাজন; ভাগ।

ডিম /ডি:ম্/ [স. ডিম্ব >] বি. পাখি সরীসৃপ প্রভৃতির স্ত্রীকুল-প্রসূত খোলায় আবৃত বীজাণুবাহী গোলা-কৃতি বস্তু যা থেকে ছানা উৎপন্ন হয়, ডিম্ব, আন্ডা, অন্ড।

ডিমওয়ালা /ডি:ম্‌ওআলা/ [বা. ডিম+হি. ওয়ালা] বিণ. ডিমবিশিষ্ট, ডিম আছে এমন (*ডিমওয়ালা মাছ*)। বি. ডিম বিক্রেতা।

ডিম পাড়া /ডি:ম্ পাড়া/ ক্রিবি. ১ অন্ড প্রসব করা। ২ (আল.) কালক্ষেপণ করা।

ডিমাই /ডিমাই/ [ই.] বি. মুদ্রণশিল্পে ব্যবহৃত ৫৫·৮৮ সেন্টিমিটার লম্বা ও ৪৫·৭২ সেন্টিমিটার চওড়া (২২ × ১৮ ইঞ্চি) মাপের কাগজ, demy।

ডিমিডিমি /ডিমিডিমি/ [ধ্বন্যা.] অব্য. বি. ঢাক-জাতীয় আনদ্ধ বাদ্যযন্ত্রের অনুকার ধ্বনি।

ডিমে তা দেওয়া /ডিমে তা দেওআ/ ক্রিবি. ১ বাচ্চা ফোটানোর জন্য ডিমের ওপর আলতোভাবে বসে দেহের তাপ দেওয়া। ২ (আল.) অলসভাবে দিন যাপন করা।

ডিম্ব /ডিম্‌বো/ [স. √ডিম্ব্+অ] বি. দ্র ডিম।

www.pathagar.com

ডিম্বক /ডিম্‌বক্‌/ [স. ডিম্ব+অক] বি. ডিম্বাশয়ের মধ্যস্থ কোষ যা ভ্রূণে পরিণত হয়, ডিম্বাণু, ovum।

ডিম্বকোষ /ডিম্‌বোকোশ্‌/ [স. ডিম্ব+কোষ] বি. পুষ্পযোনি; ডিম্বাকার কোষ।

ডিম্বজ /ডিম্‌বজো/ [স. ডিম্ব+√জন্‌+অ] বিণ. ডিম থেকে জাত, ডিম্বজাত, অণ্ডজ।

ডিম্বাণু /ডিম্‌বানু/ [স. ডিম্ব+অণু] বি. ডিম্বাশয়ের ভেতরের কোষ যা ভ্রূণে পরিণত হয়, ovum।

ডিম্বাশয় /ডিম্‌বাশয়/ [স. ডিম্ব+আশয়] বি. স্ত্রী-কুলের মেরুদণ্ডী প্রাণীর জনন প্রক্রিয়ায় ডিম্বাণু বা ডিম উৎপাদনের অঙ্গবিশেষ, রজোডিম্বের আধার; (উদ্ভিদ.) বীজকোষ; ovary।

ডিশ /ডিশ্‌/ [ই. dish] বি. ১ থালা, রেকাবি। ২ থালা আকৃতির বিদ্যুৎ-চুম্বকীয় সংকেতগ্রাহক।

ডিসকাউন্ট /ডিস্‌কাউন্‌ট্‌/ [ইতা.] বি. নির্দিষ্ট মূল্য বা হিসাব থেকে যা বাদ দেওয়া হয়, ছাড়, discount।

ডিসকো /ডিস্‌কো/ [ফ.] বি. নাচের জন্য যেখানে পাশ্চাত্য গীতবাদ্য পরিবেশন করা হয়।

ডিসচার্জ /ডিস্‌চার্‌জ্‌/ [ই. discharge] বি. ১ প্রমাণের অভাবে অভিযুক্তকে মুক্তিদান। ২ চাকরি থেকে অব্যাহতি দান, পদচ্যুতি। ৩ চিকিৎসার পর হাসপাতাল থেকে মুক্তিদান। ৪ জাহাজ থেকে মাল খালাসকরণ। ৫ তড়িৎ মোক্ষণ। ৬ ক্ষরণ।

ডিসটেম্পার/ডিস্‌টেম্‌পার্‌/[ই.] বি. ঘরের দেওয়ালে লাগানো হয় এমন জলগোলা রং, distemper।

ডিসপেনসারি /ডিস্‌পেন্‌সারি/ [ই.] বি. চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী ওষুধ বিক্রয় ও বিতরণের স্থান, ঔষধালয়, dispensary।

ডিসপেপসিয়া/ডিস্‌পেপ্‌সিআ/ [লা.] বি. অজীর্ণতা-হেতু পেটের বেদনাজনিত রোগ, dyspepsia।

ডিসমিস /ডিস্‌মিস্‌/ [ই.] বিণ. খারিজ; চাকরি থেকে বরখাস্ত; dismiss।

ডিসেম্বর /ডিসেম্‌বার্‌/ [ই.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির দ্বাদশ বা শেষ মাস, ১৭ই অগ্রহায়ণ থেকে ১৭ই পৌষ পর্যন্ত কালপর্ব, December।

ডিস্টিল /ডিস্‌টিল্‌/ [ই.] বি. শোধনের উদ্দেশ্যে জল (বা অন্য কোনো তরল পদার্থ) বায়বীয় পদার্থে পরিণত করার পর পুনরায় তরলপদার্থে পরিণত-করণের প্রক্রিয়া, পাতন, distil।

ডিস্টিল্‌ড /ডিস্‌টিল্‌ড্‌/ [ই.] বিণ. পাতন করা হয়েছে এমন, পাতিত, distilled।

ডিস্ট্রিক্ট/ডিস্‌ট্রিক্‌ট্‌/[ফ.] বি. কয়েকটি উপজেলার সমন্বয়ে গঠিত প্রশাসনিক বিভাগ, জেলা, district।

ডিস্ট্রিক্ট বোর্ড /ডিস্‌ট্রিক্‌ট্‌ বোর্ড্‌/ বি. জেলার উন্নয়নকল্পে নির্বাচিত প্রতিনিধিসভা।

ডিহি[১]/ডিহি/ [ফা.] বি. মোগল ভূমিব্যবস্থা অনুযায়ী কয়েকটি গ্রামের সমষ্টি।

ডিহি[২] /ডিহি/ [দেশি.] বি. বিশেষ উদ্দেশ্যে খনন করা গভীর ও বৃহদাকার স্থির জলাশয়।

ডু /ডু/ [ধ্বন্যা.] অব্য. বি. হাডুডু খেলায় কোনো খেলোয়াড়ের প্রতিপক্ষের কোর্টে গিয়ে শ্রুতিগোচর-ভাবে ক্রমাগত উচ্চারিত শব্দ।

ডুকরা /ডুক্‌রা/ [বা.] ক্রিবি. দ্র ডুকরানো।

ডুকরানো /ডুক্‌রানো/ [বা.] ক্রিবি. ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদে ওঠা।

ডুগডুগি /ডুগ্‌ডুগি/ [ধ্বন্যা.] বি. ঢাকজাতীয় ক্ষীণ-মধ্য ছোটো আনদ্ধ বাদ্যযন্ত্র, ডমরু।

ডুগি /ডুগি/ [ধ্বন্যা.] বি. তবলার সঙ্গে বাজানো হয় এমন বাদ্যযন্ত্র; তবলার চেয়ে ছোটো ও সাধারণত বাঁ-হাতে বাজানো হয় এমন বাদ্যযন্ত্র, বাঁয়া।

ডুঙি /ডুঙি/ [মুণ্ডা.] বি. ডোঙার চেয়ে ছোটো নৌকা।

ডুন্ডুভ /ডুন্‌ডুভ্‌/ [স. ডুন্ডু+√ভা+অ] বি. নির্বিষ সাপবিশেষ, ঢোঁড়া সাপ।

ডুব /ডুব্‌/ [বা.] বি. জলে নিমজ্জন, অবগাহন, স্নান। বিণ. ডুব দেওয়ার মতো গভীর।

ডুবজল /ডুব্‌জল্‌/ [বা. ডুব+স. জল] বি. পুরো শরীর ডোবানো যায় এমন গভীর জল।

ডুব দেওয়া /ডুব্‌ দেওআ/ ক্রিবি. ১ জলের নিচে নিমজ্জিত হওয়া। ২ (আল.) আত্মগোপন করা।

ডুবন /ডুবন্‌/ [বা.] বি. নিমজ্জন।

ডুবন্ত /ডুবন্‌তো/ [বা.] বিণ. ডুবে যাচ্ছে এমন; ডুবুডুবু।

ডুব মারা /ডুব্‌ মারা/ ক্রিবি. ১ জলে প্রবেশ করা। ২ (আল.) নিরুদ্দেশ হয়ে যাওয়া; আত্মগোপন করা।

ডুবসাঁতার /ডুব্‌শাঁতার্‌/ [বা.] বি. জলে শরীর ডুবিয়ে সাঁতার।

ডুবা /ডুবা/ [বা.] ক্রিবি. ১ জলে নিমজ্জিত হওয়া (*জাহাজ ডুবা*)। ২ সর্বনাশ হওয়া (*ব্যবসায় ডুবা*)। ৩ অস্তমিত হওয়া (*সূর্য ডুবা*)। ৪ মগ্ন হওয়া (*কাজে ডুবা*)। ৫ প্লাবিত হওয়া (*পথঘাট ডুবা*)। ৬ বিপন্ন হওয়া (*দেনায় ডুবা*)।

ডুবানো /ডুবানো/ [বা.] ক্রিবি. ১ প্লাবিত করা। ২ বিনষ্ট করা; অধঃপাতে নিয়ে যাওয়া। ৩ 'ডোবানো'-র সাধু রূপ।

ডুবি /ডুবি/ [বা.] বি. ডুবন, নিমজ্জন (*লঞ্চডুবি*)।

ডুবুডুবু /ডুবুডুবু/ [বা.] বিণ. প্রায় ডুবে যাচ্ছে

www.pathagar.com

এমন, অস্তমিতপ্রায় (*সূর্য ডুবুডুবু*)।

ডুবুরি /ডুবুরি/ [বা.] বি. ১ যে ব্যক্তি ডুব দিয়ে অনেকক্ষণ জলের নিচে থাকতে পারে। ২ ডুব দিয়ে পানির তলদেশ থেকে মুক্তা প্রবালাদি বা নিমজ্জিত বস্তু তুলে আনা যার পেশা।

ডুবো /ডুবো/ [বা.] বিণ. ১ অদৃশ্য (*ডুবো চর*)। ২ জলে ডুবে চলে এমন (*ডুবোজাহাজ*)।

ডুবোজাহাজ /ডুবোজাহাজ/ [বা. ডুবো+আ. জাহাজ] বি. সমুদ্রে জলের নিচে ডুবে চলে এমন যুদ্ধজাহাজ।

ডুমনি /ডুমনি/ [দেশি.] বি. দরজা বা জানালা খোলা রাখার জন্য চৌকাঠসংলগ্ন হাঁসকলের হুক।

ডুমা /ডুমা/ [দেশি.] বি. ১ কাপড়ের টুকরো। ২ খণ্ড।

ডুমুর /ডুমুর/ [স. উডুম্বর >] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশের পতিত জমিতে জাত এবং সবজি হিসেবে রেঁধে খাওয়া যায় এমন গুচ্ছবদ্ধ ছোটো ফল (ফলের ভেতরে থাকে বলে ফুল দেখা যায় না) বা তার খসখসে উপবৃত্তাকার পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, আঞ্জির।

ডুমুরফুল /ডুমুরফুল/ [বা.] বি. দ্র ডুমুরের ফুল।

ডুমুরের ফুল /ডুমুরের্ ফুল্/ বি. ১ ডুমুর গাছের ফুল (ফলের ভেতরে থাকে বলে দেখা যায় না)। ২ (আল.) দেখা মেলে না এমন দুর্লভ বস্তু।

ডুমো /ডুমো/ [দেশি.] বি. 'ডুমা'-র কথ্য রূপ।

ডুম্বুর[১] /ডুম্বুর্/ [দেশি.] বি. দ্র ডুগডুগি।

ডুম্বুর[২] /ডুম্বুর্/ [স. উডুম্বর >] বি. দ্র ডুমুর।

ডুরি[১] /ডুরি/ [বা.] বি. ১ সুতা, সরু দড়ি; ডোর। ২ প্রণয়ের বাঁধন। ৩ পাখোয়াজ।

ডুরি[২] /ডুরি/ [দেশি.] বি. নৌকায় জমে থাকা পানি সেচনের পাত্র।

ডুরে /ডুরে/ [বা.] বিণ. লম্বা সমান্তরাল রেখাযুক্ত, ডোরাকাটা।

ডুলি /ডুলি/ [স. দোলিকা >] বি. ছোটো পালকি-জাতীয় মনুষ্যবাহিত যান, ছোটো শিবিকা, দোলা।

ডেইজি /ডেইজি/ [ই.] বি. শীতকালে ফোটে এমন লম্বা ডাঁটার প্রান্তভাগে হলুদ চাকতির চারপাশে সাদা পাপড়িযুক্ত ছোটো বুনো ফুল বা তার বর্ষজীবী কম্পোজিট (composite) গোত্রের বীরুৎ-শ্রেণির উদ্ভিদ (আনি. ইউরোপ), daisy।

ডেইলি প্যাসেঞ্জার /ডেইলি প্যাসেন্জার্/ বি. কোনো স্থান থেকে নির্দিষ্ট গন্তব্যে প্রত্যহ যাতায়াত করে এমন যাত্রী, নিত্যযাত্রী, daily passenger।

ডেউয়া /ডেউআ/ [স. ডহু >] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন টকটকে লাল ফুল ও কমলা রঙের ফল বা তার ভেষজগুণসম্পন্ন দ্রুত বর্ধনশীল শিম্বগোত্রীয় উদ্ভিদ, লকুচ, ডেহুয়া।

ডেও /ডেয়ো/ [স. ডহু >] বি. দ্র ডেউয়া।

ডেঁইয়া /ডেঁইআ/ [দেশি.] বি. পৃথিবীর প্রায় সব দেশে গাছের গায়ে বা দেওয়ালে গর্ত করে বাস করে এমন হুলযুক্ত অপেক্ষাকৃত বড়ো কালো পিঁপড়া, ডাইয়া।

ডেঁড়েমুষে /ডেঁড়েমুশে/ [দেশি.] ক্রিবিণ. ১ সম্পূর্ণ-রূপে, চেটেপুটে। ২ (আল.) সর্বস্বান্ত করে।

ডেঁপো /ডেঁপো/ [দেশি.] বিণ. এঁচড়ে পাকা, বখাটে (*ডেঁপো ছেলে*)।

ডেঁপোমি /ডেঁপোমি/ [দেশি.] বি. এঁচড়ে পাকা ভাব, পাকামি, অকালপক্কতা।

ডেঁয়ে /ডেঁয়ে/ [দেশি.] বি. দ্র ডেঁইয়া।

ডেক[১] /ডেক্/ [ফা.] বি. রান্নার জন্য ব্যবহৃত বড়ো ধাতব পাত্র।

ডেক[২] /ডেক্/ [ই.] বি. জাহাজের পাটাতন, deck।

ডেকচি /ডেক্চি/ [ফা.] বি. ছোটো আকারের ধাতু-নির্মিত রন্ধনপাত্র।

ডেক চেয়ার /ডেক্ চেআর্/ বি. জাহাজের ডেকের ওপর পাতা হয় এমন আরামকেদারা।

ডেকযাত্রী /ডেক্জাত্রি/ [ই. ডেক+স. যাত্রী] বি. যে যাত্রী জাহাজের ডেকে ভ্রমণ করে।

ডেকোরেটার /ডেকোরেটার্/ [লা.] বি. কোনো উৎসব বা অনুষ্ঠান উপলক্ষ্যে মণ্ডপসজ্জার আসবাবপত্র সরবরাহকারী প্রতিষ্ঠান।

ডেক্রন /ডেক্রন্/ [ই.] বি. নাইলনজাতীয় কৃত্রিম রেশমি বস্ত্র।

ডেগ /ডেগ্/ [ফা.] বি. দ্র ডেক[১]।

ডেগচি /ডেগ্চি/ [ফা.] বি. দ্র ডেকচি।

ডেঙ্গু /ডেংগু/ [পে.] বি. এডিস মশাবাহিত ভাইরাস-জনিত ক্রান্তীয় অঞ্চলের প্রাণঘাতী রোগবিশেষ যার ফলে রক্তক্ষরণ-সহ গাঁট ও মাংসপেশিতে তীব্র যন্ত্রণা অনুভূত হয়, dengue।

ডেনটিস্ট /ডেনটিস্ট্/ [ফ.] বি. দাঁতের চিকিৎসক।

ডেপুটি /ডেপুটি/ [ই.] বি. প্রধান কর্মচারী বা পরিচালকের সহকারী, deputy।

ডেপুটিগিরি /ডেপুটিগিরি/ [ই. ডেপুটি+ফা. গিরি] বি. ডেপুটির কাজ বা পদ।

ডেবিট কার্ড /ডেবিট্ কার্ড্/ [ই.] বি. নিজ অ্যাকাউন্ট থেকে দোকানির অ্যাকাউন্টে টাকা পাঠিয়ে দ্রব্যাদির

www.pathagar.com

মূল্য পরিশোধ করতে ব্যবহৃত ব্যাংক কর্তৃক ইস্যুকৃত কার্ড, debit card।

ডেমারেজ /ডেমারেজ্/ [ফ.] বি. রেল জাহাজ বা বিমানে আনিত পণ্য নির্দিষ্ট সময়ের মধ্যে খালাস না করার জন্য প্রদেয় অতিরিক্ত গুদামভাড়া, demurrage।

ডেয়ে /ডেয়ে / [দেশি.] বি. দ্র ডাইয়া।

ডেরা /ডেরা / [হি.] বি. ১ মোটা কাপড়ের তৈরি আবাস, কানাত, তাঁবু। ২ কুটির; আশ্রয়। ৩ আস্তানা; অস্থায়ী আবাস।

ডেরাডান্ডা /ডেরাডান্ডা / [বা.] বি. তাঁবু খাটানোর সরঞ্জাম, বস্ত্রাবাস তৈরির উপকরণ; গৃহ ও গৃহস্থালির প্রয়োজনীয় জিনিসপত্র।

ডেসিবেল /ডেসিবেল্ / [ব্যক্তি.] বি. দুটি ধ্বনির তীব্রতা বা বৈদ্যুতিক সংকেতের তুলনামূলক শক্তি লগ স্কেলে পরিমাপের একক, bel-এর এক-দশমাংশ, সংক্ষেপে dB, decibel।

ডেস্ক্ /ডেস্ক্/ [ই.] বি. লেখাপড়ার জন্য ব্যবহৃত ছোটো ঢালু বাক্সযুক্ত টেবিল, desk।

ডেস্ট্রয়ার /ডেস্ট্রয়ার্/ [ই. destroyer] বি. ১ নৌযুদ্ধে ডুবোজাহাজ বা বিমান আক্রমণ থেকে অন্য জাহাজকে রক্ষার জন্য ব্যবহৃত দ্রুতগামী যুদ্ধজাহাজবিশেষ। ২ যে বা যা ধ্বংস করে।

ডেহুয়া /ডেহুআ/ [স. ডহু >] বি. দ্র ডেউয়া।

ডোঙা /ডোঙা / [দেশি.] বি. ১ তাল গাছের কান্ড থেকে তৈরি ছোটো ও সরু নৌকা, শালতি। ২ পানি তোলার পাত্র, দ্রোণী।

ডোবা[১] /ডোবা / [দেশি.] বি. এঁদো পুকুর।

ডোবা[২] /ডোবা / [বা.] ক্রিবি. ১ জলে নিমজ্জিত হওয়া (*জাহাজ ডোবা*)। ২ সর্বনাশ হওয়া (*ব্যবসায় ডোবা*)। ৩ অস্তমিত হওয়া (*সূর্য ডোবা*)। ৪ মগ্ন হওয়া (*কাজে ডোবা*)। ৫ প্লাবিত হওয়া (*পথঘাট ডোবা*)। ৬ বিপন্ন হওয়া (*দেনায় ডোবা*)।

ডোবানো /ডোবানো / [বা.] ক্রিবি. ১ প্লাবিত করা। ২ বিনষ্ট করা।

ডোম[১] /ডোম্ / [দেশি.] বি. ১ মৃতদেহ সৎকার যার পেশা। ২ অনগ্রসর জাতিবিশেষ।

ডোম[২]/ডোম্ / [ফ.] বি. ১ বাতির গম্বুজাকৃতি চিমনি-বিশেষ। ২ গম্বুজ, dome।

ডোমকাক /ডোম্কাক্/ [স. দ্রোণ >] বি. উত্তর গোলার্ধে প্রায় সব দেশে বিচরণ করে এমন লম্বা লেজ এবং নৌকার মতো বাঁকানো পুরু চঞ্চু ও কর্কশ স্বরবিশিষ্ট কালো কুচকুচে বড়ো কাকজাতীয় পাখি যা জীবজন্তুর মরা পচা গলা দেহাবশেষ খেয়ে জীবনধারণ করে, দাঁড়কাক, raven।

ডোমচিল /ডোম্চিল্ / [বা.] বি. প্রশস্ত ডানা ও বিভাজিত চেরা লেজবিশিষ্ট তীক্ষ্ণ নখবিশিষ্ট মাংসাশী ধূসরবর্ণ শিকারি পাখি, গোদাচিল।

ডোর /ডোর্ / [দেশি.] বি. ১ সুতা, রজ্জু, দড়ি। ২ বন্ধন; আকর্ষণ (*বাহুডোর*)। ৩ বৈষ্ণবদের বহির্বাস (*ডোরকৌপীন*)। ৪ সন্ন্যাসীর কটিবন্ধ।

ডোরা /ডোরা / [বা.] বি. লম্বা সমান্তরাল রেখা।

ডোরাকাটা /ডোরাকাটা/ [বা.] বিণ. লম্বা সমান্তরাল রেখাযুক্ত; নানা বর্ণের রেখাদ্বারা চিহ্নিত।

ডোল[১] /ডোল্ / [স. দ্রোণ >] বি. ধান চাল শস্যাদি রাখার জন্য ব্যবহৃত বাঁশের চটা নল বা হোগলার তৈরি বড়ো পাত্রবিশেষ।

ডোল[২] /ডোল্ / [হি. ডৌল >] বি. গড়ন, আকৃতি।

ডোল[৩] /ডোল্ / [স. দোল >] বিণ. রোমাঞ্চিত।

ডোলা /ডোলা / [দেশি.] বি. দোলা, শিবিকাবিশেষ।

ডৌল /ডৌল্/ [হি.] বি. অবয়ব, রূপ, গড়ন, আকৃতি, গঠন, ঢপ।

ড্যাংড্যাং /ড্যাংড্যাং / [ধ্বন্যা.] অব্য. বি. ঢাকের অনুকার শব্দ; বিজয়ধ্বনি; জয় ঘোষণা।

ড্যাকরা /ড্যাক্রা / [স. ডিঙ্গর >] বিণ. ধূর্ত, শঠ, খল; অশিষ্ট; পাজি।

ড্যাবড্যাব /ড্যাব্ড্যাব্/ [দেশি.] অব্য. ১ তাকানোর ভঙ্গিবিশেষ (*ড্যাবড্যাব করে তাকানো*)। ২ দীপ-শিখা জ্বলার অনুকার শব্দ।

ড্যাবডেবে /ড্যাব্ডেবে / [দেশি.] বিণ. অনুজ্জ্বল ও ভাসা ভাসা।

ড্যাবরা /ড্যাব্রা / [বা.] বি. বাঁ হাতে লিখতে বা কাজ করতে স্বাচ্ছন্দ্যবোধ করে এমন ব্যক্তি। বিণ. ১ ন্যাটা। ২ আয়ত, বিস্ফারিত।

ড্যালা /ড্যালা / [দেশি.] বি. ১ দলা। ২ বড়ো ঢিল; লোষ্ট্র; তাল; পিণ্ড।

ড্যাশ /ড্যাশ্ / [ই.] বি. যতি চিহ্নবিশেষ '—'।

ড্র /ড্র / [ই.] বি. ১ ভাগ্যপরীক্ষার খেলা, লটারি। ২ খেলায় সমান ফললাভ (*ম্যাচ ড্র হওয়া*)।

ড্রপসিন /ড্রপ্সিন্/ [ই.] বি. থিয়েটার বা রঙ্গ-মঞ্চের পট, যবনিকা, dropscene।

ড্রপার /ড্রপার্/ [ই.] বি. ফোঁটা মেপে তরল পদার্থ ব্যবহারের জন্য সরু মুখের ছোটো নলবিশেষ যার অপর প্রান্তে রবারের ফাঁপা গোলক লাগানো থাকে, dropper।

www.pathagar.com

ড্রয়ার /ড্রআর্/ [ই.] বি. টেনে খোলা বা ঠেলে বন্ধ করা যায় এমন টেবিল আলমারি প্রভৃতির মধ্যকার বাক্সবিশেষ, drawer।

ড্রয়িং /ড্রইং/ [ই.] বি. চিত্রাঙ্কন; রেখাচিত্র; অঙ্কন, drawing।

ড্রয়িংরুম /ড্রইংরুম্/ [ই.] বি. বাসগৃহের বাইরের ঘর, বসার ঘর, বৈঠকখানা।

ড্রাইভার /ড্রাইভার্/ [ই.] বি. মোটরগাড়ির চালক; যন্ত্রচালিত যানের চালক।

ড্রাগ /ড্রাগ্/ [ই.] বি. ১ ওষুধ। ২ মাদকদ্রব্য।

ড্রাগন /ড্রাগন্/ [ই.] বি. রূপকথায় বর্ণিত বৃহদাকার সরীসৃপজাতীয় কুমিরসদৃশ ডানাওয়ালা প্রাণী যার নিঃশ্বাসের সঙ্গে আগুন বেরিয়ে আসে, dragon।

ড্রাফ্‌ট /ড্রাফ্‌ট্/ [ই. draft] বি. ১ মুসাবিদা, খসড়া। ২ যে আদেশপত্রের বিনিময়ে কোনো ব্যাংক প্রাপককে চাওয়ামাত্র নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে বাধ্য থাকে।

ড্রাম[১] /ড্রাম্/ [ই.] বি. তরল পদার্থের পরিমাপবিশেষ (৩.৮৮৮ গ্রাম বা ৬০ গ্রেন), dram।

ড্রাম[২] /ড্রাম্/ [ই. drum] বি. ১ ঢাকজাতীয় বাদ্য-যন্ত্র; জয়ঢাক। ২ তরল পদার্থ রাখার বেলনাকার বড়ো পাত্রবিশেষ। ৩ পিপে, পিপা।

ড্রামা /ড্রামা/ [লা.] বি. নাটক।

ড্রিল /ড্রিল্/ [ওল.] বি. ১ অঙ্গচালনার সম্মিলিত ব্যায়াম। ২ সামরিক মহড়া। ৩ ছিদ্র করার ভ্রমিযন্ত্র। ৪ পুরু সুতি বস্ত্রবিশেষ। ৫ drill।

ড্রেজার /ড্রেজার্/ [ওল.] বি. জলপথে জমে থাকা পলিমাটি খনন করে তোলার যন্ত্র।

ড্রেন /ড্রেন্/ [ই. drain] বি. নর্দমা, নালা।

ড্রোন /ড্রোন্/ [ই.] বি. চালকবিহীন দূরনিয়ন্ত্রিত ছোটো আকাশযান, মনুষ্যবিহীন আকাশযান, drone।

ড়/ডয়ে বিন্দু ড়/

ট-বর্গের তৃতীয় ব্যঞ্জনবর্ণ ড বাংলায় শব্দের মধ্যে বা শেষে তাড়নজাত বর্ণরূপে উচ্চার্য এবং ড়-এর রূপ গ্রহণ করে। শব্দের আরম্ভে ড়-র ব্যবহার নেই।

www.pathagar.com

ঢ /ঢ/

ঢ /ঢ/ বাংলা বর্ণমালার চতুর্দশ ব্যঞ্জনবর্ণ এবং মূর্ধা থেকে উচ্চার্য ট-এর ঘোষ মহাপ্রাণ ধ্বনির দ্যোতক।

ঢং[১] /ঢং/ [দেশি.] বি. ১ ভঙ্গি, ফ্যাশন; রঙ্গ-তামাশা। ২ ঢপ; ধরন, পদ্ধতি (*কাজের ঢং*)। ৩ কৃত্রিম বা অদ্ভুত ভাব; ন্যাকামি (*ঢং করা*)।

ঢং[২]/ঢং/ [ধ্বন্যা.] বি. ঘণ্টার আওয়াজ; ধাতুপাত্রে আঘাতের শব্দ।

ঢংঢং /ঢংঢং/ [ধ্বন্যা.] বি. বারবার ঢং শব্দ; ঘড়ির ঘণ্টাধ্বনি।

ঢক[১] /ঢক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ তরল পদার্থ গলাধঃকরণের অনুকার শব্দ (*ঢক করে গেলা*)। ২ তরল পদার্থ ছলকানোর শব্দ। ৩ কাঠের সঙ্গে কঠিন বস্তুর সংঘর্ষের অনুকার শব্দ।

ঢক[২] /ঢক্/ [দেশি.] বি. আকৃতি, গড়ন, pattern।

ঢকঢক /ঢক্ঢক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ অনবরত ঢক শব্দ। ২ দ্রুত পান করার অনুকার শব্দ (*ঢকঢক করে পানি খাওয়া*)। ৩ সরুমুখ পাত্র থেকে দ্রুত পানি ঢালার শব্দ।

ঢকাস /ঢকাস্/ [ধ্বন্যা.] অব্য. বি. কোনো ফাঁপা জিনিস পড়ে যাওয়ার অনুকার শব্দ।

ঢক্কা /ঢক্কা/ [স. ঢক্+√কৈ+অ+আ (টাপ্)] বি. আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, ঢাক।

ঢক্কাধ্বনি /ঢক্কাধোনি/ [স. ঢক্কা+ধ্বনি] বি. ১ ঢাক বাজানোর শব্দ। ২ উচ্চ ও গর্বিত কণ্ঠে ঘোষণা।

ঢক্কানাদ /ঢক্কানাদ্/ [স. ঢক্কা+নাদ] বি. দ্র ঢক্কাধ্বনি।

ঢক্কানিনাদ /ঢক্কানিনাদ্/ [স. ঢক্কা+নিনাদ] বি. দ্র ঢক্কাধ্বনি।

ঢঙি /ঢোঙি/ [দেশি.] বিণ. ১ ঢং করে এমন। ২ কপট। ৩ রঙ্গপ্রিয়। বি. যে ঢং করে।

ঢন /ঢন্/ [ধ্বন্যা.] অব্য. বি. ধাতব পাত্রে আঘাত করার অনুকার শব্দ।

ঢনঢন /ঢনঢন্/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার ঢন শব্দ; শূন্যতাদ্যোতক শব্দ।

ঢনঢনে /ঢনঢোনে / [ধ্বন্যা.] বিণ. ১ শূন্যতা জ্ঞাপন করে এমন, শূন্যগর্ভ। ২ (আল.) অসার।

ঢপ[১] /ঢপ্/ [দেশি.] বি. ১ আকৃতি, গড়ন, চেহারা, ডৌল। ২ কীর্তনাঙ্গের গান।

ঢপ[২] /ঢপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ভারী বস্তু পতনের অনুকার শব্দ। ২ ভারী বস্তু দিয়ে নরম বা শূন্যগর্ভ পাত্রে আঘাতের অনুকার শব্দ।

ঢপ[৩] /ঢপ্/ [দেশি.] বি. ধাপ্পা, ধোঁকা (*ঢপবাজ*)।

ঢপঢপ /ঢপ্ঢপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার ঢপ শব্দ।

ঢল /ঢল্/ [দেশি.] বি. ১ পাহাড় থেকে নেমে আসা জলরাশি। ২ প্রবল বৃষ্টিপাত বা বন্যার ফলে নদী বা খালের জলস্ফীতি। ৩ নিচু জায়গা। বিণ. ১ ঢালু। ২ ঢিলে, শিথিল, আলগা।

ঢলকানো /ঢল্কানো / [বা.] ক্রিবি. ১ ঢলে পড়া; ধাক্কা লেগে পাত্র থেকে তরল পদার্থ উপচে পড়া। ২ একবারে অনেকটা তরল পদার্থ ঢেলে দেওয়া।

ঢলঢল /ঢল্ঢল্/ [দেশি.] বিণ. ১ টলমল করছে এমন। ২ ঢিলে, শিথিল।

ঢলঢলে /ঢল্ঢোলে / [দেশি.] বিণ. ১ শিথিল; শ্লথ। ২ ভাসাভাসা। ৩ লাবণ্যযুক্ত।

ঢলতা /ঢল্তা/ [হি.] বি. ১ পণ্যদ্রব্যের সঠিক ওজনের অতিরিক্ত পরিমাণ। ২ ঢলার ভাব।

ঢলা /ঢলা / [বা.] ক্রিবি. ১ হেলে পড়া (*পশ্চিমে সূর্য ঢলে পড়া*)। ২ নেতিয়ে পড়া (*গাছের চারা ঢলে পড়া*)। ৩ ঢুলুঢুলু করা (*ঘুমে ঢলে পড়া*)। ৪ পক্ষপাতী হওয়া (*কারো দিকে ঢলা*)।

ঢলাঢলি /ঢলাঢোলি / [বা.] বি. অতিরিক্ত স্ফূর্তির ভাব; গায়েপড়া ভাব; অতিরিক্ত মাখামাখি।

ঢলানি /ঢলানি/ [বা.] বি. কেলেঙ্কারি, নিন্দনীয় কাজ।

ঢলানে /ঢলানে/ [বা.] বিণ. প্রকাশ্যে মাখামাখি করে এমন; কলঙ্কজনক।

ঢলানো /ঢলানো / [বা.] ক্রিবি. ১ হেলানো, ঝোঁকানো। ২ মাতলামি করা। ৩ অকারণে আতিশয্য প্রকাশ করা।

ঢাউস /ঢাউশ্/ [হি. ঢব্বুস >] বিণ. প্রকাণ্ড, বিশালকায়; অতি স্থূল।

ঢাঁই /ঢাঁই/ [দেশি.] বি. আঁশবিহীন বোয়ালজাতীয় মিঠাপানির মাছবিশেষ। বিণ. গাদাগাদি করে রাখা হয়েছে এমন, স্তূপীকৃত।

ঢাঁট /ঢাঁট্/ [স. ধৃষ্ট >] বিণ. নির্লজ্জ; অশিষ্ট।

ঢাক /ঢাক্/ [স. ঢক্কা >] বি. চামড়া দিয়ে মুখ আঁটা ঢোলজাতীয় বড়ো বাদ্যযন্ত্র।

www.pathagar.com

ঢাক করা /ঢাক্ করা/ ক্রিবি. ঢাক পিটিয়ে প্রচার করা।

ঢাকঢাক গুড়গুড় /ঢাক্ঢাক্ গুড়্গুড়্/ বি. ১ কোনো কথা চেপে রাখার চেষ্টা। ২ গোপন করার প্রবণতা।

ঢাকঢোল পেটা /ঢাক্ঢোল্ পেটা/ ক্রিবি. ১ ঢাক বাজানো। ২ সাধারণ্যে প্রচার করা।

ঢাকঢোল পেটানো /ঢাক্ঢোল্ পেটানো/ ক্রিবি. দ্র ঢাকঢোল পেটা।

ঢাকন /ঢাকোন্/ [হি.] বি. দ্র ঢাকনা।

ঢাকনা /ঢাক্না/ [হি.] বি. হাঁড়ি কলসি প্রভৃতি পাত্র ঢেকে রাখার সরা, আবরক; আচ্ছাদন, lid; সিন্দুক বাক্স প্রভৃতির ডালা।

ঢাকনি /ঢাক্নি/ [দেশি.] বি. ছোটো ঢাকনা।

ঢাক পেটা /ঢাক্ পেটা/ ক্রিবি. ১ ঢাক বাজানো। ২ (আল.) কোনো কথা ব্যাপকভাবে প্রচার করা।

ঢাক বাজানো /ঢাক্ বাজানো/ ক্রিবি. ১ ঢাকে কাঠি দেওয়া। ২ (আল.) সর্বত্র প্রচার করা।

ঢাকা[১] /ঢাকা/ [স্থান.] বি. বাংলাদেশের রাজধানী ও প্রধান নগর।

ঢাকা[২] /ঢাকা/ [বা.] ক্রিবি. ১ আবৃত করা। ২ গোপন করা; লুকানো। বি. ঢাকনা, আচ্ছাদন, আবরণ। বিণ. ১ আবৃত, আচ্ছাদিত। ২ গুপ্ত, অপ্রকাশিত।

ঢাকাই /ঢাকাই্/ [বা.] বিণ. ১ ঢাকাসম্বন্ধীয়। ২ ঢাকায় প্রচলিত; ঢাকায় উৎপন্ন (*ঢাকাই মসলিন*)।

ঢাকাই জামদানি /ঢাকাই্ জামদানি/ বি. তাঁতে বোনা নকশাযুক্ত মিহি সুতিশাড়ি।

ঢাকাই জালা /ঢাকাই্ জালা/ বি. ঢাকায় তৈরি মাটির বড়ো পাত্র বা জালা।

ঢাকাই পরোটা /ঢাকাই্ পরোটা/ বি. ঢাকায় তৈরি বহুস্তরবিশিষ্ট ঘিয়ে ভাজা পরোটাবিশেষ।

ঢাকাই বাকরখানি /ঢাকাই্ বাকরখানি/ বি. নবাব বাকর খানের নামানুসারে প্রচলিত ঢাকায় প্রস্তুত তন্দুরে সেঁকা বহুস্তরবিশিষ্ট ময়দার নোনতা খাদ্যবস্তু।

ঢাকাই মসলিন /ঢাকাই্ মোস্লিন্/ বি. বাংলাদেশে ব্রহ্মপুত্র নদের তীরবর্তী অঞ্চলে জাত ফুটিতুলা থেকে উৎপাদিত বিশ্বব্যাপী খ্যাত অত্যন্ত মিহি সুতিবস্ত্র।

ঢাকাঢাকি /ঢাকাঢাকি/ [বা.] বি. লুকোছাপা।

ঢাকি /ঢাকি/ [বা.] বি. যে ব্যক্তি ঢাক বাজিয়ে জীবিকা নির্বাহ করে।

ঢাকুনি /ঢাকুনি/ [হি. ঢক্কন >] বি. দ্র ঢাকনা।

ঢাকে কাঠি দেওয়া /ঢাকে কাঠি দেওআ/ ক্রিবি. ঢাক বাজানো; (আল.) ব্যাপকভাবে প্রচার করা।

ঢাকের কাঠি /ঢাকের্ কাঠি/ বি. ১ ঢাক বাজানোর সরু কাঠি। ২ (আল.) নিত্যসঙ্গী; মোসাহেব।

ঢাকের বাঁয়া /ঢাকের্ বাঁয়া/ বিণ. সঙ্গে থাকে কিন্তু কাজে আসে না এমন। বি. অনাবশ্যক সঙ্গী।

ঢাল /ঢাল্/ [হি.] বি. ১ অস্ত্রাঘাত থেকে রক্ষার জন্য ব্যবহৃত চামড়ার পুরু বর্ম। ২ ঢালু জমি।

ঢালন /ঢালোন্/ [বা.] বি. গলিত ধাতু ছাঁচে ঢেলে রূপ প্রদান।

ঢালনদার /ঢালোন্দার্/ [বা. ঢালন+ফা. দার] বি. ঢালাই করা যার পেশা। বিণ. ঢালাই করে এমন।

ঢালশুমার /ঢাল্শুমার / [বা. ঢাল+ফা. শুমার] বি. ১ যেখানে যা আছে সবকিছু একত্র করে গণনা। ২ দেনা পরিশোধের পর পুনরায় ঋণগ্রহণ।

ঢালা /ঢালা/ [বা.] ক্রিবি. ১ কোনো তরলপদার্থ একপাত্র থেকে অন্য পাত্রে স্থানান্তর করা (*ঘি ঢালা*)। ২ ধাতু গালিয়ে নির্দিষ্ট আকার দেওয়ার জন্য ছাঁচে স্থানান্তর করা। ৩ অর্থ ব্যয় করা (*টাকা ঢালা*)। ৪ নিয়োজিত করা. (*মনপ্রাণ ঢালা*)। বিণ. ১ ঢেলে ফেলা হয়েছে এমন। ২ বিস্তৃত (*ঢালা বিছানা*)।

ঢালাই /ঢালাই্/ [বা.] বি. ১ ধাতু গালিয়ে ছাঁচে ঢেলে বিশিষ্ট রূপ দেওয়ার কাজ। ২ নির্দিষ্ট অনুপাতে সিমেন্ট পাথর বালি ও পানি মিশিয়ে ঢালার কাজ (*ছাদ ঢালাই*)।

ঢালাইকর /ঢালাই্কর্/ [বা. ঢালাই+স. কর] বি. যে ব্যক্তি ধাতু গালিয়ে ছাঁচে ঢালার কাজ করে।

ঢালাও /ঢালাও/ [বা.] বিণ. ১ বিস্তৃত (*ঢালাও বিছানা*)। ২ অবাধ (*ঢালাও আদেশ*)।

ঢালাঢালি /ঢালাঢালি / [বা.] বি. বারবার একপাত্র থেকে অন্যপাত্রে স্থানান্তরণ।

ঢালানো /ঢালানো / [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে ঢালাই করানো।

ঢালি /ঢালি / [বা.] বিণ. ঢালধারী। বি. ১ ঢালধারী যোদ্ধা। ২ পদবিবিশেষ।

ঢালু /ঢালু / [বা.] বিণ. ক্রমশ নিচু হয়ে এসেছে এমন (*ঢালু জমি*), ঢালযুক্ত, গড়ানে।

ঢিট /ঢিট্/ [স. ধৃষ্ট >] বিণ. ১ উদ্ধত, দুর্বিনীত; অশিষ্ট, নির্লজ্জ। ২ শায়েস্তা, জব্দ।

ঢিট করা /ঢিট্ করা/ ক্রিবি. ১ শায়েস্তা করা। ২ বশে আনা। ৩ সংশোধন করা।

ঢিটপনা /ঢিট্পনা/ [বা.] বি. নির্লজ্জতা; ধৃষ্টতা।

www.pathagar.com

টিটি /টিটি/ [ধ্বন্যা.] বি. ১ ব্যাপক প্রচার। ২ ধিক্কার; অখ্যাতি। বিণ. ব্যাপকভাবে প্রচারিত। অব্য. ধিক্ ধিক্ রব।

টিটিকার /টিটিকার্/ [বা.] বি. ধিক্কার ধ্বনি; ধিক্কার-সহ নিন্দা প্রচার; নিন্দাসূচক রব।

টিটিক্কার /টিটিক্কার্/ [বা.] বি. দ্র টিটিকার।

টিটিরব /টিটিরব্/ [বা. টিটি+স. রব] বি. দ্র টিটিকার।

টিপ /টিপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ হঠাৎ ভারী ও নরম জিনিস পতনের শব্দ। ২ হঠাৎ কিছু করার অনুকার শব্দ (*টিপ করে প্রণাম*)।

টিপটিপ /টিপ্‌টিপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. বারবার টিপ শব্দ; উত্তেজনা বা ভয়ে দ্রুতবেগে হৃৎ-স্পন্দনের অনুকার শব্দ (*বুক টিপটিপ করা*)।

টিপনি /টিপোনি/ [দেশি.] বি. কিল চড় প্রভৃতি সহকারে বেদম প্রহার।

টিপি /টিপি/ [স. স্তূপ >] বি. দ্র টিবি।

টিবি /টিবি/ [স. স্তূপ >] বি. ১ স্তূপ, কাঁড়ি (*উইয়ের টিবি*)। ২ উঁচু জায়গা।

টিমা /টিমা/ [বা.] বিণ. ১ মৃদু, ক্ষীণ, ধীর; মন্থর, বিলম্বিত। ২ অলস, নিরুদ্যম, নিরুৎসাহ।

টিমাতেতালা /টিমাতেতালা/ [বা.] বি. ১ সংগীতের বিলম্বিত তাল। ২ (আল.) উদ্যমহীনতা।

টিমে /টিমে/ [বা.] বিণ. দ্র টিমা।

টিমেতেতালা /টিমেতেতালা/ [বা.] বি. দ্র টিমা-তেতালা।

টিল[১] /টিল্/ [দেশি.] বি. হাতে ছোড়া যায় এমন মাটি ইট বা পাথরের ছোটো টুকরো, ঢেলা।

টিল[২] /টিল্/ [স. শিথিল >] বিণ. শিথিল, আলগা, ঢলঢল। বি. ১ শিথিলতা। ২ আলস্য।

টিলা /টিলা/ [বা.] বিণ. ১ আঁটোসাঁটো নয় এমন, শিথিল। ২ অলস। বি. শিথিলতা।

টিলাঢালা /টিলাঢালা/ [বা.] বিণ. ১ আঁটোসাঁটো নয় এমন (*টিলাঢালা জামা*)। ২ শ্লথ; অলস।

টিলামি /টিলামি/ [বা.] বি. শিথিলতা, আলস্য।

টিলে /টিলে/ [বা.] বিণ. বি. 'টিলা'-র কথ্য রূপ।

টিলেঢালা /টিলেঢালা/ [বা.] বিণ. দ্র টিলাঢালা।

টিলেমি /টিলেমি/ [বা.] বি. 'টিলামি'-র কথ্য রূপ।

টু /টু/ [দেশি.] বি. উদ্দেশ্যহীনভাবে কোনো স্থানে অল্প সময়ের জন্য গমন (*টু মারা*)।

টুঁ /টুঁ/ [দেশি.] বি. গোরু ছাগল প্রভৃতি জন্তুর মাথা বা শিঙের আঘাত, ঢুস।

টুঁ দেওয়া /টুঁ দেওআ/ ক্রিবি. শিং বা মাথা দিয়ে গুঁতো দেওয়া।

টুক /টুক্/ [ধ্বন্যা.] বি. 'ঢক'-এর চেয়ে মৃদু ও লঘুতর শব্দ।

টুকটুক /টুক্‌টুক্/ [ধ্বন্যা.] বি. অনবরত টুক শব্দ।

টুকা /টুকা/ [বা.] ক্রিবি. প্রবেশ করা।

টুকানো /টুকানো/ [বা.] ক্রিবি. বিণ. ভেতরে প্রবেশ করানো।

টুটু /টুটু/ [ধ্বন্যা.] অব্য. অন্তঃসারশূন্য ভাব। বিণ. ফাঁপা। বি. ফাঁকি (*কাজের বেলায় টুটু*)।

টুপ /টুপ্/ [ধ্বন্যা.] বি. স্থূল জিনিস পড়ার শব্দ।

টুপটাপ /টুপ্‌টাপ্/ [ধ্বন্যা.] বি. অনবরত টুপ করে পতনের শব্দ।

টু মারা /টু মারা/ ক্রিবি. কোনো উদ্দেশ্য ছাড়া অল্প সময়ের জন্য কোথাও যাওয়া (*টু মেরে আসা*)।

টুল /টুল্/ [বা.] বি. তন্দ্রার জন্য মাথার দুলুনি; নেশার ঝোঁক বা ঘোর।

টুলটুল করা /টুল্‌টুল্ করা/ ক্রিবি. তন্দ্রা বা নেশার ঘোরে আবিষ্ট হওয়া।

টুলটুলে /টুল্‌টুলে/ [বা.] বিণ. তন্দ্রা বা নেশার ঘোরে আবিষ্ট এমন।

টুলনি /টুলোনি/ [বা.] বি. তন্দ্রার আবেশ, ঝিমুনি।

টুলা /টুলা/ [বা.] ক্রিবি. ১ নেশা বা তন্দ্রার ঘোরে অবসন্ন হওয়া, ঢুলে পড়া। ২ ঝিমানো।

টুলানো /টুলানো/ [বা.] ক্রিবি. ১ নাড়া বা দোলা দেওয়া। ২ তন্দ্রা বা নেশার ঘোরে মাথা দোলানো।

টুলি /টুলি/ [হি. ঢোলিয়া >] বি. ঢোল বাজানো যাঁর পেশা।

টুলুঢুলু /টুলুঢুলু/ [বা.] বিণ. তন্দ্রা বা নেশায় আবিষ্ট এমন।

টুলুনি /টুলুনি/ [বা.] বি. তন্দ্রার আবেশ, ঝিমুনি।

টুস /টুশ্/ [বা.] বি. গোরু ছাগল প্রভৃতি জন্তুর মাথা বা শিঙের আঘাত।

টুসা /টুশা/ [বা.] ক্রিবি. টু দেওয়া; গুঁতো দেওয়া।

টুসাটুসি /টুশাটুশি/ [বা.] বি. শিং দিয়ে পরস্পরকে আঘাত; গুঁতোগুঁতি।

টুসানো /টুশানো/ [বা.] ক্রিবি. শিং বা মাথা দিয়ে গুঁতানো।

ঢেউ /ঢেউ/ [দেশি.] বি. বাতাস বা অন্য কোনো শক্তির প্রভাবে তরল পদার্থের পৃষ্ঠতলের ওঠানামা, তরঙ্গ, লহরি, বীচি।

ঢেউখেলানো /ঢেউখ্যালানো/ [বা.] বিণ. ১

www.pathagar.com

তরঙ্গায়িত। ২ ঢেউয়ের মতো উঁচুনিচু; কুঞ্চিত (*ঢেউখেলানো চুল*)। ৩ ঢেউযুক্ত।

ঢেউটিন /ঢেউটিন্/ [হি. ঢেউ+ই. টিন] বি. (সচরাচর ছাদ আচ্ছাদনের জন্য ব্যবহৃত) দস্তা দিয়ে কলাই করা ঢেউতোলা লোহার চাদরবিশেষ; corrugated iron sheet, CI Sheet।

ঢেউতোলা /ঢেউতোলা/ [হি. ঢেউ+বা. তোলা] বিণ. দ্র ঢেউখেলানো।

ঢেঁকি /ঢেঁকি/ [হি. ঢেংকি >] বি. ১ (ধান ভানা বা শস্য কাঁড়ানোর জন্য ব্যবহৃত) পায়ের চাপ দিয়ে চালানো হয় এমন মুষলযুক্ত কাঠের সরঞ্জাম-বিশেষ। ২ নারদমুনির বাহন। বিণ. (আল.) নির্বোধ (*বুদ্ধির ঢেঁকি*)।

ঢেঁকি গেলা /ঢেঁকি গেলা/ ক্রিবি. গুরুদায়িত্ব গ্রহণ করতে বাধ্য হওয়া।

ঢেঁকিছাঁটা /ঢেঁকিছাঁটা/ [বা.] বিণ. ঢেঁকিতে ছাঁটা হয়েছে এমন (*ঢেঁকিছাঁটা চাল*)।

ঢেঁকিশাক /ঢেঁকিশাক্/ [বা. ঢেঁকি+স. শাক] বি. স্যাঁতসেঁতে ছায়াঢাকা স্থানে জাত ভেষজগুণ-সম্পন্ন কাণ্ডহীন অপুষ্পক ফার্ণজাতীয় উদ্ভিদের ঊর্ধ্বমুখী পাতা যা শাক হিসেবে রেঁধে খাওয়া হয়।

ঢেঁকিশাল /ঢেঁকিশাল্/ [বা.] বি. ধান ভানার ঘর, যে ঘরে ঢেঁকি থাকে, ঢেঁকিঘর।

ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে /ঢেঁকি শর্গে গেলেও ধান্ ভানে/ [প্র.] সহজে মন্দভাগ্যের পরিবর্তন হয় না এই অর্থ বোঝাতে ব্যবহৃত প্রবাদ।

ঢেঁড়ি[১] /ঢেঁড়ি/ [স. ডিন্ডিম >] বি. ১ ঢাকবিশেষ (*ঢেঁড়ি পেটা*)। ২ ঢোলশোহরত।

ঢেঁড়ি[২] /ঢেঁড়ি/ [দেশি.] বি. ১ আফিমের বীজকোষ। ২ নারীর কর্ণাভরণবিশেষ। ৩ ঢ্যাঁড়শ।

ঢেঁড়ি পেটা /ঢেঁড়ি পেটা/ ক্রিবি. ঢাক পিটিয়ে প্রচার করা।

ঢেকুর /ঢেকুর্/ [স. উদ্‌গার >] বি. সশব্দে উদরস্থ বায়ু উদ্‌গিরণ; হিক্কা।

ঢের /ঢের্/ [বা.] বিণ. যথেষ্ট, বিস্তর, অনেক।

ঢেরি /ঢেরি/ [বা.] বি. প্রাচুর্য; রাশি; স্তূপ।

ঢোঁড়া /ঢোঁড়া/ [স. ডুণ্ডুভ >] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলের খাল বিল প্রভৃতি স্থানে বিচরণ করে এমন উজ্জ্বল সবুজাভ হলুদ আঁশ-আবৃত ক্রমশ সরু হয়ে আসা লম্বাটে দেহ ও চ্যাপটা মাথাবিশিষ্ট মাঝারি আকৃতির নির্বিষ সাপ, হেলে। বিণ. (আল.) দুর্বল ও অক্ষম।

ঢোক /ঢোক্/ [ধ্বন্যা.] বি. ১ একবারে যে পরিমাণ তরল পদার্থ গিলে ফেলা যায় (*এক ঢোক জল*)। ২ গেলার ভঙ্গি (*ঢোক গেলা*)। ৩ গিলন।

ঢোক গেলা /ঢোক্ গেলা/ ক্রিবি. ১ গেলার ভঙ্গি সহকারে অসহায়ত্ব প্রকাশ করা। ২ ইতস্তত করা।

ঢোকরা /ঢোক্‌রা/ [দেশি.] বি. কাঁসার কারুশিল্প।

ঢোকা /ঢোকা/ [বা.] ক্রিবি. প্রবেশ করা; 'ঢুকা'-র কথ্য রূপ।

ঢোকানো /ঢোকানো/ [বা.] ক্রিবি. বিণ. প্রবেশ করানো; 'ঢুকানো'-র কথ্য রূপ।

ঢোল /ঢোল্/ [দেশি.] বি. উভয় প্রান্ত চামড়া দিয়ে আবৃত বেলনাকার বাদ্যযন্ত্রবিশেষ। বিণ. (আল.) ফাঁপা ও স্ফীত।

ঢোলক /ঢোলোক্/ [হি.] বি. ছোটো ঢোল।

ঢোলতা /ঢোল্‌তা/ [বা.] বি. ছলনা; ভান।

ঢোল পেটা /ঢোল্ পেটা/ ক্রিবি. ১ ঢোল বাজানো। ২ (আল.) ঢোল পিটিয়ে প্রচার করা।

ঢোলশোহরত /ঢোল্‌শোহ্‌রত্/ [বা.] বি. ঢোল পিটিয়ে প্রচার।

ঢোলা[১] /ঢোলা/ [বা.] বিণ. ১ আঁটোসাঁটো নয় এমন; ঢিলা (*ঢোলা পাজামা*)। ২ ফাঁপা, শূন্যগর্ভ।

ঢোলা[২] /ঢোলা/ [স. দুল >] ক্রিবি. হেলে পড়া; 'ঢুলা'-র কথ্য রূপ।

ঢোলানো /ঢোলানো/ [বা.] ক্রিবি. বিণ. দোলানো; 'ঢুলানো'-র কথ্য রূপ।

ঢোসকা /ঢোশ্‌কা/ [বা.] বিণ. ১ মোটা ও ফাঁপা। ২ (আল.) অকর্মণ্য।

ঢোসা /ঢোশা/ [হি. ধুস্‌সা>] বিণ. ১ অন্তঃসারশূন্য; ফাঁপা। ২ অকেজো। বি. মোটা পশমি চাদর।

ঢ্যাঁটা /ঢ্যাঁটা/ [স. ধৃষ্ট >] বিণ. ১ ধৃষ্ট, শঠ; বেহায়া। ২ অবাধ্য, একগুঁয়ে।

ঢ্যাঁটামি /ঢ্যাঁটামি/ [বা.] বি. ১ শঠতা। ২ একগুঁয়েমি।

ঢ্যাঁড়শ /ঢ্যাঁড়োশ্/ [স. ডিন্ডিশ >] বি. ১ পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এমন রোমশ ও ঈষৎ খসখসে বহিরাবরণবিশিষ্ট সবুজ অঙ্গুলাকৃতি গ্রীষ্ম-কালীন সবজি (আনি. আফ্রিকা), ভিন্ডি। ২ (আল.) অপদার্থ ব্যক্তি।

ঢ্যাঁড়া /ঢ্যাঁড়া/ [হি.] বি. ঢাকবিশেষ (*ঢ্যাঁড়া পেটা*); ঢোলশোহরত।

ঢ্যাঙা /ঢ্যাঙা/ [বা.] বিণ. বেখাপ্পা ধরনের লম্বা।

ঢ্যাপ /ঢ্যাপ্/ [বা.] বি. শালুকের বীজকোষ যা ভাজলে খই হয়।

www.pathagar.com

ঢ্যাপঢ্যাপ /ঢ্যাপ্‌ঢ্যাপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ফাঁপা বা ভেজা বস্তুর ওপর আঘাত করার অনুকার শব্দ।

ঢ্যাপসা /ঢ্যাপ্‌শা / [বা.] বিণ. ১ টিপির মতো মোটা। ২ বেমানান। ৩ অকর্মণ্য।

ঢ্যামনা[১] /ঢ্যাম্‌না / [দেশি.] বি. ১ লম্পট। ২ গালি-বিশেষ। স্ত্রী. ঢেমনি /ঢেম্‌নি/।

ঢ্যামনা[২] /ঢ্যাম্‌না / [স. ধর্ষ্মণ >] বি. নির্বিষ সাপ-বিশেষ, দাঁড়াশ।

ঢ্যারা /ঢ্যারা / [হি. ঢররা >] বি. ১ '×' চিহ্ন (*ঢ্যারা কাটা*)। ২ সুতো পাকানোর যন্ত্র।

ঢ্যারাসই /ঢ্যারাশোই্‌ / [হি. ঢররা >] বি. স্বাক্ষরের পরিবর্তে নিরক্ষর ব্যক্তির দেওয়া '×' চিহ্ন।

ঢ্যালা /ঢ্যালা / [দেশি.] বি. ছুড়ে মারা যায় এমন মাটি ইঁট বা পাথরের টুকরো, ঢিল।

ঢ় /ঢয়ে বিন্দু ঢ়/

ট-বর্গের চতুর্থ ব্যঞ্জনবর্ণ ঢ বাংলায় শব্দের মধ্যে বা শেষে মহাপ্রাণ তাড়নজাত বর্ণরূপে উচ্চার্য এবং ঢ়-র রূপ গ্রহণ করে। শব্দের আরম্ভে ঢ়-র ব্যবহার নেই।

ণ /মুর্‌ধোন্‌নো ন/

ণ /মুর্‌ধোন্‌নো ন/ বাংলা বর্ণমালার পঞ্চদশ ব্যঞ্জনবর্ণ ট-বর্গের নাসিক্য ধ্বনির দ্যোতক (বাংলায় ন-রূপে উচ্চার্থ)।

ণত্ববিধান /নত্‌তোবিধান্‌ / বি. (ব্যা.) দন্ত্য ন-র পরিবর্তে ণ লেখার নিয়ম।

ণত্ববিধি /নত্‌তোবিধি/ বি. দ্র ণত্ববিধান।

ণিচ্‌ /নিচ্‌/ অব্য. (ব্যা.) সংস্কৃত প্রত্যয়বিশেষ।

ণিজন্ত /নিজন্‌তো / [স. ণিচ্‌+অন্ত] বিণ. ণিচ্‌ প্রত্যয়-যুক্ত, ণিচ্‌ প্রত্যয় যোগ করা হয়েছে এমন।

ণিজন্ত ধাতু /নিজন্‌তো ধাতু/ বি. যে ধাতুর পরে ণিচ্‌ প্রত্যয় যোগ করা হয়, causative verb stem।

ণিজন্ত প্রকরণ /নিজন্‌তো প্রোকরোন্‌/ বি. ণিচ্‌ প্রত্যয়যোগে ধাতুর রূপান্তরণের নিয়মাবলি।

www.pathagar.com

ত /ত/

ত[১] /ত/ বাংলা বর্ণমালার ষোড়শ ব্যঞ্জনবর্ণ এবং দন্তদ্বারা উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক।

ত[২] /ত/ [স. ততি >] অব্য. 'তত'-র সংক্ষিপ্ত কথ্য রূপ (*য-জন এসেছে ত-জন খেয়েছে*)।

–ত[৩] /ত/ [স. তল >] অব্য. হতে থেকে তে প্রভৃতি (৫মী ও ৭মী) বিভক্তির স্থানে এবং হেতু অর্থে প্রযোজ্য প্রত্যয় (*জ্ঞানত পাপ করিনি*)।

তই /তোই/ [দেশি.] বি. আংটাবিহীন অগভীর কড়াই, ছোটো তাওয়া।

তওফিক /তওফিক্/ [আ.] বি. ১ ক্ষমতা; সামর্থ্য, শক্তি। ২ সম্পদ।

তওবা /তওবা/ [আ.] বি. ১ পুনরায় পাপ না করার সংকল্পসূচক উক্তি। ২ অন্যায়ের প্রতিবাদে ধিক্কার-সূচক উক্তি।

তওয়াফ /তওআফ্/ [আ.] বি. কাবাশরিফ পরিক্রমণ, তীর্থস্থান প্রদক্ষিণ।

তওরাত /তওরাত্/ [আ.] বি. হজরত মুসার নিকট প্রেরিত ঐশীবাণী-সংবলিত ধর্মগ্রন্থ।

তওহিদ /তওহিদ্/ [আ.] বি. সমগ্র বিশ্বের স্রষ্টা এক এবং অদ্বিতীয় এমন মতবাদ; একেশ্বরবাদ।

–তঃ /তহ্/ [স. তস্] অব্য. দ্র তঃ।

তক /তক্/ [হি.] অব্য. অবধি, পর্যন্ত (*শেষতক*)।

তকতক /তক্তক্/ [বা.] অব্য. বি. পরিচ্ছন্নতার ভাব বা অবস্থা (*ঘরবাড়ি তকতক করছে*)।

তকতকে /তক্তোকে/ [বা.] বিণ. পরিষ্কারপরিচ্ছন্ন, ঝকঝকে, নির্মল ও উজ্জ্বল।

তকদির /তোক্দির্/ [আ.] বি. ভাগ্য, অদৃষ্ট, কপাল, নসিব।

তকবির /তোক্বির্/ [আ.] বি. 'আল্লাহু আকবর' অর্থাৎ আল্লাহ মহান এই ধ্বনি।

তকমা /তক্মা/ [তুর.] বি. ১ বিশেষ কোনো পদে নিযুক্তির পরিচ্ছদ। ২ সিলমোহর। ৩ পদক।

তকরার /তক্রার্/ [আ.] বি. ১ একই কথার অনর্থক পুনরাবৃত্তি; তর্ক, বাদানুবাদ। ২ বিচার।

তকরারি /তক্রারি/ [ফা.] বিণ. ১ তর্ক করে এমন; ঝগড়াটে। ২ মীমাংসাধীন, বিচারসাপেক্ষ।

তকলি /তোক্লি/ [স. তর্কু >] বি. তুলো পাকিয়ে সুতা তৈরির যন্ত্র, টাকু; চরকা।

তকলিফ /তোক্লিফ্/ [আ.] বি. দুর্ভোগ, হয়রানি।

তকল্লুফ /তকল্লুফ্/ [আ.] বি. ভদ্রতা; বিনয়; আনুষ্ঠানিকতা; etiquette।

তকসির /তক্সির্/ [আ.] বি. ১ দোষ, ত্রুটি, অপরাধ। ২ ভুল।

তক্কেতক্কে /তক্কেতক্কে/ [বা.] ক্রিবিণ. ১ অপেক্ষায়; সুযোগের সন্ধানে। ২ সতর্কভাবে।

তক্ত /তক্তো/ [ফা. তখত >] বি. ১ রাজসিংহাসন। ২ কাষ্ঠফলক।

তক্তপোশ /তক্তোপোশ্/ [ফা.] বি. কাঠের চৌকি।

তক্তা /তক্তা/ [ফা.] বি. ১ কাঠের ফলক। ২ কাগজের তা।

তক্তি /তোক্তি/ [আ.] বি. ১ ছোটো তক্তা। ২ লেখার জন্য ব্যবহৃত কাঠের ফলক। ৩ তক্তাসদৃশ চৌকো মিঠাই। ৪ ছোটোদের গলায় পরার অলংকার।

তক্র /তক্ক্রো/ [স. √তক্+র] বি. দইয়ের সঙ্গে পানি মিশিয়ে তৈরি ঘোল।

তক্রকূর্চিকা /তক্ক্রোকুর্চিকা/ [স. তক্র+√কূর্চ্+ইক +আ (টাপ্)] বি. ছিন্নক, ছানা।

তক্রপিণ্ড /তক্ক্রোপিন্ডো/ [স. তক্র+√পিণ্ড্+অ] বি. দ্র তক্রকূর্চিকা।

তক্রমাংস /তক্ক্রোমাংশো/ [স. তক্র+মাংস] বি. দই সহযোগে রাঁধা মাংস, কোর্মা।

তক্ষক[১] /তোক্ষক্/ [স. √তক্ষ্+অক] বি. ১ কাঠ খোদাই করা যার পেশা, সূত্রধর, ছুতার। ২ পুরাণোক্ত অষ্টনাগের অন্যতম এবং সর্পরাজ বাসুকির ভ্রাতা। ৩ দেবশিল্পী বিশ্বকর্মা। ৪ নাট্যাধ্যক্ষ; prompter।

তক্ষক[২] /তোক্ষক্/ [স. √তক্ষ্+অক] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে গাছের কোটর ও ঘরের ফাঁকফোকরে বাস করে এবং কীটপতঙ্গ টিকটিকি ছোটো পাখি প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন অপেক্ষাকৃত বড়ো মাথাবিশিষ্ট টিকটিকিসদৃশ নীলচে ধূসর সরীসৃপ-জাতীয় মেরুদণ্ডী প্রাণী।

তক্ষণ /তক্খোন্/ [স. √তক্ষ্+অন] বি. ১ কাঠ-খোদাই; ছুতারের কাজ। ২ কাঠ খোদাইয়ের হাতিয়ার। ৩ র‍্যাঁদা। ৪ বাটালি।

www.pathagar.com

তক্ষণী /তক্‌খোনি/ [স. তক্ষণ+ঈ] বি. তক্ষণের হাতিয়ারবিশেষ, chisel।

তক্ষশিলা /তোক্‌খোশিলা/ [স্থান.] বি. ১ ঋষিদের জ্ঞান ও বিদ্যাচর্চার প্রধান কেন্দ্র হিসেবে খ্যাত পাকিস্তানের পঞ্জাব প্রদেশের অন্তর্গত প্রাচীন নগরবিশেষ। ২ পাণিনির জন্মস্থান।

তক্ষা /তোক্‌খা/ [স. √তক্ষ্+অন্] বি. ১ ছুতার। ২ কাঠুরে। ৩ দেবশিল্পী বিশ্বকর্মা।

তক্ষুনি /তোক্‌খুনি/ [স. তৎক্ষণ >] অব্য. ক্রিবিণ. সেই মুহূর্তেই, তৎক্ষণাৎ।

তখ্‌ত /তখ্‌ত্/ [ফা.] বি. ১ রাজসিংহাসন। ২ কাঠের ফলক।

তখ্‌তনামা /তখ্‌তনামা/ [ফা.] বি. বিবাহ বা আনন্দ অনুষ্ঠানের শোভাযাত্রায় ব্যবহৃত মনুষ্যবাহী যান।

তখ্‌তে-তাউস /তখ্‌তেতাউস্/ [ফা.] বি. ময়ূর-সিংহাসন (*কোথায় তখ্‌ত-তাউস কোথায় সে বাদশাহী* নজরুল.)।

তখন /তখোন্/ [স. তৎক্ষণ >] ক্রিবিণ. সেই সময়ে, সেই যুগে। অব্য. ১ তবে; তাহলে। ২ তাই, তজ্জন্য। বি. সেই কাল।

তখনই /তখোনই/ [বা.] ক্রিবিণ. সেই মুহূর্তেই।

তখনকার /তখোন্‌কার্/ [বা.] বিণ. সেই সময়ের, প্রাচীন কালের; সেই যুগের।

তখনি /তখোনি/ [বা.] ক্রিবিণ. দ্র তখনই।

ত-খরচ /ত খরোচ্/ বি. আনুষঙ্গিক বিবিধ খরচ।

তগর /তগোর্/ [স. ত+√গৃ+অ] বি. টগর ফুল।

তঙ্ক /তংকো/ [স. √তঙ্ক্+অ] বি. ১ পাথর কাটার হাতিয়ার; ছেনি। ২ আততঙ্ক।

তঙ্কা /তংকা/ [স. টঙ্ক >] বি. ১ টাকা। ২ বেতন।

তছনছ /তছ্‌নছ্/ [দেশি.] বিণ. সম্পূর্ণরূপে বিধ্বস্ত, নষ্ট, চুরমার; বিপর্যস্ত; নাস্তানাবুদ।

তছরুপ /তছ্‌রুপ্/ [আ.] বি. ১ গোপনে অন্যের ধনসম্পত্তি আত্মসাৎ। ২ ক্ষতি; অপচয়।

তজ্জনিত /তজ্‌জোনিতো/ [স. তৎ+জনিত] বিণ. ১ তার ফলস্বরূপ। ২ তা থেকে জাত।

তজ্জন্য /তজ্‌জোন্‌নো/ [স. তৎ+জন্য] অব্য. সে কারণে, সেহেতু, সেজন্য।

তজ্জাত /তজ্‌জাতো/ [স. তৎ+জাত] বিণ. ১ তা থেকে জাত বা উৎপন্ন। ২ তজ্জনিত।

তজ্জাতীয় /তজ্‌জাতিয়ো/ [স. তৎ+জাতীয়] বিণ. সেই শ্রেণিভুক্ত; ওই প্রকারের।

তঞ্চ /তন্‌চো/ [স. তঞ্চক >] বি. ১ বঞ্চনা; ছল; কৌশল। ২ পরিহার। বিণ. বঞ্চনাকারী; প্রতারক।

তঞ্চক /তন্‌চক্/ [স. √তঞ্চ্+অক] বিণ. বঞ্চনাকারী; ঠগ; প্রতারক। বি. তঞ্চকতা /তন্‌চোকতা/।

তঞ্চন /তন্‌চোন্/ [স. √তঞ্চ্+অন] বি. ১ সংকোচন। ২ (রসা.) তরল পদার্থের পিণ্ডাকার অবস্থা প্রাপ্তি (*রক্তের তঞ্চন*); (পরি.) coagulation।

তঞ্চিত /তোন্‌চিতো/ [স. √তঞ্চ্+ণিচ্+ত] বিণ. ১ তঞ্চন করা হয়েছে এমন; ঘনীভূত। ২ সংক্ষিপ্ত।

তট /তট্/ [স. √তট্+অ] বি. ১ তীর (*নদীতট*)। ২ স্থল (*তটভাগ*)। ৩ উঁচু স্থান। ৪ পাহাড়ের ওপরের সমতল স্থান (*গিরিতট*)।

তটপথ /তটোপথ্/ [স. তট+পথ] বি. স্থলপথ।

তটভূমি /তটোভূমি/ [স. তট+ভূমি] বি. বেলাভূমি।

তটস্থ[১] /তটোস্‌থো/ [স. ত্রস্ত >] বিণ. ১ ভীত; বিচলিত। ২ অতিব্যস্ত; শশব্যস্ত।

তটস্থ[২] /তটোস্‌থো/ [স. তট+√স্থা+অ] বিণ. ১ তীরে অবস্থিত এমন। ২ সমীপস্থ। ৩ উদাসীন। ৪ চমৎকৃত। ৫ নিরপেক্ষ।

তটাক /তটাক্/ [স. √তট্+অক] বি. দিঘি, গভীর জলাশয়, সরোবর।

তটাঘাত /তটাঘাত্/ [স. তট+আঘাত] বি. মাটির ঢিবিতে ষাঁড় হাতি প্রভৃতির শিং বা দাঁত দিয়ে আঘাত করার খেলাবিশেষ।

তটারূঢ় /তটারুঢ়ো/ [স. তট+আরূঢ়] বিণ. তীরে উত্থিত।

তটিনী /তোটিনি/ [স. তট+ইন্+ঈ] বি. নদী, সরিৎ।

তটী /তোটি/ [স. তট+ঈ] বি. তীর; স্থান; দেশ।

তড়[১] /তড়্/ [স. তট >] বি. ১ তীর। ২ স্থল।

তড়[২] /তড়্/ [স. ত্বরা >] ক্রিবিণ. ত্বরা, শীঘ্র।

তড়কা /তড়্‌কা/ [বা.] বি. ১ শিশুদের খিঁচুনি রোগ-বিশেষ; ধনুষ্টংকার রোগ। ২ পাতার তৈরি কানের অলংকার। ৩ মুগডালের ব্যঞ্জনবিশেষ।

তড়তড় /তড়্‌তড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বড়ো বড়ো ফোঁটায় বৃষ্টি পড়ার অনুকার শব্দ। ২ শিল পড়ার অনুকার শব্দ। ক্রিবিণ. তাড়াতাড়ি, শীঘ্র।

তড়তড়ে /তড়্‌তোড়ে/ [ধ্বন্যা.] বিণ. অতিরিক্ত ব্যস্ততাহেতু তাড়াহুড়ো করে এমন, ব্যস্তবাগীশ।

তড়পানি /তড়্‌পানি/ [হি. তড়পনা >] বি. ১ অস্থিরতা। ২ আস্ফালন, লাফালাফি।

তড়পানো /তড়্‌পানো/ [বা.] ক্রিবি. ১ লাফানো, আস্ফালন করা। ২ ছটফট করা; ব্যাকুল হওয়া।

তড়বড় /তড়্‌বড়্/ [ধ্বন্যা.] অব্য. তাড়াহুড়োর ভাব।

তড়বড়ানি /তড়্‌বড়ানি/ [দেশি.] বি. তড়বড় করার ভাব।

www.pathagar.com

তড়বড়ানো /তড়্বড়ানো/ [দেশি.] ক্রিবি. ছটফট করা; তড়বড় করা।

তড়বড়ি /তড়্বোড়ি/ [দেশি.] ক্রিবিণ. খুব তাড়াতাড়ি। বি. ব্যস্ততা।

তড়বড়ে /তড়্বোড়ে/ [দেশি.] বিণ. তড়বড় করে এমন; ব্যস্তবাগীশ।

তড় হওয়া /তড় হ্ওআ/ ক্রিবি. নদীর পানি এতটা কমে যাওয়া যাতে হেঁটে পার হওয়া যায়।

তড়া /তড়া/ [স. তট >] বি. তীর, কূল, তট।

তড়াক /তড়াক্/ [দেশি.] অব্য. হঠাৎ লাফ দেওয়ার বেগসূচক ভাব (*তড়াক করে ওঠা*)।

তড়াগ /তড়াগ্/ [স. তট+√অগ্+অ] বি. বড়ো ও গভীর পুকুর, দিঘি; সরোবর; গভীর জলাশয় (*তড়াগে পুকুরে থই থই করে শ্যামল শোভার নবনী॥* নজরুল.)।

তড়িঘড়ি /তোড়িঘোড়ি/ [দেশি.] ক্রিবিণ. অতিশীঘ্র, অবিলম্বে, তৎক্ষণাৎ, খুব তাড়াতাড়ি করে।

তড়িচ্চালক /তোড়িচ্চালক্/ [স. তড়িৎ+চালক] বিণ. বিদ্যুৎ প্রবাহসংক্রান্ত; (পরি.) electromotive।

তড়িচ্চুম্বক /তোড়িচ্চুম্বক্/ [স. তড়িৎ+চুম্বক] বি. লৌহশলাকার ওপরে জড়ানো তারে বিদ্যুৎ প্রবাহের ফলে প্রাপ্ত চুম্বকত্ব, electromagnet।

তড়িৎ /তোড়িত্/ [স. √তড়্+ইৎ] বি. ক্ষণপ্রভা, বিদ্যুৎ।

তড়িৎ-মোক্ষণ /তোড়িত্মোক্খন্/ [স. তড়িৎ+মোক্ষণ] বি. বিদ্যুৎ মোচন, discharge।

তড়িৎশিখা /তোড়িত্শিখা/ [স. তড়িৎ+শিখা] বি. বিদ্যুতের ঝলকানি।

তড়িত্বান /তোড়িত্তান্/ [স. তড়িৎ+বৎ] বি. মেঘ। বিণ. বিদ্যুদ্‌গর্ভ।

তড়িদাধান /তোড়িদাধান্/ [স. তড়িৎ+আধান] বি. বৈদ্যুতিক চার্জ।

তড়িদালোক /তোড়িদালোক্/ [স. তড়িৎ+আলোক] বি. বৈদ্যুতিক আলো।

তড়িদ্‌গতি /তোড়িদ্‌গোতি/ [স. তড়িৎ+√গম্+তি] বি. বিদ্যুতের মতো দ্রুত গতি, অত্যন্ত দ্রুত গতি।

তড়িদ্‌গর্ভ /তোড়িদ্‌গর্‌ভো/ [স. তড়িৎ+√গৃ+ভ] বি. মেঘ।

তড়িদ্‌দ্বার /তোড়িদ্‌দার্/ [স. তড়িৎ+দ্বার] বি. আর্কবাতি (arc lamp) বা তড়িদ্‌বিশ্লেষণ প্রক্রিয়ায় বিদ্যুতের তারের সঙ্গে যুক্ত দণ্ডদ্বয়, electrode।

তড়িদ্‌বিশ্লেষণ /তোড়িদ্‌বিস্‌লেশন্/ [স. তড়িৎ+বিশ্লেষণ] বি. তড়িৎপ্রবাহের দ্বারা রাসায়নিক বিশ্লেষণ, electrolysis।

তড়িদ্দাম /তোড়িদ্‌দাম্/ [স. তড়িৎ+দাম] বি. বিদ্যুতের রেখা।

তড়িদ্বীক্ষণ /তোড়িদ্‌বিক্‌খন্/ [স. তড়িৎ+বীক্ষণ] বি. যে যন্ত্রে অচল তড়িতের অস্তিত্ব অনুভূত হয়, electroscope।

তড়িল্লতা /তোড়িল্‌লতা/ [স. তড়িৎ+লতা] বি. লতাকৃতি বিদ্যুৎশিখা।

তড়িল্লেখা /তোড়িল্‌লেখা/ [স. তড়িৎ+লেখা] বি. দ্র তড়িল্লতা।

তণ্ডক /তন্‌ডোক্/ [স. √তণ্ড্+অক] বিণ. ১ বাজিকর; বহুরূপী। ২ তঞ্চক; ধূর্ত।

তণ্ডুল /তোন্‌ডুল্/ [স. √তণ্ড্+উল] বি. খোসাছাড়ানো ধান, চাল।

তণ্ডুলাম্বু /তোন্‌ডুলাম্‌বু/ [স. তণ্ডুল+অম্বু] বি. চাল-ধোয়া জল।

তণ্ডুলীয় /তোন্‌ডুলিয়ো/ [স. তণ্ডুল+ঈয়] বি. গ্রীষ্ম-মণ্ডলীয় অঞ্চলের আর্দ্র পতিত জমিতে জাত এবং শরৎকালে ফোটে এমন সবুজাভ ছোটো গুচ্ছফুল বা তার সরু লালচে সবুজ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণ-সম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদের উপবৃত্তাকার পাতা, নটেশাক।

তত[১] /ততো/ [স. √তন্+ত] বিণ. বিস্তৃত, ব্যাপ্ত। বি. সেতার বীণা এসরাজ প্রভৃতি বাদ্যযন্ত্র (*ততযন্ত্র*)।

তত[২] /ততো/ [স. তাবৎ >] অব্য. বিণ. তৎসংখ্যক; সে পরিমাণ (*যত হাসি তত কান্না*)।

তত[৩] /ততো/ [স. তৎ+তস্] ক্রিবিণ. অতঃপর।

ততক্ষণ /ততোক্‌খন্/ [বা.] ক্রিবিণ. সেই সময় পর্যন্ত; সেই সময়ের মধ্যে।

ততেক /ততেক্/ [স. তাবৎ >] বিণ. সে সকল; সে পরিমাণ।

ততোধিক /ততোধিক্/ [স. ততঃ+অধিক] বিণ. তার চেয়ে বেশি; আরও বেশি।

তৎ /তত্/ [স. √তন্+ক্বিপ্] সর্ব. ১ সে, তিনি (*তৎকর্তৃক*)। ২ সেই, তা।

তৎকাল /তত্‌কাল্/ [স. তৎ+কাল] বি. ১ সে কাল, সে যুগ। ২ তাৎক্ষণিক পরিষেবা।

তৎকালধী /তত্‌কালোধি/ [স. তৎকাল+√ধ্যে+ক্বিপ্] বিণ. প্রত্যুৎপন্নমতি। বি. উপস্থিত বুদ্ধি।

তৎকালিক /তত্‌কালিক্/ [স. তৎকাল+ইক] বিণ. সেই সময়কার, সে সময়ের, তদানীন্তন।

তৎকালীন /তত্‌কালিন্/ [স. তৎকাল+ঈন] বিণ. সেই সময়ের, তদানীন্তন।

www.pathagar.com

তৎকালে /তত্‌কালে/ [বা.] ক্রিবিণ. তখনই; শীঘ্র।

তৎকালোচিত /তত্‌কালোচিতো/ [স. তৎকাল+উচিত] বিণ. সেই সময়ের উপযোগী, সেই সময়ের যোগ্য, সেই সময়োচিত।

তৎক্ষণ /তত্‌খন/ [স. তৎ+ক্ষণ] বি. ১ সেই কাল; সেই সময়। ২ বর্তমান কাল।

তৎক্ষণাৎ /তত্‌খনাত্/ [স. তৎক্ষণ+আৎ] ক্রিবিণ. অবিলম্বে; সেই মুহূর্তেই, তখনই।

তৎক্ষণে /তত্‌খনে/ [স. তৎক্ষণ+বা. এ] ক্রিবিণ. সেই সময়ে, সেই কালে।

তৎপর /তত্‌পর/ [স. তদ্+পর] ক্রিবিণ. তারপর; তদনন্তর। বিণ. ১ পটু। ২ উদ্যমশীল। বি. তৎপরতা /তত্‌পরোতা/।

তৎপর হওয়া /তত্‌পর্ হওআ/ ক্রিবি. নিষ্ঠার সঙ্গে বিশেষ কাজে আত্মনিয়োগ করা।

তৎপরায়ণ /তত্‌পরায়োন্/ [স. তৎ+পরায়ণ] বিণ. তাতে মনোযোগী, তাতে বিশেষ আসক্ত; তন্নিষ্ঠ। বি. তৎপরায়ণতা /তত্‌পরায়োনতা/।

তৎপুরুষ /তত্‌পুরুশ্/ [স. তদ্+পুরুষ] বি. ১ পরম-পুরুষ; আদিপুরুষ; ভগবান। ২ (ব্যা.) সমাসবিশেষ যাতে পূর্বপদের বিভক্তি লুপ্ত হয় এবং পরপদের অর্থ প্রাধান্য পায় (যেমন, মধুতে মাখা > মধুমাখা)।

তৎপূর্বে /তত্‌পুরবে/ [স. তৎপূর্ব+বা. এ] ক্রিবিণ. তার আগে।

তৎসংক্রান্ত /তত্‌শক্রান্‌তো/ [স. তদ্+সম্+√ক্রম্+ত] বিণ. সেই সম্পর্কিত, সেই সম্বন্ধীয়।

তৎসদৃশ /তত্‌শদৃশো/ [স. তদ্+সদৃশ] বিণ. তার মতো, তদ্রূপ, তার তুল্য, তত্তুল্য।

তৎসম /তত্‌শমো/ [স. তদ্+সম] বিণ. ১ তার সমান, তদ্রূপ। ২ (ব্যা.) সংস্কৃত থেকে গৃহীত ও বাংলায় অবিকৃতরূপে প্রচলিত।

তৎস্থলাভিষিক্ত /তত্‌স্থলাভিশিক্‌তো/ [স. তৎস্থল+অভি+√সিচ্+ত] বিণ. তার পদে অধিষ্ঠিত।

তৎস্থান /তত্‌স্থান্/ [স. তৎ+স্থান] বি. সেই স্থান।

তৎস্বরূপ /তত্‌শরুপ্/ [স. তৎ+স্বরূপ] বিণ. তা থেকে অভিন্ন, তৎসদৃশ।

তত্তাবৎ /তত্‌তাবত্/ [স. তৎ+তাবৎ] বি. বিণ. সেই সকল।

তত্তুল্য /তত্‌তুল্লো/ [স. তৎ+তুল্য] বিণ. তার মতো, তদনুরূপ, সেই প্রকার।

তত্ত্ব /তত্‌তো/ [স. তৎ+ত্ব] বি. ১ প্রকৃত অবস্থা; সত্য (*তত্ত্বদর্শী*)। ২ স্বরূপ। ৩ সাংখ্যমতে চব্বিশটি মূল পদার্থ (ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম রূপ রস গন্ধ স্পর্শ শব্দ চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ত্বক হস্ত পদ মুখ পায়ু লিঙ্গ প্রকৃতি মন বুদ্ধি এবং অহংকার)। ৪ পদার্থ। ৫ বার্তা। ৬ সন্ধান (*তত্ত্ব লওয়া*)। ৭ উপঢৌকন (*বিয়ের তত্ত্ব*)। ৮ ঈশ্বর; ব্রহ্ম। ৯ পারমার্থিক জ্ঞান (*তত্ত্ববিদ্যা*)। ১০ মতবাদ (*আপেক্ষিক তত্ত্ব*)। ১১ দর্শন; বিজ্ঞান (*কৃষিতত্ত্ব*)।

তত্ত্ব করা /তত্‌তো করা/ ক্রিবি. ১ খোঁজখবর নেওয়া। ২ লোকাচার অনুযায়ী কুটুমবাড়িতে উপহার পাঠানো।

তত্ত্বচিন্তা /তত্‌তোচিন্‌তা/ [স. তত্ত্ব+√চিন্তি+অ+আ (টাপ্)] বি. ব্রহ্মবিষয়ক চিন্তা, আধ্যাত্মিক চিন্তা।

তত্ত্বজিজ্ঞাসা /তত্‌তোজিগ্‌গাশা/ [স. তত্ত্ব+জিজ্ঞাসা] বি. তত্ত্বজ্ঞান লাভের ইচ্ছা; ব্রহ্মবিষয়ক প্রশ্ন।

তত্ত্বজিজ্ঞাসু /তত্‌তোজিগ্‌গাশু/ [স. তত্ত্ব+জিজ্ঞাসু] বিণ. তত্ত্বজ্ঞান লাভ করতে ইচ্ছুক।

তত্ত্বজ্ঞ /তত্‌তোগ্‌গোঁ/ [স. তত্ত্ব+√জ্ঞা+অ] বিণ. তত্ত্ববিষয়ে জ্ঞানসম্পন্ন।

তত্ত্বজ্ঞান /তত্‌তোগ্‌গ্যান্/ [স. তত্ত্ব+জ্ঞান] বি. পরমার্থবিষয়ে জ্ঞান, দিব্যজ্ঞান।

তত্ত্বজ্ঞানী /তত্‌তোগ্‌গ্যানি/ [স. তত্ত্ব+জ্ঞান+ইন্] বিণ. তত্ত্বজ্ঞানসম্পন্ন; ব্রহ্মজ্ঞানী।

তত্ত্বত /তত্‌তোতো/ [স. তত্ত্বতঃ >] অব্য. যথার্থত, বস্তুত; স্বরূপত।

তত্ত্বতল্লাশ /তত্‌তোতল্‌লাশ্/ [বা.] বি. দ্র তত্ত্বতালাশ।

তত্ত্বতালাশ /তত্‌তোতালাশ্/ [স. তত্ত্ব+তুর. তালাশ] বি. ১ খোঁজখবর ও তত্ত্ব প্রেরণ। ২ লৌকিকতা।

তত্ত্বদর্শী /তত্‌তোদোর্‌শি/ [স. তত্ত্ব+√দৃশ্+ইন্] বিণ. তত্ত্বজ্ঞ। বি. তত্ত্বদর্শিতা /তত্‌তোদোর্‌শিতা/।

তত্ত্বনির্ণয় /তত্‌তোনির্‌নয়্/ [স. তত্ত্ব+নির্ণয়] বি. ১ সাংখ্যমতে চব্বিশটি মূল তত্ত্বের অবধারণ। ২ তথ্যনিরূপণ। ৩ সিদ্ধান্ত।

তত্ত্বনির্ভর /তত্‌তোনির্‌ভর্/ [স. তত্ত্ব+নির্ভর] বিণ. পারমার্থিক জ্ঞাননির্ভর।

তত্ত্ববাদী /তত্‌তোবাদি/ [স. তত্ত্ব+√বদ্+ইন্] বিণ. স্পষ্টবাদী। স্ত্রী. তত্ত্ববাদিনী /তত্‌তোবাদিনি/।

তত্ত্ববিৎ /তত্‌তোবিত্/ [স. তত্ত্ব+√বিদ্+ক্বিপ্] বিণ. তত্ত্বজ্ঞ, জ্ঞানী; অভিজ্ঞ।

তত্ত্ববিদ /তত্‌তোবিদ্/ [স. তত্ত্ব+√বিদ্+অ] বিণ. দ্র তত্ত্ববিৎ।

তত্ত্ববিদ্যা /তত্‌তোবিদ্‌দা/ [স. তত্ত্ব+√বিদ্+য+আ (টাপ্)] বি. দর্শনশাস্ত্র; তত্ত্বজ্ঞান।

তত্ত্ববোধিনী /তত্‌তোবোধিনি/ [স. তত্ত্ব+√বুধ্+ইন্+

www.pathagar.com

ঈ] বিণ. তত্ত্বজ্ঞানদানকারিণী।

তত্ত্বমসি /তত্তমোসি/ [স. তৎ+ত্বম্+অসি] বি. তুমিই সেই পরম তত্ত্ব, জীবাত্মা ও পরমাত্মা অভেদ : এই মতবাদ।

তত্ত্বহীন /তত্তোহিন্/ [স. তত্ত্ব+√হা+ত] বিণ. ঈশ্বরজ্ঞান নেই এমন, তত্ত্বজ্ঞানশূন্য।

তত্ত্বানুশীলন /তত্তানুশিলন্/ [স. তত্ত্ব+অনুশীলন] বি. দর্শনচর্চা; ঈশ্বরচর্চা।

তত্ত্বানুসন্ধান /তত্তানুশন্ধান্/ [স. তত্ত্ব+অনুসন্ধান] বি. ১ আল্লাহ বা ঈশ্বরবিষয়ক জ্ঞান লাভের বাসনা। ২ তত্ত্বজিজ্ঞাসা। ৩ সত্যনিরূপণের চেষ্টা।

তত্ত্বানুসন্ধানী /তত্তানুশন্ধানি/ [স. তত্ত্ব+অনুসন্ধান +ইন্] বিণ. প্রকৃত সত্যের অনুসন্ধানকারী, তত্ত্বজিজ্ঞাসু।

তত্ত্বানুসন্ধায়ী /তত্তানুশন্ধায়ি/ [স. তত্ত্ব+অনু+সম্ +√ধা+ইন্] বিণ. তত্ত্ব অনুসন্ধানকারী, স্বরূপ-সন্ধানী, তত্ত্বজ্ঞান লাভ করতে আগ্রহী।

তত্ত্বান্বেষ /তত্তানন্বেশ্/ [স. তত্ত্ব+অনু+√ইষ্+অ] বি. ১ তত্ত্বান্বেষণ। ২ বস্তুর স্বরূপ অন্বেষণ।

তত্ত্বাবধান /তত্তাবধান্/ [স. তত্ত্ব+অবধান] বি. ১ মনোযোগ সহকারে পর্যবেক্ষণ। ২ পরিচালনা। ৩ রক্ষণাবেক্ষণ, দেখাশোনা।

তত্ত্বাবধায়ক /তত্তাবোধায়োক্/ [স. তত্ত্ব+অবধায়ক] বিণ. বি. তত্ত্বাবধানকারী; পরিদর্শক; পরিচালক।

তত্ত্বাবধারক /তত্তাবোধারক্/ [স. তত্ত্ব+অবধারক] বিণ. তত্ত্বনির্ণায়ক; সত্যান্বেষী, তত্ত্ব নিরূপণকারী।

তত্ত্বাবধারণ /তত্তাবোধারোন্/ [স. তত্ত্ব+অবধারণ] বি. প্রকৃত তত্ত্ব বা তথ্য নির্ণয়, সত্য নিরূপণ।

তত্ত্ববোধ /তত্তাবোবোধ্/ [স. তত্ত্ব+অববোধ] বি. প্রকৃত সত্যের উপলব্ধি; যথার্থ জ্ঞান।

তত্ত্বার্থ /তত্তারথো/ [স. তত্ত্ব+অর্থ] বি. পরমার্থ।

তত্ত্বালোচনা /তত্তালোচনা/ [স. তত্ত্ব+আলোচনা] বি. তত্ত্বজ্ঞান সম্পর্কে আলোচনা।

তত্ত্বাশ্রয়ী /তত্তাস্রোয়ি/ [স. তত্ত্ব+আ+√শ্রি+ইন্] বিণ. তত্ত্বনির্ভর।

তত্ত্বীয় /তোত্তিয়ো/ [স. তত্ত্ব+ঈয়] বিণ. সিদ্ধান্ত-সম্বন্ধীয়, তত্ত্বসংক্রান্ত, theoretical।

তত্র /তত্রো/ [স. তদ্+ত্র] ক্রিবিণ. ১ সেখানে, সেথায়, তথায়। বিণ. তেমন; তত।

তত্রত্য /তত্রোত্তো/ [স. তত্র+ত্য] বিণ. তথাকার, সে স্থানের।

তত্রস্থ /তত্রোস্থো/ [স. তত্র+√স্থা+অ] বিণ. দ্র তত্রত্য।

তত্রাচ /তত্রাচো/ [স. তত্রচ >] অব্য. তবু, তথাপি।

তত্রাপি /তত্রাপি/ [স. তত্র+অপি] অব্য. তবুও, তথাপি।

তথা /তথা/ [স. তদ্+থা] বি. সেই স্থান। বিণ. তেমন। অব্য. ১ তার ওপর, এমনকি। ২ অপিচ, আরও। ৩ যথা। ক্রিবিণ. সেখানে।

তথাকথিত /তথাকোথিতো/ [স. তথা+√কথ্+ত] বিণ. এমন অভিধায় আখ্যাত যা প্রশ্নবিদ্ধ (*তথাকথিত সভ্যসমাজ*), so called।

তথাকার /তথাকার্/ [স. তথা+আকার] বিণ. সেখানকার।

তথাগত[১] /তথাগতো/ [স. তথা+√গম্+ত] বিণ. পুনর্জন্ম হবে না এমন; নির্বাণপ্রাপ্ত। বি. বুদ্ধদেব।

তথাগত[২] /তথাগতো/ [স. তথা+গত] বিণ. সেই রূপে আগত; সেই প্রকারে গত।

তথাগতি /তথাগোতি/ [স. তথা+√গম্+তি] বি. নির্বাণ।

তথাচ /তথাচো/ [স. তথা+চ] অব্য. দ্র তথাপি।

তথাপি /তথাপি/ [স. তথা+অপি] অব্য. তা সত্ত্বেও, তবুও।

তথাবিধ /তথাবিধো/ [স. তথা+বিধা] বিণ. সেই-প্রকারের, তাদৃশ।

তথাভূত /তথাভুতো/ [স. তথা+ভূত] বিণ. ১ সেই অবস্থাপ্রাপ্ত, তদ্রূপ। ২ সেভাবে উৎপন্ন।

তথায় /তথায়/ [বা.] অব্য. ক্রিবিণ. সেই স্থানে।

তথাস্তু /তথাস্তু/ [স. তথা+√অস্+তু] অব্য. তাই হোক।

তথৈব /তথোইবো/ [স. তথা+এব] অব্য. দ্র তথৈবচ।

তথৈবচ /তথোইবচো/ [স. তথা+এব+চ] অব্য. সেই রকমই, তেমনই, পূর্ববৎ।

তথ্য /তোত্থো/ [স. তথা+য] বি. ১ প্রকৃত অবস্থা বা ব্যাপার, জ্ঞাতব্য বিষয়; সঠিক সংবাদ (*তথ্যানুসন্ধান*)। ২ তত্ত্ব (*বৈজ্ঞানিক তথ্য*)।

তথ্যকেন্দ্র /তোত্থোকেন্দ্রো/ [স. তথ্য+কেন্দ্র] বি. জ্ঞাতব্য বিষয় জানা যায় এমন স্থান।

তথ্যচিত্র /তোত্থোচিত্রো/ [স. তথ্য+চিত্র] বি. বাস্তব ঘটনার তথ্যসংবলিত চিত্র, সংবাদচিত্র।

তথ্যনিরূপণ /তোত্থোনিরুপন্/ [স. তথ্য+নিরূপণ] বি. তথ্য উদ্‌ঘাটন।

তথ্যনির্ণয় /তোত্থোনির্নয়্/ [স. তথ্য+নির্ণয়] বি. দ্র তথ্যনিরূপণ।

তথ্যনির্ভর /তোত্থোনির্ভর্/ [স. তথ্য+নির্ভর] বিণ. তথ্যভিত্তিক, তথ্যমূলক (*তথ্যনির্ভর রচনা*)।

www.pathagar.com

তথ্যপঞ্জি /তোত্থোপোন্‌জি / [স. তথ্য+√পঞ্চ্+ই] বি. তথ্যের তালিকা ও বিশদ বিবরণ।

তথ্যবাদী /তোত্থোবাদি/ [স. তথ্য+√বদ্+ইন্] বিণ. সত্যভাষী।

তথ্যবাহী /তোত্থোবাহি/ [স. তথ্য+√বহ্+ইন্] বিণ. প্রকৃত সংবাদ বহনকারী, সংবাদবাহক।

তথ্যবিনিময় /তোত্থোবিনিময় / [স. তথ্য+বিনিময়] বি. তথ্য আদান-প্রদান।

তথ্যবিবরণী /তোত্থোবিবরোনি / [স. তথ্য+বি+√বৃ +অন+ঈ] বি. সংবাদবিজ্ঞপ্তি; (পরি.) press release।

তথ্যবিভ্রাট /তোত্থোবিব্‌ভ্রাট্/ [স. তথ্য+বিভ্রাট] বি. প্রকৃত তথ্যসম্পর্কিত জটিলতা।

তথ্যব্যবধান /তোত্থোব্যাবোধান্ / [স. তথ্য+ ব্যবধান] বি. তথ্যের বৈসাদৃশ্য।

তথ্যভাষী /তোত্থোভাশি/ [স. তথ্য+√ভাষ্+ইন্] বিণ. দ্র তথ্যবাদী।

তথ্যভিত্তিক /তোত্থোভিত্তিক্/ [স. তথ্য+ভিত্তিক] বিণ. দ্র তথ্যনির্ভর।

তথ্যসমৃদ্ধ /তোত্থোশম্‌দ্ধো/ [স. তথ্য+সম্+ √ঋধ্+ত] বিণ. প্রকৃত সংবাদসংবলিত।

তথ্যানুসন্ধান /তোত্থানুশন্ধান্ / [স. তথ্য+ অনুসন্ধান] বি. তদন্তদ্বারা প্রকৃত তথ্য উদ্‌ঘাটন।

তথ্যানুসন্ধায়ী /তোত্থানুশন্ধায়ি/ [স. তথ্য+ অনুসন্ধায়ী] বিণ. তদন্তদ্বারা প্রকৃত সত্যের উদ্‌ঘাটনকারী।

তথ্যাভিজ্ঞ /তোত্থাভিগ্‌গোঁ/ [স. তথ্য+অভি+√জ্ঞা +অ] বিণ. প্রকৃত ঘটনা সম্পর্কে অবগত।

তদতিরিক্ত /তদোতিরিক্‌তো/ [স. তদ্+অতি+√রিচ্ +ত] বিণ. ১ ততোধিক। ২ এতদ্‌ব্যতীত, তাছাড়া।

তদনন্তর /তদোনন্‌তর্ / [স. তদ্+অনন্তর] অব্য. ক্রিবিণ. তারপর, এরপর, অতঃপর।

তদনুগ /তদোনুগো/ [স. তদ্+অনুগ] বিণ. দ্র তদনুবর্তী।

তদনুগামী /তদোনুগামি/ [স. তদ্+অনু+√গম্+ইন্] বিণ. দ্র তদনুবর্তী।

তদনুপাতে /তদোনুপাতে/ [স. তদনুপাত+বা. এ] ক্রিবিণ. সেই অনুপাতে।

তদনুবর্তী /তদোনুবোর্‌তি/ [স. তদ্+অনু+√বৃত্+ ইন্] বিণ. ১ তার মত অনুসরণকারী। ২ তার পশ্চাদ্‌গামী। ৩ তদ্‌রূপ।

তদনুযায়ী /তদোনুজায়ি/ [স. তদ্+অনু+√যা+ইন্] বিণ. ১ তার পশ্চাদ্‌গামী। ২ সেই রকম, সেই অনুযায়ী। ক্রিবিণ. তদনুসারে।

তদনুরূপ /তদোনুরুপ্ / [স. তদ্+অনুরূপ] বিণ. ১ সেই রূপ, তাদৃশ। ২ তত্তুল্য। ক্রিবিণ. সেইরূপে।

তদনুসারী /তদোনুশারি/ [স. তদ্+অনু+√সৃ+ইন্] বিণ. ১ তার পথ অনুসরণকারী। ২ তদ্‌রূপ, সেই প্রকার। ৩ তার মত অবলম্বনকারী।

তদনুসারে /তদোনুশারে/ [স. তদনুসার+বা. এ] ক্রিবিণ. সেই প্রকারে, তদ্‌রূপে।

তদন্ত /তদোন্‌তো/ [স. তদ্+অন্ত] বি. কোনো বিষয়ে অনুসন্ধান করে সত্য নিরূপণ।

তদন্ত কমিটি /তদোন্‌তো কমিটি/ বি. প্রকৃত অবস্থা বা ঘটনা অনুসন্ধানের জন্য গঠিত কমিটি।

তদন্ত কমিশন /তদোন্‌তো কমিশন্/ বি. তদন্ত-সাপেক্ষে কোনো ক্ষমতার ব্যবহার বা কোনো কর্ম সম্পাদনের নির্দেশদানের কর্তৃত্বপ্রাপ্ত সভা।

তদন্তকারী /তদোন্‌তোকারি/ [স. তদন্ত+√কৃ+ইন্] বিণ. প্রকৃত ঘটনা বা অবস্থা সম্বন্ধে অনুসন্ধান-কারী। বি. তদন্তকর্মে নিযুক্ত ব্যক্তি।

তদন্তর /তদনতর্ /[স. তৎ+অন্তর] ক্রিবিণ. তারপর।

তদন্তর্বর্তী /তদন্‌তর্‌বোর্‌তি / [স. তদন্ত+√বৃৎ+ইন্] বি. দুটি ঘটনার মধ্যবর্তী কাল। বিণ. অন্তর্বর্তী।

তদন্তে /তদন্‌তে / [বা.] ক্রিবিণ. তার অন্তে বা পরে।

তদন্য /তদোন্‌নো / [স. তদ্+অন্য] বিণ. তা থেকে আলাদা, তদ্ভিন্ন।

তদবধি /তদোবোধি/ [স. তদ্+অবধি] ক্রিবিণ. সেই সময় থেকে।

তদবস্থ /তদবোস্‌থো/ [স. তদ্+অব+√স্থা+অ] বিণ. সেই অবস্থাপ্রাপ্ত; সে অবস্থায় স্থিত।

তদবস্থা /তদবোস্‌থা/ [স. তদ্+অব+√স্থা+অ+আ (টাপ্)] বি. সেই অবস্থা।

তদবির /তোদ্‌বির্ / [আ.] বি. ১ সুপারিশ (*চাকরির তদবির*)। ২ চেষ্টাচরিত্র, জোগাড়যন্ত্র। ৩ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

তদবিরকারক /তোদ্‌বির্‌কারোক্ / [আ. তদবির+স. কারক] বিণ. বি. তদবিরকারী।

তদর্থ /তদর্‌থো / [স. তদ্+অর্থ] বি. তার অর্থ। ক্রিবিণ. তজ্জন্য, সে জন্য, তার নিমিত্ত।

তদর্থক /তদর্‌থক্ / [স. তদর্থ+ক] বিণ. ১ ভিন্নার্থক নয় এমন, সেই অর্থে ব্যবহৃত। ২ বিশেষ উদ্দেশ্যে গঠিত; আপাতত কাজ চালানোর মতো (*তদর্থক ভিত্তিতে নিয়োগ*), স্থানাপন্ন ; (পরি.) adhoc।

তদর্থে /তদর্‌থে / [স. তদর্থ+বা. এ] ক্রিবিণ. সেই

www.pathagar.com

কারণে, তজ্জন্য, তন্নিমিত্ত।

তদর্পণ /তদর্পোন্ / [স. তৎ+অর্পণ] বি. ১ তাতে ন্যস্তকরণ। ২ প্রত্যর্পণ।

তদাকার /তদাকার্ / [স. তদ্+আকার] বিণ. ১ সেই আকৃতিবিশিষ্ট, তাদৃশ। ২ সেইপ্রকার।

তদাত্মা /তদাত্তা/ [স. তদ্+আত্মন্] বিণ. ১ তার সঙ্গে একাত্ম, তৎস্বরূপ। ২ তদ্‌গতচিত্ত।

তদানীং /তদানিং/ [স. তদ্+দানীম্] অব্য. সেই সময়ে বা কালে, তখন।

তদানীন্তন /তদানিন্তন্ / [স. তদানীম্+তন্] বিণ. সেই সময়ের, তখনকার (*তদানীন্তন সরকার*)।

তদারক /তদারক্ / [আ.] বি. ১ তত্ত্বাবধান (*নির্মাণ-কাজের তদারক*)। ২ অনুসন্ধান, তদন্ত।

তদারকি /তদারোকি/ [আ. তদারক >] বি. তত্ত্বাবধান; খবরদারি।

তদীয় /তোদিয়ো / [স. তদ্+ঈয়] সর্ব. তাঁর (*তদীয় বাসভবন*)। বিণ. সেই ব্যক্তির বা ব্যক্তিসংক্রান্ত।

তদুপরি /তদুপোরি / [স. তদ্+উপরি] অব্য. ক্রিবিণ. ১ তার ওপর, অধিকন্তু (*তিনি ধনবান তদুপরি সজ্জন*)। ২ তাছাড়া, এতদ্ভিন্ন।

তদুপযুক্ত /তদুপোজুক্তো/ [স. তদ্+উপ+√যুজ্+ত] বিণ. তার উপযোগী।

তদুপযোগী /তদুপোজোগি/ [স. তদ্+উপ+√যুজ্+ইন্] বিণ. দ্র তদুপযুক্ত।

তদুপলক্ষ্যে /তদুপোলোক্খে/ [স. তদ্+উপলক্ষ্য+বা. এ] ক্রিবিণ. সেই উপলক্ষ্যে, সেই উদ্দেশ্যে।

তদেক /তদেক্/ [স. তদ্+এক] বিণ. ১ তার সঙ্গে অভেদ বা অভিন্ন ভাবাপন্ন (*তদেকচিত্ত*)। ২ সেই একমাত্র, অদ্বিতীয় (*তদেকশরণ*)। ৩ তদ্‌রূপ।

তদেকচিত্ত /তদেকোচিত্তো/ [স. তদেক+√চিৎ+ত] বিণ. ১ তন্ময়, অনন্যমনা। ২ তদ্‌রূপ।

তদ্‌গত /তদ্‌গতো/ [স. তদ্+√গম্+ত] বিণ. তাতে নিমগ্ন বা অভিনিবিষ্ট; একাগ্র।

তদ্‌গতচিত্ত /তদ্‌গতোচিত্তো/ [স. তদ্‌গত+√চিৎ+ত] বিণ. তাতে নিবেদিতচিত্ত। বি. -তা /তা/।

তদ্‌বৎ /তদ্‌বত্/ [স. তদ্+বৎ] বিণ. তার মতো।

তদ্‌বিধ /তদ্‌বিধো/ [স. তদ্+√বিধ্+অ] বিণ. সেইরূপ, সেই প্রকারের।

তদ্‌বিষয়ক /তদ্‌বিশয়ক্/ [স. তদ্+বিষয়ক] বিণ. সেই বিষয়সংক্রান্ত, সেই বিষয়ক।

তদ্‌ব্যতিরিক্ত /তদ্‌বেতিরিক্তো/ [স. তদ্+বি+অতি+√রিচ্+ত] বিণ. ক্রিবিণ. দ্র তদ্‌ব্যতীত।

তদ্‌ব্যতীত /তদ্‌বেতিতো/ [স. তদ্+বি+অতি+√ই+ত] বিণ. তার অতিরিক্ত। ক্রিবিণ. অধিকন্তু।

তদ্‌রূপ /তদ্‌রূপ্ / [স. তদ্+রূপ] বিণ. সেইরূপ, তার মতো, তত্তুল্য। ক্রিবিণ. তদনুসারে, সেইভাবে।

তদ্দণ্ডে /তদ্‌দন্ডে / [স. তদ্+দন্ড+বা. এ] ক্রিবিণ. সেই মুহূর্তে, সেইক্ষণে, তখনই।

তদ্দরুন /তদ্‌দোরুন্ / [স. তদ্+ফা. দরুন] ক্রিবিণ. সেইজন্য, সেই কারণে, তজ্জন্য।

তদ্দিন /তদ্‌দিন্ / [স. তদ্+দিন] ক্রিবিণ. ততদিন।

তদ্দ্বারা /তদ্‌দারা / [স. তদ্+দ্বারা] সর্ব. তার দ্বারা।

তদ্ধিত /তোদ্‌ধিত্/ [স. তদ্+হিত] বি. (ব্যা.) শব্দের পরে যুক্ত প্রত্যয়বিশেষ যার ফলে অর্থ পরিবর্তিত হয়ে নতুন একটি শব্দ তৈরি হয়। বিণ. অন্যের জন্য হিতকর।

তদ্ভব /তদ্‌ভবো/ [স. তদ্+√ভূ+অ] বিণ. ১ তা থেকে উৎপন্ন। ২ (ব্যা.) সংস্কৃত থেকে উদ্ভূত এবং ক্রমশ পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় গৃহীত ও প্রচলিত (স. চন্দ্র > চন্দ > চাঁদ)।

তদ্ভাব /তদ্‌ভাব্ / [স. তদ্+ভাব] বি. ১ তারভাব, তার প্রকৃত অবস্থা। ২ সেই বিষয়ে চিন্তা।

তদ্ভাবভাবিত /তদ্‌ভাবোভাবিতো/ [স. তদ্ভাব+√ভাবি+ত] বিণ. সেই চিন্তায় নিমগ্ন; তার ভাবপ্রাপ্ত।

তদ্ভাবাপন্ন /তদ্‌ভাবাপন্নো / [স. তদ্ভাব+আ+√পদ্+ত] বিণ. তদবস্থ; তার ভাবপ্রাপ্ত।

তদ্ভাবিত /তদ্‌ভাবিতো/ [স. তদ্+√ভাবি+ত] বিণ. সেই চিন্তায় মগ্ন; তদবস্থাপ্রাপ্ত।

তদ্ভিন্ন /তদ্‌ভিন্নো/ [স. তদ্+√ভিদ্+ত] বিণ. তা থেকে স্বতন্ত্র। ক্রিবিণ. তা ভিন্ন, তাছাড়া।

তদ্রূপ /তদ্‌রূপ্ / [স. তদ্+রূপ] বিণ. ক্রিবিণ. দ্র তদ্‌রূপ।

-তন /তন্ / অব্য. তদ্ধিত প্রত্যয়বিশেষ (*পূর্বতন*)।

তনকা /তন্‌কা/ [ফা. তনখা >] বি. ১ মুদ্রা, টাকা। ২ বেতন।

তনজিম /তনজিম্ / [আ.] বি. ১ শৃঙ্খলা; বিন্যাস। ২ ব্যবস্থাপন। ৩ প্রতিষ্ঠান, সংগঠন।

তনয় /তনয় / [স. √তন্+অয়] বি. পুত্র, ছেলে। স্ত্রী. তনয়া /তনয়া /।

তনিকা /তোনিকা/ [স. √তন্+অক+আ (টাপ্)] বি. দড়ি।

তনিমা /তোনিমা/ [স. তনু+ইমন্] বি. ছিপছিপে গড়ন, দেহের কমনীয় কৃশতা।

তনিষ্ঠ /তোনিশ্‌ঠো/ [স. তনু+ইষ্ঠ] বিণ. ১ ক্ষুদ্র। ২ খুব কম বা সামান্য। ৩ অত্যন্ত কৃশ।

তনু /তোনু/ [স. √তন্+উ] বি. দেহ, শরীর। বিণ.

www.pathagar.com

শোভন ও কৃশ, কমনীয় (*তনুদেহ*)।

তনুচ্ছদ /তোনুচ্ছদ্ / [স. অনু+√ছদ্+অ] বি. দ্র তনুত্রাণ।

তনুজ /তোনুজো / [স. তনু+√জন্+অ] বি. তনয়, পুত্র, ছেলে। স্ত্রী. **তনুজা** /তোনুজা/।

তনুতা /তোনুতা/ [স. তনু+তা] বি. ১ কৃশতা। ২ কোমলতা, লাবণ্য।

তনুত্যাগ /তোনুত্যাগ্ / [স. তনু+√ত্যজ্+অ] বি. দেহত্যাগ, মৃত্যুবরণ।

তনুত্র /তোনুত্রো/ [স. তনু+√ত্রৈ+অ] বি. দ্র তনুত্রাণ।

তনুত্রাণ /তোনুত্রান্/ [স. তনু+√ত্রৈ+অন] বি. দেহাবরণ, বর্ম, সাঁজোয়া।

তনুভৃৎ /তোনুভৃত্/ [স. তনু+√ভৃ+ক্বিপ্] বি. মানব, জীব।

তনুমধ্যা /তোনুমোদ্ধা/ [স. তনু+মধ্য+আ (টাপ্)] বিণ. সরু ও ক্ষীণ কটিবিশিষ্টা। বি. ১ ক্ষীণ কটিবিশিষ্ট নারী। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

তনুরুচি /তোনুরুচি/ [স. তনু+রুচি] বি. দেহলাবণ্য।

তনুরুহ /তোনুরুহো/ [স. তনু+রুহ্] বি. ১ দেহ থেকে উৎপন্ন লোম। ২ পাখির পালক। ৩ সন্তান।

তনুল /তোনুল্ / [স. √তন্+উল্] বিণ. বিস্তার করা হয়েছে এমন, বিস্তৃত।

তনুলীলা /তোনুলিলা/ [স. তনু+লী+√লা+অ+আ (টাপ্)] বি. লীলাত্মক দেহ।

তনুশ্রী /তোনুস্রি/ [স. তনু+√শ্রি+ক্বিপ্] বি. দেহের কান্তি ও শোভা, দেহসৌষ্ঠব।

তনূদ্ভব /তোনূদ্ভবো / [স. তনু+উদ্ভব] বি. যা তনু থেকে উদ্ভূত হয়। স্ত্রী. **তনূদ্ভবা** /তোনূদ্ভবা /।

তনূদ্ভূত /তোনূদ্ভুতো / [স. তনু+উদ্+√ভূ+ত] বিণ. দেহ থেকে জাত বা উৎপন্ন।

তনূনপাত /তোনুনোপাত্ / [স. তনু+অনুপাত] বি. অগ্নি, আগুন।

তন্তু /তোন্তু / [স. √তন্+তু] বি. ১ সুতা। ২ আঁশ। ৩ যা দিয়ে কাপড় বোনা হয়, তাঁত। ৪ শরীরের কোষ দিয়ে গঠিত সুতাসদৃশ বস্তু, টিসু, কলা।

তন্তুকীট /তোন্তুকিট্/ [স. তন্তু+কীট] বি. রেশমকীট।

তন্তুজ /তোন্তুজো / [স. তন্তু+√জন্+অ] বিণ. তাঁত থেকে উৎপন্ন।

তন্তুজীবী /তোন্তুজিবি / [স. তন্তু+√জীব্+ইন] বিণ. তাঁতে কাপড় বুনে জীবিকানির্বাহকারী। বি. তাঁতি।

তন্তুনাভ /তোন্তুনাভো / [স. তন্তু+নাভ] বি. মাকড়সা।

তন্তুপ্রসূত /তোন্তুপ্রোশুতো/ [স. তন্তু+প্র+√সূ+ত] বিণ. দ্র তন্তুজ।

তন্তুবাপ /তোন্তুবাপ্ / [স. তন্তু+√বপ্+অ] বি. ১ তাঁতি। ২ মাকড়সা। বিণ. তন্তুবয়নকারী।

তন্তুবায় /তোন্তুবায় / [স. তন্তু+√বে+অ] বি. তাঁতে কাপড় বোনা যে ব্যক্তির পেশা, তাঁতি।

তন্তুশালা /তোন্তুশালা/ [স. তন্তু+√শল্+অ+আ (টাপ্)] বি. যে গৃহে সুতা দিয়ে কাপড় বোনা হয়।

তন্তুসর্বস্ব /তোন্তুশরবোশশো/ [স. তন্তু+সর্ব+√স্বন্+অ] বিণ. (আল.) অত্যন্ত কৃশ।

তন্তুসার /তোন্তুশার / [স. তন্তু+সার] বি. যে গাছের সারাংশ তন্তুময়, সুপারিগাছ। বিণ. কৃশ।

তন্ত্র /তন্ত্রো/ [স. √তন্+ত্র] বি. ১ উপাসনাবিধি-সংক্রান্ত শাস্ত্র। ২ বেদের শাখাবিশেষ, আগম, নিগম। ৩ রাষ্ট্রশাসন পদ্ধতি (*প্রজাতন্ত্র*)। ৪ শাস্ত্র (*চিকিৎসাতন্ত্র*)। ৫ কোনো বিশেষ মতবাদ (*সমাজতন্ত্র*)। ৬ ঝাড়ফুঁক (*মন্ত্রতন্ত্র*)। ৭ পন্থা। ৮ সিদ্ধান্ত। ৯ অধ্যায়। ১০ তাঁত। ১১ পশুর অন্ত্র। ১২ তার (*বীণাতন্ত্র*)। বিণ. অধীন (*পরতন্ত্র*)।

তন্ত্রকাষ্ঠ /তন্ত্রোকাশঠো/ [স. তন্ত্র+√কাশ্+থ] বি. তাঁত বোনার মাকু।

তন্ত্রতা /তন্ত্রোতা/ [স. তন্ত্র+তা] বি. ১ অধীনতা। ২ ষড়যন্ত্র। ৩ কৌশল। ৪ ঘনিষ্ঠতা, সান্নিধ্য; সম্বন্ধ। ৫ একসঙ্গে একাধিক কাজের সূচনা।

তন্ত্রধারক /তন্ত্রোধারক্/ [স. তন্ত্র+ধারক] বিণ. ধর্মীয় ক্রিয়াকাণ্ডের সময় পুথি দেখে পুরোহিতকে মন্ত্র-পাঠে সহায়তাকারী।

তন্ত্রধারী /তন্ত্রোধারি/ [স. তন্ত্র+√ধৃ+ইন] বিণ. দ্র তন্ত্রধারক।

তন্ত্রবায় /তন্ত্রোবায় / [স. তন্ত্র+√বে+অ] বি. ১ তাঁতি, তন্তুবায়। ২ মাকড়সা।

তন্ত্রশাস্ত্র /তন্ত্রোশাস্ত্রো/ [স. তন্ত্র+√শাস্+ত্র] বি. শিবের শক্তিসম্বন্ধীয় শাস্ত্রবিশেষ।

তন্ত্রসিদ্ধ /তন্ত্রোশিদ্ধো/ [স. তন্ত্র+√সিধ্+ত] বিণ. তন্ত্রসাধনায় সিদ্ধি অর্জন করেছে এমন।

তন্ত্রী[১] /তোন্ত্রি/ [স. √তন্ত্র+অ+ঈ] বি. ১ বীণা সেতার প্রভৃতি বাদ্যযন্ত্রের তার। ২ বীণা।

–তন্ত্রী[২] /তোন্ত্রি/ [স. √তন্ত্র+ইন্] বিণ. বিশেষ কোনো মতবাদের অনুসারী (*সমাজতন্ত্রী*); বিশেষ কোনো সম্প্রদায়ের অন্তর্ভুক্ত (*শৈবতন্ত্রী*)।

তন্দুর /তোনদুর্ / [ফা.] বি. রুটি বিস্কুট কেক প্রভৃতি খাদ্যবস্তু তাপ প্রয়োগ করে সেঁকার চুল্লিবিশেষ।

তন্দুরি /তোনদুরি / [ফা. তন্দুর >] বিণ. তন্দুরে সেঁকা হয়েছে এমন (*তন্দুরি রুটি*)।

www.pathagar.com

তন্দ্রা /তন্‌দ্রা / [স. √তন্দ্র্+অ+আ (টাপ্‌)] বি. ঘুমের আবেশ বা ঘোর, ঘুমঘুম ভাব।

তন্দ্রাচ্ছন্ন /তন্‌দ্রাচছন্‌নো / [স. তন্দ্রা+আ+√ছাদি+ত] বিণ. ঘুমবিজড়িত। বি. -তা /-তা/।

তন্দ্রাবিষ্ট /তন্‌দ্রাবিশ্‌টো / [স. তন্দ্রা+আ+√বিশ্‌+ত] বিণ. দ্র তন্দ্রাচ্ছন্ন।

তন্দ্রাবেশ /তন্‌দ্রাবেশ্‌ / [স. তন্দ্রা+আবেশ] বি. ১ ঘুমের আবেশ, নিদ্রাবেশ। ২ আলস্য।

তন্দ্রালস /তন্‌দ্রালশ্‌ / [স. তন্দ্রা+অলস] বি. তন্দ্রাজনিত অলসতা।

তন্দ্রালু /তন্‌দ্রালু / [স. তন্দ্রা+আলু] বিণ. ঘুমের ঘোরযুক্ত, তন্দ্রাচ্ছন্ন, নিদ্রালু।

তন্দ্রাহারা /তন্‌দ্রাহারা / [স. তন্দ্রা+√হৃ+অ+আ (টাপ্‌)] বিণ. তন্দ্রা নেই এমন, বিনিদ্র।

তন্দ্রিত /তোন্‌দ্রিতো / [স. তন্দ্রা+ইত] বিণ. ১ তন্দ্রাবেশযুক্ত, তন্দ্রাবিষ্ট। ২ অবসাদগ্রস্ত।

তন্নতন্ন /তন্‌নোতন্‌নো / [স. তন্ন+তদ্‌+ন] ক্রিবিণ. কোনো কিছু বাদ না দিয়ে, পুঙ্খানুপুঙ্খভাবে, আতিপাতি করে (*তন্নতন্ন করে খোঁজা*)।

তন্নিবন্ধন /তন্‌নিবন্‌ধন / [স. তৎ+নিবন্ধন] ক্রিবিণ. দ্র তন্নিমিত্ত।

তন্নিমিত্ত /তন্‌নিমিত্‌তো / [স. তৎ+নি+√মিদ্‌+ত] ক্রিবিণ. সেই উদ্দেশ্যে, তজ্জন্য।

তন্নিষ্ঠ /তন্‌নিশ্‌ঠো/ [স. তৎ+নি+√স্থা+অ] বিণ. কোনো বিষয়ে নিবিষ্ট, তন্মনস্ক, একাগ্র।

তন্বঙ্গী /তন্‌নোংগি/ [স. তন্ব+অঙ্গ+ইন্‌] বিণ. কৃশ ও কমনীয় দেহবিশিষ্ট, তন্বী, কৃশাঙ্গী।

তন্বী /তোন্‌নি/ [স. তনু+ঈ] বিণ. ক্ষীণ ও সুগঠিত অঙ্গবিশিষ্টা, কৃশাঙ্গী, ক্ষীণাঙ্গী।

তন্মন /তন্‌মন্‌/ [স. তদ্‌+মন্‌] বিণ. তন্মনস্ক।

তন্মনস্ক /তন্‌মনশ্‌কো/ [স. তৎ+মনস্ক] বিণ. একাগ্রচিত্ত, অভিনিবিষ্ট; বিভোর।

তন্ময় /তন্‌ময়্‌/ [স. তদ্‌+ময়ট্‌] বিণ. তদ্‌গতচিত্ত, তন্মনস্ক। বি. তন্ময়তা /তন্‌ময়োতা/।

তন্ময়ত্ব /তন্‌ময়ত্‌তো/ [স. তন্ময়+ত্ব] বি. বিভোরতা, তন্ময়তা; নিবিষ্টচিত্ততা, একাগ্রতা।

তন্মাত্র[১] /তন্‌মাত্‌ত্রো/ [স. তদ্‌+মাত্র] বিণ. কেবল সেটুকু, কেবল সেই পরিমাণ।

তন্মাত্র[২] /তন্‌মাত্‌ত্রো/ [স. তদ্‌+মাত্রা] বি. সাংখ্য-দর্শনমতে পঞ্চভূতের পাঁচটি গুণ (শব্দ স্পর্শ রূপ রস ও গন্ধ)।

তপ /তপ্‌ / [স. √তপ্‌+অ] বি. ১ সূর্য, তপন। ২ আতপ। ৩ গ্রীষ্মকাল। বিণ. তাপ দেয় এমন।

তপঃ /তপোহ্‌ / [স. √তপ্‌+অস্‌] বি. ১ কঠোর সাধনা, তপস্যা। ২ ব্রত।

তপঃকর /তপোক্‌কর্‌ / [স. তপঃ+কর] বিণ. তপস্যাকারী, তপস্বী।

তপঃক্লিষ্ট /তপোক্‌ক্লিশ্‌টো/ [স. তপঃ+√ক্লিশ্‌+ত] বিণ. তপস্যার কারণে ক্লান্ত ও শীর্ণ।

তপঃক্লেশ /তপোক্‌ক্লেশ্‌ / [স. তপঃ+√ক্লিশ্‌+অ] বি. তপস্যাজনিত কষ্ট।

তপঃপ্রভাব /তপোপ্‌প্রোভাব্‌ / [স. তপঃ+প্রভাব] বি. ১ তপস্যার দ্বারা অর্জিত শক্তি। ২ যোগলব্ধ বল।

তপঃসাধন /তপোশ্‌শাধোন্‌/ [স. তপঃ+সাধন] বি. তপস্যা।

তপঃস্থলী /তপোস্থোলি/ [স. তপঃ+স্থল+ঈ] বি. তপস্যার স্থান (বারাণসী কাশীক্ষেত্র প্রভৃতি)।

তপতী /তপোতি/ [স. √তপ্‌+অৎ+ঈ] বি. ১ সূর্যের পত্নী, ছায়াদেবী। ২ সূর্যের কন্যা। ৩ তাপ্তী নদী।

তপন /তপোন্‌ / [স. √তপ্‌+অন] বি. ১ সূর্য, ভানু। ২ গ্রীষ্মকাল। ৩ সূর্যকান্তমণি। ৪ আকন্দগাছ।

তপনতনয় /তপোন্‌তনয়্‌ / [স. তপন+তনয়] বি. ১ মহাভারতোক্ত সূর্যের পুত্র কর্ণ। ২ শনিদেব। ৩ যমরাজ।

তপনতনয়া /তপোন্‌তনয়া / [স. তপন+√তন্‌+অয়+আ (টাপ্‌)] বি. ১ সূর্যদুহিতা। ২ যমুনা। ৩ শমীবৃক্ষ।

তপনতপ্ত /তপোন্‌তপ্‌তো/ [স. তপন+√তপ্‌+ত] বিণ. রৌদ্রতপ্ত।

তপনতাপন /তপোন্‌তাপোন্‌ / [স. তপন+তাপন] বি. রবিকিরণ, সূর্যকর।

তপনমণি /তপোন্‌মোনি / [স. তপন+√মণ্‌+ই] বি. সূর্যকান্তমণি, আতশি কাচ।

তপনীয় /তপোনিয়ো/ [স. √তপ্‌+অনীয়] বিণ. তপ্ত করা যায় এমন, তাপ প্রয়োগের উপযুক্ত, দহনীয়।

তপশিল /তপ্‌শিল্‌ / [আ.] বি. ১ জমির চৌহদ্দির বিবরণ। ২ বিশেষ উদ্দেশ্যে প্রণীত তালিকা, schedule।

তপশিলি /তপ্‌শিলি/ [আ. তফসিল >] বিণ. তপশিলভুক্ত; তালিকাভুক্ত (*তপশিলি সম্প্রদায়*)।

তপশ্চরণ /তপোশ্‌চরোন্‌/ [স. তপস্‌+চরণ] বি. কঠোর সাধনা, তপস্যা।

তপশ্চর্যা /তপোশ্‌চোর্‌জা/ [স. তপস্‌+চর্যা] বি. দ্র তপশ্চরণ।

তপশ্চারণ /তপোশ্‌চারোন্‌/ [স. তপস্‌+চারণ] বি. দ্র তপশ্চরণ।

তপসে /তোপ্‌শে/ [স. তপস্বী >] বি. সমুদ্র ও

www.pathagar.com

নদীর মোহানায় বিচরণ করে এমন চিবুকে দীর্ঘ স্পর্শিযুক্ত অপেক্ষাকৃত বড়ো মুখবিশিষ্ট মাঝারি আকৃতির সুস্বাদু শিকারি মাছ, mangofish।

তপস্বী /তপোশ্‌শি/ [স. তপস্+বিন্] বি. বিণ. সংসার ত্যাগ করে একাগ্রচিত্তে ঈশ্বরের আরাধনা-কারী, ঋষি। স্ত্রী. **তপস্বিনী** /তপোশ্‌শিনি/।

তপস্যা /তপোশ্‌শা/ [স. √তপস্য+অ+আ (টাপ্)] বি. পাপক্ষয় স্বর্গলাভ জ্ঞানার্জন প্রভৃতি মহৎ উদ্দেশ্যে কঠোর সাধনা, কৃচ্ছ্রসাধনা।

তপস্যালব্ধ /তপোশ্‌শালব্‌ধো/ [স. তপস্যা+√লভ্+ত] বিণ. কঠোর সাধনাদ্বারা প্রাপ্ত।

তপাত্যয় /তপাত্‌তয়/ [স. তপ+অত্যয়] বি. গ্রীষ্মঋতুর অবসান, বর্ষাগম।

তপোধন /তপোধন্/ [স. তপস্+ধন] বি. তপস্যারূপ ধন; তপস্যাই যার সম্পদ।

তপোনিধি /তপোনিধি/ [স. তপস্+নিধি] বি. দ্র তপোধন।

তপোবন /তপোবোন্/ [স. তপস্+বন] বি. যে বনে মুনিঋষিগণ তপস্যা করেন, মুনিঋষিদের আশ্রম।

তপোবল /তপোবল্/ [স. তপস্+বল] বি. তপস্যালব্ধ শক্তি।

তপোভঙ্গ /তপোভংগো/ [স. তপস্+ভঙ্গ] বি. তপস্যায় বিঘ্ন; তপস্যার সমাপ্তি।

তপোময় /তপোময়্/ [স. তপস্+ময়ট্] বিণ. তপস্যায় মগ্ন, তপস্যারত। বি. পরমেশ্বর।

তপোমূর্তি /তপোমুর্‌তি/ [স. তপস্+√মূর্ছ্+তি] বি. ১ তপস্যার ফলে লব্ধ জ্যোতির্ময় রূপ। ২ তপস্বী।

তপোলোক /তপোলোক্/ [স. তপস্+লোক] বি. পুরাণে কল্পিত সপ্তভুবনের একটি।

তপ্ত /তপ্‌তো/ [স. √তপ্+ত] বিণ. ১ গরম, উষ্ণ (*তপ্ত বালি*)। ২ রুষ্ট (*তপ্ত বাক্য*)। ৩ ক্রুদ্ধ (*তপ্ত আঁখি*)। ৪ আগুনে শোধিত (*তপ্তকাঞ্চন*)।

তপ্তকাঞ্চন /তপ্‌তোকান্‌চন্/ [স. তপ্ত+কাঞ্চন] বি. আগুনে শোধিত উজ্জ্বল স্বর্ণ, নিখাদ সোনা।

তপ্তকাঞ্চনবর্ণ /তপ্‌তোকান্‌চনব্‌রনো/ [স. তপ্ত+কাঞ্চন+বর্ণ] বিণ. আগুনে শোধিত স্বর্ণের ন্যায় উজ্জ্বল রংবিশিষ্ট।

তপ্তকাঞ্চনসন্নিভ /তপ্‌তোকান্‌চনশ্‌নন্নিভো/ [স. তপ্তকাঞ্চন+সম্+নি+√ভা+অ] বিণ. আগুনে শোধিত সোনার মতো।

তফসির /তফ্‌সির্/ [আ.] বি. (বিশেষত পবিত্র কোরানের) ব্যাখ্যা, টীকা।

তফাত /তফ্‌াত্/ [আ. তফাওয়াৎ >] বি. পার্থক্য, প্রভেদ; ব্যবধান। বিণ. ১ পৃথক। ২ দূরগত।

তব /তবো/ [স.] সর্ব. (কাব্যে) তোমার (*সুন্দর বটে তব অঙ্গদখানি* রবীন্দ্র.)।

তবক[১] /তবোক্/ [আ.] বি. ১ সোনা বা রুপার পাত। ২ স্তর। ৩ গুচ্ছ, থোকা। ৪ সমূহ, শ্রেণি।

তবক[২] /তবোক্/ [ফা. তুপক >] বি. ১ ছোটো তোপ। ২ বন্দুকবিশেষ।

তবকি /তবোকি/ [ফা. তুপক >] বি. বিণ. বন্দুক-ধারী; গোলন্দাজ।

তবন /তবোন্/ [ফা. তহবন্দ >] বি. দেহের নিম্নাঙ্গে পরিধেয় বস্ত্রবিশেষ, লুঙ্গি।

তবররক /তবর্‌রক্/ [আ.] বি. প্রসাদ; পুণ্যবান ব্যক্তির স্পর্শপূত খাদ্যবস্তু।

তবররুক /তবর্‌রুক্/ [আ.] বি. দ্র তবররক।

ত-বর্গ /তবর্‌গো/ বি. ত (ৎ) থ দ ধ ন বর্ণ নিয়ে গঠিত বর্গ।

তবল[১] /তবোল্/ [ফা. তবর >] বি. যুদ্ধাস্ত্রবিশেষ; কুড়াল, কুঠার।

তবল[২] /তবোল্/ [আ.] বি. দ্র তবলা।

তবলচি /তবোল্‌চি/ [আ. তবল+তুর্. চি] বি. যে ব্যক্তি গানের সঙ্গে তবলা বাজায়, তবলাবাদক।

তবলদার /তবোল্‌দার্/ [ফা. তবরদার >] বিণ. কুঠার ধারণ করে এমন, কুঠারধারী। বি. কাঠুরে।

তবলা /তবলা/ [আ.] বি. একপ্রান্ত চামড়া দিয়ে আবৃত ঢাকজাতীয় তালযন্ত্রবিশেষ, তবল।

তবলা-বাঁয়া /তবলাবাঁয়া/ বি. তবলার সহায়করূপে বাম হাতে বাজানো হয় এমন আনদ্ধযন্ত্র।

তবলিগ /তোব্‌লিগ্/ [ফা.] বি. ১ ধর্মপ্রচার। ২ প্রচারণা।

তবলিয়া /তবোলিআ/ [আ. তবল >] বি. তবলচি, তবলাবাদক।

তবিয়ত /তোবিয়ত্/ [আ.] বি. ১ শারীরিক অবস্থা; স্বাস্থ্য। ২ মানসিক অবস্থা, মেজাজ, মর্জি।

তবিল /তোবিল্/ [আ. তহবিল >] বি. 'তহবিল'-এর বিকৃত রূপ।

তবিলদার /তোবিল্‌দার্/ [আ. তহবিল+ফা. দার] বি. 'তহবিলদার'-এর বিকৃত রূপ।

তবিলদারি /তোবিল্‌দারি/ [আ. তহবিল+ফা. দারি] বি. 'তহবিলদারি'-র বিকৃত রূপ।

তবু /তোবু/ [বা.] অব্য. তথাপি, তা সত্ত্বেও।

তবুও /তোবুও/ [বা.] অব্য. দ্র তবু।

তবে /তবে/ [বা.] অব্য. ক্রিবিণ. ১ তা হলে (*তবে আয় সবে আয়* রবীন্দ্র.)। ২ অতঃপর (*তবে*

www.pathagar.com

আসি)। ৩ তারপর, তখন (*আগে পড়ো তবে বুঝবে*)। ৪ কিন্তু (*তবে কি না*)। ৫ আক্রমণাত্মক ভাববাচক শব্দ (*তবে রে!*)।

তবেই /তবেই/ [বা.] ক্রিবিণ. তা হলেই।

তম[১] /তমো/ [স. √তম্+অস্] বি. ১ অন্ধকার, তমসা, তিমির। ২ প্রকৃতিজাত তিনটি গুণের (সত্ত্ব রজঃ তমঃ) তৃতীয়টি। ৩ অহংকার। ৪ পাপ।

–তম[২] /তমো/ [স. তমট্] বি. প্রত্যয়বিশেষ; সংখ্যার পূরক (*সপ্ততিতম*)। স্ত্রী. **তমী** /তোমি/।

–তম[৩] /তমো/ [স. তমপ্] অব্য. একাধিক বস্তু বা ব্যক্তির মধ্যে একজনের সর্বাধিক উৎকর্ষ বা অপকর্ষসূচক প্রত্যয় (*প্রিয়তম, নিকৃষ্টতম*)। স্ত্রী. **তমা** /তমা/।

তমদ্দুন /তমোদদুন্/ [আ.] বি. সংস্কৃতি; নগর-সভ্যতা। বিণ. সভ্য।

তমস /তমোস্/ [স. √তম্+অস্] বি. অন্ধকার।

তমসা /তমোশা/ [স. √তম্+অস্+আ (টাপ্)] বি. ১ পুরাণে বর্ণিত অযোধ্যার দক্ষিণে প্রবাহিত নদী-বিশেষ। ২ অন্ধকার।

তমসাচ্ছন্ন /তমোশাচ্ছন্নো/ [স. তমস্+আ+√ছাদি+ত] বিণ. অন্ধকারাচ্ছন্ন।

তমসাবৃত /তমোশাব্বৃতো/ [স. তমস্+আ+√বৃ+ত] বিণ. দ্র **তমসাচ্ছন্ন**।

তমসুক /তোমশুক্/ [আ.] বি. ঋণ-স্বীকারপত্র, খত (*বন্ধকি তমসুক*)।

তমস্বান /তমোশ্শান্/ [স. তমস্+বৎ] বিণ. দ্র **তমস্বী**।

তমস্বিনী /তমোশ্শিনি/ [স. তমস্+বিন্+ঈ] বিণ. অন্ধকারাচ্ছন্ন। বি. রাত্রি।

তমস্বী /তমোশ্শি/ [স. তমস্+বিন্] বিণ. অন্ধকার-ময়, তমোযুক্ত।

তমা /তমা/ [স. √তম্+অ+আ (টাপ্)] বি. রাত্রি, নিশা, যামিনী।

তমাল /তমাল্/ [স. √তম্+আল] বি. বসন্তকালে ফোটে এমন চারটি পাপড়িবিশিষ্ট গুচ্ছবদ্ধ সবুজাভ সাদা ফুল ও গাবসদৃশ গোলাকার অম্লস্বাদ ফল বা তার কালচে বাদামি রঙের বাকলবিশিষ্ট পত্রাচ্ছাদিত মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ (আনি. পূর্ব এশিয়া ও অস্ট্রেলিয়া), বনগাব।

তমালক /তমালক্/ [স. তমাল+ক] বি. ১ সুসনি শাক। ২ তেজপাতা।

তমালবন /তমাল্‌বোন্/ [স. তমাল+বন] বি. তমাল গাছের বন।

তমালবীথি /তমাল্‌বিথি/ [স. তমাল+√বিথ্+ই] বি. দুপাশে তমালশোভিত পথ; তমাল গাছের সারি।

তমালিকা /তমালিকা/ [স. তমাল+ইক+আ (টাপ্)] বি. ১ তমালবহুল স্থান। ২ ভুঁই আমলকী।

তমালিনী /তমালিনি/ [স. তমাল+ইন্+ঈ] বি. দ্র তমালিকা।

তমালী /তমালি/ [স. তমাল+ইন্] বি. ক্রান্তীয় অঞ্চলে জলাভূমির তীরে জাত মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ বা তার চারটি পাপড়িযুক্ত গন্ধহীন সাদাটে ফুল।

তমি /তোমি/ [স. √তম্+ই] বি. রাত্রি।

তমিজ /তোমিজ্/ [আ.] বি. ১ সভ্রমবোধ; আদব-কায়দা। ২ সুবিবেচনা।

তমিনাথ /তোমিনাথ্/ [স. তমি+নাথ] বি. চাঁদ।

তমিস্র /তোমিস্‌স্রো/ [স. তমস্+র] বি. অন্ধকার, তিমির, তমসা। বিণ. অন্ধকারময়।

তমিস্রপক্ষ /তোমিস্‌স্রোপোক্‌খো/ [স. তমিস্র+√পক্ষ্+অ] বি. কৃষ্ণপক্ষ।

তমিস্রা /তোমিস্‌স্রা/ [স. তমিস্র+আ (টাপ্)] বিণ. অন্ধকারাচ্ছন্ন। বি. ঘোর অন্ধকার রাত্রি।

তমোগুণ /তমোগুন্/ [স. তমস্+গুণ] বি. প্রকৃতিজাত তিনটি গুণের নিকৃষ্টতম গুণ (অজ্ঞানতা মোহ প্রভৃতি)।

তমোঘ্ন /তমোঘ্নো/ [স. তমস্+√হন্+অ] বিণ. অন্ধকারনাশক। বি. ১ সূর্য। ২ চন্দ্র। ৩ প্রদীপ। ৪ অগ্নি। ৫ জ্ঞান।

তমোজ্যোতি /তমোজ্‌জোতি/ [স. তমস্+√দ্যুত্+ইস্] বি. ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে ওড়ে এবং প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিতভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গবিশিষ্ট কীট, খদ্যোত, জোনাকি।

তমোনাশ /তমোনাশ্/ [স. তমস্+নাশ] বিণ. দ্র তমোহর।

তমোমণি /তমোমোনি/ [স. তমস্+মণি] বি. ১ জোনাকি, খদ্যোত। ২ গোমেদ।

তমোময় /তমোময়/ [স. তমস্+ময়ট্] বিণ. অন্ধকারময়, তমসাপূর্ণ।

তমোহর /তমোহরো/ [স. তমস্+√হৃ+অ] বিণ. অন্ধকার হরণকারী, তমোঘ্ন।

তমোহা /তমোহা/ [স. তমস্+√হন্+ক্বিপ্] বিণ. দ্র তমোহর।

তম্বি /তোম্বি/ [আ.] বি. ১ ভর্ৎসনা, তিরস্কার। ২ তর্জনগর্জন; হুমকি। ৩ জুলুম; তাড়না।

তম্বিতম্বা /তোম্বিতম্বা/ [আ. তম্বি>] বি. দ্র **তম্বি**।

www.pathagar.com

তম্বুর /তোম্‌বুর্‌ / [আ.] বি. সংগীত পরিবেশনকালে স্বরগ্রামের মূল চারটি স্বর ক্রমাগত বাজানো হয় এমন বীণাসদৃশ তারযন্ত্রবিশেষ, তানপুরা।

তম্বুরা /তোম্‌বুরা / [আ.] বি. দ্র তম্বুর।

তয়[১] /তয় / [আ.] বি. ১ অতিক্রমণ। ২ ভাঁজ, পাট।

তয়[২] /তয় / [বা.] অব্য. তবে; তারপর।

তয়খানা /তয়খানা / [ফা. তহ্‌খানা >] বি. মাটির নিচের ঘর, ভূগর্ভস্থিত কক্ষ, পাতালঘর।

তয়ম্মুম /তয়ম্মুম্‌ / [আ.] বি. (পানির অভাব বা অসুস্থতার কারণে) পানি দিয়ে অজু করার পরিবর্তে শুকনো মাটি দিয়ে দেহের পবিত্রতাসাধন, তায়াম্মুম।

তর[১] /তর্‌ / [স. ত্বরা >] বি. বিলম্ব, দেরি; অপেক্ষা (*তর সইছে না*)।

তর[২] /তর্‌ / [স. √তৃ+অ] বি. অতিক্রমণ, উত্তরণ।

তর[৩] /তর্‌ / [ফা.] বিণ. ১ বিভোর, নিমগ্ন, চুর (*নেশায় তর হওয়া*)। ২ জলসিক্ত।

–তর[৪] /তরো / [স. তরপ্‌] অব্য. দুইয়ের মধ্যে তুলনা (*ক্ষুদ্রতর*) আধিক্য আতিশয্য (*ঘোরতর অন্যায়*) প্রভৃতি সূচক প্রত্যয়বিশেষ।

তরকশ /তর্‌কশ্‌ / [ফা.] বি. বাণ রাখার আধার, তূণ।

তরকারি /তর্‌কারি / [বা.] বি. ১ রেঁধে খাওয়ার উপযোগী শাকসবজি, আনাজ। ২ ব্যঞ্জন।

তরক্কি /তরোক্‌কি / [আ.] বি. উন্নতি।

তরক্ষু /তরোক্‌খু / [স. তর+√ক্ষি+উ] বি. ১ হায়েনা। ২ নেকড়ে বাঘ।

তরঘাট /তর্‌ঘাট্‌ / [স. তর+বা. ঘাট] বি. নৌকা লঞ্চ প্রভৃতি জলযান ভিড়ানোর ঘাট; খেয়াঘাট।

তরঙ্গ /তরোংগো / [স. √তৃ+অঙ্গ] বি. ১ বাতাস বা অন্য কোনো শক্তির প্রভাবে তরল পদার্থের পৃষ্ঠতলের ওঠানামা, লহরি, বীচি, ঢেউ, ঊর্মি। ২ বিদ্যুৎ-চুম্বকীয় রশ্মির কম্পনাঙ্কনির্ভর উত্থান-পতনের অবয়ব।

তরঙ্গদল /তরোংগোদল্‌ / [স. তরঙ্গ+দল] বি. দ্র তরঙ্গমালা।

তরঙ্গভঙ্গ /তরোংগোভংগো / [স. তরঙ্গ+√ভন্‌জ্‌+অ] বি. ঢেউয়ের খেলা, ঊর্মিক্রীড়া।

তরঙ্গময় /তরোংগোময়্‌ / [স. তরঙ্গ+ময়ট্‌] বিণ. তরঙ্গায়িত, কল্লোলিত।

তরঙ্গমালা /তরোংগোমালা / [স. তরঙ্গ+মালা] বি. মালার মতো গাঁথা ঢেউয়ের পর ঢেউ, ঊর্মিমালা।

তরঙ্গলীলা /তরোংগোলিলা / [স. তরঙ্গ+লী+√লা+অ+আ (টাপ্‌)] বি. ঢেউয়ের খেলা।

তরঙ্গসংকুল /তরোংগোশংকুল্‌ / [স. তরঙ্গ+সম্‌+কুল] বিণ. তরঙ্গতাড়িত, তরঙ্গবিক্ষুব্ধ।

তরঙ্গাকুল /তরোংগাকুল্‌ / [স. তরঙ্গ+আকুল] বিণ. দ্র তরঙ্গসংকুল।

তরঙ্গাভিঘাত /তরোংগাভিঘাত্‌ / [স. তরঙ্গ+অভি+√হন্‌+ত] বি. ঢেউয়ের ধাক্কা, তরঙ্গের আঘাত।

তরঙ্গায়িত /তরোংগায়িতো / [স. তরঙ্গায়+ত] বিণ. ১ ঢেউ উঠেছে এমন। ২ ঢেউখেলানো, কুঞ্চিত।

তরঙ্গিণী /তরোংগিনি / [স. তরঙ্গ+ইন্‌+ঈ] বি. নদী, সরিৎ, স্রোতস্বিনী।

তরঙ্গিত /তরোংগিতো / [স. তরঙ্গ+ইত] বিণ. ১ তরঙ্গায়িত, আন্দোলিত। ২ চঞ্চল; বিক্ষুব্ধ।

তরঙ্গোচ্ছ্বাস /তরোংগোচ্ছ্বাশ্‌ / [স. তরঙ্গ+উচ্ছ্বাস] বি. ঢেউয়ের উত্থানপতন।

তরজমা /তর্‌জমা / [আ.] বি. এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরণ, অনুবাদ, ভাষান্তরণ।

তরজমাকারী /তর্‌জমাকারি / [আ. তরজমা+স. কারী] বিণ. অনুবাদক, ভাষান্তরকারী।

তরজা[১] /তর্‌জা / [আ.] বি. লোকগীতির লড়াই (যেখানে দুটি দল তাৎক্ষণিকভাবে রচিত গান গেয়ে পরস্পরকে আক্রমণ-প্রতিআক্রমণ করে)।

তরজা[২] /তর্‌জা / [আঞ্চ.] বি. বাঁশের তৈরি বেড়া।

তরণ /তরোন্‌ / [স. √তৃ+অন] বি. ১ এক পার থেকে অন্য পারে গমন, অতিক্রমণ। ২ যার সাহায্যে পার হওয়া যায়। ৩ পরিত্রাণ।

তরণি /তরোনি / [স. √তৃ+অনি] বি. ১ যার সাহায্যে পার হওয়া যায়। ২ সূর্য।

তরণ্ড /তরোন্‌ডো / [স. √তৃ+অণ্ড] বি. ১ তরণি। ২ ফাতনা।

তরতফাত /তর্‌তফাত্‌ / [আ.] বি. প্রভেদ, পার্থক্য (*সামান্য তরতফাত*)।

তরতম /তরোতমো / [স. তর+তম] বিণ. কমবেশি। বি. পার্থক্য।

তরতর /তর্‌তর্‌ / [ধ্বন্যা.] অব্য. বি. স্রোত প্রবাহ প্রভৃতির দ্রুততাবাচক ভাব (*তরতর করে বয়ে যাওয়া*)।

তরতরিয়ে /তর্‌তোরিয়ে / [বা.] ক্রিবিণ. স্বচ্ছন্দে ও দ্রুতগতিতে।

তরতাজা /তর্‌তাজা / [ফা.] বিণ. ১ টাটকা, সজীব। ২ জীবন্ত। ৩ নবীন।

তরতিব /তর্‌তিব্‌ / [আ.] বি. ১ কৌশল, পদ্ধতি; নিয়ম। ২ ক্রম।

তরপণ্য /তরোপোন্‌নো / [স. তর+√পণ্‌+য] বি.

www.pathagar.com

খেয়া পারাপারের মাশুল, পারানি।

তরপত /তরপত্/ [স. তালপত্র >] বি. তালপাতার তৈরি কানের অলংকারবিশেষ।

তরপদী /তরোপোদি/ [স. তর+√পদ্+ইন্] বি. যে-সকল জলচর প্রাণীর পায়ের আঙুল পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত। বিণ. লিপ্তপদ।

তরফ /তরোফ্/ [আ.] বি. ১ পক্ষ; দিক; পাশ, প্রান্ত। ২ জমিদারের খাজনা আদায়ের মহাল (*তরফ কাশিমপুর*)। ৩ জমিদারির ভাগ।

তরফদার /তরোফ্দার্/ [আ. তরফ+ফা. দার] বি. ১ তরফের মালিক। ২ তরফের রাজস্ব আদায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী। ৩ দল বা পক্ষের লোক। ৪ পদবিবিশেষ।

তরফা /তর্ফা/ [আ.] বিণ. ১ কোনো বিশেষ দিক বা পক্ষের (*একতরফা*)। ২ একপেশে।

তরবারি /তরোবারি/ [স. তর+√বৃ+ণিচ্+ই] বি. অসি, খড়্গ, কৃপাণ, তলোয়ার।

তরবেতর /তর্বেতর্/ [ফা.] বিণ. বহুবিধ, বিভিন্ন ধরনের, নানা রকমের।

তরমুজ /তোরমুজ্/ [ফা. তরবুজ >] বি. আফ্রিকা এবং উষ্ণমণ্ডলীয় অঞ্চলের বেলেমাটিতে চাষ করা হয় এমন মসৃণ সবুজ আবরণবিশিষ্ট ফুটিজাতীয় বৃহদাকার রসালো মিষ্টস্বাদ ফল বা তার বর্ষজীবী লতানে উদ্ভিদ, watermelon।

তরল /তরোল্/ [স. √তৃ+অল] বি. যে বস্তুর নিজস্ব কোনো আকৃতি নেই কিন্তু নির্দিষ্ট আয়তন আছে এবং যখন যে পাত্রে রাখা হয় সেই পাত্রের আকার ধারণ করে। বিণ. ১ তরল পদার্থের গুণবিশিষ্ট। ২ বিগলিত (*মন তরল হওয়া*)। ৩ লঘু (*তরলমতি*)।

তরলতা /তরোলতা/ [স. তরল+তা] বি. ১ তরল অবস্থা। ২ সংযমহীনতা।

তরলত্ব /তরোলত্তো/ [স. তরল+ত্ব] বি. দ্র তরলতা।

তরলনয়না /তরোল্নয়োনা/ [স. তরল+√নী+অন+আ (টাপ্)] বিণ. বি. দ্র তরলনয়নী।

তরলনয়নী /তরোল্নয়োনি/ [স. তরল+নয়ন+ঈ] বিণ. চঞ্চল নয়নবিশিষ্ট। বি. চঞ্চল নয়নবিশিষ্ট নারী।

তরললোচনা /তরোল্লোচোনা/ [স. তরললোচন+আ (টাপ্)] বিণ. বি. দ্র তরললনয়নী।

তরলিত /তরোলিতো/ [স. √তরলি+ত] বিণ. ১ গলিত, দ্রবীভূত। ২ বিগলিত। ৩ কম্পিত।

তরলীকরণ /তরোলিকরোন্/ [স. তরল+ঢ়ি+করণ] বি. দ্র তরলীভবন।

তরলীকৃত /তরোলিকৃতো/ [স. তরল+ঢ়ি+কৃত] বিণ. তরলে পরিণত করা হয়েছে এমন।

তরলীভবন /তরোলিভবোন্/ [স. তরল+ঢ়ি+ভবন] বি. (কঠিন বা বায়বীয় পদার্থকে) তরল পদার্থে পরিণতকরণ, দ্রবীভবন।

তরলীভূত /তরোলিভূতো/ [স. তরল+ঢ়ি+ভূত] বিণ. দ্র তরলীকৃত।

তরশু /তোরশু/ [স. তৎপরশ্ব >] বি. ক্রিবিণ. পরশুর পরবর্তী (বা পূর্ববর্তী) দিন।

তরস /তরোশ্/ [স. √তৃ+অস] বি. বেগ, গতি; বল। বিণ. বেগবান।

তরসা[১] /তরোশা/ [স. তরস >] অব্য. ক্রিবিণ. শীঘ্র, দ্রুত, তাড়াতাড়ি।

তরসা[২] /তর্শা/ [দেশি.] অব্য. তফাত; ফাঁক।

তরসানো /তরোশানো/ [দেশি.] ক্রিবি. ১ দুঃখ দেওয়া। ২ জ্বালাতন করা।

তরস্থান /তরোস্থান্/ [স. তরস্+স্থান] বি. পারাপারের ঘাট, খেয়াঘাট।

তরস্বান /তরোশ্শান্/ [স. তরস্+বৎ] বিণ. দ্র তরস্বী।

তরস্বী /তরোশ্শি/ [স. তরস্+বিন্] বিণ. ১ বেগবান, দ্রুতগামী। ২ বলবান।

তরা /তরা/ [বা.] ক্রিবি. ১ পার হওয়া; উত্তীর্ণ হওয়া। ২ উদ্ধার হওয়া।

তরাই /তরাই/ [হি.] বি. পাহাড়ের পাদদেশে ঝোপ-ঝাড়ে ঢাকা স্যাঁতসেঁতে স্থান।

তরাজু /তরাজু/ [ফা.] বি. তুলাদণ্ড, দাঁড়িপাল্লা।

তরানো /তরানো/ [বা.] ক্রিবি. ১ পার করা। ২ সংকট থেকে পরিত্রাণ করা; উদ্ধার করা।

তরাস /তরাশ্/ [স. ত্রাস >] বি. ১ ত্রাস। ২ সংকট।

তরি /তোরি/ [স. √তৃ+ই] বি. নৌকা, তরণি।

তরিক /তোরিক্/ [স. তর+ইক] বি. ১ খেয়া-ঘাটের মাঝি। ২ খেয়াঘাটের শুল্ক আদায়কারী।

তরিকা[১] /তোরিকা/ [আ.] বি. ১ প্রণালি; পথ। ২ ধারা।

তরিকা[২] /তোরিকা/ [স. তরি+কন্+আ (টাপ্)] বি. ছোটো নৌকা।

তরিত /তোরিতো/ [স. √তৃ+ণিচ্+ত] বিণ. ১ পার করা হয়েছে এমন। ২ উত্তীর্ণ।

তরিতরকারি /তোরিতর্কারি/ [হি. তরকারি >] বি. ১ রেঁধে খাওয়ার উপযোগী কাঁচা শাকসবজি, আনাজ, vegetable। ২ ব্যঞ্জন।

www.pathagar.com

তরিত্র /তোরিত্রো/ [স. তরি+√ত্রৈ+অ] বি. ১ যার সাহায্যে পার হওয়া যায়। ২ মাঝি।

তরিবত /তোরিবত্/ [আ.] বি. সভ্যতাভব্যতা, আদবকায়দা, সৌজন্যের রীতিনীতি।

তরু /তোরু/ [স. √তৃ+উ] বি. উদ্ভিদ।

তরুকুলেশ্বর /তোরুকুলেশ্শর/ [স. তরুকুল+ঈশ্বর] বি. আমগাছ (বাংলাদেশের জাতীয় বৃক্ষ)।

তরুকোটর /তোরুকোটোর্/ [স. তরু+কোটর] বি. গাছের গায়ে (গুঁড়ি বা কাণ্ডে) সৃষ্ট গর্ত।

তরুছায়া /তোরুছায়া/ [স. তরু+ছায়া] বি. গাছের ছায়া।

তরুণ /তোরুন্/ [স. √তৃ+উন] বিণ. ১ নবযৌবন লাভ করেছে এমন। ২ নতুন (*তরুণ পত্র*)। ৩ নবোদিত (*তরুণ সূর্য*)। ৪ অপরিণত (*তরুণ বয়স*)। বি. ১ নবযুবক। ২ কিশোর বালক।

তরুণতা /তোরুনতা/ [স. তরুণ+তা] বি. ১ তরুণ অবস্থা, তারুণ্য। ২ অপরিপক্কতা; অনভিজ্ঞতা। ৩ নবযৌবন। ৪ কৈশোর।

তরুণত্ব /তোরুনত্তো/ [স. তরুণ+ত্ব] বি. দ্র তরুণতা।

তরুণাস্থি /তোরুনাস্থি/ [স. তরুণ+√অস্+থি] বি. দেহের নরম ও কোমল হাড়, cartilage।

তরুণিম /তোরুনিম্/ [স. তরুণ+ইমন্] বি. দ্র তরুণিমা।

তরুণিমা /তোরুনিমা/ [স. তরুণ+ইমন্] বি. তারুণ্য।

তরুণী /তোরুনি/ [স. √তৃ+উন+ঈ] বি. বিণ. যুবতি।

তরুতল /তোরুতল্/ [স. তরু+তল] বি. গাছতলা।

তরুনখ /তোরুনখ্/ [স. তরু+নখ] বি. গাছের কাঁটা।

তরুবর /তোরুবর্/ [স. তরু+বর] বি. বট অশ্বত্থ তাল প্রভৃতি বড়ো গাছ; বনস্পতি।

তরুবীথি /তোরুবিথি/ [স. তরু+√বিথ্+ই] বি. ১ গাছের সারি। ২ দুই পাশে গাছের সারিযুক্ত পথ।

তরুভুক /তোরুভুক্/ [স. তরু+ভুক] বিণ. গাছ লতাপাতা প্রভৃতি খায় এমন। বি. পরগাছা।

তরুমর্মর /তোরুমর্মর্/ [স. তরু+মর্মর] বি. শুকনো পাতার মর্মর ধ্বনি।

তরুমূল /তোরুমুল্/ [স. তরু+মূল] বি. দ্র তরুতল।

তরুমৃগ /তোরুমৃগো/ [স. তরু+মৃগ] বি. বানর।

তরুরাগ /তোরুরাগ্/ [স. তরু+রাগ] বি. ১ কচিপাতা, কিশলয়। ২ ফুল।

তরুরাজ /তোরুরাজ্/ [স. তরু+রাজন্] বি. দ্র তরুবর।

তরুরুহ /তোরুরুহ/ [স. তরু+√রুহ্+অ] বি. পরগাছা।

তরুলতা /তোরুলতা/ [স. তরু+√লত্+অ+আ (টাপ্)] বি. ১ লতাকুঞ্জ, বৃক্ষবল্লরি। ২ পরগাছা।

তরুশাখা /তোরুশাখা/ [স. তরু+√শাখ্+অ+আ (টাপ্)] বি. গাছের ডালপালা।

তরুশির /তোরুশির্/ [স. তরু+শিরঃ] বি. গাছের ডগা বা চূড়া; মগডাল।

তরুসার /তোরুশার্/ [স. তরু+সার] বি. ১ গাছের সার অংশ। ২ কর্পূর।

তরে /তরে/ [স. অন্তর >] অব্য. (কাব্যে) উদ্দেশে; জন্য (*সকলের তরে সকলে আমরা*, কামিনী.)।

-তরো /তরো/ [আ.] বিণ. ধরনের, প্রকারের, শ্রেণির (*কেমনতরো*)।

তরোয়াল /তরোআল্/ [স. তরবারি >] বি. তরবারি, অসি, তলোয়ার।

তর্ক /তর্কো/ [স. √তর্ক্+অ] বি. ১ যুক্তি ও পালটা যুক্তি, কথা কাটাকাটি, বাদানুবাদ, বচসা। ২ ন্যায়-শাস্ত্র। ৩ সংশয়। ৪ হেতু। ৫ অনুমান, ধারণা।

তর্কক /তর্কোক্/ [স. √তর্ক্+অক] বিণ. তর্ক করে এমন, তার্কিক; নৈয়ায়িক।

তর্কজাল /তর্কোজাল্/ [স. তর্ক+জাল] বি. ১ বহু তর্ক। ২ তর্কের ফাঁদ; যুক্তিজাল।

তর্কতীর্থ /তর্কোতিরথো/ [স. তর্ক+√তৃ+থ] বি. ১ ন্যায়শাস্ত্রের গুরু। ২ নৈয়ায়িকের উপাধিবিশেষ।

তর্কবিজ্ঞান /তর্কোবিগ্‌গ্যান্/ [স. তর্ক+বিজ্ঞান] বি. দ্র তর্কশাস্ত্র।

তর্কবিতর্ক /তর্কোবিতর্কো/ [স. তর্ক+বিতর্ক] বি. অনুকূল ও প্রতিকূল যুক্তি প্রদর্শন-সহ কথা-কাটাকাটি, বাদপ্রতিবাদ।

তর্কবিদ্যা /তর্কোবিদ্দা/ [স. তর্ক+√বিদ্+য+আ (টাপ্)] বি. দ্র তর্কশাস্ত্র।

তর্কশাস্ত্র /তর্কোশাস্ত্রো/ [স. তর্ক+√শাস্+ত্র] বি. ন্যায়শাস্ত্র, logic।

তর্কাতর্কি /তর্কাতোর্কি/ [স. তর্কা+তর্ক+ই] বি. দ্র তর্কবিতর্ক।

তর্কাতীত /তর্কাতিতো/ [স. তর্ক+অতি+√ই+ত] বিণ. ১ বিতর্কের ঊর্ধ্বে। ২ তর্কের অনুপযুক্ত।

তর্কাভাস /তর্কাভাশ্/ [স. তর্ক+আভাস] বি. যুক্তিহীন তর্ক, কুতর্ক।

তর্কিত /তোর্কিতো/ [স. √তর্ক্+ত] বিণ. ১ বিচারিত। ২ অনুমিত। ৩ সম্ভাবিত। ৪ আলোচিত।

তর্কী /তোর্কি/ [স. √তর্ক্+ইন্] বিণ. ১ তার্কিক। ২ তর্কনিপুণ। বি. নৈয়ায়িক।

তর্কু /তোর্কু/ [স. √কৃৎ+উ] বি. চরকা, টাকু।

www.pathagar.com

তর্কেতর্কে /তর্‌কেতর্‌কে/ [স. তর্ক >] ক্রিবিণ. দ্র তক্কেতক্কে।

তর্জন /তর্‌জোন্‌/ [স. √তর্জ্‌+অন] বি. ১ ক্রোধযুক্ত আস্ফালন। ২ তীব্র ভর্ৎসনা। ৩ ভীতিপ্রদর্শন।

তর্জনগর্জন /তর্‌জোনগর্‌জোন্‌/ [স. তর্জন+গর্জন] বি. ক্রোধযুক্ত ভর্ৎসনা ও আস্ফালন।

তর্জনী /তর্‌জোনি/ [স. √তর্জ্‌+অন+ঈ] বি. হাতের বুড়ো আঙুল ও মধ্যমার মধ্যবর্তী আঙুল (যে আঙুল নেড়ে শাসানো হয়)।

তর্জা /তর্‌জা/ [বা.] ক্রিবি. আস্ফালন করা; ভীতি-প্রদর্শন করা।

তর্জানো /তর্‌জানো/ [বা.] ক্রিবি. ১ তর্জন করা, আস্ফালন করা, গর্জন করা। ২ শাসন করা।

তর্জিত /তোর্‌জিতো/ [স. √তর্জ্‌+ত] বিণ. ১ ভর্ৎসনা করা হয়েছে এমন। ২ ভয় দেখানো হয়েছে এমন।

তর্পণ /তর্‌পোন্‌/ [স. √তৃপ্‌+অন] বি. ১ মৃতের উদ্দেশে জলদান। ২ তৃপ্তিসাধন।

তর্পিত /তোর্‌পিতো/ [স. √তর্পি+ত] বিণ. ১ তর্পণ করা হয়েছে এমন। ২ তৃপ্তিপ্রাপ্ত।

তর্পী /তোর্‌পি/ [স. √তৃপ্‌+ইন্‌] বিণ. ১ তর্পণকারী। ২ তৃপ্তিকারক। স্ত্রী. **তর্পিণী** /তোর্‌পিনি/।

তল /তল্‌/ [স. √তল্‌+অ] বি. ১ নিচে অবস্থিত অংশ (*পদতল*)। ২ মূল (*বৃক্ষতল*)। ৩ নদী সাগর প্রভৃতির জলের নিম্নস্থ ভূমি (*নদীতল*)। ৪ পৃষ্ঠদেশ (*ধরাতল*)। ৫ হাতের চেটো (*করতল*)। ৬ ক্ষেত্র (*সমতল*)। ৭ ভবনের স্তর (*দ্বিতল*)।

তলতল /তল্‌তল্‌/ [দেশি.] অব্য. অতিশয় নরম বা থলথলে ভাব।

তলতলে /তল্‌তোলে/ [দেশি.] বিণ. প্রায় গলে গেছে এমন।

তলতা /তল্‌তা/ [দেশি.] বি. সরু ও ফাঁপা কান্ডবিশিষ্ট একজাতীয় বাঁশ।

তলদা /তল্‌দা/ [দেশি.] বি. দ্র তলতা।

তলদেশ /তলোদেশ্‌/ [স. তল+ √দিশ্‌+অ] বি. নিচের অঞ্চল, নিম্নদেশ।

তলপেট /তল্‌পেট/ [স. তলিকা >] বি. পেটের নিচের ভাগ, নাভির নিম্নদেশ।

তলপ্রহার /তল্‌প্রোহার্‌/ [স. তল+প্র+√হৃ+অ] বি. চপেটাঘাত, চড়।

তলব /তলোব্‌/ [আ.] বি. ১ ডাক; সমন। ২ বেতন।

তলবানা/তলোবানা/ [আ.] বি. সাক্ষীদের আদালতে হাজির হওয়ার আদেশ।

তলবি /তলোবি/ [আ. তলব >] বিণ. আদালতের সমনসংক্রান্ত।

তলযুদ্ধ /তলোজুদ্‌ধো/ [স. তল+√যুধ্‌+ত] বি. ১ মল্লযুদ্ধ। ২ পরস্পর হাতাহাতি।

তলা /তলা/ [স. তল >] বি. ১ নিম্নস্থান, তলদেশ (*পায়ের তলা*)। ২ পাদদেশ (*গাছতলা*)। ৩ স্থান (*ঝরনাতলা*)। ৪ গৃহের তল (*তিন তলা*)।

তলাতল /তলাতল্‌/ [স. তল+অতল] বি. পুরাণোক্ত কল্পিত সাতটি তলের চতুর্থটি।

তলানি /তলানি/ [বা.] বি. তরল পদার্থের যে অংশ নিচে থিতিয়ে পড়ে; গাদ, কাইট।

তলানো /তলানো/ [বা.] ক্রিবি. ১ ডুবে যাওয়া (*নদীতে তলানো*)। ২ কোনো কিছুর মধ্যে নিবিষ্ট হওয়া (*তলিয়ে দেখো*)। বিণ. ডুবে গেছে এমন।

তলাভিঘাত /তলাভিঘাত্‌/ [স. তল+অভি+√হন্‌+ত] বি. করতলের আঘাত, চপেটাঘাত, থাপ্পড়।

–তলি /তোলি/ [স. স্থল >] বি. শহরের নিকটবর্তী অঞ্চল, উপকণ্ঠ, প্রান্ত (*শহরতলি*)।

তলিত /তোলিতো/ [হি. তলনা >] বিণ. তেলে বা ঘিয়ে ভাজা হয়েছে এমন।

তলে তলে /তলে তলে/ ক্রিবিণ. গোপনে, আড়ালে।

তলোয়ার /তলোআর্‌/ [বা.] বি. তরবারি, অসি।

তল্প /তল্‌পো/ [স. √তল্‌+প] বি. ১ বিছানা, শয্যা (*তল্পকীট*); খাট। ২ গৃহ, ঘর।

তল্পক /তল্‌পক্‌/ [স. তল্প+√কৃ+অ] বি. ১ শয্যা-নির্মাতা, শয্যা প্রস্তুতকারক। ২ ফরাশ।

তল্পকীট/তল্‌পোকিট্‌/ [স. তল্প+কীট] বি. দ্রুত বংশ-বিস্তার করে এবং রক্ত শুষে খায় এমন তিন খন্ডে বিভক্ত দেহ (মস্তক বক্ষ ও উদর) ও ছয় পা-বিশিষ্ট লালচে ধূসর বর্ণের দুর্গন্ধযুক্ত অর্ধ-গোলাকার ক্ষুদ্র শয্যাকীট, ছারপোকা।

তল্পি /তোল্‌পি/ [স. তল্প >] বি. বিছানাপত্র বা বিবিধ জিনিসের বোঁচকা, গাঁটরি।

তল্পিতল্পা /তোল্‌পিতল্‌পা/ [বা.] বি. বিছানাপত্র কাপড়চোপড় প্রভৃতির বোঁচকা।

তল্পিদার /তোল্‌পিদার্‌/ [বা. তল্পি+ফা. দার] বি. দ্র তল্পিবাহক।

তল্পিবাহক /তোল্‌পিবাহক্‌/ [বা. তল্পি+স. বাহক] বি. ১ যে ব্যক্তি মোট বহন করে, তল্পিদার, মুটে। ২ (আল.) যে ব্যক্তি প্রভুর আজ্ঞা অনুসারে চলে।

তল্লাট /তল্‌লাট্‌/ [দেশি.] বি. ১ বহুদূরব্যাপী স্থান। ২ ভূভাগ। ৩ প্রদেশ; অঞ্চল।

তল্লাশ /তল্‌লাশ্‌/ [আ.] বি. খোঁজখবর, সন্ধান।

তল্লাশি /তল্‌লাশি/ [আ. তল্লাশ >] বি. তন্নতন্ন করে সন্ধান।

www.pathagar.com

তশতরি /তশ্‌তোরি/ [ফা. তশত >] বি. ছোটো রেকাবি; পিরিচ।

তশরিফ /তোশ্‌রিফ্‌/ [আ.] বি. ১ উপস্থিতি। ২ পদার্পণ।

তশিল /তোশিল্‌/ [আ.] বি. দ্র তহশিল।

তশিলদার /তোশিল্‌দার্‌/ [আ. তশিল+ফা. দার] বি. দ্র তহশিলদার।

তশিলদারি /তোশিল্‌দারি/ [আ. তশিল+ফা. দারি] বি. দ্র তহশিলদারি।

তষ্ট /তশ্‌টো/ [স. √তক্ষ্‌+ত] বিণ. ঘষে মসৃণ করা হয়েছে এমন; র‍্যাঁদা করা হয়েছে এমন।

তষ্টা /তশ্‌টা/ [স. √তক্ষ্‌+তৃ] বি. সূত্রধর, ছুতার।

তসবি /তোস্‌বি/ [আ.] বি. যে মালার গুটি গুনে জপ করা হয়, জপমালা।

তসর /তশোর্‌/ [স. √তন+সর] বি. গুটিপোকার লালা থেকে উৎপাদিত সুতা; ওই সুতার তৈরি মোটা রেশমি কাপড়।

তসলা /তশ্‌লা/ [হি.] বি. ১ দরজার খিল। ২ বড়ো মুখবিশিষ্ট রান্নার পাত্র।

তসলিম /তোস্‌লিম্‌/ [আ.] বি. (সম্মানসূচক) অভিবাদন, সালাম, নমস্কার।

তসল্লি /তসোল্‌লি/ [আ.] বি. ১ শান্তি। ২ প্রবোধ।

তস্কর /তশ্‌কর্‌/ [স. তদ্‌+√কৃ+অ] বিণ. অপহরণকারী, অপহারক। বি. চোর।

তস্করতা/তশ্‌করতা/ [স. তস্কর+তা] বিণ. তস্করের বৃত্তি, চোরামি।

তস্য /তোশ্‌শো/ [স. তদ্‌+স্য] সর্ব. তার, সেই ব্যক্তির।

তহ /তহ্‌/ [ফা.] বি. ১ ভাঁজ। ২ তল।

তহবিল /তহোবিল্‌/ [আ.] বি. ১ পুঁজি। ২ কোষাগার।

তহবিলদার /তহোবিল্‌দার্‌/ [আ. তহবিল+ফা. দার] বি. সঞ্চিত অর্থের কোষাধ্যক্ষ।

তহবিলদারি /তহোবিল্‌দারি/ [আ. তহবিল+ফা. দারি] বি. কোষাধ্যক্ষের কাজ।

তহরি /তহোরি/ [আ. তহর+ফা. ই] বি. ১ দলিল চিঠি প্রভৃতি লেখার পারিশ্রমিক। ২ প্রজার কাছ থেকে জমিদারের কর্মচারীর আদায়করা প্রাপ্য খাজনার অতিরিক্ত অর্থ। ৩ ক্রেতার পরিচারককে দোকানির দেওয়া বকশিশ।

তহশিল /তহোশিল্‌/ [আ.] বি. ১ খাজনা বা কর আদায়; রাজস্ব। ২ খাজনা গ্রহণের দপ্তর।

তহশিলদার /তহোশিল্‌দার্‌/ [আ. তহশিল+ফা. দার] বি. ১ তহশিলের ভারপ্রাপ্ত কর্মচারী। ২ খাজনা আদায়কারী, কর সংগ্রাহক; গোমস্তা।

তহশিলদারি /তহোশিল্‌দারি/ [আ. তহশিল+ফা. দারি] বি. তহশিলদারের বৃত্তি বা কাজ।

তহুরা /তোহুরা/ [আ.] বি. বেহেশতের শরাব।

তা[১] /তা/ [স. তদ্‌ >] অব্য. ১ কথার মাত্রাবিশেষ (*তা তুমি কখন এলে?*)। ২ তাতে (*তা আমি কী করতে পারি*)। সর্ব. সে, সেই বস্তু বা বিষয়।

তা[২] /তা/ [স. তাপ >] বি. ১ (সচরাচর হাঁস মুরগি পাখি প্রভৃতি) ডিম ফোটানোর জন্য ডিমের ওপর আলতোভাবে বসে দেহের তাপদান। ২ (আল.) গোপন প্ররোচনা, উসকানি।

তা[৩] /তা/ [ফা.] বি. কাগজের ফালি, এক দিস্তার চব্বিশ ভাগের একভাগ (*এক তা কাগজ*)।

তা[৪]/তা/ [স. তার >] বি. পাক, মোচড় (*গোঁফে তা দেওয়া*)।

তা[৫] /তা/ অব্য. ভাবার্থক তদ্ধিত প্রত্যয়বিশেষ; বিশেষণ পদের শেষে যুক্ত করলে বিশেষ্য পদে পরিণত হয় এমন প্রত্যয় (ভদ্র > ভদ্রতা)।

তাই[১] /তাই্‌/ [স. তদ্‌ >] সর্ব. সেই বস্তুই; সেই কাজই; 'তাহাই'-এর চলিত রূপ।

তাই[২] /তাই্‌/ [স. তস্মাৎ >] অব্য. সুতরাং, সে জন্য (*সময় মেলেনি, তাই সে যায়নি*)।

তাই[৩]/তাই্‌/ [ধ্বন্যা.] বি. (শিশুর) করতালি, হাততালি (*তাই তাই তাই, মামার বাড়ি যাই*)।

তাইতে /তাইতে/ [বা.] অব্য. সেইজন্য (*বৃষ্টি হচ্ছিল তাইতে যাওয়া হয়নি*)।

তাইতো /তাইতো/ অব্য. ১ উচ্ছ্বাস বিস্ময় প্রভৃতি ভাবপ্রকাশক উক্তি (*তাইতো, ঠিকই বলেছিলে!*)। ২ সেজন্য, তজ্জন্য।

তাই নাকি /তাই্‌ নাকি/ অব্য. বিস্ময় সন্দেহ বিদ্রূপ প্রশ্ন প্রভৃতি অর্থপ্রকাশক উক্তি (*তাই নাকি, তুমিও ছিলে সেখানে?*)।

তাইরে নাইরে /তাইরে নাইরে/ অব্য. বি. ১ গানের বোলবিশেষ। ২ দ্বিধাপ্রকাশ। ৩ কালক্ষেপণ।

তাউই /তাউই্‌/ [দেশি.] বি. ভাই বা বোনের শ্বশুর; 'তালই'-এর কথ্য রূপ।

তাউস /তাউস্‌/ [আ.] বি. ১ ময়ূর। ২ যে তারযন্ত্রের ঊর্ধ্বভাগ ময়ূরের মাথার মতো।

তাও[১] /তাও/ [স. তদ্‌ >] সর্ব. তাহাও (*তাও বলে দিতে হবে?*)।

তাও[২] /তাও/ [স. তাপ >] বি. ১ কাগজ বা কাপড় প্রভৃতির ভাঁজ। ২ উষ্ণতা, উত্তাপ, তাপ।

www.pathagar.com

তাওয়া[১] /তাওআ/ [ফা.] বি. ১ রুটি সেঁকার জন্য ব্যবহৃত ধাতুনির্মিত থালাসদৃশ পাত্র, চাটু। ২ মালসা। ৩ কলকের ছিদ্রের মুখের ওপর বসানোর ছোটো চাকতি, ঠিকরা। ৪ কামারশালায় যে হাপরের সাহায্যে বাতাস দেওয়া হয়।

তাওয়া[২] /তাওআ/ [স. তাপিত >] ক্রিবি. ১ তাতানো, গরম করা। ২ হাপরে পুড়িয়ে লাল করা। ৩ (আল.) উত্তেজিত করা, চটানো।

তাওয়ানো /তাওআনো/ [বা.] ক্রিবি. ১ উত্তপ্ত করা, হাপরে পুড়িয়ে লাল করা। ২ (আল.) উত্তেজিত করা। বিণ. উত্তেজিত করা হয়েছে এমন।

তাং /তাং/ [আ.] বি. 'তারিখ'-শব্দের সংক্ষিপ্ত রূপ।

তাঁকে /তাঁকে/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তিকে; 'তাঁহাকে'-শব্দের চলিত রূপ।

তাঁত /তাঁত্/ [স. তন্ত্র >] বি. ১ কাপড় বোনার হস্ত-চালিত যন্ত্র, বয়নযন্ত্র। ২ জীবজন্তুর নাড়ি শুকিয়ে তৈরি তন্তু, gut।

তাঁতঘর /তাঁত্ঘর/ [বা.] বি. তাঁতির কাপড় বোনার ঘর।

তাঁতশালা /তাঁত্শালা/ [বা. তাঁত+স. শালা] বি. দ্র তাঁতঘর।

তাঁতি /তাঁতি/ [স. তন্তি >] বি. বস্ত্র বয়নকারী, তন্তুবায়। স্ত্রী. **তাঁতিনি** /তাঁতিনি/।

তাঁদের /তাঁদের/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তি-বর্গের; 'তাঁহাদিগের' ও 'তাঁহাদের' শব্দদ্বয়ের কথ্য রূপ।

তাঁদেরকে /তাঁদেরকে/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তিদেরকে; 'তাঁহাদেরকে'-শব্দের কথ্য রূপ।

তাঁবু /তাঁবু/ [ফা. তাম্বু >] বি. খুঁটির সঙ্গে দড়ি বেঁধে সহজে খাটানো যায় এমন মোটা কাপড়ের অস্থায়ী ঘর, শিবির, tent।

তাঁবে /তাঁবে/ [আ.] ক্রিবিণ. অধীনতায়; কর্তৃত্বে।

তাঁবেদার /তাঁবেদার/ [আ. তাবে+ফা. দার] বি. ১ অনুগত ব্যক্তি। ২ অধীনস্থ ব্যক্তি। ৩ পরিচারক। বিণ. আজ্ঞাবহ, অনুগত।

তাঁবেদারি /তাঁবেদারি/ [আ. তাবে+ফা. দারি] বি. ১ তাঁবেদারের কাজ। ২ অধীন অবস্থা।

তাঁর /তাঁর/ [স. তদ্ >] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তির; 'তাঁহার'-শব্দের চলিত রূপ।

তাঁরা /তাঁরা/ [স. তদ্ >] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তিবর্গ; 'তাঁহারা'-শব্দের চলিত রূপ।

তাঁহাকে /তাঁহাকে/ [স. তদ্ >] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তিকে; 'তাঁকে'-শব্দের সাধু রূপ।

তাঁহাদিগের /তাঁহাদিগের/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তিবর্গের; 'তাঁদের'-শব্দের সাধু রূপ।

তাঁহাদের /তাঁহাদের/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তিদের; 'তাঁদের'-শব্দের সাধু রূপ।

তাঁহার /তাঁহার/ [স. তদ্ >] সর্ব. 'তাঁর'-শব্দের সাধু রূপ।

তাঁহারা /তাঁহারা/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) সেই ব্যক্তি-বর্গ; 'তাঁরা'-শব্দের সাধু রূপ।

তাক[১] /তাক্/ [স. তর্ক >] বি. ১ নিশানা, লক্ষ্য (*তাক করা*)। ২ অনুমান (*অন্ধকারে তাক করা*)। ৩ আক্রমণের প্রস্তুতি। ৪ বিস্ময়, বিহ্বলতা, হতবুদ্ধিতা (*তাক লাগানো*)।

তাক[২] /তাক্/ [আ.] বি. জিনিসপত্র রাখার জন্য ব্যবহৃত পাটাতনবিশেষ, থাক।

তাকত /তাকত্/ [আ.] বি. শক্তি, বল; সামর্থ্য।

তাকা /তাকা/ [বা.] ক্রিবি. ১ অমঙ্গল কামনা করা। ২ আন্দাজ বা অনুমান করা। ৩ অপেক্ষা করা।

তাকাতাকি /তাকাতাকি/ [বা.] বি. পরস্পর দৃষ্টি-বিনিময়, দেখাদেখি।

তাকানো /তাকানো/ [বা.] ক্রিবি. দৃষ্টিপাত করা, চেয়ে দেখা।

তাকিয়া /তাকিআ/ [ফা.] বি. হেলান দেওয়ার জন্য ব্যবহৃত বড়ো বালিশ।

তাকে /তাকে/ [স. তদ্ >] সর্ব. সেই ব্যক্তিকে; 'তাহাকে'-র চলিত রূপ।

তাগড়া /তাগড়া/ [হি. তগড়া >] বিণ. ১ বলিষ্ঠ ও লম্বাচওড়া। ২ হৃষ্টপুষ্ট, মোটাসোটা।

তাগা /তাগা/ [বা.] বি. ১ দেহে ধারণের জন্য মন্ত্রপূত সুতা, ডোর। ২ বাহুতে ধারণের অলংকারবিশেষ। ৩ সর্পাঘাতজনিত ক্ষতস্থান থেকে রক্ত চলাচল বন্ধ করার শক্ত বাঁধন, tourniquet।

তাগাড় /তাগাড়/ [ফা.] বি. ১ নির্মাণশিল্পে সিমেন্ট বালি প্রভৃতি বহন করার জন্য লোহার বড়ো কড়াইবিশেষ। ২ ধানের চারা রোপণ করার সময় চষা জমিতে জলসেচন করে তৈরি কাদা।

তাগাড়ি /তাগাড়ি/ [ফা. তাগাড় >] বি. দ্র তাগাড়।

তাগাদা /তাগাদা/ [আ.] বি. ১ পুনঃপুন অনুরোধ। ২ পাওনা আদায় বা উত্তর দেওয়ার তাগিদ।

তাগাদা দেওয়া /তাগাদা দেওআ/ ক্রিবি. ১ পাওনা আদায় বা উত্তর দেওয়ার জন্য তাগিদ দেওয়া। ২ স্মরণ করিয়ে দেওয়া।

তাগাদাপত্র /তাগাদাপত্রো/ [আ. তাগাদা+স. পত্র] বি. পাওনা টাকা ফেরত বা চিঠির উত্তর দেওয়ার

www.pathagar.com

অনুরোধ জানিয়ে প্রেরিত পত্র, অনুস্মারক।

তাগারি /তাগারি/ [ফা. তাগাড় >] বি. বড়ো রন্ধন-পাত্র।

তাগিদ /তাগিদ্/ [আ.] বি. ১ তাগাদা। ২ প্রেরণা। ৩ জরুরি প্রয়োজন।

তাগিদপত্র /তাগিদ্‌পত্‌ত্রো/ [আ. তাগিদ+স. পত্র] বি. দ্র তাগাদাপত্র।

তাচ্ছিল্য /তাচ্‌ছিল্লো/ [বা.] বি. ১ তুচ্ছজ্ঞান, হেয়জ্ঞান। ২ অবজ্ঞা, অনাদর; অশ্রদ্ধা।

তাজ /তাজ্/ [আ.] বি. ১ শিরোভূষণ, টোপর, টুপি। ২ মুকুট, crown।

তাজনি /তাজোনি/ [স. তর্জন >] বি. ১ ভর্ৎসনা, তিরস্কার। ২ ভীতিপ্রদর্শন।

তাজমহল /তাজ্‌মহোল্/ [আ. তাজ+ফা. মহল] বি. মোগলসম্রাট শাহজাহান কর্তৃক ভারতের আগ্রা নগরে যমুনা নদীর তীরে সম্রাজ্ঞী মমতাজমহলের স্মরণে নির্মিত স্মৃতিসৌধ।

তাজা /তাজা/ [ফা.] বিণ. ১ সদ্যপ্রাপ্ত, নতুন (*তাজা খবর*)। ২ টাটকা (*তাজা সবজি*)। ৩ জীবন্ত; প্রাণবন্ত, প্রফুল্ল (*তাজা প্রাণ*)।

তাজি /তাজি/ [ফা.] বি. আরবদেশীয় তেজি ও বেগবান ঘোড়া।

তাজিম /তাজিম্/ [আ.] বি. উঠে দাঁড়িয়ে সম্মান-প্রদর্শন, শ্রদ্ধা; সমাদর।

তাজিয়া /তাজিআ/ [আ.] বি. কারবালার শোকাবহ ঘটনার স্মরণে ইমাম হাসান-হোসেনের কবরের যে প্রতিকৃতি মহরমের মিছিলে বহন করা হয়।

তাজ্জব /তাজ্‌জব্/ [আ.] বিণ. ১ অদ্ভুত (*তাজ্জব ব্যাপার*)। ২ বিস্মিত। বি. বিস্ময়।

তাঞ্জাম /তান্‌জাম্/ [হি.] বি. মানুষ কাঁধে বহন করে নিয়ে যায় এমন পালকিসদৃশ শিবিকা, চতুর্দোলা, sedan chair।

তাড্যমান /তাড্‌ডোমান্/ [স. √তড়্+মান (শানচ্)] বিণ. ১ আঘাত করা হচ্ছে এমন। ২ বাদনরত।

তাড় /তাড়্/ [স. তাড়ঙ্ক >] বি. ১ আঘাত। ২ শব্দ। ৩ বাহুর অলংকারবিশেষ। ৪ পাহাড়। ৫ তালগাছ।

তাড়ক /তাড়ক্/ [স. √তাড়ি+অক] বিণ. ১ তাড়ন-কারী, জ্বালাতনকারী। ২ তাগাদাকারী।

তাড়কা /তাড়োকা/ [স. √তাড়ি+অক+আ (টাপ্)] বি. রামচন্দ্র কর্তৃক নিহত রাক্ষসীবিশেষ।

তাড়ন /তাড়োন্/ [স. √তড়্+অন] বি. দ্র তাড়না।

তাড়নজাত /তাড়োন্‌জাতো/ [স. তাড়ন+√জন্+ত] বিণ. আঘাতজনিত (*তাড়নজাত ধ্বনি*)।

তাড়না /তাড়োনা/ [স. √তড়্+অন+আ (টাপ্)] বি. ১ শাসন। ২ আঘাত। ৩ ভর্ৎসনা। ৪ নির্যাতন।

তাড়নী /তাড়োনি/ [স. √তড়্+অন+ঈ] বি. তাড়না বা প্রহার করার জন্য ব্যবহৃত অস্ত্রবিশেষ, চাবুক।

তাড়পত্র /তাড়্‌পত্‌ত্রো/ [স. তালপত্র >] বি. তাল-গাছের পাতা।

তাড়স /তাড়োশ্/ [স. তাড় >] বি. ব্যথার প্রভাব, বেদনাজনিত শারীরিক বিকার।

তাড়সে জ্বর /তাড়োশে জর্/ বি. গায়ে ব্যথা-সহ জ্বর।

তাড়া[১] /তাড়া/ [বা.] ক্রিবি. ধাওয়া করা। বি. ১ পশ্চাদ্ধাবন। ২ প্রহার। ৩ ধমক; ভর্ৎসনা। ৪ ভীতিপ্রদর্শন; আক্রমণাত্মক আচরণ।

তাড়া[২] /তাড়া/ [স. ত্বরা >] বি. ১ কোনো কাজ দ্রুত সম্পাদনের জন্য পীড়াপীড়ি। ২ ব্যস্ততা।

তাড়া[৩] /তাড়া/ [স. তাড় >] বি. গোছা, আঁটি, গুচ্ছ (*নোটের তাড়া*)।

তাড়াতাড়ি /তাড়াতাড়ি/ [বা.] ক্রিবিণ. অতি শীঘ্র, সত্বর, দ্রুততার সঙ্গে। বি. ব্যস্ততা, ত্বরা।

তাড়ানো /তাড়ানো/ [বা.] ক্রিবি. ১ দূরীভূত করা, (*ঘর থেকে তাড়ানো*)। ২ পশ্চাদ্ধাবন করা। ৩ তাড়না করে চরানো (*গোরু তাড়ানো*)।

তাড়াহুড়া /তাড়াহুড়া/ [বা.] বি. দ্রুততা; ব্যস্ততা।

তাড়াহুড়ো /তাড়াহুড়ো/ [বা.] বি. দ্র তাড়াহুড়া।

তাড়ি[১] /তাড়ি/ [বা.] বি. ছোটো গোছা বা তাড়া।

তাড়ি[২] /তাড়ি/ [স. তালকী >] বি. তাল বা খেজুরের রস গেঁজিয়ে তৈরি মাদকদ্রব্যবিশেষ।

তাড়িত[১] /তাড়িতো/ [স. √তড়্+ত] বিণ. ১ তাড়না করা হয়েছে এমন; বিতাড়িত। ২ অত্যাচারিত। ৩ ভর্ৎসিত, তিরস্কৃত। ৪ দণ্ডিত।

তাড়িত[২] /তাড়িত্/ [স. তড়িৎ+অ] বিণ. ১ বৈদ্যুতিক। ২ তড়িচ্চালিত। ৩ বিদ্যুৎ থেকে উৎপন্ন।

তাড়িতকণা /তাড়িত্‌কনা/ [স. তড়িত+কণা] বি. বিদ্যুতের স্ফুলিঙ্গ।

তাড়িতবার্তা /তাড়িত্‌বার্‌তা/ [স. তাড়িত+বার্তা] বি. বৈদ্যুতিক শক্তির সাহায্যে প্রেরিত বার্তা।

তাড়িতী /তাড়িতি/ [স. তাড়িত+ঈ] বি. বৈদ্যুতিক কাজে নিপুণ কারিগর; (পরি.) electrician।

তাড়ু[১] /তাড়ু/ [স. তর্দু >] বি. মিঠাই তৈরির জন্য ব্যবহৃত কাঠের চ্যাপটামুখ হাতাবিশেষ, ঘোটনদণ্ড।

তাড়ু[২] /তাড়ু/ [বা.] বিণ. ১ খেলাধুলায় আগ্রাসী মনোভাবাপন্ন। ২ আনাড়ি।

www.pathagar.com

তাড়ুয়া /তাড়ুআ/ [বা.] বিণ. তাড়াতে উদ্যত এমন (কাকতাড়ুয়া)।

তাণ্ডব /তান্‌ডব্‌/ [স. তণ্ডু+অ] বি. ১ তণ্ডুমুনি-উদ্ভাবিত নৃত্য; উদ্দাম নৃত্য; শিবের নৃত্য। ২ (আল.) প্রলয়ংকর ব্যাপার (*অগ্নির তাণ্ডবলীলা*)।

তাণ্ডবলীলা /তান্‌ডব্‌লিলা / [স. তাণ্ডব+লীলা] বি. ১ প্রলয়কালে শিবের উদ্দাম নৃত্য। ২ ধ্বংসলীলা।

তাত[১] /তাতো/ [স. √তন্+ত] বি. ১ পিতা, বাবা। ২ চাচা, কাকা, খুড়া, পিতৃব্য; পিতৃস্থানীয় গুরুজন। ৩ পুত্র বা পুত্রতুল্যকে স্নেহসম্বোধন।

তাত[২] /তাত্/ [স. তপ্ত >] বি. ১ আঁচ, তাপ, উত্তাপ। ২ (আল.) কড়া মেজাজ।

তাতা /তাতা/ [স. তপ্ত >] ক্রিবি. ১ তপ্ত হওয়া। ২ (আল.) ক্ষিপ্ত হওয়া।

তাতা থই /তাতা থোই/ বি. তাণ্ডব নৃত্য বা বাজনার বোলবিশেষ।

তাতানো /তাতানো/ [বা.] ক্রিবি. ১ উত্তপ্ত করা। ২ (আল.) ক্ষিপ্ত বা উত্তেজিত করা।

তাতার /তাতার্/ [ফ.] বি. মধ্য এশিয়ার যোদ্ধা জাতিবিশেষ।

তাতারস /তাতারশ্/ [বা. তাতা+স. রস] বি. জ্বাল দিয়ে ঘন করা আখ বা খেজুরের গরম রস, পাতলা গুড়।

তাতাল /তাতাল্/ [স. তপ্ত >] বি. রাং-ঝালাইয়ের কাজে ব্যবহৃত কাঠের হাতল ও তামার প্রান্ত-বিশিষ্ট লোহার শিক, soldering iron।

তাতে /তাতে/ [স. তদ্ >] সর্ব. ১ সেই ব্যক্তি বা বস্তুর মধ্যে; তার মধ্যে। ২ সেই কারণে (*তাতে ক্ষতি কী*)। ৩ তার ফলে। ৪ তার সঙ্গে (*তাতে আমাতে দেখা হয়নি*)। ৫ তা দিয়ে (*তাতে আমার কী লাভ*)। অব্য. ১ তবুও (*তাতেও সে রাজি নয়*)। ২ তদুপরি (*একে অন্ধকার তাতে ঝড়বৃষ্টি*)।

তাৎকালিক /তাত্‌কালিক্/ [স. তৎকাল+ইক] বিণ. ১ তদানীন্তন, তখনকার। ২ প্রস্তুতি ছাড়াই গ্রহণীয় (*তাৎকালিক সিদ্ধান্ত*)।

তাৎক্ষণিক /তাত্‌খোনিক্/ [স. তৎক্ষণ+ইক] বিণ. তৎকালীন। ক্রিবিণ. বিনা প্রস্তুতিতে, offhand।

তাৎপর্য /তাত্‌পোর্‌জো / [স. তৎপর+য] বি. ১ গূঢ় অর্থ, মর্মার্থ, ভাবার্থ। ২ গুরুত্ব। ৩ অভিপ্রায়।

তাৎপর্যবহ /তাত্‌পোর্‌জোবহো / [স. তাৎপর্য+√বহ্+অ] বিণ. তাৎপর্য বহন করে এমন।

তাত্ত্বিক /তাত্‌তিক্/ [স. তত্ত্ব+ইক] বিণ. ১ তত্ত্বজ্ঞ, তত্ত্ববিদ। ২ তত্ত্বসংক্রান্ত। ৩ তত্ত্বীয়, theoretical। ৪ যথার্থ, প্রকৃত। বি. তত্ত্বজ্ঞ ব্যক্তি (*প্রত্নতাত্ত্বিক*)।

তাথই /তাথোই্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ তাণ্ডব নৃত্যের বোলবিশেষ। ২ বাজনার বোলবিশেষ। ৩ তাতা থই।

তাথ্যিক /তাত্‌থিক্/ [স. তথ্য+ইক] বিণ. তথ্যমূলক।

তাদর্থ্য /তাদোর্‌থ্যো / [স. তদর্থ+য] বি. ১ তদর্থতা। ২ সেই হেতু, সেই কারণ; সেই প্রয়োজন।

তাদাত্ম্য /তাদাত্‌তো্/ [স. তদাত্মন্+য] বি. ১ নিবিড় ঐক্য। ২ অভেদ, অভিন্নতা।

তাদৃশ /তাদ্‌দৃশো / [স. তদ্+√দৃশ্+ক্বিপ্] বিণ. সেই প্রকার, সেইরকম, অদ্রূপ।

তাদের /তাদের্ / [স. তদ্ >] সর্ব. সেই ব্যক্তিবর্গের।

তা ধিন /তা ধিন্/ [ধ্বন্যা.] বি. নৃত্য বা তবলার বোলবিশেষ।

তান /তান্ / [স. √তন্+অ] বি. ১ সংগীতের সুর বা রাগের বিস্তার, সুরের আলাপ। ২ সুরেলা ধ্বনি।

তানকর্তব /তানকর্‌তব্ / [স. তান+হি. কর্তব] বি. সংগীতে স্বরবিন্যাসের কলাকৌশল।

তানপুরা /তান্‌পুরা / [আ. তম্বুরা >] বি. সংগীত পরিবেশনকালে স্বরগ্রামের মূল চারটি স্বর ক্রমাগত বাজানো হয় এমন বীণাসদৃশ তারযন্ত্র, তম্বুরা, তাম্বুরা।

তান্তব /তান্‌তব্ / [স. তন্তু+অ] বিণ. ১ তন্তুসংক্রান্ত। ২ তন্তুনির্মিত।

তান্ত্রিক /তান্‌ত্রিক্/ [স. তন্ত্র+ইক] বিণ. ১ তন্ত্রশাস্ত্রের বিধি অনুযায়ী সাধনা করে এমন, তন্ত্রসাধক। ২ তন্ত্রশাস্ত্রবিদ। ৩ তন্ত্রশাস্ত্রসম্বন্ধীয়।

তাপ /তাপ্ / [স. √তপ্+অ] বি. ১ যে শক্তি পদার্থের অণুর বিক্ষিপ্ত গতিদ্বারা প্রকটিত হয় এবং যা উষ্ণতর পদার্থ থেকে শীতলতর পদার্থে প্রবাহিত হয়। ২ (আল.) ক্রোধ। ৩ দুঃখ; অশান্তি।

তাপক /তাপক্/ [স. √তপ্+অক] বিণ. ১ তপ্ত করে এমন, তাপদায়ক। ২ দুঃখ দেয় এমন।

তাপক্লিষ্ট /তাপোক্লিশ্‌টো/ [স. তাপ+√ক্লিশ্+ত] বিণ. ১ যন্ত্রণায় কাতর। ২ জ্বরাক্রান্ত।

তাপত্রয় /তাপোত্‌ত্রয়্ / [স. তাপ+ত্রয়] বি. ত্রিবিধ দুঃখ (আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক), ত্রিবিধ তাপ।

তাপন /তাপোন / [স. √তাপি+অন] বি. ১ তাপ উৎপাদন। ২ তাপপ্রয়োগ, তাপদান। ৩ কন্দর্প-দেবের পঞ্চবাণের অন্যতম।

তাপনীয় /তাপোনিয়ো / [স. √তাপি+অনীয়] বিণ. তাপ প্রয়োগ করার উপযুক্ত।

www.pathagar.com

তাপপ্রবাহ /তাপোপ্রোবাহো/ [স. তাপ+প্র+√বহ্+অ] বি. প্রচন্ড উত্তাপ, উষ্ণতার স্রোত।

তাপমান /তাপোমান্/ [স. তাপ+মান] বি. ১ উষ্ণতার মাত্রা। ২ উষ্ণতার পরিমাপক, থার্মোমিটার।

তাপস /তাপোশ্/ [স. তপস্+অ] বিণ. তপস্যাকারী। বি. তপস্বী, দরবেশ। স্ত্রী. তাপসী /তাপোশি/।

তাপহর /তাপোহরো/ [স. তাপ+√হৃ+অ] বিণ. ১ ক্রোধ বা তাপ হরণ করে এমন। ২ দুঃখনাশক।

তাপহরণ /তাপোহরোন্/ [স. তাপ+হরণ] বি. ক্ষোভ বা মনস্তাপ দূরীকরণ।

তাপহারী /তাপোহারি/ [স. তাপ+√হৃ+ইন্] বিণ. ক্ষোভ বা দুঃখ হরণকারী।

তাপা /তাপা/ [বা.] ক্রিবি. দ্র তাপানো।

তাপানো /তাপানো/ [বা.] ক্রিবি. ১ তপ্ত করা। ২ আগুন পোহানো।

তাপার্ত /তাপার্তো/ [স. তাপ+আর্ত] বিণ. ১ তপ্ত, তাপিত। ২ দুঃখপ্রাপ্ত, ব্যথিত।

তাপিত /তাপিতো/ [স. √তাপি+ত] বিণ. ১ উত্তপ্ত, তাপপ্রাপ্ত। ২ দুঃখপ্রাপ্ত, দুঃখিত, ব্যথিত।

তাপী /তাপি/ [স. √তাপি+ইন্] বিণ. ১ তাপযুক্ত। ২ সন্তাপযুক্ত, দুঃখপ্রাপ্ত।

তাপীয় /তাপিয়ো/ [স. তাপ+ঈয়] বিণ. তাপসম্বন্ধীয়, thermal।

তাপ্পি /তাপ্পি/ [স. তল্পিকা >] বি. ছিন্নবস্ত্র সংস্কারের জন্য সেলাই করে লাগানো তালি।

তাবড় /তাবড়্/ [বা.] বিণ. তার চেয়ে বড়ো; বড়ো।

তাবড় তাবড় /তাবড়্ তাবড়্/ বিণ. ১ বড়ো বড়ো। ২ তা থেকে বড়ো।

তাবৎ /তাবত্/ [স. তদ্+বৎ] বিণ. ১ সমুদয়। ২ ওই পরিমাণ। অব্য. ততক্ষণ। সর্ব. সকল লোক।

তাবাস /তাবাশ্/ [আ.] বি. অন্বেষণ, খোঁজ।

তাবিজ /তাবিজ্/ [আ.] বি. লোকবিশ্বাসমতে বিপত্তারণের জন্য দেহে ধারণ করা হয় এমন শাস্ত্রবাণী বা প্রতীকী বস্তু সংবলিত ধাতব আধার।

তাবুত /তাবুত্/ [আ.] বি. ১ শবাধার, কফিন। ২ মরদেহ বহনের খাটুলি। ৩ তাজিয়া।

তামড়ি /তামড়ি/ [স. তাম্র >] বি. তামাটে বর্ণের উপরত্নবিশেষ, garnet।

তামরস /তামোরশ্/ [স. তামর+√সস্+অ] বি. ১ পদ্ম। ২ তামা। ৩ স্বর্ণ। ৪ সংস্কৃত ছন্দবিশেষ।

তামলি /তামোলি/ [স. তাম্বূলিক >] বি. ১ পান বিক্রি করে জীবিকানির্বাহ যার পেশা। ২ পান-ব্যবসায়ী জাতি।

তামস /তামোশ/ [স. তমস্+অ] বিণ. দ্র তামসিক।

তামসিক /তামোশিক/ [স. তমস্+ইক] বিণ. ১ তমোগুণসংক্রান্ত। ২ তমোগুণপূর্ণ। ৩ মেঘাচ্ছন্ন। ৪ (আল.) অজ্ঞতাপ্রসূত।

তামসিকতা /তামোশিকতা/ [স. তামসিক+তা] বি. ১ মোহান্ধতা। ২ মেঘাচ্ছন্নতা।

তামা /তামা/ [স. তাম্র >] বি. উৎকৃষ্ট তাপ ও বিদ্যুৎ পরিবাহী ঘাতসহ উজ্জ্বল লালচে মৌলিক ধাতু যার পারমাণবিক সংখ্যা ২৯, তাম্র, copper।

তামাক /তামাক্/ [দেশি.] বি. ১ উষ্ণমন্ডলীয় অঞ্চলে জাত ও বসন্তকালে ফোটে এমন ঘণ্টাকৃতি গোলাপি ফুল এবং মাদকদ্রব্যরূপে ব্যবহৃত সূক্ষ্ম লোমাবৃত লম্বাটে বড়ো পাতা বা তার বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ), ধূম্রপর্ণী। ২ ঝোলা গুড় ও অন্যান্য মসলা মিশিয়ে তৈরি ওই পাতার চূর্ণ।

তামাকু /তামাকু/ [দেশি.] বি. দ্র তামাক।

তামাটে /তামাটে/ [স. তাম্র >] বিণ. তামার মতো বর্ণযুক্ত, তাম্রাভ।

তামাদি /তামাদি/ [আ.] বিণ. দাবি করার নির্দিষ্ট সময় অতিক্রান্ত হয়েছে এমন।

তামাম /তামাম্/ [আ.] বিণ. সমগ্র, সমস্ত।

তামাশা /তামাশা/ [ফা.] বি. ১ কৌতুক, পরিহাস। ২ খেলা; বাজি। ৩ বাজিকরের কৌশল।

তামিল[১] /তামিল/ [আ.] বি. আজ্ঞাপালন।

তামিল[২] /তামিল/ [তামি.] বি. দক্ষিণ ভারতের তামিলনাড়ু অঞ্চলের অধিবাসী বা তাদের ভাষা।

তামিস্র /তামিস্রো/ [স. তমিস্রা+অ] বি. ১ কৃষ্ণপক্ষ। ২ ভোগেচ্ছার ব্যাঘাতজনিত ক্রোধ। ৩ অবিদ্যা-বিশেষ। ৪ নরকবিশেষ। বিণ. নিশাচর।

তাম্বু /তাম্বু/ [ফা.] বি. তাঁবু।

তাম্বুরা /তাম্বুরা/ [আ. তম্বুর >] বি. সংগীত পরিবেশনকালে স্বরগ্রামের মূল চারটি স্বর ক্রমাগত বাজানো হয় এমন বীণাসদৃশ তারযন্ত্র, তম্বুরা, তানপুরা।

তাম্বূল /তাম্বুল/ [স. √তম্+উল] বি. ভারতীয় উপমহাদেশের আর্দ্র অঞ্চলে ছায়াঢাকা মাচায় চাষ করা হয় এমন শক্ত ও ভঙ্গুর ডাঁটাবিশিষ্ট বর্ষ-জীবী বীরুৎশ্রেণির চিরহরিৎ লতানে উদ্ভিদ বা তার ঝাঁজালো পাতা (আনি. ভারত চীন ও মালয়েশিয়া), পান, নাগলতা, নাগবল্লী, নাগবল্লরী।

তাম্বূলকরঙ্ক /তাম্বুল্করোংকো/ [স. তাম্বূল+√কৃ+অঙ্ক] বি. দ্র তাম্বূলপেটিকা।

www.pathagar.com

তাম্বূলপেটিকা /তাম্‌বুল্‌পেটিকা/ [স. তাম্বূল+পেটক+আ (টাপ্)] বি. পান সুপারি প্রভৃতি রাখার ঢাকনাওয়ালা ধাতব পাত্র, পানের বাটা।

তাম্বূলরাগ /তাম্‌বুল্‌রাগ্/ [স. তাম্বূল+রাগ] বি. পান চিবানোর পর ঠোঁটের যে রং হয়।

তাম্বূলিক /তাম্‌বুলিক্/ [স. তাম্বূল+ইক] বিণ. পান ব্যবসায়ে নিযুক্ত; পানসংক্রান্ত। বি. পান ব্যবসায়ী।

তাম্বূলী /তাম্‌বুলি/ [স. তাম্বূল+ইন্] বিণ. বি. দ্র তাম্বূলিক।

তাম্র /তাম্‌ম্রো/ [স. √তম্+র] বি. দ্র তামা।

তাম্রকার /তাম্‌ম্রোকার্/ [স. তাম্র+√কৃ+অ] বি. যে ব্যক্তি তামার পাত্র প্রস্তুত করে, কাঁসারি।

তাম্রকুণ্ড /তাম্‌ম্রোকুন্‌ডো/ [স. তাম্র+√কুণ্ড্+অ] বি. পূজায় ব্যবহৃত তামার তৈরি পাত্রবিশেষ, কোষা।

তাম্রকূট /তাম্‌ম্রোকুট্/ [স. তাম্র+কূট] বি. দ্র তামাক।

তাম্রপট /তাম্‌ম্রোপট্/ [স. তাম্র+পট] বি. দ্র তাম্রপট্ট।

তাম্রপট্ট /তাম্‌ম্রোপট্‌টো/ [স. তাম্র+√পট্+ত] বি. তামার পাতে খোদাই করা নৃপতির আদেশ, তাম্রপত্র, তাম্রপট।

তাম্রপত্র /তাম্‌ম্রোপত্‌ত্রো/ [স. তাম্র+পত্র] বি. দ্র তাম্রপট্ট।

তাম্রপল্লব /তাম্‌ম্রোপল্‌লোব্/ [স. তাম্র+পল্লব] বি. ১ লাল রঙের পাতা, রক্তপল্লব। ২ রক্তচন্দন বৃক্ষের পাতা। ৩ অশোক বৃক্ষের পাতা।

তাম্রপাত্র /তাম্‌ম্রোপাত্‌ত্রো/ [স. তাম্র+পাত্র] বি. তামার তৈরি পাত্র।

তাম্রপুষ্প /তাম্‌ম্রোপুশ্‌পো/ [স. তাম্র+√পুষ্প+অ] বি. গ্রীষ্মকালে ফোটে এমন সাদা লাল বেগুনি প্রভৃতি রঙের দুটি পাপড়িবিশিষ্ট মৃদুগন্ধ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন আদাজাতীয় কান্ডহীন বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া), ভুঁইচাঁপা।

তাম্রফলক /তাম্‌ম্রোফলোক্/ [স. তাম্র+ফলক] বি. দ্র তাম্রশাসন।

তাম্রবর্ণ /তাম্‌ম্রোবরনো/ [স. তাম্র+বর্ণ] বি. তামার মতো লালচে রং। বিণ. তামাটে রঙের।

তাম্রযুগ /তাম্‌ম্রোজুগ্/ [স. তাম্র+যুগ] বি. খ্রিষ্টপূর্ব পঞ্চম সহস্রাব্দের শেষভাগ থেকে তৃতীয় সহস্রাব্দ পর্যন্ত কাল, নব্য প্রস্তরযুগ ও ব্রোঞ্জযুগের মধ্যবর্তী যুগ।

তাম্রলিপি /তাম্‌ম্রোলিপি/ [স. তাম্র+√লিপ্+ই] বি. দ্র তাম্রশাসন।

তাম্রলিপ্ত /তাম্‌ম্রোলিপ্‌তো/ [স. তাম্র+√লিপ্+ত] বি. বাণিজ্যপীঠরূপে খ্যাত প্রাচীন নগর, তমলুক।

তাম্রশাসন /তাম্‌ম্রোশাশোন/ [স. তাম্র+শাসন] বি. তামার পাতে খোদাই করা রাজাজ্ঞা, তাম্রপত্র।

তাম্রসার /তাম্‌ম্রোশার/ [স. তাম্র+সার] বি. গ্রীষ্মকালে ফোটে এমন ছোটো ছোটো হলুদাভ ফুল বা তার দ্রুত বর্ধনশীল রক্তবর্ণ কান্ডবিশিষ্ট মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ (আনি. চীন মালয়েশিয়া ও পূর্ব-ভারত), রক্তচন্দন।

তাম্রাক্ষ /তাম্‌ম্রাক্‌খো/ [স. তাম্র+অক্ষি] বি. ১ রক্তবর্ণ চোখ। ২ কোকিল। বিণ. রক্তবর্ণ চোখবিশিষ্ট।

তাম্রাভ /তাম্‌ম্রাভো/ [স. তাম্র+আভা] বিণ. তামাটে। বি. রক্তচন্দন।

তাম্রাশ্ম /তাম্‌ম্রাশ্‌শোঁ/ [স. তাম্র+অশ্মন্] বি. পদ্মরাগমণি, চুনি, রক্তমণি, ruby।

তাম্রিক /তাম্‌ম্রিক্/ [স. তাম্র+ইক] বিণ. ১ তাম্রময়। ২ তামার তৈরি। বি. কাঁসারি।

তায় /তায়্/ [বা.] সর্ব. তাকে। অব্য. তার ওপর।

তায়দাদ /তায়্‌দাদ্/ [আ.] বি. ১ জমির চৌহদ্দির বিবরণসংবলিত দলিল। ২ পরিমাণ নির্ধারণ। ৩ সংখ্যা।

তায়াম্মুম /তায়াম্‌মুম্/ [আ.] বি. (পানির অভাব বা অসুস্থতার কারণে) পানি দিয়ে অজু করার পরিবর্তে শুকনো মাটি দিয়ে দেহের পবিত্রতাসাধন, তয়ম্মুম।

তার[১] /তার্/ [স. তদ্ >] সর্ব. ১ সেই ব্যক্তির। ২ সেই বস্তু বা বিষয়ের।

তার[২] /তার্/ [ফা.] বি. ১ ধাতুর তৈরি সুতা (*তামার তার*)। ২ বাদ্যযন্ত্রের তন্ত্রী (*বীণার তার*)। ৩ (অধুনালুপ্ত) তারের সাহায্যে প্রেরিত বার্তা, টেলিগ্রাম (*তারবার্তা*)।

তার[৩] /তার্/ [স. √তারি+অ] বিণ. অতি উচ্চ; তীব্র (*তারস্বর*)। বি. ১ উত্তরণ, অতিক্রম। ২ উদ্ধার।

তার[৪] /তার্/ [স. তার >] বি. স্বাদ; রসগ্রহণ (*ঝোলের তার*)।

তার[৫] /তারো/ [স. তার >] অনুক্রি. ত্রাণ করো।

তারক /তারোক্/ [স. √তারি+অক] বিণ. ত্রাণকর্তা। বি. ১ যে উদ্ধার করে। ২ কর্ণধার। ৩ ভেলা। ৪ চোখের মণি। ৫ নক্ষত্র। ৬ অসুরবিশেষ।

তারকনাথ /তারোক্‌নাথ/ [স. তারক+নাথ] বি. শিব।

তারকা /তারোকা/ [স. তারা+কন্+আ (টাপ্)] বি. ১ রাতে মহাকাশে দৃশ্যমান আলোকবিন্দুর মতো জাজ্বল্যমান মহাজাগতিক গ্যাসীয় বস্তু, নক্ষত্র। ২ চোখের তারা, pupil। ৩ বিনোদন ক্রীড়া প্রভৃতি ক্ষেত্রে প্রতিভাবান চরিত্র। ৪ মুদ্রিত পাঠে টীকা

www.pathagar.com

নির্দেশ করার জন্য ব্যবহৃত চিহ্ন (*)।

তারকাঁটা /তারকাঁটা/ [ফা. তার+বা. কাঁটা] বি. ধাতব ছোটো পেরেক; কীলক।

তারকাচিহ্ন /তারোকাচিন্ɲho/ [স. তারকা+√চিহ্ন+অ] বি. বিশেষ দৃষ্টি আকর্ষণের উদ্দেশ্যে ব্যবহৃত '*' চিহ্ন।

তারকামণ্ডিত /তারোকামোন্ডিতো/ [স. তারকা+√মণ্ড্+ত] বিণ. ১ তারায় ভরা, তারকাশোভিত। ২ গুণিজনের সমাবেশে সমৃদ্ধ।

তারকাহীন /তারোকাহিন্/ [স. তারকা+√হা+ত] বিণ. নক্ষত্রশূন্য।

তারকিনী /তারোকিনি/ [স. তারকা+ইন্+ঈ] বিণ. নক্ষত্রশোভিতা, তারকাময়ী। বি. রাত্রি।

তারণ /তারোন/ [স. √তারি+অন] বি. ত্রাণ।

তারণি /তারোনি/ [স. √তারি+অনি] বি. নৌকা ভেলা প্রভৃতি।

তারতম্য /তারোতোম্মো/ [স. তরতম+য] বি. ১ পার্থক্য। ২ কমবেশি, ন্যূনাধিক্য। ৩ ইতরবিশেষ।

তারপর /তারপর্/ [বা.] অব্য. ক্রিবিণ. অতঃপর।

তারপলিন /তারপোলিন্/ [ই.] বি. মোটা ও ঘন বুনটের জলনিরোধক কাপড়, আলকাতরার প্রলেপযুক্ত মোটা কাপড়, ত্রিপল।

তারবাবু /তারবাবু/ [ফা. তার+হি. বাবু] বি. টেলিগ্রাফ অফিসের দায়িত্বে নিযুক্ত কর্মচারী (অধুনালুপ্ত)।

তারবার্তা /তারবার্তা/ [ফা. তার+স. বার্তা] বি. (অধুনালুপ্ত) তারের সাহায্যে প্রেরিত বার্তা, টেলিগ্রাম।

তারল্য /তারোল্লো/ [স. তরল+য] বি. ১ কোনো সম্পদের বিনিময়ে তাৎক্ষণিকভাবে কী পরিমাণ নগদ অর্থ পাওয়া সম্ভব তার পরিমাপ, তরলতা, liquidity। ২ দ্রবতা। ৩ অস্থিরমতিত্ব, চপলতা।

তারসপ্তক /তারশপ্তোক্/ [স. তার+√সপ্তন্+ক (স্বার্থে)] বি. সংগীতে চড়া সুরের সপ্তক।

তারসানাই /তারশানাই/ [ফা.] বি. বাঁশের ফ্রেমে টানটান করে বাঁধা তারের বাদ্যযন্ত্র (বেহালা সদৃশ)।

তারস্বর /তারোশ্শর/ [স. তার+স্বর] বি. অতি উচ্চরব (*তারস্বরে চিৎকার*)।

তারা[১] /তারা/ [স. তার+আ (টাপ্)] বি. ১ নক্ষত্র। ২ চোখের মণি। ৩ সুরসপ্তকের সর্বোচ্চ স্তর। ৪ মুক্তা। ৫ দেবরাজ বৃহস্পতির ভার্যা। ৬ রামায়ণে বর্ণিত বানররাজ বালীর পত্নী। ৭ দশ মহাবিদ্যার দ্বিতীয়টি। ৮ উমা। ৯ হোটেলের মাননির্দেশক চিহ্ন (*পাঁচতারা হোটেল*)।

তারা[২] /তারা/ [বা.] ক্রিবি. (কাব্যে) উদ্ধার করা।

তারাঘেরা /তারাঘেরা/ [স. তারা+বা. ঘেরা] বিণ. তারকাশোভিত।

তারাধিপ /তারাধিপো/ [স. তারা+অধিপ] বি. চাঁদ।

তারানা /তারানা/ [ফা. তরানা >] বি. ধ্রুপদাঙ্গ সংগীতের সূচনায় সুর তাল ও লয় সহযোগে উচ্চারিত অর্থহীন বোল, তেলেনা, তেলানা।

তারানাথ /তারানাথ্/ [স. তারা+নাথ] বি. চন্দ্র।

তারাপতন /তারাপতোন্/ [স. তারা+পতন] বি. ১ উল্কাপতন। ২ (আল.) বিখ্যাত ব্যক্তির মৃত্যু।

তারাপতি /তারাপোতি/ [স. তারা+পতি] বি. চাঁদ।

তারাপথ /তারাপথ্/ [স. তারা+পথ] বি. আকাশ।

তারাপাত /তারাপাত্/ [স. তারা+√পত্+অ] বি. দ্র তারাপতন।

তারাবাজি /তারাবাজি/ [স. তারা+ফা. বাজি] বি. তারার মতো ফুলকি বিচ্ছুরণ করে এমন আতশবাজি, খধূপ, হাউইবাজি।

তারাবি /তারাবি/ [আ.] বি. রমজান মাসব্যাপী এশার নামাজের পর অতিরিক্ত বারো বা কুড়ি রাকাত নামাজ।

তারাভ্র /তারাব্ভ্রো/ [স. তার+অভ্র] বিণ. মেঘের মতো নির্মল। বি. কর্পূর।

তারামণ্ডল /তারামন্ডোল্/ [স. তারা+মণ্ডল] বি. মহাকাশে গ্রহতারার অবস্থান গতিবিধি প্রভৃতি প্রদর্শনের জন্য গম্বুজাকৃতি ভবনের ছাদের তল-দেশে মহাকাশের চিত্র প্রক্ষেপণ ব্যবস্থা, planetarium।

তারামৃগ /তারামৃগো/ [স. তারা+মৃগ] বি. ১ মায়ামৃগ। ২ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের পঞ্চম নক্ষত্র, মৃগশিরা।

তারামৈত্রী /তারামোই্ত্রি/ [স. তারা+মিত্র+অ+ঈ] বি. দৃষ্টিবিনিময়মাত্রই যে বন্ধুত্ব গড়ে ওঠে।

তারারত্ন /তারারত্নো/ [স. তারা+√রমি+ন] বি. তারার মতো উজ্জ্বল রত্ন।

তারাস্তীর্ণ /তারাস্তির্নো/ [স. তারা+√স্তৃ+ত] বি. তারাভরা আকাশ। বিণ. তারকারাজিতে পূর্ণ।

তারিক /তারিক্/ [স. তরি+ইক] বি. ১ যে ব্যক্তি নৌকার মাশুল আদায় করে। ২ পারানির কড়ি।

তারিকা /তারিকা/ [স. তারক+আ (টাপ্)] বিণ. ত্রাতা। বি. ১ তালের রস। ২ দেবী দুর্গা।

তারিখ /তারিখ্/ [আ.] বি. মাসের দিননির্দেশক সংখ্যা; তিথি।

www.pathagar.com

তারিণী /তারিনি/ [স. √তারি+ইন্+ঈ] বিণ. সংকট থেকে ত্রাণকারিণী। বি. দেবী দুর্গা।

তারিফ /তারিফ্/ [আ.] বি. প্রশংসা, বাহবা।

তারুণ্য /তারুন্যো/ [স. তরুণ+য] বি. ১ তরুণ অবস্থা। ২ যৌবনকাল।

তারে /তারে/ [বা.] সর্ব. তাহাকে, তাকে, সেই ব্যক্তিকে (*যদি তারে নাই চিনি গো সে কি আমায় নেবে চিনে* রবীন্দ্র.)।

তার্কিক /তার্কিক্/ [স. তর্ক+ইক] বিণ. ১ তর্কশাস্ত্রে পণ্ডিত। ২ তর্কপটু। স্ত্রী. তার্কিকী /তার্কিকি/।

তার্কিকতা /তার্কিকতা/ [স. তার্কিক+তা] বি. বাক্‌পটুতা।

তার্পিন /তার্পিন্/ [ই.] বি. দ্রাবকরূপে ব্যবহৃত পাইনজাতীয় গাছের নির্যাস থেকে প্রাপ্ত উদ্‌বায়ী ও দাহ্য আঠালো তেল, turpentine।

তাল[১] /তাল্/ [স. √তল্+অ] বি. উপবৃত্তাকার কালচে বাদামি তন্তুময় রসালো ফল বা তার কাঁটাযুক্ত দণ্ডবিশিষ্ট ঊর্ধ্বমুখী পাখাসদৃশ পাতা ও দীর্ঘ কাণ্ড-বিশিষ্ট বহুবর্ষজীবী শাখাহীন বৃক্ষ (আনি. মধ্য আফ্রিকা)।

তাল[২] /তাল্/ [স. √তল্+অ] বি. ১ সংগীতে সময়ের বিভাগ, ছন্দ। ২ নির্দিষ্ট সময়ের ব্যবধানে কোনো কিছুর ওপর মৃদু আঘাত (*তাল ঠোকা*)। ৩ ধকল (*তাল সামলানো*)। ৪ প্রবণতা। ৫ ধারণা (*বিষয়টা তাল করতে পারা*)। ৬ বায়না (*তাল ধরা*)। ৭ এক বিঘত দৈর্ঘ্যের পরিমাপ। ৮ পিশাচ। ৯ (বাংলায়) বড়ো দলা, স্তূপ (*সোনার তাল*)।

তালই /তালোই/ [স. তাত >] বি. ভাই বা বোনের শ্বশুর, তালুই।

তাল করা /তাল্ করা/ ক্রিবি. ১ বায়না ধরা। ২ জড়ো করা, একত্র করা।

তালকাঁড়ি /তাল্‌কাঁড়ি/ [বা.] বি. তালগাছ থেকে আহৃত রস।

তাল কাটা /তাল্ কাটা/ ক্রিবি. ১ সংগীতে মাত্রার বিপর্যয় ঘটা, ছন্দপতন হওয়া। ২ রেশ কাটা।

তালকানা /তাল্‌কানা/ [স. তাল+বা. কানা] বিণ. ১ তালজ্ঞান নেই এমন। ২ (আল.) কাণ্ডজ্ঞানশূন্য।

তালকী /তালোকি/ [স. তালক+ঈ] বি. তাল বা খেজুরের রস গেঁজিয়ে তৈরি মাদকদ্রব্যবিশেষ।

তালক্ষীর /তাল্‌খির্/ [স. তাল+ক্ষীর] বি. তালের ঘন রস দুধ প্রভৃতি মিশিয়ে রাঁধা ক্ষীর।

তালগাছ /তাল্‌গাছ্/ [বা.] বি. কাঁটাযুক্ত দণ্ডবিশিষ্ট ঊর্ধ্বমুখী পাখাসদৃশ পাতা ও দীর্ঘ কাণ্ডবিশিষ্ট বহু-বর্ষজীবী শাখাহীন বৃক্ষ (*তালগাছ একপায়ে দাঁড়িয়ে /সব গাছ ছাড়িয়ে* রবীন্দ্র.)।

তালগোল পাকানো /তাল্‌গোল্ পাকানো/ ক্রিবি. ১ জটিল অবস্থা বা বিশৃঙ্খলা সৃষ্টি করা, গুলিয়ে ফেলা। ২ পিণ্ডাকার করা।

তালজঙ্ঘা /তাল্‌জঙ্ঘা/ [স. তাল+√জঙ্ঘ্+অ+আ (টাপ্)] বি. ১ যার জঙ্ঘা তালগাছের মতো দীর্ঘ। ২ পৌরাণিক রাক্ষসবিশেষ।

তালজ্ঞান /তাল্‌গ্যান্/ [স. তাল+√জ্ঞা+অন] বি. ১ (সংগীতে) তালবিষয়ক জ্ঞান। ২ স্থানকালপাত্র-বিষয়ক বোধ।

তাল ঠোকা /তাল্ ঠোকা/ ক্রিবি. ১ স্বীয় বাহু বা উরুতে চপেটাঘাত করে আস্ফালন প্রকাশ ও প্রতিদ্বন্দ্বীকে আহ্বান করা। ২ নির্দিষ্ট সময়ের ব্যবধানে কোনো কিছুর ওপর মৃদু আঘাত করা।

তাল তাল /তাল্ তাল্/ বিণ. রাশি রাশি, স্তূপীকৃত।

তালদিঘি /তাল্‌দিঘি/ [স. তাল+বা. দিঘি] বি. তালগাছের ছায়াঘেরা দিঘি (*কেয়াপাতার নৌকো গড়ে সাজিয়ে দেব ফুলে— / তালদিঘিতে ভাসিয়ে দেব, চলবে দুলে দুলে।* রবীন্দ্র.)।

তাল দেওয়া /তাল্ দেওআ/ ক্রিবি. ১ হাত দিয়ে তাল ঠোকা। ২ আগ বাড়িয়ে কোনো সিদ্ধান্তের প্রতি সমর্থন দেওয়া।

তালধ্বজ /তালোদ্‌ধ্বজ্/ [স. তাল+√ধ্বজ্+অ] বি. ১ বলরাম। ২ তালকেতু।

তালনবমী /তাল্‌নবোমি/ [স. তাল+নবম+ঈ] বি. ভাদ্রমাসের শুক্ল নবমী তিথিতে বিষ্ণুর উদ্দেশে তালফল দানের ব্রতবিশেষ।

তাল পড়া /তাল্ পড়া/ ক্রিবি. ১ গাছ থেকে তাল পড়া। ২ (ব্য.) পিঠে কিল পড়া।

তাল পাকানো /তাল্ পাকানো/ ক্রিবি. ১ পিণ্ডাকার করা। ২ (আল.) জটিল অবস্থা বা বিশৃঙ্খলা সৃষ্টি করা, গুলিয়ে ফেলা।

তালপাটালি /তাল্‌পাটালি/ [স. তাল+বা. পাটালি] বি. তালের রস থেকে তৈরি পাটালিগুড়।

তালপাতার সেপাই /তাল্‌পাতার্ শেপাই/ বি. (আল.) লম্বা ও অত্যন্ত কৃশ ব্যক্তি, অতিশয় রোগা ও দুর্বল ব্যক্তি।

তালপুকুর /তাল্‌পুকুর্/ [স. তাল+বা. পুকুর] বি. চার দিকে তালগাছঘেরা পুকুর (*বাবুদের তালপুকুরে /হাবুদের ডাল-কুকুরে /সে কী বাস করলে তাড়া,* নজরুল.)।

তালবন /তাল্‌বোন্/ [স. তাল+বন] বি. ১ তাল-গাছের বন। ২ বৃন্দাবনে অবস্থিত তালগাছের

www.pathagar.com

অরণ্য।

তালবাখড়া /তাল্‌বাখড়া/ [স. তাল+বা. বাখড়া] বি. শুকনো তালপাতার ডাঁটা।

তালবাহানা /তাল্‌বাহানা/ [স. তাল+ফা. বাহানা] বি. মিথ্যা অজুহাত, ওজর।

তালবীথি /তাল্‌বিথি/ [স. তাল+বীথি] বি. দ্র তাল-বীথিকা।

তালবীথিকা /তাল্‌বিথিকা/ [স. তাল+বীথি+কন্‌+আ (টাপ্‌)] বি. দুপাশে তালগাছের সারিযুক্ত পথ, তালগাছের সারি।

তালবৃন্ত /তাল্‌বৃন্‌তো/ [স. তাল+√বৃ+ত] বি. ১ ডাঁটা-সহ তালগাছের পাতা। ২ তালপাতার তৈরি হাতপাখা।

তালবেতাল /তাল্‌বেতাল্‌/ [স. তাল+বেতাল] বি. তাল ও বেতাল নামে পুরাণোক্ত পিশাচদ্বয়।

তালবোধ /তাল্‌বোধ্‌/ [স. তাল+বোধ] বিণ. সংগীতের তালবিষয়ক জ্ঞান।

তালব্য /তালোব্‌বো/ [স. তালু+য] বিণ. ১ তালু থেকে উচ্চারিত হয় এমন (*তালব্য বর্ণ*)। ২ তালু-সংক্রান্ত।

তালব্য বর্ণ /তালোব্‌বো বর্‌নো/ বি. তালু থেকে উচ্চার্য ব্যঞ্জনবর্ণ (চ ছ জ ঝ ঞ শ)।

তালভঙ্গ /তাল্‌ভংগো/ [স. তাল+√ভন্‌জ্‌+অ] বি. সংগীতে তালের বিপর্যয়।

তাল রাখা /তাল্‌ রাখা/ ক্রিবি. ১ সংগীতের তাল ঠিক রাখা। ২ (আল.) অন্যের সঙ্গে নিজের কাজের সঙ্গতি রক্ষা করা।

তালশাঁস /তাল্‌শাঁস্‌/ [স. তাল+বা. শাঁস] বি. কচি তালের কোমল শাঁস।

তালা[১] /তালা/ [স. তালক >] বি. বাক্স কপাট প্রভৃতি আটকানোর জন্য ব্যবহৃত চাবি দিয়ে খোলা যায় এমন সরঞ্জামবিশেষ, কুলুপ।

তালা[২] /তালা/ [দেশি.] বি. আকস্মিক উচ্চ নাদ বা বায়ুর লঘুচাপজনিত সাময়িক বধিরতা (*কানে তালা লাগা*)।

তালা[৩] /তালা/ [স. তল >] বি. বহুতল ভবনের উচ্চতার স্তরবিন্যাস, তল; 'তলা'-র অশুদ্ধ রূপ।

তালা[৪] /তা:লা/ [আ.] বিণ. সর্বশ্রেষ্ঠ (*খোদাতালা*)।

তালাই /তালাই/ [স. তলাচী >] বি. ১ বেতের তৈরি মাদুর, দরমা। ২ আঁচলের প্রান্তভাগ।

তালাক /তালাক্‌/ [আ.] বি. আইনসংগত বিবাহ-বিচ্ছেদ।

তালাকনামা /তালাক্‌নামা/ [আ. তালাক+ফা. নামা] বি. বিবাহবিচ্ছেদের পত্র বা দলিল।

তালাচাবি /তালাচাবি/ [বা. তালা+পো. চাবি] বি. বাক্স কপাট প্রভৃতি বন্ধ করা ও খোলার সরঞ্জাম।

তালাশ /তালাশ্‌/ [তুর.] বি. খোঁজ, সন্ধান; অনুসন্ধান।

তালি[১] /তালি/ [স. তালিক >] বি. দুই করতলের পরস্পর আঘাতজনিত শব্দ (*হাততালি*)।

তালি[২] /তালি/ [দেশি.] বি. ছেঁড়া কাপড় সেলাই করে সংস্কারের জন্য ব্যবহৃত পটি বা তাপ্পি।

তালি[৩] /তালি/ [স. তাল+ই] বি. দ্র তালগাছ।

তালিকা /তালিকা/ [আ.] বি. নির্ঘণ্ট, ফর্দ, list।

তালিকাভুক্ত /তালিকাভুক্‌তো/ [আ. তালিকা+স. ভুক্ত] বিণ. তালিকার অন্তর্ভুক্ত।

তালিকাভুক্তি /তালিকাভুক্‌তি/ [আ. তালিকা+স. ভুক্তি] বি. তালিকায় সংযুক্তি।

তালিম /তালিম্‌/ [আ.] বি. ১ শিক্ষা; জ্ঞানদান; উপদেশ। ২ চর্চা, অভ্যাস।

তালিমি /তালিমি/ [আ.] বিণ. তালিমবিষয়ক।

তালু /তালু/ [স. √তল্‌+উ] বি. মুখগহ্বরের ঊর্ধ্বভাগ, টাকরা।

তালুই /তালুই/ [স. তাত >] বি. ভাই বা বোনের শ্বশুর, তাউই, তালই।

তালুক /তালুক্‌/ [আ.] বি. ১ সরকার বা জমিদারের নিকট থেকে বন্দোবস্ত করে নেওয়া সম্পত্তি। ২ ভূসম্পত্তি।

তালুকদার /তালুক্‌দার্‌/ [আ. তালুক+ফা. দার] বি. ১ তালুকের স্বত্বাধিকারী। ২ পদবিবিশেষ।

তালুকদারি /তালুক্‌দারি/ [আ. তালুক+ফা. দারি] বি. তালুকদারের বৃত্তি। বিণ. তালুকদারসংক্রান্ত।

তালেবর /তালেবর্‌/ [আ.] বিণ. ১ সৌভাগ্যবান। ২ মান্যগণ্য। ৩ প্রতিপত্তিশালী, ধনী। ৪ (ব্য.) লায়েক।

তাস /তাশ্‌/ [হি.] বি. খেলার জন্য ব্যবহৃত চিত্রিত মোটা কাগজের চৌকো খণ্ডবিশেষ, cards।

তাসা[১] /তাশা/ [হি. তাস >] ক্রিবি. ১ তাসের গুচ্ছের ক্রম এলোমেলো করা। ২ তিরস্কার বা ভর্ৎসনা করা। বি. সুতা জড়ানোর মোটা কাগজের খণ্ড।

তাসা[২] /তাশা/ [ফা.] বি. ১ বাদ্যযন্ত্রবিশেষ। ২ ঢাক-জাতীয় বাদ্যযন্ত্রীর দল (*তাসাপার্টি*)।

তাসের ঘর /তাশের্‌ ঘর্‌/ বি. তাস দিয়ে তৈরি ঘর। বিণ. (আল.) অত্যন্ত ক্ষণস্থায়ী ও ভঙ্গুর।

তাস্কর্য /তাশ্‌কোর্‌জো/ [স. তস্কর+য] বি. চোর বা তস্করের বৃত্তি, চৌর্য, তস্করতা।

www.pathagar.com

তাহজিব /তাহ্জিব্/ [আ.] বি. শিষ্টাচার, ভব্যতা।

তাহা /তাহা/ [স. তদ্ >] সর্ব. সেই; সেই বস্তু বা বিষয়।

তাহাই /তাহাই/ [স. তদ্ >] সর্ব. কেবল সেই নির্দিষ্ট বস্তু বা বিষয়; তাই'-এর সাধু রূপ।

তাহাকে /তাহাকে/ [স. তদ্ >] সর্ব. সেই নির্দিষ্ট ব্যক্তিকে; 'তাকে'-র সাধু রূপ।

তাহাজ্জুদ /তাহাজ্জুদ্/ [আ.] বি. শেষ রাতের নফল নামাজবিশেষ।

তাহাতে /তাহাতে/ [স. তদ্ >] সর্ব. ১ সেই ব্যক্তি বা বস্তুর মধ্যে; তার মধ্যে। ২ সেই কারণে (*তাহাতে ক্ষতি কী*)। ৩ তার ফলে। ৪ তার সঙ্গে (*তাহাতে আমাতে দেখা হয়নি*)। ৫ তা দিয়ে, তার দ্বারা (*তাহাতে আমার কী লাভ*)। অব্য. ১ তথাপি (*তাহাতেও সে রাজি নহে*)। ২ অপর-পক্ষে, তদুপরি (*একে অন্ধকার তাহাতে ঝড়বৃষ্টি*)।

তাহাদিগকে /তাহাদিগকে/ [বা.] সর্ব. সেই ব্যক্তি-গণকে; 'তাদেরকে'-শব্দের সাধু রূপ।

তাহাদিগের /তাহাদিগের্/ [বা.] সর্ব. সেই ব্যক্তিদের; 'তাদের'-শব্দের সাধু রূপ।

তাহাদের /তাহাদের্/ [স. তদ্ >] সর্ব. সেই ব্যক্তিদের; 'তাদের'-শব্দের সাধু রূপ।

তাহাদেরকে /তাহাদের্কে/ [স. তদ্ >] সর্ব. দ্র তাহাদিগকে।

তাহার /তাহার্/ [বা.] সর্ব. ১ সেই ব্যক্তির। ২ সেই বস্তু বা বিষয়ের; তার'-শব্দের সাধু রূপ।

তাহারে /তাহারে/ [বা.] সর্ব. (কাব্যে) তাকে, সেই ব্যক্তিকে; 'তাহাকে'-র বিরল রূপ।

তিক্ত /তিক্তো/ [স. √তিজ্+ত] বিণ. ১ তেতো (*তিক্তরস*)। ২ (আল.) অপ্রীতিকর। বি. তেতো স্বাদ; কটু স্বাদ।

তিক্ত অভিজ্ঞতা /তিক্তো ওভিগ্গঁতা/ বি. সুখকর নয় এমন বা কষ্টকর অভিজ্ঞতা।

তিক্তক /তিক্তক্/ [স. তিক্ত+ক] বি. ১ চিরতা। ২ নিম।

তিক্তবিরক্ত /তিক্তোবিরক্তো/ [স. তিক্ত+বি+√রনজ্+ত] বিণ. অতিশয় বিরক্ত।

তিগ্ম /তিগ্মো/ [স. √তিজ্+ম] বিণ. ১ তীব্র, উগ্র। ২ দাহজনক, উষ্ণ। ৩ তীক্ষ্ণ।

তিগ্মগ /তিগ্মগো/ [স. তিগ্ম+√গম্+অ] বিণ. দ্রুত গমন করে এমন, ক্ষিপ্রগামী।

তিগ্মরশ্মি /তিগ্মোরোশ্মি/ [স. তিগ্ম+√অশ্+মি] বি. দ্র তিগ্মাংশু।

তিগ্মাংশু /তিগ্মাংশু/ [স. তিগ্ম+অংশু] বি. ১ প্রখর রোদ। ২ সূর্য।

তিজেল /তিজেল/ [পো.] বি. মাটির তৈরি চ্যাপটা হাঁড়িবিশেষ, পাতিল।

তিড়বিড় /তিড়্বিড়্/ [দেশি.] অব্য. অস্থিরতার ভাব।

তিড়বিড়ে /তিড়্বিড়ে/ [দেশি.] বিণ. অস্থির ও ছটফটে, চঞ্চলপ্রকৃতির।

তিড়িং /তিড়িং/ [দেশি.] অব্য. ফড়িং-এর মতো হঠাৎ লাফ দেওয়ার ভাব।

তিড়িংবিড়িং /তিড়িংবিড়িং/ [দেশি.] অব্য. ক্রমাগত ফড়িং-এর মতো লাফানোর ভাব।

তিত /তিত্/ [দেশি.] বিণ. কটুস্বাদযুক্ত (*তিতকুটে*), তেতো।

তিতলি /তিত্লি/ [দেশি.] বি. প্রজাপতি।

তিতা[১] /তিতা/ [স. তিক্ত >] বিণ. তিক্তস্বাদযুক্ত।

তিতা[২] /তিতা/ [স. তিমিত+বা. আ] ক্রিবি. (কাব্যে) সিক্ত হওয়া।

তিতানো /তিতানো/ [বা.] ক্রিবি. ১ সিক্ত করা, ভেজানো। ২ তেতো করে তোলা।

তিতি /তিতি/ [ধ্বন্যা.] অব্য. বি. হাঁস মুরগি কাছে ডেকে আনার শব্দ।

তিতিক্ষা/তিতিক্খা/ [স. √তিজ্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ সহনশীলতা, সহিষ্ণুতা। ২ অপরাধ মার্জনা।

তিতিক্ষিত /তিতিক্খিতো/ [স. √তিতিক্ষ্+ইত] বিণ. ১ সহ্য করা হয়েছে এমন। ২ ক্ষমা করা হয়েছে এমন।

তিতিক্ষু /তিতিক্খু/ [স. √তিতিক্ষ্+উ] বিণ. ১ সহন-শীল, সহিষ্ণু। ২ ক্ষমাশীল।

তিতিবিরক্ত /তিতিবিরক্তো/ [স. ত্যক্তবিরক্ত >] বিণ. অত্যন্ত বিরক্ত; উত্যক্ত।

তিতির /তিতির্/ [স. তিত্তির >] বি. ইউরোপ ও এশিয়ায় বিচরণ করে এমন লম্বা পা এবং পিঠ ও পেটে মিহি রেখাবিশিষ্ট কালচে ধূসর মুরগিসদৃশ টি-টি রবকারী পাখি, টিট্টিভ, টিটি।

তিতীর্ষু /তিতিরশু/ [স. √তৃ+সন্+উ] বিণ. পার হতে ইচ্ছুক, তরণেচ্ছু।

তিত্তির /তিত্তির্/ [স. তিত্তি+√রা+অ] বি. দ্র তিতির।

তিথি /তিথি/ [স. √অত্+ইথি] বি. ১ চন্দ্রকলার হ্রাসবৃদ্ধিদ্বারা নিরূপিত কাল। ২ চান্দ্রদিবস।

তিথিকৃত্য /তিথিকৃত্তো/ [স. তিথি+√কৃ+য] বি. নির্দিষ্ট তিথিতে করণীয়।

www.pathagar.com

তিথিক্ষয় /তিথিক্‌খয়্‌/ [স. তিথি+ক্ষয়] বি. ১ এক দিনে তিন তিথির মিলন, ত্র্যহস্পর্শ। ২ অমাবস্যা।

তিথিপালন /তিথিপালোন্‌/ [স. তিথি+পালন] বি. তিথিনিরূপিত আচার ও ব্রত পালন।

তিথ্যমৃতযোগ /তিত্‌থোমম্‌তোজোগ্‌/ [স. তিথি+অমৃতযোগ] বি. জ্যোতিষশাস্ত্রে কল্পিত শুভযোগ।

তিন /তিন্‌/ [বা.] বি. ৩ সংখ্যা। বিণ. ৩ সংখ্যক।

তিনকাল /তিন্‌কাল্‌/ [বা. তিন+স. কাল] বি. মানব জীবনের তিনটি স্তর (শৈশব যৌবন ও বার্ধক্য)।

তিনকুল /তিন্‌কুল্‌/ [বা. তিন+স. কুল] বি. ত্রিকুল বা বংশ (পিতৃবংশ মাতৃবংশ ও শ্বশুরবংশ)।

তিনকোনা /তিন্‌কোনা/ [বা.] বিণ. ত্রিকোণাকৃতির।

তিনখানা /তিন্‌খানা/ [বা.] বিণ. ১ তিনটি। ২ খণ্ড-বিখণ্ড।

তিন সত্য /তিন্‌ শোত্‌তো/ বি. তিনবার সত্যের শপথ।

তিনসন্ধ্যা /তিন্‌শোন্‌ধ্যা/ [বা. তিন+স. সন্ধ্যা] বি. ১ সকাল দুপুর ও সন্ধ্যা এই তিনবেলা। ২ সকাল দুপুর ও সন্ধ্যার দৈনিক উপাসনা বা সন্ধ্যাবন্দনা।

তিনাঞ্জলি /তিনান্‌জোলি/ [বা. তিন+স. অঞ্জলি] বি. তর্পণের সময় মৃতের উদ্দেশে তিনবার অঞ্জলি ভরে জলদানের সংস্কার।

তিনি /তিনি/ [বা.] সর্ব. (সম্ভ্রমার্থে) সেই ব্যক্তি, যাঁর সম্বন্ধে বলা হচ্ছে।

তিনিশ /তিনিশ্‌/ [স. স্যন্দন >] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে দেখা যায় এবং বর্ষাকালে ফোটে এমন উজ্জ্বল বেগুনি ছোটো ফুল বা তার ধূসর বাকলবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. চীন), জারুল।

তিন্তিড় /তিন্‌তিড়্‌/ [স. তিম্‌+অ] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত হলুদাভ মৃদুগন্ধ ফুল ও বাদামি রঙের শুঁটিজাতীয় অম্লস্বাদ ফল বা তার ছোটো ছোটো পাতা ও শাখাপ্রশাখাবিশিষ্ট বহুবর্ষজীবী ছায়াবৃক্ষ (আনি. আফ্রিকার উষ্ণমণ্ডল), তেঁতুল।

তিন্তিড়ী/তিন্‌তিড়ি/ [স. তিন্তিড়+ঈ] বি. দ্র তিন্তিড়।

তিন্তিড়ীক /তিন্‌তিড়িক্‌/ [স. তিন্তিড়ী+ক (স্বার্থে)] বি. দ্র তিন্তিড়।

তিন্তিলী /তিন্‌তিলি/ [স. তিন্তিল+ঈ] বি. দ্র তিন্তিড়।

তিন্দু /তিন্‌দু/ [স. √তিজ্‌+উ] বি. বাংলাদেশে জাত চারটি পাপড়িবিশিষ্ট ছোটো সাদাটে মৃদুগন্ধ ফুল ও কষায় মিষ্টস্বাদ গোলাকার ফল (যার কষায় আঠা মাছ ধরার জাল আনদ্ধ বাদ্যযন্ত্রের চামড়ার ওপরে লাগানো হয়) বা তার মাঝারি আকৃতির চিরসবুজ গাছ, গাব।

তিন্দুক /তিন্‌দুক্‌/ [স. তিন্দু+ক (স্বার্থে)] বি. দ্র তিন্দু।

তিপ্পান্ন /তিপ্‌পান্‌নো/ [স. ত্রিপঞ্চাশৎ >] বি. ৫৩ সংখ্যা। বিণ. ৫৩ সংখ্যক।

তিব্বত /তিব্‌বত্‌/ [স্থান.] বি. মধ্য এশিয়ায় হিমালয় পর্বতমালার দক্ষিণাঞ্চলের মালভূমিতে আনুমানিক ১৩,০০০ ফুট উচ্চতায় অবস্থিত দেশ।

তিব্বতি /তিব্‌বোতি/ [স্থান. তিব্বত >] বিণ. তিব্বত দেশসংক্রান্ত। বি. তিব্বতের অধিবাসী বা ভাষা।

তিমি /তিমি/ [স. √তম্‌+ইক] বি. শ্বাসপ্রশ্বাসের জন্য মাথার উপরিভাগে ছিদ্র এবং দুই ভাগে বিভক্ত অনুভূমিক লেজ ও মসৃণ লম্বাটে দেহবিশিষ্ট মাছ-সদৃশ বৃহদাকার সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণী, whale।

তিমিঙ্গিল /তিমিংগিল্‌/ [স. তিমি+√গিল্‌+অ] বি. পুরাণে কল্পিত অতিকায় প্রাণিবিশেষ যা তিমিকেও গিলে ফেলতে পারে।

তিমিত /তিমিতো/ [স. √তিম্‌+ত] বিণ. ১ আর্দ্র, ভেজা। ২ প্রায় নিভুনিভু। ৩ নিশ্চল।

তিমির /তিমির্‌/ [স. √তিম্‌+ইর] বি. ১ অন্ধকার। ২ দৃষ্টিশক্তি হ্রাস করে এমন চোখের রোগবিশেষ, ছানি। বিণ. অন্ধকারময় (*তিমিররাত্রি*)।

তিমিরনাশক /তিমির্‌নাশক্‌/ [স. তিমির+√নাশি+অক] বিণ. অন্ধকার দূর করে এমন। বি. সূর্য।

তিমিরপুঞ্জ /তিমিরপুন্‌জো/ [স. তিমির+পুঞ্জ্‌স্‌+√জি+অ] বি. পুঞ্জীভূত অন্ধকার।

তিমিররাত্রি /তিমির্‌রাত্‌ত্রি/ [স. তিমির+রাত্রি] বি. অন্ধকার রাত (*তিমির রাত্রি, মাতৃমন্ত্রী সাত্রীরা সাবধান!* নজরুল.)।

তিমিরিপু /তিমির্‌রিপু/ [স. তিমির+√রপ্‌+উ] বি. সূর্য, রবি, আদিত্য।

তিমিরাচ্ছন্ন /তিমিরাচ্‌ছন্‌নো/ [স. তিমির+আ+√ছাদি+ত] বিণ. অন্ধকারে ঢাকা।

তিমিরাবগুণ্ঠিত /তিমিরাবোগুন্‌ঠিতো/ [স. তিমির+অব+√গুণ্ঠ্‌+ত] বিণ. অন্ধকারাচ্ছন্ন, ঘোমটায় ঢাকা।

তিমিরাবৃত /তিমিরাবৃতো/ [স. তিমির+আ+√বৃ+ত] বিণ. অন্ধকারে ঢাকা।

তিমিরারি /তিমিরারি/ [স. তিমির+অরি] বি. সূর্য।

তিয়াত্তর /তিআত্‌তোর্‌/ [স. ত্রিসপ্ততি >] বি. ৭৩ সংখ্যা। বিণ. ৭৩ সংখ্যক।

তিয়াস /তিআশ্‌/ [স. তৃষা >] বি. 'তৃষ্ণা'-র কোমল

www.pathagar.com

রূপ।

তির[১] /তি:র্/ [ফা.] বি. ধনুকের সাহায্যে নিক্ষেপ করা হয় এমন অস্ত্র, বাণ, শর।

তির[২] /তির্/ [স. তির্যক >] বি. ঘরের ছাদের কড়ি।

তিরন্দাজ /তিরোন্দাজ্/ [ফা.] বি. বিণ. তির নিক্ষেপ করতে পারদর্শী, ধনুর্ধর, ধানুকি।

তিরন্দাজি /তিরোন্দাজি/ [ফা.] বি. ধনুর্ধরের বৃত্তি।

তিরপল /তিরপল্/ [ই. Tarpaulin >] বি. মোটা ও ঘন বুনটের জলনিরোধক কাপড়, আলকাতরার প্রলেপযুক্ত মোটা কাপড়বিশেষ, ত্রিপল।

তিরপিত /তিরোপিতো/ [স. তৃপ্ত >] বিণ. সন্তুষ্ট, তৃপ্ত (*জনম অবধি হাম রূপ নিহারল /নয়ন ন তিরপিত ভেল।* বিদ্যা.); 'তৃপ্ত'-র কোমল রূপ।

তিরবিরে /তিরবিরে/ [স. তীব্র >] বিণ. অত্যন্ত অস্থির ও চঞ্চল; ছটফটে স্বভাববিশিষ্ট।

তিরস্করণী /তিরোশ্করোনি/ [স. তিরস্+√কৃ+অন+ঈ] বি. ১ যে কল্পিত বিদ্যার সাহায্যে অদৃশ্য হওয়া যায়। ২ পর্দা, যবনিকা। ৩ (আল.) বাধা, অন্তরায়।

তিরস্করিণী /তিরোশ্কোরিনি/ [স. তিরস্+√কৃ+অন+ইন্+ঈ] বি. দ্র তিরস্করণী।

তিরস্কার /তিরোশ্কার/ [স. তিরস্+√কৃ+অ] বি. ১ ভর্ৎসনা। ২ অবজ্ঞা, অনাদর। ৩ কুৎসা, নিন্দা।

তিরস্কারিণী /তিরোশ্কারিনি/ [স. তিরস্+√কৃ+ইন্+ঈ] বি. দ্র তিরস্করণী।

তিরস্কৃত /তিরোশ্কৃতো/ [স. তিরস্+√কৃ+ত] বিণ. ১ ভর্ৎসনা করা হয়েছে এমন। ২ অবজ্ঞাত। ৩ নিন্দিত। স্ত্রী. তিরস্কৃতা /তিরোশ্কৃতা/।

তিরস্ক্রিয়া /তিরোশ্ক্রিআ/ [স. তিরস্+ক্রিয়া] বি. দ্র তিরস্কার।

তিরানব্বই /তিরানোব্বোই/ [স. ত্রিনবতি >] বি. ৯৩ সংখ্যা। বিণ. ৯৩ সংখ্যক।

তিরানব্বুই /তিরানোব্বুই/ [আঞ্চ.] বি. বিণ. দ্র তিরানব্বই।

তিরাশি /তিরাশি/ [স. ত্র্যশীতি >] বি. ৮৩ সংখ্যা। বিণ. ৮৩ সংখ্যক।

তিরি /তিরি/ [স. ত্রি>] বি. তিন ফোঁটাবিশিষ্ট তাস।

তিরিক্ষি /তিরিক্খি/ [স. তির্যক >] বিণ. অল্পেই ক্রুদ্ধ হয় এমন, রগচটা (*তিরিক্ষি মেজাজ*)।

তিরিশ /তিরিশ্/ [স. ত্রিংশৎ >] বি. ত্রিশ। বিণ. ত্রিশ সংখ্যক।

তিরিশেক /তিরিশেক্/ [বা. তিরিশ+স. এক] বিণ. আনুমানিক ত্রিশটি।

তিরিশোত্তর /তিরিশোত্তর্/ [বা. তিরিশ+স. উত্তর] বিণ. দ্র তিরিশোর্ধ্ব।

তিরিশোর্ধ্ব /তিরিশোর্ধ্বো/ [বা. তিরিশ+স. ঊর্ধ্ব] বিণ. ত্রিশ-এর ঊর্ধ্বে।

তিরোধান /তিরোধান্/ [স. তিরস্+√ধা+অন] বি. ১ অন্তর্ধান। ২ মহাপুরুষের প্রয়াণ।

তিরোভাব /তিরোভাব্/ [স. তিরস্+√ভূ+অ] বি. দ্র তিরোধান।

তিরোভূত /তিরোভুতো/ [স. তিরস্+√ভূ+ত] বিণ. ১ অন্তর্হিত, অদৃশ্য। ২ মৃত, প্রয়াত।

তিরোহিত /তিরোহিতো/ [স. তিরস্+√ধা+ত] বিণ. ১ অদৃশ্য। ২ মৃত। স্ত্রী. তিরোহিতা /তিরোহিতা/।

তির্যক /তির্জক্/ [স. তিরস্+√অন্চ্+ক্বিপ্] বিণ. ১ অসরল, বক্র। ২ কুটিল (*তির্যক দৃষ্টি*)। ৩ ত্যারচা (*তির্যক রেখা*)। ৪ মনুষ্যেতর (*তির্যক প্রাণী*)।

তির্যকপাতন /তির্জক্পাতোন্/ [স. তির্যক+পাতন] বি. বকযন্ত্রের সাহায্যে পাতন।

তির্যক প্রক্ষেপণ /তির্জক্ প্রোক্খেপন্/ বি. বক্র দৃষ্টি।

তিল[১] /তিল্/ [স. √তিল্+অ] বি. শীতকালে ফোটে এমন কলকেসদৃশ পাঁচটি পাপড়িযুক্ত সাদাটে ফুল এবং কালচে বাদামি রঙের বহুবীজযুক্ত ফল (যার নির্যাস থেকে তেল উৎপন্ন হয়) লম্বা অমসৃণ পাতা বা তার রোমশ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎ-শ্রেণির বর্ষজীবী উদ্ভিদ (আনি. পূর্ব আফ্রিকা)।

তিল[২] /তিল্/ [স. √তিল্+অ] বি. ত্বকে উদ্গত ক্ষুদ্র চিহ্নবিশেষ। বিণ. বিন্দুমাত্র (*নীল নবঘনে আষাঢ়-গগনে তিল ঠাঁই আর নাহি রে।* রবীন্দ্র.)।

তিলং /তিলং/ [হি.] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

তিলক /তিলক্/ [স. তিল+ক (স্বার্থে)] বি. ১ বৈষ্ণবদের ললাট বা বাহুতে ধারণীয় চন্দনাদির চিহ্ন। ২ শরীরের তিল। বিণ. শ্রেষ্ঠ (*কুলতিলক*)।

তিলক কাটা /তিলক্ কাটা/ ক্রিবি. অঙ্গে চন্দনাদির চিহ্ন ধারণ করা।

তিলককামোদ /তিলক্কামোদ্/ [স. তিলক+কামোদ] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

তিলক ছাপা /তিলক্ ছাপা/ ক্রিবি. দ্র তিলক কাটা।

তিলক পরা /তিলক্ পরা/ ক্রিবি. দ্র তিলক কাটা।

তিলকমাটি /তিলক্মাটি/ [স. তিলক+বা. মাটি] বি. যে মাটি দিয়ে তিলক আঁকা হয়, গঙ্গামৃত্তিকা।

তিলকশ্যাম /তিলক্শ্যাম্/ [স. তিলক+শ্যাম] বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের মিশ্র রাগবিশেষ।

www.pathagar.com

তিলকসেবা /তিলক্‌শেবা/ [স. তিলক+সেবা] বি. অঙ্গে তিলকচিহ্ন ধারণ।

তিলকা /তিলোকা/ [স. তিলক >] বি. অঙ্গে চন্দনাদির সাহায্যে অঙ্কিত তিলফুলের মতো চিহ্নবিশেষ (*অলকা/তিলকা*)।

তিলকাঞ্চন /তিল্‌কানচন্‌/ [স. তিল+√কাঙ্ক্ষ্‌+অন] বি. ১ তিল ও সামান্য স্বর্ণদ্বারা মাতাপিতার শ্রাদ্ধ। ২ কম খরচে শ্রাদ্ধ।

তিলকী /তিলোকি/ [স. তিলক+ইন্‌] বিণ. তিলক ধারণ করেছে এমন।

তিলকুটা /তিল্‌কুটা/ [স. তিল+বা. কুটা] বি. ১ তিলের গুঁড়া। ২ তিলচূর্ণমিশ্রিত মিঠাইবিশেষ।

তিলকুটো /তিলকুটো/ [স. তিল+বা. কুটো] বি. দ্র তিলকুটা।

তিল তিল করে /তি:ল্‌ তি:ল্‌ কোরে/ ক্রিবিণ. একটু একটু করে, অল্প অল্প করে।

তিলতুলসী /তিল্‌তুল্‌শি/ [স. তিল+তুলসী] বি. তিল ও তুলসী, দান-অনুষ্ঠানের উপকরণবিশেষ।

তিলপরিমাণ /তিল্‌পোরিমান্‌/ [স. তিল+পরিমাণ] বিণ. অত্যল্প পরিমাণ, অতি সামান্য পরিমাণ।

তিলপর্ণ /তিল্‌পরনো/ [স. তিল+√পর্ণি+অ] বি. তিলগাছের পাতা।

তিলপর্ণিকা /তিল্‌পোর্‌নিকা/ [স. তিল+পর্ণী+কন্‌+আ (টাপ্‌)] বি. গ্রীষ্মকালে ফোটে এমন ছোটো ছোটো হলুদাভ ফুল বা তার দ্রুতবর্ধনশীল রক্তবর্ণ কাণ্ডবিশিষ্ট মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ (আনি. চীন মালয়েশিয়া ও পূর্বভারত), রক্তচন্দন।

তিলপর্ণী /তিল্‌পোর্‌নি/ [স. তিল+√পর্ণ+ইন্‌] বি. দ্র তিলপর্ণিকা।

তিলপিটুলি /তিল্‌পিটুলি/ [স. তিল+বা. পিটুলি] বি. তিলের গুঁড়া মিশ্রিত পিটুলি।

তিলমাত্র /তিল্‌মাত্‌রো/ [স. তিল+মাত্র] বিণ. সামান্যতম, বিন্দুমাত্র। বি. সামান্যতম অংশ। ক্রিবিণ. ক্ষণকাল; ক্ষণমাত্র।

তিলাওয়াত /তিলাও্‌আত্‌/ [আ.] বি. শুদ্ধ উচ্চারণে সম্ভ্রমসহকারে কোরান পাঠ, তেলাওয়াত।

তিলাখাজা /তিলাখাজা/ [স. তিল+বা. খাজা] বি. দ্র তিলেখাজা।

তিলাঞ্জলি /তিলান্‌জোলি/ [স. তিল+অঞ্জলি] বি. পিতৃপুরুষের আত্মার শান্তি কামনায় তিল ও জল দিয়ে তর্পণ।

তিলার্ধ /তিলার্‌ধো/ [স. তিল+অর্ধ] বিণ. বি. ক্রিবিণ. দ্র তিলমাত্র।

তিলার্ধেক /তিলার্‌ধেক্‌/ [স. তিল+বা. অর্ধেক] বিণ. বি. ক্রিবিণ. দ্র তিলমাত্র।

তিলি /তিলি/ [স. তৈলিক >] বি. তৈলব্যবসায়ী জাতিবিশেষ।

তিলিয়া /তিলিয়া/ [বা.] বিণ. তিলের মতো চিহ্নযুক্ত। বি. তিলের তৈরি পিঠা।

তিলী /তিলি/ [স. তৈলিক >] বি. জীবিকার জন্য তেল উৎপাদন যার পেশা। বিণ. তৈলসংক্রান্ত।

তিলে /তিলে/ [স. তৈলিক >] বিণ. ১ তিলমিশ্রিত। ২ তিলের চিহ্নযুক্ত।

তিলেক /তিলেক্‌/ [বা.] বি. সামান্য অংশ। বিণ. তিল পরিমাণ, অত্যন্ত অল্প, বিন্দুমাত্র (*দিনেকের দেখা, তিলেকের সুখ, /ক্ষণেকের তরে শুধু হাসিমুখ—* রবীন্দ্র.)। ক্রিবিণ. ক্ষণমাত্র, মুহূর্তে।

তিলেখচ্চর /তিলেখচ্‌চোর্‌/ [বা.] বিণ. অত্যন্ত দুষ্ট-প্রকৃতির।

তিলেখাজা /তিলেখাজা/ [বা.] বি. তিলের তৈরি মিঠাইবিশেষ।

তিলে তিলে /তিলে তিলে/ ক্রিবিণ. অল্প অল্প করে, একটু একটু করে (*তিলে তিলে ক্ষয়*)।

তিলোত্তমা /তিলোত্‌তমা/ [স. তিল+উত্তমা] বি. পুরাণমতে সুন্দ ও উপসুন্দ নামে দুই অসুরকে বিনষ্ট করার অভিপ্রায়ে সৃষ্টির সকল উত্তম পদার্থ থেকে তিল তিল করে আহৃত উৎকৃষ্ট অংশ দিয়ে সৃষ্ট অপ্সরাবিশেষ। বিণ. (আল.) পরমা সুন্দরী।

তিলোদক /তিলোদক্‌/ [স. তিল+উদক] বি. শ্রাদ্ধ বা তর্পণে ব্যবহৃত তিলমিশ্রিত জল।

তিষ্ঠ /তিশ্‌ঠো/ [স. স্থা >] অনুক্রি. থামো; অপেক্ষা করো।

তিষ্ঠানো /তিশ্‌ঠানো/ [বা.] ক্রিবি. ১ অপেক্ষা করা। ২ অত্যাচার সহ্য করে থাকা। ৩ টিকে থাকা।

তিষ্য /তিশ্‌শো/ [স. √তুষ্‌+য] বি. ১ পুষ্যা নক্ষত্র। ২ পৌষ মাস।

তিষ্যা /তিশ্‌শা/ [স. তিষ্য+আ (টাপ্‌)] বি. ১ তিষ্য নক্ষত্রযুক্ত পূর্ণিমা। ২ আমলকী।

তিসি /তিশি/ [স. অতসী >] বি. শীতকালে ফোটে এমন নীল ফুল ও বাঁকা চ্যাপটা নৌকাসদৃশ বহু-বীজবিশিষ্ট ফল (যার নির্যাস থেকে তেল উৎপন্ন হয়) বা তার তিনটি শিরাযুক্ত লম্বাটে সরু পাতা ও মসৃণ কাণ্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন বর্ষ-জীবী উদ্ভিদ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল), মসিনা।

তিহাই[১] /তিহাই্‌/ [স. ত্রিঘাত >] বি. তালবাদ্যে নির্দিষ্ট মাত্রার তালের শেষে সমে ফেরার আগে কয়েকটি মাত্রা তিনবার বাদন।

তিহাই[২] /তিহাই্‌/ [স. ত্রিভাগ >] বিণ. তিন ভাগের

www.pathagar.com

একভাগ, এক-তৃতীয়াংশ।

তীক্ষ্ণ /তিখ্‌নো/ [স. √তিজ্+ন] বিণ. ১ অত্যন্ত ধারালো, শানিত (*তীক্ষ্ণ ছুরি*)। ২ অগ্রভাগ সূক্ষ্ম এমন (*তীক্ষ্ণ দন্ত*)। ৩ কঠিন বিষয় অনুধাবন করতে সমর্থ (*তীক্ষ্ণ বুদ্ধি*)। ৪ উগ্র, তীব্র (*তীক্ষ্ণ বাক্যবাণ*)। ৫ সূক্ষ্ম; সতর্ক (*তীক্ষ্ণ দৃষ্টি*)।

তীক্ষ্ণকন্দ /তিখ্‌নোকন্‌দো/ [স. তীক্ষ্ণ+√কন্দ্+অ] বি. পেঁয়াজ।

তীক্ষ্ণকর্মা /তিখ্‌নোকর্‌মা/ [স. তীক্ষ্ণ+কর্মন্] বিণ. কঠিন কর্মে পারদর্শী, কর্মকুশল।

তীক্ষ্ণগন্ধ /তিখ্‌নোগন্‌ধো/ [স. তীক্ষ্ণ+√গন্ধ্+অ] বি. ১ শজনে, শোভাঞ্জন। ২ রক্ততুলসী।

তীক্ষ্ণগন্ধা /তিখ্‌নোগন্‌ধা/ [স. তীক্ষ্ণ+√গন্ধ্+অ+আ (টাপ্)] বি. ছোটো এলাচ।

তীক্ষ্ণতা /তিখ্‌নোতা/ [স. তীক্ষ্ণ+তা] বি. দ্র তীক্ষ্ণত্ব।

তীক্ষ্ণত্ব /তিখ্‌নোত্‌তো/ [স. তীক্ষ্ণ+ত্ব] বি. ১ অত্যন্ত ধারালো ভাব। ২ সূক্ষ্মতা।

তীক্ষ্ণদংষ্ট্র /তিখ্‌নোদংশ্‌ট্রো/ [স. তীক্ষ্ণ+√দন্শ্+ত্র] বিণ. (যার) দাঁত অত্যন্ত ধারালো এমন।

তীক্ষ্ণদৃষ্টি /তিখ্‌নোদৃশ্‌টি/ [স. তীক্ষ্ণ+√দৃশ্+তি] বিণ. সতর্ক দৃষ্টিসম্পন্ন।

তীক্ষ্ণধী /তিখ্‌নোধি/ [স. তীক্ষ্ণ+√ধ্যৈ+ক্বিপ্] বিণ. তীক্ষ্ণ বুদ্ধিদীপ্ত।

তীক্ষ্ণপুষ্প /তিখ্‌নোপুশ্‌পো/ [স. তীক্ষ্ণ+√পুষ্প্+অ] বি. লবঙ্গ।

তীক্ষ্ণবুদ্ধি /তিখ্‌নোবুদ্‌ধি/ [স. তীক্ষ্ণ+√বুধ্+তি] বিণ. জটিল বিষয় অনুধাবন করতে পারার বুদ্ধিসম্পন্ন।

তীক্ষ্ণলৌহ /তিখ্‌নোলোড়্‌হো/ [স. তীক্ষ্ণ+লোহ+অ] বি. ইস্পাত, steel।

তীক্ষ্ণাগ্র /তিখ্‌নাগ্‌গ্রো/ [স. তীক্ষ্ণ+অগ্র] বিণ. ধারালো অগ্রভাগবিশিষ্ট।

তীক্ষ্ণায়স /তিখ্‌নায়শ্/ [স. তীক্ষ্ণ+অয়স্] বি. দ্র তীক্ষ্ণলৌহ।

তীবর /তিবর্/ [স. √তৃ+বর] বি. ১ মৎস্যজীবী জাতি। ২ ব্যাধ।

তীব্র /তিব্‌ব্রো/ [স. √তীব্+র] বিণ. ১ কড়া, প্রখর (*তীব্র রোদ*)। ২ দুঃসহ, অসহ্য (*তীব্র কষ্ট*)। ৩ ঝাঁঝালো (*তীব্র গন্ধ*)। ৪ জোরালো (*তীব্র প্রতিবাদ*)। ৫ কটু (*তীব্র ভাষা*)। ৬ কঠোর (*তীব্র কণ্ঠ*)। ৭ মারাত্মক (*তীব্র বিষ*)।

তীব্রগন্ধা /তিব্‌ব্রোগন্‌ধা/ [স. তীব্র+√গন্ধ্+অ+আ (টাপ্)] বি. মসলাবিশেষ; জোয়ান।

তীব্রতা /তিব্‌ব্রোতা/ [স. তীব্র+তা] বি. ১ প্রখরতা। ২ তীক্ষ্ণতা। ৩ কর্কশতা। ৪ কঠোরতা।

তীব্রমধ্যম /তিব্‌ব্রোমোদ্‌ধোম্/ [স. তীব্র+মধ্যম] বি. সংগীতের কড়িমধ্যম স্বর।

তীব্রস্বাদ /তিব্‌ব্রোশাদ্/ [স. তীব্র+√স্বদ্+অ] বি. কটু স্বাদ। বিণ. কটু স্বাদযুক্ত।

তীয়র /তিঅর্/ [স. তীব্র >] বিণ. ১ তীব্র। ২ চড়া।

তীর /তি:র্/ [স. √তীরি+অ] বি. কূল, তট, পাড়।

তীরবর্তী /তিরোবোর্‌তি/ [স. তীর+√বৃৎ+ইন্] বিণ. তীরের নিকটবর্তী, তীরসন্নিহিত, তীরসংলগ্ন।

তীরসংলগ্ন /তির্‌শংলগ্‌নো/ [স. তীর+সম্+√লগ্+ত] বিণ. দ্র তীরবর্তী।

তীরস্থ /তিরস্‌থো/ [স. তীর+√স্থা+অ] বিণ. দ্র তীরবর্তী।

তীর্ণ /তি:র্‌নো/ [স. √তৃ+ত] বিণ. ১ উত্তীর্ণ, অতিক্রান্ত (*তীর্ণ যৌবন*)। ২ পারে গত।

তীর্থ /তির্‌থো/ [স. √তৃ+থ] বি. ১ পুণ্যভূমিরূপে খ্যাত স্থান। ২ যে নদী প্রভৃতির জল ঋষিগণ পান করেন (*পঞ্চতীর্থ*)। ৩ গুরু, শিক্ষক (*সতীর্থ*)। ৪ সংস্কৃত কাব্যে পাণ্ডিত্যের জন্য প্রদত্ত উপাধি (*কাব্যতীর্থ*)।

তীর্থকর /তির্‌থোকর/ [স. তীর্থ+√কৃ+অ] বি. বিষ্ণু।

তীর্থ করা /তির্‌থো করা/ ক্রিবি. তীর্থ দর্শন করা।

তীর্থকাক /তির্‌থোকাক্/ [স. তীর্থ+√কৈ+ক] বি. ১ তীর্থক্ষেত্রে ফেলে দেওয়া খাদ্যবস্তুর জন্য অপেক্ষমাণ কাক। ২ (আল.) অনুগ্রহের জন্য প্রতীক্ষমাণ ব্যক্তি।

তীর্থক্ষেত্র /তির্‌থোখেত্‌ত্রো/ [স. তীর্থ+√ক্ষি+ত্র] বি. পবিত্রস্থান, পুণ্যস্থান।

তীর্থঙ্কর /তির্‌থংকর/ [স. তীর্থ+√কৃ+অ] বি. ১ জৈন সিদ্ধপুরুষ। ২ বৌদ্ধ শাস্ত্রকার।

তীর্থজল /তির্‌থোজল্/ [স. তীর্থ+জল] বি. তীর্থক্ষেত্রের পবিত্র জল।

তীর্থপর্যটন /তির্‌থোপোর্‌জোটন্/ [স. তীর্থ+পরি+√অট্+অন্] বি. তীর্থভ্রমণ, তীর্থযাত্রা।

তীর্থবায়স /তির্‌থোবায়োশ্/ [স. তীর্থ+বায়স] বি. দ্র তীর্থকাক।

তীর্থবারি /তির্‌থোবারি/ [স. তীর্থ+বারি] বি. দ্র তীর্থজল।

তীর্থবাস /তির্‌থোবাশ্/ [স. তীর্থ+√বস+অ] বি. তীর্থস্থানে বসবাস।

তীর্থবাসী /তির্‌থোবাশি/ [স. তীর্থ+√বস্+ইন্] বি. বিণ. তীর্থস্থানে বাস করে এমন।

তীর্থভূমি /তির্‌থোভূমি/ [স. তীর্থ+ভূমি] বি. দ্র

www.pathagar.com

তীর্থক্ষেত্র।

তীর্থভ্রমণ /তির্‌থোভ্রোমোন্‌/ [স. তীর্থ+√ভ্রম্‌+অন] বি. দ্র তীর্থপর্যটন।

তীর্থযাত্রা /তির্‌থোজাত্‌ত্রা/ [স. তীর্থ+√যা+ত্র+আ (টাপ্‌)] বি. তীর্থস্থানে গমন।

তীর্থযাত্রী /তির্‌থোজাত্‌ত্রি/ [স. তীর্থ+যাত্রা+ইন্‌] বি. বিণ. তীর্থে গমনকারী।

তীর্থসলিল /তির্‌থোশোলিল্‌/ [স. তীর্থ+সলিল] বি. দ্র তীর্থজল।

তীর্থোদক /তির্‌থোদক্‌/ [স. তীর্থ+উদক] বি. দ্র তীর্থজল।

তু[১] /তু/ [স. ত্বম্‌ >] সর্ব. তুই, তুমি।

তু[২] /তু/ [ধ্বন্যা.] অব্য. বি. কুকুর বিড়াল প্রভৃতি গৃহপালিত প্রাণীকে কাছে ডাকার শব্দ।

তুই /তুই/ [স. ত্বম্‌ >] সর্ব. তুচ্ছার্থে বা অন্তরঙ্গ ব্যক্তিকে সম্বোধনের জন্য ব্যবহৃত শব্দ।

তুই তোকারি /তুই তোকারি/ বি. (অন্তরঙ্গ সম্পর্কযুক্ত ব্যক্তিদের) পরস্পরকে সম্বোধনের জন্য ব্যবহৃত রূপ।

তুঁত /তুঁত্‌/ [আ.] বি. সচরাচর নদীতীরবর্তী ঝোপ-ঝাড়ে জাত এবং রাজশাহী জেলায় বাণিজ্যিকভাবে চাষ করা হয় এমন পানপাতাসদৃশ সরল পাতা (যা রেশমকীটের প্রধান খাদ্য) সবুজ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ (আনি. চীন), mulberry।

তুঁতপোকা /তুঁত্‌পোকা/ [আ. তুঁত+বা. পোকা] বি. তুঁত গাছের পাতা খেয়ে জীবনধারণ করে এমন ধূসর আঁশ-আবৃত পতঙ্গ, গুটিপোকা, রেশমকীট।

তুঁতিয়া /তুঁতিআ/ [স. তুত্থক >] বি. দ্র তুঁতে।

তুঁতে /তুঁতে/ [স. তুত্থক >] বি. গন্ধকাম্লের (sulphuric acid) সঙ্গে তামার রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন নীল রঙের কেলাস, blue vitriol, copper sulphate।

তুঁহুঁ /তুঁহুঁ/ [স. ত্বম্‌ >] সর্ব. তুমি, তুই (*মরণ রে তুঁহুঁ মম শ্যামসমান।* রবীন্দ্র.)।

তুক /তুক্‌/ [দেশি.] বি. ১ বশীকরণ (*তুক করা*)। ২ কল্পিত বশীকরণ মন্ত্র বা জাদু (*তুকতাক*)। ৩ ধ্রুপদ খেয়াল প্রভৃতি সংগীতের চরণ।

তুকতাক /তুক্‌তাক্‌/ [দেশি.] বি. বশীকরণের কল্পিত জাদুমন্ত্র।

তুকা /তুকা/ [বা.] ক্রিবি. সন্ধান করা।

তুখোড় /তুখোড়/ [বা.] বিণ. ১ চৌকশ। ২ চতুর।

তুঘলকি /তুঘ্‌লোকি/ [দেশি.] বিণ. দিল্লির সুলতান (খ্রিষ্টীয় চতুর্দশ শতক) মহম্মদ বিন তুঘলক-এর মতো খামখেয়ালিপূর্ণ (*তুঘলকি কাণ্ড*)। বি. খামখেয়ালি কাজ।

তুঙ্গ /তুংগো/ [স. √তুন্‌জ্‌+অ] বিণ. উচ্চ, উঁচু। বি. ১ শৃঙ্গ। ২ শেষ সীমা।

তুঙ্গভদ্র /তুংগোভদ্‌দ্রো/ [স. তুঙ্গ+√ভন্দ্‌+র] বি. পাগলা হাতি।

তুঙ্গভদ্রা /তুংগোভদ্‌দ্রা/ [স. তুঙ্গ+ভদ্র+আ (টাপ্‌)] বি. তুঙ্গা ও ভদ্রা নদীর মিলনে উৎপন্ন মহীশূরের নদীবিশেষ।

তুঙ্গী /তুংগি/ [স. তুঙ্গ+ইন্‌] বিণ. উঁচু স্থানে অবস্থিত। বি. ১ রাত্রি। ২ পর্বত।

তুচ্ছ /তুচ্‌ছো/ [স. √তুদ্‌+ছ] বিণ. ১ সামান্য, অতি অল্প (*তুচ্ছ পরিমাণ*)। ২ অকিঞ্চিৎকর, নগণ্য (*তুচ্ছ ব্যাপার*)। ৩ অবজ্ঞাত (*তুচ্ছজ্ঞান করা*)।

তুচ্ছজ্ঞান /তুচ্‌ছোগ্‌গ্যান্‌/ [স. তুচ্ছ+√জ্ঞা+অন] বি. হেয়জ্ঞান, অবজ্ঞা, অবহেলা।

তুচ্ছতাচ্ছল্য /তুচ্‌ছোতাচ্‌ছোল্‌লো/ [স. তুচ্ছ+বা. তাচ্ছল্য] বি. দ্র তুচ্ছতাচ্ছিল্য।

তুচ্ছতাচ্ছিল্য /তুচ্‌ছোতাচ্‌ছিল্‌লো/ [স. তুচ্ছ+বা. তাচ্ছিল্য] বি. ১ তুচ্ছজ্ঞান। ২ অবহেলা, উপেক্ষা।

তুচ্ছাতিতুচ্ছ /তুচ্‌ছাতিতুচ্‌ছো/ [স. তুচ্ছ+অতি+তুচ্ছ] বিণ. অতি তুচ্ছ বা নগণ্য।

তুড়ি /তুড়ি/ [ধ্বন্যা.] অব্য. বি. মধ্যমাকে বুড়ো আঙুল দিয়ে চেপে হঠাৎ ছেড়ে দেওয়ার ফলে উৎপন্ন শব্দ।

তুড়ি মারা /তুড়ি মারা/ ক্রিবি. ১ তুড়ি বাজানো। ২ (আল.) তুচ্ছজ্ঞান করা, অগ্রাহ্য করা।

তুড়িলাফ /তুড়িলাফ্‌/ [স. ত্বরিত >] বি. আনন্দের বশে হঠাৎ লম্ফন।

তুণ্ড /তুন্‌ডো/ [স. √তুণ্ড্‌+অ] বি. পাখির চঞ্চু বা ঠোঁট; জীবজন্তুর মুখ বা ওষ্ঠাধর।

তুণ্ডিকা /তুন্‌ডিকা/ [স. তুণ্ডি+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ নাভি। ২ তেলাকুচা গাছ।

তুতি /তুতি/ [ফা.] বি. স্ত্রীকুলের তোতাপাখি।

তু-তু /তুতু/ [ধ্বন্যা.] অব্য. বি. কুকুর প্রভৃতিকে ডাকার জন্য উচ্চারিত শব্দ।

তুত্থ /তুত্‌থো/ [স. √তুদ্‌+থ] বি. দ্র তুঁতে।

তুত্থক /তুত্‌থক্‌/ [স. তুত্থ+ক (স্বার্থে)] বি. দ্র তুঁতে।

তুত্থাঞ্জন /তুত্‌থানজন্‌/ [স. তুত্থ+অঞ্জন] বি. তুঁতে থেকে প্রস্তুত কাজল।

তুন্দ /তুন্‌দো/ [স. √তুন্‌দ্‌+দ] বি. উদর; ভুঁড়ি।

www.pathagar.com

তুন্দি /তুন্‌দি/ [স. তুন্দ +ই] বি. দ্র তুন্দ।

তুন্দ্রা /তুন্‌দ্রা/ [স্থান.] বি. দ্র তুন্দ্রাঞ্চল।

তুন্দ্রাঞ্চল /তুন্‌দ্রাঞ্চল্‌/ [স্থান.] বি. ইউরোপ এশিয়া ও উত্তর আমেরিকার মেরুপ্রদেশে অবস্থিত তুষার আবৃত বৃক্ষহীন বিস্তীর্ণ সমতলভূমি।

তুন্ন /তুন্‌নো/ [স. √তুদ্‌+ত] বিণ. পীড়িত; ব্যথিত, দুঃখপ্রাপ্ত। বি. ছেঁড়া কাপড়।

তুন্নবায় /তুন্‌নোবায়্‌/ [স. তুন্ন+বায়] বি. ১ যে ব্যক্তি ছেঁড়া কাপড় সেলাই করে। ২ দরজি।

তুফান /তুফান্‌/[আ.] বি. বায়ুমন্ডলের চাপ ও তাপ-মাত্রার আকস্মিক পরিবর্তনের ফলে সৃষ্ট প্রবল ঝড়। বিণ. (আল.) প্রবল গতিসম্পন্ন (*তুফান মেইল*)।

তুবড়া /তুবড়া/ [বা.] ক্রিমূ. প্রবল চাপের ফলে টোল খাওয়া বা চুপসে যাওয়া।

তুবড়ানো /তুবড়ানো/ [বা.] ক্রিবি. টোল খাওয়া। বিণ. তুবড়ে বা চুপসে গেছে এমন।

তুবড়ি /তুবড়ি/ [স. তুম্ব >] বি. ১ মাটির খোলে বারুদ পুরে তৈরি বাজিবিশেষ, আতশবাজি। ২ লাউয়ের খোলের সঙ্গে দুটি নল যুক্ত করে তৈরি সাপুড়ের বাঁশি।

তুবর /তুবর্‌/ [স. তু+বর] বি. ফিটকিরি। বিণ. কষায় স্বাদযুক্ত।

তুমকি /তুম্‌কি/ [স. তুম্ব >] বি. একতারা।

তুমার /তুমার্‌/ [আ.] বি. জমাখরচের হিসাব রাখার খাতা।

তুমারনবিশ /তুমার্‌নোবিশ্‌/ [আ. তুমার+ফা. নবিশ] বি. বিণ. আয়ব্যয়ের হিসাবরক্ষক।

তুমি /তুমি/ [স. ত্বম্‌ >] সর্ব. (সম্বোধনে ব্যবহৃত) মধ্যম পুরুষের একবচনের রূপ।

তুমুল /তুমুল্‌/ [স. √তম্‌+উল] বিণ. প্রবল (*তুমুল হট্টগোল*)।

তুম্ব /তুম্‌বো/ [স. √তুম্ব্‌+অ] বি. ১ লাউ। ২ লাউয়ের শুকনা খোল। ৩ লাউয়ের শুকনা খোল থেকে তৈরি বাদ্যযন্ত্রবিশেষ, তুম্বক।

তুম্বক /তুম্‌বক্‌/ [স. তুম্ব+ক (স্বার্থে)] বি. দ্র তুম্ব।

তুম্বি /তুম্‌বি/ [স. √তুম্ব্‌+ই] বি. দ্র তুম্ব।

তুরক /তুরক্‌/ [তুর.] বি. ১ তুরস্কের অধিবাসী। ২ তুর্কি জাতি। ৩ তুর্কি টুপি। বিণ. তুরস্কসংক্রান্ত।

তুরকসওয়ার /তুরক্‌সওআর্‌/ [তুর. তুরক+ফা. সওয়ার] বি. অশ্বারোহী তুর্কি সৈন্য।

তুরগ /তুরগ্‌/ [স. তুর+√গম্‌+অ] বি. ঘোড়া, অশ্ব।

তুরগী[১] /তুরোগি/ [স. তুরগ+ঈ] বি. তুরগ-এর স্ত্রীলিঙ্গ।

তুরগী[২] /তুরোগি/ [স. তুরগ+ইন্‌] বি. বিণ. অশ্বারোহী, ঘোড়সওয়ার।

তুরঙ্গ /তুরংগো/ [স. তুর+√গম্‌+অ] বি. দ্র তুরগ।

তুরঙ্গম /তুরংগম্‌/ [স. তুর+√গম্‌+অ] বি. দ্র তুরগ।

তুরঙ্গী[১] /তুরোংগি/ [স. তুরঙ্গ+ঈ] বি. দ্র তুরগী[১]।

তুরঙ্গী[২] /তুরোংগি/ [স. তুরঙ্গ+ইন্‌] বি. দ্র তুরগী[২]।

তুরন্ত /তুরন্‌তো/ [স. ত্বরিত >] ক্রিবিণ. শীঘ্র, সত্বর, দ্রুত, বিলম্ব না করে।

তুরপুন /তুরপুন্‌/ [দেশি.] বি. কাঠ প্রভৃতি ছিদ্র করার হাতিয়ারবিশেষ, ভোমর।

তুরস্কমণি /তুরশ্‌কোমোনি/ [স. তুরস্ক+মণি] বি. ফিরোজা, নীলকান্তমণি, turquoise।

তুরানি /তুরানি/ [স্থান. তুরস্ক >] বি. ১ তুরস্কের নাগরিক। ২ তুর্কি যোদ্ধা। বিণ. তুরস্কদেশীয়।

তুরি[১] /তুরি/ [স. √তুর্‌+ই] বি. তন্তুবায়ের বয়নযন্ত্র।

তুরি[২] /তুরি/ [স. তূর্য >] বি. শঙ্খের মতো ফুঁ দিয়ে বাজানো হয় এমন শিঙাজাতীয় বাদ্যযন্ত্র, bugle।

তুরিত /তুরিতো/ [স. ত্বরিত >] ক্রিবিণ. শীঘ্র, সত্বর।

তুরীয় /তুরিয়ো/ [স. চতুর্‌+ঈয়] বিণ. চতুর্থ।

তুরীয় বর্ণ /তুরিয়ো বর্‌নো/ বি. চতুর্বর্ণের চতুর্থটি, শূদ্র।

তুরীয়ানন্দ /তুরিআনন্‌দো/ [স. তুরীয়+আনন্দ] বি. ১ তুরীয় অবস্থার আনন্দ। ২ আত্মহারা অবস্থা।

তুরুক /তুরুক্‌/ [স. ত্বরা >] অব্য. বিণ. তৎক্ষণাৎ, সেই মুহূর্তে, সঙ্গে সঙ্গে (*তুরুক জবাব*)।

তুরুপ /তুরুপ্‌/ [পো.] বি. তাসখেলায় পিট গ্রহণের জন্য যে রঙের তাস খেলা হয়, trump।

তুরুম /তুরুম্‌/ [ফ. trone >] বি. বন্দি নির্যাতনের জন্য হাত-পা আটক করে নিশ্চল রাখার কাঠের ফ্রেম।

তুর্কি /তুর্‌কি/ [তুর.] বি. ১ তুরস্কের অধিবাসী। ২ তুরস্কের ভাষা। বিণ. তুরস্কসম্বন্ধীয়।

তুর্কি নাচ /তুর্‌কি নাচ্‌/ বি. ১ উদ্দাম নৃত্য। ২ (আল.) অন্যের নির্দেশে চলার ফলে বিপর্যস্ত অবস্থা।

তুর্য /তুর্‌জো/ [স. চতুর্‌+য] বি. ১ সমাধির চতুর্থ অবস্থা। ২ পরব্রহ্ম। ৩ বৃত্তপরিধির চতুর্থাংশ। বিণ. চতুর্থ।

তুল[১] /তুল্‌/ [স. তুল্য >] বি. (কাব্যে) উপমা; সাদৃশ্য।

www.pathagar.com

তুল[২]/তুল্/ [স. তুলা >] বি. ১ দাঁড়িপাল্লা, পরিমাপ-দন্ড। ২ পরিমাপন, তৌলকরণ।

তুল[৩] /তুল্/ [আ.] বি. গোলযোগ, গন্ডগোল।

তুল[৪] /তুল্/ [স. তূল >] বি. দ্র তুলা[১]।

তুলকালাম /তুল্‌কালাম্/ [আ.] বি. ১ প্রচন্ড কলহ, তুমুল ঝগড়া। ২ বাগাড়ম্বর।

তুলট[১] /তুলোট্/ [স. তূলপট >] বিণ. প্রাচীন পদ্ধতিতে তুলা থেকে তৈরি (*তুলট কাগজ*)। বি. তুলা থেকে উৎপন্ন হলুদ কাগজ।

তুলট[২] /তুলোট্/ [স. তুলাদান >] বি. তুলাদন্ডে দাতার দেহের ওজনের সমপরিমাণ স্বর্ণ বা অর্থ দানের ব্রতবিশেষ, তুলাব্রত, তুলাদান।

তুলতুল /তুল্‌তুল্/ [ধ্বন্যা.] অব্য. অত্যন্ত কোমলতার ভাব।

তুলতুলে /তুল্‌তুলে/ [বা.] বিণ. অত্যন্ত কোমল।

তুলন /তুলন্/ [স. √তুলি+অন] বি. ১ সদৃশকরণ। ২ পরিমাপন। ৩ উত্থাপন। ৪ উত্তোলন।

তুলনা /তুলোনা/ [স. √তুলি+অন+আ (টাপ্)] বি. ১ কোনো বস্তু বা ব্যক্তির সঙ্গে সাদৃশ্য নিরূপণ। ২ সদৃশ বস্তু বা ব্যক্তি। ৩ সাদৃশ্য, মিল; উপমা।

তুলনামূলক /তুলোনামূলক্/ [স. তুলনা+মূলক] বিণ. তুলনা করা যায় এমন, তুলনাত্মক, comparative।

তুলনারহিত /তুলোনারোহিতো/ [স. তুলনা+√রহ্+ত] বিণ. দ্র তুলনাহীন।

তুলনাহীন /তুলোনাহিন্/ [স. তুলনা+√হা+ত] বিণ. তুলনা নেই এমন, অতুলনীয়, অদ্বিতীয়।

তুলনীয় /তুলোনিয়ো/ [স. √তুলি+অনীয়] বিণ. তুলনা করা যায় এমন।

তুলসী /তুল্‌শি/ [স. তুলা+√সো+অ+ঈ] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে পতিত জমিতে জাত (এবং দেবতাকে অর্ঘ্য প্রদান করা হয় বলে উঁচু বেদিতে লাগানো হয়) বহুশাখাযুক্ত খাঁজকাটা রোমশ সুগন্ধ পাতাবিশিষ্ট ভেষজগুণ-সম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল), basil।

তুলসী দেওয়া /তুল্‌শি দেওআ/ ক্রিবি. দেবতার উদ্দেশে তুলসী পাতার অর্ঘ্য প্রদান করা।

তুলসীপাতা /তুল্‌শিপাতা/ [স. তুলসী+বা. পাতা] বি. ওষুধ বা খাদ্য রূপে গৃহীত ভেষজগুণসম্পন্ন তুলসী গাছের মৃদুগন্ধ পাতা, basil leaf।

তুলসীবনের বাঘ /তুল্‌শিবোনের্ বাঘ্/ বি. সাধুরূপে পরিচিত অসাধু ব্যক্তি।

তুলসীমঞ্চ /তুল্‌শিমন্‌চো/ [স. তুলসী+√মঞ্চ্+অ] বি. (মাটি বা ইটের তৈরি) যে বেদির ওপর তুলসীগাছ লাগানো হয়।

তুলা[১]/তুলা/ [স. তূল >] বি. কার্পাস শিমুল প্রভৃতি ফলের মধ্যকার কোমল সাদা আঁশ যা থেকে সুতা উৎপাদিত হয়, cotton।

তুলা[২] /তুলা/ [স. √তুল্+অ+আ (টাপ্)] বি. ১ দাঁড়ি-পাল্লা, নিক্তি, পরিমাপদন্ড, তরাজু। ২ (জ্যোতি.) রাশিচক্রের সপ্তম রাশি।

তুলা[৩]/তুলা/ [বা.] ক্রিবি. বিণ. তোলা[২]-এর সাধু রূপ (পৃ ৬১৮)।

তুলাকূট /তুলাকূট্/ [স. তুলা+√কূট্+অ] বি. যে ব্যক্তি ওজনে কম দেয়।

তুলাকোটি /তুলাকোটি/ [স. তুলা+√কুট্+ই] বি. (অধুনালুপ্ত) পায়ের অলংকারবিশেষ।

তুলাদন্ড /তুলাদন্‌ডো/ [স. তুলা+√দন্ড্+অ] বি. ওজন পরিমাপক সরঞ্জাম, দাঁড়িপাল্লা, নিক্তি।

তুলাদান /তুলাদান্/ [স. তুলা+√দা+অন] বি. দ্র তুলাব্রত।

তুলাধট /তুলাধট্/ [স. তুলা+√ধণ্+অ] বি. দ্র তুলাদন্ড।

তুলাধর /তুলাধর্/ [স. তুলা+√ধৃ+অ] বি. সূর্য, রবি।

তুলাধার /তুলাধার্/ [স. তুলা+√ধৃ+অ] বি. ১ বণিক। ২ তুলা রাশি। ৩ তুলাদন্ড, দাঁড়িপাল্লা, নিক্তি।

তুলাধারী /তুলাধারি/ [স. তুলা+√ধৃ+ইন্] বিণ. (যে) তুলাদন্ডে ওজন করে এমন। বি. বণিক।

তুলাধুনা /তুলাধুনা/ [বা.] বি. ১ ধুনখারা যন্ত্রের সাহায্যে পুরনো জমাটবাঁধা তুলার ধুলোবালি ময়লা পরিষ্করণ। ২ পেঁজা তুলার মতো ছিন্নভিন্ন বা পর্যুদস্ত অবস্থা। ৩ (আল.) প্রবল তিরস্কার বা ভর্ৎসনা। ৪ প্রচন্ড প্রহার।

তুলানো /তুলানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে উত্তোলন করানো।

তুলাব্রত /তুলাব্রোতো/ [স. তুলা+√বৃ+অত] বি. তুলাদন্ডে দাতার দেহের ওজনের সমপরিমাণ স্বর্ণ বা অর্থ দানের ব্রতবিশেষ, তুলট, তুলাদান।

তুলাযন্ত্র /তুলাজন্‌ত্রো/ [স. তুলা+√যন্ত্র্+অ] বি. দ্র তুলাদন্ড।

তুলারাম খেলারাম /তুলারাম্ খ্যালারাম্/ বি. দুশ্চিন্তাজনিত অতিশয় অস্বস্তি, উদ্‌বেগ।

তুলারু /তুলারু/ [স. তুলারুরু >] বি. অত্যন্ত ক্ষিপ্র-গতিসম্পন্ন হরিণের প্রজাতিবিশেষ।

www.pathagar.com

তুলি /তুলি/ [স. তূলিকা >] বি. ছবি আঁকার কাজে ব্যবহৃত পশুলোমের তৈরি বুরুশ, তুলিকা, brush।

তুলিত /তুলিতো/ [স. √তুল্+ত] বিণ. ১ তুলনা করা হয়েছে এমন। ২ পরিমাপ করা হয়েছে এমন।

তুলিকা /তুলিকা/ [স. তূল+ইক্+আ (টাপ্)] বি. দ্র তুলি।

তুলো /তুলো/ [স. তূল >] বি. তুলা[১]-এর কথ্য রূপ।

তুলোধোনা /তুলোধোনা/ [বা.] বি. 'তুলাধুনা'-র কথ্য রূপ।

তুলো পেঁজা /তুলো পেঁজা/ ক্রিবি. ধনুকসদৃশ সরঞ্জাম (ধুনখারা) দিয়ে তুলা ধুনে পরিষ্কার করা।

তুল্য /তুল্লো/ [স. তুলা+য] বিণ. ১ তুলনার উপযুক্ত। ২ সদৃশ, মতো, অনুরূপ। ৩ সমান (*তুল্যমূল্য*)। বি. ~তা /-তা/।

তুল্যকৌণিক /তুল্লোকোউনিক্/ [স. তুল্য+কৌণিক] বি. যে ত্রিভুজ বা চতুর্ভুজ ক্ষেত্রের কোণগুলি পরস্পর সমান, equiangular।

তুল্য প্রতিযোগিতা /তুল্লো প্রোতিজোগিতা/ বি. সমপ্রতিদ্বন্দ্বিতা।

তুল্যবল /তুল্লোবল্/ [স. তুল্য+বল] বিণ. সমান শক্তিবিশিষ্ট। বি. সমান শক্তি।

তুল্যমান /তুল্লোমান্/ [স. তুল্য+মান] বিণ. সম-মানের, একই মানের।

তুল্যমূল্য /তুল্লোমুল্লো/ [স. তুল্য+মূল+য] বিণ. ১ সমমূল্যবিশিষ্ট। ২ সমমর্যাদাসম্পন্ন। ৩ সমকক্ষ। ৪ প্রায় কাছাকাছি।

তুল্যযোগিতা /তুল্লোজোগিতা/ [স. তুল্য+√যুজ্+ইন্+তা] বি. ১ প্রাসঙ্গিক ও অপ্রাসঙ্গিক পদার্থের কোনো একটি সাধারণ ধর্মের (গুণ ক্রিয়া প্রভৃতির) সাদৃশ্যমূলক কাব্যালংকারবিশেষ। ২ সাম্য।

তুল্যরূপ /তুল্লোরূপ্/ [স. তুল্য+রূপ] বিণ. ১ একই প্রকার বা ধরনের। ২ সমান ভাববিশিষ্ট।

তুল্যাকৃতি /তুল্লাকৃতি/ [স. তুল্য+আ+√কৃ+তি] বি. একই রকম চেহারা। বিণ. একই আকৃতিবিশিষ্ট।

তুষ /তুশ্/ [স. √তুষ্+অ] বি. ১ ধান সরিষা প্রভৃতি শস্যের খোসা। ২ চূর্ণ, গুঁড়া।

তুষণ /তুশন/ [স. √তুষ্+অন] বি. তুষ্টকরণ।

তুষা /তুশা/ [বা.] ক্রিবি. (কাব্যে) তুষ্ট করা।

তুষানল /তুশানল্/ [স. তুষ+অনল] বি. ১ তুষের আগুন (যা সহজে নেভে না)। ২ (আল.) দীর্ঘস্থায়ী অন্তর্জ্বালা।

তুষার /তুশার/ [স. √তুষ্+আর] বি. বরফ (*তুষার-পাত*), হিমানী, নীহার, তুহিন।

তুষারকণা /তুশারকনা/ [স. তুষার+কণা] বি. বরফের ছোটো টুকরা বা কুচি, হিমকণা।

তুষারকণিকা /তুশারকোনিকা/ [স. তুষার+কণিকা] বি. দ্র তুষারকণা।

তুষারকর /তুশারকর/ [স. তুষার+√কৃ+অ] বি. হিমকর, চাঁদ।

তুষারকাল /তুশারকাল্/ [স. তুষার+কাল] বি. শীতকাল।

তুষারগিরি /তুশারগিরি/ [স. তুষার+√গৃ+ই] বি. হিমালয় পর্বত, তুষারাদ্রি।

তুষারগৌর /তুশারগৌরো/ [স. তুষার+গুর+অ] বিণ. দ্র তুষারধবল।

তুষারঝটিকা /তুশারঝোটিকা/ [স. তুষার+ঝটিকা] বি. দ্র তুষারঝড়।

তুষারঝড় /তুশারঝড়্/ [স. তুষার+বা. ঝড়] বি. তুষারপাতের সঙ্গে প্রবল বাতাস।

তুষারধবল /তুশারধবোল্/ [স. তুষার+ধবল] বিণ. তুষারের মতো শুভ্র, অত্যন্ত সাদা।

তুষারধস /তুশারধশ্/ [স. তুষার+বা. ধস] বি. পাহাড়ে জমে থাকা বরফের ধস।

তুষারপাত /তুশারপাত্/ [স. তুষার+√পত্+অ] বি. তুষারবর্ষণ।

তুষারমানব /তুশারমানব্/ [স. তুষার+মানব] বি. তুষারে ঢাকা পাহাড়ে বসবাস করে এমন কল্পিত মানুষ।

তুষারমৌলি /তুশারমৌলি/ [স. তুষার+মূল+ই] বিণ. চূড়া তুষারে ঢাকা এমন।

তুষার যুগ /তুশার জুগ/ বি. ১৮ লক্ষ থেকে ১০ হাজার খ্রিষ্টপূর্বাব্দ পর্যন্ত কালপর্ব (যে যুগে পৃথিবীর বিস্তীর্ণ অঞ্চল পুরু বরফের আস্তরণে ঢাকা ছিল)।

তুষারাদ্রি /তুশারাদ্রি/ [স. তুষার+√অদ্+রি] বি. দ্র তুষারগিরি।

তুষের আগুন /তুশের্ আগুন্/ বি. দ্র তুষানল।

তুষ্ট /তুশ্টো/ [স. √তুষ্+ত] বিণ. ১ তৃপ্ত, সন্তুষ্ট। ২ আনন্দিত, খুশি। বি. তুষ্টি /তুশ্টি/।

তুষ্টিকর /তুশ্টিকর/ [স. তুষ্টি+√কৃ+অ] বিণ. তৃপ্তি-কর, সন্তোষজনক।

তুষ্টিসাধন /তুশ্টিশাধোন্/ [স. তুষ্টি+সাধন] বি. সন্তোষবিধান।

তুস /তুশ/ [আ.] বি. নরম পশমি কাপড়বিশেষ।

তুহিন /তুহিন্/ [স. √তুহ্+ইন্] বি. বরফ, তুষার, হিম।

www.pathagar.com

তুহিনকর /তুহিন্‌কর্‌/ [স. তুহিন+√কৃ+অ] বি. চন্দ্র।

তুহিনাদ্রি /তুহিনাদ্‌রি/ [স. তুহিন+√অদ্‌+রি] বি. হিমালয় পর্বত।

তূণ /তুন্‌/ [স. √তূণি+অ] বি. বাণ রাখার পাত্র, বাণাধার, তূণীর (*ও নিঠুর, আরো কি বাণ তোমার তূণে আছে?* রবীন্দ্র.)।

তূণীর /তুনির্‌/ [স. √তূণি+ঈর] বি. দ্র তূণ।

তূবর /তুবর্‌/ [স. √তূ+বর] বি. দাড়িগোঁফ নেই এমন পুরুষ, মাকুন্দ।

তূবরক /তুবরক/ [স. তূবর+ক] বি. দ্র তূবর।

তূর্ণ /তুর্‌নো/ [স. √ত্বর্‌+ত] ক্রিবিণ. ত্বরিত, শীঘ্র, সত্বর। বিণ. দ্রুত।

তূর্ণপত্র /তুর্‌নোপত্‌ত্রো/ [স. তূর্ণ+√পত্‌+ত্র] বি. যে চিঠি খুব দ্রুত পৌঁছে দিতে হয়; (পরি.) express letter।

তূর্য /তুর্‌জো/ [স. √তূর্‌+য] বি. প্রাচীন রণবাদ্য-বিশেষ।

তূর্যনিনাদ /তুর্‌জোনিনাদ্‌/ [স. তূর্য+নিনাদ] বি. প্রাচীন রণবাদ্যের ধ্বনি।

তূষ্ণী /তুশ্‌নি/ [স. তূষ্ণীম্‌>] বিণ. দ্র তূষ্ণীক।

তূষ্ণীক /তুশ্‌নিক্‌/ [স. তূষ্ণীম্‌+ক] বিণ. মৌন অবলম্বনকারী, মৌনী, নীরব।

তূষ্ণীম্ভাব /তুশ্‌নিম্‌ভাব্‌/ [স. তূষ্ণীম্‌+ভাব] বি. মৌনাবলম্বন, নীরবতা।

তূষ্ণীম্ভূত /তুশ্‌নিমভুতো/ [স. তূষ্ণীম্‌+ভূত] বিণ. নির্বাক, মৌন, নীরব।

তৃণ /তৃনো/ [স. √তৃণ্‌+অ] বি. ১ খোলা জায়গায় আপনা থেকেই গজিয়ে মাঠঘাট ছেয়ে ফেলে এমন গাঢ় সবুজ ফলাযুক্ত উদ্ভিদ যা গবাদি পশুর অন্যতম খাদ্য, ঘাস। ২ (আল.) তুচ্ছ বস্তু।

তৃণকান্তার /তৃনোকান্‌তার্‌/ [স. তৃণ+কান্ত+√ঋ+অ] বি. তৃণভূমি।

তৃণকুটির /তৃনোকুটির্‌/ [স. তৃণ+কুটির] বি. ১ তৃণ দিয়ে ছাওয়া ঘর। ২ কুঁড়েঘর।

তৃণকেতু /তৃনোকেতু/ [স. তৃণ+√চায়্‌+তু] বি. দ্র তৃণদ্রুম।

তৃণক্ষেত্র /তৃনোখেত্‌ত্রো/ [স. তৃণ+√ক্ষি+ত্র] বি. চারণভূমি, তৃণভূমি।

তৃণজলৌকা /তৃনোজলৌড়কা/ [স. তৃণ+জলৌকা] বি. চীনা জোঁক।

তৃণজীবী /তৃনোজিবি/ [স. তৃণ+√জীব্‌+ইন্‌] বিণ. দ্র তৃণভোজী।

তৃণজ্ঞান করা /তৃনোগ্‌গ্যান্‌ করা/ ক্রিবি. তৃণের মতো তুচ্ছ মনে করা, হীনজ্ঞান করা।

তৃণদ্রুম /তৃনোদ্‌দ্রুম্‌/ [স. তৃণ+√দ্রু+ম] বি. আখ তাল নারকেল প্রভৃতি তৃণজাতীয় শাখাহীন উদ্ভিদ।

তৃণধান্য /তৃনোধান্‌নো/ [স. তৃণ+ধান+য] বি. উড়িধান, নীবার।

তৃণবৎ /তৃনোবত্‌/ [স. তৃণ+বৎ] বিণ. ১ ঘাসের মতো। ২ (আল.) অতি তুচ্ছ ও দুর্বল।

তৃণভুক /তৃনোভুক্‌/ [স. তৃণ+√ভুজ্‌+ক্বিপ্‌] বিণ. দ্র তৃণভোজী।

তৃণভোজী /তৃনোভোজি/ [স. তৃণ+√ভুজ্‌+ইন্‌] বিণ. ঘাস খেয়ে জীবনধারণ করে এমন, তৃণভুক।

তৃণময় /তৃনোময়্‌/ [স. তৃণ+ময়ট্‌] বিণ. ঘাসে ঢাকা।

তৃণমূল /তৃনোমুল্‌/ [স. তৃণ+মূল] বি. ১ ঘাসের শিকড়। ২ (আল.) গোড়ার বিষয়। ৩ ক্ষমতার সর্বনিম্ন স্তরের মানুষ; সাধারণ জনগণ।

তৃণরাজ /তৃনোরাজ্‌/ [স. তৃণ+রাজন্‌] বি. দ্র তৃণদ্রুম।

তৃণশূন্য /তৃনোশুন্‌নো/ [স. তৃণ+√শ্বন্‌+য] বিণ. ঘাস নেই এমন, তৃণহীন।

তৃণসম /তৃনোশমো/ [স. তৃণ+সম] বিণ. ১ ঘাসের মতো। ২ (আল.) দুর্বল ও ভঙ্গুর। ৩ তুচ্ছ।

তৃণহীন /তৃনোহিন্‌/ [স. তৃণ+√হা+ত] বিণ. দ্র তৃণশূন্য।

তৃণাটবি /তৃনাটোবি/ [স. তৃণ+অটবি] বি. ঘাসবন।

তৃণাদ /তৃনাদ্‌/ [স. তৃণ+√অদ্‌+অ] বিণ. দ্র তৃণভোজী।

তৃণাবর্ত /তৃনাবর্‌তো/ [স. তৃণ+আবর্ত] বি. ১ ঘূর্ণিবায়ু। ২ পুরাণোক্ত দৈত্যবিশেষ।

তৃণাসন /তৃনাশোন্‌/ [স. তৃণ+আসন] বি. ঘাস বা খড়ের তৈরি আসন (দরমা চাটাই মাদুর প্রভৃতি)।

তৃতীয় /তৃতিয়ো/ [স. ত্রি+তীয়] বিণ. ১ দুটি বা দুজনের পরবর্তী এবং চারটি বা চারজনের পূর্ববর্তী। ২ তিন (৩) সংখ্যার পূরক।

তৃতীয়প্রকৃতি /তৃতিয়োপ্রোকৃতি/ [স. তৃতীয়+প্রকৃতি] বিণ. পুরুষ বা স্ত্রীজাতীয় নয় এমন, transgender।

তৃতীয় বিশ্ব /তৃতিয়ো বিশ্‌শো/ বি. এশিয়া আফ্রিকা ও লাতিন আমেরিকার জোটনিরপেক্ষ উন্নয়নশীল দেশসমূহ, Third World।

তৃতীয়া /তৃতিআ/ [স. তৃতীয়+আ (টাপ্‌)] বিণ. তৃতীয় স্থানীয়া। বি. ১ তিথিবিশেষ। ২ (ব্যা.) বিভক্তিবিশেষ।

তৃপ্ত /তৃপ্‌তো/ [স. √তৃপ্‌+ত] বিণ. ১ পূর্ণকাম। ২ সন্তুষ্ট, পরিতুষ্ট; আহ্লাদিত।

www.pathagar.com

তৃপ্তি /তৃপ্তি/ [স. √তৃপ্+তি] বি. ১ তুষ্টি; সন্তোষ; আনন্দ। ২ তৃষ্ণা নিবৃত্তি।

তৃপ্তিকর /তৃপ্তিকর/ [স. তৃপ্তি+√কৃ+অ] বিণ. ১ তৃপ্তিদায়ক। ২ তৃষ্ণা নিবারণ করে এমন।

তৃষা /তৃশা/ [স. √তৃষ্+অ+আ (টাপ্)] বি. ১ পান করার বাসনা, পিপাসা, তেষ্টা (*প্রাণ ভরিয়ে তৃষা হরিয়ে / মোরে আরো আরো আরো দাও প্রাণ।* রবীন্দ্র.)। ২ প্রবল আকাঙ্ক্ষা।

তৃষাতুর /তৃশাতুর/ [স. তৃষা+আতুর] বিণ. পিপাসায় কাতর, তৃষ্ণার্ত। স্ত্রী. তৃষাতুরা /তৃশাতুরা/।

তৃষান্বিত /তৃশান্নিতো/ [স. তৃষা+অনু+√ই+ত] বিণ. তৃষিত, তৃষ্ণার্ত, পিপাসিত।

তৃষার্ত /তৃশার্তো/ [স. তৃষা+√ঋ+ত] বিণ. তৃষ্ণা-পীড়িত, পিপাসায় কাতর, পিপাসিত।

তৃষালু /তৃশালু/ [স. তৃষা+আলু] বিণ. দ্র তৃষার্ত।

তৃষাহর /তৃশাহরো/ [স. তৃষা+√হৃ+অ] বিণ. তৃষ্ণা-নিবারণ করে এমন।

তৃষিত /তৃশিতো/ [স. তৃষা+ইত] বিণ. দ্র তৃষ্ণার্ত।

তৃষ্ণা /তৃশ্না/ [স. √তৃষ্+ন+আ (টাপ্)] বি. ১ পান করার বাসনা, পিপাসা, তেষ্টা। ২ ভোগের ইচ্ছা। ৩ কোনো কিছু পাওয়ার জন্য প্রবল বাসনা।

তৃষ্ণাতুর /তৃশ্নাতুর/ [স. তৃষ্ণা+আতুর] বিণ. দ্র তৃষ্ণার্ত।

তৃষ্ণার্ত /তৃশ্নার্তো/ [স. তৃষ্ণা+√ঋ+ত] বিণ. ১ তৃষ্ণাপীড়িত, পিপাসিত। ২ ভোগেচ্ছু।

তৃষ্ণালু /তৃশ্নালু/ [স. তৃষ্ণা+আলু] বিণ. পিপাসিত।

তৃষ্য /তৃশ্যো/ [স. √তৃষ্+য] বিণ. ১ কাম্য, বাঞ্ছনীয়। ২ লোভনীয়।

তে[১] /তে/ [স. ত্রি >] বিণ. তিনসংখ্যক, ত্রি, তিন (*তেভাগা আন্দোলন*)।

–তে[২] /তে/ স্বরান্ত শব্দের শেষে যুক্ত বাংলা বিভক্তি যা বিভিন্ন কারকে প্রযুক্ত হয়, যেমন—কর্তৃকারকে (*বুলবুলিতে ধান খেয়েছে*), কর্মকারকে (*তোমাতে আমার ভরসা*), করণ কারকে (*ছুরিতে কেটেছে*), অধিকরণ কারকে (*ঘরেতে ভ্রমর এলো*)।

তেইশ /তেইশ/ [স. ত্রয়োবিংশতি >] বি. ২৩ সংখ্যা। বিণ. ২৩ সংখ্যক।

তেইশে /তেইশে/ [বা.] বি. মাসের ২৩ তারিখ। বিণ. মাসের ২৩ তারিখের।

তেউ /তেউ/ [স. তথাপি >] অব্য. তবুও, তথাপি।

তেউটে /তেউটে/ [স. ত্রিপুটাদি >] বি. খেসারির সঙ্গে বিবিধ ডালের মিশ্রণ।

তেউড় /তেউড়/ [স. তির্যক >] বি. ১ কলাগাছের মূল থেকে অঙ্কুরিত চারা, তেড়। ২ অঙ্কুর, চারাগাছ, পোয়া।

তেএঁটে /তেএঁটে/ [বা.] বিণ. ১ তিন আঁটিযুক্ত। ২ ত্রিশিরাযুক্ত। ৩ কুদর্শন। ৪ ধূর্ত।

তেওড়[১] /ত্যাওড়/ [স. ত্রিপুট>] বি. খেসারির ডাল।

তেওড়[২] /ত্যাওড়/ [স. তির্যক >] বিণ. ১ ত্যারচা, বাঁকা। ২ কুটিল।

তেওড়া[১] /ত্যাওড়া/ [স. তির্যক>] বিণ. দ্র তেওড়[২]।

তেওড়া[২] /ত্যাওড়া/ [স. তীব্র >] বি. সংগীতের সাত মাত্রার তালবিশেষ।

তেওড়ানো /ত্যাওড়ানো/ [বা.] ক্রিবি. বাঁকা করা। বিণ. বাঁকা করা হয়েছে এমন।

তেওর /ত্যাওর/ [স. তীবর >] বি. মৎস্যব্যবসায়ী জাতি।

তেঁতুল /তেঁতুল/ [স. তিন্তিড়ী >] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত হলুদাভ মৃদুগন্ধ ফুল ও বাদামি রঙের শুঁটিজাতীয় অম্লস্বাদ ফল বা তার ছোটো ছোটো পাতা ও শাখাপ্রশাখাবিশিষ্ট বহুবর্ষজীবী ছায়াবৃক্ষ (আনি. আফ্রিকার উষ্ণমণ্ডল), তিন্তিড়।

তেঁতুলে /তেঁতুলে/ [বা.] বিণ. ১ তেঁতুলসদৃশ। ২ অতিশয় টকস্বাদবিশিষ্ট। ৩ (আল.) পাজি।

তেঁতুলে বিছা /তেঁতুলে বিছা/ বি. তেঁতুলের মতো গাঁটযুক্ত বিছা।

তেকাঁটা /তেকাঁটা/ [বা.] বি. তিনটি শিরাযুক্ত গাছবিশেষ, মনসা গাছ।

তেকাঠা /তেকাঠা/ [বা.] বি. তিন খণ্ড কাঠ সংযুক্ত করে তৈরি ত্রিকোণাকৃতি আধারবিশেষ।

তেকোনা /তেকোনা/ [বা.] বিণ. তিনটি কোণবিশিষ্ট।

তেচোখো /তেচোখো/ [বা.] বিণ. তিন চোখবিশিষ্ট। বি. কপালে সাদা মুক্তার মতো দাগবিশিষ্ট (যা দেখতে চোখের মতো) ছোটো মাছবিশেষ।

তেজ /তেজ/ [স. তেজস্ >] বি. ১ জ্যোতি, প্রভা। ২ উত্তাপ। ৩ প্রতাপ। ৪ দর্প (*তেজ দেখানো*)। ৫ প্রখরতা (*রোদের তেজ*)। ৬ ঝাঁজ (*তামাকের তেজ*)। ৭ বীর্য, শুক্র। ৮ রজোগুণ। ৯ পৌরুষ।

তেজন /তেজোন/ [স. √তিজ্+অন] বি. ১ শানিত-করণ। ২ উজ্জ্বলীকরণ। ৩ উদ্দীপনা সৃষ্টি।

তেজপত্র /তেজোপত্রো/ [স. তেজ+পত্র] বি. দ্র তেজপাতা।

তেজপাতা /তেজ্‌পাতা/ [বা.] বি. ভূমধ্যসাগরীয় অঞ্চল গ্রিস ও ভারতে বাণিজ্যিকভাবে চাষ করা হয় এমন কড়া গন্ধবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ বা তার পাতা (শুকিয়ে রান্নায় ব্যবহৃত হয়), তেজপত্র।

www.pathagar.com

তেজবর /তেজোবর্/ [বা.] বি. তৃতীয়বার বিবাহকারী বর।

তেজবরে /তেজোবোরে/ [বা.] বিণ. তৃতীয়বার বিবাহকারী।

তেজস্কর /তেজোশ্‌কর্/ [স. তেজস্+√কৃ+অ] বিণ. ১ তেজোবর্ধক। ২ দীপ্তিশীল। ৩ উদ্দীপক।

তেজস্ক্রিয় /তেজোশ্‌ক্রিও/ [স. তেজস্+√কৃ+অ] বিণ. (পদার্থ.) নিউক্লিয়াস বিভাজনের ফলে পরমাণুকেন্দ্র থেকে স্বতঃস্ফূর্তভাবে আলফা বিটা বা গামা রশ্মি বিকিরণ করে এমন, radioactive। বি. ~তা /–তা/।

তেজস্ক্রিয়া /তেজোশ্‌ক্রিআ/ [স. তেজস্+√কৃ+অ+আ (টাপ্)] বি. (পদার্থ) নিউক্লিয়াস বিভাজনের ফলে পরমাণুকেন্দ্র থেকে স্বতঃস্ফূর্তভাবে আলফা বিটা বা গামা রশ্মির বিকিরণ, radioactivity।

তেজস্বান /তেজোশ্‌শান্/ [স. তেজস্+বৎ] বিণ. দ্র তেজস্বী।

তেজস্বী /তেজোশ্‌শি/ [স. তেজস্+বিন্] বিণ. ১ তেজোময়, দীপ্তিময়। ২ বিক্রমশালী, পরাক্রান্ত, বলবান। স্ত্রী. তেজস্বিনী /তেজোশ্‌শিনি/।

তেজা /ত্যাজা/ [বা.] ক্রিবি. ত্যাগ করা।

তেজাব /তেজাব্/ [ফা.] বি. অম্লসার, অ্যাসিড।

তেজারত /তেজারত্/ [আ. তিজারত >] বি. ১ ব্যাবসাবাণিজ্য। ২ সুদের কারবার।

তেজারতি /তেজারোতি/ [ফা.] বি. ১ টাকাকড়ির লেনদেন। ২ সুদে টাকা বিনিয়োগ, কুসীদবৃত্তি। বিণ. ব্যাবসাবাণিজ্যসম্বন্ধীয়।

তেজালো /তেজালো/ [বা.] বিণ. তেজ আছে এমন, তেজস্কর, তেজস্বী।

তেজি /তেজি/ [ফা.] বিণ. ১ তেজস্বী, বলবান (*তেজি ঘোড়া*)। ২ বলবর্ধক। ৩ দৃঢ় সংকল্পবদ্ধ। ৪ ঝাঁজালো। বি. পণ্যমূল্যের ঊর্ধ্বগতি।

তেজিমন্দি /তেজিমোন্‌দি/ [ফা. তেজি+বা. মন্দি] বি. বাজারে পণ্যমূল্যের হ্রাসবৃদ্ধি।

তেজীয়ান /তেজিআন্/ [স. তেজস্+ঈয়স্] বিণ. কোনো কিছুতেই দমে না এমন, পরাক্রমশালী।

তেজোগর্ভ /তেজোগর্‌ভো/ [স. তেজস্+√গৃ+ভ] বিণ. ভেতরে তেজ আছে এমন, তেজঃপূর্ণ।

তেজোদীপ্ত /তেজোদিপ্‌তো/ [স. তেজস্+√দীপ্+ত] বিণ. তেজঃপূর্ণ; দীপ্তিময়, উজ্জ্বল।

তেজোদৃপ্ত /তেজোদৃপ্‌তো/ [স. তেজস্+√দৃপ্+ত] বিণ. দ্র তেজোদীপ্ত।

তেজোবান /তেজোবান/ [স. তেজস্+বৎ] বিণ. দ্র তেজোময়।

তেজোময় /তেজোময়্/ [স. তেজস্+ময়ট্] বিণ. ১ জ্যোতির্ময়, উজ্জ্বল। ২ বীর্যবান, বিক্রমশালী। স্ত্রী. তেজোময়ী /তেজোময়ি/।

তেজোমূর্তি /তেজোমুর্‌তি/ [স. তেজস্+√মূর্চ্ছ্+তি] বি. ১ জ্যোতির্ময় মূর্তি; দীপ্তিমান পুরুষ। ২ সূর্য। বিণ. তেজোময় মূর্তিবিশিষ্ট।

তেজোরূপ /তেজোরূপ্/ [স. তেজস্+রূপ] বি. বিণ. দ্র তেজোমূর্তি।

তেজোহীন /তেজোহিন্/ [স. তেজস্+√হা+ত] বিণ. ১ নিস্তেজ, দুর্বল। ২ দীপ্তিহীন, নিষ্প্রভ, ম্লান।

তেঠেঙে /তেঠেঙে/ [বা.] বিণ. তিনটি পায়াবিশিষ্ট, তেপায়া।

তেড়ে /তেড়ে/ [বা.] অসক্রি. তাড়া করে, তাড়িয়ে। ক্রিবিণ. তর্জন বা ভর্ৎসনা সহকারে (*তেড়ে মারতে আসা*)।

তেড়েফুঁড়ে /তেড়েফুঁড়ে/ [বা.] ক্রিবিণ. ১ তর্জন সহকারে তাড়িয়ে। ২ (আল.) প্রবল উৎসাহে।

তেড়েমেরে /তেড়েমেরে/ [বা.] ক্রিবিণ. ১ সবেগে তাড়া করে, পশ্চাদ্ধাবন করে। ২ প্রহার করে।

তেতলা /তেতলা/ [বা.] বিণ. তিনটি তলবিশিষ্ট (*তেতলা বাড়ি*), three-storeyed। বি. অট্টালিকা প্রভৃতির তৃতীয় তল; ত্রিতলে অবস্থিত ঘর।

তেতালা /তেতালা/ [বা.] বি. (সংগীতে) ষোলো মাত্রার তালবিশেষ।

তেতাল্লিশ /তেতাল্‌লিশ্/ [স. ত্রিচত্বারিংশৎ >] বি. ৪৩ সংখ্যা। বিণ. ৪৩ সংখ্যক।

তেতাস /তেতাশ্/ [বা.] বি. তিনতাসের জুয়া খেলা।

তেতেপুড়ে /তেতেপুড়ে/ [বা.] ক্রিবিণ. প্রখর রোদের উত্তাপে পরিশ্রম করে।

তেতো /তেতো/ [বা.] বিণ. তিক্ত, কটুস্বাদবিশিষ্ট।

তেত্রিশ /তেত্রিশ্/ [স. ত্রয়স্ত্রিংশৎ >] বি. ৩৩ সংখ্যা। বিণ. ৩৩ সংখ্যক।

তেনাকে /তেনাকে/ [আঞ্চ.] সর্ব. তাঁকে।

তেনাদের /তেনাদের্/ [আঞ্চ.] সর্ব. তাঁদের।

তেনার /তেনার্/ [আঞ্চ.] সর্ব. তাঁর।

তেনারা /তেনারা/ [আঞ্চ.] সর্ব. তাঁরা।

তেপান্তর /তেপান্তর্/ [স. ত্রিপ্রান্তর >] বি. (সাধারণত বাংলা ছড়া ও রূপকথায় ব্যবহৃত) বহুদূরবিস্তৃত জনশূন্য মাঠ।

তেপায়া /তেপায়া/ [স. ত্রিপদ >] বি. তিনটি পায়াবিশিষ্ট ছোটো টেবিল, টিপয়।

তেপ্পান্ন /তেপ্‌পান্নো/ [স. ত্রিপঞ্চাশৎ >] বি. ৫৩

www.pathagar.com

সংখ্যা। বিণ. ৫৩ সংখ্যক।

তেফলা /তেফলা / [বা.] বিণ. (যে জমিতে) বছরে তিনবার ফসল উৎপন্ন হয় এমন।

তেভাগা /তেভাগা/ [বা.] বি. (উৎপাদিত ফসলের) তিন ভাগের এক ভাগ।

তেভাগা আন্দোলন /তেভাগা আন্‌দোলন্‌/ বি. উৎপাদিত ফসলের দুই-তৃতীয়াংশের দাবি নিয়ে বিংশ শতাব্দীর চারের দশকে অবিভক্ত বঙ্গে সংগঠিত ভাগচাষিদের আন্দোলন।

তেমতি /তেমোতি / [বা.] ক্রিবিণ. (কাব্যে) সেইরূপে।

তেমন /ত্যামোন্‌ / [স. তস্মিন্‌ >] বিণ. তদ্রূপ, সেই প্রকার। ক্রিবিণ. সেভাবে (*আসর তেমন জমেনি*)।

তেমনই /ত্যামোনি / [বা.] বিণ. ১ তদ্রূপই, ঠিক সেই রকমই। ২ উপযুক্ত। ক্রিবিণ. সঙ্গে সঙ্গে।

তেমনি /তেম্‌নি/ [বা.] ক্রিবিণ. তৎক্ষণাৎ, সঙ্গে সঙ্গে।

তেমাথা /তেমাথা/ [বা.] বি. তিনটি পথের সংযোগ-স্থল।

তেমেটে /তেমেটে/ [বা.] বিণ. তিনবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন।

তেমোহনা /তেমোহনা/ [বা.] বি. তিনটি নদীর মিলনস্থল।

তেরপল /তেরপল্‌ / [ই. tarpaulin >] বি. আল-কাতরা মাখানো মোটা ও ঘন করে বোনা জল-নিরোধক কাপড়বিশেষ, ত্রিপল।

তেরস্পর্শ /তেরোস্‌পর্‌শো/ [স. ত্র্যহস্পর্শ >] বি. 'ত্র্যহস্পর্শ'-র কথ্য রূপ।

তেরাত্তির /তেরাত্‌তির্‌/ [স. ত্রিরাত্রি >] বি দ্র তেরাত্রি।

তেরাত্রি /তেরাত্‌ত্রি/ [স. ত্রিরাত্রি >] বি. ১ দুই দিন ও তিন রাত, পরপর তিন রাত। ২ দুইদিন ও তিনরাতব্যাপী উপবাস।

তেরিজ /তেরিজ্‌/ [ফা.] বি. ১ অঙ্কের সমষ্টি, গণিতের যোগ। ২ সম্প্রসারণ; বৃদ্ধি।

তেরিমেরি /তেরিমেরি/ [হি. তেরামেরা >] বি. ১ রাগারাগি, চোটপাট। ২ অশিষ্ট বাক্য, অবজ্ঞাসূচক উক্তি। ৩ অবান্তর উক্তি।

তেরিয়া /তেরিআ / [স. তির্যক >] বিণ. ১ মারমুখো; উদ্ধত। ২ উগ্রস্বভাববিশিষ্ট।

তেরিয়ান /তেরিআন্‌ / [বা.] বিণ. দ্র তেরিয়া।

তেরেট /তেরেট্‌/ [স. তাড়িপত্র >] বি. লেখার কাজে ব্যবহৃত তালপাতার মতো গাছের পাতা।

তেরো /ত্যারো/ [স. ত্রয়োদশ >] বি. ১৩ সংখ্যা। বিণ. ১৩ সংখ্যক।

তেরোই /ত্যারোই/ [বা.] বি. মাসের ১৩ তারিখ। বিণ. ১৩ তারিখের।

তেল /তেল্‌ / [স. তৈল >] বি. ১ সরষে তিল বাদাম নারকেল প্রভৃতির নির্যাস থেকে প্রাপ্ত তৈলাক্ত পদার্থ, তৈল। ২ থকথকে আঠালো খনিজ হাইড্রো-কার্বনবিশেষ যা থেকে প্রাপ্ত পেট্রোলিয়াম জ্বালানি-রূপে ব্যবহৃত হয়। ৩ প্রাণিদেহের স্নেহজাতীয় পদার্থ। ৪ (আল.) অহংকার। ৫ চাটুকারিতা।

তেলকাপড় /তেল্‌কাপোড়্‌/ [বা.] বি. প্রসাধনের তেল ও পরিধেয় বস্ত্র।

তেলকুচকুচে /তেল্‌কুচ্‌কুচে/ [বা.] বিণ. অতিমাত্রায় তৈলাক্ততার ভাবযুক্ত।

তেলচাটা /তেল্‌চাটা / [স. তৈলপক >] বি. আরশোলা।

তেলচিটে /তেল্‌চিটে/ [বা.] বিণ. তেল ও ধুলা মিশে চটচটে ও ময়লাযুক্ত, তৈলসিক্ত ও মলিন।

তেলচিত্র /তেল্‌চিত্রো/ [বা. তেল+স. চিত্র] বি. তেলরঙে আঁকা ছবি।

তেলচুকচুকে /তেল্‌চুক্‌চুকে/ [বা.] বিণ. অতিমাত্রায় তৈলাক্ততার ভাবযুক্ত।

তেলতেলে /তেল্‌তেলে/ [বা.] বিণ. ১ তৈলাক্ত ও মসৃণ। ২ পিচ্ছিল। ৩ (আল.) সহজ।

তেল দেওয়া /তেল্‌ দেওআ/ ক্রিবি. ১ যন্ত্রসামগ্রীর সঞ্চালন ত্রুটিমুক্ত ও মসৃণ করার জন্য তৈলাক্ত করা। ২ (আল.) তোষামোদ করা।

তেলধুতি /তেল্‌ধুতি/ [বা. তেল+হি. ধুতি] বি. প্রসাধনের তেল ও পরিধেয় বস্ত্র।

তেলপড়া /তেল্‌পড়া/ [বা.] বি. লোকবিশ্বাসমতে রোগ নিরাময়ের জন্য ব্যবহৃত মন্ত্রপূত তেল।

তেল মাখানো /তেল্‌ মাখানো/ ক্রিবি. ১ অন্যের শরীরে তেল মালিশ করা। ২ (আল.) হীনভাবে তোষামোদ করা।

তেলরং /তেল্‌রং/ [বা.] বি. (ক্যাম্বিসের পটে ছবি আঁকার জন্য ব্যবহৃত) তার্পিন তেল তিসির তেল ও রঞ্জকপদার্থ পেষাই করে উৎপন্ন থকথকে রং।

তেলা /তেলা / [বা.] বিণ. ১ তৈলাক্ত (*তেলা মাথায় তেল দেওয়া*)। ২ মসৃণ উজ্জ্বল ও পিচ্ছিল।

তেলাওয়াত /তেলাওআত্‌/ [আ.] বি. শুদ্ধ উচ্চারণে সম্ভ্রমসহকারে কোরান পাঠ, তিলাওয়াত।

তেলাকুচা /ত্যালাকুচা/ [স. তুণ্ডকেরী >] বি. বাংলাদেশ-সহ ক্রান্তীয় অঞ্চলে জাত এবং বসন্ত-কালে ফোটে এমন হলুদাভ সাদা ফুল ও অর্ধ-গোলাকার লম্বাটে তিক্তস্বাদ মসৃণ ফল (যা কাঁচা অবস্থায় সবুজ এবং পাকলে গাঢ় লাল রং ধারণ

www.pathagar.com

করে) বা তার ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ (আনি. মধ্য-আফ্রিকা), বিম্ব, বিম্বক।

তেলানা /তেলানা/ [ফা. তরানা >] বি. ধ্রুপদাঙ্গ সংগীতের সূচনায় সুর তাল ও লয় সহযোগে উচ্চারিত অর্থহীন বোল, তারানা।

তেলানি /ত্যালানি/ [বা.] বি. ১ মাটির ছোটো তেলতেলে হাঁড়ি। ২ (আল.) চাটুকারিতা।

তেলানো /ত্যালানো/ [বা.] ক্রিবি. ১ যন্ত্রসামগ্রীর সঞ্চালন ত্রুটিমুক্ত ও মসৃণ রাখার জন্য তৈলাক্ত করা। ২ (আল.) তোষামোদ করা।

তেলাপিয়া /ত্যালাপিয়া/ [অজ্ঞা.] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর বিভিন্ন দেশে বাণিজ্যিক ভিত্তিতে চাষ করা হয় এমন চ্যাপটা লম্বাটে কইসদৃশ দ্রুত-বর্ধনশীল সর্বভুক মাছ (আনি. আফ্রিকা)।

তেলাপোকা /ত্যালাপোকা/ [স. তৈলপায়িকা >] বি. গ্রীষ্মপ্রধান দেশের বাসগৃহ এবং অন্ধকার স্যাঁতসেঁতে জায়গায় বিচরণ করে এমন লম্বা দাড়া ও গাঢ় খয়েরি পাখাবিশিষ্ট সর্বভুক পতঙ্গ, আরশোলা।

তেলি /তেলি/ [স. তৈলিক >] বি. ১ বংশপরম্পরায় তেলের উৎপাদন ও ব্যবসায়ে নিযুক্ত জাতি-বিশেষ। ২ তেলব্যবসায়ী। বিণ. তেলসম্বন্ধীয়।

তেলুগু /তেলুগু/ [স. ত্রিকলিঙ্গ >] বি. ১ দক্ষিণ-ভারতের দ্রাবিড়গোষ্ঠীর ভাষাবিশেষ। ২ অন্ধ্র-প্রদেশের অধিবাসী। বিণ. অন্ধ্রপ্রদেশসংক্রান্ত।

তেলেঙ্গা /তেলেংগা/ [স. ত্রিকলিঙ্গ >] বিণ. অন্ধ্রপ্রদেশসংক্রান্ত।

তেলেঙ্গানা /তেলেংগানা/ [স. ত্রিকলিঙ্গ >] বিণ. ১ অন্ধ্রপ্রদেশসংক্রান্ত। ২ তৈলঙ্গদেশীয়।

তেলেনা /তেলেনা/ [ফা. তরানা >] বি. দ্র তেলানা।

তেলে ভাজা[১] /তেলে ভাজা/ ক্রিবি. বেগুন আলু প্রভৃতি ফালি করে কেটে বেসনের প্রলেপ দিয়ে ফুটন্ত তেলে রাঁধা।

তেলেভাজা[২]/তেলেভাজা/ [বা.] বিণ. ফুটন্ত তেলে রাঁধা হয়েছে এমন। বি. ফুটন্ত তেলে রাঁধা খাদ্যবস্তু (ফুলুরি বেগুনি প্রভৃতি)।

তেলেসমাত /তেলেস্‌মাত্‌/ [আ. তিলাসমাত >] বি. ১ সম্মোহন। ২ বিস্ময়। বিণ. ভরপুর; মাতোয়ারা।

তেলেসমাতি /তেলেস্‌মাতি/ [আ. তিলাসমাত >] বিণ. ১ অদ্ভুত, বিস্ময়কর (*তেলেসমাতি কাণ্ড*)। ২ ঐন্দ্রজালিক, জাদুসম্বন্ধীয়।

তেলো[১] /তেলো/ [স. তল >] বি. ১ মাথার তালু। ২ হাতের তালু। ৩ পায়ের চেটো বা তলদেশ।

তেলো[২] /তেলো/ [স. তৈল >] বিণ. তৈলাক্ত।

তেশিরা /তেশিরা/ [স. ত্রিশিরা >] বিণ. তিনটি শিরা বা পলবিশিষ্ট।

তেষট্টি /তেশোট্‌টি/ [স. ত্রিষষ্টি >] বি. ৬৩ সংখ্যা। বিণ. ৬৩ সংখ্যক।

তেষ্টা /তেশ্‌টা/ [স. তৃষ্ণা>] বি. জলপানের স্পৃহা।

তেসরা /তেশোরা/ [হি. তিসরা >] বি. মাসের ৩ তারিখ। বিণ. ৩ তারিখের; ৩ তারিখবিষয়ক।

তেসুতি /তেশুতি/ [স. ত্রিসূত্র >] বিণ. তিন পরত সুতায় বোনা হয়েছে এমন। বি. তিন পরত সুতায় বোনা কাপড়।

তেহাই[১] /তেহাই/ [স. ত্রিঘাতী >] বি. তালবাদ্যে নির্দিষ্ট মাত্রার তালের শেষে সমে ফেরার আগে কয়েকটি মাত্রা তিনবার বাদন।

তেহাই[২] /তেহাই/ [স. ত্রিভাগ >] বি. তিন ভাগের একভাগ, এক-তৃতীয়াংশ।

তেহাতি /তেহাতি/ [বা.] বিণ. তিন হাত দৈর্ঘ্যের।

তেহারা /তেহারা/ [বা.] বিণ. ১ তিন ভাঁজযুক্ত; তিন পরত সুতায় বোনা হয়েছে এমন। ২ তিনগুণ।

তেহারি /তেহারি/ [বা.] বি. সরিষার তেল ও কুচি করে কাটা মাংস সহযোগে রাঁধা হালকা পলান্ন।

তৈক্ষ্ণ্য /তোইখ্‌নো/ [স. তীক্ষ্ণ+য] বি. ১ ক্ষুরধার বা শানিত ভাব, তীক্ষ্ণতা। ২ উষ্ণতা।

তৈজস /তোইজশ্‌/ [স. তেজস্‌+অ] বিণ. ১ তেজ-সম্পর্কিত। ২ ধাতুনির্মিত।

তৈজসপত্র /তোইজশ্‌পত্‌ত্রো/ [স. তেজস্‌+পত্র] বি. ধাতুনির্মিত থালা বাসন প্রভৃতি।

তৈত্তির /তোইত্‌তির/ [স. তিত্তির+অ] বি. তিতির।

তৈত্তিরীয় /তোইত্‌তিরিয়ো/ [স. তৈত্তিরি+ঈয়] বিণ. ১ তিত্তিরি ঋষিপ্রোক্ত যজুর্বেদের শাখাসম্বন্ধীয়। ২ যজুর্বেদ শাখার অধ্যায়ী। ৩ তিতির পাখিসংক্রান্ত। বি. ১ তিত্তিরি ঋষিপ্রোক্ত যজুর্বেদের শাখা। ২ যজুর্বেদশাখাধ্যায়ী ব্রাহ্মণগণ।

তৈত্তিরীয়ক /তোইত্‌তিরিয়ক্‌/ [স. তৈত্তিরীয়+ক (স্বার্থে)] বি. বিণ. তিত্তিরি ঋষিপ্রোক্ত যজুর্বেদ শাখার অধ্যায়ী।

তৈত্তিরীয় ব্রাহ্মণ /তোইত্‌তিরিয়ো ব্রাম্‌mhon্‌/ বি. তিত্তিরি ঋষিপ্রোক্ত যজুর্বেদ শাখার অধ্যয়ন-কারী ব্রাহ্মণ।

তৈয়ার /তোইআর/ [আ.] বি. বিণ. দ্র তৈরি।

তৈয়ারি /তোইআরি/ [ফা.] বি. বিণ. দ্র তৈরি।

তৈরি /তোইরি/ [আ. তৈয়ার >] বি. গঠন। বিণ. ১ ব্যবহারযোগ্য করা হয়েছে এমন। ২ যোগ্য। ৩

www.pathagar.com

শিক্ষিত। ৪ (আল.) এঁচড়ে পাকা।

তৈরি করা /তোইরি করা/ ক্রিবি. নির্মাণ করা।

তৈল /তোই্লো/ [স. তিল+অ] বি. দ্র তেল।

তৈলকল্ক /তোই্লোকল্‌কো/ [স. তৈল+√কল্+ক] বি. তৈলবীজ থেকে তেল আহরণের পর যা অবশিষ্ট থাকে, খইল।

তৈলকার /তোই্লোকার্/ [স. তৈল+√কৃ+অ] বি. তেল ব্যবসায়ী, তেলি, কলু।

তৈলকিট্ট /তোই্লোকিট্‌টো/ [স. তৈল+√কিট্+ত] বি. দ্র তৈলকল্ক।

তৈলঙ্গ /তোই্লংগো/ [স. ত্রিকলিঙ্গ>] বি. ১ দক্ষিণ ভারতের অন্ধ্রপ্রদেশ ও তেলেঙ্গানা অঞ্চল। ২ ওই অঞ্চলের অধিবাসী। বিণ. ওই অঞ্চলসম্বন্ধীয়।

তৈলঙ্গা /তোই্লংগা/ [স. তৈলপায়িকা >] বি. দ্র তেলাপোকা।

তৈলঙ্গী /তোই্লোংগি/ [স. ত্রিকলিঙ্গ >] বি. তৈলঙ্গদেশীয় নারী।

তৈলচক্র /তোই্লোচক্‌ক্রো/ [স. তৈল+চক্র] বি. যে মোটা খুঁটিতে জোয়াল বেঁধে তার চারদিকে ঘানি ঘুরিয়ে তেল নিষ্কাশন করা হয়, ঘানিগাছ।

তৈলচিত্র /তোই্লোচিত্‌ত্রো/ [স. তৈল+চিত্র] বি. তেলরং দিয়ে আঁকা ছবি, oil painting।

তৈলচৌরিকা /তোই্লোচৌড়্‌রিকা/ [স. তৈল+চৌরিকা] বি. দ্র তেলাপোকা।

তৈলদান /তোই্লোদান্/ [স. তৈল+√দা+অন] বি. ১ যন্ত্রসামগ্রীর সঞ্চালন ত্রুটিমুক্ত ও মসৃণ করার জন্য তৈলাক্তকরণ। ২ (আল.) হীন চাটুকারিতা।

তৈলদ্রোণি /তোই্লোদ্রোনি/ [স. তৈল+√দ্রু+নি] বি. তেলপূর্ণ কড়াই।

তৈলপক /তোই্লোপক্/ [স. তৈল+√পা+অ+ক (স্বার্থে)] বি. দ্র তেলাপোকা।

তৈলপক্ক /তোই্লোপক্‌কো/ [স. তৈল+√পচ্+ত] বিণ. ১ তেলে রাঁধা হয়েছে এমন, তেলেভাজা। ২ তেল মাখিয়ে মজবুত ও মসৃণ করা হয়েছে এমন (*তৈলপক্ক লাঠি*)।

তৈলপায়িকা /তোই্লোপায়িকা/ [স. তৈল+√পা+অক+আ (টাপ্)] বি. দ্র তেলাপোকা।

তৈলবীজ /তোই্লোবিজ্/ [স. তৈল+বীজ] বি. সরিষা তিল তিসি প্রভৃতি শস্য যা পেষণ করে তেল আহরণ করা হয়।

তৈলমর্দন /তোই্লোমর্‌দোন্/ [স. তৈল+মর্দন] বি. ১ তেল মালিশ। ২ (ব্য.) তোষামোদ, চাটুকারিতা।

তৈলযন্ত্র /তোই্লোজন্‌ত্রো/ [স. তৈল+√যন্ত্র+অ] বি. তৈলবীজ পেষণ করে তেল নিষ্কাশনের কল, ঘানি।

তৈলসেক /তোই্লোশেক্/ [স. তৈল+√সিচ্+অ] বি. ব্যথা উপশমের জন্য গরম তেলের সেক।

তৈলস্ফটিক /তোই্লোস্‌ফোটিক্/ [স. তৈল+√স্ফট্+ইক] বি. শিলা বা পাথরে পরিণত হয়েছে এমন অর্ধস্বচ্ছ হলুদাভ পদার্থ, গোমেদ, amber।

তৈলাধার /তোই্লাধার্/ [স. তৈল+আধার] বি. তেল রাখার আধার বা পাত্র।

তৈষী /তোই্শি/ [স. তিষ্য+অ+ঈ] বি. পুষ্যানক্ষত্র-যুক্ত পূর্ণিমা।

তো[১] /তো/ [ফা. তহ্>] বি. কাপড়ের পাট বা ভাঁজ।

তো[২] /তো/ [স. তব >] অব্য. ১ প্রশ্নজ্ঞাপক (*তুমি যাবে তো?*)। ২ দৃঢ়তা নিশ্চয়তা বা অভয়জ্ঞাপক (*এই তো এসে গেছি*)। ৩ অনুরোধ অর্থে (*একটু দেখুন তো*)। ৪ অবধারণ অর্থে (*আমি তো জানি না*)। ৫ যদিও, সত্ত্বেও প্রভৃতি অর্থে (*আমি তো বলিনি*)। ৬ অনিশ্চয়তাজ্ঞাপক (*দেখি তো কিছু করা যায় কি না*)। ৭ সংশয়সূচক (*সে আসবে হয়তো*)। ৮ অন্তত অর্থবাচক (*আজ তো যাওয়া হবে না*)। ৯ তবে তাহলে প্রভৃতি অর্থে (*যাবে তো চলো*)। ১০ কিন্তু অর্থবাচক (*ওরা তো যাবে না*)। ১১ পাদপূরণ বা কথার মাত্রায় (*তো তুমি কবে এলে?*)। ১২ বিস্ময় অর্থে (*তুমি তো মহা ফাঁকি-বাজ!*)।

তোক[১] /তোক্/ [আ.] বি. হাতের বেড়ি, হাতকড়া।

তোক[২] /তোক্/ [স. √তু+ক] বি. সন্তান।

তোকমা /তোক্‌মা/ [ফা. তুখম্ >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে আর্দ্রভূমিতে জাত এবং বসন্তের শেষে গুচ্ছাকারে ফোটে এমন ফুল ও ভেষজগুণসম্পন্ন মসৃণ লম্বাটে সবুজ ফলের বীজ বা তার উৎকট গন্ধযুক্ত চকচকে সবুজ পাতাবিশিষ্ট বর্ষজীবী উদ্ভিদ (আনি. ভারতীয় উপমহাদেশ ও ইরান)।

তোকমারি /তোক্‌মারি/ [ফা. তুখম্ >] বি. দ্র তোকমা।

তোকে /তোকে/ [বা.] সর্ব. (স্নেহ বা অবজ্ঞার্থে ব্যবহৃত) 'তুই' শব্দের দ্বিতীয়া ও চতুর্থী বিভক্তির একবচনের রূপ।

তোটক /তোটক্/ [স. ত্রোটক>] বি. বারো অক্ষরের সংস্কৃত ছন্দ।

তোড় /তোড়্/ [স. ত্রোট >] বি. ১ স্রোতের প্রবল বেগ (*জলের তোড়ে ভেসে যাওয়া*)। ২ গতি। ৩ অনর্গল বাক্‌স্ফুরণ (*কথার তোড়*)।

তোড়জোড় /তোড়্‌জোড়্/ [বা.] বি. উদ্যোগ, আয়োজন, প্রস্তুতি (*বিয়ের তোড়জোড়*)।

www.pathagar.com

তোড়া /তোড়া/ [আ. তুর্‌রাহ >] বি. ১ গোছা, গুচ্ছ, স্তবক (*ফুলের তোড়া*)। ২ টাকাপয়সা রাখার ছোটো থলে। ৩ নারীর পায়ের অলংকারবিশেষ।

তোতলা /তোত্‌লা/ [বা.] বিণ. তোতলামির প্রবণতাযুক্ত।

তোতলামি /তোত্‌লামি/ [বা.] বি. জিভের আড়ষ্টতাহেতু কথা বলার সময় অনিচ্ছায় বারবার থেমে যাওয়া বা একই বর্ণ পুনঃপুন উচ্চারণ করার প্রবণতা, stammering।

তোতলামো /তোত্‌লামো/ [বা.] বি. দ্র তোতলামি।

তোতা /তোতা/ [ফা. তুতি >] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এবং শেখানো বুলি অনুকরণ করতে পারে এমন নাতিদীর্ঘ বাঁকানো শক্তিশালী চঞ্চুবিশিষ্ট (প্রধানত শস্যভুক) সবুজ লাল প্রভৃতি উজ্জ্বল রঙের শুকজাতীয় দীর্ঘজীবী পাখি, টিয়া।

তোতাবৃত্তি /তোতাবৃত্তি/ [বা. তোতা+স. বৃত্তি] বি. টিয়াপাখির মতো অন্ধ অনুকরণের স্বভাব।

তোপ /তোপ্‌/ [তুর.] বি. গোলা ছোড়া যায় এমন আগ্নেয়াস্ত্র, কামান।

তোপখানা /তোপ্‌খানা/ [তুর. তোপ+ফা. খানা] বি. কামান ও কামানের গোলা রাখার ঘর।

তোপ দাগা /তোপ্‌ দাগা/ ক্রিবি. কামান থেকে গোলা নিক্ষেপ করা।

তোপধ্বনি /তোপোদ্‌ধোনি/ [তুর. তোপ+স. ধ্বনি] বি. ১ কামান থেকে গোলা নিক্ষেপের শব্দ। ২ কামান থেকে গোলাবর্ষণ করে জাতীয় দিবসের সূচনায় আনন্দ প্রকাশ বা বিশিষ্ট রাষ্ট্রীয় অতিথিকে সংবর্ধনাজ্ঞাপন।

তোপশালা /তোপ্‌শালা/ [তুর. তোপ+স. শালা] বি. দ্র তোপখানা।

তোফা /তোফা/ [আ.] বিণ. চমৎকার; অত্যন্ত উপাদেয়। বি. ১ উপহার। ২ দুষ্প্রাপ্য বস্তু।

তোবড়া /তোবড়া/ [ফা.] বি. ঘোড়ার দানা খাওয়ার থলি। ক্রিবি. চুপসে যাওয়া; টোল খাওয়া।

তোবড়ানো /তোবড়ানো/ [বা.] ক্রিবি. ১ টোল খাওয়া। ২ শুকিয়ে যাওয়া। বিণ. চুপসে গেছে এমন।

তোমর /তোমর্‌/ [স. তো+√ম্‌+অ] বি. বর্শাজাতীয় প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ।

তোমরা /তোম্‌রা/ [বা.] সর্ব. 'তুমি' শব্দের বহুবচনের রূপ।

তোমা /তোমা/ [বা.] সর্ব. 'তুমি' 'তোমাকে' এবং 'তোমার' শব্দত্রয়ের কাব্যিক রূপ।

তোমাকে /তোমাকে/ [বা.] সর্ব. কর্মকারকে 'তুমি' শব্দের একবচনের রূপ।

তোমায় /তোমায়্‌/ [বা.] সর্ব. দ্র তোমাকে।

তোমার /তোমার্‌/ [বা.] সর্ব. (ষষ্ঠী বিভক্তির একবচনে) 'তুমি' শব্দের সম্বন্ধার্থক রূপ।

তোয় /তোয়্‌/ [স. √তোয়্‌+অ] বি. ১ উদক, জল, পানি। ২ পূর্বাষাঢ়ানক্ষত্র।

তোয়দ /তোয়োদো/ [স. তোয়+√দা+অ] বিণ. জল দান করে এমন, জলধর। বি. মেঘ।

তোয়দাগম /তোয়োদাগম্‌/ [স. তোয়দ+আগম] বি. বর্ষাঋতুর সূচনা, বর্ষাগম।

তোয়ধর /তোয়োধর্‌/ [স. তোয়+ধর] বিণ. বি. দ্র তোয়দ।

তোয়ধি /তোয়োধি/ [স. তোয়+√ধা+ই] বি. সমুদ্র।

তোয়নিধি /তোয়োনিধি/ [স. তোয়+নিধি] বি. সমুদ্র।

তোয়রাশি /তোয়োরাশি/ [স. তোয়+রাশি] বি. সমুদ্র।

তোয়া /তোআ/ [হি. টোহ্‌না >] ক্রিবি. হাতড়ে খোঁজা, টোয়ানো।

তোয়াক্কা /তোআক্‌কা/ [আ. তাওয়াক্কা >] বি. ১ পরোয়া। ২ নির্ভরতা। ৩ প্রত্যাশা।

তোয়াজ /তোআজ্‌/ [ফা.] বি. ১ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে তোষণ। ২ মনোরঞ্জন। ৩ খাতির; যত্ন।

তোয়ালে /তোআলে/ [পো.] বি. (গা মোছার জন্য ব্যবহৃত) জল শোষণ করতে পারে এমন সুতা-তোলা মোটা গামছাজাতীয় বস্ত্রখণ্ড, towel।

তোর /তোর্‌/ [বা.] সর্ব. (ষষ্ঠী বিভক্তির একবচনে) 'তুই'-এর সম্বন্ধার্থক রূপ।

তোরঙ /তোরং/ [হি. trunk >] বি. দ্র তোরঙ্গ।

তোরঙ্গ /তোরংগো/ [হি. trunk >] বি. লোহা চামড়া প্রভৃতির তৈরি বহনযোগ্য চারকোনা আধারবিশেষ।

তোরণ /তোরোন্‌/ [স. √তুর্‌+অন] বি. ১ সিংহদ্বার, সদর দরজা, ফটক, gate। ২ অভ্যর্থনা জ্ঞাপনের জন্য কাঠ বাঁশ প্রভৃতির তৈরি উঁচু প্রবেশদ্বার।

তোরতরিবত /তোর্‌তোরিবত্‌/ [আ.] বি. ১ শিক্ষা-দীক্ষা। ২ সভ্যতাভব্যতা।

তোরা[১] /তোরা/ [বা.] সর্ব. নিকটজনের ক্ষেত্রে বা তুচ্ছার্থে ব্যবহৃত শব্দ; 'তুই' শব্দের বহুবচন।

তোরা[২] /তোরা/ [আ. তুররা >] বি. পাগড়ির ওপর পরিধেয় অলংকার বা পালক।

তোরে /তোরে/ [বা.] সর্ব. 'তোমাকে' ও 'তোকে' শব্দের কাব্যিক রূপ।

তোল[১] /তোল্‌/ [স. √তুল্‌+অ] বি. দ্র তোলা[১]।

তোল[২] /তোল্‌/ [বা.] অনুক্রি. উত্তোলনের অনুজ্ঞা।

তোলক /তোলক্‌/ [স. তোল+ক (স্বার্থে)] বি. দ্র তোলা[১]।

www.pathagar.com

তোলন /তোলোন্/ [স. √তুল্+অন] বি. ১ পরিমাপন, তৌলকরণ। ২ উত্তোলন।

তোলপাড়/তোল্‌পাড়্/ [বা.] বি. ১ প্রচন্ড আলোড়ন; ওলট-পালট। ২ তুমুল আন্দোলন, গন্ডগোল। ৩ চাঞ্চল্য, অস্থিরতা।

তোলা[১] /তোলা/ [স. √তুল্+অ+আ (টাপ্)] বি. ওজনের পরিমাপবিশেষ; ৮০ রতি, এক সেরের ৮০ ভাগের একভাগ, (আনুমানিক ১১.৬৬৪ গ্রাম)।

তোলা[২]/তোলা/ [বা.] ক্রিবি. ১ উত্তোলন করা (*কূপ থেকে জল তোলা*)। ২ জাগানো (*ঘুম থেকে তোলা*)। ৩ বমি করা (*শিশুর দুধ তোলা*)। ৪ উন্নীত করা (*উচ্চতর শ্রেণিতে তোলা*)। ৫ নির্মাণ করা (*দেওয়াল তোলা*)। ৬ উচ্ছেদ করা (*ভাড়াটে তোলা*)। ৭ উৎপাটন করা (*দাঁত তোলা*)। ৮ খাটানো (*নৌকায় পাল তোলা*)। ৯ অপসারণ করা (*কাপড় থেকে দাগ তোলা*)। ১০ চড়ানো (*গলা তোলা*)। ১১ আদায় করা (*চাঁদা তোলা*)। ১২ সূচিকর্ম করা (*নকশা তোলা*)। ১৩ ওঠানো (*গাড়িতে তোলা*)। ১৪ মন্থন করা (*মাখন তোলা*)। ১৫ উত্থাপন করা (*সভায় তোলা*)। ১৬ চয়ন করা (*ফুল তোলা*)। বিণ. ১ উত্তোলিত। ২ সংগৃহীত। ৩ নির্মিত।

তোলানো /তোলানো/ [বা.] ক্রিবি. ১ অপরকে দিয়ে উত্তোলন বা উৎপাটন করানো। ২ বেত নারিকেলের শলাকা প্রভৃতি চেঁছে পরিষ্কার করানো।

তোলাপাঠ /তোলাপাঠ্/ [বা. তোলা+স. পাঠ] বি. পাণ্ডুলিপির মূল পাঠ কেটে তার ওপরে লিখিত সংশোধিত অংশ।

তোলাপাড়া /তোলাপাড়া/ [বা.] বি. মনে মনে বিচার-বিশ্লেষণ, বারবার চিন্তা।

তোলাবাজ /তোলাবাজ্/ [বা. তোলা+ফা. বাজ] বি. যে ব্যক্তি ভীতি প্রদর্শন করে ব্যবসায়ীদের কাছ থেকে চাঁদা আদায় করে।

তোলিত /তোলিতো/ [স. √তুল্+ণিচ্+ত] বিণ. পরিমাপ করা হয়েছে এমন, ওজন করা হয়েছে এমন।

তোলো[১] /তোলো/ [বা.] অনুক্রি. উত্তোলনের অনুজ্ঞা।

তোলো[২] /তোলো/ [পো.] বি. মাটির বড়ো হাঁড়ি।

তোল্য /তোল্‌লো/ [স. √তুলি+য] বিণ. ওজন করতে হবে এমন।

তোশক /তোশোক্/ [ফা.] বি. বিছানায় চাদরের নিচে পাতা হয় এমন তুলা কৃত্রিম স্পঞ্জ প্রভৃতির তৈরি গদিবিশেষ।

তোশদান /তোশ্‌দান্/ [ফা.] বি. ১ গুলিবারুদ রাখার আধার। ২ আহার্য রাখার থলি। ৩ ভিক্ষার ঝুলি।

তোশা /তোশা/ [ফা.] বি. মূল্যবান জিনিসপত্র।

তোশাখানা /তোশাখানা/ [ফা.] বি. মূল্যবান জিনিসপত্র রাখার ভান্ডার।

তোষ /তোশ্/ [স. √তুষ্+অ] বি. সন্তোষ; আনন্দ।

তোষণ /তোশোন্/ [স. √তোষি+অন] বি. ১ সন্তোষবিধান। ২ তোষামোদ।

তোষণনীতি /তোশোন্‌নিতি/ [স. তোষণ+√নী+তি] বি. বিশেষ উদ্দেশ্যে কোনো ব্যক্তি বা পক্ষকে সন্তুষ্ট রাখার নীতি।

তোষণীয় /তোশোনিয়ো/ [স. √তোষি+অনীয়] বিণ. ১ তোষণযোগ্য। ২ খুশি করা উচিত এমন।

তোষা /তোশা/ [ফা.] ক্রিবি. তুষ্ট বা আনন্দিত করা, তৃপ্তিসাধন করা।

তোষামুদে /তোশামুদে/ [ফা. খুশামোদ >] বিণ. তোষামোদ করে এমন, তোষামোদকারী, চাটুকার।

তোষামোদ /তোশামোদ্/ [ফা. খুশামোদ >] বি. কাউকে খুশি করার জন্য অকারণ প্রশংসা, স্তাবকতা, মোসাহেবি, চাটুকারিতা।

তৌজি /তৌজ্জি/ [আ.] বি. প্রজা জমিজমা খাজনা প্রভৃতির হিসাবের বিবরণসংবলিত তালিকা।

তৌজিনবিশ /তৌজ্জিনোবিশ্/ [আ. তৌজি+ফা. নবিশ] বি. যে ব্যক্তি তৌজি লেখে, তৌজিলেখক।

তৌফিক /তৌফ্‌ফিক্/ [আ.] বি. ১ ক্ষমতা; সামর্থ্য, শক্তি। ২ সম্পদ।

তৌর্য /তৌর্‌রজো/ [স. তূর্য+অ] বি. তূর্যধ্বনি।

তৌর্যত্রিক /তৌর্‌রজ্জোত্‌ত্রিক্/ [স. তৌর্য+ত্রি+ক] বি. নাচ গান ও বাজনা প্রভৃতি।

তৌল /তৌল্লো/ [স. তুলা+অ] বি. ১ ওজন, মাপন। ২ তুলাযন্ত্র, দাঁড়িপাল্লা।

তৌলন /তৌল্‌লন্/ [স. তুলন+অ] বি. পরিমাণ নির্ণয়, পরিমাপন।

তৌলিক[১]/তৌল্লিক্/ [স. তূলিকা+অ] বি. চিত্রকর, painter।

তৌলিক[২] /তৌল্লিক্/ [স. তুলা+ইক] বি. যে ব্যক্তি ওজন করে, কয়াল। বিণ. ১ ওজনসংক্রান্ত। ২ (রসা.) ওজন পরিমাপসম্পর্কীয়; (পরি.) gravimetric।

ত্বক /তক্/ [স. √ত্বচ্+ক্বিপ্] বি. ১ গায়ের চামড়া (*বহিস্ত্বক*)। ২ বাকল (*বৃক্ষত্বক*)। ৩ স্পর্শেন্দ্রিয়।

ত্বগিন্দ্রিয় /তোগিন্‌দ্রিয়ো/ [স. ত্বক+ইন্দ্রিয়] বি. স্পর্শনেন্দ্রিয়, ত্বক।

ত্বদ /তদ্/ [স. যুষ্মদ্ >] সর্ব. তুমি, আপনি।

ত্বদীয় /তোদিয়ো/ [স. ত্বদ্+ঈয়] বিণ. ত্বৎসংক্রান্ত;

www.pathagar.com

তোমার, আপনার।

ত্বদ্‌বিধ /তদ্‌বিধো/ [স. ত্বদ্+বিধা] বিণ. ত্বৎসদৃশ, তোমার মতো।

ত্বর /তর্/ [স. √ত্বর্+অ] বি. বেগ; গতি; ক্ষিপ্রতা।

ত্বরণ /তরোন্/ [স. √ত্বর্+অন] বি. (পদার্থ.) গতি ক্রমবৃদ্ধির হার, acceleration।

ত্বরমাণ /তরোমান্/ [স. √ত্বর্+মান (শানচ্)] বিণ. দ্র ত্বরস্বান।

ত্বরস্বান /তরোশ্‌শান্/ [স. তরস্+বৎ] বিণ. ১ ক্রম-বর্ধমান বেগযুক্ত, ত্বরণযুক্ত। ২ ব্যস্ত; ব্যগ্র।

ত্বরা /তরা/ [স. √ত্বর্+অ+আ (টাপ্)] বি. ১ দ্রুততা, শীঘ্রতা (*ত্বরা কর গো ত্বরা কর।* রবীন্দ্র.)। ২ ব্যস্ততা; ব্যগ্রতা। ৩ তাড়া; তাগাদা।

ত্বরান্বিত /তরান্‌নিতো/ [স. ত্বরা+অন্বিত] বিণ. দ্রুততর করা হয়েছে এমন, সত্বর।

ত্বরায় /তরায়্/ [স. √ত্বর্+য] ক্রিবিণ. দ্রুত, শীঘ্র, সত্বর, তাড়াতাড়ি, অবিলম্বে, দেরি না করে।

ত্বরিত[১] /তোরিতো/ [স. √ত্বর্+ণিচ্+ত] বিণ. ক্রমশ গতি বাড়ানো হয়েছে এমন, accelerated।

ত্বরিত[২] /তোরিতো/ [স. √ত্বর্+ত] বিণ. দ্রুত, ক্ষিপ্র, শীঘ্র, ত্বরান্বিত।

ত্বষ্টা /তশ্‌টা/ [স. √ত্বক্ষ্+তৃ] বি. ১ বিশ্বকর্মা। ২ সূত্রধর, ছুতোর।

ত্বাচ /তাচ্/ [স. √ত্বচ্+অ] বিণ. ১ ত্বকসংক্রান্ত। ২ স্পর্শ করে অনুভব করা যায় এমন।

ত্বাদৃক /তাদৃক্/ [স. ত্বদ্+√দৃশ্+কিন্] বিণ. দ্র ত্বাদৃশ।

ত্বাদৃশ /তাদৃশো/ [স. ত্বদ্+√দৃশ্+অ] বিণ. তোমার মতো, তোমার তুল্য।

ত্বিষা /তিশা/ [স. √ত্বিষ্+ক্বিপ্+আ (টাপ্)] বি. ১ প্রভা, দীপ্তি। ২ শোভা।

ত্বিষাম্পতি /তিশাম্‌পোতি/ [স. ত্বিষাম্+√পা+অতি] বি. সূর্য, প্রভাকর, তপন, আদিত্য।

ত্যক্ত /ত্যাক্তো/ [স. √ত্যজ্+ত] বিণ. ১ পরিত্যাগ করা হয়েছে এমন, পরিত্যক্ত। ২ (বাংলায়) বিরক্ত।

ত্যক্তজীবিত /ত্যাক্তোজিবিতো/ [স. ত্যক্ত+√জীব্+ত] বিণ. জীবনের মায়া ত্যাগ করেছে এমন, মরিয়া।

ত্যক্তবিরক্ত /ত্যাক্তোবিরক্তো/ [স. ত্যক্ত+বি+√রন্জ্+ত] বিণ. ১ তিতিবিরক্ত। ২ উত্ত্যক্ত।

ত্যক্তভূষণ /ত্যাক্তোভুশন্/ [স. ত্যক্ত+ভূষণ] বিণ. ভূষণ ত্যাগ করেছে এমন, ভূষণহীন।

ত্যক্তলজ্জ /ত্যাক্তোলজ্‌জো/ [স. ত্যক্ত+√লস্জ্+অ] বিণ. লজ্জা ত্যাগ করেছে এমন, নিঃসংকোচ।

ত্যজন /ত্যাজোন্/ [স. √ত্যজ্+অন] বি. ১ বর্জন, পরিহরণ। ২ ক্ষেপণ।

ত্যজনীয় /ত্যাজোনিয়ো/ [স. √ত্যজ্+অনীয়] বিণ. বর্জনীয়, ত্যাজ্য, পরিহার্য।

ত্যজ্যমান /ত্যাজ্‌জোমান্/ [স. √ত্যজ্+মান (শানচ্)] বিণ. বর্জন বা ত্যাগ করা হচ্ছে এমন।

ত্যাঁদড় /ত্যাঁদোড়্/ [দেশি.] বিণ. ১ বেয়াড়া; দুষ্ট। ২ দুর্বিনীত, ধৃষ্ট। ৩ শঠ, ধূর্ত।

ত্যাঁদড়ামি /ত্যাঁদ্‌ড়ামি/ [দেশি.] বি. ১ বেয়াড়াপনা; দুষ্টুমি। ২ ধৃষ্টতা; নির্লজ্জতা।

ত্যাগ /ত্যাগ্/ [স. √ত্যজ্+অ] বি. ১ বর্জন (*সংসার-ত্যাগ*)। ২ বিসর্জন। ৩ নিক্ষেপ (*শরত্যাগ*)।

ত্যাগী /ত্যাগি/ [স. √ত্যজ্+ইন্] বিণ. ১ সংযমী (*ত্যাগী পুরুষ*)। ২ ত্যাগ করেছে এমন (*স্বার্থ-ত্যাগী*)।

ত্যাজ্য /ত্যাজ্‌জো/ [স. √ত্যজ্+য] বিণ. ত্যাগ বা বর্জন করা উচিত এমন, বর্জনীয়।

ত্যাজ্যপুত্র /ত্যাজ্‌জোপুত্রো/ [স. ত্যাজ্য+পুত্র] বি. পিতার সম্পত্তি থেকে বঞ্চিত পুত্র।

ত্যাড়া /ত্যাড়া/ [স. তির্যক >] বিণ. ১ বাঁকা। ২ কুটিল (*ত্যাড়া কথা*)। ৩ উগ্র (*ত্যাড়া মেজাজ*)।

ত্যাড়াবাঁকা /ত্যাড়াবাঁকা/ [বা.] বিণ. ১ অসরল ও বক্র, বাঁকাচোরা। ২ দুমড়ানো-মোচড়ানো।

ত্যারচা /ত্যারচা/ [স. তির্যক >] বিণ. ১ বাঁকা, বঙ্কিম, আড়। ২ একপাশে হেলে আছে এমন।

ত্রপমাণ /ত্রোপোমান্/ [স. √ত্রপ্+মান (শানচ্)] বিণ. লজ্জা পাচ্ছে এমন, লজ্জমান।

ত্রপা /ত্রোপা/ [স. √ত্রপ্+অ+আ (টাপ্)] বি. লজ্জা।

ত্রপিত /ত্রোপিতো/ [স. √ত্রপ্+ত] বিণ. লজ্জাপ্রাপ্ত, লজ্জিত। স্ত্রী. **ত্রপিতা** /ত্রোপিতা/।

ত্রপু /ত্রোপু/ [স. √ত্রপ্+উ] বি. ১ সিসা, lead। ২ দস্তা, zinc। ৩ রাং।

ত্রয় /ত্রয়্/ [স. ত্রি+অয়] বি. সমাসে পরপদে ব্যবহৃত (বস্তু বা ব্যক্তির ক্ষেত্রে) তিনটি বা তিনটির সমষ্টি (*বেদত্রয়*)। বিণ. ১ তিন সংখ্যক। ২ তিন প্রকার।

ত্রয়ঃপঞ্চাশৎ /ত্রয়প্‌পন্‌চাশত্/ [স. ত্রয়ঃ+পঞ্চাশৎ] বি. ৫৩ সংখ্যা। বিণ. ৫৩ সংখ্যক।

ত্রয়ঃপঞ্চাশত্তম /ত্রয়প্‌পন্‌চাশত্‌তমো/ [স. ত্রয়ঃপঞ্চাশৎ+তমট্] বিণ. ৫৩ স্থানীয়। স্ত্রী. **ত্রয়ঃপঞ্চাশত্তমী** /ত্রয়প্‌পন্‌চাশত্‌তোমি/।

ত্রয়ঃষষ্টি /ত্রয়শ্‌শোশ্‌টি/ [স. ত্রয়ঃ+ষট্‌দশৎ+তি] বি. ৬৩ সংখ্যা। বিণ. ৬৩ সংখ্যক।

www.pathagar.com

ত্রয়ঃষষ্টিতম /ত্রয়শ্‌শোশ্‌টিতমো/ [স. ত্রয়ঃষষ্টি+তমট্] বিণ. ৬৩ সংখ্যক; ৬৩ স্থানীয়। স্ত্রী. ত্রয়ঃষষ্টিতমী /ত্রয়শ্‌শোশ্‌টিতোমি/।

ত্রয়ঃসপ্ততি /ত্রয়শ্‌শপ্‌তোতি/ [স. ত্রয়ঃ+সপ্তদশৎ+তি] বি. ৭৩ সংখ্যা। বিণ. ৭৩ সংখ্যক।

ত্রয়ঃসপ্ততিতম /ত্রয়শ্‌শপ্‌তোতিতমো/ [স. ত্রয়ঃসপ্ততি+তমট্] বিণ. ৭৩ সংখ্যক; ৭৩ স্থানীয়। স্ত্রী. ত্রয়ঃসপ্ততিতমী /ত্রয়শ্‌শপ্‌তোতিতোমি/।

ত্রয়শ্চত্বারিংশৎ /ত্রয়শ্‌চত্‌তারিংশত্/ [স. ত্রয়ঃ+চত্বারিন্+শৎ] বি. ৪৩ সংখ্যা। বিণ. ৪৩ সংখ্যক।

ত্রয়শ্চত্বারিংশত্তম /ত্রয়শ্‌চত্‌তারিংশত্‌তমো/ [স. ত্রয়শ্চত্বারিংশৎ+তমট্] বিণ. ৪৩ সংখ্যক; ৪৩ স্থানীয়। স্ত্রী. ত্রয়শ্চত্বারিংশত্তমী /ত্রয়শ্‌চত্‌তারিংশত্‌তোমি/।

ত্রয়স্ত্রিংশ /ত্রয়োশ্‌ত্রিংশো/ [স. ত্রয়ঃ+ত্রিংশৎ+অ] বি. ৩৩ সংখ্যা। বিণ. ৩৩ সংখ্যক।

ত্রয়স্ত্রিংশৎ /ত্রয়োশ্‌ত্রিংশত্/ [স. ত্রয়ঃ+ত্রিংশৎ] বি. ৩৩ সংখ্যা। বিণ. ৩৩ সংখ্যক।

ত্রয়স্ত্রিংশত্তম /ত্রয়োশ্‌ত্রিংশত্‌তমো/ [স. ত্রয়স্ত্রিংশৎ+তমট্] বিণ. ৩৩ সংখ্যক; ৩৩ স্থানীয়। স্ত্রী. ত্রয়স্ত্রিংশত্তমী /ত্রয়োশ্‌ত্রিংশত্‌তোমি/।

ত্রয়ী /ত্রোয়ি/ [স. ত্রয়+ঈ] বি. ১ ব্রহ্মা বিষ্ণু ও শিব, ত্রিদেব। ২ বেদত্রয় (ঋক্ সাম যজুঃ)। ৩ তিনটির সমষ্টি। বিণ. ১ তিন সংখ্যক। ২ ত্রিশক্তিবিশিষ্ট।

ত্রয়ীধর্ম /ত্রোয়িধর্‌মো/ [স. ত্রয়ী+√ধৃ+ম] বি. ১ ঋক্ সাম যজুঃ এই বেদত্রয়। ২ বেদত্রয়বিহিত ধর্ম।

ত্রয়োদশ /ত্রয়োদশ্/ [স. ত্রয়োদশন্+অ] বি. ১৩ সংখ্যা। বিণ. ১৩ সংখ্যক।

ত্রয়োদশিক /ত্রয়োদোশিক্/ [স. ত্রয়োদশ+ইক] বি. মৃত্যুর ত্রয়োদশ দিনে করণীয় সংস্কারবিশেষ।

ত্রয়োদশী /ত্রয়োদোশি/ [স. ত্রয়োদশ+ঈ] বিণ. ১ ত্রয়োদশস্থানীয়া। ২ তের বৎসর বয়স্কা (*ত্রয়োদশী বালিকা*)। বি. দ্বাদশীর পরবর্তী তিথি।

ত্রয়োবিংশ /ত্রোয়োবিংশো/ [স. ত্রয়ঃ+বিংশতি+অ] বিণ. ২৩ সংখ্যক; ২৩ সংখ্যার পূরক।

ত্রয়োবিংশতি /ত্রোয়োবিংশোতি/ [স. ত্রয়ঃ+বিংশতি] বি. ২৩ সংখ্যা। বিণ. ২৩ সংখ্যক।

ত্রয়োবিংশতিতম /ত্রোয়োবিংশোতিতমো/ [স. ত্রয়োবিংশতি+তমট্] বিণ. ২৩ সংখ্যক; ২৩ স্থানীয়। স্ত্রী. ত্রয়োবিংশতিতমী /ত্রোয়োবিংশোতিতোমি/।

ত্রসন /ত্রোশন্/ [স. √ত্রস্+অন] বি. ভীতি; উদ্‌বেগ।

ত্রসর /ত্রোশর্/ [স. √ত্রস্+অর] বি. তাঁতযন্ত্রের মাকু।

ত্রসরেণু /ত্রোশোরেনু/ [স. ত্রস+রেণু] বি. ছিদ্রপথে আগত আলোকরশ্মিতে দৃশ্যমান সূক্ষ্ম ধূলিকণা।

ত্রস্ত /ত্রোস্‌তো/ [স. √ত্রস্+ত] বিণ. ১ সন্ত্রস্ত। ২ বিচলিত। ৩ ত্বরিত (*শ্যামা মেয়ে ব্যস্ত ব্যাকুল পদে কুটির হতে ত্রস্ত এল তাই।* রবীন্দ্র.)।

ত্রস্তব্যস্ত /ত্রোস্‌তোব্যাস্‌তো/ [স. ত্রস্ত+বি+√অস্+ত] বিণ. অত্যন্ত ব্যস্ত ও উৎকণ্ঠিত, হন্তদন্ত।

ত্রস্নু /ত্রোস্‌নু/ [স. √ত্রস্+নু] বিণ. ত্রাসযুক্ত, ভীরু।

ত্রাণ /ত্রান্/ [স. √ত্রৈ+ত] বি. ১ (বিপদাপদ পাপ প্রভৃতি থেকে) উদ্ধার, রক্ষা (*আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা—* রবীন্দ্র.)। ২ (বন্যা দুর্ভিক্ষ প্রভৃতি দুর্যোগে) দুর্গতকে সাহায্য, relief।

ত্রাণকার্য /ত্রান্‌কার্‌জো/ [স. ত্রাণ+√কৃ+য] বি. ১ উদ্ধারকাজ। ২ বিপদাপন্নকে পুনর্বাসনে সহায়তা।

ত্রাণসামগ্রী /ত্রান্‌শামোগ্‌গ্রি/ [স. ত্রাণ+সমগ্র+অ+ঈ] বি. দুর্যোগপূর্ণ অবস্থায় উদ্ধারকাজে ব্যবহৃত সহায়ক যন্ত্রসামগ্রী ও জরুরি খাদ্য বস্ত্রপ্রভৃতি।

ত্রাত /ত্রাতো/ [স. √ত্রৈ+ত] বিণ. ত্রাণপ্রাপ্ত।

ত্রাতা /ত্রাতা/ [স. √ত্রৈ+তৃ] বি. বিণ. ত্রাণকর্তা।

ত্রায়মাণ /ত্রায়োমান্/ [স. √ত্রৈ+মান (শানচ্)] বিণ. ত্রাণ লাভ করছে এমন, উদ্ধার করা হচ্ছে এমন।

ত্রাস /ত্রাশ্/ [স. √ত্রস্+অ] বি. ভয়, ভীতি, শঙ্কা।

ত্রাসজনক /ত্রাশ্‌জনোক্/ [স. ত্রাস+জনক] বিণ. ভয়ের উদ্রেক করে এমন, ভীতিকর।

ত্রাসন /ত্রাশোন্/ [স. √ত্রাসি+অন] বি. ভীতি প্রদর্শন।

ত্রাসিত /ত্রাশিতো/ [স. √ত্রাসি+ত] বিণ. ১ ভীত, আতঙ্কিত। ২ (যাকে) ভয় দেখানো হয়েছে এমন।

ত্রাহি /ত্রাহি/ [স. √ত্রা+হি] ক্রিবি. উদ্ধার করো।

ত্রি /ত্রি/ [স. √তৃ+ই] বি. ৩ সংখ্যা। বিণ. ৩ সংখ্যক।

ত্রিংশ /ত্রিংশো/ [স. ত্রিংশৎ+অ] বিণ. ৩০ সংখ্যার পূরক; ৩০ সংখ্যক।

ত্রিংশৎ /ত্রিংশত্/ [স. ত্রি+দশৎ] বি. ৩০ সংখ্যা। বিণ. ৩০ সংখ্যক।

ত্রিংশত্তম /ত্রিংশত্‌তমো/ [স. ত্রিংশৎ+তমট্] বিণ. ১ ৩০ সংখ্যার পূরক; ৩০ স্থানীয়। স্ত্রী. ত্রিংশত্তমী /ত্রিংশত্‌তোমি/।

ত্রিক /ত্রিক্/ [স. তৃতীয়+ক (স্বার্থে)] বি. ১ তিনটির সমষ্টি, ত্রয়। ২ মেরুদণ্ডের নিম্নভাগ, কটি, pelvis।

ত্রিকণ্টক /ত্রিকন্‌টক্/ [স. ত্রি+√কণ্ট্+অক] বিণ. তিন কাঁটাবিশিষ্ট (মনসা গাছ ট্যাংরা মাছ প্রভৃতি)।

ত্রিকাল /ত্রিকাল্/ [স. ত্রি+কাল] বি. তিনকাল, অতীত বর্তমান ও ভবিষ্যৎ কাল; সর্বকাল।

ত্রিকালজ্ঞ /ত্রিকালগ্‌গোঁ/ [স. ত্রিকাল+√জ্ঞা+অ] বিণ.

www.pathagar.com

অতীত বর্তমান ও ভবিষ্যৎ কালের ঘটনা জানেন এমন, সর্বজ্ঞ।

ত্রিকালদর্শী /ত্রিকাল্‌দোর্‌শি/ [স. ত্রিকাল+√দৃশ্‌+ইন্‌] বিণ. দ্র ত্রিকালজ্ঞ।

ত্রিকালসিদধ /ত্রিকাল্‌শিদ্‌ধো/ [স. ত্রিকাল+√সিধ্‌+ত] বিণ. দ্র ত্রিকালজ্ঞ।

ত্রিকুল /ত্রিকুল্‌/ [স. ত্রি+কুল] বি. পিতা মাতা ও শ্বশুরের বংশ, তিনকুল।

ত্রিকূট /ত্রিকুট্‌/ [স. ত্রি+কূট] বি. রামায়ণে বর্ণিত দাক্ষিণাত্যের তিনটি (সুবর্ণময় রজতময় ও লৌহময়) শৃঙ্গবিশিষ্ট পর্বত, সুবেল।

ত্রিকোণ /ত্রিকোন্‌/ [স. ত্রি+কোণ] বিণ. তিনটি কোণবিশিষ্ট, তেকোনা। বি. (জ্যা.) তিনটি কোণবিশিষ্ট ক্ষেত্র, ত্রিভুজ।

ত্রিকোণক্ষেত্র /ত্রিকোনখেত্রো/ [স. ত্রিকোণ+√ক্ষি+ত্র] বি. (জ্যা.) তিনটি সরলরেখা-পরিবেষ্টিত ক্ষেত্র, ত্রিভুজ।

ত্রিকোণমিতি /ত্রিকোনোমিতি/ [স. ত্রিকোণ+√মা+তি] বি. গণিতের শাখাবিশেষ, ত্রিভুজের বাহু ও কোণসমূহের সম্পর্কবিষয়ক শাস্ত্র, trigonometry।

ত্রিগঙ্গা /ত্রিগংগো/ [স. ত্রিগঙ্গা >] বি. গঙ্গা যমুনা ও সরস্বতী নদীর সংগমস্থল, ত্রিবেণি; প্রয়াগ।

ত্রিগণ /ত্রিগন্‌/ [স. ত্রি+গণ] বি. ধর্ম অর্থ ও কাম।

ত্রিগুণ /ত্রিগুন্‌/ [স. ত্রি+গুণ] বি. সত্ত্ব রজঃ ও তমঃ গুণত্রয়। বিণ. ১ সুখ দুঃখ ও মোহ গুণত্রয়বিশিষ্ট। ২ তিনদ্বারা গুণিত।

ত্রিগুণা /ত্রিগুনা/ [স. ত্রিগুণ+আ (টাপ্‌)] বিণ. ত্রিগুণবিশিষ্টা। বি. দেবী দুর্গা।

ত্রিগুণাতীত /ত্রিগুনাতিতো/ [স. ত্রিগুণ+অতীত] বিণ. সত্ত্ব রজঃ ও তমঃ গুণত্রয়ের প্রভাবমুক্ত।

ত্রিগুণাত্মক/ত্রিগুনাত্তঁক্‌/ [স. ত্রিগুণ+আত্মন্‌+ক] বিণ. সত্ত্ব রজঃ ও তমঃ গুণত্রয়ের প্রভাবযুক্ত।

ত্রিগুণিত /ত্রিগুনিতো/ [স. ত্রিগুণ+ইত] বিণ. তিনবার গুণ করা হয়েছে এমন।

ত্রিঘাত /ত্রিঘাত্‌/ [স. ত্রি+√হন্‌+অ] বিণ. ১ কোনো রাশিকে সেই রাশি দিয়ে পরপর দুবার গুণ করে এমন (৪° = ৪×৪×৪)। ২ (জ্যা.) দৈর্ঘ্য প্রস্থ ও বেধবিশিষ্ট, ঘন, ত্রিমাত্রিক।

ত্রিচক্রযান /ত্রিচক্রোজান্‌/ [স. ত্রিচক্র+যান] বি. তিন চাকায় ভর করে চলে এমন যান।

ত্রিচক্ষু /ত্রিচোক্‌খু/ [স. ত্রি+√চক্ষ্‌+উস্‌] বি. দ্র ত্রিনয়ন।

ত্রিচত্বারিংশৎ /ত্রিচত্‌তারিংশত্‌/ [স. ত্রি+চত্বারিন্‌+শৎ] বি. ৪৩ সংখ্যা। বিণ. ৪৩ সংখ্যক।

ত্রিচত্বারিংশত্তম /ত্রিচত্‌তারিংশত্‌তমো/ [স. ত্রি+চত্বারিন্‌+শৎ+তমট্‌] বিণ. ৪৩ সংখ্যক; ৪৩ স্থানীয়। স্ত্রী. ত্রিচত্বারিংশত্তমী /ত্রিচত্‌তারিংশত্‌তোমি/।

ত্রিতত্ত্ব /ত্রিতত্‌তো/ [স. ত্রি+তৎ+ত্ব] বি. খ্রিষ্টীয় বিশ্বাসমতে ঈশ্বরত্বের তিনটি প্রধান সত্তা (পিতা পুত্র ও পবিত্র আত্মা), trinity।

ত্রিতত্ত্ববাদ /ত্রিতত্‌তোবাদ্‌/ [স. ত্রিতত্ত্ব+বাদ] বি. ১ খ্রিষ্টীয় বিশ্বাসমতে পিতা পুত্র ও পবিত্র আত্মার সম্মিলন, trinity। ২ হিন্দু বিশ্বাসমতে ব্রহ্মা বিষ্ণু ও শিব, ত্রিমূর্তি।

ত্রিতন্ত্রী /ত্রিতোন্‌ত্রি/ [স. ত্রি+√তন্ত্র+অ+ঈ] বিণ. তিন তারবিশিষ্ট। বি. তিন তারবিশিষ্ট বাদ্যযন্ত্র (সেতার বীণা প্রভৃতি)।

ত্রিতল /ত্রিতল্‌/ [স. ত্রি+তল] বিণ. তিন তলবিশিষ্ট।

ত্রিতাপ /ত্রিতাপ্‌/ [স. ত্রি+তাপ] বি. ত্রিবিধ যন্ত্রণা (আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক)।

ত্রিতাল /ত্রিতাল্‌/ [স. ত্রি+তাল] বি. সংগীতে ষোলো মাত্রার তালবিশেষ।

ত্রিত্ব /ত্রিত্‌তো/ [স. ত্রি+ত্ব] বি. ১ তিনের সমাহার। ২ খ্রিষ্টীয় বিশ্বাসমতে পিতা পুত্র ও পবিত্র আত্মার সম্মিলন, trinity। ৩ হিন্দু বিশ্বাসমতে ব্রহ্মা বিষ্ণু ও শিব, ত্রিমূর্তি।

ত্রিত্ববাদ /ত্রিত্‌তোবাদ্‌/ [স. ত্রিত্ব+বাদ] বি. দ্র ত্রিতত্ত্ববাদ।

ত্রিদশ /ত্রিদশ্‌/ [স. ত্রি+দশন্‌] বি. ১ ত্রিশ। ২ যার সত্তা অমর ও বার্ধক্যহীন, দেবতা।

ত্রিদশবধূ /ত্রিদশ্‌বোধু/ [স. ত্রিদশ+√বহ্‌+ঊ] বি. অপ্সরা, সুরসুন্দরী।

ত্রিদশবনিতা /ত্রিদশ্‌বোনিতা/ [স. ত্রিদশ+√বন্‌+ইত+আ (টাপ্‌)] বি. দ্র ত্রিদশবধূ।

ত্রিদশবর্ত্ম /ত্রিদশ্‌বরর্‌তোঁ/ [স. ত্রিদশ+√বৃৎ+মন্‌] বি. দেবতাদের পথ, আকাশ।

ত্রিদশমঞ্জরি/ত্রিদশ্‌মন্‌জোরি/ [স. ত্রিদশ+√মঞ্জ্‌+অরি] বি. পৃথিবীর প্রায় সব দেশের উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত (এবং ভারতে দেবতাকে অর্ঘ্য প্রদানের উদ্দেশ্যে উঁচু বেদিতে লাগানো হয়) এমন বহুশাখাযুক্ত খাঁজকাটা রোমশ সুগন্ধ পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল), তুলসী, basil।

ত্রিদশাধিপতি/ত্রিদশাধিপোতি/ [স. ত্রিদশ+অধিপতি]

www.pathagar.com

বি. দেবরাজ ইন্দ্র।

ত্রিদশালয় /ত্রিদশালয়/ [স. ত্রিদশ+আলয়] বি. স্বর্গ, অমরাবতী, দেবলোক।

ত্রিদিব /ত্রিদিব্/ [স. ত্রি+দিব] বি. ১ স্বর্গ, অমরাবতী, দেবলোক। ২ আকাশ।

ত্রিদিবকন্যা /ত্রিদিবকন্যা/ [স. ত্রিদিব+√কন্+য+আ (টাপ্)] বি. স্বর্গকন্যা, অপ্সরা।

ত্রিদেব /ত্রিদেব্/ [স. ত্রি+√দিব্+অ] বি. ব্রহ্মা বিষ্ণু ও মহেশ্বর।

ত্রিদোষ /ত্রিদোশ্/ [স. ত্রি+দোষ] বি. বাত পিত্ত ও কফজনিত মানবদেহের ত্রিবিধ রোগ।

ত্রিধা /ত্রিধা/ [স. ত্রি+ধা] ক্রিবিণ. তিন প্রকারে; তিন দিকে (*ত্রিধা বিভক্ত*)।

ত্রিধারা /ত্রিধারা/ [স. ত্রি+ধারা] বি. দ্র ত্রিস্রোতা।

ত্রিনবতি /ত্রিনবোতি/ [স. ত্রি+নবতি] বি. ৯৩ সংখ্যা। বিণ. ৯৩ সংখ্যক।

ত্রিনবতিতম /ত্রিনবোতিতমো/ [স. ত্রিনবতি+তমট্] বিণ. ৯৩ সংখ্যক; ৯৩ স্থানীয়। স্ত্রী. ত্রিনবতিতমী /ত্রিনবোতিতোমি/।

ত্রিনয়ন /ত্রিনয়োন্/ [স. ত্রি+নয়ন] বি. যার তিনটি চোখ আছে (শিব, দেবী দুর্গা)।

ত্রিনয়না /ত্রিনয়োনা/ [স. ত্রিনয়ন+আ (টাপ্)] বি. শিবপত্নী দুর্গা, কালী।

ত্রিনয়নী /ত্রিনয়োনি/ [স. ত্রিনয়ন+ঈ] বি. দ্র ত্রিনয়না।

ত্রিনাথ /ত্রিনাথ্/ [স. ত্রি+নাথ] বি. ত্রিভুবনের (স্বর্গ মর্ত্য ও পাতাল) পরমেশ্বর।

ত্রিনেত্র /ত্রিনেত্রো/ [স. ত্রি+√নি+ত্র] বি. শিব।

ত্রিনেত্রা /ত্রিনেত্রা/ [স. ত্রিনেত্র+আ (টাপ্)] বি. (তিনটি চোখ আছে বলে) দেবী দুর্গা, কালী।

ত্রিপঞ্চাশৎ /ত্রিপন্চাশত্/ [স. ত্রি+পঞ্চাশৎ] বি. ৫৩ সংখ্যা। বিণ. ৫৩ সংখ্যক।

ত্রিপঞ্চাশত্তম /ত্রিপন্চাশত্তমো/ [স. ত্রিপঞ্চাশৎ+তমট্] বিণ. ৫৩ সংখ্যক; ৫৩ স্থানীয়। স্ত্রী. ত্রিপঞ্চাশত্তমী /ত্রিপন্চাশত্তোমি/।

ত্রিপণ্ড /ত্রিপন্ডো/ [স. ত্রি+√পণ্ড্+অ] বিণ. ধর্ম অর্থ ও মোক্ষ ধ্বংস করে এমন। বি. দুষ্কর্মে নিযুক্ত ব্যক্তি, দুর্বৃত্ত।

ত্রিপত্র /ত্রিপত্রো/ [স. ত্রি+√পত্+ত্র] বিণ. তিনটি পাতাবিশিষ্ট। বি. বিল্বপত্র, বেলপাতা।

ত্রিপথগা /ত্রিপথোগা/ [স. ত্রিপথ+√গম্+অ+আ (টাপ্)] বি. দ্র ত্রিপথগামিনী।

ত্রিপথগামিনী /ত্রিপথোগামিনি/ [স. ত্রিপথ+√গম্+ইন্+ঈ] বি. স্বর্গ মর্ত্য ও পাতাল এই তিনপথে প্রবাহিত গঙ্গা নদী।

ত্রিপদী /ত্রিপোদি/ [স. ত্রিপদ+ঈ] বিণ. তিন পা-বিশিষ্ট। বি. ১ তিন চরণযুক্ত ছন্দ। ২ তেপায়া।

ত্রিপর্ণ /ত্রিপর্নো/ [স. ত্রি+√পর্ণ+অ] বিণ. তিনটি পাতাযুক্ত, ত্রিপত্রক।

ত্রিপল /ত্রিপল্/ [ই. tarpaulin >] বি. মোটা ও ঘন বুনটের জলনিরোধক কাপড়, আলকাতরার প্রলেপযুক্ত মোটা কাপড়, তেরপল।

ত্রিপাদ /ত্রিপাদ্/ [স. ত্রি+√পদ্+অ] বিণ. ১ তিন পা-বিশিষ্ট। ২ তিন পা পরিমাণ (*ত্রিপাদভূমি*)। বি. ১ তিন পা-বিশিষ্ট বিষ্ণুর বামন অবতার। ২ চার ভাগের তিন ভাগ।

ত্রিপাপ /ত্রিপাপ্/ [স. ত্রি+√পা+প] বি. তিন প্রকার পাপ (মহাপাতক অতিপাতক ও উপপাতক)।

ত্রিপিটক /ত্রিপিটক্/ [স. ত্রি+পিটক] বি. সুত্ত (সূত্র) অভিধম্ম (অভিধর্ম) ও বিনয় অংশে বিভক্ত বৌদ্ধ শাস্ত্রগ্রন্থ।

ত্রিপুণ্ড্র /ত্রিপুনড্রো/ [স. ত্রি+√পুণ্ড্+র] বি. দ্র ত্রিপুণ্ড্রক।

ত্রিপুণ্ড্রক /ত্রিপুনড্রক্/ [স. ত্রিপুণ্ড্র+ক (স্বার্থে)] বি. ললাটে তিনটি রেখা দিয়ে অঙ্কিত তিলক।

ত্রিপুর /ত্রিপুর্/ [স. ত্রি+পুর] বি. শিব কর্তৃক নিহত তারকাক্ষ কমলাক্ষ ও বিদ্যুন্মালী অসুরত্রয়।

ত্রিপুরান্তক /ত্রিপুরান্তক্/ [স. ত্রিপুর+অন্তক] বি. ত্রিপুর নামক অসুর বধকারী, শিব।

ত্রিপুরারি /ত্রিপুরারি/ [স. ত্রিপুর+অরি] বি. দ্র ত্রিপুরান্তক।

ত্রিফলা /ত্রিফলা/ [স. ত্রি+ফল+আ (টাপ্)] বি. তিন প্রকার ফলের সমাহার (আমলকী হরীতকী ও বহেড়া)।

ত্রিবর্গ /ত্রিবর্গো/ [স. ত্রি+√বৃজ্+অ] বি. ১ সৃষ্টি স্থিতি ও প্রলয়। ২ ধর্ম অর্থ ও কাম। ৩ সত্ত্ব রজঃ ও তমঃ। ৪ আয় ব্যয় ও বৃদ্ধি।

ত্রিবর্ণ /ত্রিবর্নো/ [স. ত্রি+√বর্ণ+অ] বি. হিন্দু সম্প্রদায়ের তিনটি বর্ণ (ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য)। বিণ. তিনবর্ণবিশিষ্ট।

ত্রিবর্ণক /ত্রিবর্নোক্/ [স. ত্রিবর্ণ+ক] বি. হিন্দু সম্প্রদায়ের তিনটি বর্ণ (ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্য)।

ত্রিবর্ষীয় /ত্রিবোর্শিয়ো/ [স. ত্রিবর্ষ+ঈয়] বিণ. ১ তিনবছর বয়স্ক। ২ ত্রিবর্ষবিষয়ক।

ত্রিবলি /ত্রিবোলি/ [স. ত্রি+√বল্+ই] বি. পেশি সংকোচনের ফলে মানবদেহের ললাট কণ্ঠ ও উদরে সৃষ্ট তিনটি সমান্তরাল রেখা।

www.pathagar.com

ত্রিবিক্রম /ত্রিবিক্রম্/ [স. ত্রি+বি+√ক্রম্+অ] বি. বিষ্ণু।

ত্রিবিদ্যা /ত্রিবিদ্‌দা/ [স. ত্রি+√বিদ্+য+আ (টাপ্)] বি. তিনটি প্রধান বেদ (ঋক্ সাম ও যজুঃ)।

ত্রিবিধ /ত্রিবিধো/ [স. ত্রি+বিধা] বিণ. তিন প্রকারের।

ত্রিবৃত্ত /ত্রিবৃত্তো/ [স. ত্রি+√বৃৎ+ত] বিণ. তিনবার গুণ করা হয়েছে এমন, ত্রিগুণিত।

ত্রিবেণি /ত্রিবেনি/ [স. ত্রি+√বেণ্+ই] বি. ১ গঙ্গা যমুনা ও সরস্বতী নদীত্রয়ের সংগমস্থল, প্রয়াগ। ২ তীর্থক্ষেত্রবিশেষ।

ত্রিবেদ /ত্রিবেদ্/ [স. ত্রি+√বিদ্+অ] বি. ঋক্ সাম ও যজুঃ।

ত্রিবেদী /ত্রিবেদি/ [স. ত্রি+√বিদ্+ইন্] বিণ. ঋক্ সাম ও যজুঃ বেদের অধ্যয়নকারী। বি. পদবিবিশেষ।

ত্রিভঙ্গ /ত্রিভংগো/ [স. ত্রি+√ভন্‌জ্+অ] বিণ. গ্রীবা কটি ও পদের সুবঙ্কিম ভাবযুক্ত। বি. শ্রীকৃষ্ণ।

ত্রিভঙ্গামুরারি /ত্রিভংগোমুরারি/ [স. ত্রিভঙ্গ+মুরারি] বি. শ্রীকৃষ্ণ।

ত্রিভঙ্গিম /ত্রিভোংগিম্/ [স. ত্রিভঙ্গ+ইমন্] বিণ. দ্র ত্রিভঙ্গ।

ত্রিভুজ /ত্রিভুজ্/ [স. ত্রি+ভুজ] বি. (জ্যা.) তিনটি সরলরেখা-পরিবেষ্টিত ক্ষেত্র।

ত্রিভুবন /ত্রিভুবন্/ [স. ত্রি+ভুবন] বি. পৌরাণিক বিশ্বাসমতে তিনটি ভুবন (স্বর্গ মর্ত্য ও পাতাল)।

ত্রিমাত্রিক /ত্রিমাত্রিক্/ [স. ত্রি+মাত্রা+ক (স্বার্থে)] বিণ. দৈর্ঘ্য প্রস্থ ও বেধ আছে এমন, ত্রিঘাত, three dimensional।

ত্রিমূর্তি /ত্রিমুরতি/ [স. ত্রি+√মূর্চ্ছ্+তি] বি. ব্রহ্মা বিষ্ণু ও শিবের একত্রমূর্তি।

ত্রিযামা /ত্রিজামা/ [স. ত্রি+যাম+আ (টাপ্)] বি. রাত্রি।

ত্রিরত্ন /ত্রিরত্নো/ [স. ত্রি+√রমি+ন] বি. বৌদ্ধমতে তিনটি পবিত্র বিষয় (বুদ্ধ ধর্ম ও সংঘ)।

ত্রিরাত্র /ত্রিরাত্রো/ [স. ত্রি+রাত্র] বি. ১ দুই দিন ও তিন রাত, পরপর তিন রাত। ২ দুই দিন ও তিনরাতব্যাপী উপবাস।

ত্রিলোক /ত্রিলোক্/ [স. ত্রি+লোক] বি. দ্র ত্রিভুবন।

ত্রিলোচন /ত্রিলোচন্/ [স. ত্রি+√লোচ্+অন] বি. দ্র ত্রিনয়ন।

ত্রিশ /ত্রিশ্/ [স. ত্রিংশৎ>] বি. ৩০ সংখ্যা। বিণ. ৩০ সংখ্যক।

ত্রিশঙ্কু /ত্রিশোংকু/ [স. ত্রি+√শঙ্ক্+উ] বি. ১ পৌরাণিক রাজা যিনি স্বর্গে গিয়েও পূর্বকৃত অপরাধের জন্য দেবরাজ ইন্দ্রের আদেশে মর্ত্যে নিক্ষিপ্ত হন এবং পরে বিশ্বামিত্রের তপস্যায় শূন্যে ঝুলন্ত থাকেন। ২ (আল.) অনিশ্চিত অবস্থায় পতিত ব্যক্তি।

ত্রিশূল /ত্রিশুল্/ [স. ত্রি+শূল] বি. তিনটি সূক্ষ্ম ফলাযুক্ত অস্ত্রবিশেষ; শিবের অস্ত্র।

ত্রিশূলধারিণী /ত্রিশুলধারিনি/ [স. ত্রিশূল+√ধৃ+ইন্+ঈ] বিণ. ত্রিশূলধারণকারিণী। বি. শিবপত্নী দুর্গা।

ত্রিশূলধারী /ত্রিশুলধারি/ [স. ত্রিশূল+√ধৃ+ইন্] বিণ. ত্রিশূলধারণকারী। বি. ১ দেবতা শিব। ২ ত্রিশূল-বহনকারী সন্ন্যাসী।

ত্রিশূলী /ত্রিশুলি/ [স. ত্রিশূল+ইন্] বিণ. বি. দ্র ত্রিশূলধারী।

ত্রিশোর্ধ্ব /ত্রিশোরধো/ [বা. ত্রিশ+স. ঊর্ধ্ব] বিণ. ৩০-এর ঊর্ধ্বে।

ত্রিষষ্টি /ত্রিশোশ্‌টি/ [স. ত্রি+ষট্‌দশৎ+তি] বি. ৬৩ সংখ্যা। বিণ. ৬৩ সংখ্যক।

ত্রিষষ্টিতম /ত্রিশোশ্‌টিতমো/ [স. ত্রিষষ্টি+তমট্] বিণ. ৬৩ সংখ্যক; ৬৩ স্থানীয়। স্ত্রী. ত্রিষষ্টিতমী /ত্রিশোশটিতোমি/।

ত্রিষ্টুভ /ত্রিশ্‌টুভ্/ [স. ত্রি+√স্তুভ্+ক্বিপ্] বি. এগারো অক্ষরের সংস্কৃত ছন্দবিশেষ।

ত্রিসংসার /ত্রিশংশার্/ [স. ত্রি+সংসর] বি. দ্র ত্রিভুবন।

ত্রিসন্ধ্যা /ত্রিশোন্ধ্যা/ [স. ত্রি+সম্+√ধ্যৈ+অ+আ (টাপ্)] বি. ১ তিনবেলা উপাসনা। ২ তিনবেলা (প্রাতঃকাল মধ্যাহ্ন ও অপরাহ্ণ)।

ত্রিসপ্ততি /ত্রিশপ্‌তোতি/ [স. ত্রি+সপ্তদশৎ+তি] বি. ৭৩ সংখ্যা। বিণ. ৭৩ সংখ্যক।

ত্রিসপ্ততিতম /ত্রিশপ্‌তোতিতমো/ [স. ত্রিসপ্ততি+তমট্] বিণ. ৭৩ সংখ্যক; ৭৩ স্থানীয়। স্ত্রী. ত্রিসপ্ততিতমী /ত্রিশপ্‌তোতিতোমি/।

ত্রিসীমা /ত্রিশিমা/ [স. ত্রি+√সীমন্+আ (টাপ্)] বি. দ্র ত্রিসীমানা।

ত্রিসীমানা /ত্রিশিমানা/ [স. ত্রিসীমন্ >] বি. ১ তিনটি প্রান্ত বা কিনারা। ২ সান্নিধ্য, সামীপ্য।

ত্রিস্রোত /ত্রিস্রোত্/ [স. ত্রি+স্রোতস্] বি. ১ তিনটি ধারায় প্রবাহিত নদী, গঙ্গা। ২ তিস্তা নদী।

ত্রিস্রোতা /ত্রিস্রোতা/ [স. ত্রি+স্রোতস্] বি. তিনটি ধারায় প্রবাহিত গঙ্গা নদী (স্বর্গে মন্দাকিনী মর্ত্যে ভাগীরথী ও পাতালে ভোগবতী); যে নদীর তিনটি স্রোতোধারা আছে।

ত্রুটি /ত্রুটি/ [স. √ত্রুট্+ই] বি. ১ অপরাধ, দোষ (*ত্রুটি*

www.pathagar.com

মার্জনা)। ২ অভাব, ঘাটতি (*চেষ্টার ত্রুটি নেই*)। ৩ ভ্রম, প্রমাদ (*ত্রুটিবিচ্যুতি*)। ৪ ক্ষতি, হানি।

ত্রুটিত /ত্রুটিতো/ [স. √ত্রুট্+ত] বিণ. ১ ত্রুটিপূর্ণ। ২ ছিন্ন, ছেঁড়া। ৩ ভগ্ন, ভাঙা।

ত্রুটিবিচ্যুতি /ত্রুটিবিচ্চুতি/ [স. ত্রুটি+বি+√চ্যু+তি] বি. ভ্রমপ্রমাদ, দোষত্রুটি, ভুলচুক।

ত্রেতা /ত্রেতা/ [স. ত্রি+ইতা] বি. দ্র ত্রেতাযুগ।

ত্রেতাযুগ /ত্রেতাযুগ্/ [স. ত্রেতা+যুগ] বি. পুরাণে কল্পিত সত্য ও দ্বাপর যুগের মধ্যবর্তী যুগ।

ত্রৈকালিক /ত্রোইকালিক্/ [স. ত্রিকাল+ইক] বিণ. ১ ত্রিকালসংক্রান্ত। ২ ত্রিকালব্যাপী। ৩ সকাল দুপুর ও সন্ধ্যায় অনুষ্ঠিত।

ত্রৈগুণ্য /ত্রোইগুন্নো/ [স. ত্রিগুণ+য] বি. সত্ত্ব রজঃ ও তমঃ গুণের সমষ্টি।

ত্রৈবার্ষিক /ত্রোইবার্‌শিক্/ [স. ত্রিবর্ষ+ইক] বিণ. ১ তিন বছর পরপর অনুষ্ঠিত (*ত্রৈবার্ষিক সম্মেলন*)। ২ তিন বছরব্যাপী ঘটে এমন (*ত্রৈবার্ষিক পরিকল্পনা*)।

ত্রৈবিদ্য /ত্রোইবিদ্‌দো/ [স. ত্রিবিদ্য+অ] বি. তিনটি বেদ (ঋক্ সাম ও যজুঃ) অধ্যয়ন করেছেন এমন পন্ডিত ব্যক্তি।

ত্রৈবিধ্য /ত্রোইবিদ্‌ধো/ [স. ত্রিবিধ+য] বি. ত্রিবিধত্ব।

ত্রৈমাসিক /ত্রোইমাশিক্/ [স. ত্রিমাস+ইক] বিণ. ১ তিনমাস পরপর ঘটে এমন। ২ তিন মাসকালব্যাপী। ৩ তিনমাস পরপর প্রকাশিত (*ত্রৈমাসিক পত্রিকা*)। বি. তিনমাস অন্তর প্রকাশিত পত্রিকা।

ত্রৈরাশিক /ত্রোইরাশিক্/ [স. ত্রিরাশি+ইক] বি. (গ.) গণিতের প্রণালিবিশেষ, rule of three।

ত্রৈলঙ্গ /ত্রোইলংগো/ [স. ত্রিকলিঙ্গ >] বি. ১ দক্ষিণ ভারতে অবস্থিত অন্ধ্রপ্রদেশ ও তেলেঙ্গানা অঞ্চল। ২ অন্ধ্রপ্রদেশ ও তেলেঙ্গানার অধিবাসী। বিণ. অন্ধ্রপ্রদেশ ও তেলেঙ্গানা সম্বন্ধীয়।

ত্রৈলোক্য /ত্রোইলোক্কো/ [স. ত্রিলোক+য] বি. পৌরাণিক বিশ্বাসমতে তিনটি ভুবন (স্বর্গ মর্ত্য ও পাতাল)।

ত্রোটক /ত্রোটক্/ [স. √ত্রুট্+অক] বি. ১ ভ্রমিযন্ত্র। ২ দৃশ্যকাব্যের প্রকারভেদ।

ত্রোটকী /ত্রোটোকি/ [স. ত্রোটক+ঈ] বি. দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ত্র্যংশ /ত্রোংশো/ [স. ত্রি+অংশ] বি. তৃতীয় ভাগ।

ত্র্যক্ষর /ত্রোক্‌খর্/ [স. ত্রি+অক্ষর] বিণ. অ উ এবং ম বর্ণত্রয়বিশিষ্ট। বি. ওঙ্কার মন্ত্র, প্রণব।

ত্র্যঙ্ক /ত্রোংকো/ [স. ত্রি+অঙ্ক] বিণ. তিন অঙ্কবিশিষ্ট (*ত্র্যঙ্ক নাটক*)।

ত্র্যঙ্গুল /ত্রোংগুল্/ [স. ত্রি+√অঙ্গ্+উল] বিণ. তিন আঙুল পরিমিত।

ত্র্যম্বক /ত্রোম্‌বক্/ [স. ত্রি+অম্বক] বি. শিব, মহাদেব।

ত্র্যশীতি /ত্রোশিতি/ [স. ত্রি+অশীতি] বি. ৮৩ সংখ্যা। বিণ. ৮৩ সংখ্যক।

ত্র্যশীতিতম /ত্রোশিতিতমো/ [স. ত্র্যশীতি+তমট্] বিণ. ৮৩ সংখ্যক; ৮৩ স্থানীয়। স্ত্রী. **ত্র্যশীতিতমী** /ত্রোশিতিতোমি/।

ত্র্যস্র /ত্রোস্‌স্রো/ [স. ত্রি+অস্রি] বিণ. তিন কোণযুক্ত, ত্রিকোণ, তেকোনা।

ত্র্যহস্পর্শ /ত্রোহোস্‌পর্‌শো/ [স. ত্র্যহ+√স্পৃশ্+অ] বি. (অশুভ বলে কল্পিত) একদিনে তিন তিথির যোগ।

ৎ /খন্ডো ত/

ৎ বাংলা বর্ণমালার ষোড়শ ব্যঞ্জনবর্ণ ত-এর ব্যঞ্জনান্ত রূপ এবং দন্ত থেকে উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক। শব্দের আরম্ভে ৎ-র ব্যবহার নেই।

www.pathagar.com

থ /থ/

থ[১] /থ/ বাংলা বর্ণমালার সপ্তদশ ব্যঞ্জনবর্ণ এবং দন্ত্যদ্বারা উচ্চার্য ত-এর অঘোষ মহাপ্রাণ ধ্বনির দ্যোতক।

থ[২] /থ/ [স. স্থির >] বিণ. ১ নির্বাক (*থ হওয়া*)। ২ কিংকর্তব্যবিমূঢ়। ৩ অবাক।

থই /থোই/ [স. স্থল >] বি. ১ জলের গভীরতা, তলভূমি। ২ কূল; সীমা (*দুঃখের থই নেই*)।

থইথই[১] /থোইথোই/ [বা.] অব্য. জলরাশির পূর্ণতার ভাবসূচক শব্দ (*নদীতে জল থইথই করছে*)।

থইথই[২] /থোইথোই/ [ধ্বন্যা.] অব্য. বি. উদ্দাম নৃত্যের অঙ্গভঙ্গি (*মম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে / তাতা থৈথৈ, তাতা থৈথৈ, তাতা থৈথৈ।* রবীন্দ্র.)।

থক /থক্/ [ধ্বন্যা.] অব্য. বি. গাঢ় তরল পদার্থ পতনের শব্দ।

থকথক /থক্থক্/ [ধ্বন্যা.] অব্য. তরল পদার্থের গাঢ়তার ভাব।

থকথকে /থক্থোকে/ [বা.] বিণ. ১ থকথক করছে এমন (*থকথকে জেলি*)। ২ ঈষৎ গাঢ় ও তরল।

থতমত /থতোমতো/ [স. স্তম্ভিত >] অব্য. কিংকর্তব্যবিমূঢ়তার ভাব। বিণ. স্তম্ভিত; অপ্রতিভ।

থপ /থপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. নরম ও ভারী জিনিস পতনের অনুকার শব্দ।

থপথপ /থপ্থপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বারবার থপ শব্দ। ২ স্থূলদেহ প্রাণীর চলার অনুকার শব্দ।

থপথপে /থপ্থোপে/ [বা.] বিণ. বার্ধক্য বা স্থূলতা-জনিত মন্থর গতিসম্পন্ন।

থপাস /থপাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. থপ অপেক্ষা ভারী শব্দ।

থপাস থপাস /থপাশ্ থপাশ্/ অব্য. বি. ক্রমাগত থপাস শব্দ।

থমক /থমোক্/ [দেশি.] বি. ১ থেমে থেমে চলন। ২ ধীর গতি।

থমকানি /থমকানি/ [বা.] বি. চলা বা কাজে আকস্মিক বিরতি।

থমকানো /থমকানো/ [বা.] ক্রিবি. (কোনো কাজ করার সময়) ভয়ে বা বিস্ময়ে হঠাৎ থেমে যাওয়া।

থমকি /থমোকি/ [স. স্তম্ভ >] অসক্রি. হঠাৎ থমকে গিয়ে (*যদি থমকি থেমে যাও পথমাঝে / আমি চমকি চলে যাব আন কাজে।* রবীন্দ্র.)।

থমথম /থম্থম্/ [দেশি.] অব্য. ১ কোনো কিছু ঘটার আশঙ্কাযুক্ত ভয়াবহতা বা নিশ্চলতার ভাব। ২ জলভারাক্রান্ত ভাব।

থমথমে /থম্থোমে/ [বা.] বিণ. ১ গম্ভীর (*থমথমে ভাব*)। ২ ভীতি উদ্রেক করে এমন (*থমথমে পরিবেশ*)। ৩ জলভারাক্রান্ত (*থমথমে আকাশ*)।

থর /থর্/ [স. স্তর >] বি. স্তর, থাক।

থরথর /থর্থর্/ [দেশি.] অব্য. দ্রুত কম্পনের ভাব (*থরথর করে কাঁপা*)।

থরথরানি /থর্থরানি/ [দেশি.] বি. প্রচণ্ড কম্পন।

থরহরি /থরোহোরি/ [দেশি.] বিণ. থরথর করে কাঁপছে এমন।

থরহরি কম্পমান /থরোহোরি কম্পোমান্/ বিণ. ভয়ে থরথর করে কাঁপছে এমন।

থরেবিথরে /থরেবিথরে/ [স. স্তর >] ক্রিবিণ. নানা স্তরে, থাকে থাকে (*সকলই দিলাম তুলে থরে বিথরে—* রবীন্দ্র.)।

থল /থল্/ [স. স্থল >] বি. ১ স্থল, স্থান। ২ ডাঙা।

থলকমল /থল্কমোল্/ [স. স্থলকমল >] বি. স্থলকমল, স্থলপদ্ম।

থলথল /থল্থল্/ [স. স্থূল >] অব্য. কোমলতা শিথিলতা ও স্থূলতার ভাব।

থলথলে /থল্থোলে/ [বা.] বিণ. স্থূল কোমল ও শিথিল।

থলি /থোলি/ [স. স্থলী >] বি. সহজে বহনযোগ্য কাপড় বা চটের তৈরি ঝুলি, bag।

থলিয়া /থোলিআ/ [স. স্থল >] বি. দ্র থলি।

থলে /থোলে/ [বা.] বি. 'থলি'-র কথ্য রূপ।

থলো /থোলো/ [স. স্তর >] বি. গোছা, গুচ্ছ, স্তবক।

থসথস /থশ্থশ্/ [ধ্বন্যা.] অব্য. আর্দ্রতা ও শিথিলতার ভাব।

থসথসে /থশ্থোশে/ [বা.] বিণ. ১ ভেজা ও শিথিল। ২ দৃঢ় নয় এমন; দুর্বল।

-থা[১] /থা/ [স. স্থান >] অব্য. (ব্যা.) স্থাননির্দেশক বাংলা তদ্ধিত প্রত্যয় (*কোথা, সেথা, হেথা*)।

-থা[২] /থা/ অব্য. প্রকারবাচক সংস্কৃত তদ্ধিত প্রত্যয়-বিশেষ (*অন্যথা*)।

থা[৩] /থা/ [বা.] অব্য. ইত্যাদি, প্রভৃতি (*বিয়ে থা*)।

www.pathagar.com

থাইরয়েড /থাইরয়েড়/ [ফ.] বি. মেরুদণ্ডী প্রাণীর বাগ্‌যন্ত্র ও শ্বাসনালি পরিবেষ্টনকারী তরুণাস্থির ঝুলে থাকা দুটি প্রশস্ত অন্তঃক্ষরা গ্রন্থি (endocrine gland) যা থেকে নিঃসৃত হরমোন শরীরের বিকাশ এবং বিপাকক্রিয়ার (metabolism) হার নিয়ন্ত্রণ করে, thyroid।

থাক[১] /থাক্/ [স. স্তবক >] বি. ১ থোকা, গুচ্ছ। ২ শ্রেণি; স্তর। ৩ জিনিসপত্র রাখার খাঁজ, তাক।

থাক[২] /থাক্/ [স. স্থা >] ক্রিবি. ১ থাকুক। ২ অবস্থান করুক।

থাককাটা /থাক্‌কাটা/ [বা.] বিণ. শ্রেণি বা সারিতে বিভক্ত, খাঁজকাটা।

থাক গে /থাক্ গে/ ক্রিবি. থাকুক।

থাকন /থাকোন্/ [বা.] বি. অবস্থান; স্থিতি।

থাকবন্দি /থাক্‌বোন্‌দি/ [বা. থাক+ফা. বন্দি] বিণ. ১ একাধিক শ্রেণিতে বিভক্ত। ২ বিভিন্ন স্তরে সজ্জিত বা বিন্যস্ত।

থাকবস্তি /থাক্‌বোস্‌তি/ [ফা.] বি. জরিপ করে জমির সীমা ও পরিমাণ নির্ধারণ, cadastral survey।

থাকা /থাকা/ [বা.] ক্রিবি. ১ বসবাস করা, অবস্থান করা (*ঘরে থাকা*)। ২ মগ্ন হওয়া (*কাজে ডুবে থাকা*)। ৩ কালযাপন করা (*সুখে থাকা*)। ৪ দখলে রাখা (*সম্পত্তি থাকা*)। ৫ বাঁচা (*জীবিত থাকা*)। ৬ প্রতিপালিত হওয়া (*কথা থাকা*)। ৭ সঞ্চিত হওয়া (*জমা থাকা*)। ৮ সংশ্লিষ্ট হওয়া (*সাতেপাঁচে থাকা*)। ৯ সঙ্গী হওয়া (*একসঙ্গে থাকা*)। ১০ স্মৃতিতে রাখা (*মনে থাকা*)। ১১ রক্ষিত হওয়া (*মান থাকা*)। ১২ না জানা (*অন্ধকারে থাকা*)। ১৩ স্থায়ী হওয়া (*টিকে থাকা*)।

থাকা-খাওয়া /থাকাখাওআ/ [বা.] বি. অন্নবস্ত্র ও বাসস্থান, খোরপোশ।

থাকাথাকি /থাকাথাকি/ [বা.] বি. অবস্থান, বিদ্যমানতা।

থাকুন /থাকুন্/ [বা.] অনুক্রি. (সম্ভ্রমার্থে) মধ্যম পুরুষে 'থাকা'-র অনুরোধ।

থাকো /থাকো/ [বা.] অনুক্রি. মধ্যম পুরুষে 'থাকা'-র অনুরোধ।

থান[১] /থান্/ [স. স্থান >] বি. ১ স্থান; আশ্রয়, ঠাঁই (*নদীতীরে ওরা পাতার কুটীরে গড়েছে সুখের থান* জসীম.)। ২ পীঠস্থান; তীর্থস্থান।

থান[২] /থান্/ [হি.] বি. ১ একবারে বোনা বস্ত্রখণ্ড। ২ পাড়হীন শাড়ি (*থান কাপড়*)। বিণ. ১ অখণ্ড, আস্ত (*থান ইট*)। ২ জমাট (*থানবাঁধা*)।

থানকুনি /থানকুনি/ [দেশি.] বি. স্যাঁতসেঁতে জায়গায় বসন্তকালে ফোটে এমন নীলাভ সাদা লাল প্রভৃতি বর্ণের ফুল বা তার ভেষজগুণসম্পন্ন গোলাকার সবুজ পাতাবিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ।

থানা /থানা/ [হি.] বি. ১ পুলিশের ফাঁড়ি। ২ পুলিশের প্রশাসনিক এলাকা। ৩ সেনাশিবির।

থানাদার /থানাদার্/ [হি. থানা+ফা. দার] বি. থানার ভারপ্রাপ্ত আধিকারিক।

থানা নির্বাহী অফিসার /থানা নির্‌বাহি অফিসার/ বি. ক্ষুদ্র প্রশাসনিক এলাকার প্রধান নির্বাহী কর্মকর্তা, TNO।

থাপক /থাপক্/ [স. স্থাপক >] বিণ. স্থাপনকারী।

থাপড় /থাপোড়্/ [হি. থপ্পড় >] বি. দ্র থাপ্পড়।

থাপড়া /থাপড়া/ [হি. থপ্পড় >] বি. দ্র থাপ্পড়।

থাপড়ানো /থাপ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. চপেটাঘাত করা।

থাপ্পড় /থাপ্‌পোড়্/ [হি. থপ্পড় >] বি. চপেটাঘাত।

থাবড়া /থাবড়া/ [হি. থপ্পড় >] বি. চড়, চপেটাঘাত।

থাবড়ানো /থাবড়ানো/ [বা.] ক্রিবি. দ্র থাপড়ানো।

থাবড়ি /থাবড়ি/ [দেশি.] বি. ১ দুই হাতের ওপর ভর দিয়ে মাটিতে উপবেশনের ভঙ্গি। ২ থাবা।

থাবা /থাবা/ [স. স্থাপ >] বি. ১ ধারালো নখ-সহ চতুষ্পদ প্রাণীর সামনের দুই পায়ের তলদেশ। ২ শ্বাপদ জন্তুর সামনের পায়ের আঘাত। ৩ পাঁচ আঙুল-সহ হাতের তালু, করতল। ৪ করতলে যে পরিমাণ অনিয়তকার বস্তু ধারণ করা যায়।

থাবা দেওয়া /থাবা দেওআ/ ক্রিবি. ১ থাবা মারা। ২ ছিনিয়ে নেওয়া।

থাবানো /থাবানো/ [বা.] ক্রিবি. ১ থাবা দিয়ে আঘাত করা। ২ ছিনিয়ে নেওয়া।

থাবা মারা /থাবা মারা/ ক্রিবি. ১ থাবা দেওয়া। ২ ছিনিয়ে নেওয়া, ছোঁ মারা।

থাম[১] /থাম্/ [স. স্তম্ভ >] বি. ১ স্তম্ভ। ২ অবলম্বন।

থাম[২] /থাম্/ [বা.] অনুক্রি. 'থামা'-র অনুজ্ঞা (*থাম রে, থাম রে তোরা, ছেড়ে দে, ছেড়ে দে*— রবীন্দ্র.)।

থামা /থামা/ [বা.] ক্রিবি. ১ অগ্রসর না হওয়া; নিশ্চল হওয়া (*ট্রেন থামা*)। ২ বিরত বা ক্ষান্ত হওয়া (*বৃষ্টি থামা*)।

থামানো /থামানো/ [বা.] ক্রিবি. ১ গতিরোধ করা (*গাড়ি থামানো*)। ২ ক্ষান্ত বা বন্ধ করা (*ঝগড়া থামানো*)। ৩ সান্ত্বনা দেওয়া; শান্ত করা (*কান্না থামানো*)। ৪ নিস্তব্ধ করা।

থামাল /থামাল্/ [স. স্তম্ভ >] বি. ১ খাড়া ইট বা

www.pathagar.com

পাথরের গাঁথুনি। ২ থামের শীর্ষদেশ।

থামুন /থামুন্/ অনুক্রি. (সম্ভ্রমসূচক) মধ্যম পুরুষে 'থামা'–র অনুজ্ঞা।

থাম্বা /থাম্‌বা/ [স. স্তম্ভ >] বি. দ্র থাম[১]।

থারি /থারি/ [স. স্থালী >] বি. (কাব্যে) ছোটো থালা, থালি।

থার্ড /থার্‌ড্/ [ই.] বিণ. তৃতীয় স্থানীয়, তৃতীয়, third।

থার্ড ক্লাস /থার্‌ড্ ক্লাস্/ বিণ. ১ তৃতীয় শ্রেণির। ২ নিম্নমানের। বি. নিম্নমানের বস্তু বা বিষয়।

থার্মোমিটার /থার্‌মোমিটার্/ [ফ.] বি. কোনো বস্তু যন্ত্র বা আবহাওয়ার তাপমাত্রা নির্ণয়ের সরঞ্জাম-বিশেষ; মানবদেহের তাপমাত্রা নির্ণয়ের জন্য ব্যবহৃত অংশত পারদপূর্ণ সরু ও নির্বাত (ক্রমাঙ্কচিহ্নিত) কাচের নল; thermometer।

থাল /থাল্/ [স. স্থাল >] বি. দ্র থালা।

থালা /থালা/ [স. স্থাল >] বি. আহার্য পরিবেশন বা আহার গ্রহণের জন্য ব্যবহৃত চীনামাটি ধাতু প্রভৃতির তৈরি চ্যাপটা পাত্র।

থালি /থালি/ [স. স্থালী >] বি. ধাতুনির্মিত ছোটো থালা (*পূজার থালি*)।

থালিকা /থালিকা/ [স. স্থালী >] বি. ১ ছোটো থালা। ২ শব্দ ছবি উপাত্ত প্রভৃতি ধারণ (record) করে রাখা যায় এমন চাকতি; (পরি.) disc।

থাসা /থাশা/ [বা.] ক্রিবি. দ্র ঠাসা।

থিকথিক /থিক্‌থিক্/ [দেশি.] অব্য. বি. বিপুলসংখ্যক ক্ষুদ্র জীবের অবস্থানসূচক ভাব।

থিতানো /থিতানো/ [বা.] ক্রিবি. ১ তরল পদার্থের সঙ্গে মেশানো কঠিন ও ভারী বস্তুর ধীরে ধীরে পাত্রের তলদেশে জমা হওয়া। ২ (আল.) মন্দীভূত হওয়া, ক্রমে শান্ত হওয়া (*শোক থিতিয়ে আসা*)। বিণ. থিতিয়ে এসেছে এমন, মন্দীভূত, শান্ত।

থিতু /থিতু/ [স. স্থিত >] বিণ. স্থিত, স্থায়ী।

থিতোনো /থিতোনো/ [বা.] ক্রিবি. বিণ. 'থিতানো'–র কথ্য রূপ।

থিয়েটার /থিয়েটার্/ [ফ.] বি. নাটক পালা প্রভৃতি অভিনয় করে জনসমক্ষে উপস্থাপন, নাট্যচর্চা ও অভিনয়; যে গৃহে নাটক পালা প্রভৃতি অভিনয় করে উপস্থাপন করা হয়, নাট্যশালা, রঙ্গালয়, অভিনয়গৃহ; theatre।

থিয়েটারওয়ালা /থিয়েটার্‌ওআলা/ [ফ. থিয়েটার+হি. ওয়ালা] বি. ১ নাট্যশালার স্বত্বাধিকারী। ২ নাটক বা যাত্রা দলের অধিকারী।

থিয়োরি /থিওরি/ [লা.] বি. তত্ত্ব; মতবাদ; theory।

থিয়োসফি /থিওসফি/ [লা.] বি. জ্ঞানের সাহায্যে ঈশ্বরকে উপলব্ধি করার দার্শনিক মতবাদ, ঈশ্বর-তত্ত্ব, দিব্যজ্ঞান, theosophy।

থিয়োসফিস্ট /থিওসফিস্ট্/ [লা.] বি. দিব্যজ্ঞানী ব্যক্তি।

থির /থির্/ [স. স্থির >] বিণ. 'স্থির'–এর কোমল রূপ।

থিসিস /থিসিস্/ [ই.] বি. কোনো বিষয়ে গবেষণালব্ধ তথ্য ও উপাত্তের বিশদ বিশ্লেষণ আলোচনা ও মূল্যায়ন-সহ উপস্থাপিত গবেষণাপত্র, অভিসন্দর্ভ, thesis।

থু /থু/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ থুতু ফেলার অনুকার শব্দ। ২ ঘৃণা নিন্দা প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

থুক /থুক্/ [দেশি.] অব্য. বি. থুতু ফেলার অনুকার শব্দ।

থুকথুক /থুক্‌থুক্/ [দেশি.] অব্য. বি. দ্র থিকথিক।

থুক্কু /থুক্‌কু/ [দেশি.] অব্য. বি. দ্র থুড়ি।

থুড়থুড়ে /থুড়্‌থুড়ে/ [দেশি.] অব্য. রোগ জরা বা বার্ধক্যজনিত কম্পনের ভাব।

থুড়থুড়ে /থুড়্‌থুড়ে/ [দেশি.] বিণ. দ্র থুত্থুড়ে।

থুড়া /থুড়া/ [বা.] ক্রিবি. ১ কুচিকুচি করে কাটা। ২ ক্রমাগত আঘাতে জর্জরিত করা।

থুড়ি /থুড়ি/ [দেশি.] অব্য. বি. (সচরাচর খেলার সময়) অনভিপ্রেত কথা প্রত্যাহারের উদ্দেশ্যে উচ্চারিত শব্দ, থুক্কু।

থুতনি /থুত্‌নি/ [হি.] বি. মেরুদণ্ডী প্রাণীর ঠোঁটের নিচের অংশ, চিবুক।

থুতু /থুতু/ [ধ্বন্যা.] বি. নিষ্ঠীবন, থুথু।

থুৎকার /থুত্‌কার্/ [স. থুৎ+√কৃ+অ] বি. ১ থুতু নিক্ষেপ। ২ ঘৃণা প্রকাশের জন্য 'থু থু' শব্দ উচ্চারণ।

থুত্থুড়ে /থুত্‌থুড়ে/ [দেশি.] বিণ. রোগ জরা বা বার্ধক্য-জনিত কম্পনের ভাব প্রকাশ করে এমন; জরাগ্রস্ত (*থুত্থুড়ে বুড়ো*)।

থুথু /থুথু/ [ধ্বন্যা.] বি. দ্র থুতু।

থুপ[১] /থুপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. স্থূল ও নরম বস্তু পতনের অনুকার শব্দ।

থুপ[২] /থুপ্/ [স. স্তূপ >] বি. স্তূপ, ঢিবি; রাশি।

থুপি /থুপি/ [স. স্তূপ >] বি. ১ ছোটো স্তূপ। ২ কাপড় তুলা বা জীবজন্তুর রোঁয়ার তৈরি ক্ষুদ্র ও কোমল পুঁটুলি, puff।

থুবড়া[১] /থুবড়া/ [স. স্থবির >] বিণ. ১ বেশি বয়স পর্যন্ত অবিবাহিত। ২ বৃদ্ধ ও জরাগ্রস্ত।

থুবড়া[২] /থুবড়া/ [বা.] ক্রিবি. হুমড়ি খেয়ে পড়া।

www.pathagar.com

থুবড়ানো /থুবড়ানো/ [বা.] ক্রিবি. নিচের দিকে মুখ করে হুমড়ি খেয়ে পড়া।

থুয়া /থুআ/ [স. স্থাপি >] ক্রিবি. রাখা।

থুয়ানো /থুআনো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে রাখানো।

থুরথুর /থুরথুর্/ [দেশি.] অব্য. দ্র থুড়থুড়।

থুরথুরে /থুরথুরে/ [দেশি.] বিণ. দ্র থুথুড়ে।

থূর্ত /থুর্তো/ [স. √থুর্+ত] বিণ. নাশ করা হয়েছে এমন, বিনাশিত।

থেঁতো /থেতো/ [স. থূর্ত >] বিণ. থ্যাঁতলা করা হয়েছে এমন, পিষ্ট।

থেকে[১] /থেকে/ [বা.] অব্য. ১ হতে। ২ অপেক্ষা, চেয়ে।

থেকে[২] /থেকে/ [বা.] অব্য. 'থাকিয়া' শব্দের কথ্য বা চলিত রূপ।

থেকে থেকে /থেকে থেকে/ ক্রিবিণ. মাঝেমধ্যে, কিছুক্ষণ পরপর (*থেকে থেকে বৃষ্টি*)।

থেকো[১] /থেকো/ [বা.] অনুক্রি. থাকিও।

থেকো[২] /থেকো/ [বা.] বি. ঠ্যাকনা, ঠেক।

থেলো /থেলো/ [স. স্থালী >] বিণ. বড়ো খোলবিশিষ্ট (*থেলো হুঁকো*)।

থোঁতা[১] /থোঁতা/ [স. ত্রোটি >] বি. মাংসল বা স্থূল চিবুক, থুতনি। বিণ. ১ স্থূল থুতনিবিশিষ্ট। ২ (আল.) অহংকারী।

থোঁতা[২] /থোঁতা/ [হি. থোথা >] বিণ. ১ পিষ্ট, মর্দিত। ২ দন্তহীন; ভোঁতা।

থোও /থোও/ [স. স্থাপি >] অনুক্রি. স্থাপন করো; রাখো।

থোওন /থোওঅন্/ [স. স্থাপি >] বি. স্থাপন।

থোক /থোক্/ [স. স্তবক >] বিণ. মোট, মবলগ (*থোক বরাদ্দ*)। বি. ১ অংশ, দফা। ২ গোছা।

থোকা /থোকা/ [বা.] বি. গোছা, গুচ্ছ, স্তবক।

থোড় /থোড়্/ [দেশি.] বি. ১ কলাগাছের কান্ডের অভ্যন্তরস্থ সারাংশ। ২ ধানের গর্ভশিষ। ৩ (আল.) কিছুই না।

থোড়া /থোড়া/ [বা.] বিণ. অতিসামান্য, অত্যল্প।

থোড়াই /থোড়াই/ [হি.] বিণ. সামান্যই, অল্পই। ক্রিবিণ. একটুও না, আদৌ না।

থোতনা /থোত্না/ [স. ত্রোটি >] বি. বড়ো বা মোটা থুতনি।

থোপ /থোপ্/ [স. স্তূপ >] বি. বড়ো গোছা, গুচ্ছ।

থোপনা /থোপনা/ [স. স্তূপ >] বি. ১ স্তবক, গোছা। ২ ভারী চিবুক, স্থূল বা মোটা থুতনি।

থোপা /থোপা/ [স. স্তূপ >] বি. দ্র থোপ।

থোয়া /থোআ/ [স. স্থাপি >] ক্রিবি. রাখা।

থোয়ানো /থোআনো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে রাখানো।

থোলো /থোলো/ [স. স্তূপ >] বি. গুচ্ছ, স্তবক।

থ্যাঁতলা /থ্যাঁত্লা/ [দেশি.] বিণ. পিষ্ট।

থ্যাঁতলানো /থ্যাঁত্লানো/ [দেশি.] ক্রিবি. পিষ্ট করা, পেষণ করা, ছ্যাঁচা। বিণ. পেষণ করা হয়েছে এমন।

থ্যাকথ্যাক /থ্যাক্থ্যাক্/ [ধ্বন্যা.] অব্য. বি. কর্দমাক্ত ভাব প্রকাশক শব্দ।

থ্যাকথেকে /থ্যাক্থেকে/ [ধ্বন্যা.] বিণ. থ্যাকথ্যাক করছে এমন (*থ্যাকথেকে কাদা*)।

থ্যাবড়া /থ্যাবড়া/ [স. স্থবির >] বিণ. ১ ভোঁতা। ২ ছড়ানো, চ্যাপটা (*থ্যাবড়া নাক*)।

থ্যাবড়ানো /থ্যাবড়ানো [স. স্থবির >] ক্রিবি. ভোঁতা করা। বিণ. থেবড়ে দেওয়া হয়েছে বা ভোঁতা করা হয়েছে এমন।

www.pathagar.com

দ /দ/

দ[১] /দ/ বাংলা বর্ণমালার অষ্টাদশ ব্যঞ্জনবর্ণ এবং দন্ত্য-দ্বারা উচ্চার্য ত-এর ঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক।

দ[২] /দ/ [স. হ্রদ >] বি. ১ নদী বা জলাশয়ের গভীর অংশ। ২ দহ। ৩ (আল.) সংকট (*দয়ে পড়া*)।

-দ[৩] /দ/ [স. √দা+অ] বিণ. দাতা, প্রদানকারী (*জলদ মেঘ*)। স্ত্রী. দা /দা/ (*অন্নদা*)।

দই /দোই্/ [স. দধি >] বি. ঈষদুষ্ণ দুধের সঙ্গে এককোষী জীবাণু (দম্বল বা সাঁজা) মিশিয়ে স্থির অবস্থায় রেখে দেওয়ার ফলে জমাটবাঁধা থকথকে টকস্বাদ খাদ্যবস্তু, দধি, yogurt।

দই পাতা /দোই্ পাতা/ ক্রিবি. ঈষদুষ্ণ দুধের সঙ্গে দইয়ের সাঁজা মিশিয়ে স্থির অবস্থায় রেখে দেওয়া, দই বসানো।

দইবড়া /দোইবড়া/ [বা.] বি. দইয়ে ভিজিয়ে রাখা কলাইয়ের বড়াবিশেষ।

দইমাছ /দোইমাছ্/ [বা.] বি. দধি সহযোগে রাঁধা মাছের ব্যঞ্জন।

দংশ /দংশো/ [স. √দন্শ্+অ] বি. ১ ডাঁশ, বনমক্ষিকা। ২ বড়ো মশা। স্ত্রী. দংশী /দোংশি/।

দংশক /দংশক্/ [স. √দন্শ্+অক] বিণ. কামড়ায় এমন, দংশনকারী। বি. ডাঁশ।

দংশন /দংশোন্/ [স. √দন্শ্+অন] বি. ১ কামড়, দন্তাঘাত। ২ হুল বিদ্ধকরণ।

দংশা /দংশা/ [স. দংশ >] ক্রিবি. ১ দন্তাঘাত করা, কামড়ানো। ২ হুল ফোটানো।

দংশানো /দংশানো/ [বা.] ক্রিবি. ১ দংশন করা, কামড়ানো। ২ হুল ফোটানো।

দংশিত /দোংশিতো/ [স. √দন্শ্+ণিচ্+ত] বিণ. দংশন করেছে এমন, দষ্ট।

দংষ্ট্র /দংশ্ট্রো/ [স. √দন্শ্+ত্র] বি. দাঁত, দন্ত।

দংষ্ট্রা /দংশ্ট্রা/ [স. √দন্শ্+ত্র+আ (টাপ্)] বি. ১ তীক্ষ্ণ ও বড়ো দাঁত। ২ দাড়া।

দংষ্ট্রাল /দংশ্ট্রালো/ [স. দংষ্ট্রা+ল] বিণ. বড়ো দাঁত-বিশিষ্ট, দাঁতাল।

দংষ্ট্রী /দোংশ্ট্রি/ [স. দংষ্ট্রা+ইন্] বিণ. দ্র দংষ্ট্রাল।

দঁক /দঁক্/ [স. উদক >] বি. ১ গভীর পাঁক, কাদা। ২ কর্দমাক্ত বা নোংরা জায়গা; পঙ্কিল জলাভূমি। ৩ (আল.) অসহায় অবস্থা (*দঁকে পড়া*)।

দঁকে পড়া /দঁকে পড়া/ ক্রিবি. হঠাৎ দুরবস্থায় পড়া।

দক /দক্/ [হি. দহক >] বি. তামাক চুন প্রভৃতির তেজ।

দক্ষ[১] /দোক্খো/ [স. √দক্ষ্+অ] বিণ. পারদর্শী, পটু, কুশল। স্ত্রী. দক্ষা /দোক্খা/।

দক্ষ[২] /দোক্খো/ [স. √দক্ষ্+অ] বি. পুরাণে কল্পিত ব্রহ্মার ডান হাতের বুড়ো আঙুল থেকে জাত প্রজাপতিবিশেষ যিনি সতী ও নক্ষত্ররূপে বর্ণিত সাতাশ কন্যার জনক।

দক্ষকন্যা /দোক্খোকোন্না/ [স. দক্ষ+√কন্+য+আ (টাপ্)] বি. ১ শিবপত্নী সতী। ২ দক্ষের কন্যারূপে কল্পিত অশ্বিনী ভরণী প্রভৃতি ২৭টি নক্ষত্র।

দক্ষজা /দোক্খোজা/ [স. দক্ষ+√জন্+অ+আ (টাপ্)] বি. দ্র দক্ষকন্যা।

দক্ষতা /দোক্খোতা/ [স. দক্ষ+তা] বি. পারদর্শিতা, নিপুণতা, পটুতা।

দক্ষতাসীমা /দোক্খোতাশিমা/ [স. দক্ষতা+সীমা] বি. সরকারি চাকরিতে বেতনক্রমের উচ্চতর ধাপে উন্নীত হওয়ার জন্য চাকুরেকে দক্ষতার যে সীমা অতিক্রম করতে হয়; (পরি.) efficiency bar।

দক্ষযজ্ঞ /দোক্খোজোগ্গো/ [স. দক্ষ+√যজ্+ন] বি. ১ ব্রহ্মার মানসপুত্র দক্ষের মহাযজ্ঞ। ২ (আল.) প্রলয় কাণ্ড; তুমুল হট্টগোল।

দক্ষিণ /দোক্খিন্/ [স. √দক্ষ্+ইন্] বি. উত্তরের বিপরীত দিক, সকালে সূর্যের দিকে মুখ করে দাঁড়ালে ডান হাতের দিক। বিণ. ১ ডান (*দক্ষিণ হস্ত*)। ২ দক্ষিণ দিক বা দেশ সংক্রান্ত। ৩ দক্ষিণ-দিকে গমনশীল। ৪ দাক্ষিণ্যযুক্ত। ৫ একসঙ্গে একাধিক নায়িকায় অনুরক্ত এমন।

দক্ষিণকালিকা /দোক্খিন্কালিকা/ [স. দক্ষিণ+কালিক+আ (টাপ্)] বি. আদ্যাশক্তি (শিবের বক্ষে দক্ষিণপদ স্থাপনকারিণী কালিকাদেবী)।

দক্ষিণ গোলার্ধ /দোক্খিন্ গোলার্ধো/ বি. বিষুব-রেখার দক্ষিণদিকে অবস্থিত পৃথিবীর অর্ধাংশ, Southern Hemisphere।

দক্ষিণপন্থি /দোক্খিন্পোন্থি/ [স. দক্ষিণ+হি. পন্থি] বিণ. রক্ষণশীল রাজনীতির অনুসারী, ডানপন্থি।

দক্ষিণপবন /দোক্খিন্পবোন্/ [স. দক্ষিণ+পবন]

www.pathagar.com

বি. দক্ষিণদিক থেকে প্রবাহিত বায়ু, দখিনহাওয়া।

দক্ষিণ-পশ্চিম /দোক্‌খিন্‌পোশ্চিম্‌/ [স. দক্ষিণ+পশ্চিম] বি. দক্ষিণ ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ, নৈর্ঋতকোণ, ঈশানকোণের বিপরীত কোণ।

দক্ষিণ-পূর্ব /দোক্‌খিন্‌পুরবো/ [স. দক্ষিণ+পূর্ব] বি. দক্ষিণ ও পূর্ব দিকের মধ্যবর্তী কোণ, অগ্নিকোণ।

দক্ষিণ মেরু /দোক্‌খিন্‌ মেরু/ বি. পৃথিবীর দক্ষিণ প্রান্তে কুমেরু বৃত্তের যে বিন্দুকে কেন্দ্র করে নক্ষত্রসমূহ প্রদক্ষিণ করে বলে প্রতীয়মান হয়, পৃথিবীর দক্ষিণপ্রান্ত, South Pole।

দক্ষিণরায় /দোক্‌খিনরায়/ [স. দক্ষিণ+রায়] বি. মঙ্গলকাব্যে কল্পিত সুন্দরবনের ব্যাঘ্রদেবতা।

দক্ষিণসমীর /দোক্‌খিন্‌শোমির/ [স. দক্ষিণ+সমীর] বি. দক্ষিণদিক থেকে প্রবাহিত বায়ু, মলয়।

দক্ষিণসমুদ্র /দোক্‌খিন্‌শোমুদ্রো/ [স. দক্ষিণ+সমুদ্র] বি. দক্ষিণদিকে অবস্থিত সমুদ্র, লবণসমুদ্র।

দক্ষিণহস্ত /দোক্‌খিন্‌হস্‌তো/ [স. দক্ষিণ+√হস্‌+ত] বি. ১ ডান হাত। ২ (আল.) প্রধান সহায়।

দক্ষিণহস্তের ব্যাপার /দোক্‌খিন্‌হস্‌তের্‌ ব্যাপার্‌/ বি. ভোজন, আহার।

দক্ষিণা /দোক্‌খিনা/ [স. দক্ষিণ+আ (টাপ্‌)] বি. ১ সামাজিক ক্রিয়াকর্মের পারিশ্রমিকরূপে দেয় পারিতোষিক, পুরোহিত কাজি প্রভৃতিকে দেয় অর্থ। ২ শিক্ষা সমাপ্তির পর গুরুকে শিষ্য কর্তৃক দেয় অর্থাদি। বিণ. ১ দক্ষিণদিক থেকে আগত। ২ দক্ষিণদিকসংক্রান্ত।

দক্ষিণাকালী /দোক্‌খিনাকালি/ [স. দক্ষিণা+কাল+ঈ] বি. দ্র দক্ষিণকালিকা।

দক্ষিণাগ্নি /দোক্‌খিনাগ্‌নি/ [স. দক্ষিণ+অগ্নি] বি. (দক্ষিণদিকে স্থাপিত হয় বলে) যজ্ঞের আগুন।

দক্ষিণাচল /দোক্‌খিনাচল্‌/ [স. দক্ষিণ+অচল] বি. পৃথিবীর দক্ষিণ প্রান্তস্থিত কল্পিত পর্বত।

দক্ষিণাচার /দোক্‌খিনাচার্‌/ [স. দক্ষিণ+আচার] বি. তান্ত্রিক আচারবিশেষ।

দক্ষিণাচারী /দোক্‌খিনাচারি/ [স. দক্ষিণাচার+ইন্‌] বিণ. দক্ষিণাচার পালন করে এমন।

দক্ষিণানিল /দোক্‌খিনানিল্‌/ [স. দক্ষিণ+অনিল] বি. দক্ষিণদিক থেকে প্রবাহিত বায়ু, মলয়।

দক্ষিণান্ত /দোক্‌খিনান্‌তো/ [স. দক্ষিণ+অন্ত] বি. দক্ষিণা প্রদান করে সামাজিক ক্রিয়াকর্মের সমাধা।

দক্ষিণাপথ /দোক্‌খিনাপথ্‌/ [স. দক্ষিণা+পথ] বি. ভারতের বিন্ধ্যপর্বতমালার দক্ষিণের অংশ, দাক্ষিণাত্য, Deccan।

দক্ষিণাবর্ত /দোক্‌খিনাবর্‌তো/ [স. দক্ষিণ+আবর্ত] বিণ. ডানদিকে আবর্তবিশিষ্ট, clockwise।

দক্ষিণাবহ /দোক্‌খিনাবহো/ [স. দক্ষিণ+আ+√বহ্‌+অ] বি. দক্ষিণদিক থেকে প্রবাহিত বায়ু, মলয়।

দক্ষিণামুখ /দোক্‌খিনামুখ্‌/ [স. দক্ষিণা+মুখ] বিণ. দক্ষিণদিকে মুখবিশিষ্ট।

দক্ষিণায়ন /দোক্‌খিনায়োন্‌/ [স. দক্ষিণ+অয়ন] বি. বিষুবরেখা থেকে সূর্যের ক্রমশ দক্ষিণে গমনকাল, ৭ই আষাঢ় থেকে ৮ই পৌষ পর্যন্ত কালপর্ব (২১শে জুন থেকে ২২শে ডিসেম্বর)।

দক্ষিণায়নান্তবৃত্ত /দোক্‌খিনায়োনান্‌তোবৃত্‌তো/ [স. দক্ষিণায়ন+অন্তবৃত্ত] বি. সূর্যের দক্ষিণ গতির সীমা-নিরূপক কল্পিত রেখা, Tropic of Capricorn।

দক্ষিণাস্য /দোক্‌খিনাশ্‌শো/ [স. দক্ষিণ+√অস্‌+য] বিণ. দক্ষিণ দিকে মুখবিশিষ্ট।

দক্ষিণী /দোক্‌খিনি/ [স. দক্ষিণ+ঈ] বিণ. দক্ষিণ-দিগ্‌বিষয়ক।

দখনে /দোখ্‌নে/ [স. দক্ষিণ >] বিণ. দক্ষিণ দিকের।

দখল /দখোল্‌/ [আ.] বি. ১ অধিকার; আয়ত্তে আনয়ন। ২ ব্যুৎপত্তি; জ্ঞান; পটুতা।

দখল করা /দখোল্‌ করা/ ক্রিবি. ১ অধিকার করা, আয়ত্তে আনা। ২ অন্যায়ভাবে অধিকার করা।

দখলকার /দখোল্‌কার্‌/ [আ. দখল+ফা. কার] বিণ. বি. দখলকারী।

দখলদার /দখোলদার্‌/ [আ. দখল+ফা. দার] বিণ. বি. দ্র দখলকার।

দখলদারি /দখোলদারি/ [আ. দখল+ফা. দারি] বি. দখল করার কাজ।

দখল দেওয়া /দখোল্‌ দেওআ/ ক্রিবি. অধিকার দান করা; ভোগ করতে দেওয়া।

দখলনামা /দখোল্‌নামা/ [আ. দখল+ফা. নামা] বি. দখলের অধিকারসূচক দলিল।

দখল পাওয়া /দখোল্‌ পাওআ/ ক্রিবি. অধিকার লাভ করা; ব্যবহারের ক্ষমতা লাভ করা।

দখলি /দখোলি/ [আ. দখল+ফা. ই] বিণ. ১ অধিকারসংক্রান্ত। ২ দখলে আছে এমন, অধিকার-ভুক্ত, এখতিয়ারভুক্ত, অধিকৃত।

দখলিকৃত /দখোলিক্‌কৃতো/ [আ. দখল >] বিণ. দখল করা হয়েছে এমন।

দখলিভূত /দখোলিভুতো/ [আ. দখল >] বিণ. দখলে রাখা হয়েছে এমন।

দখলিস্বত্ব /দখোলিশত্‌তো/ [আ. দখল >] বি. দখলে থাকার ফলে প্রাপ্ত স্বত্ব।

www.pathagar.com

দখিন /দোখিন্/ [স. দক্ষিণ >] বি. 'দক্ষিণ'-এর কোমল ও কাব্যিক রূপ।

দখিনা /দোখিনা/ [স. দক্ষিণ >] বিণ. ১ দক্ষিণ-দিকসংক্রান্ত। ২ দক্ষিণদিক থেকে প্রবাহিত।

দগড় /দগোড়্/ [স. দ্রগড় >] বি. ঢোলজাতীয় বাদ্য; রণবাদ্য, দামামা।

দগড়া /দগোড়া/ [স. দ্রগড় >] বি. ১ মেটেপথে চলা গোরুর গাড়ির চাকার দাগ। ২ চাবুক দিয়ে প্রহারের লম্বা দাগ; দড়ির মতো দীর্ঘ দাগ।

দগদগ /দগ্‌দগ্/ [দেশি.] অব্য. ১ উজ্জ্বলভাবে জ্বলতে থাকার ভাব। ২ ক্ষতের লক্ষণ প্রকাশের ভাব।

দগদগানি /দগ্‌দগানি / [দেশি.] বি. বেদনা, যন্ত্রণা।

দগদগি /দগ্‌দোগি/ [দেশি.] বি. দ্র দগদগানি।

দগদগে /দগ্‌দোগে/ [দেশি.] বিণ. দগদগ করার ভাবযুক্ত, দগদগ করছে এমন; ক্ষতযুক্ত।

দগ্ধ /দগ্‌ধো/ [স. √দহ্+ত] বিণ. ১ পুড়ে গেছে এমন। ২ আগুনের উত্তাপে ঝলসানো হয়েছে এমন (*দগ্ধমাংস*)। ৩ (আল.) সন্তপ্ত। ৪ হতভাগ্য।

দগ্ধা /দগ্‌ধা/ [স. দগ্ধ >] ক্রিবি. ১ যন্ত্রণা দেওয়া। ২ পোড়ানো, দগ্ধ করা। বি. জ্যোতিষশাস্ত্রে কল্পিত অশুভকর তিথি।

দগ্ধানো /দগ্‌ধানো/ [বা.] ক্রিবি. ১ দগ্ধ করা। ২ সন্তপ্ত করা; জ্বালাতন করা।

দগ্ধিকা /দোগ্‌ধিকা/ [স. দগ্ধ+কন্+আ (টাপ্)] বি. পোড়া ভাত।

দগ্ধীকৃত /দোগ্‌ধিকৃতো/ [স. দগ্ধ+চ্বি+কৃত] বিণ. দগ্ধ করা হয়েছে এমন।

দগ্ধীভূত /দোগ্‌ধিভুতো/ [স. দগ্ধ+চ্বি+ভূত] বিণ. দগ্ধ হয়েছে এমন, পুড়ে গেছে এমন।

দঙ্গল /দংগোল্/ [ফা.] বি. ১ দল; পাল। ২ ভিড়। ৩ কুস্তি, মল্লযুদ্ধ।

দজ্জাল /দজ্‌জাল্ / [আ.] বি. ১ ইসলাম ধর্মমতে যে ব্যক্তি কেয়ামতের পূর্বে জন্মগ্রহণ করে নিজেকে আল্লাহ্ বলে দাবি করবে। ২ অত্যাচারী ব্যক্তি। বিণ. ১ ঈশ্বরবিরোধী। ২ অত্যাচারী। ৩ মিথ্যাবাদী। ৪ (আল.) দুরন্ত (*দজ্জাল ছেলে*)।

দড় /দড়্/ [স. দৃঢ় >] বিণ. ১ মজবুত; দৃঢ় (*বাঁশের চেয়ে কঞ্চি দড়*)। ২ পটু, দক্ষ (*কাজে দড়*)।

দড়কচা /দড়্‌কচা/ [বা.] বিণ. দেখতে পাকা কিন্তু ভেতরে কাঁচা, আধপাকা; অপরিণত।

দড়কাঁচা /দড়্‌কাঁচা/ [বা.] বিণ. দ্র দড়কচা।

দড়বড় /দড়্‌বড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ দৌড়ে চলার অনুকার শব্দ। ২ ঘোড়ার দ্রুত চলার শব্দ।

দড়বড়ি /দড়্‌বোড়ি/ [ধ্বন্যা.] ক্রিবিণ. ১ তাড়াহুড়ো করে। ২ খুব তাড়াতাড়ি।

দড়বেলা /দড়্‌বেলা / [বা. দড়+স. বেলা] বি. যৌবন-কাল।

দড়া /দড়া/ [হি. ডোরা >] বি. মোটা ও শক্ত দড়ি।

দড়াদড়ি /দড়াদোড়ি/ [বা.] বি. বিভিন্ন প্রকারের মোটা ও সরু দড়ি।

দড়াম /দড়াম্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ভারী জিনিস পতন বা আছাড় খেয়ে পড়ার অনুকার শব্দ। ২ সজোরে দরজা বন্ধ করার অনুকার শব্দ।

দড়ি /দোড়ি/ [বা.] বি. পাট সুতা নাইলন প্রভৃতির আঁশ একসঙ্গে পাকিয়ে তৈরি শক্ত কাছি, রজ্জু।

দড়িকলসি /দোড়িকোল্‌শি/ [বা. দড়ি+স. কলসি] বি. গলায় দড়ির সঙ্গে বাঁধা জলপূর্ণ কলসি যা পানিতে ডুবে থাকতে সাহায্য করে; আত্মহত্যার উপকরণ।

দড়ি কাটা /দোড়ি কাটা/ ক্রিবি. পাট সুতা নাইলন প্রভৃতির আঁশ পাকিয়ে দড়ি তৈরি করা।

দড়ি ছেঁড়া[১] /দোড়ি ছেঁড়া/ ক্রিবি. দড়ির বাঁধন ছিন্ন করা।

দড়িছেঁড়া[২] /দোড়িছেঁড়া/ [বা.] বিণ. ১ দড়ি ছিঁড়ে গিয়েছে এমন; বন্ধনমুক্ত (*দড়িছেঁড়া গরু*)। ২ (আল.) আয়ত্তের বাইরে চলে গিয়েছে এমন।

দড়িদড়া /দোড়িদড়া/ [বা.] বি. সরু ও মোটা দড়ি; বাঁধাছাঁদা করার উপকরণ।

দড়ি দড়ি /দোড়ি দোড়ি/ বিণ. ১ দড়ির মতো সরু ও কৃশ। ২ (আল.) অত্যন্ত রোগা।

দড়ি পাকানো /দোড়ি পাকানো/ ক্রিবি. পাট সুতা নাইলন প্রভৃতির আঁশ পাকিয়ে দড়ি তৈরি করা।

দণ্ড /দন্‌ডো / [স. √দণ্ড্+অ] বি. ১ লোহা কাঠ বাঁশ প্রভৃতির লম্বা লাঠি, যষ্টি, ডান্ডা (*লৌহদণ্ড*)। ২ আদালত কর্তৃক ঘোষিত শাস্তি (*কারাদণ্ড*)। ৩ জরিমানা (*অর্থদণ্ড*)। ৪ সৈন্য (*দণ্ডনায়ক*)। ৫ শাসন (*দণ্ডধর*)। ৬ সময়ের বিভাগবিশেষ (৬০ পল বা ২৪ মিনিট)। ৭ অতি অল্প সময়।

দণ্ডক /দন্‌ডোক্ / [স. √দণ্ড্+অক] বি. ১ পৌরাণিক নৃপতি ইক্ষ্বাকুর কনিষ্ঠ পুত্র। ২ অরণ্যবিশেষ (*দণ্ডকারণ্য*)।

দণ্ডকবন /দন্‌ডোক্‌বোন্ / [স. দণ্ডক+বন] বি. দ্র দণ্ডকারণ্য।

দণ্ডকলস /দন্‌ডোকলোশ্/ [স. দণ্ড+কলস] বি. পতিত ও আবাদি জমিতে শীতকালে ফোটে এমন অসম পাপড়িযুক্ত গুচ্ছবদ্ধ সাদা ফুল বা তার রোমশ কান্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির বর্ষজীবী উদ্ভিদ, শ্বেতদ্রোণ।

www.pathagar.com

দণ্ডকা /দন্‌ডোকা / [স. দণ্ডক+আ (টাপ্‌)] বি. দ্র দণ্ডকারণ্য।

দণ্ডকাক /দন্‌ডোকাক্‌/ [স. দণ্ড+কাক] বি. জীবজন্তুর দেহাবশেষ খেয়ে জীবনধারণ করে এবং উত্তর গোলার্ধের প্রায় সব দেশে বিচরণ করে এমন লম্বা লেজ এবং নৌকার মতো বাঁকানো ও পুরু চঞ্চু-বিশিষ্ট কালো কুচকুচে বড়ো কাকজাতীয় পাখি যার স্বর কর্কশ, দাঁড়কাক।

দণ্ডকারণ্য /দন্‌ডোকারোন্‌নো /[স. দণ্ডক+অরণ্য] বি. পুরাণমতে দৈত্যগুরু ও পুরোহিত শুক্রাচার্যের শাপে অরণ্যে পরিণত গোদাবরী ও নর্মদার মধ্যবর্তী স্থানে অবস্থিত দণ্ডক রাজার রাজ্য।

দণ্ডগ্রহণ /দন্‌ডোগ্রোহোন্‌ / [স. দণ্ড+গ্রহণ] বি. ১ সন্ন্যাস ধর্ম অবলম্বন। ২ শাস্তি ভোগ।

দণ্ডদাতা /দন্‌ডোদাতা / [স. দণ্ড+√দা+তৃ] বিণ. শাস্তিদাতা। বি. বিচারক।

দণ্ডদীপিকা /দন্‌ডোদিপিকা / [স. দণ্ড+দীপক+আ (টাপ্‌)] বি. মশাল।

দণ্ডধর /দন্‌ডোধর্‌ / [স. দণ্ড+ধর] বি. ১ রাজা, নৃপতি; শাসক। ২ যম। বিণ. যষ্টিধারী।

দণ্ডধারী /দন্‌ডোধারি / [স. দণ্ড+√ধৃ+ইন্‌] বি. বিণ. দ্র দণ্ডধর।

দণ্ডন /দন্‌ডোন্‌ / [স. √দণ্ড্‌+অন] বি. ১ শাস্তিদান। ২ শাসন। ৩ দমন।

দণ্ডনায়ক /দন্‌ডোনায়োক্‌ / [স. দণ্ড+নায়ক] বি. ১ রাজা, শাস্তিবিধানকারী। ২ সেনাপতি।

দণ্ডনীতি /দন্‌ডোনিতি / [স. দণ্ড+নীতি] বি. ১ রাজ্য-শাসনের নীতি। ২ শাস্তিদানের নীতি।

দণ্ডনীয় /দন্‌ডোনিয়ো / [স. √দণ্ড্‌+অনীয়] বিণ. শাস্তি বা দণ্ড পাওয়ার যোগ্য (*দণ্ডনীয় অপরাধ*)।

দণ্ডপাণি /দন্‌ডোপানি / [স. দণ্ড+পাণি] বিণ. শাস্তি-দানের ক্ষমতার অধিকারী; দণ্ডধর। বি. যম।

দণ্ডপারুষ্য /দন্‌ডোপারুশ্‌শো / [স. দণ্ড+পরুষ+য] বি. ১ কঠোর শাসন। ২ গুরুতর প্রহার।

দণ্ডপাল /দন্‌ডোপাল্‌/ [স. দণ্ড+√পাল্‌+অ] বি. ১ শাসনকর্তা। ২ দ্বাররক্ষক, পাহারাদার।

দণ্ডপালক /দন্‌ডোপালোক্‌ / [স. দণ্ড+√পাল্‌+অক] বি. দ্র দণ্ডপাল।

দণ্ডপ্রণেতা /দন্‌ডোপ্রোনেতা / [স. দণ্ড+প্র+√নী+তৃ] বিণ. দণ্ড প্রণয়নকারী; শাস্তিবিধানকারী।

দণ্ডবৎ /দন্‌ডোবত্‌/ [স. দণ্ড+বৎ] বি. ভূমিতে লুটিয়ে সাষ্টাঙ্গে প্রণাম।

দণ্ডবিধাতা /দন্‌ডোবিধাতা / [স. দণ্ড+বি+√ধা+তৃ] বিণ. শাস্তিদাতা। বি. ১ রাজা। ২ বিচারক।

দণ্ডবিধান /দন্‌ডোবিধান্‌ / [স. দণ্ড+বিধান] বি. ১ শাস্তিপ্রদান। ২ দণ্ডবিধি।

দণ্ডবিধি /দন্‌ডোবিধি / [স. দণ্ড+বি+√ধা+ই] বি. ১ শাস্তিদানসংক্রান্ত আইনের ধারা। ২ ফৌজদারি আইন; criminal law, penal code।

দণ্ডব্যূহ /দন্‌ডোবুহো / [স. দণ্ড+বি+√উহ্‌+অ] বি. সামনে প্রধান সেনাপতি মাঝে রাজা পেছনে সেনাপতি দুপাশে হাতি ঘোড়া এবং তার পেছনে পদাতিকদ্বারা ব্যূহ রচনার প্রাচীন রীতি।

দণ্ডমুণ্ড /দন্‌ডোমুন্‌ডো / [স. দণ্ড+মুণ্ড] বি. সাধারণ শাস্তি থেকে প্রাণদণ্ড পর্যন্ত সকল প্রকার শাস্তি।

দণ্ডমুণ্ডের কর্তা /দন্‌ডোমুন্‌ডের্‌ কর্‌তা/ বি. ১ সাধারণ শাস্তি থেকে প্রাণদণ্ড পর্যন্ত সকল প্রকার শাস্তি প্রদানের অধিকারপ্রাপ্ত ব্যক্তি। ২ রাজা।

দণ্ডযাত্রা /দন্‌ডোজাত্‌ত্রা/ [স. দণ্ড+যাত্রা] বি. ১ যুদ্ধযাত্রা; দিগ্বিজয়ের অভিযান; শত্রু দমনের অভিযান। ২ শোভাযাত্রা, মিছিল।

দণ্ডরায় /দন্‌ডোরায়্‌/ [স. দণ্ড+রায়] বি. দণ্ডধর; রাজা; শাসক।

দণ্ডস্থান /দন্‌ডোস্থান্‌/ [স. দণ্ড+স্থান] বি. যে স্থানে অপরাধীর দণ্ড কার্যকর করা হয়।

দণ্ডাঘাত /দন্‌ডাঘাত্‌ / [স. দণ্ড+আঘাত] বি. লাঠির আঘাত; লাঠি দিয়ে প্রহার।

দণ্ডাজ্ঞা /দন্‌ডাগ্‌গা/ [স. দণ্ড+আ+√জ্ঞা+অ+আ (টাপ্‌)] বি. দণ্ড প্রদানের আদেশ।

দণ্ডাদণ্ডি /দন্‌ডাদোন্‌ডি / [স. দণ্ডা+দণ্ডি] বি. লাঠা-লাঠি; যষ্টির সাহায্যে পরস্পর লড়াই।

দণ্ডায়মান /দন্‌ডায়োমান্‌ / [স. √দণ্ডায়্‌+মান (শানচ্‌)] বিণ. (বাংলায়) দণ্ডের মতো খাড়া; দাঁড়িয়ে আছে এমন; খাড়া।

দণ্ডার্হ /দন্‌ডার্‌হো / [স. দণ্ড+√অর্হ্‌+অ] বিণ. শাস্তি পাওয়ার যোগ্য, দণ্ডনীয়।

দণ্ডি /দোন্‌ডি / [স. দণ্ড+ই] বি. দণ্ড অর্থাৎ চারহাত পরিমিত গ্রন্থিবদ্ধ সুতা; যজ্ঞসূত্র, পইতা, উপবীত।

দণ্ডিত /দোন্‌ডিতো / [স. √দণ্ড্‌+ত] বিণ. ১ সাজা-প্রাপ্ত, দণ্ডপ্রাপ্ত। ২ শাসিত।

দণ্ডী /দোন্‌ডি / [স. দণ্ড+ইন্‌] বিণ. দণ্ডধারী। বি. ১ রাজা। ২ দণ্ডধারী সন্ন্যাসী। ৩ যম। ৪ সংস্কৃত গ্রন্থ 'দশকুমার চরিত'-এর প্রণেতা।

দণ্ডে দণ্ডে /দন্‌ডে দন্‌ডে / ক্রিবিণ. ক্ষণে ক্ষণে।

দণ্ড্য /দোন্‌ডো / [স. √ দণ্ড্‌+য] বিণ. দণ্ডনীয়।

দত্ত /দত্‌তো/ [স. √দা+ত] বিণ. দেওয়া হয়েছে এমন; অর্পিত। বি. পদবিবিশেষ।

দত্তক /দত্‌তোক্‌/ [স. দত্ত+ক] বি. পালিত সন্তান।

দত্তকপুত্র /দত্‌তোক্‌পুত্‌ত্রো/ [স. দত্তক+পুৎ+√ ত্রৈ+

www.pathagar.com

অ] বি. পুত্ররূপে পালিত অন্যের সন্তান।

দত্তহারী /দত্তোহারি/ [স. দত্ত+√হৃ+ইন্] বিণ. দানরূপে প্রদত্ত বস্তুর পুনর্গ্রহণকারী।

দত্তা /দত্তা/ [স. দত্ত+আ (টাপ্)] বিণ. ১ (যে কন্যার) বিবাহের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন, বাগদত্তা। ২ অর্পিতা।

দত্তাত্রেয় /দত্তাত্তেয়ো/ [স. দত্ত+আত্রেয়] বি. পুরাণোক্ত অত্রিমুনির পুত্র ও ঋষিবিশেষ।

দত্তাপহারী /দত্তাপোহারি/ [স. দত্ত+অপহারিন্] বিণ. দ্র দত্তহারী।

দত্যি /দোত্তি/ [স. দৈত্য >] বি. 'দৈত্য'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

দদ্রু /দোদ্দ্রু/ [স. √দদ্+রু] বি. মানবদেহের চামড়ায় (বিশেষ করে মাথা বা পায়ে) উদ্‌গত ছত্রাক-আক্রান্ত গোলাকৃতি ক্ষতচিহ্ন-সহ ছোঁয়াচে চুলকানি রোগবিশেষ, দাদ, ringworm।

দদ্রুঘ্ন /দোদ্দ্রুঘ্নো/ [স. দদ্রু+√হন্+অ] বিণ. দাদ নিরাময়কারী।

দধি /দোধি/ [স. √দধ্+ই] বি. ঈষদুষ্ণ দুধের সঙ্গে এককোষী জীবাণু (দম্বল বা সাঁজা) মিশিয়ে স্থির অবস্থায় রেখে দেওয়ার ফলে জমাটবাঁধা থকথকে টকস্বাদ খাদ্যবস্তু, দই, yogurt।

দধিকর্ম /দোধিকর্মো/ [স. দধি+কর্মন্] বি. দই-মিশ্রিত ছাতু ও খইয়ের ভোগ।

দধিজ /দোধিজো/ [স. দধি+√জন্+অ] বিণ. দই থেকে উৎপন্ন। বি. ১ মাখন। ২ ছানা।

দধিপুষ্পিকা /দোধিপুষ্পিকা/ [স. দধি+পুষ্প+কন্+আ (টাপ্)] বি. ক্রান্তীয় অঞ্চলে প্রায় সারা বছর ফোটে এমন গন্ধহীন সাদা ফুল বা তার বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ, শ্বেত অপরাজিতা।

দধিবামন /দোধিবামোন্/ [স্থান.] বি. গণ্ডকী নদীগর্ভ থেকে সংগৃহীত বিষ্ণুর বিগ্রহরূপে পূজিত গোলাকার শিলাবিশেষ।

দধিমঙ্গল /দোধিমোংগোল্/ [স. দধি+মঙ্গল] বি. ১ বিবাহের দিন সূর্যোদয়ের পূর্বে বরকনের দই খাওয়ার সংস্কারবিশেষ। ২ উপনয়নের পূর্বরাত্রে দধিমিশ্রিত মিঠাই খাওয়ার আচারবিশেষ।

দধিমন্থন /দোধিমন্থন্/ [স. দধি+মন্থন] বি. মাখন তোলার জন্য পানি মেশানো দই মথিতকরণ।

দধিমুখ /দোধিমুখ্/ [স. দধি+মুখ] বি. রামায়ণোক্ত শ্বেতমুখ বানরের প্রজাতিবিশেষ।

দধিসার /দোধিশার্/ [স. দধি+সার] বি. মাখন, ননি।

দধীচ /দোধিচো/ [স. √দধ্+ঈচ্] বি. দ্র দধীচি।

দধীচি /দোধিচি/ [স. √দধ্+ঈচি] বি. ১ পুরাণোক্ত মুনিবিশেষ অসুর বধকল্পে যিনি নিজ অস্থি দিয়ে বজ্র নির্মাণের জন্য স্বেচ্ছায় দেহত্যাগ করেন। ২ (আল.) পরোপকারের জন্য আত্মোৎসর্গকারী পুরুষ।

দধ্যন্ন /দোদ্‌ধন্নো/ [স. দধি+অন্ন] বি. দইভাত।

দধ্যম্ল /দোদ্‌ধম্লো/ [স. দধি+অম্ল] বি. দই পাতার জন্য দুধের সঙ্গে মেশানো অম্লস্বাদ পদার্থ, সাঁজা, দম্বল।

দন /দন্/ [স. দ্বন্দ্ব >] বি. যুদ্ধ, রণ; দ্বন্দ্ব।

দনা /দোনা/ [স. দমনক >] বি. দ্র দণ্ডকলস।

দনু /দোনু/ [ব্যক্তি.] বি. দক্ষ প্রজাপতির কন্যা, ব্রহ্মার মানসপুত্র কশ্যপের পত্নী ও দানব নামে খ্যাত পুলোমা নিকুম্ভ প্রভৃতি ৪০ পুত্রের জননী।

দনুজ /দোনুজো/ [স. দনু+√জন্+অ] বি. দানব, দৈত্য, অসুর। স্ত্রী. দনুজা /দোনুজা/।

দনুজদলনী /দোনুজোদলোনি/ [স. দনুজ+দলন+ঈ] বিণ. অসুরবধকারিণী। বি. দেবী দুর্গা।

দন্ডা[১] /দন্ডা/ [স. দণ্ড >] বি. মোটা লাঠি; দণ্ড।

দন্ডা[২] /দন্ডা/ [স. দণ্ড >] ক্রিবি. শাসন করা; দণ্ড দান করা।

দন্ত /দন্তো/ [স. √দম্+ত] বি. দাঁত, দশন।

দন্তক /দন্তক্/ [স. দন্ত+ক (স্বার্থে)] বি. ১ দাঁত। ২ পাহাড়ের চূড়া। ৩ পাহাড়ের গা থেকে বেরিয়ে থাকা প্রস্তরখণ্ড। ৪ কোনো বস্তু ঝুলিয়ে রাখার জন্য দেওয়ালে লাগানো কাঠের গোঁজ।

দন্তকচকচি /দন্তোকচ্‌কোচি/ [স. দন্ত+বা. কচকচি] বি. বচসা, তর্কবিতর্ক।

দন্তকাষ্ঠ /দন্তোকাশ্‌ঠো/ [স. দন্ত+কাষ্ঠ] বি. গাছের ছোটো ডাল কেটে তৈরি দাঁতন, মিসওয়াক।

দন্তচ্ছদ /দন্তোচ্‌ছদ্/ [স. দন্ত+ছদ] বি. ওষ্ঠাধর, ঠোঁট।

দন্তধাবন /দন্তোধাবন্/ [স. দন্ত+ধাবন] বি. ১ দাঁতের মাজন; দাঁতন। ২ দাঁত পরিষ্করণ।

দন্তপঙ্‌ক্তি /দন্তোপোংক্‌তি/ [স. দন্ত+পঙ্‌ক্তি] বিণ. দাঁতের পাটি, দাঁতের সারি, দন্তশ্রেণি।

দন্তপুষ্প /দন্তোপুশ্‌পো/ [স. দন্ত+পুষ্প] বি. পৃথিবীর প্রায় সব দেশে হেমন্তকালে ফোটে এমন সাতটি পাপড়িবিশিষ্ট গন্ধহীন রোমশ সাদা ফুল বা তার গুল্মজাতীয় উদ্ভিদ, কুঁদফুল।

দন্তবিকাশ /দন্তোবিকাশ্/ [স. দন্ত+বিকাশ] বি. ১ দন্তপ্রদর্শন। ২ দাঁতখিচুনি। ৩ ব্যঙ্গাত্মক হাসি।

দন্তবেষ্ট /দন্তোবেশ্‌টো/ [স. দন্ত+√বেষ্ট্+অ] বি. দাঁতের মাড়ি।

www.pathagar.com

দন্তমঞ্জন /দন্‌তোমন্‌জোন্‌/ [স. দন্ত+মঞ্জন] বি. ১ দাঁতের মাজন। ২ দাঁতন। ৩ দন্তপরিষ্করণ।

দন্তমাংস /দন্‌তোমাংশো/ [স. দন্ত+মাংস] বি. দাঁতের মাড়ি, দন্তবেষ্ট।

দন্তমূল /দন্‌তোমুল্‌/ [স. দন্ত+মূল] বি. দাঁতের গোড়া।

দন্তমূলীয় /দন্‌তোমুলিয়ো/ [স. দন্তমূল+ঈয়] বিণ. ১ দন্তমূল থেকে উচ্চার্য। ২ দন্তমূলসম্বন্ধীয়। বি. ওপরের পাটির দাঁতের মূলে জিভের ডগা ঠেকিয়ে উচ্চার্য বর্ণ, ত–বর্গ ল এবং স।

দন্তরুচি /দন্‌তোরুচি/ [স. দন্ত+রুচি] বি. ১ সুবিন্যস্ত দাঁতের শোভা। ২ (আল.) হাসি।

দন্তরোগ /দন্‌তোরোগ্‌/ [স. দন্ত+রোগ] বি. দাঁতের রোগ।

দন্তশর্করা /দন্‌তোশরকরা/ [স. দন্ত+শর্করা] বি. দাঁতের গোড়ায় জমাটবাঁধা প্রস্তরীভূত খাদ্যবস্তু।

দন্তশূল /দন্‌তোশুল্‌/ [স. দন্ত+শূল] বি. দাঁতের ব্যথা; দাঁত কনকন করার অনুভূতি।

দন্তস্ফুট /দন্‌তোস্‌ফুটো/ [স. দন্ত+স্ফুট] বি. ১ দংশন। ২ (আল.) দুর্বোধ্য বিষয়ে প্রবেশ।

দন্তাঘাত /দন্‌তাঘাত্‌/ [স. দন্ত+আঘাত] বি. দাঁতের আঘাত, দংশন।

দন্তাবল /দন্‌তাবল্‌/ [স. দন্ত+বল] বি. হাতি।

দন্তায়ুধ /দন্‌তায়ুধ্‌/ [স. দন্ত+আয়ুধ] বি. দাঁত যার অস্ত্র, শূকর।

দন্তাল /দন্‌তাল্‌/ [স. দন্ত+আল] বিণ. বড়ো ধারালো দাঁতবিশিষ্ট।

দন্তালিকা /দন্‌তালিকা/ [স. দন্তাল+কন্‌+আ (টাপ্‌)] বি. ঘোড়ার মুখে লাগানো লাগাম।

দন্তিল /দোন্‌তিল্‌/ [স. দন্ত+বা. ইল] বিণ. দাঁতাল।

দন্তী /দোন্‌তি/ [স. দন্ত+ইন্‌] বিণ. দাঁত আছে এমন, দন্তবিশিষ্ট, দাঁতাল। বি. হাতি।

দন্তুর /দোন্‌তুর্‌/ [স. দন্ত+উর] বিণ. ১ দাঁতাল, বড়ো বা উঁচু দাঁতবিশিষ্ট। ২ কুটিল।

দন্তোদ্‌গম /দন্‌তোদ্‌গম্‌/ [স. দন্ত+উদ্‌গম] বি. মাড়ি ভেদ করে ওঠা নতুন দাঁত।

দন্তোদ্‌ভেদ /দন্‌তোদ্‌ভেদ্‌/ [স. দন্ত+উদ্ভেদ] বি. দ্র দন্তোদ্‌গম।

দন্তোন্মীলন /দন্‌তোন্‌মিলন্‌/ [স. দন্ত+উন্মীলন] বি. দন্তবিকাশ।

দন্তৌষ্ঠ্য /দন্‌তোউশ্‌ঠো/ [স. দন্ত+ওষ্ঠ+য] বিণ. ১ দন্ত ও ওষ্ঠসংক্রান্ত। ২ দন্ত ও ওষ্ঠ দ্বারা উচ্চার্য।

দন্ত্য /দোন্‌তো/ [স. দন্ত+য] বিণ. ১ দাঁতসম্বন্ধীয়। ২ ওপরের পাটির দাঁতের সঙ্গে জিহ্বার অগ্রভাগ স্পর্শ করে উচ্চারিত।

দন্ত্যবর্ণ /দোন্‌তোবর্‌নো/ [স. দন্ত্য+বর্ণ] বি. ওপরের পাটির দাঁতের সঙ্গে জিহ্বার অগ্রভাগ স্পর্শ করে উচ্চার্য বর্ণ (ত থ দ ধ)।

দপ /দপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. হঠাৎ আগুন জ্বলে ওঠার অনুকার শব্দ।

দপদপ /দপ্‌দপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ক্রমাগত আগুন জ্বলার অনুকার শব্দ। ২ মানবদেহে ক্ষত-স্থানের ব্যথা বা টনটনানির ভাব।

দপদপানি /দপ্‌দপানি/ [আ. দবদবা >] অব্য. বি. দপদপ করে জ্বলে ওঠা বা নিভে যাওয়ার ভাব।

দপ্তর /দপ্‌তর্‌/ [ফা.] বি. ১ কার্যালয়, কর্মস্থল। ২ দাপ্তরিক কাগজপত্র। ৩ গোছা করে বাঁধা বই কাগজ প্রভৃতির তোড়া (*কমলাকান্তের দপ্তর*)।

দপ্তরি /দপ্‌তোরি/ [ফা.] বি. ১ বইখাতা বাঁধাই করা যার পেশা। ২ অফিসের নথিপত্র লেখসামগ্রী প্রভৃতির ভান্ডারি।

দপ্তি /দোপ্‌তি/ [ফা.] বি. পুস্তক বাঁধাইয়ের জন্য মলাটে লাগানো পিজবোর্ড।

দফতর /দফ্‌তর্‌/ [ফা.] বি. দ্র দপ্তর।

দফতরি /দফ্‌তোরি/ [ফা.] বি. দ্র দপ্তরি।

দফা /দফা/ [আ.] বি. ১ কিস্তি, পালা। ২ অবস্থা, গতিক; রকম।

দফাওয়ারি /দফাওআরি/ [আ. দফা+ফা. ওয়ারি] বিণ. ১ নির্দিষ্ট ক্রম বা বিভাগ অনুযায়ী। ২ দফায় দফায়।

দফাদার /দফাদার্‌/ [আ. দফা+ফা. দার] বি. ১ চৌকিদার; মজুরদের সর্দার। ২ অশ্বারোহী সৈন্য-দলের দলপতি।

দফাদারি /দফাদারি/ [আ. দফা+ফা. দারি] বি. দফাদারের বৃত্তি।

দফানিকাশ /দফানিকাশ্‌/ [আ.] বি. ১ সর্বনাশ; ধ্বংস, সমূলে বিনাশ। ২ সমাপ্তি। ৩ মৃত্যু।

দফায় দফায় /দফায় দফায়/ ক্রিবিণ. বারবার।

দফারফা /দফারফা/ [আ.] বি. দ্র দফানিকাশ।

দফা সারা /দফা শারা/ ক্রিবি. সর্বনাশ করা।

দফে /দফে/ [আ.] ক্রিবিণ. কিস্তিতে, দফায়।

দফেদফে /দফে দফে/ [আ.] ক্রিবিণ. দফায় দফায়।

দব /দব্‌/ [স. √দু+অ] বি. ১ বন, অরণ্য। ২ দাবানল, বনাগ্নি। ৩ জ্বর।

দবকানো /দবকানো/ [স. দমন >] ক্রিবি. ধমকানো; ভয় দেখানো; দাবিয়ে রাখা।

দবদব /দবদব্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র দপদপ।

দবদবা /দব্‌দবা/ [আ.] বি. ১ প্রতাপ; প্রতিপত্তি; প্রভুত্ব। ২ ঢোলশোহরতের কোলাহল।

www.pathagar.com

দবদবাই /দব্‌দবাই্ / [আ.] বি. ১ প্রতাপ। ২ জাঁক-জমক।

দবিরখাস /দোবির্‌খাশ্‌/ [ফা. দবির+আ. খাস] বি. খাসমুন্সি, একান্ত সচিব, private secretary।

দম[১] /দম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কোনোকিছু হঠাৎ ফাটার অনুকার শব্দ। ২ লঘু দুম আওয়াজ।

দম[২] /দম্‌/ [স. √দম্‌+অ] বি. ১ শাসন; দমন। ২ ইন্দ্রিয়ের সংযম।

দম[৩] /দম্‌/ [ফা.] বি. ১ নিশ্বাস-প্রশ্বাস। ২ প্রাণবায়ু (*দম বেরিয়ে যাওয়া*)। ৩ ঘড়ি প্রভৃতির স্প্রিংয়ের পাক (*ঘড়িতে দম দেওয়া*)। ৪ মৃদু আঁচ (*দমে বসানো মাংস*)। ৫ মসলাসহযোগে সেদ্ধ ব্যঞ্জন (*আলুর দম*)। ৬ মাদকদ্রব্য সেবনকালে জোর টান (*গাঁজার দম*)। ৭ ধাপ্পা।

দমক[১] /দমোক্‌/ [স. √দম্‌+অক] বিণ. দমন করে এমন, দমনকারী। বি. শাসক, শাসনকর্তা।

দমক[২] /দমোক্‌/ [হি.] বি. ১ ধমক। ২ হঠাৎ প্রবল ধাক্কা। ৩ চমকানি। বিণ. হঠাৎ ঘটেছে এমন।

দমকল /দম্‌কল্‌/ [ফা. দম্‌+হি. কল] বি. আগুন নেভানোর জন্য পানি নিক্ষেপ করার যন্ত্রচালিত পাম্পবিশেষ; অগ্নিনির্বাপক গাড়ি।

দমকলবাহিনী /দম্‌কল্‌বাহিনি/ [বা. দমকল+স. বাহিনী] বি. দমকলের সাহায্যে আগুন নেভানোর কাজে নিয়োজিত দক্ষ কর্মিবৃন্দ।

দমকা /দম্‌কা/ [হি. দমক >] বিণ. হঠাৎ প্রবলবেগে আগত (*দমকা হাওয়া*)।

দম টানা /দম্‌ টানা/ ক্রিবি. ১ শ্বাস গ্রহণ করা। ২ হুঁকো বিড়ি প্রভৃতি সেবনকালে জোর টান দেওয়া।

দমদম /দম্‌দম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত দম শব্দ।

দমদমা /দম্‌দমা/ [আ.] বি. ধনুর্বাণ বা বন্দুকের গুলি নিক্ষেপের নিশানা অনুশীলনের জন্য নির্মিত চাঁদমারি-সহ মাটির ঢিবি।

দম দেওয়া /দম্‌ দেওআ/ ক্রিবি. ঘড়ি প্রভৃতির স্প্রিংয়ে পাক দেওয়া।

দমন /দমোন্‌/ [স. √দম্‌+অন] বি. ১ শাসন (*দুষ্টের দমন*)। ২ রোধ (*দুর্নীতি দমন*)। ৩ সংযম (*ইন্দ্রিয় দমন*)। ৪ বশে আনয়ন (*বিদ্রোহ দমন*)।

দমননীতি /দমোন্‌নিতি/ [স. দমন+নীতি] বি. ১ পরমত দমন করার স্বৈরাচারী নীতি। ২ পুলিশের সাহায্যে পীড়ন ও শাসনের নীতি।

দমনীয় /দমোনিয়ো/ [স. √দম্‌+অনীয়] বিণ. দমন করার যোগ্য।

দম নেওয়া /দম্‌ নেওআ/ ক্রিবি. ১ শ্বাস নেওয়া। ২ বিশ্রাম করে শক্তি সঞ্চয় করা।

দম ফাটা[১] /দম্‌ ফাটা/ ক্রিবি. ১ উত্তেজনার বশে শ্বাসপ্রশ্বাস বন্ধ হওয়ার উপক্রম হওয়া। ২ আবেগে চঞ্চল হওয়া।

দমফাটা[২] /দম্‌ফাটা/ [বা.] বিণ. নিদারুণ (*দমফাটা হাসি*)।

দম ফুরানো /দম্‌ ফুরানো/ ক্রিবি. ক্লান্ত হওয়া।

দমবাজ /দম্‌বাজ্‌/ [ফা.] বিণ. প্রতারক, শঠ।

দমবাজি /দম্‌বাজি/ [ফা.] বি. প্রতারণা, ধাপ্পাবাজি।

দময়ন্তী /দময়োন্‌তি/ [স. √দমি+অৎ+ঈ] বি. মহাভারতোক্ত মধ্যম পাণ্ডব ভীমের কন্যা ও নিষধরাজ নলের পত্নী।

দময়িতা /দমোয়িতা/ [স. √দমি+তৃ] বিণ. দমন করে এমন; শাসক। স্ত্রী. **দময়িত্রী** /দমোয়িত্‌ত্রি/।

দম রাখা /দম্‌ রাখা/ ক্রিবি. শ্বাস বন্ধ করে থাকা।

দমা /দমা/ [স. দম >] ক্রিবি. ১ উদ্যম হারানো। ২ বশ মানা; হার মানা। ৩ হতাশ হওয়া।

দমাদম /দমাদম্‌/ [ধ্বন্যা.] ক্রিবিণ. দমদম শব্দ করে।

দমানো /দমানো/ [বা.] ক্রিবি. ১ নিরুৎসাহিত করা। ২ পরাজিত করা; বশে আনা। ৩ নমিত করা।

দমিত /দোমিতো/ [স. √দমি+ত] বিণ. ১ শাসিত; নিগৃহীত। ২ বশীকৃত। ৩ সংযত।

দমী /দোমি/ [স. √দমি+ইন্‌] বিণ. ১ দমন করে এমন; দমনশীল। ২ সংযমী। ৩ জিতেন্দ্রিয়।

দম্পতি /দম্‌পোতি/ [স. দম্‌+পতি] বি. ১ গৃহস্বামী। ২ পতি-পত্নী, স্বামী-স্ত্রী।

দম্ভ /দম্‌ভো/ [স. দম্ভ >] বি. অহংকার, গর্ব।

দম্বল /দম্‌বোল্‌/ [স. দধ্যন্ন >] বি. দইয়ের সাঁজা, দধিবীজ।

দম্ভ /দম্‌ভো/ [স. √দন্‌ভ্‌+অ] বি. ১ অহংকার, গর্ব। ২ আস্ফালন। ৩ কপট ধার্মিকতা। ৪ শঠতা।

দম্ভক /দম্‌ভোক্‌/ [স. √দন্‌ভ্‌+অক] বিণ. প্রবঞ্চক।

দম্ভন /দম্‌ভোন্‌/ [স. √দন্‌ভ্‌+অন] বি. ১ দম্ভ প্রকাশ। ২ বঞ্চনা, প্রতারণা।

দম্ভী /দোম্‌ভি/ [স. √দন্‌ভ্‌+ইন্‌] বিণ. ১ অহংকারী, দর্পী, দাম্ভিক। ২ কপট ধার্মিক। ৩ শঠ, প্রবঞ্চক।

দম্ভোক্তি /দম্‌ভোক্‌তি/ [স. দম্ভ+উক্তি] বি. ১ দম্ভপূর্ণ বাক্য, উদ্ধত বাক্য। ২ বড়াই।

দম্ভোলি /দম্‌ভোলি/ [স. দম্ভ+√লী+ই] বি. বজ্র।

দম্য /দোম্‌মো/ [স. √দম্‌+য] বিণ. দমন করা যায় এমন, দমনযোগ্য, দমনীয়।

www.pathagar.com

দয় /দয়্/ [স. √দয়্+অ] বি. ১ অনুকম্পা, দয়া। ২ গমন। ৩ হিংসা। ৪ রক্ষণ। ৫ গ্রহণ। ৬ দান।

দয়া /দয়া/ [স. √দয়্+অ+আ (টাপ্)] বি. ১ কৃপা, অনুগ্রহ। ২ পরদুঃখমোচনের প্রবৃত্তি। ৩ দানশীলতা।

দয়াদাক্ষিণ্য /দয়াদাক্‌খিন্‌নো/ [স. দয়া+দাক্ষিণ্য] বি. কৃপা ও দানশীলতা।

দয়াধর্ম /দয়াধর্‌মো/ [স. দয়া+ধর্ম] বি. দয়ারূপ পুণ্যকর্ম।

দয়াপরতন্ত্র /দয়াপরোতন্‌ত্রো/ [স. দয়া+পরতন্ত্র] বিণ. দয়ার্দ্র, সদয়।

দয়াপরবশ /দয়াপরোবশ্/ [স. দয়া+পরবশ] বিণ. দ্র দয়াপরতন্ত্র।

দয়াবান /দয়াবান্/ [স. দয়া+বৎ] বিণ. দয়া আছে এমন, দয়ালু। স্ত্রী. দয়াবতী /দয়াবোতি/।

দয়াময় /দয়াময়্/ [স. দয়া+ময়ট্] বিণ. দয়াবান। স্ত্রী. দয়াময়ী /দয়ামোয়ি/।

দয়ামায়া /দয়ামায়া/ [স. দয়া+মায়া] বি. দয়া ও মমতা।

দয়ার্দ্র /দয়ার্‌দ্রো/ [স. দয়া+আর্দ্র] বিণ. করুণায় বিগলিত, দয়াপরবশ।

দয়াল /দয়াল্/ [স. দয়ালু >] বিণ. দ্র দয়াবান।

দয়ালু /দয়ালু/ [স. √দয়্+আলু] বিণ. দ্র দয়াবান।

দয়াশীল /দয়াশিল্/ [স. দয়া+শীল] বিণ. দয়াবান। স্ত্রী. দয়াশীলা /দয়াশিলা/।

দয়াহীন /দয়াহিন্/ [স. দয়া+√হা+ত] বিণ. নির্দয়।

দয়িত /দোয়িতো/ [স. √দয়্+ত] বি. ১ প্রণয়ী, হৃদয়বল্লভ। ২ স্বামী। স্ত্রী. দয়িতা /দোয়িতা/।

দর[১] /দর্/ [স. √দৃ+অ] বি. ১ গহ্বর। ২ ভয়, শঙ্কা। ৩ পাহাড়ের ফাটল। ৪ কম্প। ৫ প্রবাহ; ক্ষরণ।

দর[২] /দর্/ [হি.] বি. ১ দাম, মূল্য। ২ নিরিখ; মূল্যের হার। ৩ মর্যাদা, স্তর (*উঁচুদরের গায়িকা*)।

দর[৩] /দর্/ [দেশি.] বিণ. ঈষৎ, কম।

দর[৪] /দর্/ [ফা.] বি. ১ অভ্যন্তর (*দরকচা*)। ২ অধীন (*দর-ইজারা*)।

দর-ইজারা /দর্‌ইজারা/ [ফা. দর+আ. ইজারা] বি. ইজারাদারের অধীনে ইজারা; দরপত্তনি।

দরকচা /দর্‌কচা/ [ফা. দর+বা. কচা] বিণ. দেখতে পাকা হলেও ভেতরে কাঁচা, আধপাকা; অপরিণত।

দর কষা /দর্ কশা/ ক্রিবি. মূল্য নির্ধারণ করা।

দরকষাকষি /দর্‌কশাকোশি/ [হি. দর+বা. কষাকষি] বি. কোনো কিছুর দাম নিয়ে ক্রেতা ও বিক্রেতার মধ্যে বাক্যবিনিময়, দরাদরি।

দরকাঁচা /দর্‌কাঁচা/ [ফা. দর+বা. কাঁচা] বিণ. দ্র দরকচা।

দরকার /দর্‌কার/ [ফা.] বি. প্রয়োজন, আবশ্যক।

দরকারি /দর্‌কারি/ [ফা. দরকার+বা. ই] বিণ. প্রয়োজনীয়, আবশ্যকীয়; জরুরি।

দরখাস্ত /দর্‌খাস্‌তো/ [ফা.] বি. আবেদনপত্র, আরজি।

দরখাস্তকারী /দর্‌খাস্‌তোকারি/ [ফা. দরখাস্ত+স. কারী] বিণ. আবেদনকারী।

দরগা /দর্‌গা/ [ফা.] বি. তীর্থস্থানরূপে পরিগণিত মুসলমান সাধুপুরুষদের সমাধিস্থল।

দর-জমানত /দর্‌জমানত্/ [ফা.] বি. মূল্যোদ্ধৃতির সঙ্গে জমানতরূপে প্রদত্ত অর্থ; (পরি.) bid bond।

দরজা /দর্‌জা/ [ফা.] বি. দুয়ার, দ্বার, পাট।

দরজি /দোর্‌জি/ [ফা.] বি. পোশাক তৈরি ও কাপড় সেলাই করা যার পেশা, সৌচিক, খলিফা।

দরণ /দরোন্/ [স. দ্রবন >] বি. গলন; দ্রবীভবন।

দরদ[১] /দরোদ্/ [স. দর+√দা+অ] বি. ১ অনার্য জাতিবিশেষ। ২ পাহাড়ের উঁচু স্থান। ৩ প্রপাত। ৪ নদীর তীর। বিণ. ভয়ংকর।

দরদ[২] /দরোদ্/ [ফা.] বি. ১ সমবেদনা, মমতা। ২ টান, আকর্ষণ। ৩ বেদনা, যন্ত্রণা।

দরদর /দর্‌দর্/ [বা.] ক্রিবিণ. অবিরত ধারায়।

দরদস্তুর /দর্‌দোস্‌তুর্/ [হি. দর+ফা. দস্তুর] বি. পণ্যের মূল্য নির্ধারণ ও বিক্রয়ের শর্তাদি, দরাদরি।

দরদাম /দর্‌দাম্/ [হি. দর+বা. দাম] বি. দ্র দর-দস্তুর।

দরদালান /দর্‌দালান্ /[ফা.] বি. গৃহসংলগ্ন আচ্ছাদিত বারান্দা; টানা লম্বাটে ঘর।

দরদি /দরোদি /[ফা.] বিণ. সমব্যথী, সহানুভূতিশীল।

দরদিয়া /দরোদিআ/ [ফা. দরদ >] বিণ. দ্র দরদি।

দরপত্তনি /দর্‌পত্‌তোনি/ [ফা. দর+বা. পত্তনি] বি. পত্তনিদারের অধীনে জমির পত্তনি।

দরপত্তনিদার /দর্‌পত্‌তোনিদার/ [ফা. দর+বা. পত্তনি+ফা. দার] বি. পত্তনিদারের অধীনে পত্তনিদার, দরপত্তনি গ্রহীতা।

দরপত্র /দর্‌পত্‌ত্রো/ [হি. দর+স. পত্র] বি. কোনো পণ্য বা পরিষেবা প্রদানের জন্য ক্রেতা কর্তৃক আহূত মূল্যোদ্ধৃতিপত্র, tender।

দরপরদা /দর্‌পরদা/ [ফা.] বি. গৃহের কোনো অংশ আড়াল করা যায় এমন বড়ো পর্দা।

দরপাট্টা /দর্‌পাট্‌টা/ [ফা. দর+বা. পাট্টা] বি. পাট্টাদারের অধীনস্থ জমির পাট্টা।

www.pathagar.com

দরপেশ /দর্‌পেশ্‌/ [ফা.] বিণ. বিচারের জন্য আদালতে পেশ করা হয়েছে এমন, বিচারাধীন।

দরবদর /দর্‌বদর্‌/ [ফা.] ক্রিবিণ. দ্বারে দ্বারে।

দরবার /দর্‌বার্‌/ [ফা.] বি. ১ রাজসভা; বিচার-সভা। ২ ধনীগৃহের বৈঠকখানা। ৩ তদবির।

দরবারি /দর্‌বারি/ [ফা.] বিণ. ১ দরবারে যাতায়াতকারী। ২ দরবারের উপযুক্ত। বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

দরবারি কানাড়া /দর্‌বারি কানাড়া/ বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

দরবিগলিত /দর্‌বিগোলিতো/ [স. দর+বিগলিত] বিণ. ক্ষরিত হচ্ছে এমন; প্রবহমান।

দরবেশ /দর্‌বেশ্‌/ [ফা.] বি. ১ মুসলমান সাধুপুরুষ। ২ লাড্ডুজাতীয় মিঠাইবিশেষ।

দরমা /দর্‌মা/ [দেশি.] বি. বাঁশের ফালির তৈরি অমসৃণ মাদুর।

দরমাহা /দর্‌মাহা/ [ফা.] বি. মাসিক বেতন।

দরশ /দরোশ্‌/ [স. দর্শ >] বি. 'দর্শন'-এর কোমল ও কাব্যিক রূপ।

দরাজ /দরাজ্‌/ [ফা.] বিণ. ১ উদার (*দিলদরাজ*)। ২ অকৃপণ। ৩ উদাত্ত স্বরবিশিষ্ট (*দরাজ কণ্ঠ*)।

দরানি /দরানি/ [স. দ্রবণ >] বি. ১ নিঃস্রাব; গলন; ক্ষরণ; পুঁজ; রক্ত ইত্যাদির নিঃসরণ। ২ অশ্রুধারা।

দরানো /দরানো/ [স. দ্রবণ >] ক্রিবি. ১ গলানো; জীর্ণ করানো। ২ দয়ার্দ্র করা, মন গলানো।

দরি[১] /দোরি/ [স. √দৃ+ই] বি. ১ গিরিগুহা, কন্দর। ২ সংকীর্ণ ও গভীর উপত্যকা।

দরি[২] /দোরি/ [হি.] বি. পেতে বসার জন্য ব্যবহৃত মাদুরজাতীয় পুরু সুতিবস্ত্র, শতরঞ্চি, সুজনি।

দরিত /দোরিতো/ [স. √দৃ+ত] বিণ. বিদারিত।

দরিদ্র /দোরিদ্রো/ [স. √দরিদ্রা+অ] বিণ. অভাব-গ্রস্ত, দীন। স্ত্রী. দরিদ্রা /দোরিদ্রা/।

দরিদ্রতা /দোরিদ্রোতা/ [স. দরিদ্র+তা] বি. দারিদ্র্য।

দরিদ্রনারায়ণ /দোরিদ্রোনারায়ন্‌/ [স. দরিদ্র+নারায়ণ] বি. দরিদ্ররূপ নারায়ণ।

দরিদ্রভান্ডার /দোরিদ্রোভান্‌ডার্‌/ [স. দরিদ্র+বা. ভান্ডার] বি. দানসত্র।

দরিয়া /দোরিআ/ [ফা.] বি. ১ সাগর। ২ বড়ো নদী।

দরুদ /দোরুদ্‌/ [ফা.] বি. সালাম, শান্তির বাণী।

দরুন /দোরুন্‌/ [ফা.] অব্য. জন্য, নিমিত্ত, হেতু।

দর্দুর /দোরদুর্‌/ [স. √দৃ+উর] বি. ১ ব্যাং, ভেক। ২ দাক্ষিণাত্যের পর্বতবিশেষ। ৩ মেঘ। ৪ বাদ্যযন্ত্র।

দর্প /দর্‌পো/ [স. √দৃপ্‌+অ] বি. ১ দম্ভ। ২ তাপ।

দর্পক /দর্‌পক্‌/ [স. √দৃপ্‌+অক] বি. কামদেব, কন্দর্প, মদন। বিণ. উত্তেজক, উদ্দীপক।

দর্পণ /দর্‌পোন্‌/ [স. √দর্পি+অন] বি. আয়না।

দর্পহর /দর্‌পোহরো/ [স. দর্প+হর] বিণ. দ্র দর্পহারী।

দর্পহারী /দর্‌পোহারি/ [স. দর্প+√হৃ+ইন্‌] বিণ. দর্প হরণ করে এমন।

দর্পিত /দোর্‌পিতো/ [স. দর্প+ইত] বিণ. গর্বিত।

দর্পী /দোর্‌পি/ [স. দর্প+ইন্‌] বিণ. দাম্ভিক, দর্পকারী। স্ত্রী. দর্পিণী /দোর্‌পিনি/।

দর্বি /দোর্‌বি/ [স. √দু+বি] বি. ১ রান্নার কাজে ব্যবহৃত কাঠের হাতাবিশেষ। ২ সাপের ফণা।

দর্বিকর /দোর্‌বিকর্‌/ [স. দর্বি+কর] বিণ. ফণাধর। বি. সাপ।

দর্বিকা /দোর্‌বিকা/ [স. দর্বি+কন্‌+আ (টাপ্‌)] বি. ধাতু বা কাঠের ছোটো হাতা।

দর্ভ /দর্‌ভো/ [স. √দু+ভ] বি. তৃণজাতীয় উদ্ভিদ।

দর্ভপাণি /দর্‌ভোপানি/ [স. দর্ভ+পাণি] বিণ. হাতে কুশ আছে এমন, কুশহস্ত।

দর্ভময় /দর্‌ভোময়্‌/ [স. দর্ভ+ময়ট্‌] বিণ. কুশ-নির্মিত, কুশময়। স্ত্রী. দর্ভময়ী /দর্‌ভোমোয়ি/।

দর্ভাঙ্কুর /দর্‌ভাংকুর্‌/ [স. দর্ভ+অঙ্কুর] বি. কুশতৃণের অঙ্কুর।

দর্ভাসন /দর্‌ভাশোন্‌/ [স. দর্ভ+আসন] বি. কুশের আসন।

দর্শ /দর্‌শো/ [স. √দৃশ্‌+অ] বি. ১ অমাবস্যা। ২ অমাবস্যায় করণীয় যজ্ঞবিশেষ। ৩ দর্শন।

দর্শক /দর্‌শক্‌/ [স. √দৃশ্‌+অক] বি. যে দেখে। বিণ. ১ পরিদর্শনকারী। ২ দর্শয়িতা।

দর্শন /দর্‌শোন্‌/ [স. √দৃশ্‌+অন] বি. ১ ভক্তিভরে অবলোকন (*কাবা দর্শন*)। ২ সাক্ষাৎ। ৩ জ্ঞান; উপলব্ধি (*ভূয়োদর্শন*)। ৪ চক্ষু; দৃষ্টিশক্তি। ৫ চেহারা (*সুদর্শন*)। ৬ জ্ঞান ও যুক্তির ওপর প্রতিষ্ঠিত চিন্তাবিষয়ক শাস্ত্র (*দর্শনশাস্ত্র*), philosophy।

দর্শনচিন্তা /দর্‌শোনচিন্‌তা/ [স. দর্শন+√চিন্ত্‌+অ+আ (টাপ্‌)] বি. দর্শনশাস্ত্রের অনুশীলন।

দর্শনডালি /দর্‌শোনডালি/ [স. দর্শন+বা. ডালি] বি. দ্র দর্শনিদারি।

দর্শনদারি /দর্‌শোনদারি/ [স. দর্শন+ফা. দারি] বি. রূপ বিচার। বিণ. সুরূপ।

দর্শনপ্রার্থী /দর্‌শোনপ্রার্থি/ [স. দর্শন+প্র+√অর্থ্‌+

www.pathagar.com

ইন্] বিণ. সাক্ষাৎপ্রার্থী, দর্শনার্থী।

দর্শনশাস্ত্র /দর্‌শোন্‌শাস্‌ত্রো/ [স. দর্শন+√শাস্+ত্র] বি. যাবতীয় তত্ত্বজ্ঞান প্রতিপাদক শাস্ত্র।

দর্শনি /দর্‌শোনি/ [বা.] বি. ১ প্রেক্ষাগার রঙ্গালয় প্রভৃতি স্থানের প্রবেশমূল্য; কোনোকিছু দেখার জন্য দেয় অর্থ। ২ উপদেশ পরামর্শ প্রভৃতির বিনিময়ে প্রদেয় অর্থ।

দর্শনীয় /দর্‌শোনিয়ো/ [স. √দৃশ্+অনীয়] বিণ. ১ দেখার যোগ্য; দেখা উচিত এমন। ২ সুন্দর।

দর্শনেন্দ্রিয় /দর্‌শোনেন্‌দ্রিয়ো/ [স. দর্শন+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে দেখা হয়, চোখ।

দর্শয়িতা /দর্‌শোয়িতা/ [স. √দর্শি+তৃ] বিণ. প্রদর্শক। বি. পর্যটককে দেখানোর দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, guide।

দর্শানো /দর্‌শানো/ [বা.] ক্রিবি. ১ দেখানো। ২ ব্যাখ্যা করা (*কারণ দর্শানো*)।

দর্শিত /দোর্‌শিতো/ [স. √দর্শি+ত] বিণ. দেখা হয়েছে এমন; প্রকটিত; প্রতিপাদিত।

-দর্শী /দোর্‌শি/ [স. √দৃশ্+ইন্] বিণ. দর্শক, দ্রষ্টা (*দূরদর্শী*); জ্ঞানী, বেত্তা (*পারদর্শী*)।

দল /দল্/ [স. √দল্+অ] বি. ১ পাপড়ি। ২ পল্লব। ৩ সিলেবল, অক্ষর। ৪ জলজ উদ্ভিদবিশেষ (*দল-কলমি*)। ৫ জোট, গোষ্ঠী। ৬ (বাংলায়) সমূহ, গুচ্ছ (*গানগুলি মোর শৈবালেরই দল—* রবীন্দ্র.)।

দলই /দলোই/ [স. দলপতি >] বি. ১ দ্বারপাল, প্রহরী। ২ সেনাধ্যক্ষ। ৩ পদবিবিশেষ।

দলক /দলক্/ [বা.] বি. ১ অবিরাম বৃষ্টিপাত। ২ ঢেলা। ৩ ঝলকা। বিণ. কর্দমাক্ত।

দলকচু /দল্‌কোচু/ [স. দল+কচু] বি. ১ পাতাকচু। ২ অল্প জলে ক্ষতি হয় না এমন ধান্যবিশেষ।

দলকানো /দল্‌কানো/ [বা.] ক্রিবি. ঝলকানো।

দলগত /দলোগতো/ [স. দল+ √গম্+ত] বিণ. গোষ্ঠী-গত।

দলচ্যুত /দলোচ্‌চুতো/ [স. দল+ √চ্যু+ত] বিণ. স্বীয় সমাজ বা দল থেকে বিচ্যুত, যূথভ্রষ্ট।

দলছাড়া /দল্‌ছাড়া/ [স. দল+বা. ছাড়া] বিণ. নিজ দল থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে এমন, যূথভ্রষ্ট।

দলছুট /দল্‌ছুট/ [স. দল+বা. ছুট] বিণ. দ্র দলছাড়া।

দলদল /দল্‌দল্/ [ধ্বন্যা.] অব্য. অতিরিক্ত নরম বা শিথিলতার ভাব।

দলদলে /দল্‌দোলে / [দেশি.] বিণ. ১ অত্যন্ত নরম; শিথিল। ২ পঙ্কিল।

দলন /দলোন্/ [স. √দল্+অন] বি. ১ মর্দন; চূর্ণীকরণ। ২ নিপীড়ন।

দলনমলন /দলোন্‌মলোন্ / [স. দলন+মলন] বি. অঙ্গমর্দন; সংবাহন।

দলনিরপেক্ষ /দলোনিরোপেক্‌খো/ [স. দল+ নিরপেক্ষ] বিণ. বিশেষ কোনো দলের প্রতি পক্ষপাত নেই এমন।

দলনী /দলোনি/ [স. দলন+ঈ] বিণ. ১ নিপীড়ক। ২ শাসয়িত্রী।

দলপতি /দলোপোতি/ [স. দল+পতি] বি. দলনেতা।

দল পাকানো /দল্ পাকানো/ ক্রিবি. কোনো বিশেষ উদ্দেশ্যে জোট পাকানো।

দলবদ্ধ /দলোবদ্‌ধো/ [স. দল+বদ্ধ] বিণ. সঙ্ঘ-বদ্ধ, সংহত।

দলবল /দল্‌বল্/ [স. দল+বল] বি. স্বপক্ষীয় লোকজন।

দলভুক্ত /দলোভুক্‌তো/ [স. দল+ √ভুজ্+ত] বিণ. দলের অন্তর্গত।

দলভ্রষ্ট /দলোভ্রোশ্‌টো/ [স. দল+ √ভ্রন্‌শ্+ত] বিণ. নিজ দল থেকে বিচ্ছিন্ন; দলচ্যুত।

দলমতনির্বিশেষে /দলোমত্‌নির্‌বিশেশে/ [স. দল+ মত+নির্বিশেষ+বা. এ] ক্রিবিণ. কোনো বিশেষ দল বা গোষ্ঠীর স্বার্থ বিবেচনা না করে।

দলা[১] /দলা/ [স. দলি >] বি. ঢিল, ডেলা, পিণ্ড।

দলা[২] /দলা/ [বা.] ক্রিবি. ১ দলন করা; মাড়ানো (*যেতে যেতে গো, কাননেতে গো ও কত যে ফুল দ'লে গেল॥* রবীন্দ্র.)। ২ নিপীড়ন করা। বি. দলন। বিণ. মর্দিত; নিপীড়িত; পিষ্ট।

দলাইমলাই /দলাই্‌মলাই্/ [বা.] বি. অঙ্গমর্দন।

দলাদলি /দলাদোলি/ [বা.] বি. দলের অভ্যন্তরে মতবিরোধের ফলে বিভাজন।

দলানো /দলানো/ [বা.] ক্রিবি. দলিত করানো।

দলিত /দোলিতো/ [স. √দল্+ত] বিণ. ১ মর্দিত; পিষ্ট। ২ নিপীড়িত। স্ত্রী. দলিতা /দোলিতা/।

দলিল /দোলিল্/ [আ.] বি. ১ প্রমাণরূপে ব্যবহার করা যায় এমন কাগজপত্র, document। ২ স্বত্ব নির্দেশক কাগজপত্র।

দলিল করা /দোলিল্ করা/ ক্রিবি. কোনো সম্পত্তি বা জমি হস্তান্তরের উদ্দেশ্যে তৃতীয় কোনো পক্ষকে সাক্ষী করে চুক্তিপত্র তৈরি করা।

দলিলগ্রহীতা /দোলিল্‌গ্রোহিতা/ [আ. দলিল+স. গ্রহীতা] বি. যার অনুকূলে সম্পত্তি প্রভৃতি হস্তান্তর-সংক্রান্ত দলিল দান করা হয়, দলিলগ্রাহক।

দলিলদস্তাবেজ /দোলিল্‌দস্‌তাবেজ্/ [আ. দলিল +ফা. দস্তাবেজ] বি. দলিল ও তার আনুষঙ্গিক

www.pathagar.com

গুরুত্বপূর্ণ কাগজপত্র; বিবিধ প্রমাণপত্র।

দলিলদাতা /দোলিল্‌দাতা / [আ. দলিল+স. দাতা] বি. যে ব্যক্তি সম্পত্তি প্রভৃতি হস্তান্তরসংক্রান্ত দলিল গ্রহীতাকে দান করে।

দলীয় /দোলিয়ো / [স. দল+ঈয়] বিণ. দলসংক্রান্ত; দলভুক্ত; কোনো বিশেষ একটি দলের।

দলুজ /দোলুজ্‌/ [ফা.] বি. বৈঠকখানা।

দলুয়া /দোলুআ / [স. দল+বা. উয়া] বি. গুড়ের রস শুকিয়ে প্রাপ্ত অপরিশোধিত লালচে চিনি।

দলে দলে /দলে দলে / ক্রিবিণ. দলবদ্ধ হয়ে।

দশ[১] /দশ্‌/ [স. দশন্‌] বি. ১০ সংখ্যা। বিণ. ১০ সংখ্যক।

দশ[২] /দশ্‌/ [স. দশন্‌] বি. ১ (বাংলায়) জনসাধারণ(*দশে মিলি করি কাজ*)। ২ সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ।

দশক /দশোক্‌/ [স. দশন্‌+ক] বিণ. দশ সংখ্যক। বি. ১ দশ সংখ্যা। ২ দুই বা ততোধিক রাশির কোনো সংখ্যার ডানদিক থেকে দ্বিতীয় অঙ্ক। ৩ দশ বছরকাল; প্রত্যেক শতাব্দীর শুরু থেকে গণনা করে প্রতি দশ বৎসর, decade (*একবিংশ শতকের দ্বিতীয় দশক*)। ৪ দশটির সমষ্টি।

দশকথা /দশ্‌কথা/ [স. দশন্‌+কথা] বি. নানা প্রকার অবাঞ্ছিত কথা।

দশকর্ম /দশোকর্‌মো / [স. দশন্‌+কর্মন্‌] বি. স্মৃতি-শাস্ত্রবিহিত গর্ভাধান থেকে বিবাহ পর্যন্ত পালনীয় দশবিধ সংস্কার (গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন সমাবর্তন ও বিবাহ)।

দশকর্মান্বিত /দশোকর্‌মান্‌নিতো/ [স. দশকর্মন্‌+অন্বিত] বিণ. ১ দশ রকম কাজে দক্ষতা আছে এমন; দশ রকম কাজ সম্পাদন করতে অভিজ্ঞ। ২ দশকর্মের অনুষ্ঠাতা।

দশকিয়া /দশকিআ/ [স. দশক+বা. ইয়া] বি. দশকের নামতা।

দশকুশি /দশ্‌কুশি/ [স. দশক্রোশ>] বি. ১ কীর্তনের তালবিশেষ। ২ দশ ক্রোশ দূরত্বের পথ।

দশগুণ /দশ্‌গুন্‌/ [স. দশন্‌+গুণ] বিণ. ১ দশ দিয়ে গুণ করা হয়েছে এমন। ২ (আল.) বহুগুণ।

দশচক্র /দশোচক্‌ক্রো/ [স. দশ+চক্র] বি. বহুলোকের মন্ত্রণা (*দশচক্রে ভগবান ভূত*)।

দশদশা /দশ্‌দশা/ [স. দশ+√দন্‌শ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ মানবমনের দশবিধ অবস্থা (অভিলাষ চিন্তা স্মৃতি গুণকীর্তন উদ্‌বেগ প্রলাপ উন্মাদনা ব্যাধি জড়তা ও মৃত্যু)। ২ মানবজীবনের দশ অবস্থা (গর্ভবাস জন্ম বাল্য কৌমার পৌগণ্ড যৌবন স্থবিরতা জরা প্রাণ-রোধ ও বিনাশ)। ৩ বৈষ্ণবশাস্ত্রের দশটি ভক্তিভাব (শ্রবণ কীর্তন স্মরণ অর্চন বন্দন পদসেবন দাস্য সখ্য আত্মনিবেদন ও স্বীয়ভাব)।

দশদিক /দশ্‌দিক্‌/ [স. দশন্‌+দিক্‌] বি. পূর্ব পশ্চিম উত্তর দক্ষিণ ঈশান (উত্তর-পূর্ব কোণ) বায়ু (উত্তর-পশ্চিম কোণ) অগ্নি (দক্ষিণ-পূর্ব কোণ) নৈর্ঋত (দক্ষিণ-পশ্চিম কোণ) ঊর্ধ্ব এবং অধঃ; সর্বদিক; সর্বত্র।

দশদিশ /দশ্‌দিশ্‌/ [স. দশন্‌+বা. দিশ] বি. দ্র দশদিক।

দশদিশি /দশ্‌দিশি/ [স. দশন্‌+বা. দিশি] বি. দ্র দশদিক।

দশধা /দশোধা/ [স. দশন্‌+ধা] ক্রিবিণ. ১ দশ প্রকারে; বিভিন্ন প্রকারে। ২ দশ দিকে; বিভিন্ন দিকে। ৩ দশ ভাগে। ৪ দশবার; অনেকবার।

দশন /দশোন্‌/ [স. √দন্‌শ্‌+অন] বি. ১ যা দিয়ে দংশন করা হয়, দাঁত। ২ দংশন। ৩ পল পরিমাণ। ৪ পাহাড়ের চূড়া।

দশপঁচিশ /দশ্‌পোঁচিশ্‌/ [স. দশন্‌+বা. পঁচিশ] বি. কড়ি দিয়ে খেলা হয় এমন পাশাজাতীয় অন্তরঙ্গনক্রীড়া।

দশবল /দশোবল্‌ / [স. দশন্‌+বল] বি. দশটি বলে বলীয়ান (দান শীল ক্ষমা বীর্য ধ্যান যজ্ঞ বল উপায় প্রণিধি ও জ্ঞান) বুদ্ধ।

দশবাই চণ্ডী /দশ্‌বাই চোন্‌ডি/ বি. ১ দশভুজা দেবী দুর্গা। ২ (আল.) কোপনস্বভাব নারী।

দশভুজা /দশোভুজা/ [স. দশন্‌+√ভুজ্‌+অ+আ (টাপ্‌)] বিণ. দশ হাতবিশিষ্টা। বি. দেবী দুর্গা।

দশম /দশোম/ [স. √দশন্‌+ম] বিণ. ১০ সংখ্যক; ১০ সংখ্যার পূরক।

দশমহাবিদ্যা /দশোমহাবিদ্‌দ্যা / [স. দশন্‌+মহাবিদ্যা] বি. দেবী দুর্গার দশ মূর্তি (কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী ও কমলা)।

দশমাবতার /দশোমাবোতার/ [স. দশম+অবতার] বি. বিষ্ণুর কল্কি অবতার।

দশমিক /দশোমিক্‌/ [বা.] বি. কোনো রাশির দশমাংশের গণনাপদ্ধতিবিশেষ, অখণ্ড রাশির দশ ভাগের এক ভাগ, decimal। বিণ. সংখ্যার দশমাংশসংক্রান্ত।

দশমী /দশোমি/ [স. দশম+ইন্‌] বি. তিথিবিশেষ।

দশমূল /দশোমুল্‌ / [স. দশন্‌+মূল] বি. আয়ুর্বেদীয় চিকিৎসায় ব্যবহৃত দশটি গাছের মূলের (বেল শ্যোণাক গাম্ভারী পাটলা গণিকারিকা শালপর্ণী পৃশ্নিপর্ণী বৃহতী কণ্টকারী ও গোক্ষুর) নির্যাস থেকে আহৃত পাঁচনবিশেষ।

www.pathagar.com

দশরথ /দশোরথ্/ [ব্যক্তি.] বি. ১ রামচন্দ্রের পিতা। ২ যার রথ দশ দিকেই চলতে পারে।

দশহরা /দশোহরা/ [স. দশন্+√হৃ+অ+আ (টাপ্)] বি. ১ বিজয়া দশমী। ২ জ্যৈষ্ঠ মাসের শুক্ল দশমী।

দশা /দশা/ [স. √দন্শ্+অ+আ (টাপ্)] বি. ১ অবস্থা (*দুর্দশা*)। ২ ভাব (*মনের দশা*)। ৩ মানবজীবনের দশবিধ অবস্থা (গর্ভবাস জন্ম বাল্য কৌমার পৌগণ্ড যৌবন স্থবিরতা জরা প্রাণরোধ ও বিনাশ)। ৪ মানবমনের দশবিধ অবস্থা (অভিলাষ চিন্তা স্মৃতি গুণকীর্তন উদ্‌বেগ প্রলাপ উন্মাদনা ব্যাধি জড়তা ও মৃত্যু)। ৫ বৈষ্ণবশাস্ত্রে বর্ণিত দশটি ভক্তিভাব (শ্রবণ কীর্তন স্মরণ অর্চন বন্দন পদসেবন দাস্য সখ্য আত্মনিবেদন স্বীয়ভাব)। ৬ মানুষের ওপর জন্ম-কালে রাশিচক্রের অবস্থানজনিত কল্পিত প্রভাব (*শনির দশা*)। ৭ সমাধি (*দশাপ্রাপ্তি*)। ৮ পিতা মাতা বা গুরুর মৃত্যুর পর পালনীয় সংস্কারবিশেষ (*পিতৃদশা*)। ৯ প্রদীপের সলতে। ১০ বস্ত্রপ্রান্ত। ১১ চন্দ্রের কলা।

দশানন /দশানন্/ [স. দশ+আনন] বি. রামায়ণে বর্ণিত দশটি মুখবিশিষ্ট রাক্ষসরাজ রাবণ।

দশান্তর /দশানতর্/ [স. দশা+অন্তর] বি. ১ অবস্থা-ভেদ। ২ দুর্দশা।

দশাপ্রাপ্ত /দশাপ্রাপ্তো/ [স. দশা+প্রাপ্ত] বিণ. ১ শোচনীয় অবস্থায় পতিত। ২ মৃত্যুর মুখে পতিত।

দশাপ্রাপ্তি /দশাপ্রাপ্তি/ [স. দশা+প্রাপ্তি] বি. ১ ভক্তিজনিত ভাবাবেশে বাহ্যজ্ঞানরহিত অবস্থা। ২ শোচনীয় অবস্থায় পতন। ৩ মৃত্যু।

দশাবতার /দশাবোতার্/ [স. দশ+অবতার] বি. বিষ্ণুর দশ অবতার (মৎস্য কূর্ম বরাহ নৃসিংহ বামন পরশুরাম রামচন্দ্র বলরাম বুদ্ধ ও কল্কি)।

দশাবিপর্যয় /দশাবিপোরজয়্/ [স. দশা+বিপর্যয়] বি. দ্র দশান্তর।

দশাশ্ব /দশাশ্শো/ [স. দশন্+অশ্ব] বি. (১০ অশ্ববাহিত রথে আরোহণ করেন বলে) চন্দ্রদেব।

দশাশ্বমেধ /দশাশ্শোমেধ্/ [স. দশাশ্ব+মেধ] বি. কাশীর তীর্থক্ষেত্রবিশেষ।

দশাসই /দশাশোই/ [স. দশা+ফা. সই] বিণ. ১ লম্বা ও চওড়া; দীর্ঘদেহ। ২ (আল.) স্থূলকায় (*দশাসই চেহারা*)।

দশাহ /দশাহো/ [স. দশ+অহন্] বি. ১ দশ দিন। ২ দশ দিন ধরে পালিত উৎসব। বিণ. দশ দিনব্যাপী।

দশি /দোশি/ [দেশি.] বি. বস্ত্রপ্রান্ত; কাপড়ের ফালি; কাপড়ের ছেঁড়া পাড় বা পাড়ের সুতো।

দশেরা /দশেরা/ [হি.] বি. বিজয়া দশমীর উৎসব।

দষ্ট /দশ্টো/ [স. √দনশ্+ত] বিণ. দাঁত দিয়ে কাটা বা ছিন্ন, দংশিত (*কীটদষ্ট*)।

দস্তক /দস্তোক্/ [ফা.] বি. পরোয়ানা, সমন; গ্রেপ্তারি পরোয়ানা।

দস্তখত /দস্তোখত্/ [ফা.] বি. স্বাক্ষর, সহি।

দস্তখতি /দস্তোখোতি/ [ফা.] বিণ. স্বাক্ষরিত।

দস্তবদস্ত /দস্তবদস্ত্/ [ফা.] ক্রিবিণ. হাতে হাতে।

দস্তরখান /দস্তোরখান্/ [ফা.] বি. টেবিল বা ফরাশে বিছানো হয় এমন লম্বা কাপড়ের ফালি যার ওপর প্লেট গ্লাস প্রভৃতি রেখে খাদ্য পরিবেশন করা হয়।

দস্তরখানা /দস্তোরখানা/ [ফা.] বি. দ্র দস্তরখান।

দস্তা /দস্তা/ [স. যশদ >] বি. উজ্জ্বল নীলাভ সাদা কঠিন মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৩০ (সচরাচর কলাইয়ের জন্য ব্যবহৃত), zinc।

দস্তানা /দস্তানা/ [ফা.] বি. ১ কোনো তপ্ত বস্তু ধরার সময় হাতে পরিধেয় তাপনিরোধী পুরু আবরণ-বিশেষ। ২ জীবাণু সংক্রমণ রোধকল্পে ব্যবহৃত কবজি থেকে আঙুল পর্যন্ত (প্রতিটি আঙুলের জন্য পৃথক খোপবিশিষ্ট) পাতলা কৃত্রিম রবার প্লাস্টিক প্রভৃতির আবরণ। ৩ হাত গরম রাখার জন্য পরিধেয় প্রতিটি আঙুলের জন্য পৃথক খোপবিশিষ্ট চামড়া বা পশমের মোজা, হাতমোজা, হস্তত্র।

দস্তাবেজ /দস্তাবেজ্/ [ফা.] বি. দলিল।

দস্তার /দোস্তার্/ [ফা.] বি. পাগড়ি, উষ্ণীষ।

দস্তিদার /দোস্তিদার্/ [ফা.] বি. ১ নবাবি আমলে যে ব্যক্তির কাছে রাজকীয় সিলমোহর রাখা হতো; রাষ্ট্রীয় দলিলপত্র স্বাক্ষরের দায়িত্বপ্রাপ্ত কর্মচারী। ২ পদবিবিশেষ। ৩ মশালচি।

দস্তুর /দোস্তুর্/ [ফা.] বি. নিয়ম, রীতি, রেওয়াজ।

দস্তুরমতো /দোস্তুরমতো/ [ফা. দস্তুর+বা. মতো] ক্রিবিণ. নিয়মমাফিক, যথারীতি।

দস্তুরমাফিক /দোস্তুরমাফিক্/ [ফা. দস্তুর+আ. মাফিক] ক্রিবিণ. নিয়ম বা রীতি অনুসারে।

দস্তুরি /দোস্তুরি/ [ফা.] বি. ১ মূল্যের যে অংশ ছাড় দেওয়া হয়, discount। ২ দালালি; কমিশন।

দস্যি /দোশ্শি/ [স. দস্যু >] বিণ. দুরন্ত, অশান্ত; ডানপিটে; অবাধ্য; 'দস্যু'-র আদরসূচক কথ্য রূপ।

দস্যিপনা /দোশ্শিপনা/ [বা.] বি. দুরন্ত স্বভাব; দুরন্তপনা।

দস্যু /দোশ্শু/ [স. √দস্+যু] বি. যে ব্যক্তি বলপ্রয়োগ করে পরদ্রব্য হরণ করে।

www.pathagar.com

দস্যুবৃত্তি/দোশশুবৃত্তি/[স. দস্যু+বৃত্তি] বি. ডাকাতের বৃত্তি।

দহ /দহো/ [স. হ্রদ >] বি. ১ অগাধ জলপূর্ণ স্থান; হ্রদ। ২ ঘূর্ণিজল। ৩ গভীর গর্ত বা বিস্তীর্ণ ফাটল। ৪ (আল.) সংকট (*দহে পড়া*)।

দহন /দহোন্/ [স. √দহ্+অন] বি. ১ দগ্ধকরণ। ২ জ্বলন; প্রদাহ। ৩ আগুন। ৪ (আল.) যন্ত্রণা।

দহনক্রিয়া /দহোন্ক্রিয়া/ [স. দহন+ক্রিয়া] বি. ১ জ্বলনের কাজ। ২ শবদাহ।

দহনীয় /দহোনিয়ো/ [স. √দহ্+অনীয়] বিণ. দহন-যোগ্য; দাহ করতে হবে এমন।

দহর[১] /দহোর/ [স. হ্রদ >] বি. ১ জলাভূমি। ২ পতিত গোচারণ ভূমি।

দহর[২] /দহোর/ [স. দভ্র >] বিণ. ১ দুর্বোধ্য। ২ অল্প। ৩ অল্পবয়স্ক। বি. ১ বালক। ২ ভাই। ৩ হৃদয়।

দহরম /দহোরম্/ [ফা.] বি. ১ ঘনিষ্ঠতা, অন্তরঙ্গতা, বন্ধুত্ব। ২ আত্মীয়তা।

দহরম-মহরম /দহোরম্মহোরম্/ [ফা. দহরম+আ. মহরম] বি. গভীর আন্তরিকতা, মাখামাখি।

দহলা /দহোলা/ [হি.] বি. দশ ফোঁটাযুক্ত তাস।

দহলিজ /দহ্লিজ্/ [ফা.] বি. ১ বৈঠকখানা, বাইরের ঘর। ২ ঘরের দাওয়া। ৩ চণ্ডীমণ্ডপ।

দহা /দহা/ [স. √দহ্+বা. আ] ক্রিবি. ১ দগ্ধ হওয়া, পোড়া। ২ দগ্ধ করা, পোড়ানো। ৩ শীর্ণ হওয়া।

দহ্যমান /দোজ্ঝোমান্/ [স. √দহ্+মান (শানচ্)] বিণ. দগ্ধ হচ্ছে এমন, পুড়ছে এমন।

দা[১] /দা/ [স. দাত্র >] বি. কোপ দিয়ে কাটার জন্য ব্যবহৃত হাতলযুক্ত কাটারি।

-দা[২] /দা/ [স. তাত >] বি. জ্যেষ্ঠভ্রাতা বা তৎস্থানীয় ব্যক্তির নামান্তে যুক্ত শব্দ (*রবিদা*); 'দাদা'-র সংক্ষিপ্ত রূপ (*মেজদা*)।

-দা[৩] /দা/ [স. √দা+অ+আ (টাপ্)] বিণ. দাত্রী, দানকারিণী (*অন্নদা*)।

দাই /দাই/ [স. ধাত্রী >] বি. যে নারী সন্তান প্রসবে সাহায্য করে এবং প্রসূতি ও নবজাতকের পরিচর্যা করে, ধাই; পালনকারিণী, ধাইমা, ধাত্রী।

দাইমা /দাইমা/ [স. ধাত্রী>] বি. দ্র দাই।

দাউদাউ /দাউদাউ/ [ধ্বন্যা.] অব্য. প্রবলভাবে আগুন জ্বলার ভাবসূচক অনুকার শব্দ (*দেখবে সকলে সেখানে জ্বলছে /দাউ দাউ করে বাংলা দেশের প্রাণ॥* সুকান্ত.)।

দাও[১] /দাও/ [স. দাত্র >] বি. কাটারি।

দাও[২] /দাও/ [স. দান >] ক্রি. দেওয়ার অনুজ্ঞা; প্রদান করো।

দাওয়া[১] /দাওআ/ [দেশি.] বি. বারান্দা, রোয়াক।

দাওয়া[২] /দাওআ/ [আ.] বি. অধিকার; স্বত্ব; পাওনা (*দাবিদাওয়া*)।

দাওয়াই /দাওআই/ [আ. দাওয়া >] বি. ওষুধ।

দাওয়াখানা /দাওআখানা/ [আ. দাওয়া+ফা. খানা] বি. ঔষধালয়।

দাওয়াত /দাওআত্/ [আ.] বি. নিমন্ত্রণ, আমন্ত্রণ।

দাঁও /দাঁও/ [ফা.] বি. ১ সুযোগ, সুবিধা। ২ সুযোগ পেয়ে প্রচুর লাভ।

দাঁও মারা /দাঁও মারা/ ক্রিবি. সুযোগ বুঝে লাভজনক কাজ করা।

দাঁড় /দাঁড়্/ [স. দণ্ড >] বি. ১ নৌকার বৈঠা (*দাঁড় টানা*)। ২ পোষা পাখি বসার দণ্ড। ৩ অপেক্ষা-রত অবস্থা (*দাঁড় করিয়ে রাখা*)। ৪ উপস্থিত (*সাক্ষী দাঁড় করানো*)। ৫ প্রতিষ্ঠা (*কারবার দাঁড় করানো*)।

দাঁড়কাক /দাঁড়্কাক্/ [স. দণ্ডকাক >] বি. জীবজন্তুর দেহাবশেষ খেয়ে জীবনধারণ করে এবং উত্তর গোলার্ধে প্রায় সর্বত্র বিচরণ করে এমন লম্বা লেজ এবং নৌকার মতো বাঁকানো ও পুরু চঞ্চুবিশিষ্ট কালো কুচকুচে বড়ো কাকজাতীয় পাখি যার স্বর কর্কশ, raven।

দাঁড়কাকের ময়ূরপুচ্ছ /দাঁড়্কাকের্ ময়ুরপুচ্ছো/ বি. ১ ছোটো হয়ে বড়োদের অনুকরণের চেষ্টা। ২ ভণ্ডামির চিহ্ন।

দাঁড়কোদাল /দাঁড়্কোদাল্/ [বা.] বি. লম্বা হাতল-যুক্ত বড়ো কোদাল।

দাঁড়া[১] /দাঁড়া/ [স. দণ্ড >] বি. ১ দণ্ড। ২ মেরুদণ্ড (*শিরদাঁড়া*), backbone। ৩ নৌকার তলদেশে (ঠিক মাঝখানে) লম্বালম্বিভাবে স্থাপিত কাঠ, keel। ৪ জমিতে জলসেচনের জন্য কাটা নালি।

দাঁড়া[২] /দাঁড়া/ [স. ধারা >] বি. রীতি, রেওয়াজ; ধরন; দস্তুর।

দাঁড়া[৩] /দাঁড়া/ [স. দণ্ডায় >] অনুক্রি. (তুচ্ছার্থে) দাঁড়ানোর অনুজ্ঞা।

দাঁড়াকবি /দাঁড়াকোবি/ [বা. দাঁড়া+স. কবি] বি. যে কবিয়াল মঞ্চে দাঁড়িয়ে তাৎক্ষণিকভাবে গান রচনা করে উত্তর দেন।

দাঁড়াকোদাল /দাঁড়াকোদাল্/ [বা.] বি. দাঁড়িয়ে মাটি কাটা যায় এমন লম্বা হাতলওয়ালা কোদাল।

দাঁড়ানো /দাঁড়ানো/ [বা.] ক্রিবি. ১ খাড়া হওয়া (*উঠে দাঁড়ানো*)। ২ অপেক্ষা করা (*লাইনে দাঁড়ানো*)। ৩

www.pathagar.com

থামা (*ট্রেন দাঁড়ানো*)। ৪ প্রতিরোধের জন্য অবস্থান নেওয়া (*রুখে দাঁড়ানো*)। ৫ সঞ্চিত হওয়া (*রাস্তায় জল দাঁড়ানো*)। ৬ পক্ষ গ্রহণ করা (*পাশে দাঁড়ানো*)। ৭ প্রার্থী হওয়া (*নির্বাচনে দাঁড়ানো*)। ৮ টিকে যাওয়া (*ব্যবসায় দাঁড়ানো*)।

দাঁড়াশ /দাঁড়াশ্/ [স. দণ্ড >] বি. লেজে ভর দিয়ে দাঁড়িয়ে উঠতে পারে এমন নির্বিষ সাপবিশেষ।

দাঁড়ি/দাঁড়ি/ [বা.] বি. ১ পূর্ণচ্ছেদচিহ্ন (।)। ২ তুলা-দণ্ড। ৩ যে ব্যক্তি নৌকার দাঁড় টানে। ৪ টানা রেখা।

দাঁড়িকা /দাঁড়িকা/ [অজ্ঞা.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে অগভীর জলাশয়ে বিচরণ করে এমন প্রশস্ত কালো ডোরাযুক্ত হলুদাভ সাদা চ্যাপটা লম্বাটে দেহ ও দুইজোড়া স্পর্শীবিশিষ্ট ছোটো মাছ, দাড়কিনা।

দাঁড়ি টানা /দাঁড়ি টানা/ ক্রিবি. ১ বাক্যের শেষে পূর্ণচ্ছেদ (।) দেওয়া। ২ শেষ করা, ইতি টানা।

দাঁড়িপাল্লা /দাঁড়িপাল্লা/ [বা. দাঁড়ি+ফা. পাল্লা] বি. ওজন করার দণ্ডবিশেষ, তুলাদণ্ড।

দাঁত /দাঁত্/ [স. দন্ত >] বি. ১ (চর্বণ বা দংশনের জন্য ব্যবহৃত) পাখি ব্যতীত অধিকাংশ মেরুদণ্ডী প্রাণী এবং কোনো কোনো অমেরুদণ্ডী প্রাণীর চোয়ালের মাড়ি থেকে উদ্‌গত ক্যালসিয়াম সমৃদ্ধ এনামেল-আবৃত উপাঙ্গ, দন্ত, দশন। ২ চিরুনির ফাঁক ফাঁক করে চেরা অংশ (*চিরুনির দাঁত*)।

দাঁত কনকন করা /দাঁত্ কন্‌কন্ করা/ ক্রিবি. ঠান্ডা বা বেদনার জন্য দাঁতে কষ্টদায়ক অনুভূতি বোধ করা; দাঁতে ব্যথা করা।

দাঁত কনকনানি /দাঁত্ কন্‌কনানি/ বি. দাঁতে যন্ত্রণার অনুভূতি।

দাঁতকপাটি /দাঁত্‌কপাটি/ [বা.] বি. দাঁতে দাঁত লাগা অবস্থা, চোয়ালের খিলবদ্ধ অবস্থা।

দাঁতখিঁচানো /দাঁত্‌খিঁচানো/ [বা.] ক্রিবি. দাঁত বের করে তিরস্কার করা।

দাঁতখিঁচুনি /দাঁত্‌খিঁচুনি/ [বা.] বি. প্রচণ্ড ভর্ৎসনা।

দাঁত তোলা /দাঁত্ তোলা/ ক্রিবি. দাঁত উৎপাটন করা।

দাঁতন /দাঁতোন্/ [স. দন্তধাবন >] বি. (দাঁত পরিষ্করণের জন্য ব্যবহৃত) নিম বাবলা প্রভৃতি গাছের সরু ও ছোটো ডাল যার প্রান্তদেশ থেঁতলে আঁশ বের করে রাখতে হয়, মিসওয়াক; দাঁত পরিষ্করণের জন্য ব্যবহৃত একপ্রান্তে নাইলনের আঁশযুক্ত ছোটো প্লাস্টিকের হাতলবিশেষ, টুথব্রাশ।

দাঁতন করা /দাঁতোন্ করা/ ক্রিবি. দাঁত পরিষ্কার করা।

দাঁত বসানো /দাঁত বসানো/ ক্রিবি. ১ দাঁত দিয়ে কামড়ানো। ২ (আল.) জটিল বিষয়ের অভ্যন্তরে প্রবেশ করতে পারা।

দাঁত বাঁধানো /দাঁত বাঁধানো/ ক্রিবি. দাঁত পড়ে যাওয়ার পর সেখানে কৃত্রিম দাঁত বসানো।

দাঁত ভাঙা[১] /দাঁত্ ভাঙা/ ক্রিবি. বিষদাঁত উৎপাটন করা।

দাঁতভাঙা[২] /দাঁত্‌ভাঙা/ [বা.] বিণ. ১ উচ্চারণ করা কঠিন এমন, দুরুচ্চার্য (*দাঁতভাঙা শব্দ*)। ২ (আল.) দর্পচূর্ণকারী (*দাঁতভাঙা জবাব*)।

দাঁতাল /দাঁতাল্/ [বা.] বি. দাঁতওয়ালা জন্তু। বিণ. বড়ো দাঁতওয়ালা (*দাঁতাল হাতি*)।

দাক্ষায়ণী /দাক্‌খায়োনি/ [স. দক্ষ+আয়ন+ঈ] বি. দক্ষকন্যা ও শিবপত্নী সতী।

দাক্ষিণাত্য /দাক্‌খিনাত্তো/ [স. দক্ষিণা+ত্য] বিণ. দক্ষিণদেশস্থ; দক্ষিণাপথে অবস্থিত বা জাত। বি. ১ দক্ষিণাপথের অধিবাসী। ২ বিন্ধ্যপর্বতের দক্ষিণে ভারতের অঞ্চলসমূহ।

দাক্ষিণ্য /দাক্‌খিন্যো/ [স. দক্ষিণ+য] বি. ১ অনুগ্রহ, দয়া। ২ উদারতা। ৩ সৌজন্য। ৪ সরলতা।

দাক্ষ্য /দাক্‌খ্যো/ [স. দক্ষ+য] বি. দক্ষতা, নৈপুণ্য।

দাখিল /দাখিল্/ [আ.] বি. ১ উপস্থাপন, পেশ। ২ প্রবেশিকা (*দাখিল পরীক্ষা*)। বিণ. ১ উপস্থাপিত; অর্পিত। ২ তুল্য। ৩ উপনীত।

দাখিল খারিজ /দাখিল্ খারিজ্/ বি. সরকারি নথিতে ভূসম্পত্তির পুরাতন মালিকের নাম কেটে নতুন মালিকের নাম স্থাপন।

দাখিলা /দাখিলা/ [আ.] বি. খাজনা প্রাপ্তির রসিদ।

দাখিলি /দাখিলি/ [আ. দাখিল >] বিণ. পেশ করা হয়েছে এমন।

দাগ /দাগ্/ [ফা.] বি. ১ চিহ্ন; ছাপ (*কালির দাগ*)। ২ কলঙ্ক (*চরিত্রের দাগ*)। ৩ মরচে (*লোহায় দাগ ধরা*)। ৪ আঘাত। ৫ রেখা; আঁক। ৬ জমির খণ্ড বা কিতা, plot। ৭ পশুর গায়ে তপ্ত লোহার ছেঁকা দেওয়ার চিহ্ন।

দাগ কাটা /দাগ্ কাটা/ ক্রিবি. মনে রেখাপাত করা বা কার্যকর প্রভাব বিস্তার করা (*মনে দাগ কাটা*)।

দাগড়া /দাগ্‌ড়া/ [ফা. দাগ >] বি. কশাঘাতের দাগ।

দাগ দেওয়া /দাগ্ দেওআ/ ক্রিবি. চিহ্নিত করা।

দাগবিলি /দাগ্‌বিলি/ [ফা. দাগ+বা. বিলি] বি. জমি ও প্রজার বিবরণ।

দাগরাজি /দাগ্‌রাজি/ [ফা.] বি. জীর্ণসংস্কার।

www.pathagar.com

দাগা[১] /দাগা/ [ফা. দাগ >] ক্রিবি. ১ দাগ দেওয়া। ২ অঙ্কিত করা। ৩ নিক্ষেপ করা (*কামান দাগা*)।

দাগা[২] /দাগা/ [ফা.] বি. ১ সন্তাপ। ২ প্রতারণা; বঞ্চনা; বিশ্বাসঘাতকতা। ৩ কলঙ্ক; অপবাদ।

দাগাদার /দাগাদার্/ [ফা.] বিণ. শঠ, বিশ্বাসঘাতক।

দাগা দেওয়া /দাগা দেওআ/ ক্রিবি. ধোঁকা দেওয়া।

দাগানো /দাগানো/ [বা.] ক্রিবি. ১ চিহ্নিত করা। ২ নিক্ষেপ করা (*কামান দাগানো*)। বিণ. চিহ্নিত।

দাগাবাজ /দাগাবাজ্/ [ফা.] বিণ. বিশ্বাসঘাতক, শঠ, প্রতারক। বি. দাগাবাজি /দাগাবাজি/।

দাগি /দাগি/ [ফা.] বিণ. ১ চিহ্নিত, দাগযুক্ত। ২ পচনের চিহ্নযুক্ত। ৩ কলঙ্কিত। ৪ অপরাধের জন্য পূর্বে দণ্ডিত হয়েছে এমন (*দাগি আসামি*)।

দাগি চোর /দাগি চোর্/ বি. যে চোর চুরির জন্য পূর্বে দণ্ডিত হয়েছে।

দাঙ্গা /দাংগা/ [হি.] বি. দলবদ্ধ হানাহানি।

দাঙ্গাফ্যাসাদ /দাংগাফ্যাশাদ্/ [হি. দাঙ্গা+আ. ফ্যাসাদ] বি. হানাহানি; মামলা-মোকদ্দমা।

দাঙ্গাবাজ /দাংগাবাজ্/ [হি. দাঙ্গা+ফা. বাজ] বিণ. মারামারি করতে অভ্যস্ত।

দাঙ্গাবিধ্বস্ত /দাংগাবিদ্ধস্তো/ [ফা. দাঙ্গা+স. বিধ্বস্ত] বিণ. দাঙ্গায় ধ্বংস হয়েছে এমন।

দাঙ্গাবিরোধী /দাংগাবিরোধি/ [ফা. দাঙ্গা+স. বিরোধী] বিণ. দাঙ্গাহাঙ্গামার বিরুদ্ধে অবস্থান গ্রহণকারী; শান্তিকামী।

দাঙ্গাহাঙ্গামা /দাংগাহাংগামা/ [ফা.] বি. সমাজের বিভিন্ন গোষ্ঠী বা শ্রেণির মধ্যে হানাহানি।

দাড়া /দাড়া/ [স. দংষ্ট্রা >] বি. ১ বড়ো দাঁত; দংষ্ট্রা। ২ হুল। ৩ কাঁকড়া বা চিংড়ির দাঁতযুক্ত লম্বা পা; কীটপতঙ্গের শুঁড়।

দাড়ি /দাড়ি/ [স. দাটিকা >] বি. চিবুক বা গালে উদ্‌গত রোমরাজি, শ্মশ্রু।

দাড়ি কামানো /দাড়ি কামানো/ ক্রিবি. দাড়ি মুণ্ডন করা।

দাড়িম্ব /দাড়িম্বো/ [স. √দা+ডিম্ব] বি. দক্ষিণ-পশ্চিম এশিয়া ও ভূমধ্যসাগরের তীরবর্তী অঞ্চলে জাত লাল রঙের বহুবীজযুক্ত রসালো গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির উদ্ভিদ, আনার, ডালিম।

দাড়িয়াল /দাড়িআল্/ [বা.] বিণ. দাড়িওয়ালা।

দাতব্য /দাতোব্বো/ [স. √দা+তব্য] বিণ. বিনা-মূল্যে বিতরণ করা হয় এমন (*দাতব্য প্রতিষ্ঠান*)।

দাতব্য চিকিৎসালয় /দাতোব্বো চিকিত্‌শালয়্/ বি. যে গৃহে বিনামূল্যে রোগের চিকিৎসা করা হয়।

দাতা /দাতা/ [স. √দা+তৃ] বি. যে ব্যক্তি দান করে। বিণ. ১ দানকারী; বদান্য। ২ প্রেরক (*সংবাদদাতা*)। স্ত্রী. দাত্রী /দাত্‌ত্রি/।

দাতাকর্ণ /দাতাকর্‌নো/ [স. দাতা+কর্ণ] বি. (অকাতরে দান করতেন বলে) কুন্তীপুত্র কর্ণ। বিণ. দানবীর।

দাতৃত্ব /দাত্‌ত্‌তো/ [স. দাতৃ+ত্ব] বি. দানশীলতা।

দাত্যূহ /দাত্‌তুহো/ [স. দাতি+√উহ্+অ] বি. ১ ডাহুক, ডাকপাখি। ২ চাতক। ৩ ময়ূর। ৪ মেঘ।

দাত্র /দাত্‌ত্রো/ [স. √দো+ত্র] বি. কাটারি, দা।

দাদ[১] /দাদ্/ [স. দদ্রু >] বি. মানবদেহের চামড়ায় (বিশেষ করে মাথা বা পায়ে) উদ্‌গত ছত্রাক-আক্রান্ত গোলাকৃতি ক্ষতচিহ্ন-সহ ছোঁয়াচে চুলকানি রোগবিশেষ, দদ্রু, ringworm।

দাদ[২] /দাদ্/ [ফা.] বি. অনিষ্টকারীর ক্ষতিসাধন, প্রতিশোধ; প্রতিহিংসা।

দাদখানি /দাদ্‌খানি/ [ব্যক্তি.] বি. বাংলার সুলতান দাউদ খানের নামে প্রসিদ্ধ সরু চালবিশেষ; দিনাজপুর জেলায় উৎপন্ন উৎকৃষ্ট মানের মিহি চালবিশেষ (*দাদখানি চাল*)।

দাদ তোলা /দাদ্ তোলা/ ক্রিবি. প্রতিশোধ গ্রহণ করা।

দাদন /দাদোন্/ [ফা.] বি. দ্রব্যাদির আংশিক অগ্রিম মূল্য বা পারিশ্রমিক প্রদান, বায়না।

দাদনি /দাদোনি/ [ফা.] বি. যে কাজ বা দ্রব্য ক্রয়-বাবত অগ্রিম অর্থ দেওয়া হয়; অগ্রিম প্রদত্ত অর্থ।

দাদ নেওয়া /দাদ্ নেওয়া/ ক্রিবি. দ্র দাদ তোলা।

দাদরা /দাদ্‌রা/ [হি.] বি. সংগীতের ৬ মাত্রার তালবিশেষ।

দাদা /দাদা/ [স. তাত >] বি. ১ পিতামহ, দাদু। ২ জ্যেষ্ঠ ভ্রাতা। ৩ বয়োজ্যেষ্ঠ ব্যক্তিকে সম্মানসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ। ৪ পৌত্র দৌহিত্র বা কনিষ্ঠ ভ্রাতাকে আদরসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ।

দাদাগিরি /দাদাগিরি/ [বা. দাদা+ফা. গিরি] বি. অভিভাবকসুলভ আচরণ; সর্দারি।

দাদাঠাকুর /দাদাঠাকুর্/ [বা.] বি. ১ পিতামহতুল্য ব্যক্তিকে শ্রদ্ধাসূচক সম্বোধন। ২ ব্রাহ্মণকে কল্পিত ব্রাহ্মণেতর শ্রেণির সম্বোধন।

দাদাবাবু /দাদাবাবু/ [বা. দাদা+হি. বাবু] বি. ১ জ্যেষ্ঠ ভ্রাতাতুল্য শ্রদ্ধেয় ব্যক্তি। ২ বড়ো বোনের স্বামী।

দাদামশায় /দাদামশায়্/ [বা.] বি. 'দাদামহাশয়'-এর কথ্য রূপ।

দাদামহাশয় /দাদামহাশয়্/ [বা. দাদা+স. মহাশয়]

www.pathagar.com

বি. মাতার পিতা বা পিতৃব্য।

দাদাশ্বশুর /দাদাশোশুর্/ [বা. দাদা+স. শ্বশুর] বি. স্বামী বা স্ত্রীর পিতামহ বা মাতামহ।

দাদি /দাদি/ [স. তাত >] বি. পিতামহী, ঠাকুরমা।

দাদু /দাদু/ [স. তাত >] বি. দাদার আদরসূচক শব্দ; পিতামহ বা মাতামহ।

দাদুর /দাদুর্/ [স. দর্দুর >] বি. দর্দুর, ব্যাং, ভেক। স্ত্রী. দাদুরি /দাদুরি/।

দান[১] /দান্/ [স. √দা+অন] বি. ১ অর্পণ; প্রদান, স্বত্ব ত্যাগ করে বিতরণ (*অন্নদান*)। ২ হস্তান্তর, সম্প্রদান (*কন্যাদান*)। ৩ উৎসর্গ (*বলিদান*)। ৪ প্রদত্ত বস্তু (*মূল্যবান দান*)। ৫ পালা (*এখন তোমার দান*)। ৬ হাতির গণ্ডদেশ থেকে নির্গত জল। ৭ শত্রুকে বশ করার উপায়বিশেষ। ৮ হাট বাজারের মালিকপক্ষকে দেয় শুল্ক। ৯ খেয়া পারাপারের শুল্ক।

-দান[২] /দান্/ [ফা.] বি. পাত্র, আধার (*আতরদান*)।

দানখয়রাত /দানখয়্‌রাত্/ [স. দান+আ. খয়রাত] বি. স্বত্ব ত্যাগ করে দান।

দানধর্ম /দান্‌ধর্‌মো/ [স. দান+ধর্ম] বি. দানকর্ম ও ধর্মীয় আচরণ, মহৎকর্ম।

দানপত্র /দান্‌পত্‌ত্রো/ [স. দান+পত্র] বি. স্বত্ব ত্যাগ করে দান করার দলিল।

দানব /দানব্/ [স. দনু+অ] বি. অসুর, দৈত্য, দনুজ। স্ত্রী. দানবী /দানোবি/।

দানবদলন /দানব্‌দলোন/ [স. দানব+দলন] বি. অসুর বিনাশ।

দানবদলনী /দানব্‌দলোনি/ [স. দানব+দলন+ঈ] বি. দেবী দুর্গা।

দানবসংহার /দানব্‌সংহার্/ [স. দানব+সংহার] বি. দ্র দানবদলন।

দানবারি /দানোবারি/ [স. দানব+অরি] বি. ১ অসুরের শত্রু, দেবতা। ২ অসুর নিধনকারী বিষ্ণু।

দানবিক /দানোবিক্/ [স. দানব+ইক] বিণ. অসুরের মতো অতিশয় হিংস্র প্রকৃতিবিশিষ্ট।

দানবীয় /দানোবিয়ো/ [স. দানব+ঈয়] বিণ. দ্র দানবিক।

দানবীর /দানোবির্/ [স. দান+বীর] বিণ. অত্যন্ত দানশীল।

দানশীল /দান্‌শিল্/ [স. দান+শীল] বিণ. দান করতে কুণ্ঠিত নন এমন, বদান্য। বি. দানশীলতা /দান্‌শিলতা/।

দানসজ্জা /দান্‌শজ্জা/ [স. দান+√সজ্জ্+অ+আ (টাপ্)] বি. বিবাহ অনুষ্ঠানে বর বা বধূকে দেয় সজ্জিত দ্রব্যসামগ্রী।

দানসত্র /দান্‌শত্‌ত্রো/ [স. দান+সত্র] বি. যেখানে দরিদ্রকে অন্ন দান করা হয়।

দানসামগ্রী /দান্‌শামোগ্‌গ্রি/ [স. দান+সামগ্র+ঈ] বি. দান করার দ্রব্যসমূহ।

দানা /দানা/ [ফা.] বি. ১ ছোলা মটর কলাই প্রভৃতি শস্য (*মটর দানা*)। ২ বীজসদৃশ গোলাকার বস্তু (*সাগু দানা*)। ৩ বিচি (*এলাচি দানা*)। ৪ খাদ্য, অম্বাদির খাদ্য (*দানাপানি*)। ৫ অলংকারের গুটিকা বা ক্ষুদ্র গোলাকার পদার্থ (*মুক্তা দানা*)।

দানাদার /দানাদার্/ [ফা.] বিণ. দানাযুক্ত (*দানা-দার গুড়*)। বি. চিনির দানাবাঁধা মিঠাইবিশেষ।

দানাপানি /দানাপানি/ [ফা. দানা+হি. পানি] বি. আহার ও পানীয়, অন্নজল।

-দানি /দানি/ [ফা.] বি. পাত্র, আধার (*ফুলদানি*)।

দানীয় /দানিয়ো/ [স. √দা+অনীয়] বিণ. দান করার যোগ্য। বি. দানের যোগ্য পাত্র; দানের বস্তু।

দানুয়া /দানুআ/ [স. দান >] বি. শ্রাদ্ধাদি অনুষ্ঠানে প্রদত্ত বস্তু। বিণ. দানের যোগ্য।

দানেশমন্দ /দানেশ্‌মন্দ্/ [ফা.] বিণ. জ্ঞানী; বিজ্ঞ।

দানেশমন্দি /দানেশ্‌মোন্‌দি/ [ফা.] বি. পাণ্ডিত্য।

দানো /দানো/ [স. দানব >] বি. অসুর, দৈত্য; 'দানব'-এর কথ্য রূপ।

দান্ত[১] /দান্‌তো/ [স. √দম্+ত] বিণ. ১ ইন্দ্রিয় দমন করেছে এমন। ২ বশীভূত। ৩ দমিত, নিয়ন্ত্রিত। ৪ কঠোর তপস্যার ক্লেশ সহ্য করতে পারে এমন।

দান্ত[২] /দান্‌তো/ [স. দন্ত+অ] বিণ. দন্তনির্মিত।

দান্তি /দান্‌তি/ [স. √দম্+তি] বি. ১ ইন্দ্রিয়দমন; সংযম। ২ তপস্যার ক্লেশসহন।

দাপট /দাপোট্/ [হি.] বি. প্রতাপ; তেজ।

দাপাদাপি /দাপাদাপি/ [ধ্বন্যা.] বি. ১ সদর্পে লাফালাফি। ২ দুরন্তপনা; হইচই।

দাপানি /দাপানি/ [স. দর্প >] বি. লাফালাফি।

দাপানো /দাপানো/ [বা.] ক্রিবি. ১ ছটফট করা। ২ আস্ফালন করা।

দাপিত /দাপিতো/ [স. √দা+ণিচ্+ত] বিণ. ১ দান করানো হয়েছে এমন। ২ জরিমানা করে দণ্ডিত।

দাপুনি /দাপুনি/ [বা.] বি. ১ দর্পণ। ২ ভর্ৎসন।

দাফন /দাফোন্/ [আ.] বি. মরদেহ সমাধিস্থকরণ, মৃতদেহ সৎকার।

দাব[১] /দাব্/ [স. √দু+অ] বি. ১ অরণ্য (*দাবানল*)। ২ অনল, অগ্নি। ৩ তাপ।

দাব[২] /দাব্/ [স. দর্প >] বি. ১ আধিপত্য। ২ নিগ্রহ;

www.pathagar.com

দমন; শাসন। ৩ তাড়না; ভর্ৎসনা।

দাবড়ানি /দাব্‌ড়ানি/ [বা.] বি. ১ প্রবল ভর্ৎসনা। ২ ভীতিপ্রদর্শন। ৩ তাড়না; শাসন।

দাবড়ানো /দাব্‌ড়ানো/ [বা.] ক্রিবি. ১ ভর্ৎসনা করা। ২ ভয় দেখানো। ৩ ধাওয়া করা।

দাবড়ি /দাব্‌ড়ি/ [বা.] বি. ১ ভর্ৎসন। ২ ভীতিপ্রদর্শন।

দাবদগ্ধ /দাবোদগ্‌ধো/ [স. দাব+√দহ্‌+ত] বিণ. দাবানলে ভস্মীভূত।

দাবদাহ /দাবোদাহো/ [স. দাব+দাহ] বি. ১ দাবানলের তাপ। ২ (আল.) প্রবল জ্বালা।

দাবনা /দাব্‌না/ [দেশি.] বি. উরুর মাংসল অংশ; জানুর উপরিভাগের মধ্যস্থল।

দাবা[১] /দাবা/ [হি. দাব >] বি. ৬৪টি ছকবিশিষ্ট চৌকো বোর্ডের ওপর বিন্যস্ত ১৬টি করে দুই রঙের ঘুঁটির সাহায্যে দুজনের মধ্যে খেলাবিশেষ, chess।

দাবা[২] /দাবা/ [হি.] ক্রিবি. ১ চাপা। ২ দমন করা।

দাবাগ্নি /দাবাগ্‌নি/ [স. দাব+অগ্নি] বি. দ্র দাবানল।

দাবাড়ু /দাবাড়ু/ [বা.] বিণ. দাবাখেলায় পটু। বি. দাবা খেলায় নিপুণ ব্যক্তি।

দাবাড়ে /দাবাড়ে/ [বা.] বিণ. বি. দ্র দাবাড়ু।

দাবানল /দাবানল্‌/ [স. দাব+অনল] বি. গ্রীষ্মকালে বনাঞ্চলে গাছের শুকনো ডালের পরস্পর ঘর্ষণের ফলে সৃষ্ট যে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে।

দাবানো /দাবানো/ [বা.] ক্রিবি. দ্র দাবা[২]।

দাবি /দাবি/ [আ.] বি. ১ ন্যায্য পাওনার অধিকার ঘোষণা। ২ স্বত্ব; অধিকার।

দাবিদাওয়া /দাবিদাওআ/ [আ.] বি. ১ অধিকার আদায়ের ঘোষণা। ২ অভাব-অভিযোগ।

দাবিদার /দাবিদার্‌/ [আ. দাবি+ফা. দার] বিণ. অংশীদার। বি. ১ ওয়ারিশ। ২ যে ব্যক্তি স্বত্বের দাবি করে।

দাবিনামা /দাবিনামা/ [আ. দাবি+ফা. নামা] বি. অধিকারসংক্রান্ত দলিল বা তার বিবরণ।

দাবিপত্র /দাবিপত্রো/ [আ. দাবি+স. পত্র] বি. অধিকার ও দাবিসংক্রান্ত নথিপত্র।

দাম[১] /দাম/ [গ্রি. >] বি. ১ মূল্য, দর (*জিনিসপত্রের দাম*)। ২ মর্যাদা; গুরুত্ব (*তার কথার দাম*)।

দাম[২]/দাম/ [স. √দো+মন্‌] বি. ১ দড়ি; সুতা (*দামোদর*)। ২ গুচ্ছ (*কেশদাম*)। ৩ মালা (*কুসুমদাম*)। ৪ আলোর ছটা (*বিদ্যুদ্দাম*)। ৫ জলজ তৃণ।

দামড়া /দামড়া/ [স. দম্য >] বি. ১ ছিন্নমুষ্ক ষাঁড়, বলদ। ২ শিশু বৃষ। বিণ. অকর্মণ্য ও স্থূলবুদ্ধি।

দামামা /দামামা/ [ফা.] বি. ঢাকজাতীয় রণবাদ্যবিশেষ।

দামাল /দামাল/ [স. দুর্দম্য >] বিণ. দুর্দান্ত; অশান্ত।

দামি /দামি/ [বা.] বিণ. ১ মূল্যবান (*দামি কাপড়*)। ২ গুরুত্বপূর্ণ (*দামি কথা*)।

দামিনী /দামিনি/ [স. দামন্‌+ইন্‌+ঈ] বি. বিদ্যুৎ (*দিশি দিশি সচকিত দামিনী চমকিত*, রবীন্দ্র.)।

দামোদর /দামোদর্‌/ [স. দাম+উদর] বি. ১ (দুরন্তপনার জন্য উদরে দড়ি দিয়ে বেঁধে রাখা হতো বলে) শ্রীকৃষ্ণ। ২ বিষ্ণু। ৩ পশ্চিমবঙ্গের নদবিশেষ।

দাম্পত্য /দাম্‌পোত্যো/ [স. দম্পতি+য] বিণ. দম্পতিসংক্রান্ত। বি. বিবাহিত জীবন।

দাম্পত্যকলহ /দাম্‌পোত্যোকলোহো/ [স. দাম্পত্য+কলহ] বি. স্বামী-স্ত্রীর ঝগড়া।

দাম্পত্যপ্রণয় /দাম্‌পোত্যোপ্রোনয়/ [স. দাম্পত্য+প্রণয়] বি. স্বামী-স্ত্রীর পরস্পরের প্রতি অনুরাগ।

দাম্ভিক /দাম্‌ভিক্‌/ [স. দম্ভ+ইক] বিণ. ১ অহংকারী। ২ দর্পযুক্ত। বি. দাম্ভিকতা /দাম্‌ভিকতা/।

দায়[১] /দায়/ [স. √দা+অ] বি. পৈতৃক ধনসম্পত্তি।

দায়[২] /দায়/ [স. √দা+অ] বি. ১ দায়িত্ব (*পিতৃদায়*)। ২ গরজ (*পেটের দায়*)। ৩ ঝুঁকি (*পরের দায়*)। ৪ অভিযোগ (*চুরির দায়*)। ৫ ক্ষোভ; জ্বালা। ৬ সংস্রব। ৭ বিপদ।

-দায়ক /দায়ক্‌/ [স. √দা+অক] বিণ. দেয় এমন, দাতা (*আরামদায়ক*)। স্ত্রী. দায়িকা /দায়িকা/।

দায়গ্রস্ত /দায়গ্রোস্তো/ [স. দায়+√গ্রস্‌+ত] বিণ. ১ সংকটে পতিত। ২ ঋণী। ৩ কর্তব্যভারে ক্লিষ্ট।

দায়দায়িত্ব /দায়দায়িত্তো/ [স. দায়+√দা+ইন্‌+ত্ব] বি. দায় ও কর্তব্যপালনের দায়বদ্ধতা।

দায়দায়িত্বহীন /দায়দায়িত্তোহিন/ [স. দায়দায়িত্ব+√হা+ত] বিণ. দায় ও কর্তব্যবোধহীন।

দায়বদ্ধ /দায়বদ্‌ধো/ [স. দায়+√বন্ধ্‌+ত] বিণ. কর্তব্য পালনের দায়িত্ব আছে এমন (*সমাজের প্রতি দায়বদ্ধ*)। বি. -তা /-তা/।

দায়বোধ /দায়বোধ্‌/ [স. দায়+√বুধ্‌+অ] বি. কর্তব্যপালনের দায়িত্ববোধ।

দায়মোচন /দায়মোচন্‌/ [স. দায়+√মুচ্‌+অন] বি. দায় থেকে অব্যাহতি।

দায়রা /দায়রা/ [আ.] বি. উচ্চ ফৌজদারি আদালত, সেশন কোর্ট (*দায়রা জজ*)।

দায়রা জজ /দায়রা জজ/ বি. ফৌজদারি উচ্চ আদালতের বিচারক।

দায়রাসোপর্দ /দায়রাশোপর্‌দো/ [আ. দায়রা+ফা. সোপর্দ] বি. বিচারের জন্য উচ্চ ফৌজদারি

www.pathagar.com

আদালতে প্রেরণ।

দায়সারা /দায়্শারা/ [স. দায়+বা. সারা] বি. অবহেলা। বিণ. অবজ্ঞাভরে কৃত।

দায়হীন /দায়্হিন্/ [স. দায়+√হা+ত] বিণ. দায়মুক্ত।

দায়াদ /দায়াদ্/ [স. দায়+আদ] বি. ১ উত্তরাধিকার-সূত্রে পূর্বপুরুষের ধন গ্রহণের অধিকারপ্রাপ্ত ব্যক্তি। ২ আত্মীয়। ৩ সগোত্র। স্ত্রী. দায়াদী /দায়াদি/।

দায়িক /দায়িক্/ [স. দায়ী >] বিণ. ১ দায়যুক্ত। ২ অধমর্ণ, খাতক। ৩ জিম্মাদার।

দায়িত্ব /দায়িত্তো/ [স. √দা+ইন্+ত্ব] বি. কর্তব্য-ভার (*কাজের দায়িত্ব গ্রহণ*); কোনো কাজের ভালোমন্দের দায়; ঝুঁকি।

দায়িত্বজ্ঞান /দায়িত্তোগ্যান্/ [স. দায়িত্ব+√জ্ঞা+অন] বি. কর্তব্যভার সম্পর্কে সচেতনতা।

দায়িত্বজ্ঞানসম্পন্ন /দায়িত্তোগ্যান্শম্পন্নো/ [স. দায়িত্বজ্ঞান+সম্+√পদ্+ত] বিণ. কর্তব্যভার সম্পর্কে সচেতনতাযুক্ত।

দায়ী /দায়ি/ [স. √দা+ইন্] বিণ. ১ প্রদানকারী (*দুঃখদায়ী*)। ২ কোনোকিছুর জন্য কৈফিয়ত দিতে বাধ্য (*দুর্ঘটনার জন্য দায়ী*)। ৩ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে অপরাধী। স্ত্রী. দায়িনী /দায়িনি/।

দায়ের /দায়ের্/ [আ.] বি. বিচারের জন্য আদালতে পেশ, রুজু (*মামলা দায়ের*)।

দার[১] /দার্/ [স. √দারি+অ] বি. পত্নী (*অকৃতদার*)।

-দার[২] /দার্/ [ফা.] অব্য. ১ যুক্ত (*নকশাদার*)। ২ স্বত্বাধিকারী (*আড়তদার*)। ৩ দায়গ্রস্ত (*দেনাদার*)।

দারক /দারোক্/ [স. √দু+অক] বি. পুত্র। বিণ. ভেদক, বিদারক। স্ত্রী. দারিকা /দারিকা/।

দারকর্ম /দার্করমো/ [স. দার+কর্মন্] বি. বিবাহ।

দারগ্রহণ /দারগ্রোহোন্/ [স. দার+ গ্রহণ] বি. বিবাহ।

দারচিনি /দারচিনি/ [ফা.] বি. দক্ষিণ ভারত ও মালয় দ্বীপপুঞ্জে জাত মাঝারি উচ্চতার চিরহরিৎ ভেষজ-গুণসম্পন্ন বৃক্ষবিশেষের মিষ্টস্বাদ সুগন্ধ শুকনো বাকল (মসলারূপে ব্যবহৃত), ডালচিনি, দারুচিনি।

দারপরিগ্রহ /দারপোরিগ্রোহো/ [স. দার+পরিগ্রহ] বি. দারগ্রহণ, বিবাহ।

দারা /দারা/ [স. দার >] বি. পত্নী।

দারাপুত্রপরিবার /দারাপুত্রোপোরিবার্/ [স. দারাপুত্র+পরিবার] বি. স্ত্রী পুত্র ও পোষ্যবর্গ।

-দারি /দারি/ অব্য. বৃত্তিসূচক ফারসি প্রত্যয় (*আড়তদারি*)।

দারিত /দারিতো/ [স. √দু+ণিচ্+ত] বিণ. বিদীর্ণ করা হয়েছে এমন, বিদারিত।

দারিদ্র্য /দারিদ্রো/ [স. দরিদ্র+য] বি. দীনতা (*হে দারিদ্র্য, তুমি মোরে করেছ মহান!* নজরুল.); দরিদ্র অবস্থা; অভাব (*চিন্তার দারিদ্র্য*)।

দারিদ্র্যপীড়িত /দারিদ্রোপিড়িতো/ [স. দারিদ্র্য+পীড়িত] বিণ. অর্থকষ্টে জর্জরিত।

দারিদ্র্যমোচন /দারিদ্রোমোচন্/ [স. দারিদ্র্য+মোচন] বি. অর্থাভাব দূরীকরণ।

দারিদ্র্যসীমা /দারিদ্রোশিমা/ [স. দারিদ্র্য+সীমা] বি. জীবনধারণের জন্য দীনতার সর্বনিম্ন সীমা, poverty line।

দারু[১] /দারু/ [স. √দু+উ] বি. কাঠ। বিণ. বিদারক।

দারু[২] /দারু/ [ফা.] বি. ১ ওষুধ। ২ মদ, সুরা।

দারুক /দারুক্/ [স. দারু+ক (স্বার্থে)] বি. ১ কৃষ্ণের সারথি। ২ দেবদারু বৃক্ষ; কাঠ। ৩ কাঠের পুতুল।

দারুচিনি /দারুচিনি/ [ফা. দারচিনি >] বি. দ্র দারচিনি।

দারুজ /দারুজো/ [স. দারু+√জন্+অ] বিণ. কাঠের তৈরি। বি. মাদল।

দারুণ /দারুন/ [স. √দু+ণিচ্+উন] বিণ. অতিশয় (*দারুণ তৃষ্ণা*); ভয়ংকর (*দারুণ মূর্তি*); নিষ্ঠুর; মর্মান্তিক (*দারুণ উৎপীড়ন*)।

দারুদহন /দারুদহোন্/ [স. দারু+দহন] বি. দাবানল।

দারুপাত্র /দারুপাত্রো/ [স. দারু+পাত্র] বি. কাঠের পাত্র।

দারুপিপীলিকা /দারুপিপিলিকা/ [স. দারু+পিপীলিকা] বি. কাঠপিঁপড়া।

দারুব্রহ্ম /দারুব্রোম্mho/ [স. দারু+√বৃন্হ্+মন্] বি. ওড়িশার জগন্নাথ মন্দিরে অধিষ্ঠিত কাঠের মূর্তি।

দারুময় /দারুময়্/ [স. দারু+ময়ট্] বিণ. কাঠের তৈরি, কাষ্ঠজাত, দারুজ।

দারুশিল্পী /দারুশিল্পি/ [স. দারু+শিল্প+ইন্] বি. কাঠখোদাইয়ে দক্ষ শিল্পী।

দারোগা /দারোগা/ [ফা.] বি. থানার ভারপ্রাপ্ত কর্মচারী; পুলিশের উপপরিদর্শক।

দারোয়ান /দরোআন/ [ফা.] বি. দৌবারিক, প্রহরী।

দার্ঢ্য /দাঢ়্ঢো/ [স. দৃঢ়+য] বি. ১ দৃঢ়তা। ২ স্থৈর্য, স্থিরতা। ৩ কঠোরতা, নির্মমতা।

দার্শনিক /দার্শোনিক্/ [স. দর্শন+ইক] বিণ. দর্শন-শাস্ত্রসম্বন্ধীয়; দর্শনশাস্ত্রসুলভ (*দার্শনিক মতি-গতি*)। বি. দর্শনশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি।

দার্শনিকতা /দার্শোনিকতা/ [স. দার্শনিক+তা] বি. চিন্তাশীলতা; দার্শনিক দৃষ্টিভঙ্গি।

www.pathagar.com

দালান /দালান্/ [ফা.] বি. ১ ইট বা পাথরের তৈরি পাকা বাড়ি। ২ ঘর সংলগ্ন ঘেরা বারান্দা; মণ্ডপ।

দালানকোঠা /দালান্কোঠা/ [ফা. দালান+বা. কোঠা] বি. পাকা বাড়ি।

দালান দেওয়া /দালান্ দেওআ/ ক্রিবি. পাকা বাড়ি তৈরি করা।

দালাল /দালাল্/ [আ.] বি. ১ পারিশ্রমিকের বিনিময়ে ব্যাবসাবাণিজ্য বা ক্রয়বিক্রয়ে মধ্যস্থতা করা যার পেশা। ২ যে ব্যক্তি স্বার্থোদ্ধারের আশায় বিশেষ কোনো পক্ষ অবলম্বন করে (*মালিকের দালাল*)।

দালালি /দালালি/ [ফা.] বি. ১ দালালের বৃত্তি। ২ দালালের পারিশ্রমিক। ৩ অনাহূত মধ্যস্থতা।

দাশ /দাশ্/ [স. √দাশ্+অ] বি. ১ মৎস্যজীবী জাতি-বিশেষ। ২ পদবিবিশেষ।

দাশনন্দিনী /দাশ্নোন্দিনি / [স. দশা+√নন্দ্+ইন্+ঈ] বি. মহাভারতে বর্ণিত ধীবরকন্যা সত্যবতী।

দাশরথ /দাশোরথ্ / [স. দশরথ+অ] বি. রামায়ণোক্ত সূর্যবংশের নৃপতি দশরথের পুত্র।

দাশরথি /দাশোরোথি/ [স. দশরথ+ই] বি. দ্র দাশরথ।

দাস /দাশ্/ [স. √দাস্+অ] বি. ১ পরিচারক। ২ ক্রীতদাস (*দাস ব্যবসায়*)। ৩ অনুগত ব্যক্তি (*অভ্যাসের দাস*)। ৪ শূদ্র। স্ত্রী. দাসী /দাশি/।

দাসখত /দাশ্খত্/ [স. দাস+আ. খত] বি. দাসত্ব স্বীকারের দলিল।

দাসত্ব /দাশত্তো/ [স. দাস+ত্ব] বি. ১ দাস্যবৃত্তি। ২ পরাধীনতা (*দাসত্ব-শৃঙ্খল বলো কে পরিবে পায় হে কে পরিবে পায়?* রঙ্গলাল.)।

দাসত্বপ্রথা /দাশত্তোপ্রোথা/ [স. দাসত্ব+প্রথা] বি. দ্র দাসপ্রথা।

দাসত্ব শৃঙ্খল /দাশত্তো সৃংখল্/ বি. পরাধীনতা-রূপ শৃঙ্খল।

দাসপ্রথা /দাশ্প্রোথা/ [স. দাস+প্রথা] বি. অধুনালুপ্ত যে ব্যবস্থায় কোনো ব্যক্তিকে বংশানুক্রমে বিনা পারিশ্রমিকে কাজ করানো হতো।

দাসব্যবসায় /দাশ্ব্যাবোশায়্/ [স. দাসত্ব+ব্যবসায়] বি. পণ্যের মতো মানুষ কেনাবেচার অধুনালুপ্ত ব্যবসায়।

দাসানুদাস /দাশানুদাশ্/ [স. দাস+অনুদাস] বি. ১ ভৃত্যের ভৃত্য। ২ (আল.) একান্ত অনুগত ব্যক্তি।

দাসীপুত্র /দাশিপুত্তো/ [স. দাসী+পুত্র] বি. ১ দাসীর গর্ভজাত পুত্র। ২ গালিবিশেষ।

দাসেয় /দাশেয়ো/ [স. দাসী+এয়] বি. দাসীর গর্ভজাত পুত্র।

দাসেরক /দাশেরক্/ [স. দাসের+ক] বি. দ্র দাসেয়।

দাস্ত /দাস্তো/ [ফা.] বি. উদরাময়, diarrhoea।

দাস্য /দাশ্শো/ [স. দাস+য] বি. ১ দাসের ভাব; দাসত্ব। ২ উপাস্যের প্রতি দাস বা সেবকের ভাব।

দাস্যবৃত্তি /দাশ্শোবৃত্তি/ [স. দাস্য+√বৃৎ+তি] বি. চাকরি; গোলামি, দাসত্ব।

দাহ /দাহো/ [স. √দহ্+অ] বি. দহন (*গৃহদাহ*); মৃতের সৎকার (*শবদাহ*)।

দাহক /দাহক্/ [স. √দহ্+অক] বিণ. ১ দাহকারী। ২ যন্ত্রণাদায়ক। স্ত্রী. দাহিকা /দাহিকা/।

দাহক্রিয়া /দাহোক্রিআ/ [স. দাহ+ক্রিয়া] বি. শবদাহ, অগ্নিসৎকার।

দাহন /দাহোন্/ [স. √দহ্+ণিচ্+অন] বি. ১ দহন; দগ্ধকরণ। ২ সন্তাপ।

দাহিত /দাহিতো/ [স. √দহ্+ণিচ্+ত] বিণ. দগ্ধ করা হয়েছে এমন।

দাহী /দাহি/ [স. √দহ্+ইন্] বিণ. দহনকারী; যন্ত্রণা-দায়ক।

দাহ্য /দাজ্ঝো/ [স. √দহ্+য] বিণ. দহনযোগ্য (*দাহ্য পদার্থ*)।

-দি /দি/ [দেশি.] বি. জ্যেষ্ঠ ভগিনী বা তৎস্থানীয়া নারীর নামান্তে যুক্ত শব্দ (*মোহরদি*); 'দিদি'-র সংক্ষিপ্ত রূপ।

দিই /দিই্/ [স. দা >] ক্রিবি. দান করি; 'দেই'-এর কথ্য রূপ (*দিই যদি তো কী দাম দেবে যায় বেলা সেই ভাবনা ভেবে—* রবীন্দ্র.)।

দিওয়ানা /দিওআনা / [ফা.] বি. পাগল; উদাসী।

দিওয়ালি /দিওআলি / [স. দীপালি >] বি. কার্তিক মাসের অমাবস্যাতিথিতে পালিত আলোকসজ্জার উৎসব, দীপাবলি, দীপান্বিতা।

দিক[১] /দিক্/ [স. √দিশ্+ক্বিপ্] বি. ১ দশ দিক (পূর্ব অগ্নি দক্ষিণ নৈর্ঋত পশ্চিম বায়ু উত্তর ঈশান ঊর্ধ্ব এবং অধঃ)। ২ অভিমুখ (*বাড়ির দিক*)। ৩ পার্শ্ব (*চারদিক*)। ৪ অংশ (*ভেতরদিক*)। ৫ তরফ (*সে আমার দিকে আছে*)। ৬ সীমা (*ভারতের তিন দিকে সমুদ্র*)।

দিক[২] /দিক্/ [আ.] বি. বিরক্ত, জ্বালাতন।

দিকচক্র /দিক্চক্রো/ [স. দিক্+চক্র] বি. দিগ্বলয়, দিঙ্মণ্ডল, চক্রবাল।

দিকচক্রবাল /দিক্চক্রোবাল্/ [স. দিকচক্র+বাল] বি. দিগন্তরেখা, horizon।

দিকদারি /দিক্দারি/ [আ. দিক+ফা. দারি] বি. বিরক্তি; অসন্তোষ; জ্বালাতন।

www.pathagar.com

দিকপতি /দিক্‌পোতি/ [স. দিক্‌+√পা+অতি] বি. দ্র দিকপাল।

দিকপাল /দিক্‌পাল্‌/ [স. দিক্‌+পাল] বি. ১ পুরাণে কল্পিত দিকসমূহের পালক। ২ (আল.) অতি প্রতিপত্তিশালী ব্যক্তি।

দিকশূল /দিক্‌শূল্‌/ [স. দিক্‌+শূল] বি. লোকবিশ্বাস-মতে কোনো বিশেষ দিকে যাত্রার জন্য গ্রহ-নক্ষত্রাদির কল্পিত অশুভকর অবস্থানজনিত বাধা।

দিগঙ্গনা /দিগংগনা/ [স. দিক্‌+অঙ্গনা] বি. ১ পুরাণে কল্পিত দিকসমূহের অধিষ্ঠাত্রী দেবী। ২ সুন্দরী নারী, দিগ্‌বধূ।

দিগন্ত /দিগন্‌তো/ [স. দিক্‌+অন্ত] বি. পৃথিবীর সীমা যেখানে আকাশের সঙ্গে মিশেছে বলে মনে হয়, আপাতদৃষ্টিতে দিকের শেষ সীমা।

দিগন্তপ্রসারী /দিগন্‌তোপ্রোশারি/ [স. দিগন্ত+প্রসার +ইন্‌] বিণ. অনেক দূর পর্যন্ত বিস্তৃত।

দিগন্তবিস্তৃত /দিগন্‌তোবিস্‌তৃতো/ [স. দিগন্ত+বি+√স্তৃ+ত] বিণ. দ্র দিগন্তপ্রসারী।

দিগন্তব্যাপী /দিগন্‌তোব্যাপি/ [স. দিগন্ত+বি+√আপ+ইন্‌] বিণ. দ্র দিগন্তপ্রসারী।

দিগন্তর /দিগন্‌তর্‌/ [স. দিক্‌+অন্তর] বি. ১ দিকের দূরত্ব। ২ ভিন্নদিক, অন্যদিক।

দিগম্বর /দিগম্‌বর্‌/ [স. দিক্‌+অম্বর] বিণ. উলঙ্গ। বি. ১ দিগ্‌রূপ বস্ত্র। ২ শিব। ৩ ক্ষপণক। স্ত্রী. দিগম্বরী /দিগম্‌বোরি/।

-দিগের /দিগের্‌/ [বা.] দ্বিতীয়া চতুর্থী ও ষষ্ঠীর বহুবচন নির্দেশক বিভক্তি (*তাহাদিগের*)।

দিগ্‌গজ /দিগ্‌গজ্‌/ [স. দিক্‌+গজ] বি. ১ আট দিকের রক্ষকরূপে কল্পিত ঐরাবত। ২ (আল.) মহাপণ্ডিত। ৩ (ব্য.) মহামূর্খ, হস্তিমূর্খ।

দিগ্‌জ্ঞান /দিগ্‌গ্যান্‌/ [স. দিক্‌+√জ্ঞা+অন] বি. ১ দিকসমূহের অবস্থান সম্পর্কে জ্ঞান। ২ (আল.) সামান্যতম জ্ঞান বা বুদ্ধি; কাণ্ডজ্ঞান।

দিগ্‌দর্শন /দিগ্‌দরশোন্‌/ [স. দিক্‌+দর্শন] বি. ১ দিক নিরূপণ। ২ সংক্ষেপে প্রকাশন। ৩ অভিজ্ঞতা।

দিগ্‌দর্শনযন্ত্র /দিগ্‌দরশোনজন্‌ত্রো/ [স. দিগ্‌দর্শন+যন্ত্র] বি. যে যন্ত্রের সাহায্যে দিক নির্ণয় করা হয়, কম্পাস; compass।

দিগ্‌দর্শী /দিগ্‌দোরশি/ [স. দিক্‌+√দৃশ্‌+ইন্‌] বিণ. ১ দিক প্রদর্শন করে এমন। ২ কোনো বিষয়ের ইঙ্গিত দান করে এমন।

দিগ্‌দিগন্ত /দিগ্‌দিগন্‌তো/ [স. দিক্‌+দিগন্ত] বি. সবদিক; চারদিক।

দিগ্‌বধূ /দিগ্‌বোধু/ [স. দিক্‌+√বহ্‌+ঊ] বি. দ্র দিগঙ্গনা।

দিগ্‌বলয় /দিগ্‌বলয়্‌/ [স. দিক্‌+বলয়] বি. পৃথিবীর সীমা যেখানে আকাশের সঙ্গে মিশেছে বলে মনে হয়, আপাতদৃষ্টিতে দিকের শেষ সীমা।

দিগ্‌বসন /দিগ্‌বশোন্‌/ [স. দিক্‌+√বস্‌+অন] বিণ. দিগম্বর।

দিগ্‌বসনা /দিগ্‌বশোনা/ [স. দিক্‌+√বস্‌+অন+আ (টাপ্‌)] বিণ. বিবস্ত্রা। বি. কালিকাদেবী।

দিগ্‌বস্ত্র /দিগ্‌বস্‌ত্রো/ [স. দিক্‌+√বস্‌+ত্র] বিণ. দ্র দিগ্‌বসন।

দিগ্‌বাস /দিগ্‌বাশ্‌/ [স. দিক্‌+√বস্‌+অ] বিণ. দ্র দিগ্‌বসন।

দিগ্‌বালা /দিগ্‌বালা/ [স. দিক্‌+বালা] বি. দিগঙ্গনা; দিগ্‌রূপ বালিকা; দিকসমূহের অধিষ্ঠাত্রী দেবী।

দিগ্‌বালিকা /দিগ্‌বালিকা/ [স. দিক্‌+বালিকা] বি. দ্র দিগ্‌বালা।

দিগ্‌বিজয় /দিগ্‌বিজয়্‌/ [স. দিক্‌+বিজয়] বি. যুদ্ধ বা পাণ্ডিত্যের দ্বারা চতুর্দিক জয়।

দিগ্‌বিজয়ী /দিগ্‌বিজোয়ি/ [স. দিক্‌+বিজয়+ইন্‌] বিণ. যুদ্ধ বা পাণ্ডিত্যের দ্বারা চতুর্দিক জয় করেছে এমন।

দিগ্‌বিদিক /দিগ্‌বিদিক্‌/ [স. দিক্‌+বিদিক্‌] বি. ১ সবদিক। ২ লঘুগুরু; হিতাহিত; ন্যায়-অন্যায়।

দিগ্‌ভ্রম /দিগ্‌ভ্রোম্‌/ [স. দিক্‌+ভ্রম] বি. দিক নিরূপণে ভ্রান্তি।

দিগ্‌ভ্রান্ত /দিগ্‌ভ্রান্‌তো/ [স. দিক্‌+√ভ্রম্‌+ত] বিণ. দিশেহারা, দিঙ্‌মূঢ়।

দিগ্ধ /দিগ্‌ধো/ [স. √দিহ্‌+ত] বিণ. লিপ্ত; মিশ্র।

দিঘল /দিঘল্‌/ [স. দীর্ঘ >] বিণ. দীর্ঘ, আয়ত।

দিঘি /দিঘি/ [স. দীর্ঘিকা >] বি. খনন করা হয়েছে এমন গভীর ও বৃহদাকার স্থির জলাশয়; সরোবর।

দিঙ্‌নাগ /দিংনাগ/ [স. দিক্‌+নাগ] বি. ১ আট দিকের রক্ষকরূপে কল্পিত হস্তী, দিগ্‌গজ। ২ কালিদাসের প্রতিপক্ষরূপে খ্যাত বৌদ্ধ দার্শনিক। ৩ (ব্য.) অগভীর জ্ঞানসম্পন্ন কঠোর সমালোচক।

দিঙ্‌নির্ণয় /দিংনির্‌নয়্‌/ [স. দিক্‌+নির্ণয়] বি. দিক নিরূপণ।

দিঙ্‌নির্ণয়যন্ত্র /দিংনির্‌নয়জন্‌ত্রো/ [স. দিঙ্‌নির্ণয়+যন্ত্র] বি. যে যন্ত্রের সাহায্যে দিক নির্ণয় করা হয়, দিগ্‌দর্শনযন্ত্র, কম্পাস, compass।

দিঙ্‌মণ্ডল /দিংমন্‌ডোল্‌/ [স. দিক্‌+মণ্ডল] বি. দিক্‌-চক্রবাল, দিগ্‌বলয়, horizon।

www.pathagar.com

দিঙ্‌মূঢ় /দিংমুঢ়ো/ [স. দিক্+মূঢ়] বিণ. দিক নির্ণয় করতে অক্ষম এমন, দিশেহারা।

দিঠ /দিঠ্/ [স. দৃষ্টি >] বি. দ্র দিঠি।

দিঠি /দিঠি/ [স. দৃষ্টি>] বি. ১ (কাব্যে) দৃষ্টি; নজর। ২ ঠিকানা।

দিত /দিতো/ [স. √দো+ত] বিণ. ছিন্ন করা হয়েছে এমন, ছেদিত।

দিতি /দিতি/ [স. √দো+তি] বি. কশ্যপমুনির পত্নী এবং দৈত্যদের মাতা।

দিতিজ /দিতিজো/ [স. দিতি+√জন্+অ] বিণ. দিতির পুত্র; দৈত্য।

দিতিসুত /দিতিসুতো/ [স. দিতি+√সু+ত] বিণ. দিতির পুত্র, দিতিজ; দৈত্য।

দিৎসা /দিত্‌শা/ [স. √দা+সন্+অ+আ (টাপ্)] বি. দান করার ইচ্ছা, দেওয়ার ইচ্ছা।

দিৎসু /দিত্‌শু/ [স. √দা+সন্+উ] বিণ. দান করতে ইচ্ছুক।

দিদা /দিদা/ [দেশি.] বি. ১ মাতার মাতা, মাতামহী, নানি। ২ পিতার মাতা, পিতামহী, দাদি।

দিদি /দিদি/ [দেশি.] বি. বড়ো বোন বা তৎস্থানীয়া নারী, আপা, বড়ো বোন বা তৎস্থানীয়া নারীর নামান্তে যুক্ত শব্দ (*শ্যামলীদিদি*); শিক্ষয়িত্রীর প্রতি সম্ভ্রমসূচক সম্বোধন।

দিদিঠাকরুন /দিদিঠাকরুন্/ [দেশি.] বি. শ্রদ্ধেয় মহিলাকে সম্বোধনসূচক শব্দ।

দিদিঠাকুরানি /দিদিঠাকুরানি/ [দেশি.] বি. দ্র দিদি-ঠাকরুন।

দিদিমণি /দিদিমোনি/ [দেশি.] বি. শিক্ষয়িত্রীর উদ্দেশে ছাত্রছাত্রীদের সম্বোধন, আপা, দিদি-সম্পর্কীয়ার প্রতি আদরের ডাক।

দিদিমা /দিদিমা/ [দেশি.] বি. ১ মাতামহী, নানি। ২ পিতামহী, দাদি।

দিদিশাশুড়ি /দিদিশাশুড়ি/ [দেশি.] বি. শ্বশুর বা শাশুড়ির মাতা, দিদিমা-স্থানীয় নারী।

দিদৃক্ষমাণ /দিদৃক্‌খোমান্/ [স. দিদৃক্ষ+মান (শানচ্)] বিণ. ১ দেখতে ইচ্ছুক এমন। ২ দর্শনোদ্যত।

দিদৃক্ষা /দিদৃক্‌খা/ [স. √দৃশ্+স্+অ+আ (টাপ্)] বি. দেখার ইচ্ছা বা বাসনা।

দিদৃক্ষু /দিদৃক্‌খু/ [স. √দৃশ্+স্+উ] বিণ. দেখতে ইচ্ছুক এমন।

দিধক্ষু /দিধোক্‌খু/ [স. √দহ্+স্+উ] বিণ. দহনেচ্ছু।

দিধি /দিধি/ [স. √ধা+কি] বি. ধীরতা, ধৈর্য।

দিধিষু /দিধিশু/ [স. দিধি+√সো+উ] বি. ১ দ্বিতীয়বার বিবাহিত নারীর স্বামী। ২ দ্বিতীয়বার বিবাহিত নারী। ৩ অনূঢ়া জ্যেষ্ঠার বিবাহিত কনিষ্ঠা।

দিন[১] /দিন্/ [স. √দো+ইন্] বি. ১ সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়, দিবস, দিবা (*দিনমান*)। ২ চব্বিশ ঘণ্টাকাল, অহোরাত্র। ৩ আয়ু (*দিন ফুরিয়ে আসা*)। ৪ (জ্যোতিষ.) চন্দ্রকলার তিথি। ৫ (বাংলায়) সময়, কাল (*সুদিন*)।

দিন[২] /দিন্/ [আ.] বি. ধর্ম (*দিনদার*)।

দিন আসা /দিন্ আশা/ ক্রিবি. ১ সুদিন আসা। ২ সুযোগ আসা।

দিনকতক /দিনকতোক্/ [স. দিন+বা. কতক] বিণ. কিছু সময়, কয়েকদিন।

দিনকয়েক /দিন্‌কয়েক্/ [স. দিন+বা. কয়েক] বিণ. দ্র দিনকতক।

দিনকর /দিনোকর্/ [স. দিন+√কৃ+অ] বি. সূর্য।

দিন কাটা /দিন্ কাটা/ ক্রিবি. কালযাপন করা।

দিনকাল /দিন্‌কাল্/ [স. দিন+কাল] বি. (আল.) সামসময়িক অবস্থা।

দিনকৃতি /দিনোক্‌কৃতি/ [স. দিন+√কৃ+তি] বি. দৈনন্দিন কাজ, নিত্যকর্ম।

দিনকে দিন /দিন্‌কে দিন্/ ক্রিবিণ. দিনের পর দিন।

দিনক্ষণ /দিন্‌খন্/ [স. দিন+ক্ষণ] বি. দিনের কল্পিত শুভ বা অশুভ সময়।

দিনক্ষয় /দিনোক্‌খয়্/ [স. দিন+ক্ষয়] বি. ১ তিন তিথির সংযোগ, ত্র্যহস্পর্শ। ২ সন্ধ্যাকাল।

দিনগত পাপক্ষয় /দিনোগতো পাপোক্‌খয়্/ বি. গতানুগতিক ধারায় কালক্ষেপণ।

দিন গোনা /দিন্ গোনা/ ক্রিবি. দীর্ঘদিন ধরে আগ্রহ-ভরে অপেক্ষা করা; অধীর আগ্রহে প্রতীক্ষা করা।

দিন ঘনিয়ে আসা /দিন্ ঘোনিয়ে আশা/ ক্রিবি. ১ দিন ফুরিয়ে আসা। ২ (আল.) আয়ু ফুরিয়ে আসা।

দিনদগ্ধা /দিনোদগ্‌ধা/ [স. দিন+√দহ্+ত+আ (টাপ্)] বি. বার ও তিথির কল্পিত অশুভকর যোগ (লোক-বিশ্বাসমতে যেদিন শুভ কাজ নিষিদ্ধ)।

দিনদিন /দিন্‌দিন্/ [স. দিন+দিন] ক্রিবিণ. ১ ক্রমশ (*দিনদিন চাহিদা বেড়ে যাচ্ছে*)। ২ প্রত্যহ।

দিনদুনিয়া /দিনদুনিআ/ [আ. দিন+আ. দুনিয়া] বি. ইহকাল ও পরকাল।

দিনদুপুরে /দিনদুপুরে/ [স. দিন+বা. দুপুরে] ক্রিবিণ. দিবালোকে, প্রকাশ্যে।

দিননাথ /দিনোনাথ্/ [স. দিন+নাথ] বি. সূর্য।

দিনপঞ্জি /দিনোপোন্‌জি/ [স. দিন+√পঞ্জ্+ই] বি.

www.pathagar.com

দিনলিপি, রোজনামচা।

দিনপতি /দিনোপোতি/ [স. দিন+পতি] বি. সূর্য।

দিনপত্রী /দিনোপোত্‌ত্রি/ [স. দিন+পত্র+ঈ] বি. প্রতিদিনের বিবরণ লিখে রাখার খাতা, diary।

দিনপাত /দিনোপাত্‌/ [স. দিন+ √পাতি+অ] বি. দিন অতিবাহন।

দিন ফুরানো /দিন্‌ ফুরানো/ ক্রিবি. সময় শেষ হয়ে আসা; আয়ু ফুরিয়ে আসা।

দিনব্যাপী /দিন্‌ব্যাপি/ [স. দিন+বি+ √আপ্‌+ইন্‌] ক্রিবিণ. সারাদিন ধরে, সারাদিনব্যাপী।

দিনভর /দিনভর্‌/ [স. দিন+বা. ভর] ক্রিবিণ. দ্র দিনব্যাপী।

দিনমজুর /দিন্‌মোজুর্‌/ [স. দিন+ফা. মজুর] বি. যে কর্মী দৈনিক ভিত্তিতে পারিশ্রমিক পায়।

দিনমজুরি /দিন্‌মোজুরি/ [স. দিন+ফা. মজুরি] বি. দৈনিক ভিত্তিতে পারিশ্রমিকের বিনিময়ে জীবিকা অর্জন, দিনমজুরের জীবিকা।

দিনমণি /দিনোমোনি/ [স. দিন+ √মণ্‌+ই] বি. সূর্য।

দিনমান /দিনোমান্‌/ [স. দিন+ √মা+অন] বি. সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়।

দিনমুখ /দিনোমুখ্‌/ [স. দিন+মুখ] বি. প্রাতঃকাল।

দিনমুখরবি /দিনোমুখ্‌রোবি/ [স. দিনমুখ+রবি] বি. প্রাতঃকালের সূর্য, বালার্ক।

দিনযামিনী /দিনোজামিনি/ [স. দিন+যাম+ইন্‌+ঈ] বি. দিবানিশি, দিনরাত।

দিনরজনি /দিনোরজোনি/ [স. দিন+ √রন্‌জ্‌+অনি] বি. দ্র দিনযামিনী।

দিনরাত /দিন্‌রাত্‌/ [স. দিন+বা. রাত] বি. দ্র দিনযামিনী।

দিনরাত্রি /দিনোরাত্‌ত্রি/ [স. দিন+ √রা+ত্রি] বি. দ্র দিনযামিনী।

দিনলিপি /দিনোলিপি/ [স. দিন+ √লিপ্‌+ই] বি. রোজনামচা।

দিনশেষ /দিনোশেশ্‌/ [স. দিন+শেষ] বি. দিনের অবসান, সন্ধ্যা, সায়ংকাল।

দিনাঙ্ক /দিনাংকো/ [স. দিন+ অঙ্ক] বি. তারিখ।

দিনাতিপাত /দিনাতিপাত্‌/ [স. দিন+অতিপাত] বি. দিনযাপন।

দিনাত্যয় /দিনাত্‌তয়্‌/ [স. দিন+অত্যয়] বি. দিনের অবসান বা সমাপ্তি।

দিনানুদিন /দিনানুদিন্‌/ [স. দিন+অনুদিন] ক্রিবিণ. দিনের পর দিন, দৈনন্দিন।

দিনান্ত /দিনান্‌তো/ [স. দিন+ √অম্‌+ত] বি. দিনের অবসান (*দিনান্তবেলায় শেষের ফসল নিলেম তরী–'পরে*, রবীন্দ্র.); সন্ধ্যা।

দিনাবসান /দিনাবোশান্‌/ [স. দিন+অবসান] বি. দ্র দিনশেষ।

দিনার /দিনার্‌/ [আ.] বি. মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের মুদ্রার একক।

দিনিকা /দিনিকা/ [স. দিন+ইক+আ (টাপ্‌)] বি. দৈনিক মজুরি।

দিনিয়াত /দিনিআত্‌/ [আ.] বি. ইসলাম-ধর্মশিক্ষার বই।

দিনে দিনে /দিনে দিনে/ ক্রিবিণ. ধাপে ধাপে, উত্তরোত্তর।

দিনেমার /দিনেমার্‌/ [ই. Denmark >] বি. ইউরোপের ডেনমার্ক প্রভৃতি দেশের অধিবাসী।

দিনেশ /দিনেশ্‌/ [স. দিন+ঈশ] বি. সূর্য, দিবাকর।

দিবস /দিবশ্‌/ [স. √দিব্‌+অস্‌] বি. দিন, দিনমান; দিন ও রাত।

দিবসপতি /দিবশোপোতি/ [স. দিবস+পতি] বি. সূর্য।

দিবসব্যাপী /দিবশ্‌ব্যাপি/ [স. দিবস+ব্যাপী] ক্রিবিণ. সারাদিন, দিনভর।

দিবসমুখ /দিবশ্‌মুখ্‌/ [স. দিবস+√খন্‌+অ] বি. প্রাতঃকাল।

দিবসরজনি /দিবশোরজোনি/ [স. দিবস+রজনি] বি. দিন ও রাত।

দিবা /দিবা/ [স. √দিব+অ+আ] বি. সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত সময়, দিনের বেলা, দিনমান।

দিবাকর /দিবাকর্‌/ [স. দিবা+√কৃ+অ] বি. সূর্য।

দিবানাথ /দিবানাথ্‌/ [স. দিবা+নাথ] বি. সূর্য।

দিবানিদ্রা /দিবানিদ্‌দ্রা/ [স. দিবা+নি+√দ্রা+অ+আ (টাপ্‌)] বি. দিনের বেলায় ঘুম; দুপুরের ঘুম।

দিবানিশ /দিবানিশ্‌/ [স. দিবা+√নিশ্‌+অ] বি. ক্রিবিণ. দ্র দিবানিশি।

দিবানিশি /দিবানিশি/ [স. দিবা+বা. নিশি] বি. দিন ও রাত। ক্রিবিণ. দিনে এবং রাতে।

দিবান্ধ /দিবান্‌ধো/ [স. দিবা+অন্ধ] বিণ. দিনের আলোয় দেখতে পায় না এমন। বি. প্যাঁচা।

দিবাবসান /দিবাবোশান্‌/ [স. দিবা+অবসান] বি. দিনের অবসান, সায়াহ্ন।

দিবাবসু /দিবাবোশু/ [স. দিবা+বসু] বি. সূর্য।

দিবাবিহার /দিবাবিহার্‌/ [স. দিবা+বিহার] বি. ১ দুপুরের বিশ্রাম। ২ দিনের বেলা যৌনসংগম।

দিবাভাগ /দিবাভাগ্‌/ [স. দিবা+√ভজ্‌+অ] বি.

www.pathagar.com

সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত সময়, দিনের বেলা।

দিবাভীত /দিবাভিতো/ [স. দিবা+√ভী+ত] বিণ. দিনের আলোয় ভয় পায় এমন। বি. প্যাঁচা।

দিবামণি /দিবামোনি/ [স. দিবা+মণি] বি. সূর্য।

দিবারাত্র /দিবারাত্রো/ [স. দিবা+রাত্র] ক্রিবিণ. দিনরাত, সারাদিন, সর্বক্ষণ।

দিবালোক /দিবালোক্/ [স. দিবা+লোক] বি. দিনের আলো; দিবাভাগ।

দিবাশয় /দিবাশয়/ [স. দিবা+√শী+অ] বিণ. ১ দিবাভাগে ঘুমায় এমন। ২ দিবাভাগে অপ্রকাশিত।

দিবাস্বপ্ন /দিবাশপ্নো/ [স. দিবা+√স্বপ্+ন] বি. ১ দিনের বেলা দেখা স্বপ্ন। ২ (আল.) অবাস্তব কল্পনা।

দিব্য /দিব্বো/ [স. দিব+য] বিণ. ১ আকাশ-সম্বন্ধীয়। ২ স্বর্গীয় (*দিব্যাস্ত্র*)। ৩ অলৌকিক (*দিব্যশক্তি*)।৪ সুন্দর। বি. শপথ।

দিব্যচক্ষু /দিব্বোচোক্খু/ [স. দিব্য+চক্ষুঃ] বি. অলৌকিক দৃষ্টিশক্তি; দিব্যদৃষ্টি, অন্তর্দৃষ্টি।

দিব্যজ্ঞান /দিব্বোগ্‌গ্যান্/ [স. দিব্য+জ্ঞান] বি. অলৌকিক জ্ঞান, অতীন্দ্রিয় জ্ঞান।

দিব্যতরু /দিব্বোতোরু/ [স. দিব্য+তরু] বি. কল্পিত স্বর্গীয় বৃক্ষ।

দিব্যদর্শী /দিব্বোদোর্‌শি/ [স. দিব্য+√দৃশ্+ইন্] বিণ. অলৌকিক দৃষ্টিশক্তিসম্পন্ন। বি. **দিব্যদর্শিতা** /দিব্বোদোর্‌শিতা/।

দিব্যদৃষ্টি /দিব্বোদৃশ্‌টি/ [স. দিব্য+ √দৃশ্+তি] বি. দ্র দিব্যচক্ষু।

দিব্যনদী /দিব্বোনোদি/ [স. দিব্য+নদী] বি. ছায়া-পথ।

দিব্যনারী/দিব্বোনারি/ [স. দিব্য+নারী] বি. অপ্সরা।

দিব্যনেত্র /দিব্বোনেত্রো/ [স. দিব্য+√নী+ত্র] বি. দ্র দিব্যচক্ষু।

দিব্যবৃক্ষ /দিব্বোবৃক্খো/ [স. দিব্য+বৃক্ষ] বি. দ্র দিব্যতরু।

দিব্যযোনি /দিব্বোজোনি/ [স. দিব্য+যোনি] বি. দেবতা।

দিব্যরথ /দিব্বোরথ্/ [স. দিব্য+রথ] বি. ১ আকাশে বিচরণ করে এমন রথ। ২ বিমানপোত।

দিব্যলোক /দিব্বোলোক্/ [স. দিব্য+লোক] বি. ১ স্বর্গ। ২ দেবতাদের আবাসস্থল।

দিব্যাঙ্গনা /দিব্বাংগনা/ [স. দিব্য+অঙ্গনা] বি. স্বর্গের নর্তকী।

দিব্যাস্ত্র /দিব্বাস্ত্রো/ [স. দিব্য+√অস্+ত্র] বি. দিব্যশক্তিসম্পন্ন দেবতাদের অস্ত্র; ব্রহ্মাস্ত্র।

দিব্যি /দিব্বি/ [স. দিব্য >] বি. শপথ (*মাথার দিব্যি দেওয়া*)। বিণ. উত্তম; চমৎকার; সুন্দর (*দিব্যি ছেলে*)। ক্রিবিণ. ভালোভাবে; স্পষ্টভাবে।

দিব্যোদক /দিব্‌বোদক্/ [স. দিব্য+উদক] বি. ১ বৃষ্টির জল। ২ শিশির।

দিয়া[১] /দিআ/ [বা.] অব্য. 'দিয়ে'-র সাধু রূপ।

দিয়া[২] /দিআ/ [স. দীপ >] বি. দীপ, প্রদীপ।

দিয়াছিল /দিয়াছিলো/ [বা.] ক্রিবি. 'দিয়েছিল'-র সাধু রূপ।

দিয়াড়া /দিআড়া/ [স. দ্বীপ >] বি. দ্বীপ; নদীর চর।

দিয়াড়ি /দিআড়ি/ [স. দীপবর্তী >] বি. ১ দীপাবলি; প্রদীপ, দীপ। ২ মশাল।

দিয়াশলাই /দিআশলাই/ [স. দীপশলাকা >] বি. অমসৃণ প্রলেপযুক্ত কাগজে ঘষে আগুন জ্বালানো যায় এমন মাথায় বারুদযুক্ত সরু কাঠি ও তার বাক্স, দীপশলাকা, দেশলাই, match।

দিয়ে /দিয়ে/ [বা.] অব্য. ক্রিবিণ. ১ দ্বারা, মাধ্যমে, সাহায্যে (*সুতো দিয়ে বাঁধা*)। ২ সহযোগে; মিশ্রণে (*ঘি দিয়ে রাঁধা*)। ৩ মারফত (*তার হাত দিয়ে*)। ৪ অনুসরণ করে (*এই পথ দিয়ে গেছি*)। ৫ থেকে (*ঘরের ছাদ দিয়ে জল পড়া*)। ৬ সঙ্গে (*মাছ দিয়ে ভাত খাওয়া*)। ৭ দিয়া[১]-এর কথ্য রূপ।

দিয়েছিল /দিয়েছিলো/ [বা.] ক্রিবি. প্রদান করেছিল; 'দিয়াছিল'-র চলিত রূপ।

দিয়ো /দিয়ো/ [বা.] অনুক্রি. প্রদানের অনুরোধ বা অনুজ্ঞা (*মাঝে মাঝে প্রাণে তোমার পরশখানি দিয়ো॥* রবীন্দ্র.)।

দিরহাম /দিরহাম্/ [আ.] বি. মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের মুদ্রার এককবিশেষ।

দিলদরাজ /দিল্‌দরাজ্/ [ফা.] বিণ. উদারচিত্ত।

দিলদরিয়া /দিল্‌দোরিআ/ [ফা.] বিণ. উদারচেতা।

দিলদার /দিল্‌দার্/ [ফা.] বিণ. দ্র দিলদরিয়া।

দিলরুবা /দিলরুবা/ [হি.] বি. তিন বা চারটি তারের এসরাজসদৃশ বাদ্যযন্ত্রবিশেষ যা ছড় দিয়ে বাজানো হয়।

দিলীপ /দিলিপ্/ [ব্যক্তি.] বি. সূর্যবংশীয় পৌরাণিক জনৈক রাজা ও রামচন্দ্রের পূর্বপুরুষ।

দিলো /দিলো/ [বা.] ক্রিবি. প্রদান করল, 'দেওয়া'-র সাধারণ অতীতকালের রূপ।

দিল্লীশ্বর /দিল্লিশ্‌শর্/ বি. অধুনালুপ্ত ভারত সম্রাটের আখ্যা।

দিশপাশ /দিশ্‌পাশ্/ [স. পার্শ্ব >] বি. ১ দৃষ্টিসীমা। ২

www.pathagar.com

কুলকিনারা। ৩ শৃঙ্খলা।

দিশা /দিশা/ [স. √দিশ্+অ+আ (টাপ্)] বি. ১ দিক (*দিশাহারা*)। ২ সন্ধান, খোঁজ (*দিশা পাওয়া*)।

দিশাপাল /দিশাপাল্/ [স. দিশা+পাল] বি. দিকপাল।

দিশারি /দিশারি/ [স. দিশাপাল >] বি. পথপ্রদর্শক।

দিশাহারা /দিশাহারা/ [বা.] বি. যে ব্যক্তির দিক সম্পর্কে জ্ঞান নেই। বিণ. ১ দিগ্‌ভ্রান্ত (*দিশাহারা চোখ, চরণ শ্রান্তিহীন*— বিষ্ণু.)। ২ হতভম্ব।

দিশাহীন /দিশাহিন্/ [স. দিশা+√হা+ত] বি. বিণ. দ্র দিশাহারা।

দিশি[১] /দিশি/ [স. দিশ >] বি. ১ (কবিতায়) দিক। ২ চারদিক।

দিশি[২]/দিশি/ [স. দৈশিক>] বিণ. 'দেশি'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

দিশিদিশি /দিশিদিশি/ [স. দিশ >] ক্রিবিণ. দিকে দিকে, সবদিকে।

দিশে /দিশে/ [বা.] বি. 'দিশা'-র কথ্য রূপ।

দিশেহারা /দিশেহারা/ [বা.] বি. বিণ. দ্র দিশাহারা।

দিষ্ট /দিশ্‌টো/ [স. √দিশ্+ত] বিণ. ১ আদিষ্ট, উপদিষ্ট। ২ উক্ত, কথিত। ৩ নির্দিষ্ট।

দিস্তা /দিস্‌তা/ [ফা.] বিণ. ২৪টি (*কাগজের দিস্তা*); (ব্য.) বহুসংখ্যক। বি. ২৪টির গোছা।

দীক্ষক /দিক্‌খক্/ [স. √দীক্ষ্+অক] বিণ. ১ দীক্ষা-দাতা। ২ গুরু, শিক্ষক।

দীক্ষণীয় /দিক্‌খোনিয়ো/ [স. √দীক্ষ্+অনীয়] বিণ. দীক্ষাদানের যোগ্য।

দীক্ষা /দিক্‌খা/ [স. √দীক্ষ্+অ+আ (টাপ্)] বি. ধর্মোপদেশ; তত্ত্বজ্ঞান লাভের জন্য মন্ত্রগ্রহণ (*দীক্ষাগ্রহণ*)।

দীক্ষাগুরু /দিক্‌খাগুরু/ [স. দীক্ষা+গুরু] বি. যাঁর কাছ থেকে মন্ত্রোপদেশ গ্রহণ করা হয়, মন্ত্রদাতা।

দীক্ষান্ত /দিক্‌খান্‌তো/ [স. দীক্ষা+অন্ত] বি. ব্রত-পালনের সমাপ্তি।

দীক্ষান্ত ভাষণ /দিক্‌খান্‌তো ভাশন্/ বি. ১ দীক্ষা বা ব্রতপালনের অন্তে গুরুর উপদেশমূলক ভাষণ। ২ (বাংলায়) বিশ্ববিদ্যালয়ে স্নাতকদের উদ্দেশে আচার্যের অভিভাষণ।

দীক্ষার্থী /দিক্‌খার্‌থি/ [স. দীক্ষা+অর্থ+ইন্] বিণ. মন্ত্রোপদেশ গ্রহণ করতে ইচ্ছুক এমন। বি. যে ব্যক্তি দীক্ষা গ্রহণ করতে ইচ্ছুক।

দীক্ষিত /দিক্‌খিতো/ [স. √দীক্ষ্+ত] বিণ. ১ দীক্ষা বা মন্ত্রোপদেশ গ্রহণ করেছে এমন। ২ নিজ ধর্ম ত্যাগ করে ভিন্ন ধর্মে দীক্ষাগ্রহণকারী। স্ত্রী. দীক্ষিতা /দিক্‌খিতা/।

দীধিতি /দিধিতি/ [স. দীধী+তি] বি. ১ কিরণ। ২ প্রভা।

দীন /দিন্/ [স. দী+ত] বিণ. ১ দরিদ্র (*দীন দুঃখী*)। ২ করুণ; নিঃস্ব। ৩ নীচ; অনুদার (*দীনাত্মা*)। বি. দরিদ্র বা দুঃখী ব্যক্তি। স্ত্রী. দীনা /দিনা/।

দীনদরিদ্র /দিন্‌দোরিদ্‌দ্রো/ [স. দীন+দরিদ্র] বিণ. অতি দরিদ্র।

দীনদুঃখী /দিন্‌দুক্‌খি/ [স. দীন+দুঃখ+ইন্] বিণ. অত্যন্ত দুস্থ এবং দুঃখী।

দীননাথ /দিনোনাথ্/ [স. দীন+নাথ] বিণ. দরিদ্রের আশ্রয় বা সহায়। বি. আল্লাহ; ঈশ্বর।

দীনবন্ধু /দিনোবোন্‌ধু/ [স. দীন+√বন্ধ্+উ] বি. বিণ. দ্র দীননাথ।

দীনভাব /দিনোভাব্/ [স. দীন+√ভূ+অ] বি. দারিদ্র্য।

দীনভাবাপন্ন /দিনোভাবাপন্নো/ [স. দীনভাব+আপন্ন] বিণ. অতিশয় কাতর, দুঃখিতচিত্ত।

দীনহীন /দিনোহিন্/ [স. দীন+√হা+ত] বিণ. নিঃস্ব ও নগণ্য। স্ত্রী. দীনহীনা /দিনোহিনা/।

দীনেশ /দিনেশ্/ [স. দীন+ঈশ] ১ বি. দরিদ্রের আশ্রয় বা সহায়। ২ ঈশ্বর; সৃষ্টিকর্তা।

দীপ /দিপ্/ [স. √দীপ্+অ] বি. প্রদীপ।

দীপক /দিপক্/ [স. √দীপি+অক] বিণ. উদ্দীপক। বি. রাত্রির তৃতীয়প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

দীপঝাড় /দিপ্‌ঝাড়/ [স. দীপ+বা. ঝাড়] বি. ছাদ বা দেওয়াল থেকে ঝোলানো বহু শাখাবিশিষ্ট দীপাধার, ঝাড়বাতি, chandelier।

দীপদান /দিপ্‌দান্/ [স. দীপ+ফা. দান] বি. দ্র দীপাধার।

দীপন /দিপন্/ [স. √দীপি+অন] বি. ১ আলোকন, দীপ্তিসাধন। ২ প্রজ্বালন। ৩ উত্তেজন; উদ্দীপন। ৪ প্রকাশন। ৫ শোভন। ৬ ক্ষুধা বর্ধন। বিণ. ১ দীপক, প্রজ্বালক। ২ উত্তেজক। ৩ প্রকাশক।

দীপনীয় /দিপোনিয়ো/ [স. √দীপি+অনীয়] বিণ. দীপ্ত করতে হবে এমন; দীপনযোগ্য; দীপ্য।

দীপপাত্র /দিপোপাত্রো/ [স. দীপ+√পা+ত্র] বি. দ্র দীপাধার।

দীপপাদপ /দিপোপাদপ্/ [স. দীপ+পাদপ] বি. দ্র দীপাধার।

দীপপুঞ্জ /দিপ্‌পুন্‌জো/ [স. দীপ+পুঞ্জ+√জি+অ] বি. প্রদীপের সারি, দীপমালা।

দীপপুষ্প /দিপোপুশ্‌পো/ [স. দীপ+√পুষ্প্+অ] বি. দীপরূপ পুষ্প।

দীপবর্তিকা /দিপোবোর্‌তিকা/ [স. দীপ+বর্তী+কন্+

www.pathagar.com

আ (টাপ্)] বি. ১ প্রদীপ। ২ সলতে।

দীপবৃক্ষ /দিপোব্‌কখো/ [স. দীপ+বৃক্ষ] বি. দ্র দীপঝাড়।

দীপমালা /দিপোমালা/ [স. দীপ+মালা] বি. প্রদীপের সারি, আলোকমালা।

দীপশক্তি /দিপ্‌শোক্‌তি/ [স. দীপ+√শক্+তি] বি. দীপনক্ষমতা; (পরি.) candlepower।

দীপশলাকা /দিপ্‌শলাকা/ [স. দীপ+শলাক+আ (টাপ্)] বি. অমসৃণ প্রলেপযুক্ত কাগজে ঘষে আগুন জ্বালানো যায় এমন মাথায় বারুদযুক্ত সরু কাঠি ও তার বাক্স, দিয়াশলাই, দেশলাই, match।

দীপশিখা /দিপ্‌শিখা/ [স. দীপ+শিখা] বি. দীপের শিষ, প্রদীপের জ্বলন্ত অগ্রভাগ।

দীপশ্রেণি /দিপ্‌শ্রেনি/ [স. দীপ+শ্রেণি] বি. দ্র দীপমালা।

দীপসজ্জা /দিপ্‌শজ্‌জা/ [স. দীপ+সজ্জা] বি. আলোকসজ্জা।

দীপা /দিপা/ [স. দীপ >] ক্রিবি. জ্বালানো।

দীপাগার/দিপাগার্/ [স. দীপ+আগার] বি. বাতিঘর।

দীপাধার /দিপাধার্/ [স. দীপ+আধার] বি. প্রদীপ রাখার পাত্র, পিলসুজ।

দীপান্বিত /দিপান্‌নিতো/ [স. দীপ+অন্বিত] বিণ. দীপযুক্ত, আলোকিত।

দীপান্বিতা /দিপান্‌নিতা/ [স. দীপান্বিত+আ (টাপ্)] বি. ১ দেওয়ালি, দীপালি। ২ দেওয়ালির রাত্রি। বিণ. আলোকোজ্জ্বল (*দীপান্বিতা রজনি*)।

দীপাবলি /দিপাবোলি/ [স. দীপ+আবলি] বি. কার্তিক মাসের অমাবস্যাতিথিতে ঘরে-ঘরে প্রদীপ জ্বালিয়ে পালিত আলোকসজ্জার উৎসব, দেওয়ালি।

দীপালি /দিপালি/ [স. দীপ+আলি] বি. দ্র দীপাবলি।

দীপালিকা /দিপালিকা/ [স. দীপ+আলিকা] বি. দেওয়ালি উৎসব, দীপান্বিতা।

দীপিকা /দিপিকা/ [স. দীপক+আ (টাপ্)] বি. ১ জ্যোৎস্না। ২ প্রদীপ। ৩ রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ। ৪ গ্রন্থের ব্যাখ্যাপুস্তক। বিণ. দীপিত করে এমন।

দীপিত /দিপিতো/ [স. √দীপি+ত] বিণ. প্রজ্বালন করা হয়েছে এমন, আলোকিত; উদ্দীপিত।

দীপ্ত /দিপ্‌তো/ [স. √দীপ্+ত] বিণ. ১ উজ্জ্বল; ভাস্বর। ২ তেজোময়। ৩ প্রকাশ পেয়েছে এমন।

দীপ্তক /দিপ্‌তক্/ [স. দীপ্ত+ক (স্বার্থে)] বিণ. দীপিত করে এমন।

দীপ্তকীর্তি /দিপ্‌তোকির্‌তি/ [স. দীপ্ত+কীর্তি] বিণ. প্রথিতযশা; বিখ্যাত।

দীপ্তমূর্তি /দিপ্‌তোমুর্‌তি/ [স. দীপ্ত+√মূর্চ্ছ্+তি] বিণ. উজ্জ্বল রূপবিশিষ্ট। বি. বিষ্ণু।

দীপ্তাংশু /দিপ্‌তাংশু/ [স. দীপ্ত+অংশু] বি. সূর্য।

দীপ্তি /দিপ্‌তি/ [স. √দীপ্+তি] বি. ১ আলোক, জ্যোতি; প্রভা, দ্যুতি। ২ তেজ। ৩ কান্তি।

দীপ্তিমান /দিপ্‌তিমান্/ [স. দীপ্তি+মৎ] বিণ. দীপ্তি-বিশিষ্ট, উজ্জ্বল। স্ত্রী. **দীপ্তিমতী** /দিপ্‌তিমোতি/।

দীপ্তোজ্জ্বল /দিপ্‌তোজ্‌জ্বল্/ [স. দীপ্ত+উজ্জ্বল] বিণ. জ্যোতির্ময়, অতিশয় উজ্জ্বল, দ্যুতিময়।

দীপ্য /দিপ্‌পো/ [স. √দীপি+য] বিণ. ১ প্রজ্বালন করার যোগ্য। ২ প্রকাশযোগ্য।

দীপ্যমান /দিপ্‌পোমান্/ [স. √দীপ্+মান (শানচ্)] বিণ. ১ জ্বলন্ত। ২ উজ্জ্বল, ভাস্বর।

দীপ্র /দিপ্‌রো/ [স. √দীপ্+র] বিণ. ১ জ্বলন্ত; উজ্জ্বল, দীপ্যমান, দীপ্তিশালী। ২ তীক্ষ্ণ, শানিত।

দীয়মান /দিয়োমান্/ [স. √দা+মান (শানচ্)] বিণ. বিতরণ করা হচ্ছে এমন।

দীর্ঘ /দির্‌ঘো/ [স. √দৃ+ঘ] বিণ. ১ লম্বা (*দীর্ঘ চুল*)। ২ অধিক (*দীর্ঘকাল*)। ৩ দূর প্রসারিত (*দীর্ঘ পথ*)। ৪ দীর্ঘকাল বিস্তৃত (*দীর্ঘায়ু*)। ৫ গভীর (*দীর্ঘশ্বাস*)। ৬ আয়ত (*দীর্ঘ নয়ন*)। ৭ বিলম্বিত (*দীর্ঘতাল*)।

দীর্ঘকণ্ঠ /দির্‌ঘোকন্‌ঠো/ [স. দীর্ঘ+কণ্ঠ] বিণ. লম্বা কণ্ঠবিশিষ্ট, লম্বা গলাবিশিষ্ট।

দীর্ঘকন্দ /দির্‌ঘোকন্‌দো/ [স. দীর্ঘ+√কন্দ্+অ] বি. রেঁধে বা কাঁচা খাওয়া যায় এমন কন্দবিশেষ, মুলা।

দীর্ঘকায় /দির্‌ঘোকায়্/ [স. দীর্ঘ+কায়] বিণ. লম্বা ও সুঠাম দেহবিশিষ্ট।

দীর্ঘকাল /দির্‌ঘোকাল্/ [স. √দীর্ঘ+√কলি+অ] বি. অনেকক্ষণ।

দীর্ঘকেশ /দির্‌ঘোকেশ্/ [স. দীর্ঘ+কেশ] বিণ. লম্বা চুলবিশিষ্ট।

দীর্ঘক্ষণ /দির্‌ঘোক্‌খন্/ [স. দীর্ঘ+ক্ষণ] বি. দীর্ঘ-কাল, অনেকক্ষণ।

দীর্ঘগ্রীব /দির্‌ঘোগ্রিবো/ [স. দীর্ঘ+গ্রীব] বিণ. লম্বা গলাবিশিষ্ট। বি. ১ জিরাফ। ২ উট। ৩ বক।

দীর্ঘচৌপদী /দির্‌ঘোচৌড়্‌পোদি/ [স. দীর্ঘ+বা. চৌপদী] বি. চারটি আটমাত্রার পর্বে গঠিত ছন্দবিশেষ।

দীর্ঘজীবী /দির্‌ঘোজিবি/ [স. দীর্ঘ+√জীব+ইন্] বিণ. দীর্ঘায়ু। স্ত্রী. **দীর্ঘজীবিনী** /দির্‌ঘোজিবিনি/।

www.pathagar.com

দীর্ঘতনু /দির্ঘোতোনু / [স. দীর্ঘ+তনু] বিণ. লম্বা দেহের অধিকারী; দীর্ঘাকৃতি।

দীর্ঘতপা /দির্ঘোতপা / [স. দীর্ঘ+তপাঃ] বিণ. দীর্ঘকাল তপস্যা করেছে এমন। বি. সিদ্ধার্থ।

দীর্ঘতা /দির্ঘোতা / [স. দীর্ঘ+তা] বি. দৈর্ঘ্য।

দীর্ঘত্রিপদী /দির্ঘোত্রিপোদি / [স. দীর্ঘ+ত্রিপদী] বি. তিনটি আটমাত্রার পর্বে গঠিত ছন্দ।

দীর্ঘদর্শী /দির্ঘোদোর্শি / [স. দীর্ঘ+ √দৃশ্+ইন্] বিণ. দূরদর্শী। স্ত্রী. **দীর্ঘদর্শিনী** /দির্ঘোদোর্শিনি /।

দীর্ঘদিন /দির্ঘোদিন্/ [স. দীর্ঘ+দিন] ক্রিবিণ. দীর্ঘকাল যাবৎ।

দীর্ঘনাস /দির্ঘোনাশ্/ [স. দীর্ঘ+নাসা] বিণ. লম্বা ও উন্নত নাকবিশিষ্ট।

দীর্ঘনিঃশ্বাস /দির্ঘোনিশ্শাশ্/ [স. দীর্ঘ+নিঃশ্বাস] বি. দুঃখ বা হতাশাজনিত গভীর ও সশব্দ শ্বাসত্যাগ।

দীর্ঘনিদ্রা /দির্ঘোনিদ্দ্রা / [স. দীর্ঘ+নিদ্রা] বি. ১ দীর্ঘকাল স্থায়ী এমন নিদ্রা। ২ (আল.) মৃত্যু।

দীর্ঘপাদ /দির্ঘোপাদ্/ [স. দীর্ঘ+ √পদ্+অ] বিণ. লম্বা পা-বিশিষ্ট (উট বক সারস প্রভৃতি প্রাণী)।

দীর্ঘবাদন /দির্ঘোবাদোন্/ [স. দীর্ঘ+ √বদ্+ণিচ্ +অন] বি. যে গ্রামোফোন রেকর্ড দীর্ঘক্ষণ বাজানো যায়; (পরি.) long-playing record, LP record।

দীর্ঘমেয়াদি /দির্ঘোমেআদি / [স. দীর্ঘ+ফা. মেয়াদি] বিণ. দীর্ঘ মেয়াদের (*দীর্ঘমেয়াদি ঋণ*)।

দীর্ঘরোমা /দির্ঘোরোমা / [স. দীর্ঘ+ √রুহ্+মন্] বিণ. ১ দীর্ঘ লোমযুক্ত। ২ রোমশ। বি. ভল্লুক।

দীর্ঘল /দির্ঘল্/ [স. দীর্ঘ >] বিণ. দৈর্ঘ্যযুক্ত, লম্বা।

দীর্ঘশ্বাস /দির্ঘোশ্শাশ্ / [স. দীর্ঘ+ √শ্বস্+অ] বি. দ্র দীর্ঘনিঃশ্বাস।

দীর্ঘসূত্র /দির্ঘোশুত্রো / [স. দীর্ঘ+সূত্র] বিণ. ১ কাজ করতে বেশি সময় লাগে এমন। ২ অলস।

দীর্ঘসূত্রতা /দির্ঘোশুত্রোতা / [স. দীর্ঘসূত্র+তা] বি. বি. কাজ জটিল ও দীর্ঘস্থায়ী করার প্রবণতা।

দীর্ঘসূত্রিতা /দির্ঘোশুত্রিতা/ [স. দীর্ঘসূত্রী+তা] বি. চিরক্রিয়তা।

দীর্ঘসূত্রী /দির্ঘোশুত্রি / [স. দীর্ঘসূত্র+ইন্] বিণ. দ্র দীর্ঘসূত্র।

দীর্ঘস্থায়ী /দির্ঘোস্থায়ি / [স. দীর্ঘ+ √স্থা+ইন্] বিণ. দীর্ঘকাল বা অনেকদিন স্থায়ী হয় এমন।

দীর্ঘাকার /দির্ঘাকার্/ [স. দীর্ঘ+আকার] বিণ. দীর্ঘ আকারবিশিষ্ট, লম্বা দেহবিশিষ্ট।

দীর্ঘাকৃতি /দির্ঘাকৃতি / [স. দীর্ঘ+আকৃতি] বিণ. দ্র দীর্ঘাকার।

দীর্ঘাগ্র /দির্ঘাগ্রো/ [স. দীর্ঘ+অগ্র] বিণ. অগ্রভাগ ক্রমশ সরু হয়ে এসেছে এমন।

দীর্ঘায়ত /দির্ঘায়তো / [স. দীর্ঘ+আয়ত] বিণ. লম্বা ও চওড়ায় বড়ো।

দীর্ঘায়ু /দির্ঘায়ু/ [স. দীর্ঘ+আয়ুস্] বিণ. বেশি দিন বাঁচে এমন, দীর্ঘজীবী।

দীর্ঘিকা /দির্ঘিকা / [স. দীর্ঘা+কন্+আ (টাপ্)] বি. বড়ো জলাশয়, দিঘি।

দীর্ণ /দির্নো / [স. √দৃ+ত] বিণ. ১ ফাটা; বিদারিত। ২ ভাঙা। ৩ ভীত।

দু /দু / [স. দ্বি >] বি. বিণ. দুই, দো; 'দুই'-এর সংক্ষিপ্ত রূপ।

দু-আনা /দুআনা / [বা.] বি. ১ সম্পত্তির আট ভাগের এক ভাগ। ২ (অধুনালুপ্ত) টাকার এক-অষ্টমাংশ মূল্যমানের মুদ্রা।

দু-আনি /দুআনি / [বা.] বি. দ্র দু-আনা।

দুই /দুই / [স. দ্বি >] বি. ২ সংখ্যা; উভয় ব্যক্তি বা বস্তু (*দুই-ই ভালো*)। বিণ. ২ সংখ্যক; উভয়।

দুই-এক /দুইঅ্যাক্ / [বা. দুই+স. এক] বিণ. অল্প কয়েকটি; সামান্য কিছু।

দুইটা /দুইটা / [বা.] বিণ. ১ দুটি; দুই সংখ্যক (*দুইটা বই*)। ২ অল্প কিছু (*দুইটা ভাত*)। ৩ সামান্য কয়েকটা (*দুইটা পয়সা*)।

দুইটি /দুইটি / [বা.] বিণ. 'দুইটা'-র আদরার্থক রূপ।

দুই নৌকায় পা দেওয়া /দুই নোউকায় পা দেওআ/ প্র. পরস্পরবিরোধী দুই পক্ষের মন রক্ষার চেষ্টা করে নিজের সর্বনাশ ডেকে আনা।

দু-এক /দুঅ্যাক্/ [বা. দু+স. এক] বিণ. দুটি বা একটি; সামান্য; অল্প কিছু।

দুঃ /দুহ্/ অব্য. দুঃখ অভাব দুষ্ট মন্দ নিষেধ প্রভৃতি অর্থসূচক সংস্কৃত উপসর্গ।

দুঃখ /দুক্খো / [স. দুস্+ √খন্+অ] বি. ১ মনস্তাপ। ২ খেদ (*দুঃখ করা*)। ৩ দুর্দশা (*দুঃখে পড়া*)।

দুঃখকর /দুক্খোকর্/ [স. দুঃখ+ √কৃ+অ] বিণ. কষ্টকর, যন্ত্রণাদায়ক।

দুঃখকষ্ট /দুক্খোকশ্টো/ [স. দুঃখ+ √কষ্+ত] বি. মনস্তাপ ও ক্লেশ, শারীরিক ও মানসিক দুরবস্থা।

দুঃখজনক /দুক্খোজনোক্/ [স. দুঃখ+জনক] বিণ. দ্র দুঃখকর।

দুঃখদ /দুক্খোদো/ [স. দুঃখ+ √দা+অ] বিণ. দুঃখ দেয় এমন।

দুঃখদায়ক /দুক্খোদায়ক্/ [স. দুঃখ+দায়ক] বিণ. দ্র দুঃখদ।

www.pathagar.com

দুঃখদায়ী /দুক্‌খোদায়ি/ [স. দুঃখ+√দা+ইন্‌] বিণ. দ্র দুঃখদ।

দুঃখদুর্দশা /দুক্‌খোদুর্‌দশা/ [স. দুঃখ+দুর্দশা] বি. ক্লেশ মনস্তাপ ও দুর্গতি।

দুঃখপ্রদ /দুক্‌খোপ্রোদো/ [স. দুঃখ+প্রদ] বিণ. দ্র দুঃখদ।

দুঃখবাদ /দুক্‌খোবাদ্‌/ [স. দুঃখ+√বদ্‌+অ] বি. জীবন ও জগৎ দুঃখময় এমন দার্শনিক মতবাদ, নৈরাশ্য-বাদ।

দুঃখবাদী /দুক্‌খোবাদি/ [স. দুঃখ+√বদ্‌+ইন্‌] বিণ. নৈরাশ্যবাদী।

দুঃখময় /দুক্‌খোময়্‌/ [স. দুঃখ+ময়ট্‌] বিণ. দুঃখপূর্ণ।

দুঃখলাঘব /দুক্‌খোলাঘব্‌/ [স. দুঃখ+লাঘব] বি. দুঃখ দূরীকরণ।

দুঃখহর /দুক্‌খোহরো/ [স. দুঃখ+√হৃ+অ] বিণ. মনস্তাপ দূর করে এমন।

দুঃখহরণ /দুক্‌খোহরোন্‌/ [স. দুঃখ+√হৃ+অন] বি. দুঃখলাঘব।

দুঃখ হরা /দুক্‌খো হরা/ ক্রিবি. দুঃখ দূর করা।

দুঃখহারী /দুক্‌খোহারি/ [স. দুঃখ+√হৃ+ইন্‌] বিণ. দ্র দুঃখহর।

দুঃখিত /দুক্‌খিতো/ [স. দুঃখ+ইত] বিণ. ১ দুঃখ-প্রাপ্ত, ক্ষুণ্ন। ২ অনুতপ্ত।

দুঃখী /দুক্‌খি/ [স. দুঃখ+ইন্‌] বিণ. ১ দুঃখে পতিত। ২ দরিদ্র দশায় পতিত। স্ত্রী. **দুঃখিনী** /দুক্‌খিনি/।

দুঃশাসন /দুশ্‌শাশোন্‌/ [স. দুস্‌+√শাস্‌+অন] বি. ১ পীড়নমূলক শাসন। ২ কুশাসন। ৩ মহাভারতোক্ত ধৃতরাষ্ট্রের দ্বিতীয় পুত্র। বিণ. সহজশাস্য নয় এমন।

দুঃশীল /দুশ্‌শিল্‌/ [স. দুস্‌+শীল] বিণ. দুষ্ট বা অসৎ স্বভাববিশিষ্ট; দুশ্চরিত্র।

দুঃশ্রব /দুস্‌স্রোবো/ [স. দুস্‌+√শ্রু+অ] বিণ. ১ ঠিক করে শোনা যায় না এমন। ২ শোনার অযোগ্য।

দুঃসময় /দুশ্‌শময়্‌/ [স. দুস্‌+সময়] বি. ১ অসময়। ২ অপ্রশস্ত সময়। ৩ দুঃখপূর্ণ সময়, দুর্দিন।

দুঃসহ /দুশ্‌শহো/ [স. দুস্‌+√সহ্‌+অ] বিণ. সহ্য করা কঠিন এমন, অসহ্য, দুর্বিষহ, অসহনীয়।

দুঃসাধ্য /দুশ্‌শাদ্‌ধো/ [স. দুঃ+√সাধ্‌+য] বিণ. ১ অত্যন্ত কষ্টসাধ্য। ২ দুরারোগ্য (*দুঃসাধ্য ব্যাধি*)।

দুঃসাহস /দুশ্‌শাহোশ/ [স. দুঃ+সাহস] বি. অতিরিক্ত সাহস; অসংগত সাহস।

দুঃসাহসিক /দুশ্‌শাহোশিক্‌/ [স. দুঃসাহস+ইক] বিণ. অত্যধিক সাহসের প্রয়োজন হয় এমন। বি. **দুঃসাহসিকতা** /দুশ্‌শাহোশিকতা/।

দুঃসাহসী /দুশ্‌শাহোশি/ [স. দুঃসাহস+ইন্‌] বিণ. অত্যধিক সাহসী, নির্ভীক।

দুঃস্থ /দুস্‌থো/ [স. দুঃ+√স্থা+অ] বিণ. ১ দুর্দশা-গ্রস্ত। ২ দুঃখপীড়িত, দুর্গত। ৩ দরিদ্র। ৪ মূর্খ।

দুঃস্থিত /দুস্‌থিতো/ [স. দুস্‌+√স্থা+ত] বিণ. ১ দুর্দশায় পতিত। ২ স্থিতি নেই এমন, unstable।

দুঃস্থিতি /দুস্‌থিতি/ [স. দুঃ+√স্থা+তি] বি. ১ দুর্দশা। ২ অস্থিরতা।

দুঃস্পর্শ /দুস্‌পরশো/ [স. দুঃ+√স্পৃশ্‌+অ] বিণ. ১ ছোঁয়া সুখকর নয় এমন। ২ কর্কশ।

দুঃস্বপ্ন /দুশ্‌শপ্‌নো/ [স. দুঃ+√স্বপ্‌+ন] বি. ১ অশুভ বা খারাপ স্বপ্ন। ২ দুরাকাঙ্ক্ষা।

দুঁদে /দুঁদে/ [স. দুর্দম >] বিণ. ১ দ্বন্দ্বপ্রিয়; মামলা-বাজ। ২ ঝানু। ৩ দুর্দান্ত প্রতাপশালী।

দুকথা /দুকথা/ [বা. দু+স. কথা] বি. ১ অল্প ও সাধারণ কথা। ২ কড়া কথা (*দুকথা শোনানো*)।

দুকলম লেখা /দুকলোম্‌ লেখা/ ক্রিবি. অল্প কিছু লেখা।

দুকান কাটা /দুকান্‌ কাটা/ বিণ. ১ দুটি কানই কাটা এমন। ২ (আল.) নির্লজ্জ।

দুকুরে /দুকুরে/ [বা.] বি. উভয় সংকটে পতিত ব্যভিচারী।

দুকুল /দুকুল্‌/ [স. দ্বিকুল >] বি. ১ পিতার বংশ ও মাতার বংশ। ২ পিতার বংশ ও শ্বশুরের বংশ।

দুকূল[১] /দুকুল্‌/ [বা. দু+স. কূল] বি. ১ উভয় তট, দুই তীর (*হৃদয়ের এ কূল, ও কূল, দু কূল ভেসে যায়, হায় সজনি,* রবীন্দ্র.)। ২ (আল.) ইহকাল ও পরকাল। ৩ সকল আশ্রয়।

দু-কূল[২] /দুকুল্‌/ [স. √দু+উল] বি. ১ রেশমি কাপড়; পট্টবস্ত্র। ২ মিহি কাপড়। ৩ পবিত্র বস্ত্র।

দুকূলপ্লাবী /দুকুলপ্লাবি/ [বা. দুকূল+স. প্লাবী] বিণ. উভয়তট প্লাবিত করে এমন।

দুখ /দুখ্‌/ [স. দুঃখ >] বি. 'দুঃখ'-র কোমল রূপ।

দুখজাগানিয়া /দুখোজাগানিআ/ [বা.] বিণ. দুঃখ জাগায় এমন।

দুখান /দুখান্‌/ [বা.] বি. দুই টুকরা; দুইটি জিনিস। বিণ. দুখণ্ডে বিভক্ত; দুটি; (আল.) অল্প কয়েকটি।

দুখানা /দুখানা/ [বা.] বি. বিণ. দ্র দুখান।

দুখানি /দুখানি/ [বা.] বি. বিণ. 'দুখানা'-র আদরার্থক রূপ।

দুখী /দুখি/ [স. দুঃখী >] বিণ. 'দুঃখী'-র কোমল রূপ।

দুগুণ /দুগুন/ [স. দ্বিগুণ >] বিণ. দ্বিগুণ, ডবল।

দুগ্ধ /দুগ্‌ধো/ [স. √দুহ্‌+ত] বি. দ্র দুধ।

www.pathagar.com

দুগ্ধজাত /দুগ্‌ধোজাতো/ [স. দুগ্ধ+√জন্‌+ত] বিণ. দুধ থেকে উৎপাদিত।

দুগ্ধদা /দুগ্‌ধোদা/ [স. দুগ্ধ+√দা+অ] বিণ. দুধ দেয় এমন, দুগ্ধবতী।

দুগ্ধধবল /দুগ্‌ধোধবোল্‌/ [স. দুগ্ধ+ধবল] বিণ. দুধের মতো সাদা।

দুগ্ধপোষ্য /দুগ্‌ধোপোশ্‌শো/ [স. দুগ্ধ+√পুষ্‌+য] বিণ. কেবল দুধ খাইয়ে পালন করতে হয় এমন, স্তন্যপায়ী। বি. কচি শিশু।

দুগ্ধফেননিভ /দুগ্‌ধোফেনোনিভো/ [স. দুগ্ধ+নি+√ভা+অ] বিণ. দুধের ফেনার মতো শুভ্র ও কোমল (*দুগ্ধফেননিভ শয্যা*)।

দুগ্ধমুখ /দুগ্‌ধোমুখ্‌/ [স. দুগ্ধ+মুখ] বিণ. অতিশয় কোমল, কচি।

দুঘড়ি /দুঘোড়ি/ [বা.] বি. ১ দ্বিপ্রহর, মধ্যাহ্ন। ২ মধ্যরাত্রি। ৩ দুই ঘণ্টা।

দুচালা /দুচালা/ [বা.] বি. দুই চালবিশিষ্ট ঘর, দোচালা ঘর। বিণ. দুই চালবিশিষ্ট।

দু-চোখ /দুচোখ্‌/ [বা.] বি. ১ উভয় চোখ। ২ দৃষ্টি।

দু-চোখের বিষ /দুচোখের বিশ্‌/ বি. ১ অত্যন্ত বিদ্বেষের পাত্র বা বিষয়। ২ শত্রু। বিণ. চক্ষুশূল।

দুটা /দুটা/ [বা.] বিণ. ১ দুই সংখ্যক। ২ অল্প কিছু (*দুটা ভাত*); সামান্য কয়েকটি (*দুটা পয়সা*)।

দুটানা /দুটানা/ [বা.] বি. বিপরীতধর্মী দুই ভিন্ন বস্তু বা দিকের প্রতি আকর্ষণজনিত দ্বিধা।

দুটি /দুটি/ [বা.] বিণ. 'দুটা'-র আদরার্থক রূপ।

দুটো /দুটো/ [বা.] বিণ. 'দুটা'-র কথ্যরূপ।

দুড়দাড় /দুড়্‌দাড়্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ দম্ভভরে দ্রুত পা ফেলার শব্দ। ২ ভয়জনিত হৃৎস্পন্দনের শব্দ। ৩ প্রহারের শব্দ। ৪ মেঘের গর্জন।

দুড়ুম /দুড়ুম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বন্দুকের গুলি ছোড়া বা কামান দাগার অনুকার শব্দ। ২ ভারী কিছু পতনের অনুকার শব্দ।

দুড়ুমদাড়াম /দুড়ুম্‌দাড়াম্‌/ [ধ্বন্যা.] বি. বারবার দুড়ুম শব্দ।

দুড়ুম দুড়ুম /দুড়ুম্‌ দুড়ুম্‌/ বি. দ্র দুড়ুমদাড়াম।

দুতরফ /দুতরোফ্‌/ [আ. তরফ >] বি. দুই দিক; উভয়পক্ষ।

দুতরফা /দুতরফা/ [বা.] বিণ. ১ উভয়পক্ষসংক্রান্ত। ২ দুই পক্ষের বক্তব্য শোনা হয়েছে এমন।

দুতলা /দুতলা/ [বা.] বিণ. দুই তল বা স্তরবিশিষ্ট। বি. ১ এক তলার উপরস্থিত দ্বিতীয় তল। ২ দোতলা বাড়ি।

দুতারা /দুতারা/ [বা.] বি. দুই তারের বাদ্যযন্ত্র। বিণ. দুই তারবিশিষ্ট।

দুত্তরি /দুত্‌তোরি/ [বা.] অব্য. বিরক্তি বা অবজ্ঞা প্রকাশক উক্তি।

দুত্তোর /দুত্‌তোর্‌/ [বা.] অব্য. দ্র দুত্তরি।

দুদক /দুদক্‌/ বি. 'দুর্নীতি দমন কমিশন'-এর সংক্ষিপ্ত রূপ।

দুদণ্ড /দুদন্‌ডো/ [বা. দু+স. দণ্ড] বি. অতি অল্প সময়, কিছুক্ষণ (*আমারে দুদণ্ড শান্তি দিয়েছিল নাটোরের বনলতা সেন।* জীবনানন্দ.)।

দুদিন /দুদিন্‌/ [বা. দু+স. দিন] বি. ১ দুই দিন। ২ (আল.) অল্প কয়েক দিন।

দুধ /দুধ্‌/ [স. দুগ্ধ >] বি. মানুষ-সহ উচ্চতর স্তরের মেরুদণ্ডী প্রাণীর স্ত্রীকুলের স্তন্যগ্রন্থী নিঃসৃত স্নেহ ও প্রোটিনসমৃদ্ধ তরল পদার্থ, স্তন্য, দুগ্ধ, মাতৃদুগ্ধ, পয়ঃ।

দুধ কাটা /দুধ্‌ কাটা/ ক্রিবি. টক পদার্থের সংস্পর্শ বা গরমে দুধের জলীয় অংশ ও ছানা পৃথক হয়ে যাওয়া, দুধ ফেটে যাওয়া।

দুধ তোলা /দুধ্‌ তোলা/ ক্রিবি. শিশুর পান করা দুধ বমি করে ফেলা।

দুধদাঁত /দুধ্‌দাঁত্‌/ [বা.] বি. স্তন্যপায়ী প্রাণীর অল্প বয়সে গজানো অস্থায়ী দাঁত।

দুধ নামা /দুধ্‌ নামা/ ক্রিবি. স্তনে দুধের সঞ্চার হওয়া।

দুধ ভর করা /দুধ্‌ ভর্‌ করা/ ক্রিবি. দ্র দুধ নামা।

দুধভাই /দুধ্‌ভাই্‌/ [বা.] বি. একই মাতার স্তন্যপান করার সূত্রে ভাই।

দুধভাত /দুধ্‌ভাত্‌/ [বা.] বি. দুধ সহযোগে ভাত। বিণ. (আল.) অত্যন্ত সহজসাধ্য।

দুধারি /দুধারি/ [বা.] বিণ. ১ দুই দিকে ধারযুক্ত। ২ উভয় পার্শ্বস্থ।

দুধালো /দুধালো/ [বা.] বিণ. দুগ্ধবতী।

দুধি আকন /দুধি আকন্‌/ বি. শ্বেত আকন্দ গাছ।

দুধে আলতা /দুধে আল্‌তা/ বিণ. দুধ ও আলতার মিশ্রণে সৃষ্ট গোলাপি আভাবিশিষ্ট।

দুধেদাঁত /দুধেদাঁত্‌/ [বা.] বি. দ্র দুধদাঁত।

দুধেভাতে /দুধেভাতে/ [বা.] ক্রিবিণ. পরম আদর-যত্নে, ভালোভাবে খেয়ে পরে; সচ্ছল অবস্থায়।

দুধেল /দুধেল্‌/ [বা.] বিণ. দুগ্ধবতী।

দুন /দুনো/ [স. দ্বিগুণ >] বি. (সংগীতে) দ্বিগুণ দ্রুত লয়ে বাদন।

দু-নম্বরি /দুনম্‌বোরি/ [বা.] বিণ. ১ বেআইনি বা দুর্নীতিপূর্ণ (*দু-নম্বরি কারবার*)। ২ নিকৃষ্ট; ভেজাল; খেলো (*দু-নম্বরি পণ্য*)।

www.pathagar.com

দুনলা /দুনলা / [বা.] বিণ. দুই নল বা চোঙবিশিষ্ট। বি. দোনলা বন্দুক।

দুনা /দুনা / [স. দ্বিগুণ>] বিণ. দুইগুণ, দ্বিগুণ, ডবল।

দুনালা /দুনালা / [বা.] বিণ. বি. দ্র দুনলা।

দুনি /দুনি/ [স. দ্রোণী >] বি. যে পাত্র দিয়ে জল সেচন করা হয়, জলসেচনী, সেঁউতি, ডোঙা।

দুনিয়া /দুনিআ / [আ.] বি. পৃথিবী, বিশ্ব, ধরা, ধরিত্রী।

দুনিয়াজোড়া /দুনিআজোড়া/ [আ. দুনিয়া+বা. জোড়া] বিণ. বিশ্বব্যাপী।

দুনিয়াদারি /দুনিআদারি / [আ. দুনিয়া+ফা. দারি] বি. ১ সংসারধর্ম; পরিবার প্রতিপালন। ২ সংসার বিষয়ক অভিজ্ঞতা; সাংসারিক জ্ঞান; বিষয়বুদ্ধি।

দুনো /দুনো / [স. দ্বিগুণ>] বিণ. দ্বিগুণ।

দুন্দুভি /দুনদুভি / [স. দুন্দু+ √উভ্+ই] বি. দামামা-জাতীয় প্রাচীন রণবাদ্যবিশেষ (*দুন্দুভিতে হলো রে কার আঘাত শুরু*, রবীন্দ্র.); ঢাক; নাকাড়া।

দুন্দুমার /দুনদুমার / [হি.] বিণ. বিশৃঙ্খল ও গোলযোগপূর্ণ; ভয়ংকর; বিষম।

দুপ /দুপ্ / [ধ্বন্যা.] অব্য. বি. ভারী কোনো বস্তু পতনের শব্দ; পদক্ষেপ করার শব্দ।

দুপদাপ /দুপ্‌দাপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. পুনঃপুন দুপ শব্দ।

দু-পহর /দুপহোর্ / [স. দ্বিপ্রহর >] বি. দিন বা রাতের দ্বিতীয় প্রহর, দ্বিপ্রহর।

দুপুর /দুপুর্ / [স. দ্বিপ্রহর >] বি. দ্বিপ্রহর, মধ্যাহ্ন।

দুপুরবেলা /দুপুর্‌ব্যালা / [বা.] বি. দ্র দুপুর।

দু-পেয়ে /দুপেয়ে/ [বা.] বিণ. দুই পা-বিশিষ্ট, দ্বিপদ; দুই পায়ে চলাফেরা করে এমন।

দু-ফলা /দুফলা / [বা.] বিণ. ১ বছরে দু-বার ফল দেয় এমন (*দু-ফলা গাছ*)। ২ দুটি ফলকবিশিষ্ট (*দু-ফলা ছুরি*)।

দু-ফাল /দুফাল্/ [বা.] বি. দুই খণ্ড বা টুকরা।

দু-ফালি /দুফালি / [বা.] বি. দুই খণ্ড। বিণ. দুই ফালিতে বিভক্ত।

দু-বছর /দুবছোর্ / [বা.] বি. দুই বৎসর।

দুবলা /দুব্‌লা / [স. দুর্বল >] বিণ. রোগা; দুর্বল।

দুভাষী /দুভাশি/ [বা. দু+স. ভাষী] বি. দুজন ভিন্ন-ভাষী লোক কথা বলার সময় যে ব্যক্তি উভয়ের ভাষা অনুবাদ করে দেয়, দুটি ভাষায় পারদর্শী ব্যক্তি। বিণ. দুটি ভাষা জানে এমন (*দুভাষী পণ্ডিত*), দোভাষী, interpreter।

দুম /দুম্/ [ধ্বন্যা.] অব্য. বি. মৃদু দুড়ুম শব্দ (*দুম করে কিল মারা*)।

দুমচি /দুম্‌চি / [তুর.] বি. ঘোড়ার পিঠে জিন আটকে রাখার জন্য ব্যবহৃত চামড়ার বেল্ট।

দুমড়ানো /দুমড়ানো / [বা.] ক্রিবি. মুচড়ে দেওয়া। বিণ. বাঁকানো।

দুমদাম /দুম্‌দাম্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত দুম শব্দ।

দুমদুম /দুম্‌দুম্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র দুমদাম।

দুমনা /দুমোনা / [বা.] বিণ. ১ দুটি ভিন্ন বিষয়ে মন আকৃষ্ট এমন, দ্বিধাগ্রস্ত। ২ অস্থিরচিত্ত।

দুমাদুম /দুমাদুম / [বা.] ক্রিবিণ. বারবার দুম শব্দে।

দুমুখো /দুমুখো/ [বা.] বিণ. ১ দুইদিকে মুখবিশিষ্ট (*দুমুখো সাপ*)। ২ দুদিকে সমান গতিবিশিষ্ট। ৩ স্ববিরোধী ভাবযুক্ত (*দুমুখো নীতি*)।

দুমুঠা /দুমুঠা / [বা.] বিণ. ১ দুই মুষ্টিপরিমাণ। ২ (আল.) অল্পকিছু।

দুমুঠো /দুমুঠো/ [বা.] বিণ. দ্র দুমুঠা।

দুমেটে /দুমেটে/ [বা.] বিণ. ১ দুবার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন। ২ দ্বিতীয়বার সংস্কার করা হয়েছে এমন।

দুম্বা /দুম্‌বা / [ফা.] বি. ছোটো ও মেদবহুল লেজ-যুক্ত ভেড়াজাতীয় তৃণভোজী প্রাণী।

দুয়া /দুআ/ [স. দুর্ভাগা >] বিণ. স্বামীর সোহাগ-বঞ্চিতা ও উপেক্ষিতা।

দুয়াপতি /দুআপোতি/ [বা. দুয়া+স. পতি] বি. দাবা খেলা (যাতে দুই পক্ষেরই হাতি নৌকা ঘোড়া বড়ে প্রভৃতি সমান সংখ্যায় থাকে)।

দুয়ার /দুআর্/ [স. দ্বার>] বি. প্রবেশ ও বহির্গমনের পথ, দরজা, দ্বার।

দুয়ারি /দুআরি / [বা.] বিণ. দ্বারবিশিষ্ট। বি. প্রহরী।

দুয়ারে হাতি বাঁধা /দুআরে হাতি বাঁধা/ প্র. ঐশ্বর্যের দম্ভ প্রকাশ করা।

দুয়েক /দুয়েক্/ [বা.] বিণ. দুই অথবা তার কাছাকাছিসংখ্যক।

দুয়ো /দুও / [স. দুর্ভাগা >] বিণ. দ্র দুয়া।

দুয়োর /দুওর্ / [স. দ্বার>] বি. 'দুয়ার'-এর কথ্য রূপ।

দুয়োরানি /দুওরানি / [বা.] বি. রূপকথায় বর্ণিত উপেক্ষিত রানি।

দুরক্ষর /দুরোক্‌খর্/ [স. দুস্+অক্ষর] বি. ১ দুর্বোধ্য হস্তাক্ষর। ২ কটূক্তি; কুবাক্য। বিণ. অপ্রিয় (*দুরক্ষর বাণী*)।

দুর ছাই করা /দুর্ ছাই্ করা/ ক্রিবি. বিরক্তি প্রকাশ করা।

দুরতিক্রম /দুরোতিক্‌ক্রোম্/ [স. দুর্+অতি+ √ক্রম্+

www.pathagar.com

অ] বিণ. দ্র দুরতিক্রমণীয়।

দুরতিক্রমণ /দুরোতিক্‌ক্রোমোন/ [স. দুর্+অতি+√ক্রম্+অন] বি. অতি কষ্টে উত্তরণ।

দুরতিক্রমণীয় /দুরোতিক্‌ক্রোমোনিয়ো/ [স. দুর্+অতি+√ক্রম্+অনীয়] বিণ. কষ্ট করে অতিক্রম করতে হয় এমন, দুর্লঙ্ঘ্য। স্ত্রী. দুরতিক্রমণীয়া /দুরোতিক্‌ক্রোমোনিআ/।

দুরতিক্রম্য /দুরোতিক্‌ক্রোম্‌মো/ [স. দুর্+অতি+√ক্রম্+য] বিণ. দ্র দুরতিক্রমণীয়।

দুরত্যয় /দুরোত্তয়/ [স. দুর্+অত্যয়] বিণ. ১ বিনাশ করা কঠিন এমন। ২ দুর্লঙ্ঘ্য।

দুরদুর /দুরদুর/ [ধ্বন্যা.] অব্য. বি. ভয় উদ্‌বেগ প্রভৃতিজনিত অব্যক্ত হৃৎস্পন্দন (*ভয়ে বুক দুরদুর করা*)।

দুরদৃষ্ট /দুরোদৃশ্‌টো/ [স. দুর্+অদৃষ্ট] বি. মন্দভাগ্য, পোড়া কপাল। বিণ. দুর্ভাগা, হতভাগা।

দুরধিগম /দুরোধিগম্/ [স. দুর্+অধি+√গম্+অ] বিণ. ১ দুর্লভ। ২ জানা কঠিন এমন, দুর্জ্ঞেয়।

দুরধিগম্য /দুরোধিগোম্‌মো/ [স. দুর্+অধি+√গম্+য] বিণ. ১ দুর্লঙ্ঘ্য। ২ দুর্গম। বি. ~তা /-তা/।

দুরধ্যয় /দুরোদ্‌ধয়্/ [স. দুর্+অধ্যয়] বিণ. পাঠ করা দুঃসাধ্য এমন, দুষ্পাঠ্য।

দুরন্ত /দুরন্তো/ [স. দুর্+অন্ত] বিণ. ১ দামাল (*দুরন্ত শিশু*)। ২ ভীষণ (*দুরন্ত সাহস*)। ৩ উগ্র (*দুরন্ত ক্রোধ*)। ৪ প্রতিবিধান কষ্টসাধ্য এমন (*দুরন্ত ব্যাধি*)। ৫ প্রবল (*দুরন্ত গতি*)। ৬ দুস্তর। ৭ অন্তহীন। ৮ (বাংলায়) দুর্বৃত্ত।

দুরন্তপনা /দুরন্তোপনা/ [স. দুরন্ত+বা. পনা] বি. ১ দৌরাত্ম্যপূর্ণ আচরণ। ২ অবাধ্যতা।

দুরন্বয় /দুরননয়্/ [স. দুর্+অন্বয়] বি. বাক্যে কর্তা ক্রিয়া কর্ম প্রভৃতির ত্রুটিপূর্ণ বিন্যাস। বিণ. দুর্বোধ্য সম্বন্ধযুক্ত (*দুরন্বয় বাক্য*)।

দুরপনেয় /দুরপোনেয়ো/ [স. দুর্+অপ+√নী+য] বিণ. সহজে মোচন বা দূর করা যায় না এমন, দুর্মোচ্য (*দুরপনেয় কালির স্বাক্ষর*)।

দুরবগম /দুরবোগম্/ [স. দুর্+অবগম] বিণ. দ্র দুরবগম্য।

দুরবগম্য /দুরবোগোম্‌মো/ [স. দুর্+অবগম্য] বিণ. দুরধিগম্য। বি. ~তা /-তা/।

দুরবগাহ /দুরবোগাহো/ [স. দুর্+অবগাহ] বিণ. ১ অবগাহন বা প্রবেশ করা কঠিন এমন। ২ তল পাওয়া যায় না এমন। ৩ দুর্বোধ্য, দুর্জ্ঞেয়।

দুরবগ্রহ /দুরবোগ্‌গ্রোহো/ [স. দুর্+অবগ্রহ] বিণ. দূর করা কঠিন এমন।

দুরবস্থ /দুরবোস্‌থো/ [স. দুর্+অবস্থা] বিণ. ১ প্রতিকূল অবস্থায় পতিত, দুর্গত। ২ দরিদ্র।

দুরবস্থা /দুরবোস্‌থা/ [স. দুর্+অবস্থা] বি. দুর্দশা।

দুরবিন /দুরবিন্/ [ফা.] বি. দূরের জিনিস স্পষ্ট করে দেখার জন্য ব্যবহৃত লম্বা নলে পরকলা (lens) বা অবতল আয়না (concave mirror) লাগানো সরঞ্জামবিশেষ, দূরবীক্ষণযন্ত্র, telescope।

দুরবেক্ষিত /দুরবেক্‌খিতো/ [স. দুর্+অবেক্ষিত] বিণ. অকিঞ্চিৎকর, নগণ্য; অবজ্ঞেয়।

দুরভিগম্য /দুরোভিগোম্‌মো/ [স. দুর্+অভিগম্য] বিণ. সহজগম্য নয় এমন।

দুরভিগ্রহ /দুরোভিগ্‌গ্রোহো/ [স. দুর্+অভিগ্রহ] বিণ. ১ দুর্বোধ্য। ২ গ্রহণ করা কষ্টসাধ্য এমন।

দুরভিপ্রায় /দুরোভিপ্‌প্রায়্/ [স. দুর্+অভিপ্রায়] বি. দ্র দুরভিসন্ধি।

দুরভিসন্ধি /দুরোভিশোন্‌ধি/ [স. দুর্+অভিসন্ধি] বি. অসদুদ্দেশ্য, কুমতলব।

দুরভিসন্ধিমূলক /দুরোভিশোন্‌ধিমুলক্/ [স. দুর্+অভিসন্ধি+মূলক] বিণ. মন্দ অভিপ্রায়যুক্ত।

দুরমুশ /দুরমুশ্/ [বা.] বি. ভূমিতে বিছানো সুরকি খোয়া প্রভৃতি পিটিয়ে সমান করার জন্য ব্যবহৃত লম্বা হাতলযুক্ত মুষলবিশেষ।

দুরমুশ করা /দুরমুশ্ করা/ ক্রিবি. ১ দুরমুশ পিটিয়ে সমান করা। ২ (আল.) পিটিয়ে শায়েস্তা করা।

দুরস্ত /দুরস্ত্/ [ফা.] বিণ. ১ জায়েজ। ২ দমিত। ৩ পরিপাটি (*কেতাদুরস্ত*)। ৪ অভ্যস্ত। ৫ মাফিক (*কায়দাদুরস্ত*)। ৬ সমান (*জমি পিটিয়ে দুরস্ত করা*)।

দুরাকাঙ্ক্ষ /দুরাকাংখো/ [স. দুর্+আ+√কাঙ্ক্ষ্+অ] বিণ. ১ দুষ্প্রাপ্য কোনোকিছু লাভের আকাঙ্ক্ষা-যুক্ত। ২ অসংগত উচ্চাশাযুক্ত।

দুরাকাঙ্ক্ষা /দুরাকাংখা/ [স. দুর্+আ+√কাঙ্ক্ষ্+অ+আ (টাপ্)] বি. দুর্লভ বস্তু লাভ করার আশা।

দুরাকাঙ্ক্ষী /দুরাকাংখি/ [স. দুর্+আ+√কাঙ্ক্ষ্+ইন্] বিণ. অনুচিত উচ্চ আকাঙ্ক্ষাবিশিষ্ট। স্ত্রী. দুরা-কাঙ্ক্ষিণী /দুরাকাংখিনি/।

দুরাক্রম /দুরাক্‌ক্রোম্/ [স. দুর্+আক্রম] বিণ. দ্র দুরাক্রম্য।

দুরাক্রম্য /দুরাক্‌ক্রোম্‌মো/ [স. দুর্+আক্রম্য] বিণ. আক্রমণ করা সহজসাধ্য নয় এমন।

দুরাগ্রহ /দুরাগ্‌গ্রোহো/ [স. দুর্+আগ্রহ] বি. ১ অনৈতিক বিষয়ে আগ্রহ। ২ বৃথা চেষ্টা। বিণ.

www.pathagar.com

অসৎ বা দুর্লভ বিষয়ে আগ্রহযুক্ত।

দুরাচরণীয় /দুরাচরোনিয়ো/ [স. দুর্+আ+ √চর্+ অনীয়] বিণ. পালন করা কষ্টসাধ্য এমন; কৃচ্ছ্রসাধ্য।

দুরাচার /দুরাচার্/ [স. দুর্+আ+ √চর্+অ] বি. দুর্বৃত্ততা; কদাচার। বিণ. ১ দুর্বৃত্ত। ২ কদাচারী।

দুরাচারী /দুরাচারি/ [স. দুর্+আ+√চর্+ইন্] বিণ. পাপাচারী। স্ত্রী. **দুরাচারিণী** /দুরাচারিনি/।

দুরাত্মা /দুরাত্তা/ [স. দুর্+আত্মন্] বিণ. ১ পাপিষ্ঠ; দুর্বৃত্ত। ২ অত্যাচারী, নির্দয়।

দুরাধর্ষ /দুরাধরশো/ [স. দুর্+আ+ √ধৃষ্+অ] বিণ. দুর্ধর্ষ; দুর্দান্ত; দুর্দমনীয়, দমন করা দুঃসাধ্য এমন।

দুরাপ /দুরাপ্/ [স. দুর্+√আপ্+অ] বিণ. ১ দুষ্প্রাপ্য, দুর্লভ। ২ (বাংলায়) অজেয়।

দুরারাধ্য /দুরারাদ্ধো/ [স. দুর্+আরাধ্য] বিণ. আরাধনা বা পূজা করা দুঃসাধ্য এমন।

দুরারোগ্য /দুরারোগ্গো/ [স. দুর্+আরোগ্য] বিণ. আরোগ্য লাভ করা কঠিন এমন, দুশ্চিকিৎস্য।

দুরারোহ /দুরারোহো/ [স. দুর্+আরোহ] বিণ. আরোহণ করা কঠিন এমন; দুর্গম।

দুরালভ /দুরালভ্/ [স. দুর্+আ+ √লভ্+অ] বিণ. সহজলভ্য নয় এমন, দুর্লভ।

দুরালাপ /দুরালাপ্/ [স. দুর্+আলাপ] বি. ১ গালি, কটুবচন। ২ ভর্ৎসনা।

দুরাশ /দুরাশ্/ [স. দুর্+আশা] বিণ. দুর্লভ বস্তু বা বিষয় লাভের প্রত্যাশা করে এমন, দুরাকাঙ্ক্ষ।

দুরাশয় /দুরাশয়/ [স. দুর্+আশয়] বি. দুরভিসন্ধি, মন্দ অভিপ্রায়। বিণ. দুরভিসন্ধিযুক্ত।

দুরাশা /দুরাশা/ [স. দুর্+আশা] বি. দুর্লভ কোনো কিছু লাভ করার আশা, দুরাকাঙ্ক্ষা।

দুরাসদ /দুরাশদ্/ [স. দুর্+আ+ √সদ্+অ] বিণ. ১ দুর্ধর্ষ; দুর্দম। ২ দুর্লভ। ৩ দুর্জ্ঞেয়। ৪ দুঃসহ।

দুরি /দুরি/ [বা.] বি. দুই ফোঁটাযুক্ত তাস।

দুরিত /দুরিতো/ [স. দুর্+ইত] বি. ১ পাপ। ২ ক্ষতি। বিণ. ১ পাপিষ্ঠ। ২ কলুষিত।

দুরুক্ত /দুরুক্তো/ [স. দুর্+√বচ্+ত] বিণ. কটূক্তি করা হয়েছে এমন।

দুরুক্তি /দুরুক্তি/ [স. দুর্+√বচ্+তি] বি. দুর্বচন, কটুবাক্য, কটূক্তি; তিরস্কার।

দুরুচ্চার /দুরুচ্চার্/ [স. দুর্+উচ্চার] বিণ. দ্র দুরুচ্চার্য।

দুরুচ্চার্য /দুরুচ্চারজো/ [স. দুর্+উচ্চার্য] বিণ. ১ উচ্চারণ করা কষ্টকর এমন। ২ মুখে আনা যায় না এমন, অশালীন, অশ্লীল, অকথ্য।

দুরুচ্ছেদ /দুরুচ্ছেদ্/ [স. দুর্+উদ্+ √ছিদ্+অ] বিণ. উচ্ছেদ বা উন্মূলন কষ্টসাধ্য এমন; দুরপনেয়।

দুরুত্তর /দুরুত্তর্/ [স. দুর্+উদ্+ √তৃ+অ] বি. কটু বা অন্যায় উত্তর। বিণ. ১ উত্তর দেওয়া কষ্টসাধ্য এমন। ২ উত্তরণ বা পার হওয়া দুঃসাধ্য এমন।

দুরুদুরু /দুরুদুরু/ [ধ্বন্যা.] অব্য. বি. ভয় বা উদ্‌বেগ-জনিত হৃৎস্পন্দন (*ভয়ে বুক দুরুদুরু করা*)।

দুরূহ /দুরুহো/ [স. দুর্+√উহ্+অ] বিণ. ১ অত্যন্ত কষ্টসাধ্য। ২ দুর্বোধ্য (*দুরূহ প্রশ্ন*)। ৩ তর্কদ্বারা মীমাংসা কঠিন এমন। বি. ~তা /-তা/।

দুরোদর /দুরোদর্/ [স. দুর্+উদর] বি. ১ পাশা-খেলা। ২ জুয়াখেলা। ৩ জুয়াড়ি। ৪ পণ।

দুর্গ /দুর্গো/ [স. দুর্+√গম্+অ] বি. ১ পরিখা বা প্রাচীরবেষ্টিত সংরক্ষিত কেল্লা। ২ শত্রুসৈন্যের প্রবেশ দুঃসাধ্য এমন স্থান। ৩ দুর্গম স্থান।

দুর্গত /দুর্গতো/ [স. দুর্+√গম্+ত] বিণ. ১ বিপদ্-গ্রস্ত। ২ দরিদ্র।

দুর্গতি /দুর্গোতি/ [স. দুর্+ √গম্+তি] বি. ১ শোচনীয় অবস্থা। ২ দারিদ্র্য। ৩ নিগ্রহ।

দুর্গতিনাশিনী /দুর্গোতিনাশিনি/ [স. দুর্গতি+√নশ্+ ইন্+ঈ] বি. যিনি দুর্গতি নাশ করেন, দেবী দুর্গা।

দুর্গন্ধ /দুর্গন্ধো/ [স. দুর্+√গন্ধ্+অ] বি. খারাপ গন্ধ। বিণ. খারাপ গন্ধবিশিষ্ট।

দুর্গন্ধি /দুর্গোন্ধি/ [স. দুর্গন্ধ+ই] বিণ. খারাপ গন্ধবিশিষ্ট।

দুর্গপতি /দুর্গোপোতি/ [স. দুর্গ+পতি] বি. দুর্গের রক্ষক বা অধিপতি।

দুর্গম /দুর্গম্/ [স. দুর্+√গম্+অ] বিণ. ১ যাওয়া কষ্টসাধ্য এমন। ২ দুর্জ্ঞেয়।

দুর্গরক্ষক /দুর্গোরোক্‌খক্/ [স. দুর্গ+রক্ষক] বি. দুর্গের অধিপতি, দুর্গেশ।

দুর্গা /দুর্গা/ [স. দুর্গ+আ (টাপ্)] বি. দুর্গতিনাশিনী দেবী; শিবপত্নী; ভগবতী; গৌরী; বিপত্তারিণী।

দুর্গাধিপতি /দুর্গাধিপোতি/ [স. দুর্গ+অধিপতি] বি. দুর্গের অধিশ্বর বা প্রভু, দুর্গেশ; দুর্গরক্ষক।

দুর্গাপূজা /দুর্গাপুজা/ [স. দুর্গা+পূজা] বি. দেবী-দুর্গার পূজা; শারদীয় উৎসব।

দুর্গেশ[১] /দুর্গেশ্/ [স. দুর্গ+ঈশ] বি. দ্র দুর্গাধিপতি।

দুর্গেশ[২] /দুর্গেশ্/ [স. দুর্গা+ঈশ] বি. দেবীদুর্গার স্বামী, শিব।

দুর্গোৎসব /দুর্গোত্শব্/ [স. দুর্গা+উৎসব] বি. দুর্গাপূজার উৎসব, শারদোৎসব।

দুর্গ্রহ /দুর্গ্রোহো/ [স. দুর্+ গ্রহ] বি. ১ গ্রহনক্ষত্রের

www.pathagar.com

কল্পিত অশুভকর অবস্থান। ২ মন্দভাগ্য। বিণ. দুর্বোধ্য, দুরধিগম্য।

দুর্ঘট /দুর্‌ঘট্‌/ [স. দুর্‌+ √ঘট্‌+অ] বিণ. ১ সচরাচর ঘটে না এমন। ২ দুঃসাধ্য; দুঃসম্পাদ্য।

দুর্ঘটনা /দুর্‌ঘটোনা/ [স. দুর্‌+ঘটনা] বি. আকস্মিক ও অমঙ্গলকর ঘটনা, accident।

দুর্ঘটনাস্থল /দুর্‌ঘটোনাস্‌থল্‌/ [স. দুর্ঘটনা+স্থল] বি. দুর্ঘটনার স্থান, অকুস্থল।

দুর্জন /দুর্‌জন্‌/ [স. দুর্‌+জন] বি. দুষ্ট বা খারাপ লোক। বিণ. দুষ্ট, খারাপ; দুর্বৃত্ত; পাষণ্ড।

দুর্জয় /দুর্‌জয়্‌/ [স. দুর্‌+ √জি+অ] বিণ. জয় বা দমন করা কঠিন এমন, অজেয় (*বাংলার মাটি দুর্জয় ঘাঁটি বুঝে নিক দুর্বৃত্ত।* সুকান্ত.)।

দুর্জ্ঞেয় /দুর্‌গেঁয়ো/ [স. দুর্‌+ √জ্ঞা+য] বিণ. জানা কঠিন এমন, দুরধিগম্য। বি. ~তা /-তা/।

দুর্দম /দুর্‌দম্‌/ [স. দুর্‌+ √দম্‌+অ] বিণ. দ্র দুর্দমনীয়।

দুর্দমনীয় /দুর্‌দমোনিয়ো/ [স. দুর্‌+ √দম্‌+অনীয়] বিণ. দমন করা কঠিন এমন, দুর্দান্ত; দুরন্ত।

দুর্দম্য /দুর্‌দোম্‌মো/ [স. দুর্দম+য] বিণ. দ্র দুর্দমনীয়।

দুর্দর্শ /দুর্‌দর্‌শো/ [স. দুর্‌+ √দৃশ্‌+অ] বিণ. ১ দেখা কষ্টসাধ্য এমন। ২ অসাধ্য। ৩ কদাকার।

দুর্দশা /দুর্‌দশা/ [স. দুর্‌+ √দন্‌শ্‌+অ+আ (টাপ্‌)] বি. শোচনীয় অবস্থা, দুর্গতি, দুর্ভোগ।

দুর্দশাগ্রস্ত /দুর্‌দশাগ্রোস্‌তো/ [স. দুর্দশা+√গ্রস্‌+ত] বিণ. ১ দুরবস্থায় পতিত, বিপন্ন, দুর্গত। ২ দরিদ্র।

দুর্দহন /দুর্‌দহোন্‌/ [স. দুর্‌+দহন] বি. অসহ্য দহন বা জ্বালা।

দুর্দান্ত /দুর্‌দান্‌তো/ [স. দুর্‌+ √দম্‌+ত] বিণ. ১ দুর্দমনীয়, উদ্দাম। ২ উদ্ধত। ৩ অত্যাচারী।

দুর্দিন /দুর্‌দিন্‌/ [স. দুর্‌+দিন] বি. ১ অশুভ সময়; দুঃসময়; বিপদের দিন। ২ দুর্যোগপূর্ণ দিন।

দুর্দৈব /দুর্‌দোই্‌বো/ [স. দুর্‌+দৈব] বি. ১ মন্দভাগ্য, দুরদৃষ্ট। ২ দুর্ঘটনা।

দুর্ধর্ষ /দুর্‌ধর্‌শো/ [স. দুর্‌+ √ধৃষ্‌+অ] বিণ. ১ পরাজিত করা যায় না এমন; দুর্জয়। ২ প্রবল পরাক্রমশালী। ৩ দুঃসহ। বি. ~তা /-তা/।

দুর্ধী /দুর্‌ধি/ [স. দুর্‌+ধী] বি. দুষ্ট বুদ্ধি, দুর্বুদ্ধি।

দুর্নমিত /দুর্‌নোমিতো/ [স. দুর্‌+ √নমি+ত] বিণ. ১ বশে আনা কঠিন এমন। ২ দুর্জয়। ৩ দুর্ধর্ষ।

দুর্নয় /দুর্‌নয়্‌/ [স. দুর্‌+ √নী+অ] বি. ১ দুর্নীতি। ২ কুনীতি। ৩ কূটনীতি।

দুর্নাম /দুর্‌নাম্‌/ [স. দুর্‌+নামন্‌] বি. অখ্যাতি, অপবাদ, অপযশ, কলঙ্ক।

দুর্নিবার /দুর্‌নিবার্‌/ [স. দুর্‌+নি+ √বারি+অ] বিণ. দ্র দুর্নিবার্য।

দুর্নিবার্য /দুর্‌নিবারজো/ [স. দুর্‌+নি+ √বারি+য] বিণ. নিবারণ করা কষ্টসাধ্য এমন, দুর্বার।

দুর্নিমিত্ত /দুর্‌নিমিত্‌তো/ [স. দুর্‌+নি+ √মিদ্‌+ত] বি. অশুভ লক্ষণ, অমঙ্গলের চিহ্ন; অমঙ্গল।

দুর্নিরীক্ষ্য /দুর্‌নিরিক্‌খো/ [স. দুর্‌+নির্‌+√ঈক্ষ্‌+য] বিণ. অতি কষ্টে নিরীক্ষণ করা যায় এমন। বি. যার প্রতি দৃষ্টিনিক্ষেপ করা কষ্টসাধ্য।

দুর্নীত /দুর্‌নিতো/ [স. দুর্‌+ √নী+ত] বিণ. ১ দুর্নীতিপরায়ণ। ২ শিষ্টাচারবহির্ভূত।

দুর্নীতি /দুর্‌নিতি/ [স. দুর্‌+ √নী+তি] বি. ১ কুরীতি। ২ আর্থিক অনিয়ম ও অসাধুতা।

দুর্নীতিপরায়ণ /দুর্‌নিতিপরায়োন্‌/ [স. দুর্নীতি+পরায়ণ] বিণ. ১ আর্থিক বিষয়ে অসাধু নীতি অনুসরণকারী। ২ নীতিবিরুদ্ধ আচরণকারী।

দুর্বচ /দুর্‌রবচো/ [স. দুর্‌+ √বচ্‌+অ] বি. অশালীন উক্তি, কটুবাক্য।

দুর্বচন /দুর্‌রবচোন্‌/ [স. দুর্‌+বচন] বি. ১ অশিষ্ট বা উদ্ধত কথা। ২ তিরস্কার। বিণ. রূঢ়ভাষী।

দুর্বৎসর /দুর্‌রবত্‌শর্‌/ [স. দুর্‌+বৎসর] বি. প্রাকৃতিক দুর্যোগপূর্ণ বছর; যে বছর ফসলের উৎপাদন আশানুরূপ হয় না।

দুর্বর্ণ /দুর্‌রবর্‌নো/ [স. দুর্‌+বর্ণ] বিণ. মলিন বর্ণ, বিবর্ণ। বি. রৌপ্য।

দুর্বল /দুর্‌রবল্‌/ [স. দুর্‌+বল] বিণ. ১ বলহীন। ২ ক্ষীণ; রোগা। বি. রুগ্‌ণ ব্যক্তি।

দুর্বলতা /দুর্‌রবলতা/ [স. দুর্বল+তা] বি. ১ বলহীনতা। ২ রুগ্‌ণতা। ৩ আসক্তি; পক্ষপাত।

দুর্বহ /দুর্‌রবহো/ [স. দুর্‌+ √বহ্‌+অ] বিণ. বহন করা কঠিন এমন, গুরুভার। বি. ~তা /-তা/।

দুর্বাক /দুর্‌রবাক্‌/ [স. দুর্‌+ √বচ্‌+অ] বিণ. অশিষ্ট বাক্য বলে এমন, অপ্রিয়ভাষী, কটুভাষী।

দুর্বাক্য /দুর্‌রবাক্‌কো/ [স. দুর্‌+ √বচ্‌+য] বি. ১ কটু কথা, দুর্বচন; অশিষ্ট বাক্য। ২ গালি; তিরস্কার।

দুর্বাচ্য /দুর্‌রবাচ্‌চো/ [স. দুর্‌+ √বচ্‌+য] বিণ. বলা উচিত নয় এমন, অকথ্য; দুরুচ্চার্য। বি. ১ অপ্রিয় কথা। ২ অপবাদ; নিন্দা।

দুর্বার /দুর্‌রবার্‌/ [স. দুর্‌+ √বারি+অ] বিণ. নিবারণ বা দমন করা কঠিন এমন (*দুর্বার আন্দোলন*)।

www.pathagar.com

দুর্বারণ /দুর্‌বারোন্‌/ [স. দুর্‌+ √বারি+অন] বিণ. নিবারণ করা কঠিন এমন।

দুর্বার্তা /দুর্‌বার্‌তা / [স. দুর্‌+বার্তা] বি. দুঃসংবাদ।

দুর্বাসনা /দুর্‌বাশোনা / [স. দুর্‌+বাসনা] বি. ১ যে বাসনা পূর্ণ করা যায় না। ২ দুষ্ট অভিলাষ।

দুর্বাসা /দুর্‌বাশা / [স. দুর্‌+বাসস্‌] বি. (অত্রিমুনির ঔরসে অনসূয়ার গর্ভজাত) কুৎসিত বেশধারী কোপনস্বভাব মুনি। বিণ. কুৎসিত বেশধারী।

দুর্বাসিত /দুর্‌বাশিতো / [স. দুর্‌+ √বাস্‌+ত] বিণ. খারাপ গন্ধযুক্ত, দুর্গন্ধযুক্ত।

দুর্বিগাহ /দুর্‌বিগাহো / [স. দুর্‌+বি+ √গাহ্‌+অ] বিণ. ১ অবগাহন করা কষ্টসাধ্য এমন। ২ দুষ্প্রবেশ্য। ৩ মর্ম সহজবোধ্য নয় এমন, দুর্বোধ্য; দুর্জ্ঞেয়।

দুর্বিজ্ঞেয় /দুর্‌বিগ্‌গেঁয়ো/ [স. দুর্‌+বি+ √জ্ঞা+য] বিণ. জানা সহজসাধ্য নয় এমন, দুর্জ্ঞেয়; দুর্বোধ্য।

দুর্বিনয় /দুর্‌বিনয় / [স. দুর্‌+বিনয়] বি. বিনয়ের অভাব; অশিষ্ট আচরণ।

দুর্বিনীত /দুর্‌বিনিতো / [স. দুর্‌+বি+ √নী+ত] বিণ. উদ্ধত, শিষ্টাচারবর্জিত; দুর্বৃত্ত; দুরন্ত।

দুর্বিনেয় /দুর্‌বিনেয়ো / [স. দুর্‌+বিনেয়] বিণ. বিনীত করা যায় না এমন, দুর্দমনীয়।

দুর্বিপাক /দুর্‌বিপাক্‌/ [স. দুর্‌+ বিপাক] বি. অশুভ পরিণাম; দুর্ঘটনা। বিণ. অশুভ পরিণামযুক্ত।

দুর্বিষহ /দুর্‌বিশহো / [স. দুর্‌+বি+ √সহ্‌+অ] বিণ. সহ্য করা যায় না এমন। বি. ~তা /-তা /।

দুর্বুদ্ধি /দুর্‌বুদ্ধি / [স. দুর্‌+ √বুধ্‌+তি] বি. ১ দুষ্ট বুদ্ধি, কুবুদ্ধি। ২ বোকামি।

দুর্বৃত্ত /দুর্‌বৃত্‌তো / [স. দুর্‌+ √বৃৎ+ত] বিণ. ১ উদ্ধত। ২ দুশ্চরিত্র; অসৎ। বি. ~তা /-তা/।

দুর্বৃত্তায়ন /দুর্‌বৃত্‌তায়োন্‌/ [স. দুর্বৃত্ত+অয়ন] বি. কোনো বৈধ কাজকে কৌশলে অসাধুতার আওতায় আনয়ন, criminalization।

দুর্বৃত্তি /দুর্‌বৃত্‌তি / [স. দুর্‌+ √বৃৎ+তি] বি. সমাজের স্বার্থবিরোধী কাজ।

দুর্বেদ /দুর্‌বেদ্‌/ [স. দুর্‌+বেদ] বিণ. দ্র দুর্বোধ্য।

দুর্বোধ /দুর্‌বোধ্‌/ [স. দুর্‌+ √বুধ্‌+অ] বিণ. দ্র দুর্বোধ্য।

দুর্বোধ্য /দুর্‌বোদ্‌ধো / [স. দুর্বোধ+য] বিণ. বোঝা কঠিন এমন (*দুর্বোধ্য বিষয়*)। বি. ~তা /-তা/।

দুর্ব্যবহার /দুর্‌ব্যাবোহার্‌ / [স. দুর্‌+ব্যবহার] বি. অভদ্র আচরণ, অসদাচরণ।

দুর্ভক্ষ্য /দুর্‌ভোক্‌খো/ [স. দুর্‌+ √ভক্ষ্‌+য] বিণ. খাওয়ার অনুপযুক্ত; অখাদ্য। বি. দুর্ভিক্ষ।

দুর্ভগ /দুর্‌ভগো / [স. দুর্‌+ √ভজ্‌+অ] বিণ. অদৃষ্ট মন্দ এমন, ভাগ্যহীন।

দুর্ভগা /দুর্‌ভগা / [স. দুর্‌+ √ভজ্‌+অ+আ (টাপ্‌)] বিণ. পতিস্নেহবঞ্চিতা।

দুর্ভর /দুর্‌ভর্‌ / [স. দুর্‌+ √ভৃ+অ] বিণ. ১ বহন করা কষ্টকর এমন, গুরুভার। ২ দুঃসহ, অসহ্য। বি. দুর্ভরতা /দুর্‌ভরোতা /।

দুর্ভাগা /দুর্‌ভাগা / [স. দুর্ভাগ্য >] বিণ. অদৃষ্ট মন্দ এমন; হতভাগ্য। স্ত্রী. দুর্ভাগিনী /দুর্‌ভাগিনি/।

দুর্ভাগ্য /দুর্‌ভাগ্‌গো / [স. দুর্‌+ √ভজ্‌+য] বি. মন্দ ভাগ্য, পোড়া কপাল। বিণ. হতভাগা, দুর্ভাগা।

দুর্ভাবনা /দুর্‌ভাবোনা / [স. দুর্‌+ √ভাবি+অন+আ (টাপ্‌)] বি. ১ দুশ্চিন্তা; আশঙ্কা। ২ উৎকণ্ঠা।

দুর্ভাবনাগ্রস্ত /দুর্‌ভাবোনাগ্রোস্‌তো / [স. দুর্ভাবনা+ √গ্রস্‌+ত] বিণ. দুশ্চিন্তায় আচ্ছন্ন, উদ্‌বিগ্ন।

দুর্ভিক্ষ /দুর্‌ভিক্‌খো/ [স. দুর্‌+ √ভিক্ষ্‌+অ] বি. প্রাকৃতিক দুর্যোগ বা অন্য কোনো কারণে এমন খাদ্যাভাব যাতে ভিক্ষা পাওয়াও কষ্টসাধ্য।

দুর্ভেদ /দুর্‌ভেদ্‌/ [স. দুর্‌+ √ভিদ্‌+অ] বিণ. দ্র দুর্ভেদ্য।

দুর্ভেদ্য /দুর্‌ভেদ্‌দো / [স. দুর্‌+ √ভিদ্‌+য] বিণ. ভেদ করা দুষ্কর এমন; দুষ্প্রবেশ্য। বি. ~তা /-তা/।

দুর্ভোগ /দুর্‌ভোগ্‌ / [স. দুর্‌+ভোগ] বি. দুরবস্থাজনিত লাঞ্ছনা।

দুর্মতি /দুর্‌মোতি / [স. দুর্‌+মতি] বি. ১ অসৎ মনোভাব; মন্দবুদ্ধি, কুবুদ্ধি। ২ বোকামি। বিণ. অসৎ মনোভাবাপন্ন।

দুর্মদ /দুর্‌মদ্‌/ [স. দুর্‌+ √মদ্‌+অ] বিণ. দমন করা কষ্টসাধ্য এমন; প্রমত্ত; দুর্দান্ত; দুর্ধর্ষ।

দুর্মনা /দুর্‌মোনা / [স. দুর্‌+মনস্‌] বিণ. ১ উদ্‌বিগ্ন-চিত্ত, দুশ্চিন্তাগ্রস্ত। ২ দুঃখ ভোগ করছে এমন।

দুর্মনায়মান /দুর্‌মোনায়োমান্‌ / [স. √দুর্মনায়্‌+মান (শানচ্‌)] বিণ. দুশ্চিন্তাগ্রস্ত।

দুর্মর /দুর্‌মর্‌/ [স. দুর্‌+ √ম্‌+অ] বিণ. ১ কিছুতেই মত বদলায় না এমন; পরিবর্তনবিরোধী। ২ অতিশয় রক্ষণশীল। বি. দুর্মরতা /দুর্‌মরতা /।

দুর্মা /দুর্‌মা / [দেশি.] বি. আধাপাকা নারকেল।

দুর্মুখ /দুর্‌মুখ্‌/ [স. দুর্‌+মুখ] বিণ. ১ কটুভাষী। ২ অপ্রিয়ভাষী। ৩ কুৎসিতদর্শন। বি. রামচন্দ্রের গুপ্তচর।

দুর্মূল্য /দুর্‌মুল্‌লো / [স. দুর্‌+মূল্য] বিণ. মহার্ঘ, অত্যন্ত উচ্চমূল্য, আক্রা।

দুর্মূল্যভাতা /দুর্‌মুল্‌লোভাতা / [স. দুর্মূল্য+বা. ভাতা]

www.pathagar.com

বি. পণ্যদ্রব্যের মূল্যবৃদ্ধিহেতু বেতনের সঙ্গে প্রদত্ত ভাতা, মহার্ঘভাতা।

দুর্মেধা /দুর্‌মেধা/ [স. দুর্‌+মেধস্‌] বিণ. ১ দুর্বল স্মৃতিশক্তিবিশিষ্ট। ২ মূর্খ। ৩ মন্দমতি।

দুর্মোচ্য /দুর্‌মোচ্চো/ [স. দুর্‌+√মুচ্‌+য] বিণ. সহজে মোছা যায় না এমন, দুরপনেয়। বি. ~তা /-তা/।

দুর্যোগ /দুর্‌জোগ্‌/ [স. দুর্‌+যোগ] বি. ১ ঝড় ঝঞ্ঝা প্রভৃতি প্রাকৃতিক বিপর্যয়। ২ দুঃসময়, দুর্দিন। ৩ কল্পিত দুষ্টগ্রহের যোগ।

দুর্যোগপূর্ণ /দুর্‌জোগ্‌পুর্‌নো/ [স. দুর্যোগ+পূর্ণ] বিণ. প্রাকৃতিক বিপর্যয়যুক্ত।

দুর্যোধন /দুর্‌জোধন্‌/ [স. দুর্‌+√যুধ্‌+অন] বি. মহাভারতে বর্ণিত ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠপুত্র।

দুর্লক্ষণ /দুর্‌লোক্‌খোন্‌/ [স. দুর্‌+লক্ষণ] বি. অশুভ লক্ষণ। বিণ. অশুভকর লক্ষণযুক্ত। স্ত্রী. দুর্লক্ষণা /দুর্‌লোক্‌খোনা/।

দুর্লক্ষ্য /দুর্‌লোক্‌খো/ [স. দুর্‌+√লক্ষ্‌+য] বিণ. সহজে চোখে পড়ে না এমন। বি. ~তা /-তা/।

দুর্লঙ্ঘ্য /দুর্‌লোংঘো/ [স. দুর্‌+লঙ্ঘ্য] বিণ. দুরতিক্রম্য। বি. ~তা /-তা/।

দুর্লভ /দুর্‌লভ্‌/ [স. দুর্‌+√লভ্‌+অ] বিণ. ১ দুষ্প্রাপ্য। ২ দুর্মূল্য। ৩ বিরল।

দুর্লেখ্য /দুর্‌লেক্‌খো/ [স. দুর্‌+√লিখ্‌+য] বিণ. পাঠোদ্ধার করা সহজ নয় এমন, দুষ্পাঠ্য।

দুর্হৃদ /দুর্‌hিদ্‌/ [স. দুর্‌+√হৃ+ক্বিপ্‌] বিণ. ১ শত্রুভাবাপন্ন। ২ হৃদয়হীন।

দুল /দুল্‌/ [বা.] বি. (কানে দোলে বলে) কানের গহনাবিশেষ।

দুলকি /দুল্‌কি/ [হি.] বি. দুলে দুলে চলার ভঙ্গি (*পাল্কী চলে, /পাল্কী চলে— / দুল্‌কি চালে /নৃত্য তালে!* সত্যেন্দ্র.)।

দুলদুল[১] /দুল্‌দুল্‌/ [আ.] বি. হজরত মুহম্মদ (সা.)-এর জামাতা হজরত আলীর সাদা ঘোড়ার নাম।

দুলদুল[২] /দুল্‌দুল্‌/ [বা.] অব্য. মৃদু আন্দোলনের ভাব।

দুলন /দুলন্‌/ [স. √দুল্‌+অন] বি. মৃদু আন্দোলন, ঝুলন।

দুলা[১] /দুলা/ [বা.] ক্রিবি. দোল খাওয়া, আন্দোলিত হওয়া, ঝোলা।

দুলা[২] /দুলা/ [হি. দুলহা >] বি. বিবাহের পাত্র, বর, নওশা (*দুলাভাই*)।

দুলানো /দুলানো/ [বা.] ক্রিবি. দোল দেওয়া; আন্দোলিত করা; 'দোলানো'-র সাধু রূপ।

দুলাভাই /দুলাভাই/ [বা.] বি. জ্যেষ্ঠা ভগিনীর স্বামী, জামাইবাবু, আপা বা দিদির স্বামী।

দুলামিয়া /দুলামিআ/ [বা. দুলা+ফা. মিয়া] বি. কন্যা কনিষ্ঠ ভগিনী বা তৎস্থানীয়ার স্বামী।

দুলাল /দুলাল্‌/ [বা.] বি. ১ স্নেহের পাত্র। ২ অতি আদর ও যত্নে লালিত পুত্র। বিণ. আদুরে, স্নেহভাজন। স্ত্রী. দুলালি /দুলালি/।

দুলিচা /দুলিচা/ [ফা.] বি. ছোটো আকারের গালিচা বা আসন, সুজনি, শতরঞ্চি।

দুলুনি /দুলুনি/ [বা.] বি. দোলন, দোলা।

দুলে /দুলে/ [বা.] বি. ডুলি পালকি প্রভৃতির বাহকসম্প্রদায়বিশেষ।

দুল্যমান /দুল্‌লোমান্‌/ [স. দোদুল্যমান >] বিণ. কম্পমান; দোলায়মান।

দুশমন /দুশ্‌মন্‌/ [ফা.] বি. শত্রু, দুর্বৃত্ত, শয়তান; বিপক্ষ। বিণ. বিকট, বৈরি, ভীষণ, ভয়ংকর।

দুশমনি /দুশ্‌মোনি/ [ফা.] বি. শত্রুতা, বৈরিতা; দুর্বৃত্ততা; শয়তানি।

দুশো /দুশো/ [বা.] বি. ২০০ সংখ্যা। বিণ. ২০০ সংখ্যক।

দুশ্চর /দুশ্‌চর্‌/ [স. দুর্‌+√চর্‌+অ] বিণ. ১ দুর্গম। ২ আচরণ বা পালন করা কঠিন এমন, কৃচ্ছ্রসাধ্য।

দুশ্চরিত /দুশ্‌চোরিত্‌/ [স. দুর্‌+চরিত] বিণ. দ্র দুশ্চরিত্র।

দুশ্চরিত্র /দুশ্‌চোরিত্তোর্‌/ [স. দুর্‌+চরিত্র] বিণ. দুষ্ট বা অসৎ স্বভাববিশিষ্ট, লম্পট।

দুশ্চিকিৎসা /দুশ্‌চিকিত্‌শা/ [স. দুস্‌+চিকিৎসা] বি. ভুল চিকিৎসা।

দুশ্চিকিৎস্য /দুশ্‌চিকিত্‌শো/ [স. দুস্‌+চিকিৎসা+য] বিণ. চিকিৎসার অতীত (*দুশ্চিকিৎস্য ব্যাধি*)।

দুশ্চিন্তা /দুশ্‌চিন্‌তা/ [স. দুস্‌+√চিন্তি+অ+আ (টাপ্‌)] বি. ১ দুর্ভাবনা, উৎকণ্ঠা। ২ অসাধু চিন্তা; কুচিন্তা।

দুশ্চিন্তাগ্রস্ত /দুশ্‌চিন্‌তাগ্রোস্‌তো/ [স. দুশ্চিন্তা+√গ্রস্‌+ত] বিণ. দুর্ভাবনায় নিমগ্ন, দুশ্চিন্তাকারী।

দুশ্চিন্তিত /দুশ্‌চিন্‌তিতো/ [স. দুস্‌+√চিন্তি+ত] বিণ. দ্র দুশ্চিন্তাগ্রস্ত।

দুশ্চেষ্টা /দুশ্‌চেশ্‌টা/ [স. দুস্‌+চেষ্টা] বি. ১ অসাধ্যসাধনের প্রয়াস। ২ অপচেষ্টা। ৩ অপকর্মের চেষ্টা।

দুশ্চেষ্টিত /দুশ্‌চেশ্‌টিতো/ [স. দুস্‌+√চেষ্ট্‌+ত] বিণ. ব্যর্থ চেষ্টা করা হয়েছে এমন; অপচেষ্টাযুক্ত।

দুশ্ছেদ্য /দুশ্‌ছেদ্‌দো/ [স. দুস্‌+ছেদ্য] বিণ. ছেদন করা কষ্টসাধ্য এমন।

দুষা /দুশা/ [বা.] ক্রিবি. দোষারোপ করা।

www.pathagar.com

দুষ্কর /দুশ্‌কর্‌/ [স. দুস্‌+√কৃ+অ] বিণ. সাধন করা কষ্টসাধ্য এমন; দুরূহ; দুঃসাধ্য।

দুষ্কর্ম /দুশ্‌করমো/ [স. দুস্‌+কর্মন্‌] বি. ১ অপকর্ম, কুকর্ম, অন্যায় কাজ। ২ পাপ।

দুষ্কর্মা /দুশ্‌করমা/ [স. দুস্‌+কর্মন্‌] বিণ. কুকর্মকারী, অপকর্মকারী; পাপাত্মা।

দুষ্কার্য /দুশ্‌কারজো/ [স. দুস্‌+কার্য] বি. খারাপ কাজ, দুষ্কর্ম।

দুষ্কাল /দুশ্‌কাল্‌/ [স. দুস্‌+কাল] বি. খারাপ সময়, দুঃসময়; অশুভ সময়, অপ্রশস্ত সময়।

দুষ্কুল /দুশ্‌কুল্‌/ [স. দুস্‌+কুল] বি. কল্পিত নীচবংশ। বিণ. অবহেলিত ও অনুন্নত কুলজাত।

দুষ্কৃত /দুশ্‌কৃতো/ [স. দুস্‌+√কৃ+ত] বি. দুষ্কর্ম, কুকর্ম; পাপকর্ম। বিণ. অন্যায়ভাবে কৃত।

দুষ্কৃতকারী /দুশ্‌কৃতোকারি/ [স. দুষ্কৃত+√কৃ+ইন্‌] বিণ. দুষ্কর্মকারী, অন্যায়কারী; অপরাধী।

দুষ্কৃতি /দুশ্‌কৃতি/ [স. দুস্‌+√কৃ+তি] বি. ১ দুষ্কর্ম। ২ পাপ। ৩ দুর্ভাগ্য।

দুষ্কৃতী /দুশ্‌কৃতি/ [স. দুস্‌+কৃত+ইন্‌] বিণ. কুকর্মকারী; পাপী।

দুষ্ক্রিয় /দুশ্‌ক্রিয়ো/ [স. দুস্‌+ক্রিয়া] বিণ. কুকর্মে আসক্ত।

দুষ্ক্রিয়া /দুশ্‌ক্রিআ/ [স. দুর্‌+ক্রিয়া] বি. কুকর্ম, পাপ।

দুষ্ক্রিয়ান্বিত /দুশ্‌ক্রিআন্নিতো/ [স. দুষ্ক্রিয়া+অন্বিত] বিণ. কুকর্মে লিপ্ত; কুকর্মকারী; পাপাচারী।

দুষ্ট /দুশ্‌টো/ [স. √দুষ্‌+ত] বিণ. ১ দোষযুক্ত (*দুষ্ট লোক*)। ২ অসৎ (*দুষ্ট চরিত্র*)। ৩ অশুভ (*দুষ্টগ্রহ*)। ৪ দুরন্ত, ডানপিটে (*দুষ্ট ছেলে*)।

দুষ্টকর্মা /দুশ্‌টোকরমা/ [স. দুষ্ট+কর্মন্‌] বিণ. দুষ্কর্মকারী, কুকর্মকারী।

দুষ্টক্ষুধা /দুশ্‌টোখুধা/ [স. দুষ্ট+√ক্ষুধ্‌+ক্বিপ্‌+আ (টাপ্‌)] বি. ভরপেট খাওয়ার পরেও ক্ষুধাবোধ, কৃত্রিম ক্ষুধা।

দুষ্টগ্রহ /দুশ্‌টোগ্‌গ্রোহো/ [স. দুষ্ট+গ্রহ] বি. কল্পিত অশুভ বা ক্ষতিকর গ্রহ।

দুষ্টচক্র /দুশ্‌টোচক্‌ক্রো/ [স. দুষ্ট+চক্র] বি. ১ অপরাধ-চক্র। ২ একটি ভ্রম থেকে ক্রমাগত বিপর্যয়ের উৎপত্তিচক্র।

দুষ্টবুদ্ধি /দুশ্‌টোবুদ্‌ধি/ [স. দুষ্ট+√বুধ্‌+তি] বি. কুবুদ্ধি। বিণ. দুষ্টবুদ্ধিসম্পন্ন।

দুষ্টবুদ্ধিজাত /দুশ্‌টোবুদ্‌ধিজাতো/ [স. দুষ্টবুদ্ধি+√জন্‌+ত] বিণ. কুবুদ্ধিপ্রসূত।

দুষ্টব্রণ /দুশ্‌টোব্রোনো/ [স. দুষ্ট+ব্রণ] বি. মারাত্মক ফোড়াবিশেষ।

দুষ্টামি /দুশ্‌টামি/ [বা.] বি. ১ দুরন্তপনা। ২ দৌরাত্ম্য।

দুষ্টাশয় /দুশ্‌টাশয়্‌/ [স. দুষ্ট+আশয়] বিণ. মন্দ চরিত্রবিশিষ্ট, দুশ্চরিত্র।

দুষ্টি /দুশ্‌টি/ [স. √দুষ্‌+তি] বি. দোষ; বিকৃতি।

দুষ্টু /দুশ্‌টু/ [স. দুষ্ট >] বিণ. (আদরার্থে) দুরন্ত; অশান্ত।

দুষ্টুমি /দুশ্‌টুমি/ [বা.] বি. ১ অসদাচরণ। ২ চঞ্চলতা। ৩ দুরন্তপনা।

দুষ্পচ /দুশ্‌পচো/ [স. দুস্‌+√পচ্‌+অ] বিণ. সহজে পরিপাক হয় না এমন (*দুষ্পচ খাদ্য*)।

দুষ্পরাজেয় /দুস্‌পরাজেয়ো/ [স. দুস্‌+পরাজেয়] বিণ. সহজে পরাজিত করা যায় না এমন, দুর্জয়।

দুষ্পরিহর /দুস্‌পোরিহর্‌/ [স. দুস্‌+পরিহর] বিণ. পরিহার বা অপসারণ করা অসাধ্য এমন।

দুষ্পরিহার্য /দুস্‌পোরিহারজো/ [স. দুস্‌+পরিহার্য] বিণ. দ্র দুষ্পরিহর।

দুষ্পাচ্য /দুশ্‌পাচ্চো/ [স. দুস্‌+পাচ্য] বিণ. দ্র দুষ্পচ। বি. -তা /-তা/।

দুষ্পাঠ্য /দুশ্‌পাট্‌ঠো/ [স. দুস্‌+পাঠ্য] বিণ. পাঠ করা সহজসাধ্য নয় এমন; দুর্জ্ঞেয়।

দুষ্প্রধর্ষ /দুশ্‌প্রোধর্‌শো/ [স. দুস্‌+প্র+√ধৃষ্‌+অ] বিণ. ১ প্রবল পরাক্রমশালী। ২ দমন করা যায় না এমন; অপরাজেয়।

দুষ্প্রবৃত্তি /দুশ্‌প্রোবৃত্‌তি/ [স. দুস্‌+প্রবৃত্তি] বি. অসাধু প্রবণতা; মন্দ অভিলাষ।

দুষ্প্রবেশ /দুশ্‌প্রোবেশ্‌/ [স. দুস্‌+প্রবেশ] বিণ. দ্র দুষ্প্রবেশ্য।

দুষ্প্রবেশ্য /দুশ্‌প্রোবেশ্‌শো/ [স. দুস্‌+প্রবেশ্য] বিণ. ১ (কোনো বিষয়ে) প্রবেশ করা সহজসাধ্য নয় এমন। ২ (কোনো স্থানে) প্রবেশ করা দুঃসাধ্য এমন; দুর্গম।

দুষ্প্রমেয় /দুশ্‌প্রোমেয়ো/ [স. দুস্‌+প্রমেয়] বিণ. পরিমাণ স্থির করা কঠিন এমন, অপরিমেয়।

দুষ্প্রাপণীয় /দুশ্‌প্রাপোনিয়ো/ [স. দুস্‌+প্র+√আপ্‌+অনীয়] বিণ. সহজে পাওয়া যায় না এমন, দুর্লভ।

দুষ্প্রাপ্য /দুশ্‌প্রাপ্‌পো/ [স. দুস্‌+প্র+√আপ্‌+য] বিণ. সহজলভ্য নয় এমন; দুর্লভ। বি. -তা /-তা/।

দুষ্মন্ত /দুশ্‌শন্‌তো/ [ব্যক্তি.] বি. পৌরাণিক চন্দ্র-বংশীয় নৃপতি ও কণ্ব মুনির পালিতা কন্যা শকুন্তলার স্বামী।

দু-সন্ধ্যা /দুশোন্ধ্যা/ [বা. দু+স. সন্ধ্যা] ক্রিবিণ. দুবেলা, দিনে ও রাতে। বি. দুবেলা ঈশ্বরোপাসনা।

দু-সূতি /দুশুতি/ [বা.] বিণ. দুরকম সুতায় বোনা

www.pathagar.com

হয়েছে এমন। বি. দুরকম সুতায় বোনা কাপড়।

দুস্তর /দুস্‌তর/ [স. দুস্‌+√তৃ+অ] বিণ. পার হওয়া কষ্টসাধ্য এমন, দুর্লঙ্ঘ্য (*দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার* নজরুল.)।

দুস্থ /দুস্‌থো/ [স. দুস্‌+√স্থা+অ] বিণ. দরিদ্র ও দুরবস্থাপন্ন।

দুস্থিত /দুস্‌থিতো/ [স. দুস্‌+√স্থা+ত] বিণ. ১ দুঃখ-পীড়িত। ২ (পদার্থ.) স্থির থাকে না এমন, unstable। বি. **দুস্থিতি** /দুস্‌থিতি/।

দুহা /দুহা/ [স. দোহন >] ক্রিবি. দোহন করা। বি. দোহন। বিণ. দোহন করা হয়েছে এমন।

দু-হাতিয়া /দুহাতিআ/ [বা.] বিণ. ১ দুই হাতা-ওয়ালা। ২ দুইহাত লম্বা। ৩ দুই হাতে ধৃত। ৪ দুহাত দিয়ে প্রহার করা হয়েছে এমন।

দুহানো /দুহানো/ [স. দোহন>] ক্রিবি. দোহন করা। বিণ. দোহন করা হয়েছে এমন।

দুহারা /দুহারা/ [বা.] বিণ. ১ স্থূল ও কৃশের মাঝা-মাঝি (*দুহারা গড়ন*); সুঠাম। ২ দুই ভাঁজবিশিষ্ট। ৩ দ্বিগুণ।

দুহিতা /দুহিতা/ [স. √দুহ্‌+তৃ] বি. কন্যা, তনয়া।

দুহ্য /দুজ্‌ঝো/ [স. √দুহ্‌+য] বিণ. দোহন করা যায় এমন, দোহনীয়।

দুহ্যমান /দুজ্‌ঝোমান্‌/ [স. √দুহ্‌+য+মান (শানচ্‌)] বিণ. দোহন করা হচ্ছে এমন।

দূত /দুত্‌/ [স. √দূ+ত] বি. ১ রাষ্ট্রের প্রতিনিধি (*রাষ্ট্রদূত*)। ২ বার্তাবহ। ৩ চর। স্ত্রী. দূতী /দুতি/।

দূতগিরি /দুত্‌গিরি/ [স. দূত+ফা. গিরি] বি. ১ রাষ্ট্র-দূতের বৃত্তি। ২ সংবাদদাতার কাজ।

দূতাবাস /দুতাবাশ্‌/ [স. দূত+আবাস] বি. রাষ্ট্রদূতের কার্যালয় বা বাসভবন।

দূতালি /দুতালি/ [স. দূত+বা. আলি] বি. দ্র দূতগিরি।

দূতিয়ালি /দুতিআলি/ [স. দূতি+বা. আলি] বি. দূতের বৃত্তি।

দূন /দুন্‌/ [স. √দূ+ত] বি. খেদ, আক্ষেপ; দুঃখ, পরিতাপ। বিণ. ক্ষুব্ধ; দুঃখিত।

দূর /দুর্‌/ [স. দূর্‌+√ই+র] বি. ১ নিকটে নয় এমন স্থান। ২ ব্যবধান (*দূরে থাকা*)। ৩ অবিষয়। অব্য. অবজ্ঞা বিরক্তি প্রভৃতিসূচক শব্দ। বিণ. দূরবর্তী (*দূরদেশী সেই রাখাল ছেলে* রবীন্দ্র.)।

দূর করা /দুর্‌ করা/ ক্রিবি. বিতাড়িত করা; তাড়িয়ে দেওয়া (*অশিক্ষা দূর করা*)।

দূরগ /দুরগো/ [স. দূর+√গম্‌+অ] বিণ. দ্র দূরগামী।

দূরগামী /দুরোগামি/ [স. দূর+√গম্‌+ইন] বিণ. দূরে গমন করে এমন (*দূরগামী যাত্রী*)। স্ত্রী. দূর-গামিনী /দুরোগামিনি/।

দূরত /দুরতো/ [স. দূর+তস্‌] অব্য. ক্রিবিণ. দূর থেকে।

দূরতম /দুরোতমো/ [স. দূর+তমপ্‌] বিণ. সবচেয়ে দূরে অবস্থিত।

দূরতা /দুরোতা/ [স. দূর+তা] বি. দ্র দূরত্ব।

দূরত্ব /দুরত্‌তো/ [স. দূর+ত্ব] বি. পার্থক্য; ব্যবধান।

দূরদর্শন /দুরোদর্‌শোন/ [স. দূর+√দৃশ্‌+অন] বি. বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গবাহিত ছবি ও শব্দ গ্রাহক যন্ত্রবিশেষ, television।

দূরদর্শিতা /দুরোদোর্‌শিতা/ [স. দূরদর্শী+তা] বি. ১ পরিণামদর্শিতা। ২ বিচক্ষণতা।

দূরদর্শী /দুরোদোর্‌শি/ [স. দূর+√দৃশ্‌+ইন্‌] বিণ. ভবিষ্যতের ফলাফল অনুধাবন করতে পারে এমন, বিচক্ষণ। স্ত্রী. দূরদর্শিনী /দুরোদোর্‌শিনি/।

দূর দূর করা /দুর্‌ দুর্‌ করা/ ক্রিবি. বিতাড়ন করা।

দূরদূরান্ত /দুরদুরান্তো/ [স. দূর+দূরান্ত] বি. বহু দূরবর্তী স্থান।

দূরদূরান্তর /দুরদুরান্‌তর্‌/ [স. দূর+দূর+অন্তর] বি. ১ বহু দূরে অবস্থিত দেশসমূহ। ২ অনেক দূরের ব্যবধান।

দূরদৃষ্টি /দুরোদৃশ্‌টি/ [স. দূর+√দৃশ্‌+তি] বি. পরিণাম সম্পর্কে সচেতনতা, বিচক্ষণতা।

দূরপ্রাচ্য /দুরপ্রাচ্‌চো/ [স. দূর+√প্রাচ্‌+য] বি. চীন ও জাপান-সহ পূর্ব এশিয়ার দেশসমূহ, The Far East।

দূরবর্তিতা /দুরোবোর্‌তিতা/ [স. দূর+√বৃত্‌+ইন্‌+তা] বি. দূরত্ব।

দূরবর্তী /দুরোবোর্‌তি/ [স. দূর+√বৃত্‌+ইন্‌] বিণ. দূরে অবস্থিত, দূরস্থিত, দূরে থাকে এমন। স্ত্রী. দূরবর্তিনী /দুরোবোর্‌তিনি/।

দূরবীক্ষণ /দুরোবিক্‌খন্‌/ [স. দূর+বি+√ঈক্ষ্‌+অন] বি. দূরের জিনিস স্পষ্ট করে দেখার জন্য ব্যবহৃত লম্বা নলে পরকলা (lens) বা অবতল আয়না (concave mirror) লাগানো সরঞ্জাম, দুরবিন, telescope।

দূরভাষ /দুরোভাশ্‌/ [স. দূর+√ভাষ্‌+অ] বি. দ্র দূরালাপনী।

দূরযাত্রা /দুরজাত্‌রা/ [স. দূর+√যা+ত্র+আ (টাপ্‌)]

www.pathagar.com

বি. দূরবর্তী স্থানে যাত্রা।

দূরযায়ী /দুরোজায়ি/ [স. দূর+√যা+ইন্] বিণ. দূরে যায় এমন, দূরগামী।

দূরশ্রুত /দুরোস্‌স্রুতো/ [স. দূর+√শ্রু+ত] বিণ. দূর থেকে শোনা হয়েছে এমন।

দূরস্থ /দুরস্‌থো/ [স. দূর+√স্থা+অ] বিণ. দূরে রয়েছে এমন, দূরে অবস্থিত, দূরবর্তী।

দূরস্থিত /দুরোস্‌থিতো/ [স. দূর+√স্থা+ত] বিণ. দ্র দূরস্থ।

দূর হোক /দুর্ হোক্/ অব্য. 'বিতাড়িত হোক' এমন অর্থপ্রকাশক উক্তি।

দূরাগত /দুরাগতো/ [স. দূর+আগত] বিণ. দূর থেকে আগত, দূর থেকে এসেছে এমন।

দূরান্ত /দুরান্তো/ [স. দূর+অন্ত] বি. বহু দূরবর্তী স্থান; দূরসীমা।

দূরান্তর /দুরান্তর্/ [স. দূর+অন্তর] বি. দূরবর্তী স্থান, দূরদেশ। বিণ. বহুদূরব্যাপী বিস্তৃত।

দূরালাপনী /দুরালাপোনি/ [স. দূর+আলাপন+ঈ] বি. তার বা বেতারযন্ত্রের সাহায্যে দূরবর্তী স্থান থেকে কথোপকথনের ব্যবস্থা, দূরভাষ; (পরি.) telephone।

দূরীকরণ /দুরিকরোন্/ [স. দূর+ঢ্বি+করণ] বি. বিতাড়ন, অপসারণ, বহিষ্করণ; মোচন।

দূরীকৃত /দুরিক্‌কৃতো/ [স. দূর+ঢ্বি+কৃত] বিণ. বিতাড়িত, বহিষ্কৃত, অপসারিত।

দূরীভবন /দুরিভবোন্/ [স. দূর+ঢ্বি+ভবন] বি. অপসারণ, বিতাড়ন, বহিষ্করণ।

দূরীভূত /দুরিভুতো/ [স. দূর+ঢ্বি+ভূত] বিণ. দূর করা হয়েছে এমন, বহিষ্কৃত।

দূরে /দুরে/ [স. দূর+বা. এ] বিণ. নিকটে নয় এমন।

দূরেক্ষণ /দুরেক্‌খন্/ [স. দূর+√ঈক্ষ্+অন] বি. দ্র দূরদর্শন।

দূর্বা /দুর্‌বা/ [স. √দূর্+অ+আ (টাপ্)] বি. উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে সারাবছর ঘনবিন্যস্তভাবে বেড়ে ওঠে (এবং গাঁট থেকে শিকড় বের হয়ে দৃঢ়ভাবে মাটি আটকে রেখে ভূমিক্ষয় রোধে সহায়তা করে) এমন সরু পাতা ও কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গাঢ় সবুজ তৃণবিশেষ (আনি. বাংলাদেশ ভারত ও আফ্রিকা)।

দূর্বাদল /দুর্‌বাদল্/ [স. দূর্বা+দল] বি. দূর্বাঘাসের ফলা।

দূর্বাদলশ্যাম /দুর্‌বাদলোশ্‌শ্যাম্/ [স. দূর্বাদল+শ্যাম] বিণ. দূর্বাঘাসের ফলার মতো সবুজ।

দূর্বাষ্টমী /দুর্‌বাশ্‌টোমি/ [স. দূর্বা+অষ্টম+ঈ] বি. ভাদ্র মাসের শুক্লাষ্টমীতে পালনীয় ব্রতবিশেষ।

দূষক /দুশক্/ [স. √দূষি+অক] বিণ. ১ দোষ দেয় এমন। ২ নিন্দাকারী। স্ত্রী. দূষিকা /দুশিকা/।

দূষণ /দুশন্/ [স. √দূষি+অন] বি. ১ কলুষিতকরণ (*বায়ুদূষণ*)। ২ দোষারোপ; নিন্দা। ৩ রামায়ণোক্ত রাক্ষসবিশেষ।

দূষণীয় /দুশোনিয়ো/ [স. √দূষি+অনীয়] বিণ. দোষযুক্ত, নিন্দনীয়, দূষ্য।

দূষয়িতা /দুশোয়িতা/ [স. √দূষি+তৃ] বি. যে দোষ দেয়।

দূষিত /দুশিতো/ [স. √দূষি+ত] বিণ. ১ কলুষিত। ২ বিষাক্ত (*দূষিত বায়ু*)।

দূষ্য /দুশো/ [স. √দূষি+য] বিণ. নিন্দনীয়।

দৃক্ /দৃক্/ [স. √দৃশ্+ক্বিপ্] বি. ১ চোখ। ২ দৃষ্টি। ৩ জ্ঞান, বোধ।

দৃক্‌পাত /দৃক্‌পাত/ [স. দৃক্+পাত] বি. ১ দৃষ্টিনিক্ষেপ। ২ দর্শন। ৩ ভ্রুক্ষেপ; গ্রাহ্যকরণ।

দৃক্‌শক্তি /দৃক্‌শোক্তি/ [স. দৃক্+√শক্+তি] বি. ১ দেখার সামর্থ্য। ২ (আল.) বুঝতে পারার ক্ষমতা।

দৃক্‌শ্রবণ /দৃক্‌শ্রোবোন্/ [স. দৃক্+√শ্রু+অন] বি. চোখই যার শোনার কাজ করে, সাপ।

দৃঢ় /দৃঢ়ো/ [স. √দৃন্হ্+ত] বিণ. ১ শিথিল নয় এমন; মজবুত। ২ অটল। ৩ অকম্প। ৪ বলিষ্ঠ।

দৃঢ়চেতা /দৃঢ়োচেতা/ [স. দৃঢ়+চেতস্] বিণ. সংকল্পে অবিচলিত, দৃঢ়চিত্ত।

দৃঢ়তা /দৃঢ়োতা/ [স. দৃঢ়+তা] বি. দার্ঢ্য, কঠোরতা।

দৃঢ়নিশ্চয় /দৃঢ়োনিশ্‌চয়্/ [স. দৃঢ়+নিশ্চয়] বিণ. স্থিরসিদ্ধান্ত; সুনিশ্চিত; দৃঢ় বিশ্বাসযুক্ত।

দৃঢ়প্রতিজ্ঞ /দৃঢ়োপ্রোতিগ্‌গোঁ/ [স. দৃঢ়+প্রতি+√জ্ঞা+অ] বিণ. প্রতিজ্ঞা পালনে অবিচল, স্থিরপ্রতিজ্ঞ।

দৃঢ়ব্রত /দৃঢ়োব্রোতো/ [স. দৃঢ়+ব্রত] বিণ. সংকল্পচ্যুত হয় না এমন; দৃঢ়সংকল্প।

দৃঢ়মুষ্টি /দৃঢ়োমুশ্‌টি/ [স. দৃঢ়+√মুষ্+তি] বিণ. ১ সহজে শিথিল হয় না এমন মুষ্টিযুক্ত। ২ (আল.) ব্যয়কুণ্ঠ।

দৃঢ়মূল /দৃঢ়োমুল্/ [স. দৃঢ়+মূল] বিণ. ১ মূল মাটির সঙ্গে দৃঢ়ভাবে যুক্ত এমন। ২ বদ্ধমূল।

দৃঢ়সন্ধ /দৃঢ়োশন্‌ধো/ [স. দৃঢ়+সন্ধ] বিণ. কঠোর প্রতিজ্ঞায় আবদ্ধ।

দৃঢ়সন্ধি /দৃঢ়োশন্‌ধি/ [স. দৃঢ়+সম্+√ধা+ই] বিণ. শক্ত করে বাঁধা আছে এমন, দৃঢ়ভাবে আবদ্ধ।

দৃঢ়স্বর /দৃঢ়োশ্‌শর্/ [স. দৃঢ়+স্বর] বি. অবিচলিত

www.pathagar.com

কণ্ঠস্বর।

দৃঢ়ীকরণ /দৃঢ়িকরোন্/ [স. দৃঢ়+ঢ্বি+করণ] বি. মজবুতকরণ।

দৃঢ়ীকৃত /দৃঢ়িক্কৃতো/ [স. দৃঢ়+ঢ্বি+কৃত] বিণ. ১ মজবুত করা হয়েছে এমন। ২ সুপ্রতিষ্ঠিত।

দৃঢ়ীভূত /দৃঢ়িভূতো/ [স. দৃঢ়+ঢ্বি+ভূত] বিণ. ১ জমাটবদ্ধ। ২ সুপ্রতিষ্ঠিত।

দৃপ্ত /দৃপ্তো/ [স. √দৃপ্+ত] বিণ. ১ দর্পযুক্ত, গর্বিত। ২ উদ্ধত। ৩ তেজস্বী (*দৃপ্তকণ্ঠ*)।

দৃপ্য /দৃপ্পো/ [স. √দৃপ্+য] বিণ. দর্পযুক্ত।

দৃপ্র /দৃপ্রো/ [স. √দৃপ্+র] বিণ. ১ দর্পযুক্ত। ২ উদ্ধত। ৩ তেজোময়।

দৃশদ্বতী /দৃশদ্বোতি/ [স. দৃশদ্+বৎ+ঈ] বি. ১ কুরুক্ষেত্রের নিকটবর্তী প্রাচীন নদীবিশেষ। ২ দুর্গা।

দৃশ্য /দৃশ্যো/ [স. √দৃশ্+য] বি. ১ দেখা যায় এমন বিষয় বা বস্তু। ২ নাটকের গর্ভাঙ্ক। ৩ অভিনয়-মঞ্চের পট (*দৃশ্যপট*), scene। বিণ. দর্শনীয়।

দৃশ্যকাব্য /দৃশ্যোকাব্যো/ [স. দৃশ্য+কাব্য] বি. রঙ্গমঞ্চে অভিনয়যোগ্য কাব্য, কাব্যনাটক।

দৃশ্যত /দৃশ্যতো/ [স. দৃশ্য+তস্] অব্য. ক্রিবিণ. আপাতদৃষ্টিতে।

দৃশ্যপট /দৃশ্যোপট্/ [স. দৃশ্য+পট] বি. রঙ্গমঞ্চের চিত্রপট।

দৃশ্যমান /দৃশ্যোমান্/ [স. √দৃশ্+মান (শানচ্)] বিণ. দেখা যাচ্ছে এমন, প্রত্যক্ষ, ইন্দ্রিয়গোচর।

দৃশ্যসংগীত /দৃশ্যোশোংগিত্/ [স. দৃশ্য+সংগীত] বি. নৃত্য।

দৃশ্যান্তর /দৃশ্যান্তর্/ [স. দৃশ্য+অন্তর] বি. ভিন্ন দৃশ্য, দৃশ্যভেদ।

দৃষ্ট /দৃষ্টো/ [স. √দৃশ্+ত] বিণ. ১ দেখা হয়েছে এমন। ২ জ্ঞাত। ৩ আলোকিত। ৪ পরীক্ষিত।

দৃষ্টচর /দৃষ্টোচর্/ [স. দৃষ্ট+চর] বিণ. দ্র দৃষ্টপূর্ব।

দৃষ্টপূর্ব /দৃষ্টোপুর্বো/ [স. দৃষ্ট+পূর্ব] বিণ. পূর্বে দেখা হয়েছে এমন।

দৃষ্টরজা /দৃষ্টোরজা/ [স. দৃষ্ট+রজাঃ] বি. বয়ঃপ্রাপ্ত নারী; নব যুবতি।

দৃষ্টাদৃষ্ট /দৃষ্টাদৃষ্টো/ [স. দৃষ্ট+অদৃষ্ট] বিণ. ১ দেখা হয়েছে বা হয়নি এমন। ২ আংশিক দেখা যায় এমন। ৩ ব্যক্ত ও অব্যক্ত।

দৃষ্টান্ত /দৃষ্টান্তো/ [স. দৃষ্ট+অন্ত] বি. ১ কোনো-কিছুর যথার্থতা প্রমাণের জন্য তুল্য বিষয়ের উল্লেখ, নিদর্শন। ২ নজির (*দৃষ্টান্ত স্থাপন*)।

দৃষ্টান্তবহুল /দৃষ্টান্তোবোহুল্/ [স. দৃষ্টান্ত+বহুল] বিণ. অনেক উদাহরণ আছে এমন।

দৃষ্টান্তস্থল /দৃষ্টান্তোস্থল্/ [স. দৃষ্টান্ত+স্থল] বি. ১ উদাহরণরূপে ব্যবহৃত হতে পারে এমন বিষয়। ২ তুলনাযোগ্য বিষয়।

দৃষ্টি /দৃষ্টি/ [স. √দৃশ্+তি] বি. ১ দর্শন, অবলোকন (*দৃষ্টিপাত*)। ২ দেখার ক্ষমতা (*দৃষ্টিগ্রাহ্য*)। ৩ জ্ঞান (*স্থূলদৃষ্টি*)। ৪ লক্ষ। ৫ অনুভূতি। ৬ চোখ।

দৃষ্টিকটু /দৃষ্টিকোটু/ [স. দৃষ্টি+কটু] বিণ. বিসদৃশ (*দৃষ্টিকটু চালচলন*)।

দৃষ্টিকৃপণ /দৃষ্টিকৃপন্/ [স. দৃষ্টি+কৃপণ] বিণ. দান করতে অনিচ্ছুক; ব্যয়কুণ্ঠ।

দৃষ্টিকোণ /দৃষ্টিকোন্/ [স. দৃষ্টি+কোণ] বি. ১ বিশেষ অবস্থান থেকে অবলোকন। ২ দৃষ্টিভঙ্গি।

দৃষ্টিক্ষুধা /দৃষ্টিখুধা/ [স. দৃষ্টি+ক্ষুধা] বি. ক্ষুধার্ত না হয়েও খাদ্যবস্তু দেখামাত্র খাওয়ার ইচ্ছা।

দৃষ্টিগোচর /দৃষ্টিগোচর্/ [স. দৃষ্টি+গোচর] বিণ. দৃষ্টির অন্তর্গত; দেখা যায় এমন।

দৃষ্টিনন্দন /দৃষ্টিনন্দোন্/ [স. দৃষ্টি+নন্দন] বিণ. দেখলে আনন্দ হয় এমন, দৃষ্টিশোভন।

দৃষ্টিনিক্ষেপ /দৃষ্টিনিক্ষেপ্/ [স. দৃষ্টি+নিক্ষেপ] বি. দৃষ্টিপাত, অবলোকন।

দৃষ্টিপথ /দৃষ্টিপথ্/ [স. দৃষ্টি+পথ] বি. যতদূর চোখ যায়, দৃষ্টিগাহ্য দূরত্ব।

দৃষ্টিপাত /দৃষ্টিপাত্/ [স. দৃষ্টি+√পত্+অ] বি. দৃষ্টিনিক্ষেপ, অবলোকন।

দৃষ্টিবিনিময় /দৃষ্টিবিনিময়্/ [স. দৃষ্টি+বিনিময়] বি. পরস্পরের দিকে তাকিয়ে ভাববিনিময়।

দৃষ্টিবিভ্রম /দৃষ্টিবিব্‌ভ্রোম্/ [স. দৃষ্টি+বিভ্রম] বি. দেখার ভুল।

দৃষ্টিভঙ্গি /দৃষ্টিভোংগি/ [স. দৃষ্টি+√ভন্‌জ্+ই] বি ১ বিশেষ অবস্থান থেকে অবলোকন। ২ দৃষ্টিকোণ।

দৃষ্টিভ্রম /দৃষ্টিব্‌ভ্রোম্/ [স. দৃষ্টি+ভ্রম] বি. দেখার ভুল।

দৃষ্টিরেশ /দৃষ্টিরেশ্/ [স. দৃষ্টি+রেশ] বি. দৃষ্টিপথ থেকে কোনো বস্তু হঠাৎ সরে যাওয়ার পর মুহূর্তের জন্য ওই বস্তুর যে চিত্র দৃষ্টিতে ধরা থাকে; (পরি.) persistence of vision।

দৃষ্টিশোভন /দৃষ্টিশোভোন্/ [স. দৃষ্টি+শোভন] বিণ. দ্র দৃষ্টিনন্দন।

দৃষ্টিসীমা /দৃষ্টিশিমা/ [স. দৃষ্টি+সীমা] বি. যে দূরত্ব পর্যন্ত দেখা যায় (*দৃষ্টিসীমার বহির্ভূত*)।

দৃষ্টিসুখ /দৃষ্টিশুখ্/ [স. দৃষ্টি+সুখ] বি. দেখার আনন্দ।

দৃষ্টিহীন /দৃষ্টিহিন্/ [স. দৃষ্টি+√হা+ত] বিণ. দৃষ্টি-

www.pathagar.com

শক্তিহীন, অন্ধ।

দৃষ্টে /দৃশ্‌টে/ [বা.] ক্রিবিণ. দেখার পর, দেখে (*অবস্থাদৃষ্টে*)।

দে[১] /দে/ [স. দেহ >] বি. (কাব্যে) শরীর, দেহ।

দে[২] /দে/ [স. দেব >] বি. পদবিবিশেষ।

দে[৩] /দে/ [বা.] অব্য. দিয়া, দ্বারা (*চামচিকেতে বাজনা বাজায় খ্যাংরাকাঠি দে*')। অনুক্রি. (আদর বা তুচ্ছার্থে) দেওয়ার অনুজ্ঞা (ভাত দে)।

দেই /দেই/ [বা.] ক্রিবি. দিই, দিয়ে থাকি; দিচ্ছি।

দেইজি /দেইজি/ [স. দায়াদ >] বি. জ্ঞাতি, আত্মীয়।

দেউটি /দেউটি/ [স. দীপবর্তিকা >] বি. ১ দীপ। ২ মশাল।

দেউড়ি /দেউড়ি/ [স. দেহলী >] বি. ১ বাড়ির প্রধান প্রবেশদ্বার। ২ বহির্বাটি, বৈঠকখানা; কাছারি ঘর।

দেউল /দেউল্/ [স. দেবকুল >] বি. দেবালয়, মন্দির (*শূন্য দেউল নাহি জ্বলে ধূপ* নজরুল.)।

দেউলিয়া /দেউলিআ/ [দেশি.] বিণ. দেনা পরিশোধ করতে অক্ষম, নিঃস্ব, নিঃসম্বল; নিঃস্ব হয়ে মন্দিরে আশ্রয় নিয়েছে এমন।

দেউলে /দেউলে/ [দেশি.] বিণ. 'দেউলিয়া'-র কথ্য রূপ।

দেওয়া /দেওআ/ [বা.] ক্রিবি. ১ প্রদান করা (*ঋণ দেওয়া*)। ২ দান করা (*ভিক্ষা দেওয়া*)। ৩ মনোনিবেশ করা (*কাজে মন দেওয়া*)। ৪ ন্যস্ত করা (*দায়িত্ব দেওয়া*)। ৫ উৎসর্গ করা (*জীবন দেওয়া*)। ৬ প্রেরণ করা (*চিঠি ডাকে দেওয়া*)। ৭ সেচন করা (*গাছে পানি দেওয়া*)। ৮ প্রয়োগ করা (*ছবিতে রং দেওয়া*)। ৯ অবহিত করা (*সংবাদ দেওয়া*)। ১০ অর্পণ করা (*উপাধি দেওয়া*)। ১১ ক্ষমতা দেখানো (*পাল্লা দেওয়া*)। ১২ তৈরি করা (*দালান দেওয়া*)। ১৩ অঙ্গে ধারণ করা (*জামা গায়ে দেওয়া*)। ১৪ ভর্তি করা (*স্কুলে দেওয়া*)। ১৫ মঞ্জুর করা (*ছুটি দেওয়া*)। ১৬ বন্ধ করা (*খিল দেওয়া*)। ১৭ ক্রিয়া সম্পাদন করা (*জমিতে সার দেওয়া*)। ১৮ সূচনা করা (*কাজে হাত দেওয়া*)। ১৯ প্রহার করা (*মার দেওয়া*)। ২০ বিলোপ করা (*বাদ দেওয়া*)। ২১ রচনা করা (*গানে সুর দেওয়া*)। ২২ সঞ্চার করা (*সাহস দেওয়া*)। ২৩ প্রতিজ্ঞাবদ্ধ হওয়া (*কথা দেওয়া*)। ২৪ জ্বালানো (*উনুনে আগুন দেওয়া*)। ২৫ প্রতারণা করা (*ফাঁকি দেওয়া*)। ২৬ নিয়োগ করা (*চাকরি দেওয়া*)। ২৭ মেশানো (*চায়ে চিনি দেওয়া*)। ২৮ পরিবেশন করা (*খাবার দেওয়া*)। বিণ. প্রদত্ত (*দেওয়া জিনিস*)।

দেওয়ান /দেওআন্/ [ফা.] বি. ১ রাজস্ব প্রভৃতি আদায়ের দায়িত্বে নিযুক্ত রাজকর্মচারী। ২ রাজ-দরবার; মন্ত্রণাসভা।৩ পদবিবিশেষ।

দেওয়ানা /দেওআনা/ [ফা.] বিণ. মত্ত; উদাসী।

দেওয়ানি /দেওআনি/ [ফা.] বি. ভূসম্পত্তির স্বত্ব বা রাজস্বসংক্রান্ত কাজ। বিণ. ভূসম্পত্তির অধিকারবিষয়ক; ফৌজদারি নয় এমন।

দেওয়া-নেওয়া /দেওআনেওআ/ [বা.] ক্রিবি. আদান-প্রদান করা।

দেওয়ানো /দেওআনো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে প্রদান করানো।

দেওয়াল /দেওআল্/ [ফা.] বি. বেষ্টনী, প্রাচীর।

দেওয়ালগিরি /দেওআলগিরি/ [ফা.] বি. দেওয়ালে ঝোলানো হয় এমন প্রদীপ।

দেওয়ালঘড়ি /দেওআলঘোড়ি/ [ফা. দেওয়াল+বা. ঘড়ি] বি. দেওয়ালে ঝুলিয়ে রাখা হয় এমন বড়ো ঘড়ি, wallclock।

দেওয়ালপঞ্জি /দেওআলপোন্‌জি/ [ফা. দেওয়াল+ স. পঞ্জি] বি. দেওয়ালে ঝুলিয়ে রাখা যায় এমন বর্ষপঞ্জি, calendar।

দেওয়ালপঞ্জিকা /দেওআলপোন্‌জিকা/ [ফা. দেওয়াল+স. পঞ্জিকা] বি. দ্র দেওয়ালপঞ্জি।

দেওয়ালপত্রিকা /দেওআলপোত্‌ত্রিকা/ [ফা. দেওয়াল +স. পত্রিকা] বি. দেওয়ালে সেঁটে লাগানো হয় এমন হাতে লেখা পত্রিকা।

দেওয়ালি /দেওআলি/ [স. দীপালি >] বি. কার্তিক মাসের অমাবস্যাতিথিতে ঘরে-ঘরে প্রদীপ জ্বালিয়ে পালিত আলোকসজ্জার উৎসব, দীপাবলি।

দেওয়ালি পোকা /দেওআলি পোকা/ বি. দীপাবলির প্রদীপের আগুনে আকৃষ্ট হয়ে পুড়ে মরে এমন পোকা, শ্যামাপোকা।

দেওর /দ্যাওর্/ [স. দেবর >] বি. স্বামীর ছোটো ভাই, দেবর।

দেওর-ঝি /দ্যাওর্‌ঝি/ [বা.] বি. স্বামীর ছোটো ভাইয়ের কন্যা।

দেওর-পো /দ্যাওর্‌পো/ [বা.] বি. স্বামীর ছোটো ভাইয়ের পুত্র।

দেঁতো /দেঁতো/ [স. দন্তুর >] বিণ. ১ উঁচু বা বড়ো দাঁতবিশিষ্ট। ২ (আল.) কৃত্রিম (*দেঁতো হাসি*)।

দেখ /দ্যাখ্/ [বা.] অনুক্রি. (তুচ্ছার্থে) দেখার অনুজ্ঞা (*বইটি পড়ে দেখ*)।

দেখতা /দ্যাখ্‌তা/ [বা.] বিণ. ১ দেখা হয়েছে এমন, দৃষ্ট। ২ সমক্ষে ঘটেছে এমন। ক্রিবিণ. ১ চোখের

www.pathagar.com

সামনে। ২ সমসময়ে।

দেখতে দেখতে /দেখ্‌তে দেখ্‌তে/ ক্রিবিণ. ১ ক্রমে, ধীরে ধীরে। ২ মুহূর্তের মধ্যে, ক্ষণকালের মধ্যে।

দেখন /দ্যাখোন্‌/ [বা.] বি. দর্শন, অবলোকন।

দেখন-হাসি /দ্যাখোন্‌হাশি/ [বা.] বিণ. দেখলেই হাসে এমন। বি. সদাহাস্যময়ী সখী।

দেখনাই /দেখ্‌নাই/ [বা.] বি. বাহ্যসৌন্দর্য।

দেখভাল /দেখ্‌ভাল্‌/ [হি.] বি. দেখাশোনা, তত্ত্বাবধান (*দেখভাল করা*)।

দেখা /দ্যাখা/ [বা.] ক্রিবি. ১ দর্শন করা (*চাঁদ দেখা*)। ২ তাকানো (*অন্যদিকে দেখা*)। ৩ সেবাশুশ্রূষা করা (*রোগীর দেখাশোনা করা*)। ৪ চিকিৎসা করা (*রোগী দেখা*)। ৫ অভিজ্ঞতা থাকা (*ওর কাজ দেখা আছে*)। ৬ বিচারবিবেচনা করা (*অবস্থা দেখা*)। ৭ অপেক্ষা করা (*দেখা যাক কী হয়*)। ৮ সন্ধান করা (*বাসা দেখা*)। ৯ অধ্যবসায় করা (*চেষ্টা করে দেখা*)। ১০ চিন্তা করা (*ভেবে দেখা*)। ১১ উপভোগ করা (*খেলা দেখা*)। ১২ চোখ বুলানো (*খবরের কাগজ দেখা*)। ১৩ সাক্ষাৎ করা (*দেখা করা*)। বিণ. দৃষ্ট (*দেখা ছবি*)।

দেখাদেখি /দ্যাখাদেখি/ [বা.] বি. ১ পরস্পরের মধ্যে সাক্ষাৎ (*মুখ দেখাদেখি*)। ২ পরস্পরের খাতা দেখে টোকাটুকি (*দেখাদেখি করে লেখা*)। ক্রিবিণ. অনুকরণ করে (*অন্যের দেখাদেখি*)।

দেখানো /দ্যাখানো/ [বা.] ক্রিবি. ১ প্রদর্শন করা (*ম্যাজিক দেখানো*)। ২ ভীতিপ্রদর্শন করা (*ভয় দেখানো*)। ৩ বুঝিয়ে দেওয়া (*পড়া দেখানো*)। ৪ চিকিৎসা করানো (*ডাক্তার দেখানো*)। বিণ. কৃত্রিম (*লোকদেখানো হাসি*)।

দেখাশুনা /দ্যাখাশুনা/ [বা.] বি. দ্র দেখাশোনা।

দেখাশোনা /দ্যাখাশোনা/ [বা.] বি. ১ তত্ত্বাবধান। ২ পরিচর্যা।

দেখাসাক্ষাৎ /দ্যাখাশাক্‌খাত্‌/ [বা. দেখা+স. সাক্ষাৎ] বি. ১ পরস্পর সাক্ষাৎ ও আলাপ। ২ খবরাখবর আদান-প্রদান।

দেখিস /দেখিশ্‌/ [বা.] অনুক্রি. (তুচ্ছার্থে) ভবিষ্যতে দেখার অনুজ্ঞা।

দেখে নেওয়া /দেখে নেওআ/ ক্রিবি. প্রতিশোধ নেওয়ার হুমকি দেওয়া।

দেখো[১] /দ্যাখো/ [বা.] অনুক্রি. 'দেখা'-র অনুজ্ঞা (*দেখো দেখো, দেখো, শুকতারা আঁখি মেলি চায়* রবীন্দ্র.)।

দেখো[২] /দেখো/ [বা.] অনুক্রি. (ভবিষ্যতে) তত্ত্বাবধান বা দেখাশোনার অনুজ্ঞা (*ভাইটিকে একটু দেখো*)।

দেড় /দেড়/ [স. সার্ধ >] বিণ. এক এবং অর্ধ (*দেড় হাত*)।

দেড়েল /দেড়েল্‌/ [স. দাঢ়িকা >] বিণ. দাড়ি আছে এমন। বি. শ্মশ্রুমণ্ডিত ব্যক্তি।

দেদার /দেদার/ [ফা.] বিণ. প্রচুর, অশেষ।

দেদীপ্যমান /দেদিপ্‌পোমান্‌/ [স. √দেদীপ্য+মান (শানচ্‌)] বিণ. ১ উজ্জ্বল ও দীপ্তিময়। ২ জাজ্বল্যমান, জ্বলনশীল। ৩ বিশেষভাবে প্রকাশিত।

দেদো /দেদো/ [বা.] বিণ. দাদরোগে আক্রান্ত।

দেধান /দেধান্‌/ [স. দেবধান্য >] বি. জোয়ার গাছের মতো সরু গাছ বা তার শস্য, দেবধান্য, broomcorn।

দেন[১] /দেন্‌/ [আ.] বি. দেনা, ঋণ (*দেনদার*)।

দেন[২] /দ্যান্‌/ [বা.] ক্রিবি. দিয়ে থাকেন (*তিনি খেতে দেন*)।

দেনদরবার /দেন্‌দর্‌বার্‌/ [আ. দেন+ফা. দরবার] বি. কার্যসিদ্ধির জন্য ধরনা অনুরোধ প্রভৃতি।

দেনদার /দেন্‌দার্‌/ [আ. দেন+ফা. দার] বিণ. ঋণ গ্রহণ করে এমন, খাতক, দেনাদার, অধমর্ণ। বি. যে ব্যক্তি ঋণ করেছে।

দেনমোহর /দেন্‌মোহোর্‌/ [আ. দেন+ফা. মোহর] বি. মুসলমান সমাজের বিবাহে স্বামী কর্তৃক স্ত্রীকে যে অর্থ প্রদানের অঙ্গীকার কাবিননামায় লিপিবদ্ধ করা হয় (স্ত্রী ভিন্ন অন্য কোনো ব্যক্তি এই অর্থ পাওয়ার অধিকারী নন) এবং বিবাহ-বিচ্ছেদের পূর্বে স্বামীকে অবশ্যই যা পরিশোধ করতে হয়।

দেনা /দেনা/ [আ.] বি. যে অর্থ পাওনাদারকে পরিশোধ করতে হবে, ধার, কর্জ, ঋণ। বিণ. পরিশোধ করতে হবে এমন, দেয়, বাকি।

দেনাদার /দেনাদার্‌/ [আ. দেনা+ফা. দার] বিণ. ঋণী, অধমর্ণ, খাতক। বি. ঋণগ্রহিতা।

দেনা-পাওনা /দেনাপাওনা/ [আ. দেনা+বা. পাওনা] বি. দেয় ও প্রাপ্যের হিসাবনিকাশ।

দেনুয়া /দেনুআ/ [স. দান >] বিণ. ১ দানের জন্য ব্যয়িত। ২ দান-সম্পর্কিত। ৩ দানযোগ্য; দেয়।

দেনো /দেনো/ [স. দান >] বিণ. ১ শ্রাদ্ধাদি ক্রিয়াকর্মে বা দানে পাওয়া গেছে এমন। ২ দেওয়া হয়েছে এমন। ৩ দানের যোগ্য।

দেব /দেব্‌/ [স. √দিব্‌+অ] বি. ১ ঈশ্বর। ২ দেবতা। ৩ শ্রদ্ধাসূচক নামান্ত (*পিতৃদেব*)। ৪ শ্রেষ্ঠজন (*গুরুদেব*)। ৫ পদবিবিশেষ।

দেবকন্যা /দেবোকোন্না/ [স. দেব+কন্যা] বি. দেবতার কন্যা; অপ্সরা।

www.pathagar.com

দেবকল্প /দেবোকল্‌পো / [স. দেব+ √কল্প্+অ] বিণ. দেবতাসুলভ।

দেবকার্য /দেবোকারজো/ [স. দেব+ √কৃ+য] বি. পূজা উপাসনা যজ্ঞ প্রভৃতি।

দেবকাষ্ঠ /দেবোকাশ্‌ঠো/ [স. দেব+ √কাশ্+থ] বি. দেবদারুগাছ।

দেবকী /দেবোকি/ [স. দেবক+ঈ] বি. বসুদেবের পত্নী ও শ্রীকৃষ্ণের মাতা।

দেবকুল /দেবোকুল্‌/ [স. দেব+ √কুল্+অ] বি. ১ দেবগণ। ২ দেউল, মন্দির, দেবালয়।

দেবকুলপ্রিয় /দেবোকুল্‌প্রিয়ো/ [স. দেবকুল+প্রিয়] বিণ. দেবতাদের অনুগৃহীত।

দেবখাত /দেবোখাতো/ [স. দেব+দেশি. খাত] বি. প্রাকৃতিক (মনুষ্যকৃত নয়) জলাশয় হ্রদ প্রভৃতি।

দেবগুরু /দেবোগুরু/ [স. দেব+ √গু+উ] বি. ১ কশ্যপ। ২ দেবতাদের গুরু, বৃহস্পতি।

দেবগৃহ /দেবোগৃহো/ [স. দেব+গৃহ] বি. দেবালয়।

দেবচর্যা /দেবোচোরজা/ [স. দেব+ √চর্+য+আ (টাপ্)] বি. দেবতার পূজা, আরাধনা।

দেবচিকিৎসক /দেবোচিকিত্‌শক্/ [স. দেব+ চিকিৎসক] বি. পুরাণে বর্ণিত দেবতাদের বৈদ্য অশ্বিনীকুমারদ্বয়।

দেবচ্ছন্দ /দেবোচ্ছন্‌দো/ [স. দেব+ছন্দ] বি. শতনরি হার।

দেবতরু /দেবোতোরু/ [স. দেব+তরু] বি. লোক-বিশ্বাসমতে স্বর্গের পাঁচটি বৃক্ষ (মন্দার পারিজাত সন্তান কল্পবৃক্ষ ও হরিচন্দন)।

দেবতা /দেবোতা/ [স. দেব+ তা] বি. ১ দেবদেবী; ভগবান। ২ (বাংলায়) মেঘ।

দেবতাড় /দেবোতাড়্/ [স. দেব+ √তাড়্+অ] বি. ১ রাহু। ২ অগ্নি।

দেবতাত্মা /দেবোতাত্‌তা/ [স. দেব+আত্মন্] বিণ. দেবতার মতো মহৎ চিত্তবিশিষ্ট, দেবতুল্য।

দেবতুল্য /দেবোতুল্‌লো/ [স. দেব+তুলা+য] বিণ. দেবতার মতো।

দেবত্ব /দেবোত্‌তো/ [স. দেব+ত্ব] বি. দেবতার গুণ ঐশ্বর্য প্রভৃতি লক্ষণ।

দেবত্র /দেবোত্‌ত্রো/ [স. দেব+ √ত্রৈ+অ] বিণ. দেবতার উদ্দেশে উৎসর্গীকৃত। বি. দেবতার উদ্দেশে উৎসর্গীকৃত সম্পত্তি, দেবোত্তর সম্পত্তি।

দেবদত্ত /দেব্‌দত্‌তো/ [স. দেব+ √দা+ত] বিণ. ১ ঈশ্বরদত্ত। ২ তৃতীয় পাণ্ডব অর্জুনের শঙ্খের নাম। ৩ দেবতার উদ্দেশে নিবেদিত।

দেবদর্শন /দেব্‌দর্‌শোন্ / [স. দেব+ √দৃশ্+অন] বি. দেবমূর্তি দর্শন।

দেবদারু /দেব্‌দারু/ [স. দেব+দারু] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং বসন্তকালে ফোটে এমন সবুজাভ সাদা ফুল বা তার অমসৃণ কাণ্ড ও ঝুলন্ত শাখাবিশিষ্ট পিরামিডাকৃতির পত্রবহুল শোভাবর্ধক বৃক্ষ (আনি. হিমালয় পর্বতমালার পাদদেশ)।

দেবদারুদ্রুম /দেব্‌দারুদ্‌দ্রুম্ / [স. দেবদারু+দ্রুম] বি. দ্র দেবদারু।

দেবদাস /দেব্‌দাশ্ /[স.দেব+দাস] বি. যে দেবমন্দিরে সেবাদান করে। স্ত্রী. দেবদাসী /দেব্‌দাশি /।

দেবদুর্লভ /দেবোদুর্‌লভ্ / [স. দেব+দুর্লভ] বিণ. দেবতার পক্ষেও সুলভ নয় এমন; অসামান্য।

দেবদূত /দেব্‌দুত্/ [স. দেব+দূত] বি. স্বর্গের সংবাদবাহক, স্বর্গের দূত।

দেবদৃষ্টি /দেবোদৃশ্‌টি/ [স. দেব+ √দৃশ্+তি] বি. ১ দেবতার দৃষ্টি। ২ শুভদৃষ্টি।

দেবদেউল /দেবোদেউল্ / [স. দেব+বা. দেউল] বি. দেবতার মন্দির, দেবালয়।

দেবদেব /দেবোদেব্/ [স. দেব+দেব] বি. মহাদেব; ব্রহ্মা; বিষ্ণু।

দেবদ্বিজ /দেবোদ্‌দিজো / [স. দেব+দ্বিজ] বি. দেবতা ও ব্রাহ্মণ।

দেবদ্বেষী /দেবোদ্‌দেশি / [স. দেব+ √দ্বিষ্+ইন্] বিণ. ১ দেবতাদের প্রতি বিদ্বেষপরায়ণ। ২ নাস্তিক। বি. অসুর; দানব।

দেবদ্রোহী /দেবোদ্‌দ্রোহি / [স. দেব+ √দ্রুহ্+ইন্] বিণ. দেবতাদের প্রতি শত্রুর মতো আচরণকারী। বি. অসুর।

দেবধান্য /দেবোধান্‌নো / [স. দেব+ধান+য] বি. জোয়ার গাছের মতো সরু গাছ বা তার শস্য, দেধান, broom corn।

দেবধূপ /দেবোধূপ্ / [স. দেব+ √ধূপ্+অ] বি. গুগ্‌গুল গাছের (সুগন্ধ রেজিনযুক্ত কাঁটাওয়ালা বৃক্ষ) নির্যাস থেকে তৈরি ধূপকাঠি।

দেবন /দেবোন্/ [স. √দিব্+অন] বি. ১ (যা বাজি রেখে খেলা হয়) অক্ষক্রীড়া। ২ দেবতাদের উদ্দেশে স্তুতি। ৩ দুঃখকষ্ট।

দেবনদী /দেবোনোদি / [স. দেব+নদী] বি. ১ গঙ্গা নদী। ২ প্রশস্ত নদী।

দেবনাগর /দেবোনাগোর্ / [স. দেব+নাগর] বি. দ্র দেবনাগরী ।

দেবনাগরী /দেবোনাগোরি / [স. দেব+নাগর+ঈ] বি.

www.pathagar.com

সংস্কৃত হিন্দি নেপালি প্রভৃতি ভাষা লেখার জন্য ব্যবহৃত লিপি।

দেবপতি /দেবোপোতি/ [স. দেব+ √পা+অতি] বি. দেবরাজ ইন্দ্র।

দেবপশু /দেবোপোশু/ [স. দেব+ √দৃশ্+উ] বি. দেবতার উদ্দেশে বলি দেওয়ার পশু।

দেবপুরী /দেবোপুরি/ [স. দেব+ √পৃ+ই] বি. স্বর্গ, ইন্দ্রালয়, অমরাবতী।

দেবপূজ্য/দেবোপুজ্জো/ [স. দেব+ √পূজ্+য] বিণ. দেবতাদের মধ্যে বরেণ্য। বি. দেবগুরু বৃহস্পতি।

দেবপ্রসাদ /দেবোপ্রোশাদ/ [স. দেব+প্রসাদ] বি. দেবতার উদ্দেশে প্রদত্ত নৈবেদ্য ; দেবতার অনুগ্রহ।

দেবপ্রতিষ্ঠা /দেবোপ্রোতিশ্ঠা/ [স. দেব+প্রতিষ্ঠা] বি. শাস্ত্রমতে দেবপ্রতিমায় প্রাণপ্রতিষ্ঠা।

দেবপ্রিয় /দেবোপ্প্রিয়ো/ [স. দেব+প্রিয়] বিণ. দেবতাদের প্রিয়। বি. বকফুল।

দেববক্ত্র /দেবোবক্ত্রো/ [স. দেব+ √বচ্+ত্র] বি. দেবতার মুখ।

দেববাক্য /দেবোবাক্কো/ [স. দেব+ √বচ্+য] বি. দ্র দেববাণী।

দেববাণী /দেবোবানি/ [স. দেব+ √বণ্+অ+ঈ] বি. ১ দেবতার বাণী। ২ সংস্কৃত ভাষা।

দেবব্রত /দেবোব্রোতো/ [স. দেব+ব্রত] বি. পৌরাণিক রাজা শান্তনু ও গঙ্গার পুত্র ভীষ্ম।

দেবভাষা /দেবোভাশা/ [স. দেব+ভাষা] বি. দেবতাদের ভাষা; বেদাদির ভাষা; সংস্কৃত ভাষা।

দেবভূমি /দেবোভূমি/ [স. দেব+ভূমি] বি. ১ দেবতাদের আবাস, স্বর্গ। ২ হিমালয়।

দেবমাতা /দেবোমাতা/ [স. দেব+ √মা+তৃ] বি. দেবতাদের মাতা; কশ্যপ মুনির পত্নী অদিতি।

দেবমাতৃক /দেবোমাত্তৃক্/ [স. দেবমাতৃ+ক] বিণ. বৃষ্টিরূপ মাতা যার (দেশ) পালক; বৃষ্টিজলে সমৃদ্ধ শস্যদ্বারা পালিত (দেশ)।

দেবমূর্তি /দেবোমুর্তি/ [স. দেব+ √মূর্চ্ছ্+তি] বি. দেবতার প্রতিমা।

দেবযাত্রা /দেবোজাত্রা/ [স. দেব+যাত্রা] বি. তীর্থযাত্রা।

দেবযান /দেবোজান্/ [স. দেব+ √যা+অন] বি. ১ দিব্যরথ। ২ স্বর্গে গমনের কল্পিত পথ।

দেবযানী /দেবোজানি/ [ব্যক্তি.] বি. দৈত্যগুরু শুক্রাচার্যের কন্যা ও পৌরাণিক রাজা যযাতির পত্নী।

দেবযোনি /দেবোজোনি/ [স. দেব+ √যু+নি] বি. ভূত প্রেত পিশাচ প্রভৃতি উপদেবতা।

দেবর /দেবর্/ [স. √দিব্+অর] বি. স্বামীর ছোটো ভাই, দেওর।

দেবরথ /দেবোরথ্/ [স. দেব+রথ] বি. দেবতাদের গমনাগমনের বাহন, সূর্যরথ।

দেবরাজ /দেবোরাজ্/ [স. দেব+রাজন্] বি. দেবতাদের রাজা, ইন্দ্র।

দেবর্ষি /দেবোর্শি/ [স. দেব+ঋষি] বি. নারদমুনি।

দেবল /দেবোল্/ [স. দেব+ √লা+অ] বি. যে ব্যক্তি জীবিকা নির্বাহের জন্য পূজা অনুষ্ঠান করে, পুরোহিত। বিণ. দেবালয়ের সেবায় নিযুক্ত।

দেবলোক /দেবোলোক্/ [স. দেব+লোক] বি. দেবতাদের বাসস্থান, অমরাবতী, স্বর্গ।

দেবশত্রু /দেবোশোত্তৃ/ [স. দেব+ √শাতি+ত্রু] বি. দেবতাদের শত্রু, দৈত্য, অসুর।

দেবশর্মা /দেবোশর্মা/ [স. দেব+ √শৃ+মন্] বি. পদবিবিশেষ।

দেবশিল্পী /দেবোশিল্পি/ [স. দেব+ √শিল্প+ইন্] বি. পৌরাণিকমতে যাবতীয় শিল্পের অধিদেবতা যিনি তিল তিল করে ত্রিভুবনের সকল উপকরণ সংগ্রহ করে এক অপূর্ব সুন্দরী অপ্সরা সৃষ্টি করেছিলেন, বিশ্বকর্মা।

দেবসেনা /দেবোশেনা/ [স. দেব+সেনা] বি. ১ দেবতাদের সেনা। ২ কার্তিকেয় পত্নী, ষষ্ঠীদেবী। ৩ প্রজাপতি ব্রহ্মার কন্যা।

দেবসেনাপতি /দেবোশেনাপোতি/ [স. দেবসেনা+ √পা+অতি] বি. দেবতাদের প্রধান সেনানায়ক, কার্তিকেয়, কার্তিক।

দেবস্ব /দেবোশ্শো/ [স. দেব+ √স্বন্+অ] বি. দেবতাদের সেবার উদ্দেশ্যে উৎসর্গীকৃত সম্পত্তি।

দেবা /দেবা/ [স. দেব >] বি. ১ স্বামীর ছোটো ভাই, দেবর। ২ দেবতা। ৩ (ব্য.) স্বামী; পুরুষ।

দেবাত্মা /দেবাত্তা/ [স. দেব+আত্মন্] বিণ. ১ দেবতাতুল্য। ২ দেবতাদের মতো মহৎ চিত্তবিশিষ্ট।

দেবাদেশ /দেবাদেশ্/ [স. দেব+আদেশ] বি. ১ দৈব আদেশ। ২ স্বর্গীয় প্রেরণা।

দেবান্তক /দেবান্তক্/ [স. দেব+অন্তক] বিণ. দেবহন্তা। বি. রাক্ষস; অসুর।

দেবায়তন /দেবায়োতন্/ [স. দেব+আয়তন] বি. দেবতাদের মন্দির, দেবালয়।

দেবারতি /দেবারোতি/ [স. দেব+আরতি] বি. দেবতার উদ্দেশে নিবেদিত পূজা।

দেবারি /দেবারি/ [স. দেব+অরি] বি. দেবতাদের শত্রু (দৈত্য অসুর রাক্ষস প্রভৃতি)।

www.pathagar.com

দেবার্চনা /দেবার্চোনা/ [স. দেব+অর্চনা] বি. দেবতার উদ্দেশে নিবেদিত পূজা।

দেবালয় /দেবালয়্/ [স. দেব+আলয়] বি. দেবতার মন্দির।

দেবাশ্রিত /দেবাস্শ্রিতো/ [স. দেব+আশ্রিত] বিণ. দেবতাদের দ্বারা পরিচালিত ও রক্ষিত; দেবতার অনুগ্রহপ্রাপ্ত বা শরণাগত, দেবতার আশ্রয়পুষ্ট।

দেবী /দেবি/ [স. দেব+ঈ] বি. ১ 'দেব'-এর স্ত্রীলিঙ্গ। ২ হিন্দু নারীর সম্মানসূচক নামান্ত।

দেবীপক্ষ /দেবিপোক্‌খো/ [স. দেবী+√পক্ষ+অ] বি. দুর্গাপূজার অব্যবহিত-পূর্ববর্তী অমাবস্যা তিথির পর প্রতিপদ থেকে পরবর্তী পূর্ণিমা পর্যন্ত পক্ষ-কাল, যে পক্ষকালে দেবী দুর্গার পূজা হয়।

দেবীপুরাণ /দেবিপুরান্/ [স. দেবী+পুরাণ] বি. দেবীর প্রশংসাকীর্তনের বিবরণসংবলিত উপপুরাণবিশেষ।

দেবীপ্রতিমা /দেবিপ্রোতিমা/ [স. দেবী+প্রতিমা] বি. পূজার উদ্দেশ্যে নির্মিত দেবীমূর্তি।

দেবীমাহাত্ম্য /দেবিমাহাত্‌তো/ [স. দেবী+মাহাত্ম্য] বি. মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত চন্ডিকাদেবীর মাহাত্ম্যবিষয়ক গ্রন্থবিশেষ।

দেবীমূর্তি /দেবিমুর্‌তি/ [স. দেবী+মূর্তি] বি. দেবী-পূজার উদ্দেশ্যে তৈরি প্রতিমা।

দেবীসূক্ত /দেবিশুক্‌তো/ [স. দেবী+সূ+√বচ্+ত] বি. লক্ষ্মীদেবীর প্রশংসাসূচক শ্লোক।

দেবেন্দ্র /দেবেন্‌দ্রো/ [স. দেব+ইন্দ্র] বি. পুরাণমতে দেবরাজ ইন্দ্র।

দেবেশ /দেবেশ্/ [স. দেব+ঈশ] বি. ১ দেবতাদের রাজা; দেবরাজ ইন্দ্র। ২ গীতায় বর্ণিত পুরুষোত্তম শ্রীকৃষ্ণ। ৩ শিব। ৪ ব্রহ্মা।

দেবোচিত /দেবোচিতো/ [স. দেব+উচিত] বিণ. দ্র দেবোপম।

দেবোত্তর /দেবোত্‌তর্/ [স. দেবত্র >] বিণ. দেবতার উদ্দেশে উৎসর্গীকৃত (*দেবোত্তর সম্পত্তি*)। বি. দেবতার উদ্দেশ্যে উৎসর্গীকৃত সম্পত্তি।

দেবোপম /দেবোপম্/ [স. দেব+উপমা] বিণ. দেবতার সঙ্গে তুলনাযোগ্য, দেবতুল্য।

দেমাক /দেমাক্/ [ফা.] বি. অহংকার; আত্মাভিমান।

দেমাকি /দেমাকি/ [ফা. দেমাক >] বিণ. অহংকার আছে এমন; গর্বিত; আত্মাভিমানী।

দেয় /দেয়ো/ [স. √দা+য] বিণ. দেওয়ার যোগ্য।

দেয়া /দেআ/ [স. দেব >] বি. ১ মেঘ। ২ আকাশ।

দেয়ালা /দেআলা/ [স. দেবলীলা >] বি. ঘুমের মধ্যে শিশুর কান্না হাসি প্রভৃতি।

দেয়াসি /দেআশি/ [স. দেবদাসী >] বি. লৌকিক দেবতার পূজারি বা পান্ডা।

দেয়াসিনি /দেআশিনি/ [স. দেবদাসী >] বি. পূজার শ্লোকাদি ও রীতিনীতি জানেন এমন নারী, পূজারিনি।

-দের /দের্/ বাংলা প্রত্যয়বিশেষ (*আমাদের, তোমাদের, ওদের*)।

দেরকো /দের্‌কো/ [স. দীপবৃক্ষ >] বি. কাঠের তৈরি উঁচু পিলসুজ বা দীপাধার।

দেরাজ /দেরাজ্/ [ফা. দরাজ>] বি. টেবিল আলমারি প্রভৃতির সঙ্গে লাগানো যে বাক্স টেনে খোলা বা বন্ধ করা যায়, drawer।

দেরি /দেরি/ [ফা.] বি. কোনো কর্ম সম্পাদন বা যাতায়াতে বিলম্ব।

দেশ /দেশ্/ [স. √দিশ্+অ] বি. ১ সীমারেখাদ্বারা চিহ্নিত ভৌগোলিক অঞ্চল; রাষ্ট্র। ২ নিজ গ্রাম (*দেশের বাড়ি*)। ৩ অঞ্চল (*মরুদেশ*)। ৪ শরীরের অঙ্গ (*কটিদেশ*)। ৫ দিক (*নিম্নদেশ*)। ৬ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

দেশকাল /দেশ্‌কাল্/ [স. দেশ+√কল্+ণিচ্+অ] বি. ১ স্থান ও কাল। ২ পরিবেশ। ৩ অবস্থা।

দেশ-কাল-পাত্র /দেশ্‌কাল্‌পাত্‌ত্রো/ [স. দেশকাল +পাত্র] বি. স্থান সময় ও ব্যক্তি।

দেশকালোচিত /দেশ্‌কালোচিতো/ [স. দেশকাল+ উচিত] বিণ. স্থান ও পরিস্থিতি বিবেচনায় যথাযথ।

দেশগান /দেশ্‌গান্/ [স. দেশ+গান] বি. দেশাত্মবোধ জাগ্রত করে এমন গান।

দেশছাড়া /দেশ্‌ছাড়া/ [স. দেশ+বা. ছাড়া] বিণ. ১ দেশে প্রচলিত রীতিনীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয় এমন। ২ দীর্ঘকাল দেশের বাইরে রয়েছে এমন।

দেশজ /দেশজো/ [স. দেশ+√জন্+অ] বিণ. নিজ দেশে জাত, দেশীয়।

দেশজননী /দেশোজ্‌ননোনি/ [স. দেশ+জননী] বি. জননীরূপ দেশ, দেশমাতা।

দেশজোড়া /দেশ্‌জোড়া/ [স. দেশ+বা. জোড়া] বিণ. দেশব্যাপী পরিব্যাপ্ত (*দেশজোড়া সুনাম*)।

দেশত্যাগ /দেশোত্‌ত্যাগ্/ [স. দেশ+√ত্যজ্+অ] বি. (স্বেচ্ছায় বা বাধ্য হয়ে) নিজ দেশ ছেড়ে অন্যত্র গমন।

দেশত্যাগী /দেশোত্‌ত্যাগি/ [স. দেশ+√ত্যজ্+ইন্] বিণ. স্বেচ্ছায় বা বাধ্য হয়ে নিজ দেশ ছেড়ে অন্যত্র গিয়েছে এমন।

দেশ-দেশান্তর /দেশ্‌দেশান্‌তর্/ [স. দেশ+দেশান্তর]

www.pathagar.com

বি. স্বদেশ ও বিদেশ, বিভিন্ন দেশ।

দেশদ্রোহ /দেশোদ্‌দ্রোহো / [স. দেশ+√দ্রুহ্+অ] বি. রাষ্ট্রের সার্বভৌমত্বের বিরুদ্ধাচরণ।

দেশদ্রোহী /দেশোদ্‌দ্রোহি / [স. দেশ+√দ্রুহ্+ইন্] বিণ. নিজ দেশের অকল্যাণ বা ক্ষতিসাধন করে এমন। বি. **দেশদ্রোহিতা** /দেশোদ্‌দ্রোহিতা /।

দেশনা /দেশনা/ [স. √দিশ্+অন+আ (টাপ্)] বি. নির্দেশ; উপদেশ; শিক্ষা।

দেশপূজ্য /দেশ্‌পুজ্‌জো / [স. দেশ+√পূজ্+য] বিণ. দেশের সর্বসাধারণের শ্রদ্ধা ও ভক্তির যোগ্য।

দেশপ্রসিদ্ধ /দেশোপ্রোশিদ্‌ধো/ [স. দেশ+প্র+ √সিধ্ +ত] বিণ. দেশজোড়া খ্যাতি আছে এমন।

দেশপ্রিয় /দেশোপ্‌প্রিয়ো/ [স. দেশ+প্রিয়] বিণ. দেশবাসীর প্রিয়; দেশের প্রতি অনুরক্ত।

দেশপ্রেম /দেশোপ্‌প্রেম্/ [স. দেশ+প্রেম] বি. স্বদেশের প্রতি ভালোবাসা ও অনুরাগ।

দেশবন্দনা /দেশোবন্‌দোনা / [স. দেশ+ √বন্দ্+অন+ আ (টাপ্)] বি. দেশের স্তুতিকীর্তন।

দেশবন্ধু /দেশোবোন্‌ধু / [স. দেশ+বন্ধু] বি. ১ দেশের মিত্র। ২ দেশপ্রেমের জন্য চিত্তরঞ্জন দাশকে প্রদত্ত উপাধি।

দেশবরেণ্য /দেশোবরেন্‌নো / [স. দেশ+ √বৃ+এণ্য] বিণ. সমগ্র দেশবাসীর নিকট বরণীয় ও সম্মাননীয়।

দেশবাসী /দেশোবাশি/ [স. দেশ+ √বস্+ইন্] বি. দেশের জনগণ। বিণ. দেশে বসবাসকারী।

দেশবিখ্যাত /দেশোবিক্‌খ্যাতো / [স. দেশ+বিখ্যাত] বিণ. দেশপ্রসিদ্ধ।

দেশবিদেশ /দেশ্‌বিদেশ্/ [স. দেশ+বিদেশ] বি. স্বদেশ ও অন্যদেশ।

দেশবিভাগ /দেশ্‌বিভাগ্/[স. দেশ+বিভাগ] বি. পৃথক রাষ্ট্র গঠনের উদ্দেশ্যে রাজনৈতিক সমঝোতার ভিত্তিতে দেশ বিভাজন।

দেশবৈর /দেশোবোইরো /[স. দেশ+বৈর] বিণ. দেশের প্রতি বিরুদ্ধভাবাপন্ন। বি. দেশের প্রতি শত্রুতা।

দেশব্যাপী /দেশোব্‌ব্যাপি / [স. দেশ+বি+ √আপ্+ ইন্] বিণ. সমগ্র দেশে পরিব্যাপ্ত।

দেশব্রতী /দেশোব্‌ব্রোতি / [স. দেশ+ব্রত+ইন্] বিণ. দেশসেবার ব্রত গ্রহণ করেছে এমন।

দেশভক্তি /দেশ্‌ভোক্‌তি/ [স. দেশ+ √ভজ্+তি] বি. দেশের প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা।

দেশভাগ /দেশ্‌ভাগ্/ [স. দেশ+ √ভজ্+অ] বি. দ্র দেশবিভাগ।

দেশময় /দেশোময়্ / [স. দেশ+ময়ট্] বিণ. দ্র দেশ–ব্যাপী।

দেশমাতা /দেশোমাতা/ [স.দেশ+ √মা+তৃ] বি. মাতৃ–রূপা দেশ।

দেশমাতৃকা /দেশোমাতৃকা/ [স. দেশ+মাতৃ+কন্+আ (টাপ্)] বি. মাতৃরূপা জন্মভূমি।

দেশমান্য /দেশোমান্‌নো / [স. দেশ+ √মান্+য] বি. দেশবাসীর শ্রদ্ধা ও ভক্তির পাত্র।

দেশমুখ /দেশ্‌মুখ্/ [স. দেশ+মুখ] বি. ১ দেশের মুখ্য বা প্রধান ব্যক্তি। ২ পদবিবিশেষ।

দেশলাই /দেশ্‌লাই্ / [স. দীপশলাকা >] বি. অমসৃণ প্রলেপযুক্ত কাগজে ঘষে আগুন জ্বালানো যায় এমন মাথায় বারুদযুক্ত সরু কাঠি ও তার বাক্স, দীপশলাকা, দিয়াশলাই, match।

দেশসেবক /দেশ্‌শেবক্/ [স. দেশ+সেবক] বিণ. দেশসেবার কাজে নিয়োজিত, দেশের সেবা করে এমন। বি. যে দেশের কল্যাণের জন্য কাজ করে।

দেশহিত/দেশোহিতো /[স. দেশ+ √ধা+ত] বি. দেশের কল্যাণ।

দেশহিতব্রত /দেশোহিতোব্‌ব্রোতো / [স. দেশহিত+ √বৃ+অত] বি. দেশের কল্যাণসাধনের ব্রত।

দেশহিতব্রতী/দেশোহিতোব্‌ব্রোতি / [স. দেশহিত+ব্রত +ইন্] বিণ. দেশসেবার ব্রত গ্রহণ করেছে এমন।

দেশহিতৈষী /দেশোহিতোইশি/ [স. দেশ+হিত+ইষ্ +ইন্] বিণ. দ্র দেশহিতব্রতী।

দেশাচার /দেশাচার্/ [স. দেশ+আচার] বি. দেশে প্রচলিত লৌকিক আচার।

দেশাত্মবোধ /দেশাত্তোবোধ্/ [স. দেশাত্মন্+বোধ] বি. দেশপ্রেমের বোধ।

দেশাত্মবোধক /দেশাত্তোবোধক্/ [স. দেশাত্মন্+ বোধক] বিণ. দেশপ্রেম জাগ্রত করে এমন।

দেশান্তর /দেশান্‌তর্/ [স. দেশ+অন্তর] বি. ১ অন্য–দেশ, ভিন্নদেশ। ২ মূল মধ্যরেখা অর্থাৎ ০° দ্রাঘিমা (prime meridian) থেকে পূর্ব বা পশ্চিমে অবস্থিত ভূপৃষ্ঠের কোনো স্থানের কৌণিক দূরত্ব, দ্রাঘিমা, longitude।

দেশান্তররেখা /দেশান্‌তররেখা / [স. দেশান্তর+রেখা] বি. দ্রাঘিমা, longitude।

দেশান্তরিত /দেশান্‌তোরিতো/ [স. দেশান্তর+ইত] বিণ. ১ অন্যদেশে বসবাস করে এমন, প্রবাসী। ২ নিজ দেশ থেকে বিতাড়িত।

দেশান্তরী /দেশান্‌তোরি / [স. দেশান্তর+ইন্] বিণ. ১ নিজদেশ ছেড়ে অন্যদেশে বসবাস করে এমন। ২ নিরুদ্দিষ্ট।

দেশাল /দেশাল্/ [বা.] বিণ. ১ দেশজাত, দেশে উৎপন্ন। ২ দেশে প্রচলিত।

www.pathagar.com

দেশি /দেশি/ [স. দৈশিক >] বিণ. ১ দেশজাত, স্বদেশে উৎপন্ন (*দেশি কাপড়*)। ২ স্বদেশে প্রচলিত (*দেশি চালচলন*)। বি. দিবার দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

দেশিক /দেশিক্ / [স. দেশ+ইক] বিণ. দেশসংক্রান্ত; আঞ্চলিক, স্থানীয়, local।

দেশিকোত্তম /দেশিকোত্তম্/ [স. দেশিক+উত্তম] বি. ১ শ্রেষ্ঠ আচার্য; পথনির্দেশক। ২ সমাজে অসামান্য অবদানের স্বীকৃতিস্বরূপ বিশ্বভারতী কর্তৃক প্রদত্ত সম্মানসূচক উপাধি।

দেশিত /দেশিতো/ [স. √দেশি+ত] বিণ. ১ উপদেশ বা আদেশপ্রাপ্ত। ২ নির্ধারিত; নিয়ন্ত্রিত।

দেশিনী /দেশিনি/ [স. √দিশ্+ইন্+ঈ] বি. তর্জনী।

দেশীয় /দেশিয়ো/ [স. দেশ+ঈয়] বিণ. ১ দেশজাত, দেশি (*দেশীয় পণ্য*)। ২ দেশসম্বন্ধীয়। ৩ দেশে প্রচলিত (*দেশীয় রীতি*)।

দেশোয়ালি /দেশোআলি/ [বা.] বি. ১ দেশীয় ভাব। ২ দেশের মানুষ। বিণ. একই দেশ থেকে আগত।

দেশ্য /দেশ্শো/ [স. দেশ+য] বিণ. দ্র দেশীয়।

দেহ[১] /দেহো/ [বা.] ক্রিবি. (কাব্যে) প্রদান করো (*অন্ধজনে দেহো আলো, মৃতজনে দেহো প্রাণ*— রবীন্দ্র.)।

দেহ[২] /দেহো/ [স. √দিহ্+অ] বি. শরীর, কায়া।

দেহকর্তা /দেহোকর্তা/ [স. দেহ+√কৃ+তৃ] বি. ১ সূর্য। ২ ঈশ্বর। ৩ পিতা।

দেহকোষ /দেহোকোশ্/ [স. দেহ+কোষ] বি. ১ প্রাণিদেহ বা উদ্ভিদের সূক্ষ্ম অংশ, cell। ২ ত্বক।

দেহক্ষয় /দেহোক্ষয়্/ [স. দেহ+ক্ষয়] বি. ১ স্বাস্থ্যহানি। ২ মৃত্যু।

দেহগ্রন্থি /দেহোগ্রন্থি/ [স. দেহ+√গ্রন্থ্+ই] বি. দেহমধ্যস্থ রসনিঃসরণকারী কোষ, gland।

দেহচর্চা /দেহোচর্চা/ [স. দেহ+√চর্চ্+অ+আ (টাপ্)] বি. ব্যায়াম ও শরীরচর্চা; যোগসাধনা।

দেহজ /দেহোজো/ [স. দেহ+√জন্+অ] বিণ. ১ দেহ থেকে উৎপন্ন। ২ দেহসম্বন্ধীয়।

দেহতত্ত্ব /দেহোতত্তো/ [স. দেহ+তত্ত্ব] বি. ১ দেহের অঙ্গসংস্থানবিদ্যা, শারীরস্থানবিদ্যা, anatomy। ২ দেহের অঙ্গপ্রত্যঙ্গসম্পর্কিত বিদ্যা, physiology। ৩ দেহের মধ্যেই সকল সত্য নিহিত আছে এমন দার্শনিক মতবাদ।

দেহত্যাগ /দেহোত্ত্যাগ্ /[স. দেহ+ত্যাগ] বি. মৃত্যু, পরলোকগমন।

দেহদান /দেহোদান্ / [স. দেহ+দান] বি. ১ শারীরস্থানবিদ্যায় জ্ঞান অর্জনের জন্য মৃত্যুর পর নিজ দেহ দানের ঘোষণা। ২ মৃত্যু। ৩ যৌন সম্ভোগের জন্য দেহসমর্পণ।

দেহধারণ /দেহোধারোন্ / [স. দেহ+ধারণ] বি. জীবনযাপন, জীবনধারণ।

দেহধারী /দেহোধারি / [স. দেহ+ √ধৃ+ইন্] বিণ. শরীর ধারণ করেছে এমন। স্ত্রী. **দেহধারিণী** /দেহোধারিনি/।

দেহপাত /দেহোপাত্/ [স. দেহ+√পত্+অ] বি. দ্র দেহক্ষয়।

দেহপিঞ্জর /দেহোপিন্জর্/ [স. দেহ+পিঞ্জর] বি. দেহের খাঁচা, শরীরের কাঠামো।

দেহযাত্রা /দেহোজাত্রা/ [স. দেহ+যাত্রা] বি. ১ প্রাণধারণ, জীবনযাপন। ২ মৃত্যু।

দেহরক্ষা /দেহোরোক্খা / [স. দেহ+√রক্ষ্+অ+আ (টাপ্)] বি. মৃত্যু।

দেহরক্ষী /দেহোরোক্খি / [স. দেহ+ √রক্ষ্+ইন্] বি. ব্যক্তিগত নিরাপত্তার জন্য নিযুক্ত অস্ত্রধারী প্রহরী।

দেহলি /দেহোলি / [স. দেহ+ √লা+ই] বি. ১ ঘরের দাওয়া, রোয়াক। ২ চৌকাঠ; চৌকাঠের ওপরের বা নিচের কাঠ।

দেহশ্রী /দেহোস্শ্রি/ [স. দেহ+ √শ্রী+কিপ্] বি. শারীরিক সৌন্দর্য, দেহসৌষ্ঠব।

দেহসৌষ্ঠব /দেহোশৌড়্শ্ঠব্/ [স. দেহ+সৌষ্ঠব] বি. শারীরিক সৌন্দর্য।

দেহা /দেহা/ [স. দেহ >] বি. ১ শরীর। ২ জীবন।

দেহাত /দেহাত্/ [ফা.] বি. পল্লিগ্রাম, পাড়াগাঁ।

দেহাতি /দেহাতি/ [ফা. দেহাত >] বিণ. গ্রামে বাস করে এমন; গ্রামে প্রচলিত এমন, গ্রাম্য, গেঁয়ো।

দেহাতীত /দেহাতিতো/ [স. দেহ+অতীত] বিণ. দেহের সঙ্গে সম্পর্কশূন্য, আত্মিক, আধ্যাত্মিক।

দেহাত্মপ্রত্যয় /দেহাত্তোঁপ্রোত্তয়্/ [স. দেহাত্মন্+প্রত্যয়] বি. দেহই আত্মা এরূপ দার্শনিক মতবাদ।

দেহাত্মবাদ /দেহাত্তোঁবাদ্/ [স. দেহাত্মন্+বাদ] বি. দেহ ও আত্মা অভিন্ন এমন মতবাদ, চার্বাকদর্শন।

দেহাত্মবাদী /দেহাত্তোঁবাদি/ [স. দেহাত্মন্+√বদ্+ইন্] বি. বিণ. চার্বাকদর্শনের অনুসারী।

দেহাত্যয় /দেহাত্তয়্/ [স. দেহ+অত্যয়] বি. দেহত্যাগ, মৃত্যু, জীবনাবসান।

দেহান্ত /দেহান্তো/ [স. দেহ+অন্ত] বি. দেহত্যাগ, মৃত্যু, জীবনাবসান।

দেহান্তর /দেহান্তর্/ [স. দেহ+অন্তর] বি. পুনর্জন্ম; অন্য দেহপ্রাপ্তি।

www.pathagar.com

দেহাবরণ /দেহাবরোন্/ [স. দেহ+আবরণ] বি. গায়ের চাদর, দেহের আচ্ছাদন; পোশাক।

দেহাবশেষ /দেহাবোশেশ্/ [স. দেহ+অবশেষ] বি. ১ মৃতদেহ। ২ দুর্ঘটনায় নিহত ব্যক্তির দেহের ছিন্নভিন্ন অংশ। ৩ চিতাভস্ম।

দেহাবসান /দেহাবোশান্/ [স. দেহ+অবসান] বি. দ্র দেহান্ত।

দেহী /দেহি/ [স. দেহ+ইন্] বিণ. শরীরী, দেহধারী। বি. দেহধারী জীব। স্ত্রী. দেহিনী /দেহিনি/।

দেহোপজীবিনী /দেহোপোজিবিনি/ [স. দেহ+উপ+√জীব্+ইন্+ঈ] বি. যৌনকর্মী।

দৈত্য /দোই্ত্তো/ [স. দিতি+য] বি. ১ পুরাণোক্ত কশ্যপপত্নী দিতির পুত্র, অসুর, দানব। ২ (আল.) অসুর-প্রকৃতির মানুষ।

দৈত্যকুল /দোই্ত্তোকুল্/ [স. দৈত্য+কুল] বি. পৌরাণিকমতে অসুর বা দানবের বংশ।

দৈত্যগুরু /দোই্ত্তোগুরু/ [স. দৈত্য+গুরু] বি. পৌরাণিকমতে দৈত্যদের গুরু, শুক্রাচার্য।

দৈত্যমাতা /দোই্ত্তোমাতা/ [স. দৈত্য+মাতা] বি. পুরাণোক্ত কশ্যপ মুনির পত্নী দিতি।

দৈত্যাকৃতি /দোই্ত্তাক্কৃতি/ [স. দৈত্য+আ+√কৃ+তি] বিণ. দৈত্যের মতো ভয়ংকর আকারবিশিষ্ট।

দৈত্যারি /দোই্ত্তারি/ [স. দৈত্য+অরি] বি. ১ দৈত্য বংশের শত্রু; দেবতা। ২ বিষ্ণু।

দৈন[১] /দোই্নো/ [স. দিন+অ] বিণ. দিবসসংক্রান্ত; দৈনিক, প্রাত্যহিক; দিবসের।

দৈন[২] /দোই্নো/ [স. দীন+অ] বি. দারিদ্র্য, দীনতা।

দৈনন্দিন /দোই্নোন্দিন্/ [স. দিন+দিন+অ] বিণ. প্রতিদিনের, দৈনিক, নিত্যনৈমিত্তিক।

দৈনিক /দোই্নিক্/ [স. দিন+ইক] বিণ. প্রতিদিন করতে হয় বা ঘটে এমন, প্রাত্যহিক। বি. প্রত্যহ প্রকাশিত হয় এমন সংবাদপত্র।

দৈন্য /দোই্ন্নো/ [স. দীন+য] বি. ১ দীনতা; অভাব (*বুদ্ধির দৈন্য*)। ২ দুরবস্থা। ৩ কৃপণতা। ৪ সংকীর্ণতা। ৫ হীনতা। ৬ অপরাধ। ৭ ভয়।

দৈন্যদশা /দোই্ন্নোদশা/ [স. দৈন্য+দশা] বি. আর্থিক অনটন, দারিদ্র্য; দুরবস্থা।

দৈন্যপীড়িত /দোই্ন্নোপিড়িতো/ [স. দৈন্য+পীড়িত] বিণ. আর্থিক অনটনে বিপর্যস্ত।

দৈব /দোই্বো/ [স. দেব+অ] বিণ. ১ অলৌকিক। ২ দেবতাসম্বন্ধীয়। ৩ অপ্রত্যাশিত। ৪ বুদ্ধির অগম্য। বি. অদৃষ্ট।

দৈবকী /দোই্বোকি/ [স. দেবক+ই+ঈ] বি. বসুদেব-পত্নী, শ্রীকৃষ্ণের মাতা, দেবকী।

দৈবক্রমে /দোই্বোক্ক্রোমে/ [স. দৈবক্রম+বা. এ] ক্রিবিণ. ভাগ্যক্রমে, দৈবাৎ, হঠাৎ।

দৈবগতিকে /দোই্বোগোতিকে/ [স. দৈবগতিক+বা. এ] ক্রিবিণ. দ্র দৈবক্রমে।

দৈবঘটনা /দোই্বোঘটোনা/ [স. দৈব+ঘটনা] বি. ১ অলৌকিক ঘটনা। ২ হঠাৎ সংঘটিত ব্যাপার।

দৈবচয়ন /দোই্বোচয়োন্/ [স. দৈব+চয়ন] বি. অপরিকল্পিত ও যদৃচ্ছভাবে সংগ্রহ; (পরি.) random selection।

দৈবজ্ঞ /দোই্বোগ্গোঁ/ [স. দৈব+√জ্ঞা+অ] বি. যে ব্যক্তি ভাগ্য গণনা করে। বিণ. ভাগ্যগণনাকারী।

দৈবত /দোই্বত্/ [স. দেবতা+অ] বি. দেব, দেবতা; দেবগণ। বিণ. দেবতাসম্বন্ধীয়।

দৈবদুর্বিপাক /দোই্বোদুরবিপাক্/ [স. দৈব+দুর্বিপাক] বি. ১ যে ঘটনা মনুষ্যকৃত নয়। ২ অদৃষ্টের কল্পিত মন্দ পরিণাম।

দৈবদোষ /দোই্বোদোশ্/ [স. দৈব+দোষ] বি. ভাগ্যবিড়ম্বনা।

দৈববশত /দোই্বোবশোতো/ [স. দৈব+√বশ্+তস্] ক্রিবিণ. ভাগ্যক্রমে, ঘটনাক্রমে।

দৈববশে /দোই্বোবশে/ [স. দৈববশ+বা. এ] ক্রিবিণ. দ্র দৈববশত।

দৈববাণী /দোই্বাবানি/ [স. দৈব+বাণী] বি. লোক-বিশ্বাসমতে আকাশ থেকে প্রাপ্ত বাণী।

দৈববিড়ম্বনা /দোই্বোবিড়ম্বনা/ [স. দৈব+বিড়ম্বনা] বি. ভাগ্যের প্রতিকূলতা, ভাগ্যবিপর্যয়।

দৈবযোগে /দোই্বোজোগে/ [স. দৈবযোগ+বা. এ] ক্রিবিণ. ঘটনাচক্রে, ভাগ্যক্রমে।

দৈবশক্তি /দোই্বোশোক্তি/ [স. দৈব+√শক্+তি] বি. অলৌকিক শক্তি।

দৈবাগত /দোই্বাগতো/ [স. দৈব+আগত] বিণ. দেবতার অনুগ্রহে আগত; হঠাৎ উপস্থিত।

দৈবাৎ /দোই্বাত্/ [স. দৈব+আৎ] ক্রিবিণ. আকস্মিক-ভাবে, ঘটনাচক্রে।

দৈবিক /দোই্বিক্/ [স. দেব+ইক] বিণ. দেবতা-সম্পর্কিত, দৈবঘটিত। ক্রিবিণ. দৈবক্রমে, দৈবাৎ।

দৈবী /দোই্বি/ [স. দেব+অ+ঈ] বিণ. দেবতাকৃত; দেবতাসম্বন্ধীয়। ক্রিবিণ. দৈবক্রমে।

দৈবী বাক্ /দোই্বি বাক্/ বি. সংস্কৃত ভাষা।

দৈবী শক্তি /দোই্বি শোক্তি/ বি. অলৌকিক শক্তি।

দৈবে /দোই্বে/ [স. দৈব+বা. এ] ক্রিবিণ. দৈবক্রমে।

www.pathagar.com

দৈব্য /দোইব্‌বো / [স. দেব+য] বিণ. দেবতাবিষয়ক। বি. ভাগ্য, অদৃষ্ট।

দৈর্ঘ্য /দোইরঘো / [স. দীর্ঘ+য] বি. ১ লম্বা দিকের মাপ, লম্বাই। ২ দীর্ঘতা (*কাপড়ের দৈর্ঘ্য*)।

দৈশিক /দোইশিক্‌/ [স. দেশ+ইক] বিণ. ১ দেশে উৎপন্ন, দেশীয়। ২ দেশসম্বন্ধীয়।

দৈহিক /দোইহিক্‌/ [স. দেহ+ইক] বিণ. দেহের সঙ্গে সম্পর্কযুক্ত, শারীরিক।

দৈহিকতা /দোইহিকতা/ [স. দৈহিক+তা] বি. দেহের সঙ্গে সম্পর্ক।

দো– /দো/ [স. দ্বি >] বিণ. দুই সংখ্যক (*দোটানা*)।

দো–আঁশ /দোআঁশ্‌/ [বা.] বিণ. এঁটেল ও বেলে মাটির মিশ্রণে সৃষ্ট।

দো–আঁশলা /দোআঁশ্‌লা/ [ফা.] বিণ. ১ দুটি ভিন্ন প্রজাতির মিশ্রণজাত, বর্ণসংকর। ২ এঁটেল ও বেলে মাটির মিশ্রণে সৃষ্ট।

দোঁহা[১] /দোঁহা/ [স. দ্বি >] বি. ১ বাংলা চর্যাপদ। ২ প্রাচীন বাংলার অপভ্রংশ ও মধ্যযুগের হিন্দিতে রচিত দুই চরণবিশিষ্ট পদ (*কবীরের দোঁহা*)।

দোঁহা[২] /দোঁহা/ [ব্রজ.] সর্ব. দুজন, উভয়।

দোঁহাকার /দোঁহাকার/ [ব্রজ. দোঁহা >] সর্ব. উভয়ের, দুজনের।

দোঁহে /দোঁহে/ [ব্রজ.] সর্ব. উভয়ে, দুজনে (*স্বপনে দোঁহে ছিনু কী মোহে*, রবীন্দ্র.)।

দোকলা /দোকলা/ [বা.] বিণ. বি. দ্র দোকা।

দোকা /দোকা/ [হি. দুক্কা >] বিণ. একসঙ্গে দুজন। বি. দ্বিতীয় জন।

দোকান /দোকান্‌/ [ফা.] বি. যে গৃহ থেকে পণ্য-সামগ্রী ক্রয় করা যায়, বিপণি, পণ্যশালা।

দোকান করা /দোকান্‌ করা/ ক্রিবি. ১ ক্রয়বিক্রয়ের জন্য দোকান দেওয়া (*কাপড়ের দোকান করা*)। ২ পণ্যদ্রব্য কেনা।

দোকান খোলা /দোকান্‌ খোলা/ ক্রিবি. ১ দোকান বসানো। ২ দোকানে কেনাবেচার কাজ শুরু করা, দোকানের পাট খোলা।

দোকানদার /দোকান্‌দার্‌/ [ফা.] বি. দোকানের মালিক, পণ্য বিক্রেতা।

দোকানদারি /দোকান্‌দারি/ [ফা.] বি. ১ দোকান-দারের বৃত্তি। ২ দোকানদারসুলভ আচরণ।

দোকান দেওয়া /দোকান্‌ দেওআ/ ক্রিবি. দোকান স্থাপন করা।

দোকানপাট /দোকান্‌পাট্‌/ [ফা. দোকান+বা. পাট] বি. দোকান এবং দোকানে রাখা পণ্যসামগ্রী।

দোকানহাট /দোকান্‌হাট্‌/ [ফা. দোকান+হি. হাট] বি. হাটবাজার ও পণ্যশালা।

দোকানি /দোকানি/ [ফা.] বি. দ্র দোকানদার।

দোক্তা /দোক্‌তা/ [দেশি.] বি. ১ তামাক গাছের শুকনো পাতা। ২ মাদকরূপে খাওয়া হয় এমন পানের সঙ্গে মসলা মেশানো শুকনো তামাকপাতার গুঁড়ো।

দোগ্ধা /দোগ্‌ধা/ [স. √দুহ্‌+তৃ] বিণ. গবাদিপশুর দুধ দোহনকারী, দোহক। বি. ১ গোয়ালা। ২ বাছুর।

দোচালা /দোচালা/ [বা.] বিণ. দুইচালবিশিষ্ট (*দোচালা ঘর*)। বি. দুই চালবিশিষ্ট ঘর।

দোছতরি /দোছোত্‌রি/ [বা.] বি. ঘরের বড়ো ছাদের নিচে নির্মিত ছোটো ছাদ, false ceiling।

দোছুট /দোছুট্‌/ [বা.] বি. দ্বিতীয় বস্ত্র, উত্তরীয়।

দোজখ /দোজোখ্‌/ [ফা.] বি. ইসলাম ধর্মমতে মৃত্যুর পরে পাপীদের শাস্তি ভোগের স্থান, নরক।

দোজবর /দোজোবর্‌/ [হি.] বিণ. দ্বিতীয়বার বিয়ে করেছে এমন। বি. দ্বিতীয়বার বিবাহার্থী পুরুষ।

দোজবরে /দোজোবোরে / [বা.] বিণ. বি. দ্র দোজবর।

দোটানা /দোটানা/ [বা.] বি. বিপরীতধর্মী দুটি ভিন্ন বস্তু বা দিকের প্রতি আকর্ষণজনিত দ্বিধা।

দোতরফা /দোতর্‌ফা/ [আ. তরফ >] বিণ. উভয় পক্ষীয়; উভয় পক্ষসম্বন্ধীয়।

দোতলা /দোতলা/ [বা.] বিণ. দুই তলবিশিষ্ট (*দোতলা বাড়ি*)। বি. পাকা বাড়ির দ্বিতীয় তল।

দোতালা /দোতালা/ [বা.] বিণ. বি. দ্র দোতলা।

দোতারা /দোতারা/ [বা.] বি. লোকগীতির সঙ্গে টোকা দিয়ে বাজানো হয় এমন তারযন্ত্র। বিণ. দুই তারবিশিষ্ট।

দোথরি /দোথোরি / [বা.] বিণ. দুই থাক বা স্তরবিশিষ্ট।

দোদমা /দোদমা/ [দেশি.] বি. যে পটকা ফাটালে দুবার আওয়াজ হয়।

দোদুল /দোদুল্‌/ [স. দোদুল্যমান >] বিণ. দুলছে এমন।

দোদুল্যমান /দোদুল্‌লোমান্‌/ [স. √দোদুল্য+মান (শানচ্‌)] বিণ. ১ অনবরত দুলছে এমন। ২ দ্বিধাগ্রস্ত ভাবযুক্ত।

দোধারি /দোধারি/ [বা.] বিণ. দুদিকে ধার আছে এমন, উভয় প্রান্ত ধারালো এমন।

দোনলা /দোনলা/ [বা.] বিণ. দুটি নল বা চোঙ আছে এমন (*দোনলা বন্দুক*)। বি. দুই নলবিশিষ্ট বন্দুক।

দোনা /দোনা/ [হি.] বি. ১ পানের খিলি রাখার কলাপাতার আধার। ২ পানের খিলি।

www.pathagar.com

দোনালা /দোনালা / [বা.] বিণ. বি. দ্র দোনলা।

দোপড়া /দোপড়া/ [বা.] বি. গায়েহলুদের পর বিয়ে ভেঙে গেছে এমন কনের অন্যত্র বিবাহ। বিণ. পুনর্ব্বার বিবাহিতা।

দোপাটি /দোপাটি/ [স. দ্বিপুটি >] বি. ভারতীয় উপমহাদেশে গ্রীষ্ম ও বর্ষা ঋতুতে ফোটে এমন সাদা গোলাপি বেগুনি প্রভৃতি রঙের চোঙাকৃতি সুগন্ধ ফুল বা তার বীরুৎশ্রেণির পত্রনিবিড় উদ্ভিদ।

দোপাট্টা /দোপাট্টা/ [স. দ্বিপট্ট >] বিণ. ১ দুই ভাগে বিভক্ত; দুই স্তরে বিন্যস্ত (*দোপাট্টা দাড়ি*)। ২ লম্বালম্বি জোড়া দেওয়া হয়েছে এমন। বি. ১ উত্তরীয়, উড়ানি। ২ সালোয়ার-কামিজের সঙ্গে পরিধেয় ছোটো উত্তরীয়।

দোপেঁয়াজা /দোপেঁআজা / [ফা.] বি. বেশি পেঁয়াজ সহযোগে কম ঝোলে রাঁধা মাছ বা মাংসের ব্যঞ্জন।

দোপেঁয়াজি /দোপেঁআজি / [ফা.] বি. দ্র দোপেঁয়াজা।

দোপেয়ে /দোপেয়ে / [বা.] বিণ. দুটি পা আছে এমন; দুটি পায়াবিশিষ্ট।

দোফলা /দোফলা / [বা.] বিণ. ১ বছরে দুবার ফল দেয় এমন। ২ দুটি ফলাযুক্ত।

দোফসলি /দোফশোলি / [ফা.] বিণ. বছরে দুবার ফসল উৎপাদিত হয় এমন (*দোফসলি জমি*)।

দোফাল /দোফাল্ / [বা.] বিণ. দুই ফালিতে খণ্ডিত।

দোফালি /দোফালি / [বা.] বিণ. দ্র দোফাল।

দোবজা /দোব্জা / [অজ্ঞা.] বি. রেশমি কাপড়ের উত্তরীয়বিশেষ; পুরু চাদরবিশেষ।

দোবারা /দোবারা / [হি.] বিণ. দুবার পরিশুত। বি. দুবার পরিশুত দানাদার সাদা চিনি।

দোভাষী /দোভাশি/ [বা. দো+স. ভাষী] বি. দুজন ভিন্নভাষী লোক কথা বলার সময় যে ব্যক্তি উভয়ের ভাষা অনুবাদ করে দেয়; দুটি ভাষায় পারদর্শী ব্যক্তি। বিণ. দুটি ভাষা জানে এমন (*দোভাষী পণ্ডিত*); দুভাষী, interpreter।

দোমড়ানো /দোম্ড়ানো/ [বা.] ক্রিবি. মুচড়ে দেওয়া। বিণ. বাঁকানো।

দোমনা /দোমোনা / [বা.] বিণ. ১ দুটি ভিন্ন বিষয়ে মন আকৃষ্ট এমন, দ্বিধাগ্রস্ত। ২ অস্থিরচিত্ত।

দোমহলা /দোমহোলা / [ফা. দো+আ. মহলা] বিণ. দুই মহলবিশিষ্ট (*দোমহলা বাড়ি*)। বি. দোতলা বাড়ি।

দোমালা /দোমালা / [বা.] বিণ. (নারকেলসম্বন্ধে) আধপাকা।

দোমেটে /দোমেটে / [বা.] বিণ. প্রথমবার লেপনের পর দ্বিতীয়বার মাটির প্রলেপ দেওয়া হয়েছে এমন।

দোয়া /দোআ / [আ.] বি. প্রার্থনা, আশীর্বাদ, মঙ্গল-কামনা, শুভেচ্ছা।

দোয়াজদহম /দোআজ্দহম্ / [ফা.] বিণ. বারোই, ১২ তারিখের (*ফাতেহা দোয়াজদহম*)।

দোয়াড়ি /দোআড়ি / [অজ্ঞা.] বি. মাছ ধরার বাঁশের ছিপবিশেষ।

দোয়াত /দোআত্ / [আ.] বি. (অধুনালুপ্ত) লেখার কালি রাখার ছোটো আধারবিশেষ, মস্যাধার।

দোয়াদরুদ /দোআদোরুদ্ / [আ. দোয়া+ফা. দরুদ] বি. আল্লাহর প্রশংসা এবং হজরত মুহম্মদ (সা.)-এর ওপর আল্লাহর অনুগ্রহ কামনা।

দোয়ানো /দোআনো / [বা.] ক্রিবি. দোহন করা।

দোয়াব /দোআব্ / [ফা.] বি. ১ দুটি নদীর মধ্যবর্তী অঞ্চল। ২ দুটি নদীবিধৌত অঞ্চল।

দোয়ার /দোআর্ / [স. ধ্রুবকার >] বি. যে ব্যক্তি মূল গায়কের সুরে ধুয়া ধরে গান করে; মূল গায়কের সহকারী।

দোয়ারকি /দোআর্কি / [স. ধ্রুবকার >] বি. দ্র দোয়ার।

দোয়ারি /দোআরি / [স. ধ্রুবকার >] বি. দ্র দোয়ার।

দোয়েল /দোয়েল্ / [বা.] বি. ভারতীয় উপমহাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিচরণ করে এমন লম্বা ঠোঁট ও চোখা লেজবিশিষ্ট সাদাকালো ছোটো গায়কপাখি, বাংলাদেশের জাতীয় পাখি।

দোর /দোর্ / [স. দ্বার >] বি. প্রবেশ ও বহির্গমনের পথ, দরজা, দ্বার, দুয়ার (*ভোর হল /দোর খোলো* নজরুল.)।

দোরগোড়া /দোর্গোড়া / [বা.] বিণ. দরজাসংলগ্ন। বি. দরজার সামনের দিক।

দোরঙা /দোরঙা / [বা.] বিণ. দুরঙের (*দোরঙা শাল*)।

দোরমা /দোর্মা / [দেশি.] বি. দ্র দোলমা।

দোররা /দোর্রা / [আ.] বি. চাবুক, কশা।

দোরসা /দোরশা / [আঞ্চ.] বিণ. ১ আধপচা (*দোরসা মাছ*)। ২ দো-আঁশলা (*দোরসা জমি*)। ৩ মিঠেকড়া (*দোরসা তামাক*)।

দোরোখা /দোর্খা / [ফা.] বিণ. (কাপড়ের) দুপিঠে অভিন্ন কারুকার্যবিশিষ্ট (*দোরোখা শাল*)।

দোর্দণ্ড /দোর্দন্ড়ো / [স. দোস্+দণ্ড] বি. দণ্ডতুল্য বাহু। বিণ. দুর্দান্ত, প্রবল পরাক্রমশালী।

দোর্দণ্ডপ্রতাপ /দোর্দন্ড়োপ্রোতাপ্ / [স. দোর্দণ্ড+প্রতাপ] বিণ. প্রবল পরাক্রমশালী, প্রতাপশালী।

www.pathagar.com

দোর্দণ্ডশাসন /দোর্‌দন্‌ডোশাশোন্‌/ [স. দোর্দণ্ড+ শাসন] বি. প্রবল প্রতাপশালী শাসকের শাসন।

দোল /দোল্‌/ [স. √দুল্‌+অ] বি. ১ দোলন, দোলা; আন্দোলন (*দোল দেওয়া*)। ২ ফাল্গুনি পূর্ণিমায় উদ্‌যাপিত বসন্তোৎসব, হোলি উৎসব। ৩ ধান গম প্রভৃতি রাখার জন্য ব্যবহৃত বাঁশের পাতলা ফালি দিয়ে তৈরি আধারবিশেষ।

দোলক /দোলোক্‌/ [স. √দুল্‌+অক] বি. মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে স্বাধীনভাবে দুলতে পারে এমন কোনো নির্দিষ্ট বিন্দু থেকে ঝোলানো সুতোর সঙ্গে যুক্ত ভারী চাকতি (bob), pendulum।

দোলদুর্গোৎসব /দোলদুর্‌গোত্‌শব্‌/ [স. দোল+ দুর্গা +উৎসব] বি. দোল ও দুর্গাপূজা উপলক্ষ্যে পালিত উৎসব।

দোলন /দোলোন্‌/ [স. √দুল্‌+অন] বি. ১ কম্পন; আন্দোলন। ২ ঝুলন।

দোলনকাল /দোলোন্‌কাল্‌/ [স. দোলন+কাল] বি. দোলকের সঞ্চালনকালে কোনো নির্দিষ্ট বিন্দু অতিক্রম করে একই দিক থেকে আবার সেই বিন্দুতে ফিরে আসার সময়ের ব্যবধান; (পরি.) period of oscillation।

দোলনচাঁপা /দোলোন্‌চাঁপা/ [স. দোলন+বা. চাঁপা] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং স্যাঁতসেঁতে ছায়াঘেরা স্থানে বর্ষাকালের সন্ধ্যায় থোকায় থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার কালচে লম্বাটে পাতা এবং রাইজোমসদৃশ (rhizome) ফাঁপা কাণ্ড-বিশিষ্ট বহুবর্ষজীবী বীরুৎশ্রেণির শোভাবর্ধক উদ্ভিদ।

দোলনশীল /দোলোন্‌শিল্‌/ [স. দোলন+ √শীল্‌+অ] বিণ. দুলছে এমন, দোলায়মান।

দোলনা /দোল্‌না/ [স. দোলন >] বি. গাছের ডাল বা ধাতব ফ্রেম থেকে রশি বেঁধে ঝোলানো দোল খাওয়ার আসন।

দোলপূর্ণিমা /দোল্‌পুর্‌নিমা/ [স. দোল+পূর্ণিমা] বি. ফাল্গুনি পূর্ণিমায় উদ্‌যাপিত উৎসব, হোলি উৎসব, বসন্তোৎসব।

দোলমঞ্চ /দোল্‌মন্‌চো/ [স. দোল+মঞ্চ] বি. দোল-যাত্রা উপলক্ষ্যে যে বেদির ওপর রাধাকৃষ্ণের দোলা ঝোলানো হয়।

দোলমা /দোল্‌মা/ [দেশি.] বি. মাছ বা মাংসের পুর দেওয়া পটোলের ব্যঞ্জনবিশেষ।

দোলযাত্রা /দোল্‌জাত্‌রা/ [স. দোল+যাত্রা] বি. শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব।

দোলা[১] /দোলা/ [স. √দুল্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ দোলনা। ২ মনুষ্যবাহিত শিবিকাবিশেষ। ৩ মৃতদেহ বহনের খাটুলিবিশেষ।

দোলা[২] /দোলা/ [বা.] ক্রিবি. ১ আন্দোলিত হওয়া; দোল খাওয়া। ২ (আল.) দ্বিধাদ্বন্দ্বে পড়া।

দোলাই /দোলাই/ [হি.] বি. দুই স্তর কাপড় এক-সঙ্গে সেলাই করে তৈরি শীতবস্ত্রবিশেষ; মোটা শীতবস্ত্রবিশেষ।

দোলাচলচিত্ত /দোলাচল্‌চিত্‌তো/ [স. দোলাচল+ √চিৎ+ত] বিণ. ১ অস্থিরচিত্ত, চঞ্চল। ২ দ্বিধান্বিত।

দোলানো /দোলানো/ [বা.] ক্রিবি. দোল দেওয়া; আন্দোলিত করা।

দোলায়মান /দোলায়োমান্‌/ [স. √দোলায়্‌+মান (শানচ্‌)] বিণ. ১ দুলছে এমন, দোদুল্যমান। ২ সংশয়াপন্ন, দ্বিধাগ্রস্ত; সন্দিহান। স্ত্রী. দোলায়মানা /দোলায়োমানা/।

দোলায়িত /দোলায়িতো/ [স. √দোলায়্‌+ত] বিণ. দোলানো হয়েছে বা দুলছে এমন।

দোলায়িতচিত্ত /দোলায়িতোচিত্‌তো/ [স. দোলায়িত +√চিৎ+ত] বি. সংশয়াপন্ন বা দ্বিধাগ্রস্ত চিত্ত।

দোলিকা /দোলিকা/ [স. দোলী+কন্‌+আ (টাপ্‌)] বি. ডুলি, পালকি, ছোটো শিবিকা।

দোলিত /দোলিতো/ [স. √দোলি+ত] বিণ. ১ দোলানো হয়েছে এমন। ২ আন্দোলিত।

দোশাল /দোশাল্‌/ [ফা.] বি. দ্র দোশালা।

দোশালা /দোশালা/ [ফা.] বি. এক জোড়া শাল, দুই প্রস্থ শাল; শীতনিবারণের বস্ত্র।

দোষ /দোশ্‌/ [স. √দোষ্‌+অ] বি. ১ অন্যায়, অপরাধ; অনৈতিক কাজ (*দোষ করা*)। ২ ত্রুটি, খুঁত (*দোষ ধরা*)। ৩ কুঅভ্যাস (*পানদোষ*)। ৪ ফের, কুপ্রভাব (*গ্রহের দোষ*)। ৫ ক্ষতি। ৬ দ্বেষ। ৭ নিন্দা। ৮ পাপ। ৯ (আয়ু.) বায়ু পিত্ত কফ (*ত্রিদোষ*)।

দোষকীর্তন /দোশ্‌কির্‌তন্‌/ [স. দোষ+কীর্তন] বি. অন্যের দোষত্রুটির প্রচার, নিন্দাবাদ।

দোষক্ষালন /দোশ্‌খালোন্‌/ [স. দোষ+ক্ষালন] বি. অপরাধ মোচন; ত্রুটি সংশোধন।

দোষগ্রাহী /দোশোগ্‌গ্রাহি/ [স. দোষ+√গ্রহ্‌+ইন্‌] বিণ. অন্যের দোষ খোঁজে এমন, ছিদ্রান্বেষী।

দোষজ্ঞ /দোশোগ্‌গোঁ/ [স. দোষ+√জ্ঞা+অ] বিণ. দোষগুণ বিচার করতে সক্ষম। বি. ১ পন্ডিত। ২ চিকিৎসক, বৈদ্য।

দোষণ /দোশোন্‌/ [স. √দোষ্‌+অন] বি. অপরের দোষত্রুটি নির্দেশ।

দোষত্রয় /দোশোত্‌ত্রয়্‌/ [স. দোষ+√ত্রি+অয়] বি. ১ শরীরের তিন প্রকার দোষ (বাত পিত্ত ও কফ)। ২ মানবচরিত্রের রিপুত্রয় (ক্রোধ দ্বেষ ও মোহ)।

দোষদর্শী /দোশোদোর্‌শি/ [স. দোষ+√দৃশ্‌+ইন্‌]

www.pathagar.com

বিণ. দ্র দোষগ্রাহী।

দোষ দেওয়া /দোশ্ দেওআ/ ক্রিবি. অন্যের নিন্দা করা; অন্যের চরিত্রে কলঙ্ক লেপন করা।

দোষবোধ /দোশোবোধ্/ [স. দোষ+√বুধ্+অ] বি. নিজ দোষ ও স্বভাব সম্পর্কে সচেতনতা।

দোষল /দোশল্/ [স. দোষ+ল] বিণ. দোষযুক্ত।

দোষা[১] /দোশা/ [স. দোষ >] ক্রিবি. দোষারোপ করা।

দোষা[২] /দোশা/ [স. √দুষ্+অ+আ (টাপ্)] বি. রাত।

দোষা[৩] /দোশা/ [স. দোস্+আ (টাপ্)] বি. বাহু।

দোষাকর /দোশাকর্/ [স. দোষা+√কৃ+অ] বিণ. বহুদোষযুক্ত। বি. চাঁদ।

দোষাতন /দোশাতন্/ [স. দোষা+তন] বিণ. রাত্রিকালীন।

দোষানো /দোশানো/ [বা.] ক্রিবি. দোষ দেওয়া।

দোষাবহ /দোশাবহো/ [স. দোষ+আবহ] বিণ. ১ দোষযুক্ত। ২ অপরাধজনক।

দোষারোপ /দোশারোপ্/ [স. দোষ+আরোপ] বি. দোষ অর্পণ, দোষ প্রদর্শন।

দোষাশ্রিত /দোশাস্শ্রিতো/ [স. দোষ+আশ্রিত] বিণ. দোষযুক্ত, দোষান্বিত।

দোষী /দোশি/ [স. দোষ+ইন্] বিণ. দোষ করেছে এমন, অপরাধী। স্ত্রী. দোষিণী /দোশিনি/।

দোষী করা /দোশি করা/ ক্রিবি. দায়ী করা।

দোষৈকদর্শী /দোশোই্কোদোর্শি/ [স. দোষ+এক+√দৃশ্+ইন্] বিণ. কেবল দোষ খোঁজে এমন।

দোষৈকদৃক /দোশোই্কোদৃক্/ [স. দোষ+এক+√দৃক্+অ] বিণ. দ্র দোষৈকদর্শী।

দোসর /দোশর্/ [হি.] বি. বিণ. সঙ্গী, সহচর, সহায়, সমান দ্বিতীয়; অপকর্মের সহযোগী।

দোসরা /দোশোরা/ [হি.] বিণ. ১ দ্বিতীয়। ২ অন্য, অপর। বি. মাসের দুই তারিখ (*দোসরা পৌষ*)।

দোসারি /দোশারি/ [হি. দোসরা >] বি. দুই পঙ্‌ক্তি; দুই থাক বা শ্রেণি।

দোসালা /দোশালা/ [ফা.] বিণ. দুই বছরব্যাপী ঘটে এমন, দ্বিবার্ষিক (*দোসালা পরিকল্পনা*)। বি. দুই বৎসরের ইজারা।

দোসুতি /দোশুতি/ [বা.] বিণ. দুরকম সুতোয় বোনা হয়েছে এমন। বি. দুরকম সুতোয় বোনা কাপড়।

দোস্ত /দোস্তো/ [ফা.] বি. বন্ধু, সুহৃদ, মিত্র।

দোস্তি /দোস্তি/ [ফা.] বি. বন্ধুত্ব, সখ্য।

দোহ /দোহো/ [স. √দুহ্+অ] বি. ১ দোহনের পাত্র, দুধের ভাঁড়। ২ দুধ।

দোহক /দোহক্/ [স. √দুহ্+অক] বি. যে দোহন করে। বিণ. ১ দোহনকারী। ২ (আল.) শোষণকারী।

দোহজ /দোহজো/ [স. দোহ+√জন্+অ] বিণ. দোহন করে প্রাপ্ত। বি. দুধ।

দোহদ /দোহোদ্/ [স. দোহ+√দা+অ] বি. ১ গর্ভবতী নারীর সাধ, গর্ভিণীর ভোজনস্পৃহা। ২ গর্ভ।

দোহদদান /দোহোদ্‌দান্/ [স. দোহদ+দান] বি. গর্ভবতী নারীকে তাঁর ইচ্ছানুযায়ী বিভিন্ন খাদ্য পরিবেশনের সংস্কার, সাধ খাওয়ার অনুষ্ঠান।

দোহদবতী /দোহোদ্‌বোতি/ [স. দোহদ+বৎ+ঈ] বি. বিশেষ কোনো খাদ্য খেতে আগ্রহী গর্ভবতী নারী।

দোহদলক্ষণ /দোহোদ্‌লোক্‌খোন্/ [স. দোহদ+লক্ষণ] বি. গর্ভলক্ষণ।

দোহন /দোহোন্/ [স. √দুহ্+অন] বি. ১ দুধ দোহনের কাজ। ২ (আল.) অর্থাদি আত্মসাৎকরণ।

দোহনপাত্র /দোহোন্‌পাত্‌রো/ [স. দোহন+পাত্র] বি. দুধ দোয়ানোর পাত্র।

দোহনী /দোহোনি/ [স. দোহন+ঈ] বি. ১ দোহন-কারিণী। ২ দুধ দোহনের পাত্র।

দোহনীয় /দোহোনিয়ো/ [স. √দুহ্+অনীয়] বিণ. দোহন করার উপযুক্ত, দোহনযোগ্য।

দোহরানো /দোহোরানো/ [হি.] ক্রিবি. ১ পালটানো। ২ পুনরাবৃত্তি করা।

দোহা /দোহা/ [বা.] ক্রিবি. দোহন করা। বিণ. দোহন করা হয়েছে এমন।

দোহাই /দোহাই্/ [হি.] বি. ১ শপথ, দিব্য, কিরা। ২ অজুহাত, ছুতা (*অসুস্থতার দোহাই*)। ৩ অনুরোধসূচক শব্দ (*দোহাই একটু চুপ করো*)।

দোহাতিয়া /দোহাতিআ/ [বা.] বিণ. ১ দুই হাত আছে এমন। ২ দুই হাত দিয়ে আঘাত করা হয়েছে এমন। ৩ দুই হাত লম্বা।

দোহানো /দোহানো/ [বা.] ক্রিবি. দোহন করা; দোহন করানো। বিণ. দোহন করা হয়েছে এমন।

দোহার /দোহার্/ [স. ধ্রুবকার >] বি. যে গায়ক মূল গায়কের সঙ্গে ধুয়া ধরে।

দোহারকি /দোহারকি/ [বা.] বি. দোহারের কাজ।

দোহারা /দোহারা/ [বা.] বিণ. ১ স্থূল ও কৃশের মাঝামাঝি (*দোহারা চেহারা*); সুঠাম। ২ দুই ভাঁজ-বিশিষ্ট। ৩ দ্বিগুণ।

দোহারি /দোহারি/ [স. ধ্রুবকার >] বি. দ্র দোহারকি।

দোহাল /দোহাল্/ [বা.] বিণ. ১ দোহনকারী, দোহক। ২ দুধ দেয় এমন।

দোহ্য /দোজ্‌ঝো/ [স. √দুহ্+য] বিণ. দোহনযোগ্য।

www.pathagar.com

দৌড় /দৌড়্/ [আ.] বি. ১ বেগে গমন; প্রতিযোগিতামূলক ধাবন (*দৌড় প্রতিযোগিতা*)। ২ বেগে পলায়ন (*দৌড় মারা*)। ৩ ক্ষমতা; সীমা (*বিদ্যার দৌড়*)।

দৌড়ঝাঁপ /দৌড়্ঝাঁপ্/ [আ. দৌড়+বা. ঝাঁপ] বি. ১ ধাবন ও লম্ফন। ২ লাফালাফি; ব্যস্ততার সঙ্গে ছোটাছুটি বা দৌড়াদৌড়ি (*দৌড়ঝাঁপ করা*)।

দৌড় দেওয়া /দৌড়্ দেওআ/ ক্রিবি. ১ ছুটে যাওয়া। ২ বেগে পলায়ন করা।

দৌড় মারা /দৌড়্ মারা/ ক্রিবি. দ্র দৌড় দেওয়া।

দৌড়া /দৌড়্া/ [আ. দৌড় >] ক্রিবি. ছোটা; দ্রুত গমন করা; বেগে ধাবিত হওয়া।

দৌড়াদৌড়ি /দৌড়্াদৌড়ি/ [আ. দৌড় >] বি. ছোটাছুটি, ক্রমাগত দৌড়।

দৌড়ানো /দৌড়্ানো/ [আ. দৌড়+বা. আনো] ক্রিবি. ১ বেগে ধাবিত হওয়া; দৌড় দেওয়া। ২ দৌড় করানো, ছোটাছুটি করানো।

দৌত্য /দৌত্তো/ [স. দূত+য] বি. ১ দূতের বৃত্তি। ২ ঘটকালি।

দৌত্যকার্য /দৌত্তোকারজো/ [স. দৌত্য+√কৃ+য] বি. দূতের বৃত্তি।

দৌবারিক /দৌব্বারিক্/ [স. দ্বার+ইক] বি. দ্বার-রক্ষক; দ্বারী। স্ত্রী. দৌবারিকী /দৌব্বারিকি/।

দৌরাত্ম্য /দৌরাত্তোঁ/ [স. দুরাত্মন্+য] বি. ১ দুরাত্মার কাজ, উৎপীড়ন। ২ পাপাচার। ৩ দুরন্তপনা। ৪ কুস্বভাব।

দৌর্গন্ধ্য /দৌর্গোন্ধ্যো/ [স. দুর্গন্ধ+য] বি. খারাপ গন্ধ।

দৌর্জন্য /দৌর্জোন্নো/ [স. দুর্জন+য] বি. দুর্ব্যবহার, দুর্জনসুলভ আচরণ।

দৌর্বল্য /দৌর্বোল্লো/ [স. দুর্বল+য] বি. ১ দুর্বলতা, শক্তিহীনতা; কৃশতা। ২ কোনো ব্যক্তি বা বিষয়ের প্রতি অতিরিক্ত আসক্তি বা পক্ষপাতিত্ব।

দৌর্ভাগ্য /দৌর্ভাগ্গো/ [স. দুর্ভগ+য] বি. দুরদৃষ্টতা।

দৌর্মনস্য /দৌর্মনোশ্শো/ [স. দুর্মনস্+য] বি. উদ্‌বেগ, দুশ্চিন্তা; মনের ক্ষোভ বা অবসাদ।

দৌলত /দৌল্‌ত্/ [আ.] বি. ১ ঐশ্বর্য, সম্পদ (*ধনদৌলত*)। ২ অনুগ্রহ; সাহায্য; প্রভাব।

দৌলতখানা /দৌল্‌তখানা/ [আ. দৌলত+ফা. খানা] বি. ১ ঐশ্বর্যভান্ডার। ২ ঐশ্বর্যপূর্ণ বাসগৃহ।

দৌলতদার /দৌল্‌তদার্/ [আ. দৌলত+ফা. দার] বিণ. ঐশ্বর্যশালী, ধনী, ধনাঢ্য।

দৌলতদারি /দৌল্‌তদারি/ [আ. দৌলত+ফা. দারি] বি. ঐশ্বর্যশালিতা; ভোগবিলাস ও মর্যাদা।

দৌহিত্র /দৌহ্‌ইত্তো/ [স. দুহিত্+অ] বি. কন্যার পুত্র, নাতি।

দৌহিত্রী /দৌহ্‌ইত্তি/ [স. দৌহিত্র+ঈ] বি. কন্যার কন্যা, নাতনি।

দ্বন্দ্ব /দন্‌দো/ [স. দ্বি+দ্বি] বি. ১ কলহ, বিবাদ। ২ দ্বিধা। ৩ সংঘাত। ৪ মল্লযুদ্ধ। ৫ (ব্যা.) সম-প্রাধান্যবিশিষ্ট দুটি পদের সমাস। ৬ পরস্পর-বিরোধী দুটি বিষয়। ৭ যুগল, মিথুন।

দ্বন্দ্বজ /দন্‌দোজো/ [স. দ্বন্দ্ব+√জন্+অ] বিণ. কলহ-বিবাদ থেকে জাত।

দ্বন্দ্বযুদ্ধ /দন্‌দোজুদ্‌ধো/ [স. দ্বন্দ্ব+√যুধ্+ত] বি. দুই ব্যক্তির মধ্যে লড়াই, মল্লযুদ্ধ, duel।

দ্বন্দ্বসমাস /দন্‌দোশমাশ্/ [স. দ্বন্দ্ব+সমাস] বি. (ব্যা.) ১ সমান প্রাধান্যবিশিষ্ট দুটি পদের সমাস। ২ পরস্পর বিরুদ্ধ দুটি পদের সমাস।

দ্বন্দ্বাতীত /দন্‌দাতিতো/ [স. দ্বন্দ্ব+অতীত] বিণ. সুখদুঃখাদি বোধের অতীত; সর্বাবস্থায় সহিষ্ণু।

দ্বন্দ্বী /দোন্‌দি/ [স. দ্বন্দ্ব+ইন্] বিণ. বিবাদকারী।

দ্বয় /দয়্/ [স. দ্বি+অয়] সর্ব. দুই, উভয়, যুগল, মিথুন। স্ত্রী. দ্বয়ী /দোয়ি/।

দ্বাচত্বারিংশ /দাচত্তারিংশো/ [স. দ্বাচত্বারিংশৎ+অ] বিণ. ৪২ সংখ্যক।

দ্বাচত্বারিংশৎ /দাচত্তারিংশত্/ [স. দ্বাচত্বারিন্+শৎ] বি. ৪২ সংখ্যা। বিণ. ৪২ সংখ্যক।

দ্বাচত্বারিংশত্তম /দাচত্তারিংশত্তমো/ [স. দ্বা+চত্বারিংশৎ+তমট্] বিণ. ৪২ সংখ্যক; ৪২ স্থানীয়। স্ত্রী. দ্বাচত্তারিংশত্তমী /দাচত্তারিংশত্তোমি/।

দ্বাত্রিংশ /দাত্‌ত্রিংশো/ [স. দ্বাত্রিংশৎ+অ] বিণ. ৩২ সংখ্যক।

দ্বাত্রিংশৎ /দাত্‌ত্রিংশত্/ [স. দ্বাত্রিন্+শৎ] বি. ৩২ সংখ্যা। বিণ. ৩২ সংখ্যক।

দ্বাত্রিংশত্তম /দাত্‌ত্রিংশত্তমো/ [স. দ্বাত্রিংশৎ+তমট্] বিণ. ৩২ সংখ্যক; ৩২ স্থানীয়। স্ত্রী. দ্বাত্রিংশত্তমী /দাত্‌ত্রিংশত্তোমি/।

দ্বাদশ /দাদশ্/ [স. দ্বাদশন্+অ] বি. ১২ সংখ্যা। বিণ. ১২ সংখ্যক, ১২ সংখ্যার পূরক।

দ্বাদশী /দাদোশি/ [স. দ্বাদশ+ঈ] বি. একাদশীর পরবর্তী তিথি। বিণ. ১ বারো বছর বয়স্কা। ২ দ্বাদশ স্থানে অবস্থিতা।

দ্বাপর /দাপোর্/ [স. দ্বি+পর] বি. পুরাণে কল্পিত তৃতীয় যুগ।

www.pathagar.com

দ্বাবিংশ /দাবিংশো/ [স. দ্বাবিংশতি+অ] বিণ. ২২ সংখ্যক।

দ্বাবিংশতি /দাবিংশোতি/ [স. দ্বাদশৎ+শতি] বি. ২২ সংখ্যা। বিণ. ২২ সংখ্যক।

দ্বাবিংশতিতম /দাবিংশোতিতমো/ [স. দ্বাবিংশতি+তমট্] বিণ. ২২ সংখ্যক; ২২ স্থানীয়। স্ত্রী. দ্বাবিংশতিতমী /দাবিংশোতিতোমি/।

দ্বার /দার্/ [স. √দ্বারি+অ] বি. ১ প্রবেশ ও বহির্গমনের পথ। ২ ঠেলে খোলা বা বন্ধ করা যায় এমন কাঠ লোহা প্রভৃতির তৈরি পাটাতন, দরজা, কপাট।

দ্বারকা /দারোকা/ [স. দ্বার+কন্+আ (টাপ্)] বি. শ্রীকৃষ্ণের আবাসস্থলরূপে খ্যাত কাথিওয়াড়ে (আরব সাগরের পূর্ব উপকূলে) অবস্থিত নগরবিশেষ, দ্বারিকা, তীর্থক্ষেত্রবিশেষ।

দ্বারকানাথ /দারোকানাথ্/ [স. দ্বারকা+নাথ] বি. শ্রীকৃষ্ণের অন্য নাম।

দ্বারকাপতি /দারোকাপোতি/ [স. দ্বারকা+পতি] বি. দ্র দ্বারকানাথ।

দ্বারদেশ /দারোদেশ্/ [স. দ্বার+দেশ] বি. দ্বারপ্রান্তবর্তী স্থান, দোরগোড়া; অতি নিকটবর্তী স্থান।

দ্বারপাল /দারপাল্/ [স. দ্বার+পাল] বি. দ্বাররক্ষার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, দারোয়ান, দ্বাররক্ষক।

দ্বারপ্রান্ত /দারপ্রান্তো/ [স. দ্বার+প্র+অন্ত] বি. দ্র দ্বারদেশ।

দ্বারবান /দারোবান্/ [ফা.] বি. দ্র দ্বারপাল।

দ্বাররক্ষক /দারোরোক্‌খোক্/ [স. দ্বার+রক্ষক] বি. দ্র দ্বারপাল।

দ্বাররক্ষী /দারোরোক্‌খি/ [স. দ্বার+√রক্ষ্+ইন্] বি. দ্র দ্বারপাল।

দ্বারস্থ /দারস্থো/ [স. দ্বার+√স্থা+অ] বিণ. ১ দ্বারে উপনীত; দ্বারে উপস্থিত। ২ (আল.) শরণাগত।

দ্বারা /দারা/ অব্য. ক্রিবিণ. দিয়ে; কর্তৃক।

দ্বারিক /দারিক্/ [স. দ্বার+ইক] বি. দ্র দ্বারপাল।

দ্বারিকা /দারিকা/ [স. দ্বার+ইক+আ (টাপ্)] বি. দ্র দ্বারকা।

দ্বারিকানাথ /দারিকানাথ্/ [স. দ্বারিকা+নাথ] বি. শ্রীকৃষ্ণের অন্য নাম।

দ্বারী /দারি/ [স. দ্বার+ইন্] বি. দ্র দ্বারপাল।

দ্বারে দ্বারে /দারে দারে/ ক্রিবিণ. দুয়ারে দুয়ারে; ঘরে ঘরে, বাড়ি বাড়ি (*দ্বারে দ্বারে যাব ভিক্ষামাগি* রামপ্র.)।

দ্বারোদ্‌ঘাটন /দারোদ্‌ঘাটোন্/ [স. দ্বার+উদ্‌ঘাটন] বি. নবনির্মিত গৃহের আনুষ্ঠানিক উদ্‌বোধন; আনুষ্ঠানিক উদ্‌বোধন।

দ্বাষষ্টি /দাশোশ্‌টি/ [স. দ্বি+ষষ্+তি] বি. ৬২ সংখ্যা। বিণ. ৬২ সংখ্যক।

দ্বাষষ্টিতম /দাশোশ্‌টিতমো/ [স. দ্বাষষ্টি+তমট্] বিণ. ৬২ সংখ্যক; ৬২ স্থানীয়। স্ত্রী. দ্বাষষ্টিতমী /দাশোশ্‌টিতোমি/।

দ্বাসপ্ততি /দাশপ্‌তোতি/ [স. দ্বি+সপ্তদশৎ+তি] বি. ৭২ সংখ্যা। বিণ. ৭২ সংখ্যক।

দ্বাসপ্ততিতম /দাশপ্‌তোতিতমো/ [স. দ্বাসপ্ততি+তমট্] বিণ. ৭২ সংখ্যক; ৭২ স্থানীয়। স্ত্রী. দ্বাসপ্ততিতমী /দাশপ্‌তোতিতোমি/।

দ্বি /দি/ [স.] বি. ২ সংখ্যা। বিণ. ২ সংখ্যক।

দ্বিকর্মক /দিকর্‌মোক্/ [স. দ্বি+কর্মক] বিণ. (ব্যা.) দুই কর্মপদবিশিষ্ট (*দ্বিকর্মক ক্রিয়া*)।

দ্বিখণ্ডিত /দিখোন্‌ডিতো/ [স. দ্বি+√খণ্ড্+ত] বিণ. দুই খণ্ডে ভাগ করা হয়েছে এমন।

দ্বিগু /দিগু/ বি. (ব্যা.) সংখ্যানির্দেশক সমাসবিশেষ (*ত্রিভুবন*)।

দ্বিগুণ /দিগুন্/ [স. দ্বি+√গুণ্+অ] বিণ. দুইগুণ; দুই দিয়ে গুণ করে প্রাপ্ত।

দ্বিগুণিত /দিগুনিতো/ [স. দ্বি+√গুণি+ত] বিণ. দ্বিগুণ করা হয়েছে এমন।

দ্বিগুণীকৃত /দিগুনিক্‌কৃতো/ [স. দ্বিগুণ+চ্বি+কৃত] বিণ. দ্র দ্বিগুণিত।

দ্বিঘাত /দিঘাতো/ [স. দ্বি+√হন্+অ] বি. কোনো রাশিকে একই রাশি দিয়ে গুণ, গণিতের পদ্ধতিবিশেষ, quadratic (*দ্বিঘাত সমীকরণ*)।

দ্বিচক্রযান /দিচক্‌ক্রোজান্/ [স. দ্বিচক্র+√যা+অন] বি. পাদানে (padal) চাপ দিয়ে চাকা ঘোরানো হয় এমন দু চাকার যান (পেছনের চাকার ওপর চালকের আসনযুক্ত), সাইকেল, bicycle।

দ্বিচত্বারিংশ /দিচত্‌তারিংশো/ [স. দ্বি+চত্বারিংশৎ+অ] বিণ. ৪২ সংখ্যক।

দ্বিচত্বারিংশত্তম /দিচত্‌তারিংশোত্‌তমো/ [স. দ্বিচত্বারিংশৎ+তমট্] বিণ. ৪২ সংখ্যক; ৪২ স্থানীয়। স্ত্রী. দ্বিচত্বারিংশত্তমী / দিচত্‌তারিংশোত্‌তোমি/।

দ্বিচারণ /দিচারোন্/ [স. দ্বি+√চারি+অন] বি. ১ একই বিষয়ে পরস্পরবিরোধী আচরণ বা মতপোষণ। ২ একত্রে দুজনের সঙ্গে প্রণয়।

দ্বিচারিণী /দিচারিনি/ [স. দ্বি+√চর্+ইন্+ঈ] বিণ. স্বামী-ভিন্ন অন্য পুরুষের প্রতি আসক্ত। বি. দুজনের প্রতি অনুরক্ত নারী।

www.pathagar.com

দ্বিচারিতা /দিচারিতা/ [স. দ্বিচারিন্+তা] বি. ১ একসঙ্গে দুজনের প্রতি প্রণয়াসক্তি। ২ একই বিষয়ে পরস্পরবিরোধী মতপোষণ।

দ্বিচারী /দিচারি/ [স. দ্বি+√চর্+ইন্] বিণ. ১ একসঙ্গে দুজনের প্রতি প্রণয়াসক্ত এমন। ২ একই বিষয়ে পরস্পরবিরোধী মতপোষণকারী। স্ত্রী. দ্বিচারিণী /দিচারিনি/।

দ্বিজ /দিজো/ [স. দ্বি+√জন্+অ] বিণ. পুনর্বার জাত। বি. ১ প্রথমে মাতৃগর্ভ থেকে এবং পরে উপবীত গ্রহণরূপ সংস্কারদ্বারা নবজন্ম লাভ। ২ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য জাতি। ৩ পাখি প্রভৃতি অণ্ডজ প্রাণী। ৪ (বাংলায়) কৃষ্ণমন্ত্রে দীক্ষিত ব্যক্তি।

দ্বিজন্মা /দিজন্মা/ [স. দ্বি+জন্মন্] বিণ. দ্বিতীয়বার জন্মলাভ করেছে এমন।

দ্বিজপতি /দিজোপোতি/ [স. দ্বিজ+পতি] বি. ১ চন্দ্র। ২ গরুড়। বিণ. ব্রাহ্মণশ্রেষ্ঠ।

দ্বিজবর /দিজোবর্/ [স. দ্বিজ+বর] বি. শ্রেষ্ঠ ব্রাহ্মণ।

দ্বিজরাজ /দিজোরাজ্/ [স. দ্বিজ+রাজন্] বি. বিণ. দ্র দ্বিজপতি।

দ্বিজা /দিজা/ [স. দ্বি+√জন্+অ+আ (টাপ্)]। বি. ১ পালংশাক। ২ গন্ধদ্রব্যবিশেষ।

দ্বিজাতিতত্ত্ব /দিজাতিতত্তো/ [স. দ্বিজাতি+তত্ত্ব] বি. ভারতবর্ষে হিন্দু ও মুসলমানদের জন্য ধর্মভিত্তিক দুটি স্বতন্ত্র রাষ্ট্র গঠনের সাম্প্রদায়িক মতবাদ।

দ্বিজিহ্ব /দিজিঢ়ভো/ [স. দ্বি+√লিহ্+ব+আ (টাপ্)] বি. (দুটি জিহ্বা আছে বলে) সাপ। বিণ. ১ দুটি জিহ্বাবিশিষ্ট। ২ পরস্পরবিরোধী কথা বলে এমন। ৩ কপট, খল। ৪ (আল.) মিথ্যাবাদী।

দ্বিজেন্দ্র /দিজেন্দ্রো/ [স. দ্বিজ+ইন্দ্র] বি. বিণ. দ্র দ্বিজপতি।

দ্বিজেন্দ্রগীতি /দিজেন্দ্রোগিতি/ [স. দ্বিজেন্দ্র+√গৈ+তি] বি. দ্বিজেন্দ্রলাল রায়ের লেখা ও সুরারোপিত গান।

দ্বিজোত্তম /দিজোত্তমো/ [স. দ্বিজ+উত্তম] বিণ. ব্রাহ্মণশ্রেষ্ঠ। বি. ১ চন্দ্র। ২ গরুড়।

দ্বিতয় /দিতয়্/ [স. দ্বি+তয়প্] বিণ. ১ দ্বিবিধ, দুই প্রকার। ২ দুই অবয়বযুক্ত। ৩ যুগ্ম।

দ্বিতল /দিতল্/ [স. দ্বি+তল] বি. যার দুটি তল আছে। বিণ. দুটি তলবিশিষ্ট (*দ্বিতল বাড়ি*)।

দ্বিতীয় /দিতিয়ো/ [স. দ্বি+তীয়] বিণ. ১ দুই স্থানীয়। ২ দুই সংখ্যক বা দুইয়ের পূরক। ৩ দ্বিবিধ।

দ্বিতীয়ত /দিতিয়তো/ [স. দ্বিতীয়+তস্] ক্রিবিণ. দ্বিতীয় পর্যায়ে; দ্বিতীয় বারে। অব্য. তাছাড়া।

দ্বিতীয় পক্ষ /দিতিয়ো পোক্‌খো/ বি. দ্বিতীয়বার বিবাহ করা পত্নী।

দ্বিতীয়া /দিতিআ/ [স. দ্বিতীয়+আ (টাপ্)] বিণ. দুই সংখ্যক। বি. ১ চাঁদের দ্বিতীয় কলার হ্রাসবৃদ্ধির ক্রিয়াদ্বারা নির্দিষ্ট তিথি; প্রতিপদের পরবর্তী তিথি। ২ পত্নী। ৩ (ব্যা.) বিভক্তিভেদ।

দ্বিতীয়াশ্রম /দিতিআস্‌ত্রোম্/ [স. দ্বিতীয়+আশ্রম] বি. (হিন্দুমতে) চতুরাশ্রমের দ্বিতীয়টি, গার্হস্থ্য আশ্রম।

দ্বিত্ব /দিত্তো/ [স. দ্বি+ত্ব] বি. ১ দ্বিগুণত্ব। ২ পুনরুক্তি; দুবার প্রয়োগ (*বর্ণদ্বিত্ব*); দুবার সংঘটন।

দ্বিদল /দিদল্/ [স. দ্বি+দল] বিণ. ১ দুই দলে বিভক্ত এমন; দুটি পাপড়িযুক্ত (*দ্বিদল পুষ্প*)। ২ দুই দল (syllable) বা অক্ষরবিশিষ্ট। বি. মুগ প্রভৃতি ডাল।

দ্বিধা /দিধা/ [স. দ্বি+ধা] বি. সন্দেহ, সংশয়; কুণ্ঠা। ক্রিবিণ. দুই ভাগে; দুই উপায়ে বা রীতিতে। বিণ. দুই ভাগে বিভক্ত, দ্বিখণ্ডিত।

দ্বিধাকরণ /দিধাকরোন্/ [স. দ্বিধা+করণ] বি. দুই খণ্ডে পৃথক্‌করণ।

দ্বিধাগ্রস্ত /দিধাগ্রোস্‌তো/ [স. দ্বিধা+√গ্রস্+ত] বিণ. মনস্থির করতে পারে না এমন, সংশয়াপন্ন।

দ্বিধাদ্বন্দ্ব /দিধাদন্‌দো/ [স. দ্বিধা+দ্বন্দ্ব] বি. সংকোচ ও সংশয়; কুণ্ঠা।

দ্বিধান্বিত /দিধান্‌নিতো/ [স. দ্বিধা+অন্বিত] বিণ. কর্তব্য স্থির করতে পারে না এমন, সংশয়াকুল।

দ্বিধাবিভক্ত /দিধাবিভক্‌তো/ [স. দ্বিধা+বি+√ভজ্+ত] বিণ. ১ দ্বিখণ্ডিত। ২ দোটানায় পতিত।

দ্বিধীকরণ /দিধিকরোন্/ [স. দ্বিধা+দ্বি+করণ] বি. দুই খণ্ডে বিভাজন।

দ্বিনবতি /দিনবোতি/ [স. দ্বি+নবতি] বি. ৯২ সংখ্যা। বিণ. ৯২ সংখ্যক।

দ্বিনবতিতম /দিনবোতিতমো/ [স. দ্বিনবতি+তমট্] বিণ. ৯২ সংখ্যক; ৯২ স্থানীয়। স্ত্রী. দ্বিনবতিতমী /দিনবোতিতোমি/।

দ্বিপ /দিপো/ [স. দ্বি+√পা+অ] বি. ১ হাতি। ২ নাগকেশর গাছ।

দ্বিপক্ষীয় /দিপোক্‌খিয়ো/ [স. দ্বি+পক্ষীয়] বিণ. দুই পক্ষভুক্ত, দ্বিপাক্ষিক।

দ্বিপঞ্চাশৎ /দিপন্‌চাশত্/ [স. দ্বি+পঞ্চাশৎ] বি. ৫২ সংখ্যা। বিণ. ৫২ সংখ্যক।

দ্বিপঞ্চাশত্তম /দিপন্‌চাশত্‌তমো/ [স. দ্বিপঞ্চাশৎ+তমট্] বিণ. ৫২ সংখ্যক; ৫২ স্থানীয়। স্ত্রী. দ্বিপঞ্চাশত্তমী /দিপন্‌চাশত্‌তোমি/।

দ্বিপদ /দিপদ্/ [স. দ্বি+পদ] বিণ. দুই পা-বিশিষ্ট।

www.pathagar.com

বি. দু-পায়ে হাঁটেএমন প্রাণী (মানুষ পাখি প্রভৃতি)।

দ্বিপদী /দিপোদি / [স. দ্বিপদ+ঈ] বি. দুই চরণবিশিষ্ট পদ্যের ছন্দবিশেষ।

দ্বিপাক্ষিক /দিপাক্‌খিক্‌/ [স. দ্বিপক্ষ+ইক] বিণ. দুটি পক্ষ আছে এমন, দুই পক্ষভুক্ত।

দ্বিপাদ /দিপাদ্‌/ [স. দ্বি+√পদ্‌+অ] বিণ. দুই পা-বিশিষ্ট, দু-পেয়ে।

দ্বিপ্রহর /দিপ্‌প্রোহোর্‌ / [স. দ্বি+প্রহর] বি. দ্বিতীয় প্রহর, দুপুর, মধ্যাহ্ন।

দ্বিপ্রাহরিক /দিপ্‌প্রাহোরিক্‌/[অশুপ্র.] বিণ. দুপুরের; দ্বিপ্রহরসংক্রান্ত।

দ্বিবচন /দিবচোন্‌ / [স. দ্বি+বচন] বি. (ব্যা.) দ্বিত্ব-বাচক বিভক্তি; একের অধিক বোঝাতে ব্যবহৃত বচন।

দ্বিবার্ষিক /দিবার্‌শিক্‌/ [স. দ্বিবর্ষ+ইক] বিণ. দু-বছর পরপর বা দুই বছরব্যাপী ঘটে এমন (*দ্বিবার্ষিক পরিকল্পনা*)।

দ্বিবিধ /দিবিধো/ [স. দ্বি+√বিধ্‌+অ] বিণ. দুই প্রকার।

দ্বিবিন্দু /দিবিনদু/ [স. দ্বি+√বিন্দ্‌+উ] বি. বিসর্গ (ঃ)।

দ্বিবীজপত্রী /দিবিজোপোত্‌ত্রি/ [স. দ্বিবীজ+পত্র+ইন্‌] বিণ. একসঙ্গে দুটি পাতা অঙ্কুরিত হয় এমন বীজবিশিষ্ট; (পরি.) dicotyledon।

দ্বিভাব /দিভাব্‌/ [স. দ্বি+ভাব] বিণ. বাইরে এক রকম এবং ভেতরে অন্যরকম ভাবযুক্ত, কপট।

দ্বিভাষী /দিভাশি/ [স. দ্বি+√ভাষ্‌+ইন্‌] বি. বিণ. দ্র দোভাষী।

দ্বিভুজ /দিভুজ্‌/ [স. দ্বি+ভুজ] বিণ. দুটি বাহুবিশিষ্ট।

দ্বিমত /দিমত্‌/ [স. দ্বি+√মন্‌+ত] বি. মতভেদ, মতানৈক্য, দুরকম মত, দুটি বিরুদ্ধ মত।

দ্বিমাসিক /দিমাশিক্‌/ [স. দ্বি+মাসিক] বিণ. দু-মাস পরপর ঘটে এমন। বি. প্রতি দু-মাসে একবার প্রকাশিত হয় এমন সাময়িকী।

দ্বিরদ /দিরদ্‌ / [স. দ্বি+√রদ্‌+অ] বি. যার দুটি দাঁত আছে, হাতি।

দ্বিরদরদ /দিরদ্‌রদ্‌ / [স. দ্বিরদ+রদ] বি. হাতির দাঁত, গজদন্ত, ivory।

দ্বিরাগমন /দিরাগমোন্‌/ [স. দ্বিঃ+আগমন] বি. নববধূর দ্বিতীয়বার পতিগৃহে আগমনের সংস্কার।

দ্বিরায়তন /দিরায়োতন্‌/ [স. দ্বিঃ+আয়তন] বি. দ্বিগুণ পরিসর।

দ্বিরায়তনিক /দিরায়োতোনিক্‌/ [স. দ্বিঃ+আয়তন+ইক] বিণ. দ্বিগুণ পরিসরবিশিষ্ট।

দ্বিরুক্ত /দিরুক্‌তো/ [স. দ্বিঃ+√বচ্‌+ত] বিণ. দুবার কথিত বা উক্ত।

দ্বিরুক্তি /দিরুক্‌তি/ [স. দ্বিঃ+√বচ্‌+তি] বি. ১ দুবার উল্লেখ। ২ (বাংলায়) আপত্তি জ্ঞাপন (*দ্বিরুক্তি করা*)।

দ্বিরেফ /দিরেফ্‌ / [স. দ্বি+রেফ] বি. (মাথার ওপর রেফচিহ্নের মতো দুটি শুঁয়া আছে বলে) ছোটো পতঙ্গ ও ফুলের মধু খেয়ে জীবনধারণ করে এমন ছয় পা-বিশিষ্ট কালো ডোরাকাটা হলুদ লাল প্রভৃতি রঙের দেহ এবং বিষাক্ত হুলযুক্ত hymenopterous বর্গের লোমশ সামাজিক পতঙ্গ, ভিমরুল, বোলতা।

দ্বিশত /দিশতো/ [স. দ্বি+শত] বি. ২০০ সংখ্যা। বিণ. ২০০ সংখ্যক।

দ্বিশততম /দিশতোতমো/ [স. দ্বিশত+তমট্‌] বিণ. ২০০ সংখ্যক; ২০০ স্থানীয়। স্ত্রী. **দ্বিশততমী** /দিশতোতোমি/।

দ্বিষৎ /দিশত্‌/ [স. √দ্বিষ্‌+অৎ] বিণ. হিংসা করে এমন; বিদ্বেষকারী। বি. শত্রু; যে বিরোধিতা করে।

দ্বিষ্ট /দিশ্‌টো/ [স. √দ্বিষ্‌+ত] বিণ. ১ হিংসা করা হয়েছে এমন। ২ হিংসাযোগ্য। ৩ শত্রুভাবাপন্ন। ৪ নিন্দিত।

দ্বিসপ্ততি /দিশপ্‌তোতি/ [স. দ্বি+সপ্তদশন্‌+তি] বি. ৭২ সংখ্যা। বিণ. ৭২ সংখ্যক।

দ্বিসপ্ততিতম /দিশপ্‌তোতিতমো/ [স. দ্বিসপ্ততি+তমট্‌] বিণ. ৭২ সংখ্যক; ৭২ স্থানীয়। স্ত্রী. **দ্বিসপ্ততিতমী**/দিশপ্‌তোতিতোমি/।

দ্বীপ /দিপ্‌/ [স. দ্বী+অপ্‌+অ] বি. জলবেষ্টিত ভূভাগ, চারদিকে সমুদ্রবেষ্টিত স্থলভাগ।

দ্বীপপুঞ্জ /দিপ্‌পুন্‌জো/ [স. দ্বীপ+পুঞ্জ+√জি+অ] বি. কয়েকটি দ্বীপের সমষ্টি।

দ্বীপবাসী /দিপোবাশি/ [স. দ্বীপ+√বস্‌+ইন্‌] বিণ. দ্বীপে বাস করে এমন। বি. যে দ্বীপে বাস করে। স্ত্রী. **দ্বীপবাসিনী** /দিপোবাশিনি/।

দ্বীপান্তর /দিপান্‌তর্‌/ [স. দ্বীপ+অন্তর] বি. ১ অন্য দ্বীপ। ২ অবিভক্ত ভারতে ইংরেজ শাসন আমলে স্বাধীনতা-আন্দোলনকারী নাগরিককে প্রদত্ত জন-বিচ্ছিন্ন দ্বীপে নির্বাসনদণ্ড, দ্বীপচালান।

দ্বীপান্তরিত /দিপান্‌তোরিতো/ [স. দ্বীপান্তর+ইত] বিণ. জনবিচ্ছিন্ন দ্বীপে নির্বাসিত।

দ্বীপী /দিপি/ [স. দ্বীপ+ইন্‌] বি. ১ চিতাবাঘ। ২ সমুদ্র। বিণ. দ্বীপবাসী।

দ্বেষ /দেশ্‌/ [স. √দ্বিষ্‌+অ] বি. ১ ঈর্ষা, হিংসা, পরশ্রীকাতরতা। ২ বৈরীভাব। ৩ বিরাগ।

দ্বেষণ /দেশোন/ [স. √দ্বিষ্‌+অন] বি. হিংসন।

www.pathagar.com

দ্বেষী /দেশি/ [স. √দ্বিষ্+ইন্] বিণ. বিদ্বেষকারী, হিংসক, ঈর্ষাপরায়ণ। স্ত্রী. **দ্বেষিণী** /দেশিনি/।

দ্বেষ্টা /দেশ্‌টা/ [স. √দ্বিষ্+তৃ] বিণ. বিদ্বেষকারী, হিংসক, ঈর্ষাপরায়ণ। স্ত্রী. **দ্বেষ্ট্রী** /দেশ্‌ট্রি/।

দ্বেষ্য /দেশ্যো/ [স. √দ্বিষ্+য] বিণ. হিংসনীয়; বিদ্বেষসংক্রান্ত। বি. ১ শত্রু। ২ আততায়ী।

দ্বৈত /দোইতো/ [স. দ্বি+ইত] বিণ. ১ দ্বিবিধ। ২ এক-সঙ্গে দুজন পরিবেশন করে এমন (*দ্বৈত সংগীত*)। বি. ১ যুগ্মভাব। ২ দ্বিবিধত্ব। ৩ মহাভারতোক্ত সরস্বতী নদীর তীরে অবস্থিত অরণ্য।

দ্বৈতবাদ /দোইতোবাদ্/ [স. দ্বৈত+বাদ] বি. জীবাত্মা ও পরমাত্মার ভিন্নতা বা পুরুষ ও প্রকৃতির স্বাতন্ত্র্য স্বীকার করে এমন দার্শনিক মতবাদ।

দ্বৈতবাদী /দোইতোবাদি/ [স. দ্বৈত+√বদ্+ইন্] বিণ. দ্বৈতবাদের অনুসারী।

দ্বৈতসংগীত /দোইতোশোংগিত্/ [স. দ্বৈত+সম্+√গৈ +ত] বি. দ্বৈতকণ্ঠে গাওয়া গান, duet।

দ্বৈতী /দোইতি/ [স. দ্বৈত+ইন্] বিণ. দ্র দ্বৈতবাদী।

দ্বৈধ /দোইধো/ [স. দ্বিধা+অ] বি. ১ মতভেদ। ২ দ্বিবিধ ভাব। ৩ সন্দেহ, সংশয়, দ্বিধা।

দ্বৈপ /দোইপো/ [স. দ্বীপ+অ] বিণ. ১ দ্বীপসম্বন্ধীয়। ২ দ্বীপবাসী। ৩ চিতাবাঘসম্বন্ধীয়।

দ্বৈপায়ন /দোইপায়োন/ [স. দ্বীপ+অয়ন+অ] বিণ. দ্বীপে জাত। বি. (দ্বীপে জন্মগ্রহণ করেছেন বলে) মহাভারত রচয়িতা ব্যাসদেব।

দ্বৈপায়নবৃত্তি /দোইপায়োনব্‌তি/ [স. দ্বৈপায়ন+√বৃৎ +তি] বি. ১ দ্বীপবাসীর মতো সংকীর্ণ মানসিকতা। ২ (আল.) সংকীর্ণ দৃষ্টি।

দ্বৈপ্য /দোইপ্‌পো/ [স. দ্বৈপ+য] বিণ. দ্র দ্বৈপ।

দ্বৈবার্ষিক /দোইবারশিক্/ [স. দ্বিবর্ষ+ইক] বিণ. ১ দু-বছর পরপর ঘটে এমন। ২ দুই বছরব্যাপী; দুই বছর স্থায়ী।

দ্বৈবিধ্য /দোইবিদ্‌ধো/ [স. দ্বিবিধ+য] বি. দ্বিবিধতা।

দ্বৈভাষিক /দোইভাশিক্/ [স. দ্বিভাষিক+অ] দুজন ভিন্নভাষী লোক কথা বলার সময় যে ব্যক্তি উভয়ের ভাষা অনুবাদ করে দেয়; দুটি ভাষায় পারদর্শী ব্যক্তি। বিণ. দুটি ভাষা জানে এমন (দোভাষী পণ্ডিত); দুভাষী, interpreter।

দ্বৈভাষিকী /দোইভাশিকি/ [স. দ্বৈভাষিক+ঈ] বিণ. দুটি ভিন্ন ভাষার সংমিশ্রণে গঠিত।

দ্বৈমাতৃক /দোইমাতৃক্/ [স. দ্বিমাতৃক+অ] বিণ. মাতৃতুল্য পালিকারূপ নদী ও বৃষ্টির জলে পর্যাপ্ত শস্য উৎপাদিত হয় এমন। বি. নদী ও বৃষ্টির জল যে দেশকে মাতার মতো লালন করে।

দ্বৈরথ /দোইরথ্/ [স. দ্বিরথ+অ] বিণ. রথারোহী দুই যোদ্ধা যুদ্ধ করছে এমন (*দ্বৈরথ সমর*)। বি. ১ দুই রথারোহী যোদ্ধার যুদ্ধ। ২ সম্মুখ যুদ্ধ।

দ্বৈরাজ্য /দোইরাজ্‌জো/ [স. দ্বিরাজ+য] বি. দ্বৈত-শাসনের অধীন দেশ, diarchy।

দ্ব্যক্ষর /দক্‌খোর্/ [স. দ্বি+অক্ষর] বিণ. ১ দুই অক্ষর (syllable) বা দলবিশিষ্ট। ২ দুই বর্ণবিশিষ্ট। বি. দুই অক্ষরবিশিষ্ট মন্ত্রবিশেষ।

দ্ব্যঙ্গুল /দোংগুল্/ [স. দ্বি+অঙ্গুলি] বিণ. দুই আঙুল পরিমিত।

দ্ব্যণুক /দোনুক্/ [স. দ্বি+অণু+ক (স্বার্থে)] বিণ. দুটি অণুর সহযোগে গঠিত।

দ্ব্যর্থ /দর্‌থো/ [স. দ্বি+অর্থ] বি. দুরকম অর্থ।

দ্ব্যর্থক /দর্‌থোক্/ [স. দ্ব্যর্থ+ক] বিণ. দুরকম অর্থবিশিষ্ট।

দ্ব্যর্থবোধক /দর্‌থোবোধক্/ [স. দ্ব্যর্থ+বোধক] বিণ. দুরকম অর্থ হয় এমন; অর্থ স্পষ্ট নয় এমন।

দ্ব্যর্থহীন /দর্‌থোহিন্/ [স. দ্ব্যর্থ+√হা+ত] বিণ. স্পষ্ট অর্থযুক্ত; অভিন্ন অর্থবিশিষ্ট।

দ্ব্যশীতি /দোশিতি/ [স. দ্বি+অশীতি] বি. ৮২ সংখ্যা। বিণ. ৮২ সংখ্যক।

দ্ব্যশীতিতম /দোশিতিতমো/ [স. দ্ব্যশীতি+তমট্] বিণ. ৮২ সংখ্যক; ৮২ স্থানীয়। স্ত্রী. **দ্ব্যশীতিতমী** /দোশিতিতোমি/।

দ্ব্যহ /দহো/ [স. দ্বি+অহন্] বি. দু-দিন।

দ্ব্যাত্মবাদী /দ্যাততোঁবাদি/ [স. দ্বি+আত্মন্+√বদ্+ইন্] বিণ. জীবাত্মা ও পরমাত্মার পৃথক অস্তিত্ব স্বীকার করে এমন, দ্বৈতবাদী।

দ্ব্যাহিক /দ্যাহিক্/ [স. দ্ব্যহ+ইক] বিণ. দুদিনব্যাপী; দু-দিন অন্তর ঘটে এমন।

দ্যাবাপৃথিবী /দ্যাবাপ্রিথিবি/ [স. দ্যাবা+পৃথিবী] বি. ১ আকাশ ও পৃথিবী। ২ স্বর্গ ও মর্ত্য।

দ্যু /দু/ [স. √দিব্+ক্বিপ্] বি. ১ স্বর্গ। ২ আকাশ।

দ্যুচর /দুচর্/ [স. দ্যু+চর] বি. ১ আকাশচর। ২ পাখি।

দ্যুতি /দুতি/ [স. √দ্যুৎ+ই] বি. ১ জ্যোতি, দীপ্তি, কিরণ। ২ শোভা, সৌন্দর্য।

দ্যুতিময় /দুতিময়/ [স. দ্যুতি+ময়ট্] বিণ. ১ আলোকিত, দীপ্তিময়। ২ শোভমান।

দ্যুতিমান /দুতিমান্/ [স. দ্যুতি+মৎ] বিণ. আলোক-ময়, জ্যোতির্ময়, দীপ্তিশীল, উজ্জ্বল; শোভমান।

দ্যুমণি /দুমোনি/ [স. দ্যু+মণি] বি. সূর্য।

দ্যুলোক /দুলোক্/ [স. দিব্+লোক] বি. স্বর্গলোক।

দ্যূত /দুত্/ [স. √দিব্+ত] বি. ১ বাজি রেখে পাশা

www.pathagar.com

খেলা। ২ জুয়া।

দ্যূতকর /দ্যুতোকর্/ [স. দ্যূত+√কৃ+অ] বি. যে পাশা খেলে। বিণ. বাঁজি রেখে পাশা খেলে এমন।

দ্যূতকার /দ্যুতোকার্/ [স. দ্যূত+√কৃ+অ] বি. বিণ. দ্র দ্যূতকর।

দ্যূতক্রীড়া /দ্যুতোক্রিড়া/ [স. দ্যূত+ক্রীড়া] বি. দ্র দ্যূত।

দ্যো /দো/ [স. √দ্যুৎ+ও] বি. ১ স্বর্গ। ২ আকাশ।

দ্যোতক /দোতক্/ [স. √দ্যুৎ+অক] বিণ. ১ দ্যোতনা করে এমন; প্রকাশক। ২ দীপ্তিমান।

দ্যোতন /দোতোন্/ [স. √দ্যুৎ+অন] বি. ১ দীপন। ২ উদ্‌বোধন। ৩ ইঙ্গিত। ৪ প্রকাশ।

দ্যোতনা /দোতোনা/ [স. √দ্যুৎ+অন+আ (টাপ্)] বি. ১ ব্যঞ্জনা। ২ সূচনা। ৩ প্রকাশ।

দ্যোতনাময় /দোতোনাময়্/ [স. দ্যোতনা+ময়ট্] বিণ. ১ দীপ্তিময়। ২ ইঙ্গিতপূর্ণ।

দ্যোতি /দোতি/ [স. √দ্যুৎ+ই] বি. ১ দীপ্তি। ২ ব্যঞ্জনা।

দ্যোতিত /দোতিতো/ [স. √দ্যোতি+ত] বিণ. ১ শোভিত। ২ প্রকাশিত।

দ্রগড় /দ্রোগড়্/ [ধ্বন্যা.] বি. ঢাকজাতীয় আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, দামামা।

দ্রঢ়িমা /দ্রোঢ়িমা/ [স. দৃঢ়+ইমন্] বি. ১ দার্ঢ্য, দৃঢ়তা, কাঠিন্য। ২ স্থিরতা।

দ্রঢ়িষ্ঠ /দ্রোঢ়িশ্‌ঠো/ [স. দৃঢ়+ইষ্ঠ] বিণ. অতিশয় দৃঢ়; দৃঢ়তম; অনমনীয়।

দ্রঢ়ীয়ান /দ্রোঢ়িআন্/ [স. দৃঢ়+ঈয়স্] বিণ. দৃঢ়তর, কঠিনতর।

দ্রব /দ্রোবো/ [স. √দ্রু+অ] বিণ. ১ দ্রাবক। ২ গলিত; তরল। বি. ১ যা দ্রবণ করে (solvent); জল; তরল পদার্থ। ২ ক্ষরণ। ৩ বেগ। ৪ প্রস্থান।

দ্রবণ /দ্রোবোন্/ [স. √দ্রু+অন] বি. গলন, ক্ষরণ; solution।

দ্রবণীয় /দ্রোবোনিয়ো/ [স. √দ্রু+অনীয়] বিণ. গলে যায় এমন, জল বা অন্য কোনো তরল পদার্থের সঙ্গে মিশে যায় এমন, soluble।

দ্রবতা /দ্রোবোতা/ [স. দ্রব+তা] বি. জল বা অন্য কোনো তরল পদার্থে গলে মিশে যাওয়ার ক্ষমতা, solubility।

দ্রবত্ব /দ্রোবোত্‌তো/ [স. দ্রব+ত্ব] বি. দ্র দ্রবতা।

দ্রবিড় /দ্রোবিড়্/ [স. √দ্রু+ইড়] বি. বিণ. দ্র দ্রাবিড়।

দ্রবিণ /দ্রোবিন্/ [স. √দ্রু+ইন্] বি. ১ স্বর্ণ। ২ ধনসম্পদ।

দ্রবীকরণ /দ্রোবিকরোন্/ [স. দ্রব+ঢ়ি+করণ] বি. কঠিন পদার্থকে দ্রবীভূত করে তরলে পরিণতকরণ।

দ্রবীকৃত /দ্রোবিক্‌কৃতো/ [স. দ্রব+ঢ়ি+কৃত] বিণ. কোনো কঠিন পদার্থকে দ্রাবকের সাহায্যে গলানো হয়েছে এমন।

দ্রবীভবন /দ্রোবিভবোন্/ [স. দ্রব+ঢ়ি+ভবন] বি. ১ তরল অবস্থাপ্রাপ্তি। ২ তরলীকরণ।

দ্রবীভূত /দ্রোবিভুতো/ [স. দ্রব+ঢ়ি+ভূত] বিণ. ১ গলে গিয়েছে বা তরল হয়েছে এমন। ২ (আল.) সহানুভূতিশীল হয়েছে এমন।

দ্রব্য /দ্রোব্‌বো/ [স. √দ্রু+য] বি. ১ বস্তু, পদার্থ। ২ উপাদান। ৩ ন্যায়দর্শনমতে নয়টি পদার্থ (ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম কাল দিক আত্মা ও মন)।

দ্রব্যগুণ /দ্রোব্‌বোগুন্/ [স. দ্রব্য+গুণ] বি. ১ দ্রব্যের গুণ। ২ পদার্থের ধর্ম। ৩ প্রাণিদেহের ওপর বিভিন্ন বস্তুর ক্রিয়া।

দ্রব্যজাত /দ্রোব্‌বোজাতো/ [স. দ্রব্য+ √জন্+ত] বিণ. দ্রব্য থেকে উৎপন্ন। বি. দ্রব্যসমূহ।

দ্রব্যবিনিময় /দ্রোব্‌বোবিনিময়্/ [স. দ্রব্য+বিনিময়] বি. দুটি দেশের মধ্যে ক্ষেত্রবিশেষে নগদ অর্থের পরিবর্তে বাণিজ্যিকভিত্তিতে পণ্যদ্রব্য বিনিময়, পণ্যবিনিময়, barter।

দ্রব্যময় /দ্রোব্‌বোময়্/ [স. দ্রব্য+ময়ট্] বিণ. দ্রব্যাদি-পূর্ণ, বিবিধ উপকরণে পূর্ণ।

দ্রব্যসামগ্রী /দ্রোব্‌বোশামোগ্‌গ্রি/ [স. দ্রব্য+ সমগ্র+অ +ঈ] বি. বিবিধ দ্রব্যাদি।

দ্রষ্টব্য /দ্রোশ্‌টোব্‌বো/ [স. √দৃশ্+তব্য] বিণ. জ্ঞাতব্য; জানা উচিত এমন; অধ্যয়নযোগ্য। বি. পরিপূরক পাঠের নির্দেশনা।

দ্রষ্টা /দ্রোশ্‌টা/ [স. √দৃশ্+তৃ] বিণ. ১ অন্তর্দৃষ্টিসম্পন্ন। ২ দেখেছে এমন, দর্শক। বি. সাক্ষী।

দ্রাক্ষা /দ্রাক্‌খা/ [স. √দ্রাক্ষি+অ+আ (টাপ্)] বি. ইউরোপ আমেরিকা অস্ট্রেলিয়া ও এশিয়ার নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এমন খাঁজকাটা রোমশ পাতা-বিশিষ্ট লতানে উদ্ভিদের সবুজ বেগুনি কালো প্রভৃতি রঙের ছোটো ডিম্বাকৃতি বেরিজাতীয় গুচ্ছবদ্ধ টক-মিষ্ট রসালো ফল (আনি. মিশর), আঙুর।

দ্রাক্ষারস /দ্রাক্‌খারশ্/ [স. দ্রাক্ষা+রস] বি. আঙুরের রস যা গাঁজিয়ে সুরা তৈরি করা হয়, দ্রাক্ষাসব।

দ্রাঘিমা /দ্রাঘিমা/ [স. দীর্ঘ+ইমন] বি. ১ মূল মধ্য-রেখা অর্থাৎ ০° দ্রাঘিমা (prime meridian) থেকে পূর্ব বা পশ্চিমে অবস্থিত ভূপৃষ্ঠের কোনো স্থানের কৌণিক দূরত্বের পরিমাপ, longitude। ২ দৈর্ঘ্য।

দ্রাঘিমাংশ /দ্রাঘিমাংশো/ [স. দ্রাঘিমা+অংশ] বি. দ্র দ্রাঘিমা।

দ্রাঘিমান্তর /দ্রাঘিমান্‌তর্/ [স. দ্রাঘিমা+অন্তর] বি.

www.pathagar.com

দুই স্থানের দ্রাঘিমার ব্যবধান।

দ্রাঘিমারেখা /দ্রাঘিমারেখা/ [স. দ্রাঘিমা+রেখা] বি. দ্র দ্রাঘিমা।

দ্রাঘিয়ান /দ্রাঘিআন্/ [স. দীর্ঘ+ঈয়স্] বিণ. দীর্ঘতর।

দ্রাব /দ্রাবো/ [স. √দ্রু+অ] বি. দ্রাবকের সঙ্গে মিশ্রণের ফলে যা গলে যায়, solute।

দ্রাবক /দ্রাবোক্/ [স. √দ্রাবি+অক] বিণ. দ্রবকারক, গলায় এমন, solvent।

দ্রাবণ /দ্রাবোন্/ [স. √দ্রাবি+অন] বি. দ্রবীকরণ।

দ্রাবিড় /দ্রাবিড়্/ [স. দ্রবিড়+অ] বি. ১ প্রাচীন ভারতের দক্ষিণাঞ্চলের আদিম জাতিবিশেষ। ২ ভারতের বর্তমান তামিলনাড়ু অঞ্চল। ৩ ভারতে প্রচলিত তামিল তেলুগু কন্নড় প্রভৃতি ভাষাপরিবার। বিণ. দ্রাবিড় ভাষ।গোষ্ঠী বা উক্ত অঞ্চলসংক্রান্ত।

দ্রাবিড়ীয় /দ্রাবিড়িয়ো/ [স. দ্রাবিড়+ঈয়] বিণ. ১ দ্রাবিড় ভাষাগোষ্ঠীসংক্রান্ত। ২ দ্রাবিড় গোষ্ঠীর ভাষা থেকে জাত।

দ্রাবিত /দ্রাবিতো/ [স. √দ্রাবি+ত] বিণ. গলানো হয়েছে এমন, দ্রবীভূত।

দ্রাব্য /দ্রাব্বো/ [স. দ্রব্য+য] বিণ. গলানো যায় এমন, দ্রবণীয়, soluble।

দ্রিমিদ্রিমি /দ্রিমিদ্রিমি/ [ধ্বন্যা.] অব্য. বি. ঢাক বাজানোর অনুকার শব্দ।

দ্রুত /দ্রুতো/ [স. √দ্রু+ত] ক্রিবিণ. শীঘ্র, তাড়াতাড়ি, সত্বর (*দ্রুতগতি*)। বিণ. ১ ক্ষিপ্র। ২ ত্বরান্বিত।

দ্রুতগতি /দ্রুতোগোতি/ [স. দ্রুত+√গম্+তি] বি. ক্ষিপ্র গতি। বিণ. ক্ষিপ্রগতিসম্পন্ন।

দ্রুতগতিতে /দ্রুতোগোতিতে/ [স. দ্রুতগতি+বা. তে] ক্রিবিণ. শীঘ্র, তাড়াতাড়ি।

দ্রুতগামী /দ্রুতোগামি/ [স. দ্রুত+√গম্+ইন্] বিণ. দ্রুতবেগে চলে এমন।

দ্রুতচারী /দ্রুতোচারি/ [স. দ্রুত+√চর্+ইন্] বিণ. দ্র দ্রুতগামী।

দ্রুততা /দ্রুতোতা/ [স. দ্রুত+তা] বি. ক্ষিপ্রতা, দ্রুতি।

দ্রুতধাবী /দ্রুতোধাবি/ [স. দ্রুত+√ধাব্+ইন্] বিণ. দ্র দ্রুতগামী।

দ্রুতপদে /দ্রুতোপদে/ [স. দ্রুতপদ+বা. এ] ক্রিবিণ. তাড়াতাড়ি পা চালিয়ে, সত্বর; ক্ষিপ্রগতিতে।

দ্রুতবিলি /দ্রুতোবিলি/ [স. দ্রুত+বা. বিলি] বি. অতিরিক্ত ডাকমাশুলের বিনিময়ে জরুরিভিত্তিতে চিঠি বিলি করার জন্য ডাকবিভাগের বিশেষ ব্যবস্থা; (পরি.) express delivery।

দ্রুতবেগে /দ্রুতোবেগে/ [স. দ্রুতবেগ+বা. এ] ক্রিবিণ. অত্যন্ত দ্রুততার সঙ্গে, ক্ষিপ্রগতিতে।

দ্রুতযান /দ্রুতোজান্/ [স. দ্রুত+যান] বি. দ্রুত গমন করে এমন পরিবহণ, দ্রুতগামী যান।

দ্রুতি /দ্রুতি/ [স. √দ্রু+তি] বি. ১ দ্রুততা; ক্ষিপ্রতা; গতি। ২ বেগ, গতিময়তা। ৩ পলায়ন।

দ্রুম /দ্রুম্/ [স. √দ্রু+ম] বি. বৃক্ষ, গাছ।

দ্রুমরাজ /দ্রুমরাজ/ [স. দ্রুম+রাজন্] বি. বড়োগাছ, মহীরুহ।

দ্রুহ /দ্রুহো/ [স. √দ্রুহ্+অ] বিণ. দ্রোহী, বিদ্রোহী।

দ্রুহ্য /দ্রুজ্ঝো/ [স. √দ্রুহ্+য] বিণ. ১ বিদ্রোহ করে এমন, দ্রোহকারী। ২ ক্ষতিসাধক।

দ্রোণ /দ্রোন্/ [স. √দ্রু+ন] বি. ১ মহাভারতোক্ত কুরু-পাণ্ডবের অস্ত্রগুরু, দ্রোণাচার্য। ২ শস্যাদি মাপার পাত্রবিশেষ; শস্যাদির পরিমাণবিশেষ। ৩ দাঁড়কাক। ৪ দণ্ডকলস। ৫ বড়ো জলাশয়। ৬ মেঘ।

দ্রোণকাক /দ্রোনকাক্/ [স. দ্রোণ+কাক] বি. উত্তর গোলার্ধে প্রায় সর্বত্র বিচরণ করে এমন লম্বা লেজ এবং নৌকার মতো বাঁকানো ও পুরু চঞ্চুবিশিষ্ট কালো কুচকুচে বড়ো কাকজাতীয় পাখি যার স্বর কর্কশ এবং যা জীবজন্তুর দেহাবশেষ খেয়ে জীবনধারণ করে, দাঁড়কাক, raven।

দ্রোণপুষ্প /দ্রোনপুশ্পো/ [স. দ্রোণ+পুষ্প] বি. দণ্ডকলস ফুল।

দ্রোণি /দ্রোনি/ [স. √দ্রু+নি] বি. ১ ছোটো নৌকো-বিশেষ। ২ জলসেচনী, দুনি। ৩ মাটির কলসি। ৪ দুই পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি। ৫ বাঁশের তৈরি দুধ মাপার নল। ৬ গোরুর জাবের আধার।

দ্রোণিদল /দ্রোনিদল্/ [স. দ্রোণি+দল] বি. কেয়া-ফুলের গাছ।

দ্রোহ /দ্রোহো/ [স. √দ্রুহ্+অ] বি. ১ অন্যায়ের বিরুদ্ধাচরণ। ২ শত্রুতা; অপকার। ৩ নিজ দেশের ক্ষতিসাধন (*দেশদ্রোহ*)।

দ্রোহিতা /দ্রোহিতা/ [স. √দ্রুহ্+ইন্+তা] বি. শত্রুতা-মূলক আচরণ; ধ্বংসাত্মক কাজ।

দ্রোহী /দ্রোহি/ [স. √দ্রুহ্+ইন্] বি. বিণ. অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদকারী; বিদ্রোহী।

দ্রৌণি /দ্রৌণি/ [স. দ্রোণ+ই] বি. ১ মহাভারতোক্ত দ্রোণপুত্র অশ্বত্থামা। ২ যা দিয়ে জল সেচন করা হয়। ৩ ডিঙি। ৪ দুটি পর্বতের মধ্যবর্তী নিম্নভূমি।

দ্রৌপদী /দ্রৌপোদি/ [স. দ্রুপদ+অ+ঈ] বি. মহাভারতোক্ত পাঞ্চালরাজ দ্রুপদের কন্যা ও পঞ্চপাণ্ডবের পত্নী।

দ্রৌহিক /দ্রৌহিক্/ [স. দ্রোহ+ইক] বিণ. ১ শত্রু সম্বন্ধে উক্ত হয়েছে এমন। ২ দ্রোহের যোগ্য।

www.pathagar.com

ধ /ধ/

ধ /ধ/ বাংলা বর্ণমালার ঊনবিংশ ব্যঞ্জনবর্ণ এবং দন্ত্যদ্বারা উচ্চার্য ত-এর ঘোষ মহাপ্রাণ ধ্বনির দ্যোতক।

ধক /ধক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ হঠাৎ আগুন জ্বলে ওঠার অনুকার শব্দ। ২ ভয় বা অন্য কোনো কারণে হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দনের অনুকার শব্দ।

ধকধক /ধক্ধক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ দ্রুত আগুন জ্বলার অনুকার শব্দ। ২ দ্রুত হৃৎস্পন্দনের শব্দ।

ধকধকানি /ধক্ধকানি/ [বা.] অব্য. বি. দ্র ধকধক।

ধকধকানো /ধক্ধকানো/ [বা.] ক্রিবি. ধকধক করা।

ধকল /ধকোল্/ [বা.] বি. ১ ধাক্কা; আঘাত, চোট। ২ কাজের চাপ; খাটুনি। ৩ হাঙ্গামা, উৎপীড়ন।

ধকল সওয়া /ধকোল্ শওআ/ ক্রিবি. অত্যাচার সহ্য করা; ধাক্কা সওয়া।

ধঞ্চে /ধোনচে/ [দেশি.] বি. (সবুজসার পশুখাদ্য ও জ্বালানিরূপে ব্যবহৃত) নাইট্রোজেন ধরে রেখে মাটির উর্বরতা বৃদ্ধি করে এমন বর্ষজীবী শিম্বগোত্রীয় উদ্ভিদ, ধনিচা।

ধট /ধট্/ [স. √ধণ্+অ] বি. ১ ধড়া; কটিবসন। ২ তুলাদন্ড, দাঁড়িপাল্লা।

ধটধারী /ধটোধারি/ [স. ধট+√ধৃ+ইন্] বিণ. দাঁড়িপাল্লা ধরে এমন। বি. যে ব্যক্তি দাঁড়িপাল্লা ধরে।

ধটি /ধোটি/ [স. ধটী>] বি. ১ কোমরে পরার কাপড়; কৌপীন; ছেঁড়া কাপড় (*তোমার কটি-তটের ধটি কে দিল রাঙিয়া*— রবীন্দ্র.)। ২ ন্যাকড়া। ৩ ধড়া; ধুতি।

ধটিকা /ধোটিকা/ [স. ধটী+কন্+আ (টাপ্)] বি. ১ কোমরে পরার কাপড়; কটিবসন। ২ পুরোনো কাপড়। ৩ ওজনের পরিমাপবিশেষ।

ধড় /ধড়্/ [দেশি.] বি. মস্তকহীন সমগ্র দেহ; ঘাড় থেকে কোমর পর্যন্ত দেহের অংশ।

ধড়ফড় /ধড়্ফড়্/ [দেশি.] অব্য. বি. হৃৎপিণ্ডের দ্রুত স্পন্দন; অস্থিরতা, ছটফট।

ধড়ফড়ানি /ধড়্ফড়ানি/ [দেশি.] বি. ছটফটানি, অস্থিরতা; হাঁসফাঁস; হাঁপানি।

ধড়ফড়ানো /ধড়্ফড়ানো / [দেশি.] ক্রিবি. ধড়ফড় করা; চঞ্চল হওয়া।

ধড়ফড়ে /ধড়্ফড়ে/ [দেশি.] বিণ. ১ ছটফটে। ২ অধীর; ব্যস্তসমস্ত।

ধড়মড় /ধড়্মড়্/ [ধ্বন্যা.] অব্য. হঠাৎ ব্যস্ততার ভাব; উৎকণ্ঠার ভাব।

ধড়া /ধড়া/ [স. ধটিকা>] বি. ১ কটিবসন। ২ ধুতি।

ধড়াচূড়া /ধড়াচুড়া/ [বা. ধড়া+স. চূড়া] বি. ১ শ্রীকৃষ্ণের কটিবাস ও মুকুট। ২ (আল.) আনুষ্ঠানিক সাজপোশাক; বিসদৃশ সাজপোশাক।

ধড়াম /ধড়াম্/ [ধ্বন্যা.] অব্য. বি. হঠাৎ পড়ে যাওয়ার অনুকার শব্দ।

ধড়াস /ধড়াশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ দ্রুত হৃৎস্পন্দনের অনুকার শব্দ। ২ ভারী বস্তু পড়ার শব্দ।

ধড়ি /ধোড়ি/ [স. ধটী>] বি. ১ ধড়া। ২ কটিবসন।

ধড়িবাজ /ধোড়িবাজ্/ [বা. ধড়ি+ফা. বাজ] বিণ. ১ ফন্দিবাজ। ২ অতি চতুর ও কূটকৌশলী।

ধড়িবাজি /ধোড়িবাজি/ [বা. ধড়ি+ফা. বাজি] বি. ধড়িবাজের আচরণ, ধূর্তামি।

ধন /ধন/ [স. √ধন+অ] বি. ১ টাকাকড়ি, ধনসম্পত্তি; স্থাবর ও অস্থাবর সম্পত্তি। ২ যোগচিহ্ন (+)। ৩ ধনিষ্ঠা নক্ষত্র। ৪ স্নেহপূর্ণ সম্বোধন (*বাছাধন*)।

ধনকষ্ট /ধনোকশ্টো/ [স. ধন+√কষ্+ত] বি. টাকা-পয়সার অভাবজনিত ক্লেশ, আর্থিক অনটন।

ধনকাম /ধনোকাম/ [স. ধন+কাম] বিণ. অর্থলোভী।

ধনকুবের /ধনোকুবের্/ [স. ধন+কুবের] বি. ধনের অধিদেবতা। বিণ. (আল.) ধনদেবতা কুবেরের মতো অঢেল সম্পদের অধিকারী।

ধনক্ষয় /ধনোক্খয়্/ [স. ধন+ক্ষয়] বি. সম্পদের অপচয়, টাকার অপব্যয়।

ধনগর্ব /ধনোগর্বো/ [স. ধন+গর্ব] বি. টাকার অহংকার।

ধনগৃধ্নু /ধনোগৃধ্নু/ [স. ধন+√গৃধ্+নু] বিণ. অর্থ-লোভী, অর্থলিপ্সু।

ধনগৌরব /ধনোগোড়্রব্/ [স. ধন+গৌরব] বি. ১ ধনের অহংকার। ২ ধনের মাহাত্ম্য।

ধনজন /ধনোজন্/ [স. ধন+√জন্+অ] বি. অর্থবল ও লোকবল।

ধনঞ্জয় /ধনোন্জয়্/ [স. ধন+√জি+অ] বি. ১ যিনি ধন জয় করেছেন। ২ মহাভারতোক্ত তৃতীয় পান্ডব

www.pathagar.com

অর্জুন। ৩ অর্জুন বৃক্ষ। ৪ অগ্নি। ৫ শরীরের বায়ু।

ধনতন্ত্র /ধনোতন্ত্রো/ [স. ধন+√তন্+ত্র] বি. ১ ব্যক্তিগত মালিকানা স্বীকৃতি পায় এমন শাসন-ব্যবস্থা। ২ পুঁজিবাদ।

ধনতান্ত্রিক /ধনোতান্ত্রিক্/ [স. ধনতন্ত্র+ইক] বিণ. ধনতন্ত্রের অধীন; পুঁজিবাদী।

ধনতৃষা /ধনোতৃশা/ [স. ধন+√তৃষ্+অ+আ (টাপ্)] বি. অর্থলাভের প্রবল বাসনা, অর্থলালসা।

ধনতৃষ্ণা /ধনোতৃশ্না/ [স. ধন+√তৃষ্+ন+আ (টাপ্)] বি. দ্র ধনতৃষা।

ধনদ /ধনোদো/ [স. ধন+√দা+অ] বি. ১ ধনদেবতা কুবের। ২ হিজল গাছ। বিণ. ধনদাতা।

ধনদণ্ড /ধনোদন্ডো/ [স. ধন+√দণ্ড্+অ] বি. অর্থ-দণ্ড, জরিমানা।

ধনদর্প /ধনোদর্পো/ [স. ধন+√দৃপ্+অ] বি. অর্থের অহংকার, টাকার দেমাক।

ধনদা /ধনোদা/ [স. ধন+√দা+অ+আ (টাপ্)] বিণ. ধনদাত্রী। বি. ধনের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী।

ধনদাতা /ধনোদাতা/ [স. ধন+√দা+তৃ] বি. যে ধন দান করে। বিণ. ধনদানকারী। স্ত্রী. ধনদাত্রী /ধনোদাত্রি/।

ধনদায়ক /ধনোদায়ক্/ [স. ধন+দায়ক] বিণ. ধন দান করে এমন। স্ত্রী. ধনদায়িকা /ধনোদায়িকা/।

ধনদায়ী/ধনোদায়ি/[স. ধন+√দা+ইন্] বিণ. ধনদায়ক, ধনদানকারী। স্ত্রী. ধনদায়িনী /ধনোদায়িনি/।

ধনদাস /ধনোদাশ্/ [স. ধন+দাস] বি. ১ যে ব্যক্তি অর্থের জন্য দাসত্ব স্বীকার করে। ২ ব্যয়কুণ্ঠ ও অর্থলিপ্সু ব্যক্তি।

ধনদৃপ্ত /ধনোদ্পতো/ [স. ধন+√দৃপ্+ত] বিণ. উদ্ধত ও ধনের দর্পযুক্ত।

ধনদেব /ধনোদেব্/ [স. ধন+দেব] বি. ধনের দেবতা কুবের।

ধনদেবতা /ধনোদেবোতা/ [স. ধন+দেবতা] বি. দ্র ধনদেব।

ধনদৌলত /ধনদৌল্‌ত্/ [স. ধন+আ. দৌলত] বি. ধনসম্পদ ও ঐশ্বর্য।

ধনধান্য /ধনোধান্নো/ [স. ধন+ধান্য] বি. টাকাকড়ি ও শস্যের প্রাচুর্য (*ধন-ধান্য-পুষ্প-ভরা আমাদের এই বসুন্ধরা;* দ্বিজেন্দ্র.)।

ধননাশ /ধনোনাশ্/ [স. ধন+√নশ্+অ] বি. অর্থের অপচয়, ধনক্ষয়।

ধননিয়োগ /ধনোনিয়োগ্/ [স. ধন+নিয়োগ] বি. ব্যাবসাবাণিজ্যে অর্থনিয়োগ, বিনিয়োগ।

ধনপতি /ধনোপোতি/ [স. ধন+পতি] বি. ১ বিপুল ধনসম্পদের অধিকারী ব্যক্তি। ২ চণ্ডীমঙ্গলকাব্যে বর্ণিত জনৈক বণিক। ৩ ধনদেবতা কুবের।

ধনপাল /ধনোপাল্/ [স. ধন+√পালি+অ] বি. ১ ধনের রক্ষক; কোষাধ্যক্ষ। ২ ধনকুবের।

ধনপিপাসা /ধনোপিপাশা/ [স. ধন+পিপাসা] বি. ধনলাভের প্রবল আকাঙ্ক্ষা, ধনতৃষ্ণা, অর্থলিপ্সা।

ধনপিশাচ /ধনোপিশাচ্/ [স. ধন+পিশাচ] বিণ. ধনের জন্য মনুষ্যত্ব বিসর্জন দিতে পারে এমন। বি. অতিশয় কৃপণ ব্যক্তি। স্ত্রী. ধনপিশাচী /ধনো-পিশাচি/।

ধনপ্রয়োগ /ধনোপ্রোয়োগ্/ [স. ধন+প্রয়োগ] বি. অর্থ বিনিয়োগ।

ধনপ্রাণ /ধনোপ্রান্/ [স. ধন+প্রাণ] বি. ধনসম্পত্তি ও জীবন।

ধনবত্তা /ধনোবত্তা/ [স. ধনবৎ+তা] বি. ধনশালিতা; সমৃদ্ধি।

ধনবান /ধনোবান্/ [স. ধন+বৎ] বিণ. ধনী, বিত্তশালী। স্ত্রী. ধনবতী /ধনোবোতি/।

ধনবিজ্ঞান /ধনোবিগ্‌গ্যান্/ [স. ধন+বিজ্ঞান] বি. ধনসম্পদের উৎপাদন ব্যবহার ও বণ্টনবিষয়ক শাস্ত্র, অর্থশাস্ত্র, অর্থনীতি; economics।

ধনবিজ্ঞানী /ধনোবিগ্‌গ্যানি/ [স. ধনবিজ্ঞান+ঈ] বি. ধনবিজ্ঞানবিদ, অর্থনীতিবিদ।

ধনবিদ্যা /ধনোবিদ্‌দা/ [স. ধন+√বিদ্+য+আ (টাপ্)] বি. দ্র ধনবিজ্ঞান।

ধনবিনিয়োগ /ধনোবিনিয়োগ্/ [স. ধন+বিনিয়োগ] বি. ব্যাবসাবাণিজ্যে অর্থ বিনিয়োগ, অর্থলগ্নি।

ধনবিভাগ /ধনোবিভাগ্/ [স. ধন+বিভাগ] বি. ১ ধন-সম্পত্তির বিভাজন। ২ উত্তরাধিকারীদের মধ্যে ধনসম্পত্তি বণ্টন।

ধনবৃদ্ধি /ধনোবৃদ্‌ধি/ [স. ধন+√বৃধ্+তি] বি. টাকাকড়ি ও সম্পত্তির সমৃদ্ধি।

ধনভান্ডার /ধনোভান্‌ডার্/ [স. ধন+বা. ভান্ডার] বি. ধনাগার, কোষাগার, খাজাঞ্চিখানা, treasury।

ধনমদ /ধনোমদ্/ [স. ধন+মদ] বি. টাকাকড়ির অহংকার, টাকার গর্ব।

ধনলাভ /ধনোলাভ্/ [স. ধন+লাভ] বি. অর্থাগম।

ধনলালসা /ধনোলালোশা/ [স. ধন+লালসা] বি. টাকার লোভ, অর্থলিপ্সা।

ধনলিপ্সা /ধনোলিপ্‌শা/ [স. ধন+√লিপ্স্+অ+আ (টাপ্)] বি. ধনার্জনের তীব্র বাসনা।

ধনলুব্ধ /ধনোলুব্‌ধো/ [স. ধন+√লুভ্+ত] বিণ.

www.pathagar.com

অর্থলিপ্সু।

ধনলোভী /ধনোলোভি/ [স. ধন+√লুভ্+ইন্] বিণ. ধনলিপ্সু, অর্থলোলুপ।

ধনশালিতা /ধনোশালিতা/ [স. ধনশালী+তা] বি. বিত্তশালিতা; সমৃদ্ধি।

ধনশালী /ধনোশালি/ [স. ধন+√শাল্+ইন্] বিণ. ধনাঢ্য। স্ত্রী. ধনশালিনী /ধনোশালিনি/।

ধনশ্রী /ধনোস্রি/ [স. ধন+√শ্রি+ক্বিপ্] বি. রাত্রির চতুর্থ প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ধনসম্পত্তি /ধনোশম্পোত্তি/ [স. ধন+সম্+√পদ্+তি] বি. টাকা ও ভূসম্পত্তি।

ধনসম্পদ /ধনোশম্পদ্/ [স. ধন+সম্পদ] বি. দ্র ধনসম্পত্তি।

ধনস্থান /ধনোস্থান/ [স. ধন+স্থান] বি. লোক-বিশ্বাসমতে ধনলাভের অনুকূল লগ্ন।

ধনহর্তা /ধনোহর্তা/ [স. ধন+√হৃ+তৃ] বিণ. অন্যের ধন অপহরণকারী। বি. চোর, তস্কর।

ধনহানি /ধনোহানি/ [স. ধন+হানি] বি. টাকাকড়ির অপব্যয়, অর্থনাশ।

ধনহারক /ধনোহারক্/ [স. ধন+√হৃ+অক] বিণ. ধন অপহরণকারী। বি. তস্কর, চোর। স্ত্রী. ধনহারিকা /ধনোহারিকা/।

ধনহারী /ধনোহারি/ [স. ধন+√হৃ+ইন্] বিণ. অন্যের ধন অপহরণকারী। বি. চোর। স্ত্রী. ধনহারিণী /ধনোহারিনি/।

ধনহীন /ধনোহিন্/ [স. ধন+√হা+ত] বিণ. ধন নেই এমন, দরিদ্র। স্ত্রী. ধনহীনা /ধনোহিনা/।

ধনাকাঙ্ক্ষা /ধনাকাংখা/ [স. ধন+আকাঙ্ক্ষা] বি. ধনলাভের বাসনা, ধনস্পৃহা।

ধনাগম /ধনাগম্/ [স. ধন+আগম] বি. অর্থাগম।

ধনাগার /ধনাগার্/ [স. ধন+আগার] বি. ধনভাণ্ডার, কোষাগার, খাজাঞ্চিখানা।

ধনাঢ্য /ধনাঢ্যো/ [স. ধন+আ+√ধ্যৈ+অ] বিণ. ধনশালী, ধনী। স্ত্রী. ধনাঢ্যা /ধনাঢ্যা/।

ধনাত্মক /ধনাত্তঁক্/ [স. ধন+আত্মন্+ক] বিণ. বিদ্যমান আছে এমন। বি. ১ যোগচিহ্ন (+)। ২ শূন্যের চেয়ে বড়ো রাশি।

ধনাধার /ধনাধার্/ [স. ধন+আধার] বি. ধন রাখার আধার, সিন্দুক।

ধনাধিকার /ধনাধিকার্/ [স. ধন+অধিকার] বি. ১ ধনের স্বত্ব। ২ উত্তরাধিকার সূত্রে ধনলাভের স্বত্ব।

ধনাধিপ /ধনাধিপো/ [স. ধন+অধিপ] বি. ধনের অধিপতি; ধনবান ব্যক্তি।

ধনাধিপতি /ধনাধিপোতি/ [স. ধন+অধিপতি] বি. দ্র ধনাধিপ।

ধনাধ্যক্ষ /ধনাদ্ধোক্খো/ [স. ধন+অধ্যক্ষ] বি. ১ কোষাধ্যক্ষ। ২ তহবিলদার।

ধনাপহারী /ধনাপোহারি/ [স. ধন+অপহার+ইন্] বিণ. ধন অপহরণকারী। বি. চোর, তস্কর। স্ত্রী. ধনাপহারিণী /ধনাপোহারিনি/।

ধনার্চিত /ধনারচিতো/ [স. ধন+অর্চিত] বিণ. ১ ধন আছে বলে আদৃত। ২ ধনাঢ্য। স্ত্রী. ধনার্চিতা /ধনারচিতা/।

ধনার্জন /ধনারজোন্/ [স. ধন+অর্জন] বি. আয়, রোজগার।

ধনি[১] /ধোনি/ [স. ধনিকা >] বি. ১ সুন্দরী নারী। ২ যুবতি। ৩ কুলবধূ।

ধনি[২]/ধোনি/ [স. ধন্য >] বিণ. ১ সাধুবাদ জ্ঞাপনের যোগ্য। ২ প্রশংসনীয়া। ৩ ভাগ্যবতী।

ধনিক /ধোনিক্/ [স. ধন+ইক] বিণ. ধনী, উচ্চবিত্ত। বি. পুঁজিপতি, মহাজন।

ধনিকতন্ত্র /ধোনিক্তন্ত্রো/ [স. ধনিক+তন্ত্র] বি. ধনিকশ্রেণির শাসনব্যবস্থা, ধনতন্ত্র।

ধনিকশ্রেণি /ধোনিক্স্রেনি/ [স. ধনিক+শ্রেণি] বি. উচ্চবিত্তশ্রেণি, অভিজাতশ্রেণি।

ধনিকা /ধোনিকা/ [স. ধনিক+আ (টাপ্)] বি. ধনিকের পত্নী। বিণ. সুন্দরী।

ধনিচা /ধোনিচা/ [দেশি.] বি. (সবুজসার পশুখাদ্য ও জ্বালানিরূপে ব্যবহৃত) নাইট্রোজেন ধরে রেখে মাটির উর্বরতা বৃদ্ধি করে এমন বর্ষজীবী শিম্বগোত্রীয় উদ্ভিদবিশেষ।

ধনিয়া /ধোনিআ/ [স. ধন্য >] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ ইউরোপ ও এশিয়া মাইনরে জাত বর্ষজীবী ধন্যাকগোত্রের (umbelliferous) উদ্ভিদের মৃদুগন্ধ বীজ যা রান্নার মসলারূপে ব্যবহৃত হয়, ধনে।

ধনিষ্ঠ /ধোনিশ্ঠো/ [স. ধনবৎ+ইষ্ঠ] বিণ. ধনাঢ্য; ধনিশ্রেষ্ঠ।

ধনিষ্ঠা /ধোনিশ্ঠা/ [স. ধনিষ্ঠ+আ (টাপ্)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের ত্রয়োবিংশ নক্ষত্র।

ধনী /ধোনি/ [স. ধন+ইন্] বিণ. ১ ধনবান, বিত্তশালী; মহাজন। ২ দক্ষ, কুশল। স্ত্রী. ধনিনী /ধোনিনি/।

ধনু /ধোনু/ [স. √ধন্+উস্] বি. ১ যা থেকে শর বা তির নিক্ষেপ করা হয়, ধনুক। ২ দ্বাদশ রাশিচক্রের নবম রাশি, Sagittarius। ৩ চার হাত দৈর্ঘ্য। ৪ পিয়াল বৃক্ষ। ৫ (বাংলায়) রংধনু।

www.pathagar.com

ধনুঃকাণ্ড /ধোনুক্‌কান্‌ডো/ [স. ধনুস্‌+কাণ্ড] বি. ধনুক ও তির।

ধনুঃপট /ধোনুপ্‌পট্‌/ [স. ধনুস্‌+পট] বি. পিয়াল বৃক্ষ।

ধনুঃশর /ধোনুশ্‌শর্‌/ [স. ধনুস্‌+শর] বি. তিরধনুক।

ধনুক /ধোনুক্‌/ [স. ধনুস্‌ >] বি. 'ধনু'-র চলিত রূপ।

ধনুকভাঙা পণ /ধোনুক্‌ভাঙা পন্‌/ বি. দ্র ধনুর্ভঙ্গ পণ।

ধনুর্গুণ /ধোনুর্‌গুন্‌/ [স. ধনুস্‌+গুণ] বি. ধনুকের ছিলা।

ধনুর্ধর /ধোনুর্‌ধর্‌/ [স. ধনুস্‌+√ধৃ+অ] বি. যে ব্যক্তি তিরধনুক দিয়ে যুদ্ধ করে। বিণ. ১ তিরধনুক চালনায় পারদর্শী। ২ (আল.) দক্ষ ও নিপুণ।

ধনুর্ধারী /ধোনুর্‌ধারি/ [স. ধনুস্‌+√ধৃ+ইন্‌] বি. যে ব্যক্তি তীরধনুক দিয়ে যুদ্ধ করে, তিরন্দাজ। স্ত্রী. ধনুর্ধারিণী /ধোনুর্‌ধারিনি/।

ধনুর্বাণ /ধোনুর্‌বান্‌/ [স. ধনুস্‌+বাণ] বি. ধনুক ও তির।

ধনুর্বিদ্যা /ধোনুর্‌বিদ্‌যা/ [স. ধনুস্‌+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. ধনুক চালনাসম্বন্ধীয় বিদ্যা।

ধনুর্বেদ /ধোনুর্‌বেদ্‌/ [স. ধনুস্‌+বেদ] বি. যজুর্বেদের উপবেদ নামে খ্যাত বিশ্বামিত্রপ্রণীত ধনুর্বিদ্যাশাস্ত্র।

ধনুর্ভঙ্গ পণ /ধোনুর্‌ভংগো পন্‌/ বি. ১ রামায়ণোক্ত সীতার বিবাহে হরধনু ভঙ্গ করার কঠিন শর্ত। ২ (আল.) অতি কঠোর প্রতিজ্ঞা।

ধনুর্মার্গ /ধোনুর্‌মারগো/ [স. ধনুস্‌+মার্গ] বি. ১ ধনুকের মতো বাঁকা পথ। ২ (আল.) অত্যন্ত দুরূহ কাজ।

ধনুষ্কর /ধোনুশ্‌কর্‌/ [স. ধনুস্‌+কর] বি. যে ব্যক্তি ধনুক ধারণ করে। বিণ. ধনুর্ধারী।

ধনুষ্কোটি /ধোনুশ্‌কোটি/ [স. ধনুস্‌+কোটি] বি. ১ ধনুকের অগ্রভাগ। ২ ভারতের দক্ষিণ প্রান্তে অবস্থিত তীর্থস্থানবিশেষ।

ধনুষ্টংকার /ধোনুশ্‌টংকার্‌/ [স. ধনুস্‌+টংকার] বি. ১ ধনুকের ছিলা আকর্ষণের পর ছেড়ে দিলে যে শব্দ হয়। ২ শরীর ধনুকের মতো বাঁকা হয়ে যায় এমন ব্যাকটেরিয়াজনিত আক্ষেপরোগ, tetanus।

ধনে /ধোনে/ [স. ধন্য >] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ ইউরোপ ও এশিয়া মাইনরে জাত বর্ষজীবী ধন্যাকগোত্রের (umbelliferous) উদ্ভিদের মৃদুগন্ধ বীজ যা রান্নার মসলারূপে ব্যবহৃত হয়, ধনিয়া।

ধনেপাতা /ধোনেপাতা/ [বা.] বি. ধন্যাকগোত্রের (umbelliferous) উদ্ভিদের মৃদু গন্ধযুক্ত পাতা যা স্বাদবৃদ্ধির জন্য ব্যঞ্জনের সঙ্গে মেশানো হয়।

ধনেশ[১] /ধনেশ্‌/ [স. ধন+ঈশ] বি. ধনদেবতা, কুবের। বিণ. ধনবান, ধনী।

ধনেশ[২] /ধনেশ্‌/ [বা.] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন বড়ো মাথা প্রশস্ত ডানা লম্বা লেজ ও ধনুকাকৃতি চঞ্চুবিশিষ্ট কালো বা বাদামি পালকাবৃত পাখি (যার পুরুষ প্রজাতি স্ত্রী প্রজাতিকে মাটির দেওয়াল তুলে নীড়ে আবদ্ধ রেখে একটি সরু ছিদ্র দিয়ে খাদ্য সরবরাহ করে এবং ডিম থেকে ছানা বেরুনোর পর মা-পাখি দেওয়াল ভেঙে বেরিয়ে আসে), hornbill।

ধনেশ্বর /ধনেশ্‌শর্‌/ [স. ধন+ঈশ্বর] বি. ১ ধনদেবতা কুবের। ২ ধনবানদের মধ্যে যার ধন সবচেয়ে বেশি; ধনের ঈশ্বর। বিণ. অতিশয় বিত্তবান।

ধন্দ /ধন্‌দো/ [স. দ্বন্দ্ব >] বি. ১ ধাঁধা; সন্দেহ। ২ দৃষ্টিভ্রম। ৩ সাংসারিক ভাবনাচিন্তা। বিণ. মিথ্যা।

ধন্ধ /ধন্‌ধো/ [স. দ্বন্দ্ব >] বি. বিণ. দ্র ধন্দ।

ধন্না /ধন্‌না/ [আঞ্চ.] বি. দ্র ধরনা[২]।

ধন্ব /ধন্‌নো/ [স. √ধন্‌+ব] বি. ১ ধনুক। ২ মরুভূমি।

ধন্বধারী /ধন্‌নোধারি/ [স. ধন্ব+√ধৃ+ইন্‌] বিণ. ধনুক ধারণকারী, ধনুর্ধর, তিরন্দাজ, ধন্বী।

ধন্বন্তরি /ধন্‌নোন্‌তোরি/ [স. ধন্বন্ত+√ঋ+ই] বি. ১ পুরাণোক্ত দেবচিকিৎসক। ২ (আল.) অত্যন্ত দক্ষ চিকিৎসক। ৩ রোগ নিরাময়ের অব্যর্থ ওষুধ।

ধন্বা /ধন্‌না/ [স. √ধন্‌+অন্‌] বি. দ্র ধন্ব।

ধন্য /ধোন্‌নো/ [স. ধন+য] বিণ. ১ সাধুবাদের যোগ্য। ২ সৌভাগ্যশালী। ৩ কৃতার্থ। বি. ধন্যবাদ।

ধন্যবাদ /ধোন্‌নোবাদ্‌/ [স. ধন্য+√বাদি+অ] বি. সৌজন্যসূচক উক্তি; সাধুবাদ; thanks।

ধন্যবাদান্তে /ধোন্‌নোবাদান্‌তে/ [বা.] ক্রিবিণ. (সচরাচর চিঠির শেষে লেখা হয়) ধন্যবাদসহকারে।

ধন্যবাদার্হ /ধোন্‌নোবাদার্‌হো/ [স. ধন্যবাদ+√অর্হ্‌+অ] বিণ. ধন্যবাদ জ্ঞাপনের যোগ্য। স্ত্রী. ধন্যবাদার্হা /ধোন্‌নোবাদার্‌হা/।

ধন্যাক /ধোন্‌নাক্‌/ [স. ধন্যা+ক (স্বার্থে)] বি. ধনিয়া।

ধন্যি /ধোন্‌নি/ [স. ধন্য >] বিণ. সাধুবাদের যোগ্য (*ধন্যি মেয়ে*); 'ধন্য'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

ধপ /ধপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ধপাস।

ধপধপ /ধপ্‌ধপ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ ক্রমাগত ধপ শব্দ; বারবার ভারী জিনিস পতনের শব্দ। ২ আগুন জ্বলার অনুকার শব্দ।

ধপধপে /ধপ্‌ধোপে/ [বা.] বিণ. দ্র ধবধবে।

ধপাৎ /ধপাত্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ধপাস।

ধপাস /ধপাশ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ভারী বস্তু পতনের অনুকার শব্দ।

ধব /ধবো/ [স. √ধু+অ] বি. ১ স্বামী, পতি (*বিধব্য*)। ২ মানুষ। ৩ অধিপতি। ৪ ধূর্ত ব্যক্তি।

ধবধব /ধব্‌ধব্‌/ [ধ্বন্যা.] অব্য. শুভ্রতার ভাব।

www.pathagar.com

ধবধবে /ধব্‌ধোবে/ [ধ্বন্যা.] বিণ. শুভ্র ও উজ্জ্বল।

ধবল /ধবোল্‌/ [স. ধাব+√লা+অ] বিণ. ১ সাদা, শুভ্র। ২ নির্মল। ৩ সুন্দর। বি. ১ সাদা রং। ২ (বাংলায়) যে রোগে শরীরের চামড়া চুল ও রোমরাজি সাদা হয়ে যায়।

ধবলগিরি /ধবোল্‌গিরি/ [স. ধবল+√গু+ই] বি. ১ হিমালয়ের তুষারাবৃত শৃঙ্গবিশেষ। ২ বরফে ঢাকা পাহাড়। ৩ পুরাণোক্ত পর্বতবিশেষ।

ধবলতা /ধবোলতা / [স. ধবল+তা] বি. শুভ্রতা।

ধবলধোলাই /ধবোল্‌ধোলাই / [বা.] বি. ক্রিকেট ফুটবল প্রভৃতি টুর্নামেন্টের খেলার প্রতিটি ম্যাচে প্রতিপক্ষকে পরাজিতকরণ, whitewash।

ধবলপক্ষ /ধবোল্‌পোক্‌খো/ [স. ধবল+পক্ষ] বি. ১ শুক্লপক্ষ। ২ হাঁস।

ধবলমৃত্তিকা /ধবোলম্‌তিকা/ [স. ধবল+মৃত্তিকা] বি. সাদা মাটি, খড়িমাটি।

ধবলা /ধবোলা / [স. ধবল+আ (টাপ্‌)] বি. সাদা গাভি।

ধবলিত /ধবোলিতো/ [স. ধবল+ইত] বিণ. সাদা করা হয়েছে এমন; সাদা হয়ে গেছে এমন।

ধবলিমা /ধবোলিমা / [স. ধবল+ইমন্‌] বি. ১ শুক্লতা, শুভ্রত্ব। ২ রক্তশূন্যতাজনিত ফ্যাকাশে ভাব।

ধবলী /ধবোলি / [স. ধবল+ঈ] বি. সাদা রঙের গাভি (*ওই ডাকে শোনো ধেনু ঘন ঘন, ধবলীরে আনো গোহালে* রবীন্দ্র.)।

ধবলীকৃত /ধবোলিক্‌কৃতো/ [স. ধবল+ঢ্বি+কৃত] বিণ. সাদা করা হয়েছে এমন।

ধবলীভূত /ধবোলিভূতো/ [স. ধবল+ঢ্বি+ভূত] বিণ. সাদা হয়ে গিয়েছে এমন।

ধম /ধম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ভারী জিনিস পতনের অনুকার শব্দ।

ধমক /ধমোক্‌/ [স. √ধ্মা+অক] বি. ভর্ৎসনা; হুংকার।

ধমকানি /ধম্‌কানি/ [বা.] বি. ধমক, ভর্ৎসনা।

ধমকানো /ধম্‌কানো/ [বা.] ক্রিবি. ধমক দেওয়া।

ধমকি /ধম্‌কি/ [দেশি.] বি. 'ধমক'-এর আঞ্চলিক রূপ।

ধমধম /ধম্‌ধম্‌/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ধম শব্দ।

ধমন /ধমোন্‌/ [স. √ধম্‌+অন] বি. ১ প্রজ্জ্বালন। ২ নল। ৩ যে ব্যক্তি কামারের হাপর চালায়।

ধমনি /ধমোনি/ [স. √ধম্‌+অনি] বি. হৃদ্‌যন্ত্র থেকে শরীরের বিভিন্ন অঙ্গপ্রত্যঙ্গে রক্তবাহী নাড়ি, artery। তুল. শিরা[১] (পৃ ১২৩৭)।

ধমনিজাল /ধমোনিজাল্‌/ [স. ধমনি+√জল্‌+অ] বি. জীবদেহের সর্বত্র বিস্তৃত ধমনিসমূহ।

ধম্বল /ধম্‌বোল / [হি.] বি. ঢ্যাঁড়া পিটিয়ে প্রচারণা।

ধম্ম /ধম্‌মো/ [স. ধর্ম >] বি. 'ধর্ম'-র প্রাকৃত রূপ।

ধম্মিল /ধোম্‌মিল্‌ / [স. ধম্মিল্ল >] বি. চুলের খোঁপা।

ধম্মিল্ল /ধোম্‌মিল্‌লো / [স. ধম্‌+√মিল্‌+অ] বি. দ্র ধম্মিল।

ধর[১] /ধর্‌/ [স. √ধৃ >] অনুক্রি. আদর বা তুচ্ছার্থে ধরবার অনুজ্ঞা।

ধর[২] /ধর / [স. √ধৃ+অ] বি. পদবিবিশেষ।

-ধর[৩] /ধর্‌/ [স. √ধৃ+অ] বিণ. ধারণ করে এমন (*শক্তিধর*)।

ধরণি /ধরোনি / [স. √ধৃ+অনি] বি. ১ পৃথিবী, ধরা, ধরিত্রী; যে সব কিছু ধারণ করে। ২ শিমুল গাছ।

ধরণিকীলক /ধরোনিকিলক্‌/ [স. ধরণি+কীলক] বি. পাহাড়।

ধরণিজ /ধরোনিজো/ [স. ধরণি+√জন্‌+অ] বিণ. পৃথিবীজাত।

ধরণিতল /ধরোনিতল্‌/ [স. ধরণি+তল] বি. পৃথিবীর উপরিভাগ, ভূপৃষ্ঠ, ভূমি।

ধরণিধর /ধরোনিধর্‌ / [স. ধরণি+ধর] বি. ১ যে পৃথিবীকে ধরে আছে। ২ পর্বত। ৩ পুরাণোক্ত বাসুকিনাগ।

ধরণিপতি /ধরোনিপোতি/ [স. ধরণি+√পা+অতি] বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ রাজা, ভূপতি, সম্রাট।

ধরণিভৃৎ /ধরোনিভৃত/ [স. ধরণি+√ভৃ+ক্বিপ্‌] বি. দ্র ধরণিপতি।

ধরণিসুত /ধরোনিশুতো/ [স. ধরণি+সুত] বি. ১ মঙ্গলগ্রহ। ২ পুরাণোক্ত নরকের অসুর।

ধরণিসুতা /ধরোনিশুতা/ [স. ধরণি+সুতা] বি. রামায়ণোক্ত রামের পত্নী সীতা।

ধরণীশ্বর /ধরোনিশ্‌শর্‌/ [স. ধরণি+ঈশ্বর] বি. দ্র ধরণিপতি।

ধরতা /ধর্‌তা/ [হি.] বি. ১ ওজনে যেটুকু বেশি দেওয়া হয়; ধরতি। ২ মূল গায়েনের মুখ থেকে দোহার যে পদ ধরে নেয়।

ধরতি /ধোর্‌তি/ [হি.] বি. বিক্রয়কালে ক্রেতাকে অতিরিক্ত যে পরিমাণ জিনিস দেওয়া হয়, ফাউ।

ধরন /ধরোন্‌/ [স. √ধৃ+অন] বি. ১ পদ্ধতি, প্রণালি। ২ বর্ষণবিরতি। ৩ আকৃতি। ৪ ভঙ্গি; চালচলন।

ধরনধারণ /ধরোনধারোন্‌ / [স. ধরন+ধারণ] বি. চালচলন, হাবভাব; রীতিনীতি।

ধরনা[১] /ধর্‌না / [দেশি.] বি. ১ কাঁচাবাড়ির ছাদ যে কাঠের ওপর ভর করে থাকে, আড়া, কড়ি। ২ যে বাঁশ ধরে ঢেঁকিতে পাড় দেওয়া হয়। ৩ সাঁকোর পার্শ্ববর্তী হাতল (পার হওয়ার সময় যা ধরে

www.pathagar.com

ভারসাম্য রক্ষা করা হয়)।

ধরনা[২] /ধর্‌না/ [হি.] বি. ১ অভীষ্ট পূরণের জন্য আমৃত্যু দেবালয়ে অবস্থান। ২ দাবি আদায়ের জন্য দীর্ঘকাল অবস্থান।

ধরপাকড় /ধর্‌পাকোড়্/ [স. ধর+হি. পাকড়] বি. ১ অপরাধ দমন বা বিশেষ উদ্দেশ্যে পুলিশের ব্যাপক গ্রেফতারি অভিযান। ২ পীড়াপীড়ি, ধরাধরি।

ধরা[১] /ধরা/ [স. √ধৃ+অ+আ (টাপ্)] বি. পৃথিবী।

ধরা[২] /ধরা/ [স. ধর >] ক্রিবি. ১ ধারণ করা (*হাত ধরা*)। ২ লুফে নেওয়া (*ক্যাচ ধরা*)। ৩ গ্রেফতার করা (*চোর ধরা*)। ৪ শরণাপন্ন হওয়া (*দালাল ধরা*)। ৫ পশ্চাদ্‌গামী হওয়া (*পিছু ধরা*)। ৬ অভ্যাস করা (*সিগারেট ধরা*)। ৭ কার্যকর হওয়া (*ওষুধ ধরা*)। ৮ যন্ত্রণা বোধ করা (*মাথা ধরা*)। ৯ সংকুলান হওয়া (*বাক্সে ধরা*)। ১০ স্বর বিকৃত হওয়া (*গলা ধরা*)। ১১ আরম্ভ করা (*গান ধরা*)। ১২ গজানো (*গাছে ফুল ধরা*)। ১৩ থেমে আসা (*বৃষ্টি ধরা*)। ১৪ প্রজ্বলিত হওয়া (*আগুন ধরা*)। ১৫ স্থির করা (*দাম ধরা*)। ১৬ আবদ্ধ করা (*হাতি ধরা*)। ১৭ পছন্দ হওয়া (*মনে ধরা*)। ১৮ রান্নার সময় শুকিয়ে যাওয়ার ফলে অতিরিক্ত তাপে পুড়ে তলায় লেগে যাওয়া (*ভাত ধরে যাওয়া*)। ১৯ অনুভূত হওয়া (*ভয় ধরা*)। ২০ খোঁজা (*খুঁত ধরা*)। ২১ রক্ষা করা (*গোল ধরা*)। ২২ আঁকড়ে থাকা (*গোঁ ধরা*)। বি. বিণ. অপহরণকারী (*ছেলেধরা*)।

ধরা[৩] /ধরা/ [স. ধট>] বি. তুলাযন্ত্রের পাল্লা।

ধরাকাট /ধরাকাট্/ [বা.] বি. ১ কঠোর নিয়মানুবর্তিতা। ২ নিয়ম পালন; সংযম।

ধরাছোঁয়া /ধরাছোঁআ/ [বা.] বি. ১ সান্নিধ্য, নাগাল। ২ বোধগম্যতা (*বিষয়টি ওর ধরাছোঁয়ার বাইরে*)।

ধরাট /ধরাট্/ [বা.] বি. ১ কেনাবেচার নির্দিষ্ট দস্তুরি, বাটা, ছাড়। ২ বাঁশের তৈরি নৌকার পাটাতন।

ধরাতল /ধরাতল্/ [স. ধরা+তল] বি. ভূপৃষ্ঠ।

ধরা দেওয়া /ধরা দেওআ/ ক্রিবি. ১ প্রীতির বন্ধন স্বীকার করা। ২ আত্মসমর্পণ করা।

ধরাধর /ধরাধর্/ [স. ধরা+ধর] বি. পর্বত, পাহাড়।

ধরাধরি /ধরাধোরি/ [বা.] বি. ১ অনুগ্রহ লাভের জন্য বিনীত অনুরোধ; অনুনয়; তোষামোদ, পীড়াপীড়ি (*চাকরির জন্য ধরাধরি*)। ২ ধরপাকড় (*ব্যাপক ধরাধরি*)। ৩ একত্রে বহন (*ধরাধরি করে নিয়ে যাওয়া*)।

ধরাধাম /ধরাধাম্/ [স. ধরা+ধাম] বি. ১ পৃথিবী, মর্ত্যলোক। ২ ধরণিরূপ বাসগৃহ; সংসার।

ধরানো /ধরানো/ [বা.] ক্রিবি. ১ আটক করানো। ২ বদভ্যাস করানো (*মদ ধরানো*)। ৩ জ্বালানো (*উনুন ধরানো*)। ৪ অগ্নিসংযোগ করা (*আগুন ধরানো*)। ৫ আঁটানো (*বাক্সে ধরানো*)। ৬ লাগানো (*রং ধরানো*)। ৭ যথাসময়ে পৌঁছে দেওয়া (*ট্রেন ধরানো*)। ৮ দেখিয়ে দেওয়া (*ভুল ধরানো*)। ৯ পাকড়ানো (*চোর ধরানো*)।

ধরাবাঁধা /ধরাবাঁধা/ [বা.] বিণ. ১ গতানুগতিক। ২ নির্দিষ্ট।

ধরাশায়ী /ধরাশায়ি/ [স. ধরা+√শী+ইন্] বিণ. ১ মাটিতে শায়িত, ভূপাতিত। ২ সম্পূর্ণ পরাজিত।

ধরাসন /ধরাশোন্/ [স. ধর+আসন] বি. ভূমিরূপ আসন, মৃত্তিকাসন।

ধরিত্রী /ধোরিত্‌ত্রি/ [স. √ধৃ+ইত্র+ঈ] বি. পৃথিবী, ধরা, ধরণি, বসুন্ধরা, মেদিনী।

ধর্তব্য /ধর্‌তোব্‌বো/ [স. √ধৃ+তব্য] বিণ. ধরার যোগ্য, বিবেচ্য; গণনীয়, গ্রাহ্য।

ধর্ম /ধর্‌মো/ [স. √ধৃ+ম] বি. ১ ঈশ্বর ও উপাসনা-পদ্ধতির বিষয়ে মতবাদ। ২ কর্তব্য ও অকর্তব্য সম্বন্ধে জ্ঞান (*মানুষের ধর্ম*); সদাচার; সুনীতি ও আচরণবিধি। ৩ জীব বা বস্তুর নিজস্ব গুণ (*পদার্থের ধর্ম*)। ৪ প্রবৃত্তি (*পশুধর্ম*)।

ধর্মকন্যা /ধর্‌মোকোন্না/ [স. ধর্ম+√কন্+য+আ (টাপ্)] বি. ধর্মকে সাক্ষী করে যাকে কন্যারূপে গ্রহণ করা হয়েছে, পালিতা কন্যা।

ধর্মকর্ম /ধর্‌মোকর্‌মো/ [স. ধর্ম+√কৃ+মন্] বি. ধর্মশাস্ত্রে নির্দেশিত ক্রিয়াকর্ম, ধর্মানুষ্ঠান।

ধর্মকাম /ধর্‌মোকাম্/ [স. ধর্ম+কাম] বিণ. পুণ্যলাভের আশায় ধর্মকর্ম করে এমন।

ধর্মকার্য /ধর্‌মোকারজো/ [স. ধর্ম+√কৃ+য] বি. ধর্মনির্দেশিত কর্ম, সৎকর্ম।

ধর্মকেতু /ধর্‌মোকেতু/ [স. ধর্ম+√চায়্+তু] বি. ১ বুদ্ধদেব। ২ ধর্মের প্রতীক।

ধর্মক্ষেত্র /ধর্‌মোখেত্‌ত্রো/ [স. ধর্ম+ক্ষেত্র] বি. ১ পুণ্য-স্থান, তীর্থক্ষেত্র। ২ কুরুক্ষেত্রের অন্য নাম।

ধর্মগ্রন্থ /ধর্‌মোগ্রোন্থো/ [স. ধর্ম+গ্রন্থ] বি. ধর্মের বিধানসংবলিত গ্রন্থ।

ধর্মগ্রহণ /ধর্‌মোগ্‌গ্রোহোন্/ [স. ধর্ম+গ্রহণ] বি. নিজধর্ম ত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ, ধর্মান্তরণ।

ধর্মঘট /ধর্‌মোঘট্/ [স. ধর্ম+ঘট] বি. ১ দাবি আদায়ের জন্য শ্রমিকদের ঐক্যবদ্ধ কর্মবিরতি; হরতাল। ২ বৈশাখ মাসে পালনীয় ঘটদানের ব্রত।

www.pathagar.com

ধর্মঘটি /ধর্‌মোঘোটি/ [স. ধর্মঘট+ই] বিণ. ধর্মঘটকারী (*ধর্মঘটি শ্রমিক*)। বি. যে ব্যক্তি দাবি আদায়ের জন্য ধর্মঘটে অংশ নেয়।

ধর্মচক্র /ধর্‌মোচক্‌ক্রো/ [স. ধর্ম+√কৃ+অ] বি. ১ নির্বাণ লাভের উপায় সম্পর্কে বুদ্ধদেবের উপদেশ চতুষ্টয়। ২ বুদ্ধদেবের অষ্টাঙ্গিক মার্গ।

ধর্মচর্চা /ধর্‌মোচর্চা/ [স. ধর্ম+চর্চা] বি. ধর্মবিষয়ে অনুশীলন ও আলোচনা।

ধর্মচর্যা /ধর্‌মোচোর্‌জা/ [স. ধর্ম+√চর্‌+য+আ (টাপ্‌)] বি. ধর্মানুষ্ঠান; পুণ্যকর্ম সম্পাদন।

ধর্মচারী /ধর্‌মোচারি/ [স. ধর্ম+√চর্‌+ইন্‌] বিণ. ধর্ম পালন করে এমন, ধার্মিক। স্ত্রী. ধর্মচারিণী /ধর্‌মোচারিনি/।

ধর্মচিন্তা /ধর্‌মোচিন্‌তা/ [স. ধর্ম+√চিন্ত্‌+অ+আ (টাপ্‌)] বি. ধর্মের তত্ত্ববিষয়ক চিন্তা বা ধ্যান।

ধর্মচ্যুত /ধর্‌মোচ্‌চুতো/ [স. ধর্ম+চ্যুত] বিণ. ধর্মের পথ থেকে বিচ্যুত।

ধর্মজ /ধর্‌মোজো/ [স. ধর্ম+√জন্‌+অ] বি. ধর্মপত্নীর গর্ভজাত সন্তান; নিজ ঔরসজাত বৈধ সন্তান।

ধর্মজায়া /ধর্‌মোজায়া/ [স. ধর্ম+জায়া] বি. ধর্ম সাক্ষী করে যাকে পত্নীরূপে গ্রহণ করা হয়েছে, সহধর্মিণী।

ধর্মজীবন /ধর্‌মোজিবন্‌/ [স. ধর্ম+জীবন] বি. ১ ধর্মবোধদ্বারা নিয়ন্ত্রিত জীবন। ২ সাধুর জীবন।

ধর্মজ্ঞ /ধর্‌মোগ্‌গোঁ/ [স. ধর্ম+√জ্ঞা+অ] বিণ. ধর্মের তত্ত্ব জানে এমন।

ধর্মঠাকুর /ধর্‌মোঠাকুর্‌/ [স. ধর্ম+বা. ঠাকুর] বি. হিন্দু ও বৌদ্ধ বিশ্বাসমতে শূন্যপুরাণে বর্ণিত লৌকিক দেবতা; নিরঞ্জন।

ধর্মত /ধর্‌মোতো/ [স. ধর্ম+তস্‌] ক্রিবিণ. ধর্মানুসারে।

ধর্মতত্ত্ব /ধর্‌মোতত্‌তো/ [স. ধর্ম+তত্ত্ব] বি. ১ ধর্মের প্রকৃত তাৎপর্য। ২ ধর্মসংক্রান্ত শাস্ত্র, ধর্মদর্শন।

ধর্মত্যাগ /ধর্‌মোত্‌ত্যাগ্‌/ [স. ধর্ম+√ত্যজ্‌+অ] বি. ১ ধর্মের পথ পরিহার। ২ ধর্মান্তরণ।

ধর্মত্যাগী /ধর্‌মোত্‌ত্যাগি/ [স. ধর্ম+√ত্যজ্‌+ইন্‌] বিণ. ধর্মের পথ পরিহার করেছে এমন।

ধর্মদ্বেষী /ধর্‌মোদ্‌দেশি/ [স. ধর্মদ্বেষ+ইন্‌] বিণ. ধর্মবিহিত আচরণের বিরোধী; অধার্মিক।

ধর্মদ্রোহ /ধর্‌মোদ্‌দ্রোহো/ [স. ধর্ম+দ্রোহ] বি. ১ ধর্মের বিরুদ্ধাচরণ; অধর্মাচরণ। ২ ধর্মবিদ্বেষ।

ধর্মদ্রোহিতা /ধর্‌মোদ্‌দ্রোহিতা/ [স. ধর্মদ্রোহী+তা] বি. দ্র ধর্মদ্রোহ।

ধর্মদ্রোহী /ধর্‌মোদ্‌দ্রোহি/ [স. ধর্মদ্রোহ+ইন্‌] বিণ. ধর্মদ্বেষী, অধার্মিক। বি. যে ধর্ম বিশ্বাস করে না।

ধর্মধ্বজী /ধর্‌মোদ্‌ধোজি/ [স. ধর্মধ্বজ+ইন্‌] বিণ. ১ কপট ধার্মিক। ২ ধর্মের ধ্বজাধারী ও অমানবিক কর্মের সমর্থক।

ধর্মনাশ /ধর্‌মোনাশ্‌/ [স. ধর্ম+নাশ] বি. ১ ধর্মহানি। ২ সতীত্ব নাশ।

ধর্মনিরপেক্ষ /ধর্‌মোনিরোপেক্‌খো/ [স. ধর্ম+নিরপেক্ষ] বিণ. (যে রাষ্ট্রের নীতি) ধর্মদ্বারা নিয়ন্ত্রিত নয় এমন; ধর্মীয় পরিচয়ের বিষয়ে পক্ষপাতহীন।

ধর্মনিরপেক্ষতা /ধর্‌মোনিরোপেক্‌খোতা/ [স. ধর্ম+নিরপেক্ষ+তা] বি. রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে ধর্মীয় পক্ষপাতহীনতার নীতি।

ধর্মনিষ্ঠ /ধর্‌মোনিশ্‌ঠো/ [স. ধর্ম+নি+√স্থা+অ] বিণ. ধর্মের প্রতি অনুরক্ত, ধর্মপরায়ণ, ধার্মিক।

ধর্মনিষ্ঠতা /ধর্‌মোনিশ্‌ঠোতা/ [স. ধর্মনিষ্ঠ+তা] বি. ধর্মপরায়ণতা, ধার্মিকতা।

ধর্মনিষ্ঠা /ধর্‌মোনিশ্‌ঠা/ [স. ধর্ম+নি+√স্থা+অ+আ (টাপ্‌)] বি. ধর্মীয় বিষয়ে আন্তরিক অনুরাগ, ধর্মের প্রতি আস্থা; সাধ্যানুসারে ধর্মের পথ অনুসরণ।

ধর্মনীতি /ধর্‌মোনিতি/ [স. ধর্ম+√নী+তি] বি. যে শাস্ত্রে ধর্ম সম্বন্ধে কর্তব্য-অকর্তব্য নির্ধারিত আছে, ধর্মের তত্ত্ব ও নির্দেশসংবলিত শাস্ত্র।

ধর্মপত্নী /ধর্‌মোপোত্‌নি/ [স. ধর্ম+পতি+ঈ] বি. ধর্মীয় বিধি অনুসারে বিবাহিতা স্ত্রী, সহধর্মিণী।

ধর্মপথ /ধর্‌মোপথ্‌/ [স. ধর্ম+পথ] বি. ন্যায়ের পথ, ধর্মনির্দিষ্ট পথ।

ধর্মপরায়ণ /ধর্‌মোপরায়োন্‌/ [স. ধর্ম+পরায়ণ] বিণ. ধর্মের অনুশাসন মান্য করে এমন, ধর্মনিষ্ঠ।

ধর্মপরায়ণতা /ধর্‌মোপরায়োনতা/ [স. ধর্মপরায়ণ+তা] বি. ধার্মিকতা, ধর্মনিষ্ঠতা।

ধর্মপাল /ধর্‌মোপাল/ [স. ধর্ম+পাল] বি. ১ যে ব্যক্তি ধর্ম পালন করে। ২ বঙ্গের পালবংশীয় দ্বিতীয় রাজা। বিণ. ধর্মরক্ষক।

ধর্মপিতা /ধর্‌মোপিতা/ [স. ধর্ম+√পা+তৃ] বি. ১ ধর্ম সাক্ষী করে যার সঙ্গে পিতার সম্পর্ক স্থাপিত হয়েছে। ২ রক্ষাকর্তা। ৩ ত্রাণকর্তা।

ধর্মপিপাসা /ধর্‌মোপিপাশা/ [স. ধর্ম+পিপাসা] বি. ধর্ম সম্বন্ধে জ্ঞানলাভের স্পৃহা।

ধর্মপুত্র /ধর্‌মোপুত্‌তো/ [স. ধর্ম+পুত্র] বি. ১ ধর্ম সাক্ষী করে যাকে পুত্র বলে গ্রহণ করা হয়েছে। ২ ধর্মপরায়ণ যুধিষ্ঠির।

ধর্মপুস্তক /ধর্‌মোপুস্‌তক/ [স. ধর্ম+পুস্তক] বি. ১

www.pathagar.com

ধর্মগ্রন্থ। ২ ধর্মের নীতিসংবলিত গ্রন্থ।

ধর্মপ্রচারক /ধর্‌মোপ্রোচারক্‌/ [স. ধর্ম+প্রচারক] বি. যিনি ধর্ম প্রচার করেন।

ধর্মপ্রবক্তা /ধর্‌মোপ্রোবক্‌তা/ [স. ধর্ম+প্র+√বচ্‌+তৃ] বিণ. ধর্মের ব্যাখ্যাদাতা।

ধর্মপ্রবণ /ধর্‌মোপ্রোবোন্‌/ [স. ধর্ম+প্রবণ] বিণ. ধর্মপরায়ণ, ধর্মানুরাগী; ধার্মিক।

ধর্মপ্রাণ /ধর্‌মোপ্‌প্রান্‌/ [স. ধর্ম+প্রাণ] বিণ. ধর্মের প্রতি একান্ত অনুরক্ত, পরম ধার্মিক।

ধর্মবিদ /ধর্‌মোবিদ্‌/ [স. ধর্ম+√বিদ্‌+ক্বিপ্‌] বিণ. ধর্মবিষয়ে জ্ঞান আছে এমন।

ধর্মবিপ্লব /ধর্‌মোবিপ্‌লব্‌/ [স. ধর্ম+বিপ্লব] বি. ধর্মের সংস্কারমূলক পরিবর্তন।

ধর্মবৃদ্ধ /ধর্‌মোবৃদ্‌ধো/ [স. ধর্ম+√বৃধ্‌+ত] বিণ. অতিশয় ধর্মপরায়ণ; প্রবীণ ধর্মজ্ঞ।

ধর্মব্যবসায়ী /ধর্‌মোব্যাবোশায়ি/ [স. ধর্ম+ব্যবসায়+ইন্‌] বি. স্বার্থসিদ্ধি ও বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে ধর্মকে যে ব্যবহার করে।

ধর্মভয় /ধর্‌মোভয়্‌/ [স. ধর্ম+ভয়] বি. ১ ধর্মনাশের আশঙ্কা। ২ ধর্ম অমান্য করার ফলে দণ্ড ভোগের ভয়।

ধর্মভাই /ধর্‌মোভাই্‌/ [স. ধর্ম+বা. ভাই] বি. ধর্ম সাক্ষী করে ভাইয়ের সম্পর্ক স্থাপন, গুরুভাই।

ধর্মভীরু /ধর্‌মোভিরু/ [স. ধর্ম+ভীরু] বিণ. ধর্মবিরুদ্ধ কাজ পরিহার করে চলে এমন। বি. ~তা /–তা/।

ধর্মভ্রষ্ট /ধর্‌মোভ্রোশ্‌টো/ [স. ধর্ম+√ভ্রন্‌শ্‌+ত] বিণ. ধর্মের পথ থেকে বিচ্যুত, ধর্মত্যাগী। স্ত্রী. **ধর্মভ্রষ্টা** /ধর্‌মোভ্রোশ্‌টা/।

ধর্মমঙ্গল /ধর্‌মোমোংগোল্‌/ [স. ধর্ম+মঙ্গল] বি. ধর্মঠাকুরের মাহাত্ম্য বর্ণনামূলক মধ্যযুগের বাংলা কাব্যগ্রন্থ।

ধর্মমত /ধর্‌মোমত্‌/ [স. ধর্ম+√মন্‌+ত] বি. ধর্মীয় বিশ্বাস বা অভিমত।

ধর্মমন্দির /ধর্‌মোমোন্‌দির্‌/ [স. ধর্ম+মন্দির] বি. উপাসনালয়, ভজনালয়।

ধর্মমাতা /ধর্‌মোমাতা/ [স. ধর্ম+√মা+তৃ] বি. ধর্মকে সাক্ষী করে যাঁকে মাতারূপে গ্রহণ করা হয়েছে।

ধর্মযাজক /ধর্‌মোজাজক্‌/ [স. ধর্ম+যাজক] বি. পুরোহিত; ভিক্ষু; ইমাম; যাজক।

ধর্মযুদ্ধ /ধর্‌মোজুদ্‌ধো/ [স. ধর্ম+√যুধ্‌+ত] বি. ১ সত্য ও ন্যায় প্রতিষ্ঠার লড়াই। ২ ধর্মরক্ষার নামে অন্যায় যুদ্ধ, crusade।

ধর্মরক্ষা /ধর্‌মোরোক্‌খা/ [স. ধর্ম+√রক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ ধর্মাচরণ। ২ সতীত্ব রক্ষা।

ধর্মরাজ /ধর্‌মোরাজ্‌/ [স. ধর্ম+রাজন্‌] বি. ১ যম। ২ যুধিষ্ঠির। ৩ ধর্মঠাকুর। ৪ বুদ্ধদেব।

ধর্মলক্ষণ /ধর্‌মোলোক্‌খোন্‌/ [স. ধর্ম+লক্ষণ] বি. হিন্দুবিশ্বাসমতে ধর্মের দশটি লক্ষণ (ধৃতি ক্ষমা দম অস্তেয় শুচিতা ইন্দ্রিয়সংযম ধী বিদ্যা সত্য এবং অক্রোধ)।

ধর্মলোপ /ধর্‌মোলোপ্‌/ [স. ধর্ম+লোপ] বি. ১ ধর্মাচারের অভাব। ২ ধর্মশূন্যতা।

ধর্মশালা /ধর্‌মোশালা/ [স. ধর্ম+√শল্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ তীর্থযাত্রী বা পথিকের আশ্রয়স্থান; অতিথিশালা। ২ বিচারালয়।

ধর্মশাসন /ধর্‌মোশাশোন্‌/ [স. ধর্ম+শাসন] বি. ধর্ম পালনের নির্দিষ্ট বিধি বা অনুশাসন, ধর্মশাস্ত্র।

ধর্মশাস্ত্র /ধর্‌মোশাস্‌ত্রো/ [স. ধর্ম+√শাস্‌+ত্র] বি. ধর্মবিষয়ক শাস্ত্র।

ধর্মশিক্ষা /ধর্‌মোশিক্‌খা/ [স. ধর্ম+শিক্ষা] বি. যে শিক্ষাদ্বারা ধর্মবিষয়ক জ্ঞান অর্জিত হয়।

ধর্মশীল /ধর্‌মোশিল্‌/ [স. ধর্ম+শীল] বিণ. ধর্মপরায়ণ।

ধর্মসংকর /ধর্‌মোশংকর্‌/ [স. ধর্ম+সংকর] বি. একাধিক ধর্মমতের সংমিশ্রণ।

ধর্মসংগত /ধর্‌মোশংগতো/ [স. ধর্ম+সংগত] বিণ. ধর্মনীতিদ্বারা অনুমোদিত, ধর্মসম্মত।

ধর্মসংস্কার /ধর্‌মোশংশ্‌কার্‌/ [স. ধর্ম+সংস্কার] বি. সংকীর্ণতা ও হিংস্রতা পরিহার করে পরমতের প্রতি শ্রদ্ধা ও সহনশীল হতে উদ্বুদ্ধ করে এমন সংস্কার।

ধর্মসংস্কারক /ধর্‌মোশংশ্‌কারোক্‌/ [স. ধর্ম+সম্‌+√কৃ+অক] বি. বিণ. ধর্মের উন্নতিবিধায়ক।

ধর্মসংস্থাপন /ধর্‌মোশংস্‌থাপন্‌/ [স. ধর্ম+সংস্থাপন] বি. ধর্মের প্রতিষ্ঠা ও প্রবর্তন।

ধর্মসংহিতা /ধর্‌মোশংহিতা/ [স. ধর্ম+সম্‌+√ধা+ত+আ (টাপ্‌)] বি. ১ ধর্মের অনুশাসনসমন্বিত গ্রন্থ। ২ মনু যাজ্ঞবল্ক্য প্রমুখ ঋষি প্রণীত সামাজিক অনুশাসনসংবলিত গ্রন্থ।

ধর্মসভা /ধর্‌মোশভা/ [স. ধর্ম+সভা] বি. ধর্মের ব্যাখ্যা ও উন্নতিসাধনকল্পে স্থাপিত সভা।

ধর্মসম্প্রদায় /ধর্‌মোশম্‌প্রোদায়্‌/ [স. ধর্ম+সম্প্রদায়] বি. কোনো বিশেষ ধর্মের অনুসারী গোষ্ঠী।

ধর্মসম্মত /ধর্‌মোশম্মতো/ [স. ধর্ম+সম্‌+√মন্‌+ত] বিণ. দ্র ধর্মসংগত।

ধর্মসাক্ষী /ধর্‌মোশাক্‌খি/ [স. ধর্ম+সাক্ষাৎ+ইন্‌] বিণ. ধর্মকে সাক্ষী করে কৃত, ধর্মের নামে কৃত।

ধর্মসাধন /ধর্‌মোশাধোন্‌/ [স. ধর্ম+সাধন] বি. ধর্মচর্চা;

www.pathagar.com

ধর্মপালন; ধর্মনির্দিষ্ট জীবনযাপন।

ধর্মস্থান /ধর্‌মোস্‌থান্‌/ [স. ধর্ম+স্থান] বি. উপাসনার স্থান (মসজিদ মন্দির গির্জা প্রভৃতি)।

ধর্মহানি /ধর্‌মোহানি/ [স. ধর্ম+√হা+নি] বি. ১ ধর্মের ক্ষতিসাধন, ধর্মনাশ। ২ সতীত্ব নাশ।

ধর্মহীন /ধর্‌মোহিন্‌/ [স. ধর্ম+√হা+ত] বিণ. ধর্ম নেই এমন; অধার্মিক; ন্যায়-অন্যায় বোধহীন।

ধর্মাচরণ /ধর্‌মাচরন্‌/ [স. ধর্ম+আচরণ] বি. ধর্ম-বিহিত আচরণ।

ধর্মাচারী/ধর্‌মাচারি/ [স. ধর্মাচার+ইন্‌] বিণ. ধর্মবিহিত আচরণ করে এমন। বি. যে ব্যক্তি ধর্মসম্মত আচরণ করে।

ধর্মাচার্য /ধর্‌মাচার্‌জো/ [স. ধর্ম+আচার্য] বি. যে ব্যক্তি ধর্মবিষয়ক উপদেশ দান করে, ধর্মশিক্ষক।

ধর্মাত্মা /ধর্‌মাত্‌তা/ [স. ধর্ম+আত্মন্‌] বিণ. ধার্মিক, পরহেজগার। বি. ধর্মপ্রাণ ব্যক্তি।

ধর্মাধর্ম /ধর্‌মাধর্‌মো/ [স. ধর্ম+অধর্ম] বি. ধর্ম ও অধর্ম; পাপ ও পুণ্য।

ধর্মাধিকরণ /ধর্‌মাধিকরোন্‌/ [স. ধর্ম+অধিকরণ] বি. ১ ধর্মস্থান। ২ ন্যায়-অন্যায় বিচার করার স্থান, বিচারালয়; আদালত। ৩ বিচারক।

ধর্মাধিকরণিক /ধর্‌মাধিকরোনিক্‌/ [স. ধর্মাধিকরণ+ইক] বি. যে বিচার করে, বিচারক।

ধর্মাধিকার /ধর্‌মাধিকার/ [স. ধর্ম+অধিকার] বি. ন্যায়-অন্যায়বিষয়ক বিচার করার অধিকার।

ধর্মাধিকারী /ধর্‌মাধিকারি/ [স. ধর্মাধিকার+ইন্‌] বি. যিনি ন্যায়-অন্যায় সম্পর্কে বিচার করেন, বিচারক। স্ত্রী. **ধর্মাধিকারিণী** /ধর্‌মাধিকারিনি/।

ধর্মাধ্যক্ষ /ধর্‌মাদ্‌ধোক্‌খো/ [স. ধর্ম+অধ্যক্ষ] বি. ধর্মসংক্রান্ত বিষয়ে বিচারের দায়িত্বপ্রাপ্ত বিচারক।

ধর্মানুগত /ধর্‌মানুগতো/ [স. ধর্ম+অনুগত] বিণ. ধর্মের অনুগত, ধর্মসংগত, শাস্ত্রবিহিত।

ধর্মানুমোদিত/ধর্‌মানুমোদিতো/ [স. ধর্ম+অনুমোদিত] বিণ. দ্র ধর্মানুগত।

ধর্মানুযায়ী /ধর্‌মানুজায়ি/ [স. ধর্ম+অনুযায়ী] বিণ. দ্র ধর্মানুগত।

ধর্মানুষ্ঠান /ধর্‌মানুশ্‌ঠান্‌/ [স. ধর্ম+অনুষ্ঠান] বি. ধর্মপালন।

ধর্মানুসারী /ধর্‌মানুশারি/ [স. ধর্মানুসার+ইন্‌] বিণ. ধর্মের বিধান মেনে চলে এমন, ধর্মের অনুগত।

ধর্মান্তর /ধর্‌মান্‌তর/ [স. ধর্ম+অন্তর] বি. ভিন্ন ধর্ম।

ধর্মান্তর গ্রহণ /ধর্‌মান্‌তর্‌ গ্রোহোন্‌/ বি. নিজ ধর্ম ত্যাগ ও ভিন্ন ধর্ম গ্রহণ।

ধর্মান্তরিত /ধর্‌মান্‌তোরিতো/ [স. ধর্মান্তর+ইত] বিণ. নিজ ধর্ম ত্যাগ করে অন্য ধর্মে দীক্ষা গ্রহণ করেছে এমন।

ধর্মান্দোলন /ধর্‌মান্‌দোলন্‌/ [স. ধর্ম+আন্দোলন] বি. প্রচলিত ধর্ম সংস্কারের উদ্দেশ্যে আন্দোলন।

ধর্মান্ধ /ধর্‌মান্‌ধো/ [স. ধর্ম+অন্ধ] বিণ. ১ কোনো ধর্মীয় মতবাদের অন্ধ অনুসারী; গোঁড়া। ২ পরধর্ম-বিদ্বেষী। বি. কোনো ধর্মীয় মতবাদের অন্ধ অনুসারী ব্যক্তি (*ধর্মান্ধরা শোনো! /অন্যের পাপ গনিবার আগে নিজেদের পাপ গোনো!* নজরুল.)।

ধর্মান্ধতা /ধর্‌মান্‌ধোতা/ [স. ধর্মান্ধ+তা] বি. কোনো ধর্মীয় মতবাদের অন্ধ অনুসরণ; গোঁড়ামি।

ধর্মাবতার /ধর্‌মাবোতার্‌/ [স. ধর্ম+অবতার] বি. ১ বিচারককে সম্বোধনসূচক আখ্যা। ২ ধর্মদূত।

ধর্মাবলম্বী /ধর্‌মাবোলোম্‌বি/ [স. ধর্মাবলম্ব+ইন্‌] বিণ. বিশেষ কোনো ধর্মের অনুসারী।

ধর্মার্থ /ধর্‌মার্‌থো/ [স. ধর্ম+অর্থ] বি. ধর্ম এবং ধন।

ধর্মার্থে /ধর্‌মার্‌থে/ [স. ধর্মার্থ+বা. এ] ক্রিবিণ. ধর্মের উদ্দেশ্যে।

ধর্মাসন /ধর্‌মাশোন্‌/ [স. ধর্ম+আসন] বি. বিচারকের আসন।

ধর্মিষ্ঠ /ধোর্‌মিশ্‌ঠো/ [স. ধর্মিন্‌+ইষ্ঠ] বিণ. ধর্মের প্রতি নিষ্ঠাযুক্ত। স্ত্রী. **ধর্মিষ্ঠা** /ধোর্‌মিশ্‌ঠা/।

ধর্মী /ধোর্‌মি/ [স. ধর্ম+ইন্‌] বিণ. ১ গুণবিশিষ্ট, প্রকৃতিযুক্ত (*বিপরীতধর্মী*)। ২ ধার্মিক, ধর্মপরায়ণ।

ধর্মীয় /ধোর্‌মিয়ো/ [স. ধর্ম+ঈয়] বিণ. ধর্মের সঙ্গে সম্পর্কযুক্ত, ধর্মবিষয়ক।

ধর্মোদ্দেশে /ধর্‌মোদ্‌দেশে/ [স. ধর্মোদ্দেশ+বা. এ] ক্রিবিণ. ধর্মের প্রতি।

ধর্মোন্মাদ /ধর্‌মোন্‌মাদ্‌/ [স. ধর্ম+উন্মাদ] বিণ. ১ ধর্মবিষয়ে উন্মত্ত, ধর্মান্ধ। ২ পরধর্মের প্রতি অসহিষ্ণু। বি. **ধর্মোন্মাদনা** /ধর্‌মোন্‌মাদোনা/।

ধর্মোপদেশ /ধর্‌মোপোদেশ্‌/ [স. ধর্ম+উপদেশ] বি. ধর্মবিষয়ে উপদেশ ও শিক্ষা।

ধর্মোপদেশক /ধর্‌মোপোদেশক্‌/ [স. ধর্ম+উপদেশক] বি. বিণ. ধর্মোপদেষ্টা।

ধর্মোপদেষ্টা /ধর্‌মোপোদেশ্‌টা/ [স. ধর্ম+উপ+√দিশ্‌+তৃ] বি. বিণ. ধর্মবিষয়ে উপদেশদাতা।

ধর্মোপাসক /ধর্‌মোপাশক্‌/ [স. ধর্ম+উপাসক] বি. ধর্মের উপাসক। স্ত্রী. **ধর্মোপাসিকা** /ধর্‌মো-পাশিকা/।

ধর্মোপাসনা /ধর্‌মোপাশনা/ [স. ধর্ম+উপাসনা] বি. ধর্মনির্দেশিত উপাসনা।

www.pathagar.com

ধর্মোপেত /ধর্‌মোপেতো/ [স. ধর্ম+উপেত] বিণ. ধর্মের সঙ্গে যুক্ত আছে এমন; ন্যায়সংগত।

ধর্ম্য /ধোর্‌ম্যো/ [স. ধর্ম+য] বিণ. ধর্ম থেকে বিচ্ছিন্ন নয় এমন, ধর্মসংগত।

ধর্ষ /ধর্‌শো/ [স. √ধৃষ্+অ] বি. ১ বলাৎকার; পীড়ন; দমন। ২ পরাজিতকরণ।

ধর্ষক /ধর্‌শক্/ [স. √ধৃষ্+অক] বিণ. ধর্ষণকারী; পীড়ক, অত্যাচারী।

ধর্ষণ /ধর্‌শোন্/ [স. √ধৃষ্+অন] বি. অত্যাচার; বলাৎকার।

ধর্ষিতা /ধোর্‌শিতা/ [স. √ধৃষ্+ত+আ (টাপ্)] বিণ. ১ ধর্ষণ বা বলাৎকার করা হয়েছে এমন। ২ নিগৃহীতা, নির্যাতিতা। ৩ অপমানিতা। ৪ উৎপীড়ন বা অত্যাচার করা হয়েছে এমন।

ধল /ধল্/ [স. ধবল >] বিণ. শুভ্র, সাদা, ফরসা।

ধলা /ধলা/ [স. ধবল >] বিণ. দ্র ধল।

ধলো /ধলো/ [স. ধবল >] বিণ. শুভ্র, ফরসা (*যা ছিল কালো–ধলো তোমার রঙে রঙে রাঙা হল।* রবীন্দ্র.)।

ধস /ধশ্/ [স. ধ্বংস >] বি. পাহাড় বা নদীর তীরের কোনো অংশের ভাঙন।

ধসকা /ধশ্‌কা/ [বা.] বিণ. ধসে পড়ার উপক্রম হয়েছে এমন, ধসে পড়ার অবস্থাপ্রাপ্ত।

ধসকানো /ধশ্‌কানো/ [বা.] ক্রিবি. শিথিল হওয়া; ভেঙে পড়া, ধসে যাওয়া।

ধসধসে /ধশ্‌ধোশে/ [বা.] বিণ. ১ ভেঙে পড়ার উপক্রম হয়েছে এমন। ২ শিথিল। ৩ অন্তঃসারশূন্য।

ধস নামা /ধশ্ নামা/ ক্রিবি. নদীর পাড় বা পাহাড়ের গা থেকে মাটির বড়ো কোনো অংশ ভেঙে পড়া।

ধসা /ধশা/ [স. ধ্বংস >] ক্রিবি. ১ খসে পড়া; ভেঙে পড়া। ২ ধ্বংসপ্রাপ্ত হওয়া।

ধসানো /ধশানো/ [বা.] ক্রিবি. ১ ধসকা বা শিথিল করা; ধস নামানো, ভেঙে ফেলা। ২ ক্ষতি করা। ৩ (আল.) খরচ করতে বাধ্য করা।

ধস্ত /ধস্‌তো/ [স. ধ্বস্ত >] বিণ. বিনষ্ট, বিধ্বস্ত।

ধস্তবিধ্বস্ত /ধস্‌তোবিদ্‌ধস্‌তো/ [দেশি.] বিণ. সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত।

ধস্তাধস্তি /ধস্‌তাধোস্‌তি/ [দেশি.] বি. ১ বল প্রয়োগ করে একে অন্যকে ভূপাতিত করার চেষ্টা; পরস্পর বিক্রম প্রকাশ। ২ টানাটানি; ঠ্যালাঠেলি। ৩ দর কষাকষি।

ধা[১] /ধা/ [স. ধৈবত >] বি. স্বরগ্রামের ষষ্ঠস্বর ধৈবতের সংকেত।

ধা[২] /ধা/ [স. √ধা+ক্বিপ্] বিণ. ধারক, ধারণকর্তা (*বসুধা*)।

–ধা[৩] /ধা/ [স. ধাচ্ >] (ব্যা.) ১ প্রকারবাচক শব্দ (*বহুধা*)। ২ তদ্ধিত প্রত্যয়বিশেষ।

ধাই[১] /ধাই/ [স. ধাত্রী >] বি. ১ যে নারী সন্তান প্রসব করায় এবং আঁতুড়ঘরে প্রসূতি ও নবজাতকের পরিচর্যা করে, ধাত্রী। ২ যে নারী নিজের স্তন্যে অন্যের সন্তানকে পালন করে, উপমাতা, দাইমা। ৩ বালকবালিকাদের পরিচারিকা; ঝি।

ধাই[২] /ধাই/ [স. ধাবন >] ক্রিবি. ধেয়ে যাই।

ধাইমা /ধাইমা/ [স. ধাত্রী >] বি. যে নারী নিজের স্তন্যে অন্যের সন্তানকে পালন করে, উপমাতা।

ধাওয়া /ধাওআ/ [বা.] ক্রিবি. ১ ছুটে চলা। ২ ধাবন করা। ৩ দ্রুত পলায়ন করা।

ধাওয়া করা /ধাওআ করা/ ক্রিবি. ১ পশ্চাদ্ধাবন করা। ২ উদ্দেশ্যসাধনের জন্য বহুদূর পর্যন্ত যাওয়া।

ধাওয়ানো /ধাওআনো/ [বা.] ক্রিবি. দৌড়ানো; তাড়ানো।

ধাঁ /ধাঁ/ [ধ্বন্যা.] অব্য. ১ দ্রুত সত্বর ইত্যাদি ভাব–প্রকাশক শব্দ। ২ প্রহার করার অনুকার শব্দ।

ধাঁই /ধাঁই/ [ধ্বন্যা.] অব্য. দ্র ধাঁ।

ধাঁ করে /ধাঁ কোরে/ ক্রিবিণ. ১ আকস্মিক এবং সজোরে। ২ দ্রুত।

ধাঁচ /ধাঁচ্/ [হি.] বি. ১প্রকৃতি, ধরন। ২ আদল, ছাঁচ, আকৃতি; গড়ন।

ধাঁচা /ধাঁচা/ [হি.] বি. দ্র ধাঁচ।

ধাঁধা /ধাঁধা/ [স. দ্বন্দ্ব >] বি. ১ কৌতূহলোদ্দীপক জটিল প্রশ্ন। ২ দিশেহারা ভাব; সংশয়; দৃষ্টিবিভ্রম। ৩ জটিল সমস্যা।

ধাঁধানো /ধাঁধানো/ [বা.] ক্রিবি. দৃষ্টি বিভ্রান্ত করা; ধাঁধা লাগানো; তীব্র আলোয় দৃষ্টিভ্রম হওয়া (চোখ ধাঁধানো)। বিণ. তীব্র আলোয় দৃষ্টিভ্রম হয়েছে এমন।

ধাঁধা লাগা /ধাঁধা লাগা/ ক্রিবি. বিমূঢ় হওয়া; দৃষ্টিভ্রম হওয়া।

ধাক্কা /ধাক্‌কা/ [বা.] বি. ১ ঠ্যালা; সংঘর্ষ; পরস্পর আঘাত; ঠোকাঠুকি। ২ চাপ (*কাজের ধাক্কা*)। ক্রিবি. জোরে ঠ্যালা দেওয়া; হঠাৎ ঠ্যালা দেওয়া।

ধাক্কাধাক্কি /ধাক্‌কাধাক্‌কি/ [দেশি.] বি. ঠ্যালাঠেলি।

ধাক্কানো /ধাক্‌কানো/ [বা.] ক্রিবি. ঠ্যালা দেওয়া, ধাক্কা দেওয়া।

ধাক্কা সামলানো /ধাক্‌কা সাম্‌লানো/ ক্রিবি. ১ সংঘর্ষ বা ঠ্যালাঠেলি প্রতিরোধ করা। ২ (আল.) বিপদ কাটানো। ৩ উপদ্রব সহ্য করা।

ধাগা /ধাগা/ [হি.] বি. লেপ তোশক কাঁথা প্রভৃতি

www.pathagar.com

সেলাই করার মোটা সুতা।

ধাঙড় /ধাঙোড়/ [হি. ধাঁগড় >] বি. ১ সাফাইকর্মী। ২ অনগ্রসর জাতিবিশেষ।

ধাটি /ধাটি/ [হি. ধাঁবট >] বি. শত্রুর পশ্চাদ্ধাবন।

ধাড়া /ধাড়া/ [স. ধট >] বি. ১ তুলাদন্ড, তৌলদন্ড, দাঁড়িপাল্লা, কাঁটা। ২ পদবিবিশেষ।

ধাড়ি[১] /ধাড়ি/ [স. ধাত্রী >] বি. যে পশু একাধিকবার শাবক প্রসব করেছে।

ধাড়ি[২] /ধাড়ি/ [হি.] বি. ১ বেগে গমন। ২ অগ্রণী; নেতা (*অকর্মার ধাড়ি*)। বিণ. ১ বৃদ্ধ (*বুড়োধাড়ি*)। ২ ঘাগি।

ধাত /ধাত্/ [স. ধতু >] বি. ১ স্বভাব, মানসিক প্রকৃতি; মেজাজ (*কড়া ধাতের লোক*)। ২ শারীরিক সহনক্ষমতা (*ধাতে সহা*)। ৩ নাড়ি। ৪ শুক্র, বীর্য। ৫ ধাতু।

ধাতকানো /ধাত্কানো/ [বা.] ক্রিবি. ১ ধকধক করা। ২ চমকানো।

ধাত ধরা /ধাত্ ধরা/ ক্রিবি. সুস্থ সবল হওয়া।

ধাতব /ধাতব্/ [স. ধাতু+অ] বিণ. ১ ধাতুনির্মিত; ধাতুময়। ২ ধাতুসংক্রান্ত।

ধাতসহ /ধাত্শহো/ [বা. ধাত+স. সহ] বিণ. ধাতে বা শরীরের প্রকৃতিতে সহ্য হয় এমন; ধাতের অনুকূল।

ধাতস্থ /ধাতোস্থো/ [বা. ধাত+স. √স্থা+অ] বিণ. প্রকৃতিস্থ, স্বাভাবিক অবস্থায় উপনীত; শান্ত।

ধাতা[১] /ধাতা/ [স. √ধা+তৃ] বি. ১ পালনকর্তা (*বিশ্ব-ধাতার যজ্ঞশালা আত্মহোমের বহ্নি জ্বালা*—রবীন্দ্র.)। ২ পিতা। বিণ. পালক; রক্ষক।

ধাতা[২] /ধাতা/ [বা.] ক্রিবি. ধমকানো।

ধাতানি /ধাতানি/ [বা.] বি. কড়া ধমক, তিরস্কার।

ধাতানো /ধাতানো/ [বা.] ক্রিবি. ধমকানো।

ধাতু /ধাতু/ [স. √ধা+তু] বি. ১ সোনা রুপা লোহা প্রভৃতি বিদ্যুৎ ও তাপ পরিবাহী কঠিন ও উজ্জ্বল খনিজ পদার্থ। ২ (আয়ু.) শরীরস্থ বায়ু পিত্ত কফ মেদ অস্থি প্রভৃতি। ৩ শুক্র। ৪ প্রকৃতি, স্বভাব, ধাত। ৫ উপকরণ। ৬ পঞ্চভূত (ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও ব্যোম)। ৭ (ব্যা.) ক্রিয়াবাচক শব্দমূল।

ধাতুকল্প /ধাতুকল্পো/ [স. ধাতু+√কল্প+অ] বি. ধাতু এবং অধাতু মৌলের মাঝামাঝি গুণসম্পন্ন মৌলিক পদার্থ (বোরন সিলিকন জার্মেনিয়াম প্রভৃতি), metalloid।

ধাতুকুশল /ধাতুকুশল্/ [স. ধাতু+কুশ+√লা+অ] বিণ. ধাতুদ্রব্য নির্মাণে দক্ষ।

ধাতুক্ষয় /ধাতুখয়্/ [স. ধাতু+ক্ষয়] বি. ১ শরীরের রক্তক্ষয়। ২ শুক্রক্ষয়। ৩ কাশ রোগবিশেষ।

ধাতুগত /ধাতুগতো/ [স. ধাতু+গত] বিণ. ১ শরীরের উপাদানসংক্রান্ত। ২ প্রকৃতিগত। ৩ ধাতুসম্বন্ধীয়। ৪ (ব্যা.) ক্রিয়াবাচক শব্দমূলঘটিত।

ধাতুগর্ভ /ধাতুগর্ভো/ [স. ধাতু+√গৃ+ভ] বিণ. অভ্যন্তরে ধাতু (অর্থাৎ মহাপুরুষদের অস্থি দন্ত প্রভৃতি) রক্ষিত আছে এমন।

ধাতুঘটিত /ধাতুঘোটিতো/ [স. ধাতু+ঘটিত] বিণ. ১ ধাতুসংক্রান্ত। ২ শুক্রসম্পর্কিত। ৩ (ব্যা.) ক্রিয়াবাচক শব্দমূলঘটিত। ৪ (বাংলায়) খনিজ দ্রব্যসহযোগে তৈরি।

ধাতুঘ্ন /ধাতুঘ্নো/ [স. ধাতু+√হন্+অ] বিণ. শরীরের বাত পিত্তাদির দোষ নাশ করে এমন।

ধাতুদ্রাবক /ধাতুদ্রাবোক্/ [স. ধাতু+√দ্রু+ণিচ্+অক] বিণ. ধাতু গলাতে সাহায্য করে এমন। বি. সোডিয়াম বোরন ও অক্সিজেনের কেলাসিত রূপ যা ধাতু গলাতে সাহায্য করে, সোহাগা, borax।

ধাতুনাশক /ধাতুনাশক্/ [স. ধাতু+√নাশি+অক] বিণ. দ্র ধাতুঘ্ন।

ধাতুপ /ধাতুপ্/ [স. ধাতু+√পা+অ] বি. অম্লরস।

ধাতুপল /ধাতুপল্/ [স. ধাতু+পল] বি. খড়িমাটি, chalk।

ধাতুপোষক /ধাতুপোশক্/ [স. ধাতু+পোষক] বিণ. শরীরের পুষ্টি সাধনকারী।

ধাতুপ্রত্যয় /ধাতুপ্রোত্তয়্/ [স. ধাতু+প্রত্যয়] বি. কৃদন্ত পদের ব্যুৎপত্তি নির্দেশকারী ধাতু ও প্রত্যয়।

ধাতুবিজ্ঞান /ধাতুবিগ্‌গ্যান্/ [স. ধাতু+বিজ্ঞান] বি. ধাতুর গুণ ও বৈশিষ্ট্যবিষয়ক বিদ্যা, metallurgy।

ধাতুবিদ /ধাতুবিদ্/ [স. ধাতু+বিদ] বিণ. ধাতুবিদ্যায় পারদর্শী।

ধাতুবিদ্যা /ধাতুবিদ্দা/ [স. ধাতু+√বিদ্+য+আ (টাপ্)] বি. দ্র ধাতুবিজ্ঞান।

ধাতুময় /ধাতুময়্/ [স. ধাতু+ময়ট্] বিণ. ১ ধাতু-নির্মিত। ২ ধাতুপূর্ণ।

ধাতুমল /ধাতুমল্/ [স. ধাতু+√মল্+অ] বি. ধাতু গালিয়ে শোধনকালে উৎপন্ন বর্জ্য, গাদ, slag।

ধাতুরূপ /ধাতুরুপ্/ [স. ধাতু+রূপ] বি. (ব্যা.) কাল ও পুরুষভেদে ধাতুর বিভিন্ন রূপ, ক্রিয়ারূপ।

ধাতুসংকর /ধাতুশংকর্/ [স. ধাতু+সংকর] বি. দুই বা ততোধিক মৌলিক ধাতুর মিশ্রণে উৎপন্ন উন্নত-তর গুণসম্পন্ন ধাতু, মিশ্রধাতু, alloy।

ধাতুসাম্য /ধাতুশাম্মো/ [স. ধাতু+সম+য] বি. (আয়ু.) শরীরে বায়ু কফ প্রভৃতির সাম্য।

www.pathagar.com

ধাত্ /ধাত্ত্/ [স. √ধা+তৃ] বি. বিধাতা।

ধাত্রিকা /ধাত্ত্রিকা/ [স. ধাত্রী+কন্+আ (টাপ্)] বি. আমলকী।

ধাত্রী[১] /ধাত্ত্রি/ [স. √ধা+তৃ+ঈ] বি. যে নারী সন্তান প্রসবে সাহায্য করে এবং প্রসূতি ও নবজাতকের পরিচর্যা করে, দাই, ধাই, ধাইমা।

ধাত্রী[২] /ধাত্ত্রি/ [স. √ধা+ত্+ঈ] বিণ. ১ গর্ভধারিণী। ২ ধারণ করে এমন। বি. ১ মাতা। ২ পৃথিবী।

ধাত্রীফল /ধাত্ত্রিফল্/ [স. ধাত্রী+ফল] বি. দ্র ধাত্রিকা।

ধাত্রীবিদ্যা /ধাত্ত্রিবিদ্‌দা/ [স. ধাত্রী+√বিদ্+য+আ (টাপ্)] বি. যে বিদ্যার দ্বারা সন্তান প্রসবসংক্রান্ত জ্ঞান অর্জন করা যায়।

ধাত্রেয়ী /ধাত্ত্রেয়ি/ [স. ধাত্রী+এয়+ঈ] বি. দ্র ধাত্রী[১]।

ধান /ধান্/ [স. ধান্য >] বি. ১ পৃথিবীর প্রায় সর্বত্র উষ্ণ ও আর্দ্র অঞ্চলে সারাবছর চাষ করা হয় এমন মাঝারি আকৃতির তৃণজাতীয় উদ্ভিদ বা তার সোনালি খোসায় আবৃত ছোটো ও সরু বীজবিশেষ (যা বাংলাদেশ-সহ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়া-বাসীর খাদ্যের অন্যতম উৎস), ধান্য। ২ ওজনের পরিমাপবিশেষ, সিকি, রতি।

ধানক /ধানক্/ [স. ধান্য >] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ ইউরোপ ও এশিয়া মাইনরে জাত বর্ষজীবী ধান্যকগোত্রের (umbelliferous) উদ্ভিদের মৃদুগন্ধ বীজ (রান্নার মসলারূপে ব্যবহৃত), ধনে, ধনিয়া।

ধান কাঁড়া /ধান্ কাঁড়া/ ক্রিবি. ধান ছেঁটে চাল থেকে তুষ পৃথক করা।

ধান কাটা /ধান্ কাটা/ ক্রিবি. পাকার পর ধান কেটে সংগ্রহ করা।

ধান কাড়া /ধান্ কাড়া/ ক্রিবি. ধানখেত চষে আগাছা উৎপাটন করা।

ধান কোটা /ধান্ কোটা/ ক্রিবি. ধান ভানা।

ধানখেত /ধান্‌খেত্/ [বা.] বি. যে খেতে ধানের চাষ করা হয়।

ধান গাছের তক্তা /ধান্ গাছের্ তক্‌তা/ প্র. অস্তিত্ব নেই এমন বস্তু, অলীকবস্তু।

ধান ঝাড়া /ধান্ ঝাড়া/ ক্রিবি. ১ কাটা ধানের আঁটি আছড়ে বা গোরু দিয়ে মাড়িয়ে শস্য পৃথক করা। ২ কুলায় ঝেড়ে ধান থেকে আবর্জনা পৃথক করা।

ধানদূর্বা /ধানদুর্‌বা / [বা. ধান+স. দুর্বা] বি. মাঙ্গলিক দ্রব্যরূপে ব্যবহৃত ধান ও দূর্বাঘাস (*ধানদূর্বা দিয়ে বরণ*)।

ধান বোনা /ধান্ বোনা/ ক্রিবি. জমিতে ধানের বীজ বপন করা।

ধান ভানা /ধান্ ভানা/ ক্রিবি. ঢেঁকিতে ছেঁটে চাল থেকে তুষ পৃথক করা।

ধানমাড়াই /ধান্‌মাড়াই্/ [বা.] বি. গোরুকে দিয়ে মাড়িয়ে শিষ থেকে ধান পৃথক্‌করণ।

ধান শুকানো /ধান্ শুকানো/ ক্রিবি. মাড়াইয়ের জন্য সেদ্ধ ধান রোদে শুকিয়ে নেওয়া।

ধানশি /ধান্‌শি/ [স. ধনাশ্রী >] বি. দ্র ধানশ্রী।

ধানশ্রী /ধানোস্‌শ্রি/ [স. ধনাশ্রী >] বি. রাত্রির শেষ প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ, ধানশি।

ধানসিঁড়ি /ধান্‌শিঁড়ি/ [বা.] বি. বাংলাদেশে ঝালকাঠি জেলার রাজাপুর অঞ্চলে প্রবাহিত নদীবিশেষ।

ধানাইপানাই /ধানাই্‌পানাই্ / [দেশি.] বি. আবোল-তাবোল ও অপ্রাসঙ্গিক কথা।

ধানি /ধানি/ [বা.] বিণ. ১ ধান চাষ হয় এমন (*ধানি জমি*)। ২ কাঁচা ধানের মতো সবুজ রংবিশিষ্ট (*ধানি রঙের শাড়ি*)। ৩ ধানের মতো ছোটো কিন্তু তীব্র ও ঝাঁজালো (*ধানি লঙ্কা*)।

ধানিজমি /ধানিজোমি/ [বা. ধানি+ফা. জমি] বি. যে জমিতে ধান চাষ করা হয়।

ধানী /ধানি/ [স. √ধা+অন+ঈ] বি. ১ আশ্রয়; স্থান (*রাজধানী*)। ২ পাত্র, আধার (*নস্যধানী*)।

ধানুক /ধানুক্/ [বা.] বি. অনগ্রসর জাতিবিশেষ।

ধানুকি /ধানুকি/ [স. ধানুষ্ক >] বি. বিণ. ধনুকধারী।

ধানুষ্ক /ধানুশ্‌কো/ [স. ধনুস্+ইক] বিণ. ধনুকধারী, ধনুর্ধর; ধনুর্বিদ্যায় পারদর্শী। বি. ধনুকধারী সৈন্য।

ধানেশ্রি /ধানেস্‌শ্রি/ [স. ধনাশ্রী >] বি. দ্র ধানশ্রী।

ধান্দা /ধান্‌দা / [বা.] বি. ১ ধোঁকা, প্রতারণা; বিভ্রম সৃষ্টি। ২ সংশয়। ৩ চিন্তা। ৪ কাজের সন্ধান।

ধান্দাবাজ /ধান্‌দাবাজ্ / [বা. ধান্দা+ফা. বাজ] বিণ. সুযোগের সন্ধানে থাকে এমন।

ধান্দাবাজি /ধান্‌দাবাজি / [বা. ধান্দা+ফা. বাজি] বি. ধান্দাবাজের বৃত্তি (*ধান্দাবাজি করে বেড়ানো*)।

ধান্য /ধান্‌নো / [স. ধান+য] বি. ধান।

ধান্যক /ধান্‌নোক্/ [স. ধান্য+ক (স্বার্থে)] বি. দ্র ধানক।

ধান্যচমস /ধান্‌নোচমোশ্ / [স. ধান্য+চমস] বি. চিড়া, চিপিটক, চিড়ে।

ধান্যত্বক /ধান্‌নোতক্/ [স. ধান্য+√ত্বচ্+ক্বিপ্] বি. ধানের খোসা, তুষ।

ধান্যপঞ্চক /ধান্‌নোপন্‌চক্ / [স. ধান্য+পঞ্চন্+ক] বি. পাঁচ প্রকার ধান (শালী ব্রীহি শূক শিম্বি ও

www.pathagar.com

ক্ষুদ্র)।

ধান্যবীজ /ধান্‌নোবিজ্‌/ [স. ধান্য+বীজ] বি. ১ ধানের বীজ। ২ ধনিয়া, ধনে।

ধান্যবীর /ধান্‌নোবির্‌/ [স. ধান্য+বীর] বি. মাষ-কলাই।

ধান্যশীর্ষক /ধান্‌নোশির্‌শক্‌/ [স. ধান্য+শীর্ষক] বি. ধানের শিষ।

ধান্যাক /ধান্‌নাক্‌/ [স. ধন্যক+অ] বি. ধান্যক, ধনিয়া, ধঞ্চে, ধনিচা, ধনে।

ধান্যাম্ল /ধান্‌নাম্‌লো/ [স. ধান্য+অম্ল] বি. পান্তা-ভাতের জল, কাঁজি, আমানি।

ধান্যারি /ধান্‌নারি / [স. ধান্য+অরি] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এমন সুচালো নাসারন্ধ্র এবং অপেক্ষাকৃত বড়ো কান সরু লম্বা লেজ তীক্ষ্ণ দাঁত ও লোমাবৃত নরম দেহবিশিষ্ট স্তন্যপায়ী ছোটো প্রাণী (মূলত শস্যবীজ খেয়ে জীবনধারণ এবং লোকালয়ে বসবাস করে), ইঁদুর, মূষিক।

ধান্যাস্থি /ধান্‌নাস্‌থি/ [স. ধান্য+√অস্‌+থি] বি. ধানের খোসা, তুষ।

ধান্যেশ্বরী /ধান্‌নেশ্‌শোরি / [স. ধান্য+ঈশ্বরী] বি. ধান চোলাই করে প্রাপ্ত মদ, ধেনো মদ, দেশি মদ।

ধাপ /ধাপ্‌/ [হি.] বি. সিঁড়ির স্তর, পইঠা; সোপান।

ধাপড়ানো /ধাপ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. মাটিতে গড়াগড়ি করে আস্ফালন করা।

ধাপা /ধাপা/ [দেশি.] বি. ১ আবর্জনা ফেলার জায়গা। ২ জলাভূমি।

ধাপ্পা /ধাপ্‌পা/ [হি.] বি. ফাঁকি; মিথ্যা ভীতিপ্রদর্শন।

ধাপ্পাবাজ /ধাপ্‌পাবাজ্‌/ [হি. ধাপ্পা+ ফা. বাজ] বিণ. প্রতারক, শঠ; ফাঁকিবাজ।

ধাপ্পাবাজি /ধাপ্‌পাবাজি/ [হি. ধাপ্পা+ফা. বাজি] বি. প্রতারণা, ধোঁকাবাজি।

ধাবক /ধাবক্‌/ [স. √ধাব্‌+অক] বিণ. ১ শীঘ্রগামী। ২ ধৌতকারী (*দন্তধাবক*)। ৩ সংবাদ বা পত্র বহনকারী। বি. ১ ধোপা। ২ সাফাইকর্মী।

ধাবকা /ধাবকা/ [বা.] বি. ১ ধকল; ধাক্কা। ২ চাপ; প্রভাব। ৩ সন্দেহ; ফাঁকি। ৪ রীতি; অভ্যাস।

ধাবকি /ধাবকি/ [দেশি.] বি. ভীতিপ্রদর্শন।

ধাবন /ধাবন্‌/ [স. √ধাব্‌+অন] বি. ১ দ্রুত গমন; ধাওয়া (*পশ্চাদ্ধাবন*)। ২ ধৌতকরণ, পরিষ্করণ।

ধাবনকুর্দন /ধাবন্‌কুর্‌দন্‌ / [স. ধাবন+কুর্দন] বি. দৌড়ঝাপ।

ধাবন্ত /ধাবোন্‌তো/ [স. √ধাব্‌+অন্ত] বিণ. দ্র ধাবমান।

ধাবমান /ধাবোমান্‌/ [স. √ধাব্‌+মান (শানচ্‌)] বিণ. দ্রুত গমনশীল, ছুটে যাচ্ছে এমন।

ধাবিত /ধাবিতো/ [স. √ধাব্‌+ত] বিণ. ১ বেগে গমনশীল। ২ পরিষ্কৃত, ধৌত।

ধাম /ধাম্‌/ [স. √ধা+মন্‌] বি. ১ বাসগৃহ। ২ তীর্থ-ক্ষেত্র (*কাশীধাম*)। ৩ পাত্র, আধার (*গুণধাম*)।

ধামনিক /ধামোনিক্‌/ [স. ধমনি+ইক] বিণ. ধমনি-সংক্রান্ত।

ধামসানি /ধাম্‌শানি/ [বা.] বি. দলন, মর্দন।

ধামসানো /ধাম্‌শানো/ [বা.] বিণ. দলিত, মর্দিত। ক্রিবি. হাত-পা দিয়ে মর্দন করা।

ধামা /ধামা/ [স. ধাম >] বি. শস্য মাপা বা রাখার জন্য ব্যবহৃত বড়ো বেতের ঝুড়ি।

ধামাচাপা /ধামাচাপা/ [বা.] বি. লোকচক্ষুর আড়ালে অপসারণ।

ধামাধরা /ধামাধরা/ [বা.] বিণ. চাটুকার।

ধামা ধামা /ধামা ধামা/ বিণ. প্রচুর, যথেষ্ট, পর্যাপ্ত।

ধামার /ধামার/ [দেশি.] বি. সংগীতের ১৪ মাত্রার তালবিশেষ।

ধামালি /ধামালি/ [দেশি.] বি. ১ সংগীতের আটমাত্রার তালবিশেষ। ২ রঙ্গরসাত্মক নাচগান। ৩ ছলনা।

ধামি /ধামি/ [বা.] বি. ছোটো ধামা।

ধার /ধার্‌/ [স. √ধারি+অ] বি. ১ পরিশোধ করার শর্তে যা গ্রহণ করা হয়, কর্জ (*ধারদেনা*)। ২ প্রখরতা (*বুদ্ধির ধার*)। ৩ অস্ত্রের তীক্ষ্ণতা। ৪ সম্পর্ক; সংস্রব (*ধার ধারা*)। ৫ প্রান্ত, কিনারা, তীর (*নদীর ধার*)। বিণ. তীক্ষ্ণ।

ধারক /ধারক্‌/ [স. √ধারি+অক] বিণ. ১ ধারণকারী। ২ ঋণগ্রাহী। ৩ উদরাময়রোধক। ৪ যজ্ঞাদি অনুষ্ঠানে মন্ত্রপাঠ সংশোধনকারী। বি. উদরাময়ের ওষুধবিশেষ।

ধার করা /ধার্‌ করা/ ক্রিবি. ঋণ নেওয়া, কর্জ করা।

ধারকর্জ /ধারকর্‌জো/ [স. ধার+আ. কর্জ] বি. ঋণ।

ধার চুকানো /ধার্‌ চুকানো/ ক্রিবি. ঋণ পরিশোধ করা।

ধারণ /ধারোন্‌/ [স. √ধারি+অন] বি. ১ অবলম্বন (*লেখনী ধারণ*)। ২ পরিধান (*বেশ ধারণ*)। ৩ সংকুলান (*পাত্রের ধারণক্ষমতা*)। ৪ বিধৃতকরণ (*শব্দ ধারণ*)। ৫ গ্রহণ (*উপাধি ধারণ*)।

ধারণা /ধারোনা/ [স. √ধারি+অন+আ (টাপ্‌)] বি. বোধ, অনুমান, বিশ্বাস।

ধারণাতীত /ধারোনাতিতো/ [স. ধারণা+অতীত] বিণ. অনুমান করা যায় না এমন।

ধারণীয় /ধারোনিয়ো/ [স. √ধারি+অনীয়] বিণ. ধারণযোগ্য; রক্ষণীয়।

ধার ধারা /ধার্‌ ধারা/ ক্রিবি. পরোয়া করা।

www.pathagar.com

ধারয়িতা /ধারোয়িতা/ [স. √ধারি+ত্] বিণ. ধারক, ধারণকর্তা। স্ত্রী. ধারয়িত্রী /ধারোয়িত্রি/।

ধারয়িষ্ণু /ধারোয়িশ্নু / [স. √ধারি+ইষ্ণু] বিণ. ধারণ করে আছে এমন, ধারণকারী।

ধারা[১] /ধারা/ [স. √ধারি+অ+আ (টাপ্)] বি. ১ প্রবাহ (*জলের ধারা*)। ২ প্রবল বর্ষণ (*ধারাপাত*)। ৩ ঝরনা। ৪ নিয়ম (*কাজের ধারা*)। ৫ আইনের বিধি (*১৪৪ ধারা*)। ৬ পরম্পরা (*বংশের ধারা*)। ৭ চালচলন (*কেমন ধারা*)। ৮ (বাংলায়) ধরন।

ধারা[২] /ধারা/ [বা.] ক্রিবি. ১ ঋণী হওয়া বা থাকা। ২ সংস্রব রাখা (*ধার ধারা*)।

ধারাকদম্ব /ধারাকদোম্বো/ [স. ধারা+কদম্ব] বি. ১ কদমফুল বা তার গাছ, নীপ। ২ কেলিকদম্ব।

ধারাকারে /ধারাকারে/ [বা.] ক্রিবিণ. বৃষ্টির মতো অবিরাম ধারায়।

ধারাক্রমে /ধারাক্রোমে/ [স. ধারাক্রম+বা. এ] ক্রিবিণ. ১ ধারাবাহিকভাবে। ২ রীতি অনুসারে।

ধারাগৃহ /ধারাগৃহো/ [স. ধারা+গৃহ] বি. ফোয়ারাযুক্ত গৃহ।

ধারাঙ্কুর /ধারাংকুর্ / [স. ধারা+ অঙ্কুর] বি. ১ জলের কণা। ২ করকা, শিল, বর্ষোপল। ৩ যুদ্ধক্ষেত্রে অগ্রবর্তী সৈন্য।

ধারাজল /ধারাজল্ / [স. ধারা+জল] বি. বৃষ্টি; ধারাপাত।

ধারাধর /ধারাধর্/ [স. ধারা+ধর] বি. ১ মেঘ। ২ খড়্গ, অস্ত্র।

ধারানিবদ্ধ /ধারানিবদ্ধো / [স. ধারা+নি+ √বন্ধ্+ত] বিণ. ১ প্রথাবদ্ধ। ২ কেতাদুরস্ত।

ধারাপাত /ধারাপাত্/ [স. ধারা+√পত্+অ] বি. ১ অবিরাম বৃষ্টিপাত। ২ পাটিগণিতের নামতার বই।

ধারাবর্ণনা /ধারাবর্নোনা / [স. ধারা+বর্ণনা] বি. চলমান ঘটনার তাৎক্ষণিক মৌখিক বিবরণ।

ধারাবর্ষ /ধারাবর্শো/ [স. ধারা+√বৃষ্+অ] বি. বিরামহীন বর্ষণ।

ধারাবর্ষণ /ধারাবর্শোন্ / [স. ধারা+√বৃষ্+অন] বি. প্রবল বর্ষণ, অবিরাম বর্ষণ; ধারাবর্ষ।

ধারাবাহিক /ধারাবাহিক্/ [স. ধারা+বাহিক] বিণ. ১ নিরবচ্ছিন্ন। ২ পরম্পরাক্রমে ঘটে এমন।

ধারাবাহিকতা /ধারাবাহিকতা/ [স. ধারাবাহিক+তা] বি. অবিচ্ছিন্নতা; পারম্পর্য।

ধারাবাহিতা /ধারাবাহিতা/ [স. ধারা+√বহ্+ইন্+তা] বি. দ্র ধারাবাহিকতা।

ধারাবাহী /ধারাবাহি/ [স. ধারা+√বহ্+ইন্] বিণ. দ্র ধারাবাহিক।

ধারাভাষ্য /ধারাভাশ্যো/ [স. ধারা+√ভাষ্+য] বি. ঘটমান বিষয়ের তাৎক্ষণিক চাক্ষুষ বিবরণ।

ধারাযন্ত্র /ধারাজন্ত্রো/ [স. ধারা+√যন্ত্র+অ] বি. ১ স্নানের ঘরে লাগানো ঝরনাকল, shower। ২ ফোয়ারা। ৩ পিচকারি।

ধারালো /ধারালো / [বা.] বিণ. শানিত, ধারযুক্ত।

ধারাসম্পাত /ধারাশম্পাত্/ [স. ধারা+সম্পাত] বি. অবিরাম ধারায় বৃষ্টিপাত।

ধারাসার /ধারাশার্/ [স. ধারা+আসার] বি. দ্র ধারাসম্পাত।

ধারাস্নান /ধারাস্নান্ / [স. ধারা+ স্নান] বি. ঝরনা-কলের নিচে দাঁড়িয়ে স্নান; বৃষ্টিতে স্নান।

ধারি /ধারি/ [বা.] বি. ১ মাটির ঘরের চারদিকে নির্মিত বারান্দা। ২ পাড়। বিণ. ঋণী।

ধারিণী /ধারিনি/ [স. √ধৃ+ইন্+ঈ] বিণ. ধারণ করে আছে এমন ; ধারণকারিণী। বি. ধরণি, পৃথিবী।

ধারিত /ধারিতো/ [স. √ধারি+ত] বিণ. ১ ধরানো বা গ্রহণ করানো হয়েছে এমন। ২ বাহিত। ৩ স্থাপিত।

ধারী /ধারি / [স. √ধৃ+ইন্] বিণ. ১ ঋণগ্রস্ত। ২ তীক্ষ্ণ, ধারালো। ৩ ধারক।

ধার্তরাষ্ট্র /ধার্তোরাশ্ট্রো/ [স. ধৃতরাষ্ট্র+অ] বি. মহাভারতোক্ত ধৃতরাষ্ট্রের পুত্র।

ধার্ম /ধার্মো/ [স. ধর্ম+অ] বিণ. ধর্মবিষয়ক।

ধার্মিক /ধার্মিক্/ [স. ধর্ম+ইক] বিণ. ধর্মপরায়ণ, ধর্মপালনকারী। স্ত্রী. ধার্মিকী /ধার্মিকি/।

ধার্মিকতা /ধার্মিকতা/ [স. ধার্মিক+তা] বি. ধর্ম-পরায়ণতা, ধর্মশীলতা।

ধার্য /ধার্জো/ [স. √ধারি+য] বিণ. ১ ধারণযোগ্য। ২ গ্রাহ্য। ৩ পালনীয়। ৪ (বাংলায়) নিরূপিত (*আয়ের ওপর ধার্য কর*)।

ধার্যমাণ /ধার্জোমান্/ [স. √ধারি+মান (শানচ্)] বিণ. নিরূপণ করা হচ্ছে এমন।

ধার্ষ্টামি /ধার্শ্টামি/ [স. ধৃষ্ট >] বি. ধৃষ্টতা, ঔদ্ধত্য।

ধার্ষ্টামো /ধার্শ্টামো/ [স. ধৃষ্ট >] বি. দ্র ধার্ষ্টামি।

ধার্ষ্ট্য /ধার্শ্টো / [স. ধৃষ্ট+য] বি. ধৃষ্টতা, ঔদ্ধত্য।

ধিক /ধিক্/ [স. ধিক্] অব্য. নিন্দা ঘৃণা ভর্ৎসনা প্রভৃতি জ্ঞাপক উক্তি।

ধিক ধিক /ধিক্ ধিক্/ [ধ্বন্যা.] অব্য. ধিক্কারসূচক উক্তি।

ধিকিধিকি /ধিকিধিকি/ [ধ্বন্যা.] অব্য. মৃদুভাবে আগুন জ্বলতে থাকার ভাব ।

ধিক্কার /ধিক্কার্/ [স. ধিক্+√কৃ+অ] বি. ১ নিন্দা

www.pathagar.com

ঘৃণা অবজ্ঞা বিরক্তি প্রভৃতি জ্ঞাপক উক্তি। ২ গ্লানি।

ধিক্কৃত /ধিক্‌কৃতো/ [স. ধিক্+√কৃ+ত] বিণ. ১ ধিক্কার দেওয়া হয়েছে এমন। ২ ভর্ৎসিত; নিন্দিত।

ধিঙ্গি /ধিংগি/ [হি.] বিণ. ১ উচ্ছৃঙ্খল; দুরন্ত; (*ধিঙ্গি মেয়ে*)। ২ উদ্দাম (*ধিঙ্গি নাচ*)। ৩ গেছো।

ধিঙ্গিপনা /ধিংগিপনা/ [হি. ধিঙ্গি+বা. পনা] বি. উচ্ছৃঙ্খল ও দুরন্ত আচরণ।

ধিৎকার /ধিত্‌কার/ [স. ধিক্কার >] বি. দ্র ধিক্কার।

ধিনতাধিন /ধিন্‌তাধিন্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ধিনধিন।

ধিনধিন /ধিন্‌ধিন্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ নৃত্যের তালবিশেষ। ২ তালবাদ্যের বোল।

ধিমা /ধিমা/ [বা.] বিণ. ১ শিথিল। ২ ঢিমা। ৩ মৃদু।

ধী /ধি/ [স. √ধ্যৈ+কিপ্‌] বি. বোধশক্তি; জ্ঞান; মেধা, বুদ্ধি (*ধীমান*)।

ধীগুণ /ধিগুন্‌/ [স. ধী+গুণ] বি. ধীশক্তি বৃদ্ধির আটটি কৌশল (কৌতূহল শ্রবণ গ্রহণ তর্ক বিতর্ক অর্থবোধ তত্ত্বজ্ঞান ও ধারণ)।

ধীত /ধিতো/ [স. √ধে+ত] বিণ. ১ পান করা হয়েছে এমন। ২ অবজ্ঞাত। ৩ উপাসিত।

ধীবর /ধিবর্‌/ [স. √ধা+বর] বি. মৎস্যজীবী, জেলে, কৈবর্ত। স্ত্রী. ধীবরী /ধিবোরি/।

ধীমান /ধিমান্‌/ [স. ধী+মৎ] বিণ. বুদ্ধিমান। স্ত্রী. ধীমতী /ধিমোতি/।

ধীর /ধির্‌/ [স. ধী+√রা+অ] বিণ. ১ স্থিরচিত্ত। ২ মন্থর। ৩ সামান্য। ৪ বিনীত। ৫ পন্ডিত।

ধীরগতি /ধিরগোতি/ [স. ধীর+গতি] বিণ. মন্থর গতিবিশিষ্ট।

ধীরতা /ধিরোতা/ [স. ধীর+তা] বি. ১ ধৈর্য, ধৃতি। ২ স্থিরচিত্ততা। ৩ গাম্ভীর্য। ৪ পান্ডিত্য, বুদ্ধিমত্তা।

ধীরপ্রশান্ত /ধিরোপ্রোশান্‌তো/ [স. ধীর+প্র+√শম্‌+ত] বিণ. ধীর ও শান্ত। বি. গুণী ব্যক্তি।

ধীরললিত /ধিরোলোলিতো/ [স. ধীর+ললিত] বিণ. স্থির ও নম্র স্বভাববিশিষ্ট।

ধীরা /ধিরা/ [স. ধী+√রা+অ+আ (টাপ্‌)] বি. ধীর প্রকৃতিবিশিষ্ট নারী।

ধীরাধীরা /ধিরাধিরা/ [স. ধীর+অধীরা] বি. যে নারী কখনো ধীরা এবং কখনো অধীরা।

ধীরি /ধিরি/ [স. ধীর >] ক্রিবিণ. ধীর গতিতে।

ধীরি ধীরি /ধিরি ধিরি/ ক্রিবিণ. দ্র ধীরে ধীরে।

ধীরে /ধিরে/ [স. ধীর+বা. এ] ক্রিবিণ. ব্যস্ত না হয়ে, মৃদুভাবে, মন্থরগতিতে।

ধীরে ধীরে /ধিরে ধিরে/ ক্রিবিণ. ধীর গতিতে, আস্তে আস্তে।

ধীরে সুস্থে /ধিরে শুস্‌থে/ ক্রিবিণ. ব্যস্ত না হয়ে, রয়েসয়ে; উত্তেজিত না হয়ে।

ধীরোদাত্ত /ধিরোদাত্‌তো/ [স. ধীর+উদাত্ত] বিণ. নিরহংকার ও নিরুদ্‌বেগ।

ধীরোদ্ধত /ধিরোদ্‌ধতো/ [স. ধীর+উদ্ধত] বিণ. শান্ত স্বভাববিশিষ্ট হলেও মাঝেমাঝে উদ্ধত।

ধীশক্তি /ধিশোক্‌তি/ [স. ধী+√শক্‌+তি] বি. বুদ্ধিশক্তি।

ধীসম্পন্ন /ধিশম্‌পন্নো/ [স. ধী+সম্‌+√পদ্‌+ত] বিণ. বিচারবুদ্ধিসম্পন্ন।

ধীহারা /ধিহারা/ [স. ধী+বা. হারা] বিণ. বিচার-বুদ্ধিহীন।

ধুঁকা /ধুঁকা/ [বা.] ক্রিবি. অতিরিক্ত পরিশ্রম প্রভৃতির কারণে ঘনঘন শ্বাস গ্রহণ ও ত্যাগ করা, হাঁপানো।

ধুঁকুনি /ধুঁকুনি/ [বা.] বি. ঘনঘন শ্বাস গ্রহণ ও ত্যাগ; হাঁপানি; বুক ধড়ফড়ানি।

ধুঁদুল /ধুঁদুল্‌/ [বা.] বি. দ্র ধুন্দল।

ধুঁধুল /ধুঁধুল্‌/ [বা.] বি. দ্র ধুন্দল।

ধুকড়ি /ধুক্‌ড়ি/ [দেশি.] বি. দ্র ধোকড়।

ধুকধুক /ধুক্‌ধুক্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ হৃৎস্পন্দনের শব্দ। ২ বারবার ধুক শব্দ। ৩ উদ্‌বেগের ভাব।

ধুকধুকানি /ধুক্‌ধুকানি/ [বা.] বি. ১ হৃৎপিন্ডের মৃদু স্পন্দন। ২ মানসিক অশান্তি, উদ্‌বেগ।

ধুকধুকি /ধুক্‌ধুকি/ [দেশি.] বি. ১ কণ্ঠহারসংলগ্ন যে অলংকার বুকের ওপর দোলে; লকেট, pendent। ২ মনের অশান্তি, দুর্ভাবনা; সন্দেহ।

ধুকপুক /ধুক্‌পুক্‌/ [ধ্বন্যা.] অব্য. ১ ভীতিপ্রদ হৃৎ-স্পন্দন; তোলপাড়। ২ আশঙ্কা উদ্‌বেগ অস্থিরতা প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

ধুকপুকানি /ধুক্‌পুকানি/ [ধ্বন্যা.] বি. ১ হৃৎপিন্ডের মৃদু স্পন্দন। ২ মানসিক অশান্তি বা উদ্‌বেগ।

ধুচন /ধুচোন্‌/ [দেশি.] বি. ১ বাঁশের শলা দিয়ে তৈরি চাল ধোয়ার ঝাঁকাবিশেষ, ধুচনি। ২ (আল.) অকেজো বস্তু; অকর্মা লোক।

ধুচনি /ধুচনি/ [দেশি.] বি. ১ ফুলের সাজি। ২ বাঁশের শলার তৈরি চাল ধোয়ার পাত্র। ৩ মাছ ধরার সচ্ছিদ্রপাত্র, খালই। ৪ মালসা।

ধুচুনি /ধুচুনি/ [দেশি.] বি. দ্র ধুচনি।

ধুচুনি টুপি /ধুচুনি টুপি/ বি. বেত বা বাঁশের শলা দিয়ে তৈরি টুপি।

ধুত /ধুতো/ [স. √ধু+ত] বিণ. ১ কম্পিত, আন্দোলিত,

www.pathagar.com

কম্পিত। ২ পরিত্যক্ত, বর্জিত।

ধুতরা /ধুত্‌রা/ [স. ধুস্তুর >] বি. দ্র ধুতুরা।

ধুতি /ধুতি/ [হি.] বি. ১ পুরুষদের পরিধেয় সরু পাড়যুক্ত লম্বা বস্ত্রখণ্ড। ২ উৎকোচ; ভেট।

ধুতুরা /ধুতুরা/ [স. ধুস্তুর >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্ত ও গ্রীষ্মকালে ফোটে এমন সাদা বেগুনি প্রভৃতি রঙের পাঁচটি পাপড়িবিশিষ্ট ঘণ্টাকৃতি ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, ধুতরা।

ধুৎ /ধুত্/ [বা.] অব্য. বিরক্তি অবজ্ঞা অসম্মতি অবিশ্বাস প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

ধুত্তোর /ধুত্‌তোর্/ [বা.] অব্য. 'ধুৎ'-এর জোরালো রূপ।

ধু-ধু /ধুধু/ [বা.] অব্য. শূন্যতা নির্জনতা বিশালতা প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ। বিণ. শূন্য (*এ পারেতে ধু ধু মরু বারি বিনা রে॥* রবীন্দ্র.)।

ধুনক /ধুনোক্/ [বা.] বি. তুলা পেঁজা যে ব্যক্তির পেশা।

ধুনখারা /ধুন্‌খারা/ [দেশি.] বি. ধনুকসদৃশ সরঞ্জাম-বিশেষ যার সাহায্যে তুলা পেঁজা হয়।

ধুনচি /ধুনোচি/ [হি ধুনা+তুর. চি] বি. ১ ধুনা জ্বালানোর পাত্র। ২ তুলো পেঁজার সরঞ্জাম।

ধুনন /ধুনন্/ [স. √ধু+ণিচ্+অন] বি. কম্পন; চালন।

ধুনরি /ধুনোরি/ [বা.] বি. তুলো পেঁজার পর লেপ তোশক তৈরি করা যার পেশা।

ধুনা[১] /ধুনা/ [স. ধূনক >] বি. ধূপ, সর্জরস।

ধুনা[২] /ধুনা/ [হি.] ক্রিবি. 'ধোনা'-র সাধু রূপ।

ধুনা দেওয়া /ধুনা দেওআ/ ক্রিবি. ধুনায় আগুন দিয়ে ধোঁয়া দেওয়া।

ধুনারি /ধুনারি/ [বা.] বি. দ্র ধুনরি।

ধুনি /ধুনি/ [দেশি.] বি. সন্ন্যাসী যে অগ্নিকুণ্ড জ্বালিয়ে রাখে।

ধুনী /ধুনি/ [স. √ধু+নি+ঈ] বি. নদী, তটিনী (*বহিয়া যায় সুরের সুরধুনী॥* রবীন্দ্র.)।

ধুন্দল /ধুন্‌দল্/ [বা.] বি. বাংলাদেশ-সহ উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এবং গ্রীষ্মকালে ফোটে এমন হলুদ ফুল ও মসৃণ বেলনাকার শিরাবিহীন ফল (কচি অবস্থায় সবজিরূপে রেঁধে খাওয়া হয়) বা তার বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ, পোরোল।

ধুন্ধুমার /ধুন্‌ধুমার্/ [স. ধুন্ধু+√ম্+ণিচ্+অ] বি. ১ ঘরের ঝুল। ২ মখমলি পোকা। ৩ ইক্ষ্বাকুবংশীয় পৌরাণিক রাজা কুবলাশ্ব। ৪ (বাংলায়) তুমুল হট্টগোল। বিণ. প্রবল।

ধুপ[১] /ধুপ্/ [হি.] বি. রোদ।

ধুপ[২] /ধুপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. কোনো কিছু পতনের লঘু শব্দ।

ধুপচি /ধুপ্‌চি/ [হি. ধুপ+তুর. চি] বি. যে পাত্রে ধূপ জ্বালানো হয়, ধুনুচি।

ধুপছায়া /ধুপ্‌ছায়া/ [হি. ধুপ+স. ছায়া] বি. ১ রোদ ও ছায়া। ২ ময়ূরকণ্ঠী রং। ৩ লাল সুতোর টানা এবং কালো নীল বা বেগুনি সুতোর পোড়েন দিয়ে বোনা কাপড়। বিণ. ময়ূরকণ্ঠী রঙের।

ধুপধাপ /ধুপ্‌ধাপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত ধুপ শব্দ।

ধুপধুপ /ধুপ্‌ধুপ্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ধুপধাপ।

ধুম /ধুম্/ [হি.] বি. ১ সমারোহ, আড়ম্বর (*মহা ধুমধাম*), ঘটা, জাঁকজমক। ২ প্রাচুর্য, আধিক্য। ৩ তুমুল কোলাহল।

ধুমড়ি /ধুমড়ি/ [দেশি.] বি. স্থূলাঙ্গিনী নারী।

ধুমধাড়াক্কা /ধুম্‌ধাড়াক্কা/ [বা.] বি. ১ মহাসমারোহ; আড়ম্বর। ২ ব্যস্ততা ও কোলাহলপূর্ণ ব্যাপার।

ধুমধাম /ধুম্‌ধাম্/ [হি. ধুম >] বি. জাঁকজমক, মহাসমারোহ।

ধুমসা /ধুম্‌শা/ [দেশি.] বিণ. কুশ্রী ও স্থূলকায়। স্ত্রী. ধুমসি /ধুম্‌শি/।

ধুমুল /ধুমুল্/ [ধ্বন্যা.] বি. মৃদঙ্গ বা খোল বাদনের শব্দ।

ধুম্বল /ধুম্‌বল্/ [ধ্বন্যা.] বি. দ্র ধুমুল।

ধুয়া /ধুআ/ [স. ধ্রুব >] বি. ১ গানের যে অংশ দোহারগণ বারবার গায়। ২ যে উক্তি বারবার করা হয়। ৩ আবদার; ছল, ছুতা।

ধুয়ো /ধুও/ [স. ধ্রুব >] বি. 'ধুয়া'-র কথ্য রূপ।

ধুর /ধুর্/ [স. √ধুর্+ক্বিপ্] বি. দ্র ধুরা।

ধুরন্ধর /ধুরোন্‌ধর্/ [স. ধুর্+√ধৃ+ণিচ্+অ] বিণ. ১ চতুর; ধূর্ত; মতলববাজ। ২ দক্ষতার সঙ্গে কার্য-ভার বহন করতে পারে এমন, কর্মকুশল। ৩ ভারবাহী। ৪ অগ্রণী; ওস্তাদ।

ধুরা /ধুরা/ [স. √ধুর্+ক্বিপ্+আ (টাপ্)] বি. ১ গোরু বা ঘোড়ায় টানা গাড়ির জোয়াল, yoke। ২ শকটের সঙ্গে আড়াআড়িভাবে যুক্ত দন্ড যার দুই প্রান্ত দুই চাকার সঙ্গে সংলগ্ন থাকে, অক্ষদন্ড, axle।

ধুল /ধুল্/ [বা.] বি. দ্র ধুলা।

ধুলা /ধুলা/ [বা.] বি. শুকনো মাটির মিহি গুঁড়ো, ধূলি।

ধুলো /ধুলো/ [বা.] বি. 'ধুলা'-র কথ্য রূপ।

ধুলোট /ধুলোট্/ [বা.] বি. সংকীর্তনের শেষ দিন ভক্তদের ভাবাবেগে ধুলোয় লুণ্ঠনরূপ উৎসববিশেষ।

ধুলোবালি /ধুলোবালি/ [বা.] বি. ধুলিমাটি প্রভৃতি।

ধুলোময়লা /ধুলোময়লা/ [বা.] বি. দ্র ধুলোবালি।

www.pathagar.com

ধুস্ /ধুশ্/ [বা.] অব্য. বি. বিরক্তি বা অসম্ভাব্যতা প্রকাশক শব্দ।

ধুস্তুর /ধুস্‌তুর্/ [স. ধুস্+√তুর্+অ] বি. দ্র ধুতুরা।

ধূপ /ধুপ্/ [স. √ধূপ্+অ] বি. শাল গাছের নির্যাস থেকে তৈরি গন্ধদ্রব্যবিশেষ যাতে আগুন দিলে ধোঁয়া হয়, সর্জরস।

ধূপকাঠি /ধূপ্‌কাঠি/ [স. ধূপ+বা. কাঠি] বি. ধূপের সুগন্ধ প্রলেপযুক্ত কাঠিবিশেষ যাতে আগুন দিলে ধোঁয়া হয়, আগরবাতি।

ধূপন /ধূপন্/ [স. √ধূপ্+অন] বি. ধূপ জ্বালিয়ে সুগন্ধীকরণ।

ধূপায়িত /ধূপায়িতো/ [স. √ধূপ্+ত] বিণ. ধূপের ধোঁয়ায় সুরভিত।

ধূপিত /ধূপিতো/ [স. √ধূপ্+ত] বিণ. দ্র ধূপায়িত।

ধূম /ধুম্/ [স. √ধূ+ম] বি. বিণ. দ্র ধূম্র।

ধূমকেতন /ধূম্‌কেতন্/ [স. ধূম+কেতন] বি. দ্র ধূমকেতু।

ধূমকেতু /ধূম্‌কেতু/ [স. ধূম+√চায়্+তু] বি. উপবৃত্তাকার কক্ষপথে সূর্যকে প্রদক্ষিণরত উজ্জ্বল কেন্দ্র ও অনুজ্জ্বল পুচ্ছবিশিষ্ট গ্যাসীয় জ্যোতিষ্কবিশেষ, ঝাঁটাতারা, comet।

ধূমজাল /ধূম্‌জাল্/ [স. ধূম+√জাল্+অ] বি. ১ ধোঁয়ার আবরণ। ২ অস্পষ্টতা।

ধূমদর্শী /ধূমোদোর্‌শি/ [স. ধূম+√দৃশ্+ইন্] বিণ. দৃষ্টি ঝাপসা হয়ে গেছে এমন। বি. যার দৃষ্টি ঝাপসা বা অস্পষ্ট হয়েছে।

ধূমধ্বজ /ধূমোদ্‌ধ্বজ্/ [স. ধূম+ধ্বজ] বি. ১ অগ্নি। ২ ধূমকেতু।

ধূমপথ /ধূম্‌পথ্/ [স. ধূম+পথ] বি. ধোঁয়ার নির্গমন-পথ, চিমনি।

ধূমপান /ধূম্‌পান্/ [স. ধূম+পান] বি. তামাক বিড়ি চুরুট সিগারেট প্রভৃতির ধোঁয়া সেবন (যা স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর)।

ধূমপায়ী /ধূম্‌পায়ি/ [স. ধূম+√পা+ইন্] বিণ ধূমপান-কারী।

ধূমযোনি /ধূম্‌জোনি / [স. ধূম+যোনি] বি. মেঘ।

ধূমল /ধূমল্ / [স. ধূম+√লা+অ] বি. হালকা বেগুনি বা ধোঁয়ার মতো রং। বিণ. ধূম্রবর্ণ, কালোর সঙ্গে লালের মিশেল, কৃষ্ণলোহিত।

ধূমাকার /ধূমাকার্/ [স. ধূম+আকার] বিণ. ১ ধোঁয়ার মতো ঝাপসা। ২ ধোঁয়ায় আচ্ছন্ন।

ধূমাবতী /ধূমাবোতি/ [স. ধূম+বৎ+ঈ] বি. দশমহাবিদ্যার সপ্তম রূপ।

ধূমাভ /ধূমাভো/ [স. ধূম+আ+√ভা+অ] বিণ. ধোঁয়ার মতো বর্ণযুক্ত, ধূমল।

ধূমায়মান /ধূমায়োমান্/ [স. √ধূমায়+মান (শানচ্)] বিণ. ধোঁয়া উঠছে এমন।

ধূমায়িত /ধূমায়িতো/ [স. √ধূমায়+ত] বিণ. ১ ধোঁয়াযুক্ত, ধোঁয়াপূর্ণ, ধোঁয়ায় আচ্ছন্ন। ২ গরম, ধোঁয়া উঠছে এমন (*ধূমায়িত চা*)।

ধূমিকা /ধূমিকা/ [স. ধূম+ইক+আ (টাপ্)] বি কুয়াশা, কুহেলিকা, নীহার, কুশ্ঝটিকা।

ধূমিত /ধূমিতো/ [স. ধূম+ইত] বিণ. দ্র ধূমায়িত।

ধূমোদ্‌গার /ধূমোদ্‌গার্/ [স. ধূম+উদ্‌গার] বি. ধোঁয়া নির্গমন।

ধূম্র /ধূম্রো/ [স. ধূম+√রা+অ] বি. জ্বলন্ত পদার্থ থেকে উদ্‌গত বাতাসে দৃশ্যমান কার্বন বা অন্য কোনো পদার্থের কণা, ধোঁয়া, ধূম। বিণ. ধোঁয়ার মতো বর্ণবিশিষ্ট, ধূমল।

ধূম্রক /ধূম্‌রক্/ [স. ধূম্র+√কৈ+অ] বি. উট।

ধূম্রকেশী /ধূম্‌রোকেশি/ [স. ধূম্র+কেশ+ইন্] বিণ. ধূম্রবর্ণের চুলবিশিষ্ট।

ধূম্রবর্ণ /ধূম্‌রোবরনো / [স. ধূম্র+বর্ণ] বিণ. ধোঁয়ার মতো বর্ণবিশিষ্ট। স্ত্রী. ধূম্রবর্ণী /ধূম্‌রোবর্‌না /।

ধূম্রলোচন[১] /ধূম্‌রোলোচন্ / [স. ধূম্র+√লোচ্+অন] বি. ১ কপোত, পায়রা। ২ পুরাণোক্ত অসুররাজ শুম্ভ ও নিশুম্ভের সেনাপতি।

ধূম্রলোচন[২] /ধূম্‌রোলোচন / [স. ধূম্র+√লোচ্+অন] বিণ. ধূসর চোখবিশিষ্ট। স্ত্রী. ধূম্রলোচনা /ধূম্‌রোলোচনা /।

ধূম্রালোক /ধূম্‌রালোক্/ [স. ধূম্র+আলোক] বি. অস্পষ্ট আলোক, আবছায়া।

ধূর্জটি /ধূর্‌জোটি / [স. ধূর্+জটি] বি. মহাদেব, শিব।

ধূর্ত /ধূর্‌তো/ [স. √ধূর্ব্+ত] বিণ. চতুর, ধড়িবাজ, শঠ। বি. -তা /-তা/।

ধূর্তামি /ধূর্‌তামি/ [বা.] বি. ধূর্ততা, চতুরতা, চাতুরী।

ধূর্তামো /ধূর্‌তামো/ [বা.] বি. দ্র ধূর্তামি।

ধূলি /ধুলি/ [স. √ধূ+লি] বি. শুকনো মাটির সূক্ষ্ম কণা, রেণু (*তোমারে বহিতে যারা পবিত্র অঙ্গে লাগাল ধূলি; / তারাই মানুষ, তারাই দেবতা, গাহি তাহাদেরই গান,* নজরুল.)।

ধূলিকণা /ধুলিকনা/ [স. ধূলি+কণা] বি. ধূলির সূক্ষ্ম কণা।

ধূলিঝড় /ধুলিঝড়্/ [স. ধূলি+বা. ঝড়] বি. যে ঝড় ধূলিকণা উড়িয়ে আকাশ আচ্ছন্ন করে।

ধূলিধূসর /ধুলিধুশর্/ [স. ধূলি+ধূসর] বিণ. ধূলিতে মলিন হয়েছে এমন, ধুলোমাখা; ঈষৎ পাণ্ডুবর্ণ।

www.pathagar.com

ধূলিধূসরিত /ধুলিধুশোরিতো/ [স. ধূলিধূসর+ইত] বিণ. দ্র ধূলিধূসর।

ধূলিধ্বজ /ধুলিদ্‌ধজো/ [স. ধূলি+ধ্বজ] বি. ঘূর্ণিবায়ু।

ধূলিময় /ধুলিময়/ [স. ধূলি+ময়ট্‌] বিণ. ধুলায় আচ্ছন্ন।

ধূলিমলিন /ধুলিমোলিন্‌/ [স. ধূলি+মলিন] বিণ. ধূলিতে আচ্ছন্ন ও মলিন।

ধূলিলিপ্ত /ধুলিলিপ্‌তো/ [স. ধূলি+√লিপ্‌+ত] বিণ. ধুলোমাখা।

ধূলিলুণ্ঠিত /ধুলিলুন্‌ঠিতো/ [স. ধুলি+√লুণ্ঠ্‌+ত] বিণ. ১ ধুলায় গড়াগড়ি যাচ্ছে এমন। ২ (আল.) হৃত-গৌরব। স্ত্রী. ধূলিলুণ্ঠিতা /ধুলিলুন্‌ঠিতা/।

ধূলিশয্যা /ধুলিশোজ্‌জা/ [স. ধূলি+শয্যা] বি. ১ ভূমিতে শয়ন। ২ মৃত্তিকারূপ শয্যা।

ধূলিশায়ী /ধুলিশায়ি/ [স. ধূলি+√শী+ইন্‌] বিণ. ধুলায় শায়িত। স্ত্রী. ধূলিশায়িনী /ধুলিশায়িনি/।

ধূলিসাৎ /ধুলিশাত্‌/ [স. ধূলি+সাৎ] বিণ. ১ মাটিতে পরিণত, ধুলায় পর্যবসিত। ২ (আল.) সম্পূর্ণ বিনষ্ট।

ধূলীভূত /ধুলিভুতো/ [স. ধূলি+চ্বি+ভূত] বিণ. ধুলায় পরিণত।

ধূসর /ধুশর/ [স. ধূ+সর] বি. পাংশু, ছাই রং। বিণ. ১ পাংশুটে, ছাই রঙের। ২ বৈচিত্র্যহীন।

ধূসরিত /ধুশোরিতো/ [স. ধূসর+ইত] বিণ. ধূসরবর্ণে পরিণত।

ধূসরিমা /ধুশোরিমা/ [স. ধূসর+ইমন্‌] বি. ধূসরবর্ণ।

ধৃত /ধৃতো/ [স. √ধৃ+ত] বিণ. ১ গ্রেফতার করা হয়েছে এমন। ২ ধারণ করা হয়েছে এমন, বিধৃত। ৩ পরিহিত। ৪ গৃহীত (*ধৃতব্রত*)। ৫ উদ্ধৃত।

ধৃতগর্ভা /ধৃতোগরভা/ [স. ধৃত+√গৃ+ভ+আ (টাপ্‌)] বিণ. গর্ভধারিণী।

ধৃতবর্মা /ধৃতোবরমা/ [স. ধৃত+√বৃ+মন্‌] বিণ. আঘাত থেকে রক্ষা পাওয়ার জন্য বর্মপরিহিত।

ধৃতব্রত /ধৃতোব্রোতো/ [স. ধৃত+√বৃ+অত] বিণ. ব্রত গ্রহণ করেছে এমন, ব্রতধারী। স্ত্রী. ধৃতব্রতা /ধৃতোব্রোতা/।

ধৃতরাষ্ট্র /ধৃতোরাশ্‌ট্রো/ [স. ধৃত+রাষ্ট্র] বি. পাণ্ডুরাজার জ্যেষ্ঠ ভ্রাতা, কুরুরাজ।

ধৃতাত্মা /ধৃতাত্‌তা/ [স. ধৃত+আত্মন্‌] বিণ. ১ সংযত-চিত্ত; ধীরমনা। ২ আত্মতত্ত্বজ্ঞ।

ধৃতাস্ত্র /ধৃতাস্‌ত্রো/ [স. ধৃত+অস্ত্র] বিণ. অস্ত্র ধারণ করেছে এমন, অস্ত্রধারী।

ধৃতি /ধৃতি/ [স. √ধৃ+তি] বি. ১ অঙ্গে ধারণ; ধারণ। ২ ধারণা, বোধ। ৩ ধৈর্য, সহিষ্ণুতা। ৪ অধ্যবসায়, পুনঃপুন চেষ্টা। ৫ সন্তোষ। ৬ স্থিরচিত্ততা।

ধৃতিমান /ধৃতিমান্‌/ [স. ধৃতি+মৎ] বিণ. ১ ধৈর্যশীল। ২ ধীর। ৩ সন্তুষ্ট। স্ত্রী. ধৃতিমতী /ধৃতিমতি/।

ধৃষ্ট /ধৃশ্‌টো/ [স. √ধৃষ্‌+ত] বিণ. নির্লজ্জ, প্রগল্‌ভ, স্পর্ধিত, উদ্ধত; লম্পট। বি. যে ব্যক্তি অপরাধী হয়েও নিঃশঙ্ক। স্ত্রী. ধৃষ্টা /ধৃশ্‌টা/।

ধৃষ্টতা /ধৃশ্‌টোতা/ [স. ধৃষ্ট+তা] বি. ১ প্রগল্‌ভতা। ২ নির্লজ্জতা। ৩ ঔদ্ধত্য।

ধৃষ্টত্ব /ধৃশ্‌টোত্‌তো/ [স. ধৃষ্ট+ত্ব] বি. দ্র ধৃষ্টতা।

ধৃষ্টদ্যুম্ন /ধৃশ্‌টোদ্‌দুম্‌নো/ [স. ধৃষ্ট+দ্যুম্ন] বি. পৌরাণিক পাঞ্চালরাজ দ্রুপদের যজ্ঞলব্ধ পুত্র এবং দ্রৌপদীর ভ্রাতা।

ধৃষ্ণু /ধৃশ্‌নু/ [স. √ধৃষ্‌+নু] বিণ. প্রগল্‌ভ; উদ্ধত।

ধৃষ্য /ধৃশ্‌শো/ [স. √ধৃষ্‌+য] বিণ. দলন করা যায় এমন।

ধেইধেই /ধেইধেই/ [ধ্বন্যা.] অব্য. বি. তান্ডব নৃত্যের ছন্দ।

ধেড়ে[১] /ধেড়ে/ [দেশি.] বি. উদ্‌বিড়াল।

ধেড়ে[২] /ধেড়ে/ [স. ধাত্রী >] বিণ. বয়স্ক; ধাড়ি; প্রাপ্তবয়স্ক।

ধেনু /ধেনু/ [স. √ধে+নু] বি. নবপ্রসূতা গাভি, দুগ্ধ-বতী গাভি; গাভি (*ধেনুচরা তোমার মাঠে; পারে যাবার খেয়াঘাটে* রবীন্দ্র.)।

ধেনুদুগ্ধ /ধেনুদুগ্‌ধো/ [স. ধেনু+√দুহ্‌+ত] বি. গোরুর দুধ।

ধেনো /ধেনো/ [বা.] বিণ. ১ ধানসম্পর্কিত। ২ ধান থেকে প্রস্তুত (*ধেনো মদ*)। ৩ ধান্যপ্রসূ, ধান চাষ হয় এমন (*ধেনো জমি*)। ৪ ধানের মতো ক্ষুদ্র ও অত্যন্ত ঝাঁজালো (*ধেনো মরিচ*)। বি. ধান থেকে প্রস্তুত মদ।

ধেয় /ধেয়ো/ [স. √ধা+য] বিণ. ১ গ্রহণীয়। ২ ধারণ-যোগ্য (*পরিধেয়*)। ৩ জ্ঞেয়। ৪ চিহ্নিত (*নামধেয়*)।

ধেয়ান /ধেআন/ [স. ধ্যান >] বি. 'ধ্যান'-এর কাব্যিক রূপ।

ধেয়ানো /ধেআনো/ [স. ধ্যান >] ক্রিবি. একাগ্রভাবে ধ্যান করা।

ধৈবত /ধোইবত্‌/ [স. ধাবৎ+অ] বি. সংগীতে সপ্তসুরের ষষ্ঠ সুর 'ধা'।

ধৈর্য /ধোইরজ্যো/ [স. ধীর+য] বি. ১ সহ্যশক্তি। ২ ধীরতা, স্থিরতা, যে গুণ দিয়ে বিপদের সময়ও স্থির থাকা যায়। ৩ চিত্তের অবিচল ভাব; নিস্পৃহতা।

ধৈর্যচ্যুত /ধোইরজ্যোচ্চুতো/ [স. ধৈর্য+√চ্যু+ত] বিণ.

www.pathagar.com

সহ্য করার ক্ষমতা হারিয়েছে এমন, অধৈর্য।

ধৈর্যচ্যুতি /ধোইর্‌জোচ্চুতি/ [স. ধৈর্য+√চ্যু+তি] বি. ধৈর্যহীনতা, ধৃতিনাশ।

ধৈর্য ধরা /ধোইর্‌জো ধরা/ ক্রিবি. ১ অপেক্ষা করে থাকা। ২ সহ্য করা।

ধৈর্যধারণ /ধোইর্‌জোধারোন্‌ / [স. ধৈর্য+√ধারি+অন] বি. ধীরতা অবলম্বন, ধৈর্যাবলম্বন।

ধৈর্যবান /ধোইর্‌জোবান্‌/ [স. ধৈর্য+বৎ] বিণ. ধৈর্যশীল; ধীর। স্ত্রী. **ধৈর্যবতী** /ধোইর্‌জোবোতি /।

ধৈর্যময়ী /ধোইর্‌জোময়ি / [স. ধৈর্য+ময়ট্‌+ঈ] বিণ. ধৈর্যবতী, ধৈর্যশালিনী।

ধৈর্যশালী /ধোইর্‌জোশালি/ [স. ধৈর্য+√শাল্‌+ইন্‌] বিণ. অবিচলিত; ধীর; সহিষ্ণু। স্ত্রী. **ধৈর্যশালিনী** /ধোইর্‌জোশালিনি /।

ধৈর্যশীল /ধোইর্‌জোশিল্‌/ [স. ধৈর্য+শীল] বিণ. দ্র ধৈর্যশালী।

ধৈর্যহানি /ধোইর্‌জোহানি / [স. ধৈর্য+√হা+তি] বি. দ্র ধৈর্যচ্যুতি।

ধৈর্যহারা /ধোইর্‌জোহারা / [বা.] বিণ. অসহিষ্ণু।

ধৈর্যহীন /ধোইর্‌জোহিন্‌/ [স. ধৈর্য+√হা+ত] বিণ. অধৈর্য, অসহিষ্ণু।

ধৈর্যাবলম্বন /ধোইর্‌জাবোলম্‌বোন্‌ / [স. ধৈর্য+অবলম্বন] বি. ধৈর্যধারণ।

ধোঁকা[১] /ধোঁকা/ [হি.] বি. ১ ফাঁকি, ধাপ্পা, প্রবঞ্চনা। ২ সন্দেহ, সংশয়। ৩ ভ্রম, ভুল।

ধোঁকা[২] /ধোঁকা/ [দেশি.] বি. ডালের বড়া দিয়ে রাঁধা ব্যঞ্জনবিশেষ।

ধোঁকা[৩] /ধোঁকা/ [হি.] ক্রিবি. ঘনঘন শ্বাস গ্রহণ ও ত্যাগ করা, হাঁপানো।

ধোঁকা দেওয়া /ধোঁকা দেওআ/ ক্রিবি. ১ ফাঁকি দেওয়া। ২ ঠকানো।

ধোঁকাবাজ /ধোঁকাবাজ্‌ / [হি. ধোঁকা+ফা. বাজ] বিণ. ফাঁকিবাজ, প্রবঞ্চক, প্রতারক।

ধোঁকাবাজি /ধোঁকাবাজি/ [হি. ধোঁকা+ফা. বাজি] বি. ফাঁকি, ধাপ্পা, প্রবঞ্চনা।

ধোঁয়া /ধোঁআ/ [স. ধূম >] বি. জ্বলন্ত পদার্থ থেকে উদ্‌গত বাতাসে দৃশ্যমান কার্বন বা অন্য কোনো পদার্থের কণা, ধূম্র, ধূম।

ধোঁয়াটে /ধোঁআটে/ [বা.] বিণ. ১ ধোঁয়ার মতো; অস্পষ্ট। ২ ধোঁয়াচ্ছন্ন। ৩ ধোঁয়ার গন্ধযুক্ত।

ধোঁয়াশা /ধোঁআশা/ [বা.] বি. ১ ধোঁয়া ও কুয়াশার মিশ্রণে আচ্ছন্ন অবস্থা, smog। ২ (আল.) অস্পষ্ট।

ধোকড় /ধোকড়্‌ / [স. ধৌতকট >] বি. ১ ছেঁড়া কাঁথা। ২ মোটা সুতোয় তৈরি কাপড়। ৩ চটের থলি। ৪ (আল.) কিছুই না, অম্বডিম্ব।

ধোকড়া /ধোক্‌ড়া/ [স. ধৌতকট >] বি. দ্র ধোকড়।

ধোচনা /ধোচ্‌না/ [হি.] বি. ১ বাঁশের শলা দিয়ে তৈরি মাছ ধরার ফাঁদ। ২ চাল ধোয়ার ছোটো টুকরি, ধুচনি।

ধোনা /ধোনা / [বা.] ক্রিবি. ধুনখারা দিয়ে তুলো পেঁজা।

ধোপ /ধোপ্‌/ [স. ধাবন >] বি. ১ ধোলাই, পরিষ্করণ। ২ (আল.) পরীক্ষা (*ধোপে টেকা*)। বিণ. ধোপাকে দিয়ে ধোয়ানো হয়েছে এমন, পরিষ্কৃত (*ধোপ-দুরস্ত*)।

ধোপদুরস্ত /ধোপ্‌দুরস্‌তো/ [বা. ধোপ+ফা. দুরস্ত] বিণ. ১ উত্তমরূপে ধোলাই করা হয়েছে এমন; পরিষ্কার-পরিচ্ছন্ন। ২ বাহ্যিক চাকচক্যযুক্ত। ৩ পরিপাটি।

ধোপা /ধোপা/ [বা.] বি. ১ অর্থের বিনিময়ে কাপড় ধোলাই করা যার পেশা, রজক। ২ অনগ্রসর জাতিবিশেষ। স্ত্রী. **ধোপানি** /ধোপানি /।

ধোপার গাধা /ধোপার্‌ গাধা/ বি. যে অন্যের জিনিস বহন করে অথচ নিজে ভোগ করতে পারে না।

ধোপার পাট /ধোপার্‌ পাট্‌/ বি. পাটার মতো চওড়া যে কাঠের ওপর কাপড় কাচা হয়।

ধোপে টেকা /ধোপে টেকা/ ক্রিবি. ১ কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। ২ বিভিন্ন বাধাবিঘ্ন অতিক্রম করে টিকে থাকা। ৩ গ্রহণযোগ্য হওয়া।

ধোয়া /ধোআ/ [স. ধৌত >] ক্রিবি. পরিষ্কার করা; ধৌত করা, কাচা (*কাপড় ধোয়া*)। বি. ধৌতকরণ, প্রক্ষালন। বিণ. ধৌত, প্রক্ষালিত (*ধোয়া কাপড়*)।

ধোয়াট /ধোআট্‌/ [বা.] বি. নদীতীরে জমে থাকা পলি।

ধোয়ানি /ধোআনি/ [বা.] বি. ধোয়ার জল।

ধোয়ানো /ধোআনো/ [বা.] ক্রিবি. বিণ. ধুয়ে পরিষ্কার করানো।

ধোলাই /ধোলাই/ [বা.] বি. ১ ধুয়ে পরিষ্করণ। ২ ধোয়ার মজুরি। ৩ (আল.) প্রচন্ড প্রহার। বিণ. ধোয়া হয়েছে এমন।

ধোলাই করা /ধোলাই করা/ ক্রিবি. ধুয়ে পরিষ্কার করা।

ধোসা[১] /ধোশা/ [হি.] বি. পশমি শীতবস্ত্রবিশেষ।

ধোসা[২] /ধোসা/ [তামি.] বি. চালের গুঁড়ো ও পেষা ডালের মণ্ড দিয়ে তৈরি রুটিজাতীয় দক্ষিণ ভারতীয় খাবারবিশেষ।

ধৌত /ধৌতো/ [স. √ধাব্‌+ত] বিণ. প্রক্ষালিত, পরিষ্কৃত; মার্জিত; শোধিত।

www.pathagar.com

ধ্বংস /ধংশো/ [স. √ধ্বংস্+অ] বি. ১ নাশ, ক্ষয় (*কুলধ্বংস*)। ২ বধ, সংহার (*শত্রু ধ্বংস*)। ৩ বিলোপ (*স্মৃতি ধ্বংস*)। ৪ অপচয় (*অন্ন ধ্বংস*)। ৫ অধঃপতন; পতন (*রাজ্য ধ্বংস*)। বিণ. (বাংলায়) ক্ষয়প্রাপ্ত, বিনষ্ট।

ধ্বংসক /ধংশক্/ [স. √ধ্বংসি+অক] বিণ. ধ্বংসকারী।

ধ্বংসন /ধংশোন্/ [স. √ধ্বংসি+অন] বি. বিনাশন।

ধ্বংসনীয় /ধংশোনিয়ো/ [স. √ধ্বংসি+অনীয়] বিণ. ধ্বংসযোগ্য; উচ্ছেদযোগ্য।

ধ্বংসপ্রাপ্ত /ধংশোপ্রাপ্তো/ [স. ধ্বংস+প্রাপ্ত] বিণ. ধ্বংস হয়ে গেছে এমন।

ধ্বংসপ্রায় /ধংশোপ্রায়/ [স. ধ্বংস+প্রায়] বিণ. ধ্বংস হওয়ার উপক্রম হয়েছে এমন।

ধ্বংসযজ্ঞ /ধংশোজোগ্গো/ [স. ধ্বংস+√যজ্+ন] বি. ব্যাপক ধ্বংসলীলা।

ধ্বংসলীলা /ধংশোলিলা/ [স. ধ্বংস+লীলা] বি. প্রলয়কাণ্ড, তাণ্ডব।

ধ্বংসসাধন /ধংশোশাধোন্/ [স. ধ্বংস+সাধন] বি. ধ্বংসকরণ, নাশন।

ধ্বংস হওয়া /ধংশো হওআ/ ক্রিবি. ১ বিনাশ হওয়া, নষ্ট হওয়া। ২ সর্বস্বান্ত হওয়া।

ধ্বংসা /ধংশা/ [স. ধ্বংস >] ক্রিমূ. (কাব্যে.) ধ্বংস করা।

ধ্বংসাত্মক /ধংশাত্তক্/ [স. ধ্বংস+আত্মক] বিণ. ধ্বংস করে এমন, বিধ্বংসী।

ধ্বংসাবশেষ /ধংশাবোশেশ্/ [স. ধ্বংস+অবশেষ] বি. ধ্বংস হওয়ার পর যা অবশিষ্ট থাকে; ভগ্নাবশিষ্ট।

ধ্বংসিত /ধোংশিতো/ [স. √ধ্বন্স্+ত] বিণ. ১ নাশিত, ধ্বংসপ্রাপ্ত, বিনষ্ট। ২ খণ্ডিত। ৩ অধঃপতিত।

ধ্বংসী /ধোংশি/ [স. ধ্বংস+ইন্] বিণ. ধ্বংসকারী।

ধ্বংসোন্মুখ /ধংশোন্মুখ্/ [স. ধ্বংস+উন্মুখ] বিণ. ধ্বংস হওয়ার উপক্রম হয়েছে এমন।

ধ্বজ /ধজ্/ [স. √ধ্বজ্+অ] বি. ১ পতাকা, নিশান, কেতন, ঝান্ডা। ২ পুরুষাঙ্গ, শিশ্ন।

ধ্বজচিহ্ন /ধজোচিহ্ন/ [স. ধ্বজ+চিহ্ন] বি. রাষ্ট্রের প্রতীকরূপে ব্যবহৃত বস্ত্রখণ্ড, পতাকা, ensign।

ধ্বজদণ্ড /ধজোদন্ডো/ [স. ধ্বজ+√দন্ড্+অ] বি. যে দণ্ডে পতাকা ওড়ানো হয়, পতাকাদণ্ড, flagstaff।

ধ্বজপট /ধজোপট্/ [স. ধ্বজ+পট] বি. পতাকা।

ধ্বজবহ /ধজোবহো/ [স. ধ্বজ+বহ] বিণ. পতাকা-বাহক।

ধ্বজভঙ্গ /ধজোভংগো/ [স. ধ্বজ+ভঙ্গ] বি. পুরুষত্বহীনতা, impotency। বিণ. পুরুষত্বহীন।

ধ্বজস্তম্ভ /ধজোস্তম্ভো/ [স. ধ্বজ+স্তম্ভ] বি. যে দণ্ডে পতাকা ওড়ানো হয়, পতাকাদণ্ড, flagstaff।

ধ্বজা /ধজা/ [স. ধ্বজ+আ (টাপ্)] বি. ১ নিশান, পতাকা। ২ চিহ্ন। ৩ গৌরব, গর্ব। ৪ টিকি; চূড়া।

ধ্বজা ধরা /ধজা ধরা/ ক্রিবি. সমর্থন করা।

ধ্বজাধারী /ধজাধারি/ [স. ধ্বজা+√ধৃ+ইন্] বিণ. ১ পতাকাধারী। ২ কোনো ব্যক্তি বা মতবাদের উগ্রসমর্থক ও প্রচারক। ৩ শিখাবিশিষ্ট।

ধ্বজী /ধোজি/ [স. ধ্বজ+ইন্] বিণ. ১ ধ্বজযুক্ত। ২ কপট। বি. ১ পতাকা; চিহ্ন। ২ নৌকা চালনার দণ্ড, লগি। ৩ রাজা। ৪ ব্রাহ্মণ। ৫ পাহাড়। ৬ রথ। ৭ ময়ূর। ৮ সাপ। ৯ ঘোড়া।

ধ্বনন /ধনোন্/ [স. √ধ্বন্+অন] বি. ১ গুঞ্জন। ২ ধ্বনির দ্যোতনা; ধ্বনির অনুকরণ। ৩ বর্ণন।

ধ্বনি /ধোনি/ [স. √ধ্বন্+ই] বি. ১ শব্দ, রব; slogan। ২ কণ্ঠস্বর। ৩ কাব্যের রস; ব্যঞ্জনা।

ধ্বনিকাব্য /ধোনিকাব্বো/ [স. ধ্বনি+কাব্য] বি. যে কাব্যে বাচ্যার্থ অপেক্ষা ব্যঙ্গ্যার্থ সৌন্দর্যমন্ডিত।

ধ্বনিত /ধোনিতো/ [স. √ধ্বনি+ত] বিণ. শব্দিত।

ধ্বনিতত্ত্ব /ধোনিতত্তো/ [স. ধ্বনি+√তন্+ক্বিপ্] বি. কোনো বিশেষ ভাষায় ব্যবহৃত ধ্বনির বিশ্লেষণ-সংক্রান্ত বিদ্যা, phonology।

ধ্বনিদূষণ /ধোনিদুশন্/ [স. ধ্বনি+দূষণ] বি. শ্রবণেন্দ্রিয়ের জন্য পীড়াদায়ক উচ্চ নাদের ধ্বনি, শব্দদূষণ।

ধ্বনিপ্রকরণ /ধোনিপ্রোকরোন্/ [স. ধ্বনি+প্রকরণ] বি. ধ্বনি বিশ্লেষণের পদ্ধতি।

ধ্বনিবিজ্ঞান /ধোনিবিগ্‌গ্যান্/ [স. ধ্বনি+বিজ্ঞান] বি. ধ্বনির উৎপাদন বিস্তার ও শ্রবণসংক্রান্ত শাস্ত্র।

ধ্বনিভোট /ধোনিভোট্/ [স. ধ্বনি+ইং. ভোট] বি. সংসদ বা বিধানসভায় কোনো প্রস্তাবের পক্ষে বা বিপক্ষে হাঁ বা না ধ্বনি উচ্চারণদ্বারা মতপ্রদান।

ধ্বন্যাত্মক /ধোন্নাত্তক্/ [স. ধ্বনি+আত্মক] বিণ. ধ্বনির অনুকরণে নিষ্পন্ন; অনুকারমূলক, onomatopoeic।

ধ্বস্ত /ধস্তো/ [স. √ধ্বন্স্+ত] বিণ. ১ বিনষ্ট, ধ্বংসপ্রাপ্ত। ২ পতিত; স্খলিত, বিচ্যুত।

ধ্বস্তবিধ্বস্ত /ধস্তোবিদ্ধস্তো/ [স. ধ্বস্ত+বি+√ধ্বন্স্+ত] বিণ. সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত।

ধ্বান্ত /ধান্তো/ [স. √ধ্বন্+ত] বি. অন্ধকার, তমসা।

ধ্বান্তারি /ধান্তারি/ [স. ধ্বান্ত+অরি] বিণ. অন্ধকার দূরকারী। বি. সূর্য।

ধ্যাত /ধ্যাতো/ [স. √ধ্যৈ+ত] বিণ. ধ্যান করা হয়েছে

www.pathagar.com

এমন; স্মরণ করা হয়েছে এমন।

ধ্যাতব্য /ধ্যাতোব্‌বো/ [স. √ধ্যৈ+তব্য] বিণ. ধ্যান করার যোগ্য; ধ্যান করতে হবে এমন; চিন্তনীয়।

ধ্যাতা /ধ্যাতা/ [স. √ধ্যৈ+তৃ] বিণ. ধ্যানকারী; চিন্তক।

ধ্যাৎ /ধ্যাত্/ [ধ্বন্যা.] অব্য. বিরক্তি অবজ্ঞা অসম্মতি অবিশ্বাস প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

ধ্যান /ধ্যান্/ [স. √ধ্যৈ+অন] বি. ১ কোনো বিষয়ে গভীর চিন্তা; গভীর অভিনিবেশ। ২ কল্পনা; ধারণা।

ধ্যানগম্ভীর /ধ্যানোগোম্‌ভির্/ [স. ধ্যান+গম্ভীর] বিণ. একাগ্র চিন্তায় মগ্ন; গভীরভাবে ধ্যানমগ্ন।

ধ্যানগম্য /ধ্যানোগোম্‌মো/ [স. ধ্যান+√গম্+য] বিণ. ধ্যানদ্বারা লভ্য।

ধ্যানজ্ঞান /ধ্যানগ্যান্/ [স. ধ্যান+√জ্ঞা+অন] বি. ধ্যান ও জ্ঞানের বিষয়।

ধ্যানধারণা /ধ্যানধারোনা/ [স. ধ্যান+ধারণা] বি. ১ একাগ্র চিন্তা ও বিশ্বাস। ২ (বাংলায়) স্মরণ ও মনন।

ধ্যানভঙ্গ /ধ্যানভংগো/ [স. ধ্যান+√ভন্‌জ্+অ] বি. ১ ধ্যানে বিঘ্ন। ২ ধ্যানের অবসান।

ধ্যানমগ্ন /ধ্যানোমগ্নো/ [স. ধ্যান+√মস্‌জ্+ত] বিণ. গভীরভাবে ধ্যানরত। স্ত্রী. ধ্যানমগ্না /ধ্যানোমগ্না/।

ধ্যানরত /ধ্যানরতো/ [স. ধ্যান+√রম্+ত] বিণ. ধ্যান করছে এমন, ধ্যানমগ্ন।

ধ্যানস্থ /ধ্যানোস্থো/ [স. ধ্যান+√স্থা+অ] বিণ. ধ্যানমগ্ন।

ধ্যানী /ধ্যানি/ [স. ধ্যান+ইন্] বিণ. ধ্যান করে এমন, ধ্যানপরায়ণ।

ধ্যাবড়া /ধ্যাবড়া/ [বা.] বি. রং কালি কাদা প্রভৃতির ছড়ানো দাগ।

ধ্যাবড়ানো /ধ্যাবড়ানো/ [বা.] ক্রিবি. রং কালি কাদা প্রভৃতির দাগ পড়া। বিণ. রং কাদা কালি প্রভৃতির দাগযুক্ত।

ধ্যেয় /ধেয়ো/ [স. √ধ্যৈ+য] বিণ. ১ ধ্যানের যোগ্য; ধ্যানের বিষয়ীভূত। ২ স্মরণীয়।

ধ্রিয়মাণ /ধ্রিয়োমান্/ [স. √ধৃ+মান (শানচ্)] বিণ. ধারণ করা হচ্ছে এমন।

ধ্রুপদ /ধ্রুপদ্/ [স. ধ্রু+পদ] বি. শাস্ত্রীয় সংগীতের চারটি প্রধান ধারার (ধ্রুপদ খেয়াল টপ্পা ও ঠুংরি) অন্যতম, লঘু নয় এমন সংগীত।

ধ্রুপদাঙ্গ /ধ্রুপদাংগো/ [স. ধ্রুপদ+অঙ্গ] বিণ. ধ্রুপদ অঙ্গের, লঘু নয় এমন।

ধ্রুপদি /ধ্রুপোদি/ [স. ধ্রুপদ+ই] বি. ধ্রুপদ গায়ক। বিণ. ১ ধ্রুপদগানে দক্ষ। ২ ধ্রুপদ অঙ্গের। ৩ গুরুগম্ভীর। ৪ চিরায়ত, classical।

ধ্রুব /ধ্রুবো/ [স. √ধ্রু+অ] বিণ. ১ স্থির, নিশ্চল। ২ দৃঢ়, অবিচলিত; বদ্ধমূল। ৩ নিশ্চিত। ৪ প্রকৃত, খাঁটি (*ধ্রুব সত্য*)। ৫ অবশ্য। বি. পৌরাণিক রাজা উত্তানপাদের পুত্র। ক্রিবিণ. অবশ্যই।

ধ্রুবক /ধ্রুবক্/ [স. ধ্রুব+ক (স্বার্থে)] বি. ১ স্থির রাশি; (পরি.) constant। ২ গানের ধুয়া।

ধ্রুবগণ /ধ্রুবোগন্/ [স. ধ্রুব+গণ] বি. উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া উত্তরভাদ্রপদা ও রোহিণী নক্ষত্র।

ধ্রুবতা /ধ্রুবোতা/ [স. ধ্রুব+তা] বি. স্থিরতা।

ধ্রুবতারা /ধ্রুবোতারা/ [স. ধ্রুব+তারা] বি. সূর্যাস্তের পর উত্তর আকাশে প্রথম দৃশ্যমান (first magnitude star) তারকাগুচ্ছের অন্যতম নক্ষত্র এবং উত্তর মেরুর ১° ডিগ্রির মধ্যে অবস্থিত (যা নাবিকদের দিক নির্ণয়ে সাহায্য করে), Pole Star।

ধ্রুবত্ব /ধ্রুবত্তো/ [স. ধ্রুব+ত্ব] বি. স্থিরতা, ধ্রুবতা।

ধ্রুবনক্ষত্র /ধ্রুবোনোক্‌খোত্‌ত্রো/ [স. ধ্রুব+নক্ষত্র] বি. দ্র ধ্রুবতারা।

ধ্রুবপদ /ধ্রুবোপদ্/ [স. ধ্রুব+পদ] বি. ১ স্থির পদ। ২ ধুয়া। ৩ ধ্রুপদ। ৪ (আল.) স্থির লক্ষ্য।

ধ্রুববিশ্বাস /ধ্রুববিশ্‌শাশ্/ [স. ধ্রুব+বিশ্বাস] বি. স্থির বিশ্বাস, অটল বিশ্বাস।

ধ্রুবরেখা /ধ্রুবোরেখা/ [স. ধ্রুব+রেখা] বি. বিষুবরেখা।

ধ্রুবলোক /ধ্রুবোলোক্/ [স. ধ্রুব+লোক] বি. নিত্যধাম, অনন্তলোক, স্বর্গলোক।

ধ্রুবা /ধ্রুবা/ [স. ধ্রুব+আ (টাপ্)] বি. ১ গানের ধুয়া। ২ যজ্ঞপাত্রবিশেষ। বিণ. সাধ্বী।

www.pathagar.com

ন /দোন্‌তো ন/

ন[১] /দোন্‌তো ন/ বাংলা বর্ণমালার বিংশ ব্যঞ্জনবর্ণ এবং দন্তমূল থেকে উচ্চার্য ত-এর নাসিক্য ধ্বনির দ্যোতক।

ন[২]/ন/ [স. নব >] বিণ. ১ নতুন (*ন-বউ*)। ২ জ্যেষ্ঠতার ক্রম অনুসারে চতুর্থ বা সেজোর পরবর্তী (*ন-দি*)।

ন[৩] /ন/ [স. নবতি >] বি. ৯ সংখ্যা। বিণ. ৯ সংখ্যক; ৯ ঘটিকা (*ন-টার গাড়ি*)।

ন[৪] /ন/ [স. নঞ্‌ >] অব্য. অভাব বিরোধ নিষেধ প্রভৃতি সূচক শব্দ (*নগণ্য*)।

ন[৫] /ন/ সম্ভ্রমসূচক ক্রিয়াবিভক্তি (*করে থাকেন*)।

নই[১]/নোই্‌/ [বা.] ক্রি. নহি, না হই (*নই আমি নই চোর, নই চোর, নই চোর* রবীন্দ্র.)।

নই[২]/নোই্‌/ [স. নব >] বিণ. বকনা, স্ত্রীকুলের (*নই বাছুর*)।

নই[৩] /নোই্‌/ [স. নদী >] বি. নদী (*নই-তীরে*)।

নইলে /নোইলে/ [বা.] অব্য. না হলে, নচেৎ, নতুবা, অন্যথায়; 'নহিলে'-র চলিত রূপ।

নউই /নউই্‌/ [স. নবম >] বি. মাসের ৯ তারিখ (*নউই পৌষ*)। বিণ. ৯ তারিখের।

নও[১] /নও/ [বা.] ক্রি. নহো (*তুমি দুর্বল নও*)।

নও[২] /নও/ [ফা.] বিণ. নতুন, নব (*নওবাহার*)।

নওজোয়ান /নওজোআন্‌/ [ফা.] বি. বিণ. ১ তরুণ, যুবক, নবযুবক। ২ তরুণ বীর।

নওবত /নওবত্‌/ [আ.] বি. আনন্দ উৎসব উপলক্ষ্যে সানাই প্রভৃতির বৃন্দবাদন।

নওবাহার /নওবাহার্‌/ [ফা.] বি. নববসন্ত।

নওয়াব /নওআব্‌/ [আ.] বি. ১ মুসলমান সামন্ত-শাসক। ২ (অধুনালুপ্ত) ইংরেজ শাসক প্রদত্ত শ্বেতাবিশেষ। ৩ অমিতব্যয়ী ব্যক্তি। বিণ. (ব্য.) আরামপ্রিয়, বিলাসী (*নওয়াবপুত্তুর*)।

নওয়াবজাদা /নওআবজাদা/ [আ. নওয়াব+ফা. জাদা] বি. নওয়াবের পুত্র। স্ত্রী. **নওয়াবজাদি** /নওআবজাদি/।

নওয়াবনাজিম /নওআবনাজিম/ [আ.] বি. নওয়াবের প্রতিনিধি; প্রদেশশাসক।

নওয়াবপুত্তুর /নওআবপুত্তুর্‌/ [আ. নওয়াব+বা. পুত্তুর] বি. (ব্য.) নওয়াবপুত্রের মতো বিলাসী ও আরামপ্রিয় ব্যক্তি।

নওয়াবপুত্র /নওআবপুত্রো/ [আ. নওয়াব+স. পুত্র] বি. নওয়াবের ছেলে।

নওয়াবি /নওআবি/ [ফা.] বি. ১ নওয়াবের পদ বা কাজ। ২ নওয়াবসুলভ আচার-ব্যবহার ও আড়ম্বর-পূর্ণ জীবনযাত্রা। বিণ. নওয়াবসুলভ।

নওরতন /নওরতোন্‌/ [ফা.] বি. ১ নবরত্নখচিত বলয়। ২ নবরত্ন।

নওরাতি /নওরাতি/ [ফা. নও+বা. রাতি] বি. উৎসব-মুখর রাত; সুখের রাত।

নওরোজ /নওরোজ্‌/ [ফা.] বি. ১ পারসি নববর্ষ। ২ উৎসববিশেষ। ৩ নতুন দিন।

নওল /নওল্‌/ [স. নব >] বিণ. নবীন, নতুন, নব, কচি (*নওলকিশোর*)।

নওশা /নওশা/ [ফা.] বি. ১ বর, পাত্র। ২ নতুন শাহ বা বাদশাহ।

নং /নং/ [ই. number>] বি. 'নম্বর'-এর সংক্ষিপ্ত রূপ।

নকড়া /নকড়া/ [বা.] বি. নয় কড়া, নয়টি কড়া। বিণ. তুচ্ছ, নগণ্য।

নকড়াছকড়া /নকড়াছকড়া/ [বা.] বি. ১ তুচ্ছজ্ঞান; অবহেলা, তাচ্ছিল্য।

নকল /নকোল্‌/ [আ.] বিণ. কৃত্রিম। বি. পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য সঙ্গে রাখা কাগজপত্র।

নকলনবিশ /নকোল্‌নোবিশ্‌/ [আ. নকল+ফা. নবিশ] বি. অনুলিপিকার। বিণ. অনুকরণপটু।

নকলনবিশি /নকোল্‌নোবিশি/ [আ. নকল+ফা. নবিশি] বি. অনুলিপিকারের বৃত্তি।

নকলবাজ /নকোল্‌বাজ্‌/ [আ. নকল+ফা. বাজ] বিণ. নকল করতে পটু।

নকশা /নক্‌শা/ [আ.] বি. ১ চিত্রের কাঠামো; রেখাচিত্র, sketch। ২ যন্ত্রসামগ্রী বা পূর্ত নির্মাণকাজের রেখাচিত্র। ৩ জায়গাজমি বাড়ি প্রভৃতির অবস্থান পরিমাণ প্রভৃতির মানচিত্র। ৪ কৌতুকপূর্ণ রচনা। ৫ ন্যাকামি, ঢং।

নকশাকার /নক্‌শাকার/ [আ. নকশা+স. কার] বি. যে ব্যক্তি নকশা তৈরি করে, নকশাশিল্পী।

নকশাদার /নক্‌শাদার্‌/ [আ. নকশা+ফা. দার] বিণ. নকশাবিশিষ্ট (*নকশাদার শাল*)।

www.pathagar.com

নকশানবিশ /নক্‌শানোবিশ্‌/ [আ. নকশা+ফা. নবিশ] বি. যে ব্যক্তি নকশা করে, নকশাকার।

নকশাপাড় /নক্‌শাপাড়্‌/ [আ. নকশা+বা. পাড়] বি. নকশা চিত্রিত পাড়।

নকশাপেড়ে /নক্‌শাপেড়ে/ [আ. নকশা+বা. পেড়ে] বিণ. নকশা দিয়ে অলংকৃত পাড়বিশিষ্ট।

নকশি /নোক্‌শি/ [ফা.] বিণ. নকশাবিশিষ্ট (*নকশি-কাঁথা*)।

নকশিকাঁথা /নোক্‌শিকাঁথা/ [ফা. নকশি+বা. কাঁথা] বি. সূচিকর্মদ্বারা অলংকৃত কাঁথা।

নকাশি /নকাশি/ [ফা.] বি. ধাতব পদার্থের ওপর খোদাইয়ের কাজ। বিণ. নকশাযুক্ত, চিত্রিত।

নকিব /নোকিব্‌/ [আ.] বি. ১ ঘোষক। ২ প্রভু বা আগন্তুকের পরিচয়দাতা। ৩ পেয়াদা; সংবাদদাতা।

নকুল[১] /নোকুল্‌/ [স. ন+কুল] বি. এশিয়া আফ্রিকা ও দক্ষিণ ইউরোপে বিচরণ করে এবং বিষধর সর্পনিধনে পটু এমন লম্বা লেজ ও খাটো পা-বিশিষ্ট ক্ষিপ্রগতিসম্পন্ন মাংসাশী লোমশ স্তন্যপায়ী প্রাণী, বেজি, নেউল।

নকুল[২] /নোকুল্‌/ [স. ন+কুল] বি. ১ শিব। ২ চতুর্থ পাণ্ডব। ৩ সিদ্ধিপানের পর যা খাওয়া হয়।

নকুলদানা /নোকুলদানা/ [স. নকুল+ফা. দানা] বি. বাদামের ওপর চিনির প্রলেপ দেওয়া খাদ্যবস্তু।

নকুলেশ্বর /নোকুলেশ্‌শ্বর্‌/ [স. নকুল+ঈশ্বর] বি. শিবের রূপবিশেষ, ভৈরব, মহাদেব।

নক্ত /নক্‌তো/ [স. √নজ্‌+ত] বি. ১ নিশি। ২ ছিন্নবস্ত্র।

নক্তচর /নক্‌তোচর্‌/ [স. নক্ত+চর] বিণ. দ্র নক্তচারী।

নক্তচারী /নক্‌তোচারি/ [স. নক্ত+√চর্‌+ইন] বিণ. নিশাচর, রাত্রিচর। বি. ১ প্যাঁচা। ২ বিড়াল। ৩ চোর। স্ত্রী. নক্তচারিণী /নক্‌তোচারিনি/।

নক্তন্তন /নক্‌তোন্‌তন্‌/ [স. নক্তম্‌+তন] বিণ. রাত্রিকালীন।

নক্তান্ধ /নক্‌তান্‌ধো/ [স. নক্ত+অন্ধ] বিণ. রাত-কানা। বি. -তা /-তা/।

নক্র /নক্‌ক্রো/ [স. ন+√ক্রম্‌+অ] বি. পৃথিবীর প্রায় সর্বত্র ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন অমসৃণ ত্বক শক্তিশালী চোয়াল ও চ্যাপটা লেজবিশিষ্ট তীক্ষ্ণ দাঁতওয়ালা সরীসৃপজাতীয় লিপ্তপদ জলচর মাংসাশী হিংস্র প্রাণী, কুমির।

নক্ররাজ /নক্‌ক্রোরাজ/ [স. নক্র+রাজন্‌] বি. মহীসোপান ও দ্বীপসমন্বিত উপকূলবর্তী অঞ্চলে বিচরণ করে এমন অর্ধচন্দ্রাকৃতি প্রশস্ত মুখ অসংখ্য তীক্ষ্ণ ধারালো দাঁত এবং খসখসে আঁশাবৃত লম্বাটে দেহবিশিষ্ট বৃহদাকার হিংস্র সামুদ্রিক স্তন্যপায়ী প্রাণী, হাঙর, shark।

নক্ষত্র /নোক্‌খোত্‌ত্রো/ [স. ন+√ক্ষি+ত্র] বি. রাতে মহাকাশে দৃশ্যমান আলোকবিন্দুর মতো জাজ্বল্যমান মহাজাগতিক গ্যাসীয় বস্তু, তারা, তারকা।

নক্ষত্রগতি /নোক্‌খোত্‌ত্রোগোতি/ [স. নক্ষত্র+√গম্‌+তি] বি. উল্কার মতো দ্রুতগতি। বিণ. অত্যন্ত দ্রুতগতিসম্পন্ন।

নক্ষত্রচক্র /নোক্‌খোত্‌ত্রোচক্‌ক্রো/ [স. নক্ষত্র+চক্র] বি. রাশিচক্র।

নক্ষত্রজীবী /নোক্‌খোত্‌ত্রোজিবি/ [স. নক্ষত্র+√জীব্‌+ইন্‌] বি. বিণ. দৈবজ্ঞ, জ্যোতিষী।

নক্ষত্রনাথ /নোক্‌খোত্‌ত্রোনাথ্‌/ [স. নক্ষত্র+নাথ] বি. চাঁদ।

নক্ষত্রনেমি /নোক্‌খোত্‌ত্রোনেমি/ [স. নক্ষত্র+√নী+মি] বি. ১ ধ্রুবতারা। ২ চন্দ্র। ৩ বিষ্ণু।

নক্ষত্রপতি /নোক্‌খোত্‌ত্রোপোতি/ [স. নক্ষত্র+পতি] বি. চাঁদ।

নক্ষত্রপাত /নোক্‌খোত্‌ত্রোপাত্‌/ [স. নক্ষত্র+পাত] বি. ১ উল্কাপাত। ২ (আল.) বিখ্যাত ব্যক্তির মৃত্যু।

নক্ষত্রপুঞ্জ /নোক্‌খোত্‌ত্রোপুন্‌জো/ [স. নক্ষত্র+পুম্‌স্‌+√জি+অ] বি. তারকারাজি, নীহারিকা।

নক্ষত্রবিদ্যা /নোক্‌খোত্‌ত্রোবিদ্‌দা/ [স. নক্ষত্র+√বিদ্‌+য+আ (টাপ্‌)] বি. মানুষের বর্তমান ও ভবিষ্যৎ ভালোমন্দ প্রভৃতি বিষয়ে গ্রহনক্ষত্রের অবস্থানের প্রভাবসংক্রান্ত অপবিদ্যা, astrology।

নক্ষত্রবেগ /নোক্‌খোত্‌ত্রোবেগ্‌/ [স. নক্ষত্র+বেগ] বি. অত্যন্ত দ্রুত গতি। বিণ. অত্যন্ত দ্রুতগতিসম্পন্ন।

নক্ষত্রমালা /নোক্‌খোত্‌ত্রোমালা/ [স. নক্ষত্র+মালা] বি. নক্ষত্রসমূহ, নক্ষত্রপুঞ্জ।

নক্ষত্ররাজ /নোক্‌খোত্‌ত্রোরাজ্‌/ [স. নক্ষত্র+রাজন্‌] বি. চাঁদ।

নক্ষত্রলোক /নোক্‌খোত্‌ত্রোলোক্‌/ [স. নক্ষত্র+লোক] বি. মহাকাশ।

নক্ষত্রালোক /নোক্‌খোত্‌ত্রালোক্‌/ [স. নক্ষত্র+আলোক] বি. নক্ষত্র থেকে বিকীর্ণ আলো।

নখ /নখ্‌/ [স. √নখ্‌+অ] বি. আঙুলের অগ্রভাগের বর্ধনশীল উপাস্থি, নখর।

নখকুনি /নখ্‌কুনি/ [স. নখ+বা. কুনি] বি. নখের কোণে উদ্‌গত যন্ত্রণাদায়ক শক্ত চামড়ার প্রান্তভাগ।

নখক্ষত /নখ্‌খতো/ [স. নখ+ক্ষত] বি. নখের আঘাত-জনিত ক্ষত।

নখদর্পণ /নখোদর্‌পোন্‌/ [স. নখ+দর্পণ] বি. ১ কোনো

www.pathagar.com

বস্তুকে নিজের নখে প্রতিবিম্বিত করে দেখানোর কল্পিত অলৌকিক ক্ষমতা। ২ (আল.) নিখুঁত ও সুস্পষ্ট জ্ঞান (*বিষয়টি তার নখদর্পণে*)।

নখর /নখোর্/ [স. নখ+√রা+অ] বি. নখ।

নখরঞ্জনী /নখোরন্‌জোনি/ [স. নখ+রঞ্জন+ঈ] বি. ১ নখ রঞ্জিত করার প্রসাধনী। ২ নরুন।

নখরা /নখ্‌রা/ [ফা.] বি. ১ ন্যাকামো। ২ ছলাকলাপূর্ণ অঙ্গভঙ্গি।

নখরায়ুধ /নখোরায়ুধ্/ [স. নখর+আয়ুধ] বি. নখ যার অন্যতম অস্ত্র (বিড়াল বাঘ শকুনপ্রভৃতি)।

নখশূল /নখ্‌শুল্/ [স. নখ+শূল] বি. নখের রোগ-বিশেষ, নখকুনি।

নখানখি /নখানোখি/ [স. নখ+আ+নখ+ই] বি. নখ দিয়ে পরস্পরকে আঘাত।

নখী /নোখি/ [স. নখ+ইন্] বিণ. তীক্ষ্ণ নখবিশিষ্ট। বি. শামুকের খোল থেকে উৎপন্ন গন্ধদ্রব্যবিশেষ।

নগ /নগো/ [স. ন+√গম্+অ] বি. যে গমন করে না (পাহাড় গাছ প্রভৃতি)।

নগজ /নগজো/ [স. নগ+√জন্+অ] বিণ. পর্বতে জাত। বি. হাতি।

নগজদল /নগজ্‌দল্/ [স. নগজ+দল] বি. হাতির পাল।

নগণ্য /নগোন্‌নো/ [স. ন+গণ্য] বিণ. গণ্য করার মতো নয় এমন; সামান্য।

নগদ /নগোদ্/ [আ.] বি. তৎক্ষণাৎ মূল্য পরিশোধের শর্তে ক্রয়বিক্রয় (*নগদ বিক্রি*)।

নগদ বিদায় /নগোদ্ বিদায়্/ বি. কাজ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পারিশ্রমিক প্রদান।

নগদা /নগ্‌দা/ [আ.] বিণ. ১ দেনাপাওনা সঙ্গে সঙ্গে মেটানো হয় এমন। ২ নগদ মজুরির বিনিময়ে কাজ করে এমন (*নগদা মজুর*)।

নগদানগদি /নগ্‌দানোগ্‌দি / [আ. নগদা+ফা. নগদি] বি. নগদ লেনদেন।

নগদি /নগোদি/ [ফা.] বি. নগদ খাজনা আদায়কারী পাইক। বিণ. নগদ মূল্যে কিনতে হয় এমন।

নগনদী /নগোনোদি/ [স. নগ+নদী] বি. গিরিনদী।

নগর /নগোর্/ [স. নগ+র] বি. বৃহৎ জনপদ। স্ত্রী. নগরী /নগোরি/।

নগরকীর্তন /নগোরকির্‌তন্/ [স. নগর+কীর্তন] বি. ১ দল বেঁধে নগরের পথে পথে ঘুরে মঙ্গলগীতি পরিবেশন। ২ দলবদ্ধ হয়ে শ্রীকৃষ্ণের মহিমাকীর্তন।

নগরঘণ্ট /নগোরঘন্‌টো / [স. নগর+ঘণ্ট] বি. বর্জিত সবজি বা তার খোসা দিয়ে রাঁধা ব্যঞ্জনবিশেষ।

নগরঘাত /নগোরঘাত্/ [স. নগর+√হন্+অ] বি. ১ হাতি। ২ নগরবাসীকে হত্যা নগরলুণ্ঠন প্রভৃতি অপরাধ।

নগরচত্বর /নগোরচত্‌তোর্/ [স. নগর+চত্বর] বি. শহরের কেন্দ্রস্থলে অবস্থিত দোকানপাট, down town।

নগরদ্বার /নগোর্‌দার্/ [স. নগর+দ্বার] বি. নগরের মূল প্রবেশপথ।

নগরপাল /নগোর্‌পাল্/ [স. নগর+পাল] বি. ১ নগররক্ষক, কোটাল। ২ পুলিশ কমিশনার।

নগরপ্রধান /নগোর্‌প্রোধান্ / [স. নগর+প্রধান] বি. পুরসভার প্রধান নির্বাহী, মহানাগরিক।

নগরবাসী /নগোর্‌বাশি / [স. নগর+√বস্+ইন্] বিণ. শহরের অধিবাসী, নাগরিক।

নগরবিজ্ঞান /নগোর্‌বিগ্‌গ্যান্/ [স. নগর+বিজ্ঞান] বি. নগর পরিকল্পনা ও স্থাপন বিষয়ক বিজ্ঞান।

নগরমার্গ /নগোর্‌মার্‌গো / [স. নগর+মার্গ] বি. নগরের প্রধান রাজপথ।

নগররক্ষী /নগোর্‌রোক্‌খি/ [স. নগর+√রক্ষ্+ইন্] বি. দ্র নগরপাল।

নগরসংকীর্তন /নগোর্‌শংকির্‌তন্/ [স. নগর+সংকীর্তন] বি. দ্র নগরকীর্তন।

নগরসন্নিধি /নগোর্‌শন্‌নিধি/ [স. নগর+সম্+নি+√ধা +ই] বি. নগরসন্নিহিত উপনগর।

নগরসভ্যতা /নগোর্‌শোব্‌ভোতা / [স. নগর+সভ্যতা] বি. নগরকেন্দ্রিক সংস্কৃতি।

নগরস্থ /নগোরোস্‌থো / [স. নগর+√স্থা+অ] বিণ. ১ নগরে অবস্থিত। ২ নগরবাসী।

নগরাজ /নগোরাজ্ / [স. নগ+রাজন্] বি. হিমালয়।

নগরাধ্যক্ষ /নগোরাদ্‌ধোক্‌খো / [স. নগর+অধ্যক্ষ] বি. নগরের শান্তিশৃঙ্খলা রক্ষার্থে নিযুক্ত ব্যক্তি, কোটাল, কমিশনার।

নগরায়ণ /নগোরায়োন্ / [স. নগর+অয়ন] বি. নগরের সুযোগসুবিধা সৃষ্টি, urbanization।

নগরীয় /নগোরিয়ো / [স. নগর+ঈয়] বিণ. নগর-সংক্রান্ত; শহুরে।

নগরোপকণ্ঠ /নগোরোপোকন্‌ঠো/ [স. নগর+ উপকণ্ঠ] বি. নগরের নিকটবর্তী স্থান।

নগরোপান্ত /নগোরোপান্‌তো / [স. নগর+উপান্ত] বি. দ্র নগরোপকণ্ঠ।

নগাধিপ /নগাধিপো / [স. নগ+অধিপ] বি. পর্বতশ্রেষ্ঠ হিমালয়।

নগাধিরাজ /নগাধিরাজ্/ [স. নগ+অধিরাজ] বি. দ্র নগাধিপ।

নগুরে /নোগুরে / [বা.] বিণ. ১ নগরবাসী। ২ নগর-

www.pathagar.com

বিষয়ক।

নগেন্দ্র /নগেন্দ্রো/ [স. নগ+ইন্দ্র] বি. হিমালয়।

নগ্ন /নগ্নো/ [স. √নজ্+ত] বিণ. ১ উলঙ্গ (*নগ্ন সন্ন্যাসী*)। ২ অনাবৃত (*নগ্ন মস্তক*)। ৩ অকৃত্রিম, খাঁটি। ৪ স্পষ্ট, খোলাখুলি (*নগ্ন সত্য*)।

নগ্নক /নগ্নোক্/ [স. নগ্ন+ক (স্বার্থে)] বি. ক্ষপণক, বৌদ্ধ সন্ন্যাসীবিশেষ। বিণ. উলঙ্গ, বিবস্ত্র।

নগ্নকান্তি /নগ্নোকান্তি/ [স. নগ্ন+√কম্+তি] বি. অকৃত্রিম সৌন্দর্য।

নগ্নক্ষপণক /নগ্নোখপোনক্/ [স. নগ্ন+ক্ষপণক] বি. উলঙ্গ বৌদ্ধ সন্ন্যাসী।

নগ্নতা /নগ্নোতা/ [স. নগ্ন+তা] বি. আবরণহীনতা।

নগ্নত্ব /নগ্নোত্তো/ [স. নগ্ন+ত্ব] বি. দ্র নগ্নতা।

নগ্নবক্ষা /নগ্নোবোক্খা/ [স. নগ্ন+বা. বক্ষা] বিণ. (যে নারীর) বক্ষ অনাবৃত এমন, topless।

নগ্নীকৃত /নোগ্নিকৃতো/ [স. নগ্ন+ঢ্বি+কৃত] বিণ. নগ্ন করা হয়েছে এমন।

নচিকেতা /নোচিকেতা/ [স. নচিকেতস্ >] বি. ১ উদ্দালক ঋষির পুত্র। ২ অগ্নি।

নচেৎ /নচেত্/ [স. ন+চেৎ] অব্য. নতুবা, অন্যথায়।

নচ্ছার /নচ্ছার্/ [বা.] বিণ. ১ অপদার্থ, অসার। ২ লক্ষ্মীছাড়া। ৩ নীচ; নরাধম।

নজর /নজোর্/ [আ.] বি. ১ দৃষ্টি (*নজরে পড়া*)। ২ মনোবৃত্তি (*ছোটো নজর*)। ৩ তত্ত্বাবধান (*নজর রাখা*)। ৪ দৃষ্টিশক্তি। ৫ উপঢৌকন।

নজর কাড়া[১] /নজোর্ কাড়া/ ক্রিবি. মনোযোগ আকর্ষণ করতে পারা।

নজরকাড়া[২] /নজোরকাড়া/ [বা.] বিণ. মনোযোগ আকর্ষণ করে এমন।

নজরদারি /নজোরদারি/ [আ. নজর+ফা. দারি] বি. ১ পরিক্ষাকেন্দ্রের তত্ত্বাবধান, invigilation। ২ পাহারাদারি।

নজর দেওয়া /নজোর্ দেওআ/ ক্রিবি. ১ খেয়াল রাখা। ২ ঈর্ষাপূর্ণ দৃষ্টিতে তাকানো।

নজরবন্দি /নজোরবোন্দি/ [আ. নজর+ফা. বন্দি] বি. গৃহে অন্তরিত ব্যক্তি। বিণ. গৃহবন্দি।

নজর লাগা /নজোর্ লাগা/ ক্রিবি. (লোকবিশ্বাস-মতে) কোনো ব্যক্তি বা বস্তুর প্রতি ঈর্ষাপূর্ণ দৃষ্টিতে তাকানোর ফলে ক্ষতি হওয়া।

নজরসেলামি /নজোরসেলামি/ [আ. নজরসালাম >] বি. উপঢৌকন, ভেট, উপহার।

নজরানা /নজরানা/ [আ. নজর+ফা. আনা] বি. ১ দর্শনি, উপঢৌকন, ভেট। ২ ঘুস।

নজরুলগীতি /নোজ্রুলগিতি/ বি. দ্র নজরুল-সংগীত।

নজরুলসংগীত /নোজ্রুলশোংগিত্/ বি. কাজী নজরুল ইসলাম-এর লেখা গান।

নজরে পড়া /নজোরে পড়া/ ক্রিবি. ১ দৃষ্টিগোচর হওয়া। ২ দৃষ্টি আকৃষ্ট হওয়া। ৩ পৃষ্ঠপোষকতা লাভ করা।

নজরে রাখা /নজোরে রাখা/ ক্রিবি. ১ দৃষ্টিসীমার মধ্যে রাখা। ২ লক্ষ রাখা। ৩ মনোযোগ দেওয়া।

নজির /নোজির্/ [আ.] বি. ১ দৃষ্টান্ত, উদাহরণ। ২ ভবিষ্যতে অনুসৃত বা উল্লিখিত হতে পারে এমন কোনো পূর্বঘটনা, আইনগ্রাহ্য দৃষ্টান্ত।

নজিরবিহীন /নোজিরবিহিন্/ [আ. নজির+স. বিহীন] বিণ. ১ আগে কখনো ঘটেনি এমন, দৃষ্টান্তহীন। ২ তুলনাহীন।

নঞ্ /নং/ অব্য. অ আ না নি প্রভৃতি না-বাচক সংস্কৃত উপসর্গ।

নঞতৎপুরুষ /নংততৎপুরুশ্/ [স. নঞ+তৎপুরুষ] বি. অভাব অল্পতা ভিন্নতা বিরোধ প্রভৃতিসূচক তৎপুরুষ সমাস।

নঞর্থক /নোই্অর্থক্/ [স. নঞ+অর্থক] বিণ. অভাব বিরোধ নিষেধ প্রভৃতি ভাব প্রকাশ করে এমন, নেতিবাচক, negative।

নট[১] /নট্/ [স. √নট্+অ] বি. ১ নৃত্যশিল্পী। ২ যাত্রা থিয়েটার নাটকের অভিনেতা। ৩ সম্প্রদায়বিশেষ।

নট[২] /নট্/ [স. নট্ট >] বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

নট[৩] /নট্/ [স. নষ্ট >] বিণ. ১ নষ্ট। ২ ধ্বংস। ৩ হীন। ৪ ব্যভিচারী, লম্পট। ৫ বিলুপ্ত।

নট[৪] /নট্/ [ই. nautical >] বি. সমুদ্রে দূরত্ব পরিমাপের এককবিশেষ (১৮৫২ মিটার বা ২০২৫ গজ), নটিক্যাল মাইলের সংক্ষিপ্ত রূপ।

নটকান /নট্কান্/ [দেশি.] বি. গুল্মজাতীয় উদ্ভিদ বা তার বীজ থেকে প্রাপ্ত খাদ্যবস্তুর সঙ্গে মিশ্রণের উপযোগী বাসন্তী রং।

নটখট /নট্খট্/ [বা.] বি. ছোটোখাটো বিরোধ।

নটখটি /নট্খোটি/ [বা.] বি. দ্র নটখট।

নটখটে /নট্খোটে/ [বা.] বিণ. তুচ্ছ বিষয় নিয়ে বিঘ্নসৃষ্টিকারী।

নটঘট /নট্ঘট্/ [বা.] বি. কলঙ্কজনক বিষয়।

নটঘটি /নট্ঘোটি/ [বা.] বি. দ্র নটঘট।

নটঘটে /নট্ঘোটে/ [বা.] বিণ. কলঙ্কজনক।

নটন /নটোন/ [স. √নট্+অন] বি. নৃত্য।

নটনারায়ণ /নটোনারায়োন্/ [স. নট+নারায়ণ] বি.

www.pathagar.com

রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

নটবর /নটোবর্/ [স. নট+বর] বি. ১ শ্রেষ্ঠ নর্তক বা অভিনেতা। ২ শ্রীকৃষ্ণ। বিণ. লম্পট।

নটভৈরব /নটোভোইরব্/ [স. নট+ভৈরব] বি. প্রভাতকালে গেয় নট ও ভৈরবের মিশ্রণে সৃষ্ট সংগীতের রাগবিশেষ।

নটরাজ /নটোরাজ্/ [স. নট+রাজন্] বি. শিব, মহাদেব। বিণ. নর্তকশ্রেষ্ঠ।

নটিনি /নোটিনি/ [স. নটী >] বি. ১ নৃত্যশিল্পী। ২ অভিনেত্রী।

নটিয়া /নোটিআ/ [দেশি.] বি. ১ নটে (শাকবিশেষ)। ২ নর্তক।

নটী /নোটি/ [স. √নট+ইন্] বি. ১ নৃত্যশিল্পী। ২ অভিনেত্রী।

নটেশাক /নোটেশাক্/ [দেশি.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের আর্দ্র পতিত জমিতে জাত এবং শরৎ-কালে ফোটে এমন সবুজাভ ছোটো গুচ্ছফুল বা তার সবু লালচে সবুজ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদের উপবৃত্তাকার পাতা।

নটেশ্বর /নটেশ্শর্/ [স. নট+ঈশ্বর] বি. নৃত্যরত শিব, মহাদেব। বিণ. নর্তকশ্রেষ্ঠ।

নড় /নড়্/ [বা.] বি. ১ দৌড়। ২ নর্তক।

নড়চড় /নড়্চড়্/ [বা.] বি. ১ ব্যতিক্রম, অন্যথা, ব্যত্যয় (*কথার নড়চড়*)। ২ স্পন্দন।

নড়ন /নড়োন্/ [বা.] বি. ১ চলন। ২ সঞ্চলন। ৩ স্পন্দন।

নড়নচড়ন /নড়োনচড়োন্/ [বা.] বি. ১ অপসরণ, স্থান বা পার্শ্ব পরিবর্তন। ২ ব্যতিক্রম, অন্যথা।

নড়নড় /নড়্নড়্/ [বা.] অব্য. নড়নড়ে ভাব।

নড়নড়ে /নড়্নোড়ে/ [বা.] বিণ. শিথিল, ঢিলে।

নড়বড় /নড়্বড়্/ [বা.] অব্য. শিথিলতার ভাব।

নড়বড়ে /নড়্বোড়ে/ [বা.] বিণ. শিথিল ও ভঙ্গুর।

নড়া /নড়া/ [বা.] ক্রিবি. ১ আলোড়িত হওয়া; কাঁপা। ২ সরে যাওয়া। ৩ গতিশীল হওয়া। ৪ শিথিল হওয়া (*দাঁত নড়া*)। ৫ ব্যতিক্রম হওয়া (*হাকিম নড়ে তো হুকুম নড়ে না*)।

নড়াচড়া /নড়াচড়া/ [বা.] ক্রিবি. চলাফেরা করা; স্থান পরিবর্তন করা। বি. দেহসঞ্চালন; বিচলন।

নড়ানড়ি /নড়ানোড়ি/ [বা.] বি. ক্রমাগত ইতস্তত ধাবন; এক স্থান থেকে অন্য স্থানে গমন।

নড়ানো /নড়ানো/ [বা.] ক্রিবি. ১ আন্দোলিত করা। ২ স্থানচ্যুত করা। ৩ অন্যথা করানো। বিণ. ১ স্থানান্তরিত। ২ আন্দোলিত।

নড়ি /নোড়ি/ [দেশি.] বি. ১ লাঠি, যষ্টি, ডান্ডা, পাচন; লগুড়। ২ (আল.) অবলম্বন, আশ্রয়।

নত /নতো/ [স. √নম্+ত] বিণ. ১ অবনত (*আমার মাথা নত করে দাও হে তোমার চরণধুলার তলে।* রবীন্দ্র.)। ২ প্রণত (*চরণে নত*)। ৩ বিনীত, নম্র। ৪ অনুন্নত (*নতনাসিক*)। ৫ কুটিল।

নতজানু /নতোজানু/ [স. নত+জানু] বিণ. হাঁটু গেড়ে বসে আছে এমন (*নতজানু হয়ে বসা*)।

নতদৃষ্টি /নতোদৃশ্টি/ [স. নত+√দৃশ্+তি] বি. বিণ. নিচের দিকে নিবদ্ধ দৃষ্টি।

নতনয়ন /নতোনয়োন্/ [স. নত+নয়ন] বি. অবনত দৃষ্টি।

নতনাস /নতোনাশ্/ [স. নত+√নাস্+অ] বিণ. অনুন্নত নাসিকাবিশিষ্ট, খাঁদা।

নতনাসিক /নতোনাশিক্/ [স. নত+নাসিক] বিণ. দ্র নতনাস।

নতমস্তক /নতোমস্তক্/ [স. নত+মস্তক] বিণ. মাথা নিচু করে আছে এমন, বিনীত।

নতমুখ /নতোমুখ্/ [স. নত+মুখ] বিণ. নিচের দিকে মুখ করে আছে এমন। স্ত্রী. নতমুখী /নতোমুখি/।

নতশির /নতোশির্/ [স. নত+শিরঃ] বিণ. দ্র নত-মস্তক।

নতি /নোতি/ [স. √নম্+তি] বি. ১ কোনো সরলরেখা বা তল অপর একটি সরলরেখা বা তলের ওপর হেলে থাকার ফলে উৎপন্ন কোণের পরিমাপ, inclination। ২ নত অবস্থা। ৩ প্রবণতা। ৪ পরাজয়। ৫ বিনয়।

নতিমান /নোতিমান্/ [স. নতি+মৎ] বিণ. প্রণত।

নতি স্বীকার /নোতি শিকার্/ বি. পরাজয় স্বীকার।

নতুন /নোতুন্/ [স. নূতন >] বিণ. ১ নবীন। ২ অভিনব। ৩ নব্য (*নতুন যুগ*)। ৪ সদ্য উৎপাদিত (*নতুন ফসল*)। ৫ তরুণ; কাঁচা।

নতুবা /নোতুবা/ [স. নতু+বা] অব্য. অন্যথায়।

নতোদর /নতোদর্/ [স. নত+উদর] বিণ. মধ্যভাগ নিচু এমন, অবতল, concave।

নতোন্নত /নতোন্নতো/ [স. নত+উন্নত] বিণ. উঁচুনিচু, বন্ধুর, এবড়োখেবড়ো।

নত্তা /নত্তা/ [দেশি.] বি. নবজাতকের নবম দিনে পালনীয় আচার।

নথ /নথ্/ [স. নাথ >] বি. নাকে পরিধেয় গোলাকৃতি অলংকারবিশেষ।

নথি /নোথি/ [হি.] বি. কোনো বিষয়সংক্রান্ত একসঙ্গে গাঁথা কাগজপত্র, file।

নথিনিবন্ধ /নোথিনিবন্ধো/ [হি. নথি+স. নিবন্ধ] বি. নথির তালিকা ও বিবরণ লিখে রাখার খাতা;

www.pathagar.com

(পরি.) file register।

নথিনিষ্পত্তি /নোথিনিশ্‌পোত্‌তি/ [হি. নথি+স. নিষ্পত্তি] বি. নথিতে উপস্থাপিত বিষয়ের নিষ্পাদন; (পরি.) file disposal।

নথিপত্র /নোথিপত্‌ত্রো/ [হি. নথি+স. পত্র] বি. কোনো বিষয়ে একসঙ্গে গেঁথে রাখা কাগজপত্র; দলিল দস্তাবেজ।

নথিপ্রাপক /নোথিপ্রাপক্‌/ [হি. নথি+স. প্রাপক] বি. ১ যার কাছে নথি পাঠানো হয়। ২ নথির কাগজের অনুসন্ধানকারী, record finder।

নথিবদ্ধ /নোথিবদ্‌ধো/ [হি. নথি+স. বদ্ধ] বিণ. নথিতে অন্তর্ভুক্ত।

নথিভুক্ত /নোথিভুক্‌তো/ [হি. নথি+স. ভুক্ত] বিণ. দ্র নথিবদ্ধ।

নথিরক্ষক /নোথিরোক্‌খক্‌/ [হি. নথি+স. রক্ষক] বি. নথি রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মী, record keeper।

নদ /নদ্‌/ [স. √নদ্‌+অ] বি. পুরুষবাচক নামবিশিষ্ট জলপ্রবাহ (*ব্রহ্মপুত্র নদ*)।

নদনদী /নদ্‌নোদি/ [স. নদ+নদ+ঈ] বি. নদ ও নদী, নদী ও খালবিল প্রভৃতি।

নদী /নোদি/ [স. √নদ্‌+অ+ঈ] বি. পাহাড় বা হ্রদ থেকে উৎপন্ন বৃহৎ জলধারা যে খাত দিয়ে প্রবাহিত হয়ে সাগর উপসাগর বা অন্য কোনো জলাশয়ে পতিত হয়, স্রোতস্বিনী, তটিনী, তরঙ্গিণী, প্রবাহিনী।

নদীকান্ত /নোদিকান্‌তো/ [স. নদী+কান্ত] বি. সমুদ্র।

নদীকূল /নোদিকুল্‌/ [স. নদী+কূল] বি. নদীর তীর।

নদীগর্ভ /নোদিগর্‌ভো/ [স. নদী+√গু+ভ] বি. নদীর দুই তীরের মধ্যবর্তী স্থান, নদীর তলদেশ।

নদীজ /নোদিজ্ঞো/ [স. নদী+√জন্‌+অ] বিণ. নদী থেকে উদ্ভূত।

নদীতট /নোদিতট্‌/ [স. নদী+তট] বি. নদীর তীর।

নদীনালা /নোদিনালা/ [স. নদী+বা. নালা] বি. নদী খাল প্রভৃতি।

নদীপতি /নোদিপোতি/ [স. নদী+পতি] বি. সমুদ্র।

নদীপথ /নোদিপথ্‌/ [স. নদী+পথ] বি. জলপথ।

নদীবক্ষ /নোদিবোক্‌খো/ [স. নদী+বক্ষঃ] বি. নদীর জলময় অংশের উপরিভাগ।

নদীবন্দর /নোদিবন্‌দোর/ [স. নদী+বন্দর] বি. নদীতীরে নৌকা জাহাজ প্রভৃতি ভিড়ানোর স্থান।

নদীবহুল /নোদিবোহুল্‌/ [স. নদী+বহুল] বিণ. অসংখ্য নদীবিশিষ্ট।

নদীবিধৌত /নোদিবিধোড়্‌তো/ [স. নদী+বিধৌত] বিণ. (যে অঞ্চলকে) চাষাবাদের জন্য নদী লালন করে এমন।

নদীময় /নোদিময়্‌/ [স. নদী+ময়ট্‌] বিণ. নদীবহুল।

নদীমাতৃক /নোদিমাত্‌ক্‌/ [স. নদী+মাতৃ+ক] বিণ. (যে দেশকে) নদী মাতার মতো লালন করে এমন।

নদীমুখ /নোদিমুখ্‌/ [স. নদী+মুখ] বি. নদীর যে প্রান্ত অন্য কোনো নদী বা সমুদ্রে গিয়ে মেশে, নদীর মোহনা।

নদের চাঁদ /নদের্‌ চাঁদ্‌/ বি. ১ নদিয়ার চাঁদরূপ গৌরবময় ব্যক্তি; শ্রীচৈতন্যদেবকে প্রদত্ত নাম। ২ (ব্য.) সুবেশধারী এবং অলস ও অকর্মণ্য ব্যক্তি।

নদের নিমাই /নদের্‌ নিমাই/ বি. দ্র নদের চাঁদ।

নদধ /নদ্‌ধো/ [স. √নহ্‌+ত] বিণ. বৃদ্ধ।

নধর /নধর্‌/ [স. নবধর >] বিণ. ১ কোমল ও লাবণ্যযুক্ত, কমনীয় (*নধর কান্তি*)। ২ তাজা, সজীব (*নধর পল্লব*)। ৩ গোলগাল; হৃষ্টপুষ্ট।

নধরকান্তি /নধর্‌কান্‌তি/ [বা. নধর+স. কান্তি] বিণ. হৃষ্টপুষ্ট চেহারাবিশিষ্ট।

নন /নন্‌/ [বা.] ক্রি. হন না (*তিনি দরিদ্র নন*)।

ননৎকার /ননত্‌কার্‌/ [স. ন্যক্কার >] বি. অতিশয় অবহেলা বা অবজ্ঞা।

ননদ /ননোদ্‌/ [স. নন্দা >] বি. স্বামীর বোন।

ননদখেমি /ননোদ্‌খেমি/ [বা.] বি. নববধূ কর্তৃক ননদের তুষ্টির জন্য তাঁকে দেওয়া উপহার।

ননদি /ননোদি/ [স. নন্দা >] বি. দ্র ননদ।

ননদিনি /ননোদিনি/ [স. নন্দা >] বি. ননদ।

নন্দা /নন্দা/ [স. নন্দা >] বি. ননদ।

ননাস /ননাশ্‌/ [দেশি.] বি. স্বামীর বড়ো বোন।

ননি /ননি/ [স. নবনীত >] বি. মাখন।

ননিচোর /ননিচোর্‌/ [বা.] বি. যে ননি চুরি করে, শ্রীকৃষ্ণ।

ননিবালা /ননিবালা/ [বা. ননি+স. বালা] বি. কোমলাঙ্গী নারী।

ননির পুতুল /ননির্‌ পুতুল্‌/ বিণ. ১ ননি দিয়ে গড়া পুতুলের মতো অল্প তাপে গলে যায় এমন। ২ আদুরে। ৩ (ব্য.) অকর্মণ্য।

নন্দ /নন্দো/ [স. √নন্দ্‌+অ] বি. ১ আনন্দ। ২ শ্রীকৃষ্ণের পালক পিতা নন্দগোপ। ৩ মগধের পৌরাণিক রাজা।

নন্দদুলাল /নন্দোদুলাল্‌/ [স. নন্দ+বা. দুলাল] বি. ১ পালক পিতা নন্দ ঘোষের আদরের ধন, শ্রীকৃষ্ণ। ২ (আল.) আদুরে সন্তান।

www.pathagar.com

নন্দন /নন্‌দোন্‌/ [স. √নন্দি+অন] বি. ১ পুত্র; বংশধর। ২ ইন্দ্রের উপবন। বিণ. আনন্দদায়ক (*দৃষ্টিনন্দন*)।

নন্দনকানন /নন্‌দোন্‌কানোন্‌/ [স. নন্দন+কানন] বি. স্বর্গের উদ্যান যা সর্বদা আনন্দ দেয়।

নন্দনতত্ত্ব /নন্‌দোন্‌তত্‌তো/ [স. নন্দন+তত্ত্ব] বি. শিল্প সাহিত্য প্রভৃতির বিচার বিশ্লেষণ ও সৌন্দর্য-সংক্রান্ত শাস্ত্র, সৌন্দর্যবিদ্যা, aesthetics।

নন্দনবিদ্যা /নন্‌দোন্‌বিদ্‌দা/ [স. নন্দন+বিদ্যা] বি. দ্র নন্দনতত্ত্ব।

নন্দনা /নন্‌দোনা/ [স. √নন্দি+অন+আ (টাপ্‌)] বি. কন্যা।

নন্দলাল /নন্‌দোলাল্‌/ [স. নন্দ+হি. লাল] বি. শ্রীকৃষ্ণ।

নন্দা /নন্‌দা/ [স. √নন্দি+অ+আ (টাপ্‌)] বি. ১ দেবী দুর্গা। ২ প্রতিপদ ষষ্ঠী ও একাদশী তিথিত্রয়। ৩ স্বামীর বোন, ননদ। ৪ মাটির বড়ো পাত্র।

নন্দাই /নন্‌দাই/ [স. ননন্দা >] বি. ননদের স্বামী।

নন্দি /নোন্‌দি/ [স. √নন্দ্‌+ই] বি. ১ আনন্দ। ২ শিবের প্রধান অনুচর। বিণ. আনন্দদায়ক।

নন্দিকর /নোন্‌দিকর্‌/ [স. নন্দি+√কৃ+অ] বিণ. আনন্দবর্ধক।

নন্দিকেশ্বর /নোন্‌দিকেশ্‌শর্‌/ [স. নন্দি+কেশ্বর] বি. শিবের প্রধান অনুচর, নন্দিভৃঙ্গি।

নন্দিত /নোন্‌দিতো/ [স. √নন্দি+ত] বিণ. আনন্দিত; সন্তোষপ্রাপ্ত। স্ত্রী. **নন্দিতা** /নোন্‌দিতা/।

নন্দিন /নোন্‌দিন/ [স. √নন্দি+অন] বি. দ্র নন্দি।

নন্দিনী /নোন্‌দিনি/ [স. √নন্দি+ইন্‌+ঈ] বি. ১ কন্যা। ২ গঙ্গা। ৩ বশিষ্ঠমুনির কামধেনু। বিণ. আনন্দ-দায়িনী।

নন্দিবর্ধক /নোন্‌দিবর্‌ধোক্‌/ [স. নন্দি+বর্ধক] বিণ. আনন্দবর্ধক।

নন্দিভৃঙ্গি /নোন্‌দিভৃংগি/ [স. নন্দি+ভৃঙ্গ+ই] বি. ১ নন্দি ও ভৃঙ্গি নামক শিবের দুই অনুচর। ২ (আল.) অবাঞ্ছিত অনুচরবর্গ।

নন্দী /নোন্‌দি/ [স. √নন্দ্‌+ইন্‌] বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ রটগাছ। ৪ (বাংলায়) পদবিবিশেষ।

নন্দ্য /নোন্‌দো/ [স. √নন্দ্‌+য] বিণ. ১ আনন্দের যোগ্য। ২ প্রশংসার যোগ্য; সংবর্ধনার যোগ্য।

নন্নড়ে /নন্‌নোড়ে/ [বা.] বিণ. ১ শিথিল। ২ দুর্বল ও নড়বড়ে।

নপুংসক /নপুংশক্‌/ [স. ন+পুংসক] বি. পৌরুষহীন ব্যক্তি, ক্লীব। বিণ. ১ ছিন্নমুষ্ক। ২ পুরুষত্বহীন। ৩ (আল.) ভীরু, কাপুরুষ; ব্যক্তিত্বহীন।

নফর /নফোর্‌/ [আ.] বি. পরিচারক, সেবক।

নফল /নফোল্‌/ [আ.] বিণ. বাধ্যতামূলক নয় এমন, ঐচ্ছিক (*নফল নামাজ*)।

নব[১] /নবো/ [স. √নু+অ] বিণ. ১ নবীন, নতুন। ২ সদ্যোজাত। ৩ টাটকা, তাজা।

নব[২] /নবো/ [স. নবতি >] বি. ৯ সংখ্যা। বিণ. ৯ সংখ্যক।

নবকলিকা /নবোকোলিকা/ [স. নব+কলি+কন্‌+আ (টাপ্‌)] বি. নতুন কুঁড়ি।

নবকার্তিক /নবোকার্‌তিক্‌/ [স. নব+কার্তিক] বি. ১ নবজাত কার্তিকের মতো সুন্দর ব্যক্তি। ২ (ব্য.) কুৎসিত লোক।

নবকিশলয় /নবোকিশলয়্‌/ [স. নব+কিশলয়] বি. কচি পাতা।

নবকুমার /নবোকুমার্‌/ [স. নব+কুমার] বি. নবজাত শিশু।

নবকোরক /নবোকোরক্‌/ [স. নব+কোরক] বি. দ্র নবকলিকা।

নবগঠিত /নবোগোঠিতো/ [স. নব+গঠিত] বিণ. সদ্যগঠিত।

নবগুণ /নবোগুন্‌/ [স. নব+গুণ] বি. ব্রাহ্মণের নয়টি গুণ (আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা আবৃত্তি তপস্যা ও দান)।

নবগ্রহ /নবোগ্‌রোহো/ [স. নব+ গ্রহ] বি. সূর্যের নয়টি গ্রহ (বুধ শুক্র পৃথিবী মঙ্গল বৃহস্পতি শনি ইউ-রেনাস নেপচুন ও প্লুটো); আধুনিক মতে সূর্য থেকে দূরত্বের ক্রমানুসারে আটটি গ্রহ (বুধ শুক্র পৃথিবী মঙ্গল বৃহস্পতি শনি ইউরেনাস ও নেপচুন)।

নবছিদ্র /নবোছিদ্‌রো/ [স. নব+√ছিদ্‌+র] বি. দেহের নয়টি ছিদ্র (দুই চোখ দুই কান দুই নাসারন্ধ্র মুখ পায়ু ও উপস্থ)।

নবজন্ম /নবোজন্‌মো/ [স. নব+ জন্মন্‌] বি. নতুন জীবন, নতুন জন্ম।

নবজলধরশ্যাম /নবোজলোধরোশ্‌শ্যাম্‌/ [স. নব+ জলধর+শ্যাম] বিণ. নতুন মেঘের মতো উজ্জ্বল নীলবর্ণবিশিষ্ট।

নবজাগরণ /নবোজাগোরন্‌/ [স. নব+জাগরণ] বি. শিল্প সাহিত্য ও চিন্তারীতির নবসূচনা, নবজাগৃতি, renaissance।

নবজাগৃতি /নবোজাগ্‌গৃতি/ [স. নব+জাগৃতি] বি. দ্র নবজাগরণ।

নবজাত /নবোজাতো/ [স. নব+জাত] বিণ. সদ্যোজাত, সদ্য উৎপাদিত।

নবজাতক /নবোজাতক্‌/ [স. নব+জাতক] বিণ.

www.pathagar.com

সদ্য জন্মলাভ করেছে এমন। বি. সদ্যোজাত শিশু।

নবজীবন /নবোজ্জিবন্/ [স. নব+জীবন] বি. ১ জীবন সম্বন্ধে নতুন উপলব্ধি। ২ দুরবস্থা থেকে উন্নত অবস্থাপ্রাপ্তি।

নবডঙ্কা /নবোডংকা/ [আঞ্চ.] বি. ১ ফাঁকি; শূন্য। ২ বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন।

নবতন /নবোতনো/ [স. নব+তন] বিণ. নতুন।

নবতি /নবোতি/ [স. নব+দশৎ] বি. ৯০ সংখ্যা। বিণ. ৯০ সংখ্যক।

নবতিতম /নবোতিতমো/ [স. নবতি+তমট্] বিণ. ৯০ সংখ্যক; ৯০ স্থানীয়। স্ত্রী. **নবতিতমী** /নবোতি-তোমি/।

নবদম্পতি /নবোদম্পোতি/ [স. নব+দম্পতি] বি. সদ্যবিবাহিত স্বামী-স্ত্রী।

নবদল /নবোদল্/ [স. নব+দল] বি. সদ্য গজিয়েছে এমন পাতা, কচি পাতা, কিশলয়।

নবদশ /নবোদশ্/ [স. নব+দশন্] বি. ১৯ সংখ্যা। বিণ. ১৯ সংখ্যক।

নবদীধিতি /নবোদিধিতি/ [স. নব+দীধিতি] বি. মঙ্গলগ্রহ।

নবদুর্গা /নবোদুর্গা/ [স. নব+দুর্+√গম্+অ+আ (টাপ্)] বি. দুর্গার নটি মূর্তি (পার্বতী ব্রহ্মচারিণী চন্দ্রঘণ্টা কুষ্মাণ্ডা স্কন্দমাতা কাত্যায়নী কালরাত্রি মহাগৌরী ও সিদ্ধিদা)।

নবদ্বার /নবোদ্দার্/ [স. নব+দ্বার] বি. দেহের নয়টি ছিদ্র (দুই চোখ দুই কান দুই নাসারন্ধ্র মুখ পায়ু ও উপস্থ)।

নবধা /নবোধা/ [স. নব+ধা] বিণ. নয়প্রকার। ক্রিবিণ. ১ নয় দিকে। ২ নয় খণ্ডে। ৩ নয়বারে।

নবধাতু /নবোধাতু/ [স. নব+ধাতু] বি. নয় প্রকার ধাতু (সোনা রুপা তামা রাং কাঁসা পিতল সিসা লোহা ইস্পাত বা চুম্বক)।

নবনবতি /নবোনবোতি/ [স. নব+নবতি] বি. ৯৯ সংখ্যা। বিণ. ৯৯ সংখ্যক।

নবনবতিতম /নবোনবোতিতমো/ [স. নবনবতি+তমট্] বিণ. ৯৯ সংখ্যক; ৯৯ স্থানীয়। স্ত্রী. নবনবতিতমী /নবোনবোতিতোমি/।

নবনাট্য /নবোনাট্টো/ [স. নব+√নাটি+য] বি. বিংশ শতাব্দীর চতুর্থ দশকে সূচিত এমন একটি নাট্য আন্দোলন যা লোকনাট্য এবং শাস্ত্রীয়নাট্য থেকে পৃথক; নগরকেন্দ্রিক নাটক।

নবনিয়োগ /নবোনিয়োগ্/ [স. নব+নিয়োগ] বিণ. নবনিযুক্ত।

নবনী /নবোনি/ [স. নব+√নী+অ] বি. ননি, মাখন।

নবনীত /নবোনিতো/ [স. নব+√নী+ত] বি. সদ্য তোলা মাখন।

নবনীতক /নবোনিতক্/ [স. নবনীত+ক (স্বার্থে)] বি. ঘৃত, হবি।

নবনীপ /নবোনিপো/ [স. নব+√নী+প] বি. সদ্য ফোটা কদমফুল।

নবপঠিত /নবোপোঠিতো/ [স. নব+পঠিত] বিণ. নতুন করে পড়া হয়েছে এমন।

নবপত্রিকা /নবোপোত্রিকা/ [স. নব+পত্রিকা] বি. নয় প্রকার পাতা (কলা কচু ধান হলুদ ডালিম বেল অশোক জয়ন্তী ও মানকচু) দিয়ে গড়া নারীমূর্তি।

নবপরিকল্পিত /নবোপোরিকোল্পিতো/ [স. নব+পরিকল্পিত] বিণ. নতুন করে পরিকল্পনা করা হয়েছে এমন।

নবপরিণীতা /নবোপোরিনিতা/ [স. নব+পরি+√নী+ত+আ (টাপ্)] বিণ. সদ্যবিবাহিতা।

নবপল্লব /নবোপল্লব্/ [স. নব+পল্লব] বি. কচি পাতা।

নবপ্রাশন /নবোপ্রাশোন্/ [স. নব+প্রাশন] বি. ১ শিশুর প্রথম অন্নগ্রহণের উৎসব। ২ নবান্ন-ভোজনের উৎসব।

নববধূ /নবোবোধু/ [স. নব+বধূ] বি. নববিবাহিতা কন্যা।

নববর্ষ /নবোবর্শো/ [স. নব+√বৃষ্+অ] বি. নতুন বছর (*শুভ নববর্ষ*)।

নববর্ষা /নবোবর্শা/ [স. নব+√বৃষ্+অ+আ (টাপ্)] বি. বর্ষা ঋতুর আগম।

নববসন্ত /নবোবশোন্তো/ [স. নব+√বস্+অন্ত] বি. বসন্ত ঋতুর সূচনা।

নববিংশতি /নবোবিংশোতি/ [স. নব+বিংশতি] বি. ২৯ সংখ্যা। বিণ. ২৯ সংখ্যক।

নববিংশতিতম /নবোবিংশোতিতমো/ [স. নববিংশতি+তমট্] বিণ. ২৯ সংখ্যক; ২৯ স্থানীয়। স্ত্রী. নববিংশতিতমী /নবোবিংশোতিতোমি/।

নববিধান /নবোবিধান্/ [স. নব+বিধান] বি. ১ নতুন বিধিব্যবস্থা। ২ কেশবচন্দ্র সেন কর্তৃক প্রবর্তিত ব্রাহ্মধর্মের একটি শাখা।

নবম /নবোম্/ [স. নবন্+ম] বি. ৯ সংখ্যা। বিণ. ৯ সংখ্যক।

নবমী /নবোমি/ [স. নবম+ঈ] বি. অমাবস্যা বা পূর্ণিমার পরবর্তী নবম কলা।

নবমী দশা /নবোমি দশা/ বি. ১ মূর্ছা। ২ মোহ।

www.pathagar.com

নবমীর পাঁঠা /নবোমির পাঁঠা/ বি. দুর্গাপূজার নবমী তিথিতে বলির জন্য উৎসর্গীকৃত পশু।

নবযৌবন /নবোজৌ̆বন্ / [স. নব+যৌবন] বি. নবীন তারুণ্য। স্ত্রী. নবযৌবনা /নবোজৌ̆বনা/।

নবরত্ন /নবোরত্নো/ [স. নব+√রমি+ন] বি. ১ নটি রত্ন (মুক্তা মাণিক্য বৈদূর্য গোমেদ হীরক বিদ্রুম পদ্মরাগ মরকত ও নীলকান্ত)। ২ বিক্রমাদিত্যের রাজসভার রত্নরূপে বর্ণিত নয়জন সভাসদ (ধন্বন্তরী ক্ষপণক অমরসিংহ শঙ্কু বেতালভট্ট ঘটকর্পর কালিদাস বরাহমিহির ও বররুচি)।

নবরত্নসভা /নবোরত্নোশভা / [স. নবরত্ন+সভা] বি. ১ নয়জন বিদ্বজ্জনের সমন্বয়ে গঠিত বিক্রমাদিত্যের সভা। ২ নয়জন গুণী ব্যক্তির সমন্বয়ে গঠিত সম্রাট আকবরের সভা।

নবরস /নবোরশ্/ [স. নব+রস] বি. অলংকারশাস্ত্রে নির্দিষ্ট নয়টি রস (আদি বা শৃঙ্গার হাস্য করুণ রৌদ্র বীর ভয়ানক বীভৎস অদ্ভুত ও শান্ত)।

নবরাত্রি /নবোরাত্রি / [স. নব+ √রা+ত্রি] বি. আশ্বিন মাসের শুক্লপক্ষের প্রতিপদ থেকে নবমী পর্যন্ত পালনীয় ব্রতবিশেষ।

নবলক্ষণ /নবোলোক্‌খোন্/ [স. নব+লক্ষণ] বি. নয় প্রকার গুণ, নবগুণ; ব্রাহ্মণের ৯টি লক্ষণ (আচার বিনয় বিদ্যা প্রতিষ্ঠা তীর্থদর্শন নিষ্ঠা আবৃত্তি তপস্যা ও দান)।

নবশাখ /নবোশাখ্/ [স. নবশায়ক >] বি. বাঙালি হিন্দুজাতির নয়টি শ্রেণি (তিলি মালাকার তাঁতি সদ্‌গোপ নাপিত বারুই কামার কুমার ও ময়রা)।

নবশায়ক /নবোশায়োক্/ [স. নব+শায়ক] বি. দ্র নবশাখ।

নবসাক্ষর /নবোশাক্‌খর্/ [স. নব+সাক্ষর] বি. নতুন অক্ষরজ্ঞান লাভ। বিণ. নতুন অক্ষরপরিচিতি লাভ করেছে এমন।

নবাংশ /নবাংশো/ [স. নব+অংশ] বি. (জ্যোতি.) মেষ মিথুন প্রভৃতি বারোটি লগ্নের প্রত্যেকটির নয় ভাগের এক ভাগ।

নবাগত /নবাগতো/ [স. নব+আগত] বিণ. ১ সদ্য আগত। ২ সদ্যোজাত।

নবাঙ্কুর/নবাংকুর্/[স. নব+ অঙ্কুর] বি. সদ্যোজাত অঙ্কুর বা মুকুল।

নবান্ন /নবান্নো/ [স. নব+অন্ন] বি. ১ নতুন অন্ন। ২ হেমন্তকালীন ধান কাটার পর নতুন চালের পিঠা পায়েস প্রভৃতি খাওয়ার উৎসব, পার্বণবিশেষ।

নবাব /নবাব্/ [আ. নওয়াব >] বি. ১ মুসলমান সামন্তশাসক। ২ অমিতব্যয়ী ব্যক্তি। বিণ. (ব্য.) ১ আরামপ্রিয়, বিলাসী (*নবাবপুত্তুর*)। ২ (আল.) অলস।

নবাবজাদা /নবাব্‌জাদা / [আ. নওয়াব+ফা. জাদা] বি. নবাবের পুত্র। স্ত্রী. নবাবজাদি /নবাব্‌জাদি/।

নবাবপুত্তুর /নবাব্‌পুতুর্ / [আ. নওয়াব >] বি. (ব্য.) নবাবপুত্রের মতো বিলাসী ও আরামপ্রিয় ব্যক্তি।

নবাবি /নবাবি / [ফা. নওয়াবি >] বি. ১ নবাবের পদ বা কাজ। ২ নবাবসুলভ আচার-ব্যবহার ও আড়ম্বরপূর্ণ জীবনযাত্রা। ৩ (আল.) আলসেমি। বিণ. নবাবসুলভ।

নবায়ন /নবায়োন্ / [স. নব+অয়ন] বি. মেয়াদ উত্তীর্ণের পর পুনরায় সচলকরণ, renewal।

নবারুণ /নবারুন্/ [স. নব+অরুণ] বি. নবোদিত সূর্য।

নবি /নোবি / [আ.] বি. ১ আল্লাহর প্রেরিত দূত। ২ হজরত মুহম্মদ (সা.); পয়গম্বর, রসুল।

নবিচরিত /নোবিচোরিত্ / [আ. নবি+স. চরিত] বি. নবির জীবনকাহিনি।

নবিশ[১] /নোবিশ্/ [ই.] বি. ১ নতুন শিক্ষার্থী। ২ অনভিজ্ঞ ব্যক্তি।

নবিশ[২] /নোবিশ্/[ফা.] বি. লেখক; লিপিকার (*নকল-নবিশ*), copyist।

নবিশি /নোবিশি/[ই. novice >] বি. শিক্ষার্থীর বৃত্তি।

নবীকরণ /নোবিকরোন্ / [স. নব+চ্বি+করণ] বি. নবায়ন।

নবীকৃত /নোবিকৃতো / [স. নব+চ্বি+কৃত] বিণ. নবায়ন করা হয়েছে এমন।

নবীন /নোবিন্/ [স. নব+ঈন] বিণ. ১ নতুন (*নবীন শিল্পী*)। ২ নব্য (*নবীন যুগ*)। ৩ তরুণ। ৪ নবোদিত (*নবীন সূর্য*)। ৫ সদ্যপ্রস্ফুটিত। ৬ তাজা, টাটকা। স্ত্রী. নবীনা /নোবিনা/।

নবীনতা /নোবিনতা / [স. নবীন+তা] বি. নতুনত্ব।

নবীনত্ব /নোবিনত্তো / [স. নবীন+ত্ব] বি. নবীনতা।

নবীনবরণ /নোবিন্‌বরোন্ / [স. নবীন+বরণ] বি. নবাগতকে বরণ।

নবীভবন /নোবিভবোন্ / [স. নব+চ্বি+ভবন] বি. ১ নতুনত্ব প্রাপ্তি। ২ নব উদ্দীপনা।

নবীভূত /নোবিভুতো/ [স. নব+চ্বি+ভূত] বিণ. ১ মেয়াদ বাড়ানো হয়েছে এমন। ২ নতুনত্বপ্রাপ্ত।

নবুয়ত /নোবুঅত্/ [আ.] বি. নবিত্ব; নবির পদ।

নবোঢ়া /নবোঢ়া/ [স. নব+উঢ়া] বি. সদ্য বিবাহিতা।

নবোদক /নবোদক্ /[স. নব+উদক] বি. ১ (বর্ষাঋতুর সূচনায়) প্রথম বৃষ্টির জল। ২ নতুন খোঁড়া কূপের জল।

নবোদিত /নবোদিতো/ [স. নব+উদিত] বিণ. সদ্য

www.pathagar.com

প্রকাশিত; সদ্য আবির্ভূত।

নবোদ্‌গত /নবোদ্‌গতো/ [স. নব+উদ্‌গত] বিণ. সদ্য উদ্‌গত।

নবোদ্ভিন্ন /নবোদ্‌ভিন্‌নো/ [স. নব+উদ্ভিন্ন] বিণ. ১ সদ্য অঙ্কুরিত। ২ নতুন উত্থিত। ৩ সদ্য বিকশিত।

নবোদ্যম /নবোদ্‌দম্‌/ [স. নব+উদ্যম] বি. ১ নতুন উদ্যম। ২ প্রথম প্রচেষ্টা।

নবোন্মেষ /নবোন্‌মেশ্‌/ [স. নব+উন্মেষ] বি. নতুন করে উদয় বা বিকাশ।

নবোন্মেষিত /নবোন্‌মেশিতো/ [স. নব+উন্মেষিত] বিণ. সদ্য উন্মীলিত।

নব্বই /নোব্‌বোই/ [স. নবতি >] বি. ৯০ সংখ্যা। বিণ. ৯০ সংখ্যক।

নব্য /নোব্‌বো/ [স. নব+য] বিণ. ১ নতুন (*নব্য ধনী*)। ২ তরুণ (*নব্য যুবক*)। ৩ আধুনিক। স্ত্রী. নব্যা /নোব্‌বা/।

নব্যতন্ত্র /নোব্‌বোতন্‌ত্রো/ [স. নব্য+√তন্‌+ত্র] বি. নতুন মত বা পথ।

নব্যন্যায় /নোব্‌বোন্যায়্‌/ [স. নব্য+ন্যায়] বি. ন্যায়শাস্ত্রের একটি শাখা।

নব্য সম্প্রদায় /নোব্‌বো শম্‌প্রোদায়্‌/ বি. যুবক সম্প্রদায়।

নভ[১] /নভো/ [স. √নভ্‌+অ] বি. ১ শ্রাবণমাস। ২ আকাশ, গগন, শূন্য।

নভ[২] /নভো/ [স. √নহ্‌+অস্‌] বি. ১ আকাশ, গগন, শূন্য; স্বর্গ। ২ মেঘ। ৩ জল।

নভঃপ্রাণ /নভোপ্‌প্রান্‌/ [স. নভস্‌+প্রাণ] বি. বাতাস।

নভশ্চক্ষু /নভোশ্‌চোক্‌খু/ [স. নভস্‌+চক্ষু] বি. সূর্য।

নভশ্চর /নভোশ্‌চর্‌/ [স. নভস্‌+চর] বি. ১ মহাশূন্যে বৈজ্ঞানিক পরীক্ষানিরীক্ষা পরিচালনের জন্য বিশেষভাবে প্রশিক্ষিত গবেষক, astronaut। ২ নক্ষত্র। ৩ গ্রহ। ৪ পাখি। ৫ বায়ু। ৬ মেঘ। ৭ গন্ধর্ব।

নভস্তল /নভোস্‌তল্‌/ [স. নভস্‌+তল] বি. আকাশপট, গগনতল।

নভস্থ /নভোস্‌থো/ [স. নভস্‌+√স্থা+অ] বিণ. আকাশে স্থিত, নভস্থিত।

নভস্থল /নভোস্‌থল/ [স. নভস্‌+স্থল] বি. গগনতল, আকাশপট।

নভস্থিত /নভোস্‌থিতো/ [স. নভস্‌+√স্থা+ত] বিণ. দ্র নভস্থ।

নভস্পৃক /নভোস্‌পৃক্‌/ [স. নভস্‌+√স্পৃশ্‌+ক্বিপ্‌] বিণ. গগনস্পর্শী।

নভস্পৃশ /নভোস্‌পৃশো/ [স. নভস্‌+√স্পৃশ্‌+অ] বিণ. দ্র নভস্পৃক।

নভস্বান /নভোশ্‌শান্‌/ [স. নভস্‌+বৎ] বি. বায়ু।

নভস্য /নভোশ্‌শো/ [স. নভস্‌+য] বি. ভাদ্রমাস।

নভেম্বর /নভেম্‌বর্‌/ [ই.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির একাদশ মাস, ১৬ই কার্তিক থেকে ১৬ই অগ্রহায়ণ পর্যন্ত কালপর্ব, November।

নভেল /নভেল্‌/ [ই.] বি. একাধিক কল্পিত চরিত্র বা প্রকৃত ঘটনা অবলম্বন করে গদ্যে রচিত দীর্ঘ কাহিনি, উপন্যাস। বিণ. অভিনব।

নভেলিয়ানা /নভেলিআনা/ [ই. novel >] বি. উপন্যাসের নায়ক–নায়িকার মতো আচার–আচরণ।

নভোনীল /নভোনিল্‌/ [স. নভস্‌+নীল] বি. আকাশের নীলিমা। বিণ. হালকা নীলাভ।

নভোবীক্ষণযন্ত্র /নভোবিক্‌খনজন্‌ত্রো/ [স. নভস্‌+বীক্ষণ+যন্ত্র] বি. গ্রহনক্ষত্র ও মহাজাগতিক ঘটনাবলি পর্যবেক্ষণের জন্য ব্যবহৃত দূরবিনবিশেষ, astronomical telescope।

নভোমণি /নভোমোনি/ [স. নভস্‌+মণি] বি. সূর্য।

নভোমণ্ডল /নভোমন্‌ডোল/ [স. নভস্‌+মণ্ডল] বি. গগনমণ্ডল, আকাশপট।

নভোযান /নভোজান্‌/ [স. নভস্‌+যান] বি. মহাকাশে গমন বা বিচরণের উপযুক্ত যান।

নভোরজ /নভোরজো/ [স. নভস্‌+রজস্‌] বি. কুয়াশা, কুহেলিকা, নীহার, কুজ্ঝটিকা।

নভোরশ্মি /নভোরোশ্‌মি/ [স. নভস্‌+রশ্মি] বি. মহাশূন্য থেকে আলোর গতির কাছাকাছি বেগে আগত ইলেকট্রন প্রোটন প্রভৃতি কণার রশ্মি; (পরি.) cosmic rays।

নমঃ /নমো/ [স. √নম্‌+অস্‌] বি. প্রণতি, সালাম (*নমঃ নমঃ নমো বাঙলা দেশ মম নজরুল.*)।

নমঃশূদ্র /নমোশুদ্রো/ [স. নমঃ+শূদ্র] বি. বাঙালি হিন্দু জাতিবিশেষ, তপশিলি সম্প্রদায়বিশেষ।

নমন /নমোন্‌/ [স. √নম্‌+অন] বি. ১ নতি; অবনমন। ২ প্রণাম। ৩ শ্রদ্ধাভরে নতকরণ।

নমনশীল /নমোন্‌শিল/ [স. নমন+শীল] বিণ. বিনত হওয়ার স্বভাববিশিষ্ট।

নমনীয় /নমোনিয়ো/ [স. √নম্‌+অনীয়] বিণ. ১ নোয়ানো যায় এমন, নমনযোগ্য। ২ পরিবর্তন করা যায় এমন। বি. –তা /–তা/।

নমস্কর্তা /নমোশ্‌করতা/ [স. নমস্‌+√কৃ+তৃ] বি. যে ব্যক্তি নমস্কার করে।

নমস্কার /নমোশ্‌কার/ [স. নমস্‌+√কৃ+অ] বি. করজোড়ে কপাল ছুঁয়ে অভিবাদন, প্রণাম, সালাম।

নমস্কারি /নমোশ্‌কারি/ [স. নমস্কার >] বি. বিয়ের

www.pathagar.com

অনুষ্ঠানে গুরুস্থানীয় কুটুম্বদের দেয় উপহারসামগ্রী।

নমস্কার্য /নমোশ্‌কার্‌জো/ [স. নমস্+√কৃ+য] বিণ. ১ নমস্য, শ্রদ্ধেয়। ২ প্রাতঃস্মরণীয়।

নমস্কৃত /নমোশ্‌কৃতো/ [স. নমস্+√কৃ+ত] বিণ. অভিবাদন জ্ঞাপন করা হয়েছে এমন।

নমস্ক্রিয়া /নমোশ্‌কৃআ/ [স. নমস্+√কৃ+অ+আ (টাপ্)] বি. হাতজোড় করে অভিবাদন, সালাম।

নমস্য /নমোশ্‌শো/ [স. √নমস্+য] বিণ. নমস্কারের যোগ্য, প্রণম্য, পূজনীয়। স্ত্রী. **নমস্যা** /নমোশ্‌শা/।

নমাসে ছমাসে /নমাশে ছমাশে/ ক্রিবিণ. বহুদিন পরপর; কদাচিৎ।

নমিত /নোমিতো/ [স. √নমি+ত] বিণ. ১ নোয়ানো হয়েছে এমন, আনত। ২ দমিত। ৩ প্রণমিত।

নমুনা /নোমুনা/ [ফা.] বি. ১ যে ক্ষুদ্র অংশ দেখে সমগ্রের পরিচয় পাওয়া যায়, sample। ২ মান যাচাইয়ের জন্য কোনো বস্তুর কিয়ৎপরিমাণ।

নম্বর /নম্‌বোর্/ [ই. number] বি. অঙ্ক; ০ থেকে ৯ পর্যন্ত (এক বা একাধিক রাশির) যে কোনো সংখ্যা; ক্রমনির্দেশক সংখ্যা; উৎকর্ষের মাত্রা-নির্দেশক সংখ্যা (*পরীক্ষায় প্রাপ্ত নম্বর*)।

নম্বরপত্র /নম্‌বোর্‌পত্‌ত্রো/ [ই. নম্বর+স. পত্র] বি. পরীক্ষায় প্রদত্ত নম্বরের অনুমোদিত তালিকা; (পরি.) mark sheet।

নম্বরি /নম্‌বোরি/ [ই. নম্বর >] বিণ. নম্বরযুক্ত; নম্বরদ্বারা চিহ্নিত।

নম্য /নোম্‌মো/ [স. √নম্+য] বিণ. ১ নোয়ানো বা বাঁকানো যায় এমন। ২ অভিবাদন জ্ঞাপনের যোগ্য।

নম্র /নম্‌ম্রো/ [স. √নম্+র] বিণ. ১ বিনয়ে অবনত। ২ কোমল। ৩ শান্ত। ৪ নিরহংকার। বি. **~তা** /-তা/।

নয়[১] /নয়্/ [স. নবতি >] বি. ৯ সংখ্যা। বিণ. ৯ সংখ্যক।

নয়[২] /নয়্/ [স. √নী+অ] বি. ১ নীতি, উপদেশ। ২ নীতিশাস্ত্র। ৩ শাস্ত্রসম্মত আচরণ।

নয়[৩] /নয়্/ [বা.] অব্য. ১ না হয়; নতুবা, কিংবা (*হয় তুমি নয় সে*)। ২ নহে।

নয়ছয় /নয়্‌ছয়্/ [বা.] বিণ. তছনছ, বিশৃঙ্খল। বি. ১ (আল.) অপব্যয়। ২ আর্থিক অনিয়ম।

নয়জ্ঞ /নয়োগ্‌গোঁ/ [স. নয়+√জ্ঞা+অ] বি. বিণ. নীতিশাস্ত্রজ্ঞ; নয়বিশারদ।

নয়জ্ঞান /নয়্‌গ্যান্/ [স. নয়+জ্ঞান] বি. রাজনীতি ধর্মনীতি ও সমাজনীতি প্রভৃতি শাস্ত্রের জ্ঞান।

নয়তো /নয়্‌তো/ [বা.] অব্য. ১ তা না হলে, নতুবা, নচেৎ (*সে নয়তো তুমি যাবে*)। ২ মোটেই নয়।

নয়ন /নয়োন্/ [স. √নী+অন] বি. ১ চোখ, লোচন, আঁখি (*নয়ন মেলে দেখি আমায় বাঁধন বেঁধেছে* রবীন্দ্র.)। ২ প্রাপণ। ৩ যাপন, ক্ষেপণ।

নয়নগোচর /নয়োন্‌গোচর্/ [স. নয়ন+গোচর] বিণ. নজরে এসেছে বা আছে এমন, দৃষ্টিগোচর।

নয়নচকোর /নয়োন্‌চকোর্/ [স. নয়ন+চকোর] বি. রূপমুগ্ধ চোখ, সৌন্দর্যরূপ জ্যোৎস্না পানকারী নেত্র।

নয়নজল /নয়োন্‌জল্/ [স. নয়ন+জল] বি. চোখের জল, অশ্রু।

নয়নজুলি /নয়োন্‌জুলি/ [বা.] বি. পথের পাশের সরু নর্দমা, নয়নজুলি।

নয়নঠার /নয়োন্‌ঠার্/ [স. নয়ন+হি. ঠার] বি. ১ চোখের ইশারা। ২ আড়দৃষ্টি।

নয়নতারা /নয়োন্‌তারা/ [স. নয়ন+তারা] বি. ১ গ্রীষ্ম ও উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে সারাবছর ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত সাদা বেগুনি প্রভৃতি রঙের ফুল উপবৃত্তাকার পাতা বা তার বহুবর্ষজীবী বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ (আনি. মাদাগাস্কার)। ২ চোখের তারা। ৩ (আল.) অতি প্রিয় ব্যক্তি।

নয়নধারা /নয়োন্‌ধারা/ [স. নয়ন+ধারা] বি. অশ্রুধারা।

নয়ননীর /নয়োন্‌নির্/ [স. নয়ন+নীর] বি. চোখের জল, অশ্রু।

নয়নপল্লব /নয়োন্‌পল্‌লোব্/ [স. নয়ন+পল্লব] বি. চোখের পাতা, নেত্রপল্লব।

নয়নবাণ /নয়োন্‌বান্/ [স. নয়ন+বাণ] বি. ১ বাণরূপ তীক্ষ্ণদৃষ্টি। ২ কটাক্ষ। ৩ কামোদ্দীপক দৃষ্টি।

নয়নমণি /নয়োন্‌মোনি/ [স. নয়ন+মণি] বি. ১ চোখের তারা। ২ (আল.) অতিশয় প্রিয় ব্যক্তি।

নয়নরঞ্জন /নয়োন্‌রন্‌জোন্/ [স. নয়ন+রঞ্জন] বিণ. চোখের আনন্দ বর্ধন করে এমন, দৃষ্টিনন্দন।

নয়নশোভন /নয়োন্‌শোভোন্/ [স. নয়ন+শোভন] বিণ. দ্র নয়নরঞ্জন।

নয়নসুক /নয়োন্‌শুক্/ [বা.] বি. দ্র নয়নসুখ।

নয়নসুখ /নয়োন্‌শুখ্/ [বা.] বি. সূক্ষ্ম সুতিবস্ত্র-বিশেষ।

নয়না /নয়োনা/ [স. নয়ন >] বিণ. নয়নাকৃতিবিশিষ্ট। বি. ১ চোখ। ২ চোখের ইশারা। ৩ মাছবিশেষ।

নয়নানন্দ /নয়োনানন্‌দো/ [স. নয়ন+আনন্দ] বি. দৃষ্টির আনন্দ। বিণ. দেখলে আনন্দ হয় এমন।

নয়নাভিরাম /নয়োনাভিরাম্/ [স. নয়ন+অভিরাম] বিণ. চোখের জন্য প্রীতিকর, সুদর্শন, দৃষ্টিনন্দন।

নয়নাসার /নয়োনাসার্/ [স. নয়ন+আসার] বি. অশ্রুবর্ষণ, কান্না।

www.pathagar.com

–নয়নী /নয়োনি/ [স. নয়ন+ঈ] বিণ. নয়নবিশিষ্টা (*মৃগনয়নী*)। বি. চোখের তারা।

নয়নোৎসব /নয়োনোত্শব্ / [স. নয়ন+উৎসব] বি. ১ চোখের জন্য প্রীতিকর বস্তু। ২ আলোক।

নয়নোপান্ত /নয়োনোপান্তো / [স. নয়ন+উপান্ত] বি. চোখের কোণ।

নয়বিৎ /নয়োবিত্ / [স. নয়+বিৎ] বি. বিণ. নীতিজ্ঞ।

নয়া /নয়া / [দেশি.] বিণ. ১ অভিনব। ২ আধুনিক।

নয়া আবাদি /নয়া আবাদি/ বি. ১ পতিত জমিতে কৃষিকর্মের সূচনা। ২ নতুন বসতি স্থাপন।

নয়া জমানা /নয়া জমানা/ বি. নতুন যুগ।

নয়ান /নয়ান্ / [স. নয়ন >] বি. 'নয়ন'–এর কাব্যিক রূপ।

নয়নজুলি /নয়ান্জুলি/ [বা.] বি. দ্র নয়নজুলি।

নয়ানস্বরূপ /নয়ান্শরূপ্/ [বা. নয়ান+স. স্বরূপ] বিণ. প্রত্যক্ষ, চাক্ষুষ।

নর[১] /নর্/ [স. √নৃ+অ] বি. ১ মানুষ। ২ পুরুষ। ৩ অর্জুন। ৪ বিষ্ণুর অবতারবিশেষ। ৫ ঋষিবিশেষ। বিণ. পুরুষজাতীয়।

নর[২] /নর্/ [স. লহরি >] বি. ১ পঙ্‌ক্তি, শ্রেণি। ২ লহরি (*সাতনর হার*)।

নরক /নরোক্/ [স. √নৃ+অক] বি. ১ ধর্মীয় বিধানমতে মৃত্যুর পর পাপীদের শাস্তিভোগের জন্য নির্দিষ্ট স্থান, জাহান্নাম। ২ পুরাণে কল্পিত অসুরবিশেষ। ৩ (আল.) নিকৃষ্টতম স্থান।

নরককুণ্ড /নরোক্কুন্ডো / [স. নরক+কুণ্ড] বি. ১ পাপীদের শাস্তিভোগের জন্য নরকের কুণ্ড। ২ (বাংলায়) অত্যন্ত নোংরা ও যন্ত্রণাদায়ক স্থান।

নরকগুলজার /নরোক্গুল্জার্/ [স. নরক+ফা. গুলজার] বি. হাসিঠাট্টায় উজ্জীবিত আসর।

নরকঙ্কাল /নরোকংকাল্ / [স. নর+কঙ্কাল] বি. মানবদেহের অস্থিময় কাঠামো।

নরকপাল /নরোকপাল্/ [স. নর+কপাল] বি. মানুষের মাথার খুলি।

নরকভোগ /নরোক্ভোগ্/ [স. নরক+ভোগ] বি. অসহ্য দুঃখকষ্ট ও যন্ত্রণাভোগ।

নরকযন্ত্রণা /নরোক্জন্ত্রোনা / [স. নরক+যন্ত্রণা] বি. নরকে যে কষ্ট ভোগ করতে হয়; অসহ্য যন্ত্রণা।

নরকস্থ /নরোকোস্থো / [স. নরক+√স্থা+অ] বিণ. নরকে নিক্ষিপ্ত।

নরকাগ্নি /নরোকাগ্নি / [স. নরক+অগ্নি] বি. দোজখ বা নরকের আগুন।

নরকান্তক /নরোকান্তক্/ [স. নরক+অন্তক] বি. শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত নরকাসুর।

নরকেশরী /নরোকেশোরি / [স. নর+কেশর+ইন্] বি. ১ নরসিংহ। ২ বীরপুরুষ। ৩ নরশ্রেষ্ঠ।

নরখাদক /নরোখাদোক্ / [স. নর+খাদক] বিণ. মানুষখেকো।

নরঘ্ন /নরোঘ্নো / [স. নর+√হন্+অ] বিণ. মানুষ হত্যাকারী, নরঘাতক।

নরনারায়ণ /নরোনারায়োন্/ [স. নর+নারায়ণ] বি. পৌরাণিক মতে অর্জুন ও কৃষ্ণরূপে জন্মগ্রহণকারী দুই ঋষি; নররূপী নারায়ণ, শ্রীকৃষ্ণ।

নরনারী /নরোনারি / [স. নর+নারী] বি. নর ও নারী; মানুষ।

নরপতি /নরোপোতি / [স. নর+পতি] বি. রাজা।

নরপশু /নরোপোশু/ [স. নর+পশু] বি. পশুর মতো নির্মম আচরণকারী মানুষ, নরাধম।

নরপিশাচ /নরোপিশাচ্/ [স. নর+পিশাচ] বি. পিশাচের মতো হিংস্র প্রবৃত্তিসম্পন্ন মানুষ।

নরপুঙ্গব /নরোপুঙ্গব্/ [স. নর+ পুঙ্গব] বি. নরশ্রেষ্ঠ, মানবশ্রেষ্ঠ।

নরবলি /নরোবোলি / [স. নর+√বল্+ই] বি. ধর্মের নামে নরহত্যা।

নরম /নরোম্/ [ফা.] বিণ. ১ কঠিন নয় এমন (*নরম খাবার*)। ২ মৃদু, স্নিগ্ধ। ৩ ধীর ও শান্ত (*নরম মেজাজ*)। ৪ কচি। ৫ কোমল। ৬ মচমচে নয় এমন (*নরম বিস্কুট*)। ৭ মন্দা (*বাজার নরম*)। ৮ অনুকূল।

নরমগরম /নরোম্গরোম্ / [ফা.] বিণ. কঠিন ও কোমল, মিঠেকড়া।

নরমপন্থি /নরোম্পোন্থি / [ফা. নরম+হি. পন্থি] বিণ. উদার মতাবলম্বী।

নরমাংস /নরোমাংশো / [স. নর+মাংস] বি. মানুষের মাংস, মহামাংস।

নরমাংসভোজী /নরোমাংশোভোজি/ [স. নরমাংস+√ভুজ্+ইন্] বিণ. মানুষখেকো, নরখাদক।

নরমালা /নরোমালা / [স. নর+মালা] বি. মানুষের মাথার খুলি দিয়ে গাঁথা মালা।

নরমুণ্ড /নরোমুন্ডো / [স. নর+√মুণ্ড্+অ] বি. মানুষের মাথা।

নরমে গরমে /নরোমে গরোমে/ ক্রিবিণ. কোমল ও কঠোরভাবে।

নরমেধ /নরোমেধ্ / [স. নর+মেধ] বি. ১ ধর্মের নামে নরহত্যা। ২ প্রাচীনকালে যে যজ্ঞে নরবলি দেওয়া হতো।

নরযান /নরোজান্ / [স. নর+যান] বি. মানুষবাহিত যান (ডুলি পালকি শিবিকা রিকশা প্রভৃতি)।

www.pathagar.com

নরলোক /নরোলোক্/ [স. নর+লোক] বি. পৃথিবী।

নরসমাজ /নরোসমাজ্/ [স. নর+সমাজ] বি. পরস্পর সহযোগিতার সঙ্গে বাসকারী মানবসঙ্ঘ।

নরসিংহ /নরোশিংহো/ [স. নর+সিংহ] বি. ১ নরশ্রেষ্ঠ। ২ মাথা থেকে কোমর পর্যন্ত মানুষ ও কোমর থেকে পা পর্যন্ত সিংহের আকৃতিবিশিষ্ট কল্পিত বিষ্ণুর অবতারবিশেষ।

নরসুন্দর /নরোশুন্দর্/ [স. নর+সুন্দর] বি. নাপিত।

নরহত্যা /নরোহোত্তা/ [স. নর+√হন্+য+আ (টাপ্)] বি. মানুষ হত্যা।

নরহরি /নরোহোরি/ [স. নর+হরি] বি. দ্র নরসিংহ।

নরাধম /নরাধম্/ [স. নর+অধম] বি. অতিশয় হীনপ্রকৃতির মানুষ।

নরাধিপ /নরাধিপো/ [স. নর+অধিপ] বি. রাজা।

নরান্তক /নরান্তক্/ [স. নর+অন্তক] বি. যম। বিণ. নরহত্যাকারী।

নরি /নোরি/ [স. লহরি >] বি. ১ পঙ্‌ক্তি, সারি; শ্রেণি। ২ লহরি (*সাতনরি হার*)।

নরুন /নোরুন্/ [স. নখহরণী >] বি. নখ কাটার অস্ত্রবিশেষ।

নরুনপেড়ে /নোরুন্‌পেড়ে/ [বা.] বিণ. নরুনের মতো সরু পাড়বিশিষ্ট।

নরেন্দ্র /নরেন্দ্রো/ [স. নর+ইন্দ্র] বি. ১ রাজা, নরপতি। ২ নরশ্রেষ্ঠ; নরপ্রধান।

নরেশ্বর /নরেশ্শর্/ [স. নর+ঈশ্বর] বি. দ্র নরেন্দ্র।

নরোত্তম /নরোত্তম্/ [স. নর+উত্তম] বি. ১ শ্রেষ্ঠ মানব। ২ নারায়ণ; শ্রীকৃষ্ণ। ৩ বৈষ্ণবসাধকবিশেষ।

নর্তক /নর্তক্/ [স. √নৃত্+অক] বি. নৃত্যশিল্পী, নৃত্য পরিবেশক। স্ত্রী. নর্তকী /নর্তোকি/।

নর্তন /নর্তোন্/ [স. √নৃত্+অন] বি. ১ নাচন। ২ জীবদেহের কোনো পেশির নিয়ন্ত্রণবহির্ভূত কম্পন।

নর্তনকুর্দন /নর্তোনকুর্দন্/ [স. নর্তন+√কুর্দ্+অন] বি. নাচানাচি; লাফালাফি।

নর্তিত /নোর্তিতো/ [স. √নর্তি+ত] বিণ. ১ নেচেছে বা নাচানো হয়েছে এমন। ২ আন্দোলিত।

নর্দমা /নর্দোমা/ [দেশি.] বি. জল নির্গমনের পথ, ড্রেন, পয়ঃপ্রণালি।

নর্ম /নর্মো/ [স. √নৃ+মন্] বি. ১ রঙ্গ; পরিহাস। ২ ক্রীড়া। ৩ বিহার (*নর্মসহচরী*), বিলাস।

নর্মগর্ভ /নর্মোগর্ভো/ [স. নর্মন্+√গৃ+ভ] বিণ. হাস্যপরিহাসপূর্ণ।

নর্মদা /নর্মোদা/ [স. নর্মন্+√দা+অ+আ (টাপ্)] বি. বিন্ধ্যপর্বত থেকে উৎপন্ন হয়ে পশ্চিম দিকে প্রবাহিত খরস্রোতা নদীবিশেষ, রেবা নদী।

নর্মসখী /নর্মোশোখি/ [স. নর্মন্+সখা+ঈ] বি. দ্র নর্মসহচরী।

নর্মসঙ্গিনী /নর্মোশোংগিনি/ [স. নর্ম+সঙ্গ+ইন্+ঈ] বি. দ্র নর্মসহচরী।

নর্মসচিব /নর্মোশোচিব্/ [স. নর্ম+সচিব] বি. ১ পারিষদ। ২ ক্রীড়াসঙ্গী। ৩ চাটুকার; বিদূষক।

নর্মসহচর /নর্মোশহোচর্/ [স. নর্ম+সহচর] বি. দ্র নর্মসচিব।

নর্মসহচরী /নর্মোসহোচোরি/ [স. নর্মসহচর+ইন্] বি. খেলার সাথি, লীলাসঙ্গিনী।

নল /নল্/ [স. √নল্+অ] বি. ১ সরু ফাঁপা দণ্ড, tube (*পানির নল*)। ২ শর, খাগড়া। ৩ জমি মাপার দণ্ডবিশেষ। ৪ ভীমতনয়া দময়ন্তীর স্বামী বিদর্ভরাজ। ৫ রামের অনুচর ও বানরদলপতি।

নলকূপ /নল্‌কুপ্/ [স. নল+কূপ] বি. ভূগর্ভে প্রবিষ্ট প্রান্তভাগে বহুছিদ্রবিশিষ্ট নলের সাহায্যে মাটির নিচে সঞ্চিত জল তোলার কলবিশেষ, টিপকল, জাঁতাকল, tubewell।

নলখাগড়া /নল্‌খাগড়া/ [স. নল+বা. খাগড়া] বি. জলাভূমিতে জাত নলের মতো লম্বা শরতৃণ।

নলচে /নোল্‌চে/ [ফা. নইচা >] বি. হুঁকোর যে দণ্ডের ওপর কলকে রাখা হয়।

নলা[১] /নলা/ [স. নল >] বিণ. নলবিশিষ্ট (*একনলা বন্দুক*)। বি. নলের মতো লম্বা ও সরু হাড়।

নলা[২] /নলা/ [বা.] বি. একবারে যে পরিমাণ ভাত মুখে দেওয়া হয়, গ্রাস, লোকমা (*এক নলা ভাত*)।

নলাকৃতি /নলাক্‌কৃতি/ [স. নল+আকৃতি] বিণ. নলের আকৃতিবিশিষ্ট, tubular।

নলি /নোলি/ [স. নল >] বি. ১ ছোটো নল। ২ ছোটো নলের মতো সরু অঙ্গ। ৩ কণ্ঠনালি। ৪ পশুপাখির সরু ও লম্বা নখ।

নলিকা /নোলিকা/ [স. নল+কন্+আ (টাপ্)] বি. ১ চোঙ; সরু নল। ২ নাড়ি।

নলিচা /নোলিচা/ [ফা. নইচা >] বি. দ্র নলচে।

নলিন /নোলিন্/ [স. √নল্+ইন্] বি. পদ্ম, কমল; পদ্মের ঝাড়।

নলিননয়ন /নোলিনোনয়োন্/ [স. নলিন+নয়ন] বি. পদ্মের মতো চোখ (*আহা, কে গো তুমি মলিন-বয়নে / আধোনিমীলিত নলিননয়নে* রবীন্দ্র.)।

নলিনাক্ষ /নোলিনাক্‌খো/ [স. নলিন+অক্ষি] বিণ. পদ্মের মতো চক্ষুবিশিষ্ট। বি. বিষ্ণু।

নলিনী /নোলিনি/ [স. নল+ইন্+ঈ] বি. পদ্ম, কমল।

www.pathagar.com

নলেন গুড় /নোলেন্ গুড়/ বি. খেজুরের নতুন রস জ্বাল দিয়ে তৈরি গুড় (*নলেন গুড়ের সন্দেশ*)।

ন শো /ন শো/ বি. ৯০০ সংখ্যা। বিণ. ৯০০ সংখ্যক।

নশ্বর /নশ্শর্/ [স. √নশ্+বর] বিণ. বিনাশশীল, অনিত্য। বি. নশ্বরতা /নশ্শরতা/।

নষ্ট /নশ্টো/ [স. √নশ্+ত] বিণ. ১ ধ্বংসপ্রাপ্ত (*নষ্ট-নীড়*)। ২ লুপ্ত (*নষ্টচেতন*)। ৩ অসৎ (*নষ্টচরিত্র*)। ৪ ব্যর্থ। ৫ ব্যবহারের অযোগ্য।

নষ্টচন্দ্র /নশ্টোচন্দ্রো/ [স. নষ্ট+চন্দ্র] বি. (দেখা অশুভ বলে কল্পিত) ভাদ্রমাসের শুক্ল ও কৃষ্ণ চতুর্থীর চাঁদ।

নষ্টচেতন /নশ্টোচেতন্/ [স. নষ্ট+চেতন] বিণ. অচেতন, সংজ্ঞাহীন।

নষ্টচেষ্ট /নশ্টোচেশ্টো/ [স. নষ্ট+√চেষ্ট্+অ] বিণ. ১ জড়; স্পন্দনহীন। ২ নিশ্চেষ্ট।

নষ্টমতি /নশ্টোমোতি/ [স. নষ্ট+√মন্+তি] বিণ. ১ দুষ্টবুদ্ধিসম্পন্ন। ২ কুস্বভাবযুক্ত।

নষ্টামি /নশ্টামি/ [স. নষ্ট >] বি. কুকর্ম; শঠতা; দুরভিসন্ধি।

নষ্টামো /নশ্টামো / [স. নষ্ট >] বি. 'নষ্টামি'-র কথ্য রূপ।

নষ্টোদ্ধার /নশ্টোদ্ধার্/ [স. নষ্ট+উদ্ধার] বি. ১ নষ্ট বস্তুর পুনর্গঠন। ২ হারানো জিনিস পুনরুদ্ধার।

নসিব /নোসিব্/ [আ.] বি. ভাগ্য, অদৃষ্ট (*বদনসিব*)।

নসিহত /নোসিহত্/ [আ.] বি. ১ ধর্মবিষয়ক উপদেশ। ২ সদুপদেশ।

নস্য[১] /নোশ্শো/ [স. নাসিকা+য] বি. ১ নেশার উদ্দেশ্যে নিশ্বাসের সঙ্গে নাক দিয়ে টেনে নেওয়া হয় এমন চিমটিপরিমাণ তামাকের গুঁড়ো। ২ (আল.) অতি অল্প পরিমাণ; অতি তুচ্ছ জিনিস (*এটা তার কাছে নস্য*)।

নস্য[২] /নোশ্শো/ [স. নাসিকা+য] বি. পশুর নাকের দড়ি।

নস্যদানি /নোশ্শোদানি / [স. নস্য+ফা. দানি] বি. নস্য রাখার জন্য ব্যবহৃত সহজে বহনযোগ্য ছোটো কৌটা ; নস্যাধার।

নস্যাৎ /নশ্শাত্/ [বা.] অব্য. লোপ ; বাতিল, নাকচ।

নস্যি /নোশ্শি/ [স. নস্য >] বি. নস্য[১]-এর কথ্য রূপ।

নহ /নহো / [বা.] ক্রি. নও, না হও (*নহ মাতা, নহ কন্যা, নহ বধূ, সুন্দরী রূপসী,* রবীন্দ্র.)।

নহবত /নহোবত্/ [আ.] বি. কোনো উৎসব উপলক্ষ্যে প্রহরে প্রহরে সানাই প্রভৃতির বৃন্দবাদন।

নহবতখানা /নহোবত্খানা / [আ. নহবত+ফা. খানা] বি. নহবত বাদনের মঞ্চ বা তোরণপ্রকোষ্ঠ।

নহর /নহোর্/ [আ.] বি. ক্ষীণ জলধারা, খাল, নালা।

নহলা /নহোলা / [হি.] বি. নয় ফোঁটাযুক্ত তাস।

নহি /নোহি / [হি.] ক্রি. না হই, নই।

নহিলে /নোহিলে / [বা.] অব্য. 'নইলে'-র সাধু রূপ।

নহে /নহে / [বা.] ক্রি. হয় না, নয় (*নহে নহে প্রিয়, এ নয় আঁখি-জল।* নজরুল.)।

নহেন /নহেন্ / [বা.] ক্রি. 'নন'-এর সাধু রূপ।

না[১] /না/ [স. ন >] অব্য. ১ ক্রিয়ার অঘটন বা নিষেধ (*এখন যেয়ো না*)। ২ অভাব (*না আছে বিদ্যা না আছে বুদ্ধি*)। ৩ অনুরোধ বা অনুজ্ঞা (*আমায় করতে দাও না*)। ৪ আধিক্য (*কত না ধন এ জগতে*)। ৫ প্রশ্ন বা সন্দেহ (*খাবে না?*)। ৬ বিকল্প (*কোনো না কোনো*)। ৭ বিনা (*না বুঝে কারে তুমি ভাসালে আঁখিজলে।* রবীন্দ্র.)।

না[২] /না/ অব্য. নঞর্থক বাংলা উপসর্গবিশেষ (*নাবালক*)।

না[৩] /না/ [আঞ্চ.] বি. নৌকা (*না নিয়ে গেল বোয়াল-মাছে*)।

নাই[১] /নাই্/ [বা.] অব্য. ১ নিষেধাজ্ঞা (*আজ নাই বা গেলে*)। ২ প্রশ্ন (*সে আসে নাই?*)। বিণ. ১ অনুচিত (*অমন কাজ করতে নাই*)। ২ দারিদ্র্যপীড়িত (*নাইঘরে খাঁই বেশি*)।

নাই[২] /নাই্/ [স. নাস্তি >] বি. অভাব (*ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী* রবীন্দ্র.)। বিণ. অস্তিত্বহীন (*নাই মামার চেয়ে কানা মামা ভালো*)।

নাই[৩] /নাই্/ [স. স্নেহ >] বি. আশকারা, প্রশ্রয় (*বেশি নাই দিলে মাথায় ওঠে*)।

নাই[৪] /নাই্/ [স. নাভি >] বি. নাভি।

নাই[৫] /নাই্/ [স. নাপিত >] বি. নাপিত।

নাই[৬] /নাই্/ [বা.] ক্রি. স্নান করি।

নাই-আঁকড়া /নাইআঁক্ড়া/ [বা.] বিণ. একগুঁয়ে, জেদি।

নাইট্রোজেন /নাইট্রোজেন্ / [ফ.] বি. বর্ণ ও গন্ধ-হীন অক্রিয় মৌলিক গ্যাসবিশেষ এবং বায়ুমণ্ডলের প্রধান উপাদান (৭৮%) যার পারমাণবিক সংখ্যা ৭, nitrogen।

নাইয়র /নাইয়র্/ [দেশি.] বি. বিবাহিত নারীর পিতৃগৃহ।

নাইয়া /নাইআ/ [স. নাবিক >] বি. নৌকার মাঝি।

নাইলন /নাইলন্/ [আবৈশ.] বি. কৃত্রিম ও হালকা তন্তুবিশেষ, nylon।

নাও[১] /নাও/ [ফা.] বি. নৌকা।

নাও[২] /নাও্/ [বা.] অনুক্রি. গ্রহণ করো, লহো, লও।

নাও[৩] /নাও্/ [স. স্নান >] অনুক্রি. স্নান করো।

www.pathagar.com

নাওন /নাওন্ / [স. স্নান >] বি. স্নান, গোসল।

নাওয়া /নাওআ/ [বা.] ক্রিবি. স্নান করা, গোসল করা। বি. স্নান (*নাওয়াখাওয়া*)।

নাওয়াখাওয়া /নাওআখাওআ/ [বা.] বি. স্নানাহার।

নাঃ /নাহ্/ [দেশি.] অব্য. ১ বিরক্তি বা অবজ্ঞাসূচক উক্তি। ২ সংকল্পের পরিবর্তনসূচক উক্তি।

নাক[১] /নাক্/ [দেশি.] বি. ১ শ্বাসপ্রশ্বাস ও গন্ধ আহরণের জন্য মুখমণ্ডলে অবস্থিত দুটি ছিদ্র-বিশিষ্ট প্রত্যঙ্গ, নাসা, নাসিকা, ঘ্রাণেন্দ্রিয়। ২ কোনো কিছুর ডগা বা অগ্রভাগ (*নাক বরাবর*)।

নাক[২] /নাক্/ [স. ন+অক] বি. ১ স্বর্গ। ২ আকাশ।

নাক উঁচানো /নাক্ উঁচানো/ ক্রিবি. অবজ্ঞা প্রদর্শন করা, উন্নাসিক ভাব বা ঘৃণা প্রকাশ করা।

নাকউঁচু /নাক্উঁচু/ [বা.] বিণ. অন্য বস্তু বা ব্যক্তিকে সহজে গ্রাহ্য করে না এমন।

নাককাটা /নাক্কাটা/ [বা.] বিণ. ১ নাক কাটা গেছে এমন। ২ (আল.) নির্লজ্জ (*নাককাটা রাজা*)।

নাককান কাটা /নাক্কান্ কাটা/ বিণ. বেহায়া, নির্লজ্জ। ক্রিবি. অপমানিত হওয়া।

নাককান মলা /নাককান মলা/ ক্রিবি. ১ নিজের অপরাধের প্রায়শ্চিত্তস্বরূপ নাককান ডলা। ২ (আল.) দ্বিতীয়বার একই ভুল বা অপরাধ না করার প্রতিজ্ঞা করা।

নাক গলানো /নাক্ গলানো/ ক্রিবি. অনধিকার চর্চা করা, অন্যের কাজে হস্তক্ষেপ করা।

নাকচ /নাকোচ্/ [আ.] বিণ. রহিত, রদ, বাতিল।

নাকছাবি /নাক্ছাবি/ [বা.] বি. নাকে পরার অলংকারবিশেষ।

নাক ঝাড়া /নাক্ ঝাড়া/ ক্রিবি. নাক পরিষ্কার করা।

নাক ঝামটা /নাক্ ঝাম্টা/ বি. তিরস্কার।

নাক টেপা /নাক্ টেপা/ ক্রিবি. ১ ঘৃণা প্রকাশ করা। ২ পূজা আহ্নিকের ভান করা।

নাক ডাকা /নাক্ ডাকা/ ক্রিবি. ঘুমন্ত অবস্থায় (কোমল তালুর পশ্চাদ্‌ভাগে শ্বাসবায়ু বাধাপ্রাপ্ত হওয়ার ফলে) শ্বাসপ্রশ্বাসকালে শব্দ করা।

নাক তোলা /নাক্ তোলা/ ক্রিবি. অবজ্ঞায় নাক কুঞ্চিত করা।

নাক ফোঁড়ানো /নাক্ ফোঁড়ানো/ ক্রিবি. অলংকার পরার জন্য নাক ছিদ্র করা।

নাক বরাবর /নাক্ বরাবর/ ক্রিবিণ. সোজা সামনের দিকে (*নাক বরাবর যাওয়া*)।

নাক বিঁধানো /নাক্ বিঁধানো/ ক্রিবি. দ্র নাক ফোঁড়ানো।

নাক মলা /নাক্ মলা/ ক্রিবি. একই অপরাধ আর না করার প্রতিজ্ঞা করা।

নাকসাট /নাক্শাট্/ [বা.] বি. নাসিকা গর্জন।

নাক সিঁটকানো /নাক্ শিঁট্কানো/ ক্রিবি. ঘৃণায় অবজ্ঞা প্রকাশ করা।

নাকা /নাকা/ [দেশি.] বিণ. উচ্চারণে নাসিক্যবর্ণের (ঙ ঞ ং) প্রভাববিশিষ্ট, নাকি সুরে কথা বলে এমন, অনুনাসিক, নাকি, খোনা।

নাকাড়া /নাকাড়া/ [আ.] বি. বাঁয়াসদৃশ মাটির তৈরি ঢাকজাতীয় আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ, নাগারা।

নাকানিচুবানি /নাকানিচুবানি/ [বা.] বি. ১ জলে ডোবার ফলে নাকে মুখে জল প্রবেশ। ২ (আল.) অত্যন্ত নাজেহাল অবস্থা।

নাকাল /নাকাল্/ [আ.] বিণ. ১ ক্লান্ত, শ্রান্ত। ২ জব্দ। ৩ বিব্রত। বি. নিগ্রহ; নাকানিচুবানি।

নাকি[১] /নাকি/ [বা.] অব্য. অনুমান সন্দেহ প্রশ্ন প্রভৃতি ভাবপ্রকাশক (*তুমি যাবে নাকি*)।

নাকি[২] /নাকি/ [বা.] বিণ. নাকের সাহায্যে উচ্চারিত, অনুনাসিক, খোনা।

নাকিকান্না /নাকিকান্না/ [বা.] বি. ১ নাকি সুরে কান্না। ২ মায়াকান্না, কৃত্রিম কান্না।

নাকু /নাকু/ [বা.] বিণ. ১ উন্নতনাসিক। ২ নাকি সুরে কথা বলে এমন, অনুনাসিক। বি. উন্নত নাসিকা।

নাকুয়া /নাকুআ/ [বা.] বিণ. বি. দ্র নাকু।

নাকে কাঁদা /নাকে কাঁদা/ ক্রিবি. নাকি সুরে কাঁদা।

নাকে কান্না /নাকে কান্না/ বি. ১ নাকি সুরে কান্না। ২ মায়াকান্না।

নাকে খত /নাকে খত্/ বি. মাটিতে নাক ঘষে নিজের ভুল বা অপরাধের প্রায়শ্চিত্ত।

নাকেমুখে গোঁজা /নাকেমুখে গোঁজা/ ক্রিবি. তাড়াহুড়ো করে খাওয়া।

নাকো /নাকো/ [বা.] অব্য. না, নহে; নয়তো (*আজ যেয়ো নাকো*)।

নাক্ষত্র /নাক্খোত্ত্রো/ [স. নক্ষত্র+অ] বিণ. ১ নক্ষত্রবিষয়ক। ২ নক্ষত্রের অবস্থানদ্বারা নির্ণীত।

নাক্ষত্র বৎসর /নাক্খোত্ত্রো বত্শর/ বি. সৌর-মণ্ডলের বাইরে কোনো নির্দিষ্ট বিন্দু থেকে দৃষ্ট পৃথিবীর সূর্য পরিক্রমণের সময় (সৌরবর্ষের চেয়ে প্রায় ২০ মিনিট ২৩ সেকেন্ড দীর্ঘতর), sidereal year।

নাক্ষত্রিক /নাক্খোত্ত্রিক্/ [স. নক্ষত্র+ইক] বিণ. দ্র নাক্ষত্র।

নাখোদা /নাখোদা/ [ফা.] বি. ১ জাহাজের কর্ণধার। ২ জাহাজে পণ্য সরবরাহকারী ব্যক্তি; জাহাজ-যোগে আমদানি-রপ্তানিকারক। ৩ মুম্বাই অঞ্চলের মুসলিম ধর্মসম্প্রদায়বিশেষ।

www.pathagar.com

নাখোশ /নাখোশ্/ [ফা.] বিণ. অসন্তুষ্ট, অপ্রসন্ন; রুষ্ট।

নাগ /নাগ্/ [স. √নগ্+অ] বি. ১ যার জিভ চেরা, সাপ। ২ নাগকেশর বৃক্ষ। ৩ হাতি। ৪ সিঁদুর। ৫ পদবিবিশেষ।

নাগকেশর /নাগ্‌কেশর্/ [স. নাগ+কেশর] বি. ক্রান্তীয় অঞ্চলের শুকনো আবহাওয়ায় জাত এবং গ্রীষ্মের শুরুতে গুচ্ছাকারে ফোটে এমন গোলাপি বা সাদা বর্ণের চারটি পাপড়িবিশিষ্ট ও অসংখ্য হলুদ পুংকেশরশোভিত ছোটো সুগন্ধ ফুল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. ভারতীয় উপমহাদেশ), নাগপুষ্প।

নাগগর্ভ /নাগ্‌গর্ভো/ [স. নাগ+গর্ভ] বি. সিঁদুর।

নাগদন্ত /নাগ্‌দন্তো/ [স. নাগ+দন্ত] বি. ১ হাতির দাঁত। ২ জামাকাপড় ঝুলিয়ে রাখার জন্য দেওয়ালে লাগানো আংটা; কাঠের আলনা।

নাগদ্বীপ /নাগ্‌দিপ্/ [স. নাগ+দ্বীপ] বি. শ্রীলংকার উপকূলবর্তী ছোটো দ্বীপ যার বর্তমান নাম জাফনা।

নাগপঞ্চমী /নাগ্‌পন্‌চোমি/ [স. নাগ+পঞ্চমী] বি. আষাঢ়মাসের কৃষ্ণপঞ্চমী তিথি অথবা শ্রাবণমাসের শুক্লপঞ্চমী তিথি (সর্পদেবী মনসার পূজার তিথি)।

নাগপাশ /নাগ্‌পাশ্/ [স. নাগ+পাশ] বি. ১ পৌরাণিক মতে যে অস্ত্র নিক্ষেপ করলে সাপ শত্রুকে আড়াই প্যাঁচে বেষ্টন করে ফেলে। ২ (আল.) অত্যন্ত শক্ত বাঁধন, যে বাঁধন থেকে মুক্তি পাওয়া কঠিন।

নাগপুষ্প /নাগ্‌পুশ্‌পো/ [স. নাগ+পুষ্প] বি. দ্র নাগকেশর।

নাগফণা /নাগ্‌ফনা/ [স. নাগ+ফণা] বি. দ্র নাগফণী।

নাগফণী /নাগ্‌ফোনি/ [স. নাগ+ফণী] বি. মরুঅঞ্চলে জাত লাল গোলাপি প্রভৃতি বর্ণের ফুল বা তার সাপের ফণাসদৃশ তীক্ষ্ণ কাঁটাওয়ালা কান্ডবিশিষ্ট দীর্ঘজীবী গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. উত্তর আমেরিকা), ঝাঁপিগাছ, ফণীমনসা, ফণিজা।

নাগবল্লরি /নাগ্‌বল্‌লোরি/ [স. নাগ+বল্লরি] বি. দ্র নাগলতা।

নাগবল্লি /নাগ্‌বোল্‌লি/ [স. নাগ+বল্লি] বি. দ্র নাগলতা।

নাগমাতা /নাগ্‌মাতা/ [স. নাগ+মাতা] বি. ১ মনসাদেবী। ২ দক্ষকন্যা কদ্রু। ৩ মনঃশিলা।

নাগর /নাগোর্/ [স. নগর+অ] বিণ. ১ নগরসংক্রান্ত; নগরজাত। ২ নগরে বসবাসকারী। বি. (বাংলায়) প্রণয়ী।

নাগরক /নাগোরক্/ [স. নগর+অক] বিণ. নগরে বসবাসকারী। বি. ১ নগররক্ষক; কোটাল। ২ শিল্পী। ৩ চোর।

নাগরঙ্গা /নাগোরংগো/ [স. নাগ+রঙ্গ] বি. উপক্রান্তীয় বা নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত উজ্জ্বল লালচে হলুদ বর্ণের গোলাকার (ওপরে ও নিচে কিঞ্চিৎ চাপা) টকমিষ্ট স্বাদযুক্ত লেবুজাতীয় ফল বা তার বহুবর্ষজীবী চিরহরিৎ বৃক্ষ, কমলা।

নাগরদোলা /নাগোর্‌দোলা/ [স. নাগর+বা. দোলা] বি. একত্রে একাধিক ব্যক্তি ওপর থেকে নিচে চক্রাকারে ঘুরপাক খেতে পারে এমন দোলনা।

নাগরপনা /নাগোরপনা/ [স. নাগর+বা. পনা] বি. ১ লাম্পট্য। ২ চাতুরী। ৩ রসিকতা।

নাগরভূপ /নাগোরভুপ্/ [স. নাগর+ভূপ] বি. নাগরচূড়ামণি; নাগরপ্রধান।

নাগরা /নাগ্‌রা/ [দেশি.] বি. ১ চামড়ার তৈরি নকশাদার পাদুকাবিশেষ। ২ শালিধানবিশেষ।

নাগরাজ /নাগ্‌রাজ্/ [স. নাগ+রাজন্] বি. ১ সর্পরাজ বাসুকি। ২ হাতি।

নাগরালি /নাগোরালি/ [স. নাগর+বা. আলি] বি. ১ নাগর বা প্রণয়ীর ভাব। ২ রসিকতা। ৩ লাম্পট্য।

নাগরি /নাগোরি/ [দেশি.] বি. মাটির কলস, ভাঁড়।

নাগরিক /নাগোরিক্/ [স. নগর+ইক] বি. ১ জন্মগতসূত্র বা আইনসংগতভাবে বিশেষ কোনো দেশ বা রাষ্ট্রের অধিবাসী। ২ নগরের অধিবাসী। বিণ. ১ নগরবিষয়ক। ২ নগরে জাত। ৩ শহরবাসী।

নাগরিকতা /নাগোরিকতা/ [স. নাগরিক+তা] বি. জন্মগতসূত্র বা আইনসংগতভাবে বিশেষ কোনো দেশ বা রাষ্ট্রে স্থায়ী বসবাসের অধিকার; (পরি.) citizenship।

নাগরিকত্ব /নাগোরিকত্তো/ [স. নাগরিক+ত্ব] বি. দ্র নাগরিকতা।

নাগরী /নাগোরি/ [বা.] বি. ১ দেবনাগরী অক্ষর। ২ প্রণয়িনী।

নাগলতা /নাগ্‌লতা/ [স. নাগ+লতা] বি. ভারতীয় উপমহাদেশের আর্দ্র অঞ্চলে ছায়াঢাকা মাচায় চাষ করা হয় এবং ভাঁজ করলে ভেঙে যায় এমন ডাঁটাবিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির চিরহরিৎ লতানে উদ্ভিদের ঝাঁজালো পাতা (আনি. ভারত চীন ও মালয়েশিয়া), পান, তাম্বূললতা, নাগবল্লরী।

নাগলোক /নাগ্‌লোক্/ [স. নাগ+লোক] বি. পাতাল।

নাগা /নাগা/ [স. নগ্নক >] বি. ১ পূর্বভারতের পাহাড়ি জাতিবিশেষ। ২ পূর্বভারতের অসম রাজ্যের পর্বতবিশেষ। ৩ সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ।

নাগাড় /নাগাড়্/ [বা.] বিণ. অবিরাম, একটানা, ক্রমাগত। বি. ক্রম।

www.pathagar.com

নাগাড়ে /নাগাড়ে/ [বা.] ক্রিবিণ. ক্রমাগতভাবে (*একনাগাড়ে বৃষ্টি*)।

নাগাদ /নাগাদ্/ [আ. লাগায়েত >] অব্য. ১ অবধি, পর্যন্ত। ২ আনুমানিক (*দশটা নাগাদ*)।

নাগাধিপ /নাগাধিপ্/ [স. নাগ+অধিপ] বি. ১ নাগরাজ। ২ হাতি।

নাগাধিপতি /নাগাধিপোতি/ [স. নাগ+অধিপতি] বি. দ্র নাগাধিপ।

নাগান্তক /নাগান্তক্/ [স. নাগ+অন্তক] বি. ১ সর্পভুক, গরুড়। ২ ময়ূর। ৩ (হাতিকে হনন করতে পারে বলে) সিংহ।

নাগারা /নাগারা/ [আ.] বি. দ্র নাকাড়া।

নাগাল /নাগাল্/ [বা.] বি. সামীপ্য, সংস্পর্শ, নৈকট্য।

নাগিনি /নাগিনি/ [স. নাগী >] বি. সর্পিণী।

নাগী /নাগি/ [স. নাগ+ঈ] বি. দ্র নাগিনি।

নাগেন্দ্র /নাগেন্দ্রো/ [স. নাগ+ইন্দ্র] বি. ১ নাগশ্রেষ্ঠ, সর্পরাজ বাসুকি, অনন্তনাগ। ২ হাতি।

নাগেশ /নাগেশ্/ [স. নাগ+ঈশ] বি. ১ সর্পরাজ বাসুকি। ২ শিবলিঙ্গবিশেষ। ৩ সংস্কৃত ব্যাকরণের টীকাকার। ৪ তীর্থক্ষেত্রবিশেষ।

নাগেশ্বর /নাগেশ্শর্/ [স. নাগ+ঈশ্বর] বি. ভারতীয় উপমহাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত এবং বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন চারটি সাদা পাপড়ি ও সোনালি পুংকেশরশোভিত সুগন্ধ ফুল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ।

নাঙ্গা /নাংগা/ [স. নগ্ন >] বিণ. নগ্ন। বি. নগ্ন সন্ন্যাসী সম্প্রদায়বিশেষ।

নাচ /নাচ্/ [স. নৃত্য >] বি. ১ ছন্দের তালে তালে ললিত অঙ্গভঙ্গিদ্বারা ভাব প্রকাশ, নর্তন, নৃত্য। ২ (আল.) লাফালাফি।

নাচগান /নাচ্গান্/ [বা.] বি. নৃত্য এবং গীতবাদ্য।

নাচঘর /নাচ্ঘর্/ [বা.] বি. যে গৃহে নৃত্য পরিবেশন করা হয়, জলসাঘর।

নাচন /নাচোন্/ [স. নৃত্য >] বি. দ্র নাচ।

নাচা /নাচা/ [স. নৃত্য >] ক্রিবি. ১ নৃত্য পরিবেশন করা। ২ মেতে ওঠা; আনন্দে উল্লসিত হওয়া।

নাচাকোঁদা /নাচাকোঁদা/ [বা.] ক্রিবি. উচ্ছ্বসিত হয়ে অস্বাভাবিক অঙ্গভঙ্গি করা; লাফালাফি করা।

নাচানাচি /নাচানাচি/ [বা.] বি. ১ নৃত্যসহকারে আনন্দ প্রকাশ। ২ মাত্রাতিরিক্ত আগ্রহ প্রদর্শন।

নাচানো /নাচানো/ [বা.] ক্রিবি. ১ নৃত্য করানো। ২ স্পন্দিত করা বা মাতিয়ে তোলা।

নাচার /নাচার্/ [ফা.] বিণ. ১ সহায়হীন। ২ অক্ষম।

নাচি[১] /নাচি/ [বা.] ক্রি. নৃত্য করি (*মোরা নাচি ফুলে-ফুলে দুলে দুলে,* অতুল.)।

নাচি[২] /নাচি/ [দেশি.] বি. ধাতব পাত জোড়া দেওয়ার জন্য ব্যবহৃত ধাতুনির্মিত শলাকাবিশেষ (একটির ওপর আরেকটি পাত রাখার পর ছিদ্র করে ঢোকানো যে শলাকার মুখ পিটিয়ে চ্যাপটা করে দেওয়া হয়), রিপিট, rivet।

নাচিয়ে /নাচিয়ে/ [বা.] বি. নৃত্যশিল্পী, নর্তক।

নাচুনি /নাচুনি/ [বা.] বি. নর্তকী। বিণ. নাচের ভঙ্গিযুক্ত।

নাছ /নাছ্/ [দেশি.] বিণ. বাড়ির পেছন দিকের (*নাছ দুয়ার*)। বি. বহির্দ্বার।

নাছোড় /নাছোড়্/ [বা.] বিণ. কিছুতেই ছাড়তে চায় না এমন, একগুঁয়ে।

নাছোড়বান্দা /নাছোড়্বান্দা/ [বা. নাছোড়+ফা. বান্দা] বি. সহজে ছাড়তে চায় না এমন লোক।

না জানি /না জানি/ অব্য. নাহি জানি; বোধহয়।

না-জায়েজ /নাজায়েজ্/ [ফা. না+আ. জায়েজ] বিণ. ১ অনুমোদিত নয় এমন; শাস্ত্রবিরুদ্ধ। ২ অবৈধ।

নাজিনা /নাজিনা/ [স. শোভাঞ্জন >] বি. শজনে-জাতীয় সবজিবিশেষ।

নাজিম /নাজিম্/ [আ.] বি. মোগল আমলের প্রাদেশিক শাসনকর্তা।

নাজির /নাজির্/ [আ.] বি. আদালতের করণিক।

নাজিল /নাজিল্/ [আ.] বি. আবির্ভাব; অবতরণ। বিণ. ১ অবতীর্ণ (*ওহি নাজিল হওয়া*)। ২ প্রকাশিত। ৩ উন্মুক্ত।

নাজুক /নাজুক্/ [ফা.] বিণ. ১ আঘাত সহ্য করতে পারে না এমন, দুর্বল। ২ সংবেদনশীল, স্পর্শকাতর (*নাজুক পরিস্থিতি*), sensitive। ৩ কোমল, পেলব। ৪ লাজুক।

নাজেহাল /নাজেহাল্/ [ফা. নাজুক >] বিণ. ১ নাস্তানাবুদ (*নাজেহাল অবস্থা*)। ২ বিপন্ন।

নাট /নাট্/ [সং. √নট্+অ] বি. ১ নাচ। ২ অভিনয়; লীলা। ৩ কৌতুক। ৪ রঙ্গমঞ্চ।

নাটক /নাটক্/ [স. √নট্+অক] বি. ১ সংলাপের আকারে রচিত এবং অভিনয়ের উপযোগী দৃশ্য-কাব্য। ২ ছলনাপূর্ণ অভিনয়।

নাটকীয় /নাটোকিয়ো/ [স. নাটক+ঈয়] বিণ. ১ নাটক-সম্পর্কিত; নাটকসুলভ। ২ কৃত্রিম। ৩ আকস্মিক।

নাটকীয়তা /নাটোকিয়োতা/ [স. নাটকীয়+তা] বি. চমক লাগায় এমন আচরণ; কৃত্রিম আচরণ।

নাটমন্দির /নাট্মোন্দির্/ [স. নাট+মন্দির] বি. দেব-

www.pathagar.com

মন্দিরসংলগ্ন যে গৃহে নৃত্যগীত পরিবেশিত হয়।

নাটাই /নাটাই/ [দেশি.] বি. তাঁত বোনার বা ঘুড়ির সুতো জড়ানোর চরকি, লাটাই।

নাটিকা /নাটিকা/ [স. নাটক+আ (টাপ্)] বি. স্বল্প-দৈর্ঘ্য নাটক, ছোটো নাটক।

নাটুকে /নাটুকে/ [স. নাটক >] বিণ. ১ নাটক-সম্পর্কিত। ২ নাটকসুলভ, নাটকীয়। ৩ নাট্যকার।

নাটুকেপনা /নাটুকেপনা/ [বা.] বি. অভিনেতাসুলভ কৃত্রিম ভাবভঙ্গি।

নাটুয়া /নাটুআ/ [বা.] বি. ১ নর্তক। ২ অভিনেতা।

নাটের গুরু /নাটের গুরু/ বি. ১ অভিনয়ের শিক্ষা-গুরু। ২ (আল.) প্ররোচনাকারী; অকল্যাণের মূল।

নাট্য /নাট্টো/ [স. নট+য] বি. দ্র নাটক।

নাট্যকলা /নাট্টোকলা/ [স. নাট্য+কলা] বি. নাচ গান বাজনা প্রভৃতি অভিনয়কলা।

নাট্যকাব্য /নাট্টোকাব্বো/ [স. নাট্য+কাব্য] বি. নাটকের আঙ্গিকে রচিত কাব্য।

নাট্যকার /নাট্টোকার/ [স. নাট্য+কার] বি. নাটকের রচয়িতা।

নাট্যগুণ /নাট্টোগুন্/ [স. নাট্য+গুণ] বি. নাটকের বৈশিষ্ট্য।

নাট্যগুরু /নাট্টোগুরু/ [স. নাট্য+গুরু] বি. অভিনয়ের শিক্ষাগুরু।

নাট্যগৃহ /নাট্টোগৃহো/ [স. নাট্য+গৃহ] বি. দ্র নাট্যশালা।

নাট্যজন /নাট্টোজন/ [স. নাট্য+জন] বি. নাটক রচনা অভিনয় উপস্থাপন প্রভৃতির সঙ্গে যুক্ত ব্যক্তি, নাট্যব্যক্তিত্ব।

নাট্যবেত্তা /নাট্টোবেত্তা/ [স. নাট্য+বেত্তা] বিণ. নাটক বিষয়ে পান্ডিত্য আছে এমন।

নাট্যমঞ্চ /নাট্টোমন্চো/ [স. নাট+মঞ্চ] বি. দ্র নাট্যশালা।

নাট্যমন্দির /নাট্টোমোন্দির/ [স. নাট্য+মন্দির] বি. দ্র নাট্যশালা।

নাট্যরূপ /নাট্টোরুপ/ [স. নাট্য+রূপ] বি. কোনো কাহিনিকে অভিনয়যোগ্য করার জন্য নাটকের আঙ্গিকে সংলাপ রচনা ও চরিত্র রূপায়ণ।

নাট্যশালা /নাট্টোশালা/ [স. নাট্য+শালা] বি. রঙ্গমঞ্চ, রঙ্গালয়, থিয়েটার; প্রেক্ষাগৃহ।

নাট্যশাস্ত্র /নাট্টোশাস্ত্রো/ [স. নাট্য+শাস্ত্র] বি. নাটক রচনা মঞ্চায়ন ও অভিনয়বিষয়ক শাস্ত্র।

নাট্যশিল্পী /নাট্টোশিল্পি/ [স. নাট্য+শিল্পী] বি. নাটকের অভিনেতা বা অভিনেত্রী।

নাট্যাচার্য /নাট্টাচার্জো/ [স. নাট্য+আচার্য] বি. নাটক ও অভিনয়ের শিক্ষাগুরু।

নাট্যানুষ্ঠান /নাট্টানুশ্ঠান্/ [স. নাট্য+অনুষ্ঠান] বি. নাটকের অনুষ্ঠান।

নাট্যাভিনয় /নাট্টাভিনয়/ [স. নাট্য+অভিনয়] বি. নাটকের অভিনয়।

নাট্যামোদী /নাট্টামোদি/ বি. [স. নাট্য+আমোদী] বিণ. নাটক পছন্দ করে এমন, নাটকপ্রিয়।

নাট্যোৎসব /নাট্টোত্শব/ [স. নাট্য+উৎসব] বি. বিবিধ নাটক মঞ্চায়ন ও তদ্‌বিষয়ে মতবিনিময়রূপ উৎসব।

নাড়া[১] /নাড়া/ [বা.] ক্রিবি. ১ আন্দোলিত করা (*হাত নাড়া*); ঝাঁকানো। ২ এলোমেলো করা (*কাগজপত্র নাড়া*)।

নাড়া[২] /নাড়া/ [স. নাল >] বি. ধান কাটার পর ধানগাছের মূল-সহ যে অংশ খেতে পড়ে থাকে।

নাড়াচাড়া /নাড়াচাড়া/ [বা.] বি. ১ এক জায়গা থেকে অন্য জায়গায় স্থানান্তরণ। ২ কোনো বিষয়ে ভাবনাচিন্তা, চর্চা, ঘাঁটাঘাঁটি (*বইপত্র নাড়াচাড়া*)।

নাড়ানাড়ি /নাড়ানাড়ি/ [বা.] বি. ক্রমাগত স্থানচ্যুতি, সঞ্চালন।

নাড়ানো /নাড়ানো/ [বা.] ক্রিবি. আন্দোলিত করা; দোলানো (*রুমাল নাড়ানো*)।

নাড়া বাঁধা /নাড়া বাঁধা/ ক্রিবি. (সংগীতশিক্ষায়) গুরুর শিষ্যত্ব গ্রহণ করা।

নাড়ি[১] /নাড়ি/ [স. √নড়্+ই] বি. ১ ধমনি। ২ শিরা। ৩ সদ্যোজাত শিশুর নাভির সঙ্গে যুক্ত গর্ভনাড়ি।

নাড়ি[২] /নাড়ি/ [স. √নড়্+ই] বি. ১ আয়ুর্বেদশাস্ত্রমতে মানবদেহের তিনটি অবস্থাসূচক অস্ত্র (বাত পিত্ত ও কফ)। ২ তন্ত্রশাস্ত্রমতে ইড়া পিঙ্গলা সুষুম্না (যে তিনটি পথে প্রাণবায়ু প্রবাহিত হয়)।

নাড়ি কাটা /নাড়ি কাটা/ [স. নাড়ি+বা. কাটা] ক্রিবি. সদ্যোজাত শিশুর গর্ভনাড়ি ছিন্ন করা।

নাড়িছেঁড়া ধন /নাড়িছেঁড়া ধন/ বি. গর্ভজাত সন্তান।

নাড়িজ্ঞান /নাড়িগ্‌গ্যান্/ [স. নাড়ি+জ্ঞান] বি. ১ নাড়ির স্পন্দন অনুভব করে রোগনির্ণয়ের বিদ্যা। ২ (আল.) কোনো বিষয়ে পরিপূর্ণ জ্ঞান।

নাড়িটেপা /নাড়িটেপা/ [স. নাড়ি+হি. টেপা] বিণ. কেবল রোগীর নাড়ি টিপে অভ্যস্ত কিন্তু রোগ-নির্ণয়ে অক্ষম, হাতুড়ে।

নাড়িটেপা ডাক্তার /নাড়িটেপা ডাক্তার/ বি. হাতুড়ে চিকিৎসক।

নাড়িনক্ষত্র /নাড়িনোক্‌খোত্রো/ [স. নাড়ি+নক্ষত্র] বি.

www.pathagar.com

১ জন্মনক্ষত্র। ২ (আল.) আদ্যপ্রান্ত সকল তথ্য।

নাড়িভুঁড়ি /নাড়িভুঁড়ি/ [স. নাড়ি+দেশি. ভুঁড়ি] বি. জীবদেহের অভ্যন্তরস্থ অন্ত্রাদি।

নাড়ি মরা[১] /নাড়ি মরা/ ক্রিবি. দীর্ঘদিন ক্রমাগত অপ্রতুল আহারের ফলে ক্ষুধা লোপ পাওয়া।

নাড়িমরা[২] /নাড়িমরা/ [বা.] বিণ. আহারের ক্ষমতা লোপ পেয়েছে এমন; অল্পাহারী।

নাড়ির টান /নাড়ির্ টান্/ বি. রক্তের সম্পর্কজনিত ভালোবাসা।

নাড়ু /নাড়ু/ [স. লড্ডুক >] বি. মুড়ি চিড়া তিল নারকেল গুড় প্রভৃতি সহযোগে প্রস্তুত গোলাকার মিঠাই, লাড়ু, লাড্ডু।

নাড়ুগোপাল /নাড়ুগোপাল্/ [বা.] বি. ১ নাড়ু হাতে শিশু কৃষ্ণ। ২ হৃষ্টপুষ্ট শিশু। ৩ (আল.) আদুরে ছেলে।

নাত[১] /না:ত্/ [আ.] বি. ১ নবির প্রশস্তিসূচক গান (*নাত-এ রসুল*)। ২ প্রশস্তি।

নাত[২] /নাত্/ [বা.] বি. পৌত্র; দৌহিত্র; নাতি।

নাতজামাই /নাত্জামাই/ [বা.] বি. নাতনি বা পৌত্রীর স্বামী।

নাতনি /নাত্নি/ [বা.] বি. ১ পুত্র বা পুত্রস্থানীয়ের কন্যা, পৌত্রী। ২ কন্যা বা কন্যাস্থানীয়ার কন্যা, দৌহিত্রী।

নাতবউ /নাত্বৌ/ [বা.] বি. নাতির পত্নী।

নাতি[১] /নাতি/ [স. নপ্তৃক >] বি. ১ পুত্রের বা পুত্রস্থানীয়ের পুত্র, পৌত্র। ২ কন্যার বা কন্যা-স্থানীয়ার পুত্র, দৌহিত্র।

নাতি[২] /নাতি/ [স. ন+অতি] বিণ. বেশি নয় এমন, অল্প, অনধিক (*নাতিদীর্ঘ পথ*)।

নাতিজামাই /নাতিজামাই/ [বা.] বি. দ্র নাতজামাই।

নাতিতীক্ষ্ণ /নাতিতিখ্নো/ [স. নাতি+তীক্ষ্ণ] বিণ. বেশি ধারালো নয় এমন।

নাতিদীর্ঘ /নাতিদির্ঘো/ [স. নাতি+দীর্ঘ] বিণ. খুব দীর্ঘ বা লম্বা নয় এমন।

নাতিবউ /নাতিবৌড়্/ [বা.] বি. দ্র নাতবউ।

নাতিশীতোষ্ণ /নাতিশিতোশ্নো/ [স. নাতি+শীত+উষ্ণ] বিণ. ঠান্ডা বা গরম কোনোটাই বেশি নয় এমন (*নাতিশীতোষ্ণ অঞ্চল*), temperate।

নাতিশীতোষ্ণমণ্ডল /নাতিশিতোশ্নোমনডোল্/ [স. নাতিশীতোষ্ণ+মণ্ডল] বি. হিমমণ্ডল এবং গ্রীষ্ম-মণ্ডলের মধ্যবর্তী অঞ্চল, temperate zone।

নাৎসি /নাত্সি/ [জ.] বি. ১৯২১ সালে অ্যাডল্ফ হিটলারের নেতৃত্বে উগ্র বর্ণবাদের আদর্শে গঠিত জর্মন জাতীয় সমাজতান্ত্রিক দলের সদস্য (১৯৪৫ সালে নিষিদ্ধ ঘোষিত)।

নাথ /নাথ্/ [স. √নাথ্+অ] বি. ১ স্বামী; প্রভু; পালনকর্তা। ২ সম্প্রদায়বিশেষ। ৩ পদবিবিশেষ।

নাথবতী /নাথোবোতি/ [স. নাথ+বৎ+ঈ] বিণ. স্বামী জীবিত আছে এমন, সধবা।

নাদ[১] /নাদ্/ [স. √নদ্+অ] বি. ১ শব্দ (*উচ্চনাদ*)। ২ গর্জন (*বজ্রনাদ*)।

নাদ[২] /নাদ্/ [দেশি.] বি. গোরু মহিষ প্রভৃতি পশুর মল।

নাদন /নাদোন্/ [দেশি.] বি. ১ মোটা লাঠি বা খুঁটি। ২ মোটা লাঠি দিয়ে প্রহার।

নাদবিন্দু /নাদোবিন্দু/ [স. নাদ+বিন্দু] বি. চন্দ্রবিন্দু।

নাদা[১] /নাদা/ [স. নাদ >] ক্রিবি. ১ গর্জন করা। ২ ভীষণ জোরে শব্দ করা।

নাদা[২] /নাদা/ [দেশি.] ক্রিবি. গোরু মহিষ প্রভৃতি পশুর মলত্যাগ করা।

নাদা[৩] /নাদা/ [স. নন্দা >] বি. মাটির তৈরি পেটমোটা বৃহদাকার বড়ো পাত্র, জালা।

নাদান /নাদান্/ [ফা.] বিণ. বোকা, নির্বোধ।

নাদাপেটা /নাদাপেটা/ [বা.] বিণ. নাদা বা জালার মতো পেটমোটা এমন।

নাদি /নাদি/ [হি.] বি. ছাগল ভেড়া ইঁদুর প্রভৃতি ছোটো প্রাণীর মল।

নাদিত /নাদিতো/ [স. √নাদি+ত] বিণ. ধ্বনিত।

নাদী /নাদি/ [স. √নদ্+ইন] বিণ. গর্জন করে এমন।

নাদুসনুদুস /নাদুশ্নুদুশ্/ [দেশি.] বিণ. হৃষ্টপুষ্ট।

নাদেয় /নাদেয়ো/ [স. নদী+এয়] বিণ. ১ নদী থেকে উৎপন্ন। ২ নদীবিষয়ক। বি. নদীর জল।

নাদ্য /নাদ্দো/ [স. নদ+য] বিণ. দ্র নাদেয়।

নান /নান্/ [হি.] বি. তন্দুরে সেঁকা আটা বা ময়দার তৈরি পুরু ও নরম রুটিবিশেষ।

নানক /নানক্/ [ব্যক্তি.] বি. শিখধর্মের প্রবর্তক।

নানকপন্থি /নানক্পোন্থি/ [ব্যক্তি. নানক >] বিণ. শিখ ধর্মগুরু নানক-প্রবর্তিত ধর্মের অনুসারী।

নানকর /নানকর্/ [ফা.] বি. জমিদারের যে পরিচারক খোরপোশ বাবদ নিষ্কর জমি ভোগ করে।

নানা[১] /নানা/ [হি.] বি. মায়ের বাবা, মাতামহ, দাদু।

নানা[২] /নানা/ [স. না+না (স্বার্থে)] বিণ. বহু, বিবিধ, বহুবিধ (*নানা রকম*)।

নানান /নানান্/ [স. নানা >] বিণ. অনেক রকমের, বহুবিধ (*নানান দেশের নানান ভাষা। / বিনা স্বদেশীয় ভাষা, পুরে কি আশা?* রামনিধি.)।

নানানরকম /নানান্রকোম্/ [বা. নানান+আ. রকম] বিণ. বিভিন্ন ধরনের।

www.pathagar.com

নানার্থ /নানার্থো / [স. নানা+অর্থ] বি. বিবিধ অর্থ। বিণ. বিভিন্ন ধরনের অর্থবিশিষ্ট, ভিন্নার্থক।

নানি /নানি / [হি.] বি. মায়ের মা, মাতামহী।

নান্দনিক /নান্‌দোনিক্‌/ [স. নন্দন+ইক] বিণ. নন্দনতত্ত্বসংক্রান্ত; সৌন্দর্যবিষয়ক।

নান্দী /নান্‌দি/ [স. √নন্দ্‌+অ+ঈ] বি. যাত্রা-নাটকাদির প্রারম্ভে দেবতাদের উদ্দেশে স্তুতিপাঠ, আশীর্বচন, মঙ্গলাচরণ।

নান্দীকর /নান্‌দিকর্‌ / [স. নান্দী+কর] বি. যে ব্যক্তি নান্দী পাঠ করে, স্তুতিপাঠক।

নান্দীপাঠ /নান্‌দিপাঠ্‌/ [স. নান্দী+পাঠ] বি. দেবস্তুতি, বন্দনা।

নান্দীমুখ /নান্‌দিমুখ্‌ / [স. নান্দী+মুখ] বি. বিবাহ গৃহপ্রবেশ প্রভৃতি শুভকর্মের প্রারম্ভে পালনীয় সংস্কারবিশেষ, আভ্যুদয়িক শ্রাদ্ধ।

নাপছন্দ /নাপছন্‌দো / [ফা.] বিণ. ১ পছন্দনীয় নয় এমন, অপ্রিয়। ২ অমনোনীত।

নাপাক /নাপাক্‌/ [ফা.] বিণ. অপবিত্র, অশুচি।

নাপিত /নাপিত্‌/ [স. ন+√আপ্‌+ত] বি. চুলদাড়ি কাটা যার পেশা, নরসুন্দর।

নাপ্পি /নাপ্‌পি/ [বর্মি.] বি. খোসা ছাড়ানো চিংড়িমাছের সঙ্গে নানারকম মসলা সহযোগে তৈরি তীব্র গন্ধযুক্ত চাটনিজাতীয় খাদ্যবস্তু যা মিয়ানমার ও বাংলাদেশের পাহাড়ি অঞ্চলে বিশেষভাবে সমাদৃত।

নাফরমান /নাফ্‌রমান্‌/ [ফা.] বিণ. ১ ঈশ্বরের নির্দেশ অমান্যকারী। ২ অবাধ্য।

নাফরমানি /নাফ্‌রমানি/ [ফা.] বি. অবাধ্যতা।

না-বলা /নাবলা / [বা.] বিণ. বলা হয়নি এমন, অনুক্ত।

না-বাচক /নাবাচক্‌/ [বা.] বিণ. নেতিবাচক, নঞর্থক।

নাবাল /নাবাল্‌/ [বা.] বিণ. ১ নিচু, ঢালু (*নাবাল জমি*)। ২ নিম্নগামী।

নাবালক /নাবালোক্‌/ [ফা. না+আ. বালিগ] বিণ. অপ্রাপ্তবয়স্ক (১৮ বছরের কম বয়সের) বালক। স্ত্রী. নাবালিকা /নাবালিকা /।

নাবি /নাবি / [বা.] বিণ. যথাসময়ের পরে জাত, বিলম্বিত (*নাবি শস্য*)। বি. নৌবহর।

নাবিক /নাবিক্‌/ [স. নৌ+ইক] বি. নৌকা জাহাজ প্রভৃতির চালক। বিণ. নৌসম্বন্ধীয়।

নাবিকবিদ্যা /নাবিক্‌বিদ্‌দা / [স. নাবিক+বিদ্যা] বি. নৌচালনাসংক্রান্ত বিদ্যা।

নাব্য /নাব্‌বো / [স. নৌ+য] বিণ. নৌযান চলাচলের উপযোগী। বি. -তা /-তা/।

নাভি /নাভি / [স. √নহ্‌+ই] বি. ১ উদরের কেন্দ্রস্থলে অবস্থিত নাড়ি কাটার চিহ্নযুক্ত স্থান, নাই। ২ চাকার কেন্দ্র।

নাভিকমল /নাভিকমোল্‌/ [স. নাভি+কমল] বি. ১ পদ্মের মতো নাভি। ২ নাভির মধ্যস্থ তৃতীয় চক্র, মণিপুরচক্র।

নাভিকুন্ড্‌ল /নাভিকুন্‌ডল্‌ / [স. নাভি+কুণ্ডল] বি. নাভির গোল আবর্ত বা চক্র।

নাভিকূপ /নাভিকুপ্‌/ [স. নাভি+কূপ] বি. নাভিস্থল।

নাভিচক্র /নাভিচক্‌ক্রো/ [স. নাভি+চক্র] বি. (তান্ত্রিকমতে) নাভিতে অবস্থিত মণিপুরচক্র।

নাভিচ্ছেদ /নাভিচ্‌ছেদ্‌/ [স. নাভি+উচ্ছেদ] বি. সদ্যোজাত শিশুর গর্ভনাড়ি কর্তন।

নাভিপদ্ম /নাভিপদ্‌দো / [স. নাভি+পদ্ম] বি. দ্র নাভিকমল।

নাভিপুট /নাভিপুট্‌/ [স. নাভি+পুট] বি. নাভিমূল।

নাভিশ্বাস /নাভিশ্‌শাশ্‌/ [স. নাভি+শ্বাস] বি. ১ মুমূর্ষু ব্যক্তির নাভিদেশ থেকে শ্বাসের ঊর্ধ্বমুখী টান। ২ মৃত্যুযন্ত্রণা। ৩ শেষ অবস্থা।

নাম /নাম্‌/ [স. নামন্‌ >] বি. ১ যে শব্দ দিয়ে কোনো ব্যক্তি বা বস্তুকে আখ্যায়িত করা হয়, অভিধা, আখ্যা, সংজ্ঞা। ২ (ব্যা.) বিভক্তিহীন শব্দ। ৩ খ্যাতি (*নামডাক*)। ৪ পরিচয় (*নামগোত্রহীন*)। ৫ দোহাই, শপথ (*ঈশ্বরের নামে শপথ*)। ৬ বাহানা (*কাজের নামে ঘোরাঘুরি*)। ৭ উল্লেখ, প্রসঙ্গ (*কোথাও যাওয়ার নামে নাচা*)। ৮ কেবল পরিচয়ে কিন্তু বাস্তবে নয় (*নামেই ছাত্র*)। ৯ আভাস, লক্ষণ (*বৃষ্টি থামার নাম নেই*)।

নামক /নামক্‌/ [স. নামন্‌+ক] বিণ. নামধেয়, নাম-বিশিষ্ট।

নামকরণ /নাম্‌করোন্‌/ [স. নামন্‌+করণ] বি. নবজাত শিশুর কেশমুণ্ডন নামপ্রদান ও তদুপলক্ষ্যে আয়োজিত উৎসব, আকিকা।

নাম করা[১] /নাম্‌ করা/ ক্রিবি. ১ নাম জপ করা। ২ নাম উল্লেখ করা।

নামকরা[২] /নাম্‌করা / [বা.] বিণ. বিখ্যাত, নামজাদা (*নামকরা ডাক্তার*)।

নাম কাটা[১] /নাম্‌ কাটা/ ক্রিবি. তালিকা থেকে নাম বাদ দেওয়া।

নামকাটা[২] /নাম্‌কাটা/ [বা.] বিণ. ১ নাম বাদ দেওয়া হয়েছে এমন। ২ বহিষ্কৃত।

নামকীর্তন /নাম্‌কির্‌তন্‌/ [স. নামন্‌+কীর্তন] বি. উপাস্যের নাম পুনঃপুন উচ্চারণ, নামজপ।

নামগন্ধ /নাম্‌গন্‌ধো/ [স. নামন্‌+গন্ধ] বি. আভাস।

www.pathagar.com

নামগান /নাম্‌গান্‌/ [স. নামন্‌+গান] বি. নামকীর্তন, নামজপ; স্তুতি।

নামজপ /নাম্‌জপ্‌/ [স. নামন্‌+জপ] বি. মনে মনে বা অনুচ্চস্বরে বারবার উপাস্যের নাম উচ্চারণ।

নাম জপা /নাম্‌ জপা/ ক্রিবি. মনে মনে বা অনুচ্চস্বরে বারবার উপাস্যের নাম উচ্চারণ করা।

নামজাদা /নাম্‌জাদা/ [ফা.] বিণ. বিখ্যাত, নামডাক আছে এমন।

নামজারি /নাম্‌জারি/ [ফা.] বি. সরকারি নথিপত্রে আনুষ্ঠানিকভাবে ভূসম্পত্তির পরিমাপ ও মালিকের নাম অন্তর্ভুক্তকরণ; (পরি.) mutation of record।

নামঞ্জুর /নামোন্‌জুর্‌/ [ফা. না+আ. মঞ্জুর] বিণ. অনুমোদিত বা গৃহীত হয়নি এমন, প্রত্যাখ্যাত।

নামডাক /নামডাক্‌/ [স. নামন্‌+হি. ডাক] বি. খ্যাতি ও প্রতিপত্তি।

নাম ডাকা /নাম্‌ ডাকা/ ক্রিবি. ১ শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের নাম উল্লেখ করে উপস্থিতি লিপিবদ্ধ করা। ২ সৃষ্টিকর্তার নাম স্মরণ করা।

নাম ডুবানো /নাম্‌ ডুবানো/ ক্রিবি. খ্যাতি নাশ করা (*বংশের নাম ডুবানো*)।

নাম ডোবানো /নাম্‌ ডোবানো/ ক্রিবি. দ্র নাম ডুবানো।

নামত /নামতো/ [স. নামন্‌+তস্‌] অব্য. নামে মাত্র।

নামতা /নাম্‌তা/ [স. নামপত্র >] বি. ১ থেকে ২০ পর্যন্ত যে-কোনো দুটি সংখ্যার গুণনের ধারাবাহিক তালিকা (যা শিশুদের কণ্ঠস্থ করতে হয়)।

নামধর /নামধর্‌/ [স. নামন্‌+√ধৃ+অ] বিণ. নামধারী।

নাম ধরা /নাম্‌ ধরা/ ক্রিবি. নাম উচ্চারণ করে ডাকা বা সম্বোধন করা (*নাম ধরে ডাকা*)।

নামধাতু /নাম্‌ধাতু/ [স. নামন্‌+ধাতু] বি. (ব্যা.) প্রত্যয় যোগ করার ফলে ক্রিয়ায় পরিণত হয় এমন বিশেষ্য বা বিশেষণ (ধ্বনি > ধ্বনিল, ঘাম > ঘামা, বেত > বেতা, ধমক > ধমকা)।

নামধাম /নাম্‌ধাম্‌/ [স. নামন্‌+√ধা+মন্‌] বি. নাম ও বাসস্থানের ঠিকানা, নামঠিকানা।

নামধারী /নাম্‌ধারি/ [স. নামন্‌+√ধৃ+ইন্‌] বিণ. নামযুক্ত, নামবিশিষ্ট।

নামধেয় /নাম্‌ধেয়ো/ [স. নামন্‌+√ধা+য] বিণ. নাম-যুক্ত। বি. নাম, আখ্যা।

নামনিশানা /নাম্‌নিশানা/ [বা.] বি. নামধাম পরিচায়ক চিহ্ন, নামগন্ধ।

নাম নেওয়া /নাম্‌ নেওআ/ ক্রিবি. জপ করা, স্মরণ করা।

নামপদ /নাম্‌পদ্‌/ [স. নামন্‌+পদ] বি. বিশেষ্য।

নামমাত্র /নামমাত্রো/ [স. নামন্‌+মাত্র] বিণ. অতি সামান্য, যৎকিঞ্চিৎ।

নামমুদ্রা /নাম্‌মুদ্‌দ্রা/ [স. নামন্‌+√মুদ্‌+র+আ (টাপ্‌)] বি. যে মুদ্রা বা আংটিতে নাম খোদাই করা থাকে; নামাঙ্কিত সিলমোহর।

নামযজ্ঞ /নাম্‌জোগ্‌গো/ [স. নামন্‌+√যজ্‌+ন] বি. দ্র নামকীর্তন।

নামযশ /নাম্‌জশ্‌/ [স. নামন্‌+যশঃ] বি. নামের খ্যাতি ও প্রতিপত্তি, নামডাক।

নাম রটা /নাম্‌ রটা/ ক্রিবি. সুখ্যাতি বা অখ্যাতি প্রচারিত হওয়া।

নাম রাখা /নাম্‌ রাখা/ ক্রিবি. ১ নবজাত শিশুর কেশমুণ্ডন ও নাম প্রদান করা। ২ সুনাম অক্ষুণ্ন রাখা। ৩ স্থায়ী যশ লাভ করা।

নাম লওয়া /নাম্‌ লওআ/ ক্রিবি. সৃষ্টিকর্তার নাম জপ করা, উপাসনা করা।

নাম লেখানো /নাম্‌ লেখানো/ ক্রিবি. নাম লিপিবদ্ধ করানো।

নামসংকীর্তন /নাম্‌সংকির্‌তন্‌/ [স. নামন্‌+সম্‌+কীর্তন] বি. দ্র নামকীর্তন।

নাম হওয়া /নাম্‌ হওআ/ ক্রিবি. খ্যাতি লাভ করা; সুনাম প্রচারিত হওয়া।

নামহারা /নাম্‌হারা/ [স. নাম+বা. হারা] বিণ. নাম পর্যন্ত লুপ্ত হয়েছে এমন।

নামহীন /নাম্‌হিন্‌/ [স. নামন্‌+√হা+ত] বিণ. পরিচিতি বা খ্যাতি নেই এমন।

নামা[১] /নামা/ [বা.] ক্রিবি. ১ অবতরণ করা (*ওপর থেকে নিচে নামা*)। ২ লিপ্ত হওয়া (*তর্কে নামা*)। ৩ শুরু হওয়া (*বৃষ্টি নামা*)। ৪ কমে আসা (*জ্বর নামা*)। ৫ ঢলে পড়া (*পশ্চিমে সূর্য নামা*)। ৬ প্লাবিত হওয়া (*ঢল নামা*)। ৭ প্রবেশ করা (*জলে নামা*)। ৮ উদরাময়ে আক্রান্ত হওয়া (*পেট নামা*)। ৯ প্রবৃত্ত হওয়া (*কাজে নামা*)।

–নামা[২] /নামা/ [ফা. নামহ্‌ >] বি. ১ ক্ষমতা অর্পণের পত্র (*ওকালতনামা*)। ২ আখ্যান (*শাহনামা*)। ৩ লিখিত দলিল (*চুক্তিনামা*)।

–নামা[৩] /নামা/ [স. নামন্‌ >] বিণ. নামযুক্ত, নামধারী (*খ্যাতনামা*)। স্ত্রী. নামী /নামি/।

নামাঙ্কন /নামাংকোন্‌/ [স. নামন্‌+অঙ্কন] বি. নাম খোদাইকরণ।

নামাঙ্কিত /নামাংকিতো/ [স. নামন্‌+অঙ্কিত] বিণ. নাম লেখা বা খোদাই করা হয়েছে এমন।

www.pathagar.com

নামাজ /নামাজ্/[ফা.] বি. ইসলাম ধর্মের বিধানমতে নির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে আল্লাহর উপাসনা।

নামাজি /নামাজি/ [ফা.] বিণ. নিয়মিত নামাজ পড়ে এমন। বি. বিধি অনুসারে নিয়মিত নামাজ পড়ে এমন ব্যক্তি (*হে নামাজি! আমার ঘরে নামাজ পড় আজ।* নজরুল.)।

নামানো /নামানো/ [বা.] ক্রিবি. ১ ভারমুক্ত করা (*বোঝা নামানো*)। ২ রান্না শেষ করা (*উনুন থেকে নামানো*)। ৩ ভূপাতিত করা (*গুলি করে নামানো*)। ৪ নতুন নাটক বা ছবির প্রদর্শনী আরম্ভ করা (*নাটক নামানো*)। বিণ. নামিয়ে রাখা হয়েছে এমন (*তাক থেকে নামানো*)।

নামান্তর /নামান্তর্/ [স. নামন্+অন্তর] বি. অন্য নাম (*প্রতারণার নামান্তর*)।

নামাবলি /নামাবোলি/ [স. নাম+আবলি] বি. ১ উপাস্যের নামের ছাপ দেওয়া উত্তরীয়। ২ নামের তালিকা।

নামি /নামি/ [ফা.] বিণ. নামকরা, নামজাদা, বিখ্যাত, প্রসিদ্ধ।

নামিদামি /নামিদামি/ [ফা. নামি >] বিণ. বিত্তবান ও প্রভাব-প্রতিপত্তিসম্পন্ন (*নামিদামি লোক*)।

নামে নামে /নামে নামে/ ক্রিবিণ. প্রত্যেকের নাম করে, জনে জনে।

নামোচ্চারণ /নামোচ্চারোন্/ [স. নামন্+উচ্চারণ] বি. নাম উল্লেখ।

নামোল্লেখ /নামোল্লেখ্/ [স. নামন্+উল্লেখ] বি. নাম প্রকাশ, নাম উচ্চারণ।

নায়ক /নায়োক্/ [স. √নী+অক] বি. ১ নেতা। ২ পরিচালক। ৩ দলপতি; সেনাপতি। ৪ নাটক উপন্যাস প্রভৃতির মূল চরিত্র। ৫ প্রণয়ী পুরুষ।

নায়কোচিত /নায়োকোচিতো/ [স. নায়ক+উচিত] বিণ. নায়কের পক্ষে স্বাভাবিক এমন, নায়কসুলভ।

নায়িকা /নায়িকা/ [স. নায়ক+আ (টাপ্)] বি. ১ গল্প নাটক উপন্যাস প্রভৃতির মূল স্ত্রীচরিত্র। ২ প্রণয়িনী। ৩ নেত্রী। ৪ পরিচালিকা। ৫ দেবী দুর্গার অষ্টশক্তি (উগ্রচণ্ডা প্রচণ্ডা চণ্ডোগ্রা চণ্ডনায়িকা অতিচণ্ডা চামুণ্ডা চণ্ডা ও চণ্ডবতী; অন্যমতে মঙ্গলা বিজয়া ভদ্রা জয়ন্তী অপরাজিতা নন্দিনী নারসিংহী ও কৌমারী)।

নায়েক /নায়েক্/ [আ. লায়েক >] বি. সেনাবাহিনীর সিপাহিদের নেতা।

নায়েব /নায়েব্/ [আ.] বি. তহশিল অফিসের প্রধান কর্মচারী; জমিদারের খাজনা আদায়কারী প্রতিনিধি।

নায়েবি /নায়েবি/ [আ. নায়েব >] বি. নায়েবের বৃত্তি। বিণ. নায়েবসুলভ; নায়েবসংক্রান্ত।

নারক /নারক/ [স. নরক+অ] বিণ. নরকসংক্রান্ত, নরকস্থ। বি নরক।

নারকীয় /নারোকিয়ো/ [স. নরক+ঈয়] বিণ. ১ নরকসংক্রান্ত। ২ পৈশাচিক। বি. ~তা /-তা/।

নারকেল /নার্কেল্/ [বা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে সমুদ্রতটে জাত মঞ্জরিপত্রের (spadix) ফুল ও শক্ত খোলায় আবৃত ফল বা তার দীর্ঘ কাণ্ডবিশিষ্ট শাখাহীন চিরহরিৎ বৃক্ষ, নারিকেল।

নারকেল তেল /নার্কেল্ তেল্/ বি. নারকেলের শাঁস থেকে উৎপন্ন তেল।

নারকেলি /নার্কেলি/ [বা.] বিণ. নারকেলের আকৃতিবিশিষ্ট (*নারকেলি কুল*)।

নারঙ্গা /নারংগো/ [ফা.] বি. কমলা।

নারঙ্গি /নারোংগি/ [ফা.] বি. দ্র নারঙ্গা।

নারদ /নারোদ্/ [স. নার+√দা+অ] বি. (কলহবিবাদ বাধাতে পটু) ব্রহ্মার মানসপুত্র, দেবর্ষিবিশেষ।

নারদীয় /নারোদিয়ো/ [স. নারদ+ঈয়] বিণ. নারদ-সম্বন্ধীয়। বি. উপপুরাণবিশেষ।

নারসিংহ /নারোশিংহো/ [স. নরসিংহ+অ] বি. ১ বিষ্ণু। ২ নরসিংহদেবের চরিত্র বর্ণনাত্মক পুরাণবিশেষ। বিণ. নরসিংহসম্বন্ধীয়।

নারা[১] /নারা/ [বা.] ক্রিবি. (কাব্যে) না পারা।

নারা[২] /নারা/ [আ.] বি. আওয়াজ, ধ্বনি।

নারাঙ্গা /নারাংগা/ [ফা.] বি. ১ কমলালেবু। ২ চর্মরোগবিশেষ।

নারাচ /নারাচ্/ [স. নার+আ+√চম্+অ] বি. ১ তীক্ষ্ণাগ্র লোহার তিরবিশেষ; প্রাচীন যুদ্ধাস্ত্র। ২ সংস্কৃত ছন্দবিশেষ। ৩ জলহস্তী।

নারাজ /নারাজ্/ [ফা.] বিণ. ১ অসন্তুষ্ট। ২ অসম্মত।

নারাজি /নারাজি/ [ফা.] বি. ১ অসন্তোষ। ২ অসম্মতি।

নারান /নারান্/ [স. নারায়ণ >] বি. 'নারায়ণ'-এর কথ্য রূপ।

নারায়ণ /নারায়োন্/ [স. নার+অয়ন] বি. বিষ্ণু।

নারায়ণক্ষেত্র /নারায়োনখেত্রো/ [স. নারায়ণ+ক্ষেত্র] বি. গঙ্গার জলধারা থেকে চার হাত পরিমিত তীর-ভূমি যেখানে মুমূর্ষু রোগীকে মৃত্যুর পূর্বে রাখা হয়।

নারায়ণ তেল /নারায়োন্ তেল্/ বি. কবিরাজি চিকিৎসায় ব্যবহৃত তেলবিশেষ।

নারায়ণী /নারায়োনি/ [স. নারায়ণ+ঈ] বি. ১ নারায়ণ-পত্নী লক্ষ্মীদেবী। ২ দেবী দুর্গা। বিণ. নারায়ণ-সম্বন্ধীয়।

www.pathagar.com

নারায়ণী সেনা /নারায়োনি সেনা/ বি. শ্রীকৃষ্ণের সৈন্যবাহিনী।

নারি /নারি/ [বা.] ক্রি. (কাব্যে) না পারি (*যারে দেখতে নারি তার চলন বাঁকা*)।

নারিকেল /নারিকেল্/ [স. নারিক+√ঈরি+অ] বি. দ্র নারকেল।

নারিকেল তৈল /নারিকেল্ তোইলো/ বি. দ্র নারকেল তেল।

নারিকেলভস্ম /নারিকেল্ভশ্শোঁ/ [স. নারিকেল+√ভস্+মন্] বি. নারকেল পুড়িয়ে তৈরি কবিরাজি ওষুধবিশেষ।

নারী /নারি/ [স. নর+ঈ] বি. স্ত্রীকুলের প্রাপ্তবয়স্য মানুষ, মানবী।

নারীজাগরণ /নারিজাগোরন্/ [স. নারী+জাগরণ] বি. নারীর অধিকারবিষয়ক সচেতনতা।

নারীত্ব /নারিত্তো/ [স. নারী+ত্ব] বি. নারীসুলভ গুণ।

নারীধর্ম /নারিধর্মো/ [স. নারী+ধর্ম] বি. মমতা বাৎসল্য প্রভৃতি নারীসুলভ গুণ।

নারীনিগ্রহ /নারিনিগ্রোহো/ [স. নারী+নিগ্রহ] বি. নারীনির্যাতন।

নারীমুক্তি /নারিমুক্তি/ [স. নারী+√মুচ্+তি] বি. পুরুষের অধীনতা থেকে নারীর মুক্তি, স্ত্রীস্বাধীনতা।

নারীরত্ন /নারিরত্নো/ [স. নারী+রত্ন] বি. রত্নরূপ নারী।

নারীলোলুপ /নারিলোলুপ্/ [স. নারী+লোলুপ] বিণ. লম্পট।

নারীসত্তমা /নারিশত্তমা/ [স. নারী+√সৎ+তম+আ (টাপ্)] বি. সর্বোৎকৃষ্ট নারী, শ্রেষ্ঠ নারী।

নারীসমাজ /নারিশমাজ্/ [স. নারী+সমাজ] বি. নারীকুল।

নারীসুলভ /নারিশুলভ্/ [স. নারী+সুলভ] বিণ. মমতা বাৎসল্য প্রভৃতি গুণবিশিষ্ট।

নার্গিস /নার্গিস্/ [ফা.] বি. বসন্তকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা হলুদ প্রভৃতি উজ্জ্বল বর্ণের সুগন্ধ ফুল বা তার সরু লম্বাটে পাতাবিশিষ্ট বীরুৎশ্রেণির ঘাসসদৃশ কন্দজ (bulbous) উদ্ভিদ (আনি. ইউরোপ ও আলজেরিয়া), narcissus।

নার্স /নার্স্/ [ই.] বি. অসুস্থ বা দুর্বল ব্যক্তির যত্ন ও সেবাদানের দায়িত্বে নিয়োজিত বিশেষভাবে প্রশিক্ষিত কর্মী (সচরাচর নারী), nurse।

নার্সারি /নার্সারি/ [ই.] বি. ১ শিশুদের লালনপালন ও প্রারম্ভিক শিক্ষাদানের প্রতিষ্ঠান। ২ চারাগাছ উৎপাদন ও বিক্রয়ের প্রতিষ্ঠান, nursery।

নার্সিং /নার্সিং/ [ই.] বি. অসুস্থ বা দুর্বল ব্যক্তির যত্ন ও সেবা প্রদানের বৃত্তি, nursing।

নার্সিংহোম /নার্সিংহোম্/ [ই.] বি. রোগ নিরাময় ও বর্ষীয়ান ব্যক্তির সেবা প্রদানের দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান, nursing home।

নাল[১] /নাল্/ [স. √নল্+অ] বি. ১ নলখাগড়া। ২ শিরা। ৩ পদ্ম প্রভৃতির ডাঁটা। ৪ পদ্মফুল।

নাল[২] /নাল্/ [আ.] বি. ঘোড়ার খুরের আকৃতিবিশিষ্ট লোহার পাত (যা ঘোড়া বা গোরুর খুরে লাগানো হয়), horseshoe।

নাল[৩] /নাল্/ [বা.] বি. লালা, থুথু, থুত্থু।

নালতা /নাল্তা/ [দেশি.] বি. দ্র নালিতা।

নালন্দা /নালন্দা/ [স্থান.] বি. ভারতের বিহার রাজ্যের বড়গাঁও গ্রামের সন্নিকটে খ্রিষ্টীয় চতুর্থ শতাব্দীতে স্থাপিত বৌদ্ধবিহার ও বিশ্ববিদ্যালয়।

নালা /নালা/ [বা.] বি. জলনির্গমনের প্রণালি, নর্দমা, drain।

নালায়েক /নালায়েক্/ [ফা.] বিণ. ১ অক্ষম, অযোগ্য। ২ অপ্রাপ্তবয়স্ক।

নালি /নালি/ [স. নল+ই] বি. ১ নালা, নর্দমা, জল-নির্গমনের পথ। ২ (বাংলায়) দুষ্ট ক্ষত।

নালিক /নালিক্/ [স. নাল+ইক] বি. ১ প্রাচীন আগ্নেয়াস্ত্রবিশেষ। ২ বাণ। ৩ পদ্মের ডাঁটা।

নালি ঘা /নালি ঘা/ বি. নালির ক্ষতস্থানে সংক্রমণ-জনিত ঘা; দুষ্টক্ষত।

নালিতা /নালিতা/ [দেশি.] বি. রেঁধে খাওয়া হয় এমন তিক্তস্বাদ শাকবিশেষ, পাটশাক।

নালি ব্রণ /নালি ব্রোনো/ বি. দ্র নালি ঘা।

নালিশ /নালিশ্/ [ফা.] বি. অভিযোগ; ফরিয়াদ।

নাশ /নাশ্/ [স. √নশ্+অ] বি. ১ ধ্বংস (*সর্বনাশ*)। ২ ক্ষয়, হানি (*অর্থনাশ*)। ৩ মৃত্যু (*প্রাণনাশ*)। ৪ লোপ (*বুদ্ধিনাশ*)।

নাশক /নাশক্/ [স. √নাশি+অক] বিণ. ১ বিনাশকারী (*কীটনাশক*)। ২ লোপ করে এমন (*চেতনানাশক*)।

নাশকতা /নাশকতা/ [স. নাশক+তা] বি. ধ্বংসাত্মক কার্যকলাপ; অন্তর্ঘাত; সন্ত্রাস।

নাশকতামূলক /নাশকতামুলক্/ [স. নাশকতা+মূলক] বিণ. ষড়যন্ত্রমূলক; অন্তর্ঘাতী।

নাশতা /নাশ্তা/ [ফা.] বি. ১ প্রাতরাশ, breakfast। ২ দুপুরের খাবার, নাস্তা। ৩ হালকা জলখাবার।

নাশন /নাশন্/ [স. √নাশি+অন] বি. নাশকরণ।

নাশপাতি /নাশ্পাতি/ [ফা.] বি. উত্তর ও দক্ষিণ গোলার্ধের নাতিশীতোষ্ণ মণ্ডলের পাহাড়ি অঞ্চলে

www.pathagar.com

জাত বোঁটার দিকে ক্রমশ সরু হয়ে আসা হলুদাভ সবুজ আপেলজাতীয় ফল, pear।

নাশবন্দি /নাশ্‌বোন্‌দি/ [স. নাশ+ফা. বন্দি] বি. (পুরুষদের) নির্বীজীকরণের অস্ত্রোপচার, vasectomy।

–নাশা /নাশা/ [স. নাশ >] ক্রিবি. বিনাশ করা। বিণ. নাশকারী (*সর্বনাশা*)।

নাশিত /নাশিতো/ [স. √নাশি+ত] বিণ. নাশ করা হয়েছে এমন, নাশপ্রাপ্ত, বিনষ্ট।

–নাশিনী /নাশিনি/ [স. √নশ্‌+ইন্‌+ঈ] বিণ. বিনাশকারিণী (*দুর্গতিনাশিনী*)।

–নাশী /নাশি/ [স. √নশ্‌+ইন্‌] বিণ. বিনাশশীল, ধ্বংসকারী (*তিমিরবিনাশী*)।

নাস[১] /নাশ্‌/ [স. নাসা >] বি. নাক, ঘ্রাণেন্দ্রিয়।

নাস[২] /নাশ্‌/ [স. নস্য >] বি. নেশার উদ্দেশ্যে নিশ্বাসের সঙ্গে নাক দিয়ে টেনে নেওয়া হয় এমন চিমটিপরিমাণ তামাকের গুঁড়ো, নস্য।

নাস[৩] /নাশ্‌/ [স. ন্যাস >] বি. ১ কেশবিন্যাস। ২ বিলাস। ৩ লাস্য নৃত্য।

নাসত্য /নাশোত্তো/ [স. নাসা+ত্য] বি. পুরাণোক্ত দেবচিকিৎসক অশ্বিনীকুমার ভ্রাতৃদ্বয়।

নাসা /নাশা/ [স. √নাস্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ চৌকাঠের উপরস্থ কাঠ। ২ নাক, ঘ্রাণেন্দ্রিয়। ৩ (বাংলায়) নাকের স্ফীতি রোগবিশেষ।

নাসাপান /নাশাপান্‌/ [স. নাসা+পান] বি. নাক দিয়ে টেনে জল পান।

নাসারন্ধ্র /নাশারন্ধ্রো/ [স. নাসা+রন্ধ্র] বি. নাকের ছিদ্র।

–নাসিক /নাশিক্‌/ [স. নাসিকা >] বিণ. ১ বহুব্রীহি সমাসে পরপদে নাসিকা শব্দের রূপ (*অনুনাসিক*)। ২ নাকবিশিষ্ট।

নাসিকা /নাশিকা/ [স. নাসা+কন্‌+আ (টাপ্‌)] বি. নাক, নাসা, ঘ্রাণেন্দ্রিয়।

নাসিকাকুঞ্চন /নাশিকাকুন্‌চন্‌/ [স. নাসিকা+কুঞ্চন] বি. নাক কুঁচকে অবজ্ঞা বা বিরক্তির ভাব প্রকাশ।

নাসিকাগর্জন /নাশিকাগর্‌জোন্‌/ [স. নাসিকা+গর্জন] বি. ঘুমন্ত অবস্থায় কোমল তালুর পশ্চাদ্‌ভাগে শ্বাসবায়ু বাধাপ্রাপ্ত হওয়ার ফলে উৎপন্ন শব্দ, নাক ডাকার শব্দ, নাকসাট।

নাসিক্য বর্ণ /নাশিক্‌কো বর্‌নো/ বি. যে বর্ণ উচ্চারণকালে বাতাস আংশিকভাবে নাক দিয়ে নির্গত হয় (ঙ ঞ ণ ন ম ং)।

নাসিক্যীভবন /নাশিক্‌কিভবোন্‌/ [স. নাসিক্য+চ্বি+ভবন] বি. কোনো শব্দের নাসিক্যব্যঞ্জন লুপ্ত হওয়ার ফলে পূর্ববর্তী স্বরের অনুনাসিকত্ব লাভ (চন্দ্র > চাঁদ)।

নাস্তা /নাস্‌তা/ [ফা.] বি. দ্র নাশতা।

নাস্তানাবুদ /নাস্‌তানাবুদ্‌/ [ফা.] বিণ. ১ বিধ্বস্ত। ২ নাজেহাল, হয়রান, পর্যুদস্ত।

নাস্তি /নাস্‌তি/ [স. ন+অস্তি] বি. ১ অবিদ্যমানতা, অস্তিত্বহীনতা। ২ নিষেধ (*যাত্রা নাস্তি*)। ক্রিবি. না থাকা।

নাস্তিক /নাস্‌তিক্‌/ [স. নাস্তি+ইক] বিণ. ঈশ্বরের অস্তিত্বে বিশ্বাস করে না এমন; নিরীশ্বরবাদী।

নাস্তিকতা /নাস্‌তিকতা/ [স. নাস্তিক+তা] বি. ঈশ্বরের অস্তিত্ব বা পরলোকে অবিশ্বাস; নাস্তিকের মতবাদ, নাস্তিকের আচরণ; নাস্তিক্য।

নাস্তিক্য /নাস্‌তিক্‌কো/ [স. নাস্তিক+য] বি. দ্র নাস্তিকতা।

নাহক /নাহক্‌/ [ফা. না+আ. হক] বিণ. ১ অন্যায্য, অনুচিত। ২ অনর্থক।

না হয় /না হয়্‌/ অব্য. ১ কিংবা, নতুবা (*হয় কাজটি করো না হয় যাও*)। ২ বরং (*নাহয় রেখো মালতীকলি শিথিল কেশে /নীরবে এসে*, রবীন্দ্র.)। ৩ অথবা, না হলে (*আজ না হয় কাল*)। ৪ খুব বেশি হলে (*না হয় কিছু টাকা গেল*)।

নাহা /নাহা/ [বা.] ক্রিবি. স্নান বা গোসল করা।

নাহি /নাহি/ [বা.] অব্য. (কাব্যে) নেই (*নাহি ভয়*)।

নি[১] /নি/ [বা.] বি. 'নাই'-এর কথ্য রূপ (*সে যায়নি*)।

নি[২] /নি/ অব্য. সামীপ্য (*নিকট*) আধিক্য (*নিদারুণ*) অভাব (*নিখোঁজ*) আশ্রয় (*নিলয়*) বিরতি (*নিবৃত্তি*) সমূহ (*নিকর*) প্রভৃতি ভাবপ্রকাশক সংস্কৃত উপসর্গ।

নি[৩] /নি/ [স. নিষাদ >] বি. সংগীতের সপ্তস্বরের শেষ স্বর, নিষাদের স্বরসংকেত।

নিউক্লিয়ার /নিউক্‌লিআর্‌/ [লা.] বিণ. পরমাণু-বিষয়ক, nuclear।

নিউক্লিয়াস /নিউক্‌লিআস্‌/ [লা.] বি. প্রোটন ও নিউট্রন যোগে গঠিত পরমাণুর কেন্দ্রস্থল যেখানে পরমাণুর তড়িদাধান ও মোট ভরের ৯৯·৯৭৫% পুঞ্জীভূত থাকে, nucleus।

নিউজপ্রিন্ট /নিউজ্‌প্রিন্ট্‌/ [ফ.] বি. সংবাদপত্র মুদ্রণের জন্য ব্যবহৃত স্বল্পদৈর্ঘ্য আঁশসমৃদ্ধ উদ্ভিদের মন্ড (যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদিত) থেকে তৈরি কাগজ, newsprint।

নিউটন /নিউটন্‌/ [ব্যক্তি.] বি. (পদার্থ.) বল-এর

www.pathagar.com

এককবিশেষ (100,000 dynes), newton।

নিউট্রন /নিউট্রন্/ [ই.] বি. (পদার্থ.) বৈদ্যুতিক আধানবিহীন মৌল কণাবিশেষ (নিউক্লিয়াসের অন্যতম উপাদান) যার ভর ১.০০৮৬৬৫ amu, neutron।

নিউট্রিনো /নিউট্রিনো/ [ইতা.] বি. (পদার্থ.) শূন্যের কাছাকাছি ভরযুক্ত বৈদ্যুতিক আধানবিহীন পারমাণবিক কণাবিশেষ, neutrino।

নিউমোনিয়া /নিউমোনিআ/ [লা.] বি. এক কোষ-বিশিষ্ট জীবাণুদ্বারা সংক্রমণজনিত ফুসফুসের স্ফীতি ও প্রদাহ, প্রাণঘাতী রোগবিশেষ, pneumonia।

নিংড়া /নিংড়া/ [দেশি.] ক্রিমূ. ১ চাপ প্রয়োগ করে তরলপদার্থ নিষ্কাশন করা। ২ শোষণ করা।

নিংড়ানো /নিংড়ানো/ [দেশি.] ক্রিবি. ১ চাপ প্রয়োগ বা মোচড় দিয়ে তরল পদার্থ নিষ্কাশন করা। ২ শোষণ করা। বিণ. মুচড়ে বা চাপ দিয়ে তরল পদার্থ নিষ্কাশন করা হয়েছে এমন।

নিঃ /নিহ্/ অব্য. অভাব (*নিঃসম্বল*) নিশ্চয়তা (*নিঃসন্দেহ*) সম্পূর্ণতা (*নিঃশেষ*) নির্গমন (*নিঃসারণ*) প্রভৃতি ভাবপ্রকাশক সংস্কৃত উপসর্গ।

নিঃক্ষত্র /নিক্‌খত্‌ত্রো/ [স. নির্+ক্ষত্র] বিণ. ১ ক্ষত্রিয় নয় এমন। ২ ক্ষত্রিয়হীন।

নিঃক্ষত্রিয় /নিক্‌খত্‌ত্রিও/ [স. নির্+ক্ষত্রিয়] বিণ. ক্ষত্রিয়দের নির্মূল করা হয়েছে এমন, ক্ষত্রিয়শূন্য।

নিঃশক্তি /নিশ্‌শোক্‌তি/ [স. নিরু+√শক্+তি] বিণ. বলহীন, দুর্বল।

নিঃশঙ্ক /নিশ্‌শংকো/ [স. নির্+শঙ্ক] বিণ. নির্ভীক।

নিঃশত্রু /নিশ্‌শোত্‌ত্রু/ [স. নির্+শত্রু] বিণ. শত্রু নেই এমন, শত্রুহীন।

নিঃশব্দ /নিশ্‌শব্‌দো/ [স. নির্+শব্দ] বিণ. শব্দহীন, নিস্তব্ধ, নীরব।

নিঃশরণ /নিশ্‌শরোন্/ [স. নির্+শরণ] বিণ. আশ্রয়হীন, নিরাশ্রয়।

নিঃশর্ত /নিশ্‌শর্‌তো/ [স. নির্+শর্ত] বিণ. শর্তহীন।

নিঃশেষ /নিশ্‌শেশ্/ [স. নির্+শেষ] বিণ. শেষ বা অবশিষ্ট নেই এমন, সম্পূর্ণ।

নিঃশেষিত /নিশ্‌শেশিতো/ [স. নিঃশেষ+ইত] বিণ. সম্পূর্ণ ফুরিয়ে গেছে এমন, সমাপ্ত।

নিঃশোক /নিশ্‌শোক্/ [স. নিঃ+শোক] বিণ. শোক নেই এমন, শোকশূন্য।

নিঃশ্বসন /নিশ্‌শশোন্/ [স. নিঃ+শ্বসন] বি. শ্বাস গ্রহণ ও ত্যাগ।

নিঃশ্বসিত /নিশ্‌শশিতো/ [স. নিঃ+শ্বসিত] বিণ. শ্বাস ত্যাগ করা হয়েছে এমন।

নিঃশ্বাস /নিশ্‌শাশ্/ [স. নিঃ+শ্বাস] বি. ফুসফুস থেকে নির্গত বায়ু, শ্বাসবায়ু, দম।

নিঃশ্রেয়স /নিস্‌শ্রেয়শ্/ [স. নিঃ+শ্রেয়স্] বি. ১ মুক্তি, নির্বাণ। ২ মঙ্গল। ৩ বিশ্বাস। ৪ ব্রহ্মজ্ঞান।

নিঃসংকোচ /নিশ্‌শংকোচ্/ [স. নিঃ+সংকোচ] বিণ. সংকোচশূন্য, কুণ্ঠাহীন, দ্বিধাশূন্য।

নিঃসংজ্ঞ /নিশ্‌শংগোঁ/ [স. নিঃ+সংজ্ঞ] বিণ. সংজ্ঞা নেই এমন, অজ্ঞান, অচেতন।

নিঃসংশয় /নিশ্‌শংশয়্/ [স. নিঃ+সংশয়] বিণ. সন্দেহহীন। বি. নিঃসংশয়তা /নিশ্‌শংশয়োতা/।

নিঃসঙ্গ /নিশ্‌শংগো/ [স. নিঃ+সঙ্গ] বিণ. ১ একাকী, সঙ্গহারা। ২ নিরাসক্ত। বি. -তা /-তা/।

নিঃসত্ত্ব /নিশ্‌শত্‌তো/ [স. নিঃ+সত্ত্ব] বিণ. ১ বলহীন। ২ অসার। ৩ বীর্যহীন। ৪ ধৈর্যহীন। ৫ প্রাণহীন।

নিঃসন্তান /নিশ্‌শন্‌তান্/ [স. নিঃ+সন্তান] বিণ. সন্তানহীন, নিঃসন্ততি।

নিঃসন্দিগ্ধ /নিশ্‌শন্‌দিগ্‌ধো/ [স. নিঃ+সন্দিগ্ধ] বিণ. সন্দেহহীন, সংশয়হীন, নিশ্চিত।

নিঃসন্দেহ /নিশ্‌শন্‌দেহো/ [স. নিঃ+সন্দেহ] বিণ. দ্র নিঃসন্দিগ্ধ।

নিঃসম্পর্ক /নিশ্‌শম্‌পর্‌কো/ [স. নিঃ+সম্পর্ক] বিণ. সম্পর্কহীন, সম্বন্ধশূন্য।

নিঃসম্বন্ধ /নিশ্‌শম্‌বন্‌ধো/ [স. নিঃ+সম্বন্ধ] বিণ. দ্র নিঃসম্পর্ক।

নিঃসম্বল /নিশ্‌শম্‌বল্/ [স. নিঃ+সম্বল] বিণ. সংগতিহীন; সম্বলহীন, নিঃস্ব, দরিদ্র।

নিঃসহায় /নিশ্‌শহায়্/ [স. নিঃ+সহায়] বিণ. সহায় নেই এমন, সহায়হীন, অসহায়।

নিঃসাড় /নিশ্‌শাড়্/ [স. নিঃ+সাড়] বিণ. ১ সাড়হীন; অবশ। ২ নিস্তেজ।

নিঃসার /নিশ্‌শার্/ [স. নিঃ+সার] বিণ. ১ সারহীন, অসার। ২ নীরস।

নিঃসারক /নিশ্‌শারক্/ [স. নিঃ+সারক] বিণ. নিঃসৃত করায় এমন, নিঃসারণকারী।

নিঃসারণ /নিশ্‌শারোন্/ [স. নিঃ+সারণ] বি. ১ বহিষ্করণ, নিষ্কাশন। ২ নির্বাসন। ৩ দরজা।

নিঃসারিত /নিশ্‌শারিতো/ [স. নিঃ+সারিত] বিণ. ১ বহিষ্কার করা হয়েছে এমন, ক্ষরিত। ২ নির্বাসিত।

নিঃসীম /নিশ্‌শিম্/ [স. নিঃ+সীমন্] বিণ. অসীম, অনন্ত; বিস্তীর্ণ।

নিঃসৃত /নিস্‌সৃতো/ [স. নিঃ+√সৃ+ত] বিণ. ক্ষরিত,

www.pathagar.com

নির্গত, বহির্গত।

নিঃস্পন্দ /নিস্পন্দো/ [স. নিঃ+স্পন্দন] বিণ. স্থির, অনড়; স্পন্দনহীন।

নিঃস্পৃহ /নিস্পৃহো/ [স. নিঃ+স্পৃহ] বিণ. স্পৃহাহীন; নিরাসক্ত; বাসনাশূন্য। বি. ~তা /–তা/।

নিঃস্ব /নিশ্শো/ [স. নিঃ+স্ব] বিণ. নিজের কোনো সম্বল নেই এমন, অতি দরিদ্র। বি. ~তা /–তা/।

নিঃস্বত্ব /নিশ্শত্তো/ [স. নিঃ+স্বত্ব] বিণ. স্বত্বহীন, অধিকারহীন।

নিঃস্বার্থ /নিশ্শার্থো/ [স. নিঃ+স্বার্থ] বিণ. নিজ স্বার্থের কথা ভাবে না এমন, স্বার্থহীন।

নিঃস্রোতা /নিস্স্রোতা/ [স. নিঃ+স্রোতস্] বিণ. স্রোত নেই এমন।

নিক /নিক্/ [স. লিক্ষা >] বি. ছোটো উকুন, লিক; উকুনের ডিম।

নিকট /নিকট্/ [স. নি+√কট্+অ] বিণ. ১ কাছাকাছি, সন্নিহিত, সমীপ। ২ (বাংলায়) কাছের (*নিকট-আত্মীয়*)। বি. সামীপ্য, সন্নিধান।

নিকটতা /নিকটতা/ [স. নিকট+তা] বি. নৈকট্য, সামীপ্য, সান্নিধ্য, নিকটবর্তিতা।

নিকটবর্তিতা /নিকট্বোর্‌তিতা/ [স. নিকটবর্তী+তা] বি. দ্র নিকটতা।

নিকটবর্তী /নিকট্বোর্‌তি/ [স. নিকট+√বৃৎ+ইন্] বিণ. সমীপবর্তী, নিকটস্থ, সমীপস্থ, সন্নিহিত। স্ত্রী. নিকটবর্তিনী /নিকট্বোর্‌তিনি/।

নিকটসাদৃশ্য /নিকট্শাদ্‌শ্যো/ [স. নিকট+সাদৃশ্য] বি. তুল্য সাদৃশ্য।

নিকটস্থ /নিকটস্থো/ [স. নিকট+√স্থা+অ] বিণ. দ্র নিকটবর্তী।

নিকট-আত্মীয় /নিকটাত্তর্তিয়ো/ [স. নিকট+আত্মীয়] বি. ঘনিষ্ঠ আত্মীয়। স্ত্রী. নিকট-আত্মীয়া /নিকটাত্তর্তিআ/।

নিকর /নিকর্/ [স. নি+√কৃ+অ] বি. ১ সমূহ, রাশি (*তরঙ্গনিকর*)। ২ সাকুল্য, মোট (*নিকরবাকি*)। ৩ সারবস্তু। ৪ ধন, রত্ন।

নিকরবাকি /নিকর্‌বাকি/ [স. নিকর+আ. বাকি] বি. বাকিপড়া খাজনার সমষ্টি; মোট বকেয়া।

নিকষ /নিকশ্/ [স. নি+√কষ্+অ] বি. ১ কষ্টিপাথর। ২ কষ্টিপাথরে ঘষার চিহ্ন। ৩ তরবারির খাপ।

নিকষকালো /নিকশ্‌কালো/ [স. নিকষ+কালো] বিণ. কষ্টিপাথরের মতো কালো; ঘোর অন্ধকার।

নিকষণ /নিকশোন্/ [স. নি+√কষ্+অন] বি. কষ্টিপাথরে ঘর্ষণ।

নিকষিত /নিকোশিতো/ [স. নি+√কষ্+ত] বিণ. কষ্টিপাথরে পরীক্ষিত, খাঁটি।

নিকা[১] /নিকা/[দেশি.] ক্রিবি. দ্র নিকানো।

নিকা[২] /নিকা/ [আ. নিকাহ্ >] বি. বিবাহ।

নিকানামা /নিকানামা/ [আ. নিকাহ্+ফা. নামা] বি. দ্র নিকাহনামা।

নিকানো /নিকানো/ [দেশি.] ক্রিবি. বিণ. মাটি বা গোবর গোলা জল দিয়ে ঘরের দেওয়াল মেঝে আঙিনা প্রভৃতি লেপন করা।

নিকাব /নিকাব/ [আ.] বি. নারীর মুখমণ্ডলের আবরণ, পর্দা।

নিকায় /নিকায়্/ [স. নি+√চি+অ] বি. ১ আবাসগৃহ। ২ অভিন্ন ধর্ম বা নীতিবিশিষ্ট ব্যক্তিবর্গ। ৩ সমূহ। ৪ লক্ষ্য। ৫ পালিভাষায় রচিত বৌদ্ধ ধর্মের বিভিন্ন গ্রন্থসংগ্রহ।

নিকার /নিকার্/ [স. নি+√কৃ+অ] বি. ১ ভর্ৎসনা, তিরস্কার। ২ পরাজয়। ৩ অপমান। ৪ অনিষ্ট, অপকার। ৫ লাঞ্ছনা। ৬ ধান ঝাড়াই।

নিকারি /নিকারি/ [দেশি.] বি. মৎস্যজীবী জাতি-বিশেষ।

নিকাশ /নিকাশ্/ [স. নিষ্কাশ >] বি. ১ নিষ্কাশন (*জলনিকাশ*)। ২ সমাপ্তি (*হিসাবনিকাশ*)। ৩ বিনাশ (*শত্রুনিকাশ*)।

নিকাশি /নিকাশি/ [স. নিষ্কাশ>] বিণ. ১ চূড়ান্ত হিসাব-সম্বন্ধীয়। ২ নির্গমনসংক্রান্ত (*নিকাশি ব্যবস্থা*)।

নিকাহ /নিকাহ্/ [আ.] বি. বিবাহ।

নিকাহনামা /নিকাহ্‌নামা/ [আ. নিকাহ্+ফা. নামা] বি. মুসলিম বিবাহের দলিল, কাবিননামা।

নিকুচি /নিকুচি/ [স. নিকুঞ্চিত>] বি. (তীব্র অসন্তোষ প্রকাশে) ধ্বংস; নিকাশ; দফারফা।

নিকুঞ্জ /নিকুন্‌জো/ [স. নি+√গুঞ্জ্+অ] বি. লতাপাতায় ছাওয়া উদ্যানগৃহ; বাগান।

নিকুঞ্জকানন /নিকুন্‌জোকানোন্ /[স. নিকুঞ্জ+কানন] বি. লতাপাতায় ঢাকা উদ্যান।

নিকুঞ্জবন /নিকুন্‌জোবোন্/ [স. নিকুঞ্জ+বন] বি. দ্র নিকুঞ্জকানন।

নিকৃত /নিকৃতো/ [স. নি+√কৃ+ত] বিণ. ১ পরাজিত, পরাভূত। ২ অপমানিত; লাঞ্ছিত। ৩ তিরস্কৃত।

নিকৃতি /নিকৃতি/ [স. নি+√কৃ+তি] বি. ১ তিরস্কার। ২ পরাজয়। ৩ অপমান। ৪ নিপীড়ন। ৫ অপকার।

নিকৃত্ত /নিকৃত্তো/ [স. নি+√কৃৎ+ত] বিণ. ১ ছেদিত, ছিন্ন। ২ খণ্ডিত; কর্তিত।

নিকৃন্তন /নিকৃন্তন্/ [স. নি+√কৃৎ+অন] বি. ১

www.pathagar.com

ছেদন। ২ কর্তন; খণ্ডন।

নিকৃষ্ট/নিকৃশ্‌টো/ [স. নি+√কৃষ্+ত] বিণ. ১ অপকৃষ্ট, খারাপ, জঘন্য। ২ নীচ। বি. -তা/-তা/।

নিকেত /নিকেত্/ [স. নি+√কিত্+অ] বি. দ্র নিকেতন।

নিকেতন /নিকেতন্/ [স. নি+√কিত্+অন] বি. গৃহ, আলয়, আবাস, বাসস্থান।

নিকেশ /নিকেশ্/ [স. নিষ্কাশ >] বি. 'নিকাশ'-এর কথ্য রূপ।

নিকোচন /নিকোচোন্/ [স. নি+√কুচ্+অন] বি. সংকোচন।

নিকোনো/নিকোনো/[দেশি.] ক্রিবি. বিণ. 'নিকানো'-র কথ্য রূপ।

নিক্তি /নিক্‌তি/ [দেশি.] বি. রত্ন সোনা রুপা প্রভৃতির নিখুঁত ওজন নির্ণয়ের জন্য ব্যবহৃত ছোটো তুলাদণ্ড।

নিক্কণ /নিক্‌কন্/ [স. নি+√ক্কণ্+অ] বি. নূপুর বীণা প্রভৃতির ঝংকার।

নিক্ষত্রা /নিক্‌খত্‌ত্রা/ [স. নিঃক্ষত্র >] ক্রিবি. ক্ষত্রিয়-শূন্য করা।

নিক্ষিপ্ত /নিক্‌খিপ্‌তো/ [স. নি+√ক্ষিপ্+ত] বিণ. ১ ছুড়ে ফেলা হয়েছে এমন। ২ বর্জিত, পরিত্যক্ত। ৩ গচ্ছিত। ৪ অর্পিত।

নিক্ষেপ /নিক্‌খেপ্/ [স. নি+√ক্ষিপ্+অ] বি. ১ ত্যাগ। ২ ক্ষেপণ (*শরনিক্ষেপ*)। ৩ স্থাপন। ৪ অর্পণ।

নিক্ষেপক /নিক্‌খেপক্/ [স. নি+√ক্ষিপ্+অক] বিণ. ক্ষেপণকারী।

নিক্ষেপণ /নিক্‌খেপন্/ [স. নি+√ক্ষিপ্+অন] বি. দ্র নিক্ষেপ।

নিখরচ /নিখরোচ্/ [বা. নি+ফা. খর্‌চ্] ক্রিবিণ. খরচ না করে, বিনামূল্যে, বিনাব্যয়ে।

নিখরচা /নিখর্‌চা/ [ফা. নাখরচা >] ক্রিবিণ. দ্র নিখরচ।

নিখরচে /নিখোর্‌চে/ [ফা. নাখরচা >] বিণ. কৃপণ, ব্যয়কুণ্ঠ।

নিখর্ব /নিখর্‌বো/ [স. নি+খর্ব] বি. দশ হাজার কোটি সংখ্যা (১০০ ০০০ ০০০ ০০০)।

নিখাকি /নিখাকি/ [বা.] বিণ. কম খায় বা কিছুই খায় না এমন। বি. স্বল্পাহারী নারী।

নিখাগি /নিখাগি/ [বা.] বিণ. বি. দ্র নিখাকি।

নিখাত /নিখাতো/ [স. নি+√খন্+ত] বিণ. ১ খনিত। ২ প্রোথিত। ৩ সংস্থাপিত, প্রতিষ্ঠিত।

নিখাদ[১]/নিখাদ্/ [স. নিষাদ >] বি. স্বরগ্রামের সপ্তম স্বর 'নি'।

নিখাদ[২]/নিখাদ্/ [বা.] বিণ. খাদহীন, খাঁটি, বিশুদ্ধ, নির্ভেজাল (*নিখাদ সোনা*)।

নিখিল /নিখিল্/ [স. নি+খিল] বিণ. অনন্ত, সমগ্র (*নিখিল বিশ্ব*)। বি. সমগ্র সৃষ্টি; সমগ্র জগৎ।

নিখিল জগৎ/নিখিল্ জগোত্/ বি. দ্র **নিখিল বিশ্ব**।

নিখিল বিশ্ব /নিখিল্ বিশ্‌শো/ বি. সমগ্র পৃথিবী।

নিখিল ভুবন /নিখিল্ ভুবন্/ বি. দ্র **নিখিল বিশ্ব**।

নিখুঁত /নিখুঁত্/ [বা.] বিণ. ১ খুঁত নেই এমন; দোষহীন, ত্রুটিশূন্য। ২ পূর্ণাঙ্গ।

নিখোঁজ /নিখোঁজ্/ [বা.] বিণ. খোঁজ নেই এমন।

নিগড় /নিগড়্/ [স. নি+√গড়্+অ] বি. শৃঙ্খল, বেড়ি।

নিগড়িত /নিগোড়িতো/ [স. √নিগড়্+ত] বিণ. শিকল দিয়ে বাঁধা, শৃঙ্খলিত।

নিগদ /নিগদ্/ [স. নি+√গদ্+অ] বি. ভাষণ, উক্তি।

নিগদিত /নিগোদিতো/ [স. নি+√গদ্+ত] বিণ. উক্ত; ভাষিত, কথিত।

নিগম /নিগম্/ [স. নি+√গম্+অ] বি. ১ বেদ; তন্ত্র-শাস্ত্রবিশেষ। ২ নগর, লোকালয়। ৩ বণিকসঙ্ঘ। ৪ পথ। ৫ বহির্গমন। ৬ পুরসভা।

নিগমন /নিগমোন্/ [স. নি+√গম্+অন] বি. বহির্গমন।

নিগমবদ্ধ /নিগম্‌বদ্‌ধো/ [স. নিগম+√বন্ধ্+ত] বিণ. সংঘবদ্ধ, corporate body।

নিগরণ/নিগরোন্/ [স. নি+√গৃ+অন] বি. গলাধঃকরণ।

নিগীর্ণ /নিগির্‌নো/ [স. নি+√গৃ+ত] বিণ. খাওয়া হয়েছে এমন, ভক্ষিত, গলাধঃকৃত।

নিগূঢ় /নিগূঢ়ো/ [স. নি+√গুহ্+ত] বিণ. ১ গোপন। ২ দুর্জ্ঞেয়; জটিল। ৩ রহস্যময়। ৪ অত্যন্ত গভীর।

নিগৃহীত /নিগৃহিতো/ [স. নি+√গ্রহ্+ত] বিণ. ১ নির্যাতিত; লাঞ্ছিত। ২ দণ্ডিত।

নিগ্রহ /নিগ্রোহো/ [স. নি+√গ্রহ্+অ] বি. ১ শাসন। ২ লাঞ্ছনা। ৩ কষ্ট। ৪ নিপীড়ন। ৫ সংযম।

নিগ্রাহক/নিগ্রাহোক্/ [স. নি+√গ্রহ্+অক] বি. বিণ. ১ শাসক। ২ উৎপীড়ক; নিগ্রহকারী।

নিঘণ্টু /নিঘোন্টু/ [স. নি+√ঘন্ট্+উ] বি. ১ নির্ঘণ্ট। ২ যাস্কপ্রণীত বৈদিক শব্দসংগ্রহ; কোষগ্রন্থ।

নিচয়[১] /নিচয়্/ [স. নি+√চি+অ] বি. ১ বৃন্দ, সমূহ, রাশি, নিকর, সমুদয়। ২ বৃদ্ধি।

নিচয়[২] /নিচয়্/ [স. নিশ্চয় >] বি. নিশ্চয়।

নিচু /নিচু/ [স. নীচ >] বিণ. ১ অনুন্নত; নিম্ন, অবনত। ২ ছোটো। বি. নিম্নস্থান।

নিচুল /নিচুল্/ [স. নি+√চুল্+অ] বি. ১ বেতগাছ। ২ উত্তরীয় বস্ত্র। ৩ মহাকবি কালিদাসের সামসময়িক

www.pathagar.com

(পঞ্চম শতক) বিশিষ্ট কবি।

নিচোল /নিচোল্/ [স. নি+√চুল্+অ] বি. ১ প্রচ্ছদ-পট, আচ্ছাদনবস্ত্র। ২ উত্তরীয়। ৩ ঘাগরা।

নিছক /নিছক্/ [বা.] বিণ. ১ নিতান্ত; একমাত্র। ২ খাঁটি, নির্ভেজাল। ৩ নিরবচ্ছিন্ন।

নিছনি[১] /নিছোনি/ [স. নির্মঞ্চন >] বি. ১ আরতি, আরাধনা, পূজা। ২ বরণ।

নিছনি[২] /নিছোনি/ [স. নির্মন্থন >] বি. ১ বিবাহ অনুষ্ঠানের স্ত্রী-আচারবিশেষ, প্রসাধন। ২ আপদ।

নিছানো /নিছানো/ [বা.] ক্রিবি. ১ উৎসর্গ করা। ২ ছাঁকা, নিংড়ানো। ৩ মোছা।

নিজ /নিজো/ [স. নি+√জন্+অ] বিণ. স্বীয়, আপন (*শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে*)। অব্য. (বাংলায়) স্বয়ং।

নিজকীয়তা /নিজোকিয়োতা/ [বা.] বি. স্বকীয়তা, ব্যক্তিস্বাতন্ত্র্য।

নিজত্ব /নিজত্তো/ [স. নিজ+ত্ব] বি. স্বাতন্ত্র্য; ব্যক্তিস্বাতন্ত্র্য; নিজস্বতা।

নিজ নিজ /নিজো নিজো/ বিণ. প্রত্যেকের নিজের।

নিজস্ব /নিজশ্শো/ [স. নিজ+স্ব] বিণ. স্বকীয়, নিজের (*নিজস্ব গাড়ি*)। বি. ১ নিজ সম্পত্তি। ২ (বাংলায়) যাতে কেবল নিজের অধিকার আছে।

নিজস্বী /নিজোশ্শি/ [স. নিজস্ব >] বি. স্মার্টফোন আইপ্যাড ল্যাপটপ প্রভৃতির ক্যামেরায় তোলা আত্মপ্রতিকৃতি, selfie।

নিজাম /নিজাম্/ [আ.] বি. ব্রিটিশ রাজতন্ত্রের অধীনে হায়দ্রাবাদের শাসকের উপাধি।

নিজে /নিজে/ [বা.] সর্ব. স্বয়ং (*নিজে করো*)।

নিজে নিজে /নিজে নিজে/ ক্রিবিণ. অন্যের সাহায্য ব্যতীত, একা।

নিঝর /নিঝর্/ [স. নির্ঝর >] বি. 'নির্ঝর'-এর কোমল রূপ।

নিঝুম /নিঝুম্/ [দেশি.] বিণ. ১ সম্পূর্ণ নীরব ও নিস্পন্দ। ২ সম্পূর্ণ আচ্ছন্ন। বি. বাংলাদেশের উপকূলে অবস্থিত বঙ্গোপসাগরের দ্বীপবিশেষ।

নিট[১] /নিট্/ [স. নিষ্ঠা >] বিণ. খাঁটি, প্রকৃত; ন্যায্য।

নিট[২] /নিট্/ [ই.] বিণ. ১ খরচ বাদ দিয়ে যা থাকে (*নিট লাভ*)। ২ শেষাবধি যা দাঁড়ায় (*নিট ফল*)।

নিটোল /নিটোল্/ [স. নিস্তল >] বিণ. ১ টোল পড়েনি এমন। ২ সুডৌল। ৩ নিখুঁত; নির্দোষ।

নিঠুর /নিঠুর্/ [স. নিষ্ঠুর >] বিণ. 'নিষ্ঠুর'-এর কোমল রূপ।

নিড়বিড়ে /নিড়বিড়ে/ [স. নিবীর্য্য >] বিণ. কাজে বিলম্ব করে এমন।

নিড়া /নিড়া/ [হি. নিরানা >] ক্রিবি. খেতের আগাছা উপড়ে ফেলা।

নিড়ানি /নিড়ানি/ [বা.] বি. খেত নিড়ানোর হাতিয়ার।

নিড়ানো /নিড়ানো/ [বা.] ক্রিবি. খেতের আগাছা উপড়ে ফেলে মাটি ঝুরঝুরে করে দেওয়া।

নিড়েন /নিড়েন্/ [বা.] বি. ১ খেত নিড়ানোর হাতিয়ার। ২ খেত নিড়ানোর কাজ।

নিত /নিতো/ [স. নিত্য >] ক্রিবিণ. প্রত্যহ, নিত্য।

নিতকনে /নিত্কোনে/ [স. মিত্রকন্যা >] বি. বিবাহের সময় যে বালিকা কনের সঙ্গে শ্বশুরালয়ে গমন করে, মিতকনে।

নিতবর /নিত্বর্/ [স. মিত্রবর >] বি. বিবাহের সময় যে বালক বরের সঙ্গে শ্বশুরালয়ে গমন করে, মিতবর।

নিতম্ব /নিতম্বো/ [স. নি+√তম্+ব] বি. ১ পশ্চাদ্দেশ। ২ পর্বতের পার্শ্বদেশ, পর্বতসানু (*গিরিনিতম্ব*)।

নিতল /নিতল্/ [স. নি+তল] বি. ১ পুরাণে কল্পিত সাতটি পাতালের প্রথমটি (বিষ্ণুপুরাণমতে তৃতীয়টি)। ২ (আল.) অতি গভীর স্থান।

নিতা /নিতা/ [দেশি.] বি. দাওয়াত, নিমন্ত্রণ।

নিতাই /নিতাই/ [স. নিত্যানন্দ >] বিণ. বি. দ্র নিত্যানন্দ।

নিতান্ত /নিতান্তো/ [স. নি+√তম্+ত] বিণ. ১ অতিশয় (*নিতান্ত অসহায়*)। ২ ঘনিষ্ঠ (*নিতান্ত আপনজন*)। ক্রিবিণ. নেহাত, একান্ত।

নিতি /নিতি/ [স. নিত্য >] ক্রিবিণ. 'নিত্য'-র কোমল রূপ (*মম চিত্তে নিতি নৃত্যে কে যে নাচে* রবীন্দ্র.)।

নিত্য /নিত্তো/ [স. নি+ত্য] ক্রিবিণ. ১ প্রত্যহ। ২ অহরহ (*নিত্য তোমার যে ফুল ফোটে ফুলবনে* রবীন্দ্র.)। বিণ. ১ প্রাত্যহিক, দৈনন্দিন (*নিত্যকর্ম*)। ২ অনাদি; চিরস্থায়ী (*নিত্যকাল*)। ৩ ধ্রুব।

নিত্যকর্ম /নিত্তোকর্মো/ [স. নিত্য+কর্মন্] বি. ১ অবশ্যকরণীয় প্রাত্যহিক কাজ। ২ প্রত্যহ আচরণীয় শাস্ত্রীয় অনুষ্ঠান।

নিত্যগতি /নিত্তোগোতি/ [স. নিত্য+√গম্+তি] বি. বাতাস।

নিত্যতা /নিত্তোতা/ [স. নিত্য+তা] বি. চিরন্তনতা।

নিত্যদিন /নিত্তোদিন্/ [স. নিত্য+দিন] বি. প্রত্যহ, প্রতিদিন, রোজ।

নিত্যধাম /নিত্তোধাম্/ [স. নিত্য+ধাম] বি. স্বর্গলোক, নিত্যলোক।

নিত্যনৈমিত্তিক /নিত্তোনোইমিত্তিক্/ [স. নিত্য+

www.pathagar.com

নৈমিত্তিক] বিণ. ১ নিয়মিত ঘটে বা করা হয় এমন, দৈনন্দিন। ২ বিশেষ উপলক্ষ্যে করণীয়।

নিত্যপ্রয়োজনীয় /নিত্তোপ্রোয়োজোনিয়ো/ [স. নিত্য+প্রয়োজনীয়] বিণ. জীবনধারণের জন্য নিত্য প্রয়োজন হয় এমন।

নিত্যপ্রলয় /নিত্তোপ্রোলয়/ [স. নিত্য+প্রলয়] বি. অতি গভীর নিদ্রা (যখন বহির্জগতের বোধ লুপ্ত হয়), সুষুপ্তি।

নিত্যবৃত্ত /নিত্তোবৃত্তো/ [স. নিত্য+√বৃৎ+ত] বিণ. প্রতিনিয়ত ঘটে থাকে এমন।

নিত্যবৃত্ত অতীত /নিত্তোবৃত্তো ওতিত্/ বি. অতীতে প্রায়ই ঘটত এমন ক্রিয়া সংঘটনের কাল।

নিত্যব্যবহার্য /নিত্তোব্যাবোহারজো/ [স. নিত্য+ব্যবহার্য] বিণ. সর্বদা ব্যবহার করা হয় এমন।

নিত্যযাত্রী /নিত্তোজাত্রি/ [স. নিত্য+যাত্রী] বি. প্রতিদিন যাতায়াত করে এমন যাত্রী।

নিত্যলোক /নিত্তোলোক্/ [স. নিত্য+লোক] বি. স্বর্গলোক, বেহেশত, নিত্যধাম।

নিত্যসঙ্গী /নিত্তোশোংগি/ [স. নিত্য+সঙ্গী] বি. যে সবসময় সঙ্গে থাকে।

নিত্যসমাস /নিত্তোশমাস্/ [স. নিত্য+সমাস] বি. (ব্যা.) অন্য পদের সাহায্য ছাড়া যে সমাসের ব্যাসবাক্য হয় না (সভাতে আসীন > সভাসীন)।

নিত্যসহচর /নিত্তোশহোচর/ [স. নিত্য+সহচর] বি. দ্র নিত্যসঙ্গী।

নিত্যানন্দ /নিত্তানন্দো/ [স. নিত্য+আনন্দ] বিণ. সর্বদা আনন্দে থাকে এমন, সদানন্দ। বি. নিতাই, শ্রীগৌরাঙ্গের শিষ্য।

নিথর /নিথর/ [বা.] বিণ. ১ স্থির, নিশ্চল (*নিথর দেহ*)। ২ নিস্তব্ধ, নীরব (*নিথর বনভূমি*)।

নিদ /নিদ্/ [স. নিদ্রা >] বি. 'নিদ্রা'-র কাব্যিক রূপ।

নিদয় /নিদয়/ [স. নির্দয় >] বিণ. 'নির্দয়'-এর কোমল ও কাব্যিক রূপ।

নিদর্শক /নিদর্শক/ [স. নি+√দর্শি+অক] বিণ. নির্দেশক; সূচক।

নিদর্শন /নিদর্শোন্/ [স. নি+√দর্শি+অন] বি. ১ প্রমাণ; উল্লেখ। ২ উদাহরণ, দৃষ্টান্ত। ৩ (বাংলায়) চিহ্ন (*প্রত্নতাত্ত্বিক নিদর্শন*)।

নিদর্শনস্বরূপ /নিদর্শোনশরুপ্/ [স. নিদর্শন+স্বরূপ] বিণ. ১ চিহ্নস্বরূপ। ২ দৃষ্টান্তস্বরূপ। ৩ প্রমাণস্বরূপ।

নিদর্শনা /নিদর্শোনা/ [স. নিদর্শন+আ (টাপ্)] বি. সাদৃশ্যহেতু অস্বাভাবিক প্রকৃতি গুণ ধর্ম কার্য প্রভৃতি আরোপরূপ অর্থালংকার।

নিদাঘ /নিদাঘ্/ [স. নি+√দহ্+অ] বি. ১ গ্রীষ্মকাল। ২ উত্তাপ। ৩ উষ্মা। ৪ ঘাম।

নিদান /নিদান/ [স. নি+√দা+অন] বি. ১ মূল কারণ। ২ চিকিৎসা। ৩ মৃত্যু আসন্ন এমন ঘোষণা। ৪ অবসান। বিণ. অন্তিম (*নিদানকাল*)। অব্য. অন্তত; নেহাত (*নিদানপক্ষে*)।

নিদানকাল /নিদান্কাল/ [স. নিদান+কাল] বি. অন্তিমসময়, মৃত্যুকাল; শেষ অবস্থা।

নিদানতত্ত্ব /নিদান্তত্তো/ [স. নিদান+তত্ত্ব] বি. রোগের হেতু ও উৎপত্তি নির্ণায়ক শাস্ত্র, নিদান-শাস্ত্র, নিদানবিদ্যা।

নিদানবিদ্যা /নিদান্বিদ্দা/ [স. নিদান+বিদ্যা] বি. দ্র নিদানতত্ত্ব।

নিদানশাস্ত্র /নিদান্শাস্ত্রো/ [স. নিদান+√শাস্+ত্র] বি. দ্র নিদানতত্ত্ব।

নিদারুণ /নিদারুন্/ [স. নি+দারুণ] বিণ. ১ অতিশয়, ভীষণ। ২ কঠোর (*নিদারুণ শাস্তি*)। ৩ অসহ্য, দুঃসহ (*নিদারুণ যন্ত্রণা*)।

নিদালি /নিদালি/ [বা.] বি. ১ কল্পিত নিদ্রাকর্ষক মন্ত্র। ২ তন্দ্রার ভাব, ঘুমঘুম ভাব।

নিদিধ্যাস /নিদিদ্ধ্যাশ্/ [স. নি+√ধ্যৈ+সন্+অ] বি. ১ একাগ্রচিত্তে ধ্যান। ২ নিরন্তর পর্যালোচনা।

নিদিধ্যাসন /নিদিদ্ধ্যাশোন্/ [স. নি+√ধ্যৈ+সন্+অন] বি. দ্র নিদিধ্যাস।

নিদেন[১] /নিদেন্/ [স. নিদান >] বি. বিণ. ক্রিবিণ. 'নিদান'-এর কথ্য রূপ।

নিদেন[২] /নিদেন/ [দেশি.] বি. লাঙলের ফলার সঙ্গে সংযুক্ত কাঠের দণ্ড, কাষ্ঠদণ্ড।

নিদ্রা /নিদ্রা/ [স. নি+√দ্রা+অ+আ (টাপ্)] বি. উচ্চতর স্তরের প্রাণিকুলের শারীরিক ক্লান্তি ও অবসাদ দূরীকরণের জন্য দেহের স্বাভাবিক ও নিয়মিত অবচেতন অবস্থা (বিশেষ করে সূর্যাস্তের পর), ঘুম, তন্দ্রা, সুপ্তি।

নিদ্রাকর্ষক /নিদ্রাকর্শক/ [স. নিদ্রা+আকর্ষক] বিণ. ঘুমে আবিষ্ট করে এমন (*নিদ্রাকর্ষক ওষুধ*)।

নিদ্রাকর্ষণ /নিদ্রাকর্শোন্/ [স. নিদ্রা+আকর্ষণ] বি. ঘুমঘুম ভাব, নিদ্রাবেশ, তন্দ্রা।

নিদ্রাগত /নিদ্রাগতো/ [স. নিদ্রা+গত] বিণ. নিদ্রিত, ঘুমন্ত, সুপ্ত (*নিদ্রাগত প্রাণ*)।

নিদ্রাজনক /নিদ্রাজনোক্/ [স. নিদ্রা+জনক] বিণ. নিদ্রা আকর্ষণ করে এমন।

নিদ্রাতুর /নিদ্রাতুর্/ [স. নিদ্রা+আতুর] বিণ. ঘুমে কাতর, ঘুমজড়িত।

নিদ্রানীরব /নিদ্রানিরব্/ [স. নিদ্রা+নীরব] বিণ.

www.pathagar.com

নিদ্রাবিষ্ট ও নিস্তব্ধ।

নিদ্রাবিষ্ট /নিদ্‌দ্রাবিশ্‌টো/ [স. নিদ্রা+আবিষ্ট] বিণ. ঘুমে অচেতন, নিদ্রামগ্ন, নিদ্রিত।

নিদ্রাবেশ /নিদ্‌দ্রাবেশ্‌/ [স. নিদ্রা+আবেশ] বি. ঘুমের আবেশ, ঘুমের ঘোর, তন্দ্রা।

নিদ্রাভঙ্গ /নিদ্‌দ্রাভংগো/ [স. নিদ্রা+ভঙ্গ] বি. ঘুম থেকে জাগরণ।

নিদ্রাভিভূত /নিদ্‌দ্রাভিভুতো/ [স. নিদ্রা+অভিভূত] বিণ. নিদ্রাবিষ্ট, নিদ্রামগ্ন।

নিদ্রায়মাণ /নিদ্‌দ্রায়োমান্‌/ [স. নিদ্রায়+মান (শানচ্‌)] বিণ. নিদ্রামগ্ন, ঘুমন্ত।

নিদ্রালস /নিদ্‌দ্রালশ্‌/ [স. নিদ্রা+অলস] বিণ. ঘুমের ঘোরে জড়তাগ্রস্ত, নিদ্রাহেতু অলস। স্ত্রী. নিদ্রালসা /নিদ্‌দ্রালশা/।

নিদ্রালু /নিদ্‌দ্রালু/ [স. নিদ্রা+আলু] বিণ. নিদ্রাবিষ্ট; তন্দ্রালু, ঘুম পেয়েছে এমন।

নিদ্রাহারা /নিদ্‌দ্রাহারা/ [স. নিদ্রা+হারা] বিণ. নিদ্রাহীন।

নিদ্রিত /নিদ্‌দ্রিতো/ [স. নিদ্রা+ইত] বিণ. ঘুমিয়ে আছে এমন, নিদ্রামগ্ন। স্ত্রী. নিদ্রিতা /নিদ্‌দ্রিতা/।

নিদ্রোত্থিত /নিদ্‌দ্রোত্‌থিতো/ [স. নিদ্রা+উত্থিত] বিণ. ঘুম থেকে জেগে উঠেছে এমন, সদ্য জাগরিত। স্ত্রী. নিদ্রোত্থিতা /নিদ্‌দ্রোত্‌থিতা/।

নিধন /নিধন্‌/ [স. নি+√ধা+অন] বি. ১ বিনাশ। ২ বধ। ৩ রাশিচক্রের লগ্নের অষ্টম স্থান। বিণ. নির্ধন।

নিধনপতি /নিধন্‌পোতি/ [স. নিধন+পতি] বি. পৃথিবীর প্রলয়কর্তা, শিব।

নিধান /নিধান্‌/ [স. নি+√ধা+অন] বিণ. গচ্ছিত। বি. ১ আধার, আশ্রয় (*দয়ার নিধান*)। ২ অর্পণ। ৩ নিবেশ; স্থাপন। ৪ লগারিদমের ঘাতাঙ্ক গণনের প্রথম রাশি; (পরি.) base of logarithm।

নিধি /নিধি/ [স. নি+√ধা+ই] বি. ১ গচ্ছিত ধন; ধনরত্ন। ২ কুবেরের ধন। ৩ আশ্রয়; আধার (*গুণনিধি*)। ৪ সমুদ্র (*বিদ্যানিধি*)। ৫ বিশেষ উদ্দেশ্যে নিয়োজিত তহবিল বা ধন (*স্মৃতিনিধি*)।

নিধেয় /নিধেয়ো/ [স. নি+√ধা+য] বিণ. গচ্ছিত রাখার যোগ্য, নিধানযোগ্য।

নিনাদ /নিনাদ্‌/ [স. নি+√নদ্‌+অ] বি. শব্দ; উচ্চধ্বনি; গর্জন (*বজ্রনিনাদ*)।

নিনাদিত /নিনাদিতো/ [স. নি+√নাদি+ত] বিণ. ধ্বনিত, ঝংকৃত; গর্জিত।

নিনু[১] /নিনু/ [স. নিম্ন >] বিণ. ১ নিম্ন। ২ নম্র। ৩ বিনত, আনত; হেঁট।

নিনু[২] /নিনু/ [ই. linen >] বি. পাটজাতীয় উদ্ভিদের আঁশ থেকে তৈরি কাপড়; ক্ষৌমবস্ত্র।

নিনু[৩] /নিনু/ [আঞ্চ.] ক্রিবি. গ্রহণ করলাম।

নিন্দক /নিন্‌দক্‌/ [স. √নিন্দ্‌+অক] বি. বিণ. নিন্দাকারী; 'নিন্দুক'-এর শুদ্ধ ও অপ্রচলিত রূপ।

নিন্দন /নিন্‌দন্‌/ [স. √নিন্দ্‌+অন] বি. নিন্দাবাক্য প্রচার বা উচ্চারণ।

নিন্দনীয় /নিন্‌দোনিয়ো/ [স. √নিন্দ্‌+অনীয়] বিণ. নিন্দার যোগ্য, নিন্দার্হ; দূষণীয়।

নিন্দা /নিন্‌দা/ [স. √নিন্দ্‌+অ+আ (টাপ্‌)] বি. কুৎসা; কলঙ্ক; অপযশ, কুখ্যাতি।

নিন্দাজনক /নিন্‌দাজনোক্‌/ [স. নিন্দা+জনক] বিণ. দ্র নিন্দনীয়।

নিন্দাবাদ /নিন্‌দাবাদ/ [স. নিন্দা+বাদ] বি. কুৎসা রটনা, দোষকথন।

নিন্দার্হ /নিন্‌দার্‌হো/ [স. নিন্দা+অর্হ] বিণ. নিন্দনীয় (*নিন্দার্হ আচরণ*)।

নিন্দাসূচক /নিন্‌দাশুচক্‌/ [স. নিন্দা+সূচক] বিণ. নিন্দাজনক, নিন্দনীয়।

নিন্দিত /নিন্‌দিতো/ [স. √নিন্দ্‌+ত] বিণ. ১ নিন্দা করা হয়েছে এমন। ২ তুলনায় মহত্তর (*কাজল-নিন্দিত কেশ*)।

নিন্দুক /নিন্‌দুক্‌/ [স. নিন্দক >] বি. বিণ. 'নিন্দক'-এর অশুদ্ধ ও অপ্রচলিত রূপ।

নিন্দ্য /নিন্‌দো/ [স. √নিন্দ্‌+য] বিণ. নিন্দার যোগ্য।

নিপট[১] /নিপট্‌/ [দেশি.] বিণ. ১ অত্যন্ত; নিতান্ত। ২ নিশ্চিত। ৩ খাঁটি, যথার্থ।

নিপট[২] /নিপট্‌/ [স. লম্পট >] বিণ. লম্পট।

নিপতন /নিপতোন্‌/ [স. নি+√পত্‌+অন] বি. ১ সম্যক পতন। ২ নিচে পতন। ৩ অধঃপতন।

নিপতিত /নিপোতিতো/ [স. নি+√পত্‌+ত] বিণ. সম্যক পতিত; ভূপাতিত; অধঃপতিত।

নিপাত /নিপাত্‌/ [স. নি+√পত্‌+অ] বি. ১ ধ্বংস, বিনাশ; নিধন; মৃত্যু। ২ অধঃপতন।

নিপাতন /নিপাতোন্‌/ [স. নি+√পত্‌+অন] বি. ১ বধ; বিনাশ, ধ্বংসসাধন। ২ (ব্যা.) ব্যাকরণের নিয়মবহির্ভূত শব্দ (*নিপাতনে সিদ্ধ*)।

নিপাতিত /নিপাতিতো/ [স. নি+√পাতি+ত] বিণ. ১ ধ্বংস করা হয়েছে এমন। ২ নিহত। ৩ নিচে ফেলা হয়েছে এমন। ৪ (ব্যা.) নিপাতনে সাধিত।

নিপাত্তা /নিপাত্‌তা/ [বা.] বিণ. খোঁজ পাওয়া যাচ্ছে না এমন, নিরুদ্দিষ্ট।

www.pathagar.com

নিপান /নিপান্/ [স. নি+√পা+অন] বি. ১ পশুপাখির জলপান বা স্নানের জন্য নির্মিত ক্ষুদ্র জলাশয়, চৌবাচ্চা। ২ দোহনপাত্র।

নিপীড়ক /নিপিড়ক্/ [স. নি+√পীড়্+অক] বিণ. ১ উৎপীড়ক; অত্যাচারী। ২ ক্লেশদায়ক।

নিপীড়ন /নিপিড়ন্/ [স. নি+√পীড়ি+অন] বি. ১ অত্যাচার, উৎপীড়ন, নিগ্রহ। ২ দলন।

নিপীড়িত /নিপিড়িতো/ [স. নি+√পীড়ি+ত] বিণ. নির্যাতিত, নিগৃহীত। স্ত্রী. **নিপীড়িতা**/নিপিড়িতা/।

নিপীত /নিপিতো/ [স. নি+√পা+ত] বিণ. সম্পূর্ণরূপে পান করা হয়েছে এমন।

নিপুণ /নিপুন্/ [স. নি+√পুণ্+অ] বিণ. ১ দক্ষ, পটু। ২ বিচক্ষণ। স্ত্রী. **নিপুণা** /নিপুনা/।

নিপুণতা /নিপুনতা/ [স. নিপুণ+তা] বি. দক্ষতা, পটুতা, নৈপুণ্য, নিপুণত্ব।

নিব /নিব্/ [ই.] বি. (বর্তমানে বিরল) লেখার জন্য কলমের অগ্রভাগে যুক্ত ধাতব ফলকবিশেষ, nib।

নিবদ্ধ /নিবদ্ধো/ [স. নি+√বন্ধ্+ত] বিণ. ১ বাঁধা হয়েছে এমন; সংলগ্ন। ২ গ্রথিত; রচিত। ৩ স্থির করা হয়েছে এমন, নিবিষ্ট (*নিবদ্ধ দৃষ্টি*)। ৪ পরিহিত। ৫ বিন্যস্ত; নিবেশিত।

নিবদ্ধীকরণ/নিবোদ্ধিকরোন্/ [স. নিবদ্ধ+চ্বি+করণ] বি. তালিকাভুক্তি, নিবন্ধন, registration।

নিবন্ত /নিবন্তো/ [বা.] বিণ. প্রায় নিভে যাচ্ছে এমন, নিবুনিবু।

নিবন্ধ /নিবন্ধো/ [স. নি+√বন্ধ্+অ] বি. ১ প্রবন্ধ; রচনা। ২ গ্রন্থ। ৩ কৌশল; নিয়ম। ৪ নির্ধারণ। ৫ তালিকা। ৬ গান। ৭ হেতু (*রোগের নিবন্ধ*)।

নিবন্ধক /নিবন্ধক্/ [স. নি+√বন্ধ্+অক] বি. ১ নিবন্ধন করার দায়িত্বে নিয়োজিত কর্মী। ২ বিশ্ব-বিদ্যালয় হাসপাতাল আদালত প্রভৃতি প্রতিষ্ঠানের প্রশাসনের দায়িত্বে নিয়োজিত আধিকারিক; (পরি.) registrar।

নিবন্ধকার /নিবন্ধোকার্/ [স. নিবন্ধ+কার] বি. প্রবন্ধ রচয়িতা।

নিবন্ধন /নিবন্ধন্/ [স. নি+√বন্ধ্+অন] বি. ১ কারণ, নিমিত্ত, হেতু। ২ নির্ধারণ, স্থিরীকরণ। ৩ রেজিস্ট্রি-ভুক্ত করার কাজ (*জন্মনিবন্ধন*), registration।

নিবন্ধিত /নিবোন্ধিতো/ [স. নি+√বন্ধ্+ত] বিণ. ১ রচিত; গ্রথিত। ২ তালিকাভুক্ত, registered।

নিবর্ত /নিবর্তো/ [স. নি+√বৃৎ+অ] বিণ. ১ বিরত; ক্ষান্ত। ২ বিলম্বিত।

নিবর্তক/নিবর্তক্/ [স. নি+√বৃৎ+অক] বিণ. নিবারক, নিবৃত্তিকারী; বিনাশক।

নিবর্তন /নিবর্তোন্/ [স. নি+√বৃৎ+অন] বি. ১ নিবারণ; বিরতি; ক্ষান্তি। ২ সংহার। ৩ প্রত্যাগমন।

নিবর্তনমূলক /নিবর্তোনমুলক্/ [স. নিবর্তন+মূলক] বিণ. নিবারণমূলক; নিবৃত্তিমূলক।

নিবর্তিত /নিবোর্তিতো/ [স. নি+√বর্তি+ত] বিণ. ১ নিবারিত; বিরত, ক্ষান্ত। ২ প্রত্যাগত।

নিবর্হন /নিবর্হোন্/ [স. নি+√বর্হ্+অন] বি. ১ বধ, বিনাশসাধন, ধ্বংসন। ২ উন্মূলন।

নিবসতি /নিবশোতি/ [স. নি+√বস্+অতি] বি. নিবাস; গৃহ।

নিবসন /নিবশোন্/ [স. নি+√বস্+অন] বি. ১ বাস-স্থান। ২ পরিধেয় বস্ত্র, বসন।

নিবহ /নিবহো/ [স. নি+√বহ্+অ] বি. ১ সমূহ; রাশি। ২ সপ্তবায়ুর প্রথমটি।

নিবা /নিবা/ [বা.] ক্রিবি. নির্বাপিত হওয়া। বিণ. নির্বাপিত হয়েছে এমন।

নিবাত /নিবাত্/ [স. নি+√বা+ত] বিণ. ১ বায়ুশূন্য, vacuum। ২ বায়ুপ্রবাহের অভাবে স্থির (*নিবাত প্রদীপ*)। বি. বাতাসের প্রচণ্ড ঝাপটা।

নিবানো /নিবানো/ [বা.] ক্রিবি. বিণ. দ্র নেভানো।

নিবাপ /নিবাপ্/ [স. নি+√বপ্+অ] বি. মৃত পূর্বপুরুষদের উদ্দেশে পিন্ডদান।

নিবার /নিবার্/ [স. নিবারণ >] বি. (কাব্যে) বারণ, নিষেধ, বিরতকরণ, দূরীকরণ।

নিবারক /নিবারক্/ [স. নি+√বারি+অক] বিণ. নিবারণ করে এমন, নিবারণকারী।

নিবারণ /নিবারোন্/ [স. নি+√বারি+অন] বি. ১ নিবৃত্তি; সংযতকরণ। ২ দূরীকরণ (*দুঃখ নিবারণ*); প্রশমন (*রোগ নিবারণ*)। ৩ নিষেধ, বারণ।

নিবারণীয় /নিবারোনিয়ো/ [স. নি+√বারি+অনীয়] বিণ. নিবারণ করা উচিত এমন, নিবার্য।

নিবারিত /নিবারিতো/ [স. নি+√বারি+ত] বিণ. নিবারণ করা হয়েছে এমন, নিবৃত্ত।

নিবার্য /নিবার্জো/ [স. নি+√বারি+য] বিণ. দ্র নিবারণীয়।

নিবাস /নিবাশ্/ [স. নি+√বস্+অ] বি. গৃহ, বসতি; আশ্রম; আবাস, বাসস্থান, সাকিন।

নিবাসন /নিবাশন্/ [স. নি+√বাস্+অন] বি. অন্তর্বাস, কৌপীন।

-নিবাসী /নিবাশি/ [স. নি+√বস্+ইন্] বিণ. বসবাস-কারী, অধিবাসী। স্ত্রী. **নিবাসিনী** /নিবাশিনি/।

নিবিড় /নিবিড়্/ [স. নি+√বিড়্+অ] বিণ. ১ ঘন,

www.pathagar.com

গহন (*নিবিড় অরণ্য*)। ২ গভীর (*নিবিড় সম্পর্ক*)। ৩ দুর্ভেদ্য (*নিবিড় অন্ধকার*)। ৪ প্রগাঢ় (*নিবিড় আলিঙ্গন*)। ৫ দৃঢ় (*নিবিড় বন্ধন*)। বি. নিবিড়তা /নিবিড়তা/।

নিবিষ্ট /নিবিশ্‌টো/ [স. নি+√বিশ্+ত] বিণ. ১ মগ্ন (*নিবিষ্টমনে অধ্যয়ন*)। ২ বিন্যস্ত। ৩ সংলগ্ন। ৪ প্রবিষ্ট।

নিবিষ্টচিত্ত /নিবিশ্‌টোচিত্‌তো/ [স. নিবিষ্ট+চিত্ত] বিণ. অনন্যমনা, একাগ্রচিত্ত। বি. ~তা /–তা/।

নিবীত /নিবিতো/ [স. নি+√ব্যে+ত] বি. ১ ওড়না; উত্তরীয়। ২ যজ্ঞসূত্র।

নিবুনিবু /নিবুনিবু/ [বা.] বিণ. দ্র নিভুনিভু।

নিবৃত /নিবৃতো/ [স. নি+√বৃ+ত] বিণ. পরিখা-বেষ্টিত; আবৃত। বি. ওড়না; উত্তরীয়।

নিবৃত্ত /নিবৃত্‌তো/ [স. নি+√বৃৎ+ত] বিণ. ১ বিরত, ক্ষান্ত; সমাপ্ত। ২ প্রত্যাবৃত্ত।

নিবৃত্তি /নিবৃত্‌তি/ [স. নি+√বৃৎ+তি] বি. ১ বিরতি; ক্ষান্তি (*সংশয় নিবৃত্তি*)। ২ বৈরাগ্য (*নিবৃত্তিমার্গ*)।

নিবেদক /নিবেদক্/ [স. নি+√বেদি+অক] বিণ. ১ নিবেদনকারী, আবেদক। ২ সমর্পক, উৎসর্গকারী।

নিবেদন /নিবেদন্/ [স. নি+√বেদি+অন] বি. ১ বিনীত আবেদন। ২ জ্ঞাপন; উপস্থাপন। ৩ উৎসর্গ, সমর্পণ (*আত্মনিবেদন*)।

নিবেদনীয় /নিবেদোনিয়ো/ [স. নি+√বেদি+অনীয়] বিণ. নিবেদনের উপযুক্ত, নিবেদ্য।

নিবেদিত /নিবেদিতো/ [স. নি+√বেদি+ত] বিণ. ১ নিবেদন করা হয়েছে এমন। ২ অর্পিত। ৩ সূচিত। ৪ জ্ঞাপিত।

নিবেদ্য /নিবেদ্‌দো/ [স. নি+√বেদি+য] বিণ. দ্র নিবেদনীয়।

নিবেশ /নিবেশ্/ [স. নি+√বিশ্+অ] বি. ১ বিন্যাস, সন্নিবেশ; স্থাপন। ২ গৃহ। ৩ প্রবেশ। ৪ উপবেশন। ৫ মনোযোগ (*অভিনিবেশ*)।

নিবেশক /নিবেশক্/ [স. নি+√বেশি+অক] বিণ. ১ স্থাপনকারী। ২ নিবেশকারী।

নিবেশন /নিবেশন্/ [স. নি+√বেশি+অন] বি. ১ প্রবেশ। ২ স্থিতি। ৩ শিবির; আলয়। ৪ বিন্যাস।

নিবেশিত /নিবেশিতো/ [স. নি+√বেশি+ত] বিণ. ১ প্রবিষ্ট। ২ স্থাপিত। ৩ বিন্যস্ত। ৪ সংক্রামিত।

–নিভ /নিভো/ [স. নি+√ভা+অ] বিণ. (সমাসের পরপদে) সদৃশ সম তুল্য প্রভৃতি অর্থে ব্যবহৃত শব্দ (*দুগ্ধফেননিভ*)।

নিভন্ত /নিভনতো/ [বা.] বিণ. প্রায় নিভে যাচ্ছে এমন, নিভুনিভু।

নিভাঁজ /নিভাঁজ্/ [বা.] বিণ. ১ ভাঁজ নেই এমন। ২ খাঁটি, বিশুদ্ধ; নির্ভেজাল।

নিভা /নিভা/ [বা.] ক্রিবি. নির্বাপিত হওয়া।

নিভানো /নিভানো/ [বা.] ক্রিবি. নির্বাপিত করা। বিণ. নিভিয়ে দেওয়া হয়েছে এমন।

নিভুনিভু /নিভুনিভু/ [বা.] বিণ. নিভে আসছে এমন, নিভন্ত।

নিভৃত /নিভৃতো/ [স. নি+√ভৃ+ত] বিণ. ১ একান্ত। ২ অপ্রকাশিত, গুপ্ত। ৩ নিরিবিলি, নির্জন।

নিম[১] /নি:ম্/ [স. নিম্ব >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত খাঁজকাটা তিক্তস্বাদ পাতা ও মধুগন্ধ সাদা ফুল এবং ডিম্বাকৃতি ছোটো মিষ্টস্বাদ ফল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, নিম্ব, নিম্বক।

নিম[২] /নিম্/ [ফা.] বিণ. ১ অর্ধেক; ঈষৎ (*নিমরাজি*)। ২ আনাড়ি; অল্পশিক্ষিত (*নিমহাকিম*)।

নিমক /নিমক্/ [ফা.] বি. লবণ, নুন।

নিমক খাওয়া /নিমক্ খাওআ/ ক্রিবি. ১ নুন খাওয়া। ২ (আল.) অন্যের দ্বারা উপকৃত হওয়া।

নিমকদানি /নিমক্‌দানি/ [ফা.] বি. নুন রাখার ছোটো পাত্র।

নিমকমহল /নিমক্‌মহোল্/ [ফা. নিমক+আ. মহল] বি. যে জমিতে সামুদ্রিক লবণ উৎপাদন করা হয়।

নিমকহারাম /নিমক্‌হারাম্/ [ফা. নিমক+আ. হারাম] বিণ. উপকারীর উপকার স্বীকার করে না এমন, অকৃতজ্ঞ; কৃতঘ্ন।

নিমকহারামি /নিমক্‌হারামি/ [ফা. নিমক+আ. হারামি] বি. অকৃতজ্ঞতা; কৃতঘ্নতা।

নিমকি /নিম্‌কি/ [ফা.] বি. ঘি বা তেলে ভাজা ময়দার তৈরি নোনতা খাদ্যবস্তু।

নিমখুন /নিমখুন্/ [ফা.] বিণ. প্রায় খুন হয়েছে এমন।

নিমগন /নিমগন্/ [স. নিমগ্ন >] বিণ. 'নিমগ্ন'-র কোমল ও কাব্যিক রূপ।

নিমগ্ন /নিমগ্‌নো/ [স. নি+√মস্‌জ্+ত] বিণ. ১ নিমজ্জিত (*জলে নিমগ্ন*)। ২ অন্তর্হিত। ৩ আবিষ্ট (*গবেষণায় নিমগ্ন*)।

নিমগ্নতা /নিমগ্‌নোতা/ [স. নিমগ্ন+তা] বি. নিমজ্জন; নিবিষ্টতা; আসক্তি।

নিমঘি /নিম্‌ঘি/ [বা.] বি. নিমপাতা ও ঘিয়ের মিশ্রণে তৈরি কবিরাজি ওষুধবিশেষ।

নিমচা /নিম্‌চা/ [ফা.] বি. ছোটো তরবারি; খঞ্জর।

নিমজ্জন /নিমজ্‌জন্/ [স. নি+√মস্‌জ্+অন] বি. ১

www.pathagar.com

অবগাহন, ডুবন। ২ মগ্নকরণ। ৩ নিবিষ্টতা।

নিমজ্জমান /নিমজ্‌জোমান্‌/ [স. নি+√মস্‌জ্‌+মান (শানচ্‌)] বিণ. ডুবে যাচ্ছে এমন।

নিমজ্জিত /নিমোজ্‌জিতো/ [স. নি+√মজ্জি+ত] বিণ. ১ ডুবে গেছে বা ডোবানো হয়েছে এমন; জলমগ্ন। ২ আচ্ছন্ন, নিমগ্ন।

নিমন্ত্রণ /নিমোন্‌ত্রোন্‌/ [স. নি+√মন্ত্র্‌+অন] বি. আমন্ত্রণ; ভোজে আহ্বান।

নিমন্ত্রণকর্তা /নিমোন্‌ত্রোন্‌কর্‌তা/ [স. নিমন্ত্রণ+কর্তা] বি. বিণ. নিমন্ত্রয়িতা, নিমন্ত্রক।

নিমন্ত্রণকারী /নিমোন্‌ত্রোন্‌কারি/ [স. নিমন্ত্রণ+√কৃ+ইন্‌] বিণ. নিমন্ত্রক। স্ত্রী. **নিমন্ত্রণকারিণী**/নিমোন্‌ত্রোন্‌কারিনি/।

নিমন্ত্রয়িতা /নিমোন্‌ত্রোয়িতা/ [স. নি+√মন্ত্রি+তৃ] বি. বিণ. নিমন্ত্রণকারী, নিমন্ত্রণকর্তা। স্ত্রী. **নিমন্ত্রয়িত্রী** /নিমোন্‌ত্রোয়িত্‌ত্রি/।

নিমন্ত্রিত /নিমোন্‌ত্রিতো/ [স. নি+√মন্ত্র+ত] বিণ. নিমন্ত্রণ করা হয়েছে এমন; আমন্ত্রিত, আহূত।

নিমরাজি /নিম্‌রাজি/ [ফা.] বিণ. প্রায় সম্মত।

নিমা /নিমা/ [ফা.] বি. ১ (প্রধানত শিশুদের) বুক-খোলা হাতাকাটা ছোটো জামাবিশেষ। ২ মহিলাদের অন্তর্বাসবিশেষ।

নিমাই /নিমাই/ [বা.] বি. শ্রীচৈতন্যদেবের ছোটোবেলার নাম।

নিমিখ /নিমিখ্‌/ [স. নিমিষ >] বি. 'নিমিষ'-এর কোমল রূপ।

নিমিত /নিমিতো/ [স. নি+√মি+ত] বি. দ্বেষ ও মোহ থেকে পরিত্রাণ লাভের জন্য বৌদ্ধধর্মে নির্দিষ্ট পাঁচটি উপায়।

নিমিত্ত /নিমিত্‌তো/ [স. নি+√মিদ্‌+ত] অব্য. বি. ১ হেতু, কারণ; উদ্দেশ্য (*উচ্চশিক্ষার নিমিত্ত*)। ২ শুভাশুভের চিহ্ন (*দুর্নিমিত্ত*)।

নিমিত্তের ভাগী /নিমিত্‌তের্‌ ভাগি/ বি. কর্তৃত্ব না থাকা সত্ত্বেও যাকে কারণরূপে বিবেচনা করা হয়।

নিমিষ /নিমিশ্‌/ [স. নি+√মিষ্‌+অ] বি. দ্র নিমেষ।

নিমীল /নিমিল্‌/[স. নি+√মীল্‌+অ] বি. দ্র নিমীলন।

নিমীলন /নিমিলন্‌/ [স. নি+√মীল্‌+অন] বি. ১ চোখের পাতা মুদিতকরণ। ২ সংকোচন। ৩ মৃত্যু।

নিমীলিত /নিমিলিতো/ [স. নি+√মীল্‌+ত] বিণ. ১ মুদিত। ২ মোহিত। ৩ সংকুচিত।

নিমেষ /নিমেশ্‌/ [স. নি+√মিষ্‌+অ] বি. চোখের পলক ফেলতে যেটুকু সময় লাগে; খুব অল্প সময়।

নিমেষহারা /নিমেশ্‌হারা/ [স. নিমেষ+হারা] বিণ. পলকহীন, অপলক।

নিমেষহীন /নিমেশ্‌হীন্‌/ [স. নিমেষ+√হা+ত] বিণ. দ্র নিমেষহারা।

নিম্ন /নিম্‌নো/ [স. নি+√ম্না+অ] বিণ. ১ নিচু (*নিম্ন-ভূমি*)। ২ নিচে অবস্থিত (*নিম্নদেশ*)। ৩ নিকৃষ্ট; হীন (*নিম্নরুচি*)। ৪ পদমর্যাদা বা ক্ষমতায় অধস্তন এমন (*নিম্নপদস্থ*)।

নিম্নগ /নিম্‌নগো/ [স. নিম্ন+√গম্‌+অ] বিণ. অধোগামী। স্ত্রী. **নিম্নগা** /নিম্‌নোগা/।

নিম্নগামী /নিম্‌নোগামি/ [স. নিম্ন+√গম্‌+ইন্‌] বিণ. ১ নিম্নাভিমুখী, অধোগামী। ২ কূপথগামী।

নিম্নচাপ /নিম্‌নোচাপ/ [স. নিম্ন+চাপ] বি. (বায়ুমণ্ডল তপ্ত হওয়ার ফলে) বায়বীয় চাপের হ্রাসপ্রাপ্তি, লঘুচাপ।

নিম্নতম/নিম্‌নোতমো/[স. নিম্ন+তমপ্‌] বিণ. সর্বনিম্ন।

নিম্নতা /নিম্‌নোতা/ [স. নিম্ন+তা] বি. ১ নিচুভাব। ২ উচ্চতার বিপরীত। ৩ অপকৃষ্টতা।

নিম্নপদস্থ /নিম্‌নোপদোস্‌থো/ [স. নিম্নপদ+√স্থা+অ] বিণ. পদমর্যাদায় অধস্তন এমন।

নিম্নপ্রাথমিক /নিম্‌নোপ্রাথোমিক্‌/ [স. নিম্ন+প্রাথমিক] বি. প্রাথমিক শিক্ষার প্রারম্ভিক স্তর।

নিম্নবর্ণিত /নিম্‌নোবোর্‌নিতো/ [স. নিম্ন+বর্ণিত] বিণ. নিচে বর্ণনা করা হয়েছে এমন, নিম্নলিখিত।

নিম্নবিত্ত /নিম্‌নোবিত্‌তো/ [স. নিম্ন+√বিদ্‌+ত] বিণ. অপ্রতুল সম্পদবিশিষ্ট; অসচ্ছল।

নিম্নমধ্যবিত্ত /নিম্‌নোমোদ্‌ধোবিত্‌তো/ [স. নিম্নমধ্য+√বিদ্‌+ত] বিণ. মধ্যবিত্ত ও নিম্নবিত্তের মধ্যবর্তী অবস্থাসম্পন্ন।

নিম্নমাধ্যমিক /নিম্‌নোমাদ্‌ধোমিক্‌/ [স. নিম্ন+মাধ্যমিক] বি. মাধ্যমিক শিক্ষার নিম্নতর স্তর।

নিম্নমুখী /নিম্‌নোমুখি/ [স. নিম্ন+মুখী] বিণ. ১ মুখ নিচের দিকে রয়েছে এমন। ২ নিম্নগামী (*বাজার নিম্নমুখী*)।

নিম্নরেখ /নিম্‌নোরেখো/ [স. নিম্ন+রেখ] বি. লেখার নিচে অঙ্কিত রেখা, underline।

নিম্নরেখাঙ্কিত /নিম্‌নোরেখাংকিতো/ [স. নিম্নরেখ+অঙ্কিত] বিণ. লেখার নিচে রেখা টানা হয়েছে এমন, underlined।

নিম্নলিখিত /নিম্‌নোলিখিতো/ [স. নিম্ন+লিখিত] বিণ. নিচে লেখা হয়েছে এমন, নিম্নবর্ণিত।

নিম্নশ্রেণি /নিম্‌নোশ্রেনি/ [স. নিম্ন+শ্রেণি] বি. ১ বিদ্যালয়ের নিম্নতর ধাপ। ২ অনগ্রসর শ্রেণি।

www.pathagar.com

নিম্নস্বাক্ষরকারী /নিম্‌নোশাক্‌খর্‌কারি/ [স. নিম্ন+স্বাক্ষর+√কৃ+ইন্] বিণ. নিম্নে স্বাক্ষর করেছে এমন। বি. যে ব্যক্তি নিচে স্বাক্ষর করেছে। স্ত্রী. **নিম্নস্বাক্ষরকারিণী** /নিম্‌নোশাক্‌খর্‌কারিনি/।

নিম্নাংশ /নিম্‌নাংশো/ [স. নিম্ন+অংশ] বি. নিচের অংশ।

নিম্নাঙ্গ /নিম্‌নাংগো/ [স. নিম্ন+অঙ্গ] বি. কোমর থেকে পা পর্যন্ত দেহের অংশ, দেহের নিম্নদেশ।

নিম্নাঞ্চল /নিম্‌নানচল্/ [স. নিম্ন+অঞ্চল] বি. নিচু স্থান।

নিম্নোক্ত /নিম্‌নোক্‌তো/ [স. নিম্ন+√বচ্+ত] বিণ. নিচে উল্লেখ করা হয়েছে এমন।

নিম্নোদ্ধৃত /নিম্‌নোদ্‌ধৃতো/ [স. নিম্ন+উদ্ধৃত] বিণ. দ্র নিম্নোক্ত।

নিম্নোন্নত /নিম্‌নোন্‌নতো/ [স. নিম্ন+উন্নত] বিণ. কোথাও উঁচু কোথাও নিচু এমন, বন্ধুর, অসমতল।

নিম্ব /নিম্‌বো/ [স. √নিম্ব্+অ] বি. দ্র নিম[১]।

নিম্বক /নিম্‌বক্/ [স. নিম্ব+ক (স্বার্থে)] বি. দ্র নিম[১]।

নিম্বু /নিম্‌বু/ [স. √নিম্ব্+উ] বি. লেবু।

নিম্বুক /নিম্‌বুক্/ [স. √নিম্ব্+উক] বি. দ্র নিম্বু।

নিযুক্ত /নিজুক্‌তো/ [স. নি+√যুজ্+ত] বিণ. ১ বহাল করা হয়েছে এমন, নিয়োজিত। ২ ব্যাপৃত।

নিযুক্তি /নিজুক্‌তি/ [স. নি+√যুজ্+তি] বি. ১ নিয়োগ। ২ ব্যাপৃতি।

নিযুত /নিজুত্/ [স. নি+√যু+ত] বি. দশ লক্ষ (১০,০০,০০০) সংখ্যা। বিণ. দশ লক্ষ সংখ্যক।

নিযোক্তা /নিজোক্‌তা/ [স. নি+√যুজ্+তৃ] বিণ. নিয়োগকর্তা, নিয়োগকারী।

নিযোজ্য /নিজোজ্‌জো/ [স. নি+√যুজ্+য] বিণ. নিয়োগ করার যোগ্য, নিয়োজ্য।

নিয়ত[১] /নিঅতো/ [স. নি+√যম্+ত] বিণ. ১ ক্রমাগত, নিরন্তর। ২ নিত্য। ৩ স্থির; নিশ্চিত। ৪ সংযত। ক্রিবিণ. সর্বদা (*নিয়ত তোমারে স্মরি*)।

নিয়ত[২] /নিঅত্/ [আ.] বি. অভিপ্রায়, ইচ্ছা (*নামাজের নিয়ত*); উদ্দেশ্য।

নিয়তাচার /নিঅতাচার্/ [স. নিয়ত+আচার] বি. ১ নিয়মিত আচার-অনুষ্ঠান। ২ অপরিবর্তনীয় বিধিবিধান।

নিয়তাত্মা /নিঅতাত্‌মা/ [স. নিয়ত+আত্মন্] বিণ. সংযমী, সংযতচিত্ত।

নিয়তাহার /নিঅতাহার্/ [স. নিয়ত+আহার] বি. নিয়মিত ও পরিমিত আহার।

নিয়তি /নিওতি/ [স. নি+√যম্+তি] বি. ১ ভাগ্য, অদৃষ্ট। ২ বিধির বিধান। ৩ কর্মফল।

নিয়ন /নিঅন্/ [গ্রি.] বি. (বায়ুমণ্ডলে অত্যল্প পরিমাণে বিদ্যমান) বর্ণ ও গন্ধহীন অক্রিয় মৌলিক গ্যাসবিশেষ যার পারমাণবিক সংখ্যা ১০, neon।

নিয়ন্তা /নিঅন্‌তা/ [স. নি+√যম্+তৃ] বিণ. নিয়ামক, নিয়ন্ত্রণকারী, পরিচালক।

নিয়ন্ত্রক /নিঅন্‌ত্রোক্/ [স. নি+√যন্ত্র+অক] বিণ. ১ নিয়ন্ত্রণকারী। ২ পরিচালনকারী।

নিয়ন্ত্রণ /নিঅনত্রোন্/ [স. নি+√যন্ত্র+অন] বি. ১ পরিচালন (*নিয়ন্ত্রণকক্ষ*)। ২ শাসন (*জন্মনিয়ন্ত্রণ*)। ৩ সংযমন, দমন (*ইন্দ্রিয়নিয়ন্ত্রণ*)।

নিয়ন্ত্রণকক্ষ /নিঅনত্রোন্‌কোক্‌খো/ [স. নিয়ন্ত্রণ+কক্ষ] বি. যে কক্ষ থেকে বিভিন্ন যন্ত্রসামগ্রী পরিচালন ও নিয়ন্ত্রণ করা হয়, control room।

নিয়ন্ত্রণবিহীন /নিঅনত্রোন্‌বিহিন্/ [স. নিয়ন্ত্রণ+বিহীন] বিণ. ১ নিয়ন্ত্রণ নেই এমন, অনিয়ন্ত্রিত। ২ নিয়ন্ত্রণবহির্ভূত।

নিয়ন্ত্রণমুক্ত /নিঅনত্রোন্‌মুক্‌তো/ [স. নিয়ন্ত্রণ+√মুচ্+ত] বিণ. নিয়ন্ত্রণের অধীন নয় এমন, স্বাধীন।

নিয়ন্ত্রণহীন /নিঅনত্রোন্‌হীন্/ [স. নিয়ন্ত্রণ+হীন] বিণ. দ্র নিয়ন্ত্রণবিহীন।

নিয়ন্ত্রিত /নিওনত্রিতো/ [স. নি+√যন্ত্র+ত] বিণ. ১ নিয়ন্ত্রণের অধীন (*শীতাতপ নিয়ন্ত্রিত*)। ২ পরিমিত (*নিয়ন্ত্রিত আহার*)। ৩ দমিত (*নিয়ন্ত্রিত আবেগ*)। ৪ প্রশমিত।

নিয়ন্ত্রী /নিওনত্রি/ [স. নি+√যন্ত্র+ইন্] বিণ. নিয়ন্ত্রণকারী, নিয়ামক, নিয়ন্তা; পরিচালক; বিধানকর্তা।

নিয়ম /নিওম্/ [স. নি+√যম্+অ] বি. ১ আইন; রীতি (*নিয়মকানুন*)। ২ প্রণালি (*কাজের নিয়ম*)। ৩ অভ্যাস। ৪ নির্দেশ (*নিয়ম মেনে চলা*)। ৫ সংযত আচার। ৬ চিরন্তন সত্য (*প্রকৃতির নিয়ম*)।

নিয়মকানুন /নিওম্‌কানুন্/ [স. নিয়ম+আ. কানুন] বি. বিধিবিধান।

নিয়মতন্ত্র /নিওম্‌তন্‌ত্রো/ [স. নিয়ম+√তন্+ত্র] বি. নির্দিষ্ট বিধিসমূহ; যে নিয়মাবলি মেনে চলতে হয়।

নিয়মতান্ত্রিক /নিওম্‌তান্‌ত্রিক্/ [স. নিয়মতন্ত্র+ইক] বিণ. ১ নিয়মতন্ত্রসংক্রান্ত। ২ নিয়ম মেনে চলে এমন।

নিয়মন /নিঅমোন্/ [স. নি+√যম্+অন] বি. ১ শৃঙ্খলাবিধান; ব্যবস্থাপন। ২ সংযমন; নিবারণ।

নিয়মনিষ্ঠ /নিওম্‌নিশ্‌ঠো/ [স. নিয়ম+নি+√স্থা+অ] বিণ. নিষ্ঠার সঙ্গে নিয়ম মেনে চলে এমন।

নিয়মনীতি /নিওম্‌নিতি/ [স. নিয়ম+√নী+তি] বি.

www.pathagar.com

নিয়মকানুন, নিয়মপদ্ধতি, বিধিবিধান।

নিয়মপদ্ধতি /নিওমপদ্ধোতি/ [স. নিয়ম+√পদ্+হতি] বি. দ্র নিয়মনীতি।

নিয়মপালন /নিওমপালোন্/ [স. নিয়ম+পালন] বি. ১ নিয়ম অনুসরণ। ২ শাস্ত্রীয় আচার-অনুষ্ঠান পালন।

নিয়মপ্রসূত /নিওমপ্রোশুতো/ [স. নিয়ম+প্রসূত] বিণ. নিয়ম থেকে উদ্ভূত।

নিয়মবহির্ভূত /নিওমবোহির্ভূতো/ [স. নিয়ম+বহির্ভূত] বিণ. নিয়মবিরুদ্ধ।

নিয়মবিরুদ্ধ /নিওমবিরুদ্ধো/ [স. নিয়ম+বি+√রুধ্+ত] বিণ. নিয়মের সঙ্গে সংগতিপূর্ণ নয় এমন।

নিয়মভঙ্গ /নিওমভংগো/ [স. নিয়ম+√ভন্জ্+অ] বি. ১ নিয়ম অমান্য। ২ প্রতিশ্রুতি লঙ্ঘন। ৩ ব্রত পালনের সমাপ্তি। ৪ অশৌচ পালনের অবসান।

নিয়মমাফিক /নিওমমাফিক্/ [স. নিয়ম+আ. মাফিক] ক্রিবিণ. নিয়ম অনুযায়ী, নিয়ম অনুসারে।

নিয়মসেবা /নিওমশেবা/ [স. নিয়ম+সেবা] বি. ১ নিয়ম মেনে ঈশ্বরের আরাধনা। ২ বৈষ্ণব ভক্তদের মাসব্যাপী পালনীয় ব্রতবিশেষ।

নিয়মাধীন /নিওমাধিন/ [স. নিয়ম+অধীন] বিণ. নিয়মের অধীন; আইনসংগত।

নিয়মানুবর্তিতা /নিওমানুবোর্তিতা/ [স. নিয়ম+অনু+√বৃৎ+ইন্+তা] বি. নির্দিষ্ট নিয়ম অনুসরণ।

নিয়মানুবর্তী /নিওমানুবোর্তি/ [স. নিয়ম+অনু+√বৃৎ+ইন্] বিণ. নির্দিষ্ট নিয়মের অনুগামী।

নিয়মানুযায়ী /নিওমানুজায়ি/ [স. নিয়ম+অনু+√যা+ইন্] বিণ. নিয়মমাফিক। ক্রিবিণ. নিয়ম অনুসারে।

নিয়মাবলি /নিওমাবোলি/ [স. নিয়ম+আ+√বল্+ই] বি. নিয়মসমূহ; বিধিবিধান।

নিয়মিত /নিওমিতো/ [স. নি+√যমি+ত] বিণ. নির্দিষ্ট ব্যবধানে সম্পন্ন হয় এমন। ক্রিবিণ. যথারীতি।

নিয়মী /নিওমি/ [স. নিয়ম+ইন্] বিণ. ১ নিয়মপালন করে এমন; নিয়মরক্ষক। ২ সংযমী।

নিয়ম্য /নিওম্মো/ [স. নি+√যমি+য] বিণ. ১ নিয়মনের যোগ্য; নিয়ন্ত্রণযোগ্য। ২ দম্য।

নিয়াজ /নিআজ্/ [ফা.] বি. ১ আল্লাহর দরবারে প্রার্থনা, ফাতেহা পাঠ। ২ আল্লাহর নামে উৎসর্গ।

নিয়ামক /নিআমক্/ [স. নি+√যম্+অক] বিণ. ১ শাসক। ২ নিয়ন্ত্রক, controller। ৩ ব্যবস্থাপক। ৪ নির্দেশক। বি. (জ্যা.) যে স্থিররেখা অবলম্বন করে অন্য কোনো বক্ররেখা আঁকা হয়, directrix।

নিয়ামত /নিআমত্/ [আ.] বি. ১ অনুগ্রহ, কৃপা (*আল্লাহর নিয়ামত*)। ২ সৌভাগ্য। ৩ সম্পদ।

নিয়ামতখানা /নিআমত্খানা/ [আ. নিয়ামত+ফা. খানা] বি. আহার্য বস্তু রাখার জন্য ব্যবহৃত জাল দিয়ে ঘেরা ছোটো আলমারি, meat safe।

নিয়োগ /নিয়োগ্/ [স. নি+√যুজ্+অ] বি. ১ নিযুক্তি, বহালকরণ, নিয়োজন। ২ কাজের ভার অর্পণ। ৩ বিনিয়োগ। ৪ বিধান, ব্যবস্থা। ৫ অধিকার। ৬ মনোযোগ। ৭ ব্যবহার।

নিয়োগকর্তা /নিয়োগ্করতা/ [স. নিয়োগ+কর্তা] বি. নিয়োগদানের অধিকারপ্রাপ্ত ব্যক্তি বা কর্তৃপক্ষ।

নিয়োগনীতি /নিয়োগ্নিতি/ [স. নিয়োগ+নীতি] বি. দ্র নিয়োগবিধি।

নিয়োগপত্র /নিয়োগ্পত্রো/ [স. নিয়োগ+পত্র] বি. চাকরিতে নিয়োগের আদেশপত্র; (পরি.) appointment letter।

নিয়োগপ্রাপ্ত /নিয়োগ্প্রাপ্তো/ [স. নিয়োগ+প্র+√আপ্+ত] বিণ. চাকরিতে নিযুক্ত করা হয়েছে এমন।

নিয়োগবিধি /নিয়োগ্বিধি/ [স. নিয়োগ+বিধি] বি. কোনো পদ বা চাকরিতে নিয়োগের জন্য যে বিধি মেনে চলতে হয়; (পরি.) recruitment rules।

নিয়োগী /নিয়োগি/ [স. নি+√যুজ্+ইন্] বিণ. ১ নিযুক্ত হয়েছে এমন। ২ আদিষ্ট। বি. ১ বংশরক্ষার্থে অক্ষম স্বামীর স্ত্রীর গর্ভে পুত্র উৎপাদনের অধিকারপ্রাপ্ত পুরুষ। ২ পদবিবিশেষ।

নিয়োজক /নিয়োজক্/ [স. নি+√যুজ্+অক] বি. বিণ. নিয়োগকর্তা।

নিয়োজন /নিয়োজন্/ [স. নি+√যুজ্+অন] বি. দ্র নিয়োগ।

নিয়োজয়িতা /নিয়োজোয়িতা/ [স. নি+√যোজি+তৃ] বিণ. ১ নিয়োগকর্তা, নিয়োজক। ২ প্রবর্তক।

নিয়োজিত /নিয়োজিতো/ [স. নি+√যোজি+ত] বিণ. ১ নিয়োগপ্রাপ্ত। ২ প্রযুক্ত। ৩ প্রবর্তিত। ৪ বিনিয়োগ করা হয়েছে এমন, invested।

নিয়োজ্য /নিয়োজ্জো/ [স. নি+√যুজ্+য] বিণ. নিয়োগের যোগ্য।

নিরংশ /নিরংশো/ [স. নির্+অংশ] বি. (জ্যোবি.) কোনো রাশিতে গ্রহের অবস্থানের প্রথম ও শেষ দিন; সংক্রান্তি। বিণ. অংশের ভাগীদার নয় এমন।

নিরংশু /নিরোংশু/ [স. নির্+অংশু] বিণ. দীপ্তিহীন।

নিরক্ষ /নিরক্খো/ [স. নির্+অক্ষ] বি. দ্র নিরক্ষ-রেখা।

নিরক্ষবলয় /নিরক্খোবলয়/ [স. নিরক্ষ+বলয়]

www.pathagar.com

বি. দ্র নিরক্ষরেখা।

নিরক্ষবৃত্ত /নিরক্‌খোবৃত্‌তো/ [স. নিরক্ষ+বৃত্ত] বি. দ্র নিরক্ষরেখা।

নিরক্ষর /নিরক্‌খর্/ [স. নির্+অক্ষর] বিণ. অক্ষর-জ্ঞান নেই এমন। বি. **নিরক্ষরতা** /নিরক্‌খরতা/।

নিরক্ষরেখা /নিরক্‌খোরেখা/ [স. নিরক্ষ+রেখা] বি. যে কাল্পনিক রেখার ওপর সূর্য অবস্থান করলে পৃথিবীর সর্বত্র দিন ও রাত সমান হয়, যে কল্পিত বৃত্তের তল পৃথিবীকে উত্তর ও দক্ষিণ গোলার্ধে সমভাবে বিভক্ত করে, নিরক্ষবলয়, নিরক্ষবৃত্ত, বিষুবরেখা, equator।

নিরক্ষীয় /নিরোক্‌খিয়ো/ [স. নিরক্ষ+ঈয়] বিণ. নিরক্ষরেখাসংক্রান্ত, বিষুবীয়, equatorial।

নিরখা /নিরখা/ [স. নিরীক্ষণ >] ক্রিবি. (কাব্যে) নিরীক্ষণ করা; বিশেষভাবে দেখা।

নিরগ্নি /নিরোগ্‌নি/ [স. নির্+অগ্নি] বি. যে ব্রাহ্মণ বেদবিহিত যজ্ঞের আগুন প্রজ্জ্বলিত রাখে না। বিণ. ১ বেদবিহিত যজ্ঞের আগুন প্রজ্জ্বলিত রাখে না এমন; অগ্নিহীন। ২ নিস্তেজ।

নিরঙ্কুশ /নিরোংকুশ্/ [স. নির্+অঙ্কুশ] বিণ. ১ বাধাহীন (*নিরঙ্কুশ ক্ষমতা*)। ২ নির্বাচনে মোট আসনসংখ্যার অর্ধেকের বেশি সংখ্যক আসন পেয়েছে এমন (*নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠ*)। ৩ স্বাধীন, মুক্ত। ৪ স্বেচ্ছাচারী।

নিরঞ্জন /নিরোঞ্জন্/ [স. নির্+অঞ্জন] বিণ. নিষ্কলঙ্ক, নির্মল; বিশুদ্ধ। বি. ১ পরব্রহ্ম। ২ শিব। ৩ ধর্মঠাকুর। ৪ (বাংলায়) প্রতিমা বিসর্জন।

নিরঞ্জনা /নিরঞ্জোনা/ [স. নিরঞ্জন+আ (টাপ্)] বিণ. কলঙ্কহীনা। বি. ১ দেবী দুর্গা। ২ পূর্ণিমা তিথি।

নিরত /নিরতো/ [স. নি+√রম্+ত] বিণ. ১ নিযুক্ত। ২ ব্যাপ্ত। ৩ নিবিষ্ট। ৪ আসক্ত। স্ত্রী. **নিরতা** /নিরতা/।

নিরতিশয় /নিরোতিশয়্/ [স. নির্+অতিশয়] বিণ. অত্যন্ত, খুব বেশি (*নিরতিশয় আনন্দ*)।

নিরতীত /নিরোতিতো/ [স. নির্+অতীত] বিণ. অতীত হয়ে যায়নি এমন।

নিরত্যয় /নিরত্‌তয়্/ [স. নির্+অত্যয়] বিণ. ১ অক্ষয় (*নিরত্যয় কীর্তি*)। ২ নির্বিঘ্ন। ৩ নির্দোষ।

নিরন্ত /নিরন্‌তো/ [স. নির্+অন্ত] বিণ. শেষ নেই এমন, অন্তহীন, অবিরাম, বিরতিহীন।

নিরন্তর /নিরন্‌তর্/ [স. নির্+অন্তর] বিণ. অন্ত নেই এমন (*নিরন্তর ভাবনা*)। ক্রিবিণ. নিয়ত; অবিরাম (*নিরন্তর ধারাপাত*)।

নিরন্তরাল /নিরন্‌তোরাল্/ [স. নির্+অন্তরাল] বিণ. ১ আড়াল নেই এমন। ২ অবকাশহীন। ৩ সংকীর্ণ।

নিরন্ন /নিরন্‌নো/ [স. নির্+অন্ন] বিণ. ১ অন্নহীন। ২ (আল.) অতিশয় দরিদ্র (*নিরন্ন মানুষ*)।

নিরপত্য /নিরপোত্‌তো/ [স. নির্+অপত্য] বিণ. সন্তানহীন, নিঃসন্তান।

নিরপত্রপ /নিরপত্‌ত্রোপো/ [স. নির্+অপত্রপা] বিণ. নির্লজ্জ। স্ত্রী. **নিরপত্রপা** /নিরপত্‌ত্রোপা/।

নিরপরাধ /নিরপোরাধ্/ [স. নির্+অপরাধ] বিণ. অপরাধ করেনি এমন, নির্দোষ।

নিরপেক্ষ /নিরোপেক্‌খো/ [স. নির্+অপেক্ষা] বিণ. ১ পক্ষপাতদুষ্ট নয় এমন (*নিরপেক্ষ তদন্ত*)। ২ স্বতন্ত্র (*দলনিরপেক্ষ*)। ৩ উদাসীন (*বিষয়-নিরপেক্ষ*)। ৪ শর্তাধীন নয় এমন। বি. ~তা /-তা/।

নিরবকাশ /নিরবোকাশ্/ [স. নির্+অবকাশ] বিণ. নিরন্তর; অবকাশহীন (*নিরবকাশ কর্ম*)।

নিরবগ্রহ /নিরবোগ্‌গ্রোহো/ [স. নির্+অবগ্রহ] বিণ. ১ ব্যাঘাতশূন্য। ২ স্বতন্ত্র। ৩ বৃষ্টিপাতের অনুকূল।

নিরবচ্ছিন্ন /নিরবোচ্‌ছিন্‌নো/ [স. নির্+অবচ্ছিন্ন] বিণ. অবিরাম; নিরন্তর। বি. ~তা /-তা/।

নিরবদ্য /নিরবোদ্‌দো/ [স. নির্+অবদ্য] বিণ. ১ অনবদ্য, অনিন্দ্য। ২ মনোজ্ঞ। ৩ নিখুঁত, নির্দোষ।

নিরবধি /নিরবোধি/ [স. নির্+অবধি] বিণ. অবধি নেই এমন, অশেষ। ক্রিবিণ. সর্বদা; নিরন্তর।

নিরবয়ব /নিরবয়ব্/ [স. নির্+অবয়ব] বিণ. নিরাকার। বি. ১ আল্লাহ। ২ পরব্রহ্ম। ৩ আকাশ।

নিরবলম্ব /নিরবোলম্‌বো/ [স. নির্+অবলম্ব] বিণ. অবলম্বনহীন, সহায়হীন; আশ্রয়হীন। বি. অনাথ।

নিরবলম্বন /নিরবোলম্‌বোন্/ [স. নির্+অবলম্বন] বিণ. ১ অবলম্বনহীন, নিরাশ্রয়। ২ অসহায়।

নিরবশেষ /নিরবোশেশ্/ [স. নির্+অবশেষ] বিণ. অবশিষ্টহীন, সমগ্র, নিঃশেষ।

নিরবসাদ /নিরবোশাদ্/ [স. নির্+অবসাদ] বিণ. অবসাদহীন, অক্লান্ত।

নিরভিমান /নিরোভিমান্/ [স. নির্+অভিমান] বিণ. নিরহংকার। স্ত্রী. **নিরভিমানা** /নিরোভিমানা/।

নিরম্বু /নিরোমবু/ [স. নির্+অম্বু] বিণ. জলশূন্য; জল পান করাও নিষিদ্ধ এমন (*নিরম্বু উপবাস*)।

নিরয় /নিরয়্/ [স. নির্+অয়] বি. মৃত্যুর পর পাপের শাস্তিভোগের স্থান, দোজখ, নরক।

www.pathagar.com

নিরয়গমন /নিরয়্‌গমোন্‌/ [স. নির+অয়+গমন] বি. মৃত্যুর পরে নরকে গমন, নরকবাস।

নিরয়গামী /নিরয়্‌গামি/ [স. নিরয়+√গম্‌+ইন্‌] বিণ. নরকগামী, পাপী।

নিরর্গল /নিররগল্‌/ [স. নির্‌+অর্গল] বিণ. অর্গলহীন, প্রতিবন্ধহীন, বাধাহীন, অবাধ।

নিরর্থ /নিররথো/ [স. নির্‌+অর্থ] বিণ. অর্থহীন।

নিরর্থক /নিররথক্‌/ [স. নিরর্থ+ক] বিণ. ১ কারণহীন। ২ উদ্দেশ্যহীন। ক্রিবিণ. অকারণে।

নিরলংকার /নিরলংকার্‌/ [স. নির্‌+অলংকার] বিণ. অলংকারশূন্য, নিরাভরণ; অনাড়ম্বর।

নিরলস /নিরলশ্‌/ [স. নির্‌+অলস] বিণ. ১ আলস্যহীন। ২ উদ্যোগী। বি. **নিরলসতা** /নিরলশতা/।

নিরশন /নিরশন্‌/ [স. নির্‌+অশন] বি. অনাহার।

নিরশ্রু /নিরোসস্রু/ [স. নির্‌+অশ্রু] বিণ. অশ্রুহীন।

নিরসন /নিরশন্‌/ [স. নির্‌+√অস্‌+অন] বি. দূরীকরণ, খণ্ডন, ভঞ্জন (*সন্দেহ নিরসন*)।

নিরস্ত /নিরস্তো/ [স. নির্‌+√অস্‌+ত] বিণ. ১ বিরত। ২ নিবৃত্ত। ৩ খণ্ডিত। ৪ দূরীভূত।

নিরস্ত্র /নিরস্ত্রো/ [স. নির+অস্ত্র] বিণ. অস্ত্রশূন্য।

নিরস্ত্রীকরণ /নিরোস্ত্রিকরোন্‌/ [স. নিরস্ত্র+চ্বি+করণ] বি. ১ অস্ত্রসংবরণ; অস্ত্রত্যাগ। ২ যুদ্ধাস্ত্র হ্রাস; disarmament।

নিরহংকার /নিরহংকার্‌/ [স. নির্‌+অহংকার] বিণ. দাম্ভিক নয় এমন, অহংকারশূন্য।

নিরাকরণ /নিরাকরোন্‌/ [স. নির্‌+আ+√কৃ+অন] বি. ১ নিরসন; খণ্ডন। ২ নিবারণ। ৩ নিষ্কাশন। ৪ প্রতিকার। ৫ প্রত্যাখ্যান। ৬ (বাংলায়) নির্ণয়।

নিরাকাঙ্ক্ষ /নিরাকাংখো/ [স. নির্‌+আকাঙ্ক্ষা] বিণ. ১ আকাঙ্ক্ষাশূন্য। ২ অনাসক্ত। ৩ নির্লোভ।

নিরাকাঙ্ক্ষা / নিরাকাংখা/ [স. নির্‌+আকাঙ্ক্ষা] বি. ১ আকাঙ্ক্ষাহীনতা। ২ লোভশূন্যতা।

নিরাকার /নিরাকার্‌/ [স. নির্‌+আকার] বিণ. বি. দ্র নিরবয়ব।

নিরাকুল /নিরাকুল্‌/ [স. নির্‌+আকুল] বিণ. ১ অতিশয় ব্যাকুল। ২ উদ্‌বেগহীন; শান্ত।

নিরাকৃত /নিরাক্‌কৃতো/ [স. নির্‌+আকৃত] বিণ. ১ দূরীভূত। ২ প্রত্যাখ্যাত। ৩ নিবারিত। ৪ খণ্ডিত। ৫ মীমাংসিত। ৬ নির্ণীত।

নিরাকৃতি /নিরাক্‌কৃতি/ [স. নির্‌+আকৃতি] বিণ. নিরাকার, নিরবয়ব। বি. ১ নিরাকরণ; দূরীকরণ। ২ নিবারণ। ৩ খণ্ডন।

নিরাগ্রহ /নিরাগ্‌গ্রোহো/ [স. নির্‌+আগ্রহ] বিণ. আগ্রহহীন।

নিরাতঙ্ক /নিরাতংকো/ [স. নির্‌+আতঙ্ক] বিণ. আতঙ্কহীন, নির্ভয়, নিঃশঙ্ক।

নিরাতপ /নিরাতপ্‌/ [স. নির্‌+আতপ] বিণ. রোদের তেজ নেই এমন; তাপহীন; রোদহীন।

নিরাধার /নিরাধার্‌/ [স. নির্‌+আধার] বিণ. ১ আধারশূন্য। ২ অবলম্বনহীন। ৩ অসীম।

নিরানন্দ /নিরানন্‌দো/ [স. নির্‌+আনন্দ] বিণ. ১ আনন্দহীন। ২ ক্লিষ্ট। বি. ১ দুঃখ। ২ বিষাদ।

নিরানব্বই /নিরানোব্‌বোই/ [স. নবনবতি >] বি. ৯৯ সংখ্যা। বিণ. ৯৯ সংখ্যক।

নিরাপত্তা /নিরাপত্‌তা/ [স. নিরাপদ্‌+তা] বি. নিরাপদ অবস্থা, বিপত্তিহীনতা।

নিরাপত্তা পরিষদ /নিরাপত্‌তা পোরিশদ্‌/ বি. বিশ্বের বিভিন্ন দেশের মধ্যে বিরোধ নিষ্পত্তির উদ্দেশ্যে রাষ্ট্রপুঞ্জের অধীনে প্রতিষ্ঠিত স্থায়ী পর্ষদ, Security Council।

নিরাপত্তাবোধ /নিরাপত্‌তাবোধ্‌/ [স. নিরাপত্তা+বোধ] বি. নিরাপদ থাকার অনুভূতি।

নিরাপত্তাব্যবস্থা /নিরাপত্‌তাব্যাবোস্থা/ [স. নিরাপত্তা+ব্যবস্থা] বি. নিরাপদ রাখার ব্যবস্থা।

নিরাপত্তাহীনতা /নিরাপত্‌তাহিনতা/ [স. নিরাপত্তা+হীনতা] বি. নিরাপত্তার অভাব, বিপদের আশঙ্কা।

নিরাপদ /নিরাপদ্‌/ [স. নির্‌+আপদ] বিণ. বিপদের আশঙ্কা নেই এমন; নির্বিঘ্ন; নিরুপদ্রব।

নিরাবরণ /নিরাবরোন্‌/ [স. নির্‌+আবরণ] বিণ. অনাবৃত, আবরণহীন; উন্মুক্ত।

নিরাভরণ /নিরাভরোন্‌/ [স. নির্‌+আভরণ] বিণ. নিরলংকার। স্ত্রী. **নিরাভরণা** /নিরাভরোনা/।

নিরাময় /নিরাময়/ [স. নির্‌+আময়] বি. রোগমুক্ত অবস্থা, সুস্থতা। বিণ. নীরোগ; সুস্থ।

নিরামিষ /নিরামিশ্‌/ [স. নির্‌+আমিষ] বিণ. আমিষবর্জিত। বি. আমিষবর্জিত আহার্য।

নিরামিষভোজী /নিরামিশ্‌ভোজি/ [স. নিরামিষ+√ভুজ্‌+ইন্‌] বিণ. নিরামিষাশী, আমিষাশী নয় এমন।

নিরামিষাশী /নিরামিশাশি/ [স. নিরামিষ+√অশ্‌+ইন্‌] বিণ. দ্র নিরামিষভোজী।

নিরালম্ব /নিরালম্‌বো/ [স. নির্‌+আলম্ব] বিণ. অবলম্বনহীন, নিরাশ্রয়; সহায়হীন।

নিরালস্য /নিরালোশ্‌শো/ [স. নিরলস+য] বি. আলস্যের অভাব; তৎপরতা।

www.pathagar.com

নিরালা /নিরালা/ [স. নিরালয় >] বিণ. নির্জন, নিভৃত। বি. নিভৃত স্থান।

নিরাশ /নিরাশ্/ [স. নির্+আশা] বিণ. ১ আশাহীন। ২ নিরুদ্যম, অবসন্ন।

নিরাশা /নিরাশা/ [স. নির্+আশা] বি. হতাশা, নৈরাশ্য, ভরসাহীন অবস্থা।

নিরাশ্বাস /নিরাশ্শাস্/ [স. নির্+আশ্বাস] বিণ. আশ্বাস-শূন্য, ভরসাহীন, হতাশ।

নিরাশ্রয় /নিরাস্স্রয়্/ [স. নির্+আশ্রয়] বিণ. আশ্রয়-হীন; অসহায়। স্ত্রী. নিরাশ্রয়া /নিরাস্স্রয়া/।

নিরাস /নিরাশ্/ [স. নির্+√অস্+অ] বি. ১ খণ্ডন (*ভ্রান্তিনিরাস*); নিরসন। ২ দূরীকরণ; অপনয়ন। ৩ প্রত্যাখ্যান; বর্জন।

নিরাসক্ত /নিরাশক্তো/ [স. নির্+আ+√সন্জ্+ত] বিণ. ১ অনাসক্ত; অনাগ্রহী। ২ উদাসীন, নির্লিপ্ত।

নিরাসক্তি /নিরাশোক্তি/ [স. নির্+আ+√সন্জ্+তি] বি. আসক্তিহীনতা; উদাসীনতা।

নিরাসত্ত /নিরাশত্তো/ [স. নির্+আসত্ত] বিণ. নিকটে নয় এমন।

নিরাসত্তি /নিরাশোত্তি/ [স. নির্+আ+√সদ্+তি] বি. নৈকট্যের অভাব।

নিরাহার /নিরাহার্ / [স. নির্+আহার] বি. অনাহার; উপবাস। বিণ. উপবাসী; অনাহারী।

নিরিক্ত /নিরিক্তো/ [স. নি+√রিচ্+ত] বিণ. সম্পূর্ণ রিক্ত, নিঃস্ব।

নিরিখ /নিরিখ্/ [ফা.] বি. ১ মাপকাঠি; মাপ। ২ বাজারদর; খাজনার হার।

নিরিন্দ্রিয় /নিরিন্দ্রিয়ো / [স. নির্+ইন্দ্রিয়] বিণ. চক্ষু কর্ণ প্রভৃতি ইন্দ্রিয় নেই এমন; বিকলেন্দ্রিয়।

নিরিবিলি /নিরিবিলি / [স. নিরাবিল >] বিণ. নিভৃত; নিরালা, নির্জন, বিজন, জনমানবশূন্য। বি. নিভৃত স্থান। ক্রিবিণ. একান্তে; নিভৃত স্থানে।

নিরীক্ষক /নিরিক্খক্/ [স. নির্+√ঈক্ষ্+অক] বিণ. বি. আয়ব্যয়ের হিসাব পরীক্ষক, auditor।

নিরীক্ষণ /নিরিক্খন / [স. নির্+√ঈক্ষ্+অন] বি. যত্ন সহকারে অবলোকন, গভীরভাবে পর্যবেক্ষণ।

নিরীক্ষমাণ /নিরিক্খোমান্ / [স. নির্+√ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. নিরীক্ষণ করছে এমন, অভিনিবেশ সহকারে দেখা হচ্ছে এমন।

নিরীক্ষা /নিরিক্খা / [স. নির্+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. দ্র নিরীক্ষণ।

নিরীক্ষিত /নিরিক্খিতো/ [স. নির+√ঈক্ষ্+ত] বিণ. নিরীক্ষণ করা হয়েছে এমন, অবলোকিত।

নিরীক্ষ্যমাণ /নিরিক্খোমান্ / [স. নিরীক্ষ্য+মান (শানচ্)] বিণ. নিরীক্ষিত হচ্ছে এমন; দৃশ্যমান। বি. যা বা যাকে নিরীক্ষণ করা হচ্ছে।

নিরীশ্বর /নিরিশ্শর্ / [স. নির্+ঈশ্বর] বিণ. ১ ঈশ্বরশূন্য। ২ ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না এমন, নাস্তিক (*নিরীশ্বর মতবাদ*)।

নিরীশ্বরবাদ /নিরিশ্শরবাদ্ / [স. নিরীশ্বর+√বদ্+অ] বি. ঈশ্বরের অস্তিত্ব নেই এমন দার্শনিক মতবাদ, নাস্তিক্যবাদ, atheism।

নিরীশ্বরবাদী /নিরিশ্শরবাদি/ [স. নিরীশ্বর+√বদ্+ইন্] বিণ. ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না এমন, নাস্তিক।

নিরীহ /নিরিহো/ [স. নির্+ঈহা] বিণ. ১ শান্ত; নিরুপদ্রব, নির্বিরোধ। ২ হিংস্র নয় এমন। ৩ ক্রোধ-হীন। ৪ নিস্পৃহ। ৫ নিশ্চেষ্ট।

নিরুক্ত /নিরুক্তো/ [স. নির্+√বচ্+ত] বিণ. ১ নিশ্চয়-রূপে কথিত; ব্যাখ্যাত। ২ মীমাংসিত, নির্ণীত। বি. যাস্কপ্রণীত বেদের দুরূহ শব্দের ব্যুৎপত্তি ও ব্যাখ্যাবিষয়ক গ্রন্থবিশেষ।

নিরুক্তি /নিরুক্তি / [স. নির্+√বচ্+তি] বি. ১ বিভ্রান্তি দূরকারী নিশ্চায়ক উক্তি। ২ মীমাংসা। ৩ নির্বচন। ৪ নিরুক্ত গ্রন্থ। ৫ (ব্যা.) প্রকৃতি প্রত্যয়াদি বিশ্লেষণ করে শব্দের ব্যুৎপত্তি নির্দেশ।

নিরুচ্চার /নিরুচ্চার্ / [স. নির্+উচ্চার] বিণ. বাক্যহারা, নির্বাক; হতবাক।

নিরুৎসাহ /নিরুত্শাহো/ [স. নির্+উৎসাহ] বিণ. উৎসাহহীন, হতোদ্যম। বি. উদ্যমের অভাব।

নিরুৎসুক /নিরুত্শুক্/ [স. নির্+উৎসুক] বিণ. ১ আগ্রহ বা কৌতূহল নেই এমন। ২ অত্যন্ত কৌতূহলী।

নিরুত্তর /নিরুত্তর্ / [স. নির্+উত্তর] বিণ. ১ জবাব নেই এমন; নীরব। ২ প্রতিবাদহীন। ৩ উত্তরদানে অক্ষম; বাগ্‌রুদ্ধ।

নিরুত্তেজ /নিরুত্তেজ্/ [স. নির্+উত্তেজ] বিণ. নিস্তেজ; নিষ্প্রাণ।

নিরুদক /নিরুদক্ / [স. নির্+উদক] বিণ. জলশূন্য।

নিরুদন /নিরুদন্/ [স. নির্+√উদ্+অন] বি. অপরিমিত জলপান ও বায়ুমণ্ডলের শুষ্কতাহেতু দেহের অভ্যন্তরে জল হ্রাস পাওয়ার ফলে সৃষ্ট শরীরের বিপন্ন অবস্থা; (পরি.) dehydration।

নিরুদ্দিষ্ট /নিরুদ্দিশ্টো / [অশুপ্র.] বিণ. 'নিরুদ্দেশ'-এর অশুদ্ধ প্রচলিত রূপ।

নিরুদ্দেশ /নিরুদ্দেশ্ / [স. নির্+উদ্+√দিশ্+অ] বিণ.

www.pathagar.com

১ নিখোঁজ। ২ লক্ষ্যহীন, উদ্দেশ্যহীন। বি. সন্ধান জানা নেই এমন স্থান।

নিবুদধ /নিবুদ্‌ধো / [স. নি+√বুধ্+ত] বিণ. ১ অববুদ্ধ। ২ বাধাপ্রাপ্ত। ৩ নিবারিত; স্থগিত।

নিবুদ্‌বিগ্ন /নিবুদ্‌বিগ্‌নো / [স. নির্+উদ্‌বিগ্ন] বিণ. উদ্‌বেগহীন; শান্ত; 'নিবুদ্‌বেগ'-এর অশুদ্ধ প্রচলিত রূপ।

নিবুদ্‌বেগ /নিবুদ্‌বেগ্ / [স. নির্+উদ্‌বেগ] বিণ. উদ্‌বেগহীন; শান্ত; স্থির। বি. উদ্‌বেগহীনতা।

নিবুদ্যম /নিবুদ্‌দম্ / [স. নির্+উদ্যম] বিণ. উদ্যম-শূন্য, নিশ্চেষ্ট। বি. উদ্যমের অভাব।

নিবুদ্যোগ /নিবুদ্‌দোগ্/ [স. নির্+উদ্যোগ] বি. উদ্যোগের অভাব। বিণ. নিবুদ্যম, নিশ্চেষ্ট।

নিবুপদ্রব /নিবুপোদ্‌দ্রোব্/ [স. নির্+উপদ্রব] বিণ. উপদ্রবহীন; নির্বিঘ্ন; বিপৎশূন্য। বি. বিপদহীনতা।

নিবুপম /নিবুপম্/ [স. নির্+উপমা] বিণ. উপমা নেই এমন, অনুপম। স্ত্রী. নিবুপমা /নিবুপমা /।

নিবুপাখ্য /নিবুপাক্‌খ্যো / [স. নির্+উপাখ্য] বিণ. ১ অব্যক্ত। ২ অনির্বচনীয়। ৩ বাস্তবতাবর্জিত।

নিবুপাধি /নিবুপাধি/ [স. নির্+উপাধি] বিণ. ১ উপাধিহীন। ২ ত্রিগুণশূন্য অর্থাৎ সত্ত্ব রজঃ ও তমঃ গুণশূন্য; নির্গুণ। ৩ অকপট, অমায়িক।

নিবুপাধিক /নিবুপাধিক্/ [স. নির্+উপাধি] বিণ. দ্র নিবুপাধি।

নিবুপায় /নিবুপায় / [স. নির্+উপায়] বিণ. ১ উপায়-শূন্য, অনন্যোপায়। ২ অবলম্বনহীন; অসহায়। স্ত্রী. নিবুপায়া /নিবুপায়া /।

নিবুপক /নিবুপক্/ [স. নির+√রূপি+অক] বিণ. নিবুপণকারী, নির্ণায়ক।

নিবুপণ /নিবুপন্/ [স. নি+√রূপি+অন] বি. ১ নির্ণয়, নির্ধারণ (*শ্রেষ্ঠত্ব নিবুপণ*)। ২ অবধারণ, স্থিরীকরণ (*মূল্য নিবুপণ*)।

নিবুপিত /নিবুপিতো/ [স. নি+√রূপি+ত] বিণ. নিবুপণ করা হয়েছে এমন, নির্ণীত; স্থিরীকৃত।

নিরেট /নিরেট্/ [স. দৃঢ় >] বিণ. ১ ঘন, জমাট, ফাঁপা নয় এমন। ২ কঠিন, দৃঢ়। ৩ (ব্য.) নির্বোধ।

নিরেট বোকা /নিরেট্ বোকা/ বিণ. দ্র নিরেট মূর্খ।

নিরেট মূর্খ /নিরেট্ মুরখো/ বিণ. অত্যন্ত বোকা, নির্বোধ; গণ্ডমূর্খ।

নিরেস /নিরেশ্/ [স. নিরস >] বিণ. সরস বা খাঁটি নয় এমন; নিকৃষ্ট।

নিরোধ /নিরোধ্/ [স. নি+√রুধ্+অ] বি. ১ অবরোধ, আটক। ২ প্রতিরোধ। ৩ সংযম। ৪ নিবারণ।

নিরোধক /নিরোধক্/ [স. নি+√রুধ্+অক] বিণ. নিবারক, প্রতিরোধক।

নিরোধন /নিরোধন্/ [স. নি+√রুধ্+অন] বি. ১ বাধাদান, প্রতিরোধ। ২ সংযতকরণ, সংযমন।

নিরোধ্য /নিরোদ্‌ধ্যো / [স. নি+√রুধ্+য] বিণ. নিরোধ বা প্রতিরোধ করা যায় এমন, প্রতিরোধ্য।

নির্গত /নির্‌গতো / [স. নির্+ √গম্+ত] বিণ. ১ নিঃসৃত (*নির্গত হওয়া*); নিষ্কাশিত। ২ প্রবাহিত।

নির্গন্ধ /নির্‌গন্‌ধো / [স. নির্+গন্ধ] বিণ. গন্ধহীন।

নির্গম /নির্‌গম্/ [স. নির্+ √গম্+অ] বি. দ্র নির্গমন।

নির্গমন /নির্‌গমোন্/ [স. নির্+ √গম্+অন] বি. ১ ক্ষরণ, নিঃসরণ। ২ নিষ্ক্রমণ।

নির্গলন /নির্‌গলোন্/ [স. নির্+ √গল্+অন] বি. ১ ক্ষরণ। ২ ছাঁকন, পরিস্রাবণ। ৩ বিগলন।

নির্গলিত /নির্‌গোলিতো / [স. নির্+ √গল্+ত] বিণ. ১ বিগলিত। ২ চুইয়ে নির্গত, ক্ষরিত।

নির্গলিতার্থ /নির্‌গোলিতার্‌থো / [স. নির্গলিত+অর্থ] বি. প্রকৃত অর্থ, মর্মার্থ, সারমর্ম, নিহিতার্থ।

নির্গুণ /নির্‌গুন্/ [স. নির্+গুণ] বিণ. ১ সদ্‌গুণহীন; গুণশূন্য। ২ ত্রিগুণাতীত অর্থাৎ সত্ত্ব রজঃ ও তমঃ গুণের অতীত। ৩ অক্ষম। বি. পরব্রহ্ম।

নির্গূঢ় /নির্‌গুঢ়ো/ [স. নির্+√গুহ্+ত] বিণ. ১ অত্যন্ত দুর্জ্ঞেয়। ২ অতিশয় জটিল। ৩ অত্যধিক রহস্যপূর্ণ। ৪ অতি গোপনীয়।

নির্গৃহ /নির্‌গৃহো / [স. নির্+গৃহ] বিণ. ১ গৃহহীন। ২ আশ্রয়হীন, নিরাশ্রয়।

নির্গ্রন্থ /নির্‌গ্রোন্থো / [স. নির্+ গ্রন্থ] বিণ. ১ বিদ্যা-হীন, মূর্খ। ২ পরিধেয় বস্ত্রের গ্রন্থি নেই এমন, দিগম্বর। ৩ সংসারের বন্ধনমুক্ত। বি. ক্ষপণক।

নির্ঘণ্ট /নির্‌ঘনটো / [স. নির্+ √ঘণ্ট্+অ] বি. ১ বর্ণানু-ক্রমিক সূচি, index। ২ অনুষ্ঠানাদির ক্রমিক তালিকা; অনুক্রমণিকা।

নির্ঘাত /নির্‌ঘাত্ / [স. নির্+ √হন্+অ] বি. ১ প্রবল বাতাসের পরস্পর সংঘাত। ২ বজ্রপাত। বিণ. ১ প্রবল, প্রচণ্ড, কঠোর। ২ মর্মান্তিক। ৩ অব্যর্থ, মোক্ষম। ক্রিবিণ. নিঃসন্দেহে, নিশ্চিতভাবে।

নির্ঘুম /নির্‌ঘুম্/ [বা.] বিণ. নিদ্রাহীন।

নির্ঘৃণ /নির্‌ঘৃনো / [স. নির্+ঘৃণা] বিণ. ১ ঘৃণাহীন। ২ নির্দয়, নিষ্ঠুর। ৩ নির্লজ্জ, বেহায়া।

নির্ঘোষ /নির্‌ঘোশ্ / [স. নির্+ √ঘুষ্+অ] বি. গম্ভীর ধ্বনি, গভীর নিনাদ; প্রচণ্ড শব্দ।

নির্জন /নির্‌জন্/ [স. নির্+জন] বিণ. জনমানবহীন,

www.pathagar.com

বিজন; নিভৃত। বি. জনশূন্য বা নিভৃত স্থান।

নির্জনতা /নির্‌জনোতা/ [স. নির্জন+তা] বি. জনমানবহীনতা; নৈঃশব্দ্য।

নির্জনবাস /নির্‌জন্‌বাশ্‌/ [স. নির্জন+বাস] বি. নির্জন স্থানে বসবাস।

নির্জর /নির্‌জর্‌/ [স. নির্+জরা] বিণ. ১ জরাশূন্য। ২ অক্ষয়। বি. দেবতা।

নির্জল /নির্‌জল্‌/ [স. নির্+জল] বিণ. ১ জলশূন্য। ২ জলমিশ্রিত নয় এমন; খাঁটি। ৩ নিরম্বু। ৪ (যে ব্রত পালনকালে) জলপানও নিষিদ্ধ।

নির্জলা /নির্‌জলা/ [স. নির্জল >] বিণ. দ্র নির্জল।

নির্জিত /নির্‌জিতো/ [স. নির্+√জি+ত] বিণ. ১ পরাজিত, পরাভূত। ২ দমিত। ৩ বশীভূত।

নির্জীব /নির্‌জিব্‌/ [স. নির্+জীব] বিণ. ১ প্রাণহীন, মৃত। ২ জীবনীশক্তি ক্ষীণ হয়েছে এমন। ৩ অত্যন্ত ক্লান্ত ও নিস্তেজ। বি. **নির্জীবতা** /নির্‌জিবতা/।

নির্জ্ঞান /নির্‌গ্যান্‌/ [স. নির্+জ্ঞান] বি. চেতন ও অচেতনের মধ্যবর্তী মানসিক অবস্থা; জ্ঞানহীনতা। বিণ. ১ অবচেতন, subconscious। ২ অজ্ঞাত। ৩ চেতনাহীন, unconscious।

নির্ঝঞ্ঝাট /নির্‌ঝন্‌ঝাট্‌/ [স. নির্+বা. ঝঞ্ঝাট] বিণ. উপদ্রবহীন, নির্বিঘ্ন, নিরাপদ।

নির্ঝর /নির্‌ঝর্‌/ [স. নির্+√ঝৃ+অ] বি. পাহাড় থেকে প্রবাহিত জলধারা, ঝরনা; প্রবাহ।

নির্ঝরিণী /নির্‌ঝোরিনি/ [স. নির্ঝর+ইন্‌+ঈ] বি. নদী।

নির্ঝরী /নির্‌ঝোরি/ [স. নির্ঝর+ইন্‌] বি. পাহাড়।

নির্ণয় /নির্‌নয়্‌/ [স. নির্+√নী+অ] বি. ১ নিরূপণ (*রোগ নির্ণয়*)। ২ অর্থোদ্ধার। ৩ সিদ্ধান্ত।

নির্ণয়ন /নির্‌নয়োন্‌/ [স. নির্+√নী+অন] বি. দ্র নির্ণয়।

নির্ণয়সাপেক্ষ /নির্‌নয়্‌শাপেক্‌খো/ [স. নির্ণয়+সাপেক্ষ] বিণ. নির্ণেয় ফলাফলের ওপর নির্ভরশীল।

নির্ণায়ক /নির্‌নায়ক্‌/ [স. নির্+√নী+অক] বিণ. ১ নির্ণয়কারী, নিরূপক। ২ সিদ্ধান্তকারী; মীমাংসক। ৩ নির্ভুল সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করে এমন। বি. গুণাগুণ নির্ণয়ের মানদণ্ড, criterion।

নির্ণায়কসভা /নির্‌নায়ক্‌শভা/ [স. নির্ণায়ক+সভা] বি. বিচারকালে নির্ভুল সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদানের জন্য গঠিত সভা, jury।

নির্ণায়কসভ্য /নির্‌নায়ক্‌শোব্‌ভো/ [স. নির্ণায়ক+সভ্য] বি. নির্ণায়ক সভার সদস্য, juror।

নির্ণীত /নির্‌নিতো/ [স. নির্+√নী+ত] বিণ. ১ নির্ণয় করা হয়েছে এমন। ২ স্থির করা হয়েছে এমন।

নির্ণেতা /নির্‌নেতা/ [স. নির্+√নী+তৃ] বিণ. নির্ণয়কারী, অবধারক; বিচারক।

নির্ণেয় /নির্‌নেয়ো/ [স. নির্+√নী+য] বিণ. নির্ণয় করতে হবে এমন।

নির্দয় /নির্‌দয়্‌/ [স. নির্+দয়া] বিণ. ১ দয়াশূন্য, নিষ্ঠুর। ২ অত্যন্ত কঠোর। স্ত্রী. **নির্দয়া** /নির্‌দয়া/।

নির্দয়তা /নির্‌দয়তা/ [স. নির্দয়+তা] বি. দয়াহীনতা, নিষ্ঠুরতা, করুণাহীনতা, কঠোরতা।

নির্দল /নির্‌দল্‌/ [স. নির্+দল] বিণ. কোনো দলভুক্ত নয় এমন, দলনিরপেক্ষ (*নির্দল প্রার্থী*)।

নির্দায় /নির্‌দায়্‌/ [স. নির্+দায়] বিণ. দায়মুক্ত।

নির্দিষ্ট /নির্‌দিশ্‌টো/ [স. নির্+√দিশ্‌+ত] বিণ. ১ নির্দেশ করা হয়েছে এমন। ২ স্থিরীকৃত। ৩ নির্ধারিত। ৪ উক্ত। ৫ বিশেষভাবে চিহ্নিত।

নির্দেশ /নির্‌দেশ্‌/ [স. নির্+√দিশ্‌+অ] বি. ১ নির্ধারণ, স্থিরীকরণ। ২ বিশেষভাবে প্রদর্শন। ৩ আদেশ। ৪ উপদেশ। ৫ পরিচালন।

নির্দেশক /নির্‌দেশক্‌/ [স. নির+√দিশ্‌+অক] বিণ. ১ নির্দেশকর্তা; পরিচালক; নির্ধারক। ২ আদেশক। ৩ উপদেশক, তত্ত্বাবধায়ক (*গবেষণা নির্দেশক*)।

নির্দেশন /নির্‌দেশন্‌/ [স. নির্+√দিশ্‌+অন] বি. ১ নির্দেশদান। ২ নির্ধারণ। ৩ উপদেশ। ৪ পরিচালন।

নির্দেশপত্র /নির্‌দেশ্‌পত্‌ত্রো/ [স. নির্দেশ+পত্র] বি. নির্দেশসংবলিত পত্র।

নির্দেশিকা /নির্‌দেশিকা/ [স. নির্দেশ+ইক+আ (টাপ্‌)] বি. সূচিপত্র; নির্ঘণ্ট; (পরি.) directory।

নির্দেশ্য /নির্‌দেশ্‌শো/ [স. নির্+√দিশ্‌+য] বিণ. নির্দেশ করতে হবে এমন, নির্দেশযোগ্য।

নির্দেষ্টা /নির্‌দেশ্‌টা/ [স. নির্+√দিশ্‌+তৃ] বিণ. আদেষ্টা; নির্দেশক।

নির্দোষ /নির্‌দোশ্‌/ [স. নির্+দোষ] বিণ. ১ দোষশূন্য; নিরপরাধ। ২ নিখুঁত।

নির্দ্বন্দ্ব /নির্‌দন্‌দো/ [স. নির্+দ্বন্দ্ব] বিণ. ১ দ্বন্দ্বহীন, নির্বিবাদ। ২ রাগ দ্বেষ আশা-নিরাশা প্রভৃতি সকল প্রকার দ্বন্দ্ব থেকে মুক্ত।

নির্দ্বিধ /নির্‌দিধো/ [স. নির্+দ্বিধা] বিণ. দ্বিধাহীন; নিঃসংকোচ, নিঃসংশয়।

নির্দ্বিধচিত্ত /নির্‌দিধোচিত্‌তো/ [স. নির্দ্বিধ+চিত্ত] বি. দ্বিধাহীন চিত্ত।

নির্ধন /নির্‌ধন্‌/ [স. নির্+ধন] বিণ. বিত্তহীন, ধনহীন। বি. **নির্ধনতা** /নির্‌ধনোতা/।

www.pathagar.com

নির্ধারক /নির্ধারক্/ [স. নির্+√ধারি+অক] বিণ. নির্ধারণকারী, নির্ণায়ক, নিরূপক।

নির্ধারণ /নির্ধারোন্/ [স. নির্+√ধারি+অন] বি. ১ নির্ণয়, অবধারণ। ২ স্থিরীকরণ। ৩ সিদ্ধান্ত গ্রহণ।

নির্ধারণযোগ্য /নির্ধারোন্জোগ্গো/ [স. নির্ধারণ+√যুজ্+য] বিণ. নিরূপণ করার যোগ্য।

নির্ধারিত /নির্ধারিতো/ [স. নির্+√ধারি+ত] বিণ. নির্ধারণ করা হয়েছে এমন, নিরূপিত।

নির্ধার্য /নির্ধারজো/ [স. নির্+√ধারি+য] বিণ. নির্ধারণ করতে হবে এমন, নিরূপণীয়।

নির্ধূত /নির্ধুতো/ [স. নির্+√ধূ+ত] বিণ. ১ বিশেষভাবে কম্পিত, বিধুত। ২ বিতাড়িত; বিদূরিত।

নির্ধূম /নির্ধুম্/ [স. নির্+ধূম] বিণ. ধোঁয়াশূন্য। বি. **নির্ধূমতা** /নির্ধুমতা/।

নির্নিগড় /নির্নিগড়্/ [স. নির্+নিগড়] বিণ. ১ নিগড়শূন্য, শিকলহীন। ২ অবাধ, অবারিত।

নির্নিমিখ /নির্নিমিখ্/ [স. নির্নিমেষ >] বিণ. নিমেষহীন, অপলক। ক্রিবিণ. একদৃষ্টে।

নির্নিমিত্ত /নির্নিমিত্তো/ [স. নির্+নিমিত্ত] বিণ. ১ অকারণ। ২ অনর্থক। ৩ আকস্মিক।

নির্নিমেষ /নির্নিমেশ্/ [স. নির্+নিমেষ] বিণ. ক্রিবিণ. দ্র **নির্নিমিখ**।

নির্বংশ /নির্বংশো/ [স. নির্+বংশ] বিণ. বংশ লোপ পেয়েছে এমন; নিঃসন্তান।

নির্বচন /নির্বচোন্/ [স. নির্+√বচ্+অন] বি. ১ শব্দের ব্যুৎপত্তি-সহ ব্যাখা, নিরুক্তি, etymology। ২ সংজ্ঞার্থ প্রদান, definition। ৩ (জ্যা.) সূত্রাকারে উপপাদ্যের বিষয়বস্তুর প্রস্তাবনা, enunciation। বিণ. মৌন, নির্বাক।

নির্বন্ধ /নির্বন্ধো/ [স. নির্+বন্ধ] বি. ১ বিধান। ২ আগ্রহ, পীড়াপীড়ি (*সনির্বন্ধ অনুরোধ*)। ৩ অভিনিবেশ। ৪ যোগাযোগ।

নির্বপণ /নির্বপোন্/ [স. নির্+√বপ্+অন] বি. ১ পূর্বপুরুষের উদ্দেশে পিণ্ডদান। ২ বিসর্জন।

নির্বর্ণন /নির্বরনোন্ /[স. নির্+√বর্ণ্+অন] বি. দর্শন।

নির্বর্ণনীয় /নির্বরনোনিয়ো / [স. নির্+√বর্ণ্+অনীয়] বিণ. দেখার যোগ্য, দর্শনীয়।

নির্বর্তক /নির্বরতক্/ [স. নির্+√বর্তি+অক] বিণ. নিষ্পাদক; সম্পাদক, কার্যনির্বাহক।

নির্বর্তন /নির্বরতোন্/ [স. নির্+√বর্তি+অন] বি. কর্মসম্পাদন, নিষ্পাদন।

নির্বর্তিত /নির্বোরতিতো/ [স. নির্+√বর্তি+ত] বিণ. সম্পাদন করা হয়েছে এমন, নিষ্পাদিত।

নির্বন্ধিত /নির্বোন্ধিতো/ [স. নির+√বন্ধ্+ত] বিণ. ১ নির্বন্ধীকৃত। ২ নিশ্চিত; বিহিত।

নির্বর্ষ /নির্বরশো/ [স. নির্+বর্ষা] বিণ. বৃষ্টিহীন; খরা।

নির্বল /নির্বল্/ [স. নির্+বল] বিণ. ১ বলহীন, দুর্বল, নিস্তেজ। ২ (আল.) সহায়হীন।

নির্বস্তুক /নির্বোস্তুক্/ [স. নির্+বস্তু+ক] বিণ. বিমূর্ত, ভাবসর্বস্ব, abstract।

নির্বস্ত্র /নির্বস্ত্রো/ [স. নির্+বস্ত্র] বিণ. বিবস্ত্র।

নির্বাক /নির্বাক্/ [স. নির্+বাক্] বিণ. ১ বাক্‌শূন্য, হতবাক, মৌনী, নীরব।

নির্বাচক /নির্বাচক্/ [স. নির্+√বাচি+অক] বিণ. নির্বাচনকারী। বি. ভোটদাতা, voter।

নির্বাচকমণ্ডলী /নির্বাচকমন্ডোলি/ [স. নির্বাচক+মণ্ডলী] বি. নির্বাচনকারী জনসমষ্টি।

নির্বাচন /নির্বাচন্/ [স. নির্+√বাচি+অন] বি. ১ প্রতিনিধি বাছাইয়ের উদ্দেশ্যে জনমত গ্রহণের প্রক্রিয়াবিশেষ, election। ২ বাছাই।

নির্বাচনকেন্দ্র /নির্বাচনকেন্দ্রো/ [স. নির্বাচন+কেন্দ্র] বি. দ্র নির্বাচনক্ষেত্র।

নির্বাচনক্ষেত্র /নির্বাচনখেত্রো/ [স. নির্বাচন+ক্ষেত্র] বি. প্রতিনিধি নির্বাচনের নির্দিষ্ট এলাকা।

নির্বাচনি /নির্বাচোনি/ [স. নির্বাচন >] বিণ. নির্বাচনসম্পর্কিত।

নির্বাচনোত্তর /নির্বাচনোত্তর্/ [স. নির্বাচন+উত্তর] বিণ. নির্বাচনপরবর্তী।

নির্বাচিত /নির্বাচিতো/ [স. নির্+√বাচি+ত] বিণ. ১ নির্বাচনে জয়ী হয়েছে এমন (*নির্বাচিত প্রতিনিধি*)। ২ বাছাইকৃত (*নির্বাচিত কবিতা*)। ৩ মনোনীত।

নির্বাচ্য /নির্বাচ্চো/ [স. নির্+√বচ্+য] বিণ. ১ বাছাই করার যোগ্য। ২ ব্যাখ্যা করতে হবে এমন। ৩ কথনযোগ্য।

নির্বাণ /নির্বান্/ [স. নির্+√বা+ত] বি. ১ বৌদ্ধমতে সকল প্রকার বন্ধন থেকে মুক্তি, মোক্ষ। ২ পরম সুখ। ৩ অস্তমন। ৪ নির্বাপণ। ৫ অবসান। ৬ হস্তীস্নান। বিণ. ১ মোক্ষপ্রাপ্ত। ২ নির্বাপিত। ৩ অস্তমিত।

নির্বাণী /নির্বানি/ [স. নির্বাণ+ঈ] বি. শৈব সন্ন্যাসী-সম্প্রদায়বিশেষ।

নির্বাণোন্মুখ /নির্বানোন্মুখ্/ [স. নির্বাণ+উন্মুখ] বিণ. প্রায় নির্বাপিত, নিবন্ত, নিবুনিবু।

www.pathagar.com

নির্বাত /নির্‌বাত্‌/ [স. নির্‌+বাত] বিণ. ১ বায়ুশূন্য। ২ বদ্ধ; অচঞ্চল। ৩ দৃঢ়।

নির্বাতক /নির্‌বাতক্‌/ [স. নির্বাত+ক] বিণ. বায়ুশূন্য করে এমন। বি. যে যন্ত্রের সাহায্যে বায়ুশূন্য করা হয়, vacuum pump।

নির্বাদ /নির্‌বাদ্‌/ [স. নির্‌+বাদ] বি. দুর্নাম, নিন্দা।

নির্বাধ /নির্‌বাধ্‌/ [স. নির্‌+বাধা] বিণ. বাধাহীন।

নির্বান্ধব /নির্‌বান্‌ধব্‌/ [স. নির্‌+বান্ধব] বিণ. ১ বন্ধুহীন। ২ নিঃসঙ্গ।

নির্বাপক /নির্‌বাপক্‌/ [স. নির্‌+ √বাপি+অক] বিণ. ১ নেবায় এমন (*অগ্নি নির্বাপক*)। ২ নাশক।

নির্বাপণ /নির্‌বাপন্‌/ [স. নির্‌+ √বাপি+অন] বি. ১ প্রশমন। ২ দূরীকরণ।

নির্বাপয়িতা /নির্‌বাপোয়িতা/ [স. নির্‌+ √বাপি+তৃ] বিণ. ১ নেবায় এমন। ২ উপশমকারী।

নির্বাপিত /নির্‌বাপিতো/ [স. নির্‌+ √বাপি+ত] বিণ. ১ নেবানো হয়েছে বা নিবে গেছে এমন। ২ প্রশমিত। ৩ নাশপ্রাপ্ত।

নির্বারিত /নির্‌বারিতো/ [স. নির্‌+বারিত] বিণ. অবাধ, অবারিত; বাধাশূন্য।

নির্বাসন /নির্‌বাশোন্‌/ [স. নির্‌+ √বাসি+অন] বি. স্বদেশ থেকে বহিষ্কার।

নির্বাসিত /নির্‌বাশিতো/ [স. নির্‌+ √বাসি+ত] বিণ. স্বদেশ থেকে বহিষ্কৃত। স্ত্রী. **নির্বাসিতা** /নির্‌বাশিতা/।

নির্বাহ /নির্‌বাহো/ [স. নির্‌+ √বহ্‌+অ] বি. ১ সম্পাদন (*কার্যনির্বাহ*)। ২ নিষ্পত্তি। ৩ প্রতিপালন (*জীবিকানির্বাহ*)।

নির্বাহক /নির্‌বাহক্‌/ [স. নির্‌+ √বহ্‌+অক] বিণ. কর্ম সম্পাদনকারী, নির্বাহকারী, নির্বাহী।

নির্বাহিত /নির্‌বাহিতো/ [স. নির্‌+ √বাহি+ত] বিণ. নির্বাহ করা হয়েছে এমন; নিষ্পাদিত।

নির্বাহী /নির্‌বাহি/ [স. নির্‌+ √বহ্‌+ইন্‌] বিণ. নির্বাহকারী। বি. কর্মসম্পাদক (*প্রধান নির্বাহী*)।

নির্বিকল্প /নির্‌বিকল্‌পো/ [স. নির্‌+বিকল্প] বিণ. ১ বিকল্প নেই এমন। ২ অভ্রান্ত; সংশয়হীন। ৩ বহির্জগৎ সম্পর্কে উদাসীন। বি. অখণ্ড জ্ঞান।

নির্বিকল্প সমাধি /নির্‌বিকল্‌পো শমাধি/ বি. বহির্জগৎ থেকে বিচ্ছিন্ন হয়ে ধ্যানমগ্নতা।

নির্বিকার /নির্‌বিকার/ [স. নির্‌+বিকার] বিণ. ১ মনোবিকারশূন্য; নির্লিপ্ত। ২ পরিবর্তনশূন্য।

নির্বিঘ্ন /নির্‌বিঘ্‌নো/ [স. নির্‌+বিঘ্ন] বিণ. বাধাহীন; নিরুপদ্রব, বিপদহীন। বি. ~তা /–তা/।

নির্বিঘ্নে /নির্‌বিঘ্‌নে/ [স. নির্বিঘ্ন+বা. এ] ক্রিবিণ. নিরাপদে; অবাধে।

নির্বিচার /নির্‌বিচার্‌/ [স. নির্‌+বিচার] বিণ. বাছবিচার করে না এমন, বিবেচনাশূন্য।

নির্বিচারে /নির্‌বিচারে/ [স. নির্বিচার+বা. এ] ক্রিবিণ. বাছবিচার না করে (*নির্বিচারে বৃক্ষনিধন*)।

নির্বিণ্ণ /নির্‌বিন্‌নো/ [স. নির্‌+ √বিদ্‌+ত] বিণ. ১ অনুতপ্ত, দুঃখিত। ২ কোনো বিষয়ে অনাসক্ত।

নির্বিদার /নির্‌বিদার/ [স. নির্‌+বিদার] বিণ. বিদারণ করা যায় না এমন; অভেদ্য।

নির্বিবাদ /নির্‌বিবাদ্‌/ [স. নির্‌+বিবাদ] বিণ. বিবাদশূন্য, নির্বিরোধ; শান্তিপূর্ণ।

নির্বিবাদী /নির্‌বিবাদি/ [স. নির্বিবাদ+ইন্‌] বিণ. বিবাদ করে না এমন, শান্তিপ্রিয়।

নির্বিবাদে /নির্‌বিবাদে/ [স. নির্বিবাদ+বা. এ] ক্রিবিণ. শান্তিপূর্ণভাবে।

নির্বিবেক /নির্‌বিবেক্‌/ [স. নির্‌+বিবেক] বিণ. বিবেকহীন; বিবেচনাশূন্য।

নির্বিরোধ /নির্‌বিরোধ্‌/ [স. নির্‌+বিরোধ] বিণ. দ্র নির্বিবাদ।

নির্বিশঙ্ক /নির্‌বিশংকো/ [স. নির্‌+বিশঙ্কা] বিণ. নির্ভয়, নিঃশঙ্ক।

নির্বিশেষ /নির্‌বিশেশ্‌/ [স. নির্‌+বিশেষ] বিণ. অবিশেষ; অভিন্ন।

নির্বিশেষে /নির্‌বিশেশে/ [স. নির্বিশেষ+বা. এ] ক্রিবিণ. কোনো ব্যক্তি বা বিষয়ের মধ্যে ভেদাভেদ না করে (*জাতিধর্মবর্ণ-নির্বিশেষে*)।

নির্বিষ /নির্‌বিশ্‌/ [স. নির্‌+বিষ] বিণ. ১ বিষহীন। ২ (আল.) নিরীহ, দুর্বল; ভীরু।

নির্বিষয় /নির্‌বিশয়্‌/ [স. নির্‌+বিষয়] বিণ. ১ বিষয় সম্পর্কে উদাসীন। ২ ইন্দ্রিয়গ্রাহ্য নয় এমন।

নির্বীজ /নির্‌বিজ্‌/ [স. নির্‌+বীজ] বিণ. ১ পুরুষত্বহীন। ২ জীবাণুমুক্ত। ৩ বীজহীন।

নির্বীজন /নির্‌বিজন্‌/ [স. নির্‌+ √বীজ্‌+ণিচ্‌+অন] বি. ১ নির্বীজকরণ। ২ জীবাণুমুক্তকরণ; (পরি.) disinfection।

নির্বীজসমাধি /নির্‌বিজ্‌শমাধি/ [স. নির্বীজ+সমাধি] বি. ধ্যানমগ্নতার অবস্থাবিশেষ।

নির্বীজিত /নির্‌বিজিতো/ [স. নির্‌+ √বীজ্‌+ণিচ্‌+ত] বিণ. জীবাণুমুক্ত করা হয়েছে এমন।

নির্বীজীকরণ /নির্‌বিজিকরোন্‌/ [স. নির্বীজ+ঈ+

www.pathagar.com

করণ] বি. দ্র নির্বীজন।

নির্বীর /নির্‌বির্‌/ [স. নির্‌+বীর] বিণ. বীরশূন্য।

নির্বীর্য /নির্‌বির্‌জো/ [স. নির্‌+বীর্য] বিণ. ১ বীর্য বা তেজ নেই এমন, দুর্বল, বীর্যশূন্য; পৌরুষহীন। ২ (আল.) কাপুরুষ। বি. ~তা /–তা/।

নির্বুদ্ধি /নির্‌বুদ্ধি/ [স. নির্‌+√বুধ্‌+তি] বিণ. বুদ্ধিহীন, নির্বোধ; মূর্খ। বি. ~তা /–তা/।

নির্বৃত /নির্‌বৃতো/ [স. নির্‌+√বৃ+ত] বিণ. ১ সুখী। ২ শান্ত। ৩ মুক্ত। ৪ মৃত। ৫ অস্তমিত।

নির্বৃতি /নির্‌বৃতি/ [স. নির্‌+√বৃ+তি] বি. ১ সুখ। ২ স্বস্তি। ৩ মুক্তি। ৪ মৃত্যু। ৫ অস্তগমন।

নির্বৃত্ত /নির্‌বৃত্তো/ [স. নির্‌+√বৃৎ+ত] বিণ. ১ সম্পন্ন। ২ নিষ্পন্ন। ৩ উৎপন্ন। ৪ জীবিকাশূন্য।

নির্বৃত্তি /নির্‌বৃত্তি/ [স. নির্‌+√বৃৎ+তি] বি. ১ সমাপ্তি; সম্পাদন। ২ প্রাপ্তি। বিণ. বৃত্তিহীন।

নির্বেদ /নির্‌বেদ্‌/ [স. নির্‌+√বিদ্‌+অ] বিণ. বেদ-বহির্ভূত। বি. ১ অনুতাপ। ২ বৈরাগ্য; নৈরাশ্য।

নির্বোধ /নির্‌বোধ্‌/ [স. নির্‌+বোধ] বিণ. বোধশক্তি-হীন; অজ্ঞ; মূর্খ; বুদ্ধিশূন্য।

নির্ব্যাজ /নির্‌ব্যাজ্‌/ [স. নির+ব্যাজ] বিণ. ছলনা-হীন; অকপট, সরল।

নির্ব্যূঢ় /নির্‌ব্যূঢ়ো/ [স. নির্‌+বি+√বহ্‌+ত] বিণ. ১ অবাধ। ২ সমাপ্ত। ৩ সম্যক। ৪ প্রমাণদ্বারা স্থির করা হয়েছে এমন।

নির্ভয় /নির্‌ভয়্‌/ [স. নির্‌+ভয়] বিণ. নিঃশঙ্ক, নির্ভীক। বি. নির্ভয়তা /নির্‌ভয়োতা/।

নির্ভর /নির্‌ভর্‌/ [স. নির্‌+√ভৃ+অ] বি. ১ আশ্রয়, অবলম্বন। ২ ভরসা; আস্থা, বিশ্বাস।

নির্ভরতা /নির্‌ভরোতা/ [স. নির্ভর+তা] বি. ভরসা; আস্থা, বিশ্বাস।

নির্ভরযোগ্য /নির্‌ভরজোগ্‌গো/ [স. নির্ভর+যোগ্য] বিণ. নির্ভর করা যায় এমন; বিশ্বাসভাজন। বি. –তা /–তা/।

নির্ভরশীল /নির্‌ভরশিল্‌/ [স. নির্ভর+√শীল্‌+অ] বিণ. অন্যের মুখাপেক্ষী; পরনির্ভর। বি. নির্ভর-শীলতা /নির্‌ভরশিলতা/।

নির্ভরসা /নির্‌ভরোশা/ [স. নির্‌+হি. ভরসা] বিণ. নির্ভর করা যায় না এমন, ভরসাহীন।

নির্ভাবনা /নির্‌ভাবোনা/ [স. নির্‌+ভাবনা] বি. নিশ্চিন্ততা।

নির্ভার /নির্‌ভার্‌/ [স. নির্‌+ভার] বিণ. ১ ভার নেই এমন, ভারহীন। ২ উৎকণ্ঠা নেই এমন, নিরুদ্‌বেগ।

নির্ভীক /নির্‌ভিক্‌/ [স. নির্‌+√ভী+ক] বিণ. ভয় নেই এমন, সাহসী। বি. নির্ভীকতা /নির্‌ভিকতা/।

নির্ভুল /নির্‌ভুল্‌/ [স. নির্‌+বা. ভুল] বিণ. ত্রুটিহীন, ভুলশূন্য; নিখুঁত, যথার্থ।

নির্ভেজাল /নির্‌ভেজাল্‌/ [স. নির্‌+বা. ভেজাল] বিণ. ১ ভেজালহীন (*নির্ভেজাল দুধ*)। ২ খাঁটি।

নির্মক্ষিক /নির্‌মোক্‌খিক্‌/ [স. নির্‌+মক্ষিকা] বিণ. ১ মশামাছি থেকে মুক্ত। ২ জনপ্রাণীহীন। বি. মাছিটিও নেই এমন স্থান।

নির্মঞ্ছন /নির্‌মন্‌ছোন্‌/ [স. নির্‌+√মনছ্‌+অন] বি. ১ অভ্যর্থনা, বরণ। ২ আরতি, নীরাজনা। ৩ আরতির পাঁচটি উপকরণ (দীপমালা সজলপদ্ম ধৌতবস্ত্র বেলপাতা ও সাষ্টাঙ্গ প্রণাম)।

নির্মৎসর /নির্‌মত্‌শর্‌/ [স. নির্‌+মৎসর] বিণ. ১ ঈর্ষাশূন্য। ২ সর্বজনের হিতাকাঙ্ক্ষী; মাৎসর্য-শূন্য। ৩ নিরহংকার।

নির্মধু /নির্‌মোধু/ [স. নির্‌+মধু] বিণ. ১ মধুহীন। ২ (আল.) মাধুর্যহীন, রুক্ষ।

নির্মন্থন /নির্‌মন্‌থোন্‌/ [স. নির্‌+√মন্থ্‌+অন] বি. ১ সম্যক মন্থন। ২ ঘর্ষণ। ৩ নিষ্কাশন।

নির্মম /নির্‌মম্‌/ [স. নির্‌+মম] বিণ. ১ মমতা নেই এমন। ২ নিরাসক্ত। বি. নির্মমতা /নির্‌মমোতা/।

নির্মল /নির্‌মল্‌/ [স. নির্‌+মল] বিণ. ১ অমলিন। ২ স্বচ্ছ (*নির্মল দৃষ্টি*)। ৩ পবিত্র (*নির্মল হৃদয়*)। ৪ শুভ্র (*নির্মল কান্তি*)। ৫ বিশুদ্ধ (*নির্মল বায়ু*)।

নির্মলি /নির্‌মোলি/ [স. নির্মাল্য >] বি. ১ আমাশয় রোগ নিরাময়ে ব্যবহৃত কতক বৃক্ষের ফল। ২ জলশোধক ফল, কতক ফল বা তার বীজ।

নির্মলীকরণ /নির্‌মোলিকরোন্‌/ [স. নির্মল+ছ্বি+করণ] বি. পরিষ্করণ।

নির্মলীকৃত /নির্‌মোলিক্‌কৃতো/ [স. নির্মল+ছ্বি+কৃত] বিণ. পরিষ্কার করা হয়েছে এমন।

নির্মা /নির্‌মা/ [স. নির্মাণ >] ক্রিবি. (কাব্যে) নির্মাণ করা, রচনা করা, তৈরি করা।

নির্মাণ /নির্‌মান্‌/ [স. নির্‌+√মা+অন] বি. ১ গঠন, রচনা, সৃষ্টি। ২ প্রতিষ্ঠা। ৩ গ্রন্থন।

নির্মাণকাজ /নির্‌মান্‌কাজ্‌/ [স. নির্মাণ+বা. কাজ] বি. তৈরি করার কাজ, নির্মিতি।

নির্মাণকৌশল /নির্‌মান্‌কৌড়্‌শল্‌/ [স. নির্মাণ+কৌশল] বি. গঠনশৈলী।

নির্মাণপদধতি /নির্‌মান্‌পদ্‌ধোতি/ [স. নির্মাণ+পদধতি] বি. দ্র নির্মাণকৌশল।

www.pathagar.com

নির্মাণশৈলী /নির্‌মান্‌শোই্‌লি/ [স. নির্মাণ+শৈলী] বি. দ্র নির্মাণকৌশল।

নির্মাতা /নির্‌মাতা/ [স. নির্‌+√মা+তৃ] বিণ. নির্মাণকারী, রচয়িতা; স্রষ্টা।

নির্মায়িক /নির্‌মায়িক্‌/ [স. নির্‌+মায়িক] বিণ. মায়াদয়াহীন, নির্মম, নিষ্ঠুর।

নির্মাল্য /নির্‌মাল্লো/ [স. নির্‌+মাল্য] বি. দেবতার উদ্দেশে নিবেদিত অর্ঘ্য; প্রসাদ।

নির্মিত /নির্‌মিতো/ [স. নির্‌+√মা+ত] বিণ. নির্মাণ করা হয়েছে এমন, গঠিত; রচিত।

নির্মিতব্য /নির্‌মিতোব্‌বো/ [স. নির্‌+√মা+তব্য] বিণ. নির্মাণ করতে হবে বা করা হবে এমন।

নির্মিতি /নির্‌মিতি/ [স. নির্‌+√মা+তি] বি. নির্মাণ-কৌশল, রচনাশৈলী।

নির্মিৎসা /নির্‌মিত্‌শা/ [স. নির্‌+√মা+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. নির্মাণ করার ইচ্ছা।

নির্মীয়মাণ /নির্‌মিয়োমান্‌/ [স. নির্‌+√মা+য+মান (শানচ্‌)] বিণ. নির্মাণ করা হচ্ছে এমন।

নির্মুকুল /নির্‌মুকুল্‌/ [স. নির্‌+মুকুল] বিণ. মুকুল বা কুঁড়ি নেই এমন; পুষ্পহীন।

নির্মুক্ত /নির্‌মুক্তো/ [স. নির্‌+√মুচ্‌+ত] বিণ. ১ সম্পূর্ণরূপে মুক্ত। ২ খোলসমুক্ত। বি. খোলসমুক্ত সাপ।

নির্মুক্তি /নির্‌মুক্তি/ [স. নির্‌+√মুচ্‌+তি] বি. সম্পূর্ণ-রূপে মুক্তি, নিঃশেষে মুক্তি।

নির্মূল /নির্‌মুল্‌/ [স. নির্‌+মূল] বিণ. ১ মূল-সহ উৎপাটিত। ২ বিলুপ্ত; ধ্বংসপ্রাপ্ত। ৩ ভিত্তিহীন।

নির্মূলন /নির্‌মুলন্‌/ [স. √নির্মূল+অন] বি. ১ সমূলে উৎপাটন, উন্মূলন। ২ বিনাশ; ধ্বংস।

নির্মূলিত /নির্‌মুলিতো/ [স. নির্‌+√মূল্‌+ণিচ্‌+ত] বিণ. ১ সমূলে উৎপাটন বা নির্মূল করা হয়েছে এমন। ২ উচ্ছেদিত। ৩ বিলুপ্ত। ৪ ধ্বংসপ্রাপ্ত।

নির্মূলীকরণ /নির্‌মুলিকরোন্‌/ [স. নির্মূল+ঈ+করণ] বি. নির্মূলন, উন্মূলন।

নির্মূলীকৃত /নির্‌মুলিক্‌কৃতো/ [স. নির্মূল+ঈ+কৃত] বিণ. দ্র নির্মূলিত।

নির্মেঘ /নির্‌মেঘ/ [স. নির্‌+মেঘ] বিণ. মেঘমুক্ত; নির্মল।

নির্মেদ /নির্‌মেদ্‌/ [স. নির্‌+মেদ] বিণ. ১ মেদহীন (*নির্মেদ শরীর*)। ২ সাবলীল; সরল (*নির্মেদ ভাষা*)।

নির্মোক /নির্‌মোক্‌/ [স. নির্‌+√মুচ্‌+অ] বি. ১ সাপের খোলস। ২ বর্ম। ৩ আকাশ। ৪ মোচন।

নির্মোঘ /নির্‌মোঘ্‌/ [স. নির্‌+মোঘ] বিণ. ১ অমোঘ, অব্যর্থ (*নির্মোঘ সত্য*)। ২ অবশ্যম্ভাবী।

নির্মোচন /নির্‌মোচোন্‌/ [স. নির্‌+√মুচ্‌+অন] বি. ১ নিঃশেষে ত্যাগ; সম্পূর্ণ মোচন। ২ খোলস ত্যাগ।

নির্মোচ্য /নির্‌মোচ্চো/ [স. নির্‌+√মুচ্‌+য] বিণ. মোচন করতে হবে এমন, মোচনের উপযুক্ত।

নির্মোহ /নির্‌মোহো/ [স. নির্‌+√মুহ্‌+অ] বিণ. মোহ দূরীভূত হয়েছে এমন, মোহশূন্য (*নির্মোহচিত্ত*)।

নির্যাণ /নির্‌জান্‌/ [স. নির্‌+√যা+অন] বি. ১ পশুর পা বাঁধার দড়ি। ২ পশুর পিঠের আসন। ৩ নির্গমন। ৪ মোক্ষ, নির্বাণ।

নির্যাতক /নির্‌জাতক্‌/ [স. নির্‌+√যাতি+অক] বিণ. ১ উৎপীড়ক। ২ যন্ত্রণাদায়ক।

নির্যাতন /নির্‌জাতোন্‌/ [স. নির্‌+√যাতি+অন] বি. ১ উৎপীড়ন; প্রহার। ২ প্রতিহিংসা। ৩ প্রত্যর্পণ।

নির্যাতনকারী /নির্‌জাতোন্‌কারি/ [স. নির্যাতন+√কৃ+ইন্‌] বিণ. উৎপীড়ক। স্ত্রী. **নির্যাতনকারিণী** /নির্‌জাতোন্‌কারিনি/।

নির্যাতিত /নির্‌জাতিতো/ [স. নির্‌+√যাতি+ত] বিণ. উৎপীড়িত। স্ত্রী. **নির্যাতিতা** /নির্‌জাতিতা/।

নির্যাস /নির্‌জাশ্‌/ [স. নির্‌+√যাসি+অ] বি. ১ সারবস্তু। ২ শ্রেষ্ঠাংশ। ৩ ক্বাথ। ৪ আরক।

নির্লক্ষ্য /নির্‌লোক্‌খো/ [স. নির্‌+√লক্ষ্‌+য] বিণ. লক্ষ্যহীন; আদর্শহীন।

নির্লজ্জ /নির্‌লজ্‌জো/ [স. নির্‌+√লস্‌জ্‌+অ] বিণ. লজ্জা নেই এমন, বেহায়া। বি. -তা /-তা/।

নির্লিপ্ত /নির্‌লিপ্‌তো/ [স. নির্‌+√লিপ্‌+ত] বিণ. ১ সংস্রবহীন। ২ আসক্তিহীন। বি. -তা /তা/।

নির্লিপ্তি /নির্‌লিপ্‌তি/ [স. নির্লিপ্ত>] বি. উদাসীনতা; আসক্তিহীনতা।

নির্লেপ /নির্‌লেপ্‌/ [স. নির্‌+√লিপ্‌+অ] বিণ. ১ প্রলেপশূন্য। ২ নির্লিপ্ত; সম্পর্কহীন। ৩ স্বতন্ত্র।

নির্লোভ /নির্‌লোভ্‌/ [স. নির্‌+লোভ] বিণ. লোভশূন্য; অনাসক্ত।

নির্লোম /নির্‌লোম্‌/ [স. নির্‌+লোম] বিণ. লোম নেই এমন।

নিলম্বন /নিলম্‌বোন্‌/ [স. নি+√লম্ব্‌+অন] বি. ১ কোনো ব্যক্তি বা বিষয় সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত-করণ। ২ সাময়িক পদচ্যুতি, suspension।

নিলম্বিত /নিলোম্‌বিতো/ [স. নি+√লম্ব্‌+ত] বিণ. ১ সিদ্ধান্ত স্থগিত রাখা হয়েছে এমন। ২ সাময়িক-ভাবে পদচ্যুত, suspended।

www.pathagar.com

নিলম্বিত গণিতক /নিলোম্বিতো গোনিতক্/ বি. আয়ব্যয়ের কাঁচা হিসাব; (পরি.) suspense account।

নিলয় /নিলয়্/ [স. নি+√লী+অ] বি. ১ গৃহ। ২ আধার। ৩ নিঃশেষে লয়। ৪ হৃদ্‌যন্ত্রের যে প্রকোষ্ঠ ধমনিতে রক্ত প্রেরণের পাম্পরূপে কাজ করে, ventricle।

নিলাজ /নিলাজ্/ [স. নির্লজ্জ >] বিণ. লজ্জাহীন।

নিলাম /নিলাম্/ [পো.] বি. ১ কোনো দুর্লভ বস্তু চিত্রকর্ম রত্ন প্রভৃতি উপস্থিত ক্রেতাদের মধ্যে দাম হেঁকে সর্বোচ্চ মূল্য দিতে আগ্রহী ক্রেতার নিকট বিক্রয়ের ব্যবস্থা, auction। ২ আদালতের নির্দেশে দেনা পরিশোধে অক্ষম ব্যক্তির বিষয়সম্পত্তি প্রকাশ্যে বিক্রয়।

নিলামকারী /নিলাম্‌কারি/ [পো. নিলাম+স. কারী] বিণ. (যে) নিলাম করে।

নিলাম ডাকা /নিলাম্ ডাকা/ ক্রিবি. ১ নিলামে ক্রয় বা বিক্রয়ের জন্য দর হাঁকা। ২ নিলামে বিক্রয় করা।

নিলীন /নিলিন্/ [স. নি+√লী+ত] বিণ. ১ বিলীন। ২ নিমগ্ন। ৩ অবস্থিত। ৪ মিলিত। ৫ অদৃশ্য; লুপ্ত।

নিলীয়মান /নিলিয়োমান্/ [স. নি+√লী+য+মান (শানচ্)] বিণ. বিলীয়মান; প্রচ্ছন্ন।

নিশপিশ /নিশ্‌পিশ্/ [দেশি.] অব্য. অস্থিরতা বা চঞ্চলতার ভাব।

নিশসা /নিশশা/ [স. নিশ্বাস >] ক্রিবি. (কাব্যে) নিশ্বাস ফেলা।

নিশা /নিশা/ [স. √নিশ্+অ+আ (টাপ্)] বি. রাত্রি, রজনি, যামিনী।

নিশাকর /নিশাকর্/ [স. নিশা+√কৃ+অ] বি. চাঁদ।

নিশাকান্ত /নিশাকান্তো/ [স. নিশা+কান্ত] বি. চাঁদ।

নিশাগম /নিশাগম্/ [স. নিশ্+আগম] বি. রাতের আগমন।

নিশাচর /নিশাচর্/ [স. নিশা+চর] বিণ. রাতে বিচরণ করে এমন, রাত্রিচর। বি. ১ চোর। ২ (রাতে বিচরণ করে বলে) বাদুড় প্যাঁচা প্রভৃতি বন্য প্রাণী। স্ত্রী. নিশাচরী /নিশাচোরি/।

নিশাত /নিশাত্/ [স. নি+√শো+ত] বিণ. তীক্ষ্ণীকৃত, শানিত; অত্যন্ত ধারালো।

নিশাত্যয় /নিশাত্তয়্/ [স. নিশা+অত্যয়] বি. ১ রাত্রির অবসান। ২ প্রভাত।

নিশাদল /নিশাদল্/ [ফা. নৌশাদর >] বি. নাইট্রোজেন হাইড্রোজেন ও ক্লোরিনের মিশ্রণজাত রাসায়নিক যৌগিক পদার্থবিশেষ, ammonium chloride।

নিশান /নিশান্/ [ফা.] বি. ১ পতাকা। ২ নিদর্শন। ৩ লক্ষ্য; তাক। ৪ পরিচয়, অভিজ্ঞান। ৫ ঠিকানা।

নিশানদার /নিশান্‌দার্/ [ফা.] বিণ. ১ শনাক্তকারী। ২ পতাকাধারী।

নিশানদিহি /নিশান্‌দিহি/ [ফা.] বি. শনাক্তকরণ।

নিশানবরদার /নিশান্‌বরদার্ / [ফা.] বিণ. পতাকা-বহনকারী। বি. যে ব্যক্তি পতাকা বহন করে।

নিশানা /নিশানা/ [ফা.] বি. ১ নিদর্শন, চিহ্ন। ২ লক্ষ্য; তাক (*বন্দুকের নিশানা*)। ৩ পরিচয়, অভিজ্ঞান; ঠিকানা (*নামনিশানা*)।

নিশানাথ /নিশানাথ্ / [স. নিশা+নাথ] বি. চাঁদ।

নিশান্ত /নিশান্তো/ [স. নিশা+অন্ত] বি. রাত্রির অবসান, নিশাত্যয়, প্রভাত।

নিশান্ধ /নিশান্ধো/ [স. নিশা+অন্ধ] বিণ. রাতে ঠিক করে দেখতে পায় না এমন, রাতকানা।

নিশাপতি /নিশাপোতি/ [স. নিশা+পতি] বি. চন্দ্র, চাঁদ, নিশানাথ।

নিশামুখ /নিশামুখ্/ [স. নিশা+মুখ] বি. সন্ধ্যা।

নিশাস /নিশাশ্/ [স. নিঃশ্বাস >] বি. 'নিশ্বাস'-এর কোমল ও কাব্যিক রূপ।

নিশি /নিশি/ [স. নিশা >] বি. ১ রাত্রি। ২ ঘুমন্ত অবস্থায় হেঁটে বেড়ানোর রোগ, somnambulism।

নিশিগন্ধা /নিশিগন্ধা/ [বা.] বি. রজনীগন্ধা।

নিশিত /নিশিতো/ [স. নি+√শো+ত] বিণ. তীক্ষ্ণীকৃত, শানিত; অত্যন্ত ধারালো।

নিশিদিন /নিশিদিন্/ [বা. নিশি+স. দিন] ক্রিবিণ. রাত্রিদিন, সর্বদা, অনুক্ষণ।

নিশিদিশি /নিশিদিশি/ [বা.] ক্রিবিণ. দ্র নিশিদিন।

নিশিপালক /নিশিপালক্/ [বা. নিশি+স. পালক] বি. রাতের প্রহরী, নৈশপ্রহরী।

নিশিপালন /নিশিপালোন্/ [বা. নিশি+স. পালন] বি. অমাবস্যা পূর্ণিমা ও সংক্রান্তি উপলক্ষ্যে রাতে উপবাস পালনের ব্রতবিশেষ।

নিশিবিহার /নিশিবিহার্/ [বা. নিশি+স. বিহার] বি. রাতে বিচরণ।

নিশিযাপন /নিশিজাপোন্/ [বা. নিশি+স. যাপন] বি. রাত্রি অতিবাহন।

নিশির ডাক /নিশির্ ডাক্/ বি. রাতে ঘুমন্ত মানুষকে ডেকে নিয়ে যায় এমন কল্পিত প্রেত।

নিশিসমাগম /নিশিশমাগম্/ [বা. নিশি+স. সমাগম] বি. রাত্রির আগমন; সন্ধ্যা।

www.pathagar.com

নিশীথ /নিশিথ্/ [স. নি+√শী+থ] বি. মধ্যরাত ; গভীর রাত। বিণ. গভীর।

নিশীথনিবিড় /নিশিথ্‌নিবিড়্/ [স. নিশীথ+নিবিড়] বিণ. ঘনকৃষ্ণ, কালো।

নিশীথিনী /নিশিথিনি/ [স. নিশীথ+ইন্+ঈ] বি. গভীর রাত; রাত, রজনি।

নিশীথিনীনাথ /নিশিথিনিনাথ্/ [স. নিশীথিনী+নাথ] বি. চাঁদ।

নিশুতি /নিশুতি/ [স. নিষুপ্তি >] বি. ১ মধ্যরাত; গভীর রাত। ২ গভীর রাতের নিদ্রা। বিণ. ১ নিদ্রিত। ২ গভীর। ৩ নিস্তব্ধ; নির্জন।

নিশ্চয় /নিশ্‌চয়্/ [স. নির্+√চি+অ] বি. ১ সন্দেহাতীত জ্ঞান, স্থির ধারণা। ২ সিদ্ধান্ত, মীমাংসা। বিণ. ১ নিশ্চিত; সংশয়হীন। ২ স্থির। ক্রিবিণ. নিঃসন্দেহে।

নিশ্চয়তা /নিশ্‌চয়োতা/ [স. নিশ্চয়+তা] বি. সংশয়হীনতা; স্থিরতা।

নিশ্চয়বান /নিশ্‌চয়বান্/ [স. নিশ্চয়+বৎ] বিণ. স্থির বিশ্বাসযুক্ত।

নিশ্চল /নিশ্‌চল্/ [স. নির্+√চল্+অ] বিণ. স্থির, অচঞ্চল; অচল। স্ত্রী. **নিশ্চলা** /নিশ্‌চলা/।

নিশ্চলতা /নিশ্‌চলোতা/ [স. নিশ্চল+তা] বি. স্থিরতা, গতিহীনতা।

নিশ্চায়ক /নিশ্‌চায়োক্/ [স. নির্+√চি+অক] বিণ. নিশ্চয়কারক, নির্ণয়কারী; নির্ধারক।

নিশ্চিত /নিশ্‌চিতো/ [স. নির্+√চি+ত] বিণ. নিঃসন্দেহ, নিঃসন্দিগ্ধ। ক্রিবিণ. নিশ্চিতভাবে।

নিশ্চিতি /নিশ্‌চিতি/ [স. নির্+√চি+তি] বি. ১ নিশ্চয়তা, সংশয়হীনতা। ২ স্থিরতা।

নিশ্চিন্ত /নিশ্‌চিন্তো/ [স. নির্+চিন্তা] বিণ. ভাবনা-হীন, নিরুদ্‌বিগ্ন, চিন্তাশূন্য। বি. ~তা /-তা/।

নিশ্চিহ্ন /নিশ্‌চিন্nho/ [স. নির্+চিহ্ন] বিণ. কোনো চিহ্ন নেই এমন, সম্পূর্ণরূপে বিলুপ্ত।

নিশ্চুপ /নিশ্‌চুপ্/ [স. নির্+বা. চুপ] বিণ. সম্পূর্ণ নিঃশব্দ।

নিশ্চেতন /নিশ্‌চেতোন্/ [স. নির্+চেতন] বিণ. অজ্ঞান, অচেতন, চেতনাহীন; জড়।

নিশ্চেতনা /নিশ্‌চেতোনা/ [স. নির্+চেতনা] বি. ১ চেতনার অভাব; অজ্ঞানতা। ২ (আল.) উপেক্ষা।

নিশ্চেষ্ট /নিশ্‌চেশ্‌টো/ [স. নির্+√চেষ্ট্+অ] বিণ. চেষ্টাশূন্য, উদ্যমহীন ; নিষ্ক্রিয়। বি. ~তা /-তা/।

নিশ্ছিদ্র /নিশ্‌ছিদ্‌দ্রো/ [স. নির্+ছিদ্র] বিণ. ছিদ্রহীন; ত্রুটিশূন্য (*নিশ্ছিদ্র নিরাপত্তা*)। বি. ~তা /-তা/।

নিশ্বসন /নিশ্‌শোন্/ [স. নি+√শ্বস্+অন] বি. শ্বাস ত্যাগ ও গ্রহণ।

নিশ্বসিত /নিশ্‌শোশিতো/ [স. নি+√শ্বস্+ত] বিণ. নিশ্বাস ফেলা হয়েছে এমন।

নিশ্বাস /নিশ্‌শাশ্/ [স. নির্+শ্বাস] বি. ফুসফুস থেকে নির্গত বায়ু, শ্বাসবায়ু, দম।

নিষঙ্গ /নিশংগো/ [স. নি+√সন্‌জ্+অ] বি. তির রাখার আধার, তূণীর, তূণ।

নিষঙ্গী /নিশোংগি/ [স. নিষঙ্গ+ইন্] বিণ. তিরন্দাজ, তূণীরধারী।

নিষণ্ণ /নিশন্নো/ [স. নি+√সদ্+ত] বিণ. ১ উপবিষ্ট, আসীন। ২ অবস্থিত।

নিষধ /নিশধ্/ [স. নি+√সদ্+অ] বি. ১ প্রাচীন ভারতের রাজ্যবিশেষ বা ওই রাজ্যের অধিবাসী। ২ পর্বতবিশেষ। ৩ স্বরগ্রামের সপ্তম স্বর।

নিষাদ /নিশাদ্/ [স. নি+√সদ্+অ] বি. ১ মৎস্য-জীবী। ২ ব্যাধ। ৩ স্বরগ্রামের সপ্তম স্বর।

নিষাদী /নিশাদি/ [স. নিষাদ+ইন্] বিণ. উপবিষ্ট। বি. মাহুত।

নিষিক্ত /নিশিক্তো/ [স. নি+√সিচ্+ত] বিণ. ১ সম্পূর্ণ সিক্ত। ২ ক্ষরিত, নিঃসৃত। ৩ (ফুলের) পরাগ সংযুক্ত হয়েছে এমন, fertilized।

নিষিদ্ধ /নিশিদ্‌ধো/ [স. নি+√সিধ্+ত] বিণ. ১ নিষেধ বা বারণ করা হয়েছে এমন; নিবারিত (*নিষিদ্ধ কাজ*)। ২ অনুচিত, বেআইনি, নিয়মবহির্ভূত।

নিষুপ্ত /নিশুপ্তো/ [স. নি+√স্বপ্+ত] বিণ. গভীর নিদ্রামগ্ন (*নিষুপ্ত রজনি*)।

নিষুপ্তি /নিশুপ্তি/ [স. নি+√স্বপ্+তি] বি. নিদ্রামগ্নতা, গভীর নিদ্রা।

নিষেক /নিশেক্/ [স. নি+√সিচ্+অ] বি. ১ ক্ষরণ, নিঃস্রাব। ২ বর্ষণ। ৩ সেচন। ৪ গর্ভসঞ্চার।

নিষেধ /নিশেধ্/ [স. নি+√সিধ্+অ] বি. ১ বারণ। ২ নিবারণ। ৩ আপত্তি। বিণ. নিষিদ্ধ; নিবারিত।

নিষেধক /নিশেধক্/ [স. নি+√সিধ্+অক] বিণ. নিষেধকারী; নিবারক, নিবর্তক।

নিষেবক /নিশেবক্/ [স. নি+√সেব্+অক] বি. ১ শুশ্রূষাকারী, পরিচর্যাকারী। ২ অর্চনাকারী।

নিষেবণ /নিশেবন্/ [স. নি+√সেব্+অন] বি. ১ পরিচর্যা। ২ অর্চনা। ৩ উপভোগ, ভোগ।

নিষেবিত /নিশেবিতো/ [স. নি+√সেব্+ত] বিণ. ১ সেবা করা হয়েছে এমন। ২ অর্চিত। ৩ ভোগ করা হয়েছে এমন।

www.pathagar.com

নিষ্ক /নিশ্‌কো/ [স. √নিষ্ক+অ] বি. ১ স্বর্ণ। ২ স্বর্ণ-মুদ্রা। ৩ স্বর্ণের নির্দিষ্ট পরিমাণ।

নিষ্কণ্টক /নিশ্‌কন্‌টক্‌/ [স. নির্‌+কণ্টক] বিণ. ১ কাঁটা নেই এমন। ২ শত্রুহীন। ৩ নির্বিঘ্ন, নিরাপদ (*নিষ্কণ্টক যাত্রা*)। ৪ (যে সম্পত্তির) অংশীদারিত্বে কোনো জটিলতা নেই এমন (*নিষ্কণ্টক জমি*)।

নিষ্কপট /নিশ্‌কপোট্‌/ [স. নির+কপট] বিণ. কপটতা-হীন; সরল; কুটিলতাবর্জিত।

নিষ্কম্প /নিশ্‌কম্‌পো/ [স. নির্‌+কম্প] বিণ. ১ কম্পনশূন্য; অকম্পিত। ২ অটল, দৃঢ়। ৩ নিশ্চল।

নিষ্কম্প্র /নিশ্‌কম্‌প্রো/ [স. নির্‌+√কম্প্‌+র] বিণ. দ্র **নিষ্কম্প**।

নিষ্কর /নিশ্‌কর্‌/ [স. নির্‌+কর] বিণ. কর দিতে হয় না এমন, লাখেরাজ (*নিষ্কর ভূমি*)।

নিষ্করুণ /নিশ্‌কোরুন্‌/ [স. নির্‌+করুণা] বিণ. করুণা-শূন্য, দয়াহীন, নিষ্ঠুর।

নিষ্কর্ম /নিশ্‌করমো/ [স. নির্‌+কর্মন্‌] বিণ. ১ বেকার। ২ অলস। বি. কর্মহীনতা, বেকারত্ব; অবসর।

নিষ্কর্মা /নিশ্‌করমা/ [স. নির্‌+কর্মন্‌] বিণ. ১ বেকার, কর্মহীন। ২ অলস, কুঁড়ে। ৩ নিশ্চেষ্ট।

নিষ্কর্মার ঢেঁকি /নিশ্‌করমার্‌ ঢেঁকি/ বি. অত্যন্ত অলস ব্যক্তি।

নিষ্কর্ষ /নিশ্‌করশো/ [স. নির্‌+√কৃষ্‌+অ] বি. ১ নিঃসারণ। ২ সারাংশ, substance। ৩ তাৎপর্য।

নিষ্কর্ষণ /নিশ্‌করশোন্‌/ [স. নির্‌+√কৃষ্‌+অন] বি. ১ অনভিপ্রেত বস্তু দূরীকরণ। ২ অপনয়ন।

নিষ্কল /নিশ্‌কল্‌/ [স. নির্‌+ কলা] বি. পরব্রহ্ম। বিণ. ১ অখণ্ড। ২ নিরবয়ব। ৩ তেজোহীন। ৪ বার্ধক্য-প্রাপ্ত। ৫ নষ্টবীর্য।

নিষ্কলঙ্ক /নিশ্‌কলোঙ্‌কো/ [স. নির্‌+ কলঙ্ক] বিণ. ১ কলঙ্কহীন। ২ নির্মল; পবিত্র।

নিষ্কলা /নিশ্‌কলা/ [স. নিষ্কল+আ (টাপ্‌)] বি. যে নারীর ঋতুস্রাব বন্ধ হয়ে গেছে।

নিষ্কলী /নিশ্‌কোলি/ [স. নিষ্কল+ঈ] বি. দ্র **নিষ্কলা**।

নিষ্কলুষ /নিশ্‌কোলুশ্‌/ [স. নির্‌+কলুষ] বিণ. ১ নিষ্পাপ। ২ নিষ্কলঙ্ক; নির্দোষ। ৩ অমলিন।

নিষ্কলুষচিত্ত /নিশ্‌কোলুশ্‌চিত্তো/ [স. নিষ্কলুষ+চিত্ত] বিণ. পবিত্র মনের অধিকারী।

নিষ্কাম /নিশ্‌কাম্‌/ [স. নির্‌+কাম] বিণ. কামনাশূন্য।

নিষ্কারণ /নিশ্‌কারোন্‌/ [স. নির্‌+কারণ] বিণ. অহেতুক, কারণহীন, অকারণ।

নিষ্কাশ /নিশ্‌কাশ্‌/ [স. নিস্‌+√কাশি+অ] বি. নিঃসরণ, নির্গমন।

নিষ্কাশন /নিশ্‌কাশন্‌/ [স. নিস্‌+√কাশ্‌+অন] বি. তরল পদার্থ বহিষ্করণ; নিঃসারণ।

নিষ্কাশনযোগ্য /নিশ্‌কাশনজোগ্‌গো/ [স. নিষ্কাশন+ যোগ্য] বিণ. নিষ্কাশন করার উপযুক্ত।

নিষ্কাশিত /নিশ্‌কাশিতো/ [স. নিস্‌+√কাশি+ত] বিণ. নিষ্কাশন করা হয়েছে এমন; নিঃসারিত।

নিষ্কুল /নিশ্‌কুল্‌/ [স. নিস্‌+কুল] বিণ. নির্বংশ।

নিষ্কৃত /নিশ্‌কৃতো/ [স. নিস্‌+√কৃ+ত] বিণ. মুক্ত, পরিত্রাণপ্রাপ্ত।

নিষ্কৃতি /নিশ্‌কৃতি/ [স. নিস্‌+√কৃ+তি] বি. অব্যাহতি, মুক্তি; নিস্তার; পরিত্রাণ।

নিষ্কোশন /নিশ্‌কোশন্‌/ [স. নিস্‌+√কুষ্‌+অন] বি. খাপ থেকে উন্মুক্তকরণ, কোষমুক্তকরণ।

নিষ্কোশিত /নিশ্‌কোশিতো/ [স. নিস্‌+√কুষ্‌+ত] বিণ. কোষমুক্ত করা হয়েছে এমন।

নিষ্ক্রম /নিশ্‌ক্রোম্‌/ [স. নিস্‌+√ক্রম্‌+অ] বি. দ্র **নিষ্ক্রমণ**।

নিষ্ক্রমণ /নিশ্‌ক্রোমোন্‌/ [স. নিস্‌+√ক্রম্‌+অন] বি. ১ নির্গমন। ২ বহির্গমন।

নিষ্ক্রয় /নিশ্‌ক্রয়্‌/ [স. নিস্‌+√ক্রী+অ] বি. ১ ক্রয়। ২ বিক্রয়। ৩ (বহির্বাণিজ্যের ক্ষেত্রে) নগদ অর্থের পরিবর্তে পণ্য বিনিময়, barter। ৪ ভাড়া। ৫ প্রত্যুপকার।

নিষ্ক্রান্ত /নিশ্‌ক্রান্তো/ [স. নিস্‌+√ক্রম্‌+ত] বিণ. বহির্গত, নির্গত।

নিষ্ক্রিয় /নিশ্‌ক্রিয়ো/ [স. নিস্‌+ক্রিয়া] বিণ. ১ কর্মহীন, বেকার। ২ অলস। ৩ নিশ্চেষ্ট। বি. -তা /-তা/।

নিষ্ক্রিয় করা /নিশ্‌ক্রিয়ো করা/ ক্রিবি. ফিউজ অপসারণ করে হাতবোমা গ্রেনেড প্রভৃতি অক্ষম করা, defuse।

নিষ্ক্রিয় গ্যাস /নিশ্‌ক্রিয়ো গ্যাস্‌/ বি. হিলিয়াম নিয়ন প্রভৃতি অক্রিয় মৌলিক গ্যাস, inert gas।

নিষ্ক্রিয়া /নিশ্‌ক্রিআ/ [স. নিস্‌+ক্রিয়া] বি. কর্মহীনতা।

-নিষ্ঠ /নিশ্‌ঠো/ [স. নি+√স্থা+অ] বিণ. বহুব্রীহি সমাসের উত্তরপদে 'নিষ্ঠা'-র রূপ (*কর্মনিষ্ঠ*)।

নিষ্ঠা /নিশ্‌ঠা/ [স. নি+√স্থা+অ+আ (টাপ্‌)] বি. ১ দৃঢ় অনুরাগ; ভক্তি। ২ মনোযোগ। ৩ গভীর আস্থা। ৪ কোনো আদর্শের প্রতি একাগ্রতা।

নিষ্ঠাবান /নিশ্‌ঠাবান্‌/ [স. নিষ্ঠা+বৎ] বিণ. ১ নিষ্ঠা আছে এমন। ২ ধর্মীয় আচার-অনুষ্ঠান বা কর্তব্য পালনে একাগ্র। স্ত্রী. **নিষ্ঠাবতী** /নিশ্‌ঠাবোতি/।

www.pathagar.com

নিষ্ঠীব /নিশ্ঠিবো/ [স. নি+√ষ্ঠিব্+অ] বি. থুতু।

নিষ্ঠীবন /নিশ্ঠিবন্/ [স. নি+√ষ্ঠিব্+অন] বি. থুতু।

নিষ্ঠুর /নিশ্ঠুর্/ [স. নি+√স্থা+উর] বিণ. ১ নৃশংস। ২ কঠোর; ক্রূর। বি. **নিষ্ঠুরতা** /নিশ্ঠুরতা/।

নিষ্ঠ্যূত /নিশ্ঠ্যুতো/ [স. নি+√ষ্ঠিব্+ত] বিণ. ১ বমিত, উদ্‌গিরিত। ২ থুতু ফেলা হয়েছে এমন; নিক্ষিপ্ত।

নিষ্ণাত /নিশ্নাতো/ [স. নি+√স্না+ত] বিণ. কুশল, নিপুণ, অভিজ্ঞ, বিচক্ষণ।

নিষ্পঙ্ক /নিশ্পংকো/ [স. নিস্+√পঞ্চ্+অ] বিণ. পঙ্কিলতাশূন্য, নির্মল; পবিত্র।

নিষ্পত্তি /নিশ্পোত্তি/ [স. নিস্+√পদ্+তি] বি. ১ সমাধান, মীমাংসা (*মামলা নিষ্পত্তি*)। ২ সমাপ্তি; সম্পাদন। ৩ প্রয়োগ (*ব্যাড়নিষ্পত্তি*)। ৪ উৎপত্তি।

নিষ্পত্র /নিশ্পত্রো/ [স. নিস্+পত্র] বিণ. পত্রশূন্য।

নিষ্পন্ন /নিশ্পন্নো/ [স. নিস্+√পদ্+ত] বিণ. ১ নিষ্পাদন করা হয়েছে এমন। ২ মীমাংসিত। ৩ জাত।

নিষ্পলক /নিশ্পলক্/ [স. নিস্+ফা. পলক] বিণ. পলক পড়ে না এমন, অপলক।

নিষ্পাদক /নিশ্পাদক্/ [স. নির্+√পাদি+অক] বিণ. নিষ্পত্তিকারী; নির্বাহক; সম্পাদক।

নিষ্পাদন /নিশ্পাদোন্/ [স. নিস্+√পাদি+অন] বি. ১ সম্পাদন। ২ নিষ্পত্তিকরণ।

নিষ্পাদনীয় /নিশ্পাদোনিয়ো/ [স. নিস্+√পাদি+অনীয়] বিণ. সম্পাদনের উপযুক্ত, নিষ্পাদ্য।

নিষ্পাদিত /নিশ্পাদিতো/ [স. নিস্+√পাদি+ত] বিণ. নিষ্পাদন বা সম্পাদন করা হয়েছে এমন, নিষ্পন্ন।

নিষ্পাদ্য /নিশ্পাদ্দো/ [স. নিস্+√পাদি+য] বিণ. দ্র নিষ্পাদনীয়।

নিষ্পাপ /নিশ্পাপ্/ [স. নিস্+পাপ] বিণ. পবিত্র (*নিষ্পাপ শিশু*)। বি. যাকে পাপ স্পর্শ করেনি।

নিষ্পিষ্ট /নিশ্পিশ্টো/ [স. নিস্+√পিষ্+ত] বিণ. ১ দলিত, মথিত; চূর্ণিত। ২ সম্পূর্ণরূপে পিষ্ট।

নিষ্পেষ /নিশ্পেশ্/ [স. নিস্+√পিষ্+অ] বি. দ্র নিষ্পেষণ।

নিষ্পেষক /নিশ্পেশক্/ [স. নিস্+√পিষ্+অক] বিণ. নিষ্পেষণকারী, নিপীড়ক।

নিষ্পেষণ /নিশ্পেশন্/ [স. নিস্+√পিষ্+অন] বি. ১ সম্পূর্ণরূপে চূর্ণন বা পেষণ। ২ নিপীড়ন।

নিষ্পেষিত /নিশ্পেশিতো/ [স. নিস্+√পিষ্+ত] বিণ. ১ নিষ্পেষণ করা হয়েছে এমন। ২ নিপীড়িত।

নিষ্প্রতিভ /নিশ্প্রোতিভো/ [স. নিস্+প্রতিভা] বিণ. ১ দীপ্তিহীন, ম্লান; প্রতিভাহীন। ২ জড়বৎ।

নিষ্প্রদীপ /নিশ্প্রোদিপ্/ [স. নিস্+প্রদীপ] বিণ. ১ বিমান আক্রমণ থেকে প্রতিরক্ষার জন্য আলো নিভিয়ে রাখা হয়েছে এমন, blackout। ২ অন্ধকার, তমসাচ্ছন্ন। বি. প্রদীপহীন রাত।

নিষ্প্রবাহ /নিশ্প্রোবাহো/ [স. নিস্+প্রবাহ] বিণ. প্রবাহ বা স্রোত নেই এমন।

নিষ্প্রভ /নিশ্প্রোভো/ [স. নিস্+প্রভা] বিণ. ১ প্রভাহীন; অনুজ্জ্বল। ২ নিস্তেজ। বি. **~তা** /–তা/।

নিষ্প্রয়োজন /নিশ্প্রোয়োজন্/ [স. নিস্+প্রয়োজন] বিণ. প্রয়োজনীয় নয় এমন, অনাবশ্যক।

নিষ্প্রাণ /নিশ্প্রান্/ [স. নিস্+প্রাণ] বিণ. ১ প্রাণহীন। ২ নির্জীব; নিরুদ্যম। ৩ নিরুদ্‌বেগ। ৪ নির্মম। বি. **নিষ্প্রাণতা** /নিশ্প্রানোতা/।

নিষ্ফল /নিশ্ফল্/ [স. নিস্+ফল] বিণ. ১ ফল ধরে না এমন। ২ অসফল, ব্যর্থ। ৩ অনর্থক (*নিষ্ফল আবেগ*)। বি. **নিষ্ফলতা** /নিশ্ফলোতা/।

নিষ্ফলা /নিশ্ফলা/ [বা.] বিণ. ১ ফলহীনা। ২ সন্তান ধারণে অক্ষম, বন্ধ্যা। ৩ ফলপ্রসূ নয় এমন।

নিষ্ফলা বার /নিশ্ফলা বার্/ বি. লোকবিশ্বাসমতে যে বিশেষ দিনে কাজ ব্যর্থ হয়।

নিসত্ত্ব /নিশত্তো/ [স. নিস্+সত্ত্ব] বিণ. অসার।

নিসর্গ /নিশর্গো/ [স. নি+√সৃজ্+অ] বি. পাহাড় নদী বন প্রভৃতির সমন্বয়ে সৃষ্ট প্রকৃতি; পরিবেশ; সৃষ্টি; স্বভাব; nature।

নিসর্গজ /নিশর্গোজো/ [স. নিসর্গ+√জন্+অ] বিণ. ১ স্বাভাবিক। ২ প্রাকৃতিক, নৈসর্গিক। ৩ স্বাভাবিকভাবে উৎপন্ন বা সৃষ্ট।

নিসর্গবিদ /নিশর্গোবিদ্/ [স. নিসর্গ+বিদ] বি. প্রকৃতিবিজ্ঞানী।

নিসর্গবেদী /নিশর্গোবেদি/ [স. নিসর্গ+√বিদ্+ইন্] বি. দ্র **নিসর্গবিদ**।

নিসর্গী /নিশোর্গি/ [স. নিসর্গ+ইন্] বি. প্রকৃতিবিজ্ঞানী।

নিসাড় /নিশাড়/ [বা.] বিণ. ১ স্পন্দনহীন, অসাড়। ২ নিঃশব্দ। ৩ নিস্তব্ধ, নিশুতি। ৪ জড়।

নিসাড়া /নিশাড়া/ [বা.] বিণ. দ্র **নিসাড়**।

নিসিন্দা /নিশিন্দা/ [দেশি.] বি. সুন্দরবন-সহ দেশের সর্বত্র সারা বছর ফোটে এমন ছোটো সুগন্ধ নীল ফুল অত্যন্ত তিক্তস্বাদ লোমশ পাতা বা তার ধূসর কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় পত্রমোচী উদ্ভিদ।

www.pathagar.com

নিসূদক /নিশূদক্/ [স. নি+√সূদি+অক] বিণ. ঘাতক, হত্যাকারী; বিনাশকারী; হিংসক।

নিসূদন /নিশূদন্/ [স. নি+√সূদি+অন] বি. ১ হনন, বধ; বিনাশ। ২ হিংসা।

নিসৃষ্ট /নিসৃশ্‌টো/ [স. নি+√সৃজ্+ত] বিণ. ১ ন্যস্ত। ২ বিশেষ কোনো দায়িত্ব পালনের উদ্দেশ্যে প্রেরিত।

নিস্তনী /নিস্‌তোনি/ [স. নিস্তন+ঈ] বিণ. অনুন্নত স্তনবিশিষ্টা।

নিস্তন্দ্র /নিস্‌তনদ্রো/ [স. নির্+তন্দ্রা] বিণ. তন্দ্রাহীন, বিনিদ্র, নিদ্রাহীন (*নিস্তন্দ্র রাত*); অনলস।

নিস্তব্ধ /নিস্‌তব্‌ধো/ [স. নির্+√স্তম্ভ্+ত] বিণ. নিস্পন্দ; নীরব। বি. ~তা /-তা/।

নিস্তরঙ্গ /নিস্‌তরোংগো/ [স. নির্+তরঙ্গ] বিণ. ১ তরঙ্গহীন, প্রশান্ত। ২ (আল.) বৈচিত্র্যহীন।

নিস্তরণ /নিস্‌তরোন্/ [স. নির্+√তৃ+অন] বি. দ্র নিস্তার।

নিস্তল /নিস্‌তল্/ [স. নির্+তল] বিণ. ১ তলহীন। ২ গোলাকার।

নিস্তার /নিস্‌তার্/ [স. নির্+√তৃ+অ] বি. নিষ্কৃতি; উদ্ধার, পরিত্রাণ, অব্যাহতি, মুক্তি।

নিস্তারক /নিস্‌তারক্/ [স. নির্+√তৃ+অক] বিণ. উদ্ধারকারী, ত্রাতা, রক্ষাকারী।

নিস্তারিণী /নিস্‌তারিনি/ [স. নিস্তার+ইন্+ঈ] বিণ. মুক্তিদাত্রী। বি. দেবী দুর্গা।

নিস্তুষ /নিস্‌তুশ্/ [স. নির্+√তুষ্+অ] বিণ. খোসা ছাড়ানো হয়েছে এমন, তুষহীন।

নিস্তেজ /নিস্‌তেজ্/ [স. নির্+তেজস্] বিণ. ১ তেজোহীন, নিষ্প্রভ। ২ দুর্বল, ক্ষীণ।

নিস্ত্রিংশ /নিস্‌ত্রিংশো/ [স. নির্+ত্রিংশ] বি. তরবারি। বিণ. হিংসাপরায়ণ; নির্দয়, নির্মম, ক্রূর, নিষ্ঠুর।

নিস্ত্রৈগুণ্য /নিস্‌ত্রোইগুন্যো/ [স. নির্+ত্রিগুণ+য] বিণ. ত্রিগুণ অর্থাৎ সত্ত্ব রজঃ ও তমঃ গুণের প্রভাবমুক্ত।

নিস্পন্দ /নিস্‌পন্‌দো/ [স. নির্+√স্পন্দ্+অ] বিণ. ১ স্পন্দনশূন্য, স্থির। ২ অসাড়। ৩ নিশ্চেষ্ট। বি. ~তা /-তা/।

নিস্পৃহ /নিস্‌পৃহো/ [স. নির্+স্পৃহা] বিণ. বাসনাহীন, নিরাকাঙ্ক্ষ; অনাসক্ত। বি. ~তা /-তা/।

নিস্বন /নিশ্‌শন্/ [স. নি+√স্বন্+অ] বি. শব্দ, নিনাদ, ধ্বনি, আওয়াজ।

নিস্বান /নিশ্‌শান্/ [স. নি+√স্বন্+অ] বি. দ্র নিস্বন।

নিস্যন্দ /নিশ্‌শন্‌দো/ [স. নি+√স্যন্দ্+অ] বি. ১ ক্ষরণ, স্রাব, বর্ষণ; পতন। ২ নির্যাস। ৩ ঝরনা।

নিস্যন্দিত /নিশ্‌শন্‌দিতো/ [স. নি+√স্যন্দ্+ত] বিণ. ক্ষরিত; বর্ষিত; ক্ষরণশীল।

নিস্যন্দী /নিশ্‌শন্‌দি/ [স. নি+√স্যন্দ্+ইন্] বিণ. ঝরায় বা ক্ষরণ করায় এমন, ক্ষরণশীল।

নিস্রব /নিস্‌স্রোব্/ [স. নি+√সু+অ] বি. তরল পদার্থের নির্গমন, ক্ষরণ, গলন।

নিস্রাব /নিস্‌স্রাব্/ [স. নি+স্রাব] বি. দ্র নিস্রব।

নিহত /নিহতো/ [স. নি+√হন্+ত] বিণ. বধ করা হয়েছে এমন; হত।

নিহন্তা /নিহন্‌তা/ [স. নি+√হন্+তৃ] বিণ. হননকারী, বধকারী, ঘাতক, হন্তা।

নিহাই /নিহাই/ [হি.] বি. কামারশালায় যে উঁচু লৌহ-খণ্ডের ওপর রেখে তপ্ত ধাতব পদার্থকে পিটিয়ে নির্দিষ্ট আকৃতি দেওয়া হয়, নেহাই, anvil।

নিহারণ /নিহারন্/ [স. নিরীক্ষণ>] বি. ১ অবলোকন। ২ পর্যবেক্ষণ, নিরীক্ষণ।

নিহারা /নিহারা/ [স. নিরীক্ষণ >] ক্রিবি. (কাব্যে) দেখা; দর্শন করা।

নিহারিল /নিহারিলো/ [স. নিরীক্ষণ >] ক্রিবি. (কাব্যে) দেখিল।

নিহালি /নিহালি/ [দেশি.] বি. গদি; কুশন।

নিহাস /নিহাশ্/ [স. নিহাস্য >] বিণ. ১ হাস্যহীন। ২ নিস্তরঙ্গ।

নিহিংসন /নিহিংশন্/ [স. নি+হিংসন] বি. বধ, হনন।

নিহিত /নিহিতো/ [স. নি+√ধা+ত] বিণ. ১ স্থাপিত। ২ অর্পিত। ৩ লুক্কায়িত। ৪ অভিহিত।

নীচ /নিচ্/ [স. ন+√চি+অ] বিণ. ১ হীন, নিকৃষ্ট (*নীচ স্বভাব*)। ২ সংকীর্ণমনা।

নীচকুলোদ্ভব /নিচ্‌কুলোদ্‌ভব্/ [স. নীচকুল+উদ্ভব] বিণ. অনুন্নত ও অনগ্রসর কুলে জাত।

নীচতা /নিচতা/ [স. নীচ+তা] বি. হীনতা, নিকৃষ্টতা।

নীচত্ব /নিচত্‌তো/ [স. নীচ+ত্ব] বি. দ্র নীচতা।

নীচযোনি /নিচোজোনি/ [স. নীচ+যোনি] বি. নিম্ন-স্তরের জীব; মানবেতর প্রাণী।

নীচাশয় /নিচাশয়/ [স. নীচ+আশয়] বিণ. সংকীর্ণমনা।

নীড় /নিড়্/ [স. নি+√ঈড়্+অ] বি. ১ পাখির বাসা, কুলায় (*...বলেছে সে, 'এতদিন কোথায় ছিলেন?' পাখির নীড়ের মতো চোখ তুলে নাটোরের বনলতা সেন।* জীবনানন্দ.)। ২ (আল.) আশ্রয়।

নীত[১] /নিতো/ [স. নীতি >] বি. ১ রীতি, নিয়ম, পদ্ধতি, নীতি। ২ অনুশাসন। ৩ (বাংলায়) আচরণ।

নীত[২] /নিতো/ [স. √নী+ত] বিণ. ১ নেওয়া হয়েছে

www.pathagar.com

এমন, গৃহীত, আনীত। ২ যাপিত, অতিবাহিত।

নীতি /নিতি/ [স. √নী+তি] বি. ১ হিতাহিত জ্ঞান সম্পর্কে উপদেশ (*নীতিকথা*)। ২ সমাজের কল্যাণকর বিধান। ৩ ন্যায়-অন্যায় কর্তব্য-অকর্তব্য প্রভৃতি বিচার। ৪ কর্মধারা। ৫ প্রথা। ৬ শাস্ত্র (*রাজনীতি*)। ৭ আচার (*দুর্নীতি*)।

নীতিকথা /নিতিকথা/ [স. নীতি+কথা] বি. হিতকর উপদেশ, সুনীতিবিষয়ক দেশনা।

নীতিজ্ঞ /নিতিগ্‌গোঁ/ [স. নীতি+√জ্ঞা+অ] বিণ. নীতি-শাস্ত্রজ্ঞ; ভালোমন্দ ন্যায়-অন্যায় প্রভৃতি বিষয়ে বোধসম্পন্ন।

নীতিজ্ঞান /নিতিগ্যান্‌/ [স. নীতি+জ্ঞান] বি. ন্যায়-অন্যায় সম্পর্কে জ্ঞান, নীতিবোধ।

নীতিজ্ঞানহীন /নিতিগ্যান্‌হিন্‌/ [স. নীতিজ্ঞান+√হা+ত] বিণ. ভালো-মন্দ সম্পর্কে জ্ঞানশূন্য।

নীতিনির্ধারক /নিতিনির্‌ধারক্‌/ [স. নীতি+নির্ধারক] বিণ. নীতিনির্দেশক।

নীতিনির্ধারণ /নিতিনির্‌ধারোন্‌/ [স. নীতি+নির্ধারণ] বি. নীতি স্থিরীকরণ।

নীতিবাক্য /নিতিবাক্‌কো/ [স. নীতি+বাক্য] বি. সুনীতিবিষয়ক উপদেশ।

নীতিবাগীশ /নিতিবাগিশ্‌/ [স. নীতি+বাগীশ] বিণ. ১ নীতিপালনে একনিষ্ঠ। ২ নীতিশাস্ত্রবিষয়ে অভিজ্ঞ। ৩ নীতিপরায়ণ বলে দম্ভ করে এমন।

নীতিবিরুদ্ধ /নিতিবিরুদ্‌ধো/ [স. নীতি+বিরুদ্ধ] বিণ. নীতিশাস্ত্রবিরোধী; নিয়মবিরুদ্ধ।

নীতিবিরোধী /নিতিবিরোধি/ [স. নীতিবিরোধ+ইন্‌] বিণ. দ্র নীতিবিরুদ্ধ।

নীতিশাস্ত্র /নিতিশাস্‌ত্রো/ [স. নীতি+শাস্ত্র] বি. ন্যায়-অন্যায় ও কর্তব্য-অকর্তব্যের বিচারসম্পর্কিত শাস্ত্র, নীতিবিষয়ক গ্রন্থ, ethics।

নীতিসংগত /নিতিশংগতো/ [স. নীতি+সংগত] বিণ. নীতিশাস্ত্রে অনুমোদিত; সমাজের পক্ষে হিতকর।

নীতিসম্মত /নিতিশম্‌মতো/ [স. নীতি+সম্মত] বিণ. ন্যায়সংগত।

নীপ /নিপো/ [স. √নী+প] বি. বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের সর্বত্র বর্ষাকালে ফোটে এমন অসংখ্য পুষ্পমঞ্জরিসংবলিত গোলাকার সাদাটে হলুদাভ মৃদুগন্ধ ফুল বা তার দ্রুত বর্ধনশীল বহুশাখাবিশিষ্ট বৃক্ষ (আনি. চীন), কদমফুল বা তার গাছ।

নীপবন /নিপোবোন/ [স. নীপ+বন] বি. কদম্ব-কানন (*এসো নীপবনে ছায়াবীথিতলে*, রবীন্দ্র.)।

নীপবীথিকা /নিপোবিথিকা/ [স. নীপ+বীথিকা] বি. কদমগাছের সারি।

নীবার /নিবার্‌/ [স. নি+√বৃ+অ] বি. ঝরে পড়া পাকা ধান থেকে উৎপন্ন ধানগাছ বা তার ফসল; উড়িধান, তৃণধান।

নীবি /নিবি/ [স. নি+√ব্যে+ই] বি. ১ নারীর কটিবস্ত্রের বাঁধন। ২ মূলধন, পুঁজি।

নীবিবন্ধ /নিবিবন্‌ধো/ [স. নীবি+বন্ধ] বি. নারীর পরিধেয় বস্ত্রের বাঁধন।

নীয়মান /নিয়োমান্‌/ [স. √নী+য+মান (শানচ্‌)] বিণ. নীত হচ্ছে বা গৃহীত হচ্ছে এমন।

নীর /নি:র্‌/ [স. √নী+র] বি. ১ পানি, জল। ২ রস।

নীরক্ত /নিরক্‌তো/ [স. নিঃ+রক্ত] বিণ. রক্তশূন্য।

নীরজ[১] /নিরজো/ [স. নীর+√জন্‌+অ] বিণ. জলে উৎপন্ন। বি. পদ্ম।

নীরজ[২] /নিরজো/ [স. নির্‌+রজস্‌] বিণ. ১ ধূলিশূন্য। ২ পরাগহীন। ৩ রজোগুণবর্জিত। ৪ রজস্বলা নয় এমন।

নীরত /নিরতো/ [স. নিঃ+রত] বিণ. নিবৃত্ত, বিরত।

নীরদ[১] /নিরদ্‌/ [স. নিঃ+রদ] বিণ. দন্তহীন।

নীরদ[২] /নিরদ্‌/ [স. নীর+√দা+অ] বি. যা জল দান করে, মেঘ।

নীরদবরণ /নিরদ্‌বরোন্‌/ [স. নীরদ+বরণ] বিণ. ১ মেঘের মতো ঘন কালো। ২ ধূমল।

নীরদবাহন /নিরদ্‌বাহোন্‌/ [স. নীরদ+বাহন] বি. বাতাস, পবন, বায়ু।

নীরধর /নিরোধর্‌/ [স. নীর+ধর] বি. মেঘ।

নীরধি /নিরোধি/ [স. নীর+√ধা+ই] বি. সমুদ্র, বারিধি, জলধি।

নীরনিধি /নিরোনিধি/ [স. নীর+নিধি] বি. দ্র নীরধি।

নীরন্ধ্র /নিরন্‌ধ্রো/ [স. নির্‌+রন্ধ্র] বিণ. ফাঁকহীন; ঘন, ঠাসবুননবিশিষ্ট; নিবিড়; নিশ্ছিদ্র।

নীরব /নিরব্‌/ [স. নির্‌+রব] বিণ. ১ শব্দহীন, নিঃশব্দ। ২ নির্বাক। বি. নীরবতা /নিরবতা/।

নীরবচারী /নিরবচারি/ [স. নীরব+√চর্‌+ইন্‌] বিণ. কথা বলা বন্ধ করেছে এমন, মৌনী। বি. যে মৌন অবলম্বন করে।

নীরস /নিরশ্‌/ [স. নির্‌+রস] বিণ. ১ রসহীন (*নীরস ভূমি*)। ২ বৈচিত্র্যহীন (*নীরস আলোচনা*)। ৩ অপ্রসন্ন, ম্লান (*নীরস বদন*)। ৪ রসবোধশূন্য, বেরসিক (*নীরস লোক*)। ৫ রুক্ষ; কর্কশ (*নীরস বাক্য*)। বি. নীরসতা /নিরশতা/।

www.pathagar.com

নীরাজন /নিরাজন্‌/ [স. নির্‌+√রাজি+অন] বি. ১ আরতি। ২ শান্তি কামনায় জলসেচন। ৩ যুদ্ধযাত্রার পূর্বে প্রাচীন নৃপতিদের শান্তিকর্মবিশেষ।

নীরোগ /নিরোগ্‌/ [স. নির্‌+রোগ] বিণ. সুস্থ।

নীল /নিল্‌/ [স. √নীল্‌+অ] বি. ১ তিনটি মৌলিক রঙের (লাল নীল ও হলুদ) দ্বিতীয়টি। ২ (উনিশ শতকের প্রথমার্ধে ইস্ট ইন্ডিয়া কোম্পানির নির্দেশে) অবিভক্ত বঙ্গের নদীয়া যশোর বগুড়া রংপুর ঢাকা প্রভৃতি অঞ্চলে বাধ্যতামূলকভাবে চাষ করা হতো এমন শিম্বগোত্রীয় মাঝারি আকৃতির ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদের নির্যাস থেকে রাসায়নিক প্রক্রিয়ায় উৎপন্ন রং। বিণ. নীল রঙের।

নীলকণ্ঠ /নিল্‌কন্‌ঠো/ [স. নীল+কণ্ঠ] বি. ১ শিব। ২ দক্ষিণ ইউরোপ ও মধ্য এশিয়ায় জোটবদ্ধ হয়ে বিচরণ করে এবং ফুলের মধু কীটপতঙ্গ প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন কালচে-বাদামি চঞ্চু ও হলুদাভ পা এবং নীল সবুজ প্রভৃতি উজ্জ্বল বর্ণের পালকবিশিষ্ট মাঝারি আকৃতির পাখি।

নীলকমল /নিল্‌কমোল্‌/ [স. নীল+কমল] বি. নীলপদ্ম, নীলোৎপল।

নীলকর /নিল্‌কর্‌/ [স. নীল+কর] বিণ. ১ (উনিশ শতকে) ইস্টইন্ডিয়া কোম্পানির নীল উৎপাদনকারী। ২ নীলচাষী।

নীলকান্তমণি /নিল্‌কান্‌তোমোনি/ [স. নীলকান্ত+মণি] বি. ১ নীলবর্ণ রত্নবিশেষ, বৈদূর্যমণি। ২ নীলকান্তমণিরূপ শ্রীকৃষ্ণ।

নীলকুঠি /নিল্‌কুঠি/ [স. নীল+বা. কুঠি] বি. ইংরেজ নীল উৎপাদকের কার্যালয় ও বাসভবন।

নীলগাই /নিল্‌গাই/ [স. নীল+বা. গাই] বি. ভারত ও আফ্রিকার বনাঞ্চলে বিচরণ করে এমন হরিণসদৃশ নীলাভ ধূসর চতুষ্পদ (যার সামনের পা দুটি অপেক্ষাকৃত লম্বা) তৃণভোজী বন্য প্রাণী।

নীলপূজা /নিল্‌পূজা/ [স. নীল+পূজা] বি. চৈত্রসংক্রান্তিতে অনুষ্ঠিত শিবের পূজা।

নীলবিদ্রোহ /নিল্‌বিদ্‌দ্রোহো/ [স. নীল+বিদ্রোহ] বি. উনিশ শতকে অবিভক্ত বঙ্গে ইংরেজ নীলকরের বিরুদ্ধে সংঘটিত নীলচাষীদের বিদ্রোহ।

নীলমণি /নিল্‌মোনি/ [স. নীল+মণি] বি. ১ নীলবর্ণ রত্নবিশেষ। ২ শ্রীকৃষ্ণ।

নীলমাধব /নিল্‌মাধব্‌/ [স. নীল+মাধব] বি. ১ শ্রীকৃষ্ণ। ২ বিষ্ণু।

নীললোহিত /নিল্‌লোহিত্‌/ [স. নীল+লোহিত] বি. ১ নীল ও লালবর্ণের সংমিশ্রণে উৎপন্ন বেগুনি রং। ২ শিব।

নীলা /নিলা/ [স. নীলক >] বি. মূল্যবান নীলাভ রত্নবিশেষ, sapphire।

নীলাচল /নিলাচল্‌/ [স. নীল+অচল] বি. ১ ওড়িশার নীলগিরি পর্বত। ২ পুরীর জগন্নাথক্ষেত্র।

নীলাঞ্জন /নিলান্‌জন্‌/ [স. নীল+অঞ্জন] বি. ১ গন্ধক ও অ্যান্টিমনির মিশ্রণজাত খনিজ পদার্থবিশেষ, সুরমা; রসাঞ্জন। ২ তুঁতে। ৩ নীল কাজল। ৪ মেঘের ঘন নীল বর্ণ(*নীলাঞ্জনছায়া, প্রফুল্ল কদম্ববন,* রবীন্দ্র.)।

নীলাঞ্জনা /নিলান্‌জনা/ [স. নীল+অঞ্জন+আ (টাপ্‌)] বি. বিদ্যুৎ।

নীলাদ্রি /নিলাদ্‌দ্রি/ [স. নীল+অদ্রি] বি. ওড়িশার নীলগিরি পর্বতমালা।

নীলাভ /নিলাভো/ [স. নীল+আভা] বিণ. নীল আভাযুক্ত (*নীলাভ আঁখি*)।

নীলাভ্র /নিলাব্‌ভ্রো/ [স. নীল+অভ্র] বি. নীল আকাশ।

নীলাম্বর /নিলাম্‌বর্‌/ [স. নীল+অম্বর] বি. ১ নীল আকাশ। ২ নীল বসন। ৩ কৃষ্ণের ভ্রাতা বলরাম। বিণ. নীল বস্ত্রপরিহিত।

নীলাম্বরি /নিলাম্‌বোরি/ [স. নীলাম্বর >] বি. নীল রঙের শাড়ি।

নীলাম্বু /নিলাম্‌বু/ [স. নীল+অম্বু] বি. ১ নীল জলরাশি। ২ সমুদ্র, সাগর, জলধি।

নীলাম্বুধি /নিলাম্‌বুধি/ [স. নীল+অম্বুধি] বি. সাগর।

নীলিকা /নিলিকা/ [স. নীলক >] বি. ১ নীলগাছ। ২ চক্ষুরোগবিশেষ।

নীলিম /নিলিম্‌/ [স. নীল+ইমন্‌] বিণ. নীলবর্ণযুক্ত।

নীলিমা /নিলিমা/ [স. নীল+ইমন্‌] বি. নীল রঙের আভা।

নীলোৎপল /নিলোত্‌পল্‌/ [স. নীল+উৎপল] বি. নীলপদ্ম, নীলকমল।

নীহার /নিহার্‌/ [স. নি+√হৃ+অ] বি. ১ কুয়াশা। ২ হিমানী, তুষার; বরফ।

নীহারস্ফোট /নিহার্‌স্ফোট্‌/ [স. নীহার+√স্ফুট্‌+অ] বি. বরফের পিণ্ড।

নীহারিকা /নিহারিকা/ [স. নীহার+কন্‌+আ (টাপ্‌)] বি. মহাকাশে দৃশ্যমান মেঘসদৃশ নক্ষত্রপুঞ্জ বা বাষ্পীয় পদার্থ, nebula।

নুকি /নুকি/ [দেশি.] বিণ. ১ লুক্কায়িত। ২ গুপ্ত।

নুটি /নুটি/ [দেশি.] বি. ১ নুড়ি। ২ তাল প্রভৃতির আঁশযুক্ত আঁটি।

নুড্‌ল্‌ /নুড্‌ল্‌/ [জ.] বি. ময়দার লেচি থেকে বিশেষ পদ্ধতিতে তৈরি সেমাইজাতীয় খাদ্যবস্তু যা সেদ্ধ

www.pathagar.com

করে সবজি মাংস প্রভৃতি সহযোগে খাওয়া হয়, noodle ; spaghetti ; pasta।

নুড়নুড়ি /নুড়নুড়ি/ [দেশি.] বি. ১ আলজিভ। ২ ঘন্টার মধ্যকার ঝুলন্ত ধাতব খণ্ড (যার আঘাতে ঘন্টা ধ্বনিত হয়)।

নুড়া /নুড়া/ [বা.] বি. আগুন ধরানোর জন্য ব্যবহৃত শুকনো খড় ঘাস প্রভৃতির গুচ্ছ।

নুড়ি /নুড়ি/ [বা.] বি. পাথরের ছোটো টুকরো।

নুড়ো /নুড়ো/ [বা.] বি. 'নুড়া'-র কথ্য রূপ।

নুন /নুন্/ [স. লবণ >] বি. সোডিয়াম ও ক্লোরিন পরমাণুর রাসায়নিক বিক্রিয়াজাত কেলাসিত খনিজ-পদার্থ, সমুদ্রের জল শুকিয়ে প্রাপ্ত লবণাক্ত সাদা যৌগবিশেষ, লবণ।

নুন খাওয়া /নুন্ খাওআ/ ক্রিবি. অন্যের দ্বারা উপকৃত হওয়া।

নুনিয়া /নুনিআ/ [বা.] বি. ১ লবণ প্রস্তুতকারী সম্প্রদায়বিশেষ। ২ শাকবিশেষ।

নুনু /নুনু/ [হি. নূনী >] বি. বালকের লিঙ্গ।

নুয়া /নুআ/ [বা.] ক্রিবি. অবনত হওয়া, ঝোঁকা।

নুর /নুর্/ [আ.] বি. ১ জ্যোতি। ২ থুতনির দাড়ি।

নুরানি /নুরানি/ [আ.] বিণ. স্বর্গীয় আলোকপ্রাপ্ত; উজ্জ্বল।

নুরি /নুরি/ [হি.] বি. মালয় উপদ্বীপ-সহ পৃথিবীর সর্বত্র উষ্ণ অঞ্চলে বিচরণ করে এবং শেখানো বুলি অনুকরণ করতে পারে এমন নাতিদীর্ঘ বাঁকানো শক্তিশালী চঞ্চুবিশিষ্ট সবুজ লাল প্রভৃতি উজ্জ্বল রঙের শুকজাতীয় দীর্ঘজীবী পাখি, টিয়া।

নুলা /নুলা/ [স. রুদ্ধ >] বি. ১ যে ব্যক্তির হাত নেই বা হাত কর্মক্ষম নয়। ২ হিংস্র প্রাণীর থাবা।

নুলিয়া /নুলিআ/ [বা.] বি. ওড়িশার পুরি অঞ্চলের মৎস্যজীবী জাতিবিশেষ।

নুলো /নুলো/ [স. রুদ্ধ >] বি. 'নুলা'-র কথ্য রূপ।

নূতন /নূতন্/ [স. নব+তন] বিণ. ১ নব্য, নতুন; অভিনব। ২ নবীন; তরুণ।

নূতনত্ব /নূতনত্তো/ [স. নূতন+ত্ব] বি. অভিনবত্ব।

নূপুর /নূপুর্/ [স. ন্যূন+ √পূরি+অ] বি. নৃত্যশিল্পীর পায়ে পরিধেয় ক্ষুদ্র সারিবদ্ধ ঘন্টাযুক্ত অলংকার যা পদসঞ্চারণের তালে তালে ঝংকৃত হয়, ঘুঙুর, শিঞ্জিনী।

নূপুরঝংকৃত /নূপুরঝোংকৃতো/ [স. নূপুর+ঝংকৃত] বিণ. নূপুরের ঝংকারে মুখর।

নূপুরধ্বনি /নূপুরধ্বোনি/ [স. নূপুর+ধ্বনি] বি. নূপুরের শব্দ।

নৃ /নৃ/ [স. √নী+ঋ] বি. নর; মানুষ।

নৃকুলবিদ্যা /নৃকুলবিদ্যা/ [স. নৃকুল+বিদ্যা] বি. মানবজাতি-সম্পর্কিত বিজ্ঞান, ethnology।

নৃতত্ত্ব /নৃতত্তো/ [স. নৃ+তত্ত্ব] বি. দ্র নৃবিজ্ঞান।

নৃতত্ত্ববিদ /নৃতত্তোবিদ্/ [স. নৃতত্ত্ব+বিদ] বি. নৃবিজ্ঞানে পারদর্শী ব্যক্তি, anthropologist।

নৃতাত্ত্বিক /নৃতাত্তিক্/ [স. নৃতত্ত্ব+ইক] বি. দ্র নৃতত্ত্ববিদ।

নৃতি /নৃতি/ [স. √নৃৎ+ই] বি. নৃত্য।

নৃত্ত /নৃত্তো/ [স. √নৃৎ+ত] বি. ১ রসভাবশূন্য নৃত্য। ২ তালপ্রধান নৃত্য। বিণ. নৃত্যকারী, নর্তক।

নৃত্য /নৃত্তো/ [স. √নৃৎ+য] বি. গীতবাদ্যের ছন্দে অঙ্গভঙ্গির দ্বারা মঞ্চে চিত্রকল্প উপস্থাপনের ললিত কলা, নাচ।

নৃত্যকলা /নৃত্তোকলা/ [স. নৃত্য+কলা] বি. নৃত্যশিল্প।

নৃত্যনাট্য /নৃত্তোনাট্টো/ [স. নৃত্য+নাট্য] বি. নৃত্যসহযোগে উপস্থাপিত কাব্যনাটক।

নৃত্যপটীয়ান /নৃত্তোপোটিআন্/ [স. নৃত্য+পটু+ঈয়স্] বিণ. নৃত্যশিল্পে পারদর্শী ও নিপুণ। স্ত্রী. নৃত্যপটীয়সী /নৃত্তোপোটিয়োশি/।

নৃত্যপর /নৃত্তোপর্/ [স. নৃত্য+√পৃ+অ] বিণ. নৃত্যরত। স্ত্রী. নৃত্যপরা /নৃত্তোপরা/।

নৃত্যশালা /নৃত্তোশালা/ [স. নৃত্য+√শল্+অ+আ (টাপ্)] বি. যে গৃহে নৃত্য পরিবেশন করা হয়।

নৃপ /নৃপো/ [স. নৃ+√পা+অ] বি. ভূপতি, রাজা।

নৃপতি /নৃপোতি/ [স. নৃ+√পা+অতি] বি. ভূপতি, নরপতি, নরেশ, রাজা।

নৃপবর /নৃপোবর্/ [স. নৃপ+বর] বি. শ্রেষ্ঠ রাজা।

নৃপাসন /নৃপাশোন্/ [স. নৃপ+আসন] বি. সিংহাসন।

নৃবিজ্ঞান /নৃবিগ্‌গ্যান্/ [স. নৃ+বিজ্ঞান] বি. মানব-জাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সংক্রান্ত বিজ্ঞান, নৃবিদ্যা, anthropology।

নৃবিদ্যা /নৃবিদ্যা/ [স. নৃ+বিদ্যা] বি. দ্র নৃবিজ্ঞান।

নৃমণি /নৃমোনি/ [স. নৃ+মণি] বি. শ্রেষ্ঠ রাজা, নৃপবর।

নৃমুণ্ড /নৃমুন্ডো/ [স. নৃ+মুণ্ড] বি. মানুষের মাথার খুলি; নরমস্তক।

নৃমুণ্ডমালিনী /নৃমুন্ডোমালিনি/ [স. নৃমুণ্ড+মালা+ইন্+ঈ] বি. কালিকাদেবী। বিণ. নরমুণ্ডের মাল্যধারিণী।

নৃযজ্ঞ /নৃজোগ্‌গ্যো/ [স. নৃ+যজ্ঞ] বি. অতিথিসৎকার-রূপ যজ্ঞ, অতিথিপরিচর্যা।

নৃলোক /নৃলোক্/ [স. নৃ+লোক] বি. মর্ত্য, ধরিত্রী।

নৃশংস /নৃশংশো/ [স. নৃ+√শংস্+অ] বিণ. নির্দয়,

www.pathagar.com

ক্রুর, নিষ্ঠুর, হিংস্র। বি. -তা /-তা/।

নৃসিংহ /নৃশিংহো/ [স. নৃ+সিংহ] বি. ১ মাথা থেকে কোমর পর্যন্ত মানুষ ও কোমর থেকে পা পর্যন্ত সিংহের আকৃতিবিশিষ্ট মূর্তি। ২ বিষ্ণুর অবতার-বিশেষ। বিণ. নরশ্রেষ্ঠ।

নে[১] /নে/ [বা.] অব্য. 'না'-এর রূপভেদ (*ওগো, আজ তোরা যাস নে ঘরের বাহিরে॥* রবীন্দ্র.)।

নে[২] /নে/ অনুক্রি. নেওয়ার অনুজ্ঞা; 'নাও' এবং 'লহ'-র তুচ্ছার্থক রূপ।

নেই /নেই/ [বা.] অব্য. 'নাই'-এর কথ্য রূপ।

নেই-আঁকড়া /নেইআঁকড়া/ [বা.] বিণ. একরোখা।

নেউটা /নেউটা/ [বা.] ক্রিবি. (কাব্যে) ফিরে আসা।

নেউল /নেউল/ [স. নকুল >] বি. এশিয়া আফ্রিকা ও দক্ষিণ ইউরোপে বিচরণ করে এবং বিষধর সর্পনিধনে পটু এমন লম্বা লেজ ও খাটো পা-বিশিষ্ট ক্ষিপ্রগতিসম্পন্ন মাংসাশী লোমশ স্তন্যপায়ী প্রাণী, বেজি, নকুল।

নেওয়া /নেওআ/ [বা.] ক্রিবি. লওয়া। বিণ. গৃহীত।

নেওয়ানো /নেওআনো/ [বা.] ক্রিবি. গ্রহণ করানো।

নেওয়াজ /নেওআজ্/ [ফা.] বিণ. পৃষ্ঠপোষক; প্রতিপালক (*গরিব নেওয়াজ*)।

নেক /নেক্/ [ফা.] বি. পুণ্য। বিণ. ১ পুণ্যবান। ২ অনুকূল (*নেক নজর*)।

নেকড়ে /নেক্ড়ে/ [হি. লকড়া >] বি. ইউরোপ এশিয়া উত্তর আমেরিকা এবং বিশেষ করে তুন্দ্রা অঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন কুকুরসদৃশ স্তন্যপায়ী ক্ষিপ্রগতিসম্পন্ন হিংস্র মাংসাশী জন্তু।

নেকনজর /নেক্নজোর্/ [ফা. নেক+আ. নজর] বি. অনুকূল দৃষ্টি, সুনজর, কৃপাদৃষ্টি।

নেকরা /নেক্রা/ [ফা. নখরা >] বি. ন্যাকামি; কৌতুক, তামাশা; ছলাকলা।

নেকার /নেকার্/ [স. ন্যক্কার >] বি. বমন।

নেকি /নেকি/ [ফা.] বি. পুণ্যকর্ম।

নেজা /নেজা/ [ফা.] বি. বর্শা, বাণ।

নেড়ি /নেড়ি/ [বা.] বিণ. (নারীর) মুণ্ডিতমস্তক।

নেড়িকুকুর /নেড়িকুকুর্/ [বা.] বি. রুগ্ণ ও লোমহীন কুকুর।

নেড়ে /নেড়ে/ [বা.] বিণ. মুণ্ডিতমস্তক।

নেত /নেত্/ [স. নেত্র >] বি. সূক্ষ্ম রেশমি কাপড়-বিশেষ, গরদ।

নেতধুতি /নেতোধোতি/ [বা. নেত+স. ধৌতি] বি. রেশমের তৈরি সূক্ষ্ম বস্ত্রখণ্ড।

নেতবাস /নেতোবাস্/ [বা. নেত+স. বাস] বি. রেশমের মোটা সুতায় বোনা কাপড়।

নেতব্য /নেতোব্বো/ [স. √নী+তব্য] বিণ. নিতে হবে এমন; নেওয়ার যোগ্য।

নেতা /নেতা/ [স. √নী+তৃ] বিণ. প্রধান; অগ্রণী; পথপ্রদর্শক। বি. ১ নায়ক। ২ পরিচালক। স্ত্রী. নেত্রী /নেত্রি/।

নেতি /নেতি/ [স. ন+ইতি] বিণ. নঞর্থবাচক।

নেতিবাচক /নেতিবাচক্/ [স. ন+ইতিবাচক] বিণ. ১ না-বাচক। ২ (আল.) প্রগতিবিরোধী।

নেতিবাদ /নেতিবাদ্/ [স. নেতি+√বদ্+অ] বি. না-বাচক।

নেতিবাদী /নেতিবাদি/ [স. নেতি+√বদ্+ইন্] বিণ. নাস্তিবাদী।

নেতৃত্ব /নেতৃতো/ [স. √নী+তৃ+ত্ব] বি. নেতার পদ; নেতার কাজ বা গুণ।

নেতৃত্বদানকারী /নেতৃতোদানকারি/ [স. নেতৃত্ব+দান+√কৃ+ইন্] বিণ. নেতৃত্ব দেয় এমন।

নেতৃস্থানীয় /নেতৃস্থানিয়ো/ [স. নেতৃ+স্থানীয়] বিণ. নেতৃত্ব দেওয়ার গুণবিশিষ্ট।

নেত্র /নেত্রো/ [স. √নী+ত্র] বি. চোখ, নয়ন।

নেত্রগোচর /নেত্রোগোচর্/ [স. নেত্র+গোচর] বিণ. দৃষ্টিগ্রাহ্য হয়েছে এমন, নজরে এসেছে এমন।

নেত্রচ্ছদ /নেত্রোচ্ছদ্/ [স. নেত্র+ছদ] বি. চোখের পাতা।

নেত্রপল্লব /নেত্রোপল্লোব্/ [স. নেত্র+পল্লব] বি. চোখের পাতা।

নেত্রপাত /নেত্রোপাত্/ [স. নেত্র+√পত্+অ] বি. অবলোকন; দৃষ্টিপাত; দর্শন।

নেত্রমল /নেত্রোমল্/ [স. নেত্র+√মল্+অ] বি. চোখের ময়লা, পিচুটি।

নেপথ্য /নেপোত্থো/ [স. নে+পথ+য] বি. ১ (দর্শকের অগোচর) অভিনয়মঞ্চের অন্তরালবর্তী স্থান। ২ সাজঘর। ৩ আড়াল।

নেপথ্যচারী /নেপোত্থোচারি/ [স. নেপথ্য+√চর্+ইন্] বিণ. আড়ালে থেকে কাজ করে এমন। বি. নীরব কর্মী। স্ত্রী. নেপথ্যচারিণী /নেপোত্থো-চারিনি/।

নেপথ্যে /নেপোত্থে/ [স. নেপথ্য+বা. এ] ক্রিবিণ. (রঙ্গমঞ্চে) দর্শকসাধারণের আড়ালে।

নেপাম /নেপাম্/ [ই.] বি. অতিমাত্রায় দাহ্য জেলির (নারকেল তেল পেট্রোল প্রভৃতি মিশ্রিত করে তৈরি থকথকে পদার্থ) সহযোগে তৈরি আগুনে বোমা, napalm।

www.pathagar.com

নেপালি /নেপালি/ [স্থান. নেপাল >] বি. নেপালের অধিবাসী বা ভাষা। বিণ. ১ নেপালে জাত বা উৎপন্ন। ২ নেপালসংক্রান্ত।

নেপো /নেপো/ [দেশি.] বি. অতিশয় ধূর্ত ব্যক্তি।

নেব /নেবো/ [বা.] ক্রি. গ্রহণ করবো।

নেবা /নেবা/ [স. নির্বাণ >] ক্রিবি. নির্বাপিত হওয়া। বিণ. শেষ হয়েছে এমন।

নেবানো /নেবানো/ [বা.] ক্রিবি. নির্বাপিত করা। বিণ. নির্বাপিত করা হয়েছে এমন।

নেবু /নেবু/ [স. নিম্বু >] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এমন ভিটামিন সি সমৃদ্ধ অম্লস্বাদ রসালো সবুজ বা হলুদাভ ফলবিশেষ; 'লেবু'-র আঞ্চলিক রূপ, lemon।

নেবুলা /নেবুলা/ [লা.] বি. মহাকাশে দৃশ্যমান মহাজাগতিক কণা বা ঝাপসা গ্যাসীয় পদার্থ, নক্ষত্রপুঞ্জ; নীহারিকাপুঞ্জ, nebula।

নেভা /নেভা/ [স. নির্বাণ >] ক্রিবি. বিণ. দ্র নেবা।

নেভানো /নেভানো/ [বা.] ক্রিবি. বিণ. দ্র নেবানো।

নেমক /নেমোক্/ [ফা.] বি. লবণ, নুন।

নেমকহারাম /নেমোক্হারাম্/ [ফা. নেমক+আ. হারাম] বিণ. উপকারীর উপকার স্বীকার করে না এমন, নিমকহারাম, অকৃতজ্ঞ; কৃতঘ্ন।

নেমন্তন্ন /নেমোন্তোন্নো/ [স. নিমন্ত্রণ >] বি. আমন্ত্রণ; ভোজে আহ্বান; 'নিমন্ত্রণ'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

নেমি /নেমি/ [স. √নী+মি] বি. চাকার পরিধি (*চক্রনেমি*)।

নেয়াপাতি /নেআপাতি/ [বা.] বিণ. কোমল শাঁস-যুক্ত, কচি ও গোলগাল (*নেয়াপাতি ডাব*)।

নেয়ামত /নেআমত্/ [আ.] বি. ১ অনুগ্রহ (*আল্লাহর নেয়ামত*)। ২ সম্পদ। ৩ সৌভাগ্য। ৪ আশীর্বাদ।

নেয়ার /নেআর্/ [দেশি.] বি. খাটের পৃষ্ঠদেশে বুননের জন্য (কাঠের পাটাতনের পরিবর্তে) ব্যবহৃত মোটা সুতোয় বোনা চওড়া ফিতে (*নেয়ারের খাট*)।

নেয়ে[১] /নেয়ে/ [স. স্নান >] অসক্রি. স্নান করার পর।

নেয়ে[২] /নেয়ে/ [স. নাবিক >] বি. নৌকার মাঝি (*ওগো নেয়ে, নাওখানি বাইয়ো।* রবীন্দ্র.)।

নেশা /নেশা/ [আ.] বি. ১ মোহ; প্রবল আসক্তি (*বই পড়ার নেশা*)। ২ মাদকদ্রব্য গ্রহণ (*নেশা করা*); মাদক সেবনজনিত উন্মত্ততা (*নেশার ঘোর*)।

নেশা করা /নেশা করা/ ক্রিবি. মাদকদ্রব্য গ্রহণ করা।

নেশা কাটা /নেশা কাটা/ ক্রিবি. মোহের ঘোর কাটা।

নেশাখোর /নেশাখোর্/ [আ. নেশা+ফা. খোর] বিণ. মাদকাসক্ত।

নেহাই /নেহাই/ [দেশি.] বি. কামারশালায় যার ওপর রেখে তপ্ত লোহা পিটিয়ে নির্দিষ্ট আকৃতি দেওয়া হয়, anvil।

নেহাত /নেহাত্/ [আ. নিহায়ৎ >] অব্য. নিতান্ত; একান্ত। বিণ. অতিশয়। ক্রিবিণ. নিদেনপক্ষে; যারপরনাই; একেবারে।

নেহারি /নেহারি/ [হি.] বি. গোরু বা ছাগলের হাঁটু থেকে পায়ের নিচের অংশের হাড় সেদ্ধ করে রাঁধা ক্বাথ, soup।

নেহারিল /নেহারিলো/ [স. নিরীক্ষণ >] ক্রি. (কাব্যে) দেখিল।

নৈ /নোই্/ [স. নব >] বিণ. সদ্যোজাত (*নৈবাছুর*)।

নৈঃশব্দ্য /নোই্শশব্দো/ [স. নিঃশব্দ+য] বি. শব্দ-হীনতা, নীরবতা; স্তব্ধতা।

নৈঃসঙ্গ্য /নোই্শশংগো/ [স. নিঃসঙ্গ+য] বি. একাকিত্ব।

নৈকট্য /নোই্কোট্টো/ [স. নিকট+য] বি. নিকটত্ব, সান্নিধ্য।

নৈকট্যপ্রয়াসী /নোই্কোট্টোপ্রোয়াশি/ [স. নৈকট্য+প্রয়াস+ইন্] বিণ. সান্নিধ্য প্রত্যাশী।

নৈকট্যলাভ /নোই্কোট্টোলাভ্/ [স. নৈকট্য+লাভ] বি. সান্নিধ্যলাভ।

নৈকষেয় /নোই্কোশেয়ো/ [স. নিকষা+এয়] বি. রামায়ণে বর্ণিত নিকষার পুত্র (রাবণ কুম্ভকর্ণ ও বিভীষণ)।

নৈকষ্য /নোই্কোশ্শো/ [স. নিকষ >] বিণ. ১ বিশুদ্ধ, খাঁটি। ২ নিকষে পরীক্ষিত।

নৈকষ্য কুলীন /নোই্কোশ্শো কুলিন্/ বি. যে বংশের কৌলীন্য বৈবাহিকসূত্রে অক্ষুণ্ন থাকে বলে মনে করা হয়।

নৈগম /নোই্গম্/ [স. নিগম+অ] বি. ১ ঐতরেয় ছান্দোগ্য কঠ তৈত্তিরীয় প্রভৃতি উপনিষদ; নিগম-শাস্ত্র। ২ মার্গ, পন্থা।

নৈতিক /নোই্তিক্/ [স. নীতি+ইক] বিণ. নীতি-বিষয়ক, নীতিসংক্রান্ত।

নৈতিক চরিত্র /নোই্তিক্ চোরিত্তো্/ বি. চরিত্রের নৈতিক গুণাবলি।

নৈত্যিক /নোই্ত্তিক্/ [স. নিত্য+ইক] বিণ. নিত্যকার, প্রতিদিনের।

নৈদাঘ /নোই্দাঘ্/ [স. নিদাঘ+অ] বিণ. নিদাঘ-সংক্রান্ত; গ্রীষ্মকালীন।

নৈদান /নোই্দান্/ [স. নিদান+অ] বিণ. নিদান-

www.pathagar.com

বিষয়ক; নিদানশাস্ত্রবিষয়ক।

নৈদানিক /নোই্দানিক্/ [স. নিদান+ইক] বিণ. দ্র নৈদান।

নৈপুণ্য /নোই্পুন্নো/ [স. নিপুণ+য] বি. পারদর্শিতা।

নৈবচ /নোই্বচো/ [স. ন+এব+চ] অব্য. কিছুতেই নয়, কখনো নয়।

নৈবেদ্য /নোই্বেদ্দো/ [স. নিবেদ্য+অ] বি. যা নিবেদন করা হয়, অর্ঘ্য।

নৈমিত্তিক /নোই্মিত্তিক্/ [স. নিমিত্ত+ইক] বিণ. ১ নিয়মিত ঘটে এমন। ২ বিশেষ উদ্দেশ্যে অনুষ্ঠেয়। ৩ নিমিত্ত থেকে জাত (*নৈমিত্তিক ছুটি*), casual। ৪ ভালোমন্দের লক্ষণ বুঝতে পারে এমন।

নৈমিষ /নোই্মিশ্/ [স. নিমিষ+অ] বিণ. নিমেষ-কালসম্বন্ধীয়; ক্ষণিক।

নৈমিষারণ্য /নোই্মিশারোন্নো/ [স. নৈমিষ+অরণ্য] বি. (বিষ্ণু নিমিষের মধ্যে এই বন অসুরশূন্য করেছিলেন বলে) ভারতের অযোধ্যা অঞ্চলে প্রবাহিত গোমতী নদীর নিকটবর্তী পৌরাণিক তপোবন।

নৈয়মিক /নোই্য়োমিক্/ [স. নিয়ম+ইক] বিণ. ১ নিয়মসংক্রান্ত। ২ নিয়ম অনুযায়ী।

নৈয়ায়িক /নোই্আয়িক্/ [স. ন্যায়+ইক] বি. ১ ন্যায়শাস্ত্রবিদ। ২ তার্কিক।

নৈরপেক্ষ্য /নোই্রোপেক্খো/ [স. নিরপেক্ষ+য] বি. নিরপেক্ষতা।

নৈরাকার /নোই্রাকার্/ [স. নিরাকার+অ] বিণ. ১ নিরাকার। ২ একাকার। ৩ তছনছ।

নৈরাজ্য /নোই্রাজ্জো/ [স. নিরাজ+য] বি. অরাজকতা, যথেচ্ছাচার, anarchy।

নৈরাশ /নোই্রাশ্/ [স. নিরাশ+অ] বি. দ্র নৈরাশ্য।

নৈরাশ্য /নোই্রাশ্শো/ [স. নিরাশ+য] বি. হতাশা, ভরসাহীনতা।

নৈরাশ্যজনক /নোই্রাশ্শোজনোক্/ [স. নৈরাশ্য+জনক] বিণ. হতাশাব্যঞ্জক।

নৈর্ঋত /নোই্রিত্/ [স. নির্ঋতি+অ] বি. ১ দক্ষিণ ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ। ২ রাক্ষসবিশেষ।

নৈর্গুণ্য /নোই্রগুন্নো/ [স. নির্গুণ+য] বি. ত্রিগুণ অর্থাৎ সত্ত্ব রজঃ ও তমঃ গুণের অভাব।

নৈর্ব্যক্তিক /নোই্রবেক্তিক্/ [স. নির্+ব্যক্তি+ইক] বিণ. ব্যক্তিনিরপেক্ষ, impersonal।

নৈশ /নোই্শো/ [স. নিশা+অ] বিণ. রাত্রিকালীন (*নৈশপ্রহরী*); রাত্রিসম্বন্ধীয়।

নৈশকোচ /নোই্শোকোচ্/ [স. নৈশ+ই. কোচ] বি. রাতে চলাচলকারী যাত্রীবাহী যান (বাস ট্রেন বিমান প্রভৃতি), night coach।

নৈশদৃষ্টিহীনতা /নোই্শোদৃশ্টিহিনতা/ [স. নৈশ+দৃষ্টিহীন+তা] বি. রাতে দেখতে না পাওয়ার রোগ।

নৈশপ্রহরী /নোই্শোপ্রোহোরি/ [স. নৈশ+প্রহরী] বি. রাতের পাহারাদার।

নৈশবিদ্যালয় /নোই্শোবিদ্দালয়/ [স. নৈশ+বিদ্যালয়] বি. দিনের বেলা কাজ করে এমন বয়স্থ শিক্ষার্থীদের জন্য রাতে পরিচালিত বিদ্যালয়।

নৈশভোজ /নোই্শোভোজ্/ [স. নৈশ+ভোজ] বি. রাতে অনুষ্ঠেয় ভোজসভা।

নৈষধ /নোই্শধ্/ [স. নিষধ+অ] বিণ. নিষধদেশ-সম্বন্ধীয়। বি. নিষধের নৃপতি নল।

নৈষধীয় /নোই্শোধিয়ো/ [স. নৈষধ+ঈয়] বিণ. নিষধের রাজা নলসম্বন্ধীয়।

নৈষাদ /নোই্শাদ্/ [স. নিষাদ+অ] বি. ব্যাধের পুত্র।

নৈষ্কর্ম /নোই্শ্করমো/ [স. নিষ্কর্মন্+অ] বি. কর্মহীনতা, নিষ্ক্রিয়তা; কর্মে আগ্রহের অভাব।

নৈষ্ঠিক /নোই্শ্ঠিক্/ [স. নিষ্ঠা+ইক] বিণ. ১ নিষ্ঠা-বান; নিষ্ঠাসম্বন্ধীয়। ২ (যে শিষ্য) আজীবন গুরুগৃহে বাস করে এমন।

নৈসর্গিক /নোই্শোর্গিক্/ [স. নিসর্গ+ইক] বিণ. প্রাকৃতিক, নিসর্গজাত, natural।

নোংরা /নোংরা/ [স. ন্যক্কার >] বিণ. ১ অপরিষ্কার, অপবিত্র। ২ অশ্লীল। বি. আবর্জনা।

নোংরামি /নোংরামি/ [বা.] বি. ১ নীচ আচরণ। ২ অশ্লীলতা। ৩ অশুচিতা; অপরিচ্ছন্নতা।

নোংরামো /নোংরামো/ [বা.] বি. 'নোংরামি'-র কথ্য রূপ।

নোঙর /নোঙোর্/ [ফা. লঙ্গর >] বি. জলযান বেঁধে রাখার জন্য জলের তলদেশে নিক্ষিপ্ত শিকল লাগানো লোহার ভারী অঙ্কুশবিশেষ, anchor।

নোঙর করা /নোঙোর্ করা/ ক্রিবি. নোঙর ফেলে নৌকা জাহাজ প্রভৃতি বেঁধে রাখা।

নোঙর তোলা /নোঙোর্ তোলা/ ক্রিবি. ১ নোঙর গুটিয়ে নৌকা বা জাহাজ চালু করা। ২ (আল.) যাত্রা সূচনা করা।

নোঙর ফেলা /নোঙোর্ ফ্যালা/ ক্রিবি. দ্র নোঙর করা।

নোট /নোট্/ [ই. note] বি. ১ কাগজি মুদ্রা, পত্রমুদ্রা। ২ সরকারি নথিতে লিখিত মন্তব্য বা টীক। ৩ অর্থবই।

www.pathagar.com

নোট করা /নোট্ করা/ ক্রিবি. সংক্ষেপে টুকে রাখা, লিখে রাখা।

নোটন /নোটোন্/ [স. লুঠন >] বিণ. প্রশস্ত, বিস্তারিত। বি. নৃত্যশীল পায়রাবিশেষ।

নোটবই /নোট্‌বোই্/ [ই. নোট+বা. বই] বি. ১ অর্থ-পুস্তক। ২ প্রয়োজনীয় তথ্য টুকে রাখার খাতা।

নোটিশ /নোটিস্/ [ই.] বি. বিজ্ঞপ্তি, notice।

নোটিশবোর্ড /নোটিস্‌বোড়্ড্/ [ই.] বি. যে ফলকে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের অবগতির জন্য বিজ্ঞপ্তি সেঁটে দেওয়া হয়, noticeboard।

নোড়া /নোড়া/ [স. লোষ্ট্র >] বি. মসলা পেষণের উপযোগী প্রস্তরখণ্ড, পুতা (*শিলনোড়া*)।

নোদন /নোদোন্/ [স. √নুদ্+অন] বি. ১ প্রেরণ। ২ অপসারণ; দূরীকরণ; নিবারণ।

নোনতা /নোন্‌তা/ [বা.] বিণ. লবণাক্ত।

নোনা /নোনা/ [স. লবণ >] বিণ. সংরক্ষণের জন্য নুনমাখানো (*নোনা ইলিশ*); লবণাক্ত। বি. ১ পাকা-বাড়ির দেওয়ালে উদ্‌গত লবণাক্ত পদার্থ (*নোনা ধরা*)। ২ নোনতা-স্বাদ আতাজাতীয় ফলবিশেষ।

নোয়া[১] /নোআ/ [স. লৌহ >] বি. সধবা নারীর হাতে পরিধেয় লোহার বলয়।

নোয়া[২] /নোআ/ [বা.] ক্রিবি. ঝুঁকে পড়া; নত বা অবনত হওয়া। বিণ. অবনত, নত।

নোয়ানো /নোআনো/ [বা.] ক্রিবি. নত করা। বিণ. অবনত।

নোলক /নোলোক্/ [হি. লোলক >] বি. নাকে পরার ঝুলন্ত অলংকারবিশেষ।

নোলা /নোলা/ [স. লোলা >] বি. ১ জিহ্বা। ২ আহারের লোভ।

নৌ /নৌ/ [স. √নুদ্+ঔ] বি. নৌকা, তরণি, জলযান, তরি।

নৌকা /নৌ্‌কা/ [স. নৌ+কন্+আ (টাপ্)] বি. দাঁড় বেয়ে চালানো হয় এমন জলযান।

নৌকাজীবিতা /নৌ্‌কাজিবিতা/ [স. নৌকা+√জীব্+ইন্+তা] বি. নৌকাচালকের বৃত্তি।

নৌকাজীবী /নৌ্‌কাজিবি/ [স. নৌকা+√জীব্+ইন্] বিণ. নৌকাচালক, মাঝি।

নৌকাডুবি /নৌ্‌কাডুবি/ [স. নৌকা+বা. ডুবি] বি. নৌকা নিমজ্জন।

নৌকাবিহার /নৌ্‌কাবিহার্/ [স. নৌকা+বিহার] বি. বিনোদনের উদ্দেশ্যে নৌকায় ভ্রমণ।

নৌকাযাত্রী /নৌ্‌কাজাত্‌ত্রি/ [স. নৌকা+যাত্রা+ইন্] বি. নৌকায় ভ্রমণকারী, নৌযাত্রী।

নৌকারোহী /নৌ্‌কারোহি/ [স. নৌকা+আরোহী] বি. দ্র নৌকাযাত্রী।

নৌকালীলা /নৌ্‌কালিলা/ [স. নৌকা+লীলা] বি. ১ নৌভ্রমণ। ২ শ্রীকৃষ্ণের নৌবিহার।

নৌকো /নৌ্‌কো/ [স. নৌকা >] বি. 'নৌকা'-র কথ্য রূপ।

নৌচলাচল /নৌচলাচল্/ [স. নৌ+চলাচল] বি. নৌযানের যাতায়াত।

নৌচালক /নৌচালক্/ [স. নৌ+চালক] বি. নৌযানের চালক, মাঝি, নেয়ে।

নৌপথ /নৌপথ্/ [স. নৌ+পথ] বি. জলপথ।

নৌপরিবহণ /নৌপোরিবহোন্/ [স. নৌ+পরিবহণ] বি. জলপথে যাতায়াত ব্যবস্থা।

নৌবল /নৌবল্/ [স. নৌ+বল] বি. নৌযান ও নৌসেনার সংখ্যা; নৌশক্তি।

নৌবহর /নৌবহোর্/ [স. নৌ+আ. বহর] বি. জলযুদ্ধে ব্যবহৃত নৌযানসমূহ।

নৌবাণিজ্য /নৌবানিজ্‌জো/ [স. নৌ+বাণিজ্য] বি. জলপথে বাণিজ্যিক পণ্যের আমদানি-রপ্তানি।

নৌবাহ /নৌবাহো/ [স. নৌ+√বহ্+ণিচ্+অ] বি. জাহাজচালনা, navigation।

নৌবাহিনী /নৌবাহিনি/ [স. নৌ+√বহ্+ইন্+ঈ] বি. জলযুদ্ধে নিয়োজিত নৌসেনাবাহিনী।

নৌবাহী /নৌবাহি/ [স. নৌ+√বহ্+ইন্] বিণ. দ্র নৌবাহ্য।

নৌবাহ্য /নৌবাজ্ঝো/ [স. নৌ+বাহ্য] বিণ. জলযান চলাচলের উপযোগী, নাব্য।

নৌবিদ্যা /নৌবিদ্‌দা/ [স. নৌ+বিদ্যা] বি. নৌযান নির্মাণ ও চালনার বিদ্যা।

নৌবিমান /নৌবিমান্/ [স. নৌ+বিমান] বি. যুদ্ধ-জাহাজে ওঠানামা করতে পারে এমন সামরিক বিমান।

নৌবিলাস /নৌবিলাশ্/ [স. নৌ+বিলাস] বি. নৌযানে প্রমোদবিহার।

নৌবিহার /নৌবিহার্/ [স. নৌ+বিহার] বি. নৌযানে প্রমোদবিহার।

নৌযাত্রা /নৌজাত্‌ত্রা/ [স. নৌ+যাত্রা] বি. নৌপথে যাত্রা।

নৌযাত্রী /নৌজাত্‌ত্রি/ [স. নৌযাত্রা+ইন্] বিণ. বি. নৌপথে গমনকারী।

নৌযান /নৌজান্/ [স. নৌ+যান] বি. জলপথে

www.pathagar.com

চলাচলের উপযোগী যান।

নৌযুদ্ধ /নৌউ্জুদ্‌ধো/ [স. নৌ+যুদ্ধ] বি. জলযুদ্ধ।

নৌসেতু /নৌউ্শেতু/ [স. নৌ+সেতু] বি. নৌকা দিয়ে তৈরি সেতু।

নৌসেনা /নৌউ্শেনা/ [স. নৌ+সেনা] বি. জলযুদ্ধের জন্য নিযুক্ত সৈনিক।

নৌসৈন্য /নৌউ্শৌইন্‌নো/ [স. নৌ+সৈন্য] বি. দ্র নৌসেনা।

ন্যক্কার /ন্যাক্‌কার্/ [স. ন্যক্+√কৃ+অ] বি. ১ অত্যন্ত ঘৃণার বিষয়; ঘৃণা। ২ বমন।

ন্যক্কারজনক /ন্যাক্‌কারজনোক্/ [স. ন্যক্কার+ √জন্ +অক] বিণ. ১ অত্যন্ত নিন্দনীয়। ২ ঘৃণ্য।

ন্যগ্রোধ /ন্যাগ্‌গ্রোধ্/ [স. ন্যক্+রোধ] বি. এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে জাত শাখাপ্রসারী বহুবর্ষজীবী বিশালাকৃতি ছায়াতরু যার ডাল থেকে নেমে আসা অসংখ্য স্তম্ভমূল এক-একটি কান্ডে পরিণত হয়, বট, তরুরাজ।

ন্যস্ত /নস্‌তো/ [স. নি+√অস্+ত] বিণ. অর্পণ করা হয়েছে এমন; গচ্ছিত; রক্ষিত; স্থাপিত।

ন্যাওটা /ন্যাওটা/ [স. স্নেহ >] বিণ. স্নেহাসক্ত; অত্যন্ত অনুরক্ত।

ন্যাংটা /ন্যাংটো/ [স. নগ্নাট >] বিণ. বিবস্ত্র, দিগম্বর।

ন্যাংটাগোরা /ন্যাংটাগোরা/ [বা.] বি. (খাটো প্যান্ট পরতে অভ্যস্ত বলে) স্কটল্যান্ডের পার্বত্য অঞ্চলের অধিবাসী।

ন্যাংটো /ন্যাংটো/ [স. নগ্নাট >] বিণ. 'ন্যাংটা'-র কথ্য রূপ।

ন্যাংলা /ন্যাংলা/ [আঞ্চ.] বিণ. অত্যন্ত কৃশ।

ন্যাকড়া /ন্যাক্‌ড়া/ [স. নক্তক >] বি. ছেঁড়া কাপড়ের টুকরো।

ন্যাকা /ন্যাকা/ [ফা. নাখরা >] বি. বিণ. কিছুই জানে না বা বোঝে না এমন ভানকারী; ভালো-মানুষির ভানকারী। স্ত্রী. নেকি /নেকি/।

ন্যাকাপনা /ন্যাকাপনা/ [বা.] বি. ন্যাকার ভাব, ন্যাকামি।

ন্যাকামি /ন্যাকামি/ [বা.] বি. ন্যাকার ভাব।

ন্যাকামো /ন্যাকামো/ [বা.] বি. দ্র ন্যাকামি।

ন্যাটা /ন্যাটা/ [হি. লওটা >] বি. যে ব্যক্তি অধিকাংশ কাজ বাঁ হাতে করে। বিণ. বাঁ হাতে অধিকাংশ কাজ করে এমন।

ন্যাড়া /ন্যাড়া/ [স. নগ্নাট >] বিণ. ১ মাথা মুণ্ডন করা হয়েছে এমন (*ন্যাড়া মাথা*)। ২ পত্রপুষ্পহীন (*ন্যাড়া গাছ*)। ৩ নিরাভরণ (*ন্যাড়া হাত*)। বি. (ব্য.) বৈষ্ণব বৈরাগী; বৌদ্ধ ভিক্ষু।

ন্যাতনেতে /ন্যাত্‌নেতে/ [বা.] বিণ. দ্র ন্যাতপেতে।

ন্যাতপেতে /ন্যাত্‌পেতে/ [বা.] বিণ. ১ নেতিয়ে পড়েছে এমন। ২ অবসন্ন।

ন্যাতপ্যাত /ন্যাত্‌প্যাত্/ [বা.] অব্য. মিইয়ে পড়ার ভাব।

ন্যাতা /ন্যাতা/ [বা.] ক্রিবি. নেতিয়ে পড়া।

ন্যাতানো /ন্যাতানো/ [বা.] ক্রিবি. অবসন্ন হওয়া; মিইয়ে পড়া। বিণ. অবসন্ন।

ন্যাবা /ন্যাবা/ [দেশি.] বি. (যকৃতের বৈকল্য বা পিত্তনালিতে বাধা সৃষ্টি হওয়ার ফলে) মানবদেহের পিত্তরসে বিলিরুবিন (bilirubin) রঞ্জক পদার্থের আধিক্যহেতু ত্বক ও চোখের সাদা অংশ হলুদ হয়ে যায় এমন রোগের লক্ষণবিশেষ, কামলা, পাণ্ডু, জন্ডিস, jaundice।

ন্যায্য /ন্যাজ্‌জো/ [স. ন্যায়+য] বিণ. ন্যায়সংগত; যুক্তিসংগত।

ন্যায্যগন্ডা /ন্যাজ্‌জোগন্‌ডা/ [স. ন্যায্য+ গন্ডা] বি. ন্যায্য প্রাপ্য অর্থ; পাওনা টাকা।

ন্যায্যপাওনা /ন্যাজ্‌জোপাওনা/ [স. ন্যায্য+বা. পাওনা] বি. দ্র ন্যায্যগন্ডা।

ন্যায় /ন্যায়্/ [স. নি+√ই+অ] বি. ১ যুক্তি; নীতি; সততা। ২ তর্কশাস্ত্র। ৩ গৌতমমুনিপ্রণীত দর্শন-শাস্ত্র। বিণ. ১ যুক্ত; যথার্থ। ২ (বাংলায়) সদৃশ।

ন্যায়কর্তা /ন্যায়্‌কর্‌তা/ [স. ন্যায়+√কৃ+তৃ] বি. যিনি বিচার করেন, বিচারক, ন্যায়াধীশ।

ন্যায়ত /ন্যায়তো/ [স. ন্যায়+তস্] ক্রিবিণ. ন্যায়-সংগতভাবে।

ন্যায়তীর্থ /ন্যায়্‌তির্‌থো/ [স. ন্যায়+তীর্থ] বি. সংস্কৃত পন্ডিতের উপাধিবিশেষ।

ন্যায়ধর্ম /ন্যায়্‌ধর্‌মো/ [স. ন্যায়+ধর্ম] বি. সত্যধর্ম; সত্যের পথ।

ন্যায়নিষ্ঠ /ন্যায়্‌নিশ্‌ঠো/ [স. ন্যায়+নিষ্ঠ] বিণ. ন্যায়ের প্রতি নিষ্ঠাযুক্ত, ন্যায়পরায়ণ।

ন্যায়নিষ্ঠা /ন্যায়্‌নিশ্‌ঠা/ [স. ন্যায়+নিষ্ঠা] বি. ন্যায়ের প্রতি আস্থা ও শ্রদ্ধা, ন্যায়পরায়ণতা।

ন্যায়পথ /ন্যায়্‌পথ্/ [স. ন্যায়+পথ] বি. সত্যের পথ, ধর্মের পথ।

ন্যায়পর /ন্যায়্‌পর্/ [স. ন্যায়+√পৃ+অ] বিণ. দ্র ন্যায়নিষ্ঠ।

ন্যায়পরতা /ন্যায়্‌পরোতা/ [স. ন্যায়পর+তা] বি. দ্র ন্যায়নিষ্ঠা।

ন্যায়পরায়ণ /ন্যায়্‌পরায়োন্/ [স.ন্যায়+পরায়ণ] বিণ. দ্র ন্যায়নিষ্ঠ।

www.pathagar.com

ন্যায়পরায়ণতা /ন্যায়পরায়োনতা / [স. ন্যায়পরায়ণ +তা] বি. দ্র ন্যায়নিষ্ঠা।

ন্যায়পাল /ন্যায়্পাল্ / [স. ন্যায়+পাল] বি. নাগরিকের ন্যায়সংগত অধিকারের প্রতিপালক; রাষ্ট্রের যে-কোনো কার্য সম্পর্কে তদন্ত পরিচালনার ক্ষমতাসম্পন্ন বিচারক; ন্যায়াধীশ, ombudsman।

ন্যায়বত্তা /ন্যায়্বত্তা / [স. ন্যায়+বত্তা] বি. ন্যায়ের পথ অনুসরণ; ন্যায়ের প্রতি শ্রদ্ধা।

ন্যায়বাগীশ /ন্যায়্বাগিশ্/ [স. ন্যায়+বাগীশ] বিণ. ন্যায়শাস্ত্রে পন্ডিত।

ন্যায়বাদী /ন্যায়্বাদি / [স. ন্যায়+√বদ্+ইন্] বিণ. সত্যবাদী।

ন্যায়বান /ন্যায়্বান্ / [স. ন্যায়+বৎ] বিণ. ন্যায়-পরায়ণ, ন্যায়নিষ্ঠ।

ন্যায়বিচার /ন্যায়্বিচার্/ [স. ন্যায়+বিচার] বি. পক্ষপাতহীন বিচার, ন্যায্যবিচার।

ন্যায়বুদ্ধি /ন্যায়্বুদ্ধি / [স. ন্যায়+বুদ্ধি] বি. ন্যায়-অন্যায়ের বোধশক্তি; বিবেক; বিচারবুদ্ধি।

ন্যায়মার্গ /ন্যায়্মার্গো / [স. ন্যায়+মার্গ] বি. সত্যপথ, ধর্মসংগত পথ।

ন্যায়রত্ন /ন্যায়্রত্নো / [স. ন্যায়+রত্ন] বি. তর্ক-শাস্ত্রে শ্রেষ্ঠ পন্ডিতের উপাধিবিশেষ।

ন্যায়শাস্ত্র /ন্যায়্শাস্ত্রো/ [স. ন্যায়+শাস্ত্র] বি. তর্কশাস্ত্র।

ন্যায়সংগত /ন্যায়্শংগতো / [স. ন্যায়+সংগত] বিণ. ন্যায্য, যুক্তিযুক্ত; ধর্মসংগত।

ন্যায়সম্মত /ন্যায়্শম্মতো / [স. ন্যায়+সম্মত] বিণ. দ্র ন্যায়সংগত।

ন্যায়াধিকরণ /ন্যায়াধিকরোন্/ [স. ন্যায়+অধিকরণ] বি. বিচারালয়।

ন্যায়াধীশ /ন্যায়াধিশ্/ [স. ন্যায়+অধীশ] বি. দ্র ন্যায়পাল।

ন্যায়ানুগ /ন্যায়ানুগো / [স. ন্যায়+অনুগ] বিণ. দ্র ন্যায়সংগত।

ন্যায়ালংকার /ন্যায়ালংকার্ / [স. ন্যায়+অলংকার] বি. ন্যায়শাস্ত্রে পান্ডিত্যের জন্য প্রদত্ত উপাধি।

ন্যায়ালয় /ন্যায়ালয়্ / [স. ন্যায়+আলয়] বি. বিচারালয়, আদালত।

ন্যায়িক /ন্যায়িক্/ [স. ন্যায়+ইক] বিণ. বিচার-সংক্রান্ত।

ন্যালনেলে /ন্যাল্নেলে / [ধ্বন্যা.] বিণ. ১ লালাযুক্ত; লালার মতো। ২ লিকলিকে। ৩ অত্যন্ত লোভী।

ন্যালাখ্যাপা /ন্যালাখ্যাপা / [দেশি.] বিণ. ১ খ্যাপার মতো আচরণকারী, পাগলাটে। ২ কান্ডজ্ঞানশূন্য।

ন্যাস /ন্যাশ্ / [স. নি+√অস্+অ] বি. ১ গচ্ছিত বস্তু বা সম্পত্তি। ২ গচ্ছিত বস্তু রক্ষার দায়িত্ব, trust। ৩ অর্পণ। ৪ ত্যাগ। ৫ প্রাণায়াম; শ্বাসপ্রশ্বাস।

ন্যাসপাল /ন্যাশ্পাল্ / [স. ন্যাস+পাল] বি. দ্র ন্যাসরক্ষক।

ন্যাসরক্ষক /ন্যাশ্রোক্ষক্ / [স. ন্যাস+রক্ষক] বি. যে প্রতিষ্ঠান বা যাদের নিকট গচ্ছিত ধনসম্পদ নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব অর্পণ করা হয়, গচ্ছিত বস্তুর রক্ষক, trustee।

ন্যাসী /ন্যাশি / [স. নি+√অস্+ইন্] বি. সন্ন্যাসী। বিণ. ভোগলালসাবিমুখ; ত্যাগী।

ন্যুব্জ /নুব্জো / [স. নি+√উব্জ্+অ] বিণ. কুব্জ, কুঁজো, বক্রপৃষ্ঠ; অধোমুখ। স্ত্রী. ন্যুব্জা /নুব্জা/।

ন্যুব্জদেহ /নুব্জোদেহো / [স. ন্যুব্জ+দেহ] বিণ. কুঁজো।

ন্যূন /নুনো / [স. নি+√ঊন্+অ] বিণ. ১ একটু কম, অপেক্ষাকৃত অল্প। ২ নিকৃষ্ট।

ন্যূনকল্প /নুনোকল্পো / [স. ন্যূন+কল্প] অব্য. অন্তত, atleast।

ন্যূনকল্পে /নুনোকল্পে / [স. ন্যূনকল্প+বা. এ] ক্রিবিণ. নিদেনপক্ষে, কমপক্ষে, অন্তত পক্ষে।

ন্যূনতম /নুনোতমো / [স. ন্যূন+তমট্] বিণ. সর্বনিম্ন।

ন্যূনতা /নুনোতা / [স. ন্যূন+তা] বি. অল্পতা।

ন্যূনপক্ষে /নুনোপোক্ষে / [স. ন্যূনপক্ষ+বা. এ] ক্রিবিণ. নিদেনপক্ষে, কমপক্ষে, অন্তত পক্ষে।

ন্যূনাধিক /নুনাধিক্ / [স. ন্যূন+অধিক] বিণ. কমবেশি।

ন্যূনাধিক্য /নুনাধিক্কো/ [স. ন্যূন+আধিক্য] বি. কমবেশির ভাব, তারতম্য, অল্পতা ও আধিক্য।

www.pathagar.com

প /প/

প[১] /প/ বাংলা বর্ণমালার একবিংশ ব্যঞ্জনবর্ণ এবং ওষ্ঠদ্বারা উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক।

-প[২] /পো/ [স. √পা+অ] বিণ. ১ পান করে এমন (*মধুপ*)। ২ পালন করে এমন (*গোপ*)। বি. যিনি পালন করেন (*নৃপ*)।

পইছা /পোইছা/ [বা.] বি. বাহুতে পরিধেয় অলংকারবিশেষ।

পইঠা /পোইঠা/ [স. প্রতিষ্ঠা >] বি. ১ সিঁড়ির ধাপ। ২ সিঁড়ি।

পইতা /পোইতা/ [স. পবিত্র >] বি. ব্রাহ্মণ পুরুষের কণ্ঠে ধারণের যজ্ঞসূত্র, উপবীত।

পইতাধারী /পোইতাধারি/ [বা. পইতা+স. ধারী] বিণ. উপবীত ধারণ করে আছে এমন।

পইতান /পোইতান্/ [স. পাদস্থান >] বি. ১ পৈঠা; সোপান। ২ যেখানে পা রাখা হয়; পায়ের দিক।

পইথান /পোইথান্/ [স. পাদস্থান >] বি. বিছানার পায়ের দিক।

পইপই /পোইপোই/ [ফা.] অব্য. বারবার, পুনঃপুন।

পউখ[১] /পোউখ্/ [স. পৌষ >] বি. বাংলা বর্ষপঞ্জির নবম মাস, শীতঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই ডিসেম্বর থেকে ১৩ই জানুয়ারি পর্যন্ত কালপর্ব, পৌষ; 'পৌষ'-এর আঞ্চলিক রূপ।

পউখ[২] /পোউখ্/ [স. পক্ষ >] বি. পশু।

পউখপাখালি /পোউখ্পাখালি/ [স. পক্ষ >] বি. পশুপাখি।

পঁচাত্তর /পঁচাত্তোর/ [স. পঞ্চসপ্ততি >] বি. ৭৫ সংখ্যা। বিণ. ৭৫ সংখ্যক।

পঁচানব্বই /পঁচানোব্বোই/ [স. পঞ্চনবতি >] বি. ৯৫ সংখ্যা। বিণ. ৯৫ সংখ্যক।

পঁচাশি /পঁচাশি/ [স. পঞ্চাশীতি >] বি. ৮৫ সংখ্যা। বিণ. ৮৫ সংখ্যক।

পঁচিশ /পোঁচিশ্/ [স. পঞ্চবিংশতি >] বি. ২৫ সংখ্যা। বিণ. ২৫ সংখ্যক।

পঁচিশে /পোঁচিশে/ [বা.] বি. মাসের ২৫ তারিখ। বিণ. মাসের ২৫ তারিখের (*পঁচিশে বৈশাখ*)।

পঁয়তাল্লিশ /পঁয়্তাল্লিশ্/ [স. পঞ্চচত্বারিংশৎ >] বি. ৪৫ সংখ্যা। বিণ. ৪৫ সংখ্যক।

পঁয়ত্রিশ /পঁয়্ত্রিশ্/ [স. পঞ্চত্রিংশৎ >] বি. ৩৫ সংখ্যা। বিণ. ৩৫ সংখ্যক।

পঁয়ষট্টি /পঁয়্শোট্টি/ [স. পঞ্চষষ্টি >] বি. ৬৫ সংখ্যা। বিণ. ৬৫ সংখ্যক।

পকেট /পকেট্/ [ই.] বি. ছোটোখাটো জিনিস সঙ্গে রাখার জন্য পরিধেয় বস্ত্রে সেলাই করে জুড়ে দেওয়া কাপড়ের ছোটো খোপ, pocket।

পকেট কাটা /পকেট্ কাটা/ ক্রিবি. অন্যের পকেট থেকে চুরি করা।

পকেট খালি /পকেট্ খালি/ বিণ. পকেটে টাকাপয়সা নেই এমন।

পকেটঘড়ি /পকেট্ঘোড়ি/ [ই. পকেট+বা. ঘড়ি] বি. পকেটে রাখা যায় এমন ছোটো ঘড়ি, ট্যাঁকঘড়ি।

পকেটমার /পকেট্মার্/ [ই. পকেট+বা. মার] বি. ১ অন্যের পকেট থেকে টাকাপয়সা বা মূল্যবান জিনিস চুরি করা যার পেশা। ২ পকেট থেকে চুরি।

পকেট মারা /পকেট্ মারা/ ক্রিবি. অন্যের পকেট থেকে চুরি করা।

পকোড়া /পকোড়া/ [হি.] বি. তেলে ভাজা আলু পেঁয়াজ প্রভৃতির বড়া।

পক্ক /পক্কো/ [স. √পচ্+ত] বিণ. ১ পাকা (*পক্ক ফল*)। ২ সাদা (*পক্ককেশ*)। ৩ পরিণত (*পক্ক বুদ্ধি*)। ৪ রাঁধা হয়েছে এমন (*ঘৃতপক্ক*)। বি. -তা /-তা/।

পক্ককেশ /পক্কোকেশ্/ [স. পক্ক+কেশ] বিণ. পলিত কেশবিশিষ্ট। বি. পাকাচুল।

পক্কান্ন /পক্কান্নো/ [স. পক্ক+অন্ন] বি. ১ রাঁধা ভাত। ২ ঘিয়ে ভাজা মিষ্ট খাদ্যবস্তু।

পক্কাশয় /পক্কাশয়্/ [স. পক্ক+আশয়] বি. পাকস্থলী।

পক্ষ /পোক্খো/ [স. √পক্ষ্+অ] বি. ১ চাঁদের বৃদ্ধি বা হ্রাসকাল, প্রতিপদ থেকে পূর্ণিমা পর্যন্ত বা পূর্ণিমার পর থেকে অমাবস্যা পর্যন্ত কালপর্ব (*কৃষ্ণপক্ষ*)। ২ মাসার্ধ কাল (*কবিপক্ষ*)। ৩ পাখির ডানা (*পক্ষ সঞ্চালন*)। ৪ বাণের পাখা বা পুচ্ছ। ৫ দল; গোষ্ঠী; সম্প্রদায় (*মিত্রপক্ষ*)। ৬ সহায়, অবলম্বন (*পক্ষে দাঁড়ানো*)। ৭ দিক (*অন্যপক্ষ*)। ৮ বিশেষ অবস্থা (*পারতপক্ষে*)। ৯ বিতর্কে প্রশ্ন

www.pathagar.com

বা উত্তর (উত্তরপক্ষ)। ১০ পার্শ্ব (*পক্ষাঘাত*)। ১১ পত্নী (*প্রথম পক্ষ*)।

পক্ষগ্রহণ /পোক্‌খোগ্রোহোন্‌/ [স. পক্ষ+গ্রহণ] বি. কোনো বিশেষ দলকে সমর্থন।

পক্ষচ্ছেদ /পোক্‌খোচ্‌ছেদ্‌/ [স. পক্ষ+ছেদ] বি. ১ ডানা ছিন্নকরণ। ২ (আল.) স্বাধীনতা খর্বকরণ।

পক্ষজ /পোক্‌খোজো/ [স. পক্ষ+√জন্‌+অ] বি. ১ চন্দ্র, কলাধর। ২ পাখি।

পক্ষধর /পোক্‌খোধর্‌/ [স. পক্ষ+ধর] বি. দ্র পক্ষজ ।

পক্ষপাত /পোক্‌খোপাত্‌/ [স. পক্ষ+পাত] বি. কোনো বিশেষ পক্ষের প্রতি অনুরাগ বা সমর্থন; কোনো পক্ষের প্রতি টান বা আসক্তি, নিরপেক্ষতার অভাব।

পক্ষপাতদুষ্ট /পোক্‌খোপাত্‌দুশ্‌টো/ [স. পক্ষপাত+√দুষ্‌+ত] বিণ. পক্ষপাতদ্বারা কলুষিত।

পক্ষপাতশূন্য /পোক্‌খোপাত্‌শুন্‌নো/ [স. পক্ষপাত+শূন্য] বিণ. পক্ষপাতদ্বারা প্রভাবিত নয় এমন, নিরপেক্ষ। বি. ~তা /-তা/।

পক্ষপাতহীন /পোক্‌খোপাত্‌হিন্‌/ [স. পক্ষপাত+√হা+ত] বিণ. পক্ষপাতদ্বারা প্রভাবিত নয় এমন। বি. পক্ষপাতহীনতা /পোক্‌খোপাত্‌হিনতা/।

পক্ষপাতিতা /পোক্‌খোপাতিতা/ [স. পক্ষপাতি+তা] বি. দ্র পক্ষপাতিত্ব।

পক্ষপাতিত্ব /পোক্‌খোপাতিত্‌তো/ [স. পক্ষপাতি+ত্ব] বি. দুটি পক্ষের মধ্যে কোনো একটি পক্ষের প্রতি অনুরাগ প্রদর্শন।

পক্ষপাতী /পোক্‌খোপাতি/ [স. পক্ষ+√পত্‌+ইন্‌] বিণ. একপক্ষের প্রতি অনুরক্ত, পক্ষপাতযুক্ত।

পক্ষপুট /পোক্‌খোপুট্‌/ [স. পক্ষ+পুট] বি. ১ ডানার অভ্যন্তরভাগ; পক্ষরূপ আধার। ২ (আল.) আশ্রয়।

পক্ষবল /পোক্‌খোবল্‌/ [স. পক্ষ+বল] বি. ১ পাখা বা ডানার বল। ২ সহায়, সাহায্যকারী। ৩ সেনাদল; রাজশক্তি। ৪ দলের লোকবল।

পক্ষভুক্ত /পোক্‌খোভুক্‌তো/ [স. পক্ষ+√ভুজ্‌+ত] বিণ. বিশেষ কোনো দলের অনুগত।

পক্ষল /পোক্‌খোল্‌/ [স. পক্ষ+ল] বিণ. ডানাযুক্ত, পাখাবিশিষ্ট।

পক্ষসঞ্চালন /পোক্‌খোশন্‌চালন্‌/ [স. পক্ষ+সঞ্চালন] বি. পালক বা ডানার ঝাপটা।

পক্ষসমর্থন /পোক্‌খোশমর্‌থোন্‌/ [স. পক্ষ+সমর্থন] বি. পক্ষ অবলম্বন।

পক্ষাঘাত /পোক্‌খাঘাত্‌/ [স. পক্ষ+আঘাত] বি. স্নায়বিক বৈকল্যজনিত জীবদেহের কোনো অঙ্গের কর্মক্ষমতা লোপ, paralysis।

পক্ষান্ত /পোক্‌খান্‌তো/ [স. পক্ষ+অন্ত] বি. পক্ষের অন্ত বা শেষ; পূর্ণিমা বা অমাবস্যা।

পক্ষান্তর /পোক্‌খান্‌তর্‌/ [স. পক্ষ+অন্তর] বি. অন্যপক্ষ; বিবেচনাধীন বিষয়ের অপর দিক।

পক্ষান্তরে /পোক্‌খান্‌তরে/ [স. পক্ষান্তর+বা. এ] ক্রিবিণ. অন্যপক্ষে, অপরপক্ষে; পরন্তু।

পক্ষাপক্ষ /পোক্‌খাপোক্‌খো/ [স. পক্ষ+অপক্ষ] বি. ১ একবার একপক্ষ অন্যবার ভিন্ন পক্ষ; স্বপক্ষ ও বিপক্ষ। ২ শত্রুমিত্র। ৩ দলাদলি।

পক্ষাবলম্বন /পোক্‌খাবোলম্‌বোন্‌/ [স. পক্ষ+অবলম্বন] বি. বিশেষ কোনো পক্ষ সমর্থন, পক্ষপাতিত্ব।

পক্ষাবলম্বনকারী /পোক্‌খাবোলম্‌বোন্‌কারি/ [স. পক্ষাবলম্বন+√কৃ+ইন্‌] বিণ. কোনো বিশেষ পক্ষ সমর্থন করে এমন।

পক্ষী /পোক্‌খি/ [স. পক্ষ+ইন্‌] বি. (সচরাচর উড়তে পারে এমন) পালকে আবৃত দেহ তীক্ষ্ণ দৃষ্টি ও প্রখর শ্রবণশক্তিসম্পন্ন উষ্ণ রক্তের ডিম্বজ মেরুদণ্ডী প্রাণী, পাখি, বিহগ, বিহঙ্গ, খগ। স্ত্রী. পক্ষিণী /পোক্‌খিনি/।

পক্ষীকূজন /পোক্‌খিকুজন্‌/ [স. পক্ষী+√কূজ্‌+অন] বি. পাখির ডাক।

পক্ষীতত্ত্ব /পোক্‌খিতত্‌তো/ [স. পক্ষী+তত্ত্ব] বি. পক্ষীবিষয়ক বিদ্যা, ornithology।

পক্ষীতত্ত্ববিদ /পোক্‌খিতত্‌তোবিদ্‌/ [স. পক্ষীতত্ত্ব+বিদ] বিণ. পক্ষীতত্ত্ববিষয়ে পণ্ডিত, ornithologist।

পক্ষীনীড় /পোক্‌খিনিড়্‌/ [স. পক্ষী+নীড়] বি. পাখির নীড়, কুলায়।

পক্ষীন্দ্র /পোক্‌খিন্‌দ্রো/ [স. পক্ষী+ইন্দ্র] বি. দ্র পক্ষীরাজ।

পক্ষীয় /পোক্‌খিয়ো/ [স. পক্ষ+ঈয়] বিণ. পক্ষসংক্রান্ত, দলসম্পর্কিত, দলীয়; দলভুক্ত।

পক্ষীরাজ /পোক্‌খিরাজ্‌/ [স. পক্ষী+রাজন্‌] বি. ১ পৌরাণিক ঋষি কশ্যপ ও বিনতার পুত্র এবং বিষ্ণুর বাহন; পাখিদের রাজা; পাখিদের মধ্যে শ্রেষ্ঠ, গরুড়। ২ রূপকথায় বর্ণিত পাখাযুক্ত ঘোড়া।

পক্ষীশালা /পোক্‌খিশালা/ [স. পক্ষী+শালা] বি. যে গৃহে পাখি রাখা হয়।

পক্ষে /পোক্‌খে/ [স. পক্ষ+বা. এ] ক্রিবিণ. তরফে; সম্বন্ধে।

পক্ষোদ্‌গম /পোক্‌খোদ্‌গম্‌/ [স. পক্ষ+উদ্‌গম] বি. পাখির দেহে ডানা বা পাখার উদ্‌গম।

www.pathagar.com

পক্ষোদ্ভেদ /পোক্‌খোদ্‌ভেদ্‌/ [স. পক্ষ+উদ্ভেদ] বি. দ্র পক্ষোদ্‌গম।

পক্ষ্ম /পক্‌খোঁ/ [স. √পক্ষ্+মন্‌] বি. ১ চোখের পাতার লোম। ২ পাখির পালক বা পাখা।

পক্ষ্মগুচ্ছ /পক্‌খোঁগুচ্‌ছো/ [স. পক্ষ্ম+গুচ্ছ] বি. নেত্রলোমাবলি।

পক্ষ্মল /পক্‌খোঁল্‌/ [স. পক্ষ্মন্‌+ল] বিণ. মনোহর পক্ষ্মযুক্ত; লোমশ।

পগার /পগার্‌/ [স. প্রাকার >] বি. ১ জমির সীমানির্ধারক অগভীর নালা। ২ ডোবা; নালা। ৩ প্রাকার; দেওয়াল।

পগারপার /পগারপার্‌/ [বা. পগার+স. পার] বিণ. সীমা বা নাগালের বাইরে গমন করেছে এমন; পলায়ন করেছে এমন, উধাও।

পঙ্‌ক্তি /পোংক্‌তি/ [স. √পনচ্‌+তি] বি. ১ পাঁতি, সারি, শ্রেণি; দল। ২ লেখার সারি; লাইন।

পঙ্‌ক্তিদূষক /পোংক্‌তিদুশক্‌/ [স. পঙ্‌ক্তি+দূষক] বি. (বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গিতে) যাঁরা ব্রাহ্মণের সঙ্গে একসারিতে বসে আহারের যোগ্য নন। বিণ. অপাঙ্‌ক্তেয়।

পঙ্‌ক্তিভোজন /পোংক্‌তিভোজোন্‌/ [স. পঙ্‌ক্তি+ভোজন] বি. অনেক লোকের সঙ্গে একত্র-আহার।

পঙ্‌ক্তিভোজ্য /পোংক্‌তিভোজ্‌জো/ [স. পঙ্‌ক্তি+ভোজ্য] বিণ. সবার সঙ্গে একই সারিতে বসে একত্রে আহার করতে হয় এমন।

পঙ্ক /পংকো/ [স. √পঙ্ক্‌+অ] বি. ১ পাঁক, কাদা, কর্দম। ২ চন্দন প্রভৃতি ঘষে প্রস্তুত মণ্ডের প্রলেপ। ৩ ঘরের মেঝে বা দেওয়ালের গায়ে চুনের মিহি প্রলেপ দিয়ে আঁকা কারুকার্য, পঙ্খ।

পঙ্কজ /পংকোজ্‌/ [স. পঙ্ক+√জন্‌+অ] বি. পদ্ম, কমল।

পঙ্কজিনী /পংকোজিনি/ [স. পঙ্কজ+ইন্‌+ঈ] বি. ১ যে পুকুর বা জলাশয়ে পদ্মফুল ফোটে। ২ পদ্মিনী। ৩ পদ্মের ঝাড়।

পঙ্করুহ /পংকোরুহো/ [স. পঙ্ক+রুহ্‌] বি. পদ্ম, কমল।

পঙ্কিল /পোংকিল্‌/ [স. পঙ্ক+ইল] বিণ. কর্দমাক্ত।

পঙ্কিলতা /পোংকিলতা/ [স. পঙ্কিল+তা] বি. ১ কর্দমাক্ততা। ২ কলুষতা; নোংরামি।

পঙ্কোদ্ধার /পংকোদ্‌ধার্‌/ [স. পঙ্ক+উদ্ধার] বি. কাদা তুলে ফেলে জলাশয়ের সংস্কার।

পঙ্খ /পংখো/ [স. পঙ্ক >] বি. ঘরের মেঝে বা দেওয়ালে চুনের প্রলেপ দিয়ে আঁকা নকশা (*পঙ্খের কাজ*)।

পঙ্খি /পোংখি/ [স. পক্ষী >] বি. পাখি। বিণ. পাখির আকৃতিবিশিষ্ট (*ময়ূরপঙ্খি নাও*)।

পঙ্গপাল /পংগোপাল্‌/ [স. পতঙ্গ >] বি. আফ্রিকা ও এশিয়ার উষ্ণ অঞ্চল এবং উত্তর ও দক্ষিণ আমেরিকায় বিচরণ করে এমন ফড়িংজাতীয় শস্য-ধ্বংসকারী পরিযায়ী পতঙ্গের ঝাঁক, locust।

পঙ্গু /পোংগু/ [স. √পণ্‌+উ] বিণ. প্রতিবন্ধী; চলৎ-শক্তিহীন; বিকলাঙ্গ; খোঁড়া।

পচ /পচ্‌/ [স. √পচ্‌+অ] বি. পচন; গলন; বিকৃতি।

পচন[১] /পচোন্‌/ [স. √পচ্‌+অন] বি. ১ রন্ধন। ২ পরিপাক।

পচন[২] /পচোন্‌/ [স. √পচ্‌+অন] বি. গলন; বিকৃতি।

পচনশীল /পচোন্‌শিল্‌/ [স. পচন+শীল] বিণ. ১ সহজে পচে যায় বা পচে যাচ্ছে এমন। ২ ধ্বংসপ্রাপ্ত হচ্ছে এমন।

পচপচ /পচ্‌পচ্‌/ [ধ্বন্যা.] বি. জলকাদায় চলাচলের অনুকার শব্দ। অব্য. জলকাদায় একাকার হয়ে যাওয়ার ভাব; প্যাচপ্যাচ।

পচা /পচা/ [বা.] ক্রিবি. পচে যাওয়া; গলে যাওয়া; বিকৃত হওয়া; দুর্গন্ধযুক্ত হওয়া। বিণ. পচে গিয়েছে এমন; দুর্গন্ধযুক্ত; বিকৃত।

পচাই /পচাই্‌/ [বা.] বি. ভাত পচিয়ে চোলাই করা মদবিশেষ, ধেনোমদ।

পচানি /পচানি/ [বা.] বি. ১ পচা দ্রব্যাদির রসবিশেষ। ২ ভাত প্রভৃতি পচিয়ে তৈরি করা মদ। ৩ পচন।

পচানো /পচানো/ [বা.] ক্রিবি. গলানো বা বিকৃত করা। বিণ. বিকৃত; গলিত।

পচ্য /পোচ্‌চো/ [স. √পচ্‌+য] বিণ. ১ রন্ধনের উপযোগী। ২ পরিপাক হয় এমন।

পছন্দ /পছোন্‌দো/ [ফা.] বিণ. ১ মনের মতো, মনঃপূত; ইচ্ছানুযায়ী মনোনীত। ২ নির্বাচিত। বি. ১ নির্বাচন। ২ মনোনয়ন। ৩ রুচি।

পছন্দমাফিক /পছোন্‌দোমাফিক্‌/ [ফা. পসন্দ+আ. মাফিক] বিণ. পছন্দ অনুযায়ী, মনের মতো।

পছন্দসই /পছোন্‌দোশোই্‌/ [ফা. পসন্দ+আ. সহীহ্‌] বিণ. দ্র পছন্দমাফিক।

পঙ্‌ক্তিকা /পজ্‌ঝোটিকা/ [স. পাদ+√ঝট্‌+অক+আ (টাপ্‌)] বি. ষোলো মাত্রার ছন্দবিশেষ।

পঞ্চ /পন্‌চো/ [স. √পনচ্‌+অন] বি. ৫ সংখ্যা। বিণ. ৫ সংখ্যক।

পঞ্চ-উপাসক /পন্‌চোউপাশক্‌/ [স. পঞ্চন্‌+উপাসক]

www.pathagar.com

বি. পাঁচ শ্রেণির উপাসক (গাণপত্য সৌর শাক্ত বৈষ্ণব ও শৈব)।

পঞ্চক /পন্‌চক্/ [স. পঞ্চন্+ক (কন্)] বি. পাঁচের সমষ্টি; পাঁচজন। বিণ. পঞ্চসম্বন্ধীয়।

পঞ্চকন্যা /পন্‌চোকোন্‌না/ [স. পঞ্চন্+কন্যা] বি. পৌরাণিক বিশ্বাসমতে প্রত্যহ যে পাঁচ কন্যাকে (অহল্যা দ্রৌপদী কুন্তী তারা ও মন্দোদরী) স্মরণ করলে সকল পাপ নাশ হয়।

পঞ্চকর্ম /পন্‌চোকর্‌মো/ [স. পঞ্চন্+কর্মন্] বি. আয়ুর্বেদ চিকিৎসাশাস্ত্রে বিহিত পাঁচ প্রকার শারীরিক ক্রিয়া (বমন বিরেচন নস্য নিরূহ ও অনুবাসন)।

পঞ্চকোষ /পন্‌চোকোশ্/ [স. পঞ্চন্+কোষ] বি. বেদান্ত শাস্ত্রমতে আত্মার পঞ্চবিধ আবরণ (অন্নময় কোষ প্রাণময় কোষ মনোময় কোষ জ্ঞানময় কোষ ও আনন্দময় কোষ)।

পঞ্চক্রোশী /পন্‌চোক্রোশি/ [স. পঞ্চন্+ক্রোশী] বিণ. দৈর্ঘ্য ও প্রস্থে পাঁচক্রোশব্যাপী বিস্তৃত। বি. বারাণসী।

পঞ্চগঙ্গা /পন্‌চোগঙ্গা/ [স. পঞ্চন্+গঙ্গা] বি. ১ ভাগীরথী গোমতী কাবেরী কৃষ্ণা ও পিনাকিনী নদী। ২ কাশীর তীর্থক্ষেত্রবিশেষ।

পঞ্চগড় /পন্‌চোগড়্/ [স্থান.] বি. বাংলাদেশের উত্তরাঞ্চলে পাঁচটি গড় নিয়ে গঠিত জেলাবিশেষ।

পঞ্চগব্য /পন্‌চোগোব্‌বো/ [স. পঞ্চন্+গব্য] বি. পূজা-অর্চনায় ব্যবহৃত গোলব্ধ পাঁচটি পদার্থ (দই দুধ ঘি গোময় এবং গোমূত্র)।

পঞ্চগুণ /পন্‌চোগুন্/ [স. পঞ্চন্+গুণ] বি. ইন্দ্রিয়-গ্রাহ্য পাঁচটি গুণ (রূপ রস গন্ধ স্পর্শ ও শব্দ)।

পঞ্চগৌড় /পন্‌চোগোড়্/ [স. পঞ্চ+গৌড়] বি. সরস্বতী নদীর তীরে অবস্থিত ভূভাগ এবং কনৌজ উৎকল মিথিলা ও গৌড়-অঞ্চল।

পঞ্চচত্বারিংশৎ /পনচোচত্‌তারিংশত্/ [স. পঞ্চন্+চত্বারিংশৎ] বি. ৪৫ সংখ্যা। বিণ. ৪৫ সংখ্যক।

পঞ্চচত্বারিংশত্তম /পন্‌চোচত্‌তারিংশত্‌তমো/ [স. পঞ্চচত্বারিংশৎ+তমট্] বিণ. ৪৫ সংখ্যক; ৪৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চচত্বারিংশত্তমী /পন্‌চোচত্‌তা-রিংশত্‌তোমি/।

পঞ্চচামর /পন্‌চোচামোর্/ [স. পঞ্চ+চামর] বি. ষোলো অক্ষরের সংস্কৃত ছন্দবিশেষ।

পঞ্চজন /পন্‌চোজন্/ [স. পঞ্চন্+জন] বি. ১ গ্রামের পাঁচজন (অর্থাৎ প্রতিনিধিত্বকারী ব্যক্তি-বর্গ)। ২ কৃষ্ণ কর্তৃক নিহত অসুরবিশেষ যার অস্থি দিয়ে তিনি পাঞ্চজন্য শঙ্খ নির্মাণ করেন। বিণ. পঞ্চভূত থেকে জাত।

পঞ্চতন্ত্র /পন্‌চোতন্‌ত্রো/ [স. পঞ্চন্+তন্ত্র] বি. বিষ্ণুশর্মা রচিত পাঁচ খণ্ডে বিভক্ত সংস্কৃত নীতিশাস্ত্রবিশেষ।

পঞ্চতপা /পন্‌চোতপা/ [স. পঞ্চ+তপস্] বি. ওপরে সূর্য এবং চারপাশে চারটি অগ্নিকুণ্ড জ্বেলে যিনি তার মধ্যে বসে তপস্যা করেন। বিণ. কঠোর তপস্যাকারী।

পঞ্চতিক্ত /পন্‌চোতিক্‌তো/ [স. পঞ্চ+তিক্ত] বি. পাঁচ প্রকার তিক্ত (নিম গুলঞ্চ বাসক পটোলপাতা ও কন্টকারী)।

পঞ্চতীর্থ /পন্‌চোতির্‌থো/ [স. পঞ্চ+তীর্থ] বি. ১ কাশীর পাঁচটি তীর্থভূমি (জ্ঞানবাপী নন্দিকেশ্বর তারকেশ্বর মহাকালেশ্বর ও দণ্ডপাণি)। ২ সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ।

পঞ্চত্ব /পন্‌চোত্‌তো/ [স. পঞ্চন্+ত্ব] বি. পঞ্চভূতে (ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ব্যোম) পরিণতি, মৃত্যু।

পঞ্চত্বপ্রাপ্ত /পন্‌চোত্‌তোপ্রাপ্‌তো/ [স. পঞ্চত্ব+প্রাপ্ত] বিণ. পঞ্চভূতে পরিণত, মৃত।

পঞ্চত্বপ্রাপ্তি /পন্‌চোত্‌তোপ্রাপ্‌তি/ [স. পঞ্চত্ব+প্রাপ্তি] বি. মৃত্যু।

পঞ্চত্রিংশৎ /পন্‌চোত্রিংশত্/ [স. পঞ্চন্+ত্রিংশৎ] বি. ৩৫ সংখ্যা। বিণ. ৩৫ সংখ্যক।

পঞ্চত্রিংশত্তম /পন্‌চোত্রিংশত্‌তমো/ [স. পঞ্চত্রিংশৎ+তমট্] বিণ. ৩৫ সংখ্যক; ৩৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চত্রিংশত্তমী /পন্‌চোত্রিংশত্‌তোমি/।

পঞ্চদশ /পন্‌চোদশ্/ [স. পঞ্চন্+দশন্] বি. ১৫ সংখ্যা। বিণ. ১৫ সংখ্যক।

পঞ্চদশী /পন্‌চোদোশি/ [স. পঞ্চদশ+ঈ] বিণ. পঞ্চদশ স্থানীয়া; পনেরো বৎসর বয়স্কা। বি. ১ পূর্ণিমা বা অমাবস্যা। ২ বেদান্ত গ্রন্থ। ৩ পনেরো বছর বয়সের বালিকা।

পঞ্চদেবতা /পন্‌চোদেবোতা/ [স. পঞ্চ+দেবতা] বি. গণেশ সূর্য বিষ্ণু শিব ও দুর্গা।

পঞ্চধা /পন্‌চোধা/ [স. পঞ্চন্+ধা] ক্রিবিণ. ১ পাঁচবার। ২ পাঁচ প্রকারে। ৩ পাঁচ খণ্ডে। ৪ পাঁচ দিকে।

পঞ্চনখ /পন্‌চোনখ্/ [স. পঞ্চন্+নখ] বি. পাঁচটি নখবিশিষ্ট প্রাণী (কুকুর বিড়াল বাঘ প্রভৃতি)। বিণ. পাঁচটি নখবিশিষ্ট।

পঞ্চনদ /পন্‌চোনদ্/ [স. পঞ্চনদ+অ] বি. ১ পাঁচটি নদীবিধৌত (শতদ্রু ইরাবতী বিপাশা চন্দ্রভাগা ও বিতস্তা) ভারত ও পাকিস্তানের পঞ্জাব প্রদেশ। ২ পাঁচটি নদী (কিরণা ধূতপাপা সরস্বতী গঙ্গা ও যমুনা) বিধৌত তীর্থভূমি।

www.pathagar.com

পঞ্চনদী /পন্‌চোনোদি/ [স. পঞ্চনদ+ঈ] বি. দ্র পঞ্চনদ।

পঞ্চনবতি /পন্‌চোনবোতি/ [স. পঞ্চন্‌+নবতি] বি. ৯৫ সংখ্যা। বিণ. ৯৫ সংখ্যক।

পঞ্চনবতিতম /পন্‌চোনবোতিতমো/ [স. পঞ্চনবতি +তমট্‌] বিণ. ৯৫ সংখ্যক; ৯৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চনবতিতমী /পন্‌চোনবোতিতোমি/।

পঞ্চনিম্ব /পন্‌চোনিম্‌বো/ [স. পঞ্চ+√নিম্ব্‌+অ] বি. নিমগাছের মূল ত্বক পাতা ফুল ও ফল।

পঞ্চপঞ্চাশৎ /পন্‌চোপন্‌চাশত/ [স. পঞ্চন্‌+পঞ্চাশৎ] বি. ৫৫ সংখ্যা। বিণ. ৫৫ সংখ্যক।

পঞ্চপঞ্চাশত্তম /পন্‌চোপন্‌চাশত্‌তমো/ [স. পঞ্চন্‌+ পঞ্চাশৎ+তমট্‌] বিণ. ৫৫ সংখ্যক; ৫৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চপঞ্চাশত্তমী /পন্‌চোপন্‌চাশত্‌তোমি/।

পঞ্চপর্ব /পন্‌চোপর্‌বো/ [স. পঞ্চ+পর্বন্‌] বি. পাঁচটি তিথিকে আশ্রয় করে নিরূপিত পর্ব (অষ্টমী চতুর্দশী অমাবস্যা পূর্ণিমা ও রবিসংক্রান্তি)।

পঞ্চপল্লব /পন্‌চোপল্‌লোব/ [স. পঞ্চ+পল্লব] বি. আম জাম কয়েতবেল টানালেবু ও বেল (ভিন্নমতে আম অশ্বত্থ বট পাকুড় ও যজ্ঞডুমুর) গাছের পাতা।

পঞ্চপাণ্ডব /পন্‌চোপান্‌ডব/ [স. পঞ্চ+পাণ্ডব] বি. মহাভারতে বর্ণিত পাণ্ডুর পাঁচ পুত্র (যুধিষ্ঠির ভীম অর্জুন নকুল ও সহদেব)।

পঞ্চপাত্র /পন্‌চোপাত্‌ত্রো/ [স. পঞ্চ+পাত্র] বি. পূজায় ব্যবহারের জন্য তামার তৈরি ধাতুপাত্র।

পঞ্চপিত্ত /পন্‌চোপিত্‌তো/ [স. পঞ্চ+অপি+√দা+ত] বি. ছাগল মহিষ শূকর ময়ূর ও মাছের পিত্ত।

পঞ্চপ্রদীপ /পন্‌চোপ্রোদিপ্‌/ [স. পঞ্চ+প্রদীপ] বি. দেবতার আরতির জন্য ব্যবহৃত পাঁচটি প্রদীপ-বিশিষ্ট আধার।

পঞ্চপ্রাণ /পন্‌চোপ্রান্‌/ [স. পঞ্চ+প্রাণ] বি. দ্র পঞ্চবায়ু।

পঞ্চপ্রেত /পন্‌চোপ্রেত্‌/ [স. পঞ্চ+প্রেত] বি. ক্ষিতি অপ্‌ তেজঃ মরুৎ ও ব্যোম, পঞ্চভূত।

পঞ্চবটী /পন্‌চোবোটি/ [স. পঞ্চবট+ঈ] বি. ১ পাঁচ প্রকার বৃক্ষবিশিষ্ট (অশ্বত্থ বিল্ব বট অশোক ও আমলকী) উদ্যান। ২ রামায়ণে বর্ণিত বনবিশেষ।

পঞ্চবর্গ /পন্‌চোবর্‌গো/ [স. পঞ্চ+বর্গ] বি. বাংলা ব্যঞ্জন বর্ণমালার পাঁচটি বর্গ (ক চ ট ত এবং প বর্গ)।

পঞ্চবাণ /পন্‌চোবান্‌/ [স. পঞ্চ+বাণ] বি. দ্র পঞ্চশর।

পঞ্চবায়ু /পন্‌চোবায়ু/ [স. পঞ্চ+√বা+উ] বি. দেহস্থ পাঁচটি বায়ু (প্রাণ অপান সমান উদান ও ব্যান)।

পঞ্চবার্ষিক /পন্‌চোবার্‌শিক্‌/ [স. পঞ্চবর্ষ+ইক] বিণ. ১ প্রতি পাঁচ বছর অন্তর ঘটে বা প্রকাশিত হয় এমন। ২ পঞ্চবর্ষীয়। ৩ পাঁচ বছর স্থায়ী।

পঞ্চবিংশতি /পন্‌চোবিংশোতি/ [স. পঞ্চ+বিংশতি] বি. ২৫ সংখ্যা। বিণ. ২৫ সংখ্যক।

পঞ্চবেদ /পন্‌চোবেদ্‌/ [স. পঞ্চ+বেদ] বি. পাঁচটি বেদ (ঋক্‌ সাম যজুঃ অথর্ব ও শূন্যপুরাণ বা মতান্তরে আয়ুর্বেদ)।

পঞ্চভুজ /পন্‌চোভুজ্‌/ [স. পঞ্চ+ভুজ] বি. পাঁচটি সরলরেখাদ্বারা বেষ্টিত ক্ষেত্র, pentagon।

পঞ্চভূত /পন্‌চোভুত্‌/ [স. পঞ্চ+ভূত] বি. ক্ষিতি অপ্‌ তেজঃ মরুৎ ও ব্যোম।

পঞ্চম /পন্‌চোম্‌/ [স. পঞ্চন্‌+ম] বিণ. পাঁচ সংখ্যার পূরক। বি. ১ স্বরগ্রামের পঞ্চম স্বর 'পা'। ২ কোকিলের কূজন।

পঞ্চমকার /পন্‌চোমকার্‌/ [স. পঞ্চ+মকার] বি. তন্ত্রসাধনার পাঁচটি অঙ্গ (মদ মাংস মৎস্য মুদ্রা ও মৈথুন)।

পঞ্চম বাহিনী /পন্‌চোম্‌ বাহিনি/ বি. যে ব্যক্তি বা ব্যক্তিবর্গ যুদ্ধকালে নিজ দেশের বিরুদ্ধে শত্রুকে সহায়তা করে; বিশ্বাসঘাতক; fifth columnist।

পঞ্চম স্বর /পন্‌চোম্‌ শর্‌/ বি. ১ স্বরগ্রামের পঞ্চম স্বর 'পা'। ২ কোকিলের কূজন।

পঞ্চমহাপাতক /পন্‌চোমহাপাতক্‌/ [স. পঞ্চ+ মহাপাতক] বি. ব্রহ্মহত্যা ব্রহ্মস্বহরণ গুরুপত্নী-সংগম সুরাপান ও এহেন পাপকর্মে লিপ্ত ব্যক্তিদের সংসর্গরূপ পাপ।

পঞ্চমহাযজ্ঞ /পন্‌চোমহাজোগ্‌গো/ [স. পঞ্চ+ মহাযজ্ঞ] বি. ব্রহ্মযজ্ঞ পিতৃযজ্ঞ দেবযজ্ঞ ভূতযজ্ঞ ও নৃযজ্ঞ।

পঞ্চমী /পন্‌চোমি/ [স. পঞ্চম+ঈ] বিণ. পঞ্চম স্থানীয়া। বি. ১ চতুর্থীর পরবর্তী ও ষষ্ঠীর পূর্ববর্তী তিথি। ২ বিভক্তিবিশেষ।

পঞ্চমুখ /পন্‌চোমুখ্‌/ [স. পঞ্চ+মুখ] বি. শিব, পঞ্চানন। বিণ. ১ পাঁচটি মুখবিশিষ্ট। ২ মুখর। ৩ অতিশয় ধূর্ত।

পঞ্চরঙ্গ /পন্‌চোরংগো/ [স. পঞ্চ+√রন্‌জ্‌+অ] বি. দাবা খেলায় প্রতিপক্ষকে পরাজিত করার চাল।

পঞ্চরত্ন /পন্‌চোরত্‌নো/ [স. পঞ্চ+√রমি+ন] বি. পাঁচটি রত্নবিশেষ (নীলকান্ত হীরক পদ্মরাগ মুক্তা ও প্রবাল)।

পঞ্চশর /পন্‌চোশর্‌/ [স. পঞ্চ+শর] বি. ১ পুরাণমতে কামদেবের পাঁচটি বাণ (সম্মোহন উন্মাদন শোষণ তাপন ও স্তম্ভন)। ২ কামদেবের পাঁচটি পুষ্পশর

www.pathagar.com

(অরবিন্দ অশোক আম নবমল্লিকা ও রক্তোৎপল)। ৩ পঞ্চবাণের ব্যবহারকর্তা মদনদেব।

পঞ্চশস্য /পন্‌চোশোশ্‌শো/ [স. পঞ্চ+√শস্‌+য] বি. ধান মাষকলাই যব তিল ও মুগ।

পঞ্চষষ্টি /পন্‌চোশোশ্‌টি/ [স. পঞ্চন্‌+ষট্‌দশৎ+তি] বি. ৬৫ সংখ্যা। বিণ. ৬৫ সংখ্যক।

পঞ্চষষ্টিতম /পন্‌চোশোশ্‌টিতমো/ [স. পঞ্চষষ্টি+তমট্‌] বিণ. ৬৫ সংখ্যক; ৬৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চষষ্টিতমী /পন্‌চোশোশ্‌টিতোমি/।

পঞ্চসপ্ততি /পন্‌চোশপ্‌তোতি/ [স.পঞ্চন্‌+সপ্তদশৎ+তি] বি. ৭৫ সংখ্যা। বিণ. ৭৫ সংখ্যক।

পঞ্চসপ্ততিতম /পন্‌চোশপ্‌তোতিতমো/ [স.পঞ্চন্‌+সপ্ততি+তমট্‌] বিণ. ৭৫ সংখ্যক; ৭৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চসপ্ততিতমী /পন্‌চোশপ্‌তোতিতোমি/।

পঞ্চাঙ্ক /পন্‌চাংকো/ [স. পঞ্চ+অঙ্ক] বিণ. পাঁচ অঙ্কবিশিষ্ট (*পঞ্চাঙ্ক নাটক*)।

পঞ্চানন /পন্‌চানন্‌/ [স. পঞ্চ+আনন] বি. ১ (পাঁচটি মুখ আছে বলে) শিব। ২ (বাংলায়) পন্ডিতের উপাধি।

পঞ্চান্ন /পন্‌চান্নো/ [স. পঞ্চপঞ্চাশৎ >] বি. ৫৫ সংখ্যা। বিণ. ৫৫ সংখ্যক।

পঞ্চামৃত /পন্‌চামৃতো/ [স. পঞ্চ+অমৃত] বি. ১ পাঁচটি অমৃততুল্য দ্রব্য (দই দুধ ঘি মধু ও চিনি)। ২ গর্ভবতীর পঞ্চম মাসে দই দুধ ঘি মধু ও চিনি সেবনের সংস্কার।

পঞ্চান্ন /পন্‌চাম্‌ন্নো/ [স. পঞ্চ+অন্ন] বি. পাঁচ প্রকার টক (কুল ডালিম তেঁতুল টকপালং ও লেবু)।

পঞ্চায়ুধ /পন্‌চায়ুধ্‌/ [স. পঞ্চ+আয়ুধ] বি. পাঁচ প্রকার অস্ত্র (তরবারি শক্তি ধনুক কুঠার ও বর্ম)।

পঞ্চায়েত /পন্‌চায়েত্‌/ [বা.] বি. গ্রামোন্নয়নের লক্ষ্যে পাঁচ বা ততোধিক নির্বাচিত প্রতিনিধিদ্বারা গঠিত সভা।

পঞ্চায়েতি /পন্‌চায়েতি/ [বা.] বি. পঞ্চায়েতের কাজ; পঞ্চায়েত প্রতিনিধির পদ। বিণ. পঞ্চায়েতবিষয়ক।

পঞ্চাল /পন্‌চাল্‌/ [স. √পঞ্চ্‌+আল] বি. গঙ্গা ও যমুনা নদীর সন্নিহিত প্রাচীন জনপদবিশেষ।

পঞ্চালিক /পন্‌চালিক্‌/ [স. পঞ্চালী+ক (স্বার্থে)] বি. শত্রুর গতিরোধের জন্য জলপূর্ণ পরিখায় রাখা লোহার ফলকযুক্ত কাঠের খন্ড।

পঞ্চালিকা /পন্‌চালিকা/ [স. পঞ্চালী+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ ধাতু কাঠ কাপড় প্রভৃতির তৈরি পুতুল। ২ বর্ণনামূলক কাব্য, পাঁচালি।

পঞ্চাশ /পন্‌চাশ্‌/ [স. পঞ্চাশৎ >] বি. ৫০ সংখ্যা। বিণ. ৫০ সংখ্যক।

পঞ্চাশৎ /পন্‌চাশত্‌/ [স. পঞ্চন্‌+দশন্‌] বি. ৫০ সংখ্যা। বিণ. ৫০ সংখ্যক (*গল্পপঞ্চাশৎ*)।

পঞ্চাশত্তম /পন্‌চাশত্‌তমো/ [স. পঞ্চাশৎ+তমট্‌] বিণ. ৫০ সংখ্যার পূরক; ৫০ স্থানীয়। স্ত্রী. পঞ্চাশত্তমী /পন্‌চাশত্‌তোমি/।

পঞ্চাশিকা /পন্‌চাশিকা/ [স. পঞ্চাশৎ+অক+আ (টাপ্‌)] বি. ৫০টি নির্বাচিত শ্লোকের সংকলন।

পঞ্চাশীতি /পন্‌চাশিতি/ [স. পঞ্চন্‌+অশীতি] বি. ৮৫ সংখ্যা। বিণ. ৮৫ সংখ্যক।

পঞ্চাশীতিতম /পন্‌চাশিতিতমো/ [স. পঞ্চন্‌+অশীতি+তমট্‌] বিণ ৮৫ সংখ্যক; ৮৫ স্থানীয়। স্ত্রী. পঞ্চাশীতিতমী /পন্‌চাশিতিতোমি/।

পঞ্চাস্য /পন্‌চাশ্‌শো/ [স. পঞ্চ+আস্য] বি. ১ পঞ্চমুখ। ২ পঞ্চানন, শিব। বিণ. পাঁচমুখবিশিষ্ট।

পঞ্চেন্দ্রিয় /পন্‌চেন্‌দ্রিয়ো/ [স. পঞ্চ+ইন্দ্রিয়] বি. ১ পাঁচটি জ্ঞানেন্দ্রিয় (চক্ষু কর্ণ নাসিকা জিহ্বা ও ত্বক)। ২ পাঁচটি কর্মেন্দ্রিয় (বাক পাণি পাদ পায়ু ও উপস্থ)।

পঞ্চোপচার /পন্‌চোপচার্‌/ [স. পঞ্চ+উপচার] বি. পূজার পাঁচ প্রকার উপকরণ (গন্ধ পুষ্প ধূপ দীপ ও নৈবেদ্য)।

পঞ্চোপাসক /পন্‌চোপাশক/ [স. পঞ্চ+উপাসক] বি. পাঁচ দেবতার উপাসক (শক্তি শিব সূর্য গণপতি ও বিষ্ণু)।

পঞ্জর /পন্‌জর্‌/ [স. √পঞ্জ্‌+অর] বি. ১ পাঁজরা, বুকের হাড়ের খাঁচা; কঙ্কাল। ২ পিঞ্জর।

পঞ্জরাস্থি /পন্‌জরাস্‌থি/ [স. পঞ্জর+অস্থি] বি. পাঁজরের অস্থি।

পঞ্জি /পোন্‌জি/ [স. √পঞ্চ্‌+ই] বি. ১ বিবরণী (*গ্রন্থপঞ্জি*)। ২ তিথি নক্ষত্র তারিখ প্রভৃতিজ্ঞাপক পুস্তক, পাঁজি।

পঞ্জিকা /পোন্‌জিকা/ [স. পঞ্জি+কন্‌+আ (টাপ্‌)] বি. তিথি নক্ষত্র তারিখ প্রভৃতিজ্ঞাপক পুস্তক, পাঁজি।

পট[১] /প:ট্‌/ [স. পটি+অ] বি. ১ কাপড়ের পর্দায় আঁকা যে দৃশ্যের সম্মুখে রঙ্গমঞ্চে অভিনয় করা হয় (*দৃশ্যপট*)। ২ যবনিকা। ৩ লোককাহিনি অবলম্বনে শিল্পীর আঁকা ছবি (*মনসার পট*)। ৪ ছবি আঁকার উপযুক্ত মোটা কাপড়, canvas।

পট[২] /পট্‌/ [ধ্বন্যা.] বি. মৃদু বিদারণ বা স্ফুটনের অনুকার শব্দ। অব্য. হঠাৎ; খুব তাড়াতাড়ি।

www.pathagar.com

পটকা[১] /পট্‌কা/ [ধ্বন্যা.] বি. ১ শব্দ করে ফাটে এমন আতশবাজি। ২ মাছের পেটের বায়ুকোষ।

পটকা[২] /পটকা/ [হি.] বিণ. অত্যন্ত শীর্ণ ও দুর্বল (*রোগাপটকা*)। ক্রিবি. ১ আছাড় দেওয়া। ২ আঘাত পেয়ে পড়ে যাওয়া। ৩ পরাস্ত হওয়া।

পটকানো /পট্‌কানো/ [বা.] ক্রিবি. ১ আছড়ানো; আছাড় দেওয়া; ভূপাতিত করা। ২ ঘায়েল করা।

পটপট /পট্‌পট্/ [ধ্বন্যা.] বি. ১ বারবার পট শব্দ। ২ বিরক্তিকর দ্রুতকথন। অব্য. দ্রুততার ভাব।

পটপটানো /পট্‌পটানো/ [ধ্বন্যা.] ক্রিবি. ১ অবিরত পটপট শব্দ করা। ২ বেশি কথা বলা; অনভিপ্রেত কথা বলা। বিণ. বাচাল।

পটপটি /পট্‌পোটি/ [ধ্বন্যা.] বি. ১ অত্যধিক শুচিবাই; অতিরিক্ত বাছবিচার। ২ আস্ফালন। ৩ পটপট আওয়াজ হয় এমন বাজিবিশেষ। ৪ বালকদের খেলনার বাদ্যযন্ত্রবিশেষ। ৫ মাছের ফুসফুস। ৬ ছোটো গাছ বা তার ফল। ৭ পাঁপড়।

পট পরিবর্তন /পট্ পরিবর্‌তোন্/ বি. ১ রঙ্গমঞ্চের দৃশ্যপট পরিবর্তন। ২ (আল.) ক্ষমতার দ্বন্দ্বে রাজনৈতিক পরিস্থিতির পরিবর্তন।

পটবাস /পটোবাশ্/ [স. পট+বাস] বি. ১ রঙ্গমঞ্চের দৃশ্যপট, যবনিকা। ২ সুবাসিত চূর্ণ। ৩ পিটুলি। ৪ কাপড়ের ঘর, তাঁবু। ৫ পাটের কাপড়।

পটভূমি /পটোভূমি/ [স. পট+ভূমি] বি. ১ পশ্চাদ্‌ভূমি। ২ যে দৃশ্যপটের সামনে অভিনয় করা হয়। ৩ পারিপার্শ্বিকতা।

পটভূমিকা /পটোভূমিকা/ [স. পট+ভূমি+কন্+আ (টাপ্)] বি. দ্র পটভূমি।

পটমঞ্জরি /পটোমন্‌জোরি/ [স. পট+মঞ্জরি] বি. সংগীতের রাগিণীবিশেষ।

পটমণ্ডপ /পটোমন্‌ডোপ্/ [স. পট+মন্ডপ] বি. ১ শামিয়ানা দিয়ে আচ্ছাদিত মণ্ডপবিশেষ। ২ তাঁবু, বস্ত্রগৃহ।

পটল /পটোল্/ [স. √পট্+অল] বি. ১ পরিচ্ছেদ; অধ্যায়। ২ বিভাগ; অংশ। ৩ সমূহ, রাশি (*নব জলধরপটল*)। ৪ ছাদ; চাঁদোয়া। ৫ চোখের ছানি।

পটশিল্পী /পটোশিল্‌পি/ [স. পটশিল্প+ইন্] বি. দৃশ্যপট আঁকা যার পেশা।

পটস্থ /পটোস্‌থো/ [স. পট+√স্থা+অ] বিণ. পটে আঁকা হয়েছে এমন।

পটহ /পটোহো/ [স. পটৎ+√হা+অ] বি. ১ রণবাদ্য-বিশেষ; জয়ঢাক। ২ কানের ভেতরের ঝিল্লি।

পটা /পটা/ [হি.] ক্রিবি. ১ খাপ খাওয়া। ২ রাজি হওয়া। ৩ ঘনিষ্ঠ হওয়া।

পটানো /পটানো/ [বা.] ক্রিবি. বশীভূত করা।

পটাপট /পটাপট্/ [ধ্বন্যা.] ক্রিবিণ. চট করে, খুব তাড়াতাড়ি, সময় নষ্ট না করে।

পটাবাস /পটাবাশ্/ [স. পট+আবাস] বি. দ্র পটবাস।

পটাম্বর /পটাম্‌বর্/ [স. পট+অম্বর] বি. পট্টবস্ত্র; রেশমি কাপড়।

পটাশ /পটাশ্/ [ওল.] বি. পটাশিয়ামের যৌগবিশেষ, potassium compound।

পটাস /পটাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. হঠাৎ পট শব্দ।

পটাস পটাস/পটাশ্ পটাশ্/ অব্য. বি. বারবার পটাস শব্দ।

পাঁটি[১] /পোটি/ [স. √পট্+ই] বি. দ্র পট্টি[১]।

পাটি[২] /পোটি/ [স. পঙ্‌ক্তি >] বি. দ্র পট্টি[২]।

পাটিমা /পোটিমা/ [স. পটু+ইমন্] বি. পটুতা, দক্ষতা।

পটীয়ান /পোটিআন্/ [স. পটু+ঈয়স্] বিণ. ১ অত্যন্ত পটু, সুদক্ষ। ২ দুইয়ের মধ্যে অধিকতর পটু বা দক্ষ। স্ত্রী. পটীয়সী /পোটিয়োশি/।

পটু /পোটু/ [স. √পাটি+উ] বিণ. ১ নিপুণ, দক্ষ। ২ চতুর; পারদর্শী। ৩ সমর্থ, পারগ। বি. ~তা /-তা/।

পটুত্ব /পোটুত্‌তো/ [স. পটু+ত্ব] বি. ১ দক্ষতা, পারদর্শিতা, নিপুণতা। ২ সামর্থ্য, সক্ষমতা।

পটুয়া /পোটুআ/ [স. পটকার >] বি. ১ চিত্রকর (*পটুয়া কামরুল হাসান*)। ২ পাটের সুতো দিয়ে শিকা ঘুনসি প্রভৃতি তৈরি করা যার পেশা।

পটোল /পটোল্/ [স. √পট্+ওল] বি. ভারতীয় উপমহাদেশে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন একলিঙ্গ সাদা ফুল ও দীর্ঘায়ত মসৃণ সবুজাভ ফল (যা সবজিরূপে রেঁধে খাওয়া হয়) বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ (আনি. এশিয়া), পাদ্ডুফল, রাজফল।

পটোলচেরা /পটোল্‌চেরা/ [স. পটোল >] বিণ. লম্বা-লম্বিভাবে দ্বিখণ্ডিত-করা কচি পটোলের আকৃতি-বিশিষ্ট (*পটোলচেরা চোখ*)।

পটোল তোলা /পটোল্ তোলা/ ক্রিবি. (একবার ফলনের পর পটোললতা মরে যায় বলে ব্যঙ্গে) মৃত্যুবরণ করা, বিলুপ্ত হওয়া।

পট্ট /পট্‌টো/ [স. √পট্+ত] বি. ১ ফলক (*তাম্রপট্ট*)। ২ রাজকীয় সনদ। ৩ পাট, রেশম (*পট্টবস্ত্র*)। ৪ পটি। ৫ উষ্ণীষ। ৬ চাদর। ৭ পল্লি। ৮ নগর। ৯ সিংহাসন। ১০ পিঁড়ি।

পট্টজাত /পট্‌টোজাতো/ [স. পট্ট+√জন্+ত] বিণ. পাটের তৈরি। বি. পাটের কাপড়; রেশমি কাপড়।

পট্টদেবী /পট্‌টোদেবি/ [স. পট্টদেব+ঈ] বি. পাটরানি,

www.pathagar.com

প্রধান মহিষী, সিংহাসনে বসার অধিকারপ্রাপ্ত মহিষী।

পট্টন/পট্টোন্/[স. √পট্+তন] বি. ১ নগর। ২ বন্দর।

পট্টনায়ক /পট্টোনায়োক্/ [স. পট্ট+নায়ক] বি. ১ প্রধান নেতা বা নায়ক। ২ পদবিবিশেষ।

পট্টবস্ত্র /পট্টোবস্ত্রো/ [স. পট্ট+√বস্+ত্র] বি. মাঙ্গলিক অনুষ্ঠানে পরিধেয় পাট বা রেশমের কাপড়বিশেষ; গরদ; তসর।

পট্টমহিষী /পট্টোমোহিশি/ [স. পট্ট+মহিষী] বি. দ্র পট্টদেবী।

পট্টাবাস/পট্টাবাশ্/ [স. পট্ট+বাস] বি. ১ রঙ্গমঞ্চের দৃশ্যপট, যবনিকা। ২ সুবাসিত চূর্ণ। ৩ পিটুলি। ৪ কাপড়ের ঘর, তাঁবু। ৫ পাটের কাপড়।

পট্টি[১] /পোট্টি/ [স. পট্ট >] বি. কাপড়ের ছোটো ফালি (*জলপট্টি*); দেহের ক্ষতস্থান আবৃত রাখার জন্য ব্যবহৃত কাপড়ের লম্বা ফালি, bandage।

পট্টি[২] /পোট্টি/ [স. পঙ্‌ক্তি >] বি. সারিবদ্ধভাবে একই পণ্যের অনেক দোকান আছে এমন অঞ্চল-ভাগ (*শাঁখারিপট্টি*)।

পট্টি[৩] /পোট্টি/ [দেশি.] বি. ধাপ্পা, ফাঁকি।

পট্টিবাজ /পোট্টিবাজ্/ [দেশি. পট্টি+ফা. বাজ] বিণ. ধাপ্পাবাজ।

পট্টিশ /পোট্টিশ্/ [দেশি.] বি. ১ প্রাচীন যুদ্ধাস্ত্র-বিশেষ। ২ (বাংলায়) বাদ্যবিশেষ।

পট্টু /পোট্টু/ [স. পট্ট >] বি. পশমি কাপড়বিশেষ।

পঠদ্দশা /পঠোদ্‌দশা/ [স. পঠৎ+দশা] বি. ছাত্রজীবন।

পঠন /পঠোন্/ [স. √পঠ্+অন] বি. ১ অধ্যয়ন, অনুশীলন। ২ আবৃত্তি।

পঠনপাঠন /পঠোন্‌পাঠোন্/ [স. পঠন+√পাঠি+অন] বি. অধ্যয়ন ও অধ্যাপন।

পঠনশীল /পঠোন্‌শিল্/ [স. পঠন+শীল] বিণ. পাঠরত।

পঠনীয় /পঠোনিয়ো/ [স. √পঠ্+অনীয়] বিণ. পাঠ্য, পাঠ করতে হবে এমন; পাঠোপযোগী।

পঠিত /পোঠিতো/ [স. √পঠ্+ত] বিণ. পাঠ করা হয়েছে এমন, অধীত।

পঠিতব্য /পোঠিতোব্‌বো/ [স. √পঠ্+তব্য] বিণ. পড়তে হবে এমন, পঠনীয় (*পঠিতব্য বিষয়*)।

পঠ্যমান /পোট্‌ঠোমান্/ [স. √পঠ্+মান (শানচ্)] বিণ. পঠিত হচ্ছে এমন।

পড়তা /পড়তা/ [হি.] বি. ১ পণ্যদ্রব্যের উৎপাদন বা সংগ্রহমূল্য (*পড়তায় পোষানো*)। ২ বনিবনা (*পড়তার অভাব*)। ৩ লাভের ভাগ। ৪ সৌভাগ্য। ৫ গড় হিসাবে প্রাপ্ত সংখ্যা, average (*গড়পড়তা*)। ৬ পাশা খেলায় ক্রমাগত জয়ের দান।

পড়তি /পোড়তি/ [হি.] বি. অবনতি। বিণ. শেষ হয়ে আসছে এমন (*পড়তি বেলা*)।

পড়ন /পড়োন্/ [বা.] বি. পতন।

পড়ন্ত /পড়োন্‌তো/ [বা.] বিণ. ১ পড়ে যাচ্ছে এমন, পতনোন্মুখ (*পড়ন্ত খ্যাতি*)। ২ শেষ হয়ে আসছে এমন (*পড়ন্ত বেলা*)।

পড়পড় /পড়পড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. কাপড় ছেঁড়ার অনুকার শব্দ।

পড়শি /পড়োশি/ [স. প্রতিবেশ >] বি. প্রতিবেশী।

পড়া[১] /পড়া/ [বা.] ক্রিবি. ১ পতিত হওয়া (*গাছ থেকে পড়া*)। ২ স্মরণ হওয়া (*মনে পড়া*)। ৩ অধ্যয়ন বা আবৃত্তি করা (*কবিতা পড়া*)। ৪ উপাসনা করা (*নামাজ পড়া*)। ৫ আবদ্ধ হওয়া (*জালে মাছ পড়া*)। ৬ শরীর এলিয়ে দেওয়া (*শুয়ে পড়া*)। ৭ ধরা, লাগা (*মরচে পড়া*)। ৮ আক্রান্ত হওয়া (*অসুখে পড়া*)। ৯ আরম্ভ হওয়া (*শীত পড়া*)। ১০ ঝরা (*পাতা পড়া*)। ১১ গোচরে আসা (*চোখে পড়া*)। ১২ মূল্য হ্রাস পাওয়া (*দাম পড়া*)। ১৩ বিপদগ্রস্ত হওয়া (*বিপদে পড়া*)। ১৪ নত হওয়া (*পায়ে পড়া*)। ১৫ উৎপাটিত হওয়া (*চুল পড়া*)। ১৬ পশ্চাৎপদ হওয়া (*পিছিয়ে পড়া*)। ১৭ ব্যয় হওয়া (*খরচ পড়া*)। ১৮ শান্ত হওয়া (*রাগ পড়া*)। ১৯ সৃষ্ট হওয়া (*টাক পড়া*)। ২০ আছাড় খাওয়া (*পিছলে পড়া*)। ২১ বিগলিত হওয়া (*গলে পড়া*)। ২২ অনিষ্পন্ন থাকা (*বাকি পড়া*)। ২৩ অবসান হওয়া (*বেলা পড়া*)। ২৪ বিস্মিত হওয়া (*আকাশ থেকে পড়া*)। ২৫ আকৃষ্ট বোধ করা (*প্রেমে পড়া*)। ২৬ ঢলা (*গায়ে পড়া*)। ২৭ বিধ্বস্ত হওয়া (*ভেঙে পড়া*)। ২৮ ক্ষতির সম্মুখীন হওয়া (*বসে পড়া*)। ২৯ খিদে মেটা (*পেটে কিছু পড়া*)। ৩০ ক্ষরিত হওয়া (*রক্ত পড়া*)। ৩১ অন্যের অগোচরে চম্পট দেওয়া (*কেটে পড়া*)। বিণ. পঠিত (*পড়া বই*)।

পড়া ধরা /পড়া ধরা/ ক্রিবি. নির্দিষ্ট পাঠ ঠিকমতো শেখা হয়েছে কিনা তা যাচাই করা।

পড়া নেওয়া /পড়া নেওআ/ ক্রিবি. দ্র পড়া ধরা।

পড়ানো/পড়ানো/[বা.] ক্রিবি. ১ শিক্ষকতা করা (*ছাত্র পড়ানো*)। ২ আবৃত্তি করানো (*মন্ত্র পড়ানো*)।

পড়াশুনা /পড়াশুনা/ [বা.] বি. 'পড়াশোনা'-র সাধু রূপ।

পড়াশোনা /পড়াশোনা/ [বা.] বি. ১ পাঠাভ্যাস;

www.pathagar.com

অধ্যয়ন। ২ বিদ্যাশিক্ষা, লেখাপড়া।

পড়িয়ান /পড়িআন/ [বা.] বি. কাপড়ের প্রস্থের দিকের সুতা।

পড়ুয়া /পোড়ুআ/ [বা.] বি. যে পাঠ করে, ছাত্র। বিণ. নিয়মিত পড়াশোনা করে এমন (*পড়ুয়া ছেলে*)।

পড়েন[১] /পোড়েন্/ [বা.] বি. দ্র পড়িয়ান।

পড়েন[২] /পড়েন্/ [স. পরিমাণ >] বি. ওজন করার বাটখারা।

পড়ো /পোড়ো/ [বা.] বিণ. ১ পতিত; অকর্ষিত; পড়ে আছে এমন (*পড়ো জমি*)। ২ অব্যবহৃত; জনশূন্য (*পড়োবাড়ি*)।

পড়ো-পড়ো /পড়োপড়ো/ [বা.] বিণ. পতনোন্মুখ, পতন আসন্ন এমন (*মাথার উপরে বাড়ি পড়ো-পড়ো* রবীন্দ্র.)।

পণ /পন্/ [স. √পণ্+অ] বি. ১ অঙ্গীকার, দৃঢ় সংকল্প। ২ শর্ত (*ধনুকভাঙা পণ*)। ৩ বিবাহে কন্যাপক্ষের কাছে বরপক্ষের অবৈধ দাবি, যৌতুক।

পণকিয়া /পন্‌কিআ/ [বা.] বি. (গ.) অধুনালুপ্ত গণনাপদ্ধতিবিশেষ।

পণন /পনোন্/ [স. √পণ্+অন] বি. বিনিময়, বিক্রয় (*বিপণন*)।

পণপ্রথা /পন্‌প্রোথা/ [স. পণ+প্রথা] বি. বিবাহে বরপক্ষকে যৌতুক প্রদানের অবৈধ প্রথা।

পণব /পনোব্/ [স. √পণ্+অ] বি. ঢোলসদৃশ প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ (*পণবনিনাদ*)।

পণবদধ /পন্‌বদ্‌ধো/ [স. পণ+√বন্ধ্+ত] বিণ. প্রতিজ্ঞায় আবদ্ধ, অঙ্গীকারবদ্ধ।

পণরক্ষা /পন্‌রোক্‌খা/ [স. পণ+রক্ষা] বি. অঙ্গীকার পালন।

পণিত /পোনিতো/ [স. √পণ্+ত] বিণ. ১ ক্রীত। ২ বিক্রীত। ৩ বিনিময় করা হয়েছে এমন।

পণিতা /পোনিতা/ [স. √পণ্+তৃ] বিণ. ১ ক্রেতা। ২ বিক্রেতা।

পণ্ড /পন্‌ডো/ [স. √পণ্ড্+অ] বিণ. ১ বৃথা, নিষ্ফল, ব্যর্থ (*পণ্ডশ্রম*)। ২ ভন্ডুল (*কাজ পণ্ড করা*)।

পণ্ডশ্রম /পন্‌ডোস্‌শ্রোম্/ [স. পণ্ড+শ্রম] বি. ব্যর্থ পরিশ্রম, বৃথা শ্রম।

পণ্ডিত /পোন্‌ডিত্/ [স. পণ্ডা+ইত] বিণ. ১ বিদ্বান, বিজ্ঞ। ২ শাস্ত্রজ্ঞ। ৩ ভাষাবিশারদ। বি. ১ সংস্কৃত ভাষার শিক্ষক। ২ ব্রাহ্মণের উপাধি।

পণ্ডিতমানী /পোন্‌ডিত্‌মানি/ [স. পণ্ডিত+√মন্+ইন্] বিণ. পণ্ডিত না হয়েও নিজেকে পণ্ডিত মনে করে এমন।

পণ্ডিতমূর্খ /পোন্‌ডিত্‌মুরখো/ [স. পণ্ডিত+মূর্খ] বিণ. পাণ্ডিত্য থাকা সত্ত্বেও ব্যাবহারিক জ্ঞানশূন্য; বিদ্বান হয়েও নির্বোধ।

পণ্ডিতম্মন্য /পোন্‌ডিতোম্‌মোন্‌নো/ [স. পণ্ডিত+√মন্+য] বিণ. দ্র পণ্ডিতমানী। বি. -তা/-তা/।

পণ্ডিতাভিমানী /পোন্‌ডিতাভিমানি/ [স. পণ্ডিত+অভিমানী] বিণ. দ্র পণ্ডিতমানী।

পণ্ডিতি /পোন্‌ডিতি/ [স. পণ্ডিত >] বি. ১ পণ্ডিতের কাজ বা বৃত্তি। ২ (ব্য.) পাণ্ডিত্য (*পণ্ডিতি ফলানো*)।

পণ্য /পোন্‌নো/ [স. √পণ্+য] বি. ১ বিক্রেয় দ্রব্য, বেসাত। ২ মূল্য। ৩ মাশুল। বিণ. বিক্রেয় (*পণ্য-দ্রব্য*)।

পণ্যজীব /পোন্‌নোজিব্/ [স. পণ্য+জীব] বিণ. বি. দ্র পণ্যজীবী।

পণ্যজীবী /পোন্‌নোজিবি/ [স. পণ্যজীব+ইন্] বিণ. বণিক, ব্যবসায়ী; দোকানদার। বি. সওদাগর।

পণ্যদ্রব্য /পোন্‌নোদ্রোব্‌বো/ [স. পণ্য+দ্রব্য] বি. বিক্রেয় সামগ্রী।

পণ্যবাহী /পোন্‌নোবাহি/ [স. পণ্য+√বহ্+ইন্] বিণ. পণ্যদ্রব্য বহনকারী (*পণ্যবাহী জাহাজ*)।

পণ্যবিনিময় /পোন্‌নোবিনিময়/ [স. পণ্য+বিনিময়] বি. দুটি দেশের মধ্যে ক্ষেত্রবিশেষে নগদ অর্থের পরিবর্তে বাণিজ্যিকভিত্তিতে পণ্যদ্রব্য বিনিময়, দ্রব্যবিনিময়, barter।

পণ্যবীথি /পোন্‌নোবিথি/ [স. পণ্য+√বীথ্+ই] বি. ১ শ্রেণিবদ্ধ দোকান। ২ বাজার; হাট।

পণ্যবীথিকা /পোন্‌নোবিথিকা/ [স. পণ্যবীথি+কন্+আ (টাপ্)] বি. দ্র পণ্যবীথি।

পণ্যশালা /পোন্‌নোশালা/ [স. পণ্য+শালা] বি. ১ পণ্য ক্রয়বিক্রয়ের স্থান; দোকান; বাজার; হাট; গঞ্জ। ২ পণ্যদ্রব্যের উৎপাদনকেন্দ্র।

পণ্যস্ত্রী /পোন্‌নোস্ত্রি/ [স. পণ্য+√স্ত্যৈ+র+ঈ] বি. যৌনকর্মী।

পণ্যাঙ্গনা /পোন্‌নাংগনা/ [স. পণ্য+অঙ্গনা] বি. দ্র পণ্যস্ত্রী।

পণ্যাজীব /পোন্‌নাজিব্/ [স. পণ্য+জীব] বিণ. বণিক; দোকানদার। বি. সওদাগর।

পতগ /পতোগো/ [স. পত+√গম্+অ] বিণ. উড়তে পারে এমন। বি. ১ পাখি। ২ পতঙ্গ।

পতঙ্গ /পতংগো/ [স. পত+√গম্+অ] বি. ১ পত বা পাখার সাহায্যে উড়তে পারে এমন ছয় পা-বিশিষ্ট কীট, insect। ২ সূর্য। ৩ বিহঙ্গ। ৪ বাণ, শর।

www.pathagar.com

পতঙ্গাবৃত্তি /পতংগোবৃত্তি/ [স. পতঙ্গ+√বৃৎ+তি] বি. ১ আলোর প্রতি আকৃষ্ট হয়ে কীটপতঙ্গের আগুনে ঝাঁপ দেওয়ার প্রবণতা। ২ (আল.) মোহাবিষ্ট হয়ে আত্মবিনাশের প্রবণতা।

পতঞ্জলি /পতোনজোলি/ [স. পতন্+অঞ্জলি] বি. পাণিনিসূত্রের ভাষ্যকার ও ঋষিবিশেষ।

পতৎ /পতোত্/ [স. √পত্+অৎ] বিণ. পতনশীল, পড়ছে এমন।

পতত্র /পতোত্ত্রো/ [স. পতৎ+√ত্রৈ+অ] বি. পাখির ডানা।

পতত্রি /পতোত্ত্রি/ [স. √পত্+অত্রি] বি. ১ পাখি। ২ বাণ। ৩ অশ্ব।

পতত্রিরাজ /পতোত্ত্রিরাজ্/ [স. পতত্রি+রাজ] বি. পক্ষীরাজ, গরুড়।

পতন /পতোন/ [স. √পত্+অন] বি. ১ অবনতি; বিচ্যুতি (*গাছ থেকে পতন*)। ২ অধোগতি; স্খলন (*নৈতিক পতন*)। ৩ ধ্বংস (*সাম্রাজ্যের পতন*)। ৪ শত্রুপক্ষের অধিকারে গমন (*দুর্গের পতন*)। ৫ মহান ব্যক্তির মৃত্যু (*ইন্দ্রপতন*)। ৬ মূল্য হ্রাস (*দরপতন*)।

পতনশীল /পতোন্‌শিল্/ [স. পতন+শীল] বিণ. পড়ছে এমন।

পতনীয় /পতোনিয়ো/ [স. √পত্+অনীয়] বিণ. পতনযোগ্য।

পতনোন্মুখ /পতোনোন্মুখ্/ [স. পতন+উন্মুখ] বিণ. পড়ে যাওয়ার উপক্রম হয়েছে এমন।

পতপত /পতপত্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বাতাসে পতাকা ওড়ার অনুকার শব্দ। ২ ওড়ার সময়ে পাখির ডানা ঝাপটানোর শব্দ।

পতর /পতোর/ [স. পত্র >] বি. লোহা পেতল প্রভৃতি ধাতুর পাতলা ও সরু পাত।

পতাকা /পতাকা/ [স. √পত্+আক+আ (টাপ্)] বি. ১ নিশান, ধ্বজা, কেতন (*দয়া ও দাবীতে দৃঢ় দীপ্তবর্ণ পতাকা আমার;* মাহমুদ.)। ২ চিহ্ন।

পতাকিনী /পতাকিনি/ [স. পতাকা+ইন্+ঈ] বিণ. পতাকাধারিণী।

পতাকী /পতাকি/ [স. পতাকা+ইন্] বি. নবজাতকের শুভাশুভ নিরূপণের কল্পিত জ্যোতিষচক্র। বিণ. পতাকাধারী।

পতি /পোতি/ [স. √পা+অতি] বি. ১ স্বামী। ২ পালক; রক্ষক। ৩ অধীশ্বর; শাসক। ৪ পরিচালক (*সভাপতি*)।

পতিংবরা /পোতিংবরা/ [স. পতি+√বৃ+অ+আ (টাপ্)] বি. যে কন্যা স্বেচ্ছায় আমন্ত্রিত পাণিপ্রার্থীদের মধ্য থেকে পাত্র নির্বাচন করে, স্বয়ংবরা।

পতিঘাতিনী /পোতিঘাতিনি/ [স. পতি+√হন্+ইন্+ঈ] বিণ. স্বামীর হত্যাকারিণী।

পতিত /পোতিতো/ [স. √পত্+ত] বিণ. ১ চ্যুত (*ভূপতিত*)। ২ ভ্রষ্ট, স্খলিত। ৩ নিম্নগত। ৪ অনাবাদি (*পতিত জমি*)। ৫ দুর্দশাপ্রাপ্ত। ৬ পাপী। ৭ উপস্থিত (*দৃষ্টিপথে পতিত*)।

পতিতপাবন /পোতিতোপাবোন্/ [স. পতিত+পাবন] বি. বিণ. পাপীর ত্রাণকর্তা। স্ত্রী. পতিত-পাবনী /পোতিতোপাবোনি/।

পতিতা /পোতিতা/ [স. √পত্+ত+আ (টাপ্)] বি. যৌনকর্মী। বিণ. ভ্রষ্টা।

পতিতাবৃত্তি /পোতিতাবৃত্তি/ [স. পতিতা+বৃত্তি] বি. যৌনকর্মীর বৃত্তি।

পতিতালয় /পোতিতালয়্/ [স. পতিতা+আলয়] বি. গণিকালয়।

পতিত্ব /পোতিত্তো/ [স. পতি+ত্ব] বি. পতির দায়িত্ব, স্বামিত্ব।

পতিপরায়ণা /পোতিপরায়োনা/ [স. পতি+পরায়ণা] বিণ. পতির প্রতি বিশেষভাবে অনুরক্তা।

পতিপ্রাণা /পোতিপ্রানা/ [স. পতিপ্রাণ+আ (টাপ্)] বিণ. পতিকে নিজের প্রাণস্বরূপ জ্ঞান করে এমন, পতিব্রতা।

পতিবত্নী /পোতিবোত্নি/ [স. পতি+বৎ+ঈ] বিণ. পতি জীবিত আছে এমন, সধবা।

পতিবরা /পোতিবরা/ [স. পতি+বরা] বি. যে স্বামী নিজে পত্নী নির্বাচন করে।

পতিব্রতা /পোতিব্রোতা/ [স. পতি+ব্রত+আ (টাপ্)] বিণ. দ্র পতিপরায়ণা।

পতিমতী /পোতিমোতি/ [স. পতিমৎ+ঈ] বিণ. পতি জীবিত আছে এমন, সধবা।

পতিসেবা /পোতিশেবা/ [স. পতি+সেবা] বি. স্বামীর পরিচর্যা।

পতিহীনা /পোতিহিনা/ [স. পতি+√হা+ত+আ (টাপ্)] বিণ. স্বামী জীবিত নেই এমন, বিধবা।

পত্তন /পত্তোন্/ [স. √পত্+তন] বি. ১ নগর; বন্দর। ২ উপনিবেশ। ৩ ভিত্তিভূমি। ৪ সূত্রপাত (*গোড়াপত্তন*)। ৫ সন্নিবেশ। ৬ দৈর্ঘ্য বা বহর। ৭ নির্দিষ্ট মেয়াদে খাজনা প্রদানের শর্তে জমিদারের নিকট থেকে প্রাপ্ত ভূমিস্বত্ব। ৮ (বাংলায়) নির্মাণ; প্রতিষ্ঠা।

পত্তনদার /পত্তোনদার্/ [স. পত্তন+ফা. দার] বি.

www.pathagar.com

যে পত্তন গ্রহণ করে।

পত্তনি /পত্‌তোনি/ [হি.] বি. যে ভূসম্পত্তি নির্দিষ্ট মেয়াদ বা খাজনার শর্তে পত্তন নেওয়া হয়েছে। বিণ. ভোগদখলের জন্য নির্দিষ্ট মেয়াদ ও খাজনার শর্তে গৃহীত (*পত্তনি জমি*)।

পত্তনিদার /পত্‌তোনিদার্‌/ [হি. পত্তনি+ফা. দার] বি. বিণ. ভূসম্পত্তির পত্তন গ্রহণকারী।

পত্তর /পত্‌তোর্‌/ [স. পত্র >] বি. 'পত্র'-র আঞ্চলিক ও বিকৃত রূপ (চিঠিপত্তর)।

পত্তি /পোত্‌তি/ [স. √পদ্‌+তি] বি. পদাতিক সৈন্য।

পত্নী /পোত্‌নি/ [স. পতি+ঈ] বি. জায়া, ভার্যা, স্ত্রী।

পত্নীপ্রেম /পোত্‌নিপ্রেম্‌/ [স. পত্নী+প্রেম] বি. স্ত্রীর প্রতি স্নেহ ও ভালোবাসা।

পত্নীবৎসল /পোত্‌নিবত্‌শল্‌/ [স. পত্নী+বৎসল] বিণ. স্ত্রীর প্রতি একান্ত অনুরক্ত।

পত্নীবিয়োগ /পোত্‌নিবিয়োগ্‌/ [স. পত্নী+বিয়োগ] বি. পত্নীর মৃত্যু, স্ত্রীবিয়োগ।

পত্র /পত্‌ত্রো/ [স. √পত্‌+ত্র] বি. ১ গাছের পাতা; বইয়ের পাতা (*পত্রসূচি*)। ২ চিঠি, লিপি (*স্ত্রীর পত্র*)। ৩ পাত; ফলক (*তাম্রপত্র*)। ৪ পাখির ডানা (*পত্ররথ*)। ৫ দলিল (*বায়নাপত্র*)। ৬ ছাপা কাগজ (*সংবাদপত্র*)। ৭ সমূহ, প্রভৃতি (*জিনিসপত্র*)। ৮ (বাংলায়) বিবাহবিষয়ে চূড়ান্ত কথাবার্তার লিখিত ফর্দ।

পত্র করা /পত্‌ত্রো করা/ ক্রিবি. লিখিতভাবে বিয়ের সম্বন্ধ পাকা করা।

পত্রপাঠ /পত্‌ত্রোপাঠ্‌/ [স. পত্র+পাঠ] বি. চিঠি পড়ার কাজ। ক্রিবিণ. পত্র পড়ামাত্র; অবিলম্বে বা তৎক্ষণাৎ (*পত্রপাঠ বিদায়*)।

পত্রপুট /পত্‌ত্রোপুট্‌/ [স. পত্র+পুট] বি. গাছের পাতার তৈরি ঠোঙা।

পত্রপুষ্প /পত্‌ত্রোপুশ্‌পো/ [স. পত্র+√পুষ্প্‌+অ] বি. রক্ততুলসী।

পত্রবন্ধু /পত্‌ত্রোবোন্‌ধু/ [স. পত্র+√বন্ধ্‌+উ] বি. দ্র পত্রমিতা।

পত্রবাহ /পত্‌ত্রোবাহো/ [স. পত্র+বাহ] বিণ. বি. দ্র পত্রবাহক।

পত্রবাহক /পত্‌ত্রোবাহক্‌/ [স. পত্র+বাহক] বিণ. বি. চিঠিপত্রের বাহক; ডাকহরকরা।

পত্রবিনিময় /পত্‌ত্রোবিনিময়্‌/ [স. পত্র+বিনিময়] বি. চিঠির আদান-প্রদান।

পত্রব্যবহার /পত্‌ত্রোব্যাবোহার্‌/ [স. পত্র+ব্যবহার] বি. দ্র পত্রবিনিময়।

পত্রভঙ্গ /পত্‌ত্রোভংগো/ [স. পত্র+√ভন্‌জ্‌+অ] বি. দেহের শোভা বর্ধনের উদ্দেশ্যে অঙ্গে চিত্ররচনা, অলকাতিলকা।

পত্রমঞ্জরি /পত্‌ত্রোমন্‌জোরি/ [স. পত্র+মঞ্জরি] বি. ১ পাতার অগ্রভাগসদৃশ তিলক রচনা। ২ পত্রাদির অগ্রভাগ।

পত্রমিতা /পত্‌ত্রোমিতা/ [স. পত্র+বা. মিতা] বি. যার সঙ্গে পত্রবিনিময়সূত্রে বন্ধুত্ব হয়েছে, পত্রবন্ধু, penfriend।

পত্রমিতালি /পত্‌ত্রোমিতালি/ [স. পত্র+বা. মিতালি] বি. পত্রবিনিময়ের সূত্রে স্থাপিত বন্ধুত্ব।

পত্রমুদ্রা /পত্‌ত্রোমুদ্‌দ্রা/ [স. পত্র+√মুদ্‌+র+আ (টাপ্‌)] বি. কাগজের মুদ্রা, নোট।

পত্রমোচী /পত্‌ত্রোমোচি/ [স. পত্র+√মুচ্‌+ইন্‌] বিণ. (যে সব বৃক্ষের) শরৎ বা হেমন্তকালে পাতা ঝরে পড়তে আরম্ভ করে এবং শীতকালে পত্রহীন হয়ে পড়ে এমন, পাতাঝরা, পর্ণমোচী, deciduous।

পত্ররথ /পত্‌ত্রোরথ/ [স. পত্র+রথ] বি. পত্র যার রথ, পাখি।

পত্ররেখা /পত্‌ত্রোরেখা/ [স. পত্র+রেখা] বি. দ্র পত্রভঙ্গ।

পত্র লেখা[১] /পত্‌ত্রো লেখা/ ক্রিবি. চিঠি লেখা।

পত্রলেখা[২] /পত্‌ত্রোলেখা/ [স. পত্র+লেখা] বি. দ্র পত্রভঙ্গ।

পত্রশ্রেষ্ঠ /পত্‌ত্রোস্রেশ্‌ঠো/ [স. পত্র+শ্রেষ্ঠ] বি. বেলগাছ।

পত্রসূচি /পত্‌ত্রোশুচি/ [স. পত্র+সূচি] বি. ১ বইয়ের পৃষ্ঠার সংখ্যানির্দেশক সূচি। ২ কাঁটা।

পত্রহরিৎ /পত্‌ত্রোহোরিত্‌/ [স. পত্র+হরিৎ] বি. উদ্ভিদের ম্যাগনেসিয়াম সমৃদ্ধ সবুজ রং যা সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় সূর্যের আলোকশক্তি শুষে নেয়, ক্লোরোফিল, chlorophyll।

পত্রাঘাত করা /পত্‌ত্রাঘাত্‌ করা/ ক্রিবি. চিঠি লেখা।

পত্রাঙ্ক /পত্‌ত্রাংকো/ [স. পত্র+অঙ্ক] বি. পুস্তক নথি প্রভৃতির পৃষ্ঠার ক্রমসূচক সংখ্যা।

পত্রাবলি /পত্‌ত্রাবোলি/ [স. পত্র+আবলি] বি. ১ পত্রসমূহ; পত্রশ্রেণি। ২ চিঠিপত্রের সমষ্টি। ৩ পত্র-লেখা; অলকাতিলকা; নারীর বক্ষ কপোল ও হাতে আঁকা চিত্রসমূহ।

পত্রালাপ /পত্‌ত্রালাপ্‌/ [স. পত্র+আলাপ] বি. চিঠি-পত্রের আদান-প্রদান।

পত্রালি /পত্‌ত্রালি/ [স. পত্র+আলি] বি. দ্র পত্রাবলি।

পত্রালিকা /পত্‌ত্রালিকা/ [স. পত্রালি+কন্‌+আ (টাপ্‌)]

www.pathagar.com

বি. ১ গোপন পত্র; চিরকুট। ২ ক্ষুদ্র পত্র (*কুঞ্জদ্বারে বনমল্লিকা সেজেছে পরিয়া নব পত্রালিকা*, রবীন্দ্র.)।

পত্রিকা /পোত্‌ত্রিকা/ [স. পত্র+কন্+আ (টাপ্)] বি. ১ সংবাদপত্র (*দৈনিক পত্রিকা*)। ২ হাতে লেখা কাগজ (*দেওয়ালপত্রিকা*)। ৩ (শিশু ভূমিষ্ঠ হওয়ার মুহূর্তে) গ্রহনক্ষত্রের অবস্থানের বিবরণ-সংবলিত দলিল (*জন্মপত্রিকা*)। ৪ পাতা।

পত্রী[১] /পোত্‌ত্রি/ [স. পত্র+ইন্] বিণ. পত্রবিশিষ্ট (*দ্বিবীজপত্রী*)। বি. ১ পাখি। ২ গাছ। ৩ পর্বত। ৪ বাণ।

পত্রী[২] /পোত্‌ত্রি/ [স. পত্র+ঈ] বি. ১ চিঠিপত্র। ২ পত্রিকা। ৩ পদবিবিশেষ।

পত্রোত্তর /পত্‌ত্রোত্‌তর্/ [স. পত্র+উত্তর] বি. চিঠির জবাব।

পত্রোদ্‌গম /পত্‌ত্রোদ্‌গম্/ [স. পত্র+উদ্‌গম] বি. অঙ্কুর থেকে নতুন পাতার উদ্ভব।

পথ /পথ্/ [স. √পথ্+অ] বি. ১ রাস্তা, মার্গ (*রাজপথ*)। ২ উপায় (*সাধনার পথ*)। ৩ কৌশল (*মুক্তির পথ*)। ৪ রন্ধ্র, দ্বার (*প্রবেশপথ*)। ৫ অভিমুখ (*ধ্বংসের পথ*)। ৬ গোচর (*নয়নপথ*)।

পথকর /পথোকর্/ [স. পথ+কর] বি. পথ ব্যবহারের জন্য দেয় শুল্ক।

পথ করা /পথ্ করা/ ক্রিবি. ১ যাতায়াতের পথ সুগম করা। ২ উপায় চিন্তা করা।

পথকলি /পথোকোলি/ [স. পথ+কলি] বি. উঞ্ছজীবী কিশোর, টোকাই।

পথকষ্ট /পথোকশ্‌টো/ [স. পথ+√কষ্+ত] বি. পথচলার ক্লেশ।

পথখরচ /পথ্‌খরোচ্/ [স. পথ+ফা. খরচ] বি. পাথেয়, রাহাখরচ, travelling expenses।

পথখরচা /পথ্‌খরচা/ [স. পথ+ফা. খর্‌চ্+বা. আ] বি. দ্র পথখরচ।

পথঘাট /পথ্‌ঘাট্/ [স. পথ+বা. ঘাট] বি. যাতায়াতের সড়ক ও নৌযানের ঘাট।

পথচলতি /পথ্‌চোল্‌তি/ [স. পথ+বা. চলতি] বিণ. পথে চলে বা চলছে এমন; পথচলাকালীন।

পথ চাওয়া /পথ্ চাওআ/ ক্রিবি. আগমনের প্রতীক্ষা করা; কোনোকিছুর জন্য অপেক্ষা করা।

পথচারী /পথোচারি/ [স. পথ+√চর্+ইন্] বিণ. পথে চলাচলকারী। বি. পথিক।

পথ জোড়া /পথ্ জোড়া/ ক্রিবি. পথে বিঘ্ন সৃষ্টি করা; বাধা দেওয়া।

পথ দেওয়া /পথ্ দেওআ/ ক্রিবি. পথ ছাড়া; সরে গিয়ে অন্যের জন্য পথ করে দেওয়া।

পথ দেখা /পথ্ দ্যাখা/ ক্রিবি. ১ পথ নির্ণয় করা। ২ (আল.) উপায় চিন্তা করা। ৩ (ব্য.) প্রস্থান করা।

পথ দেখানো /পথ্ দ্যাখানো/ ক্রিবি. ১ পথ চিনিয়ে দেওয়া। ২ (আল.) উপায় বাতলানো। ৩ (ব্য.) বিদায় করা।

পথ ধরা /পথ্ ধরা/ ক্রিবি. ১ নির্দিষ্ট পথে অগ্রসর হওয়া। ২ ঠিক পথে আসা।

পথপাদপ /পথোপাদোপ/ [স. পথ+পাদপ] বি. পথের পাশে লাগানো গাছ।

পথপ্রদর্শক /পথোপ্রোদর্‌শক্/ [স. পথ+প্রদর্শক] বিণ. ১ প্রকৃত পথ বা উপায় নির্দেশকারী। ২ পথিকৃৎ।

পথপ্রান্ত /পথোপ্রান্‌তো/ [স. পথ+প্রান্ত] বি. পথের কিনারা; রাস্তার সীমা।

পথভোলা /পথোভোলা/ [স. পথ+বা. ভোলা] বিণ. দ্র পথভ্রষ্ট।

পথভ্রষ্ট /পথোব্‌ভ্রোশ্‌টো/ [স. পথ+√ভ্রন্‌শ্+ত] বিণ. ১ পথ হারিয়েছে এমন। ২ বিপথগামী; আদর্শচ্যুত। ৩ দিশেহারা।

পথভ্রান্ত /পথোভ্রান্‌তো/ [স. পথ+√ভ্রম্+ত] বিণ. দ্র পথভ্রষ্ট।

পথমধ্যে /পথোমোদ্‌ধে/ [বা.] ক্রিবিণ. পথের মধ্যে; মাঝপথে।

পথ মাড়ানো /পথ্ মাড়ানো/ ক্রিবি. ১ পথ দিয়ে যাতায়াত করা। ২ (আল.) সংস্রবে যাওয়া, সম্পর্ক রাখা।

পথরেখা /পথোরেখা/ [স. পথ+রেখা] বি. পায়ে চলার চিহ্নাঙ্কিত পথ।

পথশ্রম /পথোস্‌শ্রোম্/ [স. পথ+শ্রম] বি. পথচলার কষ্ট।

পথশ্রান্ত /পথোস্‌শ্রান্‌তো/ [স. পথ+√শ্রম্+ত] বিণ. পথ চলতে চলতে ক্লান্ত হয়েছে এমন।

পথসংকট /পথোশংকট/ [স. পথ+সংকট] বি. পথ-চলার সমস্যা।

পথহারা /পথোহারা/ [স. পথ+বা. হারা] বিণ. দ্র পথভ্রষ্ট।

পথিক /পোথিক্/ [স. পথিন্+অক] বি. বিণ. ১ পথ দিয়ে চলাচলকারী, পান্থ, পথচারী। ২ পর্যটক।

পথিকবধূ /পোথিক্‌বোধু/ [স. পথিক+বধূ] বি. যে নারীর স্বামী বিদেশে থাকে, প্রোষিতভর্তৃকা।

পথিকবনিতা /পোথিক্‌বোনিতা/ [স. পথিক+√বন্+ইত+আ (টাপ্)] বি. দ্র পথিকবধূ।

পথিকললনা /পোথিক্‌ললোনা/ [স. পথিক+√লল্+

www.pathagar.com

অন+আ (টাপ্)] বি. দ্র পথিকবধূ।

পথিকশালা /পোথিক্শালা/ [স. পথিক+শালা] বি. পান্থনিবাস, সরাইখানা, মুসাফিরখানা।

পথিকার /পোথিকার্/ [স. পথিন্+কার] বিণ. দ্র পথিকৃৎ।

পথিকৃৎ /পোথিক্কৃত্/ [স. পথিন্+√কৃ+ক্বিপ্] বিণ. পথপ্রদর্শক, পথের দিশারী, অগ্রদূত, pioneer।

পথে আসা /পথে আশা/ ক্রিবি. ১ প্রকৃত পথ অবলম্বন করা। ২ বিরোধিতা ত্যাগ করা। ৩ বশীভূত হওয়া।

পথে কাঁটা দেওয়া /পথে কাঁটা দেওআ/ ক্রিবি. পথে বাধা সৃষ্টি করা।

পথেঘাটে /পথেঘাটে/ [বা.] ক্রিবিণ. যাতায়াতের সড়ক ও নৌযানের ঘাটে, সর্বত্র, যেখানে-সেখানে।

পথে বসা /পথে বশা/ ক্রিবি. সর্বস্বান্ত হওয়া।

পথের কাঁটা /পথের্ কাঁটা/ বি. এগিয়ে যাওয়ার পথে বাধা।

পথের পথিক /পথের্ পোথিক্/ বি. নিরাশ্রয় পথিক। বিণ. অন্য কারো মত বা পথ অবলম্বনকারী (*একই পথের পথিক*)।

পথ্য /পোত্থো/ [স. পথিন্+য] বি. রোগীর উপযুক্ত আহার্য (*পথ্য করা*)। বিণ. হিতকর।

পথ্যাপথ্য /পোত্থাপোত্থো/ [স. পথ্য+অপথ্য] বি. রোগীর জন্য হিতকর ও অহিতকর খাদ্য, সুপথ্য ও কুপথ্য।

পথ্যি /পোত্থি/ [বা.] বি. বিণ. 'পথ্য'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

পদ /পদ্/ [স. √পদ্+অ] বি. ১ চরণ, পা। ২ পদচিহ্ন, পদাঙ্ক (*পদানুসরণ*)। ৩ কবিতার পঙ্‌ক্তি বা চরণ। ৪ অধিকার; চাকরি (*রাজপদ*)। ৫ স্থান; বসতি (*জনপদ*)। ৬ উপাধি (*পদগৌরব*)। ৭ গুরুজনের অনুগ্রহ; আশ্রয় (*পদাশ্রয়*)। ৮ বিভিন্ন প্রকার আহার্য (*রান্নার পদ*)। ৯ বৈষ্ণব কবিদের রচিত গান (*পদাবলি*)। ১০ (ব্যা.) বিভক্তিযুক্ত শব্দ।

পদক /পদোক্/ [স. পদ+ক (স্বার্থে)] বিণ. বৈষ্ণব পদাবলি বা গীতিকবিতার বিষয়ে অভিজ্ঞ এমন। বি. পুরস্কারের নিদর্শনস্বরূপ প্রদত্ত ধাতুনির্মিত ফলক, medal (*একুশে পদক*); কণ্ঠভূষণ।

পদকর্তা /পদোকর্তা/ [স. পদ+কর্তা] বি. বিণ. ১ বৈষ্ণব পদরচয়িতা, গীতিকবিতা রচয়িতা। ২ বেদের মন্ত্রপদবিভাজক গ্রন্থ রচয়িতা।

পদকার /পদোকার্/ [স. পদ+কার] বি. বিণ. দ্র পদকর্তা।

পদক্ষেপ /পদোক্ষেপ্/ [স. পদ+ক্ষেপ] বি. ১ পদচারণা; পদার্পণ। ২ ব্যবস্থা (*বলিষ্ঠ পদক্ষেপ*)।

পদগৌরব /পদোগৌরব্/ [স. পদ+গৌরব] বি. পদের আভিজাত্য বা অহংকার।

পদচারণ /পদোচারোন্/ [স. পদ+চারণ] বি. পায়চারি।

পদচালনা /পদোচালোনা/ [স. পদ+চালনা] বি. দ্র পদচারণ।

পদচিহ্ন /পদোচিন্hno/ [স. পদ+√চিহ্+অ] বি. পায়ের চিহ্ন, পদাঙ্ক।

পদচ্যুত /পদোচ্চুতো/ [স. পদ+√চ্যু+ত] বিণ. ১ পদ থেকে অপসারিত; কর্মচ্যুত। ২ অধিকারভ্রষ্ট।

পদচ্যুতি /পদোচ্চুতি/ [স. পদ+√চ্যু+তি] বি. পদ থেকে অপসারণ, কর্মচ্যুতি।

পদচ্ছায়া /পদোচ্ছায়া/ [স. পদ+ছায়া] বি. ১ চরণ-তলে আশ্রয়। ২ অনুগ্রহ, দয়া।

পদছায়া /পদোছায়া/ [স. পদচ্ছায়া >] বি. দ্র পদচ্ছায়া।

পদত্যাগ /পদোত্ত্যাগ্/ [স. পদ+ত্যাগ] বি. ১ পদ থেকে ইস্তফা। ২ অধিকার বর্জন।

পদত্যাগপত্র /পদোত্ত্যাগ্পত্রো/ [স. পদত্যাগ+পত্র] বি. কোনো পদ বা দায়িত্ব থেকে ইস্তফাদানের ইচ্ছা ব্যক্ত করে লিখিত পত্র।

পদদলিত /পদোদোলিতো/ [স. পদ+দলিত] বিণ. পা দিয়ে দলন করা হয়েছে এমন, পদপিষ্ট। স্ত্রী. পদদলিতা /পদোদোলিতা/।

পদধারী /পদোধারি/ [স. পদ+√ধৃ+ইন্] বি. নির্দিষ্ট কোনো পদের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি; (পরি.) incumbent।

পদধূলি /পদোধুলি/ [স. পদ+ধূলি] বি. পায়ের ধুলা।

পদধ্বনি /পদোদ্ধোনি/ [স. পদ+ধ্বনি] বি. পায়ে চলার শব্দ, পায়ের আওয়াজ।

পদপঙ্কজ /পদোপংকোজ্/ [স. পদ+পঙ্কজ] বি. পদ্মের মতো কোমল পা, পাদপদ্ম।

পদপল্লব /পদোপল্লোব্/ [স. পদ+পল্লব] বি. নব কিশলয়ের মতো কোমল চরণ।

পদপাঠ /পদোপাঠ্/ [স. পদ+পাঠ] বি. উচ্চারণ-সহ বেদের পদবিভাজক গ্রন্থবিশেষ।

পদপাত /পদোপাত্/ [স. পদ+পাত] বি. ১ পদক্ষেপ। ২ পদার্পণ।

পদপৃষ্ঠ /পদোপৃশ্ঠো/ [স. পদ+পৃষ্ঠ] বি. পায়ের পাতা।

পদপ্রান্ত /পদোপ্রান্তো/ [স. পদ+প্রান্ত] বি. ১

www.pathagar.com

চরণতল। ২ পায়ের নিকটবর্তী স্থান।

পদপ্রার্থী /পদোপ্রার্থি / [স. পদ+প্র+ √অর্থ্+ইন্] বি. কোনো চাকরিতে নিয়োগ পেতে ইচ্ছুক ব্যক্তি। বিণ. ১ কোনো পদলাভের জন্য নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে এমন। ২ চরণাশ্রয়প্রার্থী; চরণাভিলাষী। স্ত্রী. পদপ্রার্থিনী /পদোপ্রার্থিনি /।

পদবাচ্য /পদোবাচ্চো /[স. পদ+বাচ্য] বিণ. অভিধেয়, উল্লেখ করার মতো (*মনুষ্য পদবাচ্য*)।

পদবি /পদোবি / [স. √পদ্+অবি] বি. ১ পারিবারিক নাম, surname। ২ কুল বা বংশজ্ঞাপক নাম।

পদবিক্ষেপ /পদোবিক্‌খেপ্/ [স. পদ+বিক্ষেপ] বি. পদক্ষেপ, পদস্থাপন।

পদবিন্যাস /পদোবিন্‌ন্যাশ্/ [স. পদ+বিন্যাস] বি. দ্র পদবিক্ষেপ।

পদব্রজ /পদোব্‌ব্রোজো / [স. পদ+ব্রজ] বি. পায়ে হেঁটে গমন; চলন।

পদমর্যাদা /পদোমোর্‌জাদা / [স. পদ+মর্যাদা] বি. উচ্চ পদের আভিজাত্য বা অহংকার।

পদযাত্রা /পদোজাত্‌ত্রা / [স. পদ+যাত্রা] বি. কোনো বিশেষ উদ্দেশ্যে মিছিল করে একত্রগমন; পায়ে হেঁটে গমন।

পদযুগল /পদোজুগল্/ [স. পদ+যুগল] বি. চরণদ্বয়।

পদরজ /পদোরজো / [স. পদ+রজঃ] বি. পায়ের ধুলো, চরণধূলি।

পদরেণু /পদোরেনু / [স. পদ+রেণু] বি. দ্র পদরজ।

পদরেণুকণা /পদোরেনুকনা / [স. পদরেণু+কণা] বি. চরণধূলি।

পদলেহন /পদোলেহন্/ [স. পদ+ √লিহ্+অন] বি. ১ চরণলেহন। ২ (আল.) হীন চাটুকারিতা।

পদলেহী /পদোলেহি / [স. পদ+ √লিহ্+ইন্] বিণ. হীন তোষামোদকারী।

পদশক্তি /পদোশোক্‌তি/ [স. পদ+ √শক্+তি] বি. পদের ক্ষমতা; পদের গর্ব।

পদশব্দ /পদোশব্‌দো / [স. পদ+শব্দ] বি. পায়ের আওয়াজ, পদধ্বনি।

পদসঞ্চার /পদোশন্‌চার্ / [স. পদ+সঞ্চার] বি. পদক্ষেপ।

পদসঞ্চালন /পদোশন্‌চালোন্/ [স. পদ+সঞ্চালন] বি. পদচারণা।

পদসেবা /পদোশেবা / [স. পদ+সেবা] বি. চরণমর্দন।

পদস্খলন /পদোস্‌খলোন্ / [স. পদ+ √স্খল্+অন] বি. ১ পা পিছলে পতন। ২ পদচ্যুতি। ৩ (আল.) নৈতিক অধঃপতন।

পদস্খলিত /পদোস্‌খোলিতো/ [স. পদ+ √স্খল্+ত] বিণ. ১ পা পিছলে পড়েছে এমন। ২ নৈতিক অধঃপতন ঘটেছে এমন। স্ত্রী. পদস্খলিতা /পদোস্‌খোলিত/।

পদস্থ /পদোস্‌থো/ [স. পদ+ √স্থা+অ] বিণ. উচ্চ পদে অধিষ্ঠিত (*পদস্থ কর্মকর্তা*)।

পদাংশ /পদাংশো/ [স. পদ+অংশ] বি. ১ বিভক্তি-যুক্ত শব্দের অংশ। ২ দল, অক্ষর, syllable। ৩ গীতিকবিতার অংশ।

পদাঘাত /পদাঘাত্ / [স. পদ+আঘাত] বি. পা দিয়ে আঘাত, পদপ্রহার (*পদাঘাতে চায় ভাঙতে পাথর বাধা,* সুকান্ত.)।

পদাঙ্ক /পদাংকো/ [স. পদ+অঙ্ক] বি. ১ পায়ের ছাপ, পদচিহ্ন। ২ (আল.) কোনো মহৎ ব্যক্তির কৃত কর্ম বা চরিত্র।

পদাতি /পদাতি/ [স. পদ+ √অত্+ই] বি. দ্র পদাতিক।

পদাতিক /পদাতিক্/ [স. পদাতি+ক (স্বার্থে)] বি. ১ পায়ে হেঁটে যুদ্ধ করে এমন সৈন্য; পদচারী সৈনিক, infantry। ২ পাইক; পেয়াদা।

পদাধিকার /পদাধিকার্/ [স. পদ+অধিকার] বি. অধিষ্ঠিত পদ।

পদাধিকারবল /পদাধিকার্‌বল্/ [স. পদাধিকার+বল] বি. অধিষ্ঠিত পদের ক্ষমতা (*পদাধিকারবলে প্রাপ্ত*)।

পদাধিকারী /পদাধিকারি/ [স. পদাধিকার+ইন্] বি. বিণ. পদের অধিকারী; পদধারী।

পদানত /পদানতো / [স. পদ+আনত] বিণ. ১ চরণ-তলে পতিত। ২ সম্পূর্ণ বশীভূত। স্ত্রী. পদানতা /পদানতা /।

পদানুগমন /পদানুগমোন্ / [স. পদ+অনুগমন] বি. ১ পায়ের চিহ্ন ধরে অনুসরণ। ২ (আল.) শ্রদ্ধেয় ব্যক্তির আদর্শ অনুসরণ।

পদানুবর্তিতা /পদানুবোর্‌তিতা / [স. পদানুবর্তী+তা] বি. পদচিহ্নের অনুগামিতা।

পদানুবর্তী /পদানুবোর্‌তি / [স. পদ+অনু+ √বৃৎ+ইন্] বিণ. পদচিহ্ন অনুসরণকারী। স্ত্রী. পদানুবর্তিনী /পদানুবোর্‌তিনি /।

পদানুসরণ /পদানুশরোন্ / [স. পদ+অনুসরণ] বি. ১ পায়ের চিহ্ন অনুসরণ। ২ (আল.) মহৎ ব্যক্তির আদর্শ অনুসরণ।

পদানুসারী /পদানুশারি/ [স. পদ+অনু+√সৃ+ইন্] বিণ. ১ পায়ের চিহ্ন ধরে অনুসরণকারী। ২ (আল.) মহৎ ব্যক্তির আদর্শ অনুসরণকারী।

www.pathagar.com

পদান্বয় /পদান্‌নয়্‌/ [স. পদ+অন্বয়] বি. ১ (ব্যা.) পদের অন্বয় বা সম্বন্ধ, syntax। ২ পদপরিচয়।

পদান্বয়ী /পদান্‌নোয়ি/ [স. পদান্বয়+ইন্‌] বিণ. অন্য পদের সঙ্গে সংযোগসাধন করে এমন (*পদান্বয়ী অব্যয়*)।

পদাবনত /পদাবোনতো/ [স. পদ+অবনত] বিণ. চাকরিতে নিম্নতর পদে অবনত, demoted। স্ত্রী. পদাবনতা /পদাবোনতা/।

পদাবনতি /পদাবোনোতি/ [স. পদ+অবনতি] বি. চাকরিতে উচ্চতর পদ থেকে নিম্নতর পদে নিয়োজন, demotion।

পদাবলি /পদাবোলি/ [স. পদ+আবলি] বি. ১ বৈষ্ণব কবিদের রচিত পদসমূহ (*পদাবলি কীর্তন*)। ২ পদসমূহ।

পদাম্বুজ /পদাম্‌বুজ্‌/ [স. পদ+অম্বুজ] বি. পাদপদ্ম।

পদারবিন্দ /পদারোবিন্‌দো/ [স. পদ+অরবিন্দ] বি. দ্র পদাম্বুজ।

পদার্থ /পদার্‌থো/ [স. পদ+অর্থ] বি. ১ আয়তন ও ভর আছে এমন বস্তু। ২ প্রতিভা, genius। ৩ সারবস্তু, substance। ৪ পদ বা শব্দের অর্থ। ৫ বৈশেষিক দর্শনে ৭টি বস্তু (দ্রব্য গুণ কর্ম সামান্য বিশেষ সমবায় ও অভাব)। ৬ (বাংলায়) মূল জিনিস।

পদার্থবিজ্ঞান /পদার্‌থোবিগ্‌গ্যান্‌/ [স. পদার্থ+বিজ্ঞান] বি. দ্র পদার্থবিদ্যা।

পদার্থবিদ্যা /পদার্‌থোবিদ্‌দা/ [স. পদার্থ+বিদ্যা] বি. জড়পদার্থের গুণ প্রকৃতি গতি শক্তি তাপ আলোক পরমাণুর গঠন প্রভৃতিবিষয়ক শাস্ত্র, physics।

পদার্পণ /পদার্‌পোন্‌/ [স. পদ+অর্পণ] বি. ১ চরণ স্থাপন। ২ প্রবেশ (*গৃহে পদার্পণ*)।

পদার্পণ করা /পদার্‌পোন্‌ করা/ ক্রিবি. ১ চরণ স্থাপন করা। ২ আগমন করা; উপস্থিত হওয়া।

পদাশ্রয় /পদাস্‌শ্রয়্‌/ [স. পদ+আশ্রয়] বি. ১ পদছায়া; চরণাশ্রয়। ২ অনুগ্রহ।

পদাশ্রয়ী /পদাস্‌শ্রোয়ি/ [স. পদাশ্রয়+ইন্‌] বিণ. চরণে আশ্রয় গ্রহণ করেছে এমন।

পদাশ্রিত /পদাস্‌শ্রিতো/ [স. পদ+আশ্রিত] বিণ. ১ চরণে আশ্রয়প্রাপ্ত। ২ অনুগৃহীত। স্ত্রী. পদাশ্রিতা /পদাস্‌শ্রিতা/।

পদাসন /পদাশোন/ [স. পদ+আসন] বি. পা রাখার স্থান, পাদপীঠ।

পদাহত /পদাহতো/ [স. পদ+আহত] বিণ. পদাঘাত করা হয়েছে এমন, পদাঘাতপ্রাপ্ত।

পদে-পদে /পদেপদে/ [বা.] ক্রিবিণ. প্রতি পদে; বারবার, পুনঃপুন।

পদোদক /পদোদক্‌/ [স. পদ+উদক] বি. ১ পা ধোয়ার জল। ২ পা-ধোয়া জল।

পদোন্নতি /পদোন্‌নোতি/ [স. পদ+উন্নতি] বি. ১ চাকরিতে উচ্চতর ধাপে উত্তরণ, promotion। ২ মর্যাদা বা ক্ষমতার বৃদ্ধি।

পদ্ধতি /পদ্‌ধোতি/ [স. পদ+√হন্‌+তি] বি. ১ পথ। ২ রীতি, ধারা (*কর্মপদ্ধতি*)। ৩ প্রথা। ৪ শ্রেণি। ৫ আচার (*পূজাপদ্ধতি*)। ৬ প্রবাহ।

পদ্ম[১] /পদ্‌দোঁ/ [স. √পদ্‌+ম] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন (ভাসমান গোল বৃহদাকার পাতাবিশিষ্ট) উদ্ভিদ, কমল, অম্বুজ, অরবিন্দ, রাজীব, শতদল, উৎপল, কুমুদ, lotus।

পদ্ম[২] /পদ্‌দোঁ/ [স. √পদ্‌+ম] বি. ১ দশ লক্ষ কোটি সংখ্যা। ২ মাথা ও শুঁড়ে পদ্মের চিহ্নযুক্ত হাতি। ৩ পদ্মের আকৃতিবিশিষ্ট ব্যূহ। ৪ তন্ত্রমতে দেহস্থ চক্রবিশেষ।

পদ্মআঁখি /পদ্‌দোআঁখি/ [স. পদ্ম+বা. আঁখি] বিণ. পদ্মফুলের মতো সুন্দর চোখবিশিষ্ট। বি. শ্রীকৃষ্ণ।

পদ্মকর /পদ্‌দোঁকর/ [স. পদ্ম+কর] বি. সূর্য।

পদ্মকলি /পদ্‌দোঁকোলি/ [স. পদ্ম+কলি] বি. পদ্ম-ফুলের কুঁড়ি।

পদ্মকাঁটা /পদ্‌দোঁকাঁটা/ [স. পদ্ম+বা. কাঁটা] বি. মানবদেহের ত্বকে উদ্‌গত মৃণালের আলসদৃশ চর্মরোগবিশেষ।

পদ্মকেশর /পদ্‌দোঁকেশর/ [স. পদ্ম+কেশর] বি. পদ্মফুলের পরাগযুক্ত সূক্ষ্ম তন্তু।

পদ্মকোষ /পদ্‌দোঁকোশ্‌/ [স. পদ্ম+কোষ] বি. পদ্মকোরক, পদ্মের কুঁড়ি।

পদ্মগন্ধি /পদ্‌দোঁগোন্‌ধি/ [স. পদ্মগন্ধ >] বিণ. পদ্মফুলের সৌরভবিশিষ্ট।

পদ্মগর্ভ /পদ্‌দোঁগর্‌ভো/ [স. পদ্ম+গর্ভ] বি. ১ পদ্মফুলের অভ্যন্তর। ২ পদ্মযোনি, ব্রহ্মা।

পদ্মগোখরা /পদ্‌দোঁগোখ্‌রা/ [স. পদ্ম+বা. গোখরা] বি. ঝোপঝাড়ে বিচরণ করে এবং ইঁদুর পাখি প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন চ্যাপটা গোলাকৃতি মাথা ও গাঢ় বাদামি রঙের দীর্ঘতম বিষধর সাপ যার ফণায় গোরুর খুরের মতো চিহ্ন থাকে (আনি.

www.pathagar.com

ভারতীয় উপমহাদেশ), গোখরা, রাজসর্প, শঙ্খচূড়, king cobra।

পদ্মনাথ /পদ্‌দোঁনাথ্/ [স. পদ্ম+নাথ] বি. সূর্য।

পদ্মনাভ /পদ্‌দোঁনাভো/ [স. পদ্ম+নাভ] বি. পদ্ম নাভিতে যাঁর, বিষ্ণু।

পদ্মনেত্র /পদ্‌দোঁনেত্‌ত্রো/ [স. পদ্ম+নেত্র] বিণ. পদ্মের মতো নয়নবিশিষ্ট, কমললোচন।

পদ্মপত্র /পদ্‌দোঁপত্‌ত্রো/ [স. পদ্ম+পত্র] বি. ১ জলে ভেসে থাকে এমন উঁচু প্রান্তবিশিষ্ট থালাসদৃশ পদ্মফুলের গোলাকার বড়ো পাতা। ২ পদ্মফুলের পাপড়ি।

পদ্মপরাগ /পদ্‌দোঁপরাগ্/ [স. পদ্ম+পরাগ] বি. পদ্মফুলের রেণু।

পদ্মপর্ণ /পদ্‌দোঁপর্‌নো/ [স. পদ্ম+পর্ণ] বি. দ্র পদ্মপত্র।

পদ্মপলাশ /পদ্‌দোঁপলাশ্/ [স. পদ্ম+পলাশ] বি. দ্র পদ্মপত্র।

পদ্মপলাশলোচন /পদ্‌দোঁপলাশ্‌লোচন্/ [স. পদ্ম+পলাশ+লোচন] বিণ. পদ্মের পাপড়ির মতো আয়ত নয়নবিশিষ্ট। বি. বিষ্ণু।

পদ্মপাণি /পদ্‌দোঁপানি/ [স. পদ্ম+পাণি] বি. ১ ব্রহ্মা। ২ বুদ্ধ। ৩ সূর্য। বিণ. পদ্মের মতো সুন্দর হাতবিশিষ্ট।

পদ্মপাতা /পদ্‌দোঁপাতা/ [স. পদ্ম+বা. পাতা] বি. দ্র পদ্মপত্র।

পদ্মপুরাণ /পদ্‌দোঁপুরান্/ [স. পদ্ম+পুরাণ] বি. বেদব্যাস প্রণীত পুরাণবিশেষ।

পদ্মপ্রিয়া /পদ্‌দোঁপ্রিয়া/ [স. পদ্ম+প্রিয়া] বি. মনসাদেবী।

পদ্মবন্ধু /পদ্‌দোঁবোন্‌ধু/ [স. পদ্ম+বন্ধু] বি. ১ সূর্য। ২ মধুকর।

পদ্মভূ /পদ্‌দোঁভু/ [স. পদ্ম+√ভূ+ক্বিপ্] বি. যাঁর উৎপত্তিস্থল পদ্ম, বিষ্ণু, ব্রহ্মা।

পদ্মমুখ /পদ্‌দোঁমুখ্/ [স. পদ্ম+মুখ] বিণ. পদ্মের মতো কমনীয় মুখবিশিষ্ট। বি. পদ্মের মতো সুন্দর মুখ। স্ত্রী. **পদ্মমুখী** /পদ্‌দোঁমুখি/।

পদ্মযোনি /পদ্‌দোঁজোনি/ [স. পদ্ম+যোনি] বি. পদ্ম যাঁর উৎপত্তিস্থল, ব্রহ্মা।

পদ্মরাগ /পদ্‌দোঁরাগ্/ [স. পদ্ম+রাগ] বি. ১ পদ্মের মতো রাগ (আভা) যার। ২ পদ্মবর্ণ মূল্যবান রত্নবিশেষ, চুনি, ruby।

পদ্মলোচন /পদ্‌দোঁলোচন্/ [স. পদ্ম+লোচন] বিণ. পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট। স্ত্রী. **পদ্মলোচনা** /পদ্‌দোঁলোচোনা/।

পদ্মশ্রী /পদ্‌দোঁস্‌শ্রি/ [স. পদ্ম+√শ্রী+ক্বিপ্] বি. ১ বোধিসত্ত্ববিশেষ। ২ বিশেষ গুণ বা কৃতিত্বের স্বীকৃতিস্বরূপ ভারত সরকার কর্তৃক প্রদত্ত উপাধিবিশেষ।

পদ্মসম্ভব /পদ্‌দোঁশম্‌ভব্/ [স. পদ্ম+সম্ভব] বি. যাঁর উৎপত্তিস্থল পদ্ম, বিষ্ণু, ব্রহ্মা।

পদ্মা /পদ্‌দাঁ/ [স. √পদ্+ম+আ (টাপ্)] বি. ১ বাংলাদেশে প্রবাহিত গঙ্গা নদীর একটি ধারা। ২ দেবী লক্ষ্মী। ৩ মনসাদেবী।

পদ্মাকর /পদ্‌দাঁকর্/ [স. পদ্ম+আকর] বি. যে জলাশয়ে অনেক পদ্ম ফোটে।

পদ্মাক্ষ /পদ্‌দাঁক্‌খো/ [স. পদ্ম+অক্ষি+অ] বিণ. পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট, কমললোচন, পদ্ম-আঁখি। বি. পদ্মবীজ।

পদ্মাবতী /পদ্‌দাঁবোতি/ [স. পদ্ম+বৎ+ঈ] বি. ১ দেবী মনসা। ২ কর্ণপত্নী। ৩ পদ্মা নদী। ৪ কবি আলাওলের একটি কাব্যগ্রন্থের নাম।

পদ্মালয়া /পদ্‌দাঁলয়া/ [স. পদ্ম+আলয়+আ (টাপ্)] বি. দেবী লক্ষ্মী, কমলা।

পদ্মাসন /পদ্‌দাঁশোন্/ [স. পদ্ম+আসন] বি. ১ যোগসাধনের আসনবিশেষ। ২ ব্রহ্মা। ৩ শিব।

পদ্মাসনা /পদ্‌দাঁশোনা/ [স. পদ্মাসন+আ (টাপ্)] বি. দেবী লক্ষ্মী, কমলা।

পদ্মিনী /পোদ্‌দিঁনি/ [স. পদ্ম+ইন্+ঈ] বি. ১ পদ্মের ঝাড়; পদ্মসমূহ। ২ চারজাতির নারীর মধ্যে শ্রেষ্ঠ ও সুলক্ষণা নারী। বিণ. পদ্মযুক্তা।

পদ্মিনীকান্ত /পোদ্‌দিঁনিকান্‌তো/ [স. পদ্মিনী+কান্ত] বি. সূর্য।

পদ্মিনীবল্লভ /পোদ্‌দিঁনিবল্‌লভ্/ [স. পদ্মিনী+বল্লভ] বি. দ্র **পদ্মিনীকান্ত**।

পদ্মোদ্ভব /পদ্‌দোঁদ্‌ভব্/ [স. পদ্ম+উদ্ভব] বি. দ্র **পদ্মসম্ভব**।

পদ্য /পোদ্‌দো/ [স. √পদ্+য] বি. ১ ছন্দোবদ্ধ রচনা, কবিতা, শ্লোক, verse। ২ শূদ্র।

পনস /পনশ্/ [স. √পন্+অস] বি. কাঁঠাল।

পনসবীজ /পনশ্‌বিজ্/ [স. পনস+বীজ] বি. কাঁঠালের বিচি যা রেঁধে খাওয়া হয়।

পনসিকা /পনোশিকা/ [স. পনস+ইক+আ (টাপ্)] বি. মানবদেহের কর্ণমূলের কাছে অবস্থিত লালাগ্রন্থির প্রদাহ ও স্ফীতিজনিত ভাইরাসবাহিত ছোঁয়াচে (প্রধানত শিশুদের) রোগবিশেষ, গালফোলা রোগ, mumps।

www.pathagar.com

–পনা /পনা/ ভাববাচক বাংলা প্রত্যয়বিশেষ (*গিন্নিপনা*)।

পনির /পোনির্/ [ফা.] বি. দুধের ছানা থেকে কৃত্রিম পদ্ধতিতে উৎপাদিত জমাটবাঁধা লবণাক্ত খাদ্যবস্তু, cheese।

পনেরো /পোনেরো/ [স. পঞ্চদশ >] বি. ১৫ সংখ্যা। বিণ. ১৫ সংখ্যক।

পনেরোই /পোনেরোই্/ [বা.] বি. মাসের পঞ্চদশ দিবস, মাসের ১৫ তারিখ। বিণ. মাসের ১৫ তারিখের।

পন্থ /পন্থো/ [হি.] বি. ১ পথ, রাস্তা। ২ ধর্মমত। ৩ ধর্ম সম্প্রদায় (*নানক পন্থ*)।

পন্থা /পন্থা/ [হি. পন্থ >] বি. ১ পথ। ২ উপায়। ৩ সাধনা বা জ্ঞানমার্গ (*তান্ত্রিক পন্থা*)। ৪ ধারা, রীতি, পদ্ধতি। ৫ মত (*ব্যমপন্থা*)।

–পন্থি /পোন্থি/ [হি.] বিণ. বিশেষ মত পথ ধর্ম বা সম্প্রদায়ের অনুসারী (*বামপন্থি*)। বি. পথিক।

পন্থিক /পোন্থিক্/ [হি. পন্থি >] বি. পথিক।

–পন্ন /পন্নো/ [স. √পদ্+ত] বিণ. পতিত (*বিপদাপন্ন*)।

পন্নগ[১] /পন্নোগ্/ [স. পন্ন+√গম্+অ] বি. সাপ। স্ত্রী. **পন্নগী** /পন্নোগি/।

পন্নগ[২] /পন্নোগ্/ [স. পন্ন+√গম্+অ] বি. সিসা।

পন্নগ–অশন /পন্নোগ্অশন্/ [স. পন্নগ+অশন] বিণ. সর্পভুক। বি. গরুড়।

পন্নগকেশর /পন্নোগ্কেশর্/ [স. পন্নগ+কেশর] বি. ক্রান্তীয় অঞ্চলের শুকনো আবহাওয়ায় জাত এবং গ্রীষ্মের শুরুতে গুচ্ছাকারে ফোটে এমন গোলাপি বা সাদা বর্ণের চারটি পাপড়িবিশিষ্ট ও অসংখ্য হলুদ পুংকেশরশোভিত ছোটো সুগন্ধ ফুল বা তার মাঝারি আকৃতির চিরসবুজ গাছ (আনি. মায়ানমার ও ভারতীয় উপমহাদেশ), নাগকেশর, নাগপুষ্প।

পন্নগারি /পন্নোগারি/ [স. পন্নগ+অরি] বি. ১ সাপের শত্রু। ২ গরুড়। ৩ ময়ূর। ৪ বেজি।

পন্নগাশন /পন্নোগাশন্/ [স. পন্নগ+অশন] বিণ. বি. দ্র পন্নগঅশন।

পপলিন /পপ্লিন্/ [ফ.] বি. তুলনামূলক হালকা তুলোর তৈরি মসৃণ কাপড়বিশেষ, poplin।

পবন /পবোন্/ [স. √পূ+অন] বি. ১ বাতাস, বায়ু। ২ বায়ুর দেবতা।

পবনগতি /পবোন্গোতি/ [স. পবন+√গম্+তি] বিণ. বায়ুর মতো দ্রুতগতিসম্পন্ন। বি. অত্যন্ত দ্রুতগতি।

পবনদেব /পবোন্দেব্/ [স. পবন+দেব] বি. বায়ুর দেবতা।

পবননন্দন /পবোন্নন্দোন্/ [স. পবন+নন্দন] বি. ১ হনুমান। ২ ভীম। ৩ পবনবাহন, অগ্নি।

পবনবেগ /পবোন্বেগ্/ [স. পবন+বেগ] বিণ. বি. দ্র পবনগতি।

পবনবেগে /পবোন্বেগে/ [স. পবনবেগ+বা. এ] ক্রিবিণ. অত্যন্ত দ্রুতবেগে।

পবনমুক্তাসন /পবোনমুক্তাশোন্/ [স. পবনমুক্ত+আসন] বি. দেহমধ্যস্থ বায়ু নিষ্কাশনের যোগাসন–বিশেষ।

পবমান /পবোমান্/ [স. √পূ+মান (শানচ্)] বি. ১ পবন, বায়ু। ২ যজ্ঞাগ্নিবিশেষ। বিণ. পবিত্রকারী।

প–বর্গ /পবর্গো/ বি. প ফ ব ভ ম বর্ণ নিয়ে গঠিত বাংলা বর্ণমালার পঞ্চম বর্গ।

পবিত্র /পোবিত্রো/ [স. √পূ+ইত্র] বিণ. ১ পূত। ২ বিশুদ্ধ। ৩ নিষ্পাপ। স্ত্রী. **পবিত্রা** /পোবিত্রা/।

পবিত্রক /পোবিত্রক্/ [স. পবিত্র+ক (কন্)] বি. ১ কুশ। ২ অশ্বত্থ। ৩ যজ্ঞডুমুর বা তার গাছ। ৪ শণের সুতা; শণের সুতা দিয়ে তৈরি জাল।

পবিত্রতা /পোবিত্রোতা/ [স. পবিত্র+তা] বি. নির্মলতা; শুদ্ধতা।

পবিত্রিত /পোবিত্রিতো/ [স. √পবিত্রি+ত] বিণ. দ্র পবিত্রীকৃত।

পবিত্রীকরণ /পোবিত্রিকরোন্/ [স. পবিত্র+ঢ্বি+করণ] বি. ১ নির্মলীকরণ। ২ সংশোধন।

পবিত্রীকৃত /পোবিত্রিকৃতো/ [স. পবিত্র+ঢ্বি+কৃত] বিণ. পূত বা পবিত্র করা হয়েছে এমন।

পমেটম /পমেটম্/ [লা.] বি. প্রসাধনের জন্য ব্যবহৃত ক্রিমজাতীয় পদার্থ, pomatum।

পয় /পয়্/ [স. পদ >] বি. ১ শুভ চিহ্ন বা লক্ষণ। ২ সৌভাগ্য (*পয়মন্ত*)।

পয়ঃ /পয়হ্/ [স. √পী+অস্] বি. ১ পানি। ২ দুধ।

পয়ঃপ্রণালি /পয়োপ্রোনালি/ [স. পয়ঃ+প্রণালি] বি. পানি নিষ্কাশনের পথ, জলনালি, নর্দমা।

পয়গম্বর /পয়্গম্বর্/ [ফা.] বি. আল্লাহর প্রেরিত দূত, বাণী বা বার্তাবাহক, নবি, রসুল।

পয়গাম /পয়্গাম্/ [ফা.] বি. ১ খবর, সংবাদ। ২ বিবাহের প্রস্তাব, প্রস্তাব।

পয়জার /পয়্জার্/ [ফা.] বি. জুতা, পাদুকা।

পয়দা /পয়্দা/ [ফা.] বি. ১ জন্ম, উৎপত্তি, উদ্ভব। ২ উৎপাদন। ৩ জন্মদান।

পয়নালা /পয়্নালা/ [স. পয়ঃপ্রণালি >] বি. দ্র

www.pathagar.com

পয়ঃপ্রণালি।

পয়নালি /পয়্নালি/ [স. পয়ঃপ্রণালি >] বি. দ্র পয়ঃপ্রণালি।

পয়মন্ত /পয়োমন্‌তো/ [বা.] বিণ. শুভ লক্ষণযুক্ত, লক্ষ্মীমন্ত, ভাগ্যবান।

পয়মাল /পয়্মাল্/ [ফা.] বি. ধ্বংস; বরবাদ।

পয়লা /পয়্লা/ [দেশি.] বি. মাসের প্রথম দিন বা তারিখ। বিণ. ১ প্রথম তারিখের (*পয়লা বৈশাখ*)। ২ প্রথম। ৩ প্রধান; শ্রেষ্ঠ।

পয়সা /পয়্শা/ [হি.] বি. ১ ধাতুনির্মিত মুদ্রাবিশেষ; টাকার একশত ভাগের এক ভাগ। ২ ধন, বিত্ত। ৩ অর্থ (*গাঁটের পয়সায় কেনা*)।

পয়সাওয়ালা /পয়্শাওআলা/ [হি.] বিণ. ধনবান।

পয়সাকড়ি /পয়্শাকোড়ি/ [হি.] বি. টাকাপয়সা; ধনসম্পদ।

পয়স্বিনী /পয়োশ্‌শিনি/ [স. পয়স্+বিন্+ঈ] বি. ১ প্রচুর দুধ দেয় এমন গাভি। ২ নদী। বিণ. ১ দুগ্ধবতী। ২ জলভরা।

পয়স্য /পয়োশ্‌শো/ [স. পয়স্+য] বিণ. দুগ্ধজাত। বি. দই ছানা প্রভৃতি দ্রব্য।

পয়া /পয়া/ [বা.] বিণ. শুভ লক্ষণবিশিষ্ট; ভাগ্যবান।

পয়ার /পয়ার্/ [বা.] বি. চৌদ্দ মাত্রার বাংলা ছন্দবিশেষ।

পয়োদ /পয়োদো/ [স. পয়ঃ+√দা+অ] বি. যা জল দান করে, মেঘ।

পয়োধর /পয়োধর্/ [স. পয়ঃ+√ধৃ+অ] বি. ১ নারীর স্তন। ২ মেঘ। ৩ নারকেল।

পয়োধি /পয়োধি/ [স. পয়ঃ+√ধা+ই] বি. ১ সমুদ্র, সাগর, জলধি। ২ মেঘ, জলধর।

পয়োনালা /পয়োনালা/ [স. পয়ঃ+বা. নালা] বি. পানি নিষ্কাশনের পথ, নর্দমা।

পয়োনালি /পয়োনালি/ [স. পয়ঃপ্রণালি >] বি. দ্র পয়োনালা।

পয়োনিধি /পয়োনিধি/ [স. পয়ঃ+নিধি] বি. দ্র পয়োধি।

পয়োভার /পয়োভার্/ [স. পয়ঃ+ভার] বি. ১ জলভার। ২ দুগ্ধভার। ৩ পয়োধর, স্তন।

পয়োমুক /পয়োমুক্/ [স. পয়ঃ+√মুচ্+ক্বিপ্] বি. মেঘ, জলধর।

পর[১] /পর্/ [স. √পৃ+অ] বিণ. ১ অনাত্মীয় (*আপন-পর*)। ২ অন্যসম্বন্ধীয় (*পরপুরুষ*)। ৩ শ্রেষ্ঠ, পরম (*পরব্রহ্ম*)। ৪ নিষ্ঠ, নিরত (*স্বার্থপর*)। ৫ পরবর্তী (*পরদিন*)। বি. ১ অন্য ব্যক্তি (*পরনিন্দা*)। ২ পরমাত্মা। ৩ মোক্ষ। ৪ শত্রু (*পরন্তপ*)। ক্রিবিণ. পরে (*অতঃপর*); পশ্চাতে (*তারপর*)।

পর[২] /পর্/ [স. উপরি >] বি. উপরিভাগ; ছাদ। বিণ. ১ ওপর, ঊর্ধ্বে স্থিত। ২ অতিরিক্ত। অব্য. প্রতি (*তাই তোমার আনন্দ আমার 'পর* রবীন্দ্র.)। ৩ 'ওপর'-এর সংক্ষিপ্ত রূপ।

পরওয়ারদিগার /পর্ওআর্‌দিগার্/ [ফা.] বি. আল্লাহ্, ত্রাণকর্তা, ঈশ্বর।

পরকলা /পর্কলা/ [ফা.] বি. আলোকরশ্মি পুঞ্জীভূত বা প্রসারিত করতে পারে এমন উত্তল বা অবতল স্বচ্ছ কাচ বা প্লাস্টিকের খণ্ড যা ছোটো জিনিস বড়ো করে দেখা বা দূরের জিনিস স্পষ্ট করে দেখার জন্য ব্যবহৃত হয়, আতশকাচ, বিবর্ধক কাচ, lens।

পরকাল /পরোকাল্/ [স. পর+কাল] বি. ১ পরলোক, মৃত্যুর পরবর্তী অবস্থা; আখেরাত। ২ ভবিষ্যৎ।

পরকীকরণ /পরোকিকরোন্/ [স. পরক+চ্বি+করণ] বি. হাতবদল, alienation।

পরকীয় /পরোকিয়ো/ [স. পর+ঈয়] বিণ. পর-সম্বন্ধীয়; অন্যের।

পরকীয়া /পরোকিআ/ [স. পরকীয়+আ (টাপ্)] বিণ. প্রণয়িনী। বি. ১ পরস্ত্রী। ২ কুমারী।

পরকীয়াবাদ /পরোকিআবাদ্/ [স. পরকীয়া+বাদ] বি. বৈষ্ণবশাস্ত্রে বর্ণিত পরনারীর সঙ্গে প্রণয়-সংক্রান্ত মতবাদ।

পরখ /পরোখ্/ [স. পরীক্ষা >] বি. ১ পরীক্ষণ, বিচার। ২ বিবেচনা; পর্যালোচনা।

পরখা /পরোখা/ [বা.] ক্রিবি. (কাব্যে.) পরীক্ষা করা।

পরগনা /পর্‌গোনা/ [ফা.] বি. কয়েকটি গ্রামের সমষ্টি, জেলার অংশবিশেষ; চাকলা।

পরগাছা /পর্‌গাছা/ [বা.] বি. ১ যে উদ্ভিদ বা লতা অন্য গাছকে আশ্রয় করে বেঁচে থাকে; পরজীবী উদ্ভিদ। ২ (আল.) পরাশ্রিত ব্যক্তি।

পরঘরি /পর্‌ঘোরি/ [বা.] বিণ. অন্যের গৃহে বাসকারী; পরাশ্রিত।

পরচর্চা /পরোচর্‌চা/ [স. পর+চর্চা] বি. অন্যের বিষয়ে আলোচনা; পরনিন্দা, অপরের দোষত্রুটির সমালোচনা।

পরচা /পর্‌চা/ [ফা.] বি. ১ জমির পরিমাণ ও খাজনার বিবরণসংক্রান্ত সরকারি দলিল। ২ হিসাব। ৩ বংশপরিচয়। ৪ তালিকা।

পরচাল /পর্‌চাল্/ [বা.] বি. ঘরের চালের নিম্নদেশে দরজার ওপরের ক্ষুদ্রতর আচ্ছাদনবিশেষ।

www.pathagar.com

পরচালা /পর্‌চালা / [বা.] বি. দ্র পরচাল।

পরচুলা /পর্‌চুলা / [বা.] বি. কৃত্রিম কেশ।

পরচ্ছন্দ /পরোচ্‌ছন্‌দো / [স. পর+ছন্দ] বি. অন্যের ইচ্ছা। বিণ. অন্যের ইচ্ছায় চলে এমন, পরাধীন।

পরচ্ছন্দানুবর্তী /পরোচ্‌ছন্‌দানুবোর্‌তি / [স. পরচ্ছন্দ +অনুবর্তী] বিণ. পরবশ, পরাধীন।

পরচ্ছিদ্র /পরোচ্‌ছিদ্‌দ্রো / [স. পর+ছিদ্র] বি. অন্যের দোষত্রুটি।

পরচ্ছিদ্রান্বেষণ /পরোচ্‌ছিদ্‌দ্রান্‌নেশন্‌ / [স. পরচ্ছিদ্র +অন্বেষণ] বি. অন্যের দোষত্রুটির সন্ধান।

পরচ্ছিদ্রান্বেষী /পরোচ্‌ছিদ্‌দ্রান্‌নেশি / [স. পরচ্ছিদ্র+ অন্বেষ+ইন্‌] বিণ. অন্যের দোষ খুঁজে বেড়ায় এমন।

পরজ /পরোজো / [স. পরাজিকা >] বি. রাত্রির চতুর্থ প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

পরজন্ম /পরোজন্‌মো / [স. পর + জন্মন্‌] বি. মৃত্যুর পর পুনরায় জন্মগ্রহণ।

পরজীবী /পরোজিবি / [স. পর+√জীব্‌+ইন্‌] বিণ. অন্যকে আশ্রয় করে বাঁচে এমন। বি. (বিজ্ঞান.) অন্য জীবের দেহে বাস করে এমন উদ্ভিদ বা প্রাণী, parasite।

পরঞ্জয় /পরোন্‌জয়্‌ / [স. পর+√জি+অ] বিণ. শত্রুকে জয় করে এমন। বি. অরিন্দম।

পরত /পরোত্‌ / [স. পত্র >] বি. ভাঁজ, স্তর, থাক; পাট, layer।

পরতন্ত্র /পরোতন্‌ত্রো / [স. পর+ √তন্‌+ত্র] বিণ. অন্যের ইচ্ছায় নিয়ন্ত্রিত; পরাধীন।

পরতাল /পর্‌তাল্‌ / [ফা.] বি. পুনরায় জরিপ বা মাপ যাচাই।

পরত্র /পরোত্‌ত্রো / [স. পর+ত্র] ক্রিবিণ. ১ অন্যত্র। ২ পরবর্তীকালে। ৩ পরকালে, পরলোকে।

পরত্রভীরু /পরোত্‌ত্রোভিরু / [স. পরত্র+√ভী+রু] বিণ. পরকালকে ভয় করে এমন; ধর্মভীরু।

পরদার /পরোদার্‌ / [স. পর+ √দারি+অ] বি. অন্যের পত্নী, পরস্ত্রী।

পরদারগমন /পরোদার্‌গমোন্‌ / [স. পরদার+গমন] বি. অন্যের পত্নীর সঙ্গে সহবাস।

পরদারগামী /পরোদার্‌গামি / [স. পরদার+ √গম্‌+ ইন্‌] বিণ. অন্যের পত্নীর সঙ্গে সহবাসকারী।

পরদারিক /পরোদারিক্‌ / [স. পরদার+ইক] বিণ. দ্র পরদারগামী।

পরদিন /পর্‌দিন্‌ / [স. পর+দিন] বি. পরবর্তী দিন।

পরদুঃখ /পরোদুক্‌খো / [স. পর+দুঃখ] বি. অন্যের দুঃখ।

পরদুঃখকাতর /পরোদুক্‌খোকাতোর্‌ / [স. পরদুঃখ+ কাতর] বিণ. অন্যের দুঃখে কাতর।

পরদেশ /পরোদেশ্‌ / [স. পর+দেশ] বি. ভিন্নদেশ, অন্যদেশ, বিদেশ, প্রবাস।

পরদেশি /পরোদেশি / [স. পরদেশ >] বিণ. বিদেশি, ভিনদেশীয়। স্ত্রী. পরদেশিনী /পরোদেশিনি /।

পরদ্বেষ /পরোদ্‌দেশ্‌/ [স. পর+দ্বেষ] বি. অন্যের প্রতি দ্বেষ বা হিংসা।

পরদ্বেষী /পরোদ্‌দেশি / [স. পরদ্বেষ+ইন্‌] বিণ. অন্যকে হিংসা করে এমন। স্ত্রী. পরদ্বেষিণী /পরোদ্‌দেশিনি /।

পরদ্রব্য /পরোদ্রোব্‌বো / [স. পর+দ্রব্য] বি. অন্যের জিনিস, অন্যের ধন।

পরধন /পরোধন্‌ / [স. পর+ধন] বি. ১ অপরের ধনসম্পদ। ২ পরস্ব।

পরধনলোভী /পরোধন্‌লোভি / [স. পরধন+ √লুভ্‌+ ইন্‌] বিণ. অপরের ধনের প্রতি লোভযুক্ত।

পরধর্ম /পরোধর্‌মো / [স. পর+ধর্ম] বি. অন্যের ধর্ম।

পরধর্মাচার /পরোধর্‌মাচার্‌ / [স. পরধর্ম+আচার] বি. স্বীয় ধর্ম বা সংস্কারবিরুদ্ধ আচার।

পরধর্মাচারী /পরোধর্‌মাচারি / [স. পরধর্মাচার+ইন্‌] বিণ. স্বীয় ধর্ম বা সংস্কারবিরুদ্ধ আচরণকারী।

পরন /পরোন্‌ / [স. পরিধান >] বি. অঙ্গে ধারণ।

পরনারী /পরোনারি / [স. পর+নারী] বি. পত্নীভিন্ন অন্য নারী; অন্যের পত্নী, পরদার।

পরনিন্দা /পরোনিন্‌দা / [স. পর+নিন্দা] বি. অন্যের কুৎসা বা নিন্দা।

পরন্তপ /পরোন্‌তপ্‌/ [স. পর+ √তাপি+অ] বিণ. শত্রুকে পীড়নকারী। বি. অরিন্দম।

পরন্তু /পরোন্‌তু / [স. পরম্‌+তু] অব্য. ১ অধিকন্তু; পক্ষান্তরে। ২ কিন্তু।

পরপতি /পরোপোতি / [স. পর+পতি] বি. ১ অন্য নারীর স্বামী। ২ উপপতি।

পরপত্নী /পরোপোত্‌নি / [স. পর+পত্নী] বি. অন্যের পত্নী, পরস্ত্রী।

পরপদ /পরোপদ / [স. পর+পদ] বি. (ব্যা.) সমাসে সমস্যমান দুটি পদের মধ্যে দ্বিতীয়টি।

পরপর /পর্‌পর্‌/ [স. পর+পর] ক্রিবিণ. ১ একের পর আর। ২ ক্রমান্বয়ে। ৩ অন্তর অন্তর (*দু-দিন পরপর*)। ৪ সারিবদ্ধভাবে (*পরপর সাজানো*)।

পরপীড়ক /পরোপিড়ক্‌/ [স. পর+পীড়ক] বিণ. অন্যকে পীড়ন করে এমন।

পরপীড়ন /পরোপিড়ন্‌/ [স. পর+পীড়ন] বি.

www.pathagar.com

অন্যকে পীড়ন; অন্যকে ক্লেশদান।

পরপুরুষ /পরপুরুশ্/ [স. পর+পুরুষ] বি. ১ পরম পুরুষ অর্থাৎ ভগবান। ২ স্বামীভিন্ন অন্য পুরুষ। ৩ উপপতি। ৪ পরবর্তী বংশধর।

পরপুষ্ট /পরোপুশ্টো/ [স. পর+√পুষ্+ত] বিণ. অন্যের দ্বারা পালিত। বি. কোকিল; পরভৃত। স্ত্রী. **পরপুষ্টা** /পরোপুশ্টা/।

পরপূর্বা /পরোপুর্‌বা/ [স. পরপূর্ব+আ (টাপ্)] বিণ. পূর্বে বিবাহিতা বা অন্যের বাগদত্তা ছিল এমন, অন্যপূর্বা।

পরব /পরোব্/ [স. পর্বন্ >] বি. উৎসব।

পরবর্তী /পরোবোর্‌তি/ [স. পর+√বৃৎ+ইন্] বিণ. পরে অবস্থিত। স্ত্রী. **পরবর্তিনী** /পরোবোর্‌তিনি/।

পরবশ /পরোবশ্/ [স. পর+বশ] বিণ. অন্যের ইচ্ছাধীন, পরাধীন; অধীন (*দয়াপরবশ*)।

পরবাদ /পরোবাদ্/ [স. পর+বাদ] বি. ১ নিন্দা, অপবাদ, অখ্যাতি। ২ প্রত্যুত্তর।

পরবাদী /পরোবাদি/ [স. পরবাদ+ইন্] বিণ. ১ নিন্দক, অপবাদকারী। ২ প্রত্যুত্তরকারী। স্ত্রী. **পরবাদিনী** /পরোবাদিনি/।

পরবাস /পরোবাশ্/ [স. প্রবাস >] বি. 'প্রবাস'-এর কোমল রূপ।

পরবাসী /পরোবাশি/ [স. প্রবাসী >] বিণ. 'প্রবাসী'-র বিকৃত রূপ। স্ত্রী. **পরবাসিনী** /পরোবাশিনি/।

পরবি /পরোবি/ [স. পর্বন্ >] বি. পর্বাদিতে প্রাপ্য ইনাম।

পরব্রত /পরোব্‌ব্রোতো/ [স. পর+ব্রত] বিণ. মহৎ ব্রত অবলম্বনকারী।

পরব্রহ্ম /পরোব্‌ব্রোমhো/ [স. পর+√বৃন্হ্+মন্] বি. পরমপুরুষ, পরমেশ্বর।

পরভৃত /পরোব্‌ভৃতো/ [স. পর+√ভৃ+ত] বিণ. অন্যের দ্বারা পালিত। বি. কোকিল, পিক। স্ত্রী. **পরভৃতা** /পরোব্‌ভৃতা/।

পরভৃৎ /পরোব্‌ভৃত্/ [স. পর+√ভৃ+ক্বিপ্] বিণ. অন্যকে পালন করে এমন। বি. কাক, বায়স।

পরম /পরোম্/ [স. পর+√মা+অ] বিণ. শ্রেষ্ঠ; মহান (*পরমপুরুষ*)। স্ত্রী. **পরমা** /পরোমা/।

পরমগতি /পরোম্‌গোতি/ [স. পরম+গতি] বি. মুক্তি, নির্বাণ; কৈবল্য।

পরমজ্ঞানী /পরোম্‌গ্যানি/ [স. পরম+জ্ঞান+ইন্] বিণ. ঈশ্বরজ্ঞানপ্রাপ্ত; অতিশয় জ্ঞানী।

পরমত /পরোমত্/ [স. পর+মত] বি. অপরের অভিমত, অন্যের মত।

পরমত-অসহিষ্ণু /পরোমত্‌অশোহিশ্‌নু/ [স. পরমত+অসহিষ্ণু] বিণ. পরমত সহ্য করতে পারে না এমন।

পরমতসহিষ্ণু /পরোমত্‌শোহিশ্‌নু/ [স. পরমত+সহিষ্ণু] বিণ. অন্যের মত মেনে নেয় এমন। বি. -তা /-তা/।

পরমতাবলম্বী /পরোমতাবোলোম্‌বি/ [স. পরমত+অবলম্বী] বিণ. অপরের মতামত গ্রহণকারী।

পরমধন /পরোম্‌ধন্/ [স. পরম+ধন] বি. শ্রেষ্ঠ ধন।

পরমপদ /পরোম্‌পদ্/ [স. পরম+পদ] বি. ১ শ্রেষ্ঠ স্থান। ২ মোক্ষ, মুক্তি।

পরমপদার্থ /পরোম্‌পদারথো/ [স. পরম+পদার্থ] বি. মূল সত্তা।

পরমপিতা /পরোম্‌পিতা/ [স. পরম+বা. পিতা] বি. পরমেশ্বর।

পরমপুরুষ /পরোম্‌পুরুশ্/ [স. পরম+পুরুষ] বি. পরমেশ্বর।

পরমবন্ধু /পরোম্‌বোন্‌ধু/ [স. পরম+বন্ধু] বি. অন্তরঙ্গ বন্ধু।

পরমব্রহ্ম /পরোম্‌ব্রোমhো/ [স. পরম+ব্রহ্ম] বি. পরমেশ্বর।

পরমহংস /পরোম্‌হংশো/ [স. পরম+হংস] বি. মহাযোগী; শুদ্ধচিত্ত সংযত ও সমদর্শী যোগীপুরুষ।

পরমা গতি /পরোমা গোতি/ বি. মুক্তি, মোক্ষ।

পরমাণু /পরোমানু/ [স. পরম+অণু] বি. মৌলিক পদার্থের ক্ষুদ্রতম একক যাতে ওই পদার্থের সকল গুণ অক্ষুণ্ন থাকে (এই এককের অভ্যন্তরে একটি ধনাত্মক চার্জকেন্দ্রের চারপাশে থাকে একদল ঘূর্ণমান ইলেকট্রন যার সংখ্যা এমন যাতে মোট ঋণাত্মক চার্জ কেন্দ্রস্থ ধনাত্মক চার্জের সমান হয়), atom।

পরমাত্মা /পরোমাত্‌মা/ [স. পরম+আত্মন্] বি. ১ পরমেশ্বর, পরব্রহ্ম। ২ বিষ্ণু।

পরমাত্মীয় /পরোমাত্‌তিয়ো/ [স. পরম+আত্মীয়] বি. অত্যন্ত অন্তরঙ্গ। বিণ. অত্যন্ত নিকট-সম্বন্ধীয়। স্ত্রী. **পরমাত্মীয়া** /পরোমাত্‌তিআ/।

পরমাদর /পরোমাদোর্/ [স. পরম+আদর] বি. অতিশয় আদর বা যত্ন।

পরমানন্দ /পরোমানন্‌দো/ [স. পরম+আনন্দ] বি. অতিশয় আনন্দ।

পরমান্ন /পরোমান্‌নো/ [স. পরম+অন্ন] বি. দুধ ও চিনি (বা গুড়) দিয়ে রাঁধা অন্ন, পায়েস, পায়সান্ন।

পরমায়ু /পরোমায়ু/ [স. পরম+আয়ুঃ] বি. আয়ুষ্কাল; জীবৎকাল।

www.pathagar.com

পরমার্থ /পরোমারথো / [স. পরম+অর্থ] বি. ১ শ্রেষ্ঠ বস্তু। ২ ধর্ম। ৩ চরম লক্ষ্য। ৪ পরম সত্য। বিণ. ১ অকৃত্রিম। ২ শ্রেষ্ঠ কাম্য।

পরমার্থচিন্তা /পরোমারথোচিন্‌তা/ [স. পরমার্থ+চিন্তা] বি. ১ ধর্মচিন্তা। ২ ব্রহ্মধ্যান।

পরমাশ্চর্য /পরোমাশ্‌চোরজো / [স. পরম+আশ্চর্য] বিণ. অত্যন্ত বিস্ময়কর।

পরমুখাপেক্ষা /পরোমুখাপেক্‌খা/ [স. পরমুখ+অপেক্ষা] বি. অন্যের সাহায্য প্রত্যাশা; অন্যের ওপর নির্ভরশীলতা।

পরমুখাপেক্ষী /পরোমুখাপেক্‌খি / [স. পরমুখাপেক্ষা+ইন্‌] বিণ. অন্যের সাহায্যপ্রত্যাশী। বি. পরমুখাপেক্ষিতা /পরোমুখাপেক্‌খিতা/।

পরমেশ /পরোমেশ্‌/ [স. পরম+ঈশ] বি. দ্র পরমেশ্বর।

পরমেশ্বর /পরোমেশ্‌শর্‌/ [স. পরম+ঈশ্বর] বি. জগদীশ্বর, ভগবান, পরব্রহ্ম।

পরমেশ্বরী /পরোমেশ্‌শোরি/ [স. পরমেশ্বর+ঈ] বি. ভগবতী; দেবী দুর্গা।

পরমেষ্ঠী /পরোমেশ্‌ঠি / [স. পরম+√স্থা+ইন্‌] বি. ১ যিনি শ্রেষ্ঠ পদে অধিষ্ঠিত। ২ ব্রহ্মা। ৩ শিব। ৪ বিষ্ণু। ৫ দীক্ষাগুরু।

পরমোৎসব /পরোমোত্‌শব্‌ / [স. পরম+উৎসব] বি. মহান উৎসব (*ওহে সুন্দর, মম গৃহে আজি পরমোৎসব-রাতি।* রবীন্দ্র.)।

পরম্পর /পরোম্‌পর/ [স. পর+পর] বিণ. একের পর আর, ধারানুযায়ী, পরপর, অনুক্রমাগত।

পরম্পরা /পরোম্‌পরা / [স. পরম্পর+আ (টাপ্‌)] বি. পর্যায়; ধারা, অনুক্রম (*বংশপরম্পরা*)।

পরম্পরাক্রমে /পরোম্‌পরাক্রোমে / [স. পরম্পরা+ক্রম+বা. এ] ক্রিবিণ. পরপর, ক্রমানুসারে।

পরম্পরাগত /পরোম্‌পরাগতো / [স. পরম্পর+আগত] বিণ. পরম্পরা বা ক্রমানুসারে আগত; ধারাবাহিক।

পরম্পরায় /পরোম্‌পরায়্‌ / [স. পরম্পরা >] ক্রিবিণ. পরপর, ক্রমানুসারে।

পরম্পরীণ /পরোম্‌পোরিন্‌/ [স. পরম্পরা+ঈন] বিণ. দ্র পরম্পরাগত।

পররাষ্ট্র /পরোরাশ্‌ট্রো/ [স. পর+√রাজ্‌+ত্র] বি. অন্য রাষ্ট্র, বিদেশ।

পররাষ্ট্রনীতি /পরোরাশ্‌ট্রোনিতি/ [স. পররাষ্ট্র+নীতি] বি. অন্য রাষ্ট্র সম্পর্কে অনুসৃত নীতি।

পরলোক /পরোলোক্‌/ [স. পর+লোক] বি. মৃত্যু-পরবর্তী কল্পিত লোক, লোকান্তর।

পরলোকগমন /পরোলোক্‌গমোন/ [স. পরলোক+গমন] বি. ইহলোক থেকে অন্য লোকে স্থানান্তরণ, ইন্তেকাল।

পরলোকপ্রাপ্তি /পরোলোক্‌প্রাপ্‌তি/ [স. পরলোক+প্র+√আপ্‌+তি] বি. মৃত্যু।

পরশ /পরোশ্‌/ [স. স্পর্শ >] বি. 'স্পর্শ'-র কোমল ও কাব্যিক রূপ।

পরশন /পরোশন্‌ / [হি.] বি. 'স্পর্শন'-এর কোমল ও কাব্যিক রূপ।

পরশপাথর /পরোশ্‌পাথোর্‌/ [স. স্পর্শমণি >] বি. যে কল্পিত পাথরের ছোঁয়ায় লোহা সোনায় পরিণত হয়, স্পর্শমণি।

পরশমণি /পরোশ্‌মোনি / [স. স্পর্শমণি >] বি. দ্র পরশপাথর।

পরশমানিক /পরোশ্‌মানিক্‌/ [স. স্পর্শমণি >] বি. দ্র পরশপাথর।

পরশু[১] /পরোশু/ [স. পর+√শৃ+উ] বি. ভারতের প্রাচীন যুদ্ধাস্ত্রবিশেষ, কুঠার, টাঙ্গি।

পরশু[২] /পোরশু/ [স. পরস্বঃ >] ক্রিবিণ. বি. আগামী-কালের পরবর্তী দিন; গতকালের পূর্ববর্তী দিন।

পরশুরাম /পরোশুরাম্‌/ [স. পরশু+রাম] বি. পুরাণোক্ত ঋষিবিশেষ, জমদগ্নি ঋষির পুত্র; বিষ্ণুর ষষ্ঠ অবতার যিনি কুঠার দিয়ে একুশবার ক্ষত্রিয়কুল ধ্বংস করেছিলেন বলে কথিত।

পরশ্ব /পরোশ্‌শো/ [স. পর+স্বস্‌] ক্রিবিণ. বি. আগামীকালের পরবর্তী বা গতকালের পূর্ববর্তী দিন, পরশু।

পরশ্রী /পরোস্‌স্রি / [স. পর+√শ্রী+ক্বিপ্‌] বি. অন্যের সুখসমৃদ্ধি শ্রী ও সৌভাগ্য।

পরশ্রীকাতর /পরোস্‌স্রিকাতোর্‌/ [স. পরশ্রী+কাতর] বিণ. অপরের উন্নতি বা সৌভাগ্য দেখে ঈর্ষান্বিত হয় এমন। বি. পরশ্রীকাতরতা /পরোস্‌স্রি-কাতোরতা/।

পরসঙ্গ /পরোশংগো/ [স. পর+√সন্‌জ্‌+অ] বি. অন্যের সঙ্গ বা সান্নিধ্যলাভ।

পরস্ত্রী /পরোস্‌ত্রি / [স. পর+স্ত্রী] বি. অপরের স্ত্রী, পরপত্নী, পরদার।

পরস্পর /পরোশ্‌পর্‌/ [স. পরঃ+পর] সর্ব. ১ উভয় বা বহুর মধ্যে। ২ একের সঙ্গে অন্য; অন্যান্য। বিণ. অনেকের মধ্যে; উভয়ের।

পরস্পর বিরোধিতা /পরোশ্‌পর্‌ বিরোধিতা/ বি.

www.pathagar.com

একে অপরের বিরোধিতা।

পরস্পরবিরোধী /পরোশ্‌পর্‌বিরোধি/ [স. পরস্পর+বিরোধ+ইন্] বিণ. একে অন্যের বিরুদ্ধভাবাপন্ন।

পরস্ব /পরোশ্‌শো/ [স. পর+স্ব] বি. অন্যের বিত্ত বা সম্পদ।

পরস্বহরণ /পরোশ্‌শোহরোন্/ [স. পরস্ব+√হৃ+অন] বি. অন্যের বিত্ত বা সম্পদ লুণ্ঠন।

পরস্বহারী /পরোশ্‌শোহারি/ [স. পরস্ব+√হৃ+ইন্] বিণ. পরধন হরণকারী।

পরস্বাপহরণ /পরোশ্‌শাপোহরোন্/ [স. পরস্ব+অপহরণ] বি. দ্র পরস্বহরণ।

পরস্বাপহারী /পরোশ্‌শাপোহারি/ [স. পরস্বাপহার+ইন্] বিণ. দ্র পরস্বহারী।

পরস্মৈপদ /পরোশ্‌মোইপদো/ [স. পরস্মৈ+পদ] বি. (ব্যা.) অন্যের উদ্দেশ্য প্রকাশ করে এমন ধাতু-বিভক্তি।

পরস্মৈপদী /পরোশ্‌মোইপোদি/ [স. পরস্মৈপদ+ইন্] বিণ. ১ (ব্যা.) পরস্মৈপদে প্রযুক্ত। ২ অন্যকে দিয়ে করানো যায় এমন। ৩ অন্যের।

পরহিংসক /পরোহিংশক্/ [স. পর+হিংসক] বিণ. ১ অন্যের প্রতি ঈর্ষান্বিত। ২ পরের ক্ষতিসাধনকারী।

পরহিংসা /পরোহিংশা/ [স. পর+√হিংস্+অ+আ (টাপ্)] বি. অন্যের প্রতি ঈর্ষা বা বিদ্বেষ।

পরহিত /পরোহিতো/ [স. পর+√ধা+ত] বি. অপরের মঙ্গল, পরোপকার।

পরহিতব্রত /পরোহিতোব্‌ব্রোতো/ [স. পরহিত+ব্রত] বি. পরোপকারের ব্রত।

পরহিতব্রতী /পরোহিতোব্‌ব্রোতি/ [স. পরহিতব্রত+ইন্] বিণ. পরোপকারের ব্রত গ্রহণ করেছে এমন।

পরহিতাকাঙ্ক্ষা /পরোহিতাকাংখা/ [স. পরহিত+আকাঙ্ক্ষা] বি. পরোপকারের আকাঙ্ক্ষা।

পরহিতাকাঙ্ক্ষী /পরোহিতাকাংখি/ [স. পরহিত+আকাঙ্ক্ষা+ইন্] বিণ. অন্যের হিতসাধনে ইচ্ছুক।

পরহিতৈষণা /পরোহিতোইশনা/ [স. পরহিত+এষণা] বি. অন্যের মঙ্গলসাধনের ইচ্ছা।

পরহিতৈষী /পরোহিতোইশি/ [স. পরহিত+√ইষ্+ইন্] বিণ. দ্র পরহিতাকাঙ্ক্ষী।

পরহেজগার /পরহেজ্‌গার্/ [ফা.] বিণ. ১ ধর্মবিরোধী কাজ থেকে বিরত থাকেন এমন। ২ সংযমী।

পরা[১] /পরা/ [স. √পৃ+অ+আ (টাপ্)] বিণ. ১ পরমা, শ্রেষ্ঠা (*পরাবিদ্যা*)। ২ নিরতা (*নৃত্যপরা*)। বি. আতিশয্য বৈপরীত্য প্রভৃতিজ্ঞাপক সংস্কৃত উপসর্গবিশেষ (*পরাক্রম*)।

পরা[২] /পরা/ [স. পরিধান >] ক্রিবি. পরিধান করা (*কাপড় পরা*), অঙ্গে ধারণ করা (*তিলক পরা*)।

পরাকরণ /পরাকরোন্/ [স. পরা+√কৃ+অন] বি. ১ অবজ্ঞা, ঘৃণা। ২ প্রত্যাখ্যান।

পরাকাষ্ঠা /পরাকাশ্‌ঠা/ [স. পরা+√কাশ্+থ+আ (টাপ্)] বি. চরম সীমা, চরম উৎকর্ষ; climax।

পরাকৃত /পরাক্‌কৃতো/ [স. পরা+√কৃ+ত] বিণ. ১ অবজ্ঞাত, উপেক্ষিত। ২ ঘৃণিত।

পরাক্রম /পরাক্‌ক্রোম্/ [স. পরা+√ক্রম্+অ] বি. বল; বীর্য; শক্তি; বিক্রম, বীরত্ব; প্রতাপ।

পরাক্রমশালী /পরাক্‌ক্রোম্‌শালি/ [স. পরাক্রম+√শাল্+ইন্] বিণ. শক্তিমান; বীরত্বপূর্ণ। বি. **পরাক্রমশালিতা** /পরাক্‌ক্রোম্‌শালিতা/।

পরাক্রান্ত /পরাক্‌ক্রান্তো/ [স. পরা+√ক্রম্+ত] বিণ. পরাক্রমযুক্ত; শক্তিমান; বলশালী; প্রতাপশালী। স্ত্রী. **পরাক্রান্তা** /পরাক্‌ক্রান্তা/।

পরাগ /পরাগ্/ [স. পরা+√গম্+অ] বি. ১ ফুলের রেণু, pollen। ২ গন্ধদ্রব্যচূর্ণ। ৩ রেণু। ৪ চূর্ণ।

পরাগকেশর /পরাগ্‌কেশর্/ [স. পরাগ+কেশর] বি. পরাগযুক্ত ফুলের কেশর, stamen।

পরাগত /পরাগতো/ [স. পরা+√গম্+ত] বিণ. ১ প্রত্যাগত। ২ ব্যাপ্ত। ৩ বিকশিত। ৪ যুক্ত।

পরাগত সমীভবন /পরাগতো শোমিভবোন্/ বি. (ব্যা.) পরপর উচ্চারিত দুটি ব্যঞ্জনধ্বনির উচ্চারণস্থান পৃথক হওয়ার ফলে প্রথম ধ্বনি দ্বিতীয় ধ্বনির মতো উচ্চারণ (চলৎ+চিত্র > চলচ্চিত্র)।

পরাগধানী /পরাগ্‌ধানি/ [স. পরাগ+ধান+ঈ] বি. পরাগকেশরের শীর্ষদেশ যেখানে পরাগ থাকে, anther।

পরাগমিলন /পরাগ্‌মিলন্/ [স. পরাগ+মিলন] বি. দ্র পরাগায়ন।

পরাগযোগ /পরাগ্‌জোগ্/ [স. পরাগ+যোগ] বি. দ্র পরাগায়ন।

পরাগস্থলী /পরাগ্‌স্‌থোলি/ [স. পরাগ+স্থল+ঈ] বি. ফুলের পরাগধানীর কোষ যার ভেতরে পরাগ থাকে, pollensac।

পরাগায়ন /পরাগায়ন্/ [স. পরাগ+অয়ন] বি. ফুলের গর্ভকেশরে পরাগ সংক্রমণ, pollination।

পরাগিত /পরাগিতো/ [স. পরাগ+ইত] বিণ. পরাগ-বিশিষ্ট, pollinated।

পরাঙ্মুখ /পরাংমুখ্/ [স. পরাক্+মুখ] বিণ. ১ মুখ

www.pathagar.com

ফিরিয়ে আছে এমন, বিমুখ। ২ প্রতিকূল, বিরুদ্ধ। ৩ উদাসীন, নির্লিপ্ত।

পরাজয় /পরাজয়্/ [স. পরা+√জি+অ] বি. হার, পরাভব।

পরাজিত /পরাজিতো/ [স. পরা+√জি+ত] বিণ. পরাভূত, পরাস্ত। স্ত্রী. **পরাজিতা** /পরাজিতা/।

পরাজেয় /পরাজেয়ো/ [স. পরা+√জি+য] বিণ. পরাভূত করা যায় এমন।

পরাত /পরাত্/ [পো.] বি. ধাতু বা কাঠের তৈরি বড়ো থালা।

পরাৎপর /পরাত্পর্/ [স. পরাৎ+পর] বিণ. শ্রেষ্ঠ; সর্বোত্তম। বি. পরমেশ্বর, জগদীশ্বর। স্ত্রী. **পরাৎপরা** /পরাত্পরা/।

পরাধিকার /পরাধিকার্/ [স. পর+অধিকার] বি. পরের অধিকার (*পরাধিকার চর্চা*)।

পরাধীন /পরাধিন্/ [স. পর+অধীন] বিণ. অন্যের অধীন; পরবশ। স্ত্রী. **পরাধীনা** /পরাধিনা/।

পরাধীনতা /পরাধিনতা/ [স. পরাধীন+তা] বি. অন্যের অধীনতা।

পরান /পরান্/ [স. প্রাণ >] বি. ১ প্রাণ, জীবন। ২ ফুসফুসস্থিত যে বাতাস শ্বাসরূপে গৃহীত হয়, প্রাণবায়ু। ৩ চিত্ত, অন্তঃকরণ, হৃদয়; মন (*আমার পরান যাহা চায়, /তুমি তাই তুমি তাই গো।* রবীন্দ্র.)। ৪ 'প্রাণ'-এর কাব্যিক রূপ।

পরানো /পরানো/ [বা.] ক্রিবি. পরিধান করানো; দেহে ধারণ করানো।

পরান্তক /পরান্তক্/ [স. পর+অন্তক] বিণ. সৃষ্টি ধ্বংসকারী। বি. মহাদেব, শিব।

পরান্ন /পরান্নো/ [স. পর+অন্ন] বি. পরের অন্ন, যে অন্ন স্বোপার্জিত নয়।

পরান্নজীবী /পরান্নোজিবি/ [স. পরান্ন+√জীব্+ইন্] বিণ. অপরের অন্নে জীবনধারণ করে এমন। বি. **পরান্নজীবিতা** /পরান্নোজিবিতা/।

পরান্নপুষ্ট /পরান্নোপুশ্‌টো/ [স. পরান্ন+√পুষ্+ত] বিণ. অপরের অন্নে প্রতিপালিত।

পরান্নভোজী /পরান্নোভোজি/ [স. পরান্ন+√ভুজ্+ইন্] বিণ. দ্র পরান্নজীবী।

পরাবর্ত /পরাবর্তো/ [স. পরা+√বৃত্+অ] বি. ১ বিনিময়, অদলবদল, বদলাবদলি। ২ প্রত্যাবর্তন।

পরাবর্তন /পরাবর্তোন্/ [স. পরা+√বৃত্+অন] বি. ১ প্রত্যাবর্তন। ২ প্রতিফলন, reflection।

পরাবর্তিত /পরাবোর্তিতো/ [স. পরা+√বর্তি+ত] বিণ. ফেরানো হয়েছে এমন, প্রত্যাবর্তিত।

পরাবৃত্ত /পরাবৃত্তো/ [স. পরা+√বৃত্+ত] বিণ. ১ ফিরে এসেছে এমন, প্রত্যাবৃত্ত। ২ পলায়িত। ৩ পরিবর্তিত।

পরাবৃত্তি /পরাবৃত্তি/ [স. পরা+√বৃত্+তি] বি. ১ প্রত্যাবর্তন। ২ পলায়ন।

পরাভব /পরাভব্/ [স. পরা+√ভূ+অ] বি. ১ হার, পরাজয়। ২ অতিক্রম। ৩ নির্যাতন। ৪ বিনাশ।

পরাভূত /পরাভুতো/ [স. পরা+√ভূ+ত] বিণ. ১ পরাজিত। ২ অতিক্রান্ত। ৩ তিরস্কৃত; নিন্দিত। স্ত্রী. **পরাভূতা** /পরাভুতা/।

পরামর্শ /পরামর্‌শো/ [স. পরা+√মৃশ্+অ] বি. ১ মন্ত্রণা (*পরামর্শ করা*)। ২ উপদেশ (*পরামর্শ প্রদান*)। ৩ কর্তব্যের বিষয়ে অভিমত। ৪ বিবেচনা।

পরামর্শক /পরামর্‌শক্/ [স. পরা+√মৃশ্+অক] বি. ১ কোনো প্রকল্পের সম্ভাব্যতা ব্যবস্থাপনা কারিগরি আর্থিক প্রভৃতি বিষয়ে পেশাগত পরামর্শদাতা। ২ চিকিৎসার বিষয়ে পরামর্শদাতা। ৩ consultant।

পরামর্শ করা /পরামর্‌শো করা/ ক্রিবি. কোনো বিষয়ে অন্যের অভিমত জানার উদ্দেশ্যে আলোচনা করা।

পরামর্শক্রমে /পরামর্‌শোক্‌ক্রোমে/ [স. পরামর্শ+ক্রম+বা. এ] ক্রিবিণ. অন্যের সঙ্গে আলোচনার ভিত্তিতে।

পরামর্শদাতা /পরামর্‌শোদাতা/ [স. পরামর্শ+√দা+তৃ] বিণ. পরামর্শদানকারী, পরামর্শক।

পরামর্শনির্ভর /পরামর্‌শোনির্‌ভর্/ [স. পরামর্শ+নির্ভর] বিণ. অন্যের সঙ্গে আলোচনার ওপর নির্ভরশীল।

পরামর্ষ /পরামর্‌শো/ [স. পরা+√মৃষ্+অ] বি. ১ সহ্যকরণ, সহন। ২ ক্ষমা।

পরামানিক /পরামানিক্/ [স. প্রামাণিক >] বি. ১ নাপিত। ২ মোড়ল। ৩ বিজ্ঞ ব্যক্তি। ৪ পদবি-বিশেষ। ৫ 'প্রামাণিক'-এর কোমল রূপ।

পরায়ণ[১] /পরায়োন্/ [স. পর+অয়ন] বি. ১ প্রধান অবলম্বন, শ্রেষ্ঠ আশ্রয়, পরম গতি। ২ বিষ্ণু।

পরায়ণ[২] /পরায়োন্/ [স. পর+অয়ন] বিণ. ১ অতিশয় অনুরক্ত (*স্নেহপরায়ণ*)। ২ একনিষ্ঠ (*কর্তব্য-পরায়ণ*)। স্ত্রী. **পরায়ণা** /পরায়োনা/।

পরায়ত্ত /পরায়ত্তো/ [স. পর+আয়ত্ত] বিণ. অন্যের অধিকারভুক্ত, পরাধীন, পরবশ।

পরার্থ /পরার্‌থো/ [স. পর+অর্থ] বি. ১ অন্যের প্রয়োজন। ২ পরের উপকার। ৩ অপরের ধন।

পরার্থপর /পরার্‌থোপর্/ [স. পরার্থ+পর] বিণ.

www.pathagar.com

পরোপকারী।

পরার্থপরতা /পরার্থোপরোতা / [স. পরার্থপর+তা] বি. পরোপকারের ইচ্ছা।

পরার্থবাদ /পরার্থোবাদ্ / [স. পরার্থ+বাদ] বি. পরের মঙ্গলের জন্যই মানবজাতির আবির্ভাব এইরূপ দার্শনিক মতবাদ।

পরার্থে /পরার্থে / [স. পরার্থ+বা. এ] ক্রিবিণ. পরের জন্য।

পরার্ধ /পরার্ধো / [স. পর+অর্ধ] বি. শেষার্ধ; ব্রহ্মার আয়ুর দ্বিতীয়ার্ধ। বিণ. শত সহস্র লক্ষ কোটি সংখ্যক।

পরাশর /পরাশর / [স. পরা+আ+√শাস্+অর] বি. ব্যাসদেবের পিতা ও ধর্মশাস্ত্রপ্রবর্তক ঋষি।

পরাশ্রয় /পরাস্শ্রয় / [স. পর+আশ্রয়] বি. অন্যের আশ্রয় বা অবলম্বন।

পরাশ্রয়ী /পরাস্শ্রোয়ি/ [স. পরাশ্রয়+ইন্] বিণ. অন্যকে আশ্রয় বা অবলম্বন করে এমন। বি. পরগাছা, parasite।

পরাশ্রিত /পরাস্শ্রিতো/ [স. পর+আ+√শ্রি+ত] বিণ. অন্যের দ্বারা আশ্রিত বা পালিত। স্ত্রী. পরাশ্রিতা /পরাস্শ্রিতা/।

পরাস্ত /পরাস্তো / [স. পরা+√অস্+ত] বিণ. ১ পরাজিত। ২ নিন্দিত; তিরস্কৃত। ৩ অতিক্রান্ত।

পরাহ /পরাহো / [স. পর+অহন্] বি. পরবর্তী দিন।

পরাহত /পরাহতো / [স. পরা+√হন্+ত] বিণ. ১ পরাস্ত। ২ আহত। ৩ বাধাপ্রাপ্ত। ৪ আক্রান্ত।

পরাহ্ণ /পরান্ɲho / [স. পর+অহ্ণ] বি. অপরাহ্ণ, বৈকাল।

পরি[১] /পোরি / [ফা.] বি. ১ রূপকথায় বর্ণিত ডানা-বিশিষ্ট সুন্দরী নারী। ২ (আল.) অতি সুন্দরী নারী।

পরি[২] /পোরি / অব্য. ব্যাপ্তি (*পরিব্যাপ্ত*) বিরোধ (*পরিপন্থি*) নিন্দা (*পরিবাদ*) প্রভৃতিসূচক সংস্কৃত উপসর্গবিশেষ।

পরিকর[১] /পোরিকর্ / [স. পরি+√কৃ+অ] বি. ১ অনুচর। ২ পরিজন। ৩ গণ, সমূহ।

পরিকর[২] /পোরিকর্ / [স. পরি+√কৃ+অ] বি. ১ কটিবন্ধ। ২ পালঙ্ক।

পরিকর্তা /পোরিকর্তা / [স. পরি+√কৃ+তৃ] বি. যে পুরোহিত জ্যেষ্ঠ অবিবাহিত থাকা অবস্থায় কনিষ্ঠের বিবাহ সম্পাদন করে।

পরিকর্ম /পোরিকর্মো / [স. পরি+কর্মন্] বি. অঙ্গ-রাগ প্রভৃতির সাহায্যে প্রসাধন; কেশবিন্যাস।

পরিকর্মা /পোরিকর্মা / [স. পরি+কর্মন্] বি. ১ প্রসাধক। ২ পরিচারক।

পরিকর্ষ /পোরিকর্শো / [স. পরি+√কৃষ্+অ] বি. ১ আকর্ষণ। ২ উন্নতি; উৎকর্ষ।

পরিকল্পক /পোরিকল্পক্ / [স. পরি+√কল্পি+অক] বিণ. পরিকল্পনাকারী। বি. যে পরিকল্পনা করে।

পরিকল্পনা /পোরিকল্পোনা / [স. পরি+√কল্পি+অন+আ (টাপ্)] বি. ১ কর্মপ্রণালি প্রণয়ন, planning। ২ রচনার প্রণালি, নকশা, plan।

পরিকল্পিত /পোরিকোল্পিতো / [স. পরি+√কল্পি+ত] বিণ. পরিকল্পনা করা হয়েছে এমন, সুচিন্তিত।

পরিকাঠামো /পোরিকাঠামো/ [স. পরি+কাঠামো] বি. কোনো কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সড়ক যোগাযোগ প্রভৃতি সুবিধা, infrastructure।

পরিকীর্ণ /পোরিকির্নো / [স. পরি+√কৃ+ত] বিণ. ১ বিক্ষিপ্ত, ব্যাপ্ত, বিস্তৃত। ২ সমর্পিত।

পরিকীর্তন /পোরিকির্তন্ / [স. পরি+√কীর্তি+অন] বি. বিশেষভাবে গুণকীর্তন।

পরিকীর্তিত /পোরিকির্তিতো / [স. পরি+√কীর্তি+ত] বিণ. সম্যক কথিত বা প্রশংসিত।

পরিকেন্দ্র /পোরিকেন্দ্রো / [স. পরি+কেন্দ্র] বি. (জ্যা.) সমবাহু ত্রিভুজের সীমারেখা স্পর্শ করে অঙ্কিত বৃত্তের কেন্দ্র, circumcentre।

পরিক্রম /পোরিক্রোম্ / [স. পরি+√ক্রম্+অ] বি. দ্র পরিক্রমণ।

পরিক্রমণ /পোরিক্রোমোন্ / [স. পরি+√ক্রম্+অন] বি. ১ প্রদক্ষিণ। ২ পায়চারি, পদচারণা; পরিভ্রমণ।

পরিক্রমা /পোরিক্রোমা / [স. পরিক্রম >] বি. ১ ভ্রমণ, তীর্থস্থান প্রদক্ষিণ। ২ (আল.) পর্যালোচনা (*সংবাদ পরিক্রমা*)।

পরিক্রয় /পোরিক্রয়্/ [স. পরি+ক্রয়] বি. ১ বিক্রয়ের পর একই বস্তু পুনর্বার ক্রয়। ২ বিনিময়।

পরিক্লিষ্ট /পোরিক্লিশ্টো/ [স. পরি+√ক্লিশ্+ত] বিণ. অত্যন্ত ক্লেশপ্রাপ্ত।

পরিক্ষিৎ /পোরিক্ষিত্/ [স. পরি+√ক্ষি+ক্বিপ্] বি. মহাভারতোক্ত উত্তরার গর্ভজাত অভিমন্যুর পুত্র।

পরিক্ষিপ্ত /পোরিক্ষিপ্তো/ [স. পরি+√ক্ষিপ্+ত] বিণ. ১ বিক্ষিপ্ত। ২ পরিবেষ্টিত। ৩ পরিত্যক্ত।

পরিক্ষীণ /পোরিক্ষিন্/ [স. পরি+√ক্ষি+ত] বিণ. ১ ক্রমে ক্ষয়প্রাপ্ত। ২ অত্যন্ত দুর্বল ও কৃশ।

পরিক্ষীয়মাণ /পোরিক্ষিয়োমান্ / [স. পরি+√ক্ষি+য+

www.pathagar.com

মান (শানচ্)] বিণ. দ্রুত ক্ষয়প্রাপ্ত হচ্ছে এমন।

পরিক্ষেপ /পোরিক্‌খেপ্/ [স. পরি+√ক্ষিপ্+অ] বি. ১ বিক্ষেপ। ২ নিক্ষেপ। ৩ বর্জন। ৪ পরিবেষ্টন।

পরিক্ষেপক /পোরিক্‌খেপক্/ [স. পরি+√ক্ষিপ্+অক] বিণ. ১ বিক্ষেপকারী। ২ নিক্ষেপকারী।

পরিখা /পোরিখা/ [স. পরি+√খন্+অ+আ (টাপ্)] বি. শত্রুর আক্রমণ থেকে রক্ষার জন্য প্রাসাদ দুর্গ প্রভৃতির চারদিকে খনন করা খাত, গড়খাই।

পরিখীকৃত /পোরিখিকৃতো/ [স. পরিখা+ণ্বি+কৃত] বিণ. পরিখাবেষ্টিত।

পরিখ্যাত /পোরিক্‌খ্যাতো/ [স. পরি+√খ্যা+ত] বিণ. বিশেষভাবে প্রসিদ্ধ, বিখ্যাত, প্রখ্যাত।

পরিগণন /পোরিগনোন্/ [স. পরি+√গণ্+অন] বি. সংখ্যাকরণ বা গণন।

পরিগণিত /পোরিগোনিতো/ [স. পরি+√গণ্+ত] বিণ. ১ গোনা হয়েছে এমন। ২ বিবেচিত।

পরিগম /পোরিগম্/ [স. পরি+√গম্+অ] বি. পারিপার্শ্বিক অবস্থা, পরিবেশ, environment।

পরিগৃহীত /পোরিগৃহিতো/ [স. পরি+√গ্রহ্+ত] বিণ. ১ সম্যক গৃহীত। ২ স্বীকৃত।

পরিগ্রহ /পোরিগ্‌রোহো/ [স. পরি+√গ্রহ্+অ] বি. ১ বিশেষভাবে গ্রহণ (*দারপরিগ্রহ*)। ২ ধারণ (*ভয়াবহ রূপপরিগ্রহ*)। ৩ পরিধান।

পরিগ্রাহক /পোরিগ্‌রাহোক্/ [স. পরি+ গ্রাহক] বিণ. ১ বিশেষভাবে গ্রহণকারী। ২ ধারণকারী। ৩ পরিধান করেছে এমন।

পরিঘ /পোরিঘো/ [স. পরি+√হন্+অ] বি. ১ মুগুর-জাতীয় বর্তুলাকার প্রাচীন যুদ্ধাস্ত্র। ২ প্রতিবন্ধ।

পরিঘাত /পোরিঘাত্/ [স. পরি+√হন্+অ] বি. ১ হনন। ২ মারাত্মক আঘাত। ৩ বিঘ্ন, ব্যাঘাত।

পরিঘাতন /পোরিঘাতোন্/ [স. পরি+√ঘাতি+অন] বি. দ্র পরিঘাত।

পরিঘোষ /পোরিঘোষ্/ [স. পরি+ঘোষ] বি. মেঘের গর্জন, বজ্রনাদ।

পরিচয় /পোরিচয়্/ [স. পরি+√চি+অ] বি. ১ নামধাম প্রভৃতির বিবরণ। ২ জানাশোনা; আলাপ। ৩ অভিজ্ঞান; চিহ্ন, নিদর্শন (*পরিচয়পত্র*)। ৪ প্রণয়।

পরিচয়পত্র /পোরিচয়্‌পত্রো/ [স. পরিচয়+পত্র] বি. কোনো ব্যক্তির পরিচয়জ্ঞাপক পত্র, ID card।

পরিচয়বাহী /পোরিচয়্‌বাহি/ [স. পরিচয়+√বহ্+ইন্] বিণ. পরিচয় বহন করে এমন, পরিচয়জ্ঞাপক।

পরিচর /পোরিচর্/ [স. পরি+√চর্+অ] বি. ১ সেবক, পরিচারক। ২ সহচর।

পরিচরণ /পোরিচরোন্/ [স. পরি+√চর্+অন] বি. সেবা, শুশ্রূষা, পরিচর্যা।

পরিচর্যা /পোরিচোর্জা/ [স. পরি+√চর্+য+আ (টাপ্)] বি. ১ শুশ্রূষা (*অতিথি পরিচর্যা*)। ২ পূজা।

পরিচলন /পোরিচলোন্/ [স. পরি+√চল্+অন] বি. ১ সঞ্চলন। ২ (পদার্থ.) বায়বীয় বা তরল পদার্থের অভ্যন্তরে তাপ সঞ্চলনের প্রক্রিয়া, convection।

পরিচায়ক /পোরিচায়ক্/ [স. পরি+√চি+অক] বিণ. পরিচয় করিয়ে দেয় এমন, পরিচয়জ্ঞাপক।

পরিচারক /পোরিচারক্/ [স. পরি+√চর্+অক] বি. সেবক। স্ত্রী. পরিচারিকা /পোরিচারিকা/।

পরিচালক /পোরিচালক্/ [স. পরি+চালক] বি. বিণ. ১ পরিচালনা করে এমন, নির্দেশক (*সংগীত পরিচালক*)। ২ বিভাগের প্রধান ব্যক্তি, director। ৩ অধ্যক্ষ। স্ত্রী. পরিচালিকা /পোরিচালিকা/।

পরিচালন /পোরিচালোন্/ [স. পরি+চালন] বি. দ্র পরিচালনা।

পরিচালনা /পোরিচালোনা/ [স. পরিচালন+আ (টাপ্)] বি. ১ প্রতিষ্ঠান সংস্থা প্রভৃতি নিয়ন্ত্রণ ও কার্যনির্বাহ। ২ সম্পাদন। ৩ নাটক চলচ্চিত্র প্রভৃতির নির্দেশনা, direction।

পরিচালিত /পোরিচালিতো/ [স. পরি+√চালি+ত] বিণ. পরিচালনা করা হয়েছে এমন।

পরিচিত /পোরিচিতো/ [স. পরি+√চি+ত] বিণ. ১ পরিচয় জানা আছে এমন (*পরিচিত ব্যক্তি*)। ২ অভ্যস্ত। ৩ জানাশোনা, জ্ঞাত (*পরিচিত বিষয়*)।

পরিচিতি /পোরিচিতি/ [স. পরি+√চি+তি] বি. পরিচয় (*পরিচিতি পর্ব*)।

পরিচিন্তন /পোরিচিন্‌তন্/ [স. পরি+চিন্তন] বি. ১ বিশেষভাবে চিন্তন। ২ পরিকল্পনা।

পরিচিন্তিত /পোরিচিন্‌তিতো/ [স. পরি+চিন্তিত] বিণ. বিশেষভাবে চিন্তা করা হয়েছে এমন।

পরিচেয় /পোরিচেয়ো/ [স. পরি+√চি+য] বিণ. পরিচয়ের উপযুক্ত, জানার যোগ্য।

পরিচ্ছদ /পোরিচ্‌ছদ্/ [স. পরি+√ছাদি+অ] বি. ১ পোশাক, বসন, জামাকাপড়। ২ আচ্ছাদন।

পরিচ্ছন্ন /পোরিচ্‌ছন্নো/ [স. পরি+√ছাদি+ত] বিণ. ১ পরিষ্কার। ২ গোছানো, পরিপাটি। ৩ (বাংলায়) পরিমার্জিত। বি. -তা /-তা/।

পরিচ্ছিন্ন /পোরিচ্‌ছিন্নো/ [স. পরি+√ছিদ্+ত] বিণ. ১ নির্ণীত। ২ বিভক্ত; বিচ্ছিন্ন। ৩ পরিমিত।

www.pathagar.com

পরিচ্ছেদ /পোরিচ্ছেদ্/ [স. পরি+√ছিদ্+অ] বি. ১ গ্রন্থের বিষয়বিভাগ, অংশ, অধ্যায়, chapter। ২ নির্ণয়, নির্ধারণ। ৩ ভেদজ্ঞান। ৪ শেষ, সমাপ্তি।

পরিচ্যুত /পোরিচ্চুতো/ [স. পরি+√চ্যু+ত] বিণ. স্খলিত; বিচ্যুত; পতিত।

পরিজন /পোরিজন্/ [স. পরি+জন] বি. ১ পরিবারের লোক, পোষ্যবর্গ। ২ আত্মীয়স্বজন।

পরিজ্ঞাত /পোরিগ্‌য়াঁতো/ [স. পরি+√জ্ঞা+ত] বিণ. সম্যক জ্ঞাত ও পরিচিত, সুবিদিত।

পরিজ্ঞান /পোরিগ্‌য়াঁন্/ [স. পরি+√জ্ঞা+অন] বি. ১ যথার্থ জ্ঞান। ২ অন্তর্দৃষ্টি, insight।

পরিণত /পোরিনতো/ [স. পরি+√নম্+ত] বিণ. ১ পরিপক্ক (*পরিণত বুদ্ধি*)। ২ রূপান্তরিত, পর্যবসিত (*বস্তুত্বে পরিণত*)। ৩ পূর্ণতাপ্রাপ্ত (*পরিণত বয়স*)। ৪ চরম অবস্থায় উপনীত।

পরিণতবুদ্ধি /পোরিনতোবুদ্‌ধি/ [স. পরিণত+√বুধ্+তি] বিণ. পরিপক্ক বুদ্ধি আছে এমন, সুবিবেচক।

পরিণতি /পোরিনোতি/ [স. পরি+√নম্+তি] বি. ১ পরিণাম। ২ অবস্থান্তরপ্রাপ্তি। ৩ সমাপ্তি। ৪ পূর্ণতাপ্রাপ্তি।

পরিণদ্ধ /পোরিনদ্‌ধো/ [স. পরি+√নহ্+ত] বিণ. ১ দৃঢ়ভাবে সংযুক্ত, সংবদ্ধ। ২ প্রসারিত, বিস্তৃত। ৩ পরিবেষ্টিত। ৪ পরিহিত।

পরিণয় /পোরিনয়/ [স. পরি+√নী+অ] বি. বিবাহ।

পরিণয়ন /পোরিনয়োন্/ [স. পরি+√নী+অন] বি. দ্র পরিণয়।

পরিণয়সূত্র /পোরিনয়্‌শুত্‌ত্রো/ [স. পরিণয়+সূত্র] বি. বৈবাহিক বন্ধন।

পরিণাম /পোরিনাম্/ [স. পরি+√নম্+অ] বি. ১ চরম অবস্থা। ২ অবস্থান্তরপ্রাপ্তি। ৩ পরিণতি।

পরিণামদর্শী /পোরিনাম্‌দোর্‌শি/ [স. পরিণাম+√দৃশ্+ইন্] বিণ. ভবিষ্যৎ ভেবে কাজ করে এমন। বি. **পরিণামদর্শিতা** /পোরিনাম্‌দোর্‌শিতা/।

পরিণাহ /পোরিন্যাহো/ [স. পরি+√নহ্+অ] বি. ১ বিস্তার, প্রসার, ব্যাপ্তি। ২ সীমারেখা, contour।

পরিণীত /পোরিনিতো/ [স. পরি+√নী+ত] বিণ. বিবাহিত। স্ত্রী. **পরিণীতা**/পোরিনিতা/।

পরিণেতা /পোরিনেতা/ [স. পরি+√নী+তৃ] বি. বিবাহকর্তা।

পরিণেয় /পোরিনেয়ো/ [স. পরি+√নী+য] বিণ. বিবাহের উপযুক্ত, বিবাহযোগ্য।

পরিতপ্ত /পোরিতপ্‌তো/ [স. পরি+√তপ্+ত] বিণ. ১ মনস্তাপযুক্ত, সন্তপ্ত। ২ উত্তপ্ত।

পরিতাপ /পোরিতাপ্/ [স. পরি+তাপ] বি. মনস্তাপ, দুঃখ, খেদ, আফসোস।

পরিতুষ্ট /পোরিতুশ্‌টো/ [স. পরি+√তুষ্+ত] বিণ. ১ পরিতৃপ্ত, সন্তুষ্ট। ২ অতিশয় আনন্দিত, খুশি।

পরিতুষ্টি /পোরিতুশ্‌টি/ [স. পরি+√তুষ্+তি] বি. পরিতৃপ্তি, সন্তোষ।

পরিতৃপ্ত /পোরিতৃপ্‌তো/ [স. পরি+√তৃপ্+ত] বিণ. সম্পূর্ণরূপে তৃপ্ত।

পরিতৃপ্তি /পোরিতৃপ্‌তি/ [স. পরি+√তৃপ্+তি] বি. পূর্ণ তৃপ্তি, পরিতুষ্টি।

পরিতোষ /পোরিতোশ্/ [স. পরি+√তুষ্+অ] বি. দ্র পরিতুষ্টি।

পরিত্যক্ত /পোরিত্‌ত্যাক্‌তো/ [স. পরি+√ত্যজ্+ত] বিণ. বর্জন বা পরিত্যাগ করা হয়েছে এমন। স্ত্রী. **পরিত্যক্তা** /পোরিত্‌ত্যাক্‌তা/।

পরিত্যজন /পোরিত্‌ত্যাজোন্/ [স. পরি+√ত্যজ্+অন] বি. দ্র পরিত্যাগ।

পরিত্যজনীয় /পোরিত্‌ত্যাজোনিয়ো/ [স. পরি+√ত্যজ্+অনীয়] বিণ. বর্জন করতে হবে এমন।

পরিত্যাগ /পোরিত্‌ত্যাগ্/ [স. পরি+ত্যাগ] বি. পরিহার, বর্জন; বিসর্জন।

পরিত্যাজ্য /পোরিত্‌ত্যাজ্‌জো/ [স. পরি+√ত্যজ্+য] বিণ. বর্জন বা পরিহারের উপযুক্ত।

পরিত্রাণ /পোরিত্‌ত্রান্/ [স. পরি+√ত্রৈ+অন] বি. মুক্তি, নিষ্কৃতি; ত্রাণ, উদ্ধার।

পরিত্রাতা /পোরিত্‌ত্রাতা/ [স. পরি+√ত্রৈ+তৃ] বিণ. পরিত্রাণকারী, ত্রাণকর্তা।

পরিত্রাহি /পোরিত্‌ত্রাহি/ [স. পরিত্রায়স্ব >] অনুক্রি. পরিত্রাণ করো, রক্ষা করো।

পরিদপ্তর /পোরিদপ্‌তোর্/ [স. পরি+ফা. দপ্তর] বি. পরিচালকের কার্যালয়; (পরি.) directorate।

পরিদর্শক /পোরিদর্‌শক্/ [স. পরি+দর্শক] বি. বিণ. পর্যবেক্ষক, পরিদর্শনকারী, inspector।

পরিদর্শন /পোরিদর্‌শোন্/ [স. পরি+দর্শন] বি. সম্যক দর্শন, পর্যবেক্ষণ, inspection।

পরিদর্শিত /পোরিদোর্‌শিতো/ [স. পরি+√দৃশ্+ত] বিণ. পরিদর্শন করা হয়েছে এমন, inspected।

পরিদর্শী /পোরিদোর্‌শি/ [স. পরি+√দৃশ+ইন্] বিণ. পরিদর্শনকারী।

পরিদৃশ্যমান /পোরিদৃশ্‌যোমান্/ [স. পরি+√দৃশ্+মান (শানচ্)] বিণ. ১ চারদিকে দেখা যাচ্ছে এমন।

www.pathagar.com

২ সুস্পষ্ট।

পরিদৃষ্ট /পোরিদৃশ্‌টো/ [স. পরি+√দৃষ্+ত] বিণ. বিশেষভাবে দেখা হয়েছে এমন।

পরিদেবন /পোরিদেবন্/ [স. পরি+√দিব্+অন] বি. দ্র পরিদেবনা।

পরিদেবনা /পোরিদেবোনা/ [স. পরিদেবন+আ (টাপ্)] বি. বিলাপ, খেদোক্তি; সন্তাপ, পরিতাপ।

পরিধান /পোরিধান্/ [স. পরি+√ধা+অন] বি. ১ অঙ্গে ধারণ। ২ পরিধেয় বস্ত্র, পোশাক, পরিচ্ছদ।

পরিধায়ী /পোরিধায়ি/ [স. পরি+√ধা+ইন্] বিণ. পরিধানকারী।

পরিধি /পোরিধি/ [স. পরি+√ধা+ই] বি. ১ গোলাকৃতি ক্ষেত্রকে বেষ্টনকারী রেখা, circumference। ২ চতুর্দিকের সীমারেখা, পরিমণ্ডল, বেড়, periphery।

পরিধিমাপক /পোরিধিমাপক্/ [স. পরিধি+মাপক] বি. ক্ষেত্রাদির সীমারেখা, পরিসীমা, perimeter।

পরিধেয় /পোরিধেয়ো/ [স. পরি+√ধা+য] বিণ. পরিধানের উপযুক্ত। বি. পরিধানের বস্ত্র।

পরিনির্বাণ /পোরিনির্‌বান্/ [স. পরি+নির্বাণ] বি. ১ ভবযন্ত্রণা থেকে মুক্তি, মোক্ষ। ২ মহাপ্রয়াণ।

পরিপক্ক /পোরিপক্‌কো/ [স. পরি+√পচ্+ত] বিণ. ১ সম্পূর্ণ পাকা (*পরিপক্ক ফল*)। ২ পরিণত (*পরিপক্ক বুদ্ধি*)। ৩ প্রাজ্ঞ। বি. -তা /-তা/।

পরিপত্র /পোরিপত্‌ত্রো/ [স. পরি+পত্র] বি. সরকারি ঘোষণাপত্র, ইশতাহার; (পরি.) circular letter।

পরিপন্থি /পোরিপোন্‌থি/ [স. পরি+হি. পন্থি] বিণ. ১ প্রতিকূল; বিরোধী (*পরিবেশের পরিপন্থি*)। ২ শত্রুভাবাপন্ন।

পরিপাক /পোরিপাক্/ [স. পরি+√পচ্+অ] বি. ভুক্ত দ্রব্যাদি জীর্ণকরণ, হজম।

পরিপাটি /পোরিপাটি/ [স. পরি+√পট্+ণিচ্+ই] বিণ. ১ সুবিন্যস্ত, সুশৃঙ্খল (*পরিপাটি কক্ষ*)। ২ সুনিপুণ।

পরিপার্শ্ব /পোরিপার্‌শো/ [স. পরি+ পার্শ্ব] বি. চতুর্দিক, চারপাশ; চারপাশের অবস্থা।

পরিপালক /পোরিপালোক্/ [স. পরি+পালক] বিণ. প্রতিপালনকারী; রক্ষণাবেক্ষণকারী। বি পরিচালক; অধ্যক্ষ; শাসক।

পরিপালন /পোরিপালোন্/ [স. পরি+পালন] বি. প্রতিপালন; রক্ষণাবেক্ষণ।

পরিপালিত /পোরিপালিতো/ [স. পরি+পালিত] বিণ. প্রতিপালন করা হয়েছে এমন।

পরিপুষ্ট /পোরিপুশ্‌টো/ [স. পরি+√পুষ্+ত] বিণ. ১ সুপুষ্ট, নিটোল। ২ বৃদ্ধিপ্রাপ্ত, বর্ধিত। ৩ বিশেষভাবে প্রতিপালন করা হয়েছে এমন।

পরিপুষ্টতা /পোরিপুশ্‌টোতা/ [স. পরিপুষ্ট+তা] বি. দ্র পরিপুষ্টি।

পরিপুষ্টি /পোরিপুশ্‌টি/ [স. পরি+√পুষ্+তি] বি. ১ সম্যক পুষ্টি। ২ পরিপুষ্ট অবস্থা।

পরিপূরক /পোরিপুরক্/ [স. পরি+পূরক] বিণ. ১ পরিপূর্ণ করে এমন। ২ সম্পূরক।

পরিপূরণ /পোরিপুরন্/ [স. পরি+পূরণ] বি. ১ সম্পূর্ণকরণ, পরিপূর্তি। ২ অভাব দূরীকরণ।

পরিপূরিত /পোরিপুরিতো/ [স. পরি+√পূরি+ত] বিণ. দ্র পরিপূর্ণ।

পরিপূর্ণ /পোরিপুর্‌নো/ [স. পরি+পূর্ণ] বিণ. ১ পরিপূরণ করা হয়েছে এমন। ২ সম্পূর্ণ। ৩ পরিতৃপ্ত। ৪ সফল।

পরিপূর্ণতা /পোরিপুর্‌নোতা/ [স. পরিপূর্ণ+তা] বি. ১ সম্পূর্ণতা। ২ সফলতা। ৩ পরিতৃপ্তি।

পরিপৃক্ত /পোরিপৃক্‌তো/ [স. পরি+√পৃচ্+ত] বিণ. ১ সর্বোচ্চ পরিমাণ দ্রাব্য মিশ্রিত করা হয়েছে এমন; (পরি.) saturated। ২ সম্পর্কযুক্ত, সম্পৃক্ত। ৩ সংলগ্ন, সংযুক্ত।

পরিপৃক্তি /পোরিপৃক্‌তি/ [স. পরি+√পৃচ্+তি] বি. ১ সম্যক সিক্ততা; (পরি.) saturation। ২ সম্পৃক্ততা, সংশ্লিষ্টতা।

পরিপোষক /পোরিপোশক্/ [স. পরি+পোষক] বিণ. ১ উৎপাদনের ব্যয় সংকুলানের পরও লাভ থাকে এমন (*পরিপোষক মূল্য*)। ২ প্রতিপালন করে এমন।

পরিপোষণ /পোরিপোশন্/ [স. পরি+√পুষ্+অন] বি. ১ প্রতিপালন; সংরক্ষণ। ২ মনে পোষণ (*ঈর্ষা পরিপোষণ*)।

পরিপোষিত /পোরিপোশিতো/ [স. পরি+√পোষি+ত] বিণ. পুষে রাখা হয়েছে এমন।

পরিপ্রেক্ষিত /পোরিপ্রেক্‌খিত্/ [স. পরি+প্র+√ঈক্ষ্+ত] বি. ১ পটভূমি, পারিপার্শ্বিক অবস্থা। ২ দৃশ্যমান বস্তুর বিভিন্ন অংশের আকৃতি তুলনামূলক দূরত্ব ঘনত্ব নৈকট্য প্রভৃতি চিত্রের মাধ্যমে প্রতিফলন, perspective।

পরিপ্লব /পোরিপ্লবো/ [স. পরি+√প্লু+অ] বি. প্লাবন।

পরিপ্লুত /পোরিপ্লুতো/ [স. পরি+√প্লু+ত] বিণ. ১ আপ্লুত। ২ অভিষিক্ত; সিক্ত। ৩ সম্পূর্ণরূপে প্লাবিত, নিমজ্জিত। ৪ কম্পমান। ৫ আকুল।

www.pathagar.com

পরিপ্লুতি /পোরিপ্লুতি/ [স. পরি+√প্লু+তি] বি. আকুলতা।

পরিবর্জন /পোরিবর্জোন্/ [স. পরি+বর্জন] বি. সম্যক বর্জন; বিসর্জন।

পরিবর্জিত /পোরিবোর্জিতো / [স. পরি+ √বর্জি+ত] বিণ. সম্পূর্ণরূপে বর্জন করা হয়েছে এমন।

পরিবর্ত /পোরিবর্তো / [স. পরি+√বৃত্+অ] বি. ১ পরিবর্তন; বদল; বিনিময়। ২ যে বা যা অন্যের বদলে কাজ চালায়।

পরিবর্তক /পোরিবর্তক্ / [স. পরি+√বৃত্+অক] বিণ. ১ পরিবর্তনকারী। ২ প্রত্যাবর্তনকারী।

পরিবর্তন /পোরিবর্তোন্/ [স. পরি+√বৃত্+অন] বি. ১ বদল; বিনিময়। ২ রূপান্তর। ৩ সংস্কার।

পরিবর্তনপ্রয়াসী /পোরিবর্তোনপ্রোয়াশি / [স. পরিবর্তন+প্র+√যস্+ইন্] বিণ. পরিবর্তনে আগ্রহী।

পরিবর্তনশীল /পোরিবর্তোনশিল্/ [স. পরিবর্তন +√শীল্+অ] বিণ. ১ পরিবর্তন হচ্ছে এমন। ২ পরিবর্তনের স্বভাববিশিষ্ট। ৩ পরিবর্তনযোগ্য।

পরিবর্তনীয় /পোরিবর্তোনিয়ো / [স. পরি+√বৃৎ+ অনীয়] বিণ. পরিবর্তনযোগ্য।

পরিবর্তমান /পোরিবর্তোমান্ / [স. পরি+√বৃৎ+মান (শানচ্)] বিণ. পরিবর্তনশীল।

পরিবর্তিত /পোরিবোর্তিতো / [স. পরি+√বর্তি+ত] বিণ. পরিবর্তন করা হয়েছে এমন, রূপান্তরিত।

পরিবর্তী /পোরিবোর্তি / [স. পরি+√বৃৎ+ইন্] বিণ. ১ পরিবর্তনশীল। ২ (পদার্থ.) নির্দিষ্ট ব্যবধানে দিক পরিবর্তন করে এমন।

পরিবর্ধক /পোরিবর্ধোক্/ [স. পরি+বর্ধক] বিণ. পরিবর্ধন বা বৃদ্ধি করে এমন; (পরি.) amplifier।

পরিবর্ধন /পোরিবর্ধোন্ / [স. পরি+বর্ধন] বি. ১ সম্প্রসারণ, enlargement। ২ বর্ধিতকরণ, amplification। ৩ উন্নতিসাধন। ৪ প্রতিপালন।

পরিবর্ধিত /পোরিবোর্ধিতো / [স. পরি+বর্ধিত] বিণ. ১ বর্ধিত করা হয়েছে এমন, amplified। ২ সম্প্রসারিত, enlarged।

পরিবহণ /পোরিবহোন্ / [স. পরি+বহন] বি. ১ (যাত্রী বা পণ্যদ্রব্য) স্থানান্তরে বহন। ২ যানবাহন, transport। ৩ (পদার্থ.) কোনো সঞ্চালক পদার্থের মাধ্যমে বিদ্যুৎ তাপ প্রভৃতি সঞ্চালন, conduction।

পরিবাদ /পোরিবাদ্ / [স. পরি+√বদ্+অ] বি. ১ নিন্দা, অপবাদ, কুৎসা। ২ বীণার অজ্ঞাবিশেষ।

পরিবাদক /পোরিবাদক্ / [স. পরি+√বাদি+অক] বিণ. অপবাদ দেয় এমন; কুৎসাকারী, নিন্দক।

পরিবাদী /পোরিবাদি / [স. পরি+√বদ্+ইন্] বিণ. কুৎসাকারী, নিন্দক। বি. সপ্ততন্ত্রী বীণা।

পরিবার /পোরিবার্ / [স.পরি+√বৃ+অ] বি. ১ স্ত্রী সন্তান পোষ্যবর্গ; পরিজন। ২ একান্নবর্তী সংসার। ৩ আত্মীয়স্বজন।

পরিবার পরিকল্পনা /পোরিবার্ পোরিকল্পোনা / বি. ১ সন্তান-সন্ততির জন্মগ্রহণের ব্যবধান ও সংখ্যা বিষয়ে পরিকল্পনা। ২ জন্মনিয়ন্ত্রণ।

পরিবারভুক্ত /পোরিবারভুক্তো / [স. পরিবার+ √ভুজ্+ত] বিণ. পরিবারের অন্তর্ভুক্ত।

পরিবাহ /পোরিবাহো / [স.পরি+√বহ্+অ] বি. ১ (পদার্থ.) বস্তুর তাপ বা বিদ্যুৎ বহন করার ক্ষমতা, conductivity। ২ জলনিষ্কাশনের প্রণালি। ৩ প্রবাহ।

পরিবাহক /পোরিবাহক্ / [স. পরি+√বহ্+অক] বি. (পদার্থ.) যার সাহায্যে তাপ বা বিদ্যুৎ সঞ্চালিত করা যায়, conductor।

পরিবাহণ /পোরিবাহোন্ / [স. পরি+√বাহি+অন] বি. সঞ্চালন (*বিদ্যুৎ পরিবাহণ*)।

পরিবাহী /পোরিবাহি / [স. পরি+√বহ্+ইন্] বিণ. পরিবহণ করে এমন, তাপ বা বিদ্যুৎ পরিবহণকারী (*তাপ পরিবাহী*)। বি. পরিবাহিতা /পোরিবাহিতা/।

পরিবীক্ষণ /পোরিবিক্খন্ / [স. পরি+বি+√ঈক্ষ্+ অন] বি. নিবিড় পর্যবেক্ষণ, monitoring।

পরিবৃত /পোরিবৃতো / [স. পরি+√বৃ+ত] বিণ. ১ পরিবেষ্টিত। ২ সমাচ্ছাদিত।

পরিবৃতি /পোরিবৃতি / [স. পরি+√বৃ+তি] বি. ১ পরিবেষ্টন। ২ আবরণ। ৩ পরিধি।

পরিবৃত্ত /পোরিবৃত্তো / [স. পরি+√বৃত্+ত] বি. কোনো ক্ষেত্রকে ঘিরে অঙ্কিত বৃত্ত, circumcircle।

পরিবৃত্তি /পোরিবৃত্তি / [স. পরি+√বৃত্+তি] বি. ১ পরিবর্তন। ২ বিনিময়; বদল।

পরিবেত্তা /পোরিবেত্তা / [স. পরি+√বিদ্+তৃ] বি. জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকা অবস্থায় বিবাহিত কনিষ্ঠ ভ্রাতা।

পরিবেদন /পোরিবেদোন্ / [স. পরি+√বিদ্+অন] বি. জ্যেষ্ঠ ভ্রাতা অবিবাহিত থাকা অবস্থায় কনিষ্ঠ ভ্রাতার বিবাহ।

পরিবেদনা /পোরিবেদোনা / [স. পরিবেদন+আ

www.pathagar.com

(ঢাপ্)] বি. ১ তীব্র বেদনা বা যন্ত্রণা। ২ বিবেচনা।

পরিবেশ /পোরিবেশ্/ [স. পরি+√বিশ্+অ] বি. ১ পারিপার্শ্বিক অবস্থা, প্রতিবেশ। ২ পরিধি। ৩ প্রাকৃতিক পরিমণ্ডল, environment।

পরিবেশক /পোরিবেশক্/ [স. পরি+√বিশ্+অক] বি. যে পরিবেশন করে। বিণ. পরিবেশনকারী।

পরিবেশগত /পোরিবেশ্গতো/ [স. পরিবেশ+√গম্+ত] বিণ. পরিবেশসংক্রান্ত।

পরিবেশন /পোরিবেশন্/ [স. পরি+√বিশ্+অন] বি. ১ আহারকালে যত্নসহকারে খাদ্যবস্তু বণ্টন। ২ বিতরণ। ৩ উপস্থাপন (*সংগীত পরিবেশন*)।

পরিবেষ্টন /পোরিবেশ্টন্/ [স. পরি+√বেষ্ট্+অন] বি. ১ আবেষ্টন। ২ প্রদক্ষিণ।

পরিবেষ্টনী /পোরিবেশ্টোনি/ [স. পরিবেষ্টন+ঈ] বি. ১ উত্তম বেষ্টনী। ২ প্রতিবেশ।

পরিবেষ্টিত /পোরিবেশ্টিতো/ [স. পরি+√বেষ্ট্+ত] বিণ. ঘিরে রাখা হয়েছে এমন, পরিবৃত।

পরিব্যক্ত /পোরিব্যাক্তো/ [স. পরি+বি+√অনজ্+ত] বিণ. সম্পূর্ণরূপে বিবৃত বা প্রকাশিত।

পরিব্যাপ্ত /পোরিব্যাপ্তো/ [স. পরি+বি+√আপ্+ত] বিণ. ১ চতুর্দিকে বিস্তৃত। ২ বিশেষভাবে ব্যাপ্ত।

পরিব্যাপ্তি /পোরিব্যাপ্তি/ [স. পরি+বি+√আপ্+তি] বি. চতুর্দিকে বিস্তৃতি।

পরিব্রজ্যা /পোরিব্রোজ্জা/ [স. পরি+√ব্রজ্+য+আ (টাপ্)] বি. ১ তীর্থভ্রমণ। ২ সন্ন্যাসগ্রহণ।

পরিব্রাজক /পোরিব্রাজক্/ [স. পরি+√ব্রজ্+অক] বি. ১ পর্যটক, ভ্রমণকারী। ২ পর্যটনকারী ভিক্ষু বা সন্ন্যাসী। স্ত্রী. **পরিব্রাজিকা** /পোরিব্রাজিকা/।

পরিব্রাজন /পোরিব্রাজোন্/ [স. পরি+√ব্রজ্+অন] বি. ভ্রমণ, পর্যটন।

পরিভব /পোরিভব্/ [স. পরি+√ভূ+অ] বি. ১ পরাজয়, পরাভব। ২ কটূক্তি। ৩ অবজ্ঞা।

পরিভাবী /পোরিভাবি/ [স. পরি+√ভূ+ইন্] বিণ. ১ তিরস্কারকারী। ২ অবমাননাকারী।

পরিভাষা /পোরিভাশা/ [স. পরি+√ভাষ্+অ+আ (টাপ্)] বি. (বিজ্ঞান দর্শন প্রভৃতি ক্ষেত্রে) বিশিষ্টার্থবোধক শব্দ, technical term।

পরিভাষিত /পোরিভাশিতো/ [স. পরি+√ভাষ্+ত] বিণ. পরিভাষাদ্বারা ব্যক্ত বা নিরূপিত, defined।

পরিভুক্ত /পোরিভুক্তো/ [স. পরি+ভুক্ত] বিণ. পরিপূর্ণরূপে উপভোগ করা হয়েছে এমন।

পরিভৃতি /পোরিব্ভৃতি/ [স. পরি+√ভৃ+তি] বি. পারিশ্রমিক; বেতন, emolument।

পরিভোগ /পোরিভোগ্/ [স. পরি+ভোগ] বি. পরিপূর্ণরূপে উপভোগ, সম্ভোগ।

পরিভ্রমণ /পোরিব্ভ্রোমোন্/ [স. পরি+ভ্রমণ] বি. ১ প্রদক্ষিণ। ২ পর্যটন।

পরিভ্রষ্ট /পোরিব্ভ্রোশ্টো/ [স. পরি+√ভ্রনশ্+ত] বিণ. ১ বিচ্যুত; স্খলিত। ২ অধঃপতিত।

পরিমণ্ডল /পোরিমন্ডোল্/ [স. পরি+মণ্ডল] বি. ১ পরিধি, পরিবেষ্টন। ২ পরিবেশ, পারিপার্শ্বিক অবস্থা (*সামাজিক পরিমণ্ডল*)। ৩ গোলাকার বস্তু।

পরিমণ্ডিত /পোরিমোন্ডিতো/ [স. পরি+√মন্ড্+ত] বিণ. ১ পরিবেষ্টিত। ২ উত্তমরূপে সজ্জিত।

পরিমল /পোরিমল্/ [স. পরি+√মল্+অ] বি. পুষ্প চন্দন প্রভৃতির সৌরভ।

পরিমাণ /পোরিমান্/ [স. পরি+√মা+অন] বি. ১ মাপ, ওজন (*দ্রব্যের পরিমাণ*)। ২ মাত্রা (*ওষুধের পরিমাণ*)। ৩ সংখ্যা। ৪ গুরুত্ব। ৫ বিস্তার।

পরিমাণফল /পোরিমানফল্/ [স. পরিমাণ+ফল] বি. ১ নির্ণীত ফল। ২ (গ.) ক্ষেত্রফল; ঘনফল।

পরিমাপ /পোরিমাপ্/ [স. পরি+√মাপি+অ] বি. ১ পরিমাণ নির্ণয়। ২ মাপ, ওজন। ৩ জরিপ।

পরিমাপক /পোরিমাপক্/ [স. পরি+মাপক] বি. বিণ. ১ পরিমাপকারী। ২ জরিপকারী, আমিন।

পরিমাপন /পোরিমাপোন্/ [স. পরি+√মাপি+অন] বি. পরিমাণ নির্ধারণ।

পরিমার্জন /পোরিমার্জোন্/ [স. পরি+√মার্জ্+অন] বি. ১ ভুলত্রুটি সংশোধন ও সংস্করণ। ২ উত্তমরূপে পরিষ্করণ।

পরিমার্জনা /পোরিমার্জোনা/ [স. পরি+√মৃজ্+অন+আ (টাপ্)] বি. দ্র পরিমার্জন।

পরিমার্জিত /পোরিমার্জিতো/ [স. পরি+√মার্জি+ত] বিণ. ১ পরিমার্জন বা সংস্কার করা হয়েছে এমন (*পরিমার্জিত সংস্করণ*)। ২ পরিষ্কৃত।

পরিমিত /পোরিমিতো/ [স. পরি+√মা+ত] বিণ. ১ ঠিক প্রয়োজনানুরূপ। ২ সংযত (*পরিমিত আহার*)। ৩ নির্দিষ্ট পরিমাণযুক্ত। ৪ অল্প। ৫ পরিমাপ করা হয়েছে এমন।

পরিমিতি /পোরিমিতি/ [স. পরি+√মা+তি] বি. ১ পরিমাপ। ২ (গ.) ভূমির পরিমাপসংক্রান্ত শাস্ত্র, ক্ষেত্রতত্ত্ব; (পরি.) mensuration। ৩ সংযম (*পরিমিতিবোধ*)।

পরিমেয় /পোরিমেয়ো/ [স. পরি+√মা+য] বিণ. ১

www.pathagar.com

পরিমাপ করা যায় এমন। ২ সসীম, finite।

পরিমেল /পোরিমেল্/ [স. পরি+√মিল্+অ] বি. কোনো বিশেষ উদ্দেশ্যে গঠিত সংঘ, association।

পরিমেল নিয়মাবলি /পোরিমেল্ নিওমাবোলি/ বি. পরিমেলের আইনকানুন; (পরি.) articles of association।

পরিমেলবন্ধ /পোরিমেল্‌বন্‌ধো / [স. পরিমেল+√বন্ধ্+অ] বি. শেয়ারদ্বারা নিয়ন্ত্রিত ব্যাবসায়িক প্রতিষ্ঠানের কর্মপরিধির বিবরণ; (পরি.) memorandum of association।

পরিমোক্ষ /পোরিমোক্‌খো/ [স. পরি+মোক্ষ] বি. দ্র পরিমোক্ষণ।

পরিমোক্ষণ /পোরিমোক্‌খন্/ [স. পরি+মোক্ষণ] বি. বৌদ্ধশাস্ত্রমতে বন্ধন থেকে মুক্তি, নির্বাণ।

পরিম্লান /পোরিম্‌ল্লান্/ [স. পরি+√ম্লৈ+ত] বিণ. অত্যন্ত মলিন।

পরিযাণ /পোরিজান্/ [স. পরি+√যা+অন] বি. ১ যানবাহন চলাচল, traffic। ২ বসবাসের জন্য ভিন্ন দেশে গমন, migration। ৩ (সচরাচর পাখিদের ক্ষেত্রে) শীত মৌসুমে উষ্ণ অঞ্চলে গমন।

পরিযায়ী /পোরিজায়ি / [স. পরি+√যা+ইন্] বিণ. ১ ক্রমাগত যাতায়াতকারী। ২ ভ্রমণকারী। ৩ শীত মৌসুমে অস্থায়ী বসবাসের জন্য উষ্ণতর দেশে গমনকারী (*পরিযায়ী পাখি*), migratory।

পরিরক্ষণ /পোরিরোক্‌খন্/ [স. পরি+√রক্ষ্+অন] বি. যত্নসহকারে রক্ষণ, সংরক্ষণ।

পরিরক্ষিত /পোরিরোক্‌খিতো / [স. পরি+√রক্ষ্+ত] বিণ. বিশেষভাবে সংরক্ষণ করা হয়েছে এমন।

পরিরম্ভ /পোরিরম্‌ভো / [স. পরি+√রভ্+অ] বি. দ্র পরিরম্ভণ।

পরিরম্ভণ /পোরিরম্‌ভোন্/ [স. পরি+√রভ্+অন] বি. দৃঢ় আলিঙ্গন, আশ্লেষ।

পরিলক্ষিত /পোরিলোক্‌খিতো / [স. পরি+√লক্ষ্+ত] বিণ. বিশেষভাবে লক্ষ্য করা হয়েছে এমন।

পরিলিখিত /পোরিলিখিতো/ [স. পরি+√লিখ্+ত] বিণ. (জ্যা.) চতুর্দিকে অঙ্কিত, circumscribed।

পরিলেখ /পোরিলেখ্/ [স. পরি+√লিখ্+অ] বি. ১ সীমানির্ণায়ক রেখা। ২ নকশা। ৩ খসড়া, outline।

পরিশিষ্ট /পোরিশিশ্‌টো/ [স. পরি+√শিষ্+ত] বিণ. অবশিষ্ট, বাকি। বি. ১ অবশিষ্ট অংশ। ২ গ্রন্থাদির শেষে সংযুক্ত পাঠ্যবিষয়ের অতিরিক্ত অংশ, appendix।

পরিশীলন /পোরিশিলন্/ [স. পরি+√শীল্+অন] বি. ১ নিয়মিত চর্চা বা অনুশীলন। ২ পরিমার্জন; সংশোধন। ৩ আলিঙ্গন। ৪ অবগাহন।

পরিশীলিত /পোরিশিলিতো/ [স. পরি+√শীল্+ত] বিণ. ১ বিশেষভাবে অনুশীলিত। ২ সংশোধিত। ৩ মার্জিত, রুচিসম্মত। ৪ আলিঙ্গিত।

পরিশুদ্ধ /পোরিশুদ্‌ধো / [স. পরি+√শুধ্+ত] বিণ. ১ উত্তমরূপে শোধিত; পরিষ্কৃত। ২ পবিত্রীকৃত। ৩ বিশুদ্ধ। বি. ~তা /-তা/।

পরিশুদ্ধি /পোরিশুদ্‌ধি/ [স. পরি+√শুধ্+তি] বি. ১ উত্তমরূপে শোধন; পরিষ্করণ। ২ পবিত্রীকরণ।

পরিশুষ্ক /পোরিশুশ্‌কো/ [স. পরি+√শুষ্+ত] বিণ. অত্যন্ত শুকনো; নীরস। বি. ~তা /-তা/।

পরিশেষ /পোরিশেশ্/ [স. পরি+শেষ] বি. ১ অবশেষ। ২ অবসান, সমাপ্তি। ৩ উপসংহার।

পরিশোধ /পোরিশোধ্/ [স. পরি+√শোধি+অ] বি. ১ প্রত্যর্পণ। ২ শোধ (*ঋণ পরিশোধ*)। ৩ সংশোধন।

পরিশোধনীয় /পোরিশোধোনিয়ো / [স. পরি+√শোধি+অনীয়] বিণ. ১ পরিশোধ করতে হবে এমন, পরিশোধযোগ্য। ২ ফেরত দিতে হবে এমন।

পরিশোধিত /পোরিশোধিতো/ [স. পরি+√শোধি+ত] বিণ. ১ পরিশোধ করা হয়েছে এমন (*পরিশোধিত ঋণ*)। ২ শোধন করা হয়েছে এমন (*পরিশোধিত তেল*)।

পরিশোধ্য /পোরিশোদ্‌ধো / [স. পরিশোধ+য] বিণ. দ্র পরিশোধনীয়।

পরিশ্রম /পোরিস্‌শ্রোম্ / [স. পরি+√শ্রম্+অ] বি. ১ শ্রম, মেহনত, খাটুনি। ২ আয়াস। ৩ ক্লেশ।

পরিশ্রমী /পোরিস্‌শ্রোমি/ [স. পরিশ্রম+ইন্] বিণ. পরিশ্রম করতে পারে এমন, শ্রমশীল।

পরিশ্রান্ত /পোরিস্‌শ্রান্‌তো/ [স. পরি+√শ্রম্+ত] বিণ. পরিশ্রমহেতু ক্লান্ত; অবসন্ন।

পরিশ্রান্তি /পোরিস্‌শ্রান্‌তি/ [স. পরি+√শ্রম্+তি] বি. পরিশ্রমজনিত অবসন্নতা, ক্লান্তি।

পরিশ্রুতি /পোরিস্‌শ্রুতি/ [স. পরি+√শ্রু+তি] বি. চোখের জল, অশ্রু।

পরিশ্লেষ /পোরিস্‌শ্লেশ্/ [স. পরি+শ্লেষ] বি. দৃঢ় আলিঙ্গন; আশ্লেষ।

পরিষৎ /পোরিশত্ / [স. পরি+√সদ্+ক্বিপ্] বি. দ্র পরিষদ।

পরিষদ /পোরিশদ্ / [স. পরি+√সদ্+ক্বিপ্] বি. ১ সভা; সমিতি; সংসদ (*সাহিত্য পরিষদ*)। ২

www.pathagar.com

পরিচালনসমিতি, board। ৩ সমাজ।

পরিষেক /পোরিশেক্/ [স. পরি+সেক] বি. ১ অভিষিক্তকরণ; সিক্তকরণ। ২ অবগাহন, স্নান।

পরিষেবক /পোরিশেবক্/ [স. পরি+সেবক] বি. রোগীর শুশ্রূষাকারী, সেবক। স্ত্রী. পরিষেবিকা /পোরিশেবিকা/।

পরিষেবা /পোরিশেবা/ [স. পরি+সেবা] বি. নিয়মিত সেবা (*বিমান পরিষেবা*); পরিচর্যা; (পরি.) service।

পরিষ্করণ /পোরিশ্করোন্/ [স. পরি+√কৃ+অন] বি. পরিশোধন।

পরিষ্কার /পোরিশ্কার্/ [স. পরি+√কৃ+অ] বিণ. ১ পরিচ্ছন্ন (*পরিষ্কার জামা*)। ২ সরল (*পরিষ্কার মন*)। ৩ সহজবোধ্য, স্পষ্ট (*পরিষ্কার হস্তাক্ষর*)। ৪ স্বচ্ছ (*পরিষ্কার পানি*)। ৫ বিচারবুদ্ধিসম্পন্ন (*পরিষ্কার মাথা*)। ৬ মেঘমুক্ত (*পরিষ্কার আকাশ*)। ৭ আবর্জনাশূন্য (*পরিষ্কার উঠান*)।

পরিষ্কৃত /পোরিশ্কৃতো/ [স. পরি+√কৃ+ত] বিণ. ১ নির্মলীকৃত; পরিমার্জিত। ২ পরিশোধিত।

পরিসংখ্যা /পোরিশোংখ্যা/ [স. পরি+সম্+√খ্যা+অ+আ (টাপ্)] বি. বিশেষভাবে গণনা।

পরিসংখ্যাত /পোরিশোংখ্যাতো/ [স. পরি+সম্+√খ্যা+ত] বিণ. বিশেষভাবে গোনা হয়েছে এমন।

পরিসংখ্যান /পোরিশোংখ্যান্/ [স. পরি+সম্+√খ্যা+অন] বি. ১ গণনা, সংখ্যাকরণ। ২ কোনো বিষয়ে সংগৃহীত তথ্যের আনুমানিক হিসাব বা সংখ্যার সংকলন, statistics।

পরিসংখ্যানবিদ /পোরিশোংখ্যান্বিদ্/ [স. পরি+সংখ্যান+বিদ] বি. বিণ. পরিসংখ্যানবিষয়ক তথ্য সংগ্রহকারী, রাশিবিজ্ঞানবিদ, statistician।

পরিসংখ্যায়ক /পোরিশোংখ্যায়ক্/ [স. পরি+সংখ্যায়ক] বি. বিণ. দ্র পরিসংখ্যানবিদ।

পরিসমাপ্ত /পোরিশমাপ্তো/ [স. পরি+সম্+√আপ্+ত] বিণ. পূর্ণতাপ্রাপ্ত, সমাপ্ত।

পরিসমাপ্তি /পোরিশমাপ্তি/ [স. পরি+সম্+√আপ্+তি] বি. ১ অবসান। ২ পরিপূর্ণতা, সম্পূর্ণতা।

পরিসম্পৎ /পোরিশম্পত্/ [স. পরি+সম্পৎ] বি. যে সম্পদ বন্ধক রেখে ঋণ গ্রহণ করা যায়; (পরি.) asset।

পরিসম্পদ /পোরিশম্পদ্/ [স. পরি+সম্পদ] বি. দ্র পরিসম্পৎ।

পরিসর /পোরিশর্/ [স. পরি+√স্+অ] বি. ১ ব্যাপ্তি, বিস্তার, প্রসার। ২ প্রস্থ।

পরিসাজ /পোরিশাজ্/ [স. পরি+বা. সাজ] বি. গ্রন্থের মুদ্রণ বাঁধাই প্রভৃতি অঙ্গসজ্জা।

পরিসীমা /পোরিশিমা/ [স. পরি+সীমা] বি. ১ সীমা, অবধি, ইয়ত্তা, অন্ত, শেষ। ২ (জ্যা.) সমতল ক্ষেত্রের বেষ্টনীরেখার দৈর্ঘ্যের সমষ্টি, perimeter।

পরিস্থিতি /পোরিস্থিতি/ [স. পরি+√স্থা+তি] বি. পারিপার্শ্বিক অবস্থা, situation।

পরিস্ফুট /পোরিস্ফুটো/ [স. পরি+√স্ফুট্+অ] বিণ. ১ স্পষ্টভাবে প্রকাশিত, সুস্পষ্ট। ২ বিকশিত।

পরিস্রবণ /পোরিস্রোবোন্/ [স. পরি+√স্রু+অন] বি. ১ তরল পদার্থ ছেঁকে শোধন, filtration। ২ নিঃসারণ, ক্ষরণ, প্রবাহ।

পরিস্রাবণ /পোরিস্রাবোন্/ [স. পরি+√স্রু+ণিচ্+অন] বি. দ্র পরিস্রবণ।

পরিস্রুত /পোরিস্রুতো/ [স. পরি+√স্রু+ত] বিণ. ১ ছেঁকে শোধন করা হয়েছে এমন, পরিশোধিত, filtered। ২ ফোঁটায় ফোঁটায় পতিত, ক্ষরিত।

পরিস্রুতি /পোরিস্রুতি/ [স. পরি+√স্রু+তি] বি. দ্র পরিস্রবণ।

পরিহরণ /পোরিহরোন্/ [স. পরি+√হৃ+অন] বি. পরিহার, বর্জন, পরিত্যাগ।

পরিহরণীয় /পোরিহরোনিয়ো/ [স. পরি+√হৃ+অনীয়] বিণ. পরিহারযোগ্য, পরিহার্য, বর্জনীয়, ত্যাজ্য।

পরিহরা /পোরিহরা/ [স. পরি+বা. হরা] ক্রিবি. (কাব্যে.) পরিহার করা, ত্যাগ করা।

পরিহর্তব্য /পোরিহর্তোব্বো/ [স. পরি+√হৃ+তব্য] বিণ. দ্র পরিহরণীয়।

পরিহসনীয় /পোরিহশোনিয়ো/ [স. পরি+√হস্+অনীয়] বিণ. পরিহাসের যোগ্য।

পরিহার /পোরিহার্/ [স. পরি+√হৃ+অ] বি. ১ পরিত্যাগ, বর্জন। ২ উপেক্ষা, অবজ্ঞা।

পরিহার্য /পোরিহার্জো/ [স. পরি+√হৃ+য] বিণ. ১ পরিহারযোগ্য, বর্জনীয়। ২ উপেক্ষণীয়।

পরিহাস /পোরিহাশ্/ [স. পরি+√হস্+অ] বি. ১ বিদ্রূপ, উপহাস। ২ ঠাট্টা, তামাশা, কৌতুক।

পরিহাসক /পোরিহাশক্/ [স. পরি+√হস্+অক] বিণ. পরিহাস করে এমন, উপহাসক।

পরিহাসপ্রবণ /পোরিহাশ্প্রোবোন্/ [স. পরিহাস+প্রবণ] বিণ. পরিহাস করতে উন্মুখ।

পরিহাসমুখর /পোরিহাশমুখর্/ [স. পরিহাস+মুখর] বিণ. পরিহাসময়, কৌতুকপূর্ণ।

পরিহাস্য /পোরিহাশ্যো/ [স. পরিহাস+য] বিণ.

www.pathagar.com

ঠাট্টা বা তামাশার উপযুক্ত।

পরিহিত /পোরিহিতো/ [স. পরি+√ধা+ত] বিণ. ১ পরিধান করা হয়েছে এমন (*পরিহিত বসন*)। ২ সজ্জিত। স্ত্রী. **পরিহিতা** /পোরিহিতা/।

পরিহৃত /পোরিhiতো/ [স. পরি+√হৃ+ত] বিণ. পরিত্যক্ত, পরিবর্জিত।

পরীক্ষক /পোরিক্‌খক্‌/ [স. পরি+√ঈক্ষ্+অক] বি. বিণ. দোষগুণ বিচার করে এমন, পরীক্ষাকারী।

পরীক্ষণ /পোরিক্‌খন্‌/ [স.পরি+√ঈক্ষ্+অন] বি. দোষগুণ বা যোগ্যতা যাচাই।

পরীক্ষণীয় /পোরিক্‌খোনিয়ো/ [স. পরি+√ঈক্ষ্+অনীয়] বিণ. ১ পরীক্ষা করার যোগ্য। ২ বিচার্য।

পরীক্ষা /পোরিক্‌খা/ [স. পরি+√ঈক্ষ্+অ+আ (টাপ্‌)] বি. ১ নির্দিষ্ট পাঠ্যসূচির ওপর শিক্ষার্থীদের বিদ্যা-বত্তা যাচাই, examination। ২ বিশুদ্ধতা যাচাই। ৩ রোগনির্ণয় (*স্বাস্থ্য পরীক্ষা*)। ৪ অনুসন্ধান; গবেষণা (*বৈজ্ঞানিক পরীক্ষা*)। ৫ শুভাশুভ নির্ণয় (*ভাগ্যপরীক্ষা*)।

পরীক্ষাকেন্দ্র /পোরিক্‌খাকেন্দ্রো/ [স. পরীক্ষা+কেন্দ্র]বি. যে গৃহে শিক্ষার্থীদের পরীক্ষা নেওয়া হয়।

পরীক্ষাগার /পোরিক্‌খাগার/ [স. পরীক্ষা+আগার] বি. যে গৃহে বৈজ্ঞানিক গবেষণা করা হয়, গবেষণাগার (*বৈজ্ঞানিক পরীক্ষাগার*), laboratory।

পরীক্ষাধীন /পোরিক্‌খাধিন্‌/ [স. পরীক্ষা+অধীন] বিণ. ১ পরীক্ষানিরীক্ষা করা হচ্ছে এমন। ২ বিচারাধীন।

পরীক্ষানিরীক্ষা /পোরিক্‌খানিরিক্‌খা/ [স. পরীক্ষা+নিরীক্ষা] বি. যথার্থতা যাচাই ও স্বরূপ নির্ণয়।

পরীক্ষার্থী /পোরিক্‌খার্থি/ [স. পরীক্ষা+√অর্থ্‌+ইন্‌] বি. যে পরীক্ষা দেয়, examinee। স্ত্রী. **পরীক্ষার্থিনী** /পোরিক্‌খার্থিনি/।

পরীক্ষিত /পোরিক্‌খিতো/ [স. পরি+√ঈক্ষ্+ত] বিণ. পরীক্ষা করা হয়েছে এমন।

পরীক্ষোত্তীর্ণ /পোরিক্‌খোত্‌তির্‌নো/ [স. পরীক্ষা+উত্তীর্ণ] বিণ. পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এমন।

পরীত /পোরিতো/ [স. পরি+√ই+ত] বিণ. ১ পরিবৃত, পরিবেষ্টিত। ২ যুক্ত।

পরুষ /পোরুশ্‌/ [স. √প্‌+উষ্‌] বিণ. ১ কর্কশ। ২ উগ্র। ৩ কঠোর। বি. **পরুষতা** /পোরুশতা/।

পরুষত্ব /পোরুশত্তো/ [স. পরুষ+ত্ব] বি. ১ কর্কশতা। ২ ঔদ্ধত্য, উগ্রতা। ৩ কঠোরতা।

পরুষবচন /পোরুশ্‌বচোন্‌/ [স. পরুষ+বচন] বি. কর্কশ উক্তি, কটু কথা।

পরুষভাষী /পোরুশ্‌ভাশি/ [স. পরুষ+√ভাষ্‌+ইন্‌] বিণ. কটু কথা বলে এমন, কটুভাষী।

পরে[১] /পরে/ [বা.] ক্রিবিণ. ১ পশ্চাতে। ২ ভবিষ্যতে, অনন্তর। ৩ কোনো ঘটনার শেষে।

পরে[২] /পোরে/ [বা.] অসক্রি. 'পরিয়া'-র কথ্য রূপ।

পরে[৩] /পরে/ [বা.] ক্রিবিণ. (কাব্যে) ওপরে; 'উপরে'-র সংক্ষেপিত রূপ।

পরে পরে /পরে পরে/ ক্রিবিণ. একটির পর একটি করে, ক্রমানুসারে, ধারাবাহিকভাবে।

পরেশ /পরেশ্‌/ [স. পর+ঈশ] বি. পরমেশ্বর।

পরোক্ষ /পরোক্‌খো/ [স. পর+অক্ষি+অ] বিণ. ১ সরাসরি নয় এমন (*পরোক্ষ উক্তি*)। ২ দৃষ্টির অগোচর; ইন্দ্রিয়াতীত (*পরোক্ষ প্রমাণ*)।

পরোটা /পরোটা/ [হি. পরেঠা >] বি. ময়দার তৈরি ঘি বা তেলে ভাজা পুরু রুটিবিশেষ।

পরোপকার /পরোপোকার্‌/ [স. পর+উপকার] বি. অন্যের কল্যাণসাধন, পরের উপকার।

পরোপকারক /পরোপোকারোক্‌/ [স. পর+উপকারক] বি. বিণ. দ্র পরোপকারী।

পরোপকারিতা /পরোপোকারিতা/ [স. পরোপকারী+তা] বি. অন্যের হিতসাধন।

পরোপকারী /পরোপোকারি/ [স. পরোপকার+ইন্‌] বি. যে ব্যক্তি অন্যের উপকার করে। বিণ. অন্যের উপকার করে এমন, পরহিতসাধক।

পরোপকৃত /পরোপোক্‌কৃতো/ [স. পর+উপকৃত] বিণ. অন্যের দ্বারা উপকার পেয়েছে এমন।

পরোপচিকীর্ষা /পরোপোচিকির্‌শা/ [স. পর+উপচিকীর্ষা] বি. অন্যের উপকার করার ইচ্ছা।

পরোপচিকীর্ষু /পরোপোচিকির্‌শু/ [স. পর+উপচিকীর্ষু] বিণ. অন্যের উপকার করতে আগ্রহী।

পরোপজীবী /পরোপোজিবি/ [স. পর+উপ+√জীব্‌+ইন্‌] বিণ. অন্যের সাহায্যে জীবিকা নির্বাহকারী, পরনির্ভর, পরান্নপালিত। বি. **পরোপজীবিতা** /পরোপোজিবিতা/।

পরোপজীব্য /পরোপোজিব্‌বো/ [স. পর+উপজীব+য] বিণ. অপরের আশ্রয়ে জীবিকা নির্বাহকারী।

পরোয়া /পরোআ/ [ফা.] বি. ১ গ্রাহ্য, তোয়াক্কা (*পরোয়া করি না বাঁচি কি না বাঁচি* নজরুল.)। ২ ডর, ভয়; আশঙ্কা। ৩ ভাবনা, চিন্তা।

পরোয়ানা /পরোআনা/ [ফা.] বি. ১ আদালতের হুকুমনামা। ২ লিখিত আদেশ, আদেশপত্র।

পর্কটি /পর্‌কোটি/ [স. √পৃচ্‌+অটি] বি. রাস্তার ধারে

www.pathagar.com

শোভাবর্ধক ছায়াতরু হিসেবে লাগানো হয় এবং বর্ষাকালে ফোটে এমন তিন থেকে চারটি পাপড়িযুক্ত ফুল ও ছোটো ফল বা তার শাখা-প্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন অশ্বত্থজাতীয় বৃক্ষ (আনি. চীন), পাকুড়বৃক্ষ।

পর্জন্য /পর্‌জোন্‌নো/ [স. √পৃষ্+অন্য] বি. ১ গর্জনকারী ও জলবর্ষী মেঘ। ২ ইন্দ্র।

পর্ণ /পর্‌নো/ [স. √পৃ+ন] বি. ১ গাছের পাতা। ২ তাম্বূল, পান। ৩ পক্ষ, ডানা, পালক।

পর্ণকার /পর্‌নোকার্/ [স. পর্ণ+কার] বি. ১ পান-বিক্রেতা, পানব্যবসায়ী। ২ বারুই জাতি।

পর্ণকুটির /পর্‌নোকুটির্/ [স. পর্ণ+কুটির] বি. গাছের পাতায় ছাওয়া ঘর, কুঁড়েঘর।

পর্ণপুট /পর্‌নোপুট্/ [স. পর্ণ+পুট] বি. পাতার ঠোঙা।

পর্ণবীথিকা /পর্‌নোবিথিকা/ [স. পর্ণবীথি+কন্+আ (টাপ্)] বি. পানলতার সারি।

পর্ণমৃগ /পর্‌নোমৃগো/ [স. পর্ণ+মৃগ] বি. ১ শাখামৃগ, বানর। ২ কাঠবিড়াল।

পর্ণমোচী /পর্‌নোমোচি/ [স. পর্ণ+√মুচ্+ইন্] বিণ. শীতকালে পাতা ঝরে যায় এমন, পত্রমোচী, deciduous।

পর্ণশয্যা /পর্‌নোশোজ্জা/ [স. পর্ণ+শয্যা] বি. পাতা দিয়ে রচিত শয্যা।

পর্ণশালা /পর্‌নোশালা/ [স. পর্ণ+√শল্+অ+আ (টাপ্)] বি. দ্র পর্ণকুটির।

পর্ণাশন /পর্‌নাশন্/ [স. পর্ণ+অশন] বিণ. পাতা খেয়ে জীবনধারণ করে এমন। বি. ১ শাকপাতা আহার। ২ (পত্রভোজী বলে) মেষ।

পর্ণাহার /পর্‌নাহার্/ [স. পর্ণ+আহার] বি. শাক-পাতা আহার। বিণ. পাতা খেয়ে জীবনধারণ করে এমন।

পর্ণিক /পোর্‌নিক্/ [স. পুণ্ডরীক >] বি. শাকসবজি উৎপাদন ও বিক্রয় যার পেশা।

পর্ণী /পোর্‌নি/ [স. পর্ণ+ইন্] বিণ. পাতাবিশিষ্ট।

পর্তুগিজ /পোর্‌তুগিজ্/ বি. ১ পর্তুগালের অধিবাসী। ২ পর্তুগালের ভাষা। বিণ. পর্তুগাল-সংক্রান্ত।

পর্দা /পর্‌দা/ [ফা.] বি. ১ কাপড়ের আবরণ বা আচ্ছাদন (*জানালার পর্দা*)। ২ যবনিকা (*মঞ্চের পর্দা*)। ৩ মনিটার, screen (*টেলিভিশনের পর্দা*)। ৪ অন্তঃপুর বা অবরোধে বসবাস (*পর্দাপ্রথা*)। ৫ স্বরগ্রাম (*সুরের পর্দা*)। ৬ স্তর। ৭ (আল.) লজ্জা, সংকোচ (*চোখের পর্দা*)।

পর্দানশিন /পর্‌দানোশিন্/ [ফা.] বিণ. পর্দার অন্তরালে বাস করে এমন, অবরোধবাসিনী।

পর্দাপ্রথা /পর্‌দাপ্রোথা/ [ফা. পরদা+স. প্রথা] বি. নারীকে অন্তঃপুরে অবরুদ্ধ রাখার প্রথা।

পর্পট /পর্‌পট্/ [স. √পর্প্+অট] বি. ১ ভারতীয় উপমহাদেশে আর্দ্র পতিত জমিতে আগাছা হিসেবে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন সবুজাভ সাদা ফুল গাঢ় বাদামি আবরণযুক্ত দানাদার ফল বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ, শ্বেতপাপড়া। ২ পাঁপড়।

পর্পটিকা /পর্‌পোটিকা/ [স. পর্পটী+কন্+আ (টাপ্)] বি. দ্র পর্পট।

পর্পটী /পর্‌পোটি/ [স.পর্পট+ঈ] বি. দ্র পর্পট।

পর্ব /পর্‌বো/ [স. √পৃ+বন্] বি. ১ ধর্মীয় অনুষ্ঠান পালনের নির্দিষ্ট দিন, পার্বণ। ২ বাঁশ আখ প্রভৃতির গ্রন্থি বা গাঁট। ৩ সন্ধি, পর্যায় (*জীবনের শেষ পর্ব*)। ৪ উৎসব; আয়োজন। ৫ অধ্যায়।

পর্বত /পর্‌বোত্/ [স. √পর্বন্+ত] বি. ভূপৃষ্ঠ থেকে উদ্‌গত (অন্তত ১০০০ ফিট বা তদূর্ধ্ব) স্তূপ, শৃঙ্গবিশিষ্ট ভূভাগ, শৈল, গিরি, পাহাড়, অদ্রি।

পর্বতকন্দর /পর্‌বোত্‌কন্‌দর্/ [স. পর্বত+কন্দর] বি. দ্র পর্বতগহ্বর।

পর্বতগহ্বর /পর্‌বোত্‌গওভর্/ [স. পর্বত+গহ্বর] বি. পর্বতমধ্যস্থ গুহা বা কন্দর, গিরিগুহা, শৈলগহ্বর।

পর্বতগুহা /পর্‌বোত্‌গুহা/ [স. পর্বত+গুহা] বি. দ্র পর্বতগহ্বর।

পর্বতজাত /পর্‌বোত্‌জাতো/ [স. পর্বত+√জন্+ত] বিণ. পর্বতে উৎপন্ন বা জাত।

পর্বতপতি /পর্‌বোত্‌পোতি/ [স. পর্বত+√পা+অতি] বি. গিরিরাজ, হিমালয়।

পর্বতপ্রমাণ /পর্‌বোত্‌প্রোমান্/ [স. পর্বত+প্রমাণ] বিণ. ১ পর্বতের মতো বিশাল। ২ (আল.) রাশী-কৃত।

পর্বতবাসী /পর্‌বোত্‌বাসি/ [স. পর্বত+√বস্+ইন্] বিণ. পর্বতে বাস করে এমন। স্ত্রী. **পর্বতবাসিনী** /পর্‌বোত্‌বাসিনি/।

পর্বতমালা /পর্‌বোত্‌মালা/ [স. পর্বত+মালা] বি. পর্বতসমূহ, পর্বতশ্রেণি।

পর্বতশিখর /পর্‌বোত্‌শিখর্/ [স. পর্বত+শিখর] বি. পাহাড়ের চূড়া, গিরিশৃঙ্গ।

পর্বতশ্রেণি /পর্‌বোত্‌স্রেনি/ [স. পর্বত+শ্রেণি] বি. দ্র

www.pathagar.com

পর্বতমালা।

পর্বতসংকুল /পর্‌বোত্‌শংকুল্‌/ [স. পর্বত+সংকুল] বিণ. পর্বত আছে এমন, পর্বতময়, পাহাড়ি।

পর্বমধ্য /পর্‌বোমোদ্‌ধ্যো/ [স. পর্ব+মধ্য] বি. (উদ্ভিদ.) দুটি গ্রন্থি বা পর্বের মধ্যবর্তী অংশ, গাঁট।

পর্বাঙ্গ /পর্‌বাংগো/ [স. পর্ব+অঙ্গ] বি. বাংলা ছন্দে পর্বের বিভাগ।

পর্বাস্ফোট /পর্‌বাস্‌ফোট্‌/ [স. পর্ব+আস্ফোট] বি. অঙ্গুলিমোটন।

পর্বাহ /পর্‌বাহ্নো/ [স. পর্ব+অহন্‌] বি. উৎসবের দিন, পরবের দিন।

পর্যঙ্ক /পোর্‌জংকো/ [স. পরি+√অঙ্ক্‌+অ] বি. ১ মূল্যবান শয্যাধার, পালঙ্ক। ২ নদীর অববাহিকা, basin।

পর্যঙ্কবন্ধ /পোর্‌জংকোবন্‌ধ্যো/ [স. পর্যঙ্ক+বন্ধ] বি. যোগশাস্ত্রের আসনবিশেষ, বীরাসন।

পর্যটক /পোর্‌জোটক্‌/ [স. পরি+√অট্‌+অক] বিণ. পরিব্রাজক। বি. যে ব্যক্তি ভ্রমণ করে।

পর্যটন /পোর্‌জোটন্‌/ [স. পরি+√অট্‌+অন] বি. বিনোদন বা অভিজ্ঞতা অর্জনের উদ্দেশ্যে ভ্রমণ।

পর্যন্ত /পোর্‌জোন্‌তো/ [স. পরি+অন্ত] বি. সীমা; প্রান্ত। অব্য. অপিচ; এমনকি (*তিনি পর্যন্ত অবাক হলেন*)। ক্রিবিণ. অবধি (*পা থেকে মাথা পর্যন্ত*)।

পর্যবসান /পোর্‌জোবশান্‌/ [স. পরি+অব+√সো+অন] বি. ১ সমাপন, অবসান, সমাপ্তি। ২ পরিণাম, পরিণতি।

পর্যবসিত /পোর্‌জোবোশিতো/ [স. পরি+অব+√সো+ত] বিণ. ১ পরিণত, রূপান্তরিত। ২ সমাপ্ত (*ব্যর্থতায় পর্যবসিত*)।

পর্যবেক্ষক /পোর্‌জোবেক্‌খক্‌/ [স. পরি+অব+√ঈক্ষ্‌+অক] বি. যে পরিদর্শন করে। বিণ. পর্যবেক্ষণকারী।

পর্যবেক্ষকমহল /পোর্‌জোবেক্‌খক্‌মহোল্‌/ [স. পর্যবেক্ষক+আ. মহল] বি. পর্যবেক্ষণকারী গোষ্ঠী।

পর্যবেক্ষণ /পোর্‌জোবেক্‌খন্‌/ [স. পরি+অব+√ঈক্ষ্‌+অন] বি. ১ অভিনিবেশ সহকারে দর্শন; পরিদর্শন। ২ প্রকৃত ঘটনা অবলোকন।

পর্যবেক্ষণরত /পোর্‌জোবেক্‌খনরতো/ [স. পর্যবেক্ষণ+√রম্‌+ত] বিণ. পর্যবেক্ষণ করছে এমন।

পর্যবেক্ষণিকা /পোর্‌জোবেক্‌খোনিকা/ [স. পর্যবেক্ষণ+কন্‌+আ (টাপ্‌)] বি. মহাজাগতিক ঘটনাবলি পর্যবেক্ষণের জন্য নভোবীক্ষণযন্ত্র-সহ অন্যান্য বৈজ্ঞানিক যন্ত্রসজ্জিত গৃহ, মানমন্দির; (পরি.) observatory।

পর্যবেক্ষিত /পোর্‌জোবেক্‌খিতো/ [স. পরি+অব+√ঈক্ষ্‌+ত] বিণ. পর্যবেক্ষণ করা হয়েছে এমন।

পর্যসন /পোর্‌জোশন্‌/ [স. পরি+√অস্‌+অন] বি. ১ দূরীকরণ, অপসারণ। ২ চতুর্দিকে ক্ষেপণ।

পর্যস্ত /পোর্‌জোস্‌তো/ [স. পরি+√অস্‌+ত] বিণ. ১ অপসারিত, দূরীকৃত। ২ বিক্ষিপ্ত। ৩ বিপর্যস্ত।

পর্যাকুল /পোর্‌জাকুল্‌/ [স. পরি+আকুল] বিণ. অতিশয় কাতর বা আকুল।

পর্যাণ /পোর্‌জান্‌/ [স. পরি+√যা+অন] বি. ভারবাহী পশুর পিঠে বসার আসন, জিন, হাওদা, saddle।

পর্যাপ্ত /পোর্‌জাপ্‌তো/ [স. পরি+√আপ্‌+ত] বিণ. ১ প্রচুর, প্রতুল। ২ পরিমিত। ৩ প্রয়োজন মেটানোর উপযুক্ত, যথেষ্ট।

পর্যাপ্তি /পোর্‌জাপ্‌তি/ [স. পরি+√আপ্‌+তি] বি. ১ প্রাচুর্য। ২ সম্পূর্ণতা। ৩ পরিমিতি। ৪ সামর্থ্য, সক্ষমতা। ৫ পরিতৃপ্তি।

পর্যাবৃত্ত /পোর্‌জাবৃত্‌তো/ [স. পর্যায়+বৃত্ত] বিণ. ১ পর্যায় অনুসারে সংঘটিত হয় এমন, periodic। ২ নির্দিষ্ট সময়ের ব্যবধানে ঘটে এমন।

পর্যাবৃত্তি /পোর্‌জাবৃত্‌তি/ [স. পর্যায়+বৃত্তি] বি. পর্যায়ক্রমে সংঘটিত হওয়ার রীতি, periodicity।

পর্যায় /পোর্‌জায়্‌/ [স. পরি+√ই+অ] বি. ১ পালা, অনুক্রম। ২ মর্যাদার স্তর (*সমপর্যায়*)। ৩ অবস্থা (*প্রারম্ভিক পর্যায়*)। ৪ সম-অর্থবাচক শব্দ (*পর্যায়শব্দ*)। ৫ বংশপরম্পরাগত সংখ্যা। ৬ গ্রহাদির আবর্তনকাল।

পর্যায়ক্রমে /পোর্‌জায়্‌ক্রোমে/ [স. পর্যায়ক্রম+বা. এ] ক্রিবিণ. ধারাবাহিকভাবে, ক্রমানুসারে।

পর্যায়শব্দ /পোর্‌জায়্‌শবদো/ [স. পর্যায়+শব্দ] বি. সম-অর্থবাচক হওয়া সত্ত্বেও ভিন্ন ভিন্ন গুণ প্রকাশ করে এমন শব্দের ক্রম।

পর্যালোচন /পোর্‌জালোচন্‌/ [স. পরি+আ+√লোচি+অন] বি. দ্র পর্যালোচনা।

পর্যালোচনা /পোর্‌জালোচনা/ [স. পর্যালোচন+আ (টাপ্‌)] বি. ১ পুঙ্খানুপুঙ্খ বিচার; সর্বতোভাবে আলোচনা (*সংবাদ পর্যালোচনা*)। ২ সম্যক অনুশীলন।

পর্যালোচিত /পোর্‌জালোচিতো/ [স. পরি+আ+√লোচি+ত] বিণ. পর্যালোচনা করা হয়েছে এমন।

www.pathagar.com

পর্যাস /পোর্‌জাশ্‌/ [স. পরি+√অস্‌+অ] বি. ১ ওলট-পালট। ২ বিপর্যয়। ৩ পরিবর্তন। ৪ বিনাশ।

পর্যুৎসুক /পোর্‌জুত্‌শুক্‌/ [স. পরি+উৎসুক] বিণ. ১ অত্যন্ত আগ্রহান্বিত, সমুৎসুক। ২ উৎকণ্ঠিত।

পর্যুদস্ত /পোর্‌জুদস্‌তো/ [স. পরি+উদ্‌+√অস্‌+ত] বিণ. ১ পরাজিত, পরাভূত। ২ নিবারিত, নিষিদ্ধ।

পর্যুদাস /পোর্‌জুদাশ্‌/ [স. পরি+উদ্‌+√অস্‌+অ] বি. ১ সম্পূর্ণ পরাজয়, পরাভব। ২ নিবারণ, নিষেধ।

পর্যুষিত /পোর্‌জুশিতো/ [স. পরি+√বস্‌+ত] বিণ. আগের দিন রাঁধা হয়েছে এমন।

পর্যেষণ /পোর্‌জেশন্‌/ [স. পরি+√ইষ্‌+অন] বি. দ্র পর্যেষণা।

পর্যেষণা /পোর্‌জেশনা/ [স. পর্যেষণ+আ (টাপ্‌)] বি. ১ অন্বেষণ, অনুসন্ধান। ২ গবেষণা।

পর্ষদ /পর্‌শদ্‌/ [স. √পৃষ্‌+অদ্‌] বি. ১ সভা; সমিতি; সংসদ (*সাহিত্য পর্ষদ*)। ২ পরিচালন-সমিতি, board। ৩ সমাজ।

পল[১] /পল্‌/ [স. √পল্‌+অ] বি. ১ চব্বিশ সেকেন্ড সময়; সূক্ষ্ম কালবিভাগ; ক্ষণকাল। ২ মাংস (*পলান্ন*)। ৩ ওজনের পরিমাপবিশেষ।

পল[২] /পল্‌/ [ফা. পহ্‌লু >] বি. ১ পৃষ্ঠ, তল। ২ রত্ন মণি প্রভৃতি দ্রব্যের শিরবিশিষ্ট পার্শ্বদেশ।

পল[৩] /পল্‌/ [বা.] বি. ১ শস্যশূন্য তৃণ, বিচালি, খড়। ২ কাঠের অসার অংশ।

পলক /পলোক্‌/ [ফা.] বি. ১ চোখের পাতা ফেলতে যেটুকু সময় লাগে, নিমেষ। ২ চোখের পাতা।

পলকবিহীন /পলোক্‌বিহিন্‌/ [ফা. পলক+স. বিহীন] বিণ. দ্র পলকহীন।

পলকরহিত /পলোক্‌রোহিতো/ [ফা. পলক+স. রহিত] বিণ. দ্র পলকহীন।

পলকহীন /পলোক্‌হিন্‌/ [ফা. পলক+স. হীন] বিণ. অপলক, নিমেষহীন, নির্নিমেষ।

পলকা /পল্‌কা/ [বা.] বিণ. ১ হালকা ও সহজে ভেঙে যায় এমন, ভঙ্গুর। ২ অত্যন্ত দুর্বল, হীনবল (*পলকা স্বাস্থ্য*)।

পলতা /পল্‌তা/ [বা.] বি. পটোললতা বা তার পাতা।

পলতে /পোল্‌তে/ [ফা. পলিতা >] বি. সরু করে পাকানো কাপড়ের ফালি যার এক প্রান্ত প্রদীপের তেলে ডুবিয়ে রেখে অন্য প্রান্ত প্রজ্বালন করা হয়, সলতে, সলিতা।

পলল /পলোল্‌/ [স. √পল্‌+অল] বিণ. পলিজাত; পলিময় (*পললভূমি*)। বি. ১ মাংস। ২ পঙ্ক।

পললভূমি /পলোল্‌ভূমি/ [স. পলল+ভূমি] বি. পলিমাটি।

পলা[১] /পলা/ [স. প্রবাল >] বি. ১ সামুদ্রিক কীটের জীবাশ্ম থেকে জাত লাল রত্নবিশেষ, প্রবাল, coral। ২ হাতে পরিধেয় লাল চুড়িবিশেষ।

পলা[২] /পলা/ [স. পল >] বি. দীর্ঘ হাতলের সঙ্গে যুক্ত ছোটো বাটি (সচরাচর গভীর পাত্র থেকে তরলপদার্থ তোলার জন্য ব্যবহৃত), হাতা।

পলাগ্নি /পলাগ্‌নি/ [স. পল+অগ্নি] বি. পিত্ত, bile।

পলাঙ্গ /পলাংগো/ [স. পল+অঙ্গ] বি. শুশুক।

পলাণ্ডু /পলান্‌ডু/ [স. √পল্‌+আন্ডু] বি. পেঁয়াজ।

পলাতক /পলাতক্‌/ [স. পলায়ক >] বিণ. ১ পলায়ন করেছে এমন। ২ ফেরারি (*পলাতক আসামি*)। ৩ নিরুদ্দেশ, নিখোঁজ।

পলান্ন /পলান্‌নো/ [স. পল+অন্ন] বি. মাংস প্রভৃতি সহযোগে ঘৃতপক্ক অন্ন। ২ পোলাও।

পলায়ন /পলায়ন্‌/ [স. পরা+√অয়্‌+অন] বি. চম্পট; প্রস্থান।

পলায়নপর /পলায়নপর্‌/ [স. পলায়ন+পর] বিণ. পালাতে চায় এমন; পলায়মান।

পলায়নি /পলায়োনি/ [স. পলায়ন >] বিণ. চোখের আড়ালে থাকতে চায় এমন।

পলায়নি মনোবৃত্তি /পলায়োনি মোনোবৃত্‌তি/ বি. এড়িয়ে চলার মানসিকতা, escapism।

পলায়মান /পলায়োমান্‌/ [স. পরা+√অয়্‌+মান (শানচ্‌)] বিণ. পলায়নপর।

পলায়িত /পলায়িতো/ [স. পরা+√অয়্‌+ত] বিণ. পালিয়েছে এমন। স্ত্রী. পলায়িতা /পলায়িতা/।

পলাশ /পলাশ্‌/ [স. পলাশ+অ] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও নিউগিনিতে জাত এবং বসন্তকালে ফোটে এমন লালচে কমলা রঙের কান্তেসদৃশ ফুল (এবং প্রতিটি বৃন্তে তিনটি করে পাতা থাকে) বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির পর্ণমোচী উদ্ভিদ, কিংশুক।

পলাশি /পলাশি/ [স্থান.] বি. পশ্চিমবঙ্গের মুর্শিদাবাদ জেলায় অবস্থিত গঙ্গা নদীর তীরবর্তী ঐতিহাসিক স্থান (যেখানে ১৭৫৭ খ্রিষ্টাব্দে ইংরেজদের সঙ্গে যুদ্ধে মিরজাফরের ষড়যন্ত্রে বাংলার নবাব সিরাজউদ্দৌলা পরাজিত হন)।

পলি /পোলি/ [স. পলল >] বি. বন্যা বা নদীর ঘোলা জল থেকে সঞ্চিত থিতিয়ে পড়া নরম মাটির স্তর, alluvium।

পলিজ /পোলিজো/ [স. পলল >] বিণ. পলি থেকে জাত, পাললিক, alluvial।

www.pathagar.com

পলিটেকনিক /পলিটেক্‌নিক্‌/ [ফ.] বি. যে প্রতিষ্ঠানে কর্মমুখী কারিগরি শিক্ষা প্রদান করা হয়, polytechnic।

পলিত /পোলিতো/ [স. √পল্‌+ত] বিণ. ১ বার্ধক্য-হেতু শুক্লতাপ্রাপ্ত, পক্ক (*পলিত কেশ*)। ২ বৃদ্ধ।

পলিতকেশ /পোলিতোকেশ্‌/ [স. পলিত+কেশ] বি. পাকা চুল। বিণ. বার্ধক্যহেতু চুল পেকেছে এমন।

পলিতা /পোলিতা/ [ফা.] বি. প্রদীপের সলতে।

পলিথিন /পলিথিন্‌/ [আবেশ.] বি. জলরোধী মোড়ক-রূপে ব্যবহৃত ইথিলিন পলিমার থেকে উৎপন্ন তাপ ও বিদ্যুৎ অপরিবাহী হালকা মজবুত পদার্থ।

পলিমাটি /পোলিমাটি/ [বা.] বি. বন্যা বা নদীর ঘোলা জল থেকে থিতিয়ে পড়া নরম মাটি।

পলু/পোলু /[দেশি.] বি. ধূসর আঁশ-আবৃত কীটবিশেষ, রেশমকীট।

পলুই /পোলুই/ [দেশি.] বি. দ্র পলো।

পলেস্তারা /পলেস্‌তারা/ [ই. plaster >] বি. চুন সিমেন্ট বালি প্রভৃতির আস্তরণ।

পলো /পোলো/ [দেশি.] বি. বাঁশের শলাকা দিয়ে তৈরি উলটো ঝুড়িসদৃশ মাছ ধরার ফাঁদ, পলুই।

পল্টন /পল্‌টন্‌/ [ই. platoon >] বি. ফৌজ, সৈন্যদল।

পল্বল /পল্‌লোল্‌/ [স. √পল্‌+বল] বি. বিল ডোবা প্রভৃতি ছোটো জলাশয়।

পল্যঙ্ক /পোল্‌লোংকো/ [স. পর্যঙ্ক >] বি. শয্যাধারবিশেষ, পালঙ্ক, খাট।

পল্লব /পল্‌লোব্‌/ [স. √পৎ+লব] বি. ১ গাছের পাতা (*বৃক্ষপল্লব*)। ২ কিশলয়, কচি পাতা (*নব-পল্লব*)। ৩ চোখের পাতা (*আঁখিপল্লব*)। ৪ নতুন পাতাযুক্ত কচি ডালের অগ্রভাগ।

পল্লবগ্রাহী /পল্‌লোবগ্রাহি/ [স. পল্লব+√গ্রহ্‌+ইন্‌] বিণ. বিবিধ বিষয়ে ভাসাভাসা জ্ঞান আছে এমন। বি. পল্লবগ্রাহিতা /পল্‌লোবগ্রাহিতা/।

পল্লবরাজি /পল্‌লোবরাজি/ [স. পল্লব+রাজি] বি. পাতার সারি, পত্রাবলি।

পল্লবাধার /পল্‌লোবাধার্‌/ [স. পল্লব+আধার] বি. গাছের ডাল বা শাখা।

পল্লবিত /পল্‌লোবিতো/ [স. পল্লব+ইত] বিণ. ১ শাখাপ্রশাখায় বিস্তার লাভ করেছে এমন। ২ পল্লবমণ্ডিত, পত্রশোভিত। ৩ বিস্তারিত।

পল্লবী /পল্‌লোবি/ [স. পল্লব+ইন্‌] বি. বৃক্ষ, গাছ।

পল্লি /পোল্‌লি/ [স. √পল্ল্‌+ই] বি. ১ গ্রাম; ক্ষুদ্র গ্রাম, পাড়াগাঁ। ২ পাড়া (*গোপপল্লি*)।

পল্লিউন্নয়ন /পোল্‌লিউন্নয়োন্‌/ [স. পল্লি+উন্নয়ন] বি. গ্রামাঞ্চলের উন্নতিসাধন।

পল্লিগীতি /পোল্‌লিগিতি/ [স. পল্লি+√গৈ+তি] বি. (প্রেম ভক্তি বিরহ মিলন দেহতত্ত্ব অধ্যাত্ম প্রভৃতি বিষয়ে) লৌকিক সুরে গাওয়া গান, লোকগীতি।

পল্লিগ্রাম /পোল্‌লি গ্রাম্‌/ [স. পল্লি+√গ্রস্‌+ম] বি. ক্ষুদ্র গ্রাম, পাড়াগাঁ।

পল্লিজননী /পোল্‌লিজনোনি/ [স. পল্লি+জননী] বি. জননীরূপ পল্লি (*একি অপরূপ রূপে মা তোমায় হেরিনু পল্লী-জননী।* নজরুল.)।

পল্লিবালিকা /পোল্‌লিবালিকা/ [স. পল্লি+বালিকা] বি. গাঁয়ের মেয়ে।

পল্লিবাসী /পোল্‌লিবাশি/ [স. পল্লি+√বস্‌+ইন্‌] বিণ. পল্লিতে বাস করে এমন, গ্রামবাসী।

পল্লিবিদ্যুতায়ন /পোল্‌লিবিদ্‌দুতায়োন্‌/ বি. 'পল্লি-বিদ্যুদায়ন'-এর অশুপ্র. রূপ।

পল্লিবিদ্যুদায়ন /পোল্‌লিবিদ্‌দুদায়োন্‌/ [স. পল্লি+বিদ্যুৎ+অয়ন] বি. গ্রামগঞ্জ-সহ প্রত্যন্ত অঞ্চলে বিদ্যুৎ সরবরাহ ও বিতরণের ব্যবস্থা; 'পল্লি-বিদ্যুতায়ন'-এর শুদ্ধ রূপ।

পল্লিমঙ্গল /পোল্‌লিমোংগোল্‌/ [স. পল্লি+মঙ্গল] বি. গ্রামীণ জনগণের উপকার ও উন্নতিসাধন।

পল্লিসংঘ /পোল্‌লিশংঘো/ [স. পল্লি+সঙ্ঘ] বি. গ্রামের অভ্যন্তরীণ উন্নতিসাধনের জন্য গ্রাম-বাসীদের দ্বারা গঠিত ও পরিচালিত সমিতি।

পল্লিস্বাস্থ্যকেন্দ্র /পোল্‌লিশাস্থোকেন্দ্রো/ [স. পল্লি+স্বাস্থ্য+কেন্দ্র] বি. গ্রামাঞ্চলে স্বাস্থ্য-পরিষেবা প্রদানের জন্য প্রতিষ্ঠিত কেন্দ্র।

পশতু /পোশ্‌তু/ বি. আফগানিস্তান ও পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্তপ্রদেশের অধিবাসীদের ভাষা।

পশম /পশোম্‌/ [ফা.] বি. ছাগল মেষ প্রভৃতি পশুর লোম, উর্ণা, wool।

পশমি /পোশ্‌মি/ [ফা. পশমিন >] বিণ. পশমের তৈরি, পশমজাত (*পশমি চাদর*)।

পশমিনা /পশ্‌মিনা/ [ফা.] বি. মিহি ও কোমল পশমের তৈরি কাপড়বিশেষ।

পশলা /পশ্‌লা/ [স. বর্ষণ >] বিণ. একবারের বর্ষণ বা বারিপাত (*এক পশলা বৃষ্টি*)।

পশা /পশা/ [স. প্রবেশ >] ক্রিবি. (কাব্যে) প্রবেশ করা (*আজি এ প্রভাতে রবির কর / কেমনে পশিল প্রাণের 'পর,* রবীন্দ্র.)।

www.pathagar.com

পশু /পোশু/ [স. √পশ্+উ] বি. ১ তৃণভূমি বা বন-জঙ্গলে বিচরণ করে এমন লোমাবৃত দেহ ও লেজবিশিষ্ট চতুষ্পদ প্রাণী, জন্তু, জানোয়ার। ২ যজ্ঞের বলি। ৩ (আল.) নিষ্ঠুর ও নির্বোধ ব্যক্তি।

পশুখাদ্য /পোশুখাদ্দো/ [স. পশু+খাদ্য] বি. গৃহ-পালিত পশুর উপযুক্ত খাদ্য।

পশুচারণ /পোশুচারোন্/ [স. পশু+চারণ] বি. গবাদি-পশু চারণা।

পশুত্ব /পোশুত্তো/ [স. পশু+ত্ব] বি. ১ পশুর স্বভাব বা ধর্ম। ২ পশুর মতো আচরণ।

পশুধর্ম /পোশুধরমো/ [স. পশু+ধর্ম] বি. পশুর স্বভাবগত ধর্ম বা বৃত্তি।

পশুপতি /পোশুপোতি/ [স. পশু+পতি] বি. শিব।

পশুপালক /পোশুপালোক্/ [স. পশু+পালক] বি. পশুপালন যার পেশা।

পশুপালন /পোশুপালোন্/ [স. পশু+পালন] বি. গৃহপালিত পশুর তত্ত্বাবধান ও রক্ষণাবেক্ষণ।

পশুরাজ /পোশুরাজ্/ [স. পশু+রাজন্] বি. (পুরুষ-কুলের ঘাড়ে কেশর থাকে বলে) মূলত সাহারা মরুভূমির দক্ষিণে আফ্রিকা ও ভারতের গুজরাটের বনাঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন নাতি-দীর্ঘ পা হলদেটে লোম ও গুচ্ছবদ্ধ লেজবিশিষ্ট শক্তিশালী হিংস্র মাংসাশী প্রাণী, সিংহ, মৃগেন্দ্র।

পশুশালা /পোশুশালা/ [স. পশু+শালা] বি. বন্য জীবজন্তু প্রদর্শন প্রজনন ও গবেষণার স্থান, চিড়িয়াখানা, zoo।

পশ্চাৎ /পশ্চাত্/ [স. অপর+আৎ] ক্রিবিণ. ১ পরবর্তী-কালে, পরে। ২ পেছনে। বি. ১ পরবর্তীকাল। ২ পশ্চাদ্দেশ।

পশ্চাৎপদ /পশ্চাত্পদো/ [স. পশ্চাৎ+পদ] বিণ. পিছিয়ে আছে এমন, অনগ্রসর। বি. -তা /-তা/।

পশ্চাত্তাপ /পশ্চাত্তাপ্/ [স. পশ্চাৎ+তাপ] বি. অনুতাপ, অনুশোচনা।

পশ্চাদপসরণ /পশ্চাদপোশরোন্/ [স. পশ্চাৎ+অপসরণ] বি. পেছন দিকে গমন।

পশ্চাদ্‌গামী /পশ্চাদ্‌গামি/ [স. পশ্চাৎ+√গম্+ইন্] বিণ. পেছনে গমনশীল, অনুগামী। বি. পশ্চাদ্‌-গামিতা /পশ্চাদ্‌গামিতা/।

পশ্চাদ্‌দেশ /পশ্চাদ্‌দেশ/ [স. পশ্চাৎ+দেশ] বি. ১ পেছনের অংশ, পশ্চাদ্‌ভাগ। ২ নিতম্ব।

পশ্চাদ্‌বর্তিতা /পশ্চাদ্‌বোর্তিতা/ [স. পশ্চাৎ+√বৃৎ+ইন্+তা] বি. ১ পেছনে অবস্থান। ২ পেছনে গমন। ৩ অনগ্রসরতা।

পশ্চাদ্‌বর্তী /পশ্চাদ্‌বোর্তি/ [স. পশ্চাৎ+√বৃৎ+ইন্] বিণ. পেছনে অবস্থিত; পেছনে আসছে এমন।

পশ্চাদ্‌ভূমি /পশ্চাদ্‌ভুমি/ [স. পশ্চাৎ+ভূমি] বি. ১ পেছনের স্থান। ২ পটভূমি, background।

পশ্চাদধাবন /পশ্চাদ্‌ধাবন্/ [স. পশ্চাৎ+ধাবন] বি. অনুসরণ করে ধাবন; পশ্চাদনুসরণ।

পশ্চাদধাবমান /পশ্চাদ্‌ধাবোমান্/ [স. পশ্চাৎ+ধাবমান] বিণ. পেছনে দৌড়াচ্ছে এমন।

পশ্চার্ধ /পশ্চার্ধো/ [স. পশ্চাৎ+অর্ধ] বি. নাভি থেকে পা পর্যন্ত দেহাংশ, অধমাঙ্গ।

পশ্চিম /পোশ্চিম্/ [স. পশ্চাৎ+ইম] বি. ১ পূর্বের বিপরীত দিক, যে দিকে সূর্য অস্ত যায়, প্রতীচী। ২ ইউরোপ আমেরিকা প্রভৃতি পাশ্চাত্য দেশসমূহ।

পশ্চিমগগন /পোশ্চিম্‌গগোন্/ [স. পশ্চিম+গগন] বি. পশ্চিমের আকাশ।

পশ্চিমা /পোশ্চিমা/ [স. পশ্চিম+আ (টাপ্)] বিণ. ১ পশ্চিম দিক থেকে আগত। ২ পশ্চিমদেশীয়।

পশ্চিমাভিমুখী /পোশ্চিমাভিমুখি/ [স. পশ্চিমাভিমুখ+ইন্] বিণ. ১ পশ্চিম দিকে মুখ করে আছে এমন। ২ পশ্চিম দিকে অগ্রসরমান।

পশ্বাচার /পশ্‌শাচার্/ [স. পশু+আচার] বি. ১ তান্ত্রিক সাধকের আচারবিশেষ। ২ পশুর মতো আচরণ।

পশ্বাচারী /পশ্‌শাচারি/ [স. পশ্বাচার+ইন্] বিণ. পশুর মতো আচরণকারী। বি. যে ব্যক্তি পশুর মতো আচরণ করে।

পশ্বাধম /পশ্‌শাধম্/ [স. পশু+অধম] বিণ. পশুর চেয়েও অধম।

পষ্ট /পশ্‌টো/ [স. স্পষ্ট >] বিণ. স্পষ্ট। ক্রিবিণ. বিশদভাবে, খোলাখুলিভাবে।

পষ্টাপষ্টি /পশ্‌টাপোশ্‌টি/ [বা.] ক্রিবিণ. স্পষ্টভাবে, অকপটে, খোলাখুলিভাবে।

পসরা /পশোরা/ [হি. পঁসর >] বি. ১ বিক্রয়যোগ্য পণ্যসামগ্রী, পণ্যসম্ভার। ২ পণ্যদ্রব্য রাখার পাত্র।

পসার[১] /পশার্/ [হি. পঁসর >] বি. ১ দোকান। ২ পণ্যসামগ্রীর আধার। ৩ পণ্যসম্ভার।

পসার[২] /পশার্/ [স. প্রসার >] বি. ১ ব্যবসায়ে উন্নতি। ২ প্রতিপত্তি, খ্যাতি। ৩ ক্রেতা মক্কেল প্রভৃতির আধিক্য।

পসারি /পশারি/ [হি.] বি. পণ্যবিক্রেতা। স্ত্রী. পসারিণী /পশারিনি/।

পসুরি /পশুরি/ [স. পঞ্চসেরী >] বি. পাঁচসের ওজনের বাটখারা। বিণ. আনুমানিক ৪.৬৭ কেজি ওজনবিশিষ্ট।

পস্তানি /পস্‌তানি/ [স. পশ্চাত্তাপ >] বি. অনুশোচনা।

পস্তানো /পস্‌তানো/ [স. পশ্চাত্তাপ >] ক্রিবি. অনুতাপ বা অনুশোচনা করা, আফসোস করা।

www.pathagar.com

পহর /পহোর/ [স. প্রহর >] বি. দিবারাত্রির এক অষ্টমাংশ, তিন ঘণ্টা; 'প্রহর'-এর আঞ্চলিক রূপ।

পহেলা /পহেলা/ [হি.] বি. মাসের প্রথম দিন বা তারিখ (*পহেলা বৈশাখ*)। বিণ. ১ প্রথম। ২ প্রধান; শ্রেষ্ঠ।

পহ্লব /পল্‌হ্ঽব্ / [ফা.] বি. ইরানের প্রাচীন জাতি-বিশেষ।

পহ্লবি /পল্‌হ্ঽবি / [ফা.] বিণ. পহ্লবসম্বন্ধীয়। বি. ১ প্রাচীন পারস্য (বর্তমান ইরান) দেশের ভাষা-বিশেষ। ২ পদবিবিশেষ।

পা[১] /পা/ [স. পদ >] বি. ১ জীবদেহের উরুসন্ধি থেকে নিচের দিকের অংশ, পদ, চরণ। ২ আসবাবপত্রের নিচের দিকে লাগানো খুঁটি, পায়া।

পা[২] /পা/ [স. পঞ্চম >] বি. স্বরগ্রামের পঞ্চম স্বরের সংকেত।

পাইক /পাইক্/ [স. পদাতি >] বি. ১ পদাতিক সৈন্য। ২ সংবাদবাহক, পেয়াদা। ৩ লাঠিয়াল।

পাইকা /পাইকা/ [লা.] বি. (অধুনালুপ্ত লেটারপ্রেস মুদ্রণ পদ্ধতিতে) ১২ পয়েন্টের ছাপার অক্ষর, pica।

পাইকার /পাইকার্/ [ফা.] বি. ১ একসঙ্গে অনেক পণ্যদ্রব্য কেনাবেচা যার পেশা। ২ একসঙ্গে অনেক পণ্যদ্রব্য কিনে খুচরা দরে বিক্রি করা যার পেশা, দোকানদার।

পাইকারি /পাইকারি/ [ফা.] বিণ. ১ একসঙ্গে অনেক জিনিস কেনাবেচা করে এমন (*পাইকারি ব্যবসায়ী*)। ২ পাইকারসম্বন্ধীয়। ৩ সমষ্টিগতভাবে ধার্য (*পাইকারি জরিমানা*)।

পাইট /পাইট্/ [দেশি.] বি. ১ পারিপাট্য। ২ চাষের জন্য ভূমিকর্ষণ, আবাদ। ৩ কৃষাণ। ৪ মাঝি।

পাইথন /পাইথন্/ [ই.] বি. ক্রান্তীয় অঞ্চলে ঝোপঝাড়ে বিচরণ করে এমন মসৃণ আঁশযুক্ত বৃহদাকার শক্তিশালী নির্বিষ সাপ যা ছাগল হরিণ প্রভৃতি জীবজন্তু পেঁচিয়ে ধরে পিষ্ট করে গিলে খায়, অজগর, python।

পাইন[১] /পাইন্ / [লা.] বি. উত্তর গোলার্ধের নাতি-শীতোষ্ণ মণ্ডলে জাত সুচালো পাতাবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ, pine।

পাইন[২] /পাইন্ / [দেশি.] বি. ১ যে মিশ্রধাতু গালিয়ে ধাতব পদার্থ জোড়া লাগানো হয়। ২ ইস্পাত বা মিশ্রধাতুর তৈরি কোনো পদার্থের ভঙ্গপ্রবণতা হ্রাস করার উদ্দেশ্যে তপ্ত করার পর তেলে ডুবিয়ে রেখে কঠিনতা দানের প্রক্রিয়া।

পাইন্ট /পাইন্ট্/ [ফ.] বি. তরল পদার্থের আয়তনের পরিমাপ (ব্রিটিশ পাইন্ট = ০·৫৬৮ লিটার; মার্কিন পাইন্ট = ০·৪৭৩ লিটার)।

পাইপ /পাইপ্/ [ই.] বি. ১ রবার কাচ প্লাস্টিক ধাতু প্রভৃতির তৈরি বেলনাকার লম্বা ফাঁপা বস্তু, নল। ২ ধূমপানের নলবিশেষ (*পাইপ টানা*)।

পাইপগান /পাইপ্‌গান্/ [ই.] বি. লোহার পাইপ কেটে তৈরি কাজ চালানোর মতো (অপরাধজগতে ব্যবহৃত) বন্দুক।

পাইপয়সা /পাইপয়্‌শা/ [হি. পাই+ফা. পয়সা] বি. এক টাকার ১৯২ ভাগের এক ভাগ মূল্যমানের অধুনালুপ্ত মুদ্রাবিশেষ।

পাইলট /পাইলট্/ [ফ.] বি. বিমানচালক; যে ব্যক্তি জাহাজ চলাচলের পথ নির্দেশ করে; পথপ্রদর্শক; pilot।

পাউডার /পাউডার্/ [ফ.] বি. ১ মিহি গুঁড়ো। ২ প্রসাধনীরূপে ব্যবহৃত ম্যাগনেশিয়াম সিলিকেট-জাতীয় পদার্থের মিহি চূর্ণের সঙ্গে হালকা সুগন্ধি ও বীজবারক (antiseptic) মিশ্রিত পদার্থ।

পাউন্ড /পাউন্ড্/ [ই. pound] বি. ১ ওজনের পরিমাপ (৪৫৩·৬ গ্রাম)। ২ ব্রিটিশ মুদ্রার একক।

পাউরুটি /পাউরুটি/ [পো.] বি. তন্দুরে সেঁকা ময়দার তৈরি ফাঁপা রুটিবিশেষ।

পাওনা /পাওনা/ [বা.] বিণ. প্রাপ্য (*পাওনা টাকা*)। বি. ১ লভ্য অর্থ। ২ প্রাপ্তি, উপার্জন; লাভ।

পাওনাগন্ডা /পাওনাগন্ডা / [বা.] বি. প্রাপ্য টাকা-পয়সা (*পাওনাগন্ডা মিটিয়ে দেওয়া*)।

পাওনাদার /পাওনাদার্/ [বা. পাওনা+ফা. দার] বি. যার টাকা পাওনা আছে, উত্তমর্ণ; মহাজন।

পাওয়া /পাওআ/ [স. প্রাপ্ত >] ক্রিবি. ১ প্রাপ্ত হওয়া (*বেতন পাওয়া*)। ২ লাভ করা (*চাকরি পাওয়া*)। ৩ বোধ করা (*খিদে পাওয়া*)। ৪ সমর্থ হওয়া (*শুনতে পাওয়া*)। ৫ ভীত হওয়া (*ভয় পাওয়া*)। ৬ বুঝতে পারা (*টের পাওয়া*)। ৭ ভোগ করা (*আরাম পাওয়া*)। ৮ গোচর হওয়া (*প্রকাশ পাওয়া*)। ৯ আবেগপ্রবণ হওয়া (*কান্না পাওয়া*)। ১০ উপায় উদ্ভাবন করা (*ভেবে পাওয়া*)। ১১ অনুভব করা (*কষ্ট পাওয়া*)। বিণ. প্রাপ্ত, লব্ধ (*পাওয়া জিনিস*)।

পাওয়ানো /পাওআনো/ [বা.] ক্রিবি. ১ পাইয়ে দেওয়া। ২ সক্ষম করানো। ৩ বোধ করানো। ৪ উদ্রিক্ত করানো।

www.pathagar.com

পাংশন /পাংশন্/ [স. √পংশ্+অন] বিণ. দূষণকারী; কলঙ্কিত করে এমন।

পাংশু /পাংশু/ [স. √পংশ্+উ] বি. ১ ছাই, পাঁশ। ২ কলঙ্ক। ৩ ধুলা। ৪ পাণ্ডুবর্ণ। বিণ. ১ ম্লান। ২ ধূসর।

পাংশুবর্ণ /পাংশুবর্‌নো/ [স. পাংশু+বর্ণ] বিণ. ১ ছাইরঙা। ২ ম্লান। ৩ ফ্যাকাশে। বি. মেটে রং।

পাংশুমুখ /পাংশুমুখ্/ [স. পাংশু+মুখ] বিণ. বিষণ্ন ও বিবর্ণ মুখবিশিষ্ট; শুষ্কবদন।

পাংশুল /পাংশুল্/ [স. পাংশু+ল] বিণ. ১ ধূলিপূর্ণ। ২ ছাইরঙা। ৩ কলঙ্কময়। বি. শিব।

পাংশুলা /পাংশুলা/ [স. পাংশুল+আ (টাপ্)] বিণ. কলঙ্কিনী। বি. ১ পৃথিবী। ২ রজস্বলা নারী।

পাঁক /পাঁক্/ [স. পঙ্ক >] বি. কাদা, কর্দম।

পাঁকাল /পাঁকাল্/ [বা.] বি. ১ পাঁক বা কাদায় বাস করে এমন মাছ (বাইন মাগুর প্রভৃতি)। ২ পান্তা-ভাত। বিণ. কর্দমাক্ত।

পাঁকুই /পাঁকুই/ [বা.] বি. জলকাদা লেগে আঙুলের সন্ধিতে উৎপন্ন ক্ষত, হাজারোগ।

পাঁচ /পাঁচ্/ [স. পঞ্চন্ >] বি. ৫ সংখ্যা। বিণ. ৫ সংখ্যক।

পাঁচই /পাঁচোই/ [বা.] বি. মাসের পঞ্চম দিন, মাসের পাঁচ তারিখ। বিণ. পাঁচ তারিখের।

পাঁচকথা /পাঁচ্‌কথা/ [বা. পাঁচ+স. কথা] বি. নানা ধরনের কথা; কটূবাক্য (*পাঁচকথা শোনানো*)।

পাঁচচুলো /পাঁচচুলো/ [বা.] বিণ. বিশ্রী ও অসমান-ভাবে ছাঁটা চুলবিশিষ্ট।

পাঁচজন /পাঁচ্‌জন্/ [বা. পাঁচ+স. জন] বি. ১ লোকজন; বিশিষ্টজন। ২ পঞ্চায়েত।

পাঁচড়া /পাঁচ্‌ড়া/ [দেশি.] বি. চর্মরোগবিশেষ, খোস; চুলকানি।

পাঁচন /পাঁচোন্/ [স. পাচন >] বি. ভেষজগুণসম্পন্ন গাছগাছড়া লতাপাতা মূল প্রভৃতির ক্বাথ। বিণ. পরিপাককারী, জীর্ণকারক, হজমি।

পাঁচনরি /পাচ্‌নোরি/ [বা.] বিণ. পাঁচ লহরবিশিষ্ট।

পাঁচফোড়ন /পাঁচ্‌ফোড়োন্/ [বা.] বি. পাঁচ প্রকার মসলার (জিরা কালোজিরা মেথি মৌরি ও রাঁধুনি) ফোড়ন।

পাঁচমিশালি /পাঁচ্‌মিশালি/ [বা.] বিণ. পাঁচরকম অর্থাৎ বিবিধ দ্রব্যের সংমিশ্রণে জাত, মিশ্রিত।

পাঁচসালা /পাঁচ্‌শালা/ [বা.] বিণ. পাঁচবছর যাবৎ কার্যকর থাকে এমন, পাঁচবছর মেয়াদি।

পাঁচালি /পাঁচালি/ [স. পাঞ্চালী >] বি. ১ বর্ণনাত্মক বাংলা গীতিকাব্য বা তার অভিনয়। ২ (ব্য.) দীর্ঘ ও বিরক্তিকর কাহিনি।

পাঁচিল /পাঁচিল্/ [স. প্রাচীর >] বি. দেওয়াল।

পাঁজ[১] /পাঁজ্/ [স. পদাঙ্ক >] বি. পদচিহ্ন।

পাঁজ[২] /পাঁজ্/ [স. পঞ্জি >] বি. ১ সুতা কাটার জন্য পাট করা পরিষ্কার তুলা। ২ পেঁজা তুলার তৈরি মোটা সলতে।

পাঁজর /পাঁজোর্/ [স. পঞ্জর >] বি. মেরুদণ্ডী প্রাণীর বুক ও পার্শ্বদেশের অস্থি বা হাড়, পঞ্জর।

পাঁজরা /পাঁজ্‌রা/ [স. পঞ্জর >] বি. দ্র পাঁজর।

পাঁজা[১] /পাঁজা/ [ফা. পাজাহ্ >] বি. ১ পোড়ানোর জন্য স্তূপ করে রাখা ইঁট। ২ ইটের ভাটা।

পাঁজা[২] /পাঁজা/ [ফা. পাঞ্জা >] বি. দুই হাত সামনের দিকে প্রসারিত করে উত্তোলন (*পাঁজাকোলা*)।

পাঁজা[৩] /পাঁজা/ [স. পুঞ্জ >] বি. ১ গুচ্ছ, আঁটি; রাশি। ২ পদবিবিশেষ।

পাঁজাকোলা /পাঁজাকোলা/ [বা.] বিণ. দুই হাত প্রসারিত করে কোলে তোলা হয়েছে এমন।

পাঁজি /পাঁজি/ [স. পঞ্জি >] বি. মাস তিথি প্রভৃতি গণনার পুস্তিকাবিশেষ, পঞ্জিকা।

পাঁজিপুথি /পাঁজিপুথি/ [বা.] বি. দ্র পাঁজি।

পাঁঠা /পাঁঠা/ [দেশি.] বি. ১ ছাগ। ২ (আল.) গালিবিশেষ; নির্বোধ ব্যক্তি।

পাঁড় /পাঁড়্/ [বা.] বিণ. ১ সম্পূর্ণ (*পাঁড়মাতাল*)। ২ পাকা।

পাঁড়মাতাল /পাঁড়্‌মাতাল্/ [বা.] বিণ. বদ্ধমাতাল।

পাঁড়ে /পাঁড়ে/ [স. পণ্ডিত >] বি. হিন্দিভাষী ব্রাহ্মণদের পদবিবিশেষ।

পাঁতি /পাঁতি/ [স. পঙ্‌ক্তি >] বি. ১ শ্রেণি, সারি (*বকের পাঁতি*)। ২ শাস্ত্রীয় বচনের ব্যবস্থাপত্র। ৩ পত্র, চিঠি, লিপি। ৪ ধরন, পদ্ধতি, রীতি।

পাঁদাড় /পাঁদাড়্/ [দেশি.] বি. বাড়ির পেছনের নোংরা আবর্জনাপূর্ণ জায়গা।

পাঁপড় /পাঁপোড়্/ [স. পর্পট >] বি. ডালের গুঁড়ো ও মসলা সহযোগে প্রস্তুত তেলে ভাজা পাতলা মচমচে রুটিসদৃশ খাদ্যবস্তুবিশেষ।

পাঁপর /পাঁপোর্/ [আঞ্চ.] বি. (আর্থিক অসচ্ছলতা-হেতু) যার মোকদ্দমার ব্যয় সরকার বহন করে।

পাঁয়তারা /পাঁয়্‌তারা/ [হি.] বি. ১ মল্লযুদ্ধ প্রভৃতিতে আক্রমণের উদ্যোগ ব্যক্ত করার জন্য পদচারণা। ২ কোনো কাজের শুরুতে আস্ফালন প্রকাশ।

www.pathagar.com

পাঁশ /পাঁশ্/ [স. পাংশু >] বি. ১ ছাই, ভস্ম। ২ (আল.) ছাইয়ের মতো অকিঞ্চিৎকর বস্তু।

পাঁশকুড় /পাঁশ্‌কুড়্/ [বা.] বি. ছাই ফেলার জায়গা।

পাঁশকুড়ো /পাঁশ্‌কুড়ো/ [বা.] বি. দ্র পাঁশকুড়।

পাঁশগাদা /পাঁশ্‌গাদা/ [বা.] বি. আবর্জনা ফেলার স্থান; ছাইয়ের গাদা, ভস্মস্তূপ।

পাঁশুটে /পাঁশুটে/ [স. পাংশু >] বিণ. পাংশুবর্ণবিশিষ্ট; ফ্যাকাশে, বিবর্ণ।

পাক[১] /পাক্/ [ফা.] বিণ. পবিত্র, পূত (*পাকসাফ*)।

পাক[২] /পাক্/ [স. √পচ্+অ] বি. ১ অগ্নিতাপে রন্ধন (*পাক করা*)। ২ হজম, পরিপাক (*পাকাশয়*)। ৩ পক্কতা; শুষ্কতা (*চুলে পাক ধরা*)। ৪ পরিণাম।

পাক[৩] /পাক্/ [দেশি.] বি. ১ আবর্তন, প্রদক্ষিণ। ২ মোচড় (*পাক দেওয়া*)। ৩ ঘটনাক্রম (*পাকচক্র*)। ৪ ষড়যন্ত্র; ফাঁদ (*পাকে ফেলা*)।

পাক[৪] /পাক্/ [স. √পা+ক] বি. অসুরবিশেষ।

পাক করা /পাক্ করা/ ক্রিবি. রান্না করা, রাঁধা।

পাক খাওয়া /পাক্ খাওআ/ ক্রিবি. ১ ঘোরা। ২ প্যাঁচযুক্ত হওয়া। ৩ মোচড়ানো।

পাকঘর /পাক্‌ঘর্/ [স. পাক+বা. ঘর] বি. রান্নাঘর।

পাকচক্র /পাক্‌চক্রো/ [দেশি. পাক+স. চক্র] বি. ১ ঘটনাচক্র। ২ চক্রান্ত, ষড়যন্ত্র।

পাকড় /পাকোড়্/ [হি.] বি. গ্রেপ্তার (*ধরপাকড়*)।

পাকড়াও /পাক্‌ড়াও/ [হি.] বি. ১ সবলে আয়ত্তে আনয়ন, গ্রেপ্তার। ২ পীড়াপীড়ি।

পাকড়ানো /পাক্‌ড়ানো/ [বা.] ক্রিবি. গ্রেপ্তার করা।

পাক দেওয়া /পাক্ দেওআ/ ক্রিবি. ১ প্রদক্ষিণ করা; ঘোরা। ২ মোচড়ানো। ৩ ঘুরানো, পাকানো।

পাকপাত্র /পাক্‌পাত্রো/ [স. পাক+পাত্র] বি. রান্নার পাত্র।

পাকযজ্ঞ /পাক্‌জোগ্‌গো/ [স. পাক+যজ্ঞ] বি. হোম যজ্ঞ প্রভৃতি পুণ্যকর্ম।

পাকযন্ত্র /পাক্‌জনত্রো/ [স. পাক+যন্ত্র] বি. পাকস্থলী।

পাকযোগ্য /পাক্‌জোগ্‌গো/ [স. পাক+যোগ্য] বিণ. রান্নার উপযুক্ত, রন্ধনযোগ্য।

পাকল /পাকোল্/ [স. পাক+√লা+অ] বিণ. রক্তবর্ণ, লোহিত, অগ্নিবর্ণ (*পাকল চক্ষু*)। বি. রোগবিশেষ।

পাকলানো[১] /পাক্‌লানো/ [স. পাকল >] ক্রিবি. রক্তবর্ণ করা।

পাকলানো[২] /পাক্‌লানো/ [স. প্রক্ষালন >] ক্রিবি. ১ মাড়ি দিয়ে চর্বণ করা। ২ ধৌত করা।

পাকশালা /পাক্‌শালা/ [স. পাক+শালা] বি. রান্নাঘর, রসুইঘর।

পাকশাসন /পাক্‌শাশোন্/ [স. পাক+শাসন] বি. পাক নামক অসুরকে হননকারী দেবরাজ ইন্দ্র।

পাকসাট /পাক্‌শাট্/ [বা.] বি. ১ পাখির ডানা সঞ্চালন। ২ ঘুরপাক।

পাকসাফ /পাক্‌সাফ্/ [ফা. পাক+আ. সাফ] বিণ. শুচিতাপূর্ণ, পবিত্র।

পাকস্থলী /পাকোস্‌থোলি/ [স. পাক+স্থল+ঈ] বি. জীবদেহের উদরস্থিত যে অঙ্গে খাদ্যবস্তু জারিত হয়, পক্বাশয়, পাকাশয়, stomach।

পাকস্থালী /পাকোস্‌থালি/ [স. পাক+স্থাল+ঈ] বি. রান্নার পাত্র।

পাকস্পর্শ /পাক্‌স্‌পরশো/ [স. পাক+স্পর্শ] বি. শ্বশুরালয়ে নববধূর প্রথম ভাত রাঁধা ও পরিবেশনের সংস্কার, বউভাত, ওয়ালিমা।

পাকা[১] /পাকা/ [স. পক্ক >] ক্রিবি. ১ পরিপক্ক হওয়া, পরিণত হওয়া (*ফল পাকা*)। ২ সাদা হয়ে যাওয়া (*চুল পাকা*)। ৩ পুঁজে পূর্ণ হওয়া (*ফোড়া পাকা*)।

পাকা[২] /পাকা/ [বা.] বিণ. ১ পরিপক্ক (*পাকা ফল*)। ২ ঝানু (*পাকা চোর*)। ৩ নিপুণতার সঙ্গে কৃত (*পাকা কাজ*)। ৪ স্থায়ী (*পাকা রং*)। ৫ অপরিবর্তনীয়, চূড়ান্ত (*পাকা কথা*)। ৬ যথার্থ (*পাকা ওজন*)। ৭ ইঁট বা পাথরের তৈরি (*পাকা রাস্তা*)। ৮ আইন অনুযায়ী সম্পাদিত (*পাকা দলিল*)। ৯ নিখাদ, খাঁটি (*পাকা সোনা*)। ১০ অকালপক্ক (*এঁচড়ে পাকা*)। ১১ লুডো প্রভৃতি খেলায় ঘরের কাছে এসে গেছে এমন (*পাকা ঘুঁটি*)। ১২ আগুনে পোড়ানো (*পাকা ইট*)। ১৩ শুভ্র (*পাকা চুল*)। ১৪ পরিণত (*পাকা বুদ্ধি*)।

পাকা ধানে মই দেওয়া /পাকা ধানে মোই্ দেওআ/ প্র. সুসম্পন্ন কাজ পণ্ড করা।

পাকানো /পাকানো/ [বা.] ক্রিবি. ১ পাক দেওয়া (*দড়ি পাকানো*)। ২ জটিল করা (*জট পাকানো*)। ৩ ক্রোধ প্রকাশ করা (*চোখ পাকানো*)। ৪ গোলাকার করা (*দলা পাকানো*)।

পাকাপাকি /পাকাপাকি/ [বা.] বিণ. চূড়ান্ত।

পাকাপোক্ত /পাকাপোক্তো/ [বা. পাকা+ফা. পোক্ত] বিণ. ১ দক্ষ, চতুর। ২ মজবুত। ৩ স্থায়ী।

পাকামি /পাকামি/ [বা.] বি. প্রবীণসুলভ আচরণ, জ্যাঠামি।

পাকামো /পাকামো/ [বা.] বি. 'পাকামি'-র কথ্য রূপ।

www.pathagar.com

পাকালেখা /পাকালেখা/ [বা. পাকা+স. লেখা] বি. নিপুণ হাতের রচনা।

পাকাশয় /পাকাশয়/ [স. পাক+আশয়] বি. পাকস্থলী।

পাকাশয়িক /পাকাশয়িক্/ [স. পাকাশয়+ইক] বিণ. পাকস্থলীবিষয়ক।

পাকাসোনা /পাকাশোনা/ [বা.] বি. নিখাদ সোনা।

পাকি /পাকি/ [বা.] বিণ. (অধুনালুপ্ত) ৮০ তোলা ওজনবিশিষ্ট (*পাকি সের*)।

পাকিমালা /পাকিমালা/ [বা.] বি. দীর্ঘকাল ব্যবহারেও গুণাগুণ অক্ষুণ্ন থাকে এমন (গলায় ধারণের উপযোগী) কাষ্ঠমালা।

পাকুড় /পাকুড়/ [স. পর্কটি >] বি. ছায়াতরু হিসেবে লাগানো হয় এবং বর্ষাকালে ফোটে এমন তিন থেকে চারটি পাপড়িযুক্ত ফুল ও ছোটো ফল বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন অশ্বত্থ-জাতীয় বৃক্ষ (আনি. চীন)।

পাকেচক্রে /পাকেচক্রে/ [বা.] ক্রিবিণ. ঘটনাচক্রে, দৈবক্রমে।

পাকেপ্রকারে /পাকেপ্রোকারে/ [বা.] ক্রিবিণ. দ্র পাকেচক্রে।

পাক্কা /পাক্কা/ [স. পক্ক >] বিণ. ১ পুরো (*পাক্কা দু-ঘণ্টা*)। ২ দৃঢ়, চূড়ান্ত (*পাক্কা ব্যবস্থা*)।

পাক্ষিক /পাক্ষিক্/ [স. পক্ষ+ইক] বিণ. ১ পক্ষকাল অন্তর ঘটে বা পক্ষকাল অন্তর প্রকাশিত হয় এমন (*পাক্ষিক পত্রিকা*)। ২ দল বা পক্ষসংক্রান্ত (*দ্বিপাক্ষিক বৈঠক*)।

পাখ /পাখ্/ [স. পক্ষ >] বি. ১ পতঙ্গ মাছ পাখি প্রভৃতির পাখনা। ২ পাখি (*পাখপাখালি*)।

পাখনা /পাখ্না/ [স. পক্ষ >] বি. পতঙ্গ পাখি মাছ প্রভৃতির ডানা।

পাখপাখালি /পাখ্পাখালি/ [বা.] বি. ছোটো বড়ো নানা জাতের পাখি।

পাখলা /পাখ্লা/ [স. প্রক্ষালন >] ক্রিবি. ধোয়া, প্রক্ষালন করা।

পাখলানো /পাখ্লানো/ [স. প্রক্ষালন >] ক্রিবি. প্রক্ষালন করা; পরিষ্কার করে ধোয়া।

পাখসাট /পাখ্শাট্/ [বা.] বি. পাখা বা ডানার ঝাপটা।

পাখা /পাখা/ [স. পক্ষ >] বি. ১ পাখি পতঙ্গ প্রভৃতির ডানা বা পালক। ২ যা দিয়ে বাতাস করা হয়, ব্যজনী (*তালপাখা*)।

পাখালা /পাখালা/ [স. প্রক্ষালন >] ক্রিবি. প্রক্ষালন করা, ধোয়া।

পাখি[১] /পাখি/ [স. পক্ষী >] বি. (সচরাচর উড়তে পারে এমন) পালকে আবৃত দেহ তীক্ষ্ণ দৃষ্টি ও প্রখর শ্রবণশক্তিসম্পন্ন উষ্ণ রক্তবিশিষ্ট ডিম্বজ মেরুদণ্ডী প্রাণিবিশেষ, বিহগ, বিহঙ্গ, খগ।

পাখি[২] /পাখি/ [ই. spoke >] বি. ১ খড়খড়ির আড়কাঠ। ২ চাকার সঙ্গে যুক্ত দণ্ড। ৩ মইয়ের খিল বা ধাপ।

পাখি[৩] /পাখি/ [দেশি.] বি. জমির পরিমাপবিশেষ (৩৯,২৭২·৯ বর্গফুট বা ৩৩ ডেসিম্যাল পরিমাণ জমি)।

পাখোয়াজ[১] /পাখোআজ্/ [ফা.] বি. (ধ্রুপদাঙ্গ গানের সঙ্গে) কোলের ওপর রেখে দুহাত দিয়ে বাজানো হয় এমন আনদ্ধ তালযন্ত্রবিশেষ।

পাখোয়াজ[২] /পাখোআজ্/ [স. পক্ষবাদ্য >] বিণ. ১ ইঁচড়ে পাকা, অকালপক্ক (*পাখোয়াজ ছেলে*)। ২ চালাক, চতুর।

পাখোয়াজি /পাখোআজি/ [ফা.] বি. পাখোয়াজ-বাদক।

পাগড়ি /পাগ্ড়ি/ [হি.] বি. মস্তকাবরণরূপে মাথায় পেঁচিয়ে রাখা হয় এমন কাপড়ের লম্বা ফালি, উষ্ণীষ, আমামা, শিরোবেষ্টন, শিরস্ত্রাণ, শিরোপা।

পাগল /পাগোল্/ [স. পা+√গল্+অ] বিণ. ১ মানসিক ভারসাম্যের অভাবহেতু স্বাভাবিক আচরণ বা সিদ্ধান্ত গ্রহণ করতে অপারগ, বিকৃতমস্তিষ্ক; খ্যাপা। ২ বিমুগ্ধ, বিমোহিত। ৩ মত্ত। ৪ অবোধ, অবুঝ (*পাগল ছেলে*)। ৫ অস্থির (*গরমে পাগল*)। স্ত্রী. পাগলি /পাগ্লি/।

পাগল-ছাগল /পাগোল্ছাগোল্/ [স. পাগল+ছাগল] বিণ. পাগলের পর্যায়ভুক্ত।

পাগলপারা /পাগোল্পারা/ [স. পাগল+বা. পারা] বিণ. পাগলের মতো।

পাগলা /পাগ্লা/ [বা.] বিণ. খ্যাপা, অবুঝ।

পাগলাগারদ /পাগ্লাগারোদ্/ [বা.] বি. মানসিক ভারসাম্যহীন ব্যক্তির আশ্রম ও নিরাময়কেন্দ্র।

পাগলা ঘণ্টা /পাগ্লা ঘন্টা/ বি. (সচরাচর কারাগারে) বিপদের সংকেতসূচক ঘণ্টাধ্বনি।

পাগলাঝোরা /পাগ্লাঝোরা/ [বা.] বি. উন্মত্ত বা বেগবান ঝরনা।

পাগলাটে /পাগ্লাটে/ [বা.] বিণ. ছিটগ্রস্ত।

পাগলামি /পাগ্লামি/ [বা.] বি. ১ পাগলের ভাব। ২ অস্বাভাবিক আচরণ; অবুঝপনা।

পাগলামো /পাগ্লামো/ [বা.] বি. 'পাগলামি'-র কথ্য রূপ।

পাঙাশ[১] /পাঙাশ্/ [স. পিঙ্গাশ >] বি. ভারতীয়

www.pathagar.com

উপমহাদেশে বড়ো নদীতে বিচরণ করে এবং খামারে ব্যাপকভাবে চাষ করা হয় এমন ঈষৎ হলুদাভ ছোটো পাখনাবিশিষ্ট আঁশহীন মাঝারি আকৃতির লম্বাটে স্বাদুজলের মাছবিশেষ।

পাঙাশ[২] /পাঙাশ্/ [স. পাংশু >] বিণ. পাংশুবর্ণ; ফ্যাকাশে; ছাইরঙা; রক্তহীনতায় পাণ্ডুর।

পাঙ্‌ক্তেয় /পাংক্‌তেয়ো/ [স. পঙ্‌ক্তি+এয়] বিণ. ১ সমশ্রেণিতে আসন পাওয়ার যোগ্য। ২ একই পঙ্‌ক্তি বা সারিতে বসে আহার করার যোগ্য।

পাচক[১] /পাচক্/ [স. √পচ্+অক] বি. যার পেশা রান্না করা। স্ত্রী. পাচিকা /পাচিকা/।

পাচক[২] /পাচক্/ [স. √পচ্+অক] বিণ. জীর্ণকারক, হজমি (*পাচকরস*)।

পাচকরস /পাচক্‌রশ্/ [স. পাচক+রস] বি. জীবদেহের পাকস্থলির যে রস ভুক্তদ্রব্য হজম করতে সাহায্য করে, gastric juice।

পাচনবাড়ি /পাচোন্‌বাড়ি/ [স. প্রাজন >] বি. গবাদি পশু চরানোর জন্য ব্যবহৃত ছোটো লাঠিবিশেষ।

পাচনযন্ত্র /পাচোন্‌জন্‌ত্রো/ [স. পাচন+যন্ত্র] বি. জীবদেহের পরিপাকযন্ত্র, digestive organ।

পাচার /পাচার্/ [বা.] বি. ১ গোপনে অপসারণ; চুরি করে নিঃশেষকরণ। ২ সাবাড়। ৩ এপিঠ-ওপিঠ।

পাচারকারী /পাচার্‌কারি/ [বা. পাচার+স. কারী] বিণ. অন্যের অগোচরে পণ্যদ্রব্য অপসারণকারী; চোরাচালানকারী।

পাচিত /পাচিতো/ [স. √পচ্+ণিচ্+ত] বিণ. ১ রাঁধা হয়েছে এমন, অগ্নিপক্ক। ২ হজম হয়েছে এমন।

পাচ্য /পাচ্‌চো/ [স. √পচ্+য] বিণ. ১ রান্নার যোগ্য। ২ হজম বা পরিপাকসাধ্য (*সহজপাচ্য*)।

পাছ /পাছ্/ [স. পশ্চাৎ >] বি. পশ্চাদ্‌ভাগ; পেছন।

পাছড়া[১] /পাছ্‌ড়া/ [স. প্রচ্ছদ >] বি. উত্তরীয়, গায়ের চাদর; দোপাট্টা।

পাছড়া[২] /পাছ্‌ড়া/ [ফা. পছাড় >] ক্রিবি. জাপটে ধরে আছড়ানো।

পাছড়ানো /পাছ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. ১ আছাড় দেওয়া। ২ কুলো দিয়ে শস্য প্রভৃতি ঝাড়া।

পাছদুয়ার /পাছ্‌দুআর্/ [বা.] বি. বাড়ির পেছন দিকের দরজা, খিড়কি।

পাছা /পাছা/ [স. পশ্চাৎ >] বি. ১ নিতম্বদেশ। ২ নৌকার পশ্চাদ্‌ভাগ।

পাছাড় /পাছাড়্/ [ফা.] বি. পেছন থেকে জাপটে ধরে আছাড় দিয়ে মাটিতে নিক্ষেপ।

পাছাড়ি /পাছাড়ি/ [স. পশ্চাদ্‌বর্তী >] বিণ. পেছনের। বি. ১ ঘোড়ার পেছনের পা বাঁধার দড়ি। ২ পাছড়া; পাটের তৈরি মোটা কাপড়বিশেষ।

পাছাপেড়ে /পাছাপেড়ে/ [বা.] বিণ. পাছার ওপর পড়ে এমন পাড়যুক্ত (*পাছাপেড়ে শাড়ি*)।

পাছু /পাছু/ [স. পশ্চাৎ >] বি. পেছন, পশ্চাৎ (*আগুপাছু*)। ক্রিবিণ. ১ পেছনে, পেছন থেকে (*পাছু ডাকা*)। ২ পরে, শেষে।

পাছে /পাছে/ [স. পশ্চাৎ >] ক্রিবিণ. ১ অনভিপ্রেত কিছু ঘটে এমন আশঙ্কায় (*পাছে ভুলে যাই তাই লিখে রাখি*)। ২ পরে, পরবর্তীকালে।

পাজামা /পাজামা/ [ফা.] বি. ঢোলা পাতলুন।

পাজি /পাজি/ [ফা.] বিণ. ১ উদ্ধত। ২ ঝগড়াটে।

পাজির পা-ঝাড়া /পাজির্ পাঝাড়া/ বিণ. অত্যন্ত পাজি, পাজির হদ্দ।

পাঞ্চ /পানচো/ [স. পঞ্চ >] বি. বিণ. পাঁচ।

পাঞ্চজন্য /পান্‌চোজোন্‌নো/ [স. পঞ্চজন+য] বি. (পাঞ্চজন নামক দৈত্যের অস্থি দিয়ে তৈরি বলে) শ্রীকৃষ্ণের শঙ্খের নাম।

পাঞ্চভৌতিক /পান্‌চোভৌতিক্/ [স. পঞ্চভূত+ইক] বিণ. ১ পঞ্চভূতদ্বারা গঠিত (ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও ব্যোম)। ২ পঞ্চভূতসংক্রান্ত।

পাঞ্চাল /পান্‌চাল্/ [স. পঞ্চাল+অ] বিণ. পঞ্চাল-দেশীয়, পঞ্চাল দেশজাত।

পাঞ্চালী /পান্‌চালি/ [স. পাঞ্চাল+ঈ] বি. ১ মহাভারতোক্ত পাঞ্চাল রাজকুমারী দ্রৌপদী। ২ কাঠের পুতুল।

পাঞ্জর /পান্‌জর্/ [স. পঞ্জর >] বি. ১ পঞ্জর, পাঁজর। ২ শরীর, দেহ।

পাঞ্জা /পান্‌জা/ [ফা.] বি. ১ পাঁচ আঙুল-সহ করতল। ২ নৃপতিদের পাঁচ আঙুল-সহ করতলের ছাপযুক্ত রাজ-আজ্ঞা। ৩ পাঁচ ফোঁটা চিহ্নিত তাস। ৪ লুডো পাশা প্রভৃতি খেলায় পাঁচের দান। ৫ পায়ের বা জুতোর সামনের দিক। ৬ কনুইয়ের ওপর ভর দিয়ে পরস্পরের হাতের পাতা যুক্ত করে কবজির শক্তি পরীক্ষা।

পাঞ্জাবি /পান্‌জাবি/ [ফা.] বি. ১ হাতের তালু পর্যন্ত বিস্তৃত আস্তিনবিশিষ্ট ঢিলা জামাবিশেষ; কামিজ। ২ পঞ্জাবের ভাষা বা অধিবাসী। বিণ. পঞ্জাবে উৎপন্ন; পঞ্জাবসম্বন্ধীয়।

পাঞ্জা লড়া /পান্‌জা লড়া/ ক্রিবি. কনুইয়ের ওপর ভর দিয়ে পরস্পরের হাতের পাতা যুক্ত করে কবজির শক্তি পরীক্ষা করা।

www.pathagar.com

পাট[১] /পাট্/ [স. পট্ট >] বি. ১ গ্রীষ্ম ও উপগ্রীষ্ম-মণ্ডলীয় অঞ্চলে দো-আঁশলা পলিমাটিতে চাষ করা হয় এমন খাঁজকাটা পাতা এবং বহুবীজযুক্ত ছোটো ফল বা তার মসৃণ লোমাবৃত দীর্ঘ কাণ্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ (যা থেকে প্রাপ্ত উজ্জ্বল সোনালি আঁশ কাপড় থলে কার্পেট দড়ি কাগজের মণ্ড প্রভৃতি তৈরির কাজে ব্যবহৃত হয়), jute। ২ রেশম। ৩ স্তর, ভাঁজ (*পাট করা কাপড়*)। ৪ পিঁড়ি। ৫ সিংহাসন; রাজতন্ত্র (*রাজ্যপাট*)। ৬ তীর্থস্থান (*শ্রীপাট*)। ৭ অস্তাচল (*সূর্য নামে পাটে*)। ৮ ফলক। ৯ কপাট (*দরজার পাট*)। বিণ. ১ রাজকীয়। ২ প্রধান (*পাটরানি*)।

পাট[২] /পাট্/ [স. পাটি >] বি. ১ পারিপাট্যসাধন। ২ নৈমিত্তিক গৃহকর্ম (*রান্নার পাট*)। ৩ নিত্যদিনের কাজ (*পাট চুকানো*)।

পাট[৩] /পাট্/ [স. পাটক >] বি. (ধস রোধের জন্য) কুয়ার দেওয়ালে লাগানো পোড়ামাটির বেষ্টনী, চাক।

পাটক /পাটক্/ [স. √পাটি+অক] বি. ১ পাড়, কূল; উপকূল। ২ পাশাখেলার দান বা ঘুঁটি চালনা। ৩ বাদ্যযন্ত্র বা তার ধ্বনি। ৪ পাড়া।

পাটকরণি /পাট্করোনি/ [বা.] বি. যে নারী সংসারের ধোয়ামোছার কাজ করে।

পাটকল /পাট্কল্/ [বা.] বি. পাটের আঁশ থেকে সুতা চট প্রভৃতি তৈরির কারখানা।

পাটকাঠি /পাট্কাঠি/ [বা.] বি. দ্র পাটখড়ি।

পাটকিল /পাট্কিল্/ [বা.] বিণ. ইটের বর্ণবিশিষ্ট, পাটল বর্ণের।

পাটকিলে /পাট্কিলে/ [বা.] বিণ. দ্র পাটকিল।

পাটকেল /পাট্কেল্/ [দেশি.] বি. ইটের টুকরো।

পাটখড়ি /পাট্খোড়ি/ [বা.] বি. (জ্বালানিরূপে ব্যবহৃত) পাটগাছের আঁশ ছাড়িয়ে নেওয়ার পর পরিত্যক্ত শুকনো কাণ্ড, পাটকাঠি।

পাটখেত /পাট্খেত্/ [বা.] বি. পাট চাষের খেত।

পাটন /পাটোন্/ [স. পট্টন >] বি. ১ জনপদ, নগর; দেশ; অঞ্চল। ২ বাণিজ্য।

পাটনি /পাট্নি/ [দেশি.] বি. খেয়াঘাটের মাঝি।

পাটব /পাটব্/ [স. পটু+অ] বি. ১ পটুতা, দক্ষতা। ২ আরোগ্য। বিণ. **পাটবিক** /পাটোবিক্/।

পাটরানি /পাট্রানি/ [বা.] বি. রাজার প্রধান মহিষী।

পাটল /পাটোল্/ [স. √পাটি+অল] বিণ. ইটের মতো রংবিশিষ্ট, ফিকে লাল বা গোলাপি রঙের।

পাটশাক /পাট্শাক্/ [স. পট্টশাক >] বি. রেঁধে খাওয়ার উপযোগী পাটগাছের তিক্তস্বাদ পাতা।

পাটা /পাটা/ [বা.] বি. ১ তক্তা। ২ বাটনা পেষণের শিল। ৩ ভূমি ক্রয়ের দলিল, পাট্টা। ৪ বুকের বিস্তৃতি। ৫ (আল.) সাহস (*বুকের পাটা*)।

পাটাতন /পাটাতন্/ [বা.] বি. ১ জাহাজ বা নৌকার মেঝে। ২ তক্তা, বাঁশের মাচা।

পাটালি /পাটালি/ [বা.] বি. তাল খেজুর প্রভৃতির রস শুকিয়ে উৎপন্ন পাটাসদৃশ জমাটবাঁধা গুড়; নতুন গুড়ের বরফি।

পাটি[১] /পাটি/ [বা.] বি. ১ শৃঙ্খলা (*পরিপাটি*)। ২ জোড়ার একটি (*জুতোর পাটি*)। ৩ সারি (*দাঁতের পাটি*)। ৪ বেত প্রভৃতির তৈরি মসৃণ মাদুর (*শীতলপাটি*)। ৫ শ্রেণিবদ্ধ জনপদ।

পাটি[২] /পাটি/ [স. √পট্+ই] বি. দ্র পাটিগণিত।

পাটিগণিত /পাটিগোনিত্/ [স. পাটি+√গণ্+ত] বি. অঙ্কশাস্ত্র, arithmatic।

পাটিপত্র /পাটিপত্রো/ [বা. পাটি+স. পত্র] বি. বিয়ের কথা পাকা করার অনুষ্ঠান।

পাটিসাপটা /পাটিশাপ্টা/ [দেশি.] বি. ক্ষীরের পুর দেওয়া পাটির মতো জড়ানো পিঠাবিশেষ।

পাটুয়া /পাটুআ/ [বা.] বি. দড়ির বিকল্পরূপে ব্যবহৃত কলাগাছের বাকল। বিণ. ১ পটু, নিপুণ। ২ ধারালো।

পাটেশ্বরী /পাটেশ্শোরি/ [বা. পাট+স. ঈশ্বরী] বি. রাজার প্রধান মহিষী, পাটরানি।

পাটোয়ার /পাটোআর্/ [হি.] বি. ১ খাজনা আদায়-কারী কর্মচারী। ২ ঘুনসি মালা প্রভৃতি প্রস্তুতকারী।

পাটোয়ারি /পাটোআরি/ [হি.] বিণ. লাভলোকসান সম্পর্কে অতিশয় হিসাবি মনোভাবসম্পন্ন। বি. ১ খাজনা আদায় করা যার পেশা। ২ পদবিবিশেষ।

পাট্টা /পাট্টা/ [স. পট্টক >] বি. ১ ভূমির ক্রয়বিক্রয় বা পত্তনিসংক্রান্ত দলিল। ২ ভাঁজ (*দোপাট্টা*)। ৩ ঘন স্তর, চাপ (*গালপাট্টা*)।

পাট্টাদার /পাট্টাদার্/ [বা. পাট্টা+ফা. দার] বি. যে ব্যক্তি চাষের জমি পাট্টা গ্রহণ করে।

পাঠ /পাঠ্/ [স. √পঠ্+অ] বি. ১ পঠন (*পাঠ করা*); নির্দিষ্ট কোনো বিষয়ের অনুশীলন; আবৃত্তি (*কবিতা-পাঠ*)। ২ পাঠ্য বিষয়।

পাঠ অনুশীলন /পাঠ্ ওনুশিলন্/ বি. পঠন।

পাঠক[১] /পাঠক্/ [স. √পাঠি+অক] বি. বিণ. ১ পাঠকারী। ২ ছাত্র। ৩ কথক। ৪ শিক্ষক, অধ্যাপক। স্ত্রী. **পাঠিকা** /পাঠিকা/।

পাঠক[২] /পাঠক্/ [হি.] বি. পদবিবিশেষ।

www.pathagar.com

পাঠক্রম /পাঠোক্‌ক্রোম্‌ / [স. পাঠ+ক্রম] বি. পাঠদান ও পাঠগ্রহণের নির্দিষ্ট সূচি, পাঠ্যসূচি, syllabus।

পাঠগৃহ /পাঠগৃহো/ [স. পাঠ+গৃহ] বি. যে গৃহে পাঠদান করা হয়; বিদ্যালয়।

পাঠগ্রহণ /পাঠগ্রোহোন্‌ / [স. পাঠ+গ্রহণ] বি. ১ পাঠ্য-বিষয়ে শিক্ষকের নির্দেশগ্রহণ। ২ অধ্যয়ন।

পাঠচক্র /পাঠচক্‌ক্রো/ [স. পাঠ+√কৃ+অ] বি. কোনো পঠিত বিষয়ে আলোচনার জন্য গঠিত চক্র, study circle।

পাঠদান /পাঠ্‌দান্‌/ [স. পাঠ+দান] বি. শিক্ষাদান।

পাঠন /পাঠোন্‌/ [স. √পাঠি+অন] বি. দ্র পাঠদান।

পাঠনা /পাঠোনা/ [স. √পাঠি+অন+আ (টাপ্‌)] বি. দ্র পাঠদান।

পাঠনিবিষ্ট /পাঠ্‌নিবিশ্‌টো/ [স. পাঠ+নি+√বিশ্‌+ত] বিণ. পাঠমগ্ন; অধ্যয়নরত।

পাঠভবন /পাঠোভবোন্‌/ [স. পাঠ+ভবন] বি. ১ যে গৃহে পাঠদান করা হয়। ২ বিদ্যালয়।

পাঠভেদ /পাঠোভেদ্‌/ [স. পাঠ+ভেদ] বি. সংস্করণ-ভেদে একই গ্রন্থ বা প্রবন্ধের ভিন্নতর পাঠ।

পাঠমন্দির /পাঠোমোন্‌দির্‌/ [স. পাঠ+মন্দির] বি. ১ অধ্যয়নগৃহ। ২ বিদ্যালয়, বিদ্যাপীঠ।

পাঠরত /পাঠ্‌রতো/ [স. পাঠ+√রম্‌+ত] বিণ. পাঠ করছে এমন, অধ্যয়নরত।

পাঠশালা /পাঠ্‌শালা/ [স. পাঠ+√শল্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ বিদ্যাপীঠ। ২ (বাংলায়) প্রাথমিক বিদ্যালয়।

পাঠসামগ্রী /পাঠোশামোগ্‌গ্রি/ [স. পাঠ+সামগ্রী] বি. পুস্তক ও পাঠসহায়ক অন্যান্য উপকরণ।

পাঠসূচি /পাঠোশুচি/ [স. পাঠ+সূচি] বি. দ্র পাঠক্রম।

পাঠাগার /পাঠাগার্‌/ [স. পাঠ+আগার] বি. সর্ব-সাধারণ (বা সদস্যদের) ব্যবহারের জন্য যে গৃহে পুস্তক সংবাদপত্র সাময়িকী বা চলচ্চিত্র গীতবাদ্যের রেকর্ড সিডি প্রভৃতি সংরক্ষিত থাকে, গ্রন্থাগার, লাইব্রেরি।

পাঠান /পাঠান্‌/ [হি.] বি. পাকিস্তানের উত্তর-পশ্চিম সীমান্তবর্তী অঞ্চলের অধিবাসী। স্ত্রী. পাঠানি /পাঠানি/।

পাঠানুরাগী /পাঠানুরাগি/ [স. পাঠ+অনুরাগ+ইন্‌] বিণ. পড়াশোনার প্রতি অনুরাগযুক্ত।

পাঠানো /পাঠানো / [বা.] ক্রিবি. প্রেরণ করা।

পাঠান্তর /পাঠনন্‌তর্‌ / [স. পাঠ+অন্তর] বি. দ্র পাঠভেদ।

পাঠাভ্যাস /পাঠাব্‌ভাশ্‌/ [স. পাঠ+অভ্যাস] বি. পাঠ্য-বিষয় অনুশীলন, অধ্যয়ন।

–পাঠী /পাঠি/ [স. √পাঠি+ইন্‌] বিণ. পাঠ করে এমন (*সহপাঠী*)। স্ত্রী. –পাঠিনী /পাঠিনি/।

পাঠোপকরণ /পাঠোপোকরোন্‌ / [স. পাঠ+উপকরণ] বি. বইপত্র সাময়িকী ও অন্যান্য পাঠসামগ্রী।

পাঠ্য /পাট্‌ঠো/ [স. √পঠ্‌+য] বিণ. ১ পড়ার যোগ্য, পঠনীয়। ২ পাঠ করতে হবে এমন (*পাঠ্যপুস্তক*)।

পাঠ্যক্রম /পাট্‌ঠোক্‌ক্রোম্‌/ [স. পাঠ্য+ক্রম] বি. দ্র পাঠক্রম।

পাঠ্যগ্রন্থ /পাট্‌ঠোগ্রোন্‌থো/ [স. পাঠ্য+গ্রন্থ] বি. দ্র পাঠ্যপুস্তক।

পাঠ্যতালিকা /পাট্‌ঠোতালিকা/ [স. পাঠ্য+আ. তালিকা] বি. পাঠ্যপুস্তকের তালিকা।

পাঠ্যধারা /পাট্‌ঠোধারা/ [স. পাঠ্য+ধারা] বি. পঠনপাঠনের বিষয়সমূহ; (পরি.) course।

পাঠ্যপুস্তক /পাট্‌ঠোপুস্‌তক্‌/ [স. পাঠ্য+পুস্তক] বি. পাঠ্যসূচি অনুযায়ী বিদ্যালয় কর্তৃক অনুমোদিত পুস্তক।

পাঠ্যসূচি /পাট্‌ঠোশুচি/ [স. পাঠ্য+সূচি] বি. দ্র পাঠক্রম।

পাঠ্যাবস্থা /পাট্‌ঠাবস্‌থা/ [স. পাঠ্য+অবস্থা] বি. ছাত্রজীবন।

পাড়[১] /পাড়্‌ / [স. পার >] বি. ১ তীর (*দীঘির পাড়*)। ২ খেতের আল। ৩ (ধস রোধের জন্য) কুয়ার দেওয়ালে লাগানো পোড়ামাটির বেষ্টনী, চাক।

পাড়[২] /পাড়্‌ / [স. পট্ট >] বি. পরিধেয় বস্ত্রের প্রস্থ-বরাবর প্রান্তভাগ (*শাড়ির পাড়*)।

পাড়[৩] /পাড়্‌ / [স. পাত >] বি. কোনোকিছু চালনের জন্য প্রদত্ত পায়ের চাপ (*ঢেঁকিতে পাড় দেওয়া*)।

পাড়[৪] /পাড়্‌ / [হি.] বি. ঘরের চাল ধরে রাখার জন্য খুঁটির ওপর স্থাপিত লম্বা বাঁশ বা কাঠ।

পাড়া[১] /পাড়া/ [বা.] ক্রিবি. ১ বৃন্তচ্যুত করা (*ফল পাড়া*); নামানো (*তাক থেকে পাড়া*)। ২ বিছানো (*পাত পাড়া*)। ৩ প্রসব করা (*ডিম পাড়া*)। ৪ উচ্চৈঃস্বরে ডাকা (*ডাক পাড়া*)। ৫ অবতারণা করা (*কথা পাড়া*)।

পাড়া[২] /পাড়া/ [স. পাটক >] বি. মহল্লা (*কুমারপাড়া*)।

পাড়াকুঁদুলি /পাড়াকুঁদুলি/ [বা.] বি. যে পাড়ার লোকের সঙ্গে কোন্দল বা ঝগড়া করে বেড়ায়।

পাড়াগাঁ /পাড়াগাঁ/ [বা.] বি. পল্লিগ্রাম।

পাড়াগেঁয়ে /পাড়াগেঁয়ে/ [বা.] বিণ. ১ গ্রামে বাস

www.pathagar.com

করে এমন। ২ গ্রামে জাত। ৩ গ্রামসংক্রান্ত।

পাড়াতুতো /পাড়াতুতো/ [বা.] বিণ. একই পাড়ায় বসবাসের সূত্রে সম্পর্কিত (*পাড়াতুতো দিদি*)।

পাড়াপড়শি /পাড়াপোড়্শি/ [বা.] বি. পাড়ার লোকজন, প্রতিবেশী।

পাড়াবেড়ানি /পাড়াব্যাড়ানি/ [বা.] বিণ. পাড়ায় পাড়ায় বেড়ানোর স্বভাববিশিষ্ট। বি. যে ব্যক্তি পাড়ায় ঘুরে বেড়ায়।

পাড়া মাথায় করা /পাড়া মাথায় করা/ ক্রিবি. চিৎকার করে পাড়া সরগরম করা।

পাড়ি /পাড়ি/ [বা.] বি. ১ উত্তরণ (*পাড়ি দেওয়া*)। ২ নদী প্রভৃতির এক পাড় থেকে অপর পাড়ের বিস্তার (*লম্বা পাড়ি*)।

পাড়ি জমানো /পাড়ি জমানো/ ক্রিবি. ১ যাত্রা করা। ২ পার হওয়া।

পাড়ি দেওয়া /পাড়ি দেওআ/ ক্রিবি. দ্র পাড়ি জমানো।

পাণি /পানি/ [স. √পণ্+ই] বি. হাত (*বীণাপাণি*)।

পাণিগ্রহ /পানিগ্রোহো/ [স. পাণি+গ্রহ] বি. দ্র পাণিগ্রহণ।

পাণিগ্রহণ /পানিগ্রোহোন্/ [স. পাণি+গ্রহণ] বি. বিবাহ, পরিণয়।

পাণিনি /পানিনি/ [স. পণিন্+অ] বি. খ্রিষ্টপূর্ব পঞ্চম শতকের সংস্কৃত ব্যাকরণপ্রণেতা।

পাণিনীয় /পানিনিয়ো/ [স. পাণিনি+ঈয়] বিণ. ১ পাণিনিসম্বন্ধীয়। ২ পাণিনিকৃত। ৩ পাণিনিব্যাকরণ-সম্মত।

পাণিপীড়ন /পানিপিড়ন্/ [স. পাণি+পীড়ন] বি. বিবাহ, পাণিগ্রহণ।

পাণিপ্রার্থী /পানিপ্রার্থি/ [স. পাণি+প্র+√অর্থ্+ইন্] বিণ. বিবাহপ্রার্থী।

পাণিবদ্ধ /পানিবদ্ধো/ [স. পাণি+বদ্ধ] বি. দ্র পাণিগ্রহণ।

পাণ্ডব /পান্ডব্/ [স. পাণ্ডু+অ] বি. মহাভারতে বর্ণিত পাণ্ডুরাজার পুত্র (যুধিষ্ঠির ভীম অর্জুন নকুল ও সহদেব)।

পাণ্ডববর্জিত /পান্ডবব্যোর্জিতো/ [স. পাণ্ডব+√বৃজ্+ত] বিণ. ১ পাণ্ডবদ্বারা পরিত্যক্ত। ২ (আল.) অনুন্নত ও জনমানবশূন্য।

পাণ্ডবসখ /পান্ডব্শখো/ [স. পাণ্ডব+সখা] বি. শ্রীকৃষ্ণ।

পাণ্ডবসখা /পান্ডব্শখা/ [স. পাণ্ডব+সখা] বি. শ্রীকৃষ্ণ।

পাণ্ডবসারথি /পান্ডব্শারোথি/ [স. পাণ্ডব+সারথি] বি. শ্রীকৃষ্ণ।

পাণ্ডবীয় /পান্ডোবিয়ো/ [স. পাণ্ডব+ঈয়] বিণ. পাণ্ডবসম্বন্ধীয়।

পাণ্ডবেয় /পান্ডোবেয়ো/ [স. পাণ্ডু+এয়] বি. পাণ্ডুরাজের পুত্র, পাণ্ডব।

পাণ্ডর /পান্ডোর্/ [স. √পণ্ড্+অর] বিণ. পাণ্ডুবর্ণ।

পাণ্ডিত্য /পান্ডিত্তো/ [স. পণ্ডিত+য] বি. ১ বিদ্যাবত্তা, মনীষা, বিচক্ষণতা। ২ অভিজ্ঞতা।

পাণ্ডিত্যচর্চা /পান্ডিত্তোচর্চা/ [স. পাণ্ডিত্য+চর্চা] বি. জ্ঞানের অনুশীলন; শাস্ত্র অনুধ্যান।

পাণ্ডিত্যময় /পান্ডিত্তোময়্/ [স. পাণ্ডিত্য+ময়ট্] বিণ. পাণ্ডিত্যপূর্ণ।

পাণ্ডু /পান্ডু/ [স. √পণ্ড্+উ] বি. ১ সাদা রং। ২ মহাভারতোক্ত যুধিষ্ঠির ভীম অর্জুন নকুল ও সহদেবের পিতা। ৩ পটোল (সবজি)। ৪ শ্বেত-হস্তী। ৫ (যকৃতের বৈকল্য বা পিত্তনালিতে বাধা সৃষ্টি হওয়ার ফলে) মানবদেহের পিত্তরসে বিলি-রুবিন (bilirubin) রঞ্জক পদার্থের আধিক্যহেতু ত্বক ও চোখের সাদা অংশ হলুদ হয়ে যায় এমন রোগের লক্ষণবিশেষ, কামলা, ন্যাবা, জন্ডিস, jaundice। ৬ হরিণ। বিণ. সাদাটে হলুদবর্ণবিশিষ্ট; ফ্যাকাশে; পাংশুটে।

পাণ্ডুর /পান্ডুর্/ [স. পাণ্ডু+র] বি. ১ সাদা রং। ২ পটোল। ৩ জন্ডিস। বিণ. সাদাটে হলুদবর্ণবিশিষ্ট; ফ্যাকাশে; পাংশুটে।

পাণ্ডুলিপি /পান্ডুলিপি/ [স. পাণ্ডু+লিপি] বি. মুদ্রণের জন্য তৈরি করা হাতেলেখা বা টাইপ করা কপি।

পাণ্ডুলেখ /পান্ডুলেখ্/ [স. পাণ্ডু+লেখ] বি. দ্র পাণ্ডুলিপি।

পাণ্ডুলেখ্য /পান্ডুলেক্খো/ [স. পাণ্ডু+লেখ+য] বি. দ্র পাণ্ডুলিপি।

পাণ্ড্য /পান্ডো/ [স. পাণ্ডু+য] বি. ১ দক্ষিণ ভারতের প্রাচীন জনপদবিশেষ। ২ জাতিবিশেষ।

পাত[১] /পাত্/ [স. √পত্+অ] বি. ১ পতন (*উল্কা-পাত*); ক্ষরণ (*রক্তপাত*)। ২ স্থাপন (*দৃষ্টিপাত*)। ৩ বিনাশ (*দেহপাত*)। ৪ সংঘটন (*বিপৎপাত*)। ৫ চ্যুতি (*গর্ভপাত*)।

পাত[২] /পাত্/ [স. পত্র >] বি. ১ গাছের পাতা। ২ ধাতুর পাতলা চাদর (*সোনার পাত*)। ৩ ভোজন-পাত্ররূপে ব্যবহৃত পাতা (*কলার পাত*)।

পাতক /পাতক্/ [স. √পাত্+অক] বি. পাপ,

www.pathagar.com

ধর্মবিরুদ্ধ কাজ।

পাত করা /পাত্ করা/ ক্রিবি. আহারের জন্য পাত বিছানো।

পাতকী /পাতোকি/ [স. পাতক+ইন্] বিণ. পাপী। স্ত্রী. **পাতকিনী** /পাতোকিনি/।

পাতকুড়ানি /পাত্কুড়ানি/ [বা.] বি. যে অন্যের পাত কুড়িয়ে খায়, উঞ্ছজীবী।

পাতকুড়ুনি /পাত্কুড়ুনি/ [বা.] বি. 'পাতকুড়ানি'-র কথ্য রূপ।

পাতকুয়া /পাত্কুআ/ [বা.] বি. কাঁচা কুয়া।

পাতকুয়ো /পাত্কুও/ [বা.] বি. 'পাতকুয়া'-র কথ্য রূপ।

পাতক্ষীর /পাত্খির্/ [বা. পাত+স. ক্ষীর] বি. পাতায় নেওয়া যায় এমন ঘন করে জমানো দুধের খাদ্যবস্তু।

পাতখোলা /পাত্খোলা/ [বা.] বি. আধপোড়া মাটির পাত্র।

পাতগালা /পাত্গালা/ [বা.] বি. পাতলা গালা।

পাত চাটা /পাত্ চাটা/ ক্রিবি. অন্যের উচ্ছিষ্ট চেটে খাওয়া। বিণ. অত্যন্ত দরিদ্র, উঞ্ছজীবী।

পাতঞ্জল /পাতোন্জল্/ [স. পতঞ্জলি+অ] বিণ. পতঞ্জলি মুনি কর্তৃক রচিত।

পাতড়া /পাত্ড়া/ [স. পত্র >] বি. ১ উচ্ছিষ্ট পাতা। ২ বিতরণের জন্য পাতায় সাজিয়ে রাখা খাদ্যদ্রব্য। ৩ পুথির পাতা। ৪ বংশ পরিচয়সংবলিত পত্র। ৫ ক্রোড়পত্র। ৬ পাততাড়ি।

পাততাড়ি /পাত্তাড়ি/ [স. পত্র >] বি. ১ তাল-পাতার গুচ্ছ। ২ (অধুনালুপ্ত) পাঠশালায় ছাত্রদের লেখার জন্য রাখা তালপাতার গোছা।

পাততাড়ি গুটানো /পাত্তাড়ি গুটানো/ ক্রিবি. ১ পড়ার পর লিখিত তালপাতা গুছিয়ে তাড়া বাঁধা। ২ (আল.) কাজ হয়ে যাওয়ার পর নিজের জিনিসপত্র গুছিয়ে নিয়ে সরে পড়া।

পাততাড়ি গোটানো /পাত্তাড়ি গোটানো/ ক্রিবি. 'পাততাড়ি গুটানো'-র কথ্য রূপ।

পাতন /পাতোন্/ [স. √পাতি+অন] বি. ১ (শোধনের উদ্দেশ্যে) তাপ প্রয়োগ করে কোনো তরল পদার্থকে বাষ্পে পরিণত করার পর ঠান্ডা করে পুনরায় তরল পদার্থে পরিণতকরণ, বকযন্ত্রদ্বারা শোধন, distillation। ২ ক্ষরণ। ৩ অধঃক্ষেপণ; নিক্ষেপ। ৪ নিপাতন, বিনাশন।

পাতনচি /পাতোন্চি/ [দেশি.] বি. খাট বা মেঝের ওপর পাতা হয় এমন মাদুর, শতরঞ্চি।

পাতনা /পাত্না/ [দেশি.] বি. গোখাদ্য রাখার জন্য ব্যবহৃত গামলাজাতীয় মাটির পাত্রবিশেষ।

পাতল /পাতোল্/ [দেশি.] বিণ. দ্র পাতলা।

পাতলা /পাত্লা/ [স. পত্র >] বিণ. ১ গাঢ় নয় এমন (*পাতলা দুধ*)। ২ পুরু নয় এমন (*পাতলা কাগজ*)। ৩ সরু (*পাতলা বাঁশ*)। ৪ অগভীর (*পাতলা ঘুম*)। ৫ রোগা (*পাতলা দেহ*)। ৬ ফিনফিনে (*পাতলা কাপড়*)।

পাতলুন /পাত্লুন্/ [ফ.] বি. পাজামাজাতীয় নিম্নাঙ্গের পরিধেয়, প্যান্ট, pantaloon।

পাতশা /পাত্শা/ [ফা.] বি. বাদশাহ, নৃপতি, সম্রাট।

পাতশাহি /পাত্শাহি/ [ফা.] বিণ. বাদশাহি।

পাতা[১] /পাতা/ [স. √পা+ত্] বিণ. পালনকর্তা; পালক, রক্ষক, রক্ষাকারী।

পাতা[২] /পাতা/ [স. পত্র >] বি. ১ পত্র (*গাছের পাতা*)। ২ বই বা খাতার পৃষ্ঠা (*চারের পাতা*)। ৩ নেত্রপল্লব (*চোখের পাতা*)। ৪ মানবদেহের গোড়ালি থেকে আঙুল পর্যন্ত পায়ের তলার অংশ (*পায়ের পাতা*)।

পাতা[৩] /পাতা/ [বা.] ক্রিবি. ১ বিছিয়ে দেওয়া (*আঁচল পাতা*)। ২ সাহায্য চাওয়া (*হাত পাতা*)। ৩ নোয়ানো (*মাথা পাতা*)। ৪ স্থাপন করা (*সংসার পাতা*)। ৫ জমানো (*দই পাতা*)। ৬ ষড়যন্ত্র করা (*ফাঁদ পাতা*)। ৭ গোপনে শোনা (*আড়ি পাতা*)। ৮ গোপনে অপেক্ষা করা (*ওত পাতা*)। ৯ বন্ধুত্ব করা (*সই পাতা*)।

পাতা করা /পাতা করা/ ক্রিবি. আহারের জন্য কলাপাতা বা শালপাতা বিছানো।

পাতাকুড়ানি /পাতাকুড়ানি/ [বা.] বিণ. শুকনো পাতা কুড়িয়ে জীবিকা নির্বাহকারী। বি. জীবিকা নির্বাহের জন্য গাছের শুকনো পাতা কুড়ানো যার পেশা।

পাতাকুড়ুনি /পাতাকুড়ুনি/ [বা.] বিণ. বি. 'পাতাকুড়ানি'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

পাতানো /পাতানো/ [বা.] ক্রিবি. ১ অন্যকে দিয়ে বিছিয়ে নেওয়া (*বিছানা পাতানো*)। ২ পরস্পরের মধ্যে সম্বন্ধ স্থাপন করা (*সই পাতানো*)। ৩ জমাট বাঁধানো (*দই পাতানো*)। বিণ. ১ আত্মীয়তাসূত্রে নয় এমন (*পাতানো বোন*)। ২ ফলাফল পূর্বনির্ধারিত এমন (*পাতানো খেলা*)।

পাতাবাহার /পাতাবাহার/ [বা. পাতা+ফা. বাহার] বি. এশিয়ার গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে শোভাবর্ধক উদ্ভিদরূপে লাগানো হয় এমন বিচিত্রবর্ণের উজ্জ্বল

www.pathagar.com

ও মসৃণ পাতাবিশিষ্ট চিরহরিৎ গুল্মবিশেষ (আনি. নিউগিনি ও ইন্দোনেশিয়া), croton।

পাতামল /পাতামল্/ [বা.] বি. নারীর পায়ে পরার মলবিশেষ।

পাতাল /পাতাল্/ [স. √পত্+আল] বি. ১ পুরাণে কল্পিত সাতটি লোকের (অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল ও পাতাল) সর্বনিম্ন লোক। ২ ভূগর্ভ (*পাতালরেল*)। ৩ নরক। ৪ নাগলোক।

পাতালঘর /পাতালঘর্/ [স. পাতাল+বা. ঘর] বি. দ্র পাতালপুরী।

পাতালপুরী /পাতালপুরি/ [স. পাতাল+√পৃ+ই] বি. ভূগর্ভে নির্মিত গুপ্ত ঘর।

পাতালরেল /পাতালরেল্/ [স. পাতাল+ফ. রেল] বি. একত্রে বহুলোকের দ্রুত যাতায়াতের জন্য ভূগর্ভে নির্মিত রেলব্যবস্থা, মেট্রো।

পাতি[১] /পাতি/ [স. পত্র >] বি. ১ মাদুর বোনার জন্য ব্যবহৃত জলজ তৃণবিশেষ। ২ বাঁশের তৈরি ছোটো ঝুড়ি; ফুলের সাজি। ৩ ছোটো পাতা।

পাতি[২] /পাতি/ [স. পঙ্‌ক্তি >] বি. সমূহ (*খরচাপাতি*)।

পাতি[৩] /পাতি/ [বা.] বিণ. ছোটো প্রজাতির পর্যায়ভুক্ত (*পাতিলেবু*)।

পাতিকাক /পাতিকাক্/ [বা. পাতি+স. কাক] বি. ছোটো প্রজাতির কাক।

পাতিত /পাতিতো/ [স. √পাতি+ত] বিণ. ১ নিচে ফেলা হয়েছে এমন (*ভূপাতিত*)। ২ বকযন্ত্রদ্বারা শোধিত, distilled (*পাতিত জল*)।

পাতিত জল /পাতিতো জল্/ বি. বকযন্ত্রে পাতন করে শোধিত জল, distilled water।

পাতিত্য /পাতিত্তো/ [স. পতিত+য] বি. পতিতের অবস্থা বা ভাব।

পাতিপাতি /পাতিপাতি/ [বা.] ক্রিবিণ. তন্নতন্ন (*পাতিপাতি করে খোঁজা*)।

পাতিবুর্জোয়া /পাতিবুর্জোআ/ [ফ.] বি. উচ্চবিত্ত শ্রেণির অন্তর্গত নিম্নবিত্ত শ্রেণি, নিম্নমধ্যবিত্ত শ্রেণি, petite bourgeoisie।

পাতিব্রত্য /পাতিব্রোত্তো/ [স. পতিব্রতা+য] বি. পতিব্রতার ভাব, পতিপরায়ণতা।

পাতিল /পাতিল্/ [দেশি.] বি. মাটির তৈরি চ্যাপটা হাঁড়ি, তিজেল।

পাতিলা /পাতিলা/ [বা.] বি. মধ্যযুগের বঙ্গদেশে নির্মিত বড়ো বাণিজ্যতরিবিশেষ।

পাতিলেবু /পাতিলেবু/ [বা.] বি. সবুজ হলুদাভ ছোটো প্রজাতির গোলাকার ভিটামিন সি সমৃদ্ধ রসালো অম্লস্বাদ ফলবিশেষ।

পাতিশিয়াল /পাতিশিআল্/ [বা.] বি. ছোটো প্রজাতির শিয়াল, খ্যাঁকশিয়াল।

পাতিহাঁস /পাতিহাঁশ্/ [বা.] বি. ছোটো প্রজাতির হাঁস।

-পাতী /পাতি/ [স. √পত্+ইন্] বিণ. ১ পড়ে যাচ্ছে এমন; পতনোন্মুখ (*সদ্যঃপাতী*)। ২ অন্তর্গত (*অন্তঃপাতী*)।

পাতুরি /পাতুরি/ [বা.] বি. পাতায় মুড়ে ভাপে সেদ্ধ আহার্য (*ইলিশের পাতুরি*)।

পাত্তা /পাত্তা/ [স. বার্তা >] বি. ১ সংবাদ, খোঁজ, ঠিকানা; উদ্দেশ (*তার পাত্তা নেই*)। ২ কারো কাছে গুরুত্ব (*পাত্তা পাওয়া*)।

পাত্যমান /পাত্তোমান্/ [স. √পত্+ণিচ্+মান (শানচ্)] বিণ. পাতিত করা বা ফেলা হচ্ছে এমন।

পাত্র /পাত্তো/ [স. √পা+ত্র] বি. ১ আধার (*পানপাত্র*)। ২ বিষয়; আস্পদ (*স্নেহপাত্র*)। ৩ মন্ত্রী; উপদেষ্টা (*পাত্রমিত্র*)। ৪ ব্যক্তি (*প্রশংসার পাত্র*)। ৫ নাটকের চরিত্র (*পাত্রপাত্রী*)। ৬ বর (*পাত্রপক্ষ*)। ৭ পদবিবিশেষ। স্ত্রী. পাত্রী /পাত্তি/।

পাত্রপক্ষ /পাত্তোপোক্‌খো/ [স. পাত্র+পক্ষ] বি. বরপক্ষ।

পাত্রপাত্রী /পাত্তোপাত্তি/ [স. পাত্র+পাত্রী] বি. ১ বিবাহের পাত্র ও পাত্রী। ২ নাটকের কুশীলব।

পাত্রমিত্র /পাত্তোমিত্তো/ [স. পাত্র+মিত্র] বি. (অধুনালুপ্ত) রাজসভার অমাত্যবর্গ।

পাত্রস্থ /পাত্তোস্‌থো/ [স. পাত্র+√স্থা+অ] বিণ. যোগ্য পাত্রের সঙ্গে বিয়ে দেওয়া হয়েছে এমন।

পাত্রাপাত্র /পাত্তাপাত্তো/ [স. পাত্র+অপাত্র] বি. যোগ্য ও অযোগ্য পাত্র।

পাথর[১] /পাথোর্/ [স. প্রস্তর >] বি. ১ (আগ্নেয়গিরি থেকে উদ্‌গত লাভা জমাট বাঁধার ফলে) পাহাড়ি অঞ্চলে প্রাপ্ত শিলাখণ্ড, প্রস্তর। ২ রত্ন।

পাথর[২] /পাথোর্/ [স. প্রস্তর >] বি. বাটখারা (*ওজন করার পাথর*)।

পাথরকুচি /পাথোরকুচি/ [বা.] বি. ১ বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত মসৃণ ও পুরু ডিম্বাকৃতি পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী বীরুৎশ্রেণির চিরহরিৎ উদ্ভিদ। ২ পাথরের ছোটো টুকরো।

পাথরি /পাথোরি/ [স. প্রস্তর >] বি. মেরুদণ্ডী

www.pathagar.com

প্রাণীর পিত্তথলি বৃক্ক মূত্রাশয় প্রভৃতি অঙ্গে পাথর তৈরি হওয়ার ফলে সৃষ্ট রোগবিশেষ, অশ্মরী।

পাথরিয়া /পাথোরিআ/ [স. প্রস্তর >] বিণ. ১ পাথরের তৈরি। ২ পাথরের মতো কঠিন। ৩ পাথরসংক্রান্ত।

পাথার /পাথার/ [স. পাথস্ >] বি. বিস্তীর্ণ জলরাশি, সমুদ্র (*অকূলপাথার*)।

পাথালি /পাথালি/ [দেশি.] বি. ১ পাশে কাত হয়ে শায়িত অবস্থা। ২ পাঁজাকোলা। ৩ বিস্তার।

পাথি /পাথি/ [স. পাত্রী >] বি. বাঁশের কঞ্চি দিয়ে তৈরি ছোটো ঝুড়ি।

পাথুরি /পাথুরি/ [স. প্রস্তর >] বি. দ্র পাথরি।

পাথুরিয়া /পাথুরিআ/ [স. প্রস্তর >] বিণ. দ্র পাথরিয়া।

পাথুরে /পাথুরে/ [বা.] বিণ. দ্র পাথরিয়া।

পাথেয় /পাথেয়ো/ [স. পথিন+এয়] বি. পথখরচ।

পাদ[১] /পাদ্/ [স. √পদ্+অ] বি. ১ পদ, চরণ, পা। ২ মূল, শিকড় (*পাদপ*)। ৩ নিম্নভাগ (*হিমালয়ের পাদদেশ*)। ৪ চার ভাগের এক ভাগ, চতুর্থাংশ (*প্রথম পাদ*)। ৫ শ্লোকের পঙ্‌ক্তি। ৬ সম্মানসূচক নামান্ত (*প্রভুপাদ*)।

পাদ[২] /পাদ্/ [স. পর্দ >] বি. (অশা.) পায়ুপথ দিয়ে নিঃসৃত বায়ু, বাতকর্ম।

পাদক /পাদক্/ [স. পাদ+উদক] বি. পূজনীয় ব্যক্তির পা-ধোয়া জল, চরণামৃত।

পাদক্ষেপ /পাদোক্‌খেপ্/ [স. পাদ+ক্ষেপ] বি. পদচারণা।

পাদগ্রহণ /পাদোগ্‌গ্রোহোন্/ [স. পাদ+গ্রহণ] বি. হাত দিয়ে চরণস্পর্শ, সালাম, প্রণাম।

পাদচার /পাদোচার্/ [স. পাদ+√চর্+অ] বি. পায়চারি।

পাদচারণ /পাদোচারোন্/ [স. পাদ+√চর্+ণিচ্+অন] বি. পায়চারি।

পাদচারী /পাদোচারি/ [স. পাদ+√চর্+ইন্] বিণ. পায়ে হেঁটে বিচরণ করে এমন। বি. পথিক।

পাদচ্ছেদ /পাদোচ্ছেদ্/ [স. পাদ+ছেদ] বি. দ্র পাদটীকা।

পাদটীকা /পাদোটিকা/ [স. পাদ+√টীক্+অ+আ (টাপ্)] বি. গ্রন্থাদির পৃষ্ঠার নিচে প্রদত্ত টীকা, footnote।

পাদত্রাণ /পাদোত্রান্/ [স. পাদ+ত্রাণ] বি. জুতা।

পাদদেশ /পাদোদেশ্/ [স. পাদ+দেশ] বি. তলদেশ।

পাদপ /পাদোপ্/ [স. পাদ+√পা+অ] বি. (পা অর্থাৎ শেকড় দিয়ে পান করে বলে) উদ্ভিদ।

পাদপদ্ম /পাদোপদ্দো/ [স. পাদ+পদ্ম] বি. পদ্মের মতো সুন্দর পা, চরণকমল।

পাদপীঠ /পাদোপিঠ্/ [স. পাদ+পীঠ] বি. ১ পা রাখার পিঁড়ি বা টুল। ২ কেন্দ্র; পবিত্রস্থান।

পাদপূরক /পাদোপুরক্/ [স. পাদ+পূরক] বিণ. শ্লোকাদির অরচিত অংশ রচনা বা শূন্যস্থান পূরণকারী।

পাদপূরণ /পাদোপুরন্/ [স. পাদ+পূরণ] বি. ১ শ্লোকাদির অরচিত অংশ রচনা বা শূন্যস্থান পূরণ। ২ ছন্দোবদ্ধ চরণের পূর্ণতাসাধক কাব্যালংকার।

পাদপ্রক্ষালন /পাদোপ্রোক্‌খালোন্/ [স. পাদ+প্রক্ষালন] বি. পা ধৌতকরণ।

পাদপ্রদীপ /পাদোপ্রোদিপ্/ [স. পাদ+প্রদীপ] বি. রঙ্গমঞ্চে অভিনেতা অভিনেত্রীদের পায়ের কাছে স্থাপিত আলোর সারি, footlight।

পাদপ্রহার /পাদোপ্রোহার্/ [স. পাদ+প্রহার] বি. পদাঘাত, লাথি।

পাদপ্রান্ত /পাদোপ্রান্তো/ [স. পাদ+প্রান্ত] বি. চরণতল (*পাদপ্রান্তে রাখ' সেবকে*, রবীন্দ্র.)।

পাদবিক /পাদোবিক্/ [স. পদবী+ইক] বিণ. পথিক, পান্থ, পথবাহী, পথচারী।

পাদবিক্ষেপ /পাদোবিক্‌খেপ্/ [স. পাদ+বিক্ষেপ] বি. পদক্ষেপ, পদসঞ্চালন।

পাদমূল /পাদোমুল্/ [স. পাদ+মূল] বি. পায়ের নিম্নভাগ, গোড়ালি।

পাদরি /পাদরি/ [পো.] বি. খ্রিষ্টান পুরোহিত বা ধর্মপ্রচারক।

পাদলেহন /পাদোলেহন্/ [স. পাদ+√লিহ্+অন] বি. হীনভাবে তোষামোদ।

পাদলেহী /পাদোলেহি/ [স. পাদ+√লিহ্+ইন] বিণ. হীন চাটুকার।

পাদশৈল /পাদোশোইলো/ [স. পাদ+শৈল] বি. বড়ো পাহাড়ের নিচে অবস্থিত ছোটো পাহাড়।

পাদস্পর্শ /পাদোস্‌পর্‌শো/ [স. পাদ+স্পর্শ] বি. পা ছুঁয়ে প্রণাম, সালাম।

পাদা /পাদা/ [বা.] ক্রিবি. (অশা.) বায়ু নিঃসরণ করা, বাতকর্ম করা।

পাদান /পাদান্/ [ফা.] বি. ১ গাড়িতে ওঠানামার জন্য যার ওপর পা রাখা হয়, footboard। ২ ঘোড়-সওয়ারের পায়ের ভর দেওয়ার রেকাব, stirrup।

পাদানি /পাদানি/ [ফা.] বি. দ্র পাদান।

www.pathagar.com

পাদুকা /পাদুকা/ [স. পাদু+কন্+আ (টাপ্)] বি. জুতা, খড়ম।

পাদোদক /পাদোদক্/ [স. পাদ+উদক] বি. পূজনীয় ব্যক্তির পা-ধোয়া জল, চরণামৃত, পাদক।

পাদোন /পাদোন্/ [স. পাদ+ঊন] বিণ. তিন-চতুর্থাংশ।

পাদ্য /পাদ্দো/ [স. পাদ+য] বি. পা ধোয়ার জল।

পান[১] /পান্/ [স. পর্ণ >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে ছায়াঢাকা মাচায় চাষ করা হয় এমন শক্ত ও ভঙ্গুর ডাঁটাবিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির চিরহরিৎ লতানে উদ্ভিদ বা তার ঝাঁজালো পাতা (আনি. ভারত চীন ও মালয়েশিয়া), তাম্বূললতা, নাগলতা, নাগবল্লী, নাগবল্লরী।

পান[২] /পান্/ [দেশি.] বি. ১ যে মিশ্রধাতু গালিয়ে ধাতব পদার্থ জোড়া লাগানো হয়। ২ ইস্পাত বা মিশ্রধাতুর তৈরি কোনো পদার্থের ভঙ্গপ্রবণতা হ্রাস করার উদ্দেশ্যে তপ্ত করার পর তেলে ডুবিয়ে রেখে কঠিনতা দানের প্রক্রিয়াবিশেষ।

পান[৩] /পান্/ [স. √পা+অন] বি. তরল বা বায়বীয় পদার্থ সেবন (*জলপান, ধূমপান*)।

পানই /পানোই্/ [স. উপানহ্ >] বি. জুতা, খড়ম।

পানক /পানোক্/ [স. পান+ক (স্বার্থে)] বি. ১ পানীয়; শরবত। ২ ওষুধ।

পানকৌড়ি /পানকোড়ি/ [বা.] বি. এশিয়া ইউরোপ আমেরিকা ও অস্ট্রেলিয়ার জলাভূমিতে বিচরণ করে এমন সরু লম্বা গলা এবং চঞ্চুবিশিষ্ট উজ্জ্বল কালো মাছশিকারি লিপ্তপদ উভচর পাখিবিশেষ, জলকাক, জলবায়স।

পানগোষ্ঠিকা /পানগোশ্ঠিকা/ [স. পান+গোষ্ঠ+ইক +আ (টাপ্)] বি. সুরাপানের আড্ডা, মদ্যপায়ীদের আখড়া।

পানগোষ্ঠী /পানগোশ্ঠি/ [স. পান+ √গোষ্ঠ্+অ+ঈ] বি. দ্র পানগোষ্ঠিকা।

পানচিনি /পানচিনি/ [বা.] বি. বিবাহের বাগ্‌দান অনুষ্ঠানে কনের বাড়িতে পাত্রপক্ষের পানসুপারি ও মিঠাই পাঠানোর সংস্কার; বিবাহের বাগ্‌দান অনুষ্ঠান।

পানতি /পানতি/ [দেশি.] বি. ১ পান বিক্রেতা। ২ উঁচু কিনারাযুক্ত থালাবিশেষ। ৩ পদবিবিশেষ।

পানতুয়া /পানতুআ/ [বা.] বি. তেল বা ঘিয়ে ভাজা রসগোল্লাজাতীয় ছানার মিঠাইবিশেষ।

পান থেকে চুন খসা /পান্ থেকে চুন্ খশা/ ক্রিবি. (আল.) যৎসামান্য ত্রুটি হওয়া।

পান দেওয়া /পান্ দেওআ/ ক্রিবি. ইস্পাত বা মিশ্র-ধাতুর তৈরি কোনো পদার্থের ভঙ্গপ্রবণতা হ্রাস করার উদ্দেশ্যে তপ্ত করার পর তেলে ডুবিয়ে রেখে কঠিনতা দান করা।

পানদোষ /পান্দোশ্/ [স. পান+দোষ] বি. সুরাপানের দোষ, মদ্যাসক্তি।

পানপাত্র /পান্পাত্তো/ [স. পান+পাত্র] বি. সুরা প্রভৃতি পান করার পাত্র।

পানফল /পানফল্/ [বা.] বি. দ্র পানিফল।

পানবিড়ি /পানবিড়ি/ [বা.] বি. পান ও বিড়ি; পান বিড়ি সিগারেট প্রভৃতি।

পান মরা /পান্ মরা/ ক্রিবি. খাদ মিশ্রণের ফলে সোনা রুপার অলংকারের ওজন হ্রাস পাওয়া।

পানমসলা /পান্মশ্‌লা/ [বা.] বি. পানের সঙ্গে গৃহীত মসলা।

পানশালা /পান্শালা/ [স. পান+শালা] বি. সুরাপানের ঘর, শুঁড়িখানা।

পানশৌণ্ড /পান্শোউন্ডো/ [স. পান+শৌণ্ড] বিণ. মদ্যপানে অতিমাত্রায় আসক্ত এমন।

পানস /পানোশ্/ [স. পনস্+অ] বিণ. কাঁঠাল-সম্বন্ধীয়।

পানসা /পান্শা/ [হি.] বিণ. ১ বিস্বাদ, জলো। ২ ফিকে।

পানসি /পান্শি/ [ফ.] বি. ছই দিয়ে ঢাকা ছোটো নৌকা; ছোটো হালকা সরু নৌকা।

পানসে /পান্শে/ [হি. পনসা >] বিণ. 'পানসা'-র কথ্য রূপ।

পানা[১] /পানা/ [স. পানক >] বি. চিনি মিশ্রিত পানীয়।

পানা[২] /পানা/ [স. বারিপর্ণী >] বি. দ্রুত বিস্তৃতি লাভ করে এমন শৈবালজাতীয় জলজ উদ্ভিদবিশেষ (*কচুরিপানা*)।

পানা[৩] /পানা/ [ফা.] বি. প্রস্থ (*কাপড়ের পানা*)।

পানা[৪] /পানাহ্/ [ফা. পানাহ >] বি. আশ্রয়।

-পানা[৫] /পানা/ অব্য. তুল্যতাবাচক বাংলা তদ্ধিত প্রত্যয়বিশেষ (*লম্বাপানা*)।

পানানো /পানানো/ [বা.] ক্রিবি. ১ দোহনের পূর্বে গবাদি পশুর স্তন দুধে পরিপূর্ণ করার জন্য বাছুর দিয়ে স্তন আকর্ষণ করানো। ২ দোহন করা। ৩ অস্ত্র প্রভৃতি শান দেওয়ার সময় পানি দিয়ে ভেজানো।

পানাসক্ত /পানাশক্তো/ [স. পান+আসক্ত] বিণ. ১ সুরাপানে আসক্ত। ২ (ব্য.) পানসুপারির নেশায় আসক্ত।

পানাসক্তি /পানাশোক্তি/ [স. পান+আসক্তি] বি.

www.pathagar.com

সুরাপানের আসক্তি।

পানাহার /পানাহার্ / [স. পান+আহার] বি. পান ও ভোজন।

পানি /পানি / [স. পানীয় >] বি. জল, বারি।

পানি খরচ /পানি খরোচ্/ বি. জলশৌচ।

পানিপড়া /পানিপড়া/ [বা.] বি. (কুসংস্কারাচ্ছন্ন মানুষের কাছে রোগ নিরাময়ের ওষুধরূপে বিবেচিত) দোয়া বা মন্ত্র পড়ে ফুঁ দেওয়া পানি, জলপড়া।

পানিফল /পানিফল্ / [বা.] বি. তিনদিকে তিনটি কাঁটাযুক্ত জলজ ফলবিশেষ, শিঙাড়া, পানফল।

পানি ভাঙা /পানি ভাঙা/ ক্রিবি. প্রসবের পূর্বে জলীয় স্রাব নিঃসৃত হওয়া।

পানিভাত /পানিভাত্/ [বা.] বি. দ্র পান্তাভাত।

পানীয় /পানিয়ো / [স. √পা+অনীয়] বিণ. পানযোগ্য, পেয়, পান করা হয় এমন। বি. ১ পানযোগ্য তরল। ২ কোমল পানীয়। ৩ সুরা।

পানে /পানে / [স. প্রবণ >] ক্রিবিণ. দিকে, অভিমুখে, (*ধায় যেন মোর সকল ভালোবাসা / প্রভু, তোমার পানে, তোমার পানে, তোমার পানে।* রবীন্দ্র.)।

পানের বরজ /পানের বরোজ্/ বি. পান চাষের উপযুক্ত করে তৈরি আচ্ছাদিত ও সুবিন্যস্ত খেত।

পান্ডা[১] /পান্ডা/ [হি.] বি. ১ তীর্থস্থানের পূজারি। ২ (ব্য.) প্রধান ব্যক্তি।

পান্ডা[২] /পান্ডা/ [নে.] বি. চীনের বনাঞ্চলে বিচরণকারী অত্যন্ত লাজুক প্রকৃতির সাদাকালো রঙের ভালুকজাতীয় ছোটো প্রাণী।

পান্তা /পান্তা/ [দেশি.] বি. দ্র পান্তাভাত।

পান্তাভাত /পান্তাভাত্/ [দেশি.] বি. ১ জলে ভিজিয়ে রাখা ভাত, পানিভাত, জলভাত; বাসি ভাত। ২ (আল.) অতি তুচ্ছ ব্যাপার।

পান্থ /পান্থো / [স. পথিন্+অ] বি. পথিক; পর্যটক।

পান্থজন /পান্থোজন্ / [স. পান্থ+জন] বি. পথিক।

পান্থনিবাস /পান্থোনিবাস্ / [স. পান্থ+নিবাস] বি. পথিকদের বিশ্রাম ও আহারের স্থান, সরাই, চটি।

পান্থপাদপ /পান্থোপাদোপ্/ [স. পান্থ+পাদপ] বি. মাদাগাস্কার দ্বীপে জাত উদ্ভিদবিশেষ যার ভেতরে নির্মল জল সঞ্চিত থাকে, traveller's palm।

পান্থশালা /পান্থোশালা / [স. পান্থ+শালা] বি. দ্র পান্থনিবাস।

পান্না /পান্না / [স. পর্ণ >] বি. উজ্জ্বল সবুজ রঙের মূল্যবান রত্নবিশেষ, মরকত, emarald।

পাপ /পাপ্ / [স. √পাপ্+অ] বি. ১ কলুষ। ২ অধর্ম, শাস্ত্রবিরুদ্ধ কাজ, গুনাহ। ৩ পাপিষ্ঠ ব্যক্তি, পাপাত্মা। ৪ জঞ্জাল। ৫ অমঙ্গল (*পাপগ্রহ*)।

পাপকৃৎ /পাপোক্কৃত্/ [স. পাপ+কৃৎ] বিণ. পাপী।

পাপক্ষালন /পাপোক্খালোন্/ [স. পাপ+ক্ষালন] বি. পাপমোচন।

পাপগ্রহ /পাপোগ্গ্রোহো/ [স. পাপ+গ্রহ] বি. অশুভকর বলে কল্পিত মঙ্গল শনি প্রভৃতি গ্রহ।

পাপঘ্ন /পাপোঘ্নো / [স. পাপ+√হন্+অ] বিণ. পাপনাশক, পাপদূরকারী।

পাপজ /পাপোজ্ / [স. পাপ+√জন্+অ] বিণ. পাপী।

পাপড় /পাপোড়্/ [স. পর্পট >] বি. ডালের গুঁড়োর সঙ্গে মসলা মিশিয়ে তৈরি পাতলা রুটিজাতীয় মচমচে খাদ্যবস্তু।

পাপড়ি /পাপড়ি/ [বা.] বি. ফুলের দল, petal।

পাপতরা /পাপোতরা / [স. পাপ+√তৃ+অ+আ (টাপ্)] বিণ. পাপ থেকে মুক্তিদাত্রী।

পাপদৃষ্টি /পাপোদৃশ্টি/ [স. পাপ+√দৃশ্+তি] বি. কুনজর।

পাপপঙ্ক /পাপোপংকো / [স. পাপ+√পঙ্ক্+অ] বি. আত্মার কলুষতা।

পাপপুণ্য /পাপ্পুন্নো / [স. পাপ+পুণ্য] বি. পাপ ও পুণ্য, পুণ্যকর্ম ও দুষ্কর্ম।

পাপবুদ্ধি /পাপোবুদ্ধি / [স. পাপ+√বুধ্+তি] বি. কুমতলব, দুরভিসন্ধি।

পাপভাক /পাপোভাক্/ [স. পাপ+ভাক] বিণ. পাপিষ্ঠ, পাপজ।

পাপভাগী /পাপোভাগি/ [স. পাপ+√ভজ্+ইন] বিণ. ১ পাপী। ২ পাপের ফলগ্রাহী, পাপের অংশীদার।

পাপমতি /পাপোমোতি/ [স. পাপ+মতি] বিণ. কুমতলবপূর্ণ।

পাপযোগ /পাপোজোগ্/ [স. পাপ+যোগ] বি. তিথি বার প্রভৃতির কল্পিত অশুভ সম্মিলন।

পাপযোনি /পাপোজোনি / [স. পাপ+যোনি] বিণ. কল্পিত নীচ কুলজাত বা অন্ত্যজ।

পাপহর /পাপোহরো / [স. পাপ+হর] বিণ. পাপনাশক, পাপদূরকারী, পাপঘ্ন।

পাপাচার /পাপাচার্ / [স. পাপ+আচার] বিণ. দুরাচার, পাপকারী, পাপিষ্ঠ। বি. পাপাচরণ।

পাপাচারী /পাপাচারি/ [স. পাপ+আ+√চর্+ইন্] বিণ. পাপিষ্ঠ, দুরাচারী, অধর্মাচারী।

পাপাত্মা /পাপাত্তা/ [স. পাপ+আত্মন্] বিণ. পাপচিত্ত, পাপিষ্ঠ।

www.pathagar.com

পাপাশয় /পাপাশয়্/ [স. পাপ+আশয়] বিণ. দ্র পাপাত্মা।

পাপাসক্ত /পাপাশক্তো/ [স. পাপ+আ+√সন্জ্+ত] বিণ. পাপের প্রতি আসক্ত, পাপকর্মে লিপ্ত।

পাপাসক্তি /পাপাশোক্তি/ [স. পাপ+আ+√সন্জ্+তি] বি. পাপের প্রতি লিপ্সা।

পাপিয়া /পাপিআ/ [হি. পপিহা >] বি. এশিয়া ইউরোপ ও আফ্রিকা মহাদেশে বিচরণ করে এবং উঁচু ডাল বা নির্জন স্থানে বসে 'পিপ্-পিপ্' রব করে এমন লালচে বাদামি প্রভৃতি রঙের পালকবিশিষ্ট কোকিলজাতীয় ছোটো পরিযায়ী গায়ক পাখি।

পাপিষ্ঠ /পাপিশ্ঠো/ [স. পাপিন্+ইষ্ঠ] বিণ. অতিশয় পাপী, মহাপাপী। স্ত্রী. পাপিষ্ঠা /পাপিশ্ঠা/।

পাপী /পাপি/ [স. পাপ+ইন্] বিণ. পাপকারী; অধার্মিক, পাপাচারী। স্ত্রী. পাপিনী /পাপিনি/।

পাপীয়সী /পাপিয়োশি/ [স. পাপিন্+ঈয়স্+ঙী] বিণ. পাপিষ্ঠা, পাপকারিণী।

পাপোশ /পাপোশ্/ [ফা.] বি. পায়ের তলার ধুলো মোছার জন্য নারকেলের ছোবড়া পাট প্রভৃতির তৈরি অমসৃণ মাদুরবিশেষ।

পাব /পাব্/ [স. পর্ব >] বি. ১ পর্ব, গাঁট। ২ দুই গ্রন্থির মধ্যবর্তী স্থান।

পাবক /পাবক্/ [স. √পূ+অক] বি. অগ্নি, অনল। বিণ. শোধক।

পাবদা /পাবদা/ [স. পর্বত >] বি. বাংলাদেশ-সহ দক্ষিণপূর্ব এশিয়ার অগভীর নদী বা পুকুরে বিচরণ করে এমন চিবুকে সুতার মতো সরু নমনীয় তন্তু-বিশিষ্ট লম্বা ও চ্যাপটা আঁশহীন রুপালি ছোটো মাছ।

পাবন /পাবোন্/ [স. √পাবি+অন] বিণ. ১ পবিত্রকারী; শোধক। ২ ত্রাণকর্তা, উদ্ধারকারী (*পতিত-পাবন*)। বি. ১ শোধন। ২ অগ্নি।

পাবনি /পাবোনি/ [অজ্ঞা.] বি. পবনপুত্র হনুমান।

পাবনী /পাবোনি/ [স. √পাবি+অন+ঈ] বিণ. ১ পবিত্রকারিণী। ২ উদ্ধারকারিণী। বি. গঙ্গা নদী।

পাবলিক /পাব্লিক্/ [ই.] বি. জনসাধারণ, public। বিণ. ১ জনসাধারণসংক্রান্ত। ২ রাষ্ট্রায়ত্ত।

পামর /পামোর্/ [স. পা+ক্বিপ্+√ম্+অ] বিণ. ১ পাপিষ্ঠ। ২ নীচ। ৩ মূর্খ। স্ত্রী. পামরী /পামোরি/।

পামরি[১] /পামরি/ [বা.] বি. শস্যধ্বংসকারী কীটবিশেষ।

পামরি[২] /পামোরি/ [স. প্রাবর >] বি. মূল্যবান কাপড়বিশেষ।

পাম্প /পাম্প্/ [ই. pump] বি. ১ যে যন্ত্রের সাহায্যে তরল পদার্থ টেনে তোলা যায়। ২ যে যন্ত্রের সাহায্যে কোনো বদ্ধ আধারকে বায়ুশূন্য বা বায়ুপূর্ণ করা যায়।

পাম্পশু /পাম্প্শু/ [ই.] বি. ফিতাহীন অনুচ্চ গোড়ালিবিশিষ্ট হালকা জুতাবিশেষ।

পায়খানা /পায়্খানা/ [ফা.] বি. ১ মলত্যাগের স্থান। ২ মলত্যাগ।

পায়চারি /পায়্চারি/ [স. পাদচারণা >] বি. উদ্দেশ্য-হীন পদচারণা, ইতস্তত হাঁটাহাঁটি।

পায়জামা /পায়্জামা/ [ফা.] বি. পাজামা।

পায়রা /পায়্রা/ [স. পারাবত >] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এবং দূরদূরান্তে বার্তাবাহনের জন্য প্রশিক্ষিত করা যায় এমন শস্যভোজী ডিম্বজ ছোটো পাখিবিশেষ, কপোত, পারাবত, কবুতর।

পায়রাচাঁদা /পায়্রাচাঁদা/ [বা.] বি. চাঁদাজাতীয় ডোরাকাটা সামুদ্রিক বড়ো মাছবিশেষ।

পায়স /পায়োশ্/ [স. পয়স্+অ] বি. দ্র পায়েস।

পায়সান্ন /পায়োশান্নো/ [স. পায়স+অন্ন] বি. পরমান্ন।

পায়া /পায়া/ [ফা.] বি. ১ টেবিল চেয়ার খাট প্রভৃতির খুঁটি। ২ চরণ। ৩ পদমর্যাদা (*পায়াভারী*)। ৪ গোরু বা ছাগলের হাঁটু থেকে পায়ের নিচের অংশের হাড় সেদ্ধ করে রাঁধা ক্বাথ, নেহারি।

পায়াভারী /পায়াভারি/ [ফা. পায়া+স. ভারী] বি. উচ্চপদে অধিষ্ঠানজনিত অহংকার। বিণ. পদগর্বে গর্বিত (*পায়াভারী লোক*)।

–পায়ী /পায়ি/ [স. √পা+ইন্] বিণ. পান করে এমন, পানকারী (*স্তন্যপায়ী*)।

পায়ু /পায়ু/ [স. √পা+উ] বি. মলদ্বার।

পায়ে ঠেলা /পায়ে ঠ্যালা/ ক্রিবি. উপেক্ষা করা।

পায়ে পড়া /পায়ে পড়া/ ক্রিবি. কাতরভাবে অনুরোধ করা।

পায়ে পায়ে /পায়ে পায়ে/ ক্রিবিণ. ১ পদে-পদে (*পায়ে পায়ে বাধা*)। ২ ধীরপদে (*পায়ে পায়ে অগ্রসর হওয়া*)।

পায়েস /পায়েশ্/ [স. পায়স >] বি. দুধ চাল চিনি প্রভৃতি সহযোগে তৈরি মিষ্টান্নবিশেষ, পরমান্ন। বিণ. ১ দুগ্ধসম্বন্ধীয়। ২ দুধ থেকে উৎপন্ন।

পার /পার্/ [স. √পার্+অ] বি. ১ কিনারা; কূল; নদী দীঘি পুকুর প্রভৃতির তট (*পুকুরপার*)। ২ অতিক্রমণ (*নদী পার হওয়া*)। ৩ উদ্ধার, পরিত্রাণ (*পার পাওয়া*)।

www.pathagar.com

পার করা /পার করা/ ক্রিবি. ১ পরিত্রাণ করা। ২ অন্য তীরে নিয়ে যাওয়া।

পারক /পারক্/ [স. √পৃ+অক] বিণ. ১ সমর্থ, সক্ষম। ২ পারদর্শী, পটু, নিপুণ।

পারকতা /পারোকতা/ [স. পারক+তা] বি. ১ সক্ষমতা। ২ পারদর্শিতা।

পারক্য /পারোক্কো/ [স. পারক+য] বিণ. ১ পরলোকসম্বন্ধীয়। ২ পরকীয়। ৩ শত্রুসংক্রান্ত। বি. ১ পরকীয়তা। ২ পরাধীনতা। ৩ সামর্থ্য।

পারগ /পারগ্/ [স. পার+√গম্+অ] বিণ. দ্র পারক।

পারগত /পারগতো/ [স. পার+√গম্+ত] বিণ. ১ পারে গিয়েছে এমন। ২ পরিত্রাণ লাভ করেছে এমন।

পারঘাট /পারঘাট্/ [স. পার+বা. ঘাট] বি. খেয়াঘাট।

পারঘাটা /পারঘাটা/ [বা.] বি. দ্র পারঘাট।

পারঙ্গম /পারোংগম্/ [স. পার+ √গম্+অ] বিণ. ১ দক্ষ, পটু। ২ সমর্থ, সক্ষম।

পারণ /পারোন্/ [স. √পার্+অন] বি. ১ ব্রতপালন বা উপবাসের পর হালকা আহার্য গ্রহণ। ২ সমাপ্তি।

পারণা /পারোনা/ [স. পারণ+আ (টাপ্)] বি. দ্র পারণ।

পারতন্ত্র্য /পারোতোন্ত্রো/ [স. পরতন্ত্র+য] বি. পরবশ্যতা, পরাধীনতা।

পারতপক্ষে /পারোতোপোক্খে/ [বা.] ক্রিবিণ. সম্ভব হলে, পারলে।

পারত্রিক /পারোত্রিক্/ [স. পরত্র+ইক] বিণ. পারলৌকিক, পরলোকসম্বন্ধীয়।

পারদ /পারোদ্/ [স. পার+ √দা+অ] বি. রুপোর মতো উজ্জ্বল তরল মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৮০, পারা, mercury।

পারদর্শিতা /পারোদোর্শিতা/ [স. পার+ √দৃশ্+ইন্+তা] বি. বিচক্ষণতা; দক্ষতা, পটুতা।

পারদর্শী /পারোদোর্শি/ [স. পারদৃশ্বা >] বিণ. ১ অভিজ্ঞ। ২ পটু, দক্ষ; বিচক্ষণ। ৩ দূরদর্শী; পরিণামদর্শী। স্ত্রী. **পারদর্শিনী** /পারোদোর্শিনি/।

পারদারিক /পারোদারিক্/ [স. পরদার+ইক] বি. বিণ. পরস্ত্রীগামী, ব্যভিচারী।

পারদার্য /পারোদার্জো/ [স. পরদার+য] বি. পরস্ত্রীগমন, ব্যভিচার।

পারদেশ্য /পারোদেশ্শো/ [স. পরদেশ+য] বিণ. ১ প্রবাসী, ভিন্নদেশগত। ২ বিদেশি, পরদেশি।

পারবশ্য /পারোবোশ্শো/ [স. পরবশ+য] বি. পরবশতা; পরাধীনতা, অধীনতা।

পারমাণব /পারোমানোব্/ [স. পরমাণু+অ] বিণ. দ্র পারমাণবিক।

পারমাণবিক /পারোমানোবিক্/ [স. পরমাণু+ইক] বিণ. ১ পরমাণুসংক্রান্ত। ২ পরমাণু থেকে উৎপন্ন, পরমাণুজাত, atomic।

পারমার্থিক /পারোমার্থিক্/ [স. পরমার্থ+ইক] বিণ. আধ্যাত্মিক, পরমার্থসম্বন্ধীয়।

পারমিট /পারমিট্/ [লা. permit >] বি. ১ পণ্য আমদানি-রপ্তানির জন্য সরকারি অনুমোদনপত্র। ২ নিয়ন্ত্রিত পণ্য ক্রয়বিক্রয়ের সরকারি অনুমতিপত্র।

পারম্পর্য /পারোম্পোর্জো/ [স. পরম্পরা+য] বি. ধারাবাহিকতা, অনুক্রম।

পারলৌকিক /পারোলৌকিক্/ [স. পরলোক+ইক] বিণ. পরলোকসম্বন্ধীয়।

পারশ /পারোশ্/ [দেশি.] বি. পরিবেশন।

পারশে /পারশে/ [দেশি.] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে নদীর মোহানা বা নদীতে বিচরণ করে এমন চ্যাপটা ও চওড়া মাথাবিশিষ্ট কালো বাদামি বা সবুজাভ রুপালি আঁশযুক্ত মাঝারি আকৃতির মাছ।

পারসি /পারশি/ [ফা.] বি. ১ পারস্যের ভাষা, ফারসি। ২ প্রাচীন পারস্যদেশের জরথুস্ত্রপন্থি জাতিবিশেষ। বিণ. ১ পারস্যদেশে জাত। ২ পারস্য দেশ বা জাতিসম্বন্ধীয়।

পারসিক /পারোশিক্/ [ফা. পারসি >] বিণ. ১ পারস্যদেশীয়। ২ পারস্য দেশজাত। বি. পারস্যদেশের অধিবাসী, ইরানি।

পারস্ত্রৈণেয় /পারোস্ত্রোইনেয়ো/ [স. পরস্ত্রী+এয়] বিণ. পরস্ত্রীজাত।

পারস্পরিক /পারোশ্পোরিক্/ [স. পরস্পর+ইক] বিণ. পরস্পরসংক্রান্ত।

পারস্য /পারোশ্শো/ [স. পারস+য] বি. পশ্চিম এশিয়ার প্রাচীন দেশবিশেষ, ইরান।

পার হওয়া /পার্ হওআ/ ক্রিবি. অপর পারে যাওয়া।

পারা[১] /পারা/ [বা.] ক্রিবি. ১ সমর্থ হওয়া (*কাজ করতে পারা*)। ২ এঁটে ওঠা; আয়ত্তে আনতে সক্ষম হওয়া।

পারা[২] /পারা/ [স. পারদ >] বি. দ্র পারদ।

পারা[৩] /পারা/ [স. প্রায় >] বিণ. সদৃশ, তুল্য, মতো (*ওগো নদী, আপন বেগে পাগল-পারা*, রবীন্দ্র.)। ক্রিবিণ. যেন, বোধ হয়।

পারা[৪] /পারা/ [ফা.] বি. পবিত্র কোরানের তিরিশটি পরিচ্ছেদের যে কোনো একটি (*আমপারা*), খণ্ড।

www.pathagar.com

পারানি /পারানি/ [বা.] বি. খেয়া পার হওয়ার মাশুল, খেয়ার কড়ি (*কণ্ঠে নিলেম গান, আমার শেষ পারানির কড়ি—* রবীন্দ্র.)।

পারানো /পারানো/ [বা.] ক্রিবি. ১ পার করানো। ২ পার হওয়া।

পারাপার /পারাপার্/ [স. পার+অপার] বি. ১ নদী খাল প্রভৃতির উভয় তীর, একূল-ওকূল। ২ নদী প্রভৃতির এক পার থেকে অন্য পারে যাতায়াত (*নদী পারাপার*)।

পারাবত /পারাবত্/ [স. পার+আ+√পত্+অ] বি. পৃথিবীর প্রায় সর্বত্র বিচরণ করে এবং দূরদূরান্তে বার্তাবাহনের জন্য প্রশিক্ষিত করা যায় এমন শস্যভোজী ডিম্বজ ছোটো পাখিবিশেষ, কপোত, কবুতর।

পারাবার[১] /পারাবার্/ [স. পার+অবার] বি. সমুদ্র।

পারাবার[২] /পারাবার্/ [স. পার+অবার] বি. উভয় তীর। বিণ. এফোঁড়-ওফোঁড়।

পারায়ণ /পারায়োন্/ [স. পার+অয়ন] বি. ১ পূর্ণতা, সম্পূর্ণতা, সমগ্রতা। ২ নির্দিষ্ট সময়ের মধ্যে প্রথম থেকে শেষ পর্যন্ত গ্রন্থপাঠ সমাপন। ৩ সফলতা।

পারাশর /পারাশর্/ [স. পরাশর+অ] বি. পুরাণোক্ত পরাশর মুনির পুত্র, বেদব্যাস। বিণ. ১ পরাশর-সম্বন্ধীয়। ২ পরাশররচিত।

পারিজাত /পারিজাত্/ [স. পারিন্+জাত] বি. ১ মহাভারতে উল্লিখিত সমুদ্রমন্থনে উদ্ভূত স্বর্গীয় বৃক্ষের ফুল ও ফল; দেবতরু। ২ গন্ধদ্রব্যবিশেষ।

পারিতোষিক /পারিতোশিক্/ [স. পরিতোষ+ইক] বি. সন্তুষ্ট হয়ে যা দান করা হয়, ইনাম।

পারিপাট্য /পারিপাট্যো/ [স. পরিপাটি+য] বি. ১ পরিপাটির ভাব; পরিচ্ছন্নতা। ২ শৃঙ্খলা; বিন্যাস। ৩ কুশলতা; নিপুণতা, নৈপুণ্য।

পারিপার্শ্বিক /পারিপার্শিক্/ [স. পরিপার্শ্ব+ইক] বিণ. চারদিকের; পাশের (*পারিপার্শ্বিক অবস্থা*)। বি. ১ পারিষদ; পার্শ্বচর। ২ সূত্রধরের সহচর নট।

পারিবারিক /পারিবারিক্/ [স. পরিবার+ইক] বিণ. পরিবারবিষয়ক।

পারিব্রজ্য /পারিব্রোজ্জো/ [স. পরিব্রাজ+য] বি. পরিব্রাজকের আচরণ বা ধর্মপালন; পরিব্রজ্যা।

পারিভাষিক /পারিভাশিক্/ [স. পরিভাষা+ইক] বিণ. পরিভাষাসংক্রান্ত।

পারিশ্রমিক /পারিস্রোমিক্/ [স. পরিশ্রম+ইক] বি. পরিশ্রমের মূল্য, মজুরি।

পারিষদ /পারিশদ্/ [স. পরিষদ্+অ] বি. ১ সভ্য, সভাসদ, সদস্য। ২ পার্শ্বচর। বিণ. পরিষদসম্বন্ধীয়।

পারীণ /পারিন্/ [স. পার+ঈন] বিণ. নদী প্রভৃতি অতিক্রমকারী, পারগামী; পারগত।

পারুল /পারুল্/ [স. পাটল >] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে গ্রীষ্মকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা হালকা বেগুনি প্রভৃতি রঙের পাঁচটি পাপড়িযুক্ত ঘণ্টাকৃতির সুগন্ধ ফুল বা তার ধূসর কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন পত্রমোচী বৃক্ষ।

পারুষ্য /পারুশ্যো/ [স. পরুষ+য] বি. ১ পরুষতা, কর্কশতা, রূঢ়তা। ২ অপ্রিয় কথা।

পার্ক /পার্ক্/ [ই. park] বি. ১ অবকাশযাপনের উদ্যান। ২ গাড়ি রাখার স্থান।

পার্কিং /পার্কিং/ [ই. park >] বি. গাড়ি দাঁড় করানোর স্থান।

পার্ট /পার্ট্/ [ই. part] বি. ১ নাটক বা যাত্রাপালায় পাত্রপাত্রীর অভিনেয় অংশ। ২ খণ্ড, অংশ।

পার্টস /পার্ট্স্/ [ই.] বি. যন্ত্রসামগ্রীর খুচরা অংশ, parts।

পার্টি /পার্টি/ [ই. party] বি. ১ পাশ্চাত্য রীতিতে ভোজ বা পানাহারের সভা। ২ রাজনৈতিক দল। ৩ পক্ষ।

পার্থ[১] /পার্থো/ [স. পৃথা+অ] বি. তৃতীয় পাণ্ডব, ধনঞ্জয়, অর্জুন।

পার্থ[২] /পার্থো/ [স. পৃথা+অ] বি. ভারতীয় উপ-মহাদেশে গ্রীষ্মকালে ফোটে এমন হলুদ রঙের উৎকট গন্ধযুক্ত উভলিঙ্গ ফুল বা তার ভেষজগুণ-সম্পন্ন পত্রমোচী বৃক্ষ, অর্জুনবৃক্ষ।

পার্থক্য /পার্থোক্যো/ [স. পৃথক্+য] বি. প্রভেদ, বিভিন্নতা, বৈসাদৃশ্য।

পার্থব /পার্থব্/ [স. পৃথু+অ] বি. স্থূলতা; বিশালত্ব।

পার্থসারথি /পার্থোশারোথি/ [স. পার্থ+সারথি] বি. অর্জুনের সারথি শ্রীকৃষ্ণ।

পার্থিব /পার্থিবো/ [স. পৃথিবী+অ] বিণ. পৃথিবী-সংক্রান্ত, ঐহিক, জাগতিক। বি. ভূপতি, নৃপতি।

পার্বণ /পার্বোন্/ [স. √পর্বন্+অ] বি. ১ উৎসব। ২ অমাবস্যা প্রভৃতি পর্ব উপলক্ষ্যে অনুষ্ঠেয় শ্রাদ্ধ। বিণ. ১ পর্বসংক্রান্ত। ২ পর্বদিনে করণীয়।

পার্বণী /পার্বোনি/ [স. পার্বণ+ঈ] বি. উৎসব বা পর্ব উপলক্ষ্যে দেয় পারিতোষিক, বকশিশ।

পার্বত /পার্বোত্/ [স. পর্বত+অ] বিণ. ১ পর্বত-সম্বন্ধীয়। ২ পর্বতবাসী। ৩ পর্বতজাত। ৪ পর্বত-ময়।

www.pathagar.com

পার্বতী /পার্‌বোতি/ [স. পার্বত+ঈ] বি. ১ পুরাণোক্ত গিরিরাজ হিমালয়ের দুহিতা, নগনন্দিনী, গিরিজা, উমা, দুর্গা, অপর্ণা। ২ পর্বতকন্যা। বিণ. পাহাড়ি।

পার্বতীয় /পার্‌বোতিয়ো/ [স. পর্বত+ঈয়] বিণ. ১ পর্বতসংক্রান্ত। ২ পর্বতময়। ৩ পর্বতবাসী; পাহাড়ি। ৪ পর্বতে উৎপন্ন বা জাত।

পার্বত্য /পার্‌বোত্তো/ [অশুপ্র.] বিণ. দ্র পার্বতীয়।

পার্যমাণে /পার্‌জোমানে/ [স. √পার্+মান (শানচ্)+বা. এ] ক্রিবিণ. পারলে, সম্ভব হলে; পারতপক্ষে।

পার্লামেন্ট /পার্‌লামেন্ট্/ [ই.] বি. আইনসভা, জাতীয় সংসদ, parliament।

পার্শ্ব /পার্‌শো/ [স. √স্পৃশ্+ষ্ব] বি. ১ পাশ; দিক (*উত্তর পার্শ্ব*)। ২ প্রান্ত, কিনারা।

পার্শ্বচর /পার্‌শোচর্/ [স. পার্শ্ব+চর] বি. বিণ. ১ সহচর, সঙ্গী। ২ অনুচর। ৩ পরিচারক। ৪ মোসাহেব। স্ত্রী. পার্শ্বচরী /পার্‌শোচোরি/।

পার্শ্বচরিত্র /পার্‌শোচোরিত্রো/ [স. পার্শ্ব+চরিত্র] বি. চলচ্চিত্র বা নাটকে মুখ্য চরিত্রের পাশাপাশি অপ্রধান চরিত্র।

পার্শ্বনাথ /পার্‌শোনাথ্/ [স. পার্শ্ব+নাথ] বি. ১ জৈন ধর্মগুরু। ২ ভারতের বিহার রাজ্যে অবস্থিত তীর্থক্ষেত্রবিশেষ।

পার্শ্বপরিবর্তন /পার্‌শোপোরিবর্‌তোন্/ [স. পার্শ্ব+পরিবর্তন] বি. পাশবদল।

পার্শ্বপ্রতিক্রিয়া /পার্‌শোপ্রোতিক্রিআ/ [স. পার্শ্ব+প্রতিক্রিয়া] বি. ওষুধ প্রয়োগ বা কোনো উদ্যোগ গ্রহণের ফলে বিরূপ পরিণাম, side effect।

পার্শ্বব /পার্‌শবো/ [স. পর্শু+অ] বিণ. কুঠারাস্ত্রধারী।

পার্শ্ববর্তী /পার্‌শোবোর্‌তি/ [স. পার্শ্ব+√বৃৎ+ইন্] বিণ. পাশে আছে এমন, পার্শ্বস্থিত। স্ত্রী. পার্শ্ববর্তিনী /পার্‌শোবোর্‌তিনি/।

পার্শ্বস্থ /পার্‌শোস্‌থো/ [স. পার্শ্ব+√স্থা+অ] বিণ. দ্র পার্শ্ববর্তী।

পার্শ্বাভিনেতা /পার্‌শাভিনেতা/ [স. পার্শ্ব+অভি+√নী+তৃ] বি. চলচ্চিত্র বা নাটকে অপ্রধান চরিত্রের অভিনেতা।

পার্ষদ /পার্‌শদ্/ [স. পর্ষদ্+অ] বি. পারিষদ, সভ্য।

পার্ষ্ণি /পার্‌শ্‌নি/ [স. √পৃষ্+নি] বি. ১ পায়ের গোড়ালি। ২ পিঠ। ৩ সৈন্যদলের পশ্চাদ্‌ভাগ।

পার্সেল /পার্‌সেল্/ [ই.] বি. ডাক বা বাহক মারফত পাঠানো যায় এমন ছোটো পুঁটলি, parcel।

পাল[১] /পাল্/ [বা.] বি. ১ বায়ুপ্রবাহের শক্তি দিয়ে ঠেলে নিয়ে যাওয়ার জন্য নৌকার মাস্তুলে খাটানো মজবুত কাপড়ের পর্দা (*অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া—* রবীন্দ্র.)। ২ চাঁদোয়া।

পাল[২] /পাল্/ [স. √পালি+অ] বিণ. ১ প্রতিপালক (*রাজ্যপাল*)। ২ রক্ষক (*নগরপাল*)। বি. ১ (বাংলায়) পদবিবিশেষ। ২ (সাধারণত পশুর) দল (*ভেড়ার পাল*)।

পাল[৩] /পাল্/ [দেশি.] বি. গবাদি পশুর প্রজনন।

পালং[১] /পালং/ [স. পালঙ্ক >] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন ছোটো সবুজ ফুল বা তার রসালো ডাঁটা-ওয়ালা গাঢ় সবুজ লম্বাটে ডিম্বাকৃতির পাতাবিশিষ্ট (যা শাক হিসেবে রেঁধে খাওয়া হয়) খাড়া ছোটো বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী উদ্ভিদ (আনি. আফ্রিকা ও এশিয়ার দক্ষিণ পশ্চিমাঞ্চল)।

পালং[২] /পালং/ [স. পর্যঙ্ক >] বি. শয্যাধার, খাট।

পালক[১] /পালোক্/ [স. √পাল্+অক] বিণ. ১ প্রতি-পালক, পালনকর্তা। স্ত্রী. পালিকা /পালিকা/।

পালক[২] /পালোক্/ [স. পক্ষ >] বি. পাখির পাখনা।

পালকপুত্র /পালোকপুত্র/ [স. পালক+পুত্র] বি. অন্যের যে পুত্রকে নিজের পুত্রের মতো পালন করা হয়।

পালকি /পাল্‌কি/ [হি.] বি. মনুষ্যবাহিত কাঠের তৈরি যানবিশেষ, শিবিকা, ডুলি।

পালঙ্ক /পালোংকো/ [দেশি.] বি. শয্যাধার, খাট।

পালঙ্কপোশ /পালোংকোপোশ্/ [দেশি.] বি. পালঙ্কের চাদর ও বিছানা।

পালট /পালোট্/ [স. পর্য্যস্ত >] বি. প্রত্যাবর্তন, পুনরাবর্তন।

পালটা /পাল্‌টা/ [বা.] বিণ. ১ বিরুদ্ধ, বিপরীত (*পালটা আক্রমণ*)। ২ বিপক্ষীয় (*পালটা জবাব*)। বি. বিনিময়, বদল (*পালটাপালটি*)।

পালটানো /পাল্‌টানো/ [বা.] ক্রিবি. ১ বদলানো (*মত পালটানো*)। ২ ওলটানো।

পালটাপালটি /পাল্‌টাপাল্‌টি/ [বা.] বি. ১ বারবার বদল। ২ আক্রমণ ও প্রতি-আক্রমণ।

পালটি /পাল্‌টি/ [বা.] বিণ. বৈবাহিক সম্বন্ধ স্থাপন করার যোগ্য মর্যাদাবিশিষ্ট।

পাল তোলা[১] /পাল্ তোলা/ ক্রিবি. বায়ুপ্রবাহের শক্তি দিয়ে ঠেলে নিয়ে যাওয়ার জন্য নৌকার মাস্তুলে পাল খাটানো।

পালতোলা[২] /পাল্‌তোলা/ [বা.] বিণ. বায়ুপ্রবাহের শক্তি দিয়ে ঠেলে নিয়ে যাওয়ার জন্য মাস্তুলে পাল খাটানো হয়েছে এমন।

পালন /পালোন্/ [স. √পাল্+অন] বি. ১ প্রতি-

www.pathagar.com

পালন (*সন্তানপালন*)। ২ রক্ষণ (*পশুপালন*)। ৩ মান্যকরণ (*আজ্ঞাপালন*)। ৪ প্রতিশ্রুতি রক্ষা (*প্রতিজ্ঞাপালন*)। ৫ উদ্‌যাপন (*ব্রতপালন*)।

পালনীয় /পালোনিয়ো/ [স. √পাল্+অনীয়] বিণ. পালনযোগ্য, পালনের উপযুক্ত, রক্ষণীয়।

পালপার্বণ /পাল্‌পার্‌বোন্/ [স. পাল্যপার্বণ >] বি. উৎসব; শ্রাদ্ধশান্তি-সহ বিভিন্ন পর্ব।

পালয়িতা /পালোয়িতা/ [স. √পাল্+তৃ] বিণ. প্রতিপালক। স্ত্রী. পালয়িত্রী /পালোয়িত্‌ত্রি/।

পাললিক /পালোলিক্/ [স. পলল+ইক] বিণ. ১ পলিবিষয়ক। ২ পলিজাত (*পাললিক শিলা*)।

পালা[১] /পালা/ [স. পল্লব >] বি. ছোটো ডাল, প্রশাখা (*ডালপালা*)।

পালা[২] /পালা/ [স. পর্যায় >] বি. ১ পর্যায়, স্তর, অনুক্রম। ২ সংগীত নাটক প্রভৃতি বিষয়।

পালা[৩] /পালা/ [স. পালিত >] ক্রিবি. ১ পালন করা (*হাঁসমুরগি পালা*)। ২ প্রতিপালন করা।

পালা[৪] /পালা/ [ই. pile >] বি. স্তূপ (*খড়ের পালা*)।

পালা[৫] /পালা/ [হি.] বি. তুষার, বরফ, হিমানী।

পালা[৬] /পালা/ [বা.] অনুক্রি. (আদরার্থে বা তুচ্ছার্থে) পলায়নের অনুজ্ঞা।

পালাকীর্তন /পালাকির্‌তন্/ [বা. পালা+স. কীর্তন] বি. কাহিনিনির্ভর কীর্তনাঙ্গের গান।

পালাগান /পালাগান্/ [বা. পালা+স. গান] বি. ১ সংগীত সহযোগে নাটক, গীতিনাট্য। ২ ছন্দে রচিত দেবতার মাহাত্ম্যকথা।

পালাজ্বর /পালাজর্/ [বা. পালা+স. জ্বর] বি. পালা করে বারবার আসে এমন জ্বর, remittent fever।

পালান[১] /পালান্/ [স. প্রাঙ্গণ >] বি. বাড়িসংলগ্ন সবজি চাষের জমি।

পালান[২] /পালান্/ [ফা.] বি. ঘোড়া গাধা প্রভৃতি ভারবাহী পশুর পিঠের গদি।

পালান[৩]/পালান্/ [দেশি.] বি. গবাদি পশুর স্তন, ওলান।

পালানো /পালানো/ [বা.] ক্রিবি. অলক্ষ্যে চলে যাওয়া। বিণ. পলায়িত (*বাড়িপালানো ছেলে*)।

পালি[১] /পালি/ [অজ্ঞা.] বি. প্রাচীন মাগধী প্রাকৃত ভাষার প্রকারভেদ, যে ভাষায় বুদ্ধের উপদেশসমূহ রক্ষিত আছে।

পালি[২]/পালি/ [স. √পাল্+ই] বি. ১ সারি। ২ সমূহ। ৩ প্রান্ত। ৪ দল। ৫ (বাংলায়) শস্যের পরিমাপ-বিশেষ; শস্য মাপার পাত্রবিশেষ।

পালি[৩] /পালি/ [স. পর্যায় >] বি. ১ পালা, পর্যায়। ২ গানের ধুয়া (*পালি গান*)।

পালিত[১]/পালিতো/ [স. √পাল্+ত] বিণ. ১ পোষা (*গৃহপালিত পশু*)। ২ পোষ্য (*পালিত সন্তান*)। ৩ রক্ষিত (*প্রতিজ্ঞা পালিত*)। ৪ মান্য করা হয়েছে এমন (*আদেশ পালিত*)।

পালিত[২] /পালিত্/ [স. √পাল্+ত] বি. (বাংলায়) পদবিবিশেষ।

পালিত্য /পালিত্‌তো/ [স. পলিত+য] বি. চুলের শুভ্রতা।

–পালিনী /পালিনি/ [স. √পাল্+ইন্+ঈ] বিণ. বি. পালনকারিণী (*সন্তানপালিনী*)।

পালিশ /পালিশ্/ [ই. polish >] বি. ১ ঔজ্জ্বল্য, চাকচক্য। ২ উজ্জ্বল করার জন্য ব্যবহৃত প্রলেপ। ৩ মার্জিত ভাব বা আচরণ।

পালুই /পালুই/ [স. পল্ল >] বি. ১ খড়ের গাদা, স্তূপ; খড়-সহ ধানের পালা। ২ মরাই।

পালো /পালো/ [দেশি.] বি. শটি সাগু পানফল প্রভৃতি থেকে উৎপন্ন শ্বেতসারজাতীয় খাদ্য, starch।

পালোয়ান /পালোআন্/ [ফা.] বি. কুস্তিগির, ব্যায়ামবীর, মল্ল। বিণ. ১ বলবান। ২ সাহসী।

পাল্য /পাল্‌লো/ [স. √পাল্+য] বিণ. প্রতিপালন-যোগ্য, পালনীয়।

পাল্লা /পাল্‌লা/ [ফা.] বি. ১ তুলাদণ্ডের পণ্য বা বাটখারা রাখার পাত্র (*দাঁড়িপাল্লা*)। ২ দুটির একটি (*দরজার পাল্লা*)। ৩ দূরত্ব (*দূরপাল্লা*)। ৪ কবল (*পাল্লায় পড়া*)। ৫ প্রতিযোগিতা (*পাল্লা দেওয়া*)।

পাশ[১]/পাশ্/ [স. √পশ্+অ] বি. ১ পৌরাণিক যুদ্ধাস্ত্র। ২ বাঁধন, ফাঁদ, জাল (*মায়াপাশ*)। ৩ গুচ্ছ, গোছা (*কেশপাশ*)। ৪ অক্ষ, পাশা।

পাশ[২] /পাশ্/ [স. পার্শ্ব >] বি. ১ পার্শ্ব; সামীপ্য, নৈকট্য। ২ ধার, প্রান্ত (*পথের পাশ*)। ৩ পক্ষ।

পাশ[৩] /পাশ্/ [ফা.] বি. সুগন্ধি জল বা তরল পদার্থ ছিটানোর পাত্রবিশেষ (*গোলাপপাশ*)।

পাশ[৪]/পাশ্/ [ই. pass] বি. ১ সাফল্য (*পরীক্ষায় পাশ*)। ২ অনুমতিপত্র (*গেটপাশ*)। ৩ অনুমোদন (*প্রস্তাব পাশ*)।

পাশ কাটানো /পাশ্ কাটানো/ ক্রিবি. এড়িয়ে যাওয়া।

পাশব /পাশোব্/ [স. পশু+অ] বিণ. দ্র পাশবিক।

পাশবালিশ /পাশ্‌বালিশ্/ [বা. পাশ+ফা. বালিশ] বি. শয্যায় পাশে রাখা বালিশ, কোলবালিশ।

পাশবিক /পাশোবিক্/ [স. পশু+ইক] বিণ. ১ পশু-

www.pathagar.com

সংক্রান্ত। ২ পশুসুলভ। ৩ অমানুষিক। ৪ নির্দয়।

পাশা /পাশা/ [স. পাশক >] বি. ১ অক্ষক্রীড়া। ২ কানের অলংকারবিশেষ (*কানপাশা*)।

পাশাপাশি /পাশাপাশি/[বা.] বিণ. ১ পাশে অবস্থিত। ২ কাছাকাছি।

পাশী /পাশি/ [স. পাশ+ইন্] বিণ. পাশ–অস্ত্রধারী। বি. ১ দেবতা বরুণ। ২ ব্যাধ, নিষাদ। ৩ যম।

পাশুপত /পাশুপত্/ [স. পশুপতি+অ] বিণ. শিব–সম্বন্ধীয়। বি. ১ শিবের অস্ত্রবিশেষ। ২ শৈব সম্প্রদায়বিশেষ। ৩ বকফুল।

পাশুলি /পাশুলি/ [স. পাষক >] বি. পায়ের আঙুলে ধারণের অলংকার।

পাশ্চাত্য /পাশ্চাত্তো/ [স. পশ্চাৎ+ত্য] বিণ. ১ প্রতীচ্য, পশ্চিম দেশীয়; পশ্চিম দেশজাত; পশ্চিম দেশসংক্রান্ত। ২ পশ্চিম দেশ থেকে আগত।

পাষক /পাশক্/ [স. √পষ্+অক] বি. পায়ের আঙুলে ধারণের অলংকার, পাশুলি।

পাষণ্ড /পাশন্ডো/ [স. পা+√ষণ্ড্+ঘিচ্+অ] বিণ. ১ নিষ্ঠুর। ২ পাপিষ্ঠ। ৩ নাস্তিক। বি. ১ নির্মম ব্যক্তি। ২ বৌদ্ধ সন্ন্যাসী।

পাষাণ[১] /পাশান্/ [স. √পিষ্+আন] বি. পাথর।

পাষাণ[২] /পাশান্/ [স. √পিষ্+আন] বিণ. হৃদয়হীন, নির্মম, নির্দয়। স্ত্রী. পাষাণী /পাশানি/।

পাষাণভেদী /পাশান্ভেদি/ [স. পাষাণ+√ভিদ্+ইন্] বিণ. পাষাণ ভেদ করতে পারে এমন তীব্র।

পাষাণমূর্তি /পাশান্মুরতি/ [স. পাষাণ+√মূর্চ্ছ্+তি] বি. পাথরের মূর্তি। বিণ. (আল.) পাথরের মূর্তির মতো ভাবলেশহীন।

পাসপোর্ট /পাস্পোর্ট্/ [ফ.] বি. নিজ দেশ ছেড়ে অন্য দেশে গমনের জন্য বাহকের পূর্ণ পরিচয়–সহ সরকারি ছাড়পত্র, passport।

পাসরন /পাশোরন্/ [স. বিস্মরণ >] বি. স্মৃতিভ্রম।

পাসরা /পাশোরা/ [দেশি.] ক্রিবি. ভুলে যাওয়া।

পাসানো /পাশানো/ [ই. pass >] ক্রিবি. ১ (তাস খেলায়) পাস দেওয়া। ২ (রঙের তাস না থাকলে) অন্য রঙের তাস দেওয়া।

পাস্তা /পাস্তা/ [ইতা.] বি. ডিম ও ময়দার লেচি থেকে তৈরি নুডল্জাতীয় খাদ্যবস্তু, pasta।

পাহাড় /পাহাড়্/ [হি.] বি. ১ মাটির উঁচু স্তূপ। ২ উচ্চ তীরভূমি। ৩ (আল.) বাহুল্য (*কাজের পাহাড়*)।

পাহাড়তলি /পাহাড়্তোলি/ [হি.] বি. ১ পাহাড়ের পাদদেশের সমতলভূমি। ২ উপত্যকা। ৩ তরাই। ৪ চট্টগ্রাম শহরের একটি জনপদ।

পাহাড়ি /পাহাড়ি/ [হি.] বি. ১ পাহাড়ের অধিবাসী; পর্বতীয় জাতি। ২ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ। বিণ. ১ পাহাড়সংক্রান্ত। ২ পর্বতীয় অঞ্চলে বসবাস করে এমন।

পাহাড়িয়া /পাহাড়িআ/ [হি.] বিণ. ১ পাহাড়ে জাত (*পাহাড়িয়া উদ্ভিদ*)। ২ পাহাড়সম্বন্ধীয়। ৩ (আল.) প্রকান্ড; বিশাল; মস্ত।

পাহাড়ে /পাহাড়ে/ [হি. পাহাড় >] বিণ. দ্র পাহাড়িয়া।

পাহারা /পাহারা/ [স. প্রহর >] বি. চৌকি, প্রহরীর কাজ।

পাহারাওয়ালা /পাহারাওআলা/ [বা. পাহারা+হি. ওয়ালা] বি. প্রহরী, চৌকিদার, সান্ত্রি।

পাহারাদার /পাহারাদার্/ [বা. পাহারা+ফা. দার] বি. পাহারা দেওয়া যার পেশা, প্রহরী।

পাহারাদারি /পাহারাদারি/ [বা.] বি. পাহারাদারের বৃত্তি।

পিউ কাঁহা /পিউ কাঁহা/ বি. পাপিয়ার ডাক।

পিউড়ি /পিউড়ি/ [স. পীত >] বি. গোমূত্র থেকে প্রস্তুত হলুদ রং; গোরোচনা।

পিউ পিউ /পিউ পিউ/ [ধ্বন্যা.] বি. পাপিয়ার ডাক।

পিওন /পিওন/ [পো.] বি. ১ চিঠিপত্র বিলি করা যার পেশা, ডাকহরকরা, পত্রবাহক। ২ আজ্ঞাবাহক।

পিঁজরা /পিঁজরা/ [স. পিঞ্জর >] বি. পিঞ্জর, খাঁচা।

পিঁজরাপোল /পিঁজরাপোল্/ [বা. পিঁজরা+হি. পোল] বি. যে গৃহে রুগ্ন ও অক্ষম পশুপাখির পরিচর্যা করা হয়।

পিঁজা /পিঁজা/ [স. পিঞ্জন >] ক্রিবি. তুলার আঁশ ধুনে পৃথক করা।

পিঁড়া /পিঁড়া/ [স. পিন্ড >] বি. ১ ঘরের দাওয়া। ২ পিঁড়ি।

পিঁড়ি /পিঁড়ি/ [স. পীঠ >] বি. কাঠের তৈরি ছোটো ও নিচু আসন।

পিঁড়ে /পিঁড়ে/ [স. পীঠ >] বি. 'পিঁড়ি'–র কথ্য রূপ।

পিঁধা /পিঁধা/ [স. পিনদ্ধ >] ক্রিবি. পরিধান করা।

পিঁপড়া /পিঁপড়া/ [স. পিপীলিকা >] বি. দলবদ্ধ হয়ে বাস করে এমন ছয় পা–বিশিষ্ট ডানাহীন ক্ষুদ্র পরিশ্রমী সামাজিক ও সুশৃঙ্খল কীটবিশেষ, পিঁপড়ে, পিপীলিকা।

পিঁপড়ে /পিঁপড়ে/ [স. পিপীলিকা >] বি. 'পিঁপড়া'–র

www.pathagar.com

কথ্য রূপ।

পিঁয়াজ /পিঁআজ্/ [ফা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এবং মসলারূপে বা কাঁচা খাওয়া যায় এমন ঝাঁজালো উগ্রগন্ধ ভেষজগুণসম্পন্ন গোলাকার কন্দমূলবিশেষ, পেঁয়াজ।

পিঁয়াজকলি /পিঁআজ্‌কোলি/ [ফা. পিঁয়াজ+স. কলি] বি. পিঁয়াজের লম্বা ও সরু নলাকৃতি সবুজ উগ্রগন্ধ ডাঁটা যা কাঁচা বা রেঁধে খাওয়া যায়, পেঁয়াজকলি।

পিঁয়াজি /পিঁআজি/ [ফা.] বি. কুচি করে কাটা পিঁয়াজের সঙ্গে পেষা ডাল মিশিয়ে তেলে ভাজা বড়া, পেঁয়াজি। বিণ. পিঁয়াজের রংবিশিষ্ট, হালকা বেগুনি।

পিক[১] /পিক্/ [স. পি+√কৈ+অ] বি. কোকিল।

পিক[২] /পিক্/ [ধ্বন্যা.] বি. ১ চর্বিত পানের রস। ২ থুতু।

পিকতান /পিকোতান্/ [স. পিক+তান] বি. কোকিলের কুহুতান।

পিকদান /পিক্‌দান্/ [স. পিক+ফা. দান] বি. পানের পিক বা থুতু ফেলার পাত্র।

পিকদানি /পিক্‌দানি/ [স. পিক+ফা. দানি] বি. দ্র পিকদান।

পিকনিক /পিক্‌নিক্/ [ফ.] বি. বাড়ির বাইরে উন্মুক্ত পরিবেশে খেলাধুলা রান্না ও একসঙ্গে খাওয়া-দাওয়ার অনুষ্ঠান, বনভোজন, চড়ুইভাতি, picnic।

পিকেট /পিকেট্/ [ফ.] বি. পুলিশ বা রক্ষীর ছোটো দল।

পিকেটিং /পিকেটিং/ [ফ.] বি. হরতাল বা কর্মবিরতি সফল করার উদ্দেশ্যে রাস্তা বা কর্মস্থলের সম্মুখে কর্মীদের একত্র-অবস্থান।

পিগমি /পিগ্‌মি/ [ই.] বি. আফ্রিকার বিষুবীয় অঞ্চল এবং দক্ষিণ-পূর্ব এশিয়ার কোনো কোনো অঞ্চলের খর্বকায় (গড় উচ্চতা ১৫০ সেন্টিমিটারের উর্ধ্বে নয়) যাযাবর ও শিকারি মানবগোষ্ঠী, pygmy।

পিঙ্গা /পিংগো/ [স. √পিঙ্গ্+অ] বি. বিণ. দ্র পিঙ্গল।

পিঙ্গাল /পিংগল্/ [স. √পিঙ্গ্+ল] বি. হলুদ আভা-যুক্ত নীলবর্ণ; কপিশবর্ণ। বিণ. হলুদ আভাযুক্ত।

পিঙ্গালাভ /পিংগলাভো/ [স. পিঙ্গল+আভা] বিণ. ঈষৎ পিঙ্গল আভাযুক্ত।

পিঙ্গাক্ষ /পিংগাক্‌খো/ [স. পিঙ্গ+অক্ষি] বিণ. পিঙ্গল চোখবিশিষ্ট।

পিচ[১] /পিচ্/ [ধ্বন্যা.] বি. ১ চর্বিত পানের রস। ২ থুতু।

পিচ[২] /পিচ্/ [ই. pitch] বি. ১ রাস্তা তৈরির কাজে ব্যবহৃত আলকাতরা থেকে উৎপন্ন কালো চটচটে পদার্থ। ২ ক্রিকেট খেলার মাঠে দুই প্রান্তে স্টাম্পের মধ্যবর্তী স্থান।

পিচ[৩] /পিঃচ্/ [ই.] বি. নাতিশীতোষ্ণমণ্ডলে জাত আঁটিবিশিষ্ট হলদেটে গোলাকার মিষ্টস্বাদ রসালো ফলবিশেষ, peach।

পিচকারি /পিচ্‌কারি/ [হি.] বি. তরল পদার্থ টেনে তুলে দূরে নিক্ষেপের জন্য ব্যবহৃত ছোটো নলাকার সরঞ্জামবিশেষ যার একপ্রান্ত সরু এবং অন্য প্রান্তে একটি চাপদণ্ড (piston) থাকে।

পিচুটি /পিচুটি/ [স. পিচ্ছট >] বি. চোখের ক্লেদ, নেত্রমল।

পিচ্চি /পিচ্‌চি/ [আঞ্চ.] বিণ. ছোটো। বি. (ব্য.) ছোটো বালক বা বালিকা।

পিচ্ছ /পিচ্ছো/ [স. √পিচ্ছ্+অ] বি. ১ পুচ্ছ, লেজ। ২ ময়ূরপুচ্ছ; পেখম। ৩ চূড়া।

পিচ্ছা /পিচ্ছা/ [স. পিচ্ছ+আ (টাপ্)] বি. ১ পঙ্‌ক্তি, শ্রেণি। ২ সাপের লালা। ৩ ভাতের মাড়। ৪ শিশুগাছ। ৫ সুপারিগাছ। ৬ কোষ। ৭ মোচা। ৮ ঘোড়ার পায়ের ক্ষত।

পিচ্ছিকা /পিচ্ছিকা/ [স. পিচ্ছ+ইক+আ (টাপ্)] বি. ময়ূরপুচ্ছের তৈরি চামরবিশেষ।

পিচ্ছিল /পিচ্ছিল্/ [স. পিচ্ছা+ইল] বিণ. পা হড়কে যায় এমন মসৃণ, পিছল।

পিছ /পিছ্/ [স. পশ্চাৎ >] বি. মুখের বিপরীত দিক।

পিছটান /পিছ্‌টান্/ [বা.] বি. দ্র পিছুটান।

পিছন /পিছন্/ [স. পশ্চাৎ >] বি. দ্র পিছ।

পিছনে পড়া /পিছনে পড়া/ ক্রিবি. পিছিয়ে পড়া।

পিছনে লাগা /পিছনে লাগা/ ক্রিবি. ১ অন্যের ক্ষতি করতে সচেষ্ট হওয়া। ২ বিরক্ত করা।

পিছনো /পিছোনো/ [বা.] ক্রিবি. অন্যের সঙ্গে তাল রেখে চলতে না পেরে হটে আসা; পিছিয়ে আসা।

পিছপা /পিছ্‌পা/ [বা.] বিণ. পশ্চাৎপদ; অনগ্রসর।

পিছমোড়া /পিছ্‌মোড়া/ [বা.] বিণ. দুহাত পেছনে নিয়ে বেঁধে রাখা হয়েছে এমন।

পিছল /পিছল্/ [স. পিচ্ছল >] বিণ. দ্র পিচ্ছিল।

পিছলা /পিছ্‌লা/ [স. পিচ্ছল >] বিণ. পিচ্ছিল।

পিছলানো /পিছ্‌লানো/ [বা.] ক্রিবি. ১ পিচ্ছিল ভূমিতে পা হড়কে যাওয়া। ২ (আল.) দায়িত্ব এড়িয়ে পিছিয়ে আসা।

www.pathagar.com

পিছা /পিছা/ [স. পিচ্ছিকা >] বি. ঝাঁটা (*পিছার বাড়ি*)।

পিছানো /পিছানো/ [বা.] ক্রিবি. অন্যের সঙ্গে তাল রেখে চলতে না পেরে হটে আসা; পিছিয়ে আসা।

পিছিয়ে পড়া /পিছিয়ে পড়া/ ক্রিবি. সমান তালে অগ্রসর হতে না পেরে পিছিয়ে আসা।

পিছু /পিছু/ [স. পশ্চাৎ >] বি. সম্মুখের বিপরীত দিক; পৃষ্ঠভাগ।

পিছুটান /পিছুটান/ [বা.] বি. ১ পেছন দিক থেকে আকর্ষণ। ২ পেছনে ফেলে আসা বস্তুর প্রতি আসক্তি; ফেলে আসা সংসারের প্রতি মায়া।

পিছু নেওয়া /পিছু নেওআ/ ক্রিবি. পেছনে থেকে অনুসরণ করা।

পিছে /পিছে/ [বা.] ক্রিবিণ. পেছনে; পরে।

পিছোনো /পিছোনো/ [বা.] ক্রিবি. দ্র পিছানো।

পিজবোর্ড /পিজ্‌বোড়্‌/ [ই. pasteboard >] বি. (বই বাঁধাই কাগজের বাক্স তৈরি প্রভৃতি কাজে ব্যবহৃত) সস্তা মোটা কাগজের একাধিক স্তর আঠা দিয়ে জুড়ে তৈরি বোর্ড।

পিঞ্জন /পিন্‌জন্‌/ [স. √পিঞ্জ্‌+অন] বি. ১ তুলো পেঁজার সরঞ্জাম, ধুনখারা। ২ তুলো ধুনে আঁশ পৃথক্‌করণের কাজ।

পিঞ্জর /পিন্‌জর্‌/ [স. √পিঞ্জ্‌+অর] বি. ১ খাঁচা। ২ বুকের পাঁজর।

পিঞ্জিকা /পিন্‌জিকা/ [স. পিঞ্জি+কন্‌+আ (টাপ্‌)] বি. পেঁজা তুলোর মোটা সলতে।

পিট /পিট্‌/ [স. পিটক >] বি. ১ পেটরি। ২ চুপড়ি। ৩ ধান রাখার ছোটো গোলাবিশেষ। ৪ স্ফোটক।

পিটটান /পিট্‌টান্‌/ [স. প্রস্থান >] বি. দ্র পিঠটান।

পিটন /পিটন্‌/ [স. পীড়ন >] বি. প্রহার।

পিটনা /পিট্‌না/ [দেশি.] বি. ছাদ পেটানোর কাজে ব্যবহৃত কাঠের তৈরি ছোটো মুগুরবিশেষ, পেটনা।

পিটনি /পিটোনি/ [আঞ্চ.] বি. প্রহার, মার।

পিটপিট /পিট্‌পিট্‌/ [ধ্বন্যা.] অব্য. ১ বারবার চোখ খুলে ও বন্ধ করে তাকানোর ভাব, মিটমিট। ২ শুচিবাইয়ের ভাব প্রকাশ (*পিটপিট করা*)। ৩ (আল.) বিরক্তি ও অসন্তোষ প্রকাশ।

পিটপিটা /পিট্‌পিটা/ [ধ্বন্যা.] ক্রিবি. পিটপিট করা।

পিটপিটানো /পিট্‌পিটানো/ [ধ্বন্যা.] ক্রিবি. পিটপিট করা।

পিটপিটে /পিট্‌পিটে/ [ধ্বন্যা.] বিণ. অতিমাত্রায় খুঁতখুঁতে স্বভাবযুক্ত; শুচিবায়ুগ্রস্ত।

পিটা /পিটা/ [বা.] ক্রিবি. ১ প্রহার করা। ২ চাঁটি মেরে বাজানো। বিণ. পিটিয়ে মজবুত করা হয়েছে এমন।

পিটাই /পিটাই/ [বা.] বি. পিটিয়ে মজবুত করার কাজ (*ছাদপিটাই*)।

পিটানে /পিটানে/ [বা.] বি. ছাদ পিটানোর কাঠের মুগুর, পিটনা।

পিটানো /পিটানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ প্রহার করা; প্রহার করানো। ২ পিটাই করানো।

পিটালি /পিটালি/ [স. পিষ্টতণ্ডুল >] বি. দ্র পিটুলি।

পিটুনি /পিটুনি/ [বা.] বি. আঘাত; প্রহার।

পিটুলি /পিটুলি/ [স. পিষ্টতণ্ডুল >] বি. জল মেশানো আতপচালের গুঁড়ো, কাই।

পিঠ /পিঠ্‌/ [স. পৃষ্ঠ >] বি. ১ কাঁধ থেকে কোমর পর্যন্ত জীবদেহের পশ্চাদ্‌ভাগ, পৃষ্ঠ, পশ্চাৎ; পেছন। ২ বিপরীত দিক।

পিঠ চাপড়ানো /পিঠ্‌ চাপড়ানো/ ক্রিবি. প্রশংসা বা উৎসাহিত করে পিঠে মৃদু চাপড় দেওয়া।

পিঠটান /পিঠ্‌টান্‌/ [বা.] বি. প্রস্থান; পলায়ন।

পিঠদাঁড়া /পিঠ্‌দাঁড়া/ [বা.] বি. মেরুদণ্ড, শিরদাঁড়া, spinal column।

পিঠমোড়া /পিঠ্‌মোড়া/ [বা.] বিণ. দুহাত পেছনে নিয়ে শক্ত করে বাঁধা হয়েছে এমন।

পিঠর /পিঠর্‌/ [স. √পিঠ্‌+অর] বি. ১ পাত্র। ২ হাঁড়ি। ৩ প্যাটরা। ৪ মন্থনদণ্ড।

পিঠা /পিঠা/ [স. পিষ্টক >] বি. চালের গুঁড়ো ক্ষীর নারকেল প্রভৃতি মিশিয়ে তৈরি খাদ্যবস্তুবিশেষ, পিষ্টক, পিঠে।

পিঠাপিঠি /পিঠাপিঠি/ [বা.] বিণ. ১ পরপর জাত (*পিঠাপিঠি বোন*)। ২ একটির পর অন্যটি অবস্থিত এমন, অনুক্রমিক। ক্রিবিণ. পরস্পরের পিঠে সংলগ্ন হয়ে, পিঠে পিঠ ঠেকিয়ে।

পিঠারি /পিঠারি/ [বা.] বি. পিঠাবিক্রেতা।

পিঠে /পিঠে/ [বা.] বি. 'পিঠা'-র কথ্য রূপ।

পিণ্ড /পিন্‌ডো/ [স. √পিণ্ড্‌+অ] বি. ১ গোলাকার বস্তু। ২ খণ্ড (*মাংসপিণ্ড*)। ৩ পিতৃলোকের উদ্দেশে দলা করা খাদ্যবস্তু (*পিণ্ডদান*)। ৪ শরীর।

পিণ্ডদ /পিন্‌ডোদো/ [স. পিণ্ড+√দা+অ] বিণ. পিণ্ডদানের অধিকারী; পিণ্ডদানকারী।

পিণ্ডদান /পিন্‌ডোদান্‌/ [স. পিণ্ড+√দা+অন] বি. পিতৃপুরুষের উদ্দেশে পিণ্ডাকারে খাদ্যবস্তু উৎসর্গ

www.pathagar.com

করার সংস্কার।

পিণ্ডলোপ /পিন্‌ডোলোপ্‌ / [স. পিণ্ড+লোপ] বি. পিণ্ডদানের অধিকারী বিলোপ; বংশলোপ।

পিণ্ডাকৃতি /পিন্‌ডাক্‌কৃতি/ [স. পিণ্ড+আকৃতি] বিণ. গোলাকার ও ঠাঁসা।

পিণ্ডি /পিন্‌ডি/ [স. √পিণ্ড্‌+ই] বি. ১ চক্রের কেন্দ্র-স্থল; নাভি। ২ পায়ের গুলি। ৩ দেহ। ৪ বেদি, পীঠ। ৫ রোয়াক। ৬ খণ্ড। ৭ পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত খাদ্যবস্তুর ডেলা (*পিণ্ডিদান*)।

পিণ্ডিকা /পিন্‌ডিকা/ [স. পিণ্ডি+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র পিণ্ডি।

পিণ্ডি চটকানো /পিন্‌ডি চট্‌কানো/ ক্রিবি. (আল.) অমঙ্গল কামনা করে গালাগাল করা, প্রচণ্ড গালাগাল করা।

পিণ্ডিত /পিন্‌ডিতো/ [স. √পিণ্ড্‌+ত] বিণ. পিণ্ডাকৃতি করা হয়েছে এমন; রাশীকৃত।

পিত /পিতহ্‌/ [স. পিতৃ >] অব্য. পিতা বা পিতৃস্থানীয় গুরুজনের প্রতি সম্বোধনবিশেষ, হে জনক।

পিতল /পিতল্‌/ [স. পিত্তল >] বি. তামার সঙ্গে ৪০ থেকে ৪৫ শতাংশ দস্তা ও সামান্য পরিমাণ অন্যান্য ধাতু মিশিয়ে উৎপাদিত উজ্জ্বল হলুদ রঙের মিশ্রধাতুবিশেষ, পেতল, brass।

পিতা /পিতা/ [স. √পা+তৃ] বি. জনক, বাপ, বাবা।

পিতামহ /পিতামহো/ [স. পিতৃ+আমহ] বি. ১ বাবার বাবা বা তৎস্থানীয় ব্যক্তি; ঠাকুরদাদা, ঠাকুরদা, দাদা। ২ ব্রহ্মা।

পিতামহী /পিতামোহি/ [স. পিতামহ+ঈ] বি. পিতা-মহের পত্নী, ঠাকুরমা, দাদি।

পিতৃ /পিতৃ/ [স. √পা+তৃ] বি. পিতা, জনক।

পিতৃঋণ /পিতৃরিন্‌/ [স. পিতৃ+√ঋ+ত] বি. পূর্ব-পুরুষের প্রতি দায়; পিতার প্রতি কৃতজ্ঞতারূপ দায়।

পিতৃকল্প /পিতৃক্‌কল্‌পো/ [স. পিতৃ+√কল্প্‌+অ] বিণ. পিতার তুল্য, পিতৃসম। বি. মৃত পূর্বপুরুষগণের উদ্দেশে শ্রাদ্ধ ও তর্পণের সংস্কার।

পিতৃকার্য /পিতৃক্‌কারজো/ [স. পিতৃ+√কৃ+য] বি. মৃত পূর্বপুরুষগণের উদ্দেশে শ্রাদ্ধ ও তর্পণের সংস্কার।

পিতৃকুল /পিতৃক্‌কুল্‌/ [স. পিতৃ+কুল] বি. পিতার বংশ।

পিতৃকৃত্য /পিতৃক্‌কৃত্তো/ [স. পিতৃ+√কৃ+য] বি. দ্র পিতৃকার্য।

পিতৃক্রিয়া /পিতৃক্রিআ/ [স. পিতৃ+ক্রিয়া] বি. দ্র পিতৃকার্য।

পিতৃগণ /পিতৃগন্‌/ [স. পিতৃ+গণ] বি. ১ পিতৃ-লোকবাসী যে মুনিগণ থেকে মানবজাতির উৎপত্তি হয়েছে। ২ মৃত পূর্বপুরুষগণ।

পিতৃগৃহ /পিতৃগৃহো/ [স. পিতৃ+গৃহ] বি. পিত্রালয়, পিতার আবাস।

পিতৃঘাতী /পিতৃঘাতি/ [স. পিতৃ+√হন্‌+ইন্‌] বিণ. পিতার হত্যাকারী, পিতৃহন্তা।

পিতৃতর্পণ /পিতৃতরপোন্‌/ [স. পিতৃ+তর্পণ] বি. মৃত পিতৃপুরুষের উদ্দেশে জলদান।

পিতৃতুল্য /পিতৃতুল্লো/ [স. পিতৃ+তুল্য] বিণ. পিতৃস্থানীয়।

পিতৃদায় /পিতৃদায়/ [স. পিতৃ+দায়] বি. মৃত পিতার পারলৌকিক কর্তব্য সম্পাদনের দায়িত্ব।

পিতৃদেব /পিতৃদেব/ [স. পিতৃ+দেব] বি. দেবতুল্য পিতা, শ্রদ্ধেয় পিতা।

পিতৃধন /পিতৃধন্‌/ [স. পিতৃ+ধন] বি. উত্তরাধিকার-সূত্রে প্রাপ্ত পিতার সম্পদ।

পিতৃপক্ষ /পিতৃপোক্‌খো/ [স. পিতৃ+পক্ষ] বি. ১ পিতার বংশ। ২ আশ্বিন মাসের শুক্লপক্ষের পূর্ববর্তী কৃষ্ণপক্ষ।

পিতৃপুরুষ /পিতৃপুরুশ/ [স. পিতৃ+পুরুষ] বি. পিতা পিতামহ প্রভৃতি পূর্বপুরুষ।

পিতৃবৎ /পিতৃবত্‌/ [স. পিতৃ+বৎ] বিণ. পিতার মতো, পিতৃসম।

পিতৃবৎসল /পিতৃবত্‌শল্‌/ [স. পিতৃ+বৎসল] বিণ. পিতার প্রতি শ্রদ্ধা ও ভালোবাসা আছে এমন।

পিতৃবিয়োগ /পিতৃবিয়োগ্‌/ [স. পিতৃ+বিয়োগ] বি. পিতার মৃত্যু।

পিতৃব্য /পিতৃব্বো/ [স. পিতৃ+ব্য] বি. পিতার ভ্রাতা, কাকা, চাচা, খুড়ো, জ্যাঠা।

পিতৃভক্তি /পিতৃভোক্‌তি/ [স. পিতৃ+√ভজ্‌+তি] বি. পিতার প্রতি শ্রদ্ধা ও অনুরাগ।

পিতৃভূমি /পিতৃভুমি/ [স. পিতৃ+ভূমি] বি. পিতৃ-পুরুষের বাসভূমি, স্বদেশ।

পিতৃমেধ /পিতৃমেধ/ [স. পিতৃ+মেধ] বি. পিতৃশ্রাদ্ধ, পিতৃতর্পণ।

পিতৃযজ্ঞ /পিতৃজ্ঞোগ্‌গো/ [স. পিতৃ+√যজ্‌+ন] বি. দ্র পিতৃমেধ।

পিতৃযান /পিতৃজ্ঞান্‌/ [স. পিতৃ+যান] বি. মৃত পিতা বা পূর্বপুরুষদের চন্দ্রলোকে গমনের কল্পিত পথ।

পিতৃরিষ্টি /পিতৃরিশ্‌টি/ [স. পিতৃ+√রিষ্‌+তি] বি.

www.pathagar.com

লোকবিশ্বাসমতে নবজাত সন্তানের জন্মচক্রে রাশিগণের যে অবস্থান পিতৃবিয়োগের কারণ হয়।

পিতৃলোক /পিতৃলোক্/ [স. পিতৃ+লোক] বি. ১ লোকবিশ্বাসমতে চন্দ্রলোকের যে স্থানে মৃত পূর্ব-পুরুষগণ বাস করেন। ২ মৃত পূর্বপুরুষগণ।

পিতৃশোক /পিতৃশোক্/ [স. পিতৃ+শোক] বি. পিতৃবিয়োগজনিত শোক।

পিতৃশ্রাদ্ধ /পিতৃশ্রাদ্ধো/ [স. পিতৃ+শ্রদ্ধা+অ] বি. মৃত পিতার উদ্দেশে তর্পণ-অনুষ্ঠান।

পিতৃষ্বসা /পিতৃশ্শশা/ [স. পিতৃ+স্বসৃ+অ+আ (টাপ্)] বি. পিতার ভগিনী, ফুপু, পিসি।

পিতৃসম /পিতৃশমো/ [স. পিতৃ+সম] বিণ. পিতার তুল্য।

পিতৃসেবা /পিতৃশেবা/ [স. পিতৃ+সেবা] বি. পিতার পরিচর্যা, পিতৃশুশ্রূষা।

পিতৃস্থানীয় /পিতৃস্থানিয়ো/ [স. পিতৃ+স্থান+ঈয়] বিণ. ১ পিতার মতো, পিতৃতুল্য। ২ পিতার স্থানে অধিষ্ঠিত।

পিতৃস্নেহ /পিতৃস্নেহো/ [স. পিতৃ+√স্নিহ্+অ] বি. সন্তানের প্রতি পিতার স্নেহ, পিতৃবাৎসল্য।

পিতৃহত্যা /পিতৃহোত্তা/ [স. পিতৃ+√হন্+য+আ (টাপ্)] বি. পিতার প্রাণনাশ।

পিতৃহন্তা /পিতৃহন্তা/ [স. পিতৃ+√হন্+তৃ] বিণ. পিতৃঘাতী। স্ত্রী. **পিতৃহন্ত্রী** /পিতৃহোন্ত্রি/।

পিতৃহা /পিতৃহা/ [স. পিতৃ+√হন্+ক্বিপ্] বিণ. পিতৃঘাতী।

পিতৃহীন /পিতৃহিন্/ [স. পিতৃ+√হা+ত] বিণ. (যার) পিতা জীবিত নেই এমন।

পিৎজা /পিত্জা/ [ইতা.] বি. আটা বা ময়দার লেচির ওপর পনির মাংস প্রভৃতি দিয়ে তন্দুরে সেঁকা খাদ্যবস্তু, pizza।

পিত্ত /পিত্তো/ [স. অপি+√দা+ত] বি. যকৃৎ থেকে নিঃসৃত তিক্ত পাচকরসবিশেষ, bile।

পিত্তকোষ /পিত্তোকোশ্/ [স. পিত্ত+কোষ] বি. যে থলিতে যকৃৎ থেকে নিঃসৃত পাচকরস সঞ্চিত থাকে, পিত্তাশয়, gall bladder।

পিত্তজ্বর /পিত্তোজ্বর্/ [স. পিত্ত+জ্বর] বি. পিত্তের বিকারজনিত জ্বর।

পিত্ত পড়া /পিত্তো পড়া/ ক্রিবি. খিদে পাওয়ার ফলে পাচকরস নিঃসৃত হওয়া।

পিত্তবিকার /পিত্তোবিকার্/ [স. পিত্ত+বিকার] বি. পিত্তদোষজনিত রোগ।

পিত্তরক্ষা /পিত্তোরোক্খা/ [স. পিত্ত+রক্ষা] বি. ১ অতি সামান্য আহারে ক্ষুন্নিবৃত্তি। ২ (ব্য.) প্রত্যাশিত পরিমাণের তুলনায় নামমাত্র প্রাপ্তি।

পিত্তল /পিত্তল্/ [স. পিত্ত+লচ্] বি. তামা ও দস্তার মিশ্র ধাতু, পিতল, পেতল।

পিত্তাতিসার /পিত্তাতিশার্/ [স. পিত্ত+অতিসার] বি. পিত্তের বিকারজনিত পেটের রোগ।

পিত্তারি /পিত্তারি/ [স. পিত্ত+অরি] বি. পিত্তনাশক ওষুধবিশেষ।

পিত্তাশয় /পিত্তাশয়্/ [স. পিত্ত+আশয়] বি. দ্র পিত্তকোষ।

পিত্তি /পিত্তি/ [স. পিত্ত >] বি. 'পিত্ত'-র কথ্য রূপ।

পিত্তি গলা /পিত্তি গলা/ ক্রিবি. মাছের পিত্তথলি ফেটে যাওয়ার ফলে তিক্তস্বাদ পিত্তরস ছড়িয়ে পড়া।

পিত্তি চটা /পিত্তি চটা/ ক্রিবি. ১ পিত্ত বিকারগ্রস্ত হওয়া। ২ (আল.) অত্যন্ত ক্রুদ্ধ হওয়া।

পিত্তি জ্বলা /পিত্তি জলা/ ক্রিবি. ১ অত্যন্ত ক্ষুধা বোধ করা। ২ (আল.) অত্যন্ত ক্রোধান্বিত হওয়া।

পিত্তি পড়া /পিত্তি পড়া/ ক্রিবি. দ্র পিত্ত পড়া।

পিত্তি রক্ষা /পিত্তি রোক্খা/ বি. দ্র পিত্তরক্ষা।

পিত্যেশ /পিত্তেশ্/ [স. প্রত্যাশা >] বি. ব্যাকুল প্রতীক্ষা (*হা/পিত্যেশ*); 'প্রত্যাশা'-র বিকৃত রূপ।

পিত্রালয় /পিত্রালয়্/ [স. পিতৃ+আলয়] বি. পিতার বাসভবন, পিতৃগৃহ।

পিত্র্য /পিত্রো/ [স. পিত্র+য] বিণ. ১ পৈতৃক। ২ পিতাসম্বন্ধীয়।

পিদিম /পিদিম্/ [স. প্রদীপ >] বি. যে প্রদীপে সলতের একপ্রান্ত একটি সরু ধাতবনল থেকে বেরিয়ে থাকে এবং অপরপ্রান্ত ওই নলের সঙ্গে যুক্ত ধাতবপাত্রের কেরোসিন তেলে ডোবানো থাকে, টেমি, ডিবা, প্রদীপ, দীপবর্তিকা।

পিধান /পিধান্/ [স. অপি+√ধা+অন] বি. ১ তরবারির খাপ, খড়্গকোষ। ২ ঢাকনি; গিলাফ।

পিন /পিন্/ [ই.] বি. কাগজ প্রভৃতি গেঁথে রাখার জন্য ব্যবহৃত ইস্পাতের সরু ও মসৃণ কাঁটা যার এক প্রান্ত সুচালো এবং অন্য প্রান্ত ভোঁতা ও গোলাকার, আলপিন।

পিনদধ /পিনদ্ধো/ [স. অপি+√নহ্+ত] বিণ. পরিধান করা হয়েছে এমন, পরিহিত; বদ্ধ।

পিনপতন নীরবতা /পিন্পতোন্ নিরবতা/ বি. একটি পিন মাটিতে পড়লেও শব্দ শোনা যায় এমন

www.pathagar.com

নীরবতা, pin drop silence।

পিনাক /পিনাক্/ [স. √পা+আক] বি. ১ শিবের ধনুক, হরধনু। ২ ধনুকসদৃশ বাদ্যযন্ত্রবিশেষ। ৩ শূল; ত্রিশূল।

পিনাকপাণি /পিনাক্পানি/ [স. পিনাক+পাণি] বি. যার হাতে পিনাক বা ত্রিশূল আছে, শিব।

পিনাকিনী /পিনাকিনি/ [স. পিনাক+ইন্+ঈ] বি. ধনুকসদৃশ বাদ্যযন্ত্রবিশেষ।

পিনাকী /পিনাকি/ [স. পিনাক+ইন্] বি. শিব।

পিনাকেশ /পিনাকেশ্/ [স. পিনাক+ঈশ] বি. শিব।

পিনাস[১] /পিনাশ্/ [ই. pinnace >] বি. ছইযুক্ত ছোটো দ্রুতগামী নৌকাবিশেষ, পানসি।

পিনাস[২] /পিনাশ্/ [স. পীনস >] বি. নাকের রোগবিশেষ; নাসাক্ষত।

পিন্ডারি /পিন্ডারি/ [মরা. পেনটারি >] বি. মহারাষ্ট্রীয় অশ্বারোহী দস্যুদল, বর্গি।

পিন্ধন /পিন্ধন্/ [বা.] বি. ১ পরিধান। ২ যা পরিধান করা হয়, কাপড়।

পিন্ধনবাস /পিন্ধন্বাস্/ [বা.] বি. পরিধেয় কাপড়।

পিন্ধা /পিন্ধা/ [বা.] ক্রিবি পরিধান করা, পরা।

পিপা /পিপা/ [হি.] বি. তরল পদার্থ রাখার জন্য ব্যবহৃত আনুমানিক ১৬০ লিটার আয়তনের ঢাক-আকৃতির কাঠের আধারবিশেষ।

পিপাসা /পিপাশা/ [স. √পিপাস্+অ+আ (টাপ্)] বি. ১ পান করার বাসনা, তৃষ্ণা। ২ প্রবল আকাঙ্ক্ষা, গভীর আগ্রহ (*জ্ঞানার্জনের পিপাসা*)।

পিপাসিত /পিপাশিতো/ [স. পিপাসা+ইত] বিণ. ১ পিপাসাযুক্ত, তৃষ্ণার্ত। ২ লোলুপ, লোভাতুর। স্ত্রী. পিপাসিতা /পিপাশিতা/।

পিপাসী /পিপাশি/ [স. পিপাসা+ইন্] বিণ. দ্র পিপাসিত।

পিপাসু /পিপাশু/ [স. √পিপাস্+উ] বিণ. তৃষ্ণা নিবারণ করতে ইচ্ছুক।

পিপীলিকা /পিপিলিকা/ [স. পিপীলক+আ (টাপ্)] বি. দলবদ্ধ হয়ে বাস করে এমন ছয় পা-বিশিষ্ট ডানাহীন ক্ষুদ্র পরিশ্রমী সামাজিক ও সুশৃঙ্খল কীটবিশেষ।

পি-পু-ফি-শু /পিপুফিশু/ [দেশি.] বি. 'পিঠ পুড়ছে ফিরে শুই' বাক্যের সংক্ষিপ্ত রূপ। বিণ. (আল.) অত্যন্ত অলস, কুঁড়ের বাদশা।

পিপুল /পিপুল্/ [স. পিপ্পল>] বি. ওষুধরূপে ব্যবহৃত এমন গোলমরিচজাতীয় ফলের বীজ বা তার লতানে উদ্ভিদ।

পিপে /পিপে/ [হি.] বি. 'পিপা'-র কথ্য রূপ।

পিপ্পল /পিপ্পল্/ [স. √পা+অল] বি. পৃথিবীর প্রায় সব দেশে জাত এবং বসন্তকালে ফোটে এমন সবুজাভ হলুদ ফুল ও লালচে গোলাপি রোমশ গোলাকার ফল পানপাতাসদৃশ পাতা বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বটজাতীয় বহুবর্ষজীবী পত্রমোচী বৃক্ষ, অশ্বত্থ, পানবট।

পিপ্পলী /পিপ্পোলি/ [স. পিপ্পল+ঈ] বি. দ্র পিপ্পল।

পিয়া /পিআ/ [স. প্রিয়া >] বি. 'প্রিয়া'-র কোমল রূপ।

পিয়ানো /পিআনো/ [ইতা.] বি. বড়ো কী-বোর্ডবিশিষ্ট পাশ্চাত্য বাদ্যযন্ত্রবিশেষ যার কোনো চাবি টেপার ফলে তারে ঘা লেগে সুর ধ্বনিত হয় (যে ধ্বনি প্রলম্বিত বা বিবর্ধিত করা যায়), piano।

পিয়ার /পিআর্/ [ই. pier] বি. ১ পোতাশ্রয়ে জলযান থেকে পণ্য বা যাত্রী ওঠানামার জন্য নির্মিত মঞ্চ, জেটি। ২ যাত্রী ওঠানামার জন্য ব্যবহৃত বিমান-বন্দরের প্রতীক্ষালয় থেকে বিমানপোতের প্রবেশ-দ্বার পর্যন্ত প্রলম্বিত সংকীর্ণ পথ (যা প্রয়োজনমতো গুটিয়ে রাখা যায়)।

পিয়াল /পিআল্/ [স. √পীয়্+আল] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং শীতকালে গুচ্ছাকারে ফোটে এমন সবুজ আভাযুক্ত ছোটো ফুল ও কালো চ্যাপটা গোলাকার ফল এবং লম্বাটে লোমশ পাতা বা তার গাঢ় ধূসর কাণ্ডবিশিষ্ট মাঝারি আকৃতির ভেষজগুণসম্পন্ন গাছ।

পিয়াস /পিআশ্/ [স. পিপাসা >] বি. 'পিপাসা'-র কোমল রূপ।

পিয়াসি /পিআশি/ [বা.] বিণ. দ্র পিপাসিত।

পির /পি:র্/ [ফা.] বি. মুসলমান সাধুপুরুষ; পুণ্যাত্মা।

পিরজাদা /পির্জাদা/ [ফা.] বি. পিরপুত্র।

পিরপয়গম্বর /পির্পয়্গম্বর্/ [ফা.] বি. পির ও নবি; মুসলমান সাধু ও মহাপুরুষগণ।

পিরমুর্শিদ /পির্মুর্শিদ্/ [ফা. পির+আ. মুর্শিদ] বি. মুসলমান সাধুপুরুষ।

পিরান /পিরান্/ [ফা.] বি. ঢিলে জামাবিশেষ।

পিরামিড /পিরামিড্/ [ই.] বি. (প্রাচীন মিশরের সম্রাটদের সমাধিস্তূপরূপে নির্মিত) একটি শীর্ষ-বিন্দুতে মিলিত হয় এমন তিনটি বা চারটি ত্রিভুজাকৃতি তল দিয়ে আবৃত বৃহদাকার ক্ষেত্র-বিশেষ, pyramid।

পিরালি /পিরালি/ [ফা. পির >] বি. মুসলমান পিরের সংস্রবযুক্ত প্রাচীন বঙ্গের ব্রাহ্মণসমাজ

www.pathagar.com

(*পিরালি ব্রাহ্মণ*)।

পিরিচ /পিরিচ্/ [পো.] বি. ছোটো রেকাবি।

পিরিত /পিরিত্/ [স. প্রীতি >] বি. ১ প্রীতি, প্রণয়, ভালোবাসা। ২ বন্ধুত্ব; সদ্ভাব।

পিরিতি /পিরিতি/ [স. প্রীতি >] বি. দ্র পিরিত।

পিরের দরগা /পিরের্ দর্গা/ বি. পিরের সমাধি-স্থল ও তৎসংলগ্ন তীর্থস্থান।

পিরোত্তর /পিরোত্তোর্/ [ফা. পির >] বি. পিরের উদ্দেশে প্রদত্ত নিষ্কর ভূমি।

পিল[১] /পিল্/ [ই.] বি. ওষুধের বড়ি, বটিকা, pill।

পিল[২] /পি:ল্/ [ফা.] বি. ১ হাতি। ২ দাবা খেলার গজ।

পিলখানা /পিল্খানা/ [ফা.] বি. হাতিশালা।

পিলপা /পিল্পা/ [ফা.] বি. ১ স্তম্ভ, থাম। ২ জমির সীমানানির্দেশক খুঁটি, pillar।

পিলপিল /পিল্পিল্/ [ধ্বন্যা.] অব্য. পিঁপড়ার সারির মতো বহুজনের সমাবেশের উদ্দেশ্যে গমন বা নির্গমনের ভাব।

পিলপে /পিল্পে/ [ফা.] বি. 'পিলপা'-র কথ্য রূপ।

পিলসুজ /পিল্সুজ্/ [ফা.] বি. পিতলের সরু ও লম্বা দীপাধার।

পিলা /পিলা/ [স. প্লিহা >] বি. অধিকাংশ মেরুদন্ডী প্রাণীর পাকস্থলীর নিচে বাঁদিকে অবস্থিত ডিম্বাকৃতি উদরীয় অঙ্গবিশেষ (যা রক্ত শোধন ও রক্তকণিকার আধাররূপে কাজ করে এবং রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়ায়), পিলে, spleen; 'প্লিহা'-র কথ্য রূপ।

পিলাচমকানো /পিলাচম্কানো/ [বা.] বিণ. এমন ভীতিকর যে পিলে চমকে ওঠে।

পিলার /পিলার্/ [ই.] বি. খুঁটি, থাম, pillar।

পিলু /পিলু/ [দেশি.] বি. রাত্রির দ্বিতীয় প্রহর বা দিবার তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

পিলে[১] /পিলে/ [স. প্লিহা >] বি. 'পিলা'-র কথ্য রূপ।

পিলে[২] /পিলে/ [দেশি.] বি. ছেলের সমার্থক ও সহচর শব্দ (*ছেলেপিলে*)।

পিলেচমকানো /পিলেচম্কানো/ [বা.] বিণ. ভীতিকর; 'পিলাচমকানো'-র কথ্য রূপ।

পিশাচ /পিশাচ্/ [স. পিশিত+√অশ্+অ] বি. ১ কল্পিত মাংসাশী ভূতবিশেষ। ২ (আল.) অত্যন্ত নিষ্ঠুর ও নীচ প্রকৃতির লোভাতুর ব্যক্তি (*নরপিশাচ*)। স্ত্রী. পিশাচী /পিশাচি/।

পিশাচসিদ্ধ /পিশাচ্সিদ্ধো/ [স. পিশাচ+√সিধ্+ত] বিণ. সাধনার দ্বারা কল্পিত প্রেত বা পিশাচকে বশে এনেছে এমন।

পিশিত /পিশিতো/ [স. √পিশ্+ইত] বি. কাঁচা মাংস।

পিশুন /পিশুন্/ [স. √পিশ্+উন] বিণ. ১ নিন্দক। ২ হিংসুটে। ৩ খল। ৪ নিষ্ঠুর। বি. ঈর্ষা; ঘৃণা।

পিষণ /পিশন্/ [বা.] বি. চূর্ণন; দলন।

পিষা /পিশা/ [বা.] ক্রিবি. ১ পেষণ করা, বাটা। ২ (আল.) অত্যাচার করা, পীড়ন করা।

পিষাই /পিশাই্/ [বা.] বি. ১ পেষণ; দলন। ২ পেষণের পারিশ্রমিক।

পিষানো /পিশানো/ [বা.] ক্রিবি. বিণ. পেষাই করানো।

পিষুন /পিশুন্/ [বা.] বি. মসলা পেষার জন্য বাংলাদেশের গ্রামাঞ্চলে ব্যবহৃত খলবিশেষ।

পিষ্ট /পিশ্টো/ [স. √পিষ্+ত] বিণ. ১ পেষা হয়েছে এমন, চূর্ণিত। ২ মর্দিত, দলিত।

পিষ্টক /পিশ্টক্/ [স. পিষ্ট+ক (স্বার্থে)] বি. ১ পিঠা। ২ নেত্ররোগবিশেষ।

পিসতুতো /পিস্তুতো/ [বা.] বিণ. পিসি বা পিসশাশুড়ির সূত্রে সম্পর্কিত।

পিসশ্বশুর /পিশ্শোশুর্/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর ফুপা, পিসে। স্ত্রী. পিসশাশুড়ি/পিশ্শাশুড়ি/।

পিসি /পিশি/ [স. পিতৃষ্বসা >] বি. পিতার ভগিনী, ফুপু; পিতৃষ্বসা।

পিসিমা /পিশিমা/ [স. পিতৃষ্বসা >] বি. পিতার ভগিনী, ফুপু।

পিসু /পিশু/ [হি.] বি. ক্ষুদ্র কীটবিশেষ।

পিসে /পিশে/ [স. পিতৃষ্বসা >] বি. পিসির স্বামী, ফুপা।

পিসেমশাই /পিশেমশাই্/ [স. পিতৃষ্বসা >] বি. পিসির স্বামী, ফুপা।

পিস্টন /পিস্টন্/ [ফ.] বি. প্রান্তভাগে গোলাকার চাকতিযুক্ত দণ্ডবিশেষ যা সমান ব্যাসবিশিষ্ট কোনো নলের অভ্যন্তরে চালনা করে তরল বা বায়বীয় পদার্থ টানতে বা ঠেলতে পারে, piston।

পিস্তল /পিস্তল্/ [ফ.] বি. এক হাতে চালনা করা যায় এমন ছোটো আগ্নেয়াস্ত্র যা থেকে বারুদের পরিবর্তে সংকুচিত বায়ুর সাহায্যে গুলি ছোড়া যায়, pistol।

পিহিত /পিহিতো/ [স. অপি+√ধা+ত] বিণ. ১ ঝাপে ঢাকা, কোষগত। ২ আবৃত।

পীঠ /পিঠ্/ [স. √পিঠ্+অ] বি. ১ বেদি; দেবদেবীর অধিষ্ঠানক্ষেত্র। ২ (তীর্থক্ষেত্ররূপে বিবেচিত) পুরাণ-

www.pathagar.com

মতে শিবপত্নী সতীর মৃতদেহের খন্ডিত অংশ যেসব স্থানে পড়েছিল। ৩ আসন। ৪ প্রতিষ্ঠান (*বিদ্যাপীঠ*)।

পীঠস্থান /পিঠোস্থান্/ [স. পীঠ+স্থান] বি. দ্র পীঠ।

পীঠিকা /পিঠিকা/ [স. পীঠক+আ (টাপ্)] বি. ১ পীঠস্থান। ২ পুস্তকের অধ্যায়। ৩ পিঁড়ি।

পীড্যমান /পিড়্ডোমান্/ [স. √পীড়্+মান (শানচ্)] বিণ. পীড়িত হচ্ছে এমন।

পীড়ক /পিড়ক্/ [স. √পীড়্+অক] বিণ. পীড়নকারী, নির্যাতক; অত্যাচারী।

পীড়ন /পিড়ন্/ [স. √পীড়্+অন] বি. ১ নির্যাতন, অত্যাচার; পেষণ। ২ সমাদরে গ্রহণ (*পাণিপীড়ন*)।

পীড়া /পিড়া/ [স. √পীড়্+অ+আ (টাপ্)] বি. ১ ব্যাধি (*পীড়াগ্রস্ত*)। ২ যন্ত্রণা, বেদনা; ক্লেশ, কষ্ট।

পীড়াজনক /পিড়াজনোক্/ [স. পীড়া+জনক] বিণ. ১ ক্লেশকর; যন্ত্রণাদায়ক। ২ রোগ-উৎপাদক।

পীড়াদায়ক /পিড়াদায়ক্/ [স. পীড়া+দায়ক] বিণ. দ্র পীড়াজনক।

পীড়াপীড়ি /পিড়াপিড়ি/ [বা.] বি. বারবার অনুরোধ-উপরোধ বা চাপ প্রয়োগ।

পীড়িত /পিড়িতো/ [স. √পীড়্+ত] বিণ. ১ রোগগ্রস্ত, অসুস্থ। ২ ক্লেশপ্রাপ্ত। ৩ নির্যাতিত। ৪ পিষ্ট।

পীত[১] /পিত্/ [স. পী+ত] বি. ১ পিত্ত। ২ হলুদ রং। বিণ. হলদে, পিঙ্গল।

পীত[২] /পিতো/ [স. √পা+ত] বিণ. পান করা হয়েছে এমন।

পীতজ্বর /পিতোজ্বর্/ [স. পীত+জ্বর] বি. যকৃৎ ও বৃক্কের কর্মক্ষমতা হ্রাস করে এবং গায়ের চামড়া ও চোখের সাদা অংশ হলুদ হয়ে যায় এমন ক্রান্তীয় অঞ্চলের মশাবাহিত ভাইরাসজনিত জ্বরবিশেষ, yellow fever।

পীতধড়া /পিতোধড়া/ [স. পীত+বা. ধড়া] বি. শ্রীকৃষ্ণের হলুদ কটিবসন; হলুদ কটিবসন।

পীতপাণ্ডু /পিতোপান্ডু/ [স. পীত+পাণ্ডু] বিণ. পিঙ্গল ও ফ্যাকাশে।

পীতবাস /পিতোবাশ্/ [স. পীত+বাস] বি. দ্র পীতাম্বর।

পীতাভ /পিতাভো/ [স. পীত+আভা] বিণ. হলুদ আভাযুক্ত; ফ্যাকাশে হলুদ রঙের।

পীতাম্বর /পিতাম্বর্/ [স. পীত+অম্বর] বি. পীত বস্ত্রধারী শ্রীকৃষ্ণ; হলদে কাপড়।

পীন /পিনো/ [স. √প্যায়্+ত] বিণ. স্থূল, পুষ্ট।

পীনস /পিনশ্/ [স. পীন+√সো+অ] বি. নাসারন্ধ্রের স্ফীতি ও শ্লেষ্মা নিঃসরণজনিত রোগবিশেষ।

পীনোন্নত /পিনোন্নতো/ [স. পীন+উন্নত] বিণ. স্থূল ও উচ্চ।

পীনোন্নতপয়োধর /পিনোন্নতোপয়োধর্/ [স. পীনোন্নত+পয়োধর] বিণ. উন্নতবক্ষা।

পীবর /পিবর্/ [স. √পীব্+বর] বিণ. ১ পীন, সমুন্নত। ২ স্থূল। স্ত্রী. পীবরা /পিবরা/।

পীযূষ /পিজুশ্/ [স. √পীয়্+ঊষ] বি. অমৃত, সুধা।

পীয়ল /পিঅল্/ [স. পীত >] বি. বিণ. পীতবর্ণ; পিঙ্গল।

পুং /পুং/ [স. পুমস্] বিণ. পুরুষজাতীয়। বি. ১ পুরুষ। ২ পুরুষ জাতি; 'পুংলিঙ্গ'-র সংক্ষিপ্ত রূপ।

পুংকেশর /পুংকেশর্/ [স. পুমস্+কেশর] বি. ফুলের যে অংশে পরাগ থাকে, stamen।

পুংচিহ্ন /পুংচিন্ñho/ [স. পুমস্+চিহ্ন] বি. পুরুষের জননেন্দ্রিয়।

পুংবৎস /পুংবত্শো/ [স. পুমস্+বৎস] বি. এঁড়ে বাছুর।

পুংবাচক /পুংবাচক্/ [স. পুমস্+বাচক] বিণ. পুরুষবাচক।

পুংলিঙ্গ /পুংলিংগো/ [স. পুমস্+লিঙ্গ] বি. ১ শব্দের পুরুষবাচকত্ব। ২ পুরুষের জননেন্দ্রিয়। বিণ. পুরুষবাচক।

পুংশ্চল /পুংশ্চল্/ [স. পুমস্+চল] বিণ. ব্যভিচারী, পরদারগামী। স্ত্রী. পুংশ্চলী /পুংশ্চোলি/।

পুংশ্চিহ্ন /পুংশ্চিন্ñho/ [স. পুমস্+চিহ্ন] বি. পুরুষের দৈহিক লক্ষণ, জননেন্দ্রিয়।

পুংসন্তান /পুংশন্তান্/ [স. পুমস্+সন্তান] বি. পুত্রসন্তান।

পুংস্কোকিল /পুংশ্কোকিল্/ [স. পুমস্+কোকিল] বি. পুরুষকুলের কোকিল, পিক।

পুংস্ত্ব /পুংস্তো/ [স. পুমস্+ত্ব] বি. ১ পুরুষত্ব, পৌরুষ। ২ শৌর্য। ৩ (ব্যা.) শব্দের পুরুষবাচকতা।

পুঁই /পুঁই/ [স. পূতিকা >] বি. দ্র পুঁইশাক।

পুঁইয়ে /পুঁইয়ে/ [বা.] বিণ. পুঁই ডাঁটার মতো লতানে (*পুঁইয়ে সাপ*)।

পুঁইশাক /পুঁইশাক্/ [বা. পুঁই+স. শাক] বি. উষ্ণ-মণ্ডলীয় অঞ্চলে সবজি হিসেবে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা বেগুনি লাল প্রভৃতি রঙের ফুল মটরদানাসদৃশ ফল ও বড়ো পাতা

www.pathagar.com

(শাক হিসেবে খাওয়া হয়) বা তার বহুশাখাযুক্ত লতানে কান্ডবিশিষ্ট উদ্ভিদ, উপোতী, পূতিকা।

পুঁচকে /পুঁচ্‌কে/ [দেশি.] বিণ. খুব ছোটো; অপরিণত।

পুঁছা /পুঁছা/ [বা.] ক্রিবি. ১ মুছে ফেলা, মোছা। ২ ঘষে দাগ তুলে ফেলা। বিণ. সম্মার্জিত, পোঁছা।

পুঁছানো /পুঁছানো/ [বা.] ক্রিবি. মোছানো, পরিষ্কার করানো, পোঁছানো।

পুঁজ /পুঁজ্‌/ [স. পূয় >] বি. পাকা ব্রণ ফোড়া প্রভৃতি ক্ষতস্থান থেকে নির্গত দূষিত রক্ত।

পুঁজি /পুঁজি/ [স. পুঞ্জ >] বি. ১ মূলধন, আসল, capital। ২ সম্বল। ৩ সঞ্চয়।

পুঁজিপতি /পুঁজিপোতি/ [বা. পুঁজি+স. পতি] বি. মূলধনের মালিক।

পুঁজিপাটা /পুঁজিপাটা/ [বা.] বি. ১ স্থাবর ও অস্থাবর সম্পত্তি। ২ সঞ্চিত ধনসম্পদ।

পুঁজিবাদ /পুঁজিবাদ্‌/ [বা. পুঁজি+স. বাদ] বি. যে অর্থনৈতিক ব্যবস্থায় পুঁজির মালিক পণ্য উৎপাদন ও রাষ্ট্রচালনায় প্রভাব বিস্তার করে, capitalism।

পুঁজিবাদী /পুঁজিবাদি/ [বা. পুঁজি+স. বাদী] বিণ. পুঁজিবাদসম্বন্ধীয়। বি. পুঁজিবাদের অংশীদার।

পুঁটলি /পুঁটলি/ [দেশি.] বি. ছোটো গাঁটরি, বোঁচকা।

পুঁটি /পুঁটি/ [স. প্রোষ্ঠী >] বি. চীন-সহ ভারতীয় উপমহাদেশের প্রায় সর্বত্র পুকুর খালবিল প্রভৃতি স্থানে বিচরণ করে এমন ছোটো মুখ চ্যাপটা দেহ এবং উজ্জ্বল সবুজাভ রুপালি আঁশবিশিষ্ট ক্ষীণজীবী ছোটো মাছ (*পুঁটি মাছের প্রাণ*)।

পুঁটে[১] /পুঁটে/ [স. প্রোষ্ঠী >] বিণ. পুঁটি মাছের মতো ছোটো; ক্ষুদ্রকায়।

পুঁটে[২] /পুঁটে/ [দেশি.] বি. ১ বালাজাতীয় অলংকারের মুখ। ২ ঘুন্টি।

পুঁতা /পুঁতা/ [স. প্রোথিত >] ক্রিবি. ১ রোপণ করা। ২ লুকানোর উদ্দেশ্যে মাটির নিচে চাপা দিয়ে রাখা। বিণ. পুঁতে রাখা হয়েছে এমন।

পুঁতি /পুঁতি/ [দেশি.] বি. সুতোয় গেঁথে গলার মালা অলংকার প্রভৃতি তৈরি করা যায় এমন ছিদ্রযুক্ত কাচের গুটিকা (*পুঁতির মালা*)।

পুকুর /পুকুর্‌/ [স. পুষ্কর >] বি. পুষ্করিণী, ছোটো জলাশয়।

পুকুরচুরি /পুকুরচুরি/ [বা.] বি. (আল.) আগাগোড়া ফাঁকি; বিরাট চুরি।

পুকুর ঝালানো /পুকুর্‌ ঝালানো/ ক্রিবি. জলাশয় থেকে পাঁক তুলে সংস্কার করা।

পুঙ্খ /পুংখো/ [স. পুমস্‌+√খন্‌+অ] বি. বাণের প্রান্তভাগে লাগানো পালক, বাণমূল।

পুঙ্খানুপুঙ্খ /পুংখানুপুংখো/ [স. পুঙ্খ+অনুপুঙ্খ] বিণ. তন্নতন্ন, সূক্ষ্মাতিসূক্ষ্ম।

পুঙ্গাব /পুংগব্‌/ [স. পুমস্‌+√গো+অ] বি. ১ ষাঁড়, বৃষ। ২ শ্রেষ্ঠজন (*নরপুঙ্গব*)।

পুচ্ছ /পুচ্‌ছো/ [স. √পুচ্ছ্‌+অ] বি. ১ লেজ, লাঙুল। ২ পেছনের অংশ।

পুছা /পুছা/ [বা.] ক্রিবি. ১ জিজ্ঞাসা করা। ২ গ্রাহ্য করা, পরোয়া করা।

পুজো /পুজো/ [স. পূজা >] বি. উপাসনা, আরাধনা, অর্চনা; শ্রদ্ধা, ভক্তি; 'পূজা'-র কথ্য রূপ।

পুঞ্জ /পুন্‌জো/ [স. পুমস্‌+√জি+অ] বি. স্তূপ; সমূহ।

পুঞ্জমেঘ /পুন্‌জোমেঘ্‌/ [স. পুঞ্জ+মেঘ] বি. পুঞ্জীভূত হয়ে অল্প উচ্চতায় আকাশে ভেসে বেড়ায় এমন মেঘ, cumulus।

পুঞ্জিত /পুন্‌জিতো/ [স. পুঞ্জ+ইত] বিণ. দ্র পুঞ্জীভূত।

পুঞ্জীকৃত /পুন্‌জিকৃতো/ [স. পুঞ্জ+চ্বি+কৃত] বিণ. জমানো হয়েছে এমন; স্তূপীকৃত।

পুঞ্জীভূত /পুন্‌জিভূতো/ [স. পুঞ্জ+চ্বি+ভূত] বিণ. সঞ্চিত; স্তূপীকৃত।

পুট[১] /পুট্‌/ [স. √পুট্‌+অ] বি. ১ আধার, পাত্র; কোষ, অঞ্জলি (*করপুট*); পাতার তৈরি ঠোঙা (*পর্ণপুট*)। ২ ধাতু গালানোর পাত্রবিশেষ, মুচি, crucible। ৩ যা দিয়ে ঢেকে রাখা যায় (*চক্ষুপুট*)।

পুট[২] /পুট্‌/ [স. পৃষ্ঠ >] বি. মানবদেহের মেরুদন্ডের ওপরের প্রান্ত থেকে কাঁধের প্রান্ত পর্যন্ত দৈর্ঘ্য।

পুটক /পুটক্‌/ [স. পুট+ক (কন্‌)] বি. আধার, পাত্র, কোষ; পাতার তৈরি ঠোঙা।

পুটিং /পুটিং/ [ফ. putty >] বি. সচরাচর জানালার কাচ লাগানো বা কাঠের ছিদ্র বন্ধ করার জন্য ব্যবহৃত খড়িমাটির গুঁড়োর সঙ্গে অশোধিত তিসির তেল মিশিয়ে তৈরি নরম কাই (যা শুকানোর পর শক্ত হয়ে যায়)।

পুটিকা /পুটিকা/ [স. পুট+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ কৌটা। ২ পুরিয়া।

পুটিত /পুটিতো/ [স. √পুট্‌+ত] বিণ. ১ মুচিতে পক্ক। ২ আচ্ছাদিত। ৩ গ্রথিত। ৪ মর্দিত; নিষ্পেষিত।

পুটী /পুটি/ [স. পুট+ঈ] বি. ১ ঠোঙা। ২ কৌপিন; আচ্ছাদন। ৩ পানের খিলি।

www.pathagar.com

পুডিং /পুডিং/ [ই.] বি. দুধ ডিম চিনি প্রভৃতির মিশ্রণ চুল্লিতে সেঁকে তৈরি জমাটবাঁধা মিষ্টস্বাদ খাদ্যবস্তু, pudding।

পুড়ন /পুড়োন্/ [আঞ্চ.] বি. দহন, জ্বালা; যন্ত্রণা।

পুড়া /পুড়া/ [বা.] ক্রিবি. দগ্ধীভূত হওয়া; জ্বালা করা। বিণ. দগ্ধ; ভস্মীভূত।

পুড়ানি /পুড়ানি/ [বা.] বি. দহন, জ্বালা।

পুড়ানো /পুড়ানো/ [বা.] ক্রিবি. ১ দাহ করা। ২ কষ্ট দেওয়া।

পুণ্ডরীক /পুন্ডোরিক্/ [স. √পুণ্ড্+ঈক] বি. ১ শ্বেতপদ্ম। ২ অগ্নিকোণের রক্ষকরূপে কল্পিত হস্তী। ৩ সাপ। ৪ বাঘ।

পুণ্ডরীকাক্ষ /পুন্ডোরিকাক্‌খো/ [স. পুণ্ডরীক+√অক্ষ+অ] বিণ. পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট। বি. ১ শ্রীকৃষ্ণ। ২ বিষ্ণু।

পুণ্ড্র /পুন্ড্রো/ [স. √পুণ্ড্+র] বি. ১ প্রাচীন বঙ্গের গৌড় অঞ্চল বা তার অধিবাসী। ২ তিলক; ফোঁটা। ৩ রসাল আম্রবিশেষ।

পুণ্ড্রক /পুন্ড্রোক্/ [স. পুণ্ড্র+ক (স্বার্থে)] বি. দ্র পুণ্ড্র।

পুণ্ড্রবর্ধন /পুন্ড্রোবর্‌ধোন্/ [স্থান.] বি. প্রাচীন বঙ্গের উত্তরাঞ্চলের জনপদবিশেষ।

পুণ্য /পুন্যো/ [স. √পূ+উন্য] বি. ১ সৎকর্ম। ২ সৎকর্মের ফল, সওয়াব। বিণ. ১ পবিত্র (*পুণ্যতীর্থ*)। ২ ধার্মিক, ধর্মপরায়ণ (*পুণ্যাত্মা*)।

পুণ্যক /পুন্যোক্/ [স. পুণ্য+ক (কন্)] বি. পুণ্যলাভের উদ্দেশ্যে পালনীয় উপবাস ব্রত।

পুণ্যকর্মা /পুন্যোকর্‌মা/ [স. পুণ্য+কর্মন্] বিণ. সৎ কর্মকারী। বি. পুণ্য সঞ্চয় হয় এমন অনুষ্ঠান।

পুণ্যকাল /পুন্যোকাল্/ [স. পুণ্য+কাল] বি. পুণ্যকর্ম উপলক্ষ্যে পালনীয় অনুষ্ঠানের শুভ সময়।

পুণ্যকীর্তি /পুন্যোকির্‌তি/ [স. পুণ্য+কীর্তি] বিণ. পুণ্যবানরূপে খ্যাত।

পুণ্যকৃৎ /পুন্যোকৃত্/ [স. পুণ্য+√কৃ+ক্বিপ্] বি. যে ব্যক্তি পুণ্যকর্ম করে। বিণ. ধার্মিক।

পুণ্যক্ষয় /পুন্যোক্‌খয়্/ [স. পুণ্য+ক্ষয়] বি. সঞ্চিত পুণ্যের হ্রাস।

পুণ্যক্ষেত্র /পুন্যোখেত্‌ত্রো/ [স. পুণ্য+ক্ষেত্র] বি. ১ মাতৃভূমি। ২ তীর্থক্ষেত্র।

পুণ্যতোয়া /পুন্যোতোআ/ [স. পুণ্য+তোয়+আ (টাপ্)] বিণ. (নদীসম্বন্ধীয়) পূতসলিলা।

পুণ্যদ /পুন্যোদো/ [স. পুণ্য+√দা+অ] বিণ. পুণ্য অর্জিত হয় এমন।

পুণ্যদর্শন /পুন্যোদর্‌শোন্/ [স. পুণ্য+দর্শন] বি. যা দেখলে পুণ্যলাভ হয়; তীর্থদর্শন।

পুণ্যফল /পুন্যোফল্/ [স. পুণ্য+ফল] বি. সৎকর্মের মঙ্গলজনক ফল।

পুণ্যবল /পুন্যোবল্/ [স. পুণ্য+বল] বি. পুণ্যকর্মদ্বারা অর্জিত শক্তি।

পুণ্যবান /পুন্যোবান্/ [স. পুণ্য+বৎ] বিণ. ১ পুণ্যশীল। ২ ধার্মিক। স্ত্রী. পুণ্যবতী /পুন্যোবোতি/।

পুণ্যবিভব /পুন্যোবিভব্/ [স. পুণ্য+বিভব] বি. মহত্ত্ব; উদারতা।

পুণ্যভূমি /পুন্যোভূমি/ [স. পুণ্য+ভূমি] বি. ১ মাতৃভূমি। ২ তীর্থক্ষেত্র।

পুণ্যযোগ /পুন্যোজোগ্/ [স. পুণ্য+যোগ] বি. ১ যে লোকে পাপ নেই; স্বর্গ। ২ পুণ্যকর্ম সম্পাদনের জন্য শাস্ত্রবিহিত লগ্ন। ৩ একাধিক পুণ্যফলের একত্রযোগ।

পুণ্যলোক /পুন্যোলোক্/ [স. পুণ্য+লোক] বি. যেখানে পাপ নেই; স্বর্গ, বেহেশত।

পুণ্যলোভাতুর /পুন্যোলোভাতুর্/ [স. পুণ্য+লোভ+আতুর] বিণ. পুণ্যফল প্রত্যাশী।

পুণ্যলোভী /পুন্যোলোভি/ [স. পুণ্য+√লুভ্+ইন্] বিণ. দ্র পুণ্যলোভাতুর।

পুণ্যশীল /পুন্যোশিল্/ [স. পুণ্য+শীল] বিণ. ধর্মপরায়ণ। স্ত্রী. পুণ্যশীলা /পুন্যোশিলা/।

পুণ্যশ্লোক /পুন্যোস্‌লোক্/ [স. পুণ্য+শ্লোক] বিণ. যশস্বী। স্ত্রী. পুণ্যশ্লোকা /পুন্যোস্‌লোকা/।

পুণ্যসঞ্চয় /পুন্যোশনচয়্/ [স. পুণ্য+সঞ্চয়] বি. সৎকর্মদ্বারা পুণ্য অর্জন।

পুণ্যস্থান /পুন্যোস্থান্/ [স. পুণ্য+স্থান] বি. ১ মাতৃভূমি। ২ তীর্থক্ষেত্র।

পুণ্যস্নান /পুন্যোস্নান্/ [স. পুণ্য+স্নান] বি. পবিত্র জলে স্নান, গঙ্গাস্নান।

পুণ্যা /পুন্না/ [স. পুণ্য+আ (টাপ্)] বি. বিণ. পুণ্যবতী।

পুণ্যাত্মা /পুন্নাত্‌তা/ [স. পুণ্য+আত্মন্] বিণ. পুণ্যবান; পূতচিত্ত; ধার্মিক।

পুণ্যার্থী /পুন্নার্‌থি/ [স. পুণ্যার্থ+ইন্] বিণ. পুণ্য লাভ করতে ইচ্ছুক এমন, পুণ্যাকাঙ্ক্ষী।

পুণ্যাহ /পুন্নাহো/ [স. পুণ্য+অহ] বি. জমিদারি প্রথায় বছরের সূচনায় প্রজার নিকট থেকে খাজনা আদায়ের প্রতীকী অনুষ্ঠান।

www.pathagar.com

পুণ্যি /পুন্‌নি/ [স. পুণ্য >] বি. 'পুণ্য'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

পুণ্যিপুকুর /পুন্‌নিপুকুর্/ [বা.] বি. বৈশাখমাসে কুমারীদের পালনীয় ব্রতবিশেষ।

পুণ্যোদক /পুন্‌নোদক্/ [স. পুণ্য+উদক] বি. পবিত্র জল; আব-এ-জমজম; গঙ্গাজল।

পুত /পুত্/ [স. পুত্র >] বি. পুত্র, ছেলে, পুত্রসন্তান।

পুতন্তি /পুতোন্‌তি/ [দেশি.] বিণ. পুত্রবতী।

পুতলি /পুত্‌লি/ [স. পুত্রিকা >] বি. ১ পুতুল; মূর্তি। ২ চোখের তারা। ৩ সন্তান।

পুতা /পুতা/ [স. শিলাপুত্র >] বি. শিলের ওপর রেখে বাটনা পেষণের প্রস্তরখণ্ড, নোড়া (*পাটাপুতা*)।

পুতি /পুতি/ [স. পুত্র >] বি. পৌত্রী।

পুতুপুতু /পুতুপুতু/ [দেশি.] বি. যত্নের বাড়াবাড়ি।

পুতুল /পুতুল্/ [স. পুত্র >] বি. মানুষ পশুপাখি প্রভৃতির প্রতিমূর্তি (*পুতুলখেলা*)। বিণ. (আল.) জড়পদার্থের মতো চেতনাহীন, নিঃসাড়।

পুতুলখেলা /পুতুল্‌খ্যালা/ [বা.] বি. ১ পুতুল নিয়ে খেলা। ২ (আল.) গুরুত্বহীন বিষয়।

পুতুলনাচ /পুতুল্‌নাচ্/ [বা.] বি. ১ সুতোয় বেঁধে পুতুলের নৃত্যাভিনয় প্রদর্শন। ২ (আল.) অন্ধভাবে অন্যের নির্দেশ অনুসরণ।

পুত্তল /পুত্‌তল্/ [স. পুত্ত+√লা+অ] বি. খড়ের তৈরি মানুষের প্রতিমূর্তি; পুতুল।

পুত্তলক /পুত্‌তলক্/ [স. পুত্তল+ক (স্বার্থে)] বি. দ্র পুত্তল।

পুত্তলি /পুত্‌তোলি/ [স. পুত্রিকা >] বি. দ্র পুত্তল।

পুত্তলিকা /পুত্‌তোলিকা/ [স. পুত্তলি+কন্+আ (টাপ্)] বি. দ্র পুত্তল।

পুত্তলিপূজা /পুত্‌তোলিপুজা/ [স. পুত্তলি+পূজা] বি. মূর্তিপূজা।

পুত্তিক /পুত্‌তিক্/ [স. পুৎ+√তন্+অ+ক (কন্)] বি. ১ উইপোকা। ২ মৌমাছি। ৩ মণিবিশেষ।

পুত্তিকা /পুত্‌তিকা/ [স. পুত্তিক+আ (টাপ্)] বি. দ্র পুত্তিক।

পুত্র /পুত্‌ত্রো/ [স. পুৎ+√ত্রৈ+অ] বি. ১ ছেলে, তনয়, পুরুষসন্তান। ২ পুত্রের মতো স্নেহের পাত্র।

পুত্রক /পুত্‌ত্রোক্/ [স. পুত্র+ক (কন্)] বি. ১ পুত্র, ছেলে। ২ স্নেহের পাত্র।

পুত্রকা /পুত্‌ত্রোকা/ [স. পুত্রক+আ (টাপ্)] বি. ১ কন্যা। ২ পুতুল।

পুত্রকাম /পুত্‌ত্রোকাম্/ [স. পুত্র+√কম্+অ] বিণ. পুত্রাভিলাষী। স্ত্রী. পুত্রকামা /পুত্‌ত্রোকামা/।

পুত্রবধূ /পুত্‌ত্রোবোধূ/ [স. পুত্র+বধূ] বি. পুত্র বা তৎস্থানীয়র পত্নী, বধূমাতা।

পুত্রবান /পুত্‌ত্রোবান্/ [স. পুত্র+বৎ] বিণ. পুত্রসন্তান আছে এমন।

পুত্রিকা /পুত্‌ত্রিকা/ [স. পুত্রক+আ (টাপ্)] বি. ১ কন্যা। ২ কন্যারূপে পালিতা। ৩ পুতুল।

পুত্রী /পুত্‌ত্রি/ [স. পুত্র+ইন্] বি. কন্যা, তনয়া; কন্যাতুল্য বালিকা।

পুত্রীয় /পুত্‌ত্রিয়ো/ [স. পুত্র+ঈয়] বিণ. পুত্রসংক্রান্ত।

পুত্রেষ্টি /পুত্‌ত্রেশটি/ [স. পুত্র+ইষ্টি] বি. পুত্র কামনায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ।

পুথি /পুথি/ [স. পুস্তিকা >] বি. গাছের পাতা তুলট কাগজ প্রভৃতির ওপর হাতে লেখা প্রাচীন পাণ্ডুলিপি, manuscript।

পুথিগত /পুথিগতো/ [বা. পুথি+স. গত] বিণ. ব্যাবহারিক বা বাস্তব জীবনে প্রয়োগ করা যায় না এমন, কেবল পুথিতেই সীমাবদ্ধ, কেতাবি।

পুথিগত বিদ্যা /পুথিগতো বিদ্‌দা/ বি. যে বিদ্যা কেবল পুথিতেই সীমাবদ্ধ।

পুথিপত্র /পুথিপত্‌ত্রো/ [বা. পুথি+স. পত্র] বি. বই-পুস্তক পাণ্ডুলিপি প্রভৃতি।

পুথি বাড়ানো /পুথি বাড়ানো/ ক্রিবি. অনাবশ্যক বিবরণ দিয়ে প্রলম্বিত করা।

পুথিশালা /পুথিশালা/ [বা. পুথি+স. শালা] বি. গ্রন্থাগার, লাইব্রেরি।

পুদিনা /পুদিনা/ [ফা.] বি. হালকা লালচে বেগুনি ফুল ধরে এমন ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির বর্ষজীবী উদ্ভিদের সুবাসিত পাতা (আনি. এশিয়া ও ইউরোপ), mint।

পুনঃ /পুনোহ্/ [স. পুনর্ >] অব্য. ক্রিবিণ. আবার, পুনরায়, ফের; দ্বিতীয়বার।

পুনঃপুন /পুনোপ্‌পুনো/ [স. পুনঃ+পুনঃ] অব্য. ক্রিবিণ. বারবার, উপর্যুপরি; মুহুর্মুহু।

পুনঃপ্রচার /পুনোপ্‌প্রোচার/ [স. পুনর্+প্রচার] বি. ১ কোনো বেতার বা টেলিভিশনকেন্দ্র থেকে বিশেষ কোনো অনুষ্ঠান প্রচারকালে অন্য কোনো কেন্দ্র থেকে যুগপৎ সম্প্রচার, relay। ২ পুনরায় সম্প্রচার।

পুনঃপ্রচারিত /পুনোপ্‌প্রোচারিতো/ [স. পুনর্+প্রচারিত] বিণ. ১ যুগপৎ সম্প্রচারিত। ২ পুনরায় সম্প্রচারিত।

পুনঃপ্রবেশ /পুনোপ্‌প্রোবেশ্/ [স. পুনর্+প্রবেশ] বি.

www.pathagar.com

পুনরায় প্রবেশ; দ্বিতীয়বার প্রবেশ।

পুনকি /পুন্‌কি/ [দেশি.] বি. বর্ষাকালে জাত খুব ছোটো পাতাবিশিষ্ট শাকবিশেষ। বিণ. ক্ষুদ্র।

পুনকে /পুন্‌কে/ [দেশি.] বি. বিণ. দ্র পুনকি।

পুনরধিকার /পুনোরোধিকার্‌/ [স. পুনর্‌+অধিকার] বি. হারিয়ে গেছে এমন কিছু পুনরায় উদ্ধার, হৃত অধিকার অর্জন।

পুনরপি /পুনোরোপি/ [স. পুনর্‌+অপি] ক্রিবিণ. পুনশ্চ; পুনরায়।

পুনরভিনয় /পুনোরোভিনয়্‌/ [স. পুনর্‌+অভিনয়] বি. পুনরায় অভিনয়; একই ঘটনার পুনরাবৃত্তি।

পুনরাগত /পুনোরাগতো/ [স. পুনর্‌+আগত] বিণ. আবার এসেছে এমন।

পুনরাগমন /পুনোরাগমোন্‌/ [স. পুনর্‌+আগমন] বি. প্রত্যাগমন; প্রত্যাবর্তন।

পুনরাবৃত্ত /পুনোরাবৃত্তো/ [স. পুনর্‌+আবৃত্ত] বিণ. ১ পুনরায় কথিত। ২ আবার ঘটেছে এমন।

পুনরাবৃত্তি /পুনোরাবৃত্তি/ [স. পুনর্‌+আবৃত্তি] বি. ১ পুনরায় কথন। ২ অনুবৃত্তি। ৩ প্রত্যাবর্তন।

পুনরায় /পুনোরায়্‌/ [স. পুনরপি >] ক্রিবিণ. পুনর্বার, ফের।

পুনরুক্ত /পুন্যোরুক্তো/ [স. পুনর্‌+উক্ত] বিণ. পুনরায় উক্ত বা কথিত।

পুনরুক্তি /পুনোরুক্তি/ [স. পুনর্‌+উক্তি] বি. পুনরায় কথন।

পুনরুজ্জীবন /পুনোরুজ্‌জিবন্‌/ [স. পুনর্‌+উজ্জীবন] বি. নতুন জীবনলাভ।

পুনরুজ্জীবিত /পুনোরুজ্‌জিবিতো/ [স. পুনর্‌+উৎ+জীবিত] বিণ. পুনরায় জীবনলাভ করেছে এমন; পুনর্বার সজীবতাপ্রাপ্ত।

পুনরুৎপত্তি /পুনোরুত্‌পোত্তি/ [স. পুনর্‌+উৎপত্তি] বি. ১ মৃত্যুর পর পুনর্বার জন্মগ্রহণ। ২ পুনরুদ্ভব।

পুনরুৎপন্ন /পুনোরুত্‌পন্নো/ [স. পুনর্‌+উৎপন্ন] বিণ. পুনরায় উৎপন্ন হয়েছে এমন।

পুনরুত্থান /পুনোরুত্‌থান্‌/ [স. পুনর্‌+উত্থান] বি. ইসলাম ও খ্রিষ্টধর্ম অনুসারে মৃত্যুর পর কবর থেকে মৃতের আত্মার উত্থান, কেয়ামত, resurrection।

পুনরুত্থিত /পুনোরুত্‌থিতো/ [স. পুনর্‌+উত্থিত] বিণ. আবার জেগে উঠেছে এমন।

পুনরুদ্ভব /পুনোরুদ্‌ভব্‌/ [স. পুনর্‌+উদ্ভব] বি. দ্র পুনরুৎপত্তি।

পুনরুদ্ভূত /পুনোরুদ্‌ভুতো/ [স. পুনর্‌+উদ্ভূত] বিণ. দ্র পুনরুৎপন্ন।

পুনর্গঠন /পুনোর্‌গঠোন্‌/ [স. পুনর্‌+বা. গঠন] বি. পুনরায় নতুন করে গড়ন।

পুনর্গঠিত /পুনোর্‌গোঠিতো/ [স. পুনর্‌+বা. গঠিত] বিণ. আবার নতুন করে গড়া হয়েছে এমন।

পুনর্গমন /পুনোর্‌গমোন্‌/ [স. পুনর্‌+গমন] বি. পুনরায় গমন।

পুনর্জন্ম /পুনোর্‌জন্‌মো/ [স. পুনর্‌+জন্মন্‌] বি. দ্র পুনরুৎপত্তি।

পুনর্জাগরণ /পুনোর্‌জাগোরন্‌/ [স. পুনর্‌+জাগরণ] বি. নতুন করে চেতনা লাভ।

পুনর্জাত /পুনোর্‌জাতো/ [স. পুনর্‌+জাত] বিণ. পুনরায় জন্মলাভ করেছে এমন; পুনরুৎপত্তি।

পুনর্জীবন /পুনোর্‌জিবন্‌/ [স. পুনর্‌+জীবন] বি. নবজন্ম; মৃত্যুর পর আবার জন্মলাভ।

পুনর্জীবিত /পুনোর্‌জিবিতো/ [স. পুনর্‌+জীবিত] বিণ. আবার নতুন জীবন লাভ করেছে এমন।

পুনর্নব /পুনোর্‌নবো/ [স. পুনর্‌+নব] বি. নখ। বিণ. পুনরায় নতুন।

পুনর্নবা /পুনোর্‌নবা/ [স. পুনর্নব+আ (টাপ্‌)] বিণ. আগা কেটে দেওয়ার পর আবার নতুন করে গজায় এমন।

পুনর্নির্বাচন /পুনোর্‌নির্‌বাচন্‌/ [স. পুনর্‌+নির্বাচন] বি. কোনো নির্বাচিত ব্যক্তির পদ শূন্য ঘোষিত হওয়ার ফলে পুনরায় নির্বাচন।

পুনর্নির্মাণ /পুনোর্‌নির্‌মান্‌/ [স. পুনর্‌+নির্মাণ] বি. পুনরায় নতুন করে নির্মাণ।

পুনর্নির্মিত /পুনোর্‌নির্‌মিতো/ [স. পুনর্‌+নির্মিত] বিণ. আবার নতুন করে তৈরি করা হয়েছে এমন।

পুনর্বণ্টন /পুনোর্‌বন্‌টোন্‌/ [স. পুনর্‌+বণ্টন] বি. ১ পুনরায় বিতরণ। ২ নতুন করে দায়িত্ব বণ্টন।

পুনর্বসতি /পুনোর্‌বশোতি/ [স. পুনর্‌+বসতি] বি. পুনরায় নতুন করে বসতি স্থাপন, rehabilitation।

পুনর্বসু /পুনোর্‌বোশু/ [স. পুনর্‌+√বস্‌+উ] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের সপ্তম নক্ষত্র। ২ বিষ্ণু। ৩ শিব। ৪ কাত্যায়নমুনির অপর নাম। ৫ তিলক।

পুনর্বার /পুনোর্‌বার্‌/ [স. পুনর্‌+বার] ক্রিবিণ. আবার, পুনরায়।

পুনর্বাসন /পুনোর্‌বাশোন্‌/ [স. পুনর্‌+বাসন] বি.

www.pathagar.com

বাস্তুহারার জন্য নতুন বসতি স্থাপন।

পুনর্বিচার /পুনোর্‌বিচার্‌/ [স. পুনর্‌+বিচার] বি. নতুন করে বিচার; পুনরায় বিবেচনা।

পুনর্বিচার্য /পুনোর্‌বিচার্‌জো/ [স. পুনর্‌+বিচার্য] বিণ. নতুন করে বিচারের যোগ্য; পুনরায় বিবেচ্য।

পুনর্বিন্যাস /পুনোর্‌বিন্‌ন্যাশ্‌/ [স. পুনর্‌+বিন্যাস] বি. নতুন করে বিন্যস্তকরণ।

পুনর্বিবাহ /পুনোর্‌বিবাহো/ [স. পুনর্‌+বিবাহ] বি. ১ পুনরায় বিবাহ। ২ দ্বিতীয়বার বিবাহ।

পুনর্বিবেচনা /পুনোর্‌বিবেচনা/ [স. পুনর্‌+বিবেচনা] বি. আবার নতুন করে বিচারবিবেচনা।

পুনর্ভব /পুনোর্‌ভবো/ [স. পুনর্‌+√ভূ+অ] বিণ. পুনর্বার উৎপন্ন, পুনরায় জাত। বি. পুনর্জন্ম।

পুনর্ভূ /পুনোর্‌ভু/ [স. পুনর্‌+√ভূ+ক্বিপ্‌] বি. দ্বিতীয়বার বিবাহিতা নারী; বাগ্‌দত্তা হওয়ার পর অন্য পুরুষের সঙ্গে বিবাহিতা নারী।

পুনর্মিলন /পুনোর্‌মিলন্‌/ [স. পুনর্‌+মিলন] বি. বিচ্ছেদের পর পুনরায় মিলন।

পুনর্মিলনী /পুনোর্‌মিলনি/ [স. পুনর্মিলন+ঈ] বি. শিক্ষায়তন বা কোনো প্রতিষ্ঠানের প্রাক্তনীদের একত্রমিলিত হওয়ার উৎসব।

পুনর্মুদ্রণ /পুনোর্‌মুদ্‌দ্রোন্‌/ [স. পুনর্‌+মুদ্রণ] বি. পুস্তকাদির পুনরায় মুদ্রণ।

পুনর্মূষিক /পুনোর্‌মুশিক্‌/ [স. পুনর্‌+মূষিক] বিণ. আবার মূষিকত্বপ্রাপ্ত; পুনরায় হীন অবস্থাপ্রাপ্ত।

পুনর্মূষিকতা /পুনোর্‌মুশিকতা/ [স. পুনর্মূষিক+তা] বি. পুনরায় পূর্বের অবস্থাপ্রাপ্তি।

পুনর্মূষিকত্ব /পুনোর্‌মুশিকত্তো/ [স. পুনর্মূষিক+ত্ব] বি. দ্র পুনর্মূষিকতা।

পুনর্মূষিকোভব /পুনোর্‌মুশিকোভবো/ [স. পুনর্মূষিক +ভব] অনুক্রি. ১ ('হিতোপদেশ' গ্রন্থে উক্ত) পুনরায় ইঁদুর হও। ২ (আল.) পুনর্বার হীন অবস্থাপ্রাপ্ত হও।

পুনর্যাত্রা /পুনোর্‌জাত্‌ত্রা/ [স. পুনর্‌+যাত্রা] বি. ১ আবার গমন বা আগমন। ২ উলটোরথ।

পুনর্যৌবন /পুনোর্‌জৌব্‌বন্‌/ [স. পুনর্‌+যৌবন] বি. ১ নবযৌবন লাভ। ২ (আল.) নতুন উদ্দীপনা।

পুনশ্চ /পুনোশ্‌চো/ [স. পুনর্‌+চ] অব্য. ক্রিবিণ. পুনরায়, আবার, পুনর্বার।

পুন্নাগ /পুন্‌নাগ্‌/ [স. পুম্‌স্‌+নাগ] বি. ১ শ্বেতপদ্ম। ২ শ্বেতহস্তী। ৩ নরশ্রেষ্ঠ।

পুন্নাম নরক /পুন্‌নাম্‌ নরোক/ বি. লোকবিশ্বাসমতে নিঃসন্তানকে মৃত্যুর পর যে নরকে যন্ত্রণা ভোগ করতে হয়।

পুব /পুব্‌/ [স. পূর্ব >] বিণ. ১ পূর্ব দিকের, পূর্ব-দিকস্থ। ২ পূর্ব দিক থেকে প্রবাহিত। বি. পূর্বদিক।

পুবহাওয়া /পুবহাওআ/ [বা. পুব+আ. হাওয়া] বি. পূর্বদিক থেকে প্রবাহিত বায়ু (*পুব-হাওয়াতে দেয় দোলা আজ মরি মরি।* রবীন্দ্র.)।

পুবাল /পুবাল্‌/ [স. পূর্ব >] বিণ. পূর্বদিক থেকে প্রবাহিত।

পুবালি /পুবালি/ [স. পূর্ব >] বিণ. পূর্বদিক থেকে প্রবাহিত (*পুবালি বাতাস*)।

পুমান /পুমান্‌/ [স. √পা+উমস্‌] বি. ১ পুরুষ। ২ পুংলিঙ্গ।

পুর[১] /পুর্‌/ [স. √পৃ+ক্বিপ্‌] বি. ১ আলয়, গৃহ, নিকেতন, ভবন। ২ নগর, শহর; গ্রাম।

পুর[২] /পুর্‌/ [স. পৃট >] বি. পিঠা প্রভৃতির ভেতরে পোরা হয় এমন বস্তু (*নারকেলের পুর*)।

পুরঃসর /পুরোশ্‌শর্‌/ [স. পুরস্‌+√সৃ+অ] বিণ. অগ্রসর। ক্রিবিণ. পূর্বক; সহকারে (*বিনয়পুরঃসর*)।

পুরকায়স্থ /পুরোকায়োস্‌থো/ [স. পুরস্‌+কায়স্থ] বি. ১ নগরপাল। ২ পদবিবিশেষ।

পুরত /পুরতো/ [স. পূর্ব+অতস্‌] অব্য. ক্রিবিণ. সম্মুখে, সামনে; আগে।

পুরদ্বার /পুরোদ্‌দার্‌/ [স. পুর+দ্বার] বি. নগর বা গৃহের দ্বার।

পুরনারী /পুরোনারি/ [স. পুর+নারী] বি. ১ কুল-নারী। ২ অন্তঃপুরবাসিনী। ৩ নগরবাসিনী।

পুরন্ত /পুরন্তো/ [স. পূর্ণ >] বিণ. ১ পরিপুষ্ট; নিটোল। ২ সমগ্র, সম্পূর্ণ।

পুরন্দর /পুরন্দর্‌/ [স. পুর+√দারি+অ] বি. ১ ইন্দ্র। ২ (ত্রিপুরনামক অসুরকে বধ করেছিলেন বলে) শিব। ৩ বিষ্ণু। ৪ সিঁধেল চোর। ৫ (বাংলায়) ইন্দ্রতুল্য রাজা।

পুরন্ধ্রি /পুরোন্‌ধ্রি/ [স. পুর+√ধৃ+ই] বি. ১ গৃহিণী। ২ কুলনারী।

পুরব /পুরব্‌/ [স. পূর্ব >] বি. 'পূর্ব'-র কোমল ও কাব্যিক রূপ।

পুরবাসী /পুরোবাশি/ [স. পুর+√বস্‌+ইন্‌] বিণ. ১ নগরবাসী। ২ গৃহস্থ। স্ত্রী. পুরবাসিনী /পুরো-বাশিনি/।

পুরবৈয়াঁ /পুরোবোইআঁ/ [স. পূর্ব >] বিণ. পুবদিক থেকে আগত।

www.pathagar.com

পুররক্ষী /পুরোরোক্‌খি/ [স. পুর+√রক্ষ্+ইন্] বি. ১ কোটাল, নগরপাল, নগররক্ষক। ২ চৌকিদার।

পুরশ্চরণ /পুরোশ্‌চরোন্/ [স. পুরস্+√চর্+অন] বি. অভীষ্টলাভের জন্য ইষ্টদেবতার পূজা।

পুরসভা /পুরোশভা/ [স. পুর+সভা] বি. নগরের জনহিতকর কার্য নির্বাহের দায়িত্বে নিয়োজিত স্থানীয় সরকার, মিউনিসিপ্যালিটি, পৌরসভা।

পুরস্কার /পুরোশ্‌কার্/ [স. পুরস্+√কৃ+অ] বি. প্রতিভার স্বীকৃতিস্বরূপ প্রদত্ত সম্মাননা; পারিতোষিক।

পুরস্কৃত /পুরোশ্‌কৃতো/ [স. পুরস্+√কৃ+ত] বিণ. পুরস্কার প্রদান করা হয়েছে এমন।

পুরস্ক্রিয়া /পুরোশ্‌ক্রিআ/ [স. পুরস্+√কৃ+অ+আ (টাপ্)] বি. ১ পুরস্করণ। ২ পূজন।

পুরস্ত্রী /পুরোস্ত্রি/ [স. পুর+স্ত্রী] বি. অন্তঃপুরবাসিনী, কুলনারী, পুরনারী।

পুরহর /পুরোহরো/ [স. পুর+√হৃ+অ] বি. ত্রিপুর নামক অসুরের হন্তা, শিব।

পুরা[১] /পুরা/ [স. √পুর্+অ+আ (টাপ্)] অব্য. পূর্বে। বিণ. পূর্বকালীন; প্রাচীন; অতীত (*পুরাকাল*)।

পুরা[২] /পুরা/ [স. পূর্ণ >] বিণ. সম্পূর্ণ, অখণ্ড, পুরোপুরি। ক্রিবিণ. সম্পূর্ণভাবে। ক্রিবি. ১ পূর্ণ করা। ২ পূর্ণ হওয়া (*আশা পুরা*)। ৩ প্রবেশ করানো (*মুখে পুরা*)। ৪ আবদ্ধ করা।

পুরাকথা /পুরাকথা/ [স. পুরা+কথা] বি. ইতিহাস।

পুরাকাল /পুরাকাল্/ [স. পুরা+কাল] বি. প্রাচীন যুগ, সুদূর অতীতকাল।

পুরাকাহিনি /পুরাকাহিনি/ [স. পুরা+হি. কাহিনি] বি. প্রাচীনকালের উপাখ্যান, ইতিহাসের কাহিনি।

পুরাকীর্তি /পুরাকির্তি/ [স. পুরা+কীর্তি] বি. প্রাচীন কীর্তি।

পুরাগত /পুরাগতো/ [স. পুরা+গত] বিণ. প্রাচীন।

পুরাঘটিত /পুরাঘোটিতো/ [স. পুরা+ঘটিত] বিণ. অতীতে ঘটেছে এমন। বি. (ব্যা.) ক্রিয়ার অতীতকালের বা সদ্যঘটিত বর্তমানের রূপ।

পুরাঙ্গনা /পুরাংগনা/ [স. পুর + অঙ্গনা] বি. পুরনারী, কুলনারী।

পুরাণ /পুরান্/ [স. পুরা+তন] বি. ১ প্রাচীনকাল থেকে পুরুষানুক্রমে প্রচলিত কাহিনি। ২ পুরাকালের সমাজ ধর্ম প্রভৃতি বিষয়ের কাহিনি অবলম্বনে রচিত আখ্যান, mythology (*বিষ্ণুপুরাণ*)। বিণ. ১ প্রাচীন। ২ অনাদি।

পুরাণকর্তা /পুরান্‌কর্‌তা/ [স. পুরাণ+কর্তা] বিণ. পুরাণরচয়িতা।

পুরাণকার /পুরান্‌কার্/ [স. পুরাণ+কার] বিণ. দ্র পুরাণকর্তা।

পুরাণপুরুষ /পুরান্‌পুরুশ্/ [স. পুরাণ+পুরুষ] বি. ১ পরমাত্মা; পরব্রহ্ম। ২ বিষ্ণু।

পুরাণপ্রসিদ্ধি /পুরান্‌প্রোশিদ্‌ধি/ [স. পুরাণ+প্রসিদ্ধি] বি. অতি প্রাচীন খ্যাতি।

পুরাতত্ত্ব /পুরাতত্‌তো/ [স. পুরা+তত্ত্ব] বি. প্রাচীনকালের ইতিহাস।

পুরাতত্ত্বজ্ঞ /পুরাতত্‌তোগ্‌গোঁ/ [স. পুরাতত্ত্ব+√জ্ঞা+অ] বিণ. প্রাচীনকালের ইতিহাস সম্পর্কে অভিজ্ঞ এমন। বি. পুরাতত্ত্ববিষয়ে পন্ডিত ব্যক্তি।

পুরাতন /পুরাতন্/ [স. পুরা+তন] বিণ. ১ প্রাচীন; সেকেলে (*পুরাতন ধ্যানধারণা*)। ২ ব্যবহৃত (*পুরাতন গাড়ি*)। ৩ গতানুগতিক (*পুরাতন পদ্ধতি*)। ৪ প্রবীণ (*পুরাতন লোক*)। ৫ দক্ষ (*পুরাতন কর্মচারী*)। ৬ দাগি (*পুরাতন পাপী*)।

পুরাতনী /পুরাতোনি/ [স. পুরাতন+ঈ] বিণ. অভিজ্ঞতাসম্পন্ন। বি. পুরোনো দিনের গান।

পুরাতাত্ত্বিক /পুরাতাত্‌তিক/ [স. পুরা+তাত্ত্বিক] বিণ. ১ পুরাতত্ত্ববিষয়ক। ২ পুরাতত্ত্ববিষয়ে অভিজ্ঞ। বি. পুরাতত্ত্ববিষয়ে অভিজ্ঞ ব্যক্তি।

পুরাদস্তুর /পুরাদোস্‌তুর্/ [বা. পুরা+ফা. দস্তুর] ক্রিবিণ. সম্পূর্ণরূপে; যথাযথভাবে। বিণ. সম্পূর্ণ।

পুরাধ্যক্ষ /পুরাদ্‌ধোক্‌খো/ [স. পুর+অধ্যক্ষ] বি. নগরাধ্যক্ষ। বিণ. তত্ত্বাবধায়ক।

পুরানো[১] /পুরানো/ [স. পূর্ণ >] ক্রিবি. পূর্ণ করা (*আশা পুরানো*), ভরা; মিটানো; সম্পূর্ণ করা ।

পুরানো[২] /পুরানো/ [স. পুরাতন >] বিণ. ১ প্রাচীন; সেকেলে (*পুরানো ধ্যানধারণা*)। ২ ব্যবহৃত (*পুরানো কাপড়*)। ৩ গতানুগতিক (*পুরানো পদ্ধতি*)। ৪ প্রবীণ (*পুরানো লোক*)। ৫ দক্ষ (*পুরানো কর্মচারী*)। ৬ দাগি (*পুরানো পাপী*)।

পুরাপুরি /পুরাপুরি/ [বা.] বিণ. সম্পূর্ণ; পরিপূর্ণ। ক্রিবিণ. সম্পূর্ণরূপে।

পুরাবিৎ /পুরাবিত্/ [স. পুরা+√বিদ্+ক্বিপ্] বি. পুরাতত্ত্ববিষয়ে অভিজ্ঞ ব্যক্তি।

পুরাবৃত্ত /পুরাবৃত্তো/ [স. পুরা+বৃত্ত] বি. দ্র পুরাতত্ত্ব।

পুরারি /পুরারি/ [স. পুর+অরি] বি. পুরের শত্রু, মহাদেব, শিব।

www.pathagar.com

পুরি /পুরি/ [স. পূরিকা >] বি. ডাল প্রভৃতির পুর দেওয়া লুচিজাতীয় তেলেভাজা খাদ্যবস্তু।

পুরিয়া /পুরিআ/ [স. পুটক >] বি. ১ মোড়ক। ২ (অধুনালুপ্ত) কাগজে মোড়া ওষুধ।

পুরিয়া ধানশ্রী /পুরিআ ধানোস্‌স্রি/ বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

পুরী /পুরি/ [স. পুর+ঈ] বি. ১ গৃহ, আলয়, আবাস (*রাজপুরী*)। ২ ভারতের ওড়িশা রাজ্যের সমুদ্রতীরবর্তী তীর্থক্ষেত্রবিশেষ (*পুরীধাম*)। ৩ সন্ন্যাসীদের উপাধি (*ঈশ্বরপুরী*)।

পুরীষ /পুরিশ্‌/ [স. √পৃ+ঈষ] বি. বিষ্ঠা, মল।

পুরু /পুরু/ [দেশি.] বিণ. ১ মোটা, স্থূল (*পুরু চামড়া*)। ২ ভাঁজযুক্ত।

পুরুত /পুরুত্‌/ [স. পুরোহিত >] বি. 'পুরোহিত'-এর কথ্য রূপ।

পুরুষ /পুরুশ/ [স. √পৃ+উষ] বি. ১ পুংজাতীয় জীব, নর (*মহাপুরুষ*)। ২ ঈশ্বর; পরমেশ্বর। ৩ আত্মা। ৪ বংশের ধারা (*সাত পুরুষের ভিটা*)। ৫ বংশানুক্রম, প্রজন্ম (*পূর্বপুরুষ*)। ৬ (ব্যা.) যার দ্বারা আমি তুমি সে এইভাবে ব্যক্তির ভেদ প্রকাশ পায় (*উত্তম পুরুষ*)। বিণ. পুংজাতীয় (*পুরুষ সিংহ*)।

পুরুষকার /পুরুশোকার্‌/ [স. পুরুষ+কার] বি. ১ পৌরুষ। ২ পুরুষের স্বাভাবিক উদ্যম।

পুরুষত্ব /পুরুশত্তো/ [স. পুরুষ+ত্ব] বি. ১ পৌরুষ। ২ উদ্যম। ৩ পুরুষের রতিশক্তি; বীর্য।

পুরুষপরম্পরা /পুরুশ্‌পরোম্‌পরা/ [স. পুরুষ+পরম্পরা] বি. পুরুষানুক্রম, বংশানুক্রম।

পুরুষপরম্পরাগত /পুরুশ্‌পরোম্‌পরাগতো/ [স. পুরুষ+পরম্পরা+ √গম্‌+ত] বিণ. বংশানুক্রমে আগত।

পুরুষপুঙ্গব /পুরুশপুঙ্গব/ [স. পুরুষ+পুঙ্গব] বি. পুরুষোত্তম।

পুরুষপ্রকৃতি /পুরুশপ্রোকৃতি/ [স. পুরুষ+প্রকৃতি] বি. ১ পুরুষের স্বভাব। ২ সাংখ্যদর্শনমতে চৈতন্যময় নর ও স্ত্রত্ত্ব রজঃ তমঃ গুণের প্রকৃতি। ৩ ঈশ্বর ও মায়া।

পুরুষব্যাঘ্র /পুরুশব্যাগ্‌ঘ্রো/ [স. পুরুষ+বি+আ+√ঘ্রা+অ] বি. দ্র পুরুষপুঙ্গব।

পুরুষমানুষ /পুরুশমানুশ্‌/ [স. পুরুষ+মানুষ] বি. নর।

পুরুষশার্দূল /পুরুশশারদুল্‌/ [স. পুরুষ+শার্দূল] বি. দ্র পুরুষপুঙ্গব।

পুরুষসিংহ /পুরুশশিংহো/ [স. পুরুষ+সিংহ] বি. দ্র পুরুষপুঙ্গব।

পুরুষসুলভ /পুরুশশুলভ্‌/ [স. পুরুষ+সুলভ] বিণ. নরোচিত; নরের যোগ্য।

পুরুষাঙ্গ /পুরুশাংগো/ [স. পুরুষ+অঙ্গ] বি. পুংজাতীয় প্রাণীর জননেন্দ্রিয়, শিশ্ন, পুংলিঙ্গ।

পুরুষাদ্য /পুরুশাদ্‌দো/ [স. পুরুষ+অদ্য] বি. ১ পরব্রহ্ম। ২ বিষ্ণু।

পুরুষানুক্রমিক /পুরুশানুক্‌ক্রোমিক্‌/ [স. পুরুষ+অনুক্রমিক] বিণ. বংশপরম্পরাগত।

পুরুষানুক্রমে /পুরুশানুক্‌ক্রোমে/ [স. পুরুষানুক্রম+বা. এ] ক্রিবিণ. বংশপরম্পরায়, বংশানুক্রমে।

পুরুষার্থ /পুরুশারথো/ [স. পুরুষ+অর্থ] বি. পুরুষের প্রয়োজনীয় চতুর্বর্গ (ধর্ম অর্থ কাম ও মোক্ষ)।

পুরুষালি /পুরুশালি/ [স. পুরুষ+বা. আলি] বিণ. ১ নরসুলভ (*পুরুষালি চেহারা*)। ২ নরোচিত।

পুরুষোচিত /পুরুশোচিতো/ [স. পুরুষ+উচিত] বিণ. নরের যোগ্য বা উপযুক্ত।

পুরুষোত্তম /পুরুশোত্তমো/ [স. পুরুষ+উত্তম] বিণ. নরশ্রেষ্ঠ। বি. পরব্রহ্ম; বিষ্ণু; জগন্নাথদেব।

পুরুষ্টু /পুরুশ্‌টু/ [স. পুষ্ট >] বিণ. পরিপুষ্ট; হৃষ্টপুষ্ট; নাদুসনুদুস, গোলগাল।

পুরুহূত /পুরুহুতো/ [স. পুরু+√হ্বে+ত] বি. ইন্দ্র।

পুরো /পুরো/ [স. পূর্ণ >] বিণ. সম্পূর্ণ; অখণ্ড।

পুরোগ /পুরোগো/ [স. পুরস্‌+√গম্‌+অ] বিণ. দ্র পুরোগামী।

পুরোগত /পুরোগতো/ [স. পুরস্‌+√গম্‌+ত] বিণ. পূর্বে গত; সম্মুখে গত।

পুরোগামী /পুরোগামি/ [স. পুরস্‌+√গম্‌+ইন্‌] বিণ. ১ অগ্রে গমনকারী। ২ প্রধান।

পুরোডাশ /পুরোডাশ্‌/ [স. পুরস্‌+√দাশ্‌+অ] বি. ১ যবের রুটি। ২ যজ্ঞের ঘৃত ও পশুমাংস।

পুরোদমে /পুরোদমে/ [বা.] ক্রিবিণ. পূর্ণ উদ্যমে।

পুরোদস্তুর /পুরোদোস্‌তুর/ [বা. পুরো+ফা. দস্তুর] ক্রিবিণ. সম্পূর্ণরূপে; পূর্ণমাত্রায়। বিণ. সম্পূর্ণ।

পুরোধা /পুরোধা/ [স. পুরস্‌+√ধা+অস্‌] বি. ১ যজ্ঞের পুরোহিত, যাজক। ২ অগ্রপথিক।

পুরোনো[১] /পুরোনো/ [স. পূর্ণ >] ক্রিবি. পরিপূর্ণ করা।

পুরোনো[২] /পুরোনো/ [স. পুরাতন>] বিণ. ১ প্রাচীন; সেকেলে (*পুরোনো ধ্যানধারণা*)। ২ ব্যবহৃত (*পুরোনো কাপড়*)। ৩ গতানুগতিক (*পুরোনো পদ্ধতি*)। ৪ প্রবীণ (*পুরোনো লোক*)। ৫ দক্ষ

www.pathagar.com

(*পুরোনো কর্মচারী*)। ৬ দাগি (*পুরোনো পাপী*)।

পুরোপুরি /পুরোপুরি / [বা.] বিণ. 'পুরাপুরি'-র কথ্য রূপ।

পুরোবর্তী /পুরোবোর্‌তি / [স. পুরস্+√বৃত্+ইন্] বিণ. অগ্রে অবস্থিত।

পুরোভাগ /পুরোভাগ / [স. পুরস্+√ভজ্+অ] বি. সামনের অংশ (*মিছিলের পুরোভাগ*)।

পুরোভাগী /পুরোভাগি/ [স. পুরস্+√ভজ্+ইন্] বিণ. কেবল অন্যের দোষত্রুটি দেখতে পায় এমন, ছিদ্রান্বেষী। স্ত্রী. পুরোভাগিনী /পুরোভাগিনি /।

পুরোভূমি /পুরোভূমি/ [স. পুরস্+ভূমি] বি. ১ সম্মুখবর্তী ভূমি। ২ দৃশ্যের সামনের অংশ, foreground।

পুরোযাত্রা /পুরোজাত্‌ত্রা / [স. পুরস্+যাত্রা] বি. অগ্রে গমন।

পুরোযায়ী /পুরোজায়ি/ [স. পুরস্+√যা+ইন্] বিণ. প্রবর্তক; পথপ্রদর্শক; অগ্রগামী; pioneer।

পুরোহিত /পুরোহিত্ / [স. পুরস্+√ধা+ত] বি. ১ যাজক। ২ কোনো অনুষ্ঠানের মুখ্য ব্যক্তি, সভাপতি।

পুল /পুল্/ [ফা.] বি. সেতু, সাঁকো, bridge।

পুলক /পুলক্ / [স. √পুল্+অ+ক] বি. ১ রোমাঞ্চ, শিহরন; কম্পন। ২ আনন্দ, হর্ষ।

পুলকিত /পুলোকিতো/ [স. পুলক+ইত] বিণ. ১ রোমাঞ্চিত। ২ আনন্দিত, উল্লসিত, হর্ষযুক্ত।

পুলটিস /পুল্‌টিশ্/ [লা.] বি. ক্ষতস্থানে লাগানো হয় এমন প্রলেপ, poultice।

পুলসিরাত /পুল্‌সিরাত্/ [ফা. পুল+আ. সিরাত] বি. ইসলাম ধর্মমতে পরলোকের ক্ষুরধার সাঁকোবিশেষ যা কেবল পুণ্যবানরাই অতিক্রম করতে পারবেন।

পুলি[১] /পুলি / [দেশি.] বি. পুর দেওয়া পিঠাবিশেষ (*চন্দ্রপুলি*)।

পুলি[২] /পুলি / [ই.] বি. কোনো নির্দিষ্ট দণ্ড থেকে ঝোলানো চাকার খাঁজে দড়ি (বা শেকল) পরিয়ে সেই দড়ি টেনে ভারী বস্তু সহজে ওপরে তোলার সরঞ্জামবিশেষ, কপিকল, যন্ত্রচক্র, pulley।

পুলিন /পুলিন্/ [স. পুল+ইন্] বি. সৈকত, তট; চর, চড়া।

পুলিনবিহারী /পুলিন্‌বিহারি / [স. পুলিন+বিহারী] বি. শ্রীকৃষ্ণ।

পুলিন্দা /পুলিন্‌দা / [ফা.] বি. পুঁটলি, গাঁটরি; মোট।

পুলিপোলাও /পুলিপোলাও্ / [মা.] বি. ১ পোর্ট ব্লেয়ার। ২ অবিভক্ত ভারতে ইংরেজ শাসন আমলে স্বাধীনতা-আন্দোলনকারী নাগরিককে প্রদত্ত জনবিচ্ছিন্ন দ্বীপে নির্বাসনদণ্ড, দ্বীপচালান।

পুলিশ /পুলিশ্/ [ই.] বি. শান্তিরক্ষা ও অপরাধ দমনের জন্য নিয়োজিত সরকারি বাহিনী; কোতোয়াল।

পুলিশি /পুলিশি/ [বা.] বিণ. ১ পুলিশসুলভ। ২ পুলিশসংক্রান্ত (*পুলিশি তৎপরতা*)।

পুলে /পুলে / [দেশি.] বি. ছেলে শব্দের সমার্থক ও সহচর শব্দ (*ছেলেপুলে*)।

পুশিদা /পুশিদা/ [ফা.] বিণ. লুক্কায়িত, গুপ্ত।

পুষা /পুশা/ [বা.] ক্রিবি. লালনপালন করা।

পুষ্কর /পুশ্‌কর্/ [স. √পুষ্+কর] বি. ১ পদ্ম, কমল। ২ পদ্মকোষ। ৩ পানি। ৪ মেঘ। ৫ তীর্থরূপে পরিগণিত রাজস্থানের হ্রদবিশেষ।

পুষ্করিণী /পুশ্‌কোরিনি/ [স. পুষ্কর+ইন্+ঈ] বি. মাটি খুঁড়ে তৈরি উন্মুক্ত জলাধার, পুকুর; দিঘি; সরোবর।

পুষ্কল /পুশ্‌কল্/ [স. পুষ্ক+ল] বিণ. ১ পর্যাপ্ত, প্রচুর। ২ পূর্ণ। ৩ উৎকৃষ্ট।

পুষ্ট /পুশ্‌টো/ [স. √পুষ্+ত] বিণ. ১ প্রোষিত, প্রতিপালিত (*পরপুষ্ট*)। ২ বর্ধিত। ৩ নধর, স্থূল (*পুষ্টদেহ*)।

পুষ্টি /পুশ্‌টি/ [স. √পুষ্+তি] বি. ১ পোষণ, পালন। ২ বৃদ্ধি, বাড়। ৩ মোটাসোটার ভাব। ৪ পরিণতি।

পুষ্টিকর /পুশ্‌টিকর্/ [স. পুষ্টি+√কৃ+অ] বিণ. পুষ্টি দান করে এমন, পুষ্টিগুণসম্পন্ন (*পুষ্টিকর ফল*)।

পুষ্টিকারক /পুশ্‌টিকারোক্/ [স. পুষ্টি+কারক] বিণ. দ্র পুষ্টিকর।

পুষ্প /পুশ্‌পো/ [স. √পুষ্প্+অ] বি. ১ ফুল। ২ স্ত্রীরজ। ৩ চোখের রোগবিশেষ।

পুষ্পক /পুশ্‌পক্/ [স. পুষ্প+ক (স্বার্থে)] বি. ১ পুরাণে বর্ণিত (ব্রহ্মা কর্তৃক কুবেরকে প্রদত্ত) আকাশচারী রথবিশেষ। ২ নেত্ররোগবিশেষ। ৩ রসাঞ্জন, সুরমা।

পুষ্পকেতন /পুশ্‌পোকেতন্/ [স. পুষ্প+কেতন] বি. দ্র পুষ্পকেতু।

পুষ্পকেতু /পুশ্‌পোকেতু/ [স. পুষ্প+√চায়্+তু] বি. কন্দর্প, মদন, কামদেব।

পুষ্পচাপ /পুশ্‌পোচাপ্/ [স. পুষ্প+চাপ] বি. ১ কন্দর্পের ধনুক। ২ কন্দর্প।

পুষ্পজ /পুশ্‌পোজো/ [স. পুষ্প+√জন্+অ] বিণ. ফুল থেকে আহৃত। বি. ফুলের মধু।

পুষ্পজীবী /পুশ্‌পোজিবি/ [স. পুষ্প+√জীব্+ইন্]

www.pathagar.com

বিণ. বি. ফুল বিক্রি করে জীবিকানির্বাহকারী।

পুষ্পদ্রব /পুশ্‌পোদ্রোবো / [স. পুষ্প+দ্রব] বি. ফুলের মধু।

পুষ্পধনু /পুশ্‌পোধোনু/ [স. পুষ্প+ধনুস্] বি. দ্র পুষ্পচাপ।

পুষ্পধন্বা /পুশ্‌পোধনন্বা / [স. পুষ্প+√ধন্ব্+অন্] বি. দ্র পুষ্পচাপ।

পুষ্পনির্যাস /পুশ্‌পোনির্‌জাশ্/ [স. পুষ্প+নির্যাস] বি. ১ ফুলের নির্যাস। ২ ফুলের মধু। ৩ আতর।

পুষ্পপত্র /পুশ্‌পোপত্‌ত্রো/ [স. পুষ্প+পত্র] বি. ১ ফুল ও পাতা। ২ ফুলের পাপড়ি।

পুষ্পপল্লব /পুশ্‌পোপল্‌লোব্ / [স. পুষ্প+পল্লব] বি. দ্র পুষ্পপত্র।

পুষ্পপাত্র /পুশ্‌পোপাত্‌ত্রো/ [স. পুষ্প+পাত্র] বি. ফুলের সাজি; ফুলদানি।

পুষ্পবতী /পুশ্‌পোবোতি / [স. পুষ্পবৎ+ঈ] বিণ. ১ পুষ্পশোভিত। ২ রজস্বলা।

পুষ্পবন /পুশ্‌পোবোন্ / [স. পুষ্প+বন] বি. ফুলের বন।

পুষ্পবাটিকা /পুশ্‌পোবাটিকা/ [স. পুষ্প+বাটি+কন্+আ (টাপ্)] বি. দ্র পুষ্পবাটী।

পুষ্পবাটী /পুশ্‌পোবাটি / [স. পুষ্প+√বট্+অ+ঈ] বি. ফুলের বাগান।

পুষ্পবাণ /পুশ্‌পোবান্/ [স. পুষ্প+বাণ] বি. ১ কামদেবের বাণ। ২ মদন।

পুষ্পবৃষ্টি /পুশ্‌পোবৃশ্‌টি/ [স. পুষ্প+√বৃষ্+তি] বি. শুভেচ্ছার নিদর্শনস্বরূপ বিশেষ অতিথির আগমন উপলক্ষ্যে ওপর থেকে ফুলের পাপড়ি বর্ষণ।

পুষ্পভূষণ /পুশ্‌পোভুশন্/ [স. পুষ্প+ভূষণ] বি. ফুলের তৈরি অলংকার।

পুষ্পমঞ্জরি /পুশ্‌পোমন্‌জোরি / [স. পুষ্প+√মঞ্জ্+অরি] বি. ফুলের মুকুল।

পুষ্পমালা /পুশ্‌পোমালা/ [স. পুষ্প+মালা] বি. ফুলের মালা।

পুষ্পমাল্য /পুশ্‌পোমাল্‌লো / [স. পুষ্প+মাল্য] বি. ফুলের মালা।

পুষ্পমাস /পুশ্‌পোমাশ্/ [স. পুষ্প+মাস] বি. বসন্তঋতুর মাস; মধুমাস, চৈত্রমাস।

পুষ্পমধু /পুশ্‌পোমোধু/ [স. পুষ্প+মধু] বি. ফুলের মধু।

পুষ্পরজ /পুশ্‌পোরজো / [স. পুষ্প+রজন্] বি. ফুলের রেণু বা পরাগ।

পুষ্পরথ /পুশ্‌পোরথ্/ [স. পুষ্প+রথ] বি. ১ ব্রহ্মা-কর্তৃক কুবেরকে প্রদত্ত আকাশচারী রথ। ২ (বাংলায়) পুষ্পক।

পুষ্পরস /পুশ্‌পোরশ্/ [স. পুষ্প+রস] বি. ফুলের মধু।

পুষ্পরাগ /পুশ্‌পোরাগ্/ [স. পুষ্প+রাগ] বি. পদ্মরাগ-মণি, পোখরাজ।

পুষ্পরাজ /পুশ্‌পোরাজ্/ [স. পুষ্প+রাজন্] বি. পদ্মরাগমণি।

পুষ্পরেণু /পুশ্‌পোরেনু/ [স. পুষ্প+রেণু] বি. ফুলের পরাগ।

পুষ্পল /পুশ্‌পল্/ [স. পুষ্প+ল] বিণ. কুসুমিত।

পুষ্পশর /পুশ্‌পোশর্/ [স. পুষ্প+শর] বি. পুষ্পবাণ, মদনদেবের বাণ।

পুষ্পশরাসন /পুশ্‌পোশরাশোন্ / [স. পুষ্প+শরাসন] বি. কামদেব; পুষ্পধনু।

পুষ্পসার /পুশ্‌পোশার্/ [স. পুষ্প+সার] বি. ফুলের নির্যাস, মধু।

পুষ্পসুবাস /পুশ্‌পোশুবাশ্/ [স. পুষ্প+সুবাস] বি. ফুলের সৌরভ।

পুষ্পাগম /পুশ্‌পাগম্ / [স. পুষ্প+আগম] বি. বসন্তের আবির্ভাব।

পুষ্পাগমকাল /পুশ্‌পাগমকাল্/ [স. পুষ্পাগম+কাল] বি. বসন্তকাল।

পুষ্পাজীব /পুশ্‌পাজিব্ / [স. পুষ্প+জীব] বি. বিণ. মালাকার; পুষ্পজীবী।

পুষ্পাঞ্জলি /পুশ্‌পান্‌জোলি / [স. পুষ্প+অঞ্জলি] বি. ফুলের অর্ঘ্য, ফুলের অঞ্জলি।

পুষ্পাবচায়ী /পুশ্‌পাবোচায়ি / [স. পুষ্প+অব+√চি+ইন্] বি. মালী।

পুষ্পাভরণ /পুশ্‌পাভরোন্ / [স. পুষ্প+আভরণ] বি. ফুলের অলংকার।

পুষ্পাসব /পুশ্‌পাশব্ / [স. পুষ্প+আসব] বি. ফুলের মধু।

পুষ্পাসার /পুশ্‌পাশার্/ [স. পুষ্প+আসার] বি. শুভেচ্ছার নিদর্শনস্বরূপ বিশেষ অতিথির আগমন উপলক্ষ্যে ওপর থেকে ফুলের পাপড়ি বর্ষণ।

পুষ্পিকা /পুশ্‌পিকা/ [স. পুষ্প+কন্+আ (টাপ্)] বি. গ্রন্থের প্রতিটি পরিচ্ছেদের সমাপ্তিসূচক উক্তি, ভণিতা (লেখকের নাম প্রকাশ)।

পুষ্পিত /পুশ্‌পিতো/ [স. পুষ্প+ইত] বিণ. ১ ফুল ধরেছে এমন, কুসুমিত। ২ বিকশিত।

পুষ্পিতা /পুশ্‌পিতা/ [স. পুষ্পিত+আ (টাপ্)] বিণ. কুসুমিতা (*পুষ্পিতা লতা*)। বি. রজস্বলা নারী।

www.pathagar.com

পুষ্পোদ্যান /পুশ্‌পোদ্‌দান্‌ / [স. পুষ্প+উদ্যান] বি. ফুলের বাগান।

পুষ্যা /পুশ্‌শা / [স. √পুষ্‌+য+আ (টাপ্‌)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের অষ্টম নক্ষত্র।

পুষ্যি /পুশ্‌শি/ [স. পোষ্য >] বিণ. পালনীয়; পোষণীয়। বি. প্রতিপাল্য ব্যক্তিবর্গ।

পুস্ত[১] /পুস্‌তো/ [স. √পুস্ত+অ] বি. ১ লেপন। ২ শিল্পকর্মবিশেষ। ৩ হিসাব লেখার খাতা।

পুস্ত[২] /পুস্‌তো/ [ফা.] বি. বংশ পরম্পরা।

পুস্তক /পুস্‌তক্‌/ [স. পুস্ত+ক (স্বার্থে)] বি. ১ একসঙ্গে সেলাই করে গাঁথা বা আঠা দিয়ে যুক্ত সমমাপের লিখিত বা মুদ্রিত কাগজের সংকলন, বই, গ্রন্থ, পুথি। ২ শাস্ত্র।

পুস্তকস্থ /পুস্‌তকোস্‌থো/ [স. পুস্তক+√স্থা+অ] বিণ. পুস্তকে বর্ণিত, পুস্তকে অন্তর্ভুক্ত।

পুস্তকাকারে /পুস্‌তকাকারে/ [স. পুস্তকাকার+বা. এ] ক্রিবিণ. মুদ্রিত বা লিখিত গ্রন্থের আকারে।

পুস্তকাগার /পুস্‌তকাগার্‌/ [স. পুস্তক+আগার] বি. সর্বসাধারণ (বা সদস্যদের) ব্যবহারের জন্য যে গৃহে পুস্তক সংবাদপত্র সাময়িকী বা চলচ্চিত্র গীতবাদ্যের রেকর্ড সিডি প্রভৃতি সংরক্ষিত থাকে, গ্রন্থাগার, পাঠাগার, লাইব্রেরি।

পুস্তকাদি /পুস্‌তকাদি/ [স. পুস্তক+আদি] বি. বইপত্র।

পুস্তকালয় /পুস্‌তকালয়্‌/ [স. পুস্তক+আলয়] বি. বইয়ের দোকান।

পুস্তনি /পুস্‌তোনি/ [ফা.] বি. দ্র পুস্তানি।

পুস্তা /পুস্‌তা/ [ফা.] বি. ১ বইয়ের পিঠে আড়াআড়িভাবে সেলাই করে লাগানো মোটা ও শক্ত সুতো। ২ পোস্তা; অবলম্বন।

পুস্তান /পুস্‌তান্‌/ [ফা.] বি. দ্র পুস্তা।

পুস্তানি /পুস্‌তানি / [ফা.] বি. মলাটের সঙ্গে সংযুক্ত রাখার জন্য বইয়ের প্রথম ও শেষে যুক্ত অমুদ্রিত পুরু কাগজ।

পুস্তিকা /পুস্‌তিকা/ [স. পুস্তক+আ (টাপ্‌)] বি. চটিবই, ছোটো বই।

পূগ /পুগো / [স. √পু+গ] বি. ১ এশিয়ার উষ্ণ ও আর্দ্র উপকূলীয় অঞ্চলে জাত শাখাবিহীন দীর্ঘ কাণ্ড-বিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী উদ্ভিদ বা তার একবীজবিশিষ্ট গোলাকার ছোটো ফল, সুপারি, গুয়া। ২ পুঞ্জ, রাশি, সমূহ।

পূজক /পুজক্‌/ [স. √পূজ্‌+অক] বিণ. আরাধক, উপাসক, অর্চক।

পূজন /পুজন্‌ /[স. √পূজ্‌+অন] বি. আরাধন, অর্চন।

পূজনীয় /পুজোনিয়ো / [স. √পূজ্‌+অনীয়] বিণ. ১ পূজ্য। ২ সম্মানের যোগ্য (*পরম পূজনীয়*)।

পূজয়িতা /পুজোয়িতা/ [স. √পূজ্‌+তৃ] বিণ. উপাসক। স্ত্রী. পূজয়িত্রী /পুজোয়িত্‌ত্রি/।

পূজা /পুজা/ [স. √পূজ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ অর্চনা, আরাধনা। ২ দুর্গাপূজা। ৩ ভক্তি; শ্রদ্ধা। ৪ গুণকীর্তন, স্তুতি। ৫ সংবর্ধনা; সম্মাননা। ক্রিবি. ১ আরাধনা করা, উপাসনা করা, অর্চনা করা। ২ শ্রদ্ধাপ্রদর্শন করা; সংবর্ধনা দেওয়া।

পূজাপার্বণ /পুজাপার্‌বোন্‌/ [স. পূজা+পার্বণ] বি. পূজা ও আনুষঙ্গিক উৎসব।

পূজাবকাশ /পুজাবোকাশ্‌ / [স. পূজা+অবকাশ] বি. পূজার ছুটি।

পূজাবেদি /পুজাবেদি / [স. পূজা+বেদি] বি. যে বেদিতে প্রতিমা স্থাপন করে পূজা করা হয়।

পূজারি /পুজারি/ [হি.] বিণ. পূজক, উপাসক। বি. পুরোহিত। স্ত্রী. পূজারিনি /পুজারিনি /।

পূজার্চনা /পুজারচোনা / [স. পূজা+অর্চনা] বি. পূজা ও নিত্য আচরণীয় ধর্মীয় অনুষ্ঠান।

পূজার্হ /পুজারহো / [স. পূজা+√অর্হ্‌+অ] বিণ. পূজার যোগ্য, পূজনীয়, পূজ্য।

পূজাসামগ্রী /পুজাশামোগ্‌রি/ [স. পূজা+সামগ্র+ঈ] বি. পূজার উপকরণসমূহ।

পূজাহ্নিক /পুজান্নিক্‌ / [স. পূজা+আহ্নিক] বি. নিত্য আচরণীয় জপতপ সন্ধ্যাবন্দনা প্রভৃতি।

পূজিত /পুজিতো / [স. √পূজ্‌+ত] বিণ. ১ অর্চিত, উপাসিত। ২ আদৃত; প্রশংসিত। ৩ সংবর্ধিত।

পূজ্য /পুজ্‌জো / [স. √পূজ্‌+য] বিণ. পূজনীয়।

পূজ্যপাদ /পুজ্‌জোপাদ্‌ / [স. পূজ্য+পাদ] বিণ. পরম শ্রদ্ধেয় বা সম্মাননীয়; (যার) চরণ পূজনীয়।

পূজ্যমান /পুজ্‌জোমান্‌ / [স. √পূজ্‌+মান (শানচ্‌)] বিণ. ১ পূজিত হচ্ছে এমন। ২ সেব্যমান।

পূত /পুতো / [স. √পূ+ত] বিণ. পবিত্র (*মন্ত্রপূত*)।

পূতনা /পুতোনা / [স. √পুতি+অন+আ (টাপ্‌)] বি. বালককৃষ্ণ কর্তৃক নিহত দানবীবিশেষ।

পূতাত্মা /পুতাতমা/ [স. পূত+আত্মন্‌] বি. পবিত্রাত্মা, পুণ্যাত্মা, পবিত্র চরিত্র।

পূতি[১] /পুতি / [স. √পূ+তি] বি. পবিত্রতা, বিশুদ্ধতা।

পূতি[২] /পুতি / [স. √পূয্‌+তি] বি. খারাপ গন্ধ। বিণ. দুর্গন্ধময়।

পূতিকা /পুতিকা/ [স. পূতি+√কৈ+অ+আ (টাপ্‌)]

www.pathagar.com

বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এবং শীত-কালে ফোটে এমন সাদা বেগুনি লাল রঙের ফুল মটরদানাসদৃশ ফল এবং বড়ো পাতা (যা শাক হিসেবে খাওয়া হয়) বা তার বহুশাখাযুক্ত লতানে কাণ্ডবিশিষ্ট উদ্ভিদ, উপোতী, পুঁইশাক।

পূতিগন্ধ /পুতিগন্ধো/ [স. পূতি+গন্ধ] বি. পচা গন্ধ। বিণ. পচা গন্ধযুক্ত।

পূপ /পুপ্/ [স. √পূ+প] বি. পিঠা, পিষ্টক।

পূর /পুর্/ [স. √পূর্+অ] বি. ১ পরিপূরণ। ২ জলরাশি।

পূরক /পুরক্/ [স. √পূর্+অক] বিণ. পূর্ণকারী (*ইচ্ছা-পূরক*)। বি. ১ যে সংখ্যা দিয়ে গুণ করা হয়, গুণক, multiplier। ২ (জ্যা.) যে দুটি কোণের সমষ্টি সমকোণ হয় তার একটি, complementary। ৩ প্রাণায়ামকালে শ্বাসগ্রহণ। ৪ যা পূর্ণ করে।

পূরকপিণ্ড /পুরক্‌পিন্‌ডো/ [স. পূরক+√পিণ্ড্+অ] বি. মৃতের উদ্দেশে দেয় পিণ্ড।

পূরণ /পুরন্/ [স. √পূর্+অন] বি. ১ পরিপূর্ণতা প্রাপ্তি (*ইচ্ছাপূরণ*)। ২ সমাধান, নিরসন। ৩ বৃদ্ধি। ৪ (গ.) গুণন, multiplication।

পূরণবাচক /পুরন্‌বাচক্/ [স. পূরণ+বাচক] বিণ. গুণনবাচক; সংখ্যার ক্রমবাচক, ordinal।

পূরবী /পুরোবি/ [স. পূর্বী >] বি. সন্ধ্যায় গেয় সংগীতের রাগিণীবিশেষ।

পূরয়িতা /পুরোয়িতা/ [স. √পূর্+তৃ] বিণ. পূরক, পরিপূর্ণকারক। বি. যে পূর্ণ করে।

পূরিত /পুরিতো/ [স. √পূর্+ত] বিণ. পরিপূর্ণ।

পূর্ণ /পুর্‌নো/ [স. √পূরি+ত] বিণ. ১ পরিপূর্ণ (*পূর্ণ-কুম্ভ*)। ২ অভাবহীন। ৩ অখণ্ড, সমগ্র (*পূর্ণচন্দ্র*)। ৪ সফল (*বাসনা পূর্ণ হওয়া*)। ৫ সমাপ্ত (*কাল পূর্ণ হওয়া*)। ৬ সমস্ত, সকল (*পূর্ণদৈর্ঘ্য*)।

পূর্ণকাম /পুর্‌নোকাম্/ [স. পূর্ণ+কাম] বিণ. বাসনা পূর্ণ হয়েছে এমন, সফলকাম।

পূর্ণকুম্ভ /পুর্‌নোকুম্‌ভো/ [স. পূর্ণ+কুম্ভ] বি. জলপূর্ণ কলস।

পূর্ণগর্ভা /পুর্‌নোগরভা/ [স. পূর্ণ+গর্ভ+আ (টাপ্)] বিণ. প্রসবকাল নিকটবর্তী এমন, আসন্নপ্রসবা।

পূর্ণগ্রাস /পুর্‌নোগ্রাশ্/ [স. পূর্ণ+গ্রাস] বি. ১ যে গ্রহণকালে পৃথিবীর ছায়া চাঁদকে পুরোপুরি আচ্ছন্ন করে। ২ যে গ্রহণকালে সূর্য পুরোপুরি চাঁদের আড়ালে ঢাকা পড়ে।

পূর্ণচন্দ্র /পুর্‌নোচন্দ্রো/ [স. পূর্ণ+চন্দ্র] বি. পূর্ণিমার চাঁদ, পূর্ণশশী।

পূর্ণচ্ছেদ /পুর্‌নোচ্ছেদ্/ [স. পূর্ণ+√ছিদ্+অ] বি. ১ বাক্যসমাপ্তির চিহ্ন, দাঁড়ি। ২ সমাপ্তি (*কর্মজীবনের পূর্ণচ্ছেদ*)।

পূর্ণতা /পুর্‌নোতা/ [স. পূর্ণ+তা] বি. ১ সম্পূর্ণতা, সমগ্রতা। ২ সফলতা। ৩ অখণ্ডতা।

পূর্ণত্ব /পুর্‌নত্তো/ [স. পূর্ণ+ত্ব] বি. দ্র পূর্ণতা।

পূর্ণবয়স্ক /পুর্‌নোবয়োশ্‌কো/ [স. পূর্ণ+বয়স্ক] বিণ. ১ যৌবনপ্রাপ্ত। ২ প্রাপ্তবয়স্ক। স্ত্রী. পূর্ণবয়স্কা /পুর্‌নোবয়োশ্‌কা/।

পূর্ণবিকাশ /পুর্‌নোবিকাশ্/ [স. পূর্ণ+বিকাশ] বি. পরিপূর্ণ বিকাশ।

পূর্ণব্রহ্ম /পুর্‌নোব্রোমmho/ [স. পূর্ণ+ব্রহ্ম] বি. অখণ্ড ব্রহ্ম, পরমেশ্বর।

পূর্ণমাত্রা /পুর্‌নোমাত্‌ত্রা/ [স. পূর্ণ+মাত্রা] বি. সম্পূর্ণ পরিমাণ।

পূর্ণশশী /পুর্‌নোশোশি/ [স. পূর্ণ+√শশ্+ইন্] বি. পূর্ণিমার চাঁদ।

পূর্ণসংখ্যা /পুর্‌নোশোংখ্যা/ [স. পূর্ণ+সংখ্যা] বি. ভগ্নাংশ নয় এমন সংখ্যা, integer।

পূর্ণা /পুর্‌না/ [স. পূর্ণ+আ (টাপ্)] বি. পঞ্চমী দশমী অমাবস্যা ও পূর্ণিমার তিথি। বিণ. সম্পূর্ণ, অখণ্ড; সফল; সমাপ্ত।

পূর্ণাঙ্ক /পুর্‌নাংকো/ [স. পূর্ণ+অঙ্ক] বি. ভগ্নাংশ নয় এমন সংখ্যা, integer।

পূর্ণানন্দ /পুর্‌নানন্‌দো/ [স. পূর্ণ+আনন্দ] বি. ১ বিশুদ্ধ আনন্দ। ২ আনন্দময় পরমেশ্বর।

পূর্ণাবতার /পুর্‌নাবোতার্/ [স. পূর্ণ+অবতার] বি. নরশ্রেষ্ঠ রামচন্দ্র ও শ্রীকৃষ্ণ।

পূর্ণাবয়ব /পুর্‌নাবয়োব্/ [স. পূর্ণ+অবয়ব] বিণ. সমস্ত অঙ্গযুক্ত। বি. পূর্ণ বৃদ্ধিপ্রাপ্ত শরীর।

পূর্ণায়ু /পুর্‌নায়ু/ [স. পূর্ণ+আয়ুস্] বিণ. দীর্ঘজীবী; শতবর্ষজীবী।

পূর্ণাহুতি /পুর্‌নাহুতি/ [স. পূর্ণ+আহুতি] বি. যজ্ঞাদি সমাপ্তিকালে হোমদ্রব্যসমূহের আহুতি।

পূর্ণিমা /পুর্‌নিমা/ [স. পূর্ণি+√মা+অ+আ (টাপ্)] বি. শুক্লপক্ষের যে তিথিতে চাঁদের পরিপূর্ণ বিকাশ ঘটে, পূর্ণমাসী।

পূর্ণেন্দু /পুর্‌নেন্‌দু/ [স. পূর্ণ+ইন্দু] বি. পূর্ণিমার চাঁদ, পূর্ণশশী।

পূর্ণোপমা /পুর্‌নোপমা/ [স. পূর্ণ+উপমা] বি. উপমা উপমেয় সাধারণ ধর্ম ও উপমানবাচক অব্যয় পদসমূহের স্পষ্ট উল্লেখ থাকে এমন কাব্যালংকার।

www.pathagar.com

পূর্ত /পূর্‌তো/ [স. √পূ+ত] বি. জনস্বার্থে পথঘাট নির্মাণ জলাশয় খনন প্রভৃতি কাজ। বিণ. পূরণ করা হয়েছে এমন, পূরিত।

পূর্তবিভাগ /পূর্‌তোবিভাগ্/ [স. পূর্ত+বিভাগ] বি. পথঘাট সেতু প্রভৃতি পূর্তকর্মের দায়িত্বে নিয়োজিত সরকারি বিভাগ।

পূর্তি /পূর্‌তি/ [স. √পূ+তি] বি. ১ সম্পূর্ণতা (*বর্ষ-পূর্তি*)। ২ চরিতার্থতা, পূরণরূপ তৃপ্তি (*উদর-পূর্তি*)।

পূর্ব /পূর্‌বো/ [স. √পূর্ব্+অ] বি. ১ দিগন্তরেখার যে দিকে সূর্য উদিত হয়, পুবদিক। ২ অতীতকাল (*পূর্বযুগ*)। বিণ. ১ আদি (*পূর্বপুরুষ*)। ২ অগ্র (*পূর্ববর্তী*)। ৩ পুব দিকের (*পূর্ব এশিয়া*)।

পূর্বক /পূর্‌বক্/ [স. পূর্ব+ক (স্বার্থে)] ক্রিবিণ. ১ পুরঃসর, সম্পন্ন করার পরে (*অনুগ্রহপূর্বক*)। ২ সহকারে (*প্রীতিপূর্বক*)।

পূর্বকথিত /পূর্‌বোকোথিতো/ [স. পূর্ব+কথিত] বিণ. পূর্বে বর্ণিত, পূর্বোক্ত।

পূর্বকর্ম /পূর্‌বোকর্‌মো/ [স. পূর্ব+কর্মন্] বিণ. সর্বাগ্রে করণীয়।

পূর্বকায় /পূর্‌বোকায়্/ [স. পূর্ব+কায়] বি. নাভির ঊর্ধ্বে দেহের অংশ, উত্তমাঙ্গ।

পূর্বকার /পূর্‌বোকার্/ [স. পূর্ব+বা. কার] বিণ. আগেকার।

পূর্বকাল /পূর্‌বোকাল্/ [স. পূর্ব+কাল] বি. প্রাচীনকাল, পুরাকাল, অতীতকাল।

পূর্বকালিক /পূর্‌বোকালিক্/ [স. পূর্বকাল+ইক] বিণ. অতীতকালের।

পূর্বকালীন /পূর্‌বোকালিন্/ [স. পূর্বকাল+ঈন] বিণ. দ্র পূর্বকালিক।

পূর্বকৃত /পূর্‌বোকৃতো/ [স. পূর্ব+কৃত] বিণ. পূর্বে করা হয়েছে এমন।

পূর্বগগন /পূর্‌বোগগোন্/ [স. পূর্ব+গগন] বি. পুবের আকাশ (*পূর্বগগনে উদিল /কল্যাণী শুকতারা॥* রবীন্দ্র.)।

পূর্বগামী /পূর্‌বোগামি/ [স. পূর্ব+√গম্+ইন] বিণ. পূর্বে গমনকারী, অগ্রগামী। স্ত্রী. পূর্বগামিনী /পূর্‌বোগামিনি/।

পূর্বজ /পূর্‌বোজো/ [স. পূর্ব+√জন্+অ] বিণ. অগ্রে জাত, অগ্রজ। বি. ১ জ্যেষ্ঠ ভ্রাতা। ২ পূর্বপুরুষ। স্ত্রী. পূর্বজা /পূর্‌বোজা/।

পূর্বজন্ম /পূর্‌বোজন্‌মো/ [স. পূর্ব+জন্মন্] বি. বর্তমান জীবনের পূর্ববর্তী কল্পিত জীবন।

পূর্বজ্ঞান /পূর্‌বোগ্যাঁন্/ [স. পূর্ব+জ্ঞান] বি. ১ পূর্বকালে অর্জিত জ্ঞান। ২ ভবিষ্যৎ ঘটনা সম্বন্ধে ধারণা।

পূর্বতন /পূর্‌বোতনো/ [স. পূর্ব+তন] বিণ. পূর্বকালীন, আগেকার, বিগত।

পূর্বদশা /পূর্‌বোদশা/ [স. পূর্ব+দশা] বি. আগের অবস্থা।

পূর্বদৃষ্ট /পূর্‌বোদৃশ্‌টো/ [স. পূর্ব+√দৃশ্+ত] বিণ. ১ আগে দেখা হয়েছে এমন। ২ সংঘটিত হওয়ার পূর্বেই অনুমান করা হয়েছে এমন।

পূর্বদৃষ্টি /পূর্‌বোদৃশ্‌টি/ [স. পূর্ব+√দৃশ্+তি] বি. দূরদৃষ্টি, ভবিষ্যদ্‌দৃষ্টি, দূরদর্শিতা।

পূর্বনির্ধারিত /পূর্‌বোনির্‌ধারিতো/ [স. পূর্ব+নির্+√ধারি+ত] বিণ. আগে থেকে ঠিক করা আছে এমন (*পূর্বনির্ধারিত ফলাফল*)।

পূর্বপক্ষ /পূর্‌বোপোক্‌খো/ [স. পূর্ব+পক্ষ] বি. ১ অভিযোগ। ২ বিচারবিবেচনার জন্য উপস্থাপিত বিষয়। ৩ শাস্ত্রীয় জিজ্ঞাসা।

পূর্বপরিকল্পিত /পূর্‌বোপোরিকোল্‌পিতো/ [স. পূর্ব+পরিকল্পিত] বিণ. আগে থেকে পরিকল্পনা করে রাখা হয়েছে এমন।

পূর্বপুরুষ /পূর্‌বোপুরুশ্/ [স. পূর্ব+পুরুষ] বি. (বংশের) পূর্বতন পুরুষ।

পূর্বপ্রচলিত /পূর্‌বোপ্রোচোলিতো/ [স. পূর্ব+প্রচলিত] বিণ. আগে থেকে প্রচলন রয়েছে এমন।

পূর্বফল্গুনী /পূর্‌বোফোল্‌গুনি/ [স. পূর্ব+√ফল্+উন+ঈ] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের একাদশ নক্ষত্র।

পূর্ববঙ্গ /পূর্‌বোবংগো/ [স. পূর্ব+বঙ্গ] বি. ১৯০৫ সালে বিভাজিত বঙ্গদেশের পূর্বাংশ।

পূর্ববঙ্গীয় /পূর্‌বোবোংগিয়ো/ [স. পূর্ববঙ্গ+ঈয়] বিণ. পূর্ববঙ্গবিষয়ক।

পূর্ববৎ /পূর্‌বোবত্/ [স. পূর্ব+বৎ] বিণ. আগের মতো।

পূর্ববর্ণিত /পূর্‌বোবোর্‌নিতো/ [স. পূর্ব+বর্ণিত] বিণ. পূর্বে বিবৃত বা উল্লিখিত।

পূর্ববর্তী /পূর্‌বোবোর্‌তি/ [স. পূর্ব+√বৃত্+ইন্] বিণ. ১ পূর্বকার। ২ অগ্রে বা সম্মুখে স্থিত। স্ত্রী. পূর্ববর্তিনী /পূর্‌বোবোর্‌তিনি/।

পূর্ববাদ /পূর্‌বোবাদ্/ [স. পূর্ব+√বদ্+অ] বি. ১ প্রথম অভিযোগ বা নালিশ। ২ কোনো অপরাধ

www.pathagar.com

সম্পর্কে থানায় প্রদত্ত প্রথম লিখিত অভিযোগ, FIR।

পূর্ববাদী /পুরবোবাদি / [স. পূর্ব+√বদ্+ইন্] বিণ. কোনো ঘটনার বিষয়ে প্রথম অভিযোগকারী, বাদী; আবেদনকারী।

পূর্বভাদ্রপদ /পুরবোভাদ্রোপদ্/ [স. পূর্ব+ভাদ্রপদ] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের পঞ্চবিংশতি নক্ষত্র।

পূর্বমীমাংসা /পুরবোমিমাংশা/ [স. পূর্ব+মীমাংসা] বি. জৈমিনি মুনি প্রণীত দর্শনশাস্ত্র।

পূর্বমুহূর্ত /পুরবোমুহুরতো / [স. পূর্ব+√হুর্চ্ছ্+ত] বি. পূর্ববর্তী মুহূর্ত।

পূর্বযুগ /পুরবোজুগ্/ [স. পূর্ব+যুগ] বি. প্রাচীন যুগ।

পূর্বরঙ্গ /পুরবোরংগো / [স. পূর্ব+রঙ্গ] বি. সংস্কৃত নাটকের প্রারম্ভে কুশীলব কর্তৃক উচ্চারিত প্রস্তাবনা, মঙ্গলাচরণ।

পূর্বরাগ /পুরবোরাগ্/ [স. পূর্ব+রাগ] বি. অনুরাগ বা আসক্তির প্রথম অবস্থা।

পূর্বরাত্র /পুরবোরাত্রো / [স. পূর্ব+রাত্রি+অ] বি. দ্র পূর্বরাত্রি।

পূর্বরাত্রি /পুরবোরাত্রি / [স. পূর্ব+√রা+ত্রি] বি. ১ বিগত রাত্রি। ২ রাতের প্রথম ভাগ।

পূর্বলক্ষণ /পুরবোলোক্‌খোন্ / [স. পূর্ব+লক্ষণ] বি. ভবিষ্যতে ঘটতে পারে এমন আভাস; সূচনা।

পূর্বশর্ত /পুরবোশরতো / [স. পূর্ব+শর্ত] বি. কোনো কাজ আরম্ভের পূর্বে পূরণীয় শর্ত।

পূর্বসংস্কার /পুরবোশংশ্‌কার্/ [স. পূর্ব+সংস্কার] বি. প্রাচীন মনোবৃত্তি।

পূর্বসমুদ্র /পুরবোশোমুদ্রো / [স. পূর্ব+সমুদ্র] বি. পূর্বদিকস্থ সাগর; বঙ্গোপসাগর।

পূর্বসূরি /পুরবোশুরি / [স. পূর্ব+√সৃ+রি] বি. অগ্রজ বিদ্বান ব্যক্তি; পূর্ববর্তী প্রজন্মের ব্যক্তি; পূর্বযুগের জ্ঞানী বা পন্ডিত ব্যক্তি।

পূর্বস্বত্ব /পুরবোশতো/ [স. পূর্ব+স্বত্ব] বি. ১ কোনো অস্থায়ী দায়িত্ব পালনের পর পুনরায় পূর্বপদে ফিরে আসার অধিকার, lien। ২ দেনা শোধ না হওয়া পর্যন্ত দেনাদার কর্তৃক বন্ধক রাখা সম্পত্তি দখলে রাখার অধিকার।

পূর্বাচল /পুরবাচল্ / [স. পূর্ব+অচল] বি. যে কল্পিত পর্বতের আড়াল থেকে সূর্য উদিত হয়, উদয়াচল।

পূর্বাদ্রি /পুরবাদ্রি / [স. পূর্ব+অদ্রি] বি. দ্র পূর্বাচল।

পূর্বাধিকার /পুরবাধিকার্ / [স. পূর্ব+অধিকার] বি. ১ জ্যেষ্ঠের অধিকার, পূর্বিতাক্রম অনুযায়ী আগে পাওয়ার অধিকার। ২ পূর্বে লব্ধ অধিকার।

পূর্বানুগ /পুরবানুগো / [স. পূর্ব+অনুগ] বিণ. আগের মতো।

পূর্বাপর /পুরবাপর্ / [স. পূর্ব+অপর] বিণ. ক্রিবিণ. ১ প্রথম থেকে শেষ পর্যন্ত (*পূর্বাপর বৃত্তান্ত*)। ২ আগের ও পরের।

পূর্বাপেক্ষা /পুরবাপেক্‌খা / [স. পূর্ব+অপেক্ষা] অব্য. আগের চেয়ে।

পূর্বাবধি /পুরবাবোধি / [স. পূর্ব+অবধি] অব্য. ক্রিবিণ. আগে থেকে।

পূর্বাবস্থা /পুরবাবোস্থা / [স. পূর্ব+অবস্থা] বি. পূর্ববর্তী অবস্থা।

পূর্বাভাষ /পুরবাভাশ্ / [স. পূর্ব+আভাষ] বি. ভূমিকা, মুখবন্ধ, সূচনা (*গ্রন্থের পূর্বাভাষ*)। তুল. পূর্বাভাস।

পূর্বাভাস /পুরবাভাশ্/ [স. পূর্ব+আভাস] বি. ভাবী ঘটনার ইঙ্গিত, আগাম সতর্কবার্তা (*আবহাওয়ার পূর্বাভাস*)। তুল. পূর্বাভাষ।

পূর্বাশা /পুরবাশা / [স. পূর্ব+আশা] বি. ১ পূর্বদিক। ২ পূর্বের প্রত্যাশা বা আকাঙ্ক্ষা।

পূর্বাষাঢ়া /পুরবাশাঢ়া/ [স. পূর্ব+আষাঢ়া] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের বিংশতিতম নক্ষত্র।

পূর্বাহ্ন /পুরবাহ্নো / [স. পূর্ব+অহন্+অ] বি. আগের দিন।

পূর্বাহ্ণ /পুরবান্নho / [স. পূর্ব+অহন্] বি. ১ দিবসের প্রথম অর্ধ। ২ পূর্ববর্তী সময়।

পূর্বাহ্ণিক /পুরবান্নhik / [স. পূর্বাহ্ণ+ইক] বিণ. দিনের প্রথমভাগে করণীয়, পূর্বাহ্ণে করা উচিত এমন।

পূর্বিতা /পুরবিতা / [স. পূর্ব+ইন্+তা] বি. পূর্বে গণ্য হওয়ার যোগ্যতা, অগ্রগণ্যতা; (পরি.) priority।

পূর্বিতাক্রম /পুরবিতাক্রোম্/ [স. পূর্বিতা+ক্রম] বি. অগ্রগণ্যতার ক্রম; (পরি.) order of priority।

পূর্বে /পুরবে / [স. পূর্ব+বা. এ] ক্রিবিণ. প্রথমে; আগে; প্রাচীনকালে।

পূর্বোক্ত /পুরবোক্তো / [স. পূর্ব+উক্ত] বিণ. পূর্বে উক্ত।

পূর্বোদধৃত /পুরবোদধৃতো / [স. পূর্ব+উদ্ধৃত] বিণ.

www.pathagar.com

(কোনো রচনা থেকে) পূর্বে উদধৃত।

পূষন /পুশন্/ [স. √পূষ্+অন্] বি. সূর্য, আদিত্য।

পূষা /পুশা/ [স. √পূষ্+অন্] বি. সূর্য, তপন।

পৃক্ত /পৃক্তো/ [স. √পৃচ্+ত] বিণ. ১ (নির্দিষ্ট কোনো তাপমাত্রায় কোনো দ্রবণে) অতিরিক্ত পরিমাণ দ্রবণীয় মেশানো যায় না এমন অবস্থাপ্রাপ্ত; (পরি.) saturated। ২ সম্পৃক্ত। ৩ ভেজা। ৪ সম্পর্কিত।

পৃক্তি /পৃক্তি/ [স. √পৃচ্+তি] বি. ১ (নির্দিষ্ট কোনো তাপমাত্রায়) কোনো দ্রবণের এমন অবস্থাপ্রাপ্তি যাতে অতিরিক্ত পরিমাণ দ্রবণীয় মেশানো সম্ভব নয়; (পরি.) saturation। ২ সম্পৃক্ততা। ৩ সংস্পর্শ।

পৃচ্ছা /পৃচ্ছা/ [স. √প্রচ্ছ্+অ+আ (টাপ্)] বি. প্রশ্ন, জিজ্ঞাসা।

পৃথক /পৃথক্/ [স. √পৃথ্+অক্] বিণ. ১ তফাত, ফারাক। ২ স্বতন্ত্র, ভিন্ন, আলাদা। ৩ অসংলগ্ন।

পৃথক্করণ /পৃথক্করোন্/ [স. পৃথক্+করণ] বি. ১ স্বতন্ত্রকরণ। ২ বিচ্ছিন্নকরণ।

পৃথক্কৃত /পৃথক্কৃতো/ [স. পৃথক্+কৃত] বিণ. পৃথক করা হয়েছে এমন; বিচ্ছিন্ন, বিযুক্ত।

পৃথগন্ন /পৃথগন্নো/ [স. পৃথক্+অন্ন] বিণ. যৌথ পরিবারে থেকেও একান্নবর্তী নয় এমন।

পৃথগ্‌বিধ /পৃথগ্‌বিধো/ [স. পৃথক্+বিধ] বিণ. ১ অন্যবিধ; ভিন্ন ধরনের। ২ বিভিন্ন প্রকারের।

পৃথা /পৃথা/ [স. √পৃথ্+অ+আ (টাপ্)] বি. মহাভারতে উল্লিখিত শূরসেনের কন্যা ও পাণ্ডুপত্নী কুন্তী।

পৃথিবী /পৃথিবি/ [স. √প্রথ্+ইব+ঈ] বি. সূর্যকে প্রদক্ষিণকারী ৮টি গ্রহের (পুরোনো মতে ৯টি কারণ আধুনিক মতে প্লুটোকে গ্রহরূপে গণ্য করা হয় না) মধ্যে দূরত্বের ক্রম অনুসারে তৃতীয়টি, অবনি, ক্ষিতি, ধরণি, বসুন্ধরা, বসুমতি, মেদিনী।

পৃথিবীপতি /পৃথিবিপোতি/ [স. পৃথিবী+√পা+অতি] বি. ভূপতি, নৃপতি, রাজাধিরাজ।

পৃথিবীব্যাপী /পৃথিবিব্যাপি/ [স. পৃথিবী+বি+√আপ্+ইন্] বিণ. বিশ্বব্যাপী, পৃথিবীময়।

পৃথিবীশ /পৃথিবিশো/ [স. পৃথিবী+শ] বি. দ্র পৃথিবীপতি।

পৃথু /পৃথু/ [স. √প্রথ্+উ] বি. ঋগ্‌বেদের একজন মন্ত্রদ্রষ্টা ঋষি এবং পৌরাণিক বেণরাজার পুত্র।

বিণ. ১ স্থূল। ২ বিস্তৃত, প্রসারিত। ৩ মহৎ।

পৃথুল /পৃথুল্/ [স. পৃথু+ল] বিণ. ১ বিস্তৃত। ২ স্থূল। ৩ মহৎ।

পৃথুলতা /পৃথুলতা/ [স. পৃথুল+তা] বি. ১ স্থূলতা; বিশালতা। ২ বিস্তৃতি।

পৃথ্বী /পৃত্থি/ [স. পৃথু+ঈ] বি. পৃথিবী (*হিংসায় উন্মত্ত পৃথ্বী, নিত্য নিঠুর দ্বন্দ্ব;* রবীন্দ্র.)।

পৃথ্বীধর /পৃত্থিধর্/ [স. পৃথ্বী+ধর] বি. পাহাড়।

পৃথ্বীনাথ /পৃত্থিনাথ্/ [স. পৃথ্বী+নাথ] বি. সম্রাট, নৃপতি।

পৃথ্বীশ /পৃত্থিশ্/ [স. পৃথ্বী+শ] বি. সম্রাট, রাজা।

পৃশ্নি /পৃস্নি/ [স. √স্পৃশ্+নি] বিণ. ১ খর্বদেহ। ২ অত্যন্ত দুর্বল।

পৃষতী /পৃশতি/ [স. পৃষৎ+ঈ] বি. সাদা ফোঁটাচিহ্নযুক্ত হরিণ।

পৃষোদর /পৃশোদর্/ [স. পৃষৎ+উদর] বি. বায়ু। বিণ. ক্ষীণোদর।

পৃষ্ট /পৃশ্টো/ [স. √প্রচ্ছ্+ত] বিণ. জিজ্ঞাসিত।

পৃষ্ঠ /পৃশ্ঠো/ [স. √পৃষ্+থ] বি. ১ জীবদেহের বক্ষদেশের বিপরীত দিক, পিঠ। ২ পেছন দিক, দেহের পশ্চাদ্‌ভাগ (*পৃষ্ঠদেশ*)। ৩ উপরিভাগ (ভূপৃষ্ঠ)।

পৃষ্ঠদেশ /পৃশ্ঠোদেশ্/ [স. পৃষ্ঠ+দেশ] বি. পিঠ, শরীরের পশ্চাদ্‌ভাগ, দেহের পেছনের অংশ।

পৃষ্ঠপোষক /পৃশ্ঠোপোশক্/ [স. পৃষ্ঠ+পোষক] বিণ. সাহায্যকারী, সহায়ক; সমর্থনকারী, সমর্থক।

পৃষ্ঠপোষকতা /পৃশ্ঠোপোশোকতা/ [স. পৃষ্ঠপোষক +তা] বি. সহায়তা; সমর্থন।

পৃষ্ঠপোষণ /পৃশ্ঠোপোশন্/ [স. পৃষ্ঠ+পোষণ] বি. দ্র পৃষ্ঠপোষকতা।

পৃষ্ঠপ্রদর্শন /পৃশ্ঠোপ্রোদরশোন্/ [স. পৃষ্ঠ+প্রদর্শন] বি. পলায়ন।

পৃষ্ঠবংশ /পৃশ্ঠোবংশো/ [স. পৃষ্ঠ+বংশ] বি. মেরুদণ্ড, শিরদাঁড়া।

পৃষ্ঠব্রণ /পৃশ্ঠোব্রোনো/ [স. পৃষ্ঠ+ব্রণ] বি. পিঠে উদ্‌গত যন্ত্রণাদায়ক ফোড়া, carbuncle।

পৃষ্ঠভঙ্গ /পৃশ্ঠোভংগো/ [স. পৃষ্ঠ+ভঙ্গ] বি. পরাজয়ের ভয়ে রণে ভঙ্গ দিয়ে পলায়ন।

পৃষ্ঠরক্ষক /পৃশ্ঠোরোক্‌খক্/ [স. পৃষ্ঠ+রক্ষক] বি. ১ দেহরক্ষী। ২ পশ্চাদ্‌ভাগের রক্ষক।

www.pathagar.com

পৃষ্ঠরক্ষা /পৃশ্‌ঠোরোক্‌খা/ [স. পৃষ্ঠ+রক্ষা] বি. ১ দেহরক্ষীর কাজ। ২ পশ্চাদ্‌ভাগ রক্ষা।

পৃষ্ঠা /পৃশ্‌ঠা/ [স. পৃষ্ঠ >] বি. বই খাতা কাগজ প্রভৃতির পাতার একটি পিঠ, page।

পৃষ্ঠাঙ্ক /পৃশ্‌ঠাংকো/ [স. পৃষ্ঠ+অঙ্ক] বি. পৃষ্ঠার ক্রমনির্দেশক সংখ্যা।

পৃষ্ঠাঙ্কন /পৃশ্‌ঠাংকোন্‌/ [স. পৃষ্ঠ+অঙ্কন] বি. ১ চেক হুন্ডি প্রভৃতির উলটো পিঠে বাহকের স্বাক্ষর প্রদান। ২ কোনো দলিলের উলটো পিঠে বিবিধ বিষয়ে মন্তব্য লিপিবদ্ধকরণ। ৩ অনুমোদন, সমর্থন। ৪ (পরি.) endorsement।

পৃষ্ঠোপরি /পৃশ্‌ঠোপোরি/ [স. পৃষ্ঠ+উপরি] ক্রিবিণ. পিঠের ওপরে।

পে-অর্ডার /পেঅড়্‌ডার্‌/ [ই.] বি. ১ ব্যাংকের যে আদেশবলে প্রাপককে অর্থ প্রদান করা হয়। ২ ব্যাংকের যে আদেশবলে প্রাপকের হিসাবে নগদ অর্থ জমা করা হয়। ৩ pay order।

পেইস্ট /পেইস্‌ট্‌/ [ই.] বি. কঠিন পদার্থের সঙ্গে তরল পদার্থের মিশ্রণজাত থকথকে পদার্থ (*টুথ পেইস্ট*), paste।

পেঁকো /পেঁকো/ [বা.] বিণ. ১ পঙ্কযুক্ত (*পেঁকো পুকুর*)। ২ পাঁকের মতো (*পেঁকো গন্ধ*)।

পেঁচো /পেঁচো/ [স. পিশাচ >] বি. কল্পিত অপ-দেবতাবিশেষ।

পেঁচোয়া /পেঁচোআ/ [ফা.] বিণ. ১ জটিল; ঘুরানো। ২ কুচক্রী, কুটিল।

পেঁজা /পেঁজা/ [স. পিঞ্জন >] ক্রিবি. তুলা বা তুলাজাতীয় পদার্থের আঁশ ধুনে পৃথক করা। বিণ. আঁশ ধুনে পৃথক করা হয়েছে এমন; 'পিঁজা'-র চলিত রূপ।

পেঁজানো /পেঁজানো/ [বা.] ক্রিবি. বিণ. তুলো ধুনে বা টেনে আঁশ পৃথক করানো।

পেঁপে /পেঁপে/ [পো.] বি. ক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন কালচে ধূসর বীজযুক্ত ছোটো মাঝারি আকারের ভেষজগুণসম্পন্ন ফলবিশেষ।

পেঁয়াজ /পেঁআজ্‌/ [ফা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এবং মসলারূপে বা কাঁচা খাওয়া হয় এমন উগ্র ঝাঁজালো গন্ধযুক্ত ভেষজ-গুণসম্পন্ন গোলাকার কন্দমূলবিশেষ।

পেঁয়াজকলি /পেঁআজ্‌কোলি/ [ফা. পিঁয়াজ+স. কলি] বি. পেঁয়াজের লম্বা ও সরু সবুজ নলাকৃতি ডাঁটা যা কাঁচা বা রেঁধে খাওয়া যায়।

পেঁয়াজি /পেঁআজি/ [ফা.] বি. কুচি করে কাটা পেঁয়াজের সঙ্গে পেষা ডাল মিশিয়ে তেলে ভাজা বড়া। বিণ. পেঁয়াজের রংবিশিষ্ট, হালকা বেগুনি।

পে কমিশন /পে কমিশন্‌/ বি. সরকারি চাকুরের বেতন কাঠামো নির্ধারণের জন্য সরকার কর্তৃক নিয়োজিত কমিশন।

পেখম /পেখম্‌/ [স. পক্ষ >] বি. ময়ূরের বিচিত্র বর্ণের বিস্তৃত পুচ্ছ, কলাপ।

পেখম ধরা /পেখম্‌ ধরা/ ক্রিবি. ১ ময়ূরের পুচ্ছ বিস্তার করা। ২ ময়ূরপুচ্ছের মতো মনোরম সাজ-সজ্জা করা। ৩ (আল.) উৎফুল্ল হয়ে ওঠা।

পেঙ্গুইন /পেংগুইন্‌/ [অজ্ঞা.] বি. সোজা হয়ে দাঁড়াতে পারে এবং দুই পায়ে হেঁটে বেড়ায় এমন দীর্ঘ চঞ্চু ছোটো ডানা ও সাদাকালো পালকবিশিষ্ট দক্ষিণমেরু অঞ্চলের লিপ্তপদ সাঁতারু পাখি, penguin।

পেচক /পেচক্‌/ [স. √পচ্‌+অক] বি. ছোটোখাটো পাখি ও ইঁদুর শিকারের উপযোগী তীক্ষ্ণ নখ ধারালো চঞ্চু এবং বড়ো গোলাকার মাথার সামনের দিকে দুটি বড়ো চোখবিশিষ্ট নিশাচর পাখি, প্যাঁচা, উলূক, লক্ষ্মীর বাহন। স্ত্রী. পেচকী /পেচোকি/।

পেচ্ছাপ /পেচ্ছাপ্‌/ [স. প্রস্রাব >] বি. ১ উচ্চবর্গীয় মেরুদণ্ডী প্রাণীর রক্ত বৃক্কদ্বারা (kiddney) পরিশ্রুত তরল বর্জ্য পদার্থ, মূত্র, urine। ২ মূত্রত্যাগ। ৩ 'প্রস্রাব'-এর কথ্য রূপ।

পেচ্ছাব /পেচ্‌ছাব্‌/ [স. প্রস্রাব >] বি. দ্র পেচ্ছাপ।

পেছন /পেছোন্‌/ [স. পশ্চাৎ >] বি. পশ্চাৎ, পিছনের দিক; 'পিছন'-এর কথ্য রূপ।

পেছপা হওয়া /পেছ্‌পা হওয়া/ ক্রিবি. কাজের দায়িত্ব থেকে পিছিয়ে আসা।

পেছনে লাগা /পেছোনে লাগা/ ক্রিবি. ১ অনুসরণ করা। ২ উত্যক্ত করা বা ক্ষতি করার চেষ্টা করা।

পেজি /পেজি/ [ই. page >] বিণ. পৃষ্ঠাযুক্ত (*আট পেজি ফর্মা*)।

পেজোমি /পেজোমি/ [বা.] বি. নীচ আচরণ; দুর্বৃত্ততা।

পেট[১] /পেট্‌/ [দেশি.] বি. ১ ফুসফুস ও হৃৎপিন্ডের নিম্নস্থ অঙ্গ, উদর, জঠর। ২ গর্ভ (*পেটে ধরা*)। ৩ পাকস্থলী (*ভরা পেট*)। ৪ মন (*পেটের কথা*)। ৫ উদরান্ন (*পেট চালানো*)।

পেট[২] /পেট্‌/ [দেশি.] বি. প্যাটরা, ঝাঁপি।

পেট আঁটা /পেট্‌ আঁটা/ ক্রিবি. কোষ্ঠকাঠিন্য হওয়া।

www.pathagar.com

পেটক /পেটক্/ [স. √পিট্+অক] বি. ঢাকনি-সহ বাঁশ বেত প্রভৃতির তৈরি ছোটো পেটিকা, প্যাটরা।

পেট কামড়ানো /পেট্ কামড়ানো/ ক্রিবি. ১ পেটে যন্ত্রণা অনুভব করা। ২ বাহ্যের বেগ পাওয়া। ৩ (আল.) গোপন বিষয় ফাঁস করার জন্য ব্যস্ত হওয়া।

পেট খসা /পেট্ খশা/ ক্রিবি. গর্ভপাত বা গর্ভচ্যুত হওয়া।

পেট চালানো /পেট্ চালানো/ ক্রিবি. জীবনধারণের জন্য আয় করা।

পেটনা /পেট্না/ [দেশি.] বি. ছাদ পেটানোর কাজে ব্যবহৃত কাঠের তৈরি ছোটো মুগুরবিশেষ, পিটনা।

পেট নামা /পেট্ নামা/ ক্রিবি. বারবার মলত্যাগ করা, উদরাময় হওয়া।

পেট ফাঁপা /পেট্ ফাঁপা/ ক্রিবি. বদহজমের কারণে পেটে বায়ু হওয়া।

পেটভাতা /পেট্ভাতা/ [বা.] বি. মজুরির পরিবর্তে কেবল অন্নের বিনিময়ে চাকরি।

পেটমরা /পেট্মরা/ [বা.] বিণ. ১ অনাহারের ফলে বেশি খেতে পারে না এমন। ২ দেহের মধ্যদেশ স্ফীত নয় এমন।

পেটমোটা /পেট্মোটা/ [বা.] বিণ. দেহের মধ্যদেশ স্ফীত এমন, ভুঁড়িওয়ালা (*পেটমোটা লোক*)।

পেটরোগা /পেট্রোগা/ [বা.] বিণ. ১ উদরাময় রোগগ্রস্ত। ২ দুর্বল হজমশক্তিবিশিষ্ট।

পেটসর্বস্ব /পেট্শর্বোশ্শো/ [দেশি. পেট+স. সর্বস্ব] বিণ. ভোজনবিলাসী, পেটুক।

পেট হওয়া /পেট্ হওআ/ ক্রিবি. অন্তঃসত্ত্বা হওয়া।

পেটা /পেটা/ [বা.] ক্রিবি. ১ প্রহার করা, আঘাত করা। ২ আঘাত করে বাজানো (*ঢোল পেটা*)। বিণ. ১ বারবার আঘাত করে পাত তৈরি করা হয়েছে এমন (*পেটা লোহা*)। ২ শক্ত ও সুঠাম (*পেটা শরীর*)।

পেটাই /পেটাই/ [বা.] বি. পেটার কাজ (*ছাদপেটাই*)।

পেটানো /পেটানো/ [বা.] ক্রিবি. প্রহার করা; অন্যকে দিয়ে প্রহার করানো। বিণ. পেটা হয়েছে এমন।

পেটি[১] /পেটি/ [বা.] বি. ১ মাছের পেটের অংশ। ২ কোমরবন্ধ, belt।

পেটি[২] /পেটি/ [স. পেটক >] বি. প্যাটরা, ঝাঁপি।

পেটিকা /পেটিকা/ [স. পেটক >] বি. দ্র পেটি[২]।

পেটিকোট /পেটিকোট্/ [ই.] বি. শাড়ির নিচে পরিধেয় অন্তর্বাস, শায়া।

পেটুক /পেটুক্/ [বা.] বিণ. বেশি খায় এমন, ঔদরিক, উদরপরায়ণ, ভোজনবিলাসী।

পেটে আসা /পেটে আসা/ ক্রিবি. গর্ভসঞ্চার হওয়া।

পেটে থাকা /পেটে থাকা/ ক্রিবি. ১ হজম হওয়া। ২ মনে গোপন থাকা।

পেটে ধরা /পেটে ধরা/ ক্রিবি. গর্ভে ধারণ করা।

পেটেন্ট /পেটেন্ট্/ [ই. patent] বি. নতুন উদ্ভাবিত কোনো বস্তুর উৎপাদনপ্রক্রিয়া বা বাজারজাত-করণের স্বত্ব সংরক্ষণের জন্য সরকার কর্তৃক প্রদত্ত একচেটিয়া অধিকার। বিণ. গতানুগতিক।

পেটে পেটে /পেটে পেটে/ ক্রিবিণ. গোপনে।

পেটে ভাতে /পেটে ভাতে/ ক্রিবিণ. মজুরির পরিবর্তে কেবল অন্নের বিনিময়ে (*পেটেভাতে খাটা*)।

পেটের কথা /পেটের্ কথা/ বি. মনের গোপন কথা।

পেটের জ্বালা /পেটের্ জালা/ বি. ক্ষুধার তাড়না।

পেটের দায় /পেটের্ দায়/ বি. ক্ষুধার তাড়না।

পেটের শত্রু /পেটের্ শোত্রু/ বি. যে সন্তান জননীর দুঃখের কারণ।

পেটে সওয়া /পেটে শওআ/ ক্রিবি. হজম করতে সক্ষম হওয়া; খাদ্যদ্রব্য হজম হওয়া।

পেটো[১] /পেটো/ [বা.] বিণ. ১ পাটজাত। ২ পাটসংক্রান্ত।

পেটো[২] /পেটো/ [স. পত্র >] বি. ১ কলাগাছের বাকল। ২ কেশবিন্যাসের ধরনবিশেষ।

পেটোয়া /পেটোআ/ [দেশি.] বিণ. ১ আজ্ঞাবহ, অনুগত (*পেটোয়াবাহিনী*); তল্পিবাহক। ২ অধীন।

পেট্রোল /পেট্রোল্/ [ফ.] বি. অন্তর্দহন ইঞ্জিনের জ্বালানিরূপে ব্যবহৃত অশোধিত খনিজ হাইড্রো-কার্বনের ক্রমাংশিক পাতন (fractional distillation) থেকে প্রাপ্ত অতিমাত্রায় দাহ্য ও উদ্বায়ী তরলপদার্থ, petrol।

পেট্রোল পাম্প /পেট্রোল্ পাম্প্/ বি. পেট্রোলের খুচরা বিক্রয়কেন্দ্র, petrol pump।

পেট্রোলিয়াম /পেট্রোলিআম্/ [লা.] বি. খনিজ হাইড্রোকার্বনবিশেষ যার ক্রমাংশিক পাতন (fractional distillation) থেকে প্রাপ্ত পেট্রোল ডিজেল প্যারাফিন প্রভৃতি, petroleum।

পেড়ে /পেড়ে/ [বা.] বিণ. পাড়বিশিষ্ট (*লালপেড়ে*)।

পেতনি /পেত্নি/ [হি. প্রেতিনী >] বি. কল্পিত স্ত্রী-ভূত, প্রেতিনী।

পেতল /পেতোল্/ [স. পিত্তল >] বি. তামার সঙ্গে ৪০ থেকে ৪৫ শতাংশ দস্তা ও সামান্য পরিমাণ

www.pathagar.com

অন্যান্য ধাতু মিশিয়ে উৎপাদিত উজ্জ্বল হলুদ মিশ্রধাতুবিশেষ, পিতল, brass; 'পিতল'-এর কথ্য রূপ।

পেতে /পেতে/ [স. পাত্রিক >] বি. ছোটো ঝুড়ি।

পেন /পেন্/ [ই.] বি. ১ কোনো শক্ত দণ্ডের প্রান্তে বল বা নিব সংযুক্ত করে তৈরি লেখনী, কলম; ঝরনাকলম। ২ নলখাগড়া পালক প্রভৃতির অগ্রভাগ ত্যারচা করে কেটে তৈরি লেখনী।

পেনশন /পেন্শন্/ [ফ.] বি. অবসরপ্রাপ্ত কর্মচারীকে নিয়োগকর্তার প্রদেয় ভাতা, অবসরভাতা, pension।

পেনশনভোগী /পেন্শন্ভোগি/ [ফ. পেনশন+স. ভোগী] বি. চাকরি থেকে অবসর গ্রহণের পর যে ব্যক্তি পেনশন ভোগ করে।

পেনসিল /পেন্সিল্/ [ই.] বি. হালকা কাঠের সরু নলে আবদ্ধ গ্র্যাফাইটের শিষবিশিষ্ট লেখনীবিশেষ (কাঠের বহিরাবরণ কেটে শিষ বের করতে হয়) যার লেখা রবার দিয়ে ঘষে মুছে ফেলা যায়, কাঠপেনসিল, pencil।

পেনালকোড /পেনাল্কোড্/ [ই.] বি. ফৌজদারি আইনের দণ্ডবিধি, penal code।

পেনালটি /পেনাল্টি/ [ফ.] বি. ফুটবল হকি প্রভৃতি খেলায় নিয়ম ভঙ্গের জন্য প্রতিপক্ষকে প্রদত্ত বিশেষ সুবিধা, জরিমানা, penalty।

পেনিসিলিন /পেনিসিলিন্/ [লা.] বি. শ্যাওলা-জাতীয় উদ্ভিদ থেকে উৎপন্ন ব্যাকটেরিয়া ধ্বংসকারী ওষুধ, অ্যান্টিবায়োটিক, penicillin।

পেনেট /পেনেট্/ [অজ্ঞা.] বি. যে বেদির ওপর শিবলিঙ্গ স্থাপন করা হয়, গৌরীপট্ট।

পেন্ডুলাম /পেন্ডুলাম্/ [লা.] বি. মাধ্যাকর্ষণ শক্তির প্রভাবে স্বাধীনভাবে দুলতে পারে এমন কোনো নির্দিষ্ট বিন্দু থেকে ঝোলানো সুতোর সঙ্গে যুক্ত ভারী চাকতি(bob), দোলক, pendulum।

পেন্নাম /পেন্নাম্/ [স. প্রণাম >] বি. নত হয়ে শ্রদ্ধা বা ভক্তি প্রকাশ, প্রণতি; 'প্রণাম'-এর আঞ্চলিক ও বিকৃত রূপ।

পেয় /পেয়ো/ [স. √পা+য] বিণ. পান করা যায় এমন, পান করার যোগ্য।

পেয়াদা /পেআদা/ [ফা.] বি. পত্রবাহক; আজ্ঞাবহ; দূত; সংবাদবাহক; পাইক; চাপরাশি।

পেয়ার /পেআর্/ [স. প্রিয় >] বি. ১ আদর; সোহাগ, স্নেহ। ২ প্রেম, প্রীতি।

পেয়ারা[১] /পেআরা/ [স. প্রিয় >] বি. ১ প্রিয়পাত্র; ভালোবাসার পাত্র। ২ প্রণয়ী, প্রিয় ব্যক্তি।

পেয়ারা[২] /পেআরা/ [পো.] বি. ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন মাঝারি আকৃতির চিরহরিৎ উদ্ভিদের অসংখ্য ছোটো বীজবিশিষ্ট গোলাকৃতি ফল (পেকে যাওয়ার পর যার নির্যাস থেকে জ্যাম জেলি প্রভৃতি উৎপাদিত হয়), আমরুত, guava।

পেয়ালা /পেআলা/ [ফা.] বি. চা কফি প্রভৃতি পান করার জন্য ব্যবহৃত ছোটো খোলামুখ (হাতলযুক্ত বা হাতল ছাড়া) চিনামাটি বা কাচের বাটি, cup।

-পেয়ে /পেয়ে/ [আঞ্চ.] বিণ. পা-বিশিষ্ট (*চারপেয়ে প্রাণী*)।

পেরোনো /পেরোনো/ [বা.] ক্রিবি. ১ পার হওয়া; অতিক্রম করা। ২ অতিবাহিত হওয়া।

পেরেক /পেরেক্/ [পো.] বি. কাঠ লোহা বা অনুরূপ বস্তুর পৃথক খণ্ড জোড়া দেওয়ার জন্য ব্যবহৃত লোহার ছোটো কাঁটা, কীলক, তারকাঁটা।

পেলব /পেলব্/ [স. √পিল্+অব] বিণ. ১ অতি কোমল; ললিত; সুকুমার; নাজুক, delicate। ২ মৃদু। ৩ ভঙ্গুর। ৪ লঘু। ৫ সূক্ষ্ম। বি. পেলবতা /পেলবতা/।

পেলিকান /পেলিকান্/ [লা.] বি. পৃথিবীর প্রায় সর্বত্র সমুদ্রতীর বা জলাশয়ের ধারে বিচরণ করে এবং মাছ ধরে জমিয়ে রাখা যায় এমন গলায় থলি ও লম্বা চঞ্চুবিশিষ্ট শিকারি পাখি (যার ডানার প্রসার প্রায় ৩ মিটার ও ওজন ১৩ কিলোগ্রাম পর্যন্ত হতে পারে), pelican।

পেল্লায় /পেল্লায়্/ [স. প্রলয় >] বিণ. বিশাল, বিরাট, মস্ত (*পেল্লায় কাণ্ড*)।

পেশ /পেশ্/ [ফা.] বি. ১ বিবেচনার জন্য উপস্থাপন; দাখিল। ২ নিবেদন।

পেশকার /পেশ্কার্/ [ফা.] বি. আদালতে বিচারকের কাছে কাগজপত্র উপস্থাপন ও সংরক্ষণের দায়িত্বে নিয়োজিত কর্মচারী।

পেশকারি /পেশ্কারি/ [ফা.] বি. পেশকারের বৃত্তি।

পেশল /পেশল্/ [স. √পিশ্+অল] বিণ. ১ পেশিবহুল, শক্তিমান। ২ মনোহর, সুন্দর।

পেশা /পেশা/ [ফা.] বি. জীবিকার উপায়, বৃত্তি।

পেশাকার /পেশাকার্/ [ফা.] বি. যৌনকর্মী।

পেশাগত /পেশাগতো/ [ফা. পেশা+স. গত] বিণ. বৃত্তিসংক্রান্ত।

পেশাজীবী /পেশাজিবি/ [ফা. পেশা+স. জীবী] বিণ.

www.pathagar.com

বৃত্তিজীবী।

পেশাদার /পেশাদার্ / [ফা.] বিণ. ১ বৃত্তিজীবী, professional। ২ ব্যাবসাদার।

পেশাদারি /পেশাদারি / [ফা.] বি. ১ পেশাদারের আচরণ। ২ ব্যাবসাদারি। ৩ ব্যবসায়বৃত্তি। বিণ. পেশাদারসম্বন্ধীয়।

পেশি /পেশি / [স. √পিশ্+ই] বি. ১ দেহের যে মাংস-পিণ্ডের সংকোচন বা প্রসারণ দ্বারা অঙ্গপ্রত্যঙ্গ নাড়াচাড়া করা যায়, muscle। ২ তরবারির কোষ বা খাপ। ৩ অণ্ড, ডিম্ব।

পেশিকোষ /পেশিকোশ্/ [স. পেশি+কোষ] বি. মানুষ ও অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর পুরুষকুলের দেহসংলগ্ন ছোটো একটি থলিতে অবস্থিত বীর্য উৎপাদনকারী ডিম্বাকৃতি গ্রন্থিজাতীয় দুটি অঙ্গের যে কোনো একটি, অণ্ডকোষ।

পেশিবল /পেশিবল্ / [স. পেশি+বল] বি. শারীরিক শক্তি, বাহুবল।

পেশিবহুল /পেশিবোহুল্ / [স. পেশি+বহুল] বিণ. পেশিময়।

পেশিশক্তি /পেশিশোক্তি/ [স. পেশি+√শক্+তি] বি. দ্র পেশিবল।

পেশোয়াজ /পেশ্ওআজ্ / [ফা.] বি. মহিলাদের পরিধেয় ঘাগরাজাতীয় পায়জামাবিশেষ।

পেষক /পেশক্/ [স. √পিষ্+অক] বিণ. পেষণ করে এমন, পেষণকারী।

পেষণ /পেশন্ / [স. √পিষ্+অন] বি. মর্দন; চূর্ণন।

পেষণি /পেশোনি / [স. পেষণ+ই] বি. ১ শিলনোড়া। ২ জাঁতা, পেষণযন্ত্র। ৩ হামানদিস্তা।

পেষা /পেশা / [বা.] ক্রিবি. ১ পেষণ করা। ২ (আল.) অত্যাচার করা, পীড়ন করা।

পেষাই /পেশাই/ [বা.] বি. ১ পেষণ, দলন। ২ পেষণের পারিশ্রমিক।

পেষানো /পেশানো / [বা.] ক্রিবি. ১ পেষণ করানো। ২ পীড়ন করানো। বিণ. পেষণ করানো হয়েছে এমন।

পেসমেকার /পেস্মেকার্/ [ই.] বি. (হৃৎস্পন্দনের ছন্দ অক্ষুণ্ন রাখার উদ্দেশ্যে) নির্দিষ্ট সময়ের ব্যবধানে হৃদযন্ত্রে বৈদ্যুতিক সংকেত প্রেরণের জন্য দেহের অভ্যন্তরে স্থাপিত ব্যাটারিচালিত সরঞ্জামবিশেষ, pacemaker।

পেস্ট্রি /পেস্ট্রি/ [ফ.] বি. ময়দা ডিম মাখন চিনি প্রভৃতির মণ্ড চুল্লিতে সেঁকে তৈরি কেকজাতীয় খাদ্যবস্তু, pastry।

পেস্তা /পেস্তা/ [ফা.] বি. দক্ষিণ ইউরোপে চাষ করা হয় এমন সবুজাভ শাঁসযুক্ত বাদামজাতীয় ফল বা তার গাছ (আনি. পশ্চিম এশিয়া)।

পৈছা /পোই্ছা/ [বা.] বি. নারীর মণিবন্ধের অলংকারবিশেষ।

পৈতামহ /পোই্তামহো / [স. পিতামহ+অ] বিণ. পিতামহসম্বন্ধীয়।

পৈতৃক /পোই্তৃক্/ [স. পিতৃ+ইক] বিণ. ১ পিতা বা পূর্বপুরুষসম্বন্ধীয়। ২ পূর্বপুরুষ থেকে প্রাপ্ত (*পৈতৃক সম্পত্তি*)।

পৈত্ত /পোই্ত্তো/ [স. পিত্ত+অ] বিণ. ১ পিত্ত-বিষয়ক। ২ পিত্তদোষজনিত। ৩ পিত্তকোষজাত।

পৈত্তিক /পোই্ত্তিক্/ [স. পিত্ত+ইক] বিণ. দ্র পৈত্ত।

পৈলব /পোই্লব্ / [স. পেলব+অ] বি. কোমলতা, পেলবতা।

পৈশাচ /পোই্শাচ্/ [স. পিশাচ+অ] বি. ১ উত্তর-পশ্চিম ভারতে প্রচলিত প্রাচীন ভাষাবিশেষ। ২ বলপূর্বক বিবাহের প্রাচীন পদ্ধতি। বিণ. পিশাচ-সুলভ; পিশাচবিষয়ক। স্ত্রী. পৈশাচী /পোই্শাচি/।

পৈশাচিক /পোই্শাচিক্/ [স. পিশাচ+ইক] বিণ. পিশাচ-সুলভ। স্ত্রী. পৈশাচিকী /পোই্শাচিকি/।

পৈশাচিকতা /পোই্শাচিকতা/ [স. পৈশাচিক+তা] বি. পিশাচসুলভ আচরণ।

পৈশুন /পোই্শুন্ / [স. পিশুন+অ] বি. ১ পিশুন বা কুৎসা রটনাকারীর আচরণ। ২ খলতা। ৩ দ্বেষ।

পৈশুন্য /পোই্শুন্নো /[স. পিশুন+য] বি. দ্র পৈশুন।

পো[১] /পো/ [স. পুত্র >] বি. পুত্র, ছেলে।

পো[২] /পো/ [স. পাদ >] বি. ১ চার ভাগের এক ভাগ, সিকি ভাগ। ২ পাশাখেলার দান।

পোঁ /পোঁ/ [ধ্বন্যা.] বি. ১ সানাইয়ের টানা শব্দ। ২ শঙ্খধ্বনি।

পোঁচ /পোঁচ্/ [দেশি.] বি. ১ প্রলেপ (*রঙের পোঁচ*)। ২ কোনো কিছু কাটার জন্য ছুরির টান।

পোঁচড়া /পোঁচ্ড়া/ [স. প্রলেপ >] বি. ১ প্রলেপ। ২ চুনকামের কাজে বুরুশরূপে ব্যবহৃত দণ্ডের মুখে বাঁধা পাটের গুচ্ছ।

পোঁচলা /পোঁচ্লা/ [স. প্রলেপ >] বি. দ্র পোঁচড়া।

পোঁছ /পোঁছ্ / [বা.] বি. মোছার কাজ (*ঝাড়পোঁছ*)।

পোঁছা[১] /পোঁছা/ [স. পুস্ত >] ক্রিবি. বিণ. মোছা; ঘষে দাগ তোলা।

পোঁছা[২] /পোঁছা/ [স. পুচ্ছ >] বি. ১ মাছের লেজ

www.pathagar.com

(*মাছের পোঁছা*)। ২ মানবদেহের হাতের কবজি থেকে প্রান্তভাগ পর্যন্ত অংশ।

পোঁছানো /পোঁছানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে মোছানো।

পোঁটলা /পোঁট্‌লা/ [স. পোট্টলি >] বি. বড়ো পুঁটলি, গাঁটরি, বোঁচকা।

পোঁটলাপুটলি /পোঁট্‌লাপুট্‌লি/ [বা.] বি. ছোটো ও বড়ো বোঁচকা।

পোঁটা /পোঁটা/ [দেশি.] বি. ১ নাড়ি, অন্ত্র (*মাছের পোঁটা*)। ২ শ্লেষ্মা; শিকনি (*নাকের পোঁটা*)। ৩ (অনাদরে) ছোটো ছেলে।

পোঁত /পোঁত্/ [বা.] বি. প্রোথিত অংশের পরিমাণ; মাটির নিচে প্রোথিত অংশ।

পোঁতা /পোঁতা/ [স. প্রোথিত >] ক্রিবি. ১ প্রোথিত করা (*খুঁটি পোঁতা*)। ২ রোপণ করা (*চারা পোঁতা*)। বিণ. পুঁতে রাখা হয়েছে এমন।

পোঁতানো /পোঁতানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে রোপণ করানো।

পোঁ ধরা /পোঁ ধরা/ ক্রিবি. মোসাহেবি করা।

পোঁ পোঁ /পোঁ পোঁ/ [ধ্বন্যা.] অব্য. অতি দ্রুততার ভাব।

পোক /পোক্/ [স. পুত্তিকা >] বি. দ্র পোকা।

পোকা /পোকা/ [স. পুত্তিকা >] বি. কীট, পতঙ্গ (*পোকাকাটা*)।

পোকামাকড় /পোকামাকোড়্/ [বা.] বি. কীটপতঙ্গ।

পোক্ত /পোক্‌তো/ [ফা.] বিণ. ১ পরিণত। ২ পরিপক্ক। ৩ অভিজ্ঞ। ৪ মজবুত, শক্ত।

পোখরাজ /পোখ্‌রাজ্/ [হি.] বি. উজ্জ্বল হলুদাভ মূল্যবান রত্নবিশেষ, পুষ্পরাগমণি, topaz।

পোগণ্ড /পোগন্‌ডো/ [স. পৌগণ্ড >] বি. ১ পাঁচ থেকে পনেরো বছরের বালক; অপোগণ্ড। ২ বিকলাঙ্গ।

পোচ /পোচ্/ [ই.] বি. অল্প তেল বা ফুটন্ত জলে পক্ক ডিম, poach।

পোছা /পোছা/ [স. প্রশ্ন >] ক্রিবি. জিজ্ঞাসা করা; গণ্য করা, গ্রাহ্য করা; খোঁজখবর নেওয়া।

পোট /পোট্/ [বা.] বি. মনের মিল; সদ্ভাব।

পোটলা /পোট্‌লা/ [স. পোট্টলি >] বি. বড়ো পুঁটলি; গাঁঠরি, বোঁচকা।

পোড় /পোড়্/ [স. পুট >] বি. যন্ত্রণা; কষ্ট; জ্বালা।

পোড়-খাওয়া /পোড়্‌খাওআ/ [বা.] বিণ. ১ আগুনের তাপে পুড়ে শক্ত হয়েছে এমন। ২ (আল.) অভিজ্ঞ; বিচক্ষণ।

পোড়নি /পোড়োনি/ [বা.] বি. দহন; জ্বালাযন্ত্রণা।

পোড়া /পোড়া/ [বা.] ক্রিবি. ১ দগ্ধ হওয়া, পুড়ে যাওয়া। ২ যন্ত্রণা হওয়া। বি. ১ দহন, জ্বালা। ২ যন্ত্রণা (*জ্বালাপোড়া*)। বিণ. ১ দগ্ধ, ভস্মীভূত। ২ মন্দভাগ্য।

পোড়াকপাল /পোড়াকপাল্/ [বা.] বিণ. দুরদৃষ্ট, মন্দভাগ্য।

পোড়ানিয়া /পোড়ানিআ/ [বা.] বিণ. যন্ত্রণাদায়ক।

পোড়ানে /পোড়ানে/ [বা.] বিণ. দ্র পোড়ানিয়া।

পোড়ানো /পোড়ানো/ [বা.] ক্রিবি. ১ দগ্ধ করা, জ্বালানো (*পাতা পোড়ানো*)। ২ যন্ত্রণা দেওয়া। বিণ. দগ্ধ।

পোড়ামুখো /পোড়ামুখো/ [বা.] বিণ. কলঙ্কিত মুখবিশিষ্ট। স্ত্রী. পোড়ামুখি /পোড়ামুখি/।

পোড়ো[১] /পোড়ো/ [বা.] বিণ. অধ্যয়নকারী, পড়ুয়া।

পোড়ো[২] /পোড়ো/ [বা.] বিণ. ১ পতিত; অকর্ষিত। ২ জীর্ণ; অব্যবহৃত, পরিত্যক্ত।

পোড়োজমি /পোড়োজোমি/ [বা.] বি. পতিত জমি।

পোড়োবাড়ি /পোড়োবাড়ি/ [বা.] বি. জীর্ণ ও পরিত্যক্ত বাড়ি, ভূতুড়ে বাড়ি।

পোত[১] /পোত্/ [স. √পূ+ত] বি. নৌকা জাহাজ প্রভৃতি যান (*বিমানপোত*)।

পোত[২] /পোত্/ [স. √পূ+তন্] বি. শিশু।

পোতক /পোতক্/ [স. পোত+ক (স্বার্থে)] বি. ১ পুত্র। ২ শাবক। স্ত্রী. পোতকী /পোতকি/।

পোতন /পোতোন্/ [স. প্রোথ >] বি. প্রথিতকরণ।

পোতা[১] /পোতা/ [বা.] বি. ঘরের মেঝে; ভিত।

পোতা[২] /পোতা/ [স. পৌত্র >] বি. পুত্রের পুত্র, পৌত্র।

পোতাধ্যক্ষ /পোতাদ্‌ধোক্‌খো/ [স. পোত+অধ্যক্ষ] বি. পোতের প্রধান চালক; জাহাজের কর্ণধার।

পোতারোহী /পোতারোহি/ [স. পোত+আরোহী] বি. পোতের যাত্রী; নৌযাত্রী।

পোতাশ্রয় /পোতাস্‌স্রয়্/ [স. পোত+আশ্রয়] বি. নৌকা জাহাজ প্রভৃতি পোতের নিরাপদ আশ্রয়-স্থান; বন্দর, harbour।

পোদ /পোদ্/ [দেশি.] বি. বাঙালি জাতিবিশেষ।

পোদ্দার /পোদ্‌দার্/ [ফা.] বি. ১ মহাজন; কুসীদ-জীবী। ২ মুদ্রা গণনা ও পরীক্ষণের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি। ৩ পদবিবিশেষ।

পোদ্দারি /পোদ্‌দারি/ [ফা.] বি. ১ পোদ্দারের বৃত্তি; মহাজনি। ২ মোড়লিপনা, সর্দারি, কর্তৃত্ব প্রদর্শন।

www.pathagar.com

পোনা /পোনা / [স. পোতাধান >] বি. ১ রুই কাতলা প্রভৃতি মাছের বাচ্চা। ২ রুই কাতলা প্রভৃতি মাছ।

পোয়া[১] /পোআ/ [বা.] বি. চার ভাগের এক ভাগ, সিকিভাগ।

পোয়া[২] /পোআ/ [স. পাদ >] বি. যে দুটি খুঁটির ওপর ভর করে ঢেঁকি ওঠানামা করে।

পোয়া[৩] /পোআ/ [স. পূপ >] বি. গুড় ময়দা প্রভৃতি দিয়ে প্রস্তুত তেলেভাজা খাদ্যবিশেষ (*মালপোয়া*)।

পোয়াটাক /পোআটাক্/ [বা.] বিণ. (অধুনালুপ্ত) এক পোয়া বা তার কাছাকাছি পরিমাণ, পোয়াখানেক।

পোয়াতি /পোআতি/ [স. পোতবতী >] বি. ১ প্রসূতি; অন্তঃসত্ত্বা। ২ নবজাত সন্তানের মাতা।

পোয়ানো /পোআনো/ [বা.] ক্রিবি. ১ সেবন করা (*রোদ পোয়ানো*)। ২ রাত্রির অবসান হওয়া (*রাত পোয়ানো*)। ৩ সহ্য করা (*ঝামেলা পোয়ানো*)। ৪ 'পোহানো'-র চলিত রূপ।

পোয়াবারো /পোআবারো / [বা.] বি. ১ পাশা খেলার সুবিধাজনক দানবিশেষ। ২ (আল.) পরম সৌভাগ্য।

পোয়াল /পোআল্ / [স. পলাল >] বি. খড়, বিচালি।

পোর /পোর্ / [অজ্ঞা.] বি. গোয়ালঘরের মশামাছি তাড়ানোর জন্য যে ধোঁয়া দেওয়া হয়।

পোরা /পোরা / [স. পূর্ণ >] ক্রিবি. ১ পূর্ণ করা, ভরা। ২ খাওয়া (*মুখে পোরা*)। ৩ আটক করা (*জেলে পোরা*)। ৪ পূর্ণ হওয়া (*আশা পোরা*)। বিণ. ১ পূরিত। ২ প্রবিষ্ট। ৩ আবদ্ধ।

পোরানো /পোরানো / [স. পূর্ণ >] ক্রিবি. ১ ভরানো। ২ ঢোকানো।

পোল /পোল্ / [ফা. পুল >] বি. সেতু, সাঁকো।

পোলভল্ট /পোল্ভল্ট্/ [ই.] বি. লম্বা বাঁশের ওপর ভর করে উল্লম্ফন, pole-vault।

পোলা /পোলা/ [দেশি.] বি. পুত্র, ছেলে; সন্তান।

পোলাও /পোলাও/ [ফা.] বি. ঘৃতপক্ক অন্ন।

পোলাপান /পোলাপান / [বা.] বি. ছেলেপিলে।

পোলিও /পোলিও/ [ই.] বি. ভাইরাসজনিত সংক্রামক স্নায়বিক রোগবিশেষ যার ফলে স্থায়ী পক্ষাঘাত বা কোনো কোনো ক্ষেত্রে প্রাণহানি ঘটতে পারে, poliomyelitis।

পোলো[১] /পোলো/ [স. পলব >] বি. বাঁশের সরু শলাকার তৈরি ঝুমকা-আকৃতির মাছ ধরার ফাঁদবিশেষ।

পোলো[২] /পোলো/ [তি.] বি. ঘোড়ায় চেপে কাঠের মাথাওয়ালা লম্বা হাতুড়ি দিয়ে আঘাত করে বল মারতে হয় এমন হকিসদৃশ খেলাবিশেষ, polo।

পোশাক /পোশাক্/ [ফা.] বি. পরিচ্ছদ, বেশ।

পোশাকি /পোশাকি/ [ফা.] বিণ. ১ পোশাকসম্বন্ধীয়। ২ বিশেষ উপলক্ষ্যে ব্যবহৃত। ৩ সভ্য সমাজের রীতি ও রুচি অনুযায়ী (*পোশাকি ভদ্রতা*)। ৪ আনুষ্ঠানিক (*পোশাকি নাম*)। ৫ আড়ম্বরপূর্ণ; লোক-দেখানো, মেকি।

পোশাকি ভদ্রতা /পোশাকি ভদ্রোতা/ বি. লোক-দেখানো ভদ্রতা, ভদ্রতার মুখোশ।

পোষ[১] /পোশ্ / [বা.] বি. অধীনতা স্বীকার, বশ্যতা।

পোষ[২] /পোশ্/ [স. পৌষ >] বি. 'পৌষ'-এর আঞ্চলিক রূপ।

পোষক /পোশক্/ [স. √পুষ্+অক] বিণ. ১ পোষণকারী, পালক। ২ সহায়ক; সমর্থক। ৩ পুষ্টিকর। ৪ খরচে পোষায় এমন।

পোষকতা /পোশোকতা/ [স. পোষক+তা] বি. সহায়তা (*সরকারি পোষকতা*)।

পোষড়া /পোশ্ড়া/ [বা.] বি. ১ পৌষসংক্রান্তিতে পালনীয় উৎসব। ২ কুটুম্বের বাড়িতে শীতের তত্ত্ব প্রেরণের সংস্কার।

পোষণ /পোশন্/ [স. √পুষ্+অন] বি. ১ পালন। ২ পুষ্টিসাধন। ৩ মনে ধারণ (*ঈর্ষা পোষণ*)।

পোষণীয় /পোশোনিয়ো/ [স. √পুষ্+অনীয়] বিণ. ১ পোষণের যোগ্য। ২ প্রতিপাল্য।

পোষা /পোশা / [বা.] ক্রিবি. পোষণ করা; বশে এনে পালন করা (*বিড়াল পোষা*)। বিণ. পোষ মেনেছে এমন (*পোষা পাখি*)।

পোষানো /পোশানো/ [বা.] ক্রিবি. ১ কুলানো। ২ বনিবনা হওয়া। ৩ সহ্য হওয়া (*ধকল পোষানো*)। ৪ অন্যকে দিয়ে পালন করানো। ৫ ক্ষতিপূরণ করা।

পোষিত /পোশিতো/ [স. √পোষি+ত] বি. ১ প্রতিপালিত। ২ বর্ধিত, পুষ্ট।

পোষ্টা /পোশ্টা/ [স. √পুষ্+ত] বিণ. ১ পোষক, পোষণকারী। ২ প্রতিপালক।

পোষ্টাই /পোশ্টাই/ [স. পুষ্ট >] বিণ. পুষ্টিকর (*পোষ্টাই খাদ্য*)। বি. বলবর্ধক ওষুধ।

পোষ্য /পোশ্শো/ [স. √পুষ্+য] বিণ. প্রতিপাল্য, পোষণীয়। বি. পরের অন্নে পালিত ব্যক্তি।

পোষ্যপুত্র /পোশ্শোপুতোরো/ [স. পোষ্য+পুত্র] বি. নিজ সন্তানরূপে গৃহীত ও প্রতিপালিত সন্তান।

পোষ্যবর্গ /পোশ্শোবরগো/ [স. পোষ্য+বর্গ] বি.

www.pathagar.com

প্রতিপালন করতে হয় এমন ব্যক্তিবর্গ।

পোস্ট[১] /পোস্ট্/ [ফ.] বি. ১ ডাক পরিবহণ ও বিলির সরকারি ব্যবস্থা। ২ চাকরিতে নিয়োগের পদ।

পোস্ট[২] /পোস্ট্/ [ই.] বি. খুঁটি, থাম।

পোস্ট অফিস /পোস্ট্ অফিস্/ বি. ডাকমাশুলের বিনিময়ে চিঠিপত্র পার্সেল প্রভৃতি এক স্থান থেকে অন্য স্থানে প্রেরণ ও বিলিবণ্টনের দায়িত্বপ্রাপ্ত সরকারি কার্যালয়, ডাকঘর, post office।

পোস্টকার্ড /পোস্ট্কাড়্/ [ফ. পোস্ট+ই. কার্ড] বি. খোলা ডাকে পাঠানো হয় এমন চিঠি লেখার জন্য ব্যবহৃত ডাকমাশুলযুক্ত শক্ত কাগজের খণ্ড, postcard।

পোস্টমাস্টার /পোস্ট্মাস্টার্/ [ফ. পোস্ট+ই. মাস্টার] বি. ডাকঘরের প্রধান আধিকারিক, postmaster।

পোস্টার /পোস্টার্/ [ই.] বি. দেওয়াল প্রভৃতিতে সেঁটে লাগানো যায় এমন বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি (*দেয়ালে জ্বলজ্বল করছে পোস্টার।* সুভাষ.), poster।

পোস্ত /পোস্তো/ [ফা.] বি. আফিম ফলের বীজ (যা রেঁধে খাওয়া যায়)।

পোস্তা /পোস্তা/ [ফা.] বি. ১ গঞ্জ, আড়ত, বিক্রয়-স্থল (*পোস্তাগোলা*)। ২ পূর্তনির্মাণকার্যে কংক্রিটের ঢালাই জমাটবদ্ধ না হওয়া পর্যন্ত প্রদত্ত ঠ্যাকনা।

পোহানো /পোহানো/ [বা.] ক্রিবি. ১ সেবন করা (*আগুন পোহানো*)। ২ রাত্রির অবসান হওয়া (*রাত পোহানো*)। ৩ সহ্য করা (*ঝামেলা পোহানো*)।

পৌঁছ /পৌঁছ্/ [হি.] বি. ১ গন্তব্যে উপস্থিতি। ২ নাগাল।

পৌঁছানো /পৌঁছানো/ [বা.] ক্রিবি. 'পৌঁছানো'-র কথ্য রূপ।

পৌঁছসংবাদ /পৌঁছ্শংবাদ্/ [বা. পৌঁছ+স. সংবাদ] বি. গন্তব্যে পৌঁছানোর সংবাদ।

পৌঁছা /পৌঁছা/ [বা.] ক্রিবি. ১ গন্তব্যে উপস্থিত হওয়া। ২ নাগাল পাওয়া।

পৌঁছানো /পৌঁছানো/ [বা.] ক্রিবি. ১ গন্তব্যে উপস্থিত হওয়া। ২ নির্দিষ্ট স্থানে রেখে আসা।

পৌগণ্ড /পৌগন্ড়ো/ [স. পোগণ্ড+অ] বি. ১ পাঁচ থেকে পনেরো বছরের বালক; অপোগণ্ড। ২ বিকলাঙ্গ।

পৌণ্ড্র /পৌন্ড্রো/ [স. পুণ্ড্র+অ] বি. ১ আখবিশেষ। ২ তিলক, ফোঁটা। ৩ প্রাচীন বঙ্গের উত্তর অঞ্চলের জনপদবিশেষ। ৪ প্রাচীন জাতিবিশেষ।

পৌত্তলিক /পৌড়্তোলিক্/ [স. পুত্তল+ইক] বিণ. মূর্তিপূজক।

পৌত্তলিকতা /পৌড়্তোলিকতা/ [স. পৌত্তলিক+তা] বি. মূর্তিপূজা।

পৌত্র /পৌড়্ত্রো/ [স. পুত্র+অ] বি. পুত্রের পুত্র বা তত্তুল্য সন্তান, নাতি।

পৌত্রী /পৌড়্ত্রি/ [স. পৌত্র+ঈ] বি. পুত্রের কন্যা বা তৎস্থানীয়া কন্যা, নাতনি।

পৌনঃপুনিক /পৌড়্নোপ্পুনিক্/ [স. পুনঃপুনঃ+ইক] বিণ. ১ নিয়মিতভাবে বারবার ঘটে এমন। ২ (গ.) দশমিক বিন্দুর পরে যে সংখ্যা বারবার ফিরে আসে, recurring।

পৌনঃপুনিকতা /পৌড়্নোপ্পুনিকতা/ [স. পুনঃ+পুনিক+তা] বি. বারবার সংঘটন; পুনঃপুন অনুবর্তন।

পৌনঃপুনিক দশমিক /পৌড়্নোপ্পুনিক্ দশোমিক্/ বি. দশমিক বিন্দুর পর যে সংখ্যা বারবার ফিরে আসে, recurring decimal।

পৌনঃপুন্য /পৌড়্নোপ্পুন্নো/ [স. পুনঃপুনঃ+য] বি. দ্র পৌনঃপুনিকতা।

পৌনর্ভব /পৌড়্নোর্ভবো/ [স. পুনর্ভূ+অ] বি. বিধবা নারীর পুনর্বিবাহিত স্বামীর ঔরসজাত পুত্র।

পৌনে /পৌড়্নে/ [স. পাদোন >] বিণ. এক পাদ বা সিকি কম, চার ভাগের তিন ভাগ (*পৌনে দুই*)।

পৌর /পৌড়্রো/ [স. পুর+অ] বিণ. ১ পুরবাসী, নাগরিক (*পৌরজন*)। ২ নগর বা পুরসংক্রান্ত; মিউনিসিপ্যাল (*পৌরসভা*)। ৩ নাগরিক হিসেবে প্রাপ্য (*পৌর অধিকার*)। বি. পৌরজন।

পৌরপিতা /পৌড়্রোপিতা/ [স. পৌর+পিতা] বি. পুরসভার নির্বাচিত প্রধান, মহানাগরিক।

পৌরব /পৌড়্রব্/ [স. পুরু+অ] বিণ. পুরুবংশীয়। বি. পুরুরাজের বংশধর।

পৌরসভা /পৌড়্রোশভা/ [স. পৌর+সভা] বি. নগরের জনহিতকর কার্যনির্বাহের দায়িত্বে নিয়োজিত স্থানীয় সরকার; মিউনিসিপ্যাল কর্পোরেশন, মিউনিসিপ্যালিটি।

পৌরস্ত্রী /পৌড়্রোস্ত্রি/ [স. পৌর+স্ত্রী] বি. পুর-নারী, অন্তঃপুরবাসিনী।

পৌরাঙ্গনা /পৌড়্রাংগনা/ [স. পৌর+অঙ্গনা] বি. দ্র পৌরস্ত্রী।

www.pathagar.com

পৌরাণিক /পোউরানিক্/ [স. পুরাণ+ইক] বিণ. ১ পুরাতন, প্রাচীন। ২ পুরাণসংক্রান্ত; পুরাণের কাহিনি অবলম্বনে রচিত (*পৌরাণিক নাটক*)।

পৌরুষ /পোউরুশ্/ [স. পুরুষ+অ] বি. ১ পুরুষের গুণ; পুরুষোচিত ভাব বা আচার-আচরণ। ২ পুরুষকার। ৩ তেজ, পরাক্রম। ৪ পুরুষত্ব।

পৌরুষেয় /পোউরুশেয়ো/ [স. পুরুষ+এয়] বিণ. পুরুষসম্পর্কীয়।

পৌরোহিত্য /পোউরোহিত্তো/ [স. পুরোহিত+য] বি. ১ পুরোহিতের বৃত্তি। ২ সভাপতিত্ব; নেতৃত্ব।

পৌর্ণমাসী /পোউর্নোমাশি/ [স. পূর্ণমাস+অ+ঈ] বি. ১ পূর্ণিমাতিথি। ২ বৃন্দাবনের অধিষ্ঠাত্রী দেবী। ৩ বৈষ্ণব সাহিত্যে বর্ণিত বর্ষীয়সী নারী।

পৌর্ব /পোউর্বো/ [স. পূর্ব+অ] বিণ. ১ পূর্বগত, বিগত। ২ পূর্বদিকের; প্রাচ্য। স্ত্রী. পৌর্বী /পোউর্বি/।

পৌর্বাপর্য /পোউর্বাপোর্জো/ [স. পূর্বাপর+য] বি. ১ পূর্ব ও পর সম্বন্ধ; আনুপূর্বিক সম্বন্ধ। ২ ক্রম-পরম্পরা, আনুপূর্বিকতা।

পৌর্বাহ্ণিক /পোউর্বান্নhiক্/ [স. পূর্বাহ্ণ+ইক] বিণ. ১ দ্বিপ্রহরের পূর্বকালীন, প্রাতঃকালীন। ২ পূর্বাহ্ণ-সংক্রান্ত।

পৌলস্ত্য /পোউলোস্তো/ [স. পুলস্তি+য] বি. পুলস্ত্য-মুনির পুত্র কুবের রাবণ কুম্ভকর্ণ ও বিভীষণ।

পৌলোমী /পোউলোমি/ [স. পুলোমন্+অ+ঈ] বি. পুলম দৈত্যের কন্যা, ইন্দ্রের পত্নী শচী।

পৌষ /পোউশ্/ [স. পৌষী+অ] বি. বাংলা পঞ্জিকার নবম মাস, শীতঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৫ই ডিসেম্বর থেকে ১৩ই জানুয়ারি পর্যন্ত কালপর্ব।

পৌষপার্বণ /পোউশ্পার্বোন্/ [স. পৌষ+পার্বণ] বি. পৌষসংক্রান্তি উপলক্ষ্যে নতুন চালের পিঠে খাওয়ার উৎসব।

পৌষসংক্রান্তি /পোউশ্শংক্রান্তি/ [স. পৌষ+সংক্রান্তি] বি. পৌষ মাসের শেষ দিনে পালনীয় ধর্মীয় সংস্কারবিশেষ।

পৌষালি /পোউশালি/ [বা.] বিণ. ১ পৌষ মাসে উৎপন্ন হয় এমন (*পৌষালি ধান*)। ২ পৌষমাস-সম্বন্ধীয়। বি. পৌষ মাসের উৎসব।

পৌষ্টিক /পোউশ্টিক্/ [স. পুষ্টি+ইক] বিণ. পুষ্টিকর; বলকারক। বি. ১ পুষ্টিসাধন ক্রিয়া। ২ ক্ষৌরকর্মের সময় গাত্র আচ্ছাদনের বস্ত্র।

পৌষ্টিকতন্ত্র /পোউশ্টিক্তনত্রো/ [স. পৌষ্টিক+তন্ত্র] বি. শরীরের পুষ্টিসাধনের পদ্ধতি।

পৌষ্টিক নালি /পোউশ্টিক্ নালি/ বি. পরিপাক-যন্ত্রের সঙ্গে যুক্ত খাদ্যনালি, alimentary canal।

প্যাঁ /প্যাঁ/ [ধ্বন্যা.] বি. শিশুর কান্নার শব্দ।

প্যাঁক প্যাঁক /প্যাঁক্ প্যাঁক্/ [ধ্বন্যা.] অব্য. বি. হাঁস ডাকার অনুকার শব্দ।

প্যাঁকাটি /প্যাঁকাটি/ [বা.] বি. পাটখড়ি। বিণ. (আল.) অত্যন্ত কৃশ।

প্যাঁচ /প্যাঁচ্/ [ফা.] বি. ১ মোচড়; পাক (*প্যাঁচ দেওয়া*)। ২ স্ক্রু (*প্যাঁচ আঁটা*)। ৩ চক্রান্ত (*প্যাঁচে ফেলা*)। ৪ জটিল সমস্যা (*প্যাঁচে পড়া*)। ৫ আঁকড়ে ধরার কায়দা (*কুস্তির প্যাঁচ*)। ৬ পরস্পর আক্রমণ বা জড়াজড়ি (*ঘুড়ির প্যাঁচ*)।

প্যাঁচা /প্যাঁচা/ [স. পেচক >] বি. ১ বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ থাইল্যান্ড চীন প্রভৃতি অঞ্চলে বিচরণ করে এবং ছোটোখাটো পাখি ইঁদুর প্রভৃতি ধরে খায় এমন তীক্ষ্ণ নখ ও ধারালো চঞ্চু এবং মাথার সামনের দিকে দুটি বড়ো গোলাকার চোখ-বিশিষ্ট নিশাচর পাখি, পেচক, উলুক। ২ দেবী লক্ষ্মীর বাহন।

প্যাঁচানো /প্যাঁচানো/ [ফা. প্যাঁচ >] ক্রিবি. ১ প্যাঁচ দেওয়া, পাকানো; প্যাঁচ কষে এঁটে দেওয়া। ২ জটিল করা। ৩ কোনো ব্যাপারে জড়িত করা।

প্যাঁচালো /প্যাঁচালো/ [ফা. প্যাঁচ >] বিণ. জটিলতা-পূর্ণ, কুটিল।

প্যাঁড়া /প্যাঁড়া/ [স. পিণ্ড >] বি. ক্ষীরের তৈরি চ্যাপটা মিঠাইবিশেষ।

প্যাঁদানি /প্যাঁদানি/ [দেশি.] বি. (অশা.) গুরুতর প্রহার, বেদম প্রহার।

প্যাঁদানো /প্যাঁদানো/ [দেশি.] ক্রিবি. (অশা.) গুরুতর-ভাবে প্রহার করা, বেদম প্রহার করা।

প্যাকেট /প্যাকেট্/ [ই.] বি. সহজে বহনযোগ্য ঠোঙা বা থলি; মোড়ক, পুঁটলি, পুলিন্দা।

প্যাচপেচে /প্যাচ্পেচে/ [ধ্বন্যা.] বিণ. প্যাচপ্যাচ করে এমন।

প্যাচপ্যাচ /প্যাচ্প্যাচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. জলকাদায় চলার অনুকার শব্দ বা জলকাদায় একাকার হওয়ার ভাব।

প্যাটপ্যাট /প্যাট্প্যাট্/ [দেশি.] বি. তাকানো বা কথা বলার অশালীন ভঙ্গি।

প্যাটরা /প্যাট্রা/ [স. পেটক >] বি. ছোটো বাক্স।

প্যাটার্ন /প্যাটার্ন্/ [ই.] বি. আদল, pattern।

www.pathagar.com

প্যাট্রল /প্যাট্‌ট্রোল্‌/ [জ.] বি. টহল, patrol।

প্যাডেল /প্যাডেল্‌ / [অজ্ঞা.] বি. পায়ের চাপ দিয়ে চাকা ঘোরানোর ছোটো পাটাতন বা পাদান, paddle।

প্যাড়া /প্যাড়া/ [স. পেটক >] বি. বেতের তৈরি বড়ো ঝাঁপিবিশেষ।

প্যাতপেতে /প্যাত্‌পেতে/ [ধ্বন্যা.] বিণ. পাতলা ও নরম।

প্যানপেনে /প্যান্‌পেনে/ [দেশি.] বিণ. প্যানপ্যান করার স্বভাবযুক্ত (*প্যানপেনে স্বভাব*)।

প্যানপ্যান /প্যান্‌প্যান্‌/ [দেশি.] অব্য. নাকি সুরে কান্নার ভাব। বি. নাছোড়বান্দা হয়ে বারবার অনুনয়ের ভাবব্যঞ্জক শব্দ।

প্যানপ্যানানি /প্যান্‌প্যানানি / [দেশি.] অব্য. বি. ঘ্যানঘ্যান করার ভাব।

প্যানপ্যানানো /প্যান্‌প্যানানো / [দেশি.] ক্রিবি. প্যানপ্যান করা।

প্যানেল /প্যানেল্‌/ [ই. panel] বি. ১ কোনো বিষয়ে মতামত প্রদানের জন্য গঠিত ছোটো দল। ২ দরজার পাল্লা।

প্যান্ট /প্যান্‌ট্‌/ [ই.] বি. কোমর থেকে পায়ের গোড়ালি পর্যন্ত আবৃত করে এমন পাজামাজাতীয় পরিধেয়বিশেষ, পাতলুন, trousers।

প্যান্টালুন /প্যান্‌টালুন্‌/ [ই.] বি. দেহের নিম্নাঙ্গে পরিধেয় পাজামাজাতীয় আঁটোসাঁটো পোশাকবিশেষ, pantaloon।

প্যান্ডেল /প্যান্‌ডেল্‌/ [তামি.] বি. উন্মুক্ত স্থানে সভাসমিতি উৎসব প্রভৃতির জন্য ওপরে চাঁদোয়া-সহ নির্মিত অস্থায়ী মন্ডপ, সভামন্ডপ, pandal।

প্যারা /প্যারা / [ফ. paragraph >] বি. একাধিক বাক্যে রচিত গদ্যের অংশ; 'প্যারাগ্রাফ'-এর সংক্ষিপ্ত রূপ।

প্যারাগ্রাফ /প্যারাগ্রাফ্‌/ [ফ.] বি. একাধিক বাক্য দিয়ে গঠিত গদ্যরচনার অংশ, paragraph।

প্যারাশুট /প্যারাশুট্‌/ [ফ.] বি. উড়ন্ত বিমান থেকে নিরাপদে ভূপৃষ্ঠে অবতরণের জন্য ব্যবহৃত হালকা কৃত্রিম কাপড়ের তৈরি বৃহদাকার ছাতাসদৃশ সরঞ্জামবিশেষ, parachute।

প্যারেড /প্যারেড্‌ / [ফ.] বি. সামরিক কুচকাওয়াজ, parade।

প্যালা /প্যালা / [দেশি.] বি. ঠ্যাকনা, ঠেস; অবলম্বন, prop।

প্যাসেঞ্জার /প্যাসেন্‌জার্‌ / [ই.] বি. যানবাহনের যাত্রী; যাত্রী।

প্যাসেঞ্জার ট্রেন /প্যাসেন্‌জার্‌ ট্রেন্‌/ বি. ১ যাত্রীবাহী ট্রেন। ২ সব স্টেশনে থামে এমন রেলগাড়ি।

প্র /প্রো/ [স. √প্রথ্‌+অ] অব্য. উৎকর্ষ আধিক্য ব্যাপকতা সূচনা প্রভৃতি ভাববাঞ্জক উপসর্গ (*প্রবল, প্রখ্যাত*)।

প্রকট /প্রোকট্‌/ [স. প্র+√কট্‌+অ] বিণ. বিশেষভাবে ব্যক্ত; স্পষ্ট; মূর্ত।

প্রকটন /প্রোকটোন্‌/ [স. প্র+√কট্‌+অন] বি. বিশেষভাবে ব্যক্তকরণ; প্রকাশন।

প্রকটলীলা /প্রোকট্‌লিলা/ [স. প্রকট+লীলা] বি. বৃন্দাবনে শ্রীকৃষ্ণের প্রকাশ্য লীলা।

প্রকটিত /প্রোকোটিতো/ [স. প্র+√কট্‌+ত] বিণ. ১ ব্যক্ত; প্রকাশিত; স্পষ্ট। ২ প্রসারিত।

প্রকম্প /প্রোকম্‌পো / [স. প্র+√কম্প্‌+অ] বি. অতিশয় কম্পন, প্রবল কাঁপুনি।

প্রকম্পন /প্রোকম্‌পোন্‌/ [স. প্র+√কম্প্‌+অন] বি. দ্র প্রকম্প।

প্রকম্পিত /প্রোকোম্‌পিতো/ [স. প্র+√কম্প্‌+ত] বিণ. বিশেষভাবে কম্পিত; অতিশয় কম্পনযুক্ত।

প্রকর /প্রোকর্‌/ [স. প্র+√কৃ+অ] বি. ১ ফুলের স্তবক। ২ সমূহ। ৩ সাহায্য। ৪ চত্বর। বিণ. কর্মঠ।

প্রকরণ /প্রোকরোন্‌/ [স. প্র+√কৃ+অন] বি. ১ গ্রন্থের পরিচ্ছেদ। ২ প্রক্রিয়া। ৩ আলোচ্য বিষয়। ৪ সংস্কৃত নাটকের শ্রেণিবিশেষ।

প্রকরণগত /প্রোকরোন্‌গতো / [স. প্রকরণ+গত] বিণ. প্রকরণবিষয়ক।

প্রকর্ষ /প্রোকর্‌শো/ [স. প্র+√কৃষ্‌+অ] বি. শ্রেষ্ঠত্ব, উৎকর্ষ।

প্রকর্ষণ /প্রোকর্‌শোন্‌ / [স. প্র+√কৃষ্‌+অন] বি. ১ উৎকর্ষলাভের জন্য অনুশীলন। ২ আকর্ষণ।

প্রকল্প /প্রোকল্‌পো/ [স. প্র+√কল্পি+অ] বি. ১ পরিকল্পনা, project। ২ যুক্তিতর্কদ্বারা সমর্থিত অনুমান, hypothesis।

প্রকল্পিত /প্রোকোল্‌পিতো / [স. প্র+√কল্পি+ত] বিণ. সংকল্পিত।

প্রকাণ্ড /প্রোকান্‌ডো / [স. প্র+কাণ্ড] বিণ. বড়ো, মস্ত, বিশাল। বি. গাছের গুঁড়ি।

প্রকাম /প্রোকাম্‌/ [স. প্র+√কম্‌+অ] বিণ. যথেষ্ট; প্রচুর।

প্রকার /প্রোকার্‌/ [স. প্র+√কৃ+অ] বি. ১ জাতি; শ্রেণি; ধরন (*বহুপ্রকার মানুষ*)। ২ রীতি; প্রণালি (*কী প্রকারে*)। ৩ প্রভেদ।

প্রকারান্তর /প্রোকারান্‌তর্‌ / [স. প্রকার+অন্তর] বি.

www.pathagar.com

মার্চ পর্যন্ত কালপর্ব। ২ তৃতীয় পান্ডব অর্জুন।

ফাল্গুনি /ফালগুনি/ [স. ফাল্গুন+ই] বি. তৃতীয় পাণ্ডব অর্জুন।

ফাল্গুনী /ফালগুনি/ [স. ফাল্গুন+ঈ] বি. ফাল্গুন মাসের পূর্ণিমা, বাসন্তী পূর্ণিমা।

ফাস্ট /ফা:স্ট/ [ই. fast] বি. ১ উপবাস, অনশন। ক্রিবিণ. দ্রুত। বিণ. দ্রুতগতিসম্পন্ন।

ফাস্ট ট্রেন /ফা:স্ট ট্রেন্/ বি. দ্রুতগামী রেলগাড়ি, fast train।

ফাস্ট ফুড /ফা:স্ট ফুড্/ বি. রেস্তোরাঁ বা ভোজনালয়ে দ্রুত তৈরি করে পরিবেশন করা হয় এমন আহার্য, fast food।

ফি[১] /ফি/ [আ.] বিণ. প্রত্যেক, প্রতি (*ফি সপ্তাহে*)।

ফি[২] /ফি/ [ই. fee] বি. ১ দর্শনি (*ডাক্তারের ফি*)। ২ মাহিনা, বেতন (*স্কুলের ফি*)। ৩ মাশুল।

ফিউজ[১]/ফিউজ্/ [লা.] বি. ১ নিরাপদ মাত্রার চেয়ে অতিরিক্ত বিদ্যুতের প্রবাহ রোধকল্পে সার্কিটে সংযুক্ত বিশেষ ধরনের তার (অতিরিক্ত বিদ্যুৎ প্রবাহের কারণে যা গরম হয়ে গলে যাওয়ার ফলে সংযোগ বিচ্ছিন্ন হয়ে যায়)। ২ প্রবল তাপে গলিতকরণ। ৩ fuse।

ফিউজ[২] /ফিউজ/ [ইতা.] বি. বিস্ফোরক হাতবোমা প্রভৃতি অক্রিয় রাখার বিশেষ ব্যবস্থা, fuse।

ফিক[১] /ফিক্/ [দেশি.] বি. পেশিসংকোচনজনিত আকস্মিক বেদনা, স্নায়ুর আক্ষেপ।

ফিক[২] /ফিক্/ [স. ফক্কা >] বি. দন্তবিকশিত করে মৃদুহাস্য।

ফিকফিক /ফিক্ফিক্/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত ফিক করে হাসি।

ফিকা /ফিকা/ [দেশি.] বিণ. ১ অনুজ্জ্বল, ফ্যাকাশে। ২ অসার, বাজে। ৩ বিস্বাদ, পানসে, জলো।

ফিকির /ফিকির্/ [আ. ফিক্র >] বি. ১ উপায়-চিন্তা; খোঁজখবর। ২ কৌশল। ৩ ফন্দি। ৪ ছল।

ফিকে /ফিকে/ [দেশি.] বিণ. 'ফিকা'-র কথ্য রূপ।

ফিঙে /ফিঙে/ [স. ফিঙ্গক >] বি. ১ আফ্রিকা দক্ষিণ এশিয়া ও অস্ট্রেলিয়ায় বিচরণ করে এমন লম্বা চেরা এবং ছড়ানো লেজবিশিষ্ট কালো রঙের পাখির প্রজাতিবিশেষ। ২ ফিঙের লেজের মতো করে কাটা কাঠের গোঁজ।

ফিঙ্গাক /ফিংগক্/ [স. ফিঙ্গ্+√গৈ+অ+ক (স্বার্থে)] বি. ফিঙে পাখি।

ফিচলেমি /ফিচ্লেমি/ [দেশি.] বি. দ্র ফিচলেমো।

ফিচলেমো /ফিচ্লেমো/ [দেশি.] বি. ফিচেলসুলভ আচরণ; 'ফিচলেমি'-র কথ্য রূপ।

ফিচেল /ফিচেল্/ [দেশি.] বিণ. ১ ধূর্ত, শঠ, ফন্দিবাজ। ২ বাচাল। ৩ লম্পট।

ফিট[১] /ফিট্/ [ই. fit] বি. ১ অজ্ঞান অবস্থা, মূর্ছা। ২ সংযোগ, সংযুক্তি। বিণ. ১ মাপসই (*জামা ফিট হওয়া*)। ২ যোগ্য। ৩ পরিপাটি (*ফিটফাট*)।

ফিট[২] /ফিট্/ [ই.] বি. ১২ ইঞ্চি দৈর্ঘ্যের মাপ, feet।

ফিটকিরি /ফিট্কিরি/ [স. স্ফটিকারি >] বি. রাসায়নিক প্রক্রিয়ায় জাত অ্যালুমিনিয়াম ও পটাশিয়াম সালফেটের কষায়স্বাদ বর্ণহীন যৌগিক কেলাসবিশেষ (জলযুক্ত), ফটকিরি, alum।

ফিটন /ফিটন্/ [ফ.] বি. সামনের দিকে মুখ করা একটি বা দুটি আসনবিশিষ্ট ঘোড়ায় টানা চারচাকার ছাদখোলা গাড়িবিশেষ, phaeton।

ফিটনেস /ফিট্নেস্/ [ই. fitness] বি. ১ যোগ্যতা। ২ যানবাহনের রাস্তায় চলাচলের উপযুক্ততার সনদ (*ফিটনেস সার্টিফিকেট*)। ৩ শারীরিক যোগ্যতা।

ফিটফাট /ফিট্ফাট্/ [ই. ফিট+বা. ফাট] বিণ. পরিপাটি, কেতাদুরস্ত।

ফিটার /ফিটার্/ [ই. fitter] বি. ১ যে শ্রমিক বিভিন্ন যন্ত্রাংশ সংযোজন করে মেশিন কার্যক্ষম করার কাজ করে। ২ যে দরজি মাপমতো কাপড় কাটে বা প্রয়োজনে অদলবদল করে।

ফিতরা /ফিত্রা/ [আ.] বি. ইসলামধর্মের বিধান অনুযায়ী রমজান মাসব্যাপী রোজা পালনের পর দরিদ্রকে নির্দিষ্ট পরিমাণ চাল গম বা তার সমপরিমাণ অর্থ দান করার রীতি।

ফিতা /ফিতা/ [পো.] বি. ১ কাপড়ের তৈরি লম্বা ফালি। ২ দৈর্ঘ্য মাপার জন্য দাগ কাটা কাপড় প্রভৃতির ফালি। ৩ কাপড়ে জোড়া লাগানোর লেস।

ফিতাকৃমি /ফিতাকৃমি/ [পো. ফিতা+স. কৃমি] বি. পরিপাকশক্তি হ্রাস ও স্নায়বিক রোগের জন্য দায়ী মেরুদণ্ডী প্রাণীর বৃহদন্ত্রে জাত ছোটো ফিতাসদৃশ লম্বা ও চ্যাপটা পরজীবী কৃমি, tapewarm।

ফিতে /ফিতে/ [পো.] বি. দ্র ফিতা।

ফিনকি /ফিন্কি/ [স. স্ফুলিঙ্গ >] বি. ১ প্রবল বেগে নির্গত তরল পদার্থের ধারা। ২ অগ্নিকণা।

ফিনফিন /ফিন্ফিন্ / [দেশি.] অব্য. সূক্ষ্মতার ভাব।

ফিনফিনে /ফিন্ফিনে / [দেশি.] বিণ. সূক্ষ্ম, মিহি।

ফিনাইল /ফিনাইল্ / [ফ.] বি. জীবাণুনাশকরূপে

www.pathagar.com

ফাতরামি /ফাত্‌রামি/ [দেশি.] বি. ১ ফাজলামি; দুষ্টুমি। ২ ধাপ্পাবাজি।

ফাতরামো /ফাত্‌রামো/ [দেশি.] বি. দ্র ফাতরামি।

ফাতেহা /ফাতেহা/ [আ.] বি. ১ কোরানের প্রথম সুরা। ২ মৃতব্যক্তির পারলৌকিক কল্যাণের উদ্দেশ্যে সুরা ফাতেহা পাঠ ও প্রার্থনা অনুষ্ঠান।

ফাতেহা ইয়াজদহম /ফাতেহা ইয়াজ্‌দাহাম্‌/ বি. গওসুল আজম বড়ো পির হজরত আবদুল কাদের জিলানির তিরোধান দিবস উপলক্ষ্যে হিজরি পঞ্জিকার রবি-উস-সানি মাসের ১১ তারিখে উদ্‌যাপিত বিশেষ প্রার্থনা অনুষ্ঠান।

ফাতেহা দোয়াজদহম /ফাতেহা দোয়াজ্‌দাহাম্‌/ বি. হজরত মুহম্মদ (সা.)-এর জন্ম ও মৃত্যু দিবস উপলক্ষ্যে হিজরি পঞ্জিকার রবি-উল-আউয়াল মাসের ১২ তারিখে উদ্‌যাপিত বিশেষ প্রার্থনা অনুষ্ঠান।

ফানা /ফানা/ [আ.] বি. ধ্বংস, লয়। বিণ. ১ ধ্বংস-প্রাপ্ত। ২ আত্মহারা।

ফানুস /ফানুশ্‌/ [আ.] বি. ১ আকাশে উড়তে পারে এমন হাইড্রোজেন গ্যাস ভরে ফোলানো বেলুন। ২ তপ্ত বাতাসের সাহায্যে আকাশে ওড়ে এমন বেলুন। ৩ কেরোসিনবাতির চিমনি, দীপাবরণ।

ফান্ড /ফান্‌দ/ [লা.] বি. তহবিল, পুঁজি, fund।

ফান্দ /ফান্‌দ্‌/ [ফা.] বি. ১ পশুপাখি ধরার সরঞ্জাম-বিশেষ। ২ পরিধি, ব্যাস। ৩ (আল.) কূটকৌশল, চক্রান্ত, ফন্দি। ৪ 'ফাঁদ'-এর আঞ্চলিক ও বিকৃত রূপ।

ফাবড়া /ফাবড়া/ [বা.] বি. ছোটো মোটা লাঠি।

ফায়দা /ফায়্‌দা/ [আ.] বি. ১ লাভ; সুফল; উপকার। ২ সুবিধা; সুযোগ।

ফায়দা তোলা /ফায়্‌দা তোলা/ ক্রিবি. সুযোগসুবিধা নেওয়া।

ফারনেস /ফার্‌নেস্‌/ [ই. furnace] বি. ১ খনিজ পদার্থ ধাতু প্রভৃতি গালানোর জন্য ব্যবহৃত উচ্চ তাপমাত্রার বদ্ধ চুল্লিবিশেষ। ২ ঘরবাড়ি বা জল গরম রাখার চুল্লিবিশেষ। ৩ অত্যন্ত গরম স্থান। ৪ আগ্নেয়গিরি।

ফারফোর /ফার্‌ফোর্‌/ [ই. perforated >] বিণ. ১ ছিদ্রযুক্ত, ঝাঁঝরা। ২ ফাঁপা।

ফারসি /ফার্‌সি/ [ফা.] বি. পারস্যদেশের ভাষা। বিণ. পারস্যদেশসম্বন্ধীয়, পারস্যদেশীয়।

ফারাক /ফারাক্‌/ [আ.] বি. তফাত, পার্থক্য, ব্যবধান। বিণ. বিচ্ছিন্ন, পৃথক, আলাদা।

ফারেনহাইট /ফ্যারেন্‌হাইট্‌/ [ব্যক্তি.] বি. জার্মান পদার্থবিদ গ্যাব্রিয়েল ড্যানিয়েল ফারেনহাইট প্রবর্তিত তাপমাত্রা পরিমাপের মানদণ্ডবিশেষ (যে স্কেলে সমুদ্রপৃষ্ঠে অর্থাৎ যেখানে বায়ুমণ্ডলের চাপ ৭৬ সেমি. বিশুদ্ধ জলের গলনাঙ্ক ৩২° এবং স্ফুটনাঙ্ক ২১২° ধরা হয়), Fahrenheit।

ফার্ন /ফার্‌ন্‌/ [ই.] বি. পৃথিবীর প্রায় সর্বত্র উষ্ণ ও আর্দ্র ছায়াঢাকা স্থানে জাত বিবিধ প্রজাতির pteridophyta বর্গের অপুষ্পক উদ্ভিদ, fern।

ফার্নিচার /ফার্‌নিচার্‌/ [ফ.] বি. গৃহসজ্জার যে সকল আসবাবপত্র (চেয়ার টেবিল খাট প্রভৃতি) এক জায়গা থেকে অন্য জায়গায় সরানো যায়, furniture।

ফার্ম[১] /ফার্‌ম্‌/ [স্পে.] বি. অংশীদারি ব্যবসায় বা কারবার, কোম্পানি, firm।

ফার্ম[২] /ফার্‌ম্‌/ [ই.] বি. কৃষিজাত পণ্য উৎপাদন বা পশুপালনের স্থান, খামার, farm।

ফার্মেসি /ফার্‌মেসি/ [ই. pharmacy] বি. ১ চিকিৎসকের ব্যবস্থাপত্র অনুযায়ী ওষুধ প্রস্তুত ও বিতরণ। ২ ওষুধ বিক্রির দোকান, ঔষধালয়।

ফার্স্ট /ফার্‌স্ট্‌/ [ই.] বিণ. প্রথম, first।

ফার্স্ট এইড /ফার্‌স্ট্‌ এইড্‌/ বি. চিকিৎসা আরম্ভ না হওয়া পর্যন্ত আহত ব্যক্তিকে প্রদত্ত প্রাথমিক চিকিৎসা, first aid।

ফাল[১] /ফাল্‌/ [স. √ফল্‌+অ] বি. লাঙলের অগ্রভাগে সংযুক্ত ধারালো লৌহখণ্ড, লাঙলের ফলক।

ফাল[২] /ফাল্‌/ [আঞ্চ.] বি. লম্বা টুকরো; খণ্ড।

ফাল[৩] /ফাল্‌/ [আঞ্চ.] বি. লাফ।

ফালতু /ফালতু/ [আঞ্চ.] বিণ. ১ বাড়তি। ২ তুচ্ছ; খারাপ। বি. কারাগারে আটক বিশেষ শ্রেণিপ্রাপ্ত (সামাজিক স্বীকৃতির বিবেচনায়) বন্দিকে সহায়তা প্রদান ও জেলখানার বিবিধ কাজে নিয়োজিত ডোরাকাটা পোশাক পরিহিত সাজাপ্রাপ্ত কয়েদি।

ফালা /ফালা/ [বা.] বি. লম্বালম্বিভাবে ফালি করে কাটা টুকরো, ফালি; খণ্ড।

ফালাফালা /ফালাফালা/ [বা.] বিণ. ১ কেটে টুকরো টুকরো করা হয়েছে এমন। ২ ছিন্নবিচ্ছিন্ন।

ফালি /ফালি/ [বা.] বি. লম্বালম্বিভাবে কাটা টুকরো, ফালা (*কাপড়ের ফালি*)।

ফালুদা /ফালুদা/ [ফা.] বি. দুধের সর মধু ময়দা ডিম প্রভৃতি সহযোগে তৈরি তরল খাদ্যবস্তু।

ফাল্গুন /ফাল্‌গুন্‌/ [স. ফাল্গুনী+অ] বি. ১ বাংলা বর্ষপঞ্জির একাদশ মাস, বসন্ত ঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৩ই ফেব্রুয়ারি থেকে ১৪ই

www.pathagar.com

ফাঁড়িদার /ফাঁড়িদার/ [দেশি. ফাঁড়ি+ফা. দার] বি. ফাঁড়ির প্রধান ব্যক্তি, পুলিশচৌকির ভারপ্রাপ্ত আধিকারিক।

ফাঁদ /ফাঁদ্/ [ফা. ফন্দ্ >] বি. ১ পশুপাখি ধরার সরঞ্জামবিশেষ। ২ পরিধি, ব্যাস (*বালার ফাঁদ*)। ৩ (আল.) কূটকৌশল, চক্রান্ত, ফন্দি।

ফাঁদ পাতা /ফাঁদ্ পাতা/ ক্রিবি. ১ পশুপাখি ধরার কল পাতা। ২ (আল.) কারো ক্ষতিসাধনের জন্য চক্রান্তজাল বিস্তার করা।

ফাঁদা /ফাঁদা/ [বা.] ক্রিবি. ১ আরম্ভ করা, সূচনা করা (*ব্যবসায় ফাঁদা*)। ২ স্থির করা, আঁটা (*বুদ্ধি ফাঁদা*)। ৩ সবিস্তারে বর্ণনা করা (*গল্প ফাঁদা*)।

ফাঁদালো /ফাঁদালো / [বা.] বিণ. ১ ফাঁদযুক্ত। ২ চওড়া মুখ বা ব্যাসযুক্ত (*ফাঁদালো হাঁড়ি*)।

ফাঁপ /ফাঁপ্/ [বা.] অব্য. ফেঁপে ওঠার ভাব।

ফাঁপর /ফাঁপোর্/ [দেশি.] বি. ১ বিপদ, বিপাক। ২ মনের অস্বস্তি বা শূন্যতা। ৩ হতবুদ্ধি অবস্থা। বিণ. হতবুদ্ধি, কিংকর্তব্যবিমূঢ়।

ফাঁপা /ফাঁপা/ [বা.] ক্রিবি. ১ স্ফীত হওয়া, ফুলে ওঠা। ২ বায়ুপূর্ণ হওয়া (*পেট ফাঁপা*)। ৩ (আল.) বিত্তশালী হওয়া। বিণ. ১ বায়ুপূর্ণ। ২ স্ফীত। ৩ শূন্যগর্ভ।

ফাঁপানো /ফাঁপানো/ [বা.] ক্রিবি. ১ বায়ুপূর্ণ করা, ফোলানো। ২ (আল.) অতিরঞ্জন বা প্রশংসোদ্বারা গর্বিত করা। বিণ. বায়ুপূর্ণ।

ফাঁস[১] /ফাঁশ্/ [স. পাশ >] বি. ১ ইচ্ছা অনুযায়ী শক্ত বা শিথিল করা যায় দড়ির এমন বাঁধন। ২ ফাঁসি। ৩ ফাঁদ; জাল।

ফাঁস[২] /ফাঁশ্/ [ফা. ফাশ >] বিণ. ১ আলগা, শিথিল। ২ প্রকাশিত (*গোপন কথা ফাঁস করা*)।

ফাঁসকল /ফাঁশ্কল্/ [বা.] বি. ১ ফাঁদ; জাল। ২ চাল, চক্রান্ত, কূটকৌশল।

ফাঁসা /ফাঁশা/ [বা.] ক্রিবি. ১ ধসে পড়া; ফেটে যাওয়া। ২ বিফল হওয়া। ৩ জড়িয়ে পড়া (*মামলায় ফাঁসা*)। ৪ গোপন বিষয় প্রকাশ হওয়া। ৫ বুনন বিচ্ছিন্ন হওয়া বা ছিঁড়ে যাওয়া (*কাপড় ফেঁসে যাওয়া*)।

ফাঁসানো /ফাঁশানো/ [বা.] ক্রিবি. ১ কাউকে সমস্যায় জড়িত করা। ২ ছিন্ন করা, চেরা। ৩ বিফল করা।

ফাঁসি /ফাঁশি/ [স. পাশ >] বি. ১ গলায় দড়ির ফাঁস লাগিয়ে হনন (*কাঁদতে আসিনি ফাঁসির দাবী নিয়ে এসেছি* মাহবুব.)। ২ (বধের উদ্দেশ্যে) গলায় ফাঁস লাগানোর দড়ি।

ফাঁসিকাঠ /ফাঁশিকাঠ্/ [বা.] বি. বিচারের রায় অনুযায়ী মৃত্যুদণ্ড কার্যকর করার জন্য তৈরি কাঠের মঞ্চ।

ফাঁসুড়ে /ফাঁশুড়ে/ [বা.] বি. ১ যে ব্যক্তি বিচারের রায় অনুযায়ী ফাঁসির দড়িতে ঝুলিয়ে দণ্ডপ্রাপ্ত আসামির মৃত্যুদণ্ড কার্যকর করে, জল্লাদ। ২ গলায় ফাঁস পরিয়ে হত্যা করে এমন দস্যু।

ফাগ /ফাগ্/ [দেশি.] বি. ১ আবির। ২ আবির দিয়ে রং খেলার উৎসব, হোলি।

ফাগুন /ফাগুন্/ [স. ফাল্গুন >] বি. 'ফাল্গুন'-এর কোমল ও কাব্যিক রূপ (*ফাগুন, হাওয়ায় হাওয়ায় করেছি যে দান—* রবীন্দ্র.)।

ফাগুনসমীরণ /ফাগুনশোমিরন্/ [বা. ফাগুন+স. সমীরণ] বি. বসন্তবাতাস, মলয়।

ফাজলামি /ফাজ্লামি/ [আ. ফাজিল >] বি. ১ বখাটের মতো আচরণ। ২ প্রগল্‌ভতা, বাচালতা।

ফাজলামো /ফাজ্লামো/ [আ. ফাজিল >] বি. দ্র ফাজলামি।

ফাজিল /ফাজিল্/ [আ.] বিণ. ১ বাচাল। ২ বখাটে। ৩ বিদ্বান। ৪ অতিরিক্ত, উদ্‌বৃত্ত।

ফাট /ফাট্/ [হি.] বি. ১ ফাটল, বিদারণ। ২ ফাঁক।

ফাটক /ফাটোক্/ [হি.] বি. ১ কারাগার, হাজত, গারদ। ২ কারাদণ্ড। ৩ সদর দরজা।

ফাটন /ফাটোন্/ [স. স্ফুট >] বি. চিড়, বিদারণ।

ফাটল /ফাটোল্/ [স. স্ফুট >] বি. ১ ফাটা স্থান, ফাঁক, ছিদ্র। ২ চিড় (*সম্পর্কে ফাটল ধরা*)।

ফাটা /ফাটা/ [বা.] ক্রিবি. চিড় খাওয়া; ছিন্নবিচ্ছিন্ন হওয়া। বিণ. বিদীর্ণ।

ফাটানো /ফাটানো/ [বা.] ক্রিবি. বিদীর্ণ করা। বিণ. বিদীর্ণ।

ফাটাফাটি /ফাটাফাটি/ [বা.] বি. পরস্পর মারামারি; প্রবল দ্বন্দ্ব। বিণ. সাংঘাতিক; ভীষণ; আশাতীত।

ফাড়া /ফাড়া/ [দেশি.] ক্রিবি. ১ বিদীর্ণ করা, চেরা। ২ বিচ্ছিন্ন করা, ছেঁড়া।

ফাড়ানো /ফাড়ানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে চেরানো (*কাঠ ফাড়ানো*)।

ফাতনা /ফাত্না/ [স. পত্র >] বি. (মাছ ধরার ছিপে) সুতায় বাঁধা শোলা বা পালকের খণ্ড যা জলে ভেসে থাকে।

ফাতরা /ফাত্রা/ [আ.] বি. ১ কলাগাছের শুকনো পাতার খোল। ২ বৃষ্টির সময় বাংলাদেশের গ্রামাঞ্চলে মাথা ও পিঠের আবরণ হিসেবে ব্যবহৃত কলাগাছের শুকনো পাতার খোল। বিণ. ১ ধূর্ত, শঠ। ২ বাচাল। ৩ বাজে; তুচ্ছ, খেলো।

www.pathagar.com

সুবিধার্থে সম্রাট আকবর কর্তৃক হিজরি ৯৬৩ অব্দ (১৫৫৬ খ্রিষ্টাব্দ) থেকে প্রবর্তিত সৌর অব্দ।

ফসিল /ফ্সিল্/ [ফ.] বি. পাথরে পরিণত জীবদেহ, জীবাশ্ম, fossil। বিণ. (আল.) বাতিল হওয়ার পরেও টিকে আছে এমন।

ফাইন /ফাইন্/ [ই.] বি. জরিমানা, fine।

ফাইনাল /ফাইনাল্/ [ই.] বিণ. সর্বশেষ; চরম; চূড়ান্ত (*ফাইনাল খেলা*), final।

ফাইফরমাশ /ফাইফ্রমাশ্/ [বা. ফাই+ফা. ফরমাইশ্] বি. ছোটোখাটো বিবিধ কাজ করার হুকুম।

ফাইল[১] /ফাইল্/ [ই. file] বি. ১ একত্রে গেঁথে রাখা প্রয়োজনীয় কাগজপত্র, নথি। ২ প্রয়োজনীয় কাগজপত্র একত্রে গেঁথে রাখার জন্য ব্যবহৃত মোটা কাগজ বা প্লাস্টিকের মলাট।

ফাইল[২] /ফাইল্/ [ই.] বি. কঠিন দ্রব্যাদি ঘষে মসৃণ করা বা নির্দিষ্ট আকৃতি প্রদানের জন্য ইস্পাতের সরঞ্জামবিশেষ, উখা, রেতি, file।

ফাইল করা /ফাইল্ করা/ ক্রিবি. ১ প্রয়োজনীয় কাগজপত্র নির্দিষ্ট নথিতে গাঁথা। ২ দায়ের করা, রুজু করা। ৩ ঘষে মসৃণ করা বা নির্দিষ্ট আকৃতি দেওয়া।

ফাইলেরিয়া /ফাইলেরিআ/ [লা.] বি. মশাবাহিত পরভুক জীবাণুবিশেষ জীবদেহে যার সংক্রমণের ফলে শ্লীপদ রোগ হয়, filaria।

ফাউ /ফাউ/ [দেশি.] বি. খুচরা বিক্রয়কালে ক্রেতাকে নির্দিষ্ট পরিমাণের অতিরিক্ত যা দেওয়া হয়। বিণ. অতিরিক্ত, উপরি।

ফাউনটেন পেন /ফাউন্টেন্ পেন্/ বি. লেখার জন্য কালি ভরে রাখা যায় এমন কলম, ঝরনাকলম, fountain pen।

ফাউন্ড্রি /ফাউন্ড্রি/ [ই.] বি. ১ ঢালাইয়ের কারখানা। ২ (অধুনালুপ্ত) ছাপাখানার টাইপ ঢালাই করার কারখানা, foundry।

ফাউল[১] /ফাউল্/ [ই.] বি. ১ নিয়মভঙ্গ। ২ ফুটবল খেলায় নিয়মবহির্ভূত আচরণ, foul।

ফাউল[২] /ফাউল্/ [ই.] বি. মুরগি বা মুরগিজাতীয় গৃহপালিত কুক্কুট, fowl।

ফাঁক /ফাঁক্/ [বা.] বি. ১ তফাত, ব্যবধান। ২ ফাটল; ছিদ্র। ৩ সুযোগসুবিধা। ৪ অবকাশ, অবসর (*ফাঁক পেলে দেখা কোরো*)। ৫ শূন্যতা (*তহবিলের ফাঁক পূর্ণ হল ধনপতির— অবনীন্দ্র.*)। ৬ বাদ (*একদিনও ফাঁক যায় না*)। ৭ লুণ্ঠন। ৮ ত্রুটি, খুঁত (*তার কাজে কোনো ফাঁক নেই*)। ৯ সংগীতের মাত্রাবিশেষ। বিণ. ১ পৃথক। ২ বিদীর্ণ। ৩ শূন্য, খালি।

ফাঁক করা /ফাঁক্ করা/ ক্রিবি. ১ উন্মুক্ত করা। ২ শূন্য করা। ৩ ছিদ্র করা। ৪ প্রচার করা (*গুমোর ফাঁক করা*)।

ফাঁকতাল /ফাঁক্তাল্/ [বা.] বি. ১ হঠাৎ পাওয়া সুযোগ। ২ সংগীতে তালের যে অঙ্গে প্রস্বন বা ঝোঁক পড়ে না।

ফাঁক পাওয়া /ফাঁক্ পাওআ/ ক্রিবি. অবসর পাওয়া; সুযোগ পাওয়া।

ফাঁক ফাঁক /ফাঁক্ ফাঁক্/ বিণ. (পরস্পরের মধ্যে) দূরে দূরে অবস্থিত, ছাড়া ছাড়া।

ফাঁকফোকর /ফাঁক্ফোকোর্/ [বা.] বি. ১ ফাটল, ছিদ্র। ২ অস্পষ্টতা (*আইনের ফাঁকফোকর*)। ৩ সুযোগ।

ফাঁকা /ফাঁকা/ [আ. ফাক >] বিণ. ১ উন্মুক্ত, খোলা (*ফাঁকা মাঠ*)। ২ শূন্য, খালি (*ফাঁকা পকেট*)। ৩ নির্জন (*ফাঁকা রাস্তা*)। ৪ অসার (*ফাঁকা বুলি*)।

ফাঁকা আওয়াজ /ফাঁকা আওআজ্/ বি. ১ বন্দুক থেকে গুলিশূন্য টোটা ছুড়লে যে আওয়াজ হয়, blank fire। ২ (আল.) বৃথা আস্ফালন।

ফাঁকি /ফাঁকি/ [স. ফক্কিকা >] বি. ১ প্রতারণা, ছলনা। ২ ধাপ্পা, ধোঁকা। ৩ কর্তব্যকর্মে অবহেলা। ৪ কূটতর্ক। ৫ সূক্ষ্ম চূর্ণ, গুঁড়ো।

ফাঁকিজুকি /ফাঁকিজুকি/ [আ. ফাক >] বি. প্রবঞ্চনা, শঠতা।

ফাঁকিবাজ /ফাঁকিবাজ্/ [আ. ফাক >] বিণ. ফাঁকি দিতে অভ্যস্ত এমন।

ফাঁকিবাজি /ফাঁকিবাজি/ [আ. ফাক >] বি. কাজে অবহেলা, ফাঁকিবাজসুলভ আচরণ।

ফাঁকে ফাঁকে /ফাঁকে ফাঁকে/ ক্রিবিণ. অবসর সময়ে।

ফাঁড় /ফাঁড়্/ [স. ফণ্ড >] বি. ১ কলসি প্রভৃতির মধ্যদেশের বেড় বা পরিধি। ২ উদর, পেট।

ফাঁড়া /ফাঁড়া/ [মুণ্ডা. ফান্ড়া >] বি. জ্যোতিষ গণনানুযায়ী বিপদের সম্ভাবনা, কল্পিত গ্রহদোষ।

ফাঁড়া কাটানো /ফাঁড়া কাটানো/ ক্রিবি. সম্ভাব্য বিপদ থেকে রক্ষা পাওয়া; প্রাণসংকট কেটে যাওয়া।

ফাঁড়ি /ফাঁড়ি/ [দেশি.] বি. পুলিশের ঘাঁটি, থানার শাখা, চৌকি।

www.pathagar.com

ফলান্বেষী /ফলান্নেশি/ [স. ফল+অনু+√ইষ্+ইন্] বিণ. ১ ফলের সন্ধান করে এমন। ২ সিদ্ধি লাভ করতে ইচ্ছুক।

ফলাফল /ফলাফল্/ [স. ফল+অফল] বি. ১ কাজের পরিণাম বা পরিণতি। ২ মীমাংসা, রায়।

ফলার /ফলার্/ [স. ফলাহার >] বি. অন্ন ও আমিষ ব্যতীত দই চিড়ে প্রভৃতি আহার্য।

ফলারি /ফলারি/ [বা.] বি. ফলগাছের বাগান, orchard।

ফলারে /ফলারে/ [বা.] বি. যে ফলার খেতে ভালোবাসে। বিণ. ফলার তৈরিতে অভিজ্ঞ।

ফলাশন /ফলাশোন্/ [স. ফল+অশন] বিণ. ফলভোজী।

ফলাহার /ফলাহার্/ [স. ফল+আহার] বি. অন্নের পরিবর্তে কেবল ফল আহার।

ফলাহারী /ফলাহারি/ [স. ফল+আ+√হৃ+ইন্] বিণ. ফল ভোজনকারী।

ফলি /ফোলি/ [স. ফলকী >] বি. ছোটো ছোটো ঘন রুপালি আঁশযুক্ত মিঠাপানির চিতলজাতীয় সূক্ষ্ম কাঁটাওয়ালা মাছ, ফলুই, ফলকী।

ফলিত /ফোলিতো/ [স. ফল+ইত] বিণ. ১ ফলবান, ফলযুক্ত। ২ পরীক্ষা বা গবেষণা দ্বারা সত্যরূপে প্রমাণিত। ৩ ব্যাবহারিক (*ফলিত পদার্থবিজ্ঞান*); (পরি.) applied।

ফলিতবিজ্ঞান /ফোলিতোবিগ্‌গ্যান্/ [স. ফলিত+বিজ্ঞান] বি. ব্যাবহারিক বিজ্ঞান।

ফলিতার্থ /ফোলিতার্থো/ [স. ফলিত+অর্থ] বি. প্রধান অংশ, সারাংশ।

ফলুই /ফোলুই/ [স. ফলকী >] বি. ছোটো ছোটো ঘন রুপালি আঁশযুক্ত মিঠাপানির চিতলজাতীয় সূক্ষ্ম কাঁটাওয়ালা মাছ, ফলকী, ফলি।

ফলে /ফলে/ [স. ফল+বা. এ] ক্রিবিণ. ফলত, পরিণামে।

ফলো অন /ফলো অন্/ বি. টেস্ট ক্রিকেট খেলায় প্রথমে যে দল ব্যাট করতে নামে সে দলের প্রথম ইনিংসে সংগৃহীত রানের চেয়ে প্রতিপক্ষ দল প্রথম ইনিংসে ২০০ বা ততোধিক রানে পিছিয়ে পড়লে প্রথম ইনিংস খেলার অব্যবহিত পরে পিছিয়েপড়া দলকে দ্বিতীয় ইনিংসে ব্যাট করতে বাধ্য করার অধিকার, follow-on।

ফলোদয় /ফলোদয়্/ [স. ফল+উদয়] বি. ১ ফলোৎপত্তি। ২ ফল লাভ, উদ্দেশ্যসিদ্ধি।

ফলোন্মুখ /ফলোন্‌মুখ্/ [স. ফল+উন্মুখ] বিণ. অচিরে ফল দেবে এমন।

ফলোপজীবী /ফলোপোজিবি/ [স. ফল+উপ+√জীব্+ইন্] বিণ. ফল বিক্রয় করে জীবিকানির্বাহ করে এমন।

ফলোপধায়ক /ফলোপোধায়োক/ [স. ফল+উপধায়ক] বিণ. ফলপ্রদ, ফলদায়ক।

ফল্গু /ফোল্‌গু/ [স. √ফল্+উ] বি. ১ ভারতের গয়ার মধ্যদিয়ে প্রবাহিত অন্তঃসলিলা নদী। ২ বসন্তকাল। ৩ আবির, ফাগ। বিণ. ১ অসার, তুচ্ছ। ২ মনোরম। ৩ ভেতরে প্রবাহিত অথচ বাহিরে অপ্রকাশিত (*ফল্গুধারা*)।

ফল্গুধারা /ফোল্‌গুধারা/ [স. ফল্গু+ধারা] বি. ১ ফল্গু নদীর ধারা। ২ যে প্রবাহ বাহিরে অপ্রকাশিত। ৩ যে ভাব বা কর্মপদ্ধতি লোকসমাজে প্রচারিত নয়।

ফল্গুন /ফোল্‌গুন্/ [স. ফল্গুনী+অ] বি. ১ ফাল্গুন মাস। ২ অর্জুন।

ফল্গুনী /ফোল্‌গুনি/ [স. √ফল্+উন্+ঈ] বি. পূর্বফল্গুনী ও উত্তরফল্গুনী নক্ষত্রদ্বয়।

ফল্গুপ্রবাহ /ফোল্‌গুপ্রোবাহো/ [স. ফল্গু+প্রবাহ] বি. দ্র ফল্গুধারা।

ফল্গুৎসব /ফোল্‌গুত্‌শব্/ [স. ফল্গু+উৎসব] বি. ফাল্গুন মাসে আবির খেলার উৎসব, দোলযাত্রা।

ফষ্টিনষ্টি /ফোশ্‌টিনোশ্‌টি/ [বা.] বি. হাসিঠাট্টা, লঘু পরিহাস, ফাজলামি।

ফস /ফশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. অসাবধানতা বা আকস্মিকতা সূচক ভাব।

ফসকা /ফশ্‌কা/ [দেশি.] বিণ. আলগা, শিথিল (*ফসকাগেরো*)।

ফসকাগেরো /ফশ্‌কাগেরো/ [দেশি.] বি. শিথিল বাঁধন।

ফসকানো /ফশ্‌কানো/ [দেশি.] ক্রিবি. ১ হড়কানো। ২ হাতছাড়া হয়ে যাওয়া বা আয়ত্তের বাইরে চলে যাওয়া।

ফসফরাস /ফস্‌ফোরাস্/ [লা.] বি. সহজে জ্বলে ওঠে এবং অন্ধকারে আলোকিত হয় এমন মৌলিক অধাতব পদার্থ যার পারমাণবিক সংখ্যা ১৫, phosphorus।

ফসল /ফশোল্/ [আ.] বি. ১ খেতে উৎপন্ন শস্য। ২ (আল.) প্রাপ্ত সুফল; ফল (*পরিশ্রমের ফসল*)।

ফসলি /ফশোলি/ [ফা.] বিণ. ১ ফসল তোলার কাল থেকে গণনা করা হয় এমন। ২ ফসলসংক্রান্ত। ৩ ফলনবিশিষ্ট (*ফসলি জমি*)।

ফসলি সন /ফশোলি শন্/ বি. রাজস্ব আদায়ের

www.pathagar.com

বিষয় নিষ্পত্তির জন্য উচ্চারিত শেষ বাক্য। ২ সারকথা।

ফলকর[১] /ফল্‌কর্‌/ [স. ফল+কর] বি. বৃক্ষে জাত ফল উপভোগের জন্য দেয় রাজস্ব।

ফলকর[২] /ফলোকর্‌/ [স. ফল+কর] বিণ. ১ ফলবান, ফলদায়ক। ২ উপকার হয় এমন, ফলপ্রদ।

ফলকী /ফলোকি/ [স. ফলক+ইন্‌] বি. ছোটো ছোটো ঘন আঁশযুক্ত মিঠাপানির চিতলজাতীয় সূক্ষ্ম কাঁটাওয়ালা রুপালি সাদা মাছ, ফলুই, ফলি।

ফলঙ্গা /ফলংগো/ [হি.] বি. লম্ফ, লাফ।

ফলত /ফলোতো/ [স. ফল+তস্‌] ক্রিবিণ. ১ মোটের ওপর, ফলস্বরূপ; বস্তুত। ২ পরিণামে।

ফলত্রয় /ফলোত্‌ত্রয়/ [স. ফল+ত্রয়] বি. তিন প্রকার ফল (হরিতকি আমলকী ও বহেরা)।

ফলদ /ফলোদো/ [স. ফল+ √দা+অ] বিণ. ১ ফল দেয় এমন, ফলদায়ক। ২ সিদ্ধিদায়ক।

ফলদর্শী /ফলোদোর্‌শি/ [স. ফল+ √দৃশ্‌+ইন্‌] বিণ. পরিণামদর্শী। বি. **ফলদর্শিতা** /ফলোদোর্‌শিতা/।

ফলদায়ক /ফলোদায়োক্‌/ [স. ফল+ √দা+অক] বিণ. দ্র ফলদ।

ফলদায়ী /ফলোদায়ি/ [স. ফল+ √দা+ইন্‌] বিণ. দ্র ফলদ।

ফলন /ফলোন্‌/ [স. √ফল্‌+অন] বি. ১ গাছে ফলের উৎপাদন। ২ সত্যরূপে প্রতিপাদন। ৩ কর্মফল।

ফলন্ত /ফলোন্‌তো/ [স. ফলবন্ত >] বিণ. ফল ধরেছে এমন, ফলবান (*ফলন্ত বৃক্ষ*)।

ফলপাকড় /ফল্‌পাকোড়্‌/ [স. ফল >] বি. নানাবিধ ফলমূল।

ফলপ্রদ /ফলোপ্‌প্রোদো/ [স. ফল+প্রদ] বিণ. ফল দেয় এমন, ফলদায়ক, ফলদ।

ফলপ্রসূ /ফলোপ্‌প্রোশু/ [স. ফল+প্র+ √সূ+ক্বিপ্‌] বিণ. সফল; উপকারী, হিতকারী।

ফলপ্রাপ্তি /ফল্‌প্রাপ্‌তি/ [স. ফল+প্রাপ্তি] বি. ফললাভ, সিদ্ধিলাভ।

ফলবান /ফলোবান্‌/ [স. ফল+বৎ] বিণ. ১ ফল আছে এমন, ফলপূর্ণ, ফলন্ত। ২ কৃতকার্য, সফল। স্ত্রী. **ফলবতী** /ফলোবোতি/।

ফলভাগী /ফলোভাগি/ [স. ফল+ভাগ+ইন্‌] বিণ. ১ কৃত কর্মের পরিণামভোগী। ২ ফলের অংশীদার। স্ত্রী. **ফলভাগিনী** /ফলোভাগিনি/।

ফলভোক্তা /ফলোভোক্‌তা/ [স. ফল+ √ভজ্‌+তৃ] বি. কৃতকর্মের জন্য যে সুখ বা দুঃখ ভোগ করে।

ফলভোগ /ফল্‌ভোগ্‌/ [স. ফল+ভোগ] বি. কৃত-কর্মের জন্য ভালোমন্দ বা সুখদুঃখ ভোগ।

ফলভোগী /ফল্‌ভোগি/ [স. ফল+ √ভোগ্‌+ইন্‌] বিণ. কৃতকর্মের ফলভোগকারী।

ফলমূল /ফলমুল্‌/ [স. ফল+মূল] বি. বিভিন্ন রকমের ফল ও মূল, ফলপাকড়।

ফললাভ /ফলোলাভ্‌/ [স. ফল+লাভ] বি. ফলপ্রাপ্তি।

ফলশালী /ফলোশালি/ [স. ফল+ √শাল্‌+ইন্‌] বিণ. দ্র ফলবান।

ফলশ্রুতি /ফলোস্‌শ্রুতি/ [স. ফল+শ্রুতি] বি. ১ বেদ শ্রবণে প্রাপ্ত পুণ্য। ২ প্রভাব। ৩ (বাংলায়) পরিণাম।

ফলসা /ফল্‌সা/ [ফা.] বি. ভারত ও শ্রীলংকায় বাণিজ্যিকভিত্তিতে চাষ করা হয় এবং শীতের শেষে ফোটে এমন হলুদাভ ছোটো ফুল ও লালচে বেগুনি মটরাকৃতির টকমিষ্ট স্বাদের বেরিজাতীয় ফল বা তার খসখসে পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া)।

ফলসাই /ফল্‌সাই/ [ফা. ফলসা >] বিণ. ১ ফলসার রংবিশিষ্ট। ২ ফলসাজাতীয়।

ফলা[১] /ফলা/ [স. ফল >] ক্রিবি. ১ উৎপন্ন হওয়া। ২ ফলবান হওয়া। ৩ সত্য হওয়া। বিণ. ফল উৎপন্ন করে এমন, ফলন্ত।

ফলা[২] /ফলা/ [স. ফলক >] বি. ১ অস্ত্রের তীক্ষ্ণ প্রান্ত, ফলক। ২ ঢাল।

–ফলা[৩] /ফলা/ [স. ফলক>] বি. ব্যঞ্জনবর্ণের অন্তে অন্তস্থ ব ম র এবং য যুক্তকরণের চিহ্ন (*ব–ফলা ম–ফলা র–ফলা* এবং *য–ফলা*)।

ফলাও /ফলাও্‌/ [হি.] বিণ. ১ প্রচুর, ঢালাও। ২ অতিরঞ্জিত (*ফলাও করে প্রচার*)। ৩ বিস্তীর্ণ, প্রসারিত, প্রশস্ত।

ফলাকাঙ্ক্ষা /ফলাকাংখা/ [স. ফল+ আকাঙ্ক্ষা] বি. কোনো কাজ করার পর তার ফলের প্রত্যাশা।

ফলাগম /ফলাগম্‌/ [স. ফল+আগম] বি. ফল ধরার সময়, ফলের উৎপত্তি।

ফলানা /ফলানা/ [আ.] বি. অনির্দিষ্ট কোনো ব্যক্তি, অমুক।

ফলানো /ফলানো/ [বা.] ক্রিবি. ১ উৎপাদন করা। ২ জাহির করা। ৩ অতিরঞ্জিত করে প্রকাশ করা। বিণ. ১ উৎপাদিত। ২ পরিস্ফুট। ৩ জাহির করা হয়েছে এমন।

ফলান্বেষণ /ফলান্‌নেশন্‌/ [স. ফল+অন্বেষণ] বি. ১ ফলের সন্ধান বা খোঁজ। ২ কার্যসিদ্ধির আশা।

www.pathagar.com

ফতোয়াবাজি /ফ্‌তোআবাজি/ [আ. ফতোয়া+ফা. বাজি] বি. ধর্মব্যবসায়।

ফন্দি /ফোন্‌দি/ [ফা.] বি. ১ গোপন কৌশল, ফাঁদ; চাতুরী, ছল। ২ কূটকৌশল। ৩ মতলব।

ফন্দিফিকির /ফোন্‌দিফিকির্/ [ফা. ফন্দি+আ. ফিকির] বি. ছল, চাতুরী; কৌশল।

ফন্দিবাজ /ফোন্‌দিবাজ্/ [ফা.] বিণ. ফন্দি আঁটিতে দক্ষ এমন, কৌশলী।

ফয়তা /ফয়্‌তা/ [আ.] বি. ১ মৃত ব্যক্তির আত্মার সদ্‌গতির জন্য প্রার্থনা ও ভোজ্যদ্রব্য বিতরণ। ২ শাস্ত্রসম্মত বিচার ও সিদ্ধান্ত।

ফয়সালা /ফয়্‌সালা/ [আ.] বি. ১ মীমাংসা, নিষ্পত্তি, মিটমাট। ২ রায়, বিচারফল।

ফরকানো /ফর্‌কানো/ [হি. ফরকা+বা. আনো] ক্রিবি. ১ ঠিকরে বের হওয়া। ২ ফাঁক করা। ৩ আস্ফালন করা।

ফরজ /ফরোজ্/ [আ.] বি. ধর্মীয় বিধান অনুসারে অবশ্যপালনীয় কাজ; জরুরি কাজ।

ফরফর /ফর্‌ফর্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কাপড় কাগজ প্রভৃতি পাতলা বস্তুর বাতাসে ওড়ার অনুকার শব্দ। ২ পতঙ্গ বা প্রাণীর দ্রুত নড়াচড়ার অনুকার শব্দ। ৩ অতিরিক্ত ও অবান্তর কথন। ৪ ত্বরা বা দ্রুততার ভাব।

ফরফরানি /ফর্‌ফরানি/ [ধ্বন্যা.] বি. চঞ্চলতা।

ফরফরে /ফর্‌ফোরে/ [ধ্বন্যা.] বিণ. ১ ফরফর করে এমন। ২ অতিরিক্ত ও অবান্তর কথা বলে এমন, বাচাল। ৩ চঞ্চল।

ফরমান /ফর্‌মান্/ [ফা.] বি. ১ আদেশ, হুকুম; আদেশপত্র, হুকুমনামা। ২ সংবাদ, খবর; বাণী।

ফরমায়েশ /ফর্‌মায়েশ্/ [ফা.] বি. ১ আদেশ, হুকুম, আজ্ঞা, order। ২ কোনো বস্তু ক্রয় বা সরবরাহের বরাত। ৩ আবদার, বায়না।

ফরমায়েশি /ফর্‌মায়েশি/ [ফা.] বিণ. তৈরি বা সরবরাহের জন্য নির্দেশ দেওয়া হয়েছে এমন (*ফরমায়েশি মালপত্র*)।

ফরমালিন /ফর্‌মালিন্/ [ই.] বি. হাসপাতাল ও গবেষণাগারে জৈব নমুনা সংরক্ষণ বা জীবাণুনাশক-রূপে ব্যবহৃত জলের সঙ্গে ওজনের ৩৭% ফরমালডিহাইড (HCHO) মিশিয়ে তৈরি যৌগ-বিশেষ (ফলমূল শাকসবজি মাছমাংস প্রভৃতির পচনরোধের জন্য ফরমালিনের ব্যবহার স্বাস্থ্যের জন্য মারাত্মক ক্ষতিকর), formalin।

ফরমুলা /ফর্‌মুলা/ [লা.] বি. ১ (গ.) সমস্যা সমাধানের সূত্র। ২ প্রস্তুতপ্রণালি।

ফরসা /ফর্‌শা/ [হি. ফরচা >] বিণ. ১ গৌরবর্ণ। ২ আলোকোজ্জ্বল। ৩ নির্মল। ৪ মেঘমুক্ত। ৫ সাবাড়। ৬ জটিলতাহীন, স্পষ্ট।

ফরসি /ফোর্‌শি/ [আ.] বি. কলকেয় রাখা জ্বলন্ত তামাকের ধোঁয়া (ধাতব পাত্রে সঞ্চিত জলের মধ্য দিয়ে প্রবাহের ফলে শোধিত) সেবনের জন্য ব্যবহৃত দীর্ঘ নলযুক্ত সরঞ্জাম, আলবোলা, গড়গড়া; হুঁকো।

ফরাশ /ফ্‌রাশ্/ [আ.] বি. ১ মেঝে বা তক্তপোশে বিছানোর মোটা সুতোয় বোনা চাদরবিশেষ। ২ যে কর্মচারী অফিস আদালতে ঝাড়ামোছার কাজ করে।

ফরাসি /ফ্‌রাশি/ [ফ.] বি. ১ ফ্রান্সের অধিবাসী। ২ ফ্রান্সের ভাষা। বিণ. ১ ফ্রান্সদেশীয়। ২ ফ্রান্স-সম্বন্ধীয়।

ফরিয়াদ /ফোরিআদ্/ [ফা.] বি. ১ প্রার্থনা; বিচার বা সাহায্য প্রার্থনা। ২ অভিযোগ, নালিশ। ৩ আদালতে অভিযোগ, মামলা-মোকদ্দমা।

ফরিয়াদি /ফোরিআদি/ [ফা.] বি. বিণ. বিচার প্রার্থনাকারী, অভিযোগকারী।

ফর্দ /ফর্‌দো/ [আ.] বি. ১ তালিকা, ফিরিস্তি। ২ খণ্ড বা টুকরো, ফালি।

ফর্দাফাঁই /ফ্‌র্‌দাফাঁই্/ [বা.] বিণ. ছিন্নবিচ্ছিন্ন ও ব্যবহারের অযোগ্য।

ফর্ম /ফর্‌ম্/ [ফ.] বি. ১ নির্দিষ্ট বিবরণপত্র, ছক। ২ দরখাস্তের ছক।

ফর্মা /ফ্‌রমা/ [ফ.] বি. ১ যার মধ্যে গলিত ধাতু বা জলে গোলা প্লাস্টার অব প্যারিস প্রভৃতি ঢেলে নির্দিষ্ট আকৃতি প্রদান করা হয়, ছাঁচ। ২ প্রমিত মাপের ছাপানো কাগজের তা (যা ভাঁজ করে বই বাঁধানো হয়)।

ফল /ফল্/ [স. √ফল্+অ] বি. ১ উদ্ভিদের শস্য বা বীজাধার (আম জাম প্রভৃতি)। ২ লাভ (*ফলের আশা*)। ৩ সমাধান (*অঙ্কের ফল*)। ৪ পরিণাম (*কর্মফল*)। ৫ শাস্তি (*পাপের ফল*)। ৬ মীমাংসা (*খেলার ফল*)। ৭ উপকার (*ওষুধের ফল*)।

ফলক /ফলোক্/ [স. ফল+ক (স্বার্থে)] বি. ১ অস্ত্রের ফলা। ২ ঢাল। ৩ পাত (*নামফলক*)। ৪ ললাটের অস্থি।

ফলকথা /ফল্‌কথা/ [স. ফল+কথা] বি. ১ কোনো

www.pathagar.com

ফটিক /ফোটিক্/ [স. স্ফটিক >] বিণ. স্বচ্ছ, পরিষ্কার, নির্মল। বি. স্বচ্ছ ও সাদা পাথরবিশেষ।

ফটিকচাঁদ /ফোটিক্চাঁদ্/ [বা.] বি. ১ কলঙ্কহীন চাঁদ। ২ (আল.) ফিটফাট গোছের তরুণ যুবক।

ফটিকজল /ফোটিক্জল্ / [বা. ফটিক+স. জল] বি. ১ নির্মল বা স্বচ্ছ জল। ২ চাতক পাখি (কবিকল্পনায় যে পাখি বৃষ্টির জল ছাড়া অন্য জল পান করে না)।

ফটো /ফোটো/ [গ্রি.] বি. দ্র ফটোগ্রাফ।

ফটোকপি /ফোটোকপি/ [গ্রি. ফটো+ই. copy] বি. বিদ্যুতিনীয় পদ্ধতিতে তৈরি কোনো লিখিত দলিল বা চিত্রের হুবহু নকল, চিত্রপ্রতিলিপি, photo-copy।

ফটোগ্রাফ /ফোটোগ্রাফ্ / [গ্রি. photo >] বি. ক্যামেরার পরকলার (lens) সাহায্যে কোনো দৃশ্যের প্রতিকৃতি আলোকসংবেদী পৃষ্ঠের ওপর বিদ্যুতিনীয় পদ্ধতিতে ধারণ ও কাগজের ওপর মুদ্রণ, আলোকচিত্র, ফটো, photograph।

ফটোগ্রাফার /ফোটোগ্রাফার্/ [গ্রি. photo >] বি. আলোকচিত্রগ্রাহক, আলোকচিত্রী, photographer।

ফড়ফড় /ফড়্ফড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কাপড় প্রভৃতি ছেঁড়ার অনুকার শব্দ। ২ কাগজ পালক প্রভৃতি নাড়ানোর শব্দ। ৩ ক্রমাগত বকবক।

ফড়া /ফড়া/ [দেশি.] বি. ১ শাখা। ২ হাত পা প্রভৃতি অঙ্গপ্রত্যঙ্গ।

ফড়িং /ফোড়িং/ [স. পতঙ্গ >] বি. ১ লাফিয়ে চলার সুবিধার্থে যার পেছনের পা দুটি তুলনা-মূলকভাবে লম্বা এমন অর্থোপ্টেরা (orthoptera) গোত্রের তৃণভোজী পতঙ্গবিশেষ। ২ উচ্চিংড়া।

ফড়িঙ্গা /ফোড়িংগা/ [স. পতঙ্গ >] বি. ঝিঁঝি শব্দ করে এমন অর্থোপ্টেরা (orthoptera) গোত্রের পতঙ্গবিশেষ।

ফড়িয়া /ফোড়িআ/ [দেশি.] বি. 'ফড়ে'-র সাধু রূপ।

ফড়ে /ফোড়ে/ [দেশি.] বি. ১ পাইকারি হারে পণ্যদ্রব্য কেনাবেচা যার পেশা, পাইকার। ২ পাইকারি দরে পণ্য কিনে খুচরা দরে বিক্রি করা যার পেশা, দোকানদার। ৩ দালাল। ৪ 'ফড়িয়া'-র কথ্য রূপ।

ফণ /ফন্/ [স. √ফণ্+অ] বি. দ্র ফণা।

ফণধর /ফনোধর্/ [স. ফণ+ধর] বিণ. বি. দ্র ফণাধর।

ফণমণি /ফনোমোনি/ [স. ফণ+মণি] বি. দ্র ফণামণি।

ফণা /ফনা/ [স. √ফণ্+অ+আ (টাপ্)] বি. ছোবল মারতে উদ্যত কেউটে প্রভৃতি বিষধর সাপের চ্যাপটা হয়ে যাওয়া মাথা।

ফণাধর /ফনাধর্/ [স. ফণা+ধর] বিণ. ফণা-ধারণকারী। বি. ফণাধারী সাপ।

ফণামণি /ফনামোনি/ [স. ফণা+মণি] বি. বিষধর সাপের মাথার কল্পিত মণি।

ফণিজা /ফোনিজা/ [স. ফণিন্+√জন্+অ+আ (টাপ্)] বি. দ্র ফণীমনসা।

ফণিভুক /ফোনিভুক্/ [স. ফণি+√ভুজ্+ক্বিপ্] বিণ. সাপ ভক্ষণকারী। বি. (সাপ ভক্ষণ করে বলে) গরুড়।

ফণিভূষণ /ফোনিভুশন্/ [স. ফণি+ভূষণ] বি. ১ সাপ যার গলার ভূষণ, মহাদেব, শিব। ২ সাপের আকৃতিবিশিষ্ট হাতের অলংকারবিশেষ, সর্পবলয়।

ফণিরাজ /ফোনিরাজ্/ [স. ফণি+রাজন্] বি. সর্পকুলের রাজা, অনন্ত, বাসুকি।

ফণী /ফোনি/ [স. ফণ+ইন্] বি. ফণা ধারণ করে এমন প্রাণী, সাপ। স্ত্রী. **ফণিনী** /ফোনিনি/।

ফণীন্দ্র /ফোনিন্দ্রো/ [স. ফণী+ইন্দ্র] বি. নাগরাজ, সর্পরাজ, বাসুকি।

ফণীমনসা /ফোনিমনোশা/ [স. ফণী+মনসা] বি. মরু অঞ্চলে জাত লাল গোলাপি প্রভৃতি বর্ণের ফুল বা তার সাপের ফণাসদৃশ তীক্ষ্ণ কাঁটাওয়ালা কাণ্ড-বিশিষ্ট দীর্ঘজীবী গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. উত্তর আমেরিকা), ফণিজা, নাগফণা, নাগফণী।

ফণীশ্বর /ফোনিশ্শর্/ [স. ফণী+ঈশ্বর] বি. নাগরাজ, সর্পরাজ, বাসুকি।

ফতুয়া /ফোতুআ/ [আ. ফতুহি >] বি. কলারবিহীন হাতাকাটা ছোটো জামাবিশেষ।

ফতুর /ফোতুর্/ [আ.] বিণ. নিঃস্ব, সর্বস্বান্ত, রিক্ত।

ফতে /ফতে/ [আ.] বি. বিজয়। বিণ. ১ সিদ্ধ। ২ বিজিত (*কেল্লাফতে*)।

ফতো /ফতো/ [আ.] বিণ. ১ অন্তঃসারশূন্য (*ফতো বাবু*)। ২ পরপুষ্ট। ৩ দরিদ্র কিন্তু বাইরে জাঁক-জমক ভাব বজায় রাখে এমন।

ফতোয়া /ফতোআ/ [আ.] বি. ১ ইসলাম ধর্মশাস্ত্রসম্মত রায়। ২ স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে ধর্মের নামে প্রদত্ত নির্দেশ।

ফতোয়াবাজ /ফতোআবাজ্/ [আ. ফতোয়া+ফা. বাজ] বিণ. ধর্মের দোহাই দিয়ে স্বার্থ উদ্ধার করে এমন। বি. ধর্মব্যবসায়ী।

www.pathagar.com

ফ /ফ/

ফ /ফ/ বাংলা বর্ণমালার দ্বাবিংশ ব্যঞ্জনবর্ণ এবং ওষ্ঠদ্বারা উচ্চার্য প-এর অঘোষ মহাপ্রাণ ধ্বনির দ্যোতক।

ফক /ফক্/ [ধ্বন্যা.] অব্য. ক্রিবিণ. ১ হঠাৎ, ফস করে। ২ ফাঁক পেয়ে, ফাঁকি দিয়ে।

ফকফক /ফক্ফক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ খুব ফর্সা বা সাদাটে ভাব। ২ দন্তহীন মাড়ির ফাঁক দিয়ে বাতাস বের হওয়ার অনুকার শব্দ।

ফকির /ফোকির্/ [আ.] বি. ১ সংসারত্যাগী সাধুপুরুষ। ২ মরমি সাধক। ৩ সন্ন্যাসী। ৪ ভিক্ষুক। ৫ পদবিবিশেষ। বিণ. নিঃস্ব, সর্বহারা; দরিদ্র।

ফকিরি /ফোকিরি/ [ফা.] বি. ১ ফকির বা সাধুদের বৃত্তি, সন্ন্যাসবৃত্তি। ২ ভিক্ষাবৃত্তি। বিণ. ফকির-বিষয়ক।

ফক্কড় /ফক্কোড়্/ [আ. ফিকরা >] বিণ. ১ বাচাল, প্রগল্‌ভ। ২ প্রবঞ্চক, শঠ, ফেরেববাজ। ৩ ধূর্ত, ধড়িবাজ। ৪ অন্তঃসারশূন্য। ৫ কৌতুকী, বিদূষক।

ফক্কড়ি /ফক্কোড়ি/ [আ. ফিকরা>] বি. ১ বাচালতা, প্রগল্‌ভতা। ২ শঠতা; ধূর্ততা।

ফক্কা /ফক্কা/ [আ. ফিকরা >] বিণ. ১ ফাঁকা, শূন্য। ২ ভুয়া।

ফক্কিকা /ফোক্কিকা/ [স. √ফক্ক+অক+আ (টাপ্)] বি. ১ প্রতারণা; বঞ্চনা। ২ কূটপ্রশ্ন; কূটতর্ক।

ফক্কিকার /ফোক্কিকার্/ [স. ফক্কিকা >] বি. ১ প্রতারণা। ২ ফাঁকিবাজি।

ফক্কিকারি /ফোক্কিকারি/ [স. ফক্কিকা >] বি. দ্র ফক্কিকার।

ফজ্জাবেনে /ফংগোবেনে/ [স. ভঙ্গপ্রবণ >] বিণ. ১ ঠুনকো। ২ হালকা। ৩ অসার, সারবস্তুহীন।

ফচকে /ফোচ্কে/ [দেশি.] বিণ. ১ লঘুপ্রকৃতির, চটুল। ২ বাচাল; ফাজিল।

ফচকেমি /ফোচ্কেমি/ [দেশি.] বি. ১ ফচকের ভাব। ২ বাচালতা।

ফচফচ /ফচ্ফচ্/ [ধ্বন্যা.] বি. ১ বাচালতা। ২ ক্রমাগত বিরক্তিকর ও অবান্তর কথন।

ফজর /ফজ্‌র্/ [আ.] বি. ভোরে পুব আকাশে আলোর রেখা প্রকাশ পাওয়ার সময় থেকে সূর্যোদয় পর্যন্ত সময়, প্রাতঃকালে নামাজের সময়; উষাকাল, প্রাতঃকাল, প্রত্যুষ।

ফজল /ফজ্‌ল্/ [আ.] বি. ১ অনুগ্রহ (*আল্লাহর ফজল*)। ২ পুরস্কার।

ফজলি /ফোজ্‌লি/ [আ. ফজল >] বি. বাংলাদেশের চাপাইনবাবগঞ্জ ও পশ্চিমবঙ্গের মালদহ অঞ্চলে উৎপন্ন বৃহদাকার আমের প্রজাতিবিশেষ।

ফজিলত /ফোজিলত্/ [আ.] বি. ১ শ্রেষ্ঠতা, উৎকর্ষ। ২ সমৃদ্ধি। ৩ বরকত।

ফজিহত /ফোজিহত্/ [আ.] বি. ১ কলঙ্ক, অপযশ, ২ অসম্মান। ৩ ভর্ৎসনা। ৪ কলহ; হাঙ্গামা।

ফজুল /ফোজুল্/ [আ.] বিণ. ১ অনাবশ্যক (*ফজুল কথা*)। ২ অতিরিক্ত।

ফট /ফট্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কোনোকিছু ফাটার অনুকার শব্দ। ২ ক্ষিপ্রতার ভাব (*ফট করে ঘুরে এসো*)।

ফটক /ফটোক্/ [হি.] বি. ১ সদর দরজা, সিংহদ্বার; তোরণ। ২ জেলখানা, কারাগার, ফাটক।

ফটকা[১] /ফট্কা/ [বা.] বি. ১ বাজারে পণ্যমূল্যের অনিশ্চিত হ্রাসবৃদ্ধিনির্ভর ব্যবসায় (*ফটকা বাজার*)। ২ ঝুঁকির ব্যবসায়ে অর্থ বিনিয়োগ।

ফটকা[২] /ফট্কা/ [দেশি.] বি. মৎস্যভুক পাখিবিশেষ।

ফটকাগিরি /ফট্কাগিরি/ [বা. ফটকা+ফা. গিরি] বি. দ্র ফটকাবাজি।

ফটকাবাজ /ফট্কাবাজ্/ [বা. ফটকা+ফা. বাজ] বি. পণ্যমূল্যের হ্রাসবৃদ্ধিনির্ভর ব্যবসায় যার পেশা।

ফটকাবাজি /ফট্কাবাজি/ [বা. ফটকা+ফা. বাজি] বি. ফটকাব্যবসায়ীর বৃত্তি।

ফটকিরি /ফোট্কিরি/ [স. স্ফটিকারি >] বি. রাসায়নিক প্রক্রিয়ায় জাত অ্যালুমিনিয়াম ও পটাশিয়াম সালফেটের কষায় স্বাদ বর্ণহীন যৌগিক কেলাসবিশেষ (জলযুক্ত), ফিটকিরি, alum।

ফটফট /ফট্ফট্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত ফট শব্দ।

ফটাফট /ফটাফট্/ [ধ্বন্যা.] অব্য. ক্রিবিণ. ১ দ্রুতগতিতে, চট করে। ২ ফটফট শব্দ সহকারে।

ফটাস /ফটাশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. কোনোকিছু জোরে ফেটে যাওয়ার অনুকার শব্দ।

www.pathagar.com

প্লবমান /প্লোবোমান্/ [স. √প্লু+মান (শানচ্)] বিণ. ভাসছে এমন, ভাসমান।

প্লাইউড /প্লাইউড্/ [ই.] বি. দুই বা ততোধিক পাতলা কাঠের স্তর আড়াআড়িভাবে আঠা দিয়ে জুড়ে তৈরি তক্তা যা সহজে বাঁকানো যায় না, plywood।

প্লাগ /প্লাগ্/ [জ.] বি. ১ বৈদ্যুতিক সকেটের সঙ্গে সংযোগের জন্য অপরিবাহী খাপে আবৃত ধাতব পিনযুক্ত সরঞ্জাম। ২ ছিপি। ৩ plug।

প্লাটিনাম /প্লাটিনাম্/ [স্পে.] বি. মৌলিক অক্রিয় বহুমূল্য ধাতুবিশেষ যার পরমাণু সংখ্যা ৭৮, platinum।

প্লাব /প্লাবো/ [স. √প্লু+ণিচ্+অ] বি. দ্র প্লাবন।

প্লাবক /প্লাবোক্/ [স. √প্লু+ণিচ্+অক] বিণ. দ্র প্লাবী।

প্লাবন /প্লাবোন্/ [স. √প্লু+ণিচ্+অন] বি. পাহাড়ি ঢল অতিবৃষ্টি প্রভৃতি কারণে জলস্ফীতি, বন্যা।

প্লাবিত /প্লাবিতো/ [স. √প্লু+ণিচ্+ত] বিণ. ১ বন্যার ফলে নিমজ্জিত, জলমগ্ন। ২ ভেসে গেছে এমন।

প্লাবী /প্লাবি/ [স. প্লাব+ইন্] বিণ. প্লাবিত করে এমন, প্লাবনকারী।

প্লাস[১] /প্লাস্/ [লা.] বি. যোগচিহ্ন।

প্লাস[২] /প্লাস্/ [ই. pliers >] বি. কোনো বস্তুকে শক্ত করে আঁকড়ে ধরার জন্য ব্যবহৃত হাতিয়ারবিশেষ, pliers-এর বঙ্গীকৃত রূপ।

প্লাস্টার /প্লাস্টার্/ [ই. plaster] বি. ১ দেওয়ালে লাগানোর চুন সিমেন্ট বালি প্রভৃতির আস্তর, পলেস্তারা। ২ প্রলেপ। ৩ মলমের প্রলেপ; পটি।

প্লাস্টিক/প্লাস্টিক্/ [ফ.] বি. কৃত্রিম পলিমার থেকে রাসায়নিক প্রক্রিয়ায় উৎপাদিত তাপ ও বিদ্যুৎ অপরিবাহী এবং পরিবেশবান্ধব নয় (পচনশীল নয়) এমন পদার্থ যাতে তাপ প্রয়োগ করে যে-কোনো আকৃতি প্রদান করা যায়, plastic।

প্লিহা /প্লিহা/ [স. √প্লিহ্+অন্] বি. অধিকাংশ মেরুদন্ডী প্রাণীর পাকস্থলীর নিচে বাঁদিকে অবস্থিত ডিম্বাকৃতি উদরীয় অঙ্গবিশেষ (যা রক্ত শোধন ও রক্তকণিকার আধাররূপে কাজ করে এবং রোগ প্রতিরোধের ক্ষমতা বাড়ায়), পিলা, পিলে, spleen। ২ প্লিহাবৃদ্ধি রোগ।

প্লুত /প্লুতো/ [স. √প্লু+ত] বিণ. ১ প্লাবিত। ২ সম্পূর্ণ সিক্ত। বি. ১ প্রধানত সংগীতে তিনমাত্রাযুক্ত স্বর। ২ লাফ। ৩ ঘোড়ার চলনভঙ্গি।

প্লুতগতি /প্লুতোগোতি/ [স. প্লুত+গতি] বি. লাফ দিয়ে চলার ভঙ্গি।

প্লুতস্বর /প্লুতোশর্/ [স. প্লুত+স্বর] বি. গান গাওয়া কান্না বা দূর থেকে ডাকার সময় অনেকক্ষণ ধরে টেনে উচ্চারণ করা যায় এমন স্বর।

প্লেগ /প্লেগ্/ [ই.] বি. ইঁদুরের মাধ্যমে ছড়ায় এমন ব্যাকটেরিয়াজাত সংক্রামক ও প্রাণঘাতী রোগ, plague।

প্লেট /প্লেট্/ [ই. plate] বি. ১ ছোটো থালা, রেকাবি। ২ মুদ্রণশিল্পে ব্যবহৃত দস্তা তামা বা ইস্পাতের পাতলা চাদরবিশেষ।

প্লেন[১] /প্লেন্/ [ই. plain] বিণ. মসৃণ, সমতল; তেলতেলে। ২ সাদাসিধে, আড়ম্বরহীন।

প্লেন[২] /প্লেন্/ [ই.] বি. আকাশপথে বাতাসের ওপর ভর করে চলে এমন (সম-আয়তনবিশিষ্ট বাতাসের চেয়ে ভারী) যাত্রী বা পণ্যবাহী পোত, উড়োজাহাজ, বিমান, plane, aircraft।

প্ল্যাটফরম /প্ল্যাট্ফর্ম্/ [ফ.] বি. ১ স্টেশনে রেলগাড়িতে যাত্রীদের ওঠানামার জন্য রেল-লাইনের ধার ঘেঁষে নির্মিত উঁচু ও লম্বা সমতল মেঝে। ২ মঞ্চ, বেদি, পাটাতন। ৩ বহিঃসমুদ্রে তৈল উত্তোলনের জন্য ব্যবহৃত মঞ্চ। ৪ রাজনৈতিক দলের অবস্থানগত নীতি।

প্ল্যান /প্ল্যান্/ [ফ.] বি. ১ পরিকল্পনা। ২ নকশা। ৩ ফন্দি। ৪ plan।

প্ল্যানচেট /প্ল্যানচেট্/ [ফ.] বি. কল্পিত প্রেতাত্মার সঙ্গে বার্তা বিনিময়ের জন্য ব্যবহৃত পেনসিলযুক্ত ফলকবিশেষ, planchette।

প্ল্যানেটেরিয়াম /প্ল্যানেটেরিআম্/ [লা.] বি. গ্রহ-নক্ষত্রের অবস্থান গতি প্রভৃতির প্রদর্শশালা, planetarium।

www.pathagar.com

সেচন করা হয়েছে এমন, সিঞ্চিত। ২ যজ্ঞে বলি দেওয়া হয়েছে এমন।

প্রোজ্জ্বল /প্রোজ্‌জ্বল্‌/ [স. প্র+উজ্জ্বল] বিণ. বিশেষভাবে উজ্জ্বল।

প্রোঞ্ছিত /প্রোজ্‌ঝিতো/ [স. প্র+√উঞ্ছ্‌+ত] বিণ. পরিত্যক্ত, বর্জিত।

প্রোটন /প্রোটন্‌/ [গ্রি.] বি. ইলেক্ট্রনের ১৮৩৬ গুণ ভরবিশিষ্ট পরমাণুর কেন্দ্রে অবস্থিত ধনাত্মক আধানযুক্ত মৌলিক কণা, proton।

প্রোটিন /প্রোটিন্‌/ [ফ.] বি. (সকল জীবের শক্তি উৎপাদনের জন্য অপরিহার্য) অ্যামিনো অ্যাসিডের একটি পলিমার, দেহসার, protein।

প্রোটিনসংবলিত /প্রোটিন্‌শংবোলিতো/ [ফ. প্রোটিন +স. সংবলিত] বিণ. প্রোটিনযুক্ত।

প্রোটিনসমৃদ্ধ /প্রোটিন্‌শমৃদ্‌ধো/ [ফ. প্রোটিন+স. সমৃদ্ধ] বিণ. প্রোটিনের প্রাচুর্যবিশিষ্ট।

প্রোত /প্রোতো/ [স. প্র+√বে+ত] বিণ. ১ সুতোয় গাঁথা। ২ খচিত। ৩ জড়িত।

প্রোৎফুল্ল /প্রোত্‌ফুল্‌লো/ [স. প্র+উৎফুল্ল] বিণ. অত্যন্ত আনন্দিত।

প্রোৎসাহ /প্রোত্‌শাহো/ [স. প্র+উৎসাহ] বি. ১ বিপুল উৎসাহ বা প্রেরণা। ২ প্রযত্ন। ৩ উত্তেজনা।

প্রোৎসাহক /প্রোত্‌শাহোক্‌/ [স. প্র+উৎসাহক] বিণ. উৎসাহদাতা, প্রবল উৎসাহ বা প্রেরণা দানকারী।

প্রোৎসাহন /প্রোত্‌শাহোন্‌/ [স. প্র+উৎসাহন] বি. প্রবল উৎসাহ বা প্রেরণা দান।

প্রোৎসাহিত /প্রোত্‌শাহিতো/ [স. প্র+উৎসাহিত] বিণ. অতিশয় উৎসাহ বা প্রেরণাপ্রাপ্ত। স্ত্রী. প্রোৎসাহিতা /প্রোত্‌শাহিতা/।

প্রোথিত /প্রোথিতো/ [স. √প্রোথ্‌+ত] বিণ. পোঁতা হয়েছে এমন, ভূমিতে নিহিত।

প্রোদ্ভিন্ন /প্রোদ্‌ভিন্নো/ [স. প্র+উদ্ভিন্ন] বিণ. ১ বিদীর্ণ করে নির্গত, উদ্‌গত। ২ প্রস্ফুটিত, বিকশিত।

প্রোন্নত /প্রোন্‌নতো/ [স. প্র+উন্নত] বিণ. অতি উন্নত বা উঁচু।

প্রোষিত /প্রোশিতো/ [স. প্র+√বস্‌+ত] বিণ. বিদেশগত, প্রবাসী। স্ত্রী. প্রোষিতা /প্রোশিতা/।

প্রোষিতপত্নীক /প্রোশিতোপোত্‌নিক্‌/ [স. প্রোষিত+ পত্নীক] বি. যে ব্যক্তির পত্নী প্রবাসে বাস করে।

প্রোষিতভর্তৃকা /প্রোশিতোভোর্‌তৃকা/ [স. প্রোষিত+ ভর্তৃ+কন্‌+আ (টাপ্‌)] বি. যে নারীর স্বামী প্রবাসে বাস করে।

প্রোষিতভার্য /প্রোশিতোভার্‌জো/ [স. প্রোষিত+√ভৃ +য] বি. দ্র প্রোষিতপত্নীক।

প্রোষ্ঠ /প্রোশ্‌ঠো/ [স. প্র+ওষ্ঠ] বি. বৃষ।

প্রোষ্ঠপদ /প্রোশ্‌ঠোপদ্‌/ [স. প্রোষ্ঠ+পদ] বি. বাংলা বর্ষপঞ্জির পঞ্চম মাস, শরৎঋতুর প্রথম মাস, ভাদ্রমাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৬ই আগস্ট থেকে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত কালপর্ব।

প্রোষ্ঠপদা /প্রোশ্‌ঠোপদা/ [স. প্রোষ্ঠপদ+অ+আ (টাপ্‌)] বি. পূর্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ নক্ষত্র।

প্রোষ্ঠপদী /প্রোশ্‌ঠোপোদি/ [স. প্রোষ্ঠপদ+অ+ঈ] বি. ভাদ্রমাসের পূর্ণিমাতিথি।

প্রোষ্ঠী /প্রোশ্‌ঠি/ [স. প্রোষ্ঠ+ঈ] বি. পুঁটিমাছ।

প্রোসিনিয়াম /প্রোসিনিআম্‌/ [লা.] বি. রঙ্গমঞ্চের যবনিকা ও দর্শকদের মধ্যবর্তী অংশ, proscenium।

প্রৌঢ় /প্রোঢ়ো/ [স. প্র+√বহ্‌+ত] বিণ. যৌবন ও বার্ধক্যের মধ্যবর্তী বয়ঃপ্রাপ্ত ব্যক্তি, প্রবীণ। স্ত্রী. প্রৌঢ়া /প্রোঢ়া/।

প্রৌঢ়তা /প্রোঢ়োতা/ [স. প্রৌঢ়+তা] বি. প্রবীণতা।

প্রৌঢ়ত্ব /প্রোঢ়ত্‌তো/ [স. প্রৌঢ়+ত্ব] বি. প্রৌঢ়তা।

প্রৌঢ়ি /প্রোঢ়ি/ [স. প্র+√বহ্‌+তি] বি. ১ সম্পূর্ণতা। ২ যোগ্যতা। ৩ প্রবৃদ্ধি। ৪ নৈপুণ্য। ৫ উদ্যোগ।

প্রৌঢ়িবাদ /প্রোঢ়িবাদ্‌/ [স. প্রৌঢ়ি+বাদ] বি. হঠকারিতাপূর্ণ কথাবার্তা।

প্র্যাকটিস /প্র্যাক্‌টিস্‌/ [ই. practice] বি. ১ অনুশীলন, চর্চা। ২ ডাক্তারি ওকালতি প্রভৃতি বৃত্তি (*প্রাইভেট প্র্যাকটিস*)।

প্লক্ষ /প্লোক্‌খো/ [স. √প্লক্ষ্‌+অ] বি. ১ পুরাণোক্ত সপ্তদ্বীপের (জম্বু কুশ প্লক্ষ শাল্মলি ক্রৌঞ্চ শাক ও পুষ্কর) একটি। ২ অশ্বত্থ বা পাকুড় গাছ।

প্লব /প্লোবো/ [স. √প্লু+অ] বি. ১ লম্ফ। ২ সন্তরণ। ৩ ভেলা, উডুপ। ৪ ভেক। ৫ জলচর পাখি।

প্লবগ /প্লোবোগো/ [স. প্লব+√গম্‌+অ] বিণ. লাফিয়ে চলে এমন। বি. ১ বানর। ২ ব্যাং, ভেক। ৩ মৃগ।

প্লবগতি /প্লোবোগোতি/ [স. প্লব+√গম্‌+তি] বি. ১ লাফিয়ে চলার গতি। ২ (লাফিয়ে চলে বলে) ব্যাঙ বানর খরগোশ প্রভৃতি প্রাণী।

প্লবচর /প্লোবোচর্‌/ [স. প্লব+চর] বি. হাঁস ডাহুক প্রভৃতি উভচর পাখি।

প্লবতা /প্লোবোতা/ [স. প্লব+তা] বি. ভেসে থাকতে পারার গুণ, buoyancy।

প্লবন /প্লোবোন্‌/ [স. √প্লু+অন] বি. ১ ভাসন, উন্মজ্জন। ২ সন্তরণ। ৩ লাফ দিয়ে গমন।

www.pathagar.com

প্রেমমাধুরী /প্রেমোমাধুরি/ [স. প্রেম+মাধুরী] বি. প্রেমের মাধুর্য।

প্রেমহিল্লোল /প্রেমোহিল্‌লোল্‌/ [স. প্রেম+হিল্লোল] বি. প্রেমতরঙ্গ, প্রেমলহরী।

প্রেমহীন /প্রেম্‌হিন্‌/ [স. প্রেম+√হা+ত] বিণ. ভালোবাসা নেই এমন।

প্রেমানন্দ /প্রেমানন্‌দো/ [স. প্রেম+আনন্দ] বি. প্রেম বা ভালোবাসার আনন্দ।

প্রেমানল /প্রেমানল্‌/ [স. প্রেম+অনল] বি. ভালোবাসার আগুন, প্রেমাগ্নি।

প্রেমাবতার /প্রেমাবোতার্‌/ [স. প্রেম+অবতার] বি. প্রেমের অবতার, চৈতন্যদেব।

প্রেমারা /প্রেমারা/ [পো.] বি. বাজি রেখে তাসখেলা।

প্রেমাসক্ত /প্রেমাশক্‌তো/ [স. প্রেম+আসক্ত] বিণ. ভালোবাসায় আসক্ত।

প্রেমাসক্তি /প্রেমাশোক্‌তি/ [স. প্রেম+আসক্তি] বি. ভালোবাসার প্রতি অনুরাগ।

প্রেমিক /প্রেমিক্‌/ [স. প্রেমন্‌+ইক] বি. বিণ. ১ প্রণয়ী। ২ অনুরক্ত, ভক্ত। ৩ পূজারি (*আজ সৌন্দর্যের প্রকৃত প্রেমিক চাই;* রফিক.)। স্ত্রী. **প্রেমিকা** /প্রেমিকা/।

প্রেমী /প্রেমি/ [স. প্রেমন্‌+ইন্‌] বিণ. প্রেমযুক্ত, অনুরক্ত। বি. প্রেমিক।

প্রেয় /প্রেয়ো/ [স. প্রেয়স্‌ >] বিণ. ১ প্রিয়। ২ বাঞ্ছিত, ঈপ্সিত।

প্রেয়সী /প্রেয়োশি/ [স. প্রেয়স্‌+ঈ] বি. বিণ. প্রিয়া, প্রিয়তমা।

প্রেরক /প্রেরক্‌/ [স. প্র+√ঈরি+অক] বিণ. প্রেরণকারী। স্ত্রী. **প্রেরিকা** /প্রেরিকা/।

প্রেরণ /প্রেরন্‌/ [স. প্র+√ঈরি+অন] বি. ১ প্রেষণ। ২ নিয়োগ। ৩ প্রণোদন।

প্রেরণরত /প্রেরন্‌রতো/ [স. প্রেরণ+রত] বিণ. ১ প্রেরণ করা হচ্ছে এমন। ২ প্রচারিত হচ্ছে এমন; প্রচাররত; (সম্প্রচারের পরিভাষা) ON AIR।

প্রেরণা /প্রেরোনা/ [স. প্রেরণ+আ (টাপ্‌)] বি. ১ উৎসাহ, উদ্দীপনা (*কোনো কালে একা হয়নিকো জয়ী পুরুষের তরবারি, /প্রেরণা দিয়াছে, শক্তি দিয়াছে বিজয়-লক্ষ্মী নারী।* নজরুল.)। ২ বিশেষ কোনো কর্ম সম্পাদনের জন্য প্রণোদন। ৩ প্রবল উচ্ছ্বাস বা প্রবৃত্তি।

প্রেরণীয় /প্রেরোনিয়ো/ [স. প্র+√ঈরি+অনীয়] বিণ. প্রেরণ করতে হবে এমন; প্রেরণের যোগ্য।

প্রেরয়িতা /প্রেরোয়িতা/ [স. প্র+√ঈরি+তৃ] বিণ. প্রেরণকারী। স্ত্রী. **প্রেরয়িত্রী** /প্রেরোয়িত্রি/।

প্রেরিত /প্রেরিতো/ [স. প্র+√ঈরি+ত] বিণ. ১ পাঠানো হয়েছে এমন। ২ প্রেরণাপ্রাপ্ত।

প্রেশার কুকার /প্রেশার্‌ কুকার্‌/ বি. বাষ্পের উচ্চ-চাপে খাদ্যবস্তু সেদ্ধ করার জন্য ব্যবহৃত বায়ু-রোধী পাত্রবিশেষ, pressure cooker।

প্রেষ /প্রেশ্‌/ [পরি.] বি. চাপ; (পরি.) pressure।

প্রেষক /প্রেশক্‌/ [স. প্র+√ইষ্‌+ণিচ্‌+অক] বিণ. ১ প্রেষণকারী। ২ প্রেরক। স্ত্রী. **প্রেষিকা** /প্রেশিকা/।

প্রেষণ /প্রেশোন্‌/ [স. প্র+√ইষ্‌+ণিচ্‌+অন] বি. ১ প্রেরণ। ২ প্রবর্তন। ৩ প্রণোদন। ৪ বিশেষ কোনো পদে কর্মসম্পাদনের জন্য কোনো সরকারি কর্ম-কর্তাকে অস্থায়ী নিয়োগ; বিশেষ কোনো দায়িত্ব পালনের উদ্দেশ্যে কোনো সরকারি কর্মকর্তাকে অস্থায়ী নিয়োগ; deputation।

প্রেষণা /প্রেশোনা/ [স. প্র+√ইষ্‌+ণিচ্‌+অন+আ (টাপ্‌)] বি. দ্র প্রেষণ।

প্রেষণী /প্রেশোনি/ [স. প্রেষ্য >] বি. ১ দূতী। ২ পরিচারিকা।

প্রেষণীয় /প্রেশোনিয়ো/ [স. প্র+√ইষ্‌+ণিচ্‌+অনীয়] বিণ. ১ প্রেষণযোগ্য। ২ প্রেরণযোগ্য।

প্রেষিত /প্রেশিতো/ [স. প্র+√ইষ্‌+ণিচ্‌+ত] বিণ. ১ প্রেরিত। ২ প্রবর্তিত। ৩ প্রেরণাপ্রাপ্ত। ৪ নিয়োজিত। স্ত্রী. **প্রেষিতা** /প্রেশিতা/।

প্রেষ্ঠ /প্রেশ্‌ঠো/ [স. প্রিয়+ইষ্ঠ] বিণ. প্রিয়তম, অতিশয় প্রিয়। স্ত্রী. **প্রেষ্ঠা** /প্রেশ্‌ঠা/।

প্রেষ্য /প্রেশ্‌শো/ [স. প্র+√ইষ্‌+ণিচ্‌+য] বিণ. প্রেরণের উপযুক্ত। বি. ১ দূত। ২ পরিচারক। স্ত্রী. **প্রেষ্যা** /প্রেশ্‌শা/।

প্রেস /প্রেস্‌/ [ই. press] বি. ১ ছাপাখানা। ২ সংবাদ-মাধ্যম।

প্রেসক্রিপশন /প্রেস্‌ক্রিপ্‌শন্‌/ [ই.] বি. রোগ নিরাময়ের জন্য চিকিৎসকের দেওয়া ব্যবস্থাপত্র, prescription।

প্রেসিডেন্ট /প্রেসিডেন্‌ট্‌/ [ই. president] বি. রাষ্ট্রপতি, রাষ্ট্রপ্রধান।

প্রোক্ত /প্রোক্‌তো/ [স. প্র+উক্ত] বিণ. ১ বিশেষভাবে উক্ত (*ঋষিপ্রোক্ত*)। ২ পূর্বে কথিত বা বর্ণিত।

প্রোক্ষণ /প্রোক্‌খন্‌/ [স. প্র+√উক্ষ্‌+অন] বি. ১ সেচন। ২ যজ্ঞে পশুবলি। ৩ বধ।

প্রোক্ষিত /প্রোক্‌খিতো/ [স. প্র+√উক্ষ্‌+ত] বিণ. ১

www.pathagar.com

প্রীতি অনুভব করছে এমন।

প্রুফ[১] /প্রুফ্/ [ই. proof] বি. ১ সংশোধনের জন্য প্রদত্ত মুদ্রিত লিপি। ২ প্রমাণ।

-প্রুফ[২] /প্রুফ্/ [ই.] বিণ. অভেদ্য (*সাউন্ডপ্রুফ*)।

প্রুফদ্রষ্টা /প্রুফ্‌দ্রোশ্‌টা/ [ই. প্রুফ+স. √দৃশ্+তৃ] বি. যে প্রুফ সংশোধন করে, প্রুফ পাঠক।

প্রুফরিডার /প্রুফ্‌রিডার্/ [ই. proofreader] বি. দ্র প্রুফদ্রষ্টা।

প্রেক্ষক /প্রেক্‌খক্/ [স. প্র+√ঈক্ষ্+অক] বিণ. দর্শক; পরিদর্শক। স্ত্রী. প্রেক্ষিকা /প্রেক্‌খিকা/।

প্রেক্ষণ /প্রেক্‌খন্/ [স. প্র+√ঈক্ষ্+অন] বি. ১ দর্শন; দৃষ্টি। ২ চোখ, নয়ন।

প্রেক্ষণিকা /প্রেক্‌খোনিকা/ [স. প্রেক্ষণ+কন্+আ (টাপ্)] বি. প্রদর্শনী।

প্রেক্ষণীয় /প্রেক্‌খোনিয়ো/ [স. প্র+√ঈক্ষ্+অনীয়] বিণ. ১ দর্শনীয়। ২ পর্যবেক্ষণীয়।

প্রেক্ষা /প্রেক্‌খা/ [স. প্র+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ দর্শন, অবলোকন। ২ পর্যালোচনা। ৩ নৃত্য অভিনয় প্রভৃতি প্রদর্শনের স্থান (*প্রেক্ষাগৃহ*)।

প্রেক্ষাগার /প্রেক্‌খাগার্/ [স. প্রেক্ষা+আগার] বি. ১ রঙ্গালয়, থিয়েটার; সিনেমা হল। ২ মানমন্দির, observatory।

প্রেক্ষাগৃহ /প্রেক্‌খাগৃহো/ [স. প্রেক্ষা+গৃহ] বি. দ্র প্রেক্ষাগার।

প্রেক্ষাপট /প্রেক্‌খাপট্/ [স. প্রেক্ষা+পট] বি. পটভূমি; পারিপার্শ্বিক অবস্থা; দৃশ্যপট; perspective।

প্রেক্ষিত /প্রেক্‌খিতো/ [স. প্র+√ঈক্ষ্+ত] বিণ. প্রেক্ষণ বা দর্শন করা হয়েছে এমন।

প্রেত /প্রেত্/ [স. প্র+√ই+ত] বি. (কল্পিত) ভূত, পিশাচ। স্ত্রী. প্রেতিনি /প্রেতিনি/।

প্রেতকর্ম /প্রেত্‌কর্‌মো/ [স. প্রেত+কর্মন্] বি. মৃতের শেষকৃত্য।

প্রেতকার্য /প্রেত্‌কার্‌জো/ [স. প্রেত+কার্য] বি. দ্র প্রেতকর্ম।

প্রেতকৃত্য /প্রেত্‌কৃত্‌তো/ [স. প্রেত+কৃত্য] বি. দ্র প্রেতকর্ম।

প্রেতক্রিয়া /প্রেত্‌ক্রিআ/ [স. প্রেত+ক্রিয়া] বি. দ্র প্রেতকর্ম।

প্রেততর্পণ /প্রেত্‌তর্‌পোন্/ [স. প্রেত+তর্পণ] বি. মৃতের আত্মার শান্তিকামনায় জলদান।

প্রেতদেহ /প্রেত্‌দেহো/ [স. প্রেত+দেহ] বি. (কল্পিত) প্রেতাত্মার শরীর।

প্রেতনদী /প্রেত্‌নোদি/ [স. প্রেত+নদী] বি. (কল্পিত) পরলোকের বৈতরণী নদী।

প্রেতপক্ষ /প্রেত্‌পোক্‌খো/ [স. প্রেত+পক্ষ] বি. আশ্বিন মাসে উদিত চন্দ্রের কৃষ্ণপক্ষ।

প্রেতপিণ্ড /প্রেত্‌পিন্‌ডো/ [স. প্রেত+√পিণ্ড্+অ] বি. মৃতের উদ্দেশে পিণ্ডদান।

প্রেতপুরী /প্রেত্‌পুরি/ [স. প্রেতপুর+ঈ] বি. যমালয়, নরক।

প্রেতযোনি /প্রেত্‌জোনি/ [স. প্রেত+√যু+নি] বি. ভূত; পিশাচ।

প্রেতলোক /প্রেত্‌লোক্/ [স. প্রেত+লোক] বি. নরক, যমালয়, প্রেতপুরী।

প্রেতশৌচ /প্রেত্‌শোউচ্/ [স. প্রেত+শৌচ] বি. মৃতের সৎকার। তুল. প্রেতাশৌচ।

প্রেতাত্মা /প্রেত্যত্‌তা/ [স. প্রেত+আত্মন্] বি. মৃতের কল্পিত আত্মা, প্রেত।

প্রেতাধিপ /প্রেতাধিপ্/ [স. প্রেত+অধিপ] বি. যমরাজ।

প্রেতাশৌচ /প্রেতাশোউচ্/ [স. প্রেত+অশৌচ] বি. শবদাহজনিত অশৌচ। তুল. প্রেতশৌচ।

প্রেপ্সু /প্রেপ্‌শু/ [স. প্র+√আপ্+সন্+উ] বিণ. পেতে ইচ্ছুক, লাভ করতে অভিলাষী।

প্রেম /প্রেম্/ [স. প্রিয়+ইমন্] বি. ১ প্রণয়, ভালোবাসা। ২ প্রীতি, স্নেহ। ৩ ভক্তি।

প্রেমজ /প্রেমোজো/ [স. প্রেম+√জন্+অ] বিণ. স্নেহ বা প্রেম থেকে জাত।

প্রেমজ্বর /প্রেম্‌জর্/ [স. প্রেম+জ্বর] বি. কামজ্বর।

প্রেমতরঙ্গ /প্রেম্‌তরোংগো/ [স. প্রেম+তরঙ্গ] বি. প্রেমের জোয়ার, প্রণয়লহরী।

প্রেমনদী /প্রেম্‌নোদি/ [স. প্রেম+নদী] বি. গভীর প্রেম।

প্রেমপত্র /প্রেম্‌পত্‌ত্রো/ [স. প্রেম+পত্র] বি. প্রেমিক বা প্রেমিকার লেখা চিঠি।

প্রেমপাত্র /প্রেম্‌পাত্‌ত্রো/ [স. প্রেম+পাত্র] বি. ভালোবাসা বা প্রণয়ের পাত্র।

প্রেমপূর্ণ /প্রেম্‌পুরনো/ [স. প্রেম+পূর্ণ] বিণ. প্রেম আছে এমন, প্রেমময়।

প্রেমবান /প্রেমোবান্/ [স. প্রেমন্+বৎ] বিণ. প্রেমপূর্ণ, প্রেমময়। স্ত্রী. প্রেমবতী /প্রেমোবোতি/।

প্রেমভক্তি /প্রেম্‌ভোক্‌তি/ [স. প্রেম+ভক্তি] বি. কৃষ্ণের প্রতি প্রীতিপূর্ণ ভক্তি।

প্রেমময় /প্রেমোময়্/ [স. প্রেমন্+ময়ট্] বিণ. প্রেমপূর্ণ।

www.pathagar.com

প্রিয় /প্রিয়ো/ [স. √প্রী+অ] বি. ১ ভালোবাসার পাত্র। ২ স্বামী। ৩ বন্ধু, সুহৃদ। বিণ. ১ প্রীতিভাজন। ২ প্রেমাস্পদ। ৩ কাঙ্ক্ষিত। স্ত্রী. **প্রিয়া** /প্রিআ/।

প্রিয়ংকর /প্রিয়ংকর্/ [স. প্রিয়+√কৃ+অ] বিণ. প্রিয় বা হিতকর কাজ করে এমন, হিতকারী।

প্রিয়ংকরী /প্রিয়োংকোরি/ [স. প্রিয়ংকর+ঈ] বি. ১ হিতকর কাজ করে এমন নারী। ২ শ্বেতকণ্টকারী, অশ্বগন্ধা।

প্রিয়ংবদ /প্রিয়ংবদো/ [স. প্রিয়+√বদ্+অ] বিণ. মধুরভাষী। স্ত্রী. **প্রিয়ংবদা** /প্রিয়ংবদা/।

প্রিয়কার /প্রিয়োকার্/ [স. প্রিয়+√কৃ+অ] বিণ. প্রিয় কাজ করে এমন।

প্রিয়কারক /প্রিয়োকারোক্/ [স. প্রিয়+কারক] বিণ. দ্র **প্রিয়কার**।

প্রিয়কারী /প্রিয়োকারি/ [স. প্রিয়+√কৃ+ইন্] বিণ. দ্র **প্রিয়কার**। স্ত্রী. **প্রিয়কারিণী** /প্রিয়োকারিনি/।

প্রিয়ঙ্গু /প্রিয়োংগু/ [স. প্রিয়+√গম্+উ] বি. পাহাড়ি অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন সাদা ও হালকা বেগুনি ফুল ও শুঁটিসদৃশ ফল বা তার অসম পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন সুগন্ধ লতানে উদ্ভিদ, শ্যামালতা।

প্রিয়চিকীর্ষা /প্রিয়োচিকির্শা/ [স. প্রিয়+চিকীর্ষা] বি. উপকার করার আকাঙ্ক্ষা।

প্রিয়চিকীর্ষু /প্রিয়োচিকির্শু/ [স. প্রিয়+চিকীর্ষু] বিণ. প্রিয় কাজ বা উপকার করতে ইচ্ছুক।

প্রিয়জন /প্রিয়োজন্/ [স. প্রিয়+√জন্+অ] বি. ১ ভালোবাসার পাত্র। ২ প্রিয়ব্যক্তি। ৩ আত্মীয়বর্গ।

প্রিয়তম /প্রিয়োতমো/ [স. প্রিয়+তমপ্] বিণ. সর্বাপেক্ষা প্রিয়। স্ত্রী. **প্রিয়তমা** /প্রিয়োতমা/।

প্রিয়দর্শন /প্রিয়োদর্শোন্/ [স. প্রিয়+√দৃশ্+অন] বিণ. সুদর্শন, সুন্দর।

প্রিয়দর্শী /প্রিয়োদোর্শি/ [স. প্রিয়+√দৃশ্+ইন্] বিণ. সকলকে প্রীতির চোখে দেখে এমন। স্ত্রী. **প্রিয়দর্শিনী** /প্রিয়োদোর্শিনি/।

প্রিয়পাত্র /প্রিয়োপাত্রো/ [স. প্রিয়+পাত্র] বিণ. ১ প্রীতিভাজন। ২ স্নেহ ও ভালোবাসার পাত্র। স্ত্রী. **প্রিয়পাত্রী** /প্রিয়োপাত্রি/।

প্রিয়বচন /প্রিয়োবচোন্/ [স. প্রিয়+বচন] বি. প্রীতিকর বাক্য।

প্রিয়বরেষু /প্রিয়োবরেশু/ [স. প্রিয়বর+এষু] অব্য. চিঠিতে প্রিয়জনকে সম্বোধনসূচক শব্দ। স্ত্রী. **প্রিয়বরাসু** /প্রিয়োবরাশু/।

প্রিয়বাক্য /প্রিয়োবাক্কো/ [স. প্রিয়+বাক্য] বি. দ্র **প্রিয়বচন**।

প্রিয়বাদী /প্রিয়োবাদি/ [স. প্রিয়+√বদ্+ইন্] বিণ. মিষ্টভাষী। স্ত্রী. **প্রিয়বাদিনী** /প্রিয়োবাদিনি/।

প্রিয়বিয়োগ /প্রিয়োবিয়োগ্/ [স. প্রিয়+বিয়োগ] বি. ১ প্রিয়জনের মৃত্যু। ২ প্রিয়পাত্রের সঙ্গে বিচ্ছেদ।

প্রিয়ভাষী /প্রিয়োভাশি/ [স. প্রিয়+√ভাষ্+ইন্] বিণ. মধুরভাষী। স্ত্রী. **প্রিয়ভাষিণী** /প্রিয়োভাশিনি/।

প্রিয়সখা /প্রিয়োশখা/ [স. প্রিয়+সখা] বি. অন্তরঙ্গ বন্ধু। স্ত্রী. **প্রিয়সখী** /প্রিয়োশোখি/।

প্রিয়সমাগম /প্রিয়োশমাগম্/ [স. প্রিয়+সমাগম] বি. প্রিয়জনের আগমন বা সম্মিলন।

প্রীণ /প্রিনো/ [স. √প্রী+ত] বিণ. ১ আনন্দিত; সন্তুষ্ট। ২ পুরাতন, প্রাচীন, সেকেলে।

প্রীণন /প্রিনন্/ [স. √প্রীনি+অন] বি. প্রীতিসাধন।

প্রীণিত /প্রিনিতো/ [স. √প্রীনি+ত] বিণ. তোষিত।

প্রীত /প্রিতো/ [স. √প্রী+ত] বিণ. ১ তৃপ্ত। ২ আহ্লাদিত। বি. ১ প্রণয়। ২ প্রীতিসাধন।

প্রীতি /প্রিতি/ [স. √প্রী+তি] বি. ১ সন্তুষ্টি, তৃপ্তি। ২ প্রেম, ভালোবাসা। ৩ বন্ধুত্ব।

প্রীতি-উপহার /প্রিতিউপোহার্/ [স. প্রীতি+উপহার] বি. প্রীতিজ্ঞাপক উপঢৌকন।

প্রীতিপূর্ণ /প্রিতিপুর্নো/ [স. প্রীতি+পূর্ণ] বিণ. প্রীতিযুক্ত, প্রীতিকর।

প্রীতিপ্রদ /প্রিতিপ্রোদো/ [স. প্রীতি+প্রদ] বিণ. প্রীতি প্রদান করে এমন, প্রীতিকর।

প্রীতিভাজন /প্রিতিভাজোন্/ [স. প্রীতি+ভাজন] বিণ. স্নেহপাত্র, ভালোবাসার পাত্র।

প্রীতিভোজ /প্রিতিভোজ্/ [স. প্রীতি+বা. ভোজ] বি. আনন্দোৎসব উপলক্ষ্যে ভোজসভা।

প্রীতিভোজন /প্রিতিভোজোন্/ [স. প্রীতি+ভোজন] বি. দ্র **প্রীতিভোজ**।

প্রীতিসম্ভাষণ /প্রিতিশম্ভাশন্/ [স. প্রীতি+সম্ভাষণ] বি. প্রেম স্নেহ বা বন্ধুত্বজ্ঞাপক সম্বোধন।

প্রীতিসম্মিলনী /প্রিতিশম্মিলোনি/ [স. প্রীতি+সম্মিলন+ঈ] বি. বন্ধুত্বপূর্ণ মিলনমেলা।

প্রীতিসম্মেলন /প্রিতিশম্মেলন্/ [স. প্রীতি+সম্মেলন] বি. বন্ধুত্বসূচক মিলনমেলা বা সমাবেশ।

প্রীতিসূচক /প্রিতিশুচক্/ [স. প্রীতি+সূচক] বিণ. প্রেম স্নেহ বা বন্ধুত্বজ্ঞাপক।

প্রীয়মাণ /প্রিয়োমান্/ [স. √প্রী+মান (শানচ্)] বিণ.

www.pathagar.com

প্রায়শ /প্রায়োশো / [স. প্রায়+শস্] ক্রিবিণ. দ্র প্রায়ই।

প্রায়শ্চিত্ত /প্রায়োশ্‌চিত্‌তো/ [স. প্রায়স্+চিত্ত] বি. ১ পাপক্ষয়ের জন্য অনুষ্ঠান। ২ চিত্তের বিশুদ্ধতা-সাধন।

প্রায়িক /প্রায়িক্/ [স. প্রায়+ইক] বিণ. ১ বাহুল্য-যুক্ত। ২ আনুমানিক, approximate।

প্রায়োগিক /প্রায়োগিক্/ [স. প্রয়োগ+ইক] বিণ. প্রয়োগসংক্রান্ত, ফলিত, applied।

প্রায়োদ্বীপ /প্রায়োদ্‌দিপ্/ [স. প্রায়ঃ+দ্বীপ] বি. উপদ্বীপ।

প্রায়োপবিষ্ট /প্রায়োপোবিশ্‌টো / [স. প্রায়+উপবিষ্ট] বিণ. মৃত্যুকামনায় অনশনে উপবিষ্ট।

প্রায়োপবেশ /প্রায়োপোবেশ্ / [স. প্রায়+উপবেশ] বি. মৃত্যুকামনায় অনশনে উপবেশন।

প্রায়োপবেশন /প্রায়োপোবেশন্/ [স. প্রায়+উপবেশন] বি. দ্র প্রায়োপবেশ।

প্রারব্ধ /প্রারব্‌ধো / [স. প্র+আরব্ধ] বিণ. সূচনা করা হয়েছে এমন (*প্রারব্ধ কর্ম*)। বি. ১ পাপপুণ্যের ফল। ২ অদৃষ্ট, ভাগ্য।

প্রারম্ভ /প্রারম্‌ভো / [স. প্র+আরম্ভ] বি. ১ আরম্ভ, সূত্রপাত; উপক্রম। ২ ভূমিকা।

প্রারম্ভিক /প্রারোম্‌ভিক্/ [স. প্রারম্ভ+ইক] বিণ. আরম্ভকালীন।

প্রার্থক /প্রার্‌থক্ / [স. প্র+√অর্থ্+অক] বিণ. প্রার্থনা-কারী, যাচ্ঞাকারী।

প্রার্থন /প্রার্‌থোন্ / [স. প্র+√অর্থ্+অন] বি. দ্র প্রার্থনা।

প্রার্থনা /প্রার্‌থোনা / [স. প্র+√অর্থ্+অন+আ (টাপ্)] বি. আবেদন, যাচ্ঞা; মোনাজাত।

প্রার্থনাসভা /প্রার্‌থোনাশভা/ [স. প্রার্থনা+সভা] বি. উপাসনার জন্য আহূত সভা।

প্রার্থনীয় /প্রার্‌থোনিয়ো / [স. প্র+√অর্থ্+অনীয়] বিণ. ১ প্রার্থনার যোগ্য। ২ যাচাইযোগ্য (*পরীক্ষা প্রার্থনীয়*)।

প্রার্থয়িতব্য /প্রার্‌থোয়িতোব্‌বো / [স. প্র+√অর্থ্+তব্য] বিণ. দ্র প্রার্থনীয়।

প্রার্থয়িতা /প্রার্‌থোয়িতা / [স. প্র+√অর্থ্+তৃ] বিণ. প্রার্থনাকারী, যাচ্ঞাকারী, যাচক।

প্রার্থিত /প্রার্‌থিতো / [স. প্র+√অর্থি+ত] বিণ. ১ প্রার্থনা করা হয়েছে এমন, যাচিত। ২ ঈপ্সিত, অভিলষিত। বি. প্রার্থিতা /প্রার্‌থিতা /।

প্রার্থী /প্রার্‌থি/ [স. প্র+√অর্থ্+ইন্] বিণ. দ্র প্রার্থয়িতা। স্ত্রী. প্রার্থিনী /প্রার্‌থিনি /।

প্রার্থীপদ /প্রার্‌থিপদ্/ [স. প্রার্থী+পদ] বি. যে পদের জন্য প্রার্থী চাওয়া হয়।

প্রাশ /প্রাশ্ / [স. প্র+√অশ্+অ] বি. আহার্য, খাদ্যবস্তু; আহার, অশন।

প্রাশন /প্রাশোন্ / [স. প্র+√অশ্+অন] বি. আহার।

প্রাশস্ত্য /প্রাশোস্‌তো/ [স. প্রশস্ত+য] বি. ১ প্রশস্ততা; বিস্তার, প্রসার। ২ শ্রেষ্ঠত্ব; উৎকর্ষ।

প্রাশ্নিক /প্রাস্‌নিক্/ [স. প্রশ্ন+ইক] বিণ. ১ প্রশ্ন করে এমন, প্রশ্নকারী। ২ প্রশ্নের মীমাংসাকারী।

প্রাস /প্রাশ্ / [স. প্র+√অস্+অ] বি. বর্শাজাতীয় ক্ষেপণাস্ত্রবিশেষ।

প্রাসঙ্গিক /প্রাশোংগিক্/ [স. প্রসঙ্গ+ইক] বিণ. প্রসঙ্গের সঙ্গে সংগতিপূর্ণ।

প্রাসঙ্গিকতা /প্রাশোংগিকতা/ [স. প্রাসঙ্গিক+তা] বি. প্রসঙ্গের সঙ্গে সংগতি, relevance।

প্রাসাদ /প্রাশাদ্/ [স. প্র+√সদ্+অ] বি. বৃহৎ অট্টালিকা, হর্ম্য।

প্রাসাদকুক্কুট /প্রাশাদ্‌কুক্‌কুট্/ [স. প্রাসাদ+কুক্কুট] বি. পায়রা, কপোত।

প্রাসাদপ্রাঙ্গণ /প্রাশাদ্‌প্রাংগন্ / [স. প্রাসাদ+প্রাঙ্গণ] বি. প্রাসাদের আঙিনা।

প্রাসাদশিখর /প্রাশাদ্‌শিখর্ / [স. প্রাসাদ+শিখর] বি. অট্টালিকার চূড়া।

প্রাস্থানিক /প্রাস্‌থানিক্/ [স. প্রস্থান+ইক] বিণ. প্রস্থানসংক্রান্ত; বিদায়সম্বন্ধীয়; বিদায়কালের উপযুক্ত; বিদায়কালীন।

প্রাহরিক /প্রাহোরিক্/ [স. প্রহর+ইক] বিণ. প্রহরসংক্রান্ত।

প্রাহসনিক /প্রাহোশোনিক্ / [স. প্রহসন+ইক] বিণ. ১ প্রহসনবিষয়ক; হাস্যরসাত্মক। ২ প্রহসনে অভিনয় করে এমন। ৩ প্রহসনরচয়িতা।

প্রাহ্ণ /প্রান্‌nho / [স. প্র+অহন্] বি. প্রাতঃকাল, দিনের প্রথম ভাগ, পূর্বাহ্ণ, forenoon।

প্রিন্টার /প্রিন্‌টার্ / [ই. printer] বি. ১ কম্পিউটারের সঙ্গে যুক্ত মুদ্রণযন্ত্র। ২ মুদ্রাকর, মুদ্রক।

প্রিন্টিং /প্রিন্‌টিং/ [ই.] বি. ছাপার কাজ।

প্রিন্সিপাল /প্রিন্‌সিপাল্/ [ই.] বি. মহাবিদ্যালয়ের অধ্যক্ষ, principal।

প্রিমিয়াম /প্রিমিআম্ / [লা.] বি. বিমার কিস্তি, premium।

www.pathagar.com

প্রাপ্তবয়া /প্রাপ্তোবয়া/ [স. প্রাপ্ত+বয়াঃ] বিণ. দ্র প্রাপ্তবয়স্ক।

প্রাপ্তব্য /প্রাপ্তোব্‌বো/ [স. প্র+√আপ্+তব্য] বিণ. প্রাপ্য, পাওয়ার উপযুক্ত; পাওয়া উচিত এমন।

প্রাপ্তব্যবহার /প্রাপ্তোব্যাবোহার্/ [স. প্রাপ্ত+ব্যবহার] বিণ. বৈষয়িক দায়িত্ব পালনের উপযুক্ত বয়স হয়েছে এমন, সাবালক।

প্রাপ্তযৌবন /প্রাপ্তোজৌব্‌ন্/ [স. প্রাপ্ত+যৌবন] বিণ. যৌবন লাভ করেছে এমন, যুবাবস্থায় উপনীত। *স্ত্রী. **প্রাপ্তযৌবনা** /প্রাপ্তোজৌব্‌না/।

প্রাপ্তাবসর /প্রাপ্তাবোশর্/ [স. প্রাপ্ত+অবসর] বিণ. কর্মজীবন থেকে অবসর পেয়েছে এমন।

প্রাপ্তি /প্রাপ্তি/ [স. প্র+√আপ্+তি] বি. ১ প্রাপ্ত অবস্থা। ২ আয় (*প্রাপ্তিযোগ*)। ৩ অষ্টসিদ্ধির (অনিমা মহিমা গরিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিত্ব ও বশিত্ব) অন্যতম।

প্রাপ্তিযোগ /প্রাপ্তিজোগ্/ [স. প্রাপ্তি+যোগ] বি. প্রাপ্তির সম্ভাবনা; অপ্রত্যাশিত আয়।

প্রাপ্তিসংবাদ /প্রাপ্তিশংবাদ্/ [স. প্রাপ্তি+সংবাদ] বি. পাওয়া গিয়েছে এমন বার্তা বা খবর।

প্রাপ্তিস্থান /প্রাপ্তিস্থান্/ [স. প্রাপ্তি+স্থান] বি. যেখানে পাওয়া যায়।

প্রাপ্তিস্বীকার /প্রাপ্তিশিকার্/ [স. প্রাপ্তি+স্বীকার] বি. পাওয়া গিয়েছে এমন স্বীকারোক্তি; (পরি.) acknowledgement।

প্রাপ্তিস্বীকারপত্র /প্রাপ্তিশিকারপত্রো/ [স. প্রাপ্তি+স্বীকার+পত্র] বি. পাওয়া গিয়েছে এমন স্বীকারোক্তিমূলক পত্র।

প্রাপ্য /প্রাপ্পো/ [স. প্র+√আপ্+য] বিণ. ১ পাওয়ার যোগ্য, প্রাপণীয়। ২ পাওনা। বি. ~তা /–তা/।

প্রাবন্ধিক /প্রাবোন্‌ধিক্/ [স. প্রবন্ধ+ইক] বিণ. প্রবন্ধের রচয়িতা, প্রবন্ধকার।

প্রাবর /প্রাবর্/ [স. প্র+আ+√বৃ+অ] বি. প্রাচীর।

প্রাবরণ /প্রাবোরন্/ [স. প্র+আ+√বৃ+অন] বি. আবরণ বস্ত্র; উত্তরীয়, চাদর।

প্রাবল্য /প্রাবোল্‌লো/ [স. প্রবল+য] বি. ১ প্রবলতা; আধিক্য। ২ প্রভাব; শক্তি। ৩ প্রাচুর্য।

প্রাবার /প্রাবার্/ [স. প্র+আ+√বৃ+অ] বি. দ্র প্রাবরণ।

প্রাবাসিক /প্রাবাশিক্/ [স. প্রবাস+ইক] বিণ. ১ বিদেশে অবস্থানকালীন, প্রবাসকালীন। ২ প্রবাসসংক্রান্ত।

প্রাবীণ্য /প্রাবিন্‌নো/ [স. প্রবীণ+য] বি. ১ প্রবীণতা, বার্ধক্য। ২ অভিজ্ঞতা, বহুদর্শিতা। ৩ পটুতা।

প্রাবৃট /প্রাব্‌ট্/ [স. প্র+√বৃষ্+ক্বিপ্] বি. বর্ষাকাল, বর্ষাঋতু (*প্রাবৃটকাল*)।

প্রাবৃড়ত্যয় /প্রাব্‌ড়তোয়্/ [স. প্রাবৃট্+অত্যয়] বি. বর্ষা ঋতুর অবসান; শরৎ ঋতুর সূচনা।

প্রাবৃত /প্রাব্‌তো/ [স. প্র+আ+√বৃ+ত] বিণ. ১ আচ্ছাদিত, ঢাকা। ২ বেষ্টিত, ঘেরা।

প্রাবৃতি /প্রাব্‌তি/ [স. প্র+আ+√বৃ+তি] বি. ১ বেড়া, ঘের। ২ আবরণ, আচ্ছাদন।

প্রাবৃষ /প্রাব্‌শ্/ [স. প্র+আ+√বৃষ্+ক্বিপ্] বি. বর্ষাকাল।

প্রাবৃষিক /প্রাব্‌শিক্/ [স. প্রাবৃষ্+ইক] বিণ. ১ বর্ষাকালীন। ২ বর্ষাকালসম্বন্ধীয়।

প্রাবৃষ্য /প্রাব্‌শ্যো/ [স. প্রাবৃষ্+য] বিণ. দ্র প্রাবৃষিক।

প্রাবেশন /প্রাবেশোন্/ [স. প্র+আ+√বিশ্+অন] বি. কারখানা, কর্মশালা।

প্রাবেশিক /প্রাবেশিক্/ [স. প্রবেশ+ইক] বিণ. প্রবেশ–সংক্রান্ত।

প্রাভাতিক /প্রাভাতিক্/ [স. প্রভাত+ইক] বিণ. ১ প্রভাতকালীন। ২ প্রভাতসম্বন্ধীয়।

প্রামাণিক /প্রামানিক্/ [স. প্রমাণ+ইক] বিণ. প্রমাণ–সিদ্ধ, বিশ্বাসযোগ্য (*প্রামাণিক গ্রন্থ*)। বি. ১ অধ্যক্ষ। ২ পণ্ডিত ব্যক্তি। ৩ সমাজপতি। ৪ পদবিবিশেষ। ৫ (বাংলায়) নরসুন্দর, নাপিত।

প্রামাণিকতা /প্রামানিকতা/ [স. প্রামাণিক+তা] বি. বিশ্বস্ততা, বিশ্বাসযোগ্যতা।

প্রামাণ্য /প্রামান্‌নো/ [স. প্রমাণ+য] বিণ. প্রামাণিক, বিশ্বাসযোগ্য; দলিলসিদ্ধ (*প্রামাণ্যচিত্র*)।

প্রামাদিক /প্রামাদিক্/ [স. প্রমাদ+ইক] বিণ. ভুলভ্রান্তি বা প্রমাদসম্বন্ধীয়।

প্রাযুক্তিক /প্রাজুক্‌তিক্/ [স. প্রযুক্তি+ইক] বিণ. ১ প্রযুক্তি বিষয়ে দক্ষ, technologist। ২ প্রযুক্তি–বিষয়ক, technical।

প্রায়[১] /প্রায়/ [স. প্র+√ই+অ] বিণ. ১ সদৃশ, তুল্য (*মৃতপ্রায়*)। ২ কাছাকাছি (*প্রায় সমবয়সি*)।

প্রায়[২] /প্রায়্/ [স. প্র+√ই+অয়] বি. ১ মৃত্যু কামনা করে অনশন (*প্রায়োপবেশন*)। ২ ভূমা, প্রাচুর্য।

প্রায়ই /প্রায়্‌ই/ [স. প্রায়শ >] ক্রিবিণ. ১ সাধারণত, সচরাচর (*প্রায়ই ঘটে*)। ২ অল্পদিন পরপর (*সে প্রায়ই আসে*); অধিকাংশ ক্ষেত্রে।

www.pathagar.com

প্রাতর্বাক্য /প্রাতোর্‌বাক্‌কো/ [স. প্রাতর্+বাক্য] বি. সকালবেলা উচ্চারিত প্রথম বাক্য।

প্রাতর্ভোজন /প্রাতোর্‌ভোজোন্‌/ [স. প্রাতর্+ভোজন] বি. দ্র প্রাতরাশ।

প্রাতর্ভ্রমণ /প্রাতোর্‌ভ্রোমোন্‌/ [স. প্রাতর্+ভ্রমণ] বি. সকালবেলা খোলা জায়গায় ভ্রমণ।

প্রাতিকূল্য /প্রাতিকুল্লো/ [স. প্রতিকূল+য] বি. বিরোধিতা; প্রতিকূলতা।

প্রাতিপদিক /প্রাতিপোদিক্‌/ [স. প্রতিপদ+ইক] বি. বিভক্তিহীন বিশেষ্য বা বিশেষণ পদ। বিণ. প্রতিপদসংক্রান্ত।

প্রাতিভাসিক /প্রাতিভাশিক্‌/ [স. প্রতিভাস+ইক] বিণ. অবাস্তব হওয়া সত্ত্বেও বাস্তবরূপে পরিগণিত, আপাত প্রতীয়মান।

প্রাতিষ্ঠানিক /প্রাতিশ্‌ঠানিক্‌/ [স. প্রতিষ্ঠান+ইক] বিণ. প্রতিষ্ঠানসংক্রান্ত; প্রতিষ্ঠানগত।

প্রাতিস্বিক /প্রাতিশ্‌শিক্‌/ [স. প্রতি+স্ব+ইক] বিণ. ১ স্বকীয়, ব্যক্তিগত। ২ অসামান্য; অসাধারণ।

প্রাতিহার /প্রাতিহার্‌/ [স. প্রতিহার+অ] বি. ১ দ্বাররক্ষকের কাজ। ২ বাজিকর। বিণ. মায়াবী।

প্রাতিহারক /প্রাতিহারক্‌/ [স. প্রাতিহার+ক (স্বার্থে)] বি. বিণ. দ্র প্রাতিহার।

প্রাতিহারিক /প্রাতিহারিক্‌/ [স. প্রতিহার+ইক] বি. বিণ. দ্র প্রাতিহার।

প্রাত্যয়িক /প্রাত্‌তোয়িক্‌/ [স. প্রত্যয়+ইক] বিণ. ১ আস্থা আছে এমন; প্রত্যয়ী। ২ প্রত্যয়বিষয়ক।

প্রাত্যহিক /প্রাত্‌তোহিক্‌/ [স. প্রত্যহ+ইক] বিণ. ১ দৈনিক, প্রতিদিনের। ২ প্রত্যহ সংঘটিত হয় এমন; প্রত্যহ পালনীয়। স্ত্রী. প্রাত্যহিকী /প্রাত্‌তোহিকি/।

প্রাথমিক /প্রাথোমিক্‌/ [স. প্রথম+ইক] বিণ. ১ আরম্ভকালীন, প্রারম্ভিক। ২ প্রথমে কৃত।

প্রাদি /প্রাদি/ [স. প্র+আদি] বি. ২০টি তৎসম উপসর্গ (প্র পরা অপ নি প্রতি নিঃ বি অতি সম্‌ দুঃ অভি অনু সু উৎ উপ পরি অধি অপি অব আ)।

প্রাদিসমাস /প্রাদিশমাশ্‌/ [স. প্রাদি+সমাস] বি. উপসর্গযোগে যে তৎপুরুষ সমাস নিষ্পন্ন হয় (*পরিপূর্ণ*)।

প্রাদুর্ভাব /প্রাদুর্‌ভাব্‌/ [স. প্রাদুস্‌+√ভূ+অ] বি. ১ প্রকটন, আবির্ভাব। ২ (বাংলায়) ভীতিকর প্রকাশ (*রোগের প্রাদুর্ভাব*)।

প্রাদুর্ভূত /প্রাদুর্‌ভুতো/ [স. প্রাদুস্‌+√ভূ+ত] বিণ. ১ আবির্ভূত, প্রকটিত। ২ (বাংলায়) ব্যাপকভাবে প্রকাশিত।

প্রাদেশিক /প্রাদেশিক্‌/ [স. প্রদেশ+ইক] বিণ. ১ প্রদেশসংক্রান্ত। ২ প্রদেশে জাত বা উৎপন্ন। ৩ প্রদেশে নিহিত।

প্রাদেশিকতা /প্রাদেশিকতা/ [স. প্রাদেশিক+তা] বি. ১ প্রাদেশিক বৈশিষ্ট্য। ২ ভাষার প্রাদেশিক বিকার। ৩ বিশেষ কোনো প্রদেশের প্রতি পক্ষপাত বা বৈরিতা।

প্রাদোষিক /প্রাদোশিক্‌/ [স. প্রদোষ+ইক] বিণ. ১ সন্ধ্যাকালীন। ২ প্রদোষসংক্রান্ত। ৩ প্রদোষজাত।

প্রাধান্য /প্রাধান্নো/ [স. প্রধান+য] বি. ১ শ্রেষ্ঠত্ব। ২ নেতৃত্ব। ৩ কর্তৃত্ব। ৪ আতিশয্য। ৫ আধিক্য।

প্রাধ্যক্ষ /প্রাদ্‌ধোক্‌খো/ [স. প্র+অধ্যক্ষ] বি. ছাত্রাবাসের অধ্যক্ষ; (পরি) provost।

প্রাধ্যয়ন /প্রাদ্‌ধোয়ন্‌/ [স. প্র+অধ্যয়ন] বি. ১ সম্যক অধ্যয়ন। ২ ধর্মপুস্তক অধ্যয়ন।

প্রান্ত /প্রান্‌তো/ [স. প্র+অন্ত] বি. ১ সীমা। ২ কিনারা।

প্রান্তবর্তী /প্রান্‌তোবোর্‌তি/ [স. প্রান্ত+√বৃত্‌+ইন্‌] বিণ. প্রান্তে অবস্থিত, প্রান্তস্থিত।

প্রান্তর /প্রান্‌তর্‌/ [স. প্র+অন্তর] বি. ১ মাঠ। ২ জনবসতিহীন বিস্তৃত ভূমি।

প্রান্তিক /প্রান্‌তিক্‌/ [স. প্রান্ত+ইক] বিণ. ১ প্রান্তবর্তী। ২ প্রান্তসংক্রান্ত।

প্রান্তিক চাষি /প্রান্‌তিক্‌ চাশি/ বি. যে ভূমিহীন চাষিকে (বা যার কৃষিজমির পরিমাণ ০·৫ একরের কম) জীবিকানির্বাহের জন্য কৃষিকাজ ব্যতীত অন্য কাজ করতে হয়; (পরি.) marginal farmer।

প্রান্তীয় /প্রান্‌তিয়ো/ [স. প্রান্ত+ঈয়] বিণ. দ্র প্রান্তিক।

প্রাপক /প্রাপক্‌/ [স. প্র+√আপ্‌+অক] বি. যে পাওয়ার অধিকারী; (পরি.) payee।

প্রাপণ /প্রাপোন্‌/ [স. প্র+√আপ্‌+অন] বি. প্রাপ্তি।

প্রাপণিক /প্রাপোনিক্‌/ [স. প্র+আ+√পণ্‌+ইক] বি. ১ দোকানদার। ২ যে ব্যক্তি ব্যবসা করে, বণিক।

প্রাপণীয় /প্রাপোনিয়ো/ [স. প্র+√আপ্‌+অনীয়] বিণ. প্রাপ্য, লভ্য। স্ত্রী. প্রাপণীয়া /প্রাপোনিআ/।

প্রাপিত /প্রাপিতো/ [স. প্র+√আপি+ত] বিণ. পাওয়ানো হয়েছে এমন।

প্রাপ্ত /প্রাপ্‌তো/ [স. প্র+√আপ্‌+ত] বিণ. পাওয়া গিয়েছে এমন, লব্ধ।

প্রাপ্তকাল /প্রাপ্‌তোকাল্‌/ [স. প্রাপ্ত+কাল] বিণ. মুমূর্ষু।

প্রাপ্তবয়স্ক /প্রাপ্‌তোবয়োশ্‌কো/ [স. প্রাপ্ত+বয়স্‌+কপ্‌] বিণ. ১ বয়ঃপ্রাপ্ত, পূর্ণবয়স্ক। ২ সাবালক।

www.pathagar.com

প্রাণহারক /প্রানোহারক্/ [স. প্রাণ+হারক] বিণ. দ্র প্রাণহর। স্ত্রী. প্রাণহারিকা /প্রানোহারিকা/।

প্রাণহারী /প্রানোহারি/ [স. প্রাণ+√হৃ+ইন্] বিণ. দ্র প্রাণহর। স্ত্রী. প্রাণহারিণী /প্রানোহারিনি/।

প্রাণহীন /প্রান্হিন্/ [স. প্রাণ+√হা+ত] বিণ. ১ মৃত। ২ (আল.) নিষ্প্রাণ; নির্জীব। ৩ নির্দয়। ৪ অনুভূতিহীন। স্ত্রী. প্রাণহীনা /প্রান্হিনা/।

প্রাণাতিপাত /প্রানাতিপাত্/ [স. প্রাণ+অতিপাত] বি. ১ নিদারুণ কষ্ট বা যন্ত্রণা। ২ মৃত্যু।

প্রাণাত্যয় /প্রানাত্তয়/ [স. প্রাণ+অত্যয়] বি. মৃত্যু।

প্রাণাধিক /প্রানাধিক্/ [স. প্রাণ+অধিক] বিণ. প্রাণের চেয়েও বেশি এমন। স্ত্রী. প্রাণাধিকা /প্রানাধিকা/।

প্রাণাধীশ /প্রানাধিশ্/ [স. প্রাণ+অধীশ] বিণ. প্রাণের চেয়েও বেশি প্রিয়।

প্রাণান্ত /প্রানান্তো/ [স. প্রাণ+অন্ত] বি. জীবনাবসান।

প্রাণান্তকর /প্রানান্তোকর্/ [স. প্রাণান্ত+কর] বিণ. ১ প্রাণ নাশ করতে পারে এমন। ২ (আল.) অত্যন্ত কঠোর ও দুঃসহ।

প্রাণান্ত পরিচ্ছেদ /প্রানান্তো পোরিচ্ছেদ্/ বি. ১ মৃত্যুতে যার অবসান। ২ সীমাহীন পরিশ্রম।

প্রাণান্তিক /প্রানান্তিক্/ [স. প্রাণ+অন্তিক] বিণ. দ্র প্রাণান্তকর।

প্রাণাপান /প্রানাপান্/ [স. প্রাণ+অপান] বি. ১ প্রাণবায়ু ও অপানবায়ু। ২ দেবচিকিৎসক অশ্বিনীকুমারদ্বয়।

প্রাণায়াম /প্রানায়াম্/ [স. প্রাণ+আ+√যম্+অ] বি. যোগসাধনায় শ্বাসগ্রহণ শ্বাসধারণ ও শ্বাসত্যাগের অনুশীলন।

প্রাণারাম /প্রানারাম্/ [স. প্রাণ+আরাম] বি. প্রাণের আরাম; যা মনকে শান্ত ও স্নিগ্ধ করে।

প্রাণিকুল /প্রানিকুল্/ [স. প্রাণী+কুল] বি জীবজন্তুসমূহ।

প্রাণিজ /প্রানিজো/ [স. প্রাণী+√জন্+অ] বিণ. প্রাণিদেহ থেকে জাত।

প্রাণিজগৎ /প্রানিজগোত্/ [স. প্রাণী+জগৎ] বি. জীবজগৎ; সকল প্রাণী।

প্রাণিত /প্রানিতো/ [স. প্রাণ+ইত] বিণ. প্রেরণাপ্রাপ্ত।

প্রাণিতত্ত্ব /প্রানিতত্তো/ [স. প্রাণী+তত্ত্ব] বি. জীবজন্তুসম্বন্ধীয় বিজ্ঞান, প্রাণীবিষয়ক শাস্ত্র।

প্রাণিবাচক /প্রানিবাচক্/ [স. প্রাণী+বাচক] বিণ. প্রাণের অস্তিত্বজ্ঞাপক, জড়বাচক নয় এমন।

প্রাণিবিদ /প্রানিবিদ্/ [স. প্রাণী+বিদ] বিণ. প্রাণিতত্ত্বজ্ঞ।

প্রাণিবিদ্যা /প্রানিবিদ্দা/ [স. প্রাণী+বিদ্যা] বি. দ্র প্রাণিতত্ত্ব।

প্রাণিহত্যা /প্রানিহোত্তা/ [স. প্রাণী+হত্যা] বি. জীবহত্যা।

প্রাণিহিংসা /প্রানিহিংশা/ [স. প্রাণী+হিংসা] বি. ১ জীবহত্যা, প্রাণবধ। ২ জীবের প্রতি নিষ্ঠুরতা।

প্রাণী /প্রানি/ [স. প্রাণ+ইন্] বি. ১ মানুষ পশু পাখি কীটপতঙ্গ প্রভৃতি জীব। ২ লোক (*জনপ্রাণীহীন*)। ৩ প্রাণ, জীবন।

প্রাণে মারা /প্রানে মারা/ ক্রিবি. হত্যা করা।

প্রাণেশ /প্রানেশ্/ [স. প্রাণ+ঈশ] বি. দ্র প্রাণেশ্বর।

প্রাণেশ্বর /প্রানেশ্শর্/ [স. প্রাণ+ঈশ্বর] বি. ১ জীবনের অধীশ্বর। ২ স্বামী। ৩ প্রণয়াস্পদ, প্রেমিক। স্ত্রী. প্রাণেশ্বরী /প্রানেশ্শোরি/।

প্রাণোচ্ছল /প্রানোচ্ছল্/ [স. প্রাণ+উচ্ছল] বিণ. প্রাণবন্ত, সজীব।

প্রাণোৎসর্গ /প্রানোত্শর্গো/ [স. প্রাণ+উৎসর্গ] বি. জীবন উৎসর্গ, জীবনদান।

প্রাত /প্রাতো/ [স. প্র+√অত্+অর্] বি. ১ প্রভাত, সকালবেলা। ২ (আল.) আরম্ভ, সূচনা, শুরু।

প্রাতঃকাল /প্রাতোক্কাল্/ [স. প্রাতঃ+কাল] বি. সকালবেলা, প্রভাত।

প্রাতঃকালীন /প্রাতোক্কালিন্/ [স. প্রাতঃ+কাল+ঈন্] বিণ. ১ প্রাতঃকাল বা প্রত্যুষে করণীয়। ২ প্রাতঃকালসম্বন্ধীয়।

প্রাতঃকৃত্য /প্রাতোক্কৃত্তো/ [স. প্রাতঃ+কৃত্য] বি. প্রত্যুষে করণীয় কর্ম।

প্রাতঃক্রিয়া /প্রাতোক্ক্রিআ/ [স. প্রাতঃ+ক্রিয়া] বি. দ্র প্রাতঃকৃত্য।

প্রাতঃপ্রণাম /প্রাতোপ্প্রোনাম্/ [স. প্রাতঃ+প্রণাম] বি. সকালবেলার অভিবাদন।

প্রাতঃসন্ধ্যা /প্রাতোশ্শোন্ধা/ [স. প্রাতঃ+সন্ধ্যা] বি. প্রাতঃকালে করণীয় বন্দনা।

প্রাতঃস্নান /প্রাতোস্স্নান্/ [স. প্রাতঃ+স্নান] বি. প্রাতঃকালীন স্নান।

প্রাতঃস্মরণীয় /প্রাতোশ্শঁরোনিয়ো/ [স. প্রাতর্+√স্মৃ+অনীয়] বিণ. সকালে ঘুম থেকে উঠেই স্মরণ করার যোগ্য।

প্রাতরাশ /প্রাতোরাশ্/ [স. প্রাতর্+আশ] বি. সকালবেলার প্রথম আহার, breakfast।

প্রাতর্গেয় /প্রাতোর্গেয়ো/ [স. প্রাতর্+গেয়] বিণ. প্রভাতে গেয়।

www.pathagar.com

সাহসী পদক্ষেপ। ২ মৃতপ্রায় অবস্থা থেকে উদ্ধার।

প্রাণ দেওয়া /প্রান্ দেওআ/ ক্রিবি. ১ লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে প্রাণ উৎসর্গ করা। ২ জীবন বাঁচানো।

প্রাণধারণ /প্রানধারোন্/ [স. প্রাণ+ধারণ] বি. জীবন-ধারণ।

প্রাণন /প্রানোন্/ [স. প্র+√অন্+অন] বি. জীবনধারণ।

প্রাণনাথ /প্রানোনাথ্/ [স. প্রাণ+নাথ] বি. ১ পতি, স্বামী। ২ প্রাণেশ্বর, হৃদয়েশ্বর।

প্রাণনাশ /প্রানোনাশ্/ [স. প্রাণ+√নশ্+অ] বি. বধ।

প্রাণপণ /প্রানপন্/ [স. প্রাণ+পণ] বিণ. প্রয়োজনে নিজের জীবন বিসর্জন দিয়েও লক্ষ্য অর্জনের সংকল্পযুক্ত।

প্রাণপতি /প্রানপোতি/ [স. প্রাণ+√পা+অতি] বি. প্রাণপ্রিয় স্বামী।

প্রাণপাখি /প্রানপাখি/ [স. প্রাণ+বা. পাখি] বি. পিঞ্জরাবদ্ধ পাখির মতো দেহগত প্রাণ।

প্রাণপাত /প্রানপাত্/ [স. প্রাণ+√পত্+অ] বি. ১ মৃত্যু। ২ প্রাণঘাতী কঠোর পরিশ্রম।

প্রাণপূর্ণ /প্রানপুরনো/ [স. প্রাণ+পূর্ণ] বিণ. জীবন্ত, প্রাণবন্ত।

প্রাণপ্রতিম /প্রানোপ্রোতিম্/ [স. প্রাণ+প্রতিম] বিণ. প্রাণতুল্য, প্রাণপ্রিয়।

প্রাণপ্রতিষ্ঠা /প্রানপ্রোতিশ্ঠা/ [স. প্রাণ+প্রতিষ্ঠা] বি. ১ মন্ত্রপাঠ করে প্রতিমায় প্রাণসঞ্চার। ২ (আল.) জীবন্তকরণ।

প্রাণপ্রদ /প্রানোপ্প্রোদো/ [স. প্রাণ+প্র+√দা+অ] বিণ. জীবনদানকারী; শক্তিদায়ক। স্ত্রী. **প্রাণপ্রদা** /প্রানোপ্প্রোদা/।

প্রাণপ্রাচুর্য /প্রানপ্রাচুরজো/ [স. প্রাণ+প্রাচুর্য] বি. প্রাণশক্তির আধিক্য।

প্রাণপ্রিয় /প্রানপ্রিয়ো/ [স. প্রাণ+√প্রী+অ] বিণ. প্রাণতুল্য প্রিয়, প্রাণাধিক প্রিয়।

প্রাণবঁধু /প্রানোবোঁধু/ [স. প্রাণ+বা. বঁধু] বি. প্রাণের প্রিয় বন্ধু; সখা।

প্রাণবধ /প্রানবধ্/ [স. প্রাণ+√হন্+অ] বি. প্রাণনাশ, হত্যা।

প্রাণবন্ত /প্রানোবন্তো/ [স. প্রাণ+বন্ত] বিণ. ১ প্রাণ-পূর্ণ, সজীব। ২ সহৃদয়; সদাশয়। ৩ সক্রিয়।

প্রাণবল্লভ /প্রানোবল্লভ্/ [স. প্রাণ+বল্লভ] বি. প্রাণনাথ, প্রাণপতি।

প্রাণবান /প্রানোবান্/ [স. প্রাণ+বৎ] বিণ. দ্র প্রাণবন্ত।

প্রাণবায়ু /প্রানবায়ু/ [স. প্রাণ+বায়ু] বি. ১ দেহস্থ পঞ্চবায়ু (প্রাণ অপান সমান উদান ও ব্যান)। ২ জীবন্ত প্রাণীর নিশ্বাস-প্রশ্বাস।

প্রাণবিয়োগ /প্রানবিয়োগ্/ [স. প্রাণ+বিয়োগ] বি. মৃত্যু, মরণ, দেহত্যাগ।

প্রাণবিসর্জন /প্রানবিশর্জন্/ [স. প্রাণ+বিসর্জন] বি. মৃত্যুবরণ, দেহত্যাগ।

প্রাণবেদনা /প্রানোবেদোনা/ [স. প্রাণ+√বিদ্+অন+আ (টাপ্)] বি. মনোবেদনা, হৃদয়ের বেদনা।

প্রাণময় /প্রানোময়্/ [স. প্রাণ+ময়ট্] বিণ. ১ প্রাণপূর্ণ, সজীব। ২ সহৃদয়; সদাশয়। ৩ সক্রিয়। স্ত্রী. **প্রাণময়ী** /প্রানোময়ি/।

প্রাণময় কোষ /প্রানোময় কোশ্/ বি. দেহের পঞ্চপ্রাণ ও পঞ্চবায়ুযুক্ত কোষ।

প্রাণ যাওয়া /প্রান্ যাওআ/ ক্রিবি. মৃত্যু হওয়া, দেহত্যাগ করা।

প্রাণ লওয়া /প্রান্ লওআ/ ক্রিবি. হত্যা করা।

প্রাণরসায়ন /প্রানরশায়োন্/ [স. প্রাণ+রসায়ন] বি. জীবদেহের অভ্যন্তরের রাসায়নিক ও ভৌত রাসায়নিক বিক্রিয়াসংক্রান্ত বিজ্ঞানের শাখা; (পরি.) biochemistry।

প্রাণশক্তি /প্রানশোক্তি/ [স. প্রাণ+শক্তি] বি. জীবন-ধারণের প্রয়োজনীয় শক্তি, জীবনীশক্তি।

প্রাণশূন্য /প্রানশুনো/ [স. প্রাণ+শূন্য] বিণ. ১ প্রাণ-হীন। ২ জড়। ৩ নিরুদ্যম। ৪ নির্দয়।

প্রাণসংকট /প্রানশংকট্/ [স. প্রাণ+সংকট] বি. প্রাণ বিপন্ন হয় এমন সংকট।

প্রাণসংশয় /প্রানশংশয়্/ [স. প্রাণ+সংশয়] বি. দ্র প্রাণসংকট।

প্রাণসংহার /প্রানশংহার্/ [স. প্রাণ+সংহার] বি. প্রাণবধ, হত্যা।

প্রাণসঞ্চার /প্রানশনচার্/ [স. প্রাণ+সঞ্চার] বি. অচেতন দেহে জীবনীশক্তি সঞ্চার।

প্রাণস্পন্দন /প্রানস্পনদোন্/ [স. প্রাণ+স্পন্দন] বি. হৃৎস্পন্দন।

প্রাণস্পর্শী /প্রানস্পোর্শি/ [স. প্রাণ+√স্পর্শ্+ইন্] বিণ. হৃদয় স্পর্শ করে এমন, মর্মস্পর্শী।

প্রাণহন্তা /প্রানোহন্তা/ [স. প্রাণ+√হন্+তৃ] বিণ. প্রাণবধকারী। স্ত্রী. **প্রাণহন্ত্রী** /প্রানোহোন্ত্রি/।

প্রাণহর /প্রানোহরো/ [স. প্রাণ+√হৃ+অ] বিণ. ১ প্রাণনাশ করে এমন। ২ মারাত্মক।

প্রাণহরা /প্রানোহরা/ [স. প্রাণহর+আ (টাপ্)] বিণ. প্রাণ হরণ করে এমন। বি. ছানার তৈরি মিঠাই-বিশেষ।

প্রাণহানি /প্রানহানি/ [স. প্রাণ+√হা+তি] বি. প্রাণনাশ।

www.pathagar.com

প্রাগিতিহাস /প্রাগিতিহাশ্/ [স. প্রাক্+ইতিহাস] বি. ইতিহাস-পূর্ব যুগ; ইতিহাস-পূর্ব যুগের কাহিনি।

প্রাগুক্ত /প্রাগুক্তো/ [স. প্রাক্+উক্ত] বিণ. পূর্বে উল্লেখ করা হয়েছে এমন।

প্রাগৈতিহাসিক /প্রাগোইতিহাশিক্/ [স. প্রাক্+ইতিহাস+ইক] বিণ. ইতিহাস-পূর্ব যুগসংক্রান্ত।

প্রাগ্‌বর্তী /প্রাগ্‌বোর্‌তি/ [স. প্রাক্+বর্তিন্] বিণ. আগেকার, পূর্ববর্তী।

প্রাগ্রসর /প্রাগ্‌গ্রোশর্/ [স. প্র+অগ্রসর] বিণ. বিশেষ-ভাবে অগ্রসর; উন্নত।

প্রাঙ্গণ /প্রাংগন্/ [স. প্র+অঙ্গন] বি. উঠান, অঙ্গন; চত্বর।

প্রাঙ্মুখ /প্রাংমুখ্/ [স. প্রাক্+মুখ] বিণ. পূর্বদিকে মুখ রয়েছে এমন, পূর্বমুখ।

প্রাচী /প্রাচি/ [স. প্র+√অনচ্+ক্বিপ্] বি. ১ পূর্বদিক। ২ পূর্বদিকের দেশসমূহ।

প্রাচীন /প্রাচিন্/ [স. প্রাচ্+ঈন] বিণ. ১ বহুকাল পূর্বের। ২ অনাধুনিক। ৩ অভিজ্ঞ। ৪ (বাংলায়) বৃদ্ধ। স্ত্রী. **প্রাচীনা** /প্রাচিনা/।

প্রাচীনত্ব /প্রাচিনত্তো/ [স. প্রাচীন+ত্ব] বি. পুরাতনের অবস্থা; সেকেলে ভাব, প্রাচীনতা।

প্রাচীর /প্রাচির্/ [স. প্র+আ+√চি+র] বি. দেওয়াল।

প্রাচুর্য /প্রাচুর্‌জো/ [স. প্রচুর+য] বি. ১ আধিক্য। ২ বাহুল্য; প্রচুরতা। ৩ ধনাঢ্যতা।

প্রাচ্য /প্রাচ্চো/ [স. প্রাচ্+য] বিণ. ১ পূর্বদিকস্থ। ২ পূর্বদেশীয়। বি. ইউরোপের পূর্বদিকস্থ দেশসমূহ।

প্রাচ্যা /প্রাচ্চা/ [স. প্রাচ্য+আ (টাপ্)] বি. মাগধি প্রাকৃত ভাষাবিশেষ।

প্রাজক /প্রাজোক্/ [স. প্র+√অজ্+ণিচ্+অক] বিণ. নিয়ন্ত্রণকারী। বি. সারথি, চালক।

প্রাজন /প্রাজন্/ [স. প্র+√অজ্+ণিচ্+অন] বি. পশু তাড়ানো বা চালানোর দণ্ডবিশেষ, পাচনবাড়ি।

প্রাজাপত্য /প্রাজাপোত্তো/ [স. প্রজাপতি+য] বি. হিন্দুবিবাহের অষ্টবিধ পদ্ধতির অন্যতম। বিণ. ব্রহ্মাসংক্রান্ত, প্রজাপতিসংক্রান্ত।

প্রাজ্ঞ /প্রাগ্যো/ [স. প্রজ্ঞা+অ] বিণ. জ্ঞানবান, বিজ্ঞ, পণ্ডিত, প্রজ্ঞাযুক্ত। স্ত্রী. **প্রাজ্ঞী** /প্রাগ্যি/।

প্রাজ্ঞতা /প্রাগ্যোতা/ [স. প্রাজ্ঞ+তা] বি. পাণ্ডিত্য, বিজ্ঞতা।

প্রাঞ্জল /প্রানজল্/ [স. প্র+√অনজ্+অল] বিণ. ১ পরিষ্কার, স্বচ্ছ। ২ সহজবোধ্য, সুখবোধ্য, সরল। বি. **প্রাঞ্জলতা** /প্রানজলোতা/।

প্রাঞ্জলি /প্রানজোলি/ [স. প্র+অঞ্জলি] বিণ. দুই হাত জোড় করেছে এমন, কৃতাঞ্জলি।

প্রাণ /প্রান্/ [স. প্র+√অন্+অ] বি. ১ ফুসফুসস্থিত যে বাতাস শ্বাসরূপে গৃহীত হয়, প্রাণবায়ু। ২ হৃদয়, মন, চিত্ত, অন্তঃকরণ। ৩ জীবন (*যারা প্রাণ দিয়েছে ওখানে— রমনার রৌদ্রদগ্ধ কৃষ্ণচূড়ার গাছের তলায়* মাহবুব.)। ৪ জীবনীশক্তি। ৫ দেহস্থ পঞ্চবায়ু। ৬ আন্তরিকতা, স্ফূর্তি; সজীবতা।

প্রাণ উড়ে যাওয়া /প্রান্ উড়ে জাওআ/ ক্রিবি. ভীষণ ভয় পাওয়া।

প্রাণ ওষ্ঠাগত হওয়া /প্রান্ ওশ্‌ঠাগতো হওআ/ ক্রিবি. অতিশয় কষ্টকর অবস্থায় পড়া।

প্রাণকান্ত /প্রানোকান্তো/ [স. প্রাণ+কান্ত] বি. ১ প্রাণনাথ, প্রাণেশ্বর। ২ স্বামী। ৩ প্রেমাস্পদ।

প্রাণকৃষ্ণ /প্রান্‌কৃশ্নো/ [স. প্রাণ+√কৃষ্+ন] বি. ১ প্রাণের মতো প্রিয় শ্রীকৃষ্ণ। ২ (আল.) পরম আদরের ব্যক্তি।

প্রাণকেন্দ্র /প্রান্‌কেন্দ্রো/ [স. প্রাণ+কেন্দ্র] বি. প্রধান বা মূল কেন্দ্র।

প্রাণখোলা /প্রান্‌খোলা/ [স. প্রাণ+বা. খোলা] বিণ. সরল, উদাত্ত (*প্রাণখোলা হাসি*)।

প্রাণগতিক /প্রান্‌গোতিক্/ [স. প্রাণ+গতিক] বিণ. ১ জীবনযাত্রাসম্বন্ধীয়। ২ দৈহিক।

প্রাণঘাতক /প্রান্‌ঘাতক্/ [স. প্রাণ+√হন্+অক] বিণ. প্রাণনাশ করে এমন।

প্রাণঘাতী /প্রান্‌ঘাতি/ [স. প্রাণ+√হন্+ইন্] বিণ. মৃত্যু ঘটায় এমন (*প্রাণঘাতী রোগ*)।

প্রাণচঞ্চল /প্রান্‌চন্‌চল্/ [স. প্রাণ+চঞ্চল] বিণ. সজীব, প্রাণবন্ত, প্রাণস্পন্দনযুক্ত।

প্রাণচাঞ্চল্য /প্রান্‌চান্‌চোল্‌লো/ [স. প্রাণচঞ্চল+য] বি. প্রাণের স্পন্দন, সজীবতা।

প্রাণতুল্য /প্রান্‌তুল্লো/ [স. প্রাণ+তুল্য] বিণ. প্রাণের ন্যায় মূল্যবান।

প্রাণত্যাগ /প্রানোত্ত্যাগ্/ [স. প্রাণ+√ত্যজ্+অ] বি. মৃত্যু, মরণ, দেহত্যাগ।

প্রাণ থাকা /প্রান্ থাকা/ ক্রিবি. বেঁচে থাকা, বাঁচা।

প্রাণদ /প্রানোদো/ [স. প্রাণ+√দা+অ] বি. বিণ. প্রাণদানকারী। স্ত্রী. **প্রাণদা** /প্রানোদা/।

প্রাণদণ্ড /প্রান্‌দন্‌ডো/ [স. প্রাণ+দণ্ড] বি. ১ মৃত্যুদণ্ড। ২ অপরাধীকে প্রদত্ত মৃত্যুদণ্ডের আদেশ।

প্রাণদাতা /প্রান্‌দাতা/ [স. প্রাণ+দাতা] বিণ. জীবন রক্ষাকারী। স্ত্রী. **প্রাণদাত্রী** /প্রানোদাত্রি/।

প্রাণদান /প্রান্‌দান্/ [স. প্রাণ+√দা+অন] বি. ১ লক্ষ্য অর্জনের জন্য প্রাণ উৎসর্গ করতে হয় এমন

www.pathagar.com

প্রহার /প্রোহার্/ [স. প্র+√হৃ+অ] বি. ১ আঘাত (*প্রহার করা*)। ২ নিগ্রহ।

প্রহারক /প্রোহারক্/ [স. প্র+√হৃ+অক] বিণ. প্রহারকারী, আঘাতকারী।

প্রহারী /প্রোহারি/ [স. প্র+√হৃ+ইন্] বিণ. দ্র প্রহারক।

প্রহাস /প্রোহাশ্/ [স. প্র+√হস্+অ] বি. ১ নট। ২ শিব। ৩ সম্পূর্ণ প্রকাশ। ৪ উজ্জ্বলতা। ৫ অসংযত হাসি।

প্রহৃত /প্রোhৃতো/ [স. প্র+√হৃ+ত] বিণ. প্রহার করা হয়েছে এমন; আঘাতপ্রাপ্ত; নিগৃহীত।

প্রহৃষ্ট /প্রোhৃশ্‌টো/ [স. প্র+√হৃষ্+ত] বিণ. অতিশয় হর্ষযুক্ত, আনন্দিত।

প্রহেলিকা /প্রোহেলিকা/ [স. প্রহেল+কন্+আ (টাপ্)] বি. বোঝা কঠিন এমন প্রশ্ন; কূটপ্রশ্ন; হেঁয়ালি।

প্রহ্লাদ /প্রোল্‌hাদ্/ [স. প্র+√হ্লাদ্+অ] বি. ১ পুরাণোক্ত দানবরাজ হিরণ্যকশিপুর পুত্র। ২ অতিশয় আনন্দ। ৩ শব্দ। ৪ (ব্য.) অধার্মিক ব্যক্তি।

প্রাইজ /প্রাইজ্/ [ই.] বি. পুরস্কার; উপহার; পারিতোষিক; prize।

প্রাইজবন্ড /প্রাইজ্‌বন্ড্/ [ই.] বি. যে সরকারি বন্ডে ক্রয়মূল্য ফেরতসাপেক্ষে সুদের পরিবর্তে লটারির মাধ্যমে পুরস্কার প্রদান করা হয়, prize bond।

প্রাইভেট /প্রাইভেট্/ [ই. private] বিণ. ব্যক্তিগত, গোপনীয়। ২ সরকারি বা সার্বজনিক নয় এমন।

প্রাইভেট টিউশন /প্রাইভেট্ টিউশন্/ বি. গৃহশিক্ষকতার বৃত্তি, private tuition।

প্রাইমার /প্রাইমার্/ [ই.] বি. ১ প্রাথমিক শিক্ষার পাঠ্যপুস্তক। ২ রঙের নিচের প্রলেপ।

প্রাইমারি /প্রাইমারি/ [ই. primary] বিণ. প্রাথমিক (*প্রাইমারি শিক্ষা*)।

প্রাংশু /প্রাংশু/ [স. প্র+অংশু] বিণ. ১ উন্নত। ২ দীর্ঘকায়, লম্বা (*শালপ্রাংশু*)।

প্রাক /প্রাক্/ [স. প্র+√অন্চ+ক্বিপ্] অব্য. ক্রিবিণ. পূর্বে, পুরাকালে। বিণ. ১ পূর্ববর্তী, আগের (*প্রাক-রবীন্দ্রযুগ*)। ২ পূর্বদিকস্থ; প্রাচ্য।

প্রাক্‌কথন /প্রাক্‌কথোন্/ [স. প্রাক্+কথন] বি. গ্রন্থাদির মুখবন্ধ, প্রস্তাবনা।

প্রাকরণিক /প্রাকরোনিক্/ [স. প্রকরণ+ইক] বিণ. কৌশলগত, প্রকরণগত।

প্রাকাম্য /প্রাকাম্‌মো/ [স. প্রকাম+য] বি. ১ যথেচ্ছাচারিতা। ২ যোগদর্শনে অষ্টসিদ্ধির প্রথমটি; ঐশ্বর্য-বিশেষ।

প্রাকার /প্রাকার্/ [স. প্র+√কৃ+অ] বি. দেওয়াল।

প্রাকৃত[১] /প্রাকৃত্/ [স. প্রকৃতি+অ] বিণ. ১ প্রকৃতিজাত। ২ প্রজাসম্বন্ধীয়। ৩ লৌকিক। ৪ অনভিজাত। বি. বৈদিক সংস্কৃত ভাষা থেকে উদ্ভূত প্রাচীন ভাষাবিশেষ।

প্রাকৃত[২] /প্রাকৃতো/ [স. প্র+অকৃত] বিণ. নীচ, ইতর। স্ত্রী. প্রাকৃতা /প্রাকৃতা/।

প্রাকৃতজন /প্রাকৃতোজন্/ [স. প্রাকৃত+জন] বি. সাধারণ লোক; জনসাধারণ।

প্রাকৃতপন্থা /প্রাকৃতোপন্‌থা/ [স. প্রাকৃত+হি. পন্থা] বি. লৌকিক পন্থা।

প্রাকৃতপন্থি /প্রাকৃতোপোন্‌থি/ [স. প্রাকৃত+হি. পন্থি] বিণ. লৌকিক পন্থার অনুসারী।

প্রাকৃতিক /প্রাকৃতিক্/ [স. প্রকৃতি+ইক] বিণ. ১ প্রকৃতিসম্বন্ধীয়, নৈসর্গিক। ২ জড়পদার্থবিষয়ক।

প্রাক্কলন /প্রাক্‌কলোন্/ [স. প্রাক্+√কল্+অন] বি. কোনো কর্মসম্পাদনের জন্য সম্ভাব্য ব্যয়ের আনুমানিক হিসাব; (পরি.) estimate।

প্রাক্কলিক /প্রাক্‌কোলিক্/ [স. প্রাক্কল+ইক] বিণ. দ্র প্রাক্কালিক।

প্রাক্কলিত /প্রাক্‌কোলিতো/ [স. প্রাক্+√কল্+ত] বিণ. অনুমিত, আনুমানিক।

প্রাক্কলিত ব্যয় /প্রাক্‌কোলিতো ব্যায়্/ বি. অনুমিত ব্যয়; (পরি.) estimated cost।

প্রাক্কাল /প্রাক্‌কাল্/ [স. প্রাক্+কাল] বি. প্রারম্ভিক কাল, সূচনাকাল।

প্রাক্কালিক /প্রাক্‌কালিক্/ [স. প্রাক্কাল+ইক] বিণ. পূর্ববর্তী সময়ের।

প্রাক্কালীন /প্রাক্‌কালিন্/ [স. প্রাক্কাল+ইন্] বিণ. পূর্ববর্তী সময়ের।

প্রাক্কালে /প্রাক্‌কালে/ [স. প্রাক্কাল+বা. এ] ক্রিবিণ. পূর্বে।

প্রাক্তন /প্রাক্‌তন্/ [স. প্রাক্+তন] বিণ. ১ ভূতপূর্ব। ২ জন্মান্তরবিষয়ক। বি. ১ পূর্বজন্মে কৃতকর্মের ফল। ২ ভূতপূর্ব কর্মী। স্ত্রী. প্রাক্তনী /প্রাক্‌তোনি/।

প্রাখর্য /প্রাখোর্‌জ্যো/ [স. প্রখর+য] বি. প্রখরতা, তীক্ষ্ণতা।

প্রাগল্‌ভ্য /প্রাগল্‌ভো/ [স. প্রগল্‌ভ+য] বি. ১ উদ্ধত ভাব, প্রগল্‌ভতা। ২ প্রণয়াদি বিষয়ে লজ্জাহীনতা। ৩ ধৃষ্টতা। ৪ তেজস্বিতা।

www.pathagar.com

থেকে১০,০০০) যে সময়ে পাথরের তৈরি হাতিয়ার ব্যবহার করা হতো, Stone Age।

প্রস্তরীভবন /প্রোস্‌তোরিভবোন্‌/ [স. প্রস্তর+ঢ্বি+ভবন] বি. পাথরে রূপান্তরণ।

প্রস্তরীভূত /প্রোস্‌তোরিভুতো/ [স. প্রস্তর+ঢ্বি+ভূত] বিণ. প্রস্তরে পরিণত, শিলীভূত।

প্রস্তাব /প্রোস্‌তাব্‌/ [স. প্র+√স্তু+অ] বি. ১ আলোচ্য বিষয়, প্রসঙ্গ। ২ (সংসদে) বিতর্কের জন্য উপস্থাপিত বিষয়। ৩ গ্রন্থ প্রভৃতির পরিচ্ছেদ।

প্রস্তাবক /প্রোস্‌তাবক্‌/ [স. প্র+√স্তু+অক] বি. বিণ. প্রস্তাব উত্থাপক, প্রস্তাবকারী।

প্রস্তাবনা /প্রোস্‌তাবনা/ [স. প্র+√স্তাবি+অন+আ (টাপ্‌)] বি. ১ সূচনা, ভূমিকা। ২ নাটকের সূচনায় বিষয়বস্তুর অবতারণা।

প্রস্তাবিত /প্রোস্‌তাবিতো/ [স. প্র+√স্তাবি+ত] বিণ. ১ প্রস্তাব করা হয়েছে এমন; উল্লিখিত। ২ আলোচনার বিষয়ীভূত।

প্রস্তুত /প্রোস্‌তুত্‌/ [স. প্র+√স্তু+ত] বিণ. ১ নির্মিত, তৈরি; সম্পাদিত। ২ উদ্যোগ বা আয়োজন সম্পন্ন হয়েছে এমন। ৩ রাজি (*যেতে প্রস্তুত*)।

প্রস্তুতি /প্রোস্‌তুতি/ [স. প্র+√স্তু+তি] বি. ১ আয়োজন। ২ তৈরি হওয়ার উদ্যোগ।

প্রস্তুতিমূলক /প্রোস্‌তুতিমুলক্‌/ [স. প্রস্তুতি+মূলক] বিণ. প্রস্তুতির জন্য উদ্যোগ নেওয়া হয়েছে এমন।

প্রস্থ /প্রোস্‌থো/ [স. প্র+√স্থা+অ] বি. ১ বিস্তার, চওড়ার মাপ। ২ পর্বতের উপরিস্থিত সমতলভূমি; পর্বতের সানুদেশ। ৩ উঁচুনিচু নয় এমন ভূমি (*ইন্দ্রপ্রস্থ*)। ৪ পরিমাণবিশেষ। ৫ দফা, সেট, প্রস্ত (*এক প্রস্থ পোশাক*)। ৬ টা, টি, খানা।

প্রস্থচ্ছেদ /প্রোস্‌থোচ্‌ছেদ্‌/ [স. প্রস্থ+√ছিদ্‌+অ] বি. প্রস্থ বরাবর বা আড়াআড়ি কাটার পর কর্তিত বস্তুর যে তল দৃষ্ট হয়; (পরি.) cross section।

প্রস্থদেশ /প্রোস্‌থোদেশ্‌/ [স. প্রস্থ+দেশ] বি. পর্বতের সমতল উপরিভাগ।

প্রস্থান /প্রোস্‌থান্‌/ [স. প্র+√স্থা+অন] বি. ১ যাত্রা, গমন। ২ প্রয়াণ। ৩ (বাংলায়) পলায়ন।

প্রস্থানপর /প্রোস্‌থানপর্‌/ [স. প্রস্থান+পর] বিণ. যাত্রার প্রস্তুতি গ্রহণ করেছে এমন, গমনোদ্যত।

প্রস্থানোদ্যত /প্রোস্‌থানোদ্‌দতো/ [স. প্রস্থান+উদ্যত] বিণ. দ্র প্রস্থানপর।

প্রস্থাপন /প্রোস্‌থাপোন্‌/ [স. প্র+√স্থাপি+অন] বি. ১ উপস্থাপন। ২ পোষণ। ৩ প্রেরণ।

প্রস্থাপিত /প্রোস্‌থাপিতো/ [স. প্র+√স্থাপি+ত] বিণ. ১ উপস্থাপিত। ২ প্রেরিত। ৩ নিযুক্ত।

প্রস্থিত /প্রোস্‌থিতো/ [স. প্র+√স্থা+ত] বিণ. প্রস্থান করেছে এমন, চলে গেছে এমন, গত।

প্রস্ফুট /প্রোস্‌ফুটো/ [স. প্র+√স্ফুট্‌+অ] বিণ. ১ সম্পূর্ণ বিকশিত। ২ সম্পূর্ণ ব্যক্ত। স্ত্রী. প্রস্ফুটিতা /প্রোস্‌ফুটিতা/।

প্রস্ফুটন /প্রোস্‌ফুটন্‌/ [স. প্র+√স্ফুট্‌+অন] বি. প্রকাশ; বিকাশ।

প্রস্ফুটিত /প্রোস্‌ফুটিতো/ [স. প্র+√স্ফুট্‌+ত] বিণ. ফুটেছে এমন (*পরিপূর্ণ জীবনের প্রস্ফুটিত পদ্ম হতে ওঠে গন্ধসম* প্রেমেন্দ্র.)।

প্রস্ফুরণ /প্রোস্‌ফুরন্‌/ [স. প্র+√স্ফুর্‌+অন] বি. মৃদু স্পন্দন, সামান্য কম্পন।

প্রস্ফুরিত /প্রোস্‌ফুরিতো/ [স. প্র+√স্ফুর্‌+ত] বিণ. ঈষৎ স্পন্দিত, সামান্য কম্পিত।

প্রস্বান /প্রোশ্‌শান্‌/ [স. প্র+√স্বন্‌+অ] বি. উচ্চ রব।

প্রস্বাপন /প্রোশ্‌শাপোন্‌/ [স. প্র+√স্বাপি+অন] বিণ. নিদ্রা আকর্ষণ করে এমন। বি. ১ নিদ্রা আকর্ষক পৌরাণিক অস্ত্র। ২ গাঢ় নিদ্রা।

প্রস্রবণ /প্রোস্‌রোবোন্‌/ [স. প্র+√সু+অন] বি. ১ ঝরনা, নির্ঝর। ২ ক্ষরণ, স্রাব।

প্রস্রাব /প্রোস্‌রাব্‌/ [স. প্র+√সু+অ] বি. উচ্চবর্গীয় মেরুদণ্ডী প্রাণীর রক্ত পরিস্রবণের পর বৃক্কে (kidney) জমে থাকা হালকা হলুদ ঝাঁজালো গন্ধযুক্ত ঈষৎ অম্লিক তরল বর্জ্য পদার্থ (যা মূত্রাশয়ে জমা হয়ে পরে মূত্রনালি দিয়ে নিঃসৃত হয়), মূত্র, urine।

প্রস্রুত /প্রোস্‌রুতো/ [স. প্র+√সু+ত] বিণ. ঝরেছে বা ক্ষরিত হয়েছে এমন, নিঃসৃত।

প্রহত /প্রোহতো/ [স. প্র+√হন্‌+ত] বিণ. ১ আঘাত-প্রাপ্ত। ২ আঘাত করে বাজানো হয় এমন।

প্রহর /প্রোহোর্‌/ [স. প্র+√হৃ+অ] বি. দিবারাত্রির এক অষ্টমাংশ, তিন ঘণ্টা, যাম।

প্রহরণ /প্রোহরন্‌/ [স. প্র+√হৃ+অন] বি. ১ অস্ত্র। ২ প্রহার; আঘাত।

প্রহরা /প্রোহোরা/ [স. প্রহর>] বি. পাহারা, চৌকি।

প্রহরার্ধ /প্রোহোরারধো/ [স. প্রহর+অর্ধ] বি. প্রহরের অর্ধেক, দেড়ঘণ্টাব্যাপী সময়।

প্রহরী /প্রোহোরি/ [স. প্রহর+ইন্‌] বি. পাহারাদার (*টুলের ওপরে বসে থাকে সশস্ত্র প্রহরী।* প্রেমেন্দ্র.)। স্ত্রী. প্রহরিণী /প্রোহোরিনি/।

প্রহর্তা /প্রোহর্‌তা/ [স. প্র+√হৃ+তৃ] বি. বিণ. ১ প্রহারকারী। ২ যোদ্ধা।

প্রহসন /প্রোহোশোন্‌/ [স. প্র+√হস্‌+অন] বি. ১ হাস্য-রসাত্মক নাটক। ২ ব্যঙ্গ, বিদ্রূপ।

www.pathagar.com

প্রসাদ /প্রোশাদ্/ [স. প্র+√সদ্+অ] বি. ১ হর্ষ, আনন্দ। ২ দেবতার উদ্দেশে নিবেদিত খাদ্যসামগ্রী; গুরুজনের ভুক্তাবশিষ্ট। ৩ প্রসন্নতা। ৪ কাব্য প্রভৃতির প্রাঞ্জলতা গুণ (*প্রসাদগুণ*)।

প্রসাদন /প্রোশাদোন্/ [স. প্র+√সাদি+অন] বি. সন্তোষবিধান, তুষ্টিসাধন।

প্রসাদনা /প্রোশাদোনা/ [স. প্র+√সাদি+অন+আ (টাপ্)] বি. দ্র প্রসাদন।

প্রসাদাৎ /প্রোশাদাত্/ [স. প্রসাদ+আৎ] ক্রিবিণ. অনুগ্রহে বা অনুগ্রহের ফলে।

প্রসাদি /প্রোশাদি/ [হি.] বিণ. দেবতার উদ্দেশে নিবেদন করা হয়েছে এমন; প্রসাদরূপে গণ্য করা হয় এমন।

প্রসাধক /প্রোশাধক্/ [স. প্র+√সাধি+অক] বি. বিণ. প্রসাধনকারী। স্ত্রী. প্রসাধিকা /প্রোশাধিকা/।

প্রসাধন /প্রোশাধোন্/ [স. প্র+√সাধি+অন] বি. ১ সাজসজ্জা ও অঙ্গের শোভাবর্ধন, বেশবিন্যাস। ২ অলংকরণ; চিত্রণ। ৩ সুচারুরূপে সম্পাদন।

প্রসাধনকলা /প্রোশাধোন্কলা/ [স. প্রসাধন+কলা] বি. প্রসাধন ও সাজসজ্জার কলাকৌশল।

প্রসাধনরত /প্রোশাধোন্রতো/ [স. প্রসাধন+রত] বিণ. সাজসজ্জা করছে এমন। স্ত্রী. প্রসাধনরতা /প্রোশাধোন্রতা/।

প্রসাধনসামগ্রী /প্রোশাধোন্শামোগ্রি/ [স. প্রসাধন+সামগ্র+ঈ] বি. প্রসাধনদ্রব্য।

প্রসাধনী /প্রোশাধোনি/ [স. প্রসাধন+ঈ] বি. ১ চিরুনি। ২ সাজসজ্জার প্রয়োজনীয় উপকরণ; অঙ্গরাগ।

প্রসাধিত /প্রোশাধিতো/ [স. প্র+√সাধি+ত] বিণ. ১ প্রসাধন করা হয়েছে এমন। ২ কৃত, সম্পাদিত।

প্রসার /প্রোশার্/ [স. প্র+√সারি+অ] বি. ১ বিস্তৃতি, বিস্তার লাভ (*ব্যবসায়ের প্রসার*)। ২ নির্গমন। ৩ উদারতা।

প্রসারণ /প্রোশারোন্/ [স. প্র+√সারি+অন] বি. প্রসারিতকরণ, বিস্তৃতকরণ।

প্রসারিত /প্রোশারিতো/ [স. প্র+√সারি+ত] বিণ. ১ বিস্তৃত। ২ পরিবর্ধিত। ৩ সম্পাদিত।

প্রসারী /প্রোশারি/ [স. প্র+√স্+ইন্] বিণ. প্রসার লাভ করে এমন (*সুদূরপ্রসারী*), বিস্তার লাভ করেছে এমন, ব্যাপক, বিস্তৃত। স্ত্রী. প্রসারিণী /প্রোশারিনি/।

প্রসার্য /প্রোশারজো/ [স. প্র+√সারি+য] বিণ. প্রসার বা বিস্তার করা যায় এমন।

প্রসার্যমাণ /প্রোশারজোমান্/ [স. প্র+√সারি+মান (শানচ্)] বিণ. প্রসার বা বিস্তার লাভ করছে এমন।

প্রসিক্ত /প্রোশিক্তো/ [স. প্র+√সিচ্+ত] বিণ. সম্পূর্ণ সিক্ত।

প্রসিত /প্রোশিতো/ [স. প্র+√সি+ত] বিণ. অতিশয় শুভ্র, সাদা। স্ত্রী. প্রসিতা /প্রোশিতা/।

প্রসিদ্ধ /প্রোশিদ্ধো/ [স. প্র+√সিধ্+ত] বিণ. নামডাক আছে এমন, বিখ্যাত। স্ত্রী. প্রসিদ্ধা /প্রোশিদ্ধা/।

প্রসিদ্ধি /প্রোশিদ্ধি/ [স. প্র+√সিধ্+তি] বি. ১ ব্যাপক খ্যাতি বা পরিচিতি। ২ প্রবাদ, জনশ্রুতি।

প্রসীদ /প্রোশিদো/ [স. প্র+√সদ্+হি] অনুক্রি. প্রসন্ন হও; দয়া করো।

প্রসুপ্ত /প্রোশুপ্তো/ [স. প্র+√স্বপ্+ত] বিণ. গভীর নিদ্রায় আচ্ছন্ন, সুষুপ্ত।

প্রসুপ্তি /প্রোশুপ্তি/ [স. প্র+√স্বপ্+তি] বি. গভীর বা গাঢ় নিদ্রা।

–প্রসূ /প্রোশু/ [স. প্র+√সূ+ক্বিপ্] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) প্রসবকারিণী; উৎপাদন করে এমন (*ফলপ্রসূ*)। বি. প্রসূতি, মাতা, জননী।

প্রসূত /প্রোশুতো/ [স. প্র+√সূ+ত] বিণ. ১ জাত, উৎপন্ন। ২ ভূমিষ্ঠ। স্ত্রী. প্রসূতা /প্রোশুতা/।

প্রসূতি /প্রোশুতি/ [স. প্র+√সূ+তি] বি. মাতা, জননী।

প্রসূতিসদন /প্রোশুতিশদোন্/ [স. প্রসূতি+সদন] বি. প্রসূতির সেবা বা পরিচর্যাকেন্দ্র।

প্রসূন /প্রোশুন্/ [স. প্র+√সূ+ত] বি. ১ ফুল। ২ মুকুল। ৩ ফল।

প্রসৃত /প্রোস্সৃতো/ [স. প্র+√স্+ত] বিণ. ১ নিঃসৃত, নির্গত। ২ প্রসারিত। ৩ বৃদ্ধিপ্রাপ্ত। ৪ বিনীত, নম্র।

প্রসৃতি /প্রোস্সৃতি/ [স. প্র+√স্+তি] বি. ১ নির্গমন, নিঃসরণ। ২ বিস্তৃতি। ৩ বেগ। ৪ হাতের কোষ।

প্রসেক /প্রোশেক্/ [স. প্র+√সিচ্+অ] বি. ১ নিষেক, সেচন। ২ বিচ্যুতি। ৩ বর্ষণ।

প্রস্ত /প্রোস্তো/ [স. প্রস্থ >] বি. ১ একসঙ্গে কাজে লাগে এমন জিনিসের সমষ্টি, গুচ্ছ, সেট। ২ প্রস্থ।

প্রস্তর /প্রোস্তর্/ [স. প্র+√স্তৃ+অ] বি. ১ পাথর, শিলা, পাষাণ, উপল। ২ মণি।

প্রস্তরমূর্তি /প্রোস্তরমুর্তি/ [স. প্রস্তর+মূর্তি] বি. পাথরের মূর্তি।

প্রস্তরযুগ /প্রোস্তরজুগ্/ [স. প্রস্তর+যুগ] বি. ব্রোঞ্জ যুগের পূর্ববর্তী প্রাগৈতিহাসিক যুগ (খ্রি. পূ. ৪০,০০০

www.pathagar.com

প্রশাসন /প্রোশাশোন্/ [স. প্র+√শাস্+অন] বি. শাসনকার্য পরিচালনের ব্যবস্থা।

প্রশাসনিক /প্রোশাশোনিক্/ [স. প্রশাসন+ইক] বিণ. রাষ্ট্রের শাসনসংক্রান্ত, administrative।

প্রশিক্ষক /প্রোশিক্ষক্/ [স. প্র+শিক্ষক] বি. যে শিক্ষক হাতেকলমে শিক্ষা দান করেন।

প্রশিক্ষণ /প্রোশিক্ষন্/ [স. প্র+শিক্ষণ] বি. হাতে-কলমে শিক্ষা, training।

প্রশিষ্য /প্রোশিশ্শো/ [স. প্র+শিষ্য] বি. শিষ্যের শিষ্য; ছাত্রের ছাত্র। স্ত্রী. **প্রশিষ্যা** /প্রোশিশ্শা/।

প্রশ্ন /প্রোশ্নো/ [স. √প্রচ্ছ্+ন] বি. ১ জিজ্ঞাসা (*কঠিন প্রশ্ন*)। ২ অনুসন্ধানের বিষয়। ৩ সমস্যা।

প্রশ্নকর্তা /প্রোস্নোকর্তা/ [স. প্রশ্ন+কর্তা] বি. পরীক্ষার প্রশ্নপত্রের প্রণেতা, paper setter। বিণ. প্রশ্নকারী। স্ত্রী. **প্রশ্নকর্ত্রী** /প্রোস্নোকোর্ত্রি/।

প্রশ্নপত্র /প্রোস্নোপত্রো/ [স. প্রশ্ন+পত্র] বি. পরীক্ষায় জিজ্ঞাস্য বিষয়সংবলিত পত্র।

প্রশ্নবাণ /প্রোস্নোবান্/ [স. প্রশ্ন+বাণ] বি. ক্রমাগত প্রশ্ন।

প্রশ্নবোধক চিহ্ন /প্রোস্নোবোধক চিন্নho/ বি. প্রশ্নবাচক বাক্যের শেষে প্রদত্ত '?' চিহ্ন।

প্রশ্নব্যাংক /প্রোস্নোব্যাংক্/ [স. প্রশ্ন+ব্যাংক] বি. (প্রতিযোগিতামূলক পরীক্ষার ক্ষেত্রে) সম্ভাব্য প্রশ্নসমূহের সংকলন; (পরি.) question bank।

প্রশ্নমালা /প্রোস্নোমালা/ [স. প্রশ্ন+মালা] বি. প্রশ্নসমূহ, প্রশ্নাবলি।

প্রশ্নাতীত /প্রোস্নাতিতো/ [স. প্রশ্ন+অতীত] বিণ. সন্দেহ বা প্রশ্নের অবকাশ নেই এমন।

প্রশ্নাত্মক /প্রোস্নাতর্তক্/ [স. প্রশ্ন+আত্মক] বিণ. প্রশ্নের প্রকৃতিবিশিষ্ট, প্রশ্নসূচক।

প্রশ্নোত্তর /প্রোস্নোত্তর্/ [স. প্রশ্ন+উত্তর] বি. প্রশ্ন ও তার উত্তর।

প্রশ্বাস /প্রোশ্শাশ্/ [স. প্র+√শ্বস্+অ] বি. ১ নাকের সাহায্যে ফুসফুসে গৃহীত বায়ু। ২ শ্বাসকার্য; ফুসফুসে বায়ুগ্রহণ।

প্রশ্রয় /প্রোস্স্রয়্/ [স. প্র+√শ্রি+অ] বি. ১ বিনয়, নম্রতা। ২ (বাংলায়) আশকারা, লাই (*প্রশ্রয় দেওয়া*)।

প্রশ্রিত /প্রোস্স্রিতো/ [স. প্র+√শ্রি+ত] বিণ. ১ আশকারাপ্রাপ্ত। ২ আদরপ্রাপ্ত, আদৃত। ৩ বিনীত।

প্রষ্টব্য /প্রোশ্টোব্যো/ [স. √প্রচ্ছ্+তব্য] বিণ. জিজ্ঞাসার যোগ্য, জিজ্ঞাস্য।

প্রষ্টা /প্রোশ্টা/ [স. √প্রচ্ছ্+তৃ] বি. বিণ. প্রশ্নকর্তা। স্ত্রী. **প্রষ্ট্রী** /প্রোশ্ট্রি/।

প্রসক্ত /প্রোশক্তো/ [স. প্র+√সন্জ্+ত] বিণ. ১ প্রবলভাবে আসক্ত। ২ সংলগ্ন। ৩ অবিরত।

প্রসক্তি /প্রোশোক্তি/ [স. প্র+√সন্জ্+তি] বি. প্রবল আসক্তি।

প্রসঙ্গ /প্রোশংগো/ [স. প্র+√সন্জ্+অ] বি. ১ সম্পর্ক। ২ সংশ্লিষ্ট পূর্বকথা। ৩ আলোচ্য বিষয়।

প্রসঙ্গক্রমে /প্রোশংগোক্রোমে/ [স. প্রসঙ্গক্রম+বা. এ] ক্রিবিণ. আলোচ্য বিষয়ের অংশ হিসেবে বা তৎসূত্রে, আলোচনাসূত্রে।

প্রসঙ্গত /প্রোশংগতো/ [স. প্রসঙ্গ+তস্] ক্রিবিণ. দ্র প্রসঙ্গক্রমে।

প্রসঙ্গান্তর /প্রোশংগান্তর্/ [স. প্রসঙ্গ+অন্তর] বি. অন্য প্রসঙ্গ, ভিন্ন বিষয়।

প্রসত্তি /প্রোশোত্তি/ [স. প্র+√সদ্+তি] বি. ১ প্রসন্নতা, সন্তুষ্টি। ২ স্বচ্ছতা।

প্রসন্ন /প্রোশন্নো/ [স. প্র+√সদ্+ত] বিণ. ১ সন্তুষ্ট, তৃপ্ত (*প্রসন্নচিত্ত*)। ২ নির্মল (*প্রসন্ন সলিলা*)। ৩ উজ্জ্বল। ৪ শান্ত। ৫ প্রফুল্ল (*প্রসন্ন হাসি*)। বি. -তা /-তা/।

প্রসন্নচিত্ত /প্রোশন্নোচিত্তো/ [স. প্রসন্ন+চিত্ত] বিণ. ১ প্রশান্তচিত্ত। ২ প্রফুল্লচিত্ত।

প্রসব /প্রোশব্/ [স. প্র+√সূ+অ] বি. সন্তান জন্মদান, গর্ভমোচন; উৎপত্তি, সৃষ্টি।

প্রসববেদনা /প্রোশব্বেদোনা/ [স. প্রসব+বেদনা] বি. গর্ভমোচনের পূর্বে অনুভূত (প্রসূতির) বেদনা।

প্রসবিতা /প্রোশোবিতা/ [স. প্র+√সূ+তৃ] বি. বিণ. জন্মদাত্রী, প্রসবকারিণী।

প্রসবী /প্রোশোবি/ [স. প্র+√সূ+ইন্] বিণ. প্রসবকারী, জন্মদানকারী, জনয়িতা।

প্রসভ /প্রোশভ্/ [অজ্ঞা.] বি. বলাৎকার। ক্রিবিণ. হঠাৎ।

প্রসভহরণ /প্রোশভ্হরোন্/ [অজ্ঞা.] বি. লুণ্ঠন, বল-পূর্বক গ্রহণ।

প্রসর /প্রোশর্/ [স. প্র+√সৃ+অ] বি. ১ বিস্তার, ব্যাপ্তি। ২ গমন। ৩ বেগ।

প্রসরণ /প্রোশরোন্/ [স. প্র+√সৃ+অন] বি. ১ ব্যাপ্তি, বিস্তার। ২ ইতস্তত ভ্রমণ। ৩ বিপক্ষ সৈন্যদলকে বেষ্টন।

প্রসর্পণ /প্রোশরপোন্/ [স. প্র+√সৃপ্+অন] বি. ১ ইতস্তত গমন; চলন। ২ বিস্তার। ৩ সন্তরণ।

www.pathagar.com

প্রলয়মূর্তি /প্রোলয়্মুরতি / [স. প্রলয়+√মুর্চ্ছ্+তি] বি. অতি ভয়ংকর মূর্তি।

প্রলয়মেঘ /প্রোলয়্মেঘ্/ [স. প্রলয়+মেঘ] বি. সৃষ্টি ধ্বংস করে এমন মেঘ।

প্রলয়েশ /প্রোলয়েশ্ / [স. প্রলয়+ঈশ] বি. শিব, রুদ্র, নটরাজ।

প্রলাপ /প্রোলাপ্ / [স. প্র+√লপ্+অ] বি. ১ অর্থহীন কথা; অসংলগ্ন উক্তি। ২ মিথ্যা; ছলনা।

প্রলাপী /প্রোলাপি/ [স. প্র+√লপ্+ইন্] বিণ. প্রলাপকারী। স্ত্রী. প্রলাপিনী /প্রোলাপিনি/।

প্রলাপোক্তি /প্রোলাপোক্তি/ [স. প্রলাপ+উক্তি] বি. অর্থহীন ও অসংলগ্ন উক্তি।

প্রলিপ্ত /প্রোলিপ্তো/ [স. প্র+√লিপ্+ত] বিণ. উত্তমরূপে লেপন করা হয়েছে এমন।

প্রলুব্ধ /প্রোলুব্ধো/ [স. প্র+√লুভ্+ত] বিণ. ১ অতিশয় লোভাতুর। ২ আকৃষ্ট। স্ত্রী. প্রলুব্ধা /প্রোলুব্ধা/।

প্রলুব্ধতা /প্রোলুব্ধোতা/ [স. প্রলুব্ধ+তা] বি. লোলুপতা।

প্রলেপ /প্রোলেপ্ / [স. প্র+√লিপ্+অ] বি. ১ লেপন করে লাগানো যায় এমন বস্তু (*কাদার প্রলেপ*)। ২ লেপন, পোঁচ। ৩ মলম।

প্রলেপক /প্রোলেপক্/ [স. প্র+√লিপ্+অক] বিণ. প্রলেপকারী, লেপক।

প্রলেপন /প্রোলেপন্/ [স. প্র+√লিপ্+অন] বি. উত্তমরূপে লেপন, বিলেপন।

প্রলোভ /প্রোলোভ্ / [স. প্র+√লুভ্+অ] বি. অত্যন্ত লোভ, অতিশয় লালসা।

প্রলোভন /প্রোলোভোন্ / [স. প্র+√লোভি+অন] বি. ১ লুব্ধকরণ। ২ লোভজনক বিষয়।

প্রলোভিত /প্রোলোভিতো/ [স. প্র+√লোভি+ত] বিণ. দ্র প্রলুব্ধ।

প্রশংসক /প্রোশংশক্/ [স. প্র+√শন্স্+অক] বি. যে গুণকীর্তন করে, প্রশংসাকারী।

প্রশংসন /প্রোশংশোন্/ [স. প্র+√শন্স্+অন] বি. শংসন, সাধুবাদ জ্ঞাপন; সুখ্যাতি।

প্রশংসনীয় /প্রোশংশোনিয়ো/ [স. প্র+√শন্স্+অনীয়] বিণ. প্রশংসার যোগ্য বা উপযুক্ত।

প্রশংসা /প্রোশংশা/ [স. প্র+√শন্স্+অ+আ (টাপ্)] বি. স্তুতি, গুণকীর্তন, সাধুবাদ; সুখ্যাতি।

প্রশংসাগীতি /প্রোশংশাগিতি/ [স. প্রশংসা+√গৈ+তি] বি. গুণগান, গুণকীর্তন।

প্রশংসাদৃষ্টি /প্রোশংশাদৃশ্টি/ [স. প্রশংসা+√দৃশ্+তি] বি. প্রশংসাপূর্ণ দৃষ্টি।

প্রশংসাপত্র /প্রোশংশাপত্রো/ [স. প্রশংসা+পত্র] বি. সুখ্যাতিপূর্ণ পত্র; (পরি.) certificate।

প্রশংসাবাদ /প্রোশংশাবাদ্/ [স. প্রশংসা+√বদ্+অ] বি. প্রশংসাপূর্ণ কথা, স্তুতিবাক্য।

প্রশংসার্হ /প্রোশংশার্হো/ [স. প্রশংসা+অর্হ] বিণ. প্রশংসার উপযুক্ত।

প্রশংসিত /প্রোশংশিতো/ [স. প্র+√শন্স্+ত] বিণ. প্রশংসা করা হয়েছে এমন; সুখ্যাতিপ্রাপ্ত।

প্রশম /প্রোশোম্ / [স. প্র+√শম্+অ] বি. ১ শান্তি। ২ উপশম।

প্রশমন /প্রোশোমোন্/ [স. প্র+√শমি+অন] বি. ১ শান্তকরণ। ২ দমন। ৩ নিবারণ। ৪ শান্তি।

প্রশমিত /প্রোশোমিতো/ [স. প্র+√শমি+ত] বিণ. ১ নিবারিত। ২ দমিত। ৩ শান্ত। ৪ (রসা.) ক্ষার বা অম্ল নয় এমন; (পরি.) neutral।

প্রশস্ত /প্রোশস্তো/ [স. প্র+√শন্স্+ত] বিণ. ১ উপযুক্ত (*প্রশস্ত সময়*)। ২ প্রশংসিত। ৩ শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। ৪ (বাংলায়) চওড়া (*প্রশস্ত বুক*)। ৫ উদার (*প্রশস্তমনা*)। বি. ~তা /-তা/।

প্রশস্তি /প্রোশোস্তি/ [স. প্র+√শন্স্+তি] বি. ১ গুণ-কীর্তন, স্তুতি। ২ প্রশংসা; সুখ্যাতি।

প্রশস্য /প্রোশোশ্শো/ [স. প্র+√শন্স্+য] বিণ. প্রশংসার উপযুক্ত, প্রশংসনীয়। বি. ~তা /-তা/।

প্রশাখা /প্রোশাখা/ [স. প্র+শাখা] বি. শাখা থেকে বহির্গত ক্ষুদ্রতর শাখা।

প্রশাখানদী /প্রোশাখানোদি/ [স. প্রশাখা+নদী] বি. নদীর প্রশাখা।

প্রশান্ত /প্রোশান্তো/ [স. প্র+√শম্+ত] বিণ. ১ অতিশয় শান্ত, ধীর, স্থির। ২ অব্যাকুল। ৩ নিবৃত্ত। ৪ শান্তিময়।

প্রশান্তচিত্ত /প্রোশান্তোচিত্তো/ [স. প্রশান্ত+চিত্ত] বিণ. ধীরচিত্ত, স্থিরচিত্ত।

প্রশান্তমহাসাগর /প্রোশান্তোমহাশাগোর্/ [স. প্রশান্ত+মহাসাগর] বি. পূর্ব এশিয়া ও আমেরিকার মধ্যবর্তী অঞ্চলে অবস্থিত পৃথিবীর বৃহত্তম মহাসাগর, Pacific Ocean।

প্রশান্তি /প্রোশান্তি/ [স. প্র+√শম্+তি] বি. অতিশয় শান্ত ভাব, সুস্থিরতা; গাম্ভীর্য।

প্রশাসক /প্রোশাশক্/ [স. প্র+√শাস্+অক] বি. শাসনকার্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি। বিণ. কার্যনির্বাহক (*জেলা প্রশাসক*)।

www.pathagar.com

প্রযোক্তা /প্রোজোক্‌তা / [স. প্র+√যুজ্‌+তৃ] বি. বিণ. ১ প্রয়োগকর্তা। ২ নিয়োগকারী। ৩ অনুষ্ঠাতা।

প্রযোজক /প্রোজোজক্‌/ [স. প্র+√যুজ্‌+অক] বিণ. আয়োজক। বি. ১ টেলিভিশন বা বেতার অনুষ্ঠানের নির্দেশক; চলচ্চিত্র নির্মাণের জন্য অর্থের জোগান-দাতা; producer। ২ (ব্যা.) ণিজন্ত ধাতুর কর্তার প্রেরক।

প্রযোজনা /প্রোজোজোনা / [স. প্র+√যুজ্‌+অন+আ (টাপ্‌)] বি. টেলিভিশন বা বেতারের অনুষ্ঠানাদির ব্যবস্থাপনা ও নির্দেশনা; চলচ্চিত্র নির্মাণের ব্যবস্থাপনা।

প্রযোজ্য /প্রোজোজ্‌জো / [স. প্র+√যুজ্‌+য] বিণ. প্রয়োগযোগ্য। বি. মূলধন।

প্রয়াগ /প্রোয়াগ্‌/ [স. প্র+√যজ্‌+অ] বি. তীর্থস্থান-রূপে পরিগণিত গঙ্গা যমুনা ও সরস্বতী নদীর সংগমস্থল।

প্রয়াণ/প্রোয়ান্‌/ [স. প্র+√যা+অন] বি. ১ লোকান্তরণ; মৃত্যু। ২ প্রস্থান। ৩ যুদ্ধযাত্রা।

প্রয়াত /প্রোয়াতো/ [স. প্র+√যা+ত] বিণ. মৃত, লোকান্তরিত, প্রস্থিত।

প্রয়াস /প্রোয়াশ্‌/ [স. প্র+√যস্‌+অ] বি. ১ পরিশ্রম-সহকারে চেষ্টা, প্রযত্ন; উদ্যম; ক্লেশ, শ্রম, আয়াস। ২ (বাংলায়) অভিলাষ, ইচ্ছা।

প্রয়াসলভ্য /প্রোয়াশ্‌লোব্‌ভো / [স. প্রয়াস+√লভ্‌+য] বিণ. যত্ন ও ক্লেশদ্বারা লাভ করা যায় এমন।

প্রয়াসী /প্রোয়াশি/ [স. প্রয়াস+ইন্‌] বিণ. ১ পরিশ্রমী; প্রযত্নকারী। ২ ইচ্ছুক।

প্রয়োগ /প্রোয়োগ্‌ / [স. প্র+√যুজ্‌+অ] বি. ১ নিয়োগ। ২ দৃষ্টান্ত। ৩ ব্যবহার। ৪ উল্লেখ।

প্রয়োগকর্তা /প্রোয়োগ্‌করতা/ [স. প্রয়োগ+√কৃ+তৃ] বিণ. প্রয়োগকারী, ব্যবহারকারী।

প্রয়োগকারী /প্রোয়োগ্‌কারি / [স. প্রয়োগ+√কৃ+ইন্‌] বি. যে ব্যক্তি প্রয়োগ করে। বিণ. ব্যবহারকারী।

প্রয়োগকৌশল /প্রোয়োগ্‌কৌশল্‌/ [স. প্রয়োগ+কৌশল] বি. ১ ব্যবহার বা প্রয়োগের কৌশল। ২ নিয়োগকৌশল। ৩ অভিনয়ের কৌশল।

প্রয়োগবিধি /প্রোয়োগ্‌বিধি/ [স. প্রয়োগ+বিধি] বি. ব্যবহারের নিয়মনীতি, ব্যবহারবিধি।

প্রয়োগযোগ্য /প্রোয়োগ্‌জোগ্‌গো / [স. প্রয়োগ+যোগ্য] বিণ. ১ ব্যবহারযোগ্য। ২ উল্লেখযোগ্য।

প্রয়োজন /প্রোয়োজোন্‌ / [স. প্র+√যুজ্‌+অন] বি. ১ আবশ্যক, দরকার। ২ দরকারি কাজ। ৩ হেতু, কারণ। ৪ প্রয়োগকরণ, ব্যবহার।

প্রয়োজনীয় /প্রোয়োজোনিয়ো / [স. প্র+√যুজ্‌+অনীয়] বিণ. দরকারি, জরুরি। বি. ~তা /-তা/।

প্ররূঢ় /প্রোরুঢ়ো / [স. প্র+√রুহ্‌+ত] বিণ. ১ অঙ্কুরিত; জাত। ২ বদ্ধমূল। ৩ খ্যাত। বি. জঠর।

প্ররোচক /প্রোরোচক্‌/ [স. প্র+√রোচি+অক] বি. বিণ. প্ররোচনাকারী; উৎসাহদাতা। স্ত্রী. **প্ররোচিকা** /প্রোরোচিকা/।

প্ররোচন /প্রোরোচোন্‌/ [স. প্র+√রোচি+অন] বি. দ্র প্ররোচনা।

প্ররোচনা /প্রোরোচোনা / [স. প্র+√রোচি+অন+আ (টাপ্‌)] বি. ১ উসকানি; উৎসাহদান। ২ উত্তেজনা সঞ্চার।

প্ররোচিত /প্রোরোচিতো/ [স. প্র+√রোচি+ত] বিণ. প্ররোচনা দেওয়া হয়েছে এমন; প্রেরণাপ্রাপ্ত।

প্ররোহ /প্রোরোহো/ [স. প্র+√রুহ্‌+অ] বি. ১ অঙ্কুর; চারাগাছ। ২ গাছের ঝুরি। ৩ উৎপত্তি।

প্ররোহিত /প্রোরোহিতো / [স. প্র+√রোহি+ত] বিণ. ১ অঙ্কুরিত। ২ উৎপাদিত।

প্ররোহী /প্রোরোহি/ [স. প্র+√রোহি+ইন্‌] বিণ. ১ অঙ্কুরিত। ২ শাখাপ্রসারী।

প্রলপন /প্রোলপন্‌ / [স.প্র+√লপ্‌+অন] বি. প্রলাপ-কথন।

প্রলপিত /প্রোলোপিতো / [স. প্র+√লপ্‌+ত] বিণ. বৃথা উক্ত, অনর্থক কথিত।

প্রলম্ব /প্রোলম্‌বো / [স. প্র+√লম্ব্‌+অ] বি. ১ বৃক্ষের শাখা; গাছের ঝুরি। ২ লতিয়ে ওঠে এমন তন্তু।

প্রলম্বন /প্রোলম্‌বোন্‌ / [স. প্র+√লম্ব্‌+অন] বি. দ্র প্রলম্ব।

প্রলম্বিত /প্রোলোম্‌বিতো / [স. প্র+√লম্ব্‌+ত] বিণ. ঝুলে আছে এমন, লম্বমান; লতিয়ে আছে এমন।

প্রলম্বিত ধ্বনি /প্রোলোম্‌বিতো ধোনি/ বি. যে ধ্বনি প্রলম্বিত করে উচ্চারণ করা যায় (অ আ ন্‌ ম্‌ প্রভৃতি)।

প্রলয় /প্রোলয়্‌/ [স. প্র+√লী+অ] বি. ১ সৃষ্টিনাশ, কেয়ামত (*অন্ধ হলে কি প্রলয় বন্ধ থাকে?* সুধীন.)। ২ সর্বনাশ। ৩ মূর্ছা; গভীর নিদ্রা।

প্রলয়ংকর /প্রোলয়োংকর্‌ / [স. প্রলয়+√কৃ+অ] বিণ. প্রলয়কারী; ধ্বংসকারী। স্ত্রী. **প্রলয়ংকরী** /প্রোলয়োংকোরি/।

প্রলয়ডঙ্কা /প্রোলয়্‌ডংকা / [স. প্রলয়+বা. ডঙ্কা] বি. প্রলয়ের বাদ্য।

প্রলয়নাচন /প্রোলয়্‌নাচোন্‌/ [স. প্রলয়+বা. নাচন] বি. শিবের তাণ্ডবনৃত্য।

www.pathagar.com

প্রমাণসিদ্ধ /প্রোমান্‌শিদ্‌ধো/ [স. প্রমাণ+√সিধ্+ত] বিণ. যথার্থ বা সত্য বলে প্রমাণিত।

প্রমাণিত /প্রোমানিতো/ [স. প্রমাণ+ইত] বিণ. প্রমাণ প্রদর্শনপূর্বক সত্যরূপে নির্ণীত; মীমাংসিত।

প্রমাণীকৃত /প্রোমানিক্‌কৃতো/ [স. প্রমাণ+চ্বি+কৃত] বিণ. প্রমাণ করা হয়েছে এমন, মীমাংসিত।

প্রমাতা /প্রোমাতা/ [স. প্র+√মা+তৃ] বিণ. সত্যাসত্য প্রমাণ করে এমন; প্রমাণকারী।

প্রমাতামহ /প্রোমাতামহো/ [স. প্র+মাতামহ] বি. ১ মাতামহের পিতা। ২ পরলোকগত মাতামহ। স্ত্রী. প্রমাতামহী /প্রোমাতামোহি/।

প্রমাথ /প্রোমাথ্/ [স. প্র+√মথ্+অ] বি. ১ পীড়ন। ২ ধ্বংস; হত্যা। ৩ মর্দন।

প্রমাথী /প্রোমাথি/ [স. প্র+√মথ্+ইন্] বিণ. ১ মর্দনকারী, পেষণকারী। ২ ধ্বংসকারী; হত্যাকারী। ৩ বিক্ষেপকারী। স্ত্রী. প্রমাথিনী /প্রোমাথিনি/।

প্রমাদ /প্রোমাদ্/ [স. প্র+√মদ্+অ] বি. ১ ভুলভ্রান্তি। ২ বিমূঢ়তা। ৩ অমনোযোগ। ৪ বিস্মৃতি। ৫ বিপদ।

প্রমিত /প্রোমিতো/ [স. প্র+√মা+ত] বিণ. ১ জ্ঞাত। ২ নির্দিষ্ট মানসম্মত (*প্রমিত ভাষা*), standard। ৩ প্রমাণিত। ৪ পরিমিত।

প্রমিতি /প্রোমিতি/ [স. প্র+√মা+তি] বি. ১ প্রমাণ। ২ যথার্থ বোধ। ৩ পরিমাণ, মাত্রা।

প্রমিতীকরণ /প্রোমিতিকরোন্/ [স. প্রমিত+চ্বি+করণ] বি. মানসম্মতকরণ; সমতাবিধান।

প্রমীলন /প্রোমিলন্/ [স. প্র+√মীল্+অন] বি. মুদিতকরণ, নিমীলন।

প্রমীলা /প্রোমিলা/ [স. প্র+√মীল্+অ+আ (টাপ্)] বি. ১ তন্দ্রা। ২ অবসাদ। ৩ রামায়ণোক্ত ইন্দ্রজিতপত্নী।

প্রমুখ /প্রোমুখো/ [স. প্র+মুখ] বিণ. ১ শ্রেষ্ঠ; প্রধান। ২ প্রথম। অব্য. প্রভৃতি।

প্রমুখাৎ /প্রোমুখাত্/ [স. প্রমুখ+আৎ] অব্য. মুখ থেকে; জবানিতে।

প্রমুদিত /প্রোমুদিতো/ [স. প্র+√মুদ্+ত] বিণ. ১ অত্যন্ত আহ্লাদিত বা প্রফুল্ল। ২ পূর্ণ বিকশিত।

প্রমূর্ত /প্রোমুর্তো/ [স. প্র+মূর্ত] বিণ. বিশেষভাবে প্রকাশিত; স্পষ্টভাবে ব্যক্ত।

প্রমেয় /প্রোমেয়ো/ [স. প্র+√মা+য] বিণ. ১ পরিমেয়। ২ প্রমাণসাধ্য। ৩ অবধার্য।

প্রমেহ /প্রোমেহো/ [স. প্র+√মিহ্+অ] বি. গনোকক্কাস ব্যাকটেরিয়াজাত মূত্রনালির প্রদাহ ও স্ফীতিজনিত সংক্রামক রোগবিশেষ, গণোরিয়া, gonorrhoea।

প্রমোচন /প্রোমোচন্/ [স. প্র+√মোচি+অন] বি. ১ উন্মোচন, মুক্তকরণ। ২ নাশন।

প্রমোদ /প্রোমোদ্/ [স. প্র+√মুদ্+অ] বি. ১ আনন্দ। ২ বিলাস। ৩ আহ্লাদ। বিণ. আনন্দদায়ক।

প্রমোদ-উদ্যান /প্রোমোদ্‌উদ্‌দান্/ [স. প্রমোদ+উদ্যান] বি. বিনোদনের জন্য নির্মিত বাগানবাড়ি।

প্রমোদকানন /প্রোমোদ্‌কানোন্/ [স. প্রমোদ+কানন] বি. দ্র প্রমোদ-উদ্যান।

প্রমোদতরি /প্রোমোদ্‌তোরি/ [স. প্রমোদ+তরি] বি. প্রমোদভ্রমণের উদ্দেশ্যে নির্মিত বিলাসবহুল নৌযান।

প্রমোদন /প্রোমোদোন্/ [স. প্র+√মোদি+অন] বি. আনন্দদান। বিণ. আনন্দ দান করে এমন।

প্রমোদবালা /প্রোমোদ্‌বালা/ [স. প্রমোদ+বালা] বি. আনন্দদায়িনী, মনোরঞ্জনকারিণী।

প্রমোদবিহার /প্রোমোদ্‌বিহার্/ [স. প্রমোদ+বিহার] বি. মনোরঞ্জনের জন্য আনন্দভ্রমণ।

প্রমোদভবন /প্রোমোদ্‌ভবোন্/ [স. প্রমোদ+ভবন] বি. মনোরঞ্জনের জন্য নির্মিত গৃহ।

প্রমোদভ্রমণ /প্রোমোদ্‌ভ্রোমোন্/ [স. প্রমোদ+ভ্রমণ] বি. দ্র প্রমোদবিহার।

প্রমোদমত্ত /প্রোমোদ্‌মত্তো/ [স. প্রমোদ+মত্ত] বিণ. আমোদপ্রমোদে লিপ্ত।

প্রমোদাগার /প্রোমোদাগার/ [স. প্রমোদ+আগার] বি. দ্র প্রমোদভবন।

প্রমোদিত /প্রোমোদিতো/ [স. প্র+√মোদি+ত] বিণ. ১ আমোদিত। ২ হৃষ্ট। ৩ আনন্দদায়ক, প্রীতিকর।

প্রমোদী /প্রোমোদি/ [স. প্রমোদ+ইন্] বিণ. প্রীতিকর। স্ত্রী. প্রমোদিনী /প্রোমোদিনি/।

প্রমোশন /প্রোমোশন্/ [ই. promotion] বি. ১ উচ্চতর শ্রেণিতে উত্তরণ। ২ উচ্চতর পদে উন্নয়ন।

প্রযত /প্রোজতো/ [স. প্র+√যম্+ত] বিণ. ১ নিয়ম পালন করে এমন। ২ খাঁটি; পবিত্র। ৩ সংযত।

প্রযত্ন /প্রোজত্‌নো/ [স. প্র+√যত্+ন] বি. ১ প্রয়াস, বিশেষ চেষ্টা; অধ্যবসায়। ২ (বাংলায়) তত্ত্বাবধান।

প্রযুক্ত /প্রোজুক্‌তো/ [স. প্র+√যুজ্+ত] বিণ. ১ প্রয়োগ করা হয়েছে এমন। ২ উল্লিখিত। ৩ অনুষ্ঠিত। ৪ উৎপন্ন। অব্য. জন্য, নিমিত্ত।

প্রযুক্তি /প্রোজুক্‌তি/ [স. প্র+√যুজ্+তি] বি. ১ প্রয়োগ। ২ কারিগরি কৌশল, technique।

প্রযুক্তিবিদ্যা /প্রোজুক্‌তিবিদ্‌যা/ [স. প্রযুক্তি+বিদ্যা] বি. শিল্পবিজ্ঞান, প্রকৌশলবিজ্ঞান, technology।

প্রযুজ্যমান /প্রোজুজ্‌জোমান/ [স. প্র+√যুজ্+মান (শানচ্)] বিণ. প্রযুক্ত বা প্রয়োগ করা হচ্ছে এমন।

www.pathagar.com

বি. সকালবেলা।

প্রভাতসংগীত /প্রোভাত্‌শোংগিত্‌/ [স. প্রভাত+সংগীত] বি. প্রভাতের মঙ্গলগীত।

প্রভাতসমীরণ /প্রোভাত্‌শোমিরন্‌/ [স. প্রভাত+সমীরণ] বি. ভোরের মৃদু হাওয়া।

প্রভাতি /প্রোভাতি/ [স. প্রভাত+বা. ই] বিণ. ভোরবেলার, প্রভাতকালীন। বি. প্রভাতকালে যে গান গাওয়া হয়।

প্রভাব /প্রোভাব্‌/ [স. প্র+√ভূ+অ] বি. ১ প্রতাপ, প্রভুত্ব। ২ ক্ষমতা, শক্তি। ৩ মহিমা।

প্রভাবমুক্ত /প্রোভাবমুক্‌তো/ [স. প্রভাব+√মুচ্‌+ত] বিণ. প্রভাব থেকে মুক্ত।

প্রভাবশালী /প্রোভাব্‌শালি/ [স. প্রভাব+√শাল্‌+ইন্‌] বিণ. প্রভাব আছে এমন, প্রভাবসম্পন্ন।

প্রভাবান /প্রোভাবান্‌/ [স. প্রভাব+বৎ] বিণ. দীপ্তিমান, উজ্জ্বল। স্ত্রী. **প্রভাবতী** /প্রোভাবোতি/।

প্রভাবান্বিত /প্রোভাবান্‌নিতো/ [স. প্রভাব+অন্বিত] বিণ. প্রভাব বিস্তার করা হয়েছে এমন।

প্রভাবিত /প্রোভাবিতো/ [স. প্র+√ভাবি+ত] বিণ. অন্যের প্রভাবে মোহাচ্ছন্ন বা বশীভূত।

প্রভাস /প্রোভাশ্‌/ [স. প্র+√ভাস্‌+অ] বি. ১ প্রখর দীপ্তি। ২ পশ্চিম ভারতে অবস্থিত শ্রীকৃষ্ণের স্মৃতিবিজড়িত তীর্থস্থান, সোমতীর্থ।

প্রভিন্ন /প্রোভিন্নো/ [স. প্র+√ভিদ্‌+ত] বিণ. ১ প্রস্ফুটিত, প্রকাশিত। ২ পার্থক্যবিশিষ্ট।

প্রভু[১] /প্রোভু/ [স. প্র+√ভূ+অ] বি. আল্লাহ, ঈশ্বর, ভগবান।

প্রভু[২] /প্রোভু/ [স. প্র+√ভূ+অ] বি. ১ মনিব। ২ পূজনীয় ব্যক্তি। ৩ রাজা। ৪ নেতা।

প্রভুতা /প্রোভুতা/ [স. প্রভু+তা] বি. দ্র প্রভুত্ব।

প্রভুত্ব /প্রোভুত্তো/ [স. প্রভু+ত্ব] বি. ১ প্রভুর ভাব; প্রভুশক্তি। ২ কর্তৃত্ব, আধিপত্য।

প্রভুপত্নী /প্রোভুপোত্‌নি/ [স. প্রভু+পত্নী] বি. মনিবের স্ত্রী।

প্রভুপরায়ণ /প্রোভুপরায়োন্‌/ [স. প্রভু+পরায়ণ] বিণ. প্রভুর প্রতি অনুরক্ত।

প্রভুপরায়ণতা /প্রোভুপরায়োনতা/ [স. প্রভুপরায়ণ+তা] বি. প্রভুর প্রতি শ্রদ্ধা ও অনুরাগ।

প্রভুপাদ /প্রোভুপাদো/ [স. প্রভু+পাদ] বি. বৈষ্ণবদের ধর্মগুরুর নাম উল্লেখের পূর্বে সম্মান প্রদর্শনের জন্য ব্যবহৃত নামান্ত।

প্রভুভক্ত /প্রোভুভক্‌তো/ [স. প্রভু+√ভজ্‌+ত] বিণ. দ্র প্রভুপরায়ণ।

প্রভুভক্তি /প্রোভুভোক্‌তি/ [স. প্রভু+√ভজ্‌+তি] বি. প্রভুর প্রতি ভক্তি ও আনুগত্য।

প্রভুশক্তি /প্রোভুশোক্‌তি/ [স. প্রভু+√শক্‌+তি] বি. ১ রাজশক্তি। ২ প্রভাব, প্রতাপ।

প্রভূত /প্রোভুতো/ [স. প্র+√ভূ+ত] বিণ. ১ প্রচুর, অনেক। ২ উদ্ভূত, উৎপন্ন।

প্রভৃতি /প্রোভৃতি/ [স. প্র+√ভৃ+তি] বি. ইত্যাদি।

প্রভেদ /প্রোভেদ্‌/ [স. প্র+√ভিদ্‌+অ] বি. পার্থক্য, ভিন্নতা।

প্রমত্ত /প্রোমত্তো/ [স. প্র+√মদ্‌+ত] বিণ. ১ অত্যন্ত মত্ত (*প্রমত্ত পদ্মা*)। ২ প্রবলভাবে আসক্ত। ৩ অসতর্ক। ৪ প্রমাদযুক্ত। বি. ~তা /-তা/।

প্রমথ /প্রোমথো/ [স. প্র+√মথ্‌+অ] বি. নৃত্যগীতে পারদর্শী শিবের অনুচর।

প্রমথন /প্রোমোথোন্‌/ [স. প্র+√মথ্‌+অন] বি. ১ আলোড়ন। ২ দলন; পেষণ। ৩ পীড়ন। ৪ পরাজয়। ৫ বশে আনয়ন। ৬ বধ, হত্যা।

প্রমথিত /প্রোমোথিতো/ [স. প্র+√মন্থ্‌+ত] বিণ. আলোড়িত।

প্রমথেশ /প্রোমোথেশ্‌/ [স. প্রমথ+ঈশ] বি. মহাদেব।

প্রমদ /প্রোমোদ্‌/ [স. প্র+√মদ্‌+অ] বিণ. প্রমত্ত।

প্রমদা /প্রোমোদা/ [স. প্র+√মদ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ সুন্দরী নারী। ২ ছন্দবিশেষ।

প্রমা /প্রোমা/ [স. প্র+√মা+অ+আ (টাপ্‌)] বি. ১ সত্য বা যথার্থ জ্ঞান। ২ স্থিরবোধ, নিশ্চয়বোধ।

প্রমাণ /প্রোমান্‌/ [স. প্র+√মা+অন] বি. ১ যা দিয়ে নিশ্চয়জ্ঞান লাভ হয়। ২ সাক্ষ্য, নজির; দলিল। বিণ. ১ মাপা যায় এমন। ২ পূর্ণ মাপের; পূর্ণ বয়স্কের পরিধানের উপযুক্ত (*প্রমাণ মাপ*)।

প্রমাণত /প্রোমানতো/ [স. প্রমাণ+তস্‌] অব্য. ক্রিবিণ. প্রমাণস্বরূপ, প্রমাণ অনুসারে।

প্রমাণপঞ্জি /প্রোমান্‌পোনজি/ [স. প্রমাণ+পঞ্জি] বি. কোনো রচনার শেষে উল্লিখিতপ্রামাণ্য গ্রন্থতালিকা।

প্রমাণপত্র /প্রোমান্‌পত্তো/ [স. প্রমাণ+পত্র] বি. ১ দলিল। ২ প্রশংসাপত্র, সার্টিফিকেট।

প্রমাণপুরুষ /প্রোমান্‌পুরুশ্‌/ [স. প্রমাণ+পুরুষ] বি. যার মধ্যস্থতা সকলে মেনে নেয়।

প্রমাণসই /প্রোমান্‌শোই/ [স. প্রমাণ+আ. সই] বিণ. পুরো মাপের (*প্রমাণসই জামা*)।

প্রমাণসাপেক্ষ /প্রোমান্‌শাপেক্‌খো/ [স. প্রমাণ+সাপেক্ষ] বিণ. প্রমাণদ্বারা সত্যাসত্য নিরূপণ করতে হয় এমন।

www.pathagar.com

২ আকাঙ্ক্ষা, ইচ্ছা, স্পৃহা। ৩ নিযুক্তি।

প্রবৃত্তিমার্গ /প্রোবৃত্তিমারগো / [স. প্রবৃত্তি+মার্গ] বি. ভোগের পথ; সংসারজীবন।

প্রবৃদ্ধ /প্রোবৃদ্ধো / [স. প্র+√বৃধ্+ত] বিণ. ১ অতিশয় বৃদ্ধ। ২ অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত। ৩ সুবিস্তৃত।

প্রবৃদ্ধকোণ /প্রোবৃদ্ধো কোন্/ [স. প্রবৃদ্ধ+কোণ] বি. (জ্যা.) দুই সমকোণের চেয়ে বড়ো কোণ।

প্রবেট /প্রোবেট্/ [ই.] বি. এখতিয়ারসম্পন্ন আদালতের সিলমোহরদ্বারা প্রত্যয়িত ইচ্ছাপত্র, ইচ্ছাপত্র-প্রমাণক; (পরি.) probate।

প্রবেশ /প্রোবেশ্/ [স. প্র+√বিশ্+অ] বি. ১ অভ্যন্তরে গমন। ২ অভ্যন্তরে গমনের অধিকার (*প্রবেশপত্র*)।

প্রবেশক /প্রোবেশক্/ [স. প্র+√বিশ্+অক] বিণ. প্রবেশকারী। বি. কোনো কৃত্যকে চাকরির জন্য প্রথম যে পদে নিয়োগ করা হয়, entry post।

প্রবেশদ্বার /প্রোবেশ্দার্/ [স. প্রবেশ+দ্বার] বি. যে দরজা দিয়ে প্রবেশ করা হয়।

প্রবেশন /প্রোবেশন্/ [স. প্র+√বিশ্+অন] বি. ১ প্রবেশ। ২ প্রবেশ করার পথ; সদর দরজা।

প্রবেশপত্র /প্রোবেশ্পত্রো/ [স. প্রবেশ+পত্র] বি. ১ অভ্যন্তরে প্রবেশ করার অনুমতিপত্র। ২ পরীক্ষার্থীর পরীক্ষাকেন্দ্রে প্রবেশের অনুমতিপত্র; (পরি.) admit card।

প্রবেশপথ /প্রোবেশ্পথ্/ [স. প্রবেশ+পথ] বি. ভেতরে যাওয়ার পথ।

প্রবেশমূল্য /প্রোবেশ্মুল্লো / [স. প্রবেশ+মূল্য] বি. প্রদর্শশালা প্রেক্ষাগৃহ খেলার মাঠ প্রভৃতি স্থানে প্রবেশ করার অধিকারলাভের জন্য দেয় অর্থ।

প্রবেশাধিকার /প্রোবেশাধিকার্/ [স. প্রবেশ+অধিকার] বি. প্রবেশ করার অধিকার।

প্রবেশিকা /প্রোবেশিকা/ [স. প্র+√বিশ্+ণিচ্+কন্+আ (টাপ্)] বি. ১ উচ্চতর শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির জন্য যে শিক্ষাগত যোগ্যতা অপরিহার্য (*প্রবেশিকা পরীক্ষা*)। ২ সহায়ক পুস্তক; প্রাথমিক পাঠ্য-পুস্তক। বিণ. প্রবেশকারিণী।

প্রবেশিত /প্রোবেশিতো/ [স. প্র+√বেশি+ত] বিণ. প্রবেশ করানো হয়েছে এমন, প্রবিষ্ট।

প্রবেশ্য /প্রোবেশ্শো / [স. প্র+√বিশ্+য] বিণ. প্রবেশ করার উপযুক্ত, প্রবেশযোগ্য।

প্রবেষ্টা /প্রোবেশ্টা/ [স. প্র+√বিশ্+তৃ] বি. যে প্রবেশ করে। বিণ. প্রবেশকারী।

প্রবোধ /প্রোবোধ্/ [স. প্র+√বুধ্+অ] বি. ১ শোক দুঃখ হতাশা প্রভৃতি প্রশমিত হয় এমন বাক্য। ২ নিদ্রা থেকে জাগরণ। ৩ জ্ঞান।

প্রবোধন /প্রোবোধোন্/ [স. প্রবোধ+অন] বি. ১ সান্ত্বনাদান। ২ জাগরিতকরণ। ৩ জ্ঞানদান।

প্রবোধিত /প্রোবোধিতো/ [স. প্রবোধ+ত] বিণ. সান্ত্বনাপ্রাপ্ত, প্রবোধপ্রাপ্ত।

প্রব্রজিত /প্রোবব্রোজিতো/ [স. প্র+√ব্রজ্+ত] বিণ. ১ সন্ন্যাস গ্রহণ করেছে এমন। ২ নির্বাসিত। বি. বৌদ্ধ ভিক্ষু; সন্ন্যাসী।

প্রব্রজ্যা /প্রোবব্রোজ্জা / [স. প্র+√ব্রজ্+য+আ (টাপ্)] বি. ১ সংসার ত্যাগ করে সন্ন্যাস অবলম্বন ও পরিভ্রমণ। ২ ব্রাহ্মণের চতুর্থ আশ্রম। ৩ প্রবাস।

প্রব্রাজক /প্রোবব্রাজক্/ [স. প্র+√ব্রাজি+অক] বি. বিণ. ভ্রমণকারী, পরিব্রাজক।

প্রব্রাজন /প্রোবব্রাজোন্ / [স. প্র+√ব্রাজি+অন] বি. ১ স্বদেশ থেকে নির্বাসন। ২ পরিভ্রমণ।

প্রব্রাজিত /প্রোবব্রাজিতো/ [স. প্র+√ব্রাজি+ত] বিণ. নির্বাসিত, বহিষ্কৃত।

প্রভঞ্জন /প্রোভন্জোন্/ [স. প্র+√ভন্জ্+অন] বি. ১ ঝড়ঝাপটা। ২ বায়ু। ৩ (বাংলায়) পবনদেব। বিণ. নাশক, ভঞ্জনকারী।

প্রভব /প্রোভব্/ [স. প্র+√ভূ+অ] বি. ১ কারণ। ২ উৎপত্তিস্থান। ৩ প্রভাব; শক্তি।

প্রভা /প্রোভা/ [স. প্র+√ভা+অ+আ (টাপ্)] বি. ১ দীপ্তি, উজ্জ্বলতা। ২ তেজ। ৩ প্রকাশ।

প্রভাকর /প্রোভাকর্ / [স. প্রভা+কর] বি. সূর্য।

প্রভাকীট /প্রোভাকিট্/ [স. প্রভা+কীট] বি. ক্রান্তীয় অঞ্চলে সন্ধ্যার পরে দলবদ্ধ হয়ে ওড়ে এবং প্রজননের সংকেতরূপে নির্দিষ্ট সময়ান্তরে নিয়মিত-ভাবে আলো বিকিরণ করে এমন উপাঙ্গবিশিষ্ট কীট, খদ্যোত, জুনিপোকা, জোনাকি।

প্রভাত /প্রোভাত্/ [স. প্র+√ভা+ত] বি. প্রাতঃকাল।

প্রভাতকিরণ /প্রোভাত্কিরন্ / [স. প্রভাত+কিরণ] বি. নবোদিত সূর্যের আলো।

প্রভাতছটা /প্রোভাত্ছটা/ [স. প্রভাত+বা. ছটা] বি. উদীয়মান সূর্যকিরণের আভা।

প্রভাতফেরি /প্রোভাত্ফেরি / [স. প্রভাত+হি. ফেরি] বি. উদ্‌বোধনী সংগীত গেয়ে নগরবাসীকে জাগরিতকরণ; সকালে গান গেয়ে পথ পরিক্রমণ (*একুশের প্রথম প্রভাতফেরি অলৌকিক ভোর* শামসুর.)।

প্রভাতবেলা /প্রোভাত্ব্যালা/ [স. প্রভাত+বেলা]

www.pathagar.com

প্রবর্তয়িতা /প্রোবর্‌তোয়িতা/ [স. প্র+√বর্তি+তৃ] বিণ. প্রবর্তক; প্রচলনকারী।

প্রবর্তিত /প্রোবোর্‌তিতো/ [স. প্র+√বর্তি+ত] বিণ. ১ প্রবর্তন করা হয়েছে এমন। ২ প্রেরণাপ্রাপ্ত।

প্রবর্ধমান /প্রোবর্‌ধোমান্‌ /[স. প্র+√বৃধ্‌+মান (শানচ্‌)] বিণ. ক্রমশ বৃদ্ধি পাচ্ছে এমন।

প্রবল /প্রোবোল্‌/ [স. প্র+বল] বিণ. ১ অত্যন্ত (*প্রবল পরাক্রম*)। ২ প্রচণ্ড (*প্রবল বেগ*)। ৩ মাত্রাতিরিক্ত (*প্রবল বৃষ্টি*)।

প্রবলতা /প্রোবোলতা/ [স. প্রবল+তা] বি. ১ আধিক্য। ২ প্রচণ্ডতা, তীব্রতা (*শীতের প্রবলতা*)।

প্রবসন /প্রোবশোন্‌/ [স. প্র+√বস্‌+অন] বি. বসবাসের জন্য অন্য দেশে গমন, emigration।

প্রবসিত /প্রোবোশিতো/ [স. প্র+√বস্‌+ত] বিণ. স্বদেশ ত্যাগ করে বিদেশে স্থায়ীভাবে বসবাস করছে এমন, immigrant।

প্রবহ /প্রোবহো/ [স. প্র+√বহ্‌+অ] বি. ১ প্রবাহ, স্রোত। ২ পুরাণে বর্ণিত সপ্তবায়ুর (আবহ প্রবহ সদ্‌বহ নির্বহ উদ্‌বহ বিবহ ও পরিবহ) দ্বিতীয়টি।

প্রবহণ /প্রোবহোন্‌/ [স. প্র+√বহ্‌+অন] বি. ১ প্রবাহ, স্রোত। ২ শিবিকা, ডুলি।

প্রবহমান /প্রোবহোমান্‌/ [স. প্র+√বহ্‌+মান (শানচ্‌)] বিণ. ১ প্রবাহিত হচ্ছে এমন। ২ চলমান।

প্রবহমানতা /প্রোবহোমানোতা/ [স. প্রবহমান+তা] বি. ধারাবাহিকতা, নিরবচ্ছিন্নতা; প্রবাহ।

প্রবাদ /প্রোবাদ্‌/ [স. প্র+√বদ্‌+অ] বি. ১ বহুকাল যাবৎ প্রচলিত উপদেশমূলক উক্তি, proverb। ২ প্রবচন। ৩ জনশ্রুতি। ৪ অপবাদ।

প্রবাদপুরুষ /প্রোবাদ্‌পুরুশ্‌/ [স. প্রবাদ+পুরুষ] বি. যে পুরুষের সুকৃতি প্রবাদের মতো উচ্চারিত হয়।

প্রবাল /প্রোবাল্‌/ [স. প্র+√বল্‌+অ] বি. ১ সামুদ্রিক কীটের জীবাশ্ম; সামুদ্রিক কীটের জীবাশ্ম থেকে জাত লাল রত্নবিশেষ, পলা, coral। ২ নবকিশলয়; অঙ্কুর।

প্রবালদ্বীপ /প্রোবাল্‌দিপ্‌/ [স. প্রবাল+দ্বীপ] বি. সামুদ্রিক কীটের জমাটবদ্ধ জীবাশ্ম থেকে সৃষ্ট দ্বীপ।

প্রবালপ্রাচীর /প্রোবাল্‌প্রাচির্‌/ [স. প্রবাল+প্রাচীর] বি. সামুদ্রিক কীটের জমাটবদ্ধ জীবাশ্ম থেকে সৃষ্ট প্রাচীর, coral reef।

প্রবালফল /প্রোবাল্‌ফল্‌/ [স. প্রবাল+ফল] বি. ক্রান্তীয় উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্ত ও গ্রীষ্মকালে পুষ্পমঞ্জরিতে ঘনসন্নিবিষ্ট হয়ে ফোটে এমন ছোটো হলুদাভ ফুল ও লাল বীজযুক্ত শুঁটি-সদৃশ ফল বা তার উপবৃত্তাকার পাতা ও ঊর্ধ্বমুখী শাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন পত্রমোচী বৃক্ষ (আনি. চীন মালয়েশিয়া ও পূর্ব ভারত), রক্তচন্দন।

প্রবাস /প্রোবাশ্‌/ [স. প্র+√বস্‌+অ] বি. ১ বিদেশে অবস্থান। ২ বিদেশ।

প্রবাসন /প্রোবাশন্‌/ [স. প্র+√বাসি+অন] বি. ১ বিদেশে প্রেরণ। ২ নির্বাসন।

প্রবাসাজ্ঞা /প্রোবাশাগ্‌গা/ [স. প্রবাস+আজ্ঞা] বি. নিজদেশের বাইরে অন্য কোনো দেশে গমন বা অবস্থানের জন্য সেই দেশের দূতাবাস থেকে বাহকের ছাড়পত্রের পাতায় গৃহীত লিখিত অনুমতি; (পরি.) visa।

প্রবাসী /প্রোবাশি/ [স. প্র+√বাসি+ইন্‌] বিণ. নিজ দেশ ভিন্ন অন্য দেশে বাস করে এমন। স্ত্রী. **প্রবাসিনী** /প্রোবাশিনি/।

প্রবাহ /প্রোবাহো/ [স. প্র+√বহ্‌+অ] বি. নিরবচ্ছিন্ন গতি, স্রোত, ধারা (*জলপ্রবাহ*)।

প্রবাহিণী /প্রোবাহিনি/ [স. প্র+√বহ্‌+ইন্‌+ঈ] বিণ. স্রোতস্বিনী। বি. নদী।

প্রবাহিত /প্রোবাহিতো/ [স. প্র+√বাহি+ত] বিণ. প্রবাহযুক্ত। স্ত্রী. **প্রবাহিতা** /প্রোবাহিতা/।

প্রবাহী /প্রোবাহি/ [স. প্র+√বহ্‌+ইন্‌] বিণ. স্রোত আছে এমন।

প্রবিষ্ট /প্রোবিশ্‌টো/ [স. প্র+√বিশ্‌+ত] বিণ. প্রবেশ করেছে এমন। স্ত্রী. **প্রবিষ্টা** /প্রোবিশ্‌টা/।

প্রবীণ /প্রোবিন্‌/ [স. প্র+√বীণি+অ] বিণ. ১ বৃদ্ধ। ২ বহুদর্শী, অভিজ্ঞ। ৩ জ্ঞানী। ৪ নিপুণ, দক্ষ, কুশলী। স্ত্রী. **প্রবীণা** /প্রোবিনা/।

প্রবীণতা /প্রোবিনতা/ [স. প্রবীণ+তা] বি. ১ বার্ধক্য। ২ বিজ্ঞতা, বহুদর্শিতা।

প্রবীণত্ব /প্রোবিনত্‌তো/ [স. প্রবীণ+ত্ব] বি. দ্র প্রবীণতা।

প্রবীর /প্রোবির্‌/ [স. প্র+বীর] বি. ১ শ্রেষ্ঠ বীর। ২ মাহিষ্মতির রাজা নীলধ্বজ ও জনার পুত্র। বিণ. ১ প্রধান; শ্রেষ্ঠ। ২ অত্যন্ত শক্তিমান।

প্রবুদ্ধ /প্রোবুদ্‌ধো/ [স. প্র+√বুধ্‌+ত] বিণ. ১ উদ্বুদ্ধ, জাগরিত, জাগ্রৎ। ২ জ্ঞানলাভ করেছে এমন, জ্ঞানপ্রাপ্ত। ৩ বিজ্ঞ, প্রকৃষ্ট জ্ঞানী।

প্রবৃত্ত /প্রোবৃত্তো/ [স. প্র+√বৃৎ+ত] বিণ. ১ নিযুক্ত, ব্যাপৃত। ২ আরম্ভ হয়েছে এমন, আরব্ধ।

প্রবৃত্তি /প্রোবৃত্তি/ [স. প্র+√বৃৎ+তি] বি. ১ প্রবণতা।

www.pathagar.com

প্রপঞ্চময় /প্রোপন্‌চোময়্‌/ [স. প্রপঞ্চ+ময়ট্‌] বিণ. ১ মায়াময়। ২ প্রবঞ্চনাময়।

প্রপঞ্চিত /প্রোপোন্‌চিতো/ [স. প্র+√পঞ্চি+ত] বিণ. ১ বিস্তীর্ণ, প্রসারিত, ব্যাপ্ত। ২ ভ্রমপূর্ণ।

প্রপতন /প্রোপতোন্‌/ [স. প্র+√পত্‌+অন] বি. ১ সম্যকপতন। ২ মৃত্যু। ৩ ধ্বংস, বিনাশ।

প্রপদ /প্রোপদ্‌/ [স. প্র+√পদ্‌+অ] বি. পায়ের অগ্রভাগ; পাদপ্রান্ত।

প্রপন্ন /প্রোপন্‌নো/ [স. প্র+√পদ্‌+ত] বিণ. ১ শরণাপন্ন, শরণাগত। ২ লব্ধ, প্রাপ্ত। ৩ সংযুক্ত।

প্রপর্ণ /প্রোপর্‌নো/ [স. প্র+√পর্ণি+অ] বি. ঝরাপাতা।

প্রপা /প্রোপা/ [স. প্র+√পা+অ+আ (টাপ্‌)] বি. তৃষ্ণার্তকে জলদানের স্থান, জলসত্র, প্রপান।

প্রপাত /প্রোপাত্‌/ [স. প্র+√পত্‌+অ] বি. ১ পাহাড় বা উঁচু স্থান থেকে প্রবাহিত জলধারা; জলপ্রপাত। ২ ভূগুদেশ।

প্রপান /প্রোপান্‌/ [স. প্র+√পা+অন] বি. দ্র প্রপা।

প্রপিতামহ[১] /প্রোপিতামহো/ [স. প্র+পিতামহ] বি. পিতামহের পিতা। স্ত্রী. **প্রপিতামহী** /প্রোপিতামোহি/।

প্রপিতামহ[২] /প্রোপিতামহো/ [স. প্র+পিতামহ] বি. ব্রহ্মা।

প্রপেলার /প্রপেলার্‌/ [ই.] বি. ঘূর্ণ্যমান অক্ষদণ্ডের সঙ্গে সংযুক্ত দুই বা ততোধিক বাঁকানো ফলাযুক্ত সরঞ্জামবিশেষ যার আবর্তনের ফলে জাহাজ বিমান প্রভৃতি জল বা বাতাস কেটে এগিয়ে চলে, চালনচক্র, propeller।

প্রপৌত্র /প্রোপৌউত্রো/ [স. প্র+পৌত্র] বি. পৌত্রের পুত্র। স্ত্রী. **প্রপৌত্রী** /প্রোপৌউত্রি/।

প্রফুল্ল /প্রোফুল্লো/ [স. প্র+√ফুল্ল+অ] বিণ. ১ প্রস্ফুটিত। ২ আনন্দিত। বি. ~তা /-তা/।

প্রফুল্লচিত্ত /প্রোফুল্লোচিত্তো/ [স. প্রফুল্ল+√চিৎ+ত] বিণ. প্রসন্নচিত্ত।

প্রফুল্লিত /প্রোফুল্‌লিতো/ [স. প্র+√ফুল্ল+ত] বিণ. আনন্দিত, পুলকিত।

প্রফেসর /প্রোফেসর্‌/ [ই.] বি. বিশ্ববিদ্যালয়ের কোনো অনুষদ বা বিভাগে কর্মরত সর্বোচ্চ স্তরের শিক্ষক, অধ্যাপক, professor।

প্রবংশ /প্রোবংশো/ [স. প্র+√বম্‌+শ] বি. ১ গণ। ২ জাতি; (পরি.) race।

প্রবক্তা /প্রোবক্‌তা/ [স. প্র+√বচ্‌+তৃ] বি. ১ বেদাদি শাস্ত্রের ব্যাখ্যাদাতা। ২ মুখপাত্র। বিণ. বাগ্মী।

প্রবচন /প্রোবচোন্‌/ [স. প্র+√বচ্‌+অন] বি. ১ অভিজ্ঞতাজাত আপ্তবাক্য; প্রবাদ। ২ বহুল প্রচলিত উক্তি। ৩ ব্যাখ্যান। ৪ বাগ্মিতা।

প্রবচনীয় /প্রোবচোনিয়ো/ [স. প্র+√বচ্‌+অনীয়] বিণ. উত্তমরূপে ব্যাখ্যাযোগ্য।

প্রবঞ্চক /প্রোবন্‌চক্‌/ [স. প্র+√বঞ্চি+অক] বিণ. প্রতারক।

প্রবঞ্চন /প্রোবন্‌চোন্‌/ [স. প্র+√বঞ্চি+অন] বি. দ্র প্রবঞ্চনা।

প্রবঞ্চনা /প্রোবন্‌চোনা/ [স. প্রবঞ্চন+আ (টাপ্‌)] বি. ১ প্রতারণা, জুয়াচুরি। ২ ছলনা।

প্রবঞ্চিত /প্রোবোন্‌চিতো/ [স. প্র+√বঞ্চি+ত] বিণ. প্রতারিত হয়েছে এমন।

–প্রবণ /প্রোবোন্‌/ [স. √প্রু+অন] বিণ. ১ ঝোঁক–বিশিষ্ট (*ভাবপ্রবণ*)। ২ উন্মুখ। ৩ ঢালু (*প্রবণভূমি*)। ৪ আসক্ত (*নেশাপ্রবণ*)। ৫ নিপুণ। ৬ অনুকূল। বি. **প্রবণতা** /প্রোবোনতা/।

প্রবন্ধ /প্রোবোন্‌ধো/ [স. প্র+√বন্ধ্‌+অ] বি. ১ কোনো বিষয়ে যুক্তিপূর্ণ রচনা, নিবন্ধ, essay। ২ আরম্ভ। ৩ পূর্বাপর সংগতি। ৪ (বাংলায়) বাক্য রচনার কৌশল।

প্রবন্ধকার /প্রোবোন্‌ধোকার্‌/ [স. প্রবন্ধ+কার] বি. বিণ. প্রবন্ধরচয়িতা।

প্রবন্ধসংগ্রহ /প্রোবোন্‌ধোশংগ্রোহো/ [স. প্রবন্ধ+সংগ্রহ] বি. বিবিধ প্রবন্ধের সংকলন।

প্রবন্ধসমগ্র /প্রোবোন্‌ধোশমোগ্রো/ [স. প্রবন্ধ+সমগ্র] বি. কোনো লেখকের সমুদয় প্রবন্ধের একত্রসংগ্রহ।

প্রবন্ধাবলি /প্রোবোন্‌ধাবোলি/ [স. প্রবন্ধ+আবলি] বি. প্রবন্ধসমূহ।

প্রবর /প্রোবর্‌/ [স. প্র+√বৃ+অ] বিণ. ১ শ্রেষ্ঠ (*পন্ডিতপ্রবর*)। ২ গোত্র বা কুলের প্রবর্তনকারী। বি. গোত্র, বংশ।

প্রবর্ত /প্রোবর্‌তো/ [স. প্র+√বর্তি+অ] বিণ. ১ প্রবৃত্ত। ২ উদ্যোগী।

প্রবর্তক /প্রোবর্‌তোক্‌/ [স. প্র+√বর্তি+অক] বিণ. ১ প্রবর্তনকারী। ২ প্রবৃত্তিদায়ক।

প্রবর্তন /প্রোবর্‌তোন্‌/ [স. প্র+√বর্তি+অন] বি. ১ প্রচলিতকরণ; সূচনা। ২ প্রেরণা। ৩ বিনিয়োগ।

প্রবর্তনা /প্রোবর্‌তোনা/ [স. প্রবর্তন+আ (টাপ্‌)] বি. ১ প্রচলন। ২ প্রবণতা সৃষ্টি; প্রেরণা। ৩ উদ্দীপনা।

প্রবর্তমান /প্রোবর্‌তোমান্‌/ [স. প্রবর্ত+মান (শানচ্‌)] বিণ. কোনো বিষয়ে প্রবৃত্ত হচ্ছে এমন।

www.pathagar.com

দেখায়। বিণ. নির্দেশক (*পথ প্রদর্শক*)। স্ত্রী. প্রদর্শিকা /প্রোদোর্‌শিকা/।

প্রদর্শন /প্রোদর্‌শোন্/ [স. প্র+√দৃশ্+অন] বি. ১ যথা-যথভাবে দর্শন। ২ দেখানোর কাজ (*চিত্র প্রদর্শন*)। ৩ প্রকাশন (*সম্মান প্রদর্শন*)।

প্রদর্শনী /প্রোদোর্‌শোনি/ [স. প্রদর্শন+ঈ] বি. শিল্প-কর্ম চিত্রকলা খেলাধুলা প্রভৃতি দেখানোর ব্যবস্থা (*চিত্র প্রদর্শনী*), exhibition।

প্রদর্শশালা /প্রোদর্‌শোশালা/ [স. প্রদর্শ+শালা] বি. যে গৃহে বিশেষায়িত সামগ্রী শিল্পকর্ম প্রভৃতি প্রদর্শিত হয়, জাদুঘর, museum।

প্রদর্শিত /প্রোদোর্‌শিতো/ [স. প্র+√দর্শি+ত] বিণ. দেখানো হয়েছে এমন।

প্রদাতা /প্রোদাতা/ [স. প্র+√দা+তৃ] বিণ. প্রদানকারী। স্ত্রী. প্রদাত্রী /প্রোদাত্রি/।

প্রদান /প্রোদান্/ [স. প্র+√দা+অন] বি. ১ স্বত্ব ত্যাগ করে দান। ২ অর্পণ। ৩ বিতরণ।

প্রদায়ক /প্রোদায়োক্/ [স. প্র+√দা+অক] বিণ. প্রদানকারী। স্ত্রী. প্রদায়িকা /প্রোদায়িকা/।

প্রদায়ী /প্রোদায়ি/ [স. প্র+√দা+ইন্] বিণ. প্রদানকারী। স্ত্রী. প্রদায়িনী /প্রোদায়িনি/।

প্রদাহ /প্রোদাহো/ [স. প্র+√দহ্+অ] বি. ১ জ্বলন। ২ (বাংলায়) জ্বালা, যন্ত্রণা; গভীর দুঃখ, সন্তাপ।

প্রদাহী /প্রোদাহি/ [স. প্র+√দহ্+ইন্] বিণ. প্রদাহ সৃষ্টি করে এমন।

প্রদিগ্ধ /প্রোদিগ্‌ধো/ [স. প্র+√দিহ্+ত] বিণ. প্রলেপ দেওয়া হয়েছে এমন, প্রলিপ্ত।

প্রদিষ্ট /প্রোদিশ্‌টো/ [স. প্র+√দিশ্+ত] বিণ. ১ উপদেশপ্রাপ্ত; নির্দেশপ্রাপ্ত। ২ স্থির; নির্দিষ্ট।

প্রদীপ /প্রোদিপ্/ [স. প্র+√দীপ্+অ] বি. ১ সলতের এক প্রান্ত তেলে ডুবিয়ে অন্য প্রান্ত প্রজ্বালন করে আলোকিত করার জন্য ব্যবহৃত মাটি পেতল প্রভৃতির খোলামুখ পাত্রবিশেষ, বর্তিকা। ২ (আল.) গুণবান ব্যক্তি।

প্রদীপক /প্রোদিপক্/ [স. প্র+√দীপি+অক] বিণ. ১ উজ্জ্বল করে এমন, উদ্ভাসক। ২ উদ্দীপনা সৃষ্টি করে এমন, উদ্দীপক। ৩ প্রকাশক।

প্রদীপন /প্রোদিপন্/ [স. প্র+√দীপি+অন] বি. ১ উজ্জ্বলকরণ। ২ উদ্দীপন; প্রকাশন।

প্রদীপ্ত /প্রোদিপ্‌তো/ [স. প্র+√দীপ্+ত] বিণ. ১ অতি উজ্জ্বল; ভাস্বর। ২ উদ্দীপ্ত।

প্রদীপ্তি /প্রোদিপ্‌তি/ [স. প্র+√দীপ্+তি] বি. ১ তীব্র উজ্জ্বলতা। ২ জ্বলন্ত অবস্থা।

প্রদৃপ্ত /প্রোদৃপ্‌তো/ [স. প্র+দৃপ্ত] বিণ. ১ সতেজ। ২ অত্যন্ত গর্বিত। ৩ দর্পযুক্ত; উদ্ধত, অবিনীত।

প্রদেয় /প্রোদেয়ো/ [স. প্র+√দা+য] বিণ. দেয়; (পরি.) payable।

প্রদেশ /প্রোদেশ্/ [স. প্র+√দিশ্+অ] বি. ১ দেশ বা রাষ্ট্রের প্রশাসনিক অঞ্চল, province। ২ অঞ্চল (*মেরুপ্রদেশ*)।

প্রদেহ /প্রোদেহো/ [স. প্র+√দিহ্+অ] বি. প্রলেপ; মলম।

প্রদোষ /প্রোদোশ্/ [স. প্র+√দুষ্+অ] বি. সন্ধ্যা, সায়ংকাল; রাত্রির প্রথম ভাগ।

প্রদোষকাল /প্রোদোশ্‌কাল্/ [স. প্রদোষ+কাল] বি. সায়ংকাল, সন্ধ্যাকাল।

প্রদ্যুম্ন /প্রোদ্‌দুম্‌নো/ [স. প্র+দ্যুম্ন] বি. ১ কামদেব। ২ রুক্মিণীর গর্ভজাত কৃষ্ণের পুত্র।

প্রদ্যোত /প্রোদ্‌দোত্/ [স. প্র+√দ্যুত্+অ] বি. রশ্মি, কিরণ; দীপ্তি, আভা; উজ্জ্বলতা।

প্রদ্যোতিত /প্রোদ্‌দোতিতো/ [স. প্র+√দ্যোতি+ত] বিণ. দীপ্তিমান।

প্রধান /প্রোধান্/ [স. প্র+√ধা+অন] বিণ. ১ মুখ্য (*প্রধান শিক্ষক*)। ২ সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ; অগ্রে গণ্য। বি. ১ নেতা; মোড়ল। ২ জগদীশ্বর, পরমেশ্বর।

প্রধানত /প্রোধানতো/ [স. প্রধান+তস্] ক্রিবিণ. মুখ্যত, মূলত, বিশেষত।

প্রধানতা /প্রোধানতা/ [স. প্রধান+তা] বি. শ্রেষ্ঠত্ব।

প্রধানমন্ত্রিত্ব /প্রধান্‌মোন্‌ত্রিত্‌তো/ [স. প্রধান+মন্ত্রী+ত্ব] বি. প্রধানমন্ত্রীর পদ।

প্রধানমন্ত্রী /প্রোধান্‌মোন্‌ত্রি/ [স. প্রধান+√মন্ত্র+ইন্] বি. সংসদীয় গণতান্ত্রিক পদ্ধতিতে রাষ্ট্র পরি-চালনার দায়িত্বপ্রাপ্ত প্রধান ব্যক্তি এবং মন্ত্রিসভার সভাপতি।

প্রধানাঙ্গ /প্রোধানাংগো/ [স. প্রধান+অঙ্গ] বি. ১ উত্তমাঙ্গ। ২ প্রধান উপাদান বা উপকরণ।

প্রধূমিত /প্রোধুমিতো/ [স. প্র+√ধূম্+ইত] বিণ. ১ প্রবলভাবে ধূমায়িত। ২ জ্বলনোন্মুখ।

প্রনষ্ট /প্রোনশ্‌টো/ [স. প্র+√নশ্+ত] বিণ. সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত, বিনাশপ্রাপ্ত, বিনষ্ট।

প্রপঞ্চ /প্রোপন্‌চো/ [স. প্র+√পঞ্চি+অ] বি. ১ ইন্দ্রিয়-গ্রাহ্য ঘটনা, phenomenon। ২ ভ্রম। ৩ মায়া। ৪ মিথ্যা। ৫ বিস্তার। ৬ সমূহ।

প্রপঞ্চন /প্রোপন্‌চোন্/ [স. প্র+√পঞ্চি+অন] বি. ১ বিস্তৃতি। ২ বিভ্রান্তি।

www.pathagar.com

শক্তি।

প্রত্যুত্তর /প্রোত্‌তুত্তর্/ [স. প্রতি+উত্তর] বি. পালটা জবাব, প্রত্যুক্তি।

প্রত্যুত্থান /প্রোত্‌তুত্থান্/ [স. প্রতি+উত্থান] বি. আগত মান্য ব্যক্তির উদ্দেশে দাঁড়িয়ে সৌজন্য প্রদর্শন।

প্রত্যুত্থিত /প্রোত্‌তুত্থিতো/ [স. প্রতি+উত্থিত] বিণ. আগত মান্য ব্যক্তির সম্মানে উঠে দাঁড়িয়েছে এমন।

প্রত্যুদাহরণ /প্রোত্‌তুদাহরোন্/ [স. প্রতি+উদাহরণ] বি. পালটা উদাহরণ, বিরুদ্ধদৃষ্টান্ত।

প্রত্যুদ্‌গম /প্রোত্‌তুদ্‌গম্/ [স. প্রতি+উদ্+√গম্+অ] বি. দ্র প্রত্যুদ্‌গমন।

প্রত্যুদ্‌গমন /প্রোত্‌তুদ্‌গমোন্/ [স. প্রতি+উদ্+√গম্+অন] বি. মান্য ব্যক্তিকে অভ্যর্থনাকালে কিছুদূর এগিয়ে গিয়ে বা বিদায়কালে কিছুদূর সঙ্গে গিয়ে সৌজন্য প্রদর্শন।

প্রত্যুপকর্তা /প্রোত্‌তুপোকর্‌তা/ [স. প্রতি+উপকর্তা] বিণ. দ্র প্রত্যুপকারী।

প্রত্যুপকার /প্রোত্‌তুপোকার্/ [স. প্রতি+উপকার] বি. উপকারীর উপকার।

প্রত্যুপকারী /প্রোত্‌তুপোকারি/ [স. প্রত্যুপকার+ইন্] বিণ. উপকারীর উপকার করে এমন।

প্রত্যুপকৃত /প্রোত্‌তুপোক্‌কৃতো/ [স. প্রতি+উপকৃত] বিণ. উপকারীর উপকার করেছে এমন।

প্রত্যুপদেশ /প্রোত্‌তুপোদেশ্/ [স. প্রতি+উপদেশ] বি. প্রাপ্ত উপদেশের ভিত্তিতে উপদেশ দান।

প্রত্যুপদেশক /প্রোত্‌তুপোদেশক্/ [স. প্রতি+উপদেশক] বিণ. প্রাপ্ত উপদেশের ভিত্তিতে উপদেশকারী। স্ত্রী. প্রত্যুপদেশিকা /প্রোত্‌তুপোদেশিকা/।

প্রত্যুপদেষ্টা /প্রোত্‌তুপোদেশ্‌টা/ [স. প্রতি+উপদেষ্টা] বিণ. দ্র প্রত্যুপদেশক।

প্রত্যুপ্ত /প্রোত্‌তুপ্‌তো/ [স. প্রতি+উপ্ত] বিণ. ১ পুনরায় রোপণ করা হয়েছে এমন। ২ উপ্ত, গ্রথিত।

প্রত্যুষ /প্রোত্‌তুষ্/ [স. প্রতি+√উষ্+অ] বি. ভোর, প্রভাত, উষাকাল।

প্রত্যূহ /প্রোত্‌তুহো/ [স. প্রতি+√ঊহ্+অ] বি. ১ বাধা, অন্তরায়, প্রতিবন্ধকতা। ২ বিরুদ্ধ তর্ক।

প্রত্যেক /প্রোত্‌তেক্/ [স. প্রতি+এক] বিণ. প্রতিটি; প্রতিজন। সর্ব. এক এক করে সকলে।

প্রথম /প্রোথোম্/ [স. √প্রথ্+অম] বিণ. ১ আরম্ভকালীন (*প্রথমাবস্থা*)। ২ নবীন, নতুন (*প্রথম যৌবন*)। ৩ জ্যেষ্ঠ, বড়ো (*প্রথম পুত্র*)। ৪ সর্বাগ্রবর্তী (*প্রথম সারি*)। ৫ সর্বোৎকৃষ্ট (*পরীক্ষায় প্রথম স্থান অধিকার*)। ৬ আদিম, আদি (*প্রথম যুগ*)। স্ত্রী. প্রথমা /প্রোথোমা/।

প্রথমত /প্রোথোমতো/ [স. প্রথম+তস্] অব্য. ক্রিবিণ. ১ অগ্রে, আগে, প্রথমে। ২ প্রধানত।

প্রথম প্রথম /প্রোথোম্ প্রোথোম্/ ক্রিবিণ. শুরুর দিকে, প্রারম্ভে।

প্রথমাবধি /প্রোথোমাবোধি/ [স. প্রথম+অবধি] ক্রিবিণ. প্রথম থেকে।

প্রথমে /প্রোথোমে/ [স. প্রথম+বা. এ] ক্রিবিণ. সর্বাগ্রে, প্রারম্ভে।

প্রথমোক্ত /প্রোথোমোক্‌তো/ [স. প্রথম+উক্ত] বিণ. প্রথমে উল্লেখ করা হয়েছে এমন।

প্রথা /প্রোথা/ [স. √প্রথ্+অ+আ (টাপ্)] বি. ১ প্রচলিত আচার। ২ (বাংলায়) রীতি; প্রণালি।

প্রথাগত /প্রোথাগতো/ [স. প্রথা+গত] বিণ. ১ নিয়ম-নির্দিষ্ট। ২ প্রচলিত (*প্রথাগত ধারা*)।

প্রথানুগ /প্রোথানুগো/ [স. প্রথা+অনুগ] বিণ. প্রথার অনুবর্তী।

প্রথাবহির্ভূত /প্রোথাবোহির্‌ভুতো/ [স. প্রথা+বহির্ভূত] বিণ. প্রচলিত নিয়মবহির্ভূত।

প্রথাবিরুদ্ধ /প্রোথাবিরুদ্‌ধো/ [স. প্রথা+বিরুদ্ধ] বিণ. প্রচলিত নিয়মের সঙ্গে সংগতিপূর্ণ নয় এমন।

প্রথামতো /প্রোথামতো/ [বা.] ক্রিবিণ. প্রথা বা নিয়ম অনুসারে।

প্রথিত /প্রোথিতো/ [স. √প্রথ্+ত] বিণ. বিখ্যাত, খ্যাতিসম্পন্ন, প্রসিদ্ধ (*প্রথিতযশা*)।

প্রথিতনামা /প্রোথিতোনামা/ [স. প্রথিত+নামন্] বিণ. খ্যাতিমান, প্রসিদ্ধ নামবিশিষ্ট।

প্রথিতযশা /প্রোথিতোজশা/ [স. প্রথিত+যশস্] বিণ. বিপুল খ্যাতির অধিকারী, প্রসিদ্ধ।

–প্রদ /প্রোদো/ [স. প্র+√দা+অ] বিণ. দান করে এমন, দাতা (*আরামপ্রদ*)। স্ত্রী. –প্রদা /প্রোদা/।

প্রদক্ষিণ /প্রোদোক্‌খিন্/ [স. প্র+দক্ষিণ] বি. ১ উপাসনা, অর্চনা। ২ (বাংলায়) আবর্তন, পরিবেষ্টন।

প্রদত্ত /প্রোদত্তো/ [স. প্র+√দা+ত] বিণ. দেওয়া হয়েছে এমন; অর্পিত।

প্রদমিত /প্রোদোমিতো/ [স. প্র+দমিত] বিণ. ১ সংযমিত। ২ নিবারিত। ৩ শাসিত।

প্রদর /প্রোদর্/ [স. প্র+√দৃ+অ] বি. স্ত্রীজননেন্দ্রিয়ের ক্ষরণজনিত রোগবিশেষ, লিকুরিয়া।

প্রদর্শক /প্রোদর্‌শক্/ [স. প্র+√দর্শি+অক] বি. যে

www.pathagar.com

প্রত্যর্পিত /প্রোত্তোর্‌পিতো/ [স. প্রতি+অর্পিত] বিণ. ফেরত দেওয়া হয়েছে এমন।

প্রত্যহ /প্রোত্তোহো/ [স. প্রতি+অহন্+অ] অব্য. ক্রিবিণ. প্রতিদিন, রোজ। বি. প্রত্যেক দিন।

প্রত্যাখ্যাত /প্রোত্তাক্‌খ্যাতো/ [স. প্রতি+আ+√খ্যা+ত] বিণ. ১ অস্বীকার করা বা ফিরিয়ে দেওয়া হয়েছে এমন। ২ উপেক্ষিত। ৩ বর্জিত।

প্রত্যাখ্যান /প্রোত্তাক্‌খান্/ [স. প্রতি+আ+√খ্যা+অন] বি. ১ ফেরত প্রদান। ২ অগ্রাহ্যকরণ। ৩ উপেক্ষা। ৪ পরিহার।

প্রত্যাখ্যেয় /প্রোত্তাক্‌খেয়ো/ [স. প্রতি+আ+√খ্যা+য] বিণ. প্রত্যাখ্যান বা অগ্রাহ্য করার উপযুক্ত।

প্রত্যাগত /প্রোত্তাগতো/ [স. প্রতি+আগত] বিণ. ফিরে এসেছে এমন, প্রত্যাবৃত্ত।

প্রত্যাগমন /প্রোত্তাগমোন্/ [স. প্রতি+আগমন] বি. প্রত্যাবর্তন।

প্রত্যাঘাত /প্রোত্তাঘাত্/ [স. প্রতি+আঘাত] বি. ১ পালটা আঘাত। ২ প্রতিক্রিয়া।

প্রত্যাদিষ্ট /প্রোত্তাদিশ্‌টো/ [স. প্রতি+আদিষ্ট] বিণ. প্রত্যাদেশ পেয়েছে এমন।

প্রত্যাদেশ /প্রোত্তাদেশ্/ [স. প্রতি+আ+√দিশ্+অ] বি. ১ ঐশী বাণী। ২ পূর্ববর্তী আদেশ খণ্ডন। ৩ নিরাকরণ। ৪ প্রত্যাখ্যান।

প্রত্যাদেষ্টা /প্রোত্তাদেশ্‌টা/ [স. প্রতি+আ+√দিশ্+তৃ] বিণ. প্রত্যাদেশকারী।

প্রত্যানয়ন /প্রোত্তানয়োন্/ [স. প্রতি+আনয়ন] বি. পুনরায় আনয়ন।

প্রত্যানীত /প্রোত্তানিতো/ [স. প্রতি+আনীত] বিণ. ফিরিয়ে আনা হয়েছে এমন, পুনরায় আনীত।

প্রত্যাবর্তক /প্রোত্তাবর্‌তোক্/ [স. প্রতি+আবর্তক] বিণ. প্রত্যাবর্তনকারী, প্রত্যাগমনকারী।

প্রত্যাবর্তন /প্রোত্তাবর্‌তোন্/ [স. প্রতি+আবর্তন] বি. পুনরায় আগমন, প্রত্যাগমন।

প্রত্যাবর্তনেচ্ছু /প্রোত্তাবর্‌তোনেচ্‌ছু/ [স. প্রত্যাবর্তন+√ইষ্+উ] বিণ. প্রত্যাবর্তন করতে চায় এমন।

প্রত্যাবাসন /প্রোত্তাবাশোন্/ [স. প্রতি+আবাসন] বি. গৃহহীনকে আশ্রয় প্রদান।

প্রত্যাবৃত্ত /প্রোত্তাবৃত্তো/ [স. প্রতি+আ+√বৃৎ+ত] বিণ. প্রত্যাবর্তন করেছে এমন, পুনরাগত। স্ত্রী. **প্রত্যাবৃত্তা** /প্রোত্তাবৃত্তা/।

প্রত্যাবৃত্তি /প্রোত্তাবৃত্তি/ [স. প্রতি+আ+√বৃৎ+তি] বি. ১ প্রত্যাবর্তন। ২ পশ্চাদ্‌পসরণ, (পরি.) regression।

প্রত্যায়ক /প্রোত্তায়ক্/ [স. প্রতি+√ই+অক] বি. বিণ. বিশ্বাস উৎপাদনকারী, প্রত্যয় সৃষ্টিকারী।

প্রত্যায়ন /প্রোত্তায়োন্/ [স. প্রতি+√ই+অন] বি. ১ প্রত্যয় উৎপাদন, attestation। ২ সূচনা।

প্রত্যারম্ভ /প্রোত্তারম্‌ভো/ [স. প্রতি+আরম্ভ] বি. পুনরায় নতুন করে শুরু, পুনরারম্ভ।

প্রত্যালীঢ় /প্রোত্তালিঢ়ো/ [স. প্রতি+আ+√লিহ্+ত] বি. তির নিক্ষেপের সময় লক্ষ্য স্থির করার জন্য বাম পা প্রসারিত ও ডান পা সংকুচিত করে বসার ভঙ্গি। বিণ. খাওয়া হয়েছে এমন।

প্রত্যাশা /প্রোত্তাশা/ [স. প্রতি+আশা] বি. ১ আশা, কামনা। ২ প্রাপ্তির সম্ভাবনা। ৩ প্রতীক্ষা।

প্রত্যাশিত /প্রোত্তাশিতো/ [স. প্রত্যাশা+ইত] বিণ. ১ প্রত্যাশা করা হয়েছে এমন। ২ সম্ভাব্য।

প্রত্যাশী /প্রোত্তাশি/ [স. প্রত্যাশা+ইন্] বিণ. ১ প্রতীক্ষাকারী। ২ প্রত্যাশাকারী, কামনাকারী।

প্রত্যাসত্তি /প্রোত্তাশোত্তি/ [স. প্রতি+আ+√সদ্+তি] বি. নৈকট্য, নিকটবর্তিতা, সান্নিধ্য।

প্রত্যাসন্ন /প্রোত্তাশন্নো/ [স. প্রতি+আসন্ন] বিণ. অতি আসন্ন, নিকটবর্তী, সন্নিহিত।

প্রত্যাহত /প্রোত্তাহতো/ [স. প্রতি+আহত] বিণ. ১ বাধাপ্রাপ্ত, ব্যাহত; নিবারিত। ২ সংকুচিত।

প্রত্যাহরণ /প্রোত্তাহরোন্/ [স. প্রতি+আ+√হৃ+অন] বি. দ্র প্রত্যাহার।

প্রত্যাহার /প্রোত্তাহার্/ [স. প্রতি+আ+√হৃ+অ] বি. ১ বাতিলকরণ (*আদেশ প্রত্যাহার*)। ২ (দর্শন.) কাম্য বস্তু থেকে ইন্দ্রিয়বৃত্তির নিরোধ।

প্রত্যাহৃত /প্রোত্তাhiতো/ [স. প্রতি+আ+√হৃ+ত] বিণ. প্রত্যাহার করা হয়েছে এমন।

প্রত্যুক্তি /প্রোত্তুক্তি/ [স. প্রতি+উক্তি] বি. পালটা উক্তি, জবাব।

প্রত্যুজ্জীবন /প্রোত্তুজ্‌জিবন্/ [স. প্রতি+উজ্জীবন] বি. পুনর্জীবন, নতুন জীবন।

প্রত্যুত /প্রোত্তুতো/ [স. প্রতি+উত] অব্য. বরং, পরন্তু। ক্রিবিণ. পক্ষান্তরে, অন্যপক্ষে।

প্রত্যুৎপন্ন /প্রোত্তুত্‌পন্নো/ [স. প্রতি+উৎপন্ন] বিণ. সেই মুহূর্তে বা তৎক্ষণাৎ উৎপন্ন এমন।

প্রত্যুৎপন্নমতি /প্রোত্তুত্‌পন্নোমোতি/ [স. প্রতি+উৎপন্ন+মতি] বি. উপস্থিতবুদ্ধি। বিণ. উপস্থিত-বুদ্ধিসম্পন্ন।

প্রত্যুৎপন্নমতিত্ব /প্রোত্তুত্‌পন্নোমোতিত্তো/ [স. প্রত্যুৎপন্নমতি+ত্ব] বি. উপস্থিতবুদ্ধি ব্যবহারের

www.pathagar.com

কৃত] বিণ. অপ্রত্যক্ষ বিষয় প্রত্যক্ষ করা হয়েছে এমন।

প্রত্যক্ষীভবন /প্রোত্তোক্‌খিভবোন্‌/ [স. প্রত্যক্ষ+চ্বি+ভবন] বি. প্রত্যক্ষীকরণ, অবলোকন।

প্রত্যক্ষীভূত /প্রোত্তোক্‌খিভুতো/ [স. প্রত্যক্ষ+চ্বি+ভূত] বিণ. পূর্বে প্রত্যক্ষ ছিল না কিন্তু এখন প্রত্যক্ষ করা হয়েছে এমন।

প্রত্যগ্র /প্রোত্তোগ্‌গ্রো/ [স. প্রতি+অগ্র] বিণ. ১ নবজাত। ২ নবীন, তরুণ। ৩ তাজা, টাটকা।

প্রত্যঙ্গ /প্রোত্তংগো/ [স. প্রতি+অঙ্গ] বি. অঙ্গের অঙ্গ, উপাঙ্গ।

প্রত্যনীক /প্রোত্তোনিক্‌/ [স. প্রতি+অনীক] বিণ. ১ শত্রুভাবাপন্ন। ২ প্রতিকূল। বি. শত্রুসেনা।

প্রত্যনুমান /প্রোত্তোনুমান্‌/ [স. প্রতি+অনুমান] বি. অনুমানের পালটা অনুমান।

প্রত্যন্ত /প্রোত্তোনতো/ [স. প্রতি+অন্ত] বিণ. প্রান্তবর্তী (*প্রত্যন্ত অঞ্চল*); সীমান্তের নিকটবর্তী। বি. ১ প্রান্তদেশ। ২ সীমান্তবর্তী অঞ্চল।

প্রত্যন্ত পর্বত /প্রোত্তোনতো পর্‌বোত্‌/ বি. বড়ো পর্বতসংলগ্ন ছোটো পাহাড়।

প্রত্যন্তপ্রদেশ /প্রোত্তোনতো প্রোদেশ্‌/ বি. প্রান্ত বা সীমান্তবর্তী অঞ্চল।

প্রত্যবয়ব /প্রোত্তোবয়ব্‌/ [স. প্রতি+অবয়ব] বি. প্রত্যেক অঙ্গ, প্রত্যঙ্গ।

প্রত্যবসান /প্রোত্তোবশান্‌/ [স. প্রতি+অব+√সো+অন] বি. আহার, খাদ্যগ্রহণ।

প্রত্যবসিত /প্রোত্তোবোশিতো/ [স. প্রতি+অব+√সো+ত] বিণ. খাদ্য গ্রহণ করা হয়েছে এমন।

প্রত্যবহার /প্রোত্তোবহার্‌/ [স. প্রতি+অব+√হৃ+অ] বি. ১ সংহার। ২ অস্ত্রসংবরণ।

প্রত্যবায় /প্রোত্তোবায়্‌/ [স. প্রতি+অব+√ই+অ] বি. ১ অনিষ্ট। ২ দোষ। ৩ পাপ। ৪ বিরুদ্ধতা।

প্রত্যবেক্ষণ /প্রোত্তোবেক্‌খন্‌/ [স. প্রতি+অব+√ঈক্ষ্‌+অন] বি. ১ অনুসন্ধান। ২ নিরীক্ষণ। ৩ গবেষণা। ৪ বিচার। ৫ তত্ত্বাবধান।

প্রত্যবেক্ষা /প্রোত্তোবেক্‌খা/ [স. প্রতি+অব+√ঈক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. দ্র **প্রত্যবেক্ষণ**।

প্রত্যবেক্ষিত /প্রোত্তোবেক্‌খিতো/ [স. প্রতি+অব+√ঈক্ষ্‌+ত] বিণ. পর্যবেক্ষণ করা হয়েছে এমন।

প্রত্যভিজ্ঞা /প্রোত্তোভিগ্‌গাঁ/ [স. প্রতি+অভি+√জ্ঞা+অ+আ (টাপ্‌)] বি. পূর্বপরিচয় সম্বন্ধে চেতনা, পুনর্জ্ঞান, recognition।

প্রত্যভিজ্ঞান /প্রোত্তোভিগ্‌গ্যান্‌/ [স. প্রতি+অভি+√জ্ঞা+অন] বি. দ্র **প্রত্যভিজ্ঞা**।

প্রত্যভিবাদ /প্রোত্তোভিবাদ্‌/ [স. প্রতি+অভি+√বদ্‌+অ] বি. দ্র **প্রত্যভিবাদন**।

প্রত্যভিবাদন /প্রোত্তোভিবাদোন্‌/ [স. প্রতি+অভিবাদন] বি. অভিবাদনের উত্তরে অভিবাদন বা সালাম, প্রতিনমস্কার।

প্রত্যভিযান /প্রোত্তোভিজান্‌/ [স. প্রতি+অভিযান] বি. আক্রমণকারীকে পালটা আক্রমণ।

প্রত্যভিযোগ /প্রোত্তোভিজোগ্‌/ [স. প্রতি+অভিযোগ] বি. পালটা অভিযোগ, countercharge।

প্রত্যয় /প্রোত্তয়্‌/ [স. প্রতি+√ই+অ] বি. ১ (ব্যা.) শব্দের যে অংশ অন্য শব্দ বা ধাতুর শেষে যুক্ত হয়ে বিশেষ অর্থ নির্দেশ করে (যথা দুল+না > দোলনা, সম+তা > সমতা)। ২ প্রতীতি, বিশ্বাস; নিশ্চয়াত্মক ধারণা, নিঃসন্দিগ্ধতা।

প্রত্যয়দীপ্ত /প্রোত্তয়দিপ্‌তো/ [স. প্রত্যয়+দীপ্ত] বিণ. প্রত্যয় ব্যক্ত হয় এমন।

প্রত্যয়ন /প্রোত্তয়োন্‌/ [স. প্রতি+√ই+অন] বি. নির্ভুল বলে প্রতিপন্নকরণ, সত্যায়ন; (পরি.) attestation।

প্রত্যয়নপত্র /প্রোত্তয়োনপত্রো/ [স. প্রত্যয়ন+পত্র] বি. যে পত্রে কোনো দলিলের নির্ভুলতা প্রতিপাদন করা হয়।

প্রত্যয়হন্তা /প্রোত্তয়হন্‌তা/ [স. প্রত্যয়+হন্তা] বিণ. বিশ্বাস ভঙ্গকারী।

প্রত্যয়িত /প্রোত্তোয়িতো/ [স. প্রত্যয়+ইত] বিণ. নির্ভুল বলে প্রতিপাদন করা হয়েছে এমন, সত্যায়িত; (পরি.) attested।

প্রত্যয়িত নকল /প্রোত্তোয়িতো নকোল/ বি. যে প্রতিলিপি নির্ভুল বলে প্রতিপাদন করা হয়েছে; (পরি.) attested copy।

প্রত্যয়িত প্রতিলিপি /প্রোত্তোয়িতো প্রোতিলিপি/ বি. দ্র **প্রত্যয়িত নকল**।

প্রত্যয়ী /প্রোত্তোয়ি/ [স. প্রত্যয়+ইন্‌] বিণ. বিশ্বাসী; বিশ্বাসকারী।

প্রত্যর্থপত্র /প্রোত্তোর্‌থোপত্রো/ [স. প্রত্যর্থ+পত্র] বি. অর্থ পরিশোধের হস্তলিখিত অঙ্গীকারপত্র; (পরি.) promissory note।

প্রত্যর্থী /প্রোত্তোর্‌থি/ [স. প্রতি+√অর্থ্‌+ইন্‌] বি. ১ প্রতিবাদী। ২ আসামি। ৩ শত্রু। ৪ প্রতিপক্ষ।

প্রত্যর্পণ /প্রোত্তর্‌পোন্‌/ [স. প্রতি+অর্পণ] বি. ১ ফেরত প্রদান। ২ বহিঃসমর্পণ (*বন্দি প্রত্যর্পণ*); (পরি.) extradition।

www.pathagar.com

+হিংসা+পরায়ণ] বিণ. প্রতিশোধপরায়ণ।

প্রতীক /প্রোতিক্/ [স. প্রতি+√ই+ঈক] বি. চিহ্ন, নিদর্শন; সংকেত, symbol।

প্রতীকতা /প্রোতিকতা/ [স. প্রতীক+তা] বি. সাহিত্যে সংকেতের সাহায্যে ভাব প্রকাশের পদ্ধতি; (পরি.) symbolism।

প্রতীকবাদ /প্রোতিক্বাদ্/ [স. প্রতীক+√বদ্+অ] বি. দ্র প্রতীকতা।

প্রতীকী /প্রোতিকি/ [স. প্রতীক+ঈ] বিণ. সাংকেতিক; ইঙ্গিতময় (*প্রতীকী অনশন*), symbolic।

প্রতীকীবাদ /প্রোতিকিবাদ্/ [স. প্রতীকী+√বদ্+অ] বি. দ্র প্রতীকতা।

প্রতীক্ষ /প্রোতিক্খো/ [স. প্রতি+√ঈক্ষ্+অ] বিণ. প্রতীক্ষাকারী।

প্রতীক্ষমাণ /প্রোতিক্খোমান্/ [স. প্রতি+√ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. ১ প্রতীক্ষারত। ২ প্রত্যাশাকারী। স্ত্রী. প্রতীক্ষমাণা /প্রোতিক্খোমানা/।

প্রতীক্ষা /প্রোতিক্খা/ [স. প্রতি+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ অপেক্ষা। ২ প্রত্যাশা।

প্রতীক্ষিত /প্রোতিক্খিতো/ [স. প্রতি+√ঈক্ষ্+ত] বিণ. প্রতীক্ষা করা হয়েছে এমন।

প্রতীক্ষ্য /প্রোতিক্খো/ [স. প্রতি+√ঈক্ষ্+য] বিণ. ১ প্রতীক্ষার উপযুক্ত। ২ আরাধনার যোগ্য, পূজ্য।

প্রতীক্ষ্যমাণ /প্রোতিক্খোমান্/ [স. প্রতি+√ঈক্ষ্+মান (শানচ্)] বিণ. (যার জন্য) প্রতীক্ষা করা হচ্ছে এমন। স্ত্রী. প্রতীক্ষ্যমাণা /প্রোতিক্খোমানা/।

প্রতীচী /প্রোতিচি/ [স. প্রত্যচ্+ঈ] বি. ১ পশ্চিম দিক। ২ পশ্চিম দিকে অবস্থিত দেশসমূহ।

প্রতীচীন /প্রোতিচিন্/ [স. প্রত্যচ্+ঈন] বিণ. দ্র প্রতীচ্য।

প্রতীচ্য /প্রোতিচ্চো/ [স. প্রতীচী+য] বিণ. ১ পশ্চিম দিকস্থ। ২ পশ্চিমদেশীয়, পাশ্চাত্য।

প্রতীত /প্রোতিতো/ [স. প্রতি+√ই+ত] বিণ. ১ প্রতীতি বা বিশ্বাস জন্মেছে এমন। ২ জ্ঞাত।

প্রতীতি/প্রোতিতি/ [স.প্রতি+√ই+তি] বি. ১ উপলব্ধি; জ্ঞান। ২ (বাংলায়) বিশ্বাস, প্রত্যয়।

প্রতীপ /প্রোতিপ্/ [স. প্রতি+√অপ্+অ] বিণ. বিপরীত দিকে অবস্থিত এমন, প্রতিকূল। বি. ১ পৌরাণিক চন্দ্রবংশীয় নৃপতি শান্তনুর পিতা। ২ প্রসিদ্ধ উপমানের উপমেয়ত্ব কল্পনা করে অথবা উপমানের নিষ্ফলতা বর্ণনা করে এমন কাব্যালংকার।

প্রতীয়মান /প্রোতিয়োমান্/ [স. প্রতি+√ই+মান (শানচ্)] বিণ. অনুভূত; জ্ঞাত; বোধগম্য।

প্রতীর /প্রোতির্/ [স. প্র+√তীরি+অ] বি. কূল, তট।

প্রতুল /প্রোতুল্/ [স. প্র+√তুল্+অ] বিণ. প্রচুর।

প্রত্ন /প্রোত্নো/ [স. প্র+ত্ন] বিণ. পুরাতন, প্রাচীন।

প্রত্নতত্ত্ব /প্রোত্নোতত্তো/ [স. প্রত্ন+তত্ত্ব] বি. প্রাচীনকালের মুদ্রা অট্টালিকা প্রভৃতির ধ্বংসাবশেষ বিচারপূর্বক ওই সময়ের ইতিহাস উদ্‌ঘাটন, পুরাতত্ত্ব, archaeology।

প্রত্নতত্ত্ববিৎ /প্রোত্নোতত্তোবিত্/ [স. প্রত্নতত্ত্ব+√বিদ্+ক্বিপ্] বি. দ্র প্রত্নতত্ত্ববিদ।

প্রত্নতত্ত্ববিদ /প্রোত্নোতত্তোবিদ্/ [স. প্রত্নতত্ত্ব+√বিদ্+অ] বি. প্রত্নতত্ত্ববিষয়ে অভিজ্ঞ ব্যক্তি।

প্রত্নতত্ত্বীয় /প্রোত্নোতোত্তিয়ো/ [স. প্রত্নতত্ত্ব+ঈয়] বিণ. প্রত্নতত্ত্বসম্বন্ধীয়।

প্রত্নবিদ্যা /প্রোত্নোবিদ্দা/ [স. প্রত্ন+বিদ্যা] বি. দ্র প্রত্নতত্ত্ব।

প্রত্যক্ষ /প্রোত্তোক্খো/ [স. প্রত্যক্ষ+অ] বিণ. ১ দৃষ্ট, চাক্ষুষ (*প্রত্যক্ষ প্রমাণ*)। ২ ইন্দ্রিয়গ্রাহ্য (*প্রত্যক্ষ জ্ঞান*)। ৩ স্পষ্ট।

প্রত্যক্ষ কর /প্রোত্তোক্খো কর্/ বি. ভোক্তার নিকট থেকে যে কর সরাসরি আদায় করা হয়।

প্রত্যক্ষকারী /প্রোত্তোক্খোকারি/ [স. প্রত্যক্ষ+√কৃ+ইন্] বিণ. প্রত্যক্ষ করেছে এমন, প্রত্যক্ষদর্শী।

প্রত্যক্ষত /প্রোত্তোক্খোতো/ [স. প্রত্যক্ষ+তস্] ক্রিবিণ. সম্মুখে; সাক্ষাৎভাবে।

প্রত্যক্ষদর্শন /প্রোত্তোক্খোদর্শোন্/ [স. প্রত্যক্ষ+দর্শন] বি. স্বচক্ষে অবলোকন।

প্রত্যক্ষদর্শী /প্রোত্তোক্খোদোর্শি/ [স. প্রত্যক্ষ+√দৃশ্+ইন্] বিণ. স্বচক্ষে দর্শনকারী।

প্রত্যক্ষ প্রমাণ /প্রোত্তোক্খো প্রোমান্/ বি. ১ সাক্ষাৎ প্রমাণ। ২ চাক্ষুষ সাক্ষী।

প্রত্যক্ষ ফল /প্রোত্তোক্খো ফল্/ বি. কারণ থেকে সরাসরি উদ্ভূত ফল।

প্রত্যক্ষবাদ /প্রোত্তোক্খোবাদ্/ [স. প্রত্যক্ষ+√বদ্+অ] বি. জড়বাদ, দেহাত্মবাদ, positivism।

প্রত্যক্ষবাদী /প্রোত্তোক্খোবাদি/ [স. প্রত্যক্ষ+√বদ্+ইন্] বিণ. জড়বাদ বা দেহাত্মবাদে বিশ্বাসী।

প্রত্যক্ষী /প্রোত্তোক্খি/ [স. প্রত্যক্ষ+ইন্] বিণ. প্রত্যক্ষ করে এমন, প্রত্যক্ষকারী, eyewitness।

প্রত্যক্ষীকরণ /প্রোত্তোক্খিকরোন্/ [স. প্রত্যক্ষ+ঢ্বি+করণ] বি. অবলোকন।

প্রত্যক্ষীকৃত /প্রোত্তোক্খিকৃতো/ [স. প্রত্যক্ষ+ঢ্বি+

www.pathagar.com

প্রতিষ্ঠাপয়িতা /প্রোতিশ্‌ঠাপোয়িতা/ [স. প্রতি+√স্থাপি+তৃ] বি. বিণ. প্রতিষ্ঠাকারী। স্ত্রী. প্রতিষ্ঠাপয়িত্রী /প্রোতিশ্‌ঠাপোয়িত্‌রি/।

প্রতিষ্ঠাপিত /প্রোতিশ্‌ঠাপিতো/ [স. প্রতি+√স্থাপি+ত] বিণ. প্রতিষ্ঠা বা স্থাপন করা হয়েছে এমন।

প্রতিষ্ঠাবান /প্রোতিশ্‌ঠাবান্‌/ [স. প্রতিষ্ঠা+বৎ] বিণ. সুখ্যাতি আছে এমন, বিখ্যাত। স্ত্রী. প্রতিষ্ঠাবতী /প্রোতিশ্‌ঠাবোতি/।

প্রতিষ্ঠাবার্ষিকী /প্রোতিশ্‌ঠাবার্‌শিকি/ [স. প্রতিষ্ঠা+বার্ষিক+ঈ] বি. প্রতিষ্ঠার বর্ষপূর্তি।

প্রতিষ্ঠিত /প্রোতিশ্‌ঠিতো/ [স. প্রতি+√স্থা+ত] বিণ. ১ প্রতিষ্ঠা লাভ করেছে এমন। ২ প্রতিষ্ঠা করা হয়েছে এমন। ৩ বদ্ধমূল।

প্রতিসংক্রম /প্রোতিশংক্রোম্‌/ [স. প্রতি+সম্‌+√ক্রম্‌+অ] বি. প্রতিচ্ছায়া। বিণ. প্রতিচ্ছায়াযুক্ত।

প্রতিসংহার /প্রোতিশংহার্‌/ [স. প্রতি+সম্‌+√হৃ+অ] বি. ১ সংবরণ, নিবারণ; দমন। ২ নিবর্তন।

প্রতিসংহৃত /প্রোতিশংhiতো/ [স. প্রতি+সম্‌+√হৃ+ত] বিণ. প্রতিসংহার করা হয়েছে এমন।

প্রতিসন্ধান /প্রোতিশন্‌ধান্‌/ [স. প্রতি+সম্‌+√ধা+অন] বি. ১ অনুসন্ধান। ২ অনুচিন্তন। ৩ প্রতিঘাতন।

প্রতিসব্য /প্রোতিশোব্‌বো/ [স. প্রতি+√সু+য] বিণ. ১ অনুকূল নয় এমন, বৈরী। ২ বিপরীত।

প্রতিসর /প্রোতিশর্‌/ [স. প্রতি+√সৃ+অ] বি. হাতের বলয়, কঙ্কণ।

প্রতিসরণ /প্রোতিশরোন্‌/ [স. প্রতি+√সৃ+অন] বি. কোনো বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গ একটি স্বচ্ছ মাধ্যম থেকে অন্য একটি স্বচ্ছ মাধ্যমে প্রবেশকালে ওই তরঙ্গের গতিপথের সরণ (দুটি মাধ্যমে ওই তরঙ্গের গতির ভিন্নতার কারণে), refraction।

প্রতিসরণাঙ্ক /প্রোতিশরোনাংকো/ [স. প্রতিসরণ+অঙ্ক] বি. প্রতিসরণের গুণক; (পরি.) coefficient of refraction।

প্রতিসর্গ /প্রোতিশর্‌গো/ [স. প্রতি+সর্গ] বি. ১ প্রতি-রূপ সৃষ্টি; ব্রহ্মার সৃষ্টির পরে তাঁর মানসপুত্র কর্তৃক সৃষ্টি। ২ প্রলয়; মহাপ্রলয়।

প্রতিসাম্য /প্রোতিশাম্মো/ [স. প্রতিসম+য] বি. সুষমতা, সামঞ্জস্য, প্রতিসমতা, symmetry।

প্রতিসারণ /প্রোতিশারোন্‌/ [স. প্রতি+√সারি+অন] বি. অপসারণ, দূরীকরণ।

প্রতিসারিত /প্রোতিশারিতো/ [স. প্রতি+√সারি+ত] বিণ. ১ অপসারিত, দূরীকৃত। ২ সংশোধিত।

প্রতিসারী /প্রোতিশারি/ [স. প্রতি+√সৃ+ইন্‌] বিণ. ১ বেঁকে যায় এমন। ২ প্রতিকূলগামী।

প্রতিসৃত /প্রোতিস্‌সৃতো/ [স. প্রতি+√সৃ+ত] বিণ. প্রতিসারিত।

প্রতিসৃষ্ট /প্রোতিস্‌শৃটো/ [স. প্রতি+√সৃজ্‌+ত] বিণ. ১ নিক্ষিপ্ত। ২ বিক্ষিপ্ত। ৩ প্রত্যাখ্যাত।

প্রতিস্থাপন /প্রোতিস্‌থাপোন্‌/ [স. প্রতি+√স্থাপি+অন] বি. কোনো ব্যক্তি বা বস্তুর পরিবর্তে স্থাপন।

প্রতিস্থাপনীয় /প্রোতিস্‌থাপোনিয়ো/ [স. প্রতি+√স্থাপি+অনীয়] বিণ. কোনো ব্যক্তি বা বস্তুর পরিবর্তে স্থাপন করতে হবে এমন।

প্রতিস্থাপিত /প্রোতিস্‌থাপিতো/ [স. প্রতি+√স্থাপি+ত] বিণ. কোনো ব্যক্তি বা বস্তুর পরিবর্তে স্থাপন করা হয়েছে এমন, substituted।

প্রতিস্পর্ধা /প্রোতিস্‌পর্‌ধা/ [স. প্রতি+√স্পর্ধ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ প্রতিকূল স্পর্ধা। ২ প্রতিদ্বন্দ্বিতা।

প্রতিস্পর্ধী /প্রোতিস্‌পোর্‌ধি/ [স. প্রতি+√স্পর্ধ্‌+ইন্‌] বিণ. ১ স্পর্ধাকারী। ২ প্রতিদ্বন্দ্বী। ৩ ঈর্ষাপরায়ণ।

প্রতিস্বাক্ষর /প্রোতিশাক্‌খোর্‌/ [স. প্রতি+স্বাক্ষর] বি. অন্য ব্যক্তির স্বাক্ষর করা চিঠি বা দলিলে প্রত্যয়নমূলক স্বাক্ষর, countersignature। বিণ. প্রতিস্বাক্ষরিত /প্রোতিশাক্‌খোরিতো/।

প্রতিহত /প্রোতিহতো/ [স. প্রতি+√হন্‌+ত] বিণ. ১ প্রত্যাঘাতপ্রাপ্ত। ২ বাধাপ্রাপ্ত। ৩ নিবারিত।

প্রতিহনন /প্রোতিহনোন্‌/ [স. প্রতি+√হন্‌+অন] বি. হত্যাকারীকে হনন বা বধ।

প্রতিহন্তা /প্রোতিহন্‌তা/ [স. প্রতি+√হন্‌+তৃ] বি. বিণ. প্রতিহননকারী, হত্যাকারীর বধকারী।

প্রতিহর্তা /প্রোতিহর্‌তা/ [স. প্রতি+√হৃ+তৃ] বি. বিণ. ১ প্রত্যাঘাতকারী। ২ নিবারণকারী, নিবারক।

প্রতিহার /প্রোতিহার্‌/ [স. প্রতি+√হৃ+অ] বি. ১ বর্জন, ত্যাগ। ২ সদর দরজা। ৩ দৌবারিক।

প্রতিহারক /প্রোতিহারক্‌/ [স. প্রতি+√হৃ+অক] বিণ. ১ ঐন্দ্রজালিক। ২ ছলনাকারী, প্রতারক।

প্রতিহারী /প্রোতিহারি/ [স. প্রতি+√হৃ+ইন্‌] বি. দৌবারিক। স্ত্রী. প্রতিহারিণী /প্রোতিহারিনি/।

প্রতিহার্য /প্রোতিহার্‌জো/ [স. প্রতি+√হৃ+য] বিণ. বর্জন করতে হবে এমন, ত্যাজ্য।

প্রতিহিংসা /প্রোতিহিংশা/ [স. প্রতি+হিংসা] বি. ১ অনিষ্টকারীর ক্ষতিসাধনের প্রবৃত্তি। ২ প্রতিশোধ।

প্রতিহিংসাপরায়ণ /প্রোতিহিংশাপরায়োন্‌/ [স. প্রতি

www.pathagar.com

প্রতিরুদ্ধ /প্রোতিরুদ্‌ধো/ [স. প্রতি+√রুধ্+ত] বিণ. প্রতিরোধ করা হয়েছে এমন।

প্রতিরূপ /প্রোতিরুপ্/ [স. প্রতি+রূপ] বি. ১ তুল্য রূপ, counterpart। ২ প্রতিকৃতি, প্রতিচ্ছবি।

প্রতিরূপক /প্রোতিরুপক্/ [স. প্রতি+রূপক] বি. প্রতিকৃতি, প্রতিমূর্তি; প্রতিচ্ছায়া।

প্রতিরোধ /প্রোতিরোধ্/ [স. প্রতি+রোধ] বি. ১ নিরোধ; নিবারণ; বাধাপ্রদান। ২ প্রতিবন্ধ; ব্যাঘাত। ৩ আটক।

প্রতিরোধক /প্রোতিরোধক্/ [স. প্রতি+√রুধ্+অক] বিণ. প্রতিরোধকারী; নিবারণকারী।

প্রতিরোধিত /প্রোতিরোধিতো/ [স. প্রতি+√রুধ্+ত] বিণ. প্রতিরোধ বা বাধা দেওয়া হয়েছে এমন।

প্রতিরোধী /প্রোতিরোধি/ [স. প্রতি+√রুধ্+ইন্] বিণ. দ্র প্রতিরোধক।

প্রতিরোধ্য /প্রোতিরোদ্‌ধো/ [স. প্রতি+√রুধ্+য] বিণ. প্রতিরোধ করা যায় এমন, প্রতিরোধযোগ্য।

প্রতিলিপি /প্রোতিলিপি/ [স. প্রতি+লিপি] বি. লেখা ছবি প্রভৃতির হুবহু নকল, copy।

প্রতিলিপিকার /প্রোতিলিপিকার্/ [স. প্রতিলিপি+কার] বি. যে ব্যক্তি অনুলিপি করে; (পরি.) copyist।

প্রতিলিপিযন্ত্র /প্রোতিলিপিজন্‌ত্রো/ [স. প্রতিলিপি+যন্ত্র] বি. কোনো চিত্র বা লিখিত দলিলের হুবহু নকল বা প্রতিলিপি তৈরির বিদ্যুতিনীয় যন্ত্রবিশেষ, photocopier।

প্রতিলেখ /প্রোতিলেখ্/ [স. প্রতি+লেখ] বি. ১ লিখিত দলিলের নকল। ২ প্রদত্ত বক্তব্যের লিখিত রূপ, transcript।

প্রতিলোম /প্রোতিলোম্/ [স. প্রতি+লোমন্+অ] বিণ. ১ উলটো, বিপরীত। ২ বিরুদ্ধ, প্রতিকূল।

প্রতিলোম বিবাহ /প্রোতিলোম্ বিবাহো/ বি. কল্পিত উচ্চবর্ণের নারীর সঙ্গে ভিন্ন বর্ণের পুরুষের বিবাহ।

প্রতিশব্দ /প্রোতিশবদো/ [স. প্রতি+শব্দ] বি. ১ সমার্থপ্রকাশক শব্দ, সমার্থক শব্দ, synonym। ২ প্রতিধ্বনি, অনুরূপ ধ্বনি।

প্রতিশয় /প্রোতিশয়্/ [স. প্রতি+√শী+অ] বি. প্রত্যাদেশ কামনায় দেবমন্দিরে ধরনা বা হত্যা।

প্রতিশয়ন /প্রোতিশয়োন্/ [স. প্রতি+√শী+অন] বি. দ্র প্রতিশয়।

প্রতিশোধ /প্রোতিশোধ্/ [স. প্রতি+√শুধ্+অ] বি. ১ প্রতিহিংসার বশবর্তী হয়ে অন্যায়কারীর ক্ষতিসাধন; শত্রুনির্যাতন। ২ বদলা।

প্রতিশ্রুত /প্রোতিস্‌সুতো/ [স. প্রতি+√শ্রু+ত] বিণ. প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন, প্রতিজ্ঞাবদ্ধ।

প্রতিশ্রুতি /প্রোতিস্‌সুতি/ [স. প্রতি+√শ্রু+তি] বি. নিশ্চয়াত্মক স্বীকৃতি, অঙ্গীকার, প্রতিজ্ঞা।

প্রতিশ্রুতিবদ্ধ /প্রোতিস্‌সুতিবদ্‌ধো/ [স. প্রতিশ্রুতি+বদ্ধ] বিণ. প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন, প্রতিশ্রুত।

প্রতিশ্রুতিশীল /প্রোতিস্‌সুতিশিল্/ [স. প্রতিশ্রুতি+√শীল্+অ] বিণ. ভবিষ্যৎ উন্নতির সম্ভাবনাযুক্ত।

প্রতিষঙ্গী /প্রোতিশোংগি/ [স. প্রতি+সঙ্গী] বিণ. অনুষঙ্গী; (পরি.) corresponding।

প্রতিষিদ্ধ /প্রোতিশিদ্‌ধো/ [স. প্রতি+√সিধ্+ত] বিণ. প্রতিষেধ করা হয়েছে এমন, নিবারিত।

প্রতিষেদ্ধা /প্রোতিশেদ্‌ধা/ [স. প্রতি+√সিধ্+তৃ] বি. বিণ. নিষেধকারী, নিবারণকারী।

প্রতিষেধ /প্রোতিশেধ্/ [স. প্রতি+√সিধ্+অ] বি. ১ নিবারণ, বারণ, নিষেধ। ২ বর্জন।

প্রতিষেধক /প্রোতিশেধক্/ [স. প্রতি+√সিধ্+অক] বিণ. ১ নিষেধকারী, নিবারক। ২ প্রতিরোধ করে এমন। বি. বিষক্রিয়ানাশক ওষুধ।

প্রতিষ্টম্ভ /প্রোতিশ্‌টম্‌ভো/ [স. প্রতি+√স্তম্‌ভ্+অ] বি. ১ নিষেধ, বারণ। ২ প্রতিবন্ধকতা, বাধা।

প্রতিষ্ঠ /প্রোতিশ্‌ঠো/ [স. প্রতি+√স্থা+অ] বিণ. রয়েছে এমন, স্থিত।

প্রতিষ্ঠা /প্রোতিশ্‌ঠা/ [স. প্রতি+√স্থা+অ+আ (টাপ্)] বি. ১ মর্যাদা, গৌরব; প্রতিপত্তি। ২ স্থাপন (*বিদ্যালয় প্রতিষ্ঠা*)। ৩ উৎসর্গ (*বৃক্ষ প্রতিষ্ঠা*)। ৪ উদ্‌যাপন। ৫ অবস্থান, স্থিতি।

প্রতিষ্ঠাতা /প্রোতিশ্‌ঠাতা/ [স. প্রতি+√স্থা+তৃ] বি. যে প্রতিষ্ঠা করে। বিণ. প্রতিষ্ঠাকারী। স্ত্রী. প্রতিষ্ঠাত্রী /প্রোতিশ্‌ঠাত্রি/।

প্রতিষ্ঠান /প্রোতিশ্‌ঠান্/ [স. প্রতি+√স্থা+অন] বি. ১ সংস্থাপন। ২ অবস্থান, স্থিতি। ৩ সংগঠন; সংস্থা, সমিতি। ৪ সংস্থার গৃহ।

প্রতিষ্ঠান্বিত /প্রোতিশ্‌ঠান্‌নিতো/ [স. প্রতিষ্ঠা+অন্বিত] বিণ. প্রতিষ্ঠা পেয়েছে এমন; বিখ্যাত।

প্রতিষ্ঠাপন /প্রোতিশ্‌ঠাপোন্/ [স. প্রতি+√স্থাপি+অন] বি. ১ সংস্থাপন, প্রতিষ্ঠা। ২ অর্পণ, প্রদান। ৩ উৎসর্জন।

www.pathagar.com

প্রতিবিম্ব /প্রোতিবিম্‌বো / [স. প্রতি+√বিম্ব্+অ] বি. কাচ দর্পণ প্রভৃতি প্রতিফলকপৃষ্ঠ থেকে প্রতিফলিত বিম্ব বা ছায়া, প্রতিচ্ছায়া।

প্রতিবিম্বন /প্রোতিবিম্‌বন্ / [স. প্রতি+√বিম্ব্+অন] বি. প্রতিফলন, প্রতিবিম্বপাত।

প্রতিবিম্বিত /প্রোতিবিম্‌বিতো / [স. প্রতিবিম্ব+ইত] বিণ. প্রতিফলিত, reflected।

প্রতিবিহিত /প্রোতিবিহিতো/ [স. প্রতি+বি+√ধা+ত] বিণ. প্রতিকার বা নিবারণ করা হয়েছে এমন।

প্রতিবেদক /প্রোতিবেদক্/ [স. প্রতি+√বিদ্+ণিচ্+অক] বি. ঘটনার বিবরণদাতা; সংবাদদাতা।

প্রতিবেদন /প্রোতিবেদোন্ / [স. প্রতি+√বিদ্+ণিচ্+অন] বি. বিবেচনার উদ্দেশ্যে উপস্থাপিত কোনো নির্দিষ্ট বিষয়ে সংগৃহীত তথ্যভিত্তিক বিশদ বিবরণ, রিপোর্ট, report।

প্রতিবেশ /প্রোতিবেশ্/ [স. প্রতি+√বিশ্+অ] বি. ১ নিকটবর্তী আবাসগৃহ। ২ প্রতিবেশীর গৃহ। ৩ পারিপার্শ্বিক অবস্থা, environment।

প্রতিবেশী /প্রোতিবেশি/ [স. প্রতিবেশ+ইন্] বি. বিণ. নিকটবর্তী স্থানে বসবাসকারী, পড়শি। স্ত্রী. প্রতিবেশিনী /প্রোতিবেশিনি/।

প্রতিবোধ /প্রোতিবোধ্/ [স. প্রতি+বোধ] বি. ১ বিকাশ; জাগরণ। ২ বোধের উন্মেষ। ৩ প্রবোধ।

প্রতিবোধন /প্রোতিবোধোন্ / [স. প্রতি+বোধন] বি. দ্র প্রতিবোধ।

প্রতিভা /প্রোতিভা/ [স. প্রতি+√ভা+অ+আ (টাপ্)] বি. ১ তীক্ষ্ণবুদ্ধি, প্রত্যুৎপন্নমতিত্ব; প্রজ্ঞা; উদ্ভাবনী জ্ঞান বা বুদ্ধি। ২ প্রভা, ঔজ্জ্বল্য।

প্রতিভাত /প্রোতিভাতো/ [স. প্রতি+√ভা+ত] বিণ. ১ প্রকাশিত, উদ্ভাসিত; প্রতিফলিত। ২ স্পষ্টভাবে ব্যক্ত। ৩ জ্ঞাত, অবগত।

প্রতিভাধর /প্রোতিভাধর্/ [স. প্রতিভা+ধর] বিণ. দ্র প্রতিভাবান।

প্রতিভাবান /প্রোতিভাবান্ / [স. প্রতিভা+বৎ] বিণ. প্রতিভা আছে এমন, প্রতিভাসম্পন্ন।

প্রতিভাশালী /প্রোতিভাশালি/ [স. প্রতিভা+√শাল্+ইন্] বিণ. প্রতিভাধর, প্রতিভাসম্পন্ন। স্ত্রী. প্রতিভাশালিনী /প্রোতিভাশালিনি/।

প্রতিভাষ /প্রোতিভাশ্/ [স. প্রতি+বা. ভাষ] বি. পালটা জবাব; (পরি.) rejoinder।

প্রতিভাস /প্রোতিভাশ্/ [স. প্রতি+√ভাস্+অ] বি. ১ আকস্মিকভাবে কোনো কিছু উপলব্ধি। ২ দীপ্তি, ঔজ্জ্বল্য।

প্রতিভাসম্পন্ন /প্রোতিভাশম্‌পন্নো/ [স. প্রতিভা+সম্+√পদ্+ত] বিণ. প্রতিভাধর।

প্রতিভাসিত /প্রোতিভাশিতো/ [স. প্রতিভাস+ইত] বিণ. ১ ব্যক্ত, প্রকাশিত। ২ আলোকিত, উদ্ভাসিত।

প্রতিভূ /প্রোতিভু/ [স. প্রতি+√ভূ+ক্বিপ্] বি. ১ প্রতিনিধি। ২ জামিন।

-প্রতিম /প্রোতিম্/ [স. প্রতি+√মা+অ] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) তুল্য, সদৃশ (*অনুজপ্রতিম*)।

প্রতিমা /প্রোতিমা/ [স. প্রতি+√মা+অ+আ (টাপ্)] বি. ১ প্রতিকৃতি, প্রতিমূর্তি। ২ মাটি দিয়ে গড়া দেবমূর্তি, দেববিগ্রহ।

প্রতিমান /প্রোতিমান্/ [স. প্রতি+√মা+অন] বি. ১ প্রতিমূর্তি, প্রতিচ্ছবি। ২ নজির, নিদর্শন, প্রমাণ। ৩ হাতির দুই দাঁতের মধ্যবর্তী স্থান। ৪ মানদণ্ড; ওজন করার বাটখারা।

প্রতিমাপূজক /প্রোতিমাপুজক্/ [স. প্রতিমা+পূজক] বিণ. দেবমূর্তির উপাসক।

প্রতিমাপূজা /প্রোতিমাপুজা / [স. প্রতিমা+পূজা] বি. দেবমূর্তির অর্চনা।

প্রতিমুক্ত /প্রোতিমুক্তো/ [স. প্রতি+√মুচ্+ত] বিণ. ১ বন্ধনমুক্ত। ২ মুক্ত। ৩ পরিত্যক্ত। ৪ পরিহিত।

প্রতিমুখ /প্রোতিমুখ্ / [স. প্রতি+মুখ] বি. অভিমুখ, সম্মুখ।

প্রতিমূর্তি /প্রোতিমুর্‌তি/ [স. প্রতি+√মূর্ছ্+তি] বি. প্রতিকৃতি; কল্পিতমূর্তি; প্রতিমা; প্রতিচ্ছবি।

প্রতিযোগ /প্রোতিজোগ্/ [স. প্রতি+যোগ] বি. ১ বিরোধ। ২ প্রতিদ্বন্দ্বিতা। ৩ শত্রুতা।

প্রতিযোগিতা /প্রোতিজোগিতা/ [স. প্রতিযোগিন্+তা] বি. ১ প্রতিদ্বন্দ্বিতা। ২ বিরোধিতা; বিপক্ষতা।

প্রতিযোগী /প্রোতিজোগি/ [স. প্রতি+√যুজ্+ইন্] বি. বিণ. ১ প্রতিদ্বন্দ্বিতাকারী; পরস্পর ক্ষমতা বা শক্তি পরীক্ষাকারী। ২ সমকক্ষ। ৩ বিরোধী। স্ত্রী. প্রতিযোগিনী /প্রোতিজোগিনি/।

প্রতিরক্ষণ /প্রোতিরোক্‌খোন্ / [স. প্রতি+রক্ষণ] বি. দ্র প্রতিরক্ষা।

প্রতিরক্ষা /প্রোতিরোক্‌খা/ [স. প্রতি+রক্ষা] বি. বহিরাক্রমণ থেকে দেশরক্ষার ব্যবস্থা, defence।

প্রতিরক্ষাবাহিনী /প্রোতিরোক্‌খাবাহিনি /[স. প্রতিরক্ষা+√বাহ্+ইন+ঈ] বি. প্রতিরক্ষার দায়িত্বে নিয়োজিত সেনাবাহিনী।

প্রতিরক্ষামূলক /প্রোতিরোক্‌খামুলক্/ [স. প্রতিরক্ষা+মূলক] বিণ. প্রতিরক্ষার উদ্দেশ্যবিশিষ্ট।

www.pathagar.com

প্রতিপোষণ /প্রোতিপোশন্ / [স. প্রতি+√পুষ্+অন] বি. ১ সাহায্য। ২ সমর্থন, support।

প্রতিপ্রদান /প্রোতিপ্রোদান্ / [স. প্রতি+প্র+√দা+অন] বি. দানের বিনিময়ে দান; প্রত্যর্পণ।

প্রতিপ্রমাণ /প্রোতিপ্রোমান্ / [স. প্রতি+প্র+ √মা+অন] বি. বিরুদ্ধ সাক্ষ্য।

প্রতিপ্রয়াণ /প্রোতিপ্রোয়ান্ / [স. প্রতি+প্র+ √যা+অন] বি. প্রত্যাগমন।

প্রতিপ্রয়াত /প্রোতিপ্রোয়াতো / [স. প্রতি+প্র+ √যা+ত] বিণ. ফিরে এসেছে এমন, প্রত্যাগত।

প্রতিপ্রশ্ন /প্রোতিপ্রোস্নো / [স. প্রতি+√প্রচ্ছ্+ন] বি. প্রশ্নের পিঠে পালটা প্রশ্ন।

প্রতিপ্রসব /প্রোতিপ্রোশব্ / [স. প্রতি+প্রসব] বি. নিষিদ্ধ বিধি পুনরায় প্রবর্তন।

প্রতিপ্রসূত /প্রোতিপ্রোশুতো / [স. প্রতি+প্রসূত] বিণ. নিষিদ্ধ বিধি পুনঃপ্রবর্তিত করা হয়েছে এমন।

প্রতিপ্রস্থান /প্রোতিপ্রোস্থান্ / [স. প্রতি+প্রস্থান] বি. বিরোধীপক্ষের আশ্রয়ে গমন।

প্রতিপ্রহার /প্রোতিপ্রোহার / [স. প্রতি+প্রহার] বি. পালটা আঘাত, প্রতিঘাত।

প্রতিফল /প্রোতিফল্ / [স. প্রতি+√ফল্+অ] বি. ১ অপকর্মের ফল। ২ প্রতিশোধ। ৩ শাস্তি।

প্রতিফলক /প্রোতিফলোক্ / [স. প্রতিফল+ক] বি. আলো তাপ প্রভৃতি প্রতিফলিত করে এমন ফলক, reflector।

প্রতিফলন /প্রোতিফলোন্ / [স. প্রতি+√ফল্+অন] বি. কাচ বা ধাতব তল থেকে প্রতিফলিত হয়ে আলোক তাপ প্রভৃতির আগমন, reflection।

প্রতিফলিত /প্রোতিফোলিতো / [স. প্রতি+√ফল্+ত] বিণ. কাচ বা ধাতব তল থেকে প্রতিবিম্বিত।

প্রতিবচন /প্রোতিবচোন্ / [স. প্রতি+বচন] বি. ১ জবাবের জবাব, প্রত্যুত্তর। ২ উত্তর, জবাব। ৩ বিরুদ্ধ কথা। ৪ সমার্থক বাক্য। ৫ প্রতিধ্বনি।

প্রতিবদ্ধ /প্রোতিবদ্ধো / [স. প্রতি+√বন্ধ্+ত] বিণ. বাধাপ্রাপ্ত, ব্যাহত।

প্রতিবন্ধ /প্রোতিবন্ধো / [স. প্রতি+√বন্ধ্+অ] বি. অন্তরায়, বাধা, বিঘ্ন।

প্রতিবন্ধক /প্রোতিবন্ধোক্ / [স. প্রতি+√বন্ধ্+অক] বিণ. বিঘ্ন সৃষ্টি করে এমন। বি. **প্রতিবন্ধকতা** /প্রোতিবন্ধোকতা /।

প্রতিবন্ধী /প্রোতিবোন্ধি / [স. প্রতি+√বন্ধ্+ইন্] বিণ. দৈহিক সীমাবদ্ধতাহেতু অক্ষম, physically challenged। বি. দৈহিক সীমাবদ্ধতাহেতু বাধাপ্রাপ্ত ব্যক্তি।

প্রতিবর্ণীকরণ /প্রোতিবোর্নিকরোন্ / [স. প্রতিবর্ণ+ঢ়ি+করণ] বি. এক ভাষার শব্দ অন্য ভাষার বর্ণে লিখন, লিপ্যন্তরীকরণ, transliteration।

প্রতিবর্ণীকৃত /প্রোতিবোর্নিক্কৃতো / [স. প্রতিবর্ণ+ঢ়ি+কৃত] বিণ. লিপ্যন্তর করা হয়েছে এমন।

প্রতিবর্তন /প্রোতিবর্তোন্ / [স. প্রতি+√বৃৎ+অন] বি. ১ প্রত্যাবর্তন। ২ বিপরীর দিক উপস্থাপন, (পরি.) obversion।

প্রতিবল /প্রোতিবল্ / [স. প্রতি+বল] বি. প্রতিপক্ষের শক্তি। বিণ. সমশক্তিসম্পন্ন।

প্রতিবসথ /প্রোতিবশোথ্ / [স. প্রতি+বা. বসথ] বি. পল্লি, গ্রাম।

প্রতিবাক্য /প্রোতিবাক্কো / [স. প্রতি+√বচ্+য] বি. ১ জবাবের জবাব, প্রত্যুত্তর। ২ প্রতিকূল বাক্য।

প্রতিবাত /প্রোতিবাত্ / [স. প্রতি+√বা+ত] বি. উলটো দিক থেকে আগত বায়ু।

প্রতিবাদ /প্রোতিবাদ্ / [স. প্রতি+√বদ্+অ] বি. কোনো উক্তির বিরুদ্ধে আপত্তিজ্ঞাপন।

প্রতিবাদমুখর /প্রোতিবাদ্মুখর্ / [স. প্রতিবাদ+মুখর] বিণ. প্রতিবাদ করে এমন।

প্রতিবাদলিপি /প্রোতিবাদ্লিপি / [স. প্রতিবাদ+লিপি] বি. কোনো উক্তি খণ্ডন করে লেখা বিবৃতি।

প্রতিবাদহীন /প্রোতিবাদ্হিন্ / [স. প্রতিবাদ+√হা+ত] বিণ. প্রতিবাদ করা হয়নি এমন।

প্রতিবাদী /প্রোতিবাদি / [স. প্রতি+√বদ্+ইন্] বি. ১ যে প্রতিবাদ করে; প্রতিপক্ষ। ২ আসামি। বিণ. বিরুদ্ধবাদী। স্ত্রী. **প্রতিবাদিনী** /প্রোতিবাদিনি /।

প্রতিবাসী /প্রোতিবাশি / [স. প্রতি+√বস্+ইন্] বি. বিণ. প্রতিবেশী। স্ত্রী. **প্রতিবাসিনী** /প্রোতিবাশিনি /।

প্রতিবিধান /প্রোতিবিধান্ / [স. প্রতি+বিধান] বি. ১ প্রতিকার। ২ প্রতিশোধ। ৩ দমন।

প্রতিবিধিৎসা /প্রোতিবিধিত্শা / [স. প্রতি+বি+√ধা+সন্+অ+আ (টাপ্)] বি. প্রতিকারের ইচ্ছা।

প্রতিবিধেয় /প্রোতিবিধেয়ো / [স. প্রতি+বিধেয়] বিণ. প্রতিকারযোগ্য; প্রতিবিধান করা উচিত এমন।

প্রতিবিপ্লব /প্রোতিবিপ্লব্ / [স. প্রতি+বিপ্লব] বি. কোনো বিপ্লবের বিরুদ্ধে পুনরায় বিপ্লব।

প্রতিবিপ্লবী /প্রোতিবিপ্লোবি / [স. প্রতি+বি+√প্লাবি+ইন্] বিণ. বিপ্লববিরোধী। বি. যে ব্যক্তি বিপ্লবের বিরোধিতা করে।

www.pathagar.com

(আল.) অন্যের উক্তির সদৃশ উক্তি; নকল।

প্রতিধ্বনিত /প্রোতিদ্‌ধোনিতো/ [স. প্রতি+√ধ্বনি+ত] বিণ. ১ প্রতিধ্বনি সৃষ্টি হয়েছে এমন। ২ প্রতিফলিত হওয়ার ফলে অনুরণিত। ৩ (আল.) প্রচারিত।

প্রতিধ্বনিময় /প্রোতিদ্‌ধোনিময়/ [স. প্রতিধ্বনি+ময়ট্] বিণ. প্রতিধ্বনি হওয়ার ফলে অনুরণিত।

প্রতিনন্দন /প্রোতিনন্‌দোন্/ [স. প্রতি+নন্দন] বি. প্রীতিসম্ভাষণ; অভিনন্দন।

প্রতিনমস্কার /প্রোতিনমোশ্‌কার্/ [স. প্রতি+নমস্কার] বি. নমস্কারের জবাবে নমস্কার।

প্রতিনাদ /প্রোতিনাদ্/ [স. প্রতি+নাদ] বি. যে ধ্বনি প্রতিফলিত হয়ে ফিরে আসে, প্রতিধ্বনি।

প্রতিনিধি /প্রোতিনিধি/ [স. প্রতি+নি+√ধা+ই] বি. ১ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে কাজ করার জন্য নিযুক্ত ব্যক্তি, মুখপাত্র, প্রতিভূ। ২ জামিন। ৩ বদলি, বিকল্প।

প্রতিনিধিত্ব /প্রোতিনিধিত্তো/ [স. প্রতিনিধি+ত্ব] বি. প্রতিনিধির কাজ বা দায়িত্ব।

প্রতিনিধিদল /প্রোতিনিধিদল্/ [স. প্রতিনিধি+দল] বি. প্রতিনিধিত্বকারী ব্যক্তিবর্গ।

প্রতিনিনাদ /প্রোতিনিনাদ্/ [স. প্রতি+নিনাদ] বি. দ্র প্রতিনাদ।

প্রতিনিবর্তন /প্রোতিনিবর্‌তোন্/ [স. প্রতি+নি+√বৃৎ+অন] বি. ১ ক্ষান্তি। ২ প্রত্যাগমন।

প্রতিনিবর্তিত /প্রোতিনিবোর্‌তিতো/ [স. প্রতি+নি+√বর্তি+ত] বিণ. ১ নিবারিত। ২ প্রত্যাগত।

প্রতিনিবৃত্ত /প্রোতিনিবৃত্তো/ [স. প্রতি+নি+√বৃৎ+ত] বিণ. দ্র প্রতিনিবর্তিত।

প্রতিনিবৃত্তি /প্রোতিনিবৃত্তি/ [স. প্রতি+নি+√বৃৎ+তি] বি. দ্র প্রতিনিবর্তন।

প্রতিনিয়ত /প্রোতিনিয়তো/ [স. প্রতি+নিয়ত] ক্রিবিণ. সর্বদা, নিরন্তর, সবসময়।

প্রতিপক্ষ /প্রোতিপোক্‌খো/ [স. প্রতি+পক্ষ] বি. ১ বিপক্ষ; প্রতিবাদী পক্ষ। ২ প্রতিদ্বন্দ্বী। ৩ শত্রুপক্ষ।

প্রতিপক্ষীয় /প্রোতিপোক্‌খিয়ো/ [স. প্রতিপক্ষ+ঈয়] বিণ. প্রতিপক্ষের দলভুক্ত।

প্রতিপত্তি /প্রোতিপোত্‌তি/ [স. প্রতি+√পদ্+তি] বি. ১ প্রভাব। ২ মর্যাদা। ৩ সামাজিক প্রতিষ্ঠা।

প্রতিপত্তিশালী /প্রোতিপোত্‌তিশালি/ [স. প্রতিপত্তি+√শাল্+ইন্] বিণ. প্রভাবশালী, ক্ষমতাধর।

প্রতিপত্তিশীল /প্রোতিপোত্‌তিশিল্/ [স. প্রতিপত্তি+√শীল্+অ] বিণ. প্রভাব বা প্রতিপত্তি আছে এমন।

প্রতিপদ /প্রোতিপদ্/ [স. প্রতি+√পদ্+ক্বিপ্] বি. শুক্লপক্ষ বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি।

প্রতিপাদস্থান /প্রোতিপাদোস্‌থান্/ [স. প্রতি+পাদস্থান] বি. ভূপৃষ্ঠের কোনো বিন্দুর ঠিক বিপরীত প্রান্তে অবস্থিত বিন্দু, পৃথিবীর অন্য প্রান্তের বিপরীত স্থান, antipode।

প্রতিপদে /প্রোতিপদে/ [স. প্রতিপদ+বা. এ] ক্রিবিণ. পদে-পদে; সর্বদা।

প্রতিপন্ন /প্রোতিপন্নো/ [স. প্রতি+√পদ্+ত] বিণ. ১ যুক্তিতর্কদ্বারা প্রমাণিত বা মীমাংসিত। ২ অবধারিত। ৩ প্রাপ্ত। ৪ প্রতিশ্রুত।

প্রতিপাদক /প্রোতিপাদোক্/ [স. প্রতি+√পাদি+অক] বিণ. প্রতিপাদনকারী, অবধারক। স্ত্রী. **প্রতিপাদিকা** /প্রোতিপাদিকা/।

প্রতিপাদন /প্রোতিপাদোন্/ [স. প্রতি+√পাদি+অন] বি. ১ অবধারণ, নিরূপণ। ২ মীমাংসা। ৩ সম্পাদন।

প্রতিপাদনীয় /প্রোতিপাদোনিয়ো/ [স. প্রতি+√পাদি+অনীয়] বিণ. দ্র প্রতিপাদ্য।

প্রতিপাদিত /প্রোতিপাদিতো/ [স. প্রতি+√পাদি+ত] বিণ. ১ মীমাংসা করা হয়েছে এমন। ২ অবধারিত।

প্রতিপাদ্য /প্রোতিপাদ্‌দো/ [স. প্রতি+√পাদি+য] বিণ. প্রতিপাদন করতে হবে এমন।

প্রতিপালক /প্রোতিপালোক্/ [স. প্রতি+√পালি+অক] বিণ. প্রতিপালনকারী। বি. ঈশ্বর। স্ত্রী. **প্রতিপালিকা** /প্রোতিপালিকা/।

প্রতিপালন /প্রোতিপালোন্/ [স. প্রতি+√পালি+অন] বি. ১ লালনপালন, পোষণ (*সন্তান প্রতিপালন*)। ২ রক্ষণ (*প্রতিশ্রুতি প্রতিপালন*)। ৩ রক্ষণাবেক্ষণ, তত্ত্বাবধান (*প্রজা প্রতিপালন*)। ৪ মান্যকরণ (*নির্দেশ প্রতিপালন*)।

প্রতিপালনীয় /প্রোতিপালোনিয়ো/ [স. প্রতি+√পালি+অনীয়] বিণ. ১ প্রতিপালন করতে হবে এমন। ২ পোষণ বা রক্ষণের যোগ্য।

প্রতিপালিত /প্রোতিপালিতো/ [স. প্রতি+√পালি+ত] বিণ. লালনপালন করা হয়েছে এমন। স্ত্রী. **প্রতিপালিতা** /প্রোতিপালিতা/।

প্রতিপাল্য /প্রোতিপাল্‌লো/ [স. প্রতি+√পালি+য] বিণ. দ্র প্রতিপালনীয়।

প্রতিপোষক /প্রোতিপোশক্/ [স. প্রতি+√পুষ্+অক] বিণ. ১ সমর্থনকারী, সমর্থক। ২ প্রতিপোষণকারী।

www.pathagar.com

প্রত্যাগমন, প্রত্যাবর্তন।

প্রতিগৃহীত /প্রোতিগ্‌গ্রিহিতো/ [স. প্রতি+√গ্রহ্+ত] বিণ. ১ গ্রহণ করা হয়েছে বা মেনে নেওয়া হয়েছে এমন, গৃহীত। ২ নিজের করে নেওয়া হয়েছে এমন, অঙ্গীকৃত। ৩ স্বীকৃত।

প্রতিগ্রহ /প্রোতিগ্‌গ্রোহো/ [স. প্রতি+√গ্রহ্+অ] বি. ১ গ্রহণ। ২ প্রদত্ত বা দেয় বস্তু। ৩ স্বীকার। ৪ অঙ্গীকার। ৫ (জ্যোতি.) প্রতিকূল গ্রহ।

প্রতিগ্রহণ /প্রোতিগ্‌গ্রোহোন্/ [স. প্রতি+√গ্রহ্+অন] বি. ১ প্রদত্ত বস্তু গ্রহণ। ২ স্বীকার।

প্রতিগ্রহণীয় /প্রোতিগ্‌গ্রোহোনিয়ো/ [স. প্রতি+√গ্রহ্+অনীয়] বিণ. গ্রহণ করার যোগ্য।

প্রতিগ্রহীতা /প্রোতিগ্‌গ্রোহিতা/ [স. প্রতি+√গ্রহ্+তৃ] বি. যে দান গ্রহণ করে।

প্রতিগ্রাহ /প্রোতিগ্‌গ্রাহো/ [স. প্রতি+√গ্রহ্+অ] বি. দ্র প্রতিগ্রহণ।

প্রতিগ্রাহিত /প্রোতিগ্‌গ্রাহিতো/ [স. প্রতি+√গ্রাহি+ত] বিণ. ১ স্বীকৃত। ২ দানগ্রহণ করতে সম্মত হয়েছে এমন।

প্রতিগ্রাহী /প্রোতিগ্‌গ্রাহি/ [স. প্রতি+√গ্রহ্+ইন্] বিণ. দান গ্রহণ করে এমন, দানগ্রহণকারী।

প্রতিগ্রাহ্য /প্রোতিগ্‌গ্রাজ্ঞো/ [স. প্রতি+√গ্রহ্+য] বিণ. দানরূপে গ্রহণ করার যোগ্য।

প্রতিঘ /প্রোতিঘো/ [স. প্রতি+√হন্+অ] বিণ. বিরুদ্ধ, প্রতিকূল। বি. ১ প্রতিবন্ধকতা। ২ ক্রোধ, রাগ।

প্রতিঘাত /প্রোতিঘাত্/ [স. প্রতি+√হন্+অ] বি. আঘাতের বদলে আঘাত, প্রত্যাঘাত।

প্রতিঘাতন /প্রোতিঘাতোন্/ [স. প্রতি+√হন্+ণিচ্+অন] বি. বধকরণ; নাশন।

প্রতিঘাতী /প্রোতিঘাতি/ [স. প্রতি+√হন্+ইন] বিণ. বধকারী, হননকারী, হন্তা। স্ত্রী. প্রতিঘাতিনী /প্রোতিঘাতিনি/।

প্রতিচক্ষু /প্রোতিচোক্‌খু/ [স. প্রতি+চক্ষুঃ] বি. চশমা।

প্রতিচিত্র /প্রোতিচিত্রো/ [স. প্রতি+চিত্র] বি. নকশা চিত্র প্রভৃতির অবিকল নকল।

প্রতিচ্ছবি /প্রোতিচ্‌ছোবি/ [স. প্রতি+ছবি] বি. ১ ছবির অনুরূপ ছবি। ২ প্রতিবিম্ব।

প্রতিচ্ছায়া /প্রোতিচ্‌ছায়া/ [স. প্রতি+ছায়া] বি. ১ প্রতিবিম্ব। ২ প্রতিকৃতি, প্রতিমূর্তি। ৩ সাদৃশ্য।

প্রতিজিহ্বা /প্রোতিজিহ্‌ভা/ [স. প্রতি+জিহ্বা] বি. মানুষ ও প্রাইমেট বর্গের কোনো কোনো প্রাণীর গলনালির মুখে কোমল তালু থেকে ঝুলন্ত মাংসল প্রত্যঙ্গবিশেষ, আলজিভ, আলজিহ্বা, উপজিহ্বা, uvula।

–প্রতিজ্ঞ /প্রোতিগ্‌গ্যো/ [স. প্রতি+√জ্ঞা+অ] বিণ. (সমাসের পরপদে) সংকল্প করা হয়েছে এমন, অঙ্গীকৃত (কৃতপ্রতিজ্ঞ)।

প্রতিজ্ঞা /প্রোতিগ্‌গ্যাঁ/ [স. প্রতি+√জ্ঞা+অ+আ (টাপ্)] বি. ১ সংকল্প। ২ অঙ্গীকার। ৩ প্রতিশ্রুতি। ৪ (জ্যা.) উপপাদ্য, theorem; সম্পাদ্য, problem।

প্রতিজ্ঞাত /প্রোতিগ্‌গ্যাঁতো/ [স. প্রতি+√জ্ঞা+ত] বিণ. ১ সংকল্পিত। ২ নিশ্চয়কৃত। ৩ অঙ্গীকৃত; প্রতিশ্রুত। ৪ স্থিরীকৃত। ৫ প্রস্তাবিত।

প্রতিজ্ঞাপত্র /প্রোতিগ্‌গ্যাঁপতোত্রো/ [স. প্রতিজ্ঞা+পত্র] বি. প্রতিজ্ঞার লিখিত দলিল, অঙ্গীকারলিপি।

প্রতিজ্ঞাবদধ /প্রোতিগ্‌গ্যাঁবদ্‌ধো/ [স. প্রতিজ্ঞা+বদধ] বিণ. কৃতপ্রতিজ্ঞ।

প্রতিজ্ঞাবাক্য /প্রোতিগ্‌গ্যাঁবাক্‌কো/ [স. প্রতিজ্ঞা+বাক্য] বি. শপথবাক্য।

প্রতিজ্ঞেয় /প্রোতিগ্‌গেঁয়ো/ [স. প্রতি+√জ্ঞা+য] বিণ. প্রতিজ্ঞার যোগ্য; প্রতিশ্রুতিযোগ্য।

প্রতিদত্ত /প্রোতিদত্‌তো/ [স. প্রতি+দত্ত] বিণ. ১ প্রতিদানরূপে প্রদত্ত। ২ প্রত্যর্পিত।

প্রতিদান /প্রোতিদান্/ [স. প্রতি+দান] বি. ১ দানের বদলে দান; প্রত্যুপকার। ২ প্রত্যর্পণ। ৩ পরিশোধ।

প্রতিদারণ /প্রোতিদারোন্/ [স. প্রতি+√দারি+অন] বি. সংগ্রাম, যুদ্ধ।

প্রতিদিন /প্রোতিদিন্/ [স. প্রতি+দিন] ক্রিবিণ. প্রত্যহ, রোজ।

প্রতিদিষ্ট /প্রোতিদিশ্‌টো/ [স. প্রতি+√দিশ্+ত] বিণ. উচ্চতর ক্ষমতাসম্পন্ন ব্যক্তির আদেশবলে প্রত্যাহৃত, overruled।

প্রতিদেয় /প্রোতিদেয়ো/ [স. প্রতি+√দা+য] বিণ. প্রতিদানের বিষয়ীভূত।

প্রতিদ্বন্দ্ব /প্রোতিদ্‌দন্‌দো/ [স. প্রতি+দ্বন্দ্ব] বি. দ্র প্রতিদ্বন্দ্বিতা।

প্রতিদ্বন্দ্বিতা /প্রোতিদ্‌দোন্‌দিতা/ [স. প্রতিদ্বন্দ্ব+ইন্+তা] বি. ১ পরস্পরের দ্বন্দ্ব বা বিরোধ। ২ প্রতিপক্ষের সঙ্গে শক্তিপরীক্ষা। ৩ প্রতিযোগিতা।

প্রতিদ্বন্দ্বী /প্রোতিদ্‌দোন্‌দি/ [স. প্রতিদ্বন্দ্ব+ইন্] বি. বিণ. প্রতিদ্বন্দ্বকারী; প্রতিপক্ষ, প্রতিযোগী। স্ত্রী. প্রতিদ্বন্দ্বিনী /প্রোতিদ্‌দোন্‌দিনি/।

প্রতিধ্বনি /প্রোতিদ্‌ধোনি/ [স. প্রতি+√ধ্বন্+ই] বি. ১ যে ধ্বনি প্রতিফলিত হয়ে ফিরে আসে। ২

www.pathagar.com

২ সুদূরপ্রসারী।

প্রততি /প্রোতোতি/ [স. প্র+√তন্+তি] বি. বিস্তার, ব্যাপ্তি, প্রসার।

প্রতন /প্রোতোন্/ [স. প্র+তন] বিণ. পুরাতন, প্রাচীন।

প্রতনু /প্রোতোনু/ [স. প্র+তনু] বিণ. ক্ষুদ্র; সরু, মিহি, সূক্ষ্ম।

প্রতপ্ত /প্রোতপ্তো/ [স. প্র+তপ্ত] বিণ. অত্যন্ত তপ্ত।

প্রতর /প্রোতর্/ [স. প্র+√তৃ+অ] বি. দ্র প্রতরণ।

প্রতরণ /প্রোতরোন্/ [স. প্র+√তৃ+অন] বি. অতিক্রমণ।

প্রতর্ক /প্রোতর্কো/ [স. প্র+তর্ক] বি. ১ সন্দেহ; ধারণা; অনুমান। ২ বিচার; সিদ্ধান্ত।

প্রতর্ক্য /প্রোতোর্কো/ [স. প্রতর্ক+য] বিণ. বিচার বা অনুমানদ্বারা নির্ণয় করা যায় এমন, অনুমাননির্ভর।

প্রতান /প্রোতান্/ [স. প্র+√তন্+অ] বি. ১ (লতাদির) বিস্তার। ২ যে কুণ্ডলাকৃতি তন্তু অবলম্বন করে লতা বিস্তারলাভ করে, লতাতন্তু, আকর্ষ, tendril।

প্রতাপ /প্রোতাপ্/ [স. প্র+√তপ্+অ] বি. ১ পরাক্রম, বীরত্ব; প্রবল শক্তি, প্রচন্ড ক্ষমতা। ২ প্রভাব, তেজ। ৩ উষ্ণতা, উত্তাপ।

প্রতাপশালী /প্রোতাপ্শালি/ [স. প্রতাপ+√শাল্+ইন্] বিণ. ক্ষমতাবান; পরাক্রমশালী।

প্রতাপান্বিত /প্রোতাপান্নিতো/ [স. প্রতাপ+অন্বিত] বিণ. পরাক্রমশালী।

প্রতাপী /প্রোতাপি/ [স. প্রতাপ+ইন্] বিণ. প্রতাপ-যুক্ত।

প্রতারক /প্রোতারক্/ [স. প্র+√তারি+অক] বিণ. প্রবঞ্চক, ফেরেববাজ, শঠ, ধূর্ত।

প্রতারণ /প্রোতারন্/ [স. প্র+√তারি+অন] বি. দ্র প্রতারণা।

প্রতারণা /প্রোতারনা/ [স. প্র+√তারি+অন+আ (টাপ্)] বি. প্রবঞ্চনা, ছলনা, শঠতা, জুয়াচুরি।

প্রতারিত /প্রোতারিতো/ [স. প্র+√তারি+ত] বিণ. প্রতারণা করা হয়েছে এমন, প্রবঞ্চিত।

প্রতি /প্রোতি/ [স. √প্রথ্+অতি] অব্য. (উপসর্গ বা অনুসর্গ রূপে) ১ সম্বন্ধে, বিষয়ে (*খেলার প্রতি টান*)। ২ দিকে, উদ্দেশে (*ঘরের প্রতি আকর্ষণ*)। বিণ. ১ প্রত্যেক (*প্রতিদিন*)। ২ পরিবর্ত, বদল (*প্রতিনিধি*)। ৩ সমীপ, নিকটবর্তী (*প্রতিবেশী*)। ৪ বিপরীত, বিরুদ্ধ (*প্রতিকূল*)। ৫ অনুরূপ, সদৃশ (*প্রতিমূর্তি*)। ৬ তুল্য, সমান (*প্রতিযোগী*)। ৭ নকল (*প্রতিবিম্ব*)।

প্রতিকরণীয় /প্রোতিকরোনিয়ো/ [স. প্রতি+√কৃ+অনীয়] বিণ. প্রতিকার করা উচিত এমন, প্রতিকার্য।

প্রতিকর্তা /প্রোতিকর্তা/ [স. প্রতি+√কৃ+তৃ] বি. বিণ. ১ প্রতিকারকারী। ২ প্রতিশোধ গ্রহণকারী।

প্রতিকর্ম /প্রোতিকর্মো/ [স. প্রতি+কর্মন্] বি. ১ প্রতিকার। ২ প্রতিক্রিয়া। ৩ প্রতিশোধ। ৪ প্রসাধন।

প্রতিকর্ষ /প্রোতিকর্শো/ [স. প্রতি+√কৃষ্+অ] বি. আকর্ষণ, টান।

প্রতিকায় /প্রোতিকায়্/ [স. প্রতি+√চি+অ] বি. ১ প্রতিমূর্তি, প্রতিকৃতি। ২ সাদৃশ্য।

প্রতিকার /প্রোতিকার্/ [স. প্রতি+√কৃ+অ] বি. ১ প্রতিবিধান। ২ দমন, সংযমন। ৩ নিবারণ, নিষেধ। ৪ প্রতিশোধ।

প্রতিকারহীন /প্রোতিকারহিন্/ [স. প্রতিকার+√হা+ত] বিণ. প্রতিকার বা প্রতিবিধান নেই এমন।

প্রতিকার্য /প্রোতিকারজো/ [স. প্রতিকার+√কৃ+য] বিণ. দ্র প্রতিকরণীয়।

প্রতিকাশ /প্রোতিকাশ্/ [স. প্রতি+√কাশ্+অ] বিণ. ১ উজ্জ্বল, প্রদীপ্ত। ২ সদৃশ, তুল্য।

প্রতিকূল /প্রোতিকুল্/ [স. প্রতি+√কূল্+অ] বিণ. ১ অনুকূল নয়, বাম। ২ বিরুদ্ধ। ৩ বিপরীত। ৪ শত্রুভাবাপন্ন, বৈরী। বি. **প্রতিকূলতা** /প্রোতি-কুলতা/।

প্রতিকৃত /প্রোতিক্কৃতো/ [স. প্রতি+√কৃ+ত] বিণ. ১ প্রতিবিধান করা হয়েছে এমন। ২ দমিত, নিবারিত। ৩ উপশমিত।

প্রতিকৃতি /প্রোতিক্কৃতি/ [স. প্রতি+কৃতি] বি. ১ প্রতিমূর্তি। ২ ছবি, চিত্র। ৩ প্রতিবিম্ব।

প্রতিক্রম /প্রোতিক্রোম্/ [স. প্রতি+ক্রম] বি. বিপরীত ক্রম, reverse order।

প্রতিক্রিয়া /প্রোতিক্রিআ/ [স. প্রতি+ক্রিয়া] বি. ১ ওষুধ খাদ্য প্রভৃতি গ্রহণের ফলে সৃষ্ট বিপরীত ক্রিয়া (*বিষের প্রতিক্রিয়া*), reaction। ২ কোনো ঘটনা বা সিদ্ধান্তের ফলে সৃষ্ট মানসিক অবসন্নতা। ৩ প্রগতিবিরুদ্ধ আচরণ।

প্রতিক্রিয়াশীল /প্রোতিক্রিআশিল্/ [স. প্রতিক্রিয়া+√শীল্+অ] বিণ. প্রগতিবিরুদ্ধ, reactionary।

প্রতিক্ষণ /প্রোতিক্খন্/ [স. প্রতি+ক্ষণ] ক্রিবিণ. প্রতি মুহূর্তে, সর্বদা।

প্রতিক্ষেপ /প্রোতিক্খেপ্/ [স. প্রতি+ক্ষেপ] বি. ১ ত্যাগ। ২ তিরস্কার।

প্রতিগমন /প্রোতিগমোন্/ [স. প্রতি+গমন] বি.

www.pathagar.com

জ্ঞানচক্ষু। ২ প্রগাঢ় তত্ত্বজ্ঞান অর্জনের ক্ষমতা।

প্রজ্ঞাত /প্রোগ্‌গ্যাঁতো/ [স. প্র+√জ্ঞা+ত] বিণ. ১ বিশেষভাবে অবগত। ২ বিখ্যাত, খ্যাতিমান।

প্রজ্ঞান /প্রোগ্‌গ্যাঁন্/ [স. প্র+√জ্ঞা+অন] বি. ১ বিশেষ জ্ঞান; বুদ্ধি। ২ সম্যক জ্ঞান। ৩ চিহ্ন।

প্রজ্ঞাপক /প্রোগ্‌গ্যাঁপক্/ [স. প্র+√জ্ঞাপি+অক] বি. বিণ. বিশেষভাবে প্রচারকারী।

প্রজ্ঞাপন /প্রোগ্‌গ্যাঁপন্/ [স. প্র+√জ্ঞাপি+অন] বি. প্রকাশ্য বিজ্ঞপ্তি; (পরি.) notification।

প্রজ্ঞাপারমিতা /প্রোগ্‌গ্যাঁপারোমিতা/ [স. প্রজ্ঞা+পারমিত+আ (টাপ্)] বি. ১ জ্ঞানের পরাকাষ্ঠা। ২ জ্ঞানের পরিপূর্ণতা।

প্রজ্ঞাপিত /প্রোগ্‌গ্যাঁপিতো/ [স. প্র+√জ্ঞাপি+ত] বিণ. বিজ্ঞপ্তি জারি করা হয়েছে এমন।

প্রজ্ঞাবান /প্রোগ্‌গ্যাঁবান্/ [স. প্রজ্ঞা+বৎ] বিণ. তত্ত্বজ্ঞানী, পণ্ডিত।

প্রজ্বলন /প্রোজ্‌জলোন্/ [স. প্র+√জ্বল্+অন্] বি. ১ বিশেষভাবে জ্বলন, প্রদীপন। ২ প্রখর দীপ্তি।

প্রজ্বলিত /প্রোজ্‌জোলিতো/ [স. প্র+√জ্বল্+ত] বিণ. জ্বলন্ত, প্রদীপ্ত, জ্বলছে এমন।

প্রজ্বালন /প্রোজ্‌জালোন্/ [স. প্র+√জ্বালি+অন] বি. প্রজ্বলিতকরণ।

প্রজ্বালিত /প্রোজ্‌জালিতো/ [স. প্র+√জ্বালি+ত] বিণ. জ্বালানো হয়েছে এমন, প্রদীপ্ত।

প্রটেস্ট্যান্ট /প্রোটেস্ট্যান্ট্/ [লা.] বি. রোমান ক্যাথলিক চার্চের অনুসারী নয় এমন খ্রিষ্টান ধর্ম-সম্প্রদায়বিশেষ, Protestant।

প্রণত /প্রোনতো/ [স. প্র+√নম্+ত] বিণ. নত হয়েছে এমন; নত হয়ে অভিবাদন করেছে এমন।

প্রণতি /প্রোনোতি/ [স. প্র+√নম্+তি] বি. ১ প্রণাম, নমস্কার, সালাম, শ্রদ্ধানিবেদন। ২ নত অবস্থা।

প্রণব /প্রোনোব্/ [স. প্র+√নু+অ] বি. ১ ওঁ, ওংকার, আদি ধ্বনি যা উচ্চারণ করে ঈশ্বরের আরাধনা করা হয়। ২ বিষ্ণু। ৩ বেদের মূল।

প্রণম্য /প্রোনোম্‌মো/ [স. প্র+√নম্+য] বিণ. অত্যন্ত শ্রদ্ধেয়; প্রণাম করা উচিত এমন। স্ত্রী. প্রণম্যা /প্রোনোম্‌মা/।

প্রণয় /প্রোনয়্/ [স. প্র+√নী+অ] বি. ১ প্রেম, অনুরাগ, ভালোবাসা, প্রীতি। ২ সৌহার্দ্য, বন্ধুত্ব।

প্রণয়ভঙ্গ /প্রোনয়্‌ভংগো/ [স. প্রণয়+√ভন্‌জ্+অ] বি. প্রেম বা প্রীতির সমাপ্তি।

প্রণয়ন /প্রোনয়োন্/ [স. প্র+√নী+অন] বি. রচনা, গ্রন্থন; নির্মাণ।

প্রণয়শালী /প্রোনয়্‌শালি/ [স. প্রণয়+√শাল্+ইন্] বিণ. প্রেমিক। স্ত্রী. প্রণয়শালিনী /প্রোনয়্‌শালিনি/।

প্রণয়ী /প্রোনোয়ি/ [স. প্রণয়+ইন্] বি. ১ প্রেমের পাত্র। ২ অনুরক্ত ব্যক্তি। বিণ. প্রণয়াস্পদ। স্ত্রী. প্রণয়িনী /প্রোনোয়িনি/।

প্রণাম /প্রোনাম্/ [স. প্র+√নম্+অ] বি. নত হয়ে গুরুজনের পদধূলি গ্রহণ, অভিবাদন, প্রণতি।

প্রণামি /প্রোনামি/ [স. প্রণাম+ই] বি. ১ প্রণামের সময় দেয় দক্ষিণা বা উপহার। ২ (আল.) ঘুস। বিণ. প্রণামকালে দেয়।

প্রণালি /প্রোনালি/ [স. প্র+√নল্+অ+ই] বি. ১ নর্দমা, জলনালি। ২ দুটি সাগর বা মহাসাগরকে সংযোগকারী সংকীর্ণ জলভাগ, strait, channel। ৩ পদ্ধতি, রীতি।

প্রণালিবদ্ধ /প্রোনালিবদ্‌ধো/ [স. প্রণালি+√বন্ধ্+ত] বিণ. নিয়মবদ্ধ, নিয়মানুগ।

প্রণাশ /প্রোনাশ্/ [স. প্র+√নশ্+অ] বি. ধ্বংস, লয়; মৃত্যু।

প্রণিধান /প্রোনিধান্/ [স. প্র+নি+√ধা+অন] বি. ১ ধ্যান। ২ বিশেষভাবে মনোনিবেশ। ৩ অর্পণ।

প্রণিধানগম্য /প্রোনিধান্‌গোম্‌মো/ [স. প্রণিধান+√গম্+য] বিণ. দ্র প্রণিধানযোগ্য।

প্রণিধানযোগ্য /প্রোনিধান্‌জোগ্‌গো/ [স. প্রণিধান+যোগ+য] বিণ. মনোনিবেশ করলে বোঝা যায় এমন, মনোনিবেশের যোগ্য।

প্রণিধি /প্রোনিধি/ [স. প্র+নি+√ধা+ই] বি. ১ অনুচর; প্রতিনিধি। ২ প্রণিধান; ধ্যান। ৩ বিনীত আবেদন।

প্রণিপাত /প্রোনিপাত্/ [স. প্র+নি+√পত্+অ] বি. দ্র প্রণাম।

প্রণিহিত /প্রোনিহিতো/ [স. প্র+নি+√ধা+ত] বিণ. ১ অভিনিবিষ্ট। ২ সমাহিত। ৩ অর্পিত। ৪ স্থাপিত।

প্রণীত /প্রোনিতো/ [স. প্র+√নী+ত] বিণ. ১ রচিত, কৃত, লিখিত। ২ প্রস্তুত; নির্মিত।

প্রণেতা /প্রোনেতা/ [স. প্র+√নী+তৃ] বিণ. ১ প্রণয়নকারী। ২ নির্মাতা।

প্রণোদন /প্রোনোদোন্/ [স. প্র+√নোদি+অন] বি. ১ প্রেরণা বা উৎসাহ দান, প্ররোচন। ২ নিয়োজন।

প্রণোদনা /প্রোনোদোনা/ [স. প্রণোদন+আ] বি. দ্র প্রণোদন।

প্রণোদিত /প্রোনোদিতো/ [স. প্র+√নোদি+ত] বিণ. প্রণোদনাপ্রাপ্ত, প্রেরণাপ্রাপ্ত।

প্রতত /প্রোততো/ [স. প্র+√তন্+ত] বিণ. ১ বিস্তীর্ণ।

www.pathagar.com

প্রচার করা হয়েছে এমন; সর্বসাধারণ্যে বিজ্ঞাপিত।

প্রচার্য /প্রোচারজো/ [স. প্রচার+য] বিণ. প্রচারযোগ্য।

প্রচিত /প্রোচিতো/ [স. প্র+√চি+ত] বিণ. ১ সংগৃহীত। ২ সঞ্চিত। ৩ রাশিকৃত। ৪ বৃদ্ধিপ্রাপ্ত।

প্রচীয়মান /প্রোচিয়োমান্/ [স. প্র+√চি+মান (শানচ্)] বিণ. বর্ধিত হচ্ছে এমন; উপচীয়মান।

প্রচুর /প্রোচুর্/ [স. প্র+√চুর্+অ] বিণ. ঢের, পর্যাপ্ত।

প্রচেতা /প্রোচেতা/ [স. প্র+চেতস্] বিণ. ১ প্রশস্ত-চিত্ত। ২ প্রজ্ঞাবান। ৩ হৃষ্ট; প্রশান্তচিত্ত। বি. ১ জলদেবতা বরুণ। ২ সমুদ্র। ৩ প্রজাপতিবিশেষ।

প্রচেয় /প্রোচেয়ো/ [স. প্র+√চি+য] বিণ. ১ চয়ন করা যায় এমন। ২ গ্রহণযোগ্য।

প্রচেষ্টা /প্রোচেশ্টা/ [স. প্র+চেষ্টা] বি. ১ বিশেষ চেষ্টা, প্রয়াস। ২ অধ্যবসায়। ৩ প্রচুর উদ্যম।

প্রচ্ছদ /প্রোচ্ছদ্/ [স. প্র+√ছাদি+অ] বি. ১ বইয়ের মলাট। ২ আবরণ, আচ্ছাদন; ঢাকনি।

প্রচ্ছদপট /প্রোচ্ছদ্‌পট্/ [স. প্রচ্ছদ+পট] বি. আচ্ছাদন বা মলাটের কাগজ; বইয়ের মলাট।

প্রচ্ছন্ন /প্রোচ্ছন্নো/ [স. প্র+√ছাদি+ত] বিণ. ১ আবৃত, ঢাকা। ২ অব্যক্ত। ৩ লুক্কায়িত। স্ত্রী. প্রচ্ছন্না /প্রোচ্ছন্না/।

প্রচ্ছন্নতা /প্রোচ্ছন্নোতা/ [স. প্রচ্ছন্ন+তা] বি. ১ রাখঢাক, গোপনতা। ২ আবৃত অবস্থা।

প্রচ্ছন্ন বেশ /প্রোচ্ছন্নো বেশ্/ বি. ছদ্মবেশ।

প্রচ্ছাদন /প্রোচ্ছাদোন্/ [স. প্র+√ছাদি+অন] বি. ১ আবরণবস্ত্র। ২ উত্তরীয়, চাদর।

প্রচ্ছাদিত /প্রোচ্ছাদিতো/ [স. প্র+√ছাদি+ত] বিণ. ঢাকা, আচ্ছাদিত।

প্রচ্ছায় /প্রোচ্ছায়্/ [স. প্র+ছায়া] বি. ঘন ছায়া; ছায়াঢাকা স্থান।

প্রচ্ছায়া /প্রোচ্ছায়া/ [স. প্র+ছায়া] বি. নিবিড় ছায়াঢাকা স্থান; পূর্ণ গ্রহণের সময় পৃথিবী বা চাঁদের ছায়াপাত; (পরি.) umbra।

প্রজ /প্রোজো/ [স. প্র+√জন্+অ] বি. পতি, স্বামী।

প্রজন /প্রোজন্/ [স. প্র+√জনি+অ] বি. গবাদি-পশুর গর্ভসঞ্চার, breeding।

প্রজনন /প্রোজনোন্/ [স. প্র+√জনি+অন] বি. ১ সন্তান উৎপাদন। ২ জন্মদান। ৩ গর্ভধারণ।

প্রজনিকা /প্রোজোনিকা/ [স. প্র+√জনি+কন্+আ (টাপ্)] বি. মাতা।

প্রজন্ম /প্রোজন্মো/ [স. প্র+জন্ম] বি. অভিন্ন সময়ে জন্মগ্রহণ করেছে এমন ব্যক্তিবর্গ, সামসময়িক ব্যক্তিবর্গ (*বর্তমান প্রজন্ম*), generation।

প্রজা /প্রোজা/ [স. প্র+√জন্+অ+আ (টাপ্)] বি. ১ রাষ্ট্রের অন্তর্গত জনগণ। ২ জমিদারির রায়ত। ৩ সন্তানসন্ততি (*প্রজাবতী*)। ৪ জীবসমূহ।

প্রজাত /প্রোজাতো/ [স. প্র+জাত] বিণ. উৎপন্ন; উদ্ভূত। স্ত্রী. প্রজাতা /প্রোজাতা/।

প্রজাতন্ত্র /প্রোজাতন্ত্রো/ [স. প্রজা+তন্ত্র] বি. জনগণের নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা রাষ্ট্রশাসন ব্যবস্থা বা শাসিত রাষ্ট্র, republic।

প্রজাতন্ত্রী /প্রোজাতোন্ত্রি/ [স. প্রজাতন্ত্র+ইন্] বিণ. প্রজাতন্ত্রের আইনদ্বারা শাসিত।

প্রজাতি /প্রোজাতি/ [স. প্র+√জন্+তি] বি. প্রাণিকুল বা উদ্ভিদের শ্রেণিবিশেষ, species।

প্রজাপতি /প্রোজাপোতি/ [স. প্রজা+√পা+অতি] বি. ১ জীবের পালক, বিধাতা। ২ পুরাণোক্ত ব্রহ্মার দশজন মানসপুত্র (মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু দক্ষ বশিষ্ঠ ভৃগু ও নারদ)। ৩ (বাংলায়) বিচিত্রবর্ণের ডানাবিশিষ্ট পতঙ্গবিশেষ।

প্রজাপতির নির্বন্ধ /প্রোজাপোতির্ নির্‌বন্‌ধো/ বি. (বিবাহবিষয়ে) বিধাতার বিধান।

প্রজাপীড়ন /প্রোজাপিড়ন্/ [স. প্রজা+পীড়ন] বি. প্রজাদের ওপর বলপ্রয়োগ।

প্রজাবতী /প্রোজাবোতি/ [স. প্রজা+বৎ+ঈ] বিণ. সন্তানবতী। বি. ভ্রাতৃবধূ।

প্রজাবিলি /প্রোজাবিলি/ [স. প্রজা+বা. বিলি] বি. (অধুনালুপ্ত) নির্দিষ্ট খাজনার বিনিময়ে জমিদার কর্তৃক প্রজাকে প্রদত্ত জমির বন্দোবস্ত।

প্রজাবৃদ্ধি /প্রোজাবৃদ্ধি/ [স. প্রজা+√বৃধ্+তি] বি. ১ বংশবৃদ্ধি। ২ জনসংখ্যাবৃদ্ধি।

প্রজায়িনী /প্রোজায়িনি/ [স. প্র+√জন্+ইন্+ঈ] বি. মাতা, জননী; প্রসবকারিণী।

প্রজারঞ্জক /প্রোজারন্‌জক্/ [স. প্রজা+রঞ্জক] বিণ. (যে রাজা) প্রজাহিতকর কাজ করে এমন। বি. যে নৃপতি প্রজাদের প্রিয়।

প্রজাশক্তি /প্রোজাশোক্তি/ [স. প্রজা+√শক্+তি] বি. প্রজাগণের সম্মিলিত বল।

–প্রজ্ঞ /প্রোগ্‌গোঁ/ [স. প্র+√জ্ঞা+অ] বিণ. প্রজ্ঞাযুক্ত, জ্ঞানবান, বিচক্ষণ, পন্ডিত (*স্থিতপ্রজ্ঞ*)।

প্রজ্ঞপ্তি /প্রোগ্‌গোঁপ্তি/ [স. প্র+√জ্ঞপি+তি] বি. সম্যক জ্ঞাতকরণ, বিজ্ঞপ্তি।

প্রজ্ঞা /প্রোগ্‌গাঁ/ [স. প্র+√জ্ঞা+অ+আ (টাপ্)] বি. প্রগাঢ় জ্ঞান; তত্ত্বজ্ঞান।

প্রজ্ঞাচক্ষু /প্রোগ্‌গাঁচোক্‌খু/ [স. প্রজ্ঞা+চক্ষুঃ] বি. ১

www.pathagar.com

প্রক্ষেপণীয় /প্রোক্‌খেপোনিয়ো/ [স. প্র+√ক্ষিপ্+অনীয়] বিণ. প্রক্ষেপণের যোগ্য।

প্রক্ষোভ /প্রোক্‌খোভ্/ [স. প্র+ক্ষোভ] বি. ভাবাবেগ; আবেগ; উচ্ছ্বাস, emotion।

প্রখর /প্রোখর্/ [স. প্র+খর] বিণ. ১ তীব্র (*প্রখর আলো*)। ২ ধারালো।

প্রখরতা /প্রোখরোতা/ [স. প্রখর+তা] বি. তীব্রতা।

প্রখরত্ব /প্রোখরোত্‌তো/ [স. প্রখর+ত্ব] বি. দ্র প্রখরতা।

প্রখ্যাত /প্রোক্‌খ্যাতো/ [স. প্র+√খ্যা+ত] বিণ. প্রসিদ্ধ, যশস্বী। স্ত্রী. প্রখ্যাতা /প্রোক্‌খ্যাতা/।

প্রখ্যাতনামা /প্রোক্‌খ্যাতোনামা/ [স. প্রখ্যাত+নামন্] বিণ. স্বনামখ্যাত, প্রসিদ্ধ।

প্রখ্যাপক /প্রোক্‌খ্যাপোক্/ [স. প্র+√খ্যাপি+অক] বিণ. প্রচারক; ঘোষক।

প্রখ্যাপন /প্রোক্‌খ্যাপোন্/ [স. প্র+√খ্যাপি+অন] বি. প্রচারণা; ঘোষণা।

প্রখ্যাপিত /প্রোক্‌খ্যাপিতো/ [স. প্র+√খ্যাপি+ত] বিণ. ঘোষিত; প্রচারিত।

প্রগণ্ড /প্রোগন্‌ডো/ [স. প্র+গণ্ড] বি. কাঁধ থেকে কনুই পর্যন্ত বাহুর অংশ।

প্রগত /প্রোগতো/ [স. প্র+√গম্+ত] বিণ. ১ প্রস্থিত। ২ অগ্রে গমনকারী। ৩ প্রয়াত। ৪ পৃথক্‌কৃত।

প্রগতি /প্রোগোতি/ [স. প্র+√গম্+তি] বি. ১ অগ্রগতি; সমৃদ্ধি। ২ ক্রমোন্নতি। ৩ (গ.) নির্দিষ্ট নিয়মে ক্রমবর্ধমান সংখ্যার শ্রেণি; (পরি.) progression।

প্রগতিকামী /প্রোগোতিকামি/ [স. প্রগতি+√কাম্+ইন্] বিণ. দ্র প্রগতিপন্থি।

প্রগতিপন্থি /প্রোগোতিপোন্থি/ [স. প্রগতি+হি. পন্থি] বিণ. বর্তমানের পরিবর্তন ও উৎকর্ষসাধনের আকাঙ্ক্ষাযুক্ত, অগ্রগতিকামী, উন্নয়নকামী।

প্রগতিবাদী /প্রোগোতিবাদি/ [স. প্রগতি+√বদ্+ইন্] বিণ. দ্র প্রগতিপন্থি।

প্রগতিশীল /প্রোগোতিশিল্/ [স. প্রগতি+শীল] বিণ. ১ উন্নয়নকামী। ২ সংস্কারমুক্ত। স্ত্রী. প্রগতিশীলা /প্রোগোতিশিলা/।

প্রগমন /প্রোগমোন্/ [স. প্র+√গম্+অন] বি. ১ দূরে গমন। ২ ক্রমোন্নতি। ৩ সম্প্রসারণ।

প্রগল্‌ভ /প্রোগল্‌ভো/ [স. প্র+√গল্‌ভ্+অ] বিণ. ১ বাচাল। ২ দাম্ভিক, উদ্ধত। ৩ সপ্রতিভ। ৪ নির্ভীক। স্ত্রী. প্রগল্‌ভা /প্রোগল্‌ভা/।

প্রগল্‌ভতা /প্রোগল্‌ভোতা/ [স. প্র+√গল্‌ভ্+অ+তা] বি. ১ বাচালতা। ২ দাম্ভিকতা। ৩ নির্ভীকতা।

প্রগাঢ় /প্রোগাঢ়ো/ [স. প্র+গাঢ়] বিণ. ১ অত্যন্ত গাঢ়, ঘন। ২ গভীর, নিবিড়। বি. ~তা /-তা/।

প্রগুণ /প্রোগুন্/ [স. প্র+গুণ] বিণ. ১ বিশেষ গুণের অধিকারী। ২ অত্যন্ত দক্ষ।

প্রগ্রহ /প্রোগ্‌গ্রোহো/ [স. প্র+√গ্রহ্+অ] বি. ১ লাগাম, বল্‌গা। ২ বাঁধার দড়ি। ৩ বন্ধন। ৪ অবলম্বন।

প্রগ্রাহ /প্রোগ্‌গ্রাহো/ [স. প্র+√গ্রহ্+অ] বি. দ্র প্রগ্রহ।

প্রঘাত /প্রোঘাত্/ [স. প্র+√হন্+অ] বি. প্রচণ্ড আঘাত; প্রত্যাঘাত।

প্রচণ্ড /প্রোচন্‌ডো/ [স. প্র+√চণ্ড্+অ] বিণ. ১ প্রখর। ২ প্রবল। ৩ অসহ্য। বি. ~তা /-তা/।

প্রচণ্ডমূর্তি /প্রোচন্‌ডোমুর্‌তি/ [স. প্রচণ্ড+√মূর্চ্ছ্+তি] বিণ. উগ্রমূর্তি; অতিশয় রাগান্বিত বা ক্ষুব্ধ।

প্রচয় /প্রোচয়্/ [স. প্র+√চি+অ] বি. ১ চয়ন। ২ সঞ্চয়। ৩ রাশি, সমূহ; স্তূপ। ৪ উন্নতি; আধিক্য।

প্রচর /প্রোচর্/ [স. প্র+√চর্+অ] বি. ১ মার্গ। ২ গমন। ৩ প্রসিদ্ধি। ৪ প্রকাশ। ৫ ব্যাপ্তি।

প্রচল /প্রোচল্/ [স. প্র+√চল্+অ] বিণ. প্রচলিত, চালু; প্রবর্তিত। বি. প্রচলিত প্রথা।

প্রচলন /প্রোচলোন্/ [স. প্র+√চল্+অন] বি. ১ প্রবর্তন। ২ চলন। ৩ প্রচার। ৪ (বাংলায়) ব্যবহার।

প্রচলিত /প্রোচোলিতো/ [স. প্র+√চল্+ত] বিণ. চালু, চলিত (*প্রচলিত প্রথা*); প্রবর্তিত।

প্রচার /প্রোচার্/ [স. প্র+√চর্+অ] বি. ১ সর্বসাধারণকে অবহিতকরণ, ঘোষণা। ২ প্রকাশ; বিজ্ঞপ্তি। ৩ রটনা। ৪ প্রচলন।

প্রচারক /প্রোচারক্/ [স. প্র+√চারি+অক] বি. বিণ. প্রচারকারী।

প্রচারণ /প্রোচারোন্/ [স. প্র+√চারি+অন] বি. দ্র প্রচারণা।

প্রচারণা /প্রোচারোনা/ [স. প্রচারণ+আ] বি. প্রচার; বিজ্ঞাপন।

প্রচারনির্ভর /প্রোচারনির্‌ভর্/ [স. প্রচার+নির্ভর] বিণ. প্রচারের ওপর নির্ভরশীল।

প্রচারপত্র /প্রোচারপত্‌ত্রো/ [স. প্রচার+পত্র] বি. ঘোষণাপত্র।

প্রচারবিমুখ /প্রোচারবিমুখ্/ [স. প্রচার+বিমুখ] বিণ. প্রচারে আগ্রহী নয় এমন, অন্তর্মুখী।

প্রচারমাধ্যম /প্রোচারমাদ্‌ধোম্/ [স. প্রচার+মাধ্যম] বি. বেতার টেলিভিশন সংবাদপত্র প্রভৃতি মাধ্যম।

প্রচারযন্ত্র /প্রোচারজন্‌ত্রো/ [স. প্রচার+যন্ত্র] বি. দ্র প্রচারমাধ্যম।

প্রচারিত /প্রোচারিতো/ [স. প্র+√চারি+ত] বিণ.

www.pathagar.com

পাহাড় পর্বত নদী গাছ ফুল ফল পশু পাখি প্রভৃতির প্রতি অনুরাগ; প্রকৃতির আরাধনা।

প্রকৃতিপ্রত্যয় /প্রোকৃতিপ্রোত্তয়/ [স. প্রকৃতি+প্রত্যয়] বি. শব্দ বা ধাতুর বিভক্তি ও প্রত্যয়।

প্রকৃতিপ্রেম /প্রোকৃতিপ্রেম্/ [স. প্রকৃতি+প্রেম] বি. নিসর্গের প্রতি অনুরাগ।

প্রকৃতিপ্রেমিক /প্রোকৃতিপ্রেমিক্/ [স. প্রকৃতি+প্রেমিক] বিণ. প্রকৃতিকে ভালোবাসে এমন।

প্রকৃতিপ্রেমী /প্রোকৃতিপ্রেমি/ [স. প্রকৃতিপ্রেম+ইন্] বিণ. দ্র প্রকৃতিপ্রেমিক।

প্রকৃতিবাদ /প্রোকৃতিবাদ্/ [স. প্রকৃতি+√বদ্+অ] বি. ১ প্রকৃতিদ্বারা জগতের সৃষ্টি ও বিনাশ সাধিত হয় এমন মতবাদ। ২ জড়তত্ত্ব। ৩ (ব্যা.) শব্দের মূল ও অর্থবিচার।

প্রকৃতিবিজ্ঞান /প্রোকৃতিবিগ্‌গ্যান্/ [স. প্রকৃতি+বিজ্ঞান] বি. পদার্থবিজ্ঞান, physics।

প্রকৃতিবিরুদ্ধ /প্রোকৃতিবিরুদ্‌ধো/ [স. প্রকৃতি+বি+√রুধ্+ত] বিণ. স্বভাবের অনুকূল নয় এমন।

প্রকৃতিসিদ্ধ /প্রোকৃতিশিদ্‌ধো/ [স. প্রকৃতি+√সিধ্+ত] বিণ. স্বভাব থেকে জাত, স্বাভাবিক।

প্রকৃতিস্থ /প্রোকৃতিস্‌থো/ [স. প্রকৃতি+√স্থা+অ] বিণ. ১ স্বাভাবিক অবস্থায় আগত। ২ প্রশমিত।

প্রকৃষ্ট /প্রোকৃশ্‌টো/ [স. প্র+√কৃষ্+ত] বিণ. উত্তম, শ্রেষ্ঠ, পরম; প্রশস্ত। স্ত্রী. প্রকৃষ্টা /প্রোকৃশ্‌টা/।

প্রকৃষ্টতা /প্রোকৃশ্‌টোতা/ [স. প্রকৃষ্ট+তা] বি. শ্রেষ্ঠত্ব।

প্রকৃষ্টত্ব /প্রোকৃশ্‌টোত্তো/ [স. প্রকৃষ্ট+ত্ব] বি. দ্র প্রকৃষ্টতা।

প্রকোপ /প্রোকোপ্/ [স. প্র+√কুপ্+অ] বি. ১ মহা-ক্রোধ। ২ (বাংলায়) আধিক্য (*রোগের প্রকোপ*)।

প্রকোপন /প্রোকোপোন্/ [স. প্র+√কুপ্+অন] বি. ১ উত্তেজন। ২ ক্রোধন। ৩ বর্ধন।

প্রকোপিত /প্রোকোপিতো/ [স. প্র+√কোপি+ত] বিণ. ১ অত্যন্ত রুষ্ট; উত্তেজিত। ২ বৃদ্ধিপ্রাপ্ত।

প্রকোষ্ঠ /প্রোকোশঠো/ [স. প্র+√কুষ্+থ] বি. ১ ঘর, কক্ষ। ২ গৃহের অভ্যন্তর। ৩ দরজার পার্শ্বস্থ কক্ষ। ৪ হাতের কনুই থেকে কবজি পর্যন্ত অংশ।

প্রকৌশল /প্রোকৌড়্‌শল্/ [স. প্র+কৌশল] বি. ১ বল বা শক্তির প্রয়োগ ও নিয়ন্ত্রণসংক্রান্ত ফলিত শাস্ত্র, প্রযুক্তিবিদ্যা, engineering। ২ কর্মকৌশল।

প্রকৌশলগত /প্রোকৌড়্‌শলগতো/ [স. প্রকৌশল+গত] বিণ. প্রযুক্তিসংক্রান্ত; technical।

প্রকৌশলী /প্রোকৌড়্‌শোলি/ [স. প্রকৌশল+ঈ] বি. প্রকৌশলের বিশেষ কোনো শাখায় অভিজ্ঞ ব্যক্তি, প্রযুক্তিবিদ, engineer (*পূর্ত প্রকৌশলী*)।

প্রক্বণ /প্রোক্‌কন্/ [স. প্র+√ক্বণ্+অ] বি. বীণার ঝংকার, বীণার ধ্বনি।

প্রক্রয় /প্রোক্‌ক্রয়/ [স. প্র+ক্রয়] বি. নির্দিষ্ট সময়ের জন্য উড়োজাহাজ জলযান প্রভৃতি ভাড়ায় গ্রহণ, charter।

প্রক্রিয়া /প্রোক্‌ক্রিআ/ [স. প্র+√কৃ+অ+আ (টাপ্)] বি. ১ কর্মসাধনের প্রণালি। ২ গ্রন্থের বিশেষ অধ্যায়। ৩ প্রবহমান ধারা (*সাংস্কৃতিক প্রক্রিয়া*)। ৪ (বাংলায়) কর্মসম্পাদনের নিমিত্ত তান্ত্রিক ক্রিয়া।

প্রক্রিয়াজাত /প্রোক্‌ক্রিআজাতো/ [স. প্রক্রিয়া+জাত] বিণ. নির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে কাঁচামাল থেকে উৎপাদিত; (পরি.) processed।

প্রক্রিয়াজাতকরণ /প্রোক্‌ক্রিআজাতোকরোন্/ [স. প্রক্রিয়াজাত+√কৃ+অন] বি. নির্দিষ্ট পদ্ধতি অনুসরণ করে কাঁচামাল থেকে পণ্য উৎপাদন; (পরি.) processing।

প্রক্রীত /প্রোক্‌ক্রিতো/ [স. প্র+√ক্রী+ত] বিণ. (বিমান জলযান প্রভৃতি) নির্দিষ্ট সময়ের জন্য ভাড়া নেওয়া হয়েছে এমন, chartered।

প্রক্ষালক /প্রোক্‌খালোক্/ [স. প্র+√ক্ষালি+অক] বিণ. ধৌতকারী।

প্রক্ষালন /প্রোক্‌খালোন্/ [স. প্র+√ক্ষালি+অন] বি. ধৌতকরণ।

প্রক্ষালিত /প্রোক্‌খালিতো/ [স. প্র+√ক্ষালি+ত] বিণ. ধুয়ে পরিষ্কার করা হয়েছে এমন।

প্রক্ষিপ্ত /প্রোক্‌খিপ্‌তো/ [স. প্র+√ক্ষিপ্+ত] বিণ. ১ ছুড়ে ফেলা হয়েছে এমন, নিক্ষিপ্ত। ২ অভ্যন্তরে স্থাপিত। ৩ অপ্রয়োজনীয় (*পুতুলনাচের ইতিকথার সে কাহিনী প্রক্ষিপ্ত— মানিক.*)। বি. মূল রচনায় লেখক ভিন্ন অন্যের রচিত পাঠ।

প্রক্ষুব্ধ /প্রোক্‌খুব্‌ধো/ [স. প্র+√ক্ষুভ্+ত] বিণ. অত্যন্ত ক্ষুব্ধ, উত্তেজিত।

প্রক্ষেপ /প্রোক্‌খেপ্/ [স. প্র+√ক্ষিপ্+অ] বি. ১ নিক্ষেপ। ২ অন্তরে স্থাপন। ৩ বিন্যাস। ৪ মূল রচনায় লেখক ভিন্ন অন্যের রচিত সন্নিবিষ্ট অংশ, interpolation।

প্রক্ষেপক /প্রোক্‌খেপক্/ [স. প্র+√ক্ষিপ্+অক] বি. বিণ. প্রক্ষেপণকারী।

প্রক্ষেপণ /প্রোক্‌খেপন্/ [স. প্র+√ক্ষিপ্+অন] বি. প্রক্ষিপ্তকরণ।

www.pathagar.com

অন্য প্রকার, ভিন্ন প্রকার; অন্য রীতি।

প্রকারান্তরে /প্রোকারান্‌তরে/ [স. প্রকারান্তর+বা. এ] ক্রিবিণ. পরোক্ষভাবে, কৌশলে।

প্রকাশ /প্রোকাশ্‌/ [স. প্র+√কাশ্‌+অ] বি. ১ প্রকটন, প্রদর্শন; ব্যঞ্জনা; ব্যক্তকরণ (*দুঃখপ্রকাশ*)। ২ উদয়; বিকাশ (*চন্দ্রের প্রকাশ*)। ৩ প্রস্ফুটন। ৪ সাধারণের সম্মুখে প্রচার (*গোপন বিষয় প্রকাশ*)। ৫ গ্রন্থাদির মুদ্রণ ও বিপণন (*গ্রন্থপ্রকাশ*)।

প্রকাশক /প্রোকাশক্‌/ [স. প্র+√কাশি+অক] বিণ. প্রকাশকর্তা। বি. যে ব্যক্তি বা প্রতিষ্ঠান পুস্তক সাময়িকী সংবাদপত্র প্রভৃতি প্রকাশ করে, publisher। স্ত্রী. প্রকাশিকা /প্রোকাশিকা/।

প্রকাশক্ষমতা /প্রোকাশ্‌খমোতা/ [স. প্রকাশ+ক্ষমতা] বি. কথা বা লেখায় কোনোকিছু ব্যক্ত করার ক্ষমতা।

প্রকাশন /প্রোকাশন্‌/ [স. প্র+√কাশ্‌+অন] বি. পুস্তক সংবাদপত্র সাময়িকী প্রভৃতি প্রকাশকরণ।

প্রকাশনা /প্রোকাশনা/ [স. প্রকাশন+আ (টাপ্‌)] বি. দ্র প্রকাশন।

প্রকাশনালয় /প্রোকাশনালয়্‌/ [স. প্রকাশন+আলয়] বি. প্রকাশনাসংস্থা।

প্রকাশনীয় /প্রোকাশোনিয়ো/ [স. প্র+√কাশ্‌+অনীয়] বিণ. প্রকাশ করার উপযুক্ত, প্রকাশযোগ্য।

প্রকাশভঙ্গি /প্রোকাশ্‌ভোংগি/ [স. প্রকাশ+√ভনজ্‌+ই] বি. কোনোকিছু ব্যক্ত করার নিজস্ব রীতি।

প্রকাশভঙ্গিমা /প্রোকাশ্‌ভোংগিমা/ [স. প্রকাশ+ভঙ্গ+ইমন্‌] বি. প্রকাশশৈলী।

প্রকাশমান /প্রোকাশোমান্‌/ [স. প্রকাশ+মান (শানচ্‌)] বিণ. ১ প্রকাশিত হচ্ছে এমন; প্রকাশ পাচ্ছে এমন। ২ পরিস্ফুট; স্পষ্ট; বিশদ।

প্রকাশশক্তি /প্রোকাশ্‌শোক্‌তি/ [স. প্রকাশ+শক্তি] বি. কথা বা লেখায় কোনোকিছু ব্যক্ত করার ক্ষমতা।

প্রকাশিত /প্রোকাশিতো/ [স. প্র+√কাশি+ত] বিণ. প্রকাশ করা হয়েছে এমন।

প্রকাশিতব্য /প্রোকাশিতোব্‌বো/ [স. প্র+√কাশি+তব্য] বিণ. ১ প্রকাশযোগ্য। ২ প্রকাশিত হবে এমন।

প্রকাশ্য /প্রোকাশ্‌শো/ [স. প্র+√কাশি+য] বিণ. ১ প্রকাশের যোগ্য। ২ প্রকাশিত হবে এমন (*ক্রমশ প্রকাশ্য*)। ৩ খোলাখুলি (*প্রকাশ্য সভা*)। ৪ জনসমক্ষে সংঘটিত (*প্রকাশ্য দিবালোকে*)।

প্রকাশ্যত /প্রোকাশ্‌শোতো/ [স. প্রকাশ্য+তস্‌] ক্রিবিণ. দ্র প্রকাশ্যে।

প্রকাশ্য দিবালোকে /প্রোকাশ্‌শো দিবালোকে/ ক্রিবিণ. দিনের বেলায় ও জনসমক্ষে।

প্রকাশ্যে /প্রোকাশ্‌শে/ [স. প্রকাশ্য+বা. এ] ক্রিবিণ. সাধারণের সম্মুখে (*প্রকাশ্যে বলা*)।

প্রকীর্ণ /প্রোকির্‌নো/ [স. প্র+√কৃ+ত] বিণ. ১ বিস্তৃত; বিকীর্ণ; বিক্ষিপ্ত। ২ উচ্ছৃঙ্খল। ৩ বিবিধ।

প্রকীর্তি /প্রোকির্‌তি/ [স. প্র+কীর্তি] বি. যশ, খ্যাতি, প্রসিদ্ধি।

প্রকীর্তিত /প্রোকির্‌তিতো/ [স. প্রকীর্তি+ত] বিণ. ১ বিশেষভাবে খ্যাতি প্রচার করা হয়েছে এমন। ২ যশস্বী ও খ্যাতিমান।

প্রকুপিত /প্রোকুপিতো/ [স. প্র+√কোপি+ত] বিণ. অত্যন্ত রুষ্ট। স্ত্রী. প্রকুপিতা /প্রোকুপিতা/।

প্রকৃত /প্রোকৃতো/ [স. প্র+√কৃ+ত] বিণ. সত্য; আসল, যথার্থ, বিশুদ্ধ। বি. ~তা /-তা/।

প্রকৃতত্ব /প্রোকৃতত্‌তো/ [স. প্রকৃত+ত্ব] বি. প্রকৃত অবস্থা, সত্যতা, যাথার্থ্য, খাঁটিত্ব।

প্রকৃতপক্ষে /প্রোকৃতোপোক্‌খে/ [স. প্রকৃতপক্ষ+বা. এ] ক্রিবিণ. আসলে; যথার্থভাবে; বস্তুত।

প্রকৃতপ্রস্তাবে /প্রোকৃতোপ্রোস্‌তাবে/ [স. প্রকৃত+প্রস্তাব+বা. এ] ক্রিবিণ. দ্র প্রকৃতপক্ষে।

প্রকৃতার্থ /প্রোকৃতার্‌থো/ [স. প্রকৃত+অর্থ] বি. যথার্থ অর্থ; অন্তর্নিহিত তাৎপর্য; গূঢ় মর্মার্থ।

প্রকৃতি /প্রোকৃতি/ [স. প্র+√কৃ+তি] বি. ১ স্বভাব; চরিত্র; আচার-আচরণ; ব্যবহার (*মন্দপ্রকৃতি*)। ২ স্বাভাবিক গুণ; ধর্ম (*বস্তুপ্রকৃতি*)। ৩ নিসর্গ (*প্রকৃতির শোভা*)। ৪ নারী। ৫ মায়া; অবিদ্যা। ৬ সৃষ্টির মূল বা আদি কারণ, আদ্যাশক্তি। ৭ সত্ত্ব রজঃ ও তমঃ গুণের আধার। ৮ প্রজাপুঞ্জ (*প্রকৃতি-রঞ্জন*)। ৯ (ব্যা.) বিভক্তিহীন ধাতু বা শব্দ।

প্রকৃতিগত /প্রোকৃতিগতো/ [স. প্রকৃতি+গত] বিণ. স্বভাবগত; স্বভাবসিদ্ধ।

প্রকৃতিজ /প্রোকৃতিজো/ [স. প্রকৃতি+√জন্‌+অ] বিণ. ১ স্বভাবজাত। ২ নৈসর্গিক, প্রাকৃতিক।

প্রকৃতিজাত /প্রোকৃতিজাতো/ [স. প্রকৃতি+জাত] বিণ. দ্র প্রকৃতিজ।

প্রকৃতিদত্ত /প্রোকৃতিদত্‌তো/ [স. প্রকৃতি+দত্ত] বিণ. দ্র প্রকৃতিজ।

প্রকৃতিপাঠ /প্রোকৃতিপাঠ্‌/ [স. প্রকৃতি+পাঠ] বি. পাঠ্য বিষয়রূপে উদ্ভিদ প্রাণী পরিবেশ প্রভৃতি অধ্যয়ন; (পরি.) nature study।

প্রকৃতিপূজা /প্রোকৃতিপুজা/ [স. প্রকৃতি+পূজা] বি.

www.pathagar.com

ব্যবহৃত উগ্রগন্ধ হাইড্রোকার্বনবিশেষ, phenyl।

ফিনিক /ফিনিক্/ [ধ্বন্যা.] বি. উজ্জ্বলতা, প্রভা।

ফিরতি /ফির্‌তি/ [বা.] বিণ. ফেরত এসেছে এমন (*ফিরতি ট্রেন*)। বি. ১ যা ফিরেছে। ২ প্রত্যাগমন। ক্রিবিণ. প্রত্যাবর্তনকালে (*ফিরতিপথে*)।

ফিরদৌস /ফির্‌দৌস্/ [আ.] বি. বেহেশ্‌তের উচ্চতম শ্রেণি।

ফিরনি /ফির্‌নি/ [ফা.] বি. চাল দুধ চিনি প্রভৃতি সহযোগে রাঁধা পায়েস।

ফিরা /ফিরা/ [বা.] ক্রিবি. 'ফেরা'-র সাধু রূপ।

ফিরাই /ফিরাই/ [বা.] বি. নববধূর শ্বশুরালয় থেকে পিতৃগৃহে প্রত্যাবর্তনের সংস্কার।

ফিরানো /ফিরানো/ [বা.] ক্রিবি. বিণ. 'ফেরানো'-র সাধু রূপ।

ফিরাফিরি /ফিরাফিরি/ [বা.] বি. বারবার বদল।

ফিরিঙ্গি /ফিরিংগি/ [ফা.] বি. ১ ইউরোপীয় জাতি। ২ ভারতীয় ও ইউরোপীয় সংমিশ্রণে জাত বর্ণসংকর জাতিবিশেষ, ইউরেশীয় জাতি।

ফিরিস্তি /ফিরিস্‌তি/ [ফা.] বি. ১ ফর্দ। ২ সূচিপত্র।

ফিরে /ফিরে/ [বা.] ক্রিবিণ. আবার। বিণ. পরবর্তী।

ফিরোজা /ফিরোজ্‌া/ [ফা.] বি. ১ হালকা নীলাভ মণিবিশেষ। ২ আকাশি নীল বর্ণ। বিণ. নীলাভ।

ফিলটার /ফিল্‌টার্/ [ই.] বি. তরল পদার্থ বা বায়ু শোধনের জন্য ব্যবহৃত ছাঁকনিবিশেষ, filter।

ফিলহাল /ফিল্‌হাল্/ [আ.] বি. বর্তমান অবস্থা, হালহকিকত। ক্রিবিণ. বর্তমানে, সম্প্রতি।

ফিল্‌ম /ফিল্‌ম্/ [ই.] বি. ১ ছবি তোলার জন্য ব্যবহৃত আলোকসংবেদী পদার্থের প্রলেপযুক্ত কাচ বা প্লাস্টিকের স্বচ্ছ পর্দা। ২ চলচ্চিত্র, সিনেমা।

ফিল্ড মার্শাল /ফিল্‌ড্ মার্‌শাল্/ বি. সেনাবিভাগের সর্বোচ্চ পদে অধিষ্ঠিত অধিনায়ক, field marshal।

ফিসফিস /ফিশ্‌ফিশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. চুপিচুপি কথা বলার শব্দ; চাপা বা মৃদু স্বরে কথাবার্তা।

ফিসফিসানি /ফিশ্‌ফিশানি/ [ধ্বন্যা.] বি. কোনো গোপন বিষয় অনুচ্চস্বরে আলোচনা; ষড়যন্ত্রমূলক কথাবার্তা।

ফিসফিসিয়ে /ফিশ্‌ফিশিয়ে/ [ধ্বন্যা.] ক্রিবিণ. ফিসফিস করে।

ফুঁ /ফুঁ/ [স. ফুৎকার >] বি. ঠোঁট গোল করে মুখ থেকে সবেগে নির্গত বায়ু, ফুৎকার।

ফুঁক /ফুঁক্/ [স. ফুৎকার >] বি. ১ মন্ত্রপাঠ করে ফুৎকার। ২ ফুঁ।

ফুঁকা /ফুঁকা/ [স. ফুৎকার >] ক্রিবি. 'ফোঁকা'-র সাধু রূপ।

ফুঁড়া /ফুঁড়া/ [প্রাকৃ.] ক্রিবি. ভেদ করা, বিদ্ধ করা; ছিদ্র করা।

ফুঁড়ানো /ফুঁড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ বেঁধানো (*কান ফুঁড়ানো*); ছিদ্র করানো। ২ 'ফোঁড়ানো'-র সাধু রূপ।

ফুঁড়াফুঁড়ি /ফুঁড়াফুঁড়ি/ [বা.] বি. বারবার বিদ্ধকরণ; 'ফোঁড়াফুঁড়ি'-র সাধু রূপ।

ফুঁপা /ফুঁপা/ [ধ্বন্যা.] ক্রিবি. গুমরে কাঁদা বা ক্ষোভ প্রকাশ করা।

ফুঁপানি /ফুঁপানি/ [ধ্বন্যা.] বি. চাপা কান্না; 'ফোঁপানি'-র সাধু রূপ।

ফুঁপানো /ফুঁপানো/ [ধ্বন্যা.] ক্রিবি. ফুঁপিয়ে কাঁদা; 'ফোঁপানো'-র সাধু রূপ।

ফুঁসা /ফুঁশা/ [ধ্বন্যা.] ক্রিবি. ১ ফোঁস শব্দ করা। ২ চাপা গর্জন করা; চাপা গর্জন-সহ ফুলে ওঠা।

ফুঁসানি /ফুঁশানি/ [ধ্বন্যা.] বি. আক্রোশজনিত চাপা গর্জন; 'ফোঁসানি'-র সাধু রূপ।

ফুঁসানো /ফুঁশানো/ [ধ্বন্যা.] ক্রিবি. আক্রোশজনিত চাপা গর্জন করা; 'ফোঁসানো'-র সাধু রূপ।

ফুক /ফুক্/ [ধ্বন্যা.] অব্য. অতি দ্রুততার ভাব।

ফুকর /ফুকর্/ [স. ভূক >] বি. 'ফোকর'-এর সাধু রূপ।

ফুকরানো /ফুক্‌রানো/ [বা.] ক্রিবি. ১ উচ্চৈঃস্বরে ডাকা। ২ চিৎকার করা।

ফুকা /ফুকা/ [দেশি.] বি. অতিরিক্ত দুধ পাওয়ার জন্য গাভীর যোনিমুখে ফুঁ দেওয়া।

ফুকার /ফুকার্/ [স. ফুৎকার >] বি. ১ চিৎকার। ২ ডাক, আহ্বান। ৩ চিৎকার করে কান্না।

ফুকারা /ফুকারা/ [স. ফুৎকার >] ক্রিবি. চিৎকার করা; উচ্চৈঃস্বরে ঘোষণা করা (*'মন্ত্রণাসভা হল সমাধান' দ্বারী ফুকারিয়া বলে।।* রবীন্দ্র.)।

ফুঙ্গি /ফুংগি/ [বর্মি.] বি. বৌদ্ধ সন্ন্যাসী বা পুরোহিত।

ফুচকা /ফুচ্‌কা/ [হি.] বি. সেদ্ধ ডিম আলু ছোলা প্রভৃতি সহকারে তেঁতুলজলে ডুবিয়ে খেতে হয় এমন ছোটো ফাঁপা কচুরিবিশেষ।

ফুচকে /ফুচ্‌কে/ [দেশি.] বিণ. খুব ছোটো; অপরিণত; পুঁচকে।

ফুট[১] /ফুট্/ [ই.] বি. ১২ ইঞ্চি দৈর্ঘ্য, আনুমানিক ৩০.৪৮ সেমি., দৈর্ঘ্যের পরিমাপবিশেষ।

www.pathagar.com

ফুট[১] /ফুট্/ [স. স্ফুট >] বি. ১ ফুটন্ত অবস্থায় তরল পদার্থ থেকে উত্থিত বুদ্‌বুদ। ২ ফোটার অবস্থা। ৩ ফাটা; চিড়; বিদার। ৪ বিবাদ।

ফুট[২] /ফুটো/ [স. স্ফুট >] বিণ. ১ প্রস্ফুটিত। ২ বিকশিত (*আধফুট হাসি*)। ৩ বিদীর্ণ।

ফুট[৩] /ফুট্/ [বা.] বি. ১ ছোটো দাগ। ২ বিন্দু।

ফুটকড়াই /ফুট্‌কড়াই/ [বা.] বি. দ্র ফুটকলাই।

ফুটকলাই /ফুট্‌কলাই/ [বা.] বি. শুকনো খোলায় ভাজা মটর।

ফুটকি /ফুট্‌কি/ [বা.] বি. জল বা তরল পদার্থের বিন্দু, ক্ষুদ্র ফোঁটা; বিন্দু।

ফুটন /ফুটন্/ [বা.] বি. ১ প্রস্ফুটন; বিকশন। ২ বুদ্‌বুদন।

ফুটন্ত /ফুটন্‌তো/ [বা.] বিণ. ১ আগুনের তাপে ফুটছে এমন (*ফুটন্ত জল*)। ২ প্রস্ফুটিত বা বিকশিত হচ্ছে এমন (*ফুটন্ত ফুল*)।

ফুটপাত /ফুট্‌পাত্/ [ই. footpath] বি. শহরের রাস্তার পাশে পায়ে চলার নির্দিষ্ট পথ।

ফুটফরমাশ /ফুট্‌ফর্‌মাশ্/ [বা.] বি. ছোটোখাটো আদেশ।

ফুটফুট /ফুট্‌ফুট্/ [স. স্ফুট >] অব্য. বি. ১ উজ্জ্বলতা ও নির্মলতার ভাব। ২ ছোটো ছোটো দাগ বা ফোঁটা।

ফুটফুটে /ফুট্‌ফুটে/ [বা.] বিণ. ১ অত্যন্ত উজ্জ্বল (*ফুটফুটে জ্যোৎস্না*)। ২ ধবধবে। ৩ সুশ্রী।

ফুটবল /ফুট্‌বল্/ [ই. football] বি. ১ চামড়া বা প্লাস্টিকের বায়ুপূর্ণ গোলক। ২ এগারোজন করে বিভক্ত দুটি দলের খেলোয়াড়দের মধ্যে প্রতিযোগিতামূলক বলখেলা।

ফুটা[১] /ফুটা/ [বা.] বি. ছিদ্র, রন্ধ্র। বিণ. ছিদ্রযুক্ত; 'ফুটো'-র সাধু রূপ।

ফুটা[২] /ফুটা/ [বা.] ক্রিবি. প্রস্ফুটিত হওয়া। বিণ. প্রস্ফুটিত।

ফুটানি /ফুটানি/ [বা.] বি. ১ বাবুগিরি; জাঁক, আড়ম্বর। ২ অহংকার, বড়াই।

ফুটানো /ফুটানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ প্রস্ফুটিত বা বিকশিত করা। ২ ব্যক্ত বা প্রকাশিত করা। ৩ আগুনের তাপে সেদ্ধ করা। ৪ উৎকর্ষ বিধান করা। ৫ 'ফোটানো'-র সাধু রূপ।

ফুটি /ফুটি/ [স. স্ফুটি >] বি. পাকলে ফেটে যায় এমন কাঁকুড়জাতীয় ফলবিশেষ, বাঙ্গি।

ফুটিফাটা /ফুটিফাটা/ [স. স্ফুটি >] বিণ. ফুটির মতো সম্পূর্ণ ফেটে গেছে এমন।

ফুটো /ফুটো/ [বা.] বি. ছিদ্র, রন্ধ্র। বিণ. ছিদ্রযুক্ত; ফুটা[১]-এর কথ্য রূপ।

ফুটো পয়সা /ফুটো পয়্‌শা/ বি. (এক টাকার ৬৪ ভাগের এক ভাগ মূল্যমানের) মাঝখানে ছিদ্রযুক্ত অধুনালুপ্ত তামার পয়সাবিশেষ (*তাহলে ফুটো পয়সাই সই*— শিবরাম.)।

ফুড়ুক /ফুড়ুক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ হঠাৎ উড়ে যাওয়ার অনুকার শব্দ। ২ হুঁকোয় তামাক সেবনের অনুকার শব্দ।

ফুড়ুত /ফুড়ুত্/ [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ফুড়ুক।

ফুৎকার /ফুত্‌কার্/ [স. ফুৎ+√কৃ+অ] বি. ঠোঁট গোল করে মুখ থেকে সবেগে নির্গত বায়ু, ফুঁ।

ফুপা /ফুপা/ [দেশি.] বি. পিতার ভগিনীর স্বামী, ফুপুর স্বামী।

ফুপাতো /ফুপাতো/ [দেশি.] বিণ. ফুপু বা ফুপার সূত্রে আত্মীয় এমন, পিসতুতো (*ফুপাতো বোন*)।

ফুপু /ফুপু/ [দেশি.] বি. পিতার ভগিনী, পিসি।

ফুপ্পা /ফুপ্‌পা/ [দেশি.] বি. দ্র ফুপা।

ফুপ্পু /ফুপ্‌পু/ [দেশি.] বি. দ্র ফুপু।

ফুফা /ফুফা/ [দেশি.] বি. দ্র ফুপা।

ফুফাতো /ফুফাতো/ [দেশি.] বিণ. দ্র ফুপাতো।

ফুফু /ফুফু/ [দেশি.] বি. দ্র ফুপু।

ফুরন /ফুরন্/ [স. পূরণ >] বি. কোনো কাজের জন্য দৈনিক হারে মজুরি প্রদানের পরিবর্তে চুক্তিভিত্তিক মজুরি প্রদান, ঠিকা চুক্তি।

ফুরফুর /ফুর্‌ফুর্/ [আ.] অব্য. মৃদু বায়ুপ্রবাহের অনুকার শব্দ।

ফুরফুরে /ফুর্‌ফুরে/ [আ. ফুরফুর+বা. এ] বিণ. ১ ফুরফুর করে এমন। ২ মৃদুমন্দ (*ফুরফুরে হাওয়া*)। ৩ প্রফুল্ল ও শান্ত (*ফুরফুরে মেজাজ*)।

ফুরসত /ফুর্‌সত্/ [আ.] বি. অবকাশ।

ফুরানো /ফুরানো/ [বা.] ক্রিবি. ১ অবসান হওয়া। ২ ব্যয়িত হওয়া ৩ প্রয়োজন না থাকা।

ফুরোনো /ফুরোনো/ [বা.] ক্রিবি. 'ফুরানো'-র কথ্য রূপ।

ফুর্তি /ফুর্‌তি/ [স. স্ফুর্তি >] বি. ১ আনন্দ, হর্ষ, উল্লাস। ২ আমোদ-প্রমোদ।

ফুল[১] /ফুল্/ [স. ফুল্ল >] বি. ১ উদ্ভিদের সবুজ বৃতি (calyx) দিয়ে ঘেরা বর্ণিল গন্ধবিশিষ্ট বা গন্ধহীন দলমণ্ডল যা থেকে বীজ ও ফলের উৎপত্তি হয়,

www.pathagar.com

পুষ্প, কুসুম, প্রসূন। ২ জরায়ু ও সন্তানের নাভির সঙ্গে সংযুক্ত গোলাকার অঙ্গবিশেষ, গর্ভকুসুম, placenta। ৩ ফুলের নকশা (*ফুলতোলা শাড়ি*)। বিণ. ভাইবোনদের মধ্যে বয়ঃক্রম অনুযায়ী পঞ্চম স্থানীয় (*ফুলদিদি*)।

ফুল[২] /ফুল্/ [ই. full] বিণ. ১ পুরো। ২ পুরো মাপের (*ফুলহাতা জামা*)।

ফুলওয়ালি /ফুল্ওআলি/ [বা. ফুল+হি. ওয়ালি] বি. ফুল বিক্রি করা যে নারীর পেশা।

ফুলকচি /ফুল্কোচি/ [বা.] বিণ. অত্যন্ত কচি, অপরিণত।

ফুলকপি /ফুল্কোপি/ [বা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে ঝুরঝুরে মাটিতে সবজি হিসেবে চাষ করা হয় এমন লম্বাটে পাতায় ঘেরা বৃহদাকার ঘনবদ্ধ হলুদাভ সাদা ফুল বা তার বীরুৎশ্রেণির ভেষজ-গুণসম্পন্ন উদ্ভিদ (আনি. পশ্চিম ইউরোপ)।

ফুলকা /ফুল্কা/ [হি.] বি. মাছের কানকোর নিচে চিরুনিসদৃশ শ্বাসযন্ত্র, gills।

ফুলকাটা /ফুল্কাটা/ [বা.] বিণ. ফুলের নকশা-শোভিত।

ফুলকারি /ফুল্কারি/ [বা.] বি. কাপড়ে ফুলের নকশা বা বুটির কাজ।

ফুলকি /ফুল্কি/ [স. স্ফুলিঙ্গ >] বি. ছিটকে পড়া আগুনের কণা, স্ফুলিঙ্গ।

ফুলকো /ফুল্কো/ [হি.] বিণ. ফুলে উঠেছে এমন, ফাঁপা ও ফোলানো (*ফুলকো লুচি*)।

ফুলকোঁচা /ফুল্কোঁচা/ [বা.] বি. ফুলের মতো করে চুনট করা ধুতির কোঁচা।

ফুলখড়ি /ফুল্খোড়ি/ [বা.] বি. সাদা মাটিবিশেষ; চকখড়ি।

ফুলচন্দন /ফুল্চন্দোন্/ [বা. ফুল+স. চন্দন] বি. সম্মাননীয় অতিথিবরণের জন্য নিবেদিত ফুল ও চন্দন।

ফুলঝাঁপা /ফুল্ঝাঁপা/ [বা.] বি. নারীর কানের অলংকারবিশেষ, কানপাশা।

ফুলঝাড়ু /ফুল্ঝাড়ু/ [বা.] বি. শরডাঁটার তৈরি ঝাঁটা।

ফুলঝুরি /ফুল্ঝুরি/ [বা.] বি. ১ ফোয়ারার মতো আগুনের স্ফুলিঙ্গ ছড়িয়ে পড়ে এমন আতশবাজি, তারাবাতি। ২ ময়দা চিনি প্রভৃতি সহযোগে তৈরি ডুবোতেলে ভাজা পিঠাবিশেষ।

ফুলটুশি /ফুল্টুশি/ [বা.] বিণ. তুলতুলে ও নরম।

ফুলডোর /ফুলোডোর্/ [বা. ফুল+হি. ডোর] বি. ফুলের মালা (*কেন আন ফুল-ডোর আজি বিদায়-বেলা* নজরুল.)।

ফুল তোলা /ফুল্ তোলা/ ক্রিবি. ১ কাপড়ে ফুলের নকশা করা। ২ ফুল চয়ন করা।

ফুলদান /ফুল্দান্/ [বা. ফুল+ফা. দান] বি. দ্র ফুলদানি।

ফুলদানি /ফুল্দানি/ [বা. ফুল+ফা. দানি] বি. ফুল সাজিয়ে রাখার পাত্রবিশেষ, পুষ্পাধার, flower-vase।

ফুলদার /ফুল্দার্/ [বা. ফুল+ফা. দার] বিণ. ফুলের নকশাযুক্ত।

ফুলদোল /ফুলোদোল্/ [বা. ফুল+স. দোল] বি. বৈশাখি পূর্ণিমায় অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের দোল উৎসব।

ফুলধনু /ফুলোধোনু/ [বা. ফুল+স. ধনু] বি. ১ কামদেবের পুষ্পসজ্জিত ধনুক। ২ মদন, কন্দর্প।

ফুলন্ত /ফুলন্তো/ [বা. ফুল+স. অন্ত] বিণ. পুষ্পিত।

ফুল পড়া /ফুল্ পড়া/ ক্রিবি. প্রসবের পরে গর্ভস্থ ফুল স্খলিত হওয়া।

ফুলবাণ /ফুলোবান্/ [স. পুষ্পবাণ >] বি. দ্র ফুলধনু।

ফুলবাতাসা /ফুল্বাতাশা/ [বা.] বি. ফুলের মতো সুন্দর ও হালকা বাতাসা।

ফুলবাবু /ফুল্বাবু/ [বা. ফুল+ফা. বাবু] বি. শৌখিন ব্যক্তি। বিণ. ১ বেশভূষায় নিখুঁত ও শৌখিন। ২ বিলাসী।

ফুলবালা /ফুলোবালা/ [বা. ফুল+স. বালা] বি. যে নারী ফুলের মালা তৈরি ও বিক্রি করে।

ফুলমালা /ফুলোমালা/ [বা.] বি. ফুলের মালা।

ফুলশয্যা /ফুল্শোজ্জা/ [বা. ফুল+স. শয্যা] বি. ১ ফুল দিয়ে সাজানো শয্যা। ২ বিবাহের পর বরবধূর ফুল বিছানো শয্যায় প্রথম একত্রশয়নরূপ অনুষ্ঠান।

ফুলশর /ফুলোশর্/ [বা. ফুল+স. শর] বি. দ্র ফুলধনু।

ফুলসজ্জা /ফুলোশজ্জা/ [বা. ফুল+স. সজ্জা] বি. ফুল দিয়ে সজ্জিতকরণ।

ফুলস্ক্যাপ /ফুল্স্ক্যাপ্/ [ই.] বি. ৩৪০ × ৪৩০ মিলিমিটার (১৭″ × ১৩½″) মাপবিশিষ্ট ছাপার কাগজ, foolscap।

ফুলহার /ফুলোহার্/ [বা. ফুল+স. হার] বি. ফুলের মালা।

ফুলা /ফুলা/ [স. ফুল্ল >] ক্রিবি. বিণ. ১ স্ফীত হওয়া। ২ ফেঁপে ওঠা। ৩ স্থূল হওয়া। ৪ (আল.)

www.pathagar.com

ধনবান হওয়া। ৫ 'ফোলা'-র সাধু রূপ।

ফুলানো /ফুলানো / [বা.] ক্রিবি. বিণ. ১ ফাঁপানো। ২ স্ফীত করা (*বেলুন ফুলানো*)। ৩ অভিমান করা (*গাল ফুলানো*)। ৪ গর্বিত করা। ৫ 'ফোলানো'-র সাধু রূপ।

ফুলি /ফুলি / [বা.] বিণ. ফুলের মতো।

ফুলুরি /ফুলুরি / [হি.] বি. তেলেভাজা ডালের বড়া।

ফুলেল /ফুলেল্/ [হি.] বিণ. ১ পুষ্পময়, কুসুমিত (*ফুলেল শুভেচ্ছা*)। ২ ফুলের গন্ধযুক্ত।

ফুল্ল /ফুল্‌লো / [স. √ফুল্ল্+অ] বিণ. ১ প্রস্ফুটিত, বিকশিত। ২ প্রফুল্ল। বি. ফুল।

ফুসকুড়ি /ফুশ্‌কুড়ি/ [স. স্ফোটক >] বি. ছোটো ফোড়া ব্রণ প্রভৃতি।

ফুসফাস/ফুশ্‌ফাশ্ / [ধ্বন্যা.] অব্য. বি. দ্র ফুসফুস[২]।

ফুসফুস[১] /ফুশ্‌ফুশ্ / [বা.] বি. মেরুদণ্ডী প্রাণীর (মাছ বা মাছসদৃশ প্রাণী ব্যতীত) হৃৎপিণ্ডের দুপাশে বক্ষগহ্বরে অবস্থিত ত্রিকোণাকার থলিসদৃশ স্থিতি-স্থাপক অঙ্গদ্বয় (যা বায়ুমণ্ডল থেকে বিশুদ্ধ অক্সিজেন গ্রহণ করে রক্তে সঞ্চালন এবং কার্বন-ডাই অক্সাইড ত্যাগ করতে সাহায্য করে), lung।

ফুসফুস[২] /ফুশ্‌ফুশ্ / [ধ্বন্যা.] অব্য. বি. অনুচ্চস্বরে কথোপকথন।

ফুসফুসপ্রদাহ /ফুশ্‌ফুশ্‌প্রোদাহো / [বা. ফুসফুস+স. প্রদাহ] বি. ফুসফুসে এককোষবিশিষ্ট জীবাণুর সংক্রমণজনিত রোগবিশেষ; নিউমোনিয়া।

ফুসমন্তর /ফুশ্‌মন্‌তোর্/ [বা.] বি. ১ ফুঁ দিয়ে পড়া ফাঁকির মন্ত্র। ২ গোপন পরামর্শ; কুমন্ত্রণা।

ফুসলানো /ফুশ্‌লানো/ [বা.] ক্রিবি. ১ কুকর্মে প্ররোচিত করা। ২ অন্যায় পথে চালানো।

ফেউ /ফেউ/ [স. ফেরু >] বি. ১ শিয়াল; পাগলা শিয়াল। ২ যে শিয়াল বাঘের পেছনে থেকে চিৎকার করে। ৩ (আল.) পিছু ছাড়ে না এমন ব্যক্তি। বিণ. অনুসরণকারী।

ফেউ লাগা /ফেউ্ লাগা/ ক্রিবি. পেছনে লেগে থেকে উত্ত্যক্ত করা।

ফেঁসো /ফেঁশো/ [বা.] বি. ১ পাট প্রভৃতির আঁশ। ২ সুতার সূক্ষ্ম অংশ।

ফেটা[১] /ফ্যাটা / [স. পট্টিকা >] বি. কাপড়ের লম্বা ফালি; পটি।

ফেটা[২] /ফ্যাটা / [স. পিষ্ট >] ক্রিবি. ঘেঁটা বা ফেনানো; আলোড়িত করা (*ডিম ফেটা*)।

ফেটি /ফেটি / [স. পট্টিকা >] বি. ১ মাথা বা বাহুতে বাঁধার কাপড়ের পটি; ব্যান্ডেজ বাঁধার কাপড়ের ফালি। ২ পাগড়ি। ৩ একত্রবদ্ধ সুতার গোছা।

ফেট্টি /ফেট্‌টি/ [স. পট্টিকা >] বি. দ্র ফেটি।

ফেন /ফ্যান্ / [স. √স্ফায়্+ন] বি. ১ ফেনা; গাঁজ; বুদ্‌বুদ। ২ (বাংলায়) জলে চাল সিদ্ধ করে প্রাপ্ত ঘন তরল পদার্থ, ভাতের মাড়।

ফেনক /ফেনক্ / [স. ফেন+ক] বি. ১ সাবান। ২ পেখম। ৩ পিঠাবিশেষ। বিণ. ফেনা উৎপাদক।

ফেনদুগ্ধা /ফেনোদুগ্‌ধা / [স. ফেন+দুগ্ধা] বি. ১ দুধের ফেনা। ২ দুধের পিঠাবিশেষ।

ফেননিভ /ফেনোনিভো / [স. ফেন+নি+√ভা+অ] বিণ. ফেনার মতো কোমল ও সাদা।

ফেনা /ফ্যানা / [স. ফেন >] বি. ফেনিয়ে ওঠা বুদ্‌বুদের পুঞ্জ। বিণ. সফেন, ফেন বা মাড়যুক্ত।

ফেনানো /ফ্যানানো / [বা.] ক্রিবি. ১ ক্রমাগত নেড়ে ফেনিল করে তোলা; ফেটানো। ২ (আল.) কথা বাড়িয়ে তোলা। বিণ. ফাঁপানো; বাড়ানো।

ফেনায়মান /ফ্যানায়োমান্ / [স. √ফেনায়্+মান (শানচ্)] বিণ. ফেনিল হয়ে উঠছে এমন।

ফেনায়িত /ফ্যানায়িতো / [স. √ফেনায়্+ত] বিণ. ফেনাযুক্ত হয়েছে এমন, ফেনিল; বুদ্‌বুদযুক্ত; সফেন।

ফেনি /ফেনি / [স. ফাণিত >] বি. চিনি বা গুড়ের তৈরি ফাঁপা বাতাসা; বড়ো বাতাসাবিশেষ।

ফেনিবাতাসা /ফেনিবাতাশা / [বা.] বি. দ্র ফেনি।

ফেনিল /ফেনিল্/ [স. ফেন+ইল] বিণ. দ্র ফেনায়িত।

ফেব্রুয়ারি /ফেব্রুআরি /[হি.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির দ্বিতীয় মাস, ১৯শে মাঘ থেকে ১৬ই ফাল্গুন পর্যন্ত কালপর্ব, February।

ফের /ফের্ / [দেশি.] বি. ১ সংকট, বিঘ্ন, বিপদ (*লোকটি ফেরে পড়েছে*)। ২ তফাত, পার্থক্য (*রকমফের*)। ৩ বেষ্টন, বেড় (*কাপড়ের ফের*)। ৪ অদৃষ্টের অশুভ প্রভাব (*কপালের ফের*)। ৫ রহস্য; ছল, কৌশল (*তার কথার ফের বোঝা ভার*)। ৬ দাঁড়িপাল্লায় দুই পাল্লার ওজনের অসমতা (*পাল্লার ফের ভাঙা*)। ক্রিবিণ. পুনরায়, আবার।

ফেরত /ফেরোত্ / [দেশি.] বি. ১ প্রত্যর্পণ, বদল, পরিবর্তন। ২ প্রত্যাখ্যান। বিণ. ১ ফিরিয়ে দেওয়া হয়েছে এমন। ২ গ্রহণ করা হয়নি এমন, প্রত্যা-খ্যাত। ৩ প্রত্যাগত (*বিলেতফেরত*)। ৪ পালটা।

ফেরতা /ফেরতা / [দেশি.] বিণ. ১ প্রত্যাগত। ২

www.pathagar.com

পরিবর্তিত (*হাতফেরতা দলিল*)। ৩ ফিরে এসেছে এমন (*তালফেরতা*)।

ফেরা /ফেরা / [বা.] ক্রিবি. ১ প্রত্যাবর্তন করা (*ঘরে ফেরা*)। ২ অবস্থার পরিবর্তন হওয়া (*কপাল ফেরা*)। ৩ অভিমুখী হওয়া (*বামে ফেরা*)। ৪ ফেরত আসা (*দেশে ফেরা*)। ৫ ঘুরে বেড়ানো (*গান গেয়ে পথে পথে ফেরা*)। ৬ 'ফিরা'-র কথ্য রূপ।

ফেরার /ফেরার্/ [আ.] বিণ. পলাতক (*ফেরার আসামি*); নিখোঁজ।

ফেরারি /ফেরারি / [ফা.] বিণ. পলাতক; নিখোঁজ।

ফেরি[১] /ফেরি / [হি.] বি. পথে পথে বা বাড়ি বাড়ি ঘুরে পণ্য বিক্রয়।

ফেরি[২] /ফেরি / [ই.] বি. যাত্রী যানবাহন ও পণ্যদ্রব্য পারাপারের নৌযান, ferry।

ফেরিওয়ালা /ফেরিওআলা / [হি.] বি. পথে পথে ঘুরে পণ্য বিক্রি যার পেশা।

ফেরিঘাট /ফেরিঘাট্ / [ই. ফেরি+বা. ঘাট] বি. যাত্রী যানবাহন ও পণ্যদ্রব্য পারাপারের ঘাট।

ফেরু /ফেরু / [স. ফে+√রু+উ] বি. শিয়াল, ফেউ।

ফেরেব /ফেরেব্ / [ফা.] বি. প্রবঞ্চনা, শঠতা।

ফেরেববাজ /ফেরেব্বাজ্ / [ফা.] বিণ. প্রবঞ্চক, জালিয়াত, ঠগ।

ফেরেববাজি /ফেরেব্বাজি / [ফা.] বি. জালিয়াতি।

ফেরেবি /ফেরেবি / [ফা.] বি. প্রবঞ্চনা। বিণ. ধাপ্পাবাজ; প্রতারণাপূর্ণ।

ফেরেশতা /ফেরেশ্তা/ [ফা. ফিরিশতা >] বি. আল্লাহর দূত; স্বর্গের দূত; দেবদূত।

ফেল /ফেল্ / [ই. fail] বিণ. ১ অকৃতকার্য, অনুত্তীর্ণ (*পরীক্ষায় ফেল*)। ২ ব্যর্থ (*ট্রেন ফেল*)। ৩ নিষ্ক্রিয় (*হার্ট ফেল*)।

ফেলা /ফ্যালা / [বা.] ক্রিবি. ১ নিক্ষেপ করা; ফেলে দেওয়া (*ময়লা ফেলা*)। ২ নিঃসরণ করা (*শ্বাস ফেলা*)। ৩ অকস্মাৎ কিছু করা (*বলে ফেলা*)। ৪ উপেক্ষা বা অবজ্ঞা করা (*কথা ফেলা*)। ৫ ক্রিয়ার সমাপ্তি (*খেয়ে ফেলা*)। ৬ নির্দিষ্ট করা (*তারিখ ফেলা*)। ৭ ত্যাগ করা; ছাড়া (*কোনো বস্তু বা ব্যক্তিকে ফেলে যাওয়া*)। বিণ. ১ পরিত্যক্ত। ২ নিক্ষিপ্ত।

ফেলাছড়া /ফ্যালাছড়া / [বা.] বি. অপব্যয়; নির্বিচারে ব্যয়।

ফেলাফেলি /ফ্যালাফেলি / [বা.] বি. দ্র ফেলাছড়া।

ফেলো /ফেলো / [ই. fellow] বি. ১ বিশ্ববিদ্যালয় বা কোনো সারস্বত প্রতিষ্ঠানের সম্মানসূচক সভ্য। ২ বিশ্ববিদ্যালয় বা গবেষণা প্রতিষ্ঠানের বৃত্তিভোগী গবেষক। ৩ সহচর।

ফেসবুক /ফেস্বুক্ / [ই.] বি. ইন্টারনেটের মাধ্যমে বিশ্বব্যাপী সামাজিক যোগাযোগ রক্ষার ক্ষেত্রবিশেষ, facebook।

ফেস্টুন /ফেস্টুন / [ফ.] বি. বিজ্ঞপ্তিসংবলিত কাগজ কাপড় প্রভৃতি, festoon।

ফোঁকল /ফোঁকোল / [বা.] বি. গর্ত; ফাঁক।

ফোঁকা /ফোঁকা / [স. ফুৎকার >] ক্রিবি. ১ ফুঁ দেওয়া; ফুঁ দিয়ে বাজানো (*বাঁশি ফোঁকা*)। ২ ধূমপান করা (*বিড়ি ফোঁকা*)। ৩ 'ফুঁকা'-র কথ্য রূপ।

ফোঁটা /ফোঁটা / [স. স্ফুট >] বি. ১ তরল পদার্থের বিন্দু (*বৃষ্টির ফোঁটা*)। ২ টিপ; তিলক (*ভাইফোঁটা*)। ৩ তাসের চিহ্ন (*তাসের ফোঁটা*)। ৪ বিন্দুচিহ্ন। বিণ. ক্ষুদ্র, ছোটো।

ফোঁড় /ফোঁড় / [বা.] বি. ১ ছিদ্র, রন্ধ্র। ২ বেঁধন। ৩ সেলাই (*ফোঁড় দেওয়া*)।

ফোঁড়া /ফোঁড়া/ [বা.] ক্রিবি. ১ ভেদ করা, বিদ্ধ করা; ছিদ্র করা। ২ 'ফুঁড়া'-র কথ্য রূপ।

ফোঁড়ানো /ফোঁড়ানো / [বা.] ক্রিবি. বিণ. ১ ছিদ্র করানো; বেঁধানো (*কান ফোঁড়ানো*)। ২ সেলাই করানো (*কাঁথা ফোঁড়ানো*)। ৩ 'ফুঁড়ানো'-র কথ্য রূপ।

ফোঁড়াফুঁড়ি /ফোঁড়াফুঁড়ি/ [বা.] বি. বারবার বিদ্ধকরণ।

ফোঁপর /ফোঁপোর্ / [দেশি.] বি. অঙ্কুরোদ্গমের সময় নারকেল তাল প্রভৃতি বীজের অভ্যন্তরে বৃদ্ধিপ্রাপ্ত ফাঁপা বস্তু বা শাঁস।

ফোঁপরদালাল /ফোপোরদালাল্ / [দেশি. ফোঁপর +আ. দালাল] বি. যে ব্যক্তি গায়ে পড়ে অন্যের ব্যাপারে মোড়লি করে।

ফোঁপরদালালি /ফোঁপোরদালালি / [দেশি. ফোঁপর +ফা. দালালি] বি. ফোঁপরদালালসুলভ আচরণ।

ফোঁপরা /ফোঁপ্রা / [দেশি.] বিণ. ১ শূন্যগর্ভ, ফাঁপা। ২ ছিদ্রবহুল, ঝাঁঝরা। বি. ফুসফুস; ফুলকা।

ফোঁপল /ফোঁপোল্ / [দেশি.] বি. নারকেলের ভেতরের শাঁস বা বীজাঙ্কুর।

ফোঁপা /ফোঁপা / [ধ্বন্যা.] ক্রিবি. গুমরে কাঁদা।

ফোঁপানি /ফোঁপানি / [ধ্বন্যা.] বি. চাপা কান্না; 'ফুঁপানি'-র কথ্য রূপ।

ফোঁপানো /ফোঁপানো / [ধ্বন্যা.] ক্রিবি. ফুঁপিয়ে কাঁদা; 'ফুঁপানো'-র কথ্য রূপ।

ফোঁস /ফোঁশ্ / [ধ্বন্যা.] অব্য. বি. ১ ক্রুদ্ধ সাপের

www.pathagar.com

নিশ্বাসের অনুকার শব্দ। ২ চাপা আবেগ প্রকাশ করে এমন আকস্মিক দীর্ঘশ্বাসের অনুকার শব্দ। ৩ আকস্মিক ক্রোধপ্রকাশ (*ফোঁস করে ওঠা*)।

ফোঁস করা /ফোঁশ্ করা/ ক্রিবি. ১ ফণা বা চক্রধারণ করা। ২ দংশন করতে উদ্যত হওয়া। ৩ আকস্মিক ক্রোধপ্রকাশ করা।

ফোঁসা /ফোঁশা/ [বা.] ক্রিবি. ১ ফোঁস শব্দ করা। ২ চাপা গর্জন করা; চাপা গর্জন-সহ ফুলে ওঠা। ৩ 'ফুঁসা'-র কথ্য রূপ।

ফোঁসানি /ফোঁশানি/ [বা.] বি. ১ ফোঁস ফোঁস শব্দ। ২ আক্রোশজনিত চাপা গর্জন। ৩ 'ফুঁসানি'-র কথ্য রূপ।

ফোঁসানো /ফোঁশানো/ [বা.] ক্রিবি. ফোঁস ফোঁস শব্দ করা; 'ফুঁসানো'-র কথ্য রূপ।

ফোকটে /ফোকোটে/ [হি.] ক্রিবিণ. ফাঁকতালে।

ফোকর /ফোকোর্/ [স. ভূক >] বি. গাছ দেওয়াল প্রভৃতির ফাটল বা গর্ত; 'ফুকর'-এর কথ্য রূপ।

ফোকলা /ফোক্লা/ [দেশি.] বিণ. দাঁত নেই এমন, দন্তহীন (*ফোকলা বুড়ি*)।

ফোকলোর /ফোক্লোর/ [ই.] বি. বিশেষ কোনো সম্প্রদায়ের পরম্পরাগত ঐতিহ্য বিশ্বাস গল্পকাহিনি ও তৎসংক্রান্ত বিদ্যা; লোকসংস্কৃতি, folklore।

ফোটন /ফোটন্/ [ই.] বি. বিদ্যুৎচুম্বকীয় রশ্মির কণা, photon।

ফোটা /ফোটা/ [দেশি.] ক্রিবি. বিণ. ১ বিকশিত বা প্রস্ফুটিত হওয়া (*ফুল ফোটা*)। ২ উদিত হওয়া, প্রকাশিত হওয়া (*আলো ফোটা*)। ৩ সেদ্ধ হওয়া (*ভাত ফোটা*)। ৪ উন্মিলিত হওয়া (*চোখ ফোটা*)। ৫ ধ্বনিত হওয়া (*কথা ফোটা*)। ৬ বিদ্ধ হওয়া (*কাঁটা ফোটা*)। ৭ বিস্ফোরিত হওয়া (*বাজি ফোটা*)। ৮ ফুটা[২]-এর কথ্য রূপ।

ফোটানো /ফোটানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ প্রস্ফুটিত বা বিকশিত করা। ২ ব্যক্ত বা প্রকাশিত করা। ৩ আগুনের তাপে সেদ্ধ করা। ৪ উৎকর্ষ বিধান করা। ৫ 'ফুটানো'-র কথ্য রূপ।

ফোড়ন /ফোড়োন্/ [স. স্ফোটন >] বি. ১ ব্যঞ্জনের স্বাদবৃদ্ধির জন্য গরম তেল বা ঘিয়ে ভাজা শুকনো লঙ্কা জিরা তেজপাতা প্রভৃতি মসলার মিশ্রণ, সম্বরা। ২ অন্যের কথার মধ্যে টিপ্পনী (*ফোড়ন কাটা*)।

ফোড়া /ফোড়া/ [স. স্ফোটক >] বি. ১ জীবদেহের ত্বকে উদ্গত (সচরাচর পুঁজযুক্ত) অর্বুদ, স্ফোটক; ব্রণ।

ফোন /ফোন্/ [গ্রি.] বি. বৈদ্যুতিক তারের সাহায্যে বা তার-ছাড়া দূরবর্তী মানুষের সঙ্গে কথা বলার সরঞ্জাম, দূরালাপনী, দূরভাষ, টেলিফোন, phone।

ফোয়ারা /ফোআরা/ [আ.] বি. বাড়ির আঙিনা বা রাস্তার ধারে স্থাপিত কৃত্রিম জলধারা; ঝরনা।

ফোরম্যান /ফোর্ম্যান্/ [ই. foreman] বি. ১ কারখানায় কর্মরত শ্রমিকদের তত্ত্বাবধায়ক। ২ কারখানার যন্ত্রপরিচালক।

ফোলা /ফোলা/ [বা.] ক্রিবি. বিণ. ১ স্ফীত হওয়া। ২ ফেঁপে ওঠা। ৩ স্থূল হওয়া। ৪ (আল.) ধনবান হওয়া। ৫ 'ফুলা'-র কথ্য রূপ।

ফোলানো /ফোলানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ফাঁপানো। ২ স্ফীত করা (*বেলুন ফোলানো*)। ৩ অভিমান করা (*গাল ফোলানো*)। ৪ গর্বিত করা। ৫ 'ফুলানো'-র কথ্য রূপ।

ফোসকা /ফোশ্কা/ [দেশি.] বি. শরীরের কোনো অংশে আগুনের তাপ লাগার ফলে চামড়ায় উদ্ভূত জলপূর্ণ স্ফোটক, জলপূর্ণ ফোড়াবিশেষ।

ফৌজ /ফৌজ্/ [আ.] বি. ১ সেনাদল। ২ অনেক লোকজন।

ফৌজদার /ফৌজ্দার্/ [আ. ফৌজ+ফা. দার] বি. ১ সেনানায়ক। ২ শাসনকর্তা। ৩ নায়ক। ৪ কোতোয়াল।

ফৌজদারি /ফৌজ্দারি/ [আ. ফৌজ+ফা. দারি] বি. খুন জখম মারপিট প্রভৃতি অপরাধসংক্রান্ত মামলা-মোকদ্দমা। বিণ. ১ খুন জখম প্রভৃতি সম্বন্ধীয় (*ফৌজদারি অপরাধ*)। ২ শাসনসম্বন্ধীয়।

ফৌজি /ফৌজি/ [ফা.] বিণ. জঙ্গি, সামরিক।

ফৌত /ফৌত্/ [আ.] বিণ. ১ ওয়ারিশহীন অবস্থায় মৃত, নির্বংশ। ২ ফতুর, সর্বস্বান্ত। ৩ দেউলিয়া।

ফ্যাঁকড়া /ফ্যাঁক্ড়া/ [দেশি.] বি. ১ ফ্যাসাদ, ঝামেলা; বাধা। ২ মূল বিষয় থেকে উদ্ভূত অন্যান্য বিষয়। ৩ প্রশাখা; গাছের ডাল।

ফ্যাকাশে /ফ্যাকাশে/ [বা.] বিণ. ১ পাণ্ডুবর্ণ; অনুজ্জ্বল। ২ রক্তশূন্য।

ফ্যাক্টরি /ফ্যাক্ট্রি/ [ই.] বি. কাঁচামাল প্রক্রিয়াজাত-করণের কারখানা, factory।

ফ্যাক্স /ফ্যাক্স্/ [লা.] বি. টেলিফোনের সাহায্যে লিখিত বার্তা বা চিত্র প্রেরণের ব্যবস্থা, facsimile-এর সংক্ষিপ্তরূপ; fax।

ফ্যা ফ্যা /ফ্যা ফ্যা/ [ধ্বন্যা.] অব্য. অনর্থক ঘোরাঘুরির ভাব।

www.pathagar.com

ফ্যাচফ্যাচ /ফ্যাচ্‌ফ্যাচ্‌/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত অনর্থক ও বিরক্তিকর কথন।

ফ্যাচাং /ফ্যাচাং/ [দেশি.] বি. ঝামেলা; ফ্যাঁকড়া।

ফ্যাটা /ফ্যাটা/ [স. পিষ্ট >] ক্রিবি. দ্রুত আলোড়িত করে ফেনানো (*ডিম ফ্যাটা*)।

ফ্যান /ফ্যান্‌/ [ই.] বি. বিদ্যুচ্চালিত পাখা, fan।

ফ্যালনা /ফ্যাল্‌না/ [বা.] বিণ. ১ ফেলে দেওয়ার যোগ্য। ২ তুচ্ছ, অকিঞ্চিৎকর।

ফ্যালফেলে /ফ্যাল্‌ফেলে/ [স. বিহ্বল >] বিণ. অসহায় ভাবযুক্ত (*ফ্যালফেলে চাহনি*)।

ফ্যালফ্যাল /ফ্যাল্‌ফ্যাল্‌/ [স. বিহ্বল >] অব্য. অসহায় চাহনির ভাব।

ফ্যাশন /ফ্যাশন্‌/ [ই. fashion] বি. ১ রেওয়াজ; চালচলন, ধরন, ঢং (*হালফ্যাশন*)। ২ বাবুগিরি। ৩ শৌখিন রীতি।

ফ্যাসাদ /ফ্যাশাদ্‌/ [আ.] বি. ১ ঝামেলা, ঝঞ্ঝাট। ২ কলহ, বিবাদ।

ফ্যাসিবাদ /ফ্যাসিবাদ্‌/ [ইতা. Fascism >] বি. ১ ইতালির স্বৈরশাসক মুসোলিনি প্রবর্তিত স্বৈরশাসনপদ্ধতি। ২ সর্বপ্রকার বিরোধিতার কণ্ঠরোধ করে এমন স্বৈরশাসনপদ্ধতি।

ফ্যাসিস্ট /ফ্যাসিস্ট্‌/ [ইতা.] বিণ. বি. স্বৈরশাসক, Fascist।

ফ্রক /ফ্রক্‌/ [ই.] বি. বালিকাদের পরিধেয় ঘাগরা-জাতীয় খাটো জামা।

ফ্রন্ট /ফ্রন্ট্‌/ [ই. front] বি. ১ জোট (*বামফ্রন্ট*)। ২ ভিন্নমতাবলম্বী দল বা গোষ্ঠীর বিশেষ কোনো উদ্দেশ্যে গঠিত জোট।

ফ্রয়েডীয় /ফ্রয়েডিয়ো/ [ব্যক্তি.] বিণ. মনোবিজ্ঞানী সিগমুন্ড ফ্রয়েডের মনোবিশ্লেষণতত্ত্ব-সম্বন্ধীয়।

ফ্রি /ফ্রি/ [ই. free] বিণ. ১ মূল্য দিতে হয় না এমন। ২ অবৈতনিক। ৩ মুক্ত, স্বাধীন।

ফ্রিজ /ফ্রিজ্‌/ [ই.] বি. খাদ্যদ্রব্য বা অন্য কোনো বস্তু সংরক্ষণের জন্য কৃত্রিম পদ্ধতিতে ঠান্ডা করে রাখা যায় এমন আধার, রিফ্রিজারেটর, fridge।

ফ্রেঞ্চ /ফ্রেন্চ্‌/ [ফ.] বি. ফরাসিদেশের ভাষা বা অধিবাসী, French। বিণ. ফরাসিবিষয়ক।

ফ্রেম /ফ্রেম্‌/ [ই.] বি. কাঠামো (*চশমার ফ্রেম*), frame।

ফ্লপি /ফ্লপি/ [ই.] বি. (অধুনালুপ্ত) কম্পিউটারের উপাত্ত ও তথ্য সংরক্ষণের জন্য চৌম্বক আস্তরণ-যুক্ত নমনীয় ছোটো চাকতিবিশেষ, floppy।

ফ্লাইওভার /ফ্লাইওভর্‌/ [ই.] বি. রেলপথ বা সড়কের ওপর দিয়ে উঁচু করে নির্মিত অপর একটি উড়াল সড়ক, উড়ালসেতু; (পরি.) flyover।

ফ্লাইট /ফ্লাইট্‌/ [ই. flight] বি. উড্ডয়ন, উড়ান।

ফ্লানেল /ফ্লানেল/ [ই.] বি. পশমি নরম কাপড়-বিশেষ, flannel।

ফ্লাস্ক /ফ্লাস্ক্‌/ [ই.] বি. চা কফি প্রভৃতি দীর্ঘক্ষণ গরম বা ঠান্ডা রাখার বড়ো মুখওয়ালা বোতলসদৃশ পাত্রবিশেষ, flask।

ফ্লু /ফ্লু/ [অজ্ঞা.] বি. গায়ে ব্যথা-সহ জ্বর, ইনফ্লুয়েনজা, influenza।

ফ্ল্যাগ /ফ্ল্যাগ্‌/ [অজ্ঞা.] বি. রাষ্ট্রের প্রতীকরূপে ব্যবহৃত ধ্বজা বা নিশান; কোনো রাজনৈতিক দল সংগঠন প্রভৃতির পরিচিতি চিহ্নরূপে ব্যবহৃত ধ্বজা; পতাকা; flag।

ফ্ল্যাগশিপ /ফ্ল্যাগ্‌শিপ্‌/ [ই.] বি. নৌবাহিনীর অ্যাডমিরাল বা অধিনায়ককে (commanding admiral) বহনকারী নির্দিষ্ট নৌযান, flagship।

ফ্ল্যাট /ফ্ল্যাট্‌/ [ই. flat] বি. ১ বৃহৎ অট্টালিকার অংশরূপে নির্মিত এক বা একাধিক কক্ষবিশিষ্ট স্বয়ংসম্পূর্ণ বাসগৃহ। ২ বহুতল ভবনের যে কোনো একটি তল। ৩ জাহাজঘাটের ভাসমান মঞ্চ। ৪ পণ্য বহনের জন্য নির্মিত চ্যাপটা তলযুক্ত ইঞ্জিনবিহীন নৌযান।

ফ্ল্যাশ /ফ্ল্যাশ্‌/ [ই. flash] বি. ১ অতি উজ্জ্বল আলোর ঝলকানি। ২ আলোকচিত্র গ্রহণের জন্য ব্যবহৃত ক্ষণিকের জন্য জ্বলে ওঠা উজ্জ্বল বৈদ্যুতিক আলো। ৩ জলের তোড়।

www.pathagar.com

ব /ব/

ব /ব/ বাংলা বর্ণমালার ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ এবং ওষ্ঠদ্বারা উচ্চার্য প-এর ঘোষ অল্পপ্রাণ ধ্বনির দ্যোতক।

বই[১] /বোই্/ [আ. বহি >] বি. ১ একসঙ্গে গেঁথে সেলাই করা (বা আঠা দিয়ে জোড়া) এবং মোড়কে আবৃত লিখিত বা মুদ্রিত পৃষ্ঠার সংকলন, পুস্তক, গ্রন্থ (*গল্পের বই*)। ২ খাতা (*হিসাবের বই*)।

বই[২] /বোই্/ [দেশি.] বি. কচুর লতি।

বই[৩]/বোই্/ [স. ব্যতীত >] অব্য. ছাড়া, ব্যতীত, ভিন্ন (*তুমি বই আর কেউ আসেনি*)।

বই[৪]/বোই্/ [বা.] ক্রি. বহন করি (*বোঝা বই*)। বি. 'বহন'-এর বর্তমান কালের উত্তম পুরুষের রূপ।

বইকি /বোইকি/ [বা.] অব্য. ঔচিত্য নিশ্চয়তা আগ্রহপ্রভৃতি নির্দেশক শব্দ (*যাব বইকি*)।

বইঠা /বোইঠা/ [স. বহিত্র >] বি. নৌকো বাওয়ার জন্য ব্যবহৃত চওড়ামুখ পাতলা কাঠের ছোটো দাঁড়।

বইপত্র /বোইপত্রো/ [বা. বই+স. পত্র] বি. বইখাতা প্রভৃতি পাঠসামগ্রী।

বইপুস্তক /বোইপুস্তক্/ [বা. বই+স. পুস্তক] বি. দ্র বইপত্র।

বইপোকা /বোইপোকা/ [বা.] বি. ১ পুস্তকধ্বংকারী কীট। ২ (আল.) সারাক্ষণ বই পড়া যার নেশা।

বইমেলা /বোইম্যালা/ [বা. বই+স. মেলা] বি. গ্রন্থ প্রদর্শনী ও বিক্রয়ের স্থান।

বউ /বোউ্/ [স. বধূ >] বি. ১ বধূ, পত্নী, গৃহিণী। ২ কনে, নববধূ। ৩ পুত্রবধূ বা তৎস্থানীয়া। ৪ কুলবধূ।

বউ-কথা-কও /বোউ্কথাকও্/ বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ফিলিপাইন চীন ও দক্ষিণ ইউরোপে বিচরণ করে এমন হালকা বাদামি ও সাদা পালকবিশিষ্ট কোকিলজাতীয় পরভৃত পাখিবিশেষ (যার ডাক শুনলে হঠাৎ 'বউ-কথা-কও' মনে হয় বলে এই নামে অভিহিত)।

বউকাঁটকি /বোউ্কাঁটকি/ [স. বধূকণ্টকী >] বি. পুত্রবধূর সব কাজের খুঁত ধরে তিরস্কৃত করে এমন শাশুড়ি।

বউ-ঝি /বোউ্ঝি/ [বা.] বি. পুত্রবধূ ও কন্যা, কন্যাস্থানীয় নারী।

বউঠাকুরানি /বোউ্ঠাকুরানি/ [বা.] বি. জ্যেষ্ঠভ্রাতার পত্নী, ভাবি, বউদি।

বউঠান /বোউ্ঠান্/ [বা.] বি. দ্র বউঠাকুরানি।

বউড়ি /বোউ্ড়ি/ [স. বধূটী>] বি. বালিকাবধূ।

বউদি /বোউ্দি/ [বা.] বি. জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী, ভাবি।

বউদিদি /বোউ্দিদি/ [বা.] বি. দ্র বউদি।

বউনি[১] /বোউ্নি/ [স. বধণী >] বি. দিনের প্রথম বিক্রয়; দিনের প্রথম বিক্রয়লব্ধ অর্থ।

বউনি[২] /বোউ্নি/ [স. বহন >] বি. বহন করার মজুরি বা পারিশ্রমিক।

বউভাত /বোউ্ভাত্/ [বা.] বি. শ্বশুরালয়ে নববধূর প্রথম ভাত রাঁধা ও পরিবেশনের সংস্কার, পাকস্পর্শ, ওয়ালিমা।

বউমা /বোউ্মা/ [বা.] বি. পুত্রবধূ বা কনিষ্ঠ ভ্রাতার পত্নী।

বউমানুষ /বোউ্মানুশ্/ [বা.] বি. ১ নতুন বউ। ২ গৃহস্থের পত্নী; কুলবধূ।

বউল[১] /বোউল্/ [স. মুকুল>] বি. ১ আমের মুকুল। ২ বকুল ফুল।

বউল[২] /বোউল্/ [স. মুকুল >] বি. খড়মের সঙ্গে যুক্ত কাঠের ফলক (হাঁটার সময় যা পায়ের বুড়ো ও মাঝের আঙুল দিয়ে চেপে রাখতে হয়)।

বউলি /বোউ্লি/ [স. মুকুল >] বি. মুকুলাকৃতি কর্ণভূষণবিশেষ।

বওয়া[১] /বওআ/ [বা.] ক্রিবি. ১ বহন করা (*ভার বওয়া*)। ২ প্রবাহিত হওয়া (*জল বওয়া*)। ৩ অতিবাহিত হওয়া (*সময় বওয়া*)। ৪ তাচ্ছিল্য-ভাব প্রকাশ করা (*আমার বয়ে গেছে*)। ৫ ধারণ করা (*বয়ে বেড়ানো*)। ৬ 'বহা'-র কথ্য রূপ।

বওয়ানো /বওআনো/ [বা.] ক্রিবি. বিণ. ১ প্রবাহিত করা। ২ বহন করানো।

বংশ[১] /বংশো/ [স. √বম্+শ] বি. ১ পুরুষানুক্রম (*বংশপরম্পরা*)। ২ গোষ্ঠী, কুল; গোত্র (*একই বংশের কন্যা*)। ৩ সন্তানসন্ততি (*বংশরক্ষা*)।

বংশ[২] /বংশো/ [স. √বম্+শ] বি. ১ বাঁশ। ২ বাঁশি। ৩ মেরুদণ্ড, পিঠের দাঁড়া।

বংশক /বংশোক্/ [স. বংশ+ক] বি. ১ বাঁশপাতা মাছ, কাজলি মাছ। ২ আখের প্রজাতিবিশেষ।

www.pathagar.com

বংশকৌলিন্য /বংশোকৌউলিন্‌নো/ [স. বংশ+কুলীন +য] বি. বংশের মর্যাদা।

বংশক্ষয় /বংশোক্‌ষয়্‌/ [স. বংশ+ক্ষয়] বি. অকাল-মৃত্যুর ফলে বংশের লুপ্তি।

বংশগত /বংশোগতো/ [স. বংশ+গত] বিণ. বংশানুক্রমে প্রাপ্ত (কুলের বৈশিষ্ট্য)।

বংশগতি /বংশোগোতি/ [স. বংশ+গতি] বি. বংশ-পরম্পরায় দৈহিক ও মানসিক বৈশিষ্ট্যসমূহের ধারা, heredity।

বংশগৌরব /বংশোগোউরব্‌/ [স. বংশ+গৌরব] বি. বংশের মর্যাদা; কুলগর্ব।

বংশচরিত /বংশোচোরিত্‌/ [স. বংশ+√চর্‌+ত] বি. কুলপঞ্জি, বংশের ইতিহাস।

বংশচ্যুত /বংশোচ্‌চুতো/ [স. বংশ+চ্যুত] বিণ. কুলভ্রষ্ট।

বংশজ /বংশোজো/ [স. বংশ+√জন্‌+অ] বিণ. ১ বংশে জাত। ২ মৌলিক। স্ত্রী. বংশজা /বংশোজা/।

বংশতিলক /বংশোতিলক্‌/ [স. বংশ+তিলক] বিণ. বংশের গৌরব বৃদ্ধি করে এমন। বি. বংশের গর্ব।

বংশদণ্ড /বংশোদন্‌ডো/ [স. বংশ+দণ্ড] বি. বাঁশের লাঠি।

বংশধর /বংশোধর্‌/ [স. বংশ+√ধৃ+অ] বি. যে বংশের ধারাবাহিকতা রক্ষা করে, বংশের সন্তান।

বংশধ্বংস /বংশোধংশো/ [স. বংশ+ধ্বংস] বি. দ্র বংশনাশ।

বংশনাশ /বংশোনাশ্‌/ [স. বংশ+নাশ] বি. বংশের বিলুপ্তি।

বংশপত্র /বংশোপত্‌ত্রো/ [স. বংশ+পত্র] বি. বাঁশ-পাতা।

বংশপরম্পরা /বংশোপরোম্‌পরা/ [স. বংশ+ পরম্পরা] বি. বংশানুক্রম।

বংশবৃদ্ধি /বংশোবৃদ্‌ধি/ [স. বংশ+√বৃধ্‌+তি] বি. বংশের সন্তানসন্ততির সংখ্যাবৃদ্ধি।

বংশমণ্ডপ /বংশোমনডোপ্‌/ [স. বংশ+মণ্ডপ] বি. বাঁশের তৈরি মণ্ডপবিশেষ।

বংশমর্যাদা /বংশোমোর্‌জাদা/ [স. বংশ+মর্যাদা] বি. বংশের প্রাপ্য সম্মান; আভিজাত্য।

বংশরক্ষা /বংশোরোক্‌খা/ [স. বংশ+√রক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. বংশের ধারাবাহিকতা রক্ষা।

বংশরোচনা /বংশোরোচনা/ [স. বংশ+√রুচ্‌+অন+আ (টাপ্‌)] বি. (এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে ওষুধরূপে ব্যবহৃত) বাঁশের অভ্যন্তরস্থ শ্বেতবর্ণ মিষ্টস্বাদ পদার্থবিশেষ, বংশলোচন।

বংশলতা /বংশোলতা/ [স. বংশ+লতা] বি. বংশ-পরম্পরায় সন্তানসন্ততিদের নামের তালিকা।

বংশলোচন /বংশোলোচন্‌/ [স. বংশ+লোচন] বি. দ্র বংশরোচনা।

বংশশলাকা /বংশোশলাকা/ [স. বংশ+শলাকা] বি. বাঁশের সরু কাঠি বা শলাকা, বাখারি।

বংশাঙ্কুর /বংশাংকুর্‌/ [স. বংশ+অঙ্কুর] বি. বাঁশের অঙ্কুর।

বংশানুক্রম /বংশানুক্রোম্‌/ [স. বংশ+অনুক্রম] বি. বংশপরম্পরা, বংশধারা।

বংশানুক্রমিক /বংশানুক্রোমিক্‌/ [স. বংশ+অনুক্রম +ইক] বিণ. বংশপরম্পরাগত।

বংশানুক্রমে /বংশানুক্রোমে/ [স. বংশানুক্রম+বা. এ] ক্রিবিণ. বংশপরম্পরায়।

বংশানুচরিত /বংশানুচোরিত্‌/ [স. বংশ+অনুচরিত] বি. বংশানুক্রমিক ইতিহাস।

বংশাবতংস /বংশাবোতংশো/ [স. বংশ+অবতংস] বি. যাকে বংশের অলংকাররূপে গণ্য করা হয়; বংশের শ্রেষ্ঠ ব্যক্তি।

বংশাবলি /বংশাবোলি/ [স. বংশ+আবলি] বি. বংশলতিকা, কুলজি, কুলপঞ্জি।

বংশিক /বোংশিক্‌/ [স. বংশ+ইক] বিণ. বংশে জাত। স্ত্রী. বংশিকা /বোংশিকা/।

বংশী /বোংশি/ [স. বংশ+অ+ঈ] বি. বাঁশি।

বংশীধর /বোংশিধর্‌/ [স. বংশী+ধর] বিণ. বংশী ধারণ করে এমন। বি. যাঁর হাতে বাঁশি আছে, শ্রীকৃষ্ণ।

বংশীধারী /বোংশিধারি/ [স. বংশী+√ধৃ+ইন্‌] বিণ. বি. দ্র বংশীধর।

বংশীধ্বনি /বোংশিধোনি/ [স. বংশী+ধ্বনি] বি. বাঁশির আওয়াজ।

বংশীবট /বোংশিবট্‌/ [স. বংশী+বট] বি. বৃন্দাবনে যে বটগাছের নিচে শ্রীকৃষ্ণ বাঁশি বাজাতেন।

বংশীবদন /বোংশিবদোন্‌/ [স. বংশী+বদন] বি. শ্রীকৃষ্ণ।

বংশীবয়ান /বোংশিবয়ান্‌/ [স. বংশী+বয়ান] বি. দ্র বংশীবদন।

বংশীবাদক /বোংশিবাদক্‌/ [স. বংশী+বাদক] বি. যে বাঁশি বাজায়।

বংশীবাদন /বোংশিবাদোন্‌/ [স. বংশী+বাদন] বি. বাঁশিতে ফুঁ দিয়ে বাদ্য পরিবেশন।

বংশীয় /বোংশিয়ো/ [স. বংশ+ঈয়] বিণ. ১ বংশজাত,

www.pathagar.com

কুলোদ্ভূত, কুলে জাত। ২ বংশসম্বন্ধীয়।

বংশীয়াল /বোংশিআল/ [স. বংশী >] বিণ. বংশী-বাদনে দক্ষ এমন।

বংশোদ্ভব /বংশোদ্‌ভবো/ [স. বংশ+উদ্ভব] বি. বংশে উৎপত্তি।

বংশোদ্ভূত /বংশোদ্‌ভূতো/ [স. বংশ+উদ্‌+√ভূ+ত] বিণ. বংশে জাত।

বংশ্য /বোংশ্যো/ [স. বংশ+য] বিণ. দ্র বংশীয়।

বঁইচি /বোঁইচি/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত লালচে আভাযুক্ত অম্লমধুর ছোটো ফল বা তার কাঁটাওয়ালা ডালপালাযুক্ত গুল্মজাতীয় পত্রমোচী উদ্ভিদ।

বঁটি /বোঁটি/ [মুণ্ডা. বইন্‌টি >] বি. মাছ তরকারি প্রভৃতি কোটার অস্ত্রবিশেষ।

বঁধু /বোঁধু/ [স. বন্ধু >] বি. ১ বন্ধু। ২ প্রণয়ী। ৩ প্রিয়।

বঁধুয়া /বোঁধুআ/ [স. বন্ধু >] বি. 'বঁধু'-র সম্বোধন-সূচক রূপ।

বক /বক্‌/ [স. √বঙ্ক্‌+অ] বি. উঁচু বাড়ির চূড়া বা গাছের ডগায় বাসা বাঁধে এবং নদীর তীর বা হাওড় অঞ্চলে শিকারের অপেক্ষায় স্থির হয়ে দাঁড়িয়ে থাকে এমন লম্বা গলা পা ও তীক্ষ্ণাগ্র শক্ত চঞ্চুবিশিষ্ট মৎস্যাশী সাদা পাখি।

বকঠুঁটো /বক্‌ঠুঁটো/ [স. বক+বা. ঠুঁটো] বি. বকের ঠোঁটের মতো দীর্ঘ ও সুচালো ঠোঁট এবং গোলাকার সরু দেহবিশিষ্ট হালকা সবুজ মিঠাপানির মাছ, কাকিলা, গাংদাঁড়া।

বক দেখানো /বক্‌ দ্যাখানো/ ক্রিবি. বকের গলা ও মুখের মতো হাত বাঁকিয়ে বিদ্রূপ করা।

বকধার্মিক /বক্‌ধার্‌মিক্‌/ [স. বক+ধার্মিক] বিণ. (শিকারের অপেক্ষায় বককে শান্ত স্থির ও ধ্যানমগ্ন তপস্বী মনে হয় বলে) বকের মতো ধার্মিকতার ভান করে এমন, কপট, ভণ্ড।

বকধ্যান /বক্‌ধ্যান/ [স. বক+ধ্যান] বি. কপটধ্যান।

বকনা /বক্‌না/ [স. বন্ধ্যা >] বি. যে গাভি এখনো গর্ভধারণ করেনি; মাদি বাছুর।

বকপাঁতি /বকোপাঁতি/ [স. বক+বা. পাঁতি] বি. আকাশে উড্ডীয়মান বকের সারি।

বকফুল /বক্‌ফুল্‌/ [স. বক+বা. ফুল] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে জাত কান্তে-আকৃতির সাদা পাপড়িবিশিষ্ট ফুল বা তার সরল কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন দ্রুতবর্ধনশীল পত্রমোচী বৃক্ষ, অগুস্তি।

বকবক /বক্‌বক্‌/ [ধ্বন্যা.] বি. ১ বিরক্তিকর অনর্গল কথা। ২ বাচালতা।

বকবকম /বক্‌বকোম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. পায়রার ডাকের অনুকার শব্দ।

বকবকানি /বক্‌বকানি/ [বা.] বি. ক্রমাগত বিরক্তিকর কথাবার্তা; বৃথা বাক্যব্যয়; বাচালতা।

বকবকানো /বক্‌বকানো/ [বা.] ক্রিবি. বকবক করা।

বকবৃত্তি /বকোবৃত্তি/ [স. বক+√বৃৎ+তি] বি. ভণ্ডামি; শঠতা; কপটতা। বিণ. ধূর্ত; ভণ্ড।

বকব্রতী /বকোব্রোতি/ [স. বক+ব্রত+ইন্‌] বিণ. ১ ভণ্ড; কপট। ২ প্রবঞ্চক।

বকম /বকোম্‌/ [হি. বক্কম >] বি. ক্রান্তীয় অঞ্চলের শিম্বগোত্রীয় বৃক্ষবিশেষ বা তার কাঠ (যা এককালে লাল রং তৈরির জন্য ব্যবহৃত হতো)।

বকম বকম /বকোম্‌ বকোম্‌/ বি. পায়রার ডাক।

বকযন্ত্র /বকোজন্‌ত্রো/ [স. বক+যন্ত্র] বি. ১ (distillation বা পাতনের জন্য ব্যবহৃত) বকের গ্রীবাসদৃশ বাঁকা করে নিচের দিকে মুখ করা থাকে এমন লম্বা গলাবিশিষ্ট গোলাকার পাত্র, retort। ২ হৃদ্‌যন্ত্রের স্পন্দন শুনে রোগ নির্ণয়ের উদ্দেশ্যে ডাক্তারদের কানের সঙ্গে লাগানো প্লাস্টিকের নলবিশেষ (যার অপরপ্রান্ত একটি চাকতির সঙ্গে যুক্ত থাকে), stethoscope।

বকরা /বক্‌রা/ [আ.] বি. ছাগল। স্ত্রী. বকরি /বোক্‌রি/।

বকরিদ /বোক্‌রিদ্‌/ [আ.] বি. হিজরি পঞ্জিকার জিলহজ মাসের ১০ তারিখে মুসলমানদের পালিত ইদ উৎসব, ইদুজ্‌জোহা।

বকলম /বকলোম্‌/ [ফা. ব+আ. কলম] বি. লিখতে পারে না এমন ব্যক্তির পক্ষে যে স্বাক্ষর করে।

বকলস /বক্‌লস্‌/ [ই. buckles >] বি. কোমরে বাঁধার চামড়া বা কাপড়ের ফিতার সঙ্গে যুক্ত আংটাবিশেষ।

বকশি /বোক্‌শি/ [ফা.] বি. ১ মোগল আমলে অর্থ আদায় ও বিতরণের দায়িত্বপ্রাপ্ত রাজকর্মচারী। ২ পদবিবিশেষ।

বকশিশ /বোক্‌শিশ্‌/ [ফা.] বি. কোনো কাজের জন্য খুশি হয়ে প্রদত্ত পারিতোষিক; পুরস্কার।

বকা /বকা/ [স. বাচাট >] ক্রিবি. ১ অনাবশ্যক কথা বলা; বকবক করা; বাচালতা প্রকাশ করা। ২ ভর্ৎসনা বা গালমন্দ করা; ধমকানো।

বকাবকি /বকাবোকি/ [বা.] বি. ১ ধমকাধমকি;

www.pathagar.com

তর্কবিতর্ক। ২ গালাগাল; কলহ।

বকুনি /বোকুনি/ [বা.] বি. তিরস্কার, ভর্ৎসনা।

বকুল /বোকুল্/ [স. √বচ্+উল] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্ম থেকে শরৎকাল পর্যন্ত ফোটে এমন ছোটো হলুদাভ পাংশু সুগন্ধ ফুল ও গাঢ় কালচে সবুজ পাতা বা তার ধূসর বাকলবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি উচ্চতার চিরহরিৎ বৃক্ষ (আনি. ভারত ও মায়ানমার)।

বকেয়া /বকেআ/ [আ.] বিণ. ১ অপরিশোধিত, বাকি; অবশিষ্ট। ২ পুরানো।

বকেয়া খাজনা /বকেআ খাজনা/ বি. অপরিশোধিত খাজনা।

বক্কাল /বক্কাল্/ [আ.] বি. ১ ওষুধরূপে ব্যবহৃত বিবিধ গাছগাছড়ার ছাল। ২ রান্নার মসলা।

বক্তব্য /বক্তোব্বো/ [স. √বচ্+তব্য] বিণ. ১ বলতে হবে বা বলার যোগ্য এমন। ২ আলোচ্য; উল্লেখ্য। বি. কথা; আলোচ্য বিষয়।

বক্তা /বক্তা/ [স. √বচ্+তৃ] বি. যে বলে বা ভাষণ দেয়। বিণ. বাকপটু, বাগ্মী।

বক্তার /বক্তার/ [স. বক্তা >] বিণ. বক্তৃতাপটু। বি. যে-কোনো বিষয়ে অনর্গল বলতে পারে এমন ব্যক্তি।

বক্তৃতা /বোক্তৃতা/ [স. বক্তৃ+তা] বি. ১ জনসমক্ষে ভাষণ প্রদান। ২ বাক্‌পটুতা। ৩ বাগ্‌বিন্যাস।

বক্ত্র /বক্ত্রো/ [স. √বচ্+ত্র] বি. মুখ, বদন।

বক্র /বক্রো/ [স. √বন্চ্+র] বিণ. ১ সরল নয় এমন; বাঁকা। ২ কুটিল। বি. বাঁক, মোড়।

বক্রগ্রীব /বক্রোগ্রিবো/ [স. বক্র+গ্রীব] বিণ. ঘাড় বাঁকা এমন।

বক্রদংষ্ট্র /বক্রোদংশ্ট্রো/ [স. বক্র+√দন্শ্+ত্র] বিণ. বাঁকা দাঁতবিশিষ্ট।

বক্রদৃষ্টি /বক্রোদৃশ্টি/ [স. বক্র+√দৃশ্+তি] বি. বাঁকা চাহনি; কটাক্ষ। বিণ. ট্যারা।

বক্রনাস /বক্রোনাশ্/ [স. বক্র+নাস] বিণ. টিয়াপাখির মতো বাঁকা নাকবিশিষ্ট।

বক্রিমা /বোক্রিমা/ [স. বক্র+ইমন্] বি. ১ বক্রতা। ২ কুটিলতা; শঠতা।

বক্রীকরণ /বোক্রিকরোন্/ [স. বক্র+ঢ্বি+করণ] বি. বাঁকা করার কাজ।

বক্রীকৃত /বোক্রিকৃতো/ [স. বক্র+ঢ্বি+কৃত] বিণ. বাঁকা করা হয়েছে এমন।

বক্রোক্তি /বক্রোক্তি/ [স. বক্র+উক্তি] বি. ১ শ্লেষ-পূর্ণ বাক্য; তির্যক কটাক্ষ। ২ কাব্যালংকারবিশেষ।

বক্ষ /বোক্খো/ [স. √বচ্+অস্] বি. ১ মানুষ বা মেরুদণ্ডী প্রাণীর গলা থেকে কোমর পর্যন্ত দেহের অংশ। ২ হৃদয়, অন্তর, মন।

বক্ষঃস্থল /বোক্খোস্থল্/ [স. বক্ষঃ+স্থল] বি. ১ বুকের পাটা। ২ হৃদয়, অন্তর, চিত্ত।

বক্ষঃস্পন্দন /বোক্খোস্পন্দোন্/ [স. বক্ষঃ+স্পন্দন] বি. বুকের মৃদু কম্পন বা দুরুদুরু ভাব।

বক্ষত্রাণ /বোক্খোত্রান্/ [স. বক্ষঃ+ত্রাণ] বি. অস্ত্রের আঘাত থেকে রক্ষার জন্য বক্ষে ধারণীয় বর্মবিশেষ।

বক্ষপঞ্জর /বোক্খোপন্জর্/ [স. বক্ষঃ+পঞ্জর] বি. বুকের হাড়; পাঁজর।

বক্ষপট /বোক্খোপট্/ [স. বক্ষঃ+পট] বি. বক্ষঃ-স্থল; বুকের পাটা।

বক্ষবন্ধনী /বোক্খোবন্ধোনি/ [স. বক্ষঃ+বন্ধনী] বি. নারীদেহের স্তনাবরকরূপে ব্যবহৃত অন্তর্বাসবিশেষ, কাঁচুলি।

বক্ষব্যাধি /বোক্খোব্যাধি/ [স. বক্ষঃ+ব্যাধি] বি. বক্ষঃপীড়া, ফুসফুসের রোগ।

বক্ষাবরণ /বোক্খাবোরন্/ [স. বক্ষঃ+আবরণ] বি. বক্ষঃস্থলের আবরণবিশেষ, ওড়না।

বক্ষোজ /বোক্খোজো/ [স. বক্ষঃ+√জন্+অ] বি. স্তন, পয়োধর।

বখরা /বখ্‌রা/ [ফা.] বি. (সচরাচর অসদুপায়ে প্রাপ্ত) কোনো বস্তুর ভাগ।

বখরাদার /বখ্‌রাদার্/ [ফা.] বি. (সচরাচর অসদুপায়ে প্রাপ্ত) কোনো বস্তুর অংশীদার।

বখা /বখা/ [বা.] ক্রিবি. অধঃপাতে যাওয়া। বিণ. অধঃপাতে গত; দুশ্চরিত্র।

বখাটে /বখাটে/ [বা.] বিণ. অধঃপাতে গিয়েছে এমন।

বখানো /বখানো/ [বা.] ক্রিবি. অধঃপাতে নেওয়া।

বখামি /বখামি/ [বা.] বি. ১ অধঃপতিত ব্যক্তিসুলভ আচরণ। ২ ফাজলামি; বাচালতা।

বখামো /বখামো/ [বা.] বি. 'বখামি'-র কথ্য রূপ।

বখিল /বোখিল্/ [আ.] বিণ. কৃপণ, ব্যয়কুণ্ঠ।

বখে যাওয়া /বখে যাওয়া/ ক্রিবি. অধঃপাতে যাওয়া।

বগয়রহ /বগয়রহো/ [আ.] অব্য. ইত্যাদি, প্রভৃতি। বি. ১ অন্য সকল ব্যক্তি। ২ সমুদয়, অন্যান্য।

বগল /বগোল্/ [ফা.] বি. ১ বাহুমূলের নিম্নদেশ, কাঁখতলি, armpit। ২ পার্শ্ব। ৩ সমীপ্য, নৈকট্য।

বগলদাবা /বগোল্‌দাবা/ [ফা. বগল+বা. দাবা] বিণ. ১ বাহুমূলে চেপে ধারণ। ২ (আল.) আয়ত্তে আনয়ন।

বগল বাজানো /বগোল্ বাজানো/ ক্রিবি. ১ দম্ভ প্রকাশার্থে বগলের নিচে হাতের তালুর চাপ দিয়ে

www.pathagar.com

শব্দ করা। ২ উল্লাস বা দম্ভ প্রকাশ করা।

বগা /বগা/ [স. বক >] বি. 'বক'-এর আঞ্চলিক রূপ।

বগি[১] /বগি/ [অজ্ঞা.] বি. দুই বা চার চাকাবিশিষ্ট ঘোড়ায় টানা হালকা যাত্রীবাহী গাড়ি, buggy।

বগি[২] /বগি/ [অজ্ঞা.] বি. রেলগাড়ির তলায় যুক্ত দুই বা ততোধিক চাকার ফ্রেম যা ওই গাড়িকে বাঁক নিতে সাহায্য করে; রেলগাড়ির কামরা; bogie।

বগি[৩] /বোগি / [দেশি.] বি. কানা-উঁচু কাঁসার থালা।

বঙ্ক /বংকো/ [স. বক্র >] বিণ. ১ বাঁকা, বঙ্কিম। ২ কুটিল। বি. ১ নদীর বাঁক। ২ বাঁকমল।

বঙ্কা /বংকা/ [স. বক্র >] বিণ. বাঁকা।

বঙ্কিম /বোংকিম্/ [স. বক্রিমন্ >] বিণ. ১ বাঁকা; আঁকাবাঁকা; অল্প বাঁকা। ২ কুটিল (*বঙ্কিম দৃষ্টি*)।

বঙ্কিমবিহারী /বোংকিম্‌বিহারি/ [বা. বঙ্কিম+স. বিহারী] বি. শ্রীকৃষ্ণ।

বঙ্গ /বংগো/ [স. √বঙ্গ্+অ] বি. বাংলাদেশের প্রাচীন নাম।

বঙ্গজ /বংগোজো/ [স. বঙ্গ+√জন্+অ] বিণ. বঙ্গে জাত বা উৎপন্ন।

বঙ্গবন্ধু /বংগোবোনধু/ [স. বঙ্গ+বন্ধু] বি. স্বাধীন বাংলাদেশের স্থপতি শেখ মুজিবুর রহমানকে ১৯৬৯ সালে সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক প্রদত্ত উপাধি।

বঙ্গবাসী /বংগোবাশি/ [স. বঙ্গ+√বস্+ইন্] বিণ. বঙ্গদেশের অধিবাসী।

বঙ্গভবন /বংগোভবোন্/ [স. বঙ্গ+ভবন] বি. বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারি বাসভবন।

বঙ্গসন্তান /বংগোশন্‌তান্/ [স. বঙ্গ+সন্তান] বি. বাঙালির সন্তান।

বঙ্গাব্দ /বংগাব্‌দো/ [স. বঙ্গ+অব্দ] বি. হিজরি ৯৬৩ অব্দ থেকে প্রবর্তিত সৌর অব্দ (রাজস্ব আদায়ের সুবিধার্থে সম্রাট আকবর কর্তৃক ১৫৫৬ খ্রিষ্টাব্দে প্রবর্তিত যার পরিমার্জিত রূপ বর্তমানে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে বঙ্গাব্দরূপে পরিচিত)।

বঙ্গীকরণ /বোংগিকরোন্/ [স. বঙ্গ+চ্বি+করণ] বি. অন্য ভাষার উপাদান বাংলা ভাষায় রূপান্তরণ।

বঙ্গীকৃত /বোংগিকৃতো/ [স. বঙ্গ+চ্বি+কৃত] বিণ. অন্য ভাষা থেকে বাংলা ভাষায় রূপান্তরিত।

বঙ্গীয় /বোংগিয়ো/ [স. বঙ্গ+ঈয়] বিণ. ১ বাংলা ভাষা বা বাংলাদেশসংক্রান্ত। ২ বঙ্গদেশসংক্রান্ত।

বচ /বচ/ [স. বচা >] বি. ওষুধে ব্যবহৃত ঝাঁজালো ও কটুস্বাদ কন্দবিশেষ।

বচন /বচোন্/ [স. √বচ্+অন] বি. ১ বাক্য, কথা, উক্তি। ২ শাস্ত্রীয় উক্তি; প্রবচন। ৩ (ব্যা.) পদের একত্ব বা বহুত্ব বাচক শব্দ (*বহুবচন*)।

বচনপ্রপঞ্চ /বচোন্‌প্রোপন্‌চো/ [স. বচন+প্রপঞ্চ] বি. কথার ছলাকলা।

বচনবদ্ধ /বচোন্‌বদ্‌ধো/ [স. বচন+√বন্ধ্+ত] বিণ. প্রতিশ্রুত, অঙ্গীকৃত, প্রতিজ্ঞাবদ্ধ।

বচনবাগীশ /বচোন্‌বাগিশ্/ [স. বচন+বাগীশ] বিণ. কেবল কথায় পটু এমন, বাক্‌পটু।

বচনাতীত /বচোনাতিতো/ [স. বচন+অতীত] বিণ. কথার সাহায্যে বোঝা বা বোঝানো যায় না এমন।

বচনীয় /বচোনিয়ো/ [স. √বচ্+অনীয়] বিণ. ১ বলার যোগ্য, বাচ্য। ২ নিন্দার যোগ্য।

বচসা /বচোশা/ [স. বচস্ >] বি. ১ কথা কাটাকাটি, তর্কাতর্কি। ২ কলহবিবাদ।

বচ্ছর /বচ্ছোর্/ [স. বৎসর >] বি. দ্র বছর।

বছর /বছোর্/ [স. বৎসর >] বি. ১২ মাসব্যাপী কালপর্ব; 'বৎসর'-এর চলিত রূপ।

বজরা /বজরা/ [হি.] বি. নদীপথে চলাচলকারী কাঠের তৈরি বিলাসবহুল বড়ো নৌকাবিশেষ।

বজায় /বজায়/ [ফা.] বিণ. ১ বলবৎ; অক্ষুণ্ন, রক্ষিত। ২ প্রতিষ্ঠিত।

বজ্জাত /বজ্‌জাত্/ [ফা.] বিণ. চালাক, ধূর্ত; দুর্বৃত্ত, দুর্জন। বি. ১ অন্যের ক্ষতি করার মানসিকতা-সম্পন্ন ব্যক্তি। ২ গালিবিশেষ।

বজ্জাতি /বজ্‌জাতি/ [ফা.] বি. বদমায়েশি; দুর্বৃত্তের আচরণ।

বজ্র /বজ্‌জ্রো/ [স. √বজ্+র] বি. ১ বাজ, অশনি, কুলিশ। ২ দধীচির অস্থিদ্বারা নির্মিত ইন্দ্রের অস্ত্র। ৩ হীরক। ৪ গুণনের চিহ্ন (×)। ৫ যোগের আসনবিশেষ (*বজ্রাসন*)। বিণ. অত্যন্ত কঠোর (*বজ্র আঁটুনি*)।

বজ্রকঠিন /বজ্‌জ্রোকোঠিন্/ [স. বজ্র+কঠিন] বিণ. বজ্রের মতো কঠিন, অত্যন্ত দৃঢ়।

বজ্রকণ্ঠ /বজ্‌জ্রোকন্‌ঠো/ [স. বজ্র+কণ্ঠ] বিণ. দৃঢ় সংকল্প। বি. বজ্রের মতো জোরালো কণ্ঠ।

বজ্রকীট /বজ্‌জ্রোকিট্/ [স. বজ্র+কীট] বি. ১ তীক্ষ্ণ দাঁতবিশিষ্ট কীটবিশেষ, ঘুণ। ২ দক্ষিণ এশিয়া ও আফ্রিকায় বিচরণ করে এমন গায়ে আঁশযুক্ত লম্বা জিভওয়ালা পিপীলিকাভুক স্তন্যপায়ী প্রাণী, বনরুই, pangolin।

বজ্রগম্ভীর /বজ্‌জ্রোগোম্‌ভির্/ [স. বজ্র+গম্ভীর] বিণ. বজ্রের শব্দের মতো গম্ভীর।

বজ্রগুণন /বজ্‌জ্রোগুনন্/ [স. বজ্র+গুণন] বি.

www.pathagar.com

বীজগণিতে গুণের প্রক্রিয়াবিশেষ, cross-multiplication।

বজ্রচিহ্ন /বজ্‌জ্রোচিন্‌nho/ [স. বজ্র+চিহ্ন] বি. গুণচিহ্ন, (×)।

বজ্রদন্ত /বজ্‌জ্রোদন্‌তো/ [স. বজ্র+দন্ত] বিণ. বজ্রের মতো কঠিন দাঁতবিশিষ্ট। বি. ১ শূকর। ২ ইঁদুর। ৩ হাতি।

বজ্রধর /বজ্‌জ্রোধর্‌/ [স. বজ্র+ধর] বি. দেবরাজ ইন্দ্র।

বজ্রধ্বনি /বজ্‌জ্রোদ্‌ধোনি/ [স. বজ্র+ধ্বনি] বি. বজ্রপাতের শব্দ।

বজ্রনখ /বজ্‌জ্রোনখ্‌/ [স. বজ্র+নখ] বি. তীক্ষ্ণনখ।

বজ্রনাদ /বজ্‌জ্রোনাদ্‌/ [স. বজ্র+নাদ] বি. দ্র বজ্র-ধ্বনি।

বজ্রনির্ঘোষ /বজ্‌জ্রোনির্‌ঘোশ্‌/ [স. বজ্র+নির্ঘোষ] বি. দ্র বজ্রধ্বনি।

বজ্রপাণি /বজ্‌জ্রোপানি/ [স. বজ্র+পাণি] বি. হাতে বজ্র ধারণ করেন যিনি, দেবরাজ ইন্দ্র।

বজ্রপাত /বজ্‌জ্রোপাত্‌/ [স. বজ্র+পাত] বি. বজ্রের পতন।

বজ্রবাণ /বজ্‌জ্রোবান্‌/ [স. বজ্র+বাণ] বি. বিদ্যুৎ।

বজ্রবৃষ্টি /বজ্‌জ্রোবৃশ্‌টি/ [স. বজ্র+√বৃষ্‌+তি] বি. বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টি।

বজ্রমণি /বজ্‌জ্রোমোনি/ [স. বজ্র+মণি] বি. হীরা।

বজ্রমুষ্টি /বজ্‌জ্রোমুশ্‌টি/ [স. বজ্র+√মুষ্‌+তি] বি. অত্যন্ত দৃঢ়মুষ্টি।

বজ্রযান /বজ্‌জ্রোজান্‌/ [স. বজ্র+যান] বি. তান্ত্রিক বৌদ্ধ মতবিশেষ; শূন্যতাযান।

বজ্রশলাকা /বজ্‌জ্রোশলাকা/ [স. বজ্র+শলাকা] বি. বজ্রপাতের আঘাত থেকে রক্ষার জন্য মাটির নিচে তামার পাতের সঙ্গে সংযুক্ত বাড়ির ছাদের সর্বোচ্চ স্থানে বা সৌধের চূড়ায় স্থাপিত সুচালো লোহার শলাকাবিশেষ, lightining arrestor।

বজ্রশায়ক /বজ্‌জ্রোশায়োক্‌/ [স. বজ্র+শায়ক] বি. বজ্রতুল্য দৃঢ় তির বা বাণ।

বজ্রশিখা /বজ্‌জ্রোশিখা/ [স. বজ্র+শিখা] বি. বজ্রবিদ্যুৎ।

বজ্রাগ্নি /বজ্‌জ্রাগ্‌নি/ [স. বজ্র+অগ্নি] বি. বজ্রপাতের আগুন।

বজ্রাঘাত /বজ্‌জ্রাঘাত্‌/ [স. বজ্র+আঘাত] বি. ১ বজ্রের আঘাত, বজ্রপতন। ২ (আল.) আকস্মিক বিপর্যয়।

বজ্রাসন /বজ্‌জ্রাশোন্‌/ [স. বজ্র+আসন] বি. হাঁটু ভেঙে দু-পা পেছনে মুড়ে শিরদাঁড়া সোজা করে এবং হাতের চেটো উপুড় করে রাখা যোগের আসন।

বজ্রাহত /বজ্‌জ্রাহতো/ [স. বজ্র+আহত] বিণ. ১ বজ্রাঘাতপ্রাপ্ত। ২ (আল.) অপ্রত্যাশিত শোক বা আঘাতপ্রাপ্ত।

বঞ্চক /বন্‌চক্‌/ [স. √বঞ্চ্‌+অক] বি. বিণ. প্রতারক, শঠ, বঞ্চনাকারী।

বঞ্চন /বন্‌চোন্‌/ [স. √বঞ্চ্‌+অন] বি. প্রতারণা, শঠতা, শাঠ্য।

বঞ্চনা /বন্‌চোনা/ [স. √বঞ্চ্‌+অন+আ (টাপ্‌)] বি. দ্র বঞ্চন।

বঞ্চা /বন্‌চা/ [বা.] ক্রিবি. ১ (কাব্যে) প্রতারিত করা। ২ অতিবাহন করা। ৩ বাস করা।

বঞ্চিত /বোন্‌চিতো/ [স. √বঞ্চ্‌+ত] বিণ. ন্যায্য প্রাপ্য পায়নি এমন। স্ত্রী. **বঞ্চিতা** /বোন্‌চিতা/।

বঞ্জুল /বোন্‌জুল্‌/ [স. √বঞ্চ্‌+উল] বি. ১ অশোকবৃক্ষ বা তার ফুল। ২ স্থলপদ্ম। ৩ পাখিবিশেষ। ৪ বেত, বেতস।

বঞ্জুলনিকুঞ্জ /বোন্‌জুল্‌নিকুন্‌জো/ [স. বঞ্জুল+নিকুঞ্জ] বি. অশোকবন।

বট /বট্‌/ [স. √বট্‌+অ] বি. এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে জাত উজ্জ্বল চিরহরিৎ শাখাপ্রসারী বহুবর্ষজীবী বিশালাকৃতি ছায়াতরু যার ডাল থেকে নেমে আসা অসংখ্য স্তম্ভমূল এক-একটি কাণ্ডে পরিণত হয়, ন্যগ্রোধ, তরুরাজ (*কী আঁচল বিছায়েছ বটের মূলে, নদীর কূলে কূলে।* রবীন্দ্র.)।

বটকিরি /বট্‌কিরি/ [স. বর্কর >] বি. উপহাস। বিণ. মজলিসি।

বটঠাকুর /বট্‌ঠাকুর্‌/ [বা.] বি. স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা, ভাশুর।

বটতলা /বট্‌তলা/ [বা.] বি. বটগাছের ছায়াঘেরা পাদদেশ, বটমূল।

বটব্যাল /বটোব্‌ব্যাল্‌/ [স্থান.] বি. পদবিবিশেষ।

বটমূল /বটোমুল্‌/ [বা.] বি. বটগাছের ছায়াঢাকা পাদদেশ (*রমনা বটমূল*)।

বটিকা /বোটিকা/ [স. বটক+আ (টাপ্‌)] বি. বড়ি, ওষুধের গুটিকা, গুটি, গুলি।

বটী /বোটি/ [স. √বট্‌+অ+ঈ] বি. দ্র **বটিকা**।

বটু /বোটু/ [স. √বট্‌+উ] বি. ১ ব্রাহ্মণ বালক। ২ ছোটো ছেলে।

www.pathagar.com

বটুক /বোটুক্/ [স. বটু+ক (স্বার্থে)] বি. দ্র বটু।

বটুয়া /বোটুআ/ [হি.] বি. কাপড়ের তৈরি ছোটো থলি।

বটে[১] /বটে/ [বা.] অব্য. ১ সত্যিই (*ঠিক বটে*)। ২ বিস্ময় বা সংশয়সূচক প্রশ্নে ব্যবহৃত শব্দ, তাই নাকি। ৩ শাসন বা ভীতি প্রদর্শন (*বটে রে— এত সাহস*)। ৪ বিদ্রূপে (*সাহস বটে!*)। ৫ পক্ষান্তরে, যদিও (*লম্বা-চওড়া বটে, কিন্তু ভীতু*)। ক্রিবি. হয়; সত্য হয় (*যা রটে তা কিছু তো বটে*)।

বটেক /বটেক্/ [বা.] বিণ. অতি তুচ্ছ বা সামান্য। বি. এক কড়া।

বটেন /বটেন্/ [বা.] ক্রিবি. হন (*লোকটি কে বটেন?*)।

বটের /বটের্/ [স. বর্তক >] বি. পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এমন তিতিরজাতীয় পরিযায়ী ছোটো পাখি (সহজে পোষ মানে), ভাটাই পাখি, লাব।

বডিস /বডিস্/ [ই.] বি. মহিলাদের ঊর্ধ্বাঙ্গের অন্তর্বাসবিশেষ, কাঁচুলি, চোলি, bodice।

বড্ড /বড়্ডো/ [আঞ্চ.] বিণ. ১ বড়ো, বৃহৎ, বিশাল; অতিশয়; অত্যন্ত; খুব। ২ অপ্রয়োজনীয়, বাজে (*বড্ড কথা বলে*)।

বড়দা /বড়্দা/ [বা.] বি. বড়ো দাদা। স্ত্রী. বড়দি /বড়্দি/।

বড়বা /বড়োবা/ [স. বল+ব+আ (টাপ্)] বি. ১ ঘোটকী। ২ পুরাণে কল্পিত অগ্নিবর্ষী সিন্ধুঘোটক। ৩ অশ্বিনী নক্ষত্র।

বড়বাগ্নি /বড়োবাগ্নি/ [স. বড়বা+অগ্নি] বি. পুরাণে কল্পিত সিন্ধুঘোটকের মুখ থেকে নিঃসৃত অগ্নি; সমুদ্র থেকে উত্থিত অগ্নি।

বড়বানল /বড়োবানল্/ [স. বড়বা+অনল] বি. দ্র বড়বাগ্নি।

বড়শি /বোড়্শি/ [স. বড়িশী >] বি. ছিপের সুতোর প্রান্তে বাঁধা বাঁকা সুচালো আলযুক্ত লোহার কাঁটাবিশেষ যাতে টোপ গেঁথে মাছ ধরা হয়।

বড়া[১] /বড়া/ [হি.] বি. তেল বা ঘিয়ে ভাজা পিষ্ট ডাল মটর মাছ প্রভৃতি দিয়ে তৈরি গোলাকার চ্যাপটা খাদ্যবস্তু।

বড়া[২] /বড়া/ [দেশি.] বি. আঁটি (*আমের বড়া*)।

বড়াই[১] /বড়াই/ [বা.] বি. ১ গর্ব, অহংকার, জাঁক (*বিদ্যার বড়াই*)। ২ উচ্চ প্রশংসা; মহিমা; গৌরব।

বড়াই[২] /বড়াই/ [বা.] বি. ১ অতিশয় বয়স্ক নারী। ২ মাতামহী। ৩ রাধাকৃষ্ণের মিলন সংঘটনে সহযোগিতাকারী বৃন্দাবনের জনৈক বৃদ্ধ নারী, যোগমায়া।

বড়াল /বড়াল্/ [বা.] বি. ১ বাংলাদেশের রাজশাহীর কাছে পদ্মা থেকে উৎপন্ন হয়ে নাটোর ও পাবনা জেলার ভেতর দিয়ে প্রবাহিত হয়ে করতোয়ার সঙ্গে মিশে যমুনায় পতিত নদীবিশেষ। ২ পদবি-বিশেষ।

বড়ি[১] /বোড়ি/ [বা.] বিণ. ১ অতিশয়, অত্যন্ত; বড়ো। ২ উৎকৃষ্ট, উত্তম।

বড়ি[২] /বোড়ি/ [স. বটী >] বি. ১ বটিকার আকারে তৈরি ওষুধের গুলি। ২ পেষা ডাল রোদে শুকিয়ে তৈরি গুলি। ৩ ছোটো বড়া।

বড়ু /বোড়ু/ [স. বটু >] বি. ব্রাহ্মণ, দ্বিজ (*বড়ু চণ্ডীদাস*)।

বড়ুই /বোড়ুই/ [স. বর্ধকি >] বি. ১ ছুতার। ২ ঘরামি।

বড়ুয়া[১] /বোড়ুআ/ [স. বটুক >] বি. কুমার; বালক।

বড়ুয়া[২] /বোড়ুআ/ [দেশি.] বি. ১ পদস্থ বা সম্মানিত ব্যক্তি; ধনী। ২ পদবিবিশেষ।

বড়ে /বোড়ে/ [স. বটিকা >] বি. দাবা খেলায় ব্যবহৃত গুটিবিশেষ।

বড়ো /বড়ো/ [দেশি.] বিণ. ১ বৃহৎ (*বড়ো বাড়ি*)। ২ প্রশস্ত (*বড়ো নদী*)। ৩ দীর্ঘ (*বড়ো সেতু*)। ৪ স্থূল (*বড়ো ভুঁড়ি*)। ৫ বয়োজ্যেষ্ঠ (*বড়ো দিদি*)। ৬ ধনী (*বড়োলোক*)। ৭ সম্ভ্রান্ত (*বড়ো ঘর*)। ৮ উচ্চপদে অধিষ্ঠিত (*বড়ো সাহেব*)। ৯ মহৎ; উদার (*বড়ো মন*)। ১০ ভয়াবহ (*বড়ো দুর্ঘটনা*)। ১১ আসল, প্রকৃত (*বড়ো কথা*)। ১২ দক্ষ ও অভিজ্ঞ, খ্যাতিমান (*বড়ো ডাক্তার*)। ১৩ অহংকৃত (*বড়ো মুখ*)। ১৪ অতিশয় (*বড়ো ঠান্ডা*)। অব্য. ১ নিতান্ত (*বড়োজোর*); একেবারে। ২ বিস্ময়ব্যঞ্জক; অপ্রত্যাশিত ভাবসূচক শব্দ (*এখানে বড়ো একটা দেখা যায় না*)। বি. ধনী ব্যক্তি।

বড়ো করা /বড়ো করা/ ক্রিবি. ১ বাড়িয়ে তোলা, উন্নত করা। ২ পালন করা।

বড়ো গলা /বড়ো গলা/ বি. ১ উচ্চকণ্ঠ। ২ গর্ব, অহংকার।

বড়োজোর /বড়োজোর্/ [বা.] ক্রিবিণ. খুব বেশি হলে (*বড়োজোর একদিন লাগবে*)।

বড়োঠাকুর /বড়োঠাকুর/ [বা.] বি. ভাশুর।

বড়ো তামাক /বড়ো তামাক্/ বি. গাঁজা।

বড়োত্ব /বড়োত্তো/ [বা. বড়ো+স. ত্ব] বি. ১ জ্যেষ্ঠত্ব। ২ মহত্ত্ব; শ্রেষ্ঠত্ব।

www.pathagar.com

বড়োদিন /বড়োদিন্/ [বা. বড়ো+স. দিন] বি. ১ যে তারিখে যিশুখ্রিষ্টের জন্মোৎসব পালিত হয় (২৫শে ডিসেম্বর বা ১১ই পৌষ)। ২ যে তারিখ থেকে উত্তর গোলার্ধে দিন বড়ো হতে আরম্ভ করে (২৩শে ডিসেম্বর বা ৯ই পৌষ)। ৩ উত্তর গোলার্ধের দীর্ঘতম দিন (২১শে জুন বা ৭ই আষাঢ়)।

বড়োবাবু /বড়োবাবু/ [বা. বড়ো+হি. বাবু] বি. অফিসের প্রধান কেরানি, head clerk।

বড়োমানুষ /বড়োমানুশ্/ [বা. বড়ো+স. মানুষ] বি. ধনী বা ঐশ্বর্যশালী ব্যক্তি।

বড়োমানুষি /বড়োমানুশি/ [বা.] বি. ধনীর মতো আচরণ।

বড়োমিঞা /বড়োমিআঁ/ [বা. বড়ো+ফা. মিঞা] বি. ১ (সচরাচর মুসলমান) মহল্লা বা পরিবারের বয়োজ্যেষ্ঠ ব্যক্তি। ২ (আল.) সুন্দরবনের বাঘ।

বড়োলাট /বড়োলাট্/ [বা.] বি. ব্রিটিশ শাসনকালে কমনওয়েলথভুক্ত দেশে ব্রিটিশরাজের মুখ্য প্রতিনিধি, Governor General।

বড়োলোক /বড়োলোক্/ [বা. বড়ো+স. লোক] বি. ধনী ব্যক্তি।

বড়োলোকি /বড়োলোকি/ [বা.] বি. ধনীসুলভ আচরণ বা হাবভাব।

বড়োশিয়াল /বড়োশিআল্/ [বা.] বি. সুন্দরবনের বাঘ।

বড়োশেয়াল /বড়োশেআল্/ [বা.] বি. দ্র বড়োশিয়াল।

বড়োসড়ো /বড়োশড়ো/ [বা.] বিণ. বড়ো আকৃতির।

বড়ো হওয়া /বড়ো হওআ/ ক্রিবি. ১ গুরুত্বপূর্ণ হওয়া। ২ ধন যশ প্রভৃতি বৃদ্ধি পাওয়া। ৩ বয়ঃপ্রাপ্ত হওয়া। ৪ বৃদ্ধি পাওয়া।

বড়োহাজরি /বড়োহাজ্‌রি/ [বা. বড়ো+ফা. হাজরি] বি. পাশ্চাত্যভাবাপন্ন সমাজে দিনের প্রধান আহার; মধ্যাহ্ন-আহারের খাদ্যসামগ্রী।

বণিক /বোনিক্/ [স. √বণ্+ইজ্] বি. ব্যবসায়ী।

বণ্টক /বন্‌টক্/ [স. √বণ্ট্+অক] বিণ. বিভাজক।

বণ্টন /বন্‌টোন্/ [স. √বণ্ট্+অন] বি. অংশে ভাগ করে বিতরণ, বিভাজন।

বতারিখ /বতারিখ্/ [ফা. ব+আ. তারিখ] ক্রিবিণ. তারিখ অনুযায়ী বা অনুসারে; নির্দিষ্ট তারিখে।

-বৎ /বত্/ অব্য. ১ তুল্য সদৃশ ন্যায় মতো প্রভৃতি অর্থে প্রযুক্ত সংস্কৃত তদ্ধিত প্রত্যয় (*মাতৃবৎ স্নেহ*)। ২ যার আছে বা যাতে আছে। স্ত্রী. -বতী /বোতি/।

বৎস /বত্‌শো/ [স. √বদ্+স] বি. ১ (স্নেহপূর্ণ সম্বোধনে ব্যবহৃত) বাছা। ২ শাবক (*গোবৎস*)।

বৎসর /বত্‌শর্/ [স. √বৎ+সর] বি. বারো মাসকাল, বছর, বর্ষ। ২ অব্দ, সন।

বৎসল /বত্‌শল্/ [স. বৎস+ল] বিণ. স্নেহপূর্ণ; অনুরক্ত; অপত্য নির্বিশেষে স্নেহপরায়ণ। স্ত্রী. বৎসলা /বত্‌শলা/।

বৎসাদন /বত্‌শাদোন্/ [স. বৎস+অদন] বি. নেকড়ে বাঘ।

বত্রিশ /বোত্‌ত্রিশ্/ [স. দ্বাত্রিংশৎ>] বি. ৩২ সংখ্যা। বিণ. ৩২ সংখ্যক।

বত্রিশা /বোত্‌ত্রিশা/ [স. দ্বাত্রিংশৎ>] বি. মাসের ৩২ তারিখ। বিণ. ৩২ তারিখের।

বত্রিশে /বোত্‌ত্রিশে/ [স. দ্বাত্রিংশৎ>] বি. মাসের ৩২ তারিখ। বিণ. ৩২ তারিখের।

বদ /বদ্/ [ফা.] বিণ. ১ মন্দ, খারাপ। ২ রুক্ষ; কর্কশ (*বদমেজাজ*)। ৩ অসাধু (*বদমাশ*)। ৪ অন্যায়। ৫ দূষিত; রোগগ্রস্ত। ৬ অন্য, ভিন্ন।

বদখত /বদ্‌খত্/ [ফা. বদ+আ. খত] বিণ. ১ বিশ্রী। ২ হাতের লেখা ভালো নয় এমন। ৩ বেয়াড়া, অবাধ্য।

বদদোয়া /বদ্‌দোআ/ [ফা. বদ+আ. দোয়া] বি. অপরের অনিষ্টসাধন-কামনায় আল্লাহর কাছে প্রার্থনা; অভিশাপ।

বদন /বদোন্/ [স. √বদ্+অন] বি. ১ মুখ; মুখগহ্বর। ২ মুখমণ্ডল। স্ত্রী. বদনা /বদোনা/।

বদনকান্তি /বদোনকান্‌তি/ [স. বদন+√কম্+তি] বি. চেহারার সৌন্দর্য।

বদনসিব /বদ্‌নোসিব্/ [ফা. বদ+আ. নসিব] বি. দুর্ভাগ্য, মন্দভাগ্য।

বদনা /বদ্‌না/ [স. বর্ধনী>] বি. গাড়ুজাতীয় নলযুক্ত জলাধার।

বদনাম /বদ্‌নাম্/ [ফা.] বি. নিন্দা, অপবাদ।

বদনাসব /বদোনাশব্/ [স. বদন+আসব] বি. অধরসুধা, থুতু।

বদভ্যাস /বদোব্‌ভাশ্/ [ফা. বদ+স. অভ্যাস] বি. বাজে অভ্যাস।

বদমাইশ /বদ্‌মাইশ্/ [ফা. বদ+আ. মাশ] বিণ. দ্র বদমাশ।

বদমায়েশ /বদ্‌মায়েশ্/ [ফা. বদ+আ. মাশ] বিণ. দ্র বদমাশ।

বদমায়েশি /বদ্‌মায়েশি/ [ফা.] বি. দ্র বদমাশি।

বদমাশ /বদ্‌মাশ্/ [ফা. বদ+আ. মাশ] বিণ.

www.pathagar.com

অসচ্চরিত্র, দুর্বৃত্ত।

বদমাশি /বদ্‌মাশি/ [ফা.] বি. দুর্বৃত্তসুলভ আচরণ, দুর্বৃত্ততা।

বদমেজাজ /বদ্‌মেজাজ্/ [ফা. বদ+আ. মেজাজ] বি. উগ্র মেজাজ, রুক্ষ স্বভাব।

বদমেজাজি /বদ্‌মেজাজি/ [ফা.] বিণ. রুক্ষ মেজাজ-বিশিষ্ট, অল্পেই চটে যায় এমন; রগচটা।

বদর[১] /বদোর্/ [স. √বদ্+অর] বি. কুলগাছ বা তার ফল।

বদর[২] /বদোর/ [আ.] বি. ১ পিরবিশেষ (জলযাত্রা নির্বিঘ্ন হওয়ার জন্য মাঝিরা যাঁর নাম স্মরণ করে)। ২ পূর্ণচাঁদ, পূর্ণিমা।

বদরাগী /বদ্‌রাগি/ [ফা. বদ+স. রাগী] বিণ. কোপন-স্বভাববিশিষ্ট, রগচটা।

বদরিকা /বদোরিকা/ [স. বদরী+কন্+আ (টাপ্)] বি. কুল গাছ বা তার ফল।

বদরিকাশ্রম /বদোরিকাস্‌শ্রোম্/ [স্থান.] বি. হিমালয় পর্বতে অলকানন্দা নদীর তীরে অবস্থিত তীর্থ-স্থানবিশেষ।

বদল /বদোল্/ [আ.] বি. ১ পরিবর্তন। ২ বিনিময়।

বদলা /বদ্‌লা/ [আ. বদল >] বি. দাদ, প্রতিশোধ।

বদলানো /বদ্‌লানো/ [আ. বদল >] ক্রিবি. পরিবর্তন করা বা হওয়া; বিনিময় করা।

বদলাবদলি /বদ্‌লাবোদ্‌লি/ [আ. বদল >] বি. পারস্পরিক বিনিময়, অদলবদল।

বদলি /বোদ্‌লি/ [আ. বদল >] বি. ১ বিনিময়। ২ পরিবর্তন; এক কর্মস্থল থেকে অন্য কর্মস্থলে নিয়োগ। ৩ প্রতিনিধি। বিণ. অন্য কর্মস্থানে নিযুক্ত; অন্যের পরিবর্তে সাময়িকভাবে নিযুক্ত।

বদহজম /বদ্‌হজোম্/ [ফা. বদ+আ. হজম] বি. পরিপাক ক্রিয়ায় ব্যাঘাত, অজীর্ণতা।

বদহজমি /বদ্‌হোজমি/ [ফা.] বি. অজীর্ণরোগ। বিণ. অজীর্ণতাজনিত।

বদান্য /বদান্‌নো/ [স. √বদ্+আন্য] বিণ. ১ উদার; দানশীল, দাতা। ২ মধুরভাষী, প্রিয়ভাষী। ৩ সুবক্তা। বি. -তা /-তা/।

বদৌলত /বদৌল্‌ত্/ [ফা.] বি. অনুগ্রহ, কৃপা।

বদৌলতে /বদৌল্‌তে/ [ফা.] ক্রিবিণ. কৃপায়।

বদ্দি /বোদ্‌দি/ [স. বৈদ্য >] বি. 'বৈদ্য'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

বদধ /বদ্‌ধো/ [স. √বধ্+ত] বিণ. ১ বাঁধা, আবদ্ধ (*নিয়মবদ্ধ*)। ২ গ্রথিত (*বেণিবদ্ধ কবরী*)। ৩ রুদ্ধ (*বদ্ধদ্বার*)। ৪ গতিহীন (*বদ্ধস্রোত*)। ৫ বদ্দি, আটক (*পিঞ্জিরাবদ্ধ*)। ৬ যুক্ত (*বদ্ধাঞ্জলি*)। ৭ স্থির (*বদ্ধদৃষ্টি*)। ৮ সুবিন্যস্ত (*শ্রেণিবদ্ধ*)। ৯ দৃঢ় ও অনমনীয় (*বদ্ধমূল ধারণা*)। ১০ নিরেট; সম্পূর্ণ (*বদ্ধ পাগল*)।

বদ্ধকালা /বদ্‌ধোকালা/ [স. বদ্ধ+বা. কালা] বিণ. কানে কিছুই শুনতে পায় না এমন।

বদ্ধচিত্ত /বদ্‌ধোচিত্‌তো/ [স. বদ্ধ+√চিৎ+ত] বিণ. চিত্ত কোনো কিছুতে আকৃষ্ট বা স্থির হয়েছে এমন।

বদ্ধদৃষ্টি /বদ্‌ধোদৃশ্‌টি/ [স. বদ্ধ+√দৃশ্+তি] বি. স্থির বা অপলক দৃষ্টি। বিণ. স্থির দৃষ্টিসম্পন্ন।

বদ্ধপরিকর /বদ্‌ধোপোরিকর্/ [স. বদ্ধ+পরিকর] বিণ. ১ দৃঢ়সংকল্প, কোনো কাজ করার জন্য উঠেপড়ে লেগেছে এমন। ২ কোমর বেঁধেছে এমন।

বদ্ধপাগল /বদ্‌ধোপাগোল্/ [স. বদ্ধ+পাগল] বিণ. সম্পূর্ণ উন্মাদ।

বদ্ধমুষ্টি /বদ্‌ধোমুশ্‌টি/ [স. বদ্ধ+√মুষ্+তি] বিণ. ১ দৃঢ়মুষ্টি। ২ কৃপণ।

বদ্ধমূল /বদ্‌ধোমুল্/ [স. বদ্ধ+মূল] বিণ. দৃঢ়রূপে প্রোথিত আছে এমন। ২ অনড়।

বদ্ধমৌন /বদ্‌ধোমোউ্‌নো/ [স. বদ্ধ+মৌন] বিণ. নীরবতা অবলম্বন করেছে এমন।

বদ্ধাঞ্জলি /বদ্‌ধান্‌জোলি/ [স. বদ্ধ+অঞ্জলি] বিণ. যুক্তকর, হাতজোড় করেছে এমন, জোড়হস্ত।

ব-দ্বীপ /বদ্‌দিপ্/ [স. ব+দ্বি+√অপ্+অ] বি. নদীর মোহানায় পলিমাটি দিয়ে সৃষ্ট ব-আকৃতির দ্বীপ, delta।

বধ /বধ্/ [স. √হন্+অ] বি. হত্যা, হনন।

বধক /বধক্/ [স. √হন্+অক] বি. বিণ. হত্যাকারী, ঘাতক।

বধস্থলী /বধোস্‌থোলি/ [স. বধ+স্থল+ঈ] বি. বধ করার স্থান, বধ্যভূমি।

বধস্থান /বধোস্‌থান্/ [স. বধ+√স্থা+অন] বি. দ্র বধস্থলী।

বধার্থ /বধারথো/ [স. বধ+অর্থ] ক্রিবিণ. বধের নিমিত্ত, হত্যার উদ্দেশ্যে।

বধার্হ /বধারহো/ [স. বধ+অর্হ্+অ] বিণ. বধযোগ্য।

বধির /বোধির্/ [স. √বধ্+ইর] বিণ. শুনতে পায় না এমন, কালা। স্ত্রী. **বধিরা** /বোধিরা/।

বধিরতা /বোধিরতা/ [স. বধির+তা] বি. শ্রবণশক্তি-হীনতা।

বধিরত্ব /বোধিরত্‌তো/ [স. বধির+ত্ব] বি. দ্র বধিরতা।

www.pathagar.com

বধূ /বোধু/ [স. √বহ্+ঊ] বি. ১ পত্নী, স্ত্রী, বনিতা। ২ নতুন বউ, কনে, নববিবাহিতা পত্নী। ৩ কুলবালা (*কুলবধূ*)। ৪ পুত্রবধূ; পুত্রবধূস্থানীয়া নারী। ৫ নারী।

বধূজন /বোধুজন্ / [স. বধূ+জন] বি. বিবাহিত নারী, বউ; নারীগণ।

বধূটী /বোধুটি/ [স. বধূ+টী] বি. বালিকাবধূ, বউড়ি।

বধূৎসব /বোধুত্শব্ / [স. বধূ+উৎসব] বি. নববধূর প্রথম রজোদর্শনরূপ উৎসব, পুষ্পোৎসব।

বধূধন /বোধুধন্ / [স. বধূ+ধন] বি. স্ত্রীধন।

বধূপক্ষ /বোধুপোক্খো /[স. বধূ+পক্ষ] বি. কন্যাপক্ষ।

বধূবরণ /বোধুবরোন্/ [স. বধূ+বরণ] বি. পতিগৃহে নববধূকে বরণ করে নেওয়ার উৎসব।

বধূমাতা /বোধুমাতা/ [স. বধূ+মাতা] বি. বউমা; পুত্রবধূ বা তৎস্থানীয়া নারী।

বধোদ্যত /বধোদ্দতো/ [স. বধ+উদ্যত] বিণ. হত্যা করতে উদ্যত। স্ত্রী. বধোদ্যতা /বধোদ্দতা/।

বধোদ্যম /বধোদ্দম্ / [স. বধ+উদ্যম] বি. হত্যা বা বধ করার উদ্যোগ।

বধ্য /বোদ্ধো/ [স. বধ+য] বিণ. বধের যোগ্য, হত্যার উপযুক্ত।

বধ্যপাল /বোদ্ধোপাল্ / [স. বধ্য+পাল] বি. যে ব্যক্তি বধ্যকে রক্ষা করে, কারারক্ষক।

বধ্যভূমি /বোদ্ধোভুমি/ [স. বধ্য+ভূমি] বি. বধ করার স্থান।

বন /বোন্ / [স. √বন্+অ] বি. অরণ্য, জঙ্গল, কানন, কুঞ্জ, গহন, বিপিন।

বনকন্দ /বনোকন্দো /[স. বন+কন্দ] বি. বুনো ওল।

বনকপোত /বনোকপোত্/ [স. বন+কপোত] বি. বনাঞ্চলে জোড়ায় জোড়ায় বিচরণ করে এমন ধূসর বর্ণের শস্যভোজী পাখিবিশেষ, বুনো কবুতর।

বনকর /বনোকর্ / [স. বন+√কৃ+অ] বি. বন থেকে প্রাপ্ত সরকারের রাজস্ব।

বনকুক্কুট /বনোকুক্কুট্/ [স. বন+কুক্কুট] বি. বনে বিচরণ করে (গৃহপালিত নয়) এমন মোরগ, বুনো মোরগ, বনমোরগ।

বনচর /বনোচর্/ [স. বন+√চর্+অ] বিণ. অরণ্য-বিহারী। বি. ১ বন্যজন্তু। ২ ব্যাধ।

বনচাঁড়াল /বোন্চাঁড়াল্/ [স. বন+বা. চাঁড়াল] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ চীন জাপান কম্বোডিয়া প্রভৃতি উষ্ণমণ্ডলীয় দেশে জাত ছোটো পাতাবিশিষ্ট (যা উপবৃত্তাকারে ঘুরতে পারে এবং আপনা থেকেই সূর্যের দিকে মুখ করে থাকে) শিম্বগোত্রীয় গুল্মবিশেষ, telegraph plant।

বনচারী /বনোচারি/ [স. বন+√চর+ইন্] বিণ. অরণ্যবিহারী, অরণ্যবাসী।

বনজঙ্গাল /বোন্জংগোল্ / [স. বন+জঙ্গল] বি. ঝোপঝাড়পূর্ণ স্থান।

বনজাত /বনোজাতো/ [স. বন+√জন্+ত] বিণ. অরণ্যে জাত, বনজ।

বনতিক্ত /বনোতিক্তো/ [স. বন+√তিজ্+ত] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন হলুদাভ সাদা উভলিঙ্গ ফুল এবং কবিরাজি ওষুধে ব্যবহৃত পীতবর্ণ কষায়স্বাদ ফল বা তার ডিম্বাকৃতি পাতাবিশিষ্ট পত্রমোচী বৃক্ষ (আনি. মধ্য এশিয়া), হরীতকী।

বনতুলসী /বনোতুল্শি/ [স. বন+তুলসী] বি. বনে জাত তুলসী।

বনদেবতা /বনোদেবতা / [স. বন+দেবতা] বি. বনের অধিপতি।

বনদেবী /বনোদেবি / [স. বন+দেবী] বি. বনের অধিষ্ঠাত্রী দেবী।

বননিবাসিনী /বনোনিবাশিনি / [স. বননিবাস+ইন্+ঈ] বিণ. বনে বসবাস করে এমন।

বনপথ /বনোপথ্ / [স. বন+পথ] বি. বনের ভেতর দিয়ে চলাচলের পথ।

বনপাল /বনোপাল্ / [স. বন+পাল] বি. বনরক্ষক; (পরি.) conservator of forests।

বনফুল /বনোফুল্ / [স. বন+বা. ফুল] বি. বনে জাত ফুল।

বনবন /বন্বন্/ [ধ্বন্যা.] অব্য. দ্রুত ঘূর্ণনের ভাব।

বনবাদাড় /বোন্বাদাড়্/ [স. বন+দেশি. বাদাড়] বি. ঝোপঝাড়; ক্ষুদ্রবন ও বনসদৃশ ঝোপ।

বনবাস /বনোবাশ্ / [স. বন+বাস] বি. ১ অরণ্যে বসবাস। ২ অরণ্যে নির্বাসন।

বনবাসী /বনোবাশি / [স. বন+√বস্+ইন্] বিণ. অরণ্যে বাস করে এমন। বি. তাপস।

বনবিড়াল /বোন্বিড়াল্/ [স. বন+বিড়াল] বি. সুচালো নাসারন্ধ্রবিশিষ্ট এবং নখর গুটিয়ে ফেলতে পারে এমন অপেক্ষাকৃত বৃহদাকার বিড়ালবিশেষ।

বনবিহারী[১] /বনোবিহারি / [স. বন+বিহার+ইন্] বি. শ্রীকৃষ্ণ।

বনবিহারী[২] /বনোবিহারি / [স. বন+বিহার+ইন্] বিণ.

www.pathagar.com

অরণ্যে বিচরণ করে এমন, অরণ্যচারী। স্ত্রী. বনবিহারিণী /বনোবিহারিনি/।

বনভোজ /বোন্‌ভোজ্‌/ [স. বন+বা. ভোজ] বি. দ্র বনভোজন।

বনভোজন /বোন্‌ভোজোন্‌/ [স. বন+√ভুজ্‌+অন] বি. বাড়ির বাইরে উন্মুক্ত পরিবেশে খেলাধুলা রান্না ও খাওয়াদাওয়ার অনুষ্ঠান, চড়ুইভাতি, picnic।

বনমল্লিকা /বনোমোল্‌লিকা/ [স. বন+মল্লিকা] বি. ভারতীয় উপমহাদেশে শীতকাল ব্যতীত প্রায় সারাবছর থোকায় থোকায় ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত সাদা মৃদুগন্ধ ফুল বা তার গুল্মজাতীয় চিরহরিৎ উদ্ভিদ, টগর, কাঠমল্লিকা, বনমল্লিকা।

বনমল্লিকাকুঞ্জ /বনোমোল্‌লিকাকুন্‌জো/ [স. বন+মল্লিকা+কুঞ্জ] বি. বনমল্লিকায় আচ্ছাদিত উদ্যান।

বনমানুষ /বোন্‌মানুশ্‌/ [স. বন+মানুষ] বি. (মানুষের সঙ্গে ঘনিষ্ঠ সাদৃশ্যযুক্ত) আফ্রিকার বনে বাস করে এমন বৃহদাকার শক্তিশালী ও লোমশ প্রাণিবিশেষ, গরিলা; শিম্পাঞ্জি।

বনমালা /বনোমালা/ [স. বন+মালা] বি. নানা ধরনের ফুল দিয়ে রচিত আজানুলম্বিত মালা; শ্রীকৃষ্ণের মালা।

বনমালী /বনোমালি/ [স. বনমালা+ইন্‌] বিণ. বনমালা ধারণকারী; বনমালাশোভিত। বি. শ্রীকৃষ্ণ।

বনমোরগ /বোন্‌মোরোগ্‌/ [স. বন+বা. মোরগ] বি. বনে বিচরণ করে (গৃহপালিত নয়) এমন মোরগ, বুনো মোরগ, বনকুক্কুট।

বনয়ারি /বনোআরি/ [স. বনমালী >] বি. শ্রীকৃষ্ণ। বিণ. বনে বিচরণকারী, বনবিহারী।

বনরাজি /বনোরাজি/ [স. বন+রাজি] বি. বনানী, বনশ্রেণি।

বনলক্ষ্মী /বনোলোক্‌খিঁ/ [স. বন+√লক্ষ্‌+ঈ] বি. কদলী, কলা।

বনশ্রী /বনোস্‌শ্রি/ [স. বন+√শ্রী+ক্বিপ্‌] বি. ১ বনের শ্রী। ২ বনরাজি; বনানী।

বনসম্পদ /বনোশম্‌পদ্‌/ [স. বন+সম্পদ] বি. বন থেকে প্রাপ্ত কাঠ ভেষজ উপকরণ প্রভৃতি সম্পদ।

বনসাই /বন্‌সাই/ [জাপ.] বি. বৃহদাকার গাছের আকৃতি সংকুচিত করে ছোটো পাত্রে রোপণ করার জাপানি পদ্ধতিবিশেষ।

বনস্পতি /বনোশ্‌পোতি/ [স. বনঃ+পতি] বি. যে গাছে ফুল দেখা যায় না কিন্তু ফল ধরে; অশ্বত্থ বট প্রভৃতি; অতি বিশাল গাছ।

বনা /বনা/ [বা.] ক্রিবি. ১ মন ও মতের মিল হওয়া। ২ পরিণত হওয়া, পরিগণিত হওয়া; সাদৃশ্য হওয়া।

বনাগ্নি /বোনাগ্‌নি/ [স. বন+অগ্নি] বি. গ্রীষ্মকালে বনাঞ্চলে গাছের শুকনো ডালের পরস্পর ঘর্ষণের ফলে সৃষ্ট যে আগুন দ্রুত ছড়িয়ে পড়ে, দাবানল।

বনাত /বনাত্‌/ [হি.] বি. টুইলের মতো কোনাকুনি ও সমান্তরালভাবে বোনা উচ্চমানের মোটা সুতি বা পশমি কাপড়বিশেষ।

বনানী /বনানি/ [স. বন+আনী] বি. ১ সুবিস্তৃত অরণ্য, মহাবন। ২ ঢাকার আবাসিক অঞ্চল-বিশেষ।

বনানো /বনানো/ [বা.] ক্রিবি. সদ্ভাব বজায় রাখা; মিল করা; মতে বা চালচলনে খাপ খাওয়ানো।

বনান্ত /বনান্‌তো/ [স. বন+অন্ত] বি. বনের প্রান্তভাগ।

বনান্তর /বনান্‌তর্‌/ [স. বন+অন্তর] বি. অন্য বন।

বনাম /বনাম্‌/ [ফা.] অব্য. ১ প্রতিপক্ষে, বিরুদ্ধ পক্ষে। ২ ওরফে, alias।

বনায়ন /বনায়োন/ [স. বন+অয়ন] বি. পরিবেশের ভারসাম্য রক্ষার উদ্দেশ্যে বৃক্ষরোপণ ও পরিচর্যা, অরণ্যায়ন, afforestation।

বনিতা /বোনিতা/ [স. বনিত+আ (টাপ্‌)] বি. ১ স্ত্রী, পত্নী। ২ নারী (*আবালবৃদ্ধবনিতা*)। ৩ প্রেয়সী।

বনিবনা /বোনিবনা/ [বা.] বি. মিলমিশ, সদ্ভাব।

বনিবনাও /বোনিবনাও/ [বা.] বি. দ্র বনিবনা।

বনিয়াদ /বোনিআদ্‌/ [ফা.] বি. ভিত, ভিত্তি; মূল।

বনিয়াদি /বোনিআদি/ [ফা.] বিণ. ১ সাবেকি ও সম্ভ্রান্ত। ২ মৌলিক। ৩ সুপ্রতিষ্ঠিত। ৪ ভিত্তিমূল।

বনেচর /বনেচর্‌/ [স. বনচর >] বিণ. অরণ্যে বিচরণকারী।

বনেদ /বোনেদ্‌/ [ফা.] বি. দ্র বনিয়াদ।

বনেদি /বোনেদি/ [ফা.] বি. ১ সাবেকি ও সম্ভ্রান্ত। ২ মৌলিক। ৩ সুপ্রতিষ্ঠিত। ৪ ভিত্তিমূল।

বনেদিপনা /বোনেদিপনা/ [ফা. বনেদি+বা. পনা] বি. অভিজাতসুলভ আচরণ।

বনোয়ারি /বনোআরি/ [স. বনবিহারী >] বি. শ্রীকৃষ্ণ। বিণ. বনবিহারী, বনে বিচরণকারী।

বন্ধ /বন্‌ধ্‌/ [স. বন্ধ >] বি. বিরোধী রাজনৈতিক দলের প্রতিবাদ শক্তি প্রদর্শন বা শ্রমিক সংগঠনের দাবি আদায়ের জন্য আহূত ধর্মঘট, হরতাল।

–বস্তু /বন্‌তো/ [স. বৎ >] অব্য. যুক্ত বিশিষ্ট সম্পন্ন প্রভৃতি অর্থসূচক প্রত্যয়বিশেষ (*প্রাণবন্তু*)।

বন্দ /বন্‌দো/ [ফা.] বি. ১ দৈর্ঘ্যপ্রস্থের সমষ্টির পরিমাণ। ২ অংশ। ৩ অবরোধ।

বন্দক /বন্‌দক্‌/ [স. √বন্দ্‌+অক] বিণ. বন্দনাকারী,

www.pathagar.com

প্রণামকারী। বি. যে স্তুতি করে।

বন্দন /বন্‌দোন্ / [স. √বন্দ্+অন] বি. ১ স্তব, স্তুতি। ২ প্রণাম। ৩ পূজা, অর্চনা।

বন্দনা /বন্‌দোনা / [স. √বন্দ্+অন+আ (টাপ্)] বি. দ্র বন্দন।

বন্দনীয় /বন্‌দোনিয়ো / [স. √বন্দ্+অনীয়] বিণ. বন্দনার যোগ্য। স্ত্রী. বন্দনীয়া /বন্‌দোনিআ/।

বন্দর /বন্‌দোর্ / [ফা.] বি. সমুদ্র বা নদীর তীরবর্তী স্থান যেখানে নৌযানে পণ্য বোঝাই বা খালাস করা হয়, port।

বন্দা /বন্‌দা / [বা.] ক্রিবি. (পদ্যে) বন্দনা করা।

বন্দি /বোন্‌দি / [ফা.] বি. যাকে আটক করা হয়েছে। বিণ. অবরুদ্ধ। স্ত্রী. বন্দিনি /বোন্‌দিনি /।

বন্দিত /বোন্‌দিতো / [স. √বন্দ্+ত] বিণ. (যার) বন্দনা করা হয়েছে এমন; অর্চিত; প্রশংসিত। স্ত্রী. বন্দিতা /বোন্‌দিতা /।

বন্দিশালা /বোন্‌দিশালা / [ফা. বন্দি+স. শালা] বি. কারাগার।

বন্দুক /বোন্‌দুক্ / [আ.] বি. যে আগ্নেয়াস্ত্রের সাহায্যে গুলি ছোড়া যায়।

বন্দুকধারী /বোন্‌দুক্‌ধারি / [আ. বন্দুক+স. ধারী] বিণ. বন্দুক ধারণ করে আছে এমন, আগ্নেয়াস্ত্র-ধারী। স্ত্রী. বন্দুকধারিণী /বোন্‌দুক্‌ধারিনি /।

বন্দুকবাজ /বোন্‌দুক্‌বাজ্ / [আ. বন্দুক+ফা. বাজ] বি. বিণ. গোলন্দাজ, বন্দুকচালক।

বন্দেগি /বন্‌দেগি / [ফা.] বি. ১ আনুগত্য। ২ সশ্রদ্ধ অভিবাদন। ৩ সেবকের বৃত্তি। ৪ এবাদত, প্রার্থনা।

বন্দোবস্ত /বন্‌দোবস্‌তো / [ফা.] বি. ১ জমির মালিকানার শর্তাদি-সহ ব্যবস্থা; জমির দখল-সম্পর্কিত শর্ত; নির্দিষ্ট শর্তে জমির পত্তনি-ব্যবস্থা। ২ আয়োজন। ৩ শৃঙ্খলা; পরিপাট্য।

বন্দ্য /বোন্‌দো / [স. √বন্দ্+য] বিণ. বন্দনীয়, বন্দনার যোগ্য; পূজনীয়। স্ত্রী. বন্দ্যা /বন্‌দা /।

বন্দ্যোপাধ্যায় /বন্‌দোপাদ্‌ধায়্/ [স. বন্দ্য+উপাধ্যায়] বি. পদবিবিশেষ।

বন্ধ /বন্‌ধো/ [স. √বন্ধ্+অ] বি. ১ বন্ধনী, বাঁধার উপকরণ (*কোমরবন্ধ*)। ২ বন্ধন, বাঁধন (*মুক্ত করো হে বন্ধ* রবীন্দ্র.)। ৩ রোধ (*দমবন্ধ*)। ৪ গ্রন্থন; সংযোগ (*সেতুবন্ধ*)। ৫ আবেষ্টন (*ভুজ-বন্ধ*)। ৬ ছুটি, অবকাশ (*গ্রীষ্মের বন্ধ*)। বিণ. ১ রুদ্ধ (*বন্ধ কপাট*)। ২ আড়ি (*কথা বন্ধ*)। ৩ স্থগিত আছে এমন (*চলাচল বন্ধ*)। ৪ অচল, নিশ্চল (*বন্ধ ঘড়ি*)। ৫ বাধাপ্রাপ্ত। ৬ আটক, বন্দি।

বন্ধক /বন্‌ধোক্/ [স. √বন্ধ্+অক] বি. ১ ঋণের জামিনস্বরূপ কোনো বস্তু জমা রাখার ব্যবস্থা। ২ গচ্ছিত বস্তু।

বন্ধকগ্রহীতা /বন্‌ধোক্‌গ্রোহিতা/ [স. বন্ধক+গ্রহীতা] বি. বিণ. কোনো সম্পদ বন্ধক রেখে ঋণ প্রদান-কারী, মহাজন।

বন্ধকি /বন্‌ধোকি/ [স. বন্ধক >] বিণ. ১ বন্ধকরূপে প্রদত্ত। ২ বন্ধকসংক্রান্ত।

বন্ধন /বন্‌ধোন্/ [স. √বন্ধ্+অন] বি. ১ বাঁধন, দড়ি দিয়ে বেষ্টন (*রজ্জুবন্ধন*)। ২ নির্মাণ; গ্রন্থন (*কবরীবন্ধন*)। ৩ নিয়ন্ত্রণ; নিরোধ। ৪ সম্পর্ক স্থাপন (*বিবাহবন্ধন*)। ৫ ক্ষতাদি বাঁধার পটি। ৬ বিন্যাস (*ছন্দোবন্ধন*)। ৭ যোগসূত্র (*ছিন্নবন্ধন*)।

বন্ধনদশা /বন্‌ধোন্‌দশা / [স. বন্ধন+দশা] বি. আটক অবস্থা।

বন্ধনহীন /বন্‌ধোন্‌হিন্/ [স. বন্ধন+√হা+ত] বিণ. মুক্ত, স্বাধীন।

বন্ধনী /বন্‌ধোনি / [স. বন্ধন+ঈ] বি. ১ যা দিয়ে বাঁধা হয়। ২ ব্র্যাকেট, ( ) { } [ ] প্রভৃতি চিহ্ন, bracket।

বন্ধু /বোন্‌ধু/ [স. √বন্ধ্+উ] বি. ১ সখা, সুহৃদ। ২ হিতৈষী ব্যক্তি। ৩ স্বজন। ৪ প্রণয়ী, প্রিয়জন।

বন্ধুক /বোন্‌ধুক্/ [স. বন্ধু+ক (স্বার্থে)] বি. দ্র বন্ধুলি।

বন্ধুকৃত্য /বোন্‌ধুকৃত্‌তো / [স. বন্ধু+কৃত্য] বি. বন্ধুর যোগ্য কাজ।

বন্ধুজন /বোন্‌ধুজন্/ [স. বন্ধু+জন] বি. সুহৃদ, বন্ধুস্থানীয় ব্যক্তি।

বন্ধুজীব /বোন্‌ধুজিব্/ [স. বন্ধু+জীব] বি. দ্র বন্ধুলি।

বন্ধুজীবক /বোন্‌ধুজিবক্ / [স. বন্ধু+জীবক] বি. দ্র বন্ধুলি।

বন্ধুতা /বোন্‌ধুতা / [স. বন্ধু+তা] বি. সখ্য, মিত্রতা।

বন্ধুত্ব /বোন্‌ধুত্‌তো / [স. বন্ধু+ত্ব] বি. সখ্য, মিত্রতা।

বন্ধুপত্নী /বোন্‌ধুপোত্‌নি / [স. বন্ধু+পত্নী] বি. বন্ধুর স্ত্রী।

বন্ধুবৎসল /বোন্‌ধুবত্‌শল্ / [স. বন্ধু+বৎসল] বিণ. বন্ধুর প্রতি ভালোবাসা আছে এমন।

বন্ধুবান্ধব /বোন্‌ধুবান্‌ধব্ / [স. বন্ধু+বান্ধব] বি. হিতৈষী ও স্বজন।

বন্ধুমহল /বোন্‌ধুমোহোল্ / [স. বন্ধু+আ. মহল] বি.

www.pathagar.com

বন্ধুগোষ্ঠী।

বন্ধুর /বোন্ধুর্/ [স. √বন্ধ্+উর] বিণ. অসমতল, এবড়োখেবড়ো। বি. ~তা /–তা/।

বন্ধুলি /বোন্ধুলি/ [স. √বন্ধ্+উলি] বি. বর্ষা ও শরৎ-কালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট টকটকে লাল সাদা প্রভৃতি রঙের গন্ধহীন ফুল বা তার লম্বাটে খাঁজকাটা রোমশ ও খসখসে পাতাবিশিষ্ট ছোটো উদ্ভিদ, বাঁধুলি।

বন্ধ্য /বোন্ধ্যো/ [স. √বন্ধ্+য] বিণ. ১ নিঃসন্তান, সন্তানহীন। ২ ফল ধরে না এমন। ৩ বাঁধার যোগ্য এমন।

বন্ধ্যত্ব /বোন্ধ্যোত্তো/ [স. বন্ধ্য+ত্ব] বি. ১ ফল-হীনতা। ২ সন্তানহীনতা। ৩ বন্ধনযোগ্যতা।

বন্ধ্যা /বোন্ধ্যা/ [স. বন্ধ্য+আ (টাপ্)] বি. সন্তান-ধারণে অক্ষম নারী। বিণ. নিঃসন্তান।

বন্য /বোন্নো/ [স. বন+য] বিণ. ১ বনে জাত বা উৎপন্ন, বুনো। ২ বনে বাস করে এমন। ৩ অসামাজিক। ৪ বনসম্পর্কিত। বি. ~তা /–তা/।

বন্যপ্রাণী /বোন্নোপ্রানি/ [স. বন্য+প্রাণী] বি. বুনো জীবজন্তু।

বন্যা /বোন্না/ [স. বন+য+আ (টাপ্)] বি. ১ সবকিছু ভাসিয়ে নিয়ে যায় এমন জলস্ফীতি; বান, জলপ্লাবন। ২ 'বন্য'-র স্ত্রীলিঙ্গ।

বপন /বপোন্/ [স. √বপ্+অন] বি. রোপণ (*আমি কেবলই স্বপন করেছি বপন বাতাসে—* রবীন্দ্র.)।

বপনকারী /বপোন্কারি/ [স. বপন+√কৃ+ইন্] বি. যে রোপণ করে। বিণ. রোপণকারী।

বপা[১] /বপা/ [বা.] ক্রিবি. রোপণ করা, বপন করা।

বপা[২] /বপা/ [স. √বপ্+অ+আ (টাপ্)] বি. ১ মেদ। ২ গর্ত; ছিদ্র।

বপু /বোপু/ [স. √বপ্+উস্] বি. দেহ, শরীর, কায়া (*বিশাল বপু*)।

বপুষ্মান /বোপুশ্মান্/ [স. বপুস্+মৎ] বিণ. বিশাল-দেহী। স্ত্রী. বপুষ্মতী /বোপুশ্মোতি/।

বপ্র /বপ্রো/ [স. √বপ্+র] বি. ১ খেত, জমি। ২ পরিখা খনন করে তোলা মাটির স্তূপ। ৩ পাহাড়ের ওপরের সমতলভাগ। ৪ প্রাচীর।

বপ্রক্রীড়া /বপ্রোক্রিড়া/ [স. বপ্র+ক্রীড়া] বি. মাটির স্তূপে শিং দিয়ে খুঁচিয়ে পশুদের খেলা।

ব–ফলা /বফলা/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে অন্তঃস্থ ব–এর যোগচিহ্ন (*অন্বয়*)।

বব /বব্/ [ই.] বি. ১ (সচরাচর নারীর) ছোটো করে চুল ছাঁটার শৈলী। ২ চুলের ছোটো গোছা। ৩ পেন্ডুলামের দোলক। ৪ কানের দুলের ঝুলে থাকা অংশ।

বভ্রু /বোবভ্রু/ [স. √ভৃ+উ] বি. ১ হলদেটে নীল, পিঙ্গলবর্ণ; কপিলবর্ণের দ্রব্য। ২ নকুল। ৩ বিষ্ণু। ৪ শিব। ৫ অগ্নি। ৬ চাতক। ৭ মুনিবিশেষ।

বম[১] /বম্/ [ই. beam >] বি. শকটের যে লম্বা কাঠের সঙ্গে জোয়াল বাঁধা হয়।

বম[২] /বম্/ [ধ্বন্যা.] বি. ১ গালবাদ্য। ২ শিব, মহাদেব।

বমন /বমোন্/ [স. √বম্+অন] বি. ১ বমি। ২ উদ্‌গিরণ; নিঃসরণ।

বমনযোগ্য /বমোন্জোগ্গো/ [স. বমন+যোগ্য] বিণ. দ্র বমনীয়।

বমনীয় /বমোনিয়ো/ [স. √বম্+অনীয়] বিণ. বমির উদ্রেক করে এমন।

বমবম /বম্বম্/ [ধ্বন্যা.] বি. ১ গালবাদ্যের ধ্বনি। ২ মহাদেব। বিণ. মহাদেবের মতো উদাসীন।

বমাল /বমাল্/ [ফা.] ক্রিবিণ. চোরাইমাল–সহ হাতেনাতে। বি. চোরাই মাল, লুণ্ঠিত বস্তু।

বমি /বোমি/ [স. √বম্+ই] বি. ১ বমন, উদ্‌গিরণ। ২ উদ্‌গিরিত বস্তু।

বমিত /বোমিতো/ [স. √বম্+ত] বিণ. বমি করেছে এমন, উদ্‌গিরিত।

বয়[১] /বয়্/ [ই.] বি. ১ বালক, boy। ২ পরিচারক।

বয়[২] /বয়্/ [বা.] ক্রি. বহে, প্রবাহিত হয় (*কোথাকার পাগল হাওয়া বয় ধেয়ে।* রবীন্দ্র.)।

বয়[৩] /বয়্/ [ই.] বি. দ্র বয়া।

বয়ঃ /বয়োহ্/ [স. √বী+অস্] বি. ১ বয়স। ২ সাবালকত্ব, যৌবন। ৩ আয়ু।

বয়ঃকনিষ্ঠ /বয়োক্‌কোনিশ্‌ঠো/ [স. বয়ঃ+কনিষ্ঠ] বিণ. বয়সে ছোটো।

বয়ঃক্রম /বয়োক্‌ক্রোম্/ [স. বয়ঃ+ক্রম] বি. বয়স।

বয়ঃপ্রাপ্ত /বয়োপ্রাপ্তো/ [স. বয়ঃ+প্রাপ্ত] বিণ. সাবালক, যৌবনপ্রাপ্ত; প্রাপ্তবয়স্ক।

বয়ঃসন্ধি /বয়োশ্‌শোন্ধি/ [স. বয়ঃ+সন্ধি] বি. দ্র বয়ঃসন্ধিকাল।

বয়ঃসন্ধিকাল /বয়োশ্‌শোন্ধিকাল্/ [স. বয়ঃসন্ধি +কাল] বি. ১ শৈশব ও যৌবনের সন্ধিকাল। ২ যৌবন ও বার্ধক্যের সন্ধিকাল।

বয়ঃস্থ /বয়োস্থো/ [স. বয়ঃ+√স্থা+অ] বিণ. বয়ঃপ্রাপ্ত; প্রবীণ (*বয়ঃস্থ শিক্ষা*)। স্ত্রী. বয়ঃস্থা /বয়োস্থা/।

বয়কট /বয়্কট্/ [ব্যক্তি. Boycott] বি. ১ বর্জন,

www.pathagar.com

পরিহার। ২ একঘরেকরণ।

বয়জা /বয়্‌জা/ [আ.] বি. ডিম।

বয়ড়া /বয়্‌ড়া/ [স. বিভীতক >] বি. আয়ুর্বেদিক চিকিৎসায় ব্যবহৃত হরীতকীজাতীয় ফলবিশেষ; 'বহেড়া'-র কথ্য রূপ।

বয়ন /বয়োন্‌/ [স. √বে+অন] বি. বুনন।

বয়নামা /বয়্‌নামা/ [আ.] বি. বিক্রীত জমির দলিল।

বয়রা /বয়্‌রা/ [স. বধির >] বিণ. বধির, কালা।

বয়লার /বয়্‌লার্‌ / [ই.] বি. পানি ফুটিয়ে বাষ্প উৎপাদনের পাত্রবিশেষ, boiler।

বয়স /বয়োশ্‌/ [স. বয়স্‌] বি. ১ কোনো ব্যক্তি বা প্রাণীর জন্মগ্রহণের পর থেকে তার আয়ুষ্কাল। ২ বয়ঃপ্রাপ্তি। ৩ আয়ুষ্কাল।

বয়সকাল /বয়োশ্‌কাল্‌/ [স. বয়স্‌+কাল] বি. যৌবনকাল, পরিণত বয়স।

বয়সফোড়া /বয়োশ্‌ফোড়া/ [স. বয়স্‌+বা. ফোড়া] বি. যৌবনকালে মানুষের মুখমণ্ডলে যে ফোড়া ওঠে, বয়োব্রণ।

বয়স হওয়া /বয়োশ হওআ/ ক্রিবি. ১ সাবালক হওয়া। ২ পরিণত বয়স বা বৃদ্ধ হওয়া।

বয়সা /বয়োশা/ [বা.] বি. বয়ঃসন্ধিকালে কণ্ঠস্বরের বিকৃতি; বয়ঃসন্ধিকালে কণ্ঠস্বরের পরিবর্তন।

বয়সি /বয়োশি/ [বা.] বিণ. বয়সবিশিষ্ট (*সমবয়সি*)।

বয়সোচিত /বয়োশোচিতো/ [স. বয়স্‌+উচিত] বিণ. বয়সের উপযুক্ত।

বয়স্ক /বয়োশ্‌কো/ [স. বয়স্‌+ক] বিণ. বয়োবিশিষ্ট (*মধ্যবয়স্ক*)। স্ত্রী. বয়স্কা /বয়োশ্‌কা/।

বয়স্বী /বয়োশ্‌শি/ [স. বয়স্‌+বিন্‌] বিণ. পরিণত-বয়স্ক, adult। বি. পূর্ণবয়স্ক ব্যক্তি।

বয়স্য /বয়োশ্‌শো/ [স. বয়স্‌+য] বি. সমবয়সি বা একই বয়সের সহচর। স্ত্রী. বয়স্যা /বয়োশ্‌শা/।

বয়া /বয়া/ [ই. buoy] বি. ১ নৌপথে চড়ার অবস্থান নির্দেশ করার উদ্দেশ্যে শেকল দিয়ে গ্রথিত ভাসমান পিপাবিশেষ। ২ জলে পড়ে যাওয়া ব্যক্তির ভেসে থাকার জন্য ব্যবহৃত হালকা বলয়াকৃতি উপকরণ-বিশেষ।

বয়াতি /বয়াতি/ [ফা.] বি. জারিগান গায়ক; জারিগান গায়ক সম্প্রদায়ের পদবি।

বয়ান[১] /বয়ান্‌ / [আ.] বি. বর্ণনা, বিবরণ।

বয়ান[২] /বয়ান্‌ / [স. বদন >] বি. বদন, মুখ।

বয়াম /বয়াম্‌ / [পো. boiao >] বি. কাচ বা চীনা-মাটির তৈরি ঢাকনাওয়ালা পাত্রবিশেষ।

বয়েত[১] /বয়েত্‌/ [আ.] বি. ১ দুই চরণের কবিতা; আরবি ফারসি বা উর্দু কবিতার শ্লোক। ২ বাণী। ৩ জারিগান।

বয়েত[২] /বয়েত্‌/ [আ.] বি. শিষ্যত্ব গ্রহণ, দীক্ষা গ্রহণ।

বয়েস /বয়েশ্‌/ [স. বয়স্‌ >] বি. ১ কোনো ব্যক্তি বা প্রাণীর জন্মগ্রহণের পর থেকে তার আয়ুষ্কাল। ২ বয়ঃপ্রাপ্তি। ৩ আয়ুষ্কাল।

বয়েসি /বয়েশি/ [স. বয়স্‌ >] বিণ. বয়সবিশিষ্ট।

বয়োগুণ /বয়োগুন্‌/ [স. বয়ঃ+গুণ] বি. বয়সের স্বাভাবিক গুণ; যৌবনের ধর্ম।

বয়োজীর্ণ /বয়োজির্‌নো/ [স. বয়ঃ+জীর্ণ] বিণ. বয়সের ভারে জর্জরিত।

বয়োজ্যেষ্ঠ /বয়োজ্‌জেশ্‌ঠো/ [স. বয়ঃ+জ্যেষ্ঠ] বিণ. বয়সে বড়ো।

বয়োধর্ম /বয়োধর্‌মো/ [স. বয়ঃ+ধর্ম] বি. দ্র বয়োগুণ।

বয়োবৃদ্ধ /বয়োবৃদ্‌ধো/ [স. বয়ঃ+বৃদ্ধ] বিণ. বার্ধক্যপ্রাপ্ত, বৃদ্ধ। স্ত্রী. বয়োবৃদ্ধা /বয়োবৃদ্‌ধা/।

বয়োবৃদ্ধি /বয়োবৃদ্‌ধি/ [স. বয়ঃ+বৃদ্ধি] বি. বয়সের বৃদ্ধি, বয়সের ঊর্ধ্বগতি।

বয়োব্রণ /বয়োব্রোনো/ [স. বয়ঃ+ব্রণ] বি. দ্র বয়সফোড়া।

বর /বর্‌/ [স. √বৃ+অ] বি. ১ বিবাহের পাত্র। ২ স্বামী। ৩ আশীর্বাদ। ৪ অনুগ্রহসূচক করভঙ্গি বা মুদ্রা। ৫ অলৌকিক উৎস থেকে ক্ষমতা বা অভীষ্ট বস্তু লাভ। বিণ. ১ শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। ২ ঈপ্সিত, অভীষ্ট। ৩ সুন্দর, মনোহর।

বরই /বরোই/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জাত কাঁটাযুক্ত মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ বা তার শক্ত বীজবিশিষ্ট সবুজাভ টকমিষ্ট গোলাকার শীতকালীন ফল, কুল, বদরি।

বরং /বরোং/ [স. বরম্‌] অব্য. ১ অপেক্ষাকৃত যুক্তিসংগত। ২ পক্ষান্তরে, তার বদলে।

বরক /বরক্‌/ [স. বর+ক] বি. বিণ. ১ বরণকারী। ২ নির্ধারক, মনোনয়নদাতা। ৩ আচ্ছাদক।

বরকত /বর্‌কত্‌/ [আ.] বি. ১ প্রতুলতা, প্রাচুর্য; শ্রীবৃদ্ধি। ২ সৌভাগ্য। ৩ কল্যাণকর শক্তি।

বরকনে /বর্‌কোনে/ [স. বর+বা. কনে] বি. বিবাহের পাত্রপাত্রী।

বরকন্দাজ /বর্‌কন্‌দাজ/ [আ.] বি. বন্দুকধারী রক্ষী।

বরকন্দাজি /বর্‌কন্‌দাজি/ [ফা.] বি. ১ বন্দুকধারী সিপাহির বৃত্তি। ২ দেহরক্ষীর বৃত্তি।

বরকর্তা /বর্‌কর্‌তা/ [স. বর+কর্তা] বি. বরের পিতা

www.pathagar.com

বা পিতৃস্থানীয় অভিভাবক।

বরখাস্ত /বর্‌খাস্‌তো/ [ফা.] বি. কর্মচ্যুতি। বিণ. চাকরিচ্যুত।

বরখাস্ত হওয়া /বর্‌খাস্‌তো হ্‌ওআ/ ক্রিবি. কর্মচ্যুত হওয়া।

বরখেলাপ /বর্‌খেলাপ্‌/ [ফা.] বি. দ্র বরখেলাফ।

বরখেলাফ /বর্‌খেলাফ্‌/ [ফা.] বি. ১ ব্যতিক্রম, অন্যথা (*কথার বরখেলাপ*)। ২ প্রতিকূল আচরণ।

বরগা /বরগা/ [হি.] বি. ঘরের ছাদ বা চালের নিচে স্থাপিত প্রস্থবরাবর কাঠ যা ছাদকে ধরে রাখে, আড়কাঠ, কড়িকাঠ, joist।

বরচন্দন /বরোচন্‌দোন্‌ / [স. বর+চন্দন] বি. ১ দেবদারু। ২ অগুরু।

বরজ /বরোজ্‌/ [স. পর্ণভরক >] বি. সূর্যের আলো ও তাপ থেকে রক্ষার জন্য ছাউনি দেওয়া ও ঘেরাও করা পানের খেত।

বরঞ্চ /বরোন্‌চো / [স. বরম্‌+চ] অব্য. দ্র বরং।

বরট /বরোট্‌/ [স. √বৃ+অট্‌] বি. ১ বোলতা। ২ রাজহংসী।

বরণ[১] /বরোন্‌/ [স. বর্ণ >] বি. রং; 'বর্ণ'-র কোমল রূপ।

বরণ[২] /বরোন্‌/ [স. √বৃ+অন] বি. ১ সাদরে গ্রহণ, সম্মানের সঙ্গে অভ্যর্থনা। ২ মান্য ব্যক্তিকে অভ্যর্থনা (*জামাইবরণ*)। ৩ স্বেচ্ছায় স্বীকার বা ভোগ (*কারাবরণ*)। ৪ প্রার্থনা। ৫ মনোনয়ন; নির্বাচন।

বরণকর্তা /বরোনকর্‌তা / [স. বরণ+কর্তা] বি. যে বরণ করে। বিণ. বরণকারী, অভ্যর্থনাকারী।

বরণডালা /বরোনডালা / [স. বরণ+বা. ডালা] বি. বরণের জন্য ফুল চন্দন প্রভৃতি উপকরণে সজ্জিত ডালা।

বরণমালা /বরোনমালা / [স. বরণ+মালা] বি. ১ যে মালা দিয়ে মান্য ব্যক্তিকে বরণ করা হয়। ২ বিবাহে বরকে বরণের মালা।

বরণাঙ্গুরি /বরোনাংগুরি / [স. বরণ+অঙ্গুরি] বি. বিবাহে যে আংটি দিয়ে বরকে বরণ করা হয়।

বরণীয় /বরোনিয়ো / [স. √বৃ+অনীয়] বি. ১ বরণের উপযুক্ত, বরণযোগ্য। ২ যাচ্ঞার যোগ্য, প্রার্থনীয়। স্ত্রী. বরণীয়া /বরোনিআ/।

বরতরফ /বর্‌তরোফ্‌/ [ফা.] বিণ. বরখাস্ত, কর্মচ্যুত, পদচ্যুত।

বরতরফি /বর্‌তরোফি/ [ফা.] বি. কর্মচ্যুতি, চাকরিচ্যুতি।

বরদ /বরোদো / [স. বর+√দা+অ] বিণ. বরদাতা। স্ত্রী. বরদা /বরোদা /।

–বরদার /বর্‌দার্‌/ [ফা.] বিণ. ১ বহনকারী, বাহক (*আসাবরদার*)। ২ পালনকারী।

বরদাস্ত /বর্‌দাস্‌তো/ [ফা.] বি. ১ সহ্য; সহ্যকরণ। ২ সহিষ্ণুতা।

বরন /বরন্‌/ [স. বর্ণ >] বি. 'বর্ণ'-র কোমল ও কাব্যিক রূপ (*কুঁচবরন কন্যা*)।

বরনারী /বরোনারি / [স. বর+নারী] বি. শ্রেষ্ঠ নারী, সুন্দরী নারী।

বরপক্ষ /বর্‌পোক্‌খো / [স. বর+পক্ষ] বি. বিবাহের অনুষ্ঠানে আগত পাত্রপক্ষের লোকজন, বরযাত্রী।

বরপণ /বর্‌পন্‌/ [স. বর+পণ] বি. বিবাহে কন্যা-পক্ষের নিকট থেকে বরপক্ষের অর্থ আদায়ের অবৈধ প্রথা, যৌতুক।

বরপুত্র /বর্‌পুত্‌ত্রো/ [স. বর+পুত্র] বি. ১ শ্রেষ্ঠ পুত্র। ২ দেবতার অনুগ্রহপ্রাপ্ত পুত্র (*সরস্বতীর বরপুত্র*)।

বরপ্রদ /বরোপ্‌প্রোদো / [স. বর+প্রদ] বিণ. বর-দাতা। স্ত্রী. বরপ্রদা /বরোপ্‌প্রোদা /।

বরফ /বরোফ্‌/ [ফা.] বি. ১ ঠান্ডায় জমে যাওয়া জল। ২ তুষার।

বরফট্টাই /বর্‌ফট্টাই/ [স. বাহ্যস্ফোট >] বি. মিথ্যা বা বৃথা অহংকার, বড়াই।

বরফি /বোর্‌ফি / [ফা.] বি. ছানা ক্ষীর প্রভৃতির তৈরি সামন্তরিক আকৃতির মিঠাই।

বরবটি /বর্‌বোটি / [স. বর্বটী >] বি. দক্ষিণ-পূর্ব এশিয়া ও আফ্রিকার শিম্বগোত্রীয় বর্ষজীবী লতানে উদ্ভিদ বা তার সবুজ শুঁটি; সবজিবিশেষ।

বরবধূ /বর্‌বোধু/ [স. বর+বধূ] বি. বিবাহের পাত্র-পাত্রী, বরকনে।

বরবর্ণিনী /বরোবোর্‌নিনি / [স. বর+বর্ণিন্‌+ঈ] বি. ১ সুন্দরী ভার্যা, পত্নী। ২ শ্রেষ্ঠা নারী।

বরবাদ /বর্‌বাদ্‌/ [ফা.] বিণ. ১ পণ্ড, বিধ্বস্ত। ২ ব্যবহারের অযোগ্য। ৩ অতিবাহিত।

বরমাল্য /বরোমাল্‌লো / [স. বর+মাল্য] বি. ১ বিবাহে বরকে বরণের মালা। ২ মান্য ব্যক্তিকে বরণের মালা।

বরযাত্র /বর্‌জাত্‌ত্রো/ [স. বর+√যা+ত্র] বি. দ্র বরযাত্রী।

বরযাত্রা /বর্‌জাত্‌ত্রা/ [স. বর+√যা+ত্র+আ (টাপ্‌)] বি. বিবাহের উদ্দেশ্যে আত্মীয়পরিজন-সহ বরের কন্যাগৃহে যাত্রা।

বরযাত্রী /বর্‌জাত্‌ত্রি/ [স. বরযাত্রা+ইন্‌] বি. বিবাহের

www.pathagar.com

অনুষ্ঠানে বরের সহযাত্রী।

বরয়িতা[১] /বরোয়িতা / [স. √বরি+তৃ] বিণ. বরণ-কারী। স্ত্রী. **বরয়িত্রী** /বরোয়িত্রি/।

বরয়িতা[২] /বরোয়িতা / [স. √বরি+তৃ] বি. পতি।

বররামা /বরোরামা / [স. বর+√রম্+অ+আ (টাপ্)] বি. সুন্দরী নারী।

বরষ /বরোশ্/ [স. বর্ষ >] বি. 'বর্ষ'-র কোমল ও কাব্যিক রূপ।

বরষন /বরোশন্ / [বা.] বি. 'বর্ষণ'-এর কোমল ও কাব্যিক রূপ।

বরষা /বরোশা / [স. বর্ষা >] বি. যে ঋতুতে প্রচুর বৃষ্টি হয় (*কাটিতে কাটিতে ধান এল বরষা।* রবীন্দ্র.); বৃষ্টি; 'বর্ষা'-র কোমল ও কাব্যিক রূপ।

বরা[১] /বরা / [স. বরণ >] ক্রিবি. বরণ করা।

বরা[২] /বরা / [স. বরাহ >] বি. শূকর।

বরাই /বরাই্ / [বা.] বি. বড়ো মা।

বরাক /বরাক্ / [স. √বৃ+আক্] বিণ. ১ নীচ; তুচ্ছ; হেয়। ২ শোচনীয়। ৩ দীন। ৪ নিরপরাধ। বি. পান বিক্রেতা।

বরাখুরে /বরাখুরে / [বা.] বিণ. ১ শূকরের খুর বা পায়ের মতো গড়নবিশিষ্ট। ২ (আল.) কুলক্ষণযুক্ত।

বরাঙ্গ[১] /বরাংগো / [স. বর+ অঙ্গ] বি. ১ সুন্দর অবয়ব। ২ বিষ্ণু। ৩ কামদেব। ৪ মস্তক। ৫ উপস্থ। ৬ গুহ্যদেশ।

বরাঙ্গ[২] /বরাংগো / [স. বর+ অঙ্গ] বিণ. উত্তমাঙ্গ-বিশিষ্ট। স্ত্রী. **বরাঙ্গী** /বরাংগি/।

বরাঙ্গনা /বরাংগনা / [স. বর+ অঙ্গনা] বি. সুন্দরী বা শ্রেষ্ঠ নারী।

বরাট /বরাট্ / [স. বর+ √অট্+অ] বি. ১ কড়ি। ২ পদবিবিশেষ।

বরাটক /বরাটক্ / [স. বরাট+কন্+আ (টাপ্)] বিণ. ক্ষুদ্র; তুচ্ছ। বি. কড়ি, কপর্দক।

বরাত /বরাত্ / [ফা.] বি. ১ অদৃষ্ট, কপাল। ২ সরবরাহকারীকে পণ্য সরবরাহের আদেশ; ঠিকাদারকে প্রদত্ত কার্যাদেশ। ৩ কাজের দায়িত্ব বা তার চুক্তি; কর্মভার।

বরাতজোর /বরাত্জোর্ / [ফা.] বি. ভাগ্যের জোর।

বরাদ্দ /বরাদ্দো / [ফা.] বিণ. নির্ধারিত, নির্দিষ্ট। বি. নির্দিষ্ট পরিমাণ অর্থ; নির্ধারণ।

বরাদ্দকারী /বরাদ্দোকারি / [ফা. বরাদ্দ+স. কারী] বিণ. বরাদ্দ স্থিরকারী।

বরাননা /বরাননা / [স. বর+আনন+আ (টাপ্)] বিণ. সুন্দরী।

বরানুগমন /বরানুগমোন্ / [স. বর+অনুগমন] বি. বরযাত্রী হয়ে বিবাহানুষ্ঠানে গমন।

বরাবর /বরাবর্/ [ফা.] ক্রিবিণ. ১ সর্বদা। ২ সম্মুখে, সোজা (*নাক বরাবর*)। ৩ প্রতি, সমীপে (*মহাপরিচালক বরাবর*)। বিণ. সমান।

বরাবরেষু /বরাবরেশু / [ফা. বরাবর+স. এষু] বি. মান্য ব্যক্তির উদ্দেশে লেখা চিঠির প্রারম্ভিক পাঠ। ক্রিবিণ. সমীপেষু, সমীপে, উদ্দেশে, নিকটে।

বরাভয় /বরাভয়্/ [স. বর+অভয়] বি. আশীর্বাদ-সূচক করভঙ্গি বা মুদ্রা; আশীর্বাদ-সহ অভয়দান।

বরাভরণ /বরাভরোন্/ [স. বর+আভরণ] বি. বিবাহে বরকে দেওয়া পোশাক প্রভৃতি।

বরারোহা /বরারোহা / [স. বরারোহ+আ (টাপ্)] বিণ. ১ সুডৌল ও প্রশস্ত নিতম্বযুক্তা। ২ সুন্দরী।

বরাসন /বরাশোন / [স. বর+আসন] বি. ১ বিবাহের আসরে বরের জন্য নির্দিষ্ট আসন। ২ শ্রেষ্ঠ আসন, সম্মানজনক আসন।

বরাহ[১] /বরাহো/ [স. বর+আ+ √হন্+অ] বি. শূকর।

বরাহ[২] /বরাহো / [স. বর+আ+ √হন্+অ] বি. বিষ্ণুর তৃতীয় অবতার।

বরাহজ্বর /বরাহোজ্বর্/ [স. বরাহ+ জ্বর] বি. কাশি ও শ্বাসকষ্ট-সহ H1N1 ভাইরাসঘটিত সংক্রামক জ্বরবিশেষ, swine flu।

বরিখ /বোরিখ্/ [স. বর্ষা >] বি. 'বর্ষা'-র কাব্যিক রূপ।

বরিখন /বোরিখন্ / [স. বর্ষা >] বি. 'বর্ষণ'-এর কোমল রূপ।

বরিখা /বোরিখা / [স. বর্ষা >] বি. 'বর্ষা'-র কোমল রূপ।

বরিষ[১] /বোরিশ্/ [স. বর্ষ >] বি. বর্ষ, বৎসর।

বরিষ[২] /বোরিশ্/ [স. বর্ষা >] বি. বর্ষা, বৃষ্টি।

বরিষ[৩] /বোরিশো / [স. বর্ষণ >] অনুক্রি. বর্ষণ করো (*বরিষ ধরা-মাঝে শান্তির বারি* রবীন্দ্র.)।

বরিষন /বোরিশন্ / [স. বর্ষণ >] বি. 'বর্ষণ'-এর কাব্যিক রূপ।

বরিষা /বোরিশা / [স. বর্ষা >] বি. বর্ষা।

বরিষ্ঠ /বোরিশ্ঠো/ [স. উরু+ইষ্ঠ] বিণ. ১ সর্বশ্রেষ্ঠ। ২ সর্বাগ্রে বরণীয়। স্ত্রী. **বরিষ্ঠা** /বোরিশ্ঠা/।

বরীয়ান /বোরিআন্/ [স. উরু+ঈয়স্] বিণ. উৎকৃষ্ট-তর, অপেক্ষাকৃত শ্রেষ্ঠ।

বরুণ /বোরুন্ / [স. √বৃ+উন] বি. ১ সমুদ্রের অধিপতি, জলদেবতা, প্রচেতা। ২ ক্রান্তীয় অঞ্চলে জলাভূমির

www.pathagar.com

তীরে জাত মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ বা তার চারটি পাপড়িযুক্ত গন্ধহীন সাদাটে ফুল।

বরুণবাণ /বোরুন্‌বান্‌/ [স. বরুণ+বাণ] বি. বরুণ-দেবের জলবর্ষী বাণ।

বরেণ্য /বরেন্‌নো / [স. √বৃ+এণ্য] বিণ. ১ বরণ করার যোগ্য। ২ শ্রেষ্ঠ। ৩ প্রার্থনীয়; অভীষ্ট।

বরেন্দ্র /বরেন্‌দ্রো / [স. বর+ইন্দ্র] বি. ১ অবিভক্ত বঙ্গের প্রাচীন গৌড় অঞ্চল, উত্তরবঙ্গ। ২ সম্রাট।

বরেন্দ্রভূমি /বরেন্‌দ্রোভূমি / [স. বরেন্দ্র+ভূমি] বি. অবিভক্ত বঙ্গের প্রাচীন গৌড় অঞ্চল, উত্তরবঙ্গ।

বরোন্মুখ /বরোনমুখ্‌ / [স. বর+উৎ+মুখ] বিণ. বরদান করতে উন্মুখ।

বর্গ /বরগো/ [স. √বৃজ্‌+অ] বি. ১ জাতি, দল (*প্রাণিবর্গ*)। ২ সমূহ (*স্বজনবর্গ*)। ৩ বর্ণমালার স্পর্শবর্ণের পাঁচটি শ্রেণির প্রত্যেকটি (*ক-বর্গ চ-বর্গ ট-বর্গ ত-বর্গ প-বর্গ*)। ৪ (গ.) সমান দুই রাশির গুণফল (*বর্গফল*)। ৫ গ্রন্থের অধ্যায়। ৬ ত্যাগ।

বর্গকিলোমিটার /বরগোকিলোমিটার্‌/ [স. বর্গ+ফ. কিলোমিটার] বি. দৈর্ঘ্য ও প্রস্থে ১ কিলোমিটার এমন বর্গক্ষেত্রের সমান আয়তন।

বর্গক্ষেত্র /বরগোখেত্‌ত্রো/ [স. বর্গ+ক্ষেত্র] বি. যে চতুর্ভুজের চারটি বাহুই সমান এবং কোণগুলি সমকোণ।

বর্গফুট /বরগোফুট্‌/ [স. বর্গ+ই. ফুট] বি. দৈর্ঘ্য ও প্রস্থে ১ ফুট এমন বর্গক্ষেত্রের সমান আয়তন।

বর্গমাইল /বরগোমাইল্‌ / [স. বর্গ+ই. মাইল] বি. দৈর্ঘ্য ও প্রস্থে ১ মাইল এমন বর্গক্ষেত্রের সমান আয়তন।

বর্গমিটার /বরগোমিটার্‌ / [স. বর্গ+ফ. মিটার] বি. দৈর্ঘ্য ও প্রস্থে ১ মিটার এমন বর্গক্ষেত্রের সমান আয়তন।

বর্গমূল /বরগোমুল্‌/ [স. বর্গ+মূল] বি. যে রাশি নিজদ্বারা গুণিত হয়ে অন্য রাশি উৎপন্ন করেছে।

বর্গসেন্টিমিটার /বরগোসেন্‌টিমিটার্‌/ [স. বর্গ+ফ. সেন্টিমিটার] বি. দৈর্ঘ্য ও প্রস্থে ১ সেন্টিমিটার এমন বর্গক্ষেত্রের সমান আয়তন।

বর্গা /বরগা / [দেশি.] বি. অন্যের জমিতে ভাগে ফসল উৎপাদন বা ফসল উৎপাদনের জন্য জমির বন্দোবস্ত।

বর্গাকার /বরগাকার / [স. বর্গ+আকার] বিণ. সমবাহু চতুর্ভুজের আকারবিশিষ্ট।

বর্গাচাষি /বরগাচাশি / [বা.] বি. যে চাষি উৎপাদিত ফসলের ভাগ প্রদানের বিনিময়ে অন্যের জমি চাষ করে, আধিয়ার, ভাগচাষি।

বর্গাদার /বরগাদার্‌ / [দেশি. বর্গা+ফা. দার] বি. দ্র বর্গাচাষি।

বর্গা দেওয়া /বরগা দেওআ/ ক্রিবি. ফসলের অর্ধেক ভাগ পাওয়ার শর্তে জমির মালিক কর্তৃক চাষিকে জমি চাষ করতে দেওয়া।

বর্গি /বোরগি / [ফা.] বি. অষ্টাদশ শতকের অশ্বারোহী মরাঠি দস্যুসৈন্য (*খোকা ঘুমালো। পাড়া জুড়ালো। বর্গি এলো দেশে ...* প্র.)।

বর্গিরাজ /বোরগিরাজ্‌/ [ফা. বর্গি+স. রাজন্‌] বি. বর্গিদের রাজা, শিবাজী।

বর্গীকরণ /বোরগিকরোন্‌/ [স. বর্গ+চ্বি+করণ] বি. শ্রেণি বা বর্গে বিভাজন, classification।

বর্গীয় /বোরগিয়ো/ [স. বর্গ+ঈয়] বিণ. বর্গসংক্রান্ত।

বর্গীয় বর্ণ /বোরগিয়ো বরনো/ বি. বাংলা বর্ণমালার ক থেকে ম পর্যন্ত ৫টি বর্গের যে কোনো বর্ণ।

বর্গ্য /বোরগো / [স. বর্গ+য] বিণ. বর্গের অন্তর্ভুক্ত; বর্গসম্বন্ধীয়।

বর্চ /বরচো/ [স. √বর্চ্‌+অস্‌] বি. ১ তেজ। ২ কান্তি। ৩ শুক্র। ৪ মল।

বর্চা /বরচা / [সাঁও.] বি. লাঠির প্রান্তে ইস্পাতের ফলাযুক্ত ক্ষেপণাস্ত্রবিশেষ, বল্লম, বর্শা।

বর্জক /বরজোক্‌ / [স. √বৃজ্‌+অক] বিণ. বর্জনকারী।

বর্জন /বরজোন্‌ / [স. √বৃজ্‌+অন] বি. ত্যাগ, পরিহার।

বর্জনযোগ্য /বরজোন্‌জোগ্‌গো / [স. বর্জন+যোগ্য] বিণ. পরিহার করার যোগ্য।

বর্জনীয় /বরজোনিয়ো / [স. √বৃজ্‌+অনীয়] বিণ. বর্জনের যোগ্য। স্ত্রী. বর্জনীয়া /বরজোনিআ /।

বর্জয়িতা /বরজোয়িতা / [স. √বৃজ্‌+তৃ] বিণ. বর্জনকারী।

বর্জাইস /বরজাইশ্‌ / [ফ.] বি. ছাপার ছোটো অক্ষর বা টাইপবিশেষ।

বর্জিত /বোরজিতো /[স. √বৃজ্‌+ত] বিণ. ১ বর্জন করা হয়েছে এমন, পরিত্যক্ত। ২ রহিত, শূন্য, বিহীন।

বর্জিতব্য /বোরজিতোব্‌বো / [স. √বর্জ্জি+তব্য] বিণ. বর্জন বা ত্যাগ করতে হবে এমন।

বর্জ্য /বোরজ্জো / [স. √বৃজ্‌+য] বি. আবর্জনা, waste (*শিল্পবর্জ্য*)। বিণ. বর্জনের যোগ্য।

বর্ডার /বড়্‌ডার্‌/ [ই.] বি. ১ প্রান্তদেশ, সীমান্ত; আন্তর্জাতিক সীমারেখা। ২ পাড়, বস্ত্র প্রভৃতির প্রান্ত (*শাড়ির বর্ডার*)।

www.pathagar.com

বর্ণ /বর্‌নো / [স. √বর্ণ্+অ] বি. ১ রং (*কৃষ্ণবর্ণ*)। ২ ধ্বনির লিখিত রূপ (*ব্যঞ্জনবর্ণ*)। ৩ জাতি। ৪ রাশি অনুসারে জাতকের শ্রেণিভেদ।

বর্ণচোরা /বর্‌নোচোরা / [স. বর্ণ+বা. চোরা] বিণ. ১ পাকলেও বর্ণের পরিবর্তন হয় না এমন। ২ বাইরে দেখে ভেতরে বোঝা অসম্ভব এমন, ছদ্মবেশী। ৩ নিজের আসল পরিচয় গোপন করে এমন।

বর্ণচ্ছটা /বর্‌নোচ্ছটা / [স. বর্ণ+ছটা] বি. রঙের বৈচিত্র্য, রঙের শোভা।

বর্ণজ্ঞান /বর্‌নোগ্‌গ্যাঁন্ / [স. বর্ণ+জ্ঞান] বি. কোনো ভাষার বর্ণমালার সঙ্গে পরিচয়, অক্ষরজ্ঞান।

বর্ণজ্ঞানরহিত /বর্‌নোগ্‌গ্যাঁন্‌রোহিতো / [স. বর্ণজ্ঞান +√রহ্+ত] বিণ. দ্র **বর্ণজ্ঞানহীন**।

বর্ণজ্ঞানহীন /বর্‌নোগ্‌গ্যাঁন্‌হিন্ / [স. বর্ণজ্ঞান+√হা+ত] বিণ. বর্ণমালার সঙ্গে পরিচয় নেই এমন, নিরক্ষর।

বর্ণজ্যেষ্ঠ /বর্‌নোজেশ্‌ঠো/ [স. বর্ণ+জ্যেষ্ঠ] বি. ব্রাহ্মণ।

বর্ণতত্ত্ব /বর্‌নোতত্‌তো / [স. বর্ণ+তত্ত্ব] বি. জাতিতত্ত্ব, ethnology।

বর্ণতুলি /বর্‌নোতুলি/ [স. বর্ণ+তুলি] বি. ছবি আঁকার তুলি; লেখনী।

বর্ণন /বর্‌নোন্ / [স. √বর্ণ্+অন] বি. দ্র **বর্ণনা**।

বর্ণনা /বর্‌নোনা / [স. √বর্ণ্+অন+আ (টাপ্)] বি. ১ বিবরণ, বিবৃতি। ২ ব্যাখ্যা। ৩ গুণ ও দোষ কথন। ৪ রঞ্জন। ৫ বর্ণবিন্যাস।

বর্ণনাকুশল /বর্‌নোনাকুশল্/ [স. বর্ণনা+কুশল] বিণ. বর্ণনা করতে নিপুণ।

বর্ণনাতীত /বর্‌নোনাতিতো / [স. বর্ণনা+অতীত] বিণ. বর্ণনা করা যায় না এমন, অনির্বচনীয়।

বর্ণনাপত্র /বর্‌নোনাপত্‌ত্রো / [স. বর্ণনা+পত্র] বি. লিখিত বক্তব্য, জবাবসংবলিত পত্র, written statement।

বর্ণনীয় /বর্‌নোনিয়ো / [স. √বর্ণ্+অনীয়] বিণ. বর্ণনা করতে হবে এমন, বর্ণনার উপযুক্ত।

বর্ণপরিচয় /বর্‌নোপোরিচয়্/ [স. বর্ণ+পরিচয়] বি. ১ অক্ষরপরিচয়। ২ অক্ষরজ্ঞান অর্জনের প্রারম্ভিক বই। ৩ (আল.) প্রাথমিক জ্ঞান।

বর্ণপরিচয়হীন /বর্‌নোপোরিচয়্‌হিন্/ [স. বর্ণপরিচয় +√হা+ত] বিণ. অক্ষরজ্ঞানহীন।

বর্ণবাদ /বর্‌নোবাদ্/ [স. বর্ণ+√বদ্+অ] বি. বর্ণ-বৈষম্যগত শ্রেষ্ঠত্বের মতবাদ।

বর্ণবাদী /বর্‌নোবাদি / [স. বর্ণবাদ+ইন্] বিণ. বর্ণ-বৈষম্যবাদের অনুসারী।

বর্ণবিদ্বেষ /বর্‌নোবিদ্‌দেশ্/ [স. বর্ণ+বি+√দ্বিষ্+অ] বি. বর্ণবৈষম্য থেকে জাত বিদ্বেষ।

বর্ণবিপর্যয় /বর্‌নোবিপোর্‌জয়্/ [স. বর্ণ+বিপর্যয়] বি. উচ্চারণকালে শব্দে বর্ণের স্থান পরিবর্তন, শব্দের উচ্চারণে ধ্বনিবিপর্যয়।

বর্ণবিশ্লেষণ /বর্‌নোবিস্‌লেশন্ / [স. বর্ণ+বিশ্লেষণ] বি. শব্দের বর্ণসমূহ পৃথক করে প্রদর্শন।

বর্ণবৈচিত্র্য /বর্‌নোবোইচিত্‌ত্রো / [স. বর্ণ+বিচিত্র+য] বি. নানা বর্ণের সমাহার, রঙের বিচিত্রতা।

বর্ণভেদ /বর্‌নোভেদ্/ [স. বর্ণ+√ভিদ্+অ] বি. ১ শ্রেণিভেদ। ২ রঙের ভিন্নতা।

বর্ণময় /বর্‌নোময় / [স. বর্ণ+ময়ট্] বিণ. নানা বর্ণে রঞ্জিত, রঙিন।

বর্ণমালা /বর্‌নোমালা / [স. বর্ণ+মালা] বি. ভাষায় ব্যবহৃত অক্ষরসমূহ, alphabet (*বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা।* শামসুর.)।

বর্ণসংকর /বর্‌নোশংকর্ / [স. বর্ণ+সংকর] বি. ১ ভিন্ন দুই বর্ণের নারী-পুরুষের মিলনজাত সন্তান। ২ ভিন্ন প্রজাতির প্রাণী বা উদ্ভিদের মিলনজাত প্রজাতি। বিণ. দো-আঁশলা।

বর্ণহীন /বর্‌নোহিন্/ [স. বর্ণ+√হা+ত] বিণ. বিবর্ণ, রংশূন্য।

বর্ণা /বর্‌না / [স. বর্ণ>] ক্রিবি. (কাব্যে) বর্ণনা করা, ব্যাখ্যা করা।

বর্ণাট[১] /বর্‌নাট্ / [স. বর্ণ+অট] বি. গায়ক।

বর্ণাট[২] /বর্‌নাট্ / [স. বর্ণ+আট] বি. চিত্রশিল্পী।

বর্ণাঢ্য /বর্‌নাড়্‌ঢো / [স. বর্ণ+আ+√ধ্যৈ+অ] বিণ. জাঁকজমকপূর্ণ। বি. ~তা /-তা/।

বর্ণানুক্রম /বর্‌নানুক্‌ক্রোম্/ [স. বর্ণ+অনুক্রম] বি. বর্ণমালার অনুক্রম, alphabetic order।

বর্ণানুক্রমিক /বর্‌নানুক্‌ক্রোমিক্ / [স. বর্ণানুক্রম+ইক] বিণ. বর্ণের ক্রম অনুসারে বিন্যস্ত, alphabetic।

বর্ণানুক্রমে /বর্‌নানুক্‌ক্রোমে / [স. বর্ণানুক্রম+বা. এ] ক্রিবিণ. বর্ণমালার পরম্পরা অনুসারে।

বর্ণান্ধ /বর্‌নান্‌ধো / [স. বর্ণ+অন্ধ] বিণ. রঙের পার্থক্য দেখতে পায় না এমন, colour-blind। বি. ~তা /-তা/।

বর্ণাপেরণ /বর্‌নাপেরন্/ [স. বর্ণ+অপেরণ] বি. পর-কলার (lens) ত্রুটিজনিত আপতিত আলোকরশ্মি বিভিন্ন মাত্রায় প্রতিসরণের ফলে সৃষ্ট মিশ্র বর্ণালি;

www.pathagar.com

(পরি.) chromatic aberration।

বর্ণালি /বর্‌নালি / [বা.] বি. আলোক তরঙ্গের কম্পনাঙ্কভেদ ও প্রতিসরণের মাত্রা অনুসারে বর্ণের বিভাজন, spectrum।

বর্ণাশ্রম /বর্‌নাস্‌শ্রোম্‌ / [স. বর্ণ+আশ্রম] বি. ১ হিন্দু ধর্মের বিধান অনুযায়ী পালনীয় চারটি আশ্রম (ব্রহ্মচর্য গার্হস্থ্য বানপ্রস্থ ও সন্ন্যাস)। ২ হিন্দু ধর্মের চারটি বর্ণ (ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্র)।

বর্ণাশ্রমধর্ম /বর্‌নাস্‌শ্রোমধর্‌মো/ [স. বর্ণাশ্রম+ধর্ম] বি. হিন্দু ধর্মের বিধান অনুযায়ী চতুরাশ্রমে পালনীয় ধর্ম।

বর্ণিক /বোর্‌নিক্‌ / [স. বর্ণ+ইক] বি. ১ চিত্রকর। ২ লিপিকর। ৩ লেখক।

বর্ণিকা /বোর্‌নিকা / [স. বর্ণ+কন্‌+আ (টাপ্‌)] বি. লেখনী; পেনসিল; তুলি।

বর্ণিত /বোর্‌নিতো / [স. √বর্ণ্‌+ত] বিণ. ১ বর্ণনা করা হয়েছে এমন, বিবৃত। ২ প্রশংসিত। ৩ রঞ্জিত।

বর্ণিনী /বোর্‌নিনি / [স. বর্ণ+ইন্‌+ঈ] বি. ১ সুন্দরী নারী। ২ লেখিকা। ৩ নারী চিত্রকর।

বর্ণিল /বোর্‌নিল্‌ / [স. বর্ণ>] বিণ. বর্ণময়, রঙিন।

বর্ণী /বোর্‌নি/ [স. বর্ণ+ইন্‌] বি. ১ ব্রহ্মচারী। ২ চিত্রকর। ৩ লেখক।

বর্তক /বর্‌তক্‌/ [স. √বৃৎ+অক] বি. কোয়েল পাখি।

বর্তন[১] /বর্‌তোন্‌ / [স. √বৃৎ+অন] বি. ১ জীবিকা, বৃত্তি। ২ স্থাপন। ৩ স্থিতি। ৪ চূর্ণন। ৫ পিষ্টদ্রব্য।

বর্তন[২] /বর্‌তোন্‌ / [হি.] বি. থালা, বাসন, প্লেট।

বর্তনী /বর্‌তোনি / [স. √বৃৎ+অন+ঈ] বি. ১ বর্ত্ম। ২ বেষ্টিত স্থান; আয়তন। ৩ পিষ্টদ্রব্য। ৪ তুলোর পলতে। ৫ তড়িৎপ্রবাহের পথ; (পরি.) circuit।

বর্তমান /বর্‌তোমান্‌/ [স. √বৃত্‌+মান (শানচ্‌)] বিণ. ১ উপস্থিত, এখনকার। ২ জীবিত। বি. যে কাল এখন চলছে।

বর্তা /বর্‌তা / [বা.] ক্রিবি. দ্র বর্তানো।

বর্তানো /বর্‌তানো / [বা.] ক্রিবি. ১ উত্তরাধিকার বা অন্য কোনো সূত্রে প্রাপ্ত হওয়া। ২ বর্তমান থাকা (*বেঁচেবর্তে থাকা*)। ৩ রক্ষা পাওয়া (*বর্তে যাওয়া*)।

বর্তি /বোর্‌তি / [স. √বৃৎ+ই] বি. দ্র বর্তিকা।

বর্তিক /বোর্‌তিক্‌/ [স. বর্তি+ক (স্বার্থে)] বি. দ্র বর্তিকা।

বর্তিকা /বোর্‌তিকা/ [স. বর্তি+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ দীপ, প্রদীপ। ২ প্রদীপের সলতে। ৩ তুলি।

বর্তিত /বোর্‌তিতো/ [স. √বর্তি+ত] বিণ. সম্পাদিত, নিষ্পাদিত।

বর্তিষ্ণু /বোর্‌তিশ্‌নু/ [স. √বৃৎ+ইষ্ণু] বিণ. স্থিতিশীল।

–বর্তী /বোর্‌তি / [স. √বৃৎ+ইন্‌] বিণ. স্থিতিশীল (*সম্মুখবর্তী*)। স্ত্রী. –বর্তিনী /বোর্‌তিনি /।

বর্তুল /বোর্‌তুল্‌ / [স. √বৃৎ+উল] বিণ. গোলাকার, spherical। বি. গোলাকার বস্তু, sphere।

বর্তুলাকার /বোর্‌তুলাকার্‌ / [স. বর্তুল+আকার] বিণ. গোলাকার, বৃত্তাকার।

বর্ত্ম /বর্‌র্তো / [স. √বৃৎ+মন্‌] বি. ১ পথ (*লৌহবর্ত্ম*)। ২ আচার, ব্যবহার। ৩ চোখের পাতা।

বর্ধক /বর্‌ধোক্‌/ [স. √বর্ধি+অক] বিণ. বাড়ায় এমন, বর্ধনকারী, বৃদ্ধিকারক (*বলবর্ধক*)।

বর্ধকি/বর্‌ধোকি / [স. বর্ধক+ই] বি. কাঠমিস্ত্রি।

বর্ধন /বর্‌ধোন্‌/ [স. √বর্ধি+অন] বি. বৃদ্ধি; উন্নতি।

বর্ধমান /বর্‌ধোমান্‌/ [স. √বৃধ্‌+মান (শানচ্‌)] বিণ. বাড়ছে এমন, বৃদ্ধিশীল (*ক্রমবর্ধমান*)।

বর্ধাপন /বর্‌ধাপন্‌ / [স. √বর্ধাপি+অন] বি. ১ নবজাতকের নাড়ি কাটার সংস্কারবিশেষ। ২ নবজাতকের মঙ্গলকামনার অনুষ্ঠান। ৩ জয়ন্তী।

বর্ধিত /বোর্‌ধিতো/ [স. √বর্ধি+ত] বিণ. বাড়ানো হয়েছে এমন, বৃদ্ধিপ্রাপ্ত।

বর্ধিষ্ণু /বোর্‌ধিশ্‌নু/ [স. √বৃধ্‌+ইষ্ণু] বিণ. ক্রমে বাড়ছে এমন, সমৃদ্ধ হচ্ছে এমন।

বর্ণানো /বর্‌নানো / [বা.] ক্রিবি. বর্ণনা করা।

বর্বর /বর্‌বর্‌/ [স. √বৃ+বর] বিণ. ১ অসভ্য, অমার্জিত, অশিষ্ট। ২ নিষ্ঠুর। ৩ নীচ, পাশবিক। ৪ মূর্খ। বি. অসভ্য জাতি।

বর্বরতা /বর্‌বরোতা / [স. বর্বর+তা] বি. ১ অসভ্যতা। ২ নিষ্ঠুরতা। ৩ নীচতা। ৪ মূর্খতা।

বর্ম /বর্‌মো / [স. √বৃ+মন্‌] বি. অস্ত্রাদির আঘাত প্রতিরোধক দেহাবরণ; তনুত্রাণ; সাঁজোয়া; কবচ।

বর্মণ /বর্‌মোন্‌/ [স. √বৃ+মন] বি. পদবিবিশেষ।

বর্মিত /বোর্‌মিতো/ [স. বর্মন্‌+ইত] বিণ. বর্মপরিহিত, কবচধারী।

বর্ষ /বোর্‌জো / [স. √বর্‌+য] বিণ. ১ প্রধান, শ্রেষ্ঠ। ২ বরণীয়; পূজ্য।

বর্শা /বর্‌শা / [বা.] বি. লাঠির প্রান্তে ইস্পাতের ফলাযুক্ত ক্ষেপণাস্ত্রবিশেষ; শূল; কোঁচ।

বর্ষ /বর্‌শো / [স. √বৃষ্‌+অ] বি. ১ বৎসর, বছর। ২ বৃষ্টি; মেঘ। ৩ পুরাণে বর্ণিত নয়টি ভূভাগ (ভারতবর্ষ কিম্পুরুষ হরি রম্যক হিরণ্ময় উত্তরকুরু ইলাবর্ত ভদ্রাশ্ব ও কেতুমালা)।

www.pathagar.com

বর্ষকর /বর্‌শোকর্‌/ [স. বর্ষ+√কৃ+অ] বিণ. বর্ষণ করে এমন, বর্ষণকারী।

বর্ষকাল /বর্‌শোকাল্‌/ [স. বর্ষ+কাল] বি. এক বছর (*বর্ষকাল পরে আবার দেখা*)।

বর্ষজীবী /বর্‌শোজিবি/ [স. বর্ষ+√জীব্‌+ইন্‌] বিণ. এক বছর বাঁচে এমন (*বর্ষজীবী উদ্ভিদ*)।

বর্ষণ /বর্‌শোন্‌/ [স. √বৃষ্‌+অন] বি. ১ বৃষ্টিপাত; বৃষ্টি। ২ ওপর থেকে ক্রমাগত পতন (*পুষ্পবর্ষণ*)।

বর্ষণমন্দ্রিত/বর্‌শোন্‌মোন্‌দ্রিতো/ [স. বর্ষণ+√মন্দ্র্‌+ত] বিণ. বৃষ্টির শব্দে মুখরিত (*বর্ষণমন্দ্রিত অন্ধকারে এসেছি তোমারি এ দ্বারে*, রবীন্দ্র.)।

বর্ষণোন্মুখ /বর্‌শোনোন্‌মুখ্‌/ [স. বর্ষণ+উন্মুখ] বিণ. বৃষ্টি পড়ার উপক্রম হয়েছে এমন, বর্ষণোদ্যত।

বর্ষপঞ্জি /বর্‌শোপোন্‌জি/ [স. বর্ষ+√পঞ্চ্‌+ই] বি. বছরের দিন সপ্তাহ ও মাসের বিবরণজ্ঞাপক তালিকা, ক্যালেন্ডার।

বর্ষপর্বত /বর্‌শোপর্‌বত্‌/ [স. বর্ষ+পর্বত] বি. পুরাণে বর্ণিত এশিয়ার ৭টি পর্বত (হিমবান হেমকূট নিষধ নীল মেরু শ্বেত ও শৃঙ্গবান)।

বর্ষপূর্তি /বর্‌শোপুর্‌তি/ [স. বর্ষ+√পূ+তি] বি. ১ বছরের সমাপ্তি। ২ বছরের নির্দিষ্ট তারিখে পালিত উৎসব।

বর্ষবরণ /বর্‌শোবরোন্‌/ [স. বর্ষ+বরণ] বি. নতুন বছরকে আবাহন।

বর্ষবিদায় /বর্‌শোবিদায়্‌/ [স. বর্ষ+আ. বিদায়] বি. বছরের সমাপ্তি উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠান।

বর্ষমাণ /বর্‌শোমান্‌/ [স. বর্ষ+মান (শানচ্‌)] বি. বর্ধিত হচ্ছে এমন, বর্ষণশীল।

বর্ষমান /বর্‌শোমান্‌/ [স. বর্ষ+√মা+অন] বি. বৃষ্টি পরিমাপক সরঞ্জাম, rain gauge।

বর্ষা /বর্‌শা/ [স. √বৃষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ বাংলা বর্ষপঞ্জির আষাঢ় ও শ্রাবণ মাসব্যাপী (১৫ই জুন থেকে ১৫ই আগস্ট পর্যন্ত) কালপর্ব, গ্রীষ্মের পরবর্তী ও শরতের পূর্ববর্তী ঋতু। ২ বৃষ্টিপাত।

বর্ষাকাল /বর্‌শাকাল্‌/ [স. বর্ষা+কাল] বি. বর্ষাঋতু, ১লা আষাঢ় থেকে ৩১শে শ্রাবণ পর্যন্ত (১৫ই জুন থেকে ১৫ই আগস্ট পর্যন্ত) কালপর্ব।

বর্ষাকালীন /বর্‌শাকালিন্‌/ [স. বর্ষাকাল+ঈন] বিণ. ১ বর্ষাকালে উৎপন্ন (*বর্ষাকালীন সবজি*)। ২ বর্ষাঋতুসংক্রান্ত (*বর্ষাকালীন উৎসব*)।

বর্ষাগম /বর্‌শাগম্‌/ [স. বর্ষা+আগম] বি. বর্ষাঋতুর সূচনা।

বর্ষাতি /বর্‌শাতি/ [হি.] বি. ১ বৃষ্টির পানি থেকে দেহরক্ষার জন্য জলনিরোধক কাপড়ের তৈরি বড়ো জামা বা কোটবিশেষ, raincoat। ২ ছাতা।

বর্ষাত্যয় /বর্‌শাত্‌তয়্‌/ [স. বর্ষা+অত্যয়] বি. বর্ষা ঋতুর অবসান, শরৎ ঋতুর সূচনা।

বর্ষানো /বর্‌শানো/ [বা.] ক্রিবি. বৃষ্টি পড়া, বর্ষণ করা।

বর্ষাপ্লাবিত /বর্‌শাপ্লাবিতো/ [স. বর্ষা+প্লাবিত] বিণ. বৃষ্টির জলে ডুবে গেছে এমন।

বর্ষাবসান /বর্‌শাবোশান্‌/ [স. বর্ষা+অবসান] বি. বর্ষাকালের সমাপ্তি।

বর্ষাবাদল /বর্‌শাবাদোল্‌/ [স. বর্ষা+হি. বাদল] বি. মেঘ ও বৃষ্টি।

বর্ষাবিধৌত /বর্‌শাবিধোউতো/ [স. বর্ষা+বিধৌত] বিণ. বর্ষার জলে ধৌত।

বর্ষামঙ্গল /বর্‌শামোংগোল্‌/ [স. বর্ষা+মঙ্গল] বি. বর্ষাঋতুকে বরণের অনুষ্ঠান।

বর্ষামুখর /বর্‌শামুখর্‌/ [স. বর্ষা+মুখর] বিণ. বৃষ্টির শব্দে মুখরিত, বর্ষণমন্দ্রিত।

বর্ষাস্নাত /বর্‌শাস্নাতো/ [স. বর্ষা+স্নাত] বিণ. বর্ষার জলে অভিষিক্ত বা স্নাত (*বর্ষাস্নাত সন্ধ্যা*)।

বর্ষিত /বোর্‌শিতো/ [স. √বর্ষি+ত] বিণ. ১ বৃষ্টিরূপে বা অজস্র ধারায় পতিত। ২ অকুণ্ঠভাবে প্রদত্ত।

বর্ষিষ্ঠ /বোর্‌শিশ্‌ঠো/ [স. √বৃদ্ধ্‌+ইষ্ঠ] বিণ. ১ সর্বজ্যেষ্ঠ। ২ অতিশয় বৃদ্ধ।

–বর্ষী /বোর্‌শি/ [স. √বৃষ্‌+ইন্‌] বিণ. বর্ষণকারী, বর্ষণশীল (*জলবর্ষী মেঘ*)।

–বর্ষীয় /বোর্‌শিয়ো/ [স. বর্ষ+ঈয়] বিণ. (সমাসের পরপদে) বয়সযুক্ত। স্ত্রী. **বর্ষীয়া** /বোর্‌শিআ/।

বর্ষীয়ান /বোর্‌শিআন্‌/ [স. বৃদ্ধ+ঈয়স্‌] বিণ. ১ প্রবীণ ও অভিজ্ঞ (*বর্ষীয়ান নেতা*)। ২ সর্বজ্যেষ্ঠ। স্ত্রী. **বর্ষীয়সী** /বোর্‌শিয়োশি/।

বর্ষোপল /বর্‌শোপল্‌/ [স. বর্ষ+উপল] বি. বর্ষিত শিলাখণ্ড, করকা।

বর্হ /বর্‌হো/ [স. √বর্হ্‌+অ] বি. ময়ূরপুচ্ছ।

বর্হী /বোর্‌হি/ [স. বর্হ+ইন্‌] বিণ. ময়ূরপুচ্ছধারী। বি. ময়ূর।

বল[১] /বল্‌/ [স. √বল্‌+অ] বি. ১ শক্তি; সামর্থ্য; ক্ষমতা। ২ সৈন্য। ৩ সহায়। ৪ দাবাখেলায় রাজা ও বড়ে ব্যতীত অন্যান্য ঘুঁটি। ৫ বলরাম।

বল[২] /বল্‌/ [ই.] বি. খেলার গোলক, কন্দুকবিশেষ।

বলক /বলোক্‌/ [হি. বলক্‌না >] বি. জ্বাল দেওয়ার

www.pathagar.com

সময় তরল পদার্থের স্ফীতি (*দুধে বলক ওঠা*)।

বলক ওঠা /বলোক্ ওঠা/ ক্রিবি. জ্বাল দেওয়ার সময় তরল পদার্থের উথলে বা ফেঁপে ওঠা।

বলকর /বলোকর্/ [স. বল+√কৃ+অ] বিণ. শক্তি-দায়ক, পুষ্টিকর।

বল করা /বল্ করা/ ক্রিবি. (ক্রিকেট বা বেসবল খেলায়) প্রতিপক্ষকে বল দেওয়া বা ছুড়ে মারা।

বলকা /বল্কা/ [হি. বলক্না >] বিণ. বলক উঠেছে এমন, বলকযুক্ত (*একবলকা দুধ*)।

বলগর্বিত /বলোগোর্বিতো/ [স. বল+গর্বিত] বিণ. ১ ক্ষমতার গর্বযুক্ত। ২ শক্তিমত্ত।

বল্গা /বল্গা/ [স. √বল্গ্+অ+আ (টাপ্)] বি. কোনো কিছুর গতি নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত রশিবিশেষ, লাগাম।

বল্গাহরিণ /বল্গাহোরিন্/ [স. বল্গা+হরিণ] বি. তুন্দ্রার উত্তরাঞ্চলের বড়ো শিংওয়ালা হরিণবিশেষ যা বরফের ওপরে চাকাবিহীন গাড়ি টানার কাজে ব্যবহৃত হয়, reindeer।

বলদ[১] /বলোদ্/ [স. বলীবর্দ >] বি. ১ ষাঁড়, বৃষ; যে ষাঁড়ের মুষ্ক ছিন্ন করা হয়েছে। ২ দামড়া, যে গোরু হাল বা গাড়ি টানে। ৩ (আল.) নির্বোধ।

বলদ[২] /বলোদো/ [স. বল+√দা+অ] বিণ. বল দেয় এমন, বলদায়ক।

বলদর্পিত /বলোদোর্পিতো/ [স. বল+দর্পিত] বিণ. দ্র বলগর্বিত।

বলদর্পী /বলোদোর্পি/ [স. বল+দর্প+ইন্] বিণ. শক্তির দর্পযুক্ত।

বলদৃপ্ত /বলোদ্প্তো/ [স. বল+√দৃপ্+ত] বিণ. দ্র বলগর্বিত।

বলদেব /বলোদেব্/ [স. বল+দেব] বি. ১ শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা বলরাম। ২ বিষ্ণুর অষ্টম অবতার।

বলন[১] /বলোন্/ [হি. বোলনা >] বি. কথন, ভাষণ।

বলন[২] /বলোন্/ [স. বৃদ্ধি >] বি. ১ বৃদ্ধি। ২ পুষ্টি। ৩ গড়ন।

বলনি /বলোনি/ [দেশি.] বি. সুডৌল গড়ন।

বলনিসূদন /বলোনিশুদন্/ [স. বল+নিসূদন] বি. বল নামক দৈত্যের হন্তা ইন্দ্র।

বলপূর্বক /বলোপুর্বক্/ [স. বল+পূর্বক] ক্রিবিণ. জোর করে, সবলে।

বলপ্রয়োগ /বলোপ্রোয়োগ্/ [স. বল+প্রয়োগ] বি. শক্তি প্রয়োগ।

বলবৎ /বলোবত্/ [স. বল+বৎ] বিণ. ১ বহাল; প্রচলিত; কার্যকর। ২ বলশালী, শক্তিযুক্ত।

বলবত্তা /বলোবত্তা/ [স. বলবৎ+তা] বি. শক্তি-শালিতা, শক্তিমত্তা।

বলবন্ত /বলোবন্তো/ [স. বল+বা. বন্ত] বিণ. বলবান।

বলবর্ধক /বলোবর্ধোক্/ [স. বল+বর্ধক] বিণ. ১ শক্তি বৃদ্ধি করে এমন (*বলবর্ধক ওষুধ*)। ২ (আল.) উদ্দীপক; প্রেরণাদায়ক।

বলবর্ধন /বলোবর্ধোন্/ [স. বল+বর্ধন] বি. শক্তিবৃদ্ধি।

বলবান /বলোবান্/ [স. বল+বৎ] বিণ. বলশালী, ক্ষমতাবান। স্ত্রী. **বলবতী** /বলোবোতি/।

বলবিদ্যা /বলোবিদ্দা/ [স. বল+বিদ্যা] বি. পদার্থের গতি ও বলবিষয়ক বিজ্ঞান; (পরি.) mechanics।

বলবিন্যাস /বলোবিন্ন্যাশ্/ [স. বল+বিন্যাস] বি. যুদ্ধের প্রস্তুতিস্বরূপ সৈন্যসমাবেশ, ব্যূহ রচনা।

বলভদ্র /বলোভদ্দ্রো/ [স. বল+ভদ্র] বি. শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা বলরাম।

বলভি /বলোভি/ [স. √বল্+অভি] বি. ১ ঘরের ছাদ, গৃহচূড়া। ২ ছাদের ওপর সিঁড়িসংলগ্ন ছোটো ঘর, চিলেকোঠা, attic।

বলয় /বলয়্/ [স. √বল্+অয়] বি. ১ বালা, কঙ্কণ। ২ বৃত্তাকার অঞ্চল, মণ্ডল।

বলয়িত /বলোয়িতো/ [স. √বলয়ি+ত] বিণ. ১ বলয়াকারে বেষ্টিত। ২ বলয়যুক্ত।

বলরাম /বলোরাম্/ [স. বল+রাম] বি. দ্র **বলভদ্র**।

বলশালিতা /বলোশালিতা/ [স. বল+√শাল্+ইন্+তা] বি. শক্তিমত্তা।

বলশালী /বলোশালি/ [স. বল+√শাল্+ইন্] বিণ. শক্তিমান, বলবান। স্ত্রী. **বলশালিনী** /বলো-শালিনি/।

বলশেভিক /বল্শেভিক্/ [রু.] বি. ১৯১৭ সালে লেনিনের নেতৃত্বে রাশিয়ায় সমাজতান্ত্রিক শাসন-ব্যবস্থা প্রতিষ্ঠার জন্য গঠিত রাজনৈতিক দল বা ওই দলের সদস্য, Bolshevik।

বলসঞ্চালন /বল্শন্চালোন্/ [স. বল+সঞ্চালন] বি. সৈন্যচালনা।

বলহীন /বলোহিন্/ [স. বল+√হা+ত] বিণ. দুর্বল। বি. **বলহীনতা** /বলোহিনোতা/।

বলা /বলা/ [বা.] ক্রিবি. ১ বিবৃত করা, কহা (*কথা বলা*)। ২ উল্লেখ করা। ৩ সম্মতি বা অনুমতি দেওয়া। ৪ জ্ঞাপন করা (*খবর বলা*)। ৫ বিচার-বিবেচনা করে দেখা (*ধন বলো মান বলো সবই*

www.pathagar.com

আছে)। ৬ উপদেশ বা পরামর্শ দেওয়া (*পড়তে বলা*)। ৭ আদেশ বা অনুরোধ করা (*যেতে বলা*)। ৮ ব্যক্ত করা (*সে কথা না বলাই ভালো*)। ৯ ডাকা, নিমন্ত্রণ করা (*আসতে বলা*)। বিণ. কথিত।

বলাই /বলাই্/ [বা.] বি. শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা বলরাম।

বলাক /বলাক্/ [স. √বল্+আক] বি. ছোটো প্রজাতির বকবিশেষ, কোঁচবক। স্ত্রী. বলাকা /বলাকা/।

বলা-কওয়া /বলাকওআ/ [বা.] ক্রিবি. আলোচিত হওয়া (*বলা-কওয়া ছাড়াই ঘোষণা করা*); বিশেষ করে বলা (*বলে-কয়ে রাজি করানো*)।

বলা-কহা /বলাকহা/ [বা.] ক্রিবি. দ্র বলা-কওয়া।

বলাৎকার /বলাত্কার্/ [স. বলাৎ+√কৃ+অ] বি. ১ বলপূর্বক যৌনসংগম, ধর্ষণ। ২ অত্যাচার, জুলুম, জবরদস্তিমূলক আচরণ।

বলাধান /বলাধান্/ [স. বল+আধান] বি. শক্তিসঞ্চার।

বলাধিক্য /বলাধিক্যো/ [স. বল+আধিক্য] বি. বলের আধিক্য, শক্তির প্রাচুর্য।

বলাধ্যক্ষ /বলাদ্ধোক্ষো/ [স. বল+অধ্যক্ষ] বি. সেনাপতি, সেনাধ্যক্ষ।

বলানুজ /বলানুজো/ [স. বল+অনুজ] বি. শ্রীকৃষ্ণ।

বলানো /বলানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে বলার কাজ করানো।

বলান্বিত /বলান্নিতো/ [স. বল+অন্বিত] বিণ. ১ বলশালী। ২ সৈন্যসংবলিত।

বলাবলি /বলাবোলি/ [বা.] বি. ১ কানাকানি। ২ পরস্পর কথোপকথন। ৩ ক্রমাগত অনুরোধ।

বলাসান /বলাসান্/ [আ.] বি. গাছের নির্যাস থেকে উৎপাদিত রজনজাতীয় গন্ধরস, balsam।

বলাহক /বলাহক্/ [স. বারিবাহক >] বি. ১ মেঘ। ২ পর্বত।

বলি[১] /বোলি/ [স. √বল্+ই] বি. ১ যজ্ঞাদি উপলক্ষ্যে প্রাণিহত্যা। ২ বিসর্জন। ৩ পূজার উপচার। ৪ জীবকে খাদ্যদান (*বলিভুক*)। ৫ রাজকর। ৬ দৈত্যবিশেষ।

বলি[২] /বোলি/ [স. √বল্+ই] বি. ১ দেহের চামড়ার কুঞ্চনজনিত রেখা। ২ বার্ধক্যের ফলে গাত্রচর্মের শিথিলতা। ৩ অর্শরোগে মলদ্বারে বহির্গত মাংস-পিণ্ড, pile।

বলিত /বোলিতো/ [স. √বল্+ত] বিণ. ১ দেহের চামড়া শিথিল হয়ে গেছে এমন। ২ বলিযুক্ত।

বলিদান /বোলিদান্/ [স. বলি+দান] বি. ১ দেবতার উদ্দেশ্যে অর্পিত ছাগাদিপশু। ২ মহৎ কাজে উৎসর্গ (*আত্মবলিদান*)।

বলিপুষ্ট /বোলিপুশ্টো/ [স. বলি+পুষ্ট] বি. কাক।

বলিভুক /বোলিভুক্/ [স. বলি+√ভুজ্+ক্বিপ্] বি. পরিত্যক্ত খাদ্য খেয়ে জীবনধারণ করে এমন কাক চড়ুই প্রভৃতি পাখি।

বলিয়া /বোলিয়া/ [বা.] ক্রিবিণ. অব্য. অসক্রি. দ্র বলে; 'বলে'-র সাধু রূপ।

বলিয়ে /বোলিয়ে/ [বা.] বিণ. বাকপটু, বাগ্মী।

বলিষ্ঠ /বোলিশ্ঠো/ [স. বলবৎ+ইষ্ঠ] বিণ. অত্যন্ত বলবান, শক্তিশালী, সবল।

বলিহারি /বোলিহারি/ [হি.] বিণ. চমৎকার। অব্য. বাহবা, শাবাশ। ক্রিবিণ. মোহিত হয়ে।

বলী /বোলি/ [স. বল+ইন্] বিণ. বলবান (*হে মহা প্রবল বলী, রবীন্দ্র.*)। বি. পরাক্রমশালী ব্যক্তি।

বলীন্দ্র /বোলিন্দ্রো/ [স. বল+ইন্দ্র] বিণ. অতিশয় বলশালী।

বলীবর্দ /বোলিবর্দো/ [স. বল+√বৃধ্+অ] বি. ষাঁড়।

বলীয়ান /বোলিআন্/ [স. বলবৎ+ঈয়স্] বিণ. অত্যন্ত বলবান। স্ত্রী. বলীয়সী /বোলিয়োশি/।

বলে /বোলে/ [বা.] ক্রিবিণ. ১ রূপে, হিসেবে (*ওকে ভালো বলে জানি*)। ২ সে কারণে (*জানি বলে বলছি*)। ৩ অনুমতি নিয়ে (*বলে যেয়ো*)। ৪ অজুহাতে (*এত কিছুর পর কী বলে ওখানে যাব*)। ৫ প্রতিশ্রুতি দিয়ে (*যাবে বলেও গেল না*)। অব্য. এখনই, শীঘ্র (*বৃষ্টি এলো বলে*)। অসক্রি. জানিয়ে (*ওকে বলে রেখো*)।

বলে আসা /বোলে আশা/ ক্রিবি. ১ অনুমতি নিয়ে আসা। ২ সংবাদ দিয়ে আসা।

বল্কল /বল্কল্/ [স. √বল্+কল] বি. গাছের ছাল।

বল্মীক /বোল্মিক্/ [স. √বল্+কীক] বি. ১ উই। ২ উইঢিবি। ৩ বাল্মীকি মুনি।

বল্য /বোল্লো/ [স. √বল্+য] বিণ. বলকারক।

বল্লকী /বল্লোকি/ [স. √বল্ল্+অক+ঈ] বি. ১ টোকা দিয়ে বাজানো হয় এমন বীণাজাতীয় বাদ্যযন্ত্র-বিশেষ। ২ বাবলা গাছ।

বল্লব /বল্লব্/ [স. √বল্ল্+ব] বি. ১ গোপ। ২ অজ্ঞাতবাসকালে দ্বিতীয় পাণ্ডব ভীমের ছদ্মনাম। ৩ পাচক। স্ত্রী. বল্লবী /বল্লবি/।

বল্লভ /বল্লভ্/ [স. √বল্ল্+অভ] বি. ১ স্বামী, পতি। ২ প্রণয়ী। স্ত্রী. বল্লভা /বল্লোভা/।

বল্লম /বল্লোম্/ [হি.] বি. লাঠির প্রান্তে ইস্পাতের ফলাযুক্ত ক্ষেপণাস্ত্রবিশেষ, ভল্ল; শূল; কোঁচ।

www.pathagar.com

বল্লরি /বল্‌লোরি / [স. √বল্ল্+অরি] বি. ১ মুকুল, মঞ্জরি, বোল (*পুষ্পবল্লরি*)। ২ লতা, ব্রততি।

বল্লা /বল্‌লা/ [দেশি.] বি. গাছের ডালে বা গুহায় চাক তৈরি করে থাকে এবং অন্যান্য পোকামাকড় ও মধু খায় এমন বিষধর হুলযুক্ত হলুদ সামাজিক পতঙ্গবিশেষ, বোলতা, wasp।

বল্লার চাক /বল্‌লার চাক্/ বি. গাছের ডাল বা গুহায় তৈরি বোলতার চাক।

বল্লালি /বল্‌লালি / [বা.] বিণ. বল্লাল সেন কর্তৃক প্রবর্তিত বা কৃত। বি. সেনবংশীয় রাজা বল্লাল সেন প্রবর্তিত কৌলীন্য প্রথা।

বল্লি /বোল্‌লি / [স. √বল্ল্+ই] বি. ১ লতা, বল্লরি, ব্রততি। ২ পৃথিবী।

বল্লিতনু /বোল্‌লিতোনু / [স. বল্লি+তনু] বিণ. লতার মতো কোমল অঙ্গবিশিষ্ট, ক্ষীণাঙ্গী।

বল্লিবিতান /বোল্‌লিবিতান্/ [স. বল্লি+বিতান] বি. লতামণ্ডপ, লতাবেষ্টিত স্থান।

বল্লুর /বোল্‌লুর্ / [স. √বল্ল্+উর] বি. ১ তৃণভূমি। ২ কুঞ্জবন। ৩ অকর্ষিত বা পতিত ভূমি।

বশ /বশ্/ [স. √বশ্+অ] বিণ. ১ শাসন বা আদেশের অন্তর্গত। ২ আজ্ঞাধীন, অনুগত। ৩ মোহিত, মুগ্ধ। বি. ১ অধীনতা, আনুগত্য। ২ কর্তৃত্ব, অধিকার।

বশংগত /বশংগতো/ [স. বশম্+√গম্+ত] বিণ. ১ বশবর্তী। ২ অধীন।

বশংবদ /বশংবদ্/ [স. বশ+√বদ্+অ] বিণ. ১ বশবর্তী। ২ অনুগত, অধীন।

–বশত /বশোতো/ [স. বশ+তস্] অব্য. প্রযুক্ত; হেতু, নিমিত্ত (*অজ্ঞতাবশত*)।

বশতা /বশোতা/ [স. বশ+তা] বি. ১ অধীনতা। ২ আনুগত্য, বশবর্তিতা।

বশবর্তিতা /বশোবোর্‌তিতা/ [স. বশ+√বৃৎ+ইন্+তা] বি. অধীনতা, আনুগত্য।

বশবর্তী /বশোবোর্‌তি / [স. বশ+√বৃৎ+ইন্] বিণ. অনুগত। স্ত্রী. **বশবর্তিনী** /বশোবোর্‌তিনি /।

বশিতা /বোশিতা/ [স. বশিন্+তা] বি. ১ যোগলব্ধ ঐশ্বর্য বা অপার্থিব ক্ষমতা। ২ বশ করার ক্ষমতা।

বশিত্ব /বোশিত্তো/ [স. বশিন্+ত্ব] বি. দ্র বশিতা।

বশিষ্ঠ /বোশিশ্‌ঠো/ [স. বশিন্+ইষ্ঠ] বি. ব্রহ্মার মানসপুত্র ও মুনিবিশেষ।

বশী /বোশি/ [স. বশ্+ইন্] বিণ. ১ জিতেন্দ্রিয়। ২ বশ করে এমন, বশকারী। ৩ বশবর্তী। ৪ বশীভূত।

বশীকরণ /বোশিকরোন্ / [স. বশ+ণ্বি+করণ] বি. ১ বশে আনয়ন। ২ বশে আনয়নের অভিচার ক্রিয়া।

বশীকরণমন্ত্র /বোশিকরোন্‌মোন্‌ত্রো / [স. বশীকরণ +মন্ত্র] বি. যে কল্পিত মন্ত্র দিয়ে অন্যকে বশে আনা যায়।

বশীকৃত /বোশিক্‌কৃতো/ [স. বশ+ণ্বি+কৃত] বিণ. বশে আনীত। স্ত্রী. **বশীকৃতা** /বোশিক্‌কৃতা/।

বশীভবন /বোশিভবোন্ / [স. বশ+ণ্বি+ভবন] বি. বশে আনয়ন।

বশীভূত /বোশিভূতো/ [স. বশ+ণ্বি+ভূত] বিণ. বশে আনীত। স্ত্রী. **বশীভূতা** /বোশিভূতা/।

বশ্য /বোশ্‌শো/ [স. √বশ্+য] বিণ. বশে আনার উপযুক্ত। স্ত্রী. **বশ্যা** /বোশ্‌শা/।

বশ্যতা /বোশ্‌শোতা/ [স. বশ্য+তা] বি. বশবর্তিতা।

বসত /বশোত্/ [স. বসতি >] বি. ১ বাসস্থান, আবাস, নিবাস। ২ লোকালয়। ৩ অবস্থান।

বসতবাটী /বশোত্‌বাটি/ [বা. বসত+স. বাটী] বি. যে বাড়িতে বাস করা হয়।

বসতবাড়ি /বশোত্‌বাড়ি/ [বা.] বি. দ্র বসতবাটী।

বসতি /বশোতি/ [স. √বস্+অতি] বি. দ্র বসত।

বসন /বশোন্/ [স. √বস্+অন] বি. ১ বস্ত্র, কাপড়। ২ পরিধেয় বস্ত্র, বাস। ৩ আচ্ছাদন।

বসনপ্রান্ত /বশোন্‌প্রান্তো/ [স. বসন+প্রান্ত] বি. বস্ত্রের প্রান্তভাগ; আঁচল।

বসনভূষণ /বশোন্‌ভুশন্/ [স. বসন+ভূষণ] বি. বস্ত্র ও অলংকার।

বসনাঞ্চল /বশোনান্‌চল্ / [স. বসন+অঞ্চল] বি. কাপড়ের প্রান্তভাগ; শাড়ির আঁচল।

বসন্ত[১] /বশোন্‌তো/ [স. √বস্+অন্ত] বি. দ্র বসন্তকাল।

বসন্ত[২] /বশোন্‌তো/ [স. √বস্+অন্ত] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

বসন্ত[৩] /বশোন্‌তো/ [স. √বস্+অন্ত] বি. ভ্যারিওলা ভাইরাসসংক্রামিত (variola virus) জ্বর ও শরীরের ত্বক চোখ প্রভৃতি স্থানে মারাত্মক ক্ষত সৃষ্টি করে এমন প্রাণঘাতী ছোঁয়াচে রোগবিশেষ, মসূরিকা, গুটিবসন্ত, smallpox।

বসন্তকাল /বশোন্‌তোকাল্/ [স. বসন্ত+কাল] বি. বাংলা বর্ষপঞ্জির ফাল্গুন ও চৈত্র মাসব্যাপী (১৩ই ফেব্রুয়ারি থেকে ১৩ই এপ্রিল) কালপর্ব, শীতের পরবর্তী ও গ্রীষ্মের পূর্ববর্তী ঋতু, ঋতুরাজ।

বসন্তঘোষ /বশোন্‌তোঘোশ্/ [স. বসন্ত+ঘোষ] বি. (বসন্তের আগমন ঘোষণা করে বলে) কোকিল।

বসন্ততিলক /বশোন্‌তোতিলক্/ [স. বসন্ত+তিলক] বি. ১৪ অক্ষরের সংস্কৃত ছন্দবিশেষ।

www.pathagar.com

বসন্তদূত /বশোন্‌তোদুত্‌/ [স. বসন্ত+দূত] বি. বসন্তের আগমন ঘোষণা করে এমন ইউরোপ ও এশিয়ার পরিযায়ী ও পরভৃত কালচে ধূসর বর্ণের পাখিবিশেষ, কোকিল, পিক।

বসন্তদূতী /বশোন্‌তোদুতি/ [স. বসন্তদূত+ঈ] বি. মাধবীলতা।

বসন্তপঞ্চমী /বশোন্‌তোপন্‌চোমি/ [স. বসন্ত+পঞ্চমী] বি. মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথি, সরস্বতী পূজার তিথি, শ্রীপঞ্চমী।

বসন্তপবন /বশোন্‌তোপবোন্‌/ [স. বসন্ত+পবন] বি. দখিনা বাতাস, মলয়বায়ু।

বসন্তবায় /বশোন্‌তোবায়্‌/ [স. বসন্ত+বা. বায়] বি. দ্র বসন্তপবন।

বসন্তবায়ু /বশোন্‌তোবায়ু/ [স. বসন্ত+√বা+উ] বি. দ্র বসন্তপবন।

বসন্তবাহার /বশোন্‌তোবাহার্‌/ [স. বসন্ত+ফা. বাহার] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ, বসন্ত ও বাহার রাগের মিশ্র রূপ।

বসন্তবিহার /বশোন্‌তোবিহার্‌/ [স. বসন্ত+বিহার] বি. বসন্তকালে প্রমোদভ্রমণ।

বসন্তমুখারি /বশোন্‌তোমুখারি/ [স. বসন্ত+বা. মুখারি] বি. দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

বসন্তসখা /বশোন্‌তোশখা/ [স. বসন্ত+সখা] বি. ১ মদন, কামদেব। ২ কোকিল।

বসন্তী /বশোন্‌তি/ [স. বসন্ত+ঈ] বি. ১ ফিকে হলুদ রং (*একলা ব'সে হেরো তোমার ছবি এঁকেছি আজ বসন্তী রঙ দিয়া।* রবীন্দ্র.)। ২ কোকিল।

বসন্তের কোকিল /বশোন্‌তের কোকিল/ বি. (আল.) সুদিনের বন্ধু।

বসন্তোৎসব /বশোন্‌তোত্‌শব/ [স. বসন্ত+উৎসব] বি. ১ হোলি, দোলযাত্রা। ২ প্রাচীন যুগে প্রচলিত মদনোৎসব।

বসবাস /বশোবাশ্‌/ [হি.] বি. স্থায়ীভাবে বাস।

বসা[১] /বশা/ [বা.] ক্রিবি. ১ উপবেশন করা (*আসনে বসা*)। ২ প্রতিষ্ঠিত হওয়া (*হাট বসা*)। ৩ আরম্ভ হওয়া (*স্কুল বসা*)। ৪ নিবিষ্ট হওয়া (*মন বসা*)। ৫ প্রতীক্ষা করা (*পথ চেয়ে বসে থাকা*)। ৬ জমাট বাঁধা (*দই বসা*)। ৭ থিতানো (*পানির নিচে ময়লা বসা*)। ৮ হঠাৎ কিছু করা (*বলে বসা*)। ৯ ডেবে যাওয়া (*চাকা বসা*)। ১০ কণ্ঠস্বর ভেঙে যাওয়া (*গলা বসা*)। ১১ কর্মহীন হওয়া (*বেকার বসে থাকা*)। ১২ রুগ্‌ণ হওয়া (*চোখমুখ বসা*)। ১৩ স্থায়ী হওয়া (*কাপড়ে দাগ বসা*)।

বসা[২] /বশা/ [স. √বস্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ চর্বি, মেদ। ২ মজ্জা।

বসানো /বশানো/ [বা.] ক্রিবি. ১ উপবিষ্ট করানো (*চেয়ারে বসানো*)। ২ স্থাপন করা (*হাট বসানো*)। ৩ আঘাত করা (*কিল বসানো*)। ৪ চাপানো (*উনুনে ভাত বসানো*)। ৫ বাস করানো (*ভাড়াটে বসানো*)। ৬ জমানো (*দই বসানো*)। ৭ খচিত করা (*মেঝেতে পাথর বসানো*)।

বসু /বোশু/ [স. √বস্‌+উ] বি. ১ গণদেবতাবিশেষ। ২ ধন। ৩ পদবিবিশেষ। ৪ কিরণ, রশ্মি।

বসুকীট /বোশুকিট্‌/ [স. বসু+কীট] বি. ভিক্ষুক। বিণ. ১ ধনলোভী। ২ কৃপণ।

বসুদেব /বোশুদেব্‌/ [স. বসু+দেব] বি. ১ ধনদেবতা কুবের। ২ শ্রীকৃষ্ণের পিতা।

বসুধা /বোশুধা/ [স. বসু+√ধা+ক্বিপ্‌] বি. পৃথিবী।

বসুধাধর /বোশুধাধর্‌/ [স. বসুধা+√ধৃ+অ] বি. পর্বত।

বসুধারা /বোশুধারা/ [স. বসু+ধারা] বি. ১ মাঙ্গলিক অনুষ্ঠানে দেওয়ালে আঁকা সিঁদুরের ফোঁটা থেকে নেমে আসা ঘিয়ের ধারা (সচরাচর পাঁচটি বা সাতটি)। ২ ধনপ্রবাহ।

বসুন্ধর /বোশুন্‌ধর্‌/ [স. বসু+√ধৃ+অ] বি. কুবেরের অনুচর।

বসুন্ধরা /বোশুন্‌ধরা/ [স. বসু+√ধৃ+অ+আ (টাপ্‌)] বি. পৃথিবী, বসুমতী, মহী।

বসুমতী /বোশুমোতি/ [স. বসু+মৎ+ঈ] বি. দ্র বসুন্ধরা।

বসুমাতা /বোশুমাতা/ [স. বসু+√মা+তৃ] বি. দ্র বসুন্ধরা।

বস্তব্য /বস্‌তোব্‌বো/ [স. √বস্‌+তব্য] বিণ. বসবাসের উপযোগী।

বস্তা /বস্‌তা/ [ফা.] বি. ছালা, বোরা; বড়ো থলে।

বস্তানি /বস্‌তানি/ [ফা.] বি. ছোটো বস্তা।

বস্তাপচা /বস্‌তাপচা/ [ফা. বস্তা+বা. পচা] বিণ. ১ বহুদিন বস্তাবন্দি থাকায় পচে গেছে এমন। ২ (আল.) পুরোনো ও অসার।

বস্তাবন্দি /বস্‌তাবোন্‌দি/ [ফা.] বিণ. বস্তায় বন্ধ করে রাখা হয়েছে এমন।

বস্তি[১] /বোস্‌তি/ [স. বসতি >] বি. শহরাঞ্চলে গড়ে ওঠা ঘনবিন্যস্ত কুটিরশ্রেণি; দরিদ্রপল্লি।

বস্তি[২] /বোস্‌তি/ [স. √বস্‌+তি] বি. ১ তলপেট, নাভির নিম্নভাগ। ২ মূত্রাশয়।

www.pathagar.com

বস্তু /বোস্‌তু/ [স. √বস্‌+তু] বি. ১ দ্রব্য, পদার্থ। ২ সার। ৩ উপস্থাপিত বা প্রতিপাদ্য বিষয়। ৪ যা ঘটে থাকে বা দেখা যায়। বিণ. যথার্থ (*বস্তুনিষ্ঠ*)।

বস্তুকণা /বোস্‌তুকনা/ [স. বস্তু+কণা] বি. পদার্থের ক্ষুদ্র অংশ।

বস্তুগত /বোস্‌তুগতো/ [স. বস্তু+গত] বিণ. ১ বাস্তব। ২ বৈষয়িক।

বস্তুজগৎ /বোস্‌তুজগোত্‌/ [স. বস্তু+জগৎ] বি. ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ, জড়জগৎ।

বস্তুত /বোস্‌তুতো/ [স. বস্তু+তস্‌] অব্য. ক্রিবিণ. যথার্থত, বাস্তবিকপক্ষে, প্রকৃতপক্ষে।

বস্তুতত্ত্ব /বোস্‌তুতত্‌তো/ [স. বস্তু+তত্ত্ব] বি. আধ্যাত্মিক বিষয়ের পরিবর্তে প্রত্যক্ষ বিষয়কে প্রাধান্যদানের মতবাদ, বস্তুবাদ।

বস্তুতন্ত্র /বোস্‌তুতনত্রো/ [স. বস্তু+তন্ত্র] বি. বাস্তব বা ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়কে প্রাধান্যদান, realism।

বস্তুতন্ত্রী /বোস্‌তুতোনত্রি/ [স. বস্তু+তন্ত্র+ইন্‌] বিণ. বাস্তব বিষয়কে প্রাধান্য দান করে এমন।

বস্তুতন্ত্রীয় /বোস্‌তুতোনত্রিয়ো/ [স. বস্তুতন্ত্র+ঈয়] বিণ. বস্তুতন্ত্রবিষয়ক।

বস্তুতান্ত্রিক /বোস্‌তুতানত্রিক্‌/ [স. বস্তুতন্ত্র+ইক] বিণ. দ্র বস্তুতন্ত্রীয়।

বস্তুনিষ্ঠ /বোস্‌তুনিশ্‌ঠো/ [স. বস্তু+নিষ্ঠ] বিণ. বাস্তব বিষয়ের প্রতি আস্থাবান। বি. ~তা /~তা/।

বস্ত্র /বস্‌ত্রো/ [স. √বস্‌+ত্র] বি. ১ কোনো কিছু আবৃত করা বা বিছানোর জন্য ব্যবহৃত সুতা রেশম পাট পশম কৃত্রিম আঁশ প্রভৃতির বোনা উপকরণ। ২ পরিধেয় কাপড়, বসন। ৩ আচ্ছাদন।

বস্ত্রকুট্টিম /বস্‌ত্রোকুট্‌টিম্‌/ [স. বস্ত্র+কুট্টিম] বি. তাঁবু।

বস্ত্রগৃহ /বস্‌ত্রোগৃহো/ [স. বস্ত্র+গৃহ] বি. বস্ত্রকুট্টিম, তাঁবু।

বস্ত্রহরণ /বস্‌ত্রোহরোন্‌/ [স. বস্ত্র+হরণ] বি. শ্রীকৃষ্ণ কর্তৃক গোপীদের বস্ত্র অপহরণরূপ লীলা।

বস্ত্রাবাস /বস্‌ত্রাবাশ্‌/ [স. বস্ত্র+আবাস] বি. দ্র বস্ত্রকুট্টিম।

বস্ত্রালয় /বস্‌ত্রালয়্‌/ [স. বস্ত্র+আলয়] বি. কাপড়ের দোকান।

–বহ /বহো/ [স. √বহ্‌+অ] বিণ. ১ বাহক (*বার্তাবহ*)। ২ প্রতিপালনকারী (*আজ্ঞাবহ*)।

বহতা /বহোতা/ [স. বহৎ >] বিণ. প্রবহমান।

বহন /বহোন্‌/ [স. √বহ্‌+অন] বি. ১ বয়ে নেওয়ার কাজ (*ভারবহন*)। ২ অঙ্গে ধারণ। ৩ সহন (*দুঃখবহন*)। ৪ দায়িত্ব পালন; নির্বাহ (*ব্যয়বহন*)।

বহনীয় /বহোনিয়ো/ [স. √বহ্‌+অনীয়] বিণ. ১ বহন করতে হবে এমন, বহনযোগ্য। ২ পালনীয়।

বহমান /বহোমান্‌/ [স. √বহ্‌+মান (শানচ্‌)] বিণ. ১ প্রবাহিত হচ্ছে এমন। ২ বহন করছে এমন।

বহর /বহোর্‌/ [আ.] বি. ১ বিমান বা রণতরির সম্ভার (*নৌবহর*)। ২ প্রস্থের মাপ (*শাড়ির বহর*)। ৩ পারিপাট্য (*কাজের বহর*)। ৪ ঘটা (*রূপের বহর*)।

বহা[১] /বহা/ [বা.] ক্রিবি. ১ বহন করা। ২ প্রবাহিত হওয়া। ৩ অতিবাহিত হওয়া (*সখী, বহে গেল বেলা, শুধু হাসিখেলা* রবীন্দ্র.)। ৪ সহ্য করা। ৫ ধারণ করা। ৬ কর্মক্ষম থাকা; চালু থাকা।

–বহা[২] /বহা/ [স. √বহ্‌+অ+আ (টাপ্‌)] বিণ. বাহক; বহনকারী।

বহানো /বহানো/ [বা.] ক্রিবি. ১ প্রবাহিত করা। ২ বহন করানো।

বহাল /বহাল্‌/ [ফা.] বিণ. ১ নিযুক্ত (*কাজে বহাল*)। ২ অটুট (*বহাল তবিয়ত*)। ৩ স্থায়ী। ৪ বলবৎ (*আইন বহাল*)।

বহাল তবিয়ত /বহাল্‌ তোবিয়ত্‌/ বি. সুস্থ শরীর। বিণ. নির্বিঘ্ন ও নিশ্চিন্ত।

বহি /বোহি/ [আ.] বি. পুস্তক; খাতা (*হিসাবের বহি*)।

বহিঃ /বোহিহ্‌/ [স. √বহ্‌+ইস্‌] অব্য. বাহির।

বহিঃপ্রকাশ /বোহিপ্রোকাশ্‌/ [স. বহিঃ+প্রকাশ] বি. অভিব্যক্তি; মনোভাব প্রকাশ।

বহিঃশক্তি /বোহিশ্‌শোক্‌তি/ [স. বহিঃ+শক্তি] বি. বহির্দেশীয় শক্তি।

বহিঃশত্রু /বোহিশ্‌শোত্‌রু/ [স. বহিঃ+শত্রু] বি. বাইরের শত্রু, বহির্দেশীয় শত্রু।

বহিঃশুল্ক /বোহিশ্‌শুল্‌কো/ [স. বহিঃ+শুল্ক] বি. পণ্য আমদানি-রপ্তানির ওপর আরোপিত শুল্ক।

বহিঃসমর্পণ /বোহিশ্‌শমর্‌পন্‌/ [স. বহিঃ+সমর্পণ] বি. কোনো দেশ থেকে বিদেশি অপরাধী বা অপরাধ সংগঠনে সন্দেহভাজন ব্যক্তিকে বিচারের জন্য তার নিজ দেশের সরকারের নিকট হস্তান্তরের আনুষ্ঠানিক প্রক্রিয়া; (পরি.) extradition।

বহিঃসমুদ্র /বোহিশ্‌শোমুদ্‌দ্রো/ [স. বহিঃ+সমুদ্র] বি. গভীর সমুদ্র; (পরি.) high seas।

বহিঃস্থ /বোহিস্‌থো/ [স. বহিঃ+√স্থা+অ] বিণ. ১ বাহ্য। ২ বাইরে আছে এমন।

www.pathagar.com

বহিঃস্থিত /বোহিস্‌থিতো/ [স. বহিঃ+√স্থা+ত] বিণ. দ্র বহিঃস্থ।

বহিত্র /বোহিত্রো/ [স. √বহ্+ইত্র] বি. ১ নৌকা; জলযান; পোত। ২ বৈঠা। ৩ দাঁড়।

বহিরংশ /বোহিরংশো/ [স. বহিঃ+অংশ] বি. বাইরের অংশ।

বহিরঙ্গ /বোহিরংগো/ [স. বহিঃ+অঙ্গ] বি. বাইরের অঙ্গ। বিণ. ১ অপ্রধান। ২ বাহ্য।

বহিরাগত /বোহিরাগতো/ [স. বহিঃ+আগত] বিণ. বাহির থেকে আগত; বিদেশ থেকে আগত।

বহিরাগমন /বোহিরাগমোন্/ [স. বহিঃ+আগমন] বি. বাহির থেকে আগমন; বিদেশ থেকে আগমন।

বহিরাবরণ /বোহিরাবোরন্/ [স. বহিঃ+আবরণ] বি. ১ বাহ্য আবরণ; খোলস। ২ শরীর ঢাকার আচ্ছাদন, পোশাক।

বহিরিন্দ্রিয় /বোহিরিন্দ্রিয়ো/ [স. বহিঃ+ইন্দ্রিয়] বি. পঞ্চ ইন্দ্রিয় (চোখ কান নাক জিভ ও ত্বক)।

বহির্গত /বোহির্‌গতো/ [স. বহিঃ+গত] বিণ. ১ বাহিরে গত। ২ নির্গত। ৩ উদ্‌গত।

বহির্গমন /বোহির্‌গমোন্/ [স. বহিঃ+গমন] বি. বাহিরে গমন; (পরি.) departure।

বহির্জগৎ /বোহির্‌জগোত্/ [স. বহিঃ+জগৎ] বি. বাইরের জগৎ; দৃশ্যমান জগৎ; জড় জগৎ।

বহির্দেশ /বোহির্‌দেশ্/ [স. বহিঃ+দেশ] বি. বাইরের দিক, বাইরের অংশ।

বহির্দ্বার /বোহির্‌দার্/ [স. বহিঃ+দ্বার] বি. তোরণ; ফটক; সদর দরজা।

বহির্বাটী /বোহির্‌বাটি/ [স. বহিঃ+বাটী] বি. ১ বাহির বাড়ি। ২ বাইরের ঘর, বৈঠকখানা।

বহির্বাণিজ্য /বোহির্‌বানিজ্‌জো/ [স. বহিঃ+বাণিজ্য] বি. বহির্দেশের সঙ্গে বাণিজ্য।

বহির্বাস /বোহির্‌বাশ্/ [স. বহিঃ+বাস] বি. অন্তরীয়র ওপরে যে বসন পরা হয়; উত্তরীয়বস্ত্র।

বহির্বিশ্ব /বোহির্‌বিশ্‌শো/ [স. বহিঃ+বিশ্ব] বি. নিজ দেশের বাইরের পৃথিবী।

বহির্ভবন /বোহির্‌ভবোন্/ [স. বহিঃ+ভবন] বি. বাহির বাড়ি; বাড়ির বাইরের অংশ; বৈঠকখানা।

বহির্ভাগ /বোহির্‌ভাগ্/ [স. বহিঃ+ভাগ] বি. বাইরের অংশ, বাইরের দিক।

বহির্ভূত /বোহির্‌ভুতো/ [স. বহিঃ+ভূত] বিণ. ১ বহির্গত। ২ বাইরে অবস্থিত, বহিঃস্থ। ৩ বাড়তি (*হিসাববহির্ভূত*)। ৪ বিরুদ্ধ (*নিয়মবহির্ভূত*)।

বহির্মুখ /বোহির্‌মুখ্/ [স. বহিঃ+মুখ] বিণ. ১ বাহিরের দিকে মুখ করে আছে এমন। ২ বাহ্য বিষয়ের প্রতি আসক্ত। ৩ বিমুখ। স্ত্রী. **বহির্মুখী** /বোহির্‌মুখি/।

বহির্লোক /বোহির্‌লোক্/ [স. বহিঃ+লোক] বি. বহির্জগৎ, বহির্বিশ্ব।

বহিশ্চর /বোহিশ্‌চর্/ [স. বহিঃ+√চর্+অ] বি. যে বাইরে ঘুরে বেড়ায়। বিণ. বাইরে বিচরণকারী।

বহিষ্করণ /বোহিশ্‌করোন্/ [স. বহিঃ+√কৃ+অন] বি. দ্র বহিষ্কার।

বহিষ্কার /বোহিশ্‌কার্/ [স. বহিঃ+√কৃ+অ] বি. ১ দূরীকরণ, বর্জন। ২ নির্বাসন। ৩ নিষ্কাশন।

বহিষ্কৃত /বোহিশ্‌কৃতো/ [স. বহিঃ+√কৃ+ত] বিণ. ১ বহিষ্কার করা হয়েছে এমন। ২ দূরীকৃত। ৩ নির্বাসিত।

বহিষ্ক্রান্ত /বোহিশ্‌ক্রান্‌তো/ [স. বহিঃ+√ক্রম্+ত] বিণ. ১ বহিষ্কৃত। ২ দূরীভূত। ৩ নির্বাসিত।

বহিস্ত্বক /বোহিস্‌তক্/ [স. বহিঃ+ত্বক] বি. দেহের চামড়ার বাইরের স্তর।

বহিস্থ /বোহিস্‌থো/ [স. বহিঃ+√স্থা+অ] বিণ. বাইরে স্থিত (*বহিস্থ কোণ*); বাহ্য।

বহু /বোহু/ [স. √বংহ্+উ] বিণ. ১ অধিক, প্রচুর (*বহুলোক*)। ২ একাধিক (*বহুবিবাহ*)। ৩ নানা (*বহুবিধ*)। ৪ দীর্ঘ (*বহুদিন*)।

বহুকাল /বোহুকাল্/ [স. বহু+কাল] বি. দীর্ঘকাল।

বহুগন্ধা /বোহুগন্‌ধা/ [স. বহু+√গন্ধ্+অ+আ (টাপ্)] বি. এলাচ।

বহুগুণধারী /বোহুগুনোধারি/ [স. বহুগুণ+√ধৃ+ইন্] বিণ. নানাবিধ গুণের অধিকারী। স্ত্রী. **বহুগুণ-ধারিণী** /বোহুগুনোধারিনি/।

বহুগুণান্বিত /বোহুগুনান্‌নিতো/ [স. বহুগুণ+অন্বিত] বিণ. নানা গুণসম্পন্ন।

বহুজাতিক /বোহুজাতিক্/ [স. বহু+জাতিক] বিণ. একাধিক দেশ বা রাষ্ট্রের সমন্বয়ে গঠিত; (পরি.) multinational।

বহুজ্ঞ /বোহুগ্‌গোঁ/ [স. বহু+√জ্ঞা+অ] বিণ. ১ বহু-বিষয়ে জ্ঞানবিশিষ্ট। ২ বহুদর্শী। ৩ অভিজ্ঞ; জ্ঞানী।

বহুড়ি /বোহুড়ি/ [স. বধূটী >] বি. তরুণী বধূ, বালিকাবধূ।

বহুত /বোহুত্/ [হি.] বিণ. অনেক, প্রচুর; খুব।

বহুতর /বোহুতরো/ [স. বহু+তরপ্] বিণ. নানাবিধ; অনেক; অত্যধিক।

www.pathagar.com

বহুতা /বোহুতা/ [স. বহু+তা] বি. দ্র বহুত্ব।

বহুত্ব /বোহুত্তো/ [স. বহু+ত্ব] বি. আধিক্য; প্রাচুর্য।

বহুত্র/বোহুত্তো/ [স. বহু+ত্র] ক্রিবিণ. অনেক ক্ষেত্রে, বিবিধ ক্ষেত্রে।

বহুদর্শিতা /বোহুদোর্শিতা/ [স. বহু+ √দৃশ্+ইন্+তা] বি. ১ বিবিধ বিষয় সম্পর্কে অভিজ্ঞতা। ২ বিচক্ষণতা।

বহুদর্শী /বোহুদোর্শি/ [স. বহু+ √দৃশ্+ইন্] বিণ. বিবিধ বিষয় সম্পর্কে অভিজ্ঞ; বিচক্ষণ। স্ত্রী. বহুদর্শিনী /বোহুদোর্শিনি/।

বহুদূর /বোহুদুর/ [স. বহু+দূর+√ই+র] বি. দূরবর্তী স্থান। বিণ. অনেক দূরবর্তী; দীর্ঘ (*বহুদূর পথ*)।

বহুদূরবর্তী /বোহুদুরোবোর্তি/ [স. বহুদূর+ √বৃৎ+ইন্] বিণ. অনেক দূরে অবস্থিত, দূরস্থিত।

বহুধা /বোহুধা/ [স. বহু+ধা] ক্রিবিণ. অনেক প্রকারে, বিভিন্ন দিক থেকে, বহুভাগে (*বহুধাবিভক্ত*)।

বহুনন্দিত /বোহুনোন্দিতো/ [স. বহু+√নন্দ্+ত] বিণ. বহুল প্রশংসিত।

বহুনিন্দিত /বোহুনিন্দিতো/ [স. বহু+√নিন্দ্+ত] বিণ. অতি নিন্দিত; অতি গর্হিত।

বহুপত্নীক /বোহুপোত্নিক/ [স. বহু+পত্নী+ক (স্বার্থে)] বিণ. একাধিক পত্নী আছে এমন।

বহুপর্ণ /বোহুপর্নো/ [স. বহু+ √পু+ন] বিণ. বহু পত্রযুক্ত; সপ্তপর্ণী।

বহুপর্ণা /বোহুপর্না/ [স. বহু+পর্ণা] বি. ছাতিম গাছ।

বহুপর্ণী /বোহুপোর্নি/ [স. বহুপর্ণ+ইন্] বিণ. বহু পত্রযুক্ত; সাতটি পাতাবিশিষ্ট। বি. ছাতিম গাছ।

বহুপুষ্প /বোহুপুশ্পো/ [স. বহু+ √পুষ্প্+অ] বিণ. অনেক ফুল ধরে এমন। বি. নিমগাছ।

বহুপ্রজ /বোহুপ্রোজো/ [স. বহু+প্র+ √জন্+অ] বিণ. বহু শাবক উৎপাদন করে এমন। বি. শূকর।

বহুপ্রসবিনী /বোহুপ্রোশোবিনি/ [স. বহু+প্র+ √সূ+ইন্ +ঈ] বিণ. বহু সন্তানের জন্ম দিয়েছে এমন। বি. বহু সন্তানের জননী।

বহুবচন /বোহুবচোন্/ [স. বহু+বচন] বি. (ব্যা.) একের অধিক ব্যক্তি বস্তু বা বিষয়বাচক শব্দ।

বহুবর্ণ /বোহুবর্নো/ [স. বহু+বর্ণ] বিণ. নানা রঙের। বি. নানা রং।

বহুবর্ণিল /বোহুবোর্নিল্ / [স. বহু+বা. বর্ণিল] বিণ. বিচিত্র বর্ণবিশিষ্ট।

বহুবল /বোহুবল্/ [স. বহু+বল] বি. যার প্রচুর শক্তি বা সৈন্য আছে।

বহুবল্লভ /বোহুবল্লভ্/ [স. বহু+বল্লভ] বি. ১ বহু নায়িকার প্রিয় ব্যক্তি। ২ শ্রীকৃষ্ণ। স্ত্রী. বহুবল্লভা /বোহুবল্লোভা/।

বহুবিৎ /বোহুবিত্/ [স. বহু+বিৎ] বিণ. অনেক বিষয়ে জানেন এমন, বহুজ্ঞ।

বহুবিদ /বোহুবিদ্/ [স. বহু+ √বিদ্+অ] বিণ. দ্র বহুবিৎ।

বহুবিধ /বোহুবিধো/ [স. বহু+বিধ] বিণ. নানা প্রকার।

বহুবিবাহ /বোহুবিবাহো/ [স. বহু+বিবাহ] বি. একাধিক পত্নীগ্রহণ, polygamy।

বহুবিস্তীর্ণ /বোহুবিস্তির্নো/ [স. বহু+বিস্তীর্ণ] বিণ. বহুদূর বিস্তৃত।

বহুবীজ /বোহুবিজ্/ [স. বহু+বীজ] বিণ. অনেক বীজ আছে এমন (*বহুবীজযুক্ত*)। বি. পেয়ারা।

বহুবীজপত্রী /বোহুবিজোপোত্রি/ [স. বহুবীজ+পত্র +ঈ] বিণ. একাধিক বীজপত্রবিশিষ্ট; (পরি.) polycotyledon।

বহুবেত্তা /বোহুবেত্তা/ [স. বহু+ √বিদ্+ত্] বিণ. ১ অনেক বিষয় জানে এমন; বহুদর্শী। ২ অভিজ্ঞ।

বহুব্রীহি /বোহুব্রিহি/ [স. বহু+ব্রীহি] বি. (ব্যা.) যে সমাসে সমস্ত পদের অর্থ সমস্যমান পদগুলির পরিবর্তে অন্য কিছুকে বোঝায়। বিণ. বহু ধান্য-বিশিষ্ট।

বহুভঙ্গিম /বোহুভোংগিমো/ [স. বহু+ভঙ্গিম] বিণ. নানা অভিব্যক্তিবিশিষ্ট।

বহুভাগ /বোহুভাগ্/ [স. বহু+ √ভজ্+অ] বিণ. অতিশয় ভাগ্যবান। বি. অত্যন্ত সদয় বা অনুকূল অদৃষ্ট। স্ত্রী. বহুভাগী /বোহুভাগি/।

বহুভাগ্য /বোহুভাগ্গো/ [স. বহু+ √ভজ্+য] বিণ. অত্যন্ত ভাগ্যবান, অনুকূল ভাগ্যবিশিষ্ট।

বহুভাষাজ্ঞান /বোহুভাশাগ্গ্যান্/ [স. বহুভাষা+√জ্ঞা +অন] বি. একাধিক ভাষার জ্ঞান।

বহুভাষাবিদ /বোহুভাশাবিদ্/ [স. বহুভাষা+বিদ] বি. বিণ. একাধিক ভাষায় পণ্ডিত।

বহুভাষী /বোহুভাশি/ [স. বহু+ √ভাষ্+ইন্] বিণ. ১ বহুভাষায় অভিজ্ঞ। ২ (আল.) বেশি কথা বলে এমন, বাচাল। স্ত্রী. বহুভাষিণী /বোহুভাশিনি/।

বহুভুজ /বোহুভুজ্/ [স. বহু+ভুজ] বিণ. বহু বাহুবিশিষ্ট। বি. (জ্যা.) সচরাচর চারটির অধিক বাহু বা কোণবিশিষ্ট ক্ষেত্র, polygon।

বহুভোজী /বোহুভোজি/ [স. বহু+ √ভুজ্+ইন্] বিণ. অতিভোজনকারী। বি. পেটুক ব্যক্তি।

www.pathagar.com

বহুমত /বোহুমত্/ [স. বহু+√মন্+ত] বি. নানা মত। বিণ. অতিশয় সমাদর বা সম্মানের যোগ্য।

বহুমাত্রিক /বোহুমাত্তৃক্/ [স. বহু+মাত্রিক] বিণ. বহু ব্যঞ্জনাবিশিষ্ট।

বহুমান /বোহুমান্/ [স. বহু+মান] বি. অনেক সমাদর; প্রভূত সম্মান ও গৌরব।

বহুমার্গ /বোহুমার্‌গো/ [স. বহু+মার্গ] বি. নানা পথ। বিণ. একাধিক পথ আছে এমন।

বহুমুখ /বোহুমুখ্/ [স. বহু+মুখ] বিণ. একাধিক মুখবিশিষ্ট।

বহুমুখী /বোহুমুখি/ [স. বহুমুখ+ইন্] বিণ. একাধিক উদ্দেশ্য সাধিত হয় এমন, multi-purpose।

বহুমূত্র /বোহুমুত্তো/ [স. বহু+মূত্র] বি. মেরুদণ্ডী প্রাণীর দেহস্থ অগ্ন্যাশয় (pancreas) থেকে নিঃসৃত ইনসুলিন হরমোনের উৎপাদন কমে যাওয়ার ফলে রক্তে শর্করার আধিক্যজনিত রোগবিশেষ, মধুমেহ, diabetes।

বহুমূর্তি /বোহুমুর্তি/ [স. বহু+মূর্তি] বিণ. একাধিক রূপ বা মূর্তিবিশিষ্ট। বি. শিব; বিষ্ণু।

বহুমূলক /বোহুমুলক্/ [স. বহু+মূলক] বিণ. একাধিক মূল বা শিকড়যুক্ত। বি. ১ বটগাছ। ২ ঘাসবিশেষ।

বহুমূল্য /বোহুমুল্যো/ [স. বহু+মূল্য] বিণ. অতিশয় মূল্যবান (*মহামূল্য রত্ন*)।

বহুরন্ধ্র /বোহুরন্ধ্রো/ [স. বহু+রন্ধ্র] বিণ. বহুছিদ্র-বিশিষ্ট।

বহুরি /বোহুরি/[স. বধূটী >] বি. বালিকাবধূ, নববধূ।

বহুরূপ /বোহুরুপ্/ [স. বহু+রূপ] বি. নানান রকম, বিভিন্ন প্রকার, নানারূপ। বিণ. নানা রূপবিশিষ্ট।

বহুরূপী /বোহুরুপি/ [স. বহু+√রূপ্+ইন্] বিণ. নানা রূপ ধারণ করে এমন। বি. ১ যে ব্যক্তি বিচিত্র রূপ ধারণ করে দর্শকের চিত্তবিনোদন করে। ২ কাঁকলাস, গিরগিটি।

বহুল /বোহুল্/ [স. বহু+√লা+অ] বিণ. ১ অনেক (*বহুলপ্রচারিত*)। ২ প্রাচুর্যপূর্ণ (*নদীবহুল*)। ৩ কালো। বি. ১ কালো রং। ২ কৃষ্ণপক্ষ। ৩ অগ্নি।

বহুলতা /বোহুলতা/ [স. বহুল+তা] বি. বাহুল্য।

বহুলত্ব /বোহুলত্তো/[স. বহুল+ত্ব] বি. বাহুল্য।

বহুলপ্রতীক্ষিত /বোহুলপ্রোতিক্‌খিতো/ [স. বহুল+প্রতীক্ষিত] বিণ. দীর্ঘদিন প্রতীক্ষা করা হয়েছে এমন।

বহুলপ্রশংসিত /বোহুলপ্রোশোংশিতো/ [স. বহুল+প্রশংসিত] বিণ. বহু প্রশংসা পেয়েছে এমন।

বহুলা /বোহুলা/ [স. বহু+√লা+অ+আ (টাপ্)] বি. ১ গাভি। ২ কৃষ্ণপক্ষ। ৩ অন্ধকার রাত। ৪ কৃত্তিকা নক্ষত্র।

বহুলাংশে /বোহুলাংশে/ [স. বহুলাংশ+বা. এ] ক্রিবিণ. অনেকাংশে, প্রচুর পরিমাণে।

বহুলীকৃত /বোহুলিকৃতো/ [স. বহুল+চ্বি+কৃত] বিণ. ১ বিপুল সংখ্যায় বর্ধিত। ২ মঞ্জরি থেকে সংগৃহীত ও রাশীকৃত।

বহুশ /বোহুশো/ [স. বহু+শস্] ক্রিবিণ. ১ অনেকবার। ২ নানাভাবে।

বহুশত্রু /বোহুশোত্তু/ [স. বহু+শত্রু] বিণ. অনেক শত্রুবিশিষ্ট। বি. চড়ুই পাখি।

বহুশাখ /বোহুশাখ্/ [স. বহু+শাখা] বিণ. অনেক ডালপালাবিশিষ্ট।

বহুশিখ /বোহুশিখো/ [স. বহু+শিখা] বিণ. অনেক শিখাবিশিষ্ট, অনেক চূড়াবিশিষ্ট।

বহুশিখা /বোহুশিখা/ [স. বহু+√শী+খ+আ (টাপ্)] বিণ. অনেক শিখাযুক্ত। বি. অগ্নি।

বহুশ্রুত /বোহুস্‌সুতো/[স. বহু+শ্রুত] বিণ. ১ অনেকবার বেদাদি শ্রবণ করেছেন এমন। ২ একাধিকবার শোনা হয়েছে এমন। ৩ (আল.) সুপণ্ডিত।

বহুসন্ততি /বোহুশন্‌তোতি/ [স. বহু+সম্+√তন্+তি] বিণ. অনেক সন্তানযুক্ত। বি. বেউড় বাঁশ।

বহুসন্তানবতী /বোহুশন্‌তান্‌বোতি/ [স. বহুসন্তান +বৎ+ঈ] বিণ. অনেক সন্তান আছে এমন।

বহুস্ত্রীক /বোহুস্ত্রিক্/ [স. বহু+স্ত্রী+ক (স্বার্থে)] বিণ. একাধিক পত্নী আছে এমন, বহুপত্নীক।

বহুস্বন /বোহুশ্‌শন্/ [স. বহু+স্বন] বিণ. অনেক শব্দযুক্ত, নিনাদিত।

বহুস্বামিক /বোহুশ্‌শামিক্/ [স. বহু+স্বামিক] বিণ. একাধিক প্রভু বা মালিক আছে এমন।

বহে /বহে/ [বা.] ক্রি. প্রবাহিত হয় (*বহে নিরন্তর অনন্ত আনন্দধারা* রবীন্দ্র.)।

বহেড়া /বহেড়া/ [স. বিভীতক >] বি. আয়ুর্বেদিক চিকিৎসায় ব্যবহৃত হরীতকীজাতীয় ফলবিশেষ।

বহ্নি /বোন্‌nhi/ [স. √বহ্+নি] বি. আগুন, অগ্নি।

বহ্নিকোণ /বোন্‌nhiকোন্/ [স. বহ্নি+কোণ] বি. দক্ষিণ ও পূর্ব দিকের মধ্যবর্তী কোণ, অগ্নিকোণ।

বহ্নিগর্ভ /বোন্‌nhiগর্‌ভো/ [স. বহ্নি+√গৃ+ভ] বি. ১ বাঁশ। ২ সমুদ্র।

বহ্নিগর্ভা /বোন্‌nhiগর্‌ভা/ [স. বহ্নি+গর্ভা] বি. যে বৃক্ষের কাঠ দিয়ে যজ্ঞের আগুন জ্বালানো হয়, শমিবৃক্ষ।

www.pathagar.com

বহ্নিজ্বালা /বোন্‌nhiজালা/ [স. বহ্নি+√জ্বল্‌+অ +আ (টাপ্‌)] বি. অগ্নিশিখা।

বহ্নিবিবিক্ষু /বোন্‌nhiবিবিক্‌খু/ [স. বহ্নি+বিবিক্ষু] বিণ. আগুনে ঝাঁপ দেওয়ার জন্য ব্যাকুল।

বহ্নিভোগ্য /বোন্‌nhiভোগ্‌গো/ [স. বহ্নি+ভোগ্য] বি. ঘৃত।

বহ্নিমন্থ /বোন্‌nhiমন্‌থো/ [স. বহ্নি+মন্থ] বি. যে গাছের কাঠ ঘষলে আগুন জ্বলে, গণিকারিকা বৃক্ষ।

বহ্নিমান /বোন্‌nhiমান্‌/ [স. বহ্নি+মান (শানচ্‌)] বিণ. জ্বলছে এমন, জ্বলন্ত।

বহ্নিমিত্র /বোন্‌nhiমিত্‌ত্রো/ [স. বহ্নি+মিত্র] বি. আগুনের সখা, বায়ু।

বহ্নিমুখ /বোন্‌nhiমুখ্‌/ [স. বহ্নি+মুখ] বি. অগ্নি যাঁদের মুখ; দেবতা। বিণ. বহ্নিবিবিক্ষু।

বহ্নিশিখা /বোন্‌nhiশিখা/ [স. বহ্নি+শিখা] বি. আগুনের শিখা।

বহ্নিসংস্কার /বোন্‌nhiশংশ্‌কার্‌/ [স. বহ্নি+ সংস্কার] বি. মৃতদেহ সৎকার, শবদাহ।

বহ্নিসখ /বোন্‌nhiশখ্‌/ [স. বহ্নি+সখা] বি. বায়ু।

বহ্নিসখা /বোন্‌nhiশখা/ [স. বহ্নি+সখা] বি. বায়ু।

বহ্বাড়ম্বর /বহ্‌ভাড়ম্‌বর্‌/ [স. বহু+আড়ম্বর] বি. ঘটা ও জাঁকজমক।

বহ্বারম্ভ /বহ্‌ভারম্‌ভো/ [স. বহু+আরম্ভ] বি. জাঁকজমকপূর্ণ সূচনা।

বহ্বাস্ফোট /বহ্‌ভাস্‌ফোট্‌/ [স. বহু+আস্ফোট] বি. আস্ফালন, বড়াই।

বা[১] /বা/ [স. √বা+ক্বিপ্‌] অব্য. ১ বিকল্প, কিংবা, অথবা (*আমি বা তুমি*)। ২ সম্ভাবনা, সন্দেহসূচক (*হবেও বা*)। ৩ প্রশ্নবাচক (*তুমিই বা এলে না কেন?*)। ৪ বিস্ময় বিরক্তি বেশ চমৎকার প্রভৃতি জ্ঞাপক (*বা রে!*)। ৫ সন্দেহস্থলে নিশ্চয়ার্থজ্ঞাপক (*কেনই বা যাবে না*)।

বা[২] /বা/ [হি. বায় >] বি. বাতাস, বায়ু।

বাই[১] /বাই/ [স. বাতিক >] বি. ১ ছিট, পাগলামি; বাতিক (*শুচিবাই*)। ২ প্রবল আসক্তি, প্রচণ্ড ঝোঁক; নেশা (*তাস খেলার বাই*)।

বাই[২] /বাই/ [হি.] বি. ১ (পশ্চিম ভারতে) মহিলাদের নামান্তে যুক্ত সম্মানসূচক আখ্যা (*লক্ষ্মীবাই*)। ২ পেশাদার নর্তকী (*বাইজি*)।

বাইক /বাইক্‌/ [ই. bike >] বি. ইঞ্জিনচালিত বা পা-দানে চাপ দিয়ে চালানো হয় এমন দ্বিচক্রযান, সাইকেল; মোটর সাইকেল।

বাইচ /বাইচ্‌/ [দেশি.] বি. নৌচালনের প্রতিযোগিতা।

বাইজ /বাইজ্‌/ [স. বাদ্য >] বি. বাজনা।

বাইজি /বাইজি/ [হি.] বি. পেশাদার গায়িকা বা নর্তকী।

বাইজিনাচ /বাইজিনাচ্‌/ [হি. বাইজি+বা. নাচ] পেশাদার নর্তকীর নাচ।

বাইতি /বাইতি/ [স. বাদিত্র >] বি. বাদক সম্প্রদায়-বিশেষ।

বাইন[১] /বাইন্‌/ [বা.] বি. আখ বা খেজুরের রস জ্বাল দেওয়ার বড়ো চুল্লি; রস জ্বাল দেওয়ার স্থান।

বাইন[২] /বাইন্‌/ [স. বর্মি >] বি. নদীর মোহানা বা গভীর জলে বিচরণ করে এমন লম্বাটে মাংসল দেহবিশিষ্ট সাপসদৃশ মাছ, বাইম।

বাইনোকুলার /বাইনোকুলার্‌/ [লা.] বি. দুই চোখে লাগিয়ে দূরের জিনিস দেখার জন্য ব্যবহৃত দূরবিনবিশেষ, binocular।

বাইবেল /বাইবেল্‌/ [ই.] বি. খ্রিষ্টধর্মাবলম্বীদের পবিত্র ধর্মগ্রন্থ, Bible।

বাইরে /বাইরে/ [বা.] বিণ. বহির্দেশে অবস্থিত এমন।

বাইল /বাইল্‌/ [দেশি.] বি. ১ তাল নারকেল প্রভৃতি শাখাহীন গাছের বোঁটাযুক্ত পাতা, বাগুড়া। ২ কপাটের একদিকের পাল্লা।

বাইশ /বাইশ্‌/ [স. দ্বাবিংশতি >] বি. ২২ সংখ্যা। বিণ. ২২ সংখ্যক।

বাইশা /বাইশা/ [বা.] বিণ. মাসের ২২ তারিখের। বি. ২২টি পর্বে রচিত বন্দনা।

বাইশে /বাইশে/ [বা.] বি. মাসের ২২ তারিখ। বিণ. ২২ তারিখের।

বাইস[১] /বাইশ্‌/ [বা.] বি. ছোটো কোদালসদৃশ ছুতারের হাতিয়ারবিশেষ।

বাইস[২] /বাইশ্‌/ [ই.] বি. (কাটা বা র‍্যাঁদা করার উদ্দেশ্যে) কোনো ছোটো বস্তু এঁটে ধরার জন্য টেবিলের সঙ্গে যুক্ত সরঞ্জামবিশেষ, পাকসাঁড়াশি, vice।

বাইসাইকেল /বাইসাইকেল্‌/ [গ্রি.] বি. দ্র বাই-সিক্‌ল।

বাইসিক্‌ল /বাইসিক্‌ল্‌/ [গ্রি.] বি. পা-দানে চাপ দিয়ে চালানো হয় এমন দ্বিচক্রযান, সাইকেল, bicycle।

বাউকুড়ানি /বাউকুড়ানি/ [আঞ্চ.] বি. ছোটো আকারের ঘূর্ণিবায়ু।

বাউটা /বাউটা/ [স. বাগট >] বি. বাতাসের মতো দ্রুতগামী হরিণবিশেষ।

www.pathagar.com

বাউটি /বাউটি/ [স. বাহুত্রাণ >] বি. হাতে পরার বলয়জাতীয় অলংকার।

বাউন্ডারি /বাউন্ডারি/ [ই.] বি. ১ চতুর্দিকের সীমানা। ২ ক্রিকেট খেলায় যে বল সীমানা অতিক্রম করে, চারের মার, boundary।

বাউন্ডুলে /বাউন্ডুলে/ [দেশি.] বিণ. পথে পথে ঘুরে বেড়ায় এমন, ছন্নছাড়া, ভবঘুরে।

বাউন্ডুলেপনা /বাউন্ডুলেপনা/ [দেশি.] বি. ছন্নছাড়ার ভাব।

বাউরা /বাউরা/ [স. বাতুল >] বিণ. পাগল, খ্যাপা, বাতুল; উদাসীন।

বাউরি[১] /বাউরি/ [স. বাতুল >] বিণ. ১ মাতাল; দুরন্ত। ২ উন্মাদিনী।

বাউরি[২] /বাউরি/ [হি.] বি. তপশিলি সম্প্রদায়বিশেষ।

বাউল /বাউল্/ [স. বাতুল >] বি. ১ ধর্মীয় সংকীর্ণতামুক্ত আধ্যাত্মিক গায়ক সম্প্রদায়বিশেষ। ২ সংগীতের শৈলীবিশেষ।

বাউলগান /বাউল্‌গান্/ [বা. বাউল+স. গান] বি. বাউল সাধক সম্প্রদায়ে প্রচলিত আধ্যাত্মিক গান।

বাউলসুর /বাউল্‌শুর্/ [বা. বাউল+স. সুর] বি. বাউলগানের সুর।

বাউলি /বাউলি/ [দেশি.] বি. ১ জনশূন্য স্থান। ২ রান্নার গরম হাঁড়ি ধরার বেড়ি।

বাওয়া[১] /বাওআ/ [বা.] ক্রিবি. ১ নৌকা চালানো (*দেখি নাই কভু দেখি নাই এমন তরণী বাওয়া॥* রবীন্দ্র.)। ২ আরোহণ করা (*সিঁড়ি বাওয়া*)। ৩ প্লাবিত করা; ভাসানো।

বাওয়া[২] /বাওআ/ [দেশি.] বিণ. সন্তান উৎপাদনে অক্ষম; ভূণশূন্য।

বাওয়ালি /বাওআলি/ [দেশি.] বি. যে ব্যক্তি সুন্দরবনে কাঠ মধু মোম প্রভৃতি সংগ্রহ করে জীবিকানির্বাহ করে।

বাংলা /বাংলা/ [বা.] বি. বাংলাদেশ পশ্চিমবঙ্গ ত্রিপুরা ও তৎসংলগ্ন অঞ্চলের ভাষা। বিণ. বাংলাভাষায় রচিত (*বাংলা কবিতা*)।

বাংলাওয়াশ /বাংলাওয়াশ্/ [বা. বাংলা+ই. wash] বি. বাংলাদেশের সঙ্গে ক্রিকেট টুর্নামেন্টের খেলায় কোনো বিদেশি দলকে প্রতিটি ম্যাচে পরাজিত-করণ, Banglawash।

বাংলাদেশ /বাংলাদেশ্/ [স্থান.] বি. ১৯৭১ সালে পাকিস্তান থেকে বিচ্ছিন্ন করে প্রাক্তন পূর্ববঙ্গকে নিয়ে গঠিত স্বাধীন সার্বভৌম রাষ্ট্র।

বাংলাদেশি /বাংলাদেশি/ [স্থান.] বি. বাংলাদেশের নাগরিক। বিণ. বাংলাদেশ সম্পর্কিত।

বাংলাদেশীয় /বাংলাদেশিয়ো/ [স্থান.] বিণ. বাংলাদেশে জাত বা উৎপাদিত।

বাংলো /বাংলো/ [হি. বাংলা >] বি. খোলা জায়গায় বিশেষ আদলে নির্মিত চওড়া বারান্দাঘেরা একতলা বাড়ি (সচরাচর চৌচালা), bungalow।

বাঃ /বাহ্/ [ফা.] অব্য. বাহবা প্রশংসা বিস্ময় প্রভৃতিসূচক অব্যয়।

বাঁ /বাঁ/ [স. বাম >] বি. বিণ. দক্ষিণের বিপরীত, বাম।

বাঁইবাঁই /বাঁইবাঁই/ [ধ্বন্যা.] অব্য. দ্রুত পাক খাওয়ার ভাব।

বাঁও[১] /বাঁও/ [স. বাম >] বি. বিণ. বাম, দক্ষিণের বিপরীত।

বাঁও[২] /বাঁও/ [স. ব্যাম >] বি. জলপথের গভীরতা (সাড়ে তিন বা চার হাত) মাপার এককবিশেষ (*তিন বাঁও মিলে নাই*)। বিণ. ওই গভীরতাবিশিষ্ট।

বাঁওড় /বাঁওড়/ [দেশি.] বি. ১ নদীর যে বাঁকে স্রোত অবরুদ্ধ হয়েছে। ২ নিম্নভূমিতে জমে থাকা পানি।

বাঁওয়া /বাঁওআ/ [আঞ্চ.] বিণ. বাঁ হাত দিয়ে কাজ করে এমন, ন্যাটা, বাঁহাতি।

বাঁক /বাঁক্/ [স. বক্র >] বি. ১ বাঁশের বাঁকা দণ্ড যার দুই প্রান্তে পণ্যদ্রব্য ঝুলিয়ে কাঁধে বহন করা হয়, ভার বহনের দণ্ড। ২ নদী বা রাস্তার মোড়; বক্রতা। ৩ নৌকার তলার বাঁকা কাঠের খণ্ড যার ওপর নৌকার কাঠামো তৈরি করা হয়, keel।

বাঁকনল /বাঁকনল্/ [বা. বাঁক+স. নল] বি. ১ অগ্নিশিখার দিঙ্‌নিয়ন্ত্রক বাঁকা নলবিশেষ যার এক প্রান্তে ফুঁ দিয়ে অন্য প্রান্ত আগুনের শিখায় ধরলে অতিরিক্ত অক্সিজেন পাওয়ার ফলে শিখার তাপ বহুগুণ বেড়ে যায়, blowpipe। ২ মধ্যযুগের সাধক সম্প্রদায়কল্পিত সূক্ষ্ম নাড়িবিশেষ।

বাঁকমল /বাঁকমল্/ [দেশি.] বি. পায়ে পরার বাঁকানো অলংকারবিশেষ।

বাঁকা /বাঁকা/ [স. বক্র >] বিণ. ১ বক্র। ২ ন্যুব্জ। ৩ তির্যক। ৪ ঘোরালো। ৫ কুটিল (*বাঁকা চিন্তন*); রূঢ় (*বাঁকা কথা*)। ৬ প্রতিকূল। ক্রিবি. ১ বেঁকে যাওয়া। ২ অসম্মত হওয়া (*বেঁকে বসা*)।

বাঁকাচোরা /বাঁকাচোরা/ [বা.] বিণ. আঁকাবাঁকা।

বাঁকানো /বাঁকানো/ [বা.] ক্রিবি. বিণ. বাঁকা করা।

বাঁচন /বাঁচোন্/ [বা.] বি. ১ জীবন লাভ। ২ নিষ্কৃতি বা মুক্তিলাভ। ৩ জীবিত অবস্থা।

www.pathagar.com

বাঁচা /বাঁচা/ [বা.] ক্রিবি. ১ প্রাণধারণ করা, জীবিত থাকা। ২ রক্ষা পাওয়া, পরিত্রাণ পাওয়া। ৩ বাড়তি থাকা। ৪ বজায় থাকা, রক্ষিত হওয়া।

বাঁচানো /বাঁচানো/ [বা.] ক্রিবি. ১ পুনর্জীবিত করা। ২ বিপদ থেকে রক্ষা করা। ৩ সঞ্চয় করা (*টাকা বাঁচানো*)। ৪ বজায় থাকা (*মান বাঁচানো*)।

বাঁচোয়া /বাঁচোআ/ [বা.] বি. ১ রেহাই, নিষ্কৃতি। ২ প্রাণরক্ষা।

বাঁজা /বাঁজা/ [স. বন্ধ্যা >] বিণ. সন্তান ধারণে অক্ষম এমন, বন্ধ্যা।

বাঁঝা /বাঁঝা/ [স. বন্ধ্যা >] বিণ. দ্র বাঁজা।

বাঁট[১] /বাঁট্/ [বা.] বি. ছুরি তরবারি প্রভৃতির হাতল (*লাঙলের ফলা থেকে রাইফেলের বাঁট* নুরুল.)।

বাঁট[২] /বাঁট্/ [বা.] বি. গবাদিপশুর স্তনবৃন্ত।

বাঁটন /বাঁটোন্/ [স. বণ্টন >] বি. ভাগ করে বিতরণ, বণ্টন।

বাঁটা /বাঁটা/ [স. বণ্টন >] ক্রিবি. ভাগ করা, ভাগ করে বিতরণ করা।

বাঁটানো /বাঁটানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে ভাগ করিয়ে বিলিয়ে দেওয়া।

বাঁটুল[১] /বাঁটুল্/ [স. বর্তুল >] বি. ১ খেলার গুলি। ২ গুলতিতে ব্যবহৃত ছোটো বল।

বাঁটুল[২] /বাঁটুল্/ [বা.] বিণ. বেঁটে। বি. (ব্য.) খাটো ব্যক্তি।

বাঁদর /বাঁদোর্/ [স. বানর >] বি. ১ গ্রীষ্ম ও উপগ্রীষ্ম মণ্ডলীয় বনাঞ্চলে বিচরণকারী লম্বা লেজ ও লোমাবৃত দেহবিশিষ্ট প্রাইমেটবর্গের মাঝারি আকৃতির সর্বভুক স্তন্যপায়ী সামাজিক প্রাণিবিশেষ, বানর। ২ (আল.) পাজি। বিণ. বাঁদরের মতো স্বভাববিশিষ্ট। স্ত্রী. বাঁদরি /বাঁদোরি/।

বাঁদরনাচ /বাঁদোরনাচ্/ [বা.] বি. ১ বানরের নাচের মতো উৎকট নাচ। ২ নাজেহাল অবস্থা; দুর্ভোগ।

বাঁদর নাচানো /বাঁদোর্ নাচানো/ ক্রিবি. ১ বানরকে খেলানো। ২ (আল.) অসদুদ্দেশ্যে উসকানি দেওয়া।

বাঁদরমুখো /বাঁদোরমুখো/ [বা.] বিণ. বানরের মতো মুখবিশিষ্ট। স্ত্রী. বাঁদরমুখী /বাঁদোরমুখি/।

বাঁদরলাঠি /বাঁদোরলাঠি/ [বা.] বি. ভারতীয় উপ-মহাদেশে জাত এবং গ্রীষ্মকালে থোকায় থোকায় ফোটে এমন হলুদ ফুল ও লম্বাটে ফল বা তার চিরহরিৎ শিম্বগোত্রীয় বৃক্ষ, সোনালু, কর্ণিকার।

বাঁদরামি /বাঁদ্‌রামি/ [বা.] বি. বাঁদরসুলভ আচরণ।

বাঁদরামো /বাঁদ্‌রামো/ [বা.] বি. 'বাঁদরামি'-র কথ্য রূপ।

বাঁদি /বাঁদি/ [ফা.] বি. ক্রীতদাসী, দাসী।

বাঁদিপোতা /বাঁদিপোতা/ [দেশি.] বি. বিভিন্ন রঙের ডোরাকাটা বা চৌখুপি পাতলা কাপড়বিশেষ।

বাঁদুরে /বাঁদুরে/ [বা.] বিণ. ১ বানরসুলভ। ২ দুরন্ত।

বাঁধ /বাঁধ্/ [স. বন্ধ >] বি. ১ জলপ্রবাহ বন্ধ করার জন্য নির্মিত প্রাচীর, dam। ২ ক্ষেতে জল সংরক্ষণের আল।

বাঁধন /বাঁধোন্/ [স. বন্ধন >] বি. ১ বন্ধন। ২ বাঁধুনি; সুশৃঙ্খল বিন্যাস। ৩ নিয়মের শৃঙ্খল (*বিধির বাঁধন কাটবে তুমি এমন শক্তিমান—* রবীন্দ্র.)।

বাঁধনছাড়া /বাঁধোন্‌ছাড়া/ [বা.] বিণ. বন্ধনহীন।

বাঁধন ছেঁড়া /বাঁধোন্ ছেঁড়া/ ক্রিবি. বন্ধন ছিন্ন করা।

বাঁধনছেঁড়া /বাঁধোন্‌ছেঁড়া/ [বা.] বিণ. বন্ধন ছিন্ন হয়েছে এমন।

বাঁধনি /বাঁধোনি/ [স. বন্ধনী >] বি. ১ বন্ধন; গ্রন্থি। ২ শৃঙ্খল। ৩ শৃঙ্খলপূর্ণ বিন্যাস; সুসংগত।

বাঁধা[১] /বাঁধা/ [স. বন্ধ >] ক্রিবি. ১ আবদ্ধ করা (*নৌকা বাঁধা*)। ২ তৈরি করা (*ঘর বাঁধা*)। ৩ রচনা করা (*গান বাঁধা*)। ৪ একত্র করা (*জোট বাঁধা*)। ৫ সংহত হওয়া (*দানা বাঁধা*)। ৬ সাহস সঞ্চয় করা (*বুক বাঁধা*)। বিণ. ১ বন্ধনযুক্ত (*বাঁধা হাত-পা*)। ২ পাকা করা হয়েছে এমন (*বাঁধা ঘাট*)। ৩ আবদ্ধ।

বাঁধা[২] /বাঁধা/ [স. বন্ধক >] বি. ঋণের জামিনরূপে গচ্ছিত সম্পদ, বন্ধকি।

বাঁধাই /বাঁধাই/ [বা.] বি. ১ বাঁধানোর কাজ (*বই বাঁধাই*)। ২ বাঁধানোর মজুরি (*বাঁধাই খরচ*)।

বাঁধাকপি /বাঁধাকোপি/ [বা. বাঁধা+পো. কপি] বি. একটির ওপর আরেকটি গজিয়ে ওঠা পাতাবিশিষ্ট গোলাকার সবজি, cabbage।

বাঁধা গৎ /বাঁধা গত্/ বি. ১ একঘেয়ে বৈচিত্র্যহীন নিয়ম বা রীতি। ২ নির্দিষ্ট কথা বা সুর।

বাঁধাছাঁদা /বাঁধাছাঁদা/ [বা.] ক্রিবি. গোছগাছ করে বাঁধা।

বাঁধাধরা /বাঁধাধরা/ [বা.] বিণ. ১ স্থির। ২ একঘেয়ে।

বাঁধানো /বাঁধানো/ [বা.] ক্রিবি. ১ বাঁধাই করা (*বই বাঁধানো*)। ২ তৈরি করানো (*দাঁত বাঁধানো*)। ৩ পাকা করা (*ঘাট বাঁধানো*)। ৪ শোভিত করা (*সোনা দিয়ে বাঁধানো*)। বিণ. বাঁধাই করা হয়েছে এমন (*বাঁধানো বই*)।

বাঁধাবাঁধি /বাঁধাবাঁধি/ [বা.] বি. অপরিবর্তনীয় নিয়ম। বিণ. বাঁধাধরা, নির্ধারিত।

বাঁধুনি /বাঁধুনি/ [বা.] বি. ১ বন্ধন; গ্রন্থি। ২ সংহতি। ৩ সুশৃঙ্খল বিন্যাস।

www.pathagar.com

বাঁধুলি /বাঁধুলি/ [স. বন্ধুলি>] বি. বর্ষা ও শরৎকালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট টকটকে লাল সাদা প্রভৃতি রঙের গন্ধহীন ফুল বা তার রোমশ ও খাঁজকাটা লম্বাটে পাতাবিশিষ্ট ছোটো উদ্ভিদ।

বাঁয়া /বাঁয়া/ [হি.] বি. তবলার সঙ্গে বাঁ হাতে বাজানো হয় এমন আনদ্ধ বাদ্যযন্ত্র।

বাঁশ /বাঁশ্/ [স. বংশ >] বি. বাংলাদেশ-সহ ক্রান্তীয় অঞ্চলে জাত বহুবর্ষজীবী দ্রুত বর্ধনশীল লম্বাটে (প্রায় ৩৫ মিটার) ফাঁপা কাণ্ডবিশিষ্ট ঘাসের প্রজাতিবিশেষ, বংশ, বেণু।

বাঁশগাড়ি /বাঁশ্গাড়ি/ [বা.] বি. জমির সীমানা চিহ্নিতকরণের জন্য পুঁতে রাখা বাঁশের খুঁটি।

বাঁশপাতা /বাঁশ্পাতা/ [বা.] বি. ১ বাঁশের সরু পাতা। ২ অগভীর জলে ঝাঁক বেঁধে চলে এমন চারজোড়া লম্বা স্পর্শীযুক্ত বাঁশের পাতাসদৃশ চ্যাপটা ও সরু আঁশহীন মিঠাপানির রুপালি মাছ, কাজলি মাছ, বংশক। ৩ ক্রান্তীয় অঞ্চলে বিচরণকারী পতঙ্গভুক সবুজ পাখিবিশেষ।

বাঁশরি /বাঁশোরি/ [স. বংশী >] বি. মুরলী; 'বাঁশি'-র কাব্যিক রূপ।

বাঁশি /বাঁশি/ [স. বংশী >] বি. ফুঁ দিয়ে বাজানো হয় এমন নির্দিষ্টসংখ্যক ছিদ্রযুক্ত বাঁশ বা ধাতুর ফাঁপা নলবিশেষ, বংশী, মুরলী।

বাঁহুক /বাঁহুক্/ [স. বিহঙ্গিকা >] বি. ভারবহন করার বাঁক।

বাকরখানি /বাকোর্খানি/ [ব্যক্তি.] বি. (মুগল সেনাপতি বাকের খানের নামানুসারে) বিশেষ প্রণালিতে ময়দা ও মাওয়ার মিশ্রণে তৈরি তন্দুরে সেঁকা বিস্কুটজাতীয় খাদ্যবস্তুবিশেষ।

বাকল /বাকোল্/ [স. বল্কল >] বি. গাছের ছাল।

বাকি /বাকি/ [আ.] বি. ১ অবশিষ্ট অংশ। ২ প্রাপ্য টাকা। বিণ. ১ উদ্বৃত্ত। ২ অসমাপ্ত। ৩ প্রাপ্য।

বাকিজায় /বাকিজায়/ [আ. বাকি+ফা. জায়] বি. আদায় করা হয়নি এমন খাজনার তালিকা।

বাকি পড়া /বাকি পড়া/ ক্রিবি. অপরিশোধিত থেকে যাওয়া।

বাকিবকেয়া /বাকিবকেআ/ [আ.] বি. অবশিষ্ট পাওনা।

বাক্ /বাক্/ [স. √বচ্+ক্বিপ্] বি. ১ বাক্য; শব্দ; কথা। ২ বিদ্যা। ৩ সরস্বতী। ৪ বাগিন্দ্রিয়।

বাক্কলহ /বাক্কলোহো/ [স. বাক্+কলহ] বি. তর্কবিতর্ক।

বাক্চাতুরী /বাক্চাতুরি/ [স. বাক্+চতুর+অ+ঈ] বি. বাক্য প্রয়োগের কৌশল; ছলনাপূর্ণ কথা।

বাক্চাতুর্য /বাক্চাতুর্জো/ [স. বাক্+চাতুর্য] বি. দ্র বাক্চাতুরী।

বাক্ছল /বাক্ছল্/ [স. বাক্+ছল] বি. ১ কথার কৌশল; ছলনাপূর্ণ বাক্য। ২ বাগ্বিতন্ডা।

বাক্পটু /বাক্পোটু/ [স. বাক্+পটু] বিণ. কথা বলায় পারদর্শী।

বাক্পতি /বাক্পোতি/ [স. বাক্+পতি] বি. ১ বাচস্পতি। ২ বৃহস্পতিগ্রহ।

বাক্পারুষ্য /বাক্পারুশ্শো/ [স. বাক্+পরুষ+য] বি. কর্কশবাক্য, রূঢ়বাক্য।

বাক্প্রণালি /বাক্প্রোনালি/ [স. বাক্+প্রণালি] বি. কথা বলার রীতি।

বাক্প্রতিমা /বাক্প্রোতিমা/ [স. বাক্+প্রতিমা] বি. আলংকারিক ভাষায় রূপক উপমা ছন্দমাধুর্য প্রভৃতির দ্বারা যে চিত্র ফুটিয়ে তোলা হয়, চিত্রকল্প, imagery।

বাক্বিভূতি /বাক্বিভুতি/ [স. বাক্+বিভূতি] বি. বাক্পটুতা।

বাক্শক্তি /বাক্শোক্তি/ [স. বাক্+√শক্+তি] বি. কথা বলার ক্ষমতা; উপযুক্ত শব্দ ও বাক্যবিন্যাস সহকারে কথা বলার ক্ষমতা।

বাক্সংযম /বাক্শংজোম্/ [স. বাক্+সংযম] বি. মিতভাষিতা, স্বল্পভাষিতা।

বাক্সর্বস্ব /বাক্শর্বোশ্শো/ [স. বাক্+সর্বস্ব] বিণ. ফাঁকা বুলি উচ্চারণ করতে অভ্যস্ত এমন।

বাক্সিদ্ধ /বাক্শিদ্ধো/ [স. বাক্+√সিধ্+ত] বিণ. কথা উচ্চারণ করামাত্র সত্য হয় এমন।

বাক্স্ফূর্তি /বাক্স্ফুর্তি/ [স. বাক্+স্ফূর্তি] বি. অনর্গল কথন।

বাক্স্বাধীনতা /বাক্শাধিনতা/ [স. বাক্+স্বাধীনতা] বি. কথা বলা বা মত প্রকাশের স্বাধীনতা।

বাক্য /বাক্কো/ [স. √বচ্+য] বি. (ব্যা.) সুচারুরূপে বিন্যস্ত অর্থবহ শব্দসমষ্টি; কথা, বচন।

বাক্যজাল /বাক্কোজাল্/ [স. বাক্য+জাল] বি. চাতুর্যপূর্ণ কথার ফাঁদ।

বাক্যদান /বাক্কোদান্/ [স. বাক্য+দান] বি. প্রতিশ্রুতিদান, বাগ্দান।

বাক্যবাগীশ /বাক্কোবাগিশ্/ [স. বাক্য+বাগীশ] বিণ. ১ বাক্পটু, বাক্যবিশারদ। ২ বাচাল।

www.pathagar.com

বাক্যবাণ /বাক্‌কোবান্‌/ [স. বাক্য+বাণ] বি. মর্মভেদী বচন; তীক্ষ্ণ উক্তি।

বাক্যবিনিময় /বাক্‌কোবিনিময়্‌/[স. বাক্য+বিনিময়] বি. ১ পরস্পর কথন। ২ কথা-কাটাকাটি।

বাক্যবিশারদ /বাক্‌কোবিশারদ্‌/ [স. বাক্য+বিশারদ] বিণ. ১ বাক্‌পটু, বাক্যবাগীশ। ২ বাচাল।

বাক্যবীর /বাক্‌কোবির্‌/ [স. বাক্য+বীর] বিণ. দ্র বাক্যবিশারদ।

বাক্যব্যয় /বাক্‌কোব্যায়্‌/ [স. বাক্য+ব্যয়] বি. ১ কথন। ২ অতিরিক্ত কথন; অপ্রয়োজনীয় উক্তি।

বাক্যস্ফূর্তি /বাক্‌কোস্‌ফুরতি/ [স. বাক্য+স্ফূর্তি] বি. অনর্গল কথন।

বাক্যহারা /বাক্‌কোহারা/ [স. বাক্য+বা. হারা] বিণ. বাক্‌শক্তি লোপ পেয়েছে এমন; নির্বাক; শান্ত।

বাক্যাংশ /বাক্‌কাংশো/ [স. বাক্য+অংশ] বি. বাক্যের অংশ, অসম্পূর্ণ বাক্য।

বাক্যাতীত /বাক্‌কাতিতো/ [স. বাক্য+অতীত] বিণ. কথায় প্রকাশ করা যায় না এমন।

বাক্যালাপ /বাক্‌কালাপ্‌/ [স. বাক্য+আলাপ] বি. পরস্পর কথাবার্তা, আলাপ-আলোচনা।

বাক্স /বাক্‌শো/ [ই. box >] বি. কাগজ কাঠ ধাতু চামড়া প্রভৃতির তৈরি ঢাকনাবিশিষ্ট আধারবিশেষ, তোরঙ্গ, পেটিকা।

বাক্সজাত /বাক্‌শোজাতো/ [বা. বাক্স+স. জাত] বিণ. বাক্সে সংরক্ষণ করা হয়েছে এমন।

বাক্সপ্যাটরা /বাক্‌শোপ্যাট্‌রা/ [বা.] বি. বাক্স পেটিকা ঝাঁপি প্রভৃতি।

বাক্সবন্দি /বাক্‌শোবোন্‌দি/ [বা. বাক্স+ফা. বন্দি] বিণ. বাক্সে সংরক্ষিত, বাক্সে রাখা হয়েছে এমন।

বাখড় /বাখোড়্‌/ [স. বল্কল >] বি. তাল নারকেল প্রভৃতি গাছের ডাল।

বাখান /বাখান্‌/ [স. ব্যাখ্যান >] বি. ১ ব্যাখ্যান, বর্ণনা। ২ প্রশংসা, গুণকীর্তন; বীরগাথা।

বাখানা /বাখানা/ [স. ব্যাখ্যান >] ক্রিবি. ১ প্রশংসা করা। ২ বর্ণনা করা।

বাখারি /বাখারি/ [দেশি.] বি. কাঁধে ভার বহনের জন্য ব্যবহৃত বাঁশের দণ্ড, বাঁক।

বাগ[১] /বাগ্‌/ [ফা.] বি. ১ বাগান, কানন। ২ উপবন।

বাগ[২] /বাগ্‌/ [হি.] বি. ১ দিক; পথ। ২ শাসন, বশ (*বাগে আনা*)। ৩ আয়ত্তি (*বাগে পাওয়া*)।

বাগডোর /বাগ্‌ডোর্‌/ [হি.] বি. ১ ঘোড়ার লাগাম। ২ ষাঁড় মহিষ প্রভৃতির নাক ফুঁড়ে পরানো দড়ি।

বাগড়া /বাগ্‌ড়া/ [স. ব্যাঘাত >] বি. সংকট, ব্যাঘাত।

বাগদা /বাগ্‌দা/ [দেশি.] বি. কালো ডোরাকাটা বড়ো চিংড়ির প্রজাতিবিশেষ।

বাগদি /বাগ্‌দি/ [দেশি.] বি. অনগ্রসর বাঙালি জাতিবিশেষ।

বাগবান /বাগ্‌বান্‌/ [ফা.] বি. মালাকার; মালি।

বাগাড় /বাগাড়্‌/ [দেশি.] বি. মিঠাপানির ট্যাংরা-জাতীয় আঁশবিহীন বৃহদাকার মাছ, আড়মাছ।

বাগাড়ম্বর /বাগাড়ম্বর্‌/ [স. বাক্‌+আড়ম্বর] বি. কথার আড়ম্বর, কথার ঘটা।

বাগান /বাগান্‌/ [ফা.] বি. উদ্যান; উপবন।

বাগানবাড়ি /বাগান্‌বাড়ি/ [ফা. বাগান+বা. বাড়ি] বি. অবকাশযাপনের জন্য নির্মিত কাননবেষ্টিত গৃহ, প্রমোদভবন।

বাগানো /বাগানো/ [বা.] ক্রিবি. ১ কৌশলে আয়ত্তে আনা; বশে আনা। ২ আদায় করা। ৩ বিন্যস্ত করা।

বাগার /বাগার্‌/ [আঞ্চ.] বি. ব্যঞ্জনের স্বাদ বৃদ্ধির জন্য গরম তেল বা ঘিয়ে ভাজা শুকনো লংকা জিরা তেজপাতা প্রভৃতি মশলার মিশ্রণ, ফোড়ন, সম্বরা।

বাগাল /বাগাল্‌/ [দেশি.] বি. গবাদি পশু চরানো যার পেশা, রাখাল।

বাগি /বাগি/ [দেশি.] বি. (সচরাচর কুঁচকিতে উদ্‌গত) পীড়াদায়ক ফোড়াবিশেষ।

বাগিচা /বাগিচা/ [ফা.] বি. ছোটো বাগান; উপবন।

বাগিন্দ্রিয় /বাগিন্‌দ্রিয়ো/ [স. বাক্‌+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে মানুষ কথা বলে, বাগ্‌যন্ত্র, মুখ।

-বাগীশ /বাগিশ্‌/ [স. বাক্‌+ঈশ] বিণ. বাক্য-বিশারদ; বাচস্পতি; বাক্‌পটু (*তর্কবাগীশ*); বাগ্মী। বি. দেবগুরু বৃহস্পতি।

বাগীশ্বর /বাগিশ্‌শর্‌/ [স. বাক্‌+ঈশ্বর] বি. কথা বলা বা বক্তৃতায় পারদর্শী ব্যক্তি, বাক্‌পতি। স্ত্রী. বাগীশ্বরী /বাগিশ্‌শোরি/।

বাগুড়া /বাগুড়া/ [দেশি.] বি. তাল নারকেল প্রভৃতি শাখাহীন গাছের বোঁটাযুক্ত পাতা, বাইল।

বাগুরা /বাগুরা/ [স. √বা+উর+আ (টাপ্‌)] বি. জাল; ফাঁদ।

বাগুরিক /বাগুরিক্‌/ [স. বাগুরা+ইক] বি. শিকারের উদ্দেশ্যে ফাঁদ পাতা যার পেশা, ব্যাধ।

বাগেশ্রী /বাগেশস্রি/ [স. বাগীশ্বরী >] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

বাগ্‌- /বাগ্‌/ [স. বাক্‌] বি. ১ কথা; বাক্য। ২ সরস্বতী। ৩ বিদ্যা। ৪ বাগিন্দ্রিয়। ৫ (ব্যা.) সমাস ও সন্ধিতে ঘোষ বর্ণের পূর্বে 'বাক্‌' শব্দের রূপ (*বাগ্‌ধারা*)।

www.pathagar.com

বাগ্‌গি /বাগ্‌গি/ [স. বল্গা >] বি. ঘোড়ার টানা গাড়ি।

বাগ্‌জাল /বাগ্‌জাল্‌/ [স. √বাক্‌+জাল] বি. চাতুর্যপূর্ণ কথার ফাঁদ।

বাগ্‌ডম্বর /বাগ্‌ডম্‌বোর্‌/ [স. বাক্‌+ডম্বর] বি. ১ কথার আড়ম্বর। ২ তিরস্কার।

বাগ্‌দত্তা /বাগ্‌দত্তা/ [স. বাক্‌+দত্তা] বিণ. (যে কন্যার) বিয়ের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে এমন।

বাগ্‌দান /বাগ্‌দান্‌/ [স. বাক্‌+দান] বি. কন্যাদানের অঙ্গীকার বা বিয়ের পাকা কথা।

বাগ্‌দেবী /বাগ্‌দেবি/ [স. বাক্‌+দেবী] বি. বাক্‌ বা বাণীর অধিষ্ঠাত্রী দেবী, সরস্বতীদেবী।

বাগ্‌ধারা /বাগ্‌ধারা/ [স. বাক্‌+ধারা] বি. বিশিষ্ট অর্থজ্ঞাপক বাক্যাংশ; বাচনরীতি; বিশেষ ভঙ্গিতে কথন।

বাগ্‌বিতণ্ডা /বাগ্‌বিতন্‌ডা/ [স. বাক্‌+বিতণ্ডা] বি. তর্কবিতর্ক, কলহ।

বাগ্‌বিদগ্ধ /বাগ্‌বিদগ্‌ধো/ [স. বাক্‌+বিদগ্ধ] বিণ. বাক্য প্রয়োগে নিপুণ, বাক্‌চতুর, বাক্‌পটু।

বাগ্‌বিধি /বাগ্‌বিধি/ [স. বাক্‌+বিধি] বি. কথা বলার ধরন; বাক্য প্রয়োগের রীতি; কোনো শব্দ বা শব্দসমষ্টির বিশেষ অর্থে ব্যবহার, বাগ্‌ধারা।

বাগ্‌বিভূতি /বাগ্‌বিভূতি/ [স. বাক্‌+বিভূতি] বি. বাক্‌পটুতা।

বাগ্‌বৈদগ্ধ্য /বাগ্‌বোই্‌দগ্‌ধো/ [স. বাক্‌+বিদগ্ধ+য] বি. বাক্‌পটুতা, বাক্‌চাতুর্য।

বাগ্‌যত /বাগ্‌জতো/ [স. বাক্‌+√যম্‌+ত] বিণ. পরিমিত কথা বলে এমন, সংযতবাক্‌।

বাগ্‌যন্ত্র /বাগ্‌জন্‌ত্রো/ [স. বাক্‌+যন্ত্র] বি. কথা বলা বা ধ্বনি উচ্চারণে ব্যবহৃত অঙ্গপ্রত্যঙ্গ, মুখ।

বাগ্‌যুদ্ধ /বাগ্‌জুদ্‌ধো/ [স. বাক্‌+√যুধ্‌+ত] বি. কথার লড়াই; তর্কবিতর্ক।

বাগ্‌রোধ /বাগ্‌রোধ্‌/ [স. বাক্‌+রোধ] বি. কথা বলার ক্ষমতা লোপ।

বাগ্মিতা /বাগ্‌মিতা/ [স. বাগ্মিন্‌+তা] বি. বাক্‌-নিপুণতা; বক্তৃতা করার দক্ষতা।

বাগ্মী /বাগ্‌মি/ [স. বাচ্‌+গ্মিন্‌] বিণ. বাক্‌নিপুণ, বাক্‌পটু, সুবক্তা।

বাগ্মীসুলভ /বাগ্‌মিশুলভ্‌/ [স. বাগ্মী+সুলভ] বিণ. সুবক্তার গুণবিশিষ্ট।

বাঘ /বাঘ্‌/ [স. ব্যাঘ্র >] বি. সচরাচর হলুদের ওপর কালো ডোরাকাটা দেহ ও লম্বা লেজবিশিষ্ট এশিয়ার ঘন বনাঞ্চলে বিচরণ করে এমন বিড়াল প্রজাতির অত্যন্ত শক্তিশালী ও হিংস্র মাংসাশী জন্তুবিশেষ (বাংলাদেশের জাতীয় পশু)। স্ত্রী. বাঘিনি /বাঘিনি/।

বাঘছড় /বাঘ্‌ছড়্‌/ [বা.] বি. বাঘের চামড়া।

বাঘছড়ি /বাঘ্‌ছোড়ি/ [বা.] বি. বাঘের ছাল।

বাঘডাশা /বাঘ্‌ডাশা/ [স. ব্যাঘ্র >] বি. বাঘের মতো ডোরাকাটা বহিরাবরণবিশিষ্ট বিড়ালজাতীয় মাংসাশী প্রাণী, বনবিড়াল।

বাঘনখ /বাঘ্‌নখ্‌/ [বা. বাঘ+স. নখ] বি. ১ বাঘের নখ। ২ বাঘের ধারালো নখসদৃশ অস্ত্রবিশেষ। ৩ গন্ধদ্রব্যবিশেষ। ৪ গলার অলংকারবিশেষ।

বাঘবন্দি /বাঘ্‌বোন্‌দি/ [বা. বাঘ+ফা. বন্দি] বি. ছোটোদের খেলাবিশেষ।

বাঘা /বাঘা/ [বা.] বি. বাঘ। বিণ. ১ বিশাল, বড়ো, প্রকাণ্ড। ২ কড়া; তীব্র টক (*বাঘা তেঁতুল*)। ৩ রাশভারী। ৪ গণ্যমান্য।

বাঘা–বাঘা /বাঘাবাঘা/ [বা.] বিণ. প্রবল প্রতাপশালী বা গম্ভীর প্রকৃতির ও ব্যক্তিত্বসম্পন্ন (ব্যক্তিবর্গ)।

বাঘাম্বর /বাঘাম্‌বর্‌/ [বা. বাঘ+স. অম্বর] বি. বাঘের ছালের তৈরি পরিধেয়।

বাঙাল /বাঙাল্‌/ [স. বঙ্গ >] বি. (ব্য.) সাবেক পূর্ববঙ্গ এবং বর্তমান বাংলাদেশের অধিবাসী।

বাঙালি /বাঙালি/ [বা.] বি. বিণ. বাংলাদেশের অধিবাসী; বাংলাভাষী (*বাঙালী ভাগ করেনি বাঙালীর মিলিত সংস্কৃতিকে* মাহবুব.)।

বাঙালিজনসুলভ /বাঙালিজন্‌শুলভ্‌/ [বা. বাঙালি+স. জন+সুলভ] বিণ. বাঙালির যোগ্য; বাঙালিসুলভ।

বাঙালিদ্বেষী /বাঙালিদ্‌দেশি/ [বা. বাঙালি+স. দ্বেষী] বিণ. বাঙালির প্রতি বিদ্বেষপ্রবণ, বাঙালির প্রতি শত্রুভাবাপন্ন।

বাঙালিপ্রীতি /বাঙালিপ্রিতি/ [বা. বাঙালি+স. প্রীতি] বি. বাঙালির প্রতি প্রীতিপূর্ণ মনোভাব।

বাঙালিপ্রেম /বাঙালিপ্রেম্‌/ [বা. বাঙালি+স. প্রেম] বি. বাঙালির প্রতি ভালোবাসা।

বাঙালিপ্রেমী /বাঙালিপ্রেমি/ [বা. বাঙালি+স. প্রেমী] বি. বিণ. বাঙালির প্রতি প্রীতিপূর্ণ মনোভাব পোষণকারী।

বাঙালিবিদ্বেষ /বাঙালিবিদ্‌দেশ্‌/ [বা. বাঙালি+স. বিদ্বেষ] বি. বাঙালির প্রতি শত্রুতাপূর্ণ মনোভাব।

বাঙালিবিদ্বেষী /বাঙালিবিদ্‌দেশি/ [বা. বাঙালি+স. বিদ্বেষী] বিণ. বাঙালির প্রতি বিদ্বেষভাবাপন্ন। বি. বাঙালির প্রতি বিদ্বেষভাবাপন্ন ব্যক্তি।

বাঙালিয়ানা /বাঙালিআনা/ [বা.] বি. বাঙালির মতো আচরণ। বিণ. বাঙালিসুলভ।

www.pathagar.com

বাঙ্‌নিষ্ঠ /বাংনিশ্‌ঠো/ [স. বাক্+নিষ্ঠ] বিণ. কথা দিয়ে কথা রাখে এমন।

বাঙ্‌নিষ্ঠা /বাংনিশ্‌ঠা/ [স. বাক্+নিষ্ঠা] বি. প্রতিশ্রুতি রক্ষা।

বাঙ্‌নিষ্পত্তি /বাংনিশ্‌পোত্‌তি/ [স. বাক্+নিষ্পত্তি] বি. বাক্য উচ্চারণ, কথন।

বাঙ্গি /বাংগি/ [দেশি.] বি. ১ পাকলে ফেটে যায় এমন কাঁকুর বা শসাজাতীয় ফলবিশেষ, ফুটি। ২ কাঁধে ভার বহনের বাঁক।

বাঙ্ময় /বাংময়/ [স. বাচ্+ময়ট্] বিণ. ১ বাক্য বা শব্দ দিয়ে গঠিত; বাক্যে রূপান্তরিত। ২ অর্থপূর্ণ। বি. অলংকারশাস্ত্র।

বাঙ্মুখ /বাংমুখ/ [স. বাচ্+মুখ] বি. বাক্যের সূচনা; অবতরণিকা; মুখবন্ধ।

বাচক /বাচক্/ [স. √বচ্+অক] বিণ. ১ কথক। ২ দ্যোতক; অর্থজ্ঞাপক (*সম্বোধনবাচক*)। ৩ পাঠক।

বাচন /বাচোন্/ [স. √বাচি+অন] বি. ১ কথন, উক্তি। ২ পঠন, পাঠ। ৩ ব্যাখ্যান।

বাচনিক /বাচোনিক্/ [স. বচন+ইক] বিণ. মৌখিক; কথায় প্রকাশিত।

বাচনীয় /বাচোনিয়ো/ [স. √বাচি+অনীয়] বিণ. বলা যায় এমন, কথনীয়।

বাচবিচার /বাচ্‌বিচার্/ [বা.] বি. দ্র বাছবিচার।

বাচস্পতি /বাচোশ্‌পোতি/ [স. বাচঃ+পতি] বি. ১ কথাবার্তায় পটু ব্যক্তি। ২ বৃহস্পতি।

বাচস্পত্য /বাচোশ্‌পোত্‌তো/ [স. বাচস্পতি+য] বি. ১ পাণ্ডিত্য। ২ বাক্‌পটুতা। ৩ বিচক্ষণতা। বিণ. বাচস্পতিসম্বন্ধীয়।

বাচা /বাচা/ [স. বাচ >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে নদী খাল ও স্রোতযুক্ত জলাধারে বিচরণ করে এমন চ্যাপটা দেহবিশিষ্ট আঁশবিহীন মিঠাপানির মাছবিশেষ।

বাচাট /বাচাট্/ [বা.] বিণ. অতিরিক্ত কথা বলে এমন, বাচাল।

বাচাটি /বাচাটি/ [বা.] বি. কুঁড়েঘর।

বাচাল /বাচাল্/ [স. বাচ্+আল] বিণ. বেশি কথা বলে এমন, প্রগল্‌ভ। বি. বাচালতা /বাচালতা/।

বাচিক /বাচিক্/ [স. বাচ্+ইক] বিণ. মৌখিক, বাচনিক।

বাচিকপত্র /বাচিকপত্‌ত্রো/ [স. বাচিক+পত্র] বি. ১ সংবাদপত্র। ২ চিঠি।

বাচ্চা /বাচ্চা/ [স. বৎস >] বি. ১ শিশু। ২ সন্তান। ৩ শাবক, ছানা। বিণ. অপ্রাপ্তবয়স্ক।

বাচ্চাকাচ্চা /বাচ্চাকাচ্চা/ [বা.] বি. ছোটো ছোটো ছেলেমেয়ে।

বাচ্য /বাচ্চো/ [স. √বচ্+য] বিণ. ১ কথ্য; কথনীয়, বলার যোগ্য; বলতে হবে এমন। ২ অভিধেয়। বি. বাক্যের যে লক্ষণ থেকে ক্রিয়ার সঙ্গে কর্তা বা কর্মের অন্বয়সম্বন্ধ নির্দেশিত হয়, voice।

বাচ্যার্থ /বাচ্চার্‌থো/ [স. বাচ্য+অর্থ] বি. শব্দের স্বাভাবিক অর্থ, মুখ্য অর্থ, অভিহিত অর্থ।

বাছ /বাছ্/ [বা.] বি. নির্বাচন, বাছাই; পছন্দ।

বাছন /বাছোন্/ [স. নির্বাচন >] বি. নির্বাচন; রুচিমাফিক বাছাই; মনোনয়ন।

বাছনি[১] /বাছোনি/ [বা.] বি. দ্র বাছন।

বাছনি[২] /বাছোনি/ [স. বৎস >] বি. (কাব্যে) বাছাধন, বৎস।

বাছপড়া /বাছ্‌পড়া/ [বা.] বিণ. বাছাইয়ে বাদ পড়েছে এমন।

বাছবিচার /বাছ্‌বিচার্/ [বা. বাছ+স. বিচার] বি. বাছাই বা ভালোমন্দ বিচার।

বাছা[১] /বাছা/ [স. বৎস >] বি. ১ বৎস, অল্পবয়সী সন্তান। ২ স্নেহভাজন বা সন্তানস্থানীয়কে সম্বোধনে ব্যবহৃত শব্দ।

বাছা[২] /বাছা/ [স. নির্বাচন >] ক্রিবি. ১ বাছাই করে নির্বাচন করা। ২ বেছে আবর্জনা দূর করা (*চাল বাছা*)। বিণ. ১ নির্বাচিত। ২ পরিষ্কৃত।

বাছাই /বাছাই/ [স. নির্বাচন >] বি. ১ নির্বাচন। ২ আবর্জনা মুক্তকরণ। বিণ. নির্বাচিত; পছন্দসই।

বাছাধন /বাছাধোন/ [স. বৎস >] বি. (স্নেহভাজনকে সম্বোধনে বা ব্যঙ্গচ্ছলে) বৎস, বাছা।

বাছানো /বাছানো/ [বা.] ক্রিবি. ১ অন্যকে দিয়ে নির্বাচন করানো। ২ পরিষ্কার করানো।

বাছাবাছা /বাছাবাছা/ [বা.] বিণ. সর্বোৎকৃষ্ট, সুনির্বাচিত।

বাছাবাছি /বাছাবাছি/ [বা.] বি. বহুর মধ্য থেকে নিজের পছন্দমতো নির্বাচন, বাছাই।

বাছার /বাছার্/ [বা.] বি. গ্রামের সবচেয়ে বলবান ব্যক্তি।

বাছুর /বাছুর্/ [স. বৎসতর >] বি. গোশাবক।

বাজ[১] /বাজ্/ [ফা.] বি. বাদামি রেখাযুক্ত সাদা পেট প্রশস্ত লম্বা ডানা এবং ধারালো চঞ্চু ও নখরবিশিষ্ট প্রখর দৃষ্টিশক্তিসম্পন্ন বড়ো শিকারি পরিযায়ী পাখি, শ্যেন।

বাজ[২] /বাজ্/ [স. বজ্র >] বি. বজ্র, অশনি।

www.pathagar.com

বাজ[৩] /বাজ্/ অব্য. আসক্ত পটু প্রভৃতি অননুকূল অর্থজ্ঞাপক ফারসি প্রত্যয়বিশেষ (*চালবাজ*)।

বাজখাঁই /বাজ্‌খাঁই/ [বা.] বিণ. অতিশয় কর্কশ ও অনভিপ্রেত (*বাজখাঁই গলা*)।

বাজন /বাজোন্/ [স. বাদ্য >] বি. বাজনা।

বাজনদার /বাজোন্‌দার্/ [বা. বাজন+ফা. দার] বি. পেশাদার বাদ্যযন্ত্র বাদক।

বাজনা /বাজ্‌না/ [স. বাদ্য >] বি. ১ বাদ্যধ্বনি। ২ বাদ্যযন্ত্র। ৩ বাদন।

বাজনাওয়ালা /বাজ্‌নাওআলা/ [বা. বাজন+হি. ওয়ালা] বি. দ্র বাজনদার।

বাজনাদার /বাজ্‌নাদার্/ [বা. বাজনা+ফা. দার] বি. দ্র বাজনদার।

বাজপেয় /বাজ্‌পেয়ো/ [স. বাজ+পেয়] বি. বৈদিক যুগে অনুষ্ঠিত যজ্ঞবিশেষ।

বাজপেয়ী /বাজ্‌পেয়ি/ [স. বাজপেয়+ইন্] বিণ. বাজপেয় যজ্ঞকারী। বি. পদবিবিশেষ।

বাজবহরি /বাজ্‌বহোরি/ [আঞ্চ.] বি. বৃহদাকার বাজপাখিবিশেষ।

বাজবৈরি /বাজ্‌বোইরি/ [আঞ্চ.] বি. দ্র বাজবহরি।

বাজরা[১] /বাজ্‌রা/ [হি.] বি. সমতল বা পাহাড়ি অঞ্চলে চাষ করা হয় এবং গবাদিপশুর খাদ্যরূপে ব্যবহৃত হয় এমন তামাটে বেগুনি প্রভৃতি রঙের দৃঢ় কাণ্ডবিশিষ্ট বর্ষজীবী তৃণ বা তার শস্য, কাউনি।

বাজরা[২] /বাজ্‌রা/ [দেশি.] বি. ১ বড়ো ঝুড়িবিশেষ। ২ বাক্স, প্যাটরা।

বাজা /বাজা/ [স. বাদ্য >] ক্রিবি. ১ ধ্বনিত হওয়া (*বাঁশি বাজা*)। ২ সময় নির্দেশ করা (*চারটে বাজা*)। ৩ পরীক্ষা বা যাচাই করা (*বাজিয়ে দেখা*)।

বাজানো /বাজানো/ [বা.] ক্রিবি. বাদিত করা।

বাজার /বাজার্/ [ফা.] বি. ১ পণ্য কেনাবেচার নির্দিষ্ট স্থান। ২ জনসমাগমের ফলে সৃষ্ট বিশৃঙ্খল অবস্থা। ৩ বাজার থেকে ক্রীত দ্রব্যাদি (*বাজার করা*)। ৪ ক্রয়বিক্রয়ের দর (*বাজার পড়ে যাওয়া*)।

বাজারখরচ /বাজার্‌খরোচ্/ [ফা. বাজার+আ. খরচ] বি. বাজার থেকে পণ্য ক্রয়ের ব্যয়।

বাজার গরম হওয়া /বাজার্ গরোম্ হওআ/ ক্রিবি. ১ পণ্যমূল্যের ঊর্ধ্বগতি হওয়া। ২ বিক্রি বেড়ে যাওয়া। ৩ অনর্থক হইচই করা।

বাজার চড়া /বাজার্ চড়া/ ক্রিবি. পণ্যদ্রব্যের দাম বেড়ে যাওয়া।

বাজারজাত /বাজার্‌জাতো/ [ফা. বাজার+স. জাত] বিণ. বিক্রয়ের জন্য বাজারে দেওয়া হয়েছে এমন।

বাজারজাতকরণ /বাজার্‌জাতোকরোন্/ [ফা. বাজার+স. জাতকরণ] বি. বিপণন।

বাজারদর /বাজার্‌দর্/ [ফা.] বি. প্রচলিত দাম।

বাজার নরম /বাজার্ নরোম্/ বি. পণ্যদ্রব্যের মূল্যহ্রাস।

বাজার বসা /বাজার্ বশা/ ক্রিবি. ১ বাজারে বেচাকেনা শুরু হওয়া। ২ নতুন বাজার প্রতিষ্ঠিত হওয়া। ৩ (আল.) প্রচণ্ড হট্টগোল হওয়া।

বাজারে /বাজারে/ [ফা. বাজার+বা. এ] বিণ. ১ রুচিশীল নয় এমন। ২ (অশি.) শালীনতাবর্জিত ও রুচিহীন। ৩ দেহপসারিণী।

বাজারে দাঁড়ানো /বাজারে দাঁড়ানো/ ক্রিবি. ভালো বিক্রি হওয়া, বিক্রেয় পণ্যরূপে প্রতিযোগিতায় টিকে যাওয়া।

বাজি[১] /বাজি/ [ফা.] বি. ১ জুয়াখেলার পণ। ২ ইন্দ্রজাল, ভেলকি (*ভোজবাজি*)। ৩ আতশবাজি।

-বাজি[২] /বাজি/ [ফা.] অব্য. ফন্দি আসক্তি প্রবণতা প্রভৃতিসূচক প্রত্যয় (*ফাঁকিবাজি*)।

বাজিকর /বাজিকর্/ [ফা.] বি. জাদুকর, ঐন্দ্রজালিক, magician।

বাজিগর /বাজিগর্/ [ফা.] বি. দ্র বাজিকর।

বাজিমাত /বাজিমাত্/ [ফা. বাজি+আ. মাত] বি. অপ্রত্যাশিত সাফল্য (*প্রতিযোগিতায় বাজিমাত করা*)।

বাজিয়ে /বাজিয়ে/ [স. বাদ্য >] বিণ. ১ বাদ্যকর, বাজনদার। ২ গানবাজনায় নিপুণ।

বাজী /বাজি/ [স. বাজ+ইন্] বি. ১ ঘোড়া, অশ্ব। ২ তির, বাণ।

বাজীকরণ /বাজিকরোন্/ [স. বাজী+√কৃ+অন] বি. রতিশক্তি বাড়ানোর প্রক্রিয়া; রতিশক্তিবর্ধক ওষুধ।

বাজু /বাজু/ [ফা.] বি. ১ হাতের ওপরের অংশ। ২ বাহুর অলংকার। ৩ চৌকাঠ বা খাটের পাশের লম্বা কাঠের খণ্ড। ৪ পক্ষ, ডানা।

বাজুবন্ধ /বাজুবন্ধ্/ [ফা.] বি. বাহুর অলংকার।

বাজে /বাজে/ [আ.] বিণ. ১ অকেজো। ২ নিরর্থক; ফালতু, অসার (*বাজে খরচ*)।

বাজেট /বাজেট্/ [ই.] বি. আয়ব্যয়ের আগাম হিসাব, আয়ব্যয়ক, budget।

বাজেমার্কা /বাজেমার্কা/ [আ. বাজে >] বিণ. কাজের নয় এমন, আজেবাজে, খেলো।

বাজেয়াপ্ত /বাজেআপ্‌তো/ [ফা.] বিণ. ১ রাষ্ট্রীয় আদেশবলে কোনো সুবিধা বাতিল করা হয়েছে

www.pathagar.com

এমন। ২ রাষ্ট্রীয় আদেশবলে কোনো সম্পদের দখল গ্রহণ করা হয়েছে এমন।

বাজেয়াপ্ত করা /বাজেআপ্‌তো/ ক্রিবি. ১ রাষ্ট্রীয় আদেশবলে কোনো সুবিধা বাতিল করা। ২ রাষ্ট্রীয় আদেশবলে কোনো সম্পদের দখল গ্রহণ করা।

বাঞ্ছন /বান্‌ছন্‌/ [স. √বাঞ্ছ্‌+অন] বি. বাঞ্ছা, কামনা।

বাঞ্ছনীয় /বান্‌ছোনিয়ো/ [স. √বাঞ্ছ্‌+অনীয়] বিণ. অভিলষণীয়, কাম্য, প্রত্যাশিত; প্রার্থনীয়।

বাঞ্ছা /বান্‌ছা/ [স. √বাঞ্ছ্‌+অ+আ (টাপ্‌)] বি. ইচ্ছা, আকাঙ্ক্ষা, অভিলাষ, সাধ।

বাঞ্ছাকল্পতরু /বান্‌ছাকল্‌পোতোরু/ [স. বাঞ্ছা+কল্প+তরু] বি. ১ সকল ইচ্ছা পূরণ করতে পারে এমন কল্পবৃক্ষ। ২ বাঞ্ছাপূরণ করে এমন ব্যক্তি।

বাঞ্ছিত /বান্‌ছিতো/ [স. √বাঞ্ছ্‌+ত] বিণ. কাম্য, অভিলষিত; প্রিয়। স্ত্রী. **বাঞ্ছিতা** /বান্‌ছিতা/।

বাট[১] /বাট্‌/ [দেশি.] বি. ১ পথ, রাস্তা (*যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে,* রবীন্দ্র.)। ২ সোনা রুপা প্রভৃতি মূল্যবান ধাতুর পিণ্ড।

বাট[২] /বাট্‌/ [স. √বট্‌+অ] বি. ১ পরিখাবেষ্টিত স্থান। ২ ভিটা; গৃহ। ৩ খেত।

বাটখারা /বাট্‌খারা/ [হি.] বি. পণ্যদ্রব্য পরিমাপের জন্য ব্যবহৃত নির্দিষ্ট ওজনের লোহা বা পাথরের খণ্ড।

বাটন /বাটোন্‌/ [স. বর্তনী >] বি. পেষণ।

বাটনা /বাট্‌না/ [স. উদ্বর্তন >] বি. পিষতে হবে বা পেষা হয়েছে এমন মসলা (*বাটনা বাটা*)।

বাটপাড় /বাট্‌পাড়/ [বা.] বি. বিণ. প্রতারক, ঠক।

বাটপাড়ি /বাট্‌পাড়ি/ [বা.] বি. বাটপাড়ের বৃত্তি।

বাটসুলা /বাট্‌শুলা/ [বা.] বি. ইঁট কাটার জন্য রাজমিস্ত্রিদের ব্যবহৃত বিশেষ আকৃতির হাতুড়িবিশেষ।

বাটা[১] /বাটা/ [স. উদ্বর্তন >] ক্রিবি. পেষণ করা বিণ. পেষা হয়েছে এমন, পিষ্ট।

বাটা[২] /বাটা/ [দেশি.] বি. ১ পানসুপারি প্রভৃতি রাখার পাত্র (*বাটাভরা পান দেব*)। ২ জামাই-ষষ্ঠীতে শাশুড়ির দেওয়া থালায় সাজানো খাদ্যবস্তু। ৩ পুকুর নদী ও মোহানায় বিচরণ করে এমন লম্বাটে উত্তলদেহ ধূসরাভ রুপালি আঁশযুক্ত দ্রুত বর্ধনশীল সুস্বাদু ছোটো মাছ।

বাটা[৩] /বাটা/ [হি. বাট্টা >] বি. ব্যবসায়িকভিত্তিতে টাকাপয়সা লেনদেনের দস্তুরি, discount।

বাটানো /বাটানো/ [বা.] ক্রিবি. বিণ. পেষণ করিয়ে নেওয়া।

বাটালি /বাটালি/ [দেশি.] বি. ছুতারের হাতিয়ার-বিশেষ।

বাটি[১] /বাটি/ [দেশি.] বি. প্রান্তভাগ উঁচু ও হাতল-বিহীন ছোটো পাত্রবিশেষ।

বাটি[২] /বাটি/ [স. বাটী >] বি. বাড়ি।

বাটিক /বাটিক্‌/ [জাভা. batik >] বি. কাপড় রং করার পদ্ধতিবিশেষ (যে পদ্ধতিতে রং করার আগে নকশা অনুযায়ী কাপড়ের বিভিন্ন অংশ মোম দিয়ে আবৃত করে রাখা হয়); ওই প্রণালিতে নকশা করা কাপড়।

বাটিকা /বাটিকা/ [স. বাটি+কন্‌+আ (টাপ্‌)] বি. ছোটো বাড়ি।

বাট্টা /বাট্‌টা/ [হি.] বি. বাটা, দস্তুরি, discount।

বাড় /বাড়্‌/ [স. বৃদ্ধি >] বি. ১ বৃদ্ধি। ২ পুষ্টি। ৩ উন্নতি। ৪ স্পর্ধা, ঔদ্ধত্য; বাড়াবাড়ি।

বাড়ই /বাড়োই্‌/ [স. বর্ধকি >] বি. ১ সূত্রধর, কাঠমিস্ত্রি। ২ কাঁচাঘর নির্মাতা, ঘরামি।

বাড়তি /বাড়তি/ [বা.] বিণ. প্রয়োজনের চেয়ে বেশি, অতিরিক্ত, উদ্‌বৃত্ত।

বাড়ন[১] /বাড়োন্‌/ [স. বর্ধন >] বি. ১ বৃদ্ধি। ২ পুষ্টি।

বাড়ন[২] /বাড়োন্‌/ [স. বর্ধনী >] বি. ছোটো ঝাড়ু।

বাড়ন্ত /বাড়োন্‌তো/ [বা.] বিণ. ১ বাড়ছে এমন, বর্ধিষ্ণু, বৃদ্ধিশীল। ২ শেষ হয়ে এসেছে এমন (*ঘরে চাল বাড়ন্ত*)।

বাড়ব /বাড়োব্‌/ [স. বড়বা+অ] বি. ১ সমুদ্র থেকে উত্থিত আগুন। ২ পুরাণোক্ত সিন্ধুঘোটকের মুখ থেকে নিঃসৃত আগুন। বিণ. সিন্ধুঘোটকসম্বন্ধীয়।

বাড়বাড়ন্ত /বাড়বাড়োন্‌তো/ [বা.] বি. অতিশয় শ্রীবৃদ্ধি, সমুন্নতি।

বাড়া /বাড়া/ [স. বৃদ্ধি >] ক্রিবি. ১ বৃদ্ধি পাওয়া (*লোক বাড়া*)। ২ পরিবেশন করা (*ভাত বাড়া*)। ৩ উড়ন্ত ঘুড়ির সুতা ছাড়া। ৪ ভাঙা (*শাঁখা বাড়া*)। ৫ অগ্রসর হওয়া (*আগে বাড়া*)। বিণ. ১ অধিক, বেশি। ২ পরিবেশন করা হয়েছে এমন (*বাড়া ভাত*)।

বাড়ানো /বাড়ানো/ [বা.] ক্রিবি. ১ বৃদ্ধি করানো। ২ অতিরঞ্জিত করা। ৩ অতিশয় প্রশ্রয় দেওয়া। ৪ প্রসারিত করা (*হাত বাড়ানো*)। ৫ অন্যকে দিয়ে আহার্য পরিবেশন করানো (*ভাত বাড়ানো*)।

বাড়াবাড়ি /বাড়াবাড়ি/ [বা.] বি. ১ আধিক্য। ২ কাজ বা আচরণে সীমা লঙ্ঘন।

বাড়ি[১] /বাড়ি/ [দেশি.] বি. ১ লাঠি দণ্ড বেত প্রভৃতির আঘাত (*লাঠির বাড়ি*)। ২ দণ্ড (*পাচনবাড়ি*)।

www.pathagar.com

বাড়ি[১] /বাড়ি/ [স. বাটী >] বি. ১ বাসস্থান। ২ আদি নিবাস।

বাড়িওয়ালা /বাড়িওআলা/ [বা. বাড়ি+হি. ওয়ালা] বি. বাড়ির মালিক। স্ত্রী. **বাড়িওয়ালি** /বাড়িওআলি/।

বাড়িঘর /বাড়িঘর্/ [বা.] বি. আবাসগৃহ ও স্থাবর সম্পত্তি।

বাণ /বান্/ [স. √বণ্+অ] বি. ১ তির, শর, শায়ক। ২ তান্ত্রিক মন্ত্রবিশেষ। ৩ আগুন। ৪ শব্দ; ধ্বনি।

বাণতূণ /বান্তূণো/ [স. বাণ+তূণ] বি. শরতূণ।

বাণদণ্ড /বান্দন্ডো/ [স. বাণ+দণ্ড] বি. কাপড় বুননের যন্ত্রবিশেষ।

বাণধি /বানোধি/ [স. বাণ+√ধা+ই] বি. তূণীর, তূণাধার, তূণ।

বাণভট্ট /বান্ভট্টো/ [ব্যক্তি.] বি. বিখ্যাত সংস্কৃত গদ্যকাব্য 'কাদম্বরী'-র রচয়িতা।

বাণমোক্ষণ /বান্মোক্খোন্/ [স. বাণ+মোক্ষণ] বি. তির নিক্ষেপ।

বাণমোচন /বান্মোচোন্/ [স. বাণ+মোচন] বি. দ্র বাণমোক্ষণ।

বাণিজ্য /বানিজ্জো/ [স. বণিজ্+য] বি. ১ ব্যবসায়, পণ্যদ্রব্যাদি ক্রয়বিক্রয়। ২ অন্য দেশের সঙ্গে কারবার।

বাণিজ্যতরি /বানিজ্জোতোরি/ [স. বাণিজ্য+তরি] বি. পণ্যবাহী নৌকা বা জাহাজ।

বাণিজ্যদূত /বানিজ্জোদুত্/ [স. বাণিজ্য+দূত] বি. বাণিজ্যিক স্বার্থরক্ষার্থে বিদেশে প্রেরিত দূত।

বাণী /বানি/ [স. √বণ্+অ+ঈ] বি. ১ শব্দ; ভাষা; উক্তি; ভাষণ। ২ সরস্বতীদেবী (*বাণীবন্দনা*)। ৩ উপদেশমূলক উক্তি।

বাণীচিত্র /বানিচিত্তোর্/ [স. বাণী+চিত্র] বি. সবাক চলচ্চিত্র, কথাচিত্র।

বাণীমন্দির /বানিমোন্দির্/ [স. বাণী+মন্দির] বি. বিদ্যালয়, শিক্ষালয়, স্কুল।

বাণেশ্বর /বানেশ্শর্/ [স. বাণী+ঈশ্বর] বি. বাণাসুরের ইষ্টদেবতা শিব।

বাত /বাত্/ [স. √বা+ত] বি. ১ বায়ু, বাতাস। ২ মাংসপেশি বা অস্থিসন্ধিতে প্রদাহজনিত রোগ।

বাতকর্ম /বাতকর্মো/ [স. বাত+কর্মন্] বি. দেহের নিম্নাঙ্গের ছিদ্রপথে অপানবায়ু ত্যাগ, পাদ।

বাতগর্ভ /বাতগর্ভো/ [স. বাত+গর্ভ] বি. অতিরিক্ত কথা; মিথ্যা কথা।

বাতগ্রস্ত /বাত্গ্রোস্তো/ [স. বাত+√গ্রস্+ত] বিণ. বায়ুরোগ বা বাতরোগে আক্রান্ত।

বাতজ্বর /বাত্জর্/ [স. বাত+জ্বর] বি. গাঁটের ব্যথা ও স্ফীতিজনিত জ্বর।

বাতরক্ত /বাত্রক্তো/ [স. বাত+√রন্জ্+ত] বি. রক্তদূষণজনিত রোগ।

বাতল /বাতল্/ [স. বাত+√লা+অ] বিণ. ১ বায়ুময়, ফাঁপা ও স্ফীত। ২ (বাংলায়) বায়ুরোগগ্রস্ত।

বাতলানো /বাত্লানো/ [বা.] ক্রিবি. ১ পথ বলা; ব্যাখ্যা করা। ২ উপায় বলে দেওয়া।

বাতা /বাতা/ [দেশি.] বি. বাঁশ বা কাঠের সরু ফালি; বাখারি।

বাতানুকূল /বাতানুকুল্/ [স. বাত+অনুকূল] বিণ. যান্ত্রিক কৌশলে তাপ নিয়ন্ত্রণে রাখা হয়েছে এমন, শীতাতপ নিয়ন্ত্রিত, air conditioned।

বাতানো[২] /বাতানো/ [বা.] বিণ. বাঁশ বা কাঠের সরু ফালিযুক্ত।

বাতানো[২] /বাতানো/ [হি. বাৎলানা >] ক্রিবি. পথ বলে দেওয়া; নির্দেশ দেওয়া; উপদেশ দেওয়া।

বাতান্দোলিত /বাতান্দোলিতো/ [স. বাত+আন্দোলিত] বিণ. বাতাসে দুলছে এমন।

বাতান্বিত /বাতান্নিতো/ [স. বাত+অন্বিত] বিণ. (উচ্চচাপে) বায়ুপূর্ণ (*বাতান্বিত পানীয়*), aerated।

বাতাপি /বাতাপি/ [স. বাত+আপি] বি. অসুরবিশেষ।

বাতাবরণ /বাতাবোরোন্/ [স. বাত+আবরণ] বি. ১ কথাদ্বারা সৃষ্ট জাল। ২ পরিবেশ। ৩ পটভূমি।

বাতাবর্ত /বাতাবর্তো/ [স. বাত+আবর্ত] বি. ঘূর্ণিবায়ু, ঘূর্ণিঝড়।

বাতাবি লেবু /বাতাবি লেবু/ বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন সাদাটে উভলিঙ্গ ফুল ও অম্লস্বাদ গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া), জম্বুরা, জামির।

বাতায়ন /বাতায়োন্/ [স. বাত+অয়ন] বি. ঘরে আলোবাতাস প্রবেশের পথ, জানালা।

বাতাস /বাতাশ্/ [স. বাত >] বি. ১ বায়ু, হাওয়া (*এখন সেই বাতাসে শুধু ঝলসে যাওয়া স্বজনের / রক্তমাংসের ঘ্রাণ* কাদরী.)। ২ সংস্রব, প্রভাব। ৩ দূষিত বায়ুর প্রভাব। ৪ ব্যজন, পাখা।

বাতাস করা /বাতাশ্ করা/ ক্রিবি. হাওয়া দেওয়া।

বাতাস খাওয়া /বাতাশ্ খাওআ/ ক্রিবি. মুক্তবায়ু বা পাখার হাওয়া উপভোগ করা।

www.pathagar.com

বাতাসা /বাতাশা/ [দেশি.] বি. চিনি বা গুড় দিয়ে তৈরি মিষ্ট দ্রব্যবিশেষ।

বাতাসি /বাতাশি/ [বা.] বি. ১ মিঠাপানির আঁশহীন পাবদাজাতীয় ছোটো মাছবিশেষ। ২ ফিঙেসদৃশ ছোটো কালো দ্রুতগামী পাখিবিশেষ, swift।

বাতাহত /বাতাহতো/ [স. বাত+আহত] বিণ. ১ তীব্র বায়ুপ্রবাহের ফলে আন্দোলিত ও আহত। ২ বাতরোগে আক্রান্ত।

বাতি /বাতি/ [স. বর্তি >] বি. দীপ, বর্তিকা; সলতেযুক্ত মোমের ছোটো দণ্ড; candle।

বাতিক /বাতিক্/ [স. বাত+ইক] বি. ১ বায়ুর ফলে সৃষ্ট মানসিক উত্তেজনা, বায়ুরোগ, বাই। ২ পাগলামি; ছিট। ৩ প্রবল ঝোঁক। বিণ. বায়ুঘটিত।

বাতিকগ্রস্ত /বাতিক্‌গ্রোস্‌তো/ [স. বাতিক+√গ্রস্+ত] বিণ. ১ খ্যাপাটে। ২ বায়ুরোগে আক্রান্ত।

বাতিঘর /বাতিঘর্/ [বা.] বি. আলোকসংকেত-দ্বারা জাহাজকে সতর্ক করার উদ্দেশ্যে সমুদ্রতীরে স্থাপিত আলোর উঁচু স্তম্ভ, lighthouse।

বাতিদান /বাতিদান্/ [বা. বাতি+স. দান] বি. যে আধারে দীপ রেখে জ্বালানো হয়, দীপাধার।

বাতি দেওয়া /বাতি দেওয়া/ ক্রিবি. কার্তিক মাসে পিতৃপুরুষের উদ্দেশে উঁচু বাঁশের মাথায় প্রদীপ জ্বালানো।

বাতিল /বাতিল্/ [আ.] বিণ. ১ অগ্রাহ্য, না-মঞ্জুর। ২ পরিত্যক্ত। ৩ অসার। ৪ নাকচ।

বাতিস্তম্ভ /বাতিস্‌তম্‌ভো/ [বা. বাতি+স. স্তম্ভ] বি. যে স্তম্ভ বা থামের ওপরে আলো জ্বলে, আলোকস্তম্ভ।

বাতুল /বাতুল্/ [স. বাত+উল] বিণ. বায়ুরোগে আক্রান্ত; খ্যাপা। বি. বাতুলতা /বাতুলতা/।

বাৎসরিক /বাত্‌শোরিক্/ [স. বৎসর+ইক] বিণ. ১ প্রতি বছর অনুষ্ঠিত, বার্ষিক। ২ বৎসরসংক্রান্ত।

বাৎসল্য /বাত্‌শোল্‌লো/ [স. বৎসল+য] বি. ১ স্নেহ, সন্তানের প্রতি পিতামাতার মমত্ববোধ। ২ অলংকারশাস্ত্রে বর্ণিত কাব্যের রসবিশেষ।

বাৎস্যায়ন /বাত্‌শায়োন্/ [স. বৎস+আয়ন] বি. কামসূত্র গ্রন্থের প্রণেতা।

বাত্যা /বাত্‌তা/ [স. বাত+য+আ (টাপ্)] বি. প্রবল বায়ুপ্রবাহ, ঝড়।

বাত্যাচক্র /বাত্‌তাচক্‌রো/ [স. বাত্যা+চক্র] বি. ঘূর্ণিবায়ু।

বাত্যাতাড়িত /বাত্‌তাতাড়িতো/ [স. বাত্যা+তাড়িত] বিণ. ঝড়ো বাতাসে তাড়িত।

বাত্যাপীড়িত /বাত্‌তাপিড়িতো/ [স. বাত্যা+পীড়িত] বিণ. ঝড়ে পতিত; ঝড়ে আহত।

বাথরুম /বাথ্‌রুম্/ [ই. bathroom >] বি. ১ স্নানাগার। ২ শৌচাগার।

বাথান /বাথান্/ [স. বাসস্থান >] বি. ১ গোচারণের মাঠ। ২ গোশালা, গোয়ালঘর। ৩ গোরুর পাল।

বাথানিয়া /বাথানিআ/ [বা.] বিণ. বাথানের ষাঁড় দিয়ে পাল দেওয়ার উপযুক্ত; যৌনসঙ্গলিপ্সু; রজঃস্বলা।

বাথানে /বাথানে/ [বা.] বিণ. দ্র বাথানিয়া।

বাথুয়া /বাথুআ/ [স. বাস্তুক >] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে আবাদি জমিতে জাত ভেষজ-গুণসম্পন্ন শাকবিশেষ, বেথো, বেথুয়া।

বাদ[১] /বাদ্/ [স. √বাদি+অ] বি. ১ কথন, ভাষণ, উক্তি (*সাধুবাদ*)। ২ বাক্য। ৩ তর্ক; কলহ। ৪ মত; মতবাদ, theory। ৫ যথার্থ বিচার।

বাদ[২] /বাদ্/ [স. অপবাদ >] বি. ১ প্রতিবন্ধ, বাধা, বিঘ্ন (*বাদ সাধা*)। ২ শত্রুতা; বিপক্ষতা।

বাদ[৩] /বাদ্/ [আ.] বি. ১ ছাড়, বিয়োগ। ২ ছাঁট। ৩ ত্যাগ।

বাদ[৪] /বা:দ্/ [আ.] ক্রিবিণ. পরে (*বাদ-আসর*)।

বাদ-আসর /বা:দ্‌আসর্/ [আ.] ক্রিবিণ. আসরের নামাজের অব্যবহিত পরে (অনুষ্ঠেয়)।

বাদ-এশা /বা:দ্‌এশা/ [আ.] ক্রিবিণ. এশার নামাজের অব্যবহিত পরে (অনুষ্ঠেয়)।

বাদক /বাদক্/ [স. √বাদি+অক] বি. যে বাজায়। বিণ. বাজিয়ে, বাদ্যকর।

বাদজুমা /বা:দ্‌জুমা/ [আ.] ক্রিবিণ. জুম্মার নামাজের অব্যবহিত পরে (অনুষ্ঠেয়)।

বাদজোহর /বা:দ্‌জোহর্/ [আ.] ক্রিবিণ. জোহরের নামাজের অব্যবহিত পরে (অনুষ্ঠেয়)।

বাদন /বাদোন্/ [স. √বাদি+অন] বি. বাজানোর কাজ (*বেহালাবাদন*)।

বাদপ্রতিবাদ /বাদ্‌প্রোতিবাদ্/ [স. বাদ+প্রতিবাদ] বি. কথা কাটাকাটি, বচসা।

বাদবাকি /বাদ্‌বাকি/ [আ.] বিণ. অবশিষ্ট হিসেবে রয়ে গেছে বা বাকি আছে এমন।

বাদবিতণ্ডা /বাদ্‌বিতন্‌ডা/ [স. বাদ+বিতণ্ডা] বি. দ্র বাদপ্রতিবাদ।

বাদমগরেব /বা:দ্‌মগ্‌রেব্/ [আ.] ক্রিবিণ. মগরেবের নামাজের অব্যবহিত পরে (অনুষ্ঠেয়)।

বাদর /বাদোর্/ [দেশি.] বি. ১ মেঘ। ২ (কাব্যে) বৃষ্টি; বর্ষাঋতু।

www.pathagar.com

বাদল /বাদোল্/ [হি.] বি. ১ মেঘ। ২ বৃষ্টি, বর্ষা। ৩ দুর্দিন, দুঃসময়। বিণ. বর্ষাকালে অনুষ্ঠেয় (*বাদল অধিবেশন*)।

বাদল অধিবেশন /বাদোল্ ওধিবেশন্/ বি. বর্ষাকালে অনুষ্ঠেয় সভা বা বৈঠক।

বাদলগগন /বাদোল্‌গগোন্/ [হি. বাদল+স. গগন] বি. মেঘাচ্ছন্ন আকাশ।

বাদলগাথা /বাদোল্‌গাথা/ [হি. বাদল+স. গাথা] বি. বর্ষাকালে গাওয়া হয় এমন গান।

বাদলজল /বাদোল্‌জল্/ [হি. বাদল+স. জল] বি. বৃষ্টির জল।

বাদল পোকা /বাদোল্ পোকা/ বি. ক্রান্তীয় অঞ্চলে বর্ষাকালে বিচরণ করে এমন ছোটো সবুজ পোকাবিশেষ।

বাদলশেষ /বাদোল্‌শেশ্/ [হি. বাদল+স. শেষ] বি. বর্ষাঋতুর অবসান।

বাদলহাওয়া /বাদোল্‌হাওআ/ [হি. বাদল+আ. হাওয়া] বি. জলীয়বাষ্পপূর্ণ বাতাস, আর্দ্র বায়ু।

বাদলা[১] /বাদ্‌লা/ [হি. বাদল >] বিণ. ১ বর্ষাকালীন। ২ বৃষ্টিসিক্ত, বর্ষাস্নাত। ৩ মেঘাচ্ছন্ন। বি. বাদল; মেঘ-বৃষ্টি।

বাদলা[২] /বাদ্‌লা/ [হি.] বি. জরির সুতা।

বাদলা হাওয়া /বাদ্‌লা হাওআ/ বি. দ্র বাদল-হাওয়া।

বাদশাহ /বাদ্‌শাহ্/ [ফা.] বি. মুসলমান সুলতান বা সম্রাট, রাজাধিরাজ।

বাদশাহজাদা /বাদ্‌শাহ্‌জাদা/ [ফা.] বি. নবাবপুত্র। স্ত্রী. বাদশাহজাদি /বাদ্‌শাহ্‌জাদি/।

বাদশাহি /বাদ্‌শাহি/ [ফা.] বিণ. রাজকীয়; বাদশাহের উপযুক্ত। বি. ১ বাদশাহের পদ; রাজ্যশাসন। ২ বাদশাহের অধিকারভুক্ত রাজ্য। ৩ আড়ম্বরপূর্ণ জীবনযাপন।

বাদসাদ /বাদ্‌শাদ্/ [বা.] বি. সামান্য ছাড়।

বাদ সাধা /বাদ্ শাধা/ ক্রিবি. বাধা দেওয়া, প্রতিবন্ধ সৃষ্টি করা।

বাদা /বাদা/ [দেশি.] বি. ১ বিস্তীর্ণ অকর্ষিত নিম্নভূমি। ২ সুন্দরবন অঞ্চল; জঙ্গলময় স্থান।

বাদাচিংড়ি /বাদাচিংড়ি/ [দেশি.] বি. বাদা অঞ্চলের নোনা জলে বিচরণ করে এমন ছোটো চিংড়িবিশেষ।

বাদাড় /বাদাড়/ [দেশি.] বি. ঝোপঝাড় (*বনবাদাড়*)।

বাদানুবাদ /বাদানুবাদ্/ [স. বাদ+অনুবাদ] বি. তর্কবিতর্ক, কথা কাটাকাটি; কলহ।

বাদাবন /বাদাবোন্/ [দেশি.] বি. গ্রীষ্মপ্রধানদেশে নদী বা সমুদ্রতীরবর্তী জলময় নিম্নভূমির যে বনাঞ্চলে গাছের শেকড় অক্সিজেনের সন্ধানে কাদামাটি ফুঁড়ে উঁচু হয়ে থাকে (যা জোয়ারের জলে প্লাবিত হয়), mangrove forest।

বাদাম[১] /বাদাম্/ [ফা.] বি. নৌকার পাল।

বাদাম[২] /বাদাম্/ [ফা.] বি. ভারতীয় উপমহাদেশ-সহ বিশ্বের উপ-উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এমন দ্বিবীজপত্রী উদ্ভিদের মাটির নিচে জাত কঠিন খোলসাবৃত শক্ত বীজবিশেষ (তেল প্রোটিন ও ভিটামিন বি এবং ই সমৃদ্ধ), nut।

বাদামি /বাদামি/ [ফা.] বিণ. বাদামের পাতলা খোসার মতো বর্ণযুক্ত, পাটকিলে; বাদামের মতো।

বাদাল /বাদাল্/ [স. বদাল+অ] বি. প্রশস্ত মুখ দুই সারি শক্ত দাঁত এবং চারটি স্পর্শীযুক্ত আঁশহীন চ্যাপটা ও লম্বাটে স্বাদুজলের শিকারি মাছ, বোয়াল, বোদাল।

বাদিত /বাদিতো/ [স. √বাদি+ত] বিণ. বাজানো হয়েছে এমন; ধ্বনিত, শব্দিত।

বাদিতা /বাদিতা/ [স. √বদ্+ইন্+তা] বি. ১ কথকের বৃত্তি, কথকতা। ২ মতাদর্শিতা। ৩ বিবুধত্ব।

বাদিত্র /বাদিত্রো/ [স. √বাদি+ইত্র] বি. বাদ্যযন্ত্র।

বাদিয়া /বাদিআ/ [আ.] বি. সাপের খেলা দেখানো হাতুড়ে চিকিৎসা প্রভৃতির দ্বারা জীবিকানির্বাহকারী যাযাবর জাতিবিশেষ, বেদে।

বাদী /বাদি/ [স. √বদ্+ইন্] বিণ. ১ বিশেষ কোনো মতবাদের অনুসারী। ২ অভিযোক্তা, ফরিয়াদি। ৩ বক্তা (*সত্যবাদী*)। বি. রাগরাগিণীর প্রধান স্বর।

বাদুড় /বাদুড়/ [স. বাতুলি >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে লোকালয়ের আশেপাশে বট অশ্বত্থ প্রভৃতি গাছে বসবাস করে এমন পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত পাখাবিশিষ্ট মাঝারি আকৃতির স্তন্যপায়ী নিশাচর পতঙ্গভুক পাখি (*রাত্রি জাগে বাদুড় এবং পেঁচা* জাফর.)।

বাদুড়চোষা /বাদুড়্‌চোশা/ [বা.] বিণ. সারবস্তু বাদুর শুষে খেয়ে ফেলেছে এমন (*বাদুড়চোষা আম*)।

বাদুড়ঝোলা /বাদুড়্‌ঝোলা/ [বা.] বিণ. বাদুড়ের মতো ঝুলে আছে এমন।

বাদুলে /বাদুলে/ [বা.] বিণ. ১ বর্ষাকালে উৎপন্ন বা জাত। ২ বাদলসম্বন্ধীয়।

বাদে /বাদে/ [আ. বাদ >] অব্য. ব্যতীত, ছাড়া। ক্রিবিণ. পরে।

বাদ্য /বাদ্‌দো/ [স. √বাদি+য] বি. ১ বাদ্যধ্বনি, বাজনা। ২ বাদ্যযন্ত্র।

www.pathagar.com

বাদ্যকর /বাদ্‌দোকর্‌/ [স. বাদ্য+√কৃ+অ] বি. ১ বাদ্যযন্ত্রের বাদক। ২ যন্ত্রবাদন যার পেশা।

বাদ্যভাণ্ড /বাদ্‌দোভান্‌ডো / [স. বাদ্য+ভাণ্ড] বি. বাজানো যায় এমন পাত্র; আনদ্ধ বাদ্যযন্ত্রাদি।

বাদ্যযন্ত্র /বাদ্‌দোজন্‌ত্রো / [স. বাদ্য+যন্ত্র] বি. ১ যা বাজানো হয়। ২ যা দিয়ে বাজানো হয়; ঢাকের কাঠি।

বাদ্যযন্ত্রী /বাদ্‌দোজোন্‌ত্রি / [স. বাদ্যযন্ত্র+ইন্‌] বি. বিণ. বাজনদার, বাদক, যন্ত্রশিল্পী।

বাদ্যোদ্যম /বাদ্‌দোদ্‌দম্‌ /[স. বাদ্য+উদ্যম] বি. বিবিধ বাদ্যযন্ত্রের মিলিত ধ্বনি; যন্ত্রবাদনের উদ্যোগ।

বাধ /বাধ্‌/ [স. √বাধ্‌+অ] বি. ১ বাধা, প্রতিবন্ধ, ব্যাঘাত। ২ বিপত্তি, উপদ্রব। ৩ পীড়া।

বাধক /বাধক্‌/ [স. √বাধ্‌+অক] বিণ. বাধাসৃষ্টিকারী। বি. গর্ভধারণে বাধা সৃষ্টি করে এমন স্ত্রীরোগ-বিশেষ।

বাধন /বাধোন্‌/ [স. √বাধ্‌+অন] বি. ১ পীড়ন। ২ ব্যাঘাত। ৩ প্রতিষেধ। ৪ খণ্ডন।

বাধা[১] /বাধা / [স. √বাধ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ প্রতি-বন্ধ, অন্তরায়, বিঘ্ন। ২ নিষেধ। ৩ উপদ্রব।

বাধা[২] /বাধা/ [স. √বাধ্‌+অ+আ (টাপ্‌)] ক্রিবি. ১ সংঘটিত হওয়া (*ঝগড়া বাধা*)। ২ সায় না পাওয়া (*বিবেকের বাধা*)। ৩ কষ্ট বোধ হওয়া। ৪ আটক হওয়া। ৫ বুঝতে অসুবিধা হওয়া। ৬ জড়িয়ে যাওয়া (*কথা বাধা*)। ৭ খণ্ডন করা।

বাধাদান /বাধাদান্‌ / [স. বাধা+দান] বি. বাধা সৃষ্টি।

বাধানো /বাধানো/ [বা.] ক্রিবি. ১ সংঘটিত করা। ২ আটকানো, আবদ্ধ করা।

বাধাবন্ধ /বাধাবন্‌ধো/ [স. বাধা+বন্ধ] বি. ১ প্রতি-বন্ধকতা। ২ বারণ, নিষেধ।

বাধাবিঘ্ন /বাধাবিঘ্‌নো / [স. বাধা+বি+√হন্‌+অ] বি. প্রতিবন্ধ, ব্যাঘাত, অন্তরায়।

বাধাবিপত্তি /বাধাবিপোত্‌তি/ [স. বাধা+বিপত্তি] বি. দ্র বাধাবিঘ্ন।

বাধিত /বাধিতো/ [স. √বাধি+ত] বিণ. ১ অনুগৃহীত, অনুগ্রহপ্রাপ্ত, কৃতজ্ঞতায় বদ্ধ। ২ নিবারিত। ৩ বাধা পেয়েছে এমন, ব্যাহত।

বাধোবাধো /বাধোবাধো/ [বা.] বিণ. ১ যে কোনো মুহূর্তে বেধে যেতে পারে এমন অবস্থায় উপনীত। ২ সংকোচ বা কুণ্ঠাযুক্ত (*বাধোবাধো ঠেকা*)।

বাধ্য /বাদ্‌ধো/ [স. √বাধ্‌+য] বিণ. ১ করতেই হবে এমন; অনিবার্য। ২ অনুগত। বি. ~তা /-তা/।

বাধ্যতামূলক /বাদ্‌ধোতামুলক্‌/ [স. বাধ্যতা+মূলক] বিণ. অবশ্যই করতে হবে এমন।

বাধ্যবাধকতা /বাদ্‌ধোবাধোকতা/ [স. বাধ্যবাধক+তা] বি. ১ অবশ্যপালনীয়তা। ২ পারস্পরিক বাধ্যতা।

বান[১] /বান্‌/ [স. বন্যা >] বি. নদনদীর আকস্মিক জলস্ফীতি, জলপ্লাবন, বন্যা।

বান[২] /বান্‌/ [দেশি.] বি. ৭টির গুচ্ছ (*টিনের বান*)।

-বান[৩] /বান্‌/ [স. বৎ] বিণ. যুক্ত বিশিষ্ট অন্বিত অর্থাৎ বিদ্যমানতা প্রভৃতি অর্থে ব্যবহৃত তদ্ধিত প্রত্যয় (*ধনবান, ভাগ্যবান*)। স্ত্রী. -বতী /বোতি/।

বানকে /বান্‌কে/ [দেশি.] বিণ. মাত্রাতিরিক্ত আবদার করে এমন, আবদেরে (*বানকে মেয়ে*)।

বানচাল /বান্‌চাল্‌/ [দেশি.] বিণ. ১ ওলট-পালট বা পণ্ড হয়েছে এমন। ২ তলা ফুটো হয়ে গেছে এমন (*বানচাল হয়ে নৌকা ডোবা*)।

বান ডাকা /বান্‌ ডাকা/ বি. নদীতে প্লাবন বা বান আসার যে শব্দ দূর থেকে শুনতে পাওয়া যায়।

বানতৈল /বান্‌তোইলো / [বা.] বি. উদ্ভিদ পাতন করে প্রাপ্ত উদ্‌বায়ী (উদ্ভিদের গন্ধবাহী) তৈল, essential oil।

বানপ্রস্থ /বানোপ্‌প্রোস্‌থো / [স. বনপ্রস্থ+অ] বি. হিন্দুধর্মমতে মানব জীবনের তৃতীয় আশ্রম, সংসারধর্ম ত্যাগ করে অরণ্যচারী হয়ে ঈশ্বর-আরাধনায় জীবনযাপন।

বানভাসি /বান্‌ভাশি/ [বা.] বিণ. বন্যার জলে ভেসে গেছে এমন, বন্যার জলে প্লাবিত।

বানর /বানোর্‌/ [স. বান+√রা+অ] বি. ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এবং লম্বা লেজ ও লোমাবৃত দেহবিশিষ্ট মাঝারি আকৃতির স্তন্যপায়ী প্রাইমেটবর্গের সর্বভুক সামাজিক প্রাণী (যা দুপায়ে ভর দিয়ে সোজা হয়ে দাঁড়াতে পারে এবং ছোটো-খাটো জিনিস হাতে বহন করতে পারে), বাঁদর, শাখামৃগ, মর্কট। বিণ. বাঁদরসুলভ স্বভাববিশিষ্ট। স্ত্রী. বানরী /বানোরি/।

বানস্পত্য /বানশ্‌পোত্‌তো/ [স. বনস্পতি+য] বিণ. বনস্পতিজাত; বনস্পতিসম্বন্ধীয়। বি. ফুল ব্যতীত ফল হয় এমন বট অশ্বত্থ প্রভৃতি গাছ।

বানা /বানা / [স. বান >] বি. ১ তাঁতযন্ত্রে ব্যবহৃত সরু খিলবিশেষ। ২ বাঁশের সরু কাঠির তৈরি মাছ ধরার ফাঁদবিশেষ।

বানান /বানান্‌/ [স. বর্ণন >] বি. শব্দে বর্ণের ক্রমিক বর্ণন বা লিখনপদ্ধতি, শব্দ লেখার প্রমিত নিয়ম।

বানানবিধি /বানান্‌বিধি/ [বা. বানান+স. বিধি] বি. বানানের নিয়ম।

বানানসাম্য /বানান্‌শাম্‌মো / [বা. বানান+স. সাম্য] বি. বানানের সমতা।

www.pathagar.com

বানানো /বানানো/ [বা.] ক্রিবি. ১ তৈরি করা (*বাড়ি বানানো*)। ২ রান্নার জন্য কোটা। ৩ কল্পনা বা রচনা করা (*গল্প বানানো*)। ৪ প্রতিপন্ন করা (*বোকা বানানো*)। বিণ. মনগড়া (*বানানো কথা*)।

বানি /বানি/ [দেশি.] বি. অলংকারাদি তৈরির পারিশ্রমিক বা মজুরি।

বানিয়া /বানিআ/ [স. বাণিজ >] বি. বণিক।

বানীর /বানির্/ [স. √বন্+ঈর] বি. বেতগাছ, বেতসলতা, বঞ্জুল।

বানু /বানু/ [ফা.] বি. মুসলমান নারীর নামান্তে যুক্ত আখ্যা।

বানুরে /বানুরে/ [স. বানর >] বিণ. বানরের মতো স্বভাববিশিষ্ট, বানরসুলভ।

বানোয়াট /বানোয়াট্/ [হি.] বিণ. বানানো, কল্পিত।

বান্ডিল /বান্ডিল্/ [ই.] বি. একসঙ্গে বাঁধা জিনিসপত্রের গোছা, bundle।

বান্ত /বান্তো/ [স. √বম্+ত] বিণ. বমন করা হয়েছে এমন, বমিত, উদ্গীর্ণ।

বান্তি /বান্তি/ [স. √বম্+তি] বি. উদ্গার, বমি।

বান্দা /বান্দা/ [ফা.] বি. ১ অনুগত বা বশীভূত ব্যক্তি। ২ ক্রীতদাস। ৩ মানুষ। ৪ (ব্য.) সহজ সরল ব্যক্তি। স্ত্রী. বান্দি /বান্দি/।

বান্ধব /বান্ধব্/ [স. বন্ধু+অ] বি. মিত্রসুলভ প্রিয়জন (*বন্ধুবান্ধব*)। স্ত্রী. বান্ধবী /বান্ধোবি/।

বান্ধা /বান্ধা/ [বা.] ক্রিবি. বিণ. 'বাঁধা'-র আঞ্চলিক রূপ।

বান্ধুলি /বান্ধুলি/ [স. বন্ধুলি >] বি. বর্ষা ও শরৎকালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট টকটকে লাল সাদা প্রভৃতি রঙের গন্ধহীন ফুল বা তার খাঁজকাটা রোমশ লম্বাটে পাতাবিশিষ্ট ছোটো উদ্ভিদ, বাঁধুলি।

বাপ /বাপ্/ [স. বপ্র >] বি. ১ বাবা, পিতা, জন্মদাতা। ২ পুত্রস্থানীয় পুরুষের প্রতি স্নেহসূচক সম্বোধন। অব্য. ভয় বিস্ময় প্রভৃতিসূচক উক্তি।

বাপক /বাপক্/ [স. √বপ্+অক্] বিণ. বপনকারী।

বাপঠাকুরদাদা /বাপ্ঠাকুর্দাদা/ [বা.] বি. পিতৃকুলের পূর্বপুরুষবৃন্দ।

বাপদাদা /বাপ্দাদা/ [বা.] বি. দ্র বাপঠাকুরদাদা।

বাপধন /বাপ্ধন্/ [স. বপ্র >] বি. পুত্রস্থানীয়ের প্রতি স্নেহসূচক সম্বোধন।

বাপন /বাপোন্/ [স. √বাপি+অন] বি. ১ বয়ন। ২ কেশমুণ্ডন।

বাপ-মা /বাপ্মা/ [বা.] বি. পিতামাতা।

বাপা /বাপা/ [স. বপ্তা >] বি. (আদরে) পিতাকে সম্বোধনসূচক শব্দ, বাবা।

বাপান্ত /বাপান্তো/ [বা. বাপ+স. অন্ত] বি. পিতার নাম তুলে ভর্ৎসনা।

বাপি /বাপি/ [স. √বপ্+ইঃ] বি. ১ বড়ো পুকুর বা দিঘি। ২ পিতা। ৩ পিতা বা পুত্রকে প্রিয়সম্বোধন।

বাপিত /বাপিতো/ [স. বাপ+ইত] বিণ. ১ বপন করা হয়েছে এমন। ২ মুণ্ডিত।

বাপু /বাপু/ [হি.] বি. ১ পুত্রস্থানীয় স্নেহের পাত্রকে আদরসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ। ২ পিতা। ৩ বিরক্তি ক্রোধ প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ।

বাপের বেটা /বাপের বেটা/ বি. পিতার যোগ্য পুত্র।

বাফতা /বাফ্তা/ [ফা.] বি. রেশম ও কার্পাসের মিশ্রণে উৎপন্ন বস্ত্রবিশেষ।

বাবত /বাবোত্/ [আ.] অব্য. জন্য, দরুন; হিসেবে।

বাবদ /বাবোদ্/ [আ.] অব্য. দ্র বাবত।

বাবরি /বাবরি/ [ফা.] বি. সিংহের কেশরের মতো কাঁধ পর্যন্ত লম্বা কোঁকড়ানো চুল।

বাবরিকাটা /বাবরিকাটা/ [ফা. বাবরি>] বিণ. বাবরির মতো লম্বা ও কুঞ্চিত (*বাবরিকাটা চুল*)।

বাবলা /বাব্লা/ [স. বর্বুর >] বি. বাংলাদেশ-সহ ক্রান্তীয় ও উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন উজ্জ্বল পীতাভ ফুল বা তার লম্বা কাঁটাযুক্ত সরল শাখাবিশিষ্ট মাঝারি আকৃতির বৃক্ষ (আনি. আফ্রিকা)।

বাবা /বাবা/ [তুর.] বি. ১ পিতা, জনক। ২ পুত্র বা পুত্রস্থানীয়কে স্নেহসম্বোধনে ব্যবহৃত শব্দ। ৩ সাধুসন্ন্যাসীর সম্মানসূচক আখ্যা (*বাবা নানক*)। অব্য. বিস্ময় ভয় বিরক্তি প্রভৃতি ভাবপ্রকাশক উক্তি (*ওরে বাবা*)।

বাবাঃ /বাবাহ্/ [বা.] অব্য. বিস্ময়প্রকাশক উক্তি।

বাবাজি /বাবাজি/ [দেশি.] বি. ১ সাধুসন্ন্যাসী ও পির-দরবেশদের প্রতি সম্বোধনে ব্যবহৃত শব্দ। ২ পুত্র বা পুত্রস্থানীয় ব্যক্তিকে স্নেহসম্বোধনে ব্যবহৃত শব্দ।

বাবাসুট /বাবাসুট্/ [বা. বাবা+ই. সুট] বি. ছোটো ছেলেমেয়েদের একই রঙের জামা ও প্যান্ট।

বাবু /বাবু/ [হি.] বি. ১ শিক্ষিত মধ্যবিত্ত ভদ্রলোক। ২ বাঙালি ভদ্রলোকের নামান্তে ব্যবহৃত সম্মান-সূচক আখ্যা। ৩ অফিসের কেরানি। ৪ গৃহকর্তা, গৃহস্বামী। ৫ শৌখিন ও বিলাসী ব্যক্তি।

বাবুই /বাবুই/ [দেশি.] বি. ১ এশিয়া ও আফ্রিকার গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে বিচরণ করে এবং তাঁত

www.pathagar.com

বোনার মতো নিখুঁতভাবে বাসা বোনে এমন চড়ুইসদৃশ কালচে ধূসর ছোটো পাখি। ২ দীর্ঘ ও দৃঢ় তৃণবিশেষ। ৩ তুলসীর প্রজাতিবিশেষ।

বাবুইতুলসী /বাবুইতুল্‌শি/ [দেশি.] বি. বুনো তুলসীর প্রজাতিবিশেষ।

বাবুগিরি /বাবুগিরি/ [হি. বাবু+ফা. গিরি] বি. শৌখিন ও বিলাসিতাপূর্ণ চালচলন।

বাবুজি /বাবুজি/ [হি.] বি. ভদ্রলোকের প্রতি সম্মান-সূচক সম্বোধন।

বাবুয়ানা /বাবুআনা/ [হি. বাবু+ফা. আনা] বি. দ্র বাবুগিরি।

বাবুয়ানি /বাবুআনি/ [হি.] বি. দ্র বাবুগিরি।

বাবুর্চি /বাবুর্‌চি/ [তুর.] বি. মুসলমান পাচক; পুরুষ পাচক।

বাবুর্চিখানা /বাবুর্‌চিখানা/ [তুর. বাবুর্চি+ফা. খানা] বি. বাবুর্চির কর্মস্থল, রান্নাঘর।

বাম[১] /বাম্‌/ [স. √বা+ম] বি. ১ বাঁদিক, দক্ষিণের বিপরীত দিক। ২ শিব। বিণ. ১ বিমুখ, প্রতিকূল (*বিধি বাম*)। ২ সুন্দর (*বামলোচনা*)।

বাম[২] /বাম্‌/ [স. ব্যাম >] বি. জলপথের গভীরতা (সাড়ে তিন বা চার হাত) মাপার এককবিশেষ। বিণ. ওই গভীরতাবিশিষ্ট; বাঁও[২]-এর সাধু রূপ।

বামদেব /বামদেব্‌/ [স. বাম+দেব] বি. ১ মহাদেব, শিব। ২ মুনিবিশেষ।

বামন[১] /বামোন্‌/ [স. ব্রাহ্মণ >] বি. ১ ব্রাহ্মণ। ২ পুরোহিত। ৩ পাচক। স্ত্রী. বামনি /বাম্‌নি/।

বামন[২] /বামোন্‌/ [স. বাম+√নী+অ] বি. ১ পুরাণে বর্ণিত অবতারবিশেষ। ২ খর্বাকৃতি বা খুব বেঁটে মানুষ, dwarf। বিণ. খুব বেঁটে।

বামনঠাকুর /বামোন্‌ঠাকুর্‌/ [বা.] বি. ১ পুরোহিত, পূজক। ২ পাচকব্রাহ্মণ।

বামনা /বাম্‌না/ [বা.] বি. দ্র বামনঠাকুর।

বামনাই /বাম্‌নাই/ [স. ব্রাহ্মণ >] বি. (ব্য.) ব্রাহ্মণত্বের অহংকার।

বামপন্থা /বাম্‌পন্‌থা/ [স. বাম+হি. পন্থা] বি. রাজনীতিতে অনুসৃত প্রগতিবাদী মতবাদবিশেষ।

বামপন্থি /বাম্‌পোন্‌থি/ [স. বাম+হি. পন্থি] বিণ. প্রগতিবাদী মতাদর্শের অনুসারী।

বামা /বামা/ [স. বাম+আ (টাপ্‌)] বি. ১ নারী; সুন্দরী নারী। ২ দেবী দুর্গা। ৩ দেবী লক্ষ্মী। বিণ. ১ বিরুদ্ধাচারিণী; অপ্রসন্না। ২ নীচ।

বামাকণ্ঠ /বামাকন্‌ঠো/ [স. বামা+কণ্ঠ] বি. নারীকণ্ঠ।

বামাচার /বামাচার্‌/ [স. বাম+আচার] বি. তন্ত্র-সাধনার আচারবিশেষ, শক্তিপূজার রীতিবিশেষ।

বামাচারী /বামাচারি/ [স. বামাচার+ইন্‌] বিণ. বামাচার পালনকারী।

বামাবর্ত /বামাবর্‌তো/ [স. বাম+আবর্ত] বি. ঘড়ির বিপরীত দিকে আবর্তন বা ঘূর্ণন। বিণ. বাঁ দিকে ঘোরে এমন, counter clockwise।

বামী /বামি/ [স. বাম+ঈ] বি. হাতি ঘোড়া গাধা শেয়াল প্রভৃতির স্ত্রীলিঙ্গ।

বামুন /বামুন্‌/ [স. ব্রাহ্মণ >] বি. দ্র বামন[১]।

বামুনঠাকুর /বামুন্‌ঠাকুর্‌/ [বা.] বি. দ্র বামন-ঠাকুর।

বামেতর /বামেতর্‌/ [স. বাম+ইতর] বিণ. ডান, ডাহিন, দক্ষিণ।

বামোরু /বামোরু/ [স. বাম+উরু] বি. ১ সুন্দর উরুযুক্ত নারী। ২ সুন্দরী নারী।

বাম্পার /বাম্‌পার্‌/ [স্ক্যান.] বি. সংঘর্ষের তীব্রতা হ্রাসের জন্য যানবাহনের সামনে ও পেছনদিকে লাগানো ঘাতসহ পাত। বিণ. প্রত্যাশার চেয়ে বেশি (*বাম্পার ফলন*); bumper।

বাম্য /বাম্‌যো/ [স. বাম+য] বি. বামভাব, বিরুদ্ধতা। বিণ. প্রতিকূল।

বায় /বায়্‌/ [দেশি.] বি. ১ বাতাস। ২ গন্ধ; খোশবু।

বায়ক /বায়ক্‌/ [স. বাদক >] বিণ. ১ বাদ্যযন্ত্র-বাদক। ২ বয়নকারী।

বায়ন[১] /বায়োন্‌/ [স. বাদন >] বি. যে বাজায়।

বায়ন[২] /বায়োন্‌/ [স. √বায়ি+অন] বি. ১ পূজন। ২ পিঠাবিশেষ।

বায়না[১] /বায়না/ [আ. বয়+ফা. আনা] বি. ১ বারবার কোনো কিছু চাওয়া বা দাবি, আবদার। ২ ছলচাতুরী, ওজর।

বায়না[২] /বায়না/ [ফা.] বি. অগ্রিম টাকার বিনিময়ে ক্রয়চুক্তি, মূল্য বা ভাড়ার অগ্রিম প্রদত্ত অংশ।

বায়নাক্কা /বায়নাক্‌কা/ [স. বর্ণনাক্রম >] বি. ১ বিস্তৃত বিবরণ; ফর্দ। ২ টালবাহানা। ৩ আবদার।

বায়নাপত্র /বায়নাপত্‌ত্রো/ [ফা. বায়না+স. পত্র] বি. অগ্রিম টাকা দেওয়ার পর সম্পাদিত ক্রয়-বিক্রয়ের চুক্তিপত্র বা দলিল।

বায়ব /বায়ব্‌/ [স. বায়ু+অ] বিণ. দ্র বায়বীয়।

বায়বীয় /বায়োবিয়ো/ [স. বায়ু+ঈয়] বিণ. ১ বায়ু-সংক্রান্ত। ২ বায়ুর মতো। ৩ বায়ুজাত। ৪ আকাশ-পথে বিচরণকারী। ৫ বাষ্পীভূত। ৬ (আল.) কল্পিত, অলীক।

www.pathagar.com

বায়ব্য /বায়োব্‌বো / [স. বায়ু+য] বিণ. দ্র বায়বীয়।

বায়স /বায়শ্‌ / [স. বয়স্‌+অ] বি. ১ কাক, পরভৃৎ। ২ অগুরু বৃক্ষ।

বায়া /বায়া / [আ.] বি. স্বত্ব বিক্রয়কারী।

বায়ান্ন /বাআন্‌নো / [স. দ্বিপঞ্চাশৎ >] বি. 'বাহান্ন'-র আঞ্চলিক রূপ।

বায়ু /বায়ু/ [স. √বা+উ] বি. ১ পৃথিবীকে আবৃত করে রাখে এবং ভূপৃষ্ঠের ওপর দিয়ে নির্দিষ্ট দিক থেকে প্রবাহিত হয় এমন নাইট্রোজেন অক্সিজেন কার্বন ডাই-অক্সাইড প্রভৃতি অদৃশ্য গ্যাসীয় পদার্থের মিশ্রণ (যা শ্বাসপ্রশ্বাস ও দহনকার্যের জন্য অপরিহার্য), বাতাস, মলয়, সমীরণ, পবন। ২ দেহমধ্যস্থ পঞ্চবায়ু। ৩ বাই, বাতিক।

বায়ুকেতু /বায়ুকেতু / [স. বায়ু+কেতু] বি. ধূলি।

বায়ুকোণ /বায়ুকোন্‌ / [স. বায়ু+কোণ] বি. উত্তর ও পশ্চিম দিকের মধ্যবর্তী কোণ।

বায়ুকোষ /বায়ুকোশ্‌ / [স. বায়ু+কোষ] বি. মেরুদণ্ডী প্রাণীর (মাছ বা মাছসদৃশ প্রাণী ব্যতীত) হৃৎপিণ্ডের দুপাশে বক্ষগহ্বরে অবস্থিত ত্রিকোণাকার থলিসদৃশ স্থিতিস্থাপক অঙ্গদ্বয় (যা বায়ুমণ্ডল থেকে বিশুদ্ধ অক্সিজেন গ্রহণ করে রক্তে সঞ্চালন এবং কার্বন ডাই-অক্সাইড ত্যাগ করতে সাহায্য করে), ফুসফুস, lung।

বায়ুগতি /বায়ুগোতি / [স. বায়ু+গতি] বিণ. বায়ুর মতো দ্রুতগতিসম্পন্ন।

বায়ুগ্রস্ত /বায়ুগ্রোস্‌তো / [স. বায়ু+ গ্রস্ত] বিণ. বাতিক-গ্রস্ত, বায়ুরোগাক্রান্ত।

বায়ুঘরট্ট /বায়ুঘরট্‌টো / [স. বায়ু+ধ্বন্যা. ঘরট্ট] বি. বায়ু প্রবাহের শক্তিদ্বারা চালিত যন্ত্র, windmill।

বায়ুজীবী /বায়ুজিবি / [স. বায়ু+ √জীব্‌+ইন] বিণ. ১ কেবল বায়ু সেবন করে বেঁচে থাকে এমন। ২ (ব্য.) অনাহারী।

বায়ুতনয় /বায়ুতনয় / [স. বায়ু+তনয়] বি. হনুমান।

বায়ুদূষণ /বায়ুদুশন / [স. বায়ু+দূষণ] বি. বাতাসের সঙ্গে বিষাক্ত গ্যাসের মিশ্রণজনিত দূষণ।

বায়ুনন্দন /বায়ুনন্‌দোন্‌ / [স. বায়ু+নন্দন] বি. দ্র বায়ুতনয়।

বায়ুনিরোধক /বায়ুনিরোধক্‌ / [স. বায়ু+নিরোধক] বিণ. বাতাসের প্রবেশ বা বহির্গমন রোধ করে এমন, airtight।

বায়ুপথ /বায়ুপথ্‌ / [স. বায়ু+পথ] বি. আকাশ; আকাশপথ, বিমান চলাচলের পথ।

বায়ু পরিবর্তন /বায়ু পোরিবর্‌তোন্‌ / বি. স্বাস্থ্যের উন্নতির জন্য স্থান পরিবর্তন, হাওয়াবদল।

বায়ুপ্রবাহ /বায়ুপ্রোবাহো / [স. বায়ু+প্রবাহ] বি. প্রবহমান বায়ু।

বায়ুবিজ্ঞান /বায়ুবিগ্‌গ্যান্‌ / [স. বায়ু+বিজ্ঞান] বি. আবহাওয়ার গতি প্রকৃতি প্রভৃতিবিষয়ক বিজ্ঞান, আবহবিদ্যা, meteorology।

বায়ুভুক /বায়ুভুক্‌ / [স. বায়ু+বা. ভুক] বিণ. ১ বায়ু সেবন করে বেঁচে থাকে এমন। ২ (ব্য.) অনাহারী। বি. সাপ, অহি।

বায়ুমণ্ডল /বায়ুমন্‌ডোল্‌ / [স. বায়ু+ মণ্ডল] বি. ১ ভূপৃষ্ঠের উপরিস্থ বায়ুস্তর। ২ আকাশ।

বায়ুমানযন্ত্র /বায়ুমান্‌জন্‌ত্রো / [স. বায়ু+মান+যন্ত্র] বি. বায়ুমণ্ডলের চাপ মাপার যন্ত্র, barometer।

বায়ুরোগ /বায়ুরোগ্‌ / [স. বায়ু+রোগ] বি. পাগলামি।

বায়ুরোধী /বায়ুরোধি / [স. বায়ু+ √রুধ্‌+ইন্‌] বিণ. দ্র বায়ুনিরোধক।

বায়ুসখ /বায়ুশখ্‌/ [স. বায়ু+সখা] বি. বায়ু যার সখা, অগ্নি।

বায়ুসখা /বায়ুশখা/ [স. বায়ু+সখা] বি. দ্র বায়ুসখ।

বায়ুসেবন /বায়ুশেবন্‌ / [স. বায়ু+সেবন] বি. খোলা জায়গায় বিশুদ্ধ বাতাসে শ্বাসগ্রহণ।

বায়ুস্তর /বায়ুস্‌তর্‌ / [স. বায়ু+স্তর] বি. বায়ুমণ্ডলের বিভিন্ন স্তর বা বিভাগ।

বায়েত /বায়েত্‌/ [আ. বাইয়াৎ >] বি. ১ ইসলাম ধর্মে দীক্ষা গ্রহণ। ২ আনুগত্য স্বীকার। ৩ শিষ্যত্ব গ্রহণ।

বায়েন /বায়েন্‌ / [স. বাদন >] বি. বাদ্যকর, বাদক (*বাঘা বায়েন*); দক্ষ বাদক।

বায়োডিগ্রেডেব্‌ল /বায়োডিগ্রেডেব্‌ল্‌/ [ই.] বিণ. ব্যাকটেরিয়া-আক্রান্ত হওয়ার ফলে কোনো বস্তু পচে মাটির সঙ্গে মিশে যাওয়ার গুণবিশিষ্ট, biodegradable।

বায়োস্কোপ /বায়োস্‌কোপ্‌ / [জ.] বি. দ্বিমাত্রিক চলমান চিত্র, ছায়াছবি, bioscope।

বার[১] /বার্‌/ [স. √বারি+অ] বি. ১ সপ্তাহের নির্দিষ্ট দিন (*শনিবার*); নির্দিষ্ট দিন (*হাটবার*)। ২ সাধারণ (*বারাঙ্গনা*)। ৩ দফা (*দুবার*)। ৪ পালা। ৫ নিষেধ। ৬ তিথিবিশেষ। বিণ. অমঙ্গলকর (*বারবেলা*)।

বার[২] /বার্‌/ [স. বাহ্য >] বি. বাহির।

বার[৩] /বার্‌/ [ফা.] বি. ১ রাজসভা, দরবার। ২ দরবারে দর্শনদান। ৩ সময়। ৪ বোঝা, ভার, মোট।

বার[৪] /বার্‌/ [ই. bar] বি. ১ উকিলসমাজ (*বার সমিতি*)। ২ পানশালা।

www.pathagar.com

বারংবার /বারোংবার্/ [স. বারং >] ক্রিবিণ. বারবার, পুনঃপুন।

বারক /বারক্/ [স. √বারি+অক] বিণ. ১ বারণকারী, নিবারক। ২ নিষেধকারী।

বার করা /বার করা/ ক্রিবি. ১ বহিষ্কার করা। ২ বাহিরে আনা।

বারকোশ /বার্কোশ্/ [ফা.] বি. কাঠের তৈরি উঁচু কানাবিশিষ্ট বড়ো থালাবিশেষ, ট্রে, খঞ্চা।

বারণ[১] /বারোন্/ [স. √বারি+অন] বি. ১ নিবারণ। ২ নিষেধ, মানা।

বারণ[২] /বারোন্/ [স. √বারি+অন] বি. ১ হাতি। ২ বর্ম। ৩ অঙ্কুশ।

বারণাবত /বারোনাবত্/ [স্থান.] বি. পুরাণে বর্ণিত গঙ্গা যমুনার সংগমস্থলে অবস্থিত নগরবিশেষ যার বর্তমান নাম প্রয়াগ (যেখানে পঞ্চপাণ্ডবকে হত্যার উদ্দেশ্যে জতুগৃহ নির্মাণ করা হয়েছিল)।

বারণীয় /বারোনিয়ো/ [স. √বারি+অনীয়] বিণ. নিষেধযোগ্য।

বারদরিয়া /বার্দোরিআ/ [বা. বার+ফা. দরিয়া] বি. সমুদ্র বা বড়ো নদীর তীর থেকে দূরবর্তী অংশ; বহিঃসমুদ্র, উন্মুক্ত সমুদ্র।

বারদিগর /বার্দিগর্/ [ফা.] ক্রিবিণ. (আদালতের ভাষায়) পুনরায়, আবার; দ্বিতীয়বার; অন্যবার।

বারদুয়ারি /বারোদুআরি/ [বা.] বিণ. বারোটি দরজা-বিশিষ্ট। বি. বহুদ্বারবিশিষ্ট সভাঘর।

বারনারী /বারোনারি/ [স. বার+নারী] বি. যৌনকর্মী।

বারফট্টাই /বার্ফট্টাই/ [স. বাহ্যস্ফোট >] বি. বড়াই; কথায় গর্ব প্রদর্শন; বাগাড়ম্বর।

বারবধূ /বার্বোধু/ [স. বার+বধূ] বি. দ্র বারনারী।

বারবনিতা /বার্বোনিতা/ [স. বার+বনিতা] বি. দ্র বারনারী।

বারবরদার /বার্বরদার্/ [ফা.] বি. তল্পিবাহক, মোটবহনকারী, মুটে, কুলি।

বারবরদারি /বার্বরদারি/ [ফা.] বি. ১ তল্পি-বাহকের কাজ, কুলিগিরি। ২ তল্পিবহনের পারিশ্রমিক। বিণ. তল্পি বা ভারবহনসংক্রান্ত।

বারবার /বার্বার্/ [বা.] ক্রিবিণ. পুনঃপুন।

বারবিলাসিনী /বার্বিলাশিনি/ [বা.] বি. দ্র বারনারী।

বারবেলা /বার্ব্যালা/ [ফা. বার+স. বেলা] বি. জ্যোতিষশাস্ত্রমতে যাত্রা বা শুভকর্মের জন্য কল্পিত অপ্রশস্ত কাল।

বারব্রত /বার্ব্রোতো/ [স. বার+ব্রত] বি. পুণ্য তিথিতে পালনীয় ব্রতসমূহ।

বারমুখো /বারমুখো/ [আঞ্চ.] বিণ. ১ বাড়িতে থাকতে চায় না এমন। ২ বাড়ির বাইরে রাত কাটাতে আগ্রহী এমন।

বারযোষিৎ /বারোজোশিত্/ [স. বার+যোষিৎ] বি. দ্র বারনারী।

বারয়িতা /বারোয়িতা/ [স. √বারি+তৃ] বিণ. নিষেধ বা বারণ করে এমন, বারণকারী।

বারা /বারা/ [স. বার >] ক্রিবি. ১ বারণ করা, বাধা দেওয়া। ২ ঢেঁকিতে ধান ভানা।

বারাঙ্গনা /বারাংগনা/ [স. বার+অঙ্গনা] বি. দ্র বারনারী।

বারাণসী /বারানোশি/ [স্থান.] বি. কাশীর অন্য নাম। বিণ. কাশীতে উৎপাদিত।

বারানি /বারানি/ [আঞ্চ.] বি. যে নারী ঢেঁকিতে ধান ভেনে জীবিকানির্বাহ করে।

বারান্তর /বারান্তর্/ [স. বার+অন্তর] বি. অন্যবার; অন্য সময়।

বারান্দা /বারান্দা/ [ফা.] বি. ঘরসংলগ্ন ছাদযুক্ত বা ছাদহীন চত্বর, অলিন্দ, দাওয়া।

বারাহ /বারাহো/ [স. বরাহ+অ] বিণ. ১ শূকর-সম্পর্কিত। ২ শূয়রের চামড়ার তৈরি।

বারি[১] /বারি/ [স. √বারি+ই] বি. জল, পানি; বৃষ্টি।

বারি[২] /বারি/ [স. √বৃ+ণিচ্+ই] বি. ১ হাতি বাঁধার দড়ি। ২ পিলখানা। ৩ জলপাত্র; কলসি।

বারিক /বারিক্/ [ই. barrack >] বি. সৈন্যদের বাসগৃহ, ব্যারাক।

বারিগর্ভ /বারিগর্ভো/ [স. বারি+গর্ভ] বি. আকাশে ভাসমান পুঞ্জীভূত জলীয় বাষ্প, মেঘ, জলধর।

বারিঘরট্ট /বারিঘরট্টো/ [স. বারি+ধ্বন্যা. ঘরট্ট] বি. জলপ্রবাহের শক্তিদ্বারা চালিত যন্ত্র।

বারিচামর /বারিচামোর্/ [স. বারি+চামর] বি. শৈবাল।

বারিজ /বারিজো/ [স. বারি+√জন্+অ] বিণ. জলজাত। বি. ১ শঙ্খ; শামুক। ২ পদ্ম, কমল।

বারিত /বারিতো/ [স. √বারি+ত] বিণ. ১ বারণ করা হয়েছে এমন। ২ আইনবিরুদ্ধ।

বারিতস্কর /বারিতশ্কর্/ [স. বারি+তস্কর] বি. ১ মেঘ। ২ সূর্য। ৩ জলদস্যু।

বারিত্রা /বারিত্রা/ [স. বারি+√ত্রৈ+অ+আ (টাপ্)] বি. ছাতা।

বারিদ /বারিদ্/ [স. বারি+√দা+অ] বি. আকাশে ভাসমান জলীয়বাষ্প, জলধর, জীমূত, নীরদ, মেঘ।

www.pathagar.com

বারিধর /বারিধর্ / [স. বারি+ধর] বি. পৃথিবীর দুই-তৃতীয়াংশ জুড়ে স্থলভূমি পরিবেষ্টনকারী বিস্তীর্ণ লবণাক্ত জলরাশি, সাগর, সিন্ধু, অর্ণব, সমুদ্র।

বারিধারা /বারিধারা / [স. বারি+ধারা] বি. ১ জল-প্রবাহ, স্রোত। ২ বৃষ্টিপাত।

বারিধি /বারিধি/ [স. বারি+√ধা+ই] বি. দ্র বারিধর।

বারিনাথ /বারিনাথ / [স. বারি+নাথ] বি. ১ জলের অধিদেবতা বরুণ। ২ সমুদ্র।

বারিনিধি /বারিনিধি / [স. বারি+নিধি] বি. আকাশে ভাসমান জলীয়বাষ্প, জলধর, জীমূত, নীরদ, মেঘ।

বারিপর্ণী /বারিপোর্‌নি / [স. বারি+পর্ণী] বি. দ্রুত বিস্তৃতি লাভ করে এমন শৈবালজাতীয় জলজ উদ্ভিদবিশেষ, পানা।

বারিপ্রবাহ /বারিপ্রোবাহো / [স. বারি+প্রবাহ] বি. জলধারা, স্রোত।

বারিবাহ /বারিবাহো / [স. বারি+বাহ] বিণ. বারি বহন করে এমন। বি. আকাশে ভাসমান জলীয়বাষ্প, জলধর, নীরদ, মেঘ।

বারিবাহক /বারিবাহক্ / [স. বারি+বাহক] বিণ. বি. দ্র বারিবাহ।

বারিবাহন /বারিবাহোন্ / [স. বারি+বাহন] বি. জলধর, নীরদ, জীমূত, মেঘ।

বারিমণ্ডল /বারিমন্‌ডোল্ / [স. বারি+মণ্ডল] বি. পৃথিবীর জলভাগ, hydrosphere।

বারিমুক /বারিমুক্ / [স. বারি+√মুচ্+ক্বিপ্] বি. দ্র বারিবাহন।

বারিযন্ত্র /বারিজন্‌ত্রো / [স. বারি+যন্ত্র] বি. কৃত্রিম ফোয়ারা।

বারিরথ /বারিরথ্ / [স. বারি+রথ] বি. ভেলা।

বারীন্দ্র /বারিন্‌দ্রো / [স. বারি+ইন্দ্র] বি. দ্র বারিধর।

বারীশ /বারিশ্ / [স. বারি+ঈশ] বি. দ্র বারিধর।

বারুই /বারুই / [স. বারুজী >] বি. পানচাষি জাতি-বিশেষ।

বারুজীবী /বারুজিবি / [স. বারু+√জীব্+ইন্] বিণ. পান চাষ করে জীবিকা নির্বাহ করে এমন। বি. পানচাষি জাতিবিশেষ।

বারুণ /বারুন্ / [স. বরুণ+অ] বিণ. ১ বরুণসংক্রান্ত। ২ জলসংক্রান্ত। বি. স্নান, অবগাহন।

বারুণী /বারুনি / [স. বরুণ+ঈ] বি. ১ মদ্যবিশেষ। ২ পশ্চিম দিক। ৩ শতভিষা নক্ষত্র; শতভিষা নক্ষত্রযুক্ত কৃষ্ণ চতুর্দশী তিথিতে পালনীয় ব্রত-বিশেষ। ৪ (বাংলায়) বরুণের পত্নী।

বারুদ /বারুদ্ / [ফা.] বি. বিস্ফোরকরূপে ব্যবহৃত পটাশিয়াম নাইট্রেট কাঠকয়লার গুঁড়ো ও গন্ধকের মিশ্রণজাত চূর্ণবিশেষ, gunpowder।

বারুদখানা /বারুদখানা / [ফা.] বি. বারুদ রাখার ঘর।

বারেক /বারেক্/ [বা.] ক্রিবিণ. (কাব্যে) একবার মাত্র।

বারেন্দ্র /বারেন্‌দ্রো / [স. বরেন্দ্র+অ] বি. প্রাচীন বরেন্দ্রভূমির অধিবাসী; ওই অঞ্চলে বসবাসকারী ব্রাহ্মণ সম্প্রদায়বিশেষ।

বারো /বারো /[স. দ্বাদশ >] বি. ১২ সংখ্যা। বিণ. ১২ সংখ্যক।

বারোই /বারোই্/ [বা.] বি. মাসের ১২ তারিখ। বিণ. ১২ তারিখের।

বারোদুয়ারি /বারোদুআরি/ [বা.] বিণ. বারোটি দরজাবিশিষ্ট। বি. বহুদ্বারবিশিষ্ট সভাঘর।

বারোভূঁইয়া /বারোভুঁইআ / [বা.] বি. ষোড়শ ও সপ্তদশ শতকের প্রতাপশালী ও স্বাধীনচেতা জমিদার যাঁরা বঙ্গে মোগল আধিপত্যের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন (শ্রীপুরের চাঁদ রায় ও কেদার রায়, খিজিরপুরের ঈশা খাঁ, ভুলুয়ার লক্ষ্মণ মাণিক্য, চন্দ্রদ্বীপের কন্দর্পনারায়ণ, ভূষণার মুকুন্দ রায়, ভাওয়ালের ফজল গাজি, বিষ্ণুপুরের হাম্বির মল্ল, যশোরের প্রতাপাদিত্য, দিনাজপুরের গণেশ রায়, তাহেরপুরের কংসনারায়ণ, পুঁটিয়ার পীতাম্বর এবং সাতৈলের রামকৃষ্ণ)।

বারোভূত /বারোভুত্ / [বা.] বি. নানা অবাঞ্ছিত ব্যক্তি; ভিন্নমতাবলম্বী ব্যক্তিবর্গ।

বারোমাসি /বারোমাশি / [বা.] বি. বাঙালি নারীর বর্ষ-ব্যাপী সুখদুঃখ বিরহ প্রভৃতি অবলম্বনে রচিত গীতি-কবিতা। বিণ. বছরের বারোমাস ফলে এমন।

বারোমাসে তেরো পার্বণ /বারোমাশে ত্যারো পার্‌বোন্ / প্র. বছরজুড়ে অনুষ্ঠেয় বাঙালির নানা উৎসব।

বারোমাস্যা /বারোমাশ্‌শা / [বা.] বি. বিণ. দ্র বারো-মাসি।

বারোমেসে /বারোমেশে / [বা.] বিণ. বছরের সব সময়েই ঘটে বা জাত এমন।

বারোয়াঁ /বারোআঁ/ [হি.] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

বারোয়ারি /বারোআরি / [বা. বার+ফা. ওয়ারি] বিণ. বন্ধুবান্ধব ও অনেক ব্যক্তির সহযোগিতায় অনুষ্ঠিত হয় এমন (*বারোয়ারি পূজা*)।

বারোশিঙ্গা /বারোশিংগা/ [হি. বারহসিংগা >] বি. যে হরিণের দুটি শিঙের প্রতিটিতে ৬টি করে শাখা থাকে, হরিণের প্রজাতিবিশেষ।

www.pathagar.com

বার্ড ফ্লু /বাড়্ড ফ্লু/ বি. মানবদেহে হাঁসমুরগি-বাহিত H5N1 ভাইরাস সংক্রমণহেতু মারাত্মক সর্দিজ্বর, ভাইরাসঘটিত জ্বর, bird flu।

বার্ণিক /বার্‌নিক্/ [স. বর্ণ+ইক] বি. ১ লিপিকর, scribe। ২ যে ছবি আঁকে, চিত্রকর।

বার্তা[১] /বার্‌তা/ [স. বৃত্তি+অ+আ (টাপ্)] বি. ১ সংবাদ, খবর। ২ বৃত্তান্ত। ৩ জনশ্রুতি।

বার্তা[২] /বার্‌তা/ [স. বৃত্তি+অ+আ (টাপ্)] বি. ১ কৃষি-কাজ বা পশুপালনের বৃত্তি। ২ বৃত্তি।

বার্তাকী /বার্‌তাকি/ [স. √বৃত+আক+ইন্] বি. দ্র বার্তাকু।

বার্তাকু /বার্‌তাকু/ [স. বার্তাক+উ] বি. বাংলাদেশ-সহ বিশ্বের প্রায় সব দেশের উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত কাঁটাযুক্ত বীরুৎশ্রেণির ছোটো উদ্ভিদ বা তার মসৃণ চকচকে বেগুনি সবুজাভ সাদা বা মিশ্রবর্ণের লম্বাটে গোল প্রভৃতি আকৃতির ভেষজগুণসম্পন্ন সবজি, বেগুন, বার্তাকী।

বার্তাজীবী /বার্‌তাজিবি/ [স. বার্তা+√জীব্+ইন্] বি. সংবাদ সংগ্রহ ও পরিবেশন যার পেশা, সাংবাদিক। বিণ. সাংবাদিকের কাজ করে জীবিকা নির্বাহকারী।

বার্তাবহ /বার্‌তাবহো/ [স. বার্তা+√বহ্+অ] বিণ. সংবাদ বহনকারী। বি. যে সংবাদ বহন করে, দূত।

বার্তা সম্পাদক /বার্‌তা শম্পাদক্/ বি. সংবাদপত্র বা বেতার-টেলিভিশনে সংগৃহীত সংবাদ সম্পাদনার দায়িত্বে নিয়োজিত কর্মী, news editor।

বার্তিক /বার্‌তিক্/ [স. বার্তা+ইক] বিণ. ১ বৃত্তির সঙ্গে সম্বন্ধযুক্ত। বি. ১ বিস্তৃত ব্যাখ্যা বা টীকা। ২ সংবাদ সংগ্রহকারী; দূত।

বার্ধক্য /বার্‌ধোক্‌কো/ [স. বার্ধক+য] বি. ১ বৃদ্ধ বয়স; বৃদ্ধাবস্থা। ২ জরা।

বার্ধক্যজনিত /বার্‌ধোক্‌কোজোনিতো/ [স. বার্ধক্য+জনিত] বিণ. বয়স বৃদ্ধিজনিত।

বার্ধক্যহেতু /বার্‌ধোক্‌কোহেতু/ [স. বার্ধক্য+হেতু] বিণ. দ্র বার্ধক্যজনিত।

বার্ধুষিক /বার্‌ধুশিক্/ [স. বৃদ্ধ+অ+ইক] বিণ. কুসীদ-জীবী, সুদখোর।

বার্নিশ /বার্‌নিশ্/ [ই.] বি. কাঠ ধাতু প্রভৃতি উজ্জ্বল ও মসৃণ করার জন্য বিভিন্ন ধরনের রঙের প্রলেপ বা তার প্রয়োগ, varnish।

বার্য /বার্‌জো/ [স. √বারি+য] বিণ. ১ বারণ করা উচিত এমন; নিবারণযোগ্য (*অনিবার্য*)। ২ জল-সম্বন্ধীয়।

বার্যমাণ /বার্‌জোমান্/ [স. √বারি+মান (শানচ্)] বিণ. নিবারণ বা প্রশমিত করা হচ্ছে এমন।

বার্লি /বার্‌লি/ [ই.] বি. যব; যবের গুঁড়ো, barley।

বার্ষিক[১] /বার্‌শিক্/ [স. বর্ষ+ইক] বিণ. ১ বাৎসরিক; বছরসংক্রান্ত। ২ প্রতি বছর অনুষ্ঠেয় (*বার্ষিক পরীক্ষা*); প্রতি বছর দেয় (*বার্ষিক চাঁদা*)।

বার্ষিক[২] /বার্‌শিক্/ [স. বর্ষা+ইক] বিণ. বর্ষাকালীন; বর্ষা ঋতুতে অনুষ্ঠিত। স্ত্রী. **বার্ষিকী** /বার্‌শিকি/।

বার্ষ্ণেয় /বার্‌শ্‌নেয়ো/ [স. বৃষ্ণি+এয়] বিণ. যদুবংশে জন্মগ্রহণ করেছে এমন। বি. শ্রীকৃষ্ণ।

বার্হস্পত্য /বার্‌হোশ্‌পোত্যো/ [স. বৃহস্পতি+য] বি. ১ বৃহস্পতি প্রণীত শাস্ত্র। ২ নীতিশাস্ত্র। ৩ বৌদ্ধ শাস্ত্র। ৪ চার্বাক প্রণীত শাস্ত্র। বিণ. বৃহস্পতি-সম্বন্ধীয়।

বাল /বাল্/ [স. √বল্+অ] বি. ১ বালক। ২ শিশু। ৩ কিশোর। স্ত্রী. **বালা** /বালা/।

বালক /বালোক্/ [স. বাল+ক (স্বার্থে)] বি. ১ অল্প-বয়সের পুরুষ সন্তান; অনূর্ধ্ব ষোলো বছরের পুরুষ। ২ শিশু। বিণ. (ব্য.) অর্বাচীন; নির্বোধ; অপক্ক; অনভিজ্ঞ। স্ত্রী. **বালিকা** /বালিকা/।

বালকতা /বালোকতা/ [স. বালক+তা] বি. বালকের ভাব; বালকসুলভ আচরণ।

বালকত্ব /বালোকত্তো/ [স. বালক+ত্ব] বি. দ্র বালকতা।

বালকসুলভ /বালোক্‌শুলভ্/ [স. বালক+সুলভ] বিণ. বালকের পক্ষে মানানসই এমন।

বালকাণ্ড /বালোকান্‌ডো/ [স. বাল+কাণ্ড] বি. রামায়ণের আদিকাণ্ড।

বালকৃষ্ণ /বালোকৃশ্‌নো/ [স. বাল+কৃষ্ণ] বি. বালক কৃষ্ণ।

বালকোচিত /বালোকোচিতো/ [স. বালক+উচিত] বিণ. দ্র বালকসুলভ।

বালক্রীড়া /বালোক্রিড়া/ [স. বাল+ক্রীড়া] বি. শিশুদের খেলা; ছেলেখেলা।

বালখিল্য /বালোখিল্‌লো/ [স. বালখিল+য] বি. ১ পুরাণে বর্ণিত ব্রহ্মার কেশ থেকে উদ্ভূত মানসপুত্র ও আঙুলের মতো ছোটো ঋষিবিশেষ (সংখ্যায় ষাট হাজার)। ২ বালকসুলভ আচরণ।

বালগর্ভিণী /বালোগোর্‌ভিনি/ [স. বাল+গর্ভিণী] বি. প্রথম গর্ভধারণ করেছে এমন গাভি।

বালগোপাল /বালোগোপাল্/ [স. বাল+গোপাল] বি. দ্র বালকৃষ্ণ।

www.pathagar.com

বালঘ্ন /বালোঘ্নো / [স. বাল+ √হন্+অ] বিণ. বালক-হন্তা।

বালচর্যা /বালোচোর্জা / [স. বাল+চর্যা] বি. শিশু-সন্তানের পালন, শিশুপালন।

বালচাপল্য /বালোচাপোল্লো / [স. বাল+চাপল্য] বি. শিশুসুলভ চপলতা।

বালতি[১] /বাল্‌তি/ [পো.] বি. সহজে বহন করা যায় এমন হাতলওয়ালা জলপাত্রবিশেষ।

বালতি[২] /বাল্‌তি/ [স. বালপুত্রিকা >] বি. ১ শিশু-সন্তানবতী বিধবা। ২ দরিদ্র ও দুঃখিনী নারী।

বালদো /বাল্‌দো/ [দেশি.] বি. তাল নারকেল সুপারি প্রভৃতি গাছের বোঁটাযুক্ত পাতা, বাইল।

বালবাচ্চা /বাল্‌বাচ্চা/ [হি. বাল+ফা. বাচ্চা] বি. ছোটো ছেলেমেয়ে।

বালবিধবা /বালোবিধোবা / [স. বাল+বিধবা] বি. যে কন্যা বালিকা অবস্থায় বিধবা হয়েছে।

বালবৈধব্য /বালোবোই্‌ধোব্‌বো / [স. বাল+বৈধব্য] বি. বালিকা অবস্থায় বৈধব্যদশা।

বালভোগ /বাল্‌ভোগ্ / [স. বাল+ভোগ] বি. বালক কৃষ্ণকে প্রদত্ত প্রাতঃকালীন ভোগ।

বালভোগ্য /বাল্‌ভোগ্‌গো / [স. বাল+ভোগ্য] বিণ. শিশুদের উপভোগের যোগ্য।

বালরোগ /বালোরোগ্/ [স. বাল+রোগ] বি. শিশুরোগ।

বালশশী /বালোশোশি/ [স. বাল+শশী] বি. শুক্লপক্ষের দ্বিতীয়ার চাঁদ।

বালসুলভ /বালোশুলভ্/ [স. বাল+সুলভ] বিণ. বালকসুলভ, বালকোচিত।

বালসূর্য /বালোশুর্জো / [স. বাল+সূর্য] বি. নবোদিত সূর্য, নবারুণ, বালার্ক।

বালা[১] /বালা / [স. বাল >] বি. ১ অল্পবয়সি মেয়ে, বালিকা। ২ কন্যা, দুহিতা। ৩ তরুণী, যুবতি।

বালা[২] /বালা / [স. বলয় >] বি. কবজিতে পরার অলংকার, বলয়।

বালাই /বালাই/ [আ.] বি. ১ আপদ। ২ অমঙ্গল। ৩ উৎপাত; ঝামেলা।

বালাই ষাট /বালাই্ শাট্/ বি. অশুভ বা অমঙ্গল খণ্ডনসূচক উক্তি।

বালাখানা /বালাখানা / [ফা.] বি. ১ একাধিক তল-বিশিষ্ট পাকাবাড়ি; প্রাসাদ। ২ ওপরতলার ঘর।

বালাতপ /বালাতপ্ / [স. বাল+আতপ] বি. নবোদিত সূর্যের কিরণ।

বালাপোশ /বালাপোশ্/ [ফা.] বি. গায়ে দেওয়ার হালকা লেপজাতীয় চাদরবিশেষ।

বালাম[১] /বালাম্/ [দেশি.] বি. ১ বরিশালে উৎপন্ন সরু চালবিশেষ। ২ চালবাহী বড়ো নৌকাবিশেষ।

বালাম[২] /বালাম্/ [ই. volume >] বি. আদালতে দলিল লেখার কাজে ব্যবহৃত খাতার খণ্ড।

বালামচি /বালাম্‌চি/ [ফা.] বি. ঘোড়ার লেজ বা কাঁধের লোম।

বালার্ক /বালার্‌কো / [স. বাল+অর্ক] বি. নবোদিত সূর্য, নবারুণ।

বালি[১] /বালি / [স. বালুকা >] বি. সিলিকন পাথর বা শিলাখণ্ডের হলদেটে বাদামি প্রভৃতি রঙের কণা (মরুভূমি সমুদ্রসৈকত নদী বা সমুদ্র-তলদেশের অন্যতম উপাদান), বালু, বালুকা।

বালি[২] /বালি / [স. বালা >] বি. কিশোরী; বালিকা।

বালিঘড়ি /বালিঘোড়ি/ [বা.] বি. (সূক্ষ্ম নল দিয়ে সংযুক্ত দুটি সম আয়তনবিশিষ্ট পাত্র) খাড়া করে রাখা হয় এমন কাচের পাত্রবিশেষ যার ওপরের অংশে ভরে রাখা শুকনো বালি সম্পূর্ণভাবে নিচের অংশে যেতে ১ ঘণ্টা সময় লাগে, সময় পরিমাপক প্রাচীন সরঞ্জামবিশেষ; (পরি.) hour glass।

বালিশ /বালিশ্/ [ফা.] বি. কাপড়ের থলের ভেতরে তুলো প্রভৃতি ভরে তৈরি নরম আধারবিশেষ (শোয়ার সময় যার ওপর মাথা রাখা হয়), উপাধান।

বালী /বালি / [স. বাল+ইন্] বি. রামায়ণে বর্ণিত কিষ্কিন্ধ্যাপতি ও বানররাজ।

বালু /বালু / [স. বালুকা >] বি. দ্র বালি।

বালুকা /বালুকা / [স. √বল্+উক+আ (টাপ্)] বি. দ্র বালি।

বালুকাবেলা /বালুকাবেলা / [স. বালুকা+বেলা] বি. বালুময় সাগরসৈকত।

বালুচর /বালুচর্/ [বা.] বি. বালির পলি জমে সৃষ্ট চর।

বালুচরি /বালুচোরি / [বা.] বি. পশ্চিমবঙ্গের বিষ্ণুপুর অঞ্চলে বালুচর গ্রামে উৎপন্ন সূক্ষ্ম কারুকার্যখচিত তাঁতের শাড়িবিশেষ।

বালুতট /বালুতট্/ [বা. বালু+স. তট] বি. বালুময় তীর।

বালুময় /বালুময়্/ [বা. বালু+স. ময়ট্] বিণ. বালিপূর্ণ।

বালুশাই /বালুশাই্/ [হি.] বি. ময়দার তৈরি ঘিয়ে-ভাজা মিঠাইবিশেষ।

www.pathagar.com

বালেন্দু /বালেন্দু/ [স. বাল+ইন্দু] বি. শুক্ল প্রতিপদের চাঁদ।

বাল্ব /বাল্‌ব্/ [ই. bulb >] বি. ১ (পদার্থ.) বায়ুশূন্য কাচের গোলকে আবদ্ধ দুই প্রান্তে দুটি বিদ্যুদ্‌বাহী দণ্ডের সঙ্গে যুক্ত টাংস্টেনের সূক্ষ্ম তার বা filament (যা বিদ্যুৎ প্রবাহের ফলে তপ্ত হয়ে সাদা আলো বিকিরণ করে)। ২ (উদ্ভিদ.) পেঁয়াজ প্রভৃতি একবীজপত্রী উদ্ভিদের ভূগর্ভস্থ গোলাকার কন্দ।

বাল্মীকি /বাল্‌মিকি/ [স. বল্মীক+ই] বি. রামায়ণের প্রণেতা কবি ও মুনি, আদিকবি।

বাল্য /বাল্‌লো/ [স. বাল+য] বি. দ্র বাল্যকাল।

বাল্যকাল /বাল্‌লোকাল্/ [স. বাল্য+কাল] বি. শৈশব, ছেলেবেলা, বালকবয়স (সাধারণত ষোলো বছর বয়স পর্যন্ত বয়ঃকাল)।

বাল্যপ্রণয় /বাল্‌লোপ্রোনয়্/ [স. বাল্য+প্রণয়] বি. দ্র বাল্যপ্রেম।

বাল্যপ্রেম /বাল্‌লোপ্রেম্/ [স. বাল্য+প্রেম] বি. অপ্রাপ্ত বয়সের ভালোবাসা।

বাল্যবন্ধু /বাল্‌লোবোন্ধু/ [স. বাল্য+বন্ধু] বি. শৈশব থেকে যার সঙ্গে বন্ধুত্ব অটুট রয়েছে।

বাল্যবিবাহ /বাল্‌লোবিবাহো/ [স. বাল্য+বিবাহ] বি. অপরিণত বয়সে বিবাহ।

বাল্যশিক্ষা /বাল্‌লোশিক্‌খা/ [স. বাল্য+শিক্ষা] বি. শিশুবয়সের শিক্ষা; প্রাথমিক শিক্ষা।

বাল্যসখা /বাল্‌লোশখা/ [স. বাল্য+সখা] বি. দ্র বাল্যবন্ধু।

বাল্যসখী /বাল্‌লোশোখি/ [স. বাল্য+সখী] বি. ছোটোবেলার বান্ধবী।

বাল্যসঙ্গী /বাল্‌লোশোংগি/ [স. বাল্য+সঙ্গী] বি. ছোটোবেলার সাথি।

বাল্যসহচর /বাল্‌লোশহোচর্/ [স. বাল্য+সহচর] বি. দ্র বাল্যসঙ্গী।

বাল্যসুহৃৎ /বাল্‌লোশুrhiত্/ [স. বাল্য+সুহৃৎ] বি. দ্র বাল্যবন্ধু।

বাল্যসুহৃদ্ /বাল্‌লোশুrhiদ্/ [স. বাল্য+সুহৃদ্] বি. দ্র বাল্যবন্ধু।

বাশুলী /বাশুলি/ [স. বিশালাক্ষী >] বি. দেবীবিশেষ, কবি চণ্ডীদাসের আরাধ্য দেবী।

বাষট্টি /বাশোট্টি/ [স. দ্বিষষ্টি >] বি. ৬২ সংখ্যা। বিণ. ৬২ সংখ্যক।

বাষ্প /বাশ্‌পো/ [স. √বাধ্+ষ] বি. ১ তাপ প্রয়োগের ফলে তরল পদার্থের বায়বীয় অবস্থাপ্রাপ্তি; জলের তপ্ত বায়বীয় রূপ, steam। ২ অশ্রু (*বাষ্পপূর্ণ নয়ন*)। ৩ (আল.) আভাসমাত্র। ৪ ধোঁয়া।

বাষ্পপোত /বাশ্‌পোপোত্/ [স. বাষ্প+পোত] বাষ্পশক্তির সাহায্যে চালিত জাহাজ, স্টিমার।

বাষ্পযান /বাশ্‌পোজান্/ [স. বাষ্প+যান] বি. বাষ্পশক্তিদ্বারা চালিত যান।

বাষ্পরথ /বাশ্‌পোরথ্/ [স. বাষ্প+রথ] বি. দ্র বাষ্পযান।

বাষ্পশকট /বাশ্‌পোশকোট্/ [স. বাষ্প+শকট] বি. দ্র বাষ্পযান।

বাষ্পাকুল /বাশ্‌পাকুল্/ [স. বাষ্প+আকুল] বিণ. অশ্রুপূর্ণ, অশ্রুসজল।

বাষ্পীয় /বাশ্‌পিয়ো/ [স. বাষ্প+ঈয়] বিণ. ১ বাষ্পশক্তির সাহায্যে চলে এমন। ২ বাষ্পসম্বন্ধীয়।

বাস[১] /বাশ্/ [স. √বাস্+অ] বি. ১ সুগন্ধ, সৌরভ। ২ (বাংলায়) গন্ধ। ৩ লেশ (*নামগন্ধ*)।

বাস[২] /বাশ্/ [স. √বস্+অ] বি. বস্ত্র, কাপড় (*পীতবাস*)।

বাস[৩] /বাশ্/ [স. √বস্+অ] বি. ১ বাসস্থান (*তোমার বাস কোথা যে পথিক ওগো, দেশে কি বিদেশে।* রবীন্দ্র.)। ২ অবস্থান। ৩ গৃহ; আশ্রয়।

বাস[৪] /বাস্/ [ই.] বি. যাত্রীবাহী বড়ো সড়কযান-বিশেষ (*বাসযাত্রা*), bus।

বাস[৫] /বাস্/ [ফা.] অব্য. যথেষ্ট হয়েছে (*বাস, আর নয়*)। ক্রিবিণ. সঙ্গে সঙ্গে (*বাস, এবার থামো*)।

বাসক[১] /বাশোক্/ [স. √বাস্+অক] বি. বাংলাদেশসহ ক্রান্তীয় অঞ্চলের ছায়াঘেরা স্থানে বিস্তারলাভ করে এবং গ্রীষ্মকালে ফোটে এমন গোলাপি আভাযুক্ত সাদা ফুল ও বর্শার ফলাসদৃশ পাতা-বিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, বাসা।

বাসক[২] /বাশোক্/ [স. বাস+ক (স্বার্থে)] বি. শয্যাগৃহ; শয়নকক্ষ।

বাসগৃহ /বাশ্‌গৃহো/ [স. বাস+গৃহ] বি. বসবাসের ঘর।

বাসন[১] /বাশোন্/ [স. √বাস্+অন] বি. সুবাসিতকরণ; ধূপন।

বাসন[২] /বাশোন্/ [হি.] বি. আহার ও পরিবেশনের কাজে ব্যবহৃত পাত্র (*বাসনকোসন*)।

বাসন[৩] /বাশোন্/ [স. √বস্+ণিচ্+অন] বি. বাসস্থান স্থাপনে সহায়তা প্রদান (*পুনর্বাসন*)।

বাসনা[১] /বাশোনা/ [স. √বাস্+অন+আ (টাপ্)] বি. ১ কামনা; প্রত্যাশা; আকাঙ্ক্ষা (*হৃদয়বাসনা পূর্ণ হল আজি মম পূর্ণ হল, শুন সবে জগতজনে।।* রবীন্দ্র.)। ২ আসক্তি (*বিষয়বাসনা*)।

www.pathagar.com

বাসনা[২] /বাশ্‌না/ [দেশি.] বি. ১ সুগন্ধ, সৌরভ। ২ কলাগাছ প্রভৃতির শুকনো পাতা ও বাকল।

বাসনাকুল /বাশোনাকুল্‌/ [স. বাসনা+আকুল] বিণ. কামনায় ব্যাকুল।

বাসন্ত /বাশোন্‌তো/ [স. বসন্ত+অ] বিণ. দ্র বাসন্তিক।

বাসন্তিক /বাশোন্‌তিক্‌/ [স. বসন্ত+ইক] বিণ. ১ বসন্তকালের। ২ বসন্তকালসম্বন্ধীয়।

বাসন্তী /বাশোন্‌তি/ [স. বসন্ত+অ+ঈ] বি. ১ বসন্তকাল। ২ বসন্তকালে অনুষ্ঠিত দুর্গাপূজা; দেবী দুর্গা। ৩ মাধবীলতা। বিণ. ১ বসন্তকালীন; বসন্তকালসম্বন্ধীয়। ২ (বাংলায়) হালকা কমলা রঙের।

বাসব /বাশব্‌/ [স. বসু+অ] বি. ১ দেবরাজ ইন্দ্র। ২ ধনিষ্ঠা নক্ষত্র।

বাসবী /বাশোবি/ [স. বাসব+ঈ] বি. ইন্দ্রপত্নী শচীদেবী।

বাসমতী /বাশ্‌মোতি/ [স. বাস+মতী] বি. ভারতে উৎপন্ন সরু ও লম্বা সুগন্ধ চালবিশেষ।

বাসযোগ্য /বাশোজোগ্‌গো/ [স. বাস+যোগ্য] বিণ. বসবাস করার উপযোগী।

বাসর[১] /বাশোর্‌/ [স. বাসগৃহ >] বি. ১ বরকনের বিবাহরাত যাপন। ২ বরকনের ফুলশয্যার কক্ষ।

বাসর[২] /বাশোর্‌/ [স. √বাসি+অর] বি. দিন; বার (*রবিবাসর*)।

বাসরঘর /বাশোর্‌ঘর্‌/ [বা.] বি. বরকনের ফুলশয্যার কক্ষ।

বাসরজাগানি /বাশোর্‌জাগানি/ [বা.] বি. বাসররাতে জেগে থাকার জন্য বরের কাছ থেকে ছোটোদের আদায় করা অর্থ।

বাসরশয্যা /বাশোর্‌শোজ্‌জা/ [বা. বাসর+স. শয্যা] বি. বাসররাতে বরকনের শয়নের জন্য সজ্জিত বিছানা, ফুলশয্যা।

–বাসরীয় /বাশোরিয়ো/ [স. বাসর+ঈয়] বিণ. দিবসসম্বন্ধীয়; দিবসের (*রবিবাসরীয়*)।

বাসস্থান /বাশোস্‌থান্‌/ [স. বাস+স্থান] বি. বসবাসের স্থান, আবাস; বাসগৃহ।

বাসা[১] /বাশা/ [স. বাস >] বি. ১ পৈতৃক ভিটা ভিন্ন বাসস্থান, শহরের ভাড়াকরা বাড়ি। ২ কুলায়, নীড়।

বাসা[২] /বাশা/ [স. √বাস্‌+অ+আ (টাপ্‌)] বি. বাংলাদেশ-সহ ক্রান্তীয় অঞ্চলের ছায়াঘেরা স্থানে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন গোলাপি আভাযুক্ত সাদা ফুল ও বর্শার ফলাসদৃশ পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, বাসক।

–বাসা[৩] /বাশা/ [বা.] ক্রিবি. ১ অনুভব করা, বোধ করা (*ভালোবাসা*)। ২ মনে করা।

বাসাবাড়ি /বাশাবাড়ি/ [বা.] বি. দ্র বাসা[১]।

বাসি /বাশি/ [স. বাসিত >] বিণ. ১ টাটকা নয় (*বাসিভাত*)। ২ আধোয়া (*বাসি মুখ*)। ৩ পুরোনো (*বাসি খবর*)।

বাসিকাপড় /বাশিকাপোড়্‌/ [বা.] বি. আগের রাতে শোয়ার সময় পরা কাপড়।

বাসিঘর /বাশিঘর্‌/ [বা.] বি. সকাল থেকে ঝাঁট দেওয়া হয়নি এমন ঘর।

বাসিত /বাশিতো/ [স. √বাস্‌+ত] বিণ. ১ সুরভিত, সুগন্ধযুক্ত। ২ কাপড় দিয়ে আবৃত।

বাসিন্দা /বাশিন্‌দা/ [ফা.] বিণ. বসবাসকারী, অধিবাসী (*স্থায়ী বাসিন্দা*)।

বাসিবিয়ে /বাশিবিয়ে/ [বা.] বি. বিবাহের পরদিন সকালে পালনীয় সংস্কারবিশেষ।

বাসিভাত /বাশিভাত্‌/ [বা.] বি. টাটকা নয় এমন ভাত; সংরক্ষণের জন্য জলে ভিজিয়ে রাখা ভাত, জলভাত, পানিভাত, পান্তাভাত।

বাসিমুখ /বাশিমুখ্‌/ [বা.] বি. ১ সকালে ঘুম থেকে ওঠার পর মুখ ধোয়া হয়নি এমন অবস্থা। ২ সকালে ঘুম থেকে ওঠার পর অভুক্ত অবস্থা।

–বাসী[১] /বাশি/ [স. √বস্‌+ইন্‌] বিণ. বসবাস করছে এমন, বাসকারী (*গৃহবাসী*)।

–বাসী[২] /বাশি/ [স. বাস+ইন্‌] বিণ. বস্ত্রধারী (*চীরবাসী*)। স্ত্রী. –বাসিনী /বাশিনি/।

বাসুকি /বাশুকি/ [স. বসুক+ই] বি. সর্পরাজ অনন্ত।

বাসুকেয় /বাশুকেয়ো/ [স. বসুক+এয়] বি. দ্র বাসুকি।

বাসুদেব /বাশুদেব্‌/ [স. বসুদেব+অ] বি. বসুদেবের পুত্র শ্রীকৃষ্ণ।

বাসোপযোগী /বাশোপোজোগি/ [স. বাস+উপযোগী] বিণ. বসবাসের যোগ্য বা উপযুক্ত।

বাস্তব /বাস্‌তব্‌/ [স. বস্তু+অ] বিণ. ১ বস্তুবিষয়ক। ২ সত্য। ৩ সত্তাযুক্ত। বি. বাস্তবতা /বাস্‌তবতা/।

বাস্তবধর্মী /বাস্‌তবধোর্‌মি/ [স. বাস্তব+ধর্মী] বিণ. বাস্তবতার সঙ্গে সংগতিপূর্ণ। বি. বাস্তবধর্মিতা /বাস্‌তবধোর্‌মিতা/।

বাস্তববাদ /বাস্‌তবব্‌বাদ্‌/ [স. বাস্তব+√বদ্‌+অ] বি. যা-কিছু ইন্দ্রিয়গ্রাহ্য কেবল তা-ই সত্য এমন মতবাদ, realism।

www.pathagar.com

বাস্তববাদী /বাস্‌তব্‌বাদি/ [স. বাস্তব+√বদ্‌+ইন্‌] বিণ. কেবল বস্তুর ইন্দ্রিয়গ্রাহ্য অস্তিত্বে বিশ্বাস করে এমন, কল্পনাসর্বস্ব নয় এমন। বি. বাস্তববাদিতা /বাস্‌তব্‌বাদিতা/।

বাস্তবানুগ /বাস্‌তবানুগো/ [স. বাস্তব+অনুগ] বিণ. বাস্তবতার অনুসারী।

বাস্তবায়ন /বাস্‌তবায়ন্‌/ [স. বাস্তব+অয়ন] বি. বাস্তবে পরিণতকরণ; (পরি.) implementation।

বাস্তবায়িত /বাস্‌তবায়িতো/ [স. বাস্তব >] বিণ. বাস্তবে রূপদান করা হয়েছে এমন।

বাস্তবিক /বাস্‌তোবিক্‌/ [স. বস্তু+ইক] বিণ. যথার্থ, প্রকৃত, নিশ্চিত। ক্রিবিণ. (বাংলায়) প্রকৃতপক্ষে, যথার্থভাবে। বি. বাস্তবিকতা /বাস্‌তোবিকতা/।

বাস্তব্য /বাস্‌তোব্বো/ [স. √বস্‌+তব্য] বিণ. বাসযোগ্য। বি. (বাংলায়) বসবাসের স্থান, বসতি।

বাস্তু /বাস্‌তু/ [স. √বস্‌+তু] বি. ১ বসবাসের স্থান, বাসগৃহ। ২ ভিটা। ৩ স্থায়ী বসতবাড়ি।

বাস্তুক /বাস্‌তুক্‌/ [স. বাস্তু+ক (স্বার্থে)] বি. আবাদি জমিতে জাত শাকবিশেষ, বেথুয়া।

বাস্তুকর্ম /বাস্‌তুকর্‌মো/ [স. বাস্তু+কর্মন্‌] বি. গৃহনির্মাণের কাজ।

বাস্তুকলা /বাস্‌তুকলা/ [স. বাস্তু+কলা] বি. গৃহনির্মাণশিল্প, architecture।

বাস্তুকলাবিদ /বাস্‌তুকলাবিদ্‌/ [স. বাস্তুকলা+বিদ] বি. স্থপতি; (পরি.) architect।

বাস্তুকার /বাস্‌তুকার্‌/ [স. বাস্তু+√কৃ+অ] বি. সড়ক সেতু গৃহ প্রভৃতির নকশাকার ও নির্মাতা, পূর্তপ্রকৌশলী, civil engineer।

বাস্তুঘুঘু /বাস্‌তুঘুঘু/ [স. বাস্তু+বা. ঘুঘু] বি. সহজে বাস্তুচ্যুত করা যায় না এমন ধূর্ত ব্যক্তি; ঘনিষ্ঠ অথচ সর্বনাশা ব্যক্তি।

বাস্তুত্যাগী /বাস্‌তুত্‌ত্যাগি/ [স. বাস্তু+√ত্যজ্‌+ইন্‌] বিণ. সংসার ত্যাগ করেছে এমন, গৃহত্যাগী।

বাস্তুদেবতা /বাস্‌তুদেবোতা/ [স. বাস্তু+দেবতা] বি. পুরুষানুক্রমে পূজিত দেবতা।

বাস্তুপুরুষ /বাস্‌তুপুরুশ্‌/ [স. বাস্তু+পুরুষ] বি. দ্র বাস্তুদেবতা।

বাস্তুপূজা /বাস্‌তুপূজা/ [স. বাস্তু+পূজা] বি. সংসারের কল্যাণকামনায় পৌষসংক্রান্তির দিন নিবেদিত পূজা।

বাস্তুবিদ্যা /বাস্‌তুবিদ্যা/ [স. বাস্তু+বিদ্যা] বি. গৃহনির্মাণবিষয়ক শাস্ত্র, স্থাপত্যবিদ্যা।

বাস্তুভিটা /বাস্‌তুভিটা/ [স. বাস্তু+বা. ভিটা] বি. বংশানুক্রমে অধ্যুষিত আবাস।

বাস্তুসাপ /বাস্‌তুশাপ্‌/ [স. বাস্তু+বা. সাপ] বি. গৃহস্থের ক্ষতি না করে দীর্ঘকাল ধরে বাস্তুভিটায় বাস করে আসছে এমন সাপ।

বাস্তুহারা /বাস্‌তুহারা/ [স. বাস্তু+বা. হারা] বিণ. বাস্তুভিটা ছাড়তে বাধ্য হয়েছে এমন। বি. উদ্‌বাস্তু, শরণার্থী।

বাহ১/বাহো/ [স. √বহ্‌+অ] বি. অশ্ব শকট রথ প্রভৃতি বাহন।

–বাহ১/বাহো/ [স. √বহ্‌+অ] বিণ. বাহক, বহনকারী (*বারিবাহ মেঘ*)। স্ত্রী.–বাহী /বাহি/।

বাহক /বাহক্‌/ [স. √বহ্‌+অক] বিণ. ১ বহন করে এমন, বহনকারী (*পত্রবাহক*)। ২ বহনকারী বা উপস্থাপককে দেয় (*বাহক চেক*)। বি. সারথি। স্ত্রী. বাহিকা /বাহিকা/।

বাহক চেক /বাহক্‌ চেক্‌/ বি. যে চেকের বিনিময়ে ব্যাংক তার বাহককে নগদ টাকা পরিশোধ করে; (পরি.) bearer cheque।

বাহক বন্ড /বাহক্‌ বন্ড্‌/ বি. মেয়াদ শেষ হওয়ার পর বাহককে যে বন্ডের বিনিময়ে নগদ অর্থ পরিশোধ করা হয়; (পরি.) bearer bond।

বাহন /বাহোন্‌/ [স. √বাহি+অন] বি. ১ যা দিয়ে বহন করা হয়; অশ্ব শকট শিবিকা রথ প্রভৃতি, যাতে চড়ে যাওয়া যায় (*যানবাহন*)। ২ মাধ্যম (*শিক্ষার বাহন*)। ৩ অনুচর; স্তাবক।

বাহবা /বাহোবা/ [ফা. বাহ্‌ >] অব্য. প্রশংসা বিস্ময় উপহাস সমর্থন প্রভৃতিসূচক উক্তি।

বাহা /বাহা/ [স. বাহু >] ক্রিবি. ১ নৌকা চালানো। ২ ভাসানো। ৩ বেয়ে ওঠা।

বাহাই /বাহাই্‌/ [ফা.] বি. ঊনবিংশ শতাব্দীতে ইরানে মির্জা হুসেন আলি প্রবর্তিত ধর্ম সম্প্রদায়-বিশেষ (যেখানে সকল ধর্মের ঐক্য সর্বজনীন শিক্ষা বিশ্বশান্তি ও নরনারীর সমান অধিকার স্বীকৃত)।

বাহাত্তর /বাহাত্‌তোর্‌/ [স. দ্বিসপ্ততি >] বি. ৭২ সংখ্যা। বিণ. ৭২ সংখ্যক।

বাহাত্তুরে /বাহাত্‌তুরে/ [স. দ্বিসপ্ততি >] বিণ. ১ বাহাত্তর বছর বয়স্ক। ২ বার্ধক্যহেতু দৈহিক শক্তি ও বুদ্ধি লোপ পেয়েছে এমন; ভীমরতিগ্রস্ত (*বাহাত্তুরে পাওয়া*)।

বাহাদুর /বাহাদুর্‌/ [তুর.] বিণ. কৃতী, বীর; দুঃসাধ্য কর্মসম্পাদনকারী। বি. ব্রিটিশ সরকারের দেওয়া খেতাববিশেষ।

www.pathagar.com

বাহাদুরি /বাহাদুরি / [তুর. বাহাদুর+ফা. ই] বি. ১ কৃতিত্বের অহংকার। ২ কর্মদক্ষতা। ৩ পৌরুষ।

বাহাদুরি কাঠ /বাহাদুরি কাঠ্/ বি. শাল সেগুন প্রভৃতি বড়ো গাছের গুঁড়ি।

বাহানা /বাহানা / [ফা.] বি. আবদার ; অজুহাত।

বাহান্ন /বাহান্নো / [স. দ্বিপঞ্চাশৎ>] বি. ৫২ সংখ্যা (*বাহান্নর ভাষা আন্দোলন*)। বিণ. ৫২ সংখ্যক।

বাহার /বাহার্/ [ফা.] বি. ১ শোভা; জৌলুস। ২ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণী-বিশেষ। ৩ বসন্তকাল।

বাহারি /বাহারি / [ফা.] বিণ. ১ বাহ্যিক চাকচক্য-যুক্ত। ২ জমকালো।

বাহারে /বাহারে / [ফা. বাহার+বা. এ] বিণ. সুন্দর।

বাহাস /বাহাস্/ [ফা.] বি. বিতর্ক; তর্ক।

বাহিক /বাহিক্/ [স. বাহ+ইক] বি. ১ যে ভার বহন করে। ২ গোরুর গাড়ি।

বাহিত /বাহিতো / [স. √বাহি+ত] বিণ. ১ বহন করা হয়েছে এমন। ২ প্রবাহিত। ৩ (বাংলায়) অতিক্রান্ত। স্ত্রী. বাহিতা /বাহিতা /।

বাহিনী[১] /বাহিনি / [স. বাহ+ইন্+ঈ] বি. সৈন্যদল ; (পৌরাণিক) ৮১টি হাতি ৮১টি রথ ২৪৩টি ঘোড়া এবং ৪০৫ জন পদাতিক নিয়ে গঠিত সেনাসমাবেশ।

বাহিনী[২] /বাহিনি / [স. বাহ্+ইন্+ঈ] বি. প্রবাহিণী, নদী।

বাহির /বাহির্/ [স. বাহ্য >] বি. ১ বাইরের দিক, বহির্ভাগ। ২ (আল.) বহির্দেশে অবস্থিত বিশাল জগৎ। বিণ. ১ নিষ্ক্রান্ত। ২ উদ্‌গত। ৩ ক্ষরিত। ৪ নিষ্কাশিত। ৫ প্রকাশিত। ৬ বিজ্ঞাপিত। ৭ আবিষ্কৃত। ৮ আয়ত্তের বাইরে এমন। ৯ বাইরে অবস্থিত (*বাহিরবাড়ি*)।

বাহিরবাড়ি /বাহিরবাড়ি/ [বা.] বি. বৈঠকখানা; বাড়ির সীমানাসংলগ্ন স্থান।

বাহিরে /বাহিরে / [বা.] ক্রিবিণ. ১ বহির্ভাগে। ২ অন্যত্র। অব্য. অতিরিক্ত।

–বাহী /বাহি / [স. √বহ্+ইন্] বিণ. ১ বহনকারী (*যাত্রীবাহী*)। ২ কাল থেকে কালান্তরে বহনকারী (*ঐতিহ্যবাহী*)। ৩ বয়ে যায় এমন (*স্রোতোবাহী নদী*)। স্ত্রী. বাহিনী /বাহিনি /।

বাহু /বাহু/ [স. √বাধ্+উ] বি. ১ কাঁধ থেকে হাতের আঙুল পর্যন্ত দেহের অংশ, ভুজ। ২ চৌকাঠের পার্শ্বদেশ। ৩ ত্রিভুজ চতুর্ভুজ প্রভৃতি জ্যামিতিক ক্ষেত্রের পার্শ্বরেখা।

বাহুক /বাহুক্ / [স. বাহু+কন্] বিণ. বেঁটে, বামন। বি. ১ পৌরাণিক রাজা ঋতুপর্ণের সারথি বিকৃত-দেহ নিষধরাজ নল। ২ বাদ্যযন্ত্রবিশেষ।

বাহুডোর /বাহুডোর্ / [স. বাহু+হি. ডোর] বি. দু-হাত দিয়ে অন্যকে মালার মতো বেষ্টন।

বাহুড়ানো /বাহুড়ানো / [বা.] ক্রিবি. বিণ. ১ ফেরানো। ২ নিবারিত বা প্রতিহত করা।

বাহুত্র /বাহুত্রো / [স. বাহু+ √ত্রৈ+অ] বি. দ্র বাহু-ত্রাণ।

বাহুত্রাণ /বাহুত্রান্ / [স. বাহু+ √ত্রৈ+অন] বি. সম্মুখ সমরে হাতকে আঘাত থেকে রক্ষার জন্য ব্যবহৃত বর্মবিশেষ।

বাহুবন্ধ /বাহুবন্ধো / [স. বাহু+বন্ধ] বি. বাহুতে পরার অলংকারবিশেষ, বাজুবন্ধ।

বাহুবন্ধন /বাহুবন্ধন্ / [স. বাহু+বন্ধন] বি. প্রীতি ও স্নেহ প্রকাশের জন্য দু-হাত দিয়ে আলিঙ্গন।

বাহুবল /বাহুবল্ / [স. বাহু+বল] বি. গায়ের জোর।

বাহুমূল /বাহুমুল্ / [স. বাহু+মূল] বি. বগল, কক্ষ।

বাহুযুদ্ধ /বাহুজুদ্‌ধো / [স. বাহু+ √যুধ্+ত] বি. ১ কুস্তি, মল্লযুদ্ধ। ২ হাতাহাতি।

বাহুলতা /বাহুলতা /[স. বাহু+লতা] বি. লতার মতো কোমল ও সুন্দর বাহু।

বাহুল্য /বাহুল্লো / [স. বহুল+য] বি. ১ বহুলতা, প্রাচুর্য। ২ অনাবশ্যক ব্যাপার ; বাড়াবাড়ি।

বাহুল্যবর্জন /বাহুল্লোবর্‌জোন্ / [স. বাহুল্য+ বর্জন] বি. অনাবশ্যক বাড়াবাড়ি বা আতিশয্য পরিহার।

বাহুল্যবর্জিত /বাহুল্লোবোর্‌জিতো / [স. বাহুল্য+ বর্জিত] বিণ. আতিশয্য পরিহার করা হয়েছে এমন ; অনাড়ম্বর।

বাহুল্যহীন /বাহুল্লোহিন্ / [স. বাহুল্য+ √হা+ত] বিণ. অনাড়ম্বর।

বাহ্যস্ফোট /বাওভাস্‌ফোট্/ [স. বাহু+আস্ফোট] বি. বাহুতে চাপড় মেরে আস্ফালন বা দম্ভ প্রকাশ।

বাহ্য[১] /বাজ্‌ঝো / [স. বহিস্+য] বিণ. ১ বাইরের। ২ অসত্য, অপ্রকৃত; অপ্রধান। ৩ মল, বিষ্ঠা।

বাহ্য[২] /বাজ্‌ঝো / [স. √বহ্+য] বিণ. বহন করা যায় এমন, বহনযোগ্য ; বহন করা উচিত এমন।

বাহ্যজগৎ /বাজ্‌ঝোজগোত্ / [স. বাহ্য+জগৎ] বি. ইন্দ্রিয়গ্রাহ্য জগৎ, জড়জগৎ।

বাহ্যজ্ঞান /বাজ্‌ঝোগ্যান্ / [স. বাহ্য+জ্ঞান] বি. জাগতিকজ্ঞান, সাংসারিক জ্ঞান; চেতনা।

www.pathagar.com

বাহ্যজ্ঞানরহিত /বাজ্‌ঝোগ্যান্‌রোহিতো / [স. বাহ্য+জ্ঞান+রহিত] বিণ. বাস্তবজ্ঞান নেই এমন।

বাহ্যজ্ঞানলুপ্ত /বাজ্‌ঝোগ্যান্‌লুপ্‌তো / [স. বাহ্যজ্ঞান +√লুপ্‌+ত] বিণ. জাগতিক জ্ঞান লোপ পেয়েছে এমন, অচেতন।

বাহ্যজ্ঞানশূন্য /বাজ্‌ঝোগ্যান্‌শুন্যো / [স. বাহ্যজ্ঞান +শূন্য] বিণ. বাহ্যিক জ্ঞান নেই এমন, অচেতন।

বাহ্যদৃষ্টি /বাজ্‌ঝোদৃশ্‌টি / [স. বাহ্য+√দৃশ্‌+তি] বি. চর্মচক্ষুর সাহায্যে দর্শন; আপাতদৃষ্টি।

বাহ্যমান /বাজ্‌ঝোমান্‌ / [স. বাহ্য+মান (শানচ্‌)] বিণ. নিয়ে যাওয়া হচ্ছে এমন; বহন করানো হচ্ছে এমন। স্ত্রী. বাহ্যমানা /বাজ্‌ঝোমানা /।

বাহ্যিক /বাজ্‌ঝিক্‌ / [স. বাহ্য >] বিণ. ১ বাইরের। ২ আপাত দৃশ্যমান।

বাহ্যে /বাজ্‌ঝে/ [আঞ্চ.] বি. ১ মল, বিষ্ঠা। ২ মলত্যাগ।

বাহ্যেন্দ্রিয় /বাজ্‌ঝেন্‌দ্রিয়ো / [স. বাহ্য+ইন্দ্রিয়] বি. জীবদেহের পাঁচটি ইন্দ্রিয় (চোখ কান নাক জিহ্বা ও ত্বক)।

বি- /বি/ অব্য. বৈপরীত্য (*বিপক্ষ*) বিরুদ্ধতা (*বিবাদ*) অভাব (*বিজোড়*) ভিন্নত্ব (*বিজাতি*) প্রভৃতি ভাব-সূচক সংস্কৃত উপসর্গ।

বিউগল /বিউগ্‌ল্‌/ [ই.] বি. শিঙাজাতীয় ইউরোপীয় বাদ্যযন্ত্রবিশেষ, bugle।

বিউনি[১] /বিউনি/ [স. বেণি >] বি. বিন্যস্ত কেশ, বিনুনি, বেণি।

বিউনি[২] /বিউনি/ [স. বীজন >] বি. হাতপাখা।

বিউলি /বিউলি/ [স. ব্রীহি >] বি. খোসামুক্ত মাষকলাই।

বি এ /বি এ / বি. কলাবিষয়ে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি, ব্যাচেলার ডিগ্রি, Bachelor of Arts, BA।

বি এল /বি এল/ বি. আইনবিষয়ে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি, Bachelor of Law, BL।

বি এসসি /বি এসসি/ বি. বিজ্ঞানবিষয়ে বিশ্ব-বিদ্যালয়ের স্নাতক ডিগ্রি, Bachelor of Science, B Sc।

বিংশ /বিংশো/ [স. বিংশতি+অ] বিণ. ২০ সংখ্যক, ২০ সংখ্যার পূরক।

বিংশ শতক /বিংশো শতোক্‌/ বি. ১৯০১ থেকে ২০০০ সাল পর্যন্ত কালপর্ব।

বিংশ শতাব্দ /বিংশো শতাব্‌দো/ বি. দ্র বিংশ শতক।

বিংশতি /বিংশোতি/ [স. দ্বিদশৎ+শতি] বি. ২০ সংখ্যা। বিণ. ২০ সংখ্যক।

বিংশতিতম /বিংশোতিতমো/ [স. বিংশতি+তমট] বিণ. ২০ স্থানীয়; ২০ সংখ্যক বা তার পূরক। স্ত্রী. বিংশতিতমী /বিংশোতিতোমি/।

বিঁধ /বিঁধ্‌ / [স. বিদ্ধ >] বি. ছিদ্র; ফোঁড়।

বিঁধনো /বিঁধোনো/ [বা.] ক্রিবি. বিণ. দ্র বিঁধানো।

বিঁধা /বিঁধা/ [বা.] ক্রিবি. ১ বিদ্ধ হওয়া, ফোটা। ২ বিদ্ধ করা; ছিদ্র করা। বিণ. বিদ্ধ হয়েছে এমন।

বিঁধানো /বিঁধানো/ [বা.] ক্রিবি. বিণ. ফুটো করা, বিদ্ধ করা; ফুটিয়ে দেওয়া; ছিদ্র করানো।

বিকচ[১] /বিকচো/ [স. বি+√কচ্‌+অ] বিণ. বিকশিত, প্রস্ফুটিত; প্রফুল্ল।

বিকচ[২] /বিকচো/ [স. বি+কচ] বিণ. মুণ্ডিত।

বিকচ্ছ /বিকচ্‌ছো/ [স. বি+কচ্ছ] বিণ. ১ কাছা নেই এমন। ২ কাছা খুলে গিয়েছে এমন, মুক্তকচ্ছ।

বিকট /বিকট্‌ / [স. বি+√কট্‌+অ] বিণ. ১ অদ্ভুত ও ভীতিকর (*বিকট গর্জন*)। ২ বিশাল ও ভয়ংকর (*বিকট আকৃতি*)। ৩ কদর্য।

বি কম /বি কম্‌/ বি. বাণিজ্যবিষয়ে বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রি, Bachelor of Commerce, B Com।

বিকম্প /বিকম্‌পো / [স. বি+√কম্প্‌+অ] বি. কম্পন, স্পন্দন।

বিকম্পিত /বিকোম্‌পিতো / [স. বি+√কম্প্‌+ত] বিণ. অতিশয় কম্পিত, প্রবলভাবে আন্দোলিত।

বিকর্ণ /বিকরনো / [স. বি+কর্ণ] বিণ. কান নেই এমন; ছিন্নকর্ণ। বি. পুরাণে বর্ণিত ধৃতরাষ্ট্রের ঔরসজাত গান্ধারীর শত পুত্রের অন্যতম।

বিকর্তন /বিকর্‌তোন / [স. বি+√কৃত্‌+অন] বি. সূর্য।

বিকর্ম /বিকর্‌মো / [স. বি+কর্মন্‌] বি. বিপরীত কর্ম; বিরুদ্ধ কর্ম।

বিকর্ষ /বিকর্‌শো / [স. বি+√কৃষ্‌+অ] বি. ১ বিপরীত দিকে আকর্ষণ বা টান। ২ (পদার্থ.) আকর্ষণের বিপরীত; (পরি.) repulsion।

বিকর্ষক /বিকর্‌শক্‌ / [স. বি+√কৃষ্‌+অক] বিণ. বিপরীত দিকে আকর্ষণকারী।

বিকর্ষণ /বিকর্‌শোন্‌ / [স. বি+√কৃষ্‌+অন] বি. বিপরীত দিকে আকর্ষণ; আকর্ষণের বিপরীত, বিপ্রকর্ষণ; (পরি.) repulsion।

বিকর্ষী /বিকোর্‌শি / [স. বি+√কৃষ্‌+ইন্‌] বিণ. দ্র বিকর্ষক।

বিকল /বিকল্‌ / [স. বি+কলা] বিণ. ১ অসমর্থ। ২

www.pathagar.com

কোনো অংশ বা অঙ্গ নেই এমন। ৩ ব্যাকুল, বিহ্বল। ৪ অচল। বি. বিকলতা /বিকলতা/।

বিকলা /বিকলা/ [স. বি+কলা] বিণ. ব্যাকুল। বি. (কোণ পরিমাপের ক্ষেত্রে) মিনিটের ষাট ভাগের এক ভাগ।

বিকলাঙ্গ /বিকলাংগো/ [স. বিকল+অঙ্গ] বিণ. এক বা একাধিক অঙ্গ নেই এমন, অঙ্গহীন।

বিকলেন্দ্রিয় /বিকলেন্দ্রিয়ো/ [স. বিকল+ইন্দ্রিয়] বিণ. দ্র বিকলাঙ্গ।

বিকল্প /বিকল্পো/ [স. বি+√কল্প+অ] বি. ১ বিপরীত কল্পনা। ২ পক্ষান্তর। ৩ বিবিধ কল্পনা। ৪ সন্দেহ। ৫ (ব্যা.) কোনো শব্দ বা বিধির একাধিক রূপ। ৬ (দর্শন.) বাস্তবে নেই কিন্তু কথায় ব্যবহৃত (যেমন আকাশকুসুম)। ৭ অর্থালংকারবিশেষ।

বিকল্পিত /বিকোল্পিতো/ [স. বি+√কল্প+ত] বিণ. ১ ভিন্ন ব্যবস্থাযুক্ত। ২ বিপরীতরূপে কল্পিত। ৩ সন্দেহযুক্ত। ৪ বিভাষিত।

বিকল্পে /বিকল্পে/ [স. বিকল্প+বা. এ] ক্রিবিণ. ১ পরিবর্ত বা বদলি হিসেবে। ২ পক্ষান্তরে।

বিকশন /বিকশোন্/ [স. বিকসিত >] বি. বিকাশ।

বিকশিত /বিকোশিতো/ [স. বিকসিত >] বিণ. ১ প্রকাশিত। ২ প্রস্ফুটিত। ৩ বিকাশপ্রাপ্ত।

বিকানো /বিকানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ বিক্রীত হওয়া। ২ দান করা। ৩ সমাদৃত হওয়া।

বিকার[১] /বিকা:র্/ [স. বি+√কৃ+অ] বি. ১ অস্বাভাবিক অবস্থাপ্রাপ্তি, বৈগুণ্য (*চিত্তবিকার*)। ২ বিকৃতির ফলে নতুন অবস্থাপ্রাপ্তি (*দুধের বিকার দই*)। ৩ রোগ। ৪ রোগগ্রস্তের প্রলাপ।

বিকার[২] /বিকার্/ [ই. beaker] বি. ১ বৈজ্ঞানিক পরীক্ষাগারে ব্যবহৃত (তরল পদার্থ ঢালার সুবিধার্থে প্রান্তদেশে খাঁজবিশিষ্ট) স্বচ্ছ কাচের খাড়া পাত্র। ২ হাতলবিহীন চওড়ামুখ পানপাত্রবিশেষ।

বিকারগ্রস্ত /বিকারগ্রোস্তো/ [স. বিকার+গ্রস্ত] বিণ. ১ অস্বাভাবিক অবস্থাপ্রাপ্ত, বিকৃত। ২ রোগের ঘোরে প্রলাপ বকছে এমন।

বিকারী /বিকারি/ [স. বি+√কৃ+ইন্] বিণ. ১ বিকৃত-স্বভাব। ২ বিকারযুক্ত। ৩ পরিবর্তিত হচ্ছে এমন।

বিকার্য /বিকার্জো/ [স. বি+কার্য] বিণ. ১ বিকার-যোগ্য। ২ পরিবর্তন করা যায় এমন।

বিকাল /বিকাল্/ [স. বি+কাল] বি. দিবার শেষ প্রহর, অপরাহ্ণ।

বিকালবেলা /বিকাল্ব্যালা/ [স. বিকাল+বেলা] বি. দ্র বিকাল।

বিকাশ /বিকাশ্/ [স. বি+√কাশ্+অ] বি. ১ প্রকাশ। ২ আবির্ভাব। ৩ প্রসার, বিস্তার। ৪ প্রস্ফুটন।

বিকাশন /বিকাশোন্/ [স. বি+√কাশ্+অন] বি. ১ প্রকাশন। ২ প্রস্ফুটন। ৩ প্রসারণ।

বিকাশমান /বিকাশোমান্/ [স. বিকাশ+মান (শানচ্)] বিণ. বিকশিত হচ্ছে এমন; বিকাশশীল।

বিকাশশীল /বিকাশ্শিল্/ [স. বিকাশ+শীল] বিণ. দ্র বিকাশমান।

বিকাশিত /বিকাশিতো/ [স. বি+√কাশ্+ত] বিণ. প্রকাশিত; প্রস্ফুটিত।

বিকাশোন্মুখ /বিকাশোনমুখ্/ [স. বিকাশ+উন্মুখ] বিণ. বিকশিত হতে চলেছে এমন।

বিকি /বিকি/ [স. বিক্রয় >] বি. বিক্রয়।

বিকিকিনি /বিকিকিনি/ [বা.] বি. ক্রয়বিক্রয়।

বিকিনি /বিকিনি/ [স্থান.] বি. সমুদ্রসৈকতে নারীর পরিধেয় সাঁতারের খাটো পোশাকবিশেষ, bikini।

বিকিরণ /বিকিরন্/ [স. বি+√কৃ+অন] বি. ১ বিক্ষেপ, বিস্তারকরণ। ২ (পদার্থ.) কোনো বিন্দু থেকে শক্তি (আলোক তাপ প্রভৃতি রশ্মি) বিচ্ছুরণ, নির্গমন, radiation।

বিকিরিত /বিকিরিতো/ [স. বিকিরণ+ত] বিণ. ছড়িয়ে পড়ছে এমন।

বিকীর্ণ /বিকির্নো/ [স. বি+√কৃ+ত] বিণ. ১ চারদিকে প্রসারিত বা ছড়ানো এমন। ২ বিক্ষিপ্ত।

বিকীর্যমাণ /বিকির্জোমান্/ [স. বি+√কৃ+মান (শানচ্)] বিণ. বিকিরিত হচ্ছে এমন।

বিকুণ্ঠ /বিকুন্ঠো/ [স. বি+√কুণ্ঠ্+অ] বিণ. কুণ্ঠাহীন; লজ্জা নেই এমন।

বিকুণ্ঠিত /বিকুন্ঠিতো/ [স. বি+√কুণ্ঠি+ত] বিণ. দ্র বিকুণ্ঠ।

বিকুলি /বিকুলি/ [স. ব্যাকুল >] বি. ব্যাকুল ভাব, ব্যাকুলতা।

বিকৃত /বিক্কৃতো/ [স. বি+√কৃ+ত] বিণ. ১ বিকার-প্রাপ্ত, অস্বাভাবিক অবস্থাপ্রাপ্ত (*বিকৃত মস্তিষ্ক*)। ২ অসত্য (*বিকৃত ব্যাখ্যা*)। ৩ ভয়ংকর (*বিকৃত চেহারা*)। ৪ দোষযুক্ত (*বিকৃত রুচি*)।

বিকৃতকণ্ঠ /বিক্কৃতোকন্ঠো/ [স. বিকৃত+কণ্ঠ] বিণ. কণ্ঠস্বর অস্বাভাবিক এমন। বি. ভাঙা কণ্ঠস্বর।

বিকৃতমস্তিষ্ক /বিক্কৃতোমোস্তিশ্কো/ [স. বিকৃত+মস্তিষ্ক] বিণ. পাগল; বিকৃতবুদ্ধি। বি. বিকারগ্রস্ত মস্তিষ্ক।

www.pathagar.com

বিকৃতরুচি /বিক্‌কৃতোরুচি/ [স. বিকৃত+রুচি] বি. কুরুচি। বিণ. অশোভন রুচিসম্পন্ন।

বিকৃতস্বর /বিক্‌কৃতোশর্/ [স. বিকৃত+স্বর] বিণ. বি. দ্র বিকৃতকণ্ঠ।

বিকৃতি /বিক্‌কৃতি/ [স. বি+√কৃ+তি] বি. ১ বিকার, রোগ। ২ অস্বাভাবিক অবস্থা।

বিকৃষ্ট /বিক্‌কৃশ্‌টো/ [স. বি+√কৃষ্+ত] বিণ. ১ আকৃষ্ট। ২ পৃথক্‌কৃত। ৩ (বাংলায়) বিপরীত দিকে আকৃষ্ট।

বিকেন্দ্রণ /বিকেন্‌দ্রোন্/ [স. বি+কেন্দ্র+অন] বি. দ্র বিকেন্দ্রীকরণ।

বিকেন্দ্রিত /বিকেন্‌দ্রিতো/ [স. বি+কেন্দ্রিত] বিণ. কেন্দ্রের নিয়ন্ত্রণমুক্ত করা হয়েছে এমন, decentralized।

বিকেন্দ্রীকরণ /বিকেন্‌দ্রিকরোন্/ [স. বিকেন্দ্র+দ্বি+করণ] বি. কোনো বিষয়কে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ থেকে মুক্ত করে আঞ্চলিক নিয়ন্ত্রণে আনয়ন, বিকেন্দ্রীকরণ, decentralization।

বিকেলবেলা /বিকেল্‌ব্যালা/ [বা.] বি. দিবার শেষ প্রহর, বিকাল; অপরাহ্ণ।

বিক্রম /বিক্‌ক্রম্/ [স. বি+√ক্রম্+অ] বি. ১ শক্তি, বল। ২ বীরত্ব, শৌর্য। ৩ প্রতাপ, পরাক্রম।

বিক্রমশালী /বিক্‌ক্রমশালি/ [স. বিক্রম+√শাল্+ইন্] বিণ. শক্তিমান; পরাক্রমশালী, প্রতাপশালী; বীর।

বিক্রমাব্দ /বিক্‌ক্রমাব্‌দো/ [স. বিক্রম+অব্দ] বি. খ্রিষ্টপূর্ব ৫৬ অব্দ থেকে উজ্জয়িনীর নৃপতি বিক্রমাদিত্য কর্তৃক প্রবর্তিত অব্দ, সংবৎ।

বিক্রমী /বিক্‌ক্রোমি/ [স. বি+√ক্রম্+ইন্] বিণ. দ্র বিক্রমশালী।

বিক্রয় /বিক্‌ক্রয়্/ [স. বি+ক্রয়] বি. মূল্যের বিনিময়ে পণ্যদ্রব্য সম্পদ প্রভৃতির স্বত্ব ত্যাগ, বিক্রি।

বিক্রয়কেন্দ্র /বিক্‌ক্রয়্‌কেন্‌দ্রো/ [স. বিক্রয়+কেন্দ্র] বি. বিক্রয়ের স্থান, বিপণি।

বিক্রয়মূল্য /বিক্‌ক্রয়্‌মুল্‌লো/ [স. বিক্রয়+মূল্য] বি. ১ যে মূল্যের বিনিময়ে কোনোকিছু বিক্রি করা হয়। ২ কোনোকিছু বিক্রি করে প্রাপ্ত মূল্য।

বিক্রয়যোগ্য /বিক্‌ক্রয়্‌জোগ্‌গো/ [স. বিক্রয়+যোগ্য] বিণ. বিক্রির উপযুক্ত (*বিক্রয়যোগ্য পণ্যদ্রব্য*)।

বিক্রয়লব্ধ /বিক্‌ক্রয়্‌লব্‌ধো/ [স. বিক্রয়+লব্ধ] বিণ. বিক্রি করে পাওয়া গেছে এমন।

বিক্রয়িক /বিক্‌ক্রোয়িক্/ [স. বিক্রয়+ইক] বিণ. বি. বিক্রয়কারী। স্ত্রী. বিক্রয়িকা /বিক্‌ক্রোয়িকা/।

বিক্রয়ী /বিক্‌ক্রোয়ি/ [স. বি+√ক্রী+অ+ইন্] বিণ. বি. বিক্রেতা। স্ত্রী. বিক্রয়িণী /বিক্‌ক্রোয়িনি/।

বিক্রয়োত্তর /বিক্‌ক্রয়োত্‌তর্/ [স. বিক্রয়+উত্তর] বিণ. বিক্রয়পরবর্তী (*বিক্রয়োত্তর পরিষেবা*)।

বিক্রান্ত /বিক্‌ক্রান্‌তো/ [স. বি+√ক্রম্+ত] বিণ. পরাক্রান্ত, পরাক্রমশালী; শক্তিমান।

বিক্রান্তি /বিক্‌ক্রান্‌তি/ [স. বি+√ক্রম্+তি] বি. শক্তি; পরাক্রম; ক্ষমতা।

বিক্রি /বিক্‌ক্রি/ [হি.] বি. দ্র বিক্রয়।

বিক্রিয়া /বিক্‌ক্রিআ/ [স. বি+√কৃ+অ+আ (টাপ্)] বি. ১ বিকার, বিকৃতি। ২ রাসায়নিক প্রতিক্রিয়া, reaction।

বিক্রীড়িত /বিক্‌ক্রিড়িতো/ [স. বি+√ক্রীড়্+ত] বি. নানারকম খেলা।

বিক্রীত /বিক্‌ক্রিতো/ [স. বি+√ক্রী+ত] বিণ. বিক্রি করা হয়েছে এমন।

বিক্রেতা /বিক্‌ক্রেতা/ [স. বি+√ক্রী+তৃ] বি. বিণ. বিক্রয়কারী। স্ত্রী. বিক্রেত্রী /বিক্‌ক্রেত্‌রি/।

বিক্রেয় /বিক্‌ক্রেয়ো/ [স. বি+√ক্রী+য] বিণ বিক্রয়যোগ্য; বিক্রি করা হবে এমন।

বিক্লব /বিক্‌ক্লব্/ [স. বি+√ক্লব্+অ] বি. ১ বিহ্বলতা। ২ ভয়। বিণ. ১ ভীত। ২ বিহ্বল। ৩ মোহান্ধ। ৪ বিকল।

বিক্ষত /বিক্‌খতো/ [স. বি+√ক্ষণ্+ত] বিণ. আঘাত-প্রাপ্ত; আঘাতপ্রাপ্তির ফলে ক্ষত।

বিক্ষিপ্ত /বিক্‌খিপ্‌তো/ [স. বি+√ক্ষিপ্+ত] বিণ. ১ এলোমেলো; ইতস্তত ছড়ানো। ২ অস্থির (*বিক্ষিপ্ত চিত্ত*)।

বিক্ষুব্ধ /বিক্‌খুব্‌ধো/ [স. বি+√ক্ষুভ্+ত] বিণ. ১ অতিশয় ক্ষোভযুক্ত। ২ বিচলিত। ৩ আলোড়িত।

বিক্ষেপ /বিক্‌খেপ্/ [স. বি+√ক্ষিপ্+অ] বি. ১ ইতস্তত নিক্ষেপ। ২ যাপন। ৩ অস্থিরতা।

বিক্ষোভ /বিক্‌খোভ্/ [স. বি+√ক্ষুভ্+ত] বি. ১ চাঞ্চল্য, আলোড়ন। ২ গভীর অসন্তোষ থেকে সৃষ্ট আন্দোলন।

বিক্ষোভ মিছিল /বিক্‌খোভ্ মিছিল্/ বি. গভীর ক্ষোভ বা অসন্তোষ প্রকাশের উদ্দেশ্যে একত্রযাত্রা।

বিক্ষোভ সমাবেশ /বিক্‌খোভ্ শমাবেশ্/ বি. ক্ষোভ বা অসন্তোষ প্রকাশের জন্য গণজমায়েত।

বিখাউজ /বিখাউজ্/ [স. খর্জ্জু >] বি. ছোঁয়াচে নয় এমন মানবদেহের বহিস্ত্বকের চুলকানি রোগ, eczema।

www.pathagar.com

বিখ্যাত /বিক্‌খ্যাতো/ [স. বি+√খ্যা+ত] বিণ. বিশেষ প্রসিদ্ধি বা খ্যাতিসম্পন্ন, প্রখ্যাত।

বিখ্যাতি /বিক্‌খ্যাতি/ [স. বি+√খ্যা+তি] বি. বিশেষ খ্যাতি বা প্রসিদ্ধি।

বিখ্যাপন /বিক্‌খ্যাপন্/ [স. বি+খ্যাপন] বি. ১ খ্যাতি প্রচার, গুণকীর্তন। ২ বিজ্ঞাপন।

বিগড়ানো /বিগ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. ১ বিকৃত হওয়া। ২ অসৎ পথে যাওয়া। ৩ কুপথগামী করা। ৪ প্রতিকূল হওয়া। ৫ অচল হওয়া। বিণ. ১ বিকৃত। ২ কুপথগামী। ৩ অচল।

বিগণন /বিগনোন্/ [স. বি+√গণ্+অন] বি. ১ গণন, গণনা, সংখ্যান। ২ ঋণ বা দেনা পরিশোধ।

বিগণিত /বিগোনিতো/ [স. বি+√গণ্+ত] বিণ. ১ গণনা করা হয়েছে এমন। ২ দেনা পরিশোধ করা হয়েছে এমন।

বিগত /বিগতো/ [স. বি+√গম্+ত] বিণ. ১ অতিক্রান্ত (*বিগত যৌবন*)। ২ বিফল। ৩ মৃত।

বিগতপ্রাণ /বিগতোপ্রান্/ [স. বিগত+প্রাণ] বিণ. মৃত। স্ত্রী. **বিগতপ্রাণা** /বিগতোপ্রানা/।

বিগতভী /বিগতোভি/ [স. বিগত+√ভী+ক্বিপ্] বিণ. ভয় দূরীভূত হয়েছে এমন; নির্ভীক।

বিগতমহিমা /বিগতোমোহিমা/ [স. বিগত+মহিমা] বিণ. মহিমা বা গৌরব লোপ পেয়েছে এমন।

বিগতযৌবন /বিগতোজোউবন্/ [স. বিগত+যৌবন] বিণ. যৌবন অতিক্রান্ত হয়েছে এমন। স্ত্রী. **বিগতযৌবনা** /বিগতোজোউবনা/।

বিগতশোক /বিগতোশোক্/ [স. বিগত+শোক] বিণ. শোক দুঃখ প্রভৃতি দূর হয়েছে এমন।

বিগতশ্রী /বিগতোস্‌শ্রি/ [স. বিগত+√শ্রী+ক্বিপ্] বিণ. সৌন্দর্য হানি হয়েছে এমন; শ্রীহীন।

বিগতার্তবা /বিগতার্‌তোবা/ [স. বিগত+আর্তবা] বিণ. ঋতু বন্ধ হয়েছে এমন। বি. যে নারীর ঋতু বন্ধ হয়েছে।

বিগম /বিগম্/ [স. বি+√গম্+অ] বি. ১ সমাপ্তি। ২ ধ্বংস। ৩ প্রস্থান, অপগম। ৪ নিবৃত্তি।

বিগর্হ /বিগর্‌হো/ [স. বি+√গর্হ্+অ] বিণ. খারাপ; অনুচিত।

বিগর্হণ /বিগর্‌হোন্/ [স. বি+√গর্হ্+অন] বি. ১ কুৎসা, অপবাদ, কলঙ্ক। ২ তিরস্কার, ভর্ৎসনা।

বিগর্হিত /বিগোর্‌হিতো/ [স. বি+√গর্হ্+ত] বিণ. ১ অতিশয় গর্হণীয়। ২ অনুচিত; নিষিদ্ধ। ৩ দূষণীয়।

বিগলন /বিগলোন্/ [স. বি+গলন] বি. ১ সম্যক গলন; দ্রবীভবন, দ্রবণ। ২ ক্ষরণ। ৩ স্খলন।

বিগলিত /বিগোলিতো/ [স. বি+√গল্+ত] বিণ. ১ গলে গেছে এমন। ২ স্খলিত। ৩ নিঃসৃত। ৪ পচা।

বিগলিতচিত্ত /বিগোলিতোচিত্‌তো/ [স. বিগলিত+চিত্ত] বিণ. আবেগে আপ্লুত।

বিগুণ /বিগুন্/ [স. বি+গুণ] বিণ. ১ গুণহীন। ২ বিকৃত। ৩ প্রতিকূল। ৪ জ্যাশূন্য (ধনুক)।

বিগ্ন /বিগ্‌নো/ [স. √বিজ্+ত] বিণ. ১ উৎকণ্ঠিত, উদ্‌বেগযুক্ত। ২ ভয়ার্ত, শঙ্কিত।

বিগ্রহ /বিগ্‌গ্রাহো/ [স. বি+√গ্রহ্+অ] বি. ১ দেবমূর্তি, প্রতিমা। ২ দেহ। ৩ কলহ। ৪ যুদ্ধ। ৫ বিভাগ। ৬ বিস্তার। ৭ (ব্যা.) সমাসের ব্যাসবাক্য।

বিঘটন /বিঘটোন্/ [স. বি+√ঘট্+অন] বি. ১ অঘটন। ২ বিশ্লেষণ। ৩ ব্যাঘাত। ৪ ধ্বংস। ৫ বিরোধ। ৬ বিকাশ। ৭ (বাংলায়) দুর্ঘটনা।

বিঘটিত /বিঘোটিতো/ [স. বি+√ঘট্+ত] বিণ. ১ বাধাপ্রাপ্ত। ২ বিশ্লেষিত। ৩ বিশেষভাবে রচিত। ৪ প্রকাশিত।

বিঘট্টন /বিঘট্‌টোন্/ [স. বি+√ঘট্ট্+অন] বি. ১ দুটি বস্তুর পারস্পরিক সংঘর্ষণ। ২ আলোড়ন। ৩ সংঘটন।

বিঘত /বিঘত্/ [স. বিতস্তি >] বি. হাতের বুড়ো আঙুলের প্রান্ত থেকে কড়ে আঙুলের প্রান্ত পর্যন্ত দৈর্ঘ্যের পরিমাপ, আনুমানিক ৯ ইঞ্চি দৈর্ঘ্য।

বিঘা /বিঘা/ [স. বিগ্রহ >] বি. ভূমি পরিমাপের একক-বিশেষ, ১৩৩৭.৬ বর্গমিটার (১৪৪০০ বর্গফুট), ২০ কাঠা।

বিঘাকালি /বিঘাকালি/ [বা.] বি. বিঘার হিসাবে ভূমির পরিমাপ।

বিঘাত /বিঘাত্/ [স. বি+√হন্+অ] বি. ১ আঘাত। ২ বিনাশ। ৩ হত্যা। ৪ ব্যাঘাত। ৫ নিবারণ।

বিঘাতক /বিঘাতক্/ [স. বি+√হন্+অক] বিণ. ১ ব্যাঘাত সৃষ্টিকারী; বিঘ্নকর। ২ নিবারক। ৩ বিনাশকারী, ঘাতক।

বিঘাতন /বিঘাতন্/ [স. বি+√ঘাতি+অন] বি. ১ বিনাশন। ২ প্রতিবন্ধ।

বিঘাতী /বিঘাতি/ [স. বি+√হন্+ইন্] বিণ. দ্র বিঘাতক।

বিঘূর্ণন /বিঘুরনন্/ [স. বি+√ঘূর্ণ্+অন] বি. প্রবল ঘূর্ণন।

বিঘূর্ণিত /বিঘুর্‌নিতো/ [স. বি+√ঘূর্ণ্+ত] বিণ. ১ ঘূর্ণায়মান। ২ সংক্ষুব্ধ, উত্তাল।

www.pathagar.com

বিঘোর /বিঘোর্/ [বা.] বি. অসহায় অবস্থা।

বিঘোষণ /বিঘোশোন্/ [স. বি+√ঘুষ্+অন] বি. সম্যক ঘোষণা; ব্যাপক প্রচার।

বিঘোষিত /বিঘোশিতো/ [স. বি+√ঘোষি+ত] বিণ. বিশেষভাবে ঘোষিত ও প্রচারিত।

বিঘ্ন /বিঘ্নো/ [স. বি+√হন্+অ] বি. ১ ব্যাঘাত, বাধা, প্রতিবন্ধ। ২ বিপদ।

বিঘ্নকর /বিঘ্নোকর্/ [স. বিঘ্ন+√কৃ+অ] বিণ. দ্র বিঘ্নকারী।

বিঘ্নকারী /বিঘ্নোকারি/ [স. বিঘ্ন+√কৃ+ইন্] বিণ. বাধা বা প্রতিবন্ধ সৃষ্টিকারী, বাধাজনক।

বিঘ্ননাশক /বিঘ্নোনাশক্/ [স. বিঘ্ন+নাশক] বিণ. বিঘ্ন দূরকারী। বি. সিদ্ধিদাতা গণেশ।

বিঘ্ননাশন /বিঘ্নোনাশন্/ [স. বিঘ্ন+নাশন] বি. ১ বাধা দূরীকরণ। ২ সিদ্ধিদাতা গণেশ।

বিঘ্নপূর্ণ /বিঘ্নোপুর্নো/ [স. বিঘ্ন+পূর্ণ] বিণ. বাধাজনক।

বিঘ্নবিনাশন /বিঘ্নোবিনাশন্/ [স. বিঘ্ন+বিনাশন] বি. দ্র বিঘ্ননাশন।

বিঘ্নময় /বিঘ্নোময়্/ [স. বিঘ্ন+ময়ট্] বিণ. বাধা বা প্রতিবন্ধ সৃষ্টিকারী, বাধাজনক।

বিঘ্নসংকুল /বিঘ্নোশংকুল্/ [স. বিঘ্ন+সংকুল] বিণ. দ্র বিঘ্নপূর্ণ।

বিঘ্নহর /বিঘ্নোহরো/ [স. বিঘ্ন+√হৃ+অ] বিণ. দ্র বিঘ্নহারী।

বিঘ্নহারী /বিঘ্নোহারি/ [স. বিঘ্ন+√হৃ+ইন্] বিণ. বাধা বা প্রতিবন্ধ দূর করে এমন।

বিঘ্নিত /বিঘ্নিতো/ [স. বিঘ্ন+ইত] বিণ. বাধাপ্রাপ্ত, ব্যাহত, প্রতিহত।

বিচক্ষণ /বিচক্‌খন্/ [স. বি+√চক্ষ্+অন] বিণ. ১ দূরদর্শী, পরিণামদর্শী। ২ সুবিবেচক। ৩ বিদ্বান, জ্ঞানী। ৪ দক্ষ।

বিচক্ষণতা /বিচক্‌খনতা/ [স. বিচক্ষণ+তা] বি. ১ দূরদর্শিতা। ২ সুবিবেচনা। ৩ পান্ডিত্য। ৪ দক্ষতা।

বিচঞ্চল /বিচন্‌চল্/ [স. বি+চঞ্চল] বিণ. অতিশয় অস্থির।

বিচয় /বিচয়্/ [স. বি+√চি+অ] বি. ১ অনুসন্ধান। ২ সংগ্রহ, সংকলন। ৩ (পুষ্পাদি) চয়ন।

বিচয়ন /বিচয়োন্/ [স. বি+√চি+অন] বি. দ্র বিচয়।

বিচরণ /বিচরোন্/ [স. বি+√চর্+অন] বি. ইতস্তত ভ্রমণ বা ঘোরাঘুরি, পরিক্রমণ।

বিচরণকারী /বিচরোন্‌কারি/ [স. বিচরণ+√কৃ+ইন্] বিণ. ১ ইতস্তত বিচরণ করে এমন। ২ ইতস্তত ভ্রমণকারী।

বিচরণশীল /বিচরোন্‌শিল্/ [স. বিচরণ+শীল] বিণ. ইতস্তত বিচরণ বা পরিক্রমণ করছে এমন।

বিচরা /বিচরা/ [স. বিচরণ >] ক্রিবি. (কাব্যে) বিচরণ করা, ভ্রমণ করা, বেড়ানো।

বিচর্চিকা /বিচোর্‌চিকা/ [স. বি+√চর্চ্চ্+অক+আ (টাপ্)] বি. খোসপাঁচড়া প্রভৃতি চর্মরোগ।

বিচল /বিচল্/ [স. বি+√চল্+অ] বিণ. দ্র বিচলিত।

বিচলন /বিচলোন্/ [স. বি+√চল্+অন] বি. ১ চঞ্চলতা। ২ আলোড়ন। ৩ চ্যুতি। ৪ ব্যাকুলতা।

বিচলিত /বিচোলিতো/ [স. বি+√চল্+ত] বিণ. ১ অধীর; ব্যাকুল। ২ আলোড়িত। ৩ স্খলিত।

বিচার /বিচার্/ [স. বি+√চারি+অ] বি. ১ যুক্তির দ্বারা সত্যমিথ্যা নির্ণয়। ২ নিষ্পত্তি। ৩ রায়। ৪ গুণাগুণ মূল্যায়ন (*কাব্যবিচার*)। ৫ শুচিতার বাতিক।

বিচারক /বিচারক্/ [স. বি+√চারি+অক] বি. বিচারকর্তা, বিচারপতি, ন্যায়াধীশ, জজ।

বিচারকর্তা /বিচারকর্‌তা/ [স. বিচার+কর্তা] বি. দ্র বিচারক।

বিচারক্ষম /বিচারখমো/ [স. বিচার+√ক্ষম্+অ] বিণ. সুবিচার করার ক্ষমতাবিশিষ্ট।

বিচারক্ষমতা /বিচারখমোতা/ [স. বিচার+ক্ষমতা] বি. সত্যাসত্য নির্ণয় করার ক্ষমতা বা যোগ্যতা।

বিচারণ /বিচারন্/ [স. বি+√চারি+অন] বি. ১ বিচারক্রিয়া। ২ বিবেচনা।

বিচারণা /বিচারনা/ [স. বি+√চারি+অন+আ (টাপ্)] বি. দ্র বিচারণ।

বিচারণীয় /বিচারোনিয়ো/ [স. বি+√চারি+অনীয়] বিণ. দ্র বিচার্য।

বিচারপতি /বিচারপোতি/ [স. বিচার+পতি] বি. তথ্য প্রমাণ বিশ্লেষণ করে সত্য উদ্‌ঘাটনের দায়িত্বে নিয়োজিত রাষ্ট্রের প্রতিনিধি, ন্যায়াধীশ, বিচারক।

বিচারপদ্ধতি /বিচারপদ্‌ধোতি/ [স. বিচার+পদ্ধতি] বি. বিচারব্যবস্থা।

বিচারপ্রহসন /বিচারপ্রোহোশোন/ [স. বিচার+প্রহসন] বি. বিচারের নামে প্রহসন, অন্যায় বিচার।

বিচারফল /বিচারফল্/ [স. বিচার+ফল] বি. বিচারের রায়।

বিচারবিবেচনা /বিচারবিবেচনা/ [স. বিচার+বিবেচনা] বি. উচিত-অনুচিত প্রভৃতি বিশ্লেষণ।

বিচারবিহীন /বিচারবিহিন্/ [স. বিচার+বিহীন]

www.pathagar.com

বিণ. ১ ন্যায়বিচারশূন্য। ২ অবিবেচক।

বিচারবুদ্ধি /বিচারবুদ্ধি/ [স. বিচার+√বুধ্+তি] বি. যুক্তিদ্বারা সত্য-অসত্য নিরূপণের ক্ষমতা।

বিচারশূন্য /বিচারশূন্নো/ [স. বিচার+শূন্য] বিণ. দ্র বিচারবিহীন।

বিচারসাপেক্ষ /বিচারশাপেক্‌খো/ [স. বিচার+সাপেক্ষ] বিণ. সিদ্ধান্ত গ্রহণের পূর্বে ন্যায়-অন্যায় বিবেচনা করে দেখতে হবে এমন।

বিচারাধীন /বিচারাধিন্/ [স. বিচার+অধীন] বিণ. ১ বিচারবিবেচনা করা হচ্ছে এমন। ২ আদালতে বিচারপ্রক্রিয়া চলছে এমন (*বিচারাধীন মামলা*)।

বিচারালয় /বিচারালয়্/ [স. বিচার+আলয়] বি. যে গৃহে বিচারকার্য সম্পাদন করা হয়, আদালত।

বিচারিত /বিচারিতো/ [স. বি+√চারি+ত] বিণ. বিচারবিবেচনা করা হয়েছে এমন; মীমাংসিত।

বিচারী /বিচারি/ [স. বি+√চারি+ইন্] বিণ. বিচারক, মীমাংসাকারী।

বিচার্য /বিচারজো/ [স. বি+√চারি+য] বিণ. ১ বিচার করতে হবে এমন, বিচারযোগ্য। ২ বিবেচ্য।

বিচালি /বিচালি/ [দেশি.] বি. ধান মাড়াইয়ের পর যা অবশিষ্ট থাকে, খড়।

বিচি /বিচি/ [স. বীজ >] বি. ১ শস্যাদি প্রভৃতির ছোটো আঁটি। ২ অণ্ডকোষ। ৩ ফোড়ার মধ্যকার গুটি।

বিচিকিৎসা /বিচিকিত্‌শা/ [স. বি+চিকিৎসা] বি. সন্দেহ, সংশয়; ভ্রান্তি।

বিচিত /বিচিতো/ [স. বি+√চি+ত] বিণ. একীকৃত; বিশেষভাবে চয়ন করা হয়েছে এমন; সমাহৃত।

বিচিত্র /বিচিত্তো্র/ [স. বি+√চিত্র+অ] বিণ. ১ নানা বর্ণবিশিষ্ট। ২ নানারূপে চিত্রিত, নকশাদার। ৩ মনোরম, মনোহর, সুন্দর। ৪ বিস্ময়কর।

বিচিত্রকর্মা /বিচিত্‌ত্রোকর্‌মা/ [স. বিচিত্র+কর্মন্] বিণ. নানা ধরনের কাজ করতে পারে এমন।

বিচিত্রতা /বিচিত্‌ত্রোতা/ [স. বিচিত্র+তা] বি. নানা রূপ, বৈচিত্র্য।

বিচিত্রধর্মী /বিচিত্‌ত্রোধোর্‌মি/ [স. বিচিত্র+ধর্ম+ইন্] বিণ. বিবিধ গুণসংবলিত।

বিচিত্রবর্ণ /বিচিত্‌ত্রোবর্‌নো/ [স. বিচিত্র+বর্ণ] বি. নানা বর্ণ। বিণ. নানা রঙের।

বিচিত্রবীর্য /বিচিত্‌ত্রোবির্‌জো/ [স. বিচিত্র+বীর্য] বিণ. বিস্ময়কর বীরত্বসম্পন্ন। বি. মহাভারতোক্ত চন্দ্রবংশীয় রাজা শান্তনুর পুত্র।

বিচিত্রা /বিচিত্‌ত্রা/ [স. বি+√চিত্র্+অ+আ (টাপ্)] বি. বিবিধ উপকরণ দিয়ে গ্রথিত অনুষ্ঠান (*বিচিত্রানুষ্ঠান*); বিবিধ বিষয়ের রচনাসংবলিত পত্রিকা।

বিচিত্রিত /বিচিত্‌ত্রিতো/ [স. √বিচিত্রি+ত] বিণ. নানা বর্ণে রঞ্জিত ও শোভিত।

বিচুলি /বিচুলি/ [দেশি.] বি. ধান মাড়াইয়ের পর যা অবশিষ্ট থাকে, বিচালি, খড়।

বিচূর্ণ /বিচুর্‌নো/ [স. বি+√চূর্ণ্+অ] বিণ. দ্র বিচূর্ণিত।

বিচূর্ণন /বিচুর্‌নন্/ [স. বি+√চূর্ণ্+অন] বি. বিশেষ-ভাবে চূর্ণন, trituration।

বিচূর্ণিত /বিচুর্‌নিতো/ [স. বি+√চূর্ণ্+ত] বিণ. বিশেষভাবে গুঁড়ো বা চূর্ণ করা হয়েছে এমন।

বিচেতন /বিচেতন্/ [স. বি+√চিৎ+অন] বিণ. ১ অচেতন, সংজ্ঞাহীন। ২ বিবেকহীন।

বিচেয় /বিচেয়ো/ [স. বি+√চি+য] বিণ. ১ চয়ন বা সংগ্রহ করার যোগ্য। ২ খুঁজে দেখতে হবে এমন।

বিচেষ্ট /বিচেশ্‌টো/ [স. বি+√চেষ্ট্+অ] বিণ. ১ চেষ্টাহীন, উদ্যমশূন্য, নিশ্চেষ্ট। ২ অলস।

বিচেষ্টিত[১] /বিচেশ্‌টিতো/ [স. বি+√চেষ্ট্+ত] বিণ. খোঁজা হয়েছে এমন।

বিচেষ্টিত[২] /বিচেশ্‌টিতো/ [স. বি+চেষ্টিত] বিণ. উদ্যমহীন, নিশ্চেষ্ট।

বিচ্ছায় /বিচ্‌ছায়্/ [স. বি+ছায়া] বি. ছায়াশূন্যতা। বিণ. ছায়াশূন্য।

বিচ্ছিত্তি /বিচ্‌ছিত্‌তি/ [স. বি+√ছিদ্+তি] বি. ১ বিচ্ছেদ। ২ নাশ, বিনাশ। ৩ নারীর অঙ্গরাগ ও সাজসজ্জা। ৪ বৈচিত্র্য।

বিচ্ছিন্ন /বিচ্‌ছিন্নো/ [স. বি+√ছিদ্+ত] বিণ. ১ সম্পূর্ণ ছিন্ন। ২ বিভক্ত; বিযুক্ত। ৩ সম্পর্কহীন।

বিচ্ছিন্নতা /বিচ্‌ছিন্নতা/ [স. বিচ্ছিন্ন+তা] বি. ১ সম্পূর্ণ ছিন্নতা। ২ বিযুক্ত অবস্থা। ৩ সম্পর্ক-শূন্যতা।

বিচ্ছিন্নতাবাদ /বিচ্‌ছিন্নতাবাদ্/ [স. বিচ্ছিন্নতা +বাদ] বি. দেশ বা জাতির সংহতি নাশ করে এমন মতবাদ।

বিচ্ছিন্নতাবাদী /বিচ্‌ছিন্নতাবাদি/ [স. বিচ্ছিন্নতা +√বদ্+ইন্] বিণ. দেশ বা জাতির সংহতি নাশ করে এমন মতবাদে বিশ্বাসী বা অনুরূপ কাজের সঙ্গে যুক্ত। বি. বিচ্ছিন্নতাবাদে বিশ্বাসী ব্যক্তি।

বিচ্ছিরি /বিচ্‌ছিরি/ [স. বিশ্রী >] বিণ. শ্রীহীন, কদর্য, অশোভন; 'বিশ্রী'-র কথ্য রূপ।

বিচ্ছু /বিচ্‌ছু/ [স. বৃশ্চিক >] বি. ১ বৃশ্চিক, বিছা। ২

www.pathagar.com

(আল.) অতি দুরন্ত শিশু। ৩ ধূর্ত ও অনিষ্টকারী ব্যক্তি।

বিচ্ছুরণ /বিচ্‌ছুরন্‌/ [স. বি+√ছুর্‌+অন] বি. ১ কম্পাঙ্ক অনুযায়ী আলোকরশ্মির নানা বর্ণে বিভাজন, dispersion।

বিচ্ছুরিত /বিচ্‌ছুরিতো/ [স. বি+√ছুর্‌+ত] বিণ. ১ বিচিত্র বর্ণে বিশ্লিষ্ট, বিকীর্ণ। ২ রঞ্জিত।

বিচ্ছেদ /বিচ্‌ছেদ্‌/ [স. বি+√ছিদ্‌+অ] বি. ১ বিয়োগ; ছাড়াছাড়ি। ২ বিভেদ। ৩ বিরহ। ৪ বিরতি, বিরাম। ৫ বিশ্লেষণ (*সন্ধিবিচ্ছেদ*)।

বিচ্ছেদকাতর /বিচ্‌ছেদ্‌কাতোর্‌/ [স. বিচ্ছেদ+কাতর] বিণ. বিরহ বা বিচ্ছেদের কারণে কাতর।

বিচ্ছেদকামী /বিচ্‌ছেদ্‌কামি/ [স. বিচ্ছেদ+√কামি+ইন্‌] বিণ. বিভেদ কামনা করে এমন।

বিচ্ছেদক্লিষ্ট /বিচ্‌ছেদ্‌ক্লিশ্‌টো/ [স. বিচ্ছেদ+√ক্লিশ্‌+ত] বিণ. দ্র বিচ্ছেদকাতর।

বিচ্ছেদন /বিচ্‌ছেদোন্‌/ [স. বি+√ছিদ্‌+অন] বি. ১ পৃথক্‌করণ। ২ কর্তন।

বিচ্ছেদবেদনা /বিচ্‌ছেদ্‌বেদোনা/ [স. বিচ্ছেদ+বেদনা] বি. বিচ্ছেদের বেদনা, বিরহযন্ত্রণা।

বিচ্ছেদমূলক /বিচ্‌ছেদ্‌মুলক্‌/ [স. বিচ্ছেদ+মূলক] বিণ. ১ বিভেদ সৃষ্টিকারী। ২ সংহতি নাশকারী।

বিচ্যুত /বিচ্‌চুতো/ [স. বি+√চ্যু+ত] বিণ. ১ স্খলিত। ২ ভ্রষ্ট, পতিত। স্ত্রী. বিচ্যুতা /বিচ্‌চুতা/।

বিচ্যুতি /বিচ্‌চুতি/ [স. বি+√চ্যু+তি] বি. ১ স্খলন, পতন। ২ বিচ্ছিন্নতা। ৩ ত্রুটি; অপরাধ।

বিছা /বিছা/ [স. বৃশ্চিক >] বি. ১ বৃশ্চিক। ২ বৃশ্চিকের আকৃতিবিশিষ্ট অলংকার (*বিছাহার*)।

বিছানা /বিছানা/ [স. বিস্তারণা >] বি. গদিযুক্ত (বা গদিহীন) শোয়ার জায়গা, শয্যা।

বিছানো /বিছানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ পেতে দেওয়া, পাতা (*মাদুর বিছানো*)। ২ ছড়ানো (*কাঁকর বিছানো*)।

বিছাহার /বিছাহার/ [বা. বিছা+স. হার] বি. বৃশ্চিকের আকৃতিবিশিষ্ট অলংকারবিশেষ।

বিছুটি /বিছুটি/ [স. বৃশ্চিকালী >] বি. প্রায় সারাবছর ফোটে এমন ঈষৎ বেগুনি ফুল বা তার খসখসে পাতাবিশিষ্ট (শরীরে যার ছোঁয়া লাগামাত্র জ্বালা করে) ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির বহুবর্ষজীবী লতানে উদ্ভিদ।

বিজড়িত /বিজোড়িতো/ [স. বি+জড়িত] বিণ. যুক্ত (*স্মৃতিবিজড়িত*)।

বিজন /বিজন্‌/ [স. বি+√জন্‌+অ] বিণ. গোপন, নিভৃত। বি. নির্জন স্থান।

বিজনতা /বিজনতা/ [স. বিজন+তা] বি. নির্জনতা।

বিজনন /বিজনোন্‌/ [স. বি+√জনি+অন] বি. ১ জন্মদান, প্রসব। ২ উদ্ভব, উৎপত্তি, সৃষ্টি।

বিজনি /বিজোনি/ [স. ব্যজন >] বি. হাতপাখা।

বিজবিজ /বিজ্‌বিজ্‌/ [ধ্বন্যা.] অব্য. অসংখ্য ক্ষুদ্র কীটের একত্র অবস্থানের ভাব, গিজগিজ।

বিজয় /বিজয়্‌/ [স. বি+√জি+অ] বি. ১ প্রতিপক্ষকে পরাজিতকরণ, জয়লাভ। ২ সফলতা। ৩ গমন। ৪ (বাংলায়) মঙ্গল।

বিজয়কুঞ্জর /বিজয়্‌কুন্‌জর্‌/ [স. বিজয়+কুঞ্জর] বি. যে হাতি রাজাকে বহন করে।

বিজয়কেতন /বিজয়্‌কেতন্‌/ [স. বিজয়+কেতন] বি. বিজয়ের পতাকা, জয়ধ্বজা।

বিজয়গর্ব /বিজয়্‌গর্‌বো/ [স. বিজয়+গর্ব] বি. জয়লাভের গৌরব।

বিজয়গৌরব /বিজয়্‌গোড়্‌রব্‌/ [স. বিজয়+গৌরব] বি. বিজয়ের মহিমা।

বিজয়টিকা /বিজয়্‌টিকা/ [স. বিজয়+টিকা] বি. বিজয়ের চিহ্নস্বরূপ অঙ্কিত তিলক।

বিজয়দিবস /বিজয়্‌দিবশ্‌/ [স. বিজয়+দিবস] বি. যে তারিখে (২রা পৌষ ১৩৭৮, ১৬ই ডিসেম্বর ১৯৭১) ঢাকার সোহ্‌রাওয়ার্দী উদ্যানে পরাজিত পাকিস্তানী হানাদার বাহিনী ভারত ও বাংলাদেশের যৌথবাহিনীর নিকট আত্মসমর্পণ করে, বাংলাদেশের বিজয় অর্জনের স্মারকদিবস।

বিজয়দৃপ্ত /বিজয়্‌দৃপ্‌তো/ [স. বিজয়+√দৃপ্‌+ত] বিণ. বিজয়লাভের জন্য গর্বিত।

বিজয়মালা /বিজয়্‌মালা/ [স. বিজয়+মালা] বি. বিজয়ীকে প্রদত্ত জয়মাল্য।

বিজয়লক্ষ্মী /বিজয়্‌লোক্‌খি/ [স. বিজয়+√লক্ষ্‌+ম+ঈ] বি. জয়ের অধিষ্ঠাত্রী দেবী, জয়শ্রী।

বিজয়স্তম্ভ /বিজয়্‌স্‌তম্‌ভো/ [স. বিজয়+√স্তম্ভ্‌+অ] বি. যুদ্ধে জয়লাভের স্মারকরূপে নির্মিত স্তম্ভ।

বিজয়া /বিজয়া/ [স. বি+√জি+অ+আ (টাপ্‌)] বি. ১ দেবী দুর্গা। ২ আশ্বিন মাসের শুক্লপক্ষের দশমী তিথিতে উদ্‌যাপিত উৎসব, বিজয়াদশমী। ৩ দুর্গার একজন সখী।

বিজয়াসংগীত /বিজয়াশোংগিত্‌/ [স. বিজয়া+সংগীত] বি. পিতৃগৃহ থেকে দেবী দুর্গার কৈলাসযাত্রার বেদনা অবলম্বনে রচিত গান।

বিজয়ী /বিজোয়ি/ [স. বিজয়+ইন্‌] বিণ. জয়লাভকারী। স্ত্রী. বিজয়িনী /বিজোয়িনি/।

www.pathagar.com

বিজয়োৎসব /বিজয়োত্‌শব্‌/ [স. বিজয়+উৎসব] বি. ১ যুদ্ধে জয়লাভ উপলক্ষ্যে পালিত উৎসব। ২ বিজয়াদশমীর উৎসব।

বিজয়োন্মত্ত /বিজয়োন্‌মত্‌তো/ [স. বিজয়+উন্মত্ত] বিণ. জয়ের আনন্দে আত্মহারা।

বিজয়োন্মাদ /বিজয়োন্‌মাদ্‌/ [স. বিজয়+উন্মাদ] বিণ. দ্র বিজয়োন্মত্ত।

বিজর /বিজর্‌/ [স. বি+জরা] বিণ. জরাশূন্য, বার্ধক্যহীন; চিরতরুণ।

বিজলি /বিজ্‌লি/ [স. বিদ্যুৎ >] বি. তড়িৎ-চুম্বকীয় শক্তির রূপবিশেষ, বিদ্যুৎ।

বিজল্প /বিজল্‌পো/ [স. বি+√জল্প্‌+অ] বি. ১ বিশেষ জল্পনা; হালকা আলাপ-আলোচনা বা পরামর্শ। ২ প্রলাপ। ৩ কটাক্ষপূর্ণ উক্তি।

বিজাত /বিজাতো/ [স. বি+√জন্‌+ত] বিণ. বেজন্মা, জারজ।

বিজাতি /বিজাতি/ [স. বি+জাতি] বি. অন্য জাতি।

বিজাতীয় /বিজাতিয়ো/ [স. বিজাতি+ঈয়] বিণ. ১ অন্য জাতি বা শ্রেণিভুক্ত। ২ ভিন্ন জাতিসম্পর্কীয়। ৩ (বাংলায়) বিসদৃশ; উৎকট। বি. ~তা /-তা/।

বিজারক /বিজারোক্‌/ [স. বি+জারক] বি. (রসা.) রাসায়নিক বিক্রিয়ায় ইলেক্ট্রন সরবরাহকারী রাসায়নিক দ্রব্য; (পরি.) reducing agent।

বিজারণ /বিজারোন্‌/ [স. বি+জারণ] বি. ১ (রসা.) রাসায়নিক বিক্রিয়ায় অন্য পদার্থ থেকে হাইড্রোজেন বা ইলেক্ট্রন আনয়ন ও সংযোজন; (পরি.) reduction। ২ তুল. জারণ (পৃ ৫১৮)।

বিজিগীষা /বিজিগিশা/ [স. বি+√জি+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. জয়লাভের ইচ্ছা, জয়লিপ্সা।

বিজিগীষু /বিজিগিশু/ [স. বি+√জিগীষ্‌+উ] বিণ. জয়লাভ করতে ইচ্ছুক।

বিজিত /বিজিতো/ [স. বি+√জি+ত] বিণ. জয় করে নেওয়া হয়েছে এমন।

বিজু /বিজু/ [অজ্ঞা.] বি. বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামে চাকমাদের তিনদিনব্যাপী উদ্‌যাপিত বর্ষবরণের উৎসব।

বিজুরি /বিজুরি/ [স. বিদ্যুৎ >] বি. 'বিজলি'-র কোমল রূপ।

বিজৃম্ভণ /বিজৃম্ভন্‌/ [স. বি+√জৃম্ভ্‌+অন] বি. ১ নিদ্রা বা অবসাদজনিত মুখব্যাদান, হাই। ২ ইচ্ছা। ৩ বিস্তার।

বিজেতা /বিজেতা/ [স. বি+√জি+তৃ] বিণ. জয়লাভকারী, জয়ী। স্ত্রী. বিজেত্রী /বিজেত্‌রি/।

বিজেয় /বিজেয়ো/ [স. বি+√জি+য] বিণ. জয় করার যোগ্য; জয়সাধ্য; জয় করা উচিত এমন।

বিজোড় /বিজোড়্‌/ [স. বি+বা. জোড়্‌] বিণ. ১ দুই দিয়ে বিভাজ্য নয় এমন। ২ বিষম। ৩ জোড়হীন।

বিজ্ঞ /বিগ্‌গোঁ/ [স. বি+√জ্ঞা+অ] বিণ. ১ জ্ঞানী, পণ্ডিত। ২ অভিজ্ঞ। ৩ বিচক্ষণ। বি. ~তা /-তা/।

বিজ্ঞজন /বিগ্‌গোঁজন্‌/ [স. বিজ্ঞ+জন] বি. জ্ঞানী ও অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি।

বিজ্ঞজনোচিত /বিগ্‌গোঁজনোচিতো/ [স. বিজ্ঞজন +উচিত] বিণ. বিজ্ঞজনের মতো, বিজ্ঞজনসুলভ।

বিজ্ঞত্ব /বিগ্‌গোঁত্‌তো/ [স. বিজ্ঞ+ত্ব] বি. জ্ঞানবত্তা, পাণ্ডিত্য; বিচক্ষণতা।

বিজ্ঞপ্তি /বিগ্‌গোঁপ্‌তি/ [স. বি+√জ্ঞাপি+তি] বি. বিশেষভাবে জ্ঞাপন, বিজ্ঞাপন; ঘোষণা, notice।

বিজ্ঞাত /বিগ্‌গ্যাঁতো/ [স. বি+√জ্ঞা+ত] বিণ. ১ সম্যক বিদিত বা অবগত, পরিজ্ঞাত। ২ বিখ্যাত।

বিজ্ঞান /বিগ্‌গ্যান্‌/ [স. বি+√জ্ঞা+অন] বি. ১ বিশেষ জ্ঞান। ২ পদার্থবিদ্যা রসায়নশাস্ত্র প্রভৃতি বিষয়ে গবেষণালব্ধ শৃঙ্খলাবদ্ধ জ্ঞান, science। ৩ কোনো নির্দিষ্ট বিষয়ে সুসংবদ্ধ জ্ঞান (*রাষ্ট্রবিজ্ঞান*)। ৪ শিল্পাদির শাস্ত্র।

বিজ্ঞানদর্শন /বিগ্‌গ্যান্‌দর্‌শোন্‌/ [স. বিজ্ঞান+দর্শন] বি. বৈজ্ঞানিক যুক্তি ও প্রমাণের ওপর প্রতিষ্ঠিত শাস্ত্র।

বিজ্ঞানমনস্ক /বিগ্‌গ্যান্‌মনশ্‌কো/ [স. বিজ্ঞান+ মনস্ক] বিণ. বিজ্ঞানের প্রতি আগ্রহযুক্ত। স্ত্রী. বিজ্ঞানমনস্কা /বিগ্‌গ্যান্‌মনশ্‌কা/।

বিজ্ঞানমনস্কতা /বিগ্‌গ্যান্‌মনশ্‌কোতা/ [স. বিজ্ঞান+ মনস্ক+তা] বি. বিজ্ঞানের প্রতি অনুরাগ, বিজ্ঞান-প্রীতি।

বিজ্ঞানসম্মত /বিগ্‌গ্যান্‌শম্মতো/ [স. বিজ্ঞান+সম্মত] বিণ. বিজ্ঞান সমর্থন বা অনুমোদন করে এমন।

বিজ্ঞানী /বিগ্‌গ্যানি/ [স. বিজ্ঞান+ইন্‌] বি. পদার্থ-বিদ্যা রসায়ন গণিত জ্যোতির্বিদ্যা প্রভৃতি এক বা একাধিক বিজ্ঞানশাস্ত্রে জ্ঞানী ব্যক্তি, বিজ্ঞানবিৎ। বিণ. বিজ্ঞানসম্বন্ধীয়।

বিজ্ঞাপক /বিগ্‌গাঁপক্‌/ [স. বি+√জ্ঞাপি+অক] বিণ. বিজ্ঞপ্তি প্রচারক। বি. যে বিজ্ঞপ্তি প্রচার করে।

বিজ্ঞাপন /বিগ্‌গাঁপোন্‌/ [স. বি+√জ্ঞাপি+অন] বি. ১ বিশেষভাবে জ্ঞাপন, নিবেদন। ২ কোনো গুরুত্ব-পূর্ণ ঘটনা বা পরিষেবা সম্পর্কে সংবাদপত্র বা অন্য কোনো মাধ্যমে বিজ্ঞপ্তি প্রচার; ইশতাহার;

www.pathagar.com

notice ; advertisement।

বিজ্ঞাপনদাতা /বিগ্‌গাঁপোন্‌দাতা/ [স. বিজ্ঞাপন+দাতা] বি. যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষে বিজ্ঞাপন প্রচার করা হয়, বিজ্ঞাপক।

বিজ্ঞাপনী /বিগ্‌গাঁপোনি/ [স. বিজ্ঞাপন+ঈ] বি. বিজ্ঞাপনপত্র; নোটিশ; ইশতাহার। বিণ. বিজ্ঞাপন রচনা ও প্রচারসংক্রান্ত (*বিজ্ঞাপনী সংস্থা*)।

বিজ্ঞাপনীয় /বিগ্‌গাঁপোনিয়ো/ [স. বি+√জ্ঞাপি+অনীয়] বিণ. বিজ্ঞপ্তি প্রচারের উপযুক্ত বা বিজ্ঞপ্তিদ্বারা প্রচার করতে হবে এমন।

বিজ্ঞাপিত /বিগ্‌গাঁপিতো/ [স. বি+√জ্ঞাপি+ত] বিণ. ১ বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে এমন। ২ প্রকাশিত।

বিজ্ঞেয় /বিগ্‌গেঁয়ো/ [স. বি+√জ্ঞা+য] বিণ. জ্ঞাতব্য।

বিজ্বর /বিজর্/ [স. বি+জ্বর] বিণ. জ্বর থেকে মুক্ত।

বিট[১] /বি:ট্/ [ই. beet >] বি. বসন্তকালে ফোটে এমন উভলিঙ্গ গুচ্ছবদ্ধ সবুজাভ ছোটো ফুল ও লম্বা বৃন্তযুক্ত ডিম্বাকার পাতাবিশিষ্ট গাঢ় লাল মিষ্টস্বাদ কন্দ (চিনি তৈরির অন্যতম কাঁচামাল) বা তার বীরুৎশ্রেণির উদ্ভিদ।

বিট[২] /বি:ট্/ [ই.] বি. পাহারাদারের টহল দেওয়ার নির্দিষ্ট সীমা, beat।

বিট[৩] /বি:ট্/ [স. √বিট্+অ] বি. ১ গন্ধকযুক্ত কৃত্রিম লবণবিশেষ (*বিটনুন*)। ২ ইঁদুর। ৩ পর্বতবিশেষ। বিণ. ১ ধূর্ত। ২ কামুক। ৩ লম্পট।

বিটকেল /বিট্‌কেল্/ [দেশি.] বিণ. ১ কুৎসিত। ২ বিকট, ভীষণ। ৩ অদ্ভুত, আজগুবি।

বিটঙ্ক /বিটংকো/ [স. বি+√টঙ্ক্+অ] বি. ১ পাখি বসার জন্য বাঁশের মাথায় বাঁধা উঁচু মাচা। ২ পাখি ধরার ফাঁদ। ৩ পায়রার খোপ।

বিটনুন /বিট্‌নুন্/ [স. বিটলবণ >] বি. দ্র বিটলবণ।

বিটপ /বিটপ্/ [স. √বিট্+অপ] বি. ১ গাছের শাখা। ২ পাতা।

বিটপালং /বিট্‌পালোং/ [ই. বিট+অসম. পালং] বি. বসন্তকালে ফোটে এমন উভলিঙ্গ গুচ্ছবদ্ধ সবুজাভ ছোটো ফুল ও লম্বা বৃন্তযুক্ত ডিম্বাকার পাতা যা শাক হিসেবে খাওয়া হয়, beet।

বিটপী /বিটোপি/ [স. বিটপ+ইন্] বি. গাছ, তরু।

বিটলবণ /বিট্‌লবোন্/ [স. বিট+লবণ] বি. গন্ধক-যুক্ত কৃত্রিম লবণবিশেষ।

বিটলে /বিট্‌লে/ [দেশি.] বিণ. শঠ, ঠক; দুরন্ত।

বিটেল /বিটেল্/ [দেশি.] বিণ. দ্র বিটলে।

বিড়ঙ্গ /বিড়ংগো/ [স. √বিড়্+অঙ্গ] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং বসন্তকালে ফোটে এমন ছোটো সবুজাভ হলুদ গুচ্ছবদ্ধ ফুল ও কুঁচকানো গোলাকার ফল বা তার ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ।

বিড়বিড় /বিড়্‌বিড়্/ [ধ্বন্যা.] বি. অস্পষ্ট ও মৃদু স্বরে কথন।

বিড়ম্বন /বিড়ম্‌বন্/ [স. বি+√ডম্ব্+অন] বি. দ্র বিড়ম্বনা।

বিড়ম্বনা /বিড়ম্‌বনা/ [স. বি+√ডম্ব্+অন+আ (টাপ্)] বি. ১ অনর্থক দুর্ভোগ; ক্লেশ। ২ প্রতারণা, ছলনা।

বিড়ম্বনাপূর্ণ /বিড়ম্‌বনাপুর্‌নো/ [স. বিড়ম্বনা+পূর্ণ] বিণ. ১ অনর্থক দুর্ভোগ পোহাতে হয় এমন; ক্লেশকর। ২ ছলনাপূর্ণ।

বিড়ম্বনাময় /বিড়ম্‌বনাময়্/ [স. বিড়ম্বনা+ময়ট্] বিণ. দ্র বিড়ম্বনাপূর্ণ।

বিড়ম্বিত /বিড়োম্‌বিতো/ [স. বি+√ডম্ব্+ত] বিণ. ১ প্রতারিত, প্রবঞ্চিত। ২ দুঃখপ্রাপ্ত। ৩ অনুকৃত।

বিড়া /বিড়া/ [স. বীটি >] বি. ১ খড় দড়ি প্রভৃতির তৈরি ছোটো গোলাকার ঠেস যা মাথায় ভার বহনের জন্য বা হাড়ি তবলা (যার তলদেশ গোলাকার) প্রভৃতি স্থিতিশীল রাখার জন্য ব্যবহৃত হয়। ২ আশিটি পানের গুচ্ছ (*পানের বিড়া*)।

বিড়াল /বিড়াল্/ [স. √বিড়্+আল] বি. সুচালো নাসারন্ধ্র এবং নখর গুটিয়ে ফেলতে পারে এমন কোমল লোমাবৃত দেহবিশিষ্ট গৃহপালিত মাংসাশী চতুষ্পদ স্তন্যপায়ী প্রাণী, মার্জার, মেকুর। স্ত্রী. বিড়ালী /বিড়ালি/।

বিড়ালতপস্বী /বিড়াল্‌তপোশ্‌শি/ [স. বিড়াল+তপস্বী] বি. সাধুর ছদ্মবেশে কপট ব্যক্তি, ভণ্ড লোক।

বিড়ালাক্ষী /বিড়ালাক্‌খি/ [স. বিড়ালাক্ষ+ঈ] বিণ. বিড়ালের মতো পিঙ্গলবর্ণ চোখবিশিষ্ট।

বিড়ি /বিড়ি/ [স. বীটি >] বি. ১ ধূমপানের জন্য টেন্দু পাতায় মোড়া তামাকচূর্ণ। ২ পানের খিলি।

বিতং /বিতং/ [স. বিতত >] বি. বিশদ বিবরণ।

বিতংস /বিতংশো/ [স. বি+√তন্স্+অ] বি. পশুপাখি ধরার জাল বা ফাঁদ।

বিতণ্ডা /বিতন্‌ডা/ [স. বি+√তণ্ড্+অ+আ (টাপ্)] বি. ১ নিজের মত প্রতিষ্ঠার চেয়ে অন্যের মত খণ্ডনের জন্য বাগাড়ম্বর। ২ (বাংলায়) বাজে বিতর্ক। ৩ ভিত্তিহীন বা অমূলক বিচার।

বিতত /বিততো/ [স. বি+√তন্+ত] বিণ. ১ বিস্তৃত,

www.pathagar.com

ব্যাপ্ত। ২ আয়ত। ৩ (বাংলায়) ইতস্তত ছড়িয়ে আছে এমন।

বিততি /বিতোতি/ [স. বি+√তন্+তি] বি. প্রসার, ব্যাপ্তি।

বিতথ /বিতথো/ [স. বি+তথা] বিণ. ১ অসত্য, অলীক। ২ বৃথা। ৩ (বাংলায়) বিশৃঙ্খল।

বিতথ্য /বিতোত্থো/ [স. বি+তথ্য] বিণ. দ্র বিতথ।

বিতদ্রু /বিতোদ্দ্রু/ [নাম.] বি. পঞ্জাবের প্রাচীন নদীবিশেষ।

বিতনু /বিতোনু/ [স. বি+তনু] বিণ. ১ ক্ষীণ; রোগা। ২ সুন্দর, কমনীয়।

বিতন্ত্রী /বিতোন্ত্রি/ [স. বি+√তন্ত্র+ইন্] বি. বেসুরো বীণা।

বিতরক /বিতরক্/ [স. বি+√তৃ+অক] বিণ. বিতরণ-কারী, বণ্টনকারী। বি. যে বিতরণ করে।

বিতরণ /বিতরোন্/ [স. বি+√তৃ+অন] বি. ভাগকরণ, বণ্টন, বিলি।

বিতরা /বিতরা/ [স. বিতরণ >] ক্রিবি. (কাব্যে) বিতরণ করা, বিলানো; দান করা।

বিতর্ক /বিতর্কো/ [স. বি+√তর্ক্+অ] বি. ১ তর্ক, বাদানুবাদ; আলোচনা। ২ বিচার। ৩ সন্দেহ, সংশয়। ৪ অনুমান।

বিতর্কিকা /বিতোর্কিকা/ [স. বিতর্ক >] বি. ১ কোনো বিষয়ের ওপর সামান্য আলোচনা বা তর্কাতর্কি। ২ তর্কবিতর্কের সভা বা আসর। ৩ সংবাদপত্রাদিতে আলোচনা বা তর্কাতর্কি প্রকাশের স্তম্ভ বা কলাম।

বিতর্কিত /বিতোর্কিতো/ [স. বি+√তর্ক্+ণিচ্+ত] বিণ. ১ বিতর্ক হওয়ার সম্ভাবনা আছে এমন (*বিতর্কিত সিদ্ধান্ত*)। ২ আলোচনা বা বিচার করা হয়েছে এমন। ৩ বিতর্ক আছে এমন (*বিতর্কিত আস্পায়ার*)। ৪ অনুমিত।

বিতল /বিতল্/ [স. বি+√তল্+অ] বি. পুরাণোক্ত সপ্ত পাতালের (অতল বিতল সুতল তলাতল মহাতল রসাতল ও পাতাল) দ্বিতীয়টি।

বিতস্তা /বিতস্তা/ [নাম.] বি. পঞ্জাবের প্রাচীন নদীবিশেষ (বর্তমান নাম ঝিলম)।

বিতস্তি /বিতোস্তি/ [স. বি+√তস্+তি] বি. আধ হাত বা ৯ ইঞ্চি পরিমিত মাপ, বিঘত।

বিতাড়ন /বিতাড়োন্/ [স. বি+তাড়ন] বি. দূরীকরণ; অপসারণ।

বিতাড়িত /বিতাড়িতো/ [স. বি+√তড়্+ণিচ্+ত] বিণ. তাড়িয়ে দেওয়া হয়েছে এমন; দূরীকৃত।

বিতান /বিতান্/ [স. বি+√তন্+অ] বি. ১ মণ্ডপ। ২ চাঁদোয়া। ৩ তাঁবু। ৪ অবকাশ। ৫ ছন্দবিশেষ। ৬ সমষ্টি; সমূহ (*বিপণিবিতান*)।

বিতারিখ /বিতারিখ্/ [ফা.] ক্রিবিণ. নির্দিষ্ট তারিখ অনুসারে, তারিখমতে।

বিতারিত /বিতারিতো/ [স. বিতীর্ণ >] বিণ. বিতরণ বা বণ্টন করা হয়েছে এমন।

বিতিকিচ্ছি /বিতিকিচ্ছি/ [আঞ্চ.] বিণ. উৎকট।

বিতীর্ণ /বিতিরনো/ [স. বি+√তৃ+ত] বিণ. ১ ব্যাপ্ত। ২ উত্তীর্ণ। ৩ বিতরণ করা হয়েছে এমন।

বিতৃণ /বিতৃণো/ [স. বি+তৃণ] বিণ. তৃণহীন।

বিতৃষ্ণ /বিতৃতৃশ্নো/ [স. বি+তৃষ্ণা] বিণ. ১ তৃষ্ণাহীন। ২ বিরাগ জন্মেছে এমন; বিমুখ। ৩ উদাসীন। ৪ রুচিহীন।

বিতৃষ্ণা /বিতৃতৃশ্না/ [স. বি+তৃষ্ণা] বি. ১ তৃষ্ণা-হীনতা। ২ উদাসীনতা। ৩ অরুচি। ৪ বিমুখতা।

–বিৎ /বিত্/ [স. √বিদ্+ক্বিপ্] বিণ. জানে এমন।

বিত্ত /বিত্তো/ [স. √বিদ্+ত] বি. ধনসম্পদ।

বিত্তবান /বিত্তোবান্/ [স. বিত্ত+বৎ] বিণ. সম্পৎশালী, অর্থবান।

বিত্তশাঠ্য /বিত্তোশাট্ঠ্যো/ [স. বিত্ত+শঠ+য] বি. ব্যয়কুণ্ঠতা, কৃপণতা।

বিত্তশালী /বিত্তোশালি/ [স. বিত্ত+শালী] বিণ. দ্র বিত্তবান।

বিত্তহীন /বিত্তোহিন্/ [স. বিত্ত+√হা+ত] বিণ. দরিদ্র, অর্থহীন।

বিত্তি[১] /বিত্তি/ [স. বৃত্তি >] বি. জীবিকা।

বিত্তি[২] /বিত্তি/ [স. √বিদ্+তি] বি. ১ লাভ। ২ বিচারণ। ৩ জ্ঞান। ৪ মাছ ধরার জালবিশেষ।

বিত্তেশ /বিত্তেশ্/ [স. বিত্ত+ঈশ] বি. ১ যক্ষরাজ কুবের। ২ ধনপতি, ধনেশ্বর।

বিত্রপ /বিত্রোপো/ [স. বি+ত্রপা] বিণ. লজ্জাহীন, নির্লজ্জ। স্ত্রী. বিত্রপা /বিত্রোপা/।

বিত্রস্ত /বিত্রোস্তো/ [স. বি+√ত্রস্+ত] বিণ. অতিশয় ভীত বা ত্রাসিত, সন্ত্রস্ত।

বিত্রাস /বিত্রাশ্/ [স. বি+√ত্রস্+অ] বি. অতিশয় ত্রাস বা ভীতি।

বিথান /বিথান্/ [স. বিস্থান >] বিণ. ১ আলুথালু, এলোমেলো। ২ স্থানচ্যুত।

বিথার /বিথার্/ [স. বিস্তার >] বি. বিস্তার, প্রসার। বিণ. ১ আলুলায়িত। ২ পরিপূর্ণ, ব্যাপ্ত।

www.pathagar.com

বিথারা /বিথারা/ [স. বিস্তার >] ক্রিবি. (কাব্যে) বিস্তার করা, ছড়ানো।

বিথারি /বিথারি/ [স. বিস্তার >] অসক্রি. বিস্তার করে, ছড়িয়ে।

বিথারিত /বিথারিতো/[স. বিস্তৃত >] বিণ. বিস্তৃত।

বিদংশ /বিদংশো/ [স. বি+√দন্শ্+অ] বি. ১ সুরা-জাতীয় পানীয়ের সঙ্গে খাওয়া হয় এমন রুচিকর খাদ্যবস্তু, অবদংশ, চাট। ২ দংশন।

বিদগ্ধ /বিদগ্ধো/ [স. বি+√দহ্+ত] বিণ. ১ (যার) অজ্ঞানতা দগ্ধ হয়েছে এমন, পণ্ডিত। ২ রসগ্রহণে সক্ষম। ৩ দক্ষ, নিপুণ। স্ত্রী. বিদগ্ধা /বিদগ্ধা/।

বিদগ্ধসভা /বিদগ্ধোশভা/ [স. বিদগ্ধ+সভা] বি. পণ্ডিত বা বিদ্বজ্জনের সমাবেশ।

বিদগ্ধসমাজ /বিদগ্ধোশমাজ্/ [স. বিদগ্ধ+সমাজ] বি. বিদ্বানমণ্ডলী, পণ্ডিতমহল, সারস্বতসমাজ।

বিদঘুটে /বিদ্‌ঘুটে/ [দেশি.] বিণ. ১ কুৎসিত, কদর্য। ২ কুটিল; জটিল।

বিদর /বিদর্/ [স. বি+√দৃ+অ] বি. ১ বিদারণ। ২ অতিশয় ভয় বা ভীতি।

বিদরা /বিদরা/ [বা.] ক্রিবি. (কাব্যে) বিদীর্ণ হওয়া বা করা।

বিদরি /বিদোরি/ [হি.] বি. ১ ধাতুর ওপর খোদাই করে বসানো অন্য ধাতুর নকশা বা কারুকার্য। ২ কাঠ খোদাই করে বসানো ধাতুর নকশা।

বিদল /বিদল্/ [স. বি+√দল্+অ] বি. ১ ভাঙা কলাইজাতীয় শস্য। ২ বাঁশের চটার তৈরি কুলা ডালা প্রভৃতি। বিণ. ১ পাতাহীন। ২ বিকশিত।

বিদলন /বিদলোন্/ [স. বি+√দল্+অন] বি. ১ সম্পূর্ণভাবে পেষণ, বিমর্দন। ২ অতিশয় নিপীড়ন। ৩ সম্পূর্ণ পরাজয়।

বিদলিত /বিদোলিতো/ [স. বি+√দল্+ত] বিণ. ১ সম্পূর্ণ পিষ্ট বা দলিত। ২ অতিশয় নিপীড়িত। ৩ সম্পূর্ণ পরাজিত।

বিদশা /বিদশা/ [স. দুর্দশা >] বি. দুর্দশা, দুরবস্থা।

বিদা /বিদা/ [স. বিদ্ধক >] বি. আবাদি জমিতে আগাছা তোলার কাজে ব্যবহৃত লোহার তৈরি চিরুনিজাতীয় হাতিয়ার।

বিদায় /বিদায়/ [আ.] বি. ১ স্থানত্যাগের অনুমতি (*বিদায় চাওয়া*)। ২ বিতাড়ন (*বিদায় করা*)। ৩ জীবিকা বা কর্ম থেকে অবসর (*চাকরি থেকে বিদায়গ্রহণ*)। ৪ কাজ শেষ করার পর বিদায়কালে প্রদত্ত দক্ষিণা (*ব্রাহ্মণ বিদায়*)। ৫ বিচ্ছেদ (*চিরবিদায়*)। ৬ দান। ৭ বিসর্জন।

বিদায়কালীন /বিদায়্‌কালিন্/ [আ. বিদায়+স. কালীন] বিণ. ১ বিদায়গ্রহণকালের। ২ বিদায়সংক্রান্ত।

বিদায়ব্যথা /বিদায়্‌ব্যাথা/ [আ. বিদায়+স. ব্যথা] বি. বিচ্ছেদবেদনা।

বিদায়ভোজ /বিদায়্‌ভোজ্/ [আ. বিদায়+স. ভোজ] বি. বিদায় উপলক্ষ্যে আয়োজিত ভোজসভা।

বিদায়সম্ভাষণ /বিদায়্‌শম্‌ভাশন/ [আ. বিদায়+স. সম্ভাষণ] বি. বিদায়কালে শুভেচ্ছা বিনিময়।

বিদায়সূচক /বিদায়্‌শুচক্/ [আ. বিদায়+স. সূচক] বিণ. বিদায়জ্ঞাপক।

বিদায়ি /বিদায়ি/ [আ. বিদায় >] বিণ. বিদায় নিচ্ছে এমন; বিদায় গ্রহণকারী। বি. বিদায়কালে প্রদত্ত দ্রব্যসামগ্রী।

বিদার /বিদার/ [স. বি+√দৃ+অ] বি. ১ বিদীর্ণকরণ। ২ যুদ্ধ। ৩ জলোচ্ছ্বাস। বিণ. বিদারণকারী।

বিদারক /বিদারক্/ [স. বি+√দৃ+অক] বিণ. বিদীর্ণ করে এমন (*হৃদয়বিদারক*); ভেদক।

বিদারণ /বিদারোন্/ [স. বি+√দৃ+অন] বি. ভেদন; বিদীর্ণকরণ।

বিদারা /বিদারা/ [স. বিদার >] ক্রিবি. (কাব্যে) বিদীর্ণ করা বা ভেদ করা, চেরা।

বিদারিত /বিদারিতো/ [স. বি+√দারি+ত] বিণ. বিদীর্ণ করা হয়েছে এমন।

-বিদারী /বিদারি/ [স. বি+√দৃ+ইন্] বিণ. বিদারণ-কারী, বিদীর্ণ করে এমন (*হৃদয়বিদারী*)।

বিদাহী /বিদাহি/ [স. বি+√দহ্+ইন] বিণ. প্রদাহ সৃষ্টি করে এমন, caustic।

বিদিক /বিদিক্/ [স. বি+√দিশ্+ক্বিপ্] বি. ১ দুই দিকের মধ্যবর্তী কোণ (বায়ু অগ্নি নৈর্ঋত প্রভৃতি)। ২ (বাংলায়) বিপরীত প্রতিকূল বা ভুল দিক (*দিগ্‌বিদিক*)।

বিদিত /বিদিতো/ [স. √বিদ্+ত] বিণ. ১ জেনেছে এমন, জ্ঞাত, অবগত। ২ খ্যাত।

বিদিশা /বিদিশা/ [স. বি+√দিশ্+অ+আ (টাপ্)] বি. ১ ভুল দিক, অন্য দিক। ২ মধ্যভারতের প্রাচীন মালবদেশের অন্তর্গত নগরীবিশেষ (*চুল তার কবেকার অন্ধকার বিদিশার নিশা*, জীবনানন্দ.)।

বিদীর্ণ /বিদির্‌নো/ [স. বি+√দু+ত] বিণ. ১ খণ্ডিত, ছিন্নভিন্ন। ২ ছিন্ন, ছেঁড়া। ৩ ফেটে গেছে এমন।

বিদুর /বিদুর্/ [স. √বিদ্+উর] বি. মহাভারতে বর্ণিত ধৃতরাষ্ট্রের ভ্রাতা।

বিদুরের খুদ /বিদুরের্ খুদ্/ বি. ১ অশ্রদ্ধার সঙ্গে প্রদত্ত কুরুরাজ দুর্যোধনের রাজভোগ প্রত্যাখ্যান করে বিদুরপ্রদত্ত যে খুদ কৃষ্ণ ভক্ষণ করেছিলেন।

www.pathagar.com

২ (আল.) ভক্তিভরে প্রদত্ত দরিদ্রজনের দান।

বিদুষী /বিদুশি/ [স. বিদ্বস্+ঈ] বিণ. উচ্চশিক্ষিত। বি. বিদ্যাবতী নারী।

বিদূর /বিদু:র্ / [স. বি+দূর] বিণ. ১ দূরবর্তী। ২ সুদূর। বি. ১ (বাংলায়) অতি দূরবর্তী স্থান বা দেশ। ২ পর্বতবিশেষ। ৩ বৈদূর্যমণি।

বিদূরিত /বিদুরিতো / [স. বি+√দূর্+ণিচ্+ত] বিণ. দূরীকৃত, দূরীভূত; বিতাড়িত; বিমোচিত।

বিদূষক /বিদুশক্/ [স. বি+√দূষি+অক] বি. (নাটকে) নায়কের কৌতুকপ্রিয় সহচর; ভাঁড়। বিণ. নিন্দক।

বিদূষণ /বিদুশন্/ [স. বি+√দূষি+অন] বি. ১ অপবাদ প্রদান। ২ নিন্দা। ৩ দূষিতকরণ।

বিদূষিত /বিদুশিতো/ [স. বি+√দূষি+ত] বিণ. ১ দূষিত। ২ নিন্দিত; অপবাদ দেওয়া হয়েছে এমন।

বিদেশ /বিদেশ্/ [স. বি+দেশ] বি. ১ অন্য দেশ, প্রবাস। ২ দূরবর্তী স্থান বা অঞ্চল।

বিদেশাগত /বিদেশাগতো/ [স. বিদেশ+আগত] বিণ. বিদেশ থেকে এসেছে এমন।

বিদেশি /বিদেশি/ [বা.] বিণ. ১ অন্য দেশের অধিবাসী। ২ বিদেশসম্বন্ধীয়। বি. ভিন্ন দেশের লোক। স্ত্রী. **বিদেশিনি** /বিদেশিনি/।

বিদেশীয় /বিদেশিয়ো/ [স. বিদেশ+ঈয়] বিণ. ১ অন্য দেশের অধিবাসী। ২ নিজ দেশ ভিন্ন অন্য দেশে জাত বা উৎপন্ন। ৩ অন্য দেশসংক্রান্ত।

বিদেহ /বিদেহো/ [স. বি+দেহ] বি. পূর্বভারতের অন্তর্গত বিহার রাজ্যে অবস্থিত মিথিলা (বর্তমান মোজাফ্‌ফরপুর ও দ্বারভাঙা অঞ্চল)। বিণ. ১ নিরবয়ব, অশরীরী। ২ মৃত। স্ত্রী. **বিদেহা** /বিদেহা/।

বিদেহী /বিদেহি/ [অশুপ্র.] বিণ. দেহহীন, অশরীরী।

–বিদ্ /বিদ্/ [স. √বিদ্+অ] বিণ. জানে এমন।

বিদ্ধ /বিদ্ধো/ [স. √ব্যধ্+ত] বিণ. ১ ছিদ্র করা হয়েছে এমন। ২ উৎকীর্ণ। ৩ স্পৃষ্ট, সম্পৃক্ত (*অপাপবিদ্ধ*)। ৪ আঘাতপ্রাপ্ত (*গুলিবিদ্ধ*)।

বিদ্বজ্জন /বিদ্‌দোজ্জন্ / [স. বিদ্বৎ+জন] বি. পণ্ডিত বা বিদ্বান ব্যক্তি।

বিদ্বৎকল্প /বিদ্‌দত্‌কল্‌পো/ [স. বিদ্বস্+কল্প] বিণ. পণ্ডিতের মতো, পণ্ডিততুল্য।

বিদ্বৎকুল /বিদ্‌দত্‌কুল্/ [স. বিদ্বস্+কুল] বি. ১ শিক্ষিত সমাজ; সুধীসমাজ। ২ পণ্ডিতের বংশ।

বিদ্বৎসমাজ /বিদ্‌দত্‌শমাজ্/ [স. বিদ্বৎ+সমাজ] বি. শিক্ষিত সমাজ; সুধীসমাজ।

বিদ্বত্তম /বিদ্‌দত্‌তম্/ [স. বিদ্বস্+তম] বিণ. শ্রেষ্ঠ পণ্ডিত, বিজ্ঞতম। স্ত্রী. **বিদ্বত্তমা** /বিদ্‌দত্‌তমা/।

বিদ্বদ্‌গোষ্ঠী /বিদ্‌দদ্‌গোশ্‌ঠি/ [স. বিদ্বস্+√গোষ্ঠ্+ইন্] বি. পণ্ডিতকুল, পণ্ডিতসমাজ।

বিদ্বান /বিদ্‌দান্/ [স. √বিদ্+বস্] বিণ. বি. শিক্ষিত; পণ্ডিত; জ্ঞানী। স্ত্রী. **বিদুষী** /বিদুশি/।

বিদ্বিষ্ট /বিদ্‌দিশ্‌টো/ [স. বি+√দ্বিষ্+ত] বিণ. ১ বিদ্বেষের পাত্র, বিদ্বেষভাজন। ২ শত্রুভাবাপন্ন।

বিদ্বেষ /বিদ্‌দেশ্ / [স. বি+√দ্বিষ্+অ] বি. ১ ঈর্ষা। ২ বৈরিতা, শত্রুতা।

বিদ্বেষণ /বিদ্‌দেশন্ / [স. বি+√দ্বিষ্+অন] বি. ঈর্ষাকরণ; শত্রুতাসাধন।

বিদ্বেষপরায়ণ /বিদ্‌দেশ্‌পরায়োন্ / [স. বিদ্বেষ+পরায়ণ] বিণ. অন্যের প্রতি বিদ্বেষ পোষণকারী, ঈর্ষাযুক্ত, দ্বেষশীল।

বিদ্বেষপ্রসূত /বিদ্‌দেশ্‌প্রোশুতো/ [স. বিদ্বেষ+প্রসূত] বিণ. হিংসার বশবর্তী হয়ে কৃত, ঈর্ষাজাত।

বিদ্বেষবিষ /বিদ্‌দেশ্‌বিশ্ / [স. বিদ্বেষ+বিষ] বি. তীব্র বিদ্বেষপূর্ণ মনোবৃত্তি।

বিদ্বেষবুদ্ধি /বিদ্‌দেশ্‌বুদ্‌ধি/ [স. বিদ্বেষ+√বুধ্+তি] বি. ঈর্ষাপূর্ণ মনোভাব, শত্রুতার ভাব।

বিদ্বেষভাজন /বিদ্‌দেশ্‌ভাজোন্/ [স. বিদ্বেষ+ভাজন] বিণ. ঈর্ষা বা হিংসার পাত্র।

বিদ্বেষানল /বিদ্‌দেশানল্ / [স. বিদ্বেষ+অনল] বি. হিংসার আগুন; ঈর্ষা বা শত্রুতার মনোভাব।

বিদ্বেষী /বিদ্‌দেশি/ [স. বি+√দ্বিষ্+ইন্] বি. বিণ. বিদ্বেষকারী, ঈর্ষাকারী।

বিদ্বেষ্টা /বিদ্‌দেশ্‌টা/ [স. বি+√দ্বিষ্+তৃ] বি. বিণ. দ্র বিদ্বেষী।

বিদ্যমান /বিদ্‌দোমান্/ [স. √বিদ্+মান (শানচ্)] বিণ. ১ বিরাজমান, অস্তিত্বশীল। ২ বর্তমান। বি. **বিদ্যমানতা** /বিদ্‌দোমানতা/।

বিদ্যা /বিদ্‌দা/ [স. √বিদ্+য+আ (টাপ্)] বি. ১ অনুশীলন চর্চা প্রভৃতির দ্বারা লব্ধ জ্ঞান। ২ পাণ্ডিত্য। ৩ শাস্ত্র (*জ্যোতির্বিদ্যা*)। ৪ দক্ষতা। ৫ তত্ত্বজ্ঞান (*ব্রহ্মবিদ্যা*)।

বিদ্যাকেন্দ্র /বিদ্‌দাকেন্‌দ্রো/ [স. বিদ্যা+কেন্দ্র] বি. যে গৃহে আনুষ্ঠানিক শিক্ষা দেওয়া হয়, বিদ্যালয়।

বিদ্যাচর্চা /বিদ্‌দাচর্‌চা/ [স. বিদ্যা+চর্চা] বি. পাঠ-অনুশীলন, শাস্ত্রের অনুশীলন।

বিদ্যাদাতা /বিদ্‌দাদাতা/ [স. বিদ্যা+দাতা] বি. শিক্ষক, গুরু। স্ত্রী. **বিদ্যাদাত্রী** /বিদ্‌দাদাত্রি/।

বিদ্যাদান /বিদ্‌দাদান্/ [স. বিদ্যা+দান] বি. পাঠদান,

www.pathagar.com

শিক্ষকতা, অধ্যাপনা।

বিদ্যাদায়িনী /বিদ্‌দাদায়িনি / [স. বিদ্যা + √দা+ইন্+ঈ] বিণ. বিদ্যাদানকারিণী। বি. বিদ্যার অধিষ্ঠাত্রী দেবী সরস্বতী।

বিদ্যাদায়ী /বিদ্‌দাদায়ি / [স. বিদ্যা+√দা+ইন্] বিণ. ১ বিদ্যাদানকারী। ২ শিক্ষামূলক।

বিদ্যাদিগ্‌গজ /বিদ্‌দাদিগ্‌গজ্‌/ [স. বিদ্যা+দিগ্‌গজ] বিণ. ১ মস্ত বড়ো পন্ডিত। ২ (ব্য.) অতি মূর্খ।

বিদ্যাধর /বিদ্‌দাধর্ / [স. বিদ্যা+ধর] বি. পুরাণে বর্ণিত স্বর্গের সংগীতকুশল দেবযোনিবিশেষ। স্ত্রী. বিদ্যাধরী /বিদ্‌দাধোরি /।

বিদ্যানিকেতন /বিদ্‌দানিকেতন্‌/ [স. বিদ্যা+নিকেতন] বি. যে গৃহে আনুষ্ঠানিক শিক্ষা প্রদান করা হয়, বিদ্যাশিক্ষার কেন্দ্র, বিদ্যালয়।

বিদ্যানিধি/বিদ্‌দানিধি /[স. বিদ্যা+নিধি] বি. ১ প্রগাঢ় পান্ডিত্য; বিদ্যার আধার। ২ সংস্কৃত পন্ডিতের উপাধিবিশেষ।

বিদ্যানুরাগ /বিদ্‌দানুরাগ্‌/ [স. বিদ্যা+অনুরাগ] বি. শিক্ষার প্রতি ভক্তি ও আগ্রহ।

বিদ্যানুরাগী /বিদ্‌দানুরাগি / [স. বিদ্যা+অনুরাগী] বিণ. শিক্ষার প্রতি আগ্রহযুক্ত। স্ত্রী. **বিদ্যানুরাগিণী** /বিদ্‌দানুরাগিনি /।

বিদ্যাপতি /বিদ্‌দাপোতি / [ব্যক্তি.] বি. পঞ্চদশ শতকের বৈষ্ণব পদকর্তা।

বিদ্যাপীঠ /বিদ্‌দাপিঠ্‌/ [স. বিদ্যা+পীঠ] বি. শিক্ষাগ্রহণের স্থান, বিদ্যালয়।

বিদ্যা ফলানো /বিদ্‌দা ফলানো/ ক্রিবি. বিদ্যা জাহির করা।

বিদ্যাবতী /বিদ্‌দাবোতি / [স. বিদ্যা+বৎ+ঈ] বিণ. বিদুষী।

বিদ্যাবত্তা /বিদ্‌দাবত্‌তা / [স. বিদ্যা+বা. বত্তা] বি. পান্ডিত্য, মনীষা।

বিদ্যাবল /বিদ্‌দাবল্‌ / [স. বিদ্যা+বল] বি. বিদ্যালাভের ফলে প্রাপ্ত শক্তি, জ্ঞানবল।

বিদ্যাবান /বিদ্‌দাবান্‌/ [স. বিদ্যা+বৎ] বিণ. বিদ্বান, পন্ডিত, সুশিক্ষিত।

বিদ্যাবিনোদ /বিদ্‌দাবিনোদ্‌ / [স. বিদ্যা+বিনোদ] বি. দ্র বিদ্যালংকার।

বিদ্যাবিশারদ /বিদ্‌দাবিশারদ্‌/ [স. বিদ্যা+বিশারদ] বি. দ্র বিদ্যালংকার।

বিদ্যাবিহীন /বিদ্‌দাবিহিন্‌ / [স. বিদ্যা+বিহীন] বিণ. মূর্খ, অশিক্ষিত, নিরক্ষর।

বিদ্যাবুদ্ধি /বিদ্‌দাবুদ্‌ধি / [স. বিদ্যা+বুদ্ধি] বি. শিক্ষা ও বুদ্ধিমত্তা।

বিদ্যাভূষণ /বিদ্‌দাভুশন্‌/ [স. বিদ্যা+ভূষণ] বি. দ্র বিদ্যালংকার।

বিদ্যাভ্যাস /বিদ্‌দাব্‌ভ্যাশ্‌ / [স. বিদ্যা+অভ্যাস] বি. বিদ্যাশিক্ষা, বিদ্যাচর্চা।

বিদ্যামন্দির /বিদ্‌দামোন্‌দির্‌/ [স. বিদ্যা+মন্দির] বি. দ্র বিদ্যালয়।

বিদ্যায়তন /বিদ্‌দায়োতন্‌ / [স. বিদ্যা+আয়তন] বি. দ্র বিদ্যালয়।

বিদ্যারত্ন /বিদ্‌দারত্‌নো / [স. বিদ্যা+√রমি+ন] বি. দ্র বিদ্যালংকার।

বিদ্যারম্ভ /বিদ্‌দারম্‌ভো / [স. বিদ্যা+আরম্ভ] বি. লেখাপড়ায় হাতেখড়ি, শিক্ষারম্ভ।

বিদ্যার্জন /বিদ্‌দার্‌জোন্‌ / [স. বিদ্যা+অর্জন] বি. শিক্ষালাভ।

বিদ্যার্ণব /বিদ্‌দার্‌নব্‌/ [স. বিদ্যা+অর্ণব] বি. দ্র বিদ্যানিধি।

বিদ্যার্থী /বিদ্‌দার্‌থি / [স. বিদ্যা+√অর্থ্‌+ইন্] বি. ছাত্র; শিষ্য। বিণ. বিদ্যার্জনে আগ্রহী। স্ত্রী. **বিদ্যার্থিনী** /বিদ্‌দার্‌থিনি /।

বিদ্যালংকার /বিদ্‌দালংকার / [স. বিদ্যা+অলংকার] বি. ১ বিদ্বান বা পন্ডিত ব্যক্তি। ২ সংস্কৃত পন্ডিতের উপাধিবিশেষ।

বিদ্যালয় /বিদ্‌দালয়্‌ / [স. বিদ্যা+আলয়] বি. যে গৃহে আনুষ্ঠানিক শিক্ষা প্রদান করা হয়, বিদ্যাশিক্ষার কেন্দ্র, শিক্ষালয়, শিক্ষাকেন্দ্র, স্কুল।

বিদ্যালাপ /বিদ্‌দালাপ্‌/ [স. বিদ্যা+আলাপ] বি. বিদ্যাবিষয়ক আলোচনা।

বিদ্যাশূন্য /বিদ্‌দাশুন্‌নো / [স. বিদ্যা+শূন্য] বিণ. মূর্খ, অশিক্ষিত; জ্ঞানহীন।

বিদ্যাসাগর /বিদ্‌দাশাগোর্‌/ [স. বিদ্যা+সাগর] বি. ১ বিবিধ শাস্ত্রে অগাধ পান্ডিত্যের জন্য ১৮৩৯ খ্রিষ্টাব্দে ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়কে তাঁর শিক্ষকবৃন্দের দেওয়া উপাধি। ২ প্রগাঢ় পান্ডিত্য, মহাপন্ডিত।

বিদ্যাহীন /বিদ্‌দাহিন্‌/ [স. বিদ্যা+√হা+ত] বিণ. মূর্খ, অশিক্ষিত, নিরক্ষর; জ্ঞানহীন। স্ত্রী. **বিদ্যাহীনা** /বিদ্‌দাহিনা /।

বিদ্যুজ্জিহ্ব /বিদ্‌দুজ্‌জিভ্‌ভো/ [স. বিদ্যুৎ+জিহ্বা] বিণ. বিদ্যুতের রেখার মতো লকলকে ও রক্তবর্ণ জিহ্বাবিশিষ্ট। বি. রামায়ণে বর্ণিত রাক্ষসবিশেষ।

বিদ্যুতায়ন /বিদ্‌দুতায়োন্‌ / [স. বিদ্যুৎ+আয়ন] বি. 'বিদ্যুদায়ন'-এর অশুদ্ধ প্রচলিত রূপ।

www.pathagar.com

বিদ্যুতিনীয় /বিদ্‌দুতিনিয়ো / [আবেশ.] বিণ. ইলেকট্রনের নিয়ন্ত্রণদ্বারা চালিত; (পরি.) electronic।

বিদ্যুৎ /বিদ্‌দুত্ / [স. বি+√দ্যুৎ+ক্বিপ্] বি. ১ অল্প উচ্চতায় আকাশে ভাসমান পুঞ্জমেঘের পরস্পর ঘর্ষণের ফলে উৎপন্ন অচল তড়িৎ, দামিনী, বিজলি, ক্ষণপ্রভা। ২ বিদ্যুৎপরিবাহী তারের কোনো কুণ্ডলীকে চৌম্বকক্ষেত্রে ক্রমাগত আবর্তিত করার ফলে উৎপন্ন শক্তি (যার সাহায্যে আলো জ্বালানো বা যন্ত্রাদি চালানো যায়), current, electricity।

বিদ্যুৎকটাক্ষ /বিদ্‌দুত্‌কটাক্‌খো / [স. বিদ্যুৎ+কটাক্ষ] বি. বিদ্যুতের মতো তীব্র কটাক্ষ, মর্মস্পর্শী দৃষ্টি।

বিদ্যুৎকোষ /বিদ্‌দুত্‌কোষ / [স. বিদ্যুৎ+কোষ] বি. ১ রাসায়নিক শক্তিকে বিদ্যুৎশক্তিতে পরিণতকরণের কোষ, cell। ২ রাসায়নিক শক্তিকে বিদ্যুৎশক্তিতে পরিণত করে এমন পরপর সংযুক্ত একাধিক কোষ, battery।

বিদ্যুৎ ছাঁটাই/বিদ্‌দুত্ ছাঁটাই/ বি. বিদ্যুৎ উৎপাদনের ঘাটতি পূরণের উদ্দেশ্যে সাময়িকভাবে সরবরাহ স্থগিতকরণ, load-shedding।

বিদ্যুৎপ্রভ /বিদ্‌দুত্‌প্রোভো / [স. বিদ্যুৎ+প্রভ] বিণ. বিদ্যুতের মতো উজ্জ্বলতাবিশিষ্ট। স্ত্রী. বিদ্যুৎপ্রভা /বিদ্‌দুত্‌প্রোভা /।

বিদ্যুৎস্পন্দন /বিদ্‌দুত্‌স্‌পন্‌দোন্ / [স. বিদ্যুৎ+√স্পন্দ্+অন] বি. বিদ্যুতের স্ফুরণ বা চমকানি।

বিদ্যুৎস্পৃষ্ট /বিদ্‌দুত্‌স্‌পৃশ্‌টো/ [স. বিদ্যুৎ+√স্পৃশ্+ত] বিণ. বিদ্যুতের স্পর্শ বা আঘাত পেয়েছে এমন, তড়িদাহত।

বিদ্যুৎস্ফুরণ /বিদ্‌দুত্‌স্‌ফুরন্/ [স. বিদ্যুৎ+√স্ফুর্+অন] বি. বিদ্যুতের ঝিলিক বা চমক।

বিদ্যুৎস্ফুলিঙ্গ /বিদ্‌দুত্‌স্‌ফুলিংগো / [স. বিদ্যুৎ+স্ফুলিঙ্গ] বি. বিদ্যুতের স্ফুলিঙ্গ, spark।

বিদ্যুত্বান /বিদ্‌দুত্‌তান্/ [স. বিদ্যুৎ+বৎ] বি. মেঘ।

বিদ্যুদায়ন /বিদ্‌দুদায়োন্ / [স. বিদ্যুৎ+আয়ন] বি. বৈদ্যুতীকরণ, electrification।

বিদ্যুদ্‌গর্ভ /বিদ্‌দুদ্‌গরভো / [স. বিদ্যুৎ+গর্ভ] বিণ. বিদ্যুৎপূর্ণ, বিদ্যুন্ময়।

বিদ্যুদ্‌বিকাশ /বিদ্‌দুদ্‌বিকাশ্ / [স. বিদ্যুৎ+বিকাশ] বি. বিদ্যুতের স্ফুরণ।

বিদ্যুদ্‌বেগ /বিদ্‌দুদ্‌বেগ্/ [স. বিদ্যুৎ+বেগ] বি. (আল.) অতি দ্রুতবেগ।

বিদ্যুদ্দাম /বিদ্‌দুদ্‌দাম্/ [স. বিদ্যুৎ+দাম] বি. বিদ্যুতের স্ফুরণ।

বিদ্যুদ্দীপ্ত /বিদ্‌দুদ্‌দিপ্‌তো / [স. বিদ্যুৎ+√দীপ্+ত] বিণ. বিদ্যুতের আলোয় উদ্ভাসিত।

বিদ্যুদ্দীপ্তি /বিদ্‌দুদ্‌দিপ্‌তি / [স. বিদ্যুৎ+√দীপ্+তি] বি. বিদ্যুতের আলো বা উজ্জ্বলতা।

বিদ্যুন্নিভ /বিদ্‌দুন্‌নিভো / [স. বিদ্যুৎ+নি+√ভা+অ] বিণ. বিদ্যুৎসদৃশ।

বিদ্যুন্মালা /বিদ্‌দুন্‌মালা / [স. বিদ্যুৎ+মালা] বি. ১ মালার মতো বিদ্যুতের স্ফুরণ। ২ সংস্কৃত ছন্দ-বিশেষ।

বিদ্যুল্লতা /বিদ্‌দুল্‌লতা / [স. বিদ্যুৎ+লতা] বি. লতাসদৃশ বিদ্যুতের রেখা।

বিদ্যুল্লেখা /বিদ্‌দুল্‌লেখা / [স. বিদ্যুৎ+লেখা] বি. দ্র বিদ্যুল্লতা।

বিদ্যোৎসাহিতা /বিদ্‌দোত্‌শাহিতা / [স. বিদ্যা+উৎসাহিতা] বি. শিক্ষার প্রসার ও উন্নয়নে উদ্যমশীলতা।

বিদ্যোৎসাহী /বিদ্‌দোত্‌শাহি / [স. বিদ্যা+উৎসাহী] বি. বিণ. শিক্ষার প্রসারে উৎসাহদাতা। স্ত্রী. বিদ্যোৎসাহিনী /বিদ্‌দোত্‌শাহিনি /।

বিদ্যোপার্জন /বিদ্‌দোপার্‌জোন্ / [স. বিদ্যা+উপার্জন] বি. বিদ্যা বা শিক্ষা লাভ।

বিদ্রধিকা /বিদ্‌দ্রোধিকা / [অজ্ঞা.] বি. (সচরাচর পিঠে উদ্‌গত) যন্ত্রণাদায়ক দুষ্ট ব্রণ বা ফোড়া, carbuncle।

বিদ্রব /বিদ্‌দ্রোবো / [স. বি+√দ্রু+অ] বি. ১ দ্রবীভবন। ২ ক্ষরণ, স্রাব। ৩ পলায়ন। ৪ ঠাট্টা।

বিদ্রাবণ /বিদ্‌দ্রাবোন্ / [স. বি+√দ্রু+অন] বি. ১ দ্রবীকরণ; তরলীকরণ। ২ বিতাড়ন।

বিদ্রুত /বিদ্‌দ্রুতো / [স. বি+√দ্রু+ত] বিণ. ১ দ্রবীভূত; তরলীভূত। ২ পলায়িত।

বিদ্রুপ /বিদ্‌দ্রুপ্/ [স. বি+√দ্রু+প] বি. শ্লেষমিশ্রিত উপহাস, ঠাট্টা, ব্যঙ্গ।

বিদ্রুপাত্মক /বিদ্‌দ্রুপাত্‌মোক্/ [স. বিদ্রুপ+আত্মক] বিণ. উপহাসপূর্ণ, ব্যঙ্গাত্মক (*বিদ্রুপাত্মক উক্তি*)।

বিদ্রুম /বিদ্‌দ্রুম্/ [স. বি+√দ্রু+ম] বি. ১ পদ্মরাগমণি, প্রবাল, পলা। ২ নবপল্লব, কিশলয়।

বিদ্রোহ /বিদ্‌দ্রোহো / [স. বি+দ্রোহ] বি. ১ প্রচলিত ব্যবস্থার বিরোধিতা। ২ ক্ষমতাসীন শাসকগোষ্ঠী বা নেতৃত্বের বিরুদ্ধে অভ্যুত্থান।

বিদ্রোহাচরণ /বিদ্‌দ্রোহাচরন্/ [স. বিদ্রোহ+আচরণ] বি. শাসন বা নেতৃত্ব অমান্যকরণ; বিরুদ্ধাচরণ।

বিদ্রোহী /বিদ্‌দ্রোহি / [স. বিদ্রোহ+ইন্] বিণ. বি. ১ প্রচলিত ব্যবস্থার বিরুদ্ধাচারী। ২ বিদ্রোহকারী

www.pathagar.com

(*জীবন-বিধাতা আজি বিদ্রোহীর লহো নমস্কার!* প্রেমেন্দ্র.)। স্ত্রী. বিদ্রোহিণী /বিদ্রোহিনি/।

–বিধ /বিধো/ [স. √বিধ্+অ] বিণ. (বহুব্রীহি সমাসের উত্তরপদে) প্রকার, রকম (*নানাবিধ*)।

বিধন /বিধন্/ [বা.] বি. বিদ্ধকরণ, বেধন।

বিধবা /বিধোবা/ [স. বিধব+আ (টাপ্)] বি. যে নারীর ধব বা স্বামী মৃত। বিণ. পতিহীনা।

বিধবাবিবাহ /বিধোবাবিবাহো/ [স. বিধবা+বিবাহ] বি. স্বামীর মৃত্যুর পর নারীর পুনর্বিবাহ।

বিধর্মা /বিধর্‌মা/ [স. বি+ধর্মন্] বিণ. দ্র বিধর্মী।

বিধর্মী /বিধোর্‌মি/ [স. বি+ধর্মন্+ইন্] বিণ. ১ ধর্ম নেই এমন; ধর্মবিরোধী। ২ ভিন্ন ধর্মাবলম্বী।

বিধা /বিধা/ [স. √বিধ্+অ+আ (টাপ্)] বি. ১ প্রকার, রকম, ধারা। ২ নিয়ম। ৩ ব্যবস্থা (*সুবিধা*)।

বিধাতব্য /বিধাতোব্‌বো/ [স. বিধা+তব্য] বিণ. করতে হবে এমন, করণীয়, বিধেয়।

বিধাতা /বিধাতা/ [স. বি+√ধা+তৃ] বি. ১ আল্লাহ; ঈশ্বর। ২ ব্রহ্মা। ৩ বিধানকর্তা।

বিধাতাপুরুষ /বিধাতাপুরুশ্/ [স. বিধাতা+পুরুষ] বি. ঈশ্বর।

বিধান /বিধান্/ [স. বি+√ধা+অন] বি. ১ শাস্ত্রবিহিত নিয়ম; রীতিনীতি। ২ আইন বা আইন প্রণয়ন (*বিধানসভা*)। ৩ সম্পাদন (*সন্তোষবিধান*)।

বিধানসভা /বিধানশভা/ [স. বিধান+সভা] বি. আইন প্রণয়নের জন্য জনপ্রতিনিধিদের সভা, আইনসভা।

বিধানিক বিবাহ /বিধানিক্ বিবাহো/ বি. আদালতে সম্পাদিত আইনসিদ্ধ বিবাহ, civil marriage।

বিধায় /বিধায়/ [মবা.] অব্য. ক্রিবিণ. হেতু, জন্য, কারণে।

বিধায়ক /বিধায়ক্/ [স. বি+√ধা+অক] বিণ. ১ বিধান-কর্তা। ২ সম্পাদনকারী। বি. বিধানসভার সদস্য। স্ত্রী. বিধায়িকা /বিধায়িকা/।

বিধায়ী /বিধায়ি/ [স. বি+√ধা+ইন্] বিণ. বি. দ্র বিধায়ক।

বিধি /বিধি/ [স. বি+√ধা+ই] বি. ১ বিধান, নিয়ম; ব্যবস্থা। ২ বিধানকর্তা; আল্লাহ; ঈশ্বর (*বিধির বাঁধন কাটবে তুমি এমন শক্তিমান— / রবীন্দ্র.*)। ৩ প্রণালি (*কার্যবিধি*)। ৪ ভাগ্য (*বিধির লিখন*)।

বিধিজ্ঞ /বিধিগ্‌গোঁ/ [স. বিধি+√জ্ঞা+অ] বিণ. শাস্ত্রীয় বিধিসমূহ জানেন এমন, শাস্ত্রজ্ঞ।

বিধিৎসা /বিধিত্‌শা/ [স. √বিধিৎস্+অ+আ (টাপ্)] বি. বিধান করার ইচ্ছা।

বিধিৎসু /বিধিত্‌শু/ [স. √বিধিৎস্+উ] বিণ. বিধান বা ব্যবস্থা করতে ইচ্ছুক।

বিধিদত্ত /বিধিদত্‌তো/ [স. বিধি+√দা+ত] বিণ. ঈশ্বরপ্রদত্ত।

বিধিনিষেধ /বিধিনিশেধ/ [স. বিধি+নিষেধ] বি. নিয়মের বন্ধন; আইনকানুন।

বিধিনিহিত /বিধিনিহিতো/ [স. বিধি+নিহিত] বিণ. বিধি অনুযায়ী।

বিধিবদ্ধ /বিধিবদ্‌ধো/ [স. বিধি+বদ্ধ] বিণ. নির্দিষ্ট নিয়মানুযায়ী, নিয়মবদ্ধ, যথাবিধি (*বিধিবদ্ধ সতর্কীকরণ*), statutory।

বিধিবহির্ভূত /বিধিবোহির্‌ভূতো/ [স. বিধি+বহির্ভূত] বিণ. নিয়মবিরুদ্ধ।

বিধিবিড়ম্বনা /বিধিবিড়ম্‌বনা/ [স. বিধি+বিড়ম্বনা] বি. ভাগ্যের প্রতিকূলতা, অদৃষ্টের ছলনা।

বিধিবিধান /বিধিবিধান্/ [স. বিধি+বিধান] বি. আইনকানুন, নিয়মকানুন।

বিধিব্যবস্থা /বিধিব্যাবোস্‌থা/ [স. বিধি+ব্যবস্থা] বি. দ্র বিধিবিধান।

বিধিমতো /বিধিমতো/ [স. বিধি+বা. মতো] বিণ. ১ শাস্ত্রীয় বিধানদ্বারা নিরূপিত। ২ আইনসিদ্ধ। ৩ নিয়মবদ্ধ। ক্রিবিণ. নিয়ম অনুসারে, যথাবিধি।

বিধিলিপি /বিধিলিপি/ [স. বিধি+লিপি] বি. ভাগ্যের লিখন; অদৃষ্ট।

বিধিশাস্ত্র /বিধিশাস্‌ত্রো/ [স. বিধি+√শাস্+ত্র] বি. ১ স্মৃতিশাস্ত্র। ২ ব্যবহারশাস্ত্র, আইনশাস্ত্র।

বিধিসংগত /বিধিশংগতো/ [স. বিধি+সংগত] বিণ. দ্র বিধিসম্মত।

বিধিসম্মত /বিধিশম্‌মতো/ [স. বিধি+সম্মত] বিণ. ১ শাস্ত্রীয় বিধানস্বীকৃত। ২ নিয়মানুযায়ী করা হয়েছে এমন, আইনানুগ।

বিধু /বিধু/ [স. বি+√ধে+উ] বি. চাঁদ।

বিধুত /বিধুতো/ [স. বি+√ধু+ত] বিণ. আন্দোলিত।

বিধুনন /বিধুনন্/ [স. বি+√ধুনি+অন] বি. কম্পন।

বিধুনিত /বিধুনিতো/ [স. বি+√ধুনি+ত] বিণ. কম্পিত।

বিধুন্তুদ /বিধুন্‌তুদ্/ [স. বিধুং+√তুদ্+অ] বি. যে চাঁদকে পীড়িত করে, রাহু।

বিধুবদন[১] /বিধুবদোন্/ [স. বিধু+বদন] বিণ. চন্দ্রতুল্য সুন্দর মুখবিশিষ্ট। স্ত্রী. বিধুবদনা /বিধুবদোনা/।

বিধুবদন[২] /বিধুবদোন্/ [স. বিধু+বদন] বি. চাঁদের মতো সুন্দর মুখ।

www.pathagar.com

বিধুমুখ /বিধুমুখ/ [স. বিধু+মুখ] বি. দ্র বিধুবদন[২]।

বিধুমুখী /বিধুমুখি/ [স. বিধুমুখ+ঈ] বিণ. চন্দ্রতুল্য সুন্দর মুখবিশিষ্ট।

বিধুর /বিধুর্/ [স. বি+√ধূর্+অ] বিণ. ১ কাতর। ২ ভারাক্রান্ত। ৩ বিমূঢ়। ৪ ভীত। স্ত্রী. বিধুরা /বিধুরা/।

বিধুরতা /বিধুরতা/ [স. বিধুর+তা] বি. ১ দুঃখ; কাতরতা। ২ বিহ্বলতা।

বিধূয়মান /বিধুওমান্/ [স. বি+√ধূ+মান (শানচ্)] বিণ. কাঁপছে এমন, কম্পমান।

বিধৃত /বিদ্‌ধৃতো/ [স. বি+√ধৃ+ত] বিণ. ১ ধারণ করা হয়েছে এমন। ২ সযত্নে ধরা হয়েছে এমন। ৩ পরিহিত। ৪ আশ্রিত।

বিধৃতি /বিদ্‌ধৃতি/ [স. বি+√ধৃ+তি] বি. ১ সযত্নে ধারণ। ২ আশ্রয়। ৩ আটক, পাকড়াও, গ্রেপ্তার।

বিধেয় /বিধেয়ো/ [স. বি+√ধা+য] বিণ. ১ বিধিসংগত, উচিত। ২ করণীয়। ৩ বশীকৃত। বি. (ব্যা.) বাক্যের যে অংশে কর্তা বা উদ্দেশ্য সম্বন্ধে কিছু বলা হয়, বাক্যের ক্রিয়াপদ ও তার সহযোগী শব্দসমূহ, predicate।

বিধেয়ক /বিধেয়ক্/ [স. বি+√ধা+অক] বি. সংসদে আলোচনার জন্য উপস্থাপিত আইনের খসড়া, bill।

বিধৌত /বিধোউতো/ [স. বি+√ধাব্+ত] বিণ. ১ ধোয়া হয়েছে এমন। ২ লালিত (*নদীবিধৌত*)।

বিধৌতি/বিধোউতি/ [স. বি+√ধাব্+তি] বি. প্রক্ষালন।

বিধ্বংস /বিদ্‌ধ্বংশো/ [স. বি+√ধ্বন্স্+অ] বি. ১ সম্পূর্ণ ধ্বংস, বিলোপ। ২ ক্ষয়। বিণ. বিধ্বস্ত।

বিধ্বংসিত /বিদ্‌ধোংশিতো/ [স. বি+√ধ্বংসি+ত] বিণ. ১ সম্পূর্ণরূপে নাশ বা বিলুপ্ত। ২ ক্ষয়প্রাপ্ত।

বিধ্বংসী /বিদ্‌ধোংশি/ [স. বি+√ধ্বংস্+ইন্] বিণ. সম্পূর্ণরূপে ধ্বংস বা বিনাশকারী; ধ্বংসশীল।

বিধ্বস্ত /বিদ্‌ধস্তো/ [স. বি+√ধ্বন্স্+ত] বিণ. ১ সম্পূর্ণরূপে নাশপ্রাপ্ত। ২ ব্যাপক ধ্বংসলীলা সংঘটিত হয়েছে এমন (*যেমন বিধ্বস্ত রণক্ষেত্রে ক্লান্ত বিবর্ণ সৈনিক চায় শান্তি*, শামসুর.)। ৩ চারদিকে বিক্ষিপ্ত।

বিন[১] /বিন্/ [স. বীণা >] বি. বীণা।

বিন[২] /বি:ন্/ [ই.] বি. বরবটি শিম প্রভৃতিজাতীয় সবজি, bean।

বিনকার /বিন্‌কার্/ [স. বীণা >] বিণ. বি. বীণাবাদক।

বিনত /বিনতো/ [স. বি+√নম্+ত] বিণ. ১ অবনত। ২ বিনয়ী, নম্র। ৩ প্রণত। স্ত্রী. বিনতা /বিনতা/।

বিনতানন্দন /বিনতানন্‌দোন্/ [স. বিনতা+নন্দন] বি. বিনতার পুত্র অরুণ ও গরুড়, বৈনতেয়।

বিনতি /বিনোতি/ [স. বি+√নম্+তি] বি. ১ নম্রতা। ২ বিনয়পূর্বক নিবেদন। ৩ প্রণতি। ৪ ভদ্রতা।

বিনমন /বিনমোন্/ [স. বি+নমন] বি. ১ বিনয়, নম্রতা। ২ নিচে আনয়ন, অবনমন। ৩ প্রণতি।

বিনমিত /বিনোমিতো/ [স. বি+নমিত] বিণ. ১ বিনীত। ২ অবনমিত। ৩ প্রণত।

বিনম্র /বিনম্‌রো/ [স. বি+নম্র] বিণ. ১ অত্যন্ত নম্র, শান্ত। ২ বিনয়াবনত। ৩ কোমল; মৃদু।

বিনম্রতা /বিনম্‌রোতা/ [স. বিনম্র+তা] বি. অতিশয় নম্রতা।

বিনয় /বিনয়্/ [স. বি+√নী+অ] বি. ১ নম্রতা; কোমলতা। ২ মিনতি। ৩ শিষ্টাচার। ৪ শাসন।

বিনয়ন /বিনয়োন্/ [স. বি+√নী+অন] বি. ১ অপনয়ন, নিরাকরণ। ২ শাসন। ৩ শিক্ষাদান।

বিনয়ভূষণ /বিনয়্‌ভুশন্/ [স. বিনয়+ভূষণ] বি. বিনয় যার ভূষণ। বিণ. বিনম্র।

বিনয়াবনত /বিনয়াবোনতো/ [স. বিনয়+অবনত] বিণ. অতি বিনয়ী। স্ত্রী. বিনয়াবনতা /বিনয়াবো-নতা/।

বিনয়ী /বিনোয়ি/ [স. বিনয়+ইন্] বিণ. উদ্ধত নয় এমন, বিনীত; শিষ্ট; নম্র।

বিনশন /বিনশোন্/ [স. বি+√নশ্+অন] বি. ১ বিনাশ। ২ সরস্বতী নদীর ভূগর্ভে প্রবেশস্থল।

বিনশ্বর /বিনশ্শর্/ [স. বি+√নশ্+বর] বিণ. চিরস্থায়ী নয় এমন। বি. বিনশ্বরতা /বিনশ্শরোতা/।

বিনষ্ট /বিনশ্টো/ [স. বি+√নশ্+ত] বিণ. ১ ধ্বংস-প্রাপ্ত। ২ অতীত, গত। ৩ ক্ষয়প্রাপ্ত।

বিনষ্টি /বিনোশ্টি/ [স. বি+√নশ্+তি] বি. বিনাশ, ধ্বংস।

বিনা /বিনা/ [স. বি+না] অব্য. ব্যতিরেকে, ভিন্ন, ব্যতীত, ছাড়া।

বিনানো /বিনানো/ [বা.] ক্রিবি. ১ বেণি রচনা করা। ২ ধীরে ধীরে বর্ণনা করা; দীর্ঘ বিলাপ করা। বিণ. বেণি রচনা করা হয়েছে এমন (*বিনানো কেশগুচ্ছ*)।

বিনামা[১] /বিনামা/ [ফা. বেনামী >] বিণ. ১ প্রকৃত মালিকের নাম গোপন করে অন্য নাম ব্যবহার করা হয়েছে এমন। ২ লেখক বা প্রেরকের নামের উল্লেখ নেই এমন, নামহীন।

বিনামা[২] /বিনামা/ [বা.] বি. পাদুকা, জুতা।

www.pathagar.com

বিনা মেঘে বজ্রপাত /বিনা মেঘে বজ্রোপাত্/ প্র. হঠাৎ আগত অপ্রত্যাশিত বিপদ।

বিনায়ক /বিনায়োক্/ [স. বি+√নী+অক] বি. ১ গণেশ, গণপতি। ২ গুরু। ৩ গরুড়। ৪ বুদ্ধদেব।

বিনাশ /বিনাশ্/ [স. বি+√নশ্+অ] বি. ১ ধ্বংস, নাশ; ক্ষয়। ২ বিলোপ। ৩ মৃত্যু।

বিনাশক /বিনাশক্/ [স. বি+√নাশি+অক] বিণ. ১ বিনাশকারী। ২ সংহারক, ঘাতক।

বিনাশধর্মী /বিনাশ্ধোর্মি/ [স. বিনাশ+ধর্মী] বিণ. বিনাশ করে এমন, বিনাশশীল।

বিনাশন /বিনাশন্/ [স. বি+√নাশি+অন] বি. বিনাশ-করণ, নিধন।

বিনাশিত /বিনাশিতো/ [স. বি+√নাশি+ত] বিণ. ১ বিনাশপ্রাপ্ত হয়েছে এমন। ২ নিহত।

বিনাশী /বিনাশি/[স. বি+√নাশি+ইন্] বিণ. ১ বিনাশ-কারী, বিনাশক। ২ বিনাশশীল, নশ্বর।

বিনি /বিনি/ [বা.] অব্য. 'বিনা'-র আঞ্চলিক রূপ (*বিনি সুতোর মালা*)।

বিনিঃশেষ /বিনিশ্শেশ্/ [স. বি+নির্+শেষ] বিণ. সম্পূর্ণরূপে সমাপ্ত।

বিনিঃসরণ /বিনিশ্শরোন্/ [স. বি+নির্+√সৃ+অন] বি. নির্গমন, বহির্গমন।

বিনিঃসৃত /বিনিস্সৃতো/ [স. বি+নির্+√সৃ+ত] বিণ. বহির্গত, নির্গত।

বিনিক্ষিপ্ত /বিনিক্ষিপ্তো/ [স. বি+নিক্ষিপ্ত] বিণ. নিক্ষেপ করা হয়েছে এমন, প্রক্ষিপ্ত।

বিনিদ্র /বিনিদ্রো/ [স. বি+নিদ্রা] বিণ. জেগে রয়েছে এমন, নিদ্রাহীন (*আমার বিনিদ্র রাতে সতর্ক সাইরেন ডেকে যায়,* সুকান্ত.)।

বিনিন্দিত /বিনিন্দিতো/ [স. বি+নিন্দিত] বিণ. ব্যাপকভাবে নিন্দিত; হীন করা হয়েছে এমন।

বিনিপাত /বিনিপাত্/ [স. বি+নি+√পত্+অ] বি. ১ নিপাত, বিনাশ। ২ অধঃপতন। ৩ মৃত্যু। ৪ দৈব দুঃখ বা ক্লেশ।

বিনিবর্তন /বিনিবর্তোন্/ [স. বি+নি+√বৃৎ+অন] বি. ১ পুনরায় আগমন বা গমন। ২ বিরতি।

বিনিবর্তিত /বিনিবোর্তিতো/ [স. বি+নি+√বর্তি+ত] বিণ. ১ প্রত্যাবর্তন করেছে এমন। ২ নিবৃত্ত করা হয়েছে এমন।

বিনিবারিত /বিনিবারিতো/ [স. বি+নি+√বারি+ত] বিণ. ১ বিশেষভাবে বারণ করা হয়েছে এমন; নিষিদ্ধ। ২ বাধা পেয়েছে এমন, বাধাপ্রাপ্ত।

বিনিবৃত্ত /বিনিবৃত্তো/ [স. বি+নি+√বৃৎ+ত] বিণ. ১ প্রত্যাবৃত্ত। ২ নিরস্ত করা হয়েছে এমন।

বিনিবেশ /বিনিবেশ্/ [স. বি+নি+√বেশি+অ] বি. সংস্থাপন; বিন্যাস।

বিনিবেশিত /বিনিবেশিতো/ [স. বি+নি+√বেশি+ত] বিণ. ১ সংস্থাপিত, বিন্যস্ত। ২ প্রবিষ্ট।

বিনিময় /বিনিময়/[স. বি+নি+√মি+অ] বি. ১ বদল; প্রতিদান। ২ সমমূল্যের বস্তুর আদান-প্রদান।

বিনিমিত /বিনিমিতো/ [স. বি+নি+√মি+ত] বিণ. বিনিময় করা হয়েছে এমন।

বিনিযুক্ত /বিনিজুক্তো/ [স. বি+নি+√যুজ্+ত] বিণ. ১ লগ্নি করা হয়েছে এমন। ২ নিয়োগ করা হয়েছে এমন, নিযুক্ত। ৩ প্রদত্ত; অর্পিত; প্রেরিত।

বিনিয়োগ /বিনিয়োগ্/ [স. বি+নি+√যুজ্+অ] বি. ১ লগ্নি। ২ বিশেষ নিয়োগ। ৩ প্রদান; অর্পণ; প্রেরণ। ৪ প্রয়োগ।

বিনিয়োগকারী /বিনিয়োগ্কারি/ [স. বিনিয়োগ+√কৃ+ইন্] বিণ. অর্থ লগ্নিকারী। বি. যে অর্থ বিনিয়োগ করে।

বিনিয়োগনীতি /বিনিয়োগ্নিতি/ [স. বিনিয়োগ+√নী+তি] বি. বিনিয়োগসংক্রান্ত নীতিমালা।

বিনিয়োজিত /বিনিয়োজিতো/ [স. বি+নি+√যোজি+ত] বিণ. ১ বিনিয়োগ করা হয়েছে এমন। ২ নিযুক্ত। ৩ প্রেরিত; অর্পিত। ৪ প্রবর্তিত।

বিনির্গত /বিনির্গতো/ [স. বি+নির্+√গম্+ত] বিণ. বহির্গত, নিঃসৃত; নিষ্ক্রান্ত।

বিনির্গম /বিনির্গম্/ [স. বি+নির্+√গম্+অ] বি. বহির্গমন, নির্গমন, নিঃসরণ।

বিনির্গমন /বিনির্গমোন্/ [স. বি+নির্+√গম্+অন] বি. দ্র বিনির্গম।

বিনির্জিত /বিনির্জিতো/ [স. বি+নির্+√জি+ত] বিণ. পরাজিত, পরাভূত।

বিনির্ণয় /বিনির্নয়্/ [স. বি+নির্+√নী+অ] বি. ১ নির্ধারণ, নিরূপণ, স্থিরীকরণ। ২ বিচারপূর্বক ব্যবস্থা গ্রহণ, সিদ্ধান্ত, রোয়েদাদ, award।

বিনির্ণীত /বিনির্নিতো/ [স. বি+নির্+√নী+ত] বিণ. নিরূপিত।

বিনির্দেশ /বিনির্দেশ্/ [স. বি+নির্+√দিশ্+অ] বি. কোনো যন্ত্র বা পণ্যদ্রব্যের উৎস গঠন পরিমাপ ব্যবহারযোগ্যতা সীমাবদ্ধতা প্রভৃতির পুঙ্খানুপুঙ্খ বর্ণনা; (পরি.) specification।

বিনির্দেশিত /বিনির্দেশিতো/ [স. বি+নির্+√দেশি+ত] বিণ. বিশেষভাবে নির্দিষ্ট করা হয়েছে এমন।

www.pathagar.com

বিনির্বৃত্ত /বিনির্‌বৃত্তো/ [স. বি+নির্‌+√বৃৎ+ত] বিণ. ১ সমাপ্ত, নিষ্পন্ন। ২ দুঃখক্লিষ্ট।

বিনির্বৃত্তি /বিনির্‌বৃত্তি/ [স. বি+নির্‌+√বৃৎ+তি] বি. ১ মীমাংসা, নিষ্পত্তি। ২ সমাপ্তি।

বিনির্মুক্ত /বিনির্‌মুক্তো/ [স. বি+নির্‌+√মুচ্‌+ত] বিণ. ১ বন্ধনমুক্ত। ২ উদ্‌ঘাটিত।

বিনিশ্চয় /বিনিশ্‌চয়/ [স. বি+নিস্‌+√চি+অ] বি. স্থির সিদ্ধান্ত, সম্যক বা সন্দেহাতীত সিদ্ধান্ত।

বিনিশ্চল /বিনিশ্‌চল্‌/ [স. বি+নিস্‌+√চল্‌+অ] বিণ. সম্পূর্ণরূপে অচঞ্চল বা স্থির, অটল।

বিনিশ্চিত /বিনিশ্‌চিতো/ [স. বি+নিস্‌+√চি+ত] বিণ. ১ সন্দেহাতীতভাবে নির্ণীত। ২ অভ্রান্ত।

বিনীত /বিনিতো/ [স. বি+√নী+ত] বিণ. ১ বিনয়যুক্ত (*বিনীত অনুরোধ*)। ২ সংযত (*বিনীত কণ্ঠ*)। ৩ শান্ত। স্ত্রী. **বিনীতা** /বিনিতা/।

বিনু /বিনু/ [স. বিনা >] অব্য. দ্র বিনা।

বিনুনি /বিনুনি/ [বা.] বি. ১ বিনানো চুল, বেণি। ২ বেণি রচনা।

বিনে /বিনে/ [বা.] অব্য. 'বিনা'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

বিনেতা /বিনেতা/ [স. বি+√নী+তৃ] বি. ১ নিয়ন্তা। ২ শাসক, রাজা। ৩ শিক্ষক। বিণ. নিয়ন্ত্রণকারী। স্ত্রী. **বিনেত্রী** /বিনেত্রি/।

বিনেয় /বিনেয়ো/ [স. বি+√নী+য] বিণ. ১ শাসন-যোগ্য। ২ শিক্ষণীয়। ৩ দণ্ডনীয়।

বিনোদ /বিনোদ্‌/ [স. বি+√নোদি+অ] বি. ১ তোষণ। ২ আমোদ; বিহার। বিণ. সুন্দর, মনোহর।

বিনোদন /বিনোদোন্‌/ [স. বি+√নোদি+অন] বি. ১ তুষ্টিসাধন। ২ মোচন।

বিনোদিত /বিনোদিতো/ [স. বি+√নোদি+ত] বিণ. ১ সন্তোষিত; আমোদিত; তোষিত। ২ মোচিত।

বিনোদিনী /বিনোদিনি/ [স. বি+√নোদি+ইন্‌+ঈ] বিণ. ১ আনন্দদায়িনী। ২ সুন্দরী। বি. শ্রীরাধিকা (*রাইবিনোদিনী*)।

বিনোদিয়া /বিনোদিআ/ [বা.] বিণ. মনোরম, মনোহর; আনন্দদায়ক।

বিনোদী /বিনোদি/ [স. বি+√নোদি+ইন্‌] বিণ. ১ বিনোদনকারী। ২ আনন্দদানকারী; আনন্দদায়ক। স্ত্রী. **বিনোদিনী** /বিনোদিনি/।

বিন্তি /বিন্‌তি/ [পো.] বি. তাসের খেলাবিশেষ।

বিন্দু /বিন্‌দু/ [স. √বিন্‌দ্‌+উ] বি. ১ কণিকা, কণা। ২ ফোঁটা (*জলবিন্দু*)। ৩ (জ্যা.) অবস্থান আছে কিন্তু দৈর্ঘ্য প্রস্থ বা বেধ নেই এমন চিহ্ন, point। ৪ শুক্র, বীর্য (*বিন্দুধারণ*)।

বিন্দুতে সিন্ধুজ্ঞান /বিন্‌দুতে শিন্‌ধুগ্যান্‌/ বি. অতি সামান্য পরিমাণকে প্রচুর বলে কল্পনা।

বিন্দুবিসর্গ /বিন্‌দুবিশরগো/ [স. বিন্দু+বিসর্গ] বি. ১ অনুস্বার ও বিসর্গ (ং ঃ)। ২ (আল.) অতি অল্প পরিমাণ। ৩ সামান্যতম আভাস বা ইঙ্গিত।

বিন্দুমাত্র /বিন্‌দুমাত্রো/ [স. বিন্দু+মাত্র] বি. ক্রিবিণ. লেশমাত্র; চিহ্নমাত্র।

বিন্ধা /বিন্‌ধা/ [স. বিদ্ধ >] ক্রিবি. বিদ্ধ করা, বেঁধা।

বিন্ধ্য /বিন্‌ধ্যো/ [স. বি+√ধ্যৈ+অ] বি. মধ্য-ভারতে অবস্থিত পর্বতমালাবিশেষ।

বিন্ধ্যবাসিনী /বিন্‌ধ্যোবাশিনি/ [স. বিন্ধ্য+√বস্‌+ইন্‌+ঈ] বিণ. বিন্ধ্যপর্বতে বাসকারিণী। বি. দেবীদুর্গা।

বিন্ধ্যাচল /বিন্‌ধ্যাচল্‌/ [স. বিন্ধ্য+অচল] বি. দ্র বিন্ধ্য।

বিন্ধ্যারণ্য /বিন্‌ধ্যারোন্‌নো/ [স. বিন্ধ্য+অরণ্য] বি. বিন্ধ্যপর্বতের অরণ্য।

বিন্নিধান /বিন্‌নিধান্‌/ [স. বীরণ >] বি. সরু ও লম্বা ধান্যবিশেষ যা থেকে মিহি চিড়া ও খই তৈরি হয় (*শালি ধানের চিঁড়ে দেব, / বিন্নিধানের খই,* জসীম.)।

বিন্যস্ত /বিন্‌নস্‌তো/ [স. বি+নি+√অস্‌+ত] বিণ. সুশৃঙ্খলভাবে স্থাপিত; ক্রমানুসারে সজ্জিত।

বিন্যাস /বিন্‌ন্যাশ্‌/ [স. বি+নি+√অস্‌+অ] বি. ১ সুশৃঙ্খলভাবে স্থাপন; গ্রন্থন। ২ মনোহর সজ্জা।

বিপক্ষ /বিপোক্‌খো/ [স. বি+পক্ষ] বি. ১ বিরুদ্ধপক্ষ। ২ অনিষ্টকারী পক্ষ, শত্রু। বি. ~তা /-তা/।

বিপক্ষপাতী /বিপোক্‌খোপাতি/ [স. বিপক্ষ+√পত্‌+ইন্‌] বিণ. ১ বিরুদ্ধ মতাবলম্বী। ২ শত্রুর পক্ষ অবলম্বনকারী।

বিপক্ষীয় /বিপোক্‌খিয়ো/ [স. বিপক্ষ+ঈয়] বিণ. ১ বিরোধী দলভুক্ত। ২ বিপক্ষসংক্রান্ত।

বিপজ্জনক /বিপজ্‌জনোক্‌/ [স. বিপদ্‌+জনক] বিণ. বিপদ ঘটায় এমন; বিপদের আশঙ্কাযুক্ত।

বিপণন /বিপনোন্‌/ [স. বি+√পণ্‌+অন] বি. বাজার-জাতকরণ, বিক্রয়ের জন্য বাজারে প্রেরণ।

বিপণি /বিপোনি/ [স. বি+√পণ্‌+ই] বি. ১ দোকান, পণ্যশালা। ২ হাট; বাজার (*বিপণিবিতান*)।

বিপণিবিতান /বিপোনিবিতান্‌/ [স. বিপণি+বিতান] বি. রকমারি পণ্যদ্রব্য ক্রয়বিক্রয়ের স্থান।

বিপৎ /বিপত্‌/ [স. বি+√পদ্‌+ক্বিপ্‌] বি. ১ সন্ধি ও সমাসে অঘোষ বর্ণের পূর্বে 'বিপদ' শব্দের রূপ। ২

www.pathagar.com

আপদ, বিপত্তি। ৩ দুর্দশা, দুরবস্থা। ৪ ঝঞ্ঝাট।

বিপৎকাল /বিপত্কাল্/ [স. বিপৎ+কাল] বি. বিপদের সময়, দুঃসময়।

বিপৎকালীন /বিপত্কালিন্/ [স. বিপৎকাল+ঈন] বিণ. বিপদের সময়ে উদ্ভূত বা ঘটিত।

বিপৎচিহ্ন /বিপত্চিন্hো/ [স. বিপৎ+চিহ্ন] বি. আসন্ন বিপদ সম্পর্কে সাবধান করার সংকেত।

বিপৎপাত /বিপত্পাত্/ [স. বিপৎ+√পত্+অ] বি. বিপত্তি সংঘটন।

বিপৎসংকুল /বিপত্শংকুল্/ [স. বিপৎ+সংকুল] বিণ. বিপদবহুল; বিপজ্জনক।

বিপৎসংকেত /বিপত্শংকেত্/ [স. বিপৎ+সংকেত] বি. আসন্ন বিপদ সম্পর্কে সতর্কবার্তা।

বিপৎসীমা /বিপত্শিমা/ [স. বিপৎ+সীমা] বি. জলাধার বা নদীর জলস্ফীতি যে সীমা অতিক্রম করলে বিপদ ঘটতে পারে।

বিপত্তারণ /বিপত্তারোন্/ [স. বিপৎ+উত্তারণ] বি. বিপদ থেকে উদ্ধার।

বিপত্তারিণী /বিপত্তারিনি/ [স. বিপৎ+√তৃ+ণিচ্+ইন্+ঈ] বিণ. বিপদ থেকে উদ্ধারকারিণী। বি. লৌকিক দেবীবিশেষ।

বিপত্তি /বিপোত্তি/ [স. বি+√পদ্+তি] বি. ১ সংকট। ২ ঝামেলা। ৩ বিঘ্ন। ৪ দুর্দশা, দুরবস্থা।

বিপত্নীক /বিপোত্নিক্/ [স. বিপত্নী+ক] বিণ. ১ পত্নী নেই এমন। ২ মৃতদার।

বিপথ /বিপথ্/ [স. বি+পথ] বি. ১ মন্দপথ; ভুল পথ। ২ অসৎ জীবনযাত্রার পথ।

বিপথগামী /বিপথোগামি/ [স. বিপথ+√গম্+ইন্] বিণ. কুপথে গমনকারী; পথভ্রষ্ট। স্ত্রী. বিপথগামিনী /বিপথোগামিনি/।

বিপথচারিতা /বিপথোচারিতা/ [স. বিপথ+√চর্+ইন্+তা] বি. অসৎ পথ অবলম্বন, কুপথগামিতা।

বিপথচারী /বিপথোচারি/ [স. বিপথ+√চর্+ইন্] বিণ. অসৎ পথে চলছে এমন, কুপথগামী। স্ত্রী. বিপথচারিণী /বিপথোচারিনি/।

বিপদ /বিপদ্/ [স. বি+√পদ্+ক্বিপ্] বি. ১ সন্ধি ও সমাসে অঘোষ বর্ণের পূর্বে 'বিপৎ' শব্দের রূপ। ২ আপদ, বিপত্তি। ৩ দুর্দশা, দুরবস্থা। ৪ ঝঞ্ঝাট।

বিপদগর্ভ /বিপদ্গর্ভো/ [স. বিপদ্+গর্ভ] বিণ. বিপদের আশঙ্কাযুক্ত, বিপজ্জনক।

বিপদগ্রস্ত /বিপদ্গ্রোস্তো/ [স. বিপদ্+√গ্রস্+ত] বিণ. বিপদে পড়েছে এমন, বিপন্ন।

বিপদবহুল /বিপদ্বোহুল্/ [স. বিপদ্+বহুল] বিণ. বিপৎপূর্ণ, সংকটপূর্ণ, বিপৎসংকুল।

বিপদভঞ্জন /বিপদ্ভন্জোন্/ [স. বিপদ্+ভঞ্জন] বি. যে বিপদ নাশ করে। বিণ. বিপদ দূরকারী।

বিপদাত্মক /বিপদাত্তক্/ [স. বিপদ্+আত্মক] বিণ. বিপদ ঘটাতে পারে এমন, বিপজ্জনক।

বিপদাপদ /বিপদাপোদ্/ [স. বিপদ্+আপদ] বি. নানাবিধ বিপদ বা বিঘ্ন।

বিপদাপন্ন /বিপদাপন্নো/ [স. বিপদ্+আপন্ন] বিণ. বিপন্ন, সংকটাপন্ন, আপদগ্রস্ত।

বিপদুদ্ধার /বিপদুদ্ধার্/ [স. বিপদ্+উদ্ধার] বি. বিপদ থেকে রক্ষা, বিপন্মুক্তি।

বিপদ্দশা /বিপদ্দশা/ [স. বিপদ্+দশা] বি. সংকটময় অবস্থা।

বিপন্ন /বিপন্নো/ [স. বি+√পদ্+ত] বিণ. ১ সংকটাপন্ন। ২ বিলুপ্তপ্রায় (*বিপন্ন প্রজাতি*)। ৩ মৃত। স্ত্রী. বিপন্না /বিপন্না/।

বিপন্মুক্ত /বিপন্মুক্তো/ [স. বিপদ্+উন্মুক্ত] বিণ. বিপদ থেকে মুক্তি বা পরিত্রাণ পেয়েছে এমন।

বিপন্মুক্তি /বিপন্মুক্তি/ [স. বিপদ্+উন্মুক্তি] বি. বিপদ থেকে মুক্তি বা উদ্ধার।

বিপরিণত /বিপোরিনতো/ [স. বি+পরি+√নম্+ত] বিণ. ১ পরিবর্তিত। ২ ওলট-পালট হয়েছে এমন, বিপর্যস্ত।

বিপরিণতি /বিপোরিনোতি/ [স. বি+পরি+√নম্+তি] বি. ১ পরিবর্তন। ২ ওলট-পালট অবস্থা, বিপর্যয়।

বিপরিণাম /বিপোরিনাম্/ [স. বি+পরিণাম] বি. ১ পরিবর্তন। ২ বিপর্যয়। ৩ বিকৃতি। ৪ মৃত্যু।

বিপরিণামী /বিপোরিনামি/ [স. বিপরিণাম+ইন্] বিণ. ১ পরিবর্তিত হয় এমন। ২ বিপরীত পরিণাম বা দশাপ্রাপ্ত। ৩ বিকৃত।

বিপরিবর্তন /বিপোরিবর্তোন্/ [স. বি+পরিবর্তন] বি. ১ বিশেষ পরিবর্তন। ২ বিপরীত পরিবর্তন, বিপর্যাস।

বিপরীত /বিপোরিত্/ [স. বি+পরি+√ই+ত] বিণ. ১ বিরুদ্ধ, প্রতিকূল। ২ উলটা।

বিপরীতকাল /বিপোরিত্কাল্/ [স. বিপরীত+কাল] বি. বিরুদ্ধ বা প্রতিকূল সময়।

বিপরীতার্থক /বিপোরিতার্থক্/ [স. বিপরীত+অর্থক] বিণ. বিপরীত অর্থ প্রকাশ করে এমন।

বিপর্যয় /বিপোর্জয়্/ [স. বি+পরি+√ই+অ] বি. ১ ওলট-পালট, অনাকাঙ্ক্ষিত ব্যাপক পরিবর্তন। ২ বিশৃঙ্খল ঘটনা। ৩ বৈপরীত্য। ৪ বিনাশ, ধ্বংস।

www.pathagar.com

বিপর্যস্ত /বিপোরজোস্‌তো / [স. বি+পরি+ √অস্+ত] বিণ. ১ বিপর্যয়গ্রস্ত। ২ বিশৃঙ্খল। ৩ ছত্রভঙ্গ।

বিপর্যাস /বিপোর্‌জাশ্ / [স. বি+পরি+ √অস্+অ] বি. দ্র বিপর্যয়।

বিপল /বিপল্/ [স. বি+পল] বি. সময়ের সূক্ষ্ম ভাগ।

বিপশ্চিৎ /বিপোশ্‌চিত্/ [স. বি+প্র+√চিৎ+ক্বিপ্] বিণ. বিদ্বান, পন্ডিত, জ্ঞানী।

বিপাক /বিপাক্/ [স. বি+√পচ্+অ] বি. ১ দুর্গতি, বিড়ম্বনা। ২ কর্মফল। ৩ জীবদেহে খাদ্যের পরিপাক, metabolism।

বিপাকীয় /বিপাকিয়ো/ [স. বিপাক+ঈয়] বিণ. বিপাকসংক্রান্ত।

বিপাশা /বিপাশা/ [স. √বিপাশি+অ+আ (টাপ্)] বি. পঞ্জাবের একটি নদীর নাম।

বিপিতা /বিপিতা/ [স. বি+√পা+তৃ] বি. জন্মদাতা পিতা ভিন্ন মায়ের অন্য স্বামী, সৎ পিতা।

বিপিন /বিপিন্/ [স. √বেপ্+ইন্] বি. অরণ্য, বন।

বিপিনবিহারী /বিপিন্‌বিহারি / [স. বিপিন+বিহারী] বিণ. অরণ্যচারী। বি. বৃন্দাবনবিহারী শ্রীকৃষ্ণ।

বিপুল /বিপুল্/ [স. বি+√পুল্+অ] বিণ. ১ বৃহৎ, ব্যাপক। ২ প্রচুর, অগাধ। ৩ স্থূল। ৪ প্রশস্ত; গভীর। ৫ মহৎ।

বিপুলায়তন /বিপুলায়োতন্ / [স. বিপুল+আয়তন] বিণ. বিশাল আকারের।

বিপ্র /বিপ্রো / [স. বি+√প্রা+অ] বি. ব্রাহ্মণ; বেদজ্ঞ ব্রাহ্মণ।

বিপ্রকর্ষ /বিপ্রোকরশো / [স. বি+প্র+√কৃষ্+অ] বি. ১ দূরত্ব, ব্যবধান। ২ বিপরীত দিকে আকর্ষণ। ৩ দূরে অবস্থান। ৪ (ব্যা.) স্বরভক্তি অর্থাৎ উচ্চারণের সুবিধার জন্য সংযুক্ত ব্যঞ্জনধ্বনির মধ্যে স্বরধ্বনির আনয়ন (যথা: ধর্ম > ধরম, রত্ন > রতন)।

বিপ্রকর্ষণ /বিপ্রোকরশোন্ / [স. বি+প্র+√কৃষ্+অন] বি. আকর্ষণের বিপরীত ক্রিয়া, বিকর্ষণ।

বিপ্রকার /বিপ্রোকার্ / [স. বি+প্র+√কৃ+অ] বি. ১ ভর্ৎসনা। ২ ক্ষতি। ৩ দৌরাত্ম্য। ৪ বিভিন্ন প্রকার।

বিপ্রকীর্ণ /বিপ্রোকির্‌নো/ [স. বি+প্র+√কৃ+ত] বিণ. ইতস্তত বিক্ষিপ্ত, এলোমেলোভাবে ছড়ানো।

বিপ্রকৃত /বিপ্রোকৃতো/ [স. বি+প্র+√কৃ+ত] বিণ. ১ অপমানিত, তিরস্কৃত। ২ ক্ষতিগ্রস্ত; উপদ্রুত।

বিপ্রকৃষ্ট /বিপ্রোকৃশ্‌টো/ [স. বি+প্র+√কৃষ্+ত] বিণ. ১ বিপরীত দিকে আকৃষ্ট। ২ দূরবর্তী।

বিপ্রতিপত্তি /বিপ্রোতিপোত্‌তি/ [স. বি+প্রতি+√পদ্+তি] বি. ১ বিরোধ; শত্রুতা। ২ বৈসাদৃশ্য। ৩ সন্দেহ, সংশয়। ৪ ভেদ, পার্থক্য।

বিপ্রতিপন্ন /বিপ্রোতিপন্নো / [স. বি+প্রতি+√পদ্ +ত] বিণ. ১ বিরুদ্ধ, প্রতিকূল। ২ পৃথক; পার্থক্য-যুক্ত। ৩ বিপরীত জ্ঞানসম্পন্ন। ৪ সংশয়পূর্ণ।

বিপ্রতীপ /বিপ্রোতিপ্ / [স. বি+প্রতীপ] বিণ. ১ সম্পূর্ণ বিপরীত (*বিপ্রতীপ কোণ*)। ২ প্রতিকূল।

বিপ্রতীপ কোণ /বিপ্রোতিপ্ কোণ্/ বি. (জ্যা.) কোনো সরলরেখাকে অপর একটি সরলরেখা ছেদ করার ফলে উৎপন্ন পরস্পর বিপরীত কোণ-সমূহ।

বিপ্রযুক্ত /বিপ্রোজুক্‌তো/ [স. বি+প্র+√যুজ্+ত] বিণ. সংযোগহীন, বিযুক্ত, বিশ্লিষ্ট, বিচ্ছিন্ন।

বিপ্রয়োগ /বিপ্রোয়োগ্ / [স. বি+প্র+√যুজ্+অ] বি. ১ বিয়োগ, বিশ্লেষ। ২ বিচ্ছেদ; বিরহ। ৩ পার্থক্য, ভেদ। ৪ বিরোধ, বিবাদ।

বিপ্রলব্ধ /বিপ্রোলবধো / [স. বি+প্র+√লভ্+ত] বিণ. ঠকেছে এমন, প্রতারিত, বঞ্চিত। স্ত্রী. **বিপ্রলব্ধা** /বিপ্রোলবধা /।

বিপ্রলম্ভ /বিপ্রোলম্‌ভো/ [স. বি+প্র+√লভ্+অ] বি. ১ কলহ। ২ প্রতারণা, ছলনা। ৩ বিরহ, বিচ্ছেদ।

বিপ্রলাপ /বিপ্রোলাপ্ / [স. বি+প্র+√লপ্+অ] বি. ১ বিরুদ্ধবাক্য। ২ মতভেদের কারণে বিরোধ, বিসংবাদ। ৩ অনর্থক ঝগড়া। ৪ নিরর্থক কথন।

বিপ্রশ্নিকা /বিপ্রোস্‌নিকা/ [স. বি+প্রশ্ন+কন্+আ (টাপ্)] বি. ১ ভাগ্য গণনাকারিণী। ২ জিজ্ঞাসা।

বিপ্লব /বিপ্লব্ / [স. বি+√প্লু+অ] বি. ১ রাষ্ট্র বা সমাজব্যবস্থায় দ্রুত আমূল পরিবর্তন (*ফরাসি বিপ্লব*); আমূল পরিবর্তন; বিদ্রোহ (*মাঝে মাঝে খড়খড়ি তুলে দেখে নেয় / বিপ্লব এসেছে কতদূর* শঙ্খ.); revolution। ২ ব্যাপক ধ্বংসলীলা বা বিনাশ। ৩ উপদ্রব।

বিপ্লবাত্মক /বিপ্লবাত্‌তোক্/ [স. বিপ্লব+আত্মক] বিণ. ১ দ্রুত ও আমূল পরিবর্তন আনে এমন; বৈপ্লবিক। ২ বিপ্লবসংক্রান্ত।

বিপ্লবী /বিপ্লোবি/ [স. বি+√প্লু+ইন্] বিণ. বি. বিপ্লব সংঘটনকারী বা বিপ্লবে অংশগ্রহণকারী; বিপ্লব সমর্থনকারী; বিদ্রোহী।

বিপ্লাবন /বিপ্লাবোন্ / [স. বি+√প্লাবি+অন] বি. ১ জলপ্লাবন, বন্যা। ২ বিপর্যয়, নাশ, ধ্বংস।

www.pathagar.com

বিপ্লুত /বিপ্লুতো/ [স. বি+√প্লু+ত] বিণ. ১ উপদ্রুত। ২ বিপর্যস্ত। ৩ নষ্ট। ৪ ব্যাকুল, বিহ্বল। ৫ প্লাবিত।

বিফল /বিফল্/ [স. বি+ফল] বিণ. ১ নিরর্থক, নিষ্ফল, বৃথা। ২ ব্যর্থ, অকৃতকার্য। ৩ অসিদ্ধ।

বিফলকাম /বিফল্কাম্ / [স. বিফল+কাম] বিণ. কামনা পূর্ণ হয়নি এমন।

বিফলমনোরথ /বিফল্মোনোরথ্ / [স. বিফল+মনোরথ] বিণ. মনোবাসনা পূর্ণ হয়নি এমন।

বিফলতা /বিফলতা / [স. বিফল+তা] বি. ব্যর্থতা, অকৃতকার্যতা, নিষ্ফলতা।

বিবক্ষা /বিবোক্‌খা / [স. √বস্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ বলার ইচ্ছা। ২ বাসনা, অভিলাষ।

বিবক্ষিত /বিবোক্‌খিতো / [স. √বস্+সন্+ত] বিণ. বলার আগ্রহযুক্ত, বলতে ইচ্ছুক।

বিবক্ষু /বিবোক্‌খু / [স. √বস্+সন্+উ] বিণ. বলতে ইচ্ছুক।

বিবৎসা[১] /বিবত্‌সা / [স. √বস্+সন্+অ+আ (টাপ্)] বি. বাস করার ইচ্ছা।

বিবৎসা[২] /বিবত্‌সা / [স. বি+বৎস+আ (টাপ্)] বিণ. (যে গাভির) বাছুর মৃত বা নেই এমন, বৎসহীনা।

বিবদমান /বিবদোমান্ / [স. বি+√বদ্+মান (শানচ্)] বিণ. ১ কলহরত। ২ বিরুদ্ধমত পোষণকারী। স্ত্রী. বিবদমানা /বিবদোমানা /।

বিবমিষা /বিবমিশা / [স. √বম্+সন্+অ+আ (টাপ্)] বি. বমনের ইচ্ছা, বমির ভাব।

বিবমিষু /বিবমিশু / [স. √বম্+সন্+উ] বিণ. বমি করতে ইচ্ছুক, বমনেচ্ছু।

বিবর /বিবর্ / [স. বি+√বৃ+অ] বি. গর্ত, গহ্বর; ছিদ্র।

বিবরণ /বিবরোন্ / [স. বি+√বৃ+অন] বি. ১ বিবৃতি। ২ ব্যাখ্যা, বর্ণনা। ৩ বৃত্তান্ত, কাহিনি।

বিবরণী /বিবরোনি / [স. বিবরণ+ঈ] বি. ১ বিবরণ-সংবলিত লিপি। ২ বিবরণসংবলিত পুস্তিকা।

বিবরণীয় /বিবরোনিয়ো / [স. বি+√বৃ+অনীয়] বিণ. বর্ণনা বা ব্যাখ্যার যোগ্য।

বিবরা /বিবরা / [বা.] ক্রিবি. ১ বলা; বিবরণ দেওয়া। ২ স্পষ্টভাবে ব্যাখ্যা করা।

বিবর্জক /বিবর্‌জক্ / [স. বি+√বৃজ্+অক] বিণ. বি. বর্জনকারী, ত্যাগকারী।

বিবর্জন /বিবর্‌জোন্/ [স. বি+√বৃজ্+অন] বি. ১ সম্পূর্ণ বর্জন, ত্যাজন। ২ প্রত্যাখ্যান।

বিবর্জিত /বিবোর্‌জিতো / [স. বি+√বর্জি+ত] বিণ. সম্পূর্ণরূপে বর্জিত, পরিত্যাগ করা হয়েছে এমন। স্ত্রী. বিবর্জিতা /বিবোর্‌জিতা /।

বিবর্ণ /বিবর্‌নো / [স. বি+বর্ণ] বিণ. ১ মলিন। ২ বিকৃতবর্ণ। ৩ নিষ্প্রভ। স্ত্রী. বিবর্ণা /বিবর্‌না /।

বিবর্ণতা /বিবর্‌নোতা / [স. বিবর্ণ+তা] বি. ১ বর্ণহীনতা। ২ নিষ্প্রভ ভাব। ৩ মলিনতা।

বিবর্ত /বিবর্‌তো / [স. বি+√বৃৎ+অ] বি. ১ ঘূর্ণন। ২ ভ্রমি। ৩ পরিবর্তন; পরিবর্তিত অবস্থা। ৪ ভ্রমণ।

বিবর্তন /বিবর্‌তোন্/ [স. বি+√বৃৎ+অন] বি. ১ ধারাবাহিক পরিবর্তন, ক্রমবিকাশ; রূপান্তর। ২ ঘূর্ণন। ৩ ভ্রমণ। ৪ প্রত্যাবর্তন।

বিবর্তনবাদ /বিবর্‌তোনবাদ্/ [স. বিবর্তন+বাদ] বি. ক্রমবিকাশসংক্রান্ত মতবাদ; (পরি.) theory of evolution।

বিবর্তিত /বিবোর্‌তিতো / [স. বি+√বর্তি+ত] বিণ. ১ ঘূর্ণিত, আবর্তিত। ২ প্রত্যাগত। ৩ রূপান্তরিত।

বিবর্ধক /বিবর্‌ধোক্/ [স. বি+√বর্ধি+অক] বিণ. বৃদ্ধিসাধন করে এমন, বিবর্ধনকারী; (পরি.) amplifier।

বিবর্ধক কাচ /বিবর্‌ধোক্ কাচ্/ বি. আলোকরশ্মি পুঞ্জীভূত বা প্রসারিত করতে পারে এমন উত্তল বা অবতল স্বচ্ছ কাচ বা প্লাস্টিকের চাকতি যা ছোটো বস্তুকে স্পষ্ট করে দেখতে সাহায্য করে, পরকলা, আতশকাচ, magnifying glass।

বিবর্ধন /বিবর্‌ধোন্/ [স. বি+√বর্ধি+অন] বি. সার্বিক পরিবর্ধন, সম্যক বৃদ্ধিকরণ।

বিবর্ধিত /বিবোর্‌ধিতো / [স. বি+√বর্ধি+ত] বিণ. ১ অনেকটা বেড়েছে এমন। ২ ছিন্ন।

বিবশ /বিবশ্ / [স. বি+√বশ্+অ] বিণ. ১ অবশ। ২ বিহ্বল। ৩ নিশ্চেষ্ট। স্ত্রী. বিবশা /বিবশা/।

বিবশতা /বিবশতা/ [স. বিবশ+তা] বি. ১ অসাড়তা। ২ বিহ্বলতা, বিমুগ্ধতা। ৩ নিশ্চেষ্টতা।

বিবসন /বিবশোন্ / [স. বি+বসন] বিণ. বসন নেই এমন, বিবস্ত্র, নগ্ন। স্ত্রী. বিবসনা /বিবশোনা /।

বিবস্ত্র /বিবস্ত্রো/ [স. বি+বস্ত্র] বিণ. বসন নেই এমন, বিবসন, নগ্ন। স্ত্রী. বিবস্ত্রা /বিবস্ত্রা/।

বিবস্বান /বিবশ্‌শান্ / [স. বিবস্+বৎ] বি. সূর্য।

বিবা /বিবা / [স. বিবাহ >] বি. বিবাহ, পরিণয়।

বিবাগ /বিবাগ্/ [বা.] বি. ১ বিদেশ। ২ দেশত্যাগ; প্রব্রজ্যা। ৩ উদাসীনতা। ৪ ভোগবিলাসে বিমুখতা।

বিবাগি /বিবাগি/ [বা.] বিণ. ১ ভোগবিলাসে আসক্তি নেই এমন; সংসারত্যাগী; উদাসীন। ২ দেশত্যাগী।

www.pathagar.com

বিবাদ /বিবাদ্/ [স. বি+√বদ্+অ] বি. ১ ঝগড়া, কলহ; তর্কবিতর্ক। ২ মামলা-মোকদ্দমা।

বিবাদপ্রিয় /বিবাদ্‌প্রিয়ো/ [স. বিবাদ+√প্রী+অ] বিণ. ঝগড়াটে, কলহপ্রিয়।

বিবাদবিসংবাদ /বিবাদ্‌বিশংবাদ্/ [স. বিবাদ+বিসংবাদ] বি. ঝগড়াঝাঁটি, কলহ; কথা কাটাকাটি।

বিবাদভঞ্জন /বিবাদ্‌ভন্‌জোন্/ [স. বিবাদ+ভঞ্জন] বি. বিবাদ বা বিরোধের অবসান।

বিবাদি /বিবাদি/ [বা.] বিণ. বিবাদের বিষয়ীভূত (*বিবাদি সম্পত্তি*)।

বিবাদী[১] /বিবাদি/ [স. বি+√বদ্+ইন্] বিণ. বিবাদ-কারী। বি. মামলার বিরোধী পক্ষ। স্ত্রী. **বিবাদিনী** /বিবাদিনি/।

বিবাদী[২] /বিবাদি/ [স. বি+√বদ্+ইন্] বি. সংগীতে বাদী স্বরের বিরুদ্ধ স্বর (যা রাগের সৌন্দর্য বৃদ্ধি করে)।

বিবাস /বিবাশ্/ [স. বি+√বাসি+অ] বি. দ্র **বিবাসন**।

বিবাসন /বিবাশোন্/ [স. বি+√বাসি+অন] বি. ১ স্বদেশ থেকে বিতাড়ন, নির্বাসন। ২ প্রবাস।

বিবাসিত /বিবাশিতো/ [স. বি+√বাসি+ত] বিণ. ১ স্বদেশ থেকে বিতাড়িত, নির্বাসিত। ২ দেশান্তরিত।

বিবাহ /বিবাহো/ [স. বি+√বহ্+অ] বি. নারী-পুরুষের স্বামী-স্ত্রী পরিচয়ে একত্র জীবনযাপনের সামাজিক অনুমোদন, বিয়ে, পরিণয়, উদ্‌বাহ।

বিবাহবহির্ভূত /বিবাহোবোহির্‌ভুতো/ [স. বিবাহ+বহির্ভূত] বিণ. (নারী-পুরুষের সম্পর্কের ক্ষেত্রে) বৈবাহিক সম্পর্কবহির্ভূত।

বিবাহবিচ্ছেদ /বিবাহোবিচ্‌ছেদ্/ [স. বিবাহ+বি+√ছিদ্+অ] বি. আইনি প্রক্রিয়ায় দাম্পত্য সম্পর্কের অবসান।

বিবাহিত /বিবাহিতো/ [স. বিবাহ+ইত] বিণ. বিবাহ করেছে এমন। স্ত্রী. **বিবাহিতা** /বিবাহিতা/।

বিবি /বিবি/ [ফা.] বি. ১ পত্নী, স্ত্রী। ২ ইউরোপীয় মহিলা। ৩ তাসের রানি। বিণ. সাজসজ্জা ও আয়েশ করতে পছন্দ করে এমন, বিলাসিনী।

বিবিক্ত /বিবিক্তো/ [স. বি+√বিচ্+ত] বিণ. ১ জনহীন, নিভৃত। ২ স্বতন্ত্র, আলাদা। ৩ একাকী, নিঃসঙ্গ। ৪ একনিষ্ঠ। ৫ বিশুদ্ধ, খাঁটি।

বিবিক্তসেবী /বিবিক্তোশেবি/ [স. বিবিক্ত+√সেব্+ইন্] বিণ. নির্জন স্থানে বসবাসকারী।

বিবিক্তি /বিবিক্তি/ [স. বি+√বিচ্+তি] বি. ১ একাকিত্ব। ২ একনিষ্ঠতা। ৩ বিশুদ্ধতা।

বিবিক্ষা /বিবিক্‌খা/ [স. √বিশ্+সন্+অ+আ (টাপ্)] বি. প্রবেশ করার ইচ্ছা।

বিবিক্ষু /বিবিক্‌খু/ [স. √বিশ্+সন্+উ] বিণ. প্রবেশ করতে ইচ্ছুক।

বিবিদ্বান /বিবিদ্‌দান্/ [স. বি+বিদ্বান্] বিণ. সুপণ্ডিত; জ্ঞাতা। স্ত্রী. **বিবিদুষী** /বিবিদুশি/।

বিবিধ /বিবিধো/ [স. বি+বিধা] বিণ. নানা প্রকারের, হরেক রকমের, বহুবিধ।

বিবিধার্থ /বিবিধার্‌থো/ [স. বিবিধ+অর্থ] বি. একাধিক অর্থ। বিণ. বহুবিধ অর্থবিশিষ্ট।

বিবিয়ানা /বিবিআনা/ [ফা.] বি. বিবির মতো বেশভূষা ও বিলাসিতা।

বিবুধ /বিবুধ্/ [স. বি+√বুধ্+অ] বিণ. পণ্ডিত, জ্ঞানী, বিদ্বান। বি. দেবতা।

বিবৃত /বিবৃতো/ [স. বি+√বৃ+ত] বিণ. ১ প্রকাশিত; বর্ণিত। ২ প্রসারিত, বিস্তৃত। ৩ উন্মুক্ত, খোলা।

বিবৃতি /বিবৃতি/ [স. বি+√বৃ+তি] বি. ১ সাধারণের জ্ঞাতার্থে প্রকাশিত মতামত। ২ বিবরণ; ব্যাখ্যা। ৩ উন্মোচন।

বিবৃতিবাজ /বিবৃতিবাজ্/ [স. বিবৃতি+ফা. বাজ] বিণ. বিবৃতিদানে অভ্যস্ত।

বিবৃত্ত /বিবৃত্‌তো/ [স. বি+√বৃৎ+ত] বিণ. ১ ঘূর্ণিত, আবর্তিত। ২ ফিরে এসেছে এমন, প্রত্যাবৃত্ত।

বিবৃত্তি /বিবৃত্‌তি/ [স. বি+√বৃৎ+তি] বি. ১ ঘূর্ণন, আবর্তন। ২ প্রত্যাবর্তন।

বিবৃদ্ধ /বিবৃদ্‌ধো/ [স. বি+√বৃধ্+ত] বিণ. সামগ্রিক-ভাবে বৃদ্ধিপ্রাপ্ত।

বিবৃদ্ধি /বিবৃদ্‌ধি/ [স. বি+√বৃধ্+তি] বি. সামগ্রিক বৃদ্ধি।

বিবেক /বিবেক্/ [স. বি+√বিচ্+অ] বি. ১ ন্যায়-অন্যায় পাপপুণ্য প্রভৃতি বিষয়ে মানুষের অন্তর্নিহিত বিচারবোধ। ২ বৈরাগ্য। ৩ তত্ত্বজ্ঞান। ৪ যাত্রা বা পালাগানে যে গায়ক ঘটনার প্রেক্ষাপটে মানুষের ন্যায়-অন্যায়বোধকে জাগ্রত করে।

বিবেকবুদ্ধি /বিবেক্‌বুদ্‌ধি/ [স. বিবেক+√বুধ্+তি] বি. ন্যায়-অন্যায়ের বিষয়ে বিচার, বিবেক অনুমোদিত বুদ্ধি।

বিবেকহীন /বিবেক্‌হিন্/ [স. বিবেক+√হা+ত] বিণ. বিবেক নেই এমন; হিতাহিত জ্ঞানশূন্য।

বিবেকী /বিবেকি/ [স. বিবেক+ইন্] বিণ. হিতাহিত বা ন্যায়-অন্যায়ের বোধ আছে এমন।

বিবেচক /বিবেচক্/ [স. বি+√বিচ্+অক] বিণ. ১

www.pathagar.com

বিচক্ষণ। ২ বুদ্ধিবিবেচনার গুণসম্পন্ন।

বিবেচন /বিবেচন্/ [স. বি+√বিচ্+অন] বি. দ্র বিবেচনা।

বিবেচনা /বিবেচনা/[স. বি+√বেচি+অন+আ (টাপ্)] বি. ১ বিচার। ২ বিচক্ষণতা। ৩ অন্যের সুখসুবিধার বিষয়ে সচেতনতা।

বিবেচনীয় /বিবেচোনিয়ো/ [স. বি+√বিচ্+অনীয়] বিণ. বিবেচনার যোগ্য; চিন্তাসহকারে বিচার্য।

বিবেচিত /বিবেচিতো/ [স. বি+√বেচি+ত] বিণ. বিবেচনা করা হয়েছে এমন; বিচারিত।

বিবেচ্য /বিবেচ্চো/ [স. বি+√বেচি+য] বিণ. বিবেচনাযোগ্য (*বিবেচ্য বিষয়*)।

বিব্রত /বিব্রোতো/ [বা.] বিণ. ১ ব্যতিব্যস্ত। ২ কুণ্ঠিত। ৩ বিপন্ন। ৪ ব্রতপালনে বিমুখ।

বিব্রতকর /বিব্রোতোকর/ [বা.] বিণ. লজ্জিত বা কুণ্ঠিত করে এমন (*বিব্রতকর অবস্থা*)।

বিভক্ত /বিভক্তো/ [স. বি+√ভজ্+ত] বিণ. ১ ভাগ করা হয়েছে এমন। ২ পৃথক্‌কৃত।

বিভক্তি /বিভোক্তি/ [স. বি+√ভজ্+তি] বি. ১ বিভাজন, বণ্টন। ২ (ব্যা.) পুরুষ বচন কারক কাল প্রভৃতি প্রকাশক প্রত্যয়।

বিভঙ্গ /বিভংগো/ [স. বি+√ভন্জ্+অ] বি. ১ বিন্যাস, সুশৃঙ্খলভাবে স্থাপন। ২ ভঙ্গি।

বিভঙ্গি /বিভোংগি/ [স. বি+√ভন্জ্+ই] বি. ১ হাবভাব। ২ রকম বা প্রকার।

বিভজনীয় /বিভজোনিয়ো/ [স. বি+√ভজ্+অনীয়] বিণ. ১ বিভাগযোগ্য। ২ বণ্টনীয়।

বিভজ্যমান /বিভোজ্জোমান্/ [স. বি+√ভজ্+মান (শানচ্)] বিণ. ভাগ করা হচ্ছে এমন।

বিভব /বিভব্/ [স. বি+√ভূ+অ] বি. ১ ঐশ্বর্য। ২ ক্ষমতা। ৩ উদারতা।

বিভা /বিভা/ [স. বি+√ভা+ক্বিপ্] বি. ১ আলোক, কিরণ, প্রভা, দীপ্তি। ২ সৌন্দর্য।

বিভাকর /বিভাকর্/ [স. বিভা+√কৃ+অ] বি. সূর্য।

বিভাগ /বিভাগ্/ [স. বি+√ভজ্+অ] বি. ১ বণ্টন; ভাগ। ২ মন্ত্রণালয়ের প্রশাসনিক ভাগ (*পরিকল্পনা বিভাগ*); কয়েকটি জেলার সমন্বয়ে গঠিত প্রশাসনিক অঞ্চল (*ঢাকা বিভাগ*); division। ৩ বিশ্ববিদ্যালয়ের বিষয়ভিত্তিক ভাগ (*বাংলা বিভাগ*), department।

বিভাগীয় /বিভাগিয়ো/ [স. বিভাগ+ঈয়] বিণ. বিভাগসম্বন্ধীয়।

বিভাজক[১] /বিভাজক্/ [স. বি+√ভজ্+অক] বিণ. ভাগ করে এমন। স্ত্রী. বিভাজিকা /বিভাজিকা/।

বিভাজক[২] /বিভাজক্/ [স. বি+√ভজ্+অক] বি. যে সংখ্যা দিয়ে ভাগ করা হয়, divisor।

বিভাজন /বিভাজোন্/ [স. বি+√ভাজি+অন] বি. ভাগকরণ।

বিভাজনীয় /বিভাজোনিয়ো/ [স. বি+√ভাজি+অনীয়] বিণ. ভাগ করা উচিত বা ভাগ করা যায় এমন।

বিভাজিত /বিভাজিতো/ [স. বি+√ভাজি+ত] বিণ. ভাগ করা হয়েছে এমন।

বিভাজ্য /বিভাজ্জো/ [স. বি+√ভজ্+য] বিণ. ১ ভাগ করা যায় বা ভাগ করতে হবে এমন। ২ নির্দিষ্ট রাশি দিয়ে নিঃশেষে ভাগ করা যায় এমন। বি. -তা /-তা/।

বিভাব /বিভাব্/ [স. বি+√ভাবি+অ] বি. ১ অলংকার-শাস্ত্রে যে বিষয় সন্নিবেশ করার ফলে চিত্তে রসের উদ্ভব হয়। ২ প্রেরণা, উদ্দীপনা। ৩ শৃঙ্গার করুণ প্রভৃতি রস উৎপত্তির কারণ।

বিভাবক /বিভাবক্/ [স. বি+√ভাবি+অক] বিণ. উদ্ভাবক।

বিভাবন /বিভাবোন্/ [স. বি+√ভাবি+অন] বি. ১ চিন্তন। ২ অবধারণ, নিরূপণ। ৩ প্রকাশন।

বিভাবনা /বিভাবোনা/ [স. বি+√ভাবি+অন+আ (টাপ্)] বি. কারণ ব্যতীত কাজ সংঘটিত হয় এমন কাব্যালংকার।

বিভাবনীয় /বিভাবোনিয়ো/ [স. বি+√ভাবি+অনীয়] বিণ. ১ নিরূপণযোগ্য। ২ চিন্তনীয়।

বিভাবরী /বিভাবোরি/ [স. বিভা+আবরী] বি. রাত্রি।

বিভাবসু /বিভাবোশু/ [স. বিভা+বসু] বি. সূর্য, রবি, ভানু, তপন, ভাস্কর, অর্ক।

বিভাবিত /বিভাবিতো/ [স. বি+√ভাবি+ত] বিণ. ১ বিবেচিত। ২ অবধারিত। ৩ অনুভূত। ৪ প্রতিষ্ঠিত। ৫ ভাবাবিষ্ট।

বিভাব্য /বিভাব্বো/ [স. বি+√ভাবি+য] বিণ. দ্র বিভাবনীয়।

বিভাষা /বিভাশা/ [স. বি+√ভাষ্+অ+আ (টাপ্)] বি. ১ ভিন্নদেশীয় ভাষা। ২ উপভাষা। ৩ (ব্যা.) বিকল্প অর্থে প্রযুক্ত পদ।

বিভাস /বিভাশ্/ [স. বি+√ভাস্+অ] বি. ১ উজ্জ্বল প্রকাশ। ২ দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

বিভাসা /বিভাশা/ [স. বি+√ভাস্+অ+আ (টাপ্)] ক্রিবি. আলোকিত হওয়া, দীপ্ত হওয়া।

www.pathagar.com

বিভাসিত /বিভাশিতো/ [স. বি+√ভাস্+ত] বিণ. আলোকিত, উদ্ভাসিত; প্রকাশিত।

বিভিন্ন /বিভিন্নো/ [স. বি+√ভিদ্+ত] বিণ. ১ নানাপ্রকার, হরেক রকমের। ২ অন্যরকম, ভিন্ন প্রকার। ৩ বিভক্ত। বি. ~তা /–তা/।

বিভিন্নার্থ /বিভিন্নার্থো/ [স. বিভিন্ন+অর্থ] বিণ. বিবিধ অর্থযুক্ত।

বিভিন্নার্থক /বিভিন্নার্থক্/ [স. বিভিন্ন+অর্থক] বিণ. দ্র বিভিন্নার্থ।

বিভীতক /বিভিতক্/ [স. বিভীত+ক] বি. আয়ুর্বেদ চিকিৎসায় ব্যবহৃত হরীতকীজাতীয় ফল, বহেড়া।

বিভীতকী /বিভিতোকি/ [স. বিভীতক+ঈ] বি. দ্র বিভীতক।

বিভীষণ /বিভিশন্/ [স. বি+√ভীষি+অন] বি. ১ পুরাণোক্ত লঙ্কাধিপতি রাবণের কনিষ্ঠ ভ্রাতা। ২ (আল.) ঘরের শত্রু। বিণ. ভয়ংকর।

বিভীষণবাহিনী /বিভিশনবাহিনি/ [স. বিভীষণ+বাহিনী] বি. দেশের অভ্যন্তরে থেকে যারা বহিঃশত্রুর সঙ্গে যুক্ত হয়ে দেশের ক্ষতিসাধন করে।

বিভীষিকা /বিভিশিকা/ [স. বি+√ভীষি+অক+আ (টাপ্)] বি. ১ আতঙ্ক। ২ ভীতিকর ঘটনা।

বিভু /বিভু/ [স. বি+√ভূ+উ] বি. ১ আল্লাহ; ঈশ্বর; বিধাতা। ২ আকাশ। বিণ. ১ ব্যাপক। ২ সর্বব্যাপী।

বিভুঁই /বিভুঁই/ [স. বিভূমি >] বি. বিদেশ।

বিভূতি /বিভুতি/ [স. বি+√ভূ+তি] বি. ১ ঈশ্বরের মহিমা। ২ ভস্ম। ৩ সমৃদ্ধি। ৪ শিবের অষ্টবিধ যোগলব্ধ ঐশ্বর্য (অণিমা লঘিমা ব্যাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব ও কামাবসায়িতা)।

বিভূতিভূষণ /বিভুতিভুশন্/ [স. বিভূতি+ভূষণ] বি. ১ ভস্ম যার অঙ্গের ভূষণ; শিব। ২ ভস্মরূপ অলংকার।

বিভূষণ[১] /বিভুশন্/ [স. বি+ভূষণ] বিণ. নিরলংকার। স্ত্রী. বিভূষণা /বিভুশনা/।

বিভূষণ[২] /বিভুশন্/ [স. বি+√ভূষ্+অন] বি. ১ আভরণ, অলংকার। ২ শোভা, সৌন্দর্য।

বিভূষিত /বিভুশিতো/ [স. বি+√ভূষ্+ত] বিণ. সুশোভিত। স্ত্রী. বিভূষিতা /বিভুশিতা/।

বিভেদ /বিভেদ্/ [স. বি+√ভিদ্+অ] বি. ১ পার্থক্য, বিভিন্নতা। ২ বিদারণ। ৩ বিরোধ। ৪ বিভাগ।

বিভেদক /বিভেদক্/ [স. বি+√ভিদ্+অক] বিণ. ১ বিভেদ সৃষ্টিকারী, বিভেদকারী। ২ পৃথক্‌কারী।

বিভেদকামী /বিভেদ্‌কামি/ [স. বিভেদ+√কম্+ইন্] বিণ. অনৈক্য কামনা করে এমন।

বিভেদন /বিভেদন্/ [স. বি+√ভিদ্+অন] বি. বিভেদ সৃষ্টি।

বিভেদপন্থি /বিভেদ্‌পোন্থি/ [স. বিভেদ+হি. পন্থি] বিণ. বিরোধ সৃষ্টি করে বা তা সমর্থন করে এমন।

বিভোর /বিভোর্/ [স. বিহ্বল >] বিণ. ১ বিহ্বল, অভিভূত, আত্মহারা। ২ আবিষ্ট, অচেতন।

বিভোল /বিভোল্/ [স. বিহ্বল >] বিণ. দ্র বিভোর।

বিভ্রম /বিব্‌ভ্রোম্/ [স. বি+√ভ্রম্+অ] বি. মানসিক চাঞ্চল্য বা বিমূঢ়তা; ভুল; সংশয়।

বিভ্রাট /বিব্‌ভ্রাট্/ [হি.] বি. ১ সংকট, আপদ, বিপদ। ২ ঝামেলা, গোলযোগ, হাঙ্গামা। ৩ দুর্ঘটনা।

বিভ্রান্ত /বিব্‌ভ্রান্তো/ [স. বি+√ভ্রম্+ত] বিণ. ১ সিদ্ধান্ত গ্রহণে অক্ষম; বিমূঢ়। ২ ভুল পথে গত।

বিভ্রান্তি /বিব্‌ভ্রান্তি/ [স. বি+√ভ্রম্+তি] বি. ১ ভুল। ২ বিভ্রান্ত হওয়ার ভাব বা অবস্থা, সংশয়। ৩ ত্বরা।

বিম /বিম্/ [ই. beam] বি. ১ (পাকা বাড়ির ছাদ সেতু প্রভৃতির) ভার বহনের জন্য আড়াআড়িভাবে স্থাপিত লম্বা চৌকো কাঠ ইস্পাত বা কংক্রিটের দণ্ড, আড়কাঠ। ২ রশ্মি, আলোকরশ্মি।

বিমণ্ডিত /বিমোন্‌ডিতো/ [স. বি+মণ্ডিত] বিণ. বিশেষভাবে সজ্জিত, সুশোভিত।

বিমত /বিমত্/ [স. বি+√মন্+ত] বি. ১ বিরুদ্ধ মত। ২ অসম্মতি।

বিমতি /বিমোতি/ [স. বি+√মন্+তি] বি. ১ বিরুদ্ধ-মত; ভিন্নমত। ২ কুবুদ্ধি। ৩ অসম্মতি।

বিমৎসর /বিমত্‌শর্/ [স. বি+মৎসর] বিণ. হিংসা-শূন্য, অহিংসক।

বিমথিত /বিমোথিতো/ [স. বি+মথিত] বিণ. ১ ধ্বংস হয়ে গেছে এমন, বিধ্বস্ত। ২ দলিত।

বিমন /বিমোন্/ [হি.] বিণ. দ্র বিমনস্ক।

বিমনস্ক /বিমনশ্‌কো/ [স. বি+মনস্ক] বিণ. ১ অন্যমনস্ক। ২ ব্যাকুল। ৩ দুঃখিত, ক্লিষ্ট।

বিমনা /বিমোনা/ [স. বি+মনস্] বিণ. দ্র বিমনস্ক।

বিমন্ত্রিত /বিমোন্‌ত্রিতো/ [স. বি+মন্ত্রিত] বিণ. বিশেষভাবে ধ্বনিত বা শব্দিত।

বিমর্দ /বিমর্‌দো/ [স. বি+√মৃদ্+অ] বি. ১ চূর্ণন। ২ মন্থন। ৩ পেষণ। ৪ ঘর্ষণ। ৫ বিনাশ, ধ্বংস।

বিমর্দক /বিমর্‌দোক্/ [স. বি+√মৃদ্+অক] বিণ. বিমর্দনকারী।

বিমর্দন /বিমর্‌দোন্/ [স. বি+√মৃদ্+অন] বি. দ্র বিমর্দ।

www.pathagar.com

বিমর্দিত /বিমোর্‌দিতো/ [স. বি+√মর্দি+ত] বিণ. ১ পেষণ করা হয়েছে এমন, চূর্ণিত। ২ দলিত, মথিত। ৩ পরাজিত।

বিমর্শ /বিমর্‌শো/ [স. বি+√মৃশ্‌+অ] বি. ১ বিতর্ক। ২ বিশেষ বিবেচনা বা বিচার। ৩ তথ্য নিরূপণ। ৪ সংস্কৃত নাটকের পাঁচটি অঙ্গের প্রথমটি।

বিমর্শন /বিমর্‌শোন্‌/ [স. বি+√মৃশ্‌+অন] বি. দ্র বিমর্শ।

বিমর্ষ /বিমর্‌শো/ [স. বি+√মৃষ্‌+অ] বি. ১ অধৈর্য। ২ দুঃখ, বিষাদ। বিণ. (বাংলায়) দুঃখিত।

বিমল /বিমল্‌/ [স. বি+মল] বিণ. ১ নির্মল। ২ স্বচ্ছ। ৩ পূত, পবিত্র। ৪ অকলঙ্ক। স্ত্রী. বিমলা /বিমলা/।

বিমলতা /বিমলতা/ [স. বিমল+তা] বি. ১ নির্মলতা। ২ স্বচ্ছতা। ৩ পবিত্রতা।

বিমা /বিমা/ [ফা.] বি. অগ্রিম চাঁদা প্রদানের বিনিময়ে কোনো সম্পদ ধ্বংসপ্রাপ্ত হলে বা হারিয়ে গেলে (জীবনবিমার ক্ষেত্রে কোনো ব্যক্তির আকস্মিক অসুস্থতা বা মৃত্যুর জন্য) শর্তসাপেক্ষে আর্থিক ক্ষতিপূরণের চুক্তি, insurance।

বিমাতা /বিমাতা/ [স. বি+√মা+তৃ] বি. পিতার অন্য পত্নী, সৎমা।

বিমাতাসুলভ /বিমাতাশুলভ্‌/ [স. বিমাতৃ+সুলভ] বিণ. ১ বিমাতার আচরণসম্বন্ধীয়। ২ বিমাতা বা সৎ মায়ের মতো উপেক্ষাযুক্ত।

বিমাতৃজ /বিমাতৃজো/ [স. বিমাতৃ+√জন্‌+অ] বি. সৎভাই। স্ত্রী. বিমাতৃজা /বিমাতৃজা/।

বিমাতৃসুলভ /বিমাতৃশুলভ্‌/ [স. বিমাতৃ+সুলভ] বিণ. দ্র বিমাতাসুলভ।

বিমান /বিমান্‌/ [স. বি+√মন্‌+অ] বি. ১ বাতাসে ভর করে চলে এমন সম–আয়তনের বাতাসের চেয়ে ভারী যন্ত্রচালিত যাত্রী বা পণ্যবাহী পোত, উড়োজাহাজ, aeroplane। ২ আকাশ।

বিমানঘাঁটি /বিমানঘাঁটি/ [স. বিমান+বা. ঘাঁটি] বি. বিমান ওঠানামা মেরামত ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্র, aerodrome, airbase।

বিমানচারী /বিমান্‌চারি/ [স. বিমান+√চর্‌+ইন্‌] বি. বিণ. আকাশে বিচরণকারী; বিমানচালক বা বিমানযাত্রী।

বিমানডাক /বিমানডাক্‌/ [স. বিমান+হি. ডাক] বি. বিমানে ডাক পরিবহণের ব্যবস্থা, বিমানবাহিত ডাক, airmail।

বিমাননা /বিমানোনা/ [স. বি+√মানি+অন+আ (টাপ্‌)] বি. অবমাননা, অসম্মান; তিরস্কার।

বিমানপথ /বিমান্‌পথ্‌/ [স. বিমান+পথ] বি. যে পথে নিয়মিতভাবে উড়োজাহাজ চলাচল করে; আকাশপথ, airway।

বিমানপরিবহণ /বিমান্‌পোরিবহোন্‌/ [স. বিমান+পরিবহণ] বি. আকাশপথে যাত্রী ও পণ্য পরিবহণের ব্যবস্থা।

বিমানবন্দর /বিমান্‌বন্‌দোর্‌/ [স. বিমান+ফা. বন্দর] বি. যাত্রী ও পণ্য পরিবহণের সুবিধা–সহ বিমান ওঠানামা ও রক্ষণাবেক্ষণের ক্ষেত্র, airport।

বিমানবল /বিমান্‌বল্‌/ [স. বিমান+বল] বি. বিমান আক্রমণ থেকে প্রতিরক্ষা বা বিমানযুদ্ধ করার ক্ষমতা, air power।

বিমানবালা /বিমান্‌বালা/ [স. বিমান+বালা] বি. বিমানে ভ্রমণকালে যাত্রীদের আহার্য পরিবেশন ও প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নিযুক্ত নারীকর্মী, বিমানসেবিকা; (পরি.) air hostess।

বিমানবাহিনী /বিমান্‌বাহিনি/ [স. বিমান+বাহিনী] বি. বিমান আক্রমণ থেকে প্রতিরক্ষা ও বিমান–যুদ্ধের দায়িত্বে নিয়োজিত বাহিনী; (পরি.) air force।

বিমানবিধ্বংসী /বিমান্‌বিদ্‌ধোংশি/ [স. বিমান+বি+√ধ্বন্‌স্‌+ইন্‌] বিণ. শত্রুপক্ষের বিমান ধ্বংস করতে পারে এমন, anti-aircraft।

বিমানবিহারী /বিমান্‌বিহারি/ [স. বিমান+বি+√হৃ+ইন্‌] বিণ. বি. বিমানে ভ্রমণকারী।

বিমানশালা /বিমান্‌শালা/ [স. বিমান+শালা] বি. উড়োজাহাজ মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য নির্মিত বিশালাকৃতি ছাউনি, hangar।

বিমানসেবিকা /বিমান্‌শেবিকা/ [স. বিমান+সেবিকা] বি. দ্র বিমানবালা।

বিমাপত্র /বিমাপত্রো/ [ফা. বিমা+স. পত্র] বি. অগ্রিম চাঁদা প্রদানের বিনিময়ে কোনো সম্পদ ধ্বংসপ্রাপ্ত হলে বা হারিয়ে গেলে (জীবনবিমার ক্ষেত্রে কোনো ব্যক্তির আকস্মিক অসুস্থতা বা মৃত্যুর জন্য) শর্তসাপেক্ষে আর্থিক ক্ষতিপূরণের চুক্তিপত্র, insurance policy।

বিমার্গ /বিমার্‌গো/ [স. বি+মার্গ] বি. কুপথ, ভ্রষ্টাচার।

বিমার্গগামী /বিমার্‌গোগামি/ [স. বিমার্গ+√গম্‌+ইন্‌] বিণ. কুপথগামী।

বিমিশ্র /বিমিস্‌রো/ [স. বি+মিশ্র] বিণ. মিশ্রিত।

বিমিশ্রণ /বিমিস্‌রোন্‌/ [স. বি+মিশ্রণ] বি. একত্রমিশ্রণ।

www.pathagar.com

বিমুক্ত /বিমুক্তো/ [স. বি+√মুচ্+ত] বিণ. ১ মুক্ত, স্বাধীন। ২ মোক্ষপ্রাপ্ত। ৩ পরিত্যক্ত।

বিমুক্তি /বিমুক্তি/ [স. বি+√মুচ্+তি] বি. ১ মোক্ষ; মুক্তি। ২ দুঃখ থেকে নিবৃত্তি।

বিমুখ /বিমুখ্/ [স. বি+মুখ] বিণ. ১ মুখ ফিরিয়ে আছে এমন। ২ অসন্তুষ্ট। ৩ বিরুদ্ধ। ৪ প্রার্থনা পূরণ করা হয়নি এমন। বি. **বিমুখতা** /বিমুখতা/।

বিমুখা /বিমুখা/ [স. বিমুখ>] ক্রিবি. ১ নিবৃত্ত করা। ২ প্রার্থনা পূরণ না করা। ৩ অপ্রসন্ন করা।

বিমুগ্ধ /বিমুগ্ধো/ [স. বি+√মুহ্+ত] বিণ. ১ বিশেষভাবে মুগ্ধ। ২ মোহগ্রস্ত। বি. ~তা /-তা/।

বিমূঢ় /বিমূঢ়ো/ [স. বি+√মুহ্+ত] বিণ. ১ হিতাহিত জ্ঞানশূন্য। ২ অজ্ঞান। ৩ হতবুদ্ধি, বিহ্বল। ৪ মোহাচ্ছন্ন। বি. ~তা /-তা/।

বিমূর্ত /বিমূর্তো/ [স. বি+√মূর্ছ্+ত] বিণ. ১ নিরবয়ব, অশরীরী। ২ ভাবমূলক, abstract।

বিমৃশ্যকারী /বিমৃশ্যকারি/ [স. বিমৃশ্য+√কৃ+ইন্] বিণ. বিশেষভাবে বিবেচনা করে কাজ করে এমন। বি. **বিমৃশ্যকারিতা** /বিমৃশ্যকারিতা/।

বিমৃষ্ট /বিমৃশ্টো/ [স. বি+√মৃশ্+ত] বিণ. বিবেচিত, বিচারিত; বিচিন্তিত।

বিমোক্ষ /বিমোক্খো/ [স. বি+√মোক্ষ্+অ] বি. ১ মুক্তি, পরিত্রাণ। ২ নিঃসারণ।

বিমোক্ষণ /বিমোক্খন্/ [স. বি+√মোক্ষ্+অন] বি. দ্র বিমোক্ষ।

বিমোচন /বিমোচন্/ [স. বি+√মোচি+অন] বি. ১ মুক্তকরণ। ২ বন্ধনমোচন। ৩ পরিত্যাগ।

বিমোচিত /বিমোচিতো/ [স. বি+√মোচি+ত] বিণ. ১ মুক্ত; অব্যাহতিপ্রাপ্ত। ২ পরিত্যক্ত।

বিমোহ /বিমোহো/ [স. বি+√মুহ্+অ] বি. মোহাচ্ছন্নতা, বিমুগ্ধতা; মনের জড়তা।

বিমোহন /বিমোহোন্/ [স. বি+√মোহি+অন] বি. মুগ্ধকরণ, মোহিতকরণ।

বিমোহা /বিমোহা/ [বা.] ক্রিবি. মোহিত করা।

বিমোহিত /বিমোহিতো/ [স. বি+√মোহি+ত] বিণ. মুগ্ধ, অভিভূত; মোহগ্রস্ত; বিহ্বল।

বিম্ব /বিম্বো/ [স. √বী+ব] বি. ১ ছায়া, প্রতিবিম্ব, প্রতিমূর্তি। ২ বুদ্‌বুদ। ৩ চাঁদ বা সূর্যের পরিক্রমণ-পথ। ৪ তেলাকুচা ফল।

বিম্বক /বিম্বক্/ [স. বিম্ব+ক (স্বার্থে)] বি. তেলাকুচা ফল।

বিম্বাগত /বিম্বাগতো/ [স. বিম্ব+আগত] বিণ. দ্র বিস্মিত।

বিম্বাধর[১] /বিম্বাধর্/ [স. বিম্ব+অধর] বি. পাকা তেলাকুচা ফলের মতো লাল ঠোঁট।

বিম্বাধর[২] /বিম্বাধর্/ [স. বিম্ব+অধর] বিণ. তেলাকুচা ফলের মতো লাল ঠোঁটবিশিষ্ট। স্ত্রী. **বিম্বাধরা** /বিম্বাধরা/।

বিম্বিত /বিম্বিতো/ [স. বিম্ব+ইত] বিণ. প্রতিফলিত।

বিম্বোষ্ঠ /বিম্বোশ্ঠো/ [স. বিম্ব+ওষ্ঠ] বি. দ্র বিম্বাধর[২]।

বিম্বৌষ্ঠ /বিম্বোউশ্ঠো/ [স. বিম্ব+ওষ্ঠ] বি. দ্র বিম্বাধর[২]।

বিযুক্ত /বিজুক্তো/ [স. বি+√যুজ্+ত] বিণ. ১ বিচ্ছিন্ন করা হয়েছে এমন। ২ পৃথক।

বিযুত /বিজুতো/ [স. বি+যুত] বিণ. দ্র বিযুক্ত।

বিয়ন্ত /বিয়ন্তো/ [বা.] বিণ. সদ্য প্রসব করেছে এমন, সদ্য প্রসবকারিণী।

বিয়ানো /বিআনো/ [বা.] ক্রিবি. (জীবজন্তুর ক্ষেত্রে) প্রসব করা। বিণ. প্রসব করেছে এমন।

বিয়ার /বিআর্/ [ই.] বি. যবজাতীয় শস্য গাঁজিয়ে উৎপন্ন অ্যালকোহলযুক্ত (মোট আয়তনের ৫% থেকে ৮%) পানীয়, beer।

বিয়াল্লিশ /বিআল্লিশ্/ [স. দ্বিচত্বারিংশৎ>] বি. ৪২ সংখ্যা। বিণ. ৪২ সংখ্যক।

বিয়ে /বিয়ে/ [স. বিবাহ>] বি. 'বিবাহ'-র কথ্য রূপ।

বিয়ে থা /বিয়ে থা/ বি. বিবাহাদি অনুষ্ঠান।

বিয়েপাগলা /বিয়েপাগ্‌লা/ [বা.] বিণ. বিয়ে করতে অত্যন্ত ব্যাকুল। স্ত্রী. **বিয়েপাগলি** /বিয়েপাগ্‌লি/।

বিয়ের ফুল ফোটা /বিয়ের্ ফুল্ ফোটা/ ক্রিবি. বিয়ের লক্ষণ বা সম্ভাবনা দেখা দেওয়া।

বিয়োগ /বিয়োগ্/ [স. বি+√যুজ্+অ] বি. ১ (গ.) এক রাশি থেকে অন্য রাশির বিয়োজন। ২ বিচ্ছেদ; মৃত্যু।

বিয়োগফল /বিয়োগ্‌ফল্/ [স. বিয়োগ+ফল] বি. (গ.) বিয়োগ করার পর অবশিষ্ট রাশি।

বিয়োগবিধুর /বিয়োগ্‌বিধুর্/ [স. বিয়োগ+বিধুর] বিণ. বিচ্ছেদজনিত দুঃখে কাতর।

বিয়োগব্যথা /বিয়োগ্‌ব্যাথা/ [স. বিয়োগ+√ব্যথি+অ+আ (টাপ্)] বি. বিচ্ছেদজনিত বেদনা।

বিয়োগান্ত /বিয়োগান্তো/ [স. বিয়োগ+অন্ত] বিণ. নায়ক-নায়িকার বিচ্ছেদ দিয়ে কাহিনির সমাপ্তি ঘটে এমন; করুণ পরিণতিযুক্ত; tragedy।

www.pathagar.com

বিয়োগী /বিয়োগি/ [স. বি+√যুজ্+ইন্] বিণ. বিরহী; বিরহযুক্ত। স্ত্রী. **বিয়োগিনী** /বিয়োগিনি/।

বিয়োজন /বিয়োজন্/ [স. বি+√যুজ্+অন] বি. ১ বিয়োগ। ২ বিচ্ছিন্নকরণ। ৩ বিরহিতকরণ।

বিয়োজিত /বিয়োজিতো/ [স. বি+√যোজি+ত] বিণ. ১ বিচ্ছিন্ন করা হয়েছে এমন, বিশ্লিষ্ট। ২ বিয়োগ করা হয়েছে এমন।

বিয়োনো /বিয়োনো/ [বা.] ক্রিবি. বিণ. 'বিয়ানো'-র কথ্য রূপ।

বিরক্ত /বিরক্তো/ [স. বি+√রনজ্+ত] বিণ. ১ অনুরাগশূন্য; আসক্তিহীন। ২ বিরাগী, নিঃস্পৃহ। ৩ (বাংলায়) অপ্রসন্ন, অসন্তুষ্ট। বি. জ্বালাতন।

বিরক্তি /বিরোক্তি/ [স. বি+√রনজ্+তি] বি. ১ অপ্রসন্ন হওয়ার ভাব, অসন্তোষ। ২ বিতৃষ্ণা।

বিরক্তিকর /বিরোক্তিকর্/ [স. বিরক্তি+√কৃ+অ] বিণ. বিরক্তি উদ্রেক করে এমন; অপ্রীতিকর।

বিরখন্ডি /বিরখোন্ডি/ [দেশি.] বি. তিলের সঙ্গে চিনি বা গুড়ের মিশ্রণে তৈরি মিঠাইবিশেষ।

বিরচন /বিরচোন্/ [স. বি+√রচ্+অন] বি. ১ লিখন; প্রণয়ন, রচনা। ২ নির্মাণ। ৩ গ্রথন।

বিরচিত /বিরোচিতো/ [স. বি+√রচ্+ত] বিণ. ১ প্রণীত; লিখিত। ২ কৃত; নির্মিত। ৩ গ্রথিত।

বিরজা /বিরজা/ [স. বি+√রনজ্+অ+আ (টাপ্)] বি. ১ রাধিকার জনৈক সখী। ২ বৈষ্ণব সাহিত্যে বর্ণিত নদীবিশেষ। ৩ শ্রীক্ষেত্র, পুরীধাম।

বিরত /বিরত/ [স. বি+√রম্+ত] বিণ. ক্ষান্ত, নিবৃত্ত।

বিরতি /বিরোতি/ [স. বি+√রম্+তি] বি. ১ ক্ষান্তি, বিরাম। ২ অবসান।

বিরতিহীন /বিরোতিহিন্/ [স. বিরতি+√হা+ত] বিণ. ১ বিরামহীন। ২ (বাস ট্রেন প্রভৃতি) যাত্রী ওঠা-নামার জন্য মাঝপথে থামে না এমন।

বিরল /বিরল্/ [স. বি+√রা+অল] বিণ. ১ সচরাচর দেখা যায় না এমন (*বিরল প্রজাতি*); অতি অল্প। ২ ঘন বা নিবিড় নয় এমন। বি. নির্জন স্থান (*সতত তোমার কথা ভাবি এ বিরলে।* মধু.)। বি. **বিরলতা** /বিরলতা/।

বিরলকথন /বিরল্কথোন্/ [স. বিরল+কথন] বি. নির্জনে কথোপকথন।

বিরলকেশ /বিরল্কেশ্/ [স. বিরল+কেশ] বিণ. অতি অল্প চুলবিশিষ্ট; মাথায় চুল নেই এমন।

বিরস /বিরশ্/ [স. বি+রস] বিণ. ১ রসশূন্য, রসহীন। ২ বিমর্ষ, ম্লান; নিরানন্দ। ৩ বিস্বাদ।

বিরসতা /বিরশতা/ [স. বিরস+তা] বি. ১ রসশূন্যতা। ২ বিমর্ষতা।

বিরসবদন /বিরশ্বদোন্/ [স. বিরস+বদন] বি. নিরানন্দ বা ম্লান মুখ। বিণ. মলিন মুখবিশিষ্ট।

বিরহ /বিরহো/ [স. বি+√রহ্+অ] বি. ১ প্রিয়জনের সঙ্গে বিচ্ছেদ। ২ শৃঙ্গাররসের একটি অবস্থা।

বিরহজ্বালা /বিরহোজালা/ [স. বিরহ+জ্বালা] বি. বিরহজনিত গভীর মনঃকষ্ট।

বিরহদহন /বিরহোদহোন্/ [স. বিরহ+দহন] বি. বিরহের জ্বালা।

বিরহবিধুর /বিরহোবিধুর/ [স. বিরহ+বিধুর] বিণ. বিচ্ছেদকাতর, বিরহকাতর।

বিরহবেদনা /বিরহোবেদোনা/ [স. বিরহ+বেদনা] বি. বিরহের অন্তর্দাহ।

বিরহব্যথা /বিরহোব্যাথা/ [স. বিরহ+√ব্যথি+অ+আ (টাপ্)] বি. দ্র **বিরহবেদনা**।

বিরহরজনি /বিরহোরজোনি/ [স. বিরহ+√রনজ্+অনি] বি. বিরহের রাত।

বিরহানল /বিরহানল্/ [স. বিরহ+অনল] বি. বিরহের আগুন, বিরহজনিত অন্তর্বেদনা।

বিরহিত /বিরোহিতো/ [স. বি+√রহ্+ত] বিণ. ১ বিহীন, বর্জিত। ২ বিযুক্ত।

বিরহী /বিরোহি/ [স. বি+√রহ্+ইন্] বিণ. বিরহ-কাতর। স্ত্রী. **বিরহিণী** /বিরোহিনি/।

বিরাগ /বিরাগ্/ [স. বি+√রনজ্+অ] বি. ১ অনুরাগের অভাব, নিস্পৃহতা। ২ বিতৃষ্ণা। স্ত্রী. **বিরাগিণী** /বিরাগিনি/।

বিরাগভাজন /বিরাগ্ভাজোন্/ [স. বিরাগ+ভাজন] বি. বিদ্বেষের পাত্র। বিণ. অপ্রিয়।

বিরাগী /বিরাগি/ [স. বি+√রনজ্+ইন্] বিণ. ১ আসক্তিহীন, নিস্পৃহ। ২ অনুরাগহীন, বিরাগযুক্ত। ৩ বিরক্ত। স্ত্রী. **বিরাগিণী** /বিরাগিনি/।

বিরাজ /বিরাজ্/ [স. বি+√রাজ্+অ] বি. সগৌরবে অবস্থান।

বিরাজমান /বিরাজোমান্/ [স. বি+√রাজ্+মান (শানচ্)] বিণ. বিরাজ করছে এমন; শোভমান।

বিরাজা /বিরাজা/ [বা.] ক্রিবি. শোভা পাওয়া; বিদ্যমান থাকা।

বিরাজিত /বিরাজিতো/ [স. বি+√রাজ্+ত] বিণ. ১ শোভমান হয়ে অবস্থিত, শোভিত। ২ উদ্ভাসিত, দীপ্ত। ৩ প্রকাশিত। ৪ দৃষ্টিগোচর।

বিরাট[১] /বিরাট্/ [হি.] বিণ. ১ বিশাল, প্রকাণ্ড,

www.pathagar.com

সুবৃহৎ। ২ সর্বত্র ব্যাপ্ত, সর্বব্যাপী।

বিরাট[২] /বিরাট্/ [স. বি+√রাজ্+ক্বিপ্] বি. ১ পরমেশ্বর। ২ মহাভারতে বর্ণিত প্রাচীন নগর (যেখানে পাণ্ডবগণ অজ্ঞাতবাসে ছিলেন)।

বিরাটকায় /বিরাটকায়/ [হি. বিরাট+স. কায়] বিণ. বিশাল আকৃতিবিশিষ্ট।

বিরান /বিরান্/ [দেশি.] বিণ. ১ জনমানবহীন; বসতিশূন্য। ২ পরিত্যক্ত; ধ্বংসপ্রাপ্ত।

বিরান প্রান্তর /বিরান্ প্রান্তর্/ বি. জনমানবহীন মাঠ।

বিরানব্বই /বিরানোব্বোই/ [স. দ্বিনবতি >] বি. ৯২ সংখ্যা। বিণ. ৯২ সংখ্যক।

বিরাম /বিরাম্/ [স. বি+√রম্+অ] বি. ১ বিশ্রাম। ২ যতি (*বিরামচিহ্ন*), বিরতি, ক্ষান্তি। ৩ অবসর। ৪ অবসান, সমাপ্তি।

বিরামচিহ্ন /বিরাম্চিন্ñho/ [স. বিরাম+চিহ্ন] বি. লিখিত পাঠের অর্থ স্পষ্ট করার জন্য যেসব চিহ্ন বিরতি ও সুরের ওঠানামা নির্দেশ করে, যতিচিহ্ন।

বিরামহীন /বিরাম্হিন্/ [স. বিরাম+√হা+ত] বিণ. বিশ্রাম নেই এমন, বিরতিহীন।

বিরাশি /বিরাশি/ [স. দ্ব্যশীতি >] বি. ৮২ সংখ্যা। বিণ. ৮২ সংখ্যক।

বিরাষ্ট্রায়ত্ত /বিরাশ্ট্রায়ত্তো/ [স. বি+রাষ্ট্র+আয়ত্ত] বিণ. রাষ্ট্রীয় মালিকানা থেকে ব্যক্তি-মালিকানায় অর্পণ করা হয়েছে এমন; (পরি.) disinvested।

বিরিঞ্চি /বিরিন্চি/ [স. বি+√রচ্+ই] বি. ব্রহ্মা।

বিরিয়ানি /বিরিআনি/ [ফা.] বি. মাংস ও আলু-সহকারে বিশেষ পদ্ধতিতে রাঁধা অন্ন, পলান্ন।

বিরুদ্ধ /বিরুদ্ধো/ [স. বি+√রুধ্+ত] বিণ. ১ প্রতিকূল, পরিপন্থি (*প্রথাবিরুদ্ধ*)। ২ উলটা, বিপরীত। ৩ বিরোধী। বি. -তা /-তা/।

বিরুদ্ধবাদী /বিরুদ্ধোবাদি/ [স. বিরুদ্ধ+√বদ্+ইন্] বিণ. বিরুদ্ধমতাবলম্বী। বি. বিরুদ্ধবাদিতা /বিরুদ্ধোবাদিতা/।

বিরুদ্ধাচরণ /বিরুদ্ধাচরোন্/ [স. বিরুদ্ধ+আচরণ] বি. দ্র বিরুদ্ধাচার।

বিরুদ্ধাচার /বিরুদ্ধাচার্/ [স. বিরুদ্ধ+আচার] বি. ১ বিরোধিতা। ২ প্রতিকূলতা। ৩ শত্রুতা।

বিরূপ /বিরুপ্/ [স. বি+রূপ] বিণ. ১ শ্রীহীন, রূপহীন। ২ প্রতিকূল (*বিরূপ প্রকৃতি*)। ৩ (বাংলায়) অসন্তুষ্ট। বি. বিরূপতা /বিরুপতা/।

বিরূপত্ব /বিরুপত্তো/ [স. বিরূপ+ত্ব] বি. ১ বিমুখতা। ২ শ্রীহীনতা।

বিরূপাক্ষ /বিরুপাক্খো/ [স. বিরূপ+অক্ষি] বি. শিব।

বিরূপাক্ষী /বিরুপাক্খি/ [স. বিরূপাক্ষ+ঈ] বি. দুর্গা।

বিরেচক /বিরেচক্/ [স. বি+√রিচ্+অক] বিণ. মলনিঃসারক। বি. যা খেলে মল নিঃসৃত হয়, জোলাপ।

বিরেচন /বিরেচন্/ [স. বি+√রিচ্+অন] বি. মল-নিঃসারণ, ভেদ। বিণ. মলনিঃসারক।

বিরোচন /বিরোচন্/ [স. বি+√রুচ্+অন] বি. ১ অগ্নি। ২ চন্দ্র। ৩ সূর্য। ৪ দৈত্যবিশেষ।

বিরোধ /বিরোধ্/ [স. বি+√রুধ্+অ] বি. পরস্পরের মধ্যে অনৈক্য বা শত্রুতা; বিবাদ; যুদ্ধ।

বিরোধাভাস /বিরোধাভাশ্/ [স. বিরোধ+আভাস] বি. যে অর্থালংকারে বিরোধ না থাকলেও আপাত বিরোধের ভাব অনুভূত হয়।

বিরোধিত /বিরোধিতো/ [স. বিরোধ+ইত] বিণ. বিরোধিতা করা হয়েছে এমন।

বিরোধিতা /বিরোধিতা/ [স. বিরোধ+ইন্+তা] বি. বিপক্ষতা; শত্রুতা।

বিরোধী /বিরোধি/ [স. বি+√রুধ্+ইন্] বিণ. বিরুদ্ধ, প্রতিকূল (*বিরোধী দল*)। বি. প্রতিপক্ষ।

বিরোধী দল /বিরোধি দল্/ বি. ভিন্ন আদর্শ বা মত অনুসরণকারী দল।

বিল[১] /বিল্/ [বা.] বি. স্রোতোহীন বড়ো জলাশয়, হাওড়।

বিল[২] /বিল্/ [ই. bill] বি. ১ বিক্রেতা কর্তৃক ক্রেতাকে প্রদত্ত পণ্যাদির পরিমাণ ও মূল্যসংবলিত রশিদ। ২ বেতন বা পারিশ্রমিক হিসাবে প্রাপ্য অর্থের বিবরণ। ৩ পণ্য সরবরাহ বা পরিষেবার মূল্য হিসেবে প্রদেয় অর্থ। ৪ সংসদ বা বিধানসভায় উপস্থাপিত আইনের খসড়া। ৫ হুন্ডি।

বিল[৩] /বিল্/ [স. √বিল্+অ] বি. ১ ছিদ্র। ২ সুড়ঙ্গ।

বিলকুল /বিলকুল্/ [আ.] বিণ. সমস্ত, সমুদয়।

বিলক্ষ /বিলোক্খো/ [স. বি+√লক্ষ্+অ] বিণ. ১ দেখা যাচ্ছে না এমন। ২ অচিহ্নিত। ৩ বিস্মিত।

বিলক্ষণ /বিলোক্খোন্/ [স. বি+লক্ষণ] অব্য. বিস্ময় বিরক্তি প্রভৃতি ভাব। বিণ. অসাধারণ।

বিলগ্ন /বিলগ্নো/ [স. বি+√লস্জ্+ত] বিণ. সংযুক্ত, সংলগ্ন। বি. (জ্যোতি.) রাশি; জন্মলগ্ন।

বিলঙ্ঘন /বিলংঘোন্/ [স. বি+√লঙ্ঘ্+অন] বি. উল্লঙ্ঘন; অতিক্রমণ।

বিলঙ্ঘনীয় /বিলংঘোনিয়ো/ [স. বি+√লঙ্ঘ্+অনীয়]

www.pathagar.com

বিণ. অতিক্রমণের যোগ্য।

বিলঙ্ঘিত /বিলোংঘিতো/ [স. বি+√লঙ্ঘ্+ত] বিণ. অতিক্রম করা হয়েছে এমন, অতিক্রান্ত।

বিলজ্জ /বিলজ্জো/ [স. বি+লজ্জা] বিণ. নির্লজ্জ।

বিলপন /বিলপোন্/ [স. বি+√লপ্+অন] বি. কাতরস্বরে ক্রন্দন; বিলাপ; পরিতাপ।

বিলপমান /বিলপোমান্/ [স. বি+√লপ্+মান (শানচ্)] বিণ. বিলাপ করছে এমন।

বিলপা /বিলোপা/ [বা.] ক্রিবি. (কাব্যে) বিলাপ করা।

বিলম্ব /বিলম্বো/ [স. বি+√লম্ব্+অ] বি. ১ দেরি, কালক্ষেপণ। ২ ঝুলন।

বিলম্বন /বিলম্বোন্/ [স. বি+√লম্ব্+অন] বি. দ্র বিলম্ব।

বিলম্বা /বিলম্বা/ [বা.] ক্রিবি. (কাব্যে) দেরি করা।

বিলম্বি /বিলোম্বি/ [বা.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শরৎকালে ফোটে এমন লালচে বেগুনি রঙের ছোটো ফুল উপবৃত্তাকার পাতা ও একাধিক বীজযুক্ত ভেষজগুণসম্পন্ন ছোটো সবুজাভ হলুদ অম্লস্বাদ ফল বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট উদ্ভিদ, বিলিম্বি।

বিলম্বিত /বিলোম্বিতো/ [স. বি+√লম্ব্+ত] বিণ. ১ বিলম্বযুক্ত। ২ মন্থর গতিবিশিষ্ট। ৩ ঝোলানো হয়েছে এমন। স্ত্রী. বিলম্বিতা /বিলোম্বিতা/।

বিলম্বী /বিলোম্বি/ [স. বি+√লম্ব্+ইন্] বিণ. ১ দেরি করেছে এমন, বিলম্বকারী। ২ ঝোলানো।

বিলয়[১] /বিলয়্/ [স. বি+লয়] বি. ১ প্রলয়। ২ ধ্বংস।

বিলয়[২] /বিলয়্/ [স. বি+লয়] বিণ. ১ ত্রুটিপূর্ণ লয়-বিশিষ্ট। ২ বেতালা।

বিলয়ন /বিলয়োন্/ [স. বি+√লী+অন] বি. বিনাশ-সাধন।

বিলসন /বিলশোন্/ [স. বি+√লস্+অন] বি. ১ বিলাসপূর্ণ হাবভাব প্রদর্শন। ২ শোভা, সৌন্দর্য। ৩ খেলা, ক্রীড়া। ৪ স্ফুরণ, প্রকাশ, বিকাশ।

বিলসা /বিলশা/ [বা.] ক্রিবি. ১ (কাব্যে) লীলাভরে চলা। ২ বিলাস করা।

বিলসিত /বিলোশিতো/ [স. বি+√লস্+ত] বিণ. ১ লীলায়িত। ২ শোভিত। ৩ প্রকটিত। ৪ স্ফুরিত।

বিলাত[১] /বিলাত্/ [আ.] বি. ১ ইংল্যান্ড (*বিলাত-ফেরত*)। ২ ইউরোপ। ৩ বিদেশ।

বিলাত[২] /বিলাত্/ [স. বিলয় >] বি. অনাদায়ি টাকা।

বিলাতফেরত /বিলাত্ফেরোত্/ [আ. বিলাত+বা. ফেরত] বিণ. উচ্চশিক্ষালাভের পর ইউরোপ বা আমেরিকা থেকে ফিরে এসেছে এমন।

বিলাতফেরতা /বিলাত্ফেরতা/ [আ. বিলাত+বা. ফেরতা] বিণ. দ্র বিলাতফেরত।

বিলাতি /বিলাতি/ [ফা.] বিণ. ১ বিলাতে উৎপাদিত। ২ বিদেশ থেকে আমদানি করা হয়েছে এমন।

বিলাতি বেগুন /বিলাতি বেগুন্/ বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে ব্যাপকভাবে চাষ করা হয় এমন মসৃণ খাঁজযুক্ত রসালো উপবৃত্তাকার (কাঁচা অবস্থায় সবুজাভ ও পাকা অবস্থায় লালচে) শীতকালীন সবজি বা তার শাখান্বিত লোমশ বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. মধ্য ও দক্ষিণ আমেরিকা), টম্যাটো, টক বেগুন, tomato।

বিলাতি মাটি /বিলাতি মাটি/ বি. নির্মাণকাজে ব্যবহৃত বিশেষ প্রক্রিয়ায় উৎপন্ন অগ্নিপক্ক চুনাপাথর প্রভৃতির চূর্ণ যা জলের সংমিশ্রণে জমাট বেঁধে পাথরের মতো শক্ত হয়ে যায়, সিমেন্ট।

বিলানো /বিলানো/ [বা.] ক্রিবি. বিনামূল্যে বিতরণ করা। বিণ. বিনামূল্যে বিতরণ করা হয়েছে এমন।

বিলাপ /বিলাপ্/ [স. বি+√লপ্+অ] বি. কাতরোক্তি, খেদোক্তি; শোকপ্রকাশ; ক্রন্দন।

বিলাপী /বিলাপি/ [স. বি+√লপ্+ইন্] বিণ. খেদ বা শোক প্রকাশকারী, বিলাপকারী; শোকগ্রস্ত। স্ত্রী. বিলাপিনী /বিলাপিনি/।

বিলাস /বিলাশ্/ [স. বি+√লস্+অ] বি. ১ সুখভোগ; বাবুগিরি (*ভ্রমণবিলাস*)। ২ লীলা। ৩ শোভা। ৪ প্রকাশ। ৫ লীলায়িত ভঙ্গি।

বিলাসকক্ষ /বিলাশ্কোক্খো/ [স. বিলাস+কক্ষ] বি. বিত্তশালীদের প্রমোদকক্ষ।

বিলাসকানন /বিলাশ্কানোন্/ [স. বিলাস+কানন] বি. আমোদ-প্রমোদের জন্য নির্মিত উদ্যানগৃহ।

বিলাসদ্রব্য /বিলাশ্দ্রোব্বো/ [স. বিলাস+দ্রব্য] বি. বিত্তশালীদের বিলাসিতার দ্রব্যসামগ্রী।

বিলাসবহুল /বিলাশ্বোহুল্/ [স. বিলাস+বহুল] বিণ. আমোদ-প্রমোদের পর্যাপ্ত ব্যবস্থাযুক্ত।

বিলাসব্যসন /বিলাশ্ব্যাশোন্/ [স. বিলাস+ব্যসন] বি. দ্র বিলাসিতা।

বিলাসিতা /বিলাশিতা/ [স. বি+√লস্+ইন্+তা] বি. বিলাসপূর্ণ চালচলন, নবাবি।

বিলাসিনী /বিলাশিনি/ [স. বি+√লস্+ইন্+ঈ] বিণ. বিলাসপরায়ণা। বি. ১ দয়িতা। ২ নারী।

বিলাসী /বিলাশি/ [স. বি+√লস্+ইন্] বিণ. আয়েশি জীবনযাপনে অভ্যস্ত, বিলাসপরায়ণ।

বিলি /বিলি/ [হি. বিলানা >] বি. ১ বিতরণ (*চিঠি বিলি*)। ২ বিনামূল্যে দান। ৩ বন্দোবস্ত। ৪ শৃঙ্খলা, নিয়ম। ৫ বণ্টন। ৬ দায়িত্ব অর্পণ।

www.pathagar.com

বিলি কাটা /বিলি কাটা/ ক্রিবি. চুলে হাত বুলানো।

বিলিখন /বিলিখন্/ [স. বি+√লিখ্+অন] বি. ১ লিখন। ২ খনন।

বিলিখিত /বিলিখিতো/ [স. বি+√লিখ্+ত] বিণ. ১ লেখা হয়েছে এমন। ২ খনন করা হয়েছে এমন; বিদারিত। ৩ আঁচড়ানো হয়েছে এমন।

বিলিতি /বিলিতি/ [ফা.] বিণ. 'বিলাতি'-র আঞ্চলিক রূপ।

বিলিপ্ত /বিলিপ্তো/ [স. বি+√লিপ্+ত] বিণ. প্রলিপ্ত।

বিলিবণ্টন /বিলিবন্টোন্/ [বা. বিলি+স. বণ্টন] বি. ভাগবাঁটোয়ারা।

বিলিবন্দোবস্ত /বিলিবন্দোবস্তো/ [বা. বিলি+ফা. বন্দোবস্ত] বি. ১ জমিজমা বণ্টন। ২ খাজনার বিনিময়ে জমি প্রদান।

বিলিব্যবস্থা /বিলিব্যাবোস্থা/ [বা. বিলি+স. ব্যবস্থা] বি. ভাগবাঁটোয়ারার ব্যবস্থা।

বিলিয়ন /বিলিয়ন্/ [ফ.] বি. বিণ. শত কোটি সংখ্যা(১০০,০০,০০,০০০) বা সংখ্যক; billion।

বিলিয়ার্ডস /বিলিআড়্ড্স্/ [ফ.] বি. মসৃণ পশমি কাপড়ে আবৃত ছয়টি পকেটযুক্ত লম্বাটে চারকোনা টেবিলের ওপর রাখা বিভিন্ন রঙের বলে একটি কাঠের লম্বা দণ্ড (cues) দিয়ে আঘাত করে পকেটে ফেলার অন্তরঙ্গন (indoor) খেলা, billiards।

বিলীন /বিলিন্/ [স. বি+√লী+ত] বিণ. ১ মিলিয়ে গেছে এমন। ২ সম্পূর্ণ লোপপ্রাপ্ত এমন।

বিলীয়মান /বিলিয়োমান্/ [স. বি+√লী+মান (শানচ্)] বিণ. ১ বিলীন হয়ে যাচ্ছে এমন। ২ অদৃশ্য হচ্ছে এমন (*বিলীয়মান আলো*)।

বিলুণ্ঠন /বিলুন্ঠন্/ [স. বি+√লুণ্ঠ্+অন] বি. ১ লুণ্ঠন; অপহরণ। ২ গড়াগড়ি।

বিলুণ্ঠিত /বিলুন্ঠিতো/ [স. বি+√লুণ্ঠ্+ত] বিণ. ১ লুণ্ঠিত; অপহৃত। ২ গড়াগড়ি করছে এমন। স্ত্রী. বিলুণ্ঠিতা /বিলুন্ঠিতা/।

বিলুপ্ত /বিলুপ্তো/ [স. বি+√লুপ্+ত] বিণ. বিলোপ-প্রাপ্ত, বিলীন; অন্তর্হিত।

বিলুপ্তি /বিলুপ্তি/ [স. বি+√লুপ্+তি] বি. সম্পূর্ণ লুপ্ত অবস্থা।

বিলেত /বিলেত্/ [আ.] বি. বিলাত[১]-এর আঞ্চলিক রূপ।

বিলেতি /বিলেতি/ [ফা.] বিণ. 'বিলাতি'-র আঞ্চলিক রূপ।

বিলেতি বেগুন /বিলেতি বেগুন্/ বি. 'বিলাতি বেগুন'-এর কথ্য রূপ।

বিলেপ /বিলেপ্/ [স. বি+√লিপ্+অ] বি. লেপন।

বিলেপন /বিলেপন্/ [স. বি+√লিপ্+অন] বি. দ্র বিলেপ।

বিলোকন /বিলোকন্/ [স. বি+√লোক্+অন] বি. আগ্রহের সঙ্গে দর্শন; দর্শন, অবলোকন।

বিলোকিত /বিলোকিতো/ [স. বি+√লোক্+ত] বিণ. সাগ্রহে দেখা হয়েছে এমন।

বিলোচন[১] /বিলোচন্/ [স. বি+লোচন] বিণ. বিকৃত-নয়ন; বিকৃত দৃষ্টিযুক্ত। বি. শিব, মহাদেব।

বিলোচন[২] /বিলোচন্/ [স. বি+√লোচ্+অন] বি. ১ চোখ। ২ দর্শন।

বিলোড়ন /বিলোড়ন্/ [স. বি+√লোড়্+অন] বি. মন্থন, আলোড়ন।

বিলোড়িত /বিলোড়িতো/ [স. বি+√লোড়্+ত] বিণ. মথিত, আলোড়িত।

বিলোনো /বিলোনো/ [বা.] ক্রিবি. বিণ. 'বিলানো'-র কথ্য রূপ।

বিলোপ /বিলোপ্/ [স. বি+√লুপ্+অ] বি. ১ সম্পূর্ণ লোপ। ২ বিনাশ, ধ্বংস। ৩ মৃত্যু, তিরোধান।

বিলোপন /বিলোপন্/ [স. বি+√লুপ্+অন] বি. দ্র বিলোপ।

বিলোভন /বিলোভোন্/ [স. বি+√লুভ্+অন] বি. বিশেষ লোভ প্রদর্শন। বিণ. অতিশয় লোভনীয়।

বিলোম /বিলোম্/ [স. বি+লোম] বিণ. ১ বিরুদ্ধ, প্রতিকূল। ২ বিপরীত। ৩ লোমহীন। বি. (সংগীতে) সুরের অবরোহণ।

বিলোল /বিলোল্/ [স. বি+√লুল্+অ] বিণ. ১ চপল, কম্পিত। ২ লাস্যযুক্ত। ৩ অতিশয় লোভাতুর। ৪ এলোমেলো, বিশৃঙ্খল।

বিল্ব /বিল্লো/ [স. √বিল্+ব] বি. বেল, শ্রীফল।

বিল্বস্তনী /বিল্লোস্তোনি/ [স. বিল্বস্তন+ঈ] বিণ. বেলের মতো গোলাকার ও উন্নত স্তনবিশিষ্ট।

বিশ /বিশ্/ [স. বিংশতি >] বি. ২০ সংখ্যা। বিণ. ২০ সংখ্যক।

বিশঙ্ক /বিশংকো/ [স. বি+√শঙ্ক্+অ] বিণ. শঙ্কা-হীন, নির্ভীক।

বিশদ /বিশদ্/ [স. বি+√শদ্+অ] বিণ. ১ স্পষ্ট। ২ সাদা। ৩ বিশুদ্ধ। ৪ (বাংলায়) বিস্তারিত।

বিশল্য /বিশোল্লো/ [স. বি+শল্য] বিণ. ১ শলাকা-হীন। ২ ক্লেশমুক্ত। ৩ নিশ্চিন্ত। স্ত্রী. বিশল্যা

www.pathagar.com

/বিশোল্‌লা/।

বিশল্যকরণী /বিশোল্‌ল্যোকরোনি/ [স. বিশল্য+√কৃ+অন+ঈ] বি. রামায়ণে বর্ণিত বেদনানাশক ওষুধ-রূপে ব্যবহৃত লতাবিশেষ।

বিশল্যা /বিশোল্‌লা/ [স. বিশল্য+আ (টাপ্‌)] বিণ. প্রসববেদনাহীন। বি. বিশল্যকরণী লতা, গুলঞ্চ।

বিশাই /বিশাই/ [স. বিশ্বকর্মা >] বি. দৈবশিল্পী বিশ্বকর্মা।

বিশাখ[১] /বিশাখ্‌/ [স. বিশাখা+অ] বি. কার্তিকেয়।

বিশাখ[২] /বিশাখ্‌/ [স. বি+শাখা] বিণ. শাখা নেই এমন, শাখাহীন।

বিশাখা /বিশাখা/ [স. বি+√শাখ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের ষোড়শ নক্ষত্র। ২ শ্রীরাধিকার জনৈক সখী।

বিশারদ /বিশারদ্‌/ [স. বিশাল+√দা+অ] বিণ. ১ পণ্ডিত। ২ অভিজ্ঞ। ৩ পারদর্শী, নিপুণ।

বিশাল /বিশাল্‌/ [স. বি+শাল] বিণ. ১ বিরাট, বিপুল। ২ বিস্তীর্ণ। ৩ অতিশয় উদার।

বিশালকায় /বিশালকায়/ [স. বিশাল+কায়] বিণ. বিশাল দেহের অধিকারী; বৃহদাকার।

বিশালতা /বিশালতা/ [স. বিশাল+তা] বি. ১ বিপুলতা। ২ বিস্তৃতি। ৩ অতিশয় উদারতা।

বিশালত্ব /বিশালত্তো/ [স. বিশাল+ত্ব] বি. দ্র বিশালতা।

বিশালাকার /বিশালাকার্‌/ [স. বিশাল+আকার] বিণ. বিরাট আকারবিশিষ্ট, বৃহদায়তন।

বিশালাক্ষ /বিশালাক্‌খো/ [স. বিশাল+অক্ষি] বিণ. আয়তলোচন। বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ গরুড়।

বিশালাক্ষী /বিশালাক্‌খি/ [স. বিশালাক্ষ+ঈ] বিণ. আয়তলোচনা। বি. দেবী দুর্গা।

বিশিখ /বিশিখো/ [স. বি+শিখা] বিণ. শিখাহীন। বি. ১ বাণ; তোমর নামক ক্ষেপণাস্ত্র। ২ শরগাছ।

বিশিষ্ট /বিশিশ্‌টো/ [স. বি+√শিষ্‌+ত] বিণ. ১ সাধারণ নয় এমন; মর্যাদাসম্পন্ন (*বিশিষ্ট কবি*)। ২ যুক্ত (*গুণবিশিষ্ট*)। বি. ~তা /-তা/।

বিশীর্ণ /বিশির্‌নো/ [স. বি+√শৃ+ত] বিণ. ১ অত্যন্ত শীর্ণ বা কৃশ। ২ অতি জীর্ণ। ৩ অতিশয় শুষ্ক।

বিশীর্ণত্ব /বিশির্‌নত্তো/ [স. বিশীর্ণ+ত্ব] বি. ১ অতিশয় শীর্ণতা; জীর্ণতা। ২ অতি শুষ্কতা।

বিশীর্যমান /বিশির্‌জোমান্‌/ [স. বি+√শৃ+মান (শানচ্‌)] বিণ. ক্রমশ শীর্ণ বা কৃশ হচ্ছে এমন।

বিশীল /বিশিল্‌/ [স. বি+শীল] বিণ. অশীল; অশিষ্ট।

বিশুদ্ধ /বিশুদ্‌ধো/ [স. বি+√শুধ্‌+ত] বিণ. ১ খাঁটি। ২ নির্মল। ৩ পবিত্র। ৪ নির্দোষ। বি. ~তা /-তা/।

বিশুদ্ধি /বিশুদ্‌ধি/ [স. বি+√শুধ্‌+তি] বি. বিশুদ্ধতা।

বিশুষ্ক /বিশুশ্‌কো/ [স. বি+√শুষ্‌+ত] বিণ. ১ রসহীন। ২ লাবণ্যহীন। বি. ~তা /-তা/।

বিশৃঙ্খল /বিস্‌সৃংখল্‌/ [স. বি+শৃঙ্খলা] বিণ. ১ অরাজক। ২ নিয়মহীন। ৩ বিপর্যস্ত। ৪ উচ্ছৃঙ্খল। ৫ অবিন্যস্ত। বি. বিশৃঙ্খলতা /বিস্‌সৃংখলোতা/।

বিশৃঙ্খলা /বিস্‌সৃংখলা/ [স. বি+শৃঙ্খলা] বি. ১ শৃঙ্খলা নেই এমন অবস্থা, অরাজকতা। ২ নিয়মহীনতা। ৩ বিপর্যস্ত অবস্থা।

বিশে /বিশে/ [বা.] বি. মাসের ২০ তারিখ (*বিশে জুলাই*)। বিণ. মাসের ২০ তারিখের।

বিশেষ /বিশেশ্‌/ [স. বি+√শিষ্‌+অ] বিণ. ১ বিশিষ্ট (*বিশেষ অতিথি*)। ২ অধিক; বহুর মধ্যে অনন্য (*বিশেষ গুণ*)। ৩ জরুরি (*বিশেষ প্রয়োজন*)। বি. ১ পার্থক্য (*ইতরবিশেষ*)। ২ অনির্দিষ্ট কিছু (*ব্যক্তিবিশেষ*)। ৩ উৎকর্ষ, আধিক্য (*সবিশেষ*)। ৪ ধরন (*গুণবিশেষ*)। ক্রিবিণ. ভালোভাবে (*পথঘাট বিশেষ চিনি না*)।

বিশেষক /বিশেশক্‌/ [স. বি+√শিষ্‌+অক] বিণ. ১ বৈশিষ্ট্যসূচক; প্রভেদ বা পার্থক্য নির্দেশ করে এমন।

বিশেষজ্ঞ /বিশেশগ্‌গোঁ/ [স. বিশেষ+√জ্ঞা+অ] বিণ. বিশেষ জ্ঞানসম্পন্ন (*ভাষাবিশেষজ্ঞ*)। বি. পণ্ডিত ব্যক্তি (*বিশেষজ্ঞের পরামর্শ*)।

বিশেষণ /বিশেশন্‌/ [স. বি+√শিষ্‌+অন] বি. (ব্যা.) বিশেষ্য বা সর্বনামের গুণ ভাব অবস্থা প্রভৃতি নির্দেশক পদ।

বিশেষত /বিশেশতো/ [স. বিশেষ+তস্‌] অব্য. ক্রিবিণ. বিশেষ করে; অধিকন্তু; মূলত; প্রধানত।

বিশেষত্ব /বিশেশত্তো/ [স. বিশেষ+ত্ব] বি. বৈশিষ্ট্য, বিশিষ্টতা, বিশেষ গুণ বা ভাব।

বিশেষত্বহীন /বিশেশত্তোহিন্‌/ [স. বিশেষত্ব+√হা+ত] বিণ. কোনো অসাধারণত্ব নেই এমন।

বিশেষিত /বিশেশিতো/ [স. বি+√শেষি+ত] বিণ. বিশেষ গুণদ্বারা নির্দিষ্ট; পৃথক্‌কৃত।

বিশেষীকরণ /বিশেশিকরোন্‌/ [স. বিশেষ+ঢ়ি+করণ] বি. বিশেষভাবে চিহ্নিতকরণ; (পরি.) specialization।

বিশেষীকৃত /বিশেশিক্‌কৃতো/ [স. বিশেষ+ঢ়ি+কৃত] বিণ. বিশেষভাবে নির্দিষ্ট; (পরি.) specialized।

বিশেষোক্তি /বিশেশোক্‌তি/ [স. বিশেষ+উক্তি] বি.

www.pathagar.com

কারণ সত্ত্বেও কাজের অভাব বোঝাতে ব্যবহৃত কাব্যালংকারবিশেষ।

বিশেষ্য /বিশেশ্শো/ [স. বি+√শিষ্+য] বি. (ব্যা.) ব্যক্তি প্রাণী জাতি বস্তু ক্রিয়া গুণ ভাব প্রভৃতির সংজ্ঞা বা নামসূচক পদ। বিণ. ১ গুণাদিদ্বারা বিশেষিত করার যোগ্য; প্রভেদ করার যোগ্য। ২ বিশেষ কোনো গুণ বা স্বভাববিশিষ্ট।

বিশোক[১] /বিশোক্/ [স. বি+শোক] বিণ. শোকহীন, অশোক। স্ত্রী. বিশোকা /বিশোকা/।

বিশোক[২] /বিশোক্/ [স. বি+শোক] বি. লালচে কমলা রঙের মৃদুগন্ধ ফুল বা তার চিরহরিৎ বৃক্ষ, অশোক।

বিশোধক /বিশোধক্/ [স. বি+√শোধি+অক] বিণ. বিশুদ্ধ করে এমন, বিশুদ্ধিকারক।

বিশোধন /বিশোধোন্/ [স. বি+√শোধি+অন] বি. ১ বিশেষভাবে শোধন। ২ সংশোধন।

বিশোধনীয় /বিশোধোনিয়ো/ [স. বি+√শোধি+অনীয়] বিণ. বিশোধন বা শোধনের যোগ্য।

বিশোধিত /বিশোধিতো/ [স. বি+√শোধি+ত] বিণ. বিশুদ্ধ করা হয়েছে এমন; পরিষ্কৃত।

বিশোধ্য /বিশোদ্ধ্যো/ [স. বি+√শোধি+য] বিণ. দ্র বিশোধনীয়।

বিশোষণ /বিশোশন্/ [স. বি+√শুষ্+অন] বি. বিশেষভাবে শোষণ; তরল পদার্থ শুষে অঙ্গীভূত-করণ; শুষ্ককরণ; absorption।

বিশোষিত /বিশোশিতো/ [স. বি+√শুষ্+ত] বিণ. বিশেষভাবে শোষিত, absorbed।

বিশ্ব /বিশ্শো/ [স. √বিশ্+ব] বি. পৃথিবী ও তার চারপাশের গ্রহনক্ষত্রসমন্বিত সমগ্র মহাকাশ, ব্রহ্মাণ্ড; পৃথিবী, ভুবন, জগৎ। বিণ. সমগ্র, সকল, যাবতীয় (*বিশ্বচরাচর*)।

বিশ্বকবি /বিশ্শোকোবি/ [স. বিশ্ব+কবি] বি. যে কবির রচনা বিশ্বব্যাপী সমাদৃত (*বিশ্বকবি রবীন্দ্রনাথ*); পৃথিবীর শ্রেষ্ঠ কবি।

বিশ্বকর্মা /বিশ্শোকরমা/ [স. বিশ্ব+কর্মন্] বি. শিল্প-কর্মের অধিদেবতা, দেবশিল্পী।

বিশ্বকাপ /বিশ্শোকাপ্/ [স. বিশ্ব+ই কাপ] বি. বিশ্বের কয়েকটি বাছাই করা দেশের মধ্যে ক্রিকেট প্রভৃতি প্রতিযোগিতামূলক খেলা; ওই খেলায় বিজয়ী দলকে শ্রেষ্ঠত্বের স্বীকৃতিস্বরূপ প্রদেয় কাপ; world cup।

বিশ্বকেতু /বিশ্শোকেতু/ [স. বিশ্ব+কেতু] বি. কামদেব, মদন।

বিশ্বকোষ /বিশ্শোকোশ্/ [স. বিশ্ব+কোষ] বি. সমগ্র বিশ্বের জ্ঞান বিজ্ঞান কলা প্রভৃতিবিষয়ক তথ্য-সংবলিত বর্ণানুক্রমিক আকরগ্রন্থ, encyclopaedia।

বিশ্বগ্রাসী /বিশ্শোগ্রাশি/ [স. বিশ্ব+√গ্রস্+ইন] বিণ. সমগ্র বিশ্বকে গ্রাস করতে পারে এমন; সর্বগ্রাসী।

বিশ্বচক্র /বিশ্শোচক্রো/ [স. বিশ্ব+চক্র] বি. বিশ্ব-জগৎ, ভূমণ্ডল।

বিশ্বচরাচর /বিশ্শোচরাচর্/ [স. বিশ্ব+চরাচর] বি. সমগ্র জগৎ।

বিশ্বজগৎ /বিশ্শোজগোত্/ [স. বিশ্ব+জগৎ] বি. সমগ্র পৃথিবী।

বিশ্বজন /বিশ্শোজন্/ [স. বিশ্ব+জন] বি. পৃথিবীর সকল মানুষ, সর্বজন।

বিশ্বজনীন /বিশ্শোজোনিন্/ [স. বিশ্বজন+ঈন] বিণ. ১ পৃথিবীর সকল মানুষসম্বন্ধীয়। ২ সকল মানুষের জন্য কল্যাণকর।

বিশ্বজনীনতা /বিশ্শোজোনিনতা/ [স. বিশ্বজনীন +তা] বি. ১ সর্বপ্রকার সংকীর্ণতাবর্জিত উদার মনোভাব। ২ সকলের নিকট গ্রহণযোগ্যতা।

বিশ্বজিৎ /বিশ্শোজিত্/ [স. বিশ্ব+√জি+ক্বিপ্] বি. ১ যিনি বিশ্বকে জয় করেন। ২ যজ্ঞবিশেষ।

বিশ্বজোড়া /বিশ্শোজোড়া/ [স. বিশ্ব+বা. জোড়া] বিণ. বিশ্বজুড়ে বিরাজমান, পৃথিবীব্যাপী।

বিশ্বত /বিশ্শতো/ [স. বিশ্ব+তস্] ক্রিবিণ. ১ সর্বত্র। ২ সম্পূর্ণরূপে।

বিশ্বতোমুখী /বিশ্শোতোমুখি/ [স. বিশ্বতঃ+মুখ+ঈ] বিণ. সর্বতোমুখী, সর্বদিগ্‌বর্তী; সর্বাত্মক।

বিশ্বত্রাস /বিশ্শোত্রাশ্/ [স. বিশ্ব+ত্রাস] বিণ. পৃথিবীর সকল মানুষকে ভীত করে এমন।

বিশ্বদেব /বিশ্শোদেব্/ [স. বিশ্ব+দেব] বি. ১ গণদেবতাবিশেষ। ২ অগ্নি।

বিশ্বধাতা /বিশ্শোধাতা/ [স. বিশ্ব+√ধা+তৃ] বি. বিশ্ব-ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্তা, বিধাতা।

বিশ্বনাথ /বিশ্শোনাথ্/ [স. বিশ্ব+নাথ] বি. ১ জগদীশ্বর। ২ শিব।

বিশ্বনিন্দক /বিশ্শোনিন্দক্/ [স. বিশ্ব+নিন্দক] বিণ. সবার বা সবকিছুর নিন্দা করে এমন।

বিশ্বনিন্দুক /বিশ্শোনিন্দুক্/ [স. বিশ্ব+বা. নিন্দুক] বিণ. 'বিশ্বনিন্দক'-এর অশুদ্ধ প্রচলিত রূপ।

বিশ্বপরিক্রমা /বিশ্শোপোরিক্রোমা/ [স. বিশ্ব+বা. পরিক্রমা] বি. সমগ্র পৃথিবী পরিভ্রমণ।

বিশ্বপা /বিশ্শোপা/ [স. বিশ্ব+√পা+ক্বিপ্] বি. ১

www.pathagar.com

জগতের পালনকর্তা, খোদা, আল্লাহ্, পরমেশ্বর। ২ অগ্নি। ৩ সূর্য। ৪ চন্দ্র।

বিশ্বপাতা /বিশ্‌শোপাতা/ [স. বিশ্ব+√পা+তৃ] বি. বিণ. জগতের পালনকর্তা, জগৎপালক।

বিশ্বপালক /বিশ্‌শোপালক্/ [স. বিশ্ব+পালক] বি. বিণ. সমগ্র বিশ্বের পালনকর্তা।

বিশ্বপ্রকৃতি /বিশ্‌শোপ্রোকৃতি/ [স. বিশ্ব+প্রকৃতি] বি. জগৎসংসার, সমগ্র বিশ্ব, বিশ্বের প্রকৃতি।

বিশ্বপ্রেম /বিশ্‌শোপ্রেম্/ [স. বিশ্ব+প্রেম] বি. জাতিধর্মবর্ণ-নির্বিশেষে সকলের প্রতি ভালোবাসা।

বিশ্বপ্রেমিক /বিশ্‌শোপ্রেমিক্/ [স. বিশ্ব+প্রেমিক] বিণ. মানুষ-সহ পৃথিবীর সকল প্রাণীকে ভালোবাসে এমন।

বিশ্ববখা /বিশ্‌শোবখা/ [স. বিশ্ব+বা. বখা] বিণ. দ্র বিশ্ববখাটে।

বিশ্ববখাটে /বিশ্‌শোবখাটে/ [স. বিশ্ব+বা. বখাটে] বিণ. অতিশয় বখাটে; দুষ্টচরিত্র।

বিশ্ববাসী /বিশ্‌শোবাশি/ [স. বিশ্ব+√বস্+ইন্] বিণ. বিশ্বে বাসকারী, জগদ্‌বাসী। বি. সমগ্র মানবজাতি।

বিশ্ববিখ্যাত /বিশ্‌শোবিক্‌খ্যাতো/ [স. বিশ্ব+বিখ্যাত] বিণ. বিশ্বব্যাপী খ্যাতি আছে এমন।

বিশ্ববিদ্যালয় /বিশ্‌শোবিদ্‌দালয়্/ [স. বিশ্ব+বিদ্যালয়] বি. বিবিধ বিষয়ে উচ্চতর শিক্ষা গবেষণা ও ডিগ্রি প্রদানের ক্ষমতাপ্রাপ্ত শিক্ষাপ্রতিষ্ঠান, university।

বিশ্ববিধাতা /বিশ্‌শোবিধাতা/ [স. বিশ্ব+বিধাতা] বি. সৃষ্টিকর্তা, আল্লাহ্, ঈশ্বর।

বিশ্ববিমোহন /বিশ্‌শোবিমোহোন্/ [স. বিশ্ব+বি+√মুহ্+ণিচ্+অন] বিণ. সমগ্র জগৎকে মুগ্ধ করে এমন।

বিশ্ববিমোহিত /বিশ্‌শোবিমোহিতো/ [স. বিশ্ব+বি+√মুহ্+ণিচ্+ত] বিণ. সমগ্র বিশ্বকে মুগ্ধ করেছে এমন।

বিশ্ববিমোহী /বিশ্‌শোবিমোহি/ [স. বিশ্ব+বি+√মুহ্+ইন্] বিণ. সমগ্র জগৎকে মুগ্ধ করে এমন। স্ত্রী. বিশ্ববিমোহিনী /বিশ্‌শোবিমোহিনি/।

বিশ্ববিশ্রুত /বিশ্‌শোবিস্‌স্রুতো/ [স. বিশ্ব+বিশ্রুত] বিণ. সমগ্র পৃথিবীতে বিখ্যাত, জগদ্‌বিখ্যাত।

বিশ্ববেহায়া /বিশ্‌শোবেহায়া/ [স. বিশ্ব+ফা. বে+আ. হায়া] বিণ. বি. অত্যন্ত নির্লজ্জ।

বিশ্বব্যাংক /বিশ্‌শোব্যাংক্/ [স. বিশ্ব+ই. ব্যাংক] বি. সদস্য রাষ্ট্রসমূহের পুনর্গঠন ও উন্নয়নকল্পে ঋণ ও আর্থিক অনুদান বিতরণের জন্য প্রতিষ্ঠিত আন্তর্জাতিক ব্যাংকিং প্রতিষ্ঠান; (পরি.) World Bank।

বিশ্বব্যাপী /বিশ্‌শোব্যাপি/ [স. বিশ্ব+বি+√আপ্+ইন্] বিণ. বিশ্বের সর্বত্র বিস্তৃত, সর্বত্র বিরাজমান।

বিশ্বব্রহ্মাণ্ড /বিশ্‌শোব্রোম্‌mhaনডো/ [স. বিশ্ব+ব্রহ্মাণ্ড] বি. সমগ্র জগৎ, মহাবিশ্ব।

বিশ্বভারতী /বিশ্‌শোভারোতি/ [স. বিশ্ব+ভারত+ঈ] বি. ১৯২১ সালে রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক শান্তিনিকেতনে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক বিদ্যাচর্চাকেন্দ্র।

বিশ্বভুবন /বিশ্‌শোভুবন্/ [স. বিশ্ব+ভুবন] বি. সমগ্র জগৎ।

বিশ্বভ্রাতৃত্ব /বিশ্‌শোভ্রাতৃত্বতো/ [স. বিশ্বভ্রাতৃ+ত্ব] বি. জাতিধর্মবর্ণ-নির্বিশেষে পৃথিবীর সকল মানুষের মধ্যে ভ্রাতৃভাব।

বিশ্বমানব /বিশ্‌শোমানব্/ [স. বিশ্ব+মানব] বি. সংকীর্ণ জাতীয়তাবাদের ঊর্ধ্বস্থিত মানবজাতি।

বিশ্বমানবতা /বিশ্‌শোমানবতা/ [স. বিশ্ব+মানব+তা] বি. জাতিধর্মবর্ণ-নির্বিশেষে সকল মানুষের প্রতি আত্মীয়তাবোধ।

বিশ্বমূর্তি /বিশ্‌শোমুর্তি/ [স. বিশ্ব+√মূর্চ্ছ্+তি] বি. পরমেশ্বর, বিরাটরূপী নারায়ণ।

বিশ্বমৈত্রী /বিশ্‌শোমোইত্রি/ [স. বিশ্ব+মৈত্রী] বি. বিশ্বের সকল মানুষের মধ্যে পারস্পরিক মৈত্রী।

বিশ্বম্ভর /বিশ্‌শম্‌ভর/ [স. বিশ্ব+√ভৃ+অ] বি. বিণ. বিশ্বের ধারণকর্তা।

বিশ্বম্ভরা /বিশ্‌শম্‌ভরা/ [স. বিশ্ব+√ভৃ+অ+আ (টাপ্)] বি. ১ বিশ্বের ধারক। ২ পৃথিবী।

বিশ্বরূপ /বিশ্‌শোরুপ্/ [স. বিশ্ব+রূপ] বি. দ্র বিশ্বমূর্তি।

বিশ্বলোক /বিশ্‌শোলোক্/ [স. বিশ্ব+লোক] বি. সমগ্র জগৎ, জগৎসংসার।

বিশ্বশান্তি /বিশ্‌শোশান্‌তি/ [স. বিশ্ব+√শম্+তি] বি. সমগ্র মানবজাতির মধ্যে মৈত্রী ও শান্তি।

বিশ্বসংসার /বিশ্‌শোশংশার্/ [স. বিশ্ব+সংসার] বি. দ্র বিশ্বলোক।

বিশ্বসংস্কৃতি /বিশ্‌শোশংশ্‌কৃতি/ [স. বিশ্ব+সংস্কৃতি] বি. সকল আঞ্চলিকতার ঊর্ধ্বে অবস্থিত সংস্কৃতি।

বিশ্বসন /বিশ্‌শোশোন্/ [স. বি+√শ্বস্+অন] বি. আস্থা স্থাপন।

বিশ্বসনীয় /বিশ্‌শোশোনিয়ো/ [স. বি+√শ্বস্+অনীয়] বিণ. বিশ্বাস করা যায় এমন, বিশ্বাসযোগ্য।

বিশ্বসাহিত্য /বিশ্‌শোশাহিতো/ [স. বিশ্ব+সাহিত্য] বি. সকল দেশ ও কালের উপযোগী সাহিত্য, classics।

www.pathagar.com

বিশ্বসিত /বিশ্‌শোশিতো/ [স. বি+√শ্বস্‌+ত] বিণ. ১ বিশ্বাস করা হয়েছে এমন। ২ বিশ্বাসভাজন। ৩ বিশ্বাসকারক।

বিশ্বস্ত /বিশ্‌শস্‌তো/ [স. বি+√শ্বস্‌+ত] বিণ. ১ বিশ্বাস-যোগ্য। ২ বিশ্বাসভাজন। বি. ~তা /-তা/।

বিশ্বস্তসূত্র /বিশ্‌শস্‌তোশুত্‌ত্রে/ [স. বিশ্বস্ত+সূত্র] বি. বিশ্বাসযোগ্য সূত্র।

বিশ্বস্তসূত্রে /বিশ্‌শস্‌তোশুত্‌ত্রে/ [স. বিশ্বস্তসূত্র+বা. এ] ক্রিবিণ. বিশ্বাসযোগ্য সূত্র থেকে; বিশ্বাসযোগ্য ঘটনা বা উৎস থেকে।

বিশ্বহিত /বিশ্‌শোহিত্‌/ [স. বিশ্ব+√ধা+ত] বি. বিশ্বের সকল মানুষের কল্যাণ।

বিশ্বহিতার্থী /বিশ্‌শোহিতার্‌থি/ [স. বিশ্বহিত+অর্থ+ইন্‌] বিণ. পৃথিবীর সকল মানুষের কল্যাণকামী।

বিশ্বহিতার্থে /বিশ্‌শোহিতার্‌থে/ [স. বিশ্বহিতার্থ+বা. এ] ক্রিবিণ. সমগ্র মানবজাতির মঙ্গলের লক্ষ্যে।

বিশ্বহিতসাধন /বিশ্‌শোহিতোশাধোন্‌/ [স. বিশ্বহিত+সাধন] বি. সমগ্র মানবজাতির মঙ্গলসাধন।

বিশ্বাত্মা /বিশ্‌শাত্‌মা/ [স. বিশ্ব+আত্মন্‌] বি. ১ পরমেশ্বর। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব।

বিশ্বাবসু /বিশ্‌শাবোশু/ [স. বিশ্ব+বসু] বি. দেবগায়ক গন্ধর্ববিশেষ।

বিশ্বামিত্র /বিশ্‌শামিত্‌ত্রো/ [স. বিশ্ব+মিত্র] বি. ক্ষত্রিয়-কুলে জন্মগ্রহণ করেও কঠোর তপস্যার বলে ব্রাহ্মণত্ব লাভ করেছেন বলে খ্যাত মুনিবিশেষ।

বিশ্বায়ন /বিশ্‌শায়োন্‌/ [স. বিশ্ব+অয়ন] বি. অর্থনীতি প্রযুক্তি প্রভৃতি ক্ষেত্রে উন্নয়নশীল ও উন্নত দেশ-সমূহের মধ্যে সমন্বয় সাধনের প্রক্রিয়া; (পরি.) globalization।

বিশ্বাস /বিশ্‌শাশ্‌/ [স. বি+√শ্বস্‌+অ] বি. ১ সত্য বলে বিবেচনা, প্রত্যয়। ২ আস্থা, ভরসা। ৩ শ্রদ্ধা।

বিশ্বাসঘাতক /বিশ্‌শাশ্‌ঘাতক্‌/ [স. বিশ্বাস+ঘাতক] বিণ. বিশ্বাসভঙ্গকারী, প্রতারক; অবিশ্বাসী। স্ত্রী. **বিশ্বাসঘাতিকা** /বিশ্‌শাশ্‌ঘাতিকা/।

বিশ্বাসঘাতকতা /বিশ্‌শাশ্‌ঘাতকতা/ [স. বিশ্বাসঘাতক+তা] বি. বিশ্বাসভঙ্গের কাজ।

বিশ্বাসঘাতী /বিশ্‌শাশ্‌ঘাতি/ [স. বিশ্বাস+√হন্‌+ইন্‌] বিণ. বিশ্বাসঘাতক। স্ত্রী. **বিশ্বাসঘাতিনী** /বিশ্‌শাশ্‌-ঘাতিনি/।

বিশ্বাসভঙ্গ /বিশ্‌শাশ্‌ভংগো/ [স. বিশ্বাস+√ভনজ্‌+অ] বি. বিশ্বাসভাজন ব্যক্তির প্রতারণামূলক কাজ।

বিশ্বাসভাজন /বিশ্‌শাশ্‌ভাজোন্‌/ [স. বিশ্বাস+ভাজন] বিণ. বিশ্বাস বা আস্থার পাত্র।

বিশ্বাসযোগ্য /বিশ্‌শাশ্‌জোগ্‌গো/ [স. বিশ্বাস+যোগ্য] বিণ. বিশ্বাস করার উপযুক্ত।

বিশ্বাসযোগ্যতা /বিশ্‌শাশ্‌জোগ্‌গোতা/ [স. বিশ্বাস+যোগ্যতা] বি. বিশ্বস্ততা, আস্থাভাজনতা।

বিশ্বাসহন্তা /বিশ্‌শাশ্‌হন্‌তা/ [স. বিশ্বাস+√হন্‌+তৃ] বিণ. বিশ্বাসভঙ্গকারী, বিশ্বাসঘাতক। স্ত্রী. **বিশ্বাসহন্ত্রী** /বিশ্‌শাশ্‌হোন্‌ত্রি/।

বিশ্বাসী /বিশ্‌শাশি/ [স. বি+√শ্বস্‌+ইন্‌] বিণ. আস্থা স্থাপন করা যেতে পারে এমন, বিশ্বাসভাজন।

বিশ্বাস্য /বিশ্‌শাশ্‌শো/ [স. বি+√শ্বাসি+য] বিণ. আস্থা রাখা যায় এমন, বিশ্বাসযোগ্য।

বিশ্বেশ্বর /বিশ্‌শেশ্‌শর্‌/ [স. বিশ্ব+ঈশ্বর] বি. ১ পরমেশ্বর। ২ মহাদেব, শিব।

বিশ্বেশ্বরী /বিশ্‌শেশ্‌শোরি/ [স. বিশ্বেশ্বর+ঈ] বি. ১ পরমেশ্বরী। ২ দেবী দুর্গা।

বিশ্রব্ধ /বিস্‌স্রোব্‌ধো/ [স. বি+√শ্রন্‌ভ্‌+ত] বিণ. ১ বিশ্বস্ত। ২ নির্ভীক। ৩ প্রশান্ত; বিগতশ্রম। ৪ প্রগাঢ়। ৫ দৃঢ়।

বিশ্রম্ভ /বিস্‌স্রোম্‌ভো/ [স. বি+√শ্রন্‌ভ্‌+অ] বি. ১ কেলিকলহ। ২ প্রণয়, প্রেম। ৩ বিশ্বাস। বিণ. প্রণয়সংক্রান্ত (*বৃথা সাহ্ন্যভোজ, বৃথা বিশ্রম্ভ আলাপ* বিষ্ণু.)।

বিশ্রম্ভালাপ /বিস্‌স্রোম্‌ভালাপ্‌/ [স. বিশ্রম্ভ+আলাপ] বি. ১ প্রেমালাপ। ২ বিশ্বস্ত আলাপ।

বিশ্রান্ত /বিস্‌স্রান্‌তো/ [স. বি+শ্রান্ত] বিণ. ১ বিশেষ ক্লান্ত। ২ বিশ্রাম করেছে এমন। ৩ নিবৃত্ত; ক্ষান্ত।

বিশ্রান্তি /বিস্‌স্রান্‌তি/ [স. বি+শ্রান্তি] বি. ১ ক্লান্তি দূরীকরণ; বিশ্রাম। ২ বিরতি।

বিশ্রাম /বিস্‌স্রাম্‌/ [স. বি+√শ্রম্‌+অ] বি. শ্রান্তি দূরী-করণ, বিরতি, বিরাম; নিবৃত্তি।

বিশ্রামাগার /বিস্‌স্রামাগার্‌/ [স. বিশ্রাম+আগার] বি. ১ বিশ্রাম নেওয়ার ঘর। ২ অপেক্ষালয়, waiting room।

বিশ্রী /বিস্‌শ্রি/ [স. বি+শ্রী] বিণ. ১ কদাকার, কুৎসিত, শ্রীহীন। ২ ঘৃণ্য। ৩ অশ্লীল।

বিশ্রুত /বিস্‌শ্রুতো/ [স. বি+√শ্রু+ত] বিণ. প্রখ্যাত, বিখ্যাত, প্রসিদ্ধ।

বিশ্রুতি /বিস্‌শ্রুতি/ [স. বি+√শ্রু+তি] বি. খ্যাতি।

বিশ্লিষ্ট /বিস্‌লিশ্‌টো/ [স. বি+√শ্লিষ্‌+ত] বিণ. বিভিন্ন অংশ বা উপাদান পৃথক করা হয়েছে এমন, বিযুক্ত, বিচ্ছিন্ন; পৃথক্‌কৃত।

www.pathagar.com

বিশ্লেষ /বিস্‌লেশ্‌/ [স. বি+√শ্লিষ্‌+অ] বি. ১ একটি থেকে অন্যটি বা এক থেকে অন্যকে ছিন্নকরণ। ২ বিভাগ। ৩ বিচ্যুতি।

বিশ্লেষণ /বিস্‌লেশন্‌/ [স. বি+√শ্লিষ্‌+অন] বি. ১ বিভিন্ন অংশ বা উপাদান ছিন্ন করে পর্যালোচনা। ২ (বাংলায়) বিশদ আলোচনা।

বিশ্লেষণধর্মী /বিস্‌লেশন্‌ধোর্‌মি/ [স. বিশ্লেষণধর্ম+ইন্‌] বিণ. ব্যাখ্যাধর্মী। বি. **বিশ্লেষণধর্মিতা** /বিস্‌লেশন্‌ধোর্‌মিতা/।

বিশ্লেষণপ্রবণ /বিস্‌লেশন্‌প্রোবোন্‌/ [স. বিশ্লেষণ+প্রবণ] বিণ. বিশ্লেষণ করতে আগ্রহী এমন।

বিশ্লেষিত /বিস্‌লেশিতো/ [স. বি+√শ্লেষি+ত] বিণ. বিশ্লেষণ করা হয়েছে এমন।

বিষ /বিশ্‌/ [স. √বিষ্‌+অ] বি. ১ যে পদার্থ দেহে প্রবেশ করলে মৃত্যু ঘটাতে পারে, গরল, হলাহল। ২ (আল.) অত্যন্ত বিরক্তিকর ব্যক্তি বা বস্তু (*দুচোখের বিষ*)। ৩ হিংসা দ্বেষ প্রভৃতি মনোবৃত্তি।

বিষকণ্ঠ /বিশোকন্‌ঠো/ [স. বিষ+কণ্ঠ] বি. নীলকণ্ঠ, মহাদেব, শিব।

বিষকন্যা /বিশোকোন্‌না/ [স. বিষ+কন্যা] বি. সংস্কৃত সাহিত্যে বর্ণিত যে নারীর সাহচর্যে মৃত্যু ঘটে।

বিষকাঁটালি /বিশ্‌কাঁটালি/ [স. বিষ+বা. কাঁটালি] বি. স্যাঁতসেঁতে পতিত জমি বা জলাশয়ের ধারে জাত এবং হেমন্তের শেষে ফোটে এমন ঘনবিন্যস্ত সবুজাভ সাদা হালকা গোলাপি লাল প্রভৃতি রঙের অসংখ্য ছোটো ছোটো ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন বীরুৎশ্রেণির বর্ষজীবী উদ্ভিদ, belladonna।

বিষকুম্ভ /বিশোকুম্‌ভো/ [স. বিষ+কুম্ভ] বি. ১ বিষপূর্ণ কলসি। ২ (আল.) যার অন্তর ঈর্ষাপূর্ণ।

বিষক্রিয়া /বিশোক্‌ক্রিআ/ [স. বিষ+ক্রিয়া] বি. দেহে বিষের প্রতিক্রিয়া।

বিষঘ্ন /বিশঘ্‌নো/ [স. বিষ+√হন্‌+অ] বিণ. বিষের ক্রিয়ানাশক।

বিষচক্ষু /বিশ্‌চোক্‌খু/ [স. বিষ+চক্ষুঃ] বি. কুনজর, কুদৃষ্টি।

বিষ ঝাড়া /বিশ্‌ ঝাড়া/ ক্রিবি. ঝাড়ফুঁকের সাহায্যে বিষক্রিয়া নাশনের ভান করা।

বিষণ /বিশন্‌/ [বা.] বি. বিষসঞ্চার; বিষপ্রয়োগ।

বিষণ্ন /বিশন্‌নো/ [স. বি+√সদ্‌+ত] বিণ. ১ বিষাদ-যুক্ত; দুঃখিত; ক্ষুণ্ন। ২ ম্লান, মলিন। স্ত্রী. **বিষণ্না** /বিশন্‌না/।

বিষণ্নচিত্ত /বিশন্‌নোচিত্‌তো/ [স. বিষণ্ন+√চিৎ+ত] বিণ. অপ্রসন্নমনা।

বিষণ্নতা /বিশন্‌নোতা/ [স. বিষণ্ন+তা] বি. বিষাদ-ময়তা, দুঃখময়তা, ম্লানতা।

বিষণ্নবদন /বিশন্‌নোবদোন্‌/ [স. বিষণ্ন+বদন] বিণ. মলিন মুখবিশিষ্ট।

বিষদ /বিশদো/ [স. বিষ+√দা+অ] বিণ. বিষদাতা, বিষদায়ক।

বিষদন্ত /বিশোদন্‌তো/ [স. বিষ+দন্ত] বি. ১ সাপের যে দন্তমূলে বিষের থলি থাকে। ২ (আল.) তেজ বা অহংকার প্রদর্শনের মূল শক্তি।

বিষদাঁত /বিশ্‌দাঁত্‌/ [স. বিষ+বা. দাঁত] বি. দ্র বিষদন্ত।

বিষদিগ্ধ /বিশোদিগ্‌ধো/ [স. বিষ+√দিহ্‌+ত] বিণ. বিষে জর্জরিত; বিষমাখা। স্ত্রী. **বিষদিগ্ধা** /বিশোদিগ্‌ধা/।

বিষদুষ্ট /বিশোদুশ্‌টো/ [স. বিষ+√দুষ্‌+ত] বিণ. বিষাক্ত, বিষপূর্ণ।

বিষদৃষ্টি /বিশোদৃশ্‌টি/ [স. বিষ+√দৃশ্‌+তি] বি. ১ কুনজর; ঈর্ষাপরায়ণ বা বিদ্বেষপূর্ণ দৃষ্টি। ২ অতিশয় বিদ্বেষ বা শত্রুতা।

বিষধর /বিশোধর্‌/ [স. বিষ+√ধৃ+অ] বিণ. বিষ আছে এমন। বি. যে বিষ ধারণ করে; সাপ।

বিষনয়ন /বিশোনয়োন্‌/ [স. বিষ+নয়ন] বি. দ্র বিষদৃষ্টি।

বিষনাশক /বিশোনাশক্‌/ [স. বিষ+নাশক] বিণ. বিষক্রিয়ানাশক, বিষঘ্ন।

বিষপ্রয়োগ /বিশোপ্রোয়োগ্‌/ [স. বিষ+প্রয়োগ] বি. প্রাণনাশের উদ্দেশ্যে বিষপ্রদান।

বিষফল /বিশ্‌ফল্‌/ [স. বিষ+ফল] বি. যে ফলে বিষ থাকে, বিষাক্ত ফল।

বিষফোড়া /বিশ্‌ফোড়া/ [স. বিষস্ফোটক >] বি. অতিশয় পীড়াদায়ক ফোড়া। বিণ. (আল.) অত্যন্ত যন্ত্রণাদায়ক।

বিষবৎ /বিশোবত্‌/ [স. বিষ+বৎ] বিণ. বিষের মতো।

বিষবাষ্প /বিশোবাশ্‌পো/ [স. বিষ+বাষ্প] বি. বিষাক্ত বাতাস, বিষাক্ত পরিমণ্ডল।

বিষবিদ্যা /বিশোবিদ্‌দা/ [স. বিষ+বিদ্যা] বি. জীব-দেহের বিষক্রিয়া প্রতিষেধবিষয়ক চিকিৎসাশাস্ত্র, বিষঘ্নবিদ্যা।

বিষবৃক্ষ /বিশোবৃক্‌খো/ [স. বিষ+বৃক্ষ] বি. ১ যে গাছের ফল বিষময়। ২ (আল.) যা লালন করলে দেশ ও সমাজের ধ্বংস ত্বরান্বিত হয়।

www.pathagar.com

বিষবৈদ্য /বিশোবোইদ্‌দো/ [স. বিষ+বৈদ্য] বি. বিষাক্ত সর্পদংশনের হাতুড়ে চিকিৎসক (ওঝা, রোজা), সাপুড়ে।

বিষম[১] /বিশমো/ [স. বি+সম] বিণ. ১ তরঙ্গায়িত, অসম। ২ বিজোড়। বি. কাব্যালংকারবিশেষ।

বিষম[২] /বিশম্/ [স. বি+সম] বিণ. ১ দারুণ; অত্যন্ত। ২ সাংঘাতিক, ভীষণ। বি. (বাংলায়) দ্রুত খাওয়ার সময় পানীয় বা খাদ্যকণা শ্বাসনালিতে ঢুকে পড়ার ফলে শ্বাসকর্মের ব্যাঘাতজনিত কাশি।

বিষমকাল /বিশমোকাল্/ [স. বিষম+কাল] বি. অসময়; অশুভ সময়।

বিষম কোণ /বিশমো কোন্/ বি. অসমান কোণ।

বিষমবাহু /বিশমোবাহু/ [স. বিষম+বাহু] বি. অসমান বাহু। বিণ. অসমান বাহুবিশিষ্ট।

বিষমবাহু ত্রিভুজ /বিশমোবাহু ত্রিভুজ্/ বি. যে ত্রিভুজের তিনটি বাহু পরস্পর অসমান।

বিষ মারা /বিশ্ মারা/ ক্রিবি. ১ বিষ নষ্ট করা। ২ (আল.) শক্তি বা তেজ খর্ব করা।

বিষমীকরণ /বিশোমিকরোন্/ [স. বিষম+চ্বি+করণ] বি. দ্র বিষমীভবন।

বিষমীভবন /বিশোমিভবোন্/ [স. বিষম+চ্বি+ভবন] বি. কোনো শব্দে পাশাপাশি অবস্থিত একই ব্যঞ্জনধ্বনির কোনো একটির ধ্বনি পরিবর্তন (যেমন : শরীর > শরীল)।

বিষমুখ /বিশোমুখ্/ [স. বিষ+মুখ] বি. বিষযুক্ত মুখ। বিণ. (আল.) কটুভাষী।

বিষয় /বিশয়্/ [স. বি+√সি+অ] বি. ১ যা ইন্দ্রিয়-সমূহকে আকৃষ্ট করে, ভোগ্য বস্তু (*বিষয়বাসনা*)। ২ উদ্দিষ্ট বা আলোচ্য বস্তু (*সাহিত্যের বিষয়*)। ৩ সম্বন্ধ, সংক্রান্ত (*কাজের বিষয়ে পরামর্শ করা*)। ৪ কারণ (*গৌরবের বিষয়*)। ৫ পাত্র, আস্পদ। ৬ (বাংলায়) ধন, সম্পত্তি (*বিষয়-আশয়*)।

বিষয়-আশয় /বিশয়্আশয়্/ [স. বিষয়+আশয়] বি. ধনসম্পত্তি, অর্থসম্পদ।

-বিষয়ক /বিশয়ক্/ [স. বি+√সি+অক] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) সম্পর্কিত, সম্বন্ধীয় (*আইনবিষয়ক*)।

বিষয়কর্ম /বিশয়্করমো/ [স. বিষয়+কর্মন্] বি. বৈষয়িক বা সাংসারিক কাজ; সম্পত্তি দেখাশোনার কাজ।

বিষয়তৃষ্ণা /বিশয়্তৃশ্না/ [স. বিষয়+তৃষ্ণা] বি. দ্র বিষয়বাসনা।

বিষয়পরায়ণ /বিশয়্পরায়োন্/ [স. বিষয়+পরায়ণ] বিণ. ভোগ্যবস্তু ও ধনসম্পদের প্রতি আসক্ত; সংসারী।

বিষয়বস্তু /বিশয়্বোস্তু/ [স. বিষয়+বস্তু] বি. বর্ণনা বা আলোচনার মূল বিষয়।

বিষয়বর্ণন /বিশয়্বরনোন্/ [স. বিষয়+√বর্ণ্+অন] বি. আলোচ্য বিষয়ের বিস্তৃত বর্ণনা বা ব্যাখ্যা।

বিষয়বর্ণনা /বিশয়্বরনোনা/ [স. বিষয়+√বর্ণ্+অন+আ (টাপ্)] বি. দ্র বিষয়বর্ণন।

বিষয়বাসনা /বিশয়্বাশোনা/ [স. বিষয়+বাসনা] বি. ধনসম্পত্তি লাভের অভিলাষ।

বিষয়বিতৃষ্ণা /বিশয়্বিতৃশ্না/ [স. বিষয়+বিতৃষ্ণা] বি. ধনসম্পত্তি প্রভৃতি ভোগে অনাসক্তি, বিষয়-বৈরাগ্য।

বিষয়বুদ্ধি /বিশয়্বুদ্ধি/ [স. বিষয়+বুদ্ধি] বি. ধনসম্পত্তি রক্ষণাবেক্ষণের বিষয়ে প্রখর জ্ঞান।

বিষয়বৈচিত্র্য /বিশয়্বোইচিত্রো/ [স. বিষয়+বিচিত্র+য] বি. বিষয়ের বিচিত্রতা।

বিষয়বৈরাগ্য /বিশয়্বোইরাগ্‌গো/ [স. বিষয়+বিরাগ+য] বি. ধনসম্পত্তির প্রতি অনাসক্তি।

বিষয়ভিত্তিক /বিশয়্ভিত্তিক্/ [স. বিষয়+ভিত্তিক] বিণ. বিষয় অনুযায়ী, বিষয়নির্ভর।

বিষয়লালসা /বিশয়্লালোশা/ [স. বিষয়+লালসা] বি. দ্র বিষয়বাসনা।

বিষয়সূচি /বিশয়্শুচি/ [স. বিষয়+সূচি] বি. আলোচ্য বিষয়সমূহের ধারাবাহিক তালিকা।

বিষয়াদি /বিশয়াদি/ [স. বিষয়+আদি] বি. বিষয়সমূহ।

বিষয়ানুক্রম /বিশয়ানুক্রোম্/ [স. বিষয়+অনুক্রম] বি. বিষয়ের পরম্পরা বা পর্যায়ক্রম।

বিষয়ান্তর /বিশয়ান্তর্/ [স. বিষয়+অন্তর] বি. ভিন্ন বিষয় বা প্রসঙ্গ।

বিষয়াসক্তি /বিশয়াশোক্তি/ [স. বিষয়+আসক্তি] বি. ধনসম্পত্তি লাভের বাসনা।

বিষয়ী /বিশোয়ি/ [স. বিষয়+ইন্] বিণ. ১ বিষয়ের প্রতি আসক্ত। ২ বিত্তবান। বি. (দর্শন.) ১ আত্মা। ২ ইন্দ্রিয়। ৩ জ্ঞাতা।

বিষয়ীভূত /বিশোয়িভুতো/ [স. বিষয়+চ্বি+ভূত] বিণ. আলোচ্য বিষয়ের অন্তর্গত।

বিষহর /বিশোহরো/ [স. বিষ+√হৃ+অ] বিণ. বিষ-নাশক, বিষঘ্ন।

বিষহরী /বিশোহোরি/ [স. বিষহর+ঈ] বি. দেবী

www.pathagar.com

মনসা।

বিষাক্ত /বিশাক্‌তো/ [স. বিষ+অক্ত] বিণ. বিষযুক্ত, বিষমিশ্রিত (*অকালে হারায় প্রাণ বিষাক্ত হাওয়ায় শ্বাস টেনে।* সুভাষ.)।

বিষাণ /বিশান্‌/ [স. √বিষ্‌+আন] বি. ১ পশুর শিং দিয়ে তৈরি বাদ্যযন্ত্র যা ফুঁ দিয়ে বাজানো হয়, শিঙা; পশুর শিং। ২ হাতি শূয়োর প্রভৃতি প্রাণীর বড়ো দাঁত।

বিষাদ /বিশাদ্‌/ [স. বিষ+√সদ্‌+অ] বি. ১ দুঃখ; বিষণ্ণতা। ২ আশাভঙ্গজনিত খেদ বা ক্ষোভ।

বিষাদিত /বিশাদিতো/ [স. বিষাদ+ইত] বিণ. বিষণ্ণ, বিষাদযুক্ত। স্ত্রী. **বিষাদিতা** /বিশাদিতা/।

বিষাদী /বিশাদি/ [স. বিষ+√সদ্‌+ইন্‌] বিণ. বিষাদগ্রস্ত। স্ত্রী. **বিষাদিনী** /বিশাদিনি/।

বিষানো /বিশানো/ [বা.] ক্রিবি. ১ বিষাক্ত করা। ২ অত্যন্ত যন্ত্রণাদায়ক হওয়া। ৩ বিদ্বেষপূর্ণ হওয়া বা করা। বিণ. ১ বিষমিশ্রিত। ২ ঘৃণা বা বিদ্বেষে পূর্ণ।

বিষিত /বিশিতো/ [স. বিষ+ইত] বিণ. বিষমিশ্রিত, বিষাক্ত।

বিষুবপ্রদেশ /বিশুবপ্রোদেশ্‌/ [স. বিষুব+প্রদেশ] বি. বিষুবীয় অঞ্চল।

বিষুববৃত্ত /বিশুবোবৃত্‌তো/ [স. বিষুব+বৃত্ত] বি. নিরক্ষবৃত্তের সমান্তরাল কাল্পনিক বৃত্ত।

বিষুবরেখা /বিশুবরেখা/ [স. বিষুব+রেখা] বি. উভয় মেরু থেকে সমদূরত্বে পৃথিবীকে উত্তর ও দক্ষিণ গোলার্ধে বিভক্তকারী কল্পিত রেখা, নিরক্ষরেখা, ভূমধ্যরেখা, equator।

বিষুবলম্ব /বিশুবলম্‌বো/ [স. বিষুব+লম্ব] বি. নিরক্ষরেখা থেকে উত্তর বা দক্ষিণে গ্রহনক্ষত্রাদির কৌণিক দূরত্ব, declination।

বিষুবসংক্রান্তি /বিশুবশংক্রান্‌তি/ [স. বিষুব+সংক্রান্তি] বি. যেদিন সূর্য বিষুবরেখা অতিক্রম করে (যেদিন পৃথিবীর সর্বত্র দিন ও রাত সমান হয়)।

বিষুবীয় /বিশুবিয়ো/ [স. বিষুব+ঈয়] বিণ. বিষুব-সংক্রান্ত।

বিষোদ্‌গার /বিশোদ্‌গার্‌/ [স. বিষ+উদ্‌গার] বি. ১ বিষ উদ্‌গিরণ। ২ (আল.) ঘৃণা বা বিদ্বেষপূর্ণ বাক্য উচ্চারণ।

বিষ্কম্ভ /বিশ্‌কম্‌ভো/ [স. বি+√স্কন্‌ভ্‌+অ] বি. দ্র বিষ্কম্ভক।

বিষ্কম্ভক /বিশ্‌কম্‌ভক্‌/ [স. বি+√স্কন্‌ভ্‌+অক] বি. (সংস্কৃত নাটকে) কোনো অঙ্কের শুরুতে অতীত ও ভবিষ্যৎ ঘটনা বর্ণন।

বিষ্টব্ধ /বিশ্‌টব্‌ধো/ [স. বি+√স্তন্‌ভ্‌+ত] বিণ. ১ বাধা-যুক্ত। ২ জড়তাগ্রস্ত। ৩ প্রতিরুদ্ধ, বাধাপ্রাপ্ত।

বিষ্টম্ভ /বিশ্‌টম্‌ভো/ [স. বি+√স্তন্‌ভ্‌+অ] বি. ১ বাধা, প্রতিবন্ধ। ২ জড়তা। ৩ রোধ।

বিষ্টিভদ্রা /বিশ্‌টিভদ্‌দ্রা/ [স. √বিষ্‌+তি+ভদ্রা] বি. (জ্যোতিষশাস্ত্র মতে) যাত্রা শুভকর্ম প্রভৃতির জন্য কল্পিত অশুভ যোগবিশেষ।

বিষ্টু /বিশ্‌টু/ [স. বিষ্ণু >] বি. 'বিষ্ণু'-র আঞ্চলিক রূপ।

বিষ্ঠা /বিশ্‌ঠা/ [স. বি+√স্থা+অ+আ (টাপ্‌)] বি. মল, পুরীষ।

বিষ্ণু /বিশ্‌নু/ [স. √বিষ্‌+ণু] বি. জগতের পালন-কর্তা, নারায়ণ।

বিষ্ণুপ্রিয়া /বিশ্‌নুপ্‌প্রিআ/ [স. বিষ্ণু+প্রিয়া] বি. ১ লক্ষ্মীদেবী। ২ শ্রীচৈতন্যদেবের পত্নী।

বিষ্ণুবাহন /বিশ্‌নুবাহোন্‌/ [স. বিষ্ণু+বাহন] বি. পুরাণোক্ত পক্ষিশ্রেষ্ঠ গরুড়।

বিষ্ণুলোক /বিশ্‌নুলোক্‌/ [স. বিষ্ণু+লোক] বি. বিষ্ণুর অধিষ্ঠানভূমি, বৈকুণ্ঠ।

বিষ্য /বিশ্‌শো/ [স. √বিষ্‌+য] বিণ. বিষ প্রয়োগের উপযুক্ত।

বিস /বিশ্‌/ [স. √বিস্‌+অ] বি. পদ্মের ডাঁটা বা নাল, মৃণাল।

বিসংকুল /বিশংকুল্‌/ [স. বি+সম্‌+কুল] বিণ. জটিল, গোলমেলে।

বিসংগত /বিশংগতো/ [স. বি+সম্‌+√গম্‌+ত] বিণ. ১ সংগত নয় এমন, অসংগত, বেখাপ্পা। ২ বেসুরো।

বিসংবাদ /বিশংবাদ্‌/ [স. বি+সম্‌+√বদ্‌+অ] বি. ১ বিরোধ; কলহ; মতভেদ। ২ অমিল।

বিসংবাদিত /বিশংবাদিতো/ [স. বি+সম্‌+√বাদি+ত] বিণ. বিরোধ বা বিভেদের বিষয়ীভূত, বিরোধযুক্ত।

বিসংবাদী /বিশংবাদি/ [স. বিসংবাদ+ইন্‌] বিণ. ১ প্রতিপক্ষ, বিরুদ্ধবাদী। ২ বিসংবাদপূর্ণ।

বিসদৃশ /বিশদ্‌দৃশো/ [স. বি+সদৃশ] বিণ. ১ অন্য-রকম। ২ বিপরীত। ৩ সামঞ্জস্যহীন। ৪ বিরুদ্ধ।

বিসমিল্লায় গলদ /বিস্‌মিল্‌লায় গলোদ্‌/ বি. ত্রুটিপূর্ণ সূচনা, গোড়ায় গলদ।

বিসমিল্লাহ /বিস্‌মিল্‌লাহ্‌/ [আ.] (কোনো কাজের সূচনায় মুসলমান সমাজে উচ্চারিত) আল্লাহর নামে; শুরু, আরম্ভ।

বিসরণ[১] /বিশ্‌রোন্‌/ [স. বি+√সৃ+অন] বি. ১ বিস্তার,

www.pathagar.com

প্রসার। ২ উদ্ভব। ৩ প্রবাহ।

বিসরণ[৩] /বিশ্‌রোন্‌/ [স. বিস্মরণ >] বি. 'বিস্মরণ'-এর কোমল রূপ।

বিসরা /বিশরা/ [স. বিস্মরণ >] ক্রিবি. বিস্মৃত হওয়া, ভুলে যাওয়া।

বিসরিত /বিশোরিতো/ [স. বিস্মৃত >] বিণ. বিস্মৃত।

বিসর্গ /বিশর্‌গো/ [স. বি+√সৃজ্‌+অ] বি. ১ 'ঃ' বর্ণ। ২ ত্যাগ; দান। ৩ বিসর্জন। ৪ সৃষ্টি, উৎপত্তি।

বিসর্জন /বিশর্‌জোন্‌/ [স. বি+√সৃজ্‌+অন] বি. ১ ত্যাগ, পরিত্যাগ। ২ পূজার শেষে জলে প্রতিমা ভাসান (*প্রতিমা বিসর্জন*)।

বিসর্জনীয় /বিশর্‌জোনিয়ো/ [স. বি+√সৃজ্‌+অনীয়] বিণ. ত্যাগ করতে হবে এমন।

বিসর্জিত /বিশোর্‌জিতো/ [স. বি+√সর্জি+ত] বিণ. বিসর্জন বা ত্যাগ করা হয়েছে এমন।

বিসর্প[১] /বিশর্‌পো/ [স. বি+√সৃপ্‌+অ] বি. মানব-দেহের মুখমণ্ডল বা পায়ে উদ্‌গত স্ট্রেপটোকক্কাস জীবাণু-আক্রান্ত দুরারোগ্য ক্ষতবিশেষ, erysipelas।

বিসর্প[২] /বিশর্‌পো/ [স. বি+√সৃপ্‌+অ] বি. দ্র বিসর্পণ।

বিসর্পণ /বিশর্‌পোন্‌/ [স. বি+√সর্পি+অন] বি. ১ প্রসারণ। ২ ধীরগতিতে হামাগুড়ি দিয়ে চলাচল।

বিসর্পিত /বিশোর্‌পিতো/ [স. বি+√সর্পি+ত] বিণ. ১ প্রসারিত, ব্যাপ্ত। ২ ধীরে অগ্রসর হয়েছে এমন।

বিসর্পী /বিশোর্‌পি/ [স. বিসর্প+ইন্‌] বিণ. ধীরে অগ্রসরমান, বিসর্পণশীল। স্ত্রী. **বিসর্পিণী** /বিশোর্‌পিনি/।

বিসার /বিশার্‌/ [স. বি+√সৃ+অ] বি. ১ বিস্তার, প্রসার। ২ প্রবাহ।

বিসারিত /বিশারিতো/ [স. বি+√সৃ+ণিচ্‌+ত] বিণ. ১ বিস্তৃত, প্রসারিত। ২ প্রবাহিত।

বিসারী /বিশারি/ [স. বিসার+ইন্‌] বিণ. বিস্তারশীল।

বিসূচিকা /বিশুচিকা/ [স. বি+√সূচি+অক+আ (টাপ্‌)] এককোষবিশিষ্ট জীবাণু-ঘটিত মানবদেহের ছোঁয়াচে ও প্রাণঘাতী রোগবিশেষ (যার প্রধান লক্ষণ প্রবল উদরাময় ও বমন), কলেরা, ওলাওঠা, ভেদবমি, cholera।

বিসৃত /বিস্‌সৃতো/ [স. বি+√সৃ+ত] বিণ. বিস্তৃত, প্রসারিত, ব্যাপ্ত।

বিসৃষ্ট /বিস্‌সৃশ্‌টো/ [স. বি+√সৃজ্‌+ত] বিণ. ১ পরিত্যাগ করা হয়েছে এমন; বিসর্জিত। ২ নিক্ষিপ্ত। ৩ পাঠানো হয়েছে এমন। ৪ পরিব্যাপ্ত।

বিস্কুট /বিস্‌কুট্‌/ [ই.] বি. ময়দা চিনি মাখন প্রভৃতির তৈরি তন্দুরে সেকা শুকনো ও মচমচে খাদ্যবস্তু, biscuit।

বিস্তর /বিস্‌তর্‌/ [স. বি+√স্তৃ+অ] বিণ. অনেক, ঢের, প্রচুর। বি. ১ বিশেষ বর্ণনা। ২ সমূহ।

বিস্তার /বিস্‌তার্‌/ [স. বি+√স্তৃ+অ] বি. ১ ব্যাপ্তি, প্রসার। ২ প্রস্থ। ৩ প্রসারণ। ৪ পরিসর। ৫ উচ্চাঙ্গ সংগীতে আলাপের সাহায্যে রাগের বিকাশ।

বিস্তারিত /বিস্‌তারিতো/ [স. বি+√স্তারি+ত] বিণ. দ্র বিস্তৃত।

বিস্তার্য /বিস্‌তার্‌জো/ [স. বি+√স্তারি+য] বিণ. ১ বিস্তার করার যোগ্য। ২ বিছাতে হবে এমন।

বিস্তীর্ণ /বিস্‌তির্‌নো/ [স. বি+√স্তৃ+ত] বিণ. ১ বিশাল, বিরাট। ২ পরিব্যাপ্ত, বিস্তৃত।

বিস্তৃত /বিস্‌তৃতো/ [স. বি+√স্তৃ+ত] বিণ. ব্যাপ্ত; ব্যাপক; ছড়ানো, বিছানো।

বিস্তৃতি /বিস্‌তৃতি/ [স. বি+√স্তৃ+তি] বি. ব্যাপ্তি, বিস্তার।

বিস্ফার /বিশ্‌ফার্‌/ [স. বি+√স্ফুর্‌+অ] বি. ১ বিস্তার, প্রসারণ। ২ বিকাশ। ৩ স্ফূর্তি। ৪ কম্পন।

বিস্ফারণ /বিশ্‌ফারোন্‌/ [স. বি+√স্ফুর্‌+অন] বি. দ্র বিস্ফার।

বিস্ফারিত /বিশ্‌ফারিতো/ [স. বি+√স্ফারি+ত] বিণ. ১ বিস্তারিত (*বিস্ফারিত চোখ*)। ২ কম্পিত। ৩ বিকশিত।

বিস্ফুরণ /বিশ্‌ফুরন্‌/ [স. বি+√স্ফুর্‌+অন] বি. ১ কম্পন, সঞ্চলন। ২ আকস্মিক প্রকাশন।

বিস্ফুরিত /বিশ্‌ফুরিতো/ [স. বি+√স্ফুর্‌+ত] বিণ. ১ কম্পিত, বিকম্পিত। ২ স্ফীত। ৩ বর্ধিত। ৪ দীপ্ত।

বিস্ফুলিঙ্গ /বিশ্‌ফুলিংগো/ [স. বি+স্ফুলিঙ্গ] বি. অগ্নিকণা, স্ফুলিঙ্গ।

বিস্ফোট /বিশ্‌ফোট্‌/ [স. বি+√স্ফুট্‌+অ] বি. দ্র বিস্ফোটক।

বিস্ফোটক /বিশ্‌ফোটক্‌/ [স. বি+√স্ফুট্‌+অক] বি. ফোড়া, বিষফোড়া।

বিস্ফোটিত /বিশ্‌ফোটিতো/ [স. বি+√স্ফুট্‌+ণিচ্‌+ত] বিণ. প্রস্ফুটিত।

বিস্ফোরক /বিশ্‌ফোরক্‌/ [স. বি+√স্ফুর্‌+অক] বিণ. হঠাৎ আঘাতপ্রাপ্ত হলে বিকট শব্দে ফেটে ব্যাপক ধ্বংসযজ্ঞ ঘটাতে পারে এমন (*বিস্ফোরক দ্রব্য*)।

www.pathagar.com

বিস্ফোরণ /বিশ্‌ফোরন্‌/ [স. বি+√স্ফুর্‌+ণিচ্‌+অন] বি. ১ বিস্ফোরকদ্রব্যপূর্ণ পাত্র হঠাৎ আঘাতপ্রাপ্ত হওয়ার ফলে বিকট শব্দে ফেটে ধ্বংসসাধন (*বোমা বিস্ফোরণ*)। ২ (আল.) দ্রুত ও ভয়াবহ আকারে বৃদ্ধি (*জনসংখ্যা বিস্ফোরণ*)।

বিস্ফোরিত /বিশ্‌ফোরিতো/ [স. বি+√স্ফুর্‌+ণিচ্‌+ত] বিণ. হঠাৎ জ্বলে উঠেছে বা সশব্দে ফেটে গিয়েছে এমন।

বিস্বন /বিশ্‌শন্‌/ [স. বি+√স্বন্‌+অ] বি. ১ বিকট শব্দ। ২ সহধ্বনি; (পরি.) allophone।

বিস্বনভেদ /বিশ্‌শনভেদ্‌/ [স. বিস্বন+ভেদ] বি. সহধ্বনির বৈচিত্র্য; (পরি.) allophonic variation।

বিস্বাদ /বিশ্‌শাদ্‌/ [স. বি+স্বাদ] বিণ. ১ খেতে ভালো লাগে না এমন; স্বাদশূন্য। ২ (আল.) আকর্ষণহীন।

বিস্ময় /বিশ্‌শয়্‌/ [স. বি+√স্মি+অ] বি. চমৎকৃত ভাব বা অবস্থা, আশ্চর্য (*বড়ো বিস্ময় লাগে হেরি তোমারে।* রবীন্দ্র.)।

বিস্ময়কর /বিশ্‌শয়্‌কর্‌/ [স. বিস্ময়+√কৃ+অ] বিণ. বিস্ময় উদ্রেক করে এমন, আশ্চর্যজনক।

বিস্ময়চিহ্ন /বিশ্‌শয়্‌চিন্‌hিo/ [স. বিস্ময়+চিহ্ন] বি. বিস্ময়সূচক চিহ্ন, ' ! '।

বিস্ময়জনক /বিশ্‌শয়্‌জনোক্‌/ [স. বিস্ময়+জনক] বিণ. দ্র বিস্ময়কর।

বিস্ময়বিমূঢ় /বিশ্‌শয়্‌বিমুঢ়ো/ [স. বিস্ময়+বিমূঢ়] বিণ. বিস্ময়ে বিহ্বল, বিস্ময়াভিভূত।

বিস্ময়বিহ্বল /বিশ্‌শয়্‌বিউ্‌ভল্‌/ [স. বিস্ময়+বিহ্বল] বিণ. বিস্ময়াকুল। বি. বিস্ময়বিহ্বলতা /বিশ্‌শয়্‌-বিউ্‌ভলতা/।

বিস্ময়াকুল /বিশ্‌শয়্‌াকুল্‌ / [স. বিস্ময়+আকুল] বিণ. বিস্ময়ে আত্মহারা বা হতবাক।

বিস্ময়ান্বিত /বিশ্‌শয়্‌ান্‌নিতো/ [স. বিস্ময়+অন্বিত] বিণ. বিস্মিত, বিস্ময়ে অভিভূত, চমৎকৃত।

বিস্ময়াপন্ন /বিশ্‌শয়্‌াপন্নো/ [স. বিস্ময়+আপন্ন] বিণ. দ্র বিস্ময়ান্বিত।

বিস্ময়াবহ /বিশ্‌শয়্‌াবহো/ [স. বিস্ময়+আবহ] বিণ. বিস্ময়কর।

বিস্ময়াবিষ্ট /বিশ্‌শয়্‌াবিশ্‌টো/ [স. বিস্ময়+আবিষ্ট] বিণ. দ্র বিস্ময়াকুল।

বিস্ময়াভিভূত /বিশ্‌শয়্‌াভিভুতো/ [স. বিস্ময়+অভিভূত] বিণ. দ্র বিস্ময়াকুল।

বিস্ময়োৎপাদক /বিশ্‌শয়্‌োত্‌পাদক্‌/ [স. বিস্ময়+উৎপাদক] বিণ. বিস্ময় উদ্রেককারী, বিস্ময়কর।

বিস্ময়োৎফুল্ল /বিশ্‌শয়্‌োত্‌ফুল্‌লো/ [স. বিস্ময়+উৎফুল্ল] বিণ. বিস্ময়কর আনন্দে অভিভূত।

বিস্মরণ /বিশ্‌শরোন্‌/ [স. বি+√স্মৃ+অন] বি. স্মৃতিলোপ, বিস্মৃতি।

বিস্মরণযোগ্য /বিশ্‌শরোন্‌জোগ্‌গো/ [স. বিস্মরণ+যোগ্য] বিণ. দ্র বিস্মরণীয়।

বিস্মরণশীল /বিশ্‌শরোন্‌শিল্‌/ [স. বিস্মরণ+√শীল্‌+অ] বিণ. ভুলে যায় এমন।

বিস্মরণীয় /বিশ্‌শরোনিয়ো/ [স. বি+√স্মৃ+অনীয়] বিণ. ভুলে যাওয়ার মতো।

বিস্মাপন /বিশ্‌শাপন্‌/ [স. বি+√স্মাপি+অন] বি. বিস্ময় সৃষ্টি বা উৎপাদন।

বিস্মায়ন /বিশ্‌শায়ন্‌/ [স. বি+√স্মায়ি+অন] বি. দ্র বিস্মাপন।

বিস্মিত /বিশ্‌শিতো/ [স. বি+√স্মি+ত] বিণ. বিস্ময়-যুক্ত; আশ্চর্যান্বিত।

বিস্মৃত /বিস্‌সৃতো/ [স. বি+√স্মৃ+ত] বিণ. ভুলে গেছে এমন। স্ত্রী. বিস্মৃতা /বিস্‌সৃতা/।

বিস্মৃতপ্রায় /বিস্‌সৃতোপ্রায়্‌/ [স. বিস্মৃত+প্রায়] বিণ. প্রায় ভুলে গেছে এমন।

বিস্মৃতি /বিস্‌সৃতি/ [স. বি+√স্মৃ+তি] বি. স্মৃতিলোপ, বিস্মরণ।

বিস্মৃতিপ্রবণ /বিস্‌সৃতিপ্রোবোন্‌/ [স. বিস্মৃতি+প্রবণ] বিণ. ভুলে যাওয়ার প্রবণতাবিশিষ্ট।

বিস্রংস /বিস্‌স্রোংশো/ [স. বি+√স্রন্‌স্‌+অ] বি. ১ পতন, বিচ্যুতি, স্খলন। ২ ক্ষরণ।

বিস্রংসন /বিস্‌স্রোংশন্‌/ [স. বি+√স্রন্‌স্‌+অন] বি. দ্র বিস্রংস।

বিস্রংসী /বিস্‌স্রোংশি/ [স. বি+√স্রন্‌স্‌+ইন্‌] বিণ. ১ পতিত হচ্ছে এমন, স্খলনশীল। ২ ক্ষরিত হচ্ছে এমন।

বিস্রস্ত /বিস্‌স্রোস্‌তো/ [স. বি+√স্রন্‌স্‌+ত] বিণ. ১ পতিত, স্খলিত। ২ ক্ষরিত।

বিস্রাবণ /বিস্‌স্রাবোন্‌/ [স. বি+√স্রাবি+অন] বি. ১ বেগে প্রবাহিত জলধারার সাহায্যে পরিষ্করণ। ২ নিঃসারণ।

বিস্রুত /বিস্‌স্রুতো/ [স. বি+√স্রু+ত] বিণ. ১ ক্ষরিত। ২ স্খলিত। ৩ প্রবাহিত। ৪ পরিস্রুত। বি. বিস্রুতি /বিস্‌স্রুতি/।

www.pathagar.com

বিহগ /বিহগো/ [স. বিহায়স্+√গম্+অ] বি. পাখি। স্ত্রী. **বিহগী** /বিহোগি/।

বিহঙ্গ /বিহংগো/ [স. বিহায়স্+√গম্+অ] বি. (সচরাচর উড়তে পারে এমন) পালকে আবৃত দেহ তীক্ষ্ণ দৃষ্টি ও প্রখর শ্রবণশক্তিসম্পন্ন উষ্ণ রক্তবিশিষ্ট ডিম্বজ মেরুদণ্ডী প্রাণিবিশেষ, পাখি, বিহগ, খগ (*তবু বিহঙ্গ, ওরে বিহঙ্গ মোর* রবীন্দ্র.)। স্ত্রী. বিহঙ্গী /বিহোংগি/।

বিহঙ্গম /বিহংগম্/ [স. বিহায়স্+√গম্+অ] বি. দ্র বিহঙ্গ।

বিহঙ্গমা /বিহংগমা/ [স. বিহঙ্গম+আ (টাপ্)] বি. (বাংলায়) রূপকথার পাখিবিশেষ, ব্যাঙ্গমা। স্ত্রী. বিহঙ্গমী /বিহংগোমি/।

বিহঙ্গিনি /বিহোংগিনি/ [স. বিহঙ্গ+ইন্+ঈ] বি. (কাব্যে) 'বিহঙ্গ'-র স্ত্রীলিঙ্গ।

বিহত /বিহতো/ [স. বি+√হন্+ত] বিণ. ১ বিনাশ-প্রাপ্ত, বিনষ্ট। ২ বাধাপ্রাপ্ত, বিঘ্নিত। ৩ তাড়িত।

বিহতি /বিহোতি/ [স. বি+√হন্+তি] বি. ১ বিনাশ। ২ ব্যাঘাত। ৩ তাড়না।

বিহনন /বিহনোন্/ [স. বি+√হন্+অন] বি. হত্যা।

বিহনে /বিহনে/ [স. বিহীন >] অব্য. (কাব্যে) ব্যতীত, বিনা, অভাবে।

বিহরণ /বিহরোন্/ [স. বি+√হৃ+অন] বি. ১ বিহার; বিচরণ। ২ বিয়োগ, বিচ্ছেদ। ৩ অপহরণ।

বিহরা /বিহরা/ [স. বিহরণ >] ক্রিবি. (কাব্যে) ভ্রমণ করা; বিহার করা।

বিহর্তা /বিহর্তা/ [স. বি+√হৃ+তৃ] বিণ. বিহারকারী; ভ্রমণকারী।

বিহান /বিহান্/ [দেশি.] বি. (কাব্যে) প্রভাত, প্রাতঃকাল, সকাল (*যারা বিহানবেলায় গান এনেছিল আমার মনে* রবীন্দ্র.)।

বিহার[১] /বিহার্/ [স্থান.] বি. ভারতের প্রদেশবিশেষ।

বিহার[২] /বিহার্/ [স. বি+√হৃ+অ] বি. ১ বৌদ্ধ ধর্মাবলম্বীদের মঠ (*বৌদ্ধবিহার*)। ২ ভ্রমণ, বিচরণ (*নৌবিহার*)। ৩ ক্রীড়া; রতিক্রীড়া।

বিহারা /বিহারা/ [বা.] ক্রিবি. (কাব্যে) বিহার করা।

বিহারি /বিহারি/ [বা.] বি. ভারতের বিহার রাজ্যের অধিবাসী। বিণ. ১ বিহারে উৎপন্ন। ২ বিহার-সম্বন্ধীয়।

বিহারী /বিহারি/ [স. বি+√হৃ+ইন্] বিণ. ১ বিচরণ-কারী। ২ প্রমোদরত। স্ত্রী. বিহারিণী /বিহারিনি/।

বিহি /বিহি/ [স. বিধি >] বি. বিধানকর্তা; আল্লাহ; ঈশ্বর।

বিহিত[১] /বিহিতো/ [স. বি+√ধা+ত] বিণ. ১ বিধিমতো। ২ অনুষ্ঠিত, সম্পন্ন। ৩ উচিত।

বিহিত[২] /বিহিত্/ [স. বি+√ধা+ত] বি. ১ যথোচিত ব্যবস্থা। ২ (বাংলায়) প্রতিবিধান, প্রতিকার (*সমস্যার বিহিত করা*)।

বিহিতক /বিহিতক্/ [স. বিহিত+ক] বি. ১ আইন, act। ২ আদেশনামা, আদেশপত্র।

-বিহীন /বিহিন্/ [স. বি+√হা+ত] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) বর্জিত, ব্যতীত, অভাববিশিষ্ট (*অন্তর্বিহীন যাত্রা*)।

বিহু /বিহু/ [অহ.] বি. ভারতের অসম অঞ্চলের লোকনৃত্যবিশেষ।

বিহ্বল /বিহ্বল্/ [স. বি+√হ্বল্+অ] বিণ. বিবশ, বিভোর, ব্যাকুল, অভিভূত, আত্মহারা। স্ত্রী. বিহ্বলা /বিহ্বলা/।

বিহ্বলতা /বিহ্বলতা/ [স. বিহ্বল+তা] বি. আত্মহারা অবস্থা, বিবশতা।

বীক্ষণ /বিক্ষন্/ [স. বি+√ঈক্ষ্+অন] বি. ১ বিশেষ-ভাবে দর্শন, নিরীক্ষণ, পর্যবেক্ষণ। ২ যার সাহায্যে বিশেষভাবে দেখা যায় (*দূরবীক্ষণ*)।

বীক্ষণীয় /বিক্ষোনিয়ো/ [স. বি+√ঈক্ষ্+অনীয়] বিণ. ১ দর্শনীয়, দর্শনযোগ্য। ২ পর্যবেক্ষণযোগ্য।

বীক্ষা /বিক্ষা/ [স. বি+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ দর্শন; নিরীক্ষণ। ২ বিশেষভাবে পর্যালোচনা।

বীক্ষিত /বিক্ষিতো/ [স. বি+√ঈক্ষ্+ত] বিণ. বিশেষভাবে দেখা হয়েছে এমন, নিরীক্ষিত।

বীক্ষ্যমাণ /বিক্ষ্যোমান্/ [স. বি+√ঈক্ষ্+য+মান (শানচ্)] বিণ. বীক্ষিত বা নিরীক্ষিত হচ্ছে এমন।

বীচি /বিচি/ [স. √বে+ঈচি] বি. ১ ঢেউ, তরঙ্গ, ঊর্মি। ২ কিরণ, দীপ্তি, আলোকরশ্মি। ৩ আনন্দ।

বীচিভঙ্গ /বিচিভংগো/ [স. বীচি+ভঙ্গ] বি. তরঙ্গ সৃষ্টি।

বীজ /বিজ্/ [স. বি+√জন্+অ] বি. ১ শস্যাদির আঁটি যা থেকে অঙ্কুর উৎপন্ন হয় (*স্বপ্নের সানুদেশে আমরা শস্যের বীজ ছড়িয়ে দেবো* মাহমুদ.)। ২ সংরক্ষিত শস্য যা রোপণ করে নতুন ফসল উৎপাদন করা হয় (*বীজধান*)। ৩ জীবাণু, germ (*রোগের বীজ*)। ৪ মূল কারণ (*সাম্প্রদায়িকতার বীজ*)। ৫ শুক্র বা বীর্য।

বীজক /বিজক্/ [স. বীজ+ক (স্বার্থে)] বি. বীজ।

বীজকোষ /বিজ্কোশ্/ [স. বীজ+কোষ] বি. ফুলের

www.pathagar.com

যে অংশে বীজ থাকে।

বীজগণিত /বিজ্‌গোনিত্‌/ [স. বীজ+গণিত] বি. কোনো সমীকরণের এক বা একাধিক অজ্ঞাত রাশি নির্ণয়ের জন্য গণিতশাস্ত্রের শাখাবিশেষ যেখানে সংখ্যার সঙ্গে *a b c* প্রভৃতি সাংকেতিক চিহ্ন ব্যবহার করা হয়, algebra।

বীজঘ্ন /বিজঘ্‌নো / [স. বীজ+√হন্‌+অ] বিণ. জীবাণু-নাশক, disinfectant।

বীজতলা /বিজ্‌তলা/ [স. বীজ+বা. তলা] বি. খেতের যে নির্দিষ্ট অংশে শস্যের বীজ বুনে চারা উৎপন্ন করা হয়।

বীজধান /বিজ্‌ধান্‌ / [স. বীজ+বা. ধান] বি. বীজরূপে সংরক্ষিত ধান, বপনের উপযোগী ধান।

বীজন /বিজন্‌/ [স. √বীজ্‌+অন] বি. ১ বাতাস দেওয়া বা পাখা করার কাজ, ব্যজন। ২ বাতাস করার জন্য ব্যবহৃত পাখা চামর প্রভৃতি।

বীজপত্র /বিজ্‌পত্রো/ [স. বীজ+পত্র] বি. (উদ্ভিদ.) বীজের ভ্রূণ থেকে অঙ্কুরিত একটি বা দুটি প্রথম পাতা, cotyledon।

বীজপুরুষ /বিজ্‌পুরুশ্‌ / [স. বীজ+পুরুষ] বি. বংশের প্রবর্তনকারী পুরুষ, বংশের আদিপুরুষ।

বীজবারক /বিজ্‌বারক্‌/ [স. বীজ+√বারি+অক] বিণ. জীবাণুর উৎপত্তি নাশ করে এমন, antiseptic।

বীজমন্ত্র /বিজ্‌মোন্‌ত্রো / [স. বীজ+মন্ত্র] বি. ইষ্টমন্ত্র; মূলমন্ত্র।

বীজাঙ্কুর/বিজাংকুর্‌ / [স. বীজ+অঙ্কুর] বি. ১ বীজ থেকে উদ্‌গত অঙ্কুর। ২ বীজ ও অঙ্কুর।

বীজাণু /বিজানু/ [স. বীজ+অণু] বি. রোগ সৃষ্টি করে এমন অতি ক্ষুদ্র এককোষবিশিষ্ট জীবাণু, ব্যাকটেরিয়া।

বীজিত /বিজিতো/ [স. √বীজ্‌+ত] বিণ. বাতাস করা হয়েছে এমন।

বীণা /বিনা / [স. √বী+ন+আ (টাপ্‌)] বি. টোকা দিয়ে বাজানো হয় এমন সাতটি তারের সেতারজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ।

বীণানিন্দিত /বিনানিন্‌দিতো / [স. বীণা+√নিন্দ্‌+ত] বিণ. (যে ধ্বনির তুলনায়) বীণার ধ্বনিও নিন্দিত এমন, বীণার ধ্বনির চেয়েও মধুর।

বীণাপাণি /বিনাপানি/ [স. বীণা+পাণি] বি. বীণা যার পাণিতে, সরস্বতীদেবী, বাগ্‌দেবী।

বীণাবিনিন্দিত /বিনাবিনিন্‌দিতো / [স. বীণা+বি+√নিন্দ্‌+ত] বিণ. দ্র বীণানিন্দিত।

বীত /বিতো / [স. বি+√ই+ত] বিণ. চলে গিয়েছে বা দূর হয়েছে এমন, বিগত, অপগত (*বীতশোক*)।

বীতকাম /বিতোকাম্‌/ [স. বীত+কাম] বিণ. কামনা নেই এমন, কামনাশূন্য।

বীতনিদ্র /বিতোনিদ্‌দ্রো / [স. বীত+নিদ্রা] বিণ. নিদ্রাহীন, বিনিদ্র।

বীতভয় /বিতোভয়্‌/ [স. বীত+√ভী+অ] বিণ. ভয়শূন্য, ভয়মুক্ত; নির্ভীক।

বীতরাগ /বিতোরাগ্‌/ [স. বীত+রাগ] বিণ. অনাসক্ত, নিঃস্পৃহ।

বীতশোক /বিতোশোক্‌/ [স. বীত+শোক] বিণ. শোকবিহীন, শোকমুক্ত।

বীতশ্রদ্ধ /বিতোস্‌শ্রোদ্‌ধো/ [স. বীত+শ্রদ্ধা] বিণ. শ্রদ্ধা হারিয়েছে এমন; আস্থাহীন; বিরক্ত।

বীতস্পৃহ /বিতোস্‌পৃহো/ [স. বীত+স্পৃহ] বিণ. নিরাকাঙ্ক্ষ, স্পৃহাহীন; বিরক্ত।

বীতহব্য /বিতোহোব্‌বো/ [স. বীত+√হু+য] বিণ. হোম বা যজ্ঞ ত্যাগ করেছে এমন।

বীতি /বিতি/ [স. বি+√ই+তি] বি. ১ ভোজন, আহার। ২ গতি। ৩ মুক্তি। ৪ দীপ্তি।

বীতিহোত্র /বিতিহোত্‌ত্রো/ [স. বীতি+হোত্র] বি. ১ অগ্নি, অনল। ২ সূর্য, দিবাকর।

বীথি /বিথি/ [স. √বিথ্‌+ই] বি. ১ সারি, শ্রেণি, পঙ্‌ক্তি। ২ দুইপাশে বৃক্ষশ্রেণিশোভিত পথ।

বীথিকা /বিথিকা/ [স. বীথি+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র বীথি।

বীপ্সা /বিপ্‌শা/ [স. বি+√আপ্‌+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ ব্যাপ্ত থাকার ইচ্ছা। ২ কোনো শব্দের পুনঃপুন প্রয়োগ। ৩ বারবার ঘটন।

বীভৎস /বিভত্‌শো/ [স. √বধ্‌+সন্‌+অ] বিণ. কদর্য, বিকৃত, ঘৃণ্য। বি. অলংকারশাস্ত্রে ঘৃণা সৃষ্টিকারী রসবিশেষ।

বীভৎসতা /বিভত্‌শোতা/ [স. বীভৎস+তা] বি. কদর্যতা; বিকৃত অবস্থা।

বীভৎসু /বিভত্‌শু/ [স. √বধ্‌+সন+উ] বি. (যুদ্ধে বীভৎস কিছু করতেন না বলে) তৃতীয় পাণ্ডব অর্জুন।

বীর /বি:র্‌/ [স. √বীর্‌+অ] বিণ. ১ নির্ভীক ও বলবান। ২ তেজস্বী। ৩ রণকুশল। ৪ প্রধান। ৫ তান্ত্রিক বীরাচারী। বি. ১ শক্তিমান পুরুষ। ২ কাব্যের রসবিশেষ। ৩ তান্ত্রিক আচারবিশেষ। ৪ (বাংলায়) বানরদলের প্রধান; গোদা। ৫ প্রবল ঝড়।

www.pathagar.com

বীর-উত্তম /বির্উত্তম্/ [স. বীর+উত্তম] বি. বাংলাদেশের মুক্তিযুদ্ধে শত্রুর আঘাত থেকে সহযোদ্ধাদের রক্ষাকল্পে অসীম সাহসিকতা প্রদর্শনের স্বীকৃতিস্বরূপ ওই যোদ্ধাকে সরকার-প্রদত্ত খেতাব।

বীরগাথা /বিরগাথা/ [স. বীর+বা. গাথা] বি. বীরত্বের কাহিনিসংবলিত রচিত কাব্য।

বীরণ /বিরন্/ [স. √বীর্+অন] বি. খসখস, বেনা।

বীরত্ব /বিরত্তো/ [স. বীর+ত্ব] বি. বীরের গুণ, সাহসিকতা, বিক্রম, শৌর্য, বীর্যবত্তা; রণকুশলতা।

বীরত্বব্যঞ্জক /বিরত্তোব্যান্জোক্/ [স. বীরত্ব+ব্যঞ্জক] বিণ. বীরত্ব প্রকাশ করে এমন।

বীরধর্ম /বির্ধর্মো/ [স. বীর+ধর্ম] বি. বীরের ধর্ম বা গুণ; বীরোচিত কাজ।

বীরনারী/বিরোনারি/ [স. বীর+নারী] বি. ১ শৌর্যবতী নারী। ২ বীরপত্নী।

বীরপুঙ্গব /বির্পুংগব্/ [স. বীর+ পুঙ্গব] বি. শ্রেষ্ঠ বীর।

বীরপুরুষ /বির্পুরুশ্/ [স. বীর+পুরুষ] বি. সাহসী ও শক্তিমান পুরুষ।

বীরপূজা /বির্পুজা/ [স. বীর+পূজা] বি. বীরের উপাসনা।

বীরপ্রতিম /বির্প্রোতিম্/ [স. বীর+প্রতিম] বিণ. বীরের মতো।

বীরপ্রতীক /বির্প্রোতিক্/ [স. বীর+প্রতীক] বি. বাংলাদেশের মুক্তিযুদ্ধে বীরত্ব প্রদর্শনের স্বীকৃতি-স্বরূপ ওই যোদ্ধাকে সরকারপ্রদত্ত খেতাব।

বীরপ্রসবিনী /বির্প্রোশোবিনি/ [স. বীর+প্রসবিনী] বিণ. বীর সন্তানের জন্মদাত্রী।

বীরপ্রসূ /বিরোপ্রোশু/ [স. বীর+প্রসূ] বিণ. দ্র বীরপ্রসবিনী।

বীরবর /বির্বর্/ [স. বীর+বর] বি. শ্রেষ্ঠ বীর।

বীরবিক্রম /বির্বিক্রম্/ [স. বীর+বিক্রম] বি. বাংলাদেশের মুক্তিযুদ্ধে শত্রুর বিরুদ্ধে পরাক্রম প্রদর্শনের স্বীকৃতিস্বরূপ ওই যোদ্ধাকে সরকার-প্রদত্ত খেতাব।

বীরবৌলি /বির্বোউলি/ [স. বীর+বা. বৌলি] বি. বীরপুরুষের কানের অলংকারবিশেষ, কুণ্ডল।

বীরভদ্র /বির্ভদ্দ্রো/ [স. বীর+ভদ্র] বি. ১ শিবের অনুচরবিশেষ। ২ অশ্বমেধ যজ্ঞের ঘোড়া।

বীরশ্রেষ্ঠ /বির্শ্রেশ্ঠো/ [স. বীর+শ্রেষ্ঠ] বি. বাংলাদেশের মুক্তিযুদ্ধে শত্রুর আঘাত থেকে সহযোদ্ধাদের রক্ষাকল্পে প্রাণোৎসর্গকারী মুক্তি-যোদ্ধাকে সরকারপ্রদত্ত সর্বোচ্চ খেতাব।

বীরা /বিরা/ [স. √বীর্+অ+আ (টাপ্)] বিণ. ১ বীর্যবতী। ২ পরমা। বি. ১ যে নারীর পতি ও পুত্র জীবিত আছে। ২ মদিরা। ৩ আমলকী।

বীরাঙ্গনা /বিরাংগনা/ [স. বীর+ অঙ্গনা] বি. ১ ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে পাকিস্তানি হানাদার বাহিনী কর্তৃক লাঞ্ছিত নারী। ২ বীরনারী।

বীরাচার /বিরাচার্/ [স. বীর+আচার] বি. তান্ত্রিক সাধনার পদ্ধতিবিশেষ।

বীরাচারী /বিরাচারি/ [স. বীরাচার+ইন্] বিণ. বীরাচার পদ্ধতির সাধনাকারী।

বীরাসন /বিরাশোন্/ [স. বীর+আসন] বি. যোগ-সাধনায় ডান ও বাঁ পা যথাক্রমে বাঁ ও ডান উরুর ওপর স্থাপন করার আসন; এক জানুতে ভর করে বসার ভঙ্গি; যোগাসনবিশেষ।

বীরুৎ /বিরুত্/ [স. বি+√রুধ্+ক্বিপ্] বি. নরম ও কোমল শাখাপ্রশাখাবিশিষ্ট রসালো প্রকৃতির কাণ্ডবিহীন কাণ্ডবিশিষ্ট উদ্ভিদবিশেষ।

বীরেশ্বর /বিরেশ্শর্/ [স. বীর+ ঈশ্বর] বি. শ্রেষ্ঠ বীর।

বীর্য /বির্জো/ [স. বীর+য] বি. ১ বীরত্ব, পরাক্রম, শৌর্য, বিক্রম। ২ তেজ, শক্তি। ৩ শুক্র।

বীর্যবত্তা /বির্জোবত্তা/ [স. বীর্য+বৎ+তা] বি. বীরত্ব।

বীর্যবন্ত /বির্জোবন্তো/ [স. বীর্য+বন্ত] বিণ. বীর্যবান।

বীর্যবান /বির্জোবান্/ [স. বীর্য+বৎ] বিণ. বীরত্ব-সম্পন্ন। স্ত্রী. বীর্যবতী /বির্জোবোতি/।

বীর্যশালী /বির্জোশালি/ [স. বীর্য+ √শাল্+ইন্] বিণ. বীরত্বসম্পন্ন। স্ত্রী. বীর্যশালিনী /বির্জোশালিনি/।

বু /বু/ [দেশি.] বি. 'বুবু'-র সংক্ষিপ্ত রূপ।

বুঁচকি /বুঁচকি/ [দেশি.] বি. ছোটো বোঁচকা বা পুঁটুলি।

বুঁদ[১] /বুঁদ্/ [দেশি.] বিণ. বিভোর, বিহ্বল, বিমুগ্ধ।

বুঁদ[২]/বুঁদ্/ [স. বিন্দু >] বি. ১ ভুড়ভুড়ি, বুদবুদ। ২ ছোটো বিন্দু। ৩ খড়ের তৈরি প্রতিমার কাঠামো।

বুঁদিয়া /বুঁদিআ/ [বা.] বি. ডালের তৈরি ঘি বা তেলে ভাজা গুটিকাকৃতি ছোটো মিঠাইবিশেষ, বুঁদে।

বুঁদে /বুঁদে/ [বা.] বি. 'বুঁদিয়া'-র সংক্ষিপ্ত রূপ।

বুক[১]/বুক্/ [স. বক্ষঃ >] বি. ১ গলদেশ ও উদরের মধ্যবর্তী পাঁজর দিয়ে ঘেরা মানবদেহের সামনের অংশ, বক্ষঃস্থল। ২ হৃদয়, অন্তর (*বুকভরা আশা*)। ৩ সাহস (*বুক বেঁধে দাঁড়ানো*)। ৪ স্তন (*বুকের দুধ*)।

www.pathagar.com

বুক[২] /বুক্/ [ই. book] বি. ১ বই হিসাবের খাতা প্রভৃতি। ২ অনুরোধ করে বা অগ্রিম মূল্যের বিনিময়ে আসন সংরক্ষণ (*সিট বুক করা*)। ৩ জাহাজ বা রেলপথে দ্রব্যসামগ্রী প্রেরণের ব্যবস্থা।

বুক কাঁপা /বুক্ কাঁপা/ ক্রিবি. ভয় পাওয়ার ফলে হৃদযন্ত্রের কম্পনের হার বেড়ে যাওয়া।

বুক কিপার /বুক্ কিপার্/ বি. ব্যবসায় প্রতিষ্ঠান বা কোনো দপ্তরের হিসাবরক্ষক, bookkeeper।

বুক কিপিং /বুক্ কিপিং/ বি. ব্যবসায় প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ, bookkeeping।

বুক চাপড়ানো /বুক্ চাপড়ানো/ ক্রিবি. শোক বা দুঃখে বারবার বুকে চাপড় মারা।

বুক চিতিয়ে চলা /বুক্ চিতিয়ে চলা/ ক্রিবি. সাহসের সঙ্গে অগ্রসর হওয়া।

বুকজল /বুক্জল্/ [বা. বুক+স. জল] বি. বুক পর্যন্ত ডুবে যায় এমন জল, বুকসমান জল।

বুক জুড়ানো[১] /বুক্ জুড়ানো/ ক্রিবি. মনে শান্তি পাওয়া।

বুকজুড়ানো[২] /বুক্জুড়ানো/ [বা.] বিণ. মনে শান্তিদানকারী (*মায়ের বুকজুড়ানো ধন*)।

বুক জ্বালা /বুক্ জ্বালা/ বি. অম্লরোগের কারণে বুকের প্রদাহ।

বুকড়ি /বুক্ড়ি/ [দেশি.] বিণ. ১ আছাঁটা ও মোটা (*বুকড়ি চাল*)। ২ বেঢপ মোটা।

বুকনি /বুক্নি/ [হি.] বি. ১ কণা। ২ ছোটো টুকরো। ৩ এক ভাষার বাক্যে অন্য ভাষার মিশ্রণ। ৪ অন্যের কথার মধ্যে অযাচিত মন্তব্য।

বুক পাতা /বুক্ পাতা/ ক্রিবি. দুঃখকষ্ট সহ্য করতে প্রস্তুত থাকা।

বুকপোস্ট /বুক্পোস্ট্/ [ই. বুক+ফ. পোস্ট] বি. পুস্তক মুদ্রিত কাগজপত্র প্রভৃতি অল্প মাশুলে ডাকযোগে পাঠানোর ব্যবস্থা, খোলাডাক, book post।

বুকফাটা /বুক্ফাটা/ [বা.] বিণ. অতিশয় বেদনা-দায়ক, হৃদয়বিদারক (*বুকফাটা কান্না*)।

বুক ফুলে ওঠা /বুক্ ফুলে ওঠা/ ক্রিবি. গর্বিত বা আনন্দিত হওয়া।

বুক ফোলানো /বুক্ ফোলানো/ ক্রিবি. গর্ব প্রকাশ করা।

বুক বাঁধা /বুক্ বাঁধা/ ক্রিবি. বিপদে ধৈর্যধারণ ও সাহস অবলম্বন করা।

বুক ভাঙা /বুক্ ভাঙা/ ক্রিবি. মনোকষ্টে ভেঙে পড়া; আশাহত হওয়া।

বুকের পাটা /বুকের্ পাটা/ বি. ১ বুকের ছাতি। ২ (আল.) সাহস; দুঃসাহস।

বুক্ক /বুক্কো/ [স. √বুক্+অ] বি. ১ বুক; হৃৎপিণ্ড। ২ পাঁঠা।

বুজকুড়ি /বুজ্কুড়ি/ [দেশি.] বি. বুদ্‌বুদ, ভুড়ভুড়ি।

বুজরুক /বুজ্রুক্/ [ফা.] বিণ. প্রতারক।

বুজরুকি /বুজ্রুকি/ [ফা.] বি. প্রতারকের বৃত্তি; প্রতারণা।

বুজা /বুজা/ [বা.] ক্রিবি. বিণ. বন্ধ করা; ভরাট করা।

বুজানো /বুজানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ বন্ধ করা বা করানো হয়েছে এমন। ২ অন্যকে দিয়ে ভরাট করানো হয়েছে এমন।

বুজি /বুজ্জি/ [আঞ্চ.] বি. বড়ো বোনকে সম্বোধনে ব্যবহৃত শব্দ; 'বুবুজি'-র সংক্ষিপ্ত রূপ।

বুজুর্গ /বুজুর্গ্/ [ফা.] বিণ. ১ মহান। ২ সম্মানিত। বি. ১ মুরব্বি। ২ দরবেশ; সাধু।

বুজুর্গি /বুজুর্গি/ [ফা.] বি. মাহাত্ম্য।

বুঝ /বুঝ/ [বা.] বি. ১ প্রবোধ, সান্ত্বনা। ২ বোধ; জ্ঞান; বিচার। ৩ ব্যাখ্যা, কৈফিয়ত।

বুঝদার /বুঝ্দার্/ [বা. বুঝ+ফা. দার] বিণ. বোঝে এমন, বিচারবিবেচনা-সম্পন্ন।

বুঝা /বুঝা/ [বা.] ক্রিবি. ১ বোধ করা। ২ বিচার করে জানা (*হিসাব বুঝে নেওয়া*)।

বুঝানো /বুঝানো/ [বা.] ক্রিবি. ১ বোধ করানো। ২ শেখানো। ৩ সান্ত্বনা দেওয়া। ৪ 'বোঝানো'-র সাধু রূপ।

বুঝাপড়া /বুঝাপড়া/ [বা.] বি. মীমাংসা; সমঝোতা; 'বোঝাপড়া'-র সাধু রূপ।

বুঝাবুঝি /বুঝাবুঝি/ [বা.] বি. পরস্পরকে বোঝা; 'বোঝাবুঝি'-র সাধু রূপ।

বুঝি /বুঝি/ [বা.] অব্য. ১ বোধহয়, হয়তো (*সে বুঝি আর আসবে না*)। ২ নাকি (*তাই বুঝি?*)।

বুঝেশুনে /বুঝেশুনে/ [বা.] ক্রিবিণ. সবদিক বিচার-বিবেচনা করে।

বুট[১] /বুট্/ [হি.] বি. এশিয়া মহাদেশের গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন ছোটো সাদা ফুল বা তার বহু শাখাবিশিষ্ট শিম্বগোত্রীয় উদ্ভিদের বীজ যা মানুষ ও ঘোড়ার খাদ্যরূপে ব্যবহৃত হয়, ছোলা, চণক, চানা।

বুট[২] /বুট্/ [ই.] বি. গোড়ালি পর্যন্ত আবৃত করে এমন

www.pathagar.com

মোটা তলাযুক্ত চামড়া প্লাস্টিক প্রভৃতির পাদুকা, বুটজুতা, boot।

বুটি /বুটি/ [হি.] বি. সুঁই-সুতো দিয়ে কাপড়ে তোলা ফুল বা সূচিকর্ম।

বুটিদার /বুটিদার/ [হি. বুটি+ফা. দার] বিণ. বুটিশোভিত, বুটিযুক্ত (*বুটিদার জামদানি শাড়ি*)।

বুড়া[১] /বুড়া/ [স. বৃদ্ধ >] বি. বয়োজ্যেষ্ঠ বা প্রবীণ ব্যক্তি। বিণ. ১ প্রবীণ, বৃদ্ধ। ২ প্রাচীন। ৩ অকাল-পক্ক; 'বুড়ো'-র সাধু রূপ। স্ত্রী. বুড়ি /বুড়ি/।

বুড়া[২] /বুড়া/ [আঞ্চ.] ক্রিবি. ১ নিমজ্জিত হওয়া, ডোবা। ২ ভরে যাওয়া।

বুড়াটে /বুড়াটে/ [বা.] বিণ. প্রায় বৃদ্ধত্বপ্রাপ্ত; 'বুড়োটে'-র সাধু রূপ।

বুড়ানো /বুড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ নিমজ্জিত করা, ডোবানো। ২ ভরে দেওয়া।

বুড়াপনা /বুড়াপনা/ [বা.] বি. ১ বৃদ্ধসুলভ আচরণ। ২ (আল.) জ্যাঠামি। ৩ 'বুড়োপনা'-র সাধু রূপ।

বুড়ামি /বুড়ামি/ [বা.] বি. দ্র বুড়াপনা।

বুড়ামো /বুড়ামো/ [বা.] বি. ১ বৃদ্ধসুলভ আচরণ। ২ (আল.) পাকামি। ৩ 'বুড়োমি'-র কথ্য রূপ।

বুড়ি /বুড়ি/ [স. বোড্রী >] বি. পাঁচ গন্ডা, সিকি পণ।

বুড়িকিয়া /বুড়িকিআ/ [বা.] বি. (অধুনালুপ্ত) গণনা-পদ্ধতিবিশেষ।

বুড়ো /বুড়ো/ [স. বৃদ্ধ >] বি. বিণ. বুড়া[১]-র কথ্য রূপ।

বুড়ো আঙুল /বুড়ো আঙুল্/ বি. কোনোকিছু ধরার সুবিধার্থে মানুষ ও প্রাইমেটবর্গের প্রাণীর হাতের স্থূল ও খর্বাকৃতি আঙুল যা বাকি চারটি আঙুল থেকে একটু দূরে অবস্থিত, বৃদ্ধাঙ্গুলি, অঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুষ্ঠ।

বুড়োটে /বুড়োটে/ [বা.] বিণ. 'বুড়াটে'-র কথ্য রূপ।

বুড়োপনা /বুড়োপনা/ [বা.] বি. দ্র বুড়াপনা।

বুড়োমি /বুড়োমি/ [বা.] বি. 'বুড়ামি'-র কথ্য রূপ।

বুড়োমো /বুড়োমো/ [বা.] বি. দ্র বুড়ামি।

বুতপরস্তি /বুতপরোস্তি/ [ফা.] বি. পৌত্তলিকতা।

বুতাম /বুতাম্/ [পো.] বি. পরিধেয় পোশাক ব্যাগ প্রভৃতির দুটি প্রান্ত একত্র সংলগ্ন করে রাখার গুটিকাবিশেষ, বোতাম।

বুদ্‌বুদ /বুদ্‌বুদ্/ [দেশি.] বি. জলের ভুড়ভুড়ি, জলবিম্ব।

বুদ্‌বুদী /বুদ্‌বুদি/ [দেশি.] বিণ. বুদ্‌বুদ ওঠে এমন।

বুদ্ধ /বুদ্‌ধো/ [স. √বুধ্+ত] বি. বৌদ্ধ ধর্মের প্রবর্তক ও প্রচারক, গৌতম, সিদ্ধার্থ। বিণ. ১ জাগরিত, উদ্‌বোধিত। ২ জ্ঞানপ্রাপ্ত। ৩ জ্ঞানী, প্রাজ্ঞ।

বুদ্ধচরিত /বুদ্‌ধোচোরিত্/ [স. বুদ্ধ+চরিত] বি. গৌতম বুদ্ধের জীবনচরিত।

বুদ্ধচরিতামৃত /বুদ্‌ধোচোরিতামৃতো/ [স. বুদ্ধচরিত +অমৃত] বি. গৌতম বুদ্ধের অমৃততুল্য জীবন-বৃত্তান্ত।

বুদ্ধত্ব /বুদ্‌ধত্তো/ [স. বুদ্ধ+ত্ব] বি. বুদ্ধের ভাব।

বুদ্ধত্ব লাভ /বুদ্‌ধত্তো লাভ্/ বি. বোধিলাভ।

বুদ্ধদেব /বুদ্‌ধোদেব্/ [স. বুদ্ধ+দেব] বি. বৌদ্ধ ধর্মের প্রবর্তক ও প্রচারক, গৌতম, সিদ্ধার্থ।

বুদ্ধপূর্ণিমা /বুদ্‌ধোপুরনিমা/ [স. বুদ্ধ+পূর্ণিমা] বি. বৈশাখ মাসের যে তিথিতে বুদ্ধের জন্মোৎসব উদ্‌যাপিত হয়, বৈশাখী পূর্ণিমা।

বুদ্ধি /বুদ্‌ধি/ [স. √বুধ্+তি] বি. ১ বোধ, জ্ঞান, ধী, মনীষা। ২ বিচারশক্তি। ৩ পরামর্শ, মন্ত্রণা, যুক্তি। ৪ কৌশল, মতলব, ফন্দি। ৫ মনোবৃত্তি।

বুদ্ধিকৌশল /বুদ্‌ধিকৌশল্/ [স. বুদ্ধি+কৌশল] বি. বুদ্ধিদ্বারা উদ্ভাবিত কৌশল; চতুরতা।

বুদ্ধিগম্য /বুদ্‌ধিগোম্‌মো/ [স. বুদ্ধি+√গম্+য] বিণ. বুদ্ধির সাহায্যে জানা বা বোঝা যায় এমন।

বুদ্ধিগ্রাহ্য /বুদ্‌ধিগ্রাজ্‌ঝো/ [স. বুদ্ধি+√গ্রহ্+য] বিণ. দ্র বুদ্ধিগম্য।

বুদ্ধিচাতুর্য /বুদ্‌ধিচাতুরজো/ [স. বুদ্ধি+চতুর+য] বি. বুদ্ধির নৈপুণ্য।

বুদ্ধিজীবী /বুদ্‌ধিজিবি/ [স. বুদ্ধি+√জীব্+ইন্] বি. সমাজ সংস্কৃতি প্রভৃতি বিষয়ে সচেতন এবং জ্ঞানবিজ্ঞানে দক্ষ ও শিক্ষিত ব্যক্তি। বিণ. জ্ঞান বা বুদ্ধিদ্বারা জীবিকা অর্জন করেন এমন।

বুদ্ধিদীপ্ত /বুদ্‌ধিদিপ্‌তো/ [স. বুদ্ধি+√দীপ্+ত] বিণ. বুদ্ধিমত্তার পরিচায়ক (*বুদ্ধিদীপ্ত জবাব*)।

বুদ্ধিনাশ /বুদ্‌ধিনাশ্/ [স. বুদ্ধি+√নাশ্+অ] বি. বুদ্ধিলোপ, বুদ্ধিশূন্যতা।

বুদ্ধিবৃত্তি /বুদ্‌ধিবৃত্‌তি/ [স. বুদ্ধি+√বৃৎ+তি] বি. বুদ্ধির যে শক্তিদ্বারা জ্ঞান অর্জন করা যায়, intellect।

বুদ্ধিভ্রংশ /বুদ্‌ধিব্‌ভ্রোংশো/ [স. বুদ্ধি+√ভ্রন্শ্+অ] বি. দ্র বুদ্ধিনাশ।

বুদ্ধিভ্রম /বুদ্‌ধিব্‌ভ্রোম্/ [স. বুদ্ধি+√ভ্রম্+অ] বি. দ্র বুদ্ধিনাশ।

www.pathagar.com

বুদ্ধিভ্রষ্ট /বুদ্‌ধিব্‌ভ্রোশ্‌টো/ [স. বুদ্ধি+√ভ্রনশ্‌+ত] বিণ. বুদ্ধি নাশ হয়েছে এমন।

বুদ্ধিমত্তা /বুদ্‌ধিমত্‌তা/ [স. বুদ্ধি+মৎ+তা] বি. ধীশক্তি, বুদ্ধিশালিতা; বিজ্ঞতা, মনীষা, wisdom।

বুদ্ধিমান /বুদ্‌ধিমান্‌/ [স. বুদ্ধি+মৎ] বিণ. বুদ্ধি আছে এমন, ধীমান, জ্ঞানী। স্ত্রী. বুদ্ধিমতী /বুদ্‌ধিমোতি/।

বুদ্ধির ঢেঁকি /বুদ্‌ধির্‌ ঢেঁকি/ বিণ. স্থূলবুদ্ধি, নির্বোধ।

বুদ্ধিলোপ /বুদ্‌ধিলোপ্‌/ [স. বুদ্ধি+লোপ] বি. দ্র বুদ্ধিনাশ।

বুদ্ধিশুদ্ধি /বুদ্‌ধিশুদ্‌ধি/ [স. বুদ্ধি+√শুধ্‌+তি] বি. বিচারবিবেচনার ক্ষমতা।

বুদ্ধিশূন্য /বুদ্‌ধিশুন্‌নো/ [স. বুদ্ধি+√শ্বন্‌+য] বিণ. দ্র বুদ্ধিহীন।

বুদ্ধিহানি /বুদ্‌ধিহানি/ [স. বুদ্ধি+√হা+তি] বি. দ্র বুদ্ধিনাশ।

বুদ্ধিহারা /বুদ্‌ধিহারা/ [স. বুদ্ধি+বা. হারা] বিণ. হিতাহিত জ্ঞানশূন্য, দিশাহারা।

বুদ্ধিহীন /বুদ্‌ধিহিন্‌/ [স. বুদ্ধি+√হা+ত] বিণ. বুদ্ধি বা বিচারশক্তি নেই এমন, নির্বোধ।

বুদ্ধীন্দ্রিয় /বুদ্‌ধিন্‌দ্রিয়ো/ [স. বুদ্ধি+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়সমূহ (চোখ কান নাক জিভ ও ত্বক) দিয়ে জ্ঞান লাভ করা যায়, জ্ঞানেন্দ্রিয়।

বুদধু /বুদধু/ [হি.] বিণ. বোকা; মূর্খ।

বুধ /বুধ্‌/ [স. √বুধ্‌+অ] বি. ১ সৌরমণ্ডলে সূর্যের নিকটতম গ্রহ, Mercury। ২ পৌরাণিক মতে চন্দ্রের পুত্ররূপে কল্পিত গ্রহ। ৩ সপ্তাহের বার-বিশেষ, মঙ্গল ও বৃহস্পতিবারের মধ্যবর্তী দিন। বিণ. জ্ঞানী।

বুধবার /বুধ্‌বার্‌/ [স. বুধ+বার] বি. মঙ্গল ও বৃহস্পতিবারের মধ্যবর্তী দিন, Wednesday।

বুধরত্ন /বুধোরত্‌নো/ [স. বুধ+রত্ন] বি. পান্না।

বুধি /বুধি/ [স. বুধ>] বিণ. বুধবারে জাত এমন।

বুনট /বুনট্‌/ [হি. বুনাবট>] বি. ১ বয়নকর্ম; বুননের কৌশল। ২ বস্ত্রাদির বুনন বা জমিন। ৩ বয়নের পারিশ্রমিক, বয়নমূল্য।

বুনন[১] /বুনন্‌/ [স. বপন>] বি. শস্যাদির বীজ বপন (*ধানের বীজ বুনন*)।

বুনন[২] /বুনন্‌/ [স. বয়ন>] বি. সুতা পশম প্রভৃতি দিয়ে বস্ত্রাদি বোনার কাজ, বয়ন।

বুননি /বুনোনি/ [বা.] বি. ১ কাপড়ের জমিন। ২ বয়নকৌশল। ৩ বয়নের পারিশ্রমিক।

বুনা[১] /বুনা/ [স. বপন>] ক্রিবি. বিণ. বপন করা।

বুনা[২] /বুনা/ [স. বয়ন>] ক্রিবি. বিণ. বয়ন করা।

বুনানো[১] /বুনানো/ [স. বপন>] ক্রিবি. বিণ. বপন করানো।

বুনানো[২] /বুনানো/ [স. বয়ন>] ক্রিবি. বিণ. বয়ন করানো।

বুনিয়াদ /বুনিআদ্‌/ [ফা.] বি. ভিত, ভিত্তি; মূল।

বুনিয়াদি /বুনিআদি/ [ফা.] বিণ. ১ মৌলিক। ২ সাবেকি ও সম্ভ্রান্ত। ৩ সুপ্রতিষ্ঠিত। ৪ ভিত্তিস্বরূপ।

বুননি /বুননি/ [বা.] বি. দ্র বুননি।

বুনো /বুনো/ [স. বন>] বিণ. ১ বনে জাত (*বুনো ওল*)। ২ বনবাসী, বন্য (*বুনো মহিষ*)। ৩ অমার্জিত (*বুনো আচরণ*)।

বুবু /বুবু/ [দেশি.] বি. বড়ো বোনকে সম্বোধনসূচক শব্দ, দিদি, আপা, বু।

বুভুক্ষা /বুভুক্‌খা/ [স. √ভুজ্‌+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ আহারের স্পৃহা। ২ (বাংলায়) তীব্র ক্ষুধা।

বুভুক্ষিত /বুভুক্‌খিতো/ [স. বুভুক্ষা+ইত] বিণ. দ্র বুভুক্ষু।

বুভুক্ষু /বুভুক্‌খু/ [স. √ভুজ্‌+সন্‌+উ] বিণ. ক্ষুধার্ত।

বুভুৎসা /বুভুত্‌শা/ [স. √বুধ্‌+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. বোঝা বা জানার ইচ্ছা, জিজ্ঞাসা।

বুমেরাং /বুমেরাং/ [ধারু.] বি. (শিকারের অস্ত্ররূপে অস্ট্রেলিয়ার আদিবাসীদের ব্যবহৃত) শক্ত ও হালকা কাঠের বাঁকানো ক্ষেপণাস্ত্রবিশেষ যা নিক্ষেপ করলে লক্ষ্যবস্তুকে আঘাত করার পর আবার নিক্ষেপকারীর হাতে ফিরে আসে, boomerang।

বুয়া /বুআ/ [হি.] বি. ১ বড়ো বোন, দিদি, বুবু। ২ গৃহপরিচারিকাকে সম্বোধনসূচক শব্দ।

বুরুজ /বুরুজ্‌/ [আ.] বি. ১ মিনারের ওপরের অংশ, গম্বুজ। ২ দুর্গের প্রাচীর; সশস্ত্র প্রহরীর জন্য প্রাচীরের ওপরে নির্মিত কক্ষ। ৩ তাসের খেলা-বিশেষ।

বুরুল /বুরুল্‌/ [বা.] বি. দৈর্ঘ্যের পরিমাপবিশেষ (বুড়ো আঙুলের প্রস্থের সমান), প্রায় এক ইঞ্চি।

বুরুশ /বুরুশ্‌/ [ই. brush>] বি. ১ ছবি আঁকা বা রং লাগানোর জন্য ব্যবহৃত পশুলোম বা কৃত্রিম আঁশের সরঞ্জামবিশেষ, তুলি। ২ দাঁত পরিষ্কার করার কাজে ব্যবহৃত ছোটো হাতলযুক্ত মার্জনী। ৩ পশুলোম নাইলন শলাকা প্রভৃতির তৈরি সম্মার্জনী।

www.pathagar.com

বুর্জোয়া /বুর্জোআ/ [ফ.] বি. ১ পুঁজিবাদী সমাজ-ব্যবস্থায় রক্ষণশীল মনোভাবাপন্ন ও প্রতিপত্তি-শালী বিত্তবান শ্রেণি। ২ অষ্টাদশ ও উনবিংশ শতকে ফ্রান্সের মধ্যবিত্ত শ্রেণি। ৩ bourgeois।

বুলবুল /বুল্‌বুল্/ [ফা.] বি. মাথায় ঝুঁটি আছে এমন কালচে বাদামি রঙের ছোটো গায়কপাখিবিশেষ। স্ত্রী. বুলবুলি /বুল্‌বুলি/।

বুলানো /বুলানো/ [বা.] ক্রিবি. ১ আলতোভাবে স্পর্শ করে চালনা করা (*মাথায় হাত বুলানো*)। ২ পূর্ণ মনোযোগ না দিয়ে চালনা করা (*পত্রিকায় চোখ বুলানো*)।

বুলি /বুলি/ [হি.] বি. ১ ভাষা; কথা; বাক্য। ২ মুখস্থ কথা বা গৎ (*বুলি আওড়ানো*)। ৩ অস্পষ্ট কথা (*শিশুর বুলি*)। ৪ উপভাষা, dialect।

বুলেট /বুলেট্/ [ফ.] বি. বন্দুকের গুলি, bullet।

বুলেটিন /বুলেটিন্/ [ফ.] বি. কোনো ঘটনা বা বিষয় সম্পর্কে জনসাধারণের অবগতির জন্য সংক্ষিপ্ত বিজ্ঞপ্তি প্রচার; সংবাদ; bulletin।

বুহিত /বুহিত/ [স. বহিত্র >] বি. নৌকা, তরণি; বাণিজ্য তরি।

বৃংহণ /বৃংহন্/ [স. √বৃংহ্+অন] বি. হাতির গর্জন। বিণ. বলদায়ক, পুষ্টিকর।

বৃংহিত /বৃংহিতো/ [স. √বৃংহি+ত] বিণ. ১ বৃদ্ধিপ্রাপ্ত, বর্ধিত। ২ পুষ্ট। বি. হাতির গর্জন।

বৃক /বৃকো/ [স. √বৃক্+অ] বি. ১ নেকড়ে বাঘ। ২ শৃগাল। ৩ কাক। ৪ প্রবল ক্ষুধা। ৫ ক্ষত্রিয়।

বৃকোদর /বৃকোদর/ [স. বৃক+উদর] বি. ১ মধ্যম পাণ্ডব ভীম। ২ যার উদর নেকড়ে বাঘের মতো।

বৃক্ক /বৃক্কো/ [স. বৃক্ক >] বি. স্তন্যপায়ী প্রাণী পাখি সরীসৃপ প্রভৃতি মেরুদণ্ডী প্রাণীর রক্ত শোধনের জন্য উদরগহ্বরে (মানুষের ক্ষেত্রে উদরের পশ্চাতে) অবস্থিত বর্জ্য পদার্থ নিঃসারক গ্রন্থিদ্বয়, kidney।

বৃক্ষ /বৃক্খো/ [স. √বৃশ্চ্+স] বি. ভূমি থেকে উদ্‌গত দীর্ঘ কাণ্ড এবং অধিকাংশ ক্ষেত্রে শাখাবিশিষ্ট জীবসত্তা যা মূলের সাহায্যে খাদ্য গ্রহণ ও সালোক-সংশ্লেষ প্রক্রিয়ায় (photosynthesis) বায়ুমণ্ডলের কার্বন ডাইঅক্সাইড শুষে নিয়ে অক্সিজেন ত্যাগ করে প্রকৃতির ভারসাম্য রক্ষা করতে সাহায্য করে, গাছ, তরু, বিটপী, দ্রুম; গুল্ম।

বৃক্ষচর /বৃক্খোচর/ [স. বৃক্ষ+চর] বিণ. গাছে বিচরণ করে এমন। বি. শাখামৃগ, বানর।

বৃক্ষচ্ছায় /বৃক্খোচ্ছায়/ [স. বৃক্ষ+ছায়া] বি. দ্র বৃক্ষচ্ছায়া।

বৃক্ষচ্ছায়া /বৃক্খোচ্ছায়া/ [স. বৃক্ষ+ছায়া] বি. গাছ বা তরুশ্রেণির ছায়া।

বৃক্ষতল /বৃক্খোতল্/ [স. বৃক্ষ+তল] বি. গাছতলা।

বৃক্ষপ্রেমিক /বৃক্খোপ্রেমিক্/ [স. বৃক্ষ+প্রেমিক] বিণ. গাছের প্রতি ভালোবাসা আছে এমন।

বৃক্ষপ্রেমী /বৃক্খোপ্রেমি/ [স. বৃক্ষ+প্রেমী] বিণ. গাছ ভালোবাসে এমন।

বৃক্ষবাটিকা /বৃক্খোবাটিকা/ [স. বৃক্ষ+বাটিকা] বি. ১ গাছের ওপর তৈরি ছোটো ঘর। ২ বাগানবাড়ি। ৩ উপবন।

বৃক্ষশাখা /বৃক্খোশাখা/ [স. বৃক্ষ+শাখা] বি. গাছের ডাল।

বৃক্ষশোভা /বৃক্খোশোভা/ [স. বৃক্ষ+শোভা] বি. গাছের সৌন্দর্য।

বৃক্ষাগ্র /বৃক্খাগ্রো/ [স. বৃক্ষ+অগ্র] বি. গাছের ডগা।

বৃত /বৃতো/ [স. √বৃ+ত] বিণ. ১ বরণ করা হয়েছে এমন। ২ প্রার্থিত। ৩ আবৃত।

বৃতি /বৃতি/ [স. √বৃ+তি] বি. ১ বরণ। ২ প্রার্থনা। ৩ আবৃতকরণ। ৪ বেড়া। ৫ (উদ্ভিদ.) ফুলের বহিরাবরণ; (পরি.) calyx।

বৃত্ত /বৃত্তো/ [স. √বৃৎ+ত] বি. ১ (জ্যা.) সমতলের ওপর কোনো নির্দিষ্ট বিন্দু থেকে সমদূরত্বে অবস্থিত পরিধিরেখা, circle। ২ চরিত্র (*দুর্বৃত্ত*)। ৩ অক্ষরের সংখ্যাদ্বারা নির্দিষ্ট ছন্দ (*অক্ষরবৃত্ত*)। বিণ. ১ গোলাকার (*বৃত্তাকার*)। ২ অভ্যস্ত। ৩ সংঘটিত (*পুনরাবৃত্ত*)। ৪ নিযুক্ত (*প্রবৃত্ত*)। ৫ বাড়তি (*উদ্‌বৃত্ত*)। ৬ জাত।

বৃত্তকলা /বৃত্তোকলা/ [স. বৃত্ত+কলা] বি. (জ্যা.) কোনো বৃত্তের চাপ ও দুইটি ব্যাসার্ধ দিয়ে চিহ্নিত ক্ষেত্র।

বৃত্তখণ্ড /বৃত্তোখন্‌ডো/ [স. বৃত্ত+খণ্ড] বি. বৃত্তের অংশ।

বৃত্তগন্ধি /বৃত্তোগোন্‌ধি/ [স. বৃত্ত+গন্ধ+ই] বি. যে রচনার অংশবিশেষ কবিতার মতো ছন্দোবদ্ধ।

বৃত্তচাপ /বৃত্তোচাপ্/ [স. বৃত্ত+চাপ] বি. বৃত্তপরিধির অংশ।

বৃত্তপুষ্প /বৃত্তোপুশ্‌পো/ [স. বৃত্ত+পুষ্প] বি. কদম শিরীষ প্রভৃতি গোলাকার ফুল।

বৃত্তবান /বৃত্তোবান্/ [স. বৃত্ত+বৎ] বিণ. ১ গোলাকার। ২ চরিত্রবান।

বৃত্তাংশ /বৃত্তাংশো/ [স. বৃত্ত+অংশ] বি. বৃত্তের অংশ।

বৃত্তাকার /বৃত্তাকার্/ [স. বৃত্ত+আকার] বিণ. গোলাকার (*উপবৃত্তাকার*)।

বৃত্তানুবর্তী /বৃত্তানুবোর্‌তি/ [স. বৃত্ত+অনুবর্তী] বিণ.

www.pathagar.com

আচারনিষ্ঠ।

বৃত্তান্ত /বৃত্তান্তো/ [স. বৃত্ত+অন্ত] বি. ১ বিবরণ, বর্ণনা। ২ সংবাদ; ব্যাপার; ঘটনা।

বৃত্তাভাস /বৃত্তাভাশ/ [স. বৃত্ত+আভাস] বিণ. প্রায় গোলাকার। বি. বৃত্তসদৃশ গোলাকার ক্ষেত্র।

বৃত্তি /বৃত্তি/ [স. √বৃৎ+তি] বি. ১ ধর্ম বা প্রকৃতি (*মনোবৃত্তি*)। ২ স্বভাব (*যাযাবরবৃত্তি*)। ৩ আচরণ। ৪ পেশা। ৫ অক্ষরসংখ্যাদ্বারা নির্দিষ্ট ছন্দ। ৬ শিক্ষার্থীকে প্রদত্ত অর্থসাহায্য (*ছাত্রবৃত্তি*)। ৭ অর্থপ্রকাশের ক্ষেত্রে শব্দের অন্তর্নিহিত শক্তি (*লক্ষণাবৃত্তি*)। ৮ ব্যাখ্যান বা টীকাটিপ্পনী।

বৃত্তিকার /বৃত্তিকার/ [স. বৃত্তি+√কৃ+অ] বি. ব্যাখ্যাকার, টীকাকার।

বৃত্তিচ্ছেদ /বৃত্তিচ্ছেদ্/ [স. বৃত্তি+ছেদ] বি. উপজীবিকা লোপ।

বৃত্তিজীবী /বৃত্তিজিবি/ [স. বৃত্তি+√জীব্+ইন্] বিণ. চাকুরিজীবী।

বৃত্তিদান /বৃত্তিদান্/ [স. বৃত্তি+দান] বি. জীবিকানির্বাহের জন্য ভূমি বা অর্থসাহায্য প্রদান।

বৃত্তিপরীক্ষা /বৃত্তিপোরিক্‌খা [স. বৃত্তি+পরীক্ষা] বি. বৃত্তিলাভের জন্য শিক্ষার্থীদের প্রতিযোগিতামূলক পরীক্ষা।

বৃত্তিভোগী /বৃত্তিভোগি/ [স. বৃত্তি+ভোগী] বিণ. নিয়মিত অর্থসাহায্য পায় এমন, বৃত্তিজীবী।

বৃত্তিমূলক /বৃত্তিমুলক্/ [স. বৃত্তি+মূলক] বিণ. চাকুরিসম্বন্ধীয়।

বৃত্তিমূলক শিক্ষা /বৃত্তিমুলক্ শিক্‌খা/ বি. চাকুরির উপযোগী বা চাকুরির সঙ্গে সংগতিপূর্ণ শিক্ষা।

বৃত্তিলাভ /বৃত্তিলাভ্/ [স. বৃত্তি+লাভ] বি. পড়াশোনা বা গবেষণার জন্য প্রাপ্ত অর্থসাহায্য বা ভাতা।

বৃত্য /বৃত্তো/ [স. √বৃ+য] বিণ. বরেণ্য, শ্রদ্ধেয়।

বৃত্র /বৃত্রো/ [স. √বৃৎ+র] বি. (পুরাণে বর্ণিত) ইন্দ্র কর্তৃক নিহত অসুরবিশেষ।

বৃত্রারি /বৃত্রারি/ [স. বৃত্র+অরি] বি. বৃত্র নামক অসুর বধকারী ইন্দ্র।

বৃথা /বৃথা/ [স. √বৃ+থা] বিণ. ক্রিবিণ. অব্য. অকারণ, মিছিমিছি, নিরর্থক; নিষ্ফল।

বৃথামাংস /বৃথামাংশো/ [স. বৃথা+মাংস] বি. দেবতার উদ্দেশে নিবেদন করা হয়নি এমন মাংস।

বৃদ্ধ /বৃদ্ধো/ [স. √বৃধ্+ত] বিণ. ১ বয়োজ্যেষ্ঠ, প্রবীণ; প্রাচীন। ২ বৃদ্ধিপ্রাপ্ত। বি. বয়োজ্যেষ্ঠ বা প্রবীণ ব্যক্তি। স্ত্রী. বৃদ্ধা /বৃদ্ধা/।

বৃদ্ধকাক /বৃদ্ধোকাক্/ [স. বৃদ্ধ+কাক] বি. দাঁড়কাক।

বৃদ্ধত্ব /বৃদ্ধোত্তো/ [স. বৃদ্ধ+ত্ব] বি. বার্ধক্য।

বৃদ্ধনাভি /বৃদ্ধোনাভি/ [স. বৃদ্ধ+নাভি] বিণ. স্থূলোদর।

বৃদ্ধপ্রপিতামহ /বৃদ্ধোপ্রোপিতামহো/ [স. বৃদ্ধ+প্রপিতামহ] বি. প্রপিতামহের পিতা। স্ত্রী. বৃদ্ধপ্রপিতামহী /বৃদ্ধোপ্রোপিতামহি/।

বৃদ্ধপ্রমাতামহ /বৃদ্ধোপ্রোমাতামহো/ [স. বৃদ্ধ+প্রমাতামহ] বি. প্রমাতামহের পিতা।

বৃদ্ধস্য /বৃদ্ধোশ্‌শো/ [স. বৃদ্ধ+স্য] বিণ. বৃদ্ধের।

বৃদ্ধাঙ্গুলি /বৃদ্ধাংগুলি/ [স. বৃদ্ধ+অঙ্গুলি] বি. মানুষ ও প্রাইমেটবর্গের প্রাণীর হাতের স্থূল ও খর্বাকৃতি আঙুল যা কোনোকিছু ধরার সুবিধার্থে বাকি চারটি আঙুল থেকে একটু দূরে অবস্থিত, বৃদ্ধাঙ্গুল, অঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুষ্ঠ।

বৃদ্ধাঙ্গুষ্ঠ /বৃদ্ধাংগুশ্‌ঠো/ [স. বৃদ্ধ+অঙ্গুষ্ঠ] বি. দ্র বৃদ্ধাঙ্গুলি।

বৃদ্ধি /বৃদ্ধি/ [স. √বৃধ্+তি] বি. ১ প্রাচুর্য। ২ বিস্তার, প্রসার। ৩ বাড়, পুষ্টি। ৪ উন্নতি। ৫ সুদ।

বৃদ্ধিজীবী /বৃদ্ধিজিবি/ [স. বৃদ্ধি+√জীব্+ইন্] বিণ. সুদখোর, কুসীদজীবী।

বৃদ্ধিপ্রাপ্ত /বৃদ্ধিপ্রাপ্তো/ [স. বৃদ্ধি+প্রাপ্ত] বিণ. বেড়েছে এমন, বর্ধিত।

বৃদ্ধিশ্রাদ্ধ /বৃদ্ধিস্রাদ্ধো/ [স. বৃদ্ধি+শ্রাদ্ধ] বি. মৃতের জন্য অনুষ্ঠিত আভ্যুদয়িক শ্রাদ্ধ।

বৃদ্ধোক্ষ /বৃদ্ধোক্‌খো/ [স. বৃদ্ধ+উক্ষ] বি. বুড়ো ষাঁড়।

বৃদ্ধ্যাজীব /বৃদ্ধাজিব/ [স. বৃদ্ধি+আজীব] বি. বিণ. সুদখোর, বৃদ্ধিজীবী।

বৃন্ত /বৃন্তো/ [স. √বৃ+ত] বি. ১ ফুল ফল বা পাতা যে দণ্ডের সঙ্গে যুক্ত থাকে, বোঁটা। ২ স্তনের অগ্রভাগ, স্তনের বোঁটা। ৩ জলপাত্র রাখার বিড়া।

বৃন্তচ্যুত /বৃন্তোচ্চুতো/ [স. বৃন্ত+√চ্যু+ত] বিণ. বৃন্ত বা বোঁটা থেকে খসে পড়েছে এমন।

বৃন্তহীন /বৃন্তোহিন্/ [স. বৃন্ত+√হা+ত] বিণ. বৃন্ত বা বোঁটা নেই এমন।

বৃন্তাক /বৃন্তাক্/ [স. বৃন্ত+অক+অ] বি. বেগুন।

বৃন্দ /বৃন্দো/ [স. √বৃ+দ] বি. ১ সমূহ, গণ। ২ শতকোটি সংখ্যা। বিণ. ১ সমবেত (*বৃন্দগান*)। ২ শতকোটি সংখ্যক।

বৃন্দগান /বৃন্দোগান্/ [স. বৃন্দ+গান] বি. দ্র বৃন্দগীতি।

www.pathagar.com

বৃন্দগীতি /বৃন্দোগিতি / [স. বৃন্দ+গীতি] বি. সমবেত কণ্ঠে গাওয়া গান।

বৃন্দা /বৃন্দা / [স. বৃন্দ+আ (টাপ্)] বি. ১ তুলসী গাছ। ২ পুরাণে বর্ণিত শ্রীরাধিকার সখীবিশেষ।

বৃন্দাবন /বৃন্দাবোন্/ [স. বৃন্দা+বন] বি. রাধা ও কৃষ্ণের লীলাক্ষেত্ররূপে খ্যাত যমুনার তীরে অবস্থিত অরণ্যবিশেষ; তীর্থক্ষেত্রবিশেষ।

বৃন্দার /বৃন্দার্/ [স. বৃন্দ+আ+√রা+অ] বিণ. ১ সুন্দর, মনোজ্ঞ। ২ অতি যশস্বী। ৩ প্রধান, মুখ্য।

বৃশ্চিক /বৃশ্‌চিক্/ [স. √বৃশ্চ্+ইক] বি. ১ দুটি বড়ো দাড়া এবং ওপরদিকে বাঁকানো দীর্ঘ লেজ ও বিষাক্ত হুলবিশিষ্ট কীট, বিচ্ছু, বিছা, কাঁকড়াবিছা। ২ (জ্যোতি.) রাশিচক্রের অষ্টম রাশি।

বৃশ্চিকদংশন /বৃশ্‌চিকদংশোন্ / [স. বৃশ্চিক+দংশন] বি. ১ বিছার কামড়। ২ (আল.) তীব্র মর্মবেদনা।

বৃষ /বৃশো/ [স. √বৃষ্+অ] বি. ১ ষাঁড়, বলদ, বলীবর্দ। ২ (জ্যোতি.) রাশিচক্রের দ্বিতীয় রাশি।

বৃষকেতু /বৃশোকেতু / [স. বৃষ+কেতু] বি. মহাভারতে বর্ণিত কর্ণের পুত্র।

বৃষধ্বজ /বৃশোদ্‌ধ্বজ্/ [স. বৃষ+ধ্বজ] বি. মহাদেব।

বৃষবাহন /বৃশোবাহোন্ / [স. বৃষ+বাহন] বি. বৃষ যার বাহন, শিব।

বৃষভ /বৃশভো/ [স. √বৃষ্+অভ] বি. ষাঁড়, বলদ।

বৃষল /বৃশলো/ [স. বৃষ+√লা+অ] বি. শূদ্র। বিণ. অধার্মিক।

বৃষলী /বৃশোলি / [স. বৃষল+ঈ] বি. ১ শূদ্রা। ২ অনূঢ়া ঋতুমতী কন্যা। ৩ মৃতবৎসা নারী। ৪ বন্ধ্যা নারী। বিণ. ঋতুমতী।

বৃষস্কন্ধ /বৃশোস্‌কন্‌ধো/ [স. বৃষ+স্কন্ধ] বিণ. ১ ষাঁড়ের মতো স্থূল কাঁধবিশিষ্ট। ২ (আল.) অত্যন্ত শক্তিশালী।

বৃষোৎসর্গ /বৃশোত্‌শরগো / [স. বৃষ+উৎসর্গ] বি. ষাঁড় উৎসর্গ করে ছেড়ে দেওয়া হয় এমন শ্রাদ্ধ।

বৃষ্টি /বৃশ্‌টি/ [স. √বৃষ্+তি] বি. ১ তাপমাত্রা কমে যাওয়ার ফলে বাতাসের জলীয় বাষ্প জলবিন্দুতে (০.২৫ মিলিমিটার বা ততোধিক ব্যাসার্ধবিশিষ্ট) পরিণত হয়ে ভূমিতে পতন, বর্ষণ (*আয় বৃষ্টি ঝেঁপে /ধান দেব মেপে*)। ২ ওপর থেকে ছড়িয়ে ফেলা ফুলের রেণু (*পুষ্পবৃষ্টি*)।

বৃষ্টিপাত /বৃশ্‌টিপাত্ / [স. বৃষ্টি+পাত] বি. বাতাসের জলীয় বাষ্প জলবিন্দুতে পরিণত হয়ে ভূমিতে পতন, বর্ষণ, ধারাপাত।

বৃষ্টিবাদল /বৃশ্‌টিবাদোল্ / [স. বৃষ্টি+বাদল] বি. বর্ষা (*বৃষ্টিবাদলের দিন*); ঝড়বাদল।

বৃষ্টিবিন্দু /বৃশ্‌টিবিন্দু/ [স. বৃষ্টি+বিন্দু] বি. বৃষ্টির ফোঁটা।

বৃষ্টিমুখর /বৃশ্‌টিমুখর্/ [স. বৃষ্টি+মুখর] বিণ. বৃষ্টির শব্দে মুখরিত।

বৃষ্টিসজল /বৃশ্‌টিশজল্/ [স. বৃষ্টি+সজল] বিণ. বৃষ্টিতে ভিজেছে এমন, বর্ষণসিক্ত।

বৃষ্টিস্নাত /বৃশ্‌টিস্নাতো/ [স. বৃষ্টি+ স্নাত] বিণ. বৃষ্টির জলে ভেজা।

বৃষ্ণি /বৃশ্‌নি/ [স. √বৃষ্+নি] বি. ১ শ্রীকৃষ্ণ। ২ যদুবংশ। ৩ ইন্দ্র। ৪ বায়ু। ৫ মেঘ। ৬ অগ্নি।

বৃষ্য /বৃশ্যো/ [স. √বৃষ্+য] বিণ. বীর্যবর্ধক। বি. ১ আমলকী। ২ মাষকলাই।

বৃহতী /বৃহোতি/ [স. বৃহৎ+ঈ] বিণ. ১ মহতী। ২ বিশাল, প্রকাণ্ড। বি. ক্ষুদ্রাকার বেগুনজাতীয় ফল বা তার গাছ।

বৃহৎ /বৃহত্ / [স. √বৃহ্+অৎ] বিণ. ১ বিশাল, প্রকাণ্ড, বড়ো। ২ মহৎ। ৩ সমারোহপূর্ণ।

বৃহত্তম /বৃহত্তমো/ [স. বৃহৎ+তমট্] বিণ. সবচেয়ে বড়ো, বিশালতম।

বৃহত্তর /বৃহত্তরো/ [স. বৃহৎ+তর] বিণ. অপেক্ষাকৃত বড়ো, বিশালতর, অধিকতর বিস্তৃত।

বৃহত্ত্ব /বৃহত্তো/ [স. বৃহৎ+ত্ব] বি. বিশালত্ব।

বৃহদন্ত্র /বৃহদন্ত্রো/ [স. বৃহৎ+অন্ত্র] বি. মেরুদণ্ডী প্রাণীর ক্ষুদ্রান্ত্রের নিম্নাংশ থেকে (অমেরুদণ্ডী প্রাণীর মুখগহ্বরের পশ্চাদ্‌ভাগ থেকে) পায়ু পর্যন্ত বিস্তৃত সিকাম (caecum) কোলন (colon) ও মলাশয়ের সমন্বয়ে গঠিত পরিপাকনালির অন্ত্রবিশেষ, large intestine।

বৃহদায়তন /বৃহদায়োতন্ / [স. বৃহৎ+আয়তন] বিণ. বৃহৎ আয়তনবিশিষ্ট।

বৃহদারণ্যক /বৃহদারোন্‌নক্ / [স. বৃহৎ+আরণ্যক] বি. শুক্লযজুর্বেদের উপনিষদ্‌বিশেষ।

বৃহন্নলা /বৃহন্নলা / [স. বৃহৎ+নল+আ (টাপ্)] বিণ. ১ দীর্ঘবাহুবিশিষ্টা। ২ (আল.) নপুংসক, ক্লীব। বি. বিরাটনগরে অজ্ঞাতবাসকালে ক্লীববেশী অর্জুনের ছদ্মনাম।

বৃহস্পতি /বৃহোশ্‌পোতি/ [স. বৃহৎ+পতি] বি. ১ সূর্য থেকে দূরত্বের ক্রম অনুসারে সৌরমণ্ডলের পঞ্চম ও বৃহত্তম গ্রহ, Jupiter। ২ দেবগুরু। ৩ বাচস্পতি, মহাপণ্ডিত।

বৃহস্পতিবার /বৃহোশ্‌পোতিবার্ / [স. বৃহস্পতি+বার] বি. সপ্তাহের বারবিশেষ, বুধবার ও শুক্রবারের

www.pathagar.com

মধ্যবর্তী দিন, Thursday।

বে[১] /বে/ [বা.] বি. 'বিয়ে'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

বে[২] /বে/ [ফা.] অব্য. বিহীন বিনা ব্যতীত অভাব বিরোধ নিন্দা বৈপরীত্য প্রভৃতি ভাবপ্রকাশক উপসর্গবিশেষ (*বেকসুর*)।

বেআইনি /বেআইনি / [ফা. বে+আ. আইন+বা. ই] বিণ. আইনসম্মত নয় এমন, আইনবিরুদ্ধ।

বেআক্কেল /বেআক্কেল্ / [ফা. বে+বা. আক্কেল] বিণ. ১ বুদ্ধিহীন, নির্বোধ। ২ কান্ডজ্ঞানহীন।

বেআন্দাজ /বেআন্দাজ্/ [ফা.] বিণ. ১ পরিমাণ সম্বন্ধে জ্ঞান নেই এমন। ২ বেহিসাবি। ৩ পূর্বে অনুমান করা হয়নি এমন।

বেআন্দাজি /বেআন্দাজি / [ফা.] বিণ. দ্র বে-আন্দাজ।

বেআবরু /বেআবরু / [ফা.] বিণ. ১ পর্দা বা আবরণ নেই এমন; অনাবৃত। ২ নির্লজ্জ; সম্ভ্রমহীন।

বেইজ্জত /বেইজ্জত্ / [ফা. বে+আ. ইজ্জত] বিণ. শ্লীলতাহানি করা হয়েছে এমন; অপমানিত; অসম্মানিত। বি. অপমান; শ্লীলতাহানি।

বেইজ্জতি /বেইজ্জোতি / [ফা.] বি. অপমান; অসম্মান; শ্লীলতাহানি।

বেইনসাফি /বেইন্সাফি্ / [ফা.] বি. ১ অবিচার, সুবিচারের অভাব। ২ অন্যায় আচরণ।

বেইমান /বেইমান্ / [ফা. বে+আ. ইমান] বিণ. বিশ্বাসভঙ্গকারী, বিশ্বাসঘাতক; অকৃতজ্ঞ।

বেইমানি /বেইমানি / [ফা.] বি. বিশ্বাসঘাতকতা।

বেওয়া /বেওআ/ [ফা.] বি. পতিপুত্রহীন অসহায় নারী। বিণ. বিধবা, পতিহীনা।

বেওয়াফা /বেওআফা/ [ফা. বে+আ. ওয়াফা] বিণ. ১ অকৃতজ্ঞ, নিমকহারাম। ২ প্রতিজ্ঞা ভঙ্গকারী।

বেওয়ারিশ /বেওআরিশ্/ [ফা.] বিণ. ১ মালিক বা স্বত্বাধিকারী নেই এমন। ২ উত্তরাধিকারীহীন।

বেঁকে বসা /বেঁকে বসা/ ক্রিবি. ১ বাঁকাভাবে স্থাপিত হওয়া। ২ (আল.) পূর্বমত পরিবর্তন করতে সম্মত না হওয়া।

বেঁটে /বেঁটে/ [স. বষ্ঠ >] বিণ. খাটো, খর্বকায়।

বেঁটেখাটো /বেঁটেখাটো/ [বা.] বিণ. (মানুষ সম্পর্কে) কম উচ্চতাবিশিষ্ট, খর্বকায়; ছোটোখাটো।

বেঁড়ে[১] /বেঁড়ে/ [হি.] বিণ. লেজকাটা; লেজহীন।

বেঁড়ে[২] /বেঁড়ে/ [বা.] বিণ. বেঁটে।

বেঁধা /বেঁধা/ [স. বিদ্ধ >] ক্রিবি. বিণ. 'বিঁধা'-র কথ্য রূপ।

বেঁধানো /বেঁধানো/ [বা.] ক্রিবি. বিণ. 'বিঁধানো'-র কথ্য রূপ।

বেঁয়ো /বেঁয়ো/ [বা.] বিণ. বেশিরভাগ কাজ বাঁ হাতে করে এমন, ন্যাটা।

বেকসুর খালাস /বেকোসুর্ খালাশ্/ বি. নিরপরাধ প্রমাণিত হওয়ায় অভিযোগ থেকে মুক্তি।

বেকায়দা /বেকায়্দা / [ফা. বে+আ. কায়দা] বি. অসুবিধাজনক অবস্থা; নিরুপায় অবস্থা। বিণ. আয়ত্তে আনা যায় না এমন; নিরুপায়।

বেকার /বেকার্/ [ফা.] বিণ. ১ কর্মহীন। ২ চাকরি নেই এমন, জীবিকাহীন। ৩ অনর্থক, অকারণ। বি. কর্মহীন বা চাকরিহীন ব্যক্তি।

বেকারত্ব /বেকারত্তো/ [ফা. বেকার >] বি. কর্মহীনতা বা চাকরিহীন অবস্থা।

বেকারভাতা /বেকার্ভাতা/ [ফা. বেকার >] বি. বেকারদের ন্যূনতম অন্নবস্ত্র সংস্থানের জন্য রাষ্ট্রপ্রদত্ত অর্থসাহায্য।

বেকারি /বেকারি / [ই.] বি. কেক রুটি বিস্কুট প্রভৃতি সেঁকা ও বিক্রয়ের প্রতিষ্ঠান, bakery।

বেকুব /বেকুব / [আ. অকুফ >] বিণ. নির্বোধ, মূর্খ।

বেকুবি /বেকুবি/ [আ. অকুফ >] বি. নির্বুদ্ধিতা।

বেখাপ /বেখাপ্ / [বা.] বিণ. দ্র বেখাপ্পা।

বেখাপ্পা /বেখাপ্পা / [বা.] বিণ. বেমানান।

বেখেয়াল /বেখেআল্/ [আ. খেয়াল >] বি. অন্য-মনস্কতা, অমনোযোগিতা; অসাবধানতা।

বেগ[১] /বেগ্ / [স. √বিজ্+অ] বি. ১ গতি (*মন্দবেগ*)। ২ দ্রুত গতি (*ঝড়ের বেগ*)। ৩ স্রোত (*বেগবতী নদী*)। ৪ ক্লেশ (*ট্রেন ধরতে বেগ পেতে হয়েছে*)। ৫ প্রাবল্য (*প্রাণের বেগ*)। ৬ মলমূত্রাদি ত্যাগের প্রবৃত্তি (*প্রস্রাবের বেগ*)।

বেগ[২] /বেগ্ / [তুর.] বি. ১ মোগল জমিদারের খেতাববিশেষ। ২ পদবিবিশেষ।

বেগতিক /বেগোতিক্/ [ফা. বে+স. গতি+ক] বিণ. ১ অস্বস্তিকর। ২ প্রতিকূল, সংকটপূর্ণ। বি. ১ অস্বস্তিকর পরিস্থিতি। ২ অতি প্রতিকূল অবস্থা।

বেগনি /বেগ্নি/ [বা.] বি. 'বেগুনি'-র কথ্য রূপ।

বেগবান /বেগোবান্ / [স. বেগ+বৎ] বিণ. ১ দ্রুত গতিসম্পন্ন। ২ খরস্রোতা। ৩ দুর্দমনীয়। স্ত্রী. বেগবতী /বেগোবোতি /।

বেগম /বেগম্ / [তুর.] বি. ১ সম্ভ্রান্ত মুসলমান নারী। ২ মুসলমান শাসনকর্তার পত্নী; রানি।

বেগরবাই /বেগর্বাই / [ফা. বেগর+বা. বাই] বি.

www.pathagar.com

অনর্থক বা অযৌক্তিক আবদার।

বেগানা /বেগানা/ [ফা.] বিণ. ১ অপরিচিত। ২ বিদেশি। ৩ অনাত্মীয়।

বেগার /ব্যাগার্/ [ফা.] বি. ১ পারিশ্রমিকবিহীন খাটুনি। ২ যে ব্যক্তি বিনা পারিশ্রমিকে কাজ করে বা করতে বাধ্য হয়।

বেগার খাটা /ব্যাগার্ খাটা/ ক্রিবি. বিনা পারিশ্রমিকে কাজ করা।

বেগার ঠেলা /ব্যাগার্ ঠ্যালা/ ক্রিবি. দ্র বেগার খাটা।

বেগার্ত /বেগার্তো/ [স. বেগ+আর্ত] বিণ. অতিশয় বেগযুক্ত।

বেগিত /বেগিতো/ [স. বেগ+ইত] বিণ. বেগে চালিত, বেগযুক্ত।

বেগী /বেগি/ [স. বেগ+ইন্] বিণ. বেগসম্পন্ন।

বেগুন /বেগুন্/ [হি. বৈগন >] বি. বাংলাদেশ-সহ বিশ্বের প্রায় সব দেশের উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত বীরুৎশ্রেণির কণ্টকময় ছোটো উদ্ভিদ বা তার মসৃণ চকচকে বেগুনি সবুজাভ সাদা প্রভৃতি বর্ণের লম্বাটে বা গোলাকৃতি সবজি, বার্তাকী, বার্তাকু।

বেগুনাহ /বেগুনাহ্/ [ফা.] বিণ. নিষ্পাপ।

বেগুনি /বেগুনি/ [বা.] বিণ. বেগুনের রঙের মতো লালচে নীল রঙের। বি. ১ লালচে নীল রং, violet। ২ ডুবোতেলে ভাজা বেগুনের (বেসন-মাখানো) পাতলা ফালি।

বেগোছ /বেগোছ্/ [বা.] বিণ. অগোছালো, বিশৃঙ্খল, এলোমেলো।

বেঘোর /বেঘোর্/ [বা.] বি. ১ অত্যন্ত নিরুপায় বা সংকটময় অবস্থা। ২ অচেতন অবস্থা।

বেঘোরে /বেঘোরে/ [বা.] ক্রিবিণ. ১ সংকটপূর্ণ অবস্থায়। ২ অচেতন বা বেহুঁশ অবস্থায়।

বেচয়েন /বেচয়েন্ / [ফা.] বিণ. অস্থির।

বেচা /ব্যাচা/ [স. বিক্রয় >] ক্রিবি. বিক্রয় করা। বিণ. ১ বিক্রীত (*বেচা জমি*)। ২ বিক্রয়লব্ধ।

বেচাকেনা /ব্যাচাকেনা/ [বা.] বি. ক্রয়বিক্রয়।

বেচানো /ব্যাচানো/ [বা.] ক্রিবি. বিক্রয় করানো।

বেচারা /বেচারা/ [ফা.] বি. ১ নিরুপায় ব্যক্তি। ২ নিরীহ লোক। বিণ. ১ নিরুপায়। ২ নিরীহ।

বেচারি /বেচারি/ [ফা.] বি. বিণ. দ্র বেচারা।

বেচাল /বেচাল্/ [বা.] বিণ. অশালীন চালচলন-বিশিষ্ট। বি. অশালীন চালচলন।

বেজন্মা /বেজন্মা/ [বা.] বিণ. জারজ। বি. গালি-বিশেষ।

বেজায় /বেজায়্/ [ফা.] বিণ. অত্যন্ত, মাত্রাতিরিক্ত (*বেজায় শীত*)।

বেজায়গা /বেজায়্গা/ [বা.] বি. অসুবিধাজনক জায়গা, অস্থান।

বেজার /ব্যাজার্/ [ফা.] বিণ. অপ্রসন্ন; ক্রুদ্ধ।

বেজি /বেজি/ [দেশি.] বি. এশিয়া আফ্রিকা ও দক্ষিণ ইউরোপে বিচরণ করে এবং বিষধর সর্পনিধনে পটু এমন লম্বা লেজ ও খাটো পা-বিশিষ্ট ক্ষিপ্রগতিসম্পন্ন মাংসাশী লোমশ স্তন্যপায়ী প্রাণী, নেউল, নকুল।

বেজুত /বেজুত্/ [ফা. বে+বা. জুত] বি. ১ অসুবিধা-জনক অবস্থা। ২ অস্বস্তি। বিণ. জুতসই নয় এমন, অস্বস্তিকর অবস্থাপ্রাপ্ত।

বেজোট /বেজোট্/ [বা.] বিণ. কোনো জোট বা দলের প্রভাবমুক্ত; জোটবহির্ভূত।

বেজোড় /বেজোড়্/ [বা.] বিণ. ১ দুই দিয়ে বিভাজ্য নয় এমন। ২ বিষম। ৩ জোড়হীন।

বেঞ্চ /বেন্চ্/ [ই. bench] বি. ১ একাধিক ব্যক্তির বসার উপযোগী পায়াযুক্ত লম্বা কাঠের আসন। ২ বিশেষ আদালত; এজলাস। ৩ বিচারকের আসন।

বেঞ্চি /বেন্চি/ [ই. bench >] বি. একাধিক ব্যক্তির বসার উপযোগী পায়াযুক্ত লম্বা কাঠের আসন।

বেটাইম /বেটাইম্/ [ফা. বে+ই. টাইম] বি. অসময়, অসুবিধাজনক সময়।

বেটে /বেটে/ [হি. বটা >] বি. মোটা দড়ি; দড়ির গোলাকার গুচ্ছ।

বেঠিক /বেঠিক্/ [বা.] বিণ. ১ ঠিক নয় এমন, ভুল (*বেঠিক সিদ্ধান্ত*)। ২ নির্ভরযোগ্য নয় এমন।

বেড /বেড্/ [ই.] বি. বিছানা; ছাত্রাবাস হাসপাতাল হোটেল প্রভৃতির শয্যা; bed।

বেডকভার /বেড্কভার্/ [ই.] বি. বিছানা ঢেকে রাখার মোটা চাদর, bedcover।

বেডপ্যান /বেড্প্যান্ / [ই.] বি. শয্যাশায়ী রোগীর মলমূত্র ত্যাগের পাত্র, bedpan।

বেডসোর /বেড্সোর্ / [ই.] বি. দীর্ঘদিন বিছানায় শুয়ে থাকার ফলে রোগীর পিঠে সৃষ্ট ঘা, bedsore।

বেডিং /বেডিং/ [ই.] বি. লেপ তোশক বালিশ প্রভৃতি শয্যাসামগ্রী, বিছানাপত্র, bedding।

বেডৌল /বেডৌল্/ [বা.] বিণ. সামঞ্জস্যহীন শারীরিক গঠনপ্রকৃতিবিশিষ্ট।

বেড় /বেড়্/ [স. বেষ্টন >] বি. ১ বেষ্টন, ঘের, পরিধি।

www.pathagar.com

২ বেষ্টিত স্থান।

বেড়া /ব্যাড়া/ [স. বেষ্টন >] ক্রিবি. বেষ্টন করা, ঘেরা। বি. যা দিয়ে ঘেরা হয়, বেষ্টনী (*বেড়া দিয়ে ঘেরা*)। বিণ. বেষ্টনকারী, ঘিরে রাখে এমন।

বেড়াজাল /ব্যাড়াজাল্/ [বা.] বি. ১ মাছ ধরার জালবিশেষ। ২ (আল.) বেষ্টনী।

বেড়ানো /ব্যাড়ানো/ [বা.] ক্রিবি. ১ বেষ্টন করা। ২ ভ্রমণ করা (*দেশবিদেশে বেড়ানো*)। ৩ বিচরণ করা (*হেঁটে বেড়ানো*)।

বেড়াবেণি /ব্যাড়াবেনি/ [বা. বেড়া+স. বেণি] বি. চুলের বেণি গোল করে বেঁধে রাখার শৈলী।

বেড়াল /বেড়াল্/ [স. বিড়াল >] বি. সুচালো নাসারন্ধ্র এবং নখর গুটিয়ে ফেলতে পারে এমন কোমল লোমাবৃত দেহবিশিষ্ট গৃহপালিত মাংসাশী চতুষ্পদ স্তন্যপায়ী প্রাণী, মার্জার, মেকুর; 'বিড়াল'-এর কথ্য রূপ। স্ত্রী. **বিড়ালী** /বিড়ালি/।

বেড়ি /বেড়ি/ [স. বেষ্টনী >] বি. ১ লোহার বেষ্টনী (*পায়ের বেড়ি*)। ২ শেকল। ৩ খড় দড়ি প্রভৃতির তৈরি ছোটো গোলাকার ঠেস, বিড়া।

বেড়ে /বেড়ে/ [হি. বঢ়িয়া >] বিণ. ১ চমৎকার; ভালো, উত্তম। ২ উপাদেয়। ক্রিবিণ. চমৎকার-ভাবে, উত্তমরূপে।

বেড়েন /বেড়েন্/ [বা.] বি. লাঠির আঘাত।

বেড়েলা /বেড়েলা/ [দেশি.] বি. ক্রান্তীয় অঞ্চলের পাহাড়ি বা বালুকাময় স্থানে জাত উৎকট গন্ধবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী ছোটো গুল্মবিশেষ।

বেঢং /বেঢং/ [ফা. বে+বা. ঢং] বিণ. ১ বেমানান। ২ অসুন্দর।

বেঢক /বেঢক্/ [ফা. বে+বা. ঢক] বিণ. দ্র বেঢপ।

বেঢপ /বেঢপ্/ [ফা. বে+বা. ঢপ] বিণ. এবড়ো-খেবড়ো; সামঞ্জস্যহীন অবয়ববিশিষ্ট।

বেণি /বেনি/ [স. √বেণ্+ই] বি. ১ একাধিক ভাগে বিভক্ত করে বিন্যস্ত বা বিনানো চুল, বিনুনি (*বেণি রচনা*)। ২ জলপ্রবাহ (*ত্রিবেণি*)।

বেণিমাধব /বেনিমাধব্/ [স. বেণি+মাধব] বি. প্রয়াগে অবস্থিত চতুর্ভুজ দেবমূর্তিবিশেষ।

বেণু /বেনু/ [স. √বেণ্+উ] বি. ১ বাঁশ (*বেণুবন*)। ২ বাঁশের বাঁশি।

বেণুক /বেনুক্/ [স. বেণু+ক] বি. গোরু তাড়ানোর লাঠি, পাচনবাড়ি।

বেণুকুঞ্জ /বেনুকুন্জো/ [স. বেণু+কুঞ্জ] বি. বাঁশবন।

বেণুবন /বেনুবোন্/ [স. বেণু+বন] বি. বাঁশবন।

বেণুরব /বেনুরব্/ [স. বেণু+বর] বি. বাঁশির ধ্বনি।

বেত /বেত্/ [স. বেত্র >] বি. ১ উষ্ণ অথবা নাতিশীতোষ্ণ অঞ্চলে পতিত জমিতে জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদাভ সাদা ফুল ও হালকা সবুজাভ ছোটো গোলাকার ফল বা তার সরু গাঁটযুক্ত কাঁটাওয়ালা নমনীয় উদ্ভিদ যার মসৃণ কাণ্ড আসবাবপত্র তৈরির জন্য ব্যবহৃত হয় (আনি. ভারত), বেতস। ২ প্রহারের দণ্ডবিশেষ, বেত্রদণ্ড (*বেতের ছড়ি*)। ৩ বেত্রাঘাত।

বেতন /বেতোন্/ [স. √বী+তন্] বি. ১ কাজের বিনিময়ে কোনো ব্যক্তিকে নিয়মিত ব্যবধানে ও নির্দিষ্ট হারে নিয়োগকারীর দেওয়া পারিশ্রমিক, মাইনে। ২ নির্দিষ্ট ব্যবধানে কোনো শিক্ষা-প্রতিষ্ঠানকে শিক্ষার্থীর দেয় অর্থ।

বেতনগ্রাহী /বেতোনগ্রাহি/ [স. বেতন+√গ্রহ্+ইন্] বিণ. দ্র বেতনভুক।

বেতনবৃদ্ধি /বেতোনবৃদ্ধি/ [স. বেতন+বৃদ্ধি] বি. চাকুরেকে প্রদেয় বেতন বর্ধিতকরণ।

বেতনভুক /বেতোনভুক্/ [স. বেতন+ভুক] বিণ. বেতন নিয়ে কাজ করে এমন।

বেতনভোগী /বেতোনভোগি/ [স. বেতন+ভোগী] বিণ. দ্র বেতনভুক।

বেতমিজ /বেতোমিজ্/ [ফা. বে+আ. তমিজ] বিণ. ১ শিষ্টাচারবর্জিত, অভদ্র। ২ দুর্বিনীত।

বেতর /বেতর্/ [ফা. বে+আ. তর] বিণ. ১ অসুস্থ; অপ্রকৃতিস্থ। ২ বেমানান। ৩ বিপরীত; বিরুদ্ধ।

বেতরিবত /বেতোরিবত্/ [ফা. বে+আ. তরিবত] বিণ. ১ অশিক্ষিত। ২ কুশিক্ষাপ্রাপ্ত। ৩ অশিষ্ট।

বেতস /বেতশ্/ [স. √বে+অস্] বি. ১ বেত। ২ বাংলাদেশ-সহ ক্রান্তীয় অঞ্চলে জাত বহুবর্ষজীবী দ্রুত বর্ধনশীল লম্বাটে (প্রায় ৩৫ মিটার) ফাঁপা কাণ্ডবিশিষ্ট ঘাসের প্রজাতিবিশেষ, বাঁশ, বংশ, বেনু।

বেতানো /বেতানো/ [বা.] ক্রিবি. বেত দিয়ে আঘাত বা প্রহার করা, বেত লাগানো।

বেতার[১] /বেতার্/ [ফা.] বি. তারের সাহায্য ব্যতীত এক স্থান থেকে অন্য স্থানে শব্দের সংকেতবাহী উচ্চ কম্পাঙ্কের বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গ প্রেরণ ও গ্রহণের ব্যবস্থা, রেডিও, radio। বিণ. তারবিহীন।

বেতার[২] /বেতার্/ [বা.] বিণ. বিস্বাদ, স্বাদহীন।

বেতারকেন্দ্র /বেতারকেন্দ্রো/ [ফা. বেতার+স. কেন্দ্র] বি. বেতার অনুষ্ঠান সম্প্রচারের স্থান।

www.pathagar.com

বেতারবার্তা /বেতারবার্তা / [ফা. বেতার+স. বার্তা] বি. বিদ্যুৎ-চুম্বকীয় সংকেতের সাহায্যে প্রেরিত বার্তা।

বেতারযন্ত্র /বেতারজন্ত্রো / [ফা. বেতার+স. যন্ত্র] বি. যে যন্ত্রের সাহায্যে বিদ্যুৎ-চুম্বকীয় সংকেতের মাধ্যমে বার্তা আদান-প্রদান করা যায়; রেডিও।

বেতাল[১] /বেতাল্ / [স. বে+তাল] বি. শিবের অনুচর-বিশেষ।

বেতাল[২] /বেতাল্ / [ফা. বে+স. তাল] বি. (সংগীতে) তালভঙ্গ। বিণ. ১ তালজ্ঞান নেই এমন; তালহীন। ২ (আল.) অনুপযুক্ত।

বেতালা /বেতালা / [বা.] বিণ. ১ তালজ্ঞান নেই এমন। ২ (আল.) অনুপযুক্ত।

বেতো /বেতো / [বা.] বিণ. বাতরোগগ্রস্ত।

-বেত্তা /বেত্তা / [স. √বিদ্+ত্] বিণ. কোনো বিষয়ে জ্ঞানী বা অভিজ্ঞতাসম্পন্ন (*গণিতবেত্তা*)।

বেত্র /বেত্রো / [স. √বী+ত্র] বি. দ্র বেত।

বেত্রদণ্ড /বেত্রোদন্ডো / [স. বেত্র+দণ্ড] বি. ১ বেতের লাঠি। ২ দণ্ডরূপে বেত্রাঘাত।

বেত্রধর /বেত্রোধর্ / [স. বেত্র+√ধৃ+অ] বিণ. বেত্রদণ্ড ধারণকারী।

বেত্রপাণি /বেত্রোপানি / [স. বেত্র+পাণি] বিণ. হাতে বেত্রদণ্ড আছে এমন। বি. বেত্রধারী শিক্ষক।

বেত্রবতী /বেত্রোবোতি / [স. বেত্র+বৎ+ঈ] বিণ. বেত্রধারিণী। বি. মধ্যভারতের নদীবিশেষ।

বেত্রাঘাত /বেত্রাঘাত্ / [স. বেত্র+আঘাত] বি. বেতের আঘাত।

বেত্রাহত /বেত্রাহতো / [স. বেত্র+আহত] বিণ. বেত দিয়ে প্রহারের ফলে আঘাতপ্রাপ্ত।

বেথুয়া /বেথুআ / [দেশি.] বি. বাংলাদেশের প্রায় সব অঞ্চলে আবাদি জমিতে জাত ভেষজগুণসম্পন্ন শাক যা রেঁধে খাওয়া যায়, বেথো।

বেথো /বেথো / [দেশি.] বি. দ্র বেথুয়া।

বেদ /বেদ্ / [স. √বিদ্+অ] বি. ১ চার খণ্ডে বিভক্ত বিশ্বের প্রাচীনতম শাস্ত্রগ্রন্থ (ঋক্ সাম যজুঃ ও অথর্ব)। ২ ব্রহ্মার মুখ থেকে নির্গত অমোঘ বাক্য। ৩ জ্ঞান।

বেদখল /বেদখোল্ / [ফা. বে+আ. দখল] বিণ. অধিকারচ্যুত; বেহাত (*বেদখল জমি*)।

বেদখলি /বেদখোলি / [ফা.] বিণ. ১ অন্যায়ভাবে অধিকৃত (*বেদখলি জমি*)। ২ হস্তচ্যুত।

বেদগান /বেদ্গান্ / [স. বেদ+গান] বি. ঋগ্বেদের মন্ত্র (যা সুর করে গাওয়া হয়), সামবেদ।

বেদজ্ঞ /বেদগ্গোঁ / [স. বেদ+ √জ্ঞা+অ] বিণ. বেদ সম্বন্ধে বিশেষ জ্ঞান আছে এমন।

বেদন /বেদোন্ / [স. √বিদ্+অন] বি. ১ কষ্ট, ব্যথা। ২ অনুভূতি (*সংবেদন*)। ৩ জ্ঞাপন (*আবেদন*)। ৪ দান। ৫ বিবাহ।

বেদনা /বেদোনা / [স. √বিদ্+অন+আ (টাপ্)] বি. ১ দুঃখ, মনস্তাপ। ২ শারীরিক কষ্ট। ৩ অনুভূতি।

বেদনাদায়ক /বেদোনাদায়ক্ / [স. বেদনা+দায়ক] বিণ. বেদনা দেয় এমন।

বেদনাবহ /বেদোনাবহো / [স. বেদনা+বহ] বিণ. বেদনা দেয় এমন (*বেদনাবহ ঘটনা*)।

বেদনার্ত /বেদোনার্তো / [স. বেদনা+আর্ত] বিণ. বেদনায় কাতর।

বেদনাহর /বেদোনাহরো / [স. বেদনা+ √হৃ+অ] বিণ. বেদনা উপশম করে এমন।

বেদনাহীন /বেদোনাহিন্ / [স. বেদনা+ √হা+ত] বিণ. বেদনা বা কষ্ট বোধ হয় না এমন।

বেদনীয় /বেদোনিয়ো / [স. √বিদ্+অনীয়] বিণ. জ্ঞাতব্য; অনুভবযোগ্য।

বেদবাক্য /বেদ্বাক্কো / [স. বেদ+বাক্য] বি. ১ যা বেদে বলা হয়েছে। ২ অভ্রান্ত বাক্য; ধ্রুব সত্য। ৩ অবশ্যপালনীয় আদেশ।

বেদবিৎ /বেদ্বিত্ / [স. বেদ+বিৎ] বিণ. বেদশাস্ত্রে পণ্ডিত, বেদজ্ঞ। বি. বেদজ্ঞ ব্যক্তি।

বেদবিদ /বেদ্বিদ্ / [স. বেদ+ √বিদ্+ক্বিপ্] বি. দ্র বেদবিৎ।

বেদবিহিত /বেদ্বিহিতো / [স. বেদ+বিহিত] বিণ. বেদশাস্ত্রনির্দেশিত; বেদশাস্ত্রে অনুমোদিত।

বেদবেদাঙ্গ /বেদ্বেদাংগো / [স. বেদ+বেদাঙ্গ] বি. চারটি বেদ (ঋক্ সাম যজুঃ ও অথর্ব) এবং ছয়টি বেদাঙ্গ (কল্প শিক্ষা নিরুক্ত জ্যোতিষ ব্যাকরণ ও ছন্দ)।

বেদব্যাস /বেদোব্ব্যাশ্ / [স. বেদ+ব্যাস] বি. ঋষি পরাশর ও সত্যবতীর পুত্র, ব্যাসমুনি।

বেদম /বেদম্ / [ফা.] বিণ. ১ দম ফুরিয়ে গেছে এমন (*বেদম হওয়া*)। ২ শ্বাসরুদ্ধকর (*বেদম ছুট*)। ৩ প্রাণবায়ু বের করে দেয় এমন (*বেদম প্রহার*)।

বেদমন্ত্র /বেদ্মোনত্রো / [স. বেদ+মন্ত্র] বি. বেদের মন্ত্র।

বেদমাতা /বেদ্মাতা / [স. বেদ+মাতা] বি. ১ গায়ত্রী। ২ সাবিত্রী। ৩ সরস্বতী।

বেদরকারি /বেদর্কারি / [ফা. বেদরকার+বা. ই]

www.pathagar.com

বিণ. অপ্রয়োজনীয়।

বেদল /বেদল্/ [ফা. বে+স. দল] বি. ১ ভিন্ন দল বা পক্ষ। ২ প্রতিপক্ষ। বিণ. দলছুট।

বেদলীয় /বেদোলিয়ো/ [ফা. বে+স. দলীয়] বিণ. ১ ভিন্ন দলভুক্ত। ২ প্রতিপক্ষের দলভুক্ত, বিপক্ষীয়।

বেদস্তুর /বেদোস্তুর্/ [ফা.] বিণ. প্রথাবিরুদ্ধ; নিয়ম-বহির্ভূত।

বেদাগ /বেদাগ্/ [ফা.] বিণ. ১ দাগ বা চিহ্নহীন। ২ কলঙ্কহীন। ৩ সরকারিভাবে জরিপ করা হয়নি এমন।

বেদাঙ্গ /বেদাংগো/ [স. বেদ+অঙ্গ] বি. বেদের অন্তর্গত ৬টি শাস্ত্র (শিক্ষা অর্থাৎ ধ্বনিবিজ্ঞান, নিরুক্ত অর্থাৎ শব্দের ব্যুৎপত্তিবিষয়ক শাস্ত্র, কল্প অর্থাৎ ক্রিয়াকর্মের বিধান, জ্যোতিষ অর্থাৎ গ্রহ-নক্ষত্রের অবস্থানবিষয়ক শাস্ত্র, ব্যাকরণ ও ছন্দ)।

বেদাত /বেদাত্/ [আ.] বি. ১ শাস্ত্রে উল্লেখ নেই এমন নতুন রীতির প্রচলন। ২ অন্যায় আচরণ।

বেদানা /বেদানা/ [ফা.] বি. দক্ষিণ-পশ্চিম এশিয়া ও ভূমধ্যসাগরের তীরবর্তী অঞ্চলে জাত লাল রঙের বহুবীজযুক্ত রসালো গোলাকার ফল বা তার মাঝারি আকৃতির উদ্ভিদ, আনার, ডালিম।

বেদান্ত /বেদান্তো/ [স. বেদ+অন্ত] বি. ১ উপনিষদ, বেদের জ্ঞানকান্ড। ২ বেদব্যাস প্রণীত দর্শনশাস্ত্র।

বেদান্তবাদ /বেদান্তোবাদ্/ [স. বেদান্ত+বাদ] বি. বেদান্ত দর্শনের মতবাদ।

বেদান্তবাদী /বেদান্তোবাদি/ [স. বেদান্তবাদ+ইন্] বিণ. বেদান্ত দর্শনের অনুসারী।

বেদান্তী /বেদান্তি/ [স. বেদান্ত+ইন্] বিণ. দ্র বেদান্তবাদী।

বেদাভ্যাস /বেদাব্ভাশ্/ [স. বেদ+অভ্যাস] বি. বেদ অনুশীলন।

বেদাশ্রয় /বেদাস্স্রয়্/ [স. বেদ+আশ্রয়] বি. বেদ যাঁকে আশ্রয় করেছে, নারায়ণ, বিষ্ণু।

বেদি /বেদি/ [স. √বিদ্+ই] বি. ১ যে মঞ্চের ওপর শ্রদ্ধার্ঘ্য নিবেদন করা হয় (*শহিদবেদি*)। ২ যজ্ঞ বা পূজার উদ্দেশ্যে নির্মিত মঞ্চ (*যজ্ঞবেদি*)। ৩ বক্তৃতাদানের মঞ্চ।

বেদিকা /বেদিকা/ [স. বেদি+কন্+আ (টাপ্)] বি. দ্র বেদি।

বেদিত /বেদিতো/ [স. √বেদি+ত] বিণ. ১ জানানো হয়েছে এমন, জ্ঞাপিত। ২ নিবেদিত।

বেদিতব্য /বেদিতোব্বো/ [স. √বিদ্+তব্য] বিণ. ১ জ্ঞাতব্য। ২ নিবেদনযোগ্য।

বেদিমূল /বেদিমুল্/ [স. বেদি+মূল] বি. বেদির পাদদেশ।

বেদুইন /বেদুইন্/ [আ.] বি. আরবের মরু অঞ্চলে ঘুরে বেড়ায় এমন যাযাবর জাতিবিশেষ।

বেদে /বেদে/ [দেশি.] বি. সাপের খেলা প্রদর্শন হাতুড়ে চিকিৎসা প্রভৃতির মাধ্যমে জীবিকা নির্বাহ-কারী ভারত ও বাংলাদেশে বসবাস করে এমন যাযাবর জাতিবিশেষ। স্ত্রী. বেদেনি /বেদেনি/।

বেদ্য /বেদ্দো/ [স. √বিদ্+য] বিণ. জ্ঞাতব্য, জ্ঞেয়।

বেধ /বেধ্/ [স. √বিধ্+অ] বি. ১ গভীরতা; স্থূলতা। ২ ছিদ্র। ৩ বিদ্ধকরণ। ৪ বিবাহাদি শুভকর্মের জন্য অশুভকর বলে কল্পিত গ্রহনক্ষত্রের অবস্থান।

বেধক /বেধক্/ [স. √বিধ্+অক] বিণ. বিদ্ধকারী।

বেধড়ক /বেধড়োক্/ [ফা. বে+হি. ধড়ক] বিণ. ক্রিবিণ. অপরিমিত, প্রচন্ড (*বেধড়ক প্রহার*)।

বেধন /বেধোন্/ [স. √বিধ্+অন] বি. বিদ্ধকরণ।

বেধনিকা /বেধোনিকা/ [স. বেধনী+কন্+আ (টাপ্)] বি. বেধন করার সুচ শলাকা প্রভৃতি হাতিয়ার।

বেধনী /বেধোনি/ [স. বেধন+ঈ] বি. দ্র বেধনিকা।

বেধনীয় /বেধোনিয়ো/ [স. √বিধ্+অনীয়] বিণ. ১ বিদ্ধ করার যোগ্য, বেধনসাধ্য। ২ লক্ষ্য।

বেধিত /বেধিতো/ [স. √বেধি+ত] বিণ. বিদ্ধ করা হয়েছে এমন।

বেধী /বেধি/ [স. √বিধ্+ইন্] বিণ. দ্র বেধক।

বেধ্য /বেদ্ধো/ [স. √বিধ্+য] বিণ. দ্র বেধনীয়।

বেনজির /বেনোজির্/ [ফা. বে+আ. নজির] বিণ. ১ নজিরবিহীন। ২ তুলনাহীন।

বেনা /বেনা/ [স. বীরণ >] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়া ওয়েস্টইন্ডিজ ও আফ্রিকায় জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদাভ লালচে বেগুনি ফুল বা তার ভেষজগুণসম্পন্ন সুগন্ধ তৃণজাতীয় বর্ষজীবী উদ্ভিদ, উশীর, খসখস।

বেনাম /বেনাম্/ [ফা.] বি. প্রকৃত মালিক বা প্রণেতার নামের বদলে ব্যবহৃত অন্য নাম, ছদ্মনাম। বিণ. নামহীন; পরিচয়হীন।

বেনামা /বেনামা/ [ফা.] বিণ. ১ প্রকৃত মালিকের নাম গোপন করে অন্য নাম ব্যবহার করা হয়েছে এমন (*বেনামা সম্পত্তি*)। ২ লেখক বা প্রেরকের নামের উল্লেখ নেই এমন (*বেনামা চিঠি*)।

বেনামি /বেনামি/ [ফা.] বিণ. দ্র বেনামা।

বেনারসি /বেনারোশি/ [বা.] বিণ. ভারতের উত্তর-প্রদেশের বারাণসীতে উৎপাদিত। বি. ওই অঞ্চলে

www.pathagar.com

উৎপাদিত রেশমি শাড়ি।

বেনিয়ম /বেনিয়োম্ / [ফা. বে+স. নিয়ম] বি. অনিয়ম, নিয়মের ব্যত্যয়; বিশৃঙ্খলা।

বেনিয়া /বেনিআ/ [স. বণিক >] বি. ১ বণিক সম্প্রদায়। ২ দোকানদার। ৩ (ব্য.) অতি হিসাবি ও ব্যবসায়ী বুদ্ধিসম্পন্ন ব্যক্তি।

বেনিয়ান /বেনিআন্ / [স. বণিক >] বি. ১ ভারতে ইউরোপীয় ব্যবসায় প্রতিষ্ঠানের দালাল বা মুৎসুদ্দি। ২ পুরুষের পরিধেয় গেঞ্জিজাতীয় খাটো জামাবিশেষ।

বেনে /বেনে / [স. বণিক>] বি. 'বানিয়া' ও 'বেনিয়া'-র কথ্য রূপ।

বেনেবউ /বেনেবোউ/ [দেশি.] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন উজ্জ্বল হলুদ সবুজ প্রভৃতি বর্ণের সুকণ্ঠ পাখি, oriole।

বেনো/বেনো / [বা.] বিণ. ১ বন্যাবাহিত; বন্যাজাত; বন্যাপ্লাবিত। ২ বন্যাসংক্রান্ত।

বেনোজল /বেনোজল্/ [বা. বেনো+স. জল] বি. বন্যার জল (*'বুড়িচাঁদ গেছে বুঝি বেনোজলে ভেসে? ...'* জীবনানন্দ.)।

বেপথু /বেপোথু/ [স. √বেপ্+অথু] বি. কম্পন, কাঁপুনি, শিহরন।

বেপথুমান /বেপোথুমান্/ [স. বেপথু+মান (শানচ্)] বিণ. কাঁপছে এমন, কম্পমান।

বেপন /বেপোন্/ [স. √বেপ্+অন] বি. দ্র বেপথু।

বেপমান /বেপোমান্/ [স. √বেপ্+মান (শানচ্)] বিণ. কম্পমান। স্ত্রী. বেপমানা /বেপোমানা/।

বেপরোয়া /বেপরোআ/ [ফা.] বিণ. ১ কোনো কিছুর পরোয়া করে না এমন। ২ নির্ভীক, ভয়হীন।

বেপর্দা /বেপর্দা / [ফা.] বিণ. ১ পর্দাপ্রথা মানে না এমন; স্বাধীন। ২ পর্দা নেই এমন। ৩ উন্মুক্ত।

বেপাড়া /বেপাড়া/ [বা.] বি. অন্য পাড়া, ভিন্ন পল্লি।

বেফাঁস /বেফাঁশ্/ [ফা.] বিণ. ১ অসাবধানতাহেতু গোপন বিষয় প্রকাশ হয়ে পড়েছে এমন; অসংযত (*বেফাঁস কথা*)। ২ বাঁধন নেই এমন, আলগা। ৩ অস্বস্তিকর।

বেফায়দা /বেফায়্দা/ [ফা. বে+আ. ফায়দা] বিণ. ক্রিবিণ. অনর্থক; বৃথা, নিষ্ফল।

বেবন্দেজ /বেবন্দেজ্/ [ফা.] বিণ. ব্যবস্থাহীন; অব্যবস্থিত; বিশৃঙ্খল।

বেবন্দোবস্ত /বেবন্দোবস্তো / [ফা.] বি. ব্যবস্থাহীনতা; বিশৃঙ্খলা। বিণ. বিশৃঙ্খল।

বেবাক /বেবাক্/ [দেশি.] বিণ. সমুদয়, সমস্ত, সব।

বেবুন /বেবুন্ / [ই.] বি. আফ্রিকা ও আরবদেশে বিচরণ করে এমন কুকুরসদৃশ নাক ও মুখবিশিষ্ট বানরজাতীয় বুদ্ধিমান সামাজিক চতুষ্পদ প্রাণী, baboon।

বেমক্কা /বেমক্কা/ [আ. মওকা>] বিণ. ১ অসংগত। ২ অশোভন। ৩ অপ্রত্যাশিত। ৪ অসংযত। ক্রিবিণ. অসংযত বা অসংগতভাবে।

বেমতলব /বেমত্লোব্ / [ফা. বে+আ. মতলব] বি. অনিচ্ছা; অনভিলাষ।

বেমরশুমি /বেমোর্শুমি / [ফা.] বিণ. অকালে জাত।

বেমানান /বেমানান্ / [বা.] বিণ. ১ মানায় না এমন, বেখাপ্পা (*বেমানান সাজ*)। ২ অশোভন।

বেমালুম /বেমালুম্ / [ফা. বে+আ. মালুম] ক্রিবিণ. অন্যের অজ্ঞাতে। বিণ. ১ সম্পূর্ণ। ২ জ্ঞাত বিষয় নয় এমন।

বেয়নেট /বেয়নেট্ / [ফ.] বি. সম্মুখযুদ্ধের জন্য রাইফেলের নলের সঙ্গে যুক্ত করা যায় এমন বিশেষ ধরনের ছোরা, bayonet।

বেয়াই /বেআই্/ [স. বৈবাহিক >] বি. পুত্র বা কন্যার শ্বশুর।

বেয়াড়া /বেআড়া/ [বা.] বিণ. ১ সহজে বশে আনা যায় না এমন; একরোখা (*বেয়াড়া লোক*)। ২ অমার্জিত ব্যবহার করে এমন। ৩ বিশ্রী; বেঢপ।

বেয়াদব /বেআদব্ / [ফা. বে+আ. আদব] বি. ভদ্র বা সভ্য নয় এমন, অশিষ্ট; দুর্বিনীত, উদ্ধত।

বেয়াদবি /বেআদোবি /[ফা.] বি. অশিষ্টতা, ঔদ্ধত্য।

বেয়ান /বেআন্/ [স. বৈবাহিক >] বি. পুত্র বা কন্যার শাশুড়ি।

বেয়ারা /বেআরা / [ই. bearer >] বি. আজ্ঞাবাহী পরিচারক।

বেয়ারিং /বেআরিং/ [ই.] বিণ. প্রাপককে ডাকমাশুল পরিশোধ করতে হবে এমন শর্তে বা অপর্যাপ্ত মাশুলে প্রেরিত, bearing (*বেয়ারিং চিঠি*)।

বেয়াল্লিশ /বেআল্লিশ্/ [স. দ্বিচত্বারিংশৎ >] বি. ৪২ সংখ্যা। বিণ. ৪২ সংখ্যক।

বের /বের্ / [বা.] বি. বাহির, বার।

বেরং /বেরং / [বা.] বি. ১ ভিন্ন বা বিকৃত রং। ২ তাসখেলায় ডাকের বহির্ভূত রং।

বেরসিক /বেরোশিক্/ [ফা. বে+স. রসিক] বিণ. রসবোধ নেই এমন, রসজ্ঞানহীন।

বেরাদার /বেরাদার / [ফা.] বি. ১ ভাই, জ্ঞাতি। ২ বন্ধু।

বেরিবেরি /বেরিবেরি / [সিং.] বি. খাদ্যে বি, ভিটামিনের অভাবজনিত রোগবিশেষ যাতে

www.pathagar.com

অঙ্গপ্রত্যঙ্গ ঘনঘন ফুলে যায় এবং হৃদ্‌যন্ত্রের অস্বাভাবিকতা দেখা দেয়, beriberi।

বেরুনো /বেরুনো/ [বা.] ক্রিবি. বাইরে যাওয়া।

বেরেশতা /বেরেশ্‌তা/ [ফা.] বি. পরিবেশনের আগে রাঁধা মাংস পোলাও প্রভৃতির ওপরে ছড়িয়ে দেওয়া হয় এমন ঘি বা তেলে ভাজা মিহি করে কাটা পেঁয়াজ।

বেরোনো /বেরোনো/ [বা.] ক্রিবি. বাইরে যাওয়া।

বেল[১] /বে:ল্/ [স. বিল্ব >] বি. গ্রীষ্মকালে ফোটে এমন সবুজাভ সাদা সুগন্ধ ফুল ও শক্ত খোলায় আবৃত কোমল শাঁসবিশিষ্ট গোলাকার সবুজাভ হলুদ ফল বা তার কাঁটাওয়ালা শাখাযুক্ত ভেষজ-গুণসম্পন্ন পত্রমোচী উদ্ভিদ (আনি. ভারত বাংলাদেশ ও মালয়েশিয়া), বিল্ব, শ্রীফল।

বেল[২] /বেল্/ [স. মল্লিকা >] বি. বেলি, মল্লিকা।

বেল[৩] /বেল্/ [ই. bell] বি. ১ ঘণ্টা। ২ ঘণ্টার ধ্বনি।

বেল[৪] /বে:ল্/ [ই. bale] বি. গাঁইট (*পাটের বেল*)।

বেল[৫] /বেল্/ [ব্যক্তি.] বি. দুটি ধ্বনির তুলনামূলক তীব্রতা বা বৈদ্যুতিক সংকেতের শক্তির তীব্রতা পরিমাপের একক, Bel।

বেল[৬] /বেল্/ [ফা.] বি. নকশাকরা রেশমি ফিতে।

বেলচা /বেল্‌চা/ [ফা.] বি. বালি পাথর প্রভৃতি তোলার জন্য ব্যবহৃত লম্বা হাতলযুক্ত দুধার উঁচু-করা চওড়া ধাতব ফলক, shovel।

বেলদার /বেল্‌দার্/ [ফা.] বিণ. নকশাকরা রেশমি ফিতেওয়ালা।

বেলন /বেলোন্/ [স. বেল্লন >] বি. ১ রুটি বেলার জন্য ব্যবহৃত কাঠের তৈরি গোলাকার ও লম্বা মসৃণ দণ্ডবিশেষ। ২ cylinder।

বেলনাকার /বেলোনাকার্/ [বা. বেলন+স. আকার] বিণ. বেলনের আকৃতিবিশিষ্ট, cylindrical।

বেলমুক্তা /বেল্‌মুক্‌তা/ [আ. বিল্‌মাক্‌তা >] বিণ. ১ সর্বমোট। ২ নির্ধারিত। ক্রিবিণ. সাকুল্যে।

বেলশুঁঠ /বেল্‌শুঁঠ/ [বা.] বি. বেলের শুকনো ফালি।

বেলা[১] /বেলা/ [দেশি.] বি. বেলি, মল্লিকা।

বেলা[২] /বেলা/ [স. √বেল্+অ+আ (টাপ্)] বি. সমুদ্রের তীর বা তটভূমি (*বালুকাবেলা*)।

বেলা[৩] /ব্যালা/ [স. √বেল্+অ+আ (টাপ্)] বি. ১ সময় (*বেলা তিনটা*)। ২ দিবাভাগ (*বেলা পড়া*)। ৩ বিলম্ব (*বেলা করে ঘুম থেকে ওঠা*)। ৪ ব্যাপ্তি (*জীবনের বেলা*)। ৫ সুযোগ (*এই বেলা কাজটি সেরে নাও*)। ৬ বয়স (*ছেলেবেলা*)। অব্য. পক্ষে; সম্বন্ধে (*তার বেলা*)।

বেলা[৪] /ব্যালা/ [বা.] ক্রিবি. চাকির ওপর বেলন দিয়ে চেপে রুটি লুচি প্রভৃতি তৈরি করা (*রুটি বেলা*)।

বেলা করা /ব্যালা করা/ ক্রিবি. দেরি করা।

বেলা পড়া /ব্যালা পড়া/ ক্রিবি. বিকেল বা সন্ধ্যা ঘনিয়ে আসা।

বেলাবেলি /ব্যালাবেলি/ [বা.] ক্রিবিণ. দিনের আলোয়, অন্ধকার নেমে আসার আগে।

বেলাভূমি /বেলাভূমি/ [স. বেলা+ভূমি] বি. সমুদ্র বা নদীর তীর।

বেলি /বেলি/ [হি.] বি. বাগান বা টবে লাগানো হয় এবং প্রায় সারাবছর ফোটে এমন সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার ডিম্বাকৃতির লম্বাটে পাতা ও সরু কাণ্ডবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ, মল্লিকা।

বেলিফুল /বেলিফুল্/ [হি.] বি. দ্র বেলি।

বেলুন[১] /বেলুন্/ [স. বেল্লন >] বি. দ্র বেলন।

বেলুন[২] /বেলুন্/ [ফ.] বি. গরম বাতাস ভরা ফানুস থেকে ঝোলানো ঝুড়ি যাতে চড়ে মানুষ আকাশপথে ভ্রমণ করতে পারে; সাজসজ্জা বা খেলনা হিসেবে ব্যবহৃত বাতাসভর্তি হালকা প্লাস্টিকের থলি, balloon।

বেলে /বেলে/ [বা.] বিণ. বালিকণার আধিক্যবিশিষ্ট (*বেলেমাটি*)। বি. মিঠাপানির ছোটো মাছবিশেষ।

বেলেপাথর /বেলেপাথোর্/ [বা.] বি. বালি বা খনিজকণা জমাট বেঁধে গঠিত শিলা, sandstone।

বেলেমাটি /বেলেমাটি/ [বা.] বি. বালিকণার আধিক্য-বিশিষ্ট মাটি।

বেলেল্লা /বেলেল্‌লা/ [দেশি.] বিণ. ১ উচ্ছৃঙ্খল ও লম্পট। ২ নির্লজ্জ। ৩ বখাটে। ৪ মাতাল।

বেলেল্লাগিরি /বেলেল্‌লাগিরি/ [দেশি. বেলেল্লা+ফা. গিরি] বি. দ্র বেলেল্লাপনা।

বেলেল্লাপনা /বেলেল্‌লাপনা/ [দেশি.] বি. উচ্ছৃঙ্খল ও অশালীন আচরণ।

বেলেস্তারা /বেলেস্‌তারা/ [ই. blister >] বি. ফোসকা নিরাময়ের জন্য ব্যবহৃত ওষুধ মাখানো কাপড়ের পটিবিশেষ।

বেলোয়ারি /বেলোআরি/ [আ. বিল্লোয়ার >] বিণ. স্ফটিকের মতো পল-কাটা কাচের তৈরি (*বেলোয়ারি চুড়ি*)।

বেলোর্মি /বেলোর্‌মি/ [স. বেলা+ঊর্মি] বি. সমুদ্রগর্ভে তীব্র ভূকম্পন (রিখ্‌টার স্কেলে ৬·৫ মাত্রার ঊর্ধ্বে) বা অগ্ন্যুৎপাতের ফলে সমুদ্র উপকূলকে প্লাবিত করে এমন প্রবল বেগে ধেয়ে আসা জলোচ্ছ্বাস, সুনামি, tsunami।

বেল্ট /বেল্‌ট্/ [ই.] বি. ১ কোমরবন্ধ, belt। ২ ঘুনসি।

বেল্লিক /বেল্‌লিক্/ [স. ব্যলীক >] বিণ. ১ নির্লজ্জ,

www.pathagar.com

বেহায়া। ২ লম্পট, দুশ্চরিত্র। ৩ মাতাল।

বেশ[১] /বেশ্/ [স. √বিশ্+অ] বি. সজ্জা; পোশাক।

বেশ[২] /বে:শ্/ [ফা.] বিণ. ১ উত্তম, চমৎকার। ২ যথেষ্ট। ক্রিবিণ. উত্তমরূপে। অব্য. অনুমোদনসূচক (*বেশ, তবে তাই হোক*)।

বেশক /বেশক্/ [ফা.] ক্রিবিণ. অব্য. অবশ্যই, নিশ্চয়ই, নিঃসন্দেহে।

বেশকম /বেশ্কম্/ [ফা.] বিণ. অল্পবিস্তর, কমবেশি। বি. তারতম্য (*ওজনে বেশকম*)।

বেশ করা /বে:শ্ করা/ ক্রিবি. অন্যের তোয়াক্কা না করে নিজের খেয়ালখুশি মতো চলা।

বেশধারী /বেশ্ধারি/ [স. বেশ+√ধৃ+ইন্] বিণ. বেশ ধারণ করেছে এমন।

বেশবাস /বেশ্বাস্/ [স. বেশ+বাস] বি. বেশভূষা।

বেশবিন্যাস /বেশ্বিন্ন্যাশ্/ [স. বেশ+বিন্যাস] বি. সাজসজ্জা বা প্রসাধনক্রিয়া।

বেশভূষা /বেশ্ভূশা/ [স. বেশ+ভূষা] বি. সাজসজ্জা।

বেশর /বেশর্/ [দেশি.] বি. নাকের অর্ধচন্দ্রাকৃতি অলংকারবিশেষ, নথ।

বেশরম /বেশরোম্/ [ফা.] বিণ. নির্লজ্জ, বেহায়া।

বেশি /বেশি/ [ফা.] বিণ. অধিক। বি. প্রাচুর্য।

–বেশী /বেশি/ [স. বেশ+ইন্] বিণ. বেশধারী (*ভদ্র–বেশী*)। স্ত্রী. –বেশিনী /বেশিনি/।

বেশুমার /বেশুমার্/ [ফা.] বিণ. অসংখ্য; প্রচুর।

বেশ্ম /বেশ্মোঁ/ [স. √বিশ্+মন্] বি. ঘর; গৃহ।

বেশ্যা /বেশ্শা/ [স. বেশ+য+আ (টাপ্)] বি. যৌন–কর্মী।

বেশ্যাবৃত্তি /বেশ্শাবৃত্তি/ [স. বেশ্যা+√বৃৎ+তি] বি. যৌনকর্মীর পেশা।

বেশ্যাসক্ত /বেশ্শাশক্তো/ [স. বেশ্যা+আসক্ত] বিণ. যৌনকর্মীর প্রতি আসক্ত।

বেষ্ট /বেশ্টো/ [স. √বেষ্ট্+অ] বি. ১ বেড়া, বেষ্টনী। ২ বেষ্টন।

বেষ্টক /বেশ্টক্/ [স. √বেষ্ট্+অক] বিণ. বেষ্টনকারী।

বেষ্টন /বেশ্টন্/ [স. √বেষ্ট্+অন] বি. ১ ঘেরা। ২ প্রাচীর। ৩ ঘেরাও। ৪ পরিধি। ৫ প্রদক্ষিণ।

বেষ্টনী /বেশ্টোনি/ [স. বেষ্টন+ঈ] বি. ১ যা দিয়ে বেষ্টন করা হয় (*পুলিশের বেষ্টনী*)। ২ দেওয়াল। ৩ গণ্ডি। ৪ বন্ধনীচিহ্ন।

বেষ্টবংশ /বেশ্টোবংশো/ [স. বেষ্ট+বংশ] বি. বেউড় বাঁশ, কাঁটাওয়ালা বাঁশ।

বেষ্টিত /বেশ্টিতো/ [স. √বেষ্ট্+ত] বিণ. বেষ্টন করা হয়েছে এমন।

বেসন /বেশন্/ [দেশি.] বি. ছোলা মটর ডাল প্রভৃতির চূর্ণ।

বেসরকারি /বেশর্কারি/ [ফা.] বিণ. ১ সরকারের নয় এমন (*বেসরকারি প্রতিষ্ঠান*)। ২ সরকার–নিয়ন্ত্রিত নয় এমন (*বেসরকারি উদ্যোগ*)। ৩ ব্যক্তিমালিকানাধীন (*বেসরকারি পরিবহণ*)।

বেসাত /বেশাত্/ [আ.] বি. ব্যবসায়ের পণ্যসামগ্রী।

বেসাতি /বেশাতি/ [ফা.] বি. ১ পণ্যদ্রব্য। ২ পণ্য বিক্রয়ের কাজ, দোকানদারি।

বেসামরিক /বেশামোরিক্/ [ফা. বে+স. সামরিক] বিণ. সমরবিষয়ক নয় এমন, অসামরিক, civil।

বেসামাল /বেশামাল্/ [বা.] বিণ. ১ অসংযত। ২ অসংলগ্ন। ৩ অসাবধান।

বেসালি /বেশালি/ [পো.] বি. দুধ দোহন বা জ্বাল দেওয়ার জন্য ব্যবহৃত মাটির ভাঁড়।

বেসিন /বেসিন্/ [ই. basin] বি. ১ (হাতমুখ ধোয়ার জন্য ব্যবহৃত) কলঘরের খাঁজকাটা বেদির ওপর বসানো বা দেওয়ালে লাগানো পানির কলযুক্ত গামলাসদৃশ চীনামাটি বা কাচের পাত্র। ২ নদীর অববাহিকা।

বেসুর /বেশুর্/ [বা.] বি. ভুল সুর।

বেসুরা /বেশুরা/ [বা.] বিণ. দ্র বেসুরো।

বেসুরো /বেশুরো/ [বা.] বিণ. ১ সুরেলা নয় বা সুর ঠিক নেই এমন। ২ শুতিকটু। ৩ খাপছাড়া।

বেহদ্দ /বেহদ্দো/ [ফা. বে+আ. হদ্দ] বিণ. ১ অত্যন্ত, খুব, জবর, বেজায়। ২ অসীম।

বেহাই /বেহাই/ [স. বৈবাহিক >] বি. পুত্র বা কন্যার শ্বশুর। স্ত্রী. বেহান /বেহান্/।

বেহাগ /বেহাগ্/ [হি. বিহাগ >] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

বেহাত /বেহাত্/ [ফা. বে+বা. হাত] বিণ. অন্যের হাতে চলে গেছে এমন, হাতছাড়া।

বেহায়া /বেহায়া/ [ফা. বে+আ. হায়া] বিণ. নির্লজ্জ।

বেহায়াপনা /বেহায়াপনা/ [বা.] বি. নির্লজ্জ আচরণ; লজ্জাহীনতা।

বেহারা /বেহারা/ [স. বাহক >] বি. পালকিবাহক।

বেহাল /বেহাল্/ [ফা. বে+আ. হাল] বি. ১ দুর্ভোগ, দুর্দশা। ২ বিশৃঙ্খলা। বিণ. ১ দুর্দশাগ্রস্ত। ২ নিয়ন্ত্রণের অসাধ্য। ৩ বিশৃঙ্খল, অরাজক।

বেহালা /বেহালা/ [পো.] বি. ছড় দিয়ে বাজানো হয় এমন চারটি তারের বাদ্যযন্ত্রবিশেষ, violin।

বেহিসাব /বেহিশাব্/ [ফা. বে+আ. হিসাব] বি. ১

www.pathagar.com

অপরিণামদর্শিতা। ২ অসতর্কতা। বিণ. ১ অপরিণামদর্শী; হঠকারী। ২ হিসাব নেই এমন। ৩ অবাধ; মুক্তহস্ত। ৪ অসতর্ক।

বেহিসাবি /বেহিশাবি / [ফা.] বিণ. হিসাব করে চলে না এমন; অপরিণামদর্শী; হঠকারী।

বেহুঁশ /বেহুঁশ্/ [ফা.] বিণ. ১ অজ্ঞান; মূর্ছিত। ২ বেখেয়াল।

বেহুদা /বেহুদা/ [ফা.] বিণ. ১ বাজে। ২ অনুচিত। ৩ অযৌক্তিক। ক্রিবিণ. অনর্থক।

বেহুলা /বেহুলা/ [ব্যক্তি.] বি. মনসামঙ্গলকাব্যে বর্ণিত চাঁদসওদাগরের সতীসাধ্বী পুত্রবধূ।

বেহেড /বেহেড়্ / [ফা. বে+ই. হেড] বিণ. ১ চিন্তাশক্তি নেই এমন, মতিভ্রষ্ট। ২ কাণ্ডজ্ঞানহীন, মত্ত (*বেহেড মাতাল*)।

বেহেশত /বেহেশ্ত্ / [ফা.] বি. স্বর্গ, জান্নাত।

বৈকর্তন /বোইকর্তোন্ / [স. বিকর্তন+অ] বি. মহাভারতে বর্ণিত সূর্যের ঔরসে কুন্তীর গর্ভে জাত সন্তান কর্ণ। বিণ. সূর্যবংশীয়।

বৈকল্পিক /বোইকোল্পিক্ / [স. বিকল্প+ইক] বিণ. ১ বিকল্পরূপে বিবেচ্য। ২ সন্দেহযোগ্য।

বৈকল্য /বোইকোল্লো / [স. বিকল+য] বি. ১ বিকৃতি; অঙ্গহীনতা। ২ অক্ষমতা। ৩ ব্যাকুলভাব।

বৈকাল[১] /বোইকাল্ / [স. বিকাল+অ] বি. বিকাল, অপরাহ্ণ।

বৈকাল[২] /বোইকাল্ / [স্থান.] বি. দক্ষিণ সাইবেরিয়ায় অবস্থিত বিশ্বের গভীরতম হ্রদ।

বৈকালি /বোইকালি/ [স. বৈকালিক >] বি. দেবতাকে নিবেদিত বৈকালিক নৈবেদ্য।

বৈকালিক /বোইকালিক্/ [স. বিকাল+ইক] বিণ. বিকাল বা অপরাহ্ণ সম্বন্ধীয়; বিকালবেলার। বি. দেবতাকে অপরাহ্ণে নিবেদিত নৈবেদ্য।

বৈকালীন /বোইকালিন্/ [স. বিকাল+ঈন] বিণ. বিকালবেলার; বিকালসম্বন্ধীয়।

বৈকুণ্ঠ /বোইকুন্ঠো / [স. বিকুণ্ঠা+অ] বি. ১ বিষ্ণু। ২ বিষ্ণুলোক, বিষ্ণুধাম।

বৈকুণ্ঠধাম /বোইকুন্ঠোধাম্ / [স. বৈকুণ্ঠ+ধাম] বি. বিষ্ণুর অধিষ্ঠানভূমি।

বৈকুণ্ঠনাথ /বোইকুন্ঠোনাথ্ / [স. বৈকুণ্ঠ+নাথ] বি. বিষ্ণু।

বৈকুণ্ঠপতি /বোইকুন্ঠোপোতি/ [স. বৈকুণ্ঠ+পতি] বি. বিষ্ণু।

বৈকুণ্ঠলোক /বোইকুন্ঠোলোক্/ [স. বৈকুণ্ঠ+লোক] বি. দ্র বৈকুণ্ঠধাম।

বৈকৃত /বোইক্কৃতো / [স. বিকৃতি+অ] বিণ. ১ বিকৃত। ২ অপ্রাকৃত। ৩ বীভৎস। ৪ ঘৃণার্হ।

বৈকৃতকাম /বোইক্কৃতোকাম্ / [স. বৈকৃত+কাম] বিণ. বিকৃত যৌনবাসনাসম্পন্ন।

বৈক্লব্য /বোইক্লোবো / [স. বিক্লব+য] বি. ১ অস্থিরতা। ২ কাতরতা। ৩ বিমূঢ়ভাব।

বৈগুণ্য /বোইগুন্নো / [স. বিগুণ+য] বি. ১ গুণবৈপরীত্য। ২ বিরোধিতা। ৩ বৈকল্য। ৪ গুণহীনতা।

বৈচক্ষণ্য /বোইচোক্খোন্নো / [স. বিচক্ষণ+য] বি. ১ বিচক্ষণতা। ২ নৈপুণ্য, কুশলতা, পারদর্শিতা।

বৈচিত্ত্য /বোইচিত্তো / [স. বিচিত্ত+য] বি. ১ চিত্তের গতিপ্রকৃতি; মতিভ্রম। ২ মোহ।

বৈচিত্র্য /বোইচিত্তো / [স. বিচিত্র+য] বি. ১ বিচিত্রতা, বিভিন্নতা। ২ বিচিত্র শোভা বা সৌন্দর্য।

বৈজয়ন্ত /বোইজয়ন্তো / [স. বি+√জি+অন্ত] বি. ১ ইন্দ্রের প্রাসাদ, ইন্দ্রপুরী। ২ ইন্দ্রের পতাকা।

বৈজয়ন্তী /বোইজয়োন্তি / [স. বি+√জি+অন্ত+ঈ] বি. ১ ধ্বজা, পতাকা। ২ কণ্ঠ থেকে জানু পর্যন্ত লম্বা পাঁচ রঙের ফুলের মালা।

বৈজয়িক /বোইজোয়িক্ / [স. বিজয়+ইক] বিণ. বিজয়সম্বন্ধীয়; জয়সূচক।

বৈজাত্য /বোইজাত্তো / [স. বিজাত+য] বি. ১ বিজাতীয়ের ভাব, বিজাতীয়তা। ২ বৈলক্ষণ্য। ৩ স্বভাবের বৈপরীত্য।

বৈজ্ঞানিক /বোইগ্গ্যানিক্ / [স. বিজ্ঞান+ইক] বিণ. ১ বিজ্ঞানসম্বন্ধীয়; বিজ্ঞানসম্মত। ২ বিজ্ঞানবিষয়ে বিশেষভাবে জ্ঞাত।

বৈঠক /বোইঠক্ / [হি.] বি. ১ মজলিস। ২ উপবেশন; ওঠবস করার ব্যায়াম। ৩ হুঁকো রাখার আধার।

বৈঠকখানা /বোইঠক্খানা / [হি. বৈঠক+ফা. খানা] বি. বাড়ির বহির্দেশস্থ বসার ঘর, কাছারি ঘর।

বৈঠকি /বোইঠোকি/ [হি. বৈঠক >] বিণ. বৈঠকের উপযুক্ত, মজলিসি।

বৈড়াল /বোইড়াল্ / [স. বিড়াল+অ] বিণ. ১ বিড়ালসংক্রান্ত। ২ বিড়ালসুলভ।

বৈড়ালব্রত /বোইড়াল্ব্রোতো / [স. বৈড়াল+ব্রত] বি. সাধু সেজে গোপনে অসৎ কাজ সম্পাদন, ভণ্ডামি।

বৈণ /বোইনো / [স. বেণু+অ] বি. ১ বাঁশের জিনিসপত্র তৈরি করা যার পেশা। ২ ডোম। বিণ. বেণুব্যবসায়ী, বেণুজীবী।

বৈণিক /বোইনিক্ / [স. বীণা+ইক] বিণ. ১ বীণা-

www.pathagar.com

বাদক। ২ বীণাসম্বন্ধীয়। বি. নারদ।

বৈতংসিক /বোইতংশিক্/ [স. বীতংস+ইক] বি. ফাঁদ পেতে পাখি ধরা যার পেশা।

বৈতনিক /বোইতোনিক্/ [স. বেতন+ইক] বিণ. বেতনভোগী (*বৈতনিক কর্মচারী*); বেতন দিতে হয় এমন।

বৈতরণি /বোইতরোনি/ [স. বিতরণ+অ+ই] বি. ১ ওড়িশার নদীবিশেষ। ২ পুরাণমতে স্বর্গে গমনের জন্য যে নদী অতিক্রম করতে হয় (*হৃদয় আমার খেয়ার যাত্রী বৈতরণীর পার।* বিষ্ণু.)।

বৈতস /বোইতশ্/ [স. বেতস+অ] বিণ. বেতসসম্বন্ধীয়।

বৈতান /বোইতান্/ [স. বিতান+অ] বিণ. যজ্ঞসংক্রান্ত। বি. যজ্ঞের আগুন; হোমের নৈবেদ্য।

বৈতানিক /বোইতানিক্/ [স. বিতান+ইক] বিণ. বি. দ্র বৈতান।

বৈতালিক[১] /বোইতালিক্/ [স. বিতাল+ইক] বি. ১ শান্তিনিকেতনে বিশেষ উৎসব উপলক্ষ্যে প্রভাত-ফেরিতে যে গান গাওয়া হয়। ২ স্তুতিপাঠক। ৩ (বাংলায়) অতীতে রাজা-মহারাজাদের স্তুতি পাঠ করে ভোরবেলা যে গান গাওয়া হতো।

বৈতালিক[২] /বোইতালিক্/ [স. বেতাল+ইক] বিণ. বেতালসম্বন্ধীয়।

বৈদগ্ধ্য /বোইদোগ্ধো/ [স. বিদগ্ধ+য] বি. ১ বিদগ্ধের ভাব; পাণ্ডিত্য। ২ রসিকতা, রসবোধ। ৩ দক্ষতা।

বৈদর্ভ /বোইদর্ভো/ [স. বিদর্ভ+অ] বিণ. ১ বিদর্ভ নগরসম্বন্ধীয়। ২ বিদর্ভনগরে উৎপন্ন।

বৈদান্তিক /বোইদান্তিক্/ [স. বেদান্ত+ইক] বিণ. বেদান্তদর্শনসংক্রান্ত; বেদান্তসম্মত; বেদান্তদর্শনের অন্তর্গত। বি. বেদান্তদর্শনে পণ্ডিত ব্যক্তি।

বৈদিক /বোইদিক্/ [স. বেদ+ইক] বিণ. বেদসংক্রান্ত; বেদবিহিত। বি. ব্রাহ্মণের শ্রেণিবিশেষ; বেদজ্ঞ ব্যক্তি।

বৈদুষ্য /বোইদুশ্যো/ [স. বিদ্বস্+য] বি. বিদ্যাবত্তা।

বৈদূর্য /বোইদুরজ্যো/ [স. বিদূর+য] বি. নীলকান্তমণি।

বৈদূর্যমণি /বোইদুরজ্যোমোনি/ [স. বৈদূর্য+মণি] বি. নীলকান্তমণি, cat's eye।

বৈদেশিক /বোইদেশিক্/ [স. বিদেশ+ইক] বিণ. ১ বিদেশবিষয়ক। ২ ভিন্ন দেশে উৎপন্ন বা জাত। ৩ অন্য দেশ থেকে আগত।

বৈদেহ /বোইদেহো/ [স. বিদেহ+অ] বিণ. বিদেহ অর্থাৎ মিথিলাসম্বন্ধীয়; মিথিলাদেশে উৎপন্ন; মিথিলার অধিবাসী। বি. মিথিলার রাজা জনক।

বৈদেহিক /বোইদেহিক্/ [স. বিদেহ+ইক] বিণ. অশরীরী, দেহহীন।

বৈদেহী /বোইদেহি/ [স. বিদেহ+ইন্] বি. বিদেহরাজ জনকের কন্যা সীতা।

বৈদ্য /বোইদ্যো/ [স. বিদ্যা+অ] বি. ১ চিকিৎসক, কবিরাজ। ২ পদবিবিশেষ। বিণ. বিদ্বান, পণ্ডিত।

বৈদ্যক /বোইদ্যোক্/ [স. বৈদ্য+ক] বি. দ্র বৈদ্যশাস্ত্র।

বৈদ্যনাথ /বোইদ্যোনাথ্/ [স. বৈদ্য+নাথ] বি. শিব।

বৈদ্যনাথতলা /বোইদ্যোনাথ্তলা/ [স্থান.] বি. বাংলাদেশের তদানীন্তন মেহেরপুর মহকুমার অন্তর্গত গ্রামবিশেষ (বর্তমান মুজিবনগর) যেখানে ১৭ই এপ্রিল ১৯৭১ (৪ঠা জ্যৈষ্ঠ ১৩৭৮) তারিখে প্রধানমন্ত্রী তাজউদ্দীন আহমদের নেতৃত্বে প্রথম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করে।

বৈদ্যশালা /বোইদ্যোশালা/ [স. বৈদ্য+√শল্+অ+আ (টাপ্)] বি. চিকিৎসালয়।

বৈদ্যশাস্ত্র /বোইদ্যোশাস্ত্রো/ [স. বৈদ্য+শাস্ত্র] বি. আয়ুর্বেদ শাস্ত্র।

বৈদ্যসংকট /বোইদ্যোশংকট্/ [স. বৈদ্য+সংকট] বি. ১ নানা চিকিৎসকের নানা মতে চিকিৎসার ফলে রোগীর আরোগ্যলাভে বিঘ্ন সৃষ্টি। ২ চিকিৎসকের স্বল্পতা।

বৈদ্যুত /বোইদ্যুত্/ [স. বিদ্যুৎ+অ] বিণ. দ্র বৈদ্যুতিক।

বৈদ্যুতিক /বোইদ্যুতিক্/ [স. বিদ্যুৎ+ইক] বিণ. ১ বিদ্যুদ্‌বিষয়ক। ২ বিদ্যুৎপূর্ণ। ৩ বিদ্যুচ্চালিত।

বৈধ /বোইধো/ [স. বিধি+অ] বিণ. বিধিসম্মত, আইনসম্মত; ন্যায্য। বি. ~তা /-তা/।

বৈধব্য /বোইধোব্বো/ [স. বিধবা+য] বি. বিধবার অবস্থা, পতিহীনতা।

বৈধব্যদশা /বোইধোব্বোদশা/ [স. বৈধব্য+দশা] বি. বিধবার অবস্থা।

বৈধর্ম্য /বোইধোরমো/ [স. বিধর্ম+য] বি. ১ ধর্মসম্বন্ধে বিরুদ্ধ মনোভাব পোষণ; নাস্তিকতা। ২ বৈসাদৃশ্য।

বৈধৃতি /বোইধৃতি/ [স. বিধৃতি+অ] বি. যোগবিশেষ।

বৈধেয় /বোইধেয়ো/ [স. বিধেয়+অ] বিণ. বৈধ; বিধিসংক্রান্ত।

বৈনতেয় /বোইনতেয়ো/ [স. বিনতা+এয়] বি. পুরাণে বর্ণিত বিনতার পুত্র গরুড় ও অরুণ।

বৈনাশিক /বোইনাশিক্/ [স. বিনাশ+ইক] বিণ. বিনাশ করে এমন, ধ্বংসাত্মক।

বৈপরীত্য /বোইপোরিত্তো/ [স. বিপরীত+য] বি.

www.pathagar.com

১ বিপরীত ভাব। ২ বিরুদ্ধতা। ৩ বিপর্যয়।

বৈপিত্র /বোইপিত্রো/ [স. বিপিত্+অ] বিণ. এক মাতার গর্ভে কিন্তু ভিন্ন পিতার ঔরসজাত। স্ত্রী. বৈপিত্রী /বোইপিত্রি/।

বৈপিত্রেয় /বোইপিত্রেয়ো/ [স. বিপিত্+এয়] বিণ. এক মাতার গর্ভে কিন্তু ভিন্ন পিতার ঔরসজাত। স্ত্রী. বৈপিত্রেয়ী /বোইপিত্রেয়ি/।

বৈপ্লবিক /বোইপ্লোবিক্/ [স. বিপ্লব+ইক] বিণ. ১ বিপ্লবসংক্রান্ত। ২ বিপ্লবাত্মক। ৩ দ্রুত পরিবর্তনশীল। ৪ সম্পূর্ণ নতুন অবস্থার প্রবর্তক।

বৈফল্য /বোইফোল্লো/ [স. বিফল+য] বি. ব্যর্থতা, বিফলতা।

বৈবর্ণ্য /বোইবোর্নো/ [স. বিবর্ণ+য] বি. বিবর্ণ অবস্থা; ম্লানতা।

বৈবস্বত /বোইবশ্শত্/ [স. বিবস্বৎ+অ] বি. ১ সপ্তম মনু। ২ যম। ৩ শনি। ৪ কর্ণ। বিণ. সৌর।

বৈবাহিক /বোইবাহিক্/ [স. বিবাহ+ইক] বিণ. ১ বিবাহসম্পর্কীয়। ২ বিবাহঘটিত। ৩ বিবাহযোগ্য। বি. বেয়াই। স্ত্রী. বৈবাহিকী /বোইব্যাহিকি/।

বৈভব /বোইভব্/ [স. বিভব+অ] বি. ১ ধনসম্পত্তি, ঐশ্বর্য। ২ মহিমা। ৩ সামর্থ্য, শক্তি। ৪ বাহুল্য।

বৈভবশালী /বোইভবশালি/ [স. বৈভব+√শাল্+ইন্] বিণ. ১ ঐশ্বর্যশালী। ২ মহিমান্বিত।

বৈভাষিক /বোইভাশিক্/ [স. বিভাষা+ইক] বিণ. বিকল্পে সিদ্ধ এমন। বি. বৌদ্ধ দর্শনের মতবিশেষ।

বৈভিন্ন্য /বোইভিন্নো/ [স. বিভিন্ন+য] বি. বিভিন্নতা, বৈচিত্র্য।

বৈমনস্য /বোইমনোশ্শো/ [স. বিমনস্+য] বি. ১ অন্যমনস্কতা। ২ বিষাদ। ৩ উদ্‌বেগ। ৪ মনোমালিন্য।

বৈমাত্র /বোইমাত্রো/ [স. বিমাত্+অ] বিণ. বিমাতার গর্ভজাত। স্ত্রী. বৈমাত্রী /বোইমাত্রি/।

বৈমাত্রেয় /বোইমাত্রেয়ো/ [স. বিমাত্+এয়] বিণ. বিমাতার গর্ভজাত (*বৈমাত্রেয় ভাই*)। স্ত্রী. বৈমাত্রেয়ী /বোইমাত্রেয়ি/।

বৈমানিক /বোইমানিক/ [স. বিমান+ইক] বি. বিমানচালক। বিণ. ১ বিমানসম্বন্ধীয়। ২ বিমানচারী।

বৈয়ক্তিক /বোইওক্তিক্/ [স. ব্যক্তি+ইক] বিণ. সর্বসাধারণের জ্ঞাতব্য নয় এমন, ব্যক্তিগত।

বৈয়াকরণ /বোইআকরোন্/ [স. ব্যাকরণ+অ] বিণ. ১ ব্যাকরণবিদ। ২ ব্যাকরণসম্পর্কীয়। বি. ব্যাকরণে পণ্ডিত ব্যক্তি।

বৈয়াঘ্র /বোইআগ্‌ঘ্রো/ [স. ব্যাঘ্র+অ] বিণ. ১ বাঘবিষয়ক। ২ বাঘের চামড়া দিয়ে ঢাকা।

বৈয়াম /বোইআম্/ [পো. boiao >] বি. কাচ বা চীনামাটির তৈরি ঢাকনাওয়ালা চওড়ামুখ পাত্রবিশেষ; 'বয়াম'-এর আঞ্চলিক রূপ।

বৈয়াসক /বোইআশক্/ [স. ব্যাস+অক] বিণ. ব্যাসসম্পর্কিত; ব্যাসরচিত।

বৈয়াসকি /বোইআশোকি/ [স. ব্যাস+অ] বি. ব্যাসের পুত্র শুকদেব।

বৈয়াসিক /বোইআশিক্/ [স. ব্যাস+ইক] বিণ. দ্র বৈয়াসক।

বৈর /বোইরো/ [স. বীর+অ] বি. শত্রুতা; বিরোধ; বিদ্বেষ।

বৈর নির্যাতন /বোইরো নির্‌জাতোন্/ বি. শত্রুর প্রতি হিংসা; শত্রুপীড়ন।

বৈরসাধন /বোইরোশাধোন্/ [স. বৈর+সাধন] বি. ১ শত্রুতাকরণ। ২ বিরুদ্ধাচরণ।

বৈরস্য /বোইরোশ্শো/ [স. বিরস+য] বি. ১ বিরসতা। ২ অনাসক্তি।

বৈরাগ /বোইরাগ্/ [স. বিরাগ+অ] বি. দ্র বৈরাগ্য।

বৈরাগী /বোইরাগি/ [স. বিরাগ+ইন্] বিণ. সংসারের প্রতি অনাসক্ত। বি. (বাংলায়) বৈষ্ণব ভিক্ষু।

বৈরাগ্য /বোইরাগ্গো/ [স. বিরাগ+য] বি. সংসারে বা বিষয়ভোগে উদাসীনতা।

বৈরাট /বোইরাট্/ [স. বিরাট+অ] বিণ. ১ বিরাটদেশীয়। ২ বিরাটসম্পর্কিত।

বৈরিতা /বোইরিতা/ [স. বৈর+ইন্+তা] বি. শত্রুতা।

বৈরিভাবাপন্ন /বোইরিভাবাপন্নো/ [স. বৈরী+ভাব +আপন্ন] বিণ. শত্রুভাবাপন্ন।

বৈরী /বোইরি/ [স. বৈর+ইন্] বি. শত্রু। বিণ. বিরুদ্ধ; প্রতিকূল (*বৈরী আবহাওয়া*)।

বৈরূপ্য /বোইরুপ্পো/ [স. বিরূপ+য] বি. ১ বিরূপ ভাব, বিরূপতা। ২ বৈসাদৃশ্য। ৩ বিকৃতি।

বৈলক্ষণ্য /বোইলোক্‌খোন্নো/ [স. বিলক্ষণ+য] বি. ১ প্রকারান্তর। ২ ভাবান্তর। ৩ ভিন্নতা। ৪ বিশেষত্ব।

বৈশম্পায়ন /বোইশম্‌পায়ন্/ [ব্যক্তি.] বি. কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসের শিষ্য।

বৈশাখ /বোইশাখ্/ [স. বিশাখা+অ] বি. বাংলা বছরের প্রথম মাস, গ্রীষ্মঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৪ই এপ্রিল থেকে ১৪ই মে পর্যন্ত কালপর্ব।

বৈশাখী /বোইশাখি/ [স. বিশাখা+অ+ঈ] বি. বিশাখা নক্ষত্রযুক্ত পূর্ণিমা। বিণ. বৈশাখ মাসসংক্রান্ত; বৈশাখ

www.pathagar.com

মাসের (*বৈশাখী মেলা*)।

বৈশালী /বোইশালি / [স্থান.] বি. ভারতের উত্তর বিহারের প্রাচীন নগরীবিশেষ।

বৈশিষ্ট্য /বোইশিশ্‌টো/ [স. বিশিষ্ট+য] বি. ১ বিশেষত্ব; বিশিষ্টতা। ২ অসাধারণত্ব। ৩ প্রভেদ।

বৈশিষ্ট্যজ্ঞাপক /বোইশিশ্‌টোগ্যাঁপক্/ [স. বৈশিষ্ট্য+জ্ঞাপক] বিণ. বিশিষ্টতা প্রকাশ করে এমন।

বৈশেষিক /বোইশেশিক্/ [স. বিশেষ+ইক] বি. কণাদমুনি রচিত দর্শনশাস্ত্র।

বৈশ্ববিদ্যালয়িক /বোইশ্‌শোবিদ্‌দালোয়িক্/ [স. বিশ্ববিদ্যালয়+ইক] বিণ. বিশ্ববিদ্যালয়সম্বন্ধীয়।

বৈশ্বানর /বোইশ্‌শানর্/ [স. বিশ্বানর+অ] বি. ১ অগ্নি। ২ অগ্নিদেবতা।

বৈশ্বিক /বোইশ্‌শিক্/ [স. বিশ্ব+ইক] বিণ. বিশ্বের (*বৈশ্বিক উষ্ণতা*); বিশ্বসম্বন্ধীয়।

বৈশ্বিকীকরণ /বোইশ্‌শিকিকরোন্/ [স. বৈশ্বিক+ঈ+করণ] বি. অর্থনীতি প্রযুক্তি প্রভৃতি ক্ষেত্রে উন্নয়নশীল ও উন্নত দেশসমূহের মধ্যে সমন্বয় সাধনের প্রক্রিয়া, বিশ্বায়ন; (পরি.) globalization।

বৈশ্য /বোইশ্‌শো/ [স. বিশ+য] বি. হিন্দু ধর্মমতে চারটি বর্ণের তৃতীয় বর্ণ (কৃষিকাজ গোপালন ব্যবসায় প্রভৃতি যাদের পেশা)। স্ত্রী. বৈশ্যা /বোইশ্‌শা/।

বৈশ্যবৃত্তি /বোইশ্‌শোবৃত্তি/ [স. বৈশ্য+বৃত্তি] বি. বণিকের কাজ বা প্রবৃত্তি, বণিগ্‌বৃত্তি।

বৈশ্রবণ /বোইস্‌স্রোবোন্/ [স. বিশ্রবস্+অ] বি. বিশ্রবা মুনির পুত্র (কুবের রাবণ বিভীষণ ও কুম্ভকর্ণ)।

বৈষম্য /বোইশোম্‌মো/ [স. বিষম+য] বি. পার্থক্য, প্রভেদ; অসমতা।

বৈষয়িক /বোইশোয়িক্/ [স. বিষয়+ইক] বিণ. ১ বিষয়সংক্রান্ত। ২ আর্থিক (*বৈষয়িক বুদ্ধি*)।

বৈষ্ণব /বোইশ্‌নব্/ [স. বিষ্ণু+অ] বি. ১ বিষ্ণুর উপাসক সম্প্রদায়। ২ শ্রীচৈতন্যের অনুগামী ব্যক্তি। বিণ. ১ বিষ্ণুসম্পর্কিত। ২ বিষ্ণুভক্ত। স্ত্রী. বৈষ্ণবী /বোইশ্‌নোবি/।

বৈসাদৃশ্য /বোইশাদৃশ্‌শো/ [স. বিসদৃশ+য] বি. বিসদৃশতা; প্রভেদ, পার্থক্য; বৈষম্য।

বৈসাবি /বোইশাবি/ [বৈসু সাংগ্রাই ও বিজু শব্দত্রয়ের আদ্যাক্ষর নিয়ে গঠিত] বি. বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠী ত্রিপুরা মারমা ও চাকমাদের সম্মিলিত বর্ষবরণ উৎসব।

বৈহাসিক /বোইহাশিক্/ [স. বিহাস+ইক] বিণ. পরিহাসসম্বন্ধীয়। বি. যে ভাঁড়ামি করে।

বোঁ /বোঁ/ [ধ্বন্যা.] অব্য. বি. বেগে ঘূর্ণন দ্রুত ধাবন উড্ডয়ন প্রভৃতি ভাবব্যঞ্জক শব্দ।

বোঁচকা /বোঁচ্‌কা/ [বা.] বি. কাপড় চট প্রভৃতি দিয়ে বাঁধা পোটলা, গাঁটরি, পুঁটলি।

বোঁচা[১] /বোঁচা/ [দেশি.] বিণ. ১ থ্যাবড়া নাকবিশিষ্ট, খাঁদা। ২ ধারহীন, ভোঁতা (*বোঁচা ছুরি*)।

বোঁচা[২] /বোঁচা/ [স. বঞ্চক >] বিণ. ধূর্ত; প্রবঞ্চক।

বোঁটা /বোঁটা/ [স. বৃন্ত >] বি. ১ বৃন্ত (*ফুলের বোঁটা*)। ২ স্তনাগ্র।

বোঁদে /বোঁদে/ [বা.] বি. ঘি বা তেলে ভাজা ডালের তৈরি ছোটো গুটিকাকৃতি মিঠাইবিশেষ, বুঁদিয়া।

বোকড়া /বোক্‌ড়া/ [দেশি.] বিণ. দাঁতহীন, ফোকলা।

বোকা /বোকা/ [দেশি.] বিণ. বুদ্ধিহীন, নির্বোধ।

বোকাকান্ত /বোকাকান্‌তো/ [দেশি. বোকা+স. কান্ত] বিণ. অতিশয় বোকা, নির্বোধ।

বোকাচণ্ডী /বোকাচোন্‌ডি/ [দেশি. বোকা+স. চণ্ডী] বিণ. দ্র বোকাকান্ত।

বোকাটে /বোকাটে/ [বা.] বিণ. বোকা গোছের, বোকা ধরনের।

বোকামি /বোকামি/ [বা.] বি. বোকার ভাব বা আচরণ, নির্বুদ্ধিতা।

বোকামো /বোকামো/ [বা.] বি. 'বোকামি'-র কথ্য রূপ।

বোকারাম /বোকারাম্/ [দেশি. বোকা+স. রাম] বিণ. দ্র বোকাকান্ত।

বোঙ্গা /বোংগা/ [কোল.] বি. কোলজাতির পূজনীয় দেবতা।

বোজা /বোজা/ [স. বন্ধ >] ক্রিবি. বিণ. ১ বন্ধ করা। ২ ভরাট করা।

বোজানো /বোজানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ভরাট করা বা করানো। ২ নিমীলিত করা বা করানো।

বোঝা[১] /বোঝা/ [হি.] বি. ১ ভার, মোট। ২ দায়িত্ব (*আমার কাঁধেই নিলাম তুলে /আমার যত বোঝা*; জাফর.)।

বোঝা[২] /বোঝা/ [বা.] ক্রিবি. ১ উপলব্ধি করা। ২ জানা; বিচার করে জানা। ৩ বিচারবিবেচনা করা (*বুঝে সিদ্ধান্ত নেওয়া*)। ৪ অনুভব করা (*অন্যের কষ্ট বোঝা*)। ৫ 'বুঝা'-র কথ্য রূপ।

বোঝাই /বোঝাই/ [হি.] বি. ভার স্থাপন (*বোঝাই করা*)। বিণ. ভরতি (*ট্রাকবোঝাই পণ্য*)।

বোঝানো /বোঝানো/ [বা.] ক্রিবি. ১ উপলব্ধি

www.pathagar.com

করানো; শেখানো। ২ উপদেশ দেওয়া। ৩ ব্যাখ্যা করে বলা। ৪ সান্ত্বনা দেওয়া। ৫ 'বুঝানো'-র কথ্য রূপ।

বোঝাপড়া /বোঝাপড়া/ [বা.] বি. ১ মীমাংসা; সমঝোতা। ২ পরস্পরের অনুভূতি উপলব্ধিকরণ। ৩ 'বুঝাপড়া'-র কথ্য রূপ।

বোঝাবুঝি /বোঝাবুঝি/ [বা.] বি. পরস্পরকে বোঝা; 'বুঝাবুঝি'-র কথ্য রূপ।

বোট /বোট্/ [ই.] বি. নৌকা, boat।

বোটকা /বোট্‌কা/ [বা.] বিণ. ছাগল বা বন্য প্রাণীর গায়ের গন্ধের মতো উৎকট গন্ধযুক্ত; বিশ্রী গন্ধপূর্ণ।

বোড়া /বোড়া/ [স. বোড্র >] বি. ফণাহীন বিষধর বড়ো সাপবিশেষ।

বোড়ে /বোড়ে/ [স. বটিকা >] বি. দাবাখেলায় ব্যবহৃত সবচেয়ে ছোটো আকৃতি ও সর্বনিম্ন ক্ষমতাসম্পন্ন ঘুঁটি।

বোঢ়া /বোঢ়া/ [স. √বহ্+ত্] বিণ. বি. ১ বাহক, বহনকারী। ২ বিবাহকর্তা।

বোতল /বোতোল্/ [পো.] বি. কাচ বা প্লাস্টিকের স্থূলোদর সরুগলা খাড়া পাত্র, বড়ো শিশি।

বোতাম /বোতাম্/ [পো.] বি. জামা পোশাক ব্যাগ প্রভৃতির দুই পাট একত্রবদ্ধ করার চাকতিবিশেষ।

বোদা /বোদা/ [দেশি.] বিণ. স্বাদহীন, বিস্বাদ।

বোদাল /বোদাল্/ [স. বোদ+ল] বি. বোয়ালমাছ।

বোদ্ধা /বোদ্ধা/ [স. √বুধ্+ত্] বিণ. বুঝতে সক্ষম এমন, সমঝদার।

বোধ /বোধ্/ [স. √বুধ্+অ] বি. ১ জ্ঞান, বুদ্ধি (*বোধগম্য*)। ২ উপলব্ধি (*অপরাধবোধ*)। ৩ সান্ত্বনা, প্রবোধ। ৪ চেতনা; কাণ্ডজ্ঞান। ৫ অনুমান, ধারণা (*বোধ হয়*)।

বোধক /বোধক্/ [স. √বোধি+অক] বিণ. ১ জ্ঞাপক (*অর্থবোধক*)। ২ চেতনাদানকারী; জ্ঞানদানকারী। ৩ সান্ত্বনাদাতা। স্ত্রী. বোধিকা /বোধিকা/।

বোধগম্য /বোধোগোম্‌মো/ [স. বোধ+√গম্+য] বিণ. সহজে বোঝা যায় এমন; জ্ঞেয়, বুদ্ধিগ্রাহ্য।

বোধন /বোধোন্/ [স. √বোধি+অন] বি. ১ দুর্গা-পূজার সূচনায় দেবীর জাগরণের প্রক্রিয়াবিশেষ, জাগরণ, নিদ্রাভঙ্গ। ২ উদ্‌বোধন; উদ্দীপন।

বোধনসংগীত /বোধোনশোংগিত্/ [স. বোধন+সংগীত] বি. ১ দেবী দুর্গার জাগরণের উদ্দেশ্যে গাওয়া গান। ২ আবাহন বা উদ্দীপন সংগীত।

বোধভাষ্যি /বোধ্‌ভাশ্‌শি/ [স. বোধ+বা. ভাষ্যি] বি. কাণ্ডজ্ঞান।

বোধয়িতা /বোধোয়িতা/ [স. √বুধ্+তৃ] বিণ. দ্র বোধক।

বোধশক্তি /বোধ্‌শোক্‌তি/ [স. বোধ+শক্তি] বি. বোঝার সামর্থ্য; বুদ্ধি।

বোধশোধ /বোধ্‌শোধ্/ [স. বোধ+শোধ] বি. কাণ্ডজ্ঞান, সহজবুদ্ধি।

বোধাতীত /বোধাতিতো/ [স. বোধ+অতীত] বিণ. বোঝা যায় না এমন, বুদ্ধির অতীত।

বোধি /বোধি/ [স. √বুধ্+ই] বি. ১ বুদ্ধি; জ্ঞান; প্রজ্ঞা। ২ আধ্যাত্মিক বোধ। ৩ পরম জ্ঞান; তত্ত্বজ্ঞান। ৪ অশ্বত্থ গাছ। ৫ সমাধিবিশেষ।

বোধিকা /বোধিকা/ [স. বোধি+কন্+আ (টাপ)] বিণ. চেতনা দানকারিণী। বি. অর্থপুস্তক।

বোধিত /বোধিতো/ [স. √বোধি+ত] বিণ. ১ বোধ-প্রাপ্ত; প্রবোধিত। ২ জাগরিত। ৩ চেতনাপ্রাপ্ত।

বোধিতব্য /বোধিতোব্‌বো/ [স. √বোধি+তব্য] বিণ. ১ বুঝতে বা জানতে হবে এমন। ২ বিজ্ঞাপ্য।

বোধিদ্রুম /বোধিদ্রুম্/ [স. বোধি+দ্রুম] বি. দ্র বোধি-বৃক্ষ।

বোধিনী /বোধিনি/ [স. √বুধ্+ইন্+ঈ] বিণ. চেতনা-দায়িনী (*তত্ত্ববোধিনী*)।

বোধিবৃক্ষ /বোধিবৃক্‌খো/ [স. বোধি+বৃক্ষ] বি. যে অশ্বত্থগাছের নিচে তপস্যা করে শাক্যসিংহ (গৌতম বুদ্ধ) বুদ্ধত্ব লাভ করেছিলেন।

বোধিসত্ত্ব /বোধিশত্‌তো/ [স. বোধি+সত্ত্ব] বি. বুদ্ধত্ব-লাভের অব্যবহিত পূর্ববর্তী জন্মে বুদ্ধের নাম।

বোধোদয় /বোধোদয়্/ [স. বোধ+উদয়] বি. জ্ঞানের উদয়; চেতনার আবির্ভাব।

বোধ্য /বোদ্‌ধো/ [স. বোধ+য] বিণ. বোঝা যায় এমন, বোধগম্য (*সহজবোধ্য*)।

বোন /বোন্/ [স. ভগিনী >] বি. সহোদরা, ভগিনী।

বোনঝি /বোন্‌ঝি/ [বা.] বি. ভগিনীর কন্যা।

বোনপো /বোন্‌পো/ [বা.] বি. ভগিনীর পুত্র।

বোনা[১] /বোনা/ [স. বপন >] ক্রিবি. শস্য বপন করা (*রসুন বোনা*)। বিণ. বপন করা হয়েছে এমন।

বোনা[২] /বোনা/ [স. বয়ন >] ক্রিবি. বয়ন করা। বিণ. বয়ন করা হয়েছে এমন।

বোনাই /বোনাই/ [বা.] বি. ভগিনীর স্বামী।

বোনানো[১] /বোনানো/ [বা.] ক্রিবি. বুনানো[১]-র কথ্য রূপ।

বোনানো[২] /বোনানো/ [বা.] ক্রিবি. বুনানো[২]-র কথ্য

www.pathagar.com

রূপ।

বোনাস /বোনাস্/ [লা.] বি. উৎসব অথবা প্রণোদনের লক্ষ্যে চাকরিদাতা প্রতিষ্ঠান বা নিয়োগকারী কর্তৃক কর্মচারীদের প্রদত্ত বেতনের অতিরিক্ত ভাতা; কোনো আর্থিক বা বাণিজ্যিক প্রতিষ্ঠান কর্তৃক বিনিয়োগকারীকে প্রদত্ত অতিরিক্ত লভ্যাংশ; bonus।

বোবা /বোবা/ [দেশি.] বিণ. ১ বাক্‌শক্তিহীন, মূক। ২ অপ্রকাশিত, চাপা (*বোবাকান্না*)।

বোবাকান্না /বোবাকান্না/ [বা.] বি. প্রকাশ করা যায় না এমন কান্না, চাপা কান্না।

বোবাকালা /বোবাকালা/ [বা.] বিণ. মূক ও বধির।

বোম /বোম্/ [পো. bomba >] বি. দ্র বোমা।

বোমা /বোমা/ [পো. bomba >] বি. ১ ছুড়ে মারা যায় এবং বিকট শব্দ করে ফাটে এমন মারণাস্ত্রবিশেষ। ২ লোহার তৈরি সরুমুখ শলাকাবিশেষ যার সাহায্যে চটের বস্তা থেকে চাল গম প্রভৃতির নমুনা সংগ্রহ করে দেখা যায়। ৩ (গ্রামাঞ্চলে ব্যবহৃত) নলের সাহায্যে তেল জল প্রভৃতি তরল পদার্থ তোলার সরঞ্জামবিশেষ, pump।

বোমাবাজ /বোমাবাজ্/ [পো. বোমা+ফা. বাজ] বিণ. বোমা হামলাকারী।

বোমাবাজি /বোমাবাজি/ [পো. বোমা+ফা. বাজি] বি. বোমা নিক্ষেপের কাজ।

বোমারু /বোমারু/ [বা.] বিণ. বোমা নিক্ষেপ করতে সক্ষম (*বোমারু বিমান*)।

বোম্বেটে /বোম্‌বেটে/ [পো. bombardeiro >] বি. ১ জলদস্যু। ২ গোলন্দাজ সৈন্য। ৩ বেপরোয়া লোক; দুষ্ট ছেলে।

বোয়াল /বোআল্/ [স. বোদাল >] বি. প্রশস্ত মুখ দুই সারি শক্ত দাঁত এবং চারটি স্পর্শীযুক্ত আঁশহীন চ্যাপটা ও লম্বাটে মিঠাপানির শিকারি মাছ, বোদাল।

বোর /বোর্/ [স. বদর >] বি. কুলের আঁটির মতো সোনা বা রুপোর ছোটো গোলাকার দানা।

বোরকা /বোর্‌কা/ [আ.] বি. নারীর আপাদমস্তক ঢেকে রাখার পরিচ্ছদবিশেষ।

বোরখা /বোর্‌খা/ [আ.] বি. দ্র বোরকা।

বোরহানি /বোর্‌হানি/ [ফা.] বি. (বিরিয়ানির সঙ্গে পানীয়) টক দইয়ের সঙ্গে বিটলবণ গোলমরিচ জিরা প্রভৃতি মসলার চূর্ণ মিশিয়ে তৈরি পানীয়।

বোরা /বোরা/ [হি.] বি. ১ চটের বড়ো থলি, ছালা, বস্তা। ২ মোটা সুতলির তৈরি থলিবিশেষ।

বোরাক /বোরাক্/ [আ.] বি. ইসলাম ধর্মমতে পক্ষবিশিষ্ট স্বর্গীয় অশ্ব।

বোরো /বোরো/ [দেশি.] বি. বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে কাটা হয় এমন উফশী (উচ্চ ফলনশীল) ধান্যবিশেষ (*বোরো ধান*)।

বোর্ড /বোড়্/ [ই. board] বি. ১ কাঠ কাগজ বা কোনো শক্ত পদার্থের ফলক, পাটা। ২ কোনো প্রতিষ্ঠানের নীতিনির্ধারকদের পরিষদ।

বোর্ডিং /বোড়্‌ডিং/ [ই. boarding] বি. ১ ছাত্রাবাস। ২ অর্থের বিনিময়ে থাকা-খাওয়ার জায়গা। ৩ জাহাজ বিমান প্রভৃতি পরিবহণে আসন গ্রহণ।

বোর্ডিং কার্ড /বোড়্‌ডিং কাড়্‌ড্/ বি. বিমান বা জাহাজে আরোহণের জন্য যাত্রীকে প্রদত্ত নির্দিষ্ট আসনের নির্দেশ-সহ কার্ড, boarding card।

বোল[১] /বোল্/ [স. মুকুল >] বি. আমের মুকুল।

বোল[২] /বোল্/ [দেশি.] বি. ১ বাক্য; বচন, কথা, বুলি; ভাষা। ২ ধ্বনি; অস্পষ্টকথা (*শিশুর মুখের বোল*)। ৩ বাদ্য। ৪ বাজনার গৎ। ৫ মন্ত্রজ্ঞান।

বোল[৩] /বোল্/ [দেশি.] বি. ক্ষারজল।

বোলচাল /বোল্‌চাল্/ [বা.] বি. ১ বাগাড়ম্বরপূর্ণ কথাবার্তা। ২ চালাকি।

বোলটু /বোল্‌টু/ [ই.] বি. দুটি পৃথক বস্তু মজবুত করে যুক্ত করার জন্য ব্যবহৃত পেরেকজাতীয় লোহার শলাকাবিশেষ, bolt।

বোলতা /বোল্‌তা/ [স. বরটা >] বি. গাছের ডালে বা গুহায় চাক তৈরি করে এবং ছোটো পোকামাকড় ও মধু খায় এমন বিষধর হুলযুক্ত হলুদ রঙের সামাজিক পতঙ্গ, বল্লা, wasp।

বোলবোলা /বোল্‌বোলা/ [হি.] বি. ১ হাঁকডাক। ২ শক্তি; সামাজিক প্রসিদ্ধি। বিণ. প্রতাপশালী।

বোলবোলাও /বোল্‌বোলাও/ [হি.] বি. বিণ. দ্র বোলবোলা।

বোলানো[১] /বোলানো/ [বা.] ক্রিবি. ডাকা; ডেকে পাঠানো; সাড়া দেওয়া।

বোলানো[২] /বোলানো/ [বা.] ক্রিবি. ১ আলতোভাবে স্পর্শ করে হস্তচালনা চালনা করা। ২ পূর্ণ মনোযোগ না দিয়ে চালনা করা (*পত্রিকায় চোখ বোলানো*)। ৩ 'বুলানো'-র কথ্য রূপ।

বোশেখ /বোশেখ্/ [স. বৈশাখ >] বি. 'বৈশাখ'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

বোষ্টম /বোশ্‌টোম্/ [স. বৈষ্ণব >] বি. শ্রীচৈতন্যের অনুসারী বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত ব্যক্তি, বৈষ্ণব; হরিনাম কীর্তন গেয়ে জীবিকা নির্বাহকারী বৈষ্ণব।

www.pathagar.com

স্ত্রী. বোষ্টমি /বোশ্‌টোমি/।

বোহিমিয়ান /বোহিমিয়ান্/ [স্থান.] বি. বোহিমিয়ার অধিবাসী। বিণ. ১ সমাজের প্রচলিত রীতিনীতি উপেক্ষা করে স্বাধীন জীবনযাপন করে এমন। ২ ভবঘুরে।

বৌদ্ধ /বৌদ্‌ধো/ [স. বুদ্ধ+অ] বিণ. বুদ্ধদেব প্রবর্তিত মতাদর্শবিষয়ক; বৌদ্ধ ধর্মাবলম্বী।

বৌদ্ধদর্শন /বৌদ্‌ধোদর্‌শোন্ / [স. বৌদ্ধ+দর্শন] বি. গৌতম বুদ্ধের মত বা ধর্মবিষয়ক তত্ত্ব।

বৌদ্ধধর্ম /বৌদ্‌ধোধর্‌মো/ [স. বৌদ্ধ+ধর্ম] বি. গৌতম বুদ্ধ কর্তৃক প্রবর্তিত ধর্ম।

ব্যক্ত /ব্যাক্‌তো/ [স. বি+√অন্‌জ্‌+ত] বিণ. ১ প্রকাশ পেয়েছে এমন, প্রকাশিত। ২ স্পষ্ট; প্রকট।

ব্যক্তরাশি /ব্যাক্‌তোরাশি/ [স. ব্যক্ত+রাশি] বি. (গ.) যে রাশির গাণিতিক মান জানা আছে; (পরি.) known quantity।

ব্যক্তি /বেক্‌তি/ [স. বি+√অনজ্‌+তি] বি. ১ লোক, মানুষ। ২ প্রকাশ (*অভিব্যক্তি*)। ৩ (দর্শন.) বিশেষ; ব্যষ্টি, individual।

ব্যক্তিক /বেক্‌তিক্/ [স. ব্যক্তি+ক] বিণ. ১ নির্দিষ্ট কোনো ব্যক্তিসম্বন্ধীয়, কোনো নির্দিষ্ট ব্যক্তির স্বকীয় বৈশিষ্ট্যের অন্তর্গত। ২ নিজস্ব, নিজের।

ব্যক্তিকেন্দ্রিক /বেক্‌তিকেন্‌দ্রিক্/ [স. ব্যক্তি+কেন্দ্রিক] বিণ. দল বা প্রতিষ্ঠানের পরিবর্তে নির্দিষ্ট কোনো ব্যক্তিই প্রাধান্য পায় এমন।

ব্যক্তিগত /বেক্‌তিগতো/ [স. ব্যক্তি+√গম্‌+ত] বিণ. ১ নির্দিষ্ট কোনো ব্যক্তিসম্পর্কিত। ২ একান্ত।

ব্যক্তিতন্ত্র /বেক্‌তিতন্‌ত্রো/ [স. ব্যক্তি+তন্ত্র] বি. দল সমাজ বা প্রতিষ্ঠানের পরিবর্তে ব্যক্তিই বড়ো এমন মতবাদ, স্বাতন্ত্র্যবাদ; অহংবাদ।

ব্যক্তিতা /বেক্‌তিতা/ [স. ব্যক্তি+তা] বি. ব্যক্তির বিশেষত্ব, individuality।

ব্যক্তিত্ব /বেক্‌তিত্‌তো/ [স. ব্যক্তি+ত্ব] বি. ব্যক্তি-বিশেষের বৈশিষ্ট্য, স্বাতন্ত্র্য, personality।

ব্যক্তিত্বব্যঞ্জক /বেক্‌তিত্‌তোব্যানজক্ / [স. ব্যক্তিত্ব +ব্যঞ্জক] বিণ. ব্যক্তির স্বকীয় সত্তার প্রকাশক।

ব্যক্তিত্বশালী /বেক্‌তিত্‌তোশালি/ [স. ব্যক্তিত্ব+ √শাল্‌+ইন্] বিণ. দ্র ব্যক্তিত্বসম্পন্ন ।

ব্যক্তিত্বসম্পন্ন /বেক্‌তিত্‌তোশম্‌পন্নো/ [স. ব্যক্তিত্ব+সম্পন্ন] বিণ. স্বতন্ত্র বৈশিষ্ট্যসম্পন্ন।

ব্যক্তিপূজা /বেক্‌তিপুজা/ [স. ব্যক্তি+পূজা] বি. অসাধারণ গুণের জন্য কোনো ব্যক্তির গুণকীর্তন, hero worship।

ব্যক্তিবাদ /বেক্‌তিবাদ্/ [স. ব্যক্তি+বাদ] বি. দ্র ব্যক্তিতন্ত্র।

ব্যক্তিমানুষ /বেক্‌তিমানুশ্ / [স. ব্যক্তি+মানুষ] বি. পৃথক সত্তাবিশিষ্ট মানুষ; স্বতন্ত্র মানুষ।

ব্যক্তিমালিকানা /বেক্‌তিমালিকানা/ [স. ব্যক্তি+আ. মালিক+ফা. আনা] বি. কোনো ব্যক্তির অধিকার বা স্বামিত্ব, private ownership।

ব্যক্তিরূপ /বেক্‌তিরুপ্/ [স. ব্যক্তি+রূপ] বি. ব্যক্তির বৈশিষ্ট্য প্রকৃতি বা স্বরূপ।

ব্যক্তিসত্তা /বেক্‌তিশত্‌তা/ [স. ব্যক্তি+সত্তা] বি. কোনো ব্যক্তির অবিমিশ্র অস্তিত্ব বা সত্তা।

ব্যক্তিস্বাতন্ত্র্য /বেক্‌তিশাতোন্‌ত্রো/ [স. ব্যক্তি+ স্বাতন্ত্র্য] বি. ব্যক্তির নিজস্ব বৈশিষ্ট্যের প্রাধান্য।

ব্যক্তিস্বাতন্ত্র্যবাদ /বেক্‌তিশাতোন্‌ত্রোবাদ্/ [স. ব্যক্তিস্বাতন্ত্র্য+বাদ] বি. ব্যক্তির স্বাধীন বিকাশ ও স্বাধীনসত্তাকে স্বীকার করে এমন মতবাদ।

ব্যক্তিস্বাধীনতা /বেক্‌তিশাধিনতা/ [স. ব্যক্তি+ স্বাধীনতা] বি. ব্যক্তির স্বাধীন মত প্রকাশ ও তদনুযায়ী চলার অধিকার।

ব্যক্তিস্বার্থ /বেক্‌তিশার্‌থো/ [স. ব্যক্তি+স্বার্থ] বি. কোনো ব্যক্তির নিজস্ব প্রয়োজন সাধন বা উপকার লাভের প্রাধান্য।

ব্যক্তীকৃত /বেক্‌তিকৃতো/ [স. ব্যক্ত+ঢ্বি+কৃত] বিণ. ব্যক্ত করা হয়েছে এমন।

ব্যগ্র /ব্যাগ্‌গ্রো/ [স. বি+অগ্র] বিণ. আগ্রহযুক্ত, আকুল, ব্যাকুল, উৎসুক। বি. -তা /-তা/।

ব্যঙ্গ[১]/ব্যাংগো / [স. বি+অঙ্গ] বি. উপহাস, বিদ্রূপ।

ব্যঙ্গ[২]/ব্যাংগো / [স. বি+অঙ্গ] বিণ. ১ বিকৃতাঙ্গ, বিকলাঙ্গ। ২ অঙ্গহীন। বি. ব্যাং, ভেক।

ব্যঙ্গচিত্র /ব্যাংগোচিত্‌ত্রো/ [স. ব্যঙ্গ+চিত্র] বি. সমকালীন রাজনীতি বা সমাজব্যবস্থাকে কটাক্ষ করে আঁকা বিদ্রূপাত্মক চিত্র, কার্টুন।

ব্যঙ্গপ্রবণ /ব্যাংগোপ্রোবোন্ / [স. ব্যঙ্গ+প্রবণ] বিণ. বিদ্রূপের প্রবৃত্তিযুক্ত।

ব্যঙ্গপ্রিয় /ব্যাংগোপ্‌প্রিয়ো / [স. ব্যঙ্গ+প্রিয়] বিণ. বিদ্রূপ করতে পছন্দ করে এমন।

ব্যঙ্গার্থ /ব্যাংগার্‌থো / [স. ব্যঙ্গ+অর্থ] বি. বিদ্রূপাত্মক অর্থ।

ব্যঙ্গোক্তি /ব্যাংগোক্‌তি/ [স. ব্যঙ্গ+উক্তি] বিণ. ১ শ্লেষপূর্ণ উক্তি, বক্রোক্তি। ২ বিদ্রূপাত্মক বাক্য।

ব্যঙ্গ্য /ব্যাংগো / [স. বি+√অনজ্‌+য] বিণ. ১ ব্যঞ্জনায়

www.pathagar.com

বুঝতে হয় এমন। ২ তাৎপর্যপূর্ণ।

ব্যঙ্গ্যার্থ /ব্যাংগার্থো / [স. ব্যঙ্গ্য+অর্থ] বি. শব্দের সহজ অর্থের আড়ালে যে অর্থ নিহিত থাকে।

ব্যঙ্গ্যোক্তি /ব্যাংগোক্তি/ [স. ব্যঙ্গ্য+উক্তি] বি. ব্যঞ্জনাপূর্ণ উক্তি।

ব্যজন /ব্যাজোন্/ [স. বি+√অজ্+অন] বি. ১ বাতাস করার কাজ। ২ পাখা।

ব্যজনী /ব্যাজোনি / [স. ব্যজন+ঈ] বি. ১ পাখা। ২ তালপাতার পাখা।

ব্যঞ্জক /ব্যান্জক্ / [স. বি+√অনজ্+অক] বিণ. ব্যঞ্জনা আছে এমন, প্রকাশক, দ্যোতক, বোধক।

ব্যঞ্জন /ব্যান্জোন্/ [স. বি+√অনজ্+অন] বি. ১ (ব্যা.) স্বরধ্বনির সাহায্য ছাড়া উচ্চারণ করা যায় না এমন ধ্বনি বা তার প্রতীক। ২ রাঁধা সবজি, তরকারি। ৩ বৈশিষ্ট্যজ্ঞাপক লক্ষণ বা চিহ্ন।

ব্যঞ্জনধ্বনি /ব্যান্জোনধ্বোনি / [স. ব্যঞ্জন+ধ্বনি] বি. যে ধ্বনি উচ্চারণের সময় ফুসফুস থেকে নিঃসৃত বাতাস বাগ্‌যন্ত্রের নির্দিষ্ট কোনো স্থানে বাধাপ্রাপ্ত হয়, স্বরধ্বনির সাহায্য ব্যতীত উচ্চারণ করা যায় না এমন ধ্বনি।

ব্যঞ্জনবর্ণ /ব্যান্জোনবর্নো / [স. ব্যঞ্জন+বর্ণ] বি. স্বরধ্বনির সাহায্য ব্যতীত উচ্চারণ করা যায় না এমন বর্ণ, বাংলা বর্ণমালার ক থেকে হ পর্যন্ত বর্ণ।

ব্যঞ্জনসন্ধি /ব্যান্জোনশোন্ধি / [স. ব্যঞ্জন+সন্ধি] বি. ব্যঞ্জনধ্বনির সঙ্গে স্বরধ্বনি বা ব্যঞ্জনধ্বনির সন্ধি।

ব্যঞ্জনা /ব্যান্জোনা / [স. ব্যঞ্জন+আ (টাপ্)] বি. ১ শব্দের আভিধানিক অর্থের বাইরে কোনো গূঢ় অর্থের প্রকাশ। ২ অন্তর্নিহিত তাৎপর্য।

ব্যঞ্জনান্ত /ব্যান্জোনান্তো / [স. ব্যঞ্জন+অন্ত] বিণ. অন্তে ব্যঞ্জনধ্বনি আছে অর্থাৎ শেষ বর্ণে স্বরধ্বনি নেই এমন।

ব্যঞ্জিত /বেন্জিতো / [স. বি+√অনজ্+ত] বিণ. ১ ব্যঞ্জনাদ্বারা প্রকাশিত। ২ দ্যোতিত, সূচিত।

ব্যতিক্রম /বেতিক্রোম্/ [স. বি+অতি+√ক্রম্+অ] বি. ১ অন্যথা, ব্যত্যয়, exception। ২ নিয়ম ক্রম প্রভৃতির বিপর্যয়, বৈপরীত্য ; লঙ্ঘন।

ব্যতিক্রমী /বেতিক্রোমি/ [স. ব্যতিক্রম+ঈ] বিণ. ১ অন্যথা করে এমন। ২ ব্যতিক্রম বা বিশিষ্ট হিসেবে বিবেচ্য।

ব্যতিক্রান্ত /বেতিক্রান্তো/ [স. বি+অতি+√ক্রম্+ত] বিণ. ব্যতিক্রম করা হয়েছে এমন ; লঙ্ঘিত।

ব্যতিপাত /বেতিপাত্ / [স. বি+অতি+√পত্+অ] বি. ১ উৎপাত। ২ ভূমিকম্প জলোচ্ছ্বাস প্রভৃতি প্রাকৃতিক দুর্যোগ।

ব্যতিব্যস্ত /বেতিব্যাস্তো / [স. বি+অতিব্যস্ত] বিণ. ১ অতিশয় ব্যাকুল। ২ বিব্রত। ৩ উত্ত্যক্ত।

ব্যতিরিক্ত /বেতিরিক্তো / [স. বি+অতি+√রিচ্+ত] বিণ. ১ ব্যতীত, ছাড়া, ভিন্ন। ২ অতিরিক্ত।

ব্যতিরেক /বেতিরেক্ / [স. বি+অতি+√রিচ্+অ] বি. ১ অভাব। ২ প্রভেদ। ৩ অতিক্রম। ৪ বৃদ্ধি। ৫ যে অর্থালংকারে উপমানের চেয়ে উপমেয়কে অধিকতর প্রাধান্যসহকারে বর্ণনা করা হয়।

ব্যতিরেকী /বেতিরেকি/ [স. ব্যতিরেক+ইন্] বিণ. ১ অভাবযুক্ত। ২ পার্থক্যবিশিষ্ট। ৩ ব্যতিক্রমী।

ব্যতিরেকে /বেতিরেকে/ [স. ব্যতিরেক+বা. এ] ক্রিবিণ. ব্যতীত, ছাড়া, নইলে।

ব্যতিহার /বেতিহার্ / [স. বি+অতি+√হৃ+অ] বি. ১ বদল। ২ একাধিক ব্যক্তির যুগপৎ অভিন্ন আচরণ।

ব্যতীত /বেতিতো/ [স. বি+অতি+√ই+ত] অব্য. বিনা, ছাড়া। বিণ. অতীত, বিগত, অতিবাহিত।

ব্যত্যয় /ব্যাত্তয়্ / [স. বি+অতি+√ই+অ] বি. অন্যথা, ব্যতিক্রম, বৈপরীত্য ; নিয়ম লঙ্ঘন।

ব্যত্যস্ত /ব্যাত্তোস্তো/ [স. বি+অতি+√অস্+ত] বিণ. ১ বিপর্যস্ত ; ব্যতিক্রমযুক্ত। ২ বিপরীত অবস্থাপ্রাপ্ত, বৈপরীত্যযুক্ত। ৩ ঢেরাচিহ্নের মতো বিপরীতভাবে স্থাপিত, crossed।

ব্যত্যাস /ব্যাত্ত্যাশ্/ [স. বি+অতি+√অস্+অ] বি. ব্যতিক্রম, ব্যত্যয়, বিপর্যয়; বৈপরীত্য।

ব্যথা /ব্যাথা / [স. √ব্যথি+অ+আ (টাপ্)] বি. ১ (শরীর বা মনের) কষ্ট, দুঃখ, যন্ত্রণা। ২ (বাংলায়) প্রসববেদনা (*ব্যথা ওঠা*)।

ব্যথাহত /ব্যাথাহতো / [স. ব্যথা+হত] বিণ. বেদনা-ক্রান্ত।

ব্যথিত /বেথিতো / [স. √ব্যথি+ত] বিণ. ১ সন্তপ্ত, দুঃখপ্রাপ্ত। ২ ব্যথা পেয়েছে এমন, পীড়িত।

ব্যথী /বেথি/ [স. √ব্যথি+ইন্] বিণ. ব্যথাযুক্ত (*সমব্যথী*)। বি. বেদনাক্রান্ত ব্যক্তি। স্ত্রী. **ব্যথিনী** /বেথিনি /।

ব্যধিকরণ /বেধিকরোন্/ [স. বি+অধিকরণ] বিণ. বিভিন্ন বিভক্তিযুক্ত। বি. (ব্যা.) বহুব্রীহি সমাসের শ্রেণিবিশেষ।

ব্যপদিষ্ট /ব্যাপোদিশ্টো / [স. বি+অপ+√দিশ্+ত] বিণ. ব্যপদেশযুক্ত ; ছলযুক্ত।

ব্যপদেশ /ব্যাপোদেশ্/ [স. বি+অপ+√দিশ্+অ] বি. ১ অজুহাত, ছুতা। ২ ইশারা। ৩ নামোল্লেখ। ৪

www.pathagar.com

বংশ, কুল। ৫ হেতু, নিমিত্ত। ৬ (বাংলায়) দরকার।

ব্যপদেষ্টা /ব্যাপোদেশ্‌টা / [স. বি+অপ+ √দিশ্‌+তৃ] বিণ. ১ ভান করে এমন। ২ নামোল্লেখকারী।

ব্যপনয়ন /ব্যাপোনয়োন্‌ / [স. বি+অপনয়ন] বি. ১ প্রত্যাখ্যান, অস্বীকার। ২ দূরীকরণ, অপসারণ।

ব্যপনীত /ব্যাপোনিতো / [স. বি+অপ+ √নী+ত] বিণ. ১ প্রত্যাখ্যান করা হয়েছে এমন। ২ অপসৃত।

ব্যপহরণ /ব্যাপোহরোন্‌ / [স. বি+অপহরণ] বি. গচ্ছিত সম্পদ আত্মসাৎকরণ, defalcation।

ব্যবকলন /ব্যাবোকলোন্‌ / [স. বি+অব+ √কল্‌+অন] বি. ১ বিয়োজন, বিয়োগ, subtraction। ২ (গ.) অন্তরকলন; (পরি.) differentiation।

ব্যবকলিত /ব্যাবোকোলিতো / [স. বি+অব+ √কল্‌+ত] বিণ. বিয়োগ করা হয়েছে এমন, বিয়োজিত।

ব্যবচ্ছিন্ন /ব্যাবোচ্‌ছিন্নো / [স. বি+অব+ √ছিদ্‌+ত] বিণ. ব্যবচ্ছেদ বা বিশ্লেষণ করা হয়েছে এমন।

ব্যবচ্ছেদ /ব্যাবোচ্‌ছেদ্‌ / [স. বি+অব+ √ছিদ্‌+অ] বি. ১ বিশ্লেষণ বা পৃথক্‌করণ। ২ পরীক্ষার জন্য টুকরো টুকরো করে বিভাজন (*শবব্যবচ্ছেদ*), dissection।

ব্যবধান /ব্যাবোধান্‌/ [স. বি+অব+ √ধা+অন] বি. ১ আড়াল। ২ দূরত্ব। ৩ তিরোধান। ৪ আবরণ।

ব্যবসায় /ব্যাবোশায়্‌ / [স. বি+অব+ √সো+অ] বি. ১ জীবিকা, পেশা। ২ বাণিজ্য। ৩ অভিপ্রায়। ৪ উদ্যম। ৫ যত্ন।

ব্যবসায়ী /ব্যাবোশায়ি / [স. বি+অব+ √সো+ইন্‌] বি. বণিক, সওদাগর। বিণ. ১ উদ্যমী, উদ্যোগী। ২ (আল.) অত্যন্ত হিসেবি; স্বার্থসন্ধানী।

ব্যবসিক /ব্যাবোশিক্‌/ [স. ব্যবসা+ইক] বিণ. ব্যাবসাদার।

ব্যবসিত /ব্যাবোশিতো / [স. বি+অব+ √সো+ত] বিণ. ১ উদ্যমশীল। ২ পরিকল্পিত। ৩ অভিপ্রেত।

ব্যবস্থা /ব্যাবোস্‌থা / [স. বি+অব+ √স্‌থা+অ] বি. ১ আয়োজন, বন্দোবস্ত (*বসার ব্যবস্থা*)। ২ প্রতিকার, বিহিত (*ব্যবস্থা গ্রহণ*)। ৩ বিধান (*শাসনব্যবস্থা*)। ৪ শৃঙ্খলা। ৫ স্থিতি।

ব্যবস্থা দেওয়া /ব্যাবোস্‌থা দেওআ/ ক্রিবি. ওষুধপথ্য সেবন সম্বন্ধে চিকিৎসকের উপদেশ বা পরামর্শ দেওয়া।

ব্যবস্থান /ব্যাবোস্‌থান্‌ / [স. বি+অব+ √স্‌থা+অন] বি. অবস্থান, অবস্থিতি।

ব্যবস্থাপক /ব্যাবোস্‌থাপক্‌/ [স. বি+অব+ √স্‌থাপি+অক] বি. বিণ. ১ পরিচালক। ২ বিধান বা আইন প্রণেতা। স্ত্রী. ব্যবস্থাপিকা /ব্যাবোস্‌থাপিকা /।

ব্যবস্থাপত্র /ব্যাবোস্‌থাপত্‌ত্রো / [স. ব্যবস্থা+পত্র] বি. রোগীকে প্রদত্ত চিকিৎসকের পরামর্শপত্র, prescription।

ব্যবস্থাপন /ব্যাবোস্‌থাপন্‌/ [স. বি+অব+ √স্‌থাপি+অন] বি. ১ বিধি নির্ধারণ, আইন প্রণয়ন। ২ সংস্থাপন। ৩ ব্যবস্থা; জোগাড়যন্ত্র।

ব্যবস্থাপনা /ব্যাবোস্‌থাপনা / [স. ব্যবস্থাপন+আ (টাপ্‌)] বি. দ্র ব্যবস্থাপন।

ব্যবস্থাপিত /ব্যাবোস্‌থাপিতো / [স. বি+অব+ √স্‌থাপি+ত] বিণ. ব্যবস্থা করা হয়েছে এমন।

ব্যবস্থাশাস্ত্র /ব্যাবোস্‌থাশাস্‌ত্রো / [স. ব্যবস্থা+শাস্ত্র] বি. ১ স্মৃতিশাস্ত্র। ২ আইনশাস্ত্র।

ব্যবস্থিত /ব্যাবোস্‌থিতো / [স. বি+অব+ √স্‌থা+ত] বিণ. ১ ব্যবস্থা করা হয়েছে এমন, ব্যবস্থাযুক্ত। ২ বিশেষভাবে স্থিত। ৩ নিযুক্ত। ৪ পৃথক্‌কৃত।

ব্যবহর্তব্য /ব্যাবোহর্‌তোব্‌বো / [স. বি+অব+ √হৃ+তব্য] বিণ. ব্যবহার করতে হবে এমন; ব্যবহারযোগ্য।

ব্যবহর্তা /ব্যাবোহর্‌তা / [স. বি+অব+ √হৃ+তৃ] বি. বিণ. ১ ব্যবহারকারী। ২ বিচারক।

ব্যবহার /ব্যাবোহার্‌/ [স. বি+অব+ √হৃ+অ] বি. ১ আচরণ (*মার্জিত ব্যবহার*)। ২ মামলা-মোকদ্দমা। ৩ আইন (*ব্যবহারজীবী*)। ৪ কাজে প্রয়োগ (*ব্যবহার করা*)। ৫ বিষয়কর্ম। ৬ বাণিজ্য।

ব্যবহারজীবিতা /ব্যাবোহার্‌জিবিতা / [স. ব্যবহার+ √জীব্‌+ইন্‌+তা] বি. আইনব্যবসায়, ওকালতি।

ব্যবহারজীবী /ব্যাবোহার্‌জিবি / [স. ব্যবহার+ √জীব্‌+ইন্‌] বি. আইনজীবী, উকিল, ব্যারিস্টার।

ব্যবহারদেশক /ব্যাবোহার্‌দেশক্‌ / [স. ব্যবহার+ √দিশ্‌+অক] বি. অ্যাটর্নি সলিসিটর আইনজীবী প্রভৃতি।

ব্যবহারবান্ধব /ব্যাবোহার্‌বান্‌ধব / [ব্যবহার+বান্ধব] বিণ. সহজে ব্যবহার করা যায় এমন; (পরি.) user-friendly।

ব্যবহারশাস্ত্র /ব্যাবোহারশাস্‌ত্রো / [স. ব্যবহার+শাস্ত্র] বি. ১ আইনশাস্ত্র। ২ স্মৃতিশাস্ত্র।

ব্যবহারাজীব /ব্যাবোহারাজিব্‌/ [স. ব্যবহার+আজীব] বি. দ্র ব্যবহারজীবী।

ব্যবহার্য /ব্যাবোহার্‌জো / [স. ব্যবহার+য] বিণ. ব্যবহারের যোগ্য।

www.pathagar.com

ব্যবহিত /ব্যাবোহিতো / [স. বি+অব+ √ধা+ত] বিণ. ১ দূরে দূরে অবস্থিত; দূরীকৃত। ২ অন্তর্হিত; আবৃত, আচ্ছাদিত।

ব্যবহৃত /ব্যাবোrhiতো / [স. বি+অব+ √হৃ+ত] বিণ. ১ কাজে লাগানো হয়েছে এমন; ব্যবহার করা হয়েছে এমন (*বহুলব্যবহৃত শব্দ*)। ২ আচরিত।

ব্যভিচার /ব্যাভিচার্ / [স. বি+অভি+√চর্+অ] বি. ১ অন্যায় ব্যবহার, গর্হিত আচরণ। ২ নারী-পুরুষের বিবাহবহির্ভূত দৈহিক সম্পর্ক। ৩ কপট আচার। ৪ স্খলন। ৫ অন্যথাচরণ।

ব্যভিচারী[১] /ব্যাভিচারি/ [স. বি+অভি+√চর্+ইন্] বিণ. ১ বিবাহবহির্ভূত দৈহিক সম্পর্ক স্থাপনকারী, ব্যভিচারকারী। ২ অন্যথাচারী। স্ত্রী. ব্যভিচারিণী /ব্যাভিচারিনি/।

ব্যভিচারী[২] /ব্যাভিচারি/ [স. বি+অভি+√চর্+ইন্] বিণ. ১ অতিব্যাপ্ত। ২ (দর্শন.) অব্যাপ্ত। বি. কাব্যের রস সৃষ্টিতে স্থায়ীভাবকে পরিপুষ্ট করে যে গৌণভাব।

ব্যয় /ব্যায়্ / [স. বি+√ই+অ] বি. ১ খরচ (*যাতায়াত ব্যয়*)। ২ অপচয় (*অপব্যয়*); ধ্বংস। ৩ ক্ষয় (*শক্তি ব্যয়*)। ৪ প্রয়োগ, ব্যবহার (*বুদ্ধিব্যয়*)।

ব্যয়কুণ্ঠ /ব্যায়্কুন্ঠো/ [স. ব্যয়+কুণ্ঠ] বিণ. খরচ করতে কুণ্ঠিত, কৃপণ। বি. ~তা /-তা/।

ব্যয়ন /ব্যায়োন্ / [স. ব্যয়+অন] বি. ১ ব্যয়করণ। ২ বরাদ্দের অর্থ প্রদান, disbursement।

ব্যয়বরাদ্দ /ব্যায়্বরাদ্দো / [স. ব্যয়+ফা. বরাদ্দ] বি. বাজেটে ধার্য নির্দিষ্ট ব্যয়ের পরিমাণ, allocation।

ব্যয়বহুল /ব্যায়্বোহুল্/ [স. ব্যয়+ বহুল] বিণ. বেশি খরচ হয় এমন।

ব্যয়বাহুল্য /ব্যায়্বাহুল্লো/ [স. ব্যয়বহুল+য] বি. অধিক ব্যয়।

ব্যয়ব্যসন /ব্যায়্ব্যাশোন্ /[স. ব্যয়+বি+ √অস্+অন] বি. ১ ব্যয়জনিত বিপত্তি। ২ ব্যয়ের আধিক্য।

ব্যয়ভূষণ /ব্যায়্ভুশন্/ [স. ব্যয়+ভূষণ] বি. দ্র ব্যয়ব্যসন।

ব্যয়লাঘব /ব্যায়্লাঘব্/ [স. ব্যয়+লাঘব] বি. ব্যয় হ্রাস।

ব্যয়সংকুলান /ব্যায়্শংকুলান্/ [স. ব্যয়+সংকুলান] বি. কুলিয়ে ওঠা যায় এমন ব্যয়।

ব্যয়সংকোচ /ব্যায়্শংকোচ্/ [স. ব্যয়+সংকোচ] বি. ব্যয়লাঘব, ব্যয় হ্রাস।

ব্যয়সাধ্য /ব্যায়্শাদ্ধো/ [স. ব্যয়+সাধ্য] বিণ. দ্র ব্যয়সাপেক্ষ।

ব্যয়সাপেক্ষ /ব্যায়্শাপেক্খো/ [স. ব্যয়+সাপেক্ষ] বিণ. ব্যয়বহুল, খরচসাপেক্ষ।

ব্যয়িত /ব্যায়িতো / [স. বি+√ই+ত] বিণ. ব্যয় করা হয়েছে এমন।

ব্যয়ী /ব্যায়ি / [স. ব্যয়+ইন্] বিণ. ব্যয়কারী, খরচে।

ব্যর্থ /ব্যার্থো / [স. বি+অর্থ] বিণ. ১ অসফল। ২ বৃথা, নিরর্থক (*ব্যর্থ চেষ্টা*)।

ব্যর্থকাম /ব্যার্থোকাম্ / [স.ব্যর্থ+কাম] বিণ. সফলকাম নয় এমন, অকৃতকার্য।

ব্যর্থতা /ব্যার্থোতা /[স. ব্যর্থ+তা] বি. অকৃতকার্যতা, বিফলতা।

ব্যলীক /বেলিক্/ [স. বি+√অল্+ঈক] বিণ. ১ অশিষ্ট, লম্পট। ২ অপ্রিয়। ৩ অসত্য। বি. ১ নাগর। ২ কামসংক্রান্ত অপরাধ।

ব্যষ্টি /বেশ্টি/ [স. বি+√অশ্+তি] বি. ১ ব্যক্তিতা, individuality। ২ পৃথক অস্তিত্ব।

ব্যসন /ব্যাশোন / [স. বি+√অস্+অন] বি. ১ কাম ও ক্রোধ থেকে উৎপন্ন দোষ। ২ দুঃখ; মনস্তাপ। ৩ পাপ। ৪ অমঙ্গল। ৫ বিপদ।

ব্যসনী /ব্যাশোনি / [স. ব্যসন+ইন্] বিণ. ১ ব্যসনযুক্ত। ২ বিপন্ন।

ব্যস্ত /ব্যাস্তো/ [স. বি+√অস্+ত] বিণ. ১ ব্যগ্র, ব্যাকুল (*শ্যামা মেয়ে ব্যস্ত ব্যাকুল পদে /কুটির হতে ত্রস্ত এল তাই।* রবীন্দ্র.)। ২ কর্মচঞ্চল (*ব্যস্ত শহর*)। ৩ নিযুক্ত (*গবেষণায় ব্যস্ত*)। ৪ বিক্ষিপ্ত (*ব্যস্তকেশ*)। বি. ~তা /-তা/।

ব্যস্তবাগীশ /ব্যাস্তোবাগিশ্/ [স. ব্যস্ত+বাগীশ] বিণ. ১ অতিরিক্ত ব্যস্ত। ২ (ব্য.) কর্মসম্পাদনে অতিরিক্ত অস্থিরতা প্রকাশ করে এমন।

ব্যস্তসমস্ত /ব্যাস্তোশমোস্তো/ [স. ব্যস্ত+সমস্ত] বিণ. অতিশয় ব্যস্ত, ব্যতিব্যস্ত; অস্থির।

ব্যাং[১] /ব্যাং / [স. ব্যঙ্গ >] বি. উবু হয়ে লাফিয়ে চলে এমন আর্দ্র ও মসৃণ ত্বকবিশিষ্ট চতুষ্পদ (পেছনের পা দুটি অপেক্ষাকৃত লম্বা) লেজবিহীন উভচর মেরুদণ্ডী ডিম্বজ প্রাণী, ভেক, দাদুর, মণ্ডূক।

ব্যাং[২] /ব্যাং / [দেশি.] বি. জানালা বা দরজার পাল্লা আটকে রাখার জন্য ব্যবহৃত কাঠের ছোটো খিল।

ব্যাংক /ব্যাংক্/ [ফ.] বি. আর্থিক লেনদেন সঞ্চয় ঋণগ্রহণ বিনিয়োগ প্রভৃতি সেবাদানের কাজে নিয়োজিত প্রতিষ্ঠানবিশেষ, bank।

ব্যাকটেরিয়া /ব্যাক্টেরিআ / [লা.] বি. পরজীবী বা

www.pathagar.com

মিথোজীবীরূপে (symbiotic) বাস করে এবং মাটি জল ও বায়ুমণ্ডল-সহ জীবিত বা মৃত প্রাণী ও উদ্ভিদের দেহে দ্রুত বিস্তারলাভ করে এমন আণুবীক্ষণিক এককোষী জীবসত্তা (যা উদ্ভিদ ও প্রাণীর জীবনধারণের জন্য অপরিহার্য এবং কখনো কখনো রোগের কারণরূপে চিহ্নিত), bacteria।

ব্যাকরণ /ব্যাকরোন্/ [স. বি+আ+√কৃ+অন] বি. ১ কোনো ভাষার ধ্বনি শব্দ বাক্য অর্থ প্রভৃতি উপাদানসমূহের প্রকৃতি কাঠামো প্রয়োগরীতি ও বিশ্লেষণসংক্রান্ত শাস্ত্র। ২ কোনো ভাষার শব্দের ব্যুৎপত্তিবিষয়ক শাস্ত্র।

ব্যাকরণসম্মত /ব্যাকরোন্‌শম্মতো/ [স. ব্যাকরণ +সম্মত] বিণ. ব্যাকরণ-অনুমোদিত।

ব্যাকুতি /ব্যাকুতি/ [স. বি+আকুতি] বি. ছলনা।

ব্যাকুল /ব্যাকুল্/ [স. বি+আ+√কুল্+অ] বিণ. অতিশয় আকুল, অস্থির, উৎকণ্ঠিত, ব্যগ্র। স্ত্রী. ব্যাকুলা /ব্যাকুলা/।

ব্যাকুলতা /ব্যাকুলতা/ [স. ব্যাকুল+তা] বি. অতিশয় আকুলতা (*ফাগুন থাকিতে তাই তো আমার ফুটিবার ব্যাকুলতা* অন্নদা.); উৎকণ্ঠা।

ব্যাকুলি /ব্যাকুলি/ [স. ব্যাকুল >] বি. ব্যাকুলভাবে অনুরোধ বা মিনতি।

ব্যাকুলিত /ব্যাকুলিতো/ [স. বি+আ+√কুলি+ত] বিণ. অতিশয় উৎকণ্ঠিত। স্ত্রী. ব্যাকুলিতা /ব্যাকুলিতা/।

ব্যাকৃতি[১] /ব্যাক্‌কৃতি/ [স. বি+আকৃতি] বি. বিকৃত ভঙ্গি বা আকৃতি।

ব্যাকৃতি[২] /ব্যাক্‌কৃতি/ [স. বি+আ+√কৃ+তি] বি. ১ ব্যাকরণ। ২ বর্ণনা, বিবরণ; ব্যাখ্যান।

ব্যাখ্যা /ব্যাক্‌খা/ [স. বি+আ+√খ্যা+অ+আ (টাপ্)] বি. ১ বিশদ বিবরণ, বর্ণনা। ২ টীকাটিপ্পনী। ৩ অর্থ।

ব্যাখ্যাত /ব্যাক্‌খাতো/ [স. বি+আ+√খ্যা+ত] বিণ. ব্যাখ্যা করা হয়েছে এমন, বিবৃত।

ব্যাখ্যাতা /ব্যাক্‌খাতা/ [স. বি+আ+√খ্যা+তৃ] বিণ. ব্যাখ্যাদাতা; টীকাকার।

ব্যাখ্যান /ব্যাক্‌খান্/ [স. বি+আ+√খ্যা+অন] বি. দ্র ব্যাখ্যা।

ব্যাখ্যেয় /ব্যাক্‌খেয়ো/ [স. বি+আ+√খ্যা+য] বিণ. ব্যাখ্যা করতে হবে এমন; ব্যাখ্যাযোগ্য।

ব্যাগ /ব্যাগ্/ [ই.] বি. চামড়া কাপড় চট প্রভৃতির তৈরি থলি বা আধার, bag।

ব্যাঘাত /ব্যাঘাত্/ [স. বি+আ+√হন্+অ] বি. বাধা, বিঘ্ন, অন্তরায়, প্রতিবন্ধকতা।

ব্যাঘাতক /ব্যাঘাতক্/ [স. বি+আ+√হন্+অক] বিণ. ১ ব্যাঘাত সৃষ্টিকারী। ২ প্রতিবন্ধক।

ব্যাঘ্র /ব্যাগ্‌ঘ্রো/ [স. বি+আ+√ঘ্রা+অ] বি. ১ এশিয়ার ঘন বনাঞ্চলে বিচরণ করে এমন হলুদের ওপর কালো ডোরাকাটা দেহ ও লম্বা লেজবিশিষ্ট অত্যন্ত শক্তিশালী বিড়ালজাতীয় হিংস্র জন্তু, বাঘ। ২ (সমাসের পরপদে ব্যবহৃত) শ্রেষ্ঠ, প্রধান; শক্তিশালী অর্থে (*নরব্যাঘ্র*)।

ব্যাঘ্রাস্য /ব্যাগ্‌ঘ্রাশ্‌শো/ [স. ব্যাঘ্র+আস্য] বি. বাঘের মুখ। বিণ. বাঘের মতো মুখবিশিষ্ট।

ব্যাঙাচি /ব্যাঙাচি/ [স. ব্যঙ্গ >] বি. ব্যাঙের ডিম থেকে বের হওয়ার পর জলে বাস করে এমন মসৃণ দেহ ও লেজযুক্ত ছোটো কালো ছানা, ব্যাঙের ছানা।

ব্যাঙের ছাতা /ব্যাঙের্ ছাতা/ বি. ছত্রাকজাতীয় অপুষ্পক ছাতাসদৃশ উদ্ভিদবিশেষ যার কোনো কোনো প্রজাতি মানুষের উপাদেয় খাদ্য, mush-room।

ব্যাঙ্গমা /ব্যাংগোমা/ [স. বিহঙ্গমা >] বি. রূপকথায় বর্ণিত পাখিবিশেষ যা মানুষের মতো কথা বলতে পারে। স্ত্রী. ব্যাঙ্গমি /ব্যাংগোমি/।

ব্যাজ[১] /ব্যাজ্/ [স. বি+√অজ্+অ] বি. ১ ছল। ২ কপটতা। ৩ বিঘ্ন, বাধা। ৪ (বাংলায়) বিলম্ব।

ব্যাজ[২] /ব্যাজ্/ [ই.] বি. দল পেশা প্রভৃতিনির্দেশক তকমা, badge।

ব্যাজস্তুতি /ব্যাজোস্‌তুতি/ [স. ব্যাজ+স্তুতি] বি. ১ কপট প্রশংসা। ২ নিন্দার ছলে স্তুতি বা স্তুতির ছলে নিন্দা প্রকাশ করলে যে অলংকার হয়।

ব্যাজার /ব্যাজার্/ [ফা.] বিণ. বিরক্ত; অপ্রসন্ন।

ব্যাজোক্তি /ব্যাজোক্‌তি/ [স. ব্যাজ+উক্তি] বি. ছলপূর্ণ কথা; ছলদ্বারা সত্য গোপন।

ব্যাট /ব্যাট্/ [ল্যা.] বি. ১ ক্রিকেট খেলায় বলের আঘাত থেকে উইকেট রক্ষা ও রান সংগ্রহের জন্য ব্যবহৃত হাতলযুক্ত কাঠের শক্ত ফলকবিশেষ। ২ হকি খেলায় ব্যবহৃত কাঠের হাতল। ৩ bat।

ব্যাটন /ব্যাটন্/ [ফ.] বি. ক্ষমতার প্রতীকরূপে সামরিক বাহিনী বা পুলিশের পদস্থ কর্মকর্তাকে প্রদত্ত (হাতে ধারণের) ছোটো দণ্ডবিশেষ, baton।

ব্যাটা /ব্যাটা/ [বা.] বি. ১ পুত্র (*বাপের ব্যাটা*)। ২ শিশুপুত্র। ৩ (অবজ্ঞায়) পুরুষ মানুষ। বিণ. পুরুষ-জাতীয়। স্ত্রী. বেটি /বেটি/।

ব্যাটাছেলে /ব্যাটাছেলে/ [বা.] বি. পুরুষমানুষ।

www.pathagar.com

ব্যাটারি /ব্যাটারি/ [ই.] বি. রাসায়নিক শক্তিকে বিদ্যুৎশক্তিতে পরিণত করার জন্য ব্যবহৃত পরস্পর সংযুক্ত একাধিক কোষ, battery।

ব্যাটালিয়ন /ব্যাটালিয়ন্/ [ফ.] বি. পদাতিক সৈনিকের কয়েকটি কোম্পানির সমন্বয়ে গঠিত বাহিনী, battalion।

ব্যাডমিন্টন /ব্যাড্‌মিনটন্/ [স্থান.] বি. ছককাটা প্রাঙ্গণের মধ্যস্থলে টানটান করে' বেঁধে রাখা জালের দুপাশে র‍্যাকেট ও পালকযুক্ত ককের (shuttlecock) সাহায্যে খেলতে হয় এমন অন্তরঙ্গন বা বহিরঙ্গনের খেলা, badminton।

ব্যাত্ত /ব্যাত্‌তো/ [স. বি+আ+√দা+ত] বিণ. ১ বিস্তৃত, প্রসারিত। ২ উদ্‌ঘাটিত।

ব্যাদড়া /ব্যাদ্‌ড়া/ [দেশি.] বিণ. ১ বেয়াড়া, দুর্বিনীত। ২ কুৎসিত।

ব্যাদত্ত /ব্যাদত্‌তো/ [স. বি+আ+√দা+ত] বিণ. দ্র ব্যাত্ত।

ব্যাদান /ব্যাদান্/ [স. বি+আ+√দা+অন] বি. বিস্তার, প্রসারণ (*মুখব্যাদান*)।

ব্যাধ /ব্যাধ্/ [স. √ব্যাধ্+অ] বি. ১ পশুপাখি শিকার করা যার পেশা। ২ শিকারি জাতিবিশেষ।

ব্যাধি /ব্যাধি/ [স. বি+আ+√ধা+ই] বি. জীবদেহের স্বাভাবিক ক্রিয়ার ব্যত্যয়জনিত অবস্থা, অসুখ, রোগ, পীড়া, ব্যামো।

ব্যাধিত /ব্যাধিতো/ [স. ব্যাধি+ইত] বিণ. রোগগ্রস্ত, রোগাক্রান্ত।

ব্যাধিমন্দির /ব্যাধিমোন্‌দির্/ [স. ব্যাধি+মন্দির] বি. রোগের আলয়; দেহ, শরীর।

ব্যান /ব্যান্/ [স. বি+√অন্+অ] বি. দেহস্থ পঞ্চবায়ুর (প্রাণ অপান উদান সমান ও ব্যান) অন্যতম।

ব্যানার /ব্যানার্/ [ই. banner] বি. ১ পতাকা; নিশান। ২ স্লোগানসংবলিত লম্বা কাপড়ের খণ্ড যা সাধারণের অবগতির জন্য মিছিলের সামনে বহন করা হয় বা কোনো স্থানে টাঙিয়ে রাখা হয়। ৩ সংবাদপত্রের প্রথম পৃষ্ঠার ওপরের দিকে আড়াআড়িভাবে পূর্ণ পৃষ্ঠাজুড়ে বড়ো অক্ষরে মুদ্রিত শিরোনাম।

ব্যান্ডসংগীত /ব্যান্‌ড্‌শোংগিত্/ [ই. ব্যান্ড+স. সংগীত] বি. পাশ্চাত্য সংগীতের অনুকরণে গেয় বৃন্দগান।

ব্যান্ডেজ /ব্যান্‌ডেজ্/ [ফ.] বি. শরীরের ক্ষতস্থান আবৃত করে বেঁধে রাখার উপযোগী কাপড়ের পটি। bandage।

ব্যান্নন /ব্যান্‌নোন্/ [স. ব্যঞ্জন >] বি. 'ব্যঞ্জন' শব্দের আঞ্চলিক রূপ।

ব্যাপক /ব্যাপক্/ [স. বি+√আপ্+অক] বিণ. ১ ব্যাপ্তিযুক্ত (*ব্যাপক পরিসর*)। ২ ভীষণ (*ব্যাপক ক্ষয়ক্ষতি*)। ৩ সর্বাত্মক (*ব্যাপক অভিযান*)। ৪ বহুদূর বিস্তৃত, সুদূরপ্রসারী (*ব্যাপক প্রভাব*)।

ব্যাপকতা /ব্যাপকতা/ [স. ব্যাপক+তা] বি. ব্যাপ্তি; বিস্তার।

ব্যাপন /ব্যাপোন্/ [স. বি+√আপ্+অন] বি. ১ প্রসারণ, বিস্তার, ব্যাপ্তি। ২ আবরণ।

ব্যাপা /ব্যাপা/ [বা.] ক্রিবি. ছড়িয়ে পড়া।

ব্যাপাদন /ব্যাপাদন্/ [স. বি+আ+√পাদি+অন] বি. হত্যা, বধ, হনন।

ব্যাপাদিত /ব্যাপাদিতো/ [স. বি+আ+√পাদি+ত] বিণ. ১ নিহত। ২ বিনষ্ট; ধ্বংস।

ব্যাপার /ব্যাপার্/ [স. বি+আ+√পৃ+অ] বি. ১ বিষয় (*ব্যক্তিগত ব্যাপার*)। ২ ঘটনা (*ভীষণ ব্যাপার*)। ৩ বাণিজ্য। ৪ অনুষ্ঠান। ৫ নিয়োগ।

ব্যাপারী /ব্যাপারি/ [স. ব্যাপার+ইন্] বিণ. বি. ব্যবসায়ী, বণিক, কারবারি।

ব্যাপিকা[১] /ব্যাপিকা/ [স. ব্যাপক+আ (টাপ্)] বিণ. ব্যাপ্তিযুক্তা।

ব্যাপিকা[২] /ব্যাপিকা/ [বা.] বিণ. ১ প্রগল্‌ভা। ২ ধিঙ্গি। বি. চঞ্চলা নারী।

–ব্যাপী /ব্যাপি/ [স. বি+√আপ্+ইন্] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) ১ ব্যাপক; প্রসারী (*মাসব্যাপী আয়োজন*)। ২ ব্যাপ্তিশীল (*জগদ্‌ব্যাপী*)।

ব্যাপৃত /ব্যাপ্‌পৃতো/ [স. বি+আ+√পৃ+ত] বিণ. নিযুক্ত, নিরত, রত। স্ত্রী. ব্যাপৃতা /ব্যাপ্‌পৃতা/।

ব্যাপৃতি /ব্যাপ্‌পৃতি/ [স. বি+আ+√পৃ+তি] বি. নিয়োগ বা নিযুক্তি।

ব্যাপ্ত /ব্যাপ্‌তো/ [স. বি+√আপ্+ত] বিণ. ১ বিস্তৃত। ২ আচ্ছন্ন। ৩ পরিপূর্ণ। ৪ বিশাল।

ব্যাপ্তবাদন /ব্যাপ্‌তোবাদোন্/ [স. ব্যাপ্ত+বাদন] বি. (সাধারণ গ্রামোফোন রেকর্ডের প্রায় সমমাপের হলেও) যে রেকর্ড বা থালিকার প্রতি পিঠ ৭ থেকে ৮ মিনিট পর্যন্ত বাজানো যায়; (পরি.) extended play record।

ব্যাপ্তার্থ /ব্যাপ্‌তার্‌থো/ [স. ব্যাপ্ত+অর্থ] বি. শব্দের প্রসারিত অর্থ।

ব্যাপ্তি /ব্যাপ্‌তি/ [স. বি+√আপ্+তি] বি. ১ বিস্তৃতি, প্রসার। ২ আবরণ। ৩ আয়তন। ৪ (দর্শন.) ব্যাপ্যের সঙ্গে ব্যাপকের নিত্য সম্বন্ধ।

ব্যাপ্য /ব্যাপ্‌পো/ [স. বি+√আপ্+য] বিণ. ১

www.pathagar.com

ব্যাপনীয়। ২ (দর্শন.) ব্যাপ্তিবিশিষ্ট।

ব্যাবর্তক /ব্যাবোরতক্ / [স. বি+আ+√বৃৎ+অক] বিণ. ১ পৃথক করে এমন। ২ বেষ্টনকারী।

ব্যাবর্তন /ব্যাবোর্তোন্ / [স. বি+আ+√বৃৎ+অন] বি. ১ আবর্তন। ২ প্রত্যাবর্তন। ৩ মোচড়।

ব্যাবর্তিত /ব্যাবোর্তিতো / [স. বি+আ+√বর্তি+ত] বিণ. ১ আবর্তিত। ২ প্রত্যাবর্তন করেছে এমন। ৩ মোচড়ানো হয়েছে এমন।

ব্যাবসা /ব্যাব্শা /[স. ব্যবসায় >] বি. 'ব্যবসায়'-এর চলিত রূপ।

ব্যাবসাদার /ব্যাব্শাদার্/ [বা. ব্যাবসা+ফা. দার] বিণ. ১ ব্যবসায়ী। ২ উদ্যমী, উদ্যোগী। ৩ (নিন্দায়) স্বার্থসন্ধানী। বি. বণিক, সওদাগর।

ব্যাবসাদারি /ব্যাব্শাদারি / [বা. ব্যাবসা+ফা. দারি] বি. ব্যবসায় বা বাণিজ্যের বৃত্তি।

ব্যাবসাপাতি /ব্যাব্শাপাতি / [স. ব্যবসায় >] বি. ব্যাবসাবাণিজ্য।

ব্যাবসাবাণিজ্য /ব্যাব্শাবানিজ্জো / [স. ব্যবসায় >] বি. ব্যবসায়, বণিগ্‌বৃত্তি, তেজারত।

ব্যাবসায়িক /ব্যাবোশায়িক্ / [স. ব্যবসায় >] বিণ. বাণিজ্যবিষয়ক।

ব্যাবহারিক /ব্যাবোহারিক্ / [স. ব্যবহার+ইক] বিণ. ১ কাজে লাগানো যায় এমন, প্রায়োগিক, ফলিত, applied। ২ আইনবিষয়ক। ৩ বিষয়কর্ম-সম্পর্কিত, সাংসারিক। ৪ (দর্শন.) অবাস্তব হলেও ব্যবহারের ক্ষেত্রে মূল্য আছে এমন।

ব্যাবৃত্ত /ব্যাবৃত্তো / [স. বি+আ+√বৃৎ+ত] বিণ. ১ নিরাকৃত। ২ খণ্ডিত। ৩ প্রত্যাবৃত্ত। ৪ নিবৃত্ত।

ব্যাবৃত্তি /ব্যাবৃত্তি / [স. বি+আ+√বৃৎ+তি] বি. ব্যাবর্তন ; প্রত্যাবর্তন ; নিবৃত্তি।

ব্যাম /ব্যাম্ / [স. বি+আ+√মা+অ] বি. বাঁও, চার হাত পরিমাণ গভীরতা।

ব্যামো /ব্যামো / [স. ব্যামোহ >] বি. রোগ, ব্যাধি।

ব্যামোহ /ব্যামোহো / [স. বি+আ+√মুহ্+অ] বি. ১ অজ্ঞানতা। ২ বিমূঢ়তা; চিত্তবৈকল্য। ৩ ব্যাধি।

ব্যায়ত /ব্যায়োতো / [স. বি+আ+√যম্+ত] বি. ১ দূরবিস্তৃত, ব্যাপৃত। ২ দীর্ঘ। ৩ দৃঢ়। ৪ অতিশয়।

ব্যায়াম /ব্যাআম্/ [স. বি+আ+√যম্+অ] বি. স্বাস্থ্যরক্ষার উদ্দেশ্যে বিধিমোতাবেক অঙ্গচালনা, শরীরচর্চা।

ব্যায়ামাগার /ব্যাআমাগার্ / [স. ব্যায়াম+আগার] বি. শরীরচর্চার স্থান।

ব্যারাক /ব্যারাক্ / [ইতা.] বি. সেনাশিবির; সারিবদধ বাসগৃহ; barrack।

ব্যারাজ /ব্যারাজ্/ [ফ.] বি. সেচ বিদ্যুৎ উৎপাদন বা নদীর প্রবাহ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে জলপ্রবাহের আড়াআড়িভাবে নির্মিত বাঁধ; কোনো নির্দিষ্ট লক্ষ্য-বস্তুর অভিমুখে অবিরাম গোলাবর্ষণের ফলে সৃষ্ট অবরোধ; barrage।

ব্যারাম /ব্যারাম্ / [ফা.] বি. রোগ, ব্যাধি, পীড়া।

ব্যারিস্টার /ব্যারিস্টার্/ [ই.] বি. ইংল্যান্ডের ইনস্ অফ কোর্টের তালিকাভুক্ত ছাত্ররূপে কাউন্সিল অফ লিগ্যাল এডুকেশনের শিক্ষাক্রম সমাপনান্তে সনদপ্রাপ্ত ও উচ্চতর আদালতে ওকালতি করার অধিকারপ্রাপ্ত আইনজীবী, barrister।

ব্যারিস্টারি /ব্যারিস্টারি / [ই. ব্যারিস্টার >] বি. ব্যারিস্টারের বৃত্তি।

ব্যারোমিটার /ব্যারোমিটার্ / [গ্রি. ব্যারো+ই. মিটার] বি. বায়ুমণ্ডলের চাপ পরিমাপের সরঞ্জাম-বিশেষ (আবহাওয়ার পূর্বাভাস ও সমুদ্রপৃষ্ঠ থেকে কোনো স্থানের উচ্চতা নির্ণয়ের উদ্দেশ্যে ব্যবহৃত), barometer।

ব্যাল /ব্যাল্ / [স. বি+আ+√অড়্+অ] বি. ১ সাপ। ২ হিংস্র জন্তু, শ্বাপদ। বিণ. ধূর্ত; খল। স্ত্রী. ব্যালী /ব্যালি /।

ব্যালগ্রাহী /ব্যালোগ্‌গ্রাহি/ [স. ব্যাল+√গ্রহ্+ইন্] বি. সাপুড়ে।

ব্যালট /ব্যালট্ / [ইতা.] বি. যে কাগজে ভোটদাতার পছন্দমতো প্রার্থীর অনুকূলে ছাপ দিয়ে গোপনে মতপ্রদান করা হয়, ভোটপত্র, ballot।

ব্যালট পেপার /ব্যালট্ পেপার্/ বি. ভোটপত্র।

ব্যালটি /ব্যালোটি / [ইতা. ব্যালট >] বিণ. ব্যালটের মাধ্যমে নির্বাচিত।

ব্যালোল /ব্যালোল্ / [স. বি+আলোল] বিণ. ১ ব্যাকুল, আকুল। ২ অতিশয় চঞ্চল। ৩ বিলোল।

ব্যাস /ব্যাশ্ / [স. বি+√অস্+অ] বি. ১ যে সরলরেখা বৃত্তের কেন্দ্র ভেদ করে দুইদিকের পরিধিকে স্পর্শ করে, diameter। ২ বিভাগ। ৩ বিস্তার। ৪ কৃষ্ণদ্বৈপায়ন, বেদব্যাস।

ব্যাসকূট /ব্যাশ্‌কুট্/ [স. ব্যাস+কূট] বি. ১ বেদব্যাসের রচনার দুর্বোধ্য শ্লোক। ২ দুর্বোধ্য লেখা।

ব্যাসক্ত /ব্যাশক্তো / [স. বি+আ+√সন্জ্+ত] বিণ. ১ অত্যন্ত আসক্ত। ২ সংলগ্ন।

ব্যাসক্তি /ব্যাশোক্তি / [স. বি+আ+√সন্জ্+তি] বি. বিশেষ আসক্তি।

ব্যাসবাক্য /ব্যাশ্‌বাক্কো / [স. ব্যাস+বাক্য] বি. (ব্যা.) সমাসবদধ পদের ব্যাখ্যাকারী বাক্য, বিগ্রহবাক্য।

www.pathagar.com

ব্যাসার্ধ /ব্যাশার্ধো/ [স. ব্যাস+অর্ধ] বি. বৃত্তের কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত বিস্তৃত সরলরেখা বা তার দৈর্ঘ্য, radius।

ব্যাহত /ব্যাহতো/ [স. বি+আহত] বিণ. ১ বাধা-প্রাপ্ত। ২ ব্যর্থ। ৩ নিবারিত।

ব্যাহরণ /ব্যাহরোন্/ [স. বি+আ+√হৃ+অন] বি. কথন; উচ্চারণ।

ব্যাহার /ব্যাহার্/ [স. বি+আ+√হৃ+অ] বি. ১ কথন; উচ্চারণ। ২ উক্তি, বাক্য। ৩ নির্দেশ।

ব্যাহৃত /ব্যাহিতো/ [স. বি+আ+√হৃ+ত] বিণ. কথিত, উক্ত, উচ্চারিত।

ব্যাহৃতি /ব্যাহিতি/ [স. বি+আ+√হৃ+তি] বি. ১ কথন, উচ্চারণ, উক্তি, বাক্য। ২ মন্ত্রবিশেষ।

ব্যুৎক্রম /বুত্ক্রোম্/ [স. বি+উদ্+√ক্রম্+অ] বি. ১ ক্রমবিপর্যয়। ২ ব্যতিক্রম। ৩ অনিয়ম।

ব্যুৎক্রান্ত /বুত্ক্রান্তো/ [স. বি+উদ্+√ক্রম্+ত] বিণ. ১ বিপরীত। ২ অতিক্রান্ত, বিগত।

ব্যুৎপত্তি /বুত্পোত্তি/ [স. বি+উদ্+√পদ্+তি] বি. ১ (ব্যা.) প্রকৃতি-প্রত্যয়াদি বিশ্লেষণদ্বারা শব্দের গঠন বিচার। ২ গভীর জ্ঞান। ৩ পারদর্শিতা।

ব্যুৎপত্তিগত /বুত্পোত্তিগতো/ [স. ব্যুৎপত্তি+√গম্+ত] বিণ. শব্দের প্রকৃতি ও প্রত্যয় থেকে লব্ধ (*ব্যুৎপত্তিগত অর্থ*)।

ব্যুৎপন্ন /বুত্পন্নো/ [স. বি+উদ্+√পদ্+ত] বিণ. ১ (ব্যা.) ব্যাকরণের নিয়মানুযায়ী সিদ্ধ, প্রকৃতি-প্রত্যয়াদিদ্বারা উৎপন্ন। ২ জ্ঞানী; শাস্ত্রজ্ঞ পণ্ডিত।

ব্যুৎপাদক /বুত্পাদক্/ [স. বি+উদ্+√পাদি+অক] বিণ. শব্দের ব্যুৎপত্তিনির্দেশক।

ব্যুৎপাদিত /বুত্পাদিতো/ [স. বি+উদ্+√পাদি+ত] বিণ. প্রকৃতিপ্রত্যয়াদি থেকে নিষ্পন্ন।

ব্যূঢ় /বুঢ়ো/ [স. বি+√বহ্+ত] বিণ. ১ বিবাহিত। ২ বিন্যস্ত। ৩ প্রসারিত, স্ফীত।

ব্যূঢ়োরস্ক /বুঢ়োরোস্কো/ [স. ব্যূঢ়+উরঃ] বিণ. প্রশস্ত বক্ষের অধিকারী।

ব্যূহ /বুহো/ [স. বি+√উহ্+অ] বি. সেনাবিন্যাসের পৌরাণিক কৌশল (*শত্রুর ব্যূহের দিকে এগোতে করো না দ্বিধা।* শামসুর.)।

ব্যূহিত /বুহিতো/ [স. বি+√উহ্+ত] বিণ. ব্যূহের আকারে বিন্যস্ত।

ব্যোম /বোম্/ [স. √ব্যে+মন্] বি. ১ আকাশ, অম্বর, শূন্য। ২ (আল.) ফাঁকি।

ব্যোমকেশ /বোম্কেশ্/ [স. ব্যোম+কেশ] বি. শিব, মহাদেব।

ব্যোমচারী /বোম্চারি/ [স. ব্যোম+√চর্+ইন্] বিণ. আকাশচারী। বি. ১ বৈমানিক। ২ পাখি। ৩ দেবতা।

ব্যোমযাত্রা /বোম্জাত্রা/ [স. ব্যোম+যাত্রা] বি. আকাশযানে শূন্যে ভ্রমণ, বিমানযাত্রা।

ব্যোমযান /বোম্জান্/ [স. ব্যোম+যান] বি. ১ আকাশে বিচরণকারী যান। ২ মহাকাশযান।

ব্রংকাইটিস/ব্রংকাইটিস্/ [গ্রি.] বি. শ্বাসনালির প্রদাহ-জনিত রোগবিশেষ, bronchitis।

ব্রজ /ব্রোজো/ [স. √ব্রজ্+অ] বি. ১ শ্রীকৃষ্ণের লীলাভূমিরূপে বর্ণিত মথুরার নিকটবর্তী বৃন্দাবনের অন্তর্গত গ্রামবিশেষ। ২ গোষ্ঠ। ৩ পথ। ৪ গমন (*পদব্রজ*)। ৫ সমূহ।

ব্রজকিশোর /ব্রোজোকিশোর্/ [স. ব্রজ+কিশোর] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজকিশোরী /ব্রোজোকিশোরি/ [স. ব্রজ+কিশোরী] বি. শ্রীরাধা।

ব্রজদুলাল /ব্রোজোদুলাল্/ [স. ব্রজ+দুলাল] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজধাম /ব্রোজোধাম্/ [স. ব্রজ+ধাম] বি. বৃন্দাবন, গোকুল।

ব্রজবল্লভ /ব্রোজোবল্লভ্/ [স. ব্রজ+বল্লভ] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজবুলি /ব্রোজোবুলি/ [স. ব্রজ+হি. বুলি] বি. প্রাচীন মৈথিলি ও বাংলা ভাষার মিশ্রণে উৎপন্ন ভাষা, বৈষ্ণব পদাবলি-সাহিত্যে ব্যবহৃত ভাষা।

ব্রজমোহন /ব্রোজোমোহোন্/ [স. ব্রজ+মোহন] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজরাজ /ব্রোজোরাজ/ [স. ব্রজ+রাজন্] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজলীলা /ব্রোজোলিলা/ [স. ব্রজ+লীলা] বি. ব্রজধাম বা বৃন্দাবনে শ্রীকৃষ্ণের লীলা।

ব্রজসুন্দর /ব্রোজোশুন্দর্/ [স. ব্রজ+সুন্দর] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজসুন্দরী /ব্রোজোশুন্দোরি/ [স. ব্রজসুন্দর+ঈ] বি. শ্রীরাধা।

ব্রজাঙ্গনা /ব্রোজাংগনা/ [স. ব্রজ+অঙ্গনা] বি. গোকুলবাসিনী গোপ নারী।

ব্রজেশ্বর /ব্রোজেশ্শর্/ [স. ব্রজ+ঈশ্বর] বি. শ্রীকৃষ্ণ।

ব্রজেশ্বরী /ব্রোজেশ্শোরি/ [স. ব্রজেশ্বর+ঈ] বি. শ্রীরাধা।

ব্রজ্যা /ব্রোজ্জা/ [স. √ব্রজ্+য+আ (টাপ্)] বি. ভ্রমণ।

ব্রডব্যান্ড /ব্রড্ব্যান্ড্/ [ই.] বি. উচ্চ ক্ষমতাসম্পন্ন ইন্টারনেট যোগাযোগের ব্যবস্থা, broadband।

www.pathagar.com

ব্রডশিট /ব্রড্‌শিট্‌/ [ই. broadsheet] বি. ১ মুদ্রিত তথ্যসংবলিত চওড়া কাগজবিশেষ। ২ ট্যাবলয়েড পত্রিকার তুলনায় চওড়া কাগজে মুদ্রিত সংবাদপত্র।

ব্রণ /ব্রোনো/ [স. √ব্রণ্‌+অ] বি. ১ কৈশোরে বা যৌবনের শুরুতে মুখমণ্ডলে উদ্‌গত ফোড়া। ২ ফোড়া, ফুসকুড়ি। ৩ ক্ষত, ঘা।

ব্রত /ব্রোতো/ [স. √বৃ+অত] বি. ১ পুণ্য অর্জনের মনোবাসনা (*হজব্রত*)। ২ সিয়াম; সংযম (*উপবাস-ব্রত*)। ৩ ধর্মকর্ম; কঠোর তপস্যা।

ব্রতকথা /ব্রোতোকথা/ [স. ব্রত+কথা] বি. যা শ্রবণ করলে পুণ্য হয়।

ব্রতচারী /ব্রোতোচারি/ [স. ব্রত+√চর্‌+ইন্‌] বিণ. ব্রত পালনকারী। স্ত্রী. ব্রতচারিণী /ব্রোতোচারিনি/। বি. গুরুসদয় দত্ত কর্তৃক প্রবর্তিত নৃত্যবিশেষ।

ব্রততি /ব্রোতোতি/ [স. প্র+√তন্‌+তি] বি. ১ লতা। ২ লতার মতো বিস্তার বা বিস্তৃতি।

ব্রতধারী /ব্রোতোধারি/ [স. ব্রত+√ধৃ+ইন্‌] বিণ. ব্রত আচরণকারী, ব্রতকারী, ব্রতী। স্ত্রী. ব্রতধারিণী /ব্রোতোধারিনি/।

ব্রতী /ব্রোতি/ [স. ব্রত+ইন্‌] বিণ. ব্রতপালনকারী, ব্রতধারী, পুণ্যকর্মের অনুষ্ঠাতা।

ব্রহ্ম /ব্রোম্‌mঁho/ [স. √বৃন্‌হ্‌+মন্‌] বি. ১ পরমাত্মা, পরমেশ্বর, পরমপুরুষ। ২ পরম সত্য (*ব্রহ্মজ্ঞান*)। ৩ বিধাতা। ৪ বেদমন্ত্র। ৫ তপস্যা। ৬ ব্রাহ্মণ। ৭ ওঙ্কার।

ব্রহ্মঘাতী /ব্রোম্‌mঁhoঘাতি/ [স. ব্রহ্মন্‌+√হন্‌+ইন্‌] বিণ. ব্রাহ্মণঘাতক।

ব্রহ্মঘ্ন /ব্রোম্‌mঁhoঘ্নো/ [স. ব্রহ্মন্‌+√হন্‌+অ] বিণ. ব্রাহ্মণঘাতক।

ব্রহ্মচর্য /ব্রোম্‌mঁhoচোরজ্জো/ [স. ব্রহ্মন্‌+চর্য] বি. ১ বেদশাস্ত্র অনুশীলন ও সাত্ত্বিক জীবনযাপন। ২ যৌনসংযম।

ব্রহ্মচর্যাশ্রম /ব্রোম্‌mঁhoচোরজ্জাস্রোম্‌/ [স. ব্রহ্মচর্য+আশ্রম] বি. ১ ব্রহ্মচর্য অবলম্বন করে গুরুগৃহে বাস ও বেদ অধ্যয়ন। ২ ব্রহ্মচারীর পালনীয় ধর্ম।

ব্রহ্মচারী /ব্রোম্‌mঁhoচারি/ [স. ব্রহ্মন্‌+√চর্‌+ইন্‌] বিণ. ব্রহ্মচর্য পালনকারী। স্ত্রী. ব্রহ্মচারিণী /ব্রোম্‌mঁhoচারিনি/।

ব্রহ্মজ্ঞ /ব্রোম্‌mঁhoগ্‌গো/ [স. ব্রহ্মন্‌+√জ্ঞা+অ] বিণ. ব্রহ্মজ্ঞান আছে এমন, ব্রহ্মজ্ঞানী।

ব্রহ্মজ্ঞান /ব্রোম্‌mঁhoগ্‌গ্যান্‌/ [স. ব্রহ্মন্‌+√জ্ঞা+অন] বি. ব্রহ্মের স্বরূপসম্পর্কিত জ্ঞান, তত্ত্বজ্ঞান।

ব্রহ্মজ্ঞানী /ব্রোম্‌mঁhoগ্‌গ্যানি/ [স. ব্রহ্মজ্ঞান+ইন্‌] বিণ. ১ ব্রহ্মজ্ঞানসম্পন্ন, ব্রহ্মজ্ঞ। ২ ব্রাহ্মধর্মাবলম্বী।

ব্রহ্মণ্য /ব্রোম্‌mঁhoন্নো/ [স. ব্রহ্মন্‌+য] বিণ. ব্রাহ্মণ-বিষয়ক। বি. ১ ব্রহ্মতেজ। ২ বিষ্ণু, নারায়ণ।

ব্রহ্মডাঙা /ব্রোম্‌mঁhoডাঙা/ [স. ব্রহ্মন্‌+বা. ডাঙা] বি. অনুর্বর উঁচু ভূমি।

ব্রহ্মতালু /ব্রোম্‌mঁhoতালু/ [স. ব্রহ্মন্‌+বা. তালু] বি. ব্রহ্মরন্ধ্রের উপরিভাগ; মাথার চাঁদি।

ব্রহ্মতেজ /ব্রোম্‌mঁhoতেজ্‌/ [স. ব্রহ্মন্‌+তেজস্‌] বি. ব্রহ্মজ্ঞান থেকে অর্জিত শক্তি।

ব্রহ্মত্ব /ব্রোম্‌mঁhoত্তো/ [স. ব্রহ্মন্‌+ত্ব] বি. ব্রহ্ম বা ব্রহ্মতুল্য ভাব।

ব্রহ্মত্র /ব্রোম্‌mঁhoত্রো/ [স. ব্রহ্মন্‌+√ত্রৈ+অ] বি. ব্রাহ্মণকে দেওয়া নিষ্কর জমি, ব্রহ্মোত্তর।

ব্রহ্মত্রা /ব্রোম্‌mঁhoত্রা/ [স. ব্রহ্মন্‌+√ত্রৈ+অ+আ (টাপ্‌)] বি. দ্র ব্রহ্মত্র।

ব্রহ্মদেব /ব্রোম্‌mঁhoদেব্‌/ [স. ব্রহ্মন্‌+দেব] বি. বিষ্ণু, নারায়ণ।

ব্রহ্মদৈত্য /ব্রোম্‌mঁhoদোইত্তো/ [স. ব্রহ্মন্‌+দৈত্য] বি. ব্রাহ্মণের প্রেতযোনি।

ব্রহ্মনাভ /ব্রোম্‌mঁhoনাভো/ [স. ব্রহ্মন্‌+নাভ] বি. বিষ্ণু।

ব্রহ্মপাতক /ব্রোম্‌mঁhoপাতক্‌/ [স. ব্রহ্মন্‌+পাতক] বি. ব্রাহ্মণ হত্যারূপ পাপ।

ব্রহ্মপিশাচ /ব্রোম্‌mঁhoপিশাচ্‌/ [স. ব্রহ্মন্‌+পিশাচ] বি. দ্র ব্রহ্মদৈত্য।

ব্রহ্মপুত্র /ব্রোম্‌mঁhoপুত্তো/ [স. ব্রহ্মন্‌+পুত্র] বি. হিমালয় পর্বতমালার কৈলাশ শৃঙ্গের একটি হিমবাহ থেকে উৎপন্ন হয়ে চীন ভারত ও বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত প্রশস্ত ও খরস্রোতা নদবিশেষ।

ব্রহ্মপুরী /ব্রোম্‌mঁhoপুরি/ [স. ব্রহ্মন্‌+পুরী] বি. ১ ব্রহ্মার বাসস্থান। ২ পুরাণে কল্পিত সপ্তলোকের মধ্যে উচ্চতম লোক। ৩ স্বর্গ।

ব্রহ্মবন্ধু /ব্রোম্‌mঁhoবোনধু্‌/ [স. ব্রহ্মন্‌+বন্ধু] বি. পতিত ব্রাহ্মণ।

ব্রহ্মবাদী /ব্রোম্‌mঁhoবাদি/ [স. ব্রহ্মন্‌+√বদ্‌+ইন্‌] বিণ. ১ ব্রহ্মবিদ্যার প্রবক্তা। ২ বেদাধ্যায়ী। ৩ ব্রহ্মজ্ঞানী। ৪ একেশ্বরবাদী। ৫ বৈদান্তিক।

ব্রহ্মবিদ্যা /ব্রোম্‌mঁhoবিদ্‌দা/ [স. ব্রহ্মন্‌+বিদ্যা] বি. ব্রহ্মজ্ঞানবিষয়ক শাস্ত্র।

ব্রহ্মবৈবর্ত /ব্রোম্‌mঁhoবোইবর্‌তো/ [স. ব্রহ্মন্‌+বৈবর্ত] বি. অষ্টাদশ পুরাণের অন্যতম।

ব্রহ্মময়ী /ব্রোম্‌mঁhoমোয়ি/ [স. ব্রহ্মময়+ঈ] বি.

www.pathagar.com

কালিকাদেবী।

ব্রহ্মরন্ধ্র /ব্রোম্‌mhoরন্‌ধ্রো/ [স. ব্রহ্মন্‌+√রধ্‌+র] বি. পুরাণমতে ব্রহ্মতালুর কেন্দ্র বা কেন্দ্রস্থ ছিদ্র, জীবাত্মার শাস্ত্রোক্ত নিষ্ক্রমণপথ।

ব্রহ্মরাক্ষস /ব্রোম্‌mhoরাক্‌খোশ্‌/ [স. ব্রহ্মন্‌+রাক্ষস] বি. প্রেতযোনিবিশেষ।

ব্রহ্মর্ষি /ব্রোম্‌mhoরশি/ [স. ব্রহ্মন্‌+ঋষি] বি. ঋষির গুণসম্পন্ন ব্রাহ্মণ।

ব্রহ্মলোক /ব্রোম্‌mhoলোক্‌/ [স. ব্রহ্মন্‌+লোক] বি. দ্র ব্রহ্মপুরী।

ব্রহ্মশাপ /ব্রোম্‌mhoশাপ্‌/ [স. ব্রহ্মন্‌+শাপ] বি. ব্রাহ্মণের অভিশাপ।

ব্রহ্মসংগীত /ব্রোম্‌mhoশোংগিত্‌/ [স. ব্রহ্মন্‌+সংগীত] বি. সৃষ্টিকর্তার প্রশস্তিসূচক সংগীত, ব্রহ্মসমাজে গাওয়া হয় এমন গান।

ব্রহ্মসংহিতা /ব্রোম্‌mhoশংহিতা/ [স. ব্রহ্মন্‌+সংহিতা] বি. দাক্ষিণাত্য থেকে চৈতন্যদেব সংগৃহীত ব্রহ্মজ্ঞানবিষয়ক বৈদিক গ্রন্থ।

ব্রহ্মসূত্র /ব্রোম্‌mhoশুত্রো/ [স. ব্রহ্মন্‌+ সূত্র] বি. ১ পইতা, উপবীত। ২ বেদব্যাসকৃত বেদান্তসূত্র।

ব্রহ্মস্ব /ব্রোম্‌mhoশ্‌শো/ [স. ব্রহ্মন্‌+√স্বন্‌+অ] বি. ব্রাহ্মণের সম্পত্তি।

ব্রহ্মহত্যা /ব্রোম্‌mhoহোত্‌তা/ [স. ব্রহ্মন্‌+হত্যা] বি. ব্রাহ্মণ হত্যা।

ব্রহ্মা /ব্রোম্‌mha/ [স. √বৃনহ্‌+মন্‌] বি. সৃষ্টিকর্তা, চতুরানন, প্রজাপতি, লোকপিতামহ।

ব্রহ্মাণ্ড /ব্রোম্‌mhaনডো/ [স. ব্রহ্মন্‌+অণ্ড] বি. বিশ্বজগৎ, মহাবিশ্ব।

ব্রহ্মাবর্ত /ব্রোম্‌mhaবরত্তো/ [স. ব্রহ্মন+আবর্ত] বি. সরস্বতী ও দৃষদ্বতী নদীর মধ্যবর্তী কুরুক্ষেত্রের নিকটস্থ প্রাচীন দেশ।

ব্রহ্মারণ্য /ব্রোম্‌mhaরোন্‌নো/ [স. ব্রহ্মন্‌+অরণ্য] বি. বেদ অধ্যয়নের জন্য প্রকৃষ্ট পৌরাণিক অরণ্য।

ব্রহ্মাস্ত্র /ব্রোম্‌mhaসত্রো/ [স. ব্রহ্মন্‌+ অস্ত্র] বি. ১ পুরাণে বর্ণিত ব্রহ্মতেজোময় অতি শক্তিশালী অস্ত্রবিশেষ। ২ (আল.) অকাট্য যুক্তি।

ব্রহ্মোত্তর /ব্রোম্‌mhoত্তর্‌/ [স. ব্রহ্মন্‌+উত্তর] বি. ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর জমি।

ব্রাত্য /ব্রাত্তো/ [স. ব্রত+য] বিণ. ১ পতিত, নিন্দিত। ২ ব্রতভ্রষ্ট। ৩ যথাসময়ে উপনয়ন হয়নি এমন।

ব্রাশ /ব্রাশ্‌/ [ই. brush] বি. ১ দাঁত পরিষ্কার করার জন্য ব্যবহৃত ছোটো হাতলওয়ালা মার্জনী। ২ ক্ষৌরকর্মের পূর্বে দাড়িতে সাবান বা ক্রিম লাগানোর বুরুশ। ৩ রং লাগানো বা ছবি আঁকার কাজে ব্যবহৃত পশুলোমের তৈরি মিহি তুলি। ৪ জামাকাপড় প্রভৃতির ধুলোময়লা ঝেড়ে পরিষ্কার করার জন্য ব্যবহৃত শক্ত আঁশের বুরুশ।

ব্রাহ্ম /ব্রাম্‌mho/ [স. ব্রহ্মন্‌+অ] বিণ. ১ ব্রহ্মসম্বন্ধীয়। ২ ব্রহ্মজ্ঞানসম্পন্ন। ৩ ব্রাহ্মধর্মাবলম্বী। বি. রামমোহন রায় প্রবর্তিত একেশ্বরবাদী ধর্মসম্প্রদায়।

ব্রাহ্মণ /ব্রাম্‌mhoন্‌/ [স. ব্রহ্মন্‌+অ] বি. ১ ব্রহ্মকে জানেন যিনি, ব্রহ্মজ্ঞ ব্যক্তি। ২ আর্যদের চতুর্বর্ণের প্রথম বর্ণ, বিপ্র, বামুন। ৩ পুরোহিত। ৪ বেদের অংশবিশেষ।

ব্রাহ্মণত্ব /ব্রাম্‌mhoনত্তো/ [স. ব্রাহ্মণ+ত্ব] বি. ব্রাহ্মণের ধর্ম।

ব্রাহ্মণভোজন /ব্রাম্‌mhoনভোজোন্‌/ [স. ব্রাহ্মণ+ভোজন] বি. ব্রাহ্মণকে নিমন্ত্রণ করে আপ্যায়ন।

ব্রাহ্মণ্য /ব্রাম্‌mhoনন্যো/ [স. ব্রাহ্মণ+য] বি. ১ ব্রাহ্মণত্ব। ২ ব্রাহ্মণের ধর্ম। ৩ ব্রাহ্মণসমাজ।

ব্রাহ্মধর্ম /ব্রাম্‌mhoধরমো/ [স. ব্রাহ্ম+ধর্ম] বি. রামমোহন রায় প্রবর্তিত একেশ্বরবাদী ধর্মবিশেষ।

ব্রাহ্মবিবাহ /ব্রাম্‌mhoবিবাহো/ [স. ব্রাহ্ম+বিবাহ] বি. ব্রাহ্মসমাজের আচার অনুযায়ী বিবাহ।

ব্রাহ্মমুহূর্ত /ব্রাম্‌mhoমুহুরতো/ [স. ব্রাহ্ম+ মুহূর্ত] বি. সূর্যোদয়ের অব্যবহিত পূর্ববর্তী দুই দণ্ডকাল।

ব্রাহ্মসমাজ /ব্রাম্‌mhoশমাজ্‌/ [স. ব্রাহ্ম+সমাজ] বি. ১৯২৮ সালে রাজা রামমোহন রায় কর্তৃক প্রতিষ্ঠিত সর্বজনীন সভা।

ব্রাহ্মিকা /ব্রাম্‌mhiকা/ [স. ব্রাহ্মী+কন্‌+ আ (টাপ্‌)] বি. ১ ব্রাহ্মনারী। ২ ব্রাহ্মের পত্নী।

ব্রাহ্মী /ব্রাম্‌mhi/ [স. ব্রাহ্ম+ঈ] বিণ. ১ ব্রহ্মসম্বন্ধীয়। ২ ব্রহ্মজ্ঞা। বি. ১ ব্রহ্মার শক্তি। ২ মাতৃকাবিশেষ। ৩ বাগ্‌দেবী। ৪ লিপিবিশেষ। ৫ ওষুধরূপে ব্যবহৃত শাকবিশেষ।

ব্রাহ্মীলিপি /ব্রাম্‌mhiলিপি/ [স. ব্রাহ্মী+লিপি] বি. (বাংলায়) বিশ্বের প্রাচীনতম লিখন পদ্ধতি বলে মনে করা হয় এমন লিপি (যা থেকে বাংলা-সহ ভারতীয় উপমহাদেশের বহু লিপির উদ্ভব হয়েছে)।

ব্রাহ্মীশাক /ব্রাম্‌mhiশাক্‌/ [স. ব্রাহ্মী+শাক] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে সমুদ্রের উপকূল জলাশয়ের ধার প্রভৃতি স্থানে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট হালকা নীলাভ সাদা ফুল বৃন্তহীন আয়তাকার পাতা বা

www.pathagar.com

তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ, জলৌষধি।

ব্রিগেডিয়ার /ব্রিগেডিআর্/ [ফ.] বি. সামরিক বাহিনীর ব্রিগেডপরিচালক।

ব্রিটিশ /ব্রিটিশ্/ [ই.] বিণ. ১ ব্রিটেনসম্বন্ধীয়। ২ ব্রিটেনে উৎপন্ন। বি. ব্রিটেনের অধিবাসী।

ব্রিফকেস /ব্রিফ্‌কেস্/ [ই.] বি. জরুরি কাগজপত্র বহনের জন্য ব্যবহৃত হাতলযুক্ত আয়তাকার ছোটো বাক্স, briefcase।

ব্রীড়া /ব্রিড়া/ [স. √ব্রীড়্+অ+আ (টাপ্)] বি. লজ্জা।

ব্রীড়ানত /ব্রিড়ানতো/ [স. ব্রীড়া+নত] বিণ. লজ্জায় আনত।

ব্রীড়িত /ব্রিড়িতো/ [স. √ব্রীড়্+ত] বিণ. লজ্জিত।

ব্রীহি /ব্রিহি/ [স. √বৃহ্+ই] বি. বর্ষাকালে উৎপন্ন এবং শীঘ্রই পাকে এমন ধান, আউশ ধান।

ব্রেক /ব্রেক/ [অজ্ঞা.] বি. চলন্ত যানবাহন থামানো বা তার গতি নিয়ন্ত্রণের জন্য ব্যবহৃত যান্ত্রিক সরঞ্জামবিশেষ, brake।

ব্রোচ /ব্রোচ্/ [ই.] বি. পরিধেয় বস্ত্রাদি এঁটে রাখার জন্য ব্যবহৃত সেফটিপিনজাতীয় নারীর অলংকার-বিশেষ, brooch।

ব্রোঞ্জ /ব্রোন্‌জ্/ [ফ.] বি. তামার সঙ্গে এক তৃতীয়াংশ টিন ও সামান্য পরিমাণ অন্যান্য ধাতু মিশিয়ে উৎপাদিত মিশ্রধাতুবিশেষ, bronze।

ব্র্যাকেট /ব্র্যাকেট্/ [ফ.] বি. ১ বন্ধনীচিহ্ন, ( ) { } [ ] প্রভৃতি চিহ্ন। ২ ঘরের দেওয়ালে তাক বাতি প্রভৃতি লাগানোর জন্য ব্যবহৃত অবলম্বনবিশেষ। ৩ bracket।

ব্র্যান্ডি /ব্র্যান্‌ডি/ [ওল.] বি. আঙুরের রস চোলাই করে প্রাপ্ত সুরাসার, brandy।

ব্লক[১] /ব্লক্/ [ফ.] বি. রাজনৈতিক জোট, bloc।

ব্লক[২] /ব্লক্/ [ই. block] ১ কাঠ পাথর প্রভৃতির মোটা খণ্ড। ২ প্রশাসনিক বিভাগ।

ব্লগ /ব্লগ্/ [আবৈশ.] বি. ওয়েবসাইট বা ইন্টারনেটের পৃষ্ঠাবিশেষ যেখানে কোনো ব্যক্তি কোনো বিষয়ে তথ্য বা মন্তব্য লিপিবদ্ধ করতে পারে, blog।

ব্লগার /ব্লগার্/ [আবৈশ.] বি. ওয়েবসাইট বা ইন্টারনেটের পৃষ্ঠায় কোনো বিষয়ে তথ্য বা মন্তব্য লিপিবদ্ধকারী, blogger।

ব্লটিং পেপার /ব্লটিং পেপার্/ বি. (অধুনালুপ্ত) দোয়াতকলম বা ঝরনাকলম দিয়ে লেখার পর কাগজ থেকে অতিরিক্ত কালি শুষে নেয় এমন কাগজ, চোষকাগজ, blotting paper।

ব্লাউজ /ব্লাউজ্/ [ফ.] বি. শাড়ির সঙ্গে পরিধেয় ঊর্ধ্বাঙ্গের জামাবিশেষ, blouse।

ব্লাডব্যাংক /ব্লাড্‌ব্যাংক্/ [ই. ব্লাড+ফ. ব্যাংক] বি. যে স্থানে মুমূর্ষু রোগীর জন্য রক্ত সঞ্চয় করে রাখা হয়, blood bank।

ব্লেজার /ব্লেজার্/ [ই. blazer] বি. পাশ্চাত্য পোশাকের সঙ্গে পরিধেয় কোটজাতীয় অনানুষ্ঠানিক জামাবিশেষ।

ব্লেড /ব্লেড্/ [ই. blade] বি. ১ ক্ষৌরকর্ম বা বিশেষ কোনো জিনিস কাটার কাজে ব্যবহৃত ইস্পাতের ধারালো পাতবিশেষ; ছুরি করাত প্রভৃতি অস্ত্রের ধারালো প্রান্ত। ২ বৈদ্যুতিক পাখা প্রপেলার বা টারবাইনের ফলক।

ব্ল্যাকআউট /ব্ল্যাক্‌আউট্/ [ই.] বি. রাতে বিমান আক্রমণ থেকে প্রতিরক্ষার জন্য আলো নিভিয়ে রাখার ব্যবস্থা, নিষ্প্রদীপ, blackout।

ব্ল্যাক বক্স /ব্ল্যাক্ বক্স্/ বি. বিমানের উড্ডয়ন-কালে বৈমানিকদের কথোপকথন-সহ বিমানপোত-সংক্রান্ত যাবতীয় খুঁটিনাটি তথ্য আপনা থেকে ধারণ করে রাখে এমন ব্যবস্থাসংবলিত বাক্স (যা সহজে ধ্বংস হয় না), flight data recorder, black box।

ব্ল্যাক বোর্ড /ব্ল্যাক্ বোড়্ড্/ বি. শিক্ষাপ্রতিষ্ঠানে খড়িমাটি দিয়ে লেখার কাজে ব্যবহৃত দেওয়ালে লাগানো আয়তাকার ফলক, black board।

ব্ল্যাক মার্কেট /ব্ল্যাক্ মার্‌কেট্/ বি. নিয়ন্ত্রিত মূল্যের চেয়ে বেশি দামে অবৈধ কেনাবেচার কারবার, কালোবাজার।

ব্ল্যাক হোল /ব্ল্যাক্ হোল্/ বি. তীব্র মহাকর্ষ বলের প্রভাবে চুপসে যাওয়া জ্যোতিষ্কবিশেষ যার কাছা-কাছি আসামাত্র জড়বস্তু আলোকণা প্রভৃতিকে গ্রাস করে নেয় এবং ওই জ্যোতিষ্ক থেকে কিছু বেরিয়ে আসতে পারে না, কৃষ্ণগহ্বর, black hole।

www.pathagar.com

ভ /ভ/

ভ[১] /ভ/ বাংলা বর্ণমালার চতুর্বিংশ ব্যঞ্জনবর্ণ এবং ওষ্ঠদ্বারা উচ্চার্য প-এর ঘোষ মহাপ্রাণ ধ্বনির দ্যোতক।

ভ[২] /ভ/ [স. √ভা+অ] বি. ১ নক্ষত্র। ২ গ্রহ।

ভইঁস /ভৈঁশ্/ [স. মহিষ >] বি. মহিষ।

ভঁয়সা/ভঁয়শা/ [স. মহিষ >] বিণ. ১ মহিষের দুগ্ধ-জাত (*ভঁয়সা ঘি*)। ২ মহিষসংক্রান্ত।

ভক /ভক্/ [ধ্বন্যা.] অব্য. বি. হঠাৎ প্রবল বেগে ধোঁয়া বমি প্রভৃতির নির্গত হওয়ার অনুকার শব্দ।

ভকতি /ভকোতি/ [স. ভক্তি >] বি. 'ভক্তি'-র কোমল ও কাব্যিক রূপ।

ভকভক/ভক্‌ভক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত ভক করে বেরিয়ে আসার অনুকার শব্দ।

ভক্ত /ভক্‌তো/ [স. √ভজ্+ত] বিণ. ১ ভক্তি আছে এমন, ভক্তিমান (*পিতৃভক্ত*)। ২ অনুগত (*শত্রুর ভক্ত*)। ৩ প্রীতিযুক্ত (*গানের ভক্ত*)। ৪ আরাধনা-কারী। বি. ভক্তিসম্পন্ন ব্যক্তি।

ভক্তবৎসল /ভক্‌তোবত্‌শল্/ [স. ভক্ত+বৎসল] বিণ. ভক্তের প্রতি স্নেহপরায়ণ, ভক্তপ্রিয়।

ভক্তবাঞ্ছাকল্পতরু /ভক্‌তোবান্‌ছাকল্‌পোতোরু/ [স. ভক্ত+বাঞ্ছা+কল্প+√তৃ+উ] বি. যিনি স্বর্গের কল্প-তরুর ন্যায় ভক্তের সকল কামনা পূরণ করেন।

ভক্তবিটেল /ভক্‌তোবিটেল্/ [বা.] বিণ. ভক্তির ভানকারী। বি. ভন্ড লোক; কপট ভক্ত।

ভক্তাগ্রগণ্য /ভক্‌তাগ্‌গ্রোগোন্‌নো/ [স. ভক্ত+অগ্রগণ্য] বিণ. শ্রেষ্ঠ বা প্রধান ভক্ত।

ভক্তাধীন /ভক্‌তাধিন্/ [স. ভক্ত+অধীন] বিণ. ভক্তের বশীভূত।

ভক্তি /ভোক্‌তি/ [স. √ভজ্+তি] বি. ১ মান্য বা শ্রদ্ধেয় ব্যক্তির প্রতি অনুরাগ, শ্রদ্ধা। ২ আরাধ্যের প্রতি অনুরাগ। ৩ কোনো বিশেষ জিনিসের প্রতি স্পৃহা (*আহারে ভক্তি*)।

ভক্তি-আপ্লুত /ভোক্‌তিআপ্‌লুতো/ [স. ভক্তি+আপ্লুত] বিণ. বিপুল ভক্তিদ্বারা অভিভূত।

ভক্তিগীতি /ভোক্‌তিগিতি/ [স. ভক্তি+√গৈ+তি] বি. ভক্তি প্রকাশ পায় এমন গান, ভক্তিমূলক গান।

ভক্তিগ্রন্থ /ভোক্‌তিগ্রোন্‌থো/ [স. ভক্তি+গ্রন্থ] বি. ভক্তি উৎপাদক গ্রন্থ; কোরান বাইবেল বেদ প্রভৃতি গ্রন্থ।

ভক্তিচিহ্ন /ভোক্‌তিচিন্‌nho/ [স. ভক্তি+চিহ্ন] বি. শ্রদ্ধা বা ভক্তির নিদর্শন।

ভক্তিতত্ত্ব /ভোক্‌তিতত্‌তো/ [স. ভক্তি+তৎ+ত্ব] বি. ভক্তিবিষয়ক জ্ঞানপূর্ণ আলোচনা, ভক্তিবিষয়ক শাস্ত্র।

ভক্তিপথ /ভোক্‌তিপথ্/ [স. ভক্তি+পথ] বি. ভক্তি-বলে মোক্ষলাভের পথ।

ভক্তিবাদ /ভোক্‌তিবাদ্/ [স. ভক্তি+√বদ্+অ] বি. জ্ঞান ও কর্ম ব্যতিরেকে কেবল ভক্তিদ্বারা সাধনা করলেই মোক্ষ লাভ করা যায় এমন মতবাদ, ভক্তিতত্ত্ব।

ভক্তিবিহ্বল /ভোক্‌তিবিড়্‌ভল্/ [স. ভক্তি+বিহ্বল] বিণ. ভক্তিদ্বারা আপ্লুত। বি. **ভক্তিবিহ্বলতা** /ভোক্‌তিবিড়্‌ভলতা/।

ভক্তিভরে /ভোক্‌তিভরে/ [স. ভক্তি+বা. ভরে] ক্রিবিণ. ভক্তিসহকারে।

ভক্তিভাজন /ভোক্‌তিভাজোন্/ [স. ভক্তি+√ভজ্+অন] বিণ. শ্রদ্ধাস্পদ। বি. ভক্তির পাত্র।

ভক্তিভাজনেষু /ভোক্‌তিভাজোনেশু/ [স. ভক্তি+ভাজন+এষু] বি. পত্রে ভক্তিভাজন পুরুষকে সম্বোধনে ব্যবহৃত শব্দ। স্ত্রী. **ভক্তিভাজনাসু** /ভোক্‌তিভাজোনাশু/।

ভক্তিমান /ভোক্‌তিমান্/ [স. ভক্তি+মৎ] বিণ. ভক্তি আছে এমন, শ্রদ্ধাশীল। স্ত্রী. **ভক্তিমতী** /ভোক্‌তি-মোতি/।

ভক্তিমার্গ /ভোক্‌তিমার্‌গো/ [স. ভক্তি+√মৃজ্+অ] বি. ভক্তিদ্বারা ঈশ্বরপ্রাপ্তি বা মোক্ষলাভের পথ।

ভক্তিমূলক /ভোক্‌তিমুলক্/ [স. ভক্তি+√মূল্+অক] বিণ. ১ শ্রদ্ধাসূচক। ২ ভক্তিবিষয়ক (*ভক্তিমূলক গান*)।

ভক্তিযোগ /ভোক্‌তিজোগ্/ [স. ভক্তি+√যুজ্+অ] বি. ১ ভক্তিরূপ আরাধনা। ২ ভক্তিবাদ।

ভক্তিরস /ভোক্‌তিরশ্/ [স. ভক্তি+√রস্+অ] বি. ভক্তিরূপ রস; অলংকারশাস্ত্রে বর্ণিত নবরসের একটি।

www.pathagar.com

ভক্তিহীন /ভোক্‌তিহিন্‌/ [স. ভক্তি+√হা+ত] বিণ. মনে ভক্তি নেই এমন।

ভক্ষক /ভোক্‌খোক্‌/ [স. √ভক্ষ্‌+অক] বিণ. বি. খাদক, ভোজনকারী।

ভক্ষণ /ভোক্‌খোন্‌/ [স. √ভক্ষ্‌+অন] বি. ভোজন, আহার, খাদ্য গ্রহণ।

ভক্ষণীয় /ভোক্‌খোনিয়ো/ [স. √ভক্ষ্‌+অনীয়] বিণ. ১ খাওয়া যায় এমন। ২ খাওয়া উচিত এমন।

ভক্ষদ্রব্য /ভোক্‌খোদ্রোব্‌বো/ [স. ভক্ষ+দ্রব্য] বি. ভোজ্য বস্তু, খাদ্যবস্তু।

ভক্ষিত /ভোক্‌খিতো/ [স. √ভক্ষ্‌+ত] বিণ. ভক্ষণ করা বা খাওয়া হয়েছে এমন।

ভক্ষ্য /ভোক্‌খো/ [স. √ভক্ষ্‌+য] বিণ. দ্র ভক্ষণীয়।

ভক্ষ্যসামগ্রী /ভোক্‌খোশামোগ্‌রি/ [স. ভক্ষ্য+সামগ্রী] বি. দ্র ভক্ষদ্রব্য।

ভক্ষ্যাবশেষ /ভোক্‌খাবোশেশ্‌/ [স. ভক্ষ্য+অবশেষ] বি. খাওয়ার পরে যা অবশিষ্ট থাকে, উচ্ছিষ্ট।

ভক্ষ্যাভক্ষ্য /ভোক্‌খাভোক্‌খো/ [স. ভক্ষ্য+অভক্ষ্য] বিণ. আহারের উপযুক্ত ও অনুপযুক্ত। বি. খাদ্য ও অখাদ্য।

ভগ /ভগো/ [স. √ভজ্‌+অ] বি. ১ ছয়টি ঐশী গুণ (ঐশ্বর্য বীর্য যশ শ্রী জ্ঞান ও বৈরাগ্য)। ২ সৌভাগ্য (*সুভগ*)। ৩ সৌন্দর্য। ৪ মাহাত্ম্য। ৫ ধর্ম। ৬ মোক্ষ। ৭ যোনি (*ভগাঙ্কুর*)। ৮ মলদ্বার (*ভগন্দর*)। ৯ চাঁদ। ১০ সূর্য।

ভগন্দর /ভগোন্‌দর্‌/ [স. ভগ+√দারি+অ] বি. মলদ্বারের নালি ঘা, fistula।

ভগবতী /ভগোবোতি/ [স. ভগবৎ+ঈ] বি. ১ দেবী দুর্গা। ২ পরমেশ্বরী। বিণ. ১ ছয়টি ভগ বা গুণের অধিকারিণী। ২ পূজ্যা।

ভগবৎ /ভগোবত্‌/ [স. ভগ+বৎ] বি. ভগবান, ঈশ্বর।

ভগবদ্‌গীতা /ভগোবদ্‌গিতা/ [স. ভগবৎ+গীতা] বি. মহাভারতে বর্ণিত কুরুক্ষেত্রের যুদ্ধে অর্জুনের প্রতি শ্রীকৃষ্ণের উপদেশসংবলিত সংকলনগ্রন্থ, গীতা।

ভগবদ্‌দত্ত /ভগোবদ্‌দত্তো/ [স. ভগবৎ+দত্ত] বিণ. ঈশ্বরপ্রদত্ত, ঐশ্বরিক।

ভগবদ্‌ভক্ত /ভগোবদ্‌ভকতো/ [স. ভগবৎ+ভক্ত] বিণ. ঈশ্বরের প্রতি ভক্তিমান।

ভগবদ্‌ভক্তি /ভগোবদ্‌ভোক্‌তি/ [স. ভগবৎ+ভক্তি] বি. ঈশ্বরের প্রতি ভক্তি।

ভগবদারাধনা /ভগোবদারাধোনা/ [স. ভগবৎ+আরাধনা] বি. ঈশ্বরের আরাধনা।

ভগবান /ভগোবান্‌/ [স. ভগ+বৎ] বি. যিনি ষড়্‌গুণের (ঐশ্বর্য বীর্য যশ শ্রী জ্ঞান ও বৈরাগ্য) অধিকারী, পরমেশ্বর। বিণ. পূজ্য। স্ত্রী. ভগবতী /ভগোবোতি/।

ভগিনী /ভোগিনি/ [স. ভগ+ইন্‌+ঈ] বি. ১ সহোদরা, বোন। ২ বোনের তুল্য নারী।

ভগিনীপতি /ভোগিনিপোতি/ [স.ভগিনী+√পা+অতি] বি. বোনের স্বামী।

ভগীরথ /ভোগিরথ্‌/ [ব্যক্তি.] বি. পুরাণমতে সূর্যবংশের নৃপতিবিশেষ যিনি কঠোর তপস্যাবলে গঙ্গাকে স্বর্গ থেকে মর্ত্যে অবতীর্ণ করান।

ভগোল /ভগোল্‌/ [স. ভ+গোল] বি. রাশিচক্র।

ভগ্ন /ভগ্‌নো/ [স. √ভন্‌জ্‌+ত] বিণ. ১ ভাঙা। ২ ছিন্ন, খণ্ডিত। ৩ চূর্ণীকৃত। ৪ ক্ষান্ত, নিবৃত্ত। ৫ স্বাস্থ্যহীন (*ভগ্নস্বাস্থ্য*)। ৬ ব্যর্থ (*ভগ্নমনোরথ*)। ৭ দুঃখে হতাশ (*ভগ্নহৃদয়*)।

ভগ্নকণ্ঠ /ভগ্‌নোকন্‌ঠো/ [স. ভগ্ন+√কণ্ঠ+অ] বিণ. গলার স্বর বিকৃত হয়েছে এমন, বিকৃতস্বর।

ভগ্নচিত্ত /ভগ্‌নোচিত্‌তো/ [স. ভগ্ন+√চিৎ+ত] বিণ. দ্র ভগ্নহৃদয়।

ভগ্নদর্প /ভগ্‌নোদর্‌পো/ [স. ভগ্ন+√দৃপ্‌+অ] বিণ. দর্প চূর্ণ হয়েছে এমন, হতগর্ব।

ভগ্নদশা /ভগ্‌নোদশা/ [স. ভগ্ন+দশা] বি. জীর্ণ অবস্থা।

ভগ্নদূত /ভগ্‌নোদুত্‌/ [স. ভগ্ন+√দূ+ত] বি. যে দূত যুদ্ধে পরাজয়ের সংবাদ আনে, ভগ্নপাইক।

ভগ্নদেহ /ভগ্‌নোদেহো/ [স. ভগ্ন+√দিহ্‌+অ] বিণ. শরীর ভেঙে গেছে এমন, রুগ্‌ণদেহ।

ভগ্নপাইক /ভগ্‌নোপাইক্‌/ [স. ভগ্ন+বা. পাইক] বি. দ্র ভগ্নদূত।

ভগ্নপ্রায় /ভগ্‌নোপ্‌প্রায়্‌/ [স. ভগ্ন+প্র+√ই+অ] বিণ. ভেঙে পড়ার উপক্রম হয়েছে এমন।

ভগ্নশ্রী /ভগ্‌নোস্‌শ্রি/ [স. ভগ্ন+√শ্রি+কিপ্‌] বিণ. সৌন্দর্য নষ্ট হয়েছে এমন, হতশ্রী, শ্রীহীন।

ভগ্নস্তূপ /ভগ্‌নোস্‌তুপ্‌/ [স. ভগ্ন+স্তূপ] বি. স্তূপাকার ধ্বংসাবশেষ।

ভগ্নস্বর /ভগ্‌নোশ্‌শর্‌/ [স. ভগ্ন+স্বর] বিণ. বি. গলার স্বর বিকৃত হয়েছে এমন, বিকৃতস্বর।

ভগ্নহৃদয় /ভগ্‌নোhিদয়/ [স. ভগ্ন+হৃদয়] বিণ. মন ভেঙে গেছে এমন, হতাশ, মনমরা, নিরুদ্যম।

ভগ্নাংশ[১] /ভগ্‌নাংশো/ [স. ভগ্ন+অংশ] বি. যে রাশি পূর্ণ সংখ্যা নয়, যে সংখ্যার মান ১-এর চেয়ে কম, fraction।

www.pathagar.com

ভগ্নাংশ /ভগ্‌নাংশো/ [স. ভগ্ন+অংশ] বি. কোনো বস্তুর খণ্ডিত অংশ।

ভগ্নাঙ্ক /ভগ্‌নাংকো/ [স. ভগ্ন+√অঙ্ক্+অ] বি. দ্র ভগ্নাংশ।

ভগ্নাবশিষ্ট /ভগ্‌নাবোশিশ্‌টো/ [স. ভগ্ন+অবশিষ্ট] বি. বিণ. দ্র ভগ্নাবশেষ।

ভগ্নাবশেষ /ভগ্‌নাবোশেশ্/ [স. ভগ্ন+অবশেষ] বি. কোনো জিনিস ভেঙে যাওয়া বা ধ্বংস হওয়ার পর যা অবশিষ্ট থাকে।

ভগ্নাবস্থা /ভগ্‌নাবস্থা/ [স. ভগ্ন+অবস্থা] বি. জীর্ণ বা ভাঙাচোরা অবস্থা, ধ্বংসপ্রাপ্ত দশা। বিণ. জীর্ণ, ভগ্নদশাপ্রাপ্ত।

ভগ্নী /ভোগ্‌নি/ [স. ভগিনী>] বি. মাতার গর্ভে জাত কন্যাসন্তান, সহোদরা, ভগিনী।

ভগ্নোৎসাহ /ভগ্‌নোত্‌শাহো/ [স. ভগ্ন+উৎ+√সহ্+অ] বিণ. উৎসাহ হারিয়েছে এমন, হতোদ্যম, হতাশ।

ভগ্নোদ্যম /ভগ্‌নোদ্‌দম্/ [স. ভগ্ন+উৎ+√যম্+অ] বিণ. দ্র ভগ্নোৎসাহ।

ভঙ্গ /ভংগো/ [স. √ভনজ্+অ] বি. ১ ভাঙন (*অস্থি-ভঙ্গ*)। ২ নাশ (*স্বাস্থ্যভঙ্গ*)। ৩ পরাজিত হয়ে পলায়ন (*রণে ভঙ্গ*)। ৪ সমাপ্তি (*সভাভঙ্গ*)। ৫ বিভাগ (*বঙ্গভঙ্গ*)। ৬ ঢেউ (*তরঙ্গভঙ্গ*)। ৭ ভঙ্গি (*ভ্রুভঙ্গ*)। ৮ প্রতিবন্ধ (*তপোভঙ্গ*)। ৯ বিশৃঙ্খলা (*ছত্রভঙ্গ*)। ১০ বক্রতা (*ত্রিভঙ্গ*)। ১১ লঙ্ঘন (*শর্তভঙ্গ*)। ১২ হতাশা (*আশাভঙ্গ*)।

ভঙ্গকুলীন /ভংগোকুলিন্/ [স. ভঙ্গ+কুল+ঈন] বি. যে কুলীন কৌলীন্যের প্রথা লঙ্ঘন করেছে।

ভঙ্গপয়ার /ভংগোপয়ার্/ [স. ভঙ্গ+বা. পয়ার] বি. পয়ার ছন্দের প্রকারভেদ, চার চরণের পয়ার-বিশেষ।

ভঙ্গপ্রবণ /ভংগোপ্রোবোন্/ [স. ভঙ্গ+প্রবণ] বিণ. সামান্য আঘাতেই ভেঙে যায় এমন, ভঙ্গুর, পলকা।

ভঙ্গি /ভোংগি/ [স. √ভনজ্+ই] বি. ১ ঢং, ধরন, রকম (*চলার ভঙ্গি*), রীতি (*দৃষ্টিভঙ্গি*)। ২ মনোভাবপ্রকাশক অঙ্গবিন্যাস (*অঙ্গভঙ্গি*)। ৩ শৈলী (*লেখার ভঙ্গি*)। ৪ কুঞ্চন (*ভ্রুভঙ্গি*)। ৫ তরঙ্গ, ঢেউ। ৬ কৌতুক। ৭ হাবভাব। ৮ ছল।

ভঙ্গিম /ভোংগিমো/ [স. ভঙ্গিমা >] বিণ. ১ ভঙ্গি-যুক্ত। ২ বাঁকা, কুটিল।

ভঙ্গিমা /ভোংগিমা/ [স. ভঙ্গ+ইমন্] বি. ভঙ্গি (*নাচের ভঙ্গিমা*); শৈলী।

ভঙ্গিল /ভোংগিল্/ [স. ভঙ্গ+ইল] বিণ. ১ ভঙ্গপ্রবণ। ২ ভাঁজবিশিষ্ট।

ভঙ্গুর /ভোংগুর্/ [স. √ভনজ্+উর] বিণ. ১ সহজেই ভেঙে যায় এমন, ঠুনকো। ২ (আল.) ক্ষণস্থায়ী।

ভঙ্গ্য /ভোংগো/ [স. ভঙ্গ+য] বিণ. ভাঙা যায় এমন।

ভচক্র /ভচক্রো/ [স. ভ+চক্র] বি. রাশিচক্র।

ভজকট /ভজোকটো/ [দেশি.] বি. ঝামেলা, ঝঞ্ঝাট, গোলমেলে ব্যাপার, ফ্যাসাদ। বিণ. ঝঞ্ঝাটপূর্ণ।

ভজঘট /ভজোঘটো/ [দেশি.] বি. বিণ. দ্র ভজকট।

ভজন /ভজোন্/ [স. √ভজ্+অন] বি. ১ দেবদেবীর মহিমাকীর্তন। ২ প্রার্থনাসংগীত। ৩ সেবা।

ভজনপূজন /ভজোনপুজন্/ [স. ভজন+পূজন] বি. দেবদেবীর উপাসনা।

ভজনা /ভজোনা/ [স. ভজন+আ (টাপ্)] বি. ১ আরাধনা, উপাসনা, বন্দনা। ২ পরিচর্যা, সেবা।

ভজনালয় /ভজোনালয়/ [স. ভজন+আলয়] বি. উপাসনাগৃহ, উপাসনালয়।

ভজমান /ভজোমান্/ [স. √ভজ্+মান (শানচ্)] বিণ. ১ ভজনা বা আরাধনা করছে এমন। ২ বিভাজিত হচ্ছে এমন।

ভজা /ভজা/ [বা.] ক্রিবি. উপাসনা করা, বন্দনা করা। বিণ. ভজনাকারী।

ভজানো /ভজানো/ [বা.] ক্রিবি. ১ ফুসলিয়ে স্বপক্ষে আনা। ২ ভজনা বা উপাসনা করানো। ৩ প্রমাণ দিয়ে প্রতিপন্ন করা। বিণ. ফুসলিয়ে স্বপক্ষে আনা হয়েছে এমন।

ভজ্যমান /ভোজ্‌জোমান্/ [স. √ভজ্+আন (শানচ্)] বিণ. ১ উপাসিত হচ্ছে এমন। ২ খণ্ডিত বা বিভাজিত হচ্ছে এমন, বিভজ্যমান।

ভঞ্জক /ভনজক্/ [স. √ভনজ্+অক] বি. বিণ. ১ ভঞ্জনকারী। ২ নিবারণকারী, নিবারক।

ভঞ্জন /ভন্‌জোন্/ [স. √ভনজ্+অন] বি. দূরীকরণ, নিরসন (*মানভঞ্জন*)। বিণ. দূরকারী, নিবারক।

ভঞ্জা /ভন্‌জা/ [স. ভঞ্জন >] ক্রিবি. ১ ভঞ্জন করা; ভাঙা। ২ দূর করা, ঘুচানো।

ভট /ভট্/ [স. √ভট্+অ] বি. ১ সৈনিক, যোদ্ধা। ২ চর, দূত। ৩ কল্পিত নীচ জাতিবিশেষ।

ভটভট /ভট্‌ভট্/ [ধ্বন্যা.] অব্য. বি. জলে ডুবিয়ে শূন্য কলসি ভরার সময়ে বাতাস বেরুনোর অনুকার শব্দ।

ভট্ট /ভট্‌টো/ [স. √ভট্+ত] বি. ১ রাজার স্তুতিপাঠক। ২ পণ্ডিত। ৩ দর্শনশাস্ত্রবিদ। ৪ ব্রাহ্মণের উপাধি-বিশেষ।

www.pathagar.com

ভট্টাচায্যি /ভট্টাচাজ্‌জি/ [স. ভট্টাচার্য >] বি. 'ভট্টাচার্য'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

ভট্টাচার্য /ভট্টাচার্‌জ্যো/ [স. ভট্ট+আচার্য] বি. ১ পদবিবিশেষ। ২ দর্শনশাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। ৩ পণ্ডিত ব্যক্তি।

ভট্টারক /ভট্টারক্‌/ [স. ভট্টার+ক (স্বার্থে)] বি. ১ পণ্ডিত ব্যক্তি। ২ নৃপতি। ৩ দেবতা। ৪ ঋষি। ৫ রবি, সূর্য (*ভট্টারকবার*)।

ভড় /ভড়্‌/ [স. বহিত্র >] বি. ১ মালবাহী বড়ো নৌকাবিশেষ। ২ পদবিবিশেষ।

ভড়ং /ভড়োং/ [দেশি.] বি. ১ বাইরের আড়ম্বর, অন্তঃসারশূন্য ঘটা। ২ ভান।

ভড়ক /ভড়োক্‌/ [দেশি.] বি. দ্র ভড়ং।

ভড়কানি /ভড়্‌কানি/ [বা.] বি. ঘাবড়ে যাওয়ার ভাব।

ভড়কানো /ভড়্‌কানো/ [বা.] ক্রিবি. ১ হঠাৎ ভয় পেয়ে থমকে যাওয়া। ২ ঘাবড়ে যাওয়া।

ভড়ভড় /ভড়্‌ভড়্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. হুঁকো টানার অনুকার শব্দ।

ভণিত /ভোনিতো/ [স. √ভণ্‌+ত] বিণ. উক্ত, কথিত।

ভণিতা /ভোনিতা/ [স. ভণিত+আ (টাপ্‌)] বি. ১ কবিতায় রচয়িতার আত্মপরিচয়জ্ঞাপক পদ। ২ (ব্য.) কথার আড়ম্বরপূর্ণ সূচনা, মূল প্রসঙ্গে না এসে অকারণ ভূমিকা ফাঁদার প্রবণতা।

ভণ্ড /ভন্‌ডো/ [স. √ভণ্ড্‌+অ] বিণ. শঠ, কপট, ভানকারী। বি. কপট বা ধূর্ত ব্যক্তি।

ভণ্ডামি /ভন্‌ডামি/ [স. ভণ্ড >] বি. প্রতারণা, ছল, চাতুরী; কপটতা।

ভদন্ত /ভদন্‌তো/ [স. √ভন্দ্‌+অন্ত] বি. বৌদ্ধ সন্ন্যাসীদের প্রতি সম্মানসূচক সম্বোধন। বিণ. মান্য; সম্ভ্রান্ত।

ভদ্র /ভদ্‌দ্রো/ [স. √ভন্দ্‌+র] বিণ. ১ শিষ্ট, সভ্য। ২ মার্জিত রুচিসম্পন্ন। ৩ মনোহর। ৪ মঙ্গলজনক। বি. ১ কল্যাণ, মঙ্গল। ২ শিব। ৩ পদবিবিশেষ।

ভদ্রকালী /ভদ্‌দ্রোকালি/ [স. ভদ্র+কাল+ঈ] বি. দেবী দুর্গার রূপবিশেষ।

ভদ্রজন /ভদ্‌দ্রোজন্‌/ [স. ভদ্র+জন] বি. সুধীজন।

ভদ্রজনোচিত /ভদ্‌দ্রোজনোচিতো/ [স. ভদ্রজন+উচিত] বিণ. ভদ্রজনসুলভ, ভদ্রলোকের জন্য শোভন।

ভদ্রতা /ভদ্‌দ্রোতা/ [স. ভদ্র+তা] বি. ভদ্র আচরণ, শিষ্টাচার, সৌজন্য।

ভদ্রত্ব /ভদ্‌দ্রোত্ত্ব/ [স. ভদ্র+ত্ব] বি. ভদ্রতা।

ভদ্রমহিলা /ভদ্‌দ্রোমোহিলা/ [স. ভদ্র+মহিলা] বি. শিষ্ট ও মার্জিত নারী।

ভদ্ররেণু /ভদ্‌দ্রোরেনু/ [স. ভদ্র+রেণু] বি. ঐরাবত।

ভদ্রলোক /ভদ্‌দ্রোলোক্‌/ [স. ভদ্র+লোক] বি. শিষ্ট ও মার্জিত ব্যক্তি।

ভদ্রশ্রী /ভদ্‌দ্রোস্‌শ্রি/ [স. ভদ্র+√শ্রী+ক্বিপ্‌] বি. চন্দন গাছ।

ভদ্রসন্তান /ভদ্‌দ্রোশন্‌তান্‌/ [স. ভদ্র+সন্তান] বি. ভদ্রবংশে জাত ব্যক্তি।

ভদ্রসমাজ /ভদ্‌দ্রোশমাজ্‌/ [স. ভদ্র+সমাজ] বি. ভদ্রলোকদের সমাজ, শিষ্টসমাজ।

ভদ্রা /ভদ্‌দ্রা/ [স. √ভন্দ্‌+র+আ (টাপ্‌)] বিণ. ১ কল্যাণকর, মঙ্গলময়ী। ২ সুশীলা। বি. ১ ভদ্র নারী। ২ তিথিবিশেষ।

ভদ্রাণী /ভদ্‌দ্রানি/ [স. ভদ্র+আনী] বি. শিবপত্নী দেবী দুর্গা।

ভদ্রাসন /ভদ্‌দ্রাশোন্‌/ [স. ভদ্র+আসন] বি. ১ বসত-বাড়ি, বাস্তুভিটা। ২ শ্রেষ্ঠ আসন, সিংহাসন।

ভদ্রোচিত /ভদ্‌দ্রোচিতো/ [স. ভদ্র+উচিত] বিণ. ভদ্রলোকের পক্ষে শোভনীয়, ভদ্রজনোচিত।

ভনভন /ভন্‌ভন্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ মশা মাছি প্রভৃতি পতঙ্গের পাখা সঞ্চালনের অনুকার শব্দ। ২ (আল.) বিরক্তিকর শব্দ।

ভনভনানো /ভন্‌ভনানো/ [বা.] ক্রিবি. ভনভন শব্দ করা।

ভনভনিয়ে /ভন্‌ভোনিয়ে/ [বা.] ক্রিবিণ. ভনভন শব্দ করে।

ভনা /ভনা/ [বা.] ক্রিবি. (কাব্যে) বলা (*কাশীরাম দাস ভনে শুনে পুণ্যবান॥* কাশীরাম.); প্রচার করা।

ভন্ডুল /ভোনডুল্‌/ [দেশি.] বিণ. পণ্ড, ব্যর্থ, বিফল।

ভপঞ্জর /ভোপনজর্‌/ [স. ভ+পঞ্জর] বি. রাশিচক্র।

ভব /ভবো/ [স. √ভূ+অ] বি. ১ সংসার, জগৎ (*ভববন্ধন*)। ২ সত্তা, অস্তিত্ব। ৩ জন্ম। ৪ প্রাপ্তি। ৫ কল্যাণ। ৬ শিব। বিণ. জাত (*কুলোদ্ভব*)।

ভবকারা /ভবোকারা/ [স. ভব+√কৃ+অ+আ (টাপ্‌)] বি. সংসাররূপ কারাগার।

ভবঘুরে /ভবোঘুরে/ [স. ভব+বা. ঘুরে] বিণ. অকারণে সর্বত্র ঘুরে বেড়ায় এমন।

ভবতারণ /ভবোতারোন্‌/ [স. ভব+√তারি+অন] বিণ. সংসারযন্ত্রণা থেকে মুক্তিদাতা। বি. বিষ্ণু।

ভবতারিণী /ভবোতারিনি/ [স. ভব+√তারি+ইন্‌+ঈ] বিণ. মুক্তিদাত্রী। বি. দেবী দুর্গা।

www.pathagar.com

ভবদীয় /ভবোদিয়ো/ [স. ভবৎ+ঈয়] সর্ব. (পত্র-লেখকের নামের পূর্বে ব্যবহৃত) আপনার; তোমার; ত্বদীয়।

ভবধব /ভবোধবো/ [স. ভব+√ধু+অ] বি. জগৎপতি, বিশ্বনাথ।

ভবধাম /ভবোধাম্/ [স. ভব+√ধা+মন্] বি. ইহলোক, জগৎ।

ভবন /ভবোন্/ [স. √ভূ+অন] বি. ১ আলয়, গৃহ। ২ বাসস্থান। ৩ উৎপত্তি। ৪ স্থিতি।

ভবনশিখী /ভবোন্শিখি/ [স. ভবন+শিখা+ইন্] বি. গৃহপালিত ময়ূর।

ভবপার /ভবোপার্/ [স. ভব+√পৃ+অ] বি. ভব-বন্ধন থেকে মুক্তি, সংসাররূপ সমুদ্র থেকে উত্তরণ।

ভবপারাবার /ভবোপারাবার্/ [স. ভব+পারাবার] বি. ভবরূপ সাগর, সংসাররূপ সমুদ্র।

ভববন্ধন /ভবোবন্ধন্/ [স. ভব+√বন্ধ+অন] বি. সংসাররূপ বন্ধন, পার্থিব জীবনের বন্ধন।

ভবভবন /ভবোভবোন্/ [স. ভব+ভবন] বি. ১ শিবের আবাসস্থল, কৈলাস। ২ পৃথিবী।

ভবভয় /ভবোভয়্/ [স. ভব+ভয়] বি. পুনরায় পৃথিবীতে জন্মগ্রহণের ভয়।

ভবভার /ভবোভার্/ [স. ভব+√ভৃ+অ] বি. সংসার-ধর্ম পালনের বোঝা।

ভবমণ্ডল /ভবোমন্ডোল্/ [স. ভব+মণ্ডল] বি. জগৎ, পৃথিবী, সমগ্র সৃষ্টি।

ভবযন্ত্রণা /ভবোজন্ত্রোনা/ [স. ভব+যন্ত্রণা] বি. সংসার বা পার্থিব জীবনের দুঃখকষ্ট।

ভবলীলা /ভবোলিলা/ [স. ভব+লীলা] বি. জীবৎ-কাল; সংসারযাত্রা, সংসারধর্ম পালন।

ভবলোক /ভবোলোক্/ [স. ভব+লোক] বি. ইহলোক, পৃথিবী, মর্ত্যলোক।

ভবসংসার /ভবোশংশার্/ [স. ভব+সংসার] বি. ইহজগৎ, পার্থিব জীবন।

ভবসমুদ্র /ভবোশোমুদ্দ্রো/ [স. ভব+সমুদ্র] বি. ভবরূপ সাগর, সংসাররূপ সমুদ্র।

ভবসাগর /ভবোশাগোর্/ [স. ভব+সাগর] বি. দ্র ভবসমুদ্র।

ভবসিন্ধু /ভবোশিন্ধু/ [স. ভব+সিন্ধু] বি. দ্র ভব-সমুদ্র।

ভবাদৃশ /ভবাদ্দৃশো/ [স. ভবৎ+√দৃশ্+ক্বিপ্] বিণ. আপনার তুল্য; তোমার মতো।

ভবানী /ভবানি/ [স. ভব+ঈ] বি. শিবপত্নী, দেবী দুর্গা।

ভবানীপতি /ভবানিপোতি/ [স. ভবানী+পতি] বি. দুর্গার পতি শিব, মহাদেব।

ভবার্ণব /ভবারনব্/ [স. ভব+অর্ণব] বি. দ্র ভবসমুদ্র।

ভবি /ভোবি/ [দেশি.] বি. ১ উপকথায় বর্ণিত জেদি গৃহস্থকন্যা। ২ নাছোড়বান্দা (*ভবি ভুলবার নয়*)।

ভবিতব্য /ভোবিতোব্বো/ [স. √ভূ+তব্য] বি. ভাগ্য, নিয়তি। বিণ. ঘটবেই এমন, অবশ্যম্ভাবী।

ভবিতব্যতা /ভোবিতোব্বোতা/ [স. ভবিতব্য+তা] বি. ১ অবশ্যম্ভাবিতা। ২ ভাগ্যলিপি, অদৃষ্ট।

ভবিতা /ভোবিতা/ [স. √ভূ+তৃ] বিণ. ১ উৎপত্তি-জনক। ২ ভবিষ্যৎ। *স্ত্রী. ভবিত্রী /ভোবিত্রি/।

ভবিষ্ণু /ভোবিশ্নু/ [স. √ভূ+ইষ্ণু] বিণ. ১ ভবিষ্যতে ঘটবে এমন, ভাবী। ২ সৃষ্ট হবে এমন।

ভবিষ্য /ভোবিশ্শো/ [স. √ভূ+স্যত্] বিণ. পরে ঘটবে এমন, ভাবী, আগামী। বি. পুরাণবিশেষ।

ভবিষ্য চিন্তা /ভোবিশ্শো চিন্তা/ বি. ভবিষ্যৎ সম্পর্কে ভাবনা।

ভবিষ্যতহবিল /ভোবিশ্শোতহোবিল্/ [স. ভবিষ্য+আ. তহবিল] বি. চাকুরিজীবীদের বেতন থেকে কেটে রাখা টাকা যা অবসরগ্রহণকালে সুদ-সহ ফেরত দেওয়া হয়; (পরি.) provident fund।

ভবিষ্যৎ /ভোবিশ্শত্/ [স. √ভূ+স্যত্] বিণ. পরে ঘটবে এমন, ভাবী, আগামী। বি. ১ আগামী সময়। ২ আগামী দিনের সুফল বা কুফল, পরিণাম।

ভবিষ্যদ্দ্রষ্টা /ভোবিশ্শদ্দ্রোশ্টা/ [স. ভবিষ্যৎ+দ্রষ্টা] বি. যিনি ভবিষ্যৎ দেখতে পান।

ভবিষ্যদ্বক্তা /ভোবিশ্শদ্বক্তা/ [স. ভবিষ্যৎ+বক্তা] বি. যিনি ভবিষ্যতে কী ঘটবে বলতে পারেন।

ভবিষ্যদ্বাণী /ভোবিশ্শদ্বানি/ [স. ভবিষ্যৎ+বাণী] বি. ভবিষ্যতে কী ঘটবে সে বিষয়ে উক্তি।

ভবিষ্যনিধি /ভোবিশ্শোনিধি/ [স. ভবিষ্যৎ+নিধি] বি. দ্র ভবিষ্যতহবিল।

ভবিষ্যসূচনা /ভোবিশ্শোশুচোনা/ [স. ভবিষ্যৎ+সূচনা] বি. ভবিষ্যতে যা ঘটতে পারে তার আভাস।

ভবেশ /ভবেশ্/ [স. ভব+ঈশ] বি. শিব, মহাদেব।

ভব্য /ভোব্বো/ [স. √ভূ+য] বিণ. ১ মার্জিতরুচি; শান্ত। ২ সৎ। ৩ কল্যাণকর। *স্ত্রী. ভব্যা /ভোব্বা/।

ভব্যতা /ভোব্বোতা/ [স. ভব্য+তা] বি. ভদ্রতা, বিনয়; আদব।

www.pathagar.com

ভয় /ভয়্/ [স. √ভী+অ] বি. বিপদের আশঙ্কায় সৃষ্ট মানসিক অনুভূতি, ভীতি, আতঙ্ক।

ভয়ংকর /ভয়োংকর্/ [স. ভয়+√কৃ+অ] বিণ. ১ ভীতিপ্রদ, ভয়ানক। ২ ভীষণ (*ভয়ংকর বিপদ*)।

ভয় করা /ভয় করা/ ক্রিবি. ভীত হওয়া।

ভয়কাতর /ভয়কাতোর্/ [স. ভয়+কাতর] বিণ. আতঙ্কগ্রস্ত, ভীতিবিহ্বল।

ভয়কাতুরে /ভয়্কাতুরে/ [বা.] বিণ. সহজে ভয় পায় এমন।

ভয়ক্লিষ্ট /ভয়োক্লিশ্টো/ [স. ভয়+√ক্লিষ্+ত] বিণ. ভয়ার্ত। স্ত্রী. ভয়ক্লিষ্টা /ভয়োক্লিশ্টা/।

ভয়চকিত /ভয়্চোকিতো/ [স. ভয়+√চক্+ত] বিণ. ভীত, সন্ত্রস্ত।

ভয় জন্মানো /ভয় জন্মানো/ ক্রিবি. ত্রাস সৃষ্টি হওয়া।

ভয়ডর /ভয়্ডর্/ [স. ভয়+হি. ডর] বি. ভয়ভীতি।

ভয়তরাসে /ভয়্তরাশে/ [বা.] বিণ. সামান্যতেই ভয় পায় এমন।

ভয়ত্রস্ত /ভয়োত্রোস্তো/ [স. ভয়+√ত্রস্+ত] বিণ. ভীত।

ভয়দ /ভয়োদো/ [স. ভয়+√দা+অ] বিণ. ভীতিপ্রদ, ভয়ংকর, ভীতিকর।

ভয়নাশন /ভয়োনাশন্/ [স. ভয়+√নশ্+অন] বি. ভয় দূরীকরণ, ভয়নিবারণ।

ভয়বিহ্বল /ভয়োবিড়্ভল্/ [স. ভয়+বিহ্বল] বিণ. ভয়ে অভিভূত, ভয়ার্ত।

ভয় ভাঙা /ভয় ভাঙা/ ক্রিবি. ভয় দূর করা।

ভয়ভীতি /ভয়্ভিতি/ [স. ভয়+√ভী+তি] বি. ভয়ডর।

ভয়শূন্য /ভয়্শুন্নো/ [স. ভয়+শূন্য] বিণ. ভয় পায় না এমন, নির্ভীক।

ভয়াকুল /ভয়াকুল্/ [স. ভয়+আকুল] বিণ. দ্র ভয়াতুর।

ভয়াতুর /ভয়াতুর্/ [স. ভয়+আতুর] বিণ. ভয়ে কাতর, অত্যন্ত ভীত, আতঙ্কিত।

ভয়ানক /ভয়ানক্/ [স. √ভী+আনক] বিণ. ভয়ংকর, ভীতিপ্রদ; ভয় পেয়েছে এমন। বি. ১ বাঘ। ২ অলংকারশাস্ত্রের রসবিশেষ।

ভয়াবহ /ভয়াবহো/ [স. ভয়+আবহ] বিণ. ভয়ংকর, ভয়ানক, ভীতিকর।

ভয়াবহতা /ভয়াবহোতা/ [স. ভয়াবহ+তা] বি. ভয়ংকর অবস্থা, বিভীষিকা।

ভয়ার্ত /ভয়ার্তো/ [স. ভয়+ঋত] বিণ. দ্র ভয়াতুর।

ভয়াল /ভয়াল্/ [স. ভয় >] বিণ. ভয়ংকর, অত্যন্ত ভীতিপ্রদ (*ভয়াল রজনি*)।

ভর /ভর্/ [স. √ভৃ+অ] বি. ১ অবলম্বন, নির্ভর (*বিশ্বাসের ওপর ভর করা*)। ২ ওজন (*শরীরের ভর*)। ৩ পূর্ণতা, সহযোগ (*ভক্তিভরে স্মরণ করা*)। ৪ পদার্থের মাত্রা (*পারমাণবিক ভর*)। ৫ লোকবিশ্বাসমতে জিন ভূত প্রভৃতির অধিষ্ঠান (ভূত *ভর করা*)। বিণ. ১ সমস্ত (*রাতভর বৃষ্টি*)। ২ পূর্ণ (*ভরপেট*)। ৩ পরিমিত, পরিমাণ।

ভরকেন্দ্র /ভর্কেন্দ্রো/ [স. ভর+কেন্দ্র] বি. কোনো বস্তুর ওজনের মধ্যবিন্দু বা মাধ্যাকর্ষণ শক্তির কেন্দ্রবিন্দু; (পরি.) centre of gravity।

ভরণ /ভরোন্/ [স. √ভৃ+অন] বি. ১ পূর্ণকরণ। ২ প্রতিপালন (*ভরণপোষণ*)।

ভরণপোষণ /ভরোন্পোশন্ / [স. ভরণ+পোষণ] বি. ১ অন্নবস্ত্র দিয়ে প্রতিপালন। ২ খোরপোশ।

ভরণী /ভরোনি/ [স. ভরণ+ঈ] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের দ্বিতীয় নক্ষত্র।

ভরণীয় /ভরোনিয়ো/ [স. √ভৃ+অনীয়] বিণ. ১ পূর্ণ করা যায় এমন। ২ প্রতিপালন করতে হবে এমন।

ভরণ্য /ভরোন্নো/ [স. ভরণ+য] বিণ. দ্র ভরণীয়।

ভরত[১] /ভরোত্/ [স. ভরদ্বাজ >] বি. পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এবং খাদ্যশস্য কীটপতঙ্গ প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন ছোটো লেজ ও লম্বা চঞ্চুবিশিষ্ট ঝুঁটিওয়ালা লালচে বাদামি প্রভৃতি বর্ণের ডোরাকাটা পালকযুক্ত চড়ুইসদৃশ গায়কপাখি, ভরদ্বাজ, ভারই, skylark।

ভরত[২] /ভরোত্/ [স. √ভৃ+অত] বি. ১ সূর্যবংশীয় রাজা দশরথ ও তাঁর পত্নী কৈকেয়ীর পুত্র। ২ প্রাচীন ভারতের নাট্যশাস্ত্রের প্রণেতা মুনিবিশেষ। ৩ রাজা দুষ্মন্তের ঔরসে শকুন্তলার গর্ভজাত চন্দ্রবংশীয় রাজা। ৪ জন্মান্তরে জড়ভরত নামে খ্যাত জয়ন্তীর গর্ভজাত ঋষভদেবের পুত্র (ভারতবর্ষ শব্দটি যাঁর নাম থেকে উদ্ভূত বলে অনুমিত)।

ভরতনাট্যম /ভরোত্নাট্টোম্/ [অজ্ঞা.] বি. দক্ষিণ ভারতের শাস্ত্রীয় নৃত্যকলাবিশেষ।

ভরতি /ভোর্তি/ [বা.] বিণ. পূর্ণ, ভরা (*জলভরতি পাত্র*)।

ভরতুকি /ভোর্তুকি/ [দেশি.] বি. ঘাটতিপূরণ বা ক্ষতি পুষিয়ে নেওয়ার জন্য প্রদত্ত অর্থসাহায্য।

ভরদুপুর /ভরদুপুর্ / [স. ভর+বা. দুপুর] বি. ঠিক

www.pathagar.com

দুপুরবেলা, গনগনে দুপুর।

ভরদ্বাজ /ভরোদ্‌দাজ্‌/ [স. ভরৎ+বাজ] বি. ১ পৌরাণিক মুণিবিশেষ (বৃহস্পতির পুত্র এবং দ্রোণের পিতা)। ২ বাঙালি ব্রাহ্মণের গোত্রবিশেষ। ৩ ভারইপাখি। ৪ বাজপাখি।

ভরন /ভরোন্‌/ [দেশি.] বি. তামা দস্তা ও রাং মিশ্রিত নিকৃষ্ট মানের কাঁসা।

ভরনা /ভরোনা/ [বা.] বি. ১ অবলম্বন, ঠেস। ২ ভর, ভার। ৩ ভার সহ্য করার শক্তি।

ভরন্ত /ভরোন্‌তো/ [স. √ভৃ+অন্ত] বিণ. ভরপুর।

ভরপুর /ভরপুর্‌/ [বা.] বিণ. পরিপূর্ণ, ভরা।

ভরপেট /ভরপেট্‌/ [বা.] বিণ. পেট ভরে এমন। ক্রিবিণ. পেট ভরে, উদর পূর্ণ করে।

ভরম /ভরোম্‌/ [হি.] বি. সম্মান, সম্ভ্রম।

ভরসা /ভরোশা/ [হি.] বি. ১ নির্ভর, আস্থা, বিশ্বাস (*ভরসা রাখা*)। ২ আশ্রয়, অবলম্বন (*কূলে একা বসে আছি, নাহি ভরসা।* রবীন্দ্র.)। ৩ আশা। ৪ অভয় (*ভরসা দেওয়া*)।

ভরা /ভরা/ [বা.] ক্রিবি. ১ পূর্ণ করা, ভর্তি করা। ২ পূর্ণ হওয়া। ৩ আচ্ছন্ন বা পরিব্যপ্ত হওয়া। বিণ. পূর্ণ, বোঝাই (*গোলাভরা ধান*)।

ভরাকটাল /ভরাকোটাল্‌/ [বা.] বি. সূর্য পৃথিবী ও চাঁদ একই সরলরেখায় অবস্থানকালে সমুদ্র বা নদীর জলস্ফীতি (যে সময় জোয়ার ও ভাটার জলস্তরের পার্থক্য সর্বোচ্চ), spring tide।

ভরাট /ভরাট্‌/ [বা.] বিণ. ১ ভরা, পূর্ণ। ২ গম্ভীর, দরাজ (*ভরাট কণ্ঠ*)। বি. পূর্ণকরণ।

ভরাডুবি /ভরাডুবি/ [বা.] বি. ১ মালবোঝাই নৌকার নিমজ্জন। ২ (আল.) সর্বনাশ, সমূহ ক্ষতি।

ভরানো /ভরানো/ [বা.] ক্রিবি. ১ পূর্ণ বা বোঝাই করানো। ২ পরিব্যাপ্ত বা আচ্ছন্ন করানো। ৩ ভরাট করা, বুজিয়ে দেওয়া (*পুকুর ভরানো*)।

ভরা যৌবন /ভরা জোউবন্‌/ বি. পূর্ণ যৌবন।

ভরি /ভোরি/ [দেশি.] বি. সোনা রুপা প্রভৃতি মূল্যবান ধাতুর ওজনের এককবিশেষ, এক তোলা (আনুমানিক ১১·৬৬৪ গ্রাম)।

ভরিত /ভোরিতো/ [স. ভর+ইত] বিণ. ১ পূর্ণ করা বা ভরা হয়েছে এমন, ভরতি, পূরিত। ২ প্রতিপালিত, পোষিত। ৩ ভরবিশিষ্ট।

ভরোভরো /ভরোভরো/ [বা.] বিণ. প্রায় পূর্ণ (*আউষের ক্ষেত জলে ভরোভরো,* রবীন্দ্র.)।

ভর্গ /ভর্‌গো/ [স. √ভৃজ্‌+অ] বি. ১ শিব, মহাদেব। ২ সূর্যের তেজ।

ভর্জন /ভর্‌জোন্‌/ [স. √ভ্রস্জ্‌+অন] বি. ভাজার কাজ।

ভর্জিত /ভোর্‌জিতো/ [স. ভৃষ্ট >] বিণ. ভাজা হয়েছে এমন।

ভর্তা[১] /ভর্‌তা/ [দেশি.] বি. সাধারণত ভাতের সঙ্গে মেখে খাওয়া হয় এমন তেল মসলা প্রভৃতি সহযোগে প্রস্তুত সেদ্ধ বা পোড়ানো আলু বেগুন প্রভৃতির মণ্ড।

ভর্তা[২] /ভর্‌তা/ [স. √ভৃ+তৃ] বি. ১ যে প্রতিপালন করে; স্বামী, পতি। ২ অধিপতি। ৩ প্রভু, মনিব। বিণ. প্রতিপালক। স্ত্রী. **ভর্ত্রী** /ভোর্‌ত্রি/।

ভর্তি /ভোর্‌তি/ [বা.] বি. ১ বিদ্যায়তনে শিক্ষার্থীরূপে নথিভুক্তকরণ, admission। ২ নিযুক্তি, বহাল।

ভর্তৃ /ভোর্‌ত্‌/ [স. √ভৃ+তৃ] বি. স্বামী।

ভর্ৎসক /ভর্‌ত্‌শক্‌/ [স. √ভর্ৎস্‌+অক] বি. বিণ. তিরস্কারকর্তা, নিন্দক, ভর্ৎসনাকারী।

ভর্ৎসন, /ভর্‌ত্‌শন্‌/ [স. √ভর্ৎস্‌+অন] বি. দ্র ভর্ৎসনা।

ভর্ৎসনা /ভর্‌ত্‌শনা/ [স. ভর্ৎসন+আ (টাপ্‌)] বি. ১ তিরস্কার; নিন্দা। ২ ধমক। ৩ আক্ষেপ, খেদ।

ভর্ৎসিত/ভোর্‌ত্‌শিতো/ [স. √ভর্ৎস্‌+ত] বিণ. ভর্ৎসনা-প্রাপ্ত। স্ত্রী. **ভর্ৎসিতা** /ভোর্‌ত্‌শিতা/।

ভলকা /ভলকা/ [বা.] বি. হলকা, বেগে উদ্‌গিরণ।

ভলান্টিয়ার /ভলান্‌টিআর্‌/ [ফ. volontaire >] বি. যে ব্যক্তি স্বেচ্ছায় ও বিনা পারিশ্রমিকে সেবামূলক কাজ করতে এগিয়ে আসে, স্বেচ্ছাসেবক।

ভলিবল /ভলিবল্‌/ [ফ. ভলি+ই. বল] বি. দুটি দলে বিভক্ত ছয়জন করে খেলোয়াড়ের মধ্যে অনুষ্ঠিত খেলা যাতে রবারের একটি বড়ো বল হাত দিয়ে মেরে উঁচু করে টাঙানো জালের ওপর দিয়ে প্রতিপক্ষের কোর্টে পাঠানো হয়; ওইরূপ খেলায় ব্যবহৃত বল; volleyball।

ভল্ল /ভল্‌লো/ [স. √ভল্ল্‌+অ] বি. ১ বর্শাজাতীয় অস্ত্রবিশেষ। ২ ঘাতক। ৩ ভল্লুক।

ভল্লাত /ভল্‌লাত্‌/ [স. ভল্ল+√অত্‌+অ] বি. বাংলাদেশ ও শ্রীলঙ্কার পাহাড়ি অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদাভ সবুজ ফুল ও গোলাকার বাদামসদৃশ ছোটো ফল (যার রস দিয়ে ধোপা কাপড় চিহ্নিত করে) বা তার মসৃণ কাণ্ডবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ, ভেলা, marking nut।

ভল্লাতক /ভল্‌লাতক্‌/ [স. ভল্লাত+ক (স্বার্থে)] বি. দ্র ভল্লাত।

www.pathagar.com

ভল্লুক /ভোল্লুক্/ [স. √ভল্ল+উক] বি. সাধারণত কালো লালচে বাদামি প্রভৃতি রঙের ঘন লোমাবৃত প্রখর ঘ্রাণশক্তিসম্পন্ন বৃহদাকার ও শক্তিশালী সর্বভুক স্তন্যপায়ী বন্যপ্রাণী, ঋক্ষ, bear।

ভস /ভশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. বালি বা মাটি প্রভৃতি শিথিল হয়ে ধসে পড়ার অনুকার শব্দ।

ভসকা /ভশ্কা/ [দেশি.] বিণ. ১ পানসে। ২ শিথিল, আলগা, আঁট নেই এমন।

ভসভস/ভশ্ভশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. চিমনি বা নল দিয়ে ক্রমাগত ধোঁয়া বেরুনোর অনুকার শব্দ।

ভস্ত্রা /ভস্ত্রা/ [স. √ভস্+ত্র+আ (টাপ্)] বি. ১ কামারের হাপর, জাঁতা। ২ মশক, ভিস্তি।

ভস্ম /ভশ্মোঁ/ [স. √ভস্+মন্] বি. কোনো কিছু সম্পূর্ণরূপে আগুনে পোড়ার পর অবশিষ্ট চূর্ণপদার্থ, ছাই (*চিতাভস্ম*)।

ভস্মকীট /ভশ্মোঁকিট্/ [স. ভস্মন্+কীট] বি. মানব-দেহের উদরে অস্বাভাবিক ক্ষুধাবিশিষ্ট যে কল্পিত কীট থাকার কারণে সহজে ক্ষুধানিবৃত্তি হয় না।

ভস্মলিপ্ত /ভশ্মোঁলিপ্তো/ [স. ভস্মন্+√লিপ্+ত] বিণ. ছাইমাখা।

ভস্মলোচন /ভশ্মোঁলোচন্/ [স. ভস্মন্+√লোচ্+অন] বি. রামায়ণোক্ত রাক্ষসবিশেষ।

ভস্মসাৎ /ভশ্মোঁশাত্/ [স. ভস্মন্+সাৎ] বিণ. ভস্মে পরিণত, ভস্মীভূত।

ভস্মস্তূপ /ভশ্মোঁস্তুপ্/ [স. ভস্মন্+√স্তূপ্+অ] বি. ছাইয়ের গাদা।

ভস্মাচ্ছন্ন /ভশ্মাঁচ্ছন্নো/ [স. ভস্মন্+আচ্ছন্ন] বিণ. ছাই দিয়ে ঢাকা।

ভস্মাচ্ছাদিত/ভশ্মাঁচ্ছাদিতো/[স. ভস্মন্+আচ্ছাদিত] বিণ. দ্র ভস্মাচ্ছন্ন।

ভস্মাধার /ভশ্মাঁধার্ / [স. ভস্মন্+আধার] বি. শবদাহের ছাই রাখার পাত্র; ছাই রাখার পাত্র।

ভস্মাবশেষ /ভশ্মাঁবোশেশ্/ [স. ভস্মন্+অবশেষ] বি. দগ্ধ বস্তুর অবশিষ্ট অংশ; অভস্মীভূত অংশ।

ভস্মাবৃত /ভশ্মাঁব্বৃতো/ [স. ভস্মন্+আবৃত] বিণ. দ্র ভস্মাচ্ছন্ন।

ভস্মিত /ভোশ্মিতো/ [স. ভস্মন্+ইত] বিণ. আগুনে পুড়ে ভস্মে পরিণত; সম্পূর্ণ বিনাশিত।

ভস্মীকরণ /ভোশ্মিকরোন্/ [স. ভস্মন্+চ্বি+করণ] বি. আগুনে পুড়ে ভস্মে পরিণতকরণ।

ভস্মীকৃত /ভোশ্মিকৃতো/ [স. ভস্মন্+চ্বি+কৃত] বিণ. আগুনে পুড়িয়ে ভস্মে পরিণত করা হয়েছে এমন।

ভস্মীভূত /ভোশ্মিভূতো/ [স. ভস্মন্+চ্বি+ভূত] বিণ. আগুনে পুড়ে ভস্মে পরিণত বা সম্পূর্ণ বিনাশপ্রাপ্ত।

ভা /ভা/ [স. √ভা+অ+আ (টাপ্)] বি. ১ দীপ্তি, প্রভা, উজ্জ্বলতা। ২ আলোক। ৩ রশ্মি।

ভাই /ভাই/ [স. ভ্রাতৃ >] বি. ১ একই পিতামাতার পুত্র, ভ্রাতা, সহোদর; বৈমাত্রেয় বা বৈপিত্রেয় পুত্র। ২ভ্রাতৃস্থানীয় ব্যক্তি।

ভাইজান /ভাইজান্/ [বা.] বি. ১ ভ্রাতৃস্থানীয়কে সম্ভ্রমসূচক সম্বোধনবিশেষ। ২ জ্যেষ্ঠ ভ্রাতা।

ভাইঝি /ভাইঝি/ [বা.] বি. ভ্রাতার কন্যা।

ভাইপো /ভাইপো/ [বা.] বি. ভ্রাতার পুত্র।

ভাইফোঁটা /ভাইফোঁটা/ [বা.] বি. ভাইয়ের কল্যাণ কামনায় কার্তিক মাসের শুক্ল দ্বিতীয়া তিথিতে ভাইয়ের কপালে বোনের ফোঁটা দেওয়ার সংস্কার।

ভাইবেরাদার /ভাইবেরাদার্ / [বা. ভাই+ফা. বেরাদর] বি. ১ আত্মীয়পরিজন, জ্ঞাতি। ২ বন্ধু-বান্ধব।

ভাইভাই /ভাইভাই/ [বা.] বি. ভাইয়ের মতো সম্পর্ক।

ভাইয়া /ভাইআ/ [বা.] বি. দ্র ভাই।

ভাইরাস /ভাইরাস্/ [লা.] বি. ১ জীবদেহে রোগ সৃষ্টি করে এমন অতি ক্ষুদ্র (ব্যাকটেরিয়ার চেয়েও ছোটো) জীবাণু। ২ কম্পিউটারের উপাত্ত ধ্বংস করে এমন গুপ্ত সাংকেতিক নির্দেশ।

ভাইসাব /ভাইসাব্/ [আঞ্চ.] বি. 'ভাইসাহেব'-এর আঞ্চলিক রূপ।

ভাইসাহেব /ভাইসাহেব্/ [বা.] বি. ১ জ্যেষ্ঠ ভ্রাতা বা ভ্রাতৃস্থানীয় ব্যক্তির প্রতি সম্ভ্রমসূচক সম্বোধন-বিশেষ। ২ জামাইবাবু, দুলাভাই।

ভাউচার /ভাউচার্/ [ই.] বি. কোনো পণ্য ক্রয় বা বিক্রয়কালে মূল্যের উল্লেখ-সহ ক্রেতাকে প্রদত্ত লিখিত বিবরণ, রসিদ, voucher।

ভাউজ /ভাউজ্/ [স. ভ্রাতৃজায়া >] বি. জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী, বউদি, ভাবি।

ভাউলিয়া /ভাউলিআ/ [স. বহলঃ >] বি. জলপথে চলাচলকারী যে নৌকায় বাস করার মতো ঘর থাকে, বজরা, houseboat।

ভাও /ভাও/ [স. ভাব >] বি. ১ অবস্থা, ভাব। ২ পদধতি; কৌশল। ৩ দর, মূল্য, rate।

ভাওয়াইয়া /ভাওআইআ/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতের পশ্চিমবঙ্গের উত্তরাঞ্চলে প্রচলিত লোকগীতিবিশেষ।

ভাওলি /ভাওলি/ [দেশি.] বি. খাজনার পরিবর্তে

www.pathagar.com

জমিদারকে যে শস্য দেওয়া হয়।

ভাং /ভাং/ [স. ভঙ্গা >] বি. মধ্য এশিয়ায় জাত গুল্মবিশেষের আঁশ বা পাতা থেকে উৎপাদিত মাদকবিশেষ, সিদ্ধি, গাঁজা।

ভাংচি /ভাংচি/ [স. ভঙ্গ >] বি. কোনো কাজ থেকে বিরত করার উদ্দেশ্যে কুমন্ত্রণাদান, ভাঙানি।

ভাংতি /ভাংতি/ [স. ভঙ্গ >] বি. খুচরা পয়সা, ভাঙানি।

ভাঁওতা /ভাঁওতা/ [দেশি.] বি. ধাপ্পা, ফাঁকি, শঠতা, প্রতারণা।

ভাঁওতাবাজ /ভাঁওতাবাজ/ [দেশি. ভাঁওতা+ফা. বাজ] বিণ. প্রতারণাকারী, ধাপ্পাবাজ, ধূর্ত।

ভাঁওতাবাজি /ভাঁওতাবাজি/ [দেশি. ভাঁওতা+ফা. বাজি] বি. প্রতারণা, শঠতা।

ভাঁজ /ভাঁজ/ [বা.] বি. ১ পাট বা স্তর (*ভাঁজ করা কাপড়*)। ২ কুঞ্চন (*কপালের ভাঁজ*)।

ভাঁজভাঙা /ভাঁজভাঙা/ [বা.] বিণ. ইস্তিরি করা কাপড়ের পাট ভাঙা হয়েছে এমন।

ভাঁজা /ভাঁজা/ [বা.] ক্রিবি. ১ ভাঁজ করা। ২ অনুশীলন করা (*সুর ভাঁজা*)। ৩ ব্যায়াম করা (*মুগুর ভাঁজা*)। ৪ তাসের বিন্যাস এলোমেলো করা (*তাস ভাঁজা*)। ৫ (বুদ্ধি ফন্দি প্রভৃতি) স্থির করা, আঁটা।

ভাঁটফুল /ভাঁটফুল/ [স. ঘণ্টকর্ণ >] বি. ভারতীয় উপমহাদেশে রাস্তার ধারে ও পতিত জমিতে জাত এবং বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন বেগুনি আভাযুক্ত সাদা সুগন্ধ ফুল বা তার খসখসে পাতা ও কান্ডবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ, ঘেঁটুফুল।

ভাঁটা /ভাঁটা/ [দেশি.] বি. ১ ইট পোড়ানোর জায়গা। ২ বাটুল বল প্রভৃতি গোলাকার বস্তু।

ভাঁটুই /ভাঁটুই/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জাত তৃণবিশেষের শূঁয়াযুক্ত বীজকোষ যা সংস্পর্শে আসামাত্র কাপড়ে বিঁধে যায়, চোরকাঁটা, ভ্রূকুন্ডা।

ভাঁড়[১] /ভাঁড়/ [স. ভান্ড >] বি. মাটির ছোটো আধার; নাপিতের ক্ষুর কাঁচি চিরুনি প্রভৃতি রাখার আধার।

ভাঁড়[২] /ভাঁড়/ [স. ভন্ড >] বি. যে ব্যক্তি বেশভূষা আচার-আচরণ ও স্থূল রসিকতা সহকারে দর্শকের মনোরঞ্জন করে, বিদূষক, clown।

ভাঁড়[৩] /ভাঁড়/ [স. ভান্ডাগার >] বি. ভান্ডার, ভাঁড়ার।

ভাঁড়ানো /ভাঁড়ানো/ [বা.] ক্রিবি. সত্য গোপন করা; প্রতারণা করা (*নাম ভাঁড়ানো*)।

ভাঁড়ামি /ভাঁড়ামি/ [বা.] বি. ১ ভাঁড়ের আচরণ, স্থূল রসিকতা। ২ প্রতারণা, শঠতা, ছলনা।

ভাঁড়ামো /ভাঁড়ামো/ [বা.] বি. দ্র ভাঁড়ামি।

ভাঁড়ার /ভাঁড়ার/ [স. ভান্ডাগার >] বি. খাদ্যসামগ্রী ও অন্যান্য জিনিসপত্র রাখার ঘর, ভান্ডার।

-ভাক /ভাক্/ [স. √ভজ্+ক্বিপ্] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) অংশী, ভাগী (*অংশভাক*)।

ভাক্ত /ভাক্তো/ [স. ভক্তি+অ] বিণ. ১ অপ্রধান, গৌণ (*ভাক্ত অর্থ*) ২ কপট, ভন্ড (*ভাক্ত সাধু*)। ৩ ভাতসম্বন্ধীয়। ৪ লক্ষণযুক্ত। ৫ উপচারবিষয়ক।

ভাগ /ভাগ/ [স. √ভজ্+অ] বি. ১ বাঁটোয়ারা (*সম্পত্তির ভাগ*)। ২ টুকরো, খন্ড (*দুইভাগ*)। ৩ হিস্সা, অংশ (*ভাগচাষি*)। ৪ কালাংশ (*দিবাভাগ*)। ৫ অঞ্চল, স্থান (*ভূভাগ*)। ৬ বিভাজন।

ভাগচাষি /ভাগ্চাশি/ [স. ভাগ+বা. চাষি] বি. যে চাষি কেবল উৎপন্ন ফসলের ভাগ পাওয়ার শর্তে অন্যের জমি চাষ করে, আধিয়ার, বর্গাদার।

ভাগধেয় /ভাগ্ধেয়ো/ [স. ভাগ+√ধা+য] বি. ১ ভাগ, অংশ। ২ রাজস্ব, কর। ৩ ভাগ্য। বিণ. ১ উত্তরাধিকারী। ২ ভাগীদার।

ভাগনা /ভাগ্না/ [স. ভাগিনেয় >] বি. ভগিনীর পুত্র।

ভাগনি /ভাগ্নি/ [স. ভাগিনেয়ী >] বি. ভগিনীর কন্যা।

ভাগনে /ভাগ্নে/ [স. ভাগিনেয় >] বি. ভগিনীর পুত্র।

ভাগফল /ভাগ্ফল/ [স. ভাগ+ফল] বি. (গ.) এক রাশিকে অন্যান্য রাশি দিয়ে ভাগ করলে যে ফল পাওয়া যায়।

ভাগবত /ভাগোবত্/ [স. ভাগবৎ+অ] বি. ১ অষ্টাদশ পুরাণের অন্যতম। ২ পুণ্য। বিণ. ১ ভগবান-বিষয়ক। ২ ঈশ্বরভক্ত। ৩ বৈষ্ণব।

ভাগবাঁটোয়ারা /ভাগ্বাঁটোআরা/ [স. ভাগ+বা. বাঁটোয়ারা] বি. বিভিন্ন অংশে ভাগ করে বন্টন।

ভাগশেষ /ভাগ্শেশ/ [স. ভাগ+√শিষ্+অ] বি. (গ.) ভাগ করার পর যা অবশিষ্ট থাকে।

ভাগহর /ভাগ্হরো/ [স. ভাগ+√হৃ+অ] বিণ. ভাগ বা অংশ গ্রহণ করে এমন। বি. জ্ঞাতি, দায়াদ।

ভাগহার /ভাগ্হার/ [স. ভাগ+√হৃ+অ] বি. (গ.) কোনো রাশিকে অন্য একটি রাশি দিয়ে ভাগ করার পদধতি।

ভাগা[১] /ভাগা/ [বা.] বি. অংশ; পৃথক পৃথক ভাগ (*মাছের ভাগা*)।

ভাগা[২] /ভাগা/ [বা.] ক্রিবি. পলায়ন করা।

ভাগাড় /ভাগাড়/ [দেশি.] বি. ১ যেখানে মৃত জীবজন্তু ফেলা হয় (*শকুনশোভিত ভাগাড় তোমার হোক ঠিকানা।* শামসুর.)। ২ পতিত জমি।

www.pathagar.com

ভাগানো /ভাগানো/ [বা.] ক্রিবি. ১ তাড়িয়ে দেওয়া; পালাতে বাধ্য করা। ২ কুমন্ত্রণা দিয়ে কাউকে কর্মস্থল থেকে ছাড়িয়ে আনা। বিণ. তাড়ানো হয়েছে এমন।

ভাগাভাগি /ভাগাভাগি/ [বা.] বি. ভাগবাঁটোয়ারা।

ভাগিনা /ভাগিনা/ [বা.] বি. ভগিনীর পুত্র, ভাগিনেয়।

ভাগিনেয় /ভাগিনেয়ো/ [স. ভগিনী+এয়] বি. দ্র ভাগিনা।

ভাগিনেয়ী /ভাগিনেয়ি/ [স. ভগিনেয়+ঈ] বি. ভগিনীর কন্যা।

ভাগী /ভাগি/ [স. ভাগ+ইন্] বিণ. ১ অংশী, অংশীদার। ২ গ্রহণকারী; প্রাপক।

ভাগীদার /ভাগিদার/ [স. ভাগী+ফা. দার] বি. যে ব্যক্তি ভাগ বা অংশ পায়, অংশীদার।

ভাগীরথী /ভাগিরোথি/ [স. ভগীরথ+অ+ঈ] বি. (পুরাণমতে সূর্যবংশের নৃপতি ভগীরথ কঠোর তপস্যা করে গঙ্গাকে স্বর্গ থেকে মর্ত্যে অবতরণ করান বলে) গঙ্গানদীর অন্য নাম, গঙ্গার শাখা নদীবিশেষ।

ভাগ্য /ভাগ্‌গো/ [স. √ভজ্+য] বি. অদৃষ্ট, নসিব।

ভাগ্যক্রমে /ভাগ্‌গোক্‌ক্রোমে/ [স. ভাগ্যক্রম+বা. এ] ক্রিবিণ. সৌভাগ্যবশত, কপালজোরে।

ভাগ্যগণনা /ভাগ্‌গোগনোনা/ [স. ভাগ্য+গণনা] বি. জ্যোতিষের সাহায্যে অদৃষ্টের কল্পিত শুভাশুভ নির্ণয়।

ভাগ্যগুণে /ভাগ্‌গোগুনে/ [স. ভাগ্যগুণ+বা. এ] ক্রিবিণ. দ্র ভাগ্যক্রমে।

ভাগ্যচক্র /ভাগ্‌গোচক্রো/ [স. ভাগ্য+চক্র] বি. চক্রবৎ ঘূর্ণ্যমান অদৃষ্ট; পরিবর্তনশীল ভাগ্য।

ভাগ্যদেবতা /ভাগ্‌গোদেবোতা/ [স. ভাগ্য+দেবতা] বি. ভাগ্যের দেবতা; অদৃষ্টের নিয়ন্তা। স্ত্রী. ভাগ্যদেবী /ভাগ্‌গোদেবি/।

ভাগ্যধর /ভাগ্‌গোধর্/ [স. ভাগ্য+√ধৃ+অ] বিণ. সৌভাগ্যের অধিকারী, ভাগ্যবান।

ভাগ্যনিয়ন্তা /ভাগ্‌গোনিঅন্‌তা/ [স. ভাগ্য+নি+√যম্+তৃ] বিণ. অদৃষ্টনিয়ন্ত্রণকারী। বি. ভাগ্যদেবতা।

ভাগ্যপরীক্ষা /ভাগ্‌গোপোরিক্‌খা/ [স. ভাগ্য+পরি+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ভাগ্যের শুভাশুভ নির্ণয়।

ভাগ্যফল /ভাগ্‌গোফল্/ [স. ভাগ্য+ফল] বি. পূর্ব-নির্দিষ্ট ভবিষ্যৎ শুভাশুভ।

ভাগ্যবন্ত /ভাগ্‌গোবন্‌তো/ [স. ভাগ্য+বা. বন্ত] বিণ. সৌভাগ্যশালী, ভাগ্যবান।

ভাগ্যবল /ভাগ্‌গোবল্/ [স. ভাগ্য+বল] বি. ভাগ্যের জোর বা আনুকূল্য, সৌভাগ্য।

ভাগ্যবান /ভাগ্‌গোবান্/ [স. ভাগ্য+বৎ] বিণ. সৌভাগ্যশালী। স্ত্রী. ভাগ্যবতী /ভাগ্‌গোবোতি/।

ভাগ্যবিড়ম্বনা /ভাগ্‌গোবিড়ম্‌বনা/ [স. ভাগ্য+√বিডম্ব্+অন+আ (টাপ্)] বি. ভাগ্যের বিপর্যয়, দুর্ভাগ্য।

ভাগ্যবিধাতা /ভাগ্‌গোবিধাতা/ [স. ভাগ্য+বিধাতা] বি. দ্র ভাগ্যদেবতা।

ভাগ্যবিপর্যয় /ভাগ্‌গোবিপোর্‌জয়্/ [স. ভাগ্য+বিপর্যয়] বি. ভাগ্যের ফের, দুর্ভাগ্য, দুরদৃষ্ট।

ভাগ্যরেখা /ভাগ্‌গোরেখা/ [স. ভাগ্য+রেখা] বি. হাতের তালুর যে রেখা দেখে ভাগ্যের কল্পিত শুভাশুভ নির্ণয় করা হয়।

ভাগ্যলিখন /ভাগ্‌গোলিখন্/ [স. ভাগ্য+√লিখ্+অন] বি. ভবিষ্যৎ পূর্বনির্ধারিত এমন বিশ্বাস, অদৃষ্টের লিখন, কপালের লিখন।

ভাগ্যলিপি /ভাগ্‌গোলিপি/ [স. ভাগ্য+√লিপ্+ই] বি. দ্র ভাগ্যলিখন।

ভাগ্যহত /ভাগ্‌গোহতো/ [স. ভাগ্য+√হন্+ত] বিণ. ভাগ্যহীন। স্ত্রী. ভাগ্যহতা /ভাগ্‌গোহতা/।

ভাগ্যহীন /ভাগ্‌গোহিন্/ [স. ভাগ্য+√হা+ত] বিণ. অভাগা, হতভাগ্য। স্ত্রী. ভাগ্যহীনা /ভাগ্‌গোহিনা/।

ভাগ্যহীনতা /ভাগ্‌গোহিনতা/ [স. ভাগ্যহীন+তা] বি. ভাগ্যের প্রতিকূলতা, দুর্ভাগ্যজনক অবস্থা।

ভাগ্যান্বেষণ /ভাগ্‌গানন্বেশন/ [স. ভাগ্য+অন্বেষণ] বি. ১ সৌভাগ্যের সন্ধান। ২ জীবিকার অন্বেষণ।

ভাগ্যান্বেষী /ভাগ্‌গানন্বেশি/ [স. ভাগ্য+অনু+√ইষ্+ইন্] বিণ. সৌভাগ্যের সন্ধানকারী।

ভাগ্যি /ভাগ্‌গি/ [স. ভাগ্য >] বি. 'ভাগ্য'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

ভাগ্যিস /ভাগ্‌গিশ্/ [স. ভাগ্য >] অব্য. ক্রিবিণ. ভাগ্যক্রমে (*ভাগ্যিস তুমি বলেছিলে!*)।

ভাগ্যোদয় /ভাগ্‌গোদয়্/ [স. ভাগ্য+উদয়] বি. সৌভাগ্যের আবির্ভাব, সুদিনের সূচনা।

ভাঙচুর /ভাংচুর্/ [বা.] বি. ১ ভেঙে চুরমার করার কাজ; লন্ডভন্ড অবস্থা। ২ তোলপাড়।

ভাঙড় /ভাঙোড়্/ [বা.] বিণ. ভাং খায় এমন, সিদ্ধিখোর; মাদকসেবী।

ভাঙন /ভাঙোন্/ [বা.] বি. ১ প্রবল স্রোতের তোড়ে নদীর পাড় ধসে জলে পতন (*পদ্মার ভাঙন*)। ২ ধ্বংসকরণ। ৩ (আল.) অবনতির সূত্রপাত (*সংসারের ভাঙন*)।

www.pathagar.com

ভাঙা /ভাঙা/ [বা.] ক্রিবি. ১ চূর্ণ করা (*ইঁট ভাঙা*)। ২ বিপর্যয় নেমে আসা (*কপাল ভাঙা*)। ৩ হতাশ হওয়া (*মন ভাঙা*)। ৪ দূর হওয়া (*ঘুম ভাঙা*)। ৫ ঘুচানো (*অভিমান ভাঙা*)। ৬ ছিন্ন করা (*বিয়ে ভাঙা*)। ৭ ব্যাখ্যা করে বলা (*ভেঙে বলা*)। ৮ বিঘ্ন হওয়া (*ধ্যান ভাঙা*)। ৯ অতিক্রম করা (*সিঁড়ি ভাঙা*)। ১০ প্রচণ্ড ভিড় করে সমবেত হওয়া (*বইমেলায় শহর ভেঙে পড়া*)। বিণ. ১ জীর্ণ (*ভাঙা বাড়ি*)। ২ প্রচণ্ড (*হাড়ভাঙা খাটুনি*)। ৩ দুর্বল (*ভাঙা শরীর*)। ৪ হতাশ (*ভাঙা মন*)। ৫ বিকৃত (*ভাঙা গলা*)।

ভাঙাগড়া /ভাঙাগড়া/ [বা.] বি. কোনো কিছু ভেঙে পুনরায় নির্মাণ, ধ্বংস ও সৃষ্টি।

ভাঙাচুরা /ভাঙাচুরা/ [বা.] বিণ. 'ভাঙাচোরা'-র সাধু রূপ।

ভাঙাচোরা /ভাঙাচোরা/ [বা.] বিণ. নড়বড়ে অবস্থা-প্রাপ্ত; 'ভাঙাচুরা'-র কথ্য রূপ।

ভাঙানি /ভাঙানি/ [বা.] বি. ১ খুচরা মুদ্রা, ভাংতি। ২ (আল.) সম্পর্কে ভাঙন সৃষ্টি; কুমন্ত্রণাদান।

ভাঙানে /ভাঙানে/ [বা.] বি. যে ভাঙানি দেয়। বিণ. কুমন্ত্রণাদাতা।

ভাঙানো /ভাঙানো/ [বা.] ক্রিবি. ১ চূর্ণ করানো (*গম ভাঙানো*)। ২ দূর করা (*ভয় ভাঙানো*)। ৩ কুপরামর্শ দেওয়া (*কান ভাঙানো*)। ৪ খুচরা মুদ্রায় পরিবর্তন করা (*টাকা ভাঙানো*)। ৫ সুবিধা আদায়ের উদ্দেশ্যে ব্যবহার করা (*নাম ভাঙানো*)।

ভাঙা-ভাঙা /ভাঙাভাঙা/ [বা.] বিণ. ১ অসম্পূর্ণ (*ভাঙা-ভাঙা বাংলা*)। ২ আধো-আধো (*ভাঙা-ভাঙা কথা*)।

ভাঙ্গি /ভাংগি/ [বা.] বিণ. ভাংসেবী, ভাঙড়।

ভাজক /ভাজক্/ [স. √ভজ্+অক] বিণ. ভাগকারী। বি. (গ.) যে রাশি দিয়ে ভাগ করা যায়, divisor।

ভাজন /ভাজোন্/ [স. √ভাজ্+অন] বি. ১ পাত্র; ব্যক্তি (*প্রীতিভাজন*)। ২ ভাগকরণ (*বিভাজন*)।

ভাজা /ভাজা/ [বা.] ক্রিবি. ১ গরম ঘি বা তেলে রাঁধা (*বেগুন ভাজা*)। ২ শুকনো খোলায় রাঁধা (*ডাল ভাজা*)। ৩ তপ্ত বালিতে টালা (*খই ভাজা*)। বিণ. ভেজে নেওয়া হয়েছে এমন (*ভাজা মাছ*)।

ভাজা-ভাজা /ভাজাভাজা/ [বা.] বিণ. ১ প্রায় ভাজা হয়েছে এমন। ২ (আল.) অতিশয় উৎপীড়িত, বিরক্ত (*প্রাণ ভাজা-ভাজা হওয়া*)।

ভাজাভুজি /ভাজাভুজি/ [বা.] বি. নানা প্রকারের ভাজা খাদ্যবস্তু।

ভাজি /ভাজি/ [বা.] বি. ভাজা সবজি (*আলু ভাজি*)।

ভাজিত /ভাজিতো/ [স. √ভাজি+ত] বিণ. ১ (গ.) ভাগ করা হয়েছে এমন। ২ পৃথক করা হয়েছে এমন।

ভাজ্য /ভাজ্জো/ [স. √ভাজ্+য] বিণ. বিভাগযোগ্য, ভাগার্হ। বি. (গ.) যে রাশিকে অন্য রাশি দিয়ে ভাগ করতে হবে বা ভাগ করা যায়, divisible।

ভাট /ভাট্/ [স. ভট্ট >] বি. ১ জাতিবিশেষ। ২ স্তুতিপাঠক। ৩ বন্দনাগায়ক। ৪ চারণকবি।

ভাটক /ভাটক্/ [স. √ভট্+অক] বি. ১ ভাড়া। ২ বেতন বা মজুরি। ৩ রাজস্ব, কর, খাজনা।

ভাটা /ভাটা/ [দেশি.] বি. ১ চাঁদ ও সূর্যের আকর্ষণে প্রতি চান্দ্রদিবসে দুবার করে সমুদ্র ও নদীর জলের পৃষ্ঠদেশের অবনতি, ebb-tide। ২ (আল.) হ্রাস, কমতি (*উৎসাহে ভাটা পড়া*)।

ভাটি[১] /ভাটি/ [হি. ভট্টি >] বি. ১ ইঁট চুন প্রভৃতি পোড়ানোর চুলা। ২ ধোপার কাপড় সেদ্ধ করার বড়ো পাত্র। ৩ মদ চোলাই করার পাত্র। ৪ যে গৃহে মদ চোলাই করা হয়।

ভাটি[২] /ভাটি/ [দেশি.] বি. ১ নদী প্রভৃতির স্বাভাবিক স্রোতের দিক, উজানের উলটো দিক, ভাটা। ২ অবনতি। ৩ অবসান। ৪ পড়ন্ত বেলা। ৫ হ্রাস।

ভাটিখানা /ভাটিখানা/ [দেশি. ভাটি+ফা. খানা] বি. মদ চোলাইয়ের কারখানা; মদের দোকান।

ভাটি পড়া /ভাটি পড়া/ ক্রিবি. প্রৌঢ়ত্বে উপনীত হওয়া।

ভাটিবেলা /ভাটিবেলা/ [দেশি.] বি. বিকেলবেলা।

ভাটিয়ার /ভাটিআর্/ [বা.] বি. দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ভাটিয়াল /ভাটিআল্/ [বা.] বিণ. ১ দক্ষিণদেশীয়। ২ ভাটির দিকে গমন করে এমন, ভেটেল।

ভাটিয়ালি /ভাটিআলি/ [বা.] বি. ভাটার টানে নৌকা চালানোর সময় বাংলাদেশের মাঝিরা যে সুরে গান করে; নদীবহুল অঞ্চলের লোকগীতি।

ভাড়া /ভাড়া/ [স. ভাটক >] বি. ১ নির্দিষ্ট সময় পর্যন্ত ব্যবহারের জন্য দেয় মাশুল (*বাড়িভাড়া*)। ২ মজুরি। বিণ. নির্দিষ্ট অর্থের বিনিময়ে অস্থায়ী-ভাবে গৃহীত (*ভাড়াগাড়ি*)।

ভাড়া করা /ভাড়া করা/ ক্রিবি. নির্দিষ্ট অর্থের বিনিময়ে অন্যের জিনিস অস্থায়ীভাবে নেওয়া।

ভাড়া খাটা /ভাড়া খাটা/ ক্রিবি. মজুরির বিনিময়ে অন্যের কাজ করা।

www.pathagar.com

ভাড়াটিয়া /ভাড়াটিআ/ [বা.] বি. বিণ. দ্র ভাড়াটে।

ভাড়াটে /ভাড়াটে/ [বা.] বি. যে ব্যক্তি ভাড়াবাড়িতে বসবাস করে, tenant। বিণ. ১ ভাড়া করা যায় এমন (*ভাড়াটে গাড়ি*)। ২ নির্দিষ্ট সময়ের জন্য নিযুক্ত, ঠিকা (*ভাড়াটে কামলা*)। ৩ অর্থের বিনিময়ে অপরাধমূলক কাজ করে এমন (*ভাড়াটে খুনি*)।

ভাড়াবাড়ি /ভাড়াবাড়ি/ [বা.] বি. ভাড়ায় নেওয়া বাড়ি।

ভাণ /ভান্/ [স. √ভণ্+অ] বি. সংস্কৃত রূপক নাটিকা, একাঙ্কিকা।

ভাণ্ড /ভান্ডো/ [স. √ভণ্ড্+অ] বি. ১ কোনো কিছু রাখার পাত্র, আধার, ভাঁড় (*মাটির ভাণ্ড*)। ২ বাদ্যযন্ত্রবিশেষ। ৩ মূলধন।

ভাণ্ডপুট /ভান্ডোপুট্/ [স. ভাণ্ড+পুট] বি. নাপিত, ক্ষৌরকার।

ভাণ্ডীর /ভান্ডির্/ [স. ভাণ্ড+√ঈর্+অ] বি. ১ বটগাছ। ২ ভাঁট বা ঘেঁটুফুলের গাছ।

ভাত[১] /ভাত্/ [স. ভক্ত >] বি. সেদ্ধ করে রাঁধা চাল, অন্ন।

ভাত[২] /ভাতো/ [স. √ভা+ত] বিণ. ১ আলোকিত, দীপ্ত, উদ্ভাসিত। ২ প্রকাশিত (*প্রতিভাত*)।

ভাতকাপড় /ভাত্কাপোড়/ [বা.] বি. খাদ্য ও পরিধেয় বস্ত্র, অন্নবস্ত্র।

ভাতঘুম /ভাত্ঘুম্/ [বা.] বি. (সচরাচর দুপুরে ভাত খাওয়ার পর) ঘুমের আমেজ।

ভাতা /ভাতা/ [স. ভৃতি >] বি. পণ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি বাবত চাকুরেকে নির্দিষ্ট বেতনের অতিরিক্ত যে অর্থ দেওয়া হয় (*মহার্ঘ ভাতা*), allowance।

ভাতার /ভাতার্/ [স. ভর্তৃ >] বি. ১ স্বামী, পতি। ২ যে ভাত দেয়। ৩ গালিবিশেষ।

ভাতারখাকি /ভাতার্খাকি/ [বা.] বি. গালিবিশেষ।

ভাতি /ভাতি/ [স. √ভা+তি] বি. ১ শোভা, দীপ্তি (*যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি, / আশু গৃহে তার দেখিবে না আর নিশীথে প্রদীপভাতি।* কৃষ্ণচন্দ্র.)। ২ (বাংলায়) আবির্ভাব।

ভাতিজা /ভাতিজা/ [স. ভ্রাতৃজ >] বি. ভাইয়ের ছেলে, ভাইপো। স্ত্রী. ভাতিজি /ভাতিজি/।

ভাতুড়ে /ভাতুড়ে/ [বা.] বি. ভাতের জন্য অন্যের গলগ্রহ, অন্নদাস।

ভাতে /ভাতে/ [বা.] বিণ. ভাতের সঙ্গে সিদ্ধ করা হয়েছে এমন (*আলুভাতে*)।

ভাতেভাত /ভাতেভাত্/ [বা.] বি. ভাত এবং তার সঙ্গে সেদ্ধ করা সবজি।

ভাদর /ভাদোর্/ [স. ভাদ্র >] বি. 'ভাদ্র'-র কোমল ও কাব্যিক রূপ (*রিমিকি ঝিমিকি ঝরে ভাদরের ধারা*— রবীন্দ্র.)।

ভাদাল /ভাদাল্/ [দেশি.] বি. ১ কলাগাছের কাণ্ডের অভ্যন্তরস্থ সারাংশ, থোড়। ২ ওষধিবিশেষ।

ভাদুরে /ভাদুরে/ [স. ভাদ্র >] বিণ. ১ ভাদ্র মাসে উৎপন্ন (*ভাদুরে তাল*)। ২ ভাদ্রমাসবিষয়ক।

ভাদ্দর /ভাদ্দোর্/ [স. ভাদ্র >] বি. 'ভাদ্র'-র আঞ্চলিক রূপ।

ভাদ্দরবউ /ভাদ্দোরবোউ/ [স. ভ্রাতৃদার >] বি. কনিষ্ঠ ভ্রাতার পত্নী, ভাদ্রবধূ।

ভাদ্দুরে /ভাদ্দুরে/ [বা.] বিণ. দ্র ভাদুরে।

ভাদ্র /ভাদ্রো/ [স. ভাদ্রী+অ] বি. বাংলা পঞ্জিকার পঞ্চম মাস, শরৎ-ঋতুর প্রথম মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৬ই আগস্ট থেকে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত কালপর্ব।

ভাদ্রপদ /ভাদ্রোপদো/ [স. ভাদ্রপদী+অ] বি. ভাদ্র মাস।

ভাদ্রপদা /ভাদ্রোপদা/ [স. ভাদ্রপদ+অ+আ (টাপ্)] বি. পূর্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ নক্ষত্র।

ভাদ্রপদী /ভাদ্রোপোদি/ [স. ভাদ্রপদ+অ+ঈ] বি. ভাদ্রমাসের পূর্ণিমাতিথি।

ভাদ্রবউ /ভাদ্রোবোউ/ [স. ভ্রাতৃবধূ >] বি. দ্র ভাদ্রবধূ।

ভাদ্রবধূ /ভাদ্রোবোধু/ [স. ভ্রাতৃবধূ >] বি. কনিষ্ঠ ভ্রাতার পত্নী।

ভান /ভান্/ [স. √ভা+অন] বি. ১ কৃত্রিম আচরণ (*অসুস্থতার ভান*)। ২ দীপ্তি। ৩ জ্ঞান। ৪ ভাব।

ভানা /ভানা/ [বা.] ক্রিবি. বিণ. ধান প্রভৃতি শস্য থেকে তুষ বা খোসা পৃথক করা।

ভানাই /ভানাই/ [বা.] বি. ১ ভানানোর কাজ। ২ ভানানোর পারিশ্রমিক।

ভানানি /ভানানি/ [বা.] বি. শস্য থেকে খোসা পৃথক্করণ, ভানানোর কাজ।

ভানানো /ভানানো/ [বা.] ক্রিবি. শস্য থেকে খোসা পৃথক করানো (*ধান ভানানো*)।

ভানু /ভানু/ [স. √ভা+নু] বি. ১ সূর্য। ২ কিরণ, রশ্মি। ৩ সৌন্দর্য, কান্তি।

ভানুকর /ভানুকর্/ [স. ভানু+√কৃ+অ] বি. সূর্যের আলো, রোদ।

ভানুবার /ভানুবার্/ [স. ভানু+√বৃ+অ] বি. রবিবার।

ভানুমতী /ভানুমোতি/ [স. ভানুমৎ+ঈ] বিণ. সুন্দরী;

www.pathagar.com

দীপ্তিময়ী। বি. ১ ভোজরাজের কন্যা মায়াবিদ্যায় পারদর্শীরূপে খ্যাত ও বিক্রমাদিত্যের পত্নী। ২ কুরুরাজ দুর্যোধনের পত্নী।

ভানুমতীর খেল /ভানুমোতির্ খেল্/ বি. ১ ভোজ-রাজতনয়া ভানুমতী কর্তৃক প্রবর্তিত ইন্দ্রজাল। ২ জাদুবিদ্যা, ইন্দ্রজাল, ভোজবাজি।

ভানুমান /ভানুমান্/ [স. ভানু+মৎ] বিণ. দীপ্তিশালী। বি. সূর্য, আদিত্য, দিবাকর।

ভানুসিংহ /ভানুশিংহো/ [ব্যক্তি.] বি. রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম (*ভানুসিংহের পদাবলি*)।

ভান্ডার /ভান্ডার্/ [স. ভাণ্ডাগার >] বি. ১ বিবিধ বস্তু রাখার ঘর; ধনাগার; ভাঁড়ার। ২ পুঁজি।

ভান্ডাররক্ষক /ভান্ডাররোক্‌খক্/ [বা. ভান্ডার+স. রক্ষক] বি. ভান্ডারের তত্ত্বাবধায়ক; (পরি.) store keeper।

ভান্ডারা /ভান্ডারা/ [বা.] বি. সাধুসন্ন্যাসীদের যে ভোজ দেওয়া হয়।

ভান্ডারি /ভান্ডারি/ [বা.] বি. ১ ভান্ডারের রক্ষক, ধনরক্ষক। ২ অনুচর।

ভাপ /ভাপ্/ [স. বাষ্প >] বি. ১ বাষ্প। ২ গরম সেঁক (*চোখে ভাপ দেওয়া*)। ৩ (আল.) হৃদয়াবেগ।

ভাপা /ভাপা/ [বা.] ক্রিবি. বাষ্পে পরিণত হওয়া, ভাপযুক্ত হওয়া। বিণ. ভাপে সেদ্ধ করা হয়েছে এমন (*ভাপা ইলিশ*)।

ভাপানো /ভাপানো/ [বা.] ক্রিবি. ভাপে সেদ্ধ করা।

ভাপাপিঠা /ভাপাপিঠা/ [বা.] বি. চালের গুঁড়ো কোরা নারকেল গুড় প্রভৃতি সহযোগে ভাপে সেদ্ধ পিঠা।

ভাব /ভাব্/ [স. √ভূ+অ] বি. ১ উৎপত্তি (*আবির্ভাব*)। ২ অস্তিত্ব (*অভাব*)। ৩ সৃষ্টি (*ভাবোদয়*)। ৪ ভক্তি; পরমতত্ত্ব (*ভাবে বিভোর*)। ৫ অভিপ্রায় (*মনোভাব*)। ৬ মনের অবস্থা (*ভাবান্তর*)। ৭ স্বভাব (*অসুরভাব*)। ৮ প্রবণতা (*ভাবগতিক*)। ৯ নিগূঢ় অর্থ, মর্ম (*ভাবার্থ*)। ১০ অনুভূতির গাঢ়তা (*ভাবাবেশ*)। ১১ চিন্তা, ধ্যান (*ভাবমগ্ন*)। ১২ ধরন (*সম্পূর্ণভাবে*)। ১৩ অন্তরঙ্গতা (*সদ্‌ভাব*)। ১৪ (ব্যা.) ধাতুরূপ বা রীতি, mood।

ভাবক /ভাবোক/ [স. √ভাবি+অক] বিণ. ১ ভাবুক, স্মরণকারী; চিন্তক। ২ উৎপাদক।

ভাব করা /ভাব্ করা/ ক্রিবি. বন্ধুত্ব স্থাপন করা।

ভাবগত /ভাব্‌গতো/ [স. ভাব+√গম্+ত] বিণ. নিগূঢ় অর্থসংক্রান্ত।

ভাবগতিক /ভাব্‌গোতিক্/ [স. ভাবগতি+ক (স্বার্থে)] বি. চালচলন, ধরনধারণ।

ভাবগম্ভীর /ভাব্‌গোম্‌ভির্/ [স. ভাব+গম্ভীর] বিণ. অচঞ্চল ও গভীর ভাবপূর্ণ (*ভাবগম্ভীর পরিবেশ*)।

ভাবগর্ভ /ভাবোগর্‌ভো/ [স. ভাব+√গু+ভ] বিণ. নিগূঢ় অর্থপূর্ণ, ভাবাত্মক (*ভাবগর্ভ উপদেশ*)।

ভাবগ্রাহী /ভাবোগ্‌গ্রাহি/ [স. ভাব+√গ্রহ্+ইন্] বিণ. নিগূঢ় অর্থ বা তাৎপর্য উপলব্ধি করতে পারে এমন, মর্মগ্রাহী (*ভাবগ্রাহী শ্রোতা*)।

ভাবঘন /ভাবোঘনো/ [স. ভাব+√হন্+অ] বিণ. নিবিড় ভাবময়, ভাবগম্ভীর।

ভাবতরঙ্গ /ভাব্‌তরোংগো/ [স. ভাব+√তৃ+অঙ্গ] বি. ভাবের আধিক্য, ভাবের উচ্ছ্বাস।

ভাবধারা /ভাব্‌ধারা/ [স. ভাব+ধারা] বি. চিন্তাধারা।

ভাবন /ভাবোন্/ [স. √ভাবি+অন] বি. ১ চিন্তন; মনন। ২ ধ্যান। ৩ সৃজন। ৪ প্রসাধন। ৫ (কবিরাজি ওষুধ) শোধন।

ভাবনা /ভাবনা/ [স. √ভাবি+অন+আ (টাপ্)] বি. ১ চিন্তা; বিবেচনা। ২ মানসিক উদ্‌বেগ, দুশ্চিন্তা। ৩ কবিরাজি ওষুধ তৈরির প্রক্রিয়াবিশেষ।

ভাবনাচিন্তা /ভাব্‌নাচিন্‌তা/ [স. ভাবনা+√চিন্ত্+অ+আ (টাপ্)] বি. বিচারবিবেচনা।

ভাবনীয় /ভাবোনিয়ো/ [স. √ভাবি+অনীয়] বিণ. ভাবনার যোগ্য বা ভাবা উচিত এমন।

ভাবপ্রবণ /ভাবোপ্রোবোন্/ [স. ভাব+প্রবণ] বিণ. ১ ভাবাবেগে চালিত, আবেগপ্রবণ। ২ ভাবুক। বি. ভাবপ্রবণতা /ভাব্‌প্রোবোনতা/।

ভাববাচ্য /ভাব্‌বাচ্চো/ [স. ভাব+√বচ্+য] বি. (ব্যা.) ১ বাক্যের যে-রূপ ক্রিয়া কর্তার ভূমিকা নেয়। ২ পরোক্ষ উক্তি।

ভাববাদ /ভাব্‌বাদ্/ [স. ভাব+√বদ্+অ] বি. বাস্তববাদ উপেক্ষা করে ভাবাদর্শে বিশ্বাস করার দার্শনিক মতবাদ, idealism।

ভাববাদী /ভাবোবাদি/ [স. ভাব+√বদ্+ইন্] বিণ. ১ ভাববাদে বিশ্বাস করে এমন। ২ ভাববাদসংক্রান্ত।

ভাববিলাসী /ভাব্‌বিলাশি/ [স. ভাব+বি+√লস্+ইন্] বিণ. কল্পনারাজ্যে বিচরণ করতে ভালোবাসে এমন, কল্পনাবিলাসী, ভাবুক।

ভাবব্যঞ্জক /ভাব্‌ব্যান্‌জক্/ [স. ভাব+বি+√অনজ্+অক] বিণ. ভাব প্রকাশ করে এমন, অর্থপ্রকাশক।

ভাবভঙ্গি /ভাব্‌ভোংগি/ [স. ভাব+ভঙ্গি] বি. মনোভাব; চালচলন।

ভাবমূর্তি /ভাব্‌মুর্‌তি/ [স. ভাব+√মূর্চ্ছ্+তি] বি. চিন্তা ও অনুভূতির দ্বারা কল্পিত রূপ (*ভাবমূর্তি অক্ষুণ্ন রাখা*), image।

www.pathagar.com

ভাবশুদ্ধি /ভাবশুদ্ধি/ [স. ভাব+√শুধ্+তি] বি. ১ ভাবের পবিত্রতা। ২ পবিত্রচিন্তা।

ভাবসূচক /ভাবশূচক্/ [স. ভাব+সূচক] বিণ. দ্র ভাবব্যঞ্জক।

ভাবা /ভাবা/ [স. ভাবী >] ক্রিবি. ১ চিন্তা করা (*ভবিষ্যৎ নিয়ে ভাবা*)। ২ বিবেচনা করা (*ভেবে দেখা*)। ৩ সংকল্প করা; স্থির করা (*কাল যাব ভাবছি*)। ৪ দুশ্চিন্তা করা (*এত ভেবে কী লাভ*)। ৫ গণ্য করা (*নিজেকে জ্ঞানী ভাবা*)। ৬ উদ্ভাবন করা (*উপায় ভাবা*)। ৭ স্মরণ করা (*অতীতের কথা ভাবা*)।

ভাবাত্মক /ভাবাত্তঁক্/ [স. ভাব+আত্মক] বিণ. ভাব প্রকাশ করে এমন, ভাবব্যঞ্জক, তাৎপর্যপূর্ণ।

ভাবাদর্শ /ভাবাদর্শো/ [স. ভাব+আদর্শ] বি. নির্দিষ্ট চিন্তাধারার আদর্শ।

ভাবাদর্শগত /ভাবাদর্শোগতো/ [স. ভাবাদর্শ+√গম্+ত] বিণ. নির্দিষ্ট চিন্তাধারার আদর্শের অনুগত (*ভাবাদর্শগত দ্বন্দ্ব*)।

ভাবানুগ /ভাবানুগো/ [স. ভাব+অনুগ] বিণ. ভাবের অনুগামী; স্বাভাবিক।

ভাবানুষঙ্গ /ভাবানুশংগো/ [স. ভাব+অনুষঙ্গ] বি. এক বিষয়ে চিন্তা করার সময়ে সংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্বন্ধে চিন্তা।

ভাবানো /ভাবানো/ [বা.] ক্রিবি. উদ্‌বিগ্ন করা।

ভাবান্তর /ভাবান্তর্/ [স. ভাব+অন্তর] বি. মনের অবস্থার পরিবর্তন, মানসিক অবস্থান্তর।

–ভাবাপন্ন /ভাবাপন্নো/ [স. ভাব+আ+√পদ্+ত] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) ভাবযুক্ত (*বিরূপভাবাপন্ন*)।

ভাবাবেগ /ভাবাবেগ্/ [স. ভাব+আবেগ] বি. আবেগ-জনিত বিহ্বলতা।

ভাবাবেশ /ভাবাবেশ্/ [স. ভাব+আবেশ] বি. ১ ভাবের উদ্রেক, ভাবোদয়। ২ ভাবের বিহ্বলতা।

ভাবার্থ /ভাবার্থো/ [স. ভাব+অর্থ] বি. সারমর্ম।

ভাবালু /ভাবালু/ [স. ভাব+আলু] বিণ. ভাবপ্রবণ; কল্পনাবিলাসী। বি. ~তা /–তা/।

ভাবি /ভাবি/ [স. ভ্রাতৃজায়া >] বি. জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী, বউদি।

ভাবিক /ভাবিক্/ [স. ভাব+ইক] বিণ. ১ উদ্দীপক। ২ ভাবযুক্ত। ৩ স্বাভাবিক। ৪ ভবিষ্যদ্‌বিষয়ক। বি. যে বর্ণনায় অদ্ভুত অতীত ও ভবিষ্যৎ বিষয় প্রত্যক্ষবৎ প্রতীয়মান হয় এমন কাব্যালংকার-বিশেষ।

ভাবিত /ভাবিতো/ [স. √ভাবি+ত] বিণ. ১ ভাবা হয়েছে এমন। ২ উদ্‌বিগ্ন। ৩ ঘটিত। ৪ লব্ধ। ৫ শোধিত।

ভাবিনী /ভাবিনি/ [স. √ভাবি+ইন্+ঈ] বি. ভাবময়ী নারী।

ভাবী /ভাবি/ [স. √ভূ+ইন্] বিণ. ১ ভবিষ্যৎ, অনাগতকাল। ২ ভবিষ্যতে হবে এমন।

ভাবুক /ভাবুক্/ [স. √ভূ+উক] বিণ. ১ কল্পনাবিলাসী। ২ অতিশয় ভাবপ্রবণ, ভাবালু। বি. যে ব্যক্তির মনে সহজে ভাবের উদয় হয়।

ভাবোচ্ছ্বাস /ভাবোচ্ছাশ্/ [স. ভাব+উচ্ছ্বাস] বি. প্রবল ভাবাবেগ প্রকাশ।

ভাবোদয় /ভাবোদয়্/ [স. ভাব+উদয়] বি. ভাবের সঞ্চার, ভাবোদ্রেক।

ভাবোদ্দীপক /ভাবোদ্‌দিপক্/ [স. ভাব+উদ্দীপক] বিণ. ভাবের উদ্রেক করে এমন।

ভাবোদ্দীপন /ভাবোদ্‌দিপন্/ [স. ভাব+উদ্দীপন] বি. ভাবের সঞ্চার।

ভাবোন্মত্ত /ভাবোন্‌মত্তো/ [স. ভাব+উন্মত্ত] বিণ. ভাবে বিভোর।

ভাবোন্মাদ /ভাবোন্‌মাদ্/ [স. ভাব+উন্মাদ] বিণ. ভাবে উন্মত্ত, ভাবে বিহ্বল।

ভাবোন্মেষ /ভাবোন্‌মেশ্/ [স. ভাব+উন্মেষ] বি. দ্র ভাবোদয়।

ভাব্য /ভাব্‌বো/ [স. √ভূ+য] বিণ. ১ ভেবে দেখার যোগ্য। ২ অনিবার্য। ৩ সাধ্য, নিষ্পাদ্য।

ভাম /ভাম্/ [দেশি.] বি. গায়ে দুর্গন্ধযুক্ত বনবিড়াল-জাতীয় মাংসাশী প্রাণী, খটাশ, খাটাশ, খট্টাশ; গন্ধগোকুল, polecat।

ভামিনী /ভামিনি/ [স. √ভাম্+ইন্+ঈ] বি. ১ কোপন স্বভাববিশিষ্ট নারী। ২ পত্নী (*আনমনা আমারি মতন / আমার ভামিনী।* অন্নদা.)।

ভায় /ভায়্/ [বা.] বি. দীপ্তি, শোভা, উজ্জ্বলতা।

ভায়রা /ভায়রা/ [দেশি.] বি. পত্নীর ভগিনীর স্বামী।

ভায়রা ভাই /ভায়রা ভাই/ বি. দ্র ভায়রা।

ভায়া /ভায়া/ [স. ভ্রাতা >] বি. ভাই বা ভ্রাতৃস্থানীয় ব্যক্তিকে সম্বোধনসূচক শব্দ।

ভায়াদ /ভায়াদ্/ [স. ভ্রাতৃদায়াদ >] বি. ভ্রাতৃস্থানীয় ব্যক্তি; জ্ঞাতিভাই; দায়াদ।

ভার /ভার্/ [স. √ভৃ+অ] বি. ১ দায়িত্ব (*গুরুভার*)। ২ বোঝা (*ভারবাহী পশু*)। ৩ চাপ (*ঋণের ভার*)। ৪ সমূহ, রাশি (*কুসুমভার*)। ৫ বাঁক (*ভারযষ্টি*)। বিণ. ১ দুঃসহ, দুর্বহ। ২ অপ্রসন্ন (*মন ভার*)।

www.pathagar.com

৩ রুগ্‌ণ। ৪ দুঃসাধ্য (*এই টাকায় সংসার চালানো ভার*)। ৫ গলগ্রহ।

ভারই /ভারোই/ [স. ভরদ্বাজ >] বি. পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এবং খাদ্যশস্য কীটপতঙ্গ প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন ছোটো লেজ ও লম্বা চঞ্চুবিশিষ্ট ঝুঁটিওয়ালা লালচে বাদামি প্রভৃতি বর্ণের ডোরাকাটা পালকযুক্ত চড়ুইসদৃশ গায়কপাখি, ভরত, ভরদ্বাজ, skylark।

ভারকেন্দ্র /ভারকেন্দ্রো/ [স. ভার+কেন্দ্র] বি. (পদার্থ.) কোনো বস্তুর ওজনের মধ্যবিন্দু বা মাধ্যাকর্ষণ শক্তির কেন্দ্রবিন্দু, centre of gravity।

ভারত /ভারোত্/ [স. ভরত+অ] বি. হিমালয়ের দক্ষিণে ও ভারত মহাসাগরের উত্তরে অবস্থিত এশিয়ার দেশবিশেষ, ভারত প্রজাতন্ত্র।

ভারতবর্ষ /ভারোত্‌বরশো/ [স. ভারত+বর্ষ] বি. ১ ভারত মহাসাগরের উত্তরে হিমালয়ের দক্ষিণস্থ উপমহাদেশ। ২ ব্রিটিশ শাসন আমলের অবিভক্ত ভারত (ভারত বাংলাদেশ পাকিস্তান শ্রীলঙ্কা ও মিয়ানমার নিয়ে গঠিত অঞ্চল)।

ভারতবাসী /ভারোত্‌বাশি/ [স. ভারত+√বস্+ইন্] বি. বিণ. ভারত প্রজাতন্ত্রের অধিবাসী।

ভারতমহাসাগর /ভারোত্‌মহাশাগোর্/ [স. ভারত+মহাসাগর] বি. ভারতের দক্ষিণে অবস্থিত মহাসাগর, Indian Ocean।

ভারতমাতা /ভারোত্‌মাতা/ [স. ভারত+√মা+তৃ] বি. মাতৃরূপে কল্পিত ভারতভূমি।

ভারতসন্তান /ভারোত্‌সন্‌তান্/ [স. ভারত+সম্+√তন্+অ] বি. ভারতের নাগরিক। বিণ. ভারতীয়।

ভারতী /ভারোতি/ [স. ভারত+ঈ] বি. ১ সরস্বতী-দেবী। ২ বাণী, বাক্য। ৩ সন্ন্যাসীর উপাধিবিশেষ। ৪ সংবাদ।

ভারতীয় /ভারোতিয়ো/ [স. ভারত+ঈয়] বিণ. ১ ভারতে বসবাসকারী। ২ ভারতে উৎপন্ন। ৩ ভারত প্রজাতন্ত্র-সম্বন্ধীয়।

ভারদ্বাজ /ভারোদ্‌দাজ্/ [স. ভরদ্বাজ+অ] বি. ১ দ্রোণাচার্য। ২ ভরত পাখি। বিণ. ভরদ্বাজবংশীয়।

ভারপ্রাপ্ত /ভারপ্রাপ্‌তো/ [স. ভার+প্র+√আপ্+ত] বিণ. দায়িত্বপ্রাপ্ত (*ভারপ্রাপ্ত সম্পাদক*)।

ভারবাহ /ভার্‌বাহো/ [স. ভার+√বহ্+অ] বিণ. বি. ভারবাহক।

ভারবাহক /ভার্‌বাহক্/ [স. ভার+বাহক] বিণ. বোঝা বহনকারী। বি. বোঝা বহন করা যার পেশা।

ভারবাহী /ভার্‌বাহি/ [স. ভার+√বহ্+ইন্] বিণ. ভার বহন করে এমন (*ভারবাহী পশু*)।

ভারযষ্টি /ভারজোশ্‌টি/ [স. ভার+√যজ্+তি] বি. কাঁধে ভার বহনের জন্য ব্যবহৃত দণ্ডবিশেষ, বাঁক।

ভারসহ /ভার্‌শহো/ [স. ভার+সহ] বিণ. ভার সইতে পারে এমন।

ভারসাম্য /ভার্‌শাম্‌মো/ [স. ভার+সাম্য] বি. ১ উভয় দিকের ভারের সমতা, balance। ২ দুই পক্ষের শক্তির সমতা। ৩ মানসিক স্থিরতা।

ভারহীন /ভার্‌হিন্/ [স. ভার+√হা+ত] বিণ. ভারী নয় এমন, নির্ভার, হালকা।

ভারা /ভারা/ [বা.] বি. ১ উঁচুতে কাজ করার জন্য বাঁশ বা কাঠের তৈরি মঞ্চ (*ভারা বাঁধা*)। ২ আঁটি। ৩ নৌকা বা গাড়িতে একবারে যতটুকু ধরে।

ভারাক্রান্ত /ভারাক্‌ক্রান্‌তো/ [স. ভার+আক্রান্ত] বিণ. ১ চিন্তা বা দুঃখের ভারে বিপর্যস্ত (*ভারাক্রান্ত হৃদয়*)। ২ ভারগ্রস্ত।

ভারা ভারা /ভারা ভারা/ বিণ. বোঝার পর বোঝা (*রাশি রাশি ভারা ভারা ধানকাটা হল সারা*, রবীন্দ্র.)।

ভারার্পণ /ভারার্‌পোন্ / [স. ভার+অর্পণ] বি. ভার বা দায়িত্ব প্রদান।

ভারি /ভারি/ [বা.] বিণ. খুব, অত্যন্ত, অতিশয়, অত্যধিক (*ভারি দুষ্টু*)।

ভারিক্কি /ভারিক্‌কি/ [আঞ্চ.] বিণ. গাম্ভীর্যপূর্ণ, গম্ভীর, রাশভারী (*ভারিক্কি চাল*)।

ভারিভুরি /ভারিভুরি/ [বা.] বি. ১ জাঁক, আড়ম্বর, সমারোহ। ২ অহংকার।

ভারী /ভারি/ [স. ভার+ইন্] বিণ. ১ অতিরিক্ত ভার-যুক্ত (*ভারী বোঝা*)। ২ দায়িত্বপূর্ণ (*ভারী কাজ*)। ৩ ভারবাহক। বি. যে ব্যক্তি বাড়ি বাড়ি গিয়ে ভিস্তি ভরা জল সরবরাহ করে।

ভারীজল /ভারিজল্/ [স. ভারী+জল] বি. পরমাণু-চুল্লিতে নিউট্রনের গতি মন্থর করার জন্য ব্যবহৃত জলবিশেষ, সাধারণ হাইড্রোজেনের দ্বিগুণ পারমাণবিক ভরবিশিষ্ট হাইড্রোজেন গ্যাসের সঙ্গে অক্সিজেনের বিক্রিয়ার ফলে উৎপন্ন জল, heavy water, D_2O।

ভারুই /ভারুই/ [স. ভরদ্বাজ >] বি. দ্র ভারই।

ভারোত্তোলন /ভারোত্‌তোলোন্/ [স. ভার+উত্তোলন] বি. একটি দণ্ডের দুই প্রান্তে বিভিন্ন ওজনের লোহার চাকতি সংযুক্ত করে ভূমি থেকে মাথার ওপর পর্যন্ত ওজন তোলার প্রতিযোগিতামূলক খেলা, weightlifting।

www.pathagar.com

ভার্যা /ভার্জা/ [স. √ভৃ+য+আ (টাপ্)] বি. পত্নী।

ভাল /ভাল/ [স. ভা+√লা+অ] বি. ১ ললাট, কপাল। ২ ভাগ্য, অদৃষ্ট।

ভালাই /ভালাই/ [হি.] বি. কল্যাণ, মঙ্গল, হিত।

ভালুক /ভালুক্/ [স. √ভল্+উক] বি. কালো লালচে বাদামি প্রভৃতি রঙের ঘন লোমাবৃত প্রখর ঘ্রাণশক্তিসম্পন্ন বৃহদাকার ও শক্তিশালী সর্বভুক স্তন্যপায়ী বন্যপ্রাণী, ভল্লুক, ঋক্ষ, bear।

ভালুকজ্বর /ভালুক্‌জ্বর/ [স. ভালুক+জ্বর] বি. কাঁপুনি দিয়ে আসে এমন ক্ষণস্থায়ী জ্বর।

ভালো /ভালো/ [বা.] বিণ. ১ উত্তম (*ভালো খবর*)। ২ শোভন (*ভালো ব্যবহার*)। ৩ কল্যাণকর (*ভালো কাজ*)। ৪ সৎ, সুশীল (*ভালো মানুষ*)। ৫ দক্ষ, অভিজ্ঞ (*ভালো শিল্পী*)। ৬ উৎকৃষ্ট (*ভালো মধু*)। ৭ মেধাবী (*ভালো ছাত্র*)। ৮ সুস্থ (*ভালো স্বাস্থ্য*)। ৯ শুভ (*ভালো দিন*)। ১০ কাম্য (*সেই ভালো*)। ১১ চড়া (*ভালো দাম*)। ১২ প্রকৃত (*ভালো নাম*)। ১৩ অধিক কার্যকর (*ভালো কলম*) বি. কল্যাণ (*সবার ভালো হোক*)। অব্য. বেশ (*ভালো, তবে তাই হোক*)।

ভালোকথা /ভালোকথা/ [বা. ভালো+স. কথা] বি. হিতবাক্য, সদুপদেশ। অব্য. হঠাৎ স্মরণে আসার ভাবসূচকউক্তি (*ভালোকথা, তুমি কবে ফিরবে?*)।

ভালো করা /ভালো করা/ ক্রিবি. ১ উপকার করা, মঙ্গলসাধন করা। ২ চিকিৎসাদ্বারা রোগমুক্ত করা।

ভালোবাসা /ভালোবাশা/ [বা.] বি. ১ স্নেহ, প্রীতি। ২ প্রণয়, আসক্তি। ৩ পছন্দ। ৪ ভক্তি (*শিক্ষকের প্রতি ভালোবাসা*)। ক্রিবি. ১ স্নেহ করা। ২ প্রণয়াসক্ত হওয়া। ৩ অনুরাগযুক্ত হওয়া (*আঁকতে ভালোবাসা*)। ৪ পছন্দ করা (*খেতে ভালোবাসা*)।

ভালো মনে /ভালো মোনে/ ক্রিবিণ. ১ সরলবিশ্বাসে। ২ প্রসন্নচিত্তে।

ভালোমন্দ /ভালোমোন্‌দো/ [বা. ভালো+স. মন্দ] বি. ১ ভালো ও মন্দ দুই-ই, মঙ্গল ও অমঙ্গল (*সংগ্রাম করিতে দাও ভালোমন্দের সাথে* রবীন্দ্র.)। ২ উৎকৃষ্ট জিনিস (*ভালোমন্দ খাওয়া*)।

ভালোমন্দবোধ /ভালোমোন্‌দোবোধ্/ [বা. ভালো-মন্দ+স. বোধ] বি. কল্যাণ-অকল্যাণবিষয়ক জ্ঞান।

ভালোমানুষ /ভালোমানুশ্/ [বা. ভালো+স. মানুষ] বি. সৎ ও সরলমনের অধিকারী ব্যক্তি, সজ্জন।

ভালোমানুষ সাজা /ভালোমানুশ্ শাজা/ ক্রিবি. ভালোমানুষের ভান করা।

ভালোমানুষি /ভালোমানুশি/ [বা.] বি. ১ সততা সরলতা উদারতা প্রভৃতি সজ্জনসুলভ আচরণ। ২ ভালোমানুষের ভান (*ভালোমানুষি দেখানো*)।

ভালোয় ভালোয় /ভালোয় ভালোয়/ ক্রিবিণ. নিরাপদে (*ভালোয় ভালোয় ফিরে এসো*)।

ভাশুর /ভাশুর/ [স. ভ্রাতৃশ্বশুর >] বি. স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতা বা তৎস্থানীয় ব্যক্তি।

ভাশুরঝি /ভাশুরঝি/ [বা.] বি. ভাশুরের কন্যা।

ভাশুরপো /ভাশুরপো/ [বা.] বি. ভাশুরের পুত্র।

ভাশুর-ভাদ্রবউ সম্পর্ক /ভাশুরভাদ্রোবোউ্ শম্-পর্‌কো/ বি. ১ সৌজন্যসূচক দূরত্বের সম্পর্ক। ২ (আল.) দুজনের মধ্যে বাক্যালাপ কাঙ্ক্ষিত নয় এমন সম্পর্ক।

ভাষ /ভাশ্/ [স. √ভাষ্+অ] বি. ১ উক্তি, বাক্য। ২ ভাষা (*আরবি ফারসি শাস্ত্রে নাই কোন রাগ। / দেশী ভাষে বুঝিতে ললাটে পুরে ভাগ॥* হাকিম.)।

ভাষক /ভাশক্/ [স. √ভাষ্+অক] বি. বিণ. বক্তা; কথক। স্ত্রী. ভাষিকা /ভাশিকা/।

ভাষণ /ভাশন্/ [স. √ভাষ্+অন] বি. ১ বাক্য, উক্তি। ২ বক্তৃতা (*সভাপতির ভাষণ*)।

ভাষা /ভাশা/ [স. √ভাষ্+অ+আ (টাপ্)] বি. ১ নির্দিষ্ট কোনো অঞ্চল বা দেশের অধিবাসীদের মনের ভাব প্রকাশ করার জন্য ব্যবহৃত শব্দাবলি ও তার প্রয়োগকৌশল (*বাংলা ভাষা*)। ২ নিজস্ব ভাব প্রকাশের ভঙ্গি (*রবীন্দ্রনাথের ছোটোগল্পের ভাষা*)। ৩ কথা, উক্তি (*আধো-আধো ভাষা*)। ৪ অঙ্গভঙ্গি বা সংকেতের সাহায্যে ভাবপ্রকাশ (*ইশারা ভাষা*)।

ভাষাচর্চা /ভাশাচর্চা/ [স. ভাষা+চর্চা] বি. ভাষা অনুশীলন; ভাষাবিষয়ক গবেষণা।

ভাষাজ্ঞান /ভাশাগ্‌গ্যান্/ [স. ভাষা+জ্ঞান] বি. ভাষা সম্বন্ধে পাণ্ডিত্য।

ভাষাতত্ত্ব /ভাশাতত্তো/ [স. ভাষা+তত্ত্ব] বি. ভাষার উৎপত্তি বিবর্তন প্রভৃতিসংক্রান্ত বিজ্ঞান।

ভাষাতত্ত্বজ্ঞ /ভাশাতত্তোগ্‌গোঁ/ [স. ভাষাতত্ত্ব+√জ্ঞা+অ] বি. বিণ. ভাষাবিজ্ঞানী।

ভাষাতত্ত্ববিদ /ভাশাতত্তোবিদ্/ [স. ভাষাতত্ত্ব+বিদ] বি. বিণ. ভাষাবিজ্ঞানী।

ভাষাতাত্ত্বিক /ভাশাতাত্তিক্/ [স. ভাষাতত্ত্ব+ইক] বি. ভাষাতত্ত্ববিষয়ে পণ্ডিত ব্যক্তি, ভাষাবিজ্ঞানী। বিণ. ভাষাতত্ত্ববিষয়ক।

ভাষাতীত /ভাশাতিতো/ [স. ভাষা+অতীত] বিণ. ভাষায় প্রকাশ করা যায় না এমন, অনির্বচনীয়।

www.pathagar.com

ভাষান্তর /ভাশান্তর্/ [স. ভাষা+অন্তর] বি. এক ভাষার শব্দ বা পাঠ অন্য ভাষায় রূপান্তর, অনুবাদ, তর্জমা।

ভাষান্তরিক /ভাশান্তোরিক্/ [স. ভাষান্তর+ইক] বি. দুজন ভিন্নভাষীর মধ্যে কথোপকথনের সময় একজনের ভাষা অন্যজনের কাছে অনুবাদ করে দেওয়া যার পেশা, দোভাষী; (পরি.) interpreter।

ভাষান্তরিত /ভাশান্তোরিতো/ [স. ভাষান্তর+ইত] বিণ. অনূদিত।

ভাষাপ্রেমিক /ভাশাপ্রেমিক্/ [স. ভাষা+প্রেমিক] বি. ভাষার প্রতি যার ভালোবাসা আছে। বিণ. ভাষার প্রতি মমত্ববোধ আছে এমন।

ভাষাবিজ্ঞান /ভাশাবিগ্‌গান/ [স. ভাষা+বিজ্ঞান] বি. যে শাস্ত্রে ভাষার উৎপত্তি বিবর্তন-সহ যাবতীয় বিষয়ের বিজ্ঞানভিত্তিক আলোচনা করা হয়, linguistics।

ভাষাভাষী /ভাশাভাশি/ [স. ভাষা+√ভাষ্+ইন্] বিণ. কোনো একটি ভাষা ব্যবহারকারী (*বাংলা ভাষা-ভাষী*)।

ভাষাভিত্তিক /ভাশাভিত্তিক্/ [স. ভাষা+ভিত্তিক] বিণ. ভাষা অনুসারে চিহ্নিত।

ভাষাহারা /ভাশাহারা/ [স. ভাষা+বা. হারা] বিণ. ভাষায় প্রকাশ করা যায় না এমন।

ভাষিক /ভাশিক্/ [স. ভাষা+ইক] বিণ. ভাষাসংক্রান্ত।

ভাষিত /ভাশিতো/ [স. √ভাষ্+ত] বিণ. কথিত।

ভাষী /ভাশি/ [স. √ভাষ্+ইন্] বিণ. ভাষা ব্যবহারকারী, কথক। স্ত্রী. **ভাষিণী** /ভাশিনি/।

ভাষ্য /ভাশ্শো/ [স. √ভাষ্+য] বি. ১ ব্যাখ্যা। ২ সূত্রের ব্যাখ্যা বা ব্যাখ্যাপুস্তক (*পতঞ্জলির মহা-ভাষ্য*)। ৩ খেলা প্রভৃতির ধারাবিবরণী (*ধারা-ভাষ্য*)। বিণ. কথনীয়।

ভাষ্যকার /ভাশ্শোকার্/ [স. ভাষ্য+√কৃ+অ] বিণ. ব্যাখ্যাকারী, টীকাকার। বি. যিনি ব্যাখ্যা বা বর্ণনা করেন।

ভাস /ভাশ্/ [স. √ভাস্+অ] বি. ১ দীপ্তি, প্রভা, উজ্জ্বলতা। ২ শোভা, সৌন্দর্য। ৩ প্রাচীন সংস্কৃত সাহিত্যের একজন বিশিষ্ট নাট্যকার। ৪ শকুন। ৫ পানকৌড়ি। ৬ মোরগ, কুক্কুট।

ভাসন /ভাশন্/ [বা.] বি. ভেসে থাকার অবস্থা।

ভাসন্ত /ভাশন্তো/ [বা.] বিণ. ভাসছে এমন, ভাসমান।

ভাসমান[১] /ভাশোমান্/ [বা.] বিণ. ভাসছে এমন (*ভাসমান ভূখণ্ডের মতো ছিন্নমূল মানুষেরা ক্ষুধার্ত ওবায়দুল্লাহ.*)।

ভাসমান[২] /ভাশোমান্/ [স. √ভাস্+মান (শানচ্)] বিণ. শোভাযুক্ত, দীপ্তিমান।

ভাসা /ভাশা/ [বা.] ক্রিবি. ১ জলের ওপর ভর করে থাকা (*নদীতে ভাসা*)। ২ বায়ুস্তরের ওপর বিচরণ করা (*আকাশে ভাসা*)। ৩ প্লাবিত হওয়া (*বন্যায় ভাসা*)। ৪ মনে পড়া (*স্মৃতিতে ভাসা*)। ৫ সহায়হীন হওয়া। বিণ. ১ প্লাবিত। ২ ভাসমান।

ভাসান /ভাশান্/ [বা.] বি. ১ জলাশয়ে বিসর্জন। ২ মনসাদেবীর কাহিনি অবলম্বনে রচিত লোকগীতি।

ভাসানো /ভাশানো/ [বা.] ক্রিবি. ১ ভাসিয়ে দেওয়া। ২ প্লাবিত করা। বিণ. ভাসিয়ে দেওয়া হয়েছে এমন।

ভাসাভাসা /ভাশাভাশা/ [বা.] বিণ. ১ অগভীর, অতি অল্প (*ভাসাভাসা জ্ঞান*)। ২ আয়ত (*ভাসাভাসা চোখ*)।

ভাস্কর /ভাশ্‌কর্/ [স. ভাস্+√কৃ+অ] বি. ১ পাথর ধাতু কাঠ প্রভৃতি খোদাই করে মূর্তি গড়া যার পেশা, sculptor। ২ দিবাকর, সূর্য। ৩ অগ্নি।

ভাস্কর্য /ভাশ্‌কোর্‌জো/ [স. ভাস্+√কৃ+য] বি. পাথর ধাতু কাঠ প্রভৃতি খোদাই করে নির্মিত শিল্পকর্ম, sculpture।

ভাস্বতী /ভাশ্‌শোতি/ [স. ভাস্+বৎ+ঈ] বিণ. শোভাময়ী, দীপ্তিমতী।

ভাস্বর /ভাশ্‌শর্/ [স. √ভাস্+বর] বিণ. দীপ্তিমান, আলোকিত, উজ্জ্বল।

ভাস্বান /ভাশ্‌শান্/ [স. ভাস্+বৎ] বিণ. দ্র ভাস্বর।

ভিআইপি /ভিআইপি/ [ই.] বি. অতি মর্যাদাসম্পন্ন ব্যক্তি (very important person-এর সংক্ষিপ্ত রূপ)।

ভিক্ষা /ভিক্‌খা/ [স. √ভিক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ দাতার অনুগ্রহ প্রার্থনা, দয়ার দান (*নবীর শিক্ষা করো না ভিক্ষা মেহনত কর সবে* নজরুল.)। ২ যাচ্ঞা, প্রার্থনা (*ক্ষমা ভিক্ষা*)।

ভিক্ষা করা /ভিক্‌খা করা/ ক্রিবি. দয়ার দান চাওয়া।

ভিক্ষাচর্যা /ভিক্‌খাচোর্‌জা/ [স. ভিক্ষা+চর্যা] বি. দ্র ভিক্ষাবৃত্তি।

ভিক্ষাজীবী /ভিক্‌খাজিবি/ [স. ভিক্ষা+√জীব্+ইন্] বিণ. ভিক্ষা করে জীবিকানির্বাহ করে এমন। স্ত্রী. **ভিক্ষাজীবিনী** /ভিক্‌খাজিবিনি/।

ভিক্ষান্ন /ভিক্‌খান্নো/ [স. ভিক্ষা+অন্ন] বি. ভিক্ষালব্ধ অন্ন।

www.pathagar.com

ভিক্ষাপাত্র /ভিক্‌খাপাত্‌ত্রো/ [স. ভিক্ষা+পাত্র] বি. ভিক্ষা করে প্রাপ্ত বস্তু রাখার আধার।

ভিক্ষাপুত্র /ভিক্‌খাপুত্‌ত্রো/ [স. ভিক্ষা+পুত্র] বি. উপনয়নকালে যে ব্রাহ্মণকুমার কোনো নারীর নিকট থেকে ভিক্ষা নিয়ে তাকে মাতারূপে গ্রহণ করে।

ভিক্ষাবৃত্তি /ভিক্‌খাবৃত্‌তি/ [স. ভিক্ষা+বৃত্তি] বি. ভিক্ষুকের পেশা।

ভিক্ষাভাণ্ড /ভিক্‌খাভান্‌ডো/ [স. ভিক্ষা+ভাণ্ড] বি. দ্র ভিক্ষাপাত্র।

ভিক্ষা-মা /ভিক্‌খামা/ [স. ভিক্ষা+বা. মা] বি. কোনো ব্রাহ্মণকুমারের উপনয়নকালে প্রথম যে নারী ভিক্ষা দেন।

ভিক্ষার্থী /ভিক্‌খার্‌থি/ [স. ভিক্ষা+অর্থ+ইন্] বিণ. বি. ভিখারি। স্ত্রী. **ভিক্ষার্থিনী** /ভিক্‌খার্‌থিনি/।

ভিক্ষালব্ধ /ভিক্‌খালবধো/ [স. ভিক্ষ+√লভ্+ত] বিণ. ভিক্ষা করে লব্ধ (*ভিক্ষালব্ধ অন্ন*)।

ভিক্ষিত /ভিক্‌খিতো/ [স. √ভিক্ষ্+ত] বিণ. ভিক্ষা প্রার্থনা করা হয়েছে এমন, যাচিত।

ভিক্ষু /ভিক্‌খু/ [স. √ভিক্ষ্+উ] বি. ১ বৌদ্ধ সন্ন্যাসী, শ্রমণ। ২ চতুরাশ্রম পালনকারী ব্রাহ্মণ, সন্ন্যাসী। ৩ ভিখারি। ৪ পরিব্রাজক। স্ত্রী. **ভিক্ষুণী** /ভিক্‌খুনি/।

ভিক্ষুক /ভিক্‌খুক্/ [স. ভিক্ষু+ক (স্বার্থে)] বি. ১ ভিখারি। ২ (বাংলায়) বৌদ্ধ ভিক্ষু।

ভিক্ষুকসুলভ /ভিক্‌খুক্‌শুলভ্/ [স. ভিক্ষুক+সুলভ] বিণ. ভিক্ষুকের মতো (*ভিক্ষুকসুলভ আচরণ*)।

ভিক্ষোপজীবিতা /ভিক্‌খোপোজিবিতা/ [স. ভিক্ষা+উপজীবী+তা] বি. ভিক্ষা করে জীবিকানির্বাহ, ভিক্ষাবৃত্তি।

ভিক্ষোপজীবী /ভিক্‌খোপোজিবি/ [স. ভিক্ষা+উপ+√জীব্+ইন্] বিণ. ভিক্ষা করে জীবিকানির্বাহকারী। স্ত্রী. **ভিক্ষোপজীবিনী** /ভিক্‌খোপোজিবিনি/।

ভিখ /ভিখ্/ [স. ভিক্ষা>] বি. দ্র ভিক্ষা।

ভিখারি /ভিখারি/ [বা.] বি. ভিক্ষুক। বিণ. ভিক্ষাজীবী। স্ত্রী. **ভিখারিনি** /ভিখারিনি/।

ভিখিরি /ভিখিরি/ [স. ভিক্ষাকারী>] বি. বিণ. 'ভিখারি'-র কথ্য রূপ।

ভিজা /ভিজা/ [বা.] ক্রিবি. বিণ. ১ সিক্ত হওয়া। ২ কোমল হওয়া। ৩ 'ভেজা'-র সাধু রূপ।

ভিজানো /ভিজানো/ [বা.] ক্রিবি. ভেজানো[২]-এর সাধু রূপ।

ভিজাবিড়াল /ভিজাবিড়াল্/ [বা. ভিজা+স. বিড়াল] বি. আপাতদৃষ্টিতে বৃষ্টিতে ভেজা বিড়ালের মতো নিরীহ মনে হলেও প্রকৃতপক্ষে দুষ্টপ্রকৃতির লোক।

ভিজিট /ভিজিট্/ [ই. visit] বি. রোগ পরীক্ষার জন্য চিকিৎসককে প্রদেয় দর্শনি।

ভিটা /ভিটা/ [স. ভিত্তি>] বি. ১ পৈতৃক বাস্তুভূমি। ২ উঁচুকরা যে ভূমির ওপর বাসগৃহ তৈরি করা হয়, ঘরের ভিত, পোতা।

ভিটামাটি /ভিটামাটি/ [বা.] বি. বাস্তুভিটা।

ভিটামিন /ভিটামিন্/ [লা.] বি. ১ জৈবযৌগিক উপাদানবিশেষ (organic compound) যা দেহের পুষ্টি বৃদ্ধিসাধন এবং স্বাভাবিক গঠনক্রিয়ার জন্য অপরিহার্য, খাদ্যপ্রাণ। ২ খাদ্যপ্রাণসমৃদ্ধ ওষুধ।

ভিটে /ভিটে/ [বা.] বি. 'ভিটা'-র কথ্য রূপ।

ভিটেমাটি /ভিটেমাটি/ [বা.] বি. 'ভিটামাটি'-র কথ্য রূপ।

ভিডিয়ো /ভিডিও/ [লা.] বি. ছবি ও শব্দ ধারণ করে রাখার বিদ্যুতিনীয় পদ্ধতিবিশেষ, video।

ভিড় /ভিড়্/ [দেশি.] বি. বহু লোকের বিশৃঙ্খল সমাবেশ, লোকসমাগম, জটলা।

ভিড়া /ভিড়া/ [বা.] ক্রিবি. ১ নৌযান প্রভৃতি সংলগ্ন হওয়া; কূলের কাছে আসা। ২ সংস্পর্শে আসা।

ভিড়ানো /ভিড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ তীরে লাগানো; সংলগ্ন করা। ২ শামিল করা (*দলে ভিড়ানো*)। ৩ 'ভেড়ানো'-র সাধু রূপ।

ভিত /ভিত্/ [স. ভিত্তি>] বি. ১ ভিত্তি, বুনিয়াদ, গৃহের বা দেওয়ালের যে অংশ মাটির নিচে থাকে, foundation। ২ দিক, পাশ। ৩ উন্নত ভূমি।

ভিতর /ভিতর্/ [স. অভ্যন্তর>] বি. 'ভেতর'-এর সাধু রূপ।

ভিতরবাড়ি /ভিতর্‌বাড়ি/ [বা.] বি. অন্দরমহল।

ভিতরে ভিতরে /ভিতরে ভিতরে/ ক্রিবিণ. ১ চুপিসারে, সংগোপনে। ২ 'ভেতরে ভেতরে'-র সাধু রূপ।

ভিত্তি /ভিত্‌তি/ [স. √ভিদ্+তি] বি. ১ ভিত, বুনিয়াদ (*ভিত্তিপ্রস্তর*)। ২ দেওয়াল, প্রাচীর। ৩ মূল; হেতু, কারণ (*ভিত্তিহীন*)।

-ভিত্তিক /ভিত্‌তিক্/ [স. ভিত্তি+ক] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) ভিত্তি বা মূলবিশিষ্ট (*যুক্তি-ভিত্তিক*)।

ভিত্তিপ্রস্তর /ভিত্‌তিপ্রোস্‌তর্/ [স. ভিত্তি+প্রস্তর] বি. বুনিয়াদ বা ভিত্তি নির্মাণের সময় প্রথম যে পাথর অথবা ইট স্থাপন করা হয়, ভিত্তি স্থাপনের

www.pathagar.com

স্মারক প্রস্তরফলক, foundation stone।

ভিত্তিভূমি /ভিত্‌তিভূমি/ [স. ভিত্তি+ভূমি] বি. যে জমি বা ভূমিতে ভিত স্থাপন করা হয়, পত্তন।

ভিত্তিমূল /ভিত্‌তিমুল্/ [স. ভিত্তি+মূল] বি. বুনিয়াদ বা ভিতের যে অংশ মাটির নিচে থাকে।

ভিত্তিহীন /ভিত্‌তিহিন্/ [স. ভিত্তি+√হা+ত] বিণ. ভিত্তি নেই এমন, অমূলক (*ভিত্তিহীন সংবাদ*)।

ভিদ্যমান /ভিদ্‌দোমান্/ [স. √ভিদ্+মান (শানচ্)] বিণ. ভেদ বা বিদীর্ণ করা হচ্ছে এমন।

ভিন /ভিন্/ [স. ভিন্ন >] বিণ. অব্য. দ্র ভিন্ন।

ভিনদেশ /ভিন্‌দেশ্/ [বা. ভিন+স. দেশ] বি. বিদেশ, অন্যদেশ।

ভিনদেশি /ভিন্‌দেশি/ [বা.] বিণ. অন্যদেশে বসবাসকারী, অন্যদেশি, বিদেশি।

ভিনিগার /ভিনিগার্/ [ই.] বি. অ্যাসেটিক অ্যাসিড-সমৃদ্ধ টকস্বাদ ফলের গাঁজানো রসবিশেষ, সিরকা, vinegar।

ভিন্ডি /ভিন্‌ডি/ [স. ডিন্ডিশ >] বি. পৃথিবীর প্রায় সব দেশে পাওয়া যায় এমন অঙ্গুলাকৃতি রোমশ ও ঈষৎ খসখসে গ্রীষ্মকালীন সবজি (আনি. আফ্রিকা), ঢ্যাঁড়শ।

ভিন্দিপাল /ভিন্‌দিপাল্/ [স. ভিন্দৎ+√পালি+অ] বি. প্রাচীন ভারতের নিক্ষেপযোগ্য যুদ্ধাস্ত্রবিশেষ।

ভিন্ন /ভিন্‌নো/ [স. √ভিদ্+ত] বিণ. ১ অন্য (*ভিন্ন পথ*)। ২ পৃথক (*ভিন্নমত*)। ৩ খণ্ডিত; বিদীর্ণ (*ছিন্নভিন্ন*)। ৪ পৃথগন্ন (*ভিন্ন হওয়া*)। অব্য. বিনা, ব্যতীত (*তুমি ভিন্ন ওর কেউ নেই*)।

ভিন্নতা /ভিন্‌নোতা/ [স. ভিন্ন+তা] বি. স্বাতন্ত্র্য।

ভিন্নত্ব /ভিন্‌নত্‌তো/ [স. ভিন্ন+ত্ব] বি. দ্র ভিন্নতা।

ভিন্নধর্মী /ভিন্‌নোধোর্‌মি/ [স. ভিন্ন+ধর্ম+ইন্] বিণ. ১ ভিন্ন বা স্বতন্ত্র গুণবিশিষ্ট। ২ অন্য ধর্মের অনুসারী।

ভিন্নভাষী /ভিন্‌নোভাশি/ [স. ভিন্ন+√ভাষ্+ইন্] বিণ. অন্য ভাষায় ভাব প্রকাশ করে এমন।

ভিন্নমত /ভিন্‌নোমত্/ [স. ভিন্ন+মত] বি. বিরুদ্ধমত।

ভিন্নমতাবলম্বী /ভিন্‌নোমতাবোলোম্‌বি/ [স. ভিন্নমত+অবলম্ব+ইন্] বিণ. ১ বিরুদ্ধমত পোষণ করে এমন। ২ পৃথক সংস্কারবিশিষ্ট।

ভিন্নরুচি /ভিন্‌নোরুচি/ [স. ভিন্ন+রুচি] বিণ. স্বতন্ত্র রুচি বা প্রবৃত্তিসম্পন্ন।

ভিন্নার্থ /ভিন্‌নার্‌থো/ [স. ভিন্ন+অর্থ] বি. অন্য অর্থ; পৃথক তাৎপর্য; ভিন্ন ব্যাখ্যা।

ভিন্নার্থক /ভিন্‌নার্‌থক্/ [স. ভিন্ন+অর্থক] বিণ. ভিন্ন অর্থবিশিষ্ট (*ভিন্নার্থক শব্দ*)।

ভিমরুল /ভিমরুল্/ [স. ভৃঙ্গরোল >] বি. গাছের কোটরে চাক তৈরি করে এমন হলুদ ও লালের ওপরে কালো ডোরাকাটা ছয় পা-বিশিষ্ট বোলতা-জাতীয় বিষাক্ত হুলযুক্ত লোমশ সামাজিক পতঙ্গ, বোলতা, ভ্রমর, hornet।

ভিরমি /ভির্‌মি/ [স. ভ্রমি >] বি. হঠাৎ মাথা ঘোরার কারণে মূর্ছাপ্রাপ্তি, ঘূর্ণিরোগবিশেষ।

ভিল[১] /ভিল্/ [স. ভিল্ল >] বি. ভারতের আদিম নৃগোষ্ঠীবিশেষ।

ভিল[২] /ভি:ল্/ [ই.] বি. বাচ্চা গোরুর মাংস, veal।

ভিষক /ভিশক্/ [স. √ভিষজ্+ক্বিপ্] বি. চিকিৎসক; বৈদ্য।

ভিসা /ভিসা/ [ফ.] বি. নিজদেশের বাইরে অন্য কোনো দেশে গমন বা অবস্থানের জন্য সেই দেশের দূতাবাস থেকে বাহকের ছাড়পত্রের পাতায় নেওয়া লিখিত অনুমতি, প্রবাসাজ্ঞা।

ভিস্তি /ভিস্‌তি/ [ফা.] বি. ১ (অধুনালুপ্ত) জলবহনের জন্য ব্যবহৃত মেষাদি পশুর চামড়ার তৈরি থলি, মশক। ২ মশক ভরে জল সরবরাহ যার পেশা।

ভীত /ভি:তো/ [স. √ভী+ত] বিণ. ভয় পেয়েছে এমন, শঙ্কিত। স্ত্রী. ভীতা /ভিতা/।

ভীতি /ভিতি/ [স. √ভী+তি] বি. ১ ভয়, শঙ্কা, ত্রাস। ২ আশঙ্কা।

ভীতিকর /ভিতিকর্/ [স. ভীতি+কর] বিণ. শঙ্কা-জনক, ভয় উৎপাদক (*ভীতিকর পরিস্থিতি*)।

ভীতিগ্রস্ত /ভিতিগ্রোস্‌তো/ [স. ভীতি+√গ্রস্+ত] বিণ. ভয়ে কাতর, ভীত।

ভীতিজনক /ভিতিজনোক্/ [স. ভীতি+জনক] বিণ. দ্র ভীতিকর।

ভীতিপ্রদ /ভিতিপ্রোদো/ [স. ভীতি+প্রদ] বিণ. দ্র ভীতিকর।

ভীতিবিহ্বল /ভিতিবিড়্‌ভল্/ [স. ভীতি+বিহ্বল] বিণ. ভয়ে কাতর, ভীত।

ভীতু /ভিতু/ [স. ভীত >] বিণ. ১ সহজেই ভয় পায় এমন, ভীরু। ২ দুর্বল; কাপুরুষ; সাহস নেই এমন।

ভীম /ভি:ম্/ [স. √ভী+ম] বি. ১ মহাভারতে বর্ণিত মধ্যম পাণ্ডব। ২ শিব, রুদ্র। ৩ দানববিশেষ। ৪ গন্ধর্ববিশেষ। বিণ. ভীষণ, প্রচণ্ড (*ভীমবিক্রম*)।

ভীমদর্শন /ভি:মদর্‌শোন্/ [স. ভীম+দর্শন] বিণ. দেখে ভয়ের উদ্রেক হয় এমন।

ভীমপরাক্রম /ভিমপরাক্‌ক্রোম্/ [স. ভীম+পরাক্রম]

www.pathagar.com

বিণ. অতিশয় বলবান।

ভীমপলশ্রী /ভিম্‌পলোস্‌শ্রি/ [স. ভীম+পলশ্রী] বি. দিবার তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

ভীমপলাশি /ভিম্‌পলাশি/ [স. ভীমপলশ্রী >] বি. দ্র ভীমপলশ্রী।

ভীমবিক্রম /ভিম্‌বিক্‌ক্রম্‌/ [স. ভীম+বিক্রম] বিণ. প্রবল পরাক্রমশালী।

ভীমবেগে /ভিম্‌বেগে/ [স. ভীমবেগ+বা. এ] ক্রিবিণ. দ্রুতগতিতে, প্রচণ্ড বেগে।

ভীমরতি /ভিম্‌রোতি/ [স. ভীমরাত্রি >] বি. ১ বার্ধক্যজনিত বুদ্ধিভ্রংশতা। ২ মূল অর্থ (বর্তমানে অপ্রচলিত) ৭৭ বছর ৭ মাস বয়সের সপ্তম রাত্রি।

ভীমা /ভিমা/ [স. ভীম+আ (টাপ্‌)] বিণ. ভয়ংকরী।

ভীরু /ভিরু/ [স. √ভী+রু] বিণ. ১ অল্পেই ভয় পায় এমন, ভীতু। ২ দুর্বল; কাপুরুষ। বি. ~তা /-তা/।

ভীষণ /ভিশন্‌/ [স. √ভী+ণিচ্‌+অন] বিণ. ১ প্রচণ্ড (*ভীষণ বিপদ*)। ২ ভয়ংকর (*ভীষণ মূর্তি*)।

ভীষণতা /ভিশনতা/ [স. ভীষণ+তা] বি. ১ প্রচণ্ডতা। ২ ভয়াবহতা।

ভীষণত্ব /ভিশনত্‌তো/ [স. ভীষণ+ত্ব] বি. দ্র ভীষণতা।

ভীষণদর্শন /ভিশন্‌দর্‌শোন্‌/ [স. ভীষণ+দর্শন] বিণ. দেখলে ভয় হয় এমন আকৃতিবিশিষ্ট, ভয়ংকর।

ভীষণাকার /ভিশনাকার/ [স. ভীষণ+আকার] বিণ. ভয়ংকর আকৃতিবিশিষ্ট।

ভীষিত /ভিশিতো/ [স. √ভীষি+ত] বিণ. ভয় দেখানো হয়েছে এমন।

ভীষ্ম /ভিশ্‌শোঁ/ [স. √ভী+ম] বি. ১ মহাভারতে বর্ণিত রাজা শান্তনু ও গঙ্গাদেবীর পুত্র। ২ শিব। ৩ রাক্ষস। বিণ. ভীতিকর, ভয়ংকর।

ভীষ্মের প্রতিজ্ঞা /ভিশ্‌শোঁর্‌ প্রোতিগ্‌গাঁ/ বি. অতিশয় কঠোর ও দৃঢ় প্রতিজ্ঞা।

ভুঁই /ভুঁই/ [স. ভূমি >] বি. ১ ভূমি; চাষের জমি (*শুধু বিঘে দুই ছিলো মোর ভুঁই* রবীন্দ্র.)। ২ দেশ (*বিদেশবিভুঁই*)।

ভুঁইকদম /ভুঁইকদোম্‌/ [বা.] বি. ভারতীয় উপমহাদেশের সমতলভূমি বা পাহাড়ের ঢালে জাত ঝুলন্ত নলাকৃতির সাদা ফুল বা তার মসৃণ বেলনাকার ধূসর কাণ্ডবিশিষ্ট পত্রমোচী বৃক্ষ।

ভুঁইকুমড়া /ভুঁইকুমড়া/ [বা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন বেগুনি লাল প্রভৃতি রঙের চোঙাকৃতি ফুল ক্যাপসিউলসদৃশ ফল বা তার ভূশায়ী কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ।

ভুঁইকুমড়ো /ভুঁইকুমড়ো/ [বা.] বি. দ্র ভুঁইকুমড়া।

ভুঁইচাঁপা /ভুঁইচাঁপা/ [বা.] বি. গ্রীষ্মকালে ফোটে এমন সাদা লাল বেগুনি প্রভৃতি রঙের দুটি পাপড়িবিশিষ্ট মৃদুগন্ধ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন আদাজাতীয় কাণ্ডহীন বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. দক্ষিণ-পূর্ব এশিয়া), তাম্রপুষ্প।

ভুঁইনিম /ভুঁইনিম্‌/ [বা.] বি. সচরাচর পতিত জমিতে জাত গাঢ় কালচে সবুজ বর্ণের তিক্তস্বাদ পাতাবিশিষ্ট (যার শাখায় একটি পাতার বিপরীত দিকে একটু ওপরে বা নিচে আরেকটি করে পাতা গজায়) ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, কালমেঘ।

ভুঁইফোঁড় /ভুঁইফোঁড়/ [বা.] বিণ. ১ মাটি ফুঁড়ে গজায় এমন। ২ (আল.) হঠাৎ ধনসম্পত্তি লাভ করেছে এমন। ৩ হঠাৎ আবির্ভূত।

ভুঁইমালী /ভুঁইমালি/ [বা. ভুঁই+স. মালী] বি. ১ ঝাঁট দিয়ে পরিষ্কার করা যার পেশা, ঝাড়ুদার। ২ পদবিবিশেষ।

ভুঁইয়া /ভুঁইআ/ [স. ভৌমিকা >] বি. ১ প্রাচীন জমিদার বা সামন্তরাজ, ভূস্বামী (*বারোভুঁইয়া*)। ২ পদবিবিশেষ।

ভুঁড়ি /ভুঁড়ি/ [দেশি.] বি. মোটা পেট, স্থূল উদর।

ভুঁড়ো /ভুঁড়ো/ [স. ভূরি >] বিণ. ভুঁড়িওয়ালা, ভুঁড়িযুক্ত (*ভুঁড়ো পাঁঠা*)।

ভুক্ত /ভুক্‌তো/ [স. √ভুজ্‌+ত] বিণ. ১ খাওয়া হয়েছে এমন (*ভুক্তাবশিষ্ট*)। ২ অভ্যন্তরে আছে এমন (*গোষ্ঠীভুক্ত*)। ৩ ভোগ করা হয়েছে এমন (*উপভুক্ত*)।

ভুক্তপূর্ব /ভুক্‌তোপুর্‌বো/ [স. ভুক্ত+পূর্ব] বিণ. পূর্বে ভোগ করা হয়েছে এমন।

ভুক্তভোগী /ভুক্‌তোভোগি/ [স. ভুক্ত+√ভোগ+ইন্‌] বিণ. ১ কষ্ট পেয়েছে বা ভুগেছে এমন। ২ কোনো বিষয়ে তিক্ত অভিজ্ঞতা আছে এমন।

ভুক্তাবশিষ্ট /ভুক্‌তাবোশিশ্‌টো/ [স. ভুক্ত+অবশিষ্ট] বি. বিণ. ভোজনের পরে পাতে যা অবশিষ্ট থাকে, উচ্ছিষ্ট, এঁটো।

ভুক্তাবশেষ /ভুক্‌তাবোশেশ/ [স. ভুক্ত+অবশেষ] বি. বিণ. দ্র ভুক্তাবশিষ্ট।

ভুক্তি /ভুক্‌তি/ [স. √ভুজ্‌+তি] বি. ১ লিপিবদ্ধকরণ, অন্তর্ভুক্তকরণ (*শব্দভুক্তি*); লিপিবদ্ধ তালিকা। ২

www.pathagar.com

প্রবেশ। ৩ ভোগ, উপভোগ। ৪ আহার। ৫ দখল।

ভুখ /ভুখ্/ [স. বুভুক্ষা >] বি. উদরে খাদ্যের অভাবজনিত অনুভূতি, ক্ষুধা।

ভুখমিছিল /ভুখ্‌মিছিল্/ [বা. ভুখ+আ. মিছিল] বি. দ্র ভুখামিছিল।

ভুখা /ভুখা/ [স. বুভুক্ষা >] বিণ. ক্ষুধায় কাতর, ক্ষুধার্ত।

ভুখা-নাঙ্গা /ভুখানাংগা/ [বা. ভুখা+হি. নাঙ্গা] বিণ. অন্নবস্ত্রের অভাবে জর্জরিত।

ভুখামিছিল /ভুখামিছিল্/ [বা. ভুখা+আ. মিছিল] বি. খাদ্যের দাবিতে ক্ষুধার্ত মানুষের মিছিল, hunger march।

ভুগা /ভুগা/ [বা.] ক্রিবি. দুঃখকষ্ট মানসিক অশান্তি রোগব্যাধি প্রভৃতি কারণে যন্ত্রণা ভোগ করা; 'ভোগা'-র সাধু রূপ।

ভুজ /ভুজ্/ [স. √ভুজ্+অ] বি. ১ হাত, বাহু (*ভুজবল*)। ২ (জ্যা.) সমতলক্ষেত্রের সীমানির্দেশক সরলরেখা (*চতুর্ভুজ*)।

ভুজকোটর /ভুজোকোটোর্/ [স. ভুজ+কোটর] বি. বাহুমূল, বগল, কক্ষ।

ভুজগ/ভুজগো/ [স. ভুজ+√গম্+অ] বি. (এঁকেবেঁকে চলে বলে) সাপ। স্ত্রী. **ভুজগী** /ভুজোগি/।

ভুজঙ্গ /ভুজংগো/ [স. ভুজ+√গম্+অ] বি. সাপ, সর্প। স্ত্রী. **ভুজঙ্গী** /ভুজোংগি/।

ভুজঙ্গপ্রয়াত /ভুজংগোপ্রোয়াতো/ [স. ভুজঙ্গ +প্রয়াত] বি. সংস্কৃত পদ্যের ছন্দবিশেষ।

ভুজঙ্গম /ভুজংগম্/ [স. ভুজ+√গম্+অ] বি. সাপ, সর্প। স্ত্রী. **ভুজঙ্গমী** /ভুজংগোমি/।

ভুজপাশ /ভুজোপাশ্/ [স. ভুজ+পাশ] বি. দ্র ভুজবন্ধন।

ভুজবন্ধ /ভুজোবন্‌ধো/ [স. ভুজ+বন্ধ] বি. দ্র ভুজবন্ধন।

ভুজবন্ধন /ভুজোবন্‌ধন্/ [স. ভুজ+বন্ধন] বি. আলিঙ্গন, বাহুবেষ্টন, বাহুবন্ধন।

ভুজবল /ভুজোবল্/ [স. ভুজ+বল] বি. দেহের শক্তি, বাহুবল।

ভুজমধ্য/ভুজোমোদ্‌ধো/ [স. ভুজ+মধ্য] বি. ১ কোল, ক্রোড়। ২ বক্ষঃস্থল।

ভুজলতা /ভুজোলতা/ [স. ভুজ+লতা] বি. লতার মতো কমনীয় ও সুন্দর বাহু।

ভুজশির /ভুজোশির্/ [স. ভুজ+শিরস্] বি. কাঁধ।

ভুজুংভাজুং /ভুজুংভাজুং/ [বা.] বি. অসত্য বা অকিঞ্চিৎকর যুক্তিতর্ক।

ভুঞ্জন /ভুন্‌জন্/ [স. √ভুঞ্জ্+অন] বি. ১ আহার, ভোজন। ২ উপভোগ।

ভুঞ্জা /ভুন্‌জা/ [বা.] ক্রিবি. ১ ভোজন বা আহার করা। ২ ভোগ করা।

ভুঞ্জানো /ভুন্‌জানো/ [বা.] ক্রিবি. ১ ভোজন করানো। ২ উপভোগ করানো।

ভুঞ্জিত /ভুন্‌জিতো/ [বা.] বিণ. ১ ভোজন করা হয়েছে এমন, ভুক্ত। ২ উপভোগ করা হয়েছে এমন।

ভুটভাট /ভুটভাট্/ [ধ্বন্যা.] বি. অজীর্ণতাজনিত পেটের শব্দ।

ভুটানি /ভুটানি/ [স. ভোটাঙ্গ >] বি. ১ ভুটানের অধিবাসী। ২ ভুটানের ভাষা। বিণ. ভুটান-সম্পর্কিত।

ভুটি /ভুটি/ [বা.] বি. ভোটকম্বল।

ভুটিয়া /ভুটিআ/ [বা.] বি. বিণ. দ্র ভুটানি।

ভুট্টা /ভুট্টা/ [হি.] বি. উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন সরু লম্বা শিসযুক্ত হলুদাভ ফুল ও বহুবীজযুক্ত মোচা-কৃতির ভোজ্য শস্য বা তার শাখাহীন কাণ্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির তৃণজাতীয় উদ্ভিদ, মকাই, maize।

ভুড় /ভুড়/ [আঞ্চ.] বি. ভেলা।

ভুড়ভুড় /ভুড়ভুড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত বুদবুদ ফাটার ফলে উৎপন্ন মৃদু অনুকার শব্দ।

ভুড়ভুড়ি /ভুড়ভুড়ি/ [ধ্বন্যা.] বি. বুদবুদ, bubble।

ভুড়া/ভুড়া/ [আঞ্চ.] বি. দ্র ভুড়।

ভুড়ুকভুড়ুক /ভুড়ুকভুড়ুক্/ [ধ্বন্যা.] অব্য. বি. গড়গড়া বা হুঁকায় তামাক সেবনের অনুকার শব্দ।

ভুতি /ভুতি/ [দেশি.] বি. কাঁঠালের ভেতরের বর্জ্য অংশ যা কোষকে ধরে রাখে।

ভুতুড়ি /ভুতুড়ি/ [দেশি.] বি. দ্র ভুতি।

ভুনা /ভুনা/ [হি.] ক্রিবি. বিণ. ১ অল্প তেলে ভেজে রাঁধা (*ভুনা খিচুড়ি*)। ২ মাছ ডিম প্রভৃতি খাদ্যবস্তু অল্প তেলে ভেজে রাঁধা।

ভুনাখিচুড়ি /ভুনাখিচুড়ি/ [হি.] বি. চালের সঙ্গে ডাল মিশিয়ে ঘি বা তেলে ভেজে রাঁধা খাদ্যবস্তু।

ভুবঃ /ভুবহ্/ [স. √ভূ+অস্] বি. ১ পৌরাণিক বিশ্বাসমতে সাতটি স্বর্গের দ্বিতীয়টি। ২ অন্তরিক্ষ, আকাশ।

ভুবন /ভুবন্/ [স. √ভূ+অন] বি. ১ পৃথিবী, জগৎ। ২

www.pathagar.com

পুরাণে বর্ণিত চতুর্দশ লোক (সাতটি স্বর্গ ও সাতটি পাতাল)।

ভুবনজয়ী /ভুবনজোয়ি/ [স. ভুবন+√জি+ইন্] বিণ. ভুবনকে জয় করেছে এমন, বিশ্বজয়ী।

ভুবনবিখ্যাত /ভুবনবিক্‌খ্যাতো/ [স. ভুবন+বিখ্যাত] বিণ. সমগ্র পৃথিবীতে খ্যাত, বিশ্ববিখ্যাত।

ভুবনবিজয়ী /ভুবনবিজোয়ি/ [স. ভুবন+বিজয়+ইন্] বিণ. দ্র ভুবনজয়ী।

ভুবনব্যাপী /ভুবনব্যাপি/ [স. ভুবন+বি+√আপ্+ইন্] বিণ. সমগ্র বিশ্বময়, বিশ্বব্যাপী।

ভুবনমোহন /ভুবনোমোহোন্/ [স. ভুবন+মোহন] বিণ. সমগ্র পৃথিবীর মানুষকে মুগ্ধ করে এমন। স্ত্রী. ভুবনমোহিনী /ভুবনোমোহিনি/।

ভুবনেশ্বর /ভুবনেশ্‌শর্/ [স. ভুবন+ঈশ্বর] বি. ১ ত্রিভুবনের অধিপতি, ঈশ্বর। ২ ওড়িশার তীর্থক্ষেত্র-বিশেষ।

ভুবনেশ্বরী /ভুবনেশ্‌শোরি/ [স. ভুবনেশ্বর+ঈ] বি. ১ পৃথিবীর অধীশ্বরী। ২ দেবী দুর্গা।

ভুয়া /ভুআ/ [দেশি.] বিণ. ১ ভিত্তিহীন, অসার (*ভুয়া খবর*)। ২ মিথ্যা, জাল (*ভুয়া দলিল*)।

ভুয়ো /ভুও/ [দেশি.] বিণ. 'ভুয়া'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

ভুরভুর /ভুর্‌ভুর্/ [ধ্বন্যা.] অব্য. গন্ধে পরিপূর্ণ বা আমোদিত হওয়ার ভাব (*গন্ধে ভুরভুর করছে*)।

ভুরভুরে /ভুর্‌ভুরে/ [বা.] বিণ. সুগন্ধে ভরপুর।

ভুরু /ভুরু/ [স. ভ্রু >] বি. 'ভ্রু'-র চলিত রূপ।

ভুল /ভুল্/ [স. ভ্রম >] বি. ১ ভ্রম, ভ্রান্তি, প্রমাদ (*ভুলে ভরা*)। ২ বিস্মৃতি (*ভুলে যাওয়া*)। ৩ প্রলাপ (*ভুল বকা*)। বিণ. ১ ভ্রান্ত; অসত্য (*ভুল ধারণা*)। ২ যথার্থ নয় এমন (*ভুল ব্যাখ্যা*)।

ভুলচুক /ভুলচুক্/ [বা.] বি. দ্র ভুলত্রুটি।

ভুলত্রুটি /ভুলত্রুটি/ [বা.] বি. ছোটোখাটো ভুল, ভুলচুক (*ভুলত্রুটি মার্জনীয়*); নানা প্রকার ভুল।

ভুল বোঝাবুঝি /ভুল্ বোঝাবুঝি/ বি. পারস্পরিক বোঝাপড়ার অভাব।

ভুল ভাঙা /ভুল্ ভাঙা/ ক্রিবি. ভুল ধারণা দূরীভূত হওয়া।

ভুলভাল /ভুল্‌ভাল্/ [বা.] বি. দ্র ভুলত্রুটি।

ভুলভ্রান্তি /ভুল্‌ভ্রান্‌তি/ [বা. ভুল+স. ভ্রান্তি] বি. দ্র ভুলত্রুটি।

ভুলা /ভুলা/ [বা.] ক্রিবি. বিস্মৃত হওয়া, ভুলে যাওয়া।

ভুলানো /ভুলানো/ [বা.] ক্রিবি. ১ বিস্মৃত করানো (*ব্যথা ভুলানো*)। ২ মুগ্ধ করানো (*রূপে ভুলানো*)। বিণ. ১ ভোলায় এমন (*ছেলেভুলানো ছড়া*)। ২ মনোমুগ্ধকর (*মনভুলানো কথা*)।

ভুলো /ভুলো/ [বা.] বিণ. ভুলে যাওয়ার প্রকৃতি-বিশিষ্ট (*ভুলো মন*)।

ভুশুড়ি /ভুশুড়ি/ [দেশি.] বি. কাঁঠালের ভুতি।

ভুষ্টিনাশ /ভুশ্‌টিনাশ্/ [দেশি.] বি. ১ সর্বনাশ; ধ্বংস। ২ অপব্যয়।

ভুস /ভুশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. জল কাদা প্রভৃতির ভেতর থেকে হঠাৎ উদ্‌গত হওয়ার অনুকার শব্দ।

ভুসা /ভুশা/ [স. ভস্ম >] বি. ১ প্রদীপের ধোঁয়া থেকে উৎপন্ন কালি বা ঝুল (*ভুসা কালি*)। ২ কাজল।

ভুসি /ভুশি/ [হি.] বি. ধান গম ডাল প্রভৃতি শস্যের খোসা, তুষ।

ভুসিমাল /ভুশিমাল্/ [হি. ভুসি+আ. মাল] বি. ১ কলাইজাতীয় শস্য যাতে ভুসি থাকে। ২ (আল.) অসার পদার্থ।

ভুসো[১] /ভুশো/ [স. ভস্ম >] বি. 'ভুসা'-র কথ্য রূপ।

ভুসো[২] /ভুশি/ [হি ভুসি >] বি. দ্র ভুসি।

ভূ /ভু/ [স. √ভূ+ক্বিপ্] বি. ১ পৃথিবী (*ভূপৃষ্ঠ*)। ২ স্থল, ভূমি (*ভূভাগ*)। ৩ পুরাণোক্ত সপ্তলোকের অন্যতম (*ভূর্লোক*)।

ভূ-উপগ্রহ /ভুউপোগ্‌গ্রাহো/ [স. ভূ+উপগ্রহ] বি. ১ পৃথিবীর উপগ্রহ। ২ পৃথিবী থেকে শূন্যে উৎক্ষেপণ করা হয় এমন কৃত্রিম উপগ্রহ।

ভূ-উপগ্রহকেন্দ্র /ভুউপোগ্‌গ্রোহোকেন্‌দ্রো/ [স. ভূ+উপগ্রহ+কেন্দ্র] বি. পৃথিবীর যে স্থান থেকে কৃত্রিম উপগ্রহ শূন্যে উৎক্ষেপণ ও নিয়ন্ত্রণ করা হয়।

ভূকম্প /ভুকম্‌পো/ [স. ভূ+কম্প] বি. দ্র ভূকম্পন।

ভূকম্পন /ভুকম্‌পোন্/ [স. ভূ+কম্পন] বি. পৃথিবীর ভূগর্ভস্থ টেক্টনিক প্লেটের স্থানচ্যুতি বা আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুৎপাতের ফলে ভূপৃষ্ঠের কম্পন, ভূমি-কম্প, earthquake।

ভূখণ্ড /ভুখন্‌ডো/ [স. ভূ+খণ্ড] বি. দেশ, প্রদেশ।

ভূগর্ভ /ভুগর্‌ভো/ [স. ভূ+গর্ভ] বি. পৃথিবীর অভ্যন্তর-ভাগ।

ভূগর্ভস্থ /ভুগর্‌ভোস্‌থো/ [স. ভূগর্ভ+√স্থা+অ] বিণ. পৃথিবীর অভ্যন্তরে অবস্থিত (*ভূগর্ভস্থ খনি*)।

ভূগোল /ভুগোল্/ [স. ভূ+গোল] বি. পৃথিবীর বিভিন্ন দেশের প্রকৃতি জলবায়ু জনসংখ্যা কৃষিপণ্য প্রভৃতির বিবরণসংবলিত শাস্ত্র, geography।

www.pathagar.com

ভূগোলক /ভুগোলোক্/ [স. ভূগোল+ক (স্বার্থে)] বি. পৃথিবীর বিভিন্ন দেশের মানচিত্রসংবলিত গোলক, globe।

ভূচর /ভুচর্/ [স. ভূ+চর] বিণ. স্থলে বিচরণ করে এমন, স্থলচর।

ভূচিত্র /ভুচিত্রো/ [স. ভূ+চিত্র] বি. পৃথিবীর বিভিন্ন দেশের অবস্থান আকার আয়তন নদী সড়ক প্রভৃতি ভৌগোলিক বৈশিষ্ট্যের বিবরণসংবলিত দ্বিমাত্রিক নকশা, মানচিত্র, map।

ভূচ্ছায়া /ভুচ্ছায়া/ [স. ভূ+ছায়া] বি. গ্রহণকালে চাঁদের ওপর পতিত পৃথিবীর ছায়া।

ভূত[১] /ভুত্/ [স. √ভূ+ত] বি. ১ কল্পিত অশরীরী আত্মা (*ভূতের ভয়*)। ২ জীব (*সর্বভূতে দয়া*)। ৩ ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুসমূহের পাঁচটি মূল উপাদান (ক্ষিতি অপ্ তেজঃ মরুৎ ও ব্যোম)। ৪ শিবের অনুচর দেবযোনিবিশেষ।

ভূত[২] /ভুতো/ [স. √ভূ+ত] বিণ. ১ অতীত (*ভূতপূর্ব শিক্ষক*)। ২ বিদ্যমান রয়েছে এমন (*অন্তর্ভূত*)। ৩ পরিণত (*অঙ্গীভূত*)।

ভূতকাল /ভুতোকাল্/ [স. ভূত+কাল] বি. অতীত-কাল।

ভূতগ্রস্ত /ভুতগ্রোস্তো/ [স. ভূত+√গ্রস্+ত] বিণ. কল্পিত ভূত প্রভৃতির প্রভাবে আবিষ্ট।

ভূতচতুর্দশী /ভুতচোতুর্দোশি/ [স. ভূত+চতুর্দশ+ঈ] বি. কার্তিক মাসের কৃষ্ণ চতুর্দশী তিথি।

ভূততত্ত্ব /ভুতোতত্তো/ [স. ভূত+তত্ত্ব] বি. পদার্থ-বিজ্ঞান, physics।

ভূতত্ত্ব /ভুতত্তো/ [স. ভূ+তত্ত্ব] বি. পৃথিবীর উৎপত্তি এবং ভূপৃষ্ঠ ও তার অভ্যন্তরস্থ স্তরসংক্রান্ত বিজ্ঞান, geology।

ভূতধাত্রী /ভুতোধাত্রি/ [স. ভূত+√ধা+ত্+ঈ] বি. দ্র ভূতধারিণী।

ভূতধারিণী /ভুতোধারিনি/ [স. ভূত+√ধৃ+ইন্+ঈ] বি. পৃথিবী, ধরিত্রী, ধরণি।

ভূতনাথ /ভুতনাথ্/ [স. ভূত+নাথ] বি. শিব, মহাদেব।

ভূতপূর্ব /ভুতোপুর্বো/ [স. ভূত+পূর্ব] বিণ. পূর্বে ছিল কিন্তু এখন নেই এমন, প্রাক্তন, আগেকার।

ভূতপ্রেত /ভুতপ্রেত্/ [স. ভূত+প্র+√ই+ত] বি. কল্পিত অশরীরী আত্মা।

ভূতবলি /ভুতোবোলি/ [স. ভূত+বলি] বি. জীবে অন্নদান করার শাস্ত্রবিহিত কর্তব্য।

ভূতভবিষ্যৎ /ভুতভোবিশ্যত্/ [স. ভূত+ভবিষ্যৎ] বি. অতীত ও ভবিষ্যৎ।

ভূতভাবন /ভুতোভাবোন্/ [স. ভূত+ভাবন] বি. ১ জীবের সৃষ্টিকর্তা বা পালক। ২ শিব।

ভূতময় /ভুতোময়্/ [স. ভূত+ময়ট্] বিণ. পঞ্চভূত-দ্বারা গঠিত, পাঞ্চভৌতিক।

ভূতযজ্ঞ /ভুতোজোগ্গোঁ/ [স. ভূত+যজ্ঞ] বি. দ্র ভূতবলি।

ভূতল /ভুতল্/ [স. ভূ+তল] বি. ১ পৃথিবীপৃষ্ঠ। ২ পাতাল।

ভূতশুদ্ধি /ভুতশুদ্ধি/ [স. ভূত+√শুধ্+তি] বি. মন্ত্র উচ্চারণপূর্বক দেহস্থ পঞ্চভূতের সংস্কার।

ভূতাপেক্ষ /ভুতাপেক্খো/ [স. ভূত+অপেক্ষ] বিণ. চিঠিপত্র দলিল বা কোনো ঘটনা সংঘটনের ক্ষেত্রে প্রকৃত তারিখের পূর্ববর্তী; পূর্বের কোনো তারিখ থেকে কার্যকর; (পরি.) antedated (*ভূতাপেক্ষ জ্যেষ্ঠতা*)।

ভূতাবাস /ভুতাবাশ্/ [স. ভূত+আবাস] বি. শরীর।

ভূতাবিষ্ট /ভুতাবিশ্টো/ [স. ভূত+আবিষ্ট] বিণ. দ্র ভূতগ্রস্ত।

ভূতাবেশ /ভুতাবেশ্/ [স. ভূত+আবেশ] বি. কল্পিত ভূতগ্রস্ত অবস্থা।

ভূতার্থ /ভুতারথো/ [স. ভূত+অর্থ] বিণ. ১ বাস্তব, সত্য। ২ যথার্থ। ৩ অকৃত্রিম।

ভূতি /ভুতি/ [স. √ভূ+তি] বি. ১ বিভূতি। ২ যোগলব্ধ শিবের অষ্টবিধ ঐশ্বর্য (অণিমা মহিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য ঈশিতা বশিতা ও কামা-বশায়িতা)। ৩ উৎপত্তি, অভ্যুদয়।

ভূতুড়ে /ভুতুড়ে/ [বা.] বিণ. ১ ভূতপ্রেতসম্বন্ধীয় (*ভূতুড়ে কাহিনি*)। ২ ভূতপ্রেতঘটিত (*ভুতুড়ে কাজ*)। ৩ অবিশ্বাস্য।

ভূদেব /ভুদেব্/ [স. ভূ+দেব] বি. ব্রাহ্মণ।

ভূধর /ভুধর্/ [স. ভূ+ধর] বি. পর্বত।

ভূপ /ভুপো/ [স. ভূ+√পা+অ] বি. রাজা, ভূপতি।

ভূপতি /ভুপোতি/ [স. ভূ+√পা+অতি] বি. রাজা।

ভূপতিত /ভুপোতিতো/ [স. ভূ+√পত্+ত] বিণ. মাটির ওপরে পড়েছে এমন, ভূপৃষ্ঠে পতিত (*ভূপতিত শিলা*)।

ভূপরিচিতি /ভুপোরিচিতি/ [স. ভূ+পরিচিতি] বি. পৃথিবীসংক্রান্ত বিবরণ।

ভূপাতিত /ভুপাতিতো/ [স. ভূ+পাতিত] বিণ. মাটিতে ফেলা হয়েছে এমন (*ভূপাতিত বিমান*)।

www.pathagar.com

ভূপাল /ভুপাল্/ [স. ভূ+√পালি+অ] বি. রাজা।

ভূপালি /ভুপালি/ [স. ভূ+পালি] বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

ভূপৃষ্ঠ /ভুপৃশ্ঠো/ [স. ভূ+√পৃষ্+থ] বি. পৃথিবীর পৃষ্ঠদেশ বা উপরিভাগ।

ভূপ্রদক্ষিণ /ভুপ্রোদোক্‌খিন্/ [স. ভূ+প্রদক্ষিণ] বি. পৃথিবীর চতুর্দিকে আবর্তন বা পরিভ্রমণ।

ভূবলয় /ভুবলয়/ [স. ভূ+বলয়] বি. ভূমণ্ডল।

ভূবিজ্ঞান /ভুবিগ্‌গ্যান্/ [স. ভূ+বিজ্ঞান] বি. দ্র ভূতত্ত্ব।

ভূবিদ্যা /ভুবিদ্‌দা/ [স. ভূ+বিদ্যা] বি. দ্র ভূতত্ত্ব।

ভূভাগ /ভুভাগ্/ [স. ভূ+ভাগ] বি. ১ স্থলভাগ। ২ পৃথিবী।

ভূভারত /ভুভারোত্/ [স. ভূ+ভারত] বি. ১ পৃথিবী ও ভারতবর্ষ। ২ সমগ্র পৃথিবী।

ভূভৃৎ /ভুভৃত্/ [স. ভূ+√ভৃ+ক্বিপ্] বি. ১ পর্বত, গিরি। ২ নৃপ, রাজা।

ভূম /ভুম্/ [স. ভূমি >] বি. (কাব্যে) ভূমি।

ভূমণ্ডল /ভুমন্‌ডোল্/ [স. ভূ+মণ্ডল] বি. পৃথিবী।

ভূমধ্য /ভুমোদ্‌ধ্যো/ [স. ভূ+মধ্য] বি. পৃথিবীর মধ্যস্থল।

ভূমধ্যরেখা /ভুমোদ্‌ধ্যোরেখা/ [স. ভূমধ্য+রেখা] বি. উভয় মেরু থেকে সমদূরত্বে পৃথিবীকে উত্তর ও দক্ষিণ গোলার্ধে বিভক্তকারী কল্পিত রেখা, নিরক্ষ-রেখা, বিষুবরেখা, equator।

ভূমধ্যসাগর /ভুমোদ্‌ধ্যোশাগোর্/ [স. ভূমধ্য+সাগর] বি. ইউরোপের দক্ষিণে অবস্থিত সাগর।

ভূমধ্যস্থ /ভুমোদ্‌ধ্যোস্‌থো/ [স. ভূমধ্য+√স্থা+অ] বিণ. ১ পৃথিবীর মধ্যস্থলে অবস্থিত। ২ পৃথিবীর যে কোনো স্থানে অবস্থিত; পৃথিবীর।

ভূমা /ভুমা/ [স. বহু+ইমন্] বি. ১ বহুত্ব, বিপুলতা। ২ সর্বব্যাপী পুরুষ; মহান পুরুষ। বিণ. ভূয়িষ্ঠ, বহুল, প্রচুর; পূর্ণ (*ভূমানন্দ*)।

ভূমাবাদী /ভুমাবাদি/ [স. ভূমা+√বদ্+ইন্] বিণ. পরমাত্মায় বিশ্বাসী।

ভূমি /ভুমি/ [স. √ভূ+মি] বি. ১ পৃথিবী। ২ ভূপৃষ্ঠ, মাটি। ৩ মেঝে (*ভূমিশয্যা*)। ৪ জমি, ক্ষেত্র (*রণভূমি*)। ৫ দেশ (*মাতৃভূমি*)। ৬ আকর, আধার (*বিশ্বাসভূমি*)। ৭ (জ্যা.) ক্ষেত্রের অধোরেখা বা তলরেখা, base।

ভূমিকম্প /ভুমিকম্পো/ [স. ভূমি+কম্প] বি. পৃথিবীর কোনো স্থানের ভূগর্ভস্থ ত্রুটি টেক্টনিক প্লেটের স্থানচ্যুতি বা আগ্নেয়গিরি থেকে অগ্ন্যুৎপাতের ফলে ভূপৃষ্ঠের কম্পন, ভূকম্পন, earthquake।

ভূমিকা /ভুমিকা/ [স. ভূমি+কন্+আ (টাপ্)] বি. ১ সূচনা, অবতরণিকা, মুখবন্ধ (*গ্রন্থাদির ভূমিকা*)। ২ অভিনয়ের চরিত্র (*নায়কের ভূমিকায় অভিনয়*)। ৩ বেশধারণ, রূপপরিগ্রহ। ৪ অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা।

ভূমিগর্ভ /ভুমিগর্‌ভো/ [স. ভূমি+গর্ভ] বি. দ্র ভূগর্ভ।

ভূমিজ /ভুমিজো/ [স. ভূমি+√জন্+অ] বিণ. ভূমি থেকে জাত; কৃষিজাত।

ভূমিতল /ভুমিতল্/ [স. ভূমি+তল] বি. দ্র ভূতল।

ভূমিদাস /ভুমিদাশ্/ [স. ভূমি+দাস] বি. যে কৃষক বিনা পারিশ্রমিকে অন্যের জমিতে বাধ্যতামূলক-ভাবে কাজ করে, দাস।

ভূমিপিশাচ /ভুমিপিশাচ্/ [স. ভূমি+পিশাচ] বি. তালগাছ।

ভূমিশয্যা /ভুমিশোজ্‌জা/ [স. ভূমি+শয্যা] বি. ভূমিরূপ শয্যা, মেঝেতে শয্যাগ্রহণ।

ভূমিষ্ঠ /ভুমিশ্‌ঠো/ [স. ভূমি+√স্থা+অ] বিণ. ১ প্রসূত (*ভূমিষ্ঠ সন্তান*)। ২ ভূলুণ্ঠিত, ভূপতিত। স্ত্রী. ভূমিষ্ঠা /ভুমিশ্‌ঠা/।

ভূমিসংস্কার /ভুমিশংশ্‌কার্/ [স. ভূমি+সম্+√কৃ+অ] বি. ১ কৃষিজমির উন্নতিসাধন। ২ কৃষিজমির মালিকানা ও বর্গাপ্রথা সংক্রান্ত বিধিবিধানের সংস্কারসাধন।

ভূমিসাৎ /ভুমিশাত্/ [স. ভূমি+সাৎ] বিণ. ১ মাটির সঙ্গে মিশে গেছে এমন। ২ ভূমিতে পতিত।

ভূম্যধিকারী /ভুম্‌মোধিকারি/ [স. ভূমি+অধিকার+ইন্] বি. ভূস্বামী, জমিদার। স্ত্রী. ভূম্যধিকারিণী /ভুম্‌মোধিকারিনি/।

ভূয় /ভুয়ো/ [স. বহু+ঈয়স্] ক্রিবিণ. ১ পুনরায়। ২ প্রচুর পরিমাণে। বিণ. অনেক, বিস্তর, বহুল।

ভূয়সী /ভুয়োশি/ [স. বহু+ঈয়স্+ঈ] বিণ. বিস্তর, প্রচুর (*ভূয়সীপ্রশংসা*)।

ভূয়িষ্ঠ /ভুয়িশ্‌ঠো/ [স. বহু+ইষ্ঠ] বিণ. প্রচুর, প্রভূত, বহুল। বি. -তা /-তা/।

ভূয়োদর্শন /ভুয়োদর্‌শোন্/ [স. ভূয়স্+দর্শন] বি. দ্র ভূয়োদর্শিতা।

ভূয়োদর্শিতা /ভুয়োদোর্‌শিতা/ [স. ভূয়স্+√দর্শি+ইন্+তা] বি. অনেক দেখেশুনে অর্জিত অভিজ্ঞতা।

ভূয়োভূয় /ভুয়োভুয়ো/ [স. ভূয়ঃ+ভূয়ঃ] ক্রিবিণ.

www.pathagar.com

পুনঃপুন, বারবার।

ভূরি /ভুরি/ [স. √ভূ+রি] বিণ. অনেক, প্রচুর, অতিশয় (*ভূরিভোজন*)।

ভূরিভূরি /ভুরিভুরি/ [স. ভূরি+ভূরি] বিণ. প্রচুর, রাশি রাশি, অনেক (*এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভূরি ভূরি,* রবীন্দ্র.)।

ভূরিভোজন /ভুরিভোজোন্/ [স. ভূরি+ভোজন] বি. প্রচুর পরিমাণে আহার বা ভোজন।

ভূরিশ /ভুরিশো/ [স. ভূরি+শস্] ক্রিবিণ. ১ প্রচুর পরিমাণে। ২ অনেকবার, বারবার।

ভূর্জ /ভুর্জো/ [স. ভূ+√ঊর্জ্+অ] বি. উত্তর গোলার্ধের শীতল অঞ্চলে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন ছোটো সাদা ফুল ও ডিম্বাকৃতি পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির গুল্মজাতীয় পত্রমোচী উদ্ভিদ বা তার কাগজসদৃশ সাদা ও মসৃণ বাকল (প্রাচীনকালে লেখার জন্য ব্যবহৃত হতো)।

ভূর্জপত্র /ভুর্জোপত্রো/ [স. ভূর্জ+পত্র] বি. ভূর্জবৃক্ষের বাকল যা প্রাচীনকালে লেখার জন্য ব্যবহৃত হতো।

ভূর্লোক /ভুর্লোক্/ [স. ভূঃ+লোক] বি. মর্ত্যলোক; সপ্তপাতাল-সহ পৃথিবী।

ভূলুণ্ঠিত /ভুলুন্ঠিতো/ [স. ভূ+√লুণ্ঠ্+ত] বিণ. ১ মাটি বা ধুলায় পড়ে গড়াগড়ি করছে এমন। ২ (আল.) অপদস্থ ও বিপর্যস্ত (*ভূলুণ্ঠিত মানবতা*)।

ভূলোক /ভুলোক্/ [স. ভূ+লোক] বি. পৃথিবী (*ভূলোক দ্যুলোক গোলোক ভেদিয়া,* নজরুল.)।

ভূশণ্ডি /ভুশোন্ডি/ [স. ভূশণ্ড >] বি. ১ পুরাণে বর্ণিত ত্রিকালদর্শী কাক। ২ (আল.) বয়োবৃদ্ধ বহুদর্শী ও অভিজ্ঞ ব্যক্তি।

ভূশয্যা /ভুশোজ্জা/ [স. ভূ+√শী+য+আ (টাপ্)] বি. ভূমিরূপ শয্যা; মেঝেতে শয্যা গ্রহণ।

ভূষণ /ভুশন্/ [স. √ভূষ্+অন] বি. ১ অলংকার। ২ সাজসজ্জা। ৩ সৌন্দর্য। ৪ প্রসাধন।

ভূষা /ভুশা/ [স. √ভূষ্+অ+আ (টাপ্)] বি. ১ আভরণ। ২ সাজসজ্জা। ক্রিবি. সজ্জিত করা।

ভূষিত /ভুশিতো/ [স. √ভূষ্+ত] বিণ. অলংকৃত; সজ্জিত; শোভিত। স্ত্রী. **ভূষিতা** /ভুশিতা/।

ভূসমলয় /ভুশমলয়/ [স. ভূ+সম্+√লী+অ] বি. (পদার্থ.) যে লয় বা গতিতে পৃথিবী প্রদক্ষিণ করলে কোনো কৃত্রিম উপগ্রহকে ভূপৃষ্ঠ থেকে স্থির বলে প্রতীয়মান হয়; (পরি.) geostationary।

ভূসম্পত্তি /ভুশম্পোত্তি/ [স. ভূ+সম্+√পদ্+তি] বি. জমিজমা, স্থাবর সম্পত্তি।

ভূস্বর্গ /ভুশরগো/ [স. ভূ+স্বর্গ] বি. ১ সুমেরুপর্বত। ২ কাশ্মীর।

ভূস্বামী /ভুশ্শামি/ [স. ভূ+স্বামিন্] বি. জমির মালিক; জমিদার।

ভৃগু /ভৃগু/ [স. √ভ্রস্জ্+উ] বি. ১ পর্বতের উপরিস্থ সমতলভূমি, সানুদেশ; প্রপাত। ২ অতি উচ্চ ও খাড়া পাহাড়। ৩ বংশবিশেষ। ৪ পুরাণোক্ত মুনিবিশেষ (*আমি বিদ্রোহী ভৃগু, ভগবান-বুকে এঁকে দিই পদ-চিহ্ন,* নজরুল.)। ৫ শুক্রগ্রহ।

ভৃগুপতন /ভৃগুপতোন্/ [স. ভৃগু+পতন] বি. পাহাড়ের ওপর থেকে পতন।

ভৃগুপতি /ভৃগুপোতি/ [স. ভৃগু+√পা+অতি] বি. ভৃগুবংশের শ্রেষ্ঠ সন্তান, পরশুরাম।

ভৃগুপদচিহ্ন /ভৃগুপদোচিন্ nho/ [স. ভৃগু+পদ+√চিহ্+অ] বি. বিষ্ণুর বক্ষে ভৃগুমুনির পদাঘাতের চিহ্ন।

ভৃগুপাত /ভৃগুপাত্/ [স. ভৃগু+পাত] বি. দ্র ভৃগু-পতন।

ভৃগুবার /ভৃগুবার্/ [স. ভৃগু+√বারি+অ] বি. শুক্রবার।

ভৃগুবাসর /ভৃগুবাশোর্/ [স. ভৃগু+√বাসি+অর] বি. শুক্রবার।

ভৃগুভূমি /ভৃগুভুমি/ [স. ভৃগু+√ভূ+মি] বি. পাহাড়ের ওপরের সমতলভূমি, সানুদেশ।

ভৃগুমান /ভৃগুমান/ [স. ভৃগু+মৎ] বিণ. সানুদেশ-বিশিষ্ট।

ভৃগুসুত /ভৃগুশুতো/ [স. ভৃগু+সুত] বি. পুরাণোক্ত ভৃগুমুনির পুত্র পরশুরাম।

ভৃঙ্গ /ভৃংগো/ [স. √ভৃ+গ] বি. ১ ভ্রমর, অলি, মধুপ। ২ ফিঙে পাখি। ৩ লম্পট। ৪ উদ্ভিদবিশেষ।

ভৃঙ্গপ্রিয়া /ভৃংগোপ্রিআ/ [স. ভৃঙ্গ+√প্রী+অ+আ (টাপ্)] বি. মাধবীলতা।

ভৃঙ্গরাজ /ভৃংগোরাজ্/ [স. ভৃঙ্গ+রাজন্] বি. ১ ভ্রমরশ্রেষ্ঠ। ২ চুলের জন্য উপকারী ভেষজ উদ্ভিদবিশেষ (*ভৃঙ্গরাজ তেল*)।

ভৃঙ্গরোল /ভৃংগোরোল্/ [স. ভৃঙ্গ+রোল] বি. গাছের কোটরে চাক তৈরি করে এমন হলুদ ও লালের ওপরে কালো ডোরাকাটা ছয় পা-বিশিষ্ট বোলতাজাতীয় বিষাক্ত হুলযুক্ত লোমশ সামাজিক পতঙ্গ, ভিমরুল, বোলতা, ভ্রমর, hornet।

ভৃঙ্গার /ভৃংগার্/ [স. √ভৃ+আর] বি. ১ জল ছিটানোর জন্য ব্যবহৃত বহুছিদ্রবিশিষ্ট লম্বা নলওয়ালা পাত্র;

www.pathagar.com

ঝারি; গাড়ু। ২ অভিষেকপাত্র। ৩ ভৃঙ্গরাজ।

ভৃঙ্গারিকা /ভৃংগারিকা/ [স. ভৃঙ্গারী+কন্+আ (টাপ্)] বি. ঝোপঝাড় ও অন্ধকারাচ্ছন্ন স্যাঁতসেঁতে মাটির গর্তে বাস করে এবং সন্ধ্যায় গর্ত থেকে বেরিয়ে ঝিঁঝি শব্দে ডাকে এমন অর্থোপ্টেরা (orthoptera) বর্গের ডানাযুক্ত ছোটো নিশাচর সর্বভুক পতঙ্গ, ঝিঁঝিপোকা।

ভৃঙ্গি /ভৃংগি/ [স. √ভৃ+গি] বি. শিবের একজন অনুচর (*নন্দিভৃঙ্গি*)।

ভৃত /ভৃতো/ [স. √ভৃ+ত] বিণ. ১ অন্যের দ্বারা লালিত (*পরভৃত*), পালিত। ২ ভরা, পূর্ণ।

ভৃতক /ভৃতক্/ [স. ভৃত+ক (স্বার্থে)] বি. বেতন। বিণ. বেতনভুক।

ভৃতি /ভৃতি/ [স. √ভৃ+তি] বি. ১ বেতন, মজুরি। ২ পালন, পোষণ। ৩ পূরণ।

ভৃতিভুক /ভৃতিভুক্/ [স. ভৃতি+√ভুজ্+ক্বিপ্] বিণ. বেতন গ্রহণকারী, বেতনভুক।

ভৃত্য /ভৃত্তো/ [স. √ভৃ+য] বি. ১ যে ব্যক্তি বেতনের বিনিময়ে কাজ করে। ২ পরিচারক। স্ত্রী. ভৃত্যা /ভৃত্তা/।

–ভৃৎ /ভৃত্/ [স. √ভৃ+ক্বিপ্] বি. যে লালন করে। বিণ. লালনকারী (*পরভৃৎ*)।

ভৃমি /ভৃমি/ [স. √ভ্রম্+ই] বি. ১ ঘূর্ণিবায়ু। ২ জলের ঘূর্ণি। ৩ (বাংলায়) ঘূর্ণিরোগ।

ভৃষ্ট /ভৃশ্টো/ [স. √ভ্রস্জ্+ত] বিণ. ভাজা হয়েছে এমন, ভর্জিত।

ভৃষ্টান্ন /ভৃশ্টান্নো/ [স. ভৃষ্ট+অন্ন] বি. খোলায় তপ্ত বালিতে চাল ভেজে প্রাপ্ত ফেঁপে ওঠা খাদ্যবস্তু, মুড়ি, হুড়ুম।

ভেউভেউ /ভেউভেউ/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ বারবার ভেউ শব্দ, কুকুরের ডাক। ২ আকুল কান্নার শব্দ।

ভেংচি /ভেংচি/ [স. ভঙ্গি >] বি. বিদ্রূপ বিরক্তি ক্রোধ অবজ্ঞা প্রভৃতিসূচক বিকৃত মুখভঙ্গি।

ভেঁপু /ভেঁপু/ [ধ্বন্যা.] বি. ১ তালপাতা আমের আঁটি প্রভৃতির তৈরি খেলনার বাঁশি (*আম-আঁটির ভেঁপু*)। ২ যানবাহনের সতর্কতাসূচক ধ্বনি (*ভেঁপু বাজানো*)।

ভেক[১] /ভেক্/ [স. √ভী+ক] বি. উবু হয়ে লাফিয়ে চলে এমন আর্দ্র ও মসৃণ ত্বকবিশিষ্ট চতুষ্পদ (পেছনের পা দুটি অপেক্ষাকৃত লম্বা) লেজবিহীন উভচর মেরুদণ্ডী ডিম্বজ প্রাণী, ব্যাং, দাদুর, মণ্ডূক। স্ত্রী. ভেকী /ভেকি/।

ভেক[২] /ভেক্/ [স. বেষ >] বি. ১ বৈরাগীর সাজ বা বৃত্তি। ২ ছদ্মবেশ, ভোল। ৩ বেশ।

ভেকধারী /ভেক্ধারি/ [বা. ভেক+স. ধারী] বিণ. ১ বৈরাগী। ২ ছদ্মবেশধারী; প্রতারক।

ভেকভুক /ভেক্ভুক্/ [স. ভেক+বা. ভুক] বি. (ব্যাং খায় বলে) সাপ।

ভেকুট /ভেকুট্/ [স. বেকট >] বি. দ্র ভেটকি।

ভেকো /ভেকো/ [বা.] বিণ. ১ কিংকর্তব্যবিমূঢ়, হতবুদ্ধি, হতভম্ব। ২ বোকা।

ভেজা /ভেজা/ [বা.] বিণ. ১ সিক্ত, আর্দ্র (*ভেজা মাটি*)। ২ নরম; দয়ার্দ্র। ক্রিবি. ১ সিক্ত হওয়া। ২ দয়ার্দ্র হওয়া। ৩ 'ভিজা'-র কথ্য রূপ।

ভেজানো[১] /ভেজানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ সিক্ত করা (*কাপড় ভেজানো*)। ২ কোমল করা (*মন ভেজানো*)। ৩ 'ভিজানো'-র কথ্য রূপ।

ভেজানো[২] /ভ্যাজানো/ [বা.] ক্রিবি. আলতো করে বন্ধ করা, খিল না দিয়ে দরজা বন্ধ করা (*দরজার কপাট ভেজানো*)। বিণ. আলতো করে বন্ধ করা হয়েছে এমন (*ভেজানো কপাট*)।

ভেজাল /ভ্যাজাল্/ [দেশি.] বি. বিশুদ্ধ দ্রব্যের সঙ্গে মেশানো অপকৃষ্ট দ্রব্য। বিণ. অপকৃষ্ট দ্রব্যমিশ্রিত, বিশুদ্ধ নয় এমন (*ভেজাল খাবার*)।

ভেট /ভেঃট্/ [দেশি.] বি. ১ উপহার, উপঢৌকন। ২ সাক্ষাৎ; মিলন।

ভেটকি /ভেট্কি/ [স. ভেকট >] বি. নদী বা নদীর মোহানায় বিচরণ করে এবং প্রসারিত করতে পারে এমন মুখবিশিষ্ট লম্বা ও চ্যাপটা গড়নের মাঝারি আকৃতির সুস্বাদু মাছ যার দেহের উদর ও পার্শ্বদেশ রুপালি এবং ওপরের অংশ কালচে।

ভেটেরাখানা /ভেটেরাখানা/ [বা.] বি. পান্থশালা।

ভেড়া[১] /ভ্যাড়া/ [স. ভেড়ক >] বি. ১ সারা গায়ে পুরু ও কোঁচকানো লোমবিশিষ্ট (পুরুষকুল সচরাচর চক্রাকার শিংবিশিষ্ট) স্তন্যপায়ী তৃণভোজী চতুষ্পদ প্রাণী যার লোম থেকে পশমি বস্ত্র উৎপন্ন হয়, মেষ। ২ (আল.) ব্যক্তিত্বহীন মানুষ। ৩ বোকা, নির্বোধ। স্ত্রী. ভেড়ি /ভেড়ি/।

ভেড়া[২] /ভেড়া/ [বা.] ক্রিবি. ১ সংলগ্ন হওয়া; কূলের কাছে আসা। ২ সংস্পর্শে আসা, ঘেঁষা (*কাছে ভেড়া*)। ৩ যোগ দেওয়া। ৪ 'ভিড়া'-র কথ্য রূপ।

ভেড়ানো /ভেড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ তীরে লাগানো; সংলগ্ন করা। ২ শামিল করা (*দলে ভেড়ানো*)। ৩ 'ভিড়ানো'-র কথ্য রূপ।

www.pathagar.com

ভেড়ি /ভেড়ি/ [দেশি.] বি. ১ বন্যার জল রোধের জন্য নির্মিত বাঁধ। ২ মাছচাষের উপযোগী জলা জমি (*মাছের ভেড়ি*)।

ভেতর /ভেতর্/ [স. অভ্যন্তর >] বি. ১ মধ্য, অভ্যন্তর। ২ অন্দর। বিণ. ভেতরের, অন্তর্বর্তী; 'ভিতর'-এর কথ্য রূপ।

ভেতরে ভেতরে /ভেতোরে ভেতোরে/ ক্রিবিণ. ১ চুপিসারে, সংগোপনে। ২ 'ভিতরে ভিতরে'-র কথ্য রূপ।

ভেতো /ভেতো/ [বা.] বিণ. ১ ভাতই প্রধান খাদ্য বা ভাত খেতে ভালোবাসে এমন। ২ (আল.) অলস ও নির্জীব; ভীরু।

ভেত্তা /ভেত্তা/ [স. √ভিদ্+তৃ] বি. বিণ. ভেদক, ভেদকারী; ছিদ্রকারী।

ভেদ /ভেদ্/ [স. √ভিদ্+অ] বি. ১ বেধন, ছেদন (*লক্ষ্যভেদ*)। ২ পার্থক্য (*ভেদাভেদ*)। ৩ বিচ্ছেদ (*ভেদ সৃষ্টি*)। ৪ স্বাতন্ত্র্য। ৫ উন্মোচন, প্রকাশ (*রহস্যভেদ*)। ৬ ব্যাখ্যান (*অর্থভেদ*)। ৭ বিশেষ (*অবস্থাভেদ*)। ৮ ধরন (*বানানভেদ*)। ৯ উদরাময় (*ভেদবমি*)। ১০ ভেতরের কথা, রহস্য। ১১ (বাংলায়) ত্রুটি।

ভেদক /ভেদক্/ [স. √ভিদ্+অক] বি. বিণ. ১ বিদারক; ছিদ্রকারী। ২ উদ্ঘাটক।

ভেদজ্ঞান /ভেদ্গ্যান্/ [স. ভেদ+জ্ঞান] বি. ১ সমদর্শিতার অভাব। ২ বিরোধের মনোভাব।

ভেদন /ভেদোন্/ [স. √ভিদ্+অন] বি. ছেদন।

ভেদনীয় /ভেদোনিয়ো/ [স. √ভিদ্+অনীয়] বিণ. ভেদ করা যায় বা ভেদ করা উচিত এমন, ভেদ্য।

ভেদবমি /ভেদ্বোমি/ [স. ভেদ+বমি] বি. ওলাওঠা।

ভেদবিসংবাদ /ভেদ্বিশংবাদ্/ [স. ভেদ+বিসংবাদ] বি. ঝগড়াবিবাদ।

ভেদবুদ্ধি /ভেদ্বুদ্ধি/ [স. ভেদ+√বুধ্+তি] বি. বিচ্ছিন্নতার মনোভাব, ভেদজ্ঞান।

ভেদাভেদ /ভেদাভেদ্/ [স. ভেদ+অভেদ] বি. ১ ভেদ ও অভেদ। ২ বৈষম্য, পার্থক্য। ৩ আপন ও পর। ৪ (দর্শন.) পরমাত্মা ও জীবাত্মা বিষয়ক তত্ত্ব।

ভেদাভেদ জ্ঞান /ভেদাভেদ্ গ্যান্/ বি. আপনপর জ্ঞান (*ভুলি' ভেদাভেদ-জ্ঞান হও সবে আগুয়ান*, অতুল.)।

ভেদাভেদ বোধ /ভেদাভেদ্ বোধ্/ বি. দ্র ভেদাভেদ জ্ঞান।

ভেদিত /ভেদিতো/ [স. √ভিদ্+ণিচ্+ত] বিণ. ভেদ করা হয়েছে এমন।

-ভেদী /ভেদি/ [স. √ভিদ্+ইন] বিণ. ১ বিদারণকারী (*মর্মভেদী*)। ২ বিভেদ সৃষ্টিকারী।

ভেদ্য /ভেদ্দো/ [স. √ভিদ্+য] বিণ. ভেদ করা যায় বা ভেদ করা উচিত এমন।

ভেদ্যতা /ভেদ্দোতা/ [স. ভেদ্য+তা] বি. কোনো পদার্থ ভেদ করতে যে শক্তির প্রয়োজন হয় তার পরিমাপ, hardness।

ভেবড়ানো /ভ্যাবড়ানো/ [বা.] ক্রিবি. ভয় বিস্ময় প্রভৃতি কারণে হতবাক হওয়া।

ভেবেচিন্তে /ভেবেচিন্তে/ [বা.] অসক্রি. সবদিক বিবেচনা করে।

ভেরি /ভেরি/ [স. √ভী+রি] বি. বড়ো ঢাকজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ যার একমুখ চর্মাবৃত, দামামা, দুন্দুভি।

ভেরেন্ডা /ভ্যারেন্ডা/ [স. এরণ্ড >] বি. উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং প্রায় সারাবছর ফোটে এমন হলুদাভ ফুল ও বহুবীজযুক্ত (যা থেকে তেল উৎপন্ন হয়) ফল বা তার ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ, এরণ্ড, রেড়ি।

ভেরেন্ডা ভাজা /ভ্যারেন্ডা ভাজা/ ক্রিবি. অকাজে কালক্ষেপণ করা।

ভেল /ভেল্/ [দেশি.] বিণ. কৃত্রিম, নকল।

ভেলকি /ভেল্কি/ [দেশি.] বি. ১ জাদু। ২ ধোঁকা।

ভেলকিবাজি /ভেল্কিবাজি/ [দেশি.] বি. জাদুর খেলা, ভোজবাজি।

ভেলক্রো /ভেল্ক্রো/ [ফ.] বি. কাপড় প্রভৃতির দুটি পাট একসঙ্গে জুড়ে রাখার জন্য ব্যবহৃত নাইলনের দুটি ফালি (যার একটি খসখসে পৃষ্ঠদেশবিশিষ্ট এবং অন্যটি আঁকশির মতো আঁশবিশিষ্ট) যা পরস্পরের সঙ্গে চেপে ধরলে যুক্ত হয়ে থাকে এবং টেনে খুলে ফেলা যায়, velcro।

ভেলপুরি /ভেল্পুরি/ [হি.] বি. পুরিজাতীয় মুখরোচক খাদ্যবস্তু।

ভেলভেট /ভেল্ভেট্/ [ফ.] বি. রেশম কার্পাস বা নাইলনের সুতায় ঠাস বুননে উৎপন্ন কোমল ও মসৃণ কাপড়বিশেষ, মখমল, velvet।

ভেলা[১] /ভ্যালা/ [দেশি.] বি. কলাগাছ বাঁশ প্রভৃতি এক সঙ্গে বেঁধে জলে ভেসে চলার বাহন।

ভেলা[২] /ভ্যালা/ [স. ভল্লাত >] বি. বাংলাদেশ ও শ্রীলঙ্কার পাহাড়ি অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদাভ সবুজ ফুল ও বাদামসদৃশ ছোটো গোলাকার ফল (যার রস দিয়ে ধোপা কাপড় চিহ্নিত করে) বা তার মসৃণ কাণ্ডবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ, ভল্লাত, marking nut।

ভেলি[১] /ভেলি/ [হি.] বি. আখের রস জমিয়ে তৈরি শক্ত গুড়বিশেষ।

www.pathagar.com

ভেলি[১] /ভেলি/ [দেশি.] বি. মাটির উঁচু করে তৈরি লম্বা সীমারেখা, আইল।

ভেষজ /ভেশজো/ [স. ভেষ+√জি+অ] বি. ১ ওষুধ। ২ রোগ নিরাময়ের গুণবিশিষ্ট গাছগাছড়া।

ভেসলিন /ভ্যাস্‌লিন্‌/ [গ্রি.] বি. গায়ের চামড়া মসৃণ ও কোমল রাখার জন্য ব্যবহৃত খনিজ তৈলের আংশিক পাতন (fractional distillation) থেকে প্রাপ্ত থকথকে পিচ্ছিল পদার্থ, vaseline।

ভেসেকটমি/ভ্যাসেক্‌টোমি/ [লা.] বি. ছোটো অস্ত্রোপচার (minor surgery) করে শুক্রাণুবাহী নালিকা কেটে পুরুষের নির্বীজকরণপদ্ধতি, vasectomy।

ভেস্তে যাওয়া /ভেস্‌তে জাওআ/ ক্রিবি. পণ্ড বা নষ্ট হওয়া; ফেঁসে যাওয়া; ওলট-পালট হওয়া।

ভৈঁরো /ভোঁইরো/ [স. ভৈরব >] বি. দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ, ভৈরবী।

ভৈক্ষ /ভোইক্‌খো/ [স. ভিক্ষা+অ] বিণ. দ্র ভৈক্ষ্য।

ভৈক্ষ্য /ভোইক্‌খ্যো/ [স. ভিক্ষা+য] বিণ. ভিক্ষা করে প্রাপ্ত, ভিক্ষালব্ধ। বি. ১ সন্ন্যাস, ভিক্ষুধর্ম, সন্ন্যাসাশ্রম। ২ ভিক্ষালব্ধ অন্ন, ভিক্ষান্ন; ভিক্ষা।

ভৈক্ষ্যচর্যা /ভোইক্‌খ্যোচোরজা/ [স. ভৈক্ষ্য+চর্যা] বি. ভিক্ষাবৃত্তি।

ভৈমী /ভোইমি/ [স. ভীম+অ+ঈ] বি. বিদর্ভরাজ ভীমের কন্যা দময়ন্তী।

ভৈরব /ভোইরব্‌/ [স. ভীরু+অ] বি. ১ শিব; শিবের রুদ্রমূর্তি। ২ নদবিশেষ। ৩ দিবার প্রথম প্রহরে গেয় রাগবিশেষ। ৪ ভয়ংকর কোলাহল। বিণ. ভীষণ, ভীতিকর, ভয়ানক।

ভৈরবী /ভোইরোবি/ [স. ভৈরব+ঈ] বি. ১ দুর্গার একটি রূপ। ২ শৈব সম্প্রদায়ের সন্ন্যাসিনী। ৩ দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

ভৈরবীচক্র /ভোইরোবিচক্‌ক্রো/ [স. ভৈরবী+চক্র] বি. যে চক্রে তান্ত্রিক সাধকবৃন্দ একত্রে বসে পঞ্চ ম-কার (মৎস্য মদ্য মাংস মুদ্রা ও মৈথুন) সাধনা করে।

ভৈষজ /ভোইশজ্‌/ [স. ভেষজ+অ] বি. ১ গাছ-গাছড়া থেকে প্রাপ্ত ওষুধ। ২ আয়ুর্বেদীয় চিকিৎসা।

ভো /ভো/ [স. ভোঃ] অব্য. হে ওহে ওগো প্রভৃতি সম্বোধনসূচক শব্দ।

ভোঁ[১] /ভোঁ/ [ধ্বন্যা.] বি. ১ মশা মাছি প্রভৃতির পাখার শব্দ। ২ সাইরেন প্রভৃতির বিরতিহীন শব্দ। অব্য. দ্রুতবেগের ভাব (*ভোঁদৌড়*)।

ভোঁ[২]/ভোঁ/ [স. ভ্রম >] বিণ. বিহ্বল; বিভ্রান্ত (*মাথা ভোঁ ভোঁ করা*)।

ভোঁতা /ভোঁতা/ [বা.] বিণ. ১ তীক্ষ্ণ বা ধারালো নয় এমন, ধারহীন। ২ চালাক নয় এমন, বোকা।

ভোঁদড় /ভোঁদোড়্‌/ [স. উদ্র >] বি. দ্রুত সাঁতার কাটতে পারে এমন ঘন লোমাবৃত লিপ্তপদ উভচর মৎস্যাশী ছোটো স্তন্যপায়ী প্রাণিবিশেষ, উদ্‌বিড়াল, জলনকুল, ধেড়ে, otter।

ভোঁদা /ভোঁদা/ [দেশি.] বিণ. ১ স্থূলকায়, মোটা, মাংসল। ২ স্থূলবুদ্ধি।

ভোঁ-দৌড় /ভোঁদোড়্‌/ [দেশি.] বি. দ্রুত দৌড়।

ভোঁ-ভোঁ /ভোঁভোঁ/ [ধ্বন্যা.] অব্য. ফাঁকা ভাব বা শূন্যতার ভাব।

ভোঁস /ভোঁশ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. গভীর নিশ্বাসের শব্দ।

ভোক্তব্য /ভোক্‌তোব্‌বো/ [স. √ভুজ্‌+তব্য] বিণ. ১ ভোজনের উপযুক্ত। ২ উপভোগের যোগ্য।

ভোক্তা /ভোক্‌তা/ [স. √ভুজ্‌+তৃ] বিণ. ১ ভক্ষক। ২ ভোগকারী। বি. ১ যে ব্যক্তি পণ্য বা সেবা ক্রয় করে, গ্রাহক, consumer। ২ যে খায়। ৩ যে ভোগ করে। স্ত্রী. ভোক্ত্রী /ভোক্‌ত্রি/।

ভোগ /ভোগ্‌/ [স. √ভুজ্‌+অ] বি. ১ সুখ-দুঃখ প্রভৃতির অনুভূতি (*সুখভোগ*)। ২ দুর্ভোগ, ভোগান্তি (*রোগ ভোগ*)। ৩ উপভোগ (*বিষয়ভোগ*)। ৪ ইন্দ্রিয় সেবা (*ভোগবিলাস*)। ৫ দেবতাকে নিবেদিত অর্ঘ্য। ৬ সাপ। ৭ সাপের ফণা।

ভোগগৃহ /ভোগ্‌গৃহো/ [স. ভোগ+গৃহ] বি. ১ দেবতাকে ভোগ নিবেদনের ঘর। ২ শয়নগৃহ।

ভোগতৃষ্ণা /ভোগোতৃশ্‌না/ [স. ভোগ+√তৃষ্‌+ন+আ (টাপ্‌)] বি. সুখ ও বিষয় ভোগের প্রবল বাসনা, ভোগলালসা।

ভোগদখল /ভোগ্‌দখোল্‌/ [স. ভোগ+আ. দখল] বি. (ভূসম্পত্তির ক্ষেত্রে) অধিকারে রেখে বসবাস।

ভোগদখলকার /ভোগ্‌দখোল্‌কার্‌/ [স. ভোগ+আ. দখল+স. কার] বিণ. (ভূসম্পত্তির ক্ষেত্রে) ভোগদখল করার পূর্ণ অধিকার রয়েছে এমন।

ভোগদেহ /ভোগ্‌দেহো/ [স. ভোগ+দেহ] বি. লোক-বিশ্বাসমতে মৃত্যুর পরে যে সূক্ষ্ম শরীর কর্মফল ভোগ করে।

ভোগপিপাসা /ভোগ্‌পিপাশা/ [স. ভোগ+পিপাসা] বি. দ্র ভোগতৃষ্ণা।

ভোগবতী /ভোগোবোতি/ [স. ভোগবৎ+ঈ] বি. পুরাণোক্ত পাতালে প্রবাহিত গঙ্গা নদী।

www.pathagar.com

ভোগবিলাস /ভোগ্‌বিলাশ্‌/ [স. ভোগ+বিলাস] বি. পার্থিব সুখ ও ঐশ্বর্য ভোগ; বাবুগিরি।

ভোগলালসা /ভোগ্‌লালোশা/ [স. ভোগ+লালসা] বি. সুখ ও বিষয় ভোগের প্রবল বাসনা।

ভোগসুখ /ভোগোশুখ্‌/ [স. ভোগ+সুখ] বি. ইহলোকের সম্ভোগজাত আনন্দ।

ভোগা /ভোগা/ [বা.] ক্রিবি. দুঃখ কষ্ট রোগ প্রভৃতি ভোগ করা; 'ভুগা'-র কথ্য রূপ।

ভোগানি /ভোগানি/ [বা.] বি. দুঃখভোগ।

ভোগানে /ভোগানে/ [বা.] বিণ. ভোগায় এমন, কষ্টদায়ক।

ভোগানো /ভোগানো/ [বা.] ক্রিবি. কষ্ট দেওয়া, দুঃখ কষ্ট প্রভৃতি সহ্য করানো; 'ভুগানো'-র কথ্য রূপ।

ভোগান্ত /ভোগান্‌তো/ [বা.] বি. দুর্ভোগের সমাপ্তি।

ভোগান্তি /ভোগান্‌তি/ [বা.] বি. চরম দুর্ভোগ।

ভোগায়তন /ভোগায়োতন্‌/ [স. ভোগ+আয়তন] বি. সুখদুঃখ ভোগের আধার, দেহ।

ভোগার্হ /ভোগার্‌হো/ [স. ভোগ+অর্হ] বিণ. উপভোগের যোগ্য, ভোগের উপযোগী।

ভোগাসক্ত /ভোগাশক্‌তো/ [স. ভোগ+আ+√সন্‌জ্‌+ত] বিণ. সুখভোগের প্রতি অনুরক্ত, ভোগবিলাসে আসক্ত।

ভোগাসক্তি /ভোগাশোক্‌তি/ [স. ভোগ+আ+√সন্‌জ্‌+তি] বি. ভোগবিলাসের প্রতি আসক্তি।

ভোগী /ভোগি/ [স. ভোগ+ইন্‌] বিণ. ১ ভোগকারী (*বেতনভোগী*)। ২ ভোগ করতে ভালোবাসে এমন। বি. ১ গ্রামের প্রধান। ২ রাজা। ৩ নাপিত। ৪ সাপ। ৫ অশুভ বলে কল্পিত অশ্লেষা নক্ষত্র।

ভোগৈশ্বর্য /ভোগোইশ্‌শোর্‌জো/ [স. ভোগ+ঐশ্বর্য] বি. সুখ ও ধনসম্পদ।

ভোগোত্তর /ভোগোত্তর/ [স. ভোগ+উত্তর] বি. ভোগের জন্য প্রদত্ত ভূমি।

ভোগ্য /ভোগ্‌গো/ [স. √ভুজ্‌+য] বিণ. ভোগের উপযুক্ত; গৃহস্থালির নিত্যব্যবহার্য (*ভোগ্যপণ্য*)।

ভোগ্যপণ্য /ভোগ্‌গোপোন্নো/ [স. ভোগ্য+√পণ্‌+য] বি. গৃহস্থালিতে নিত্যব্যবহার্য পণ্যদ্রব্য যা বাজার থেকে কিনতে হয়, consumer goods।

ভোগ্যা /ভোগ্‌গা/ [স. √ভুজ্‌+য+আ (টাপ্‌)] বিণ. উপভোগের যোগ্য। বি. পণ্যাঙ্গনা।

ভোজ[১] /ভোজ্‌/ [স. ভোজ্য >] বি. ১ বহু লোকের একত্র-আহার। ২ আহার্য বস্তুর বিপুল সমাহার।

ভোজ[২] /ভোজ্‌/ [স. √ভুজ্‌+অ] বি. ১ প্রাচীন ভারতের মালব দেশের অন্তর্গত রাজ্য। ২ মালব দেশের ইন্দ্রজালবিদ্যায় পারদর্শী জনৈক রাজা।

ভোজক /ভোজক্‌/ [স. √ভুজ্‌+অক] বিণ. ১ আহার গ্রহণকারী, ভোজনকারী। ২ অন্নদাতা।

ভোজন /ভোজোন্‌/ [স. √ভুজ্‌+অন] বি. ১ আহার গ্রহণ, ভক্ষণ। ২ ভোজ্যদ্রব্য।

ভোজনপটু /ভোজোন্‌পোটু/ [স. ভোজন+√পট্‌+উ] বিণ. বেশি খেতে অভ্যস্ত এমন; ভোজনবিশারদ।

ভোজনপাত্র /ভোজোন্‌পাত্‌ত্রো/ [স. ভোজন+পাত্র] বি. আহারের পাত্র।

ভোজনবিলাসী /ভোজোন্‌বিলাশি/ [স. ভোজন+বি+√লস্‌+ইন্‌] বিণ. খাওয়াদাওয়ার ব্যাপারে শৌখিন; পেটুক।

ভোজনশালা /ভোজোন্‌শালা/ [স. ভোজন+√শল্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ খাওয়ার ঘর। ২ যেখানে অর্থের বিনিময়ে খাওয়া যায়।

ভোজনাগার /ভোজোনাগার্‌/ [স. ভোজন+আগার] বি. দ্র ভোজনশালা।

ভোজনালয় /ভোজোনালয়্‌/ [স. ভোজন+আলয়] বি. দ্র ভোজনশালা।

ভোজপুরি /ভোজ্‌পুরি/ [স্থান.] বিণ. ১ ভোজপুরে উৎপন্ন বা জাত; ভোজপুর থেকে আগত। ২ ভোজপুরের অধিবাসী।

ভোজবাজি /ভোজ্‌বাজি/ [স. ভোজ+ফা. বাজি] বি. জাদুর খেলা, ইন্দ্রজাল।

ভোজবিদ্যা /ভোজ্‌বিদ্‌দা/ [স. ভোজ+বিদ্যা] বি. ইন্দ্রজাল, ভেলকি, জাদুর খেলা, ম্যাজিক।

ভোজয়িতা /ভোজোয়িতা/ [স. √ভোজি+তৃ] বি. যে অপরকে আহার্য দান করে বা খাওয়ায়। স্ত্রী. **ভোজয়িত্রী** /ভোজোয়িত্‌ত্রি/।

ভোজসভা /ভোজ্‌শভা/ [স. ভোজ+সভা] বি. বহুলোকের একত্র-আহার।

ভোজালি /ভোজালি/ [বা.] বি. বাঁকানো ছোরাবিশেষ, হাঁসুয়া।

-ভোজী /ভোজি/ [স. √ভুজ্‌+ইন্‌] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) ভোজন করে এমন (*তৃণভোজী*)।

ভোজ্য /ভোজ্‌জো/ [স. √ভুজ্‌+য] বিণ. আহার্য, খাওয়ার যোগ্য (*ভোজ্য তেল*)।

ভোট[১] /ভোট্‌/ [ই. vote] বি. ১ কোনো পদে নির্বাচন বা কোনো বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের উদ্দেশ্যে সর্বাধিক সমর্থন যাচাইয়ের পন্থা। ২ নির্বাচন।

ভোট[২] /ভোট্‌/ [স্থান.] বি. ১ তিব্বতের অধিবাসী। ২

www.pathagar.com

ভুটানের অধিবাসী। বিণ. ১ তিব্বতে জাত; তিব্বতসংক্রান্ত। ২ ভুটানে জাত; ভুটানসংক্রান্ত।

ভোটকম্বল /ভোট্‌কম্‌বোল্‌/ [স্থান. ভোট+স. কম্বল] বি. তিব্বত বা ভুটানে উৎপাদিত কম্বল।

ভোটকেন্দ্র /ভোট্‌কেন্‌দ্রো/ [ই. ভোট+স. কেন্দ্র] বি. কোনো প্রতিনিধি নির্বাচনের উদ্দেশ্যে যে গৃহে ভোট গ্রহণ করা হয়।

ভোটদাতা /ভোট্‌দাতা/ [ই. ভোট+স. দাতা] বি. কোনো প্রতিনিধি নির্বাচনের উদ্দেশ্যে যে ব্যক্তি মত দেয়, ভোটার, নির্বাচক।

ভোটপ্রার্থী /ভোট্‌প্রার্‌থি/ [ই. ভোট+স. প্রার্থী] বি. যে ব্যক্তি কোনো পদে প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে নির্বাচকদের সমর্থন চায়। বিণ. ভোট প্রার্থনাকারী।

ভোটাধিকার /ভোটাধিকার্‌/ [ই. ভোট+স. অধিকার] বি. কোনো প্রার্থীকে প্রতিনিধিরূপে নির্বাচিত করার নাগরিক অধিকার।

ভোটাভুটি /ভোটাভুটি/ [বা.] বি. ভোটদান ভোটগ্রহণ ও গণনার কাজ।

ভোটার /ভোটার্‌/ [ই.] বি. কোনো প্রতিনিধি নির্বাচনের জন্য তালিকাভুক্ত ভোটদাতা, নির্বাচক, voter।

ভোম /ভোম্‌/ [দেশি.] বিণ. বিহ্বল; মাতোয়ারা।

ভোমর[১] /ভোমোর্‌/ [স. ভ্রমি >] বি. কাঠ ধাতু প্রভৃতি ছিদ্র করার জন্য ব্যবহৃত যন্ত্রবিশেষ, তুরপুন, ভ্রমিযন্ত্র, drill।

ভোমর[২] /ভোমোর্‌/ [স. ভ্রমর >] বি. 'ভ্রমর'-এর কথ্য রূপ।

ভোমরা /ভোম্‌রা/ [স. ভ্রমর >] বি. 'ভ্রমর'-এর কথ্য রূপ।

ভোম্বল /ভোম্‌বোল্‌/ [দেশি.] বিণ. হাঁদা, নির্বোধ।

ভোম্বলদাস /ভোম্‌বোল্‌দাশ্‌/ [দেশি.] বি. নির্বোধ ব্যক্তি, হাঁদারাম।

ভোর[১] /ভোর্‌/ [হি.] বি. প্রাতঃকাল, উষা, প্রত্যূষ, প্রভাত (*ভোর হলো /দোর খোলো* নজরুল.); নিশাবসান।

ভোর[২] /ভোর্‌/ [স. বিহ্বল >] বিণ. বিভোর, অভিভূত, মুগ্ধ, তন্ময়।

ভোররাত /ভোর্‌রাত্‌/ [হি.] বি. রাতের শেষভাগ, শেষরাত।

ভোরা /ভোরা/ [বা.] বিণ. মত্ত, বিভোর।

ভোরাই /ভোরাই/ [হি. ভোর >] বি. ভোরবেলার স্তব বা গান। বিণ. প্রাতঃকালীন, প্রভাতী।

ভোল[১] /ভোল্‌/ [বা.] বি. ১ পরিচ্ছদ, বেশ (*ভোল পালটানো*)। ২ ছদ্মবেশ (*ভোল ধরা*)। ৩ চেহারা।

ভোল[২] /ভোল্‌/ [স. বিহ্বল >] বিণ. ১ আত্মবিস্মৃত। ২ বিভোর, বিহ্বল।

ভোলা[১] /ভোলা/ [স. ভ্রম >] ক্রিবি. ১ বিস্মৃত হওয়া (*পথ ভোলা*)। ২ মুগ্ধ হওয়া (*কথায় ভোলা*)। বিণ. ১ বিস্মৃত (*আপনভোলা*)। ২ বিহ্বল, বিভোর (*ভোলা মন*)। ৩ মনে থাকে না এমন। ৪ 'ভুলা'-র কথ্য রূপ।

ভোলা[২] /ভোলা/ [বা.] বি. ভোলানাথ, শিব।

ভোলানাথ /ভোলানাথ্‌/ [বা. ভোলা+স. নাথ] বি. শিব।

ভোলানো /ভোলানো/ [বা.] ক্রিবি. ভুলিয়ে দেওয়া। বিণ. ভুলিয়ে দেয় এমন; 'ভুলানো'-র কথ্য রূপ।

ভোল্ট /ভোল্‌ট্‌/ [ব্যক্তি.] বি. বিদ্যুতের চাপ পরিমাপের একক বিশেষ, volt।

ভোল্টেজ /ভোল্‌টেজ্‌/ [ই.] বি. ভোল্টের এককে পরিমিত বিদ্যুৎশক্তির চাপ বা তীব্রতা, voltage।

ভৌগোলিক /ভৌড়্‌গোলিক্‌/ [স. ভূগোল+ইক] বিণ. ভূগোলসম্পর্কিত (*ভৌগোলিক সীমা*)।

ভৌত /ভৌড়্‌তো/ [স. ভূত+অ] বিণ. ১ পদার্থ বা ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুসম্বন্ধীয় (*ভৌত রসায়ন*)। ২ পঞ্চ-ভূতসংক্রান্ত। ৩ কল্পিত ভূতবিষয়ক।

ভৌত-অবকাঠামো /ভৌড়্‌তোঅবোকাঠামো/ [স. ভৌত+অবকাঠামো] বি. শিল্পকারখানা বা বসতি স্থাপনের জন্য প্রয়োজনীয় বিদ্যুৎ সরবরাহ সড়ক যোগাযোগ প্রভৃতির ব্যবস্থা-সহ সুযোগসুবিধা; (পরি.) physical infrastructure।

ভৌতবিজ্ঞান /ভৌড়্‌তোবিগ্‌গ্যান্‌/ [স. ভৌত+বিজ্ঞান] বি. জড়বস্তু বা শক্তি বিষয়ক বিজ্ঞান (পদার্থবিদ্যা রসায়নবিদ্যা প্রভৃতি); (পরি.) physical science।

ভৌতরসায়ন /ভৌড়্‌তোরশায়োন্‌/ স. ভৌত+রসায়ন] বি. রসায়নশাস্ত্রের যে শাখার অধ্যয়ন পদার্থবিজ্ঞানের তত্ত্ব ও কৌশলের ওপর নির্ভরশীল; (পরি.) physical chemistry।

ভৌতিক /ভৌড়্‌তিক্‌/ [স. ভূত+ইক] বিণ. ১ ভূতুড়ে (*ভৌতিক কাণ্ড*)। ২ ভূতবিষয়ক।

ভৌম /ভৌড়্‌মো/ [স. ভূমি+অ] বিণ. ১ ভূমি থেকে উৎপন্ন, ভূমিজাত। ২ ভূমিসম্বন্ধীয়। বি. ১ আকাশ। ২ মঙ্গলগ্রহ। ৩ ভূমিপুত্র।

ভৌমিক /ভৌড়্‌মিক্‌/ [স. ভূমি+ইক] বি. ১ ভূমির মালিক, ভূস্বামী। ২ পদবিবিশেষ।

ভৌমী /ভৌড়্‌মি/ [স. ভৌম+ঈ] বি. (ভূমি থেকে

www.pathagar.com

উদ্ভূত বলে) সীতা। বিণ. ভূমিবিষয়ক; ভূমিজাত।

ভ্যা /ভ্যা/ [ধ্বন্যা.] বি. ছাগল বা ভেড়ার ডাক।

ভ্যাংচানো /ভ্যাংচানো/ [বা.] ক্রিবি. বিরক্তি ক্রোধ বা অবজ্ঞা প্রকাশের জন্য বিকৃত মুখভঙ্গি করা।

ভ্যাকসিন /ভ্যাক্‌সিন্‌/ [লা.] বি. কোনো রোগ প্রতিরোধের ক্ষমতা সৃষ্টির উদ্দেশ্যে জীবদেহে অল্প পরিমাণে ওই রোগের দুর্বল বীজ প্রয়োগ, টিকা, vaccine।

ভ্যাঙানো /ভ্যাঙানো/ [বা.] ক্রিবি. দ্র ভ্যাংচানো।

ভ্যাজরভ্যাজর /ভ্যাজোর্‌ভ্যাজোর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. অনর্গল বিরক্তিকর ও অপ্রাসঙ্গিক কথা।

ভ্যাটকানো /ভ্যাটকানো/ [আঞ্চ.] ক্রিবি. ভেটকি মাছের মতো দাঁত বের করে হাসা; নির্বোধের মতো হাসা।

ভ্যান /ভ্যান্‌/ [ফ.] বি. পণ্য পরিবহণ ও সরবরাহের সুবিধা-সহ সড়কযানবিশেষ, van।

ভ্যানভ্যান /ভ্যান্‌ভ্যান্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ মশা মাছির বিরক্তিকর গুঞ্জন। ২ একঘেয়ে বিরক্তিকর কথাবার্তা।

ভ্যানরভ্যানর /ভ্যানোর্‌ভ্যানোর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. একঘেয়ে ও বিরক্তিকর কথাবার্তা।

ভ্যাপসা /ভ্যাপ্‌শা/ [বা.] বিণ. বায়ু চলাচলহীন বদ্ধ অবস্থার মতো (*ভ্যাপসা গরম*), গুমোট।

ভ্যাবড়া /ভ্যাবড়া/ [বা.] বিণ. বোকা; হতভম্ব।

ভ্যাবড়ানো /ভ্যাবড়ানো/ [বা.] বিণ. ক্রিবি. হতভম্ব হওয়া, ঘাবড়ে যাওয়া।

ভ্যাবা /ভ্যাবা/ [দেশি.] বিণ. ১ বোকা, হাঁদা। ২ বিহ্বল, হতভম্ব।

ভ্যাবাগঙ্গারাম /ভ্যাবাগংগারাম্‌/ [বা.] বি. নিরেট বোকা বা নির্বোধ ব্যক্তি।

ভ্যাবাচ্যাকা /ভ্যাবাচ্যাকা/ [দেশি.] বি. হতবুদ্ধি অবস্থা।

ভ্যালভ্যাল /ভ্যাল্‌ভ্যাল্‌/ [দেশি.] বিণ. বিস্ময় বা বিমূঢ় দৃষ্টিযুক্ত।

ভ্যাস্তা /ভ্যাস্‌তা/ [স. ভ্রষ্ট >] বিণ. বিপর্যস্ত, পণ্ড, ভন্ডুল।

ভ্যাস্তানো /ভ্যাস্‌তানো/ [বা.] ক্রিবি. ভেস্তে দেওয়া, পণ্ড করা। বিণ. পণ্ড করা হয়েছে এমন।

ভ্রংশ /ভ্রোংশো/ [স. √ভ্রন্‌শ্‌+অ] বি. ১ ধ্বংস, নাশ (*বুদ্ধিভ্রংশ*)। ২ স্খলন, চ্যুতি (*নীতিভ্রংশ*)।

ভ্রংশন /ভ্রোংশন্‌/ [স. √ভ্রন্‌শ্‌+অন] বি. ১ নাশকরণ। ২ স্খলন। ৩ ভ্রষ্টকরণ।

ভ্রংশিত /ভ্রোংশিতো/ [স. √ভ্রন্‌শ্‌+ত] বিণ. ১ বিচ্যুত, স্খলিত, অধঃপতিত। ২ বিনষ্ট।

ভ্রম /ভ্রোম্‌/ [স. √ভ্রম্‌+অ] বি. ১ ভ্রান্তি, ভুল। ২ বিস্মৃতি। ৩ ঘূর্ণি, আবর্ত। ৪ মিথ্যাজ্ঞান। ৫ ধাঁধা।

ভ্রমক্রমে /ভ্রোমোক্‌ক্রোমে/ [স. ভ্রমক্রম+বা. এ] ক্রিবিণ. ভুলের বশবর্তী হয়ে, ভুলক্রমে।

ভ্রমণ /ভ্রোমোন্‌/ [স. √ভ্রম্‌+অন] বি. ১ পর্যটন (*দেশভ্রমণ*)। ২ ঘূর্ণন।

ভ্রমণকারী /ভ্রোমোন্‌কারি/ [স. ভ্রমণ+√কৃ+ইন্‌] বি. বিণ. যে ভ্রমণ করে, পর্যটক।

ভ্রমণবিলাসী /ভ্রোমোন্‌বিলাশি/ [স. ভ্রমণ+বিলাসী] বিণ. ঘুরে বেড়াতে পছন্দ করে এমন।

ভ্রমণবৃত্তান্ত /ভ্রোমোনবৃত্‌তান্‌তো/ [স. ভ্রমণ+বৃত্তান্ত] বি. ভ্রমণের বিবরণ, ভ্রমণকাহিনি।

ভ্রমণসূচি /ভ্রোমোন্‌শুচি/ [স. ভ্রমণ+সূচি] বি. কোনো স্থানে গমন বা ভ্রমণের সময়সূচি; (পরি.) tour programme।

ভ্রমনিরসন /ভ্রোম্‌নিরশন্‌/ [স. ভ্রম+নিরসন] বি. ভুল সংশোধন।

ভ্রমপ্রমাদ /ভ্রোম্‌প্রোমাদ্‌/ [স. ভ্রম+প্রমাদ] বি. ভুলত্রুটি।

ভ্রমবশত /ভ্রোম্‌বশোতো/ [স. ভ্রম+বশতঃ] ক্রিবিণ. ভুলক্রমে।

ভ্রমর /ভ্রোমোর্‌/ [স. √ভ্রম্‌+অর] বি. গাছের কোটরে চাক তৈরি করে এমন হলুদ ও লালের ওপরে কালো ডোরাকাটা ছয় পা-বিশিষ্ট বোলতাজাতীয় বিষাক্ত হুলযুক্ত লোমশ সামাজিক পতঙ্গ, ভিমরুল, বোলতা। স্ত্রী. ভ্রমরী /ভ্রোমোরি/।

ভ্রমরক /ভ্রোমোরক্‌/ [স. ভ্রমর+ক (স্বার্থে)] বি. ১ ললাটের চূর্ণকুন্তল বা অলকগুচ্ছ। ২ মৌমাছি, মধুকর। ৩ ভ্রমর। ৪ বেধনযন্ত্রবিশেষ, ভ্রমিযন্ত্র।

ভ্রমরকৃষ্ণ /ভ্রোমোরকৃশ্‌নো/ [স. ভ্রমর+কৃষ্ণ] বিণ. ভ্রমরের মতো গাঢ় ও উজ্জ্বল কৃষ্ণবর্ণের।

ভ্রমরা /ভ্রোমোরা/ [স. ভ্রমর >] বি. 'ভ্রমর'-এর কাব্যিক রূপ।

ভ্রমসংকুল /ভ্রোম্‌শংকুল্‌/ [স. ভ্রম+সংকুল] বিণ. ভুলে ভরা, ভ্রমপূর্ণ।

ভ্রমা /ভ্রোমা/ [স. ভ্রমণ >] ক্রিবি. (কাব্যে) ভ্রমণ করা।

ভ্রমাত্মক /ভ্রোমাত্‌তঁক্‌/ [স. ভ্রম+আত্মন্‌+ক] বিণ. ত্রুটিপূর্ণ।

ভ্রমান্ধ /ভ্রোমান্‌ধো/ [স. ভ্রম+অন্ধ] বি. যে ব্যক্তি ভুলবশত প্রকৃত জিনিস দেখতে পায় না। বিণ. ভ্রান্তিবশত জ্ঞানশূন্য।

www.pathagar.com

ভ্রমি /ভ্রোমি/ [স. √ভ্রম্+ই] বি. আবর্ত, ঘূর্ণিজল।

ভ্রমিক /ভ্রোমিক্/ [স. ভ্রমি+ক] বি. বিণ. পর্যটক।

ভ্রমিযন্ত্র /ভ্রোমিজন্ত্রো/ [স. ভ্রমি+যন্ত্র] বি. কাঠ ধাতু প্রভৃতি ছিদ্র করার জন্য ব্যবহৃত যন্ত্রবিশেষ, তুরপুন, ভোমর, drill।

ভ্রমিরোগ /ভ্রোমিরোগ্/ [স. ভ্রমি+রোগ] বি. মাথা ঘোরার রোগ, ভিরমি, vertigo।

ভ্রষ্ট /ভ্রোশ্টো/ [স. √ভ্রন্শ্+ত] বিণ. ১ পতিত। ২ চ্যুত, স্খলিত। ৩ ধর্মবিবুদ্ধ। ৪ দোষযুক্ত। ৫ ব্যভিচারী। ৬ বিচ্ছিন্ন (*যূথভ্রষ্ট*)। স্ত্রী. ভ্রষ্টা /ভ্রোশ্টা/।

ভ্রষ্টতা /ভ্রোশ্টোতা/ [স. ভ্রষ্ট+তা] বি. ১ স্খলন। ২ পতন। ৩ ব্যভিচার। ৪ বিচ্ছিন্নতা।

ভ্রষ্টাচরণ /ভ্রোশ্টাচরোন্ / [স. ভ্রষ্ট+আচরণ] বি. ১ গর্হিত আচরণ। ২ ব্যভিচার।

ভ্রষ্টাচার /ভ্রোশ্টাচার্/ [স. ভ্রষ্ট+আচার] বি. দ্র ভ্রষ্টাচরণ।

ভ্রষ্টাচারী /ভ্রোশ্টাচারি/ [স. ভ্রষ্টাচার+ইন্] বিণ. ১ গর্হিত আচরণকারী। ২ ব্যভিচারী।

ভ্রাতা /ভ্রাতা/ [স. √ভ্রাজ্+তৃ] বি. ভাই, সহোদর; ভ্রাতৃতুল্য ব্যক্তি।

ভ্রাতুষ্পুত্র /ভ্রাতুশ্পুতো্রো/ [স. ভ্রাতুঃ+পুত্র] বি. ভাইয়ের ছেলে। স্ত্রী. ভ্রাতুষ্পুত্রী/ভ্রাতুশ্পুতো্রি/।

ভ্রাতৃ /ভ্রাতৃ/ [স. √ভ্রাজ্+তৃ] বি. (সমাসের পূর্বপদে ব্যবহৃত) ভাই (*ভ্রাতৃবধূ*)।

ভ্রাতৃকন্যা /ভ্রাতৃকোন্না/ [স. ভ্রাতৃ+কন্যা] বি. ভ্রাতার কন্যা, ভাইঝি।

ভ্রাতৃজায়া /ভ্রাতৃজায়া/ [স. ভ্রাতৃ+জায়া] বি. ১ ভ্রাতার পত্নী। ২ ভাবি, বউদি।

ভ্রাতৃত্ব /ভ্রাতৃতৃতো/ [স. ভ্রাতৃ+ত্ব] বি. ভাইয়ের সম্পর্ক, ভাই ভাই ভাব (*ভ্রাতৃত্বের সম্পর্ক*)।

ভ্রাতৃদ্বিতীয়া /ভ্রাতৃদিতিআ/ [স. ভ্রাতৃ+দ্বিতীয়া] বি. (ভাইয়ের কল্যাণ কামনায়) কার্তিক মাসের শুক্ল দ্বিতীয়া তিথিতে ভাইয়ের কপালে বোনের ফোঁটা দেওয়ার সংস্কার, ভাইফোঁটা।

ভ্রাতৃপ্রতিম /ভ্রাতৃপ্রোতিম্ / [স. ভ্রাতৃ+প্রতিম] বিণ. ভাইয়ের মতো, ভ্রাতৃতুল্য।

ভ্রাতৃপ্রেম /ভ্রাতৃপ্রেম্/ [স. ভ্রাতৃ+প্রেম] বি. ভাইয়ের প্রতি মমতা বা ভালোবাসা।

ভ্রাতৃবধূ /ভ্রাতৃবোধু/ [স. ভ্রাতৃ+বধূ] বি. দ্র ভ্রাতৃজায়া।

ভ্রাতৃব্য /ভ্রাতৃব্বো/ [স. ভ্রাতৃ+ব্য] বি. ভাইয়ের ছেলে, ভাইপো। স্ত্রী. ভ্রাতৃব্যা /ভ্রাতৃব্বা/।

ভ্রাতৃভাব /ভ্রাতৃভাব্/ [স. ভ্রাতৃ+ভাব] বি. ভাই ভাই ভাব; সৌহার্দ্যের ভাব।

ভ্রাতৃস্থানীয় /ভ্রাতৃস্থানিয়ো/ [স. ভ্রাতৃ+স্থানীয়] বিণ. ভাইয়ের মতো, ভ্রাতৃতুল্য।

ভ্রাতৃস্নেহ /ভ্রাতৃস্নেহো/ [স. ভ্রাতৃ+স্নেহ] বি. দ্র ভ্রাতৃপ্রেম।

ভ্রাত্রীয় /ভ্রাতৃয়ো/ [স. ভ্রাতৃ+ঈয়] বি. ভাইপো। বিণ. ১ ভাইয়ের মতো। ২ ভ্রাতৃসম্বন্ধীয়।

ভ্রান্ত /ভ্রান্তো/ [স. √ভ্রম্+ত] বিণ. ভ্রমযুক্ত; ভুল করেছে এমন (*দিগ্‌ভ্রান্ত*)।

ভ্রান্তি /ভ্রান্তি/ [স. √ভ্রম্+তি] বি. ১ ভ্রম, ভুল। ২ ভুল ধারণা। ৩ বিস্মৃতি, বিস্মরণ।

ভ্রান্তিজনক /ভ্রান্তিজনোক্/ [স. ভ্রান্তি+জনক] বিণ. ভ্রান্তি সৃষ্টি করে এমন, ভ্রমোৎপাদক।

ভ্রান্তিপ্রদ /ভ্রান্তিপ্রোদো/ [স. ভ্রান্তি+প্রদ] বিণ. দ্র ভ্রান্তিজনক।

ভ্রান্তিবশত /ভ্রান্তিবশোতো/ [স. ভ্রান্তি+বশতঃ] ক্রিবিণ. ভুলের কারণে, ভুলক্রমে।

ভ্রান্তিমান /ভ্রান্তিমান্/ [স. ভ্রান্তি+মৎ] বিণ. ভ্রমযুক্ত। বি. অত্যধিক সাদৃশ্যহেতু উপমেয়ের সঙ্গে উপমানের প্রভেদ নির্ণয়ে অক্ষমতাহেতু উপমেয়কে উপমান বলে ভুল করার ফলে সৃষ্ট অর্থালংকারবিশেষ।

ভ্রান্তিমূলক /ভ্রান্তিমুলক্/ [স. ভ্রান্তি+মূলক] বিণ. ভ্রান্তিময়, ভ্রমাত্মক, ভ্রমজনিত।

ভ্রামক /ভ্রামক্/ [স. √ভ্রামি+অক] বি. ১ অয়স্কান্ত মণি, চুম্বক পাথর। ২ শেয়াল।

ভ্রামণিক /ভ্রামোনিক্/ [স. ভ্রমণ+ইক] বিণ. ভ্রমণকারী। বি. যে ভ্রমণ করে, পর্যটক।

ভ্রামর /ভ্রামোর্/ [স. ভ্রমর+অ] বি. ১ মধু। ২ চুম্বক পাথর, অয়স্কান্ত মণি। বিণ. ১ ভ্রমর থেকে উৎপন্ন, ভ্রমরজাত। ২ ভ্রমরসংক্রান্ত।

ভ্রামরী /ভ্রামোরি/ [স. ভ্রমর+অ+ঈ] বি. ১ দেবী দুর্গা। ২ যোগাসনের মুদ্রাবিশেষ। বিণ. ভ্রমরসম্বন্ধীয়।

ভ্রামরীমিত্র /ভ্রামোরিমিত্রো/ [স. ভ্রামরী+মিত্র] বি. সুসময়ের বন্ধু।

ভ্রাম্য /ভ্রাম্মো/ [স. √ভ্রম্+য] বিণ. ভ্রমণের যোগ্য, পরিক্রমণীয়।

ভ্রাম্যমাণ /ভ্রাম্মোমান্/ [স. ভ্রাম্য+মান (শানচ্)] বিণ. ১ ঘুরে বেড়ায় এমন, ভ্রমণশীল (*ভ্রাম্যমাণ আদালত*)। ২ ঘোরানো হচ্ছে এমন, ঘূর্ণ্যমান।

ভ্রু /ভ্রু/ [স. √ভ্রম্+উ] বি. চোখ ও কপালের মধ্যবর্তী

www.pathagar.com

স্থানে উদ্‌গত লোমরাজি।

ভ্রুকুঞ্চন /ভ্রুকুন্‌চন্‌/ [স. ভ্রু+কুঞ্চন] বি. ১ ক্রোধ বিরক্তি অসন্তোষ বিস্ময় প্রভৃতি প্রকাশের জন্য ভ্রু কুঁচকে দৃষ্টিক্ষেপ। ২ কোঁচকানো ভ্রু।

ভ্রুকুটি /ভ্রুকুটি/ [স. ভ্রু+√কুট্‌+ই] বি. দ্র ভ্রুকুঞ্চন।

ভ্রুক্ষেপ /ভ্রুক্‌খেপ্‌/ [স. ভ্রু+ক্ষেপ] বি. ১ দৃষ্টিনিক্ষেপ, দৃষ্টিপাত। ২ (আল.) গ্রাহ্যকরণ (*ভ্রুক্ষেপ করা*)।

ভ্রুবিভ্রম /ভ্রুবিব্‌ভ্রোম্‌/ [স. ভ্রু+বিভ্রম] বি. মনোরম ভ্রুভঙ্গি।

ভ্রুবিলাস /ভ্রুবিলাশ্‌/ [স. ভ্রু+বিলাস] বি. দ্র ভ্রুবিভ্রম।

ভ্রুভঙ্গ /ভ্রুভংগো/ [স. ভ্রু+ভঙ্গ] বি. দ্র ভ্রুকুঞ্চন।

ভ্রুভঙ্গি /ভ্রুভোংগি/ [স. ভ্রু+ভঙ্গি] বি. দ্র ভ্রুকুঞ্চন।

ভ্রুমধ্য/ভ্রুমোদ্‌ধ্যো/[স. ভ্রু+মধ্য] বি. দুই ভ্রুর মধ্যস্থল।

ভ্রুলতা /ভ্রুলতা/ [স. ভ্রু+লতা] বি. লতার মতো বাঁকানো ও সুন্দর ভ্রু।

ভ্রুসংকেত /ভ্রুশংকেত্‌/ [স. ভ্রু+সংকেত] বি. ভ্রু কুঁচকে ইশারা।

ভ্রূকুণ্ডা /ভ্রুকুন্‌ডা/ [স. ভ্রূ+কুণ্ডা] বি. ভারতীয় উপমহাদেশে জাত তৃণবিশেষের শুঁয়াযুক্ত বীজকোষ যা সংস্পর্শে আসামাত্র কাপড়ে বিঁধে যায়, চোরকাঁটা।

ভ্রূণ /ভ্রুন্‌/ [স. √ভ্রূণি+অ] বি. ১ মাতৃগর্ভে সকল অঙ্গ বৃদ্ধিপ্রাপ্ত হওয়ার পূর্ব পর্যন্ত (সাধারণত গর্ভধারণের প্রথম আট সপ্তাহ) অপরিণত সন্তান বা শাবক। ২ বীজের অঙ্কুর সৃষ্টিকারী অংশ (*ভ্রূণপত্র*)।

ভ্রূণঘাতক /ভ্রুনোঘাতক্‌/ [স. ভ্রূণ+√হন্‌+অক] বিণ. মাতৃগর্ভের ভ্রূণ ধ্বংসকারী।

ভ্রূণঘাতী /ভ্রুনোঘাতি/ [স. ভ্রূণ+√হন্‌+ইন্‌] বিণ. দ্র ভ্রূণঘাতক।

ভ্রূণঘ্ন /ভ্রুনঘ্‌নো/ [স. ভ্রূণ+√হন্‌+অ] বিণ. দ্র ভ্রূণঘাতক।

ভ্রূণপত্র/ভ্রুনোপত্‌ত্রো/ [স. ভ্রূণ+পত্র] বি. বীজপত্র।

ভ্রূণহত্যা /ভ্রুনোহ্যেত্‌তা/ [স. ভ্রূণ+√হন্‌+য+আ (টাপ্‌)] বি. মাতৃগর্ভস্থ ভ্রূণ ধ্বংসকরণ, কৃত্রিম উপায়ে গর্ভপাত।

ভ্রূণহা /ভ্রুনোহা/ [স. ভ্রূণ+√হন্‌+ক্বিপ্‌] বিণ. দ্র ভ্রূণঘাতক।

www.pathagar.com

ম /ম/

ম /ম/ বাংলা ব্যঞ্জনবর্ণমালার পঞ্চবিংশতি বর্ণ এবং প-বর্গের পঞ্চম বর্ণ, ঠোঁট ও নাকের সাহায্যে উচ্চার্য ঘোষ ও অল্পপ্রাণ স্পৃষ্টধ্বনির দ্যোতক।

মই /মোই/ [স. মদি >] বি. ১ বাঁশ কাঠ অ্যালুমিনিয়াম প্রভৃতির তৈরি বহনযোগ্য সিঁড়ি, সোপান, চকম, ladder। ২ চষা জমিতে মাটির ডেলা ভাঙার জন্য ব্যবহৃত বাঁশের তৈরি বহন-যোগ্য সিঁড়িসদৃশ সরঞ্জামবিশেষ, harrow।

মই দেওয়া /মোই্ দেওআ/ ক্রিবি. ১ মই দিয়ে ক্ষেতের ডেলামাটি গুঁড়ো করা। ২ (আল.) সর্বনাশ করা (*পাকা ধানে মই দেওয়া*)।

মইষা /মোই্শা/ [স. মহিষ >] বিণ. ১ মহিষসদৃশ। ২ মহিষীর দুধ থেকে উৎপন্ন (*মইষা ঘি*)।

মইসা /মোই্শা/ [স. মসি >] বি. (ভেজা অবস্থায় রেখে দেওয়ার ফলে) কাপড়ে তিলের মতো যে দাগ পড়ে, তিলা (*মইসা-ধরা জামা*)।

মউ /মোউ্/ [স. মধু >] বি. মধু।

মউড় /মোউড়্/ [স. মুকুট >] বি. বিয়ের সময় বরের মাথার টোপর বা কনের মাথার শোলার মুকুট।

মউনি /মোউনি/ [স. মথনী >] বি. যে দণ্ড দিয়ে দই মন্থন করা হয়, মন্থনদণ্ড।

মউল[১] /মোউল্/ [স. মধুল >] বি. মুকুল, বউল।

মউল[২] /মোউল্/ [স. মধুক >] বি. ১ মহুয়া। ২ মদ।

মওকা /মওকা/ [আ.] বি. উপযুক্ত সময়; সুযোগ।

মওকুফ /মওকুফ্/ [আ.] বি. নিষ্কৃতি, মাফ।

মওজুদ /মওজুদ্/ [আ.] বিণ. সঞ্চিত। বি. সঞ্চয়, জমা।

মওত /মওত্/ [আ.] বি. মৃত্যু।

মওয়া /মওআ/ [বা.] ক্রিবি. মন্থন করা।

মওলা /মওলা/ [আ.] বি. আল্লাহ, প্রভু।

মওলানা /মওলানা/ [আ.] বি. ইসলাম ধর্মবিষয়ে পন্ডিত, আলেম।

মকমক /মক্মক্/ [ধ্বন্যা.] অব্য. বি. ব্যাঙ ডাকার অনুকার শব্দ।

মকমকি /মক্মোকি/ [ধ্বন্যা.] অব্য. বি. ব্যাঙের ডাক।

মকর /মকোর্/ [স. মুখ+√কৃ+অ] বি. ১ কুমিরসদৃশ মৎস্যভোজী সরীসৃপজাতীয় উভচর প্রাণিবিশেষ, ঘড়িয়াল। ২ গঙ্গাদেবীর বাহন। ৩ (জ্যোতি.) রাশিচক্রের দশম রাশি। ৪ কন্দর্পের পতাকাচিহ্ন।

মকরকুণ্ডল /মকোর্কুন্ডল্ / [স. মকর+কুণ্ডল] বি. মকরসদৃশ কানের অলংকার।

মকরকেতন /মকোর্কেতন্ / [স. মকর+কেতন] বি. যার পতাকায় মকর আছে, কন্দর্পদেব, মদন।

মকরকেতু /মকোর্কেতু/ [স. মকর+কেতু] বি. দ্র মকরকেতন।

মকরক্রান্তি /মকোরক্রান্তি/ [স. মকর+ক্রান্তি] বি. দ্র মকরক্রান্তিবৃত্ত।

মকরক্রান্তিবৃত্ত /মকোরক্রান্তিবৃত্তো/ [স. মকর+ক্রান্তি+বৃত্ত] বি. নিরক্ষবৃত্তের ২৩°২৭' দক্ষিণে কল্পিত সমাক্ষরেখা, দক্ষিণায়নবৃত্ত, tropic of Capricorn।

মকরধ্বজ /মকোরোদ্ধজ্ / [স. মকর+ধ্বজ] বি. ১ মকরকেতন। ২ পারদ ও গন্ধকের মিশ্রণে উৎপন্ন কবিরাজি ওষুধবিশেষ।

মকরন্দ /মকোরন্দো/ [স. মকর+√দা+অ] বি. ১ ফুলের মধু। ২ কুন্দফুলের গাছ।

মকরবাহিনী /মকোর্বাহিনি / [স. মকর+বাহিনী] বি. গঙ্গা।

মকরব্যূহ /মকোর্ব্যূহো/ [স. মকর+ব্যূহ] বি. মকরাকারে সজ্জিত সৈন্য সমাবেশ।

মকরসংক্রান্তি /মকোরশংক্রান্তি/ [স. মকর+সংক্রান্তি] বি. সূর্যের মকর রাশিতে সংক্রমণ।

মকরাকর /মকোরাকর/ [স. মকর+আকর] বি. মকরের আলয়, সাগর।

মকরুহ /মক্রুহ্/ [আ.] বিণ. ইসলাম ধর্মমতে নিষিদ্ধ নয় তবে বর্জনীয়।

মকশো /মক্শো/ [আ.] বি. ১ অনুশীলন, চর্চা। ২ লিপি চিত্র প্রভৃতির ওপর বারবার লেখনী চালিয়ে রপ্ত করার প্রয়াস।

মকাই /মকাই্/ [হি.] বি. উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন সরু লম্বা শিষযুক্ত হলুদাভ ফুল ও বহুবীজবিশিষ্ট মোচাকৃতির ভোজ্য শস্য বা তার শাখাহীন কান্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির তৃণজাতীয় উদ্ভিদ, ভুট্টা, maize।

www.pathagar.com

মকান /মোকান্/ [আ.] বি. গৃহ।

মকাম /মোকাম্/ [আ.] বি. ১ আবাসস্থল। ২ ঠিকানা।

ম-কার /মোকার্/ বি. 'ম' বর্ণ।

মকুফ /মোকুফ্/ [আ.] বি. নিষ্কৃতি, মাফ, অব্যাহতি।

মকুব /মোকুব্/ [আ.] বি. দ্র মকুফ।

মক্কা /মক্কা/ [আ.] বি. আরবদেশের অন্যতম প্রধান নগর এবং হজরত মুহম্মদ (সা.)-এর জন্মস্থান; ইসলাম ধর্মাবলম্বীদের প্রধান তীর্থভূমি।

মক্কা মোয়াজ্জেমা /মক্কা মোআজ্জেমা/ বি. পুণ্যভূমি মক্কা।

মক্কাশরিফ /মক্কাশোরিফ্/ [আ.] বি. দ্র মক্কা।

মক্কি /মোক্কি/ [ফা.] বি. পবিত্র কোরানের যে সকল সুরা হজরত মুহম্মদ (সা.)-এর মক্কায় অবস্থান-কালে অবতীর্ণ হয়। বিণ. মক্কানিবাসী।

মক্কেল /মক্কেল্/ [আ.] বি. মামলা-মোকদ্দমায় যে ব্যক্তি উকিলের সাহায্য গ্রহণ করে, client।

মক্তব /মক্তোব্/ [ফা.] বি. প্রাথমিক বিদ্যালয়, বিদ্যালয়।

মক্ষিক /মোক্ষিক্/ [স. √মশ্+সিক্] বি. দ্র মক্ষিকা।

মক্ষিকা /মোক্ষিকা/ [স. √মশ্+সিক+আ (টাপ্)] বি. পৃথিবীর প্রায় সব দেশের নাতিশীতোষ্ণ অঞ্চলে বিচরণ করে এমন অখণ্ড মস্তক বক্ষ ও উদর এবং একজোড়া পাখাযুক্ত কালো ধূসর বাদামি প্রভৃতি রঙের ডিপ্টেরা (diptera) বর্গের ছোটো পতঙ্গ, মাছি।

মক্ষী /মোক্ষি/ [স. √মশ্+সিক্+ঈ] বি. দ্র মক্ষিকা।

মক্ষীরানি /মোক্ষিরানি/ [স. মক্ষী+রানি] বি. রানি মৌমাছি।

মখদুম /মখ্দুম্/ [আ.] বি. ১ ইসলামি শাস্ত্রবিষয়ের শিক্ষক। ২ আধ্যাত্মিক গুরু।

মখমল /মখ্মল্/ [ফা.] বি. রেশম কার্পাস বা নাইলনের সুতোয় ঠাস বুননে উৎপন্ন কোমল ও মসৃণ কাপড়বিশেষ, velvet।

মগ[১] /মগ্/ [স্ক্যা.] বি. তরল পদার্থ ধারণ বা পান করার জন্য ব্যবহৃত কাচ চীনামাটি প্রভৃতির তৈরি হাতলযুক্ত লম্বাটে গোলাকার পাত্রবিশেষ, mug।

মগ[২] /মগ্/ [স. মঘ >] বি. ১ ব্রহ্মদেশ বা আরাকানের অধিবাসী। ২ আরাকানের দস্যুসম্প্রদায়।

মগ[৩] /মগ্/ [স. মঙ্গ >] বি. চূড়া, শীর্ষ (*মগডাল*)। বিণ. আপ্লুত (*আনন্দে ডগমগ*)।

মগজ /মগোজ্/ [ফা.] বি. ১ মেরুদণ্ডী প্রাণীর মাথার খুলির সম্মুখভাগে অবস্থিত পরস্পর সংযুক্ত অসংখ্য স্নায়ুকোষ-সংবলিত কোমল ধূসর পদার্থবিশেষ যা জীবদেহের সকল কর্মকাণ্ড নিয়ন্ত্রণ ও সমন্বয় করে, মস্তিষ্ক, brain। ২ (আল.) বুদ্ধি, ধীশক্তি।

মগজধোলাই /মগোজ্ধোলাই/ [বা.] বি. ক্রমাগত প্রচারণা বা বলপ্রয়োগের মাধ্যমে পূর্বধারণা বর্জন ও সম্পূর্ণ নতুন চিন্তা বা আদর্শে অভ্যস্ত করার প্ররোচনা, brainwash।

মগজি /মগোজি/ [ফা.] বি. বস্ত্রাদির মুড়ে সেলাই করা প্রান্তভাগ।

মগডাল /মগ্ডাল্/ [বা.] বি. গাছের সবচেয়ে উঁচু ডাল।

মগধ /মগোধ্/ [স. মগ+√ধা+অ] বি. প্রাচীন ভারতের রাজ্যবিশেষ; বিহারের দক্ষিণ-অঞ্চল।

মগন /মগোন্/ [স. মগ্ন >] বি. 'মগ্ন'-র কোমল ও কাব্যিক রূপ।

মগরিব /মগ্রিব্/ [আ.] বি. ১ সূর্যাস্তের সময়। ২ সূর্যাস্তের অব্যবহিত পরে যে নামাজ পড়া হয় (*মগরেবের নামাজ*)।

মগরেব /মগ্রেব্/ [আ.] বি. দ্র মগরিব।

মগের মুলুক /মগের্ মুলুক্/ বি. দ্র মগের মুল্লুক।

মগের মুল্লুক /মগের্ মুল্লুক্/ বি. ১ মগদের বাসভূমি; ব্রহ্মদেশ। ২ (আল.) অরাজকতায় পূর্ণ দেশ।

মগ্ন /মগ্নো/ [স. √মস্জ্+ত] বিণ. ১ নিমজ্জিত (*মগ্ন তরী*)। ২ বিভোর, বিহ্বল, আত্মহারা (*আনন্দে মগ্ন*)। ৩ তন্ময়, নিবিষ্ট (*ধ্যানমগ্ন*)। স্ত্রী. **মগ্না** /মগ্না/।

মগ্নগিরি /মগ্নোগিরি/ [স. মগ্ন+গিরি] বি. সমুদ্র তলদেশে ডুবে থাকা পাহাড়, মৈনাক।

মগ্নচৈতন্য /মগ্নোচোইতোন্নো/ [স. মগ্ন+চৈতন্য] বি. মনের যে ক্রিয়া সম্পর্কে মানুষ সচেতন থাকে না কিন্তু তদ্দ্বারা প্রভাবিত হয়, subconsciousness।

মগ্নতা /মগ্নোতা/ [স. মগ্ন+তা] বি. আত্মবিস্মৃত অবস্থা, বিভোরতা, নিবিষ্টতা।

মগ্নপ্রায় /মগ্নোপ্রায়্/ [স. মগ্ন+প্রায়] বিণ. প্রায় ডুবে গেছে এমন।

মগ্নশৈল /মগ্নোশোইলো/ [স. মগ্ন+শিলা+অ] বি. দ্র মগ্নগিরি।

মঘ /মঘ্/ [স. √মহ্+অ] বি. পূজা।

মঘবতী /মঘোবোতি/ [স. মঘবৎ+ঈ] বি. পুরাণোক্ত ইন্দ্রপত্নী শচী, ইন্দ্রাণী।

www.pathagar.com

মঘবা /মঘোবা/ [স. √মহ্+অন্] বি. দ্র মঘবান।

মঘবান /মঘোবান্/ [স. মঘ+বৎ] বি. দেবরাজ ইন্দ্র।

মঘা /মঘা/ [স. √মঙ্ঘ্+অ+আ (টাপ্)] বি. ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের দশম নক্ষত্র; অশুভ বলে কল্পিত নক্ষত্র।

মঘোনী /মঘোনি/ [স. √মহ্+অন্+ঈ] বি. ইন্দ্রপত্নী শচী, ইন্দ্রাণী।

মঙ্গল /মোংগোল্/ [স. √মঙ্গ্+অল] বি. ১ শুভ, কল্যাণ। ২ সৌরমণ্ডলের গ্রহবিশেষ, Mars। ৩ সোমবারের পরবর্তী ও বুধবারের পূর্ববর্তী দিন। ৪ দেবদেবীর মাহাত্ম্যবিষয়ক পালাগান (*মঙ্গলকাব্য*)। বিণ. কল্যাণকর (*মঙ্গলধ্বনি*)

মঙ্গলকলস /মোংগোল্কলোশ্/ [স. মঙ্গল+কলস] বি. দ্র মঙ্গলঘট।

মঙ্গলকামনা /মোংগোল্কামোনা/ [স. মঙ্গল+কামনা] বি. কল্যাণকামনা, শুভকামনা।

মঙ্গলকামী /মোংগোল্কামি/ [স. মঙ্গল+√কাম্+ইন্] বিণ. শুভার্থী, কল্যাণকামী।

মঙ্গলগীত /মোংগোল্গিত্/ [স. মঙ্গল+গীত] বি. ১ শুভগীত। ২ দেবদেবীর মাহাত্ম্যজ্ঞাপক গান।

মঙ্গলঘট /মোংগোল্ঘট্/ [স. মঙ্গল+বা. ঘট] বি. কর্মযজ্ঞের কল্যাণ কামনায় স্থাপিত ডাব আমপাতা প্রভৃতি দিয়ে সাজানো জলভরা ঘট।

মঙ্গলচণ্ডী /মোংগোল্চোন্ডি/ [স. মঙ্গল+চণ্ডী] বি. দেবী দুর্গা (যিনি সৃষ্টিতে মঙ্গলা ও প্রলয়ে চণ্ডিকা)।

মঙ্গলচ্ছায় /মোংগোলোচ্ছায়্/ [স. মঙ্গল+ছায়া] বি. বটগাছ।

মঙ্গলদায়ক /মোংগোল্দায়ক্/ [স. মঙ্গল+দায়ক] বিণ. কল্যাণপ্রদ, হিতকর। স্ত্রী. মঙ্গলদায়িকা /মোংগোল্দায়িকা/।

মঙ্গলধ্বনি /মোংগোল্ধোনি/ [স. মঙ্গল+ধ্বনি] বি. মঙ্গলসূচক ধ্বনি, শঙ্খধ্বনি।

মঙ্গলময় /মোংগোল্ময়্/ [স. মঙ্গল+ময়ট্] বিণ. শুভকর। স্ত্রী. মঙ্গলময়ী /মোংগোল্মোয়ি/।

মঙ্গলরাষ্ট্র /মোংগোল্রাশ্ট্রো/ [স. মঙ্গল+রাষ্ট্র] বি. যে রাষ্ট্র নাগরিকদের স্বাস্থ্যসেবা ও দারিদ্র্য-মোচনের দায়িত্ব গ্রহণ করে; (পরি.) welfare state।

মঙ্গলসমাচার /মোংগোল্শমাচার্/ [স. মঙ্গল+সমাচার] বি. কুশলসংবাদ, সুসংবাদ।

মঙ্গলসূত্র /মোংগোল্শুত্রো/ [স. মঙ্গল+সূত্র] বি. বিবাহিত জীবনের কল্যাণ কামনা করে বর-কনের হাতে পরানো সুতো; নারীর কণ্ঠহারবিশেষ।

মঙ্গলা /মোংগোলা/ [স. √মঙ্গ্+অল+আ (টাপ্)] বিণ. মঙ্গলদায়িনী। বি. দেবীদুর্গা।

মঙ্গলাকাঙ্ক্ষা /মোংগোলাকাংখা/ [স. মঙ্গল+আকাঙ্ক্ষা] বি. কল্যাণ করার আকাঙ্ক্ষা।

মঙ্গলাকাঙ্ক্ষী /মোংগোলাকাংখি/ [স. মঙ্গল+আ+√কাঙ্ক্ষ্+ইন্] বিণ. কল্যাণ কামনা করে এমন।

মঙ্গলাচরণ /মোংগোলাচরোন্/ [স. মঙ্গল+আচরণ] বি. কর্মের সাফল্য কামনায় পালনীয় মঙ্গলসূচক প্রারম্ভিক আচার; শুভানুষ্ঠান।

মঙ্গলাচার /মোংগোলাচার্/ [স. মঙ্গল+আচার] বি. দ্র মঙ্গলাচরণ।

মঙ্গলেচ্ছা /মোংগোলেচ্ছা/ [স. মঙ্গল+ইচ্ছা] বি. মঙ্গল বা উপকার করার ইচ্ছা।

মঙ্গলোৎসব /মোংগোলোত্শব্/ [স. মঙ্গল+উৎসব] বি. শুভ অনুষ্ঠান।

মঙ্গল্য[১] /মোংগোল্লো/ [স. মঙ্গল+য] বিণ. কল্যাণ-কর; সৌভাগ্যকর। স্ত্রী. মঙ্গল্যা /মোংগোল্লা/।

মঙ্গল্য[২] /মোংগোল্লো/ [স. মঙ্গল+য] বি. ১ অশ্বত্থ-গাছ। ২ বেলগাছ। ৩ দধি। ৪ সিঁদুর। ৫ চন্দন।

মচ /মচ্/-[ধ্বন্যা.] অব্য. বি. ১ গাছের ডাল পাতলা কাঠ প্রভৃতি জিনিস ভাঙার অনুকার শব্দ। ২ মচকানোর শব্দ।

মচকানো /মচ্কানো/ [হি. মচকা >] ক্রিবি. বিণ. দুমড়ানো। বি. মচকানি /মচ্কানি/।

মচমচ /মচ্মচ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্রমাগত মচ শব্দ।

মচমচানি /মচ্মচানি/ [ধ্বন্যা.] বি. বারবার মচ শব্দ।

মচমচে /মচ্মোচে/ [ধ্বন্যা.] বিণ. ১ মচমচ শব্দ করে এমন। ২ মিইয়ে যায়নি এমন, খাস্তা। ৩ ভঙ্গুর।

মচাৎ /মচাত্/ [ধ্বন্যা.] অব্য. বি. মচ করে ভাঙার অনুকার শব্দ।

মচ্ছব /মচ্ছব্/ [স. মহোৎসব >] বি. 'মহোৎসব'-এর বিকৃত রূপ।

মজকুর /মোজ্কুর্/ [আ.] বি. ১ লিখিত বিবরণ। ২ উল্লিখিত বিবৃতি। বিণ. পূর্বোক্ত; উল্লিখিত।

মজদুর /মোজ্দুর্/ [ফা.] বি. যে ব্যক্তি দৈহিক পরিশ্রম করে জীবিকা অর্জন করে, শ্রমজীবী।

মজদুরি /মোজ্দুরি/ [ফা.] বি. শ্রমিকের বৃত্তি।

মজনু /মোজ্নু/ [আ.] বিণ. ১ প্রেমিক। ২ বিরাগী।

মজবুত /মোজ্বুত্/ [আ.] বিণ. ১ টেকসই, দীর্ঘ-স্থায়ী; কঠিন। ২ পারদর্শী, পটু।

www.pathagar.com

মজলিস /মোজ্‌লিশ্‌/ [আ.] বি. আসর, বৈঠক।

মজলুম /মোজ্‌লুম্‌/ [আ.] বিণ. অত্যাচারিত (*মজলুম জননেতা*), উৎপীড়িত।

মজহাব /মাজ্‌হাব্‌/ [আ.] বি. ১ মতবাদ, ধর্মীয় চর্যাপদ্ধতি। ২ সম্প্রদায়।

মজা[১] /মজা/ [ফা.] বি. ১ আমোদ। ২ তামাশা, রঙ্গ। ৩ ঠাট্টা। বিণ. ১ আনন্দজনক। ২ সুস্বাদু।

মজা[২] /মজা/ [বা.] ক্রিবি. ১ বুজে যাওয়া, শুকিয়ে জলশূন্য হওয়া। ২ অনুরক্ত হওয়া (*প্রেমে মজা*)। ৩ পরিণত হওয়া। বিণ. ১ শুকিয়ে জলশূন্য হয়েছে এমন (*মজা পুকুর*)। ২ সুপক্ক (*মজা কাঁঠাল*)। ৩ জলে পচানো (*মজা সুপারি*)।

মজা টের পাওয়া /মজা টের্‌ পাওআ/ ক্রিবি. জব্দ হওয়া; বিপদ উপলব্ধি করা।

মজাদার /মজাদার্‌/ [ফা.] বিণ. ১ উত্তম স্বাদযুক্ত, সুস্বাদু। ২ কৌতুকজনক।

মজা দেখা /মজা দ্যাখা/ ক্রিবি. অন্যের অসহায়ত্ব দেখে মজা পাওয়া।

মজা দেখানো /মজা দ্যাখানো/ ক্রিবি. শিক্ষা দেওয়া, জব্দ করা।

মজানো /মজানো/ [বা.] ক্রিবি. ১ নিমজ্জিত করা, জলমগ্ন করা। ২ মোহিত করা। ৩ পাকানো।

মজা লোটা /মজা লোটা/ ক্রিবি. আনন্দ উপভোগ করা।

মজুত /মোজুত্‌/ [আ. মৌজুদ >] বি. সঞ্চয়। বিণ. সঞ্চিত (*মজুত পণ্য*)।

মজুত করা /মোজুত্‌ করা/ ক্রিবি. বাজারে কৃত্রিম সংকট সৃষ্টির উদ্দেশ্যে পণ্যদ্রব্য ধরে রাখা।

মজুত তহবিল /মোজুত্‌ তহ্‌বিল্‌/ বি. ভবিষ্যতের জন্য সঞ্চিত টাকা।

মজুতদার /মোজুত্‌দার্‌/ [বা. মজুত+ফা. দার] বি. যে ব্যবসায়ী অতিরিক্ত মুনাফার লোভে অবৈধভাবে পণ্য জমিয়ে রেখে কৃত্রিম সংকট সৃষ্টি করে।

মজুতদারি /মোজুত্‌দারি/ [বা. মজুত+ফা. দারি] বি. পণ্যদ্রব্যাদি মজুত করে রাখার প্রবৃত্তি।

মজুমদার /মোজুমদার্‌/ [ফা.] বি. ১ জেলার রাজস্বের হিসাবরক্ষক। ২ দলিলপত্র রক্ষক, record-keeper। ৩ পদবিবিশেষ।

মজুর /মোজুর্‌/ [ফা. মজদুর >] বি. কায়িক শ্রম যার পেশা, শ্রমিক।

মজুরা /মোজুরা/ [ফা. মজদুরি >] বি. দ্র মজুরি।

মজুরি /মোজুরি/ [ফা. মজদুরি >] বি. পারিশ্রমিক।

মজ্জন /মজ্‌জোন্‌/ [স. √মস্‌জ্‌+অন] বি. জলমগ্নকরণ, নিমজ্জন।

মজ্জমান /মজ্‌জোমান্‌/ [স. মজ্জৎ >] বিণ. ডুবে যাচ্ছে এমন।

মজ্জা /মজ্‌জা/ [স. √মস্‌জ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ জীবদেহের হাড়ের ভেতরকার স্নেহজাতীয় কোমল পদার্থ, marrow। ২ কোনো বস্তুর সার অংশ।

মজ্জাগত /মজ্‌জাগতো/ [স. মজ্জা+√গম্‌+ত] বিণ. ১ অস্থিমজ্জার সঙ্গে অবিচ্ছেদ্যরূপে জড়িত। ২ অন্তর্নিহিত, জন্মগত। ৩ সংশোধনের অযোগ্য।

মঞ্চ /মন্‌চো/ [স. √মঞ্চ্‌+অ] বি. নৃত্য গীত অভিনয় প্রভৃতি সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনের উদ্দেশ্যে উঁচু করে নির্মিত বেদি।

মঞ্চশিল্পী /মনচোশিল্‌পি/ [স. মঞ্চ+শিল্প+ইন্‌] বি. যে শিল্পী মঞ্চে নৃত্য গীত অভিনয় সংগীত প্রভৃতি পরিবেশন করে।

মঞ্চসজ্জা /মনচোশজ্‌জা/ [স. মঞ্চ+সজ্জা] বি. মঞ্চের সাজসজ্জা।

মঞ্চস্থ /মন্‌চস্‌থো/ [স. মঞ্চ+√স্থা+অ] বিণ. (নাটক প্রভৃতির ক্ষেত্রে) মঞ্চে পরিবেশিত বা উপস্থাপিত।

মঞ্চায়ন /মন্‌চায়োন্‌/ [স. মঞ্চ+অয়ন] বি. (নাটক প্রভৃতির ক্ষেত্রে) দর্শকদের জন্য মঞ্চে উপস্থাপন।

মঞ্জন /মন্‌জোন্‌/ [স. মার্জন >] বি. ১ মার্জন; ঘষেমেজে পরিষ্করণ। ২ যা দিয়ে মাজা হয়।

মঞ্জরা /মন্‌জরা/ [বা.] ক্রিবি. (কাব্যে) মুকুলিত হওয়া।

মঞ্জরি /মন্‌জোরি/ [স. √মঞ্জ্‌+অরি] বি. ১ মুকুল। ২ শিষ। ৩ অঙ্কুর; নবপল্লব।

মঞ্জরিত /মন্‌জোরিতো/ [স. মঞ্জরি+ইত] বিণ. ১ মুকুল এসেছে এমন। ২ অঙ্কুরিত।

মঞ্জিমা /মোন্‌জিমা/ [স. মঞ্জু+ইমন্‌] বি. সৌন্দর্য, শোভা।

মঞ্জিল /মোন্‌জিল্‌/ [আ.] বি. ১ প্রাসাদ। ২ গন্তব্যস্থান। ৩ পান্থনিবাস, সরাইখানা।

মঞ্জিষ্ঠ /মোন্‌জিশ্‌ঠো/ [স. মঞ্জু+ইষ্ঠ] বিণ. মঞ্জিষ্ঠা লতার বর্ণবিশিষ্ট; রক্তবর্ণ।

মঞ্জিষ্ঠা /মোন্‌জিশ্‌ঠা/ [স. মঞ্জি+√স্থা+অ+আ (টাপ্‌)] বি. হেমন্তকালে ফোটে এমন লোমশ পাঁচটি পাপড়িযুক্ত ফুল এবং কালচে বেগুনি ফল বা তার ডিম্বাকৃতি লাল পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী লতানে উদ্ভিদ (আনি. এশিয়া ও আফ্রিকার উষ্ণ অঞ্চল), মঞ্জুষা।

www.pathagar.com

মঞ্জিষ্ঠা রাগ /মোন্‌জিশ্‌ঠা রাগ্‌/ বি. ১ মঞ্জিষ্ঠা পাতার রং। ২ পূর্বরাগবিশেষ।

মঞ্জীর /মোন্‌জির্‌/ [স. √মনজ্‌+ঈর] বি. পায়ের অলংকারবিশেষ, নূপুর।

মঞ্জু /মোন্‌জু/ [স. √মনজ্‌+উ] বিণ. সুন্দর, মনোহর।

মঞ্জুকেশী /মোন্‌জুকেশি/ [স. মঞ্জু+√কেশ্‌+ইন্‌] বিণ. মনোহর কেশযুক্ত, সুকেশী।

মঞ্জুগমনা /মোন্‌জুগমোনা/ [স. মঞ্জু+গমন+আ (টাপ্‌)] বিণ. সুন্দর চলনভঙ্গিবিশিষ্টা। বি. হংসী।

মঞ্জুভাষিণী /মোন্‌জুভাশিনি/ [স. মঞ্জু+√ভাষ্‌+ইন+ঈ] বিণ. মিষ্টি করে কথা বলে এমন, সুবচনা।

মঞ্জুর /মোন্‌জুর্‌/ [আ.] বিণ. ১ অনুমোদন করা হয়েছে এমন, অনুমোদিত। ২ গৃহীত।

মঞ্জুরি /মোন্‌জুরি/ [ফা.] বি. ১ অনুমোদন। ২ অনুদান।

মঞ্জুল /মোন্‌জুল্‌/ [স. মঞ্জু+লচ্‌] বিণ. সুন্দর, সুদৃশ্য, মনোহর। বি. কুঞ্জবন।

মঞ্জুশ্রী /মোন্‌জুস্রি/ [স. মঞ্জু+√শ্রী+কিপ্‌] বিণ. সুন্দর, সুশ্রী।

মঞ্জুষা /মোন্‌জুশা/ [স. √মস্‌জ্‌+উষ+আ (টাপ্‌)] বি. ১ বেত বা বাঁশের তৈরি ঝাঁপি, পেটিকা। ২ মঞ্জিষ্ঠা লতা। ৩ সংকলন গ্রন্থ (*গল্পমঞ্জুষা*)।

মট /মট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ কঠিনপদার্থ ভাঙার অনুকার শব্দ। ২ আঙুল মটকানোর অনুকার শব্দ।

মটকা[১] /মট্‌কা/ [স. মট্টক >] বি. ১ শীর্ষ, চূড়া। ২ ঘরের চালের শীর্ষদেশ।

মটকা[২] /মট্‌কা/ [দেশি.] বি. মোটা রেশমসুতোর বোনা কাপড়বিশেষ।

মটকা[৩] /মট্‌কা/ [স. মৃত্তিকা >] বি. মাটির তৈরি বড়ো পাত্র, জালা।

মটকা[৪] /মট্‌কা/ [বা.] বি. কপট নিদ্রা, ঘুমিয়ে থাকার ভান (*মটকা মেরে শুয়ে থাকা*)।

মটকানো /মট্‌কানো/ [বা.] ক্রিবি. মট শব্দ করে দুমড়ানো (*আঙুল মটকানো*)।

মটকি /মোট্‌কি/ [স. মৃত্তিকা >] বি. দ্র মটকা[৩]।

মটন /মটোন্‌/ [ই.] বি. ভেড়া বা ছাগলের মাংস, mutton।

মটন চপ /মটোন্‌ চপ্‌/ বি. ইউরোপীয় প্রণালিতে মসলা সহযোগে অল্প ঝোলে রাঁধা ভেড়া বা পাঁঠার মাংসখণ্ড।

মটমট /মট্‌মট্‌/ [ধ্বন্যা.] বি. ক্রমাগত মট শব্দ।

মটর /মটোর্‌/ [হি.] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা গোলাপি বেগুনি প্রভৃতি আভাযুক্ত ফুল ও বহুবীজবিশিষ্ট শুঁটিসদৃশ সবজি বা তার শিম্বগোত্রীয় বর্ষজীবী লতানে উদ্ভিদ।

মটাৎ /মটাত্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বাঁশ কাঠ প্রভৃতি শক্ত জিনিস ভাঙার অনুকার শব্দ।

মঠ /মঠ্‌/ [স. √মঠ্‌+অ] বি. ১ মন্দির। ২ সন্ন্যাসীদের আখড়া। ৩ সংস্কৃত ভাষা শিক্ষার বিদ্যালয়, টোল।

মঠধারী /মঠোধারি/ [স. মঠ+√ধৃ+ইন্‌] বি. মঠের অধ্যক্ষ, মোহান্ত।

মডেল /মডেল্‌/ [ফ.] বি. ১ মানুষের প্রতিকৃতি অঙ্কন বা প্রতিমূর্তি তৈরির জন্য শিল্পীর সম্মুখে অবস্থানকারী ব্যক্তি। ২ বিজ্ঞাপনের জন্য বিশেষ ভঙ্গিতে ছবি তোলা বা অভিনয় করা যার পেশা। ৩ দৃষ্টান্ত, নমুনা। ৪ নির্মিতব্য স্থাপনার ছোটো আকারের ত্রিমাত্রিক অবয়ব।

মড়ক /মড়োক্‌/ [স. মরক >] বি. প্রাণঘাতী রোগে আক্রান্ত হয়ে বহু লোক বা প্রাণীর মৃত্যু, মহামারী।

মড়মড় /মড়্‌মড়্‌/ [ধ্বন্যা.] বি. গাছ ডালপালা কাঠ প্রভৃতি শক্ত জিনিস ভেঙে পড়ার অনুকার শব্দ।

মড়া /মড়া/ [স. মৃত >] বি. মরদেহ, শব।

মড়ার ওপর খাঁড়ার ঘা /মড়ার্‌ ওপর্‌ খাঁড়ার্‌ ঘা/ প্র. দুর্গত বা মৃতপ্রায় ব্যক্তির ওপর অত্যাচার।

মড়ি /মোড়ি/ [বা.] বি. ১ মৃতদেহ, শব। ২ বাঘ সিংহ প্রভৃতি পশুর আধখাওয়া প্রাণীর মৃতদেহ।

মড়িঘর /মোড়িঘর্‌/ [বা.] বি. হাসপাতালের যে ঘরে শব ব্যবচ্ছেদ করা হয়, লাশকাটা ঘর, morgue।

মড়িপোড়া /মোড়িপোড়া/ [বা.] বি. যে ব্যক্তি শবদাহের কাজে সহায়তা করে।

মড়ুঞ্চে /মোড়ুন্‌চে/ [বা.] বি. ভূমিষ্ঠ হওয়ার পর যে নারীর সন্তান বাঁচে না। বিণ. মৃতবৎসা।

মণি /মোনি/ [স. √মণ্‌+ই] বি. ১ বহুমূল্য রত্ন। ২ চোখের তারা। ৩ আদরসূচক সম্বোধন। ৪ যে সন্তান বংশের মুখ উজ্জ্বল করে।

মণিক /মোনিক্‌/ [স. মণি+ক (স্বার্থে)] বি. ১ মণি। ২ খনিজ পদার্থ। ৩ মাটির বড়ো পাত্র, জালা।

মণিকর্ণিকা /মোনিকোর্‌নিকা/ [স. মণি+কর্ণিকা] বি. ১ মণিখচিত কানের অলংকারবিশেষ। ২ কাশীর তীর্থক্ষেত্রবিশেষ।

মণিকা /মোনিকা/ [স. মণি+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ ক্ষুদ্রাকৃতি মণি। ২ মাটির জালা।

মণিকাঞ্চন /মোনিকান্‌চন্‌/ [স. মণি+কাঞ্চন] বি. রত্ন ও সোনা, নানাবিধ রত্ন ও সোনাদানা।

মণিকাঞ্চনযোগ /মোনিকান্‌চন্‌জোগ্‌/ [স. মণিকাঞ্চন

www.pathagar.com

+যোগ] বি. স্বর্ণের সঙ্গে মণির যোগের মতো সুন্দর ও শোভন মিলন।

মণিকার /মোনিকার্ / [স. মণি+কার] বি. ১ জহুরি, রত্নবণিক, মণিব্যবসায়ী। ২ রত্ন কেটে পালিশ করা যার পেশা।

মণিকুট্টিম/মোনিকুট্টিম্ / [স. মণি+কুট্টিম] বি. রত্নখচিত মেঝে।

মণিকুন্তলা /মোনিকুন্তলা/ [স. মণি+কুন্তলা] বিণ. মাথায় মণি আছে এমন।

মণিকোঠা/মোনিকোঠা/ [স. মণি+বা. কোঠা] বি. ১ রত্নখচিত গৃহ। ২ (আল.) অতি প্রিয় ও গোপন আধার (*মনের মণিকোঠা*)।

মণিত /মোনিতো / [স. √মণ্+ত] বি. ১ চুম্বনধ্বনি। ২ রতিকালে নারীর কণ্ঠনিঃসৃত অব্যক্ত ধ্বনি।

মণিদীপ /মোনিদিপ্ / [স. মণি+দীপ] বি. ১ রত্নখচিত প্রদীপ। ২ অতি মূল্যবান বস্তু।

মণিদীপ্ত /মোনিদিপ্তো / [স. মণি+√দীপ্+ত] বিণ. রত্নের আভায় উজ্জ্বল।

মণিপদ্ম /মোনিপদ্দোঁ/ [স. মণি+পদ্ম] বি. মানবদেহের নাভির বিপরীত দিকে মেরুদণ্ডের মধ্যস্থ কল্পিত চক্রবিশেষ।

মণিপুরি /মোনিপুরি / [স. মণিপুর >] বিণ. ১ মণিপুরবিষয়ক। ২ মণিপুরে জাত। বি. ১ মণিপুরের অধিবাসী। ২ মণিপুরের ধ্রুপদী নৃত্যশৈলী।

মণিপূরক /মোনিপুরক্/ [স. মণি+পূরক] বি. দ্র মণিপদ্ম।

মণিবন্ধ /মোনিবন্ধো/ [স. মণি+বন্ধ] বি. হাতের কবজি, wrist।

মণিমঞ্জীর /মোনিমোন্জির্/ [স. মণি+মঞ্জীর] বি. মণিখচিত নূপুর।

মণিমঞ্জুষা /মোনিমোন্জুশা/ [স. মণি+মঞ্জুষা] বি. মণিমাণিক্যের আধার, রত্নের ঝাঁপি।

মণিমণ্ডিত /মোনিমোন্ডিতো / [স. মণি+√মণ্ড্+ত] বিণ. মণিখচিত, রত্নশোভিত।

মণিময় /মোনিময়্/ [স. মণি+ময়ট্] বিণ. দ্র মণিমণ্ডিত।

মণিমাণিক্য /মোনিমানিক্কো/ [স. মণি+মানিক্য] বি. নানা প্রকার মূল্যবান রত্ন।

মণিরাগ /মোনিরাগ্ / [স. মণি+রাগ] বি. পারদ ও গন্ধকের মিশ্রণে উৎপাদিত গাঢ় লাল পদার্থবিশেষ, হিঙ্গুল।

মণিহারা ফণী /মোনিহারা ফোনি/ বি. প্রিয়জন বা কাঙ্ক্ষিত বস্তু হারানোর ফলে অস্থিরচিত্ত ব্যক্তি।

মণীন্দ্র /মোনিন্দ্রো / [স. মণি+ইন্দ্র] বিণ. রত্নশ্রেষ্ঠ।

মণ্ড /মন্ডো / [স. √মণ্ড্+অ] বি. ১ চাল যব প্রভৃতি সেদ্ধ করে প্রাপ্ত মাড়। ২ লেই, ক্বাথ।

মণ্ডন /মন্ডোন্ / [স. √মণ্ড্+অন] বি. ১ সাজসজ্জা, প্রসাধন, অলংকরণ। ২ ভূষণ, অলংকার।

মণ্ডপ /মন্ডোপ্ / [স. মণ্ড+√পা+অ] বি. ১ ওপরে ছাদযুক্ত চারদিক খোলা জায়গা। ২ উৎসবাদির জন্য নির্মিত চাঁদোয়াঢাকা স্থান। ৩ মন্দির।

মণ্ডল /মন্ডোল্ / [স. √মণ্ড্+অল] বি. ১ গোলাকার বস্তু (*ভূমণ্ডল*)। ২ পরিধি (*আলোকমণ্ডল*)। ৩ সংঘ, গোষ্ঠী (*মন্ত্রিমণ্ডল*)। ৪ স্থান (*কেন্দ্রমণ্ডল*)। ৫ অঞ্চল (*নাতিশীতোষ্ণ মণ্ডল*)। ৬ সাম্রাজ্য (*মণ্ডলাধীশ*)। ৭ মোড়ল। ৮ পদবিবিশেষ।

মণ্ডলাকার /মন্ডোলাকার্ / [স. মণ্ডল+আকার] বিণ. গোলাকার।

মণ্ডলাধীশ /মন্ডোলাধিশ্ / [স. মণ্ডল+অধীশ] বি. দ্র মণ্ডলেশ্বর।

মণ্ডলী /মন্ডোলি / [স. মণ্ডল+ইন্] বি. ১ সমূহ (*সুধীমণ্ডলী*)। ২ বৃত্ত, চক্র।

মণ্ডলেশ্বর /মন্ডোলেশ্শর্/ [স. মণ্ডল+ঈশ্বর] বি. সাম্রাজ্যের অধিপতি, রাজচক্রবর্তী।

মণ্ডিত /মোন্ডিতো / [স. √মণ্ড্+ত] বিণ. অলংকৃত, ভূষিত; সজ্জিত। স্ত্রী. **মণ্ডিতা** /মোন্ডিতা/।

মণ্ডূক /মোন্ডুক্ / [স. √মণ্ড্+ঊক] বি. উবু হয়ে লাফিয়ে চলে এমন আর্দ্র ও মসৃণ ত্বকবিশিষ্ট চতুষ্পদ (পেছনের পা দুটি অপেক্ষাকৃত লম্বা) লেজবিহীন উভচর মেরুদণ্ডী ডিম্বজ প্রাণী, ব্যাং, দাদুর, ভেক। স্ত্রী. **মণ্ডূকী** /মোন্ডুকি /।

মণ্ডূকপ্লুতি /মোন্ডুকপ্লুতি/ [স. মণ্ডূক+√প্লু+তি] বি. ব্যাঙের লম্ফন।

মণ্ডূকবৃত্তি /মোন্ডুকবৃত্তি/ [স. মণ্ডূক+√বৃৎ+তি] বি. বাইরের জগৎ থেকে বিচ্ছিন্ন হয়ে কূপমণ্ডূকের মতো সংকীর্ণ গণ্ডিতে আবদ্ধ থাকার স্বভাব।

মণ্ডূর /মোন্ডুর্ / [স. √মণ্ড্+ঊর] বি. লোহার মল, মরিচা, জং।

মত /মত্/ [স. √মন্+ত] বি. ১ মনের ভাব, অভিমত (*এ বিষয়ে ওঁর মত কী?*)। ২ সম্মতি (*এ কাজে আমার মত নেই*)। ৩ সিদ্ধান্ত (*মত বদল করা*)। ৪ ধারা, পদ্ধতি (*হোমিওপ্যাথিমতে চিকিৎসা*)। ৫ বিধি, নিয়ম (*পুরাণমতে*)।

মত দেওয়া /মত্ দেওআ/ ক্রিবি. সম্মতি দেওয়া।

www.pathagar.com

মতদ্বৈধ /মতোদোই্ধো/ [স. মত+দ্বিধা+অ] বি. মতের অমিল, মতানৈক্য।

মতন /মতোন্/ [বা.] বিণ. মতো, সদৃশ, তুল্য।

মত নেওয়া /মত্ নেওআ/ ক্রিবি. ১ অনুমতি বা সম্মতি গ্রহণ করা। ২ পরামর্শ গ্রহণ করা।

মতপরিবর্তন /মত্পোরিবর্তোন্/ [স. মত+পরিবর্তন] বি. সিদ্ধান্ত বদল।

মতপার্থক্য /মতোপার্থোক্কো/ [স. মত+পার্থক্য] বি. মতের অমিল, মতানৈক্য।

মতবাদ /মতোবাদ্/ [স. মত+বাদ] বি. যুক্তি প্রমাণ দিয়ে গৃহীত দার্শনিক বৈজ্ঞানিক বা নীতিবিষয়ক ধারণা বা সিদ্ধান্ত, theory।

মতবাদী /মতোবাদি/ [স. মতবাদ+ইন্] বিণ. বিশেষ কোনো মতাদর্শের অনুসারী।

মতবিনিময় /মত্বিনিময়্/ [স. মত+বিনিময়] বি. পারস্পরিক আলোচনা ও মতের আদান-প্রদান।

মতবিভেদ /মতোবিভেদ্/ [স. মত+বিভেদ] বি. দ্র মতভেদ।

মতবিরোধ /মতোবিরোধ্/ [স. মত+বিরোধ] বি. দ্র মতভেদ।

মতভেদ /মতোভেদ্/ [স. মত+ভেদ] বি. মত-পার্থক্য, মতানৈক্য।

মতলব /মত্লোব্/ [আ.] বি. ১ অভিসন্ধি, উদ্দেশ্য। ২ ফন্দি, কূটকৌশল।

মতলববাজ /মত্লোব্বাজ্/ [আ. মতলব+ফা. বাজ] বিণ. ১ সুযোগসন্ধানী, স্বার্থপর। ২ কৌশলী।

মতলববাজি /মত্লোব্বাজি/ [আ. মতলব+ফা. বাজি] বি. ফন্দিবাজি, ধূর্তামি।

মতলবি /মত্লোবি/ [আ. মতলব >] বিণ. দ্র মতলববাজ।

মতানৈক্য /মতানোই্ক্কো/ [স. মত+অনৈক্য] বি. মতের অমিল, মতপার্থক্য।

মতান্তর /মতান্তর্/ [স. মত+অন্তর] বি. ভিন্নমত, মতভেদ।

মতাবলম্বন /মতাবোলম্বোন্/ [স. মত+অবলম্বন] বি. অন্যের মত গ্রহণ।

মতাবলম্বী /মতাবোলোম্বি/ [স. মত+অব+√লম্ব্+ইন্] বিণ. বিশেষ কোনো মতের অনুসারী, মতানুবর্তী (*বৌদ্ধ মতাবলম্বী*)।

মতামত /মতামত্/ [স. মত+অমত] বি. ১ মত এবং অমত, সম্মতি ও অসম্মতি। ২ অভিমত।

মতি /মোতি/ [স. √মন্+তি] বি. ১ বুদ্ধি (*সুমতি*)। ২ প্রবৃত্তি, অনুরাগ (*ধর্মে মতি*)। ৩ জ্ঞান। ৪ স্মৃতি, স্মরণশক্তি (*মতিভ্রম*)। ৫ চিত্ত (*অস্থিরমতি*)।

মতিগতি /মোতিগোতি/ [স. মতি+গতি] বি. মনের গতিপ্রকৃতি; হাবভাব, অভিপ্রায় ও চেষ্টা।

মতিচ্ছন্ন /মোতিচ্ছন্নো/ [স. মতি+আচ্ছন্ন] বিণ. দুর্মতি; কর্তব্যজ্ঞানহীন। বি. বুদ্ধিনাশ, বুদ্ধিভ্রংশ।

মতিপ্রকর্ষ /মোতিপ্রোকর্শো/ [স. মতি+প্রকর্ষ] বি. বুদ্ধির উৎকর্ষ, চিত্তের শ্রেষ্ঠতা।

মতিভ্রংশ /মোতিব্ভ্রোংশো/ [স. মতি+√ভ্রন্শ্+অ] বি. স্মৃতিভ্রংশ; বুদ্ধিনাশ।

মতিভ্রম /মোতিব্ভ্রোম্/ [স. মতি+ভ্রম] বি. দ্র মতিভ্রংশ।

মতিভ্রষ্ট /মোতিব্ভ্রোশ্টো/ [স. মতি+√ভ্রন্শ্+ত] বিণ. স্মরণশক্তি লোপ পেয়েছে এমন।

মতিমতী /মোতিমোতি/ [স. মতি+মৎ+ঈ] বিণ. বুদ্ধিমতী।

মতিমন্ত /মোতিমন্তো/ [স. মতি+বা. মন্ত] বিণ. বুদ্ধিমান।

মতিমান /মোতিমান্/ [স. মতি+মৎ] বিণ. দ্র মতিমন্ত।

মতিস্থৈর্য /মোতিস্থোই্রজ্যো/ [স. মতি+স্থির+য] বি. অভিপ্রায় বা সংকল্পের স্থিরতা ও দৃঢ়তা।

মতিহারি /মোতিহারি/ [বা.] বিণ. ভারতের বিহার রাজ্যের অন্তর্গত মতিহার অঞ্চলে উৎপন্ন (*মতিহারি তামাক*)।

মতিহীন /মোতিহিন্/ [স. মতি+√হা+ত] বিণ. স্মরণ-শক্তি লোপ পেয়েছে এমন। বি. **মতিহীনতা** /মোতিহিনতা/।

মতৈক্য /মতোই্ক্কো/ [স. মত+ঐক্য] বি. মতের মিল, ঐকমত্য।

মতো /মতো/ [বা.] বিণ. ১ তুল্য, সদৃশ (*আকাশের মতো বিশাল*)। ২ যোগ্য (*মনে রাখার মতো*)। ক্রিবিণ. অনুযায়ী (*বিধিমতো কাজ করা*)। অব্য. জন্য, সীমা (*জন্মের মতো*)।

মৎ[১] /মত্/ [স. √মদ্+ক্বিপ্] সর্ব. (সমাসের পূর্বপদে ব্যবহৃত সংস্কৃত কৃৎপ্রত্যয়) আমি (মৎকৃত)।

মৎ[২] /মত্/ যার আছে বা যাতে আছে (বুদ্ধিমান) অর্থে ব্যবহৃত সংস্কৃত তদ্ধিত প্রত্যয়।

মৎকুণ /মোত্কুন্/ [স. মৎ+√কুণ্+অ] বি. ১ ছারপোকা। ২ উকুন। ৩ ডাঁশ। ৪ দাড়িগোঁফহীন পুরুষ, মাকুন্দ।

মৎসর /মত্শর্/ [স. √মদ্+সর] বি. ১ ঈর্ষা, অসূয়া। ২ ক্রোধ। বিণ. ১ পরশ্রীকাতর। ২ ক্রুদ্ধ।

মৎসরী /মত্শোরি/ [স. মৎসর+ইন্] বিণ. ১ ঈর্ষাকারী। ২ ক্রুদ্ধ। ৩ লোভী। ৪ নীচ। ৫ খল।

www.pathagar.com

মৎস্য /মোত্‌শো/ [স. √মদ্+স্য] বি. ১ মাছ। ২ বিষ্ণুর প্রথম অবতার। ৩ পুরাণবিশেষ (*মৎস্য-পুরাণ*)। ৪ (জ্যোতি.) মীনরাশি। ৫ প্রাচীন ভারতের রাজ্যবিশেষ, বিরাটরাজ্য।

মৎস্যকন্যা /মোত্‌শোকোন্‌না/ [স. মৎস্য+কন্যা] বি. পুরাণে কল্পিত দীর্ঘ সোনালি চুলবিশিষ্ট সামুদ্রিক জীব যার ঊর্ধ্বাঙ্গ নারী এবং নিম্নাঙ্গ মাছের লেজের মতো, mermaid।

মৎস্যকরণ্ডিকা /মোত্‌শোকরোন্‌ডিকা/ [স. মৎস্য+করণ্ডিকা] বি. মাছ রাখার ঝুড়ি, খালুই।

মৎস্যগন্ধা /মোত্‌শোগন্‌ধা/ [স. মৎস্য+গন্ধ+আ (টাপ্)] বি. পুরাণোক্ত ব্যাসদেবের মাতা সত্যবতী।

মৎস্যচাষ /মোত্‌শোচাশ্/ [স. মৎস্য+চাষ] বি. মাছ-উৎপাদন ও পালন।

মৎস্যজীবী /মোত্‌শোজিবি/ [স. মৎস্য+√জীব্+ইন্] বি. মাছ ধরা যার পেশা, জেলে, ধীবর। বিণ. মাছ ধরে জীবিকানির্বাহ করে এমন।

মৎস্যদেশ /মোত্‌শোদেশ্/ [স. মৎস্য+দেশ] বি. মহাভারতে বর্ণিত বিরাটরাজের রাজধানী (বর্তমান জয়পুরের নিকটবর্তী স্থান)।

মৎস্যপুরাণ /মোত্‌শোপুরান্/ [স. মৎস্য+পুরাণ] বি. মৎস্য-অবতার বিষ্ণুর কাহিনিসংবলিত পুরাণ।

মৎস্যরঙ্গ /মোত্‌শোরংগো/ [স. মৎস্য+রঙ্গ] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জলাশয়ের ওপর নিশ্চল হয়ে শূন্যে ভেসে থেকে শিকারের ওপর দৃষ্টি নিবদ্ধ করার পর জলে ঝাঁপ দিয়ে শিকার তুলে আনে এমন বড়ো মাথাওয়ালা বিচিত্র বর্ণের উজ্জ্বল পালকবিশিষ্ট পাখি, মাছরাঙা, kingfisher।

মৎস্যরেণু /মোত্‌শোরেনু/ [স. মৎস্য+রেণু] বি. সদ্যোজাত মাছের পোনা।

মৎস্যসম্পদ /মোত্‌শোশম্‌পদ্/ [স. মৎস্য+সম্পদ] বি. কোনো দেশের নদী অথবা সমুদ্রের আহরণ-যোগ্য মাছ।

মৎস্যাশী /মোত্‌শাশি/ [স. মৎস্য+√অশ্+ইন্] বিণ. মাছ খায় এমন, মৎস্যভোজী।

মৎস্যোদরী /মোত্‌শোদোরি/ [স. মৎস্য+উদরী] বি. পুরাণোক্ত ব্যাসদেবের মাতা সত্যবতী।

মত্ত /মত্‌তো/ [স. √মদ্+ত] বিণ. ১ মাতাল। ২ পাগল; ক্ষিপ্ত (*মত্ত হস্তী*)। ৩ অত্যন্ত গর্বিত। ৪ উল্লসিত; বিহ্বল (*মদমত্ত*)। স্ত্রী. মত্তা /মত্‌তা/।

মত্ততা /মত্‌তোতা/ [স. মত্ত+তা] বি. ১ উন্মাদ অবস্থা। ২ মাতলামি। ৩ অহেতুক উত্তেজনা।

মত্তনয়না /মত্‌তোনয়োনা/ [স. মত্ত+নয়ন+আ (টাপ্)] বিণ. দৃষ্টিতে মাদকতা আছে এমন, মদিরনয়না।

মথন /মথোন্/ [স. √মথ্+অন] বি. ১ মন্থন। ২ দলন, পীড়ন।

মথনী /মথোনি/ [স. √মথ্+অন+ঈ] বি. ১ মথনদণ্ড, মউনি। ২ (মন্থন করে প্রাপ্ত) মাখন।

মথা /মথা/ [স. √মথ্+বা. আ] ক্রিবি. (কাব্যে) মথন করা।

মথিত /মোথিতো/ [স. √মথ্+ত] বিণ. ১ মথন করা হয়েছে এমন, বিলোড়িত। ২ বিনাশিত।

মথুরা /মোথুরা/ [স্থান.] বি. ভারতের উত্তরপ্রদেশের নগরবিশেষ যেখানে কৃষ্ণ কংসকে নিহত করেন।

মথ্যমান /মোত্‌থোমান্/ [স. √মথ্+মান (শানচ্)] বিণ. মন্থন করা হচ্ছে এমন।

মদ /মদ্/ [স. √মদ্+অ] বি. ১ প্রমত্তকর রস, মদ্য, সুরা। ২ দম্ভ, অহংকার। ৩ বিহ্বল ভাব। ৪ কস্তুরী। ৫ হাতির গণ্ডদেশ থেকে ক্ষরিত স্রাব।

মদকল /মদোকল্/ [স. মদ+কল] বিণ. মত্ততাবশত মধুর ও অস্ফুট শব্দ করে এমন। বি. মত্ত হাতি।

মদখোর /মদ্‌খোর্/ [স. মদ+ফা. খোর] বিণ. মদ্যপায়ী।

মদগর্ব /মদোগর্‌বো/ [স. মদ+গর্ব] বি. মত্ততাহেতু অহংকার, ক্ষমতার দাম্ভিকতা।

মদত /মদোত্/ [আ. মদদ] বি. ১ সাহায্য, সহায়তা। ২ সহযোগিতা। ৩ উৎসাহ।

মদদ /মদোদ্/ [আ.] বি. দ্র **মদত**।

মদতগার /মদোত্‌গার্/ [আ. মদদ+ফা. গার] বিণ. মদতদাতা, সাহায্যকারী, সহায়তাদানকারী।

মদতপুষ্ট /মদোত্‌পুশ্‌টো/ [আ. মদদ+স. পুষ্ট] বিণ. সহায়তা পেয়েছে এমন, সাহায্যপ্রাপ্ত।

মদন /মদোন্/ [স. √মদ্+ণিচ্+অন] বি. পুরাণোক্ত প্রেম ও কামনার অধিদেবতা, কন্দর্প, কামদেব। বিণ. মাতাল করে এমন, মত্ততাজনক।

মদনগোপাল /মদোন্‌গোপাল্/ [স. মদন+গোপাল] বি. শ্রীকৃষ্ণ।

মদনমোহন /মদোন্‌মোহোন্/ [স. মদন+মোহন] বি. শ্রীকৃষ্ণ।

মদনোৎসব /মদোনোত্‌শব্/ [স. মদন+উৎসব] বি. বসন্তোৎসব; হোলি উৎসব।

মদমত্ত /মদোমত্‌তো/ [স. মদ+মত্ত] বিণ. ১ নেশায় বিভোর। ২ গর্বে উন্মত্ত। স্ত্রী. **মদমত্তা** /মদো-মত্‌তা/।

মদাত্যয় /মদাত্‌তয়্/ [স. মদ+অত্যয়] বি. মদ্যপানজনিত ব্যাধি।

মদান্ধ /মদান্‌ধো/ [স. মদ+অন্ধ] বিণ. অহংকার বা দম্ভ হেতু হিতাহিত জ্ঞানশূন্য।

www.pathagar.com

মদালস/মদালশ্/[স. মদ+অলস] বিণ. মদ্যপানহেতু বিহ্বল। স্ত্রী. মদালসা /মদালশা/।

মদির /মোদির্/ [স. √মদ্+ইর] বিণ. মাদকতাপূর্ণ।

মদিরা /মোদিরা/ [স. মদির+আ (টাপ্)] বি. মদ, সুরা, বারুণী।

মদিরাক্ষী /মোদিরাক্‌খি/ [স. মদির+অক্ষি] বিণ. দৃষ্টিতে মাদকতা আছে এমন। বি. ১ মাদকতাপূর্ণ চোখ। ২ সুলোচনা নারী।

মদিরাগৃহ /মোদিরাগৃহো/ [স. মদিরা+গৃহ] বি. পানশালা।

মদীয় /মোদিয়ো/ [স. অস্মদ্+ঈয়] সর্ব. বিণ. আমার, মম।

মদোৎকট /মদোত্‌কট্/ [স. মদ+উৎকট] বিণ. ১ মদস্রাবী। ২ মদ্যপানের ফলে মত্ত, মদমত্ত। ৩ দাম্ভিক। বি. মদস্রাবের ফলে উত্তেজিত হাতি।

মদোদগ্র /মদোদ গ্‌গ্রো/ [স. মদ+ উদগ্র] বিণ. মদমত্ত।

মদোন্মত্ত /মদোন্‌মত্তো/ [স. মদ+উন্মত্ত] বিণ. মদ্যপানের ফলে উন্মত্ত।

মদ্‌গুর /মোদ্‌গুর্/ [স. √মদ্+উর] বি. অগভীর জলের তলদেশে বিচরণ করে এমন চারজোড়া স্পর্শীযুক্ত প্রশস্ত মুখ চ্যাপটা মাথা ও লম্বা দেহ-বিশিষ্ট বাদামি ধূসর প্রভৃতি রঙের আঁশবিহীন মাঝারি আকৃতির জিওল মাছ, মাগুর।

মদ্য /মোদ্‌দো/ [স. √মদ্+য] বি. মদিরা, মদ, সুরা।

মদ্যপ /মোদ্‌দোপ্/ [স. মদ্য+ √পা+অ] বিণ. ১ মদ্য পানে আসক্ত, মদখোর। ২ মাতাল।

মদ্যপায়ী /মোদ্‌দোপায়ি/ [স. মদ্য+ √পা+ইন্] বিণ. মদ্যপানে আসক্ত, মদখোর।

মধু /মোধু/ [স. √মন্+উ] বি. ১ ফুলের মিষ্ট নির্যাস, মকরন্দ, মৌ। ২ সুরা। ৩ চৈত্রমাস (*মধুমাস*)। ৪ পুরাণোক্ত অসুরবিশেষ। ৫ (আল.) মাধুর্য। বিণ. ১ মিষ্টস্বাদ। ২ (আল.) মাধুর্যময় (*মধুকণ্ঠ*)।

মধুক /মোধুক্/ [স. মধু+ক] বি. ১ যষ্টিমধু। ২ মহুয়ার ফুল। ৩ অশোক।

মধুকণ্ঠ /মোধুকন্‌ঠো/ [স. মধু+কণ্ঠ] বিণ. মিষ্ট স্বরযুক্ত; মিষ্টভাষী। বি. কোকিল।

মধুকর /মোধুকর্/ [স. মধু+√কৃ+অ] বি. ১ মধু-মক্ষিকা। ২ ভ্রমর। স্ত্রী. মধুকরী /মোধুকোরি/।

মধুকাল /মোধুকাল্/ [স. মধু+কাল] বি. বসন্তকাল।

মধুকৃৎ /মোধুকৃত্/ [স. মধু+কৃৎ] বি. দ্র মধুকর।

মধুকোদক /মোধুকোদক্/ [স. মধুক+উদক] বি. দ্র মধূদক।

মধুকোষ /মোধুকোশ্/ [স. মধু+কোষ] বি. মৌচাক।

মধুক্রম /মোধুক্‌ক্রোম্/ [স. মধু+ক্রম] বি. দ্র মধুকোষ।

মধুচক্র /মোধুচক্‌ক্রো/ [স. মধু+চক্র] বি. মৌমাছি মধু সঞ্চয় করে যেখানে রাখে, মৌচাক।

মধুচন্দ্রিমা /মোধুচোন্‌দ্রিমা/ [ইংরেজি honeymoon শব্দের অনুকরণে গঠিত শব্দ] বি. নবদম্পতির প্রমোদবিহার।

মধুচ্ছত্র /মোধুচ্‌ছত্‌ত্রো/ [স. মধু+ছত্র] বি. মৌচাক।

মধুচ্ছন্দা /মোধুচ্‌ছন্‌দা/ [স. মধু+ছন্দস্] বি. শ্রুতি-মধুর ছন্দ।

মধুজ /মোধুজো/ [স. মধু+√জন্+অ] বিণ. মধু থেকে জাত। বি. মোম।

মধুজা /মোধুজা/ [স. মধু+√জন্+অ+আ (টাপ্)] বি. (পুরাণোক্ত মধু নামক অসুরের মেদ থেকে জাত বলে কল্পিত) পৃথিবী।

মধুজালক /মোধুজালক্/ [স. মধু+জাল+ক (স্বার্থে)] বি. মৌচাক।

মধুজীব /মোধুজীব্/ [স. মধু+√জীব্+অ] বি. মৌমাছি।

মধুজীবী /মোধুজীবী/ [স. মধু+√জীব্+ইন্] বি. মৌমাছি।

মধুতৃণ /মোধুতৃনো/ [স. মধু+তৃণ] বি. ইক্ষু, আখ।

মধুদ্রুম /মোধুদ্‌দ্রুম্/ [স. মধু+দ্রুম] বি. বসন্তকালে ফোটে এমন হলুদাভ সাদা তীব্র সুগন্ধ ও রসাল ফুল (যার নির্যাস থেকে মাদক তৈরি হয়) ও বেরি-জাতীয় সবুজাভ ফল বা তার লম্বাটে পাতা এবং মসৃণ বাকলবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন শোভাবর্ধক পত্র-মোচী বৃক্ষ (আনি. ভারত ও মালয়েশিয়া), মহুয়া।

মধুনিশি /মোধুনিশি/ [স. মধু+বা. নিশি] বি. বসন্ত-রজনি।

মধুপ /মোধুপো/ [স. মধু+√পা+অ] বি. ১ মধুকর, মৌমাছি। ২ ভ্রমর।

মধুপবন /মোধুপবোন্/ [স. মধু+√পূ+অন] বি. দখিনা বাতাস, মলয়।

মধুপর্ক /মোধুপর্‌কো/ [স. মধু+√পৃচ্+অ] বি. পুণ্যকর্মে ব্যবহৃত মধু ঘি দুধ দই ও চিনির মিশ্রণ।

মধুপর্ণী /মোধুপোর্‌নি/ [স. মধু+পর্ণ+ইন্] বি. ১ নীলীবৃক্ষ। ২ গুলঞ্চলতা। ৩ গাম্ভারী, গামার।

মধুপায়ী /মোধুপায়ি/ [স. মধু+√পা+ইন্] বিণ. মধু পানকারী। বি. ১ মৌমাছি। ২ ভ্রমর।

মধুপিঙ্গল /মোধুপিংগল্/ [স. মধু+পিঙ্গল] বিণ. মধুর মতো পিঙ্গল বর্ণবিশিষ্ট।

www.pathagar.com

মধুপুরী /মোধুপুরি/ [স. মধু+√পৃ+ঈ] বি. মথুরা নগরী।

মধুপুষ্প /মোধুপুশ্‌পো/ [স. মধু+√পুষ্প্‌+অ] বি. যার ফুলে মধু আছে (মহুয়া শিরীষ অশোক প্রভৃতি বৃক্ষ)।

মধুপূর্ণিমা /মোধুপুরনিমা/ [স. মধু+পূর্ণি+√মা+অ+আ (টাপ্‌)] বি. চৈত্র মাসের পূর্ণিমা, বসন্তপূর্ণিমা।

মধুবন /মোধুবোন্‌/ [স. মধু+বন] বি. ১ বৃন্দাবনের অরণ্যবিশেষ। ২ কোকিল।

মধুবনি /মোধুবোনি/ [স. মধু+বনি] বি. বিহার রাজ্যের চিত্রশৈলীবিশেষ।

মধুবর্ষী /মোধুবোর্‌শি/ [স. মধু+√বৃষ্‌+ইন্‌] বিণ. ১ মধুবর্ষণকারী। ২ অত্যন্ত মধুর।

মধুবল্লি /মোধুবোল্‌লি/ [স. মধু+√বল্ল্‌+ই] বি. যষ্টিমধু।

মধুব্রত /মোধুব্রোতো/ [স. মধু+ব্রত] বি. দ্র মধুপ।

মধুভৃৎ /মোধুভৃত্‌/ [স. মধু+√ভৃ+ক্বিপ্‌] বি. দ্র মধুপ।

মধুমক্ষিকা /মোধুমোক্‌খিকা/ [স. মধু+মক্ষিকা] বি. মৌমাছি।

মধুমতী /মোধুমোতি/ [স. মধুমৎ+ঈ] বি. ১ গঙ্গা থেকে উৎপন্ন হয়ে কুষ্টিয়া যশোর খুলনা ও বরিশাল জেলায় প্রবাহিত নদীবিশেষ। ২ ছন্দ-বিশেষ। বিণ. মাধুর্যময়ী।

মধুমন্তি /মোধুমোন্‌তি/ [বা.] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

মধুময় /মোধুময়্‌/ [স. মধু+ময়ট্‌] বিণ. ১ মধুপূর্ণ, মধুমাখা। ২ সুমধুর।

মধুমাখা /মোধুমাখা/ [স. মধু+বা. মাখা] বিণ. মাধুর্য-পূর্ণ, অতি মধুর।

মধুমাধব /মোধুমাধব্‌/ [স. মধু+মাধব] বি. চৈত্র ও বৈশাখ মাস।

মধুমাধবী /মোধুমাধোবি/ [স. মধুমাধব+ঈ] বি. সুরা।

মধুমাস /মোধুমাশ্‌/ [স. মধু+মাস] বি. চৈত্রমাস।

মধুমেহ /মোধুমেহো/ [স. মধু+মেহ] বি. মেরুদণ্ডী প্রাণীর দেহস্থ অগ্ন্যাশয় (pancreas) থেকে নিঃসৃত ইনসুলিন হরমোনের উৎপাদন কমে যাওয়ার ফলে রক্তে শর্করার আধিক্যজনিত রোগবিশেষ, বহুমূত্র, diabetes।

মধুযষ্টি /মোধুজোশ্‌টি/ [স. মধু+√ষষ্‌+তি] বি. ১ যষ্টিমধু। ২ ইক্ষু।

মধুযামিনী /মোধুজামিনি/ [স. মধু+যাম+ইন্‌+ঈ] বি. ১ বসন্তকালের রাত্রি। ২ আনন্দরজনি।

মধুর /মোধুর্‌/ [স. মধু+র] বিণ. ১ অত্যন্ত মিষ্ট। ২ প্রীতিকর (*মধুর মধুর ধ্বনি বাজে / হৃদয়কমলবনমাঝে॥* রবীন্দ্র.)।

মধুরতা /মোধুরতা/ [স. মধুর+তা] বি. ১ অতিশয় মিষ্টতা। ২ মাধুর্য, লাবণ্য।

মধুরত্ব /মোধুরতো/ [স. মধুর+ত্ব] বি. দ্র মধুরতা।

মধুরাতি /মোধুরাতি/ [স. মধু+বা. রাতি] বি. দ্র মধুযামিনী।

মধুরিমা /মোধুরিমা/ [স. মধুর+ইমন্‌] বি. মাধুর্য; লাবণ্য।

মধুলিট /মোধুলিট্‌/ [স. মধু+√লিহ্‌+ক্বিপ্‌] বিণ. বি. দ্র মধুলেহী।

মধুলিহ /মোধুলিহো/ [স. মধু+√লিহ্‌+অ] বিণ. বি. দ্র মধুলেহী।

মধুলেহ /মোধুলেহো/ [স. মধু+√লিহ্‌+অ] বিণ. বি. দ্র মধুলেহী।

মধুলেহী /মোধুলেহি/ [স. মধু+√লিহ্‌+ইন্‌] বিণ. মধু লেহনকারী। বি. ভ্রমর।

মধুসখ /মোধুশখ/ [স. মধু+সখ] বি. বসন্তের সখা, কোকিল।

মধুসূদন /মোধুশূদন্‌/ [স. মধু+সূদন] বি. মধু নামক অসুরকে বধকারী বিষ্ণু।

মধুস্বর /মোধুশ্‌শর্‌/ [স. মধু+স্বর] বি. ১ মিষ্ট কণ্ঠস্বর। ২ কোকিল।

মধূৎসব /মোধুত্‌শব্‌/ [স. মধু+উৎসব] বি. বসন্তকালে অনুষ্ঠিত উৎসব; হোলি উৎসব।

মধূত্থ /মোধুত্‌থো/ [স. মধু+উৎ+√স্থা+অ] বি. মোম।

মধূত্থবর্তিকা /মোধুত্‌থোবোর্‌তিকা/ [স. মধুত্থ+বর্তিকা] বি. মোমবাতি।

মধূদক /মোধুদক্‌/ [স. মধু+উদক] বি. জলমিশ্রিত মধু।

মধ্বাসব /মদ্‌ধাশব্‌/ [স. মধু+আসব] বি. মধু থেকে প্রস্তুত সুরা।

মধ্য /মোদ্‌ধো/ [স. মধ্য+অ] বি. ১ মাঝ (*মধ্যস্থ*)। ২ কোমর (*ক্ষীণমধ্য*)। ৩ কেন্দ্র (*ভূমধ্যসাগর*)। ৪ অভ্যন্তর (*গুহামধ্য*)। ৫ অবসর (*এর মধ্যে*)। ৬ সংগীতে মধ্যমলয়ের তালবিশেষ। বিণ. ১ মাঝামাঝি (*মধ্যরাত*)। ২ প্রান্ত থেকে সমদূরবর্তী (*মধ্যবিন্দু*)। ৩ অন্তর্বর্তী, অভ্যন্তরীণ।

মধ্যকার /মোদ্‌ধোকার্‌/ [বা.] বিণ. অভ্যন্তরস্থ, ভেতরের।

মধ্যগ /মোদ্‌ধোগো/ [স. মধ্য+√গম্‌+অ] বিণ. মধ্যবর্তী, মাঝের।

মধ্যচ্ছদা /মোদ্‌ধোচ্‌ছদা/ [স. মধ্য+ছদ] বি. বক্ষ ও

www.pathagar.com

উদরের মধ্যবর্তী ঝিল্লিবিশেষ, diaphragm।

মধ্যদেশ /মোদ্‌ধ্যোদেশ্‌/ [স. মধ্য+দেশ] বি. ১ মধ্য-ভাগ, মধ্যবর্তী স্থান। ২ মানবদেহের বক্ষ ও কটি-দেশের মধ্যবর্তী অংশ, পেট।

মধ্যন্দিন /মোদ্‌ধ্যোন্‌দিন্‌/ [স. মধ্যম্‌+দিনম্‌] বি. দিনের মধ্যভাগ, মধ্যাহ্ন, দ্বিপ্রহর।

মধ্যপথ /মোদ্‌ধ্যোপথ্‌/ [স. মধ্য+পথ] বি. ১ পথের মাঝামাঝি জায়গা। ২ মাঝামাঝি মত বা পন্থা।

মধ্যপদলোপী /মোদ্‌ধ্যোপদোলোপি/ [স. মধ্যপদ+√লুপ্‌+ইন্‌] বিণ. (সমাসে) মধ্যবর্তী পদ লোপ পায় এমন।

মধ্যপন্থা /মোদ্‌ধ্যোপন্‌থা/ [স. মধ্য+হি. পন্থা] বি. দুটি বিপরীতধর্মী মতের মধ্যবর্তী পন্থা; নরমপন্থা।

মধ্যপন্থি /মোদ্‌ধ্যোপোন্‌থি/ [স. মধ্য+হি. পন্থি] বিণ. মধ্যপন্থা অনুসরণ করে এমন।

মধ্যপ্রদেশ /মোদ্‌ধ্যোপ্রোদেশ্‌/ [স. মধ্য+প্রদেশ] বি. ১ মধ্যস্থল। ২ মধ্যভারতের রাজ্যবিশেষ। ৩ (ব্য.) ভুঁড়ি।

মধ্যপ্রাচ্য /মোদ্‌ধ্যোপ্রাচ্যো/ [স. মধ্য+প্রাচ্য] বি. আরব উপদ্বীপ-সহ ভূমধ্যসাগর থেকে পাকিস্তান পর্যন্ত বিস্তৃত দক্ষিণ-পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকার বিস্তীর্ণ অঞ্চল।

মধ্যবয়স্ক /মোদ্‌ধ্যোবয়োশ্‌কো/ [স. মধ্যবয়ঃস্থ >] বিণ. যৌবন ও বার্ধক্যের মধ্যবর্তী (৪৫ থেকে ৬০ বছর) বয়সকালের, মাঝবয়সি। স্ত্রী. মধ্যবয়স্কা /মোদ্‌ধ্যোবয়োশ্‌কা/।

মধ্যবর্তিতা /মোদ্‌ধ্যোবোর্‌তিতা/ [স. মধ্য+√বৃৎ+ইন্‌+তা] বি. ১ মধ্যবর্তী অবস্থা। ২ মাঝামাঝি অবস্থান। ৩ সালিশি, মধ্যস্থতা।

মধ্যবর্তী /মোদ্‌ধ্যোবোর্‌তি/ [স. মধ্য+√বৃৎ+ইন্‌] বিণ. মাঝে বা ভেতরে স্থিত, মাঝামাঝি স্থানে বা অভ্যন্তরে অবস্থিত। স্ত্রী. মধ্যবর্তিনী /মোদ্‌ধ্যো-বোর্‌তিনি/।

মধ্যবিত্ত /মোদ্‌ধ্যোবিত্‌তো/ [স. মধ্য+√বিদ্‌+ত] বিণ. ধনী ও দরিদ্রের মাঝামাঝি শ্রেণিভুক্ত।

মধ্যবিধ /মোদ্‌ধ্যোবিধো/ [স. মধ্য+বিধা] বিণ. মধ্যম প্রকারের।

মধ্যবিন্দু /মোদ্‌ধ্যোবিন্‌দু/ [স. মধ্য+√বিন্দ্‌+উ] বি. একাধিক প্রান্ত থেকে সমদূরবর্তী বিন্দু, কেন্দ্র।

মধ্যম /মোদ্‌ধ্যোম্‌/ [স. মধ্য+ম] বিণ. ১ কমও নয় বেশিও নয় এমন। ২ ভালো বা মন্দ কোনোটিই নয় এমন, মাঝারি। ৩ মাঝামাঝি স্থানে অবস্থিত। ৪ মেজো, দ্বিতীয়। বি. ১ কটিদেশ। ২ সংগীতে স্বরগ্রামের চতুর্থ স্বর, মা।

মধ্যমণি /মোদ্‌ধ্যোমোনি/ [স. মধ্য+মণি] বি. ১ কণ্ঠহার প্রভৃতি অলংকারের মধ্যস্থিত মণি, শ্রেষ্ঠ মণি। ২ গুরুত্বপূর্ণ এবং প্রধান ব্যক্তি (*আসরের মধ্যমণি*)।

মধ্যম পাণ্ডব /মোদ্‌ধ্যোম্‌ পান্‌ডব্‌/ বি. মহাভারতোক্ত তৃতীয় পাণ্ডব ভীম।

মধ্যমা /মোদ্‌ধ্যোমা/ [স. মধ্যম+আ (টাপ্‌)] বি. ১ তর্জনী ও অনামিকার মধ্যবর্তী আঙুল, হাতের সর্বাপেক্ষা দীর্ঘ আঙুল। ২ (জ্যা.) ত্রিভুজের কৌণিক বিন্দু থেকে বিপরীত বাহুর মধ্যবিন্দুকে সংযোগকারী রেখা, median।

মধ্যমান /মোদ্‌ধ্যোমান্‌/ [স. মধ্য+√মা+অন] বি. (সংগীতে) ১৬ মাত্রার তাল।

মধ্যযুগ /মোদ্‌ধ্যোজুগ্‌/ [স. মধ্য+যুগ] বি. ইউরোপীয় ইতিহাসে রোম সাম্রাজ্যের পতন থেকে কনস্টান্টি-নোপ্‌ল সাম্রাজ্যের পতন পর্যন্ত কালপর্ব (৫০০-১৪৫৩ খ্রি.)। ২ সীমিত অর্থে ভারতীয় ইতিহাসের আনুমানিক ১১শ থেকে ১৫শ শতাব্দ পর্যন্ত কাল-পর্ব।

মধ্যযুগীয় /মোদ্‌ধ্যোজুগিয়ো/ [স. মধ্যযুগ+ঈয়] বিণ. ১ মধ্যযুগের; মধ্যযুগসুলভ (*মধ্যযুগীয় বর্বরতা*)। ২ মধ্যযুগসংক্রান্ত।

মধ্যরাত /মোদ্‌ধ্যোরাত্‌/ [স. মধ্য+রা. রাত] বি. রাতের মধ্যভাগ, গভীর রাত, নিশীথ।

মধ্যরাত্র /মোদ্‌ধ্যোরাত্‌ত্রো/ [স. মধ্য+রাত্র] বি. দ্র মধ্যরাত।

মধ্যরেখা /মোদ্‌ধ্যোরেখা/ [স. মধ্য+রেখা] বি. ভূপৃষ্ঠের কোনো নির্দিষ্ট স্থানের ওপর দিয়ে উত্তর ও দক্ষিণ মেরু সংযোজক কল্পিত বৃত্তরেখা, meridian।

মধ্যলয় /মোদ্‌ধ্যোলয়্‌/ [স. মধ্য+√লী+অ] বি. সংগীতে দ্রুত ও বিলম্বিত লয়ের মাঝামাঝি লয়।

মধ্যস্থ /মোদ্‌ধ্যোস্‌থো/ [স. মধ্য+√স্থা+অ] বিণ. মধ্যস্থলে স্থিত, মধ্যবর্তী।

মধ্যস্থতা /মোদ্‌ধ্যোস্‌থোতা/ [স. মধ্যস্থ+তা] বি. মধ্যস্থের কাজ, সালিশি।

মধ্যস্থতাকারী /মোদ্‌ধ্যোস্‌থোতাকারি/ [স. মধ্যস্থতা+√কৃ+ইন্‌] বিণ. দুটি বিপরীত পথ বা মতের মধ্যে পক্ষপাতহীন মীমাংসার কাজ করে এমন। স্ত্রী. মধ্যস্থতাকারিণী /মোদ্‌ধ্যোস্‌থোতাকারিনি/।

মধ্যস্থল /মোদ্‌ধ্যোস্‌থল্‌/ [স. মধ্য+√স্থল্‌+অ] বি. অভ্যন্তরভাগ, মাঝখান।

মধ্যস্বত্ব /মোদ্‌ধ্যোশত্‌তো/ [স. মধ্য+স্ব+ত্ব] বি. খাজনার যে অংশ শাসক ও প্রজার মধ্যবর্তী শ্রেণিভুক্ত মানুষ ভোগ করে।

www.pathagar.com

মধ্যস্বত্বভোগী /মোদ্‌ধ্যেশত্‌তোভোগি/ [স. মধ্যস্বত্ব +ভোগ+ইন্‌] বিণ. ১ মধ্যস্বত্ব ভোগকারী। ২ (আল.) সমাজের উচ্চবিত্ত ও নিম্নবিত্তের সুবিধা-ভোগী।

মধ্যা /মোদ্‌ধা/ [স. মধ্য+আ (টাপ্‌)] বিণ. মধ্যবর্তিনী।

মধ্যাহ্ন /মোদ্‌ধ্যান্‌nhো/ [স. মধ্য+অহন্‌] বি. দিনের মধ্যভাগ, দুপুরবেলা, দ্বিপ্রহর।

মধ্যাহ্নতপন /মোদ্‌ধ্যান্‌nhoতপোন্‌/ [স. মধ্যাহ্ন+তপন] বি. দ্বিপ্রহরের প্রখর সূর্য।

মধ্যাহ্নভোজ /মোদ্‌ধ্যান্‌nhoভোজ্‌/ [স. মধ্যাহ্ন +বা. ভোজ] বি. ১ দুপুরের আহার। ২ দুপুরের ভোজসভা।

মধ্যাহ্নভোজন /মোদ্‌ধ্যান্‌nhoভোজোন্‌/ [স. মধ্যাহ্ন +√ভোজি+অন] বি. দুপুরের আহার, দিনের প্রধান আহার।

মধ্যে /মোদ্‌ধে/ [স. মধ্য+বা. এ] ক্রিবিণ. ১ মধ্যস্থলে; ভেতরে। ২ অবসরে, ফাঁকে (*এর মধ্যে*)। ৩ সময় অতিবাহিত হওয়ার পূর্বে (*দুদিনের মধ্যে*)।

মধ্যে মধ্যে /মোদ্‌ধে মোদ্‌ধে/ ক্রিবিণ. মাঝে মাঝে, কখনো কখনো।

মন[১] /মোন্‌/ [স. মনস্‌ >] বি. ১ যে বৃত্তির সাহায্যে মানুষ (বা অন্যান্য প্রাণী) তার চারপাশের জগৎ ও অভিজ্ঞতা সম্পর্কে অবহিত হয় এবং কোনো বিষয়ে চিন্তা বা কোনো কিছু অনুভব করতে পারে, চিত্ত, হৃদয়, অন্তঃকরণ, অন্তরিন্দ্রিয়। ২ স্মরণ (*মনে পড়া*)। ৩ বোধ, ধারণা (*মনে হয় বৃষ্টি হবে*)। ৪ ইচ্ছা, প্রবৃত্তি (*মন চায় ঘুরে আসি*)। ৫ নিষ্ঠা (*মন দিয়ে কাজ করা*)। ৬ মনোযোগ (*লেখাপড়ায় মনোনিবেশ*)। ৭ পছন্দ (*মনের মতো*)।

মন[২] /মোন্‌/ [বা.] বি. ওজনের অধুনালুপ্ত একক-বিশেষ; চল্লিশ সের (আনুমানিক ৩৭·৩২৪ কিলোগ্রাম)।

মন ওঠা /মোন্‌ ওঠা/ ক্রিবি. ১ আশা মেটা; তৃপ্ত হওয়া। ২ আগ্রহ চলে যাওয়া।

মনঃকল্প /মোনোক্‌কল্‌পো/ [স. মনস্‌+√কল্পি+অ] বি. মনের কথা; মনের ইচ্ছা।

মনঃকল্পিত /মোনোক্‌কোল্‌পিতো/ [স. মনস্‌+√কল্পি +ত] বিণ. কল্পনায় সৃষ্ট, মনগড়া।

মনঃকষ্ট /মোনোক্‌কশ্‌টো/ [স. মনস্‌+√কষ্‌+ত] বি. মনের দুঃখ, মনোবেদনা।

মনঃক্ষুণ্ন /মোনোক্‌খুন্নো/ [স. মনঃ+√ক্ষুদ্‌+ত] বিণ. মানসিকভাবে ক্ষুণ্ন হয়েছে এমন, বিষণ্ন; হতাশ।

মনঃক্ষোভ /মোনোক্‌খোভ্‌/ [স. মনস্‌+ক্ষোভ] বি. মনের দুঃখ; অসন্তোষ।

মনঃপীড়া /মোনোপ্‌পিড়া/ [স. মনস্‌+√পীড়্‌+অ+আ (টাপ্‌)] বি. মানসিক যন্ত্রণা, মনের কষ্ট, মনো-বেদনা।

মনঃপূত /মোনোপ্‌পুতো/ [স. মনস্‌+√পূ+ত] বিণ. মনের মতো, পছন্দসই।

মনঃপ্রাণ /মোনোপ্‌প্রান্‌/ [স. মনস্‌+প্রাণ] বি. সমস্ত মন, সমস্ত অন্তঃকরণ।

মনঃসংযোগ /মোনোশ্‌শংজোগ্‌/ [স. মনস্‌+সংযোগ] বি. মনোযোগ, মনোনিবেশ।

মনঃসমীক্ষণ /মোনোশ্‌শোমিক্‌খন্‌/ [স. মনস্‌+ সমীক্ষণ] বি. সিগমুন্ড ফ্রয়েড প্রবর্তিত মানসিক রোগের চিকিৎসাপদ্ধতি যাতে রোগীর অবচেতন মনে বিদ্যমান ভয় দ্বন্দ্ব কল্পনা প্রভৃতির উৎস সন্ধান ও ব্যাখ্যাদ্বারা রোগীকে সচেতন করে তোলা হয়, psychoanalysis।

মনকর্ষণ /মোন্‌কর্‌শোন্‌/ [স. মনস্‌+কর্ষণ] বি. মনের উন্নতিসাধন।

মন কষা[১] /মোন্‌ কশা/ ক্রিবি. ১ মনকে দৃঢ় করা। ২ মন পরীক্ষা করা।

মনকষা[২] /মোন্‌কশা/ [বা.] বি. (গ.) মনের হিসাব অনুযায়ী মূল্য নির্ধারণের অঙ্ক।

মনকষাকষি /মোন্‌কশাকোশি/ [বা.] বি. পরস্পরের প্রতি মনে বিরূপতা ও বিরোধিতা, পরস্পর মনো-মালিন্য।

মন কাড়া[১] /মোন্‌ কাড়া/ ক্রিবি. মোহিত করা; মুগ্ধ করা।

মনকাড়া[২] /মোন্‌কাড়া/ [বা.] বিণ. আকৃষ্ট বা মুগ্ধ করে এমন (*মনকাড়া ছবি*)।

মনকির-নকির /মনকির্‌নোকির/ [আ.] বি. ইসলাম ধর্মমতে কবরে মৃত ব্যক্তিকে তার ধর্মবিশ্বাস সম্বন্ধে প্রশ্নকারী দুজন স্বর্গীয় দূত।

মন কেমন করা /মোন্‌ ক্যামোন্‌ করা/ ক্রিবি. মন ভারাক্রান্ত বা ব্যাকুল হওয়া।

মনক্কা /মনক্‌কা/ [আ.] বি. কিশমিশের চেয়ে বড়ো শুকনো আঙুর।

মন খারাপ করা /মোন্‌ খারাপ্‌ করা/ ক্রিবি. মনে দুঃখ পাওয়া।

মন খোলা[১] /মোন্‌ খোলা/ ক্রিবি. মনের কথা অকপটে খুলে বলা।

মনখোলা[২] /মোন্‌খোলা/ [বা.] বিণ. খোলা মনের অধিকারী, অকপট, সরল; উদার।

মনগড়া /মোন্‌গড়া/ [বা.] বিণ. কল্পনাপ্রসূত, অলীক, কাল্পনিক, প্রকৃত নয় এমন, বানানো।

www.pathagar.com

মন গলা /মোন্ গলা/ ক্রিবি. হৃদয় বিগলিত হওয়া।

মনচোর /মোনোচোর্/ [বা.] বিণ. বি. দ্র মনচোরা।

মনচোরা /মোনোচোরা/ [বা.] বিণ. মনকে মুগ্ধ বা হরণ করে এমন। বি. প্রেমিক।

মনছল /মোন্ছল্/ [বা.] বিণ. মনকে ছলনা করে এমন, ছলনাময়ী।

মনছাল /মোন্ছাল্/ [স. মনঃশিল >] বি. আর্সেনিক ও গন্ধকের মিশ্রণজাত বিষাক্ত রক্তবর্ণ পদার্থ-বিশেষ, red arsenic।

মন জোগানো /মোন্ জোগানো/ ক্রিবি. অন্যের খুশিমতো কাজ করা।

মন টলা /মোন্ টলা/ ক্রিবি. পূর্বসংকল্প বা অভিপ্রায় শিথিল হওয়া; মতের পরিবর্তন হওয়া।

মন টানা /মোন্ টানা/ ক্রিবি. মন আকৃষ্ট করা।

মন দেওয়া /মোন্ দেওআ/ ক্রিবি. ১ মনোসংযোগ করা (*পাঠে মন দেওয়া*)। ২ ভালোবাসা।

মন দেওয়া-নেওয়া /মোন্ দেওআনেওআ/ ক্রিবি. পরস্পরের প্রতি ভালোবাসা অনুভূত হওয়া, পরস্পরকে ভালোবাসা।

মনন /মনোন্/ [স. √মন্+অন] বি. ১ মনের ক্রিয়া। ২ ভাবনাচিন্তা। ৩ সংকল্প। ৪ অনুমান।

মননশীল /মনোন্শিল্/ [স. মনন+√শীল্+অ] বিণ. বুদ্ধিদীপ্ত চিন্তা করতে পারে এমন, চিন্তাশীল, ভাবুক, intellectual।

মননশীলতা /মনোন্শিলতা/ [স. মননশীল+তা] বি. যুক্তি ও বুদ্ধিদীপ্ত চিন্তাদ্বারা চালিত হওয়ার গুণ।

মননীয় /মনোনিয়ো/ [স. √মন্+অনীয়] বিণ. মনন-যোগ্য, চিন্তনীয়।

মনপবন /মোন্পবোন্/ [বা.] বি. ১ মনোরূপ প্রাণবায়ু। ২ বৃক্ষবিশেষ।

মনপসন্দ /মোন্পসন্দ্/ [বা. মন+ফা. পসন্দ] বিণ. মনের মতো, পছন্দসই।

মন ফেরানো /মোন্ ফেরানো/ ক্রিবি. কোনো কিছু থেকে মনকে নিবৃত্ত করা।

মন বসা /মোন্ বশা/ ক্রিবি. চিত্ত স্থির হওয়া; ভালো লাগা।

মন ভার হওয়া /মোন্ ভার্ হওআ/ ক্রিবি. বিষাদ-গ্রস্ত হওয়া; অপ্রসন্ন হওয়া।

মনভোলা /মোন্ভোলা/ [বা.] বিণ. কিছু মনে থাকে না এমন, ভুলো; আত্মবিস্মৃত।

মন ভোলানো[১] /মোন্ ভোলানো/ ক্রিবি. চিত্ত বিমোহিত করা; মন হরণ করা।

মনভোলানো[২] /মোন্ভোলানো/ [বা.] বিণ. মনো-মুগ্ধকর (*মনভোলানো কথা*)।

মন মজা /মোন্ মজা/ ক্রিবি. কোনো কিছুর প্রতি আকৃষ্ট হয়ে তাতে নিবিষ্ট থাকা।

মনমরা /মোন্মরা/ [বা.] বিণ. বিমর্ষ; উৎসাহহীন।

মন মাতানো[১] /মোন্ মাতানো/ ক্রিবি. মুগ্ধ করা।

মনমাতানো[২] /মোন্ মাতানো/ [বা.] বিণ. চিত্তকে মুগ্ধ করে এমন, মনোমুগ্ধকর (*মনমাতানো গান*)।

মনরক্ষা /মোন্রোক্‌খা/ [বা.] বি. কোনো বিষয়ের সরাসরি বিরোধিতা না করে সদ্ভাব রক্ষা।

মন রাখা /মোন্ রাখা/ ক্রিবি. অন্যের মন রক্ষা করা।

মন লাগা /মোন্ লাগা/ ক্রিবি. কোনো ব্যক্তি অথবা বিষয়ের প্রতি আগ্রহ বা উৎসাহ বোধ করা।

মন লাগানো /মোন্ লাগানো/ ক্রিবি. মনোযোগ দেওয়া, মনোনিবেশ করা।

মনশ্চক্ষু /মোনোশ্চোক্‌খু/ [স. মনস্+চক্ষুঃ] বি. মনের চোখ, অন্তর্দৃষ্টি; কল্পনা।

মনশ্চাঞ্চল্য /মোনোশ্চান্চোল্লো/ [স. মনস্+চঞ্চল +য] বি. মনের অস্থিরতা, উদ্‌বেগ।

মনসব /মন্সব্/ [আ.] বি. মনসবদারের পদ।

মনসবদার /মন্সবদার্/ [আ. মনসব+ফা. দার] বি. মোগল আমলে জায়গিরপ্রাপ্ত সেনাপতির উপাধি।

মনসা[১] /মনোশা/ [স. মনস্+অ+আ (টাপ্)] বি. পুরাণোক্ত সর্পমন্ত্রের অধিষ্ঠাত্রী দেবী।

মনসা[২] /মনোশা/ [স. মনস্+অ+আ (টাপ্)] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন হলুদাভ ছোটো ফুল উপবৃত্তাকার পাতা বা তার কণ্টকিত রসালো কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন শোভাবর্ধনকারী পত্রমোচী উদ্ভিদ, সিজ।

মনসামঙ্গল /মনোশামোংগোল্/ [স. মনসা+মঙ্গল] বি. দেবী মনসার কাহিনিসংবলিত কাব্যগ্রন্থ।

মনসিজ /মনোশিজ/ [স. মনস্+√জন্+অ] বি. কামদেব, মদন, কন্দর্প।

মনস্কাম /মনোশ্কাম্/ [স. মনস্+কাম] বি. দ্র মনস্কামনা।

মনস্কামনা /মনোশ্কামোনা/ [স. মনস্+কামনা] বি. মনের বাসনা, ইচ্ছা।

মনস্তত্ত্ব /মনোস্তত্তো/ [স. মনস্+তত্ত্ব] বি. মানুষের মনের ক্রিয়াকলাপ ও গতিপ্রকৃতি বিষয়ক শাস্ত্র, মনোবিজ্ঞান, psychology।

মনস্তাত্ত্বিক /মনোস্তাত্তিক্/ [স. মনস্+তত্ত্ব+ইক] বিণ. মানসিক অবস্থাসংক্রান্ত, মনস্তত্ত্ববিষয়ক।

মনস্তাপ /মনোস্তাপ্/ [স. মনস্+তাপ] বি. ১

www.pathagar.com

মানসিক কষ্ট, দুঃখ। ২ অনুশোচনা, অনুতাপ।

মনস্তুষ্টি /মনোস্তুশ্টি/ [স. মনঃ+তুষ্টি] বি. মনের সন্তোষ বা তৃপ্তি।

মনস্তৃপ্তি /মনোস্তৃপ্তি/ [স. মনঃ+তৃপ্তি] বি. দ্র মনস্তুষ্টি।

মনস্থ /মনোস্থো/ [স. মনস্+√স্থা+অ] বিণ. মনে স্থিত; সংকল্পিত। বি. ইচ্ছা, অভিপ্রায়; সংকল্প।

মনস্থির /মনোস্থির/ [স. মনস্+স্থির] বি. সিদ্ধান্ত।

মনস্বিতা /মনোশ্শিতা/ [স. মনস্বিন্+তা] বি. ১ প্রজ্ঞা। ২ উদারতা।

মনস্বী /মনোশ্শি/ [স. মনস্+বিন্] বিণ. ১ জ্ঞানী। ২ উদারচেতা, প্রশস্তচিত্ত। ৩ চিন্তাশীল। ৪ ধীরচেতা। স্ত্রী. মনস্বিনী /মনোশ্শিনি/।

মন হরা /মোন্ হরা/ ক্রিবি. চিত্ত হরণ করা।

মনহুস /মন্হুস্/ [আ.] বিণ. ১ অশুভ, অমঙ্গল-জনক। ২ হতভাগ্য। বি. গালিবিশেষ।

মনান্তর /মনান্তর্/ [বা.] বি. মনোমালিন্য, মন-কষাকষি; কলহ।

মনি-অর্ডার /মনিঅর্ড়ার্/ [ই.] বি. প্রেরকের আদেশে কোনো ডাকঘরে প্রদত্ত টাকা অন্য কোনো নির্দিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠানকে প্রদানের ব্যবস্থা, money order।

মনিটার /মনিটার্/ [লা.] বি. ১ শিক্ষায়তনে শ্রেণি-কক্ষের শৃঙ্খলাবিধান বা বিশেষ কোনো কাজের জন্য দায়িত্বপ্রাপ্ত ছাত্র বা ছাত্রী। ২ কোনো ঘটনা বা কাজের নিয়মিত পরিবীক্ষণ। ৩ কম্পিউটারের সঙ্গে যুক্ত যে বিদ্যুতিনীয় পর্দায় ছবি উপাত্ত লেখা প্রভৃতি দেখা যায়। ৪ টেলিভিশন বা বেতারের স্টুডিওতে ধারণ বা প্রেরণরত অনুষ্ঠান পরিধারণের ব্যবস্থা। ৫ monitor।

মনিব /মোনিব্/ [আ. মুনিব >] বি. ১ প্রভু; কর্তা, মালিক। ২ নিয়োগকর্তা।

মনিষ /মোনিশ্/ [স. মনুষ্য >] বি. যে ব্যক্তি দৈনিক পারিশ্রমিকের বিনিময়ে গৃহস্থের বাড়িতে কাজ করে, দিনমজুর; কুলি।

মনিষ্যি /মোনিশ্শি/ [স. মনুষ্য >] বি. মানুষ।

মনিহারি /মোনিহারি/ [হি. মনিহার >] বিণ. কাগজ কলম খেলনা প্রসাধনসামগ্রী প্রভৃতি সৌখিন দ্রব্যসংক্রান্ত (*মনিহারি দোকান*)। বি. কাগজ কলম ও সৌখিন দ্রব্যাদি ক্রয়বিক্রয়ের স্থান।

মনীশ /মোনিশ্/ [স. মনস্+ঈশ] বি. অন্তরের ঈশ্বর।

মনীষা /মোনিশা/ [স. মনস্+ঈষা] বি. প্রজ্ঞা; প্রতিভা; তীক্ষ্ণধী।

মনীষিত/মোনিশিতো/ [স. মনঃ+ঈষিত] বিণ. বাঞ্ছিত।

মনীষিতা /মোনিশিতা/ [স. মনীষা+ইন্+তা] বি. বুদ্ধিমত্তা; প্রজ্ঞা; মনীষীসুলভ ভাব।

মনীষী /মোনিশি/ [স. মনীষা+ইন্] বিণ. ১ তীক্ষ্ণধী। ২ বিদ্বান। ৩ প্রতিভাসম্পন্ন। বি. অসাধারণ প্রতিভা ও গভীর পাণ্ডিত্যসম্পন্ন ব্যক্তি।

মনু /মোনু/ [স. √মন্+উ] বি. ১ ব্রহ্মার চতুর্দশ পুত্রের অন্যতম, বৈবস্বত, আদিমানব। ২ শাস্ত্রপ্রণেতা (*মনুসংহিতা*)।

মনুজ /মোনুজো/ [স. মনু+√জন্+অ] বি. মনুর সন্তান, মানুষ।

মনুজেন্দ্র /মোনুজেন্দ্রো/ [স. মনুজ+ইন্দ্র] বি. নৃপতি, রাজা।

মনুষ্য /মনুশ্শো/ [স. মনু+য] বি. মানুষ।

মনুষ্যকৃত /মোনুশ্শোকৃতো/ [স. মনুষ্য+√কৃ+ত] বিণ. মানুষ করেছে এমন, মনুষ্যদ্বারা সম্পাদিত।

মনুষ্যচরিত্র /মোনুশ্শোচোরিত্রো/ [স. মনুষ্য+চরিত্র] বি. মানুষের প্রকৃতি বা স্বভাব।

মনুষ্যজন্ম /মোনুশ্শোজন্মো/ [স. মনুষ্য+জন্মন্] বি. মানুষরূপে জন্মগ্রহণ, মানবজন্ম।

মনুষ্যত্ব /মোনুশ্শত্তো/ [স. মনুষ্য+ত্ব] বি. ১ মানুষের স্বাভাবিক প্রকৃতি, মানবতা। ২ মানুষের থাকা উচিত এমন সদ্‌গুণ (দয়া প্রেম প্রভৃতি)।

মনুষ্যত্ববর্জিত /মোনুশ্শত্তোবোর্জিতো/ [স. মনুষ্যত্ব+বর্জিত] বিণ. মানুষের থাকা উচিত এমন গুণাবলিশূন্য।

মনুষ্যত্ববোধ /মোনুশ্শত্তোবোধ্/ [স. মনুষ্যত্ব+বোধ] বি. মানবোচিত বোধ বা অনুভূতি।

মনুষ্যধর্ম /মোনুশ্শোধরমো/ [স. মনুষ্য+ধর্ম] বি. মানুষের থাকা উচিত এমন গুণ, মনুষ্যত্ব।

মনুষ্যযজ্ঞ /মোনুশ্শোজোগ্গোঁ/ [স. মনুষ্য+√যজ্+ন] বি. অতিথিপরিচর্যা।

মনুষ্যলোক /মোনুশ্শোলোক্/ [স. মনুষ্য+লোক] বি. পৃথিবী, মর্ত্যলোক।

মনুষ্যাবাস /মোনুশ্শাবাশ্/ [স. মনুষ্য+বাস] বি. যেখানে মানুষ বসবাস করে, লোকালয়।

মনুষ্যেতর /মোনুশ্শেতর্/ [স. মনুষ্য+ইতর] বিণ. মানুষের চেয়ে নিম্নতর স্তরের (*মনুষ্যেতর প্রাণী*)।

মনুষ্যোচিত /মোনুশ্শোচিতো/ [স. মনুষ্য+উচিত] বিণ. মানুষের জন্য শোভন এমন, মানবোচিত।

মনুসংহিতা /মোনুশংহিতা/ [স. মনু+সংহিত+আ

www.pathagar.com

(টাপ্)] বি. স্মার্ত মুনিপ্রণীত মানবজাতির পালনীয় আচরণসংক্রান্ত গ্রন্থ।

মনে করা /মোনে করা/ ক্রিবি. ১ স্মরণ করা। ২ চিন্তা করা। ৩ সংকল্প করা।

মনে জাগা /মোনে জাগা/ ক্রিবি. স্মরণ হওয়া।

মনে থাকা /মোনে থাকা/ ক্রিবি. স্মরণে থাকা।

মনে ধরা /মোনে ধরা/ ক্রিবি. পছন্দসই হওয়া।

মনেপ্রাণে /মোনেপ্রানে/ [বা.] ক্রিবিণ. একান্তভাবে, সর্বান্তঃকরণে।

মনে মনে /মোনে মোনে/ ক্রিবিণ. ১ বাইরে প্রকাশ না করে। ২ কল্পনায়।

মনের আগুন /মোনের্ আগুন্/ বি. শোক ও দুঃখজনিত মনের তীব্র জ্বালা, অন্তর্দাহ।

মনের জোর /মোনের্ জোর্/ বি. মানসিক শক্তি বা দৃঢ়তা, মনোবল; আত্মবিশ্বাস।

মনে রাখা /মোনে রাখা/ ক্রিবি. স্মরণে রাখা।

মনোগত /মনোগতো/ [স. মনস্+গত] বিণ. অন্তরের অধিকারগত, মানসিক।

মনোগ্রাহিতা /মনোগ্‌গ্রাহিতা/ [স. মনস্+√গ্রহ্+ইন্+তা] বি. মনকে আকৃষ্ট করার গুণ, হৃদয়গ্রাহিতা।

মনোগ্রাহী /মনোগ্‌গ্রাহি/ [স. মনস্+√গ্রহ্+ইন] বিণ. মনকে আকৃষ্ট করে এমন, চিত্তাকর্ষক।

মনোজ /মনোজো/ [স. মনস্+√জন্+অ] বি. কামদেব, কন্দর্প। বিণ. মনে জাত।

মনোজগৎ /মনোজগোত্/ [স. মনস্+জগৎ] বি. মনোরূপ ভুবন, অন্তর্জগৎ; চিন্তাজগৎ।

মনোজ্ঞ /মনোগ্‌গোঁ/ [স. মনস্+√জ্ঞা+অ] বিণ. মনোহর, চিত্তাকর্ষক।

মনোজ্ঞতা /মনোগ্‌গোঁতা/ [স. মনোজ্ঞ+তা] বি. মনোহারিতা, হৃদয়গ্রাহিতা।

মনোদুঃখ /মনোদুক্‌খো/ [স. মনস্+দুঃখ] বি. মনে পোষণ করা দুঃখ, মনোবেদনা; মানসিক যন্ত্রণা।

মনোনয়ন /মনোনয়োন্/ [স. মনস্+√নী+অন] বি. নির্বাচন, বাছাই; অনুমোদন (*দলীয় মনোনয়ন*)।

মনোনয়নপ্রার্থী /মনোনয়োনপ্রারথি/ [স. মনোনয়ন+প্র+√অর্থ্+ইন্] বিণ. মনোনয়ন লাভ করতে ইচ্ছুক, মনোনয়নপ্রত্যাশী।

মনোনিবেশ /মনোনিবেশ্/ [স. মনস্+নিবেশ] বি. মনোযোগ।

মনোনীত /মনোনিতো/ [স. মনস্+নীত] বিণ. ১ পছন্দ করা হয়েছে এমন; নির্বাচিত (*মনোনীত বিষয়*)। ২ অনুমোদিত (*মনোনীত প্রার্থী*)। স্ত্রী. মনোনীতা /মনোনিতা/।

মনোনেত্র /মনোনেত্রো/ [স. মনস্+√নী+ত্র] বি. মনশ্চক্ষু, অন্তর্দৃষ্টি।

মনোবল /মনোবল্/ [স. মনস্+বল] বি. মনের জোর, আত্মবিশ্বাস।

মনোবাঞ্ছা /মনোবান্‌ছা/ [স. মনস্+√বাঞ্ছ্+অ+আ (টাপ্)] বি. দ্র মনোবাসনা।

মনোবাসনা /মনোবাশোনা/ [স. মনস্+বাসনা] বি. বি. মনের বাসনা, মনস্কামনা।

মনোবিকার /মনোবিকার্/ [স. মনস্+বিকার] বি. ১ মানসিক রোগ। ২ চিত্তবৈকল্য; চিত্তচাঞ্চল্য।

মনোবিচ্ছেদ /মনোবিচ্‌ছেদ্/ [স. মনস্+বিচ্ছেদ] বি. মনোমালিন্য, মনান্তর; ঝগড়া, কলহ।

মনোবিজ্ঞান /মনোবিগ্‌গ্যান্/ [স. মনস্+বিজ্ঞান] বি. মানুষের মনের ক্রিয়াকলাপ ও গতিপ্রকৃতি-বিষয়ক শাস্ত্র, psychology।

মনোবিদ্যা /মনোবিদ্‌দা/ [স. মনস্+বিদ্যা] বি. দ্র মনোবিজ্ঞান।

মনোবিবাদ /মনোবিবাদ্/ [স. মনস্+বিবাদ] বি. মনোমালিন্য; ঝগড়া, কলহ।

মনোবৃত্তি /মনোবৃত্তি/ [স. মনস্+বৃত্তি] বি. মনের ভাব, চিত্তবৃত্তি।

মনোবেদনা /মনোবেদোনা/ [স. মনস্+বেদনা] বি. মনের কষ্ট, মনোদুঃখ, অন্তর্বেদনা।

মনোব্যথা /মনোব্যাথা/ [স. মনস্+ব্যথা] বি. দ্র মনোবেদনা।

মনোব্যাধি /মনোব্যাধি/ [স. মনস্+ব্যাধি] বি. মানসিক রোগ, মনোবৈকল্য।

মনোভঙ্গ /মনোভংগো/ [স. মনস্+√ভন্জ্+অ] বি. ১ নৈরাশ্য, উদ্যমহানি। ২ বিষণ্ণতা, বিষাদ।

মনোভব /মনোভব্/ [স. মনস্+√ভূ+অ] বি. কামদেব, মদন।

মনোভাব /মনোভাব্/ [স. মনস্+ভাব] বি. ১ মনের ক্রিয়া, মনের অবস্থা। ২ উদ্দেশ্য। ৩ ইচ্ছা।

মনোভার /মনোভার্/ [স. মনস্+ভার] বি. মনের দুঃখ, হৃদয়বেদনা, অভিমানজনিত মনের ক্লেশ।

মনোভীষ্ট /মনোভিশ্‌টো/ [স. মনস্+অভীষ্ট] বিণ. মনের মতো। বি. মনস্কাম।

মনোভূ /মনোভু/ [স. মনস্+√ভূ+ক্বিপ্] বি. কামদেব।

মনোমতো /মনোমতো/ [স. মনস্+বা. মতো] বিণ. পছন্দসই, ইচ্ছানুরূপ।

মনোমদ /মনোমদ্/ [স. মনস্+মদ] বি. মিথ্যা গর্ব; অহংকার, দম্ভ।

www.pathagar.com

মনোমন্দির /মনোমোন্‌দির্‌ / [স. মনস্‌+মন্দির] বি. মনরূপ মন্দির।

মনোময় /মনোময়্‌ / [স. মনস্‌+ময়ট্‌] বিণ. মনের কল্পনায় রচিত, কাল্পনিক।

মনোময় কোষ /মনোময়্‌ কোশ্‌/ বি. (দর্শন.) কল্পিত আত্মার পাঁচটি আবরণের (অন্নময় প্রাণময় মনোময় জ্ঞানময় ও আনন্দময়) তৃতীয়টি।

মনোমালিন্য /মনোমালিন্‌নো / [স. মনস্‌+মালিন্য] বি. ১ মনান্তর। ২ বিবাদ, কলহ।

মনোমুগ্ধকর /মনোমুগ্‌ধোকর্‌/ [স. মনোমুগ্ধ+√কৃ+অ] বিণ. মনকে মোহিত করে এমন, মনোজ্ঞ।

মনোমোহন /মনোমোহোন্‌ / [স. মনস্‌+√মুহ্‌+ণিচ্‌+অন] বিণ. মনকে মোহিত করে এমন; মনোহর; চিত্তাকর্ষক। স্ত্রী. **মনোমোহিনী** /মনোমোহিনি /।

মনোযোগ /মোনোজোগ্‌ / [স. মনস্‌+যোগ] বি. মনোনিবেশ, মনঃসংযোগ, অভিনিবেশ।

মনোযোগী /মোনোজোগি/ [স. মনস্‌+√যুজ্‌+ইন] বিণ. মনোযোগ দিয়েছে এমন, অভিনিবিষ্ট। বি. **মনোযোগিতা** /মনোজোগিতা /।

মনোরঞ্জক /মোনোরন্‌জোক্‌ / [স. মনস্‌+√রঞ্জি+অক] বিণ. মনের সন্তোষবিধান করে এমন; চিত্তাকর্ষক।

মনোরঞ্জন /মোনোরন্‌জোন্‌/ [স. মনস্‌+√রঞ্জি+অন] বি. ১ চিত্তের সন্তোষবিধান, মনে আনন্দদান। ২ তোষামোদ।

মনোরথ /মনোরথ্‌ / [স. মনস্‌+রথ] বি. ১ ইচ্ছা, বাসনা, অভিলাষ। ২ সংকল্প।

মনোরথগতি /মনোরথ্‌গোতি/ [স. মনোরথ+গতি] বি. ইচ্ছামতো চলার শক্তি। বিণ. মনে মনে দূরদেশে যাওয়ার কল্পনার মতো দ্রুতগতিসম্পন্ন।

মনোরম /মনোরম্‌ / [স. মনস্‌+√রমি+অ] বিণ. মনোজ্ঞ, সুন্দর। স্ত্রী. **মনোরমা** /মনোরমা /।

মনোরাজ্য /মনোরাজ্‌জো / [স. মনস্‌+রাজন্‌+য] বি. মনোজগৎ, চিন্তার জগৎ, অন্তর্জগৎ।

মনোলোভা /মনোলোভা/ [স. মনস্‌+√লুভ্‌+ণিচ্‌+অ+আ (টাপ্‌)] বিণ. দেখে মন মুগ্ধ হয় এমন, মনোহারিণী।

মনোহত /মনোহতো/ [স. মনস্‌+√হন্‌+ত] বিণ. নিরাশ, হতাশ; মনে আঘাতপ্রাপ্ত।

মনোহর /মনোহর্‌ / [স. মনস্‌+√হৃ+অ] বিণ. মনকে হরণ করে এমন সুন্দর, অতি সুন্দর, রমণীয়। স্ত্রী. **মনোহরা** /মনোহরা /।

মনোহরণ /মনোহরোন্‌/ [স. মনস্‌+√হৃ+অন] বি. বিমোহিতকরণ। বিণ. মনোমুগ্ধকর; রমণীয়।

মনোহারিতা /মনোহারিতা / [স. মনোহারী+তা] বি. দ্র **মনোহারিত্ব**।

মনোহারিত্ব /মনোহারিত্‌তো/ [স. মনোহারী+ত্ব] বি. রমণীয়তা, সৌন্দর্য।

মনোহারী /মনোহারি / [স. মনস্‌+√হৃ+ইন্‌] বিণ. চিত্তাকর্ষী। স্ত্রী. **মনোহারিণী** /মনোহারিনি /।

মন্টেসরি /মন্‌টেসরি / [ব্যক্তি.] বি. ইতালীয় চিকিৎসক ও শিক্ষাবিদ মারিয়া মন্টেসরি প্রবর্তিত শিশুদের (আনুষ্ঠানিক শিক্ষার পরিবর্তে) স্বাভাবিক আগ্রহ সৃষ্টি করে শিখানোর পদ্ধতি।

মন্ডা /মন্‌ডা / [স. মণ্ডল >] বি. ছানার তৈরি সন্দেশজাতীয় মিঠাইবিশেষ (*মুক্তাগাছার মন্ডা*)।

–মন্ত /মন্‌তো/ [স. মৎ >] বিণ. যুক্ত বিশিষ্ট প্রভৃতি অর্থবাচক বাংলা তদ্ধিত প্রত্যয় (*লক্ষ্মীমন্ত*)।

মন্তব্য /মোন্‌তোব্‌বো / [স. √মন্‌+তব্য] বি. ১ অভিমত। ২ টীকা। বিণ. চিন্তনীয়, বিবেচনাযোগ্য।

মন্তর /মন্‌তোর্‌ / [স. মন্ত্র >] বি. 'মন্ত্র'-র আঞ্চলিক ও কথ্য রূপ (*ছুমন্তর*)।

মন্তা /মন্‌তা / [স. √মন্‌+তৃ] বি. বিণ. ১ মননকর্তা, চিন্তক। ২ পরামর্শদানকারী।

মন্ত্র /মন্‌ত্রো/ [স. √মন্ত্র+অ] বি. ১ পূজায় বেদ প্রভৃতি গ্রন্থ থেকে উচ্চারিত শ্লোক (*মন্ত্র পাঠ*)। ২ বেদ বা বেদাংশ। ৩ কোনো কাজের মূলনীতি। ৪ মন্ত্রণা, যুক্তি-পরামর্শ। ৫ হিন্দুমতে অভীষ্ট লাভের উদ্দেশ্যে উচ্চারিত শব্দ বা শব্দগুচ্ছ।

মন্ত্রক /মন্‌ত্রোক্‌/ [স. মন্ত্র+ক] বি. মন্ত্রীর এক্তিয়ার-ভুক্ত দপ্তর, মন্ত্রণালয়।

মন্ত্র করা /মন্‌ত্রো করা/ ক্রিবি. লোকবিশ্বাস মতে বিশেষ শব্দ বা শব্দগুচ্ছ উচ্চারণ করে কোনো ব্যক্তিকে বশীভূত করা।

মন্ত্রকুশল /মন্‌ত্রোকুশল্‌/ [স. মন্ত্র+কুশল] বিণ. পরামর্শদানে নিপুণ।

মন্ত্রগুপ্তি /মন্‌ত্রোগুপ্‌তি/ [স. মন্ত্র+√গুপ্‌+তি] বি. মন্ত্রণা বা যুক্তি-পরামর্শের গোপনীয়তা রক্ষা।

মন্ত্রগূঢ় /মন্‌ত্রোগুঢ়ো/ [স. মন্ত্র+গূঢ়] বি. গুপ্তচর, spy।

মন্ত্রগৃহ /মন্‌ত্রোগৃহো/ [স. মন্ত্র+গৃহ] বি. গোপন বিষয়ে পরামর্শদানের গুপ্ত কক্ষ, মন্ত্রণাগৃহ।

মন্ত্রগ্রহণ /মন্‌ত্রোগ্রোহোন্‌ / [স. মন্ত্র+গ্রহণ] বি. ১ দীক্ষাগ্রহণ। ২ পরামর্শ গ্রহণ। ৩ কোনো কার্য সম্পাদনের ব্রতগ্রহণ।

মন্ত্রজিহ্ব /মন্‌ত্রোজিভ়ো/ [স. মন্ত্র+√লিহ্‌+ব+আ (টাপ্‌)] বি. অগ্নি, আগুন।

মন্ত্রণ /মন্‌ত্রোন / [স. √মন্ত্র+অন্‌] বি. দ্র **মন্ত্রণা**।

মন্ত্রণা /মন্‌ত্রোনা / [স. √মন্ত্র+অন+আ (টাপ্‌)] বি. ১ গোপন পরামর্শ, যুক্তি। ২ কর্তব্য সম্পর্কে উপদেশ

www.pathagar.com

বা পরামর্শ।

মন্ত্রণাগৃহ /মন্‌ত্রোনাগৃহো/ [স. মন্ত্রণা+গৃহ] বি. মন্ত্রণা বা পরামর্শ দানের গোপন ঘর।

মন্ত্রণাদাতা /মন্‌ত্রোনাদাতা/ [স. মন্ত্রণা+√দা+তৃ] বি. বিণ. ১ পরামর্শদাতা। ২ (আল.) কুপরামর্শদাতা। স্ত্রী. **মন্ত্রণাদাত্রী** /মন্‌ত্রোনাদাত্‌ত্রি/।

মন্ত্রণালয় /মন্‌ত্রোনালয়্/ [স. মন্ত্রণা+আলয়] বি. মন্ত্রীর এক্তিয়ারভুক্ত সরকারি প্রশাসনিক বিভাগ।

মন্ত্রণীয় /মন্‌ত্রোনিয়ো/ [স. √মন্ত্র+অনীয়] বিণ. মন্ত্রণা বা পরামর্শ দানের উপযুক্ত।

মন্ত্রতন্ত্র /মন্‌ত্রোতন্‌ত্রো/ [স. মন্ত্র+তন্ত্র] বি. নানাবিধ মন্ত্র ও আভিচারিক ক্রিয়া।

মন্ত্রদাতা /মন্‌ত্রোদাতা/ [স. মন্ত্র+দাতা] বি. বিণ. ১ দীক্ষা দানকারী, দীক্ষাগুরু। ২ পরামর্শদাতা। স্ত্রী. **মন্ত্রদাত্রী** /মন্‌ত্রোদাত্‌ত্রি/।

মন্ত্রদ্রষ্টা /মন্‌ত্রোদ্রোশ্‌টা/ [স. মন্ত্র+√দৃশ্+তৃ] বি. যিনি মন্ত্রের পরম তত্ত্ব প্রত্যক্ষ করেছেন, ঋষি।

মন্ত্রপূত /মন্‌ত্রোপুতো/ [স. মন্ত্র+পূত] বিণ. মন্ত্র উচ্চারণের দ্বারা পবিত্র করা হয়েছে এমন।

মন্ত্রবল /মন্‌ত্রোবল্/ [স. মন্ত্র+বল] বি. মন্ত্রের ক্ষমতা।

মন্ত্রবিৎ /মন্‌ত্রোবিত্/ [স. মন্ত্র+√বিদ্+ক্বিপ্] বিণ. মন্ত্রজ্ঞ, মন্ত্রকুশল। বি. ১ মন্ত্রী। ২ গুপ্ত দূত।

মন্ত্রভেদ /মন্‌ত্রোভেদ্/ [স. মন্ত্র+√ভিদ্+অ] বি. অন্যের মনোভাব সম্পর্কে গোপনে তথ্য সংগ্রহ।

মন্ত্রমুগ্ধ /মন্‌ত্রোমুগ্‌ধো/ [স. মন্ত্র+√মুহ্+ত] বিণ. ১ মন্ত্রের প্রভাবে বশীভূত। ২ রূপ গুণ ও ব্যক্তিত্ব দ্বারা মোহিত। স্ত্রী. **মন্ত্রমুগ্ধা** /মন্‌ত্রোমুগ্‌ধা/।

মন্ত্রশক্তি /মন্‌ত্রোশোক্‌তি/ [স. মন্ত্র+√শক্+তি] বি. দ্র মন্ত্রবল।

মন্ত্রশিষ্য /মন্‌ত্রোশিশ্‌শো/ [স. মন্ত্র+শিষ্য] বি. ১ গুরুর দীক্ষাপ্রাপ্ত শিষ্য। ২ (আল.) একান্ত অনুগত ব্যক্তি।

মন্ত্রসাধক /মন্‌ত্রোশাধক্/ [স. মন্ত্র+সাধক] বিণ. মন্ত্র-দ্বারা সাধনা করে এমন; মন্ত্রের সাহায্যে সিদ্ধি লাভ করতে চায় এমন।

মন্ত্রসাধন /মন্‌ত্রোশাধোন্/ [স. মন্ত্র+সাধন] বি. মন্ত্রের সাহায্যে সিদ্ধিলাভের চেষ্টা।

মন্ত্রসিদ্ধ /মন্‌ত্রোশিদ্‌ধো/ [স. মন্ত্র+√সিধ্+ত] বিণ. মন্ত্রসাধনার দ্বারা সিদ্ধিপ্রাপ্ত। বি. **মন্ত্রসিদ্ধি** /মন্‌ত্রোশিদ্‌ধি/।

মন্ত্রিত /মোন্‌ত্রিতো/ [স. √মন্ত্র+ত] বিণ. ১ পরামর্শ-দ্বারা স্থিরীকৃত। ২ মন্ত্র পাঠ করে সংস্কার করা হয়েছে এমন।

মন্ত্রিত্ব /মোন্‌ত্রিত্‌তো/ [স. মন্ত্রিন্+ত্ব] বি. মন্ত্রীর পদ বা কাজ।

মন্ত্রিপরিষদ /মোন্‌ত্রিপোরিশদ্/ [স. মন্ত্রি+পরিষদ] বি. দ্র মন্ত্রীসভা।

মন্ত্রিসভা /মোন্‌ত্রিশভা/ [স. মন্ত্রি+সভা] বি. সংসদীয় গণতন্ত্রে প্রধানমন্ত্রীকে পরামর্শ দেওয়ার জন্য গঠিত সভা, cabinet।

মন্ত্রী /মোন্‌ত্রি/ [স. √মন্ত্র+ইন্] বি. ১ সংসদীয় শাসনব্যবস্থায় প্রধানমন্ত্রী বা মুখ্যমন্ত্রীর উপদেষ্টা। ২ রাষ্ট্রপ্রধানের মন্ত্রণাদাতা। ৩ রাষ্ট্রদূতের অধীনে দূতাবাসে বিশেষ কোনো দায়িত্বপ্রাপ্ত আধিকারিক। ৪ দাবা খেলার ঘুঁটিবিশেষ।

মন্থ /মন্‌থো/ [স. √মন্থ্+অ] বি. ১ মন্থন। ২ ছাতু-মিশ্রিত পানীয়। ৩ মন্থনদণ্ড। ৪ চোখের রোগ-বিশেষ।

মন্থন /মন্‌থোন্/ [স. √মন্থ্+অন] বি. ১ আলোড়ন, মথিতকরণ (*সমুদ্রমন্থন*)। ২ দলন, বিনাশন।

মন্থনদণ্ড /মন্‌থোনদন্‌ডো/ [স. মন্থন+দণ্ড] বি. যে দণ্ড দিয়ে মন্থন করা হয়, মথনী।

মন্থনী /মন্‌থোনি/ [স. √মন্থ্+অন+ঈ] বি. দ্র মন্থনদণ্ড।

মন্থর /মন্‌থোর্/ [স. √মন্থ্+অর] বিণ. ১ চটপটে নয় এমন। ২ মন্দগামী। ৩ অলস। ৪ নত, নম্র।

মন্থরতা /মন্‌থোরতা/ [স. মন্থর+তা] বি. ১ ধীর-গামিতা। ২ অলসতা। ৩ নম্রতা।

মন্থরা /মন্‌থোরা/ [স. √মন্থ্+অর+আ (টাপ্)] বি. সূর্যবংশের রাজা দশরথের পত্নী কৈকেয়ীর পরিচারিকা। বিণ. (আল.) কুমন্ত্রণাদাত্রী।

মন্থাদ্রি /মন্‌থাদ্‌রি/ [স. মন্থ+অদ্রি] বি. মন্দর পর্বত।

মন্থিত /মোন্‌থিতো/ [স. √মন্থ্+ত] বিণ. মন্থন করা হয়েছে এমন, আলোড়িত।

মন্থী /মোন্‌থি/ [স. √মন্থ্+ইন্] বিণ. মন্থনকারী।

মন্দ[১] /মোন্‌দো/ [স. √মন্দ্+অ] বিণ. ১ খারাপ, অপ্রকৃষ্ট (*মন্দ দ্রব্য*)। ২ অসৎ (*মন্দ লোক*)। ৩ অশুভ, প্রতিকূল (*মন্দ কপাল*)। ৪ কটু, কর্কশ (*মন্দ কথা*)। ৫ ক্ষীণ, দুর্বল। ৬ অসুস্থ।

মন্দ[২] /মন্‌দো/ [স. √মন্দ্+অ] বিণ. ১ তীব্র নয় এমন, মৃদু (*অমল ধবল পালে লেগেছে মন্দ মধুর হাওয়া* রবীন্দ্র.)। ২ ধীর (*মন্দগতি*)।

মন্দগতি /মন্‌দোগোতি/ [স. মন্দ+গতি] বি. ধীর বা মন্থর গতি। বিণ. ধীরগতিসম্পন্ন।

www.pathagar.com

মন্দগামিতা /মন্‌দোগামিতা/ [স. মন্দ+√গম্+ইন্+তা] বি. ধীরগামিতা।

মন্দগামী /মন্‌দোগামি/ [স. মন্দ+√গম্+ইন্] বিণ. ধীরে চলে এমন, ধীরগামী। স্ত্রী. মন্দগামিনী /মন্‌দোগামিনি/।

মন্দতা /মন্‌দোতা/ [স. মন্দ+তা] বি. দ্র মন্দত্ব।

মন্দত্ব /মন্‌দোত্‌তো/ [স. মন্দ+ত্ব] বি. মন্থরতা।

মন্দন /মন্‌দোন্/ [স. √মন্দ্+অন] বি. গতির ক্রম-হ্রাস; (পরি.) deceleration।

মন্দবুদ্ধি /মোন্‌দোবুদ্‌ধি/ [স. মন্দ+√বুধ্+তি] বিণ. ১ দুষ্টবুদ্ধিসম্পন্ন। ২ ক্ষীণবুদ্ধিসম্পন্ন।

মন্দভাগ /মোন্‌দোভাগ্/ [স. মন্দ+√ভজ্+অ] বি. খারাপ অদৃষ্ট। বিণ. হতভাগা, অভাগা। স্ত্রী. মন্দভাগা /মোন্‌দোভাগা/।

মন্দভাগিনী /মোন্‌দোভাগিনি/ [স. মন্দ+√ভজ্+ইন্+ঈ] বিণ. বি. হতভাগী, অভাগী।

মন্দভাগ্য /মোন্‌দোভাগ্‌গো/ [স. মন্দ+√ভজ্+য] বি. খারাপ ভাগ্য। বিণ. হতভাগা, দুর্ভাগা। স্ত্রী. মন্দ-ভাগ্যা /মোন্‌দোভাগ্‌গা/।

মন্দভাষী /মন্‌দোভাশি/ [স. মন্দ+√ভাষ্+ইন্] বিণ. মৃদুভাষী।

মন্দমতি /মোন্‌দোমোতি/ [স. স. মন্দ+√মন্+তি] বিণ. দুর্মতি।

মন্দর /মন্‌দোর্/ [স. √মন্দ্+অর] বি. পৌরাণিক মতে সমুদ্রমন্থনকালে মন্থনদণ্ডরূপে ব্যবহৃত পর্বতবিশেষ।

মন্দা /মন্‌দা/ [স. মন্দ >] বি. ১ অবনতি, হ্রাস। ২ পণ্যদ্রব্যের মূল্য বা ক্রয়বিক্রয়ের হ্রাস প্রাপ্তি, depression। বিণ. ১ পণ্যদ্রব্যের চাহিদা বা মূল্য কমেছে এমন। ২ হ্রাসপ্রাপ্ত।

মন্দাকিনী /মন্‌দাকিনি/ [স. মন্দ+√অক্+ইন্+ঈ] বি. পুরাণোক্ত স্বর্গের গঙ্গা নদী।

মন্দাক্রান্তা /মন্‌দাক্‌ক্রান্‌তা/ [স. মন্দ+আক্রান্ত+আ (টাপ্)] বি. সংস্কৃত ছন্দবিশেষ।

মন্দাগ্নি /মন্‌দাগ্‌নি/ [স. মন্দ+অগ্নি] বি. ক্ষুধাহীনতা; পরিপাকশক্তির হ্রাসজনিত রোগ, অগ্নিমান্দ্য।

মন্দানিল /মন্‌দানিল্/ [স. মন্দ+অনিল] বি. মৃদু বাতাস।

মন্দার /মন্‌দার্/ [স. √মন্দ্+আর] বি. ১ পুরাণোক্ত স্বর্গ-উদ্যানের বৃক্ষ। ২ মাদার গাছ।

মন্দির /মোন্‌দির্/ [স. √মন্দ্+ইর] বি. ১ পূজা বা উপাসনার গৃহ, দেবালয়। ২ গৃহ, ভবন।

মন্দিরা /মোন্‌দিরা/ [দেশি.] বি. কাঁসার তৈরি ছোটো করতালজাতীয় তালযন্ত্র।

মন্দীভূত /মোন্‌দিভূতো/ [স. মন্দ+চ্বি+ভূত] বিণ. ১ মৃদু হয়ে আসছে এমন, বেগ বা তেজ কমে এসেছে এমন। ২ হ্রাসপ্রাপ্ত।

মন্দুরা /মোন্‌দুরা/ [স. √মন্দ্+উর+আ (টাপ্)] বি. অশ্বশালা, আস্তাবল।

মন্দের ভালো /মোন্‌দের্ ভালো/ বিণ. অনেক মন্দের মধ্যে অপেক্ষাকৃত কম মন্দ।

মন্দোদরী /মোন্‌দোদোরি/ [স. মন্দ+উদর+ঈ] বি. রামায়ণোক্ত রাবণের পত্নী।

মন্দ্র /মন্‌দ্রো/ [স. √মন্দ্+র] বি. গম্ভীর শব্দ। বিণ. গম্ভীর, গাম্ভীর্যপূর্ণ।

মন্দ্রিত /মোন্‌দ্রিতো/ [স. √মন্দ্র্+ত] বিণ. গম্ভীর ধ্বনিদ্বারা নিনাদিত।

মন্বন্তর /মন্‌নোন্‌তর্/ [স. মনু+অন্তর] বি. ১ পুরাণ-মতে ব্রহ্মার চতুর্দশ মানসপুত্রের এক এক মনুর শাসনকাল। ২ (বাংলায়) আকাল, দুর্ভিক্ষ।

মন্মথ /মন্‌মথো/ [স. মনস্+√মথ্+অ] বি. কামদেব, কন্দর্প, মদন।

মন্যা /মোন্‌না/ [স. √মন্+য+আ (টাপ্)] বি. গ্রীবার পশ্চাৎভাগে অবস্থিত শিরা।

মন্যি /মোন্‌নি/ [স. মন্যু >] বি. অভিশাপ।

মন্যু /মোন্‌নু/ [স. √মন্+যু] বি. ১ ক্রোধ, রোষ, রাগ। ২ শোক। ৩ দৈন্য। ৪ যজ্ঞ। ৫ দর্প।

ম-ফলা /মফলা/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে যুক্ত ম-এর সংক্ষিপ্ত রূপ।

মফস্‌সল /মফোশ্‌শল্/ [আ.] বি. নগর বা শহর নয় এমন জনপদ, গ্রামাঞ্চল।

মবলগ /মব্‌লগ্/ [আ.] বিণ. ১ নগদ। ২ মোট। ক্রিবিণ. সাকুল্যে, একুনে।

ম-ম /ম ম/ অব্য. গন্ধে আমোদিত এমন ভাব। বিণ. গন্ধে আমোদিত।

মম /মমো/ [স. অস্মদ্ শব্দের ষষ্ঠী বিভক্তির প্রথমার রূপ] বিণ. (কাব্যে) আমার (*মম যৌবননিকুঞ্জে গাহে পাখি—* রবীন্দ্র.)।

মমতা /মমোতা/ [স. মম+তা] বি. ১ স্নেহ। ২ আপনবোধ। ৩ আসক্তি।

মমতাময় /মমোতাময়/ [স. মমতা+ময়ট্] বিণ. স্নেহশীল। স্ত্রী. মমতাময়ী /মমোতামোয়ি/।

মমতাশূন্য /মমোতাশুন্‌নো/ [স. মমতা+শূন্য] বিণ. দ্র মমতাহীন।

মমতাহীন /মমোতাহিন্/ [স. মমতা+√হা+ত] বিণ.

www.pathagar.com

স্নেহহীন, নির্দয়, নির্মম।

মমত্ব /মমোত্তো/ [স. মম+ত্ব] বি. দ্র মমতা।

মমত্ববোধ /মমোত্তোবোধ/ [স. মমত্ব+বোধ] বি. ১ নিজের বলে অনুভব করার বোধ। ২ মায়াবোধ।

মমত্বশূন্য /মমোত্তোশুন্নো/ [স. মমত্ব+শূন্য] বিণ. দ্র মমত্বহীন।

মমত্বহীন /মমোত্তোহিন্/ [স. মমত্ব+√হা+ত] বিণ. দয়ামায়া নেই এমন, নির্দয়, নির্মম।

মমি /মমি/ [হি.] বি. প্রাচীন মিশরে রাসায়নিক পদ্ধতিতে সংরক্ষিত মরদেহ, mummy।

ময়[১] /ময়/ [স. √ময়+অ] বি. পুরাণোক্ত ইন্দ্রপ্রস্থে যুধিষ্ঠিরের সভাঘরের নির্মাতা দানবশিল্পী।

–ময়[২] /ময়/ [স. ময়ট্] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) ১ পরিপূর্ণ (*জঙ্গলময় স্থান*)। ২ যুক্ত (*প্রেমময়*)। ৩ (বাংলায়) ব্যাপী (*বিশ্বময়*)।

ময়ঙ্ক /ময়োংকো/ [স. মৃগাঙ্ক >] বি. চন্দ্র, চাঁদ।

ময়দা /ময়দা/ [ফা.] বি. গম থেকে উৎপাদিত ধবধবে সাদা ও মিহি চূর্ণ।

ময়দান /ময়দান্/ [আ.] বি. মাঠ, প্রান্তর।

ময়না[১] /ময়না/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়া ও ভারতীয় উপমহাদেশের বনাঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এবং শেখানো বুলি অনুকরণ করতে পারে এমন ফল মধু ও কীট-পতঙ্গভুক সুচালো চঞ্চুবিশিষ্ট কালো পালকাবৃত শালিকজাতীয় পাখি।

ময়না[২] /ময়না/ [স. মদনসারিকা >] বি. ১ বাংলা লোকসংগীতের রাজা মানিকচন্দ্রের (১১শ-১২শ শতক) জাদুবিদ্যায় পারদর্শী পত্নী। ২ (আল.) ডাকিনি বা খল স্বভাবের নারী।

ময়না[৩] /ময়না/ [আ.] বি. অনুসন্ধান বা অনুসন্ধেয় বিষয় (*ময়নাতদন্ত*)।

ময়নাতদন্ত /ময়নাতদোন্তো/ [আ. ময়না+স. তদন্ত] বি. অস্বাভাবিক বা আকস্মিক মৃত্যুর কারণ উদ্‌ঘাটনের উদ্দেশ্যে শবব্যবচ্ছেদ, post-mortem।

ময়নামতী /ময়নামোতি/ [স্থান.] বি. বাংলাদেশে কুমিল্লার অদূরে আবিষ্কৃত সপ্তম থেকে দ্বাদশ শতাব্দীর মধ্যে নির্মিত প্রাচীন বৌদ্ধবিহারের ধ্বংসাবশেষ।

ময়রা /ময়রা/ [স. মোদককার >] বি. মিঠাই প্রভৃতি প্রস্তুত ও বিক্রয় যার পেশা; মোদক জাতিবিশেষ।

ময়লা /ময়লা/ [স. মলিন >] বি. ১ আবর্জনা, জঞ্জাল (*ময়লা ফেলার জায়গা*)। ২ বিষ্ঠা, মল। ৩ মলিনতা (*মনের ময়লা*)। বিণ. ১ অপরিচ্ছন্ন। ২ ফর্সা নয় এমন (*গায়ের রং ময়লা*)। ৩ কুটিল; খারাপ, মন্দ।

ময়লাটে /ময়লাটে/ [বা.] বিণ. সামান্য ময়লাযুক্ত।

ময়ান /ময়ান্/ [দেশি.] বি. ১ লুচি প্রভৃতি তৈরির জন্য ময়দায় যে ঘি বা তেল মেশানো হয়। ২ ময়দা মাখানোর ঘি বা তেল।

ময়াল /ময়াল্/ [স. মহাকাল >] বি. অজগর সাপ।

ময়ূখ /মোয়ুখ্/ [স. √মা+ঊখ] বি. কিরণ, রশ্মি।

ময়ূখমালা /মোয়ুখ্‌মালা/ [স. ময়ূখ+মালা] বি. কিরণমালা।

ময়ূখমালী /মোয়ুখ্‌মালি/ [স. ময়ূখমালা+ইন্] বি. সূর্য।

ময়ূর /মোয়ুর্/ [স. √মী+ঊর] বি. লেজ খাড়া করে পাখার মতো প্রসারিত করতে পারে এমন বিচিত্র-বর্ণের দীর্ঘ পুচ্ছধারী নৃত্যপটু ও সর্পভুক পাখি, কেকী, শিখী, কলাপী। স্ত্রী. ময়ূরী /মোয়ুরি/।

ময়ূরকণ্ঠী /ময়ুরকোন্‌ঠি/ [স. ময়ূর+কণ্ঠী] বিণ. ময়ূরের কণ্ঠের মতো বিচিত্র বর্ণবিশিষ্ট।

ময়ূরপঙ্খি /ময়ুরপোংখি/ [স. ময়ূর+দেশি. পঙ্খি] বি. যে নৌকার অগ্রভাগ ময়ূরের মতো কারুকার্য-খচিত।

ময়ূরপুচ্ছ /ময়ুরপুচ্ছো/ [স. ময়ূর+√পুচ্ছ+অ] বি. ময়ূরের লেজ।

ময়ূরপুচ্ছধারী /ময়ুরপুচ্ছোধারি/ [স. ময়ূরপুচ্ছ+√ধৃ+ইন্] বিণ. ১ ময়ূরের মতো পুচ্ছবিশিষ্ট। ২ (আল.) যা নয় তা হওয়ার ভান করে এমন, কৃত্রিম বেশধারী।

ময়ূরশিখা /ময়ুরশিখা/ [স. ময়ূর+শিখা] বি. ময়ূরের ঝুঁটি।

ময়ূরাক্ষি /ময়ুরাক্‌খি/ [স. ময়ূর+অক্ষি] বি. ময়ূরের চোখ। বিণ. ময়ূরের মতো চোখবিশিষ্ট।

মর /মরো/ [স. √মৃ+অ] বিণ. ১ মরণশীল; বিনাশ-শীল, নশ্বর। ২ (বাংলায়) মৃত (*মরদেহ*)।

মরকত /মরকত্/ [স. মরক+√তৃ+অ] বি. মূল্যবান সবুজ রত্নবিশেষ, পান্না, emerald।

মরচে /মোরচে/ [ফা. মুরচহ্ >] বি. আর্দ্র বায়ুর অক্সিজেনের সঙ্গে বিক্রিয়ার ফলে লোহা বা ইস্পাতের গায়ে জমে ওঠা লালচে হলুদ আবরণ, লৌহমল, মরিচা, অয়োমল, জং, rust।

মরজগৎ /মরোজ্জগোত্/ [স. মর+জগৎ] বি. নশ্বর জগৎ, পৃথিবী।

মরণ /মরোন্/ [স. √মৃ+অন] বি. জীবনের অবসান, মৃত্যু।

www.pathagar.com

মরণকাঠি /মরোন্‌কাঠি/ [স. মরণ+বা. কাঠি] বি. রূপকথায় বর্ণিত যে কাঠির স্পর্শে মৃত্যু হয়।

মরণকামড় /মরোন্‌কামোড়্/ [স. মরণ+দেশি. কামড়] বি. মৃত্যু আসন্ন জেনে প্রতিপক্ষকে চরম আঘাত।

মরণদশা /মরোন্‌দশা/ [স. মরণ+দশা] বি. মুমূর্ষু অবস্থা।

মরণধর্মা /মরোন্‌ধর্‌মা/ [স. মরণ+বা. ধর্মা] বিণ. দ্র মরণধর্মী।

মরণধর্মী /মরোন্‌ধোর্‌মি/ [স. মরণ+ধর্ম+ইন্‌] বিণ. (যার) বিনাশ অবশ্যম্ভাবী এমন, নশ্বর।

মরণপণ /মরোন্‌পন্‌/ [স. মরণ+পণ] বিণ. মৃত্যু না হওয়া পর্যন্ত চেষ্টা চালিয়ে যাওয়ার সংকল্পযুক্ত, প্রাণপণ (*মরণপণ লড়াই*)।

মরণপাখা /মরোন্‌পাখা/ [স. মরণ+বা. পাখা] বি. ১ আগুনে পুড়ে মরার আগে পিপীলিকাজাতীয় পতঙ্গের যে পাখা গজায়। ২ (আল.) সর্বনাশ ডেকে আনে এমন দম্ভ বা অহংকার।

মরণবাড় /মরোন্‌বাড়্/ [স. মরণ+বা. বাড়] বি. যে অহংকার পতনের কারণ হয়।

মরণশীল /মরোন্‌শিল্‌/ [স. মরণ+√শীল্‌+অ] বিণ. অচিরস্থায়ী, নশ্বর।

মরণাকাঙ্ক্ষী /মরোনাকাংখি/ [স. মরণাকাঙ্ক্ষা+ইন্‌] বিণ. মরতে চায় এমন।

মরণান্তিক /মরোনান্‌তিক্‌/ [স. মরণান্ত+ইক] বিণ. কেবল মৃত্যুই সমাপ্তি ঘটায় এমন (*মরণান্তিক ব্যাধি*)।

মরণাপন্ন /মরোনাপন্‌নো/ [স. মরণ+আপন্ন] বিণ. মৃত্যুর দ্বারপ্রান্তে উপনীত, মৃতপ্রায়, মুমূর্ষু।

মরণাশৌচ /মরোনাশৌচ্‌/ [স. মরণ+অশৌচ] বি. নিকটজনের মৃত্যুজনিত অশুচিতা।

মরণোত্তর /মরোনোত্‌তর্‌/ [স. মরণ+উত্তর] বিণ. মৃত্যুপরবর্তী (*মরণোত্তর সম্মাননা*)।

মরণোন্মুখ /মরোনোন্‌মুখ্‌/ [স. মরণ+উন্মুখ] বিণ. দ্র মরণাপন্ন।

মরদ /মরোদ্‌/ [ফা.] বি. ১ পুরুষ। ২ পতি। ৩ যুবক। বিণ. ১ বীর। ২ পুরুষোচিত গুণসম্পন্ন। ৩ পুরুষজাতীয়।

মরদেহ /মরোদেহো/ [স. মর্‌+দেহ] বি. মৃতদেহ।

মরন্ত /মরোন্‌তো/ [স. √মর্‌+অন্ত] বিণ. মৃত্যুর দ্বারপ্রান্তে উপনীত, মুমূর্ষু, মরণাপন্ন।

মরম /মরোম্‌/ [স. মর্ম >] বি. 'মর্ম'-র কোমল রূপ।

মরমি /মরোমি/ [স. মর্মিক >] বিণ. ১ মর্ম উপলব্ধিকারী, সমব্যথী। ২ সহানুভূতিসম্পন্ন। ৩ আধ্যাত্মিক (*মরমি সংগীত*)। ৪ অতীন্দ্রিয় তত্ত্বের আলোচনাকারী।

মরমিয়া /মরোমিআ/ [স. মর্মিক >] বিণ. ১ ইন্দ্রিয়াতীত বিষয় উপলব্ধি করতে পারে এমন। ২ আধ্যাত্মিক ও অতীন্দ্রিয় বিষয়সম্বন্ধীয়।

মরসুম /মোরশুম্‌/ [আ.] বি. ১ ঋতু, কাল (*বর্ষা মরসুম*)। ২ উপযুক্ত সময়, প্রশস্তকাল (*উৎসবের মরসুম*)। ৩ সুযোগসুবিধা।

মরসুমি /মোরশুমি/ [আ.] বিণ. বিশেষ ঋতুতে জাত বা আগত (*মরসুমি ফল*)।

মরহুম /মোরহুম্‌/ [আ.] বিণ. পরলোকগত, প্রয়াত। স্ত্রী. **মরহুমা** /মোরহুমা/।

মরা /মরা/ [দেশি.] ক্রিবি. ১ প্রাণত্যাগ করা। ২ ব্যাকুল হওয়া (*ভেবে মরা*)। ৩ হ্রাস পাওয়া, কমা (*খিদে মরা*)। ৪ শুকিয়ে যাওয়া। ৫ লুপ্ত হওয়া। বিণ. ১ মৃত। ২ শুকিয়ে গেছে এমন (*মরা নদী*)। ৩ খাদযুক্ত। ৪ ভোঁতা। ৫ নিস্তেজ।

মরাই /মরাই/ [দেশি.] বি. হোগলা বেত প্রভৃতির তৈরি ধান রাখার আধারবিশেষ।

মরাকটাল /মরাকটাল্‌/ [দেশি. মরা+হি. কটাল] বি. অমাবস্যা বা পূর্ণিমার পরবর্তী সপ্তাহে যে দিন জোয়ার ও ভাটার জলস্তরের পার্থক্য প্রায় থাকে না, neap tide।

মরাকান্না /মরাকান্না/ [দেশি. মরা+বা. কান্না] বি. প্রিয়জনের মৃত্যুতে চিৎকার করে কান্না; উচ্চরবে কান্না।

মরাঠা /মরাঠা/ [স. মহারাষ্ট্র >] বি. মহারাষ্ট্রের অধিবাসী।

মরাঠি /মরাঠি/ [স. মহারাষ্ট্র >] বিণ. ১ মহারাষ্ট্রে জাত বা উৎপন্ন। ২ মহারাষ্ট্রীয়। বি. মহারাষ্ট্রের অধিবাসী।

মরানদী /মরানোদি/ [দেশি. মরা+স. নদী] বি. শুকিয়ে এসেছে এমন নদী, মজা নদী।

মরানাড়ি /মরানাড়ি/ [দেশি. মরা+স. নাড়ি] বি. দীর্ঘদিন অনাহারে বা অর্ধাহারে থাকার ফলে পরিপাকশক্তির হ্রাস ও খাদ্যগ্রহণে অক্ষমতা।

মরানো /মরানো/ [বা.] ক্রিবি. জ্বাল দিয়ে জলীয় অংশ শুকিয়ে নেওয়া (*রস মরানো*)।

মরামাস /মরামাশ্‌/ [বা.] বি. শুকনো চামড়া, খুশকি।

মরাল /মরাল্‌/ [স. √মৃ+আল] বি. উত্তর গোলার্ধে বিচরণ করে এমন লম্বা গলা ও সাদা পালকবিশিষ্ট

www.pathagar.com

লিপ্তপদ জলচর বড়ো পাখি, রাজহাঁস। স্ত্রী. মরালী /মরালি/।

মরালগামিনী /মরাল্‌গামিনি / [স. মরাল+√গম্‌+ইন্‌+ঈ] বিণ. রাজহংসীর মতো মন্থর ও মনোহর গতিযুক্ত।

মরাস্রোত /মরাস্রোতো/ [দেশি. মরা+স. স্রোতঃ] বি. ১ ক্ষীণ ধারায় বহমান স্রোত। ২ প্রায় শুকিয়ে আসা বা স্রোতোহীন নদী।

মরাহাজা /মরাহাজা/ [দেশি.] বিণ. ১ মৃত ও ক্ষয়প্রাপ্ত। ২ শীর্ণ।

মরিচ /মোরিচ্‌/ [স. √ম্‌+ইচ] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের প্রায় সব দেশে চাষ করা হয় এমন নীলাভ সাদা বেগুনি প্রভৃতি রঙের ছোটো উভলিঙ্গ ফুল এবং মসলারূপে ব্যবহৃত বহুবীজবিশিষ্ট বিভিন্ন রং ও আকৃতির ঝাঁজালো ফল বা তার মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, লংকা, chili।

মরিচা /মোরিচা/ [ফা. মুরচহ্‌ >] বি. আর্দ্র বায়ুর অক্সিজেনের সঙ্গে বিক্রিয়ার ফলে লোহা বা ইস্পাতের গায়ে জমে ওঠা লালচে হলুদ রঙের আবরণ, লৌহমল, অয়োমল, মরচে, জং, rust।

মরি মরি /মোরি মোরি/ অব্য. আনন্দ বিস্ময় লজ্জা বিদ্রূপ প্রভৃতি ভাবসূচক উক্তি।

মরিয়া /মোরিআ/ [বা.] বিণ. মৃত্যুবরণে প্রস্তুত এমন; হতাশাগ্রস্ত হয়ে মৃত্যু সম্পর্কে বেপরোয়া।

মরীচি /মোরিচি/ [স. √মৃ+ঈচি] বি. ১ ব্রহ্মার দশজন মানসপুত্রের অন্যতম। ২ রশ্মি, কিরণ, প্রভা।

মরীচিকা /মোরিচিকা/ [স. মরীচি+কন্‌+আ (টাপ্‌)] বি. গ্রীষ্মকালে মরুভূমির তপ্ত বায়ুর ভিন্ন ভিন্ন স্তর থেকে ভিন্ন ভিন্ন মাত্রায় সূর্যরশ্মির প্রতিসরণজনিত দৃষ্টিভ্রম (যাতে মনে হয় জল থেকে আলো প্রতিফলিত হচ্ছে), মৃগতৃষ্ণিকা, mirage।

মরীচিমালী /মোরিচিমালি/ [স. মরীচি+মালী] বি. সূর্য।

মরু /মোরু/ [স. √মৃ+উ] বি. দ্র মরুভূমি।

মরুজাহাজ /মোরুজাহাজ্‌/ [স. মরু+আ. জাহাজ] বি. (মরুভূমিতে দীর্ঘ পথ অতিক্রম করতে পারে বলে) উট।

মরুঝড় /মোরুঝড়/ [স. মরু+বা. ঝড়] বি. মরুভূমির বালির ঝড়, সাইমুম।

মরুত /মোরুত্‌/ [স. মরুৎ+অ] বি. ১ বায়ু, বাতাস। ২ পঞ্চভূতের একটি। ৩ বায়ুদেবতা।

মরুদ্বিপ /মোরুদ্‌দিপো/ [স. মরু+দ্বিপ] বি. উট।

মরুদ্বীপ /মোরুদ্‌দিপ্‌/ [স. মরু+দ্বীপ] বি. মরুভূমিতে অবস্থিত জল ও বৃক্ষাদিপূর্ণ স্থান, মরূদ্যান, oasis।

মরুভূ /মোরুভু/ [স. মরু+√ভূ+ক্বিপ্‌] বি. মরুভূমি।

মরুভূমি /মোরুভূমি/ [স. মরু+ভূমি] বি. জলহীন ও প্রায় উদ্ভিদশূন্য বালুকাময় বিস্তীর্ণ প্রান্তর।

মরুময় /মোরুময়/ [স. মরু+ময়] বিণ. মরুভূমির মতো জল ও বৃক্ষহীন; বালুকাময়।

মরুমায়া /মোরুমায়া/ [স. মরু+মায়া] বি. মরীচিকা।

মরুসম্ভব /মোরুশম্‌ভব/ [স. মরু+সম্ভব] বিণ. মরুভূমিতে জাত বা উৎপন্ন।

মরুসাগর /মোরুশাগোর্‌/ [স. মরু+সাগর] বি. জর্ডান ও ইসরাইলের সীমান্তে সমুদ্রপৃষ্ঠের প্রায় ১৩১২ ফুট নিচে অবস্থিত স্থলবেষ্টিত লবণহ্রদবিশেষ, Dead Sea।

মরুস্থল /মোরুস্থল্‌/ [স. মরু+স্থল] বি. মরুভূমি।

মরুস্থলী /মোরুস্থোলি/ [স. মরুস্থল+ঈ] বি. মরুভূমি।

মরূদ্যান /মোরুদ্‌দান্‌/ [স. মরু+উদ্যান] বি. মরুভূমিতে অবস্থিত জল ও বৃক্ষাদিপূর্ণ স্থান, oasis।

মরো–মরো /মরোমরো/ [বা.] বিণ. মরণাপন্ন।

মর্কট /মর্‌কট্‌/ [স. √মর্ক্‌+অট] বি. ১ ক্ষুদ্রাকৃতি বানর। ২ মাকড়সা। স্ত্রী. **মর্কটী** /মর্‌কোটি/।

মর্কট জাল /মর্‌কট্‌ জাল্‌/ বি. মাকড়সার জাল।

মর্কট বৈরাগী /মর্‌কট্‌ বোইরাগি/ বি. ভণ্ড বৈরাগী।

মর্কট বৈরাগ্য /মর্‌কট্‌ বোইরাগ্‌গো/ বি. ১ সংসারের প্রতি অনাসক্তির ভান। ২ ভন্ডামি।

মর্গ /মর্‌গ্‌/ [ফ.] বি. হাসপাতালের যে ঘরে মৃতদেহ শনাক্ত বা ব্যবচ্ছেদ করা হয়, লাশকাটা ঘর, মড়িঘর, Morgue।

মর্জি /মোর্‌জি/ [আ.] বি. খেয়াল, অভিরুচি।

মর্জিমাফিক /মোর্‌জিমাফিক্‌/ [আ.] বিণ. খেয়ালখুশি-মতো, ইচ্ছামতো।

মর্টগেজ /মড়্‌টগেজ্‌/ [ই.] বি. ঋণগ্রহীতা যে আইনি দলিলের ভিত্তিতে ঋণদাতার নিকট জামিন হিসেবে নির্দিষ্ট সম্পত্তি বন্ধক রেখে ঋণ গ্রহণ করে, mortgage।

মর্টার /মড়্‌টার/ [ই.] বি. ১ গোলা নিক্ষেপ করার কামানবিশেষ। ২ ইঁট বা পাথরের গাঁথনিতে ব্যবহৃত সিমেন্ট বালি সুরকি প্রভৃতির মিশ্রণে তৈরি মসলা। ৩ হামানদিস্তা। ৪ mortar।

মর্তমান /মর্‌তোমান/ [বর্মি.] বি. মিয়ানমারের মার্তাবান অঞ্চলে জাত এমন বৃহদাকার লম্বা ও সবুজ পাতাবিশিষ্ট একবীজপত্রী ওষধি উদ্ভিদ বা

www.pathagar.com

তার মাঝারি আকৃতির লম্বাটে ও পুষ্টিগুণসম্পন্ন সুস্বাদু কলার প্রজাতিবিশেষ (বর্তমানে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে উৎপাদিত)।

মর্তুকাম /মোর্‌তুকাম্‌/ [স. √মৃ+তু+কাম] বিণ. মরতে ইচ্ছুক, মরণাভিলাষী। ছুটে

মর্ত্য /মোর্‌তো/ [স. মর্ত+য] বি. ১ মরলোক, পৃথিবী। ২ মানুষ। বিণ. ১ মরণশীল। ২ পার্থিব।

মর্ত্যজগৎ /মোর্‌তোজগোত্‌/ [স. মর্ত্য+জগৎ] বি. পৃথিবী।

মর্ত্যধাম /মোর্‌তোধাম্‌/ [স. মর্ত্য+ধাম] বি. পৃথিবী।

মর্ত্যভূমি /মোর্‌তোভূমি/ [স. মর্ত্য+ভূমি] বি. দ্র মর্ত্যধাম।

মর্ত্যলীলা /মোর্‌তোলিলা/ [স. মর্ত্য+লীলা] বি. পার্থিব কার্যকলাপ।

মর্ত্যলোক /মোর্‌তোলোক্‌/ [স. মর্ত্য+লোক] বি. পৃথিবী।

মর্দ /মর্‌দো/ [ফা.] বি. ১ পুরুষ, male। ২ পতি। ৩ যুবক। বিণ. ১ বীর। ২ পুরুষোচিত গুণসম্পন্ন।

মর্দন /মর্‌দোন্‌/ [স. √মৃদ্‌+অন] বি. ১ পিষ্টকরণ। ২ পীড়ন। বিণ. দলনকারী, দমনকারী (*দনুজমর্দন*)।

মর্দল /মর্‌দল্‌/ [স. মর্দ+√লা+অ] বি. খোলজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ, মাদল।

মর্দিত /মোর্‌দিতো/ [স. √মর্দি+ত] বিণ. মর্দন করা হয়েছে এমন; দলিত, পিষ্ট। স্ত্রী. **মর্দিতা** /মোর্‌দিতা/।

–মর্দী /মোর্‌দি/ [স. মর্দ+ইন্‌] বি. বিণ. মর্দনকারী; দমনকারী। স্ত্রী. **–মর্দিনী** /মোর্‌দিনি/।

মর্ম /মর্‌মো/ [স. √মৃ+মন্‌] বি. ১ অন্তরের নিগূঢ়তম প্রদেশ। ২ হৃদয়। ৩ উদ্দেশ্য (*এই মর্মে*)। ৪ তাৎপর্য (*সারমর্ম*); রহস্য (*মর্মোদ্ধার*)।

মর্মকথা /মর্‌মোকথা/ [স. মর্মন্‌+কথা] বি. মনের কথা; নিগূঢ় অর্থ; গুপ্ত রহস্য।

মর্মগ্রহ /মর্‌মোগ্‌গ্রোহো/ [স. মর্মন্‌+√গ্রহ্‌+অ] বি. দ্র মর্মগ্রহণ।

মর্মগ্রহণ /মর্‌মোগ্‌গ্রোহোন্‌/ [স. মর্মন্‌+√গ্রহ্‌+অন] বি. তাৎপর্য অনুধাবন; মূলভাব উপলব্ধি।

মর্মগ্রাহী /মর্‌মোগ্‌গ্রাহি/ [স. মর্মন্‌+√গ্রহ্‌+ইন্‌] বিণ. মর্ম বা তাৎপর্য গ্রহণ করে এমন।

মর্মঘাতী /মর্‌মোঘাতি/ [স. মর্মন্‌+√হন্‌+ইন্‌] বিণ. ১ মর্মে আঘাত করে এমন, হৃদয়বিদারক (*মর্মঘাতী বেদনা*)। ২ অতি করুণ, শোচনীয়; নিদারুণ।

মর্মজ্ঞম /মর্‌মোংগম্‌/ [স. মর্মন্‌+√গম্‌+অ] বিণ. ১ উপলব্ধি বা অনুভব করা হয়েছে এমন, হৃদয়ংগম, অন্তঃকরণে প্রবিষ্ট। ২ বোধগম্য।

মর্মচ্ছেদী /মর্‌মোচ্‌ছেদি/ [স. মর্মন্‌+√ছিদ্‌+ইন্‌] বিণ. দ্র মর্মঘাতী।

মর্মজ্ঞ /মর্‌মোগ্‌গোঁ/ [স. মর্মন্‌+√জ্ঞা+অ] বিণ. মর্ম বা তাৎপর্য নিরূপণে সক্ষম এমন।

মর্মজ্বালা /মর্‌মোজ্বালা/ [স. মর্মন্‌+জ্বালা] বি. দ্র মর্মপীড়া।

মর্মন্তুদ /মর্‌মোন্‌তুদ্‌/ [স. মর্মন্‌+√তুদ্‌+অ] বিণ. দ্র মর্মান্তিক।

মর্মপীড়া /মর্‌মোপিড়া/ [স. মর্মন্‌+√পীড়্‌+অ+আ (টাপ্‌)] বি. দুঃখ শোক অভিমান প্রভৃতি মানসিক কষ্ট বা যন্ত্রণা, মনোবেদনা, হৃদয়বেদনা।

মর্মবাণী /মর্‌মোবানি/ [স. মর্মন্‌+বাণী] বি. মনের কথা।

মর্মবেদনা /মর্‌মোবেদোনা/ [স. মর্মন্‌+√বিদ্‌+অন+আ (টাপ্‌)] বি. দ্র মর্মপীড়া।

মর্মব্যথা /মর্‌মোব্যাথা/ [স. মর্মন্‌+ব্যথা] বি. দ্র মর্মপীড়া।

মর্মভেদী /মর্‌মোভেদি/ [স. মর্মন্‌+√ভিদ্‌+ইন্‌] বিণ. দ্র মর্মান্তিক।

মর্মমূল /মর্‌মোমুল্‌/ [স. মর্মন্‌+মূল] বি. অন্তরের নিগূঢ়তম স্থান, অন্তরের অন্তস্তল।

মর্মর[১] /মর্‌মর্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. শুকনো পাতা ঝরে পড়ার শব্দ, শুকনো পাতা মাড়ানোর শব্দ।

মর্মর[২] /মর্‌মর্‌/ [ফা.] বি. মার্বেল পাথর, marble।

মর্মরা /মর্‌মরা/ [বা.] ক্রিবি. (কাব্যে) মরমর শব্দ করা।

মর্মরিত /মর্‌মোরিতো/ [ধ্বন্যা. মর্মর >] বিণ. বাতাসে শুকনো পাতা আন্দোলিত হওয়ার শব্দযুক্ত।

মর্মস্থল /মর্‌মোস্‌থল/ [স. মর্মন্‌+স্থল] বি. অন্তরের নিগূঢ়তম স্থান, হৃদয়।

মর্মস্থান /মর্‌মোস্‌থান্‌/ [স. মর্মন্‌+√স্থা+অন] বি. দ্র মর্মস্থল।

মর্মস্পর্শী /মর্‌মোস্‌পোর্‌শি/ [স. মর্মন্‌+√স্পৃশ্‌+ইন্‌] বিণ. ১ মর্মকে স্পর্শ বা আকুল করে এমন। ২ হৃদয়বিদারক; করুণ (*মর্মস্পর্শী ঘটনা*)।

মর্মস্পৃক /মর্‌মোস্‌পৃক্‌/ [স. মর্মন্‌+√স্পৃশ্‌+ক্বিপ্‌] বিণ. দ্র মর্মস্পর্শী।

মর্মান্তিক /মর্‌মান্‌তিক্‌/ [স. মর্মান্ত+ইক] বিণ. ১

www.pathagar.com

হৃদয়বিদারক ; নিদারুণ। ২ অতি করুণ, শোচনীয়।

মর্মার্থ /মর্‌মার্‌থো / [স. মর্মন্+অর্থ] বি. নিগূঢ় অর্থ, সারমর্ম, সারাংশ; তাৎপর্য।

মর্মী /মোর্‌মি / [স. মর্মন্+ইন্] বিণ. ১ মর্মজ্ঞ। ২ গূঢ় রহস্য উপলব্ধিকারী। ৩ দরদি, মরমি।

মর্মোদ্‌ঘাটন /মর্‌মোদ্‌ঘাটোন্‌/ [স. মর্মন্+উদ্‌ঘাটন] বি. ১ স্বরূপ উদ্‌ঘাটন। ২ মর্মার্থ প্রকাশ।

মর্মোদ্ভেদ /মর্‌মোদ্‌ভেদ্‌ / [স. মর্মন্+উদ্ভেদ] বি. দ্র মর্মোদ্‌ঘাটন।

মর্মোপলব্ধি /মর্‌মোপোলোব্‌ধি / [স. মর্মন্+উপলব্ধি] বি. স্বরূপ বা গূঢ় অর্থ উপলব্ধি।

মর্যাদা /মোর্‌জাদা / [স. মরি+আ+√দা+অ+আ (টাপ্)] বি. ১ সম্মান (*মর্যাদারক্ষা*)। ২ গৌরব (*বংশমর্যাদা*)। ৩ সম্ভ্রমপূর্ণ ও ন্যায়সঙ্গত নীতি (*মর্যাদাপূর্ণ ব্যবহার*)। ৪ দক্ষিণা।

মর্যাদাবান /মোর্‌জাদাবান্‌/ [স. মর্যাদা+বৎ] বিণ. সম্ভ্রমযুক্ত, সম্মানবিশিষ্ট, সম্মানিত।

মর্যাদাহানি /মোর্‌জাদাহানি / [স. মর্যাদা+√হা+তি] বি. সম্ভ্রমহানি, অসম্মান।

মর্ষ /মর্‌শো / [স. √মৃষ্+অ] বি. ১ সহন। ২ ক্ষমা।

মর্ষণ /মর্‌শোন্‌ / [স. √মৃষ্+অন] বি. দ্র মর্ষ।

মর্ষিত /মোর্‌শিতো / [স. √মৃষ্+ত] বিণ. ১ ক্ষমা বা সহ্য করা হয়েছে এমন। ২ ক্ষান্ত। ৩ নাশিত।

মর্সিয়া /মর্‌সিআ / [ফা.] বি. মৃত্যু উপলক্ষ্যে রচিত শোকগাথা; ৬৮০ খ্রিষ্টাব্দে কারবালার যুদ্ধের কাহিনি অবলম্বনে রচিত শোকগাথা, মহররমে গীত শোকগাথা।

মল[১] /মল্‌/ [দেশি.] বি. পায়ে পরিধেয় বালাজাতীয় অলংকারবিশেষ, পদবলয়।

মল[২] /মল্‌/ [স. √মল্+অ] বি. ১ ময়লা। ২ বিষ্ঠা। ৩ গাদ, ক্বাথ। ৪ কলঙ্ক; পাপ। ৫ মালিন্য। ৬ মরিচা (*লৌহমল*)।

মলদ্বার /মলোদ্‌দ্বার্‌/ [স. মল+দ্বার] বি. পায়ু।

মলন /মলোন্‌/ [স. √মল্+অন] বি. ১ মর্দন; পেষণ। ২ গোরু দিয়ে ধান মাড়াইকরণ।

মলনালি /মলোনালি / [স. মল+নালি] বি. পায়ুর সঙ্গে যুক্ত অন্ত্র বা নালি।

মলম /মলোম্‌/ [আ. মারহাম >] বি. ১ চামড়ার ওপর লেপন করে প্রয়োগ করতে হয় এমন ওষুধ, ointment। ২ প্রলেপ।

মলমল /মল্‌মল্‌/ [ফা.] বি. মিহি ও কোমল সুতিকাপড়বিশেষ।

মলমাস /মলোমাশ্‌/ [স. মল+মাস] বি. দুই অমাবস্যাযুক্ত ও রবিসংক্রান্তিবর্জিত চান্দ্রমাস, অধিমাস (যে মাসে শুভকর্ম গর্হিত); সৌরবর্ষের সঙ্গে চান্দ্রবর্ষের সমতাবিধানের জন্য কয়েক বছর পরপর যে চান্দ্রমাস গণনা থেকে বর্জিত হয়।

মলম্বা /মলোম্‌বা / [আ.] বিণ. সোনার পাত দিয়ে মোড়া হয়েছে এমন ; গিলটি-করা।

মলয় /মলয়্‌ / [স. √মল্+অয়] বি. ১ দক্ষিণ ভারতের পশ্চিমঘাট পর্বতশ্রেণি। ২ পশ্চিমঘাট পর্বতশ্রেণি থেকে আগত বাতাস। ৩ মালাবার দেশ, মলয় উপদ্বীপ।

মলয়জ /মলয়োজো / [স. মলয়+√জন্+অ] বিণ. মলয় পর্বতে উৎপন্ন। বি. ১ চন্দন। ২ দখিনা বাতাস।

মলয়পবন /মলয়্‌পবোন্‌ / [স. মলয়+পবন] বি. মলয় পর্বত থেকে প্রবাহিত বায়ু, দখিনা বাতাস।

মলয়বায়ু /মলয়্‌বায়ু / [স. মলয়+বায়ু] বি. দ্র মলয়পবন।

মলয়াচল /মলয়াচল্‌ / [স. মলয়+অচল] বি. মলয়-পর্বত।

মলয়ানিল /মলয়ানিল্‌/ [স. মলয়+অনিল] বি. মলয়পর্বত থেকে প্রবাহিত বায়ু; দখিনা বাতাস।

মলা[১] /মলা / [দেশি.] বি. প্রধানত জলাশয়ে ভাসমান কীটপতঙ্গ খেয়ে জীবনধারণ করে এমন কানকো থেকে লেজ পর্যন্ত লম্বালম্বি উজ্জ্বল সবুজাভ রুপালি ডোরাকাটা আঁশ ও চ্যাপটা দেহবিশিষ্ট মিঠাপানির ছোটো মাছ।

মলা[২] /মলা / [বা.] ক্রিবি. ১ মর্দন করা। ২ পীড়ন করা।

মলাই /মলাই্‌ / [বা.] বি. মর্দনের কাজ; ডলাই।

মলানো /মলানো / [বা.] ক্রিবি. বিণ. মর্দন করানো।

মলাট /মলাট্‌ / [স. মলপট্ট >] বি. ধুলোবালি থেকে রক্ষার জন্য ব্যবহৃত বইয়ের বহিরাবরণ।

মলিদা /মোলিদা / [ফা.] বি. পাতলা ও নরম পশমি শীতবস্ত্র।

মলিন /মোলিন্‌/ [স. √মল্+ইন্] বিণ. ১ অপরিচ্ছন্ন (*মলিন পোশাক*)। ২ ম্লান (*মলিন আলো*)। ৩ কলঙ্কিত (*মলিন চরিত্র*)। ৪ বিষণ্ন, দুঃখিত (*মলিন বদন*)।

মলিনতা /মোলিনতা / [স. মলিন+তা] বি. ম্লানভাব, মালিন্য ; বিষণ্নতা।

মলিনত্ব /মোলিনত্‌তো / [স. মলিন+ত্ব] বি. দ্র মলিনতা।

www.pathagar.com

মলিনবদনা /মোলিন্‌বদোনা / [স. মলিন+বদনা] বিণ. বিষণ্ন মুখবিশিষ্ট।

মলিনিমা /মোলিনিমা/ [স. মলিন+ইমন্‌] বি. দ্র মলিনতা।

মল্ল /মল্‌লো/ [স. √মল্ল্‌+অ] বি. যে খালিহাতে লড়াই করে, কুস্তিগির, পালোয়ান, wrestler।

মল্লভূমি /মল্‌লোভূমি/ [স. মল্ল+ভূমি] বি. যে স্থানে কুস্তিযুদ্ধ সংঘটিত হয়, মল্লগণের রণভূমি।

মল্লযুদ্ধ /মল্‌লোজুদ্‌ধো/ [স. মল্ল+√যুধ্‌+ত] বি. পরস্পরকে জাপটে ধরে দুজনের মধ্যে লড়াই যাতে প্রতিপক্ষকে চিত করে ভূ-শায়ী করার চেষ্টা করা হয়, কুস্তি, wrestling।

মল্লার /মল্‌লার্‌ / [স. মল্ল+√ঋ+অ] বি. বর্ষাকালে রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

মল্লি /মোল্‌লি/ [স. √মল্ল্‌+ই] বি. বেলফুল।

মল্লিক /মোল্‌লিক্‌ / [আ. মলিক >] বি. পদবিবিশেষ।

মল্লিকা /মোল্‌লিকা/ [স. মল্লি+কন্‌+আ (টাপ্‌)] বি. বেলফুল।

মশক[১] /মশোক্‌/ [স. √মশ্‌+অক] বি. দ্র মশা।

মশক[২] /মশোক্‌/ [ফা.] বি. (অধুনালুপ্ত) জলবহনের জন্য ব্যবহৃত মেষাদি পশুর চামড়ার তৈরি থলি, ভিস্তি।

মশকরা /মশ্‌করা/ [আ.] বি. পরিহাস, তামাশা।

মশকহরী /মশোক্‌হোরি/ [স. মশক+√হৃ+অ+ঈ] বি. দ্র মশারি।

মশগুল /মোশ্‌গুল্‌ / [আ.] বিণ. আবিষ্ট, বিভোর।

মশমশ /মশ্‌মশ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. চামড়ার নতুন জুতা পরে চলার অনুকার শব্দ।

মশহুর /মোশহুর / [আ.] বিণ. খ্যাতিমান, নামজাদা।

মশা /মশা/ [স. মশক >] বি. স্যাঁতসেঁতে জলাভূমি ঝোপঝাড় ও জঙ্গলে বিচরণ করে এবং মেরুদণ্ডী প্রাণীর রক্ত ফলের রস প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন গোলাকার মাথা লম্বাটে হালকা দেহ এবং ডানাবিশিষ্ট কালচে ধূসর পতঙ্গ (যার স্ত্রীকুল ম্যালেরিয়া গোদ ডেঙ্গু প্রভৃতি মারাত্মক রোগজীবাণুর সংক্রমণ ঘটায়)।

মশাই /মশাই্‌/ [স. মহাশয় >] বি. বিণ. 'মহাশয়'-এর কথ্য রূপ।

মশান /মশান্‌/ [স. শ্মশান >] বি. ১ শ্মশান। ২ (অধুনালুপ্ত) যে ভূমিতে শূলে চড়িয়ে বা শিরশ্ছেদ করে মানুষ হত্যা করা হয়; বধ্যভূমি।

মশায় /মশায়্‌/ [স. মহাশয় >] বি. বিণ. 'মহাশয়'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

মশারি /মশারি/ [স. মশহরী >] বি. ঘুমানোর সময় মশার আক্রমণ থেকে রক্ষার উদ্দেশ্যে বিছানার ওপর টাঙানো বাতাস চলাচল করতে পারে এমন হালকা জালিকাপড়ের আবরণ।

মশাল /মশাল্‌/ [আ.] বি. ছোটো দণ্ডের মাথায় তেল মাখানো ন্যাকড়া বেঁধে তৈরি স্থূল বাতিবিশেষ, torch।

মশালচি /মশাল্‌চি/ [আ. মশাল+তুর. চি] বি. যে ব্যক্তি মশাল বহন করে।

মশালবাহী /মশাল্‌বাহি/ [আ. মশাল+স. বাহী] বিণ. মশালধারী। বি. মশালচি।

মসজিদ /মোশ্‌জিদ্‌ / [আ.] বি. ইসলাম ধর্মের অনুসারীদের উপাসনাগৃহ।

মসনদ /মস্‌নদ্‌/ [আ.] বি. সিংহাসন, রাজাসন।

মসনদি /মস্‌নোদি/ [আ. মসনদ >] বিণ. ১ মসনদ-সম্পর্কিত। ২ রাজকীয়, সরকারি।

মসনবি /মস্‌নোবি/ [ফা.] বি. প্রতি দুই লাইনের অন্তে মিলযুক্ত ছন্দবিশেষ।

মসনে /মোশ্‌নে/ [বা.] বি. দ্র মসিনা।

মসলত /মস্‌লত্‌/ [আ.] বি. ১ উপদেশ; পরামর্শ। ২ চিন্তা।

মসলন্দ /মস্‌লন্‌দো/ [আ.] বি. ১ উৎকৃষ্ট ও পুরু কম্বলবিশেষ। ২ কারুকার্যশোভিত মাদুরবিশেষ।

মসলা /মশ্‌লা/ [আ.] বি. ১ ব্যঞ্জনাদি বা খাদ্যবস্তু মুখরোচক করার জন্য ব্যবহৃত সুগন্ধ উদ্ভিজ্জ-বিশেষ। ২ উপকরণ (*গাঁথুনির মসলা*)।

মসলিন /মোস্‌লিন্‌/ [স. মসৃণ >] বি. বাংলাদেশের ব্রহ্মপুত্র নদের তীরবর্তী অঞ্চলে জাত ফুটি তুলো থেকে উৎপাদিত অত্যন্ত মিহি সুতিবস্ত্র যা বিশ্বব্যাপী ঢাকাই মসলিন নামে খ্যাত।

মসল্লা /মসোল্‌লা/ [আ.] বি. যে মাদুরের ওপর বসে নামাজ পড়া হয়, জায়নামাজ।

মসি /মোশি/ [স. √মস্‌+ই] বি. ১ লেখার জন্য ব্যবহৃত কালি। ২ মাকড়সার ঝুল। ৩ কলঙ্ক।

মসিকৃষ্ণ /মোশিকৃশ্‌নো/ [স. মসি+কৃষ্ণ] বিণ. কালির মতো কালো, ঘোর কালো।

মসিজীবী /মোশিজিবি/ [স. মসি+√জীব্‌+ইন্‌] বি. বিণ. ১ লেখক; বুদ্ধিজীবী। ২ করণিক, কেরানি। স্ত্রী. **মসিজীবিনী** /মোশিজিবিনি/।

মসিনা /মোশিনা/ [হি.] বি. শীতকালে ফোটে এমন নীল ফুল ও বাঁকা চ্যাপটা নৌকাসদৃশ বহুবীজযুক্ত

www.pathagar.com

ফল (যার নির্যাস থেকে তেল উৎপন্ন হয়) বা তার তিনটি শিরাযুক্ত লম্বাটে সরু পাতা ও মসৃণ কান্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী উদ্ভিদ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল), তিসি।

মসিনিন্দিত /মোশিনিন্‌দিতো/ [স. মসি+নিন্দিত] বিণ. কালিও হার মানে এমন কালো।

মসিময় /মোশিময়/ [স. মসি+ময়ট্] বিণ. ঘোর কৃষ্ণবর্ণ।

মসিমাখা /মোশিমাখা/ [স. মসি+বা. মাখা] বিণ. কালিমাখা; ঘোরকৃষ্ণবর্ণ (*পরপারে দেখি আঁকা তরুছায়াময়সীমাখা* রবীন্দ্র.)।

মসিলাঞ্ছিত /মোশিলান্‌ছিতো/ [স. মসি+√লাঞ্ছ্+ত] বিণ. দ্র মসিনিন্দিত।

মসিলিপ্ত /মোশিলিপ্‌তো/ [স. মসি+√লিপ্+ত] বিণ. কালিমাখা।

মসিহ /মোসিহ্/ [আ.] বি. ১ ত্রাতা। ২ খ্রিষ্টীয় ধর্মবিশ্বাস মতে পৃথিবীকে পাপ থেকে রক্ষা করার জন্য ঈশ্বরপ্রেরিত দূত, যিশু।

মসুর /মোশুর্/ [স. √মস্+উর] বি. খাদ্যশস্য হিসেবে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা বেগুনি গোলাপি প্রভৃতি রঙের ফুল ও কলাই-জাতীয় শস্যের লালচে গোলাকার বীজ (যা রেঁধে খাওয়া হয়) বা তার নরম কান্ডবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন শিম্বগোত্রীয় উদ্ভিদ (আনি. ভূমধ্য-সাগরীয় অঞ্চল এবং আফ্রিকা), মসুরি।

মসুরি /মোশুরি/ [স. মসুর >] বি. দ্র মসুর।

মসূরিকা /মোশুরিকা/ [স. মসূর+কন্+আ (টাপ্)] বি. ভ্যারিওলা ভাইরাসদ্বারা (variola virus) সংক্রামিত জ্বর এবং শরীরের ত্বক চোখ প্রভৃতি স্থানে মারাত্মক ক্ষত সৃষ্টি করে এমন প্রাণঘাতী ছোঁয়াচে রোগ, গুটিবসন্ত, বসন্তরোগ, smallpox।

মসূরী /মোশুরি/ [স. মসূর+ঈ] বি. দ্র মসূরিকা।

মসৃণ /মোস্‌সৃন্/ [স. সম্+√কৃণ্+অ] বিণ. উপরিভাগ সমান এমন তলবিশিষ্ট; চিক্কণ, তেলতেলে।

মস্ত /মস্‌তো/ [বা.] বিণ. ১ দীর্ঘ। ২ নামজাদা (*মস্ত ডাক্তার*)। ৩ উঁচু (*মস্ত গাছ*)। ৪ বিশাল (*মস্ত দালান*)। ৫ বিস্তৃত (*মস্ত মাঠ*)। ৬ ধনী।

মস্তক /মস্‌তোক্/ [স. মস্ত+ক (স্বার্থে)] বি. ১ মাথা, মুণ্ড, শির। ২ অগ্রভাগ; চূড়া, আগা।

মস্তকাবরণ /মস্‌তোকাবোরন্/ [স. মস্তক+আবরণ] বি. যা দিয়ে মাথা আবৃত করা হয়, শিরোভূষণ, টুপি।

মস্তান /মস্‌তান্/ [ফা.] বি. বিণ. ১ নেশাগ্রস্তের মতো হিতাহিত জ্ঞানশূন্য। ২ বিশৃঙ্খলা সৃষ্টিকারী।

মস্তানি /মস্‌তানি/ [ফা.] বি. মস্তানের কাজ বা বৃত্তি।

মস্তি /মোস্‌তি/ [দেশি.] বি. ফুর্তি।

মস্তিষ্ক /মোস্‌তিশ্‌কো/ [স. মস্তি+√মস্ক্+অ] বি. ১ মেরুদণ্ডী প্রাণীর মাথার খুলির সম্মুখভাগে অবস্থিত পরস্পর সংযুক্ত অসংখ্য স্নায়ুকোষসংবলিত কোমল ধূসর পদার্থবিশেষ যা জীবদেহের সকল কর্মকান্ড নিয়ন্ত্রণ ও সমন্বয় করে, মগজ, brain। ২ বুদ্ধি, ধীশক্তি।

মস্তিষ্কচর্চা /মোস্‌তিশ্‌কোচর্‌চা/ [স. মস্তিষ্ক+চর্চা] বি. বুদ্ধির অনুশীলন, মনন, চিন্তন।

মস্তিষ্কচারী /মোস্‌তিশ্‌কোচারি/ [স. মস্তিষ্ক+√চর্+ইন্] বিণ. বিদ্যাবুদ্ধির চর্চাদ্বারা জীবিকানির্বাহ করে এমন, বুদ্ধিজীবী।

মস্তিষ্কচালনা /মোস্‌তিশ্‌কোচালোনা/ [স. মস্তিষ্ক+চালনা] বি. মনন, চিন্তন।

মস্তিষ্কহীন /মোস্‌তিশ্‌কোহিন্/ [স. মস্তিষ্ক+√হা+ত] বিণ. চিন্তাশক্তি নেই এমন, বোধশূন্য, নির্বোধ।

মস্যাধার /মোশ্‌শাধার্/ [স. মসি+আধার] বি. (অধুনালুপ্ত) লেখার কালি রাখার পাত্র, দোয়াত।

মহকুমা /মহোকুমা/ [আ.] বি. (অধুনালুপ্ত) কয়েকটি থানার সমন্বয়ে গঠিত প্রশাসনিক অঞ্চল (বাংলাদেশে বর্তমানে জেলায় উন্নীত)।

মহড়া /মহোড়া/ [বা.] বি. ১ যুদ্ধের প্রস্তুতিরূপে সেনাবাহিনীর শক্তি ও সমরাস্ত্রের ক্ষমতাপ্রদর্শন। ২ সংগীত নাটক প্রভৃতি জনসমক্ষে উপস্থাপনের পূর্বে প্রস্তুতিমূলক অনুশীলন, মহলা, rehearsal।

মহৎ /মহোত্/ [স. √মহ্+অৎ] বিণ. ১ মহানুভব, উদার, উচ্চ (*মহৎ ব্যক্তি*)। ২ শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। ৩ বিশাল, বৃহৎ।

মহতী /মহোতি/ [স. মহৎ+ঈ] বিণ. বিরাট, বিশাল (*মহতী উদ্যোগ*)।

মহত্তম /মহোত্‌তমো/ [স. মহৎ+তমপ্] বিণ. সর্বাপেক্ষা মহৎ, সর্বোত্তম (*মহত্তম কার্য*)।

মহত্তর /মহোত্‌তরো/ [স. মহৎ+তরপ্] বিণ. দুইয়ের মধ্যে অধিকতর মহৎ।

মহত্ত্ব /মহোত্‌তো/ [স. মহৎ+ত্ব] বি. মহতের ভাব, উদারতা, প্রকর্ষ।

মহদাশয় /মহোদাশয়/ [স. মহৎ+আশয়] বিণ. মহানুভব, উন্নতমনা, উদারচিত্ত।

মহদাশ্রয় /মহোদাস্‌রয়/ [স. মহৎ+আশ্রয়] বি. মহতের আশ্রয়।

www.pathagar.com

মহনীয় /মহোনিয়ো / [স. √মহ্+অনীয়] বিণ. মান্য, শ্রদ্ধেয়; পূজ্য, পূজনীয় (*মহনীয় ব্যক্তি*)।

মহন্ত /মহোন্তো / [স. √মহ্+অন্ত] বি. ১ মঠস্বামী; মন্দির পরিচালনার দায়িত্বপ্রাপ্ত সন্ন্যাসী। ২ সংসার-ত্যাগী ব্যক্তি।

মহফিল /মোহ্ফিল্ / [আ.] বি. বৈঠক, আসর।

মহব্বত /মহোব্বত্ / [আ.] বি. ১ প্রেম, ভালোবাসা। ২ স্নেহ, প্রীতি। ৩ বন্ধুত্ব। ৪ পরোপকারিতা।

মহরত /মহোরত্ / [আ.] বি. ১ সূচনা, শুরু, আরম্ভ; প্রস্তুতি। ২ উদ্‌বোধন, কার্যারম্ভ।

মহরম /মহোরম্ / [আ. মুহার্‌রম্ >] বি. দ্র মহর্‌রম।

মহর্‌রম /মহোর্‌রম্ / [আ.] বি. ১ হিজরি বর্ষপঞ্জির প্রথম মাস। ২ হজরত মুহম্মদ (সা.)-এর দৌহিত্র ইমাম হাসান ও ইমাম হোসেনের স্মরণে শিয়া সম্প্রদায় কর্তৃক ওই মাসের প্রথম ১০ দিনব্যাপী শোকপালন।

মহর্লোক /মহোর্‌লোক্ / [স. মহঃ+লোক] বি. পুরাণ মতে ত্রিলোকের (স্বর্গ মর্ত্য ও পাতাল) প্রথমটি।

মহর্ষি /মহোর্‌শি / [স. মহান্+ঋষি] বিণ. ঋষিশ্রেষ্ঠ।

মহল /মহোল্ / [ফা.] বি. ১ গৃহ, বাড়ি। ২ বাড়ির অংশ (*অন্দরমহল*)। ৩ ভূসম্পত্তি বা জমিদারির অংশ, তালুক (*খাসমহল*)। ৪ সমাজের অংশ, গোষ্ঠী (*কূটনৈতিক মহল*)।

মহলা[১] /মহোলা / [বা.] বি. ধারণ বা জনসমক্ষে উপস্থাপনের পূর্বে সংগীতানুষ্ঠান নাটক প্রভৃতির প্রস্তুতিমূলক অনুশীলন, মহড়া।

–মহলা[২] /মহোলা / [ফা.] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) মহল বা তলবিশিষ্ট (*সাতমহলা বাড়ি*)।

মহলানবিশ /মহোলানোবিশ্ / [ফা.] বি. ১ মহালের হিসাবরক্ষক ও প্রশাসক। ২ পদবিবিশেষ।

মহল্লা /মহোল্‌লা / [আ.] বি. শহর বা নগরের অংশ; গ্রাম; অঞ্চল; পাড়া।

মহা[১] /মহা / [স. মহৎ] বিণ. ১ প্রধান (*মহাপরিচালক*)। ২ অতিশয় (*মহাবিপদ*)। ৩ বিশাল (*মহাসাগর*)। ৪ প্রচণ্ড; ভয়ংকর (*মহানাদ*)।

মহা[২] /মহা / [স. √মহ্+অ+আ (টাপ্)] বিণ. (কর্মধারয় ও বহুব্রীহি সমাসে পূর্বপদরূপে ব্যবহৃত হলে 'মহৎ' 'মহান' ও 'মহতী' স্থানে 'মহা' হয়) মহৎ, মহান, শ্রেষ্ঠ (*মহামানব*)।

মহাকবি /মহাকোবি / [স. মহান্+কবি] বি. ১ মহাকাব্য রচয়িতা। ২ শ্রেষ্ঠ কবি (*মহাকবি কালিদাস*)।

মহাকরণ /মহাকরোন্ / [স. মহা+√কৃ+অন] বি. সরকারের প্রধান দপ্তর, সচিবালয়; (পরি.) secretariat।

মহাকর্ষ /মহাকর্‌শো / [স. মহৎ+আকর্ষ] বি. (পদার্থ.) জড় বস্তুর পারস্পরিক আকর্ষণ, মাধ্যাকর্ষণ; (পরি.) gravitation।

মহাকাব্য /মহাকাব্বো / [স. মহৎ+কাব্য] বি. পৌরাণিক বা ঐতিহাসিক কাহিনি অবলম্বনে রচিত অষ্টাধিক সর্গে বিভক্ত বৃহৎ কাব্য, epic।

মহাকায় /মহাকায়্ / [স. মহান্+√চি+অ] বিণ. অতিকায়, বৃহদাকার।

মহাকাল /মহাকাল্ / [স. মহান্+কাল] বি. ১ শিবের রুদ্র রূপ, ভৈরব। ২ অনন্তকাল। ৩ উত্তরকাল।

মহাকালী /মহাকালি / [স. মহাকাল+ঈ] বি. চণ্ডিকার রূপবিশেষ।

মহাকাশ /মহাকাশ্ / [স. মহৎ+আকাশ] বি. বায়ুমণ্ডলের ঊর্ধ্বে অনন্ত আকাশ, মহাশূন্য, space।

মহাকাশচারী /মহাকাশ্‌চারি/ [স. মহাকাশ+√চর্+ইন্] বি. বিণ. মহাকাশে বিচরণ করে এমন, নভশ্চারী, astronaut।

মহাকাশবিজ্ঞান /মহাকাশ্‌বিগ্‌গ্যান্ / [স. মহাকাশ+বি+√জ্ঞা+অন] বি. যে শাস্ত্রে মহাকাশসংক্রান্ত বিষয়াবলি চর্চা করা হয়; (পরি.) space science।

মহাকাশবিদ্যা /মহাকাশ্‌বিদ্‌দা / [স. মহাকাশ+বিদ্যা] বি. দ্র মহাকাশবিজ্ঞান।

মহাকাশযান /মহাকাশ্‌জান্ / [স. মহাকাশ+√যা+অন] বি. মহাশূন্যে গমনের উপযোগী যান, spaceship।

মহাগুরু /মহাগুরু / [স. মহান্+√গু+উ] বি. ১ শ্রেষ্ঠ গুরু; দীক্ষাদাতা। ২ পিতামাতা। ৩ স্বামী।

মহাগ্রীব /মহাগ্রিবো / [স. মহা+গ্রীবা] বিণ. দীর্ঘ গলাবিশিষ্ট (জিরাফ উট প্রভৃতি)।

মহাজন /মহাজন্ / [দেশি.] বি. ১ মহৎ ব্যক্তি। ২ বৈষ্ণব পদকর্তা। ৩ সুদের বিনিময়ে ঋণ দেওয়া যার পেশা, উত্তমর্ণ। ৪ আড়তের মালিক।

মহাজনি /মহাজোনি / [দেশি.] বি. ১ মহাজনের বৃত্তি। ২ তেজারতি। বিণ. ১ ব্যবসায়-সংক্রান্ত (*মহাজনি কারবার*)। ২ কুসীদজীবী-সম্বন্ধীয়।

মহাজাগতিক /মহাজাগোতিক্ / [স. মহাজগৎ+ইক] বিণ. মহাজগৎবিষয়ক, মহাবিশ্বের।

মহাজ্ঞান /মহাগ্‌গ্যান্ / [স. মহা+√জ্ঞা+অন] বি. ১ পরম বা শ্রেষ্ঠ জ্ঞান। ২ যে কল্পিত বিদ্যাবলে

www.pathagar.com

মৃতকে পুনরুজ্জীবিত করা যায়।

মহাজ্ঞানী /মহাগ্‌গ্যানি/ [স. মহাজ্ঞান+ইন্] বি. বিপুল পাণ্ডিত্যের অধিকারী।

মহাঢ্য /মহাঢ্যো/ [স. মহৎ+আঢ্য] বিণ. ঐশ্বর্যশালী, মহা ধনবান, ধনাঢ্য।

মহাতপা /মহাতপা/ [স. মহৎ+তপস্] বি. বিণ. কঠোর তপস্যাকারী; শ্রেষ্ঠ তপস্বী।

মহাতেজস্বী /মহাতেজোশ্‌শি/ [স. মহাতেজস্+বিন্] বিণ. ১ অত্যন্ত তেজোময় ও শৌর্যসম্পন্ন। ২ অতিশয় দীপ্তিশালী। ৩ উগ্র ও ঝাঁজালো।

মহাতেজা /মহাতেজা/ [স. মহৎ+তেজস্] বিণ. দ্র মহাতেজস্বী।

মহাত্মা /মহাত্তাঁ/ [স. মহান্+আত্মন্] বিণ. ১ অতি মহৎ, উদারহৃদয়, মহানুভব, মহাপ্রাণ। ২ বদান্য।

মহাদেব /মহাদেব্/ [স. মহান্+দেব] বি. শিব।

মহাদেবী /মহাদেবি/ [স. মহাদেব+ঈ] বি. ১ দুর্গা-দেবী। ২ প্রধান মহিষী, পাটরানি।

মহাদেশ /মহাদেশ্/ [স. মহা+দেশ] বি. অনেক দেশ নিয়ে গঠিত বৃহৎ ভৌগোলিক বিভাগ (*এশিয়া মহাদেশ*), continent।

মহাদেশীয় /মহাদেশিয়ো/ [স. মহাদেশ+ঈয়] বিণ. মহাদেশসম্পর্কিত, continental।

মহাদ্রাবক /মহাদ্রাবোক্/ [স. মহান্+√দ্রু+অক] বি. গন্ধকাম্ল, sulphuric acid।

মহাদ্রুম /মহাদ্রুম/ [স. মহান্+দ্রুম] বি. বড়ো গাছ।

মহাধাতু /মহাধাতু/ [স. মহা+ধাতু] বি. স্বর্ণ, সোনা।

মহাধ্যক্ষ /মহাদ্‌ধোক্‌খো/ [স. মহা+অধ্যক্ষ] বি. মহাব্যবস্থাপক; (পরি.) general manager।

মহান /মহান/ [স. মহৎ] বিণ. ১ মহৎপ্রাণ (*মহান নেতা*)। ২ উন্নত, উচ্চ (*মহান আদর্শ*)। ৩ গুরু, কঠিন (*মহান দায়িত্ব*)।

মহানগর /মহানগোর্/ [স. মহা+নগর] বি. বৃহৎনগর বিশেষ করে যে নগরের জনসংখ্যা এককোটি বা তার বেশি।

মহানগরী /মহানগোরি/ [স. মহানগর+ঈ] বি. দ্র মহানগর।

মহানন্দ /মহানন্‌দো/ [স. মহান্+আনন্দ] বি. গভীর আনন্দ, পরমানন্দ। বিণ. অতিশয় আনন্দিত।

মহানন্দা /মহানন্‌দা/ [স. মহানন্দ+আ (টাপ্)] বি. নেপালের হিমালয় পর্বতমালার দক্ষিণ-পশ্চিম প্রান্তে উৎপন্ন হয়ে ভারত ও বাংলাদেশের মধ্য দিয়ে প্রবাহিত গঙ্গার উপনদী।

মহানবমী /মহানবোমি/ [স. মহা+নবম+ঈ] বি. শারদীয় দুর্গাপূজার নবমী তিথি।

মহানবি /মহানোবি/ [স. মহা+আ. নবি] বি. আল্লাহর প্রেরিত শেষ দূত, হজরত মুহম্মদ (সা.)।

মহানস /মহানশ্/ [স. মহৎ+অনঃ] বি. রান্নাঘর।

মহানসী /মহানোশি/ [স. মহৎ+অনস্+ঈ] বি. রন্ধন-শালার পরিচারিকা, পাচিকা।

মহানাগরিক /মহানাগোরিক্/ [স. মহানগর+ইক] বি. পৌরসভার প্রধান, মেয়র।

মহানাদ /মহানাদ্/ [স. মহান্+নাদ] বি. ভয়ংকর শব্দ, অতি উচ্চ ধ্বনি। বিণ. ১ অতি উচ্চ ধ্বনিযুক্ত। ২ গম্ভীর নাদকারী।

মহানায়ক /মহানায়োক্/ [স. মহা+নায়ক] বি. শ্রেষ্ঠ নায়ক।

মহানিদ্রা /মহানিদ্‌দ্রা/ [স. মহা+নিদ্রা] বি. মৃত্যু।

মহানিম /মহানিম্/ [স. মহা+বা. নিম] বি. এশিয়া ইউরোপ এবং আমেরিকার ক্রান্তীয় অঞ্চলে গুচ্ছাকারে ফোটে এমন বেগুনি আভাযুক্ত ছোটো ফুল ও ডিম্বাকার ফল বা তার ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির দ্রুত বর্ধনশীল পত্রমোচী বৃক্ষ, ঘোড়ানিম, বুনোনিম, বকাইন।

মহানির্বাণ /মহানির্‌বান্/ [স. মহা+নির্+√বা+ত] বি. বৌদ্ধমতে সকল প্রকার বন্ধন থেকে মোক্ষলাভ, মৃত্যু।

মহানিশা /মহানিশা/ [স. মহা+নিশা] বি. রাতের মধ্যভাগ, গভীর রাত, নিশীথ।

মহানীল /মহানিল্/ [স. মহৎ+নীল] বি. ১ গাঢ় নীল বর্ণ। ২ নীলকান্তমণি। বিণ. গাঢ় নীল বর্ণবিশিষ্ট।

মহানুভব /মহানুভব্/ [স. মহান্+অনুভব] বিণ. মহৎ হৃদয়ের অধিকারী, উদারচিত্ত, মহাপ্রাণ।

মহানুভবতা /মহানুভবোতা/ [স. মহানুভব+তা] বি. সংকীর্ণতামুক্ত মনোভাব, উদারতা।

মহাপক্ষ /মহাপোক্‌খো/ [স. মহা+পক্ষ] বি. গরুড়, পক্ষিরাজ; রাজহংসবিশেষ।

মহাপথ /মহাপথ্/ [স. মহা+পথ] বি. ১ রাজপথ, মহাসড়ক। ২ স্বর্গারোহণের পথ। ৩ মৃত্যু।

মহাপদ্ম /মহাপদ্‌দো/ [স. মহৎ+√পদ্+ম] বি. ১ মহাপদ্মের চিহ্নধারী নাগবিশেষ। ২ লক্ষকোটি-সংখ্যা।

মহাপরিচালক /মহাপোরিচালক্/ [স. মহা+পরিচালক] বি. পরিচালকসভার প্রধান; কোনো সরকারি প্রতিষ্ঠানের উচ্চতম পদাধিকারী ব্যক্তি; (পরি.) director general।

মহাপাতক /মহাপাতক্/ [স. মহা+পাতক] বি. জঘন্যতম পাপ, মহাপাপ।

www.pathagar.com

মহাপাতকী /মহাপাতোকি/ [স. মহাপাতক+ইন্] বিণ. দ্র মহাপাপী।

মহাপাত্র /মহাপাত্রো/ [স. মহা+পাত্র] বি. ১ প্রধান মন্ত্রী বা অমাত্য। ২ পদবিবিশেষ।

মহাপাপ /মহাপাপ্/ [স. মহা+পাপ] বি. দ্র মহা-পাতক।

মহাপাপী /মহাপাপি/ [স. মহাপাপ+ইন্] বিণ. মহা-পাতক, গুরুতর পাপী।

মহাপুরাণ/মহাপুরান্ /[স. মহা+পুরাণ] বি. বেদব্যাস-কৃত আঠারোটি পুরাণ (ব্রহ্ম পদ্ম বিষ্ণু শিব ভাগবত নারদ মার্কণ্ডেয় অগ্নি ভবিষ্য ব্রহ্মবৈবর্ত লিঙ্গ বরাহ স্কন্দ বামন কূর্ম মৎস্য গরুড় ও ব্রহ্মাণ্ড)।

মহাপুরুষ /মহাপুরুশ্/ [স. মহৎ+পুরুষ] বি. ১ শ্রেষ্ঠ পুরুষ; সাধু ব্যক্তি; মহাত্মা। ২ অলৌকিক শক্তি-সম্পন্ন পুরুষ।

মহাপ্রভু /মহাপ্রোভু/ [স. মহা+প্রভু] বি. ১ পরমেশ্বর। ২ শ্রীচৈতন্য। ৩ ওড়িশার পুরীতে প্রতিষ্ঠিত জগন্নাথদেবমূর্তি।

মহাপ্রয়াণ /মহাপ্রোয়ান্ / [স. মহা+প্রয়াণ] বি. ১ মৃত্যু। ২ মহাপ্রস্থান, শেষযাত্রা।

মহাপ্রলয় /মহাপ্রোলয়্ / [স. মহা+প্রলয়] বি. ১ সৃষ্টির বিনাশ, কেয়ামত। ২ মহাবিপদ। ৩ বিরাট ওলট-পালট। ৪ তুমুল ঝগড়া।

মহাপ্রসাদ /মহাপ্রোশাদ্/ [স. মহা+প্রসাদ] বি. ১ দেবতার উদ্দেশে নিবেদিত অন্নাদি। ২ জগন্নাথ-দেবের প্রসাদ।

মহাপ্রস্থান /মহাপ্রোস্থান্ / [স. মহৎ+প্রস্থান] বি. দ্র মহাপ্রয়াণ।

মহাপ্রাণ /মহাপ্রান্/ [স. মহান্+প্রাণ] বিণ. ১ মহানুভব, উদারহৃদয়। ২ দীর্ঘজীবী। ৩ (ব্যা.) অধিকতর প্রাণ বা বায়ুর সাহায্যে উচ্চারিত, aspirated।

মহাপ্রাণতা /মহাপ্রানোতা/ [স. মহাপ্রাণ+তা] বি. ১ মহানুভবতা। ২ (ব্যা.) উচ্চারণে বায়ুর অধিক প্রাধান্য।

মহাপ্রাণ বর্ণ /মহাপ্রান্ বরনো/ বি. অধিকতর প্রাণ বা বায়ুর সাহায্যে উচ্চারিত বর্ণ (প্রতি বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ-সহ ঢ় এবং হ)।

মহাফেজ/মহাফেজ়্/[আ. মুহাফিজ >] বি. গুরুত্বপূর্ণ সরকারি কাগজপত্র রক্ষণাবেক্ষণের কাজে নিয়োজিত ব্যক্তি।

মহাফেজখানা /মহাফেজ়্খানা/ [আ. মুহাফিজ+ফা. খানা] বি. সরকারি দলিলপত্র সংরক্ষণের কক্ষ, archive।

মহাবন /মহাবোন্ / [স. মহা+বন] বি. ১ নিবিড় ও বিশাল অরণ্য। ২ বৃন্দাবনের একটি অরণ্য।

মহাবল /মহাবল্/ [স. মহৎ+বল] বিণ. অতিশয় বলবান বা শক্তিশালী।

মহাবাক্য /মহাবাক্কো/ [স. মহা+√বচ্+য] বি. মহাপুরুষের বাণী বা জ্ঞানগর্ভ উক্তি।

মহাবাহু /মহাবাহু/ [স. মহান্+বাহু] বিণ. ১ দীর্ঘ বাহুবিশিষ্ট। ২ প্রচণ্ড শক্তিশালী। বি. শ্রীকৃষ্ণ।

মহাবিক্রম /মহাবিক্কৃম্/ [স. মহা+বিক্রম] বি. প্রবল পরাক্রম। বিণ. প্রচণ্ড শক্তির অধিকারী।

মহাবিদ্যা /মহাবিদ্দা/ [স. মহা+বিদ্যা] বি. ১ ঈশ্বরবিষয়ক জ্ঞান, পরাবিদ্যা। ২ পুরাণোক্ত দেবী দুর্গার দশটি রূপ (কালী তারা ষোড়শী বগলা ভুবনেশ্বরী মাতঙ্গী ভৈরবী ছিন্নমস্তা কমলা ও ধূমাবতী)। ৩ শ্রেষ্ঠবিদ্যা। ৪ (ব্য.) চুরিবিদ্যা।

মহাবিদ্যালয় /মহাবিদ্দালয়্ / [স. মহা+বিদ্যালয়] বি. মাধ্যমিক শিক্ষার পরবর্তী স্তরের শিক্ষায়তন; (পরি.) college।

মহাবিভ্রাট /মহাবিব্ভ্রাট্/ [স. মহা+বিভ্রাট] বি. ব্যাপক গোলযোগ বা বিশৃঙ্খলা।

মহাবিশ্ব /মহাবিশ্শো/ [স. মহা+বিশ্ব] বি. সৌরজগৎ ও অসংখ্য গ্রহনক্ষত্রের সমন্বয়ে গঠিত অনন্ত মহাকাশ, বিশ্বজগৎ, universe।

মহাবিষুব /মহাবিশুব্ / [স. মহা+বিষুব] বি. ১ মেষরাশিতে সূর্যের সংক্রমণ। ২ দিন ও রাত্রির সমান হওয়ার সময়, vernal equinox। ৩ চৈত্র-সংক্রান্তি।

মহাবিস্ময় /মহাবিশ্শয়্/ [স. মহা+বিস্ময়] বি. অতিশয় চমৎকৃত অবস্থা বা ভাব।

মহাবীর /মহাবির্/[স. মহা+বীর] বিণ. অতি বীর্যবান। বি. ১ জৈন ধর্মের প্রচারক। ২ রামায়ণোক্ত হনুমান।

মহাবীর্য /মহাবির্জ্যো / [স. মহৎ+বীর+য] বি. অতিশয় পরাক্রম। বিণ. বলিষ্ঠ।

মহাবৃহতী /মহাব্হোতি/ [স. মহা+বৃহৎ+ঈ] বি. বড়ো বেগুন।

মহাবেগ /মহাবেগ্ / [স. মহা+বেগ] বি. অতি দ্রুত গতি বা বেগ।

মহাবৈদ্য /মহাবোই্দ্যো / [স. মহা+বৈদ্য] বি. ১ শ্রেষ্ঠ চিকিৎসক। ২ (ব্য.) হাতুড়ে চিকিৎসক।

মহাবোধি /মহাবোধি/ [স. মহা+বোধি] বি. বুদ্ধদেব।

মহাব্যবস্থাপক /মহাব্যাবোস্থাপক্/ [স. মহা+ব্যবস্থাপক] বি. কোনো প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা-প্রধান, মহাধ্যক্ষ; (পরি.) general manager।

www.pathagar.com

মহাব্যস্ত /মহাব্যাস্তো/ [স. মহা+বি+√অস্+ত] বিণ. ১ অতিশয় ব্যস্ত। ২ অত্যন্ত ব্যাকুল।

মহাব্যাধি /মহাব্যাধি/ [স. মহা+ব্যাধি] বি. ১ ক্যানসার এইডস প্রভৃতি দুরারোগ্য ব্যাধি। ২ কুষ্ঠরোগ।

মহাব্যাহৃতি /মহাব্যাɾhiতি/ [স. মহা+বি+আ+√হৃ+তি] বি. গায়ত্রীর মন্ত্রত্রয় (ভূঃ ভুবঃ স্বঃ)।

মহাব্যোম/মহাব্যোম্ /[স. মহা+ব্যোম] বি. মহাকাশ, মহাশূন্য, নভোমণ্ডল।

মহাব্রাহ্মণ /মহাব্রাম্mhoন্ / [স. মহা+ব্রাহ্মণ] বি. ১ পতিত ব্রাহ্মণ। ২ অগ্রদানী ব্রাহ্মণ। ৩ অন্ত্যেষ্টি-ক্রিয়া সম্পাদনকারী ব্রাহ্মণ।

মহাভাগ /মহাভাগ্/ [স. মহাভাগ্য >] বিণ. পরম সৌভাগ্যবান।

মহাভাব /মহাভাব্ / [স. মহা+ভাব] বি. প্রেম ভক্তি প্রভৃতির সর্বোচ্চ অবস্থা।

মহাভারত /মহাভারোত্/ [স. মহৎ+ভারত] বি. ১ সংস্কৃতভাষায় বেদব্যাসপ্রণীত কুরুপাণ্ডবের যুদ্ধ-বিষয়ক মহাকাব্য বা তার অনুবাদগ্রন্থ। ২ (আল.) বিশাল কাহিনি।

মহাভিক্ষু /মহাভিক্খু/ [স. মহা+ভিক্ষু] বি. বৌদ্ধ ধর্মপ্রচারক গৌতম বুদ্ধ।

মহাভুজ /মহাভুজো/ [স. মহা+ভুজ] বিণ. ১ দীর্ঘ ও শক্তিশালী বাহুবিশিষ্ট। ২ মহাবল, মহাবীর।

মহাভৈরব /মহাভোইরব্ / [স. মহা+ভৈরব] বি. শতরূপধারী মহাদেব, শিব।

মহাভোজ /মহাভোজ্/ [স. মহা+ভোজ] বি. বহুলোকের একত্র-আহার।

মহামতি /মহামোতি/ [স. মহা+মতি] বিণ. ১ উদার-হৃদয়, মহানুভব। ২ অত্যন্ত বুদ্ধিমান।

মহামনস্বী /মহামনোশ্শি/ [স. মহামনস্+বিন্] বিণ. দ্র মহামতি।

মহামহিম/মহামোহিম্/ [স. মহৎ+মহিম] বি. স্বীকৃত শিষ্টাচাররূপে রাষ্ট্রদূতকে সম্বোধনের জন্য ব্যবহৃত আখ্যা। বিণ. অত্যন্ত গৌরবান্বিত, মহিমময়।

মহামহোপাধ্যায় /মহামহোপাদ্ধায়্/ [স. মহান্+মহোপাধ্যায়] বি. ১ ইংরেজ আমলে সংস্কৃতজ্ঞ পণ্ডিতকে সরকারপ্রদত্ত উপাধিবিশেষ। ২ অত্যন্ত শ্রদ্ধেয় আচার্য।

মহামাংস /মহামাংশো/ [স. মহা+মাংস] বি. নরমাংস।

মহামাত্য /মহামাত্তো/ [স. মহা+অমাত্য] বি. প্রধানমন্ত্রী, Prime Minister।

মহামাত্র /মহামাত্রো/ [স. মহা+মাত্র] বি. ১ ধনবান ব্যক্তি। ২ মাহুত।

মহামানব /মহামানব্ / [স. মহা+মানব] বি. সমগ্র মানবজাতি (*ওই মহামানব আসে।* রবীন্দ্র.)।

মহামানী/মহামানি /[স. মহা+মান+ইন্] বিণ. অত্যন্ত গৌরবান্বিত, মাননীয়।

মহামান্য/মহামান্নো /[স. মহৎ+মান্য] বিণ. অতিশয় সম্মাননীয়, পরম মান্যবর (*মহামান্য রাষ্ট্রপতি*)।

মহামায়া /মহামায়া/ [স. মহা+মায়া] বি. ১ দেবী দুর্গা; মায়াদেবী। ২ অবিদ্যা। ৩ প্রকৃতি।

মহামারি/মহামারি /[স. মহা+√মৃ+ণিচ্+ই] বি. কলেরা প্লেগ প্রভৃতি সংক্রামক রোগে ব্যাপক লোকক্ষয়, মড়ক, epidemic।

মহামুনি /মহামুনি/ [স. মহা+মুনি] বি. ১ শ্রেষ্ঠ মুনি। ২ গৌতমবুদ্ধ।

মহামূর্খ /মহামুরখো/ [স. মহা+মূর্খ] বিণ. আকাট মূর্খ, অতিশয় নির্বোধ।

মহামূল্য /মহামুল্লো/ [স. মহা+মূল্য] বিণ. ১ অত্যন্ত মূল্যবান। ২ দুষ্প্রাপ্য (*মহামূল্য পুথি*)।

মহামৃগ /মহামৃগো/ [স. মহা+মৃগ] বি. হাতি।

মহামোহ /মহামোহো/ [স. মহা+মোহ] বি. বিষয়-বাসনারূপ অজ্ঞানতা, সাংসারিক মায়া বা ভ্রম।

মহাযজ্ঞ /মহাজোগ্গোঁ/ [স. মহান্+√যজ্+ন] বি. শাস্ত্রনির্দেশিত পাঁচ প্রকার সৎকর্ম (বেদাধ্যয়ন হোম অতিথিসেবা তর্পণ ও জীবকে খাদ্যদান)।

মহাযশা /মহাজ্জশা/ [স. মহা+যশস্] বিণ. অত্যন্ত যশস্বী, কীর্তিমান।

মহাযাত্রা /মহাজাত্ত্রা/ [স. মহা+যাত্রা] বি. মহা-প্রস্থান, মৃত্যু।

মহাযান /মহাজ্জান্ / [স. মহা+যান] বি. দার্শনিক নাগার্জুন কর্তৃক প্রবর্তিত বৌদ্ধদর্শন ও তার অনুসারী সম্প্রদায়।

মহাযুদ্ধ /মহাজ্জুদ্ধো/ [স. মহা+√যুধ্+ত] বি. ১ তুমুল লড়াই। ২ বিশ্বযুদ্ধ।

মহাযোগী /মহাজোগি/ [স. মহা+√যুজ্+ইন্] বি. ১ শ্রেষ্ঠ যোগী। ২ সংসারের মায়া থেকে মুক্ত ব্যক্তি।

মহারজত /মহারজোত্/ [স. মহৎ+রজত] বি. স্বর্ণ।

মহারণ /মহারন্/ [স. মহা+রণ] বি. দ্র মহাযুদ্ধ।

মহারণ্য /মহারোন্নো/ [স. মহা+অরণ্য] বি. নিবিড় ও বিশাল অরণ্য।

মহারত্ন /মহারত্নো/ [স. মহৎ+রত্ন] বি. ১ শ্রেষ্ঠ রত্ন; অতি মূল্যবান মণি। ২ পাঁচটি রত্ন (হীরক পদ্মরাগ নীলকান্ত পান্না ও মুক্তা)।

মহারথ /মহারথ্/ [স. মহান্+রথ] বি. শ্রেষ্ঠ রথ-যোদ্ধা; শ্রেষ্ঠ যোদ্ধা।

www.pathagar.com

মহারথী /মহারোথি/ [স. মহারথ+ইন্] বিণ. ১ রথচালনায় নিপুণ। ২ যুদ্ধে পারদর্শী। ৩ বিজ্ঞ।

মহারাজ /মহারাজ্/ [স. মহৎ+রাজন্] বি. ১ রাজা, নৃপতি, সম্রাট। ২ (বাংলায়) সন্ন্যাসীর উপাধি।

মহারাজা /মহারাজা/ [স. মহান্+রাজন্] বি. সম্রাট, রাজা; সামন্ত রাজা। *স্ত্রী. মহারানি /মহারানি/।

মহারাজাধিরাজ /মহারাজাধিরাজ্/ [স. মহারাজ+অধিরাজ] বি. একাধিক দেশ ও রাজার ওপর প্রভুত্ব আছে এমন রাজা, রাজচক্রবর্তী।

মহারাজ্ঞী /মহারাগ্‌গি/ [স. মহরাজন্+ঈ] বি. রাজমহিষী, মহারানি।

মহারাষ্ট্র /মহারাশ্‌ট্রো/ [স. মহৎ+রাষ্ট্র] বি. আরব সাগরের উপকূলে অবস্থিত ভারতের অঙ্গরাজ্যবিশেষ।

মহারাষ্ট্রীয় /মহারাশ্‌ট্রিয়ো/ [স. মহারাষ্ট্র+ঈয়] বিণ. ১ মহারাষ্ট্রসম্বন্ধীয়; মহারাষ্ট্রের অধিবাসী। ২ মহারাষ্ট্রে জাত বা উৎপন্ন।

মহারুদ্র /মহারুদ্রো/ [স. মহা+রুদ্র] বি. পুরাণোক্ত মহাদেব বা শিবের প্রলয়মূর্তি।

মহারৌরব /মহারৌড়রব্/ [স. মহা+রৌরব] বি. হিন্দুমতে মৃত্যুর পর মহাপাপীদের জন্য নির্দিষ্ট নরকবিশেষ।

মহার্ঘ /মহার্‌ঘো/ [স. মহৎ+অর্ঘ] বিণ. ১ অত্যন্ত মূল্যবান, মহামূল্য। ২ দুর্মূল্য।

মহার্ঘভাতা /মহার্‌ঘোভাতা/ [স. মহার্ঘ+বা. ভাতা] বি. মূল্যবৃদ্ধি বা মুদ্রাস্ফীতির কারণে বেতনভোগীদের প্রদত্ত অতিরিক্ত ভাতা, দুর্মূল্যভাতা।

মহার্ণব /মহার্‌নব্/ [স. মহান্+অর্ণব] বি. মহাসাগর।

মহার্হ /মহার্‌হো/ [স. মহা+অর্হ] বিণ. দ্র মহার্ঘ।

মহাল /মহাল্/ [আ.] বি. জমিদারির অংশ, তালুক; ভূসম্পত্তি (*জলমহাল*)।

মহালজ্জা /মহালজ্‌জা/ [স. মহা+√লস্‌জ্+অ+আ (টাপ্)] বি. অতিশয় লজ্জা।

মহালয়া /মহালয়া/ [স. মহালয়+আ (টাপ্)] বি. শারদীয় দুর্গাপূজার অব্যবহিত পূর্ববর্তী অমাবস্যায় পিতৃতর্পণের উদ্দেশ্যে করণীয় সংস্কার।

মহাশক্তি /মহাশোক্‌তি/ [স. মহা+√শক্+তি] বি. ১ বিপুল পরাক্রম। ২ দেবী দুর্গা, আদ্যাশক্তি। বিণ. অত্যন্ত বলবান।

মহাশক্তিধর /মহাশোক্‌তিধর/ [স. মহাশক্তি+√ধৃ+অ] বিণ. অত্যন্ত বলশালী।

মহাশঙ্খ /মহাশংখো/ [স. মহা+শঙ্খ] বি. ১ বৃহৎ শঙ্খ। ২ মৃতের মাথার খুলি। ৩ মানুষের অস্থি।

মহাশয় /মহাশয়/ [স. মহান্+আশয়] বি. শ্রদ্ধাসূচক সম্বোধনবিশেষ। বিণ. ১ উদারহৃদয়, মহাত্মা, মহানুভব। ২ (ব্য.) নীচ, হীন।

মহাশান্তি/মহাশান্‌তি/ [স. মহা+√শম্+তি] বি. অসীম শান্তি।

মহাশূন্য /মহাশুন্‌নো/ [স. মহা+শূন্য] বি. বায়ুমণ্ডলের ঊর্ধ্বে অনন্ত আকাশ, মহাকাশ, space।

মহাশ্বেতা /মহাশ্‌শেতা/ [স. মহা+√শ্বিত্+অ+আ (টাপ্)] বি. ১ দেবীদুর্গা। ২ সরস্বতী দেবী। ৩ শ্বেত অপরাজিতা।

মহাশ্মশান /মহাশ্‌শান্/ [স. মহা+শ্মশান] বি. বৃহৎ শ্মশানভূমি।

মহাষ্টমী /মহাশ্‌টোমি/ [স. মহা+অষ্টমী] বি. শারদীয় দুর্গোৎসবের শুক্লাষ্টমী তিথি।

মহাসংকট/মহাশংকট্/ [স. মহা+সংকট] বি. ঘোর বিপদ (*মহাসংকটে পড়া*)।

মহাসড়ক/মহাশড়োক্/ [স. মহা+বা. সড়ক] বি. দুটি জনপদ সরাসরি সংযোগকারী সড়কবিশেষ; (পরি.) highway।

মহাসত্ত্ব /মহাশত্‌তো/ [স. মহা+সত্ত্ব] বিণ. ১ অত্যন্ত শক্তিশালী। ২ মহাশয়, সদাশয়। ৩ উদারহৃদয়, উন্নতমনা। বি. বৃহৎকায় জীব।

মহাসভা /মহাশভা/ [স. মহা+সভা] বি. ১ সঙ্ঘ। ২ রাষ্ট্রের প্রতিনিধিত্বমূলক ব্যবস্থাপক সভা।

মহাসমাবেশ /মহাশমাবেশ্/ [স. মহা+সমাবেশ] বি. বহু লোকের একত্র সমাবেশ।

মহাসমারোহ /মহাশমারোহো/ [স. মহা+সমারোহ] বি. ১ বিরাট আয়োজন। ২ অতিশয় ধুমধাম বা জাঁকজমক (*মহাসমারোহে নববর্ষ উদ্‌যাপন*)।

মহাসমুদ্র /মহাশোমুদ্‌রো/ [স. মহা+সমুদ্র] বি. দ্র মহাসাগর।

মহাসাগর /মহাশাগোর্/ [স. মহা+সাগর] বি. ১ পৃথিবীকে বেষ্টনকারী জলভাগের প্রধান অংশ, বৃহৎ সাগর, মহাসমুদ্র। ২ (বাংলায়) বিশাল আধার।

মহাসাধক /মহাশাধক্/ [স. মহা+সাধক] বি. বিণ. যিনি শারীরিক যন্ত্রণা সহ্য করে ধর্মসংক্রান্ত সকল ব্রত পালন করেন; শ্রেষ্ঠ সাধক।

মহাসিন্ধু /মহাশিন্ধু/ [স. মহা+√স্যন্দ্+উ] বি. দ্র মহাসাগর।

মহাস্থবির /মহাস্‌থোবির্/ [স. মহা+স্থবির] বি. ১ প্রবীণ ও প্রধান বৌদ্ধ সন্ন্যাসীর উপাধিবিশেষ, মহাথেরো। ২ প্রবীণ ও শ্রদ্ধেয় ব্যক্তি।

মহি /মোহি/ [স. √মহ্+ই] বি. পৃথিবী, ধরণি (*দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে?* কৃষ্ণচন্দ্র.)।

www.pathagar.com

মহিত /মোহিতো/ [স. √মহ্+ত] বিণ. শ্রদ্ধেয় ও সম্মানিত; পূজিত।

মহিতল /মোহিতল্/ [স. মহি+তল] বি. ভূমিতল।

মহিধর /মোহিধর্/ [স. মহি+ধর] বি. পাহাড়, গিরি।

মহিধ্র /মোহিদ্‌ধ্রো/ [স. মহি+√ধৃ+অ] বি. পাহাড়, গিরি।

মহিনাথ /মোহিনাথ্/ [স. মহি+নাথ] বি. রাজা।

মহিপ /মোহিপো/ [স. মহি+√পা+অ] বি. রাজা।

মহিপতি /মোহিপোতি/ [স. মহি+পতি] বি. নৃপতি।

মহিপাল /মোহিপাল্/ [স. মহি+পাল] বি. রাজা।

মহিম /মোহিম্/ [স. মহৎ+ইমন্] বি. গৌরব, মাহাত্ম্য।

মহিমময় /মোহিমোময়্/ [স. মহিমন্+ময়ট্] বিণ. মহিমাপূর্ণ। স্ত্রী. **মহিমময়ী** /মোহিমোময়ি/।

মহিমা /মোহিমা/ [স. মহৎ+ইমন্] বি. ১ মাহাত্ম্য, মহত্ত্ব, গৌরব (*স্রষ্টার মহিমা*)। ২ শক্তি।

মহিমাকীর্তন /মোহিমাকির্তন্/ [স. মহিমা+কীর্তন] বি. মাহাত্ম্যকথন, যশঃকীর্তন।

মহিমান্বিত /মোহিমান্নিতো/ [স. মহিমা+অন্বিত] বিণ. মহিমাপূর্ণ, গৌরববিশিষ্ট। স্ত্রী. **মহিমান্বিতা** /মোহিমান্নিতা/।

মহিমাব্যঞ্জক/মোহিমাব্যান্‌জক্/ [স. মহিমা+ব্যঞ্জক] বিণ. মহিমা প্রকাশ করে এমন, মহিমাসূচক।

মহিমাময় /মোহিমাময়্/ [অশুপ্র.] বিণ. গৌরবময়, মহিমাযুক্ত।

মহিমার্ণব /মোহিমারনব্/ [স. মহিমা+অর্ণব] বি. সমুদ্রের মতো অপরিমেয় মহিমাপূর্ণ ব্যক্তি।

মহিরুহ /মোহিরুহো/ [স. মহি+√রুহ্+অ] বি. বৃক্ষ।

মহিলতা /মোহিলতা/ [স. মহি+লতা] বি. মাটিতে গর্ত করে বাস করে এবং দেহ সংকোচন ও প্রসারণ করতে পারে এমন মসৃণ ত্বকবিশিষ্ট লম্বাটে লালচে মেটে রঙের অ্যানিলিডা (annelida) পর্বের অমেরুদণ্ডী প্রাণী, কেঁচো, ভূলতা।

মহিলা /মোহিলা/ [স. √মহ্+ইল+আ (টাপ্)] বি. ১ নারী; নারীজাতি। ২ (বাংলায়) সম্ভ্রান্ত নারী।

মহিষ /মোহিশ্/ [স. √মহ্+ইষ] বি. গ্রীষ্ম ও উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে বিচরণ করে এমন বাঁকানো শিংবিশিষ্ট গোরুজাতীয় (পিঠে কুঁজহীন) ধূসর বা কালো চতুষ্পদ গৃহপালিত স্তন্যপায়ী তৃণভোজী প্রাণী (আনি. এশিয়া ও আফ্রিকা), ঘোষ।

মহিষমর্দিনী /মোহিশোমোর্‌দিনি/ [স. মহিষ+মর্দিনী] বি. মহিষাসুর বধ করেন যিনি, দেবী দুর্গা।

মহিষাসুর /মোহিশাশুর্/ [স. মহিষ+অসুর] বি. মহিষরূপী অসুরবিশেষ।

মহিষী/মোহিশি/[স. √মহ্+ইষ+ঈ] বি. রাজপত্নীরূপে অভিষিক্ত নারী, প্রধান রানি (*রাজমহিষী*)।

মহিসুত /মোহিশুতো/ [স. মহি+সুত] বি. ১ মঙ্গল-গ্রহ। ২ শ্রীকৃষ্ণ কর্তৃক নিহত নরকাসুর।

মহিসুতা /মোহিশুতা/ [স. মহিসুত+আ (টাপ্)] বি. সীতা।

মহীন্দ্র /মোহিন্দ্রো/[স. মহি+ইন্দ্র] বি. রাজা, নৃপতি।

মহীয়ান /মোহিআন্/ [স. মহৎ+ঈয়স্] বিণ. অতি মহান, মহত্তর (*গাহি সাম্যের গান—/মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান* নজরুল.)। স্ত্রী. **মহীয়সী** /মোহিয়োশি/।

মহীশ /মোহিশো/ [স. মহি+ঈশ] বি. রাজা, নৃপতি।

মহুয়া /মোহুআ/ [স. মধুক >] বি. বসন্তকালে ফোটে এমন হলুদাভ সাদা তীব্র সুগন্ধ ও রসাল ফুল (যার নির্যাস থেকে মাদক তৈরি হয়) ও বেরিজাতীয় সবুজাভ ফল বা তার লম্বাটে পাতা এবং মসৃণ বাকলবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন শোভাবর্ধক পত্রমোচী বৃক্ষ (আনি. ভারত ও মালয়েশিয়া)।

মহুরি /মোহুরি/ [স. মধুরী >] বি. ১ বাঁশির মুখ। ২ বাদ্যযন্ত্রবিশেষ।

মহেন্দ্র /মহেন্দ্রো/ [স. মহা+ইন্দ্র] বি. ১ দেবরাজ ইন্দ্র। ২ ভারতের দক্ষিণ-পূর্ব উপকূলে অবস্থিত পর্বতমালা।

মহেন্দ্রনগরী /মহেন্দ্রোনগোরি/ [স. মহেন্দ্র+নগরী] বি. দেবরাজ ইন্দ্রের নগরী, ইন্দ্রপুরী, অমরাবতী।

মহেন্দ্রপুরী /মহেন্দ্রোপুরি/ [স. মহেন্দ্র+পুরী] বি. দ্র মহেন্দ্রনগরী।

মহেন্দ্রভবন /মহেন্দ্রোভবোন্/ [স. মহেন্দ্র+ভবন] বি. দ্র মহেন্দ্রনগরী।

মহেন্দ্রাণী /মহেন্দ্রানি/ [স. মহা+ইন্দ্রাণী] বি. দেবরাজ ইন্দ্রের পত্নী, শচীদেবী।

মহেশ /মহেশ্/ [স. মহা+ঈশ] বি. মহাদেব, শিব।

মহেশানী /মহেশানি/ [স. মহৎ+ঈশান+ঈ] বি. দেবী দুর্গা।

মহেশী /মহেশি/ [স. মহেশ+ঈ] বি. দেবী দুর্গা।

মহেশ্বর /মহেশ্শর্/ [স. মহা+ঈশ্বর] বি. মহাদেব, শিব। স্ত্রী. **মহেশ্বরী** /মহেশ্শোরি/।

মহেষ্বাস /মহেশ্শাশ্/ [স. মহৎ+ইষ্বাস] বিণ. ধনুর্বিদ্যায় নিপুণ, মহাধনুর্ধর।

মহোৎসব /মহোত্শব্/ [স. মহা+উৎসব] বি. ১

www.pathagar.com

বিরাট উৎসব। ২ বৈষ্ণব বাউল প্রভৃতি ধর্ম-সম্প্রদায়ের কীর্তন ও ভোজের উৎসব, মোচ্ছব।

মহোৎসাহ /মহোত্শাহো/ [স. মহা+উৎসাহ] বি. ১ প্রবল উৎসাহ বা উদ্যম। ২ মহৎ চেষ্টা। বিণ. অতিশয় উদ্যমশীল।

মহোদধি /মহোদোধি/ [স. মহা+উদধি] বি. মহাসমুদ্র, মহাসাগর।

মহোদয় /মহোদয়/ [স. মহা+উদয়] বিণ. ১ মহাশয়, মহাত্মা। ২ অত্যুচ্চ; অত্যুন্নত। বি. (সচরাচর চিঠিপত্রে) সম্বোধনে ব্যবহৃত শব্দ (*প্রিয় মহোদয়*); (পরি.) sir। স্ত্রী. মহোদয়া /মহোদয়া/।

মহোদর /মহোদর/ [স. মহা+উদর] বিণ. বড়ো উদরবিশিষ্ট।

মহোদরী /মহোদোরি/ [স. মহা+উদরী] বি. দেবী দুর্গা।

মহোদ্যম/মহোদ্দম্ /[স. মহা+উদ্যম] বিণ. অতিশয় উদ্যমশীল, মহোৎসাহী।

মহোন্নতি /মহোন্নোতি/ [স. মহা+উন্নতি] বি. অতিশয় উন্নতি বা শ্রীবৃদ্ধি।

মহোপকার /মহোপোকার্/ [স. মহৎ+উপকার] বি. পরম উপকার।

মহোপকারী /মহোপোকারি/ [স. মহৎ+উপকার+ইন্] বিণ. পরম হিতসাধক।

মহোপাধ্যায় /মহোপাদ্ধায়্/ [স. মহৎ+উপাধ্যায়] বি. ১ পন্ডিতের উপাধিবিশেষ। ২ (আল.) বড়ো পন্ডিত।

মহোরগ /মহোরগ্/ [স. মহা+উরগ] বি. বড়ো সাপ।

মহৌষধ /মহোউ্শধ্/ [স. মহা+ঔষধ] বি. অব্যর্থ ও ফলদায়ী ওষুধ।

মহৌষধি /মহোউ্শোধি/ [স. মহা+বা. ঔষধি] বি. ১ ফল পাকলে মরে যায় এমন উৎকৃষ্ট ভেষজগুণ-সম্পন্ন উদ্ভিদবিশেষ। ২ রাত্রিকালে দীপ্তিশীল তৃণলতাদি। ৩ দূর্বা।

মা[১] /মা/ [স. মাতা >] বি. ১ মাতা, গর্ভধারিণী, জননী। ২ মাতা বা তৎস্থানীয়া নারীকে সম্বোধনে ব্যবহৃত শব্দ। অব্য. বিস্ময় ভয় প্রভৃতি প্রকাশক শব্দ (*মা গো*)।

মা[২] /মা/ [মধ্যম-এর সংক্ষিপ্ত রূপ] বি. স্বরগ্রামের মধ্যম বা চতুর্থ সুর।

মাই /মাই/ [প্রাক্.] বি. (কথ্য) ১ স্তন, পয়োধর। ২ মায়ের দুধ।

মাইক /মাইক্/ [ই.] বি. আপতিত শব্দতরঙ্গকে বৈদ্যুতিক সংকেতে পরিণত করে এমন সরঞ্জাম, ধ্বনিগ্রাহক সরঞ্জামবিশেষ, microphone-এর সংক্ষিপ্ত রূপ, mike।

মাইক্রোফিশে /মাইক্রোফিশে/ [ফ.] বি. (সাধারণত লেখ্যাগার বা গ্রন্থাগারে সংরক্ষণের জন্য) বিশেষ পদ্ধতিতে মাইক্রোফিল্মে তোলা মুদ্রিত তথ্যের সংকুচিত ছবি যা কেবল অণুবীক্ষণযন্ত্রের সাহায্যে পড়া যায়, microfiche।

মাইক্রোস্কোপ /মাইক্রোস্কোপ্/ [লা.] বি. খালি চোখে দেখা যায় না এমন অতি ক্ষুদ্র বস্তুকে বড়ো করে দেখার সরঞ্জামবিশেষ, অণুবীক্ষণযন্ত্র; (পরি.) microscope।

মাইজ /মাইজ্/ [স. মজ্জা >] বি. বৃক্ষকান্ডের মাঝের অংশ বা সারভাগ, মজ্জা, মাজ (*মাইজ-মরা গাছ*)।

মাইন /মাইন্/ [ই. mine] বি. ১ শত্রুর যানবাহন সৈন্যদল বা জাহাজ ধ্বংস করতে সক্ষম লুকিয়ে রাখা বা মাটিতে পোঁতা বিস্ফোরকপূর্ণ আধার। ২ (কয়লা খনিজ পদার্থ প্রভৃতির) আকর।

মাইনর /মাইনর্/ [ই. minor] বিণ. ১ প্রধান নয় এমন, গৌণ। ২ অপ্রাপ্তবয়স্ক। ৩ কনিষ্ঠ।

মাইনা /মাইনা/ [ফা. মাহিয়ানা >] বি. শ্রমের বিনিময়ে দেয় মাসিক পারিতোষিক, বেতন; 'মাহিনা'-র কথ্য রূপ।

মাইনে /মাইনে/ [ফা. মাহিয়ানা >] বি. দ্র মাইনা।

মাইফেল/মাইফেল্ /[আ. মহফিল >] বি. নাচগানের আসর বা জলসা।

মাইয়াত /মাইয়াত্/ [আ.] বি. মৃতদেহ।

মাইরি /মাইরি/ [পো. Maria >] অব্য. বিরক্তি বা ক্রোধসূচক উক্তি; যিশু খ্রিষ্টের মা মেরির নামে দিব্যি।

মাইল /মাইল্/ [ই.] বি. দূরত্ব বা দৈর্ঘ্যের একক-বিশেষ, ১৬০৯·৩ মিটার বা ১৭৬০ গজ, mile।

মাউই /মাউই/ [স. মাতৃকা >] বি. ভাই বা বোনের শাশুড়ি।

মাউস /মাউস্/ [ই.] বি. কম্পিউটার নিয়ন্ত্রণ বা চালনের জন্য ব্যবহৃত ইঁদুরসদৃশ হস্তচালিত সরঞ্জামবিশেষ, mouse।

মাউস প্যাড /মাউস্ প্যাড্/ বি. প্লাস্টিক বা রবার-জাতীয় যে প্যাডের ওপর মাউস রেখে চালনা করা হয়।

মাওই /মাওই/ [স. মাতৃকা >] বি. দ্র মাউই।

মাওরা /মাওরা/ [বা.] বিণ. মাতৃহারা।

মাংস /মাংশো/ [স. √মন্+স] বি. ১ জীবদেহের অভ্যন্তরস্থ হাড় এবং চামড়ার মধ্যবর্তী নরম ও কোমল অংশ, গোশ্ত, মাস। ২ মানুষের আহার্য

www.pathagar.com

মনুষ্যেতর প্রাণীর আমিষ বা পলল, পিশিত।

মাংসপেশি /মাংশোপেশি/ [স. মাংস+√পিশ্+ই] বি. জীবদেহের অঙ্গসঞ্চালনের ক্রিয়াসাধনকারী পেশি, muscle।

মাংসভোজী /মাংশোভোজি/ [স. মাংস+√ভুজ+ইন্] বিণ. মাংসাশী, মাংসভুক।

মাংসল /মাংশল/ [স. মাংস+ল] বিণ. মাংসবহুল, মাংসযুক্ত (*মাংসল পেশি*)।

মাংসাশী /মাংশাশি/ [স. মাংস+√অশ্+ইন্] বিণ. মাংস খায় এমন, মাংসভোজী (*মাংসাশী প্রাণী*)।

মাংসিক /মাংশিক্/ [স. মাংস+ইক] বি. বিণ. মাংস-বিক্রেতা, কসাই।

মাকড় /মাকোড়্/ [স. মর্কট >] বি. ১ বানর। ২ মাকড়সা, উর্ণনাভ, লূতা। বিণ. বানরতুল্য।

মাকড়সা /মাকোড়্শা/ [স. মর্কট >] বি. দক্ষিণ মেরু-অঞ্চল ব্যতীত পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এবং শিকার ধরার জন্য সূক্ষ্ম জাল বিস্তার করে এমন সরু কটিদেশ অখণ্ড দেহ (অর্থাৎ একত্রে মাথা বক্ষ ও উদর) এবং খণ্ডায়িত আটটি পা-বিশিষ্ট পতঙ্গ, উর্ণনাভ, লূতা, spider।

মাকড়সার জাল /মাকোড়্শার্ জাল্/ বি. কীটপতঙ্গ ধরার জন্য মাকড়সার নিজ দেহনিঃসৃত লালা দিয়ে তৈরি সূক্ষ্ম জাল, লূতাতন্তু।

মাকড়ি/মাক্ড়ি/ [দেশি.] বি. কানে পরার অলংকার-বিশেষ।

মাকনা /মাক্না/ [স. মৎকুণ >] বি. ১ দাঁত ওঠেনি এমন ছোটো হাতি। ২ দাড়ি-গোঁফ গজায়নি এমন পুরুষকুলের মানুষ, মাকুন্দা।

মাকাল /মাকাল্/ [স. মহাকাল >] বি. ১ বর্ষাকালে ফোটে এমন ঘণ্টাকৃতির রোমশ সাদা ফুল ও হালকা সবুজাভ দাগযুক্ত উজ্জ্বল লাল রঙের ডিম্বাকার বিষাক্ত ও দুর্গন্ধ ফল বা তার খাঁজকাটা পাতাবিশিষ্ট বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ। ২ (আল.) সুদর্শন কিন্তু অন্তঃসারশূন্য ব্যক্তি।

মাকু /মাকু/ [ফা.] বি. তাঁতে বুননের সময় কাপড়ের পোড়েন বা প্রস্থের দিকে সুতা চালনার কাজে ব্যবহৃত সরঞ্জাম, তুরি, shuttle।

মাকুন্দ /মাকুন্দো/ [স. মৎকুণ >] বিণ. বয়ঃপ্রাপ্ত হয়েও দাড়ি-গোঁফ গজায়নি এমন। বি. দাড়ি-গোঁফ গজায়নি এমন পুরুষকুলের মানুষ।

মাকুন্দা /মাকুন্দা/ [স. মৎকুণ >] বি. দ্র মাকুন্দ।

মাক্ষিক /মাক্ষিক্/ [স. মক্ষিকা+অ] বিণ. মক্ষিকা-সম্বন্ধীয়। বি. ১ মধু। ২ এক প্রকার খনিজদ্রব্য।

মাখন /মাখোন্/ [স. মৃক্ষণ >] বি. দুধ থেকে উৎপন্ন স্নেহপদার্থ, ননি, নবনী।

মাখা[১] /মাখা/ [বা.] ক্রিবি. ১ মর্দন করা (*আটা মাখা*)। ২ লেপন করা (*তেল মাখা*)।

মাখা[২] /মাখা/ [বা.] বিণ. লিপ্ত; জড়িত (*মধুমাখা হাসি*)।

মাখানো /মাখানো/ [বা.] ক্রিবি. ১ মর্দন করানো। ২ লেপন করানো (*শিশুকে তেল মাখানো*)। বিণ. মাখা হয়েছে এমন (*মাখানো আটা*)।

মাখামাখি /মাখামাখি/ [বা.] বি. ১ পরস্পর লেপন (*আবির মাখামাখি*)। ২ অন্তরঙ্গতা, ঘনিষ্ঠতা। ৩ অনভিপ্রেত মেলামেশা। ৪ (ব্য.) আবেগের আতি-শয্য; বাড়াবাড়ি।

মাগধ /মাগোধ্/ [স. মগধ+অ] বিণ. ১ মগধদেশীয়। ২ মগধসংক্রান্ত। বি. স্তুতিপাঠক।

মাগধী /মাগোধি/ [স. মাগধ+ঈ] বি. ১ মগধের প্রাচীন ভাষা; প্রাকৃত ভাষাবিশেষ। ২ মগধের রাজকন্যা। ৩ জুঁইফুল। ৪ স্তুতি গায়িকা। বিণ. মগধদেশীয়া।

মাগন /মাগোন্/ [বা.] বি. যাচ্ঞা, ভিক্ষা (*যদি বর্ষে আগনে রাজা যায় মাগনে* খনা.)।

মাগনা /মাগ্না/ [বা.] বিণ. ১ বিনামূল্যে প্রাপ্ত। ২ ভিক্ষালব্ধ। ক্রিবিণ. বিনামূল্যে।

মাগফেরাত /মাগ্ফেরাত্/ [আ.] বি. ১ ক্ষমা; নিষ্কৃতি (*মাগফেরাত কামনা*)। ২ আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা।

মাগা /মাগা/ [বা.] ক্রিবি. যাচ্ঞা করা, প্রার্থনা করা, চাওয়া (*তোমার কাছে এ বর মাগি, মরণ হতে যেন জাগি* রবীন্দ্র.)।

মাগি /মাগি/ [বা.] বি. ১ (অশি.) প্রাপ্তবয়স্ক স্ত্রীলোক। ২ যৌনকর্মী।

মাগুর /মাগুর্/ [স. মদ্গুর >] বি. অগভীর জলের তলদেশে বিচরণ করে এমন চারজোড়া স্পর্শীযুক্ত প্রশস্ত মুখ চ্যাপটা মাথা ও লম্বা দেহবিশিষ্ট বাদামি ধূসর প্রভৃতি রঙের আঁশবিহীন মাঝারি আকৃতির জিওল মাছ, মদ্গুর।

মাঘ /মাঘ/ [স. মাঘী+অ] বি. বাংলা বর্ষপঞ্জির দশম মাস, শীতঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৪ই জানুয়ারি থেকে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত কালপর্ব (*যদি বর্ষে মাঘের শেষ, ধন্যি রাজার পুণ্যি দেশ* খনা.)।

মাঘী /মাঘি/ [স. মাঘ+ঈ] বিণ. ১ মাঘমাসে জাত। ২ মাঘমাসসংক্রান্ত; মাঘমাসের (*মাঘী পূর্ণিমা*)।

www.pathagar.com

মাঘীপূর্ণিমা /মাঘিপুরনিমা / [স. মাঘী+পূর্ণিমা] বি. ১ মাঘ মাসের পূর্ণিমা। ২ মঘা নক্ষত্রযুক্ত পূর্ণিমা।

মাঘোৎসব /মাঘোত্শব্/ [স. মাঘ+উৎসব] বি. মহর্ষি দেবেন্দ্রনাথ ঠাকুর প্রবর্তিত আদি ব্রাহ্মসমাজের প্রতিষ্ঠাদিবস উপলক্ষ্যে ১১ই মাঘে পালিত উৎসব।

মাঙন /মাঙোন্/ [বা.] বি. দ্র মাগন।

মাঙ্গলিক /মাংগোলিক্/ [স. মঙ্গল+ইক] বিণ. শুভপ্রদ, কল্যাণকর (*অস্তগামী সবিতার মেঘমুক্ত মাঙ্গলিক দ্যুতি* সুধীন.)। বি. ১ মাঙ্গল্যদ্রব্য। ২ মঙ্গলাচার। ৩ মঙ্গলগীতি।

মাঙ্গল্য /মাংগোল্লো / [স. মঙ্গল+য] বিণ. বি. দ্র মাঙ্গলিক।

মাচা /মাচা/ [স. মঞ্চ >] বি. বাঁশ কাঠ প্রভৃতির তৈরি উঁচু মঞ্চ।

মাচান /মাচান্/ [স. মঞ্চ >] বি. দ্র মাচা।

মাছ /মাছ্/ [স. মৎস্য >] বি. মাথার দুপাশে দুটি চোখ ফুলকা (gill) পাখা ও লেজযুক্ত শীতল রক্ত-বিশিষ্ট মেরুদন্ডী জলচর প্রাণী, মৎস্য, মীন, fish।

মাছভাত /মাছ্ভাত্/ [বা.] বি. মাছ ও ভাত; বাঙালির প্রধান ও প্রিয় খাদ্য।

মাছরাঙা /মাছ্রাঙা/ [বা.] বি. গ্রীষ্মমন্ডলীয় অঞ্চলে জলাশয়ের ওপর নিশ্চল হয়ে শূন্যে ভেসে থেকে শিকারের ওপর দৃষ্টি নিবদ্ধ করার পর জলে ঝাঁপ দিয়ে শিকার তুলে আনে এমন বড়ো মাথাওয়ালা বিচিত্র বর্ণের উজ্জ্বল পালকবিশিষ্ট পাখি, মৎস্যরঙ্গ, kingfisher।

মাছি /মাছি/ [স. মক্ষিকা >] বি. ১ পৃথিবীর প্রায় সব দেশের নাতিশীতোষ্ণ অঞ্চলে বিচরণ করে এমন অখণ্ড মস্তক বক্ষ ও উদর এবং একজোড়া পাখা-যুক্ত কালো ধূসর বাদামি প্রভৃতি রঙের ডিপ্টেরা (diptera) বর্গের ছোটো পতঙ্গ, মক্ষিকা। ২ লক্ষ্য স্থির করার জন্য বন্দুকের নলের উপরিস্থ চিহ্ন।

মাছিমারা /মাছিমারা/ [বা.] বিণ. অন্ধ অনুকরণ করে এমন, বিচারবুদ্ধিহীন (*মাছিমারা কেরানি*)।

মাছুয়া /মাছুআ/ [বা.] বিণ. ১ মাছখেকো, মৎস্যভুক। ২ মৎস্যসংক্রান্ত। বি. জেলে, ধীবর।

মাজ /মাজ্/ [স. মজ্জা >] বি. বৃক্ষকান্ডের মাঝের অংশ বা সারভাগ, মজ্জা, মাইজ।

মাজন[১] /মাজোন্/ [স. মার্জন>] বি. ঘষে পরিষ্করণের কাজ।

মাজন[২] /মাজোন্/ [বা.] বি. দাঁত ঘষে পরিষ্কার করার গুঁড়ো।

মাজরা /মাজ্রা/ [দেশি.] বি. উদ্ভিদের কান্ড ছিদ্র করে ফসলের ক্ষতি করে এমন পতঙ্গবিশেষ।

মাজা[১] /মাজা/ [বা.] বি. দেহের মধ্যাংশ, কোমর, কটি।

মাজা[২] /মাজা/ [বা.] ক্রিবি. ঘষে পরিষ্কার বা উজ্জ্বল করা (*বাসন মাজা*)।

মাজাঘষা /মাজাঘশা/ [বা.] ক্রিবি. ঘষেমেজে পরিষ্কার করা। বিণ. ঘষেমেজে পরিষ্কার করা হয়েছে এমন, পরিষ্কৃত।

মাজানো /মাজানো/ [বা.] ক্রিবি. ঘষেমেজে পরিষ্কার করানো।

মাজার /মাজার্/ [আ.] বি. সাধুপুরুষের সমাধিক্ষেত্র।

মাজুফল /মাজুফল্/ [ফা. মাজু >] বি. ওকজাতীয় বড়ো গাছে ছত্রাক বা কীট থেকে জাত ফলসদৃশ কোষ যা বস্ত্রাদি পরিষ্করণ কেশরঞ্জন এবং ওষুধ-রূপে ব্যবহৃত হয়, gall nut।

মাজুর /মাজুর্/ [আ.] বিণ. ১ অক্ষম। ২ অসহায়।

মাঝ /মাঝ্/ [স. মধ্য >] বি. ১ ভেতর (*মনের মাঝে*)। ২ মধ্যস্থল। বিণ. মধ্যস্থ (*মাঝদরিয়া*)।

মাঝখান /মাঝখান্/ [বা. মাঝ+ফা. খান] বি. মধ্য-ভাগ, মধ্যস্থল, কেন্দ্রস্থল।

মাঝপথ /মাঝ্পথ্/ [বা. মাঝ+স. পথ্] বি. মধ্যপথ; অর্ধেক পথ।

মাঝবয়স /মাঝ্বয়োশ্/ [বা. মাঝ+স. বয়স] বি. মধ্যবয়স, প্রৌঢ় বয়স।

মাঝরাত /মাঝ্রাত্/ [বা.] বি. মধ্যরাত, নিশীথ।

মাঝামাঝি /মাঝামাঝি/ [বা.] বিণ. ১ দুই প্রান্তের মধ্যবর্তী দূরত্বে অবস্থিত এমন (*মাঝামাঝি স্থান*)। ২ মোটামুটি, মধ্যমানের (*মাঝামাঝি অবস্থা*)। ক্রিবিণ. প্রায় মধ্যভাগে (*মাসের মাঝামাঝি*)।

মাঝারি /মাঝারি/ [বা.] বিণ. ১ মাঝামাঝি ধরনের, মোটামুটি। ২ মধ্যম আকারের কিংবা অবস্থার (*মাঝারি উচ্চতার বৃক্ষ*)।

মাঝারে /মাঝারে/ [বা.] ক্রিবিণ. অভ্যন্তরে, ভেতরে।

মাঝি /মাঝি/ [বা.] বি. ১ নৌকার চালক। ২ সাঁওতালপল্লির মোড়ল। ৩ মৎস্যব্যবসায়ী; জেলে।

মাঝিগিরি /মাঝিগিরি/ [বা. মাঝি+ফা. গিরি] বি. মাঝির কাজ।

মাঝিমাল্লা /মাঝিমাল্লা/ [বা.] বি. মাঝি বা তার সহকর্মী।

মাঝে /মাঝে/ [বা.] ক্রিবিণ. ১ মধ্যস্থলে (*আমার হিয়ার মাঝে লুকিয়ে ছিলে দেখতে আমি পাই নি।* রবীন্দ্র.)। ২ অল্পকাল আগে (*মাঝে একবার*

www.pathagar.com

এসেছিলাম)।

মাঝেমধ্যে /মাঝেমোদ্‌ধে/ [বা.] ক্রিবিণ. কখনো-সখনো।

মাঝে মাঝে /মাঝে মাঝে/ ক্রিবিণ. কিছুকাল পরপর (*মাঝে মাঝে তব দেখা পাই, চিরদিন কেন পাই না?* রবীন্দ্র.)।

মাঞ্জা /মান্‌জা/ [বা.] বি. ১ সুতা ধারালো ও মজবুত করার জন্য কাচের চূর্ণ প্রভৃতি সহযোগে তৈরি আঠা (*ঘুড়ির সুতোর মাঞ্জা*)। ২ (ব্য.) উৎকট প্রসাধন।

মাট /মাট্/ [দেশি.] বিণ. ১ মাটির তলায় উৎপন্ন বা জাত (*মাটকলাই*)। ২ মাটির তৈরি।

মাটকলাই /মাট্‌কলাই/ [দেশি.] বি. চিনাবাদাম।

মাটকোঠা /মাট্‌কোঠা/ [দেশি.] বি. মাটির তৈরি একাধিক তলবিশিষ্ট ঘর।

মাটাম /মাটাম্/ [বা.] বি. ছুতার বা রাজমিস্ত্রির সমকোণমাপক সরঞ্জামবিশেষ।

মাটামসই /মাটাম্‌শোই/ [বা. মাটাম+আ. সই] বিণ. সমকোণে বিন্যস্ত।

মাটি /মাটি/ [স. মৃত্তিকা >] বি. ১ ভূপৃষ্ঠের উপরিতল যা ভেদ করে উদ্ভিদ অঙ্কুরিত হয়, মৃত্তিকা। ২ ভূতল, মেঝে (*মাটিতে বসা*)। ৩ জমি, ভূসম্পত্তি (*ভিটেমাটি*)। বিণ. ব্যর্থ, পণ্ড (*মাটি করা*)।

মাটি করা /মাটি করা/ ক্রিবি. ব্যর্থ করা, পণ্ড করা।

মাটি দেওয়া /মাটি দেওআ/ ক্রিবি. কবর দেওয়া।

মাটি মাড়ানো /মাটি মাড়ানো/ ক্রিবি. ১ আগমন করা; পদার্পণ করা। ২ (আল.) নিকটবর্তী পথে যাতায়াত করা।

মাটির দরে /মাটির্ দরে/ ক্রিবিণ. অত্যন্ত অল্প মূল্যে।

মাঠ /মাঠ/ [দেশি.] বি. ১ প্রান্তর, ময়দান; খেলার জন্য নির্দিষ্ট স্থান। ২ কৃষিক্ষেত্র (*মাঠের ফসল*)। ৩ পশুচারণ ক্ষেত্র।

মাঠঘাট /মাঠ্‌ঘাট্/ [বা.] বি. ১ সব জায়গা (*মাঠঘাট পানিতে সয়লাব*)। ২ বিভিন্ন স্থান। ক্রিবিণ. সর্বত্র।

মাঠা /মাঠা/ [স. মস্তু >] বি. মাখন তোলা ঘোল।

মাড় /মাড়/ [স. মণ্ড >] বি. ১ চাল সেদ্ধ করে প্রাপ্ত ঘন তরল পদার্থ, ভাতের ফেন। ২ (ইস্তিরি করা কাপড়ের পাট অক্ষুণ্ন রাখতে ব্যবহৃত) অ্যারারুট ময়দা প্রভৃতি জলে সেদ্ধ করে প্রাপ্ত মণ্ড।

মাড়া /মাড়া/ [বা.] ক্রিবি. মর্দন করা; পেষণ করা (*আখ মাড়া*)।

মাড়াই /মাড়াই/ [বা.] বি. মাড়ানোর কাজ (*ধান-মাড়াই*)।

মাড়ানো /মাড়ানো/ [বা.] ক্রিবি. ১ পদদলিত করা; পিষ্ট বা মর্দিত করা। ২ পদার্পণ করা; আসা বা যাওয়া। ৩ (আল.) সংস্রব রাখা (*ছায়া মাড়ানো*)।

মাড়ি[১] /মাড়ি/ [স. মাটি >] বি. দন্তমূল আবৃতকারী কোমল মাংস, দাঁতের গোড়ার মাংস, gum।

মাড়ি[২] /মাড়ি/ [স. মণ্ড >] বি. ১ তাল কাঁঠাল প্রভৃতি ফলের ঘন রস। ২ ভাতের ফেন, মাড়।

মাড়োয়ারি /মাড়োআরি/ [হি. মাড়বার >] ১ মাড়োয়ার অঞ্চলের অধিবাসী। ২ মাড়োয়ার অঞ্চলের ভাষা। বিণ. ১ মাড়োয়ার বা রাজপুতনা অঞ্চলে জাত। ২ (আল.) ব্যয়কুণ্ঠ, কৃপণ।

মাণিক্য /মানিক্‌কো/ [স. মানিক+য] বি. ১ রত্ন। ২ পদ্মরাগমণি, চুনি, মানিক, ruby।

মাত[১] /মাত্/ [স. মত্ত >] বিণ. ১ মত্ত। ২ মাতোয়ারা, মুগ্ধ, বিভোর (*আসর মাত করে রাখা*)।

মাত[২] /মাত্/ [আ.] বি. ১ প্রতিপক্ষের পরাজয়। ২ দাবাখেলায় রাজার বন্দিদশা (*দাবাখেলায় কিস্তিমাত*)।

মাত[৩] /মাত্/ [স. মস্তু >] বি. অসার বা জলীয় অংশ (*গুড়ের মাত*); তরল বা ঝোলাগুড়।

মাতগুড় /মাত্‌গুড়/ [বা.] বি. ঝোলাগুড়; চিটাগুড়।

মাতঙ্গ /মাতংগো/ [স. মতঙ্গ+অ] বি. হাতি।

মাতঙ্গী /মাতোংগি/ [স. মতঙ্গ+ঈ] বি. পুরাণোক্ত দশমহাবিদ্যার একটি রূপ।

মাতন /মাতোন্/ [স. মত্ততা >] বি. ১ আনন্দে মত্ততা। ২ উৎসাহের সঙ্গে প্রবৃত্ত হওয়ার ভাব। ৩ গাঁজন।

মাতবর /মাত্‌বর্/ [আ. মুঅতবর্ >] বি. বিণ. দ্র মাতব্বর।

মাতবরি /মাত্‌বোরি/ [আ. মুঅতবর্ >] বি. দ্র মাতব্বরি।

মাতব্বর /মাতোব্বর্/ [আ. মুঅতবর্ >] বি. ১ গ্রামের মোড়ল, সর্দার; প্রধান ব্যক্তি। ২ গণ্যমান্য ব্যক্তি। বিণ. ১ প্রবীণ। ২ বিশ্বস্ত।

মাতব্বরি /মাতোব্‌বোরি/ [আ. মুঅতবর্ >] বি. ১ মাতব্বরের বৃত্তি। ২ (ব্য.) মাতব্বরের আচরণ, মোড়লিপনা।

মাতম /মাতোম্/ [আ.] বি. ১ শোক। ২ বুক চাপড়িয়ে শোকপ্রকাশ।

মাতলামি /মাত্‌লামি/ [বা.] বি. মাতালের মতো আচরণ।

মাতলামো /মাত্‌লামো/ [বা.] বি. 'মাতলামি'-র কথ্য রূপ।

www.pathagar.com

মাতলি /মাতোলি/ [স. মতল+ই] বি. ইন্দ্রের সারথি।

মাতা[১] /মাতা/ [স. √মা+ত্] বি. ১ মা, জননী, গর্ভধারিণী, আম্মা। ২ মাতৃ বা কন্যাস্থানীয়া নারী।

মাতা[২] /মাতা/ [স. মত্ততা >] ক্রিবি. ১ বিভোর হওয়া; মেতে ওঠা, মত্ত হওয়া (*আনন্দে মাতা*)। ২ উৎসাহের সঙ্গে প্রবৃত্ত হওয়া। ৩ গেঁজে ওঠা।

মাতানো /মাতানো/ [বা.] ক্রিবি. ১ বিভোর করা, মোহিত করা। ২ উত্তেজিত করা, ক্ষেপিয়ে তোলা। বিণ. ১ উল্লসিত করা হয়েছে এমন (*মনমাতানো গান*)। ২ মাতিয়ে তোলা হয়েছে এমন।

মাতাপিতাহীন /মাতাপিতাহিন্/ [স. মাতা+পিতা+√হা+ত] বিণ. মা-বাবা নেই এমন, অনাথ, এতিম।

মাতামহ /মাতামহো/ [স. মাতৃ+আমহ] বি. মাতার জনক, মায়ের বাবা, নানা, দাদু।

মাতামহী /মাতামোহি/ [স. মাতামহ+ঈ] বি. মায়ের মা, নানি, দিদিমা।

মাতামাতি /মাতামাতি/ [বা.] বি. ১ অতিশয় মত্ততা। ২ দাপাদাপি (*নদীতে ঢেউয়ের মাতামাতি*)। ৩ (আল.) বাড়াবাড়ি (*খেলা নিয়ে মাতামাতি*)।

মাতাল /মাতাল্/ [বা.] বিণ. ১ মদে আসক্ত। ২ মুগ্ধ, বিভোর, আত্মহারা। বি. যে ব্যক্তি মদের নেশায় বিভোর হয়ে আছে।

মাতুঃশ্বসা /মাতুশ্‌শসা/ [স. মাতুঃ+স্বস্] বি. মায়ের বোন, মাসি, খালা; মাতার ভগিনীস্থানীয়া নারী।

মাতুল /মাতুল্/ [স. মাতৃ+উল] বি. মায়ের ভাই, মামা; মাতার ভ্রাতৃস্থানীয় ব্যক্তি।

মাতুলকন্যা /মাতুল্‌কোন্‌না/ [স. মাতুল+কন্যা] বি. মামার মেয়ে, মামাতো বোন।

মাতুলকুল /মাতুল্‌কুল্/ [স. মাতুল+কুল] বি. মামার বংশ।

মাতুলপুত্র /মাতুল্‌পুত্রো/ [স. মাতুল+পুত্র] বি. মামার ছেলে, মামাতো ভাই।

মাতুলানী /মাতুলানি/ [স. মাতুল+আনীপ্] বি. মামার পত্নী, মামি।

মাতুলালয় /মাতুলালয়/ [স. মাতুল+আলয়] বি. মামাবাড়ি।

মাতৃ /মাতৃ/ [স. মা+ত্] বি. দ্র মাতা[১]।

মাতৃ-অবকাঠামো /মাতৃঅবোকাঠামো/ [স. মাতৃ+বা. অবকাঠামো] বি. যে অবকাঠামোকে আশ্রয় করে অন্যান্য অবকাঠামো গড়ে ওঠে, mother infrastructure।

মাতৃক /মাতৃক্/ [স. মাতৃ+ক] বিণ. ১ (সমাসের পরপদে ব্যবহৃত) মাতারূপে পরিগণিত (*নদীমাতৃক বাংলাদেশ*)। ২ মাতৃসম্বন্ধীয় (*বৈমাতৃক*)।

মাতৃকল্প /মাতৃকল্‌পো/ [স. মাতৃ+√ক্‌ল্প্+অ] বিণ. মায়ের সঙ্গে তুলনীয়।

মাতৃকা /মাতৃকা/ [স. মাতৃক+আ(টাপ্)] বি. ১ মাতা। ২ মাতামহী। ৩ ধাত্রী। ৪ মূল বা আদি কারণ। ৫ বর্ণমালা। ৬ ষোড়শ দেবী (গৌরী পদ্মা শচী মেধা সাবিত্রী বিজয়া জয়া দেবসেনা স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি আত্মদেবতা ও কুলদেবতা)।

মাতৃকুল /মাতৃকুল্/ [স. মাতৃ+কুল] বি. মাতার বংশ।

মাতৃঘাতক /মাতৃঘাতক্/ [স. মাতৃ+√হন্+অক] বিণ. মাতার হত্যাকারী, মাতৃহন্তা।

মাতৃঘাতী /মাতৃঘাতি/ [স. মাতৃ+√হন্+ইন্] বিণ. দ্র মাতৃঘাতক।

মাতৃতুল্য /মাতৃতুল্লো/ [স. মাতৃ+তুলা+য] বিণ. মায়ের সঙ্গে তুলনীয়, মায়ের মতো, মাতৃসম।

মাতৃত্ব /মাতৃত্তো/ [স. মাতৃ+ত্ব] বি. মাতাসুলভ গুণ, মাতৃসত্তা।

মাতৃত্বকালীন ছুটি /মাতৃত্তোকালিন্ ছুটি/ বি. কর্মজীবী নারীর সন্তান প্রসব-পরবর্তী ছুটিভোগের বিধান।

মাতৃদায় /মাতৃদায়/ [স. মাতৃ+দায়] বি. ১ মায়ের প্রতি কর্তব্য। ২ মাতার পারলৌকিক ক্রিয়ার দায়িত্ব।

মাতৃদুগ্ধ /মাতৃদুগ্‌ধো/ [স. মাতৃ+√দুহ্+ত] বি. মায়ের স্তনজাত দুগ্ধ, মায়ের দুধ।

মাতৃপক্ষ /মাতৃপোক্‌খো/ [স. মাতৃ+√পক্ষ্+অ] বি. মাতৃকুলজাত আত্মীয়, মাতুলকুল।

মাতৃপূজা /মাতৃপুজা/ [স. মাতৃ+√পূজ্+অ+আ (টাপ্)] বি. মায়ের সেবাযত্ন, মায়ের পরিচর্যা।

মাতৃপ্রতিম /মাতৃপ্রোতিম/ [স. মাতৃ+প্রতি+√মা+অ] বিণ. মাতৃতুল্য, মাতৃস্থানীয়।

মাতৃবৎ /মাতৃবত্/ [স. মাতৃ+বৎ] বিণ. মায়ের মতো।

মাতৃবন্দনা /মাতৃবন্‌দোনা/ [স. মাতৃ+√বন্দ্+অন+আ (টাপ্)] বি. মাতা বা মাতৃভূমির বন্দনা।

মাতৃবান্ধব /মাতৃবান্‌ধব/ [স. মাতৃ+বন্ধু+অ] বি. মায়ের সঙ্গে সম্পর্কযুক্ত আত্মীয়স্বজন, মাতৃপক্ষ।

মাতৃবিয়োগ /মাতৃবিয়োগ/ [স. মাতৃ+বিয়োগ] বি. মায়ের মৃত্যু।

মাতৃভক্ত /মাতৃভক্তো/ [স. মাতৃ+√ভজ্+ত] বিণ. মায়ের প্রতি অনুরাগ বা শ্রদ্ধাযুক্ত।

মাতৃভক্তি /মাতৃভোক্‌তি/ [স. মাতৃ+√ভজ্+তি] বি. মায়ের প্রতি শ্রদ্ধা ও অনুরাগ।

মাতৃভাষা /মাতৃভাশা/ [স. মাতৃ+ভাষা] বি. শিশু

www.pathagar.com

মায়ের মুখ থেকে শুনে যে ভাষা শেখে, স্বজাতীয় ভাষা (*যারা আমার মাতৃভাষাকে নির্বাসন দিতে চেয়েছে তাদের জন্যে / আমি ফাঁসি দাবী করছি* মাহবুব.)।

মাতৃভূমি /মাতৃভূমি/ [স. মাতৃ+ভূমি] বি. জন্মভূমি (*হোক সে সকল দুঃখীর প্রিয় মাতৃভূমি* শামসুর.)।

মাতৃশাসন /মাতৃশাশোন/ [স. মাতৃ+শাসন] বি. পরিবার সমাজ রাষ্ট্র প্রভৃতি পরিচালনায় নারীর কর্তৃত্ব, মাতৃতন্ত্র, matriarchy।

মাতৃশাসিত /মাতৃশাশিতো/ [স. মাতৃ+√শাস্+ত] বিণ. মাতৃজাতির দ্বারা শাসিত, মাতৃতান্ত্রিক (*মাতৃশাসিত সমাজ*)।

মাতৃশ্রাদ্ধ /মাতৃস্রাদ্‌ধো/ [স. মাতৃ+শ্রদ্ধা+অ] বি. মায়ের মৃত্যুর পর পালনীয় শাস্ত্রবিহিত ক্রিয়াকর্ম।

মাতৃষ্বসা /মাতৃশ্বশা/ [স. মাতৃ+স্বস্+অ+আ (টাপ)] বি. মায়ের বোন, মাসি, খালা; মাতার ভগিনী-স্থানীয়া নারী।

মাতৃষ্বস্রীয় /মাতৃশ্বোস্রিয়ো/ [স. মাতৃষ্বস্+ঈয়] বি. মায়ের বোনের ছেলে, মাসতুতো ভাই, খালাতো ভাই।

মাতৃষ্বস্রীয়া /মাতৃশ্বোস্রিআ/ [স. মাতৃষ্বস্রীয়+আ (টাপ্)] বি. মায়ের বোনের কন্যা, মাসতুতো বোন, খালাতো বোন।

মাতৃষ্বস্রেয় /মাতৃশ্বোস্রেয়ো/ [স. মাতৃষ্বস্+এয়] বি. খালাতো ভাই, মাসতুতো ভাই। স্ত্রী. মাতৃষ্বস্রেয়ী /মাতৃশ্বোস্রেয়ি/।

মাতৃষ্বস্রেয়া /মাতৃশ্বোস্রেআ/ [স. মাতৃষ্বস্রেয়+আ (টাপ্)] বি. দ্র মাতৃষ্বস্রীয়া।

মাতৃসদন /মাতৃশদোন্/ [স. মাতৃ+সদন] বি. ১ আঁতুড়ঘর, সূতিকাগার। ২ মায়ের গৃহ।

মাতৃসমা /মাতৃশমা/ [স. মাতৃ+√সম্+অ+আ (টাপ্)] বিণ. মায়ের সমান, মাতৃতুল্য, মাতৃবৎ।

মাতৃসুলভ /মাতৃসুলভ্/ [স. মাতৃ+সুলভ] বিণ. মায়ের মতো (*মাতৃসুলভ আদরযত্ন*)।

মাতৃসেবা /মাতৃশেবা/ [স. মাতৃ+সেবা] বি. মায়ের পরিচর্যা, মায়ের সেবাযত্ন।

মাতৃস্তন্য /মাতৃস্তোন্নো/ [স. মাতৃ+স্তন+য] বি. মায়ের স্তন্যজাত দুগ্ধ, মায়ের বুকের দুধ।

মাতৃস্নেহ /মাতৃস্নেহো/ [স. মাতৃ+√স্নিহ্+অ] বি. মায়ের আদর ও ভালোবাসা।

মাতৃহত্যা /মাতৃহোত্যা/ [স. মাতৃ+√হন্+য+আ (টাপ্)] বি. মায়ের প্রাণহরণ, মাতাকে হনন বা বধ।

মাতৃহন্তা /মাতৃহন্তা/ [স. মাতৃ+√হন্+তৃ] বিণ. মায়ের প্রাণহরণকারী, মাতৃঘাতক।

মাতৃহীন /মাতৃহিন্/ [স. মাতৃ+√হা+ত] বিণ. মা নেই এমন। স্ত্রী. মাতৃহীনা /মাতৃহিনা/।

মাতোয়ারা /মাতোআরা/ [হি. মতবালা >] বিণ. ১ বিহ্বল, বিভোর, আত্মহারা। ২ মত্ত, মাতাল।

মাৎসর্য /মাত্‌শোর্জো/ [স. মৎসর+য] বি. ঈর্ষা, হিংসা, পরশ্রীকাতরতা।

মাৎস্য /মাত্‌শো/ [স. মৎস্য+অ] বিণ. মৎস্যসম্বন্ধীয়। বি. পুরাণবিশেষ।

মাৎস্যনীতি /মাত্‌শোনিতি/ [স. মাৎস্য+নীতি] বি. দ্র মাৎস্যন্যায়।

মাৎস্যন্যায় /মাত্‌শোন্‌ন্যায়/ [স. মাৎস্য+ন্যায়] বি. জলাশয়ে বড়ো মাছ যেমন ছোটো মাছকে খেয়ে ফেলে তেমনি দুর্বলের ওপর সবলের অত্যাচার ও উৎপীড়ন (*মাৎস্যন্যায়ে সায় নেই, আমি কৌম সমাজের লোক* মাহমুদ.)।

মাত্র /মাত্‌ত্রো/ [স. √মা+ত্র+অ] বি. পরিমাণ, মোট, সাকল্য (*দশ টাকা মাত্র*)। বিণ. ১ পরিমিত, নির্দিষ্ট (*মাত্র দু-মাইল পথ*)। ২ কেবল, শুধু (*মাত্র একটি*)। ক্রিবিণ. সেইক্ষণে, সঙ্গে সঙ্গে (*পত্র পাওয়ামাত্র চলে এসো*)। অব্য. প্রত্যেক (*মানুষমাত্রেই ভুল করে*)।

মাত্রা /মাত্‌ত্রা/ [স. √মা+ত্র+আ (টাপ্)] বি. ১ পরিমাণ (*শীতের মাত্রা*)। ২ একবারে গ্রহণীয় পরিমাণ, dose (*ওষুধের মাত্রা*)। ৩ সীমা (*মাত্রাহীন অত্যাচার*)। ৪ অক্ষর বা বর্ণের মাথার ওপরের রেখা (*মাত্রাযুক্ত বর্ণ*)। ৫ বর্ণের উচ্চারণকালের ব্যাপ্তি (*দীর্ঘমাত্রা*)। ৬ সংগীতে তালের ভাগ বা তার দৈর্ঘ্য (*বারোমাত্রার তাল*)। ৭ (গ.) দৈর্ঘ্য প্রস্থ ও বেধ, আয়তন, dimension।

মাত্রাচ্ছন্দ /মাত্‌ত্রাচ্ছন্‌দো/ [স. মাত্রা+ছন্দ] বি. দ্র মাত্রাবৃত্ত।

মাত্রাজ্ঞান /মাত্‌ত্রাগ্‌গ্যান্/ [স. মাত্রা+জ্ঞান] বি. ১ কবিতা বা সংগীতে মাত্রাবিষয়ক জ্ঞান। ২ কোনো বিষয়ে সীমা বা পরিমিতি বিষয়ক জ্ঞান।

মাত্রাজ্ঞানরহিত /মাত্‌ত্রাগ্‌গ্যান্‌রোহিতো/ [স. মাত্রাজ্ঞান+√রহ্+ত] বিণ. দ্র মাত্রাজ্ঞানহীন।

মাত্রাজ্ঞানহীন /মাত্‌ত্রাগ্‌গ্যান্‌হিন/ [স. মাত্রাজ্ঞান +√হা+ত] বিণ. কোনো বিষয়ে সীমা বা পরিমিতি-বোধ নেই এমন।

মাত্রাতিরিক্ত /মাত্‌ত্রাতিরিক্‌তো/ [স. মাত্রা+ অতিরিক্ত] বিণ. মাত্রা অতিক্রম করেছে এমন (*মাত্রাতিরিক্ত পরিশ্রম*)।

মাত্রাতীত /মাত্‌ত্রাতিতো/ [স. মাত্রা+অতীত] বিণ. সীমা বা মাত্রা অতিক্রম করেছে এমন।

www.pathagar.com

মাত্রাবৃত্ত /মাত্ত্রাবৃত্তো/ [স. মাত্রা+√বৃৎ+ত] বি. ধ্বনির লঘু-গুরু উচ্চারণের ওপর নির্ভরশীল ছন্দ-বিশেষ।

মাত্রাবোধ /মাত্ত্রাবোধ্/ [স. মাত্রা+বোধ] বি. দ্র মাত্রাজ্ঞান।

মাত্রিক /মাত্ত্রিক্/ [স. মাত্রা+ক (স্বার্থে)] বিণ. ১ মাত্রাযুক্ত। ২ মাত্রাবিষয়ক (*বহুমাত্রিক*)।

মাথট /মাথট্/ [দেশি.] বি. চাঁদাস্বরূপ মাথাপিছু ধার্য অর্থ।

মাথা /মাথা/ [স. মস্তক >] বি. ১ মানুষ ও অন্যান্য প্রাণীদেহের যে উপরিভাগে চোখ কান মুখ প্রভৃতি থাকে, মস্তক, শির (*মাছের মাথা*)। ২ শীর্ষদেশ, অগ্রভাগ, ডগা (*গাছের মাথা*)। ৩ প্রান্ত (*মোড়ের মাথা*)। ৪ উত্তেজনার মুহূর্ত, ঝোঁক (*রাগের মাথায় বলা*)। ৫ (আল.) প্রধান ব্যক্তি, নেতা (*দলের মাথা*)। ৬ ধীশক্তি, বুদ্ধি (*মাথা খাটানো*)। অব্য. কিছুই না (*তোমার মাথা*)।

মাথা আঁচড়ানো /মাথা আঁচ্ড়ানো/ ক্রিবি. চিরুনি দিয়ে কেশবিন্যাস করা।

মাথা উঁচু করা /মাথা উঁচু করা/ ক্রিবি. ১ মাথা তোলা। ২ (আল.) বিপদ কাটিয়ে ওঠা। ৩ উন্নতি করা। ৪ নিজেকে প্রকাশ করা। ৫ বিদ্রোহ করা।

মাথাওয়ালা /মাথাওআলা/ [বা. মাথা+হি. ওয়ালা] বিণ. ১ মাথাবিশিষ্ট। ২ বুদ্ধিমান, চতুর (*মাথাওয়ালা লোক*)।

মাথা করা /মাথা করা/ ক্রিবি. ক্ষতি করতে অসমর্থ হওয়া।

মাথা কাটা যাওয়া /মাথা কাটা জাওআ/ ক্রিবি. অত্যন্ত লজ্জা পাওয়া, অপমানিত হওয়া।

মাথা কেনা /মাথা কেনা/ ক্রিবি. সর্বময় কর্তা বনে যাওয়া, সর্বেসর্বা হওয়া (*মাথা কিনে নেওয়া*)।

মাথা কোটা /মাথা কোটা/ ক্রিবি. ১ মনের দুঃখে দেওয়াল প্রভৃতির সঙ্গে মাথা ঠোকা। ২ (আল.) প্রার্থনা পূরণের জন্য মরিয়া হয়ে চেষ্টা করা।

মাথা খাও /মাথা খাও/ অব্য. বি. মাথার দিব্যি দিয়ে শপথ করার অনুরোধ।

মাথা খাওয়া /মাথা খাওআ/ ক্রিবি. সর্বনাশ করা; অত্যধিক প্রশ্রয় দিয়ে বিগড়ে দেওয়া।

মাথা খাটানো /মাথা খাটানো/ ক্রিবি. মস্তিষ্ক বা বুদ্ধি চালনা করা।

মাথাখারাপ /মাথাখারাপ/ [বা.] বিণ. অপ্রকৃতিস্থ; খ্যাপাটে (*মাথাখারাপ লোক*)।

মাথা খারাপ করা /মাথা খারাপ করা/ ক্রিবি. দুশ্চিন্তাহেতু অস্থির হওয়া।

মাথা খেলানো /মাথা খ্যালানো/ ক্রিবি. বুদ্ধি খাটানো।

মাথা খোঁড়া /মাথা খোঁড়া/ ক্রিবি. দ্র মাথা কোটা।

মাথাগরম /মাথাগরোম্/ [বা.] বিণ. কোপনস্বভাব-বিশিষ্ট, রাগী, বদমেজাজি।

মাথাগরম করা /মাথাগরোম্ করা/ ক্রিবি. ১ উত্তেজিত হওয়া, ক্রুদ্ধ হওয়া। ২ অস্থির হওয়া।

মাথাগরম হওয়া /মাথাগরোম্ হওআ/ ক্রিবি. ১ ক্রোধ সৃষ্টি হওয়া, রাগান্বিত হওয়া। ২ অস্থির হওয়া।

মাথা গলানো /মাথা গলানো/ ক্রিবি. অনধিকারচর্চায় লিপ্ত হওয়া।

মাথা গুলানো /মাথা গুলানো/ ক্রিবি. ১ হতবুদ্ধি করা। ২ কিংকর্তব্যবিমূঢ় হওয়া।

মাথা গোঁজা /মাথা গোঁজা/ ক্রিবি. বসবাস করার জন্য কোনো রকমে আশ্রয় বা ঠাঁই পাওয়া।

মাথা ঘামানো /মাথা ঘামানো/ ক্রিবি. কোনো বিষয়ে চিন্তামগ্ন হওয়া।

মাথা ঘোরা /মাথা ঘোরা/ ক্রিবি. ১ চারদিক ঘুরছে এমন বোধ করা। ২ (আল.) দুশ্চিন্তাগ্রস্ত হওয়া।

মাথা চাড়া দেওয়া /মাথা চাড়া দেওয়া/ ক্রিবি. ১ নিজের অস্তিত্ব জ্ঞাপন করা। ২ হঠাৎ বিদ্রোহী হয়ে ওঠা।

মাথা চুলকানো /মাথা চুল্কানো/ ক্রিবি. কোনো কিছুর জবাব উপায় বা সংকল্প স্থির করতে না পেরে মাথায় আঙুল চালনা করা।

মাথা ঠান্ডা করা /মাথা ঠান্ড়া করা/ ক্রিবি. উত্তেজনা দূর করে শান্ত হওয়া, ক্রোধ পরিহার করা।

মাথা ঠিক রাখা /মাথা ঠিক্ রাখা/ ক্রিবি. বিপদ বা উত্তেজনায় শান্ত ও অবিচলিত থাকা।

মাথা তোলা /মাথা তোলা/ ক্রিবি. ১ সতেজ হয়ে ওঠা; প্রফুল্ল হওয়া। ২ উন্নতি করা। ৩ গৌরব সহকারে আত্মমর্যাদা জাহির করা। ৪ বিদ্রোহী হওয়া। ৫ বিপদ কাটিয়ে ওঠা।

মাথাধরা /মাথাধরা/ [বা.] বি. মাথায় যন্ত্রণাবোধ, শিরঃপীড়াবিশেষ।

মাথা নিচু হওয়া /মাথা নিচু হওয়া/ ক্রিবি. লজ্জা ও অপমানে কুণ্ঠিতবোধ করা, মর্যাদাহানি ঘটা।

মাথা নোয়ানো /মাথা নোআনো/ ক্রিবি. নতিস্বীকার করা।

মাথাপাগলা /মাথাপাগ্লা/ [বা.] বিণ. বাতিকগ্রস্ত, খ্যাপাটে (*মাথাপাগলা লোক*)।

মাথাপিছু /মাথাপিছু/ [বা.] ক্রিবিণ. জনপ্রতি

www.pathagar.com

(*মাথাপিছু আয়*)।

মাথা পেতে নেওয়া /মাথা পেতে নেওআ/ ক্রিবি. শিরোধার্য বলে মেনে নেওয়া, সম্পূর্ণরূপে স্বীকার করা।

মাথা বিকানো /মাথা বিকানো/ ক্রিবি. ১ সম্পূর্ণরূপে বশ্যতা স্বীকার করা। ২ চিন্তাশক্তি বিসর্জন দেওয়া।

মাথাব্যথা /মাথাব্যথা/ [বা.] বি. ১ শিরঃপীড়া। ২ (আল.) গরজ, আগ্রহ (*তা নিয়ে মাথাব্যথা নেই*)।

মাথামুন্ডু /মাথামুনডু/ [বা.] বি. বোঝার মতো বিষয় (*ওর কথার মাথামুন্ডু নেই*)।

মাথামোটা /মাথামোটা/ [বা.] বিণ. স্থূলবুদ্ধিসম্পন্ন, নির্বোধ; গোঁয়ার, একরোখা।

মাথায় ওঠা /মাথায় ওঠা/ ক্রিবি. অত্যধিক প্রশ্রয় পেয়ে দুর্বিনীত বা স্পর্ধিত হওয়া।

মাথায় করা /মাথায় করা/ ক্রিবি. ১ অতিরিক্ত প্রশ্রয় দেওয়া। ২ উপেক্ষা করা (*ঝড় জল মাথায় করে আসা*)। ৩ জানান দেওয়া (*পাড়া মাথায় করা*)।

মাথায় কাঁঠাল ভাঙা /মাথায় কাঁঠাল ভাঙা/ ক্রিবি. ফাঁকি দিয়ে সুবিধা আদায় করা।

মাথায় খাটো /মাথায় খাটো/ বিণ. বেঁটে, খর্বাকৃতি।

মাথায় খুন চাপা /মাথায় খুন চাপা/ ক্রিবি. অতিশয় ক্রুদ্ধ হওয়া।

মাথায় ঢোকা /মাথায় ঢোকা/ ক্রিবি. বুঝতে পারা।

মাথায় তোলা /মাথায় তোলা/ ক্রিবি. অতিরিক্ত প্রশ্রয় দেওয়া।

মাথায় রাখা /মাথায় রাখা/ ক্রিবি. ১ ভবিষ্যৎ সিদ্ধান্তের জন্য মনে রাখা (*কথাটা মাথায় রেখো*)। ২ অত্যন্ত শ্রদ্ধা করা। ৩ আদরযত্নে রাখা।

মাথায় হাত /মাথায় হাত/ বি. হতাশা বিস্ময় প্রভৃতি কারণে হতচকিতবোধ।

মাথায় হাত বুলানো /মাথায় হাত বুলানো/ ক্রিবি. কৌশলে বা ফাঁকি দিয়ে কার্যসিদ্ধির চেষ্টা করা।

মাথার খুলি /মাথার খুলি/ বি. করোটি, খর্পর।

মাথার ঘাম পায়ে ফেলা /মাথার ঘাম পায়ে ফ্যালা/ ক্রিবি. কঠোর দৈহিক পরিশ্রম করা।

মাথার দিব্যি /মাথার দিব্বি/ বি. শপথ, হলফ।

মাথাল /মাথাল/ [বা.] বি. রোদ ও বৃষ্টি থেকে মাথা রক্ষার জন্য বাঁশের চটা ও শুকনা পাতার তৈরি আবরণ, টোকা। বিণ. ১ বুদ্ধিমান। ২ শ্রেষ্ঠ; প্রধান।

মাথা হেঁট হওয়া /মাথা হেঁট হওআ/ ক্রিবি. ১ লজ্জা বা অপমানে মাথা নত হওয়া। ২ নতি-স্বীকার করা।

মাথি /মাথি/ [বা.] বি. তাল খেজুর প্রভৃতি বৃক্ষশীর্ষের ভেতরের কোমল অংশ যা খাওয়া যায়।

মাথুর /মাথুর/ [স. মথুরা+অ] বিণ. মথুরাসম্বন্ধীয়। বি. ১ (বাংলায়) কৃষ্ণের বৃন্দাবন ত্যাগ করে মথুরায় চলে যাওয়ায় ব্রজবাসিনীদের বিরহ অবলম্বনে রচিত পদাবলি। ২ পদবিবিশেষ।

মাদক /মাদক/ [স. √মদ্+ণিচ্+অক] বিণ. মত্ততা উদ্রেক করে এমন (*মাদকদ্রব্য*)। বি. মত্ততা সৃষ্টিকারী দ্রব্য, নেশার দ্রব্য (*মাদক সেবন*)।

মাদকতা /মাদোকতা/ [স. মাদক+তা] বি. মত্ততা বা নেশা উদ্রেক করার ক্ষমতা (*মাদকতাপূর্ণ*)।

মাদকবিরোধী /মাদকবিরোধি/ [স. মাদক+বিরোধ+ইন্] বিণ. মাদকদ্রব্য বহন ক্রয়বিক্রয় ও সেবন-বিরোধী (*মাদকবিরোধী অভিযান*)।

মাদকমুক্ত /মাদকমুক্তো/ [স. মাদক+√মুচ্+ত] বিণ. ১ মাদকদ্রব্য সেবন করে না এমন। ২ মাদকদ্রব্য মজুত ক্রয়বিক্রয় ও সেবন অনুমোদিত নয় এমন (*মাদকমুক্ত এলাকা*)।

মাদকসেবন /মাদকশেবন/ [স. মাদক+সেবন] বি. নেশাজাতীয় দ্রব্য গ্রহণ বা সেবন।

মাদকসেবী /মাদকশেবি/ [স. মাদক+√সেব্+ইন] বিণ. মাদকদ্রব্য সেবন বা গ্রহণকারী, নেশাখোর।

মাদকাসক্ত /মাদকাশক্তো/ [স. মাদক+আ+√সনজ্+ত] বিণ. মাদকদ্রব্য গ্রহণ বা সেবনের প্রতি প্রবল আসক্ত, নেশাখোর (*মাদকাসক্ত ব্যক্তি*)।

মাদকাসক্তি /মাদকাশোক্তি/ [স. মাদক+আ+√সনজ্+তি] বি. মাদকদ্রব্য গ্রহণ বা সেবনে প্রবল আসক্তি (*মাদকাসক্তি নিরাময় কেন্দ্র*)।

মাদল /মাদোল/ [স. মর্দল >] বি. ঢোলজাতীয় আনদ্ধ বাদ্যযন্ত্র, মৃদঙ্গবিশেষ।

মাদার /মাদার/ [স. মন্দার >] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত এবং বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন টকটকে লাল ফুল বা তার ভেষজগুণসম্পন্ন কাঁটাযুক্ত কান্ডবিশিষ্ট দ্রুত বর্ধনশীল উদ্ভিদ, মন্দার।

মাদি /মাদি/ [ফা. মাদা >] বিণ. (মনুষ্যেতর প্রাণীর ক্ষেত্রে) স্ত্রীকুলের (*মাদি ঘোড়া*)।

মাদুর /মাদুর/ [স. মন্দুরা >] বি. পেতে বসা যায় এমন তৃণ প্রভৃতির তৈরি আসনবিশেষ, পাটি।

মাদুলি /মাদুলি/ [বা.] বি. মন্ত্রপুত কবচ রাখার মাদল-আকৃতির ধাতব আধারবিশেষ, তাবিজ।

মাদৃশ /মাদৃশো/ [স. অস্মদ্+√দৃশ্+অ] বিণ. আমার মতো।

মাদ্রাসা /মাদরাসা/ [আ.] বি. ইসলাম-ধর্মসংক্রান্ত বিষয় অনুশীলনে গুরুত্ব দেওয়া হয় এমন শিক্ষাকেন্দ্র;

www.pathagar.com

বিদ্যাপীঠ।

মাধব[১] /মাধব্/[স. মাধব+অ] বি. ১ শ্রীকৃষ্ণ। ২ বিষ্ণু।

মাধব[২]/মাধব/ [স. মধু+অ] বি. ১ বসন্তকাল। ২ বৈশাখ মাস। বিণ. মধুসম্বন্ধীয়।

মাধবী /মাধোবি/ [স. মাধব+ঈ] বিণ. ১ বসন্তকালীন, বাসন্তী। ২ বৈশাখী। ৩ লতাগাছবিশেষ, মাধবিলতা।

মাধবীকুঞ্জ /মাধোবিকুন্‌জো/ [স. মাধবী+√কুঞ্জ্+অ] বি. মাধবীলতায় আচ্ছাদিত স্থান।

মাধবীলতা /মাধোবিলতা/ [স. মাধবী+লতা] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে বসন্তকালে থোকায় থোকায় ফোটে এমন ৫টি পাপড়িবিশিষ্ট (৪টি সমান ও সাদা এবং ১টি অপেক্ষাকৃত ছোটো ও সোনালি) মৃদুগন্ধ দৃষ্টিনন্দন ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন দীর্ঘপ্রসারী চিরহরিৎ লতাজাতীয় উদ্ভিদ, বাসন্তী।

মাধুক /মাধুক্/ [স. মধুক+অ] বিণ. পুষ্পমধুজাত পণ্য ব্যবসায়ী।

মাধুকরী /মাধুকোরি/ [স. মধুকর+অ+ঈ] বি. নানা পুষ্প থেকে মধুকরের মধু আহরণের মতো বৃত্তি; ভিক্ষাবৃত্তি।

মাধুকী /মাধুকি/ [স. মধুক+ঈ] বি. মহুয়া ফুলের মধু থেকে জাত সুরা।

মাধুরী /মাধুরি/ [স. মধুর+অ+ঈ] বি. ১ কোমল ও মধুর ভাব, মধুরতা, মাধুর্য। ২ লাবণ্য, শোভা, সৌন্দর্য (*মর্ত্য-কাছে স্বর্গ যা চায় সেই মাধুরী কোথা রে পাই॥* রবীন্দ্র.)।

মাধুর্য /মাধুর্‌জো/ [স. মধুর+য] বি. ১ মধুরতা, মনোহারিতা। ২ সৌন্দর্য, লাবণ্য। ৩ (অলংকার-শাস্ত্রে) কাব্যের যে গুণ চিত্তকে দ্রবীভূত করে।

মাধ্ব /মাদ্‌ধো/ [স. মধু+অ] বিণ. বি. দ্র মাধবী[২]।

মাধ্বী[১] /মাদ্‌ধি/ [স. মধু+ঈ] বি. ১ মাধবীলতা। ২ আঙুর, দ্রাক্ষা। ৩ মধুজাত সুরাবিশেষ।

মাধ্বী[২] /মাদ্‌ধি/ [স. মধ্ব+অ+ঈ] বিণ. বৈষ্ণব মধ্বাচার্যসম্পর্কিত (*মাধ্বী দর্শন*)। বি. মধ্বাচার্য কর্তৃক প্রতিষ্ঠিত বৈষ্ণব সম্প্রদায়।

মাধ্বীক /মাদ্‌ধিক্/ [স. মাধ্বী+ক (স্বার্থে)] বি. ১ আঙুর, দ্রাক্ষা। ২ মহুয়া, মধুজাত সুরা। ৩ মধু।

মাধ্যন্দিন /মাদ্‌ধোন্‌দিন্/ [স. মধ্যন্দিন+অ] বিণ. মধ্যাহ্নকালীন। বি. দিনের মধ্যভাগ।

মাধ্যম /মাদ্‌ধোম্/ [স. মধ্যম+অ] বি. ১ মধ্যস্থ ব্যক্তি, যার মধ্যস্থতায় কোনো কাজ সম্পাদিত হয়, medium। ২ বৌদ্ধ মতবাদবিশেষ।

মাধ্যমিক /মাদ্‌ধোমিক্/ [স. মধ্যম+ইক] বিণ. ১ মধ্যবর্তী (*মাধ্যমিক শিক্ষা*)। ২ মধ্যস্থ। ৩ মধ্যম-সম্পর্কিত।

মাধ্যমিক শিক্ষা /মাদ্‌ধোমিক্ শিক্‌খা/ বি. ষষ্ঠ শ্রেণি থেকে দশম শ্রেণি পর্যন্ত শিক্ষার স্তর, secondary education।

মাধ্যাকর্ষণ /মাদ্‌ধাকর্‌শোন্/ [স. মাধ্য+আকর্ষণ] বি. যে শক্তি বা আকর্ষণ পৃথিবীর যাবতীয় প্রাণী ও পদার্থকে ভূপৃষ্ঠে স্থির রাখে এবং পৃথিবীর কেন্দ্রের দিকে আকৃষ্ট করে, জড় পদার্থের পারস্পরিক আকর্ষণশক্তি, অভিকর্ষ, মহাকর্ষ; (পরি.) gravitation।

মাধ্যাহ্নিক /মাদ্‌ধান্‌nhiক্/ [স. মধ্যাহ্ন+ইক] বিণ. ১ মধ্যাহ্নকালীন। ২ মধ্যাহ্নকাল-সম্পর্কিত।

মান[১] /মান্/ [স. √মা+অন] বি. ১ মাত্রা পরিমাপের উপকরণ (*মানদণ্ড*)। ২ পরিমাপকরণ। ৩ সংগীতে তালের বিরাম বা মাত্রা। ৪ (গ.) প্রকৃত মূল্য, value। ৫ উৎকর্ষ বা অপকর্ষের পরিমাণ (*জীবন-যাত্রার মান*), standard।

মান[২] /মান্/ [স. √মান্+অ] বি. ১ সম্মান, সম্ভ্রম (*মাননীয়*)। ২ মর্যাদা (*মান বজায় রাখা*)। ৩ অভিমান (*মানভঞ্জন*)। ৪ দর্প, দম্ভ।

মান[৩] /মান্/ [স. মানক >] বি. রেঁধে খাওয়া যায় এমন কন্দবিশেষ (*মানকচু*)।

-মান[৪] /মান্/ বিণ. যুক্ত বিশিষ্ট অন্বিত বিদ্যমানতা প্রভৃতি অর্থে ব্যবহৃত তদ্ধিত প্রত্যয়বিশেষ (*বুদ্ধিমান*)। স্ত্রী. -মতি /মোতি/।

মান[৫] /মান্/ বিণ. সংস্কৃত কৃৎপ্রত্যয় 'শানচ্'-এর রূপ (*শব্দায়মান*)

মানক /মানক্/ [স. √মা+অক] বি. মানকচু।

মানকচু /মান্‌কোচু/ [স. মানক >] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে স্যাঁতসেঁতে ছায়াঘেরা স্থানে জাত এবং বর্ষাকালে মঞ্জরীপত্রে ফোটে এমন হলুদাভ ফুল বা তার বৃহদাকার পাতা ও লম্বাটে গোলাকার দীর্ঘ কন্দবিশিষ্ট বীরুৎশ্রেণির চিরহরিৎ উদ্ভিদ (আনি. ভারত ও মালয়েশিয়া), মান, মানক।

মান করা /মান্ করা/ ক্রিবি. অভিমান করা।

মানকলি /মান্‌কোলি/ [স. মান+কলি] বি. নারী-পুরুষের অভিমানজনিত খুনশুটি, প্রণয়কলহ।

মানচিত্র /মানচিত্‌ত্রো/ [স. মান+√চিত্র্+অ] বি. ভূপৃষ্ঠের কোনো অংশের অবস্থান আকৃতি প্রকৃতি প্রভৃতির বিবরণসংবলিত নকশা; ভূপৃষ্ঠের কোনো অংশের ভৌগোলিক রাজনৈতিক বা নদী জলাশয় সড়ক প্রভৃতির বিবরণসংবলিত নকশা, map।

মানত /মানোত্/ [স. মনস্থ >] বি. মনোবাঞ্ছা পূরণের

www.pathagar.com

প্রত্যাশায় সৃষ্টিকর্তার উদ্দেশে কোনো কিছু উৎসর্গ করার সংকল্প।

মানতাসা /মান্‌তাশা/ [দেশি.] বি. হাতে পরার অলংকারবিশেষ।

মানদ /মানদো/ [স. মান+√দা+অ] বিণ. সম্মান দান করে এমন, মানদায়ক। স্ত্রী. মানদা /মানোদা/।

মানদণ্ড /মান্‌দন্‌ডো/ [স. মান+√দণ্ড্‌+অ] বি. ১ দাঁড়িপাল্লা। ২ বিচারের মাপকাঠি, criterion।

মাননীয় /মানোনিয়ো/ [স. √মান্‌+অনীয়] বিণ. সম্মাননীয়। স্ত্রী. মাননীয়া /মানোনিআ/।

মাননীয়াসু /মানোনিআশু/ [স. মাননীয়+আসু] বি. সচরাচর চিঠিপত্রে সম্মাননীয় নারীর প্রতি সম্বোধন-বিশেষ।

মাননীয়েষু /মানোনিয়েশু/ [স. মাননীয়+এষু] বি. সচরাচর চিঠিপত্রে সম্মাননীয় পুরুষের প্রতি সম্বোধনবিশেষ।

মানপত্র /মান্‌পত্‌ত্রো/ [স. মান+পত্র] বি. সংবর্ধনার জন্য প্রদত্ত প্রশংসা ও শ্রদ্ধাজ্ঞাপক অভিনন্দন-পত্র, সম্মাননাপত্র।

মানব[১] /মানব্‌/ [স. মনু+অ] বিণ. মনু থেকে আগত, মনুজ।

মানব[২] /মানব্‌/ [স. মনু+অ] বি. স্ত্রী বা পুরুষকুলের হোমোসেপিয়ান (Homo sapiens) গোষ্ঠীভুক্ত প্রাণী, মানব, মনুষ্য, নৃ। স্ত্রী. মানবী /মানোবি/।

মানবক /মানবক্‌/ [স. মানব+ক (স্বার্থে)] বি. ১ অল্পবয়সি ব্রাহ্মণ বালক। ২ বালক। ৩ খর্বাকৃতির মানুষ।

মানবজমিন /মানব্‌জোমিন্‌/ [স. মানব+ফা. জমিন] বি. ১ জমিরূপে কল্পিত মানুষ। ২ মানবহৃদয় (*এমন মানবজমিন রইল পতিত / আবাদ করলে ফলতো সোনা* রামপ্রসাদ.)।

মানবতা /মানবতা/ [স. মানব+তা] বি. মানুষের স্বাভাবিক ধর্ম গুণ ভাব প্রভৃতি, মানুষের সদ্‌-গুণাবলি, মনুষ্যত্ব, মানবিকতা, humanity।

মানবতাবাদ /মানবতাবাদ/ [স. মানবতা+বাদ] বি. ১ মানুষের সদ্‌গুণাবলি অনুশীলন। ২ মানুষের স্বাভাবিক গুণ বা বৈশিষ্ট্যের প্রতি গুরুত্ব আরোপ।

মানবতাবিরোধী /মানবতাবিরোধি/ [স. মানবতা+বিরোধ+ইন্‌] বিণ. মানুষের সদ্‌গুণাবলি ও স্বাভাবিক প্রকৃতির বিরুদ্ধে যায় এমন (*মানবতা-বিরোধী অপরাধ*)।

মানবত্ব /মানবত্‌তো/ [স. মানব+ত্ব] বি. দ্র মানবতা।

মানবধর্ম /মানব্‌ধর্‌মো/ [স. মানব+ধর্ম] বি. মানুষের স্বাভাবিক ধর্ম গুণ ভাব প্রভৃতি গুণাবলি, মানবতা।

মানবপ্রীতি /মানব্‌প্রিতি/ [স. মানব+√প্রী+তি] বি. সকল মানুষের প্রতি ভালোবাসা, মানবপ্রেম।

মানববন্ধন /মানব্‌বন্‌ধোন্‌/ [স. মানব+√বন্ধ্‌+অন] বি. রাজপথে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে নীরব প্রতিবাদ।

মানবলীলা /মানব্‌লিলা/ [স. মানব+লীলা] বি. পৃথিবীতে মানুষের স্বাভাবিক সাংসারিক কার্য-কলাপ, নরলীলা।

মানবলীলা সংবরণ করা /মানব্‌লিলা সংবরোন্‌ করা/ ক্রিবি. মৃত্যুবরণ করা।

মানবসমাজ /মানব্‌শমাজ্‌/ [স. মানব+সমাজ] বি. ১ পৃথিবী বা সমাজের দলবদ্ধ মানুষ। ২ সকল মানুষকে নিয়ে তৈরি সমাজ, human society।

মানবসম্পৃক্ত /মানব্‌শম্‌প্‌কতো/ [স. মানব+সম্‌+√পৃচ্‌+ত] বিণ. মানুষের সঙ্গে সম্পর্কিত।

মানবহৃদয় /মানব্‌হৃদয়/ [স. মানব+হৃদয়] বি. ১ মানুষের মন। ২ মানবোচিত বোধ; মনুষ্যত্বপূর্ণ মন।

মানবাধিকার /মানবাধিকার্‌/ [স. মানব+অধিকার] বি. প্রতিটি মানুষের নিরাপদ ও সম্মানের সঙ্গে বেঁচে থাকার অধিকার; (পরি.) human rights।

মানবিক /মানোবিক্‌/ [স. মানব+ইক] বিণ. ১ মানুষের পক্ষে স্বাভাবিক এমন (*মানবিক বৈশিষ্ট্য*)। ২ মনুষ্যোচিত (*মানবিক কর্তব্য*)। ৩ মানুষ-সম্পর্কিত (*মানবিক বিষয়াবলি*)। ৪ মনুষ্যত্বপূর্ণ (*মানবিক আচরণ*)। ৫ লোকহিতকর (*মানবিক উদ্যোগ*)। বি. মানবিকতা /মানোবিকতা/।

মানবিকবিদ্যা /মানোবিক্‌বিদ্‌দা/ [স. মানবিক+বিদ্যা] বি. মানবীয় সংস্কৃতির সঙ্গে সম্পর্কিত বিষয়াবলি (সাহিত্য ইতিহাস কলা প্রভৃতি) সংক্রান্ত বিদ্যা।

মানবীয় /মানোবিয়ো/ [স. মানব+ঈয়] বিণ. মানুষের পক্ষে স্বাভাবিক এমন (*মানবীয় গুণাবলি*)।

মানবোচিত /মানবোচিতো/ [স. মানব+উচিত] বিণ. মানুষের পক্ষে উপযুক্ত, মানবসুলভ (*মানবোচিত ব্যবহার*)।

মানভঞ্জন /মান্‌ভন্‌জোন্‌/ [স. মান+ভঞ্জন] বি. অভিমান নিরসন।

মান ভাঙা /মান্‌ ভাঙা/ ক্রিবি. অভিমান দূর করা বা হওয়া।

মানমন্দির /মান্‌মোন্‌দির্‌/ [স. মান+মন্দির] বি. যে গৃহে গ্রহনক্ষত্রের অবস্থান ও গতিপ্রকৃতি পর্যবেক্ষণের জন্য দূরবিন-সহ বিবিধ বৈজ্ঞানিক যন্ত্রসামগ্রী থাকে; (পরি.) observatory।

www.pathagar.com

মানয়িতা /মানোয়িতা/ [স. √মান্+তৃ] বিণ. সম্মান দান করে এমন, সম্মানকারক, মানদ।

মান রাখা /মান্ রাখা/ ক্রিবি. সম্মান রক্ষা করা।

মানস /মানশ্/ [স. মনস্+অ] বি. ১ মন, চিত্ত (*কবিমানস*)। ২ অভিপ্রায় (*মানস পূরণ*)। ৩ সরোবরবিশেষ (*মানসসরোবর*)। বিণ. ১ মানসিক (*মানসভূমি*)। ২ কল্পনায় রচিত (*মানসপ্রতিমা*)।

মানসকন্যা /মানশ্‌কোন্‌না/ [স. মানস+কন্যা] বি. কল্পনায় জাত কন্যা।

মানসচারী /মানশ্‌চারি/ [স. মানস+√চর্+ইন্] বিণ. ১ মনোজগতে বিচরণকারী। ২ মানস সরোবরে বিচরণকারী। বি. রাজহাঁস।

মানসজগৎ /মানশ্‌জগোত্/ [স. মানস+√গম্+ক্বিপ্] বি. মনোজগৎ।

মানসজন্মা /মানশ্‌জন্‌মা/ [স. মানস+জন্মন্] বি. কামদেব, কন্দর্প।

মানসনেত্র /মানশ্‌নেত্‌রো/ [স. মানস+নেত্র] বি. ১ মনের চোখ, মনশ্চক্ষু, অন্তর্দৃষ্টি। ২ কল্পনা।

মানসপুত্র /মানশ্‌পুত্‌রো/ [স. মানস+পুত্র] বি. কল্পনায় জাত পুত্র।

মানসপ্রতিমা /মানশ্‌প্রোতিমা/ [স. মানস+প্রতিমা] বি. দ্র মানসমূর্তি।

মানসমূর্তি /মানশ্‌মুরতি/ [স. মানস+√মূর্ছ্+তি] বি. কল্পনায় গড়া প্রতিমা।

মানসলোচন /মানশ্‌লোচন্/ [স. মানস+√লোচ্+অন] বি. দ্র মানসনেত্র।

মানসসরোবর /মানশ্‌শরোবর্/ [স. মানস+সরস্+বর] বি. কৈলাস পর্বতে অবস্থিত হ্রদবিশেষ।

মানসসিদ্ধি /মানশ্‌শিদ্‌ধি/ [স. মানস+√সিধ্+তি] বি. আকাঙ্ক্ষাপূরণ, ঈপ্সিত বস্তু লাভ, ইষ্টলাভ।

মানসসুন্দরী /মানশ্‌শুন্‌দোরি/ [স. মানস+সু+√উন্দ্+অর+ঈ] বি. মনঃকল্পিত নারী।

মানসাঙ্ক /মানশাংকো/ [স. মানস+অঙ্ক] বি. মনে মনে কষতে হয় এমন অঙ্ক।

মানসিক /মানোশিক্/ [স. মানস+ইক] বিণ. ১ মনোগত (*মানসিক রোগ*)। ২ কল্পনাপ্রসূত। বি. (বাংলায়) মানত।

মানসিকতা /মানোশিকতা/ [স. মানসিক+তা] বি. মনোভাব, দৃষ্টিভঙ্গি (*উদার মানসিকতা*), mentality।

মানসী /মানোশি/ [স. মানস+ঈ] বিণ. ১ মনঃকল্পিতা। ২ মনঃসম্বন্ধীয়া। বি. মনে কল্পিত নারী, প্রেয়সী।

মানহানি /মান্‌হানি/ [স. মান+হানি] বি. সম্মান বা মর্যাদা নাশ (*মানহানি করা*), defamation।

মানহীন /মান্‌হিন্/ [স. মান+হীন] বিণ. মর্যাদাশূন্য।

মানা[১] /মানা/ [আ.] বি. নিষেধ, বারণ।

মানা[২]/মানা/ [বা.] ক্রিবি. ১ সম্মান করা (*গুরুজনকে মানা*)। ২ মান্য করা (*আইন মানা*)। ৩ বিশ্বাস করা (*পরকাল মানা*)। ৪ স্বীকার করা (*দোষ মানা*)। ৫ গ্রাহ্য করা (*বাধা মানা*)। ৬ পালন করা (*কথা মানা*)। ৭ সাব্যস্ত করা, স্থির করা (*সাক্ষী মানা*)।

মানান /মানান্/ [বা.] বি. ১ উপযুক্ততা; যোগ্যতা। ২ শোভা। বিণ. ১ শোভন। ২ উপযুক্ত।

মানানসই /মানান্‌শোই/ [বা.] বিণ. ১ উপযুক্ত। ২ শোভন। ৩ মাপমতো।

মানানো[১] /মানানো/ [বা.] ক্রিবি. ১ উপযুক্ত বা মানানসই হওয়া (*পোশাকটি বেশ মানিয়েছে*)। ২ খাপ খাওয়া (*মানিয়ে চলা*)। ৩ শোভন হওয়া (*তোমার মুখে এ কথা মানায় না*)। বিণ. ১ যথোপযুক্ত। ২ শোভন।

মানানো[২] /মানানো/ [বা.] ক্রিবি. ১ মান্য করানো। ২ গ্রাহ্য করানো। ৩ স্বীকার করানো। ৪ পালন করানো। ৫ বশীভূত করানো (*পোষ মানানো*)।

মানিক /মানিক্/ [স. মাণিক্য >] বি. ১ মূল্যবান রত্ন। ২ স্নেহসূচক সম্বোধন (*সোনা মানিক*)।

মানিকজোড় /মানিক্‌জোড়/ [বা.] বি. ১ দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় নদীর পাড় জলমগ্ন মাঠ হ্রদ প্রভৃতি স্থানে জোড়ায় জোড়ায় বিচরণ করে এবং ডানা না নেড়ে দীর্ঘসময় বাতাসে ভেসে থাকতে পারে এমন পুরু লম্বাটে চঞ্চুবিশিষ্ট সাদা জলচর পরিযায়ী পাখি। ২ (ব্য.) প্রায়ই একসঙ্গে দেখা যায় এমন অন্তরঙ্গ বন্ধুযুগল।

মানিত /মানিতো/ [স. √মান্+ত] বিণ. শ্রদ্ধা বা মান্য করা হয় এমন, সম্মানিত; পূজিত।

মানিনী /মানিনি/ [স. মান+ইন্+ঈ] বিণ. ১ শ্রদ্ধেয়া, সম্মাননীয়া। ২ গর্বিণী। ৩ অভিমানিনী।

মানিব্যাগ /মানিব্যাগ্/ [ই.] বি. পকেটে বহনযোগ্য টাকাপয়সা রাখার ছোটো খাপ, moneybag।

মানী /মানি/ [স. মান+ইন্] বিণ. ১ সম্মানিত; সম্ভ্রান্ত (*মানী লোক*)। ২ অভিমানী। ৩ অহংকারী। স্ত্রী. **মানিনী** /মানিনি/।

মানুষ /মানুশ্/ [স. মনু+অ] বি. (স্ত্রী বা পুরুষকুলের) হোমোসেপিয়ান (Homo sapiens) গোষ্ঠীভুক্ত প্রাণী, মানব, মনুষ্য, নৃ। বিণ. মনুষ্যোচিত গুণসম্পন্ন (*রেখেছ বাঙালি করে মানুষ কর নি* রবীন্দ্র.)। ২

www.pathagar.com

লায়েক।

মানুষ করা /মানুশ্ করা/ ক্রিবি. মানবশিশুকে সযত্নে প্রতিপালন করা।

মানুষখেকো /মানুশ্খেকো/ [বা.] বিণ. মানুষকে খায় এমন (*মানুষখেকো বাঘ*)।

মানুষজন /মানুশ্জন্/ [স. মানুষ+জন] বি. অনেক লোক, লোকজন।

মানুষিক /মানুশিক্/ [স. মানুষ+ইক] বিণ. ১ মানুষের জন্য স্বাভাবিক এমন, মানবীয়। ২ মানুষসংক্রান্ত।

মানে /মানে/ [আ. মানা >] বি. ১ অর্থ; তাৎপর্য (*কথার মানে*)। ২ উদ্দেশ্য। ৩ হেতু, কারণ।

মা-নেওটা /মান্যাওটা/ [বা.] বিণ. মায়ের আঁচল ধরে থাকে এমন; মায়ের প্রশ্রয়প্রাপ্ত।

মানে মানে /মানে মানে/ অসক্রি. মান অক্ষুণ্ন রেখে।

মানোয়ার /মানোআর্/ [ই. man of war >] বি. যুদ্ধজাহাজ, রণতরি।

মান্দার /মান্দার্/ [স. মন্দার >] বি. বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন গাঢ় লাল ফুল বা তার কাঁটাওয়ালা কান্ডবিশিষ্ট দ্রুত বর্ধনশীল গাছ, মাদার।

মান্দাস /মান্দাশ্/ [দেশি.] বি. ভেলা; কলাগাছের ভেলা।

মান্দ্য /মান্দো/ [স. মন্দ+য] বি. ১ অল্পতা, ঘাটতি, অভাব (*ক্ষুধামান্দ্য*)। ২ আলস্য। ৩ হানি।

মান্ধাতা /মান্ধাতা/ [স. মাম্+√ধে+তৃ] বি. সূর্যবংশের প্রাচীন রাজা।

মান্ধাতার আমল /মান্ধাতার আমোল্/ বি. ১ পৌরাণিক রাজা মান্ধাতার শাসনকাল। ২ (আল.) অতি প্রাচীনকাল।

মান্য /মান্নো/ [স. √মান্+য] বিণ. ১ শ্রদ্ধা ও সম্মানের যোগ্য, মাননীয় (*মান্যবর*)। ২ মেনে নেওয়া বা স্বীকার করার যোগ্য। বি. (বাংলায়) সমাদর; পালন (*আদেশ মান্য করা*)।

মান্যগণ্য /মান্নোগোন্নো/ [স. মান্য+গণ্য] বিণ. ১ সম্মানার্হ, সম্মাননীয়। ২ সম্ভ্রান্ত।

মান্যতা /মান্নোতা/ [স. মান্য+তা] বি. স্বীকৃতি, recognition।

মান্যবর /মান্নোবর্/ [স. মান্য+বর] বিণ. অত্যন্ত শ্রদ্ধেয়।

মান্যবরেষু /মান্নোবরেশু/ [স. মান্যবর+এষু] বি. পত্রে সম্মাননীয় পুরুষকে সম্বোধনসূচক শব্দ। স্ত্রী. **মান্যবরাসু** /মান্নোবরাশু/।

মাপ[১] /মাপ্/ [বা.] বি. ১ পরিমাপ (*পোশাকের মাপ*)। ২ আয়তন (*জমির মাপ*)। ৩ ওজন (*মাপে কম দেওয়া*)।

মাপ[২] /মাপ্/ [আ. মাফ >] বি. ১ মার্জনা, ক্ষমা। ২ অব্যাহতি, রেহাই; ছাড়।

মাপক /মাপক্/ [স. √মাপি+অক্] বিণ. পরিমাপকারী, ওজনকারী।

মাপকাঠি /মাপ্কাঠি/ [বা.] বি. ১ পরিমাপ করার দন্ড। ২ (আল.) মানদন্ড।

মাপজোক /মাপ্জোক্/ [বা.] বি. দ্র মাপজোখ।

মাপজোখ /মাপ্জোখ্/ [বা.] বি. পরিমাপ ওজন প্রভৃতি নির্ণয়।

মাপন /মাপোন্/ [স. √মাপি+অন] বি. পরিমাপন; ওজনকরণ।

মাপসই /মাপ্শোই/ [বা.] বিণ. ছোটোও নয় আবার বড়োও নয় এমন, মাপমতো।

মাপসহি /মাপ্শোহি/ [বা. মাপ+আ. সহি] বিণ. দ্র মাপসই।

মাপা /মাপা/ [বা.] ক্রিবি. ১ পরিমাপ করা। ২ জরিপ করা। বিণ. পরিমাপ করা হয়েছে এমন।

মাপাজোকা /মাপাজোকা/ [বা.] বিণ. দ্র মাপাজোখা।

মাপাজোখা /মাপাজোখা/ [বা.] বিণ. ১ সঠিকভাবে মাপা হয়েছে এমন। ২ কম বা বেশি নয় এমন।

মাপানো /মাপানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে পরিমাপ করানো। বিণ. মাপা হয়েছে এমন।

মাফ /মাফ্/ [আ.] বি. ১ মার্জনা, ক্ষমা। ২ অব্যাহতি, রেহাই (*খাজনা মাফ*)।

মাফলার /মাফ্লার্/ [ই.] বি. শীত নিবারণের জন্য গলা ও মুখমন্ডলের চারপাশে জড়ানোর পশমি বস্ত্রখন্ডবিশেষ, muffler।

মাফিক /মাফিক্/ [আ.] বিণ. অনুযায়ী (*ইচ্ছামাফিক*)।

মাফিয়া /মাফিআ/ [ইতা.] বি. (সিসিলিতে সংগঠিত) অদৃশ্য প্রভাববিস্তারকারী আন্তর্জাতিক অপরাধচক্র।

মা-বাপ /মাবাপ্/ [বা.] বি. ১ মাতাপিতা। ২ প্রতিপালক। ৩ (আল.) ক্ষমতাসম্পন্ন ব্যক্তি।

মা-বাবা /মাবাবা/ [বা.] বি. মাতা ও পিতা।

মাবুদ /মাবুদ্/ [আ.] বি. উপাস্য।

মাভৈ /মাভৈ/ [স. মা ভৈঃ >] অনুক্রি. ভয় কোরো না। বি. ভীত হওয়ার কারণ নেই এইরূপ অভয়বাণী। বিণ. অভয়ব্যঞ্জক (*মাভৈ বাণীর ভরসা নিয়ে* রবীন্দ্র.)।

মামড়ি /মাম্ড়ি/ [দেশি.] বি. (নিরাময়ের সময়) ক্ষতস্থানের ওপর শুকনো চামড়ার আবরণ।

মামদো /মাম্দো/ [বা.] বি. লোককথায় বর্ণিত

www.pathagar.com

প্রেতযোনিবিশেষ।

মামদোবাজি /মামদোবাজি / [বা.] বি. ১ ইয়ার্কি, ফাজলামি। ২ দুর্বৃত্তপনা।

মামলত /মামলত্/ [আ.] বি. ১ ব্যাপারসমূহ। ২ উদ্দেশ্য, মতলব। ৩ অর্থকড়ি।

মামলা /মামলা/ [আ.] বি. ১ কোনো বিতর্কিত বিষয় নিষ্পত্তির জন্য আদালতে অভিযোগ দায়ের, মোকদ্দমা। ২ ব্যাপার, বিষয় (*কেবল একদিনের মামলা*)।

মামলাবাজ /মামলাবাজ্/ [বা. মামলা+ফা. বাজ] বিণ. মামলা করতে অভ্যস্ত; কলহপ্রিয়।

মামলা–মোকদ্দমা /মামলামোকোদ্দমা/ [আ. মামলা +মোকদ্দমা] বি. দ্র **মামলা**।

মামলা রুজু করা /মামলা রুজু করা/ ক্রিবি. কোনো বিতর্কিত বিষয় নিষ্পত্তির জন্য আদালতে মামলা দায়ের করা।

মামলেট /মামলেট্/ [ফ. omelette >] বি. ডিমের কুসুম ও সাদা অংশ ফেটিয়ে মরিচ পেঁয়াজ লবণ প্রভৃতি সহযোগে তেল বা মাখনে ভাজা খাদ্যবস্তু; 'অমলেট'-এর বিকৃত ও বঙ্গীকৃত রূপ।

মামা[১] /মামা/ [দেশি.] বি. মায়ের ভাই বা তৎস্থানীয় ব্যক্তি, মাতুল।

মামা[২] /মামা/ [ফা.] বি. পরিচারিকা।

মামাতো /মামাতো/ [বা.] বিণ. মামার সূত্রে সম্পর্কিত (*মামাতো ভাই*); স্বামী বা স্ত্রীর মামার সূত্রে সম্পর্কিত।

মামানি /মামানি/ [বা.] বি. মামার পত্নী, মামি।

মামাশ্বশুর /মামাশোশুর্/ [বা.] বি. পতি বা পত্নীর মামা।

মামি /মামি/ [দেশি.] বি. মামার পত্নী।

মামিশাশুড়ি /মামিশাশুড়ি/ [বা.] বি. মামাশ্বশুরের পত্নী।

মামু /মামু/ [হি.] বি. মায়ের ভাই বা তৎস্থানীয় ব্যক্তি, মামা, মাতুল।

মামুলি /মামুলি/ [আ.] বিণ. ১ অতি সাধারণ; অকিঞ্চিৎকর। ২ গতানুগতিক। ৩ চিরকালীন।

মায়া /মায়া/ [স. √মা+য+আ (টাপ্)] বি. ১ মোহ। ২ জাদু। ৩ ছলনা। ৪ ছদ্মবেশ। ৫ অবিদ্যা, অজ্ঞান। ৬ বাস্তবে অস্তিত্ব নেই এমন ভ্রমাত্মক বস্তু। ৭ ঐশীশক্তি। ৮ সত্ত্ব রজঃ ও তমঃ গুণবিশিষ্ট প্রকৃতি। ৯ বুদ্ধদেবের জননী। ১০ (বাংলায়) স্নেহ, মমতা।

মায়া কাটানো /মায়া কাটানো/ ক্রিবি. মোহ বা স্নেহের বন্ধন ছিন্ন করা।

মায়াকানন /মায়াকানোন্/ [স. মায়া+কানন] বি. জাদুবলে রচিত উপবন।

মায়াকান্না /মায়াকান্না/ [স. মায়া+বা. কান্না] বি. লোকদেখানো কান্না, কান্নার ভান, কপট কান্না।

মায়াঘোর /মায়াঘোর্/ [স. মায়া+ঘোর] বি. মোহের প্রভাব।

মায়াজাল /মায়াজাল্/ [স. মায়া+জাল] বি. ১ স্নেহ মমতা প্রভৃতির বন্ধন। ২ মোহের বন্ধন।

মায়াডোর /মায়াডোর্/ [স. মায়া+হি. ডোর] বি. স্নেহের বন্ধন।

মায়াদণ্ড /মায়াদন্ডো/ [স. মায়া+দণ্ড] বি. জাদুর কাঠি।

মায়াদয়া /মায়াদয়া/ [স. মায়া+দয়া] বি. স্নেহ মমতা ও করুণা।

মায়া দেখানো /মায়া দেখানো/ ক্রিবি. মমতা প্রদর্শন করা।

মায়াদেবী /মায়াদেবি/ [স. মায়া+দেবী] বি. বুদ্ধদেবের মাতা।

মায়া পড়া /মায়া পড়া/ ক্রিবি. স্নেহমমতায় আবিষ্ট হওয়া।

মায়াপাশ /মায়াপাশ্/ [স. মায়া+পাশ] বি. স্নেহের বন্ধন।

মায়াপ্রপঞ্চ /মায়াপ্রোপন্চো/ [স. মায়া+প্র+√পন্চ্ +অ] বি. ১ মায়ার বিস্তার। ২ মায়ার উন্মেষ।

মায়াবদ্ধ /মায়াবদ্ধো/ [স. মায়া+বদ্ধ] বিণ. স্নেহ-মমতার ডোরে সংসারের প্রতি আসক্ত।

মায়াবাদ /মায়াবাদ্/ [স. মায়া+√বদ্+অ] বি. (দর্শন.) জগৎ মিথ্যা এবং ব্রহ্মই সত্য এমন মতবাদ।

মায়াবাদী /মায়াবাদি/ [স. মায়া+√বদ্+ইন্] বিণ. মায়াবাদে বিশ্বাস করে এমন।

মায়াবিদ্যা /মায়াবিদ্দা/ [স. মায়া+√বিদ্+য+আ] বি. জাদুবিদ্যা।

মায়াবিনী /মায়াবিনি/ [স. মায়া+বিন্+ঈ] বি. কুহকিনী। বিণ. কপটাচারিণী।

মায়াবী /মায়াবি/ [স. মায়া+বিন্] বি. ঐন্দ্রজালিক, জাদুকর। বিণ. ১ মায়াযুক্ত। ২ ঠক, কপটাচারী।

মায়ামমতা /মায়ামমোতা/ [স. মায়া+মমতা] বি. দয়ামায়া; স্নেহ-ভালোবাসা।

মায়াময় /মায়াময়/ [স. মায়া+ময়ট্] বিণ. ১ মমতা-পূর্ণ। ২ মায়াদ্বারা আচ্ছন্ন (*মম মায়াময় স্বপনে কার বাঁশি বাজে গোপনে—* নজরুল.)। ৩ কপটতাপূর্ণ। স্ত্রী. **মায়াময়ী** /মায়াময়ি/।

মায়ামরীচিকা /মায়ামোরিচিকা/ [স. মায়া+মরীচিকা]

www.pathagar.com

বি. অলীক মোহ।

মায়ামুক্ত /মায়ামুক্তো/ [স. মায়া+মুক্ত] বিণ. মোহ-ভঙ্গ হয়েছে এমন; মোহমুক্ত।

মায়ারজ্জু /মায়ারোজ্জু/ [স. মায়া+রজ্জু] বি. স্নেহের বন্ধন, মায়াডোর।

মায়ারথ /মায়ারথ্/ [স. মায়া+রথ] বি. অলীক রথ; মায়াবলে সৃষ্ট কল্পিত রথ।

মায়ারাজ্য /মায়ারাজ্জো/ [স. মায়া+রাজ্য] বি. মায়াবলে সৃষ্ট রাজ্য; অলীক বা স্বপ্নরাজ্য।

মায়িক /মায়িক্/ [স. মায়া+ইক] বিণ. ১ ঐন্দ্রজালিক, জাদুকর। ২ মায়াদ্বারা আচ্ছন্ন, মায়াময়।

মায়ী /মায়ি/ [স. মায়া+ইন্] বিণ. দ্র মায়িক।

মায়ূর /মায়ুর্/ [স. ময়ূর+অ] বিণ. ১ ময়ূরের। ২ ময়ূরসংক্রান্ত।

মায়ূরিক /মায়ুরিক্/ [স. ময়ূর+ইক] বি. বিণ. ময়ূর-শিকারী।

মার[১] /মার্/ [বা.] বি. ১ প্রহার বা আঘাত। ২ লোকসান, ক্ষতি (*ব্যবসায় মার খাওয়া*)।

মার[২] /মার্/ [স. √মৃ+ণিচ্+অ] বি. ১ মরণ, মৃত্যু; বিনাশ, ধ্বংস। ২ কেরামতি (*ওস্তাদের মার শেষ রাতে*)। ৩ কন্দর্প। ৪ বৌদ্ধ শাস্ত্রমতে বুদ্ধের তপস্যায় বিঘ্নসৃষ্টিকারী দেবতা। ৫ মারণ, বধ।

মারক /মারক্/ [স. √মৃ+ণিচ্+অক] বি. মারী, মড়ক; ধ্বংস। বিণ. হত্যাকারী, নাশক।

মারকত /মারকত্/ [স. মরকত+অ] বিণ. ১ মরকত-সম্বন্ধীয়। ২ মরকতনির্মিত।

মারকাট /মারকাট্/ [বা.] বি. ১ মারামারি ও কাটাকাটি। ২ অত্যন্ত কঠোরতা; শাসানি। ৩ অত্যধিক ব্যস্ততা ও হইচই। বিণ. বড়োজোর।

মারকুটে /মারকুটে/ [বা.] বিণ. একটুতেই মারতে উদ্যত হয় এমন, মারমুখী (*মারকুটে স্বভাব*)।

মারকুটো /মারকুটো/ [বা.] বিণ. দ্র মারকুটে।

মারখেকো /মারখেকো/ [বা.] বিণ. প্রায়ই মার খায় বা মার খেতে অভ্যস্ত এমন।

মারণ /মারোন্/ [স. √মৃ+ণিচ্+অন] বি. ১ হত্যা, বধ। ২ বধের উদ্দেশ্যে তান্ত্রিক অভিচারক্রিয়া-বিশেষ। ৩ ধাতু ও ধাতব পদার্থ ভস্মীকরণ। ৪ (বাংলায়) প্রহার। বিণ. ধ্বংসাত্মক, বিনাশকারী (*মারণাস্ত্র*)।

মারণাস্ত্র /মারোনাস্ত্রো/ [স. মারণ+অস্ত্র] বি. হত্যা বা ধ্বংস করতে পারে এমন অস্ত্র।

মারদাঙ্গা /মারদাংগা/ [বা.] বি. ব্যাপক মারামারি ও হানাহানি।

মার দেওয়া /মার্ দেওআ/ ক্রিবি. প্রহার করা।

মারধর /মারধোর্/ [বা.] বি. আঘাত, প্রহার।

মারপিট /মারপিট্/ [বা.] বি. ১ প্রহার। ২ দাঙ্গা।

মারপ্যাঁচ /মারপ্যাঁচ্/ [বা. মার+ফা. প্যাঁচ] বি. কূট-কৌশল; ফাঁদ।

মারফত[১] /মারফত্/ [আ.] ক্রিবিণ. মধ্যস্ততায়; দ্বারা।

মারফত[২] /মারফত্/ [আ.] বি. ১ মরমি সাধনা, স্রষ্টাকে জানার সাধনা। ২ তত্ত্বজ্ঞান।

মারফতি /মারফোতি/ [আ. মারফত+ফা. ই] বিণ. মরমি সাধনাবিষয়ক (*মারফতি সংগীত*)।

মারফতি গান /মারফোতি গান্/ বি. পরমতত্ত্ব-বিষয়ক গান; মরমি গান।

মারবেল /মারবেল্/ [ই. marble] বি. ১ মর্মর পাথর। ২ (পাথর বা কাচের তৈরি) খেলার ছোটো গুলি।

মারমার কাটকাট /মারমার্ কাট্কাট্/ বি. ১ মারা-মারি ও কাটাকাটি। ২ অত্যন্ত ব্যস্ততা ও হইচই। বিণ. অত্যন্ত হইচইপূর্ণ।

মারমুখী /মারমুখি/ [বা.] বিণ. দ্র মারমুখো।

মারমুখো /মারমুখো/ [বা.] বিণ. একটুতেই তেড়ে আসে বা মারতে চায় এমন।

মারহাট্টা /মারহাট্টা/ [বা.] বি. মহারাষ্ট্রের অধিবাসী।

মারহাবা /মারহাবা/ [আ.] অব্য. জয়ধ্বনি; অভিনন্দন-জ্ঞাপক ধ্বনি, প্রশংসাসূচক উক্তি।

মারা /মারা/ [বা.] ক্রিবি. ১ হত্যা বা বধ করা (*পাখি মারা*)। ২ আঘাত করা (*চাবুক মারা*)। ৩ হত্যার উদ্দেশ্যে প্রয়োগ করা (*ছুরি মারা*)। ৪ নাশ করা (*জাত মারা*)। ৫ শুকানো (*রস মারা*)। ৬ প্রবেশ করানো, ঠুকে বসানো (*পেরেক মারা*)। ৭ জোড়া দেওয়া (*তালি মারা*)। ৮ চুরি করা (*পকেট মারা*)। ৯ আত্মসাৎ করা (*টাকা মারা*)। ১০ বঞ্চিত করা (*ভাত মারা*)। ১১ জোরে ডাকা (*হাঁক মারা*)। ১২ ধরা (*মাছ মারা*)। ১৩ মুদ্রিত করা (*ছাপ মারা*)। ১৪ জাহির করা (*চাল মারা*)। ১৫ লাগানো (*টিকিট মারা*)। ১৬ দেখা (*উঁকি মারা*)

মারাত্মক /মারাত্তমক্/ [স. মার+আত্মন্+ক] বিণ. ১ অত্যন্ত ভয়াবহ, সাংঘাতিক। ২ প্রাণঘাতী।

মারা পড়া /মারা পড়া/ ক্রিবি. ১ প্রাণত্যাগ করা। ২ নষ্ট বা ধ্বংস হওয়া।

মারামারি /মারামারি/ [বা.] বি. ১ পরস্পর হানাহানি। ২ লড়াই।

মারি /মারি/ [স. √মৃ+ণিচ্+ই] বি. ১ সংক্রামক রোগে আক্রান্ত হয়ে ব্যাপক প্রাণহানি; মড়ক। ২ বসন্তরোগ।

www.pathagar.com

মারিগুটিকা /মারিগুটিকা/ [স. মারি+গুটিকা] বি. ভ্যারিওলা ভাইরাসসংক্রামিত (variola virus) জ্বর ও শরীরের প্রায় সর্বত্র মারাত্মক ক্ষত সৃষ্টি করে এমন প্রাণঘাতী ছোঁয়াচে রোগের লক্ষণবিশেষ, বসন্তরোগের গুটিকা।

মারিজুয়ানা /মারিহুআনা/ [লা.] বি. বাংলাদেশ-সহ পশ্চিম হিমালয় ও মধ্য এশিয়ায় জাত করাতের মতো খাঁজকাটা সবুজ পাতা বা তার গুচ্ছবদ্ধ ফুল-বিশিষ্ট বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ যার শুকনো পাতা ও ফুল চূর্ণ করে মাদকরূপে সেবন করা হয়, গাঁজা।

মারিত /মারিতো/ [স. √মৃ+ণিচ্+ত] বিণ. ১ নিহত। ২ বিনাশিত। ৩ ভস্মীভূত।

মারীচ /মারিচ্/ [স. মরীচি+অ] বি. ১ রামচন্দ্র কর্তৃক নিহত তড়কা রাক্ষসীর পুত্র। ২ কশ্যপ ঋষি।

মারুত /মারুত্/ [স. মরুৎ+অ] বি. বাতাস, বায়ু।

মারুতি /মারুতি/ [স. মারুত+ই] বি. পুরাণোক্ত পবনপুত্র হনুমান।

মার্কণ্ড /মার্কন্ডো/ [স. মৃকণ্ড+অ] বি. পৌরাণিক মুনিবিশেষ বা তৎ কর্তৃক রচিত পুরাণবিশেষ।

মার্কণ্ডেয় /মার্কন্ডেয়ো/ [স. মৃকণ্ড+এয়] বি. দ্র মার্কণ্ড।

মার্কসবাদ /মার্কসবাদ/ [ব্যক্তি.] বি. জার্মান দার্শনিক কার্ল মার্কস প্রবর্তিত সাম্যবাদের তত্ত্ব।

মার্কা /মার্কা/ [ই. mark >] বি. ১ চিহ্ন, ছাপ। ২ প্রতীকচিহ্ন (*বাঘ মার্কা*)।

মার্কামারা /মার্কামারা/ [ই. mark >] বিণ. ১ ছাপমারা, চিহ্নিত। ২ দাগি। ৩ সুপরিচিত।

মার্কিন /মার্কিন্/ [স্থান.] বি. ১ আমেরিকা যুক্তরাষ্ট্রের অধিবাসী। ২ আমেরিকা যুক্তরাষ্ট্রে উৎপাদিত কোরা সুতোর তৈরি মোটা কাপড়বিশেষ। বিণ. ১ যুক্তরাষ্ট্রসম্বন্ধীয়। ২ আমেরিকা যুক্তরাষ্ট্রে উৎপাদিত।

মার্কিনদেশ /মার্কিনদেশ্/ [স্থান.] বি. আমেরিকা যুক্তরাষ্ট্র।

মার্কেট /মার্কেট্/ [ই. market] বি. বাজার।

মার্গ /মার্গো/ [স. √মার্গ্+অ] বি. ১ পথ, রাস্তা। ২ ধ্রুপদাঙ্গের সংগীত। ৩ সাধনপদ্ধতি। ৪ উপায়; কৌশল। ৫ মলদ্বার।

মার্গণ /মার্গোন্/ [স. √মার্গ+অন] বি. ১ প্রার্থনা। ২ অন্বেষণ, অনুসন্ধান। ৩ প্রণয়, প্রেম।

মার্গশির /মার্গোশির্/ [স. মার্গশিরী+অ] বি. মৃগশিরা নক্ষত্রযুক্ত পূর্ণিমার মাস, অগ্রহায়ণ মাস।

মার্গশীর্ষ /মার্গোশির্শো/ [স. মার্গ+শীর্ষ] বি. দ্র মার্গশির।

মার্গসংগীত /মার্গোশোংগিত্/ [স. মার্গ+সংগীত] বি. ধ্রুপদি সংগীত, শাস্ত্রীয় সংগীত।

মার্চ[১] /মার্চ্/ [ই. March] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির তৃতীয় মাস, ১৭ই ফাল্গুন থেকে ১৭ই চৈত্র পর্যন্ত (অধিবর্ষে ১৮ই ফাল্গুন থেকে ১৭ই চৈত্র পর্যন্ত) কালপর্ব।

মার্চ[২] /মার্চ্/ [ই. march] বি. সামরিক কুচকাওয়াজ।

মার্জক /মার্জক্/ [স. √মৃজ্+অক] বিণ. পরিষ্কারক।

মার্জন /মার্জোন্/ [স. √মৃজ্+অন] বি. ১ মর্দন (*অঙ্গমার্জন*)। ২ পরিষ্করণ। ৩ দোষক্ষালন।

মার্জনা /মার্জোনা/ [স. √মার্জ্+অন+আ (টাপ্)] বি. ১ ক্ষমা (*ত্রুটি মার্জনা*)। ২ প্রক্ষালন; শোধন।

মার্জনী /মার্জোনি/ [স. √মার্জ্+অন+ঈ] বি. যা দিয়ে পরিষ্কার করা যায়, ঝাঁটা বুরুশ প্রভৃতি।

মার্জনীয় /মার্জোনিয়ো/ [স. √মার্জ্+অনীয়] বিণ. ক্ষমা করা যায় এমন, ক্ষমার যোগ্য, ক্ষমার্হ।

মার্জার /মার্জার্/ [স. √মৃজ্+আর] বি. সুচালো নাসারন্ধ্র এবং থাবার নখর গুটিয়ে ফেলতে পারে এমন কোমল লোমাবৃত গৃহপালিত মাংসাশী চতুষ্পদ স্তন্যপায়ী প্রাণী, বিড়াল। স্ত্রী. **মার্জারী** /মার্জারি/।

মার্জারিকা /মার্জারিকা/ [স. মার্জারী+কন্+আ (টাপ্)] বি. মার্জারী।

মার্জিত /মার্জিতো/ [স. √মার্জ্+ত] বিণ. ১ পরিষ্কৃত। ২ ত্রুটিমুক্ত। ৩ চর্চার দ্বারা উৎকর্ষপ্রাপ্ত। ৪ রুচিসম্মত। স্ত্রী. **মার্জিতা** /মার্জিতা/।

মার্জিতবুদ্ধি /মার্জিতোবুদ্ধি/ [স. মার্জিত+বুদ্ধি] বিণ. চর্চার দ্বারা বুদ্ধি উৎকর্ষপ্রাপ্ত হয়েছে এমন।

মার্জিন /মার্জিন্/ [ই.] বি. লেখার খাতা বই প্রভৃতির প্রতি পৃষ্ঠার প্রান্তদেশে যে অংশ ফাঁকা রাখা হয়, margin।

মার্তণ্ড /মার্তন্ডো/ [স. মৃতণ্ড+অ] বি. পৃথিবী থেকে ১৪·৯ কোটি কিলোমিটার দূরে অবস্থিত পৃথিবীর নিকটতম উজ্জ্বল জ্যোতিষ্কবিশেষ (যার ব্যাস ১৩·৯ লক্ষ কিলোমিটার এবং পৃষ্ঠদেশের তাপমাত্রা ৬০০০° সেলসিয়াস) যাকে কেন্দ্র করে পৃথিবী ও সৌরমণ্ডলের গ্রহ উপগ্রহ প্রদক্ষিণ করে, সূর্য, দিবাকর, ভানু, তপন, প্রভাকর, দিনমণি, বিবস্বান, বিভাবসু, মিহির, সবিতা, ভাস্কর।

মার্দব /মার্দব্/ [স. মৃদু+অ] বি. মৃদুতা; কোমলতা। বিণ. মৃদুতা ও কোমলতায় পূর্ণ।

www.pathagar.com

মাল[১] /মাল্ / [আ.] বি. ১ ক্রয়বিক্রয় বা ব্যবসায়ের পণ্য, পণ্যদ্রব্য (*মালগাড়ি*)। ২ ধনসম্পদ (*মালদার লোক*)। ৩ সরকারকে দেয় রাজস্ব, খাজনা (*মালগুজার*)। ৪ খাজনা দিতে হয় এমন জমি।

মাল[২] /মাল্ / [স. মল+অ] বি. ১ জাতিবিশেষ। ২ সাপুড়ে; সাপের ওঝা। ৩ পদবিবিশেষ।

মাল[৩] /মাল্ / [স. √মা+ল] বি. উঁচু জমি (*মালভূমি*)।

মাল[৪] /মাল্ / [স. মল্ল >] বি. কুস্তিগির, মল্লযোদ্ধা।

মাল[৫] /মাল্ / [ফা.] বি. মদ, মাদকদ্রব্য।

মাল[৬] /মাল্ / [স. মাল্য >] বি. (কাব্যে) মালা।

মালকাছা /মাল্কাছা/ [বা.] বি. দ্র মালকোঁচা।

মাল কাটা /মাল্ কাটা/ ক্রিবি. পণ্যদ্রব্যের কাটতি থাকা।

মালকিন /মাল্কিন্ / [আ.] বি. মালিকের পত্নী বা মহিলা মালিক।

মালকোঁচা /মাল্কোঁচা/ [বা.] বি. দু-পায়ের ফাঁক দিয়ে পেছনে গোঁজা ধুতি লুঙ্গি প্রভৃতির কোঁচা।

মালকোশ /মাল্কোশ্/ [স. মালবকৌশিক >] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

মাল ক্রোক /মাল্ ক্রোক্/ বি. আদালতের আদেশ-বলে অস্থাবর সম্পত্তি আটক।

মালখানা /মাল্খানা / [আ. মাল্+ফা. খানা] বি. ১ মূল্যবান ধনসম্পদ রাখার ঘর, ধনাগার, ধনকোষ। ২ খাজনাখানা।

মালগাড়ি /মাল্গাড়ি/ [আ. মাল্+হি. গাড়ি] বি. রেলপথে পণ্য পরিবহণের জন্য বিশেষভাবে নির্মিত বদ্ধ বা ছাদহীন গাড়ি।

মালগুজার /মাল্গুজার্/ [আ. মাল্+ফা. গুজার] বি. দ্র মালগুজারদার।

মালগুজারদার /মাল্গুজারদার্/ [আ. মাল্+ফা. গুজারদার] বি. যে ব্যক্তি রাজস্ব বা খাজনা দেয়; জমির মালিক।

মালগুজারি /মাল্গুজারি/ [আ. মাল্+ফা. গুজারি] বি. খাজনা; রাজস্ব।

মালগুদাম /মাল্গুদাম্ / [আ. মাল+বা. গুদাম] বি. যে ঘরে বিবিধ মালপত্র রাখা হয়।

মালজমি /মাল্জোমি/ [আ. মাল+ফা. জমিন] বি. খাজনা স্থির করা হয়েছে এমন জমি।

মালজামিন /মাল্জামিন/ [আ.] বি. ১ সম্পত্তির জামিন। ২ জামিনরূপে গচ্ছিত সম্পত্তি।

মালঝাঁপ /মাল্ঝাঁপ্ / [দেশি.] বি. ত্রিপদী বাংলা ছন্দবিশেষ।

মালঞ্চ /মালোন্চো/ [স. মালাপঞ্চ >] বি. ফুলের বাগান, পুষ্পোদ্যান।

মালতি /মালোতি/ [স. মাল+√অত্+ইন্] বি. ভারতীয় উপমহাদেশে বর্ষাকালে ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার মোটা ও শক্ত কাণ্ডবিশিষ্ট লতানে চিরহরিৎ উদ্ভিদ, জাতিপুষ্প, চামেলি।

মালদার /মাল্দার্ / [আ. মাল+ফা. দার] বিণ. সম্পৎশালী, ধনবান, পয়সাওয়ালা।

মালপত্র /মাল্পত্রো/ [আ. মাল+স. পত্র] বি. জিনিসপত্র, নানাবিধ দ্রব্যসামগ্রী; বাক্সপ্যাটরা।

মালপোয়া /মাল্পোআ/ [দেশি.] বি. গুড় বা চিনির রসে সিক্ত চালের গুঁড়ো ময়দা প্রভৃতি সহযোগে তৈরি লুচিজাতীয় খাদ্যবস্তু।

মালব /মালোব্/ [স. মাল+√বা+অ] বি. ১ মধ্য-ভারতের প্রাচীন জনপদ। ২ দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

মালবাহী /মাল্বাহি/ [আ. মাল+স. বাহী] বিণ. মালপত্র বহন করে এমন (*মালবাহী গাড়ি*)।

মালভূমি /মাল্ভূমি/ [স. মাল+ভূমি] বি. চারপাশের ভূভাগের চেয়ে উচ্চতর সমতলভূমি, plateau।

মালমসলা /মাল্মশ্লা/ [আ.] বি. কোনোকিছু তৈরি করতে যে সকল উপকরণের প্রয়োজন হয়।

মালমাত্তা /মাল্মাত্তা/ [আ.] বি. ১ ধনসম্পত্তি, জিনিসপত্র। ২ অস্থাবর সম্পত্তি।

মালয়[১] /মালয়্/ [স. মলয়+অ] বিণ. মলয় পর্বত থেকে উৎপন্ন। বি. চন্দনবৃক্ষ।

মালয়[২] /মালয়্ / [স্থান.] বি. ১ দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশবিশেষ। ২ ওই দেশের অধিবাসী বা ভাষা। বিণ. ওই দেশসম্বন্ধীয়।

মালশাট /মাল্শাট্/ [বা.] বি. মালকোঁচা।

মালসা /মাল্শা/ [স. মল্ল >] বি. ১ মাটির হাঁড়ি। ২ যে মাটির হাঁড়িতে জ্বলন্ত কাঠকয়লা রেখে আগুন পোহানো হয়।

মালসি /মাল্শি/ [দেশি.] বি. ছোটো মালসা।

মালা[১] /মালা/ [স. মা+√লা+অ+আ] বি. ১ কণ্ঠে ধারণ বা মান্য অতিথিকে বরণের জন্য ফুল পাতা প্রভৃতির গাঁথা হার (*ফুলের মালা*)। ২ নামজপের উদ্দেশ্যে রুদ্রাক্ষ বীজ বা অনুরূপ কোনো গুটিকা দিয়ে গাঁথা মালিকা, তসবি (*জপমালা*)। ৩ শ্রেণি, পঙ্‌ক্তি (*পর্বতমালা*)। ৪ রেখা (*বিদ্যুন্মালা*)। ৫ ক্রম, পর্যায় (*বর্ণমালা*)।

মালা[২] /মালা/ [স. মল্লক >] বি. শাঁস কুরে নেওয়ার পর নারকেলের শক্ত খোলের বাটিসদৃশ অর্ধাংশ।

মালা[৩] /মালা/ [স. মাল >] বি. ধীবর, জেলে সম্প্রদায়বিশেষ।

মালাই /মালাই্/ [হি. বালাই >] বি. দুধের সর।

মালাইকারি /মালাইকারি/ [দেশি.] বি. ১ নারকেলের দুধ দিয়ে রাঁধা তরকারি (*চিংড়ির মালাইকারি*)। ২

www.pathagar.com

বাংলাদেশের ময়মনসিংহ অঞ্চলের ছানার তৈরি মিঠাইবিশেষ।

মালাইচাকি /মালাইচাকি/ [স. মালচক্রক >] বি. মানবদেহের হাঁটুর সম্মুখভাগের উত্তল চক্রাকার অস্থি, kneecap।

মালাইবরফ /মালাইবরোফ্/ [দেশি.] বি. চোঙাকৃতি লোহার ছাঁচে বরফে জমানো ঘন দুধের তৈরি আইসক্রিমজাতীয় খাদ্যবস্তু।

মালাউন /মালাউন্/ [আ.] বি. (গালিরূপে ব্যবহৃত) অভিশপ্ত; কাফের; শয়তান।

মালাকর /মালাকর্/ [স. মালা+√কৃ+অ] বিণ. বি. দ্র মালাকার।

মালাকার /মালাকার্/ [স. মালা+√কৃ+অ] বিণ. পুষ্পমাল্য রচনাকারী। বি. ১ ফুল গেঁথে মালা তৈরি করা যার পেশা। ২ বাগান পরিচর্যার কাজে নিয়োজিত কর্মী, মালী। ৩ পদবিবিশেষ।

মালাচন্দন /মালাচন্দন্/ [স. মালা+চন্দন] বি. মান্য ব্যক্তিকে বরণের জন্য প্রদত্ত ফুল ও চন্দনের অর্ঘ্য।

মালাবদল /মালাবদোল্/ [স. মালা+আ. বদল] বি. ১ বিয়ের অনুষ্ঠানে বরকনের পরস্পর মালা বিনিময়। ২ বিবাহ।

মালাবার /মালাবার্/ [স্থান.] বি. দক্ষিণ ভারতের জনপদবিশেষ।

মালাবারি /মালাবারি/ [স্থান.] বিণ. মালাবারসম্পর্কিত। বি. মালাবারের অধিবাসী।

মালাম /মালাম্/ [বা.] বি. বাহুযুদ্ধ।

মালামাল /মালামাল্/ [ফা.] বি. আসবাবপত্র; জিনিসপত্র।

মালিক /মালিক্/ [আ.] বি. ১ সৃষ্টিকর্তা, প্রভু। ২ অধিকারী (*বাড়ির মালিক*)।

মালিকা /মালিকা/ [স. মালা+ইক+আ (টাপ্)] বি. ছোটো মালা।

মালিকানা /মালিকানা/ [আ. মালিক+ফা. আনা] বি. অধিকার, স্বত্ব।

মালিকি /মালিকি/ [আ.] বি. মালিকানা। বিণ. মালিকানাসংক্রান্ত।

মালিনী /মালিনি/ [স. মালা+ইন্+ঈ] বি. ১ মালা গাঁথা বা ফুলের জোগান দেওয়া যে নারীর পেশা। ২ সংস্কৃত ছন্দবিশেষ। বিণ. মাল্যভূষিতা (*নরমুণ্ডমালিনী*)।

মালিন্য /মালিন্নো/ [স. মলিন+য] বি. ১ মলিনতা, কালিমা। ২ সম্প্রীতির অভাব (*মনোমালিন্য*)।

মালিশ /মালিশ্/ [দেশি.] বি. ১ মর্দন। ২ যে ওষুধ দেহে মর্দন করে প্রয়োগ করতে হয়।

মালী /মালি/ [স. মালা+ইন্] বি. ১ যে মালা গাঁথে, মালাকার। ২ উদ্যান রক্ষণাবেক্ষণের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, উদ্যানপালক। ৩ জাতিবিশেষ। বিণ. মাল্যধারী। স্ত্রী. **মালিনী** /মালিনি/।

মালুম /মালুম্/ [আ.] বি. অনুভব, বোধ, উপলব্ধি। বিণ. জ্ঞাত; অনুভূত (*মালুম হওয়া*)।

মালুম করা /মালুম্ করা/ ক্রিবি. কোনো কিছু বুঝতে বা অনুভব করতে পারা।

মালুমকাঠ /মালুম্কাঠ্/ [আ. মালুম+বা. কাঠ] বি. জাহাজের মাস্তুল যা বহুদূর থেকে দেখা যায়।

মালুম হওয়া /মালুম্ হওআ/ ক্রিবি. বোধগম্য হওয়া; অনুভূত হওয়া।

মালেকুল মওত /মালেকুল্ মওত্/ বি. যে ফেরেশতা জীবের প্রাণ সংহার করেন, আজরাইল, যম।

মালো /মালো/ [স. মল্ল >] বি. ১ মৎস্যজীবী, ধীবর। ২ পদবিবিশেষ।

মালোপমা /মালোপমা/ [স. মালা+উপমা] বি. যে কাব্যালংকারে একই উপমেয়ের মালার মতো অনেক উপমান থাকে।

মাল্য /মাল্লো/ [স. √মল্+য] বি. ১ মালা, হার। ২ ফুলের মালা।

মাল্যবতী /মাল্লোবোতি/ [স. মাল্য+বৎ+ঈ] বিণ. মাল্যধারিণী।

মাল্যবান /মাল্লোবান্/ [স. মাল্য+বৎ] বিণ. মাল্যধারী। বি. রামায়ণে বর্ণিত পর্বতবিশেষ।

মাল্লা /মাল্লা/ [আ. মল্লাহ্ >] বি. ১ নৌকার মাঝি বা তার সহযোগী (*মাঝিমাল্লা*)। ২ নাবিক।

মাশুক /মাশুক্/ [আ.] বি. প্রেমাস্পদ, প্রেমিক।

মাশুল /মাশুল্/ [আ.] বি. ১ ডাকে চিঠি পাঠানোর ব্যয় (*ডাকমাশুল*)। ২ দণ্ড (*ভুলের মাশুল*)। ৩ গাড়িভাড়া। ৪ শুল্ক।

মাষ /মাশ্/ [স. √মষ্+অ] বি. ১ ডাল বা কলাইবিশেষ (*মাষকলাই*)। ২ পরিমাণবিশেষ।

মাষকলাই /মাশ্কলাই/ [স. মাষ >] বি. ভারতীয় উপমহাদেশে উঁচু জমিতে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন হলুদ ফুল ও কালো বীজযুক্ত ধূসর বা বাদামি শুঁটিসদৃশ ফল বা তার গাঢ় সবুজ খসখসে পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, বিরিকলাই।

মাষা /মাশা/ [স. মাষ >] বি. এক তোলা ওজনের বারো ভাগের এক ভাগ ওজন (ভিন্নমতে এক তোলার দশ ভাগের এক ভাগ ওজন)।

www.pathagar.com

মাস[১] /মাশ্ / [স. √মস্+অ] বি. বছরের বারো ভাগের এক ভাগ, ২৮ ২৯ ৩০ বা ৩১ দিনের কালপর্ব (স্থূল হিসাবে ৩০ দিন)।

মাস[২] /মাশ্ / [স. মাংস >] বি. মাংস, গোশত্ (*হাড়-মাস*); 'মাংস'-র কথ্য রূপ।

মাসওয়ারি /মাশ্ওআরি / [ফা. মাহওয়ারি>] ক্রিবিণ. মাসের হিসেবে (*মাসওয়ারি খরচ*), monthly।

মাসকাবার /মাশ্কাবার্ / [দেশি.] বি. মাসের সমাপ্তি, মাসের পূর্তি দিবস।

মাসকাবারি /মাশ্কাবারি / [বা.] বিণ. ১ মাসান্তে করণীয় বা প্রয়োজনীয়। ২ এক মাসের উপযুক্ত। বি. এক মাসের জন্য বরাদ্দ।

মাসতুতো /মাশ্তুতো / [দেশি.] বিণ. খালা বা মাসির সূত্রে সম্পর্কিত, খালাতো (*মাসতুতো ভাই*)।

মাসমাইনে /মাশ্মাইনে / [বা.] বি. এক মাস কাজ করার জন্য দেয় পারিশ্রমিক, মাসিক বেতন।

মাসমাহিনা /মাশ্মাহিনা / [দেশি.] বি. 'মাসমাইনে'-র সাধু রূপ।

মাসশ্বশুর /মাশ্শোশুর্ / [দেশি.] বি. স্বামী বা পত্নীর মেসো, খালুশ্বশুর। স্ত্রী. মাসশাশুড়ি /মাশ্শাশুড়ি /।

মাসান্ত /মাশান্তো / [স. মাস+অন্ত] বি. মাসের শেষ, মাসের শেষ দিন, মাসকাবার।

মাসান্তিক /মাশান্তিক্ / [স. মাসান্ত+ইক] বিণ. ১ মাসের শেষে ঘটে এমন। ২ মাসান্তবিষয়ক।

মাসি /মাশি / [স. মাতৃষ্বসা >] বি. মায়ের ভগিনী, খালা।

মাসিক /মাশিক্ / [স. মাস+ইক] বিণ. ১ মাস-সংক্রান্ত। ২ প্রতি মাসে ঘটে এমন (*মাসিক সভা*)। ৩ প্রতি মাসে দেয় (*মাসিক বেতন*)। বি. ১ শাস্ত্রবিহিত করণীয় আচার-অনুষ্ঠান। ২ প্রতিমাসে প্রকাশিত পত্রিকা। ৩ স্ত্রীলোকের রক্তস্রাব।

মাসিমা /মাশিমা / [স. মাতৃষ্বসা >] বি. দ্র মাসি।

মাসুম /মাসুম্ / [আ.] বিণ. নিষ্পাপ (*মাসুম বাচ্চা*)।

মাসোহারা /মাশোহারা / [আ. মুশাহরহ্ >] বি. প্রতি-মাসে প্রদেয় বৃত্তি; মাসিক বেতন।

মাস্টার /মাস্টার্ / [ই.] বি. ১ বিদ্যালয়ের শিক্ষক। ২ অধ্যক্ষ (*পোস্টমাস্টার*)। ৩ জাহাজের কাপ্তান। ৪ পোশাক তৈরির জন্য কাপড় কাটা যার পেশা।

মাস্টারি /মাস্টারি / [বা.] বি. ১ শিক্ষকের বৃত্তি, শিক্ষকতা। ২ (ব্য.) শিক্ষকের মতো আচরণ।

মাস্তুল /মাস্তুল্ / [পো. mastro] বি. জলযানে পাল খাটানোর দণ্ড; মালুমকাঠ।

মাস্যা /মাশ্যা / [বা.] বিণ. মাসসম্পর্কিত (*বারোমাস্যা ফল*)।

মাহ[১] /মাহ্ / [ফা.] বি. মাস (*মাহে রমজান*)।

মাহ[২] /মাহ্ / [স. মধ্য >] বি. অভ্যন্তর।

মাহা /মাহা / [ফা.] বি. মাস।

মাহাজনিক /মাহাজোনিক্ / [স. মহাজন+ইক] বিণ. ১ মহাজনোচিত। ২ মহাজনসম্পর্কিত। ৩ বাণিজ্য-সম্বন্ধীয়।

মাহাত্মিক /মাহাত্তিঁক্ / [স. মহাত্মন্+ইক] বিণ. মাহাত্ম্যযুক্ত, মহিমময়।

মাহাত্ম্য /মাহাত্তোঁ / [স. মহাত্মন্+য] বি. ১ মহত্ত্ব, মহানুভবতা। ২ মহিমা, গৌরব।

মাহিনা /মাহিনা / [ফা.] বি. মাসান্তে দেয় বেতন।

মাহিষ /মাহিশ্ / [স. মহিষ+অ] বিণ. ১ মহিষ-সম্বন্ধীয়। ২ মহিষের দুধ থেকে উৎপন্ন।

মাহিষ্য /মাহিশ্শো / [স. মহিষ+য] বিণ. মহিষ-সম্বন্ধীয়; মহিষের দুগ্ধজাত। বি. জাতিবিশেষ।

মাহুত /মাহুত্ / [হি. মহাবত >] বি. হস্তিচালক।

মাহেন্দ্র /মাহেন্দ্রো / [স. মহেন্দ্র+অ] বিণ. মহেন্দ্র-সম্বন্ধীয়, দেবরাজ ইন্দ্রসম্পর্কিত।

মাহেন্দ্রক্ষণ /মাহেন্দ্রোক্খন্ / [স. মাহেন্দ্র+ক্ষণ] বি. ১ (জ্যোতি.) কল্পিত শুভযোগ। ২ (আল.) উপযুক্ত সময়, শুভক্ষণ।

মাহেন্দ্রযোগ /মাহেন্দ্রোজোগ্ / [স. মাহেন্দ্র+যোগ] বি. দ্র মাহেন্দ্রক্ষণ।

মাহে রমজান /মাহে রম্জান্ / বি. পবিত্র রমজান মাস, যে মাসে ইসলাম ধর্মাবলম্বীরা ইন্দ্রিয় সংযম-সহ নিরম্বু উপবাসব্রত পালন করে।

মাহেশ /মাহেশ্ / [স. মহেশ+অ] বি. শিবের উপাসক। বিণ. ১ শিবসম্বন্ধীয়। ২ শৈব।

মাহেশী /মাহেশি / [স. মহেশ+ঈ] বি. দেবী দুর্গা, মহেশ্বরী।

মাহেশ্বর /মাহেশ্শর্ / [স. মহেশ্বর+অ] বিণ. মহেশ্বর বা শিব সম্বন্ধীয়; শৈব। বি. শিবের উপাসক।

মিইয়ে যাওয়া /মিইয়ে যাওআ / ক্রিবি. ১ অবসাদগ্রস্ত হওয়া, ম্রিয়মাণ হওয়া। ২ নরম হয়ে যাওয়া, মুচমুচে না থাকা। ৩ নিরুদ্যম হয়ে পড়া।

মিউ /মিউ্ / [ধ্বন্যা.] অব্য. বি. বিড়ালের ডাক।

মিউজিয়াম /মিউজ়িআম্ / [লা.] বি. ঐতিহাসিক মূল্যসম্পন্ন ললিতকলা স্থাপত্য ভাস্কর্য প্রভৃতি পুরাকীর্তির সংগ্রহ সংরক্ষণ ও প্রদর্শশালা, জাদুঘর, museum।

মিউনিসিপ্যালিটি /মিউনিসিপ্যালিটি / [ফ.] বি. নগরের জনহিতকর কার্যাদি সম্পন্ন করার দায়িত্বে

www.pathagar.com

নিয়োজিত স্থানীয় সরকার, পুরসভা, পৌরসভা, municipality।

মিউ মিউ /মিউ্ মিউ্/ অব্য. বি. বিড়ালের ডাক।

মিকাডো /মিকাডো/ [জাপ.] বি. জাপানি সম্রাটের উপাধি।

মিকানিক /মিকানিক্/ [ই.] বি. মিস্ত্রি, যন্ত্রচালক, mechanic।

মিচকে /মিচ্‌কে/ [দেশি.] বিণ. বাইরে থেকে ভালো মানুষ মনে হলেও ভেতরে ভেতরে দুরভিসন্ধিপূর্ণ, শঠ, ধূর্ত (*মিচকে শয়তান*)।

মিছরি /মিছ্‌রি/ [আ.] বি. পরিশোধিত চিনির স্ফটিকীভূত রূপ, স্ফটিকের মতো দানাবাঁধা চিনি।

মিছা /মিছা/ [স. মিথ্যা >] বিণ. ১ মিথ্যা। ২ নিষ্ফল। বি. মিথ্যা কথা। ক্রিবিণ. বিনা কারণে, অনর্থক।

মিছাকান্না /মিছাকান্না/ [বা.] বি. ১ অকারণে ক্রন্দন। ২ কৃত্রিম ক্রন্দন।

মিছামিছি /মিছামিছি/ [বা.] ক্রিবিণ. বিনা কারণে; অনর্থক, বৃথা; বিনা লাভে।

মিছিমিছি /মিছিমিছি/ [বা.] ক্রিবিণ. দ্র মিছামিছি।

মিছিল /মিছিল্/ [ফা.] বি. ১ শোভাযাত্রা (*মহরমের মিছিল*)। ২ মোকদ্দমা ও তৎসম্বন্ধীয় নথিপত্র। ৩ বিন্যাস, সিজিল। ৪ সমান, সমকক্ষ।

মিছে /মিছে/ [স. মিথ্যা >] বিণ. 'মিছা'-র কথ্য রূপ।

মিছে কান্না /মিছে কান্না/ বি. নিষ্ফল ক্রন্দন।

মিছেমিছি /মিছেমিছি/ [বা.] ক্রিবিণ. দ্র মিছামিছি।

মিজরাব /মিজ্‌রাব্/ [আ.] বি. সেতার বাদনকালে তর্জনীতে পরিধেয় বর্মবিশেষ; অঙ্গুলিত্রাণ।

মিজান /মিজ্‌ান্/ [আ.] বি. ১ দাঁড়িপাল্লা, তৌলদণ্ড। ২ ইসলামধর্মমতে পরকালে মানুষের পাপপুণ্য বিচারের তুলাদণ্ডবিশেষ।

মিজো /মিজো/ [স্থান.] বি. উত্তর-পূর্ব ভারতের সীমান্ত অঞ্চলে বসবাসকারী নৃগোষ্ঠীবিশেষ।

মিট /মিট্/ [দেশি.] বি. ১ বিবাদের নিষ্পত্তি (*মিট-মাট*)। ২ মীমাংসা। ৩ সামঞ্জস্য।

মিটমাট /মিট্‌মাট্/ [দেশি.] বি. আপসনিষ্পত্তি, মীমাংসা, রফা।

মিটমিট /মিট্‌মিট্/ [ধ্বন্যা.] অব্য. ১ মৃদু আলো বিচ্ছুরণের ভাব। ২ আধবোজা চোখের চাহনির ভাব (*অবাক রাতের তারারা আকাশে মিটমিট্ করে চায়:* সুকান্ত.)।

মিটমিটে /মিট্‌মিটে/ [বা.] বিণ. ১ মিটমিট করছে এমন, মৃদু, ক্ষীণ। ২ প্রচ্ছন্ন, অপ্রকাশিত।

মিটা /মিটা/ [দেশি.] ক্রিবি. ১ নিষ্পন্ন হওয়া, চুকে যাওয়া (*ঝামেলা মিটা*)। ২ দূর হওয়া, ঘোচা (*প্রয়োজন মিটা*)। ৩ মীমাংসিত হওয়া (*দ্বন্দ্ব মিটা*)। ৪ সফল হওয়া, তৃপ্ত হওয়া (*আশা মিটা*)।

মিটানো /মিটানো/ [দেশি.] ক্রিবি. বিণ. ১ নিষ্পন্ন করা। ২ দূর করা, ঘোচানো। ৩ তৃপ্ত করা।

মিটার /মিটার্/ [ফ.] বি. ১ মেট্রিক পদ্ধতিতে দৈর্ঘ্যের এককবিশেষ (১ মিটার = ১০০ সেন্টি-মিটার), ৩৯·৩৭ ইঞ্চি। ২ বিদ্যুৎ গ্যাস প্রভৃতি প্রবাহের পরিমাণ মাপার সরঞ্জাম, meter।

মিটিং /মিটিং/ [ই.] বি. আলোচনাসভা; জনসভা, meeting।

মিটিমিটি /মিটিমিটি/ [ধ্বন্যা.] ক্রিবিণ. মিটমিট করে। বিণ. মিটমিট করে জ্বলছে এমন।

মিঠা /মিঠা/ [স. মিষ্ট >] বিণ. ১ মিষ্টস্বাদ (*মিঠা আম*)। ২ স্বাদু (*মিঠা পানি*)। ৩ আরামদায়ক (*মিঠা রোদ*)।

মিঠাই /মিঠাই্/ [বা.] বি. মিষ্ট খাবার।

মিঠাইওয়ালা /মিঠাই্ওআলা/ [বা. মিঠাই+হি. ওয়ালা] বি. মিঠাই প্রস্তুত বা বিক্রয় যার পেশা, ময়রা।

মিঠাকড়া /মিঠাকড়া/ [বা.] বিণ. মধুর ও ঝাঁজালো (*মিঠাকড়া তামাক*)।

মিঠাকুমড়া /মিঠাকুমড়া/ [বা.] বি. মিষ্টস্বাদ বড়ো কুমড়াবিশেষ।

মিঠাজল /মিঠাজল্/ [বা.] বি. স্বাদু জল।

মিঠাপাতা /মিঠাপাতা/ [বা.] বি. ঝাঁজালো নয় এমন পানপাতাবিশেষ।

মিঠাপাতি /মিঠাপাতি/ [বা.] বি. দ্র মিঠাপাতা।

মিঠাপানি /মিঠাপানি/ [বা.] বি. স্বাদু জল।

মিঠে /মিঠে/ [স. মিষ্ট >] বিণ. 'মিঠা'-র কথ্য রূপ।

মিঠেকড়া /মিঠেকড়া/ [বা.] বিণ. 'মিঠাকড়া'-র কথ্য রূপ।

মিড় /মিড়্/ [দেশি.] বি. (সংগীতে) ক্রমশ উচ্চস্বরে আরোহণ বা নিম্নস্বরে অবরোহণরূপ অলংকার।

মিত[১] /মিতো/ [স. √মা+ত] বিণ. পরিমিত; সামান্য পরিমাণ; সংযত (*মিতভাষী*)।

মিত[২] /মিত্/ [স. মিত্র >] বি. মিত্র, সুহৃদ, বন্ধু।

মিতকথন /মিতোকথোন্/ [স. মিত+কথন] বি. অল্পকথন।

মিতকনে /মিত্‌কোনে/ [বা.] বি. বিবাহের সময় যে বালিকা কনের সঙ্গে শ্বশুরালয়ে গমন করে,

www.pathagar.com

নিতকনে।

মিতবর /মিত্‌বর্‌/ [স. মিত্রবর >] বি. বিবাহের সময় যে বালক বরের সঙ্গে শ্বশুরালয়ে গমন করে, নিতবর।

মিতবাক /মিতোবাক্‌/ [স. মিত+বাক্‌] বিণ. অল্প কথা বলে এমন, স্বল্পভাষী, সংযতবাক।

মিতব্যয় /মিতোব্‌ব্যায়্‌/ [স. মিত+বি+√ই+অ] বি. পরিমিত ব্যয়, আয় বুঝে ব্যয়।

মিতব্যয়িতা /মিতোব্‌ব্যায়িতা/ [স. মিতব্যয়ী+তা] বি. আয় অনুসারে ব্যয় করার প্রকৃতি; বুঝেশুনে খরচ করার বৈশিষ্ট্য।

মিতব্যয়ী /মিতোব্‌ব্যায়ি/ [স. মিত+বি+√ই+ইন্‌] বিণ. ১ আয় অনুসারে ব্যয় করে এমন। ২ (আল.) হিসাবি।

মিতভাষ /মিতোভাশ্‌/ [স. মিত+√ভাষ্‌+অ] বিণ. স্বল্পভাষী, সংযতবাক।

মিতভাষিতা /মিতোভাশিতা/ [স. মিত+√ভাষ্‌+ত্‌] বি. অল্প কথা বলার স্বভাব, স্বল্পভাষিতা।

মিতভাষী /মিতোভাশি/ [স. মিত+√ভাষ্‌+ইন্‌] বিণ. অল্প কথা বলে এমন, সংযতবাক, স্বল্পভাষী। স্ত্রী. **মিতভাষিণী** /মিতোভাশিনি/।

মিতভোজন /মিতোভোজোন্‌/ [স. মিত+√ভুজ্‌+অন] বি. স্বল্পাহার।

মিতভোজী /মিতোভোজি/ [স. মিত+√ভুজ্‌+ইন] বিণ. স্বল্পাহারী।

মিতা /মিতা/ [স. মিত্র >] বি. বন্ধু, সখা, সুহৃদ।

মিতাক্ষর /মিতাক্‌খর্‌/ [স. মিত+অক্ষর] বি. অন্ত্য-মিলযুক্ত ছন্দ, মিত্রাক্ষর।

মিতাক্ষরা /মিতাক্‌খরা/ [স. মিত+অক্ষর+আ (টাপ্‌)] বি. বিজ্ঞানেশ্বর ভট্টারক প্রণীত হিন্দু উত্তরাধিকার আইনবিষয়ক গ্রন্থ।

মিতাচার /মিতাচার্‌/ [স. মিত+আচার] বি. সংযত আচরণ।

মিতাচারী /মিতাচারি/ [স. মিত+আ+√চর্‌+ইন্‌] বিণ. সংযত আচরণকারী। স্ত্রী. **মিতাচারিণী** /মিতাচারিনি/।

মিতালি /মিতালি/ [বা.] বি. সখ্য, বন্ধুত্ব, বন্ধুতা।

মিতাশিতা /মিতাশিতা/ [স. মিতাশী+তা] বি. পরিমিত আহারের স্বভাব।

মিতাশী /মিতাশি/ [স. মিত+√অশ্‌+ইন্‌] বিণ. স্বল্পাহারী। স্ত্রী. **মিতাশিনী** /মিতাশিনি/।

মিতাহার /মিতাহার্‌/ [স. মিত+আহার] বি. পরিমিত আহার।

মিতাহারী /মিতাহারি/ [স. মিতাহার+ইন্‌] বিণ. পরিমিত আহারকারী।

মিতি /মিতি/ [স. √মা+তি] বি. ১ (জ্যা.) পরিমাপ; পরিমাণ নির্ধারণ। ২ জ্ঞান (*দূরমিতি*)।

মিতে /মিতে/ [বা.] বি. সম্বোধনে 'মিতা'-র কথ্য রূপ।

মিত্র /মিত্‌রো/ [স. √মিদ্‌+ত্র] বি. ১ বন্ধু, সখা। ২ সুহৃদ। ৩ পদবিবিশেষ। স্ত্রী. **মিত্রা** /মিত্‌রা/।

মিত্রতা /মিত্‌রোতা/ [স. মিত্র+তা] বি. সখ্য, সৌহার্দ্য।

মিত্রত্ব /মিত্‌রোত্‌তো/ [স. মিত্র+ত্ব] বি. দ্র মিত্রতা।

মিত্রপক্ষ /মিত্‌রোপোক্‌খো/ [স. মিত্র+পক্ষ] বি. স্বপক্ষ, বন্ধুপক্ষ।

মিত্রবাহিনী /মিত্‌রোবাহিনি/ [স. মিত্র+√বহ্‌+ইন্‌+ঈ] বি. ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে মুক্তি-বাহিনীকে সহায়তাকারী ভারতীয় সেনাবাহিনী; যুদ্ধে সহায়তাকারী মিত্রদেশের সেনাবাহিনী।

মিত্রহীন /মিত্‌রোহিন্‌/ [স. মিত্র+√হা+ত] বিণ. বন্ধু নেই এমন, নির্বান্ধব।

মিত্রাক্ষর /মিত্‌রাক্‌খর্‌/ [স. মিত্র+অক্ষর] বি. অন্ত্য-মিলযুক্ত ছন্দ।

মিত্রামিত্র /মিত্‌রামিত্‌রো/ [স. মিত্র+অমিত্র] বি. বন্ধু ও শত্রু।

মিথ /মিথ্‌/ [ল্যা.] বি. সামাজিক বা প্রাকৃতিক ঘটনা-বলি সম্বন্ধে প্রাচীনকাল থেকে প্রচলিত ব্যাখ্যামূলক কল্পকাহিনি; অলীক কাহিনি, myth।

মিথস্ক্রিয়া /মিথোশ্‌ক্রিআ/ [স. মিথস্‌+ক্রিয়া] বি. পারস্পরিক ক্রিয়া, আন্তঃক্রিয়া; (পরি.) interaction।

মিথিলা /মিথিলা/ [স্থান.] বি. ভারতের অঙ্গরাজ্য বিহারের উত্তর-পূর্বাঞ্চলে অবস্থিত ত্রিহুত নগরের প্রাচীন নাম, অধুনালুপ্ত বিদেহ রাজ্যের রাজধানী।

মিথুন /মিথুন্‌/ [স. √মিথ্‌+উন] বি. ১ স্ত্রী-পুরুষ, যুগল (*হংসমিথুন*)। ২ স্ত্রী-পুরুষের মিলন, মৈথুন। ৩ (জ্যোতি.) রাশিচক্রের তৃতীয় রাশি।

মিথ্যা /মিত্‌থা/ [স. √মিথ্‌+য+আ (টাপ্‌)] বিণ. অসত্য, অমূলক; কল্পিত (*মিথ্যা কাহিনি*)। ক্রিবিণ. অকারণে।

মিথ্যাচরণ /মিত্‌থাচরোন্‌/ [স. মিথ্যা+আচরণ] বি. দ্র মিথ্যাচার।

মিথ্যাচার /মিত্‌থাচার্‌/ [স. মিথ্যা+আচার] বি. ১ অসত্য কথন। ২ কপট আচরণ, কপটতা।

মিথ্যাচারী /মিত্‌থাচারি/ [স. মিথ্যাচার+ইন্‌] বিণ.

www.pathagar.com

কপটচারী। স্ত্রী. মিথ্যাচারিণী /মিত্‌থাচারিনি/।

মিথ্যাপবাদ /মিত্‌থাপোবাদ্‌/ [স. মিথ্যা+অপবাদ] বি. মিথ্যা দোষারোপ।

মিথ্যাবাদ /মিত্‌থাবাদ্‌/ [স. মিথ্যা+√বদ্‌+অ] বি. মিথ্যা কথা, অসত্য বাক্য, মিথ্যা উক্তি।

মিথ্যাবাদী /মিত্‌থাবাদি/ [স. মিথ্যা+√বদ্‌+ইন্‌] বিণ. মিথ্যা কথা বলে এমন, অসত্যভাষী। স্ত্রী. মিথ্যাবাদিনী /মিত্‌থাবাদিনি/।

মিথ্যাভাষণ /মিত্‌থাভাশন্‌/ [স. মিথ্যা+ভাষণ] বি. মিথ্যাকথন।

মিথ্যাভাষী /মিত্‌থাভাশি/ [স. মিথ্যা+√ভাষ্‌+ইন্‌] বিণ. মিথ্যা কথা বলে এমন, মিথ্যাবাদী। স্ত্রী. মিথ্যাভাষিণী /মিত্‌থাভাশিনি/।

মিথ্যাসাক্ষী /মিত্‌থাশাক্‌খি/ [স. মিথ্যা+সাক্ষী] বি. ১ আদালতে মিথ্যা সাক্ষ্য দান। ২ সাজানো সাক্ষী।

মিথ্যুক /মিত্‌থুক্‌/ [বা.] বি. বিণ. মিথ্যাবাদী।

মিথ্যে /মিত্‌থে/ [বা.] বিণ. ক্রিবিণ. 'মিথ্যা'-র কথ্য রূপ।

মিদুর /মিদুর্‌ / [স. মৃদুল >] বিণ. মৃদু, কোমল।

মিনতি /মিনোতি/ [স. 'বিনতি' ও আ. 'মিন্নত'-এর অনুকরণে নিষ্পন্ন শব্দ] বি. ১ বিনীত প্রার্থনা, আবেদন। ২ অনুরোধ (... *বাধা দিয়ো না / মিনতি করি ওগো প্রহরী॥* রবীন্দ্র.)।

মিনমিন /মিনমিন্‌/ [ধ্বন্যা.] বি. অব্য. দ্বিধা বা দুর্বলতাজনিত ক্ষীণ স্বর (*মিনমিন করে বলা*)।

মিনমিনে /মিন্‌মিনে / [বা.] বিণ. মিনমিন করে এমন (*মিনমিনে ছেলে*)।

মিনসে /মিন্‌শে/ [স. মনুষ্য >] বি. (অবজ্ঞায়) বয়ঃপ্রাপ্ত পুরুষ; পতি (*বেকার মিনসে*)।

মিনা /মিনা/ [ফা.] বি. (ক্ষয়রোধ বা সৌন্দর্যবর্ধনের জন্য) নির্দিষ্ট অনুপাতে সোডা সিলিকা পটাশ মেটে সিঁদুর প্রভৃতির মিশ্রণ উচ্চতাপে গালিয়ে ধাতব বস্তুর ওপর প্রদত্ত উজ্জ্বল ও অস্বচ্ছ প্রলেপবিশেষ, enamel।

মিনাকার /মিনাকার্‌ / [ফা.] বি. যে ব্যক্তি মিনার কাজ করে।

মিনাকারি /মিনাকারি / [ফা.] বি. মিনার কাজ।

মিনাবাজার /মিনাবাজার্‌/ [ফা.] বি. রকমারি পণ্যের মেলা।

মিনার /মিনার্‌/ [আ.] বি. অট্টালিকা উপাসনালয় স্মৃতিসৌধ প্রভৃতির উঁচু চূড়া (*কুতুবমিনার*)।

মিনি[১] /মিনি/ [বা. বিনা >] বিণ. ব্যতীত, বিনা (*মিনি সুতোর মালা*)।

মিনি[২] /মিনি/ [লা.] বিণ. ছোটো (*মিনিবাস*)।

মিনিট /মিনিট্‌/ [ই. minute] বি. ১ সময়ের পরিমাপ, এক ঘণ্টার ৬০ ভাগের এক ভাগ সময়; অতি অল্প সময়। ২ (জ্যা.) ডিগ্রির ৬০ ভাগের ১ ভাগ।

মিনিবাস /মিনিবাস্‌/ [লা. মিনি+ই. বাস] বি. ১৫ থেকে ২০ জন যাত্রী বহন করতে পারে এমন ছোটো বাস, minibus।

মিম্বর /মিম্‌বর্‌/ [ফা.] বি. তিনটি ধাপবিশিষ্ট যে আসনের ওপরে দাঁড়িয়ে ইমাম তাঁর অভিভাষণ বা খুতবা পাঠ করেন।

মিয়াঁ /মিআঁ/ [ফা.] বি. ১ নামের পূর্বে বা পরে ব্যবহৃত আখ্যা। ২ সর্দার; মণ্ডল। ৩ স্বামী (*মিয়াঁ বিবি*)।

মিয়ানো /মিআনো/ [বা.] ক্রিবি. ১ কড়কড়ে না থাকা। ২ নিরুদ্যম হওয়া; ম্রিয়মাণ হওয়া। বিণ. ১ মিইয়ে গেছে এমন। ২ নিরুদ্যম।

মিরজাফর /মিরজাফর্‌/ [ব্যক্তি.] বিণ. বিশ্বাসঘাতক। বি. নবাব সিরাজউদ্দৌলার বিশ্বাসঘাতক সেনাপতি।

মিরবহর /মিরবহোর্‌/ [ফা. মির্‌+আ. বহর্‌] বি. প্রধান নৌ-সেনাপতির উপাধি, admiral।

মিরমুনশি /মিরমুন্‌শি / [আ.] বি. প্রধান করণিক।

মিরাস /মিরাস্‌/ [আ.] বি. উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পত্তি, ওয়ারিশি সম্পত্তি।

মিরাসি /মিরাসি/ [ফা.] বিণ. উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত।

মিল[১] /মিল্‌/ [স. মেল >] বি. ১ সামঞ্জস্য (*কথা ও কাজের মিল*)। ২ সাদৃশ্য (*চেহারার মিল*)। ৩ সদ্ভাব (*মনের মিল*)। ৪ কবিতার চরণের অন্ত্য-ধ্বনির সাম্য (*অন্ত্যমিল*)।

মিল[২] /মিল্‌ / [ই.] বি. পণ্য উৎপাদনের কারখানা, mill।

মিলজুল /মিলজুল্‌ / [বা.] বি. সম্প্রীতি, সদ্ভাব।

মিলন /মিলন্‌ / [স. √মিল্‌+অন] বি. ১ সংযোগ, সন্ধি (*নদী ও সমুদ্রের মিলন*)। ২ বিচ্ছেদের অবসান (*পুনর্মিলন*)। ৩ সম্মিলন (*মিলনমেলা*)। ৪ রতি, যৌন সংগম (*যৌনমিলন*)।

মিলনমেলা /মিলন্‌ম্যালা / [স. মিলন+মেলা] বি. প্রীতিসম্মিলন।

মিলনান্তক /মিলনান্‌তক্‌/ [স. মিলন+√অন্তি+অক] বিণ. নায়ক-নায়িকার মিলনে সমাপ্ত হয় এমন।

মিলমিলা /মিল্‌মিলা / [বা.] বি. সারা দেহে ঘামাচির মতো লাল গুটিকা ও সর্দিজ্বর-সহ ভাইরাসজনিত অত্যন্ত ছোঁয়াচে (সচরাচর শিশুদের) রোগবিশেষ, হাম, measles।

মিলমিলাও /মিল্‌মিলাও / [বা.] বি. বনিবনা।

মিলমিলে /মিল্‌মিলে / [বা.] বি. দ্র মিলমিলা।

www.pathagar.com

মিলমিশ /মিল্‌মিশ্‌/ [বা.] বি. ১ সদ্ভাব। ২ সংসর্গ।

মিলা /মিলা/ [বা.] ক্রিবি. ১ মিলিত হওয়া। ২ খাপ খাওয়া। ৩ পাওয়া, জোটা (*চাকরি মিলা*)। ৪ সমান হওয়া, সদৃশ হওয়া (*জুড়ি মিলা*)। ৫ শুদ্ধ হওয়া (*অঙ্কের উত্তর মিলা*)। ৬ তুলনা করা (*মিলিয়ে দেখা*)। ৭ মিশে যাওয়া।

মিলাদ /মিলাদ্‌/ [আ.] বি. ১ হজরত মুহম্মদ (সা.)-এর জন্মদিবস উপলক্ষ্যে বিশেষ প্রার্থনা অনুষ্ঠান। ২ গৃহপ্রবেশ সাফল্য প্রভৃতি উপলক্ষ্যে আয়োজিত অনুরূপ সামাজিক অনুষ্ঠান।

মিলাদ মহ্‌ফিল /মিলাদ্‌ মোহ্‌ফিল্‌/ বি. দ্র মিলাদ।

মিলাদশরিফ /মিলাদ্‌শোরিফ্‌/ [আ.] বি. দ্র মিলাদ।

মিলাদুন্নবি /মিলাদুন্‌নোবি/ [আ.] বি. মহানবির জন্মোৎসব উপলক্ষ্যে আয়োজিত বিশেষ প্রার্থনা অনুষ্ঠান।

মিলানো /মিলানো/ [বা.] ক্রিবি. ১ মিলিত করা; মিল করানো। ২ খাপ খাওয়ানো। ৩ তুলনা করা। ৪ জোটানো।

মিলিগ্রাম /মিলিগ্রাম্‌/ [ই.] বি. এক গ্রামের এক হাজার ভাগের এক ভাগ, ৩·৫২৭ আউন্স, milligram।

মিলিটারি /মিলিটারি/ [ই. military] বিণ. ১ সামরিক বাহিনীসংক্রান্ত। ২ (আল.) উগ্র (*মিলিটারি মেজাজ*)।

মিলিত /মিলিতো/ [স. √মিল্‌+ত] বিণ. ১ সমবেত (*মিলিত হওয়া*)। ২ যৌথ। ৩ মিশ্রিত।

মিলিমিটার /মিলিমিটার্‌/ [ই.] বি. এক মিটারের এক হাজার ভাগের এক ভাগ, দৈর্ঘ্যের পরিমাপ-বিশেষ, millimetre।

মিলিলিটার /মিলিলিটার্‌/ [ই.] বি. এক লিটারের এক হাজার ভাগের এক ভাগ; আয়তনের পরিমাপবিশেষ, millilitre।

মিলিশিয়া /মিলিশিআ/ [লা.] বি. অস্ত্র ব্যবহারে প্রশিক্ষিত আধা-সামরিক বাহিনী।

মিশ /মিশ্‌/ [স. মিশ্র >] বি. ১ মিশ্রণ। ২ মিল (*মিলমিশ*)।

মিশকালো /মিশ্‌কালো/ [স. মসি >] বিণ. ঘোর কৃষ্ণবর্ণ।

মিশ খাওয়া /মিশ্‌ খাওআ/ ক্রিবি. ১ খাপ খাওয়া। ২ বনিবনা হওয়া।

মিশনারি /মিশনারি/ [লা.] বি. ধর্মপ্রচারক। বিণ. ধর্মপ্রচারসংক্রান্ত; ধর্মপ্রচারের উদ্দেশ্যে নিয়োজিত; missionary।

মিশমিশে /মিশ্‌মিশে/ [বা.] বিণ. ঘোর কৃষ্ণবর্ণের ভাবযুক্ত।

মিশর /মিশর্‌/ [স্থান.] বি. আফ্রিকা মহাদেশের উত্তর-পূর্ব ও এশিয়া মহাদেশের দক্ষিণ-পশ্চিম কোণের কিয়দংশ জুড়ে অবস্থিত দেশবিশেষ, Egypt।

মিশা /মিশা/ [বা.] ক্রিবি. মিশ্রিত হওয়া; সংস্রবে যাওয়া (*মিলামিশা*); খাপ খাওয়া; বিলীন হওয়া; 'মেশা'-র সাধু রূপ।

মিশানো /মিশানো/ [বা.] ক্রিবি. মিশ্রিত করা; 'মেশানো'-র সাধু রূপ।

মিশামিশি /মিশামিশি/ [বা.] বি. ১ সংসর্গ। ২ ঘনিষ্ঠতা।

মিশাল /মিশাল্‌/ [বা.] বি. দ্র মিশ্রণ।

মিশি /মিশি/ [ফা.] বি. হিরাকস তামাকচূর্ণ প্রভৃতির মিশ্রণে তৈরি দাঁতের মাজন।

মিশুক /মিশুক্‌/ [বা.] বিণ. সবার সঙ্গে মেলামেশা করতে পছন্দ করে এমন, সামাজিক।

মিশেল /মিশেল্‌/ [বা.] বি. দ্র মিশ্রণ।

মিশ্র /মিস্‌ত্রো/ [স. √মিশ্র+অ] বিণ. ১ অন্য কোনো শিল্প বা বিদ্যার সঙ্গে যুক্ত করা হয়েছে এমন (*মিশ্র রাগ*)। ২ গুণগত মান উন্নতকরণের উদ্দেশ্যে মেশানো হয়েছে এমন (*মিশ্র ধাতু*)। ৩ (গ.) জটিল (*মিশ্র সমীকরণ*)। ৪ বিশুদ্ধ বা খাঁটি নয় এমন (*মিশ্র পদার্থ*)। ৫ (ব্যা.) সংযুক্ত করা হয়েছে এমন (*মিশ্র বাক্য*)। বি. ১ মিশ্রিত দ্রব্য। ২ পদবিবিশেষ।

মিশ্রক /মিস্‌ত্রোক্‌/ [স. √মিশ্র+অক] বিণ. মিশ্রণ-কারী। বি. যে ব্যক্তি ভেজাল বা মিশেল দেয়।

মিশ্রণ /মিস্‌ত্রোন/ [স. √মিশ্র+অন] বি. ১ মিশ্রিত-করণ। ২ সংযোগসাধন। ৩ ভেজাল।

মিশ্রবর্ণ /মিস্‌ত্রোবরনো/ [স. মিশ্র+বর্ণ] বিণ. নানা রঙের; বিচিত্র।

মিশ্ররাগ /মিস্‌ত্রোরাগ্‌/ [স. মিশ্র+রাগ] বি. সংগীতে ভিন্ন দুটি বা ততোধিক রাগের মিশ্রণে সৃষ্ট রাগ।

মিশ্রিত /মিস্‌ত্রিতো/ [স. √মিশ্র+ত] বিণ. ১ মেশানো হয়েছে এমন। ২ ভেজাল।

মিষ্ট /মিশ্‌টো/ [স. √মিষ্‌+ত] বিণ. ১ মধুর স্বাদযুক্ত (*মিষ্টস্বাদ ফল*)। ২ প্রীতিকর (*মিষ্টবচন*)।

মিষ্টতা /মিশ্‌টোতা/ [স. মিষ্ট+তা] বি. দ্র মিষ্টত্ব।

মিষ্টত্ব /মিশ্‌টত্তো/ [স. মিষ্ট+ত্ব] বি. মধুরতা, মাধুর্য।

মিষ্টান্ন /মিশ্‌টান্‌নো/ [স. মিষ্ট+অন্ন] বি. পায়েস।

www.pathagar.com

মিষ্টি /মিশ্‌টি/ [স. মিষ্ট >] বিণ. ১ মধুর স্বাদযুক্ত (*মিষ্টি দই*)। ২ শ্রুতিমধুর (*মিষ্টি সুর*)। ৩ প্রীতিপ্রদ (*মিষ্টি কথা*)। ৪ মাধুর্যপূর্ণ। বি. মিঠাই।

মিষ্টিআলু /মিশ্‌টিআলু/ [বা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলের প্রায় সব দেশে চাষ করা হয় এবং শীত-কালে ফোটে এমন সাদাটে বেগুনি ফুল পানপাতা-সদৃশ খণ্ডিত পাতা সাদা লালচে প্রভৃতি বর্ণের মিষ্টস্বাদ লম্বাটে কন্দমূল বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. দক্ষিণ আমেরিকা), রাঙা আলু।

মিষ্টিকুমড়া /মিশ্‌টিকুমড়া/ [বা.] বি. সবজিরূপে রেঁধে খাওয়া হয় এমন চ্যাপটা গোলাকার ডিম্বাকৃতি বা খাঁজকাটা বৃহদাকার মিষ্টস্বাদ ফল বা তার হলুদ ফুলযুক্ত বীরুৎশ্রেণির বর্ষজীবী লতানে উদ্ভিদ (আনি. দক্ষিণ আমেরিকার গ্রীষ্মপ্রধান অঞ্চল)।

মিষ্টিমুখ /মিশ্‌টিমুখ/ [বা.] বি. অভ্যাগতকে মিষ্টি দিয়ে আপ্যায়ন।

মিস /মিস্‌/ [ই.] বি. অবিবাহিতা নারীর নামের পূর্বে ব্যবহৃত আখ্যা, Miss।

মিসওয়াক /মিস্‌ওআক্‌/ [আ.] বি. দাঁতনরূপে ব্যবহৃত নিম প্রভৃতি গাছের সরু ডাল।

মিসকিন /মিস্‌কিন্‌/ [আ.] বি. বিণ. দরিদ্র, নিঃস্ব।

মিসাইল /মিসাইল্‌/ [লা.] বি. নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে আঘাত হানতে সক্ষম এমন দূরনিয়ন্ত্রিত ক্ষেপণাস্ত্র, missile।

মিসেস /মিসেস্‌/ [ই.] বি. বিবাহিতা নারীর নামের পূর্বে ব্যবহৃত আখ্যা।

মিস্‌ড্‌কল /মিস্‌ড্‌কল্‌/ [ই.] বি. টেলিফোনের যে কল ধরা হয়নি, missed call।

মিস্টার /মিস্‌টার্‌/ [ই.] বি. পুরুষের নামের পূর্বে ব্যবহৃত আখ্যা, জনাব, শ্রী।

মিস্ত্রি /মিস্‌ত্রি/ [পো. mestre >] বি. ছোটোখাটো যন্ত্রসামগ্রী মেরামত বা রক্ষণাবেক্ষণের কারিগর।

মিহি /মিহি/ [ফা.] বিণ. ১ সূক্ষ্ম (*মিহি কাপড়*)। ২ সরু (*মিহি চাল*)। ৩ ক্ষুদ্র (*মিহিদানা*)। ৪ কোমল।

মিহিদানা /মিহিদানা/ [ফা.] বি. ছোটো দানাসদৃশ ঘৃতপক্ক মিঠাইবিশেষ।

মিহির /মিহির্‌/ [স. √মিহ্‌+ইর] বি. পৃথিবী থেকে ১৪·৯ কোটি কিলোমিটার দূরে অবস্থিত পৃথিবীর নিকটতম উজ্জ্বল জ্যোতিষ্কবিশেষ (যার ব্যাস ১৩·৯ লক্ষ কিলোমিটার এবং পৃষ্ঠদেশের তাপমাত্রা ৬০০০° সেলসিয়াস) যাকে কেন্দ্র করে পৃথিবী ও সৌরমণ্ডলের গ্রহ উপগ্রহ প্রদক্ষিণ করে, সূর্য, দিবাকর, ভানু, তপন, প্রভাকর, দিনমণি, বিবস্বান, বিভাবসু, সবিতা, ভাস্কর।

মীন /মিন্‌/ [স. √মী+ন] বি. ১ মাছ। ২ বিষ্ণুর প্রথম অবতার। ৩ (জ্যোতি.) রাশিচক্রের দ্বাদশ রাশি। ৪ (বাংলায়) চৈত্রমাস।

মীনকেতন /মিন্‌কেতন্‌/ [স. মীন+কেতন] বি. কামদেব, কন্দর্প।

মীনধ্বজ /মিনোদ্‌ধ্বজ্‌/ [স. মীন+ধ্বজ] বি. দ্র মীন-কেতন।

মীনরঙ্গ /মিনোরংগো/ [স. মীন+ রঙ্গ] বি. মাছরাঙা।

মীনাক্ষী /মিনাক্‌খি/ [স. মীন+অক্ষ+ঈ] বিণ. মাছের মতো সুন্দর চোখবিশিষ্ট। বি. দক্ষিণ ভারতের দেবীমূর্তিবিশেষ।

মীনাণ্ড /মিনান্‌ডো/ [স. মীন+অণ্ড] বি. মাছের ডিম।

মীনাণ্ডী /মিনান্‌ডি/ [স. মীন+অণ্ড+ঈ] বি. চিনি।

মীমাংসক /মিমাংশক্‌/ [স. √মীমাংস্‌+অক] বিণ. মীমাংসাকারী। বি. মীমাংসা দর্শনে পণ্ডিত ব্যক্তি।

মীমাংসা /মিমাংশা/ [স. √মীমাংস্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ বিবাদ সমস্যা প্রভৃতির সমাধান। ২ নিষ্পত্তি, সিদ্ধান্ত। ৩ জৈমিনি মুনি প্রণীত দর্শনশাস্ত্র।

মীমাংসিত /মিমাংশিতো/ [স. √মীমাংস্‌+ত] বিণ. মীমাংসা করা হয়েছে এমন, বিচারিত।

মীলন /মিলন্‌/ [স. √মীল্‌+অন] বি. ১ মুদিতকরণ। ২ সংকোচন।

মীলিত /মিলিতো/ [স. √মীল্‌+ত] বি. ১ মুদিত (*নিমীলিত নয়ন*)। ২ সংকুচিত।

মু /মু/ [স. মুখ >] বি. মুখ।

মুই /মুই/ [দেশি.] সর্ব. 'আমি'-র আঞ্চলিক রূপ।

মুকখু /মুক্‌খু/ [দেশি.] বিণ. বি. 'মূর্খ'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

মুকি /মুকি/ [দেশি.] বি. ১ অঙ্কুর। ২ কলাগাছের চারা।

মুকির /মুকির্‌/ [আ.] বি. ১ যে স্বীকার করে। ২ স্বীকৃতি। বিণ. স্বীকারকারী।

মুকুট /মুকুট্‌/ [স. √মন্‌ক্‌+উট] বি. কিরীট, শিরোভূষণ; বর ও কনের টোপর।

মুকুন্দ /মুকুন্‌দো/ [স. মুকুম্‌+√দা+অ] বি. ১ মুক্তিদাতা, মোক্ষদাতা। ২ বিষ্ণু। ৩ ফুলবিশেষ।

মুকুর /মুকুর্‌/ [স. মুখ+√রা+অ] বি. ১ আয়না, দর্পণ, আরশি। ২ কুমারের চাকা ঘুরানোর দণ্ড।

মুকুল /মুকুল্‌/ [স. √মুচ্‌+উল] বি. কোরক; বউল

www.pathagar.com

(*আমের মুকুল*); অর্ধবিকশিত ফুল।

মুকুলিকা /মুকুলিকা/ [স. মুকুল+ইক+আ (টাপ্)] বি. ১ ছোটো কুঁড়ি। ২ ঘুমপাড়ানির গান। বিণ. ১ মুকুলাকৃতি। ২ অর্ধবিকশিত।

মুকুলিত /মুকুলিতো/ [স. মুকুল+ইত] বিণ. ১ মুকুল ধরেছে এমন (*মুকুলিত শাখা*)। ২ পূর্ণ বিকশিত হয়নি এমন, আধফোটা (*মুকুলিত পুষ্প*)। ৩ আধবোজা (*মুকুলিত নয়ন*)।

মুকুলোদ্‌গম /মুকুলোদ্‌গম্/ [স. মুকুল+উদ্‌গম] বি. কুঁড়ির আবির্ভাব বা বিকাশ।

মুক্ত /মুক্তো/ [স. √মুচ্+ত] বিণ. ১ অব্যাহতিপ্রাপ্ত (*দায়মুক্ত*); নিষ্কৃতিপ্রাপ্ত (*কারামুক্ত*)। ২ মোক্ষপ্রাপ্ত। ৩ আরোগ্যপ্রাপ্ত (*রোগমুক্ত*)। ৪ উন্মুক্ত, খোলা (*মুক্ত বাতায়ন*)। ৫ অবাধ (*মুক্তধারা*)। ৬ উদার (*মুক্তমনা*)। ৭ পরিষ্কৃত (*আগাছামুক্ত*)। ৮ সংকোচ-হীন (*মুক্তকণ্ঠ*)। ৯ বন্ধনহীন (*মুক্তকেশ*)।

মুক্তকচ্ছ /মুক্তোকচ্ছো/ [স. মুক্ত+ক+√ছো+অ] বিণ. ১ কাছাখোলা। ২ বেসামাল।

মুক্তকণ্ঠে /মুক্তোকন্‌ঠে/ [স. মুক্ত+কণ্ঠ+বা. এ] ক্রিবিণ. ১ উচ্চকণ্ঠে। ২ স্পষ্ট ভাষায়; অসংকোচে।

মুক্তকেশ /মুক্তোকেশ্/ [স. মুক্ত+কেশ] বি. বিণ. খোলা চুল। স্ত্রী. **মুক্তকেশা** /মুক্তোকেশা/।

মুক্তকেশী /মুক্তোকেশি/ [স. মুক্তকেশ+ইন্] বিণ. কেশ আলুলায়িত এমন। বি. কালিকাদেবী।

মুক্তচিন্তা /মুক্তোচিন্‌তা/ [স. মুক্ত+চিন্তা] বি. সংকীর্ণতাবর্জিত অসাম্প্রদায়িক মনোভাব।

মুক্তছন্দ /মুক্তোছন্‌দো/ [স. মুক্ত+ছন্দস্] বি. নিয়মের শৃঙ্খলে আবদ্ধ নয় এমন ছন্দ।

মুক্তধারা /মুক্তোধারা/ [স. মুক্ত+√ধারি+অ+আ (টাপ্)] বি. অব্যাহত ধারা।

মুক্তপুরুষ /মুক্তোপুরুশ্/ [স. মুক্ত+পুরুষ] বি. যে পুরুষ সংসারের বন্ধন থেকে মুক্ত।

মুক্তবসন /মুক্তোবশোন্/ [স. মুক্ত+√বস্+অন] বিণ. দিগম্বর, নগ্ন।

মুক্তবুদ্ধি /মুক্তোবুদ্‌ধি/ [স. মুক্ত+√বুধ্+তি] বিণ. সংকীর্ণতাবর্জিত ও অসাম্প্রদায়িক মনোভাব-সম্পন্ন।

মুক্তবেণি /মুক্তোবেনি/ [স. মুক্ত+√বেণ্+ই] বিণ. বেণি বাঁধেনি এমন। বি. খোলা চুল।

মুক্তসঙ্গ /মুক্তোশংগো/ [স. মুক্ত+√সন্‌জ্+অ] বিণ. বিষয়বাসনা নেই এমন।

মুক্তহস্ত /মুক্তোহস্‌তো/ [স. মুক্ত+√হস্+ত] বিণ. বদান্য, দানশীল; উদার। বি. **-তা** /-তা/।

মুক্তহৃদয় /মুক্তোহৃিদয়্/ [স. মুক্ত+হৃদয়] বিণ. উদারহৃদয়, খোলামন।

মুক্তা /মুক্তা/ [স. মুক্ত+আ (টাপ্)] বি. ঝিনুকের দেহের অভ্যন্তরে টিসু-বিকারের ফলে গড়ে ওঠা ক্যালসিয়াম কার্বনেট সমৃদ্ধ হালকা গোলাপি প্রভৃতি বর্ণের অস্বচ্ছ মসৃণ গোলাকার রত্ন, মোতি, pearl।

মুক্তাঙ্গন /মুক্তাংগন্/ [স. মুক্ত+অঙ্গন] বি. উন্মুক্ত প্রাঙ্গণ, উন্মুক্ত মঞ্চ।

মুক্তাঞ্চল /মুক্তানচল্/ [স. মুক্ত+অঞ্চল] বি. শত্রুর দখল থেকে মুক্ত এলাকা।

মুক্তি /মুক্তি/ [স. √মুচ্+তি] বি. ১ স্বাধীনতা (*বাংলা-দেশের মুক্তিসংগ্রাম*)। ২ মোক্ষ (*আত্মার মুক্তি*)। ৩ মোহ বাসনাদির সমাপ্তি। ৪ নিষ্কৃতি (*দায়মুক্তি*)। ৫ অব্যাহতি (*কারামুক্তি*)। ৬ আরোগ্যলাভ (*রোগ-মুক্তি*)।

মুক্তিদাতা /মুক্তিদাতা/ [স. মুক্তি+√দা+তৃ] বিণ. বি. মুক্তিদানকারী। স্ত্রী. **মুক্তিদাত্রী**/মুক্তিদাত্রি/।

মুক্তিপণ /মুক্তিপন্/ [স. মুক্তি+পণ] বি. মুক্তিদানের শর্তে দাবি করা অর্থ, ransom।

মুক্তিপত্র /মুক্তিপত্‌ত্রো/ [স. মুক্তি+পত্র] বি. মুক্তির নির্দেশসূচক পত্র।

মুক্তিবাহিনী /মুক্তিবাহিনি/ [স. মুক্তি+বাহিনী] বি. ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতার জন্য পাকি-স্তানি হানাদারবাহিনীর বিরুদ্ধে লড়াইয়ের উদ্দেশ্যে সর্বস্তরের জনগণের সমন্বয়ে গঠিত বাহিনী; যে যোদ্ধাবাহিনী দেশের মুক্তির জন্য যুদ্ধ করে।

মুক্তিমার্গ /মুক্তিমারগো/ [স. মুক্তি+মার্গ] বি. মোক্ষলাভের উপায় বা পথ।

মুক্তিযুদ্ধ /মুক্তিজুদ্‌ধো/ [স. মুক্তি+√যুধ্+ত] বি. দেশের মুক্তি ও স্বাধীনতার জন্য যুদ্ধ (*বাংলাদেশের মুক্তিযুদ্ধ*)।

মুক্তিযোদ্ধা /মুক্তিজোদ্‌ধা/ [স. মুক্তি+√যুধ্+তৃ] বি. ১ পাকিস্তানি হানাদারদের কবল থেকে মাতৃভূমিকে মুক্ত করে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে ১৯৭১ সালে যাঁরা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রাণপণ লড়াই করেছিলেন। ২ যিনি দেশের মুক্তির জন্য যুদ্ধ করেন।

মুক্তিসংগ্রাম /মুক্তিশংগ্রাম্/ [স. মুক্তি+সংগ্রাম] বি. স্বাধীনতা ও সামাজিক মুক্তির আন্দোলন।

মুক্তিসনদ /মুক্তিশনোদ্/ [স. মুক্তি+সনদ] বি. স্বাধীনতার দলিল।

মুক্তিস্নান /মুক্তিস্‌নান্/ [স. মুক্তি+স্নান] বি. চন্দ্র বা সূর্যের রাহুমুক্তি উপলক্ষ্যে স্নান।

www.pathagar.com

মুক্তো /মুক্‌তো/ [স. মুক্তা >] বি. 'মুক্তা'-এর কথ্য রূপ।

মুখ /মুখ্‌/ [স. √খন্‌+অ] বি. ১ মুখগহ্বর (*খাবার মুখে দেওয়া*)। ২ মুখমণ্ডল (*মুখ ধোয়া*)। ৩ বাচন (*মুখ খোলা*)। ৪ প্রবেশপথ (*গুহামুখ*)। ৫ মোহানা (*নদীর মুখ*)। ৬ ছিপি (*বোতলের মুখ*)। ৭ সম্মুখভাগ (*ফোড়ার মুখ*)। ৮ দিক (*অভিমুখ*)। ৯ রূপ (*বাংলার মুখ*)। ১০ মর্যাদা (*মুখ রক্ষা*)। ১১ প্রান্ত (*গলির মুখ*)। বিণ. প্রধান, মুখ্য (*মুখপাত্র*)।

মুখ-আলগা /মুখ্‌আল্‌গা/ [বা.] বিণ. ভালোমন্দ নির্বিশেষে যা মুখে আসে তা-ই বলে এমন।

মুখ উজ্জ্বল করা /মুখ্‌ উজ্‌জ্বল্‌ করা/ ক্রিবি. গৌরবমণ্ডিত করা।

মুখকমল /মুখোকমোল্‌/ [স. মুখ+কমল] বি. পদ্ম ফুলের মতো সুন্দর মুখ।

মুখ খিঁচানো /মুখ্‌ খিঁচানো/ ক্রিবি. ১ ভ্যাংচানো। ২ বিকৃত মুখভঙ্গি সহকারে তিরস্কার করা।

মুখ খিস্তি/মুখ খিসতি/ বি. অশ্লীল বাক্য, গালাগালি।

মুখ খোলা /মুখ্‌ খোলা/ ক্রিবি. ১ সবকিছু শোনার পর কথা বলা। ২ প্রতিবাদ করা। ৩ প্রকৃত তথ্য প্রকাশ করা।

মুখচন্দ্র /মুখোচন্দ্রো/ [স. মুখ+চন্দ্র] বি. চাঁদের মতো সুন্দর মুখ।

মুখচন্দ্রিকা /মুখোচোন্দ্রিকা/ [স. মুখ+চন্দ্রিকা] বি. ১ জ্যোৎস্নার মতো সুন্দর মুখ। ২ বর-কনের শুভদৃষ্টি।

মুখ চলা /মুখ্‌ চলা/ ক্রিবি. ১ অনর্গল কথা বলা। ২ বিরামহীনভাবে খাওয়া। ৩ তিরস্কার করা।

মুখ চাওয়া /মুখ্‌ চাওআ/ ক্রিবি. ১ প্রত্যাশী হওয়া। ২ সম্মান রাখা।

মুখ চুন /মুখ্‌ চুন্‌/ বি. মলিন মুখ।

মুখচোরা /মুখ্‌চোরা/ [স. মুখ+বা. চোরা] বিণ. অল্প কথা বলে এমন; লাজুক।

মুখচ্ছটা /মুখোচ্‌ছটা/ [স. মুখ+ছটা] বি. মুখের দীপ্তি।

মুখচ্ছবি /মুখোচ্‌ছোবি/ [স. মুখ+ছবি] বি. মুখাবয়ব।

মুখঝামটা /মুখ্‌ঝামটা/ [স. মুখ+বা. ঝামটা] বি. মুখবিকৃতি-সহ গঞ্জনা।

মুখটি[১] /মুখ্‌টি/ [স. মুখপট্টি >] বি. ছিপি।

মুখটি[২] /মুখোটি/ [বা.] বি. মুখোপাধ্যায় বংশ।

মুখ তোলা /মুখ্‌ তোলা/ ক্রিবি. প্রসন্ন দৃষ্টিপাত করা।

মুখ থাকা /মুখ্‌ থাকা/ ক্রিবি. সম্মান রক্ষা হওয়া।

মুখ দেখা /মুখ্‌ দেখা/ ক্রিবি. ১ চেহারা দেখা (*আয়নায় মুখ দেখা*)। ২ বিবাহের পাত্রী দেখে আশীর্বাদ করা।

মুখনিঃসৃত /মুখোনিসৃতো/ [স. মুখ+নিঃসৃত] বিণ. মুখ থেকে বের হয়েছে এমন (*মুখনিঃসৃত বাণী*)।

মুখপত্র /মুখোপত্রো/ [স. মুখ+পত্র] বি. ১ ভূমিকা; প্রস্তাবনা। ২ দলের কর্ম বা আদর্শজ্ঞাপক প্রচার-পত্র বা পত্রিকা।

মুখপদ্ম /মুখোপদ্‌মো/ [স. মুখ+পদ্ম] বি. পদ্মের মতো প্রফুল্ল ও সুন্দর মুখ।

মুখপাত /মুখোপাত্‌/ [স. মুখপট্ট >] বি. দ্র মুখপত্র।

মুখপাত্র /মুখোপাত্রো/ [স. মুখ+পাত্র] বি. কারো পক্ষে কথা বলার অধিকারপ্রাপ্ত ব্যক্তি; প্রতিনিধি।

মুখপোড়া /মুখ্‌পোড়া/ [বা.] বিণ. মুখ পুড়েছে এমন। বি. (গালিবিশেষ) হনুমান।

মুখফোঁড় /মুখ্‌ফোঁড়্‌/ [বা.] বিণ. ১ স্পষ্টভাষী। ২ দুর্মুখ।

মুখ ফোটা /মুখ্‌ ফোটা/ ক্রিবি. কথা বলা।

মুখ ফোলানো /মুখ্‌ ফোলানো/ ক্রিবি. মুখ গোমড়া করা।

মুখবন্ধ /মুখোবন্‌ধো/ [স. মুখ+বন্ধ] বি. ভূমিকা, অবতরণিকা।

মুখ বোজা /মুখ্‌ বোজা/ ক্রিবি. মুখ বন্ধ করা।

মুখব্যাদান করা /মুখোব্যাদান্‌ করা/ ক্রিবি. ১ মুখ খোলা। ২ বিকৃত মুখভঙ্গি করা।

মুখভঙ্গি /মুখোভোংগি/ [স. মুখ+√ভনজ্‌+ই] বি. চেহারায় বিরূপ মনোভাব প্রকাশ; ভেংচি।

মুখ ভার করা /মুখ্‌ ভার্‌ করা/ ক্রিবি. মুখ গম্ভীর করা; বিরূপ ভাব প্রকাশ করা।

মুখমণ্ডল /মুখোমন্‌ডোল্‌/ [স. মুখ+মণ্ডল] বি. কপাল থেকে চিবুক পর্যন্ত সমগ্র অবয়ব, আনন।

মুখর /মুখর্‌/ [স. মুখ+র] বিণ. ১ ধ্বনিবহুল, শব্দায়মান (*এ পারে মুখর হল কেকা ওই, রবীন্দ্র.*)। ২ বাচাল। ৩ কটুভাষী। স্ত্রী. মুখরা /মুখরা/।

মুখরক্ষা /মুখ্‌রোক্‌খা/ [স. মুখ+রক্ষা] বি. সম্মান বা মর্যাদা রক্ষা।

মুখরতা /মুখরতা/ [স. মুখর+তা] বি. ১ ধ্বনিময়তা। ২ বাচালতা। ৩ কটুভাষিতা।

মুখ রাখা /মুখ রাখা/ ক্রিবি. সম্মান রক্ষা করা।

মুখরিত /মুখোরিতো/ [স. √মুখরি+ত] বিণ. ১ ধ্বনিত, গুঞ্জিত। ২ কোলাহলপূর্ণ।

মুখরুচি /মুখোরুচি/ [স. মুখ+√রুচ্‌+ই] বি. মুখের শোভা বা সৌন্দর্য।

মুখরোচক /মুখোরোচক্‌/ [স. মুখ+√রুচ্‌+অক] বিণ. সুস্বাদু (*মুখরোচক খাবার*)।

মুখশশী /মুখোশোশি/ [স. মুখ+শশী] বি. চাঁদের মতো

www.pathagar.com

সুন্দর মুখ।

মুখ শুকানো /মুখ্ শুকানো/ ক্রিবি. মুখমণ্ডল বিবর্ণ বা ম্লান হওয়া।

মুখশুদ্ধি /মুখ্‌শুদ্‌ধি/ [স. মুখ+শুদ্ধি] বি. (সচরাচর আহারের পরে) মৌরি সুপুরি প্রভৃতি দ্রব্য যা চিবিয়ে মুখের দুর্গন্ধ দূর করা যায়।

মুখশ্রী /মুখোশ্রি/ [স. মুখ+শ্রী] বি. মুখের সৌন্দর্য।

মুখসর্বস্ব /মুখ্‌শর্‌বোশ্‌শো/ [স. মুখ+সর্বস্ব] বিণ. কাজের চেয়ে কথা বলায় পটু এমন, বাক্‌পটু।

মুখ সামলানো /মুখ্ শাম্‌লানো/ ক্রিবি. সতর্ক হয়ে কথা বলা।

মুখ সিটকানো /মুখ্ শিট্‌কানো/ ক্রিবি. ঘৃণা বিতৃষ্ণা বা অপছন্দ হওয়ার কারণে মুখ বিকৃত করা।

মুখস্থ /মুখস্‌থো/ [স. কণ্ঠস্থ >] বিণ. স্মৃতিতে ধারণ করা হয়েছে এমন, স্মৃতিগত, কণ্ঠস্থ।

মুখস্থবিদ্যা /মুখস্‌থোবিদ্‌দা/ [বা.] বি. মর্ম না বুঝে কেবল মুখস্থ করে অর্জিত বিদ্যা।

মুখ হওয়া /মুখ্ হওয়া/ ক্রিবি. ১ ব্রণ ফোড়া প্রভৃতি থেকে পুঁজ রক্ত নিঃসরণের ছিদ্রপথ হওয়া। ২ গালিগালাজ করতে অভ্যস্ত হওয়া।

মুখাগ্নি /মুখাগ্‌নি/ [স. মুখ+অগ্নি] বি. শবদাহকালে মুখে আগুন দেওয়ার সংস্কার।

মুখাঙ্গরাগ /মুখাংগোরাগ্/ [স. মুখ+অঙ্গ+রাগ] বি. মুখের প্রসাধন।

মুখানি /মুখানি/ [বা.] বি. 'মুখখানি'-র কোমল ও কাব্যিক রূপ (*তোলো মুখানি, তোলো মুখানি— কুসুমকুঞ্জ করো আলা।* রবীন্দ্র.)।

মুখানো /মুখানো/ [বা.] ক্রিবি. উন্মুখ বা ব্যগ্র হওয়া (*মুখিয়ে থাকা*)।

মুখাপেক্ষা /মুখাপেক্‌খা/ [স. মুখ+অপেক্ষা] বি. অন্যের অনুগ্রহ প্রত্যাশা।

মুখাপেক্ষিতা /মুখাপেক্‌খিতা/ [স. মুখাপেক্ষ+ইন্+তা] বি. অপরের সাহায্যের ওপর নির্ভরতা।

মুখাপেক্ষী /মুখাপেক্‌খি/ [স. মুখ+অপ+√ঈক্ষ্+ইন্] বিণ. অন্যের সাহায্যের ওপর নির্ভরশীল। স্ত্রী. **মুখাপেক্ষিণী** /মুখাপেক্‌খিনি/।

মুখাবয়ব /মুখাবয়ব্/ [স. মুখ+অবয়ব] বি. ১ মুখের গড়ন (*সুন্দর মুখাবয়ব*)। ২ সম্পূর্ণ মুখমণ্ডল।

মুখামৃত /মুখামৃতো/ [স. মুখ+অমৃত] বি. ১ থুতু, অধরসুধা। ২ (আল.) মহৎ ব্যক্তির বাণী।

মুখিকচু /মুখিকচু/ [বা.] বি. গ্রীষ্মপ্রধান অঞ্চলে ছায়াঘেরা স্যাঁতসেঁতে জায়গায় চাষ করা হয় এবং গ্রীষ্মকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ হলুদাভ সাদা ফুল বা তার লম্বা বৃন্ত ও বড়ো পাতাবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ যার কন্দ সবজি হিসেবে রেঁধে খাওয়া হয়, ছড়াকচু, মুখি।

মুখিয়ে থাকা /মুখিয়ে থাকা/ ক্রিবি. ব্যাকুল হয়ে থাকা।

-মুখী /মুখি/ [স. মুখ+ইন্] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) ১ অভিমুখী (*শহরমুখী*)। ২ তুল্য মুখ-বিশিষ্ট (*চন্দ্রমুখী*)।

মুখুজ্জে /মুখুজ্‌জে/ [স. মুখোপাধ্যায় >] বি. 'মুখার্জি'-র আঞ্চলিক রূপ।

মুখে আগুন /মুখে আগুন্/ বি. মৃত্যু কামনাসূচক তিরস্কার।

মুখেমুখে /মুখেমুখে/ [বা.] ক্রিবিণ. ১ না লিখে, মৌখিকভাবে (*মুখেমুখে অঙ্ক কষা*)। ২ কথোপ-কথনের মাধ্যমে (*মুখেমুখে প্রচার*)। ৩ মুখের ওপর, তৎক্ষণাৎ (*মুখেমুখে তর্ক করা*)।

মুখের ওপর /মুখের্ ওপর্/ ক্রিবিণ. ১ সামনা-সামনি। ২ সঙ্গে সঙ্গে, তৎক্ষণাৎ।

-মুখো /মুখো/ [বা.] বিণ. (বহুব্রীহি সমাসের পরপদে ব্যবহৃত) অভিমুখী (*ঘরমুখো*)।

মুখোপাধ্যায় /মুখোপাদ্‌ধায়্/ [স. মুখ+উপাধ্যায়] বি. পদবিবিশেষ।

মুখোমুখি /মুখোমুখি/ [বা.] ক্রিবিণ. পরস্পরের দিকে মুখ করে, সামনাসামনি (*মুখোমুখি দাঁড়িয়ে*)। বিণ. ১ পরস্পরের মুখের দিকে দৃষ্টি নিবদ্ধ এমন। ২ পরস্পর সম্মুখীন (*মুখোমুখি সংঘর্ষ*)। ৩ নিকটবর্তী (*প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য / ধ্বংসের মুখোমুখি আমরা;* সুভাষ.)।

মুখোশ /মুখোশ্/ [স. মুখকোশ >] বি. ১ মুখের আবরণ, mask। ২ (আল.) কপটতা।

মুখোশ খোলা /মুখোশ্ খোলা/ ক্রিবি. আবরণ খুলে প্রকৃত রূপ প্রকাশ করা।

মুখ্য /মুক্‌খ্যো/ [স. মুখ+য] বিণ. ১ প্রধান (*মুখ্য সচিব*)। ২ শ্রেষ্ঠ। ৩ আদি।

মুখ্যত /মুক্‌খ্যোতো/ [স. মুখ্য+তস্] অব্য. মূলত; প্রধানত।

মুখ্য সচিব /মুক্‌খ্যো শোচিব্/ বি. প্রধান সচিব; (পরি.) chief secretary।

মুগ /মুগ্/ [স. মুদ্গ >] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে শীতকালে ডালজাতীয় শস্য হিসেবে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন হলুদাভ ফুল ও শুঁটিসদৃশ সবুজাভ সোনালি বহুবীজযুক্ত ফল (যা রেঁধে খাওয়া হয়) বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, সোনামুগ।

www.pathagar.com

মুগকলাই /মুগ্‌কলাই/ [বা.] বি. শুঁটিযুক্ত মুগ।

মুগা /মুগা/ [দেশি.] বি. ১ রেশমকীটের প্রজাতি-বিশেষ যার লালা থেকে উজ্জ্বল সোনালি রেশম তন্তু উৎপন্ন হয়। ২ ওই তন্তু থেকে উৎপন্ন উজ্জ্বল সোনালি তাঁতবস্ত্র।

মুগুর /মুগুর/ [স. মুদ্গর >] বি. কাঠ বা লোহার তৈরি ক্রমশ মোটা হয়ে আসা প্রান্তবিশিষ্ট হাতিয়ার।

মুগ্ধ /মুগ্‌ধো/ [স. √মুহ্‌+ত] বিণ. ১ মোহগ্রস্ত; বশীভূত (*মন্ত্রমুগ্ধ*)। ২ বিহ্বল, বিভোর (*গুণমুগ্ধ*)। ৩ মূঢ়। বি. ~তা /-তা/।

মুচকি /মুচকি/ [দেশি.] বিণ. ঈষৎ প্রকাশিত, ওষ্ঠাধর ফাঁক না করে, মৃদু (*মুচকি হাসি*)।

মুচকুন্দ /মুচকুন্‌দো/ [স. মুচুকুন্দ >] বি. দ্র মুচুকুন্দ।

মুচড়ানো /মুচড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. দুমড়ানো।

মুচমুচ /মুচ্‌মুচ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ক্ষীণ মচমচ শব্দ।

মুচলেকা /মুচ্‌লেকা/ [তুর.] বি. শর্তভঙ্গ না করার অঙ্গীকারপত্র, bond।

মুচি[১] /মুচি/ [স. মুষ >] বি. ১ কাঁঠাল নারকেল প্রভৃতি ফলের প্রাথমিক অবস্থা। ২ ধাতু গালানোর জন্য ব্যবহৃত উচ্চ তাপসহ মাটির ছোটো পাত্রবিশেষ, চুল্লির তলা থেকে গলিত ধাতু সংগ্রহের জন্য ব্যবহৃত মৃৎপাত্রবিশেষ, crucible।

মুচি[২] /মুচি/ [বা.] বি. ১ জুতা সেলাই বা মেরামত যাঁর পেশা, চর্মকার। ২ অনগ্রসর জাতিবিশেষ।

মুচুকুন্দ /মুচুকুন্‌দো/ [স. মুচ্‌+উ+কুন্দ] বি. ১ কনকচাঁপা ফুল বা তার গাছ। ২ মুনিবিশেষ। ৩ পৌরাণিক রাজা মান্ধাতার পুত্র। ৪ দৈত্যবিশেষ।

মুছা /মুছা/ [স. √মৃজ্‌ >] ক্রিবি. ১ শুষ্ক করা (*গা মুছা*)। ২ ঝেড়ে পরিষ্কার করা (*টেবিল মুছা*)। ৩ ঘষে তুলে ফেলা (*দাগ মুছা*)। ৪ (আল.) অপ-নোদন করা (*গ্লানি মুছা*)। ৫ 'মোছা'-র সাধু রূপ।

মুছানো /মুছানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে ঝেড়ে পরিষ্কার করানো, জল মুছে শুকিয়ে নেওয়া।

মুজরা /মুজ্‌রা/ [আ.] বি. ১ পারিশ্রমিকের বিনিময়ে নৃত্যগীত পরিবেশন। ২ পারিশ্রমিক। ৩ বরাদ্দ অর্থ অবমুক্তকরণ। ৪ রাজস্ব মওকুফ। ৫ সম্মানপ্রদর্শন।

মুজরিম /মুজ্‌রিম্‌/ [আ.] বি. ১ অপরাধী। ২ পাপী।

মুজরো /মুজ্‌রো/ [আ. মুজরা >] বি. দ্র মুজরা।

মুজাহিদ /মুজাহিদ্‌/ [আ.] বিণ. জিহাদকারী।

মুজিবনগর /মুজিব্‌নগোর্‌/ [স্থান.] বি. বাংলাদেশের তদানীন্তন মেহেরপুর মহকুমার অন্তর্গত গ্রামবিশেষ যেখানে ১৯৭১ সালের ১৭ই এপ্রিল (৪ঠা বৈশাখ ১৩৭৮ বঙ্গাব্দ) তারিখে তাজউদ্দীন আহমদের নেতৃত্বে প্রথম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করে।

মুঞ্জ /মুন্‌জো/ [স. √মুঞ্জ্‌+অ] বি. খসখসে তৃণবিশেষ যার আঁশ থেকে রশি তৈরি করা হয়, শরতৃণ, মুজ।

মুঞ্জরা /মুন্‌জরা/ [বা.] ক্রিবি. (কাব্যে) মুকুলিত বা পুষ্পিত হওয়া।

মুঞ্জরিত /মুন্‌জোরিতো/ [স. মুঞ্জর+ইত] বিণ. ১ মুকুলিত। ২ পুষ্পিত।

মুট /মুট্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. বাঁশের শুকনো ও সরু কাঠি বা ওইরূপ কোনোকিছু ভাঙার অনুকার শব্দ।

মুটিয়া /মুটিআ/ [বা.] বি. দ্র মুটে।

মুটে /মুটে/ [বা.] বি. যে মোট বা বোঝা বহন করে জীবিকা অর্জন করে, কুলি।

মুটেমজুর /মুটেমোজুর্‌/ [বা.] বি. শ্রমজীবী মানুষ।

মুঠ /মুঠ্‌/ [স. মুষ্টি >] বি. দ্র মুঠো।

মুঠা /মুঠা/ [স. মুষ্টি >] বি. দ্র মুঠো।

মুঠামুঠা /মুঠামুঠা/ [বা.] বিণ. দ্র মুঠিমুঠি।

মুঠি /মুঠি/ [স. মুষ্টি >] বি. ১ সংকুচিত করতল, মুষ্টি। ২ (আল.) অধিকার, কবল।

মুঠিমুঠি /মুঠিমুঠি/ [বা.] বিণ. দ্র মুঠোমুঠো।

মুঠো /মুঠো/ [স. মুষ্টি >] বি. ১ বদ্ধ করতল, মুষ্টি (*বিশ্ব-জগৎ দেখব আমি আপন হাতের মুঠোয় পুরে নজরুল.*)। ২ মুষ্টি পরিমাণ (*একমুঠো চাল*)। ৩ (আল.) কবল, অধিকার।

মুঠোফোন /মুঠোফোন্‌/ [বা. মুঠো+গ্রি. ফোন] বি. হাতের মুঠো পকেট বা হাতব্যাগে বহন করা যায় এমন তারবিহীন টেলিফোন, চলভাষ, মোবাইল ফোন, সেলফোন।

মুঠোমুঠো /মুঠোমুঠো/ [বা.] বিণ. ১ অনেক মুঠো। ২ (আল.) প্রচুর পরিমাণ।

মুড় /মুড়্‌/ [স. মুণ্ড >] বি. মুণ্ড, মাথা, মস্তক।

মুড়কি /মুড়কি/ [দেশি.] বি. গুড় বা চিনির রসে পক্ক খই মুড়ি প্রভৃতি খাদ্যবস্তু।

মুড়মুড় /মুড়মুড়্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. মৃদু মড়মড় শব্দ।

মুড়মুড়ে /মুড়মুড়ে/ [ধ্বন্যা.] বিণ. মুড়মুড় শব্দ করে এমন (*মুড়মুড়ে চানাচুর*)।

মুড়া[১] /মুড়া/ [স. মুণ্ড >] বি. ১ মুণ্ড, মাথা (*মাছের মুড়া*)। ২ অগ্রভাগ। ৩ প্রান্ত (*এ মুড়া থেকে ও মুড়া*)। বিণ. ১ মুণ্ডিত, ন্যাড়া (*মুড়া মাথা*)। ২

www.pathagar.com

অগ্রভাগ ক্ষয়প্রাপ্ত হয়েছে এমন (*মুড়া ঝাঁটা*)। ৩ ডালপালাশূন্য (*মুড়া গাছ*)। ৪ নির্জল। ক্রিবি. ১ মুণ্ডন করা। ২ (সচরাচর গবাদি পশুর) ছোটো গাছের ডগা মুড়িয়ে খেয়ে ফেলা। ৩ গাছের বাড়তি ডালপালা ছাঁটা।

মুড়া[১] /মুড়া/ [স. মুণ্ড >] ক্রিবি. ১ আবৃত বা বেষ্টিত করা (*চামড়ায় মুড়া*)। ২ ভাঁজ করা (*হাঁটু মুড়া*)। ৩ মোচড়ানো বা বাঁকানো (*গা মুড়া*)।

মুড়ানো /মুড়ানো/ [বা.] ক্রিবি. বিণ ১ মুণ্ডিত করানো। ২ বাড়তি ডালপালা ছাঁটানো। ৩ আবৃত বা বেষ্টিত করানো। ৪ ভাঁজ করানো; বাঁকানো।

মুড়ি[১] /মুড়ি/ [ধ্বন্যা.] বি. খোলায় তপ্ত বালিতে চাল ভেজে প্রাপ্ত ফেঁপে ওঠা খাদ্যবস্তু, হুড়ুম।

মুড়ি[২] /মুড়ি/ [স. মুণ্ড >] বি. ১ কাপড়ের ভাঁজ করা প্রান্তদেশ (*মুড়িভাঙা সেলাই*)। ২ আবরণ (*কাঁথা মুড়ি দেওয়া*)।

মুড়ি[৩] /মুড়ি/ [বা.] বি. ১ মুণ্ড, মাথা (*মুড়িঘন্ট*)। ২ প্রান্তের অংশ (*চেকমুড়ি*)।

মুড়িঘন্ট /মুড়িঘন্টো/ [বা.] বি. ডালসহযোগে মাছের মুড়া দিয়ে রাঁধা ব্যঞ্জনবিশেষ।

মুড়িমুড়কি/মুড়িমুড়কি/ [বা.] বি. ১ মুড়ি ও মুড়কি, মুড়ির সঙ্গে মেশানো মুড়কি। ২ (আল.) সহজলভ্য বস্তু।

মুড়ো /মুড়ো/ [বা.] বি. ১ মাথা। ২ মাছের মাথা। ৩ প্রান্ত। ৪ কাপড়ের খুঁট। ৫ মুড়া[১]-র কথ্য রূপ।

মুণ্ড /মুন্ডো/ [স. √মুণ্ড্+অ] বি. মাথা, মস্তক।

মুণ্ডচ্ছেদ /মুন্ডোচ্ছেদ্/ [স. মুণ্ড+√ছিদ্+অ] বি. শিরশ্ছেদ।

মুণ্ডন /মুন্ডন/ [স. √মুণ্ড্+অন] বি. ১ ক্ষৌরকরণ (*মস্তক মুন্ডন*)। ২ অগ্রভাগ ছাঁটাই।

মুণ্ডপাত /মুন্ডোপাত্/ [স. মুণ্ড+√পত্+অ] বি. ১ শিরশ্ছেদ। ২ (আল.) তিরস্কার, অভিশাপ।

মুণ্ডমালা /মুন্ডোমালা/ [স. মুণ্ড+মা+√লা+অ+আ (টাপ্)] বি. নরমুণ্ডের মালা।

মুণ্ডমালিনী /মুন্ডোমালিনি/ [স. মুণ্ডমালা+ইন্+ঈ] বিণ. মুণ্ডমালা ধারণকারিণী। বি. কালিকাদেবী।

মুণ্ডিত /মুন্ডিতো/ [স. √মুণ্ড্+ত] বিণ. মুণ্ডন বা ন্যাড়া করা হয়েছে এমন (*মুণ্ডিত কেশ*)।

মুণ্ডু /মুন্ডু/ [স. √মুণ্ড্+উ] বি. মাথা, মস্তক।

মুত /মুত্/ [স. মূত্র >] বি. প্রস্রাব, মূত্র।

মুতফরাক্কা /মুতফরাক্কা/ [আ.] বিণ. ১ নানা প্রকারের। ২ অতি নগণ্য। ৩ শৃঙ্খলাবদ্ধ নয় এমন। বি. বিবিধ দ্রব্যাদি।

মুতসুদ্দি /মুতশুদ্দি/ [আ.] বি. ১ প্রতিনিধি। ২ ভারপ্রাপ্ত কর্মচারী, agent। ৩ প্রধান করণিক। ৪ পদবিবিশেষ।

মুতা[১] /মুতা/ [বা.] ক্রিবি. প্রস্রাব করা।

মুতা[২]/মুতা/ [আ. মুতআহ >] বি. সহজে ছিন্ন করা যায় এমন মৌখিক ও সাময়িক বিবাহচুক্তি।

মুথা[১]/মুথা/ [বা.] বি. বাংলাদেশ-সহ ক্রান্তীয় অঞ্চলে জাত দূর্বা ঘাসের চেয়ে চওড়া ফলকবিশিষ্ট ভূমি-ক্ষয়রোধকারী ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী বীরুৎ-শ্রেণির তৃণ।

মুথা[২] /মুথা/ [আঞ্চ.] বি. গাছের মূল, শেকড় (*বাঁশের মুথা*)।

মুদা /মুদা/ [হি.] ক্রিবি. বন্ধ করা, বোজা।

মুদারা /মুদারা/ [স. মন্দ্র >] বি. সংগীতের তিনটি স্বরগ্রামের দ্বিতীয়টি, মধ্যসপ্তক।

মুদি /মুদি/ [হি.] বি. চাল ডাল তেল প্রভৃতির বিক্রেতা।

মুদিখানা /মুদিখানা/ [হি. মুদি+ফা. খানা] বি. মুদির দোকান।

মুদিত[১]/মুদিতো/ [স. √মুদ্+ত] বিণ. হৃষ্ট, আহ্লাদিত।

মুদিত[২] /মুদিতো/ [স. মুদ্রিত >] বিণ. নিমীলিত।

মুদ্গ /মুদ্গো/ [স. √মুদ্+গ] বি. মুগের ডাল।

মুদ্গর /মুদ্গর্/ [স. মুদ্+√গৃ+অ] বি. মুগুর, গদা।

মুদ্দই /মুদ্দোই্/ [আ.] বি. ১ বাদী। ২ শত্রু।

মুদ্দত /মুদ্দত্/ [আ.] বি. নির্দিষ্ট সময়, মেয়াদ।

মুদ্দাফরাশ /মুদ্দাফরাশ্/ [ফা.] বি. 'মুর্দাফরাশ'-এর আঞ্চলিক ও কথ্য রূপ।

মুদ্রক /মুদ্রক্/ [স. √মুদ্রি+অক] বি. বইপত্র সাময়িকী প্রভৃতি মুদ্রণ যার পেশা, মুদ্রাকর।

মুদ্রণ /মুদ্রোন্/ [স. √মুদ্রি+অন] বি. ১ ছাপানোর কাজ। ২ ছাপ। ৩ নিমীলন।

মুদ্রণকার্য /মুদ্রোনকারজো/ [স. মুদ্রণ+কার্য] বি. ছাপানোর কাজ।

মুদ্রণপ্রমাদ /মুদ্রোনপ্রোমাদ্/ [স. মুদ্রণ+প্রমাদ] বি. ছাপার ভুল।

মুদ্রণবিভ্রাট /মুদ্রোনবিভ্রাট্/ [স. মুদ্রণ+বিভ্রাট] বি. দ্র মুদ্রণপ্রমাদ।

মুদ্রণযন্ত্র /মুদ্রোনজন্ত্রো/ [স. মুদ্রণ+√যন্ত্র+অ] বি. যে যন্ত্রের সাহায্যে কাগজ প্লাস্টিক বা অন্য কোনো সমতল পৃষ্ঠের ওপর লেখা ছবি প্রভৃতি ছাপা যায়, printing machine।

www.pathagar.com

মুদ্রণসৌকর্য /মুদ্‌দ্রোন্‌শোউ্‌কোর্‌জো/ [স. মুদ্রণ+সুকর+য] বি. ছাপার পরিচ্ছন্নতা।

মুদ্রণালয় /মুদ্‌দ্রোনালয়্‌/ [স. মুদ্রণ+আলয়] বি. যে গৃহে ছাপার কাজ করা হয়, ছাপাখানা।

মুদ্রলেখযন্ত্র /মুদ্‌দ্রোলেখ্‌জনত্রো/ [স. মুদ্রলেখ+√যন্ত্র+অ] বি. টেবিলে রাখা যায় এমন ছোটো যন্ত্রবিশেষ যার সাহায্যে একটি একটি করে বোতাম টিপে রোলারের ওপর রাখা কাগজে ছাপার অক্ষরে লেখা যায়; (পরি.) typewriter।

মুদ্রা /মুদ্‌দ্রা/ [স. √মুদ্‌+র+আ (টাপ্‌)] বি. ১ তামা নিকেল রুপা প্রভৃতি ধাতুর তৈরি খুচরা টাকাপয়সা, coins। ২ ধন, অর্থ। ৩ উপাসনাকালে বা নৃত্যে হাতের আঙুলের ভঙ্গি। ৪ সিলমোহর। ৫ ছাপ।

মুদ্রাকর /মুদ্‌দ্রাকর্‌/ [স. মুদ্রা+কর] বি. ১ ছাপাখানায় যে ব্যক্তি মুদ্রণযন্ত্র চালনা করে। ২ ছাপাখানার মালিক।

মুদ্রাক্ষর /মুদ্‌দ্রাক্‌খর/ [স. মুদ্রা+অক্ষর] বি. (অধুনালুপ্ত) মুদ্রণশিল্পে ব্যবহৃত ধাতুনির্মিত টাইপ।

মুদ্রাক্ষরযন্ত্র /মুদ্‌দ্রাক্‌খর্‌জনত্রো/ [স. মুদ্রাক্ষর+যন্ত্র] বি. দ্র মুদ্রলেখযন্ত্র।

মুদ্রাক্ষরিক /মুদ্‌দ্রাক্‌খোরিক্‌/ [স. মুদ্রা+অক্ষর+ইক] বি. সরকারি বা বেসরকারি অফিস-আদালতে চিঠিপত্র টাইপ করা যার পেশা; (পরি.) typist।

মুদ্রাঙ্কন /মুদ্‌দ্রাংকোন্‌/ [স. মুদ্রা+অঙ্কন] বি. ১ সিলমোহরের ছাপ। ২ ছাপ দেওয়ার কাজ।

মুদ্রাঙ্কিত /মুদ্‌দ্রাংকিতো/ [স. মুদ্রা+অঙ্কিত] বিণ. সিলমোহরের ছাপযুক্ত, মোহরাঙ্কিত।

মুদ্রাদোষ /মুদ্‌দ্রাদোশ্‌/ [স. মুদ্রা+দোষ] বি. কোনো ব্যক্তির বাচনভঙ্গি আচরণ বা স্বভাবে ব্যক্তিগত বৈশিষ্ট্যের পৌনঃপুনিক বহিঃপ্রকাশ, idiosyncrasy।

মুদ্রাবিজ্ঞান /মুদ্‌দ্রাবিগ্‌গ্যান্‌/ [স. মুদ্রা+বিজ্ঞান] বি. মুদ্রায় উৎকীর্ণ লিপি ছাপ প্রভৃতি থেকে ঐতিহাসিক তথ্য উদ্‌ঘাটনবিষয়ক শাস্ত্র, numismatics।

মুদ্রামান /মুদ্‌দ্রামান্‌/ [স. মুদ্রা+মান] বি. আন্তর্জাতিক বাজারে কোনো দেশের মুদ্রার বিনিময়হার।

মুদ্রাযন্ত্র /মুদ্‌দ্রাজনত্রো/ [স. মুদ্রা+যন্ত্র] বি. ছাপার যন্ত্র, printing machine।

মুদ্রাস্ফীতি /মুদ্‌দ্রাস্‌ফিতি/ [স. মুদ্রা+স্ফীতি] বি. পণ্যের তুলনায় অর্থের সরবরাহ বৃদ্ধি, inflation।

মুদ্রিকা /মুদ্‌দ্রিকা/ [স. মুদ্রা+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ ধাতুনির্মিত মুদ্রা। ২ ছাপ দেওয়ার সিল। ৩ ছাপ।

মুদ্রিত /মুদ্‌দ্রিতো/ [স. √মুদ্রি+ত] বিণ. ১ ছাপানো হয়েছে এমন। ২ মুদ্রাঙ্কিত। ৩ নিমীলিত।

মুনশি /মুন্‌শি/ [আ.] বি. ১ কেরানি। ২ লিপিকর, লেখক। ৩ বিদ্বান ব্যক্তি।

মুনশিগিরি /মুন্‌শিগিরি/ [আ. মুনশি+ফা. গিরি] বি. মুনশির কাজ বা পেশা।

মুনশিয়ানা /মুন্‌শিআনা/ [আ. মুনশি+ফা. আনা] বি. ১ পাণ্ডিত্য; দক্ষতা। ২ লেখার কাজে নিপুণতা।

মুনসেফ /মুন্‌সেফ্‌/ [আ.] বি. নিম্ন দেওয়ানি আদালতের বিচারক।

মুনসেফগিরি /মুন্‌সেফ্‌গিরি/ [আ. মুনসেফ+ফা. গিরি] বি. মুনসেফের পেশা।

মুনসেফি /মুন্‌সেফি/ [আ. মুনসেফ >] বি. দ্র মুনসেফগিরি।

মুনাক্কা /মুনাক্‌কা/ [আ.] বি. কিশমিশের চেয়ে বড়ো শুকনো আঙুরবিশেষ।

মুনাফা /মুনাফা/ [আ.] বি. লাভ; লভ্যাংশ।

মুনাফাখোর /মুনাফাখোর/ [আ. মুনাফা+ফা. খোর] বিণ. অত্যধিক লাভ করতে চায় এমন।

মুনাফেক /মুনাফেক্‌/ [আ.] বিণ. বি. কপট, প্রবঞ্চক, ভণ্ড।

মুনাফেকি /মুনাফেকি/ [আ. মুনাফিক+ফা. ই] বি. মুনাফেকের আচরণ; প্রতারণা, শঠতা।

মুনাসিব /মুনাসিব্‌/ [আ.] বিণ. ১ পছন্দসই, মনোমতো। ২ যোগ্য, উপযুক্ত।

মুনি /মুনি/ [স. √মন্‌+ই] বি. ঋষি, তপস্বী, যোগী।

মুনিঋষি /মুনিরিশি/ [স. মুনি+ঋষি] বি. সাধুপুরুষ।

মুনিব /মুনিব্‌/ [আ.] বি. ১ প্রভু। ২ মালিক।

মুনিম /মুনিম্‌/ [আ.] বিণ. ১ উদার। ২ দাতা।

মুনিয়া /মুনিআ/ [দেশি.] বি. দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার তৃণভূমি-সহ বনাঞ্চলে বিচরণ করে এবং রসালো ফল পাতা প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন পুরু তীক্ষ্ণ চঞ্চু ও সুচালো লালচে লেজ-ওয়ালা বিচিত্র বর্ণের পালকাবৃত ছোটো পাখি।

মুনিশ /মুনিশ্‌/ [স. মনুষ্য >] বি. ১ দিনমজুর। ২ মানুষ।

মুন্ডা /মুন্‌ডা/ [স. মুণ্ড >] বি. বাংলাদেশের উত্তরাঞ্চল এবং বৃহত্তর যশোর ও খুলনা অঞ্চলে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠীবিশেষ।

মুন্ডারি /মুন্‌ডারি/ [স. মুণ্ড >] বি. মুন্ডা নৃগোষ্ঠীর ভাষা।

মুন্ডি /মুন্‌ডি/ [বা.] বি. সন্দেশজাতীয় ছোটো গোলাকার মিঠাইবিশেষ।

মুফত /মুফ্‌ত্‌/ [ফা.] ক্রিবিণ. বিনামূল্যে। বিণ. মাগনা।

www.pathagar.com

মুফতি /মুফ্‌তি/ [আ.] বি. ইসলামি আইনের ব্যাখ্যা-দানকারী।

মুবারক[১] /মুবারক্‌/ [আ.] বিণ. ১ পবিত্র। ২ কল্যাণ-ময়। ৩ শুভলক্ষণযুক্ত।

মুবারক[২] /মুবারক্‌/ [আ.] বি. অভিনন্দন (*ইদ মুবারক*)।

মুবারকবাদ /মুবারক্‌বাদ্‌/ [আ. মুবারক+ফা. বাদ] বি. অভিনন্দন (*মুবারকবাদ জ্ঞাপন*)।

মুমুক্ষা /মুমুক্‌ষা/ [স. √মুচ্‌+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. মুক্তি বা পরিত্রাণ লাভের ইচ্ছা।

মুমুক্ষু /মুমুক্‌ষু/ [স. √মুচ্‌+সন্‌+উ] বিণ. মোক্ষলাভে ইচ্ছুক, মুক্তিকামী।

মুমূর্ষা /মুমুর্‌ষা/ [স. √মৃ+সন্‌+অ+আ (টাপ্‌)] বি. প্রাণত্যাগের ইচ্ছা।

মুমূর্ষু /মুমুর্‌ষু/ [স. √মৃ+সন্‌+উ] বিণ. মৃত্যুকাল আসন্ন এমন, মরণাপন্ন, মৃতপ্রায়।

মুয়াজ্জিন /মুআজ্‌জিন্‌/ [ফা.] বি. যিনি আজান দিয়ে নামাজের জন্য আহ্বান করেন।

মুয়াল্লিম /মুআল্‌লিম্‌/ [আ.] বি. ১ যিনি হজব্রত পালনার্থীদের করণীয় কাজ সম্পর্কে অবহিত করেন। ২ শিক্ষক; নির্দেশক।

মুর /মুর্‌/ [হি.] বি. উত্তর-পশ্চিম আফ্রিকার কৃষ্ণকায় জাতিবিশেষ, Moor।

মুরগি /মুরগি/ [ফা.] বি. মেদহীন মাংস ও ডিমের উৎসরূপে পৃথিবীর প্রায় সব দেশে বাণিজ্যিক পণ্য-রূপে পালন করা হয় এমন বিভিন্ন রঙের পালকা-বৃত স্থলচর পাখি, কুক্কুট, কুক্কুটী।

মুরজ /মুরজো/ [স. মুর+√জন্‌+অ] বি. মৃদঙ্গ খোল পাখোয়াজ প্রভৃতি আনদ্ধ বাদ্যযন্ত্র।

মুরজা /মুরোজা/ [স. মুরজ+আ (টাপ্‌)] বি. পুরাণোক্ত কুবেরের পত্নী।

মুরতাদ /মুর্‌তাদ্‌/ [আ.] বি. নিজ ধর্ম মত বা পক্ষ ত্যাগকারী ব্যক্তি; যে ব্যক্তি নিজ ধর্ম ত্যাগ করে অন্য ধর্ম গ্রহণ করেছে। বিণ. ধর্মত্যাগী।

মুরতি /মুরোতি/ [স. মূর্তি >] বি. 'মূর্তি'-র কোমল রূপ।

মুরদ /মুরদ্‌/ [আ.] বি. ১ ক্ষমতা, সামর্থ্য। ২ পৌরুষ।

মুরলী /মুরোলি/ [স. মুর+√লা+অ+ঈ] বি. বাঁশি।

মুরলীধর /মুরোলিধর্‌/ [স. মুরলী+ধর] বি. শ্রীকৃষ্ণ।

মুরলীবদন /মুরোলিবদোন্‌/ [স. মুরলী+বদন] বি. শ্রীকৃষ্ণ।

মুরারি /মুরারি/ [স. মুর+অরি] বি. (মুর নামক দৈত্যকে বধ করেছিলেন বলে) শ্রীকৃষ্ণ।

মুরিদ /মুরিদ্‌/ [আ.] বি. শিষ্য (*পিরের মুরিদ*)।

মুরুব্বি /মুরুব্বি/ [আ.] বি. ১ অভিভাবক। ২ পৃষ্ঠ-পোষক। ৩ রক্ষক। ৪ উপদেষ্টা।

মুরুব্বিয়ানা /মুরুব্বিআনা/ [আ. মুরুব্বি+ফা. আনা] বি. (ব্য.) মুরুব্বিসুলভ আচরণ; মাতব্বরি।

মুরোদ /মুরোদ্‌/ [আ. মরর্‌ওত >] বি. দ্র মুরদ।

মুর্দা /মুর্‌দা/ [ফা.] বি. শব, মড়া। বিণ. মৃত।

মুর্দাফরাশ /মুর্‌দাফ্‌রাশ্‌/ [ফা.] বি. বিণ. শব বহনকারী; শবদাহকারী।

মুর্দাবাদ /মুর্‌দাবাদ্‌/ [ফা.] অব্য. বি. 'নিপাত যাক' বা 'ধ্বংস হোক' এইরূপ অর্থসূচক ধ্বনি।

মুর্শিদ /মুর্‌শিদ্‌/ [আ.] বি. আধ্যাত্মিক গুরু; পির; ধর্মীয় পথপ্রদর্শক।

মুর্শিদি /মুর্‌শিদি/ [আ. মুরশিদ+ফা. ই] বিণ. আধ্যাত্মিক। বি. মরমি লোকগীতি।

মুলতান /মুল্‌তান্‌/ [স্থান.] বি. দিবার চতুর্থ প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

মুলতুবি /মুল্‌তুবি/ [আ.] বিণ. স্থগিত।

মুলা /মুলা/ [স. মূলক >] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে সবজি হিসেবে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা হলুদ প্রভৃতি রঙের ফুল বা তার লম্বাটে মূল, মূলক।

মুলাকাত /মুলাকাত্‌/ [আ.] বি. সাক্ষাৎ; ভেট।

মুলানো /মুলানো/ [হি.] ক্রিবি. ১ দর কষা। ২ ক্রয় করা। বিণ. ১ দর কষা হয়েছে এমন। ২ ক্রীত।

মুলিবাঁশ /মুলিবাঁশ্‌/ [বা.] বি. ক্রান্তীয় অঞ্চলে জাত দ্রুতবর্ধনশীল শক্ত ফাঁপা ও দীর্ঘকাণ্ডবিশিষ্ট (প্রায় ৩৫ মি. পর্যন্ত) বহুবর্ষজীবী বাঁশের প্রজাতিবিশেষ।

মুলো /মুলো/ [স. মূলক >] বি. 'মুলা'-র কথ্য রূপ।

মুল্লুক /মুল্‌লুক্‌/ [আ.] বি. ১ দেশ। ২ এলাকা।

মুশকিল /মুশ্‌কিল্‌/ [আ.] বি. ১ বিপদ, সংকট, বিপত্তি। ২ বাধা, বিঘ্ন। ৩ অসুবিধা।

মুশকিল-আসান /মুশ্‌কিল্‌আসান্‌/ [আ. মুশ্‌কিল+ফা. আসান] বি. বিপদ বা অসুবিধা থেকে মুক্তি; সমস্যার সমাধান।

মুশায়েরা /মুশায়েরা/ [আ.] বি. স্বরচিত কবিতা পাঠের আসর।

মুষড়ানো /মুষ্‌ড়ানো/ [স. মুষিত >] ক্রিবি. ১ নিরুদ্যম হওয়া; মনমরা হওয়া। ২ বিবর্ণ হওয়া।

মুষড়ে পড়া /মুষ্‌ড়ে পড়া/ ক্রিবি. হতোদ্যম হওয়া।

মুষল /মুষল্‌/ [স. √মুষ্‌+অল] বি. ১ মুগুর, মুদ্গর।

www.pathagar.com

২ ঢেঁকির মোনা। ৩ হামানদিস্তার ডাঁটি। ৪ উদূখলের পেষণদণ্ড।

মুষলধার /মুশল্‌ধার্/ [স. মুষল+√ধৃ+ণিচ্+অ] বি. দ্র মুষলধারা।

মুষলধারা /মুশল্‌ধারা/ [স. মুষল+√ধৃ+ণিচ্+আ (টাপ্)] বি. মুষলের মতো স্থূল ধারায় পতন (*মুষলধারায় বৃষ্টি*)।

মুষা /মুশা/ [স. √মুষ্+অ+আ (টাপ্)] বি. ধাতু গালানোর জন্য ব্যবহৃত উচ্চ তাপসহ মাটির ছোটো পাত্র, চুল্লির তলা থেকে গলিত ধাতু সংগ্রহের জন্য ব্যবহৃত মৃৎপাত্রবিশেষ, মুচি, crucible।

মুষ্ক /মুশ্‌কো/ [স. √মুষ্+ক] বি. মানুষ ও অন্যান্য স্তন্যপায়ী প্রাণীর পুরুষকুলের দেহসংলগ্ন ছোটো থলিতে অবস্থিত বীর্য উৎপাদনকারী ডিম্বাকৃতি গ্রন্থিজাতীয় দুটি অঙ্গের যে কোনো একটি, অণ্ড-কোষ, হোল, scrotum।

মুষ্কবৃদ্ধি /মুশ্‌কোবৃদ্‌ধি/ [স. মুষ্ক+বৃদ্ধি] বি. কোষবৃদ্ধি রোগ, হাইড্রোসিল।

মুষ্টামুষ্টি /মুশ্‌টামুশ্‌টি/ [স. মুষ্টি+মুষ্টি] বি. পরস্পর ঘুসোঘুসি, মুষ্টিযুদ্ধ।

মুষ্টি /মুশ্‌টি/ [স. √মুষ্+তি] বি. ১ মুঠা, মুঠি। ২ ঘুসি; কিল (*মুষ্টিপ্রহার*)। ৩ হাতল (*তরবারির মুষ্টি*)। বিণ. মুঠো পরিমাণ (*মুষ্টিভিক্ষা*)।

মুষ্টিবদ্ধ /মুশ্‌টিবদ্‌ধো/ [স. মুষ্টি+বদ্ধ] বিণ. ১ আঙুল মুঠো করে রাখা হয়েছে এমন। ২ (আল.) আয়ত্ত।

মুষ্টিভিক্ষা /মুশ্‌টিভিক্‌খা/ [স. মুষ্টি+ভিক্ষা] বি. মুঠোপরিমাণ ভিক্ষা।

মুষ্টিমেয় /মুশ্‌টিমেয়ো/ [স. মুষ্টি+√মা+য] বিণ. ১ মুঠোপরিমাণ। ২ (আল.) সামান্য; অল্পসংখ্যক।

মুষ্টিযুদ্ধ /মুশ্‌টিজুদ্‌ধো/ [স. মুষ্টি+যুদ্ধ] বি. পরস্পরকে মুষ্ট্যাঘাত করার লড়াই, boxing।

মুষ্টিযোগ /মুশ্‌টিজোগ্/ [স. মুষ্টি+যোগ] বি. টোটকা ওষুধ।

মুষ্টিযোদ্ধা /মুশ্‌টিজোদ্‌ধা/ [স. মুষ্টি+√যুধ্+ত্] বি. মুষ্টিযুদ্ধ করে এমন ব্যক্তি, boxer।

মুষ্ট্যাঘাত /মুশ্‌টাঘাত্/ [স. মুষ্টি+আঘাত] বি. ঘুসির আঘাত।

মুসব্বর /মুসব্‌বর্/ [আ.] বি. অগুরুজাতীয় বৃক্ষের ঘন রস, গন্ধদ্রব্যবিশেষ।

মুসলমান /মুসল্‌মান্/ [ফা.] বি. বিণ. দ্র মুসলিম।

মুসলমানি /মুসল্‌মানি/ [ফা.] বিণ. ইসলামধর্ম-সংক্রান্ত। বি. ১ মুসলমানদের রীতি। ২ ইসলাম ধর্মাবলম্বীদের মধ্যে প্রচলিত পুরুষাঙ্গের ত্বকচ্ছেদ করার আচার, খতনা, circumcision।

মুসলিম /মুস্‌লিম্/ [আ.] বি. ইসলাম ধর্মাবলম্বী ব্যক্তি বা সম্প্রদায়। বিণ. ১ ইসলাম ধর্মের অনুসারী। ২ ইসলাম ধর্ম বা মুসলমান সম্পর্কিত।

মুসল্লি /মুসোল্‌লি/ [আ.] বি. যে ব্যক্তি নামাজ পড়ে। বিণ. ১ নামাজি। ২ ধার্মিক।

মুসা /মুসা/ [আ.] বি. ইহুদি ধর্মের প্রবর্তক, তৌরাত কিতাবপ্রাপ্ত নবি।

মুসাফির /মুসাফির্/ [আ.] বি. ১ যে সফর করে, পর্যটক, পথিক (*মুসাফির! মোছ রে আঁখি-জল* নজরুল.)। ২ আগন্তুক।

মুসাফিরখানা /মুসাফির্‌খানা/ [আ. মুসাফির+ফা. খানা] বি. পান্থশালা, সরাইখানা।

মুসাবিদা /মুশাবিদা/ [আ. মুসাওয়াদা >] বি. ১ খসড়া, draft। ২ পাণ্ডুলিপি।

মুসিবত /মুসিবত্/ [আ.] বি. ১ বিপদ। ২ দুর্যোগ; দুঃসময়।

মুস্তাফি /মুস্‌তাফি/ [আ.] বি. ১ হিসাব পরীক্ষক। ২ প্রধান কেরানি। ৩ পদবিবিশেষ।

মুহম্মদ /মুহম্‌মদ্/ [আ.] বি. আল্লাহর প্রেরিত সর্বশেষ দূত ও ইসলাম ধর্মের প্রবর্তক হজরত মুহম্মদ (সা.)। বিণ. প্রশংসিত।

মুহরি /মুহোরি/ [হি.] বি. ১ নর্দমা, নালা। ২ নর্দমার মুখে লাগানো ধাতুনির্মিত ঝাঁঝরি। ৩ প্যাঁচের মুখে আঁটার ধাতব দ্রব্য, nut। ৪ পাজামার নিম্নপ্রান্তের বা জামার হাতার প্রান্তদেশের ঘের।

মুহুঃ /মুহুহ্/ [স. মুহুর্] অব্য. ক্রিবিণ. ১ ঘনঘন, বারবার, পুনঃপুন। ২ পুনরায়, আবার। ৩ সদ্য।

মুহুরি /মুহুরি/ [আ.] বি. ১ কেরানি। ২ উকিলের সহায়ক লিপিকার।

মুহুরিগিরি /মুহুরিগিরি/ [হি. মুহুরি+ফা. গিরি] বি. মুহুরির কাজ।

মুহুর্মুহু /মুহুরমুহু/ [স. মুহুঃ+মুহুঃ] অব্য. ক্রিবিণ. বারবার, ঘনঘন (*মুহুর্মুহু গর্জন*)।

মুহূর্ত /মুহুরতো/ [স. √হৃচ্ছ্+ত] বি. ১ দিবানিশির ৩০ ভাগের এক ভাগ, আটচল্লিশ মিনিট। ২ অতি অল্প সময়।

মুহূর্তে /মুহুরতে/ [স. মুহূর্ত+বা. এ] ক্রিবিণ. অতি অল্প সময়ের মধ্যে।

মুহূর্তেক /মুহুরতেক্/ [বা.] ক্রিবিণ. এক মুহূর্তের জন্য, অতি অল্প কালের।

www.pathagar.com

মুহ্যমান /মুজ্‌ঝোমান/ [অশুপ্র.] বিণ. শোকার্ত; মোহগ্রস্ত; মোহ্যমান।

মূক /মূক্/ [স. √মূ+ক] বিণ. কথা বলতে পারে না এমন, বাক্‌শক্তিহীন, বোবা।

মূকাভিনয় /মূকাভিনয়্/ [স. মূক+অভিনয়] বি. কথার পরিবর্তে কেবল অভিব্যক্তি ও অঙ্গভঙ্গির সাহায্যে অভিনয়।

মূঢ় /মূঢ়ো/ [স. √মুহ্+ত] বিণ. ১ মূর্খ। ২ অবিবেচক। ৩ নিষ্ক্রিয়। ৪ মোহগ্রস্ত। বি. ~তা /–তা/।

মূত্র /মূত্‌রো/ [স. √মুত্র+অ] বি. উচ্চবর্গীয় মেরুদণ্ডী প্রাণীর রক্ত পরিস্রবণের পর বৃক্কে জমে থাকা হালকা হলুদ ঝাঁজালো গন্ধযুক্ত ঈষৎ অম্লিক তরল বর্জ্য পদার্থ (যা মূত্রাশয়ে জমা হয়ে পরে মূত্রনালি দিয়ে নিঃসৃত হয়), প্রস্রাব, urine।

মূত্রকৃচ্ছ্র /মুত্‌রোকৃচ্ছ্রো/ [স. মূত্র+কৃচ্ছ্র] বি. প্রস্রাব বাধাপ্রাপ্ত হয় এমন রোগের লক্ষণবিশেষ।

মূত্রগ্রন্থি /মুত্‌রোগ্রোন্থি/ [স. মূত্র+√গ্রন্থ্+ই] বি. দ্র মূত্রনালি।

মূত্রনালি /মুত্‌রোনালি/ [স. মূত্র+নল+ই] বি. মূত্রাশয় থেকে প্রস্রাব নির্গমনের পথ, urethra।

মূত্রাশয় /মুত্‌রাশয়্/ [স. মূত্র+আশয়] বি. বৃক্ক (kidney) থেকে নিঃসৃত বর্জ্যপদার্থ যে থলিতে সঞ্চিত হয়, bladder।

মূর্খ /মুর্‌খো/ [স. √মুহ্+খ] বিণ. ১ বোকা, নির্বোধ। ২ অশিক্ষিত। ৩ অনভিজ্ঞ।

মূর্খতা /মুর্‌খোতা/ [স. মূর্খ+তা] বি. ১ অজ্ঞতা। ২ বোকামি।

মূর্খামি /মুর্‌খামি/ [স. মূর্খ>] বি. বোকামি।

মূর্ছনা /মুর্‌ছোনা/ [স. √মূর্ছ্+অন+আ (টাপ্)] বি. ১ সংগীতের স্বরগ্রামের ওঠানামার ক্রম; সুরের মধুর কম্পন। ২ প্রতিফলন।

মূর্ছা /মুর্‌ছা/ [স. √মূর্ছ্+অ+আ (টাপ্)] বি. ১ অচৈতন্য অবস্থা। ২ মোহপ্রাপ্তি।

মূর্ছাভঙ্গ /মুর্‌ছাভংগো/ [স. মূর্ছা+√ভন্জ্+অ] বি. ১ চৈতন্যপ্রাপ্তি। ২ মোহভঙ্গ।

মূর্ছিত /মুর্‌ছিতো/ [স. √মূর্চ্ছা+ইত] বিণ. ১ মূর্ছাগত, অচেতন। ২ মোহগ্রস্ত। স্ত্রী. **মূর্ছিতা** /মুর্‌ছিতা/।

মূর্ত /মুর্‌তো/ [স. √মূর্ছ্+ত] বিণ. ১ মূর্তি ধারণ করেছে এমন, সাকার। ২ স্পষ্ট, প্রত্যক্ষ।

মূর্তি /মুর্‌তি/ [স. √মূর্ছ্+তি] বি. ১ দেহ। ২ আকৃতি; রূপ। ৩ প্রতিমা।

মূর্তিধারণ /মুর্‌তিধারোন্/ [স. মূর্তি+√ধৃ+অন] বি. আকার ধারণ, মূর্তিপরিগ্রহ।

মূর্তিপরিগ্রহ /মুর্‌তিপোরিগ্‌রোহো/ [স. মূর্তি+পরিগ্রহ] বি. দ্র মূর্তিধারণ।

মূর্তিপূজক /মুর্‌তিপুজক্/ [স. মূর্তি+পূজক] বিণ. মূর্তি বা প্রতিমা পূজা করে এমন।

মূর্তিপূজা /মুর্‌তিপুজা/ [স. মূর্তি+পূজা] বি. সাকার উপাসনা, প্রতিমাপূজা।

মূর্তিমতী /মুর্‌তিমোতি/ [স. মূর্তি+মৎ+ঈ] বিণ. মূর্তিবিশিষ্টা, দেহধারিণী, শরীরী।

মূর্তিমন্ত /মুর্‌তিমন্তো/ [স. মূর্তি+বা. মন্ত] বিণ. মূর্তিযুক্ত, দেহধারী, আকৃতিবিশিষ্ট, সাকার।

মূর্তিময়ী /মুর্‌তিমোয়ি/ [স. মূর্তি+ময়ট্+ঈ] বিণ. দ্র মূর্তিমতী।

মূর্তিমান /মুর্‌তিমান্/ [স. মূর্তি+মৎ] বিণ. ১ দেহধারী, আকৃতিবিশিষ্ট, সাকার। ২ স্পষ্ট, সাক্ষাৎ।

মূর্ধজ /মুর্‌ধজো/ [স. মূর্ধন্+√জন্+অ] বি. কেশ।

মূর্ধন্য /মুর্‌ধোন্‌নো/ [স. মূর্ধন্+য] বিণ. জিহ্বার অগ্রভাগদ্বারা মূর্ধা স্পর্শ করে উচ্চার্য।

মূর্ধা /মুর্‌ধা/ [স. √মুহ্+অন্] বি. মস্তক, মাথা।

মূর্বা /মুর্‌বা/ [স. √মূর্ব্+অ+আ (টাপ্)] বি. দীর্ঘ পাতাবিশিষ্ট গুল্মবিশেষ যার আঁশ থেকে ধনুকের ছিলা তৈরি হয়।

মূল /মুল্/ [স. √মূল্+অ] বি. ১ গাছের গোড়ার অংশ, শিকড় (*বৃক্ষমূল*)। ২ আলু কচু মুলা প্রভৃতি কন্দজাতীয় উদ্ভিদ। ৩ আদিকারণ (*মূলসূত্র*)। ৪ উৎপত্তিস্থান, উৎস (*বাহুমূল*)। ৫ পুঁজি (*মূলধন*)। ৬ (গ.) যে রাশি নিজদ্বারা গুণিত হয়ে অন্য রাশি উৎপন্ন করে, বর্গমূল ($৩^২=৩\times৩=৯$)। বিণ. ১ প্রথম। ২ প্রধান (*সাফল্যের মূলমন্ত্র পরিশ্রম*)।

মূলক[১] /মুলক্/ [স. √মূল্+অক] বি. বহুব্রীহি সমাসে পরপদরূপে 'মূল' শব্দের রূপ (*চিন্তামূলক*)।

মূলক[২] /মুলক্/ [স. মূল+ক] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে সবজি হিসেবে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা হলুদ প্রভৃতি রঙের ফুল বা তার লম্বাটে মূল, মুলা।

মূল কারণ /মুল্ কারোন্/ বি. ১ সৃষ্টি বা উৎপত্তির প্রকৃত কারণ, আদিকারণ। ২ প্রকৃত হেতু।

মূলকেন্দ্র /মুল্‌কেন্‌দ্রো/ [স. মূল+ কেন্দ্র] বি. ১ প্রধান কেন্দ্র। ২ মর্মস্থল।

মূলগত /মুলোগতো/ [স. মূল+√গম্+ত] বিণ. ১ ভিত্তিস্বরূপ। ২ মৌলিক। ৩ অবিচ্ছেদ্য।

মূল গায়েন /মুল্ গায়েন্/ বি. যাত্রাদলের প্রধান গায়ক; গায়কদলের নেতা।

www.pathagar.com

মূল চরিত্র /মুল্ চোরিত্‌ত্রো/ বি. প্রধান চরিত্র।

মূলজ /মুলজো/ [স. মূল+√জন্+অ] বিণ. মূল থেকে জাত।

মূলত /মুলতো/ [স. মূল+তস্] ক্রিবিণ. ১ মূলে। ২ প্রধানত। ৩ প্রকৃতপক্ষে, বস্তুত।

মূলতত্ত্ব /মুল্‌তত্‌তো/ [স. মূল+তত্ত্ব] বি. যে তত্ত্বের ওপর ভিত্তি করে অন্যান্য তত্ত্ব বা জ্ঞানবিজ্ঞান গড়ে ওঠে, মৌলিক তত্ত্ব।

মূলত্র /মুলোত্‌ত্রো/ [স. মূল+√ত্রৈ+অ] বি. দ্র মূলত্রাণ।

মূলত্রাণ /মুলোত্‌ত্রান্/ [স. মূল+√ত্রৈ+অন] বি. মাটির নিচে উদ্ভিদের মূলকে রক্ষাকারী রোমশ বহিরাবরণ, root cap।

মূলদ /মুলদো/ [স. মূল+√দা+অ] বিণ. বর্গমূল বা ঘনমূল নির্ণয় করা যায় এমন।

মূলদরাশি /মুলদোরাশি/ [স. মূলদ+রাশি] বি. যে রাশির বর্গমূল ঘনমূল নির্ণয় করা যায়; (পরি.) rational number।

মূলধন /মুল্‌ধন্/ [স. মূল+ধন] বি. ব্যবসায়ে নিয়োজিত টাকা, পুঁজি, capital।

মূলধনি /মুল্‌ধোনি/ [স. মূলধন >] বিণ. মূলধন-সম্বন্ধীয় (*মূলধনি কারবার*)।

মূলধারা /মুল্‌ধারা/ [স. মূল+ধারা] বি. মূল স্রোত; মৌলিক ধারা।

মূলনীতি /মুল্‌নিতি/ [স. মূল+নীতি] বি. ১ মৌলিক নীতি। ২ আদি তত্ত্ব।

মূলপদার্থ /মুল্‌পদার্‌থো/ [স. মূল+পদার্থ] বি. মৌলিক পদার্থ।

মূলপুরুষ /মুল্‌পুরুশ্/ [স. মূল+পুরুষ] বি. বংশের আদিপুরুষ।

মূলপ্রকৃতি /মুল্‌প্রোকৃতি/ [স. মূল+প্রকৃতি] বি. আদিকারণ; আদ্যাশক্তি।

মূলভিত্তি /মুল্‌ভিত্‌তি/ [স. মূল+√ভিদ্+তি] বি. প্রধান ভিত্তি; গোড়াপত্তন।

মূলমন্ত্র /মুল্‌মন্‌ত্রো/ [স. মূল+মন্ত্র] বি. ১ প্রধান সংকল্প বা উদ্দেশ্য। ২ বীজমন্ত্র।

মূলরাশি /মুল্‌রাশি/ [স. মূল+রাশি] বি. ১ ২ ৩ প্রভৃতি সংখ্যা, cardinal number।

মূলরোম/মুল্‌রোম্ /[স. মূল+রোম] বি. দ্র মূলত্রাণ।

মূলসূত্র /মুল্‌শুত্‌ত্রো/ [স. মুল+সূত্র] বি. ১ প্রধান বিধি বা নিয়ম। ২ প্রধান হেতু বা উৎস; আদি কারণ।

মূলহর /মুল্‌হরো/ [স. মূল+হর] বিণ. পিতৃপুরুষের সম্পদ ধ্বংসকারী।

মূলা /মুলা/ [স. মূলক >] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের ঊনবিংশ নক্ষত্র।

মূলাধার /মুলাধার/ [স. মূল+আধার] বি. ১ প্রধান আধার বা আশ্রয়স্থান। ২ তন্ত্র ও যোগশাস্ত্রমতে ষট্‌চক্রের আদ্যচক্র।

মূলানুগ /মুলানুগো/ [স. মূল+অনুগ] বিণ. মূল রূপের সঙ্গে সংগতিপূর্ণ।

মূলী /মুলি/ [স. মূল+ইন্] বিণ. মূলবিশিষ্ট, শিকড়-যুক্ত। বি. (মূল আছে বলে) গাছ।

মূলীকরণ /মুলিকরোন্/ [স. মূল+চ্বি+করণ] বি. (গ.) বর্গমূলনির্ণয়।

মূলীভূত /মুলিভুতো/ [স. মূল+চ্বি+ভূত] বিণ. ১ মূলগত। ২ ভিত্তিস্বরূপ। ৩ মূল কারণস্বরূপ।

মূলোচ্ছেদ /মুলোচ্‌ছেদ্/ [স. মূল+উৎ+√ছিদ্+অ] বি. ১ মূলোৎপাটন। ২ (আল.) সম্পূর্ণ ধ্বংসসাধন।

মূলোৎপাটন /মুলোত্‌পাটোন্/ [স. মূল+উৎপাটন] বি. দ্র মূলোচ্ছেদ।

মূল্য /মুল্‌লো/ [স. মূল+য] বি. ১ ক্রয়বিক্রয়ের উদ্দেশ্যে যে পরিমাণ অর্থের বিনিময়ে পণ্যদ্রব্য বা সেবার চাহিদা ও মান নিরূপিত হয়, দাম। ২ পারিশ্রমিক, বেতন। ৩ ভাড়া, মাশুল। ৪ গুরুত্ব, তাৎপর্য। ৫ (আল.) ক্ষতিপূরণ, খেসারত।

মূল্যবান /মুল্‌লোবান্/ [স. মূল্য+বৎ] বিণ. ১ মূল্য আছে এমন, বহুমূল্য, দামি। ২ তাৎপর্যপূর্ণ।

মূল্যবৃদ্ধি /মুল্‌লোবৃদ্‌ধি/ [স. মূল্য+বৃদ্ধি] বি. পণ্য-দ্রব্যের দরবৃদ্ধি।

মূল্যবোধ /মুল্‌লোবোধ্/ [স. মূল্য+বোধ] বি. সামাজিক ন্যায়নীতি শুভ মঙ্গল প্রভৃতি বিষয়ে মানবিক চেতনা, ঔচিত্যবোধ।

মূল্যহীন /মুল্‌লোহিন্/ [স. মূল্য+হীন] বিণ. ১ কোনো দাম নেই এমন। ২ তুচ্ছ, অকিঞ্চিৎকর।

মূল্যহ্রাস /মুল্‌লোɾhaশ্/ [স. মূল্য+হ্রাস] বি. ১ মূল্য লাঘব, দরপতন। ২ (আল.) গুরুত্ব হ্রাস।

মূল্যাবধারণ /মুল্‌লাবোধারোন্/ [স. মূল্য+অবধারণ] বি. মূল্য নিরূপণ।

মূল্যায়ন /মুল্‌লায়োন্/ [স. √মূল্যায়্+অন] বি. ১ মূল্য নির্ধারণ। ২ গুণাগুণ বিচার। ৩ মর্যাদা বা গুরুত্ব প্রদান।

মূষ /মুশ্/ [স. √মূষ্+অ] বি. দ্র মূষিক।

মূষিক /মুশিক্/ [স. √মূষ্+ইক] বি.. পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এমন সুচালো নাসারন্ধ্র এবং অপেক্ষাকৃত বড়ো কান সরু লম্বা লেজ তীক্ষ্ণ দাঁত

www.pathagar.com

ও লোমাবৃত নরম দেহবিশিষ্ট স্তন্যপায়ী ছোটো প্রাণী (লোকালয়ে বসবাস এবং মূলত শস্যবীজ খেয়ে জীবনধারণ করে), ইঁদুর, ইন্দুর।

মূসক /মুশক/ [মূল্য সংযোজন এবং কর শব্দত্রয়ের আদ্যাক্ষর দিয়ে গঠিত শব্দ] বি. 'মূল্য সংযোজন কর'-এর সংক্ষিপ্ত রূপ; (পরি.) VAT।

মৃগ /মৃগো/ [স. √মৃগ্+অ] বি. ১ বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশের বনেজঙ্গলে বিচরণ করে এমন মেদহীন সুন্দর দেহ বড়ো চোখ এবং দুটি বড়ো ও দুটি ছোটো খুরবিশিষ্ট চতুষ্পদ তৃণভোজী দ্রুতগামী প্রাণী (যার পুরুষকুলের একজোড়া সরল বা শাখা-প্রশাখাবিশিষ্ট শিং থাকে), হরিণ। ২ পশু (*মৃগরাজ*)।

মৃগচর্ম /মৃগোচর্মো/ [স. মৃগ+চর্ম] বি. ১ হরিণের চামড়া। ২ পশুর চামড়া।

মৃগতৃষা /মৃগোতৃশা/ [স. মৃগ+√তৃষ্+অ+আ (টাপ্)] বি. গ্রীষ্মকালে মরুভূমির তপ্ত বায়ুর ভিন্ন ভিন্ন স্তর থেকে ভিন্ন ভিন্ন মাত্রার সূর্যরশ্মির প্রতিসরণজনিত দৃষ্টিভ্রম (যাতে মনে হয় কোনো জলাশয় থেকে আলো প্রতিফলিত হচ্ছে), মরীচিকা, mirage।

মৃগতৃষিকা /মৃগোতৃশিকা/ [স. মৃগ+তৃষিকা] বি. দ্র মৃগতৃষা।

মৃগতৃষ্ণা /মৃগোতৃশ্না/ [স. মৃগ+√তৃষ্+ন+আ (টাপ্)] বি. দ্র মৃগতৃষা।

মৃগতৃষ্ণিকা /মৃগোতৃশ্নিকা/ [স. মৃগ+তৃষ্ণিকা] বি. দ্র মৃগতৃষা।

মৃগদংশক /মৃগোদংশক্/ [স. মৃগ+√দন্শ্+অক] বি. অপরাধী শনাক্তকরণ গন্ধ শুঁকে মাদকদ্রব্য সন্ধান প্রভৃতি বিশেষায়িত কাজের জন্য প্রশিক্ষিত করা যায় এমন প্রখর ঘ্রাণশক্তিসম্পন্ন চতুষ্পদ মাংসাশী স্তন্যপায়ী মেরুদণ্ডী প্রাণী, কুকুর, সারমেয়, কুত্তা।

মৃগনয়না /মৃগোনয়োনা/ [স. মৃগ+√নী+অন+আ (টাপ্)] বিণ. হরিণের চোখের মতো সুন্দর চোখ-বিশিষ্ট।

মৃগনাভি /মৃগোনাভি/ [স. মৃগ+√নহ্+ই] বি. কস্তুরী, মৃগমদ।

মৃগনেত্রা /মৃগোনেত্রা/ [স. মৃগ+√নী+ত্র+আ (টাপ্)] বিণ. দ্র মৃগনয়না।

মৃগবাহন /মৃগোবাহোন্/ [স. মৃগ+√বাহি+অন] বি. পবনদেব।

মৃগমদ /মৃগোমদ্/ [স. মৃগ+√মদ্+অ] বি. দ্র মৃগ-নাভি।

মৃগয়া /মৃগয়া/ [স. √মৃগ্+অ+আ (টাপ্)] বি. হরিণ শিকার; বন্য পশুপাখি শিকার।

মৃগরাজ /মৃগোরাজ্/ [স. মৃগ+রাজন্] বি. দ্র মৃগেন্দ্র।

মৃগলোচনা /মৃগোলোচোনা/ [স. মৃগ+√লোচ্+অন+আ (টাপ্)] বিণ. দ্র মৃগনয়না।

মৃগশিরা /মৃগোশিরা/ [স. মৃগ+শিরস্] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের পঞ্চম নক্ষত্র, কালপুরুষ নক্ষত্রপুঞ্জের অন্তর্গত নক্ষত্রবিশেষ।

মৃগশীর্ষ /মৃগোশির্শো/ [স. মৃগ+শীর্ষ] বি. দ্র মৃগশিরা।

মৃগশেখর /মৃগোশেখর্/ [স. মৃগ+√শী+খর] বি. দেবতা শিব, চন্দ্রচূড়।

মৃগাক্ষি /মৃগাক্ষি/ [স. মৃগ+√অক্ষ্+ই] বিণ. দ্র মৃগনয়না।

মৃগাঙ্ক /মৃগাংকো/ [স. মৃগ+অঙ্ক] বি. চন্দ্র, চাঁদ।

মৃগাঙ্কশেখর /মৃগাংকোশেখর্/ [স. মৃগাঙ্ক+শেখর] বি. দ্র মৃগশেখর।

মৃগী[১] /মৃগি/ [স. মৃগ+ঈ] বি. ১ হরিণী। ২ মাদি পশু।

মৃগী[২] /মৃগি/ [স. মৃগ+ঈ] বি. মস্তিষ্কের সাময়িক বৈকল্যহেতু আকস্মিক চেতনালোপ খিঁচুনি প্রভৃতি উপসর্গ, অপস্মার, epilepsy।

মৃগেন্দ্র /মৃগেন্দ্রো/ [স. মৃগ+ইন্দ্র] বি. মূলত সাহারা মরুভূমির দক্ষিণে আফ্রিকা ও ভারতের গুজরাটের বনাঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন নাতি-দীর্ঘ পা হলদেটে লোম ও গুচ্ছবদ্ধ লেজবিশিষ্ট শক্তিশালী হিংস্র মাংসাশী প্রাণী (পুরুষকুলের ঘাড়ে কেশর থাকে বলে পশুরাজ নামে অভিহিত), সিংহ।

মৃগেন্দ্রাসন /মৃগেন্দ্রাশোন্/ [স. মৃগেন্দ্র+আসন] বি. সিংহাসন।

মৃগেল /মৃগেল/ [দেশি.] বি. উপক্রান্তীয় অঞ্চলের অগভীর জলে বিচরণ করে এমন দেহের তুলনায় ছোটো মাথাবিশিষ্ট মাঝারি আকৃতির লম্বাটে রুপালি কার্পজাতীয় মাছ।

মৃড় /মৃড়ো/ [স. √মৃড়্+অ] বি. শিব।

মৃড়ানী /মৃড়ানি/ [স. √মৃড়্+অন+ঈ] বি. দেবী দুর্গা।

মৃণাল /মৃনাল্/ [স. √মৃণ্+আল] বি. ১ সূক্ষ্ম আলযুক্ত পদ্মের নাল বা ডাঁটা। ২ পদ্মের কন্দ।

মৃণালবাহু /মৃনালবাহু/ [স. মৃণাল+√বাধ্+উ] বি. পদ্মের ডাঁটার মতো সরু ও কোমল হাত।

মৃণালিনী /মৃনালিনি/ [স. মৃণাল+ইন্+ঈ] বি. ১ (স্ত্রী.) পদ্মিনী। ২ পদ্মসমূহ বা পদ্মের ঝাড়।

মৃত /মৃতো/ [স. √মৃ+ত] বিণ. গতপ্রাণ, প্রাণহীন,

www.pathagar.com

প্রয়াত।

মৃতক /মৃতক্/ [স. মৃত+ক] বি. ১ নিকটজনের মৃত্যুজনিত অশৌচ, মৃতাশৌচ। ২ মৃতদেহ, শব।

মৃতকল্প /মৃতোকল্‌পো/ [স. মৃত+কল্প+অ] বিণ. দ্র মৃতপ্রায়।

মৃতদার /মৃতোদার্/ [স. মৃত+দার] বিণ. বিপত্নীক।

মৃতদেহ /মৃতোদেহো/ [স. মৃত+√দিহ্+অ] বি. শব।

মৃতপ্রায় /মৃতোপ্রায়্/ [স. মৃত+প্রায়] বিণ. মৃত্যুর মুখে উপনীত, মরণাপন্ন, মুমূর্ষু।

মৃতবৎসা /মৃতোবত্‌শা/ [স. মৃতবৎস+আ (টাপ্)] বি. যে নারী মৃত সন্তান প্রসব করে। বিণ. (যে নারীর) সন্তান বাঁচে না এমন।

মৃতসঞ্জীবনী /মৃতোশন্‌জিবোনি/ [স. মৃত+সঞ্জীবন+ঈ] বি. মৃতকে পুনরায় সঞ্জীবিত করে অর্থাৎ জীবন দান করে এমন কল্পিত ওষুধ।

মৃতাশৌচ /মৃতাশৌচ্/ [স. মৃত+অশৌচ] বি. নিকট-জনের মৃত্যুর পর পালনীয় দেহ অপবিত্রতাজনিত সংস্কার।

মৃৎ /মৃত্/ [স. √মৃদ্+ক্বিপ্] বি. মৃত্তিকা, মাটি।

মৃৎপাত্র /মৃত্‌পাত্রো/ [স. মৃৎ+পাত্র] বি. মাটির পাত্র।

মৃৎশিল্প /মৃত্‌শিল্‌পো/ [স. মৃৎ+শিল্প] বি. এঁটেল মাটির তৈরি দ্রব্যসামগ্রীর নান্দনিক শিল্পকর্ম।

মৃত্তিকা /মৃত্‌তিকা/ [স. √মৃদ্+তিক+আ (টাপ্)] বি. ১ মাটি। ২ ভূমি, ভূতল।

মৃত্যু /মৃত্‌তু/ [স. √মৃ+ত্যু] বি. উদ্ভিদ বা জীব-দেহের যাবতীয় ক্রিয়াকর্মের অনিবর্তনীয় অবসান, মরণ; প্রাণত্যাগ, জীবনাবসান।

মৃত্যুঞ্জয় /মৃত্‌তুন্‌জয়্/ [স. মৃত+√জি+অ] বিণ. দ্র মৃত্যুঞ্জয়ী।

মৃত্যুঞ্জয়ী /মৃত্‌তুন্‌জোয়ি/ [স. মৃত্যুঞ্জয়+ঈ] বিণ. মৃত্যুকে জয় করেছে এমন, অমর। বি. শিব।

মৃত্যুদণ্ড /মৃত্‌তুদন্‌ডো/ [স. মৃত্যু+দণ্ড] বি. গুরুতর অপরাধের শাস্তিস্বরূপ প্রাণদণ্ডের বিধান।

মৃত্যুদূত /মৃত্‌তুদুত্/ [স. মৃত্যু+দূত] বি. যে প্রাণ হরণ করে, আজরাইল, যম।

মৃত্যুপথযাত্রী /মৃত্‌তুপথোজাত্‌রি/ [স. মৃত্যু+পথ+যাত্রী] বিণ. মরণাপন্ন, মুমূর্ষু।

মৃত্যুবাণ /মৃত্‌তুবান্/ [স. মৃত্যু+√বণ্+অ] বি. ১ ব্রহ্মা কর্তৃক রামচন্দ্রকে প্রদত্ত বাণবিশেষ যার আঘাতে রাবণ নিহত হন। ২ (আল.) নিহত বা পরাভূত করার অব্যর্থ অস্ত্র।

মৃত্যুবার্ষিকী /মৃত্‌তুবার্‌শিকি/ [স. মৃত্যু+বর্ষ+ইক+ঈ] বি. বছরের যে তারিখে কোনো ব্যক্তির মৃত্যুদিবস পালন করা হয়।

মৃত্যুযোগ /মৃত্‌তুজোগ্/ [স. মৃত্যু+√যুজ্+অ] বি. (জ্যোতি.) নক্ষত্রাদির যে অবস্থানে জাতকের মৃত্যুর আশঙ্কা থাকে বলে কল্পিত।

মৃত্যুলোক /মৃত্‌তুলোক্/ [স. মৃত্যু+লোক] বি. পরলোক।

মৃত্যুশয্যা /মৃত্‌তুশোজ্‌জা/ [স. মৃত্যু+√শী+য+আ (টাপ্)] বি. যে শয্যায় মৃত্যু ঘটে, অন্তিমশয্যা।

মৃত্যুশোক /মৃত্‌তুশোক্/ [স. মৃত্যু+√শুচ্+অ] বি. মৃত্যুজনিত কাতরতা।

মৃদঙ্গ /মৃদংগো/ [স. √মৃৎ+অঙ্গ] বি. দুই প্রান্ত চামড়া দিয়ে মোড়া মাটির তৈরি বাদ্যযন্ত্র, শ্রীখোল।

মৃদঙ্গার /মৃদংগার্/ [স. মৃৎ+অঙ্গার] বি. পাথুরে কয়লা।

মৃদঙ্গী /মৃদোংগি/ [স. মৃদঙ্গ+ঈ] বিণ. মৃদঙ্গবাদক।

মৃদু /মৃদু/ [স. √মৃদ্+উ] বিণ. ১ কোমল, শান্ত (*মৃদুস্বভাব*)। ২ আলতো (*মৃদুপরশ*)। ৩ হালকা (*মৃদুকম্পন*)। ৪ মন্থর (*মৃদুগতি*)। ৫ ক্ষীণ (*মৃদু আলো*)। ৬ অনুচ্চ, চাপা (*মৃদুকণ্ঠ*)। ৭ অপ্রখর (*মৃদুতাপ*)। ৮ ক্ষার নেই এমন (*মৃদুজল*)।

মৃদুগণ /মৃদুগন্/ [স. মৃদু+গণ] বি. (জ্যোতি.) চিত্রা অনুরাধা মৃগশিরা ও রেবতী নক্ষত্রচতুষ্টয়।

মৃদুগমন /মৃদুগমোন্/ [স. মৃদু+√গম্+অন] বিণ. ধীরগতিসম্পন্ন, মৃদুগামী। বি. ১ ধীরগতিতে গমন। ২ মন্থর গতি।

মৃদুগমনা /মৃদুগমোনা/ [স. মৃদু+√গম্+অন+আ (টাপ্)] বিণ. ধীরগামিনী। বি. ১ মৃদুগামিনী নারী। ২ হংসী।

মৃদুজল /মৃদুজল্/ [স. মৃদু+√জল্+অ] বি. ক্ষার বা আকরিক লবণ নেই এমন জল, (পরি.) soft water।

মৃদুতা /মৃদুতা/ [স. মৃদু+তা] বি. ১ ধীরতা। ২ কোমলতা।

মৃদুভাষী /মৃদুভাশি/ [স. মৃদু+√ভাষ্+ইন্] বিণ. কোমল ও অনুচ্চস্বরে কথা বলে এমন।

মৃদুমধুর /মৃদুমোধুর্/ [স. মৃদু+মধুর] বিণ. কোমল ও মনোহর (*মৃদুমধুর ধ্বনি*)।

মৃদুমন্দ /মৃদুমন্‌দো/ [স. মৃদু+√মন্দ্+অ] বিণ. ধীর ও মনোহর, মন্থর (*মৃদুমন্দ বাতাস*)।

মৃদুল /মৃদুল্/ [স. মৃদু+ল (স্বার্থে)] বিণ. ১ কোমল, স্নিগ্ধ। ২ ধীর। স্ত্রী. মৃদুলা /মৃদুলা/।

মৃদুস্বভাব /মৃদুশভাব্/ [স. মৃদু+স্বভাব] বিণ. শান্ত

www.pathagar.com

প্রকৃতির।

মৃদ্ভাণ্ড /মৃদ্‌ভান্‌ডো / [স. মৃৎ+ভাণ্ড] বি. মাটির পাত্র।

মৃন্ময় /মৃন্‌ময়/ [স. মৃৎ+ময়ট্] বিণ. মাটির তৈরি।

মে /মে/ [ফ.] বি. গ্রেগোরীয় বর্ষপঞ্জির পঞ্চম মাস, বাংলা পঞ্জিকার ১৮ই বৈশাখ থেকে ১৭ই জ্যৈষ্ঠ পর্যন্ত কালপর্ব, May।

মেইল /মেইল্/ [ই.] বি. ১ ডাক, চিঠি। ২ টেলিফোনে বার্তা ধারণ করে রাখার ব্যবস্থা (*ভয়েসমেইল*)। ৩ ডাকবাহী গাড়ি (*মেইলট্রেন*)।

মেওয়া /মেওআ / [ফা.] বি. ১ পেস্তা বাদাম আখরোট প্রভৃতি শুকনো ফল বা তার শাঁস। ২ বেদানা ডালিম আঙুর প্রভৃতি উপাদেয় ফল।

মেকআপ /মেকাপ্/ [ই. make-up] বি. ১ সাজসজ্জা; যাত্রা থিয়েটার চলচ্চিত্র প্রভৃতিতে অভিনয়ের জন্য রূপসজ্জা। ২ মুদ্রণসজ্জা (*পেইজ মেকআপ*)।

মেকদার /মেক্‌দার্ / [আ.] বি. ১ আকার। ২ পরিমাপ, measure। ৩ পরিমাণ। বিণ. আনুপাতিক।

মেকি /মেকি/ [আ. মক্‌র >] বিণ. খাঁটি নয় এমন, কৃত্রিম।

মেকুর /মেকুর্ / [আঞ্চ.] বি. বিড়াল, মার্জার।

মেখলা /মেখোলা / [স. √মি+খল+আ (টাপ্)] বি. ১ নারীর কটিভূষণ, কোমরে পরিধেয় অলংকার, চন্দ্রহার। ২ তরবারির মুখের চামড়ার খাপ।

মেগাওয়াট /মেগাওআট্/ [গ্রি. মেগা+(ব্যক্তি.) ওয়াট] বি. বিদ্যুৎশক্তির পরিমাপের এককবিশেষ (দশ লক্ষ ওয়াট), megawatt।

মেগাফোন /মেগাফোন্/ [গ্রি.] বি. (কণ্ঠস্বর পরিবর্ধনের জন্য ব্যবহৃত) মুখের সামনে ধরে কথা বলা হয় এমন বড়ো চোঙ, megaphone।

মেঘ /মেঘ্ / [স. √মিহ্+অ] বি. ১ আকাশে ভাসমান পুঞ্জীভূত জলীয় বাষ্প, জলধর, জীমূত, বারিদ, নীরদ। ২ সংগীতের রাগবিশেষ (*মেঘমল্লার*)।

মেঘ করা /মেঘ্ করা/ ক্রিবি. আকাশে মেঘ পুঞ্জীভূত হওয়া, মেঘে আকাশ ঢেকে যাওয়া।

মেঘগর্জন /মেঘোগর্‌জোন্/ [স. মেঘ+গর্জন] বি. ঊর্ধ্বাকাশে বিদ্যুৎ চমকানোর ফলে গরম বাতাসের আকস্মিক সম্প্রসারণজনিত তীব্র নিনাদ, বজ্রনাদ।

মেঘজাল /মেঘোজাল্/ [স. মেঘ+জাল] বি. মেঘের ঘনঘটা, পুঞ্জীভূত মেঘ।

মেঘডম্বর /মেঘোডম্‌বর্ / [স. মেঘ+√ডম্ব্+অর] বি. মেঘের আড়ম্বর, ঘনঘটা। বিণ. পুঞ্জীভূত মেঘের মতো ঘন নীল, নীলাম্বর (*মেঘডম্বর শাড়ি*)।

মেঘনাদ /মেঘোনাদ্ / [স. মেঘ+নাদ] বি. ১ মেঘের গর্জন, বজ্রনাদ। ২ পুরাণোক্ত রাবণের পুত্র ইন্দ্রজিৎ।

মেঘনির্ঘোষ /মেঘোনির্‌ঘোশ্/ [স. মেঘ+নির্+√ঘুষ্+অ] বি. দ্র মেঘগর্জন।

মেঘবরন /মেঘ্‌বরোন্/ [স. মেঘ+বা. বরন] বিণ. মেঘের মতো কালো রঙের (*মেঘবরন কেশ*)।

মেঘবাহন /মেঘোবাহোন্ / [স. মেঘ+√বাহি+অন] বি. দেবতা ইন্দ্র।

মেঘবিস্ফোরণ /মেঘ্‌বিশ্‌ফোরন্/ [স. মেঘ+বি+√স্ফুর্+অন] বি. পাহাড়ের ওপরে পুঞ্জীভূত উল্লম্ব জলভরা মেঘ ভেঙে ছোটো এলাকা জুড়ে হঠাৎ প্রবল বর্ষণ (ঘণ্টায় ১০০০ মিমি.), cloudburst।

মেঘমন্দ্র /মেঘোমন্‌দ্রো / [স. মেঘ+√মন্দ্+র] বি. মেঘের গম্ভীর নিনাদ। বিণ. মেঘের গর্জনের মতো গুরুগম্ভীর।

মেঘমল্লার /মেঘোমল্‌লার্ / [স. মেঘ+মল্ল+√ঋ+অ] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের বর্ষাঋতুর রাগবিশেষ।

মেঘমালা /মেঘোমালা / [স. মেঘ+মা+√লা+অ+আ (টাপ্)] বি. মেঘরাশি, পুঞ্জীভূত মেঘ।

মেঘমুক্ত /মেঘ্‌মুক্তো/ [স. মেঘ+√মুচ্+ত] বিণ. মেঘহীন, নির্মল (*মেঘমুক্ত আকাশ*)।

মেঘমেদুর /মেঘোমেদুর্/ [স. মেঘ+মেদুর] বিণ. মেঘে ঢাকা ও স্নিগ্ধ (*মেঘমেদুর আকাশ*)।

মেঘলা /মেঘ্‌লা / [স. মেঘ >] বিণ. মেঘে ঢাকা, মেঘাচ্ছন্ন (*মেঘলা আকাশ*)।

মেঘাগম /মেঘাগম্ / [স. মেঘ+আ+√গম্+অ] বি. বর্ষাকাল।

মেঘাগ্নি /মেঘাগ্‌নি / [স. মেঘ+অগ্নি] বি. বজ্র।

মেঘাচ্ছন্ন /মেঘাচ্‌ছন্নো / [স. মেঘ+আ+√ছদ্+ত] বিণ. মেঘে ঢাকা, মেঘলা (*মেঘাচ্ছন্ন আকাশ*)।

মেঘাত্যয় /মেঘাত্‌তয়্/ [স. মেঘ+অতি+√ই+অ] বি. ১ বর্ষাঋতুর সমাপ্তি। ২ শরৎকাল।

মেঘাবৃত /মেঘাব্‌বৃতো / [স. মেঘ+আবৃত] বিণ. মেঘে ঢাকা।

মেঘাস্থি /মেঘাস্‌থি / [স. মেঘ+√অস্+থি] বি. শিলা।

মেচেতা /মেচেতা/ [দেশি.] বি. (সূর্যের অতিবেগুনি রশ্মিতে পুড়ে যাওয়ার ফলে) গায়ের চামড়ায় উৎপন্ন কালো দাগ।

মেছুয়া[১] /মেছুআ/ [স. মৎস্য >] বি. ১ মাছবিক্রেতা। ২ ধীবর। স্ত্রী. মেছুনী /মেছুনি/।

মেছুয়া[২] /মেছুআ/ [স. মৎস্য >] বিণ. দ্র মেছো।

মেছুয়াপট্টি /মেছুআপোট্‌টি/ [বা.] বি. জেলেপাড়া।

www.pathagar.com

মেছুয়াবাজার /মেছুআবাজার্/ [বা.] বি. যে বাজারে মাছ বিক্রি করা হয়, মাছের বাজার।

মেছো /মেছো/ [বা.] বিণ. ১ মৎস্যবিষয়ক। ২ মাছখেকো (*মেছো কুমির*)।

মেজ /মেজ্/ [ফা.] বি. টেবিল।

মেজদা /মেজ্‌দা/ [বা.] বি. ভাইদের মধ্যে বয়সে বড়ো ও দ্বিতীয়।

মেজদি /মেজ্‌দি/ [বা.] বি. বোনদের মধ্যে বয়সে বড়ো ও দ্বিতীয়া।

মেজবান /মেজ্‌বান্/ [ফা.] বি. অতিথি আপ্যায়নকারী গৃহস্থ, নিমন্ত্রণকারী, host।

মেজবানি /মেজ্‌বানি/ [ফা.] বি. ১ ভোজের উৎসব। ২ আতিথেয়তা।

মেজর /মেজর্/ [ই.] বি. *লেফটেন্যান্ট কর্নেল*-এর অব্যবহিত অধস্তন ও *ক্যাপটেন*-এর অব্যবহিত উর্ধ্বতন সামরিক কর্মকর্তার পদবি, major।

মেজাজ /মেজাজ্/ [আ.] বি. ১ মানসিক অবস্থা (*মনমেজাজ*)। ২ স্বভাব, ধাত। ৩ রোষ।

মেজাজি /মেজাজি/ [আ. মিজাজ+ফা. ই] বিণ. ১ রুক্ষ স্বভাবের, ক্রোধী। ২ দাম্ভিক।

মেজো /মেজো/ [বা.] বিণ. (সমাসের পূর্বপদে ব্যবহৃত) মধ্যম বা দ্বিতীয় অর্থে ব্যবহৃত এমন, দ্বিতীয়, মধ্যম (*মেজো দিদি*)।

মেঝে /মেঝে/ [বা.] বি. গৃহতল, floor।

মেট /মেট্/ [ই. mate] বি. খালাসি বা কয়েদিদের সর্দার বা নেতা।

মেটা /মেটা/ [দেশি.] ক্রিবি. ১ নিষ্পন্ন হওয়া (*কাজ মেটা*)। ২ দূর হওয়া (*দুঃখ মেটা*)। ৩ মীমাংসিত হওয়া (*দ্বন্দ্ব মেটা*)। ৪ সফল হওয়া, তৃপ্ত হওয়া (*আশ মেটা*)। ৫ 'মিটা'-র কথ্য রূপ।

মেটানো /মেটানো/ [দেশি.] ক্রিবি. ১ নিষ্পন্ন করা, চুকানো (*দায় মেটানো*)। ২ মীমাংসা করা। ৩ দূর করা। ৪ তৃপ্ত করা (*সাধ মেটানো*)। ৫ 'মিটানো'-র কথ্য রূপ।

মেটুলি /মেটুলি/ [বা.] বি. দ্র মেটে[১]।

মেটে[১] /মেটে/ [বা.] বি. গবাদিপশুর যকৃৎ।

মেটে[২] /মেটে/ [বা.] বিণ. ১ মাটির তৈরি (*মেটে পথ*)। ২ মাটির মতো (*মেটে রং*)।

মেট্রন /মেট্রন্/ [ই.] বি. হাসপাতালের সেবিকাদের প্রধান, matron।

মেট্রিক /মেট্রিক্/ [ফ.] বি. গণনা বা পরিমাপের দশমিক পদ্ধতি, metric।

মেট্রিক টন /মেট্রিক্ টন্/ বি. ১০০০ কিলোগ্রাম (আনুমানিক ২২০৫ পাউন্ড); metric tonne।

মেট্রো /মেট্রো/ [ফ.] বি. শহরের মধ্যে বহুলোকের একসঙ্গে যাতায়াতের রেলব্যবস্থা (ভূগর্ভস্থ বা রাস্তার ওপর উঁচু করে নির্মিত), পাতালরেল, mass rapid transit।

মেঠো /মেঠো/ [বা.] বিণ. ১ মাঠের (*মেঠো পথ*)। ২ মাঠসংক্রান্ত।

মেডিক্যাল /মেডিক্যাল্/ [ফ.] বিণ. চিকিৎসাশাস্ত্রসংক্রান্ত; চিকিৎসাবিষয়ক; medical।

মেডেল /মেডেল্/ [ফ.] বি. প্রশংসা বা বিজয়ের স্বীকৃতিস্বরূপ প্রদত্ত ধাতব পদকবিশেষ, medal।

মেডেলধারী /মেডেল্‌ধারি/ [ফ. মেডেল+স. √ধৃ+ইন্] বিণ. মেডেল বা পদকপ্রাপ্ত।

মেড়া /ম্যাড়া/ [বা.] বি. ১ ভেড়া, মেষ। ২ (আল.) মূর্খ ও নির্বোধ ব্যক্তি।

মেড়ো /মেড়ো/ [বা.] বি. (অবজ্ঞায়) মাড়োয়ারি, হিন্দুস্থানি।

মেঢ্র /মেঢ্রো/ [স. √মিহ্+ত্র] বি. ১ পুরুষাঙ্গ, শিশ্ন। ২ ভেড়া, মেষ।

মেথর /ম্যাথোর্/ [ফা.] বি. ময়লা পরিষ্কার করা যার পেশা; ঝাড়ুদার। স্ত্রী. **মেথরানি** /ম্যাথ্‌রানি/।

মেথরগিরি /ম্যাথোর্‌গিরি/ [বা. মেথর+ফা. গিরি] বি. মেথরের পেশা।

মেথি /মেথি/ [স. মেথিকা >] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন হলুদ অথবা সাদা ছোটো ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী শিম্বগোত্রীয় উদ্ভিদ যার শুঁটিসদৃশ ফলের সুগন্ধ বীজ মসলারূপে ব্যবহৃত হয়।

মেদ /মেদ্/ [স. মেদস্] বি. জীবদেহের পেশির সঙ্গে যুক্ত স্নেহপদার্থের আবরণ, চর্বি।

মেদিনী /মেদিনি/ [স. মেদ+ইন্+ঈ] বি. পৃথিবী।

মেদুর /মেদুর্/ [স. √মিদ্+উর] বিণ. ১ কোমল, স্নিগ্ধ। ২ মসৃণ, চিক্কণ। ৩ শ্যামল। ৪ ঘন বর্ষায় আচ্ছন্ন, ঘোর (*মেঘমেদুর*)।

মেধ /মেধ্/ [স. √মেধ্+অ] বি. যে যজ্ঞে পশু বলি দেওয়া হয় (*অশ্বমেধ*)।

মেধা /মেধা/ [স. √মেধ্+অ+আ (টাপ্)] বি. ১ ধীশক্তি, বোধশক্তি। ২ স্মরণশক্তি, স্মৃতিশক্তি।

মেধাতালিকা /মেধাতালিকা/ [স. মেধা+বা. তালিকা] বি. সফলকাম প্রতিযোগীদের মেধাক্রম অনুযায়ী বিন্যস্ত তালিকা।

মেধাপাচার /মেধাপাচার্/ [স. মেধা+বা. পাচার] বি. মেধাবী কুশলীদের দেশত্যাগ; (পরি.) brain drain।

www.pathagar.com

মেধাবী /মেধাবি/ [স. মেধা+বিন্] বিণ. বুদ্ধিমান, বোধশক্তিসম্পন্ন। স্ত্রী. মেধাবিনী /মেধাবিনি/।

মেধাশূন্য /মেধাশুন্যে/ [স. মেধা+শূন্য] বিণ. মেধা নেই এমন; নির্বোধ।

মেধাস্বত্ব /মেধাশত্তো/ [স. মেধা+স্ব+ত্ব] বি. শিল্প সাহিত্য প্রভৃতি সৃষ্টিশীল কর্মের স্বত্ব; (পরি.) intellectual copyright।

মেধাহীন /মেধাহিন্/ [স. মেধা+√হা+ত] বিণ. দ্র মেধাশূন্য।

মেধ্য /মেদ্ধ্যে/ [স. √মেধ্+য] বিণ. ১ পবিত্র, পূত। ২ যজ্ঞের উপযুক্ত।

মেনকা /মেনোকা/ [স. √মন্+অক+আ (টাপ্)] বি. ১ হিমালয়পত্নী ও গৌরীজননী। ২ স্বর্গের অপ্সরা।

মেনি /মেনি/ [দেশি.] বি. বিড়ালী।

মেনিনজাইটিস /মেনিন্‌জাইটিস্/ [লা.] বি. ভাইরাস বা ব্যাকটেরিয়ার সংক্রমণে মস্তিষ্কের আবরক-ঝিল্লির স্ফীতি ও প্রদাহজনিত রোগ, meningitis।

মেনিমুখো /মেনিমুখো/ [বা.] বিণ. ১ মুখচোরা। ২ ভালো মানুষের ভান করে এমন, কপট।

মেনু /মেনু/ [ফ.] বি. ১ ভোজসভায় খাদ্য পরিবেশনের তালিকা। ২ হোটেল-রেস্তোরাঁয় লভ্য আহার্যের তালিকা। ৩ কম্পিউটার মুঠোফোন প্রভৃতি বিদ্যুতিনীয় উপকরণ যে সকল কর্ম-সম্পাদন করতে সক্ষম তার তালিকা, menu।

মেন্দি /মেন্দি/ [স. মেন্ধিকা >] বি. 'মেহেদি'-র আঞ্চলিক রূপ।

মেম /মেম্/ [ই. madam >] বি. ১ ইউরোপীয় নারী। ২ ইউরোপীয় সজ্জায় ভূষিত নারী।

মেম্বার /মেম্বার্/ [ই.] বি. সভ্য, সদস্য, member।

মেয় /মেয়ে/ [স. √মা+য] বিণ. অনুমান বা পরিমাণের যোগ্য (*মুষ্টিমেয়*)।

মেয়র /মেয়র্/ [ই.] বি. পুরসভার প্রধান, নগরপাল, mayor।

মেয়াদ /মেআদ্/ [আ.] বি. ১ নির্দিষ্ট সময় (*স্বল্প মেয়াদ*)। ২ কারাদণ্ড, কয়েদ।

মেয়াদি /মেআদি/ [ফা.] বিণ. নির্দিষ্ট মেয়াদযুক্ত (*স্বল্পমেয়াদি ঋণ*)।

মেয়ে /মেয়ে/ [স. মাতৃকা >] বি. ১ কন্যা; বালিকা। ২ নারী, স্ত্রীলোক। ৩ বিবাহের পাত্রী (*মেয়ে দেখা*)। বিণ. স্ত্রীজাতীয়।

মেয়ে দেখা /মেয়ে দ্যাখা/ ক্রিবি. বৈবাহিক সম্বন্ধ স্থাপনের উদ্দেশ্যে বরপক্ষের কনে দেখা।

মেয়েলি /মেয়েলি/ [বা.] বিণ. নারীর পক্ষে স্বাভাবিক এমন, নারীসুলভ (*মেয়েলি আচরণ*)।

মেয়েলিপনা /মেয়েলিপনা/ [বা.] বি. নারীসুলভ আচরণ ও হাবভাব।

মেরজাই /মেরজাই্/ [ফা.] বি. ফতুয়াজাতীয় হাতাকাটা ছোটো জামা।

মেরামত /মেরামত্/ [আ.] বি. ১ জীর্ণসংস্কার (*রাস্তা মেরামত*)। ২ সারানোর কাজ।

মেরামতি /মেরামোতি/ [আ.] বি. মেরামতের কাজ। বিণ. মেরামতসংক্রান্ত।

মেরিনো /মেরিনো/ [পো.] বি. স্পেনের একজাতীয় ভেড়ার লোম থেকে তৈরি সূক্ষ্ম পশমি কাপড়-বিশেষ। বিণ. ওইজাতীয় ভেড়ার লোমে তৈরি।

মেরু /মেরু/ [স. √মি+রু] বি. ১ পৃথিবীর উত্তর বা দক্ষিণ প্রান্তদেশ (*দক্ষিণ মেরু*)। ২ চুম্বকের দুই প্রান্ত। ৩ সুমেরু পর্বত। ৪ জপমালায় গ্রথিত প্রধান বীজ বা গ্রন্থিবীজ। ৫ শিরদাঁড়া (*মেরুদণ্ড*)।

মেরুজ্যোতি /মেরুজ্‌জোতি/ [স. মেরু+জ্যোতি] বি. উত্তর মেরুর চুম্বকশক্তির প্রভাবে উচ্চ আবহ-মণ্ডলের বাতাসের সঙ্গে মহাকাশ থেকে আগত শক্তিশালী ইলেকট্রন ও প্রোটন রশ্মির সংঘর্ষের ফলে উত্তর আকাশে দৃশ্যমান আলোর ছটা, উদীচীউষা, aurora।

মেরুদণ্ড /মেরুদন্ডো/ [স. মেরু+দণ্ড] বি. শিরদাঁড়া, পিঠের দাঁড়া।

মেরুদণ্ডহীন /মেরুদন্ডোহিন্/ [স. মেরুদণ্ড+হীন] বিণ. ১ মেরুদণ্ড নেই এমন, অমেরুদণ্ডী। ২ (আল.) ব্যক্তিত্বহীন; ভীরু।

মেরুদণ্ডী /মেরুদোনডি/ [স. মেরুদণ্ড+ইন্] বিণ. মেরুদণ্ডযুক্ত (*মেরুদণ্ডী প্রাণী*), vertebrate।

মেরুন /মেরুন্/ [ফ.] বি. গাঢ় খয়েরি রং, maroon।

মেরুপ্রভা /মেরুপ্রোভা/ [স. মেরু+প্র+√ভা+অ+আ (টাপ্)] বি. দ্র মেরুজ্যোতি।

মেরুরেখা /মেরুরেখা/ [স. মেরু+√লিখ্+অ+আ (টাপ্)] বি. ১ পৃথিবীর উত্তর ও দক্ষিণ মেরু ভেদকারী কাল্পনিক রেখা। ২ যে কল্পিত রেখাকে কেন্দ্র করে পৃথিবী ঘুরছে। ৩ যে কল্পিত রেখাকে কেন্দ্র করে অন্যান্য গ্রহ-উপগ্রহ পৃথিবীকে পরিভ্রমণ করছে বলে মনে হয়, axis।

মেরুকরণ /মেরুকরোন্/ [স. মেরু+ণ্বি+করণ] বি. দুটি বিপরীত বা বিরোধী গোষ্ঠীতে বিভাজন (*রাজনৈতিক মেরুকরণ*); (পরি.) polarization।

মেল[১] /মেল্/ [ই. mail] বি. ১ ডাক। ২ যাত্রী ও ডাকবাহী পরিবহণ। বিণ. দ্রুতগামী (*মেলট্রেন*)।

www.pathagar.com

মেল[১] /মেল্/ [স. √মিল্+অ] বি. ১ মিলন; সামঞ্জস্য। ২ জনতা; উৎসবাদিতে জনসমাগম। ৩ কুলীনদের শ্রেণিবিভাজন।

মেলক /মেলক্/ [স. মেল+ক (স্বার্থে)] বিণ. ১ ঐক্য ঘটায় এমন। ২ মিলনপ্রত্যাশী।

মেলন /মেলোন্/ [স. √মিল্+অন] বি. ১ মিলন। ২ বিশেষ উদ্দেশ্যে অনেক লোকের একত্রসমাগম।

মেলবন্ধন /মেল্‌বন্‌ধন্/ [স. মেল+বন্ধন] বি. ১ হিন্দুসমাজে কোন গোষ্ঠীর সঙ্গে কোন গোষ্ঠীর বিবাহ প্রশস্ত তার নির্দেশ। ২ মিলন; সংমিশ্রণ।

মেল ভাঙা /মেল্ ভাঙা/ ক্রিবি. নির্দিষ্ট মেল ভিন্ন অন্য মেলে বিবাহ করা বা কন্যাদান করা।

মেলা[১] /ম্যালা / [স. √মিল্+ণিচ্+অ+আ (টাপ্)] বি. ১ উৎসব উপলক্ষ্যে আয়োজিত আমোদ-প্রমোদের ব্যবস্থা-সহ ক্রয়বিক্রয়ের অস্থায়ী হাট (*বৈশাখী মেলা*)। ২ প্রচারের উদ্দেশ্যে আয়োজিত অস্থায়ী প্রদর্শনী (*বাণিজ্যমেলা*)। ৩ জনসমাগম।

মেলা[২] /ম্যালা / [দেশি.] বিণ. বহু, অনেক, প্রচুর (*মেলা লোক*)।

মেলা[৩] /মেলা / [বা.] ক্রিবি. ১ মিলিত হওয়া; একসঙ্গে অবস্থান করা (*এক স্থানে মেলা*)। ২ জোটা (*চাকরি মেলা*)। ৩ সদৃশ হওয়া (*জুড়ি মেলা*)। ৪ শুদ্ধ হওয়া (*অঙ্কের উত্তর মেলা*)। ৫ তুলনা করা (*মিলিয়ে দেখা*)। ৬ মিশে যাওয়া।

মেলা[৪] /ম্যালা / [বা.] ক্রিবি. ১ উন্মীলিত করা (*চোখ মেলা*)। ২ ছড়ানো, বিছানো (*চাদর মেলা*)।

মেলানো[১] /মেলানো / [বা.] ক্রিবি. ১ একত্র বা মিশ্রিত করা (*চাল-ডাল মেলানো*)। ২ খাপ খাওয়ানো (*ছন্দ মেলানো*)। ৩ সমাধান করা (*অঙ্ক মেলানো*)। ৪ অভিন্নতা পরীক্ষা করা (*স্বাক্ষর মেলানো*)।

মেলানো[২] /ম্যালানো / [বা.] ক্রিবি. বিণ. ১ খোলা বা খোলানো (*চোখ মেলানো*)। ২ প্রসারিত করা বা করানো (*কাপড় মেলানো*)।

মেলামেশা /মেলামেশা/ [বা.] বি. পরস্পর দেখা-সাক্ষাৎ বা যোগাযোগ; ঘনিষ্ঠতা; মিলন।

মেশা /মেশা/ [বা.] ক্রিবি. ১ মিশ্রিত হওয়া। ২ সংস্রবে যাওয়া (*লোকের সঙ্গে মেশা*)। ৩ খাপ খাওয়া, মানিয়ে চলা (*সকলের সঙ্গে মেশা*)। ৪ বিলীন হওয়া (*রাত্রি এসে যেথায় মেশে দিনের পারাবারে* রবীন্দ্র.)।

মেশানো /মেশানো/ [বা.] ক্রিবি. ১ মিশ্রিত করা (*দুধে জল মেশানো*)। ২ খাপ খাওয়ানো। বিণ. মিশ্রিত।

মেশামিশি /মেশামিশি/ [বা.] বি. ১ আলাপ-পরিচয়। ২ ঘনিষ্ঠ সংযোগ।

মেশিন /মেশিন্/ [ই. machine] বি. শক্তিকে গতিতে পরিণত করতে পারে এমন স্বতন্ত্র কার্যগুণসম্পন্ন একাধিক যন্ত্রাংশ যুক্ত করে তৈরি কল, যন্ত্র।

মেশিনগান /মেশিন্‌গান্/ [ই.] বি. বিরতিহীনভাবে প্রতি মিনিটে ৫০০ থেকে ১০০০ গুলি ছুড়তে সক্ষম স্বয়ংক্রিয় বন্দুক, machine gun।

মেষ /মেশ্/ [স. √মিষ্+অ] বি. ১ ভেড়া, মেড়া। ২ (জ্যোতি.) রাশিচক্রের প্রথম রাশি।

মেষপালক /মেশ্‌পালোক্/ [স. মেষ+পালক] বি. বিণ. মেষপালনকারী।

মেষপালন /মেশ্‌পালোন্/ [স. মেষ+পালন] বি. ব্যবসায়িক উদ্দেশ্যে মেষাদি পশু প্রতিপালন।

মেস /মেস্/ [ই. mess] বি. ১ বিভিন্ন পেশায় নিয়োজিত নির্দিষ্টসংখ্যক ব্যক্তির বসবাস ও খাদ্য পরিবেশনের ব্যবস্থা-সহ ভাড়া করা বাড়ি। ২ ছাত্রাবাস বা সেনানিবাসে (অর্থের বিনিময়ে) নিয়মিত আহারের ব্যবস্থা।

মেসো /মেশো/ [বা.] বি. মাসির স্বামী, খালু।

মেস্তা /মেস্‌তা/ [দেশি.] বি. গ্রীষ্ম ও উপগ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে অর্থকরী ফসলরূপে চাষ করা হয় এমন খাঁজকাটা উপবৃত্তাকার পাতা এবং বহুবীজযুক্ত ছোটো ফল অথবা তার শাখান্বিত মসৃণ লোমাবৃত দীর্ঘ কাণ্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদবিশেষ বা তা থেকে প্রাপ্ত উজ্জ্বল সোনালি আঁশ যা থলে দড়ি কাগজের মণ্ড প্রভৃতি তৈরির কাজে ব্যবহৃত হয়।

মেহ[১] /মেহো / [স. √মিহ্+অ] বি. ১ মেরুদণ্ডী প্রাণীর দেহস্থ অগ্ন্যাশয় (pancreas) থেকে নিঃসৃত ইনসুলিন হরমোনের উৎপাদন হ্রাস পাওয়ার ফলে রক্তে শর্করার আধিক্যজনিত রোগ, বহুমূত্ররোগ, diabetes (*মধুমেহ*)। ২ মূত্র, প্রস্রাব।

মেহ[২] /মেহো / [স. মেঘ >] বি. (কাব্যে) মেঘ।

মেহগনি /মেহোগোনি/ [অজ্ঞা.] বি. ভারতীয় উপমহাদেশ-সহ এশিয়া ও আমেরিকার ক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন গাঢ় সবুজ পাতা এবং দীর্ঘ কাণ্ডবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ বা তার মিহি আঁশ-যুক্ত লালচে বাদামি রঙের টেকসই মূল্যবান কাঠ।

মেহনত /মেহ্‌নত্/ [আ.] বি. দৈহিক শ্রম, খাটুনি।

মেহনতি /মেহ্‌নোতি/ [ফা.] বিণ. ১ মেহনতকারী, শ্রমজীবী (*মেহনতি মানুষ*)। ২ শ্রমসাধ্য (*মেহনতি কাজ*)। বি. শ্রমের মজুরি।

www.pathagar.com

মেহমান /মেহ্‌মান্‌ / [ফা.] বি. অতিথি।

মেহমানদারি/মেহ্‌মান্‌দারি /[ফা.] বি. অতিথিসেবা, আতিথেয়তা।

মেহেদি /মেহেদি / [আ. হিনা >] বি. বাংলাদেশ-সহ উত্তর আফ্রিকা ও ভারতীয় উপমহাদেশের সব দেশে জাত এবং বর্ষাকালে ফোটে এমন হলুদাভ সাদা গুচ্ছবদ্ধ মৃদুগন্ধ ফুল বা তার ভেষজ-গুণসম্পন্ন গুল্মজাতীয় চিরহরিৎ উদ্ভিদ যার উপ-বৃত্তাকার ছোটো পাতার নির্যাস চুল কাপড় প্রভৃতি রং করা ও অঙ্গসজ্জার কাজে ব্যবহৃত হয়।

মেহেন্দি /মেহেন্‌দি / [আ. হিনা >] বি. দ্র মেহেদি।

মেহেরবান /মেহেরবান্‌/ [ফা.] বিণ. দয়াবান।

মেহেরবানি /মেহেরবানি / [ফা.] বি. অনুগ্রহ, কৃপা।

মৈত্র /মোইত্‌ত্রো/ [স. মিত্র+অ] বিণ. মিত্রসম্পর্কিত। বি. ১ মিত্রতা, সৌহার্দ্য। ২ পদবিবিশেষ।

মৈত্রী /মোইত্‌ত্রি/ [স. মৈত্র+ঈ] বি. ১ বন্ধুতা, মিত্রতা; সৌহার্দ্য। ২ সন্ধি।

মৈত্রেয় /মোইত্‌ত্রেয়ো/ [স. মিত্র+এয়] বিণ. মিত্র-সম্বন্ধীয়। বি. ১ মুনিবিশেষ। ২ বুদ্ধদেব। ৩ পদবিবিশেষ।

মৈত্র্য /মোইত্‌ত্রো/ [স. মিত্র+য] বি. দ্র মৈত্রী।

মৈথিল /মোইথিল্‌/ [স. মিথিলা+অ] বিণ. ১ মিথিলা দেশীয়। ২ মিথিলাবাসী। বি. মিথিলার রাজা।

মৈথিলী /মোইথিলি / [স. মৈথিল+ঈ] বি. ১ মিথিলার রাজা জনকের কন্যা সীতা। ২ মিথিলার ভাষা।

মৈথুন /মোইথুন্‌ / [স. মিথুন+অ] বি. স্ত্রীপুরুষের যৌন সঙ্গম, রতিক্রিয়া।

মৈনাক /মোইনাক্‌ / [স. মেনকা+অ] বি. হিমালয় ও মেনকার পুত্র নামে খ্যাত কৈলাসের দক্ষিণে অবস্থিত পৌরাণিক পর্বতবিশেষ।

মোকদ্দমা /মোকোদ্‌দোমা / [আ.] বি. ১ আদালতে দায়েরকৃত অভিযোগ ও তার বিচারপ্রক্রিয়া, মামলা। ২ (আল.) বিষয়, ব্যাপার।

মোকররি /মোক্‌রোরি / [আ. মুকররর >] বি. নির্দিষ্ট খাজনার বিনিময়ে ভোগদখল করা হয় এমন ভূমি।

মোকাবিলা /মোকাবিলা / [আ.] বি. ১ সামনাসামনি বোঝাপড়া, মীমাংসা, নিষ্পত্তি। ২ দুই বা ততোধিক দল বা পক্ষের শক্তিপরীক্ষা। ৩ মুখোমুখি হয়ে প্রতিরোধ (*শত্রুর মোকাবিলা*)।

মোকাম /মোকাম্‌/ [আ.] বি. ১ আবাস, বাসস্থান; আস্তানা; আড্ডা। ২ বাণিজ্যস্থান।

মোক্তা[১] /মোক্‌তা/ [আ.] বিণ. ১ একীভূত; একত্রিত। ২ নির্ধারিত।

মোক্তা[২] /মোক্‌তা/ [স. √মুচ্‌+ত্‌] বিণ. পরিত্রাতা, মুক্তিদাতা।

মোক্তার /মোক্‌তার্‌ / [আ.] বি. ১ অধস্তন পর্যায়ের আইনজীবী। ২ মোকদ্দমা চালানোর জন্য নিযুক্ত প্রতিনিধি।

মোক্তারনামা /মোক্‌তারনামা/ [আ. মোক্তার+ফা. নামা] বি. বাদী বা বিবাদীর পক্ষে মোকদ্দমা পরিচালনের জন্য ক্ষমতা প্রদানের দলিল, মোক্তাররূপে নিয়োগপত্র।

মোক্তারি /মোক্‌তারি/ [ফা.] বি. মোক্তারের কাজ বা পেশা।

মোক্ষ /মোক্‌খো/ [স. √মোক্ষ্‌+অ] বি. ১ সংসারের বন্ধন থেকে মুক্তি। ২ নির্বাণ (*মোক্ষলাভ*)। ৩ মৃত্যু।

মোক্ষণ /মোক্‌খন্‌/ [স. √মোক্ষ্‌+অন] বি. ১ মুক্তি, উদ্ধারলাভ। ২ নিঃসারণ, ক্ষরণ (*রক্তমোক্ষণ*)।

মোক্ষদ /মোক্‌খোদো / [স. মোক্ষ+√দা+অ] বিণ. মোক্ষ বা মুক্তি দান করে এমন, মোক্ষদায়ক।

মোক্ষদা /মোক্‌খোদা / [স. মোক্ষ+√দা+অ+আ (টাপ্‌)] বিণ. মুক্তিদাত্রী। বি. ১ দেবী দুর্গা। ২ গঙ্গা।

মোক্ষদায়ক /মোক্‌খোদায়ক্‌/ [স. মোক্ষ+√দা+অক] বিণ. দ্র মোক্ষদ।

মোক্ষদায়িনী /মোক্‌খোদায়িনি/ [স. মোক্ষ+√দা+ইন্‌+ঈ] বি. দ্র মোক্ষদা।

মোক্ষধাম /মোক্‌খোধাম্‌/ [স. মোক্ষ+ধাম] বি. ১ মুক্তির স্থান। ২ দুঃখ মোচনের স্থান।

মোক্ষপদ /মোক্‌খোপদ্‌ / [স. মোক্ষ+√পদ্‌+অ] বি. মুক্ত অবস্থা।

মোক্ষম /মোক্‌খোম্‌/ [আ.] বিণ. ১ প্রবল; সাংঘাতিক (*মোক্ষম আঘাত*)। ২ নির্ঘাত। ৩ যথার্থ (*মোক্ষম সময়*)।

মোক্ষলাভ /মোক্‌খোলাভ্‌/ [স. মোক্ষ+লাভ] বি. মুক্তি লাভ।

মোগল /মোগোল্‌ / [তুর.] বি. ১ মঙ্গোলিয়া থেকে বাবরের নেতৃত্বে ভারতে আগত সাম্রাজ্য স্থাপন-কারী জাতিবিশেষ। ২ মঙ্গোলিয়ার অধিবাসী।

মোগলাই /মোগ্‌লাই / [ফা.] বিণ. মোগলসুলভ।

মোগলাই পরোটা /মোগ্‌লাই্‌ পরোটা/ বি. ডিমের পুর দেওয়া পরোটাবিশেষ।

মোঘ /মোঘ্‌/ [স. √মুহ্‌+অ] বিণ. সফলকাম নয় এমন, ব্যর্থ।

মোঘপুষ্পা /মোঘোপুশ্‌পা / [স. মোঘ+√পুষ্প্‌+অ+আ (টাপ্‌)] বিণ. বন্ধ্যা।

www.pathagar.com

মোঙ্গল /মোংগোল্/ [ফা. মোগল >] বি. মধ্য এশিয়ার জাতিবিশেষ, মঙ্গোলিয়ার অধিবাসী।

মোচ[১] /মোচ্/ [স. শ্মশ্রু >] বি. ১ পুরুষদের ঠোঁটের ওপর উদ্‌গত রোমরাজি, গোঁফ। ২ কলমের ডগা; নিব।

মোচ[২] /মোচ্/ [স. √মুচ্+অ] বি. ১ কলাগাছ; কদলী। ২ শজনেগাছ।

মোচক /মোচক্/ [স. √মুচ্+অক] বি. ১ মোচনকারী। ২ উদ্‌ঘাটক।

মোচড় /মোচোড়্/ [বা.] বি. ১ পাক, প্যাঁচ। ২ (আল.) সুযোগ বা বাগে পেয়ে চাপ প্রয়োগ।

মোচড়ানো /মোচ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. মোচড় দেওয়া, বারবার পাক দেওয়া।

মোচন /মোচন্/ [স. √মুচ্+অন] বি. ১ মুক্তিদান। ২ উদ্‌ঘাটন।

মোচনীয় /মোচোনিয়ো/ [স. √মুচ্+অনীয়] বিণ. ১ মোচন করা যায় এমন। ২ মুক্ত করার যোগ্য।

মোচা /মোচা/ [স. মোচক >] বি. কলার মঞ্জরি, কদলীপুষ্প।

মোচাকৃতি /মোচাক্‌কৃতি/ [বা.] বিণ. মোচার আকৃতিবিশিষ্ট, conical।

মোচিত /মোচিতো/ [স. √মোচি+ত] বিণ. মোচন করা হয়েছে এমন, দূরীকৃত।

–মোচী /মোচি/ [স. √মুচ্+ইন্] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) মোচন করে এমন (*পত্রমোচী*)।

মোচ্য /মোচ্‌চো/ [স. √মুচ্+য] বিণ. মোচনের উপযুক্ত বা যোগ্য।

মোছা /মোছা/ [বা.] ক্রিবি. ১ শুষ্ক করা (*গা মোছা*)। ২ ঝেড়ে পরিষ্কার করা (*টেবিল মোছা*)। ৩ ঘষে তুলে ফেলা (*দাগ মোছা*)। ৪ (আল.) অপনোদন করা (*গ্লানি মোছা*)। ৫ 'মুছা'–র কথ্য রূপ।

মোছানো /মোছানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে মুছিয়ে বা ঘষে পরিষ্কার করানো।

মোজা /মোজা/ [ফা.] বি. কৃত্রিম বা পশমি সুতোয় বোনা পায়ের আঁটোসাঁটো আবরণ, stocking।

মোট[১] /মোট্/ [বা.] বি. সমষ্টি। বিণ. সার, মোদ্দা, মূল (*মোট কথা*)। ক্রিবিণ. সাকুল্যে, total।

মোট[২] /মোট্/ [হি.] বি. ১ বোঝা, ভার। ২ বস্তা, পেঁটলা, গাঁটরি (*মোটবাহী*)।

মোটকথা /মোট্‌কথা/ [বা.] বি. আসল কথা, সার কথা, মূল কথা।

মোটঘাট /মোট্‌ঘাট্/ [বা.] বি. পোটলাপুঁটলি, বাক্স-প্যাটরা।

মোটবাহক /মোট্‌বাহক্/ [বা.] বি. বোঝা বহনকারী, মুটে।

মোটমাট /মোট্‌মাট্/ [বা.] ক্রিবিণ. ১ মোটামুটিভাবে। ২ সবসুদ্ধ।

মোটর /মোটোর্/ [লা.] বি. বিদ্যুৎ বা জ্বালানি তৈল-চালিত ঘূর্ণনযন্ত্র যা দিয়ে অন্যান্য যন্ত্র চালানো যায়।

মোটরগাড়ি /মোটোর্‌গাড়ি/ [ই. মোটর+বা. গাড়ি] বি. পেট্রোল ডিজেল বা ব্যাটারিচালিত যানবিশেষ।

মোটরবাইক /মোটোর্‌বাইক্ / [ই.] বি. মোটরচালিত দুই চাকার যানবিশেষ।

মোটা /মোটা/ [বা.] বিণ. ১ মেদবহুল (*মোটা শরীর*)। ২ পুরু (*মোটা কম্বল*)। ৩ সূক্ষ্ম নয় এমন (*মোটা কাপড়*)। ৪ কর্কশ (*মোটা গলা*)। ৫ তীক্ষ্ণ নয় এমন, স্থূল (*মোটা বুদ্ধি*)। ৬ অধিক (*মোটা খরচ*)। ৭ সরু বা মিহি নয় এমন (*মোটা চাল*)।

মোটানো /মোটানো/ [বা.] ক্রিবি. মোটা হওয়া, মুটিয়ে যাওয়া।

মোটামুটি /মোটামুটি/ [বা.] ক্রিবিণ. ১ স্থূল হিসাবে। ২ মোটের ওপর।

মোটাসোটা /মোটাশোটা/ [বা.] বিণ. স্থূল; হৃষ্টপুষ্ট।

মোটে /মোটে/ [বা.] ক্রিবিণ. ১ সাকুল্যে। ২ কেবল (*মোটে এইটুকু*)। ৩ সবেমাত্র (*মোটে তো এলাম*)। ৪ আদৌ (*খবর মোটেও ভালো নয়*)।

মোটেই /মোটেই/ [বা.] ক্রিবিণ. আদৌ, একটুও (*শরীর মোটেই ভালো নয়*)।

মোটের উপর /মোটের্ উপর্/ ক্রিবিণ. দ্র মোটের ওপর।

মোটের ওপর /মোটের্ ওপর্/ ক্রিবিণ. সবদিক বিবেচনা করে (*মোটের ওপর ভালোই আছি*)।

মোডেম /মোডেম্/ [ই.] বি. কম্পিউটারে আগত অ্যানালগ সংকেতকে ডিজিটাল সংকেতে এবং প্রেরিতব্য ডিজিটাল সংকেতকে অ্যানালগ সংকেতে রূপান্তরিতকরণের বিদ্যুতিনীয় সরঞ্জামবিশেষ, modulator ও demodulator-এর সংক্ষিপ্ত রূপ, modem।

মোড় /মোড়্ / [বা.] বি. ১ বাঁক। ২ প্রান্ত।

মোড়ক /মোড়োক্/ [হি.] বি. কাগজ পলিথিন প্রভৃতির তৈরি আবরক, পুরিয়া, ঠোঙা, প্যাকেট।

মোড়ল /মোড়োল্/ [স. মণ্ডল >] বি. ১ গ্রামের প্রধান ব্যক্তি। ২ সর্দার। ৩ মণ্ডল।

মোড়লি /মোড়োলি/ [বা.] বি. ১ অবাঞ্ছিত কর্তৃত্ব। ২ সর্দারি।

মোড়া[১] /মোড়া/ [দেশি.] বি. ১ বাঁশ বেত প্রভৃতির

www.pathagar.com

তৈরি টুলজাতীয় গোলাকার ছোটো আসনবিশেষ। ২ বেতের তৈরি ধানচাল প্রভৃতি রাখার আধার।

মোড়া[১] /মোড়া/ [দেশি.] ক্রিবি. বিণ. ১ আবৃত করা, জড়ানো (*কাগজে মোড়া*)। ২ ভাঁজ করা; সংকুচিত করা। ৩ বাঁকানো। ৪ পাকানো।

মোড়া[২] /মোড়া/ [বা.] বি. মোচড় (*গা মোড়া দেওয়া*)।

মোড়া[৩] /মোড়া/ [বা.] ক্রিবি. ১ মুণ্ডিত করা (*মাথা মোড়া*)। ২ অগ্রভাগ ছেঁটে দেওয়া (*ডালপালা মোড়া*)।

মোড়ানো /মোড়ানো/ [বা.] ক্রিবি. ১ আবৃত বা বেষ্টন করানো, জড়ানো। ২ মোচড় দেওয়ানো।

মোড়ামুড়ি /মোড়ামুড়ি/ [বা.] বি. ১ মোচড়ামুচড়ি। ২ (আল.) দরাদরি।

মোতাওয়াল্লি /মোতাওআল্লি/ [আ.] বি. ধর্মীয় বা দাতব্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধায়ক।

মোতাবেক /মোতাবেক্/ [আ.] ক্রিবিণ. অনুসারে, অনুযায়ী।

মোতায়েন /মোতায়েন্/ [আ.] বিণ. ১ নিযুক্ত, বহাল। ২ পাহারারত (*পুলিশ মোতায়েন আছে*)।

মোতি /মোতি/ [স. মৌক্তিক>] বি. ঝিনুকের দেহের অভ্যন্তরে টিসু-বিকারের ফলে গড়ে ওঠা ক্যাল-সিয়াম কার্বনেট সমৃদ্ধ হালকা গোলাপি প্রভৃতি বর্ণের অস্বচ্ছ মসৃণ গোলাকার রত্ন, মুক্তা, pearl।

মোতিচুর /মোতিচুর/ [বা.] বি. মোতির ন্যায় দানা-বিশিষ্ট ঘৃতপক্ক মিঠাইবিশেষ, মিহিদানা।

মোতিম /মোতিম্/ [বা.] বিণ. মুক্তাখচিত।

মোদক /মোদোক্/ [স. √মুদ্+ণিচ্+অক] বি. ১ মিঠাই তৈরি যার পেশা, ময়রা; জাতিবিশেষ। ২ মোয়া নাড়ু প্রভৃতি। ৩ ভাং চিনি প্রভৃতির তৈরি কবিরাজি ওষুধবিশেষ। বিণ. আনন্দদায়ক।

মোদা /মোদা/ [বা.] ক্রিবি. মুদিত করা, বন্ধ করা। বিণ. আবৃত, বন্ধ; 'মুদা'-র কথ্য রূপ।

মোদিত /মোদিতো/ [স. √মুদ্+ণিচ্+ত] বিণ. ১ আমোদিত, সুরভিত। ২ আনন্দিত, হর্ষযুক্ত।

মোদী /মোদি/ [স. √মুদ্+ইন্] বিণ. ১ আনন্দ দেয় এমন। ২ হর্ষযুক্ত। স্ত্রী. **মোদিনী** /মোদিনি/।

মোদের /মোদের্/ [আঞ্চ.] সর্ব. (পদ্যে) ১ আমাদের (*মোদের গরব মোদের আশা, /আ মরি বাংলা-ভাষা!* অতুল.)। ২ আমাদিগকে।

মোদ্দা /মোদ্দা/ [আ.] বিণ. আসল, প্রকৃত (*মোদ্দা কথা*)।

মোনা /মোনা/ [বা.] বি. ১ ঢেঁকির মুষল। ২ ঢেঁকির মুষলে বেষ্টিত লোহার পাত।

মোনাজাত /মোনাজাত্/ [আ.] বি. প্রার্থনা, আবেদন।

মোবাইল /মোবাইল্/ [লা.] বিণ. এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া যায় এমন, ভ্রাম্যমাণ। বি. হাতের মুঠো পকেট বা হাতব্যাগে বহন করা যায় এমন তারবিহীন টেলিফোন, মুঠোফোন, চলভাষ, সেলফোন।

মোবাইল ফোন /মোবাইল্ ফোন্/ বি. হাতের মুঠো পকেট বা হাতব্যাগে বহন করা যায় এমন তার-বিহীন টেলিফোন, মুঠোফোন, চলভাষ, সেলফোন।

মোম /মোম্/ [ফা.] বি. ১ ঠান্ডায় জমে যায় এমন আঠালো হাইড্রোকার্বনবিশেষ যা দিয়ে মৌচাক তৈরি হয়। ২ মোমবাতি তৈরি ও প্রতিমাশিল্পের কাজে ব্যবহৃত হাইড্রোকার্বনবিশেষ।

মোমছাল /মোম্ছাল্/ [বা.] বি. আর্সেনিক ও গন্ধকের মিশ্রণজাত বিষাক্ত রক্তবর্ণ পদার্থবিশেষ, মনছাল, red arsenic।

মোমজামা /মোম্জামা/ [ফা.] বি. মোমের প্রলেপ দেওয়া জলনিবারক বস্ত্র।

মোমঢাল /মোম্ঢাল্/ [বা.] বি. দ্র মোমজামা।

মোমবাতি /মোম্বাতি/ [বা.] বি. মোম প্যারাফিন প্রভৃতির তৈরি দণ্ডাকার বাতি।

মোমিন /মোমিন্/ [আ.] বি. প্রকৃত ইমানদার ও ধর্মনিষ্ঠ মুসলমান, আল্লাহ্‌র ওপর আস্থা স্থাপন-কারী ব্যক্তি।

মোমের পুতুল /মোমের্ পুতুল্/ বি. ১ মোমের তৈরি পুতুল যা সহজেই গলে যায়। ২ (আল.) সামান্য পরিশ্রমে কাতর হয়ে পড়ে এমন ব্যক্তি।

মোয় /মোয়্/ সর্ব. আমাকে আমায় ও আমাতে শব্দত্রয়ের প্রাচীন কাব্যিক রূপ।

মোয়া /মোআ/ [বা.] বি. গুড় বা চিনির পক্ক খই মুড়ি চিড়া তিল নারকেল প্রভৃতির গোলাকার মিঠাই।

মোর /মোর্/ [বা.] সর্ব. (পদ্যে) আমার।

মোরগ /মোরোগ্/ [ফা.] বি. মেদহীন মাংসের উৎস-রূপে পৃথিবীর প্রায় সব দেশে বাণিজ্যিক পণ্যরূপে পালন করা হয় এমন বিভিন্ন রঙের পালকাবৃত মাথায় ঝুঁটিওয়ালা স্থলচর পাখি, কুক্কুট, কুক্কুটী।

মোরগফুল /মোরোগ্ফুল্/ [বা.] বি. এশিয়া আফ্রিকা ও আমেরিকা জুড়ে বিস্তৃত সাদা লাল হলুদ প্রভৃতি বর্ণের মোরগের ঝুঁটির মতো রেশমি চকচকে ফুল বা তার শাখাপ্রশাখাযুক্ত বর্ষজীবী বীরুৎশ্রেণির শোভাবর্ধক উদ্ভিদ।

মোরব্বা /মোরোব্বা/ [আ.] বি. চিনির রসে জারিত চালকুমড়া আম বেল প্রভৃতির তৈরি খাদ্যবস্তু।

www.pathagar.com

মোরা /মোরা / [বা.] সর্ব. (কাব্যে) আমরা।

মোরে /মোরে / [বা.] সর্ব. (কাব্যে) আমাকে।

মোর্চা /মোর্চা/ [হি.] বি. আন্দোলন বা নির্বাচনের জন্য গঠিত বিভিন্ন দলের জোট।

মোলায়েম /মোলায়েম্/ [আ.] বিণ. ১ নরম, মৃদু, হালকা। ২ সুললিত (*মোলায়েম কণ্ঠ*)।

মোল্লা /মোল্লা / [আ.] বি. ১ আরবি ভাষা ও ইসলামি শাস্ত্রে অভিজ্ঞ ব্যক্তি। ২ পদবিবিশেষ।

মোল্লাগিরি /মোল্লাগিরি / [আ. মোল্লা+ফা. গিরি] বি. মোল্লার বৃত্তি।

মোষ /মোশ্/ [আঞ্চ.] বি. 'মহিষ'-এর কথ্য রূপ।

মোসাম্বি /মোসাম্বি / [দেশি.] বি. সবুজাভ খোসায় আবৃত হলুদ শাঁসযুক্ত কমলাজাতীয় অম্লমধুর ফল, sweet lemon।

মোসাহেব /মোসাহেব্ / [আ.] বিণ. তোষামোদ করে এমন, চাটুকার। বি. ১ তোষামোদকারী ব্যক্তি। ২ তোষামুদে সহচর।

মোসাহেবি /মোসাহেবি/ [আ.] বি. মোসাহেবের কাজ, চাটুকারিতা।

মোহ /মোহো/ [স. √মুহ্+অ] বি. ১ বিবেচনাহীন আকর্ষণ, বিমূঢ়তা। ২ তন্ময়তা; মুগ্ধতা। ৩ ভ্রান্তি, মায়া। ৪ অজ্ঞতা, মূর্খতা।

মোহঘোর /মোহোঘোর্/ [স. মোহ+ঘোর] বি. ১ অজ্ঞানতারূপ অন্ধকার। ২ মোহজনিত ভ্রান্তি।

মোহচ্যুতি /মোহোচ্চুতি/ [স. মোহ+√চ্যু+তি] বি. মোহাবসান।

মোহতিমির /মোহোতিমির্ / [স. মোহ+তিমির] বি. দ্র মোহঘোর।

মোহন /মোহোন্ / [স. √মুহ্+ণিচ্+অন] বি. ১ সম্মোহন বা মুগ্ধকরণ। ২ কামদেবের সম্মোহক বাণ। বিণ. মুগ্ধকর, মনোহর (*মোহনবাঁশি*)।

মোহনভোগ /মোহোনভোগ্ / [স. মোহন+ভোগ] বি. দুধ চিনি সুজি ঘি প্রভৃতি সহযোগে প্রস্তুত খাদ্যবস্তু।

মোহনা /মোহোনা / [হি.] বি. দ্র মোহানা।

মোহনিদ্রা /মোহোনিদ্রা / [স. মোহ+নিদ্রা] বি. মোহরূপ নিদ্রা, মোহাচ্ছন্ন অবস্থা।

মোহনিয়া /মোহোনিআ / [বা.] বিণ. (কাব্যে) মোহকর, প্রীতিকর।

মোহনিরসন /মোহোনিরশন্ / [স. মোহ+নিরসন] বি. দ্র মোহভঙ্গ।

মোহবন্ধ /মোহোবন্ধো / [স. মোহ+√বন্ধ্+অ] বি. দ্র মোহবন্ধন।

মোহবন্ধন /মোহোবন্ধন্ / [স. মোহ+√বন্ধ্+অন] বি. মোহরূপ বন্ধন, মায়ার বাঁধন (*সংসারের মোহবন্ধন*)।

মোহভঙ্গ /মোহোভংগো / [স. মোহ+√ভন্জ্+অ] বি. মোহ থেকে অব্যাহতি, মোহাবসান, মোহচ্যুতি।

মোহমত্ততা /মোহোমত্তোতা/ [স. মোহ+মত্ততা] বি. ১ মোহজনিত উন্মাদনা। ২ অজ্ঞতাজনিত দম্ভ।

মোহমন্ত্র /মোহোমন্ত্রো / [স. মোহ+√মন্ত্র্+অ] বি. মোহ সৃষ্টি করে এমন মন্ত্র।

মোহমুক্তি /মোহোমুক্তি/ [স. মোহ+√মুচ্+তি] বি. মোহাবসান, মোহচ্যুতি।

মোহমুগ্ধ /মোহোমুগ্ধো / [স. মোহ+√মুহ্+ত] বিণ. মায়াদ্বারা প্রভাবিত; মোহাচ্ছন্ন।

মোহর /মোহোর্ / [ফা. মুহর >] বি. ১ আনুমানিক ১০ গ্রাম ওজনের স্বর্ণমুদ্রাবিশেষ। ২ সিল বা নামের ছাপ।

মোহানা /মোহানা / [হি.] বি. ১ নদী যেখানে প্রশস্ত হয়ে অন্য নদী বা সমুদ্রে মিলিত হয় (*গঙ্গার মোহানা*)। ২ জলাশয়ের জল নির্গমনের পথ।

মোহান্ধ /মোহান্ধো/ [স. মোহ+অন্ধ] বিণ. মোহের ঘোরে বিচারবুদ্ধি লোপ পেয়েছে এমন।

মোহাম্মদ /মোহাম্মদ্/ [আ.] বি. 'মুহম্মদ'-এর বানানভেদ।

মোহিত /মোহিতো/ [স. √মুহ্+ণিচ্+ত] বিণ. ১ আত্মহারা, বিমুগ্ধ, বিভোর। ২ মোহপ্রাপ্ত। স্ত্রী. মোহিতা /মোহিতা/।

মোহিনী /মোহিনি/ [স. মোহ+ইন্+ঈ] বিণ. ১ মুগ্ধকারিণী। ২ পরম সুন্দরী। বি. সম্মোহনবিদ্যা।

মোহ্যমান /মোজ্ঝোমান্ / [স. √মুহ্+ণিচ্+মান] বিণ. ১ দুঃখশোকে কাতর বা মুষড়ে পড়েছে এমন। ২ মোহাচ্ছন্ন। ৩ 'মুহ্যমান'-এর শুদ্ধ কিন্তু অপ্রচলিত রূপ।

মৌ /মৌড়্ / [স. মধু >] বি. মধু, মকরন্দ।

মৌখিক /মৌড়্খিক্ / [স. মুখ+ইক] বিণ. ১ আন্তরিক না হয়েও শুধু মুখের কথায় প্রকাশিত। ২ লিখিত নয়, বাচনিক (*মৌখিক পরীক্ষা*)। ৩ মুখসম্বন্ধীয়।

মৌখিক পরীক্ষা /মৌড়্খিক্ পোরিক্খা/ বি. যে পরীক্ষায় মুখে মুখে প্রশ্নের উত্তর দিতে হয়, viva voce, oral test।

মৌচাক /মৌড়্চাক / [স. মধুচক্র >] বি. মোমের তৈরি যে চাকে মৌমাছি মধু সঞ্চয় করে, মধুচক্র।

মৌজ /মৌড়্জ্/ [আ.] বি. ১ নেশার ঘোর। ২ আনন্দ, উল্লাস। ৩ তরঙ্গ, ঢেউ।

মৌজা /মৌড়্জা / [ফা.] বি. ১ গ্রাম; কয়েকটি গ্রামের

www.pathagar.com

সমষ্টি। ২ ভূমিরাজস্ব নথিতে লিপিবদ্ধ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের অধিভুক্ত ভূমিখণ্ড।

মৌজুদ /মোউজুদ্/ [আ.] বিণ. ১ জমা, সঞ্চিত (*মৌজুদ পণ্য*)। ২ বিদ্যমান, বর্তমান।

মৌটুসকি /মোউটুশ্‌কি/ [দেশি.] বিণ. মধুরভাষিণী; মঞ্জুভাষিণী। বি. উজ্জ্বল বর্ণের চঞ্চলপ্রকৃতির স্থানীয় প্রজাতির ছোটো গায়ক পাখি (*আবার কোথায় মৌটুসকি টুসকি মারে ফুলে* প্রেমেন্দ্র.)।

মৌটুসি /মোউটুশি/ [দেশি.] বি. ক্রান্তীয় বা উপক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এবং ফুলের মধু খেয়ে জীবনধারণ করে এমন নিচের দিকে বাঁকানো লম্বা চঞ্চুবিশিষ্ট উজ্জ্বল বর্ণের চঞ্চলপ্রকৃতির স্থানীয় প্রজাতির ছোটো গায়ক পাখি।

মৌতাত /মোউতাত্/ [আ. মৌতাদ্ >] বি. ১ নির্দিষ্ট সময়ে মাদকদ্রব্য সেবন বা গ্রহণের স্পৃহা। ২ নেশার আমেজ।

মৌন /মোউনো/ [স. মুনি+অ] বি. নীরবতা (*মৌন-পালন*)। বিণ. (বাংলায়) নীরব (*মৌনমিছিল*)।

মৌনব্রত /মোউনোব্রোতো/ [স. মৌন+√বৃ+অত] বি. নির্বাক থাকার সংকল্প।

মৌনভঙ্গ /মোউনোভংগো/ [স. মৌন+√ভন্‌জ্+অ] বি. মৌন পরিহার, নীরবতা ভঙ্গ।

মৌনসম্মতি /মোউনোশম্‌মোতি/ [স. মৌন+সম্মতি] বি. বিরোধিতার পরিবর্তে নীরব থেকে সম্মতি-জ্ঞাপন।

মৌনাবলম্বন /মোউনাবোলম্‌বোন্/ [স. মৌন+অবলম্বন] বি. নীরবতা পালন; মৌনব্রত পালন।

মৌনী /মোউনি/ [স. মৌন+ঈ] বিণ. মৌনাবলম্বন করেছে এমন (*মৌনী সাধক*), নির্বাক।

মৌপাট্টা /মোউপাট্টা/ [বা.] বি. খাজনার বিনিময়ে পুরুষানুক্রমে জমি ভোগ করার বন্দোবস্ত; খাজনার জমি বন্দোবস্তের দলিল।

মৌমাছি /মোউমাছি/ [দেশি.] বি. উপক্রান্তীয় অঞ্চলে দলবদ্ধভাবে বিচরণ করে এবং লোমাবৃত তিনজোড়া সরু পা একজোড়া ছোটো ডানা ও হুলবিশিষ্ট সামাজিক পতঙ্গ যা ফুল থেকে মধু আহরণ ও গাছের ডাল পাকা বাড়ির ছাদ প্রভৃতি স্থানে মৌচাক তৈরি মধু সঞ্চয় এবং মোম উৎপাদন করে, মধুমক্ষিকা।

মৌরলা /মোউরলা/ [স. মুরল >] বি. অগভীর জলাশয়ের উপরিতলে ঝাঁক বেধে চলে এমন উজ্জ্বল রুপালি পার্শ্বরেখাযুক্ত ভিটামিনসমৃদ্ধ সুস্বাদু ছোটো মাছ।

মৌরসি /মোউরোশি/ [আ.] বিণ. পুরুষানুক্রমে ভোগ-দখল করে আসছে এমন; উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত।

মৌরসি পাট্টা /মোউরোশি পাট্টা/ বি. নির্দিষ্ট খাজনার বিনিময়ে বংশপরম্পরায় জমি ভোগদখল করার বন্দোবস্ত বা তার দলিল।

মৌরি /মোউরি/ [স. মধুরিকা >] বি. পৃথিবীর প্রায় সব দেশে জাত এমন ম্যাগনোলিয়া (magnolia) প্রজাতির চিরহরিৎ গুল্ম বা তার ভেষজগুণসম্পন্ন জিরাসদৃশ সুগন্ধবীজ (আনি. মিশর ও পূর্ব ভূমধ্যসাগরীয় অঞ্চল), anise।

মৌর্বী /মোউরবি/ [স. মূর্বা+অ+ঈ] বিণ. মূর্বাতৃণ-বিষয়ক। বি. মূর্বাতৃণের আঁশ থেকে নির্মিত ধনুকের ছিলা বা জ্যা।

মৌর্য /মোউর্‌জো/ [স. মুরা+য] বি. সম্রাট চন্দ্রগুপ্ত প্রতিষ্ঠিত রাজবংশ।

মৌল[১] /মোউলো/ [স. মূল+অ] বিণ. ১ মূলসংক্রান্ত। ২ মূল থেকে জাত। ৩ আদিম। বি. মৌলিক পদার্থ, element।

মৌল[২] /মোউল্/ [স. মুকুল >] বি. ১ মুকুল। ২ মহুয়া।

মৌলকণা /মোউলোকনা/ [স. মৌল+কণা] বি. যে সকল মৌলিক উপাদানের (ইলেকট্রন প্রোটন নিউট্রন প্রভৃতি) সমন্বয়ে পরমাণু গঠিত হয়; (পরি.) fundamental particle।

মৌলবাদ /মোউলোবাদ্/ [স. মৌল+বাদ] বি. ধর্মীয় গোঁড়ামির প্রতি অন্ধবিশ্বাস।

মৌলবাদী /মোউলোবাদি/ [স. মৌল+√বদ্+ইন্] বিণ. ধর্মীয় গোঁড়ামির অন্ধ অনুসারী।

মৌলবি /মোউলোবি/ [আ.] বি. ইসলাম ধর্মশাস্ত্র ও আরবি ভাষায় পারদর্শী ব্যক্তি।

মৌলানা /মোউলানা/ [আ.] বি. ইসলাম ধর্মবিষয়ে পণ্ডিত, আলেম।

মৌলি /মোউলি/ [স. মূল+ই] বি. ১ মুকুট, কিরীট। ২ চূড়া। ৩ খোঁপা। ৪ মস্তক (*তুষারমৌলি*)।

মৌলিক /মোউলিক্/ [স. মূল+ইক] বিণ. ১ মূল-সম্পর্কিত। ২ অবিভাজ্য (*মৌলিক কণা*)। ৩ জন্মগত (*মৌলিক অধিকার*)। ৪ প্রথম উদ্ভাবিত বা সৃষ্ট (*মৌলিক রচনা*)। ৫ কেবল একজাতীয় পরমাণুর সমন্বয়ে গঠিত (*মৌলিক ধাতু*)।

মৌলিকতা /মোউলিকতা/ [স. মৌলিক+তা] বি. দ্র মৌলিকত্ব।

মৌলিকত্ব /মোউলিকত্তো/ [স. মৌলিক+ত্ব] বি. স্বকীয়তা।

মৌলিক পদার্থ /মোউলিক পদারথো/ বি. কেবল একজাতীয় পরমাণুর সমন্বয়ে গঠিত পদার্থ।

www.pathagar.com

মৌষল /মৌ্শল্/ [স. মুষল+অ] বিণ. মুষলসম্বন্ধীয়। বি. মহাভারতের পর্ববিশেষ।

মৌসুম /মৌ্শুম্/ [আ.] বি. ১ ঋতু; কাল। ২ দক্ষিণ-পশ্চিম দিক থেকে আগত বায়ুস্রোত যার প্রভাবে দক্ষিণ এশিয়ায় বর্ষাঋতুর সূচনা হয়; বর্ষাকাল।

মৌসুমি /মৌ্শুমি/ [ফা.] বিণ. ১ বর্ষাকালীন; বৃষ্টি আনে এমন (*মৌসুমি বায়ু*)। ২ ঋতুগত, বিশেষ ঋতুতে উৎপন্ন (*মৌসুমি ফল*)।

ম্যাংগানিজ /ম্যাংগানিজ্/ [ফ.] বি. ইস্পাত বা বিশেষ গুণসম্পন্ন মিশ্রধাতু(alloy) উৎপাদনের জন্য ব্যবহৃত মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ২৫, manganese।

ম্যাক্সি /ম্যাক্সি/ [লা.] বি. গলা থেকে পা পর্যন্ত বিস্তৃত মেয়েদের পরিধেয় ঢিলেঢালা পোশাক, maxi।

ম্যাগনেশিয়াম /ম্যাগ্নেশিআম্/ [লা.] বি. উজ্জ্বল রুপালি মৌলিক ধাতুবিশেষ (ক্ষারমৃত্তিকা) যার পারমাণবিক সংখ্যা ১২, magnesium।

ম্যাগাজিন /ম্যাগাজিন্/ [ফ.] বি. ১ সাময়িক পত্রিকা (*স্কুল ম্যাগাজিন*)। ২ বেতার বা টেলিভিশনে প্রচারিত বিবিধ বিষয়সংবলিত বিচিত্রানুষ্ঠান। ৩ আগ্নেয়াস্ত্রের সঙ্গে লাগানো হয় এমন গুলির আধার। ৪ বারুদ রাখার ঘর, অস্ত্রাগার।

ম্যাচ /ম্যাচ্/ [ই. match] বি. ১ অমসৃণ প্রলেপযুক্ত কাগজে ঘষে আগুন জ্বালানো যায় এমন মাথায় বারুদযুক্ত সরু কাঠি ও তার বাক্স, দীপশলাকা, দেশলাই। ২ দুটি পক্ষের মধ্যে খেলার প্রতিদ্বন্দ্বিতা।

ম্যাজম্যাজ /ম্যাজ্ম্যাজ্/ [দেশি.] অব্য. বি. শারীরিক অস্বস্তি বা আলস্যের ভাব।

ম্যাজমেজে /ম্যাজ্মেজে/ [দেশি.] বিণ. ম্যাজম্যাজ করছে এমন, ঈষৎ অসুস্থতার ভাববিশিষ্ট।

ম্যাজিক/ম্যাজিক্/ [ই.] বি. জাদুবিদ্যা, magic।

ম্যাজিস্ট্রেট /ম্যাজিস্ট্রেট্/ [ই.] বি. ফৌজদারি মোকদ্দমার বিচারক, magistrate।

ম্যাজেন্টা /ম্যাজেন্টা/ [ইতা.] বি. ঈষৎ বেগুনি আভাবিশিষ্ট লাল রং, magenta।

ম্যাটিনি /ম্যাটিনি/ [ফ.] বি. নাটক বা সিনেমার বৈকালিক প্রদর্শনী, matinee।

ম্যাডাম /ম্যাডাম্/ [ই. madam] বি. শ্রদ্ধাভাজন নারী বা শিক্ষয়িত্রীকে সম্ভ্রমসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ।

ম্যাড়া /ম্যাড়া/ [দেশি.] বি. মেষ, ভেড়া।

ম্যাদা /ম্যাদা/ [ফা. মাদহ্ >] বিণ. ১ দুর্বলচিত্ত। ২ অকর্মণ্য। ৩ নিস্তেজ; নিষ্প্রভ। ৪ নারীসুলভ।

ম্যাদামারা /ম্যাদামারা/ [বা.] বিণ. ১ নির্জীব; নিরুদ্যম। ২ পৌরুষহীন।

ম্যানহোল /ম্যান্হোল্/ [ই.] বি. মানুষ ঢুকতে পারে এমন ঢাকনা-দেওয়া গহ্বর, manhole।

ম্যানেজার /ম্যানেজার্/ [ইতা.] বি. ব্যবস্থাপক।

ম্যাপ /ম্যাপ্/ [লা.] বি. পৃথিবীর কোনো অংশ বা দেশের অবস্থান আকৃতি প্রকৃতি প্রভৃতির বিবরণ-সংবলিত নকশা; ভূপৃষ্ঠের কোনো স্থানের ভৌগোলিক রাজনৈতিক বা নদী জলাশয় সড়ক প্রভৃতির বিবরণসংবলিত নকশা, map।

ম্যারাথন /ম্যারাথন্/ [স্থান.] বি. দূরপাল্লার দৌড় (বিশেষ করে ৪২.১৯৫ কিলোমিটার দূরত্বের)। বিণ. বহুক্ষণব্যাপী (*ম্যারাথন কান্না*)।

ম্যালেরিয়া /ম্যালেরিআ/ [ইতা.] বি. মানবদেহে অ্যানোফিলিস মশাবাহিত জীবাণু সংক্রমণের ফলে পালা করে আসে এমন জ্বর, malaria।

ম্রক্ষণ /ম্রোক্ষন্/ [স. √ম্রক্ষ্+অন] বি. ১ লেপন। ২ মিশ্রণ।

ম্রিয়মাণ /ম্রিয়োমান্/ [স. √ম্+মান (শানচ্)] বিণ. ১ মরণাপন্ন। ২ (বাংলায়) বিষণ্ন, কাতর।

ম্লান /ম্লান্/ [স. √ম্লৈ+ত] বিণ. ১ বিষণ্ন, মলিন (*ম্লান মুখ*)। ২ ক্ষীণ, নিষ্প্রভ (*ম্লান আলো*)। ৩ অতি শীর্ণ। বি. ম্লানতা /ম্লানোতা/।

ম্লানত্ব /ম্লানত্তো/ [স. ম্লান+ত্ব] বি. ১ মলিনতা, বিষণ্নতা। ২ শীর্ণতা। ৩ নিষ্প্রভতা।

ম্লানায়মান /ম্লানায়োমান্/ [স. ম্লান+য+মান (শানচ্)] বিণ. ম্লান বা নিষ্প্রভ হয়ে আসছে এমন।

ম্লানি /ম্লানি/ [স. √ম্লৈ+তি] বি. মালিন্য, ম্লান ভাব।

ম্লানিমা /ম্লানিমা/ [স. ম্লান+ইমন্] বি. মলিনতা।

ম্লায়মান /ম্লায়োমান্/ [স. √ম্লৈ+মান (শানচ্)] বিণ. দ্র ম্লানায়মান।

ম্লেচ্ছ /ম্লেচ্ছো/ [স. √ম্লেচ্ছ্+অ] বি. ১ অনার্য জাতি। ২ বৈদেশিক জাতি। ৩ অহিন্দু জাতি।

ম্লেচ্ছাচার /ম্লেচ্ছাচার্/ [স. ম্লেচ্ছ+আচার] বি. অহিন্দুসুলভ আচার-ব্যবহার।

www.pathagar.com

য /য/

য /অন্‌তোস্‌থো জ/ বাংলা বর্ণমালার ষড়বিংশ ব্যঞ্জনবর্ণ এবং তালু থেকে উচ্চার্য প্রথম অন্তঃস্থ বর্ণ (বাংলায় জ এবং য-এর উচ্চারণ অভিন্ন)।

যক /জক্‌/ [স. যক্ষ >] বি. দ্র যক্ষ।

যকৃৎ /জক্‌কৃত্‌/ [স. যম্‌+√কৃ+ক্বিপ্‌] বি. মেরুদণ্ডী প্রাণীর উদরের ডানদিকে অবস্থিত বিপাকক্রিয়া সম্পাদন পিত্তরস নিঃসরণ ও রক্তশোধন করে এমন বৃহদাকার গ্রন্থিময় অঙ্গ, কলিজা, কলজে, মেটে, liver।

যক্ষ /জোক্‌খো/ [স. √যক্ষ্‌+অ] বি. ১ মাটির নিচে পুঁতে রাখা ধনরাশির কল্পিত রক্ষক, প্রেতযোনি-বিশেষ। ২ কুবের, যক, ধনরক্ষক। ৩ (আল.) অতিশয় কৃপণ ব্যক্তি।

যক্ষপতি /জোক্‌খোপোতি/ [স. যক্ষ+পতি] বি. পুরাণে বর্ণিত ধনদেবতা কুবের, যক্ষরাজ।

যক্ষপুরী /জোক্‌খোপুরি/ [স. যক্ষ+পুর+ঈ] বি. কৈলাস পর্বতের ওপরে অবস্থিত ধনদেবতা কুবেরের কল্পিত রাজধানী, অলকাপুরী।

যক্ষরাজ /জোক্‌খোরাজ্‌/ [স. যক্ষ+রাজন্‌] বি. দ্র যক্ষপতি।

যক্ষরাত্রি /জোক্‌খোরাত্‌ত্রি/ [স. যক্ষ+রাত্রি] বি. কার্তিকী পূর্ণিমার রাত্রি।

যক্ষের ধন /জোক্‌খের ধন্‌/ বি. ১ যক্ষপ্রদত্ত ধন। ২ (আল.) প্রাণপণে রক্ষিত ধন। ৩ অত্যন্ত কৃপণ ব্যক্তির ধন।

যক্ষ্মা /জক্‌খা/ [স. √যক্ষ্‌+মন্‌] বি. ব্যাসিলাস (bacillus) ব্যাকটেরিয়া সংক্রমণের ফলে ফুসফুসের প্রদাহজনিত ছোঁয়াচে রোগবিশেষ, ক্ষয়রোগ, ক্ষয়কাশ, tuberculosis।

যখন /জখোন্‌/ [স. যৎক্ষণ >] ক্রিবিণ. ১ যে সময়ে, যে কালে (*যখন পড়বে না মোর পায়ের চিহ্ন এই বাটে*— রবীন্দ্র.)। ২ যেহেতু।

যখনই /জখোন্‌ই/ [বা.] ক্রিবিণ. যেইমাত্র, যে মুহূর্তে (*যখনই সময় পাও চলে এসো*)।

যখনকার /জখোন্‌কার্‌/ [বা.] বিণ. যে সময়ের।

যখনতখন /জখোন্‌তখোন্‌/ [বা.] ক্রিবিণ. ১ সময়-অসময় বিচারবিবেচনা না করে, যে কোনো সময়ে। ২ ঘনঘন, প্রায়ই। বিণ. মুমূর্ষু (*রোগীর যখনতখন অবস্থা*)।

যজন /জজোন্‌/ [স. √যজ্‌+অন] বি. ১ যজ্ঞ। ২ দেবতার পূজা।

যজনীয় /জজোনিয়ো/ [স. √যজ্‌+অনীয়] বিণ. পূজার যোগ্য, পূজনীয়, যজ্য।

যজমান /জজ্‌মান্‌/ [স. √যজ্‌+মান (শানচ্‌)] বি. ১ যজ্ঞ বা পূজা করা যার পেশা, যজ্ঞের পুরোহিত। ২ যাঁর মঙ্গলের জন্য পুরোহিত পূজা করেন।

যজমানি /জজ্‌মানি/ [স. যজমান+বা. ই] বি. ১ যজমানের কাজ বা বৃত্তি। ২ যজমানের বাড়িতে পূজা বা উপাসনা করে জীবিকানির্বাহ।

যজা /জজা/ [বা.] ক্রিবি. ১ পৌরোহিত্য করা, যজমানি করা। ২ পূজার আয়োজন করা।

যজানো /জজানো/ [বা.] ক্রিবি. ১ (ব্য.) পূজা করা। ২ (আল.) ক্ষতি করা; পণ্ড করা।

যজুঃ /জোজুহ্‌/ [স. √যজ্‌+উস্‌] বি. বৈদিক যজ্ঞের নিয়মসংবলিত বেদবিশেষ, প্রধান তিনটি বেদের অন্যতম।

যজুর্বেদ /জোজুর্‌বেদ্‌/ [স. যজুঃ+বেদ] বি. যজুঃ নামক বেদ।

যজুর্বেদী /জোজুর্‌বেদি/ [স. যজুঃ+বেদ+ইন্‌] বিণ. ১ যজুর্বেদজ্ঞ। ২ যজুর্বেদ অনুসারে কাজ করে এমন। বি. যজুর্বেদ বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি।

যজুর্বেদীয় /জোজুর্‌বেদিয়ো/ [স. যজুঃ+বেদ+ঈয়] বিণ. যজুর্বেদ সম্বন্ধীয়।

যজ্ঞ /জোগ্‌গো/ [স. √যজ্‌+ন] বি. ১ দেবতার অনুগ্রহ লাভের জন্য বেদবিহিত অনুষ্ঠান, ক্রতু, যাগ, হোম। ২ (আল.) বিরাট ব্যাপার।

যজ্ঞকর্তা /জোগ্‌গোকর্‌তা/ [স. যজ্ঞ+কর্তা] বি. যজ্ঞের পুরোহিত, যাজক, যজমান।

যজ্ঞকুণ্ড /জোগ্‌গোকুন্‌ডো/ [স. যজ্ঞ+√কুন্‌ড্‌+অ] বি. হোমের আগুন জ্বালানোর জন্য খোঁড়া গর্ত।

যজ্ঞকৃৎ /জোগ্‌গোকৃত্‌/ [স. যজ্ঞ+√কৃ+ক্বিপ্‌] বি. যাজক, যজ্ঞকর্তা।

যজ্ঞডুমুর /জোগ্‌গোডুমুর্‌/ [স. যজ্ঞ+বা. ডুমুর] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর বিভিন্ন দেশে জাত এবং সবজি হিসেবে রেঁধে খাওয়া যায় এমন গুচ্ছবদ্ধ

www.pathagar.com

ডুমুরের চেয়ে বড়ো ফল (ফলের ভেতরে থাকে বলে যার ফুল দেখা যায় না) বা তার উপবৃত্তাকার খসখসে পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির বৃক্ষ, উদুম্বর।

যজ্ঞধূম /জোগ্‌গোঁধুম্/ [স. যজ্ঞ+ধূম] বি. যজ্ঞ বা হোমাগ্নির ধোঁয়া।

যজ্ঞপতি /জোগ্‌গোঁপোতি/ [স. যজ্ঞ+পতি] বি. ১ নারায়ণ, বিষ্ণু। ২ যজমান, যাজক।

যজ্ঞপশু /জোগ্‌গোঁপোশু/ [স. যজ্ঞ+পশু] বি. যজ্ঞে বলি দেওয়ার জন্য নির্দিষ্ট পশু।

যজ্ঞপাত্র /জোগ্‌গোঁপাত্‌ত্রো/ [স. যজ্ঞ+পাত্র] বি. যজ্ঞকার্যে ব্যবহার্য পাত্র।

যজ্ঞপুরুষ /জোগ্‌গোঁপুরুশ্/ [স. যজ্ঞ+পুরুষ] বি. নারায়ণ, বিষ্ণু।

যজ্ঞবেদি /জোগ্‌গোঁবেদি/ [স. যজ্ঞ+বেদি] বি. যজ্ঞস্থলে আগুন জ্বালানোর জন্য তৈরি উঁচু বেদি।

যজ্ঞভূমি /জোগ্‌গোঁভুমি/ [স. যজ্ঞ+ভূমি] বি. দ্র যজ্ঞশালা।

যজ্ঞশালা /জোগ্‌গোঁশালা/ [স. যজ্ঞ+√শল্+অ+আ (টাপ্)] বি. যে স্থানে যজ্ঞ অনুষ্ঠিত হয়, যজ্ঞস্থল।

যজ্ঞসূত্র /জোগ্‌গোঁশুত্‌ত্রো/ [স. যজ্ঞ+√সূত্র+অ] বি. পইতা, উপবীত।

যজ্ঞস্থল /জোগ্‌গোঁস্‌থল্/ [স. যজ্ঞ+স্থল] বি. দ্র যজ্ঞশালা।

যজ্ঞাংশোভুক /জোগ্‌গাঁংশোভুক্/ [স. যজ্ঞ+অংশ+√ভুজ্+ক্বিপ্] বি. দেবতা।

যজ্ঞাগ্নি /জোগ্‌গাঁগ্‌নি/ [স. যজ্ঞ+√অগ্+নি] বি. যজ্ঞের আগুন, হোমের আগুন।

যজ্ঞানল /জোগ্‌গাঁনল্/ [স. যজ্ঞ+অনল] বি. দ্র যজ্ঞাগ্নি।

যজ্ঞীয় /জোগ্‌গিঁয়ো/ [স. যজ্ঞ+ঈয়] বিণ. যজ্ঞসম্বন্ধীয়।

যজ্ঞেশ্বর /জোগ্‌গেঁশ্‌শর্/ [স. যজ্ঞ+√ঈশ্+বর] বি. নারায়ণ, বিষ্ণু।

যজ্ঞোপবীত /জোগ্‌গোঁপোবিত্/ [স. যজ্ঞ+উপবীত] বি. পইতা, উপবীত।

যজ্য /জোজ্‌জো/ [স. √যজ্+য] বিণ. উপাসনার যোগ্য, পূজ্য, পূজনীয়।

যত /জতো/ [স. যতি >] সর্ব. বিণ. ১ যে সংখ্যক। ২ যা কিছু। ৩ সমস্ত, যাবতীয়। ৪ যে পরিমাণ (*যত হাসি তত কান্না*)।

যতই /জতোই/ [বা.] সর্ব. বিণ. ক্রিবিণ. ১ যত কিছুই (*যতই বলো সে আসবে না*)। ২ যতখানিই (*যতই পরিশ্রম করো কিছু হবে না*)। ৩ যত পরিমাণে (*যতই পড়বে ততই জানবে*)।

যতকাল /জতোকাল্/ [বা. যত+স. কাল] ক্রিবিণ. যে কাল পর্যন্ত, যে অবধি, যাবৎ।

যতকিছু /জতোকিছু/ [বা.] সর্ব. বিণ. ১ যা কিছু সব, সমস্ত। ২ যে পরিমাণ।

যতক্ষণ /জতোক্‌খন্/ [বা. যত+স. ক্ষণ] ক্রিবিণ. যে সময় পর্যন্ত, যে অবধি।

যতখানি /জতোখানি/ [বা.] সর্ব. বিণ. যে পরিমাণ, যতটা, যেটুকু।

যতগুলি /জতোগুলি/ [বা.] সর্ব. বিণ. যে কয়টি, যত সংখ্যক, যে পরিমাণ।

যতগুলো /জতোগুলো/ [বা.] সর্ব. বিণ. দ্র যতগুলি।

যতদিন /জতোদিন্/ [বা. যত+স. দিন] ক্রিবিণ. দ্র যতকাল।

যতদূর /জতোদুর্/ [বা. যত+স. দূর] ক্রিবিণ. যে পর্যন্ত, যতটা (*যতদূর জানি লোকটি ভালো*)।

যতন /জতোন্/ [স. যত্ন >] বি. 'যত্ন'-র কোমল রূপ।

যতবার /জতোবার্/ [বা. যত+স. বার] ক্রিবিণ. যে কয় দফা, যখনই (*যতবার আলো জ্বালাতে চাই, নিবে যায় বারে বারে।* রবীন্দ্র.)।

যতি[১] /জোতি/ [স. √যত্+ই] বি. ১ যিনি তপস্যা করেন, সন্ন্যাসী। ২ ভিক্ষু। ৩ পরিব্রাজক।

যতি[২] /জোতি/ [স. √যম্+তি] বি. যে নারীর স্বামী প্রয়াত, বিধবা।

যতি[৩] /জোতি/ [স. √যম্+তি] বি. দ্র যতিচিহ্ন।

যতিচিহ্ন /জোতিচিন্‌nho/ [স. যতি+√চিহ্+অ] বি. যেসব চিহ্ন লিখিত পাঠের অর্থ স্পষ্ট করে বা কোনো বাক্যের উপাদানসমূহের বিরতি ও সুরের ওঠানামা নির্দেশ করে, দাঁড়ি কমা সেমিকোলন প্রভৃতি রচনার মধ্যকার বিরামচিহ্ন।

যতিপাত /জোতিপাত্/ [স. যতি+পাত] বি. দ্র যতিভঙ্গ।

যতিভঙ্গ /জোতিভংগো/ [স. যতি+ভঙ্গ] বি. উপযুক্ত স্থানে যতির অভাবে ছন্দের ত্রুটিবিচ্যুতি।

যতীন্দ্র /জোতিন্‌দ্রো/ [স. যতি+ইন্দ্র] বিণ. মুনিশ্রেষ্ঠ।

যতেক /জতেক্/ [বা.] বিণ. যে পরিমাণ; যে সংখ্যক।

যৎ[১] /জত্/ [স. যদ্] বিণ. ১ যে (*যৎকাল*)। ২ যা (*যৎসামান্য*)। ৩ যার (*যৎপরোনাস্তি*)।

যৎ[২] /জত্/ [স. যতি] বি. সংগীতের ১৪ মাত্রার তালবিশেষ।

যৎকালে /জত্‌কালে/ [স. যৎ+কাল+বা. এ] ক্রিবিণ. যে সময়ে।

যৎকিঞ্চিৎ /জত্‌কিন্‌চিত্/ [স. যৎ+কিম্+√চিৎ] বিণ.

www.pathagar.com

১ কিছু পরিমাণ। ২ খুব অল্প, অতি সামান্য।

যৎপরিমাণ /জত্‌পোরিমান্‌/ [স. যৎ+পরিমাণ] বিণ. যে পরিমাণ, যতটুকু, যতখানি।

যৎপরোনাস্তি /জত্‌পরোনাস্‌তি/ [স. যৎ+পরঃ+নাস্তি] বিণ. ক্রিবিণ. যারপরনাই, অতীব, নিরতিশয়।

যৎসামান্য /জত্‌শামান্‌নো/ [স. যৎ+সামান্য] বিণ. অতি অল্প, খুব সামান্য।

যত্ন /জত্‌নো/ [স. √যত্‌+ন] বি. ১ সেবা, শুশ্রূষা। ২ কোনো কিছু পাওয়ার চেষ্টা, প্রয়াস। ৩ উদ্যম, অধ্যবসায়। ৪ আপ্যায়ন। ৫ সাবধানতা; মনোযোগ।

যত্ন-আত্তি /জত্‌নোআত্‌তি/ [স. যত্ন+বা. আত্তি] বি. আদর, আপ্যায়ন, খাতির।

যত্নপূর্বক /জত্‌নোপুরবক্‌/ [স. যত্ন+পূর্বক] ক্রিবিণ. যত্ন সহকারে, সযত্নে; সাবধানতার সঙ্গে।

যত্নবান /জত্‌নোবান্‌/ [স. যত্ন+বৎ] বিণ. যত্ন সহকারে কোনো কিছু করতে অভ্যস্ত এমন, যত্নশীল, উদ্যমী। স্ত্রী. **যত্নবতী** /জত্‌নোবোতি/।

যত্নশীল /জত্‌নোশিল্‌/ [স. যত্ন+শীল] বিণ. দ্র যত্নবান। স্ত্রী. **যত্নশীলা** /জত্‌নোশিলা/।

যত্র /জত্‌ত্রো/ [স. যদ্‌+ত্র] ক্রিবিণ. ১ যেখানে, যথায় (*যত্রতত্র*)। ২ যে বিষয়ে। ৩ যে পরিমাণে; যত।

যত্রতত্র /জত্‌ত্রোতত্‌ত্রে/ [স. যত্র+তদ্‌+ত্র] ক্রিবিণ. ১ যেখানে-সেখানে; ইতস্তত (*যত্রতত্র ঘোরাফেরা*)। ২ ভালোমন্দ বাছবিচার না করে।

যথা /জথা/ [স. যদ্‌+থা] বিণ. ১ যেমন, যে রকম। ২ উপযুক্ত, নির্দিষ্ট (*যথাসময়ে*)। ৩ উদাহরণস্বরূপ। ক্রিবিণ. অনুসারে (*যথা আজ্ঞা*)।

যথাকথঞ্চিৎ /জথাকথোন্‌চিত্‌/ [স. যথা+কথম্‌+চিৎ] ক্রিবিণ. ১ যে কোনো উপায়ে, যে কোনোভাবে। ২ কোনোক্রমে, কষ্টেসৃষ্টে, কায়ক্লেশে।

যথাকর্তব্য /জথাকর্‌তোব্‌বো/ [স. যথা+√কৃ+তব্য] ক্রিবিণ. বিণ. কর্তব্য অনুযায়ী; যেভাবে করা উচিত।

যথাকালে /জথাকালে/ [স. যথা+কাল+বা. এ] ক্রিবিণ. উপযুক্ত বা ঠিক সময়ে।

যথাক্রমে /জথাক্‌ক্রোমে/ [স. যথা+ক্রম+বা. এ] ক্রিবিণ. শৃঙ্খলা ও পরম্পরা অনুসারে, ক্রমানুসারে।

যথাজাত /জথাজাতো/ [স. যথা+জাত] বিণ. ১ অশিক্ষিত, মূর্খ। ২ অসভ্য; নীচ।

যথাজ্ঞান /জথাগ্‌গ্যান্‌/ [স. যথা+√জ্ঞা+অন] ক্রিবিণ. জ্ঞানানুযায়ী।

যথাতথা /জথাতথা/ [স. যথা+তথা] ক্রিবিণ. যত্রতত্র, যেখানে-সেখানে।

যথাদিষ্ট /জথাদিশ্‌টো/ [স. যথা+আ+√দিশ্‌+ত] ক্রিবিণ. যেভাবে আদেশ করা হয়েছে সেভাবে।

যথানিয়ম /জথানিওম্‌/ [স. যথা+নিয়ম] বিণ. ক্রিবিণ. নিয়মমাফিক, নিয়মানুসারে।

যথানুপূর্ব /জথানুপুরবো/ [স. যথা+অনুপূর্ব] বিণ. ক্রিবিণ. যথাক্রম, ক্রমানুসারে।

যথান্যায় /জথান্যায়্‌/ [স. যথা+ন্যায়] বিণ. ১ পূর্বের মতো। ২ ন্যায্য। ক্রিবিণ. ন্যায় অনুসারে।

যথাপূর্ব /জথাপুরবো/ [স. যথা+পূর্ব] বিণ. ক্রিবিণ. আগের মতো, পূর্ববৎ।

যথাবৎ /জথাবত্‌/ [স. যথা+বৎ] বিণ. ক্রিবিণ. ১ অপরিবর্তিত, পূর্ববৎ। ২ বিধি বা নিয়মানুসারে।

যথাবিধি /জথাবিধি/ [স. যথা+বিধি] বিণ. ক্রিবিণ. উপযুক্ত বিধান অনুযায়ী, নিয়মানুসারে।

যথাবিহিত /জথাবিহিতো/ [স. যথা+বিহিত] বিণ. ক্রিবিণ. দ্র যথাবিধি।

যথাভিমত /জথাভিমত্‌/ [স. যথা+অভিমত] ক্রিবিণ. ইচ্ছামাফিক, ইচ্ছানুরূপে।

যথাযথ /জথাজথো/ [স. যথা+যথ] বিণ. ঠিকমতো, যথার্থ; নির্ভুল। ক্রিবিণ. পরম্পরা অনুসারে।

যথাযথভাবে /জথাজথোভাবে/ [বা.] ক্রিবিণ. নির্ভুলরূপে, সঠিকভাবে।

যথাযোগ্য /জথাজোগ্‌গো/ [স. যথা+যোগ্য] বিণ. উপযুক্ত; উচিত (*যথাযোগ্য মর্যাদায় পালিত*)।

যথায় /জথায়্‌/ [স. যথা+য] ক্রিবিণ. যে স্থানে।

যথারীতি /জথারিতি/ [স. যথা+রীতি] বিণ. ক্রিবিণ. প্রচলিত রীতি বা প্রথানুযায়ী।

যথারুচি /জথারুচি/ [স. যথা+রুচি] বিণ. ক্রিবিণ. পছন্দমাফিক, রুচি অনুযায়ী।

যথার্থ /জথার্‌থো/ [স. যথা+অর্থ] বিণ. ১ খাঁটি, প্রকৃত (*যথার্থ বন্ধু*)। ২ যোগ্য, উপযুক্ত (*যথার্থ জবাব*)। বি. ~তা /-তা/।

যথার্থত /জথার্‌থোতো/ [স. যথার্থ+তস্‌] ক্রিবিণ. ১ যথার্থভাবে, ঠিকমতো। ২ প্রকৃতপক্ষে। ৩ ন্যায়ত।

যথালাভ /জথালাভ্‌/ [স. যথা+লাভ] বি. অপ্রত্যাশিত প্রাপ্তিযোগ; সামান্য প্রাপ্তি।

যথাশক্তি /জথাশোক্‌তি/ [স. যথা+শক্তি] বিণ. ক্রিবিণ. ক্ষমতা অনুযায়ী; যতদূর সাধ্য।

যথাশাস্ত্র /জথাশাস্‌ত্রো/ [স. যথা+√শাস্‌+ত্র] বিণ. ক্রিবিণ. শাস্ত্রীয় বিধিবিধান অনুযায়ী।

যথাসময় /জথাশময়্‌/ [স. যথা+সময়] ক্রিবিণ. বিণ. উপযুক্ত বা নির্দিষ্ট সময়ে, সময়মতো।

www.pathagar.com

যথাসম্ভব /জথাশম্ভব্/ [স. যথা+সম+√ভূ+অ] বিণ. ক্রিবিণ. যতটা সম্ভব, সাধ্যানুসারে (*যথাসম্ভব দ্রুত*)।

যথাসর্বস্ব /জথাশর্বোশ্শো/ [স. যথা+সর্বস্ব] বি. সবকিছু; সমস্ত ধনসম্পদ (*যথাসর্বস্ব দান করা*)।

যথাসাধ্য /জথাশাদ্ধো/ [স. যথা+সাধ্য] বিণ. ক্রিবিণ. ক্ষমতা অনুযায়ী, সাধ্যানুসারে (*যথাসাধ্য চেষ্টা*)।

যথাস্থান /জথাস্থান্/ [স. যথা+স্থান] বি. নির্দিষ্ট জায়গা; উপযুক্ত স্থান।

যথাস্থিতি /জথাস্থিতি/ [স. যথা+√স্থা+তি] বিণ. প্রকৃত, সত্য। ক্রিবিণ. ঠিকভাবে, যথার্থভাবে।

যথেচ্ছ /জথেচ্ছো/ [স. যথা+ইচ্ছা] বিণ. ক্রিবিণ. ইচ্ছামতো, ইচ্ছানুসারে।

যথেচ্ছপরায়ণ /জথেচ্ছোপরায়োন্/ [স. যথেচ্ছ+পরায়ণ] বিণ. স্বেচ্ছাচারী; উচ্ছৃঙ্খল; অবাধ্য।

যথেচ্ছাচার /জথেচ্ছাচার্/ [স. যথা+ইচ্ছা+আচার] বি. খেয়ালখুশিমতো আচরণ; উচ্ছৃঙ্খলতা।

যথেচ্ছাচারিতা /জথেচ্ছাচারিতা/ [স. যথেচ্ছাচার+ইন্+তা] বি. স্বেচ্ছাচারিতা; উচ্ছৃঙ্খলতা।

যথেচ্ছাচারী /জথেচ্ছাচারি/ [স. যথেচ্ছাচার+ইন্] বিণ. খেয়ালখুশিমতো আচরণ করে এমন, স্বেচ্ছাচারী; উচ্ছৃঙ্খল। স্ত্রী. যথেচ্ছাচারিণী /জথেচ্ছাচারিনি/।

যথেষ্ট /জথেশ্টো/ [স. যথা+ইষ্ট] ক্রিবিণ. ইচ্ছানুসারে। বিণ. ১ ইচ্ছানুরূপ। ২ (বাংলায়) প্রচুর, ঢের।

যথোক্ত /জথোক্তো/ [স. যথা+√বচ্+ত] বিণ. যেরূপ বলা হয়েছে সেরূপ।

যথোচিত /জথোচিতো/ [স. যথা+উচিত] বিণ. যেমন হওয়া উচিত তেমন, যথাযোগ্য (*যথোচিত শাস্তি*)।

যথোপযুক্ত /জথোপোজুক্তো/ [স. যথা+উপ+√যুজ্+ত] বিণ. দ্র যথোচিত।

যথোপযোগী /জথোপোজোগি/ [স. যথা+উপ+√যুজ্+ইন্] বিণ. দ্র যথোচিত।

যদবধি /জদোবোধি/ [স. যদ্+অবধি] ক্রিবিণ. ১ যে সময় পর্যন্ত। ২ যখন থেকে, যে সময় থেকে।

যদর্থে /জদর্থে/ [স. যৎ+অর্থ+বা. এ] ক্রিবিণ. যে জন্য, যে কারণে, যে উদ্দেশ্যে।

যদি /জোদি/ [স. যদ্+ই] অব্য. ১ সন্দেহ সংশয় প্রভৃতি ভাবপ্রকাশক শব্দ। ২ কার্যকারণ সম্পর্ক (*যদি বৃষ্টি আসে তবে ভিজে যাবে*)। ৩ সম্ভাবনা-প্রকাশক শব্দ (*যদি বলো তবে যাব*)। ৪ যখন, যেহেতু (*এলেই যদি তবে থেকে যাও*)।

যদিও /জোদিও/ [বা.] অব্য. সত্ত্বেও, তা সত্ত্বেও।

যদিচ /জোদিচো/ [বা.] অব্য. দ্র যদিও।

যদি-না /জোদিনা/ [বা.] অব্য. না হলেও, না যদি হয়।

যদি-বা /জোদিবা/ [বা.] অব্য. ক্রিবিণ. একান্তই যদি, দৈবাৎ যদি ঘটে।

যদু /জোদু/ [ব্যক্তি.] বি. ১ পৌরাণিক রাজা যযাতির জ্যেষ্ঠপুত্র। ২ বংশবিশেষ।

যদুকুল /জোদুকুল্/ [স. যদু+কুল] বি. শ্রীকৃষ্ণ যে বংশে জন্মগ্রহণ করেছিলেন, যদুবংশ।

যদুকুলপতি /জোদুকুলোপোতি/ [স. যদুকুল+পতি] বি. শ্রীকৃষ্ণ।

যদুনাথ /জোদুনাথ্/ [স. যদু+নাথ] বি. শ্রীকৃষ্ণ।

যদুপতি /জোদুপোতি/ [স. যদু+পতি] বি. শ্রীকৃষ্ণ।

যদুবংশ /জোদুবংশো/ [স. যদু+বংশ] বি. শ্রীকৃষ্ণ যে বংশে জন্মগ্রহণ করেছিলেন, যদুকুল।

যদুবংশীয় /জোদুবোংশিয়ো/ [স. যদু+বংশ+ঈয়] বিণ. ১ যদুবংশে জাত এমন। ২ যদুবংশসম্বন্ধীয়।

যদুমধু /জোদুমোধু/ [বা.] বি. বিশেষত্বহীন সাধারণ লোক, অজ্ঞাত অখ্যাত ব্যক্তি, যে-সে।

যদৃচ্ছা /জদৃচ্ছা/ [স. যদ্+√ঋচ্ছ্+অ+আ (টাপ্)] বি. ১ নিজের খেয়ালখুশি, যেমন খুশি তেমন। ২ অনায়াস, অক্লেশ (*যদৃচ্ছালব্ধ ধন*)। ৩ দৈবক্রম।

যদৃচ্ছাক্রমে /জদৃচ্ছাক্রোমে/ [স. যদৃচ্ছা+ক্রম+বা. এ] ক্রিবিণ. ১ নিজের ইচ্ছানুযায়ী। ২ অনায়াসে।

যদৃচ্ছালব্ধ /জদৃচ্ছালবোধ্/ [স. যদৃচ্ছা+লব্ধ] বিণ. সহজে পাওয়া গেছে এমন, অনায়াসলব্ধ।

যদ্দিন /জদ্দিন্/ [আঞ্চ.] ক্রিবিণ. 'যতদিন'-এর আঞ্চলিক রূপ।

যদ্যপি /জোদ্দোপি/ [স. যদি+অপি] অব্য. ১ যদিও। ২ একান্তই যদি।

যন্তা /জন্তা/ [স. √যম্+তৃ] বি. ১ রথচালক, সারথি। ২ পরিচালক, নিয়ামক।

যন্ত্র /জন্ত্রো/ [স. √যন্ত্র্+অ] বি. ১ যে উপকরণের সাহায্যে বহিঃশক্তি প্রয়োগ করে কোনো পণ্য উৎপাদন বা বিশেষ কোনো কাজ করানো যায়, কল, machine। ২ বিবিধ দ্রব্যসামগ্রী তৈরির হাতিয়ার (*ছুতারের যন্ত্র*)। ৩ বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষার উপকরণ। ৪ (সংগীতে) সহায়ক সরঞ্জাম (*বাদ্যযন্ত্র*)। ৫ জীবদেহের ক্রিয়াসাধক অঙ্গ (*পরিপাকযন্ত্র*)। ৬ জাঁতা (*পেষণযন্ত্র*)। ৭ মুদ্রণ-শিল্পে ব্যবহৃত সরঞ্জাম (*যন্ত্রস্থ*)।

যন্ত্রক /জন্ত্রোক্/ [স. √যন্ত্র্+অক] বি. পেষণযন্ত্র।

যন্ত্রকুশল /জন্ত্রোকুশল্/ [স. যন্ত্র+কুশল] বিণ. যন্ত্রচালনায় দক্ষ ও অভিজ্ঞ।

www.pathagar.com

যন্ত্রকৌশল /জন্‌ত্রোকৌঁশল্‌/ [স. যন্ত্র+কুশল+অ] বি. যন্ত্রনির্মাণ প্রয়োগ ও রক্ষণাবেক্ষণবিষয়ক শাস্ত্র; (পরি.) mechanical engineering।

যন্ত্রকৌশলী /জন্‌ত্রোকৌঁশলি/ [স. যন্ত্রকৌশল+ঈ] বি. বিণ. যন্ত্রের গঠন ও প্রয়োগবিষয়ে অভিজ্ঞ, যন্ত্রবিদ্যাবিশারদ, mechanic।

যন্ত্রণ /জন্‌ত্রোন্‌/ [স. √যন্ত্র+অন] বি. ১ দমন, নিয়ন্ত্রণ। ২ নির্যাতন। ৩ শাসন। ৪ সংকোচন।

যন্ত্রণা /জন্‌ত্রোনা/ [স. যন্ত্রণ+আ (টাপ্‌)] বি. পীড়া, যাতনা।

যন্ত্রণাকর /জন্‌ত্রোনাকর্‌/ [স. যন্ত্রণা+কর] বিণ. দ্র যন্ত্রণাদায়ক।

যন্ত্রণাদাতা /জন্‌ত্রোনাদাতা/ [স. যন্ত্রণা+দাতা] বি. বিণ. যন্ত্রণাদানকারী। স্ত্রী. যন্ত্রণাদাত্রী /জন্‌ত্রোনা-দাত্‌ত্রি/।

যন্ত্রণাদায়ক /জন্‌ত্রোনাদায়ক্‌/ [স. যন্ত্রণা+√দা+অক] বিণ. দুঃখদায়ক, ক্লেশকর।

যন্ত্রতন্ত্র /জন্‌ত্রোতন্‌ত্রো/ [স. যন্ত্র+তন্ত্র] বি. দ্র যন্ত্রপাতি।

যন্ত্রদানব /জন্‌ত্রোদানব্‌/ [স. যন্ত্র+দানব] বি. দানব-রূপে কল্পিত যন্ত্র।

যন্ত্রপাতি /জন্‌ত্রোপাতি/ [স. যন্ত্র+বা. পাতি] বি. ১ ছোটো বড়ো নানা ধরনের যন্ত্র। ২ রক্ষণাবেক্ষণের বিবিধ হাতিয়ার।

যন্ত্রবৎ /জন্‌ত্রোবত্‌/ [স. যন্ত্র+বৎ] বিণ. ১ যন্ত্রের মতো অনুভূতিহীন। ২ যন্ত্রের মতো অক্লান্তভাবে কাজ করে এমন।

যন্ত্রবিজ্ঞান /জন্‌ত্রোবিগ্‌গ্যাঁন্‌/ [স. যন্ত্র+বিজ্ঞান] বি. যন্ত্রের নির্মাণ প্রয়োগ ও রক্ষণাবেক্ষণবিষয়ক শাস্ত্র, mechanics, mechanical engineering।

যন্ত্রবিৎ /জন্‌ত্রোবিত্‌/ [স. যন্ত্র+বিৎ] বিণ. বি. যন্ত্র-নির্মাণ প্রয়োগ ও রক্ষণাবেক্ষণের বিষয়ে অভিজ্ঞ।

যন্ত্রবিদ /জন্‌ত্রোবিদ্‌/ [স. যন্ত্র+বিৎ] বিণ. বি. দ্র যন্ত্রবিৎ।

যন্ত্রবিদ্যা /জন্‌ত্রোবিদ্‌দা/ [স. যন্ত্র+বিদ্যা] বি. দ্র যন্ত্রবিজ্ঞান।

যন্ত্রযুগ /জন্‌ত্রোজুগ্‌/ [স. যন্ত্র+যুগ] বি. যে যুগে যন্ত্র মানুষের জীবনযাত্রার অপরিহার্য উপাদানরূপে বিবেচিত হয়, যন্ত্রনির্ভর যুগ, বর্তমান যুগ।

যন্ত্রশালা /জন্‌ত্রোশালা/ [স. যন্ত্র+√শল্‌+অ+আ (টাপ্‌)] বি. যে গৃহে যন্ত্রের সাহায্যে কাজ করা হয়, কারখানা।

যন্ত্রশিল্পী /জন্‌ত্রোশিল্‌পি/ [স. যন্ত্র+শিল্প+ইন্‌] বি. ১ বাদ্যযন্ত্র বাদনে দক্ষ ও অভিজ্ঞ শিল্পী। ২ যন্ত্র-নির্মাণ ও পরিচালনায় অভিজ্ঞ কারিগর, mechanic, engineer।

যন্ত্রসংগীত /জন্‌ত্রোশোংগিত্‌/ [স. যন্ত্র+সংগীত] বি. বাদ্যযন্ত্রদ্বারা পরিবেশিত সংগীত।

যন্ত্রস্থ /জন্‌ত্রোস্‌থো/ [স. যন্ত্র+√স্থা+অ] বিণ. (বইপত্র সম্পর্কে) মুদ্রণের কাজ চলছে এমন।

যন্ত্রাংশ /জন্‌ত্রাংশো/ [স. যন্ত্র+অংশ] বি. যন্ত্রের খুচরা অংশ, spare part।

যন্ত্রালয় /জন্‌ত্রালয়্‌/ [স. যন্ত্র+আলয়] বি. ১ যে গৃহে যন্ত্রসামগ্রী থাকে, কারখানা। ২ যেখানে বইপত্র ছাপার কাজ হয়, ছাপাখানা, press।

যন্ত্রিত /জোন্‌ত্রিতো/ [স. √যন্ত্র+ত] বিণ. ১ শাসিত, দমিত। ২ সংযমিত। ৩ শৃঙ্খলিত। ৪ মুদ্রিত। ৫ যন্ত্রে নিবেশিত। ৬ যন্ত্রদ্বারা নিষ্পন্ন।

যন্ত্রী /জোন্‌ত্রি/ [স. √যন্ত্র+ইন্‌] বি. বিণ. ১ বাদ্য-যন্ত্রবাদক। ২ যন্ত্রচালক, যন্ত্রবিশারদ। ৩ শিল্পকার, যন্ত্রকুশল। ৪ যন্ত্রধারী। ৫ (আল.) ষড়যন্ত্রকারী।

যন্নিমিত্ত /জন্‌নিমিত্‌তো/ [স. যৎ+নিমিত্ত] ক্রিবিণ. যে কারণে, যে জন্য।

যন্মাত্র /জন্‌মাত্‌ত্রো/ [স. যৎ+মাত্র] অব্য. ক্রিবিণ. যেইমাত্র, যখনই।

যব /জব্‌/ [স. √যু+অ] বি. ১ বাংলাদেশ-সহ বিশ্বের প্রায় সব দেশের নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন বৃন্তশূন্য ফুল ও গমজাতীয় শস্য বা তার ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ যা মানুষ ও গবাদিপশুর খাদ্য এবং অ্যালকোহল উৎপাদনের জন্য ব্যবহৃত হয় (আনি. চীন ও জাপান), barley। ২ পরিমাপের একক (১ যব= ১/৪ ইঞ্চি পরিমাণ)। ৩ বুড়ো আঙুলের যবাকৃতি রেখা।

যবক্ষার /জবোক্‌খার্‌/ [স. যব+ক্ষার] বি. তীব্র ক্ষারবিশেষ (potassiam carbonate)।

যবক্ষারজান /জবোক্‌খারজান্‌/ [স. যবক্ষার+জান] বি. বর্ণ ও গন্ধহীন অক্রিয় মৌলিক গ্যাসবিশেষ (যার পারমাণবিক সংখ্যা ৭) যা বায়ুমণ্ডলের অন্যতম প্রধান উপাদান (৭৮%), nitrogen।

যবদ্বীপ /জবোদ্‌দিপ্‌/ [স. যব+দ্বি+অপ্‌+অ] বি. ভারত মহাসাগরে অবস্থিত বর্তমান জাভা দ্বীপের প্রাচীন নাম।

যবন /জবোন্‌/ [স. √যু+অন] বি. ১ প্রাচীন গ্রিক জাতি। ২ অহিন্দু বা ম্লেচ্ছ জাতি। স্ত্রী. যবনী /জবোনি/।

যবনিকা /জবোনিকা/ [স. যবনী+কন্‌+অ+ (টাপ্‌)] বি. ১ পর্দা; আড়াল। ২ রঙ্গমঞ্চের পটাবরণ, drop

www.pathagar.com

scene। ৩ সমাপ্তি। ৪ যবনকন্যা।

যবনিকা পতন /জবোনিকা পতোন্/ বি. দ্র যবনিকাপাত।

যবনিকাপাত /জবোনিকাপাত্/ [স. যবনিকা+পাত] বি. ১ রঙ্গমঞ্চে অভিনয়ের বিরাম বা সমাপ্তিসূচক পর্দাপতন। ২ (আল.) পরিসমাপ্তি, শেষ।

যবস্থব /জবোস্থবো/ [দেশি.] বিণ. ১ দিশেহারা, কিংকর্তব্যবিমূঢ়। ২ বয়সের ভারে জড়ভাবাপন্ন, জবুথবু। ৩ অমীমাংসিত; অনিষ্পন্ন। ৪ নিরুদ্যম।

যবাগূ /জবাগু/ [স. √যু+আগূ] বি. যবের মণ্ড বা ক্বাথ, জাউ।

যবানী /জবানি/ [স. √যু+অন+ঈ] বি. দ্র যমানী।

যবান্ন /জবান্নো/ [স. যব+অন্ন] বি. যবের ভাত।

যবিষ্ঠ /জোবিশ্ঠো/ [স. যুবন্+ইষ্ঠ] বিণ. বয়সে সবার ছোটো, কনিষ্ঠ; অতিশয় তরুণ।

যবীয়ান /জোবিআন্/ [স. যুবন্+ঈয়স্] বিণ. দ্র যবিষ্ঠ।

যবে /জবে/ [হি. যব >] অব্য. ক্রিবিণ. (কাব্যে) যখন, যে কালে, যে সময়ে।

যবোদর /জবোদর্/ [স. যব+উদর] বি. (সাধারণত ছুতারের ব্যবহৃত) একটি যবের প্রস্থের সমান মাপ, আনুমানিক ১/৯ ইঞ্চি পরিমাণ।

যম[১] /জম্/ [স. √যম্+অ] বি. ১ জীবের প্রাণ হরণকারী, মৃত্যুদূত, কৃতান্ত, দণ্ডধর, শমন, আজরাইল, অন্তক। ২ মৃত্যু। ৩ (আল.) শত্রু।

যম[২] /জম্/ [স. √যম্+ণিচ্+অ] বি. ১ সংযম। ২ যোগসাধনার দশটি সংযমনীতি (অহিংসা সত্য অস্তেয় ব্রহ্মচর্য দয়া সরলতা ক্ষমা ধৃতি মিতাহার ও শৌচ)।

যমক /জমোক্/ [স. যম+ক (স্বার্থে)] বিণ. একই মাতৃগর্ভে একসঙ্গে জাত, যমজ। বি. একই শব্দ ভিন্ন অর্থে পুনরাবৃত্তি করা হয় এমন শব্দালংকারবিশেষ (*আনা দরে আনা যায় কত আনারস* গুপ্ত.)।

যমজ /জমজ্/ [স. যম+√জন্+অ] বিণ. একসঙ্গে একই গর্ভজাত (*যমজ বোন*)।

যমজয়ী /জম্জোয়ি/ [স. যম+√জি+ইন্] বিণ. মৃত্যুকে জয় করেছে এমন, মৃত্যুঞ্জয়। বি. শিব।

যমজাঙ্গাল /জমজাংগাল্/ [স. যম+জঙ্গল+অ] বি. মহাকাশে দৃষ্ট উত্তর-দক্ষিণে বিস্তৃত সাদা হালকা মেঘসদৃশ অসংখ্য নক্ষত্রপুঞ্জের ক্ষীণ আলোকরেখা, আকাশগঙ্গা, ছায়াপথ, Milky Way।

যমদণ্ড/জমদন্ডো /[স. যম+√দণ্ড্+অ] বি. ১ যমের আয়ুধ বা অস্ত্র। ২ যমপ্রদত্ত শাস্তি। ৩ মৃত্যুদণ্ড।

যমদূত /জমদুত্/ [স. যম+√দূ+ত] বি. ১ যমের বার্তাবাহক, যমের অনুচর। ২ (আল.) যে ব্যক্তি মৃত্যু-সংবাদ বহন করে।

যমদ্বার /জমোদ্দার্/ [স. যম+√দ্বারি+অ] বি. ১ যমরাজ্যের দ্বার। ২ মৃত্যু। ৩ নরকের দ্বার।

যমদ্বিতীয়া /জম্দিতিআ/ [স. যম+দ্বিতীয়+আ (টাপ্)] বি. কার্তিক মাসের শুক্লাদ্বিতীয়া তিথিতে ভাইকে ভগিনীর দেওয়া ফোঁটা, ভ্রাতৃদ্বিতীয়া।

যমপুকুর /জম্পুকুর্/ [স. যম+বা. পুকুর] বি. কার্তিক মাসে কুমারীদের পালনীয় ব্রতবিশেষ।

যমপুরী /জম্পুরি/ [স. যম+পুর+ঈ] বি. ১ যমালয়, মৃত্যুপুরী, দোজখ, নরক। ২ (আল.) ভীতিকর স্থান।

যমযন্ত্রণা /জমজন্ত্রোনা/ [স. যম+যন্ত্রণ্+আ (টাপ্)] বি. ১ মৃত্যুযন্ত্রণা। ২ মৃত্যুযন্ত্রণার মতো ভয়ংকর যন্ত্রণা।

যমযাতনা /জমজাতোনা/ [স. যম+√যাতি+অন+আ (টাপ্)] বি. দ্র যমযন্ত্রণা।

যমরাজ /জমরাজ্/ [স. যম+রাজন্] বি. ১ মৃত্যুর দেবতা, যমদূত। ২ দক্ষিণ দিকের অধিদেবতা।

যমল /জমোল্/ [স. যম+√লা+অ] বিণ. জোড়া, যুগ্ম, যুগল।

যমাতঙ্ক /জমাতংকো/ [স. যম+আ+√তঙ্ক্+অ] বি. যমের ভীতি, মৃত্যুভয়।

যমানিকা /জমানিকা/ [স. যমানী+কন্+আ (টাপ্)] বি. দ্র যমানী।

যমানী /জমানি/ [স. √যম্+অন+ঈ] বি. ভারতীয় উপ-মহাদেশে জাত এবং শীতকালে ফোটে এমন ছত্রাকার সাদা ফুল ও পালকসদৃশ পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন ধন্যাক বর্গের বর্ষজীবী উদ্ভিদ বা তার কটুস্বাদ সুগন্ধ বীজ (মসলারূপে ব্যবহৃত), জোয়ান, ajowan।

যমান্তক /জমান্তক্/ [স. যম+অন্তক] বি. মৃত্যুঞ্জয়, শিব।

যমিত /জোমিতো/ [স. √যম্+ণিচ্+ত] বিণ. ১ সংযমিত। ২ খণ্ডিত, ছিন্ন। ৩ নিগৃহীত।

যমী/জোমি/[স. যম+ইন্] বিণ. সংযমী, জিতেন্দ্রিয়।

যমুনা /জোমুনা/ [স. √যম্+উন+আ (টাপ্)] বি. ১ হিমালয় পর্বতমালার মানস সরোবরের নিকটবর্তী হিমবাহ থেকে উৎপন্ন হয়ে ভারতের মধ্য দিয়ে রংপুর জেলায় বাংলাদেশের সীমানা অতিক্রম করে গোয়ালন্দের নিকটে পদ্মার সঙ্গে যুক্ত ও প্রবাহিত নদীবিশেষ (বিশ্বের অন্যতম দীর্ঘ নদী)। ২ যমের ভগিনী।

www.pathagar.com

যশ /জশ্/ [স. যশস্ >] বি. সুখ্যাতি, সুনাম; কীর্তি।

যশঃকীর্তন /জশোকির্তন্/ [স. যশঃ+√কৃত্+অন] বি. লোকমুখে খ্যাতি বা গৌরব প্রচার, প্রশংসা।

যশঃক্ষয় /জশোক্ষয়্/ [স. যশঃ+ক্ষয়] বি. যশের ক্ষয়, সুনাম হানি।

যশঃপ্রার্থী /জশোপ্রার্থি/ [স. যশঃ+প্র+√অর্থ্+ইন] বিণ. খ্যাতি বা সুনাম প্রত্যাশা করে এমন।

যশদ /জশোদ্/ [স. √অশ্+অদ] বি. (সচরাচর কলাইয়ের জন্য ব্যবহৃত) উজ্জ্বল নীলাভ সাদা কঠিন মৌলিক ধাতু যার পারমাণবিক সংখ্যা ৩০, দস্তা, zinc।

যশব /জশব্/ [হি.] বি. অর্ধস্বচ্ছ ডোরাকাটা শক্ত পাথরবিশেষ, agate।

যশস্কর /জশোশ্কর্/ [স. যশঃ+কর] বিণ. কীর্তি-জনক, সুখ্যাতিকর।

যশস্কাম /জশোশ্কাম্/ [স. যশঃ+√কম্+অ] বিণ. যশ বা খ্যাতি কামনা করে এমন, যশোলিপ্সু।

যশস্বান /জশোশ্শান্/ [স. যশঃ+বৎ] বিণ. খ্যাতিমান, যশস্বী। স্ত্রী. **যশস্বতী** /জশোশ্শোতি/।

যশস্বী /জশোশ্শি/ [স. যশস্+বিন্] বিণ. খ্যাতি-মান, যশস্বী। স্ত্রী. **যশস্বিনী** /জশোশ্শিনি/।

যশস্য /জশোশ্শো/ [স. যশস্+য] বিণ. দ্র যশস্কর।

যশাকাঙ্ক্ষা /জশাকাংখা/ [স. যশঃ+আকাঙ্ক্ষা] বি. যশ বা খ্যাতির প্রত্যাশা।

যশুরে /জোশুরে/ [বা.] বিণ. ১ যশোরসংক্রান্ত। ২ যশোরের (*যশুরে কই*)।

যশুরে কই /জোশুরে কোই/ বি. ১ যশোর জেলার কই মাছের প্রজাতিবিশেষ যার মাথা শরীরের তুলনায় বড়ো। ২ (আল.) মাথামোটা ও শীর্ণদেহ ব্যক্তি।

যশোগান /জশোগান্/ [স. যশঃ+গান] বি. দ্র যশো-গীতি।

যশোগাথা /জশোগাথা/ [স. যশঃ+গাথা] বি. গৌরবগাথা, যশোগান।

যশোগীতি /জশোগিতি/ [স. যশঃ+গীতি] বি. যশ বা কীর্তির বর্ণনামূলক সংগীত।

যশোদ /জশোদো/ [স. যশঃ+√দা+অ] বিণ. যশস্কর। বি. পারদ।

যশোদা /জশোদা/ [স. যশঃ+√দা+অ+আ (টাপ্)] বিণ. যশ দান করেন এমন, যশদাত্রী, খ্যাতি-দায়িনী। বি. শ্রীকৃষ্ণের পালিকা মাতা।

যশোদানন্দন /জশোদানন্দোন্/ [স. যশোদা+নন্দন] বি. শ্রীকৃষ্ণ।

যশোধন /জশোধন্/ [স. যশঃ+ধন] বিণ. ১ যশের অধিকারী, যশস্বী। ২ বিখ্যাত।

যশোধরা /জশোধরা/ [স. যশঃ+√ধৃ+অ+আ (টাপ্)] বি. গৌতম বুদ্ধের পত্নী ও রাহুলের মাতা।

যশোবতী /জশোবোতি/ [স. যশঃ+বৎ+ঈ] বিণ. যশস্বিনী, যশস্বতী, খ্যাতিমান।

যশোভাক /জশোভাক্/ [স. যশঃ+√ভজ্+ক্বিপ] বিণ. যশ বা খ্যাতির অংশীদার, যশস্বী।

যশোভাগ্য /জশোভাগ্গো/ [স. যশঃ+√ভজ্+য] বি. যশ বা খ্যাতি লাভের সৌভাগ্য।

যশোমতী /জশোমোতি/ [স. যশঃ+মৎ+ঈ] বি. শ্রীকৃষ্ণের পালিকা মাতা, যশোদা।

যশোরাশি /জশোরাশি/ [স. যশঃ+রাশি] বি. প্রচুর খ্যাতি বা সুনাম; কীর্তিসমূহ।

যশোলিপ্সা /জশোলিপ্শা/ [স. যশঃ+লিপ্সা] বি. খ্যাতি লাভের আকাঙ্ক্ষা।

যশোলিপ্সু /জশোলিপ্শু/ [স. যশঃ+লিপ্সু] বিণ. যশ বা খ্যাতি লাভ করতে ইচ্ছুক।

যশোহানি /জশোহানি/ [স. যশঃ+√হা+তি] বি. খ্যাতিনাশ, গৌরবহানি।

যশোহীন /জশোহিন্/ [স. যশঃ+√হা+ত] বিণ. খ্যাতিহীন, কীর্তিহীন, অখ্যাত।

যষ্টি /জোশ্টি/ [স. √যজ্+তি] বি. ১ লাঠি, ছড়ি, দণ্ড। ২ গাছের ডাল। ৩ নৌকার হাল।

যষ্টিকা /জোশ্টিকা/ [স. যষ্টি+কন্+আ (টাপ্)] বি. ১ লাঠি। ২ একনরি হার। ৩ বড়ো পুকুর। ৪ যষ্টিমধু।

যষ্টিমধু /জোশ্টিমোধু/ [স. যষ্টি+মধু] বি. মধ্য ও দক্ষিণ-পশ্চিম এশিয়া এবং ভূমধ্যসাগরীয় অঞ্চলে জাত শিম্বগোত্রীয় গুল্মবিশেষের মিষ্টস্বাদ মূল (ওষুধরূপে ব্যবহৃত), liquorice।

যা[১] /জা/ [স. যাতৃ >] সর্ব. 'যাহা'-র সংক্ষিপ্ত ও চলিত রূপ।

যা[২] /জা/ [স. যৎ >] অনুক্রি. বর্তমানকালের মধ্যম পুরুষে (আদর বা তুচ্ছার্থে) গমনের অনুজ্ঞা।

যাই[১] /জাই/ [স. যদা >] অব্য. ১ যা, যাহা (*তুমি যাই বলো*)। ২ যা কিছু (*যাই দাও তাই নেব*)।

যাই[২] /জাই/ [বা.] ক্রি. গমন করি।

যাও /জাও/ [বা.] অনুক্রি. ১ গমন করো। ২ প্রতিবাদ তিরস্কার ঘৃণা অস্বীকার প্রভৃতিপ্রকাশক অনুজ্ঞা।

যাওয়া /জাওআ/ [বা.] ক্রিবি. ১ গমন করা (*বাড়িতে যাওয়া*)। ২ অবসান হওয়া (*অস্ত যাওয়া*)। ৩ অতিবাহিত হওয়া (*দিন যাওয়া*)। ৪ ক্ষতি বা

www.pathagar.com

ধ্বংস হওয়া (*মান যাওয়া*)। ৫ ব্যয়িত হওয়া (*টাকা যাওয়া*)। ৬ কোনো কিছু ঘটা (*চুরি যাওয়া*)। ৭ স্থায়ী হওয়া (*টিকে যাওয়া*)। ৮ পথভ্রষ্ট হওয়া (*গোল্লায় যাওয়া*)। ৯ পড়ে থাকা (*থেকে যাওয়া*)। ১০ কোনো কাজ করতে থাকা (*করে যাওয়া*)।

যাওয়া–আসা /জাওআআশা/ [বা.] বি. ১ যাতায়াত, গমনাগমন; মেলামেশা (*শুধু যাওয়া আসা, শুধু স্রোতে ভাসা,* রবীন্দ্র.)। ২ (আল.) জন্মমৃত্যু।

যাঁর /জাঁর্/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) যে ব্যক্তির; 'যাঁহার' শব্দের কথ্য রূপ।

যাঁরা /জাঁরা/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) যে সকল ব্যক্তি; 'যাঁহারা' শব্দের কথ্য রূপ।

যাঁহারা /জাঁহারা/ [বা.] সর্ব. (সম্ভ্রমে) যে সকল ব্যক্তি; 'যাঁরা' শব্দের সাধু রূপ।

যাগ /জাগ্/ [স. √যজ্+অ] বি. যজ্ঞ, হোম।

যাচক /জাচক্/ [স. √যাচ্+অক] বিণ. যাচ্ঞাকারী, প্রার্থী, আবেদনকারী।

যাচন[১] /জাচন্/ [হি. যাঁচনা >] বি. পরীক্ষণ, যাচাই।

যাচন[২] /জাচন্/ [স. √যাচ্+অন] বি. প্রার্থনা, যাচ্ঞা।

যাচনীয় /জাচোনিয়ে/ [স. √যাচ্+অনীয়] বিণ. যাচ্ঞার যোগ্য, প্রার্থনীয়, যাচ্য।

যাচমান /জাচোমান্/ [স. √যাচ্+মান (শানচ্)] বিণ. প্রার্থনা করছে বা চাওয়া হচ্ছে এমন।

যাচা[১] /জাচা/ [বা.] ক্রিবি. বিণ. ১ প্রার্থনা করা, যাচ্ঞা করা। ২ অনুনয়–বিনয় করা, সাধাসাধি করা। ৩ উপযাচক হওয়া (*যেচে কথা বলা*)।

যাচা[২] /জাচা/ [হি. যাঁচনা >] ক্রিবি. ১ যাচাই করা, পরীক্ষা করা। ২ পরীক্ষা করে দ্রব্যের মূল্য নির্ধারণ করা। ৩ যৌক্তিকতা বিচার করা।

যাচাই /জাচাই/ [বা.] বি. ১ পরীক্ষা বা অনুসন্ধানের সাহায্যে দ্রব্যাদির গুণাগুণ ও মূল্য স্থিরকরণ (*বাজার যাচাই*)। ২ দোষগুণ বিচার (*গুণাগুণ যাচাই*)। ৩ বিশুদ্ধতা নির্ণয় (*কষ্টিপাথরে ঘষে যাচাই*)।

যাচানো /জাচানো/ [বা.] ক্রিবি. বিণ. পরীক্ষা করানো, যাচাই করানো।

যাচিত /জাচিতো/ [স. √যাচ্+ত] বিণ. যাচ্ঞা করা বা চাওয়া হয়েছে এমন, প্রার্থিত।

যাচ্ছেতাই /জাচ্ছেতাই/ [বা.] বিণ. ১ যা ইচ্ছা তাই, খেয়ালখুশিমতো। ২ অতি জঘন্য (*যাচ্ছেতাই ব্যবহার*)। বি. জঘন্য বা বিশ্রী ব্যাপার।

যাচ্ঞা /জাচ্না/ [স. √যাচ্+ন+আ (টাপ্)] বি. প্রার্থনা, ভিক্ষা, যাচনা।

যাচ্য /জাচ্চো/ [স. √যাচ্+য] বিণ. দ্র যাচনীয়।

যাচ্যমান /জাচ্চোমান্/ [স. √যাচ্+য+মান (শানচ্)] বিণ. চাওয়া বা প্রার্থনা করা হচ্ছে এমন।

যাজক /জাজক্/ [স. √যজ্+অক] বি. ১ পুরোহিত, যজ্ঞকর্তা, ঋত্বিক। ২ ধর্মপ্রচারক।

যাজন /জাজোন্/ [স. √যজ্+ণিচ্+অন] বি. ১ পৌরোহিত্য। ২ পূজা, যজ্ঞক্রিয়া।

যাজনিক /জাজোনিক্/ [স. যজন+ইক] বিণ. ১ পৌরোহিত্যসম্বন্ধীয়। ২ যজ্ঞসংক্রান্ত।

যাজী /জাজি/ [স. √যজ্+ইন্] বিণ. যজ্ঞকারী।

যাজ্ঞবল্ক্য /জাগ্গোঁবোল্কো/ [স. যজ্ঞ+বল্ক+য] বি. যজুর্বেদপ্রবক্তা বৈদিক ঋষি।

যাজ্ঞসেনী /জাগ্গোঁশেনি/ [স. যজ্ঞসেন+অ+ঈ] বি. দ্রুপদ রাজার কন্যা, দ্রৌপদী।

যাজ্ঞিক /জাগ্গিঁক্/ [স. যজ্ঞ+ইক] বিণ. ১ যজ্ঞীয়, যজ্ঞসংক্রান্ত। ২ যজ্ঞের পক্ষে হিতকর। বি. যে যজ্ঞ করে, যজ্ঞকর্তা।

যাজ্ঞিকান্ন /জাগ্গিঁকান্নো/ [স. যাজ্ঞিক+অন্ন] বি. যজ্ঞের পায়েস।

যাজ্য /জাজ্জো/ [স. √যজ্+য] বিণ. যাজন বা যজ্ঞক্রিয়ার যোগ্য। বি. যার জন্য যজ্ঞ করা হয়।

যাঠা /জাঠা/ [স. যষ্টি >] বি. পৌরাণিক যুদ্ধাস্ত্র–বিশেষ; গদা।

যাত /জাতো/ [স. √যা+ত] বিণ. ১ অতীত; গত। ২ বিদিত, জ্ঞাত। ৩ লব্ধ, প্রাপ্ত।

যাতনা /জাতোনা/ [স. √যত্+ণিচ্+অন+আ (টাপ্)] বি. তীব্র যন্ত্রণা বা বেদনা; দুঃখ, কষ্ট, নিপীড়ন (*কি যাতনা বিষে বুঝিবে সে কিসে—* কৃষ্ণচন্দ্র.)।

যাতব্য /জাতোব্বো/ [স. √যা+তব্য] বিণ. ১ গমনের যোগ্য, গম্য। ২ আক্রমণযোগ্য। ৩ অভিযানের উপযুক্ত, অভিগম্য। ৪ প্রাপ্তব্য।

যা–তা[১] /জাতা/ [বা.] বিণ. ১ খেলো, বাজে (*যা–তা ব্যাপার*)। ২ ইচ্ছামাফিক (*যা–তা কাজ*)। বি. অনির্দিষ্ট কিছু।

যাতা[২] /জাতা/ [স. √যা+তৃ] বি. ১ যে গমন করে, গমনকর্তা। ২ সারথি, রথচালক। ৩ পথিক।

যাতা[৩] /জাতা/ [স. √যত্+ঋ] বি. স্বামীর ভাইয়ের পত্নী, জা।

যাতায়াত /জাতায়াত্/ [স. যাত+আয়াত (আগমন)] বি. গমনাগমন।

যাত্রা /জাত্রা/ [স. √যা+ত্র+আ (টাপ্)] বি. ১ গমন (*আমাদের যাত্রা হলো শুরু—* রবীন্দ্র.)। ২ প্রস্থান (*বাড়ি থেকে যাত্রা করা*)। ৩ নির্বাহ, যাপন (*জীবন–যাত্রা*)। ৪ প্রয়াণ (*শেষ যাত্রা*)। ৫ শ্রেণিবদ্ধ হয়ে

www.pathagar.com

বহুলোকের একত্রগমন, মিছিল (*শোভাযাত্রা*)। ৬ উৎসববিশেষ (*দোলযাত্রা*)। ৭ (বাংলায়) দৃশ্য-পটহীন মঞ্চে নাট্যাভিনয় (*যাত্রাপালা*)। ৮ দফা, বার (*এ যাত্রায় দেখা হলো না*)।

যাত্রাঘট /জাত্‌ত্রাঘট্/ [স. যাত্রা+ঘট] বি. যাত্রার মঙ্গলসূচক ঘট।

যাত্রাবদল /জাত্‌ত্রাবদোল্/ [স. যাত্রা+আ. বদল] বি. শুভাশুভের বিবেচনায় যাত্রাস্থলে ফিরে এসে পুনরায় যাত্রারম্ভের সংস্কার।

যাত্রাভঙ্গ /জাত্‌ত্রাভংগো/ [স. যাত্রা+√ভন্‌জ্+অ] বি. ১ যাত্রাকালে অমঙ্গলের আশঙ্কারূপ বাধা। ২ পথে সাময়িক যাত্রাবিরতি। ৩ যাত্রা করার পর মাঝপথ থেকে প্রত্যাবর্তন।

যাত্রিক /জাত্‌ত্রিক্/ [স. যাত্রা+ইক] বিণ. ১ যাত্রার যোগ্য বা উপযুক্ত। ২ গমনসাধ্য। ৩ যাত্রাবিষয়ক। বি. ১ পথিক। ২ তীর্থযাত্রী। ৩ পাথেয়। ৪ উৎসব।

যাত্রী /জাত্‌ত্রি/ [স. যাত্রা+ইন্] বিণ. ১ যাত্রাকারী, গমনকারী (*বরযাত্রী*)। ২ ভ্রমণকারী (*তীর্থযাত্রী*)। বি. পথিক; পর্যটক।

যাত্রীবাহী /জাত্‌ত্রিবাহি/ [স. যাত্রী+√বহ্+ইন] বিণ. যাত্রীবহনকারী (*যাত্রীবাহী বাস*)।

যাথাতথ্য /জাথাতোত্‌থো/ [স. যথা+তথ+য] বি. প্রকৃত তথ্য, যথার্থতা।

যাথাযথ্য /জাথাজোত্‌থো/ [স. যথাযথ+য] বি. যথার্থতা, যাথার্থ্য, যথাযথতা।

যাথার্থ্য /জাথারত্‌থো/ [স. যথার্থ+য] বি. সত্যতা, যথার্থতা, যথাযথতা।

যাদঃপতি /জাদোপ্‌পোতি/ [স. যাদস্+পতি] বি. ১ সমুদ্র। ২ জলের অধিদেবতা বরুণদেব।

যাদব /জাদব্/ [স. যদু+অ] বিণ. ১ যদুবংশীয়। ২ যদুবংশসম্বন্ধীয়। বি. শ্রীকৃষ্ণ।

যাদৃশ /জাদৃশো/ [স. যদ্+√দৃশ্+অ] বিণ. যেমন, যেরূপ, যে প্রকারের, যে ধরনের।

যান /জান্/ [স. √যা+অন] বি. ১ যার সাহায্যে এক স্থান থেকে অন্য স্থানে যাতায়াত করা যায় (অশ্ব হস্তী নৌকা গাড়ি শকট প্রভৃতি), বাহন, transport। ২ মার্গ, পথ (*মহাযান*)।

যানজট /জানজট্/ [স. যান+বা. জট] বি. যানবাহনের আধিক্যহেতু সৃষ্ট যান চলাচলে সাময়িক বিশৃঙ্খলা, traffic jam।

যানবাহন /জানবাহোন্/ [স. যান+বাহন] বি. যাতায়াতের জন্য ব্যবহৃত বাহন (গাড়ি ট্রাম বাস প্রভৃতি), পরিবহণ।

যান্ত্রিক /জান্‌ত্রিক্/ [স. √যন্ত্র+ইক] বিণ. ১ যন্ত্রচালনে দক্ষ, যন্ত্রবিশারদ। ২ যন্ত্রসংক্রান্ত (*যান্ত্রিক ত্রুটি*)। ৩ যন্ত্রময়। ৪ (আল.) যন্ত্রের মতো অনুভূতিহীন, নিষ্প্রাণ (*যান্ত্রিক আচরণ*)।

যান্ত্রিকতা /জান্‌ত্রিকতা/ [স. যান্ত্রিক+তা] বি. ১ শুধু নিয়ম রক্ষার জন্য যন্ত্রের মতো কর্মসম্পাদন। ২ (আল.) অনুভূতিহীনতা।

যাপক /জাপক্/ [স. √যা+ণিচ্+অক] বিণ. অতিবাহনকারী, যাপনকারী।

যাপন /জাপোন্/ [স. √যাপি+অন] বি. অতিবাহন, কালক্ষেপণ (*জীবনযাপন*)।

যাপনীয় /জাপোনিয়ো/ [স. √যাপি+অনীয়] বিণ. অতিবাহন বা যাপনের যোগ্য।

যাপা /জাপা/ [বা.] ক্রিবি. ১ অতিবাহন বা যাপন করা। ২ অতিক্রম করা।

যাপিত /জাপিতো/ [স. √যাপি+ত] বিণ. যাপন করা হয়েছে এমন, অতিবাহিত (*যাপিত জীবন*)।

যাপ্য /জাপ্‌পো/ [স. √যাপি+য] বিণ. ১ যাপনীয়, যাপনযোগ্য। ২ গোপনীয়। ৩ নিন্দনীয়। ৪ নিকৃষ্ট। ৫ সম্পূর্ণরূপে আরোগ্য হয় না এমন।

যাবক /জাবোক্/ [স. যব+ক (স্বার্থে)] বি. আলতা, লাক্ষা।

যাবকরেখা /জাবোক্‌রেখা/ [স. যাবক+রেখা] বি. আলতার রেখা।

যাবচ্চন্দ্রদিবাকর /জাবচ্চন্দ্রোদিবাকর্/ [স. যাবৎ+চন্দ্র+দিবাকর] ক্রিবিণ. যতকাল চন্দ্র ও সূর্য বর্তমান থাকবে, অনন্তকাল।

যাবজ্জীবন /জাবোজ্‌জিবন্/ [স. যাবৎ+জীবন] ক্রিবিণ. যতদিন জীবন থাকবে ততদিন, আজীবন, চিরজীবন।

যাবতীয় /জাবোতিয়ো/ [স. যাবৎ+ঈয়] বিণ. যত কিছু, সবকিছু, সমস্ত, সকল।

যাবৎ /জাবোত্/ [স. যদ্+বৎ] ক্রিবিণ. ১ যতক্ষণ পর্যন্ত; যতদিন অবধি। ২ পর্যন্ত, ধরে (*তিনদিন যাবৎ*)। বিণ. (বাংলায়) সবকিছু, সমস্ত।

যাবন /জাবোন্/ [স. যবন+অ] বিণ. দ্র যাবনিক।

যাবনিক /জাবোনিক্/ [স. যবন+ইক] বিণ. ১ যবনদেশে উৎপন্ন বা জাত। ২ যবনসম্বন্ধীয়।

যাবনী /জাবোনি/ [স. যবন+অ+ঈ] বি. যবনদের ভাষা (গ্রিক আরবি ফারসি প্রভৃতি)।

যাম /জাম্/ [স. √যা+ম] বি. দিবারাত্রির ১/৮ ভাগ সময়, এক প্রহর, তিন ঘণ্টা।

যামঘোষ /জাম্‌ঘোশো/ [স. যাম+ঘোষ] বি. ১ যেসব

www.pathagar.com

প্রাণী (মোরগ শেয়াল প্রভৃতি) ডাক দিয়ে প্রহর ঘোষণা করে। ২ ঘণ্টা বাজিয়ে প্রহর ঘোষণা যার পেশা।

যামবতী /জাম্‌বতি/ [স. যাম+বৎ+ঈ] বি. রাত্রি।

যামল /জামোল্/ [স. যমল+অ] বিণ. যুগ্ম, যুগল। বি. ১ তন্ত্রশাস্ত্রবিশেষ। ২ শিব ও শক্তির মিলিত রূপ।

যামার্ধ /জামার্‌ধো/ [স. যাম+অর্ধ] বি. অর্ধপ্রহর।

যামিনী /জামিনি/ [স. যাম+ইন্+ঈ] বি. রাত্রি, রজনি (*কেন যামিনী না যেতে জাগালে না, বেলা হল মরি লাজে।* রবীন্দ্র.)।

যামিনীকান্ত /জামিনিকান্‌তো/ [স. যামিনী+কান্ত] বি. চাঁদ।

যামিনীনাথ /জামিনিনাথ্/ [স. যামিনী+নাথ] বি. চাঁদ।

যামিনীভূষণ /জামিনিভুশন্/ [স. যামিনী+ভূষণ] বি. চাঁদ।

যামী /জামি/ [স. যম+অ+ঈ] বি. ১ রাত্রি, নিশি। ২ সহধর্মিণী, কুলবধূ। ৩ কন্যা। ৪ দক্ষিণ দিক।

যাম্য[১] /জাম্‌মো/ [স. যম+য] বিণ. যমসম্পর্কিত।

যাম্য[২] /জাম্‌মো/ [স. যামী+য] বিণ. দক্ষিণ দিকে বসবাসকারী। বি. ১ দক্ষিণ দিক। ২ ডান হাত। ৩ শিব।

যাম্যবৃত্ত /জাম্‌মোবৃত্‌তো/ [স. যাম্য+বৃত্ত] বি. দক্ষিণ মেরু, কুমেরু।

যাম্যোত্তরবৃত্ত /জাম্‌মোত্তরবৃত্‌তো/ [স. যাম্য+উত্তর+বৃত্ত] বি. যে কাল্পনিক বৃত্তরেখা নভোমণ্ডলের উত্তর–দক্ষিণ প্রান্ত ও পর্যবেক্ষকের ঠিক মাথার ওপরে অবস্থিত বিন্দু (সুবিন্দু) ভেদ করে পৃথিবীকে পূর্ব ও পশ্চিমে সমান দুই খণ্ডে বিভক্ত করে, celestial meridian।

যাযাবর /জাজাবর্/ [স. √যা+য+বর] বিণ. ১ নির্দিষ্ট কোনো বাসস্থান নেই এমন, ভবঘুরে। ২ নিয়ত ভ্রমণকারী। বি. যে বা যারা নিয়ত ভ্রমণ করে বা এক জায়গায় বেশিদিন বসবাস করে না।

যাযাবর পাখি /জাজাবর্ পাখি/ বি. শীতঋতুতে অস্থায়ী বসবাসের জন্য উষ্ণতর দেশে গমন করে এমন পাখি, পরিযায়ী পাখি।

যার /জার্/ [স. যৎ >] সর্ব. যে ব্যক্তি বা বস্তুর।

যার–তার /জারতার্/ [বা.] বিণ. অনির্দিষ্ট ও অজ্ঞাত কোনো ব্যক্তির, যে কোনো ব্যক্তির।

যারপরনাই /জারপরনাই/ [বা.] বিণ. অত্যধিক, অত্যন্ত, যৎপরোনাস্তি।

যাস্ক /জাস্‌কো/ [ব্যক্তি.] বি. নিরুক্ত নামক বৈদিক ব্যাখ্যাগ্রন্থ রচনাকারী।

যাহা /জাহা/ [স. যৎ >] সর্ব. যে বস্তু বা বিষয় (*যাহা চাই তাহা ভুল করে চাই, যাহা পাই তাহা চাই না—* রবীন্দ্র.)।

যাহা তাহা /জাহা তাহা/ বিণ. বি. দ্র যা–তা[১]।

যাহোক /জাহোক্/ [বা.] অব্য. তা সত্ত্বেও।

যিনি /জিনি/ [স. যদ্ >] সর্ব. (সম্ভ্রমে) যে ব্যক্তি।

যুক্ত /জুক্‌তো/ [স. √যুজ্+ত] বিণ. ১ সংযোজিত, সংলগ্ন, মিলিত (*যুক্তকর*)। ২ ব্যাপৃত, নিযুক্ত (*কর্মে যুক্ত*)। ৩ উপযুক্ত, ন্যায্য (*যুক্তিযুক্ত*)। ৪ বিশিষ্ট (*অর্থযুক্ত বাক্য*)। ৫ সংকলিত। ৬ (গ.) যোগ করা হয়েছে এমন।

যুক্তকর /জুক্‌তোকর্/ [স. যুক্ত+√কৃ+অ] বিণ. দুই হাত জোড় করে আছে এমন, জোড়হাত, কৃতাঞ্জলি। বি. জোড় করা হাত।

যুক্তবর্ণ /জুক্‌তোবর্‌নো/ [স. যুক্ত+বর্ণ] বি. দুই বা ততোধিক ব্যঞ্জনের সংযুক্ত রূপ।

যুক্তবেণি /জুক্‌তোবেনি/ [স. যুক্ত+√বেণ্+ই] বি. ১ প্রয়াগে গঙ্গা যমুনা ও সরস্বতী এই তিন নদীর মিলিত ধারা। ২ বেণিবদ্ধ কেশ; খোঁপা।

যুক্তব্যঞ্জন /জুক্‌তোব্যান্‌জোন্/ [স. যুক্ত+বি+√অনজ্+অন] বি. দ্র যুক্তবর্ণ।

যুক্তরাজ্য /জুক্‌তোরাজ্‌জো/ [স্থান.] বি. গ্রেট ব্রিটেন ও উত্তর আয়ারল্যান্ড।

যুক্তরাষ্ট্র /জুক্‌তোরাশ্‌ট্রো/ [স্থান.] বি. আমেরিকার সংযুক্ত রাষ্ট্রসমূহ।

যুক্তাক্ষর /জুক্‌তাক্‌খর্/ [স. যুক্ত+অক্ষর] বি. দ্র যুক্তবর্ণ।

যুক্তি /জুক্‌তি/ [স. √যুজ্+তি] বি. ১ হেতু, কারণ (*যুক্তিপ্রদর্শন*)। ২ বিচার, ন্যায় (*যুক্তিসংগত*)। ৩ পরামর্শ, মন্ত্রণা। ৪ সংযোগ, মিলন, সংযুক্তি।

যুক্তিগ্রাহ্য /জুক্‌তিগ্রাজ্‌ঝো/ [স. যুক্তি+√গ্রহ্+য] বিণ. যথোচিত, যুক্তিসম্মত, ন্যায়সংগত।

যুক্তিতর্ক /জুক্‌তিতর্‌কো/ [স. যুক্তি+তর্ক] বি. কোনো প্রস্তাবের পক্ষে কিংবা বিপক্ষে যুক্তি–সহ তর্ক।

যুক্তিদাতা /জুক্‌তিদাতা/ [স. যুক্তি+√দা+তৃ] বি. যে পরামর্শ বা মন্ত্রণা দেয়, মন্ত্রণাদাতা।

যুক্তিনিষ্ঠ /জুক্‌তিনিশ্‌ঠো/ [স. যুক্তি+নি+√স্থা+অ] বিণ. যুক্তির প্রতি নিষ্ঠাযুক্ত।

যুক্তিপূর্ণ /জুক্‌তিপুর্‌নো/ [স. যুক্তি+পূর্ণ] বিণ.

www.pathagar.com

যথোচিত, যুক্তিসংগত।

যুক্তিপূর্বক /জুক্‌তিপুর্‌বক্‌/ [স. যুক্তি+পূর্বক] ক্রিবিণ. পরামর্শ বা যুক্তি করার পর।

যুক্তিবাদ /জুক্‌তিবাদ্‌/ [স. যুক্তি+√বদ্‌+অ] বি. যুক্তিভিত্তিক মতবাদ।

যুক্তিবাদী /জুক্‌তিবাদি/ [স. যুক্তি+√বদ্‌+ইন্‌] বিণ. যুক্তিবাদের অনুসারী।

যুক্তিবিরুদ্ধ /জুক্‌তিবিরুদ্‌ধো/ [স. যুক্তি+বিরুদ্ধ] বিণ. যুক্তিসংগত নয় এমন, অযৌক্তিক।

যুক্তিযুক্ত /জুক্‌তিজুক্‌তো/ [স. যুক্তি+যুক্ত] বিণ. ন্যায়সংগত, যুক্তিসিদ্ধ।

যুক্তিসংগত /জুক্‌তিশংগতো/ [স. যুক্তি+সংগত] বিণ. দ্র যুক্তিযুক্ত।

যুক্তিসম্মত /জুক্‌তিশম্মতো/ [স. যুক্তি+সম্মত] বিণ. দ্র যুক্তিযুক্ত।

যুক্তিহীন /জুক্‌তিহিন্‌/ [স. যুক্তি+√হা+ত] বিণ. যুক্তিদ্বারা প্রতিষ্ঠিত নয় এমন, অযৌক্তিক (*যুক্তিহীন তর্ক*)।

যুগ /জুগ্‌/ [স. √যুজ্‌+অ] বি. ১ বারো বছর সময়। ২ পৌরাণিক মতে চারটি কালপর্ব (সত্য ত্রেতা দ্বাপর ও কলি)। ৩ সময়, আমল। ৪ বিশিষ্ট লক্ষণদ্বারা চিহ্নিত কালবিভাগ (*মধ্যযুগ*)। ৫ চার হাত দৈর্ঘ্যের মাপ। ৬ জোয়ালের সঙ্গে যুক্ত কাঠের জোড় (*যুগন্ধর*)। বিণ. জোড়া, যুগল।

যুগক্ষয় /জুগোক্‌খয়্‌/ [স. যুগ+ক্ষয়] বি. ১ যুগের অবসান বা সমাপ্তি। ২ প্রলয়কাল।

যুগধর্ম /জুগোধরমো/ [স. যুগ+ধর্ম] বি. ১ যুগের উপযোগী ধর্ম। ২ কালের উপযোগী আচার-ব্যবহার। ৩ কোনো যুগের বৈশিষ্ট্য বা ঝোঁক।

যুগন্ধর /জুগন্‌ধর্‌/ [স. যুগ+√ধৃ+অ] বি. ১ জোয়ালের সঙ্গে যুক্ত কাঠ। ২ লাঙলের ঈষ। ৩ (আল.) কোনো বিশেষ যুগের প্রবর্তক বা প্রতিনিধি।

যুগপৎ /জুগোপত্‌/ [স. যুগ+√পদ্‌+ক্বিপ্‌] অব্য. ক্রিবিণ. একই কালে, একই সঙ্গে।

যুগযুগান্ত /জুগ্‌জুগানতো/ [যুগ+যুগ+অন্ত] বি. যুগের অবসান বা সমাপ্তি।

যুগযুগান্তর /জুগ্‌জুগানতর্‌/ [যুগ+যুগ+অন্তর] বি. যুগের পর যুগ, বহুযুগ, দীর্ঘকাল।

যুগল /জুগল্‌/ [স. √যুজ্‌+অল] বিণ. যুগ্ম, জোড়া (*যুগলমূর্তি*)।

যুগলক্ষণ /জুগোলোক্‌খোন্‌/ [স. যুগ+লক্ষণ] বি. যুগের বৈশিষ্ট্য বা প্রবণতা।

যুগলবন্দি /জুগল্‌বোন্‌দি/ [স. যুগল+ফা. বন্দি] বি. দুই শিল্পীর একত্র সংগীত পরিবেশন বা বাদ্যযন্ত্র বাদন।

যুগলমূর্তি /জুগলমুরতি/ [স. যুগল+মূর্তি] বি. এক-সঙ্গে দুইজনের মূর্তি (*রাধাকৃষ্ণের যুগলমূর্তি*)।

যুগসন্ধি /জুগোশোন্‌ধি/ [স. যুগ+সম্‌+√ধা+ই] বি. এক যুগের সমাপ্তি ও তার পরবর্তী যুগের সূচনা।

যুগান্ত /জুগানতো/ [স. যুগ+অন্ত] বি. ১ যুগের অবসান বা সমাপ্তি। ২ প্রলয়কাল।

যুগান্তকারী /জুগান্‌তোকারি/ [স. যুগান্ত+√কৃ+ইন্‌] বিণ. ১ নতুন যুগের স্রষ্টা। ২ অত্যন্ত তাৎপর্যপূর্ণ (*যুগান্তকারী পরিবর্তন*)।

যুগান্তর /জুগানতর্‌/ [স. যুগ+অন্তর] বি. ১ অন্য যুগ। ২ নতুন যুগ প্রবর্তন।

যুগাবতার /জুগাবোতার্‌/ [স. যুগ+অবতার] বি. ১ যুগের অবতার বা প্রতিনিধি। ২ কোনো যুগের শ্রেষ্ঠ প্রতিনিধি।

যুগি /জুগি/ [স. যোগী >] বি. ১ গান গেয়ে ভিক্ষা করে বেড়ায় এমন সম্প্রদায়বিশেষ (*গাঁয়ের যুগি*)। ২ নাথধর্মাবলম্বী সম্প্রদায়।

যুগোপযোগী /জুগোপোজোগি/ [স. যুগ+উপযোগী] বিণ. কোনো বিশেষ যুগের পক্ষে উপযুক্ত।

যুগ্ম /জুগ্‌মো/ [স. √যুজ্‌+ম] বিণ. ১ যুগল, জোড়া। ২ দুই দিয়ে বিভাজ্য, জোড় (*যুগ্ম সংখ্যা*)। ৩ সহযোগী (*যুগ্মসচিব*)।

যুগ্মশব্দ /জুগ্‌মোশবদো/ [স. যুগ্ম+শব্দ] বি. পরপর দুবার উচ্চারিত শব্দ (ঝমঝম মচমচ প্রভৃতি)।

যুগ্মসচিব /জুগ্‌মোশোচিব্‌/ [স. যুগ্ম+সচিব] বি. সহযোগী সচিব; (পরি.) joint secretary।

যুগ্মসম্পাদক /জুগ্‌মোশম্‌পাদক্‌/ [স. যুগ্ম+সম্পাদক] বি. ১ কোনো প্রতিষ্ঠানের সহযোগী কর্মসচিব। ২ (গ্রন্থ সাময়িকী সংবাদপত্র প্রভৃতির) সম্পাদকের সহযোগী।

যুগ্মস্বাক্ষরকারী /জুগ্‌মোশাক্‌খরকারি/ [স. যুগ্ম+স্বাক্ষর+√কৃ+ইন্‌] বিণ. কোনো পত্র বা দলিলে একত্রে দুজন স্বাক্ষরদাতা।

যুঝা /জুঝা/ [স. যুধ >] ক্রিবি. ১ যুদ্ধ বা লড়াই করা। ২ বাধাবিঘ্ন অতিক্রম করা।

যুত /জুত্‌/ [স. √যু+ত] বিণ. ১ মিলিত, যুক্ত (*শ্রীযুত*)। ২ চার হাত পরিমিত।

যুতি /জুতি/ [স. √যু+তি] বি. ১ যোগ, মিলন; মিশ্রণ। ২ ঘোড়ার সঙ্গে গাড়ি জুড়ে দেওয়ার দড়ি বা চামড়ার বন্ধনী।

যুদধ /জুদ্‌ধো/ [স. যুধ্‌+ত] বি. ১ দুটি জাতি বা

www.pathagar.com

দেশের মধ্যে সশস্ত্র সংঘর্ষ, সমর, রণ, আহব। ২ ক্রীড়া শক্তি প্রভৃতির প্রতিযোগিতা (*মল্লযুদ্ধ*)।

যুদধংদেহি মনোভাব /জুদ্‌ধংদেহি মোনোভাব্‌/ বি. আগ্রাসি মনোভাব।

যুদধক্ষেত্র /জুদ্‌ধোখেত্‌ত্রো/ [স. যুদ্ধ+ক্ষেত্র] বি. যুদধ সংঘটনের স্থান, রণক্ষেত্র।

যুদধজয় /জুদ্‌ধোজয়্‌/ [স. যুদ্ধ+জয়] বি. যুদ্ধে প্রতিদ্বন্দ্বী বা শত্রুর বিরুদ্ধে সাফল্য লাভ।

যুদধজয়ী /জুদ্‌ধোজোয়ি/ [স. যুদ্ধ+√জি+ইন্‌] বিণ. যুদ্ধে জয়লাভ করেছে এমন (*যুদ্ধজয়ী বীর*)।

যুদধজাহাজ /জুদ্‌ধোজাহাজ্‌/ [স. যুদ্ধ+আ. জাহাজ] বি. নৌযুদ্ধে ব্যবহৃত অস্ত্রসজ্জিত নৌযান, রণ-তরি।

যুদধনীতি /জুদ্‌ধোনিতি/ [স. যুদ্ধ+নীতি] বি. ১ যুদ্ধে অনুসৃত নিয়মনীতি। ২ যুদ্ধের কলাকৌশল।

যুদধবন্দি /জুদ্‌ধোবোন্‌দি/ [স. যুদ্ধ+ফা. বন্দি] বি. যুদ্ধে পরাজিত পক্ষের যে সামরিক ও অসামরিক ব্যক্তিবর্গকে জয়ী পক্ষ বন্দি করে।

যুদধবিগ্রহ /জুদ্‌ধোবিগ্‌গ্রোহো/ [স. যুদ্ধ+বিগ্রহ] বি. যুদ্ধ বিবাদ লড়াই প্রভৃতি।

যুদধবিদ্যা /জুদ্‌ধোবিদ্‌দা/ [স. যুদ্ধ+বিদ্যা] বি. যুদ্ধের কৌশল ও যুদ্ধসংক্রান্ত জ্ঞান বা শাস্ত্র।

যুদধবিধ্বস্ত /জুদ্‌ধোবিদ্‌ধস্‌তো/ [স. যুদ্ধ+বি+√ধ্বন্‌স্‌+ত] বিণ. যুদ্ধে বিপর্যস্ত ও ধ্বংস হয়েছে এমন (*যুদ্ধবিধ্বস্ত দেশ*)।

যুদধবিমান /জুদ্‌ধোবিমান্‌/ [স. যুদ্ধ+বিমান] বি. প্রতিপক্ষের স্থাপনা ধ্বংস ও আকাশযুদ্ধ করতে সক্ষম এমন অস্ত্রসজ্জিত অতি দ্রুতগামী বিমান।

যুদধবিরতি /জুদ্‌ধোবিরোতি/ [স. যুদ্ধ+বিরতি] বি. চুক্তি অনুযায়ী যুদ্ধে উভয়পক্ষের সাময়িক অস্ত্র-সংবরণ (*যুদ্ধবিরতি ঘোষণা করা*)।

যুদধবিরোধী /জুদ্‌ধোবিরোধি/ [স. যুদ্ধ+বিরোধ+ইন্‌] বিণ. যুদ্ধবিগ্রহের বিপক্ষে মতপোষণকারী, শান্তি-কামী।

যুদধবিশারদ /জুদ্‌ধোবিশারদ্‌/ [স. যুদ্ধ+বিশারদ] বিণ. যুদ্ধবিদ্যায় পারদর্শী, রণনিপুণ।

যুদধযাত্রা /জুদ্‌ধোজাত্‌ত্রা/ [স. যুদ্ধ+যাত্রা] বি. যুদ্ধের জন্য অভিযাত্রা; অভিযান।

যুদধরীতি /জুদ্‌ধোরিতি/ [স. যুদ্ধ+রীতি] বি. যুদ্ধের প্রথাগত রীতিনীতি।

যুদধাজীব /জুদ্‌ধাজিব্‌/ [স. যুদ্ধ+আজীব] বি. যে ব্যক্তি যুদ্ধ করে জীবনধারণ করে, সৈনিক, যোদ্ধা।

যুদধাপরাধ /জুদ্‌ধাপোরাধ্‌/ [স. যুদ্ধ+অপরাধ] বি. যুদ্ধের স্বীকৃত নিয়মনীতি লঙ্ঘনের অপরাধ (শিশু ও নারীনির্যাতন গণহত্যা প্রভৃতি)।

যুদধাপরাধী /জুদ্‌ধাপোরাধি/ [স. যুদ্ধ+অপরাধ+ইন্‌] বি. ১ বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে পাকিস্তানি হানাদার বাহিনীর ব্যাপক নারীনির্যাতন গণহত্যা-সহ বলপূর্বক ধর্মান্তরণ অগ্নিসংযোগ ও লুটতরাজের জন্য প্রত্যক্ষ ও পরোক্ষভাবে দায়ী ব্যক্তিবর্গ। ২ যুদ্ধ চলাকালে যে ব্যক্তি বা গোষ্ঠী জেনেভা কনভেনশনের নীতিমালা লঙ্ঘন করেছে।

যুদধাবসান /জুদ্‌ধাবোশান্‌/ [স. যুদ্ধ+অবসান] বি. যুদ্ধের অবসান বা সমাপ্তি।

যুদধাস্ত্র /জুদ্‌ধাস্‌ত্রো/ [স. যুদ্ধ+অস্ত্র] বি. যুদ্ধে ব্যবহৃত অস্ত্রশস্ত্র।

যুদধাহত /জুদ্‌ধাহতো/ [স. যুদ্ধ+আহত] বিণ. যুদ্ধে আহত (*যুদ্ধাহত সৈনিক*)।

যুদধোন্মাদ /জুদ্‌ধোন্‌মাদ্‌/ [স. যুদ্ধ+উন্মাদ] বিণ. যুদ্ধ করার জন্য উন্মত্ত, যুদ্ধবাজ।

যুধিষ্ঠির /জুধিশ্‌ঠির্‌/ [স. যুধি+স্থির] বিণ. যুদ্ধ করার সময় বুদ্ধি স্থির রাখতে পারে এমন। বি. মহাভারতে বর্ণিত ধর্মপুত্র, জ্যেষ্ঠ পাণ্ডব।

যুধ্যমান /জুদ্‌ধোমান্‌/ [স. √যুধ্‌+মান (শানচ্‌)] বিণ. যুদ্ধ করছে এমন, যুদ্ধরত, সংগ্রামশীল।

যুব /জুবো/ [স. যুবন্‌] বি. বিণ. যৌবনপ্রাপ্ত বা তরুণ অর্থে সমাসে পূর্বপদরূপে 'যুবা' শব্দের রূপ (*যুবসমাজ*)।

যুব-উন্নয়ন /জুবোউন্নয়োন্‌/ [স. যুবন্‌+উন্নয়ন] বি. যুবকদের কল্যাণে পথনির্দেশনা প্রদান বহুমুখী প্রশিক্ষণ ও জীবিকা অর্জনের সুযোগ সৃষ্টির উদ্যোগ।

যুবক /জুবক্‌/ [স. যুবন্‌+ক (স্বার্থে)] বি. বিণ. ১ প্রাপ্তযৌবন; বিশেষত ১৬ থেকে ৩০ বছর বয়স্ক পুরুষ। ২ তরুণ, জোয়ান।

যুবজানি /জুবোজানি/ [স. যুব+জানি] বি. যুবতি পত্নির স্বামী।

যুবতি /জুবোতি/ [স. যুবন্‌+তি] বি. বিণ. প্রাপ্তযৌবনা, পূর্ণবয়স্কা, তরুণী।

যুবরাজ /জুবোরাজ্‌/ [স. যুবন্‌+রাজন্‌] বি. রাজ-সিংহাসনের উত্তরাধিকারী রাজকুমার, crown prince।

যুবসমাজ /জুবোশমাজ্‌/ [স. যুবন্‌+সমাজ] বি. তরুণ সম্প্রদায় (সাধারণত ১৬-৩০ বছর বয়স্ক)।

www.pathagar.com

যুবা /জুবা/ [স. যুবন্] বি. বিণ. দ্র যুব।

যুযুৎসা /জুজুত্সা/ [স. √যুধ্+সন্+আ (টাপ্)] বি. যুদ্ধ করার অভিলাষ।

যুযুৎসু /জুজুত্সু/ [স. √যুধ্+সন্+উ] বিণ. যুদ্ধ করতে উৎসুক; তুল. জুজুৎসু (পৃ ৫২৫)।

যুযুধান /জুজুধান্/ [স. √যুধ্+আন] বিণ. যুদ্ধরত। বি. ১ যোদ্ধা। ২ ক্ষত্রিয়। ৩ সাত্যকি।

যুষ্মদ /জুশ্মদ্/ [স. যুষ্মদ্+অ] সর্ব. তুমি তোমরা প্রভৃতি।

যুষ্মদীয় /জুশ্মোদিয়ো/ [স. যুষ্মদ্+ঈয়] বিণ. যুষ্মৎসম্বন্ধীয়; তোমাদের।

যূকা /জুকা/ [স. √যূ+কন্+আ (টাপ্)] বি. উকুন।

যূথ /জুথো/ [স. √যূ+থ] বি. পশুপাখির পাল।

যূথচর /জুথোচর্/ [স. যূথ+√চর্+অ] বিণ. দ্র যূথচারী।

যূথচারী /জুথোচারি/ [স. যূথ+√চর্+ইন্] বিণ. (পশু পাখি প্রভৃতি) দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন।

যূথনাথ /জুথোনাথ্/ [স. যূথ+নাথ] বি. দ্র যূথপতি।

যূথপতি /জুথোপোতি/ [স. যূথ+পতি] বি. ১ দলবদ্ধ হয়ে বিচরণকারী পশুদের দলপতি। ২ গজপতি।

যূথবদ্ধ /জুথোবদ্ধো/ [স. যূথ+√বদ্ধ্+ত] বিণ. দলবদ্ধ।

যূথভ্রষ্ট /জুথোব্‌ভ্রোশ্‌টো/ [স. যূথ+ভ্রষ্ট] বিণ. দল থেকে বিচ্ছিন্ন হয়েছে এমন, দলছুট।

যূথিকা /জুথিকা/ [স. যূথ+অক+আ (টাপ্)] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও থাইল্যান্ডের ঝোপঝাড় ও তৃণভূমিতে জাত এবং গ্রীষ্ম ও বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা সুগন্ধ ফুল বা তার কোমল লোমাবৃত ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় লতানে উদ্ভিদ, জুঁইফুল, যূথী।

যূথী /জুথি/ [স. যূথ+ঈ] বি. দ্র যূথিকা।

যূনী /জুনি/ [স. যুবন্+ঈ] বি. বিণ. যুবতি।

যূপ /জুপো/ [স. যু+প] বি. যে কাঠের ওপর রেখে পশু বলি দেওয়া হয়, হাড়িকাঠ।

যূপকাষ্ঠ /জুপোকাশ্‌ঠো/ [স. যূপ+কাষ্ঠ] বি. দ্র যূপ।

যূষ /জুশ্/ [স. √যূষ্+অ] বি. মাংস ডাল প্রভৃতির ক্বাথ, ঝোল, সুরুয়া, soup।

যে /জে/ [স. যদ্ >] সর্ব. নির্দিষ্ট বস্তু বিষয় বা ব্যক্তি (*যে এসেছিল*)। বিণ. যার সম্পর্কে উক্ত, উদ্দিষ্ট। অব্য. ১ মিশ্রবাক্যে অপ্রধান বাক্যের আরম্ভে ব্যবহৃত সংযোজক (*তুমি যে যাবে বলেছিলে*)। ২ সংশয় বা শঙ্কা প্রকাশে (*কী যে করি!*)। ৩ হেতু নির্দেশে (*বেলা যে পড়ে এল জলকে চল—* রবীন্দ্র.)। ৪ আধিক্য প্রকাশে (*যে বৃষ্টি! যাবে কী করে?*)। ৫ বিরক্তি বা বিস্ময় প্রকাশে (*আবার যে ফিরে এলে!*)।

যেই /জেই্/ [বা.] ক্রিবিণ. যে মুহূর্তে, যখনই (*যেই ঘণ্টা বাজল সবাই বেরিয়ে গেল*)।

যে-ই /জেই্/ [বা.] সর্ব. যে কোনো লোক।

যে-কেউ /জেকেউ্/ [বা.] সর্ব. দ্র যে-কেহ্।

যে-কে-সেই /জেকেশেই্/ [বা.] বি. পূর্ববর্তী অবস্থা। বিণ. পূর্বের মতো।

যে-কেহ্ /জেকেহো/ [বা.] সর্ব. যে কোনো ব্যক্তি (*যে-কেহ মোরে দিয়েছ সুখ দিয়েছ তাঁরি পরিচয়,* রবীন্দ্র.)।

যে-কোনো /জেকোনো/ [বা.] বি. অনির্দিষ্ট কিছু (*যে-কোনো দিন আসতে পারো*)।

যে-কোনোটা /জেকোনোটা/ [বা.] বি. অনির্দিষ্ট কোনো একটি।

যে-কোনোরকম /জেকোনোরকোম্/ [বা.] বিণ. বিশেষ কোনো ধরনের নয় এমন, নির্বিশেষ।

যে-কোনোরকমে /জেকোনোরকোমে/ [বা.] ক্রিবিণ. যে কোনো উপায়ে।

যেখান /জেখান্/ [বা.] বি. যে স্থান।

যেখানকার /জেখান্‌কার্/ [বা.] বিণ. যে স্থানের।

যেখানে /জেখানে/ [বা.] ক্রিবিণ. যে স্থানে; যে অবস্থায়।

যেখানে-সেখানে /জেখানেশেখানে/ [বা.] ক্রিবিণ. স্থান বিচার না করে, যত্রতত্র, সর্বত্র।

যেচে /জেচে/ [বা.] অসক্রি. যাচ্ঞা করে, উপযাচক হয়ে।

যেতে যেতে /জেতে জেতে/ ক্রিবিণ. গমনকালে, যাওয়ার সময় (*যেতে যেতে পথে পূর্ণিমারাতে চাঁদ উঠেছিল গগনে।* রবীন্দ্র.)।

যেথা /জেথা/ [স. যত্র >] বি. যে স্থান বা জায়গা। ক্রিবিণ. যথায়, যেখানে।

যেথাকার /জেথাকার্/ [বা.] বিণ. যে জায়গার।

যেথায় /জেথায়্/ [বা.] ক্রিবিণ. যে স্থানে, যেখানে।

যেথাসেথা /জেথাশেথা/ [বা.] ক্রিবিণ. যেখানে-সেখানে, সর্বত্র, ইতস্তত।

যেন /জ্যানো/ [স. যদ্ >] ক্রিবিণ. যে রূপ, যেমন। অব্য. ১ প্রার্থনা কামনা অভিলাষ প্রকাশে (*ধায় যেন মোর সকল ভালোবাসা /প্রভু, তোমার পানে, তোমার পানে, তোমার পানে।* রবীন্দ্র.)। ২ অনুমানে (*কোথায় যেন দেখেছি*)। ৩ সাদৃশ্য বা

www.pathagar.com

উপমায় (*যেন রূপকথার রাজকন্যা*)। ৪ কল্পনায় (*যেন চাঁদ হাতে পেয়েছে*)। ৫ সতর্কীকরণে (*বইটা যেন না হারায়*)। ৬ স্বীকৃতিজ্ঞাপনে (*তাই যেন হলো*)। ৭ অনিশ্চয়তা (*কে যেন এসেছিল*)। ৮ প্রতিবাদ প্রকাশে (*সব দোষ যেন আমার*)। ৯ অভিসম্পাত বা শুভকামনা প্রকাশে (*সে যেন সুখী হয়*)।

যেন তেন প্রকারেণ /জ্যানো ত্যানো প্রোকারেনো/ ক্রিবিণ. যে কোনো উপায়ে।

যেমত /জেমতো/ [বা.] ক্রিবিণ. দ্র যেমতি।

যেমতি /জেমোতি/ [বা.] ক্রিবিণ. (কাব্যে) যেমন, যেরূপ।

যেমন /জ্যামোন্/ [বা.] বিণ. ১ যে রকম, যে প্রকার (*যেমন কর্ম তেমন ফল*)। ২ যথা, দৃষ্টান্তস্বরূপ (*গৃহপালিত পশু যেমন, গোরু*)। অব্য. বিস্ময় প্রকাশে (*তুমিও যেমন!*)। ক্রিবিণ. যেইমাত্র, যে মুহূর্তে।

যেমনই /জ্যামোন্ই/ [বা.] বিণ. যেরকমই (*লেখা যেমনই হোক*)।

যেমন-তেমন /জ্যামোন্ত্যামোন্/ [বা.] বিণ. যে কোনো প্রকার; সাধারণ।

যেমনি /জেম্নি/ [বা.] ক্রিবিণ. যেইমাত্র; যে মুহূর্তে।

যে যে /জে জে/ সর্ব. যারা যারা।

যেরকম /জেরকোম্/ [বা. যে+আ. রকম] বিণ. যে প্রকার, যেমন।

যেরূপ /জেরুপ্/ [বা. যে+স. রূপ] বিণ. যেমন।

যেসকল /জেশকোল্/ [বা. যে+স. সকল] বিণ. যে সমস্ত।

যেসব /জেশব্/ [বা.] বিণ. যেসকল, যে সমস্ত।

যে-সে /জেশে/ [বা.] সর্ব. যে-কোনো ব্যক্তি; সাধারণ বা নগণ্য কোনো ব্যক্তি; প্রত্যেকে।

যেহেতু /জেহেতু/ [বা.] অব্য. যে কারণে।

যোক্তা /জোক্তা/ [স. √যুজ্+তৃ] বিণ. যোগকারী, যোগকর্তা। স্ত্রী. যোক্ত্রী /জোক্ত্রি/।

যোক্ত্র /জোক্ত্রো/ [স. √যুজ্+ত্র] বি. লাঙলের জোয়াল বাঁধার দড়ি।

যোগ /জোগ্/ [স. √যুজ্+অ] বি. ১ মিলন (*সেইখানে যোগ তোমার সাথে আমারও॥* রবীন্দ্র.)। ২ সম্বন্ধ (*রক্তের যোগ*)। ৩ সংস্রব, সংসর্গ (*মাটির যোগ*)। ৪ মাধ্যম (*ডাকযোগ*)। ৫ তপস্যা (*যোগাসন*)। ৬ শুভকাল (*বিবাহযোগ*)। ৭ নিবেশ (*মনোযোগ*)। ৮ সাধনার পথ (*কর্মযোগ*)। ৯ ওষুধ (*মুষ্টিযোগ*)। ১০ সময় (*রাত্রিযোগ*)। ১১ সৌভাগ্য (*প্রাপ্তিযোগ*)। ১২ গ্রহনক্ষত্রের অবস্থান (*মৃত্যুযোগ*)। ১৩ (গ.) সংকলন; সংকলনের চিহ্ন, (+)। ১৪ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

যোগক্ষেম /জোগোক্‌খেম্/ [স. যোগ+√ক্ষি+ম] বি. অপ্রাপ্য বস্তুর প্রাপ্তি ও প্রাপ্ত বস্তুর রক্ষণাবেক্ষণ।

যোগদর্শন /জোগোদর্‌শোন্/ [স. যোগ+√দৃশ্+অন] বি. পতঞ্জলি মুনি প্রণীত দর্শনশাস্ত্র।

যোগদান /জোগ্‌দান্/ [স. যোগ+√দা+অন] বি. ১ অংশগ্রহণ। ২ সহযোগিতা।

যোগনিদ্রা /জোগোনিদ্‌দ্রা/ [স. যোগ+নিদ্রা] বি. প্রলয়কালে বিষ্ণুর নিদ্রালু ভাব ও যোগাবস্থা।

যোগপট্ট /জোগোপট্‌টো/ [স. যোগ+√পট্+ত] বি. নামাবলি অঙ্কিত রেশমি উত্তরীয়বস্ত্র।

যোগফল /জোগ্‌ফল্/ [স. যাগ+√ফল্+অ] বি. (গ.) একাধিক সংখ্যা যোগ করে প্রাপ্ত রাশি।

যোগবল /জোগোবল্/ [স. যোগ+√বল্+অ] বি. যোগসাধনার দ্বারা লব্ধ বল বা ক্ষমতা।

যোগবাহী /জোগোবাহি/ [স. যোগ+√বহ্+ইন্] বিণ. সংযোগকারী।

যোগব্যায়াম /জোগ্‌ব্যায়াম্/ [স. যোগ+ব্যায়াম] বি. যোগাসনরূপ ব্যায়াম।

যোগভঙ্গ /জোগোভংগো/ [স. যোগ+√ভন্জ্+অ] বি. ১ যোগসাধনে বিরতি বা বিঘ্ন। ২ যোগসাধনার অবসান।

যোগভ্রষ্ট /জোগোব্‌ভ্রোশ্‌টো/ [স. যোগ+√ভ্রন্শ্+ত] বিণ. সিদ্ধিলাভের পূর্বে তপস্যা ভঙ্গ করেছে এমন; যোগমার্গ থেকে বিচ্যুত।

যোগমায়া /জোগোমায়া/ [স. যোগ+মায়া] বি. ১ ঈশ্বরের মায়াশক্তি; আদ্যাশক্তি। ২ দুর্গাদেবী।

যোগমার্গ /জোগোমার্‌গো/ [স. যোগ+মার্গ] বি. যোগ-সাধনার পথ।

যোগযুক্ত /জোগোজুক্‌তো/ [স. যোগ+√যুজ্+ত] বিণ. সমাধিপ্রাপ্ত।

যোগরূঢ় /জোগোরুঢ়ো/ [স. যোগ+√রুহ্+ত] বিণ. (ব্যা.) প্রকৃতি-প্রত্যয়যোগে গঠিত হলেও বিশেষ একটি অর্থে সীমাবদ্ধ (পঙ্কজ তুরঙ্গম প্রভৃতি)।

যোগশাস্ত্র /জোগোশাস্‌ত্রো/ [স. যোগ+√শাস্+ত্র] বি. যোগসাধনাবিষয়ক শাস্ত্র।

যোগসাজশ /জোগ্‌শাজোশ্/ [স. যোগ+ফা. সাজশ] বি. ১ গোপন সহযোগ, আঁতাঁত। ২ ষড়যন্ত্র।

যোগসাধন /জোগ্‌শাধোন্/ [স. যোগ+√সাধ্+অন] বি. দ্র যোগসাধনা।

যোগসাধনা /জোগ্‌শাধোনা/ [স. যোগ+√সাধি+অন

www.pathagar.com

+আ (টাপ্)] বি. ১ দেহ ও মনের সম্পূর্ণ নিয়ন্ত্রণ। ২ যোগাভ্যাস। ৩ প্রাণায়ামাদি অভ্যাস।

যোগসিদধ /জোগোশিদ্ধো/ [স. যোগ+√সিধ্+ত] বিণ. ১ যোগদ্বারা অভীষ্টপ্রাপ্ত। ২ যোগসাধনায় সফল হয়েছে এমন।

যোগসিদ্ধি /জোগোশিদ্ধি/ [স. যোগ+√সিধ্+তি] বি. যোগসাধনায় অভীষ্টপ্রাপ্তি।

যোগসূত্র /জোগ্শুত্রো/ [স. যোগ+সূত্র] বি. সম্পর্ক।

যোগাদ্যা /জোগাদ্দা/ [স. যোগ+আদ্য+আ (টাপ্)] বি. ১ আদ্যাশক্তি, কালী। ২ ভগবতী।

যোগাযোগ /জোগাজোগ্/ [বা.] বি. ১ সংস্রব। ২ মিলন। ৩ সামঞ্জস্য। ৪ সংবাদ আদান-প্রদান। ৫ কার্যকারণ সম্বন্ধ। ৬ সহযোগিতা।

যোগাযোগহীন /জোগাজোগ্হিন্/ [বা. যোগাযোগ+স. হীন] বিণ. যোগাযোগ নেই এমন।

যোগাসন /জোগাশোন্/ [স. যোগ+আসন] বি. ১ যোগসাধনার আসন। ২ যোগব্যায়াম।

যোগাসীন /জোগাশিন্/ [স. যোগ+√আস্+ঈন (শানচ্)] বিণ. যোগসাধনায় আসীন, যোগমগ্ন।

যোগিনী /জোগিনি/ [স. √যুজ্+ইন্+ঈ] বি. ১ তপস্বিনী। ২ মায়াবিদ্যায় নিপুণা নারী। ৩ দেবী দুর্গার চৌষট্টিজন সহচরীর যে কোনো একজন। ৪ যোগীর পত্নী। ৫ (জ্যোতি.) তিথিবিশেষ। বিণ. যোগসাধনাকারিণী।

যোগিয়া /জোগিআ/ [বা.] বি. দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ। বিণ. যোগীসুলভ।

যোগী /জোগি/ [স. √যুজ্+ইন্] বি. ১ যিনি যোগসাধনা করেন, তপস্বী। ২ সমাধিমগ্ন ব্যক্তি। ৩ জাতি-বিশেষ, যুগি।

যোগীন্দ্র /জোগিন্দ্রো/ [স. যোগী+ইন্দ্র] বি. ১ যোগীদের মধ্যে শ্রেষ্ঠ, মহাযোগী। ২ শিব। ৩ বিষ্ণু। ৪ শ্রীকৃষ্ণ।

যোগীশ /জোগিশ্/ [স. যোগী+ঈশ] বি. দ্র যোগীন্দ্র।

যোগীশ্বর /জোগিশ্শর্/ [স. যোগী+ঈশ্বর] বি. দ্র যোগীন্দ্র।

যোগেশ /জোগেশ্/ [স. যোগ+ঈশ] বি. দ্র যোগীন্দ্র।

যোগেশ্বর /জোগেশ্শর্/ [স. যোগ+ঈশ্বর] বি. দ্র যোগীন্দ্র।

যোগ্য /জোগ্গো/ [স. যোগ+য] বিণ. ১ উপযুক্ত (*যোগ্য সম্মান*)। ২ সমর্থ, সক্ষম (*যোগ্য ব্যক্তি*)। ৩ ন্যায্য (*যোগ্য বেতন*)। ৪ সমকক্ষ (*যোগ্য প্রতিপক্ষ*)। স্ত্রী. যোগ্যা /জোগ্গা/।

যোগ্যতা /জোগ্গোতা/ [স. যোগ্য+তা] বি. ১ উপযুক্ততা। ২ সামর্থ্য। ৩ ন্যায্যতা। ৪ সমকক্ষতা।

যোগ্যতাসম্পন্ন /জোগ্গোতাশম্পন্নো/ [স. যোগ্যতা+সম্+√পদ্+ত] বিণ. যোগ্যতা আছে এমন।

যোজক /জোজক্/ [স. √যুজ্+অক] বিণ. সংযোগ স্থাপনকারী। বি. (বাংলায়) দুদিকে সাগর আছে এমন সংকীর্ণ ভূখণ্ড যা দুটি বড়ো ভূখণ্ডকে যুক্ত করে, isthmus।

যোজন /জোজন্/ [স. √যুজ্+অন] বি. ১ সংযোজন, একত্রীকরণ। ২ সংঘটন। ৩ নিয়োজন। ৪ চার ক্রোশ দূরত্ব।

যোজনগন্ধা /জোজন্গন্ধা/ [স. যোজন+√গন্ধ্+অ+আ (টাপ্)] বি. ১ যে গন্ধ যোজনব্যাপী বিস্তৃত, মৃগনাভি। ২ ব্যাসজননী সত্যবতী, মৎস্যগন্ধা।

যোজনা /জোজোনা/ [স. √যুজ্+অন+আ (টাপ্)] বি. ১ যুক্তকরণ, সংযোজন। ২ নিয়োজন। ৩ বিশেষ কর্মোদ্যোগ বা পরিকল্পনা, planning।

যোজনীয় /জোজোনিয়ো/ [স. √যুজ্+অনীয়] বিণ. যোজনের যোগ্য।

যোজয়িতা /জোজোয়িতা/ [স. √যুজ্+তৃ] বিণ. দ্র যোজক।

যোজিত /জোজিতো/ [স. √যুজ্+ত] বিণ. সংযুক্ত করা হয়েছে এমন।

যোটক /জোটক্/ [স. √যু+ট+ক] বি. মিলন, যোগ। বিণ. মিলন ঘটায় এমন; ঘটক।

যোত্র /জোত্রো/ [স. √যু+ত্র] বি. ১ লাঙলের জোয়াল বাঁধার দড়ি। ২ উপায়। ৩ আশ্রয়। ৪ সম্পত্তি।

যোত্রহীন /জোত্রোহিন্/ [স. যোত্র+√হা+ত] বিণ. ১ উপায়হীন। ২ অবলম্বনহীন, নিরাশ্রয়।

যোদধা /জোদ্ধা/ [স. √যুধ্+তৃ] বি. যে যুদধ করে, সৈনিক।

যোদধৃবেশ /জোদ্ধ্বেশ্/ [স. √যুধ্+তৃ+বেশ] বি. যোদধার পোশাক, সৈনিকের সাজ।

যোধ /জোধ্/ [স. √যুধ্+অ] বি. ১ যুদধ, লড়াই, রণ, সংগ্রাম। ২ যোদধা, সৈনিক। ৩ বীর।

যোধন /জোধোন্/ [স. √যুধ্+অন] বি. ১ যুদধ। ২ যোদধা, সিপাহি, সৈনিক। ৩ যুদেধ ব্যবহৃত অস্ত্রশস্ত্র।

যোনি /জোনি/ [স. √যু+নি] বি. ১ উৎপত্তিস্থান। ২ স্ত্রীজননেন্দ্রিয়, স্ত্রী-চিহ্ন। ৩ জাতি। ৪ জন্ম।

যোনিজ /জোনিজো/ [স. যোনি+√জন্+অ] বিণ. স্ত্রীলোকের গর্ভে জাত, গর্ভজাত।

যোষা /জোশা/ [স. √যুষ্+অ+আ (টাপ্)] বি. ১ নারী। ২ পত্নী।

যোষিতা /জোশিতা/ [স. √যুষ্+ইৎ+আ (টাপ্)] বি. দ্র যোষা।

www.pathagar.com

যোষিৎ /জোশিত্/ [স. √যুষ্+ইৎ] বি. দ্র যোষা।

যৌক্তিক /জৌক্তিক্/ [স. যুক্তি+ইক] বিণ. ১ যুক্তিসংগত, যুক্তিযুক্ত, যুক্তিসিদ্ধ। ২ প্রামাণিক। বি. **যৌক্তিকতা** /জৌক্তিকতা/।

যৌগ /জৌগো/ [স. যোগ+অ] বি. নির্দিষ্ট অনুপাতে একাধিক মৌলিক পদার্থের রাসায়নিক বিক্রিয়ার ফলে সৃষ্ট নতুন পদার্থ, compound।

যৌগপদ্য /জৌগোপোদ্দো/ [স. যুগপদ্+য] বি. আপাতদৃষ্টিতে কোনো কার্যকারণ ব্যতীত দুটি ঘটনা বা অবস্থিতির যুগপৎ সংঘটন, যুগপত্তা, coincidence।

যৌগিক /জৌগিক্/ [স. যোগ+ইক] বিণ. (রসা.) ১ একাধিক মৌলিক পদার্থযোগে গঠিত (*যৌগিক পদার্থ*)। ২ (ব্যা.) প্রকৃতি প্রত্যয় দিয়ে গঠিত (*যৌগিক শব্দ*)। ৩ (গ.) মিশ্র, জটিল। ৪ যোগ-সম্পর্কিত।

যৌগিক ক্রিয়া /জৌগিক্ ক্রিআ/ বি. (ব্যা.) বাক্যে অসমাপিকা ক্রিয়াপদের সঙ্গে অন্য ক্রিয়াপদ যুক্ত হয়ে গঠিত ক্রিয়া (*বলে যাও*)।

যৌগিক পদার্থ /জৌগিক্ পদার্থো/ বি. দ্র যৌগ।

যৌতুক /জৌতুক্/ [স. যুতক+অ] বি. বিবাহে কন্যাপক্ষের কাছ থেকে বরপক্ষের বেআইনিভাবে আদায় করা অর্থ বা সম্পদ।

যৌথ /জৌথো/ [স. যূথ+অ] বিণ. ১ যুক্ত, মিলিত। ২ একাধিক ব্যক্তির মিলিত প্রচেষ্টায় কৃত (*যৌথ উদ্যোগ*)। ৩ একাধিক ব্যক্তির মালিকানাভুক্ত (*যৌথ কারবার*)।

যৌন /জৌনো/ [স. যোনি+অ] বিণ. ১ যোনি-সম্পর্কিত; যোনিগত (*যৌন রোগ*)। ২ যোনিজাত, যোনি থেকে উদ্ভূত। ৩ স্ত্রী-পুরুষের সংগমসম্বন্ধীয় (*যৌন সম্পর্ক*); sexual।

যৌনকর্মী /জৌনোকোর্মি/ [স. যৌন+কর্মন্+ইন্] বি. যৌনকর্ম যার পেশা।

যৌনতা /জৌনোতা/ [স. যৌন+তা] বি. সংগমের ইচ্ছা, কামপ্রবৃত্তি।

যৌনদুর্বলতা /জৌনোদুর্বলতা/ [স. যৌন+দুর্বলতা] বি. সংগমের ক্ষমতার অভাব।

যৌনব্যাধি /জৌনোব্যাধি/ [স. যৌন+ব্যাধি] বি. যৌনরোগে আক্রান্ত ব্যক্তির সঙ্গে দৈহিক মিলনের ফলে সংক্রামিত রোগ।

যৌনসংগম /জৌনোশংগম্/ [স. যৌন+সংগম] বি. স্ত্রী-পুরুষের দৈহিক মিলন।

যৌবন /জৌব্বন্/ [স. যুবন্+অ] বি. ১ তারুণ্য, তরুণ বয়স। ২ যুবা অবস্থা।

যৌবনকণ্টক /জৌব্বনকন্টক্/ [স. যৌবন+কণ্টক] বি. বয়সফোড়া, ব্রণ।

যৌবনবতী /জৌব্বনবোতি/ [স. যৌবন+বৎ+ঈ] বি. যুবতি, তরুণী।

যৌবনভার /জৌব্বনভার্/ [স. যৌবন+ভার] বি. পূর্ণ বিকশিত যৌবনের উন্মেষ।

যৌবনলক্ষণ /জৌব্বনলোক্খোন্/ [স. যৌবন+লক্ষণ] বি. যুবা বয়সের শারীরিক পরিবর্তন।

যৌবনশ্রী /জৌব্বনস্রি/ [স. যৌবন+শ্রী] বি. যৌবনের শোভা বা সৌন্দর্য।

যৌবনসুলভ /জৌব্বনশুলভ্/ [স. যৌবন+সুলভ] বিণ. যুবা বয়সে স্বাভাবিক এমন।

যৌবনাবস্থা /জৌব্বনাবোস্থা/ [স. যৌবন+অবস্থা] বি. যৌবনকাল।

যৌবনোদয় /জৌব্বনোদয়্/ [স. যৌবন+উদয়] বি. যৌবনের উন্মেষ।

যৌবরাজ্য /জৌবোরাজ্জো/ [স. যুবরাজ+য] বি. যুবরাজের পদ বা কাজ।

য় /অন্তস্থ অ/

য় বাংলা বর্ণমালার ষড়বিংশ ব্যঞ্জনবর্ণ য-এর রূপ যা বাংলায় শব্দের মাঝে ও শেষে য়-এর রূপ ধারণ করে (যেমন যোগ > বিয়োগ)।

www.pathagar.com

র /র/

র /র/ বাংলা বর্ণমালার সপ্তবিংশ ব্যঞ্জনবর্ণ ও দন্তমূল থেকে উচ্চার্য দ্বিতীয় অন্তঃস্থ বর্ণ এবং কম্পনজাত অল্পপ্রাণ তরল ধ্বনির দ্যোতক।

রই[১] /রোই/ [দেশি.] ক্রিবি. ১ 'রহি'-র কথ্য রূপ (*আমি কান পেতে রই ও আমার আপন-হৃদয়গহন-দ্বারে বারে বারে* রবীন্দ্র.)। ২ বাস করি।

রই[২] /রোই/ [দেশি.] বি. পুকুরের তলদেশ।

রইকাঠ /রোইকাঠ/ [দেশি.] বি. পুকুর প্রতিষ্ঠার সময় পুকুরের মাঝখানে পোঁতা বেলকাঠ (যে কাঠ দিয়ে পুকুরের গভীরতা মাপা হয়)।

রইঘর /রোইঘর্/ [প্রা.] বি. ১ নৌকার ছই। ২ পুকুরের মধ্যস্থ গভীর স্থান।

রইবে /রোইবে/ [বা.] ক্রিবি. থাকবে।

রইরই /রোইরোই/ [ধ্বন্যা.] বি. উচ্চ রব বা ধ্বনি।

রইল /রোইলো/ [বা.] ক্রিবি. থেকে গেল (*রইল বলে রাখলে কারে, হুকুম তোমার ফলবে কবে?* রবীন্দ্র.)।

রও /রও/ [বা.] অনুক্রি. থাকো; 'রহো'-র কথ্য রূপ।

রওজা /রওজা/ [ফা.] বি. সমাধি; সমাধিপ্রাঙ্গণ; সমাধিসংলগ্ন উদ্যান।

রওনা /রওনা/ [ফা.] বি. দ্র রওয়ানা।

রওয়া /রওআ/ [বা.] ক্রিবি. ১ থাকা। ২ 'রহা'-র কথ্য রূপ।

রওয়ানা /রওআনা/ [ফা.] বি. ১ যাত্রা; গমন। ২ প্রেরণ।

রং /রং/ [স. রঙ্গ >] বি. ১ বর্ণ (*লাল রং*)। ২ রঞ্জক-দ্রব্য। ৩ যে চিহ্নের তাসকে খেলায় প্রাধান্য দেওয়া হয়, তুরুপ (*রঙের তাস*), trump। ৪ (আল.) কৌতুক, হাস্যপরিহাস (*রংতামাশা*)। ৫ অতিরঞ্জন (*রং চড়ানো*)।

রংকানা /রংকানা/ [বা.] বিণ. রঙের পার্থক্য বুঝতে পারে না এমন, বর্ণান্ধ, colour-blind।

রংচং /রংচং/ [বা.] বি. নানাবিধ বর্ণ।

রংচঙা /রংচঙা/ [বা.] বিণ. বিচিত্র বর্ণবিশিষ্ট।

রংচঙে /রংচোঙে/ [বা.] বিণ. বিচিত্র বর্ণের।

রংচটা /রংচটা/ [বা.] বিণ. বিবর্ণ হয়েছে এমন।

রং চড়ানো /রং চড়ানো/ ক্রিবি. ১ রঙের প্রলেপ দেওয়া। ২ (আল.) অতিরঞ্জিত করা।

রংঢং /রংঢং/ [বা.] বি. দ্র রংতামাশা।

রংতামাশা /রংতামাশা/ [বা. রং+আ. তামাশা] বি. হাস্যপরিহাস, কৌতুক।

রংতুলি /রংতুলি/ [বা.] বি. ছবি আঁকার রং ও তুলি।

রংধনু /রংধোনু/ [বা. রং+স. ধনু] বি. বৃষ্টির পরে আকাশে ভাসমান জলকণার ওপর লম্বভাবে পতিত সূর্যরশ্মি বিচ্ছুরণের ফলে সূর্যের বিপরীত দিকে দৃশ্যমান বিশ্লিষ্ট সাতটি রঙের বর্ণিল বৃত্তচাপ, রামধনু, ইন্দ্রধনু, ইন্দ্রচাপ।

রং ফলানো /রং ফলানো/ ক্রিবি. ১ উজ্জ্বল রঙে রঞ্জিত করা, রাঙানো। ২ (আল.) অতিরঞ্জিত করা।

রংবাজ /রংবাজ/ [বা. রং+ফা. বাজ] বিণ. ঠাট্টা-তামাশা করে বেড়ায় এমন। বি. রংবাজি /রংবাজি/।

রংবাহার /রংবাহার/ [বা. রং+ফা. বাহার] বি. জৌলুস; রঙের শোভা।

রংবেরং /রংবেরং/ [বা.] বি. বিচিত্রবর্ণ।

রংমশাল /রংমশাল/ [বা. রং+আ. মশাল] বি. বিচিত্র রঙের ফুলকিযুক্ত আতশবাজি।

রংমহল /রংমহোল্/ [বা. রং+আ. মহল] বি. আনন্দ-নিকেতন, প্রমোদগৃহ।

রংরুট /রংরুট/ [ই. recruit >] বি. পুলিশ বা সামরিক বাহিনীতে শিক্ষানবিশ নিয়োগ।

রক[১] /রক্/ [ফা. রক্ক >] বি. রূপকথার কাল্পনিক বড়ো পাখিবিশেষ।

রক[২] /রক্/ [আ. রোয়াক >] বি. 'রোয়াক'-এর কথ্য রূপ।

রকদস্তি /রকদোস্তি/ [আ. রক+ফা. দস্তি] বি. জমির চতুঃসীমার বিবরণ।

রকবা /রক্বা/ [আ.] বি. জমির পরিমাণ; area।

রকবাজ /রক্বাজ্/ [আ. রক+ফা. বাজ] বিণ. রোয়াকে বসে গল্প করে সময় কাটায় এমন; আড্ডাবাজ।

রকবাজি /রক্বাজি/ [আ. রক+ফা. বাজি] বি. রোয়াকে বসে কালক্ষেপণ।

রকম /রকোম/ [আ.] বি. ১ প্রকার। ২ নীতি; ভঙ্গি, ধরন (*রকমফের*)। বিণ. প্রায়।

রকমফের /রকোম্ফের/ [আ. রকম+হি. ফের] বি.

www.pathagar.com

একই বস্তু বা বিষয়ের ভিন্নরূপ।

রকম রকম /রকোম্ রকোম্/ বিণ. বিভিন্ন রকমের।

রকমসকম /রকোম্‌শকোম্/ [আ. রকম >] বি. ভাব-ভঙ্গি; চালচলন; হাবভাব।

রকমারি /রকোমারি/ [আ. রকম+ফা. ওয়ার+বা. ই] বিণ. নানা প্রকার, বিভিন্ন ধরনের; বিচিত্র।

র-কার /র-কার্/ বি. 'র' বর্ণ।

রকেট /রকেট্/ [ফ.] বি. (দাহ্য পদার্থপূর্ণ) বেলনাকৃতি ইঞ্জিনবিশেষ যার সাহায্যে মহাকাশযান ক্ষেপণাস্ত্র প্রভৃতি আকাশে উৎক্ষেপণ করা যায়; সমরাস্ত্রবিশেষ, rocket।

রক্ত /রক্তো/ [স. √রনজ্+ত] বি. মানুষ বা মেরুদণ্ডী প্রাণীর ধমনি ও শিরায় প্রবাহিত লাল রঙের তরল পদার্থবিশেষ যা হৃদ্‌যন্ত্র থেকে দেহের টিসুতে অক্সিজেন সরবরাহ করে এবং টিসু থেকে নিষ্কাশিত কার্বন ডাই-অক্সাইড বহন করে নিয়ে আসে, শোণিত, রুধির। বিণ. ১ রক্তিম, রাঙা; রঞ্জিত। ২ আসক্ত, অনুরক্ত।

রক্ত-আঁখি /রক্তোআঁখি/ [স. রক্ত+বা. আঁখি] বি. ১ লাল চোখ। ২ কোপদৃষ্টি। বিণ. রক্তিম চক্ষুবিশিষ্ট।

রক্তক /রক্তক্/ [স. রক্ত+ক (স্বার্থে)] বি. ১ রক্ত। ২ লাল কাপড়। বিণ. রক্তিম, রক্তবর্ণ।

রক্তকমল /রক্তোকমোল্/ [স. রক্ত+কমল] বি. লালপদ্ম, কোকনদ।

রক্তকরবী /রক্তোকরোবি/ [স. রক্ত+বা. করবী] বি. প্রধানত ভূমধ্যসাগরীয় অঞ্চল এবং ভারতীয় উপমহাদেশে থোকায় থোকায় ফোটে এমন রক্তবর্ণ মৃদুগন্ধ ফুল ও বিষাক্ত বীজযুক্ত লম্বাটে ফল বা তার চিরহরিৎ গুল্ম।

রক্তকাঞ্চন /রক্তোকানচন্/ [স. রক্ত+কাঞ্চন] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপক্রান্তীয় অঞ্চলে বসন্ত-কালে ফোটে এমন হালকা লাল বেগুনি প্রভৃতি রঙের ফুল বা তার মাঝারি আকৃতির পত্রমোচী উদ্ভিদ।

রক্তকুমুদ /রক্তোকুমুদ্/ [স. রক্ত+কুমুদ] বি. লালপদ্ম, কোকনদ।

রক্তক্ষয়ী /রক্তোক্‌খোয়ি/ [স. রক্ত+ক্ষয়+ইন্] বিণ. বহু লোকের প্রাণহানি বা রক্তপাত ঘটায় এমন (*রক্তক্ষয়ী সংঘর্ষ*)।

রক্তগঙ্গা /রক্তোগংগা/ [স. রক্ত+√গম্+গ+আ (টাপ্)] বি. ১ রক্তের স্রোত। ২ (আল.) ব্যাপক রক্তপাত ও খুনোখুনি।

রক্তগরম /রক্তোগরোম্/ [স. রক্ত+ফা. গরম] বিণ. উত্তেজিত; ক্রুদ্ধ, রাগান্বিত।

রক্তগরম করা /রক্তোগরোম্ করা/ ক্রিবি. উত্তেজিত করা বা হওয়া।

রক্তচক্ষু /রক্তোচোক্‌খু/ [স. রক্ত+চক্ষুঃ] বি. ক্রোধপূর্ণ আঁখি, রোষকষায়িত দৃষ্টি।

রক্তচন্দন /রক্তোচন্দন্/ [স. রক্ত+চন্দন] বি. ক্রান্তীয় উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্ত ও গ্রীষ্মকালে পুষ্পমঞ্জরিতে ঘনসন্নিবিষ্ট হয়ে ফোটে এমন ছোটো হলুদাভ ফুল ও লাল বীজযুক্ত শুঁটিসদৃশ ফল বা তার উপবৃত্তাকার পাতা ও ঊর্ধ্বমুখী শাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন পত্রমোচী বৃক্ষ (আনি. চীন মালয়েশিয়া ও পূর্ব ভারত), তাম্রসার।

রক্তচাপ /রক্তোচাপ্/ [স. রক্ত+বা. চাপ] বি. জীবদেহে ধমনিসমূহের অভ্যন্তরে রক্ত যে বল বা চাপ প্রয়োগ করে; (পরি.) blood pressure।

রক্তচূর্ণ /রক্তোচুরনো/ [স. রক্ত+চূর্ণ] বি. লাল রঙের গুঁড়ো, সিঁদুর।

রক্তচোষা /রক্তোচোশা/ [স. রক্ত+বা. চোষা] বিণ. রক্ত চুষে খায় এমন।

রক্তজবা /রক্তোজবা/ [স. রক্ত+বা. জবা] বি. পৃথিবীর প্রায় সব দেশে জাত পাঁচটি পাপড়িযুক্ত গন্ধহীন লাল ফুল বা তার বহু শাখাপ্রশাখাবিশিষ্ট মাঝারি আকৃতির উদ্ভিদ, লাল জবা।

রক্তজিহ্ব /রক্তোজিভো/ [স. রক্ত+√লিহ্+ব+আ (টাপ)] বিণ. লাল জিভবিশিষ্ট। বি. সিংহ।

রক্তদন্তিকা /রক্তোদোন্তিকা/ [স. রক্তদন্তী+কন্+আ (টাপ্)] বি. দেবী দুর্গার সংহারমূর্তিবিশেষ।

রক্তদন্তী /রক্তোদোন্তি/ [স. রক্ত+দন্ত+ইন্] বিণ. দ্র রক্তদশনা।

রক্তদশনা /রক্তোদশোনা/ [স. রক্ত+বা. দশনা] বিণ. রক্তরঞ্জিত দাঁতবিশিষ্ট।

রক্তদর্শন /রক্তোদর্‌শোন্/ [স. রক্ত+√দৃশ্+অন] বি. রক্তপাত; অস্ত্রাঘাতদ্বারা হত্যা।

রক্তদুষ্টি /রক্তোদুশ্‌টি/ [স. রক্ত+√দুষ্+তি] বি. দেহস্থ রক্তের দূষণ।

রক্তদোষ /রক্তোদোশ্/ [স. রক্ত+√দুষ্+অ] বি. দ্র রক্তদুষ্টি।

রক্তনদী /রক্তোনোদি/ [স. রক্ত+নদী] বি. ১ রক্তের স্রোত। ২ (আল.) ব্যাপক রক্তপাত ও খুনোখুনি।

রক্তনিশান /রক্তোনিশান্/ [স. রক্ত+ফা. নিশান] বি. লাল রঙের ধ্বজা বা পতাকা।

রক্তনেত্র /রক্তোনেত্রো/ [স. রক্ত+√নী+ত্র] বি. ১ লাল চোখ। ২ রোষপূর্ণ দৃষ্টি। বিণ. রক্তবর্ণের চোখবিশিষ্ট।

রক্তপ /রক্তোপো/ [স. রক্ত+√পা+অ] বিণ. রক্ত

www.pathagar.com

পান করে এমন, রক্তপায়ী।

রক্ত পড়া /রক্তো পড়া/ ক্রিবি. (সচরাচর শরীরের ক্ষতস্থান থেকে) রক্ত ক্ষরণ হওয়া।

রক্তপল্লব /রক্তোপল্লোব্ / [স. রক্ত+পল্লব] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের উপক্রান্তীয় অঞ্চলে বসন্তকালে থোকায় থোকায় ফোটে এমন লালচে কমলা রঙের মৃদুগন্ধ ফুল বা তার চিরহরিৎ বৃক্ষ, অশোক, Jonesia asoka।

রক্তপা /রক্তোপা / [স. রক্তপ+আ (টাপ্)] বিণ. রক্তপায়ী। বি. ১ জোঁক। ২ রাক্ষসী।

রক্তপাত /রক্তোপাত্/ [স. রক্ত+পাত] বি. ১ রক্তক্ষরণ। ২ অস্ত্রাঘাত করে হত্যা।

রক্তপায়ী /রক্তোপায়ি/ [স. রক্ত+√পা+ইন্] বিণ. রক্তপান করে এমন।

রক্তপিণ্ড /রক্তোপিন্ডো/ [স. রক্ত+√পিণ্ড্+অ] বি. জমাটবাঁধা রক্ত।

রক্তপিত্ত /রক্তোপিত্তো/ [স. রক্ত+অপি+√দা+ত] বি. পিত্তবিকারজনিত রক্তদূষণ; রক্তবমন।

রক্তপিপাসা /রক্তোপিপাশা/ [স. রক্ত+√পিপাস্+অ +আ (টাপ্)] বি. রক্তপাত ঘটানোর স্পৃহা।

রক্তপিপাসু /রক্তোপিপাশু/ [স. রক্ত+√পিপাস্+উ] বিণ. রক্তপাত ঘটাতে ইচ্ছুক।

রক্তপুষ্প /রক্তোপুশ্পো/ [স. রক্ত+√পুষ্প্+অ] বি. রক্তকরবী কাঞ্চন শিমুল জবা প্রভৃতি রক্তবর্ণ ফুল।

রক্তপুষ্পা /রক্তোপুশ্পা / [স. রক্ত+√পুষ্প্+অ+আ (টাপ্)] বি. দ্র রক্তপুষ্প।

রক্তপুষ্পিকা /রক্তোপুশ্পিকা/ [স. রক্ত+√পুষ্প্+ কন্+আ (টাপ্)] বি. দ্র রক্তপুষ্প।

রক্তপুষ্পী /রক্তোপুশ্পি/ [স. রক্ত+√পুষ্প্+ইন্] বি. দ্র রক্তপুষ্প।

রক্তপ্রদর /রক্তোপ্রোদর্/ [স. রক্ত+প্রদর] বি. রক্তস্রাবযুক্ত স্ত্রীরোগবিশেষ।

রক্তপ্রেষ /রক্তোপ্রেশ্/ [স. রক্ত+প্র+ √ইষ্+অ] বি. জীবদেহে ধমনিসমূহের অভ্যন্তরে রক্ত যে বল বা চাপ প্রয়োগ করে; (পরি.) blood pressure।

রক্তফল /রক্তোফল্/ [স. রক্ত+ফল] বি. বটগাছ।

রক্তফলা /রক্তোফলা / [স. রক্ত+বা. ফলা] বি. তেলাকুচার গাছ।

রক্তবমন /রক্তোবমোন্ / [স. রক্ত+বমন] বি. বমির সঙ্গে রক্ত উদ্‌গিরণ।

রক্তবর্ণ /রক্তোবর্নো / [স. রক্ত+বর্ণ] বি. লাল রং। বিণ. লাল রঙের।

রক্তবাহী /রক্তোবাহি/ [স. রক্ত+√বহ্+ইন্] বিণ. রক্ত বহন করে এমন। বি. ১ ধমনি। ২ শিরা।

রক্তবীজ /রক্তোবিজ্/ [স. রক্ত+বীজ] বি. ১ পৌরাণিক অসুরবিশেষ যার প্রতিটি রক্তের বিন্দু মাটিতে পড়ামাত্র নতুন একটি অসুর জন্মলাভ করতো বলে কল্পিত। ২ দাড়িম্ব, ডালিম।

রক্ত ভাঙা /রক্তো ভাঙা/ ক্রিবি. জরায়ু থেকে অতিরিক্ত রক্তস্রাব হওয়া।

রক্তমাংসের শরীর /রক্তোমাংশের্ শোরির্/ বি. জীবদেহ; স্বাভাবিক দোষগুণযুক্ত মানুষের শরীর।

রক্তমৃত্তিকা /রক্তোমৃত্তিকা/ [স. রক্ত+√মৃদ্+ তিকন্+আ (টাপ্)] বি. লাল মাটি।

রক্তমোক্ষণ /রক্তোমোক্‌খন্/ [স. রক্ত+√মোক্ষ্+ অন] বি. জীবদেহের রক্ত নিষ্কাশন।

রক্তরস /রক্তোরশ্/ [স. রক্ত+রস] বি. রক্তের ফিকে হলুদাভ প্রোটিনসমৃদ্ধ তরল অংশ যাতে রক্তকণিকা ও মেদকণিকা মিশে থাকে; (পরি.) plasma।

রক্তরাগ /রক্তোরাগ্/ [স. রক্ত+√রন্জ্+অ] বি. রক্তিম আভা।

রক্তরেণু /রক্তোরেনু/ [স. রক্ত+√রী+ণু] বি. সিঁদুর।

রক্তলোচন /রক্তোলোচন্ / [স. রক্ত+√লোচ্+অন] বিণ. চোখ লাল এমন। বি. রোষনেত্র।

রক্তশোষণ /রক্তোশোশন্/ [স. রক্ত+√শোষি+অন] বি. রক্তপানরূপ সর্বস্ব আত্মসাৎকরণ।

রক্তস্রবণ /রক্তোস্রোবোন্/ [স. রক্ত+√স্রু+অন] বি. দেহের রক্তক্ষরণ।

রক্তস্রাব /রক্তোস্‌স্রাব্/ [স. রক্ত+স্রাব] বি. শরীর থেকে রক্তক্ষরণ।

রক্তস্রোত /রক্তোস্‌স্রোত্/ [স. রক্ত+স্রোতস্] বি. রক্তের বন্যা।

রক্তস্বল্পতা /রক্তোশল্‌পোতা / [স. রক্ত+স্বল্পতা] বি. রক্তে লোহিতকণিকার স্বল্পতা; রক্তাল্পতা।

রক্তহীন /রক্তোহিন্ / [স. রক্ত+√হা+ত] বিণ. রক্ত কমে গেছে এমন, anaemic।

রক্তহীনতা /রক্তোহিনতা / [স. রক্তহীন+তা] বি. রক্তের অল্পতা।

রক্তাক্ত /রক্তাকতো/ [স. রক্ত+√অনজ্+ত] বিণ. রক্তমাখা, রক্তরঞ্জিত (*রক্তাক্ত শরীর*)।

রক্তাতিসার /রক্তাতিশার্/ [স. রক্ত+অতিসার] বি. পেটের যে পীড়ায় রক্তস্রাব হয়; আমাশয় রোগ।

রক্তাধিক্য /রক্তাধিক্কো/ [স. রক্ত+আধিক্য] বি. শরীরে রক্তের আধিক্য।

রক্তাভ /রক্তাভো/ [স. রক্ত+আভা] বিণ. লাল আভাযুক্ত।

www.pathagar.com

রক্তাম্বর /রক্তাম্বর/ [স. রক্ত+অম্বর] বি. লাল রঙের কাপড়। বিণ. লাল কাপড় পরিহিত।

রক্তারক্তি /রক্তারক্তি/ [বা.] বি. ব্যাপক হানাহানি ও রক্তপাত।

রক্তাল্পতা /রক্তাল্‌পোতা/ [স. রক্ত+অল্পতা] বি. রক্তের অল্পতা; রক্তে লোহিতকণিকার স্বল্পতা।

রক্তি /রোক্‌তি/ [স. √রন্‌জ্‌+তি] বি. ১ অনুরাগ, আসক্তি। ২ কুঁচ। ৩ রতি।

রক্তিম /রোক্‌তিম্‌/ [স. রক্তিমা >] বিণ. লাল আভাযুক্ত, লালচে।

রক্তিমা /রোক্‌তিমা/ [স. রক্ত+ইমন্‌] বি. রক্তিম আভা।

রক্তের অক্ষরে লেখা /রক্‌তের্‌ ওক্‌খোরে লেখা/ বি. রক্তের বিনিময়ে কোনো কিছু অর্জনের কাহিনি; রক্ত দিয়ে লেখা।

রক্তোৎপল /রক্‌তোত্‌পল্‌/ [স. রক্ত+উৎপল] বি. লালপদ্ম, কোকনদ।

রক্তোপল /রক্‌তোপল্‌/ [স. রক্ত+উপল] বি. গিরিমাটি।

রক্ষ[১] /রোক্‌খো/ [স. √রক্ষ্‌+অ] বি. রক্ষা। বিণ. রক্ষাকর্তা, রক্ষক।

রক্ষ[২] /রোক্‌খো/ [স. রক্ষ >] ক্রিবি. রক্ষা করা।

রক্ষ[৩] /রোক্‌খো/ [স. √রক্ষ্‌+অস্‌] বি. রাক্ষস।

রক্ষঃকুল /রোক্‌খোকুল্‌/ [স. রক্ষঃ+কুল] বি. রাক্ষসবংশ।

রক্ষঃপুরী /রোক্‌খোপুরি/ [স. রক্ষঃ+পুরী] বি. ১ রাক্ষসদের আবাস। ২ লঙ্কানগরী।

রক্ষক /রোক্‌খক্‌/ [স. √রক্ষ্‌+অক] বিণ. বি. ১ রক্ষাকর্তা; বিপদ থেকে রক্ষাকারী। ২ তত্ত্বাবধায়ক। ৩ রক্ষী। স্ত্রী. রক্ষিকা /রোক্‌খিকা/।

রক্ষকতা /রোক্‌খোকতা/ [স. রক্ষক+তা] বি. রক্ষণশীল মনোভাব, নূতনত্বের বিরোধিতা।

রক্ষণ /রোক্‌খন্‌/ [স. √রক্ষ্‌+অন] বি. রক্ষাকরণ; সংরক্ষণ; পালন; তত্ত্বাবধান।

রক্ষণশীল /রোক্‌খন্‌শিল্‌/ [স. রক্ষণ+শীল] বিণ. গোঁড়া, প্রগতিবিরোধী (*রক্ষণশীল মনোভাব*)।

রক্ষণশীলতা /রোক্‌খন্‌শিলতা/ [স. রক্ষণশীল+তা] বি. প্রগতিবিরোধী ধ্যানধারণা আঁকড়ে থাকার মানসিকতা; প্রগতিবিরোধিতা।

রক্ষণাবেক্ষণ /রোক্‌খনাবেক্‌খন্‌/ [স. রক্ষণ+অবেক্ষণ] বি. রক্ষণ ও পালন, তত্ত্বাবধান।

রক্ষণীয় /রোক্‌খোনিয়ো/ [স. √রক্ষ্‌+অনীয়] বিণ. ১ রক্ষা করার যোগ্য, রক্ষণযোগ্য। ২ পালনীয়।

রক্ষা /রোক্‌খা/ [স. √রক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ উদ্ধার, পরিত্রাণ। ২ অব্যাহতি, মুক্তি। ৩ সংরক্ষণ। ৪ পালন (*নিয়মরক্ষা*)। ৫ পাহারা।

রক্ষাকবচ /রোক্‌খাকবোচ্‌/ [স. রক্ষা+কবচ] বি. ১ বিপদ থেকে রক্ষা পাওয়ার জন্য ধারণীয় মন্ত্রপুত কবচ, তাবিজ। ২ পশ্চাৎপদ মানুষের স্বার্থরক্ষার জন্য রাষ্ট্রীয় বিধিব্যবস্থা।

রক্ষাকর্তা /রোক্‌খাকর্‌তা/ [স. রক্ষা+কর্তা] বি. যে ব্যক্তি রক্ষা বা উদ্ধার করে।

রক্ষাকল্পে /রোক্‌খাকল্‌পে/ [স. রক্ষা+কল্প+বা. এ] ক্রিবিণ. রক্ষার উদ্দেশ্যে।

রক্ষাকালী /রোক্‌খাকালি/ [স. রক্ষা+কালী] বি. রোগ ও মহামারি থেকে পরিত্রাণকারিণী দেবী কালিকা।

রক্ষাগৃহ /রোক্‌খাগৃহো/ [স. রক্ষা+গৃহ] বি. সূতিকাগৃহ।

রক্ষাবন্ধন /রোক্‌খাবন্‌ধন্‌/ [স. রক্ষা+বন্ধন] বি. প্রীতি ও ভ্রাতৃত্বের নিদর্শনস্বরূপ হাতে বেঁধে দেওয়া মঙ্গলসূত্র, রাখিবন্ধন।

রক্ষামন্ত্র /রোক্‌খামন্‌ত্রো/ [স. রক্ষা+মন্ত্র] বি. যে কল্পিত মন্ত্র জপ করলে বিপদ স্পর্শ করে না।

রক্ষিত[১] /রোক্‌খিতো/ [স. √রক্ষ্‌+ত] বিণ. ১ রাখা হয়েছে এমন; গচ্ছিত। ২ পরিত্রাণ পেয়েছে এমন। ৩ লালিত।

রক্ষিত[২] /রোক্‌খিত্‌/ [স. √রক্ষ্‌+ত] বি. পদবিবিশেষ।

রক্ষিতা[১] /রোক্‌খিতা/ [স. রক্ষিত+আ (টাপ্‌)] বিণ. পালিতা। বি. (বাংলায়) উপপত্নী।

রক্ষিতা[২] /রোক্‌খিতা/ [স. √রক্ষ্‌+তৃ] বিণ. রক্ষাকারী, পরিত্রাতা। স্ত্রী. রক্ষিত্রী /রোক্‌খিত্‌ত্রি/।

রক্ষী /রোক্‌খি/ [স. √রক্ষ্‌+ইন্‌] বি. প্রহরী (*কারারক্ষী*)। স্ত্রী. রক্ষিণী /রোক্‌খিনি/।

রক্ষ্য /রোক্‌খো/ [স. √রক্ষ্‌+য] বিণ. রক্ষণীয়, রক্ষণযোগ্য।

রগ /রগ্‌/ [ফা.] বি. ১ শিরা। ২ ললাটের পার্শ্বদেশ; কপালের উভয় দিকের শিরা।

রগচটা /রগ্‌চটা/ [ফা. রগ+বা. চটা] বিণ. সহজেই রেগে যায় এমন, বদমেজাজি।

রগড়[১] /রগোড়্‌/ [স. রঙ্গ >] বি. কৌতুক; রঙ্গ।

রগড়[২] /রগোড়্‌/ [হি.] বি. ১ মর্দন; পেষণ; ঘর্ষণ। ২ ঢাকে কাঠির আঘাত।

রগড়া /রগ্‌ড়া/ [হি.] ক্রিবি. মর্দন করা; পেষণ করা; ঘষা। বি. পেষণ; মর্দন; ঘর্ষণ।

রগড়ানো /রগ্‌ড়ানো/ [বা.] ক্রিবি. মর্দন করা; পেষণ করা; ঘষা।

রগড়ারগড়ি /রগ্‌ড়ারোগ্‌ড়ি/ [বা.] বি. ১ ঘষাঘষি। ২

www.pathagar.com

দর কষাকষি। ৩ অত্যধিক বাদানুবাদ।

রগড়িয়া /রগোড়িআ/ [বা.] বিণ. কৌতুক বা রংতামাশা করতে অভ্যস্ত, রঙ্গপ্রিয়।

রগরগ /রগ্‌রগ্‌/ [স. রঙ্গ >] অব্য. উজ্জ্বলতা প্রকাশের ভাবব্যঞ্জক শব্দ।

রগরগে /রগ্‌রোগে/ [বা.] বিণ. ১ উত্তেজক। ২ উৎকট রক্তবর্ণ, টকটকে (*রগরগে লাল*)। ৩ পরিষ্করণের ফলে চকচকে, উজ্জ্বল। ৪ তৈলাক্ত।

রগুড়ে /রোগুড়ে/ [বা.] বিণ. দ্র রগড়িয়া।

রঘু /রোঘু/ [স. √লন্‌ঘ্‌+উ] বি. রামায়ণোক্ত সূর্য-বংশের একজন রাজা ও রামচন্দ্রের প্রপিতামহ।

রঘুকার /রোঘুকার্‌/ [স. রঘু+কার] বি. 'রঘুবংশ' গ্রন্থের প্রণেতা মহাকবি কালিদাস।

রঘুকুল /রোঘুকুল্‌/ [স. রঘু+কুল] বি. রামচন্দ্রের প্রপিতামহ এবং সূর্যবংশের নৃপতি রঘুর নামে প্রতিষ্ঠিত বংশ, রামচন্দ্র যে বংশে জন্মগ্রহণ করেন।

রঘুকুলতিলক /রোঘুকুলোতিলক্‌/ [স. রঘুকুল+তিলক] বি. রঘুবংশের শ্রেষ্ঠ ব্যক্তি, রামচন্দ্র।

রঘুকুলপতি /রোঘুকুলোপোতি/ [স. রঘুকুল+পতি] বি. রামচন্দ্র।

রঘুনন্দন /রোঘুনন্‌দোন্‌/ [স. রঘু+নন্দন] বি. রামচন্দ্র।

রঘুনাথ /রোঘুনাথ্‌/ [স. রঘু+নাথ] বি. রামচন্দ্র।

রঘুপতি /রোঘুপোতি/ [স. রঘু+পতি] বি. রামচন্দ্র।

রঘুবংশ /রোঘুবংশো/ [স. রঘু+বংশ] বি. ১ রঘুর কুল। ২ মহাকবি কালিদাসের প্রসিদ্ধ কাব্যগ্রন্থ।

রঘুবর /রোঘুবর্‌/ [স. রঘু+বর] বি. রামচন্দ্র।

রঘুমণি /রোঘুমোনি/ [স. রঘু+√মণ্‌+ই] বি. রামচন্দ্র।

রঘুশ্রেষ্ঠ /রোঘুস্রেশ্‌ঠো/ [স. রঘু+প্রশস্য+ইষ্ঠ] বি. রঘুকুলপতি, রামচন্দ্র।

–রঙা /রঙা/ [বা.] বিণ. রংবিশিষ্ট, রঙের (*ছাইরঙা*)।

রঙানো /রঙানো/ [বা.] ক্রিবি. বিণ. রঞ্জিত করা।

রঙিন /রোঙিন্‌/ [বা.] বিণ. বিচিত্র বর্ণে রঞ্জিত বা শোভিত, রংবিশিষ্ট।

রঙিল /রোঙিল্‌/ [দেশি.] বিণ. রঞ্জিত, রঙিন।

রঙিলা[১] /রোঙিলা/ [দেশি.] বিণ. রঙিন; রাঙা।

রঙিলা[২] /রোঙিলা/ [দেশি.] বিণ. রঙ্গপ্রিয়, স্ফূর্তিবাজ; কৌতুককারী।

রঙ্ক /রংকো/ [স. √রম্‌+ক] বিণ. ১ দরিদ্র। ২ কৃপণ। ৩ নীচ।

রঙ্কিণী /রংকিনি/ [স. রঙ্ক+ইন্‌+ঈ] বিণ. দরিদ্রা।

রঙ্কু /রোংকু/ [স. √রম্‌+কু] বি. বিচিত্রবর্ণ হরিণের প্রজাতিবিশেষ।

রঙ্গ[১] /রংগো/ [ফা.] বি. ১ কৌতুক; পরিহাস। ২ আনন্দ, আমোদ। ৩ লীলায়িত হাবভাব, লীলা। ৪ রগড়, মজা (*এ তো বড়ো রঙ্গ জাদু, এ তো বড়ো রঙ্গ—* ছড়া.)।

রঙ্গ[২] /রংগো/ [স. √রনজ্‌+অ] বি. ১ রং। ২ রঞ্জক দ্রব্য, dye। ৩ নৃত্যগীত অভিনয়াদি (*রঙ্গমঞ্চ*)। ৪ নাট্যশালা। ৫ ক্রীড়া প্রতিযোগিতা। ৬ দ্বন্দ্ব, যুদ্ধ। ৭ রণক্ষেত্র; মল্লভূমি।

রঙ্গক /রংগোক্‌/ [স. √রনজ্‌+অক] বি. রঞ্জক পদার্থ, pigment।

রঙ্গকার /রংগোকার্‌/ [স. রঙ্গ+কার] বি. ১ রঞ্জক; রংরেজ। ২ চিত্রকর।

রঙ্গকারক /রংগোকারোক্‌/ [স. রঙ্গ+√কৃ+অক] বি. দ্র রঙ্গকার।

রঙ্গজ /রংগোজো/ [স. রঙ্গ+√জন্‌+অ] বি. সধবার চিহ্নরূপে হিন্দু নারীর সিঁথিতে পরিধেয় উজ্জ্বল রক্তবর্ণের চূর্ণ, সিঁদুর, vermillion।

রঙ্গন /রংগোন্‌/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ মালয়েশিয়া ইন্দোচীন প্রভৃতি নিরক্ষীয় অঞ্চলে প্রায় সারাবছর পুষ্পমঞ্জরিতে ফোটে এমন লাল কমলা হলুদ সাদা প্রভৃতি রঙের ফুল বা তার ভেষজগুণসম্পন্ন পত্রনিবিড় চিরহরিৎ গুল্মজাতীয় উদ্ভিদ।

রঙ্গপ্রিয় /রংগোপ্রিয়ো/ [স. রঙ্গ+প্রিয়] বিণ. কৌতুকপ্রিয়। বি. –তা /–তা/।

রঙ্গভঙ্গ /রংগোভংগো/ [স. রঙ্গ+√ভনজ্‌+অ] বি. দ্র রঙ্গভঙ্গি।

রঙ্গভঙ্গি /রংগোভংগি/ [স. রঙ্গ+√ভনজ্‌+ই] বি. কৌতুকপূর্ণ অঙ্গভঙ্গি।

রঙ্গভূমি /রংগোভুমি/ [স. রঙ্গ+√ভূ+মি] বি. ১ প্রেক্ষাগৃহ, থিয়েটার। ২ মল্লভূমি; রণক্ষেত্র।

রঙ্গমঞ্চ /রংগোমন্‌চো/ [স. রঙ্গ+মঞ্চ] বি. যে মঞ্চে দর্শকসাধারণের জন্য নাট্যাদি অভিনয় করা হয়।

রঙ্গরস /রংগোরশ্‌/ [স. রঙ্গ+রস] বি. আমোদ-প্রমোদ, হাস্যকৌতুক।

রঙ্গশালা /রংগোশালা/ [স. রঙ্গ+শালা] বি. প্রেক্ষা-গৃহ, অভিনয়গৃহ, থিয়েটার।

রঙ্গস্থল /রংগোস্থল্‌/ [স. রঙ্গ+স্থল] বি. দ্র রঙ্গ-ভূমি।

রঙ্গালয় /রংগালয়্‌/ [স. রঙ্গ+আলয়] বি. দ্র রঙ্গ-ভূমি।

রঙ্গিণী /রোংগিনি/ [স. রঙ্গিন্‌+ঈ] বিণ. লীলাময়ী। বি. রঙ্গপ্রিয় নারী।

রঙ্গিত /রোংগিতো/ [বা.] বিণ. ভূষিত, অলংকৃত।

www.pathagar.com

রঙ্গিমা /রোংগিমা/ [স. রঙ্গ+ইমন্] বি. ১ রক্তিমা। ২ শোভা, সৌন্দর্য।

রচক /রচক্/ [স. √রচ্+অক] বিণ. ১ রচয়িতা, প্রণেতা, রচনাকারী। ২ পরিকল্পক।

রচন /রচোন্/ [স. √রচ্+অন] বি. প্রণয়ন; গঠন; প্রস্তুতকরণ।

রচনা /রচোনা/ [স. √রচ্+অন+আ (টাপ্)] বি. ১ নির্মাণ, গঠন। ২ বিন্যাস; গ্রন্থন। ৩ সৃষ্টি। ৪ প্রবন্ধ, নিবন্ধ।

রচনাকার /রচোনাকার্/ [স. রচনা+কার] বি. বিণ. রচয়িতা, রচনাকারী।

রচনাকৌশল /রচোনাকোউশল্/ [স. রচনা+কৌশল] বি. রচনার বিশিষ্ট ভঙ্গি, রচনার প্রণালি।

রচনাপঞ্জি /রচোনাপোন্জি/ [স. রচনা+√পঞ্জ্+ই] বি. রচনার বিবরণী।

রচনাপদ্ধতি /রচোনাপদ্ধোতি/ [স. রচনা+পদ্+√হন্+তি] বি. দ্র রচনাকৌশল।

রচনাপ্রণালি /রচোনাপ্রোনালি/ [স. রচনা+প্রণালি] বি. দ্র রচনাকৌশল।

রচনাবলি /রচোনাবোলি/ [স. রচনা+আবলি] বি. বিবিধ রচনার সংগ্রহ, রচনাসমূহ।

রচনারীতি /রচোনারিতি/ [স. রচনা+√রী+তি] বি. লেখার ধরন বা কায়দা।

রচনাশৈলী /রচোনাশোইলি/ [স. রচনা+শীল+অ+ঈ] বি. দ্র রচনারীতি।

রচনীয় /রচোনিয়ো/ [স. √রচ্+অনীয়] বিণ. রচনা করতে হবে এমন; রচনাযোগ্য।

রচয়িতা /রচোয়িতা/ [স. √রচ্+তৃ] বি. বিণ. প্রণেতা; নির্মাতা, স্রষ্টা। স্ত্রী. রচয়িত্রী /রচোয়িত্রি/।

রচা /রচা/ [বা.] ক্রিবি. ১ রচনা করা। ২ নির্মাণ করা। ৩ সৃষ্টি করা। বিণ. ১ নির্মিত। ২ কল্পিত।

রচিত /রোচিতো/ [স. √রচ্+ত] বিণ. ১ রচনা করা হয়েছে এমন। ২ গঠিত। ৩ গ্রথিত। ৪ কৃত।

রজ /রজো/ [স. √রন্জ্+অস্] বি. ১ ধুলো (*রজঃকণা*)। ২ পরাগ, পুষ্পরেণু। ৩ নারীর মাসিক ঋতুস্রাব বা রক্তস্রাব। ৪ প্রকৃতির তিনটি গুণের দ্বিতীয়টি (*রজোগুণ*)।

রজঃকণা /রজোক্কনা/ [স. রজস্+কণা] বি. ধূলিকণা।

রজঃস্বলা /রজোশ্শলা/ [স. রজস্+বল+আ (টাপ্)] বিণ. (স্ত্রী) ঋতুমতী।

রজক /রজোক্/ [স. √রন্জ্+অক] বি. ১ ধোপা। ২ রঞ্জক।

রজকিনি /রজোকিনি/ [বা.] বি. (বাংলায়) 'রজক'-এর স্ত্রীলিঙ্গ।

রজত /রজোত্/ [স. √রন্জ্+অত] বি. রৌপ্য, রুপা, চাঁদি। বিণ. সাদা।

রজতকান্তি /রজোত্কান্তি/ [স. রজত+√কম্+তি] বি. বিণ. রুপার মতো শুভ্র ও সুন্দর।

রজতগিরি /রজোত্গিরি/ [স. রজত+√গু+ই] বি. কৈলাসপর্বত।

রজতজয়ন্তী /রজোত্জয়োন্তি/ [স. রজত+জয়ন্তী] বি. পঁচিশ বছর পূর্তি উপলক্ষ্যে পালিত উৎসব, silver jubilee।

রজতদ্যুতি /রজোত্দুতি/ [স. রজত+√দ্যুৎ+ই] বি. রুপার শুভ্র আভা।

রজতবর্ণ /রজোত্বর্নো/ [স. রজত+বর্ণ] বি. রুপার মতো সাদা রং। বিণ. রুপার মতো শুভ্র ও উজ্জ্বল।

রজতশুভ্র /রজোত্শুব্ভ্রো/ [স. রজত+শুভ্র] বিণ. রুপার মতো শুভ্র ও উজ্জ্বল।

রজন /রজোন্/ [ই. resin >] বি. পাইনজাতীয় বৃক্ষের নির্যাস থেকে অশোধিত তার্পিন তেল পরিস্রাবণের পর তলায় পড়ে থাকা অদ্রবণীয় কঠিন ও আঠালো দাহ্য পদার্থ।

রজনি /রজোনি/ [স. √রন্জ্+অনি] বি. রাত্রি, নিশা।

রজনিকান্ত /রজোনিকান্তো/ [স. রজনি+কান্ত] বি. চন্দ্র, চাঁদ।

রজনিগন্ধা /রজোনিগন্ধা/ [স. রজনি+√গন্ধ্+অ+আ (টাপ্)] বি. রাতে ফোটে এমন কন্দমূল (bulb) থেকে উৎপন্ন সরু উজ্জ্বল সবুজ পাতা ও খাড়া পুষ্পদণ্ডে সংযুক্ত নলাকৃতি সাদা সুগন্ধ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. মেক্সিকো), tuberose।

রজনিচর /রজোনিচর্/ [স. রজনি+চর] বি. (রাতে বিচরণ করে বলে) প্যাঁচা; পাহারাদার; চোর; রাক্ষস।

রজনিনাথ /রজোনিনাথ্/ [স. রজনি+নাথ] বি. চন্দ্র, চাঁদ।

রজনিহাস /রজোনিহাশ্/ [স. রজনি+বা. হাস] বি. শিউলি, শেফালি।

রজোগুণ /রজোগুন্/ [স. রজস্+গুণ] বি. প্রকৃতির ত্রিবিধ গুণের দ্বিতীয়টি যার প্রভাবে দ্বেষ অহংকারাদি উৎপন্ন হয়।

রজোদর্শন /রজোদরশোন্/ [স. রজস্+দর্শন] বি. স্ত্রীলোকের প্রথম ঋতুস্রাব বা রক্তস্রাব।

রজ্জু /রোজ্জু/ [স. √সৃজ্+উ] বি. ১ দড়ি, রশি। ২ বন্ধনী (*নাভিরজ্জু*)।

www.pathagar.com

রজ্জুবদ্ধ /রোজ্‌জুবদ্‌ধো/ [স. রজ্জু+√বন্ধ্+ত] বিণ. দড়ি দিয়ে বাঁধা এমন।

রঞ্জক[১] /রন্‌জোক/ [স. √রঞ্জ্+অক] বি. যে ব্যক্তি কাপড় প্রভৃতি রং করে, রংরেজ। বিণ. ১ রঞ্জনকারী, চিত্রয়িতা। ২ আনন্দদায়ক, প্রীতিকর। স্ত্রী. রঞ্জিকা /রোন্‌জিকা/।

রঞ্জক[২] /রন্‌জোক্/ [স. √রঞ্জ্+অক] বি. ১ রং করার সামগ্রী, রঞ্জনদ্রব্য। ২ (বাংলায়) বারুদ।

রঞ্জকঘর /রন্‌জোক্‌ঘর্/ [স. রঞ্জক+বা. ঘর] বি. ১ বারুদ রাখার ঘর। ২ কামান বন্দুক প্রভৃতির যে ছিদ্রে আগুন দেওয়া হয়।

রঞ্জন /রন্‌জোন্/ [স. √রঞ্জ্+অন] বি. ১ রঞ্জিত-করণ। ২ তুষ্টিসাধন (*মনোরঞ্জন*)। বিণ. প্রীতিদায়ক।

রঞ্জনরশ্মি /রন্‌জোনরোশ্‌শি/ [ব্যক্তি. রঞ্জন+স. √অশ্+মি] বি. চিকিৎসাশাস্ত্রে রোগনির্ণয় ও নিরাময় বিমানযাত্রীর বাক্সপ্যাটরা পরীক্ষণ শিল্প কারখানায় উৎপাদিত পণ্যের অভ্যন্তরস্থ ত্রুটি উদ্‌ঘাটন ও মান যাচাই প্রভৃতি কাজে ব্যাপকভাবে ব্যবহৃত অতি ক্ষুদ্র তরঙ্গদৈর্ঘ্যের (অতিবেগুনি ও গামা রশ্মির মধ্যবর্তী তরঙ্গদৈর্ঘ্যের) তড়িৎ-চুম্বকীয় রশ্মিবিশেষ যা অধিকাংশ অনচ্ছ বস্তু ভেদ করতে পারে; (পরি.) Roentgen ray, X-ray।

রঞ্জনী /রন্‌জোনি/ [স. রঞ্জন+ঈ] বিণ. ১ প্রীতি-দায়িনী। ২ (যা দিয়ে) রং করা যায় (*নখরঞ্জনী*)। বি. রঞ্জকদ্রব্য।

রঞ্জা /রন্‌জা/ [বা.] ক্রিবি. (কাব্যে) রঞ্জিত করা।

রঞ্জিত /রোন্‌জিতো/ [স. √রঞ্জ্+ত] বিণ. ১ রং করা হয়েছে এমন। ২ মাখা (*রক্তরঞ্জিত*)। ৩ সন্তুষ্ট।

রঞ্জী /রোন্‌জি/ [স. √রঞ্জ্+ইন্] বিণ. রঞ্জক।

রটন /রটোন্/ [স. √রট্+অন] বি. দ্র রটনা।

রটনা /রটোনা/ [স. √রট্+অন+আ (টাপ্)] বি. ১ প্রচার; জ্ঞাপন। ২ কথন। ৩ প্রসিদ্ধি। ৪ অপপ্রচার।

রটন্তী /রটোন্‌তি/ [স. √রট্+অন্ত+ঈ] বি. মাঘ মাসের কৃষ্ণা চতুর্দশী তিথি (*রটন্তী-কালীপূজা*)।

রটা /রটা/ [বা.] ক্রিবি. প্রচারিত হওয়া।

রটানো /রটানো/ [বা.] ক্রিবি. ১ প্রচার বা রটনা করা। ২ (নিন্দার্থে) রাষ্ট্র করা।

রটিত /রোটিতো/ [স. √রট্+ত] বিণ. ১ প্রচারিত। ২ খ্যাত। ৩ কথিত।

রড /রড়/ [ই.] বি. লোহার ডান্ডা; শিক; লাঠি; rod।

রডোডেনড্রন /রডোডেন্‌ড্রন্/ [গ্রি.] বি. এশিয়া মাইনর ও শীতপ্রধান অঞ্চলে গ্রীষ্ম ও বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন লাল গোলাপি বেগুনি প্রভৃতি রঙের ঘন্টাকৃতি সুগন্ধ ফুল বা তার গুল্মজাতীয় চিরহরিৎ উদ্ভিদ, rhododendron।

রড় /রড়/ [দেশি.] বি. দৌড়, ছুট; পলায়ন।

রড়ারড়ি /রড়ারোড়ি/ [দেশি.] বি. দৌড়াদৌড়ি।

রণ /রন/ [স. √রণ্+অ] বি. ১ যুদ্ধ। ২ শব্দ, রব।

রণকুশল /রনোকুশল্/ [স. রণ+কুশল] বিণ. যুদ্ধ-বিদ্যায় পারদর্শী।

রণকৌশল /রনোকৌশল্/ [স. রণ+কৌশল] বি. ১ সমরকৌশল, যুদ্ধবিদ্যা। ২ (রাজনীতির ক্ষেত্রে) লক্ষ্য অর্জনের কৌশল।

রণক্লান্ত /রনোক্লান্‌তো/ [স. রণ+√ক্লম্+ত] বিণ. দীর্ঘ সংগ্রামে ক্লান্ত (*মহা-বিদ্রোহী রণ-ক্লান্ত / আমি সেইদিন হব শান্ত*, নজরুল.)।

রণক্ষেত্র /রনোক্‌খেত্‌তো/ [স. রণ+√ক্ষি+ত্র] বি. যুদ্ধক্ষেত্র।

রণচণ্ডী /রনোচোন্‌ডি/ [স. রণচন্ড+ঈ] বি. ১ অসুরের বিরুদ্ধে প্রবল সংগ্রামে লিপ্ত দেবী দুর্গা। ২ (আল.) অতি কলহপ্রিয় নারী। বিণ. রণোন্মত্তা।

রণজয় /রনোজয়/ [স. রণ+√জি+অ] বি. যুদ্ধজয়।

রণজয়ী /রনোজোয়ি/ [স. রণ+√জি+ইন্] বিণ. যুদ্ধে জয়লাভ করেছে এমন।

রণজিৎ /রনোজিত্/ [স. রণ+√জি+ক্বিপ্] বিণ. দ্র রণজয়ী।

রণতরঙ্গ /রনোতরোংগো/ [স. রণ+তরঙ্গ] বি. যুদ্ধরূপ তরঙ্গ; যুদ্ধের প্রভাব।

রণতরি /রনোতোরি/ [স. রণ+তরি] বি. যুদ্ধ করার উপযুক্ত ভারী অস্ত্রসজ্জিত সমুদ্রগামী জাহাজ।

রণতূর্য /রনোতুরজো/ [স. রণ+√তূর্+য] বি. দামামা।

রণৎ /রনোত্/ [স. √রণ্+অৎ] বিণ. শব্দ করছে এমন, শব্দায়মান।

রণৎকার /রনোত্‌কার্/ [স. রণৎ+কার] বি. ঝংকার, ঝনৎকার, রণন।

রণদক্ষ /রনোদোক্‌খো/ [স. রণ+দক্ষ] বিণ. সমর-কুশল। বি. -তা /-তা/।

রণদুর্মদ /রনোদুর্‌মদ্/ [স. রণ+দুর্মদ] বিণ. যুদ্ধ করার জন্য দিগ্‌বিদিক্ জ্ঞানশূন্য।

রণধীর /রনোধির্/ [স. রণ+ধীর] বিণ. যুদ্ধক্ষেত্রে অবিচলিত থাকে এমন।

রণন /রনোন্/ [স. √রণ্+অন] বি. ১ শব্দকরণ। ২ (বাংলায়) ঝংকার, ঝনৎকার।

রণনীতি /রনোনিতি/ [স. রণ+নীতি] বি. যুদ্ধসংক্রান্ত নীতি।

রণপণ্ডিত /রনোপোন্‌ডিত্/ [স. রণ+পণ্ডিত] বিণ.

www.pathagar.com

যুদ্ধবিদ্যায় পারদর্শী, রণকুশল।

রণপতি /রনোপ্পোতি/ [স. রণ+পতি] বিণ. রণকুশল।

রণপোত /রনোপোত্/ [স. রণ+পোত] বি. দ্র রণ-তরি।

রণবেশ /রনোবেশ্/ [স. রণ+বেশ] বি. যুদ্ধের পোশাক, সৈনিকের বেশ।

রণভূমি /রনোভুমি/ [স. রণ+ভূমি] বি. যুদ্ধক্ষেত্র।

রণভেরি /রনোভেরি/ [স. রণ+ভেরি] বি. দামামা।

রণমত্ত /রনোমত্তো/ [স. রণ+√মদ্+ত] বিণ. যুদ্ধ করার জন্য উন্মত্ত।

রণযাত্রা /রনোজাত্রা/ [স. রণ+যাত্রা] বি. যুদ্ধযাত্রা।

রণরঙ্গিণী /রনোরোংগিনি/ [স. রণ+রঙ্গিন্+ঈ] বিণ. রণোন্মত্তা। বি. যুদ্ধপ্রিয় নারী।

রণশয্যা /রনোশোজ্জা/ [স. রণ+শয্যা] বি. যুদ্ধ-ক্ষেত্রে প্রাণ উৎসর্গ।

রণসজ্জা /রনোশজ্জা/ [স. রণ+সজ্জা] বি. যুদ্ধের প্রস্তুতি, সমরসজ্জা।

রণসাজ /রনোশাজ্/ [স. রণ+বা. সাজ] বি. দ্র রণ-সজ্জা।

রণস্থল /রনোস্থল্/ [স. রণ+স্থল] বি. যুদ্ধক্ষেত্র।

রণাঙ্গন /রনাংগন্/ [স. রণ+অঙ্গন] বি. যুদ্ধক্ষেত্র।

রণিত /রোনিতো/ [স. √রণ্+ত] বিণ. ধ্বনিত; ঝংকৃত।

রণে ভঙ্গ /রনে ভংগো/ বি. ১ লড়াইয়ের ময়দান বা যুদ্ধক্ষেত্র থেকে পলায়ন। ২ প্রতিযোগিতা বিতর্ক প্রভৃতি থেকে মাঝপথে বিদায়গ্রহণ।

রণোন্মত্ত /রনোন্মত্তো/ [স. রণ+উন্মত্ত] বিণ. যুদ্ধ করতে উন্মুখ।

রণোন্মাদ /রনোন্মাদ্/ [স. রণ+উন্মাদ] বিণ. রণমত্ত।

রণ্ড /রন্ডো/ [স. √রম্+ড] বিণ. ১ (যে ব্যক্তি) সন্তান উৎপাদনে অক্ষম। ২ আশ্রয়হীন। ৩ বিপত্নীক। ৪ (যে বৃক্ষের) ফুল বা ফল ধরে না এমন। ৫ ধর্মহীন। বি. অফলা গাছ।

রণ্ডা /রন্ডা/ [স. √রম্+ড+আ (টাপ্)] বিণ. ১ বন্ধ্যা। ২ বিধবা। বি. গণিকা।

রত /রতো/ [স. √রম্+ত] বিণ. ১ আসক্ত। ২ নিযুক্ত (কর্মরত)। বি. রমণ, রতি।

রতন /রতোন্/ [স. রত্ন >] বি. ১ মণিমুক্তা প্রভৃতি। ২ (পুরাণমতে) সমুদ্রমন্থনে উত্থিত চোদ্দটি অলৌকিক বস্তু। ৩ (আল.) অত্যন্ত গুণবান ব্যক্তি। ৪ 'রত্ন'-র কোমল রূপ।

রতনচুড় /রতোনচুড়/ [বা.] বি. হাতের অলংকার-বিশেষ।

রতনহার /রতোনহার্/ [বা. রতন+স. হার] বি. মণিমুক্তা খচিত হার।

রতি[১] /রোতি/ [স. √রম্+তি] বি. ১ হিন্দুপুরাণে বর্ণিত মদনের পত্নী। ২ মৈথুন, রমণ। ৩ আসক্তি; প্রেম, অনুরাগ। ৪ আকুলতা; গভীর আসক্তি।

রতি[২] /রোতি/ [স. রক্তিকা >] বি. ওজনের পরিমাপ-বিশেষ। বিণ. ১ এক কুঁচের সমান ওজনবিশিষ্ট। ২ (আল.) অতি সামান্য; খুব ছোটো।

রতিকান্ত /রোতিকান্তো/ [স. রতি+কান্ত] বি. কন্দর্প, মদন।

রতিকুহর /রোতিকুহর্/ [স. রতি+কুহর] বি. স্ত্রীঅঙ্গ।

রতিক্রিয়া /রোতিক্রিআ/ [স. রতি+ক্রিয়া] বি. রমণ।

রতিগৃহ /রোতিগৃহো/ [স. রতি+গৃহ] বি. ১ স্ত্রী-জননেন্দ্রিয়। ২ কামকেলির কক্ষ। ৩ বাসকক্ষ।

রতিপতি /রোতিপোতি/ [স. রতি+পতি] বি. রতিকান্ত, কামদেব।

রতিশক্তি /রোতিশোক্তি/ [স. রতি+√শক্+তি] বি. রমণের ক্ষমতা।

রতিশাস্ত্র /রোতিশাস্ত্রো/ [স. রতি+√শাস্+ত্র] বি. রমণবিষয়ক শাস্ত্র।

রত্তি /রোত্তি/ [স. রক্তিকা >] বিণ. ১ অতি অল্প পরিমাণ। ২ খুব ছোটো; খুব অল্পবয়সের (*একরত্তি মেয়ে*)।

রত্ন /রত্নো/ [স. √রমি+ন] বি. ১ মণিমুক্তা। ২ বহু-মূল্য দ্রব্যাদি। ৩ (আল.) শ্রেষ্ঠ ব্যক্তি।

রত্নখচিত /রত্নোখোচিতো/ [স. রত্ন+খচিত] বিণ. মণিমুক্তাশোভিত।

রত্নগর্ভ /রত্নোগর্ভো/ [স. রত্ন+√গৃ+ভ] বিণ. অভ্যন্তরে রত্ন আছে এমন। বি. ১ সমুদ্র। ২ কুবের।

রত্নগর্ভা /রত্নোগর্ভা/ [স. রত্নগর্ভ+আ (টাপ্)] বিণ. অত্যন্ত গুণবান সন্তানের জন্মদাত্রী। বি. পৃথিবী।

রত্নগিরি /রত্নোগিরি/ [স. রত্ন+গিরি] বি. সুমেরু পর্বত।

রত্নজীবী /রত্নোজিবি/ [স. রত্ন+√জীব্+ইন্] বিণ. বি. রত্নব্যবসায়ী।

রত্নদ্বীপ /রত্নোদিপ্/ [স. রত্ন+দ্বীপ] বি. ১ প্রবাল-দ্বীপ, coral island। ২ যে দ্বীপে রত্ন আছে, treasure island।

রত্নপ্রভ /রত্নোপ্রোভো/ [স. রত্ন+প্র+√ভা+অ] বিণ. রত্নের মতো উজ্জ্বল, দীপ্তিময়।

রত্নপ্রভা /রত্নোপ্রোভা/ [স. রত্নপ্রভ+আ (টাপ্)] বি. মণিমাণিক্যের দীপ্তি। বিণ. রত্নের মতো

www.pathagar.com

দীপ্তিময়ী।

রত্নপ্রসবা /রত্নোপ্রোশোবা / [স. রত্ন+বা. প্রসবা] বিণ. রত্নগর্ভা। বি. পৃথিবী।

রত্নপ্রসবিণী /রত্নোপ্রোশোবিনি / [স. রত্ন+প্রসবিন্+ঈ] বিণ. ১ রত্নপ্রসবকারিণী; রত্নগর্ভা। ২ (আল.) গুণবান সন্তানের জন্মদাত্রী, সুসন্তানবতী।

রত্নপ্রসূ /রত্নোপ্রোশু / [স. রত্ন+প্র+√সূ+ক্বিপ্] বিণ. দ্র রত্নপ্রসবিনী।

রত্নবণিক /রত্নোবোনিক্ / [স. রত্ন+বণিক] বি. মণিমুক্তার ব্যবসায়ী, মণিকার, জহুরি।

রত্নভান্ডার /রত্নোভান্ডার্/ [স. রত্ন+বা. ভান্ডার] বি. রত্নের আধার।

রত্নময় /রত্নোময় / [স. রত্ন+ময়ট্] বিণ. রত্নখচিত; রত্নপূর্ণ।

রত্নরাজি /রত্নোরাজি / [স. রত্ন+√রাজ্+ই] বি. মণিমাণিক্য।

রত্নাকর /রত্নাকর্ / [স. রত্ন+আকর] বি. ১ রত্নের খনি। ২ সমুদ্র। ৩ রামায়ণের রচয়িতা আদিকবি বাল্মীকির পূর্বনাম।

রত্নাবলি /রত্নাবোলি / [স. রত্ন+আবলি] বি. ১ রত্নসমূহ। ২ রত্নহার।

রত্নাভরণ /রত্নাভোরন্ / [স. রত্ন+আভরণ] বি. রত্ন দিয়ে তৈরি অলংকার, জড়োয়া গহনা।

রত্নালংকার /রত্নালংকার্ / [স. রত্ন+অলংকার] বি. দ্র রত্নাভরণ।

রত্নি /রোত্নি/ [স. √ঋ+অত্নি] বি. কনুই থেকে মুষ্টিবদ্ধ হাতের প্রান্ত পর্যন্ত দৈর্ঘ্য।

রথ /রথ্/ [স. √রম্+থ] বি. ১ চাকাযুক্ত যান; শকট; ঘোড়ায় টানা প্রাচীন যান। ২ প্রাচীন যুদ্ধশকট। ৩ জগন্নাথদেবের যান। ৪ আকাশযান।

রথকেতু /রথোকেতু / [স. রথ+√চায়্+তু] বি. রথের নিশান।

রথচক্র /রথোচক্রো/ [স. রথ+√কৃ+অ] বি. ১ রথের চাকা। ২ চক্রবাক পাখি, চখা।

রথ টানা /রথ্ টানা/ ক্রিবি. আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়ায় জগন্নাথদেবের মূর্তিবাহী যান দড়ি দিয়ে টেনে নেওয়া।

রথ দেখা ও কলা বেচা /রথ্ দ্যাখা ও কলা ব্যাচা/ প্র. ১ মেলায় গিয়ে একই সঙ্গে রথদর্শন করে পুণ্য অর্জন ও কলা বিক্রি করে অর্থ উপার্জন। ২ (আল.) একই যাত্রায় একাধিক উদ্দেশ্যসিদ্ধি।

রথযাত্রা /রথোজাত্রা/ [স. রথ+যাত্রা] বি. আষাঢ় মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে জগন্নাথদেবের রথভ্রমণ উৎসব।

রথাঙ্গ /রথাংগো/ [স. রথ+অঙ্গ] বি. ১ রথের চাকা। ২ চক্রবাক পাখি।

রথারূঢ় /রথারুঢ়ো / [স. রথ+আরূঢ়] বিণ. রথে আসীন।

রথী /রোথি / [স. রথ+ইন্] বিণ. রথারোহী। বি. ১ যে ব্যক্তি রথে চড়ে যুদ্ধ করে। ২ (আল.) বিশিষ্টজন।

রথো /রোথো/ [বা.] বিণ. ১ ব্যবহারের অযোগ্য, বাজে, অব্যবহার্য। ২ অকর্মণ্য; নিষ্কর্মা।

রথ্য /রোত্থো / [স. রথ+য] বিণ. রথবিষয়ক। বি. রথের অংশ।

রথ্যা /রোত্থা/ [স. রথ্য+আ (টাপ্)] বি. ১ পথ, মার্গ; রাজপথ। ২ রথসমূহ।

রদ[১] /রদ্/ [আ.] বিণ. ১ বাতিল, খারিজ। ২ মওকুফ। ৩ বর্জিত। ৪ পরিবর্তিত।

রদ[২] /রদ্ / [স. √রদ্+অ] বি. দাঁত (*দ্বিরদ*)।

রদচ্ছদ /রদোচ্ছদ্ / [স. রদ+ছদ] বি. ওষ্ঠাধর।

রদন /রদোন্/ [স. √রদ্+অন] বি. দাঁত।

রদনী /রদোনি / [স. রদন+ইন্] বি. দন্তী; হাতি।

রদবদল /রদ্বদোল্ / [আ.] বি. অদলবদল; পরিবর্তন ও পরিমার্জন; ওলট-পালট।

রদী /রোদি / [স. রদ+ইন্] বিণ. দাঁতবিশিষ্ট। বি. হাতি।

রদ্দা /রদ্দা / [হি.] বি. ১ হাতের চেটোর পাশ দিয়ে ঘাড়ে আঘাত। ২ গলাধাক্কা। ৩ ফালা কাঠের তক্তা। ৪ ঘর্ষণ। ৫ (ইটের গাঁথুনিসংক্রান্ত) স্তর (*দুই রদ্দা গাঁথুনি*)।

রদ্দি /রোদ্দি / [ফা.] বিণ. ব্যবহারের অযোগ্য; নিকৃষ্ট (*রদ্দি মাল*)।

রনপা /রন্পা / [স. রণ+বা. পা] বি. (অধুনালুপ্ত) দ্রুত পলায়নের জন্য ডাকাতদের ব্যবহৃত পাদানিযুক্ত বাঁশের লম্বা জোড়ালাঠি, stilt।

রনরন /রন্রন্/ [ধ্বন্যা.] বি. ১ যুদ্ধাস্ত্রের ঘাত-প্রতিঘাতের শব্দ। ২ অলংকারের শব্দ। ৩ ঝংকার; দীর্ঘ রণন।

রনরনি /রন্রোনি / [ধ্বন্যা.] বি. দ্র রনরন।

রন্ধন /রন্ধোন্ / [স. √রধ্+অন] বি. রান্না।

রন্ধনগৃহ /রন্ধোনগৃহো / [স. রন্ধন+গৃহ] বি. যে ঘরে রান্না করা হয়, রান্নাঘর, রসুইঘর, পাকঘর।

রন্ধনশালা /রন্ধোনশালা / [স. রন্ধন+শালা] বি. রান্নাঘর, রসুইঘর, পাকঘর।

রন্ধনী /রন্ধোনি / [স. রন্ধন+ইন্] বি. ১ রান্নার মসলাবিশেষ। ২ রাঁধুনি; পাচিকা।

www.pathagar.com

রন্ধিত /রোন্‌ধিতো/ [স. √রধ্+ণিচ্+ত] বিণ. রাঁধা হয়েছে এমন।

রন্ধ্র /রন্‌ধ্রো/ [স. √রধ্+র] বি. ১ ছিদ্র (*নাসারন্ধ্র*)। ২ দোষত্রুটি। ৩ রাশিচক্রে লগ্ন থেকে অষ্টম স্থান।

রন্ধ্রগত শনি /রন্‌ধ্রোগতো শোনি/ বি. (অশুভ বলে কল্পিত) রাশিচক্রে লগ্ন থেকে অষ্টম স্থানে শনিগ্রহের অবস্থান।

রন্ধ্রে রন্ধ্রে /রন্‌ধ্রে রন্‌ধ্রে/ ক্রিবিণ. ফাঁকফোকর-সহ সর্বত্র, সব জায়গায়।

রপ্ত /রপ্‌তো/ [আ. রব্‌ত্ >] বিণ. আয়ত্ত।

রপ্তানি /রপ্‌তানি/ [ফা.] বি. বিক্রয়ের উদ্দেশ্যে পণ্যদ্রব্য বিদেশে প্রেরণ।

রপ্তানিকারক /রপ্‌তানিকারোক্/ [ফা. রফতানি+স. কারক] বি. যে রপ্তানি করে।

রপ্তানিনীতি /রপ্‌তানিনিতি/ [ফা. রফতানি+স. নীতি] বি. রপ্তানিবিষয়ক রাষ্ট্রীয় নীতিমালা।

রপ্তানিশিল্প /রপ্‌তানিশিল্‌পো/ [ফা. রফতানি+স. শিল্প] বি. রপ্তানিযোগ্য পণ্য উৎপাদনের লক্ষ্যে প্রতিষ্ঠিত শিল্পকারখানা।

রপ্তানিকৃত /রপ্‌তানিকৃতো/ [ফা. রফতানি+স. কৃত] বিণ. রপ্তানি করা হয়েছে এমন।

রপ্তে রপ্তে /রপ্‌তে রপ্‌তে/ ক্রিবিণ. ধীরে ধীরে।

র-ফলা /রফলা/ বি. ব্যঞ্জনবর্ণের অন্তে 'র' যুক্তকরণের চিহ্ন, '্র' চিহ্ন।

রফতানি /রফ্‌তানি/ [ফা.] বি. দ্র রপ্তানি।

রফা /রফা/ [আ.] বি. ১ আপস, মীমাংসা, মিটমাট, নিষ্পত্তি। ২ বিনাশ, নাশ, শেষ।

রফানামা /রফানামা/ [আ. রফা+ফা. নামা] বি. আপস রফার শর্তসংবলিত পত্র, নিষ্পত্তিপত্র।

রব[১] /রব্/ [আ.] বি. আল্লাহ্, প্রভু।

রব[২] /রব্/ [স. √রু+অ] বি. ১ শব্দ, পাখির কিচিরমিচির (*পাখি সব করে রব*), আওয়াজ। ২ গোলমাল। ৩ সাড়া। ৪ জনরব, গুজব।

রবরবা /রবরবা/ [তুর.] বি. ১ শোভা। ২ খ্যাতি। ৩ প্রতাপ। বিণ. সম্পৎশালী; ধনৈশ্বর্যপূর্ণ।

রবাব /রবাব্/ [ফা.] বি. কাঠের তৈরি ছয়টি তারের রুদ্রবীণাসদৃশ বাদ্যযন্ত্রবিশেষ যার খোল চর্মাবৃত।

রবার /রবার্/ [ই. rubber >] বি. ১ বাংলাদেশ-সহ প্রধানত আর্দ্র ও উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এমন হলুদ বা সবুজ ছোটো সুগন্ধ ফুল মসৃণ পাতা এবং ঋজু ও দীর্ঘ কাণ্ডবিশিষ্ট পত্রমোচী বৃক্ষ বা তার নির্যাস থেকে উৎপাদিত স্থিতিস্থাপক পদার্থ। ২ পেন্সিলের লেখা ঘষে মুছে ফেলার জন্য ব্যবহৃত স্থিতিস্থাপক পদার্থের ছোটো খণ্ড।

রবাহূত /রবাহূতো/ [স. রব+আহূত] বিণ. লোকমুখে শুনে বিনা নিমন্ত্রণে আগত, অনিমন্ত্রিত আগন্তুক।

রবি[১] /রোবি/ [স. √রু+ই] বি. পৃথিবী থেকে ১৪·৯ কোটি কিলোমিটার দূরে অবস্থিত পৃথিবীর নিকটতম উজ্জ্বল জ্যোতিষ্কবিশেষ (যার ব্যাস ১৩·৯ লক্ষ কিলোমিটার এবং পৃষ্ঠদেশের তাপমাত্রা ৬০০০° সেলসিয়াস) যাকে কেন্দ্র করে পৃথিবী ও সৌরমণ্ডলের গ্রহ উপগ্রহ প্রদক্ষিণ করে, আদিত্য, দিবাকর, ভানু, তপন, দিনমণি, ভাস্কর।

রবি[২] /রোবি/ [আ.] বি. বসন্তকাল।

রবি-উল আউয়াল /রোবিউল্ আউ্আল্/ বি. হিজরি পঞ্জিকার তৃতীয় মাস, হজরত মুহম্মদ (সা.)-এর জন্মের মাস।

রবিউস সানি /রোবিউস্ সানি/ বি. হিজরি পঞ্জিকার চতুর্থ মাস।

রবিকর /রোবিকর্/ [স. রবি+কর] বি. সূর্যের কিরণ।

রবিখন্দ /রোবিখন্‌দো/ [আ. রবি+বা. খন্দ] বি. বসন্তকালে উৎপন্ন শস্য, রবিশস্য (মটর কলাই প্রভৃতি)।

রবিচ্ছবি /রোবিচ্‌ছোবি/ [স. রবি+ছবি] বি. সূর্যের দীপ্তি।

রবিতনয় /রোবিতনয়/ [স. রবি+তনয়] বি. ১ পুরাণে কল্পিত সূর্যের পুত্র, কর্ণ। ২ শনি। ৩ যম।

রবিতনয়া /রোবিতনয়া/ [স. রবিতনয়+আ (টাপ্)] বি. পুরাণে কল্পিত সূর্যের কন্যা, যমুনা।

রবিনন্দন /রোবিনন্‌দোন্/ [স. রবি+√নন্দি+অন] বি. দ্র রবিতনয়।

রবিনন্দিনী /রোবিনোন্‌দিনি/ [স. রবি+√নন্দি+ইন্+ঈ] বি. দ্র রবিতনয়া।

রবিবর্ষ /রোবিবর্‌শো/ [স. রবি+বর্ষ] বি. (রাশিচক্রের) কোনো একটি নক্ষত্র থেকে সূর্যের সমগ্র রাশিচক্র পরিক্রমণ করে পুনরায় সেই নক্ষত্রে প্রত্যাগমনকাল (প্রায় ৩৬৫ দিন ৬ ঘণ্টা), সৌরবর্ষ।

রবিবার /রোবিবার্/ [স. রবি+বার] বি. শনিবারের পরের এবং সোমবারের আগের দিন, সপ্তাহের বারবিশেষ।

রবিবাসর /রোবিবাশোর্/ [স. রবি+√বাসি+অর] বি. দ্র রবিবার।

রবিবাসরীয় /রোবিবাশোরিয়ো/ [স. রবিবাসর+ঈয়] বিণ. ১ রবিবারের। ২ রবিবারসম্বন্ধীয়।

রবিমণ্ডল /রবিমন্‌ডোল্/ [স. রবি+মণ্ডল] বি.

www.pathagar.com

সূর্যের পরিধি।

রবিমার্গ /রোবিমার্‌গো / [স. রবি+মার্গ] বি. ক্রান্তি-বৃত্ত, সূর্যের কক্ষপথ।

রবিরশ্মি /রোবিরোশ্‌শি/ [স. রবি+রশ্মি] বি. সূর্যের কিরণ।

রবিশশী /রোবিশোশি/ [স. রবি+√শশ্+ইন্] বি. সূর্য ও চন্দ্র।

রবিশস্য /রোবিশোশ্‌শো / [আ. রবি+স. শস্য] বি. দ্র রবিখন্দ।

রবিসুত /রোবিশুতো/ [স. রবি+সু+ত] বি. রবিতনয়। স্ত্রী. রবিসুতা /রোবিশুতা/।

রবীন্দ্রসংগীত /রোবিন্দ্রোশোংগিত্ / [ব্যক্তি. রবীন্দ্র+স. সংগীত] বি. রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা ও সুরা-রোপিত সংগীত।

রব্ধ /রব্‌ধো / [স. √রভ্+ত] বিণ. আরম্ভ করা হয়েছে এমন, আরব্ধ, কৃতারম্ভ।

রভস /রভোশ্/ [স. √রভ্+অস্] বি. ১ প্রবল ভাবাবেগ। ২ ঔৎসুক্য। ৩ গভীর শোক। ৪ উল্লাস। ৫ প্রাবল্য। ৬ মিলন, কেলিবিলাস।

রম /রম্/ [স. √রমি+অ] বিণ. ১ রমণীয়। ২ আনন্দ-দায়ক, মনোরম। বি. ১ স্বামী। ২ কন্দর্প।

রমক /রমোক্/ [স. √রম্+অক] বি. ১ যে রমণ করে। ২ উপপতি। বিণ. বিলাসী।

রমজান /রম্‌জান্/ [আ.] বি. হিজরি বর্ষপঞ্জির নবম মাস; যে মাসব্যাপী ইসলাম ধর্মাবলম্বীদের কৃচ্ছ্রসাধন এবং সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত নিরম্বু উপবাস-ব্রত পালন করতে হয়।

রমণ[১] /রমোন্/ [স. √রম্+অন] বি. ১ ক্রীড়া, কেলি। ২ প্রমোদবিহার। ৩ মৈথুন, রতিক্রিয়া।

রমণ[২] /রমোন্/ [স. √রমি+অন] বি. ১ পতি, বল্লভ, স্বামী। ২ কন্দর্প, মদনদেব। বিণ. ১ প্রিয়। ২ সন্তোষ বিধানকারী।

রমণী /রমোনি/ [স. √রম্+অন+ঈ] বি. ১ নারী। ২ সুন্দরী নারী। ৩ পত্নী।

রমণীয় /রমোনিয়ো/ [স. √রম্+অনীয়] বিণ. সুন্দর, মনোরম, মনোহর; প্রীতিকর।

রমণীরত্ন /রমোনিরত্নো/ [স. রমণী+রত্ন] বি. রত্নরূপ নারী, গুণবতী নারী।

রমনা /রম্‌না / [স্থান.] বি. বৃক্ষশোভিত রম্য স্থান; ঢাকা মহানগরের অঞ্চলবিশেষ।

রমরমা /রম্‌রমা/ [দেশি.] বি. আড়ম্বর, জাঁক। বিণ. ১ আড়ম্বরপূর্ণ, জাঁকালো। ২ সমৃদ্ধ; বর্ধিষ্ণু।

রমা[১] /রমা / [স. √রম্+অ+আ (টাপ্)] বি. ১ দেবী লক্ষ্মী। ২ সুন্দরী নারী। ৩ প্রেয়সী। বিণ. প্রীতি-দায়িনী।

রমা[২] /রমা/ [বা.] ক্রিবি. ১ (কাব্যে) খেলা করা; বিহার করা। ২ সম্ভোগ করা।

রমাকান্ত /রমাকান্‌তো/ [স. রমা+√কম্+ত] বি. নারায়ণ, বিষ্ণু।

রমানাথ /রমানাথ্/ [স. রমা+নাথ] বি. দ্র রমাকান্ত।

রমাপতি /রমাপোতি/ [স. রমা+পতি] বি. দ্র রমাকান্ত।

রমিত /রোমিতো / [স. √রম্+ণিচ্+ত] বিণ. ১ মৈথুন করা হয়েছে এমন, কৃতরমণ। ২ ক্রীড়িত। ৩ আনন্দময়। ৪ শোভান্বিত। ৫ (বাংলায়) মনোরম, রমণীয় (*বন অতি রমিত হইল ফুলফুটনে* মধু.)। স্ত্রী. রমিতা /রোমিতা/।

রমেশ /রমেশ্/ [স. রমা+ঈশ] বি. নারায়ণ, বিষ্ণু।

রম্ভা /রম্‌ভা/ [স. √রম্ভ্+অ+আ (টাপ্)] বি. ১ অপ্সরাবিশেষ। ২ গৌরী। ৩ কলা। ৪ কলাগাছ। ৫ (আল.) কিছুই নয়, ঘোড়ার ডিম।

রম্ভোরু /রম্‌ভোরু / [স. রম্ভ+উরু] বি. যে নারীর উরুদেশ রম্ভা অর্থাৎ কলাগাছের মতো সুপুষ্ট ও সুন্দর।

রম্য /রোম্‌মো / [স. √রম্+য] বিণ. মনোরম, রমণীয়, সুন্দর। স্ত্রী. রম্যা /রোম্‌মা/।

রম্যক /রোম্‌মোক্/ [স. রম্য+ক (স্বার্থে)] বিণ. রমণীয়, মনোহর।

রম্যগীতি /রোম্‌মোগিতি / [স. রম্য+√গৈ+তি] বি. ১ রমণীয় গান। ২ হাস্যরসাশ্রিত গান। ৩ লঘু সংগীত।

রম্যতা /রোম্‌মোতা/ [স. রম্য+তা] বি. রমণীয়তা, মাধুর্য, সৌন্দর্য।

রম্যরচনা /রোম্‌মোরচোনা / [স. রম্য+রচনা] বি. হাস্যরসাত্মক লঘু রচনা, belles-lettres।

রয়[১] /রয়্/ [স. √রয়্+অ] বি. ১ প্রবাহ। ২ গতি, বেগ।

রয়[২] /রয়্/ [বা.] ক্রিবি. রহে, থাকে।

রয়ানি /রয়ানি/ [দেশি.] বি. মনসামঙ্গলের গান।

রয়েবসে /রোয়েবোশে / [বা.] ক্রিবিণ. দ্র রয়েসয়ে।

রয়ে রয়ে /রোয়ে রোয়ে/ ক্রিবিণ. থেকে থেকে; মাঝে মাঝে।

রয়েসয়ে /রোয়েশোয়ে / [বা.] ক্রিবিণ. তাড়াহুড়ো না করে, ধীরেসুস্থে।

রলা /রলা / [দেশি.] বিণ. নলের মতো সরু ও লম্বা। বি. বিশাল গাছের সরু গুঁড়ি।

রশনা /রশোনা/ [স. √রশ্+অন+আ (টাপ্)] বি.

www.pathagar.com

নারীর কটিদেশে পরিধেয় মেখলা চন্দ্রহার প্রভৃতি।

রশা /রশা/ [হি.] বি. মোটা দড়ি, দড়া।

রশারশি /রশারোশি/ [হি.] বি. ছোটো ও বড়ো দড়ি, দড়াদড়ি।

রশি /রোশি/ [হি.] বি. ১ রজ্জু, দড়ি, কাছি। ২ জমি পরিমাপের শেকল (chain)।

রশ্মি /রোশ্‌শি/ [স. √অশ্+মি] বি. ১ কিরণ, দ্যুতি। ২ ঘোড়ার লাগাম, রাশ। ৩ চোখের পাতার লোম, পক্ষ্ম, eyelash।

রশ্মিরাগ /রোশ্‌শিরাগ/ [স. রশ্মি+রাগ] বি. কিরণ-মালা; সূর্যের আলো।

রস /রশ্/ [স. √রস্+অ] বি. ১ নির্যাস (*ফলের রস*)। ২ স্বাদ, রসনার দ্বারা খাদ্যদ্রব্য স্পর্শ করার ফলে লব্ধ ছয় প্রকার অনুভূতি (কটু তিক্ত কষায় লবণ অম্ল ও মধুর)। ৩ নিঃস্রাব, ক্ষরণ (*ফোড়ার রস*); গাছের ছাল কাটার পর নিঃসৃত তরল (*খেজুরের রস*)। ৪ দ্রববস্তু (*চিনির রস*)। ৫ আর্দ্রতা। ৬ শ্লেষ্মা, সর্দি (*রসাধিক্য*)। ৭ অশ্রু। ৮ প্রবল অনুরাগ বা আসক্তি। ৯ শোথ বা ফোলা রোগ (*রস নাম্যা*)। ১০ পাঠক বা শ্রোতার মনে প্রভাব বিস্তারকারী সাহিত্যের নয় প্রকার বর্ণনাবৈশিষ্ট্য (শৃঙ্গার হাস্য করুণ বীর অদ্ভুত ভয়ানক বীভৎস শান্ত ও বাৎসল্য)। ১১ বৈষ্ণব সাহিত্য ও সাধনার পাঁচটি বৈশিষ্ট্য (শান্ত দাস্য সখ্য বাৎসল্য মধুর উজ্জ্বল)। ১২ তাৎপর্য (*কাব্যরস*)। ১৩ অহংকার। ১৪ রসিকতা (*রঙ্গরস*)। ১৫ উল্লাস (*রসে মেতে ওঠা*)। ১৬ ভোগসুখ। ১৭ পুঁজি। ১৮ আকর্ষণ (*কাহিনির রস*)। ১৯ পারদ (*রসকর্পূর*)।

রসকরা /রশ্‌করা/ [বা.] বি. চিনির রসে পক্ক নারকেলের নাড়ুবিশেষ।

রসকর্পূর /রশোকোর্‌পুর্/ [স. রস+কর্পূর] বি. পারদযুক্ত আয়ুর্বেদীয় ওষুধ।

রসকলি /রশোকোলি/ [স. রস+কলি] বি. বৈষ্ণবদের কপালে আঁকা ফুলের আকৃতিবিশিষ্ট তিলক।

রসকষ /রশ্‌কশ্/ [স. রস+কষ] বি. ১ মধুরতা; কোমলতা। ২ সামান্যতম রস (*রসকষহীন*)।

রসকষহীন /রশ্‌কশ্‌হিন্/ [স. রসকষ+√হা+ত] বিণ. কোনো রসবোধ নেই এমন।

রসগর্ভ /রশোগর্‌ভো/ [স. রস+গর্ভ] বিণ. রসপূর্ণ।

রসগোল্লা /রশোগোল্‌লা/ [বা.] বি. চিনির রসে পক্ক সাদা গোলাকার ছানার মিঠাই।

রসগ্রহণ /রশোগ্‌রোহোন্/ [স. রস+√গ্রহ্+অন] বি. শিল্পসাহিত্যের মর্ম আস্বাদন।

রসগ্রাহী /রশোগ্‌রাহি/ [স. রস+√গ্রহ্+ইন্] বিণ. রসবোধ আছে এমন, সমঝদার, রসিক, রসজ্ঞ।

রসঘন /রশোঘনো/ [স. রস+ঘন] বিণ. প্রগাঢ় রসপূর্ণ।

রসঘ্ন /রশোঘ্‌নো/ [স. রস+√হন্+অ] বিণ. দেহস্থ রসের আধিক্য নাশকারী। বি. সোহাগা।

রসজ্ঞ /রশোগ্‌গোঁ/ [স. রস+√জ্ঞা+অ] বিণ. রসগ্রাহী, মর্মগ্রাহী, সমঝদার।

রসজ্ঞতা /রশোগ্‌গোঁতা/ [স. রসজ্ঞ+তা] বি. সূক্ষ্ম উপলব্ধি; শিল্পসাহিত্যের দোষগুণ বিচারের ক্ষমতা।

রসজ্ঞান /রশোগ্‌গ্যাঁন্/ [স. রস+√জ্ঞা+অন] বি. রস উপলব্ধি বা আস্বাদনের ক্ষমতা; শিল্পসাহিত্যের দোষগুণ বিচারের ক্ষমতা।

রসদ /রশোদ্/ [ফা.] বি. ১ সৈন্যদের আহার্য, ration। ২ খোরাক। ৩ উপকরণ। ৪ প্রয়োজনীয় অর্থ।

রসদদার /রশোদ্‌দার্/ [ফা.] বি. খাদ্য ও অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদির যোগানদাতা।

রসন /রশোন্/ [স. √রস্+অন] বি. ১ রস গ্রহণ বা আস্বাদন। ২ জিহ্বা। ৩ ধ্বনন, শব্দকরণ।

রসনা /রশোনা/ [স. রসন+আ (টাপ্)] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে স্বাদ গ্রহণ করা যায়, জিহ্বা।

রসনাবিলাস /রশোনাবিলাশ্/ [স. রসনা+বিলাস] বি. সুস্বাদু খাদ্য ভোগের বাসনা।

রসনেন্দ্রিয় /রশোনেন্‌দ্রিয়ো/ [স. রসনা+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের সাহায্যে স্বাদ গ্রহণ করা যায়, জিহ্বা।

রসপূর্ণ /রশোপুর্‌নো/ [স. রস+পূর্ণ] বিণ. ১ তরল ও সুস্বাদু পদার্থে পূর্ণ। ২ রসযুক্ত; রসগর্ভ।

রসবড়া /রশোবড়া/ [স. রস+বা. বড়া] বি. গুড় বা চিনির রসে পাক-করা ডালের বড়া।

রসবড়ি /রশোবোড়ি/ [স. রস+বা. বড়ি] বি. পারদ-যোগে প্রস্তুত কবিরাজি ওষুধ, বিষবড়ি।

রসবতী /রশোবোতি/ [স. রস+বৎ+ঈ] বিণ. রসবোধ-সম্পন্না, সুরসিকা। বি. ১ রূপলাবণ্যবতী ও রস-বোধসম্পন্ন নারী। ২ রান্নাঘর।

রসবাত /রশ্‌বাত্/ [স. রস+√বা+ত] বি. দেহস্থ ধাতুর (রস) আধিক্যহেতু বাতরোগ, আমবাত।

রসবিলাস /রশোবিলাশ্/ [স. রস+বি+√লস্+অ] বি. রঙ্গরস, রসকেলি।

রসবৃদ্ধি /রশোব্‌দ্ধি/ [স. রস+√বৃধ্+তি] বি. দেহস্থ রসের আধিক্য; শ্লেষ্মার আধিক্য।

রসবেত্তা /রশোবেত্‌তা/ [স. রস+√বিদ্+তৃ] বিণ. কলা শিল্প সাহিত্য প্রভৃতি রসের উৎকর্ষ-অপকর্ষ উপলব্ধি করতে পারে এমন, রসজ্ঞ, সমঝদার।

রসবোধ /রশোবোধ্/ [স. রস+বোধ] বি. রস উপলব্ধি

www.pathagar.com

বা আস্বাদনের ক্ষমতা; শিল্পসাহিত্যের দোষগুণ বিচারের ক্ষমতা।

রসভঙ্গ /রশোভংগো/ [স. রস+√ভন্জ্+অ] বি. রসগ্রহণে আকস্মিক বিঘ্ন বা বাধা।

রসম /রসোম্/ [ফা.] বি. প্রচলিত রীতি, আচার।

রসমন্ত /রশোমন্তো/ [বা.] বিণ. রস গ্রহণের প্রতিভা আছে এমন, রসিক।

রসময় /রশোময়্/ [স. রস+ময়ট্] বিণ. ১ রসপূর্ণ। ২ রসিক। স্ত্রী. রসময়ী /রশোময়ি/।

রসমালাই /রশোমালাই/ [স. রস+বা. মালাই] বি. ঘন দুধে পাক-করা ছানার ছোটো গোলাকার মিঠাই (*কুমিল্লার রসমালাই*)।

রসমুন্ডি /রশোমুন্ডি/ [স. রস+বা. মুন্ডি] বি. ছোটো রসগোল্লার মতো ছানার মিঠাইবিশেষ।

রসরঙ্গ /রশ্‌রংগো/ [স. রস+ফা. রঙ্গ] বি. আমোদ-প্রমোদ, হাস্যকৌতুক, রসিকতা।

রসরচনা /রশোরচোনা/ [স. রস+রচনা] বি. নির্মল হাস্যরসাত্মক রচনা।

রসরাজ /রশোরাজ্/ [স. রস+রাজন্] বি. ১ রসিক-শ্রেষ্ঠ। ২ শ্রীকৃষ্ণ। ৩ পারদ। ৪ রসাঞ্জন।

রসশালা /রশোশালা/ [স. রস+শালা] বি. রাসায়নিক গবেষণাগার।

রসসাহিত্য /রশোশাহিত্তো/ [স. রস+সাহিত্য] বি. নির্মল হাস্যরসসমৃদ্ধ সাহিত্য।

রসসিন্দুর /রশোশিনদুর্/ [স. রস+√স্যন্দ্+উর] বি. গন্ধক ও পারদ পুড়িয়ে প্রাপ্ত লাল রঙের পদার্থ, হিঙ্গুল।

রসস্থ /রশোস্থো/ [স. রস+√স্থা+অ] বিণ. দেহে রসের আধিক্যযুক্ত; শ্লেষ্মাপীড়িত।

রসহীন /রশ্‌হিন্/ [স. রস+√হা+ত] বিণ. ১ রস নেই এমন, শুষ্ক। ২ আকর্ষণহীন।

রসা[১] /রশা/ [স. √রস্+অ+আ (টাপ্)] বি. পৃথিবী।

রসা[২]/রশা/ [স. রস >] বিণ. ১ প্রচুর রসযুক্ত (*রসা কাঁঠাল*)। ২ পচনোন্মুখ। ৩ সর্দিভারাক্রান্ত। বি. অল্প ঝোলে রাঁধা মাছ বা মাংসের ব্যঞ্জন।

রসা[৩]/রশা/ [স. রস >] ক্রিবি. ১ রসযুক্ত হওয়া, স্যাঁতসেঁতে হওয়া। ২ পচে আসা। ৩ সর্দিতে আক্রান্ত হওয়া।

রসাঞ্জন /রশান্জোন্/ [স. রস+অঞ্জন] বি. ১ সুর্মা। ২ গন্ধক ও অ্যান্টিমনি মিশ্রিত খনিজ পদার্থ।

রসাতল /রশাতল্/ [স. রসা+তল] বি. ১ পুরাণে কল্পিত সপ্তম পাতাল। ২ ভূতল। ৩ (বাংলায়) অধঃপাত, ধ্বংস (*রসাতলে যাওয়া*)।

রসাত্মক /রশাত্তঁক্/ [স. রস+আত্মক] বিণ. রসের প্রাধান্যযুক্ত, রসগর্ভ (*হাস্যরসাত্মক আলোচনা*)।

রসাধিক্য /রশাধিক্কো/ [স. রস+আধিক্য] বি. দেহস্থ শ্লেষ্মার আধিক্য বা বৃদ্ধি।

রসানুভূতি /রশানুভুতি/ [স. রস+অনুভূতি] বি. রসবোধ।

রসানি /রশানি/ [স. রস >] বি. ১ পচনশীল মাছ মাংস প্রভৃতি থেকে নির্গত তরল পদার্থ। ২ নির্যাস।

রসানো /রশানো/ [বা.] ক্রিবি. ১ রসযুক্ত করা। ২ আর্দ্র বা রসযুক্ত হওয়া।

রসাবেশ /রশাবেশ্/ [স. রস+আবেশ] বি. তীব্র অনুরাগ বা আবেগের সঞ্চার।

রসাভাষ /রশাভাশ্/ [স. রস+আভাষ] বি. রসপূর্ণ বাক্যবিনিময়; বিশ্রম্ভালাপ, প্রেমালাপ।

রসাভাস /রশাভাশ্/ [স. রস+আভাস] বি. ১ অনুচিত বিষয়ের বর্ণনহেতু রসাস্বাদনে বাধা সৃষ্টি। ২ রস সৃষ্টির ব্যর্থ প্রয়াস; রসের অস্পষ্ট প্রকাশ।

রসায়ন /রশায়োন্/ [স. রস+অয়ন] বি. ১ কোনো বস্তুর মৌলিক উপাদানসমূহের অনুসন্ধান এবং পরস্পর সম্বন্ধ বিক্রিয়া গুণ প্রভৃতিবিষয়ক শাস্ত্র; (পরি.) chemistry। ২ যে ওষুধ জরা ব্যাধি প্রভৃতি দূর করে এবং আয়ু বাড়ায়।

রসায়নবিদ /রশায়োন্‌বিদ্/ [স. রসায়ন+√বিদ্+ক্বিপ্] বি. রসায়নশাস্ত্রে পন্ডিত ব্যক্তি, chemist।

রসায়নী /রশায়োনি/ [স. রসায়ন+ঈ] বি. বিণ. ১ রসায়নশাস্ত্রবিদ। ২ রসায়নবিষয়ক, chemical।

রসাল /রশাল্/ [স. রস+আ+√লা+অ] বি. আমগাছ।

রসালাপ /রশালাপ্/ [স. রস+আলাপ] বি. পরিহাস-পূর্ণ লঘু বাক্যালাপ।

রসালো /রশালো/ [বা.] বিণ. রসে ভরা, সরস (*রসালো ফল*); রসপূর্ণ (*রসালো আলোচনা*)।

রসাস্বাদ /রশাশ্‌শাদ্/ [স. রস+আস্বাদ] বি. দ্র রসাস্বাদন।

রসাস্বাদন /রশাশ্‌শাদন্/ [স. রস+আস্বাদন] বি. ১ রস উপভোগ। ২ মর্ম উপলব্ধি।

রসিক /রোশিক্/ [স. রস+ইক] বিণ. ১ মর্ম উপলব্ধি করতে পারে এমন। ২ আদিরসের বোধসম্পন্ন। ৩ আমুদে, পরিহাসপ্রিয়। বি. রসবোধসম্পন্ন ব্যক্তি। স্ত্রী. রসিকা /রোশিকা/।

রসিকজনোচিত /রোশিক্‌জনোচিতো/ [স. রসিকজন +উচিত] বিণ. রসিকজনসুলভ।

রসিকতা /রোশিকতা/ [স. রসিক+তা] বি. রঙ্গরস, হাস্যপরিহাস, কৌতুকপূর্ণ কথাবার্তা।

www.pathagar.com

রসিকেশ্বর /রোশিকেশ্শর্/ [স. রসিক+ঈশ্বর] বি. শ্রীকৃষ্ণ।

রসিত /রোশিতো/ [স. √রস্+ত] বিণ. আস্বাদিত।

রসিদ /রোশিদ্/ [ফা.] বি. ১ কোনো পণ্য ক্রয়বিক্রয়-কালে মূল্যের উল্লেখ-সহ ক্রেতাকে প্রদত্ত লিখিত বিবরণ। ২ পণ্য পরিবহণের জন্য ভাড়া আদায়ের দলিল। ৩ অর্থ বা কোনো দ্রব্যের প্রাপ্তিস্বীকার-পত্র, acknowledgement receipt।

রসিয়া /রোশিআ/ [স. রসিক >] বিণ. দ্র রসিক।

রসুই /রোশুই/ [স. রসবতী >] বি. রান্না, রন্ধন।

রসুইঘর /রোশুইঘর্ / [বা.] বি. রান্নাঘর।

রসুন /রোশুন্/ [স. রস+উন] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ার প্রায় সব দেশে মসলারূপে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সবুজাভ সাদা ফুল এবং উগ্র ঝাঁজালো গন্ধযুক্ত কোষবিশিষ্ট গোলাকার কন্দমূল বা তার বীরুৎ-শ্রেণির ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ (আনি. মধ্য এশিয়া), garlic।

রসুমত /রোসুমত্ / [আ.] বি. ১ বিয়ের পর বরকনের প্রথম পরস্পরের মুখ দেখার সংস্কার, শুভদৃষ্টি। ২ রীতি, প্রথা।

রসুয়ে /রোশুয়ে/ [বা.] বিণ. বি. পাচক, রাঁধুনি।

রসুল /রোসুল্/ [আ.] বি. দ্র রসুলুল্লাহ।

রসুলুল্লাহ /রোসুলুল্লাহ্ / [আ.] বি. ১ আল্লাহর প্রেরিত দূত, নবি। ২ হজরত মুহম্মদ (সা.)।

রসেন্দ্র /রশেন্দ্রো / [স. রস+ইন্দ্র] বি. রুপোর মতো উজ্জ্বল মৌলিক তরল ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৮০, পারদ, পারা, mercury।

রসোত্তম /রশোত্তম্/ [স. রস+উত্তম] বি. ১ সেরা রস। ২ পারদ। ৩ দুধ। ৪ মুগ ডাল।

রসোত্তীর্ণ /রশোত্তির্নো/ [স. রস+উত্তীর্ণ] বিণ. রসের বিচারে সার্থক; মনোহর।

রসোদ্‌গার /রশোদ্‌গার্/ [স. রস+উদ্‌গার] বি. অতৃপ্ত মিলনের পরে পুনরায় মিলনের বাসনায় পূর্ব-আস্বাদিত রসের স্মৃতিচারণা।

রহ /রহো / [বা.] অনুক্রি. (কাব্যে) অপেক্ষা কর।

রহম /রহোম্/ [আ.] বি. দ্র রহমত।

রহমত /রহ্‌মত্/ [আ.] বি. করুণা, দয়া, অনুগ্রহ (*আল্লাহর রহমত*)।

রহমান /রহ্‌মান্/ [আ.] বিণ. করুণাময়। বি. আল্লাহর ১০১টি নামের একটি।

রহস্য /রহোশ্শো / [স. রহস্+য] বি. ১ গূঢ় অর্থ বা তাৎপর্য, মর্ম। ২ সহজে বোঝা যায় না এমন গোপন তত্ত্ব। ৩ (বাংলায়) হাস্যপরিহাস; রসিকতা। বিণ. গোপনীয়।

রহস্যকাহিনি /রহোশ্শোকাহিনি/ [স. রহস্য+বা. কাহিনি] বি. রহস্যপূর্ণ গল্প, thriller।

রহস্যঘন /রহোশ্শোঘনো/ [স. রহস্য+ঘন] বিণ. রহস্যে আবৃত; দুর্বোধ্যতায় আচ্ছন্ন।

রহস্যচ্ছলে /রহোশ্শোচ্ছলে/ [বা.] ক্রিবিণ. রসিকতা করে, পরিহাস সহকারে।

রহস্যজনক /রহোশ্শোজনোক্/ [স. রহস্য+জনক] বিণ. দ্র রহস্যপূর্ণ।

রহস্যপূর্ণ /রহোশ্শোপুর্নো / [স. রহস্য+পূর্ণ] বিণ. ১ গূঢ় তাৎপর্যপূর্ণ। ২ দুর্বোধ্য, দুর্জ্ঞেয়; জটিল।

রহস্যভেদ /রহোশ্শোভেদ্/ [স. রহস্য+ভেদ] বি. গোপন তথ্য উদ্‌ঘাটন; তাৎপর্য নিরূপণ।

রহস্যময় /রহোশ্শোময়্ / [স. রহস্য+ময়ট্] বিণ. দ্র রহস্যপূর্ণ।

রহস্যালাপ /রহোশ্শালাপ্ / [স. রহস্য+আলাপ] বি. ১ গোপনীয় কথাবার্তা। ২ হাস্যপরিহাসযুক্ত আলাপ, রসালাপ।

রহস্যোপন্যাস /রহোশ্শোপোন্‌নাশ্/ [স. রহস্য+উপন্যাস] বি. প্রকৃত তথ্য উদ্‌ঘাটন করে এমন কাহিনিনির্ভর উপন্যাস, যে উপন্যাসের বিষয়বস্তু রহস্যে ভরা, thriller।

রহিত /রোহিতো / [স. √রহ্+ত] বিণ. ১ বর্জিত, বিহীন (*পক্ষপাতরহিত*)। ২ ফিরিয়ে নেওয়া হয়েছে এমন। ৩ রদ, বাতিল। ৪ বন্ধ। ৫ প্রতিহত।

রহিম /রোহিম্/ [আ.] বিণ. দয়ালু, করুণাময়। বি. আল্লাহর ১০১টি নামের একটি।

রহো /রহো / [বা.] অনুক্রি. থাকো (*বন্ধু, রহো রহো সাথে / আজি এ সঘন শ্রাবণপ্রাতে।* রবীন্দ্র.)।

রা[১] /রা/ [স. রাব >] বি. ১ রব, সাড়া, শব্দ, ডাক। ২ মুখের কথা বা আওয়াজ, বাক্‌স্ফূর্তি।

-রা[২] /রা/ বহুবচনসূচক বিভক্তিবিশেষ (*ছেলেরা*)।

রাই[১] /রাই্/ [স. রাজিকা >] বি. পৃথিবীর প্রায় সব দেশে তৈলবীজরূপে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন হলুদ ফুল লালচে বাদামি বহুবীজ-যুক্ত ছোটো ফল (যার নির্যাস থেকে তেল উৎপন্ন হয়) বা তার খাঁজকাটা রোমশ পাতা ও মসৃণ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, রাইসরিষা, সরষে।

রাই[২] /রাই্/ [স. রাধিকা >] বি. শ্রীরাধিকা।

www.pathagar.com

রাই[৩] /রাই্/ [স. রায় >] বি. রাজা।

রাইকিশোরী /রাই্কিশোরি/ [বা. রাই+স. কিশোরী] বি. কিশোরী রাধিকা।

রাই কুড়িয়ে বেল /রাই্ কুড়িয়ে বেল্/ প্র. কণা সংগ্রহ করে বড়ো কিছু সৃষ্টি করা।

রাইফেল /রাই্ফেল্ / [ফ.] বি. ভেতরে প্যাঁচকাটা লম্বা নলযুক্ত সহজে বহনযোগ্য আগ্নেয়াস্ত্র যা থেকে প্রচণ্ড বেগে নিক্ষিপ্ত গুলি ঘূর্ণ্যমান অবস্থায় দূরের লক্ষ্যবস্তুকে আঘাত করতে পারে, rifle।

রাইয়ত /রাই্অত্ / [আ.] বি. ১ প্রজা। ২ কৃষক।

রাউত /রাউ্ত্/ [স. রাজপুত্র >] বি. ১ অশ্বারোহী সৈন্য। ২ ক্ষত্রিয়। ৩ পদবিবিশেষ।

রাও[১] /রাও্/ [আঞ্চ.] বি. দ্র রা[১]।

রাও[২] /রাও্/ [স. রাজন্ >] বি. ১ রাজা। ২ অবিভক্ত ভারতে সম্ভ্রান্ত ব্যক্তিবর্গকে প্রদত্ত সরকারি খেতাব।

রাং[১] /রাং/ [স. রঙ্গ >] বি. দুইটি ধাতব বস্তু জুড়ে যুক্ত করার জন্য ব্যবহৃত সহজে গলানো যায় এমন সিসা ও টিনের মিশ্রধাতুবিশেষ, solder।

রাং[২] /রাং/ [ফা. রান >] বি. বধকৃত পশুপাখির শরীরের হাঁটু থেকে জঙ্ঘা পর্যন্ত অংশ, রান।

রাংচিতা /রাংচিতা/ [স. রক্তচিত্রকা >] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ার পাহাড়ি অঞ্চল ও পতিত জমিতে জাত এবং শীতকালে ফোটে এমন ছোটো লাল ফুল বা তার মসৃণ কাণ্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ-বিশেষ যা ঘের তৈরি বা সীমানা চিহ্নিত করার জন্য ব্যবহৃত হয় (আনি. আফ্রিকা), রক্তচিত্রক, চিতাগাছ, লালচিতা।

রাংঝাল /রাংঝাল্/ [বা.] বি. সিসা ও টিনের মিশ্রধাতু-বিশেষ যা গালিয়ে ধাতব পাত্রের ছিদ্রাদি বন্ধ করা যায়।

রাংতা /রাংতা/ [দেশি.] বি. রাং-এর পাত বা তবক।

রাঁড়া /রাঁড়া/ [স. রণ্ডক >] বিণ. ১ ফলহীন, নিষ্ফলা। ২ বন্ধ্যা। বি. ১ নিষ্ফলা গাছ। ২ বন্ধ্যা নারী।

রাঁড়ি /রাঁড়ি/ [স. রণ্ডা >] বিণ. পতিহীনা, বিধবা।

রাঁধন /রাঁধোন্/ [স. রন্ধন >] বি. রন্ধন।

রাঁধা /রাঁধা/ [স. রন্ধন >] ক্রিবি. রান্না করা, পাক করা। বিণ. রান্না করা হয়েছে এমন, রন্ধিত।

রাঁধানো /রাঁধানো/ [বা.] ক্রিবি. বিণ. রান্না করানো।

রাঁধাবাড়া /রাঁধাবাড়া/ [বা.] বি. রন্ধন ও পরিবেশন।

রাঁধুনি[১] /রাঁধুনি/ [স. রন্ধনী >] বি. রান্না করা যার পেশা, পাচিকা। বিণ. রন্ধনকারী।

রাঁধুনি[২] /রাঁধুনি/ [স. রন্ধনিকা >] বি. রান্নার মসলা।

রা করা /রা করা/ ক্রিবি. কথা বলা; শব্দ করা।

রাকা /রাকা/ [স. √রা+ক+আ (টাপ্)] বি. প্রতিপদ-যুক্ত পূর্ণিমা (দেরিতে আরম্ভ হওয়ার ফলে যে পূর্ণিমা প্রতিপদ অর্থাৎ পরদিন পর্যন্ত গড়ায়)।

রাকাত /রাকাত্/ [আ.] বি. নামাজের পর্ব বা ভাগ (*চার রাকাত নামাজ*)।

রাকাপতি /রাকাপোতি/ [স. রাকা+পতি] বি. চাঁদ।

রাকাশশী /রাকাশোশি/ [স. রাকা+শশী] বি. পূর্ণিমার চাঁদ।

রাকেশ /রাকেশ্/ [স. রাকা+ঈশ] বি. চাঁদ।

রাক্ষস /রাক্খোশ্/ [স. রক্ষস্+অ] বি. ১ পুরাণে কল্পিত ভয়ংকরদর্শন নরখাদক প্রাণিবিশেষ। ২ (ব্য.) পেটুক ব্যক্তি। বিণ. ১ রাক্ষসোচিত; রাক্ষস-বিষয়ক। ২ পেটুক। স্ত্রী. রাক্ষসী /রাক্খোশি/।

রাক্ষসগণ /রাক্খোশ্গন্/ [স. রাক্ষস+গণ] বি. জ্যোতিষশাস্ত্রে জাতকের তিনটি প্রকৃতির (দেব নর ও রাক্ষস) একটি।

রাক্ষস বিবাহ /রাক্খোশ্ বিবাহো/ বি. কন্যাকে অপহরণ করে বলপূর্বক বিবাহ।

রাক্ষসী বেলা /রাক্খোশি ব্যালা/ বি. দিনের শেষ আড়াই ঘণ্টা সময়।

রাক্ষসী মায়া /রাক্খোশি মায়া/ বি. ১ রাক্ষসের ইন্দ্রজাল বা ছলনা। ২ মারাত্মক ছলনা।

রাক্ষসেন্দ্র /রাক্খশেন্দ্রো/ [স. রাক্ষস+ইন্দ্র] বি. ১ রাক্ষসদের রাজা। ২ লঙ্কাধিপতি রাবণ।

রাক্ষুসে /রাক্খুশে/ [স. রাক্ষস >] বিণ. ১ রাক্ষস-সুলভ। ২ রাক্ষসসম্পর্কিত। ৩ প্রবল (*রাক্ষুসে ক্ষুধা*)। ৪ বিরাট, প্রকাণ্ড (*রাক্ষুসে কুমড়া*)।

রাখঢাক /রাখ্ঢাক্/ [বা.] বি. কোনোকিছু আড়াল করার প্রবণতা।

রাখা /রাখা/ [বা.] ক্রিবি. ১ স্থাপন করা (*টেবিলে রাখা*)। ২ আশ্রয় দান করা (*ঘরে রাখা*)। ৩ রক্ষা করা (*নিরাপদ রাখা*)। ৪ পালন করা (*কুকুর রাখা*)। ৫ ধারণ করা (*দাড়ি রাখা*)। ৬ সংরক্ষণ করা (*সিন্দুকে রাখা*)। ৭ ক্ষুণ্ন হতে না দেওয়া (*সম্মান রাখা*)। ৮ নিয়োগ করা (*লোক রাখা*)। ৯ সঞ্চয় করা (*ব্যাংকে টাকা রাখা*)। ১০ গ্রাহ্য করা (*কথা রাখা*)। ১১ পোষণ করা (*আশা রাখা*)। ১২ অভিহিত করা (*নাম রাখা*)। ১৩ জানা থাকা (*জেনে রাখা*)। ১৪ খুশি করা (*মন রাখা*)। ১৫ অবহেলা করা (*কাজ ফেলে রাখা*)। ১৬ খেয়াল করা (*নজরে রাখা*)। বিণ. ১ রক্ষা করা হয়েছে এমন, রক্ষিত। ২ আশ্রিত, আশ্রয়প্রাপ্ত।

www.pathagar.com

রাখাল /রাখাল্/ [দেশি.] বি. গবাদিপশু চরানো যার পেশা, গোরক্ষক।

রাখালরাজ /রাখাল্‌রাজ্/ [দেশি.] বি. রাখালের রাজা, শ্রীকৃষ্ণ।

রাখালি /রাখালি/ [বা.] বি. ১ রাখালের কাজ। ২ রাখালের পারিশ্রমিক বা মজুরি। বিণ. ১ রাখালের। ২ রাখালসম্পর্কিত।

রাখালিয়া /রাখালিআ/ [বা.] বিণ. ১ রাখালের (*রাখালিয়া বাঁশি*)। ২ রাখালসুলভ। ৩ রাখাল-সম্বন্ধীয়।

রাখি /রাখি/ [স. রক্ষা >] বি. দ্র রাখিবন্ধন।

রাখিপূর্ণিমা /রাখিপুর্‌নিমা/ [বা. রাখি+স. পূর্ণিমা] বি. শ্রাবণ মাসের পূর্ণিমা তিথি।

রাখিবন্ধন /রাখিবন্‌ধন্/ [বা. রাখি+স. বন্ধন] বি. ১ শ্রাবণ মাসের পূর্ণিমা তিথিতে কল্যাণ কামনায় ভাইয়ের হাতে ভগিনীর বেঁধে দেওয়া মঙ্গলসূত্র, রক্ষাসূত্র। ২ প্রীতিবন্ধনের স্মারকসূত্র।

রাখো /রাখো/ [বা.] অনুক্রি. রাখার অনুজ্ঞা।

রাগ /রাগ্/ [স. √রন্‌জ্+অ] বি. ১ রঞ্জকদ্রব্য বা তার আভা (*অরুণরাগ*)। ২ প্রণয় (*পূর্বরাগ*)। ৩ সংগীতের স্বরবিন্যাস প্রকারভেদ (*রাগপ্রধান গান*)। ৪ (বাংলায়) ক্রোধ, রোষ (*রাগ করা*)।

রাগচূর্ণ /রাগ্‌চুর্‌নো/ [স. রাগ+চূর্ণ] বি. ১ ফাগ। ২ সিঁদুর।

রাগত /রাগোতো/ [বা.] বিণ. ক্রোধান্বিত, রুষ্ট।

রাগদ্বেষ /রাগ্‌দেশ্/ [স. রাগ+ √দ্বিষ্+অ] বি. ক্রোধ ও হিংসা।

রাগ পড়া /রাগ্ পড়া/ ক্রিবি. ক্রোধ প্রশমিত হওয়া।

রাগপ্রধান /রাগ্‌প্রোধান্/ [স. রাগ+প্রধান] বিণ. রাগাশ্রয়ী (*রাগপ্রধান গান*)।

রাগবি /রাগ্‌বি/ [স্থান.] বি. চামড়ার তৈরি ডিম্বাকৃতি বল নিয়ে দুটি দলের মধ্যে খেলাবিশেষ, rugby।

রাগরাগিণী /রাগ্‌রাগিনি/ [স. রাগ+রাগ+ইন্+ঈ] বি. সংগীতের রাগ ও রাগিণীসমূহ।

রাগ সামলানো /রাগ্ শাম্‌লানো/ ক্রিবি. ক্রোধ দমন করা।

রাগসূত্র /রাগ্‌শুত্রো/ [স. রাগ+সূত্র] বি. তুলাদণ্ডের সুতা।

রাগা /রাগা/ [বা.] ক্রিবি. ক্রুদ্ধ হওয়া (*রেগে যাওয়া*)।

রাগাত্মক /রাগাত্‌তঁক্/ [স. রাগ+আত্মন্+ক] বিণ. ১ সংগীতের রাগসম্বন্ধীয়। ২ রাগরাগিণীর প্রাধান্যযুক্ত।

রাগানো /রাগানো/ [বা.] ক্রিবি. অপরকে ক্রুদ্ধ বা রুষ্ট করা, চটানো।

রাগান্ধ /রাগান্‌ধো/ [স. রাগ+অন্ধ] বিণ. ক্রোধে হিতাহিত জ্ঞানশূন্য।

রাগান্বিত /রাগান্‌নিতো/ [স. রাগ+অন্বিত] বিণ. ১ অনুরাগযুক্ত। ২ (বাংলায়) ক্রুদ্ধ, ক্রোধযুক্ত।

রাগারাগি /রাগারাগি/ [বা.] বি. পরস্পরের প্রতি রোষপ্রকাশ, কলহ, ঝগড়াঝাঁটি।

রাগারুণ /রাগারুন্/ [স. রাগ+অরুণ] বিণ. রক্তবর্ণে রঞ্জিত, রক্তিম।

রাগিণী /রাগিনি/ [স. রাগ+ইন্+ঈ] বি. ১ সংগীতে স্বরবিন্যাসের ছয়টি রাগের অন্তর্ভুক্ত ছত্রিশটি (ভৈরবী কৌশিকী প্রভৃতি) প্রধান সুর। ২ সুর।

রাগী /রাগি/ [স. রাগ+ইন্] বিণ. ১ অনুরাগযুক্ত। ২ (বাংলায়) সামান্য কারণেই রেগে যায় এমন, ক্রোধী।

রাগেশ্রী /রাগেস্‌শ্রি/ [স. রাগশ্রী >] বি. রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

রাঘব /রাঘব্/ [স. রঘু+অ] বি. ১ রঘুর বংশধর। ২ সূর্যবংশীয় রাজা রামচন্দ্র।

রাঘবপ্রিয়া /রাঘব্‌প্রিআ/ [স. রাঘব+প্রিয়া] বি. রামের পত্নী, সীতাদেবী।

রাঘববাঞ্ছা /রাঘব্‌বান্‌ছা/ [স. রাঘব+বাঞ্ছা] বি. দ্র রাঘবপ্রিয়া।

রাঘববোয়াল /রাঘব্‌বোআল্/ [স. রাঘব+বা. বোয়াল] বি. ১ বিশালাকৃতির বোয়াল মাছবিশেষ। ২ (আল.) অত্যন্ত প্রভাবশালী লোক।

রাঘবারি /রাঘবারি/ [স. রাঘব+অরি] বি. রামের শত্রু, লঙ্কারাজ রাবণ।

রাঙা /রাঙা/ [বা.] বিণ. ১ রক্তবর্ণ, লাল (*রাঙা চরণ*)। ২ গৌরবর্ণ, ফরসা; সুন্দর (*রাঙা মুখ*)।

রাঙা আলু /রাঙা আলু/ বি. পৃথিবীর প্রায় সব দেশের উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদাটে বেগুনি ফুল খণ্ডিত পানপাতাসদৃশ পাতা সাদা লালচে প্রভৃতি বর্ণের মিষ্টস্বাদ লম্বাটে কন্দমূল বা তার ভেষজ-গুণসম্পন্ন বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ (আনি. দক্ষিণ আমেরিকা), মিষ্টি আলু।

রাঙানো /রাঙানো/ [বা.] ক্রিবি. ১ লাল রঙে রঞ্জিত করা। ২ রঞ্জিত করা। ৩ বিচিত্র বর্ণে চিত্রিত করা। ৪ ক্রোধ প্রদর্শন করা (*চোখ রাঙানো*)। বিণ. ১ রঞ্জিত (*মেহেদি রাঙানো হাত*)। ২ রক্তিম।

রাঙাবউ /রাঙাবোউ্/ [বা.] বি. সুন্দরী বধূ, নব-পরিণীতা।

রাঙাবাস /রাঙাবাশ্/ [বা.] বি. গেরুয়া বসন।

www.pathagar.com

রাঙামাটি /রাঙামাটি/ [বা.] বি. ১ পার্বত্য চট্টগ্রামের জেলাবিশেষ। ২ গিরিমাটি।

রাঙামুলো /রাঙামুলো/ [বা.] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে সবজি হিসেবে চাষ করা হয় এবং শীতকালে ফোটে এমন সাদা হলুদ প্রভৃতি রঙের ফুল বা তার লম্বাটে লাল মূল, মূলক।

রাজ[১] /রাজ্/ [স. রাজন্ >] বি. রাজ্য।

রাজ[২] /রাজ্/ [দেশি.] বি. 'রাজমিস্ত্রি' শব্দের সংক্ষিপ্ত রূপ।

–রাজ[৩] /রাজ্/ [স. রাজন্] বি. (সমাসের পরপদে 'রাজন' শব্দের রূপ) ১ রাজা (*ব্রিটিশরাজ*)। ২ প্রধান, শ্রেষ্ঠ (*পশুরাজ*)।

রাজকন্যা /রাজ্‌কোন্‌না/ [স. রাজন্+কন্যা] বি. রাজার কন্যাসন্তান, রাজকুমারী।

রাজকবি /রাজ্‌কোবি/ [স. রাজন্+কবি] বি. ১ রাজদরবারে নিযুক্ত সম্মানিত কবি, সভাকবি, poet laureate। ২ দেশের সর্বশ্রেষ্ঠ কবি।

রাজকর /রাজ্‌কর্/ [স. রাজ+√কৃ+অ] বি. সরকারকে প্রদেয় খাজনা, রাজস্ব।

রাজকর্ম /রাজ্‌করমো/ [স. রাজন্+কর্মন্] বি. ১ রাজ্য শাসন। ২ সরকারি কাজ বা চাকরি। ৩ রাজার কর্তব্য।

রাজকর্মচারী /রাজ্‌করমোচারি/ [স. রাজন্+কর্ম+√চর্+ইন্] বি. ১ রাজা কর্তৃক নিযুক্ত কর্মচারী। ২ পদস্থ সরকারি কর্মচারী।

রাজকার্য /রাজ্‌কারজো/ [স. রাজন্+কার্য] বি. দ্র রাজকর্ম।

রাজকীয় /রাজোকিয়ো/ [স. রাজন্+ঈয়] বিণ. ১ রাজাসংক্রান্ত। ২ সরকারি। ৩ জাঁকজমকপূর্ণ (*রাজকীয় আয়োজন*)। ৪ রাজার যোগ্য (*রাজকীয় পোশাক*)।

রাজকুমার /রাজ্‌কুমার্/ [স. রাজন্+কুমার] বি. রাজার ছেলে, রাজপুত্র, শাহজাদা।

রাজকুমারী /রাজকুমারি/ [স. রাজন্+কুমার+ঈ] বি. রাজার কন্যা।

রাজকুল /রাজ্‌কুল্/ [স. রাজন্+কুল] বি. ১ রাজার বংশ। ২ নৃপতিগণ।

রাজকোষ /রাজ্‌কোশ্/ [স. রাজন্+কোষ] বি. রাজা বা রাষ্ট্রের ধনভান্ডার, ট্রেজারি।

রাজগামী /রাজ্‌গামি/ [স. রাজন্+√গম্+ইন্] বি. উত্তরাধিকারী না থাকায় যে সম্পদ রাজকোষে জমা হয়।

রাজগি /রাজ্‌গি/ [হি.] বি. রাজপদ; রাজত্ব।

রাজচক্রবর্তী /রাজ্‌চক্রোবোর্তি/ [স. রাজন্+চক্রবর্তী] বি. সম্রাট, সার্বভৌম রাজা।

রাজচ্ছত্র /রাজোচ্‌ছত্তো/ [স. রাজন্+ছত্র] বি. পূর্বকালে রাজার মাথার ওপরে যে প্রসারিত ছাতা ধরা হতো।

রাজছত্র /রাজ্‌ছত্তো/ [স. রাজন্+ছত্র] বি. দ্র রাজচ্ছত্র।

রাজটিকা /রাজ্‌টিকা/ [স. রাজন্+বা. টিকা] বি. ১ অভিষেকের সময় রাজার কপালে যে তিলক আঁকা হতো। ২ রাজচিহ্ন।

রাজড়া /রাজ্‌ড়া/ [বা.] বি. ১ ছোটো রাজা; সামন্ত রাজা। ২ রাজার তুল্য ব্যক্তিবর্গ (*রাজারাজড়া*)।

রাজতক্ত /রাজ্‌তক্তো/ [স. রাজন্+ফা. তক্ত] বি. রাজসিংহাসন।

রাজতন্ত্র/রাজ্‌তন্ত্রো/ [স. রাজন্+তন্ত্র] বি. ১ রাজার অধীনে পরিচালিত শাসনব্যবস্থা, monarchy। ২ রাজার রাজ্যশাসননীতি।

রাজতরু /রাজ্‌তোরু/ [স. রাজন্+তরু] বি. সোনালু বৃক্ষ।

রাজতিলক /রাজ্‌তিলক্/ [স. রাজন্+তিলক] বি. দ্র রাজটিকা।

রাজত্ব /রাজোত্তো/ [স. রাজন্+ত্ব] বি. ১ রাজপদ। ২ রাজার অধিকার বা আমল। ৩ রাজ্য। ৪ (আল.) সর্বময় কর্তৃত্ব।

রাজদণ্ড /রাজ্‌দন্ডো/ [স. রাজন্+দণ্ড] বি. ১ রাজার হাতে ক্ষমতা বা পদমর্যাদার প্রতীকরূপে যে দণ্ড থাকে, sceptre। ২ রাজ্যের প্রচলিত শাসনবিধি অনুযায়ী প্রদত্ত শাস্তি। ৩ (জ্যোতি.) নাকের মূল থেকে উদ্‌গত কপালের রেখা।

রাজদত্ত /রাজ্‌দত্তো/ [স. রাজন্+√দা+ত] বিণ. রাজা দান করেছে এমন, রাজা কর্তৃক প্রদত্ত।

রাজদন্ত /রাজ্‌দন্তো/ [স. রাজন্+√দম্+ত] বি. ওপরের ও নিচের পাটির সামনের চারটি দাঁত।

রাজদম্পতি /রাজ্‌দম্‌পোতি/ [স. রাজন্+দম্পতি] বি. রাজা ও রানি।

রাজদরবার /রাজ্‌দরবার্/ [স. রাজন্+ফা. দরবার] বি. রাজ্য পরিচালনার জন্য আহূতসভা; রাজকার্য পরিচালনার জন্য রাজা যে সভায় বসেন।

রাজদর্শন /রাজ্‌দর্‌শোন্ / [স. রাজন্+দর্শন] বি. রাজার সঙ্গে সাক্ষাৎকার।

রাজদুলাল /রাজ্‌দুলাল্/ [স. রাজন্+হি. দুলাল] বি. রাজপুত্র, রাজকুমার।

রাজদুলালি /রাজ্‌দুলালি/ [স. রাজন্+হি. দুলালি]

www.pathagar.com

বি. রাজকন্যা, রাজকুমারী।

রাজদূত /রাজ্‌দুত্‌/ [স. রাজন্‌+দূত] বি. অন্যদেশে প্রেরিত কোনো রাষ্ট্র বা রাজার প্রতিনিধিত্বকারী দূত, ambassador।

রাজদ্বার /রাজোদ্‌দার্‌/ [স. রাজন্‌+দ্বার] বি. ১ রাজদরবার, রাজসভা। ২ রাজার আদালত।

রাজদ্রোহ /রাজোদ্‌দ্রোহো/ [স. রাজন্‌+√দ্রুহ্‌+অ] বি. রাজা বা সরকারের প্রকাশ্য বিরুদ্ধাচরণ; সরকার উৎখাতের ষড়যন্ত্র; রাষ্ট্রদ্রোহিতা।

রাজদ্রোহিতা /রাজোদ্‌দ্রোহিতা/ [স. রাজদ্রোহী+তা] বি. দ্র রাজদ্রোহ।

রাজদ্রোহী /রাজোদ্‌দ্রোহি/ [স. রাজন্‌+√দ্রুহ্‌+ইন] বিণ. রাজা বা রাষ্ট্রের প্রকাশ্য বিরুদ্ধাচারী, রাজদ্রোহকারী। স্ত্রী. রাজদ্রোহিণী /রাজোদ্‌দ্রোহিনি/।

রাজধর্ম /রাজ্‌ধর্‌মো/ [স. রাজ+ধর্ম] বি. দেশশাসনের ক্ষেত্রে রাজার অনুসরণীয় নীতি।

রাজধানী /রাজ্‌ধানি/ [স. রাজন্‌+√ধা+অন+ঈ] বি. রাষ্ট্রের প্রধান নগর যেখানে রাজা বা রাষ্ট্রপতি বাস করেন, রাজ্য বা রাষ্ট্রশাসনের প্রধান কেন্দ্র।

রাজন /রাজোন্‌/ [স. রাজন্‌] বি. (সম্বোধনে) হে রাজা, মহারাজ।

রাজনন্দন /রাজনন্‌দোন্‌/ [স. রাজ+√নন্দি+অন] বি. রাজার ছেলে, রাজকুমার, রাজপুত্র। স্ত্রী. রাজনন্দিনী /রাজ্‌নোন্‌দিনি/।

রাজনামা /রাজ্‌নামা/ [স. রাজ+ফা. নামন্‌] বি. রাজাদের বংশতালিকা বা নামের তালিকা।

রাজনীতি /রাজ্‌নিতি/ [স. রাজ+√নী+তি] বি. রাষ্ট্রশাসনের বিষয়ে দলীয় নীতি; রাষ্ট্রনীতি, politics।

রাজনীতিক /রাজ্‌নিতিক্‌/ [স. রাজনীতি+ক] বিণ. ১ রাষ্ট্রশাসনের বিষয়ে দলীয় নীতিসংক্রান্ত। ২ রাজনীতিবিদ।

রাজনীতিজ্ঞ /রাজ্‌নিতিগ্‌গোঁ/ [স. রাজনীতি+√জ্ঞা+অ] বি. বিণ. রাজনীতিশাস্ত্রে অভিজ্ঞ, politician।

রাজনৈতিক /রাজ্‌নোইতিক্‌/ [স. রাজনীতি+ইক] বিণ. রাজনীতিসংক্রান্ত।

রাজন্য /রাজোন্‌নো/ [স. রাজন্‌+য] বি. ১ রাজার অধীনে কোনো অঞ্চলের শাসনকর্তা, সামন্ত রাজা। ২ রাজবংশে জাত ব্যক্তি।

রাজন্যক /রাজোন্‌নোক্‌/ [স. রাজন্য+অক] বি. রাজন্যবর্গ; নৃপতিগণ।

রাজপট্ট /রাজ্‌পট্টো/ [স. রাজ+পট্ট] বি. ১ রাজসিংহাসন। ২ রাজপদ। ৩ রাজা কর্তৃক প্রদত্ত সনদ। ৪ কৃষ্ণবর্ণ রত্নবিশেষ।

রাজপণ্ডিত /রাজ্‌পোন্‌ডিত্‌/ [স. রাজন্‌+পণ্ডিত] বি. রাজার বৃত্তিভোগী প্রধান পণ্ডিত।

রাজপথ /রাজ্‌পথ্‌/ [স. রাজন্‌+পথ] বি. ১ নগরের প্রধান সড়ক। ২ সর্বসাধারণের ব্যবহারের প্রধান রাস্তা; বড়ো রাস্তা।

রাজপরিবার /রাজ্‌পোরিবার্‌/ [স. রাজন্‌+পরিবার] বি. রাজার পরিবার; রাজার বংশ।

রাজপাট /রাজ্‌পাট্‌/ [স. রাজ+বা. পাট] বি. সিংহাসন, রাজাসন।

রাজপুত /রাজ্‌পুত্‌/ [স. রাজপুত্র >] বি. ভারতের সাবেক রাজপুতানার (বর্তমান রাজস্থান) অধিবাসী যোদ্ধা জাতি।

রাজপুত্র /রাজ্‌পুত্রো/ [স. রাজন্‌+পুৎ+√ত্রৈ+অ] বি. রাজার ছেলে, রাজকুমার। স্ত্রী. রাজপুত্রী /রাজ্‌পুত্রি/।

রাজপুরী /রাজ্‌পুরি/ [স. রাজন্‌+পুরী] বি. রাজার বাসভবন, রাজপ্রাসাদ।

রাজপুরুষ /রাজ্‌পুরুশ্‌/ [স. রাজন্‌+পুরুষ] বি. ১ রাজবংশের ব্যক্তি। ২ রাজকর্মচারী বা সরকারি কর্মচারী।

রাজপুষ্প /রাজ্‌পুশ্‌পো/ [স. রাজ+√পুষ্প্‌+অ] বি. ক্রান্তীয় অঞ্চলের উঁচু স্থানে জাত এবং গ্রীষ্মের শুরুতে গুচ্ছাকারে ফোটে এমন গোলাপি বা সাদা বর্ণের চারটি পাপড়িবিশিষ্ট ও অসংখ্য হলুদ পুংকেশরশোভিত ছোটো সুগন্ধ ফুল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ (আনি. ভারতীয় উপমহাদেশ), নাগকেশর, নাগপুষ্প।

রাজপ্রাসাদ /রাজ্‌প্রাশাদ্‌/ [স. রাজন্‌+প্রাসাদ] বি. রাজার বাসভবন, রাজবাড়ি।

রাজফল /রাজ্‌ফল্‌/ [স. রাজন্‌+ফল] বি. ভারতীয় উপমহাদেশে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন একলিঙ্গ সাদা ফুল ও দীর্ঘায়ত মসৃণ সবুজাভ ফল (যা সবজিরূপে রেঁধে খাওয়া হয়) বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ (আনি. এশিয়া), পটোল, পাদুফল।

রাজবংশ /রাজ্‌বংশো/ [স. রাজন্‌+বংশ] বি. রাজার বংশ বা কুল।

রাজবংশী /রাজ্‌বোংশি/ [স. রাজবংশ্য >] বিণ. রাজবংশবিষয়ক। বি. বাংলাদেশের উত্তরাঞ্চলে বসবাসকারী অনগ্রসর ক্ষুদ্র নৃগোষ্ঠীবিশেষ।

রাজবংশীয় /রাজ্‌বোংশিয়ো/ [স. রাজবংশ+ঈয়] বিণ. ১ রাজবংশে জাত। ২ রাজবংশসংক্রান্ত। স্ত্রী.

www.pathagar.com

রাজবংশীয়া /রাজ্‌বোংশিআ/।

রাজবন্দি /রাজ্‌বোন্‌দি / [স. রাজন্‌+ফা. বন্দি] বি. রাজনৈতিক কারণে কারাগারে আটক ব্যক্তি; সরকারের বিরোধিতা বা রাষ্ট্রদ্রোহিতার কারণে আটক রাজনৈতিক নেতা বা কর্মী।

রাজবর্ত্ম /রাজ্‌বর্‌তোঁ / [স. রাজন্‌+√বৃৎ+মন্‌] বি. রাজপথ।

রাজবল্লভ /রাজ্‌বল্‌লোভ্‌ / [স. রাজন্‌+বল্লভ] বি. ১ রাজার প্রিয়পাত্র। ২ ইতিহাসখ্যাত প্রাচীন পূর্ববঙ্গের রাজাবিশেষ।

রাজবাটী /রাজ্‌বাটি / [স. রাজন্‌+বাটী] বি. দ্র রাজপ্রাসাদ।

রাজবাড়ি /রাজ্‌বাড়ি / [স. রাজন্‌+বা. বাড়ি] বি. দ্র রাজপ্রাসাদ।

রাজবালা /রাজ্‌বালা / [স. রাজন্‌+বালা] বি. রাজার তনয়া, রাজকন্যা।

রাজবিদ্রোহ /রাজ্‌বিদ্‌দ্রোহো / [স. রাজন্‌+বিদ্রোহ] বি. রাজা বা সরকারের বিরুদ্ধাচরণ।

রাজবিদ্রোহী /রাজ্‌বিদ্‌দ্রোহি / [স. রাজবিদ্রোহ+ ইন্‌] বিণ. রাজার বিরুদ্ধাচরণকারী।

রাজবিধি /রাজ্‌বিধি / [স. রাজন্‌+বিধি] বি. রাজ্য-শাসন নীতি; সরকারি আইন।

রাজবিপ্লব /রাজ্‌বিপ্‌প্লব্‌ / [স. রাজন্‌+বিপ্লব] বি. রাজ্যশাসনের প্রচলিত ধারার বৈপ্লবিক পরিবর্তন।

রাজবেশ /রাজ্‌বেশ্‌ / [স. রাজন্‌+বেশ] বি. রাজার উপযুক্ত পোশাক, রাজপোশাক।

রাজভক্ত /রাজ্‌ভক্‌তো / [স. রাজন্‌+√ভজ্‌+ত] বিণ. রাজার অনুগত।

রাজভক্তি /রাজ্‌ভোক্‌তি / [স. রাজন্‌+√ভজ্‌+তি] বি. রাজা বা সরকারের প্রতি আনুগত্য।

রাজভবন /রাজ্‌ভবোন্‌ / [স. রাজন্‌+ভবন] বি. রাজপ্রাসাদ।

রাজভাষা /রাজ্‌ভাশা / [স. রাজন্‌+ভাষা] বি. রাষ্ট্রভাষা, সরকারি কাজে ব্যবহৃত ভাষা।

রাজভিষক /রাজ্‌ভিশক্‌ / [স. রাজন্‌+√ভিষজ্‌+ ক্বিপ্‌] বি. রাজা বা রাজ্যের প্রধান চিকিৎসক।

রাজভৃত্য /রাজ্‌ভৃত্‌তো / [স. রাজন্‌+ভৃত্য] বি. ১ রাজকর্মচারী। ২ রাজার পরিচারক।

রাজভোগ /রাজ্‌ভোগ্‌ / [স. রাজন্‌+ভোগ] বি. ১ রাজার উপযুক্ত খাদ্য ও ভোগ্যসামগ্রী। ২ (বাংলায়) ছানার তৈরি রসগোল্লাজাতীয় বড়ো মিঠাইবিশেষ।

রাজভোগ্য /রাজ্‌ভোগ্‌গো / [স. রাজভোগ+য] বিণ. রাজার উপভোগের যোগ্য।

রাজমহিষী /রাজ্‌মোহিশি / [স. রাজন্‌+মহিষী] বি. রাজার প্রধান রানি, মহারানি, পাটরানি, রাজ্ঞী।

রাজমান্য /রাজ্‌মান্‌নো / [স. রাজন্‌+মান্য] বি. প্রজার নিকট থেকে রাজা বা জমিদারের প্রাপ্য উপঢৌকন।

রাজমার্গ /রাজ্‌মার্‌গো / [স. রাজন্‌+মার্গ] বি. রাজ-পথ।

রাজমিস্ত্রি /রাজ্‌মিস্‌ত্রি/ [দেশি.] বি. ইঁট পাথর বালি সিমেন্ট প্রভৃতি দিয়ে অট্টালিকা নির্মাণ যার পেশা।

রাজমুকুট /রাজ্‌মুকুট্‌/ [স. রাজ+মুকুট] বি. ১ রাজার শিরোভূষণ, তাজ। ২ (আল.) রাজপদ।

রাজযক্ষ্মা /রাজ্‌জক্‌খা / [স. রাজন্‌+যক্ষ্মা] বি. ব্যাসিলাস (baciiius) ব্যাকটেরিয়া সংক্রমণের ফলে ফুসফুসের প্রদাহজনিত প্রাণঘাতী রোগবিশেষ, ক্ষয়রোগ, ক্ষয়কাশ, tuberculosis।

রাজযোগ /রাজ্‌জোগ্‌/ [স. রাজন্‌+যোগ] বি. ১ যোগসাধন পদ্ধতিবিশেষ। ২ শুভ বলে কল্পিত গ্রহনক্ষত্রের অবস্থানবিশেষ।

রাজযোটক /রাজ্‌জোটক্‌/ [স. রাজন্‌+যোটক] বি. (জ্যোতি.) বিবাহের পাত্রপাত্রীর রাশিচক্রে কল্পিত শুভসূচক অবস্থিতি।

রাজরাজ /রাজোরাজ্‌/ [স. রাজ+রাজন্‌] বি. ১ রাজার রাজা, রাজাধিরাজ, সম্রাট। ২ কুবের।

রাজরাজড়া /রাজ্‌রাজ্‌ড়া / [স. রাজন্‌+বা. রাজড়া] বি. রাজা ও সামন্তবর্গ; রাজা ও তত্তুল্য ব্যক্তিবর্গ।

রাজরাজেশ্বর /রাজ্‌রাজেশ্‌শর্‌/ [স. রাজ+রাজন্‌+ ঈশ্বর] বি. রাজাধিরাজ, সম্রাট। স্ত্রী. রাজ-রাজেশ্বরী /রাজ্‌রাজেশ্‌শোরি /।

রাজরানি /রাজ্‌রানি / [স. রাজন্‌+বা. রানি] বি. রাজার রানি, রাজ্ঞী; পাটরানি।

রাজর্ষি /রাজোরশি / [স. রাজন্‌+ঋষি] বি. রাজা হয়েও যিনি ঋষির মতো জীবনযাপন করেন।

রাজলক্ষণ /রাজ্‌লোক্‌খোন্‌/ [স. রাজন্‌+লক্ষণ] বি. ১ রাজশক্তির চিহ্নসমূহ। ২ ভবিষ্যতে রাজা হওয়ার লক্ষণসমূহ।

রাজলক্ষ্মী /রাজ্‌লোক্‌খি / [স. রাজন্‌+√লক্ষ্‌+ঈ] বি. রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী, রাজশ্রী।

রাজলেখ /রাজ্‌লেখ্‌ / [স. রাজন্‌+লেখ] বি. রাজ-

www.pathagar.com

আজ্ঞা; সরকারি নির্দেশপত্র।

রাজলেখ্য /রাজ্‌লেক্‌খো/ [স. রাজ+লেখ্য] বি. দ্র রাজলেখ।

রাজশক্তি /রাজ্‌শোক্‌তি/ [স. রাজ+√শক্+তি] বি. ১ রাষ্ট্রের শক্তি; রাষ্ট্রের সৈন্যবল। ২ রাজ্য বা সরকারের শাসনক্ষমতা।

রাজশফর /রাজ্‌শফর্‌/ [স. রাজন্+শফর] বি. ১ বড়ো পুঁটিমাছ। ২ ইলিশ মাছ।

রাজশয্যা /রাজ্‌শোজ্‌জা/ [স. রাজন্+শয্যা] বি. রাজার উপযোগী বিছানা, রাজোচিত বিছানা।

রাজশাসন /রাজ্‌শাশোন্‌/ [স. রাজন্+শাসন] বি. রাজার নির্দেশ।

রাজশেখর /রাজ্‌শেখর্‌/ [স. রাজন্+শেখর] বি. রাজচক্রবর্তী, সম্রাট।

রাজশ্রী /রাজোস্‌শ্রি/ [স. রাজন্+√শ্রি+ক্বিপ্] বি. দ্র রাজলক্ষ্মী।

রাজসংস্করণ /রাজ্‌শংশ্‌করোন্‌/ [স. রাজন্+সংস্করণ] বি. বিশেষ উপলক্ষ্যে প্রকাশিত কোনো গ্রন্থের শ্রেষ্ঠ ও শোভন সংস্করণ।

রাজসদন /রাজ্‌শদোন্‌/ [স. রাজন্+সদন] বি. রাজপ্রাসাদ, রাজার বাড়ি, রাজদরবার।

রাজসভা /রাজ্‌শভা/ [স. রাজন্+সভা] বি. রাজদরবার।

রাজসভাসদ /রাজ্‌শভাশদ্‌/ [স. রাজন্+সভা+√সদ্+ক্বিপ্] বি. রাজদরবারের বিশেষ সদস্য; রাজসভায় রাজার পরামর্শদাতা।

রাজসমাদর /রাজ্‌শমাদর্‌/ [স. রাজন্+সমাদর] বি. রাজোচিত সমাদর।

রাজসরকার /রাজ্‌শরকার্‌/ [স. রাজন্+ফা. সরকার] বি. রাজার শাসন বা শাসনযন্ত্র, গভর্নমেন্ট।

রাজসর্প /রাজ্‌শর্‌পো/ [স. রাজন্+সর্প] বি. ঝোপ-ঝাড়ে বিচরণ করে এবং ইঁদুর পাখি প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন চ্যাপটা গোলাকৃতি মাথা ও গাঢ় বাদামি রঙের দীর্ঘতম বিষধর সাপ যার ফণায় গোরুর খুরের মতো চিহ্ন থাকে (আনি. ভারতীয় উপমহাদেশ), শঙ্খচূড়, পদ্মগোখরা, king cobra।

রাজসর্ষপ /রাজ্‌শর্‌শপ্‌/ [স. রাজন্+সর্ষপ] বি. রাই সর্ষে।

রাজসাক্ষী /রাজ্‌শাক্‌খি/ [স. রাজন্+সাক্ষাৎ+ইন্] বি. যে অপরাধী দোষ স্বীকার করে রাষ্ট্রের পক্ষে সাক্ষ্য দেয়, approver।

রাজসিংহাসন /রাজ্‌শিংহাশোন্‌/ [স. রাজন্+সিংহাসন] বি. রাজার আসন।

রাজসিক /রাজোশিক্‌/ [স. রাজস্+ইক] বিণ. ১ রাজরাজড়াদের মতো। ২ আড়ম্বরপূর্ণ (*রাজসিক ভোজসভা*)।

রাজসূয় /রাজ্‌শুও/ [স. রাজন্+√সূ+য] বি. প্রাচীন ভারতে রাজচক্রবর্তী বা সম্রাটের করণীয় যজ্ঞ।

রাজসেবা /রাজ্‌শেবা/ [স. রাজন্+সেবা] বি. ১ রাজার সেবা বা পরিচর্যা। ২ সরকারি চাকরি।

রাজস্কন্ধ /রাজ্‌স্‌কন্‌ধো/ [স. রাজন্+ক+√ধা+অ] বি. ঘোড়া।

রাজস্ব /রাজোশ্‌শো/ [স. রাজন্+√সু+ব] বি. সরকারকে প্রদেয় কর বা খাজনা, revenue।

রাজহংস /রাজ্‌হংশো/ [স. রাজন্+√হন্+স] বি. লম্বা ও কমনীয় উঁচু গলা প্রশস্ত ঠোঁট এবং সাদা পালকাবৃত লিপ্তপদ বৃহদাকার জলচর পাখি, মরাল। স্ত্রী. রাজহংসী /রাজ্‌হোংশি/।

রাজহস্তী /রাজ্‌হোস্‌তি/ [স. রাজন্+হস্ত+ইন্] বি. ১ রাজা যে হাতিতে আরোহণ করেন। ২ শ্রেষ্ঠ হাতি।

রাজহাঁস /রাজ্‌হাঁশ্‌/ [স. রাজন্+বা. হাঁস] বি. দ্র রাজহংস।

রাজা[১] /রাজা/ [স. √রাজ্+অন্] বি. ১ দেশশাসক, নৃপতি, ভূপতি। ২ পদবিবিশেষ। ৩ (আল.) অতিশয় ধনী ব্যক্তি। ৪ দাবা খেলার ঘুঁটিবিশেষ।

রাজা[২] /রাজা/ [বা.] ক্রিবি. (কাব্যে) বিরাজ করা বা শোভা পাওয়া।

রাজাই[১] /রাজাই/ [হি.] বি. ১ রাজত্ব। ২ রাজসম্মান।

রাজাই[২] /রাজাই/ [ফা.] বি. সালু কাপড় প্রভৃতির খোলে তুলা ভরে সেলাই করা শীত-নিবারক কাঁথাবিশেষ, লেপ।

রাজা-উজির /রাজাউজির্‌/ [স. রাজা+আ. উজির] বি. ১ রাজা ও মন্ত্রী। ২ (আল.) ধনী ও প্রতিপত্তিশালী ব্যক্তিবর্গ।

রাজা-উজির মারা /রাজাউজির্‌ মারা/ ক্রিবি. বড়ো বড়ো কথা বলে গর্ব প্রকাশ করা; নিজের বাহাদুরি প্রকাশ করা।

রাজাকার /রাজ্‌াকার্‌/ [ফা.] বি. ১ বাংলাদেশের মুক্তিযুদ্ধ চলাকালে (১৯৭১ সালে) নারীনির্যাতন গণহত্যা-সহ বলপূর্বক ধর্মান্তরণ অগ্নিসংযোগ ও ব্যাপক লুটতরাজের জন্য দায়ী পাকিস্তানি হানাদার বাহিনীকে সহায়তাকারী ব্যক্তি। ২ ঘৃণ্য ব্যক্তি। ৩ গালিবিশেষ। ৪ স্বেচ্ছাসেবক।

রাজাজ্ঞা /রাজাগ্‌গাঁ/ [স. রাজন্+আজ্ঞা] বি. রাজা বা সরকারের আদেশ।

রাজাদেশ /রাজাদেশ্‌/ [স. রাজন্+আদেশ] বি. দ্র রাজাজ্ঞা।

www.pathagar.com

রাজাধিরাজ /রাজাধিরাজ্/ [স. রাজন্+অধিরাজ] বি. সম্রাট, সার্বভৌম রাজা, রাজার রাজা।

রাজানুকম্পা /রাজানুকম্পা / [স. রাজন্+অনুকম্পা] বি. দ্র রাজানুগ্রহ।

রাজানুগ্রহ /রাজানুগ্রোহো/ [স. রাজন্+অনুগ্রহ] বি. রাজা বা সরকারের দান।

রাজান্তঃপুর /রাজান্তোপ্পুর্ / [স. রাজন্+অন্তঃপুর] বি. রাজপ্রাসাদের অন্দরমহল।

রাজান্ন /রাজান্নো / [স. রাজন্+অন্ন] বি. ১:৩ অনুপাতে গাঢ় নাইট্রিক অ্যাসিড ও গাঢ় হাইড্রোক্লোরিক অ্যাসিডের মিশ্রণে তৈরি শক্তিশালী দ্রাবক যা রুপা ভিন্ন সব ধাতুকে দ্রবীভূত করতে পারে, অম্লরাজ, aqua regia।

রাজাসন /রাজাশোন্/ [স. রাজন্+আসন] বি. রাজার আসন বা পদ; সিংহাসন।

রাজি[১] /রাজি / [স. √রাজ্+ই] বি. ১ শ্রেণি, সারি, দল (*তরুরাজি*)। ২ সমূহ, গণ, রাশি (*পত্ররাজি*)। ৩ রেখা (*রোমরাজি*)।

রাজি[২] /রাজি / [ফা.] বিণ. ১ মেনে নেওয়া হয়েছে এমন, সম্মত, স্বীকৃত। ২ সন্তুষ্ট। ৩ গৃহীত।

রাজিত /রাজিতো/ [স. √রাজ্+ত] বিণ. শোভিত।

রাজিনামা /রাজিনামা / [ফা.] বি. মামলা আপস-নিষ্পত্তি করতে ইচ্ছুক বাদী ও বিবাদীর আদালতে প্রদত্ত সম্মতিসূচক দরখাস্ত; সম্মতি বা স্বীকৃতিপত্র।

রাজীব /রাজিব্/ [স. রাজী+ব] বি. পদ্ম, কমল।

রাজীবলোচন /রাজিব্লোচন্ / [স. রাজীব+লোচন] বিণ. পদ্মের মতো সুন্দর চোখবিশিষ্ট, কমলনয়ন।

রাজেন্দ্র /রাজেন্দ্রো / [স. রাজন্+ইন্দ্র] বি. শ্রেষ্ঠ রাজা। স্ত্রী. রাজেন্দ্রাণী /রাজেন্দ্রানি /।

রাজেশ্বর /রাজেশ্শর্/ [স. রাজন্+ঈশ্বর] বি. দ্র রাজেন্দ্র।

রাজেশ্বরী /রাজেশ্শোরি/ [স. রাজেশ্বর+ঈ] বি. ১ সম্রাজ্ঞী। ২ শিবপত্নী ভগবতী। ৩ দশমহাবিদ্যার অন্যতমা।

রাজৈশ্বর্য /রাজোইশ্শোর্জো/ [স. রাজন্+ঐশ্বর্য] বি. রাজার ঐশ্বর্য; রাজার তুল্য ঐশ্বর্য।

রাজ্ঞী /রাগ্গি/ [স. রাজন্+ঈ] বি. রাজমহিষী, রানি।

রাজ্য /রাজ্জো / [স. রাজন্+য] বি. ১ রাজার অধিকারভুক্ত ভূখণ্ড, দেশ, রাষ্ট্র। ২ রাজত্ব। ৩ কেন্দ্রীয় সরকারের অন্তর্গত প্রদেশ।

রাজ্যচ্যুত /রাজ্জোচ্চুতো/ [স. রাজ্য+চ্যুত] বিণ. নিজ রাজ্য থেকে বিতাড়িত; সিংহাসনচ্যুত।

রাজ্যজয় /রাজ্জোজয় / [স. রাজ্য+জয়] বি. রাষ্ট্র বা দেশ জয়; অন্যের রাজ্য অধিকার।

রাজ্যপাল /রাজ্জোপাল্ / [স. রাজ্য+√পালি+অ] বি. যুক্তরাষ্ট্রীয় শাসনব্যবস্থার অধীনে কোনো রাজ্যের প্রধান শাসক, গভর্নর।

রাজ্যবিস্তার /রাজ্জোবিস্তার্ / [স. রাজ্য+বিস্তার] বি. রাজ্যের প্রসার বা সম্প্রসারণ।

রাজ্যভার /রাজ্জোভার্ / [স. রাজ্য+ভার] বি. রাজ্য শাসন বা পরিচালনার দায়িত্ব।

রাজ্যভ্রষ্ট /রাজ্জোভ্রোশ্টো/ [স. রাজ্য+√ভ্রনশ্+ত] বিণ. দ্র রাজ্যচ্যুত।

রাজ্যশাসন /রাজ্জোশাশোন্/ [স. রাজ্য+শাসন] বি. রাজ্য বা রাষ্ট্র পরিচালনা।

রাজ্যসভা /রাজ্জোশভা/ [স. রাজ্য+সভা] বি. ভারতের দুই কক্ষবিশিষ্ট কেন্দ্রীয় আইনসভার উচ্চ কক্ষ।

রাজ্যসরকার /রাজ্জোশর্কার্ / [স. রাজ্য+ফা. সরকার] বি. কেন্দ্রীয় সরকারের অন্তর্গত প্রাদেশিক সরকার।

রাজ্যহারা /রাজ্জোহারা / [স. রাজ্য+বা. হারা] বিণ. দ্র রাজ্যচ্যুত।

রাজ্যেশ্বর /রাজ্জেশ্শর্ / [স. রাজ্য+ঈশ্বর] বি. রাজ্য বা দেশের অধিপতি, রাজা। স্ত্রী. রাজ্যেশ্বরী /রাজ্জেশ্শোরি /।

রাডার /রাডার্/ [আবেশ.] বি. কোনো স্থান থেকে প্রেরিত অতি উচ্চ কম্পাঙ্কের বিদ্যুৎ-চুম্বকীয় সংকেতের প্রতিফলন থেকে কোনো স্থির বা চলমান বস্তুর অবস্থান গতিবেগ প্রভৃতি নির্ণয়ের ব্যবস্থা, radar।

রাড় /রাড়্/ [হি.] বিণ. ১ গোঁয়ার। ২ ইতর, নীচ।

রাঢ় /রাঢ়্/ [স. √রহ্+অ] বি. ভাগীরথী নদীর পশ্চিম তীরে অবস্থিত পশ্চিমবঙ্গের অংশ।

রাঢ়বঙ্গ /রাঢ়্বংগো / [স্থান.] বি. ১ বঙ্গদেশের রাঢ় অঞ্চল। ২ পশ্চিমবঙ্গ ও পূর্ববঙ্গ।

রাঢ়ি /রাঢ়ি / [বা.] বিণ. ১ রাঢ় অঞ্চলের অধিবাসী। ২ রাঢ়সম্বন্ধীয়।

রাঢ়ীয় /রাঢ়িয়ো/ [স. রাঢ়+ঈয়] বিণ. রাঢ়দেশীয়।

রাত /রাত্/ [স. রাত্রি >] বি. সূর্যাস্ত থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত সময়, রাত্রি, রজনি, যামিনী।

রাত কাটানো /রাত্ কাটানো/ ক্রিবি. নিশিযাপন করা।

রাতকানা /রাত্কানা / [বা.] বিণ. রাতে ভালো দেখতে পায় না এমন। বি. (সাধারণত ভিটামিন এ-র অভাবজনিত) চোখের রোগবিশেষ।

রাতজাগা /রাত্জাগা / [বা.] বিণ. রাতে জেগে থাকে এমন, বিনিদ্র (*রাতজাগা পাখি*)।

www.pathagar.com

রাতদিন /রাত্‌দিন্‌/ [বা. রাত+স. দিন] ক্রিবিণ. অহর্নিশ, সবসময়ে, সর্বদা।

রাতদুপুর /রাত্‌দুপুর্‌/ [বা.] বি. গভীর রাত।

রাতবিরেতে /রাত্‌বিরেতে/ [বা.] ক্রিবিণ. গভীর রাতে; অসময়ে।

রাতভর /রাত্‌ভর্‌/ [বা.] ক্রিবিণ. সারারাত ধরে (*রাতভর বৃষ্টি হয়েছে*)।

রাতারাতি /রাতারাতি/ [বা.] ক্রিবিণ. ১ এক রাতের মধ্যে; রাত থাকতে থাকতে। ২ (আল.) খুব অল্প সময়ের মধ্যে (*রাতারাতি বড়লোক হওয়া*)।

রাতি /রাতি/ [স. রাত্রি >] বি. 'রাত্রি'-র কাব্যিক রূপ।

রাতুল /রাতুল্‌/ [স. রক্ততুল্য >] বিণ. লাল, রাঙা, রক্তবর্ণ (*রাতুল বসন*)।

-রাত্র /রাত্রো/ [স. রাত্রি+অ] বি. সমাসের পরপদে স্থানভেদে 'রাত্রি'-শব্দের রূপ (*দিবারাত্র*)।

রাত্রি /রাত্রি/ [স. √রা+ত্রি] বি. সূর্যাস্ত থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত সময়, রাত, রজনি।

রাত্রিচর /রাত্রিচর্‌/ [স. রাত্রি+চর] বিণ. রাতে চলাফেরা করে এমন, নিশাচর। বি. (রাতে বিচরণ করে বলে) প্যাঁচা; চোর; প্রহরী।

রাত্রিঞ্চর /রাত্রিন্‌চর্‌/ [স. রাত্রি+√চর্‌+অ] বিণ. বি. দ্র রাত্রিচর।

রাত্রিজল /রাত্রিজল্‌/ [স. রাত্রি+জল] বি. শিশির।

রাত্রিপুষ্প /রাত্রিপুশ্‌পো/ [স. রাত্রি+পুষ্প] বি. রাতে ফোটে এমন ফুল।

রাত্রিবাস /রাত্রিবাশ্‌/ [স. রাত্রি+বাস] বি. ১ রাত-যাপন। ২ রাতে ঘুমানোর সময় পরিধেয় পোশাক-বিশেষ।

রাত্রিবেলা /রাত্রিব্যালা/ [স. রাত্রি+বেলা] ক্রিবিণ. রাতে। বি. রাত।

রাত্রিমণি /রাত্রিমোনি/ [স. রাত্রি+মণি] বি. চাঁদ, শশধর, নিশাকর।

রাত্র্যন্ধ /রাত্রোন্‌ধো/ [স. রাত্র+অন্ধ] বিণ. রাতে চোখে কম দেখে এমন, রাতকানা।

রাদধ /রাদ্‌ধো/ [স. √রাধ্‌+ত] বিণ. ১ সম্পন্ন, নিষ্পন্ন। ২ পক্ক।

রাদ্ধান্ত /রাদ্‌ধান্‌তো/ [স. রাদ্ধ+√অম্‌+ত] বি. মীমাংসা, সিদ্ধান্ত।

রাধন /রাধোন্‌/ [স. √রাধ্‌+অন] বি. আরাধনা।

রাধা /রাধা/ [স. √রাধ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ আয়ান ঘোষের পত্নী ও শ্রীকৃষ্ণের প্রেমিকা, শ্রীরাধিকা, বৃষভানুকন্যা। ২ বিশাখা নক্ষত্র।

রাধাকান্ত /রাধাকান্‌তো/ [স. রাধা+√কম্‌+ত] বি. শ্রীকৃষ্ণ।

রাধাকৃষ্ণ /রাধাকৃশ্‌নো/ [স. রাধা+কৃষ্ণ] বি. শ্রীরাধা ও শ্রীকৃষ্ণ।

রাধাগোবিন্দ /রাধাগোবিন্‌দো/ [স. রাধা+গোবিন্দ] বি. রাধাকৃষ্ণ।

রাধাচূড়া /রাধাচুড়া/ [স. রাধা+√চুল্‌+অ+আ (টাপ্‌)] বি. ভারতীয় উপমহাদেশ-সহ উষ্ণমণ্ডলীয় অঞ্চলে বসন্তকালে ফোটে এমন দীর্ঘ বৃন্তে পুংকেশরশোভিত লালচে হলুদ রঙের পাঁচটি পাপড়িবিশিষ্ট ফুল বা তার কাঁটাওয়ালা কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন গুল্মজাতীয় উদ্ভিদ (আনি. আমেরিকা)।

রাধানাথ /রাধানাথ্‌/ [স. রাধা+নাথ] বি. শ্রীকৃষ্ণ।

রাধাপদ্ম /রাধাপদ্‌দোঁ/ [স. রাধা+√পদ্‌+ম] বি. ১ শ্বেতপদ্ম। ২ সূর্যমুখী ফুল।

রাধাবল্লভ /রাধাবল্‌লভ্‌/ [স. রাধা+বল্লভ] বি. শ্রীকৃষ্ণ।

রাধাবল্লভি /রাধাবল্‌লোভি/ [স. রাধাবল্লভ >] বি. ১ বৈষ্ণব সম্প্রদায়বিশেষ। ২ ডালের পুর দেওয়া লুচিবিশেষ, ডালপুরি।

রাধামাধব /রাধামাধব্‌/ [স. রাধা+মাধব] বি. শ্রীকৃষ্ণ।

রাধারঞ্জন /রাধারন্‌জোন্‌/ [স. রাধা+রঞ্জন] বি. শ্রীকৃষ্ণ।

রাধারমণ /রাধারমোন্‌/ [স. রাধা+রমণ] বি. শ্রীকৃষ্ণ।

রাধাষ্টমী /রাধাশ্‌টোমি/ [স. রাধা+অষ্টম+ঈ] বি. ভাদ্রমাসের শুক্লাষ্টমী; রাধার জন্মতিথি।

রাধিকা /রাধিকা/ [স. রাধা+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র রাধা।

রাধিকারঞ্জন /রাধিকারন্‌জোন্‌/ [স. রাধিকা+রঞ্জন] বি. শ্রীকৃষ্ণ।

রাধিকারমণ /রাধিকারমোন্‌/ [স. রাধিকা+রমণ] বি. শ্রীকৃষ্ণ।

রাধেকৃষ্ণ /রাধেকৃশ্‌নো/ [স. রাধাকৃষ্ণ >] বি. অব্য. ১ রাধা ও কৃষ্ণ। ২ পুণ্যনাম হিসেবে বৈষ্ণবদের মুখে উচ্চারিত রাধা ও কৃষ্ণ নামের একটি রূপ। ৩ অশুচিকর কিছু শোনার পর প্রায়শ্চিত্তস্বরূপ উচ্চারিত উক্তি।

রাধেয় /রাধেয়ো/ [স. রাধা+এয়] বি. মহাভারতোক্ত অধিরথপত্নী রাধার পালিত পুত্র কর্ণ।

রান[১] /রান্‌/ [ফা.] বি. বধকৃত পশুপাখির শরীরের হাঁটু থেকে জঙ্ঘা পর্যন্ত অংশ, রাং (*মুরগির রান*)।

রান[২] /রান্‌/ [ই. run >] বি. ১ দৌড়ের প্রতিযোগিতা; দৌড়। ২ ক্রিকেট খেলায় দুই ব্যাটসম্যানের এক

www.pathagar.com

উইকেট থেকে অন্য উইকেট পর্যন্ত দ্রুত দৌড়ে অর্জিত পয়েন্ট।

রান-আউট /রান্আউট্/ [ই.] বি. ক্রিকেট খেলায় ব্যাটসম্যানের রান নেওয়ার সময় উইকেটে পৌঁছানোর পূর্বে ফিল্ডার কর্তৃক বল দিয়ে স্ট্যাম্পের ওপরে রাখা বেইল (ছোটো আড়কাঠ) ফেলে দেওয়া যার ফলে ব্যাটসম্যান ব্যাট করার অধিকার হারায়, run out।

রানওয়ে /রানওয়ে/ [ই.] বি. বিমানবন্দরে উড়োজাহাজ ওঠানামার জন্য বিশেষভাবে নির্মিত সমতল ভূখণ্ডের ফালি, runway।

রানা[১] /রানা/ [স. রাজন্ >] বি. ১ ভারতের উদয়-পুরের সাবেক রাজপুত রাজার খেতাব। ২ রাজা।

রানা[২] /রানা/ [ফা.] বি. ১ পুকুরঘাটের বাঁধানো চাতাল। ২ ঘরের পাশে বাঁধানো খোলা জায়গা বা বাইরের বারান্দা।

রানার /রানার্/ [ই. runner] বি. ১ (অধুনালুপ্ত) এক ডাকঘর থেকে অন্য ডাকঘরে চিঠিপত্র পৌঁছে দেয় যে ব্যক্তি, ডাকহরকরা (*রানার! গ্রামের রানার! /সময় হয়েছে নতুন খবর আনার;* সুকান্ত.)। ২ ক্রিকেট খেলায় ব্যাটসম্যান দৌড়াতে অক্ষম হলে তার পক্ষে যে ব্যক্তি দৌড়ায়।

রানি /রানি/ [স. রাজ্ঞী >] বি. রাজার পত্নী, রাজবধূ, রাজমহিষী, রাজ্ঞী।

রান্না /রান্না/ [বা.] বি. ১ রন্ধন। ২ রাঁধা হয়েছে এমন খাদ্য। বিণ. রাঁধা হয়েছে এমন (*রান্না মাংস*)।

রান্নাঘর /রান্নাঘর্/ [বা.] বি. পাকঘর, রসুইঘর।

রান্নাবাড়া /রান্নাবাড়া/ [বা.] বি. ১ রন্ধন ও পরিবেশন। ২ রান্না ও সংশ্লিষ্ট আনুষঙ্গিক কাজ।

রান্নাবান্না /রান্নাবান্না/ [বা.] বি. দ্র রান্নাবাড়া।

রাফ /রাফ্/ [ই. rough >] বি. খসড়া। বিণ. ১ খসড়া লেখার জন্য ব্যবহৃত (*রাফ খাতা*)। ২ রুঢ়।

রাব[১] /রাব্/ [স. √রু+অ] বি. শব্দ, রব; গুঞ্জন।

রাব[২] /রাব্/ [হি.] বি. তামাকপাতার গুঁড়ো মাখার জন্য ব্যবহৃত গুড়বিশেষ, চিটাগুড়, মাতগুড়।

রাবড়ি /রাবড়ি/ [হি.] বি. দুধের সরের সঙ্গে চিনি মিশিয়ে প্রস্তুত মিঠাইবিশেষ।

রাবণ /রাবোন্/ [স. √রু+ণিচ্+অন] বি. রামায়ণে বর্ণিত লঙ্কার রাজা।

রাবণমুখো /রাবোন্মুখো/ [বা.] বিণ. উগ্র ও ভয়ংকরমূর্তি। স্ত্রী. রাবণমুখী/রাবোনমুখি/।

রাবণারি /রাবোনারি/ [স. রাবণ+অরি] বি. রাবণের শত্রু রাম।

রাবণি /রাবোনি/ [স. রাবণ+ই] বি. রাবণের পুত্র ইন্দ্রজিৎ, মেঘনাদ।

রাবণের চিতা /রাবোনের্ চিতা/ বি. ১ যে চিতায় রাবণের মৃতদেহ দাহ করা হয়েছিল। ২ (আল.) সহজে প্রশমিত হয় না এমন অনন্ত যন্ত্রণা।

রাবণের পুরি /রাবোনের পুরি/ বি. ১ রাবণের বিপুলসংখ্যক পুত্র প্রপৌত্র-সহ বিশাল পরিবার। ২ (আল.) বহু সদস্যভুক্ত যৌথ পরিবার।

রাবিশ /রাবিশ্/ [ই. rubbish] বি. ১ আবর্জনা। ২ (আল.) বাজে কথা।

রাবীন্দ্রিক /রাবিন্দ্রিক্/ [ব্যক্তি. রবীন্দ্র >] বিণ. রবীন্দ্রদর্শনের সঙ্গে মানানসই এমন।

রাম /রাম্/ [স. √রম্+অ] বি. ১ রামায়ণে বর্ণিত সূর্যবংশের অযোধ্যার নৃপতি দশরথের ঔরসে কৌশল্যার গর্ভজাত পুত্র এবং বিষ্ণুর সপ্তম অবতার রামচন্দ্র। ২ বিষ্ণুর ষষ্ঠ অবতার পরশুরাম। ৩ বিষ্ণুর অষ্টম অবতার বলরাম। বিণ. ১ সুন্দর, রমণীয়, মনোহর। ২ বড়ো (*রামছাগল*)। ৩ শ্রেষ্ঠ, সেরা (*বোকারাম*)। অব্য. ঘৃণা বা বিস্ময়ব্যঞ্জক উক্তি (*এ রাম! তুমি ন্যাংটা পুটো?* নজরুল.)।

রামকান্ত /রাম্কান্তো/ [স. রাম+কান্ত] বি. (ব্য.) উত্তমরূপে প্রহার করার লাঠি।

রামকেলি /রাম্কেলি/ [স. রাম+কেলি] বি. দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

রামখড়ি /রাম্খোড়ি/ [স. রাম+বা. খড়ি] বি. লেখার জন্য ব্যবহৃত সাদা খড়িমাটিবিশেষ, চকখড়ি।

রামচন্দ্র /রামচন্দ্রো/ [স. রাম+চন্দ্র] বি. রামায়ণে বর্ণিত সূর্যবংশের অযোধ্যার নৃপতি দশরথের ঔরসে কৌশল্যার গর্ভজাত পুত্র এবং বিষ্ণুর সপ্তম অবতার, রাম।

রামছাগল /রাম্ছাগোল্/ [স. রাম+বা. ছাগল] বি. ১ বড়ো প্রজাতির ছাগল। ২ (ব্য.) অত্যন্ত নির্বোধ ব্যক্তি।

রামদা /রাম্দা/ [স. রাম+বা. দা] বি. বড়ো দা, বড়ো কাটারি।

রামদৌড় /রাম্দোড়্/ [স. রাম+বা. দৌড়] বি. খুব জোরে দৌড়।

রামধনু /রাম্ধোনু/ [স. রাম+ধনু] বি. বৃষ্টির পরে আকাশে ভাসমান জলকণার ওপর লম্বভাবে পতিত সূর্যরশ্মি বিচ্ছুরণের ফলে সূর্যের বিপরীত দিকে দৃশ্যমান বিশ্লিষ্ট সাতটি রঙের বর্ণিল বৃত্তচাপ, রংধনু, ইন্দ্রধনু, ইন্দ্রচাপ।

www.pathagar.com

রামধনুক /রাম্‌ধোনুক্‌/ [স. রাম+ধনুক] বি. দ্র রামধনু।

রামধুন /রামধুন্‌/ [হি.] বি. অযোধ্যাপতি রামচন্দ্রের গুণাবলি অবলম্বনে রচিত গান।

রামধোলাই /রাম্‌ধোলাই/ [স. রাম+বা. ধোলাই] বি. বেদম প্রহার।

রামনবমী /রাম্‌নবোমি/ [স. রাম+নবম+ঈ] বি. চৈত্রমাসের শুক্ল নবমী তিথি; রামচন্দ্রের জন্মতিথি।

রামনাম /রাম্‌নাম/ [স. রাম+ফা. নাম] বি. ভক্তি-সহকারে রামের নামোচ্চারণ।

রামপাখি /রাম্‌পাখি/ [স. রাম+বা. পাখি] বি. (ব্য.) মোরগ বা মুরগি।

রামভক্ত /রাম্‌ভক্‌তো/ [স. রাম+√ভজ্‌+ত] বি. রামচন্দ্রের প্রতি অনুগত ও অনুরক্ত ব্যক্তি।

রামযাত্রা /রাম্‌জাত্‌ত্রা/ [স. রাম+যাত্রা] বি. রামচন্দ্রের জীবনী অবলম্বনে যাত্রা অভিনয়।

রামরহিম /রাম্‌রোহিম্‌/ [স. রাম+আ. রহিম] বি. ১ হিন্দু ও মুসলমানের উপাস্য। ২ (আল.) হিন্দু ও মুসলমান।

রামরাজত্ব /রাম্‌রাজোত্‌তো/ [স. রাম+রাজত্ব] বি. ১ সুখ ও শান্তিপূর্ণ রাজত্ব। ২ (আল.) স্বেচ্ছাচারের রাজত্ব।

রামরাজ্য /রাম্‌রাজ্‌জো/ [স. রাম+রাজ্য] বি. ১ অযোধ্যাপতি রামের রাজ্য। ২ সুশাসিত ও সুখ-শান্তিপূর্ণ রাজ্য।

রামলীলা /রাম্‌লিলা/ [স. রাম+লীলা] বি. ১ রামচরিতবিষয়ক রচনাবলি। ২ রামের জীবনীবিষয়ক যাত্রাভিনয়।

রামশালিক /রাম্‌শালিক্‌/ [স. রাম+বা. শালিক] বি. বাংলাদেশের প্রায় সর্বত্র দলবদ্ধভাবে বিচরণ করে এমন হলদে পা ও চঞ্চুবিশিষ্ট কালচে মুখওয়ালা বাদামি রঙের সর্বভুক পাখি।

রামশিঙা /রাম্‌শিঙা/ [স. রাম+বা. শিঙা] বি. ফুঁ দিয়ে বাজাতে হয় এমন বাদ্যযন্ত্র; বড়ো শিঙা।

রামশ্যাম /রাম্‌শ্যাম/ [স. রাম+শ্যাম] বি. ১ যে কোনো ব্যক্তি, সাধারণ লোক। ২ নির্গুণ ব্যক্তি।

রামা /রামা/ [স. √রম্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ সুন্দরী নারী। ২ সংগীত ও অন্যান্য কলায় নিপুণ নারী। ৩ প্রিয়া, প্রেয়সী।

রামানুজ /রামানুজো/ [স. রাম+অনুজ] বি. ১ রামায়ণে বর্ণিত দশরথ-পুত্র রামের ছোটো ভাই ভরত লক্ষ্মণ ও শত্রুঘ্ন। ২ অদ্বৈতবাদের প্রবর্তক দাক্ষিণাত্যবাসী বৈষ্ণব ধর্ম প্রচারক।

রামায়ণ /রামায়োন্‌/ [স. রাম+অয়ন] বি. দশরথের পুত্র রামচন্দ্রের জীবনকাহিনি অবলম্বনে বাল্মীকি-রচিত সংস্কৃত মহাকাব্য।

রামায়ণকার /রামায়োনকার্‌/ [স. রামায়ণ+কার] বি. রামায়ণ রচয়িতা, বাল্মীকি।

রামায়ণগান /রামায়োন্‌গান্‌/ [স. রামায়ণ+√গৈ+অন] বি. রামায়ণ অবলম্বনে রচিত পালাগান।

রামায়েত /রামায়েত্‌/ [বা.] বি. রামানন্দ প্রবর্তিত বৈষ্ণব সম্প্রদায়বিশেষ।

রায়[১] /রায়/ [আ.] বি. বিচারকের সিদ্ধান্ত, আদালত বা বিচারকের বিচারফল।

রায়[২] /রায়/ [স. রাজন্‌ >] বি. ১ রাজা। ২ রাজার মতো প্রভাবশালী ও সম্ভ্রান্ত ব্যক্তি। ৩ বিশিষ্ট ব্যক্তিবর্গকে ইংরেজ সরকার কর্তৃক প্রদত্ত খেতাব (*রায়বাহাদুর*)। ৪ পদবিবিশেষ। বিণ. বড়ো; দীর্ঘ।

রায়ত /রায়ত্‌/ [আ.] বি. প্রজা।

রায়তা /রায়তা/ [হি.] বি. কুচি করে কাটা কাঁচা শশার সঙ্গে পুদিনাপাতা টক দই জিরের গুঁড়ো লবণ প্রভৃতি মিশিয়ে তৈরি সালাদবিশেষ।

রায়তি /রায়োতি/ [ফা.] বিণ. ১ রায়ত বা প্রজা সংক্রান্ত। ২ রায়তের অধিকারভুক্ত।

রায়বাঁশ /রায়বাঁশ্‌/ [বা.] বি. বাঁশের লম্বা লাঠি।

রায়বাঘিনি /রায়বাঘিনি/ [বা.] বি. ১ বড়ো বাঘিনি। ২ (আল.) অতিশয় উগ্র ও তেজস্বী নারী।

রায়বাহাদুর /রায়বাহাদুর্‌/ [বা. রায়+ফা. বাহাদুর] বি. ব্রিটিশ আমলে বিশিষ্ট ব্যক্তিবর্গকে ইংরেজ সরকার কর্তৃক প্রদত্ত খেতাব।

রায়বেঁশে /রায়বেঁশে/ [বা.] বি. ১ রায়বাঁশ চালনায় দক্ষ লাঠিয়াল সম্প্রদায়বিশেষ। ২ রায়বাঁশের লাঠি নিয়ে পরিবেশিত লোকনৃত্য। বিণ. রায়বাঁশ-সহকারে করা হয়েছে এমন (*রায়বেঁশে নৃত্য*)।

রায়রায়ান /রায়রায়ান্‌/ [বা.] বি. দ্র রায়বাহাদুর।

রাশ[১] /রাশ্‌/ [স. রাশি >] বি. ১ রাশি, স্তূপ, গাদা (*একরাশ ফুল*)। ২ প্রকৃতি; আচরণ (*রাশভারী*)। ৩ জন্মরাশি (*রাশনাম*)।

রাশ[২] /রাশ্‌/ [স. রশ্মি >] বি. লাগাম, বল্গা; নিয়ন্ত্রণ (*রাশ টেনে ধরা*)।

রাশ টানা /রাশ্‌ টানা/ ক্রিবি. ১ রাশ বা লাগাম টেনে ধরা। ২ (আল.) নিয়ন্ত্রণ করা, সংযত করা।

রাশনাম /রাশ্‌নাম্‌/ [বা.] বি. জন্মরাশির আদ্যাক্ষর-যুক্ত নাম।

রাশপাতলা /রাশ্‌পাত্‌লা/ [বা.] বিণ. হালকা বা লঘু স্বভাবযুক্ত, ছ্যাবলা (*রাশপাতলা লোক*)।

www.pathagar.com

রাশভারী /রাশ্‌ভারি/ [বা.] বিণ. গম্ভীর প্রকৃতির।

রাশহালকা /রাশ্‌হাল্‌কা/ [বা.] বিণ. লঘুচিত্ত।

রাশি /রাশি/ [স. √অশ্‌+ই] বি. ১ স্তূপ, পুঞ্জ; সমূহ। ২ (গ.) সংখ্যা, number। ৩ (জ্যোতি.) সূর্যের আপাত পরিক্রমণপথের অন্তর্গত দ্বাদশ নক্ষত্রপুঞ্জ (মেষ বৃষ কুম্ভ মীন মিথুন কর্কট সিংহ কন্যা তুলা বৃশ্চিক ধনু ও মকর)। ৪ অদৃষ্ট, ভাগ্য।

রাশিচক্র /রাশিচক্‌র্‌/ [স. রাশি+চক্র] বি. জ্যোতিষ-শাস্ত্রে বারোটি রাশিদ্বারা চিহ্নিত বৃত্ত বা চক্র, ভচক্র, Zodiac।

রাশিফল /রাশিফল্‌/ [স. রাশি+ফল] বি. জ্যোতিষশাস্ত্রে বর্ণিত রাশি গণনার ফল।

রাশি রাশি /রাশি রাশি/ বিণ. প্রচুর, অসংখ্য (*...ফুল ফুটেছে রাশি রাশি* রবীন্দ্র.)।

রাশীকৃত /রাশিক্‌কৃতো/ [স. রাশি+চ্বি+কৃত] বিণ. স্তূপীকৃত, পুঞ্জীকৃত।

রাষ্ট্র /রাশ্‌ট্রো/ [স. √রাজ্‌+ত্র] বি. ১ স্বাধীন ও সার্বভৌম দেশ। ২ কোনো দেশের অঙ্গরাজ্য, রাজ্য (*যুক্তরাষ্ট্র*)। বিণ. ১ প্রচারিত, ঘোষিত। ২ রটিত (*রাষ্ট্র হওয়া*)।

রাষ্ট্র করা /রাশ্‌ট্রো করা/ ক্রিবি. ১ প্রচার করা, ঘোষণা করা। ২ রটনা করা।

রাষ্ট্রদূত /রাশ্‌ট্রোদুত্‌/ [স. রাষ্ট্র+দূত] বি. কোনো রাষ্ট্রের প্রতিনিধিরূপে অন্য রাষ্ট্রে দায়িত্বপালন-কারী দূত, ambassador।

রাষ্ট্রদ্রোহিতা /রাশ্‌ট্রোদ্‌দ্রোহিতা/ [স. রাষ্ট্রদ্রোহী+তা] বি. দেশ বা রাষ্ট্রের বিরুদ্ধে ষড়যন্ত্র।

রাষ্ট্রদ্রোহী /রাশ্‌ট্রোদ্‌দ্রোহি/ [স. রাষ্ট্র+দ্রোহ+ইন্‌] বিণ. দেশ বা সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্রকারী।

রাষ্ট্রনায়ক /রাশ্‌ট্রোনায়োক্‌/ [স. রাষ্ট্র+নায়ক] বি. ১ রাষ্ট্রের শাসক বা পরিচালক; রাষ্ট্রের নেতা। ২ রাষ্ট্রপতি, president।

রাষ্ট্রনীতি /রাশ্‌ট্রোনিতি/ [স. রাষ্ট্র+নীতি] বি. রাষ্ট্র পরিচালনা বা দেশ শাসনের নীতি; রাজনীতি।

রাষ্ট্রপতি /রাশ্‌ট্রোপোতি/ [স. রাষ্ট্র+পতি] বি. ১ রাষ্ট্রের সর্বোচ্চ পদাধিকারী ব্যক্তি। ২ প্রজাতন্ত্রের নির্বাচিত সাংবিধানিক প্রধান, president।

রাষ্ট্রপরিচালক /রাশ্‌ট্রোপোরিচালক্‌/ [স. রাষ্ট্র+পরিচালক] বি. দ্র রাষ্ট্রনায়ক।

রাষ্ট্রপরিচালনা /রাশ্‌ট্রোপোরিচালোনা/ [স. রাষ্ট্র+পরিচালনা] বি. দেশশাসন।

রাষ্ট্রপুঞ্জ /রাশ্‌ট্রোপুন্‌জো/ [স. রাষ্ট্র+পুঞ্জ] বি. দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর বিভিন্ন দেশের মধ্যে সংঘাত পরিহার করে মৈত্রী ও সহযোগিতার সম্পর্ক গড়ে তোলার লক্ষ্যে বিশ্বের স্বাধীন রাষ্ট্রসমূহের প্রতিনিধিদের সমন্বয়ে ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক সংগঠন, জাতিসংঘ, UNO।

রাষ্ট্রপ্রধান /রাশ্‌ট্রোপ্রোধান্‌/ [স. রাষ্ট্র+প্রধান] বি. রাষ্ট্রপতি।

রাষ্ট্রবিজ্ঞান /রাশ্‌ট্রোবিগ্‌গ্যান্‌/ [স. রাষ্ট্র+বিজ্ঞান] বি. রাষ্ট্রের উৎপত্তি বিকাশ ও পরিচালনা বিষয়ক শাস্ত্র, political science।

রাষ্ট্রবিজ্ঞানী /রাশ্‌ট্রোবিগ্‌গ্যানি/ [স. রাষ্ট্র+বিজ্ঞান+ইন্‌] বি. রাষ্ট্রবিজ্ঞানে অভিজ্ঞ ব্যক্তি।

রাষ্ট্রবিপ্লব /রাশ্‌ট্রোবিপ্‌লব্‌/ [স. রাষ্ট্র+বিপ্লব] বি. ১ রাষ্ট্রশাসন ব্যবস্থায় মৌলিক পরিবর্তন; রাষ্ট্র-পরিচালনার ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন। ২ রাষ্ট্রের অভ্যন্তরের অরাজকতা, গৃহযুদ্ধ।

রাষ্ট্রভাষা /রাশ্‌ট্রোভাশা/ [স. রাষ্ট্র+ভাষা] বি. রাষ্ট্রের বৃহত্তর জনগোষ্ঠীর ভাষা, যে ভাষায় রাষ্ট্রীয় কাজকর্ম নির্বাহ করা হয়।

রাষ্ট্রযন্ত্র /রাশ্‌ট্রোজন্‌ত্রো/ [স. রাষ্ট্র+যন্ত্র] বি. রাষ্ট্রের সরকার বা প্রশাসন।

রাষ্ট্রাচার /রাশ্‌ট্রাচার্‌/ [স. রাষ্ট্র+আচার] বি. দুটি দেশের মধ্যে পারস্পরিক সৌজন্যবোধ বা আচরণ-বিধি; (পরি.) protocol।

রাষ্ট্রায়ত্ত /রাশ্‌ট্রায়োত্‌তো/ [স. রাষ্ট্র+আয়ত্ত] বিণ. রাষ্ট্রের কর্তৃত্বাধীন, রাষ্ট্রের অধিকারভুক্ত (*রাষ্ট্রায়ত্ত ব্যাংক*); (পরি.) nationalized।

রাষ্ট্রিক /রাশ্‌ট্রিক্‌/ [স. রাষ্ট্র+ইক] বিণ. দ্র রাষ্ট্রীয়।

রাষ্ট্রীয় /রাশ্‌ট্রিয়ো/ [স. রাষ্ট্র+ঈয়] বিণ. ১ রাষ্ট্র-সংক্রান্ত। ২ রাষ্ট্রদ্বারা পরিচালিত।

রাষ্ট্রীয়করণ /রাশ্‌ট্রিয়োকরোন্‌/ [স. রাষ্ট্রীয়+করণ] বি. রাষ্ট্রের নিয়ন্ত্রণ বা অধিকারে আনয়ন, রাষ্ট্রায়ত্তকরণ।

রাস /রাশ/ [স. √রস্‌+অ] বি. কার্তিক মাসের পূর্ণিমায় গোপিনীদের সঙ্গে শ্রীকৃষ্ণের নৃত্যলীলা।

রাসন /রাশোন্‌/ [স. রসনা+অ] বিণ. স্বাদ বা রসনা সম্পর্কিত।

রাসপূর্ণিমা /রাশ্‌পুরনিমা/ [স. রাস+পূর্ণিমা] বি. কার্তিক মাসের পূর্ণিমা।

রাসবিহারী /রাশ্‌বিহারি/ [স. রাস+বিহার+ইন্‌] বি. শ্রীকৃষ্ণ।

রাসভ /রাশভ্‌/ [স. √রাস্‌+অভ] বি. গর্দভ, গাধা। স্ত্রী. রাসভী /রাশোভি/।

www.pathagar.com

রাসভনিন্দিত /রাশভ্‌নিন্‌দিতো/ [স. রাসভ+√নিন্দ্‌+ত] বিণ. গাধাকেও হার মানায় এমন শ্রুতিকটু কণ্ঠস্বরবিশিষ্ট।

রাসমণ্ডপ /রাশ্‌মন্‌ডোপ্‌/ [স. রাস+মণ্ডপ] বি. রাধাকৃষ্ণের রাসনৃত্যের মণ্ডপ বা স্থান।

রাসমণ্ডল /রাশ্‌মন্‌ডোল্‌/ [স. রাস+মণ্ডল] বি. দ্র রাসমণ্ডপ।

রাসযাত্রা /রাশ্‌জাত্‌ত্রা/ [স. রাস+যাত্রা] বি. দ্র রাসলীলা।

রাসলীলা /রাশ্‌লিলা/ [স. রাস+লীলা] বি. রাস-পূর্ণিমায় গোপিনীদের সঙ্গে শ্রীকৃষ্ণের নৃত্যলীলা।

রাসায়নিক /রাশায়োনিক্‌/ [স. রসায়ন+ইক] বিণ. রসায়নসম্বন্ধীয়, রসায়নবিষয়ক। বি. রসায়নবিদ।

রাসেশ্বর /রাশেশ্‌শর্‌/ [স. রাস+ ঈশ্বর] বি. শ্রীকৃষ্ণ।

রাসেশ্বরী /রাশেশ্‌শোরি/ [স. রাস+ ঈশ্বরী] বি. শ্রীরাধা।

রাস্তা /রাস্‌তা/ [ফা.] বি. ১ পথ। ২ উপায়, ব্যবস্থা।

রাস্তাঘাট /রাস্‌তাঘাট্‌/ [ফা. রাস্তা+বা. ঘাট] বি. পথঘাট; সদর ও গলিপথ।

রাস্তা দেখানো /রাস্‌তা দেখানো/ ক্রিবি. ১ পথ দেখানো। ২ উপায় বাতলানো।

রাস্তা ধরা /রাস্‌তা ধরা/ ক্রিবি. ১ চলতে আরম্ভ করা। ২ পদাঙ্ক অনুসরণ করা।

রাস্না /রাস্‌না/ [স. √রস্‌+ন+আ (টাপ্‌)] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ায় বৃহদাকার বৃক্ষকে আশ্রয় করে বেড়ে ওঠে এবং গ্রীষ্ম ও শরৎকালে ফোটে এমন লাল বেগুনি হলুদ প্রভৃতি বর্ণের ফুল বা তার সরু ও লম্বা পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, অর্কিডবিশেষ।

রাহা /রাহা/ [ফা.] বি. ১ রাস্তা, পথ। ২ উপায় বা ব্যবস্থা (*সুরাহা*)। ৩ পদবিবিশেষ।

রাহাখরচ /রাহাখরোচ্‌/ [ফা.] বি. পথখরচ, পাথেয়।

রাহাজানি /রাহাজানি/ [ফা.] বি. প্রকাশ্য রাজপথে ডাকাতি ছিনতাই প্রভৃতি অপরাধ।

রাহি /রাহি/ [স. রাধিকা >] বি. শ্রীরাধা।

রাহিত্য /রাহিত্‌তো/ [স. রহিত+য] বি. অভাব, অবিদ্যমানতা, শূন্যতা।

রাহু /রাহু/ [স. √রহ্‌+উ] বি. ১ জ্যোতিষ মতে অষ্টম গ্রহ, পৌরাণিক মতে গ্রহণকালে যা সূর্য বা চন্দ্রকে গ্রাস করে। ২ পুরাণে বর্ণিত বিষ্ণু কর্তৃক দ্বিখণ্ডিত দানবের ছিন্নমস্তক (যার ছিন্নমস্তকের নাম রাহু এবং ধড়-অংশের নাম কেতু)। ৩ (আল.) সর্বনাশ সাধনকারী ব্যক্তি, শত্রু।

রাহুগ্রস্ত /রাহুগ্রোস্‌তো/ [স. রাহু+ √গ্রস্‌+ত] বিণ. ১ রাহু গ্রাস করেছে এমন। ২ (আল.) অত্যন্ত বিপন্ন। ৩ অসাধু লোকের কবলে পড়েছে এমন।

রাহুমুক্ত /রাহুমুক্‌তো/ [স. রাহু+ √মুচ্‌+ত] বিণ. ১ রাহুর গ্রাসমুক্ত। ২ (আল.) দুর্ভাগ্যের কবল থেকে মুক্তিপ্রাপ্ত।

রাহুর দশা /রাহুর্‌ দশা/ বি. অত্যন্ত দুর্দশাগ্রস্ত অবস্থা।

রাহুত /রাহুত্‌/ [হি. রাবৎ >] বি. ১ অশ্বারোহী সৈন্য। ২ পদবিবিশেষ। ৩ জাতিবিশেষ।

রাহুল /রাহুল্‌/ [ব্যক্তি.] বি. সিদ্ধার্থের (বুদ্ধদেব) পুত্র।

রি /রি/ [বা.] অব্য. সংগীতে ঋষভ-স্বর বোঝাতে ব্যবহৃত সংকেত, ঋ।

রিং /রিং/ [ই. ring >] বি. টেলিফোনের ঘণ্টাধ্বনি।

রিংগিত /রিংগিত্‌/ [বামা.] বি. মালয়েশীয় মুদ্রার একক।

রিকশা /রিক্‌শা/ [জাপ.] বি. মনুষ্যবাহিত দুই বা তিন চাকার সড়কযান; rickshaw।

রিকশাওয়ালা /রিক্‌শাওআলা/ [জাপ. রিকশা+ই. ওয়ালা] বি. যে ব্যক্তি রিকশা চালিয়ে জীবিকা অর্জন করে।

রিকশাচালক /রিক্‌শাচালক্‌/ [জাপ. রিকশা+স. চালক] বি. দ্র রিকশাওয়ালা।

রিকেট /রিকেট/ [গ্রিক.] বি. অপুষ্টিজনিত (বিশেষ করে ভিটামিন ডি-র অভাবহেতু) রোগবিশেষ যাতে শিশুদের হাড় দৃঢ়তা হারায় এবং সহজে বাঁকা হয়ে যায়, rickets।

রিক্‌থ /রিক্‌থো/ [স. √রিচ্‌+থ] বি. ১ অর্থ, ধন-সম্পত্তি। ২ উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত সম্পদ।

রিক্ত /রিক্‌তো/ [স. √রিচ্‌+ত] বিণ. ১ শূন্য, খালি (*রিক্তহস্ত*)। ২ অত্যন্ত দরিদ্র। বি. ~তা /-তা/।

রিক্তা /রিক্‌তা/ [স. রিক্ত+আ (টাপ্‌)] বি. (জ্যোতি.) চতুর্থী নবমী ও চতুর্দশী তিথি।

রিঙ্গণ /রিংগন্‌/ [স. √রিঙ্গ্‌+অন] বি. ১ হামাগুড়ি। ২ বুকে ভর করে চলাচল।

রিজারভেশন /রিজ়ারভেশন্‌/ [ই. reservation] বি. ১ ভ্রমণের উদ্দেশ্যে বিমান রেল জাহাজ প্রভৃতি পরিবহণে আসন সংরক্ষণ। ২ ডাকবাংলো অতিথি-শালা হোটেল প্রভৃতি স্থানে অবস্থানের জন্য কক্ষ সংরক্ষণ।

রিজিক /রিজিক্‌/ [আ.] বি. জীবিকা, রুটিরুজি।

রিট /রিট্‌/ [ই.] বি. সিদ্ধান্তগ্রহণ বা কর্মসম্পাদন থেকে বিরত থাকার জন্য কোনো ব্যক্তি বা

www.pathagar.com

প্রতিষ্ঠানের প্রতি আদালত কর্তৃক লিখিত নির্দেশ জারির প্রার্থনা, writ।

রিটায়ার /রিটায়ার্/ [ফ.] বি. চাকরি থেকে অবসর গ্রহণ, retire।

রিটার্ন /রিটার্ন্/ [ই. return] বিণ. ফেরত (*রিটার্ন টিকিট*)। বি. বার্ষিক কর নির্ধারণের জন্য আয়কর দপ্তরে প্রদেয় আয়-ব্যয়ের হিসাব।

রিটার্নিং অফিসার /রিটার্নিং অফিসার্/ বি. নির্দিষ্ট নির্বাচনী এলাকার ভারপ্রাপ্ত আধিকারিক, returning officer।

রিঠা /রিঠা/ [স. অরিষ্ট >] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন ঘনবিন্যস্ত রোমশ সাদা ফুল ও বীজযুক্ত ছোটো ফল (পশমি কাপড় ধোয়ার জন্য ব্যবহৃত) বা তার শাখা-প্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির উদ্ভিদ।

রিঠামাছ /রিঠামাছ্/ [দেশি.] বি. ভারতীয় উপ-মহাদেশের ঈষৎ লোনা বা স্বাদু জলে বিচরণ করে এমন পিঠ ও বুকে শক্ত কাঁটা এবং অপেক্ষাকৃত বড়ো মাথাবিশিষ্ট আঁশবিহীন মাছ।

রিডার /রিডার্/ [ই. reader] বি. ১ পাঠক। ২ বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপকের পদবি।

রিনঝিন /রিনঝিন্/ [ধ্বন্যা.] বি. ১ নূপুরের শব্দ। ২ তারযন্ত্রের ঝংকার।

রিনরিন /রিন্‌রিন্/ [ধ্বন্যা.] অব্য. ক্ষীণ ও কোমল ভাব।

রিনিকিঝিনিকি /রিনিকিঝিনিকি/ [ধ্বন্যা.] বি. দ্র রিনঝিন।

রিনিঝিনি /রিনিঝিনি/ [ধ্বন্যা.] বি. দ্র রিনঝিন।

রিপিট /রিপিট্/ [ই. revet >] বি. ধাতব পাত জোড়া দেওয়ার জন্য ব্যবহৃত ধাতুনির্মিত শলাকাবিশেষ (একটির ওপর আরেকটি পাত রাখার পর ছিদ্র করে ঢোকানো যে শলাকার মুখ পিটিয়ে চ্যাপটা করে দেওয়া হয়), নাচি।

রিপু /রিপু/ [স. √রপ্+উ] বি. ১ শত্রু। ২ মানব চরিত্রের ছয়টি প্রবৃত্তি (কাম ক্রোধ লোভ মোহ মদ ও মাৎসর্য)। ৩ (জ্যোতি.) লগ্ন থেকে ষষ্ঠ স্থান।

রিপুঘ্ন /রিপুঘ্নো/ [স. রিপু+√হন্+অ] বিণ. শত্রুনাশক।

রিপুদমন /রিপুদমোন্/ [স. রিপু+দমন] বি. ১ কাম ক্রোধাদি দমন, প্রবৃত্তিদমন। ২ শত্রুদমন।

রিপুদমী /রিপুদোমি/ [স. রিপু+দম+ইন্] বিণ. শত্রু দমন করে এমন।

রিপুপরবশ /রিপুপরোবশ্/ [স. রিপু+পরবশ] বিণ. রিপুর বশবর্তী।

রিপুবল /রিপুবল্/ [স. রিপু+বল] বি. শত্রুসৈন্য।

রিপোর্ট /রিপোর্ট্/ [ই. report] বি. ১ বিবেচনার উদ্দেশ্যে উপস্থাপিত কোনো নির্দিষ্ট বিষয়ে সংগৃহীত তথ্যভিত্তিক বিশদ বিবরণ। ২ অভিযোগ।

রিপোর্টার /রিপোর্টার্/ [ই.] বিণ. বি. সংবাদপত্রের প্রতিবেদক, সংবাদদাতা, reporter।

রিফরিজারেটর /রিফ্‌রিজারেটর্/ [ই.] বি. (সংরক্ষণের উদ্দেশ্যে) খাদ্যদ্রব্য ওষুধপত্র প্রভৃতি ঠান্ডা রাখার আধারবিশেষ, refrigerator।

রিফাইনারি /রিফাইনারি/ [ই. refinery] বি. ১ যে যন্ত্রের সাহায্যে খনিজ তৈলের বিভিন্ন স্ফুটনাঙ্কের তরল পদার্থ পৃথক করে শোধন করা হয়। ২ তৈল চিনি প্রভৃতি শোধনের দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান।

রিফিউজি /রিফিউজি/ [ফ.] বি. সাম্প্রদায়িক সংঘাত রাজনৈতিক অস্থিরতা যুদ্ধ প্রভৃতি কারণে স্বভূমি থেকে বিতাড়িত ব্যক্তি, প্রাকৃতিক দুর্যোগের কারণে নিজ দেশ ছেড়ে অন্য দেশে আশ্রয়প্রার্থী, উদ্‌বাস্তু, শরণার্থী, refugee।

রিফু /রিফু/ [ফা.] বি. সুচসুতো দিয়ে বুনে ছেঁড়া কাপড়ের জীর্ণ সংস্কার।

রিবেট /রিবেট্/ [ই.] বি. মূল্যের ছাড়, rebate।

রিভলভার /রিভল্‌ভার্/ [ই.] বি. একসঙ্গে একাধিক গুলি ভরে পরপর ছোড়া যায় এমন পকেটে বহনযোগ্য ছোটো বন্দুক, revolver।

রিম /রিম্/ [ই.] বি. ৫০০ তা (পূর্বের হিসাবে ২০ দিস্তা বা ৪৮০ তা) কাগজের গুচ্ছ, ream।

রিমঝিম /রিম্‌ঝিম্/ [ধ্বন্যা.] অব্য. বি. মৃদু বৃষ্টিপাতের অনুকার শব্দ।

রিমিকি ঝিমিকি /রিমিকি ঝিমিকি/ অব্য. বি. ১ হালকা বৃষ্টিপাতের অনুকার শব্দ। ২ নূপুরের ঝংকার। ক্রিবিণ. ঝমঝম শব্দ করে (*রিমিকি ঝিমিকি ঝরে ভাদরের ধারা— রবীন্দ্র.*)।

রিমিঝিমি /রিমিঝিমি/ [ধ্বন্যা.] ক্রিবিণ. রিমঝিম শব্দ করে।

রিমোট /রিমোট্/ [ই.] বি. দ্র রিমোট কন্ট্রোল।

রিমোট কন্ট্রোল /রিমোট্ কন্‌ট্রোল্/ বি. ১৯৫৫ সালে মার্কিন বৈজ্ঞানিক ইউজিন পলি কর্তৃক উদ্ভাবিত অবলোহিত (infra-red) রশ্মির সাহায্যে টেলিভিশন শীতাতপ নিয়ন্ত্রণযন্ত্র প্রভৃতি দূরনিয়ন্ত্রণের সরঞ্জাম-বিশেষ, remote control।

রিয়াল /রিআল্/ [আ.] বি. মধ্যপ্রাচ্যের কয়েকটি

www.pathagar.com

দেশে প্রচলিত মুদ্রার এককবিশেষ।

রিরংসা /রিরংশা/ [স. √রিরংস্+অ+আ (টাপ্)] বি. রমণ বা রতিক্রিয়ার ইচ্ছা, কাম।

রিরংসু /রিরোংশু/ [স. √রিরংস্+উ] বিণ. রমণ বা রতিক্রিয়ায় ইচ্ছুক।

রিরি /রিরি/ [ধ্বন্যা.] অব্য. তীব্র ক্রোধ ঘৃণা প্রভৃতি অনুভূতিপ্রকাশক শব্দ (*গা রিরি করা*)।

রিল /রিল্/ [ই.] বি. কাগজ সুতা টেপ ফিল্ম প্রভৃতি গুটিয়ে রাখার কাটিম বা চাকতি, reel।

রিলিফ /রিলিফ্/ [ই. relief] বি. ১ দুঃস্থ ও পীড়িত মানুষকে খাদ্য বস্ত্র অর্থ প্রভৃতি দিয়ে সহায়তা প্রদান, ত্রাণ। ২ উৎকণ্ঠা মোচন। ৩ উপশম।

রিলে /রিলে/ [ই. relay >] বি. ১ কোনো ঘটনা (সচরাচর খেলা প্রভৃতি) বেতার বা টেলিভিশনে সরাসরি সম্প্রচার বা পুনঃপ্রচার। ২ দৌড় বা সাঁতারের দলগত প্রতিযোগিতা (*রিলে রেস*)।

রিলে রেস /রিলে রেস্/ বি. দৌড় বা সাঁতারের দলগত প্রতিযোগিতা, relay race।

রিষ /রিশ্/ [ফা.] বি. ১ হিংসা, দ্বেষ। ২ ক্রোধ।

রিষ্ট /রিশ্টো/ [স. √রিষ্+ত] বি. ১ পাপ। ২ অমঙ্গল, অকল্যাণ। ৩ গ্রহদোষ।

রিষ্টি /রিশ্টি/ [স. √রিষ্+তি] বি. দ্র রিষ্ট।

রিষ্টিনাশা /রিশ্টিনাশা/ [স. রিষ্টি+বা. নাশা] বিণ. অকল্যাণ নাশকারী।

রিসালদার /রিসাল্দার্/ [আ. রিসাল+ফা. দার] বি. অশ্বারোহী সৈন্যদলের অধিনায়ক।

রিসালা /রিসালা/ [আ.] বি. ১ পুস্তিকা। ২ অশ্বারোহী সৈন্যদল।

রিসিভার /রিসিভার্/ [ই. receiver] বি. ১ দূরালাপনী দূরভাষ বা টেলিফোনে কথোপকথনের সরঞ্জাম। ২ মালিকানার বিরোধ নিষ্পত্তি হয়নি এমন অথবা দেউলিয়া বা মানসিক ভারসাম্যহীন ব্যক্তির সম্পত্তির তদারকির জন্য আদালত কর্তৃক নিয়োজিত প্রশাসক।

রিহার্সাল /রিহার্সাল্/ [ই.] বি. মঞ্চে পরিবেশনের পূর্বে অভিনয় নাচ গান প্রভৃতির অনুশীলন, মহড়া, মহলা, তালিম, rehearsal।

রীত /রিত্/ [স. রীতি >] বি. ১ আচার-ব্যবহার, চালচলন। ২ প্রথা।

রীতি /রিতি/ [স. √রী+তি] বি. ১ প্রণালি, ধরন। ২ প্রথা, ধারা। ৩ স্বভাব। ৪ রচনাশৈলী (*গদ্যরীতি*)।

রীতিনীতি /রিতিনিতি/ [স. রীতি+√নী+তি] বি. ১ আচার-আচরণ। ২ প্রথা, রেওয়াজ।

রীতিবিরুদ্ধ /রিতিবিরুদ্ধো/ [স. রীতি+বিরুদ্ধ] বিণ. প্রথা বা নিয়মবিরুদ্ধ।

রীতিমতো /রিতিমতো/ [স. রীতি+বা. মতো] ক্রিবিণ. যথারীতি। বিণ. ভীষণরকম (*রীতিমতো উত্তেজিত*)।

রীতিসম্মত /রিতিশম্মতো/ [স. রীতি+সম্মত] বিণ. প্রচলিত রীতিনীতির সঙ্গে সংগতিপূর্ণ, প্রথা-অনুমোদিত।

রীতিসিদ্ধ /রিতিশিদ্ধো/ [স. রীতি+√সিধ্+ত] বিণ. রীতি বা প্রথার সঙ্গে সংগতি আছে এমন।

রুই /রুই/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের পুকুর বা জলাশয়ে ব্যাপকভাবে চাষ করা হয় এমন ক্রমশ সরু হয়ে আসা লেজ ও মাথাবিশিষ্ট রুপালি আঁশযুক্ত মাঝারি আকৃতির স্বাদুজলের মাছ, রোহিত।

রুইকাতলা /রুইকাত্লা/ [দেশি.] বি. ১ রুই কাতলা প্রভৃতি বড়ো মাছ। ২ (আল.) সমাজের বিত্তবান ও প্রতিপত্তিশালী ব্যক্তিবর্গ।

রুইতন /রুইতন্/ [ওল. ruiten >] বি. তাস খেলায় লাল বরফিসদৃশ চিহ্নযুক্ত তাস, diamonds।

রুইদাস /রুইদাশ্/ [হি. রয়দাস >] বি. ১ জুতা সেলাই করা যার পেশা, চর্মকার। ২ চর্মকার জাতির আদিপুরুষ।

রুকু /রুকু/ [আ.] বি. নামাজের সময় দুই হাঁটুর ওপর হাতে ভর দিয়ে দাঁড়ানোর ভঙ্গিবিশেষ।

রুক্মিণী /রুক্কিণি/ [স. রুক্ম+ইন্+ঈ] বি. বিদর্ভরাজ ভীষ্মকের কন্যা ও শ্রীকৃষ্ণের প্রধান মহিষী।

রুক্মী /রুক্কি/ [স. রুক্ম+ইন্] বি. বিদর্ভরাজ ভীষ্মকের পুত্র।

রুক্ষ /রুক্খো/ [স. √রুহ্+স] বিণ. ১ কর্কশ, খসখসে (*রুক্ষ চর্ম*)। ২ শুতিকটু (*রুক্ষ ভাষা*)। ৩ তেল-বর্জিত (*রুক্ষ কেশ*)। ৪ অমার্জিত ও অশোভন (*রুক্ষ ব্যবহার*)। ৫ ক্রুদ্ধ, উগ্র (*রুক্ষ মেজাজ*)। ৬ অসমতল (*রুক্ষ পথ*)। ৭ শক্ত (*রুক্ষ মাটি*)। বি. ~তা /-তা/।

রুক্ষভাষী /রুক্খোভাশি/ [স. রুক্ষ+√ভাষ্+ইন্] বিণ. রূঢ় বা কর্কশ ভাষায় কথা বলে এমন।

রুক্ষমূর্তি /রুক্খোমুরতি/ [স. রুক্ষ+√মূর্চ্ছ্+তি] বিণ. ক্রুদ্ধ চেহারাযুক্ত, উগ্রমূর্তি।

রুখা[১] /রুখা/ [বা.] ক্রিবি. ১ গতিরোধ করা, থামানো (*রুখে দাঁড়ানো*)। ২ বাধা দেওয়া।

রুখা[২] /রুখা/ [স. রুক্ষ >] বিণ. ১ শুকনো, শুষ্ক;

www.pathagar.com

তেলহীন। ২ খোরপোশ দিতে হয় না এমন।

বুগি /বুগি/ [স. রোগী >] বি. 'রোগী'-র কথ্য রূপ।

বুগ্‌ণ/বুগ্‌নো/[স. √বুজ্‌+ত] বিণ. ১ অসুস্থ ও দুর্বল (*বুগ্‌ণ স্বাস্থ্য*)। ২ টিকিয়ে রাখা কষ্টসাধ্য এমন (*বুগ্‌ণ শিল্প*)। বি. -তা /-তা/।

বুচা /বুচা/ [বা.] ক্রিবি. বুচিকর হওয়া।

বুচি /বুচি/ [স. √বুচ্‌+ই] বি. ১ মার্জিত আচার-আচরণ। ২ দীপ্তি, সৌন্দর্য (*দন্তবুচি*)। ৩ পছন্দ (*সুবুচি*)।৪ আকর্ষণ, আগ্রহ (*আহারে বুচি*)।

বুচিকর /বুচিকর/ [স. বুচি+কর] বিণ. ১ বুচি হয় এমন, সুস্বাদু (*বুচিকর খাবার*)। ২ স্পৃহাজনক, আগ্রহব্যঞ্জক। ৩ প্রীতিকর।

বুচিবাগীশ /বুচিবাগিশ্‌/ [স. বুচি+বাগীশ] বিণ. (ব্য.) বুচিবোধের ব্যাপারে বায়ুগ্রস্ত এমন।

বুচিবিকার /বুচিবিকার/ [স. বুচি+বিকার] বি. ১ বুচিহীনতা। ২ বুচির বিকৃতি, কুবুচি।

বুচিবোধ /বুচিবোধ/ [স. বুচি+বোধ] বি. বুচিজ্ঞান।

বুচিভেদ/বুচিভেদ্‌/[স. বুচি+ভেদ] বি. বুচির ভিন্নতা।

বুচিমান /বুচিমান্‌/ [স. বুচি+মৎ] বিণ. মার্জিত বুচি-সম্পন্ন।

বুচির /বুচির্‌/ [স. √বুচ্‌+ইর] বিণ. ১ মনোজ্ঞ, মনোরম, সুন্দর, শোভন। ২ দীপ্ত, উজ্জ্বল।

বুচিরা /বুচিরা/ [স. বুচির+আ (টাপ্‌)] বি. সংস্কৃত ছন্দবিশেষ।

বুচিশীল /বুচিশিল্‌/ [স. বুচি+শীল] বিণ. মার্জিত বুচিসম্পন্ন। বি. বুচিশীলতা /বুচিশিলতা/।

বুচিসম্মত /বুচিশম্মতো/ [স. বুচি+সম্মত] বিণ. বুচিমাফিক।

বুচ্য /বুচ্চো/ [স. √বুচ্‌+য] বিণ. ১ বুচি হয় এমন। ২ প্রীতিকর।

বুজ /বু:জ্‌/ [ই.] বি. গণ্ডদেশ রাঙানোর প্রসাধনী-বিশেষ, rouge।

বুজি /বুজি/ [ফা.] বি. দৈনন্দিন অন্ন সংস্থানের উপায় (*বুটিবুজি*), জীবিকা।

বুজিরোজগার /বুজিরোজ্‌গার্‌/ [ফা.] বি. জীবিকা অর্জন ও অন্নসংস্থান, উপার্জন, আয়ের ব্যবস্থা।

বুজু[১] /বুজু/ [আ.] বিণ. দাখিল, দায়ের (*মামলা বুজু করা*)।

বুজু[২]/বুজু/ [স. ঋজু >] বিণ. ১ সোজা, খাড়া। ২ অনুযায়ী; অনুসারী। ৩ সম্মুখবর্তী।

বুজুবুজু /বুজুবুজু/ [স. ঋজু >] বিণ. পরস্পরের সম্মুখবর্তী, মুখোমুখি।

বুটি /বুটি/ [দেশি.] বি. ১ তাওয়ায় বা তন্দুরে সেঁকা আটা-ময়দার তৈরি খাদ্যবস্তু। ২ (আল.) জীবন-ধারণের উপায়, জীবিকা (*বুটিবুজি*)।

বুটিন /বুটিন্‌/ [ফ.] বি. ১ দৈনন্দিন করণীয় কাজের নির্ঘন্ট। ২ বিদ্যালয়ের প্রাত্যহিক পাঠগ্রহণের সময়সূচি। বিণ. নিয়মমাফিক।

বুটিনবাঁধা /বুটিনবাঁধা/ [ফ. বুটিন+বা. বাঁধা] বিণ. নিয়ম মেনে চলতে হয় এমন, ছকবাঁধা।

বুটিবুজি /বুটিবুজি/ [দেশি. বুটি+ফা. বুজি] বি. খাদ্য ও জীবিকা।

বুঠো /বুঠো/ [স. বূঢ় >] বিণ. ১ অনুর্বর, রুক্ষ, নীরস (*বুঠো জমি*)। ২ নিষ্ঠুর, নির্দয়।

বুদিত /বুদিতো/ [স. √বুদ্‌+ত] বিণ. ১ কেঁদেছে এমন। ২ কাঁদছে এমন, ক্রন্দনরত।

বুদধ /বুদ্‌ধো/ [স. √বুধ্‌+ত] বিণ. ১ বন্ধ (*বুদ্ধদ্বার*)। ২ প্রতিহত, বাধাপ্রাপ্ত (*বুদ্ধ স্রোত*)। ৩ অববুদ্ধ, আটক (*কারাবুদ্ধ*)। ৪ চাপা (*বুদ্ধক্রন্দন*)।

বুদধকক্ষ /বুদ্‌ধোকোক্‌খো/ [স. বুদ্ধ+কক্ষ] বি. দরজা জানালা বন্ধ এমন ঘর।

বুদধদ্বার /বুদ্‌ধোদার্‌/ [স. বুদ্ধ+দ্বার] বিণ. ১ দরজা বন্ধ রয়েছে এমন। ২ দরজা বন্ধ রেখে অনুষ্ঠিত। বি. গোপন আলোচনা বৈঠক (*বুদ্ধদ্বার বৈঠক*)।

বুদধশ্বাস /বুদ্‌ধোশ্‌শাশ্‌/ [স. বুদ্ধ+শ্বাস] বিণ. ১ শ্বাস-বায়ু বন্ধ হওয়ার উপক্রম হয়েছে এমন। ২ উত্তেজনা দ্রুততা প্রভৃতি কারণে শ্বাস ফেলতে অক্ষম এমন অবস্থাপ্রাপ্ত।

বুদধশ্বাসে /বুদ্‌ধোশ্‌শাশে/ [বা.] ক্রিবিণ. শ্বাসরুদ্ধকর বেগে (*বুদ্ধশ্বাসে ছুটে চলা*)।

বুদ্যমান /বুদ্‌দোমান্‌/ [স. রোরুদ্যমান >] বিণ. কাঁদছে এমন, ক্রন্দনরত।

বুদ্র /বুদ্‌দ্রো/ [স. √রুদ্‌+র] বি. শিবের সংহারমূর্তি; শিব। বিণ. ১ উগ্র (*বুদ্র রূপ*)। ২ সংহারক।

বুদ্রজ /বুদ্‌দ্রোজো/ [স. রুদ্র+√জন্‌+অ] বিণ. রুদ্র বা শিব থেকে জাত। বি. পারদ।

বুদ্রজটা /বুদ্‌দ্রোজটা/ [স. রুদ্র+√জট্‌+অ+আ (টাপ্‌)] বি. শিবের জটা।

বুদ্রতাল /বুদ্‌দ্রোতাল/ [স. রুদ্র+তাল] বি. সংগীতের তালবিশেষ; তাণ্ডবনৃত্যের তাল।

বুদ্রবীণা /বুদ্‌দ্রোবিনা/ [স. রুদ্র+বীণা] বি. বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ।

বুদ্রমূর্তি /বুদ্‌দ্রোমুর্‌তি/ [স. রুদ্র+মূর্তি] বিণ. ১ ভয়ংকরমূর্তি; সংহারমূর্তি। ২ ক্রুদ্ধ চেহারাবিশিষ্ট।

www.pathagar.com

রুদ্রাক্ষ /রুদ্‌দ্রাক্‌খো/ [স. রুদ্রাক্ষি+অ] বি. ক্রান্তীয় অঞ্চলের অরণ্যে জাত এবং শীতকালে ফোটে এমন রোমশ সাদা ছোটো ফুল ও গোলাকার রসালো ফল (যার বীজ জপমালা তৈরির জন্য ব্যবহৃত হয়) বা তার ভেষজগুণসম্পন্ন চিরহরিৎ বৃক্ষ।

রুদ্রাক্ষমালা /রুদ্‌দ্রাক্‌খোমালা/ [স. রুদ্রাক্ষ+মালা] বি. রুদ্রাক্ষের তৈরি জপমালা।

রুদ্রাণী /রুদ্‌দ্রানি/ [স. রুদ্র+ঈ] বি. শিবের পত্নী ভবানী, দুর্গা।

রুধা /রুধা/ [বা.] ক্রিবি. বাধা দেওয়া, প্রতিহত করা।

রুধির /রুধির/ [স. √রুধ্+ইর] বি. ১ রক্ত, শোণিত। ২ রক্তবর্ণ। ৩ কুমকুম।

রুধিররঞ্জিত /রুধির্‌রোন্‌জিতো/ [স. রুধির+√রঞ্জ্+ত] বিণ. রক্তমাখা, রক্তাক্ত।

রুধিরাক্ত /রুধিরাক্‌তো/ [স. রুধির+√অনজ্+ত] বিণ. দ্র রুধিররঞ্জিত।

রুনুঝুনু /রুনুঝু নু/ [ধ্বন্যা.] বি. নূপুর ঘুঙুর প্রভৃতির শব্দ, নূপুরের ঝংকার।

রুনুরুনু /রুনুরুনু/ [ধ্বন্যা.] বি. দ্র রুনুঝুনু।

রুপা /রুপা/ [স. রূপ্য >] বি. অলংকার তৈরির জন্য ব্যবহৃত মূল্যবান উজ্জ্বল সাদা ঘাতসহ মৌলিক ধাতু যার পারমাণবিক সংখ্যা ৪৭, রৌপ্য, রুপো, রজত, চাঁদি।

রুপালি /রুপালি/ [স. রূপ্য >] বিণ. ১ রুপার পাতে মোড়া, রৌপ্যমণ্ডিত। ২ রুপার মতো সাদা।

রুপালি পর্দা /রুপালি পরদা/ বি. ১ সাদা ঝকঝকে পর্দা। ২ (সাদা ঝকঝকে পর্দায় প্রক্ষেপণ করা হয় বলে) চলচ্চিত্র, সিনেমা।

রুপি /রুপি/ [হি.] বি. ভারত পাকিস্তান নেপাল শ্রীলঙ্কা প্রভৃতি কয়েকটি দেশের মুদ্রার একক।

রুপো /রুপো/ [বা.] বি. 'রুপা'-র কথ্য রূপ।

রুবি /রুবি/ [ই.] বি. গাঢ় লাল রত্নবিশেষ, চুনি, ruby।

রুমঝুম /রুমঝুম্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. নূপুরের ধ্বনি।

রুমাল /রুমাল্‌/ [ফা.] বি. (সাধারণত হাত বা মুখ মোছার জন্য ব্যবহৃত) পকেটে রাখা যায় এমন ছোটো কাপড়ের টুকরো।

রুয়া[১] /রুআ/ [দেশি.] ক্রিবি. রোপণ করা (*ধান রুয়া*)। বিণ. রোপণ করা হয়েছে এমন।

রুয়া[২] /রুআ/ [দেশি.] বি. ঘরের চালে যেসব লম্বা ও মসৃণ বাঁশ বা কাঠের ফালি বাঁধা হয়।

রুয়ানো /রুআনো/ [বা.] ক্রিবি. রোপণ করানো। বিণ. রোপণ করা হয়েছে এমন, রোপিত।

রুরু /রুরু/ [স. √রু+রু] বি. আফ্রিকা ও এশিয়ার তৃণভূমিতে বিচরণ করে এমন ছিপছিপে দেহ লম্বা পা ও পেছনদিকে বাঁকানো শিংবিশিষ্ট (সচরাচর পুরুষকুলের) ক্ষিপ্র গতিসম্পন্ন হরিণজাতীয় সুদর্শন প্রাণী, কৃষ্ণসার, antelope।

রুল[১] /রুল্‌/ [ই. rule] বি. ১ আইন, বিধি (*সার্ভিস রুল*)। ২ আদালতের নির্দেশ (*রুল জারি*)।

রুল[২] /রুল্‌/ [ই. ruler >] বি. ১ রেখা, লাইন (*রুল টানা*)। ২ সরলরেখা টানার জন্য ব্যবহৃত কাঠ ইস্পাত প্রভৃতির তৈরি সরু পাত। ৩ (অধুনালুপ্ত মুদ্রণ পদ্ধতিতে) পঙ্‌তিসমূহের মধ্যে সমান দূরত্ব রক্ষার জন্য ব্যবহৃত সীসার পাতলা পাত।

রুলি /রুলি/ [দেশি.] বি. নারীর হাতে পরিধেয় বালাজাতীয় অলংকারবিশেষ।

রুশ /রুশ্‌/ [ফা.] বি. রাশিয়ার অধিবাসী বা ভাষা। বিণ. রাশিয়ার ভাষা বা দেশ সংক্রান্ত।

রুষা /রুশা/ [বা.] ক্রিবি. (কাব্যে) ক্রুদ্ধ হওয়া।

রুষিত /রুশিতো/ [স. √রুষ্+ত] বিণ. রাগান্বিত, ক্রুদ্ধ। স্ত্রী. রুষিতা /রুশিতা/।

রুষ্ট /রুশ্‌টো/ [স. √রুষ্+ত] বিণ. রাগান্বিত, ক্রুদ্ধ। স্ত্রী. রুষ্টা /রুশ্‌টা/।

রুসুমাত /রুস্‌মাত্‌/ [আ.] বি. (মুসলমানদের বিবাহ অনুষ্ঠানে) বর-কনের প্রথম পরস্পর মুখ দেখার সংস্কার, শুভদৃষ্টি।

রুহ[১] /রুহ্‌/ [আ.] বি. আত্মা; অন্তরাত্মা।

-রুহ[২] /রুহো/ [স. √রুহ্+অ] বিণ. (সমাসের পরপদে) জাত (*মহীরুহ*)।

রুহিতন /রুহিতন্‌/ [ওল.] বি. 'রুইতন'-এর কথ্য রূপ।

রুহু /রুহু/ [আ. রুহ্‌ >] বি. (বাংলায়) রুহ[১]-এর কাব্যিক রূপ।

রূঢ় /রুঢ়ো/ [স. √রুহ্+ত] বিণ. ১ (বাংলায়) কর্কশ, রুক্ষ (*রূঢ় বাক্য*)। ২ কঠোর, অপ্রিয় (*রূঢ় সত্য*)। ৩ উৎপন্ন, জাত। ৪ প্রসিদ্ধ। ৫ (ব্যা.) ব্যুৎপত্তিলব্ধ অর্থ ভিন্ন অন্য অর্থপ্রকাশক (*রূঢ় শব্দ*)।

রূঢ়তা /রুঢ়োতা/ [স. রূঢ়+তা] বি. রুক্ষতা; কঠোরতা।

রূঢ়পদার্থ /রুঢ়োপদার্‌থো/ [স. রূঢ়+পদার্থ] বি. অমিশ্র বা মৌলিক পদার্থ।

রূঢ়ভাষী /রুঢ়োভাশি/ [স. রূঢ়+√ভাষ্+ইন্‌] বিণ. কটুভাষী।

রূঢ়মূল /রুঢ়োমুল্‌/ [স. রূঢ়+মূল] বিণ. বদ্ধমূল, দৃঢ়মূল।

www.pathagar.com

বৃঢ়ি /বুঢ়ি/ [স. √বৃহ্+তি] বি. ১ উৎপত্তি, জন্ম। ২ প্রসিদ্ধি, খ্যাতি। ৩ (ব্যা.) ব্যুৎপত্তিলব্ধ অর্থ ভিন্ন অন্য অর্থ প্রকাশের শক্তি। ৪ লোকপ্রসিদ্ধি।

বৃঢ়িশব্দ /বুঢ়িশব্দো/ [স. বৃঢ়ি+শব্দ] বি. ব্যুৎপত্তিগত অর্থের সঙ্গে প্রচলিত অর্থের পার্থক্যসূচক শব্দ।

বৃপ /বুপ্/ [স. √বৃপ্+অ] বি. ১ মূর্তি (*মনুষ্য বৃপ*)। ২ সৌন্দর্য, শ্রী (*বৃপের জৌলুস*)। ৩ আকৃতি, চেহারা (*নববৃপ ধারণ*)। ৪ প্রকার, রকম (*কীবৃপ*)। ৫ (ব্যা.) বিভক্তিযুক্ত শব্দ বা ধাতু (*ধাতুবৃপ*)। ৬ (দর্শন.) দৃষ্টিগ্রাহ্য বা প্রত্যক্ষ বিষয়। বিণ. তুল্য; অভিন্ন।

বৃপক /বুপক্/ [স. √বৃপ্+অক] বি. ১ (ব্যা.) যে অর্থালংকারে উপমান ও উপমেয়কে অভেদ কল্পনা করা হয়। ২ যেসব কাব্য বা নাটকে কোনো তত্ত্বকে বৃপ দেওয়া হয়। ৩ যে দৃশ্যকাব্যে কোনো চরিত্রের ওপর অন্য কারো প্রকৃতি বা বৃপ আরোপিত হয়।

বৃপকথা /বুপ্কথা/ [স. উপকথা >] বি. অবাস্তব কল্পকাহিনি, উপকথা, fairy tale।

বৃপকল্প /বুপোকল্পো/ [স. বৃপ+কল্প] বি. মানসপটে কল্পিত ছবি; চিত্রকল্প।

বৃপকার /বুপোকার্/ [স. বৃপ+√কৃ+অ] বিণ. বৃপ-দানকারী। বি. ১ শিল্পী। ২ নাটক বা চলচ্চিত্রে বৃপসজ্জার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি।

বৃপচর্চা /বুপ্চর্চা/ [স. বৃপ+চর্চা] বি. দেহের সৌন্দর্য বৃদ্ধির জন্য প্রসাধনচর্চা ও পরিশীলন।

বৃপচাঁদ /বুপ্চাঁদ্/ [বা.] বি. (ব্য.) বৃপার টাকা।

বৃপচাঁদা /বুপ্চাঁদা/ [বা.] বি. বঙ্গোপসাগর প্রশান্ত-মহাসাগর ও আটলান্টিক মহাসাগরের উপকূলে বিচরণ করে এমন পিঠের দিকে উজ্জ্বল বৃপালি বা কালচে মিহি আঁশবিশিষ্ট চ্যাপটা ও প্রায় চতুষ্কোণাকৃতি সুস্বাদু মাছ, চন্দক, pomfret।

বৃপজ /বুপোজো/ [স. বৃপ+√জন্+অ] বিণ. ১ বৃপ-জাত। ২ বৃপের আকর্ষণ থেকে জাত।

বৃপজীবিনী /বুপোজিবিনি/ [স. বৃপ+√জীব্+ইন্+ঈ] বি. বিণ. যৌনকর্মী, গণিকা।

বৃপজীবী /বুপোজিবি/ [স. বৃপ+√জীব্+ইন্] বি. বিণ. দ্র বৃপজীবিনী।

বৃপটান /বুপ্টান্/ [দেশি.] বি. ত্বক মসৃণ করার জন্য ব্যবহৃত প্রসাধনের প্রলেপবিশেষ।

বৃপণ /বুপন্/ [স. √বৃপ্+ণিচ্+অন] বি. ১ বর্ণন। ২ নিরূপণ। ৩ অভিনয়।

বৃপতৃষ্ণা /বুপোতৃশ্না/ [স. বৃপ+√তৃষ্+ন+আ (টাপ্)] বি. সৌন্দর্য উপভোগের লিপ্সা।

বৃপদক্ষ /বুপোদোক্খো/ [স. বৃপ+দক্ষ] বিণ. ১ বৃপ ধারণে দক্ষ বা নিপুণ। ২ বৃপসৃষ্টি বা বৃপদানে পারদর্শী। বি. অভিনেতা বা শিল্পী, artist।

বৃপদস্তা /বুপোদস্তা/ [বা.] বি. তৈজসপত্র নির্মাণের জন্য ব্যবহৃত টিন অ্যান্টিমনি ও তামার মিশ্রধাতু-বিশেষ, pewter।

বৃপদান /বুপ্দান্/ [স. বৃপ+দান] বি. বৃপ বা আকৃতি বৃপায়ণ।

বৃপধারণ /বুপ্ধারোন্/ [স. বৃপ+ধারণ] বি. বৃপগ্রহণ, বৃপপরিগ্রহ।

বৃপধারী /বুপ্ধারি/ [স. বৃপ+√ধৃ+ইন্] বিণ. বৃপ ধারণ করেছে এমন।

বৃপবতী /বুপোবোতি/ [স. বৃপ+বৎ+ঈ] বিণ. সুন্দরী, বৃপসি (*বৃপবতী নারী*)।

বৃপবন্ত /বুপোবন্তো/ [স. বৃপ+বা. বন্ত] বিণ. বৃপ আছে এমন, মনোহর, সুন্দর।

বৃপবান /বুপোবান্/ [স. বৃপ+বৎ] বিণ. দ্র বৃপবন্ত।

বৃপবৈচিত্র্য /বুপোবোইচিত্রো/ [স. বৃপ+বৈচিত্র্য] বি. বিচিত্র বৃপের সমাহার।

বৃপভেদ /বুপোভেদ্/ [স. বৃপ+ভেদ] বি. অন্য বৃপ বা রকম, ভিন্ন প্রকার।

বৃপমঞ্জরি /বুপোমন্জোরি/ [স. বৃপ+মঞ্জু+√ঋ+ই] বি. সৌন্দর্যের নবীনতা।

বৃপময় /বুপোময়্/ [স. বৃপ+ময়ট্] বিণ. বৃপের মাধুর্যপূর্ণ, মনোহর।

বৃপমাধুরী /বুপোমাধুরি/ [স. বৃপ+মধুর+অ+ঈ] বি. বৃপের মাধুর্য বা কোমলতা।

বৃপমোহ /বুপোমোহো/ [স. বৃপ+মোহ] বি. সৌন্দর্যের প্রতি প্রবল আকর্ষণ।

বৃপরেখা /বুপ্রেখা/ [স. বৃপ+রেখা] বি. কর্মপরি-কল্পনা, outline।

বৃপলাবণ্য /বুপোলাবোন্নো/ [স. বৃপ+লাবণ্য] বি. বৃপসৌন্দর্য।

বৃপশালি /বুপ্শালি/ [স. বৃপ+√শাল্+ই] বি. শালি ধানের প্রজাতিবিশেষ।

বৃপসি /বুপোশি/ [স. বৃপীয়সী >] বিণ. বৃপবতী (*বৃপসি বাংলা*)।

বৃপহীন /বুপ্হিন্/ [স. বৃপ+√হা+ত] বিণ. বৃপ নেই এমন।

-বৃপা /বুপা/ [স. বৃপ্য >] বিণ. (সমাসের পরপদে ব্যবহৃত) বৃপবিশিষ্টা (*অপবৃপা*)।

বৃপাজীবা /বুপাজিবা/ [স. বৃপ+আজীব+আ (টাপ্)]

www.pathagar.com

বি. যৌনকর্মী, গণিকা।

রূপান্তর /রুপান্‌তর্‌/ [স. রূপ+অন্তর] বি. ভিন্ন রূপ অবস্থা বা আকৃতি ধারণ, পরিবর্তন।

রূপান্তরিত /রুপান্‌তোরিতো/ [স. রূপান্তর+ইত] বিণ. ভিন্ন রূপ ধারণ করেছে এমন, পরিবর্তিত।

রূপাভাব /রুপাভাব্‌/ [স. রূপ+অভাব] বি. রূপের অভাব, সৌন্দর্যহীনতা।

রূপায়ণ /রুপায়োন্‌/ [স. √রূপায়্+অন] বি. ১ মূর্তি বা আকার দান, রূপদান। ২ বাস্তবে পরিণতকরণ (*পরিকল্পনা রূপায়ণ*)।

রূপায়িত /রুপায়িতো/ [স. √রূপায়্+ত] বিণ. ১ রূপদান করা হয়েছে এমন; মূর্ত। ২ বাস্তবায়িত।

রূপারোপণ /রুপারোপোন্‌/ [স. রূপ+আরোপণ] বি. (পদার্থ.) বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গের বিস্তার বা কম্পাঙ্কের ওপর অন্য কোনো তরঙ্গের বৈশিষ্ট্য অর্পণ; (পরি.) modulation।

রূপারোপিত /রুপারোপিতো/ [স. রূপ+আরোপিত] বিণ. (পদার্থ.) কোনো বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গের বিস্তার বা কম্পাঙ্কের ওপর অন্য কোনো তরঙ্গের বৈশিষ্ট্য আরোপ করা হয়েছে এমন; (পরি.) modulated।

–রূপিণী /রুপিনি/ [স. রূপ+ইন্‌+ঈ] বিণ. ১ মূর্তি-ধারিণী। ২ বেশধারিণী, রূপধারিণী (*বহুরূপিণী*)।

রূপিত /রুপিতো/ [স. √রূপ্‌+ত] বিণ. ১ রূপযুক্ত। ২ বর্ণনা করা হয়েছে এমন, বর্ণিত।

রূপী[১] /রুপি/ [স. √রূপ্‌+ইন্‌] বিণ. ১ মূর্তিধারী। ২ রূপধারী, বেশধারী (*বহুরূপী*)।

রূপী[২] /রুপি/ [বা.] বি. লালমুখো বানর।

রূপোন্মত্ত /রুপোন্‌মত্তো/ [স. রূপ+উন্মত্ত] বিণ. রূপ দেখে উন্মত্ত বা ব্যাকুল হয়েছে এমন।

রূপোন্মাদ /রুপোন্‌মাদ্‌/ [স. রূপ+উন্মাদ] বি. রূপ দেখার ফলে উন্মত্ততা বা ব্যাকুলতা।

রূপোপজীবিনী /রুপোপোজিবিনি/ [স. রূপ+উপজীবিনী] বি. বিণ. যৌনকর্মী।

রূপ্য /রুপ্‌পো/ [স. রূপ+য] বি. রৌপ্য, রজত।

রে[১] /রে/ বি. স্বরগ্রামের দ্বিতীয় স্বর ঋষভ।

রে[২] /রে/ [বা.] অব্য. ১ স্নেহ ভর্ৎসনা বা অবজ্ঞা প্রভৃতিসূচক সম্বোধনবিশেষ (*আয়রে খোকা*)। ২ বিস্ময় বা খেদ প্রকাশক উক্তি (*হায়রে কপাল*)।

রেইনকোট /রেইন্‌কোট্‌/ [ই.] বি. বৃষ্টির জল থেকে রক্ষা পাওয়ার জন্য ব্যবহৃত জলনিরোধক কাপড়ের তৈরি কোটজাতীয় পরিধেয়বিশেষ, raincoat।

রেউচিনি /রেউচিনি/ [দেশি.] বি. বাংলাদেশের সিলেট ভারতের দার্জিলিং ও সিমলায় জাত এবং বর্ষাকালে ফোটে এমন পাঁচটি পাপড়িবিশিষ্ট ফুল বেগুনি ফল ঘন নিবিড় সবৃন্তক সবুজ বা লালচে পাতা বা তার শাখান্বিত স্থূল কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির বৃক্ষবিশেষ।

রেউড়ি /রেউড়ি/ [হি.] বি. চিনি বা গুড়ের রসে পাক করা খোসাহীন তিলের মিঠাইবিশেষ।

রেওয়া /রেওআ/ [ফা.] বি. ব্যবসায়ের বাৎসরিক আয়ব্যয়ের সংক্ষিপ্ত হিসাবের খাতা।

রেওয়াজ /রেওআজ্‌/ [আ.] বি. ১ রীতি, প্রথা, প্রচলিত আচার। ২ (সংগীতে) অনুশীলন, চর্চা।

রেওয়াজি /রেওআজি/ [আ. রেওয়াজ >] বিণ. দীর্ঘদিন নিয়মিত রেওয়াজের ফলে পরিশীলিত।

রেক[১] /রেক্‌/ [দেশি.] বি. শস্যাদি পরিমাপের জন্য ব্যবহৃত নির্দিষ্ট আয়তনের বেতের পাত্রবিশেষ।

রেক[২] /রেক্‌/ [ই. rake >] বি. নির্দিষ্ট পথে একসঙ্গে টেনে নিয়ে যাওয়া যায় এমন পর পর সংযুক্ত যাত্রী বা পণ্যবাহী গাড়ির বহর।

রেকর্ড /রেকড়্‌/ [ই. record >] বি. ১ (সাধারণত অফিস বা আদালতের ক্ষেত্রে) নথিপত্র সংরক্ষণ। ২ সর্বাধিক কৃতিত্ব বা কৃতিত্বপূর্ণ কাজ। ৩ (অধুনালুপ্ত) গ্রামোফোনের যে গোল চাকতিতে শব্দ সংগীত প্রভৃতি ধারণ করা থাকে, ডিস্ক।

রেকাব[১] /রেকাব্‌/ [আ.] বি. ঘোড়ার জিনের দুই পাশে ঝোলানো ঘোড়সওয়ারের পা-দান।

রেকাব[২] /রেকাব্‌/ [ফা.] বি. দ্র রেকাবি।

রেকাবি /রেকাবি/ [ফা.] বি. ছোটো থালা, dish।

রেখ /রেখ্‌/ [স. রেখা >] বি. চিহ্ন, রেখা (*নিম্নরেখ*)।

রেখা /রেখা/ [স. √লিখ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ লম্বা দাগ (*হাতের রেখা*)। ২ ডোরা (*রেখাঙ্কন*)। ৩ ক্ষীণ আভাস (*গোঁফের রেখা*)। ৪ সারি, শ্রেণি। ৫ (জ্যা.) প্রস্থ ও বেধহীন দাগ (*সরলরেখা*)। ৬ (আল.) খুব সামান্য অংশ (*রেখামাত্র*)।

রেখাংশ /রেখাংশো/ [স. রেখা+অংশ] বি. ১ রেখার অংশ। ২ দ্রাঘিমার অংশ বা ডিগ্রি।

রেখাগণিত /রেখাগোনিত্‌/ [স. রেখা+গণিত] বি. বিন্দু রেখা তল কোণ প্রভৃতিবিষয়ক গণিতের শাখা, জ্যামিতি, Geometry।

রেখাঙ্কন /রেখাংকোন্‌/ [স. রেখা+অঙ্কন] বি. ১ প্রস্থ ও বেধহীন চিহ্ন অঙ্কন। ২ রেখার সাহায্যে চিত্রাঙ্কন।

রেখাঙ্কিত /রেখাংকিতো/ [স. রেখা+অঙ্কিত] বিণ.

www.pathagar.com

১ ডোরাকাটা। ২ রেখা টানা হয়েছে এমন (*রেখাঙ্কিত চেক*); (পরি.) crossed।

রেখাচিত্র /রেখাচিত্রো/ [স. রেখা+চিত্র] বি. রেখার সাহায্যে আঁকা খসড়া ছবি, rough sketch।

রেখাপাত /রেখাপাত্/ [স. রেখা+পাত] বি. ১ রেখাঙ্কন। ২ (আল.) মনে কোনো স্থায়ীভাবের উদয়; প্রভাব বিস্তার।

রেখে ঢেকে /রেখে ঢেকে/ ক্রিবিণ. সম্পূর্ণরূপে প্রকাশ না করে; কিছুটা গোপন বা অপ্রকাশিত রেখে (*রেখেঢেকে কথা বলা*)।

রেচক /রেচক্/ [স. √রিচ্+অক] বিণ. মলনিঃসারক, বিরেচক। বি. ১ জোলাপ। ২ (যোগশাস্ত্রে) প্রাণায়ামকালে দেহের ভেতর থেকে শ্বাস ত্যাগ।

রেচন /রেচন্/ [স. √রিচ্+অন] বি. মলনিঃসারণ, ভেদ, দাস্ত।

রেচিত /রেচিতো/ [স. √রেচি+ত] বিণ. ১ মল-নিঃসারিত, বিরেচিত। ২ ত্যক্ত, বর্জিত।

রেজকি /রেজ্‌কি/ [ফা.] বি. দ্র রেজগি।

রেজগি /রেজ্‌গি/ [ফা.] বি. (অধুনালুপ্ত) এক টাকার চেয়ে কম মূল্যমানের মুদ্রা; খুচরা পয়সা, টাকার ভাংতি।

রেজাই /রেজ়াই্/[ফা.] বি. হালকা লেপ, বালাপোশ।

রেজালা /রেজ়ালা/ [ফা.] বি. জয়ত্রি জায়ফল প্রভৃতি মসলা সহযোগে রাঁধা মাংস।

রেজিমেন্ট /রেজিমেন্ট্/ [ই.] বি. কর্নেলের নেতৃত্বাধীন সেনাদলের অংশ, regiment।

রেজিস্টার /রেজিস্টার্/ [ই. register] বি. ১ নিবন্ধনের খাতা। ২ জন্ম মৃত্যু প্রভৃতি তথ্য-সংবলিত খাতা। ৩ দৈনন্দিন ক্রয়বিক্রয়ের হিসাব রাখার স্বয়ংক্রিয় যন্ত্র।

রেজিস্ট্রার /রেজিস্ট্রার্/ [লা.] বি. ১ নিবন্ধক। ২ বিশ্ববিদ্যালয়ের কর্মসচিব। ৩ registrar।

রেজিস্ট্রি /রেজিস্ট্রি/ [লা. registry >] বি. ১ নিবন্ধন। ২ ডাকযোগে জরুরি চিঠি বা দলিলপত্র প্রেরণের প্রমাণস্বরূপ নিবন্ধীকরণের বিশেষ ব্যবস্থা। ৩ ধর্মীয় বা সামাজিক আনুষ্ঠানিকতা ব্যতীত আইনানুগ বিবাহ নিবন্ধনের কার্যালয়।

রেঞ্জ /রেন্‌জ্/ [ই. range] বি. ১ পরিসর, সীমা। ২ বনবিভাগের অঞ্চলবিভাগ।

রেট /রেট্/ [ই. rate] বি. ১ দর। ২ হার। ৩ প্রথা।

রেড ইন্ডিয়ান /রেড্ ইন্‌ডিআন্/ বি. উত্তর আমেরিকার আদিবাসী নৃগোষ্ঠী।

রেডক্রস /রেড্‌ক্রস্/ [ই.] বি. দুর্যোগপীড়িত মানুষের সেবার উদ্দেশ্যে প্রতিষ্ঠিত আন্তর্জাতিক প্রতিষ্ঠান (বাংলাদেশে রেডক্রিসেন্ট সোসাইটি নামে পরিচিত), Red Cross।

রেডি /রেডি/ [ই.] বিণ. প্রস্তুত, ready।

রেডিমেড /রেডিমেড্/ [ই.] বিণ. কিনেই ব্যবহার করা যায় এমন; সেলাইকরা পোশাক (*রেডিমেড জামা*), ready-made।

রেডিয়াম /রেডিআম্ / [লা.] বি. ক্ষারজাতীয় মৌলিক খনিজ তেজস্ক্রিয় ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৮৮, radium।

রেডিয়েটর /রেডিয়েটার্/ [লা.] বি. তাপ বা আলোক বিকিরণের সরঞ্জাম, radiator।

রেডিয়ো /রেডিও/ [আবৈশ.] বি. তারের সংযোগ ব্যতীত বিদ্যুৎ-চুম্বকীয় তরঙ্গের সহায়তায় এক-স্থান থেকে অন্য স্থানে সংকেত প্রেরণ ও গ্রহণের সরঞ্জাম, বেতার, radio।

রেডিয়ো-অ্যাকটিভ /রেডিওঅ্যাক্‌টিভ্/ [আবৈশ.] বিণ. (পদার্থ.) নিউক্লিয়াস বিভাজনের ফলে পরমাণুকেন্দ্র থেকে স্বতঃস্ফূর্তভাবে আলফা বিটা প্রভৃতি আধানযুক্ত কণা বিকিরণকারী বা গ্যাসীয় পদার্থকে আয়নিত করার গুণবিশিষ্ট উচ্চ কম্পাঙ্কের রশ্মি বিকিরণকারী, তেজস্ক্রিয়, radioactive।

রেড়ি /রেড়ি/ [স. এরণ্ডা >] বি. এরণ্ড বা ভেরেণ্ডা গাছ ও তার ফল।

রেড়ির তেল /রেড়ির্ তেল্/ বি. ভেরেণ্ডার বীজ থেকে উৎপন্ন তেল।

রেঢ়ো /রেঢ়ো/ [বা.] বিণ. ১ রাঢ় অঞ্চলের অধিবাসী। ২ (আল.) অনভিজ্ঞ।

রেণু /রেনু/ [স. √রী+ণু] বি. ১ কণা, চূর্ণ; ধুলো। ২ পরাগ (*পুষ্পরেণু*)। ৩ মাছের সদ্যোজাত পোনা (*মাছের রেণু*)।

রেণুকা /রেনুকা/ [স. রেণু+কন্+আ (টাপ্)] বি. ১ মহাভারতে বর্ণিত পরশুরামের মাতা। ২ গন্ধদ্রব্য-বিশেষ।

রেত /রেত্/ [দেশি.] বি. তীব্র স্রোত বা জলপ্রবাহ।

রেতঃ /রেতোহ্/ [স. √রী+অস্] বি. পুরুষদেহের সন্তানোৎপাদক সারপদার্থবিশেষ, বীর্য, শুক্র।

রেতঃপাত /রেতোপ্‌পাত্/ [স. রেতস্+পাত] বি. বীর্যপাত, শুক্রপাত, বীর্যস্খলন।

রেতি /রেতি/ [হি.] বি. লোহা কাঠ প্রভৃতি কঠিন বস্তু ঘষে সমান করার জন্য ব্যবহৃত অমসৃণ তলযুক্ত ইস্পাতের দণ্ডবিশেষ, উখা, র‍্যাঁদা, file।

রেনেসাঁস /রেনেসাঁস্/ [ফ.] বি. কোনো দেশ বা

www.pathagar.com

জাতির আদর্শ ও দৃষ্টিভঙ্গির ক্ষেত্রে নবচেতনার উন্মেষ, নবজাগরণ, Renaissance।

রেফ /রেফ্/ [স. √রিফ্+অ] বি. ব্যঞ্জনবর্ণের পূর্বে 'র'-এর যোগচিহ্ন (ˊ)।

রেফারি /রেফ়ারি/ [ই.] বি. ফুটবল হকি প্রভৃতি খেলায় নিয়মনীতি যথাযথভাবে পালিত হচ্ছে কি না তা দেখা এবং বিতর্কিত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত প্রদানের জন্য নিয়োজিত ব্যক্তি, পরিচালক, referee।

রেবতী /রেবোতি/ [স. রেবত+ঈ] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের সপ্তবিংশতি নক্ষত্র। ২ পৌরাণিক রাজা রেবতের কন্যা।

রেবতীরমণ /রেবোতিরমোন্/ [স. রেবতী+রমণ] বি. ১ চাঁদ। ২ পুরাণোক্ত রেবতীর স্বামী বলরাম।

রেবা /রেবা/ [স. √রেব্+অ+আ (টাপ্)] বি. বিন্ধ্য-পর্বত থেকে উৎপন্ন হয়ে পশ্চিম দিকে প্রবাহিত খরস্রোতা নদীবিশেষ, নর্মদা নদী।

রেয়ন /রেয়ন্ /[আবৈশ.] বি. সেলুলোজ (cellulose) থেকে রাসায়নিক পদ্ধতিতে উৎপাদিত কৃত্রিম তন্তুবিশেষ, rayon।

রেয়াত /রেআত্/ [আ.] বি. ১ অব্যাহতি দান, ছাড়, রেহাই। ২ খাতির, সম্মান। ৩ দয়া।

রেয়াতি /রেআতি/ [আ. রেয়াত>] বিণ. রেয়াতযুক্ত, অব্যাহতিপ্রাপ্ত (*রেয়াতি হারে সুদ*)।

রেয়ো /রেয়ো/ [বা.] বিণ. বিনা নিমন্ত্রণে আগত, অনাহূত।

রেয়োভাট /রেয়োভাট্/ [বা.] বি. শ্রাদ্ধাদি ক্রিয়া-কর্মের খবর পেয়ে আগত ভিখারি।

রেলগাড়ি /রেল্গাড়ি/ [ই. রেল+হি. গাড়ি] বি. রেল-পথে চলাচলকারী বিদ্যুৎ বা ইঞ্জিনচালিত যান।

রেলপথ /রেল্পথ্/ [ই. রেল+স. পথ] বি. ভূপৃষ্ঠে স্থাপিত দুটি সমান্তরাল ইস্পাতের ফলক যার ওপর চলমান রেলগাড়ির খাঁজযুক্ত (flanged) চাকা নির্দিষ্ট পথে চালিত হয়, রেল চলাচলের পথ, লৌহবর্ত্ম, রেললাইন, railway।

রেললাইন /রেল্লাইন্/ [ই.] বি. দ্র রেলপথ।

রেলসেতু /রেল্সেতু/ [ই. রেল+স. সেতু] বি. নদী খাল বা কোনো খাতের ওপর দিয়ে নির্মিত রেলগাড়ি চলাচলের উপযোগী সেতু।

রেল স্টেশন /রেল্ স্টেশন্/ বি. যাত্রী ও মালপত্র ওঠানামার জন্য রেলগাড়ি থামার নির্দিষ্ট স্থান, railway station।

রেলিং /রেলিং/ [ই.] বি. বারান্দা বা ছাদের প্রান্তদেশে নির্মিত নিরাপত্তাবেষ্টনী, railing।

রেশ /রেশ্/ [বা.] বি. ১ বিলীয়মান অনুভূতি (*আনন্দের রেশ*)। ২ শব্দ বা সুর শেষ হওয়ার পরেও মনে যে অনুরণন থেকে যায় (*গানের রেশ*)। ৩ আভাস (*কল্পনার রেশ*)।

রেশন /রেশন্/ [ফ. ration >] বি. ১ যুদ্ধক্ষেত্রে সেনাসদস্যদের প্যাকেটকরা যে খাদ্য সরবরাহ করা হয়। ২ জনসাধারণের জন্য সরকার কর্তৃক নিয়ন্ত্রিত মূল্যে খাদ্য ও নিত্যব্যবহার্য পণ্য বিক্রয়ের ব্যবস্থা।

রেশম /রেশম্/ [ফা.] বি. গুটিপোকার লালা থেকে প্রাপ্ত সূক্ষ্ম মজবুত ও উজ্জ্বল তন্তু, silk।

রেশমকীট /রেশম্কিট্/ [ফা. রেশম+স. কীট] বি. তুঁত গাছের পাতা খেয়ে জীবনধারণ করে এমন ধূসর আঁশাবৃত পতঙ্গবিশেষ।

রেশমশিল্প /রেশম্শিল্পো/ [ফা. রেশম+স. শিল্প] বি. ১ রেশমকীট উৎপাদন পরিচর্যা ও পালন-বিষয়ক শিল্প। ২ রেশম তন্তু থেকে বাণিজ্যিক পণ্য উৎপাদনের শিল্প।

রেষ /রেশ্/ [স. ঈর্ষা >] বি. দ্বেষ, আক্রোশ, ঈর্ষা।

রেষারেষি /রেশারেশি/ [বা.] বি. ১ পরস্পর হিংসা বা বিদ্বেষ। ২ পরস্পর প্রতিযোগিতা।

রেস /রেস্/ [ই. race] বি. ১ দৌড় প্রতিযোগিতা। ২ ঘোড়দৌড়ের বাজি। ৩ প্রতিযোগিতা।

রেসালা /রেসালা/ [আ. রিসালা >] বি. ১ পুস্তিকা। ২ অশ্বারোহী সৈন্য। ৩ (বাংলায়) উৎসবাদির শোভাযাত্রায় অংশগ্রহণকারী।

রেসুড়ে /রেসুড়ে/ [বা.] বিণ. ঘোড়দৌড় প্রতিযোগিতায় বাজি রাখতে আসক্ত এমন; জুয়াড়ি।

রেস্টুরেন্ট /রেস্টুরেন্ট্/ [ফ.] বি. দ্র রেস্তোরাঁ।

রেস্ত /রেস্তো/ [পো.] বি. পুঁজি; টাকাকড়ি; সম্বল; খরচের পর যা বেঁচে থাকে, resto।

রেস্তোরাঁ /রেস্তোরাঁ/ [ফ.] বি. যে দোকানে অর্থের বিনিময়ে পছন্দমতো আহার্য পরিবেশন করা হয়, restaurant।

রেহাই /রেহাই/ [ফা.] বি. নিষ্কৃতি, অব্যাহতি, মুক্তি; ছাড়।

রেহান /রেহান/ [আ. রহন >] বি. বন্ধক।

রেহাননামা /রেহান্নামা/ [আ. রহন+ফা. নামা] বি. বন্ধকি দলিল।

রেহেল /রেহেল/ [আ. রহল >] বি. ভাঁজ করে রাখা যায় এমন কাঠের ছোটো মঞ্চবিশেষ যার ওপর ধর্মগ্রন্থ রেখে পাঠ করা হয়।

রৈখিক /রোইখিক্/ [স. রেখা+ইক] বিণ. ১ রেখা

www.pathagar.com

দিয়ে আঁকা (*রৈখিক চিত্র*)। ২ রেখাসংক্রান্ত।

রোঁ /রোঁ/ [স. রোমন্ >] বি. আঁশ; সূক্ষ্ম লোম (*বুড়ো শালিকের ঘাড়ে রোঁ*)।

রোঁদ /রোঁদ্/ [ই. round >] বি. কোনো নির্দিষ্ট এলাকায় টহল বা প্রহরা।

রোঁয়া /রোঁআ/ [স. রোমন্ >] বি. দ্র রোঁ।

রোক /রোক্/ [স. √রুচ্+অ] বি. ১ নগদ ক্রয়। ২ (বাংলায়) নগদ টাকাপয়সা।

রোকড় /রোকোড়্/ [হি.] বি. ১ জমাখরচের পাকা হিসাবের খাতা (*রোকড়বহি*)। ২ নগদ (*রোকড় বিক্রি*)। ৩ সোনারুপার অলংকার।

রোকশোধ /রোক্‌শোধ্/ [স. রোক+শোধ] বি. পাওনা পরিশোধ।

রোকা /রোকা/ [আ. রুক্‌আহ্ >] বি. চিরকুট, হাতচিঠা।

রোখ[১] /রোখ্/ [স. রোষ >] বি. ১ জিদ, ঝোঁক (*রোখ চাপা*)। ২ তেজ, রাগ।

রোখ[২] /রোখ্/ [ফা. রুখ >] বি. দিক, সম্মুখ।

রোখসত /রোখ্‌সত্/ [আ.] বি. লেনদেন মিটিয়ে বিদায়; বিদায়; কর্মাবসান।

রোখা[১] /রোখা/ [স. রোষ >] বিণ. রোষযুক্ত, জেদি (*একরোখা*)।

রোখা[২] /রোখা/ [বা.] ক্রিবি. ১ গতি রোধ করা। ২ ক্রুদ্ধ হওয়া। ৩ হামলা করতে প্রস্তুত হওয়া।

রোখালো /রোখালো/ [স. রোষ >] বিণ. ১ জেদি, একরোখা। ২ তাড়াতাড়ি বেড়ে ওঠে এমন, বাড়ন্ত।

রোগ /রোগ্/ [স. √রুজ্+অ] বি. ১ ব্যাধি, অসুখ (*রোগভোগ*)। ২ (আল.) বাতিক (*ঘোড়ারোগ*)।

রোগক্লিষ্ট /রোগ্‌ক্লিশ্‌টো/ [স. রোগ+√ক্লিশ্+ত] বিণ. রোগাক্রান্ত হয়ে কষ্ট পাচ্ছে এমন।

রোগগ্রস্ত /রোগোগ্রোস্‌তো/ [স. রোগ+গ্রস্ত] বিণ. রোগাক্রান্ত।

রোগজীবাণু /রোগ্‌জিবানু/ [স. রোগ+জীব+অণু] বি. যে জীবাণু দেহে প্রবেশ করলে উদ্ভিদ বা প্রাণী রোগাক্রান্ত হয়।

রোগজীর্ণ /রোগোজিরনো/ [স. রোগ+জীর্ণ] বিণ. রোগাক্রান্ত হয়ে শীর্ণ (*রোগজীর্ণ শরীর*)।

রোগপ্রতিষেধক /রোগ্‌প্রোতিশেধক্/ [স. রোগ+প্রতিষেধক] বিণ. দেহের রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ায় এমন; রোগ নিবারক।

রোগভোগ /রোগ্‌ভোগ্/ [স. রোগ+ভোগ] বি. রোগাক্রান্ত হওয়ার ফলে ভোগান্তি।

রোগমুক্ত /রোগ্‌মুক্‌তো/ [স. রোগ+√মুচ্+ত] বিণ. আরোগ্য লাভ করেছে এমন; সুস্থ।

রোগমুক্তি /রোগ্‌মুক্‌তি/ [স. রোগ+√মুচ্+তি] বি. আরোগ্যলাভ।

রোগযন্ত্রণা /রোগ্‌জন্‌ত্রোনা/ [স. রোগ+যন্ত্রণা] বি. রোগব্যাধির যন্ত্রণা, অসুখের কষ্ট।

রোগশয্যা /রোগ্‌শোজ্‌জা/ [স. রোগ+শয্যা] বি. রোগাক্রান্ত হয়ে শয্যাগ্রহণ।

রোগশান্তি /রোগ্‌শান্‌তি/ [স. রোগ+√শম্+তি] বি. আরোগ্যলাভ।

রোগশোক /রোগ্‌শোক্/ [স. রোগ+শোক] বি. রোগে আক্রান্ত হওয়ার ফলে দৈহিক ও মানসিক যন্ত্রণা।

রোগা /রোগা/ [স. রোগ >] বিণ. ১ রোগগ্রস্ত (*রোগা লোক*)। ২ দুর্বল; শীর্ণ (*রোগা চেহারা*)।

রোগাটে /রোগাটে/ [বা.] বিণ. দুর্বল ও কৃশকায়।

রোগাপটকা /রোগাপট্‌কা/ [বা.] বিণ. শীর্ণ ও দুর্বল।

রোগার্ত /রোগার্‌তো/ [স. রোগ+√ঋ+ত] বিণ. শীর্ণ ও পীড়িত।

রোগী /রোগি/ [স. রোগ+ইন্] বিণ. ব্যাধিগ্রস্ত, রুগ্ণ। বি. অসুস্থ ব্যক্তি। স্ত্রী. রোগিণী /রোগিনি/।

রোচক /রোচক্/ [স. √রুচ্+অক] বিণ. আহারে রুচি বৃদ্ধি করে এমন, রুচিকর (*মুখরোচক খাদ্য*)।

রোচনা /রোচোনা/ [স. √রুচ্+অন+আ (টাপ্)] বি. ১ গোরোচনা। ২ রক্তপদ্ম। ৩ উত্তম নারী।

রোচনী /রোচোনি/ [স. রোচন+ঈ] বি. ১ পুদিনা শাক। ২ গোরোচনা। ৩ আমলকী।

রোচা /রোচা/ [বা.] ক্রিবি. রুচিকর হওয়া।

রোচিষ্ণু /রোচিশ্‌নু/ [স. √রুচ্+ইষ্ণু] বিণ. মার্জিত।

রোচ্য /রোচ্‌চো/ [স. √রুচ্+য] বিণ. ১ রুচিকর হওয়ার উপযুক্ত। ২ প্রীতিপ্রদ।

রোজ /রোজ্/ [ফা.] ক্রিবিণ. প্রতিদিন (*সে রোজ পড়তে যায়*)। বি. ১ তারিখ, দিন (*রোজ শনিবার*)। ২ দৈনিক মজুরির হার। ৩ দৈনিক জোগান বা সরবরাহ (*দুধের রোজ*)।

রোজকার /রোজ্‌কার্/ [ফা. রোজ+বা. কার] বিণ. প্রত্যহ করণীয় বা পালনীয়।

রোজ কিয়ামত /রোজ্ কিআমত্/ বি. ১ ইসলাম ধর্মমতে মহাপ্রলয়ের দিন, মৃত্যুর পর পুনরুত্থানের দিন। ২ (আল.) মহাসংকট।

রোজ কেয়ামত /রোজ্ কেআমত্/ বি. দ্র রোজ কিয়ামত।

রোজগার /রোজ্‌গার্/ [ফা.] বি. আয়, উপার্জন।

রোজগারি /রোজ্‌গারি/ [ফা.] বিণ. আয় করে এমন, উপার্জনশীল।

www.pathagar.com

রোজগেরে /রোজ্‌গেরে/ [ফা. রোজগার >] বিণ. উপার্জন করে এমন (*রোজগেরে গিন্নি*)।

রোজনামচা /রোজ্‌নাম্‌চা/ [ফা.] বি. প্রতিদিনের উল্লেখযোগ্য ঘটনার লিখিত বিবরণ, দিনলিপি, diary।

রোজনামা /রোজ্‌নামা/ [ফা.] বি. দ্র রোজনামচা।

রোজ রোজ /রোজ্‌ রোজ্‌/ ক্রিবিণ. প্রতিদিন, প্রত্যহ; নিত্য।

রোজ হাশর /রোজ্‌ হাশর্‌/ বি. ইসলাম ইহুদি ও খ্রিষ্টান ধর্মমতে মৃতের পুনরুত্থান ও শেষ বিচারের দিন (*রোজ-হাশরে আল্লাহ আমার করো না বিচার।* নজরুল.)।

রোজা[১] /রোজ্‌া/ [ফা.] বি. ইসলামধর্মীয় বিধি অনুসারে (প্রধানত হিজরি পঞ্জিকার রমজান মাসে) সূর্যোদয়ের সামান্য পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার বর্জন ও কামপ্রবৃত্তি দমনরূপ কৃচ্ছ্রসাধনব্রত।

রোজা[২] /রোজা/ [স. উপাধ্যায় >] বি. ১ কল্পিত সর্পবিষচিকিৎসক। ২ যে ব্যক্তি মন্ত্রতন্ত্রদ্বারা কল্পিত ভূত তাড়ানোর চিকিৎসা করে। ৩ ওঝা।

রোজাদার /রোজ্‌াদার্‌/ [ফা.] বিণ. রোজা পালনকারী।

রোজা রাখা /রোজা রাখা/ ক্রিবি. ইসলামধর্মীয় বিধি অনুসারে (প্রধানত হিজরি পঞ্জিকার রমজান মাসে) সূর্যোদয়ের সামান্য পূর্ব থেকে সূর্যাস্ত পর্যন্ত পানাহার বর্জন ও কামপ্রবৃত্তি দমনরূপ কৃচ্ছ্রসাধনব্রত পালন করা।

রোটিকা /রোটিকা/ [স. √রুট্‌+অক+আ (টাপ্‌)] বি. তাওয়ায় বা তন্দুরে সেঁকা আটা-ময়দার তৈরি খাদ্যবস্তু, রুটি।

রোদ /রোদ্‌/ [স. রৌদ্র >] বি. সূর্যের কিরণ বা তাপ।

রোদ ওঠা /রোদ্‌ ওঠা/ ক্রিবি. ১ সূর্যের আলো প্রকাশ পাওয়া। ২ বেলা হওয়া।

রোদচশমা /রোদ্‌চশ্‌মা/ [বা. রোদ+ফা. চশমা] বি. সূর্যের প্রখর আলো থেকে চোখকে আড়াল করার জন্য হালকা রঙিন কাচ বা প্লাস্টিকের রোদ-নিবারক চশমা, sunglass।

রোদন /রোদোন্‌/ [স. √রুদ্‌+অন] বি. ক্রন্দন, কান্না।

রোদ পোহানো /রোদ্‌ পোহানো/ ক্রিবি. রোদের তাপ সেবন করা।

রোদসী /রোদোশি/ [স. √রুদ্‌+অস্‌+ঈ] বি. পৃথিবী ও স্বর্গ।

রোদে দেওয়া /রোদে দেওআ/ ক্রিবি. শুকানোর জন্য রোদে মেলে দেওয়া।

রোদ্দুর /রোদ্‌দুর্‌/ [স. রৌদ্র >] বি. 'রোদ'-এর কথ্য রূপ।

রোদ্ধা /রোদ্‌ধা/ [স. √রুধ্‌+তৃ] বিণ. রোধ করে এমন, রোধক, বাধাদানকারী।

রোধ /রোধ্‌/ [স. √রুধ্‌+অ] বি. ১ বাধা সৃষ্টি। ২ অবরোধ।

রোধক /রোধক্‌/ [স. √রুধ্‌+অক] বিণ. প্রতিরোধ করে এমন, বাধাদানকারী (*গতিরোধক*)।

রোধন /রোধোন্‌/ [স. √রুধ্‌+অন] বি. বাধাসৃষ্টি।

রোধা /রোধা/ [বা.] ক্রিবি. রোধ করা, বাধা দেওয়া।

রোধী /রোধি/ [স. √রুধ্‌+ইন্‌] বিণ. রোধ করে এমন (*শ্বাসরোধী*)। স্ত্রী. রোধিনী /রোধিনি/।

রোপণ /রোপোন্‌/ [স. √রুহ্‌+ণিচ্‌+অন] বি. ১ জমিতে গাছের চারা পোঁতা বা লাগানোর কাজ। ২ আরোপ। ৩ স্থাপন।

রোপয়িতা /রোপোয়িতা/ [স. √রুহ্‌+ণিচ্‌+তৃ] বিণ. বি. রোপণকারী।

রোপা /রোপা/ [স. রোপণ >] ক্রিবি. রোপণ করা, রোয়া (*চারাগাছ রোপা*), মাটিতে পোঁতা। বিণ. রোপণ করা হয়েছে এমন (*রোপা ধান*)।

রোপিত /রোপিতো/ [স. √রুহ্‌+ণিচ্‌+ত] বিণ. ১ রোপণ করা হয়েছে এমন; প্রোথিত। ২ আরোপিত।

রোবট /রোবট্‌/ [চেক.] বি. ব্যবহারকারীর নির্দেশ অনুযায়ী কাজ করতে পারে এমন স্বয়ংক্রিয় যন্ত্র, robot।

রোম[১] /রোম্‌/ [স. √রু+মন্‌] বি. লোম; কেশ।

রোম[২] /রোম্‌/ [স্থান.] বি. ইউরোপের নগরবিশেষ।

রোমক /রোমক্‌/ [স্থান.] বিণ. ১ রোমের অধিবাসী, রোমনগরবাসী। ২ রোমসম্পর্কিত।

রোমকূপ /রোমকুপ্‌/ [স. রোমন্‌+কূপ] বি. রোম বা কেশের মূলদেশে অবস্থিত সূক্ষ্ম ছিদ্র, লোমকূপ।

রোমজ /রোমোজো/ রোমন্‌+√জন্‌+অ] বিণ. লোম থেকে জাত, পশমি।

রোমন্থ /রোমন্‌থো/ [স. রোগ+√মন্থ্‌+অ] বি. দ্র রোমন্থন।

রোমন্থক /রোমনথক্‌/ [স. রোমন্থ+কন্‌] বিণ. রোমন্থনকারী। বি. গবাদিপশু।

রোমন্থন /রোমনথন্‌/ [স. রোগ+√মন্থ্‌+অন] বি. ১ ভুক্ত বস্তু উদ্‌গিরণ করে পুনরায় চর্বণ। ২ (আল.) পুনঃপুন স্মরণ, চর্বিতচর্বণ (*স্মৃতি রোমন্থন*)।

রোমন্থিক /রোমোন্‌থিক্‌/ [স. রোমন্থ+ইক] বিণ. বি. দ্র রোমন্থক।

রোমফোড়া /রোম্‌ফোড়া/ [স. রোমন্‌+বা. ফোড়া]

www.pathagar.com

বি. রোমকূপে উদ্‌গত ফোড়া।

রোমরাজি /রোমোরাজি / [স. রোমন্+রাজি] বি. রোমসমূহ।

রোমশ /রোমোশ্ / [স. রোমন্+শ] বিণ. রোমযুক্ত (*রোমশ দেহ*)।

রোমহর্ষ /রোমোহর্‌শো / [স. রোমন্+√হৃষ্+অ] বি. ভয় বিস্ময় প্রভৃতি কারণে শরীরের রোম খাড়া হয়ে শিহরন অনুভব, রোমাঞ্চ।

রোমহর্ষক /রোমোহর্‌শক্ / [স. রোমন্+√হৃষ্+ণিচ্+অক] বিণ. গায়ে কাঁটা দিয়ে শিহরন জাগায় এমন।

রোমহর্ষণ /রোমোহর্‌শোন্/ [স. রোমন্+√হৃষ্+ণিচ্+অন] বি. উত্তেজনা বা ভয়জনিত শিহরন।

রোমাঞ্চ /রোমান্‌চো / [স. রোমন্+√অন্চ্+অ] বি. উত্তেজনা বিস্ময় বা ভীতিজনিত শিহরন; পুলক।

রোমাঞ্চকর /রোমান্‌চোকর্ / [স. রোমাঞ্চ+√কৃ+অ] বিণ. রোমাঞ্চ সৃষ্টি করে বা শিহরন জাগায় এমন।

রোমাঞ্চিত /রোমান্‌চিতো / [স. রোমাঞ্চ+ইত] বিণ. রোমাঞ্চযুক্ত, শিহরিত; পুলকিত।

রোমান ক্যাথলিক /রোমান্ ক্যাথোলিক্/ বি. ভ্যাটিক্যান পোপের অনুসারী খ্রিষ্টান ধর্মসম্প্রদায়-বিশেষ।

রোমান্টিক /রোমান্‌টিক্/ [ই. romantic] বিণ. ১ কল্পনাপ্রবণ। ২ আবেগময়। ৩ প্রেমমূলক।

রোমাবলি /রোমাবোলি / [স. রোমন্+আবলি] বি. রোমরাজি।

রোমোদ্‌গম /রোমোদ্‌গম্/ [স. রোমন্+উদ্‌গম] বি. ১ নতুন রোমের উদ্ভব। ২ রোমাঞ্চ, পুলক।

রোমোদ্ভেদ /রোমোদ্‌ভেদ্ / [স. রোমন্+উদ্ভেদ] বি. দ্র রোমোদ্‌গম।

রোয়া[১] /রোআ/ [বা.] বিণ. রোপণ করা হয়েছে এমন (*রোয়া ধান*)।

রোয়া[২] /রোআ/ [দেশি.] বি. ফলের কোষ বা কোয়া।

রোয়াক /রোআক্/ [আ.] বি. গৃহসংলগ্ন পাকা বাঁধানো স্থান বা খোলা চাতাল, রক।

রোয়ানো /রোআনো / [বা.] ক্রিবি. বিণ. রোপণ করানো।

রোয়েদাদ /রোয়েদাদ্ / [ফা.] বি. ভাগবাঁটোয়ারার বিবরণ।

রোরুদ্যমান /রোরুদ্‌দোমান্ / [স. √রোরুদ্য+মান (শানচ্)] বিণ. উচ্চৈঃস্বরে কাঁদছে এমন; ক্রন্দন-রত। স্ত্রী. রোরুদ্যমানা /রোরুদ্‌দোমানা /।

রোল[১] /রোল্ / [দেশি.] বি. রব; উচ্চ শব্দ; চিৎকার (*আমি সেই দিন হব শান্ত, যবে উৎপীড়িতের ক্রন্দন-রোল আকাশে বাতাসে ধ্বনিবে না*, নজরুল.)।

রোল[২] /রোল্ / [ই. roll] বি. (সচরাচর শিক্ষা প্রতিষ্ঠানে) নামের ক্রমিক তালিকা (*রোলনম্বর*)। ২ পরোটার মধ্যে মাংস ডিম বা সবজির পুর দিয়ে তৈরি বেলনাকার খাদ্যবস্তু (*ভেজিটেবল রোল*)।

রোল[৩] /রোল্ / [ফ.] বি. অবদান, ভূমিকা; নাটকে কুশীলবের ভূমিকা, role।

রোলার /রোলার্/ [ই. roller] বি. ১ বেলনাকার চওড়া লোহার চাকাযুক্ত ভারী যানবিশেষ যা চালিয়ে রাস্তা বা ভূমি সমতল করা হয়। ২ (মুদ্রণশিল্পে) প্লেটে কালি লাগানোর জন্য ব্যবহৃত বেলনাকার দণ্ড।

রোশনচৌকি /রোশোন্‌চোউকি/ [ফা. রোশন+হি. চৌকি] বি. ১ সানাই ঢোল করতাল প্রভৃতি বাদ্য-যন্ত্রের বৃন্দবাদন। ২ বৃন্দবাদকদল।

রোশনাই /রোশ্‌নাই্ / [ফা.] বি. ১ আলোকসজ্জা। ২ আলোর উজ্জ্বলতা। ৩ আলোক।

রোষ /রোশ্ / [স. √রুষ্+অ] বি. ক্রোধ, রাগ, কোপ (*তিনি করিবেন রোষ— সহিব নীরবে।* রবীন্দ্র.)।

রোষকষায়িত /রোশ্‌কশায়িতো/ [স. রোষ+কষায়িত] বিণ. ক্রোধে আরক্ত (*রোষকষায়িত লোচন*)।

রোষণ /রোশোন্ / [স. √রুষ্+অন] বি. ক্রোধন।

রোষা /রোশা / [স. রোষ >] ক্রিবি. ক্রুদ্ধ হওয়া।

রোষাগ্নি /রোশাগ্‌নি / [স. রোষ+অগ্নি] বি. ক্রোধরূপ অগ্নি, প্রচণ্ড ক্রোধ।

রোষানল /রোশানল্ / [স. রোষ+অনল] বি. ক্রোধের আগুন, তীব্র ক্রোধ।

রোষাবিষ্ট /রোশাবিশ্‌টো/ [স. রোষ+আ+√বিশ্+ত] বিণ. ক্রুদ্ধ হয়েছে এমন।

রোষিত /রোশিতো / [স. √রুষ্+ণিচ্+ত] বিণ. কুপিত, ক্রোধিত।

রোসো /রোশো/ [বা.] অনুক্রি. ১ অপেক্ষা করো; থামো। ২ ধৈর্য ধরো।

রোস্ট /রোস্ট্/ [ই. roast] বি. বদ্ধ আধারে সেঁকে রাঁধা মাংস।

রোহ /রোহো / [স. √রুহ্+অ] বি. আরোহণ।

রোহণ /রোহোন্ / [স. √রুহ্+অন] বি. আরোহণ।

রোহিণী /রোহিনি /[স. √রুহ্+ইন্+ঈ] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের চতুর্থ নক্ষত্র। ২ চন্দ্রপত্নী। ৩ বলরামের মাতা।

রোহিত[১] /রোহিতো/ [স. √রুহ্+ইত] বিণ. রক্তবর্ণ।

www.pathagar.com

রোহিত[২] /রোহিত্/ [স. √রুহ্+ইত] বি. রুইমাছ।

রোহিতক /রোহিতক্/ [স. রোহিত+ক (স্বার্থে)] বি. রুইমাছ। বিণ. রক্তবর্ণ, লাল।

রোহিতাশ্ব /রোহিতাশ্শো/ [স. রোহিত+অশ্ব] বি. ১ পৌরাণিক রাজা হরিশ্চন্দ্রের পুত্র। ২ অগ্নিদেবের অশ্ব।

রোহী /রোহি/ [স. √রুহ্+ইন্] বিণ. আরোহণকারী।

রৌদ্র /রৌড্দ্রো/ [স. রুদ্র+অ] বি. ১ সূর্যের কিরণ, সূর্যের তাপ, রোদ। ২ কাব্যের রসবিশেষ। বিণ. ১ প্রচন্ড, রুদ্র। ২ রোদসম্পর্কিত।

রৌদ্রকরোজ্জ্বল /রৌড্দ্রোকরোজ্জ্বল্/ [স. রৌদ্র+কর+উজ্জ্বল] বিণ. সূর্যের আলোয় উদ্ভাসিত।

রৌদ্রতপ্ত /রৌড্দ্রোতপ্তো/ [স. রৌদ্র+√তপ্+ত] বিণ. প্রখর রোদে তপ্ত।

রৌদ্রদগ্ধ/রৌড্দ্রোদগ্ধো/ [স. রৌদ্র+√দহ্+ত] বিণ. প্রখর রোদে ঝলসে গিয়েছে এমন।

রৌদ্রপক্ক /রৌড্দ্রোপক্কো/ [স. রৌদ্র+√পচ্+ত] বিণ. প্রখর রোদে সেদ্ধ।

রৌদ্র সেবন করা /রৌড্দ্রো সেবন্ করা/ ক্রিবি. রোদ পোহানো, শরীরে রোদ লাগানো।

রৌদ্রস্নাত /রৌড্দ্রোস্নাতো/ [স. রৌদ্র+√স্না+ত] বিণ. সর্বাঙ্গে রোদ লাগানো হয়েছে এমন।

রৌদ্রস্নান /রৌড্দ্রোস্নান্/ [স. রৌদ্র+√স্না+অন] বি. সূর্যের আলোয় অবগাহন, সূর্যস্নান, sunbath।

রৌদ্রোজ্জ্বল /রৌড্দ্রোজ্জ্বল্/ [স. রৌদ্র+উজ্জ্বল] বিণ. সূর্যের আলোয় উদ্ভাসিত।

রৌপ্য /রৌড্প্পো/ [স. রূপ+য+অ] বি. ঘাতসহ উজ্জ্বল সাদা মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৪৭, রুপা। বিণ. রুপার তৈরি (*রৌপ্যমুদ্রা*)।

রৌপ্যজয়ন্তী /রৌড্প্পোজয়োন্তি/ [স. রৌপ্য+√জি+অৎ+ঈ] বি. পঁচিশ বছর পূর্তি উপলক্ষ্যে পালিত উৎসব, রজতজয়ন্তী, silver jubilee।

রৌপ্যময় /রৌড্প্পোময়্/ [স. রৌপ্য+ময়ট্] বিণ. রুপার তৈরি; রুপালি।

রৌপ্যমুদ্রা /রৌড্প্পোমুদ্দ্রা/ [স. রৌপ্য+মুদ্রা] বি. রুপার তৈরি মুদ্রা।

রৌপ্যালংকার /রৌড্প্পালংকার্/ [স. রৌপ্য+অলংকার] বি. রুপার তৈরি অলংকার।

রৌরব /রৌড্রব্/ [স. রুরু+অ] বি. পুরাণে বর্ণিত নরকবিশেষ।

র‍্যাঁদা /র‍্যাঁদা/ [ফা.] বি. কাঠ প্রভৃতি কঠিন বস্তু ঘষে সমান করার জন্য ব্যবহৃত অমসৃণ তলবিশিষ্ট ইস্পাতের দণ্ডবিশেষ, উখা, রেতি, file।

র‍্যাক /র‍্যাক্/ [ই.] বি. বইপত্র রাখার জন্য ব্যবহৃত কাঠ বা লোহার সারিবদ্ধ তাক; দেওয়ালে সংযোজিত কাঠের তাক, rack।

র‍্যাপার /র‍্যাপার্/ [ই.] বি. গায়ে দেওয়ার হালকা পশমি চাদর, wrapper।

র‍্যালি /র‍্যালি/ [ই.] বি. কোনো আন্দোলন বা কর্মসূচির সমর্থনে জনসমাবেশ, rally।

www.pathagar.com

ল /ল/

ল[১] /ল/ বাংলা বর্ণমালার অষ্টাবিংশ ব্যঞ্জনবর্ণ এবং দন্তমূল থেকে উচ্চার্য তৃতীয় অন্তঃস্থ বর্ণ এবং অল্পপ্রাণ পার্শ্বিক তরল ধ্বনির দ্যোতক।

ল[২] /ল/ [ই. law] বি. ১ আইন। ২ আইন বিষয়ে পরীক্ষা বা ডিগ্রি।

লইট্টা /লোইট্টা/ [আঞ্চ.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের অগভীর সমুদ্রে বালুকাময় তলদেশে বাস করে এমন গোলাকার তুণ্ডযুক্ত ছোটো মাথা এবং উজ্জ্বল মিহি আঁশযুক্ত লেজের দিকে ক্রমশ সরু হয়ে আসা ধূসর বর্ণের (ফসফরাস ও ক্যালসিয়ামসমৃদ্ধ) মাছবিশেষ, লটিয়া, লটে।

লও /লও/ [বা.] অনুক্রি. 'লহো'-র চলিত রূপ।

লওয়া /লওআ/ [বা.] ক্রিবি. গ্রহণ করা, নেওয়া। বিণ. গৃহীত।

লং /লং/ [দেশি.] বি. ক্রান্তীয় অঞ্চলের আর্দ্র ও স্যাঁতসেঁতে স্থানে জাত এবং মসলারূপে ব্যবহৃত বীরুৎশ্রেণির চিরহরিৎ উদ্ভিদের চারটি হলুদাভ পাপড়িবিশিষ্ট ফুলের ঝাঁজালো ও কটুস্বাদ শুকনো কুঁড়ি (যার তেল ওষুধরূপে ব্যবহৃত হয়), লবঙ্গ, clove।

লংকা /লংকা/ [বা.] বি. মরিচ; 'লঙ্কা'-র বানানভেদ।

লং ক্লথ /লং ক্লথ্/ বি. কলে বোনা সাদা সুতি থান কাপড়বিশেষ।

লং জাম্প /লং জাম্প্/ বি. দৌড়ে এসে এক লাফে সর্বাধিক দূরত্ব অতিক্রম করার প্রতিযোগিতামূলক খেলাবিশেষ, long jump।

লক /লক্/ [আ.] বি. ঘুড়ি ওড়ানোর মাঞ্জা দেওয়া সুতো।

লকআউট /লক্আউট্/ [ই.] বি. শ্রমিক অসন্তোষ বা অন্য কোনো কারণে কারখানা বন্ধ রাখার ঘোষণা, lockout।

লকআপ /লক্আপ্/ [ই.] বি. বিচারের অপেক্ষায় অভিযুক্তকে সাময়িকভাবে আটক রাখার ঘর, হাজত, lock-up।

লকট /লকট্/ [চী.] বি. চীন জাপান ও বিভিন্ন উষ্ণমণ্ডলীয় অঞ্চলে চাষ করা হয় এমন হলুদাভ ছোটো অম্লমধুর ফলবিশেষ, loquat।

লকলক /লক্লক্/ [আ.] অব্য. ১ আগুনের শিখা নমনীয় পদার্থ অঙ্গপ্রত্যঙ্গ প্রভৃতির প্রসারণ বা আলোড়নের ভাব। ২ লালসার ভাব।

লকলকে/লক্লোকে/ [বা.] বিণ. লকলক করছে এমন (*লকলকে পুঁইডগা*)।

ল-কার /লকার্/ বি. ব্যঞ্জনবর্ণের সঙ্গে ল-এর যোগচিহ্ন।

লকার /লকার্/ [ই.] বি. মূল্যবান দলিলপত্র বা অলংকারাদি গচ্ছিত রাখার জন্য ব্যাংকের সুরক্ষিত প্রকোষ্ঠ, locker।

লকুচ /লোকুচ্/ [স. √লক্+উচ] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ার বিভিন্ন দেশে বসন্তকালে গুচ্ছাকারে ফোটে এমন টকটকে লাল ফুল ও কমলা রঙের ফল বা তার ভেষজগুণসম্পন্ন দ্রুত বর্ধনশীল শিম্বগোত্রীয় উদ্ভিদ, ডেউয়া, ডেহুয়া।

লকেট /লকেট্/ [ই.] বি. কণ্ঠহারে সংযুক্ত ঝুলন্ত পদক বা তাদৃশ ছোটো কৌটো, ধুকধুকি, locket।

লক্কড় /লক্কোড়্/ [হি.] বি. ১ কাঠ বা লোহার নিকৃষ্ট ও অব্যবহার্য জিনিসপত্র। ২ গাছের গুঁড়ি।

লক্কা /লক্কা/ [আ. লকা >] বি. ১ ঘন ও বিস্তৃত পুচ্ছযুক্ত পায়রার প্রজাতিবিশেষ। ২ (ব্য.) পোশাকপরিচ্ছদে বিলাসি ব্যক্তি, ফুলবাবু।

লক্তক /লক্তক্/ [স. √লক্+ত+ক] বি. ১ আলতা। ২ জীর্ণ বস্ত্রখণ্ড, ন্যাকড়া।

লক্ষ /লোক্খো/ [স. √লক্ষ্+অ] বি. ১ খেয়াল (*লক্ষ করা*)। ২ শতসহস্র সংখ্যা, লাখ। বিণ. ১ শতসহস্র সংখ্যক। ২ (আল.) অসংখ্য, সংখ্যাতীত (*লক্ষ লক্ষ শ্রোতা*)।

লক্ষক /লোক্খোক্/ [স. √লক্ষ্+অক] বিণ. লক্ষণ-দ্বারা অর্থ প্রকাশ করে এমন।

লক্ষণ /লোক্খোন্/ [স. √লক্ষ্+অন] বি. ১ চিহ্ন, নিদর্শন, পরিচয়, অভিজ্ঞান। ২ আভাস। তুল. লক্ষ্মণ।

লক্ষণগীত /লোক্খোন্গিত্/ [স. লক্ষণ+√গৈ+ত] বি. কোনো রাগের বিশিষ্টতাজ্ঞাপক সংগীত।

লক্ষণা /লোক্খোনা/ [স. লক্ষণ+আ(টাপ্)] বি. শব্দের অন্তর্নিহিত যে শক্তিদ্বারা আভিধানিক অর্থের অতিরিক্ত অন্য কোনো অর্থ প্রকাশিত হয় (যেমন তিনি গ্রামের মাথা অর্থাৎ তিনি গ্রামের প্রধান ব্যক্তি)।

লক্ষণাক্রান্ত /লোক্খোনাক্রান্তো/ [স. লক্ষণ+আক্রান্ত] বিণ. শুভ লক্ষণযুক্ত।

লক্ষণীয় /লোক্খোনিয়ো/ [স. √লক্ষ্+অনীয়] বিণ.

www.pathagar.com

লক্ষ করার যোগ্য, বিশেষভাবে খেয়াল রাখতে হবে এমন (*লক্ষণীয় বিষয়*)।

লক্ষপতি /লোক্‌খোপোতি/ [স. লক্ষ+পতি] বি. ১ লাখ টাকার মালিক। ২ (আল.) বিত্তবান ব্যক্তি।

লক্ষাধিক /লোক্‌খাধিক্‌/ [স. লক্ষ+অধিক] বিণ. এক লাখের চেয়ে বেশি।

লক্ষিত /লোক্‌খিতো/ [স. √লক্ষ্‌+ত] বিণ. ১ লক্ষ করা হয়েছে এমন, দৃষ্ট। ২ নিশানা বা তাক করা হয়েছে এমন। ৩ উদ্দিষ্ট, অভীষ্ট। ৪ অনুভূত; জ্ঞাত। ৫ লক্ষণাবৃত্তিদ্বারা অবগত।

লক্ষ্মণ /লক্‌খোন্‌/ [স. লক্ষ্মী+ন] বি. রামায়ণে বর্ণিত রামচন্দ্রের বৈমাত্রেয় ভ্রাতা, সুমিত্রার পুত্র। তুল. লক্ষ্মণ।

লক্ষ্মণরেখা /লক্‌খোন্‌রেখা/ [স. লক্ষ্মণ+রেখা] বি. নির্দিষ্ট গণ্ডি, যে সীমা লঙ্ঘন করলে বিপদ হতে পারে।

লক্ষ্মী /লোক্‌খি/ [স. √লক্ষ্‌+ঈ] বি. ১ পুরাণে বর্ণিত বিষ্ণুর পত্নী, ধন ঐশ্বর্য ও সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী, কমলা। ২ সৌভাগ্য, শ্রী। বিণ. (বাংলায়) শান্তস্বভাব, সুবোধ (*লক্ষ্মী মেয়ে*)।

লক্ষ্মীকান্ত /লোক্‌খিকান্‌তো/ [স. লক্ষ্মী+√কম্‌+ত] বি. দেবতা নারায়ণ, বিষ্ণু।

লক্ষ্মীছাড়া /লোক্‌খিছাড়া/ [স. লক্ষ্মী+বা. ছাড়া] বিণ. ১ শ্রীভ্রষ্ট। ২ হতভাগ্য। ৩ দুষ্ট।

লক্ষ্মীজনার্দন /লোক্‌খিজনার্‌দোন্‌/ [স. লক্ষ্মী+জনার্দন] বি. দ্র লক্ষ্মীনারায়ণ।

লক্ষ্মীনারায়ণ /লোক্‌খিনারায়োন্‌/ [স. লক্ষ্মী+নারায়ণ] বি. ১ লক্ষ্মী ও নারায়ণ। ২ শালগ্রামবিশেষ (বিষ্ণুর প্রতীক)।

লক্ষ্মীপূজা /লোক্‌খিপুজা/ [স. লক্ষ্মী+পূজা] বি. আশ্বিন মাসের পূর্ণিমাতিথিতে অনুষ্ঠিত ধনসম্পদের অধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবীর পূজা।

লক্ষ্মীপূর্ণিমা /লোক্‌খিপুর্‌নিমা/ [স. লক্ষ্মী+পূর্ণিমা] বি. দুর্গাপূজার অব্যবহিত পরের পূর্ণিমাতিথি।

লক্ষ্মীপ্যাঁচা /লোক্‌খিপ্যাঁচা/ [স. লক্ষ্মী+বা. প্যাঁচা] বি. পুরাণে লক্ষ্মীর বাহনরূপে বর্ণিত প্যাঁচার প্রজাতিবিশেষ।

লক্ষ্মীবন্ত /লোক্‌খিবন্‌তো/ [বা.] বিণ. দ্র লক্ষ্মীমন্ত।

লক্ষ্মীবান /লোক্‌খিবান্‌/ [স. লক্ষ্মী+বৎ] বিণ. ১ সৌভাগ্যবান। ২ সম্পৎশালী।

লক্ষ্মীবার /লোক্‌খিবার্‌/ [স. লক্ষ্মী+বার] বি. বৃহস্পতিবার (ওই দিনে লক্ষ্মীর পূজা হয় বলে)।

লক্ষ্মীবিলাস /লোক্‌খিবিলাশ্‌/ [স. লক্ষ্মী+বিলাস] বি. ১ কবিরাজি তেলবিশেষ। ২ জ্বর নিরাময়ের কবিরাজি ওষুধবিশেষ। ৩ সুন্দর ও সুচিক্কণ বস্ত্রবিশেষ।

লক্ষ্মীভান্ডার /লোক্‌খিভান্‌ডার্‌/ [বা.] বি. অফুরন্ত ভান্ডার।

লক্ষ্মীমণি /লোক্‌খিমোনি/ [স. লক্ষ্মী+মণি] বি. আদরসূচক সম্বোধনে ব্যবহৃত শব্দ।

লক্ষ্মীমন্ত /লোক্‌খিমন্‌তো/ [বা.] বিণ. ১ সৌভাগ্যবান। ২ ধনবান।

লক্ষ্মীস্বরূপিণী /লোক্‌খিশরুপিনি/ [স. লক্ষ্মী+স্বরূপ+ইন্‌+ঈ] বিণ. লক্ষ্মীদেবীর সকল গুণে গুণান্বিতা।

লক্ষ্য /লোক্‌খো/ [স. √লক্ষ্‌+য] বি. ১ উদ্দেশ্য। ২ তাক, target; কাম্য বস্তু বা বিষয়। বিণ. ১ লক্ষণাশক্তিদ্বারা জ্ঞাত। ২ উদ্দিষ্ট। ৩ জ্ঞেয়।

লক্ষ্যচ্যুত /লোক্‌খোচ্‌চুতো/ [স. লক্ষ্য+√চ্যু+ত] বিণ. দ্র লক্ষ্যভ্রষ্ট।

লক্ষ্যভেদ /লোক্‌খোভেদ্‌/ [স. লক্ষ্য+ভেদ] বি. নিশানা বা লক্ষ্যবস্তু বিদ্ধকরণ।

লক্ষ্যভ্রষ্ট /লোক্‌খোভ্রোশ্‌টো/ [স. লক্ষ্য+√ভ্রনশ্‌+ত] বিণ. ১ নিশানা ভেদ করতে পারেনি এমন। ২ লক্ষ্য অর্জন করতে পারেনি এমন, লক্ষ্যচ্যুত।

লক্ষ্যমাত্রা /লোক্‌খোমাত্‌ত্রা/ [স. লক্ষ্য+মাত্রা] বি. যে লক্ষ্য অর্জন করতে হবে (*উৎপাদনের লক্ষ্যমাত্রা*)।

লক্ষ্যস্থল /লোক্‌খোস্‌থল্‌/ [স. লক্ষ্য+স্থল] বি. ১ উদ্দিষ্ট স্থান। ২ নিশানা।

লক্ষ্যহীন /লোক্‌খোহিন্‌/ [স. লক্ষ্য+√হা+ত] বিণ. নির্দিষ্ট লক্ষ্য নেই এমন, উদ্দেশ্যহীন।

লগ /লগ্‌/ [লা.] বি. (গ.) লগারিদ্‌মের কথ্য ও সংক্ষিপ্ত রূপ, log।

লগন /লগোন্‌/ [স. লগ্ন >] বি. ১ বিবাহে গায়ে হলুদের অনুষ্ঠানবিশেষ। ২ লগ্ন[২]-এর কোমল ও কাব্যিক রূপ।

লগনসা /লগোন্‌শা/ [স. লগ্নসময় >] বি. শুভকর্মের লগ্ন আছে এমন দিন বা মাস।

লগবই /লগ্‌বোই/ [ই. logbook] বি. ১ বিমান জাহাজ প্রভৃতি যান চালনার প্রতিটি খুঁটিনাটি তথ্য যে নির্দিষ্ট খাতায় লিপিবদ্ধ করতে হয়। ২ যে খাতায় সড়কযানের দৈনিক ব্যবহারের বিবরণ লিপিবদ্ধ করা হয়। ৩ বেতার বা টেলিভিশন কেন্দ্র থেকে প্রচারিত প্রতিটি অনুষ্ঠানের পূর্ণ বিবরণ লিপিবদ্ধ করার খাতা।

লগবগ /লগ্‌বগ্‌/ [ধ্বন্যা.] অব্য. বি. ঋজু নয় এমন ভাব প্রকাশক শব্দ; বেত বা কঞ্চির মতো ছিপছিপে

www.pathagar.com

ভাব।

লগা /লগা/ [বা.] বি. বাঁশের দণ্ডবিশেষ।

লগি /লোগি/ [বা.] বি. ১ অগভীর জলে নৌকা ঠেলে চালানোর জন্য ব্যবহৃত বাঁশের সরু ও লম্বা দণ্ড। ২ আঁকশি।

লগুড় /লোগুড়/ [দেশি.] বি. ১ মোটা লাঠি। ২ গদা।

লগ্ন[১] /লগ্‌নো/ [স. √লগ্+ত] বিণ. ১ সংযুক্ত; মিলিত (*গললগ্ন*)। ২ একান্ত অনুরক্ত, আসক্ত।

লগ্ন[২] /লগ্‌নো/ [স. √লগ্+ত] বি. ১ রাশির উদয়কাল। ২ আপাতদৃষ্টিতে সূর্যের এক রাশি থেকে অন্য রাশিতে সংক্রমণের মুহূর্ত। ৩ উপযুক্ত বা শুভ সময়।

লগ্নপত্র /লগ্‌নোপত্‌ত্রো/ [স. লগ্ন+পত্র] বি. জ্যোতিষ শাস্ত্রমতে যে কাগজে বিবাহের লগ্ন লেখা হয়।

লগ্নভ্রষ্ট /লগ্‌নোভ্রোশ্‌টো/ [স. লগ্ন+√ভ্রন্‌শ্+ত] বিণ. ১ লগ্নকালে সম্পাদন করা হয়নি এমন। ২ হিন্দু বিবাহে লগ্ন অতিবাহিত হয়েছে এমন।

লগ্নাচার্য /লগ্‌নাচার্‌জো/ [স. লগ্ন+আচার্য] বি. জ্যোতিষী।

লগ্নি /লোগ্‌নি/ [স. লগ্ন >] বি. ১ সুদে টাকা বিনিয়োগ। ২ তেজারতি, মহাজনি।

লঘিমা /লোঘিমা/ [স. লঘু+ইমন্] বি. ১ লঘুর ভাব, লঘুতা। ২ যোগলব্ধ যে শক্তিদ্বারা দেহকে ইচ্ছেমতো লঘু করা যায়। ৩ গৌরবহীনতা।

লঘিষ্ঠ সাধারণ গুণিতক /লোঘিশ্‌ঠো শাধারোন্ গুনিতক্/ বি. কোনো সংখ্যাকে দুই বা তার চেয়ে উচ্চতর যে সর্বনিম্ন সংখ্যা দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না, ল.সা.গু., LCM।

লঘীয়ান /লোঘিআন্/ [স. লঘু+ঈয়স্] বিণ. ১ দুইয়ের মধ্যে লঘুতর বা ক্ষুদ্র। ২ অতিশয় হালকা; লঘুতর। ৩ খুব ছোটো, ক্ষুদ্রতর।

লঘু /লোঘু/ [স. √লঙ্‌ঘ্+উ] বিণ. ১ ভারশূন্য, হালকা (*লঘু ভার*)। ২ অল্প পরিমিত (*লঘু আহার*)। ৩ সহজপাচ্য (*লঘুপাক*)। ৪ অল্প পরিমাণ, সামান্য (*লঘু পাপ*)। ৫ খাটো, বামন (*লঘুকায়*)। ৬ গাম্ভীর্যহীন (*লঘু চালচলন*)। ৭ চিন্তাশক্তিশূন্য (*লঘুচিত্ত*)। ৮ মৃদু অথচ দ্রুত ও স্বচ্ছন্দ (*লঘুগতি*)। ৯ সহজবোধ্য (*লঘুপাঠ*)। ১০ হেয় (*লঘুজ্ঞান*)। ১১ অসার (*লঘু তর্ক*)। ১২ সূক্ষ্ম। ১৩ তরল। ১৪ (ব্যা.) হ্রস্ব মাত্রাবিশিষ্ট (*লঘুস্বর*)। ১৫ হীনবল (*লঘুস্বাস্থ্য*)। বি. ~তা /–তা/।

লঘুক্রিয়া /লোঘুক্রিআ/ [স. লঘু+ক্রিয়া] বি. সামান্য বা তুচ্ছ ব্যাপার।

লঘুগামী /লোঘুগামি/ [স. লঘু+√গম্+ইন্] বিণ. দ্রুত ও স্বচ্ছন্দে গমনশীল।

লঘুগুরু /লোঘুগুরু/ [স. লঘু+√গু+উ] বিণ. ছোটো ও বড়ো, ছোটোবড়ো।

লঘুগুরুজ্ঞান /লোঘুগুরুগ্যান্/ [স. লঘুগুরু+জ্ঞান] বি. (বয়সে বা সামাজিক অবস্থানে) ছোটো ও বড়োর মধ্যে পার্থক্যবোধ বা তদনুযায়ী আচরণ।

লঘুচাপ /লোঘুচাপ্/ [স. লঘু+চাপ] বি. বায়ুমণ্ডলের নিম্নচাপ, depression।

লঘুচিত্ত /লোঘুচিত্তো/ [স. লঘু+√চিত্+ত] বিণ. ১ গাম্ভীর্যশূন্য। ২ ছ্যাবলা।

লঘুচেতা /লোঘুচেতা/ [স. লঘু+চেতস্] বিণ. দ্র লঘুচিত্ত।

লঘুত্ব /লোঘুত্তো/ [স. লঘু+ত্ব] বি. লঘু ভাব।

লঘুত্রিপদী /লোঘুত্রিপোদি/ [স. লঘু+ত্রিপদ+ঈ] বি. বাংলা ছন্দবিশেষ।

লঘুপাক /লোঘুপাক্/ [স. লঘু+পাক] বিণ. সহজে জীর্ণ হয় এমন, সহজপাচ্য।

লঘুসংগীত /লোঘুশোংগিত্/ [স. লঘু+সংগীত] বি. লঘু সুরের গান।

লঘুহস্ত /লোঘুহস্‌তো/ [স. লঘু+√হস্+ত] বিণ. ক্ষিপ্রহস্ত।

লঘূকরণ /লোঘুকরোন্/ [স. লঘু+চ্বি+করণ] বি. ১ জটিল বিষয়কে সরলীকরণ। ২ (বাংলায়) গণিতে মিশ্র রাশিকে অমিশ্র রাশিতে বা অমিশ্র রাশিকে মিশ্র রাশিতে পরিণতকরণ, reduction।

লঘূকৃত /লোঘুকৃতো/ [স. লঘু+চ্বি+কৃত] বিণ. লঘু করা হয়েছে এমন; (গ.) লঘূকরণ প্রক্রিয়া সমাপ্ত হয়েছে এমন।

লঙ্কা /লংকা/ [স. √রম্+ক+আ (টাপ্)] বি. ১ রামায়ণে বর্ণিত ভারতের দক্ষিণ প্রান্তে অবস্থিত দ্বীপবিশেষ (বর্তমান শ্রীলঙ্কা)। ২ (বাংলায়) মসলারূপে ব্যবহৃত ঝাল সবজিবিশেষ, মরিচ।

লঙ্কাকাণ্ড /লংকাকান্‌ডো/ [স. লঙ্কা+কাণ্ড] বি. ১ রামায়ণে বর্ণিত লঙ্কা ধ্বংসের অধ্যায়। ২ (আল.) হুলুস্থুল কাণ্ড; বিপর্যস্ত অবস্থা।

লঙ্কাদাহন /লংকাদাহোন্/ [স. লঙ্কা+দাহন] বি. লঙ্কাপুরীতে হনুমান কর্তৃক অগ্নিসংযোগ।

লঙ্কাধিপতি /লংকাধিপোতি/ [স. লঙ্কা+অধিপতি] বি. লঙ্কার অধিপতি রাবণ।

লঙ্কাপতি /লংকাপোতি/ [স. লঙ্কা+পতি] বি. দ্র লঙ্কাধিপতি।

লঙ্কাফোড়ন /লংকাফোড়োন্/ [বা.] বি. ব্যঞ্জনে তপ্ত তেল ও লঙ্কার ফোড়ন।

www.pathagar.com

লঙ্কাবাটা /লংকাবাটা/ [বা.] বি. জল সহযোগে পিষ্ট লঙ্কা।

লঙ্কেশ /লংকেশ্/ [স. লঙ্কা+ঈশ] বি. লঙ্কার অধিপতি রাবণ।

লঙ্গরখানা /লংগোরখানা/ [ফা.] বি. দুর্যোগপীড়িতকে বিনামূল্যে খাদ্য বিতরণের স্থান, অন্নসত্র।

লঙ্ঘন /লংঘোন্/ [স. √লন্‌ঘ্+অন] বি. ১ অতিক্রমণ। ২ লম্ফন। ৩ অগ্রাহ্যকরণ। ৪ উপবাস।

লঙ্ঘনীয় /লংঘোনিয়ো/ [স. √লন্‌ঘ্+অনীয়] বিণ. লঙ্ঘন করা যায় এমন, অতিক্রমণীয়।

লঙ্ঘা /লংঘা/ [বা.] ক্রিবি. (কাব্যে.) পার হওয়া।

লঙ্ঘিত /লোংঘিতো/ [স. √লঙ্ঘ্+ত] বিণ. ১ লঙ্ঘন করা হয়েছে এমন। ২ মান্য করা হয়নি এমন।

লজিং /লজিং/ [ই. lodging] বি. ১ বাসস্থান। ২ জায়গির থাকার ব্যবস্থা।

লজিক /লজিক্/ [ই.] বি. দর্শনশাস্ত্রের যে শাখা কোনো বিষয়ে যুক্তিতর্কের মাধ্যমে পদ্ধতিগত-ভাবে বৈজ্ঞানিক উপায়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে, তর্কবিজ্ঞান, logic।

লজেঞ্চুস /লজেন্‌চুস্/ [ই. lozenge >] বি. দ্র লজেন্স।

লজেন্স /লজেন্‌স্/ [ই.] বি. চুষে খেতে হয় এমন ছোটোদের মিঠাইবিশেষ, lozenge।

লজ্জমান /লজ্‌জোমান্/ [স. √লস্‌জ্+মান (শানচ্)] বিণ. লজ্জা বোধ করছে এমন, লজ্জাশীল। স্ত্রী. লজ্জমানা /লজ্‌জোমানা/।

লজ্জা /লজ্‌জা/ [স. √লস্‌জ্+অ+আ (টাপ্)] বি. কোনো উক্তি বা অনুচিত কর্ম সম্পাদনের জন্য অস্বস্তিকর মানসিক অবস্থা; গোপন বিষয় প্রকাশিত হয়ে পড়ার সংকোচ, শরম, ব্রীড়া।

লজ্জাকর /লজ্‌জাকর্/ [স. লজ্জা+কর] বিণ. লজ্জাজনক, লজ্জার বিষয়ীভূত, ব্রীড়াজনক।

লজ্জাজনক /লজ্‌জাজনোক্/ [স. লজ্জা+জনক] বিণ. দ্র লজ্জাকর।

লজ্জানত /লজ্‌জানতো/ [স. লজ্জা+নত] বিণ. লজ্জায় মাথা নত হয়ে আছে এমন।

লজ্জাপীড়িত /লজ্‌জাপিড়িতো/ [স. লজ্জা+√পীড়্+ত] বিণ. লজ্জায় সংকুচিত।

লজ্জাবতী /লজ্‌জাবোতি/ [স. লজ্জা+বৎ+ঈ] বিণ. লজ্জা আছে এমন।

লজ্জাবতী লতা /লজ্‌জাবোতি লতা/ বি. গুচ্ছাকারে ফোটে এমন ছোটো গোলাকৃতি বেগুনি ফুল বা তার ক্ষুদ্র পাতাবিশিষ্ট (যা ছোঁয়ামাত্র সংকুচিত হয়ে যায়) ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ, mimosa। বিণ. (আল.) লাজুক।

লজ্জাবত্তা /লজ্‌জাবত্তা/ [স. লজ্জা+বৎ+তা] বি. লজ্জাশীলতা।

লজ্জাবনত /লজ্‌জাবোনতো/ [স. লজ্জা+অবনত] বিণ. লজ্জায় মাথা নত হয়ে আছে এমন। স্ত্রী. লজ্জাবনতা /লজ্‌জাবোনতা/।

লজ্জাবান /লজ্‌জাবান্/ [স. লজ্জা+বৎ] বিণ. লজ্জা আছে এমন, লজ্জাশীল।

লজ্জালু /লজ্‌জালু/ [স. √লস্‌জ্+আলু] বিণ. লাজুক, লজ্জাশীল।

লজ্জাশীল /লজ্‌জাশিল্/ [স. লজ্জা+শীল] বিণ. লাজুক। স্ত্রী. লজ্জাশীলা /লজ্‌জাশিলা/।

লজ্জাশীলতা /লজ্‌জাশিলতা/ [স. লজ্জাশীল+তা] বি. লজ্জাযুক্ত অবস্থা, লজ্জার ভাব।

লজ্জাশূন্য /লজ্‌জাশুন্‌নো/ [স. লজ্জা+√ক্ষন্+য] বিণ. লজ্জা নেই এমন, নির্লজ্জ।

লজ্জাশূন্যতা /লজ্‌জাশুন্‌নোতা/ [স. লজ্জাশূন্য+তা] বি. নির্লজ্জ অবস্থা।

লজ্জাহীন /লজ্‌জাহিন্/ [স. লজ্জা+√হা+ত] বিণ. লজ্জা নেই এমন, নির্লজ্জ। স্ত্রী. লজ্জাহীনা /লজ্‌জাহিনা/।

লজ্জাহীনতা /লজ্‌জাহিনতা/ [স. লজ্জাহীন+তা] বি. নির্লজ্জতা।

লজ্জিত /লোজ্‌জিতো/ [স. লজ্জা+ইত] বিণ. লজ্জা পেয়েছে এমন। স্ত্রী. লজ্জিতা /লোজ্‌জিতা/।

লঞ্চ /লন্‌চ/ [ই.] বি. অগভীর জলে চলাচল করতে পারে এমন ইঞ্জিনচালিত যাত্রীবাহী ছোটো জলযান, launch।

লঞ্চঘাট /লন্‌চঘাট্/ [ই. লঞ্চ+বা. ঘাট] বি. লঞ্চে যাত্রী ওঠানামার ঘাট।

লঞ্চডুবি /লন্‌চডুবি/ [ই. লঞ্চ+বা. ডুবি] বি. প্রাকৃতিক দুর্যোগ বা অতিরিক্ত যাত্রী বোঝাইয়ের কারণে লঞ্চের নিমজ্জন।

লঞ্চযাত্রী /লন্‌চজাত্রি/ [ই. লঞ্চ+স. যাত্রী] বি. লঞ্চে যাতায়াতকারী যাত্রী।

লটকা /লট্‌কা/ [বা.] ক্রিবি. ঝোলা, ঝুলে থাকা।

লটকানো /লট্‌কানো/ [বা.] ক্রিবি. বিণ. ঝোলানো, টাঙানো (*দেওয়ালে ছবি লটকানো*)।

লটখট /লট্‌খট্/ [ধ্বন্যা.] বি. ১ ঝঞ্ঝাট; বিঘ্ন; উৎপাত। ২ তুচ্ছ বিষয় নিয়ে গোলমাল।

লটপট /লট্‌পট্/ [ধ্বন্যা.] অব্য. লুটোপুটি খাওয়া বা দোলনের ভাব।

www.pathagar.com

লটপটে /লট্‌পোটে/ [বা.] বিণ. লটপট করছে এমন, দোদুল্যমান।

লটবহর /লট্‌বোহর্‌/ [বা. লট+আ. বহর] বি. (প্রধানত যাত্রীদের) বিবিধ জিনিসপত্র।

লটরপটর /লটোর্‌পটোর্‌/ [দেশি.] বি. নিন্দনীয় ঘটনা।

লটারি /লটারি/ [ওল.] বি. ১ কোনো বিশেষ উদ্দেশ্যে অর্থ সংগ্রহের জন্য নম্বরযুক্ত টিকিট বিক্রি করে দৈবচয়িত নম্বরধারী ক্রেতাকে পুরস্কৃত করার ব্যবস্থা। ২ অদৃষ্ট পরীক্ষা। ৩ lottery।

লটিয়া /লোটিআ/ [আঞ্চ.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের অগভীর সমুদ্রে বালুকাময় তলদেশে বাস করে এমন গোলাকার শুন্ডযুক্ত ছোটো মাথা এবং উজ্জ্বল মিহি আঁশযুক্ত লেজের দিকে ক্রমশ সরু হয়ে আসা ধূসর বর্ণের (ফসফরাস ও ক্যালসিয়ামসমৃদ্ধ) মাছবিশেষ, লইট্টা, লটে।

লটুয়া /লোটুআ/ [স. লম্পট >] বি. লম্পট; কামুক।

লড়চড় /লড়্‌চড়্‌/ [বা.] বি. 'নড়চড়'-এর আঞ্চলিক রূপ।

লড়ন[১] /লড়োন্‌/ [বা.] বি. 'নড়ন'-এর আঞ্চলিক রূপ।

লড়ন[২] /লড়োন্‌/ [স. রণ >] বি. লড়াই, যুদ্ধ; কুস্তি।

লড়া[১] /লড়া/ [বা.] ক্রিবি. 'নড়া'-র আঞ্চলিক রূপ।

লড়া[২] /লড়া/ [বা.] ক্রিবি. যুদ্ধ করা।

লড়াই /লড়াই্‌/ [হি.] বি. ১ যুদ্ধ, সংগ্রাম। ২ বিবাদ।

লড়াইবাজ /লড়াইবাজ/ [হি. লড়াই+ফা. বাজ] বিণ. লড়াই করতে অভ্যস্ত এমন।

লড়াকু /লড়াকু/ [হি.] বিণ. ১ যুদ্ধে উৎসুক, লড়াইপ্রিয় (*লড়াকু সৈনিক*)। ২ সহজে আপস করতে চায় না এমন (*লড়াকু মনোভাব*)।

লড়ানো /লড়ানো/ [বা.] ক্রিবি. লড়াই করানো।

লড়ালড়ি /লড়ালোড়ি/ [বা.] বি. পরস্পর সংঘাত।

লড়িয়ে /লোড়িয়ে/ [বা.] বিণ. লড়াই করতে অভ্যস্ত, লড়াইপ্রিয়।

লতা /লতা/ [স. √লত্‌+অ+আ (টাপ্‌)] বি. বীরুৎ-শ্রেণির উদ্ভিদ যা সাধারণত বড়ো গাছ মাচা বা অন্য কোনো কঠিন বস্তুকে অবলম্বন করে বেড়ে ওঠে, বল্লরি, ব্রততি, বল্লি।

লতাকুঞ্জ /লতাকুন্‌জো/ [স. লতা+√গুঞ্জ্‌+অ] বি. লতাবেষ্টিত কুটির; লতায় ঘেরা বাগান।

লতাগৃহ /লতাগৃহো/ [স. লতা+গৃহ] বি. লতাবেষ্টিত কুটির।

লতানিয়া /লতানিআ/ [বা.] বিণ. লতার মতো প্রসারিত, লতানে।

লতানে /লতানে/ [বা.] বিণ. কোনো শক্ত বস্তুকে অবলম্বন করে লতার মতো বেড়ে ওঠে এমন।

লতানো /লতানো/ [বা.] ক্রিবি. লতার মতো বিস্তৃত হওয়া। বিণ. লতার মতো বেড়ে ওঠে এমন।

লতাপাতা /লতাপাতা/ [স. লতা+বা. পাতা] বি. লতা ও পাতা।

লতাপাশ /লতাপাশ্‌/ [স. লতা+পাশ] বি. লতা দিয়ে রচিত জাল।

লতাবিতান /লতাবিতান্‌/ [স. লতা+বিতান] বি. লতাপাতায় বেষ্টিত গৃহ।

লতামণ্ডপ /লতামন্‌ডোপ্‌/ [স. লতা+মন্ডপ] বি. দ্র লতাবিতান।

লতায়িত /লতায়িতো/ [স. √লতায়্‌+ত] বিণ. লতার মতো বিস্তৃত, লতানে।

লতি /লোতি/ [দেশি.] বি. ১ কানের নিচের নরম মাংস। ২ সবজি হিসেবে রেঁধে খাওয়া যায় এমন কচুর সরু লতা।

লতিকা /লোতিকা/ [স. লতা+কন্‌+আ (টাপ্‌)] বি. ছোটো লতা, লতা।

লন্ঠন /লন্‌ঠোন্‌/ [ই. lantern >] বি. হাতে বহন করা যায় এমন কাচের আবরণবেষ্টিত প্রদীপবিশেষ।

লন্ডভন্ড /লন্‌ডোভন্‌ডো/ [দেশি.] বিণ. বিপর্যস্ত, তছনছ, ওলট-পালট; ছারখার।

লন্ড্রি /লন্‌ড্রি/ [ই. laundry] বি. ১ কাপড় ধোয়ার কাজ। ২ যে প্রতিষ্ঠানে অর্থের বিনিময়ে কাপড় ধোয়া হয়।

লপটা /লপ্‌টা/ [স. লিপ্ত >] ক্রিবি. লিপ্ত হওয়া, জড়ানো।

লপটানো /লপ্‌টানো/ [বা.] ক্রিবি. জড়িত হওয়া; জড়ানো।

লপসি /লোপ্‌সি/ [স. লপ্সিকা >] বি. ১ ডাল ময়দা প্রভৃতির তরল মণ্ড। ২ ঘোল। ৩ জাউ ভাত। ৪ কারাগারে কয়েদিদের জন্য চাল ডাল সবজি প্রভৃতি মিশিয়ে রাঁধা স্বল্পমূল্যের আহার্য।

লপিতা /লোপিতা/ [স. √লপ্‌+ত+আ (টাপ্‌)] বিণ. ভাষিতা; কথিতা।

লপ্ত /লপ্‌তো/ [স. লিপ্ত >] বি. একত্র-অবস্থান; অবিচ্ছেদ্য স্থিতির ভাব।

লব[১] /লব্‌/ [স. √লু+অ] বি. ১ (গ.) বিভাজ্য অঙ্ক, numerator। ২ রামচন্দ্রের দ্বিতীয় পুত্র।

লব[২] /লবো/ [বা.] ক্রিবি. নেব, লইব ('... *তখন সঙ্গ কে লবি*' / '*লব আমি মাধবী।*' রবীন্দ্র.)।

লবঙ্গ /লবঙ্গো/ [স. √লু+অঙ্গ] বি. ক্রান্তীয় অঞ্চলের

www.pathagar.com

আর্দ্র ও স্যাঁতসেঁতে স্থানে জাত এবং মসলারূপে ব্যবহৃত বীরুৎশ্রেণির চিরহরিৎ উদ্ভিদের চারটি হলুদাভ পাপড়িবিশিষ্ট ফুলের ঝাঁজালো ও কটুস্বাদ শুকনো কুঁড়ি (যার তেল ওষুধরূপে ব্যবহৃত হয়), লং, clove।

লবঙ্গলতা /লবংগোলতা/ [স. লবঙ্গ+লতা] বি. ১ সুগন্ধ ফুল বা ফলের কোমল লতাবিশেষ। ২ (আল.) কোমল স্বভাবের গুণবতী নারী।

লবঙ্গলতিকা /লবংগোলোতিকা/ [স. লবঙ্গ+লতা +কন্+আ (টাপ্)] বি. তেল বা ঘিয়ে ভাজা ময়দার পিঠাবিশেষ।

লবডঙ্কা /লবোডংকা/ [দেশি.] বি. ১ বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন। ২ ফাঁকি। ৩ কিছু না।

লবণ /লবোন্/ [স. √লু+অন] বি. সোডিয়াম ও ক্লোরিন পরমাণুর রাসায়নিক বিক্রিয়াজাত কেলাসিত খনিজপদার্থ, সমুদ্রের জল শুকিয়ে প্রাপ্ত লবণাক্ত সাদা যৌগবিশেষ, নুন, salt।

লবণত্ব /লবোনত্তো/ [স. লবণ+ত্ব] বি. লবণাক্ততা।

লবণ হ্রদ /লবোন্ হ্রদ্/ বি. জর্ডান ও ইজরাইলের সীমান্তে সমুদ্রপৃষ্ঠের প্রায় ১৩১২ ফুট নিচে অবস্থিত হ্রদবিশেষ, মরুসাগর, dead sea।

লবণাক্ত /লবোনাক্তো/ [স. লবণ+অক্ত] বিণ. ১ লবণমিশ্রিত, ক্ষারযুক্ত। ২ লোনা স্বাদযুক্ত।

লবণাত্মক /লবোনাত্তঁক্/ [স. লবণ+আত্মক] বিণ. অত্যধিক লবণমিশ্রিত, নোনা।

লবণাম্বু /লবোনাম্বু/ [স. লবণ+অম্বু] বি. নুন মেশানো জল, লোনা জল।

লবণাম্বুধি /লবোনাম্বুধি/ [স. লবণ+অম্বুধি] বি. সমুদ্রের লোনা জল।

লবণাম্ল /লবোনাম্লো/ [স. লবণ+অম্ল] বি. হাইড্রোজেন ও ক্লোরিনের রাসায়নিক বিক্রিয়া-জাত অম্ল, হাইড্রোক্লোরিক অ্যাসিড, hydrochloric acid।

লবেজান /লবেজান্/ [ফা.] বিণ. ১ প্রাণ ওষ্ঠাগত হয়েছে এমন। ২ অত্যন্ত অস্থির ও উৎকণ্ঠিত।

লব্ধ /লব্ধো/ [স. √লভ্+ত] বিণ. ১ পাওয়া গিয়েছে এমন, প্রাপ্ত। ২ উপার্জিত, অর্জিত।

লব্ধকাম /লব্ধোকাম্/ [স. লব্ধ+কাম] বিণ. বাসনা পূর্ণ হয়েছে এমন, সফলমনোরথ।

লব্ধকীর্তি /লব্ধোকির্তি/ [স. লব্ধ+কীর্তি] বিণ. কীর্তিমান, যশস্বী।

লব্ধপ্রতিষ্ঠ /লব্ধোপ্রোতিশ্ঠো/ [স. লব্ধ+প্রতিষ্ঠা] বিণ. প্রতিষ্ঠা পেয়েছে এমন, প্রথিতযশা, খ্যাতিমান।

লব্ধপ্রবেশ /লব্ধোপ্রোবেশ্/ [স. লব্ধ+প্রবেশ] বিণ. প্রবেশলাভ করেছে এমন, প্রবিষ্ট।

লভিনু /লোভিনু/ [বা.] ক্রিবি. (কাব্যে) লাভ করলাম (*এই লভিনু সঙ্গ তব, সুন্দর হে সুন্দর!* রবীন্দ্র.)।

লভ্য/লোভ্যো/ [স. √লভ্+য] বিণ. ১ লাভের যোগ্য। ২ লাভ হিসেবে পাওয়ার সম্ভাবনাযুক্ত। ৩ প্রাপ্য।

লভ্যাংশ /লোভ্যাংশো/ [স. লভ্য+অংশ] বি. লাভের ভাগ বা অংশ, dividend।

লম্পট /লম্পট্/ [স. √রম্+অট] বিণ. ১ কামাসক্ত। ২ দুশ্চরিত্র। বি. লম্পটতা /লম্পটতা/।

লম্ফ[১] /লম্ফো/ [স. √লম্ফ্+অ] বি. ভাঁজ করা দু পায়ের হাঁটুতে ভর দিয়ে দ্রুত ভূমি থেকে উত্থান, লাফ।

লম্ফ[২] /লম্ফো/ [ই. lamp >] বি. কেরোসিন তেল দিয়ে জ্বালানো হয় এমন ডিবা, কুপি।

লম্ফঝম্প /লম্ফোঝম্পো/ [স. লম্ফ+√ঝম্প্+অ] বি. ১ লাফালাফি। ২ (আল.) আস্ফালন।

লম্ফন /লম্ফোন্/ [স. √ লম্ফ্+অন] বি. দ্র লম্ফ[১]।

লম্ব /লম্বো/ [স. √ লম্ব্+অ] বি. (জ্যা.) খাড়াভাবে সমকোণে অবস্থিত যে কোনো সরলরেখা, perpendicular। বিণ. ১ খাড়া। ২ দোলায়মান।

লম্বকর্ণ /লম্বোকর্নো/ [স. লম্ব+কর্ণ] বি. বিণ. দীর্ঘ বা লম্বা কানযুক্ত (খরগোশ গাধা প্রভৃতি প্রাণী)।

লম্বচ্ছেদ /লম্বোচ্ছেদ্/ [স. লম্ব+ছেদ] বি. লম্বালম্বি ছেদন বা কর্তন।

লম্বন /লম্বোন্/ [স. √ লম্ব্+অন] বি. ১ ঝুলন, দোলন। ২ অবলম্বন।

লম্বমান /লম্বোমান্/ [স. √লম্ব্+মান (শানচ্)] বিণ. দুলছে এমন, দোলায়মান।

লম্বরদার /লম্বোরদার্/ [হি. লম্বর+ফা. দার] বি. ১ প্রজার নিকট থেকে সরকারের পক্ষে খাজনা আদায়কারী কর্মচারী। ২ মোড়ল।

লম্বা /লম্বা/ [দেশি.] বিণ. ১ দীর্ঘ; বিস্তৃত। ২ দীর্ঘস্থায়ী (*লম্বা ঘুম*)। ৩ ধরাশায়ী। বি. দৈর্ঘ্য।

লম্বাই /লম্বাই/ [বা.] বি. দৈর্ঘ্য, ঝুল।

লম্বাই-চওড়াই /লম্বাইচওড়াই/ [বা.] বি. ১ দৈর্ঘ্য ও প্রস্থের মাপ। ২ (আল.) আস্ফালন।

লম্বা করা /লম্বা করা/ ক্রিবি. প্রসারিত করা; দীর্ঘায়িত করা, বাড়ানো।

লম্বাচওড়া/লম্বাচওড়া/ [বা.] বিণ. ১ দৈর্ঘ্য ও প্রস্থে বড়ো (*লম্বাচওড়া পোশাক*)। ২ বিশালকায় (*লম্বা-চওড়া লোক*)। ৩ (ব্য.) দম্ভপূর্ণ (*লম্বাচওড়া কথা*)।

লম্বা চাল /লম্বা চাল্/ বি. অতিরিক্ত আড়ম্বর

www.pathagar.com

প্রদর্শন।

লম্বাটে /লম্‌বাটে/ [বা.] বিণ. লম্বা গড়নের।

লম্বা দেওয়া /লম্‌বা দেওআ/ ক্রিবি. দ্রুত ছুটে পালানো।

লম্বা দৌড় /লম্‌বা দৌড়্‌/ বি. বিরতিহীন দৌড়।

লম্বালম্বি/লম্‌বালোম্‌বি / [বা.] ক্রিবিণ. দৈর্ঘ্যবরাবর।

লম্বিত /লোম্‌বিতো / [স. √লম্ব্+ত] বিণ. ১ ঝুলছে এমন; প্রসারিত (*আজানুলম্বিত*)। ২ দোলানো হয়েছে এমন, দোলিত।

লম্বোদর /লম্‌বোদর/ [স. লম্ব+উদর] বিণ. স্থূলোদর। বি. দেবতারূপে পূজিত শিব ও পার্বতীর জ্যেষ্ঠপুত্র, গণেশ।

লম্বৌষ্ঠ /লম্‌বোউ়শ্‌ঠো/ [স. লম্ব+ওষ্ঠ] বি. উট।

লয় /লয়/ [স. √লী+অ] বি. ১ নৃত্য-গীত-বাদ্যের পরস্পর তালসাম্য, তালের অবিচ্ছেদ গতি। ২ (বৃহত্তর বস্তুতে) সম্পূর্ণ বিলয়ন। ৩ ধ্বংস; মৃত্যু।

লয়কারি /লয়্‌কারি/ [স. লয়কার্য >] বি. গায়ক বা বাদক কর্তৃক সংগীতে লয়ের বৈচিত্র্যপ্রদর্শন।

লয়হীন /লয়্‌হীন/ [স. লয়+√হা+ত] বিণ. ১ অবিনশ্বর। ২ (সংগীতে) মিল নেই এমন, খাপছাড়া।

লরি /লরি/ [ই.] বি. সেনা বা পণ্যবাহী লম্বা রেল বা সড়কযানবিশেষ, lorry।

ললজ্জিহ্ব /ললোজ্‌জিউ়ভো/ [স. ললৎ+জিহ্ব] বিণ. জিহ্ব লকলক করছে এমন। বি. কুকুর।

ললৎ /ললোত্‌/ [স. √লল্+অৎ] বিণ. ১ দোদুল্যমান; কম্পমান। ২ লেলিহান। ৩ লেহনকারী। ৪ লোলুপ।

ললন /ললোন্‌/ [স. √লল্+অন] বি. ১ বিলাস। ২ দোলন; কম্পন।

ললনা /ললোনা/ [স. √লল্+অন+আ (টাপ্)] বি. ১ নারী; কান্তা। ২ পত্নী। ৩ জিহ্ব।

ললনাপ্রিয় /ললোনাপ্রিয়ো / [স. ললনা+প্রিয়] বিণ. ১ নারীর জন্য প্রীতিকর। ২ পত্নীপ্রিয়। ৩ রসনার জন্য তৃপ্তিকর, সুস্বাদু।

ললন্তিকা /ললোন্‌তিকা/ [স. √লল্+অন্তিক+আ (টাপ্)] বি. ১ নাভি পর্যন্ত প্রলম্বিত কণ্ঠহার। ২ গিরগিটি।

ললাট /ললাট্‌/ [স. √লল্+আট] বি. ১ কপাল, ভাল। ২ ভাগ্য, অদৃষ্ট, নিয়তি, দৈব।

ললাটপট /ললাট্‌পট্‌/ [স. ললাট+পট] বি. প্রশস্ত ললাট।

ললাটভূষণ /ললাট্‌ভুশন/ [স. ললাট+ভূষণ] বি. ললাটের অলংকার।

ললাটলিখন /ললাট্‌লিখন/ [স. ললাট+লিখন] বি. ভাগ্যলিপি।

ললাটিকা /ললাটিকা/ [স. ললাট+কন্+আ (টাপ্)] বি. ১ ললাটভূষণ, ললাটের অলংকার। ২ তিলক।

ললাম /ললাম্‌/ [স. লল+√অম্+অ] বি. ১ ললাটভূষণ; ভূষণ। ২ তিলক। ৩ শ্রেষ্ঠ বস্তু।

ললিত /লোলিতো / [স. √লল্+ত] বিণ. ১ সুন্দর, চারু; মনোহর। ২ ঈপ্সিত। ৩ মৃদু ও কোমল (*ললিত কণ্ঠ*)। বি. ১ লাস্য। ২ বিলাস। ৩ রাত্রির চতুর্থ প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

ললিতকলা /লোলিতোকলা/ [স. ললিত+কলা] বি. গীতবাদ্য চিত্রাঙ্কন নৃত্য সাহিত্য-রচনা প্রভৃতি চারুকলা।

ললিতা /লোলিতা / [স. ললিত+আ (টাপ্)] বি. ১ দেবী দুর্গা। ২ শ্রীরাধিকার একজন সখী।

ললিতা সপ্তমী /লোলিতা শপ্‌তোমি/ বি. ভাদ্রমাসের শুক্ল সপ্তমী তিথিতে পালনীয় ব্রত।

ললিপপ /ললিপপ্‌/ [অজ্ঞা.] বি. কাঠির ডগায় লাগানো চুষে খাওয়া হয় এমন লজেন্স, lollipop।

লশকর /লশ্‌কর/ [ফা.] বি. ১ সৈন্য, ফৌজ। ২ নৌসেনা। ৩ জাহাজের খালাসি। ৪ লোকজন (*লোকলশকর*)। ৫ পদবিবিশেষ।

লষিত /লোশিতো / [স. √লষ্+ত] বিণ. বাঞ্ছিত।

লস্‌সি /লোস্‌সি/ [হি.] বি. দই চিনি বরফ ও পানি মিশিয়ে তৈরি কোমল পানীয়।

ল.সা.গু. /লসাগু/ বি. কোনো সংখ্যাকে দুই বা তার চেয়ে উচ্চতর যে সর্বনিম্ন সংখ্যা দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে না, 'লঘিষ্ঠ সাধারণ গুণনীয়ক'-এর সংক্ষিপ্ত রূপ, LCM।

লসিত /লোশিতো / [স. √লস্+ত] বিণ. ১ বিলাসিত। ২ শোভমান, শোভিত, দীপ্ত।

লহ /লহো / [বা.] ক্রি. গ্রহণ করো, লও (*অঞ্জলি লহ মোর সংগীতে* নজরুল.)।

লহনা /লহোনা/ [স. লভন >] বি. ১ খাজনা-ব্যতীত অন্যান্য বাকি পাওনা। ২ লভ্য, প্রাপ্য। ৩ কবিকঙ্কণরচিত চণ্ডীমঙ্গল কাব্যের নারীচরিত্র।

লহমা /লহ্‌মা / [আ.] বি. মুহূর্ত, ক্ষণ, অতি অল্পকাল।

লহর /লহোর/ [স. লহরি >] বি. ১ ঢেউ, তরঙ্গ (*হাসির লহর*); ধারা। ২ শ্রেণি, সারি।

লহরা /লহোরা / [স. লহরি >] বি. তবলাবাদনের প্রাধান্যদ্বারা সংগীতের প্রবাহসৃষ্টি, তালের প্রাধান্যযুক্ত ঐকতান।

লহরি /লহোরি/ [স. ল+√হৃ+ই] বি. তরঙ্গ, ঢেউ, ঊর্মি, বীচি।

www.pathagar.com

লহু /লোহু/ [স. লোহিত >] বি. রক্ত, শোণিত।

লা[১] /লা/ [প্রাক্. হলা >] অব্য. অন্তরঙ্গ সংলাপে নারীদের মধ্যে ব্যবহৃত সম্বোধনসূচক শব্দ (*কে লা?*)।

লা[২] /লা/ [স. লাক্ষা >] বি. গালা, লাক্ষা।

লা[৩]– /লা/ [আ.] অব্য. নঞর্থক উপসর্গবিশেষ (*লা-পাত্তা*)।

লাই /লাই/ [দেশি.] বি. প্রশ্রয়।

লাইট /লাইট্/ [ই.] বি. আলো, বাতি, light।

লাইট হাউজ /লাইট্ হাউজ্/ বি. সমুদ্রগামী জাহাজকে সতর্ক করার উদ্দেশ্যে সমুদ্রের উপকূলে স্থাপিত আলোকসংকেত প্রদানকারী স্তম্ভ, আলোকস্তম্ভ, বাতিঘর, lighthouse।

লাইন /লাইন্/ [ই. line] বি. ১ রেখা। ২ কবিতা বা গানের পঙ্‌ক্তি। ৩ সারিবদ্ধ হয়ে একজনের পেছনে অন্যজনের অবস্থান গ্রহণ। ৪ রেল বা ট্রাম চলাচলের উপযোগী লোহার পথ, লৌহবর্ত্ম (*রেল-লাইন*)। ৫ পুলিশ বা শিল্প কারখানার শ্রমিকদের জন্য নির্মিত সারিবদ্ধ আবাসগৃহ (*পুলিশ লাইন*)। ৬ বিদ্যুৎ টেলিফোন জল গ্যাস প্রভৃতি সংযোগ স্থাপনকারী তার বা নল। ৭ পথ; ধারা।

লাইনিং /লাইনিং/ [ই.] বি. পরিধেয় বস্ত্রের ভেতরের দিকে লাগানোর অতিরিক্ত কাপড়; আস্তরণ, lining।

লাইফবেল্ট /লাইফ্‌বেল্ট্/ [ই.] বি. আপৎকালে সমুদ্রে ভেসে থাকার জন্য বিশেষভাবে তৈরি বায়ুপূর্ণ পোশাক, lifebelt।

লাইফবোট /লাইফ্‌বোট্/ [ই.] বি. আপৎকালে সমুদ্র বা নদীতে জাহাজ পরিত্যাগ করে আশ্রয়গ্রহণের জন্য বিশেষভাবে তৈরি নৌকো, lifeboat।

লাইব্রেরি /লাইব্রেরি/ [ই. library] বি. ১ পাঠ বা তথ্যসূত্রের জন্য ব্যবহৃত সুবিন্যস্ত গ্রন্থভান্ডার, গ্রন্থাগার। ২ (বাংলায়) বইয়ের দোকান।

লাইলাতুল কদর /লাইলাতুল্ কদোর্/ বি. ইসলাম ধর্মমতে রমজান মাসের শেষ দশদিনের যেকোনো বিজোড় তারিখের রজনি; রমজান মাসের সাতাশ তারিখের রাত; পুণ্য রজনি।

লাইসেন্স /লাইসেন্স্/ [লা. licence] বি. ১ বিদেশ থেকে পণ্য আমদানি বা স্বদেশ থেকে বিদেশে রফতানির জন্য সরকারি অনুমতিপত্র (*আমদানি লাইসেন্স*)। ২ ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপনের জন্য সরকারি অনুমতিপত্র (*ট্রেড লাইসেন্স*)। ৩ বিশেষ দক্ষতার প্রয়োজন হয় এমন কর্ম সম্পাদনের সরকারি অনুমতিপত্র (*গাড়ি চালানোর লাইসেন্স*)। ৪ কোনো নিষিদ্ধ বস্তু রাখা বা ব্যবহারের জন্য সরকারি অনুমতিপত্র (*বন্দুকের লাইসেন্স*)।

লাউ /লাউ/ [স. অলাবু >] বি. সবজি হিসেবে রেঁধে খাওয়া হয় এমন বড়ো পাতা ও সাদা ফুলবিশিষ্ট লতানে উদ্ভিদের বৃহদাকার লম্বাটে সবুজ ফল (আনি. আফ্রিকা), কদু, অলাবু।

লাউঞ্জ /লাউন্জ্/ [ই. lounge] বি. ১ বিমান রেল বা দূরপাল্লার বাসযাত্রীদের অপেক্ষালয়; অবকাশ যাপনের ঘর। ২ আধশোয়া অবস্থায় বিশ্রাম নেওয়া যায় এমন আসন।

লাউডগা /লাউডগা/ [বা.] বি. রেঁধে খাওয়া যায় এমন লাউলতার অগ্রভাগ।

লাউডগা সাপ /লাউডগা শাপ্/ বি. দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার বনাঞ্চলে বিচরণ করে এবং ছোটো পাখি কীটপতঙ্গ প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন লাউলতার মতো সবুজ ও লম্বা সরীসৃপ-জাতীয় নির্বিষ সাপ।

লাউডস্পিকার /লাউড্‌স্পিকার্/ [ই.] বি. (রেডিও টেলিভিশন শব্দবিবর্ধক প্রভৃতি সরঞ্জামের সঙ্গে সংযুক্ত) বৈদ্যুতিক সংকেতকে শব্দতরঙ্গে রূপান্তরণের সরঞ্জামবিশেষ, loudspeaker।

লাউমাচা /লাউমাচা/ [বা.] বি. লাউগাছ বেঁয়ে উঠতে পারে এমন বাঁশের মাচা।

লাওয়ারিশ /লাওআরিশ্/ [আ.] বিণ. ১ দাবিদার নেই এমন। ২ উত্তরাধিকারশূন্য।

লাকড়ি /লাক্‌ড়ি/ [হি.] বি. জ্বালানি কাঠ।

লাক্ষণিক /লাক্‌খোনিক্/ [স. লক্ষণ+ইক] বিণ. ১ লক্ষণযুক্ত। ২ লক্ষণদ্বারা প্রকাশিত। ৩ লক্ষণ-সংক্রান্ত। ৪ গৌণ (*লাক্ষণিক অর্থ*)। ৫ দৈবজ্ঞ।

লাক্ষা /লাক্‌খা/ [স. √লক্ষ্+অ+আ (টাপ্)] বি. পলাশ প্রভৃতি বৃক্ষের শাখায় পরজীবী কীটের (kerrea lacca) ত্বকনিঃসৃত গাঢ় লাল রজনজাতীয় পদার্থের পুরু ও কঠিন আচ্ছাদন (সিলমোহর রং তৈরি প্রভৃতি কাজে ব্যবহৃত), জউ, জতু, গালা, lac।

লাক্ষাতরু /লাক্‌খাতোরু/ [স. লাক্ষা+তরু] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ক্রান্তীয় অঞ্চলে গ্রীষ্মকালে ফোটে এমন গাঢ় লাল সাদা প্রভৃতি রঙের ফুল বা তার শিম্বগোত্রীয় ভেষজ-গুণসম্পন্ন মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ, পলাশ।

লাক্ষারস /লাক্‌খারশ্/ [স. লাক্ষা+রস] বি. লাক্ষার নির্যাস; আলতা।

লাক্ষিক /লাক্‌খিক্/ [স. লাক্ষা+ইক] বিণ. ১ লাক্ষারস দিয়ে রঞ্জিত। ২ শতসহস্র সংখ্যাসম্বন্ধীয়।

লাখ /লাখ্/ [স. লক্ষ >] বি. শতসহস্র সংখ্যা, ১০০,০০০ সংখ্যা। বিণ. ১ শতসহস্র সংখ্যক। ২

www.pathagar.com

(আল.) অসংখ্য, অগণিত।

লাখেরাজ /লাখেরাজ্/ [আ.] বিণ. নিষ্কর। বি. নিষ্কর জমি, যে জমির খাজনা দিতে হয় না।

লাখো /লাখো/ [স. লক্ষ >] বি. বিণ. 'লাখ'-এর কথ্যরূপ (*লাখো মানুষ*)।

লাগ /লাগ্/ [দেশি.] বি. ১ নাগাল, সন্ধান। ২ স্পর্শ। ৩ নৈকট্য, সমীপবর্তিতা। ৪ সঙ্গ।

লাগসই /লাগ্‌শোই্/ [বা.] বিণ. যথোচিত; জুতসই (*লাগসই প্রযুক্তি*); (পরি.) appropriate।

লাগা /লাগা/ [বা.] ক্রিবি. ১ সংলগ্ন হওয়া, তীরে ভেড়া (*ঘাটে জাহাজ লাগা*)। ২ অনুভব করা (*ঠান্ডা লাগা*)। ৩ নিযুক্ত হওয়া (*কাজে লাগা*)। ৪ আরম্ভ হওয়া (*গ্রহণ লাগা*)। ৫ মাপমতো হওয়া (*জামা গায়ে লাগা*)। ৬ দরকার হওয়া (*টাকা লাগা*)। ৭ কলহবিবাদ বাধা (*ঝগড়া লাগা*)। ৮ বিদ্ধ হওয়া (*গলায় কাঁটা লাগা*)। ৯ আঘাত পাওয়া (*ব্যথা লাগা*)। ১০ দৃষ্টি আকৃষ্ট হওয়া (*চোখে লাগা*)। ১১ বাধাপ্রাপ্ত হওয়া (*চরে লাগা*)। ১২ বিরক্ত করা (*পেছনে লাগা*)। ১৩ ফলে যাওয়া (*কথা লাগা*)। ১৪ জড়িয়ে যাওয়া (*প্যাঁচ লাগা*)। ১৫ মোটা হওয়া (*গায়ে মাংস লাগা*)।

লাগাতার /লাগাতার্/ [বা.] বিণ. একটানা, বিরতিহীন (*লাগাতার বৃষ্টি*)।

লাগানি /লাগানি/ [বা.] বি. গোপনে নালিশ।

লাগানো /লাগানো/ [বা.] ক্রিবি. ১ নিয়োগ করা (*লোক লাগানো*)। ২ সংযুক্ত করা (*ডাকটিকিট লাগানো*)। ৩ লেপন করা (*রং লাগানো*)। ৪ রোপণ করা (*গাছ লাগানো*) ৫ সেবন করা (*গায়ে রোদ লাগানো*)। ৬ ভিড়ানো (*নৌকা ঘাটে লাগানো*)। ৭ প্রহার করা (*ঘা লাগানো*)। ৮ বাধানো (*ঝগড়া লাগানো*)। ৯ বোধ করানো (*ভয় লাগানো*)। ১০ বন্ধ করা (*দরজা লাগানো*)। ১১ গোপনে কারো কানে তোলা (*ওপর-মহলের কাছে লাগানো*)।

লাগাম /লাগাম্/ [ফা.] বি. ১ নিয়ন্ত্রণে রাখার জন্য ঘোড়ার মুখে লাগানো বলগা, রাশ। ২ (আল.) নিয়ন্ত্রণ, সংযম (*লাগামছাড়া কথা*)।

লাগামছাড়া /লাগামছাড়া/ [ফা. লাগাম+বা. ছাড়া] বিণ. ১ নিয়ন্ত্রণবহির্ভূত। ২ অসংযত; স্বেচ্ছাচারী।

লাগালাগি /লাগালাগি/ [বা.] বিণ. লাগোয়া।

লাগি /লাগি/ [বা.] অব্য. (কাব্যে) জন্য, তরে (*এরা সুখের লাগি চাহে প্রেম, প্রেম মেলে না।* রবীন্দ্র.)।

লাগোয়া /লাগোআ/ [বা.] বিণ. সংলগ্ন, সন্নিহিত।

লাঘব /লাঘব্/ [স. লঘু+অ] বি. ১ হ্রাস (*ভার লাঘব*)। ২ মর্যাদাহানি।

লাঙল /লাঙোল্/ [দেশি.] বি. ভূমিকর্ষণের জন্য ব্যবহৃত ইস্পাতের ফলাযুক্ত কাঠের দন্ডবিশেষ।

লাঙল চষা /লাঙোল্ চশা/ ক্রিবি. বীজ বপনের জন্য লাঙল দিয়ে ভূমিকর্ষণ করা।

লাঙল দেওয়া /লাঙোল্ দেওআ/ ক্রিবি. দ্র লাঙল চষা।

লাঙল টানা[১] /লাঙোল্ টানা/ ক্রিবি. লাঙল টেনে ভূমি কর্ষণ বা চাষ করা।

লাঙলটানা[২] /লাঙোলটানা/ [বা.] বিণ. লাঙল টানে এমন, হলবাহক (*লাঙলটানা গোরু*)।

লাঙলিক /লাঙোলিক্/ [বা.] বিণ. ১ হলচালক। ২ লাঙলসম্বন্ধীয়।

লাঙুল /লাঙুল্/ [স. √লঙ্গ্+উল] বি. লেজ, পুচ্ছ।

লাঙুলি /লাঙুলি/ [বা.] বিণ. লেজবিশিষ্ট। বি. বানর।

লাচার /লাচার্/ [আ.] বিণ. নিরুপায়; অসহায়।

লাছি /লাছি/ [দেশি.] বি. সুতোর গুটি বা গোছা।

লাজ[১] /লাজ্/ [স. লজ্জা >] বি. লজ্জা, শরম।

লাজ[২] /লাজ্/ [স. √লাজ্+অ] বি. খই।

লাজবর্ষণ /লাজ্‌বর্‌শোন্/ [স. লাজ+বর্ষণ] বি. কোনো শুভ অনুষ্ঠানে খই ছড়ানোর সংস্কার।

লাজলজ্জা /লাজ্‌লজ্জা/ [বা. লাজ+স. লজ্জা] বি. লজ্জা ও কুণ্ঠা (*আমার রইল না লাজলজ্জা, আমার ঘুচল গো সাজসজ্জা* রবীন্দ্র.)।

লাজশোণিমা /লাজ্‌শোনিমা/ [বা. লাজ+স. শোণিমা] বি. লজ্জায় লাল হয়ে যাওয়া অবস্থা; লজ্জায় রক্তিম মুখমণ্ডল।

লাজাঞ্জলি /লাজান্‌জোলি/ [স. লাজ+অঞ্জলি] বি. মুঠো ভরা খই, মুঠো পরিমাণ খই।

লাজুক /লাজুক্/ [বা.] বিণ. ১ লজ্জাশীল। ২ মিশতে লজ্জাবোধ করে এমন, মুখচোরা।

লাঞ্ছন /লান্‌ছন্/ [স. √লাঞ্ছ্+অন] বি. ১ কলঙ্ক; চিহ্ন; দাগ। ২ উপাধি, নাম। ৩ অঙ্কন, চিত্রণ।

লাঞ্ছনা /লান্‌ছোনা/ [স. লাঞ্ছন+আ (টাপ্)] বি. ১ ভর্ৎসনা, দোষারোপ। ২ অপমান। ৩ উৎপীড়ন।

লাঞ্ছিত /লান্‌ছিতো/ [স. √লাঞ্ছ্+ত] বিণ. ১ ভর্ৎসিত। ২ নিন্দিত। ৩ উৎপীড়িত। ৪ অপমানিত। ৫ ধ্বজযুক্ত। স্ত্রী. লাঞ্ছিতা /লান্‌ছিতা/।

লাট[১] /লাট্/ [ই. lord >] বি. (অধুনালুপ্ত) প্রদেশের প্রধান শাসনকর্তা, রাজ্যপাল, গভর্নর।

লাট[২] /লাট্/ [ই. lot >] বি. ১ জমিদারির অংশ। ২ নিলামে বিক্রয়যোগ্য দ্রব্যসামগ্রী। ৩ গুচ্ছ, তাড়া।

লাট[৩] /লাট্/ [দেশি.] বিণ. এলোমেলো; পাটভাঙা (*লাট কাপড়*)।

www.pathagar.com

লাট[৪] /লাট্/ [স. √লট্+অ] বি. ১ বিদগ্ধ ব্যক্তি; রসজ্ঞ ব্যক্তি। ২ ছেঁড়া কাপড়।

লাট খাওয়া /লাট্ খাওআ/ ক্রিবি. উড়ন্ত বস্তুর পাক খেয়ে পড়া (*ঘুড়ি লাট খাওয়া*)।

লাটবন্দি /লাট্‌বোন্‌দি/ [বা. লাট+ফা. বন্দি] বিণ. খাজনা বাকি পড়ার দায়ে নিলামে বিক্রয়ের তালিকা-ভুক্ত। বি. একত্রে স্তূপীকৃত দ্রব্যাদি রাখার গুচ্ছ।

লাটাই /লাটাই/ [দেশি.] বি. তাঁত বোনার বা ঘুড়ির সুতা জড়ানোর কাটিম, নাটাই।

লাটিম /লাটিম্/ [বা.] বি. অক্ষবরাবর সংযুক্ত লোহার শলাকার ওপর ঘোরানো যায় এমন কাঠ বা প্লাস্টিকের তৈরি নাশপাতি-আকৃতির খেলনা, লাট্টু, top।

লাট্টু /লাট্টু/ [হি.] বি. 'লাটিম'-এর চলিত রূপ।

লাঠালাঠি /লাঠালাঠি/ [বা.] বি. ১ পরস্পর লাঠি দিয়ে আঘাত। ২ (আল.) ঘোরতর বিবাদ।

লাঠি /লাঠি/ [স. যষ্টি >] বি. দাঁড়ানো বা চলার সময় ভারসাম্য রক্ষার অবলম্বন অথবা মারপিট প্রহরণ প্রভৃতির উপকরণরূপে ব্যবহৃত বেত কাঠ প্রভৃতির ছোটো দন্ড, যষ্টি।

লাঠিখেলা /লাঠিখ্যালা/ [বা.] বি. লাঠিচালনার কৌশল প্রদর্শন।

লাঠিচার্জ করা /লাঠিচার্‌জ্ করা/ ক্রিবি. জন-সমাবেশ ছত্রভঙ্গ করার উদ্দেশ্যে পুলিশ দিয়ে লাঠিপেটা করানো।

লাঠিবাজি /লাঠিবাজি/ [বা. লাঠি+ফা. বাজি] বি. হানাহানি, ডান্ডাবাজি।

লাঠিয়াল /লাঠিআল্/ [বা.] বিণ. লাঠি চালনায় দক্ষ, লেঠেল।

লাঠিয়ালি /লাঠিআলি/ [বা.] বি. লাঠিয়ালের বৃত্তি।

লাঠ্যৌষধি /লাট্‌ঠৌড়্‌শোধি/ [বা. লাঠি+স. ঔষধি] বি. সংশোধনের উপায়রূপে লাঠি দিয়ে প্রহার, লাঠির প্রহাররূপ ওষুধ।

লাড়ু /লাড়ু/ [হি. লাড্ডু >] বি. গুড় দিয়ে পাক করা মুড়ি চিড়া তিল প্রভৃতির গোলাকার মিঠাই, নাড়ু।

লাড়ুগোপাল /লাড়ুগোপাল্/ [বা. লাড়ু+স. গোপাল] বি. ১ নাড়ু হাতে হামাগুড়ি দেওয়ার ভঙ্গিতে শ্রীকৃষ্ণ। ২ (আল.) গোলগাল ও হৃষ্টপুষ্ট শিশু।

লাথালাথি /লাথালাথি/ [বা.] বি. পরস্পর পদাঘাত।

লাথি /লাথি/ [হি. লাত >] বি. পদাঘাত (*লাথি মার, ভাঙ রে তালা!* নজরুল.)।

লাদ /লাদ/ [হি.] বি. গবাদিপশুর বিষ্ঠা, নাদি।

লাদা /লাদা/ [বা.] ক্রিবি. ১ গবাদিপশুর বিষ্ঠা ত্যাগ করা। ২ মাল বোঝাই করা।

লাদি /লাদি/ [বা.] বি. ইঁদুর আরশোলা প্রভৃতির বিষ্ঠা।

লানত /লানত্/ [আ.] বি. ১ অভিসম্পাত। ২ লাঞ্ছনা। ৩ ভর্ৎসনা।

লাপাত্তা /লাপাত্তা/ [আ. লা+হি. পাত্তা] বিণ. নিরুদ্দেশ, নিখোঁজ।

লাফ /লাফ্/ [স. লম্ফ >] বি. ভাঁজ করা দু পায়ের হাঁটুতে ভর দিয়ে দ্রুত ভূমি থেকে উত্থান, উল্লম্ফন।

লাফঝাঁপ /লাফ্‌ঝাঁপ্/ [বা.] বি. ১ লাফালাফি, লম্ফঝম্প। ২ অতিশয় ব্যস্ততা বা অস্থিরতা। ৩ দম্ভপ্রকাশ, আস্ফালন।

লাফাঙ্গা /লাফাংগা/ [হি.] বি. বিণ. লম্পট, বদমাশ।

লাফানি /লাফানি/ [স. লম্ফন >] বি. ১ লম্ফন। ২ ছটফটানি; ব্যস্ততা। ৩ আস্ফালন, দম্ভপ্রকাশ।

লাফানে /লাফানে/ [বা.] বিণ. লাফায় এমন।

লাফানো /লাফানো/ [বা.] ক্রিবি. ভাজ করা দু-পায়ের হাঁটুতে ভর দিয়ে দ্রুত ভূমি থেকে উঠে অগ্রসর হওয়া।

লাফালাফি /লাফালাফি/ [বা.] বি. ১ বারবার লাফঝাঁপ। ২ (আল.) অত্যধিক আস্ফালন।

লাবড়া /লাবড়া/ [বা.] বি. বিবিধ সবজি সহযোগে রাঁধা ব্যঞ্জন।

লাবণ /লাবোন্/ [স. লবণ+অ] বিণ. ১ লবণাক্ত, লোনা, নোনা। ২ লবণসংক্রান্ত।

লাবণি /লাবোনি/ [স. লাবণ্য >] বি. ১ লাবণ্য। ২ লালিত্য, মাধুর্য; কান্তি। বিণ. লাবণ্যময়।

লাবণিক /লাবোনিক্/ [স. লবণ+ইক] বিণ. ১ লবণাক্ত। ২ লবণসম্বন্ধীয়। বি. লবণ বিক্রয় যার পেশা।

লাবণ্য /লাবোন্নো/ [স. লবণ+য] বি. সৌন্দর্য, কান্তি, শ্রী, শোভা, লাবণি।

লাবণ্যময় /লাবোন্নোময়/ [স. লাবণ্য+ময়ট্] বিণ. কান্তিযুক্ত; মাধুর্যমন্ডিত। স্ত্রী. লাবণ্যময়ী /লাবোন্‌নোমোয়ি/।

লাভ /লাভ্/ [স. √লভ্+অ] বি. ১ খরচ বাদ দেওয়ার পর যা থাকে, মুনাফা। ২ উপস্বত্ব, আয়। ৩ উপকার; সুযোগসুবিধা। ৪ প্রাপ্তি।

লাভ করা /লাভ্ করা/ ক্রিবি. মুনাফা থাকা; অর্জন করা।

লাভ-ক্ষতি /লাভ্‌খোতি/ [স. লাভ+ক্ষতি] বি. লাভ ও লোকসান।

লাভজনক /লাভ্‌জনোক্/ [স. লাভ+জনক] বিণ. লাভ হয় এমন, আয়প্রদ।

www.pathagar.com

লাভবান /লাভোবান্/ [স. লাভ+বৎ] বিণ. লাভ হয়েছে এমন; উপকৃত হয়েছে এমন।

লাভ-লোকসান /লাভ্‌লোক্‌শান্/ [স. লাভ+আ. লোকসান] বি. লাভ ও ক্ষতি।

লাভা /লাভা/ [ইতা.] বি. অগ্ন্যুৎপাতকালে আগ্নেয়গিরি থেকে নির্গত গলিত প্রস্তরাদি, lava।

লামা[১] /লামা/ [তিব্ব.] বি. তিব্বতীয় বৌদ্ধ পুরোহিতের উপাধি।

লামা[২] /লামা/ [স্পে.] বি. দক্ষিণ আমেরিকায় বিচরণ করে এমন উট-প্রজাতির (কুঁজহীন ও ক্ষুদ্রতর) জাবর-কাটা ভারবাহী লোমশ প্রাণী, llama।

লাম্পট্য /লাম্‌পট্‌টো/ [স. লম্পট+য] বি. লম্পটের আচরণ, লম্পটতা; কামুকতা।

লায়েক /লায়েক্/ [আ.] বিণ. ১ সাবালক। ২ কাজ করতে সক্ষম, সমর্থ। ৩ (ব্য.) মাতব্বর।

লাল[১] /লাল্/ [স. লালা >] বি. ১ মুখজাত রস, লালা। ২ থুতু।

লাল[২] /লাল্/ [ফা.] বিণ. ১ তিনটি মৌলিক রঙের (লাল নীল ও হলুদ) প্রথমটি, রক্তবর্ণ, লোহিতবর্ণ। ২ (আল.) অতিশয় সমৃদ্ধিসম্পন্ন।

লাল[৩] /লাল্/ [হি.] বিণ. প্রিয়পাত্রের নামান্তে ব্যবহৃত আদরার্থক শব্দ, প্রিয় (*শোভনলাল*)।

লালচ /লালচ্/ [হি.] বি. লোভ, লালসা।

লালচে /লাল্‌চে/ [ফা.] বিণ. ঈষৎ রক্তিম।

লালন /লালোন্/ [স. √লল্+অন] বি. বিশেষ যত্নসহকারে পালন।

লালনগীতি /লালোন্‌গিতি/ [স. লালন+√ গৈ+তি] বি. বি. লালন ফকিরের লেখা গান।

লালনপালন /লালোন্‌পালোন্/ [স. লালন+পালন] বি. প্রতিপালন, ভরণপোষণ।

লাল ফিতে /লাল্ ফিতে/ বি. ১ লাল ফিতে দিয়ে বাঁধা সরকারি নথি। ২ (আল.) সরকারি অফিসের দীর্ঘসূত্রতা (*লাল ফিতের দৌরাত্ম্য*)।

লাল বাতি জ্বালানো /লাল্ বাতি জালানো/ ক্রিবি. অসফল হয়ে ব্যবসা বন্ধ করে দেওয়া।

লালমুখ /লাল্‌মুখ্/ [ফা. লাল+স. মুখ] বিণ. রঙিন মুখবিশিষ্ট। বি. ১ লালচে মুখ। ২ মর্কট, বানর।

লালমোহন /লাল্‌মোহোন্/ [ফা. লাল+স. মোহন] বি. ঘি বা তেলে ভাজা রসগোল্লাজাতীয় মিঠাইবিশেষ।

লালশাক /লাল্‌শাক্/ [ফা. লাল+স. শাক] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন হৃৎপিণ্ডাকার অমসৃণ লাল রঙের পাতা ও ছোটো কান্ডবিশিষ্ট ডাঁটাজাতীয় ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ।

লালস /লালোশ্/ [স. √লালস্+অ] বিণ. লোলুপ, লোভী।

লালসা /লালোশা/ [স. √লালস্+অ+আ (টাপ্)] বি. ১ লোলুপতা, লিপ্সা; স্পৃহা। ২ ঔৎসুক্য।

লালা[১] /লালা/ [স. √লল্+অ+আ (টাপ্)] বি. মুখনিঃসৃত থুতু।

লালা[২] /লালা/ [হি. লালা >] বি. ১ মুহুরি; নকলনবিস। ২ পদবিবিশেষ।

লালাটিক /লালাটিক্/ [স. ললাট+ইক] বিণ. ১ কপাল বা অদৃষ্ট সম্পর্কিত। ২ ভাগ্যলব্ধ; অদৃষ্টপ্রাপ্ত। বি. কপালের অলংকার, ললাটভূষণ।

লালাপোশ /লালাপোশ্/ [স. লালা+ফা. পোশ] বি. শিশুদের জামা পরিচ্ছন্ন রাখার জন্য গলা থেকে ঝুলিয়ে বাঁধা কাপড়ের টুকরো, বিব, bib।

লালায়িত /লালায়িতো/ [স. √লালায়্+ত] বিণ. ১ লালসাযুক্ত। ২ লুব্ধ, লোলুপ, স্পৃহাযুক্ত, লোভযুক্ত। ৩ আগ্রহযুক্ত। স্ত্রী. লালায়িতা /লালায়িতা/।

লালাস্রাব /লালাস্‌স্রাব্/ [স. লালা+স্রাব] বি. লালা নিঃসরণ।

লালিকা /লালিকা/ [স. লালা+কন্+আ (টাপ্)] বি. ১ বিখ্যাত কোনো রচনার অনুসরণে বিদ্রূপাত্মক রচনা; হাস্যরসাত্মক উপস্থাপনা, parody। ২ দুর্বল অনুকরণ।

লালিত /লালিতো/ [স. √লল্+ত] বিণ. লালন করা হয়েছে এমন, প্রতিপালিত, পোষিত।

লালিত্য /লালিত্‌তো/ [স. লালিত+য] বি. ১ ললিত ভাব, কমনীয়তা, শোভা, সৌন্দর্য। ২ মধুরতা। ৩ মনোহারিত্ব।

লালিমা /লালিমা/ [ফা. লাল >] বি. লাল আভা, লালের ভাব।

লাশ[১] /লাশ্/ [তুর.] বি. ১ শব, মরদেহ। ২ (কৌতুকে) বিরাট বপু।

লাশ[২] /লাশ্/ [ই. last >] বি. জুতো তৈরি বা মেরামতের জন্য ব্যবহৃত কাঠামোবিশেষ।

লাশকাটাঘর /লাশ্‌কাটাঘর্/ [তুর. লাশ+বা. কাটাঘর] বি. যে ঘরে লাশ ব্যবচ্ছেদ করা হয়, মড়িঘর।

লাস /লাশ্/ [স. √লস্+অ] বি. দ্র লাস্য।

লাস্য /লাশ্‌শো/ [স. √লস্+য] বি. নারীর নৃত্যের লীলায়িত ভঙ্গিমা।

লাস্যময়ী /লাশ্‌শোময়ি/ [স. লাস্য+ময়ট্+ঈ] বিণ. ১ চলনে লীলায়িত ভাববিশিষ্ট। ২ নৃত্যপরা।

লাহা /লাহা/ [স. লাক্ষা >] বি. ১ লাক্ষা, গালা। ২ পদবিবিশেষ।

লাহিড়ী /লাহিড়ি/ [হি.] বি. পদবিবিশেষ।

www.pathagar.com

লিক[১] /লিক্/ [স. লিক্ষা >] বি. উকুনের ডিম; ডিম থেকে ফোটা উকুনের বাচ্চা।

লিক[২] /লি:ক্/ [স. রেখা >] বি. গাড়ির চাকার দাগ।

লিক[৩] /লি:ক্/ [ই. leak] বি. ১ বায়বীয় বা তরল পদার্থ নির্গত হওয়া বা চুঁইয়ে পড়ার ছিদ্রপথ (*চাকা লিক হওয়া*)। ২ ফাঁস হওয়া।

লিকলিক /লিক্‌লিক্/ [ধ্বন্যা.] অব্য. ১ নমনীয় পদার্থের আন্দোলনের ভাব। ২ অত্যন্ত সরু ও লম্বা বস্তুর আন্দোলনের ভাব।

লিকলিকে /লিক্‌লিকে/ [ধ্বন্যা.] বিণ. ১ লিকলিক করছে এমন। ২ দীর্ঘকায় ও কৃশ (*লিকলিকে গড়ন*)।

লিকার /লিকার্/ [ই. liquor] বি. ১ দুধ মেশানো নয় এমন চা। ২ সুরাজাতীয় কড়া পানীয়বিশেষ।

লিকি /লিকি/ [স. লিক্ষা >] বি. উকুনের ডিম বা বাচ্চা, নিক।

লিখন /লিখন্/ [স. √লিখ্+অন] বি. ১ লিপিবদ্ধ-করণ। ২ চিত্রণ। ৩ অঙ্কন। ৪ লিখিত বিষয় (*ললাটের লিখন*)। ৫ পত্র, চিঠি, লিপি (*লিখন তোমার ধুলায় হয়েছে ধূলি*, রবীন্দ্র.)।

লিখনপদ্ধতি /লিখন্‌পদ্‌ধোতি/ [স. লিখন+পদ্ধতি] বি. লেখার ধারা, রচনার প্রণালি।

লিখা /লিখা/ [বা.] ক্রিবি. 'লেখা'-র সাধু রূপ।

লিখানো /লিখানো/ [বা.] ক্রিবি. বিণ. অন্যকে দিয়ে লেখার কাজ করানো বা লিখিয়ে নেওয়া।

লিখিত /লিখিতো/ [স. √লিখ্+ত] বিণ. ১ লেখা হয়েছে এমন (*লিখিত বিবৃতি*)। ২ রচিত। ৩ অঙ্কিত, চিত্রিত। ৪ নির্ধারিত। ৫ মৌখিক নয় এমন (*লিখিত পরীক্ষা*)।

লিখিতব্য /লিখিতোব্‌বো/ [স. √লিখ্+তব্য] বিণ. ১ লিখতে হবে এমন। ২ লেখার উপযুক্ত।

লিখিয়ে /লিখিয়ে/ [বা.] বিণ. ১ লিখতে পারে এমন, লিপিকুশল (*গল্প লিখিয়ে*)। ২ লেখক। বি. ১ যে লেখে, লেখক। ২ যে লেখায় পারদর্শী।

লিগ /লিগ্/ [ল.] বি. দল; সংঘ, league।

লিঙ্গ /লিংগো/ [স. √ লিঙ্গ্+অ] বি. ১ নারী বা পুরুষের জননেন্দ্রিয়। ২ চিহ্ন। ৩ পুরুষত্ব বা স্ত্রীত্ব, sex। ৪ শিবমূর্তিবিশেষ। ৫ (ব্যা.) শব্দের পুরুষ স্ত্রী বা ক্লীববাচকত্ব।

লিঙ্গদেহ /লিংগোদেহো/ [স. লিঙ্গ+দেহ] বি. দেহের অভ্যন্তরে ১৭টি অবয়বযুক্ত সূক্ষ্মদেহ (চোখ কান নাক জিভ ত্বক বাক্ পাণি পাদ পায়ু উপস্থ প্রাণ অপান সমান উদান ব্যান মন ও বুদ্ধি)।

লিঙ্গায়েত /লিংগায়েত্/ [স. লিঙ্গ >] বি. শৈব সম্প্রদায়।

লিচু /লিচু/ [চী.] বি. গ্রীষ্মমণ্ডলের অপেক্ষাকৃত শুষ্ক অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন হলুদাভ সবুজ সুগন্ধ ফুল ও অমসৃণ খোসায় আবৃত অপেক্ষাকৃত বড়ো বীজবিশিষ্ট রসালো গোলাকার ফল (কাঁচা অবস্থায় সবুজ এবং পাকলে লাল হয়ে যায়) বা তার ছত্রাকারে বিন্যস্ত ডালপালাবিশিষ্ট মাঝারি আকৃতির ছায়াতরু (আনি. দক্ষিণ-পূর্ব চীন)।

লিজ /লিজ্/ [ই.] বি. নির্দিষ্ট সময়ের জন্য জমি বাড়ি প্রভৃতি ভাড়া দেওয়া বা গ্রহণ করার চুক্তি, lease।

লিটার /লিটার্/ [ফ.] বি. মেট্রিক পদ্ধতিতে তরল পদার্থের আয়তনের একক, ১০০০ ঘন সেন্টিমিটার, litre।

লিনেন /লিনেন্/ [ই.] বি. প্রধানত শণের আঁশ থেকে প্রস্তুত মসৃণ কাপড়বিশেষ, linen।

লিন্টেল /লিন্‌টেল্/ [ই.] বি. পাকা ভবনের দরজা বা জানলার ওপরে প্রস্থবরাবর কংক্রিটের লম্বা ঢালাই, lintel।

লিপস্টিক /লিপ্‌স্‌টিক্/ [ই.] বি. মহিলাদের ঠোঁট রাঙানোর প্রসাধনীবিশেষ, অধররঞ্জনী, lipstick।

লিপি /লিপি/ [স. √লিপ্+ই] বি. ১ অক্ষর, বর্ণ (*ব্রাহ্মীলিপি*), alphabet। ২ পত্র, চিঠি। ৩ লিখন (*বিধিলিপি*)।

লিপিকর /লিপিকর্/ [স. লিপি+√কৃ+অ] বি. অনুলেখক, নকলনবিশ; (পরি.) copyist।

লিপিকরপ্রমাদ /লিপিকর্‌প্রোমাদ্/ [স. লিপিকর+প্রমাদ] বি. অনুলেখকের লেখার ভুল।

লিপিকা /লিপিকা/ [স. লিপি+কন্+আ (টাপ্)] বি. ছোটো চিঠি, চিঠি।

লিপিকার /লিপিকার্/ [স. লিপি+√কৃ+অ] বি. দ্র লিপিকর।

লিপিকুশল /লিপিকুশল্/ [স. লিপি+কুশল] বিণ. ১ লেখায় পারদর্শী। ২ অনুলিখনে দক্ষ।

লিপিকৌশল /লিপিকৌশল্/ [স. লিপি+কৌশল] বি. ১ সুন্দর অক্ষরে লিখনশৈলী; বর্ণবিন্যাসে দক্ষতা। ২ লেখার কায়দা।

লিপিচাতুর্য /লিপিচাতুর্জো/ [স. লিপি+চতুর+য] বি. চিঠিপত্র লেখার নৈপুণ্য।

লিপিপ্রমাদ /লিপিপ্রোমাদ্/ [স. লিপি+প্রমাদ] বি. লিখন বা বর্ণবিন্যাসজনিত ভ্রম।

www.pathagar.com

লিপিবদ্ধ /লিপিবদ্‌ধো/ [স. লিপি+√বধ্+ত] বিণ. লিখে রাখা হয়েছে এমন, লিখিত।

লিপিবদ্ধকরণ /লিপিবদ্‌ধোকরোন্/ [স. লিপিবদ্ধ+√কৃ+অন] বি. লিখে রাখার কাজ।

লিপিভুক্ত /লিপিভুক্‌তো/ [স. লিপি+√ভূজ্+ত] বিণ. দ্র লিপিবদ্ধ।

লিপ্ত /লিপ্‌তো/ [স. √লিপ্+ত] বিণ. ১ লেপন করা হয়েছে এমন (*কালিমালিপ্ত*)। ২ জড়িত, সংশ্লিষ্ট (*অপকর্মে লিপ্ত*)। ৩ ব্যাপৃত, নিযুক্ত, রত (*কার্যে লিপ্ত*)। ৪ সংযুক্ত, জোড়া (*লিপ্তপদ প্রাণী*)।

লিপ্তপদ /লিপ্‌তোপদ্/ [স. লিপ্ত+পদ] বিণ. (সাঁতার কাটার সুবিধার্থে) পায়ের আঙুল পাতলা চামড়া দিয়ে পরস্পর সংযুক্ত, জালপাদ, web-footed।

লিপ্তপাদ /লিপ্‌তোপাদ্/ [স. লিপ্ত+পাদ] বিণ. দ্র লিপ্তপদ।

লিপ্যন্তর /লিপ্‌পোন্‌তর্/ [স. লিপি+অন্তর] বি. এক ভাষার শব্দ অন্য ভাষার বর্ণে লিখন, প্রতিবর্ণীকরণ, transliteration।

লিপ্সা /লিপ্‌শা/ [স. √লভ্+সন্+অ+আ (টাপ্)] বি. ১ প্রাপ্তির তীব্র আকাঙ্ক্ষা, নিরতিশয় লোভ, প্রবল স্পৃহা। ২ কামনা।

লিপ্সু /লিপ্‌শু/ [স.√লভ্+সন্+উ] বিণ. ১ প্রবল বাসনাযুক্ত, লিপ্সাযুক্ত। ২ লোলুপ, লোভী (*ধন-লিপ্সু*)।

লিফ্‌ট /লিফ্‌ট্/ [ই.] বি. পাকা বাড়ির একটি তল থেকে ভিন্ন তলে ওঠানামা বা ভারী বস্তু তোলা বা নামানোর জন্য ব্যবহৃত দেওয়াল দিয়ে ঘেরা (দরজা-সহ) বিদ্যুচ্চালিত প্রকোষ্ঠ, lift, elevator।

লিভার[১] /লিভার্/ [ই.] বি. ভারী বস্তুর প্রান্তভাগে চাড় দিয়ে উঁচু করার দণ্ড, lever।

লিভার[২] /লিভার্/ [ই.] বি. মেরুদণ্ডী প্রাণীর উদরের ডানদিকে অবস্থিত বিপাকক্রিয়া সম্পাদন পিত্তরস নিঃসরণ ও রক্তশোধন করে এমন বৃহদাকার গ্রন্থিময় অঙ্গ, যকৃৎ, কলিজা, মেটে, liver।

লিরিক /লিরিক্/ [ফ.] বি. গীতিছন্দে রচিত কবিতা, গীতিকবিতা, lyric।

লিলিপুট /লিলিপুট্/ [ই.] বি. ১ Jonathan Swift-এর *Gulliver's Travels* গ্রন্থে কল্পিত ছয় ইঞ্চি দৈর্ঘ্যের মানুষ, lilliput। ২ বামন। বিণ. খর্বকায়।

লিস্ট /লিস্‌ট্/ [ফ.] বি. তালিকা, ফর্দ, list।

লিস্টি /লিস্‌টি/ [ফ. list >] বি. 'লিস্ট'-এর বঙ্গীকৃত রূপ।

লীঢ় /লিঢ়ো/ [স. √লিহ্+ত] বিণ. ১ লেহন করা হয়েছে এমন। ২ স্বাদ গ্রহণ করা হয়েছে এমন।

লীন /লিন্/ [স. √লী+ত] বিণ. ১ মিশে গিয়েছে এমন, লয়প্রাপ্ত। ২ সম্মিলিত। ৩ লুপ্ত, অদৃশ্য। ৪ সংলগ্ন (*কণ্ঠলীন*)। ৫ স্থিত।

লীলা /লিলা/ [স. লী+√লা+অ+আ (টাপ্)] বি. ১ খেলা, ক্রীড়া। ২ শৃঙ্গার রসজনিত অভিব্যক্তি। ৩ ভাবভঙ্গি, হাবভাব। ৪ প্রমোদ, বিলাস। ৫ মানুষের নির্দিষ্টকালব্যাপী কার্যকলাপ (*ভবলীলা*)।

লীলাকানন /লিলাকানোন্/ [স. লীলা+কানন] বি. প্রমোদ কানন বা উদ্যান।

লীলাক্ষেত্র /লিলাখেত্‌ত্রো/ [স. লীলা+√ক্ষি+ত্র] বি. ১ খেলার স্থান। ২ জীবনের কর্মভূমি।

লীলাখেলা /লিলাখ্যালা/ [স. লীলা+বা. খেলা] বি. ১ রহস্যময় ক্রিয়াকলাপ। ২ জীবনযাত্রা।

লীলাখেলা সাঙ্গ হওয়া /লিলাখ্যালা শাংগো হওয়া/ ক্রিবি. মানবজীবনের সমাপ্তি ঘটা।

লীলাগতি /লিলাগোতি/ [স. লীলা+√গম্+তি] বি. মনোহর ভঙ্গিযুক্ত গতি।

লীলাচঞ্চল /লিলাচন্‌চল্/ [স. লীলা+চঞ্চল] বিণ. লীলাভরে অস্থির; মধুর চঞ্চলতাপূর্ণ।

লীলাচ্ছলে /লিলাচ্‌ছলে/ [স. লীলাচ্ছল+বা. এ] ক্রিবিণ. খেলার ছলে।

লীলাবতী /লিলাবোতি/ [স. লীলা+বৎ+ঈ] বিণ. লীলাচপলা; বিলাসবতী। বি. ১ প্রাচীন বিদুষী ও গণিতজ্ঞ। ২ দুর্গা। ৩ ভাস্করাচার্যরচিত সংস্কৃত গণিতশাস্ত্র। ৪ ময়দানবের পত্নী।

লীলাভূমি /লিলাভূমি/ [স. লীলা+ভূমি] বি. দ্র লীলাক্ষেত্র।

লীলাময় /লিলাময়/ [স. লীলা+ময়ট্] বিণ. ১ লীলাপূর্ণ; ক্রীড়াপরায়ণ। ২ আনন্দময়। ৩ কার্যকলাপ মানুষ বুঝতে পারে না এমন (*লীলাময় বিধাতা*)। স্ত্রী. লীলাময়ী /লিলামোয়ি/।

লীলায়িত /লিলায়িতো/ [স. √লীলায়্+ত] বিণ. মনোহর ভঙ্গিযুক্ত।

লীলাসঙ্গিনী /লিলাশোংগিনি/ [স. লীলাসঙ্গ+ইন্+ঈ] বি. দ্র লীলাসহচরী।

লীলাসহচরী /লিলাশহোচোরি/ [স. লীলাসহচর+ইন্] বি. প্রমোদসহচরী।

লীলাস্থল /লিলাস্‌থল্/ [স. লীলা+স্থল] বি. লীলাক্ষেত্র, লীলাভূমি।

লীলাস্মিত /লিলাস্‌মিতো/ [স. লীলা+√স্মি+ত] বি. মাধুর্যপূর্ণ বা নির্মল হাসি।

www.pathagar.com

লীলোদ্যান /লিলোদ্দান্/ [স. লীলা+উদ্যান] বি. প্রমোদ কানন বা উদ্যান।

লু /লু/ [হি.] বি. গ্রীষ্মকালে মরু অঞ্চলে প্রবাহিত তপ্ত বায়ু।

লুই /লুই/ [বা.] বি. পশুলোমের তৈরি শীতবস্ত্র-বিশেষ।

লুকাচুরি /লুকাচুরি/ [বা.] বি. দ্র লুকোচুরি।

লুকানো /লুকানো/ [স. লুক্কায়িত >] ক্রিবি. ১ লুকিয়ে থাকা, আত্মগোপন করা, আড়াল হওয়া। ২ গোপন করে রাখা, আড়ালে রাখা।

লুকোনো /লুকোনো/ [স. লুক্কায়িত >] ক্রিবি. দ্র লুকানো।

লুকোচুরি /লুকোচুরি/ [বা.] বি. ১ লুকিয়ে থাকা শিশুকে খুঁজে বের করার খেলা, ছোটোদের খেলা-বিশেষ। ২ লুকোছাপা, গোপনীয়তা।

লুকোছাপা /লুকোছাপা/ [বা.] বি. গোপন করার চেষ্টা, গোপনতা, ঢাকাঢাকি।

লুক্কায়িত /লুক্কায়িতো/ [স. √লুক্কায়্+ত] বিণ. ১ লুকিয়ে আছে বা লুকানো হয়েছে এমন। ২ প্রচ্ছন্ন, গুপ্ত। ৩ গোপনে রক্ষিত। ৪ অদৃশ্য, অন্তর্হিত।

লুঙ্গি /লুংগি/ [ফা.] বি. দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের ব্যবহার্য নিম্নাঙ্গের পোশাক, তহবন, থামি।

লুচি /লুচি/ [স. লোচিকা >] বি. ময়দার তৈরি তেল বা ঘিয়ে ভাজা পাতলা ও ছোটো পুরি।

লুচ্চা /লুচ্চা/ [হি.] বিণ. চরিত্রহীন, লম্পট।

লোচ্চা /লোচ্চা/ [হি.] বিণ. দ্র লুচ্চা।

লুট /লুট্/ [স. লুণ্ঠন >] বি. ১ বলপূর্বক হরণ; লুণ্ঠন। ২ আত্মসাৎ। ৩ যুদ্ধক্ষেত্রে প্রতিপক্ষের মূল্যবান দ্রব্যসামগ্রী হরণ। ৪ বিতরণের জন্য দেবতার উদ্দেশে নিবেদিত ইতস্তত ছড়িয়ে দেওয়া বাতাসা (*হরির লুট*)।

লুটতরাজ /লুট্তরাজ্/ [বা. লুট+ফা. তরাজ] বি. ব্যাপক লুণ্ঠন বা ডাকাতি।

লুটপাট /লুট্পাট্/ [বা.] বি. দ্র লুটতরাজ।

লুটা[১] /লুটা/ [বা.] ক্রিবি. ১ লুণ্ঠন করা। ২ আত্মসাৎ বা গ্রাস করা। ৩ আনন্দ উৎসবে মত্ত হওয়া।

লুটা[২] /লুটা/ [বা.] ক্রিবি. ভূলুণ্ঠিত হওয়া; ভূমিতে গড়াগড়ি দেওয়া।

লুটানো[১] /লুটানো/ [বা.] ক্রিবি. লুট করানো।

লুটানো[২] /লুটানো/ [বা.] ক্রিবি. ভূমিতে গড়াগড়ি করা।

লুটাপুটি /লুটাপুটি/ [বা.] বি. ১ ভূমিতে গড়াগড়ি। ২ অতিরিক্ত উচ্ছলিত হওয়ার প্রবণতা।

লুটাপুটি খাওয়া /লুটাপুটি খাওয়া/ ক্রিবি. মাটিতে পড়ে গড়াগড়ি খাওয়া।

লুটেরা /লুটেরা/ [বা.] বি. বিণ. লুণ্ঠনকারী, অপহরণকারী।

লুটেল /লুটেল্/ [বা.] বি. বিণ. দ্র লুটেরা।

লুটোনো /লুটোনো/ [বা.] ক্রিবি. বিণ. গড়াগড়ি করা।

লুটোপুটি /লুটোপুটি/ [বা.] বি. 'লুটাপুটি'-র কথ্য রূপ।

লুঠ /লুট্/ [স. লুণ্ঠন >] বি. দ্র লুট।

লুঠতরাজ /লুট্তরাজ্/ [বা. লুট+ফা. তরাজ] বি. দ্র লুটতরাজ।

লুঠপাট /লুট্পাট্/ [বা.] বি. দ্র লুটপাট।

লুডো /লুডো/ [লা.] বি. ছককাটা বোর্ডের ওপর ছক্কা ফেলে ঘুঁটি চেলে সবার আগে নির্দিষ্ট ছকে পৌঁছানোর প্রতিযোগিতামূলক খেলা।

লুণ্ঠক /লুন্ঠক্/ [স. √লুণ্ঠ্+অক] বি. বিণ. লুণ্ঠনকারী।

লুণ্ঠন[১] /লুন্ঠন্/ [স. √লুণ্ঠ্+অন] বি. ১ বলপূর্বক অপহরণ, লুট। ২ আত্মসাৎকরণ।

লুণ্ঠন[২] /লুন্ঠন্/ [স. √লুণ্ঠ্+অন] বি. ভূমিতে গড়াগড়ি।

লুণ্ঠিত[১] /লুন্ঠিতো/ [স. √লুণ্ঠ্+ত] বিণ. ১ লুট করা হয়েছে এমন। ২ আত্মসাৎকৃত।

লুণ্ঠিত[২] /লুন্ঠিতো/ [স. √লুণ্ঠ্+ত] বিণ. ভূমিতে পতিত (*ভূলুণ্ঠিত*)। স্ত্রী. লুণ্ঠিতা /লুন্ঠিতা/।

লুপ্ত /লুপ্তো/ [স. √লুপ্+ত] বিণ. ১ লোপ পেয়েছে এমন। ২ ধ্বংসপ্রাপ্ত। ৩ লুণ্ঠিত, অপহৃত। ৪ আচ্ছন্ন, ঢাকা। ৫ দৃশ্যমান নয় এমন, অন্তর্হিত।

লুপ্তপ্রায় /লুপ্তোপ্প্রায়্ / [স. লুপ্ত+প্রায়] বিণ. প্রায় লোপ পেয়েছে এমন।

লুপ্তবুদ্ধি /লুপ্তোবুদ্ধি/ [স. লুপ্ত+√বুধ্+তি] বিণ. হতবুদ্ধি।

লুপ্তি /লুপ্তি/ [স. √লুপ্+তি] বি. ১ লোপপ্রাপ্তি, লোপ, বিলয়। ২ ধ্বংস, বিনাশ। ৩ আচ্ছন্নতা। ৪ দৃষ্টির অগোচরে অবস্থান।

লুপ্তোদ্ধার /লুপ্তোদ্ধার্/ [স. লুপ্ত+উদ্ধার] বি. ১ হারানো বা বিস্মৃত বস্তুর পুনরুদ্ধার। ২ বিনাশ-প্রাপ্ত বস্তুর ধ্বংসাবশেষ পুনরুদ্ধার। ৩ গোপন বিষয়ের প্রকাশ।

লুফা /লুফা/ [স. লম্ফ >] ক্রিবি. ১ কোনো কিছু মাটিতে পড়ার আগেই লাফ দিয়ে ধরে ফেলা। ২ আগ্রহের সঙ্গে গ্রহণ করা।

লুব্ধ /লুব্ধো/ [স. √লুভ্+ত] বিণ. লোলুপ, লোভী।

www.pathagar.com

স্ত্রী. লুব্ধা /লুব্ধা/।

লুব্ধক /লুব্ধক্/ [স. লুব্ধ+ক (স্বার্থে)] বি. ১ সূর্যের চেয়ে ২৩ গুণ উজ্জ্বলতর ও দ্বিগুণ আকৃতিবিশিষ্ট এবং সৌরমণ্ডল থেকে ৮.৬ আলোকবর্ষ দূরে অবস্থিত আকাশে দৃশ্যমান উজ্জ্বলতম যুগ্ম নক্ষত্রবিশেষ, Sirius। ২ ব্যাধ। ৩ লম্পট।

লুব্ধতা /লুব্ধোতা/ [স. লুব্ধ+তা] বি. লোলুপতা।

লুম[১] /লুম্/ [আঞ্চ.] বি. উত্তমপুরুষে অতীতকাল-বাচক বিভক্তিবিশেষ (*গেলুম*)।

লুম[২] /লুম্/ [ই.] বি. কাপড় বোনার হস্তচালিত যন্ত্র, তাঁত, loom।

লূতা /লুতা/ [স. √লূ+ত+আ (টাপ্)] বি. মাকড়সা।

লূতাতন্তু /লুতাতোন্তু/ [স. লূতা+√তন্+তু] বি. মাকড়সার জাল।

লেই /লেই/ [হি.] বি. ময়দার কাই, আঠালো মণ্ড।

লেংটি /লেংটি/ [স. লিঙ্গপট্ট >] বি. পুরুষের নিম্নাঙ্গে পরিধেয় ছোটো বস্ত্রখণ্ড, কৌপিন, নেংটি।

লেক /লেক্/ [লা.] বি. ভূবেষ্টিত প্রাকৃতিক বা কৃত্রিম বৃহদাকার স্থির জলাভূমি, হ্রদ, lake।

লেকচার /লেক্চার্/ [ই. lecture] বি. ১ বক্তৃতা, ভাষণ। ২ বাগাড়ম্বর। ৩ গালভরা উপদেশ।

লেকচারার /লেক্চারার্/ [ই.] বি. কলেজ বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, প্রভাষক, lecturer।

লেখ /লেখ্/ [স. √লিখ্+অ] বি. ১ লিখন, লিখিত বিষয় (*শিলালেখ*)। ২ লিপি।

লেখক /লেখক্/ [স. √লিখ্+অক] বি. ১ যে লেখে; লিপিকর। ২ গ্রন্থরচয়িতা, গ্রন্থকার। স্ত্রী. লেখিকা /লেখিকা/।

লেখন /লেখন্/ [স. √লিখ্+অন] বি. ১ লিখন, অক্ষরবিন্যাস। ২ অঙ্কন। ৩ যা লেখা হয়েছে, লিখিত বিষয়। ৪ পত্র, চিঠি, লিপি।

লেখনী /লেখোনি/ [স. √লিখ্+অন+ঈ] বি. ১ যা দিয়ে লেখা হয়, কলম পেনসিল প্রভৃতি। ২ ছবি আঁকার তুলি।

লেখনীয় /লেখোনিয়ো/ [স. √লিখ্+অনীয়] বিণ. ১ লিখতে হবে বা লেখা উচিত এমন। ২ লিখনযোগ্য; লেখার বিষয়ীভূত।

লেখসামগ্রী /লেখ্শামোগ্রি/ [স. লেখ+সামগ্র+ঈ] বি. লেখার কাগজ কলম পেনসিল প্রভৃতি; (পরি.) stationery।

লেখা[১] /লেখা/ [স. √লিখ্+অ+আ (টাপ্)] ক্রিবি. ১ লিপিবদ্ধ করা। ২ রচনা করা। ৩ লিখিতভাবে অবহিত করা। ৪ আঁকা।

লেখা[২] /লেখা/ [স. √লিখ্+অ+আ (টাপ্)] বি. ১ রচনা। ২ লিখন। ৩ হস্তলিপি। ৪ শ্রেণি। ৫ রেখা। ৬ চিহ্ন। বিণ. লিখিত।

লেখাজোখা /লেখাজোখা/ [স. লেখা+বা. জোখা] বি. ১ হিসাব। ২ লিখিত বিবরণ।

লেখানো /লেখানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে লিখিয়ে নেওয়া।

লেখাপড়া /লেখাপড়া/ [স. লেখা+বা. পড়া] বি. ১ লিখন ও পঠন। ২ বিদ্যাশিক্ষা, বিদ্যাভ্যাস। ৩ দলিলাদি সম্পাদন।

লেখালিখি /লেখালিখি/ [বা.] বি. ১ নানা ধরনের লেখার কাজ; গ্রন্থ রচনার কাজ। ২ লেখার মাধ্যমে বাদপ্রতিবাদ।

লেখ্য /লেক্খো/ [স. √লিখ্+য] বিণ. ১ লেখনীয়, লেখার যোগ্য বা উপযুক্ত। ২ লিখতে হবে এমন। ৩ লেখার জন্য ব্যবহৃত হয় এমন (*লেখ্য ভাষা*)। বি. ১ লিখিত চিঠিপত্র। ২ চিত্র, আলেখ্য। ৩ দলিল-দস্তাবেজ।

লেখ্যরীতি /লেক্খোরিতি/ [স. লেখ্য+√রী+তি] বি. লিখিত ভাষার বৈশিষ্ট্য বা রীতি।

লেখ্যরূপ /লেক্খোরূপ্/ [স. লেখ্য+রূপ] বি. লিখিত রূপ।

লেখ্যোপকরণ /লেক্খোপোকরোন্/ [স. লেখ্য+উপকরণ] বি. কাগজ কলম প্রভৃতি লেখার উপকরণ।

লেগে যাওয়া /লেগে জাওআ/ ক্রিবি. ১ হঠাৎ ব্যথা পাওয়া। ২ (কাজে) নেমে পড়া। ৩ ফলে যাওয়া।

লেঙুড় /লেঙুড়/ [স. লাঙুল >] বি. লেজ, লাঙুল।

লেচি /লেচি/ [স. লোপত্রী >] বি. লুচি রুটি প্রভৃতি তৈরির জন্য জল দিয়ে মাখা আটা বা ময়দার মণ্ড।

লেজ /ল্যাজ্/ [বা.] বি. প্রাণীদেহের পশ্চাৎপ্রান্তের বর্ধিত অংশ; চতুষ্পদ প্রাণীর পশ্চাৎপ্রান্তের বর্ধিত বা ঝুলে থাকা অঙ্গ; পাখির পশ্চাদ্দেশের পালক-যুক্ত অঙ্গ; পতঙ্গদেহের প্রান্তবর্তী উপাঙ্গ, পুচ্ছ, লাঙুল।

লেজা /ল্যাজা/ [বা.] বি. ১ মাছের লেজ। ২ শেষ ভাগ, শেষ অংশ। ৩ বল্লমজাতীয় ক্ষেপণাস্ত্রবিশেষ।

লেজামুড়ো /ল্যাজামুড়ো/ [বা.] বি. (আল.) প্রথম থেকে শেষ পর্যন্ত সবকিছু, আগাগোড়া।

লেজার[১] /লেজার্/ [ই.] বি. ব্যবসায় প্রতিষ্ঠানের আয় ব্যয় আর্থিক লেনদেন দেনা পাওনা প্রভৃতির হিসাব সংবলিত খাতা, ledger।

লেজার[২] /লেজার্/ [আবৈশ.] বি. পুঞ্জীভূত একরঙা তীক্ষ্ণ আলোকরশ্মির বিকিরণ, light amplification

www.pathagar.com

by stimulated emission of radiation–এর সংক্ষিপ্ত রূপ, LASER।

লেজুড় /লেজুড়/ [বা.] বি. ১ লেজ। ২ যা পেছনে যুক্ত হয়। ৩ (ব্য.) নামের পরে যুক্ত আখ্যা। ৪ মূল বিষয়ের আনুষঙ্গিক গুরুত্বপূর্ণ বিষয়। ৫ অন্যের পালিত বা পোষ্য হয়ে জীবনযাপন।

লেজুড়বৃত্তি /লেজুড়্বৃত্তি/ [বা. লেজুড়+স. বৃত্তি] বি. অন্ধভাবে অনুসরণ; চাটুকারিতা।

লেজেগোবরে /ল্যাজেগোবোরে/ [বা.] বিণ. অক্ষমতাহেতু বিপর্যস্ত অবস্থায় উপনীত।

লেট /লেট্/ [ই.] বি. বিলম্ব, দেরি। বিণ. দেরি হয়েছে এমন, late।

লেটার বক্স /লেটার্ বক্স্/ বি. বাড়ির দরজায় রাখা চিঠির বাক্স; ডাকবাক্স।

লেঠেল /লেঠেল্/ [বা.] বি. লাঠি চালানো যার পেশা, লাঠিয়াল।

লেডি /লেডি/ [ই.] বি. ১ সম্ভ্রান্ত মহিলা। ২ স্যার (Sir) উপাধিপ্রাপ্ত ব্যক্তির পত্নীর আখ্যা, lady।

লেডিকেনি /লেডিকেনি/ [ব্যক্তি.] বি. (Lady Canning-এর নামানুসারে) ছানার তৈরি প্রসিদ্ধ রসালো মিঠাইবিশেষ।

লেতি /লেতি/ [হি. লত্তী >] বি. যে সরু রশি পেঁচিয়ে লাটিম ঘোরানো হয়।

লেত্তি /লেত্তি/ [হি. লত্তী >] বি. দ্র লেতি।

লেন /লেন্/ [ই. lane] বি. ১ শহরের সরু পথ বা গলি। ২ সড়ক বা মহাসড়কে চলাচলকারী বিবিধ যানবাহনের জন্য সাদা বা হলুদ রেখা দিয়ে বিভাজিত পথ।

লেনদেন /লেন্দেন্/ [হি.] বি. ১ আদান-প্রদান, দেওয়ানেওয়া; দান ও প্রতিদান। ২ কারবার। ৩ পারস্পরিক সম্পর্ক; যোগাযোগ।

লেনাদেনা /লেনাদেনা/ [হি. লেনদেন >] বি. দ্র লেনদেন।

লেন্স /লেন্স্/ [লা.] বি. আলোকরশ্মি পুঞ্জীভূত বা প্রসারিত করতে পারে এমন উত্তল বা অবতল স্বচ্ছ কাচ প্লাস্টিক প্রভৃতির খণ্ড (যা ছোটো জিনিস বড়ো করে দেখা বা দূরের জিনিস স্পষ্ট করে দেখার জন্য ব্যবহৃত হয়), বিবর্ধক কাচ, পরকলা, আতশকাচ, lens।

লেপ[১] /লেপ্/ [আ. লিহাফ্ >] বি. কাপড়ের খোলে তুলা ভরে তৈরি শীতনিবারক গাত্রাবরণবিশেষ, বালাপোষ, রেজাই।

লেপ[২] /লেপ্/ [স. √লিপ্+অ] বি. ১ প্রলেপ, পোঁচ, লেপন। ২ লেই।

লেপক /লেপক্/ [স. √লিপ্+অক] বিণ. লেপনকারী।

লেপচা /লেপ্চা/ [দেশি.] বি. পূর্ব হিমালয় অঞ্চলে (প্রধানত সিকিমে) বসবাসকারী নৃগোষ্ঠী।

লেপন /লেপন্/ [স. √লিপ্+অন] বি. দ্র লেপ[২]।

লেপনীয় /লেপোনিয়ো/ [স. √লিপ্+অনীয়] বিণ. লেপনের যোগ্য বা উপযুক্ত।

লেপা /ল্যাপা/ [বা.] ক্রিবি. জল বা দ্রাবকে গোলানো বস্তুর প্রলেপ দেওয়া, লেপন করা।

লেপানো /ল্যাপানো/ [বা.] ক্রিবি. বিণ. লেপন করানো, তরল পদার্থের পোঁচ দেওয়ানো।

লেপ্য /লেপ্পো/ [স. √লিপ্+য] বিণ. দ্র লেপনীয়।

লেফটেন্যান্ট /লেফ্টেন্যান্ট্/ [ই.] বি. সামরিক বাহিনীতে ক্যাপ্টেনের অধীনস্থ সেনাসদস্য, lieutenant।

লেফাফা /লেফাফা/ [আ.] বি. চিঠি প্রভৃতি প্রেরণের জন্য ব্যবহৃত কাগজের তৈরি মোড়ক, খাম, envelope।

লেফাফাদুরস্ত /লেফাফাদুরস্তো/ [আ. লেফাফা+ফা. দুরস্ত] বিণ. বাহ্যিক সাজসজ্জা ও আদব-কায়দায় নিখুঁত হওয়া সত্ত্বেও আসল কাজে ফাঁকিবাজ, কপট।

লেবার /লেবার/ [ই. labour] বি. ১ খাটুনি। ২ শ্রমিক।

লেবাস /লেবাস্/ [আ.] বি. পোশাক; আবরণ।

লেবু /লেবু/ [স. নিম্বু >] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ হয় এমন ভিটামিন সি-সমৃদ্ধ অম্লস্বাদ রসালো সবুজ বা হলুদাভ ফলবিশেষ, lemon।

লেবেল /লেবেল্/ [ই.] বি. শিশি বোতল বা পণ্য-মোড়কের গায়ে লাগানো বস্তুর পরিচয়জ্ঞাপক মার্কা, label।

লেভি /লেভি/ [ই.] বি. ১ ব্যাংকের সুদ প্রভৃতির ওপর সরকারকে দেয় নির্দিষ্ট হারে কর বা শুল্ক। ২ উৎপাদিত ফসল বা পণ্যের যে অংশ সরকারের কাছে নির্দিষ্ট মূল্যে বিক্রি করা বাধ্যতামূলক, levy।

লেভেল ক্রসিং /লেভেল্ ক্রসিং/ বি. যে স্থানে একই তলে সড়কপথ রেলপথকে অতিক্রম করে, level crossing।

লেমনেড /লেমোনেড্/ [ফ.] বি. লেবুর গন্ধযুক্ত বাতাস্বিত (aerated) পানীয়বিশেষ, lemonade।

লেলানো /ল্যালানো/ [বা.] ক্রিবি. আক্রমণ করতে উত্তেজিত করা।

লেলিয়ে দেওয়া /লেলিয়ে দেওআ/ ক্রিবি. আক্রমণ করতে প্ররোচিত করা।

লেলিহান /লেলিহান্/ [স. √লেলিহ্+আন (শানচ্)]

www.pathagar.com

বিণ. ১ লকলকে জিহ্বাযুক্ত। ২ পুনঃপুন লেহনকারী।

লেশ /লেশ্/ [স. √লিশ্+অ] বি. অত্যন্ত অল্প পরিমাণ, সামান্য অংশবিশেষ, কণা।

লেশমাত্র /লেশ্মাত্ত্রো/ [স. লেশ+মাত্র] বিণ. একটুও, নামমাত্র।

লেস /লেস্/ [ই. lace] বি. ১ জামাকাপড়ে লাগানো নকশাকরা পাড়। ২ চুল বাঁধার সরু ফিতে। ৩ জুতা বাঁধার ফিতে।

লেহ /লেহো/ [স. √লিহ্+অ]* বি. জিভ দিয়ে আস্বাদন।

লেহন /লেহন্/ [স. √লিহ্+অন] বি. দ্র লেহ।

লেহনীয় /লেহোনিয়ো/ [স. √লিহ্+অনীয়] বিণ. ১ চেটে খেতে হয় এমন। ২ লেহন করার যোগ্য।

লেহাজ /লেহাজ্/ [আ.] বি. ১ লজ্জা। ২ শিষ্টাচার, আদবকায়দা।

লেহ্য /লেজ্ঝো/ [স. √লিহ্+য] বিণ. দ্র লেহনীয়।

লৈখিক /লোইখিক্/ [স. লেখা+ইক] বিণ. ১ লেখাসম্পর্কীয়। ২ লেখনীয়, লেখ্য।

লৈঙ্গ /লোইংগো/ [স. লিঙ্গ+অ] বিণ. লিঙ্গসম্পর্কীয়। বি. লিঙ্গপুরাণ।

লৈঙ্গিক /লোইংগিক্/ [স. লিঙ্গ+ইক] বিণ. লিঙ্গসম্পর্কিত।

লো /লো/ অব্য. সমবয়সী নারীদের মধ্যে পরস্পর সম্বোধনসূচক শব্দ (*দে লো, সখী, দে পরাইয়ে গলে / সাধের বকুলফুলহার।* রবীন্দ্র.)।

লোক /লোক্/ [স. √লোক্+অ] বি. ১ মানুষ। ২ জনসাধারণ। ৩ একই ঐতিহ্যের ক্ষুদ্র গোষ্ঠী বা সম্প্রদায়, folk। ৪ পৌরাণিকশাস্ত্র মতে স্বর্গ মর্ত্য ও পাতালের সমন্বয়ে গঠিত ত্রিলোক। ৫ ভুবন, জগৎ, বিশ্ব। ৬ সপ্ত ভুবন (ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জনঃ তপঃ এবং সত্য)। ৭ পরিচারক। ৮ মজুর।

লোককথা /লোক্কথা/ [স. লোক+কথা] বি. দ্র লোককাহিনি।

লোককাহিনি /লোকোকাহিনি/ [স. লোক+বা. কাহিনি] বি. লোকগাথা, উপকথা, folktale।

লোকক্ষয় /লোকোক্খয়্/ [স. লোক+ক্ষয়] বি. প্রাকৃতিক দুর্যোগ বা যুদ্ধবিগ্রহে ব্যাপক প্রাণহানি, লোকনাশ।

লোকখ্যাতি /লোকোক্খ্যাতি/ [স. লোক+খ্যাতি] বি. প্রসিদ্ধি।

লোকগণনা /লোকোগনোনা/ [স. লোক+গণনা] বি. সরকারিভাবে জনসংখ্যা গণনা, আদমশুমারি, জনগণনা, census।

লোকগাথা /লোকোগাথা/ [স. লোক+গাথা] বি. দীর্ঘকালব্যাপী জনসমাজে মুখে মুখে প্রচলিত কাহিনি।

লোকগীতি /লোকোগিতি/ [স. লোক+গীতি] বি. পল্লি অঞ্চলে সর্বসাধারণের মধ্যে প্রচলিত গান।

লোকচক্ষু /লোকোচোক্খু/ [স. লোক+চক্ষুস্] বি. জনসাধারণের নজর বা দৃষ্টি।

লোকচরিত্র /লোকোচোরিত্ত্রো/ [স. লোক+চরিত্র] বি. মানুষের সাধারণ প্রকৃতি, মনুষ্যস্বভাব।

লোকজন /লোক্জন্/ [স. লোক+জন] বি. ১ একাধিক লোক। ২ অনুচরবর্গ, দলবল।

লোকজননী /লোকোজনোনি/ [স. লোক+√জনি+অন+ঈ] বি. দেবী লক্ষ্মী।

লোকত /লোকতো/ [স. লোকতস্] ক্রিবিণ. লোকের দৃষ্টিতে; সমাজের চোখে বা বিচারে।

লোকদেখানো /লোক্দেখানো/ [স. লোক+বা. দেখানো] বিণ. ১ বাহ্যিক। ২ আন্তরিকতাবর্জিত।

লোকধর্ম /লোকোধর্মো/ [স. লোক+ধর্মন্] বি. সর্বসাধারণের মধ্যে প্রচলিত রীতিনীতি বা আদর্শ।

লোকনাথ /লোক্নাথ্/ [স. লোক+নাথ] বি. ১ শিব। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ বুদ্ধ। ৫ জগতের প্রভু।

লোকনিন্দা /লোকোনিন্দা/ [স. লোক+√নিন্দ্+অ+আ (টাপ্)] বি. ১ জনসাধারণ বা জনগণের নিন্দা। ২ লোকসমাজে প্রচারিত কুৎসা।

লোকপরম্পরা /লোকোপরোম্পরা/ [স. লোক+পরম্পরা] বি. ১ একের পর অন্য লোক, লোকের ক্রম বা ধারা। ২ পুরুষানুক্রম।

লোকপাল /লোকোপাল্/ [স. লোক+√পাল্+অ] বি. ১ রাজা। ২ দিকপাল।

লোকপিতামহ /লোকোপিতামহো/ [স. লোক+পিতামহ] বি. ব্রহ্মা।

লোকপ্রচলিত /লোকোপ্রোচোলিতো/ [স. লোক+প্রচলিত] বিণ. সর্বসাধারণের মধ্যে প্রচলিত।

লোকপ্রবাদ /লোকোপ্রোবাদ্/ [স. লোক+প্রবাদ] বি. লোকসমাজে যা প্রচলিত, জনশ্রুতি, কিংবদন্তি।

লোকপ্রশাসন /লোক্প্রোশাশোন্/ [স. লোক+প্রশাসন] বি. রাষ্ট্রের শাসনব্যবস্থা, public administration।

লোকপ্রসিদ্ধ /লোকোপ্রোশিদ্ধো/ [স. লোক+প্র+√সিধ্+ত] বিণ. জনগণের মধ্যে খ্যাত, বিখ্যাত। বি. **লোকপ্রসিদ্ধি** /লোকোপ্রোশিদ্ধি/।

লোকবল /লোকোবল্/ [স. লোক+বল] বি. ১ জনবল, জনশক্তি। ২ সাহায্যকারী ব্যক্তিবর্গ।

লোকবসতি /লোকোবশোতি/ [স. লোক+বসতি] বি.

www.pathagar.com

লোকালয়।

লোকবহির্ভূত /লোকোবোহির্‌ভূতো/ [স. লোক+বহির্ভূত] বিণ. মানবসমাজের বহির্ভূত; মানুষের মধ্যে দেখা যায় না এমন।

লোকবাহ্য /লোকোবাজ্‌ঝো/ [স. লোক+√বহিস্+য] বিণ. দ্র লোকবহির্ভূত।

লোকব্যবহার /লোকোব্যাবোহার্/ [স. লোক+ব্যবহার] বি. জনসমাজে প্রচলিত সংস্কার, লোকাচার।

লোকভয় /লোকোভয়্/ [স. লোক+ভয়] বি. সমাজে নিন্দিত হওয়ার ভয়।

লোকমত /লোকোমত্/ [স. লোক+মত] বি. জনসাধারণের ধারণা বা মত, জনমত।

লোকমা /লোক্‌মা/ [আ.] বি. একবারে যে পরিমাণ খাদ্য মুখে নেওয়া হয়, গ্রাস, নলা।

লোকমান্য /লোকোমান্‌নো/ [স. লোক+√মান্+য] বিণ. সমাজে সকলের কাছে সম্মানিত।

লোকযাত্রা /লোকোজাত্‌ত্রা/ [স. লোক+যাত্রা] বি. সংসারযাত্রা, সংসারজীবন।

লোকরঞ্জন /লোকোরন্‌জোন্/ [স. লোক+রঞ্জন] বি. জনসাধারণের মনোরঞ্জন বা সন্তোষবিধান।

লোকরব /লোকোরব্/ [স. লোক+√রু+অ] বি. লোকমুখে প্রচলিত কথা, কিংবদন্তি।

লোকলজ্জা /লোকোলজ্‌জা/ [স. লোক+লজ্জা] বি. লোকনিন্দার লজ্জা; জনসাধারণের দৃষ্টিতে লজ্জা-জনক।

লোকলশকর /লোক্‌লশ্‌কর্/ [স. লোক+ফা. লশকর] বি. লোকজন; সৈন্যসামন্ত।

লোকলাজ /লোকোলাজ্/ [স. লোক+বা. লাজ] বি. দ্র লোকলজ্জা।

লোকলীলা /লোকোলিলা/ [স. লোক+লী+√লা+অ+আ (টাপ্)] বি. ভবলীলা, জীবৎকাল।

লোকলৌকতা /লোকোলৌড়্‌কতা/ [স. লোক+বা. লৌকতা] বি. সামাজিকতা।

লোকলৌকিকতা /লোকোলৌড়্‌কিকতা/ [স. লোক+লৌকিক+তা] বি. দ্র লোকলৌকতা।

লোকশিক্ষা /লোকোশিক্‌খা/ [স. লোক+শিক্ষা] বি. জনসাধারণের জন্য শিক্ষা।

লোকশিল্প /লোকোশিল্‌পো/ [স. লোক+শিল্প] বি. গ্রামীণ শিল্পকর্ম।

লোকসংগীত /লোকোশোংগিত্/ [স. লোক+সংগীত] বি. পল্লি অঞ্চলে প্রচলিত গান, পল্লিগীতি।

লোকসংস্কৃতি /লোকোশংশ্‌কৃতি/ [স. লোক+সংস্কৃতি] বি. লোকসাহিত্য; লোকশিল্প; লোকাচার; folklore।

লোকসভা /লোক্‌শভা/ [স. লোক+সভা] বি. সংসদীয় গণতন্ত্রের শাসনব্যবস্থায় নির্বাচিত জনপ্রতিনিধিদের সভা, আইনসভা।

লোকসমক্ষে /লোকোশমোক্‌খে/ [স. লোকসমক্ষ+বা. এ] ক্রিবিণ. জনসমক্ষে, প্রকাশ্যে।

লোকসমাগম /লোক্‌শমাগম্/ [স. লোক+সমাগম] বি. সর্বসাধারণের আগমন বা উপস্থিতি।

লোকসমাজ /লোক্‌শমাজ্/ [স. লোক+সমাজ] বি. মানবসমাজ; জনসাধারণ।

লোকসান /লোক্‌শান্/ [আ. নোকসান >] বি. ১ ক্ষতি। ২ (ব্যবসায়ে) ক্রয়মূল্যের চেয়ে অপেক্ষাকৃত কম মূল্যে বিক্রয়।

লোকসানি /লোক্‌শানি/ [আ. নোকসান >] বিণ. ক্ষতি স্বীকার করতে হয় এমন।

লোকসাহিত্য /লোকোশাহিত্‌তো/ [স. লোক+সাহিত্য] বি. গ্রামাঞ্চলের দৈনন্দিন জীবনকাহিনি অবলম্বনে রচিত সাহিত্য।

লোকস্থিতি /লোকোস্‌থিতি/ [স. লোক+√স্থা+তি] বি. মানবসমাজের স্থায়িত্ব, সমাজবন্ধন।

লোকহাসাহাসি /লোক্‌হাশাহাশি/ [স. লোক+বা. হাসাহাসি] বি. জনসাধারণের উপহাস।

লোকহিত /লোকোহিত্/ [স. লোক+√ধা+ত] বি. মানবজাতির কল্যাণ, জনকল্যাণ।

লোকহিতব্রত /লোকোহিতোব্‌ব্রোতো/ [স. লোকহিত+√ব্+অত] বি. জনসাধারণের মঙ্গলসাধনের ব্রত।

লোকহিতব্রতী /লোকোহিতোব্‌ব্রোতি/ [স. লোকহিত+ব্রত+ইন্] বিণ. জনগণের কল্যাণের ব্রতগ্রহণকারী।

লোকহিতৈষণা /লোকোহিতোইশনা/ [স. লোক+হিত+এষণা] বি. জনসাধারণের মঙ্গলসাধনের ইচ্ছা।

লোকহিতৈষী /লোকোহিতোইশি/ [স. লোক+হিত+ইষ্+ইন্] বিণ. জনসাধারণের কল্যাণকারী।

লোকাকীর্ণ /লোকাকির্‌নো/ [স. লোক+আকীর্ণ] বিণ. বহুলোকের ভিড়, জনাকীর্ণ।

লোকাচার /লোকাচার্/ [স. লোক+আচার] বি. সামাজিক রীতিনীতি ও প্রথা।

লোকাতিগ /লোকাতিগো/ [স. লোক্+অতি+√গম্+অ] বিণ. দ্র লোকাতীত।

লোকাতীত /লোকাতিতো/ [স. লোক+অতীত] বিণ. মনুষ্যজগতে ঘটে না এমন, অলৌকিক; অসাধারণ।

www.pathagar.com

লোকাধিক্য /লোকাধিক্কো/ [স. লোক+আধিক্য] বি. মানুষের ভিড়।

লোকান্তর /লোকান্তর্/ [স্. লোক+অন্তর] বি. ভিন্ন জগৎ, লোকান্তরণ, ইন্তেকাল, মৃত্যু।

লোকান্তরিত /লোকান্তোরিতো/ [স. লোক+অন্তর্+ইত] বিণ. পরলোকগত, মৃত। স্ত্রী. লোকান্তরিতা /লোকান্তোরিতা/।

লোকাপবাদ /লোকাপোবাদ্/ [স. লোক+অপবাদ] বি. ১ লোকনিন্দা। ২ অখ্যাতি।

লোকাভাব /লোকাভাব্/ [স. লোক+অভাব] বি. ১ লোকের অভাব। ২ জনবিরলতা।

লোকায়ত /লোকায়তো/ [স. লোক+আয়ত] বিণ. ১ ধর্মনিরপেক্ষ। ২ জনসাধারণের মধ্যে প্রচলিত (*লোকায়ত সাহিত্য*)। ৩ দার্শনিক চার্বাকের মতানুসারী; নাস্তিক।

লোকায়ত রাষ্ট্র /লোকায়তো রাশ্ট্রো/ বি. যে রাষ্ট্রে জাতি-ধর্মনির্বিশেষে সকল নাগরিক সমান বলে স্বীকৃত, ধর্মনিরপেক্ষ রাষ্ট্র।

লোকায়তিক /লোকায়োতিক্/ [স. লোকায়ত+ইক] বিণ. চার্বাকের মতাবলম্বী; নাস্তিক।

লোকারণ্য /লোকারোন্নো/ [স. লোক+অরণ্য] বি. অনেক লোকের সমাগম।

লোকাল /লোকাল্/ [ই.] বিণ. স্থানীয়, আঞ্চলিক, local।

লোকালয় /লোকালয়্/ [স. লোক+আলয়] বি. জনগণের বসবাসের এলাকা, জনপদ, বসতি।

লোকিত /লোকিতো/ [স. √লোক্+ত] বিণ. দেখা হয়েছে এমন, দৃষ্ট।

লোকেশ /লোকেশ্/ [স. লোক+ঈশ] বি. ১ জগদীশ্বর; ব্রহ্মা। ২ রাজা।

লোকেশ্বর /লোকেশ্শর্/ [স. লোক+ঈশ্বর] বি. দ্র লোকেশ।

লোকোত্তর /লোকোত্তর্/ [স. লোক+উত্তর] বিণ. দ্র লোকাতীত।

লোচন /লোচন্/ [স. √লোচ্+অন] বি. চোখ, নয়ন, নেত্র, দর্শনেন্দ্রিয়।

লোচ্চা /লোচ্চা/ [ফা.] বিণ. দুশ্চরিত্র, লম্পট।

লোটন /লোটোন্/ [বা.] বি. ১ মাটিতে গড়াগড়ি। ২ ঝুঁটিদার পায়রার প্রজাতিবিশেষ, নোটন পায়রা। ৩ শিথিল বেণি বা খোঁপা।

লোটা[১] /লোটা/ [হি.] বি. জলপাত্রবিশেষ, ঘটি।

লোটা[২] /লোটা/ [স. লুণ্ঠন >] ক্রিবি. ১ ভূলুণ্ঠিত হওয়া; ভূমিতে গড়াগড়ি করা। ২ আনন্দ উপভোগ করা। ৩ লুণ্ঠন করা; আত্মসাৎ বা গ্রাস করা।

লোটাকম্বল /লোটাকম্বোল্/ [হি. লোটা+স. কম্বল] বি. ১ ঘটি ও কম্বল। ২ (আল.) সামান্য সম্বল।

লোটানো[১] /লোটানো/ [বা.] ক্রিবি. লুট করানো।

লোটানো[২] /লোটানো/ [বা.] ক্রিবি. গড়াগড়ি দেওয়া বা দেওয়ানো।

লোড শেডিং /লোড্ শেডিং/ বি. বিদ্যুৎ উৎপাদনের ঘাটতি পূরণের উদ্দেশ্যে সাময়িকভাবে সরবরাহ স্থগিতকরণ, বিদ্যুৎ ছাঁটাই, load-shedding।

লোতক /লোতক্/ [স. লোত+ক] বি. চোখের জল, অশ্রু।

লোধ /লোধ্/ [স. √লুধ্+অ] বি. দ্র লোধ্র।

লোধ্র /লোদ্ধ্রো/ [স. √লুধ্+র] বি. বসন্তকালে ফোটে এমন রোমশ ডাঁটায় কমলা রঙের গুচ্ছবদ্ধ ছোটো সুগন্ধ ফুল বা তার গুল্মজাতীয় চিরহরিৎ উদ্ভিদ (আনি. ভারত ও মায়ানমার)।

লোধ্ররেণু /লোদ্ধ্রোরেনু/ [স. লোধ্র+রেণু] বি. লোধ্র-গাছের ছালের গুঁড়া যা প্রাচীন ভারতে প্রসাধনীরূপে ব্যবহৃত হতো।

লোনা /লোনা/ [বা.] বিণ. সংরক্ষণের জন্য নুনমিশ্রিত (*লোনা ইলিশ*)। বি. মাটির লবণজাতীয় উপাদান; ইঁট বা বালিতে লবণজাতীয় উপাদানের আধিক্য-হেতু দেওয়ালের জীর্ণ অবস্থাপ্রাপ্তি (*লোনা ধরা*)।

লোপ /লোপ্/ [স. √লুপ্+অ] বি. ১ নাশ, ধ্বংস। ২ অন্তর্ধান। ৩ অবসান।

লোপপ্রাপ্ত /লোপ্প্রাপ্তো/ [স. লোপ+প্র+√আপ্+ত] বিণ. ধ্বংস হয়েছে এমন, লুপ্ত; বিলুপ্ত।

লোপাট /লোপাট্/ [স. লুপ্ত >] বিণ. ১ লুণ্ঠিত। ২ আত্মসাৎকৃত। ৩ নিশ্চিহ্ন, লোপপ্রাপ্ত।

লোপাপত্তি /লোপাপোত্তি/ [স. লোপ+আপত্তি] বি. লোপাট, লোপ, বিলুপ্তি।

লোপামুদ্রা /লোপামুদ্দ্রা/ [স. লোপা+√মুদ্+র+আ (টাপ্)] বি. পুরাণোক্ত অগস্ত্যমুনির পত্নী।

লোপ্ত্রো /লোপ্ত্রো/ [স. √লুপ্+ত] বি. হৃতদ্রব্য, চোরাই মাল।

লোফা /লোফা/ [স. লক্ষ >] ক্রিবি. ১ কোনো কিছু মাটিতে পড়ার আগেই লাফ দিয়ে ধরে ফেলা। ২ আগ বাড়িয়ে নিয়ে নেওয়া।

লোফালুফি /লোফালুফি/ [বা.] বি. পরস্পরের দিকে ছুড়ে দেওয়া ও লুফে নেওয়ার কাজ।

লোবান /লোবান্/ [আ.] বি. ১ ভূমধ্যসাগরীয় অঞ্চলে জাত ঝুলন্ত সাদা ফুলবিশিষ্ট styrax বর্গের উদ্ভিদ থেকে আহৃত আঠালো সুগন্ধ রজনবিশেষ, ben-

www.pathagar.com

zoin। ২ (ক্রান্তীয় অঞ্চলে) কোনো ব্যক্তির মৃত্যু হলে গৃহে যে রজনের ধোঁয়া দেওয়া হয়।

লোভ /লোভ্/ [স. √লুভ্+অ] বি. কোনো কিছু পাওয়ার প্রবল বাসনা, লিপ্সা; অন্যের দ্রব্য আত্মসাৎ করার প্রবৃত্তি।

লোভন /লোভোন্/ [স. √লুভ্+অন] বি. ১ প্রলুব্ধকরণ। ২ প্রলোভন। বিণ. লোভজনক।

লোভনীয় /লোভোনিয়ো/ [স. √লুভ্+অনীয়] বিণ. লোভ সৃষ্টি করে এমন; স্পৃহনীয়। স্ত্রী. লোভনীয়া /লোভোনিআ/।

–লোভা /লোভা/ [বা.] বিণ. মুগ্ধকর (*মনোলোভা*)। ক্রিবি. (কাব্যে) লোভ করা।

লোভাতুর /লোভাতুর্/ [স. লোভ+আতুর] বিণ. অতিশয় লোলুপ, লোভপীড়িত। স্ত্রী. লোভাতুরা /লোভাতুরা/।

লোভাত্তি /লোভাত্তি/ [স. লোভার্ত্ত >] বিণ. অতিশয় লোভী।

লোভিত /লোভিতো/ [স. লোভ+ইত] বিণ. প্রলুব্ধ করা হয়েছে এমন, প্রলোভিত।

লোভিষ্ঠ /লোভিশ্ঠো/ [বা.] বিণ. অতিশয় লোভী।

লোভী /লোভি/ [স.√লুভ্+ইন] বিণ. লোভযুক্ত, লোলুপ, লুব্ধ।

লোভ্য /লোব্ভো/ [স.√লুভ্+য] বিণ. লোভ সৃষ্টি করে এমন, লোভনীয়।

লোম /লোম্/ [স.√লু+মন্] বি. মাথা ও মুখমণ্ডল ভিন্ন শরীরের অন্যান্য স্থানে উদ্গত চুল, পশম।

লোমকূপ /লোমকুপ্/ [স. লোমন্+কূপ] বি. লোম বা কেশের মূলদেশে অবস্থিত অতিক্ষুদ্র ছিদ্র, লোম বিবর।

লোমজ /লোমোজো/ [স. লোমন্+√জন্+অ] বিণ. লোম থেকে উৎপন্ন।

লোমফোড়া /লোম্ফোড়া/ [স. লোম+বা. ফোড়া] বি. লোমের গোড়ায় উদ্গত ফোড়া।

লোমরাজি /লোমোরাজি/ [স. লোমন্+রাজি] বি. রোমসমূহ।

লোমশ /লোমোশ্/ [স. লোমন্+শ] বিণ. লোমবহুল, লোমপূর্ণ।

লোমহর্ষ /লোমোহর্শো/ [স. লোমন্+√হৃষ্+অ] বি. ভয় বিস্ময় উত্তেজনা প্রভৃতি কারণে শরীরের লোম শিহরিত হওয়ার অবস্থা, শিহরন।

লোমহর্ষক /লোমোহর্শক্/ [স. লোম+√হৃষ্+ণিচ্+অক] বিণ. শরীরের লোম খাড়া হয়ে যায় বা শিহরিত করে এমন।

লোমহর্ষণ /লোমোহর্শোন্/ [স. লোম+√হৃষ্+অন] বি. উত্তেজনা ভয় বা বিস্ময়ে গায়ে কাঁটা দেয় এমন অবস্থা। বিণ. রোমাঞ্চকর।

লোমাবলি /লোমাবোলি/ [স. লোমন্+আবলি] বি. দ্র লোমরাজি।

লোর /লোর্/ [দেশি.] বি. চোখের জল, অশ্রু (*কাহারো নয়নে লোর— /আমার চোখে শুধু ঘুমঘোর।* রবীন্দ্র.)।

লোল /লোল্/ [স. √লুল্+অ] বিণ. ১ শিথিল, শ্লথ (*লোলচর্ম*)। ২ লকলকে (*লোল জিহ্বা*)। ৩ চঞ্চল, চটুল। ৪ লোলুপ, লোভাতুর (*লোলদৃষ্টি*)। বি. (আঞ্চ.) লালা, থুথু।

লোলচর্ম /লোলোচর্মো/ [স. লোল+√চর্+ম] বিণ. গায়ের চামড়া শিথিল হয়ে ঝুলে পড়েছে এমন।

লোলজিহ্ব /লোলোজিহ্বো/ [লোল+জিহ্ব] বিণ. লকলকে জিভবিশিষ্ট।

লোলজিহ্বা /লোলোজিহ্বা/ [লোল+ জিহ্বা] বি. লালসাময় জিহ্বা।

লোলদৃষ্টি /লোলোদৃশ্টি/ [লোল+√দৃশ্+তি] বি. লোভাতুর চাহনি।

লোলা /লোলা/ [স. √লুল্+অ+আ (টাপ্)] বি. জিহ্বা।

লোলিত /লোলিতো/ [স.√লুল্+ণিচ্+ত] বিণ. ১ কম্পিত, আন্দোলিত। ২ চঞ্চল। ৩ শ্লথ, শিথিল।

লোলুপ /লোলুপ্/ [স.√লোলুপ্+অ] বিণ. অতিশয় লোভী, লোভাতুর। বি. লোলুপতা /লোলুপতা/।

লোষ্ট্র /লোশ্ট্রো/ [স. √লোষ্ট্+র] বি. ১ ঢিল, ইঁট বা পাথরের টুকরা। ২ (আল.) ডেলার মতো সামান্য বা তুচ্ছ দ্রব্য।

লোহ[১] /লোহো/ [স. লোহ+অ] বি. ১ লোহা। ২ ধাতুদ্রব্যাদি। ৩ রক্ত। ৪ অগুরু। ৫ লাগাম।

লোহ[২] /লোহো/ [স. লোভ >] বি. লোভ; মোহ।

লোহা[১] /লোহা/ [স. লোহ >] বি. ১ ঘাতসহ চুম্বকীয় মৌলিক ধাতু যার পারমাণবিক সংখ্যা ২৬, লৌহ।

লোহা[২] /লোহা/ [স. লোহ >] বি. সধবার চিহ্নরূপে হিন্দু নারীর হাতে ধারণীয় বলয়।

লোহালক্কড় /লোহালক্কোড়্/ [বা.] বি. ১ লোহা কাঠ প্রভৃতি ভারী দ্রব্যসামগ্রী। ২ লোহার বড়ো ও ভারী জিনিসপত্র।

লোহি /লোহি/ [হি.] বি. পশমি চাদরবিশেষ।

লোহিত /লোহিতো/ [স. লোহ+ইত] বিণ. রক্তিম, লাল, রক্তবর্ণ। বি. লাল রং।

লোহিতক /লোহিতক্/ [স. লোহিত+কন্] বি. ১ মঙ্গলগ্রহ। ২ পদ্মরাগমণি। ৩ পিতল।

www.pathagar.com

লোহিত কণা /লোহিতো কনা/ বি. দ্র লোহিত কণিকা।

লোহিত কণিকা /লোহিতো কোনিকা/ বি. মেরুদণ্ডী প্রাণীর রক্তের লাল কণা।

লোহিতসমুদ্র /লোহিতোশোমুদ্রো/ [স. লোহিত+সমুদ্র] বি. দ্র লোহিতসাগর।

লোহিতসাগর /লোহিতোশাগোর্/ [স. লোহিত+সাগর] বি. যে সাগর আফ্রিকা ও আরব উপদ্বীপকে পৃথক করে, Red Sea।

লোহিতাঙ্গ /লোহিতাংগো/ [স. লোহিত+অঙ্গ] বি. মঙ্গলগ্রহ।

লোহিতায়স /লোহিতায়শ্/ [স. লোহিত+অয়স্] বি. তামা।

লোহু /লোহু/ [স. লোহিত >] বি. (কাব্যে) রক্ত, শোণিত। বিণ. রক্তবর্ণ।

লৌকতা /লৌক্তা/ [স. লৌকিকতা >] বি. দ্র লৌকিকতা।

লৌকিক /লৌকিক্/ [স. লোক+ইক] বিণ. ১ লোক-সম্বন্ধীয়; পার্থিব। ২ সমাজে প্রচলিত, সামাজিক। ৩ জনসাধারণের স্বীকৃত। ৪ মানসিক। ৫ সাধারণ।

লৌকিকতা /লৌকিকতা/ [স. লৌকিক+তা] বি. ১ সামাজিক শিষ্টাচার, সামাজিকতা। ২ অভ্যর্থনা। ৩ (বাংলায়) বিবাহাদিতে উপহার বিনিময়।

লৌলমর্ম /লৌলোমর্মো/ [স. লৌল্য+মর্ম] বি. চঞ্চল হৃদয়।

লৌল্য /লৌল্লো/ [স. লোল+য] বি. ১ চাপল্য, চপলতা। ২ লোলতা। ৩ লোলুপতা।

লৌহ[১] /লৌহো/ [স. লোহ+অ] বি. ঘাতসহ চুম্বকীয় মৌলিক ধাতু যার পারমাণবিক সংখ্যা ২৬, লোহা।

লৌহ[২] /লৌহো/ [স. লোহ+অ] বি. সধবার চিহ্নরূপে হিন্দু নারীর হাতে ধারণীয় বলয়।

লৌহকণ্টক /লৌহোকন্টক্/ [স. লৌহ+কণ্টক] বি. জলযান বেঁধে রাখার জন্য জলের তলদেশে নিক্ষিপ্ত শিকল লাগানো লোহার ভারী অঙ্কুশ-বিশেষ, নোঙর, anchor।

লৌহকপাট /লৌহোকপাট্/ [স. লৌহ+কপাট] বি. লোহার দরজা।

লৌহকার /লৌহোকার/ [স. লৌহ+√কৃ+অ] বি. কর্মকার, কামার।

লৌহবর্ত্ম /লৌহোবর্তোঁ/ [স. লৌহ+বর্ত্মন্] বি. লোহার তৈরি যে পথে রেল ট্রাম প্রভৃতি চলাচল করে, রেলপথ।

লৌহভাণ্ড /লৌহোভান্ডো/ [স. লৌহ+√ভণ্ড্+অ] বি. ১ লোহার পাত্র। ২ হামানদিস্তা।

লৌহমল /লৌহোমল্/ [স. লৌহ+মল] বি. আর্দ্র পরিবেশে অক্সিজেনের সঙ্গে রাসায়নিক বিক্রিয়ার ফলে লোহার গায়ে জমে ওঠা লালচে হলুদ রঙের আবরণ, মরিচা, মরচে, জং, rust।

লৌহমানব /লৌহোমানব্/ [স. লৌহ+মানব] বি. কঠিন ও দৃঢ় মানসিকতাসম্পন্ন ব্যক্তি; ব্যায়াম করার ফলে সুগঠিত দেহধারী ব্যক্তি।

লৌহযুগ /লৌহোজুগ্/ [স. লৌহ+যুগ] বি. প্রাগৈতিহাসিক কালে প্রযুক্তিগত ও সাংস্কৃতিক অগ্রগতির তিনটি কালপর্বের (প্রস্তর-ব্রোঞ্জ-লৌহ) সর্বশেষ পর্ব (মধ্যপ্রাচ্য ও দক্ষিণ ইউরোপে খ্রিষ্টপূর্ব ১২০০ অব্দে লৌহের ব্যবহার সূচিত হয়) যখন থেকে মানুষ অস্ত্র ও যন্ত্রপাতি তৈরিতে লোহা ব্যবহার করতে শুরু করে।

লৌহিত্য /লৌহিত্তো/ [স. লোহিত+য] বি. ১ রক্তিমা, লাল রং। ২ ব্রহ্মপুত্র নদ।

ল্যাং /ল্যাং/ [বা.] বি. ১ পা। ২ পায়ে পা জড়িয়ে অন্যকে ফেলে দেওয়ার কৌশল।

ল্যাংচা[১] /ল্যাংচা/ [দেশি.] বি. পানতুয়াজাতীয় বড়ো ও লম্বাটে ছানার মিঠাইবিশেষ।

ল্যাংচা[২] /ল্যাংচা/ [স. লঙ্গ >] ক্রিবি. খুঁড়িয়ে হাঁটা। বিণ. খোঁড়া, খঞ্জ।

ল্যাংচানো /ল্যাংচানো/ [স. লঙ্গ >] ক্রিবি. খুঁড়িয়ে হাঁটা।

ল্যাংটা /ল্যাংটা/ [স. নগ্নাট >] বিণ. নগ্ন, উলঙ্গ, বিবস্ত্র, দিগম্বর।

ল্যাংড়া[১] /ল্যাংড়া/ [স. লঙ্গ >] বিণ. খোঁড়া, খঞ্জ।

ল্যাংড়া[২] /ল্যাংড়া/ [দেশি.] বি. বাংলাদেশের উত্তরাঞ্চল ও ভারতের বিহার রাজ্যে উৎপন্ন আঁশহীন ও মিষ্টস্বাদ আমের প্রজাতিবিশেষ।

ল্যাংবোট /ল্যাংবোট্/ [ই. longboat] বি. ১ জাহাজের পেছনে যে সরু ও লম্বা নৌকা বাঁধা থাকে। ২ (ব্য.) অনুচর, পার্শ্বচর।

ল্যাং মারা /ল্যাং মারা/ ক্রিবি. ১ অন্যকে ভূপাতিত করার জন্য কৌশলে পা দিয়ে পায়ে আঘাত করা। ২ (আল.) অন্যায়ভাবে অন্যকে পেছনে ঠেলে নিজে অগ্রসর হওয়া; অন্যকে বেকায়দায় ফেলা।

ল্যাকার /ল্যাকার/ [ফ.] বি. অ্যালকোহলে লাক্ষা দ্রবীভূত করে প্রাপ্ত বার্নিশবিশেষ, lacquer।

ল্যাগবেগে /ল্যাগ্‌বেগে/ [বা.] বিণ. ল্যাগব্যাগ করছে এমন।

ল্যাগব্যাগ /ল্যাগ্‌ব্যাগ্/ [দেশি.] বি. শিথিল ও অবিন্যস্ত ভাব।

www.pathagar.com

ল্যাঙট /ল্যাঙট্/ [স. লিঙ্গপট্ট >] বি. কেবল লজ্জা-স্থান আবৃত করে পুরুষের এমন কৌপীনবিশেষ।

ল্যাজ /ল্যাজ্/ [স. লঙ্গ >] বি. লেজ, পুচ্ছ।

ল্যাজকাটা /ল্যাজ্কাটা/ [আক্ষ.] বিণ. ১ লেজ কাটা গেছে এমন। ২ মর্যাদা ক্ষুণ্ন হয়েছে এমন।

ল্যাজ গুটানো /লেজ্ গুটানো/ ক্রিবি. ১ পরাজিত কুকুরের মতো লেজ গুটিয়ে পলায়ন করা। ২ পরাজয় মেনে নেওয়া।

ল্যাজ মোটা হওয়া /লেজ্ মোটা হওআ/ ক্রিবি. অহংকারে লেজ ফুলে যাওয়া।

ল্যাজেগোবরে /ল্যাজেগোবোরে/ [বা.] বিণ. অক্ষমতার জন্য বিপর্যস্ত অবস্থায় উপনীত; বিতিকিচ্ছিরি অবস্থাযুক্ত।

ল্যাটা /ল্যাটা/ [দেশি.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলের অগভীর সমুদ্রে বালুকাময় তলদেশে বাস করে এমন গোলাকার তুণ্ডযুক্ত ছোটো মাথা এবং উজ্জ্বল মিহি আঁশযুক্ত লেজের দিকে ক্রমশ সরু হয়ে আসা ধূসর বর্ণের (ফসফরাস ও ক্যালসিয়ামসমৃদ্ধ) ছোটো মাছবিশেষ, লটিয়া, লটে, লইট্টা।

ল্যাটেক্স /ল্যাটেক্স্/ [লা.] বি. পপি প্রভৃতি বৃক্ষের নির্যাস থেকে প্রাপ্ত সাদা পদার্থ যা বাতাসের সংস্পর্শে জমে যায়, latex।

ল্যাঠা /ল্যাঠা/ [দেশি.] বি. ১ উৎপাত, ঝামেলা, বিপদ। ২ বিঘ্ন, সংকট।

ল্যাতপেতে /ল্যাত্পেতে/ [ধ্বন্যা.] বিণ. অদৃঢ় ও শিথিল ভাবযুক্ত।

ল্যাতপ্যাত /ল্যাত্প্যাত্/ [ধ্বন্যা.] অব্য. অদৃঢ় ও শিথিল ভাব।

ল্যাদাপোকা /ল্যাদাপোকা/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও পূর্ব অস্ট্রেলিয়ার কোনো কোনো অঞ্চলে বিচরণ করে (শস্যের কাণ্ডের মাঝখানে গুচ্ছাকারে ডিম পাড়ে) এবং শস্যের কচি অঙ্কুর খেয়ে ফসলের ব্যাপক ক্ষতি-সাধন করে এমন ফ্যাকাশে বাদামি ডানাবিশিষ্ট নিশাচর পতঙ্গ, cutworm।

ল্যান্ড /ল্যান্ড্ /[ই.] বি. ১ পৃথিবীর স্থলভাগ; জমি; মাটি; ভূসম্পত্তি। ২ বিমানবন্দরে উড়োজাহাজের অবতরণ।

ল্যান্ডস্কেপ /ল্যান্ড্স্কেপ্ / [ওল.] বি. প্রাকৃতিক ভূদৃশ্য; উদ্যান বা খালি জায়গার নিসর্গচিত্রের পরিকল্পনা, landscape।

ল্যান্ডিং /ল্যান্ডিং/ [ই.] বি. উড়োজাহাজের ভূমিতে অবতরণ, landing।

ল্যাপটপ /ল্যাপ্টপ্ / [ই.] বি. কোলের ওপর রেখে চালানো যায় এবং হাতব্যাগ বা ঘাড়ে ঝুলিয়ে সহজে বহন করা যায় এমন ছোটো কমপিউটার, laptop।

ল্যাপটানো /ল্যাপ্টানো/ [বা.] ক্রিবি. বিণ. লেপটে বা জড়িয়ে যাওয়া।

ল্যাবরেটরি /ল্যাবোরেটরি/ [লা.] বি. বৈজ্ঞানিক গবেষণাগার।

ল্যাভেন্ডার /ল্যাভেন্ডার্ / [ই. lavender] বি. ১ মৃদুগন্ধ প্রসাধনী উৎপাদনের জন্য ভূমধ্যসাগরীয় অঞ্চলে চাষ করা হয় এমন ফ্যাকাশে বেগুনি ফুল বা তার ডাঁটাওয়ালা গুল্মজাতীয় চিরহরিৎ উদ্ভিদ। ২ ওই গুল্মের নির্যাস থেকে উৎপাদিত সুরভি।

ল্যামিনেশন /ল্যামিনেশন্/ [লা.] বি. কাগজের ওপর লাগানো স্বচ্ছ ও মসৃণ প্লাস্টিকের আস্তরণ, lamination।

ল্যাম্প /ল্যাম্প্/ [ই. lamp] বি. ১ দীপ। ২ বিজলি বাতির বাল্‌ব।

ল্যারিনজাইটিস /ল্যারিন্জাইটিস্/ [লা.] বি. স্বর-তন্ত্রের প্রদাহজনিত রোগ যার ফলে গলার স্বর বিকৃতি বেদনাদায়ক কাশি শ্বাসকষ্ট প্রভৃতি রোগের উপসর্গ প্রকটিত হয়, laryngitis।

www.pathagar.com

শ /শ/

শ[১] /তালোব্যো শ/ বাংলা বর্ণমালার ঊনত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং তালু থেকে উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ উষ্ম শিষ ধ্বনির দ্যোতক (র ল এবং ন-এর সঙ্গে যুক্তরূপে শ-এর উচ্চারণ দন্তমূলীয় স্-এর মতো)।

শ[২] /শ/ [স. শত >] বি. 'শত'-র কথ্য রূপ।

শওয়াল /শওআল্/ [আ.] বি. হিজরি পঞ্জিকার দশম মাস।

শংকর /শংকর্/ [স. শম্+√কৃ+অ] বি. ১ শিব। ২ বেদ উপনিষদ প্রভৃতি গ্রন্থের ভাষ্যকার শংকরাচার্য। ৩ চাবুকের মতো লম্বা লেজ ও চ্যাপটা দেহবিশিষ্ট মাঝারি আকৃতির সামুদ্রিক মাছ।

শংকরা /শংকরা/ [স. শংকর >] বি. রাতের দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

শংকরাভরণ /শংকরাভরোন্/ [স. শংকর+আভরণ] বি. সংগীতের রাত্রিকালীন রাগবিশেষ।

শংসন /শংশন্/ [স. √শংস্+অন] বি. দ্র শংসা।

শংসা /শংশা/ [স. √শংস্+অ+আ (টাপ্)] বি. ১ প্রশংসা (*শংসাপত্র*), স্তুতি। ২ উক্তি, কথন। ৩ অভিলাষ, ইচ্ছা।

শংসাপত্র /শংশাপত্রো/ [স. শংসা+পত্র] বি. ১ প্রশংসাপত্র, testimonial। ২ certificate।

শংসিত/শোংশিতো/ [স. √শংসি+ত] বিণ. ১ প্রশংসিত। ২ উক্ত। ৩ অভিলষিত, ঈপ্সিত।

শক[১] /শক্/ [স. √শক্+অ] বি. ১ মধ্য এশিয়ার প্রাচীন জাতিবিশেষ (*শক-হুন-দল পাঠান-মোগল একদেহে হল লীন।* রবীন্দ্র.)। ২ নৃপতি শকাদিত্য বা শালিবাহন কর্তৃক প্রবর্তিত অব্দ বা বৎসর, শকাব্দ। ৩ দেশবিশেষ।

শক[২] /শক্/ [ই. shock] বি. ১ উচ্চচাপে বিদ্যুদ্‌বাহী খোলা তার (high voltage wire) বা অনুরূপ কোনো বৈদ্যুতিক সরঞ্জামের সঙ্গে হঠাৎ ছোঁয়া লাগার ফলে জীবদেহের স্নায়ু ও পেশির সংকোচন (যার ফলে হৃৎস্পন্দন বন্ধ হয়ে যেতে পারে)। ২ কম্পন; ভূকম্পন।

শকট /শকোট্/ [স. √শক্+অট] বি. ১ গাড়ি, যান। ২ কংসের অনুচর অসুর।

শকটচালক /শকোট্চালক্/ [স. শকট+চালক] বি. গাড়িচালক, গাড়োয়ান।

শকটবাহ্য /শকোট্বাজ্ঝো/ [স. শকট+√বহিস্+য] বিণ. গাড়িতে বহন করার মতো।

শকটারি /শকোটারি/ [স. শকট+অরি] বি. পুরাণে বর্ণিত শকট নামক দৈত্যের হত্যাকারী শ্রীকৃষ্ণ।

শকটারূঢ় /শকোটারুঢ়ো/ [স. শকট+আ+√রুহ্+ত] বিণ. শকটে আরোহণ করেছে এমন।

শকটিকা /শকোটিকা / [স. শকটী+কন্+আ (টাপ্)] বি. ১ ছোটো গাড়ি। ২ শিশুদের খেলার গাড়ি।

শকতি /শকোতি/ [স. শক্তি >] বি. 'শক্তি'-র কাব্যিক ও কোমল রূপ।

শকর /শকোর্/ [স. শর্করা >] বি. চিনি; অশোধিত চিনি।

শকরকন্দ /শকোর্কন্দো/ [ফা.] বি. মিষ্টি আলু।

শকল /শকোল্/ [স. √শক্+অল] বি. ১ খণ্ড, অংশ। ২ মাছ সরীসৃপ এবং কোনো কোনো স্তন্যপায়ী প্রাণীর বহিঃস্বকের ক্ষুদ্র ও অর্ধস্বচ্ছ শক্ত আবরণ, আঁশ, আঁশটে, শল্ক। ৩ চন্দ্রকলা। ৪ বিন্দু।

শকলী /শকোলি/ [স. শকল+ইন্] বিণ. আঁশবিশিষ্ট। বি. মাছ।

শকাদিত্য /শকাদিত্যো/ [স. শক+আদিত্য] বি. শক রাজা শালিবাহন, শকাব্দের প্রবর্তক।

শকাব্দ /শকাব্দো/ [স. শক+অব্দ] বি. প্রাচীন ভারতের শক নৃপতি শালিবাহন কর্তৃক (আনুমানিক ৭৮ খ্রিষ্টাব্দ থেকে) প্রবর্তিত অব্দবিশেষ।

শকারি /শকারি/ [স. শক+অরি] বি. শকদের শত্রু রাজা বিক্রমাদিত্য।

শকুন /শোকুন্/ [স. √শক্+উন] বি. ১ সাধারণত পালকহীন মাথা ও গলাবিশিষ্ট এবং শক্ত তীক্ষ্ণ ও বাঁকানো চঞ্চুবিশিষ্ট প্রখর দৃষ্টিশক্তিসম্পন্ন মাংসাশী বড়ো পাখি, গৃধ্র। ২ শুভাশুভসূচক চিহ্ন বা লক্ষণ।

শকুনজ্ঞ /শোকুনগ্গোঁ/ [স. শকুন+√জ্ঞা+অ] বিণ. লক্ষণ বা চিহ্ন দেখে শুভাশুভ নির্ণয় করতে পারে এমন, লাক্ষণিক।

শকুনতত্ত্ব /শোকুনতত্তো / [স. শকুন+√তদ্+ত্ব] বি. পাখির গতিবিধি ও ধ্বনিদ্বারা শুভাশুভ নির্ণয়ের কল্পিত বিদ্যা।

শকুনি /শোকুনি/ [স. √শক্+উনি] বি. ১ মৃত জীবজন্তু খেয়ে জীবনধারণ করে এমন বৃহদাকার পাখিবিশেষ, শকুন, গৃধ্র। ২ মহাভারতোক্ত দুর্যোধনের মাতুল। ৩ (আল.) কূটবুদ্ধিসম্পন্ন ব্যক্তি।

www.pathagar.com

শকুন্ত /শোকুন্‌তো/ [স. √শক্+উন্ত] বি. ১ ভাসপাখি। ২ পাখি। ৩ শকুনি।

শকুন্তলা /শোকুন্‌তলা/ [স. শকুন্ত+√লা+অ+আ (টাপ্)] বি. পক্ষীলালিত কণ্বমুনির পালিত কন্যা, মেনকা ও বিশ্বামিত্রের কন্যা এবং রাজা দুষ্মন্তের পত্নী।

শকুল /শোকুল্/ [স. √শক্+উর] বি. শোল মাছ।

শক্কর /শক্‌কর্/ [ফা. শকর >] বি. অশোধিত চিনি।

শক্ত[১] /শক্‌তো/ [স. √শক্+ত] বিণ. ১ সমর্থ, কর্মক্ষম। ২ পটু, দক্ষ, বিচক্ষণ। ৩ বলবান, শক্তিশালী।

শক্ত[২] /শক্‌তো/ [ফা.] বিণ. ১ সহজে ভাঙে না এমন, কঠিন (*শক্ত লাঠি*)। ২ টেকসই। ৩ কঠোর, নির্মম; অবিচলিত, স্থির (*শক্ত মন*)। ৪ অনড়, দৃঢ় (*শক্ত খুঁটি*)। ৫ রূঢ়, কড়া, অপ্রিয়। ৬ জটিল, দুর্বোধ্য। ৭ কষ্টসাধ্য, কষ্টকর।

শক্তপোক্ত /শক্‌তোপোক্‌তো/ [ফা.] বিণ. ১ মজবুত ও টেকসই। ২ সুস্থ ও বলশালী।

শক্তি /শোক্‌তি/ [স. √শক্+তি] বি. ১ ক্ষমতা, সামর্থ্য, বল (*প্রাণশক্তি*)। ২ বলের উৎপাদক। ৩ পরাক্রান্ত স্বাধীন রাষ্ট্র (*মিত্র শক্তিবর্গ*)। ৪ পৌরাণিক অস্ত্রবিশেষ (*শক্তিশেল*)। ৫ দুর্গা, কালিকা ও কমলা দেবীত্রয়। ৬ হোমিওপ্যাথিক ওষুধের ক্রম। ৭ (পদার্থ.) কাজ করার ক্ষমতা (*অশ্বশক্তি*)।

শক্তি-উপাসক /শোক্‌তিউপাশক্/ [স. শক্তি+উপাসক] বিণ. কালিকাদেবীর উপাসক, শাক্ত।

শক্তি-উপাসনা /শোক্‌তিউপাশক্/ [স. শক্তি+উপাসনা] বি. কালিকাদেবীর উপাসনা।

শক্তিধর /শোক্‌তিধর্/ [স. শক্তি+√ধৃ+অ] বিণ. বিপুল শক্তি বা ক্ষমতার অধিকারী। বি. শক্তি নামক অস্ত্রধারী কার্তিকেয়।

শক্তিপূজা /শোক্‌তিপুজা/ [স. শক্তি+√পূজ্+অ+আ (টাপ্)] বি. কালিকাদেবীর আরাধনা।

শক্তিমত্তা /শোক্‌তিমত্‌তা/ [স. শক্তি+√মদ্+ত+আ (টাপ্)] বি. শক্তিশালিতা, বলবত্তা।

শক্তিমান /শোক্‌তিমান্/ [স. শক্তি+মৎ] বিণ. শক্তিশালী। স্ত্রী. **শক্তিমতী** /শোক্‌তিমোতি/।

শক্তিশালিতা /শোক্‌তিশালিতা/ [স. শক্তি+√শাল্+ইন্+তা] বি. দ্র শক্তিমত্তা।

শক্তিশালী /শোক্‌তিশালি/ [স. শক্তি+√শাল্+ইন্] বিণ. শক্তি আছে এমন, বলবান।

শক্তিশেল /শোক্‌তিশেল্/ [স. শক্তি+বা. শেল] বি. পুরাণোক্ত রাবণের শক্তি নামক অস্ত্রবিশেষ।

শক্তিসাধক /শোক্‌তিশাধক্/ [স. শক্তি+সাধক] বিণ. কালিকাদেবীর উপাসক।

শক্তিহীন /শোক্‌তিহিন্/ [স. শক্তি+√হা+ত] বিণ. দুর্বল, বলহীন। স্ত্রী. **শক্তিহীনা** /শোক্‌তিহিনা/।

শক্তিহীনতা /শোক্‌তিহিনতা/ [স. শক্তিহীন+তা] বি. বলশূন্যতা, দুর্বলতা।

শক্তিহ্রাস /শোক্‌তিɦiaশ্/ [স. শক্তি+হ্রাস] বি. ক্ষমতাহ্রাস, শক্তিক্ষয়।

শক্তু /শোক্‌তু/ [স. √শচ্+তুন্] বি. ভাজা ছোলা যব প্রভৃতি চূর্ণ করে প্রাপ্ত খাদ্যবস্তু, ছাতু।

শক্য /শোক্‌কো/ [স. √শক্+য] বিণ. করা যায় বা করা সম্ভব এমন, সাধনযোগ্য। বি. -তা /-তা/।

শক্র /শক্‌ক্রো/ [স. √শক্+র] বি. ১ দেবরাজ ইন্দ্র। ২ কুড়চি গাছ। ৩ অর্জুন গাছ। ৪ জ্যেষ্ঠা নক্ষত্র।

শক্রজিৎ /শক্‌ক্রোজিত্/ [স. শক্র+√জি+কিপ্] বিণ. শক্র বা ইন্দ্রকে জয় করেছে এমন। বি. ইন্দ্রজিৎ।

শক্রধনু /শক্‌ক্রোধোনু/ [স. শক্র+√ধন্+উ] বি. ইন্দ্রের ধনুক।

শক্রবাহ /শক্‌ক্রোবাহো/ [স. শক্র+√বহ্+অ] বি. দ্র শক্রবাহন।

শক্রবাহন /শক্‌ক্রোবাহোন্/ [স. শক্র+√বাহি+অন] বি. মেঘ।

শক্রভবন /শক্‌ক্রোভবোন্/ [স. শক্র+ভবন] বি. দেবরাজ ইন্দ্রের আবাস।

শখ /শখ্/ [আ.] বি. ১ আগ্রহ, মনের ঝোঁক। ২ পছন্দ, সাধ।

শঙ্কনীয় /শংকোনিয়ো/ [স. √শঙ্ক্+অনীয়] বিণ. ১ শঙ্কা বা ভয়ের যোগ্য। ২ সন্দেহের বিষয়ীভূত।

শঙ্কা /শংকা/ [স. √শঙ্ক্+অ+আ (টাপ্)] বি. ১ ভয়, ভীতি, আশঙ্কা। ২ সংশয়, সন্দেহ।

শঙ্কাকুল /শংকাকুল্/ [স. শঙ্কা+কুল] বিণ. ভয়ার্ত, ভয়যুক্ত।

শঙ্কাহর /শংকাহরো/ [স. শঙ্কা+√হৃ+অ] বিণ. শঙ্কা হরণকারী। স্ত্রী. **শঙ্কাহরা** /শংকাহরা/।

শঙ্কাহরণ /শংকাহরোন্/ [স. শঙ্কা+√হৃ+অন] বি. শঙ্কা দূরীকরণ।

শঙ্কাহীন /শংকাহিন্/ [স. শঙ্কা+√হা+ত] বিণ. নির্ভয়, সাহসী।

শঙ্কিত /শোংকিতো/ [স. √শঙ্ক্+ত] বিণ. ভীত, ত্রস্ত। স্ত্রী. **শঙ্কিতা** /শোংকিতা/।

শঙ্কিল /শোংকিল্/ [স. শঙ্কিত >] বিণ. শঙ্কাযুক্ত, বিপজ্জনক।

-শঙ্কী /শোংকি/ [স. শঙ্কা+ইন্] বিণ. (সমাসের পরপদে) শঙ্কাযুক্ত (*বিপৎশঙ্কী*); সন্দিহান।

www.pathagar.com

শঙ্কু[১] /শোংকু/ [স. √শঙ্ক্+উ] বি. ১ পৌরাণিক অস্ত্রবিশেষ, শেল। ২ শলাকা, শলা। ৩ কীলক, গোঁজ। ৪ প্রাচীন ভারতের সম্রাট বিক্রমাদিত্যের নবরত্নসভার একজন। ৫ রোদের ছায়া মাপার কাঠিবিশেষ।

শঙ্কু[২] /শোংকু/ [স. √শঙ্ক্+উ] বি. (জ্যা.) বৃত্তাকার ভূমি থেকে উৎপন্ন হয়ে একটি বিন্দুতে সমাপ্ত হওয়ার ফলে সৃষ্ট একটি ঘন অবয়ব (যার নিচের অংশ বৃত্তাকার এবং শীর্ষদেশ একটি বিন্দুতে সমাপ্ত হয়েছে), cone।

শঙ্কুপট্ট /শোংকুপট্টো/ [স. শঙ্কু+√পট্+ত] বি. সূর্যঘড়ি, sundial।

শঙ্খ /শংখো/ [স. √শম্+খ] বি. ১ সমস্ত শরীরকে কঠিন খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে এমন অত্যন্ত ধীর গতিসম্পন্ন স্বাদুজল বা ডাঙায় বিচরণ করে এমন শামুকজাতীয় প্রাণী বা তার কঠিন খোলস, শাঁখ, কম্বু। ২ মাঙ্গলিক অনুষ্ঠানে ফুঁ দিয়ে বাজানো হয় এমন শঙ্খের খোল। ৩ প্রাচীন রণবাদ্যবিশেষ। ৪ হিন্দু বিবাহিতা নারীর হাতে পরিধেয় শাঁখের তৈরি বালা, শাঁখা। ৫ লক্ষ কোটি সংখ্যা। বিণ. লক্ষ কোটিসংখ্যক।

শঙ্খকার /শংখোকার্/ [স. শঙ্খ+কার] বি. শাঁখের গহনা ও জিনিসপত্র তৈরি বা বিক্রি যার পেশা, শাঁখারি।

শঙ্খচক্রগদাপদ্মধারী /শংখোচক্রোগদাপদ্দোঁধারি/ [স. শঙ্খচক্রগদাপদ্ম+√ধৃ+ইন্] বি. শঙ্খ চক্র গদা পদ্ম ধারণ করে আছেন যিনি, বিষ্ণু, নারায়ণ।

শঙ্খচিল /শংখোচিল্/ [স. শঙ্খ+বা. চিল] বি. দক্ষিণ এশিয়া ও অস্ট্রেলিয়ার জলা অঞ্চলে জোড়ায় জোড়ায় বিচরণ করে জীবিত বা মৃত মাছ এবং জলজ প্রাণী প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন পাখিবিশেষ যার মাথা ঘাড় গলা ও বুক সাদা এবং ডানা ও লেজের দৈর্ঘ্য সমান।

শঙ্খচূড় /শংখোচুড়্/ [স. শঙ্খ+চূড়া] বি. ঝোপঝাড়ে বিচরণ করে এবং ইঁদুর পাখি প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন চ্যাপটা গোলাকৃতি মাথা ও গাঢ় বাদামি রঙের দীর্ঘতম বিষধর সাপ যার ফণায় গোরুর খুরের মতো চিহ্ন থাকে (আনি. ভারতীয় উপমহাদেশ), রাজসর্প, পদ্মগোখরা, king cobra।

শঙ্খচূর্ণী /শংখোচুর্ণি/ [স. শঙ্খ+চূর্ণ+ইন্] বি. লোকবিশ্বাস মতে নারীর প্রেতাত্মা, শাঁখচুন্নি।

শঙ্খধ্বনি /শংখোদ্ধোনি/ [স. শঙ্খ+√ধ্বন্+ই] বি. শাঁখ বাজানোর শব্দ।

শঙ্খনাদ /শংখোনাদ্/ [স. শঙ্খ+নাদ] বি. দ্র শঙ্খধ্বনি।

শঙ্খবণিক /শংখোবোনিক্/ [স. শঙ্খ+বণিক] বি. শাঁখের ব্যবসা করে এমন জাতিবিশেষ, শাঁখারি।

শঙ্খবলয় /শংখোবলয়্/ [স. শঙ্খ+বলয়] বি. শঙ্খ দিয়ে তৈরি বালা, শাঁখা।

শঙ্খবিষ /শংখোবিশ্/ [স. শঙ্খ+বিষ] বি. আর্সেনিক পুড়িয়ে প্রাপ্ত বিষাক্ত সাদা চূর্ণপদার্থ, সেঁকো বিষ, white arsenic।

শঙ্খমুখ /শংখোমুখ্/ [স. শঙ্খ+মুখ] বি. ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন অমসৃণ ত্বক শক্তিশালী চোয়াল ও চ্যাপটা লেজবিশিষ্ট তীক্ষ্ণ দাঁতওয়ালা সরীসৃপজাতীয় লিপ্তপদ জলচর মাংসাশী হিংস্র প্রাণী, কুমির, নক্র।

শঙ্খিনী /শোংখিনি/ [স. শঙ্খ+ইন্+ঈ] বি. ১ লোক-বিশ্বাস মতে নারীর প্রেতাত্মা, শাঁখচুন্নি। ২ নারীর শ্রেণিবিশেষ।

শঙ্খী /শোংখি/ [স. শঙ্খ+ইন্] বিণ. ১ শঙ্খধারী। ২ শঙ্খবিশিষ্ট। বি. ১ বিষ্ণু। ২ সমুদ্র। ৩ শঙ্খকার।

শচি /শোচি/ [স. √শচ্+ই] বি. ১ দেবরাজ ইন্দ্রের পত্নী। ২ বৈষ্ণব ধর্মপ্রচারক শ্রীচৈতন্যের মাতা।

শচিনন্দন /শোচিনন্দোন্ / [স. শচি+√নন্দি+অন] বি. শ্রীচৈতন্য।

শচিপতি /শোচিপোতি/ [স. শচি+√পা+অতি] বি. দেবরাজ ইন্দ্র।

শচিবিলাস /শোচিবিলাশ্/ [স. শচি+বিলাস] বি. দ্র শচিপতি।

শচিমাতা /শোচিমাতা/ [স. শচি+√মা+তৃ] বি. শ্রীচৈতন্যের মাতা।

শচীন্দ্র /শোচিন্দ্রো/ [স. শচি+ইন্দ্র] বি. দ্র শচিপতি।

শচীশ /শোচিশ্/ [স. শচি+ঈশ] বি. দ্র শচিপতি।

শজনে /শোজ্নে/ [স. শোভাঞ্জন >] বি. দ্র শজিনা।

শজনেখাড়া /শোজ্নেখাড়া/ [বা.] বি. সবজিরূপে রেঁধে খাওয়া হয় এমন শজনে গাছের ফল বা ডাঁটা।

শজারু /শজারু/ [স. শল্লকী >] বি. আফ্রিকা এশিয়া ও দক্ষিণপূর্ব ইউরোপে বিচরণ করে এমন সারা গায়ে কাঁটাযুক্ত স্তন্যপায়ী ও পতঙ্গভুক নিশাচর মেরুদণ্ডী প্রাণী (যা ভয় পেলে গোল হয়ে শরীর গুটিয়ে ফেলতে পারে), কাঁটাচুয়া, শল্লকী।

শজিনা /শোজিনা/ [স. শোভাঞ্জন >] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ক্রান্তীয় অঞ্চলে জাত এবং পুষ্টিগুণসমৃদ্ধ ভেষজগুণসম্পন্ন পাতা ফুল ও বহুবীজযুক্ত সরু লম্বা সবুজ ফল যা সবজিরূপে

www.pathagar.com

রেঁধে খাওয়া হয়, শজনে, শোভাঞ্জন।

শটকা /শট্‌কা/ [হি.] বি. ১ গড়গড়া হুঁকো প্রভৃতির দীর্ঘ নল। ২ মাছ ধরার জাল বা ফাঁদযুক্ত বড়ো কঞ্চি যা জমির ধারে পুঁতে রাখা হয়।

শটন /শটোন্‌/ [স. √শট্‌+অন] বি. পচন।

শটি /শোটি/ [স. √শট্‌+ই] বি. বাংলাদেশ ভারত ভুটান ইন্দোনেশিয়া মালয়েশিয়ায় পাহাড়ের ঢাল ও সমতলভূমিতে চাষ করা হয় এমন বসন্তকালে ফোটে এমন চোঙাকৃতির পাপড়িবিশিষ্ট গোলাপি আভাযুক্ত বেগুনি ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদের কন্দ যা থেকে পালো উৎপন্ন হয়।

শটিফুড /শোটিফুড়্‌/ [স. শটি+ই. ফুড] বি. শিশু-খাদ্যরূপে ব্যবহৃত শটি থেকে উৎপন্ন পালো।

শঠ /শঠ্‌/ [স. √শঠ্‌+অ] বিণ. খল, ধূর্ত; প্রতারক। বি. **শঠতা** /শঠোতা/।

শড়কা /শড়্‌কা/ [আ.] বি. ঝুড়ির আকৃতিবিশিষ্ট মাছধরার ফাঁদ।

শড়কি /শড়্‌কি/ [আ. শলাক >] বি. ছুড়ে মারা হয় এমন বর্শাজাতীয় অস্ত্রবিশেষ।

শড়া /শড়া/ [বা.] ক্রিবি. পচে যাওয়া। বিণ. পচা।

শড়ানো /শড়ানো/ [বা.] ক্রিবি. বিণ. পচানো।

শণ /শন্‌/ [স. √শণ্‌+অ] বি. সাধারণত পাহাড়ি অঞ্চলে ব্যাপকভাবে জাত এমন সরু লম্বা তৃণবিশেষ যা দিয়ে কাঁচাবাড়ির চাল ছাওয়া হয় বা তার আঁশ থেকে শক্ত দড়ি তৈরি হয়।

শণসূত্র /শনশুত্রো/ [স. শণ+√সূত্র্‌+অ] বি. শণগাছের আঁশ দিয়ে তৈরি সুতো।

শত /শতো/ [স. শো+উতচ্‌] বি. ১০০ সংখ্যা। বিণ. ১০০ সংখ্যক। ২ নানা, বিভিন্ন, বিবিধ। ৩ অসংখ্য (*শত শত মানুষ*)।

শতক /শতোক্‌/ [স. শত+ক] বিণ. শত সংখ্যাবিশিষ্ট। বি. ১ শতাব্দী (*বিশ শতক*)। ২ একশত শ্লোক বা কবিতাবিশিষ্ট কাব্য (*সদ্ভাবশতক*)।

শতকরা /শতকরা/ [স. শত+হি. করা] ক্রিবিণ. প্রতি একশোতে, একশতের হারে।

শতকিয়া /শতোকিআ/ [স. শতক >] বি. এক থেকে একশো পর্যন্ত সংখ্যা গণনা।

শতকোটি /শতোকোটি/ [স. শত+√কুট্‌+ই] বি. একশো কোটি সংখ্যা। বিণ. ১ একশো কোটি সংখ্যক। ২ (আল.) অসংখ্য।

শতক্রতু /শতোক্রোতু/ [স. শত+√ক্র্‌+অতু] বি. পুরাণে বর্ণিত একশত যজ্ঞকারী দেবতা ইন্দ্র।

শতগ্রন্থি /শতগ্রোন্থি/ [স. শত+√গ্রন্থ্‌+ই] বিণ. একশত গিঁট আছে এমন; অসংখ্য গ্রন্থিবিশিষ্ট।

শতঘ্নী /শতোঘ্নি/ [স. শত+√হন্‌+অ+ঈ] বি. পৌরাণিক অস্ত্রবিশেষ যা দিয়ে একই সময়ে একশত যোদ্ধাকে হত্যা করা যায়।

শতচেষ্টা /শতোচেশ্টা/ [স. শত+√চেষ্ট্‌+অ+আ (টাপ্‌)] বি. বহু চেষ্টা, বারবার চেষ্টা।

শতচ্ছদ /শতোচ্ছদ্‌/ [স. শত+ছদ] বি. ১ শতদল, পদ্ম। ২ কাঠঠোকরা পাখি।

শতচ্ছিন্ন /শতোচ্ছিন্নো/ [স. শত+√ছিদ্‌+ত] বিণ. বহু স্থানে ছেঁড়া এমন, ছিন্নবিচ্ছিন্ন।

শতজীবী /শতোজিবি/ [স. শত+√জীব+ইন্‌] বিণ. একশো বছর বেঁচে থাকে এমন; দীর্ঘজীবী।

শততম /শতোতমো/ [স. শত+তমট্‌] বিণ. শত সংখ্যার পূরক, একশত সংখ্যক (*শততম জন্মদিন*)।

শতদল /শতোদল্‌/ [স. শত+দল] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, পদ্ম, কমল, উৎপল, কুমুদ, lotus।

শতদলবাসিনী /শতোদলবাশিনি/ [স. শতদল+√বস্‌+ইন্‌+ঈ] বি. পদ্ম যার আসন, লক্ষ্মীদেবী।

শতদ্রু /শতোদ্রু/ [স. শত+√দ্রু+উ] বি. পঞ্জাব প্রদেশের দীর্ঘতম নদী (দক্ষিণ-পশ্চিম তিব্বতে উৎপন্ন হয়ে হিমাচল প্রদেশের মধ্য দিয়ে ভারত ও পাকিস্তানের সীমান্ত দিয়ে প্রবাহিত হয়ে পাকিস্তানে চন্দ্রভাগা নদীর সঙ্গে মিলিত হয়েছে)।

শতধা /শতোধা/ [স. শত+√ধা+ক্বিপ্‌] ক্রিবিণ. ১ শত রকমে; বহু সংখ্যক। ২ শতবার; বহুবার।

শতধার /শতোধার/ [স. শত+ধারা] বিণ. ১ শত ধারা বা প্রান্তবিশিষ্ট। ২ বহুস্রোত বা ধারাযুক্ত। বি. বজ্র।

শতধারে /শতোধারে/ [স. শতধারা >] ক্রিবিণ. অজস্র ধারায়, বহু ধারায়।

শতনরি /শতোনোরি/ [স. শত+বা. নরি] বিণ. শত লহরযুক্ত (*শতনরি হার*)।

শতনালিক /শতোনালিক্‌/ [স. শত+নাল+ইক] বি. একত্রে অনেক গুলি ছোড়া যায় এমন আগ্নেয়াস্ত্র।

শতপত্র /শতোপত্রো/ [স. শত+পত্র] বি. ১ পদ্ম। ২ ময়ূর।

শতপথ /শতোপথ্‌/ [স. শত+পথ] বি. যজুর্বেদের ব্রাহ্মণবিষয়ক অংশবিশেষ।

শতপথ ব্রাহ্মণ /শতোপথ্‌ ব্রাmhon/ বি. যজু-

www.pathagar.com

বেদের অন্তর্গত গ্রন্থবিশেষ।

শতপদী /শতোপোদি/ [স. শতপদ+ঈ] বি. বহু সংখ্যক পা–বিশিষ্ট জীব, বৃশ্চিক, বিছা; কেন্নো।

শতবর্ষ /শতোবর্‌শো/ [স. শত+√বৃষ্+অ] বি. ১০০ বছর।

শতবর্ষজীবী /শতোবর্‌শোজিবি/ [স. শতবর্ষ+√জীব্+ইন্] বিণ. একশত বছর বাঁচে এমন, শতায়ু।

শতভিষক /শতোভিশক্/ [স. শত+√ভিষজ্+অ] বি. দ্র শতভিষা।

শতভিষা /শতোভিশা/ [স. শত+ভিষক্] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রপুঞ্জের চতুর্বিংশতি নক্ষত্র, শতভিষক।

শতমারী /শতোমারি/ [স. শত+√মারি+ইন্] বি. ১ উত্তম চিকিৎসক। ২ (ব্য.) যে চিকিৎসক শত–রোগীর প্রাণনাশ করেছে; হাতুড়ে চিকিৎসক।

শতমুখ /শতোমুখ্/ [স. শত+মুখ] বিণ. মুখর; অনর্গল কথা বলে এমন।

শতমুখী /শতোমুখি/ [স. শত+মুখ+ইন্] বি. ঝাঁটা।

শতমুখে বলা /শতোমুখে বলা/ ক্রিবি. পুনঃপুন বলা; বাচালের মতো বারবার বলা।

শতমূলা /শতোমুলা/ [স. শত+√মূল্+অ+আ (টাপ্)] বিণ. বহু মূলবিশিষ্ট। বি. দূর্বা।

শতমূলী /শতোমুলি/ [স. শতমূল+ঈ] বি. এশিয়া অস্ট্রেলিয়া ও আফ্রিকার উষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং হেমন্তকালে ফোটে এমন সবৃন্তক সাদা সুগন্ধ ফুল ও গোলাকার ছোটো ফল বা তার বহুবর্ষজীবী সরু লম্বাটে গুচ্ছবদ্ধ কন্দমূল (যার বিবিধ ভিটামিনসমৃদ্ধ কচি ডাঁটা খাদ্যবস্তুরূপে সমাদৃত), অ্যাসপ্যারাগাস, asparagus।

শতরঞ্চ /শত্‌রন্‌চো/ [আ.] বি. দাবাখেলা।

শতরঞ্চি /শত্‌রন্‌চি/ [ফা.] বি. পশুলোম বা পাটের আঁশ থেকে তৈরি মেঝেতে পাতার পুরু ফরাশ–বিশেষ, কার্পেট।

শতরঞ্জ /শত্‌রন্‌জো/ [আ.] বি. দ্র শতরঞ্চ।

শতরঞ্জি /শত্‌রোন্‌জি/ [ফা.] বি. দ্র শতরঞ্চি।

শতরূপা /শতোরূপা/ [স. শতরূপ+আ (টাপ্)] বি. ১ দেবী সরস্বতী। ২ ব্রহ্মার কন্যা সাবিত্রী। বিণ. বহু বর্ণে ও রূপে শোভিতা।

শতসহস্র /শতোশহোস্‌ত্রো/ [স. শত+সহস্+র] বি. এক লক্ষ সংখ্যা, ১০০,০০০ সংখ্যা। বিণ. ১ এক লক্ষ সংখ্যক। ২ বহু, অসংখ্য।

শতহ্রদা /শতোɦrɔদা/ [স. শত+√হ্রদ্+অ+আ (টাপ্)] বি. ১ অশনি। ২ বিদ্যুৎ। ৩ পুরাণোক্ত দক্ষকন্যা ও যধ রাক্ষসের পত্নী।

শতাংশ /শতাংশো/ [স. শত+অংশ] বি. একশত ভাগের এক ভাগ।

শতাক্ষী /শতাক্‌খি/ [স. শতাক্ষ+ঈ] বিণ. একশত চোখবিশিষ্ট। বি. ১ শতপুষ্পা। ২ দেবী দুর্গা।

শতাঙ্গ /শতাংগো/ [স. শত+অঙ্গ] বিণ. শত অঙ্গ বা অবয়ববিশিষ্ট; বহু খণ্ডে বিভক্ত। বি. রথ।

শতাধিক /শতাধিক্/ [স. শত+অধিক] বিণ. একশতের অধিক।

শতানীক /শতানিক্/ [স. শত+অনীক] বিণ. ১ বৃদ্ধ। ২ একশত সৈন্যবিশিষ্ট। বি. ১ একশত সৈন্যের অধিনায়ক। ২ পুরাণোক্ত ব্যাসের শিষ্য ও জনৈক মুনি।

শতাব্দ /শতাব্‌দো/ [স. শত+অব্দ] বি. একশত বর্ষব্যাপী সময়, শতক, century।

শতাব্দপ্রাচীন /শতাব্‌দোপ্রাচিন্/ [স. শতাব্দ+প্রাচীন] বিণ. ১০০ বছরের পুরোনো।

শতাব্দী /শতাব্‌দি/ [স. শতাব্দ+ঈ] বি. দ্র শতাব্দ।

শতায়ু /শতায়ু/ [স. শত+আয়ুস্] বিণ. ১ একশত বছর বাঁচে এমন, শতবর্ষজীবী। ২ দীর্ঘজীবী (*শতায়ু হও*)।

শতেক /শতেক্/ [স. শত+এক] বিণ. ১ শতসংখ্যক, ১০০। ২ বহু, অসংখ্য।

শতেকখাকি /শতেক্‌খাকি/ [স. শতেক+বা. খাকি] বিণ. ১ ভাগ্যে বহু দুর্গতি আছে এমন। ২ (যার) বহু স্বজন মারা গেছে এমন।

শতেকখোয়ারি /শতেক্‌খোআরি/ [স. শতেক+ফা. খোয়ারি] বিণ. দ্র শতেকখাকি।

শত্রু /শোত্‌ত্রু/ [স. √শাতি+রু] বি. ১ অরি, বৈরী, দুশমন, রিপু। ২ বিপক্ষ, প্রতিপক্ষ, বিরুদ্ধপক্ষ।

শত্রুঘ্ন /শোত্‌ত্রুঘ্‌নো/ [স. শত্রু+√হন্+অ] বিণ. শত্রু ধ্বংসকারী। বি. সুমিত্রার পুত্র ও রামের বৈমাত্রেয় ভ্রাতা।

শত্রুজয়ী /শোত্‌ত্রুজোয়ি/ [স. শত্রু+√জি+ইন্] বিণ. শত্রু দমনকারী। বি. শত্রুকে জয় করে যে, অরিজিৎ।

শত্রুজিৎ /শোত্‌ত্রুজিত্/ [স. শত্রু+√জি+ক্বিপ্] বিণ. দ্র শত্রুজয়ী।

শত্রুঞ্জয় /শোত্‌ত্রুন্‌জয়/ [স. শত্রু+√জি+অ] বিণ. দ্র শত্রুজয়ী।

শত্রুতা /শোত্‌ত্রুতা/ [স. শত্রু+তা] বি. শত্রুর মতো আচরণ, বৈরিতা, বিদ্বেষ।

www.pathagar.com

শত্রুপক্ষ /শোত্ত্রুপোক্‌খো/ [স. শত্রু+√পক্ষ্+অ] বি. ১ যে পক্ষ অনিষ্ট করতে চায়, অরিদল। ২ প্রতিপক্ষ।

শত্রুমিত্র /শোত্ত্রুমিত্‌ত্রো/ [স. শত্রু+√মি+ত্র] বি. শত্রু ও মিত্র।

শত্রুমিত্রভেদ/শোত্ত্রুমিত্‌ত্রোভেদ্/ [স. শত্রুমিত্র+ভেদ] বি. বন্ধু ও শত্রুকে পৃথকভাবে নির্ধারণ; আত্মপর-বিচার, স্বপক্ষ-পরপক্ষ বিচার।

শত্রুমুক্ত /শোত্ত্রুমুক্‌তো/ [স. শত্রু+√মুচ্+ত] বিণ. শত্রুর দখলমুক্ত।

শত্রুসংকুল /শোত্ত্রুশংকুল্/ [স. শত্রু+সংকুল] বিণ. শত্রুপূর্ণ।

শত্রুসম্পত্তি/শোত্ত্রুশম্‌পোত্‌তি/ [স. শত্রু+সম্+√পদ্+তি] বি. (যুদ্ধকালে) শত্রুপক্ষের পরিত্যক্ত সম্পত্তি।

শত্রুহীন /শোত্ত্রুহিন্/ [স. শত্রু+√হা+ত] বিণ. ১ শত্রু নেই এমন। ২ শত্রুকে নির্মূল করা হয়েছে এমন।

শনশন /শন্‌শন্/ [ধ্বন্যা.] অব্য. বি. প্রবল বাতাসের অনুকার শব্দ।

শনাক্ত/শনাক্‌তো/ [ফা.] বি. পরিচিতি নিশ্চিতকরণ।

শনি /শোনি/ [স. √শো+অনি] বি. ১ সপ্তাহের বার বিশেষ, শুক্রবারের পরবর্তী বা রবিবারের পূর্ববর্তী দিন (*শনিবার*)। ২ সৌরমন্ডলের বৃহস্পতি ও ইউরেনাস গ্রহের মধ্যবর্তী স্থানে (সূর্য থেকে ৪২·৭ কোটি কিলোমিটার দূরে) আবর্তমান বড়ো চ্যাপটা বলয় দিয়ে ঘেরা হাইড্রোজেনসমৃদ্ধ বায়ুমন্ডলবিশিষ্ট গ্রহবিশেষ যার ১৮টি উপগ্রহ আছে, saturn। ৩ পুরাণে কল্পিত সূর্যের ঔরসে ও ছায়ার গর্ভজাত পুত্র। ৪ অশুভ বলে কল্পিত গ্রহ (*শনির দশা*)। ৫ (আল.) শত্রু।

শনিবার /শোনিবার্/ [স. শনি+বার] বি. সপ্তাহের বারবিশেষ, শুক্রবার এবং রবিবারের মধ্যবর্তী দিন।

শনির দশা /শোনির্ দশা/ বি. অতিশয় দুঃসময় বা অশুভকাল, দুর্দশা।

শনির দৃষ্টি /শোনির্ দৃশ্‌টি/ বি. দ্র শনির দশা।

শনৈ /শনোই/ [স. শণ্+ঐস্] ক্রিবিণ. ক্রমে, ক্রমান্বয়ে, ক্রমশ।

শনৈ শনৈ /শনোই শনোই/ ক্রিবিণ. ক্রমে ক্রমে, ধীরে ধীরে, ধাপে ধাপে (*শনৈ শনৈ উন্নতি*)।

শনৈশ্চর /শনোইশ্‌চর্/ [স. শনৈস্+চর] বি. ১ শনিগ্রহ। ২ ধীরতা, ধীর গতি। ৩ ধীরে চলে যে।

শপ /শপ্/ [আ.] বি. ১ তৃণাদি দিয়ে তৈরি মাদুর-বিশেষ। ২ সারি, কাতার।

শপতি /শপোতি/ [স. শপথ >] বি. প্রতিজ্ঞা, শপথ (*শপতি করিয়া বলি দাঁড়াইয়া না রব এ পাপ ঘরে* চন্ডী.)।

শপথ /শপথ্/ [স. √শপ্+অথ] বি. প্রতিজ্ঞা, দিব্যি, কসম।

শপ্ত /শপ্‌তো/ [স. √শপ্+ত] বিণ. অভিশাপ দেওয়া হয়েছে এমন, শাপগ্রস্ত।

শফ /শফ্/ [স. √শম্+অ] বি. ঘোড়া গোরু প্রভৃতি পশুর খুর।

শফর /শফর্/ [স. শফ+√রা+অ] বি. রুপালি আঁশযুক্ত স্বাদুজলের ছোটো মাছবিশেষ, পুঁটিমাছ।

শফরী /শফোরি/ [স. শফর+ঈ] বি. দ্র শফর।

শব /শব্/ [স. √শব্+অ] বি. মৃতদেহ, লাশ।

শবদহন /শবদ্‌হোন্/ [স. শব+√দহ্+অন] বি. চিতায় শবদেহ দগ্ধকরণ।

শবদাহ /শবদ্‌াহো/ [স. শব+√দহ্+অ] বি. দ্র শবদহন।

শবদেহ /শবদেহো/ [স. শব+√দিহ্+অ] বি. মরদেহ, লাশ।

শবনম /শবনম্/ [ফা.] বি. ১ শিশির। ২ কুজ্‌ঝটিকা। ৩ ঢাকাই মসলিন কাপড়।

শবব্যবচ্ছেদ /শবব্যাবোচ্‌ছেদ্/ [স. শব+ব্যবচ্ছেদ] বি. শারীরবিদ্যায় প্রশিক্ষণ গবেষণা বা অস্বাভা-বিক মৃত্যুর কারণ উদ্‌ঘাটনের উদ্দেশ্যে পদ্ধতিগত-ভাবে শবদেহ কেটে অঙ্গপ্রত্যঙ্গ কোষ কলা প্রভৃতি পরীক্ষণ, dissection।

শবযাত্রা /শবজাত্‌ত্রা/ [স. শব+যাত্রা] বি. সৎকার বা সমাধিস্থ করার উদ্দেশ্যে শবদেহ নিয়ে যাত্রা।

শবযান /শবজান/ [স. শব+যান] বি. শব ও শবাধার বহন করার গাড়ি।

শবর /শবর্/ [স. শব+√রা+অ] বি. ১ ব্যাধ, কিরাত, নিষাদ। ২ ভারতের প্রাচীন শিকারি জাতিবিশেষ।

শবরী /শবোরি/ [স. শবর+ঈ] বি. ব্যাধিনী।

শবল /শবল্/ [স. √শব্+অল] বিণ. নানা বর্ণযুক্ত, বিচিত্র বর্ণে শোভিত। স্ত্রী. শবলী /শবলি/।

শবলা /শবলা/ [স. শবল+আ (টাপ্)] বিণ. বিচিত্র বর্ণশোভিতা। বি. ১ বহুবর্ণা গাভি। ২ বশিষ্ঠের কামধেনু।

শবলিত /শবোলিতো/ [স. শবল+ইত] বিণ. বিচিত্র বর্ণশোভিত।

শবসৎকার /শবশত্‌কার্/ [স. শব+সৎকার] বি. দাফন, অন্ত্যেষ্টিক্রিয়া।

শবসাধনা /শবশাধোনা/ [স. শব+√সাধ্+অন+আ (টাপ্)] বি. মৃতদেহের ওপর বসে তান্ত্রিক সাধনা-বিশেষ।

শবাধার /শবাধার্/ [স. শব+আধার] বি. যে আধারে

www.pathagar.com

মৃতদেহ বহন বা সমাহিত করা হয়, কফিন।

শবানুগমন /শবানুগমোন্/ [স. শব+অনুগমন] বি. মৃতের প্রতি সম্মান প্রদর্শন বা শোক প্রকাশের উদ্দেশ্যে মৃতদেহের সঙ্গে শ্মশান বা কবরস্থানে গমন।

শবানুযাত্রী /শবানুযাত্রি/ [স. শব+অনুযাত্রা+ইন্] বিণ. মৃতদেহের সঙ্গে শ্মশান বা কবরস্থানে গমনকারী, শবানুগমনকারী।

শবাসন /শবাশোন্/ [স. শব+আসন] বি. মৃতের মতো চিত হয়ে শুয়ে থাকার যোগাসনবিশেষ।

শবাসনা /শবাশোনা/ [স. শবাসন+আ (টাপ্)] বি. শবের ওপর উপবিষ্ট দেবী কালিকা।

শবেকদর /শবেকদোর্/ [ফা. শবে+আ. কদর] বি. ইসলাম ধর্মমতে যে রজনিতে হজরত মুহম্মদ (সা.)-এর নিকট পবিত্র কোরান নাজিল (অবতীর্ণ) হয়েছিল; মহিমান্বিত ও মর্যাদাপূর্ণ রজনি, লাইলা-তুল-কদর, হিজরি পঞ্জিকার রমজান মাসের ২১ ২৩ ২৫ ২৭ বা ২৯ তারিখের রজনি।

শবেবরাত /শবেবরাত্/ [ফা.] বি. হিজরি পঞ্জিকার শাবান মাসের ১৪ তারিখের রাত, ইসলাম ধর্মমতে যে রাতে আল্লাহ্ সকল প্রাণীর ভাগ্য নির্ধারণ করেন, ভাগ্যরজনি।

শবেমেরাজ /শবেমেরাজ্/ [ফা. শবে+আ. মিরাজ] বি. হিজরি পঞ্জিকার রজব মাসের ২৬ তারিখের রাত, ইসলাম ধর্মমতে যে রাতে হজরত মুহম্মদ (সা.) স্বর্গীয় বাহন বোরাকে আরোহণ করে আল্লাহর দরবারে তাঁর প্রত্যক্ষ সাক্ষাৎ লাভ করেন।

শব্দ /শব্দো/ [স. √শব্দ্+অ] বি. ১ ধ্বনি, আওয়াজ, রব, নাদ। ২ এক বা একাধিক ধ্বনির সমন্বয়ে গঠিত অর্থবোধক ও উচ্চারণযোগ্য একক।

শব্দকুশলী /শব্দোকুশোলি/ [স. শব্দ+কুশল+ইন্] বি. শব্দ পরিবেশন এবং তার শ্রবণযোগ্যতা বিবর্ধন ও নিয়ন্ত্রণে পারদর্শী ব্যক্তি।

শব্দকোষ /শব্দোকোশ্/ [স. শব্দ+কোষ] বি. যে গ্রন্থে কোনো ভাষার শব্দের বর্ণানুক্রমে অবস্থান উচ্চারণ বানান অর্থ ব্যুৎপত্তি ও ব্যবহার নির্দেশ করা হয়, অভিধান, dictionary।

শব্দগত /শব্দোগতো/ [স. শব্দ+√গম্+ত] বিণ. শব্দের; শাব্দিক (*শব্দগত অর্থ*)।

শব্দগ্রহ /শব্দোগ্রোহো/ [স. শব্দ+√গ্রহ্+অ] বি. ১ যা শব্দ গ্রহণ করে, শ্রবণেন্দ্রিয়, কান। ২ শব্দার্থের বোধ।

শব্দতত্ত্ব /শব্দোতত্তো/ [স. শব্দ+√তদ্+ত্ব] বি. ভাষার শব্দ গঠন বানান প্রভৃতিবিষয়ক শাস্ত্র।

শব্দতরঙ্গ /শব্দোতরোংগো/ [স. শব্দ+√তৃ+অঙ্গ] বি. শব্দ সঞ্চার বা বিস্তারের জন্য কোনো মাধ্যমের পর পর সংকোচন ও প্রসারণের ফলে সৃষ্ট তরঙ্গ, sound wave।

শব্দবহ /শব্দোবহো/ [স. শব্দ+√বহ্+অ] বিণ. শব্দ বহনকারী। বি. ১ বাতাস। ২ আকাশ।

শব্দবিদ্যা /শব্দোবিদ্যা/ [স. শব্দ+√বিদ্+য+আ (টাপ্)] বি. শব্দের উৎপত্তি ধারণ বিস্তার পরিবর্ধন নিয়ন্ত্রণপ্রভৃতি বিষয়ক শাস্ত্র।

শব্দবিন্যাস /শব্দোবিন্ন্যাশ্/ [স. শব্দ+বিন্যাস] বি. যথাযথ স্থানে শব্দ স্থাপন করে বাক্য রচনা।

শব্দবেধী /শব্দোবেধি/ [স. শব্দ+√বিধ্+ইন্] বিণ. শব্দ শুনে লক্ষ্য ভেদ করতে পারে এমন।

শব্দব্রহ্ম /শব্দোব্রোহ্মmho/ [স. শব্দ+√বৃন্হ্+মন্] বি. ১ শব্দরূপ ব্রহ্ম। ২ ধর্মগ্রন্থ বেদ।

শব্দভেদী /শব্দোভেদি/ [স. শব্দ+√ভিদ্+ইন্] বিণ. শব্দ অনুসরণে লক্ষ্যভেদে সমর্থ। বি. ১ বাণবিশেষ। ২ অর্জুন।

শব্দযোজনা /শব্দোজোজোনা/ [স. শব্দ+√যুজ্+অন+আ (টাপ্)] বি. বাক্যে শব্দ সংযোজন; শব্দের সঙ্গে শব্দ যুক্তকরণ।

শব্দশ /শব্দোশো/ [স. শব্দ+শস্] ক্রিবিণ. শব্দানুসারে।

শব্দশক্তি /শব্দোশোক্তি/ [স. শব্দ+√শক্+তি] বি. শব্দের অর্থবোধক সহায়ক বৃত্তিসমূহ (অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা)।

শব্দশাস্ত্র /শব্দোশাস্ত্রো/ [স. শব্দ+√শস্+ত্র] বি. ব্যাকরণ শাস্ত্র; শব্দবিষয়ক শাস্ত্র।

শব্দহীন /শব্দোহিন্/ [স. শব্দ+√হা+ত] বিণ. শব্দশূন্য, নীরব; ধ্বনিশূন্য।

শব্দাতীত /শব্দাতিতো/ [স. শব্দ+অতি+√ই+ত] বিণ. শব্দ দিয়ে অর্থাৎ ভাষায় প্রকাশ করা যায় না এমন, অনির্বচনীয়।

শব্দায়মান /শব্দায়োমান্/ [স. √শব্দায়্+মান (শানচ্)] বিণ. শব্দ করছে এমন।

শব্দার্থ /শব্দারথো/ [স. শব্দ+অর্থ] বি. শব্দের অর্থ বা মানে।

শব্দালংকার /শব্দালংকার্/ [স. শব্দ+অলংকার] বি. ধ্বনিগত মাধুর্য বৃদ্ধির জন্য বাক্যে প্রযুক্ত অনুপ্রাস যমক শ্লেষ প্রভৃতি অলংকার।

শব্দিত /শোব্দিতো/ [স. √শব্দ্+ত] বিণ. ধ্বনিত।

শব্দেন্দ্রিয় /শব্দেন্দ্রিয়ো/ [স. শব্দ+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের দ্বারা শব্দ অনুভূত হয়, কান।

শম /শম্/ [স. √শম্+অ] বি. ১ লোভ কাম ক্রোধ প্রভৃতি মানসিক উত্তেজনায় শান্তি বা নিবৃত্তি। ২

www.pathagar.com

সংযম।

শমন /শমোন্ / [স. √শমি+অন] বি. ১ মৃত্যুর দেবতা, যম। ২ প্রশমন; শান্তি স্থাপন। ৩ দমন। ৪ যজ্ঞে পশু বধ।

শমনভবন /শমোন্‌ভবোন্ / [স. শমন+ভবন] বি. যমালয়।

শমনসদন /শমোন্‌শদোন্ / [স. শমন+সদন] বি. দ্র শমনভবন।

শমনীয় /শমোনিয়ো / [স. √শম্+অনীয়] বিণ. ১ শান্ত করার উপযুক্ত, প্রশমনযোগ্য। ২ নিবারণযোগ্য। ৩ দমনযোগ্য বা বিনাশযোগ্য।

শময়িতা /শময়িতা/ [স. √শমি+তৃ] বিণ. ১ উপশমকারী। ২ বিনাশক; দমনকারী।

শমি /শোমি/ [স. √শম্+ই] বি. ক্রান্তীয় অঞ্চলের অপেক্ষাকৃত শুষ্ক এলাকায় শীতকালে ফোটে এমন ছোটো ফুল ও বোঁটার দিকে ক্রমশ সরু হয়ে আসা লম্বাটে ফল বা তার সাদাটে শক্ত কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির শিম্বগোত্রীয় উদ্ভিদ, সাঁই গাছ। ২ যে বৃক্ষের কাঠ দিয়ে যজ্ঞের আগুন জ্বালানো হয়।

শমিত /শোমিতো/ [স. √শমি+ত] বিণ. ১ নিবারণ করা হয়েছে এমন, প্রশমিত। ২ দমিত; বিনাশিত।

শমিতা[১] /শোমিতা/ [স. √শমি+ত+আ (টাপ্)] বিণ. 'শমিত'-র স্ত্রীলিঙ্গ।

শমিতা[২] /শোমিতা/ [স. √শম্+তৃ] বি. যে ব্যক্তি যজ্ঞের পশু বধ করে।

শমী /শোমি/ [স. √শম্+ইন্] বিণ. ১ শমগুণবিশিষ্ট। ২ সংযমী। ৩ শান্ত।

শম্পা /শম্‌পা / [স. √শম্+পা] বি. বিদ্যুৎ, বিজলি, ক্ষণপ্রভা।

শম্ব /শম্‌বো/ [স. √শম্+ব] বি. ১ যে মুগুরের মুখ লোহা দিয়ে আবৃত। ২ মুগুরের প্রান্তভাগে লাগানো লোহার পাতের আবরণ, শামা। ৩ বজ্র।

শম্বর /শম্‌বর্/ [স. √শম্ব+অর] বি. ১ ডালপালার মতো ছড়ানো শিংবিশিষ্ট কালচে রঙের বড়ো হরিণ-বিশেষ। ২ মাছবিশেষ। ৩ পুরাণে বর্ণিত অসুর-বিশেষ। ৪ জল, পানি।

শম্বরারি /শম্‌বোরারি / [স. শম্বর+অরি] বি. শম্বর নামক অসুরকে বধ করেন যিনি, কামদেব।

শম্বুক/শোম্‌বুক্/ [স. √শম্ব+উ+ক (স্বার্থে)] বি. ১ সমস্ত শরীরকে কঠিন খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে এমন অত্যন্ত ধীর গতিসম্পন্ন স্বাদু জল বা ডাঙায় বিচরণকারী জলজ প্রাণিবিশেষ, শামুক। ২ শাঁখ; কম্বু। ৩ শূদ্র তাপসবিশেষ।

শম্বুকগতি/শোম্‌বুক্‌গোতি/ [স. শম্বুক+√গম্+তি] বি. অত্যন্ত ধীর গতি। বিণ. অত্যন্ত ধীরগতিসম্পন্ন।

শম্ভু /শোম্‌ভু/ [স. শম্+√ভূ+উ] বি. শিব, মহাদেব।

শয্যা /শোজ্‌জা/ [স. √শী+য+আ (টাপ্)] বি. ১ বিছানা। ২ যার ওপর শোয়া হয় (*ধূলিশয্যা*)। ৩ শয়ন, নিদ্রা (*শয্যাগৃহ*)।

শয্যাকণ্টক /শোজ্‌জাকন্‌টক্/ [স. শয্যা+কণ্টক] বি. যে রোগে শয্যা কণ্টকতুল্য অসহ্য বোধ হয়।

শয্যাকণ্টকী /শোজ্‌জাকন্‌টোকি/ [স. শয্যাকণ্টক+ইন্] বি. দ্র শয্যাকণ্টক।

শয্যা করা /শোজ্‌জা করা/ ক্রিবি. বিছানা পাতা।

শয্যাকীট /শোজ্‌জাকি:ট্/ [স. শয্যা+কীট] বি. দ্রুত বংশবিস্তার করে এবং রক্ত শুষে খায় এমন তিন খণ্ডে বিভক্ত দেহ (মস্তক বক্ষ ও উদর) ও ছয় পা-বিশিষ্ট লালচে ধূসর বর্ণের দুর্গন্ধযুক্ত অর্ধ-গোলাকার ক্ষুদ্র কীট, ছারপোকা।

শয্যাগত /শোজ্‌জাগতো/ [স. শয্যা+√গম্+ত] বিণ. পীড়িত হয়ে শয্যা গ্রহণ করেছে এমন, শয্যাশায়ী। স্ত্রী. **শয্যাগতা** /শোজ্‌জাগতা/।

শয্যাগার /শোজ্‌জাগার্ / [স. শয্যা+আগার] বি. দ্র শয্যাগৃহ।

শয্যাগৃহ /শোজ্‌জাগৃহো / [স. শয্যা+√গ্রহ্+অ] বি. শোয়ার ঘর।

শয্যাচ্ছাদন /শোজ্‌জাচ্‌ছাদোন্ / [স. শয্যা+আচ্ছদন] বি. বিছানার চাদর।

শয্যাতুলুনি /শোজ্‌জাতুলুনি / [স. শয্যা+বা. তুলুনি] বি. বাসরশয্যা তোলার জন্য বরের নিকট থেকে যে অর্থ আদায় করা হয়।

শয্যা তোলা /শোজ্‌জা তোলা/ বি. বাসরশয্যা তোলার আচারবিশেষ।

শয্যা নেওয়া /শোজ্‌জা নেওআ/ ক্রিবি. শয্যা গ্রহণ করা, শয্যাশায়ী হওয়া।

শয্যা রচনা /শোজ্‌জারচোনা/ ক্রিবি. চাদর বিছিয়ে বিছানা পাতা।

শয্যাশায়ী /শোজ্‌জাশায়ি / [স. শয্যা+√শী+ইন্] বিণ. পীড়িত হয়ে শয্যা গ্রহণ করেছে এমন। স্ত্রী. **শয্যাশায়িনী** /শোজ্‌জাশায়িনি/।

শয্যাসঙ্গী /শোজ্‌জাশোংগি/ [স. শয্যা+সঙ্গ+ইন্] বি. ১ বিছানায় সঙ্গদানকারী। ২ স্বামী। স্ত্রী. **শয্যাসঙ্গিনী** /শোজ্‌জাশোংগিনি/।

শয্যাসহচরী /শোজ্‌জাশহোচোরি/ [স. শয্যা+সহচর+ইন্] বি. ১ বিছানায় সঙ্গদানকারিণী। ২ পত্নী।

শয্যাস্তরণ /শোজ্‌জাস্‌তরন্/ [স. শয্যা+আস্তরণ] বি. শয্যায় বিছানো হয় এমন চাদর।

শয়তান /শয়্‌তান্/ [আ.] বি. ১ ইহুদি খ্রিষ্টীয় ও ইসলামি ধর্মশাস্ত্রে বর্ণিত পাপকর্মের প্রেরণাদাতা।

www.pathagar.com

২ পাপাত্মা।

শয়তানি /শয়তানি/ [আ. শয়তান+ফা. ই] বি. শয়তানের কাজ; দুর্বৃত্ততা। বিণ. শয়তানসংক্রান্ত বা শয়তানের মতো।

শয়ন /শয়োন্/ [স. √শী+অন] বি. ১ শয্যাগ্রহণ। ২ শয্যা, বিছানা। ৩ নিদ্রা, ঘুম।

শয়নকক্ষ /শয়োন্‌কোক্‌খো/ [স. শয়ন+কক্ষ] বি. ঘুমানোর জন্য নির্দিষ্ট ঘর, শয্যাগৃহ।

শয়নকাল /শয়োন্‌কাল্/ [স. শয়ন+কাল] বি. ঘুমানোর সময়।

শয়নগৃহ /শয়োনগৃহো/ [স. শয়ন+গৃহ] বি. দ্র শয়নকক্ষ।

শয়নমন্দির /শয়োন্‌মোন্‌দির্/ [স. শয়ন+মন্দির] বি. দ্র শয়নকক্ষ।

শয়নাগার /শয়োনাগার্/ [স. শয়ন+আগার] বি. দ্র শয়নকক্ষ।

শয়নীয় /শয়োনিয়ো/ [স. √শী+অনীয়] বিণ. শয়ন করার যোগ্য। বি. বিছানা।

শয়ান /শয়ান্/ [স. √শী+আন (শানচ্)] বিণ. শুয়ে আছে এমন, শায়িত। স্ত্রী. শয়ানা /শয়ানা/।

শয়িত /শোয়িতো/ [স. √শী+ত] বিণ. শুয়ে বা ঘুমিয়ে আছে এমন। স্ত্রী. শয়িতা /শোয়িতা/।

শয়ে শয়ে /শয়ে শয়ে/ বিণ. শত শত; অসংখ্য। ক্রিবিণ. বহু সংখ্যায়।

শর /শর্/ [স. √শৃ+অ] বি. ১ তির, বাণ, শায়ক। ২ নলখাগড়া উদ্ভিদ।

শরক্ষেপ /শরোক্‌খেপ্/ [স. শর+√ক্ষিপ্+অ] বি. ধনুকে তির যোজনা করে নিক্ষেপ।

শরক্ষেপণ /শরোক্‌খেপন্/ [স. শর+√ক্ষিপ্+অন] বি. দ্র শরক্ষেপ।

শরচ্চন্দ্র /শরোচ্চন্দ্রো/ [স. শরৎ+চন্দ্র] বি. শরৎ-কালের চাঁদ।

শরজাল /শরোজাল্/ [স. শর+জাল] বি. বাণসমূহ; একসঙ্গে নিক্ষিপ্ত বহু বাণ।

শরণ /শরোন্/ [স. √শৃ+অন] বি. ১ আশ্রয়দাতা; রক্ষক। ২ আশ্রয়স্থান। ৩ গৃহ।

শরণাগত /শরোনাগতো/ [স. শরণ+আগত] বিণ. আশ্রয়প্রার্থী। স্ত্রী. শরণাগতা /শরোনাগতা/।

শরণাপন্ন /শরোনাপন্নো/ [স. শরণ+আ+√পদ্+ত] বিণ. শরণাগত, আশ্রয়প্রার্থী। স্ত্রী. শরণাপন্না /শরোনাপন্না/।

শরণার্থী /শরোনার্থি/ [স. শরণ+√অর্থ্+ইন্] বিণ. আশ্রয়প্রার্থী। স্ত্রী. শরণার্থিনী /শরোনার্থিনি/।

শরণার্থীশিবির /শরোনার্থিশিবির্/ [স. শরণার্থী+শিবির] বি. শরণার্থীদের আশ্রয়কেন্দ্র।

শরণ্য /শরোন্যো/ [স. শরণ+য] বি. যাকে শরণ করা যায়, রক্ষাকর্তা, রক্ষক। বিণ. ১ রক্ষা করতে পারে এমন। ২ রক্ষণীয়। স্ত্রী. শরণ্যা /শরোন্যা/।

শরত্যাগ /শরোত্‌ত্যাগ্/ [স. শর+ত্যাগ] বি. দ্র শরক্ষেপ।

শরৎ /শরোত্/ [স. √শৃ+অদ্] বি. বাংলা বর্ষপঞ্জির ভাদ্র ও আশ্বিন মাসব্যাপী (১৬ই আগস্ট থেকে ১৫ই অক্টোবর পর্যন্ত) কালপর্ব, বর্ষার পরবর্তী এবং হেমন্তের পূর্ববর্তী ঋতু।

শরদিন্দু /শরোদিনদু/ [স. শরদ্+√ইন্দ্+উ] বি. শরৎ-কালের চাঁদ।

শরদিন্দুনিভাননা /শরোদিন্‌দুনিভাননা/ [স. শরদিন্দু+নিভাননা] বিণ. শরৎকালের চাঁদের মতো সুন্দর মুখবিশিষ্টা।

শরনিক্ষেপ /শরোনিক্‌খেপ্/ [স. শর+নিক্ষেপ] বি. দ্র শরক্ষেপ।

শরবত /শরবোত্/ [আ.] বি. চিনি মিছরি ফলের রস প্রভৃতি মিশিয়ে তৈরি ঠান্ডা পানীয়।

শরবতি /শরবোতি/ [আ. শরবত+ফা. ই] বি. বড়ো প্রজাতির টকস্বাদ লেবুবিশেষ।

শরবর্ষণ /শরোবর্‌শোন্/ [স. শর+√বৃষ্+অন] বি. ক্রমাগত শরনিক্ষেপ।

শরবিদ্ধ /শরোবিদ্‌ধো/ [স. শর+√ব্যধ্+ত] বিণ. শরাঘাতপ্রাপ্ত, বাণবিদ্ধ।

শরব্য /শরোব্‌বো/ [স. শরু+য] বি. তিরের লক্ষ্য বা নিশানা।

শরভ /শরভ্/ [স. √শৃ+অভ] বি. ১ পুরাণোক্ত মহাবলী আট পা-বিশিষ্ট জন্তু, মহামৃগ। ২ হস্তি-শাবক। ৩ উট। ৪ বানরের প্রজাতিবিশেষ। ৫ পতঙ্গবিশেষ।

শরম /শরোম্/ [ফা.] বি. লজ্জা, লাজ, সংকোচ।

শরমনমিত /শরোম্‌নোমিতো/ [ফা. শরম+স. নমিত] বিণ. লজ্জায় অবনত।

শরশয্যা /শরোশোজ্‌জা/ [স. শর+√শী+য+আ (টাপ্)] বি. ১ শরকণ্টকিত শয্যা। ২ যুদ্ধক্ষেত্র।

শরসন্ধান /শরোশন্‌ধান্/ [স. শর+সম্+√ধা+অন] বি. ধনুকে তির সংযোজন।

শরস্তম্ভ /শরোস্‌তম্‌ভো/ [স. শর+√স্তম্ভ্+অ] বি. তিরের গতিরোধ।

শরা[১] /শরা/ [স. শরাব >] বি. মাটির তৈরি হাঁড়ি কলসি প্রভৃতির মুখের ঢাকনা।

শরা[২] /শরা/ [আ.] বি. ইসলাম ধর্মমতে পালনীয়

www.pathagar.com

বিধিসমূহ।

শরাকত /শরাকত্/ [আ.] বি. ১ আংশিক মালিকানা, অংশীদারি। ২ যোগাযোগ; সম্পর্ক।

শরাঘাত /শরাঘাত্/ [স. শর+আঘাত] বি. শরের আঘাত।

শরাফত /শরাফ়ত্/ [আ.] বি. ১ ভদ্রতা। ২ আভিজাত্য।

শরাব[১] /শরাব্/ [স. শর+√অব্+অ] বি. মাটির শরা; ঢাকনি।

শরাব[২] /শরাব্/ [আ.] বি. ১ পানীয়। ২ মদ্য, সুরা।

শরাবান তহূরা /শরাবান্ তোহুরা/ বি. বেহেশতে যে পানীয় পরিবেশন করা হবে।

শরাবি /শরাবি/ [আ.] বিণ. মদ্যপায়ী, মদ্যপ।

শরাসন /শরাশোন্/ [স. শর+√অস্+অন] বি. ধনুক।

শরাহত /শরাহতো/ [স. শর+আহত] বিণ. শরবিদ্ধ।

শরিক /শোরিক্/ [ফা.] বি. যার ভাগ বা অংশীদারিত্ব আছে, ভাগীদার।

শরিক হওয়া /শোরিক্ হওআ/ ক্রিবি. অংশগ্রহণ করা।

শরিকান /শোরিকান্/ [আ. শরিক >] বি. শরিকগণ, অংশীদারবৃন্দ।

শরিকানা /শোরিকানা/ [আ. শরিক >] বি. অংশীদারের প্রাপ্য অংশ।

শরিকানি /শোরিকানি/ [আ. শরিক >] বিণ. ১ একাধিক অংশীদার আছে এমন। ২ শরিকসংক্রান্ত।

শরিকি /শোরিকি/ [আ. শরিক >] বিণ. দ্র শরিকানি।

শরিফ /শোরিফ্/ [আ.] বিণ. ১ পবিত্র (*কোরান-শরিফ*)। ২ ভদ্র; অভিজাত। ৩ মহানুভব। বি. মক্কার শাসনকর্তার উপাধি।

শরিফা /শোরিফা/ [আ.] বি. বসন্তকালে ফোটে এমন সবুজাভ হলুদ একক বা গুচ্ছবদ্ধ ফুল ও পাতলা ত্বকে আবৃত সাদা মাংসল কোয়াবিশিষ্ট (কালো বীজপূর্ণ) প্রায় গোলাকার ফল বা তার পত্রমোচী ছোটো উদ্ভিদ (আনি. দক্ষিণ আমেরিকার নিরক্ষীয় অঞ্চল)।

শরিয়ত /শোরিঅত্/ [আ.] বি. ইসলাম ধর্মসংক্রান্ত বিধিবিধান।

শরীর /শোরির্/ [স. √শৃ+ঈর] বি. দেহ, কলেবর, কায়া, তনু।

শরীরগত /শোরিরগতো/ [স. শরীর+√গম্+ত] বিণ. ১ শারীরিক, দেহসম্পর্কীয়। ২ দেহস্থ।

শরীরজ /শোরিরজো/ [স. শরীর+√জন্+অ] বিণ. দেহজাত।

শরীরী /শোরিরি/ [স. শরীর+ইন্] বিণ. দেহধারী। বি. মানুষ; প্রাণী। স্ত্রী. **শরীরিণী** /শোরিরিনি/।

শর্করা /শর্করা/ [স. √শৃ+কর+আ (টাপ্)] বি. ১ জীবদেহে বিদ্যমান ২:১ অনুপাতে হাইড্রোজেন ও অক্সিজেনের সমন্বয়ে গঠিত যৌগবিশেষ যা থেকে শরীর শক্তি আহরণ করে, carbohydrate। ২ চিনি।

শর্ত /শর্তো/ [আ.] বি. চুক্তির নিয়ম বা ধারা, কড়ার।

শর্তভঙ্গ /শর্তোভংগো/ [আ. শর্ত+স. ভঙ্গ] বি. চুক্তির নিয়ম লঙ্ঘন।

শর্তসাপেক্ষ /শর্তোশাপেক্খো/ [আ. শর্ত+স. সাপেক্ষ] বিণ. শর্তের অধীন, চুক্তির শর্তদ্বারা নিয়ন্ত্রিত।

শর্তযুক্ত /শর্তোজুক্তো/ [আ. শর্ত+স. যুক্ত] বিণ. শর্তবিশিষ্ট।

শর্তহীন /শর্তোহিন্/ [আ. শর্ত+স. হীন] বিণ. কোনো শর্ত নেই এমন, নিঃশর্ত।

শর্তাধীন /শর্তাধিন্/ [আ. শর্ত+স. অধীন] বিণ. দ্র শর্তসাপেক্ষ।

শর্তাবলি /শর্তাবোলি/ [আ. শর্ত+স. আবলি] বি. শর্তসমূহ।

শর্ব /শর্বো/ [স. √শৃ+অ] বি. শিব, মহাদেব।

শর্বর /শর্বর্/ [স. √শৃ+বর] বি. ১ কামদেব। ২ অন্ধকার।

শর্বরী /শর্বোরি/ [স. শর্বর+ঈ] বি. ১ রাত্রি, রজনি। ২ বধূ। ৩ নারী।

শর্বাণী /শর্বানি/ [স. শর্ব+আন+ঈ] বি. শিবানী, দুর্গা।

শর্ম /শর্মো/ [স. √শৃ+মন্] বি. ১ সুখ। ২ কল্যাণ।

শর্মা /শর্মা/ [স. √শৃ+মন্] বি. ১ ব্রাহ্মণের পদবি (*ঈশ্বরচন্দ্র শর্মা*)। ২ নিজ সম্পর্কে গৌরবসূচক উক্তি। ৩ (বাংলায়) দ্বিজ।

শর্মিষ্ঠা /শোর্মিশ্ঠা/ [স. শর্মিন্+ইষ্ঠ+আ (টাপ্)] বি. পৌরাণিক রাজা যযাতির দ্বিতীয়া মহিষী।

শর্মী /শোর্মি/ [স. শর্ম্মন্+ইন্] বিণ. সুখী।

শলভ /শলোভ্/ [স. √শল্+অভ] বি. ১ আফ্রিকা ও এশিয়ার উষ্ণ অঞ্চল এবং উত্তর ও দক্ষিণ আমেরিকায় বিচরণ করে এমন ফড়িংজাতীয় শস্য-ধ্বংসকারী পরিযায়ী পতঙ্গের ঝাঁক, পঙ্গপাল, locust। ২ ফড়িং।

শলভাসন /শলোভাশোন্/ [স. শলভ+আসন] বি. পতঙ্গের মতো আকৃতিবিশিষ্ট যোগাসনবিশেষ।

শলা[১] /শলা/ [স. শলাকা >] বি. ১ শলাকা বা কাঠি;

www.pathagar.com

শিক। ২ চিকিৎসার অস্ত্রবিশেষ, probe।

শলা[২] /শলা/ [আ.] বি. পরামর্শ; সৎপরামর্শ।

শলাকা /শলাকা/ [স. √শল্+আক+আ (টাপ্)] বি. ১ শলা; দেশলাইয়ের কাঠি। ২ দাঁতন কাঠি। ৩ অস্থি, হাড়। ৪ অঙ্কুর। ৫ শজারুর কাঁটা।

শলি /শোলি/ [স. শল্য >] বি. ধান ও অন্যান্য শস্যের পরিমাপবিশেষ।

শল্ক /শল্‌কো/ [স. √শল্+ক] বি. ১ মাছ সরীসৃপ এবং কোনো কোনো স্তন্যপায়ী প্রাণীর বহিঃস্তকের ক্ষুদ্র ও অর্ধস্বচ্ছ শক্ত আবরণ, আঁশ, আঁশটে, শকল। ২ বল্কল।

শল্কল /শল্‌কল/ [স. √শল্+কল] বি. মাছের আঁশ।

শল্কলী /শল্‌কোলি/ [স. শল্কল+ইন্] বিণ. বি. দ্র শল্কী।

শল্কী /শোল্‌কি/ [স. শল্ক+ইন্] বিণ. আঁশযুক্ত। বি. মাছ।

শল্য /শোল্‌লো/ [স. √শল্+য] বি. ১ শলাকা, কাঁটা। ২ বাণ। ৩ পৌরাণিক অস্ত্রবিশেষ, শেল। ৪ শজারু।

শল্যক /শোল্‌লোক্/ [স. শল্য+ক] বি. গন্ডার।

শল্যচিকিৎসক /শোল্‌লোচিকিত্‌শক্/ [স. শল্য+চিকিৎসক] বি. যে চিকিৎসক রোগ নিরাময়ের জন্য অস্ত্রোপচার করে, অস্ত্রচিকিৎসক, surgeon।

শল্যচিকিৎসা /শোল্‌লোচিকিত্‌সা/ [স. শল্য+চিকিৎসা] বি. অস্ত্রচিকিৎসা, surgery।

শল্যোদ্ধার /শোল্‌লোদ্‌ধার/ [স. শল্য+উদ্ধার] বি. ১ শরীরে বিঁধে থাকা তির কাঁটা বুলেট প্রভৃতি অস্ত্রোপচারদ্বারা উৎপাটন। ২ বাস্তুভিটায় পোঁতা অস্থি উৎপাটন।

শল্যবিদ /শোল্‌লোবিদ্/ [স. শল্য+√বিদ্+অ] বি. শল্যবিদ্যায় দক্ষ চিকিৎসক; অস্ত্রচিকিৎসক, surgeon।

শল্ল /শল্‌লো/ [স. √শল্ল+অ] বি. ১ আঁশ। ২ বল্কল।

শল্লক /শল্‌লোক্/ [স. √শল্ল+অক] বি. দ্র শল্ল।

শল্লকী /শল্‌লোকি/ [স. শল্লক+ঈ] বি. ১ শজারু। ২ বাবলা গাছ।

শশ /শশো/ [স. √শশ্+অ] বি. ১ খরগোশ। ২ চন্দ্রকলা।

শশক /শশোক্/ [স. শশ+ক] বি. খরগোশ।

শশধর /শশোধর/ [স. শশ+ধর] বি. চন্দ্র।

শশবিন্দু /শশোবিন্‌দু/ [স. শশ+√বিন্দ্+উ] বি. ১ চন্দ্র। ২ বিষ্ণু।

শশবিষাণ /শশোবিশান্/ [স. শশ+√বিষ্+আন (শানচ্)] বি. খরগোশের শিং-এর মতো আজগুবি বস্তু; আকাশ-কুসুম কল্পনা।

শশবৃত্তি /শশোবৃত্‌তি/ [স. শশ+√বৃৎ+তি] বি. খরগোশের মতো আত্মগোপন করার মনোবৃত্তি।

শশব্যস্ত /শশোব্যাস্‌তো/ [স. শশ+বি+√অস্+ত] বিণ. খরগোশের মতো অত্যন্ত চঞ্চল ও ব্যস্ত-সমস্ত।

শশভৃৎ /শশোভৃত্/ [স. শশ+√ভৃ+ক্বিপ্] বি. চন্দ্র।

শশলক্ষণ /শশোলোক্‌খোন্/ [স. শশ+√লক্ষ্+অন] বি. চন্দ্র।

শশলাঞ্ছন /শশোলান্‌ছন্/ [স. শশ+√লাঞ্ছ্+অন] বি. চন্দ্র।

শশশৃঙ্গ /শশোসৃংগো/ [স. শশ+√শৃ+গ] বি. দ্র শশবিষাণ।

শশাঙ্ক /শশাংকো/ [স. শশ+অঙ্ক] বি. চন্দ্র, চাঁদ।

শশিকর /শোশিকর্/ [স. শশিন্+√কৃ+অ] বি. চাঁদের আলো, জ্যোৎস্না।

শশিকলা /শোশিকলা/ [স. শশিন্+√কলি+অ+আ (টাপ্)] বি. ১ চাঁদের কলা বা অংশ। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

শশিকান্ত /শোশিকান্‌তো/ [স. শশিন্+√কম্+ত] বি. ১ কুমুদ ফুল। ২ চন্দ্রকান্তমণি।

শশিপ্রিয়া /শোশিপ্‌প্রিআ/ [স. শশিন্+√প্রী+অ+আ (টাপ্)] বি. রজনি, রাত।

শশিভূষণ /শোশিভুশন্/ [স. শশিন্+ভূষণ] বি. ১ চন্দ্র যার অলংকার বা শিরোভূষণ। ২ শিব।

শশিমুখী /শোশিমুখি/ [স. শশিন্+মুখ+ইন্] বিণ. চাঁদের মতো মনোহর মুখবিশিষ্টা, চন্দ্রবদনা।

শশিশেখর /শোশিশেখর্/ [স. শশিন্+শেখর] বি. দ্র শশিভূষণ।

শশী /শোশি/ [স. শশ+ইন্] বি. চন্দ্র, শশধর, শশাঙ্ক, মৃগাঙ্ক, ইন্দু, চন্দ্রমা, নিশাকর, বিধু, সুধাংশু, হিমাংশু, সুধাকর, সোম।

শষ্প /শশ্‌পো/ [স. √শষ্+প] বি. কচি ঘাস।

শষ্পাবৃত /শশপাব্‌বৃতো/ [স. শষ্প+আবৃত] বিণ. কচি ঘাসে আবৃত বা ঢাকা।

শসন /শশোন্/ [স. √শস্+অন] বি. ১ যজ্ঞের জন্য পশুহত্যা। ২ বধ, হত্যা।

শসা /শশা/ [দেশি.] বি. উষ্ণ ও নাতিশীতোষ্ণ অঞ্চলে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন হলুদ ফুল ও সবুজাভ সাদা লম্বাটে কাঁকুড়জাতীয় ফল (যা রেঁধে বা কাঁচা খাওয়া যায়) বা তার পান-পাতাসদৃশ রোমশ পাতাবিশিষ্ট বর্ষজীবী বীরুৎ-শ্রেণির লতানে উদ্ভিদ (আনি. হিমালয়ের পাদদেশের পাহাড়ি ভূখণ্ড); ক্ষীরা, ক্ষীরিকা; cucumber।

শস্ত্র /শস্‌ত্রো/ [স. √শস্+ত্র] বি. ১ সম্মুখ যুদ্ধে প্রতিপক্ষকে আঘাত করা যায় এমন অস্ত্র, নিক্ষেপ

www.pathagar.com

না করে যে হাতিয়ার দিয়ে আঘাত হানা যায়। ২ কাস্তে কোদাল প্রভৃতি হাতিয়ার। ৩ শল্যচিকিৎসায় ব্যবহৃত উপকরণ।

শস্ত্রজীবী /শস্ত্রোজিবি/ [স. শস্ত্র+√জীব্+ইন্] বিণ. যুদ্ধব্যবসায়ী; সশস্ত্র যুদ্ধ করে জীবিকা নির্বাহকারী। বি. ভাড়াটে সৈন্য; যোদ্ধা।

শস্ত্রধর /শস্ত্রোধর্ / [স. শস্ত্র+√ধৃ+অ] বিণ. হাতে অস্ত্র আছে এমন। বি. যোদ্ধা, সৈনিক।

শস্ত্রধারী /শস্ত্রোধারি/ [স. শস্ত্র+√ধৃ+ইন্] বিণ. বি. দ্র শস্ত্রধর।

শস্ত্রপাণি/শস্ত্রোপানি/ [স. শস্ত্র+√পণ্+ই] বিণ. বি. দ্র শস্ত্রধর।

শস্ত্রবিদ্যা /শস্ত্রোবিদ্দা/ [স. শস্ত্র+√বিদ্+য+আ (টাপ্)] বি. অস্ত্রচালনাবিদ্যা, যুদ্ধবিদ্যা।

শস্ত্রভৃৎ/শস্ত্রোভৃত্ / [স. শস্ত্র+√ভৃ+ক্বিপ্] বিণ. বি. দ্র শস্ত্রধর।

শস্ত্রাজীব /শস্ত্রাজিব্ / [স. শস্ত্র+আজীব] বিণ. বি. দ্র শস্ত্রজীবী।

শস্ত্রী /শোস্ত্রি/ [স. শস্ত্র+ইন্] বিণ. অস্ত্রধারী।

শস্য /শোশ্শো/ [স. √শস্+য] বি. ১ ধান গম যব প্রভৃতি ফসল; কৃষিজাত ফল বা বীজ। ২ ফলের ভক্ষণীয় অংশ, শাঁস।

শস্যক্ষেত্র /শোশ্শোখেত্ত্রো/ [স. শস্য+√ক্ষি+ত্র] বি. যে ভূমিতে শস্য উৎপাদিত হয়, চাষের জমি।

শস্যভান্ডার /শোশ্শোভান্ডার্ / [স. শস্য+বা. ভান্ডার] বি. যেখানে শস্য মজুত রাখা হয়, শস্যের গোলা।

শস্যশ্যামল /শোশ্শোশ্যামোল্ / [স. শস্য+শ্যামল] বিণ. শস্যের সবুজ আভায় শোভিত। স্ত্রী. শস্যশ্যামলা /শোশ্শোশ্যামোলা/।

শস্যাগার /শোশ্শাগার্/ [স. শস্য+আগার] বি. দ্র শস্যভান্ডার।

শহর /শহোর্/ [ফা.] বি. ঘরবাড়ি বিদ্যালয় বিদ্যুৎ সরবরাহ হাসপাতাল পথঘাট গণপরিবহণ দোকান-পাট প্রভৃতি বিবিধ সুবিধা-সহ জনপদ, নগর।

শহরতলি /শহোরতোলি/ [ফা. শহর >] বি. শহরের উপকণ্ঠ, suburb।

শহরস্থ /শহোরোস্থো/ [ফা. শহর+স. √স্থা+অ] বিণ. শহরে স্থিত এমন, নগরস্থিত।

শহরবাসী /শহোরবাশি/ [ফা. শহর+স. বাসী] বিণ. শহরে বসবাসকারী, নগরবাসী।

শহিদ /শোহিদ্/ [আ.] বি. ১ ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে প্রাণ উৎসর্গকারী ব্যক্তি (*ভাষা-শহিদ*)। ২ দেশের স্বাধীনতার যুদ্ধে প্রাণ উৎসর্গকারী যোদ্ধা। ৩ সত্য প্রতিষ্ঠার যুদ্ধে নিহত।

শহিদ দিবস /শোহিদ্ দিবশ্/ বি. ১৯৫২ সালে বাংলাকে রাষ্ট্রভাষা করার আন্দোলনে শহিদদের স্মৃতির উদ্দেশে পালিত দিবস, ২১শে ফেব্রুয়ারি, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।

শহিদ মিনার /শোহিদ্ মিনার্/ বি. রাষ্ট্রভাষা আন্দোলনে শহিদদের স্মৃতির উদ্দেশে নির্মিত সৌধ।

শহুরে /শোহুরে/ [ফা. শহর >] বিণ. শহরবাসী; শহরসুলভ।

শাইল /শাইল/ [স. শালি >] বি. হেমন্তকালে উৎপন্ন মিহি ধান, শালিধান, হৈমন্তিক ধান।

শাইলক /শাইলক্/ [ব্যক্তি.] বি. ১ উইলিয়াম শেক্সপিয়রের The Merchant of Venice নাটকের একটি কৃপণ ও অর্থগৃধ্নু চরিত্র, Shylock। ২ (আল.) অতি কৃপণ ও অর্থগৃধ্নু ব্যক্তি।

শাওন /শাওন্/ [বা.] বি. 'শ্রাবণ'-এর কোমল ও কাব্যিক রূপ।

শাওয়াল /শাওআল্ / [আ.] বি. হিজরি পঞ্জিকার দশম মাস।

শাংকর /শাংকর্/ [স. শংকর+অ] বিণ. ১ বেদ ভাষ্যকার শংকরাচার্য প্রণীত। ২ শংকরবিষয়ক।

শাঁ /শাঁ/ [ধ্বন্যা.] অব্য. দ্রুত বেগসূচক শব্দ।

শাঁকচুন্নি /শাঁকচুন্নি/ [স. শঙ্খচূর্ণী >] বি. লোক-বিশ্বাসমতে প্রেতাত্মা, শাঁখচুন্নি।

শাঁকালু /শাঁকালু/ [দেশি.] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত রোমশ তামাটে কান্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ বা তার শালগমাকৃতির ঈষৎ মিষ্টস্বাদ রসালো সাদা কন্দ যা কাঁচা খাওয়া যায়, কেশুর।

শাঁখ /শাঁখ্/ [স. শঙ্খ >] বি. মাঙ্গলিক অনুষ্ঠানে ফুঁ দিয়ে বাজানো হয় এমন শঙ্খের খোল, শঙ্খ।

শাঁখচুন্নি /শাঁখচুন্নি/ [স. শঙ্খচূর্ণী >] বি. দ্র শাঁক-চুন্নি।

শাঁখা /শাঁখা/ [স. শাঙ্খক >] বি. শঙ্খ দিয়ে তৈরি বালা বা কঙ্কনবিশেষ, এয়োতিচিহ্নবিশেষ।

শাঁখারি /শাঁখারি/ [স. শাঙ্খকার >] বি. শাঁখের গহনা ও জিনিসপত্র তৈরি বা বিক্রি যার পেশা। স্ত্রী. শাঁখারিণী /শাঁখারিনি/।

শাঁখারিপট্টি /শাঁখারিপোট্টি/ [বা. শাঁখারি+স. পট্টি] বি. শাঁখারি অধ্যুষিত পাড়া।

শাঁখারিবাজার /শাঁখারিবাজার্/ [বা. শাঁখারি+ফা. বাজার] বি. যেখানে শঙ্খের তৈরি জিনিসপত্র বিক্রি হয়।

শাঁখের করাত /শাঁখের্ করাত্/ বি. ১ শঙ্খ কাটার

www.pathagar.com

জন্য বিশেষভাবে নির্মিত ঘূর্ণায়মান করাত যার দাঁতগুলো এমনভাবে বিন্যস্ত যে দুই দিকে ঘুরিয়েই কাটা যায়। ২ (আল.) যা থেকে সহজে নিস্তার পাওয়া যায় না; উভয়সংকট।

শাঁপি /শাঁপি/ [স. শম্ব >] বি. মুগুর মুষল প্রভৃতির মুখে লাগানো লোহার বলয়।

শাঁস /শাঁস্/ [স. শস্য >] বি. ১ ফলের ভেতরের সারভাগ। ২ ফলের আঁটির বা বীজের ভেতরের কোমল অংশ। ৩ সারপদার্থ।

শাঁসালো /শাঁশালো/ [বা.] বিণ. ১ শাঁসবিশিষ্ট। ২ সারবস্তু আছে এমন। ৩ (আল.) সম্পৎশালী।

শাক /শাক্/ [স. √শক্+অ] বি. ১ রেঁধে খাওয়ার উপযুক্ত উদ্ভিদ বা লতাপাতা প্রভৃতি। ২ পুরাণোক্ত সপ্তদ্বীপের একটি। ৩ সেগুনগাছ। ৪ শকাব্দ।

শাকট /শাকট্/ [স. শকট+অ] বিণ. শকটবিষয়ক; শকটের।

শাকপাতা /শাক্পাতা/ [স. শাক+বা. পাতা] বি. ১ খাওয়া যায় এমন লতাপাতা। ২ (আল.) নিরামিষ; সামান্য আহার্য।

শাকভাত /শাক্ভাত্/ [স. শাক+বা. ভাত] বি. ১ আমিষবর্জিত আহার্য। ২ শাক ও ভাত; খুব সাধারণ খাদ্য। ৩ (বিনয়সহকারে) অতিথিকে নিবেদিত আহার্য।

শাকম্ভরী /শাকোম্ভোরি/ [স. শাক+√ভৃ+অ+ঈ] বি. ১ দুর্গাদেবী। ২ তীর্থক্ষেত্রবিশেষ। ৩ শম্বর হ্রদজাত লবণ।

শাকসবজি /শাক্সব্জি/ [স. শাক+ফা. সবজি] বি. আমিষবর্জিত আহার্য, তরিতরকারি।

শাকান্ন /শাকান্নো/ [স. শাক+অন্ন] বি. দ্র শাকভাত।

শাকুন /শাকুন্/ [স. শকুন+অ] বি. পশুপাখির ডাক শুনে মানুষের শুভাশুভ নির্ধারণের বিদ্যা। বিণ. ১ শকুনজ্ঞ, শকুনবিদ্যায় পণ্ডিত। ২ পাখিসম্বন্ধীয়।

শাকুনিক /শাকুনিক্/ [স. শকুন+ইক] বি. ১ যে ব্যক্তি পাখি শিকার করে, পাখিবধকারী। ২ শকুনজ্ঞ ব্যক্তি। স্ত্রী. শাকুনিকী /শাকুনিকি/।

শাক্ত /শাক্তো/ [স. শক্তি+অ] বিণ. বি. শক্তির উপাসক; তান্ত্রিক।

শাক্তপদাবলি /শাক্তোপদাবোলি/ [স. শাক্ত+পদাবলি] বি. দেবী কালিকার স্তুতিমূলক পদসমূহ।

শাক্য /শাক্কো/ [স. শক+য] বি. ১ ক্ষত্রিয় বংশবিশেষ। ২ বুদ্ধদেব।

শাক্যমুনি /শাক্কোমুনি/ [স. শাক্য+√মন্+ই] বি. বুদ্ধদেব।

শাক্যসিংহ /শাক্কোশিংহো/ [স. শাক্য+√হিন্স্+অ] বি. বুদ্ধদেব।

শাখা /শাখা/ [স. √শাখ্+অ+আ (টাপ্)] বি. ১ গাছের ডাল। ২ বাহু। ৩ অংশ; বেদের অংশবিশেষ। ৪ প্রধান বস্তু বা বিষয় থেকে উৎপন্ন অপ্রধান বস্তু বা বিষয়। ৫ বড়ো প্রতিষ্ঠানের ক্ষুদ্রতর কার্যালয় (*ব্যাংকের শাখা*)।

শাখাচ্যুত /শাখাচ্চুতো/ [স. শাখা+√চ্যু+ত] বিণ. গাছের ডাল থেকে পতিত বা স্খলিত, বৃন্তচ্যুত।

শাখাধ্যায়ী /শাখাদ্ধায়ি/ [স. শাখা+অধি+√ই+ইন্] বিণ. বেদের যেকোনো শাখা অধ্যয়নকারী।

শাখানদী /শাখানোদি/ [স. শাখা+নদী] বি. বড়ো নদী থেকে উৎপন্ন ছোটো নদী।

শাখান্তরাল /শাখান্তোরাল্/ [স. শাখা+অন্তরাল] বি. গাছের ডালের আড়াল।

শাখাপ্রসারী /শাখাপ্রোশারি/ [স. শখা+প্র+√সৃ+ইন্] বিণ. শাখা বা ডালপালা বিস্তার করে এমন।

শাখামৃগ /শাখামৃগো/ [স. শাখা+মৃগ] বি. ক্রান্তীয় ও উপক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এবং লম্বা লেজ ও লোমাবৃত দেহবিশিষ্ট মাঝারি আকৃতির স্তন্যপায়ী প্রাইমেটবর্গের সর্বভুক সামাজিক প্রাণী (যা দুপায়ে ভর দিয়ে সোজা হয়ে দাঁড়াতে পারে এবং হাতে ছোটোখাটো জিনিস বহন করতে পারে), বানর, বাঁদর, মর্কট।

শাখী /শাখি/ [স. শাখা+ইন্] বিণ. শাখাবিশিষ্ট। বি. গাছ।

শাখোট /শাখোট্/ [স. শাখা+ওটন্] বি. শ্যাওড়া গাছ।

শাগরেদ /শাগ্রেদ্/ [ফা. শার্গিদ >] বি. শিষ্য, ছাত্র; চেলা, সহকারী। বি. শাগরেদি /শাগ্রেদি/।

শাঙন /শাআঁন্/ [বা.] বি. 'শ্রাবণ'-এর কোমল রূপ (*শাঙনগগনে ঘোর ঘনঘটা, নিশীথযামিনী রে।* রবীন্দ্র.)।

শাঙল /শাআঁল্/ [স. শ্যামল >] বিণ. শ্যামল।

শাঙ্কর /শাংকোর/ [স. শঙ্কর+অ] বিণ. ১ বেদ ভাষ্যকার শঙ্করাচার্য প্রণীত। ২ শঙ্করসম্বন্ধীয়।

শাঙ্খ /শাংখো/ [স. শঙ্খ+অ] বিণ. শঙ্খসম্বন্ধীয়; শাঁখের।

শাট /শাট্/ [স. √শাট্+অ] বি. ধুতিজাতীয় পরিধেয় বস্ত্রবিশেষ।

শাটার /শাটার্/ [ই. shutter] বি. ১ কাঠ বা লোহার তৈরি দরজা বা জানালার ঝাঁপ। ২ ক্যামেরায় ছবি তোলার সরঞ্জামবিশেষ (যা যান্ত্রিক পদ্ধতিতে অতি অল্প সময়ের জন্য অর্থাৎ এক সেকেন্ডের শত ভাগের একভাগ বা তার চেয়েও কম সময়ের জন্য খুলেই বন্ধ করে দেওয়া যায়)।

www.pathagar.com

শাটিকা /শাটিকা/ [স. শাটী+কন্+আ (টাপ্)] বি. সধবা নারীর বস্ত্র।

শাঠ্য /শাট্ঠো/ [স. শঠ+য] বি. শঠতা, ধূর্ততা।

শাড়ি /শাড়ি/ [স. শাটী >] বি. বাংলাদেশ ভারত শ্রীলঙ্কার নারীর পরিধেয় রূপে ব্যবহৃত সেলাই-বিহীন আনুমানিক ৫ মিটার লম্বা ও ১·১ মিটার চওড়া কাপড়বিশেষ যা কোমরে পেঁচিয়ে পরা হয় এবং অপরপ্রান্ত এক হাতের নিচ দিয়ে অন্য কাঁধে ঝুলিয়ে রাখা হয়।

শাণ্ডিল্য /শান্ডিল্লো/ [স. শণ্ডিল+য] বি. ১ গোত্র-প্রবর্তক জনৈক পৌরাণিক মুনি। ২ বেলগাছ।

শাতন /শাতোন্/ [স. √শাতি+অন] বি. কর্তন, ছেদন।

শাদি /শাদি/ [ফা.] বি. বিবাহ।

শাদ্বল /শাদ্দল্/ [স. শাদ্+বল] বি. তৃণাবৃত ভূমি।

শান[১] /শান্/ [স. √শান্+অ] বি. ১ যে প্রস্তরখণ্ডে ঘষে অস্ত্রাদি ধারালো করা হয়। ২ পাথর। ৩ কষ্টি-পাথর। ৪ ধারালো করার উদ্দেশ্যে পাথরে ঘর্ষণ। ৫ (বাংলায়) পাকা মেঝে। বিণ. তীক্ষ্ণ, ধারালো।

শান[২] /শান্/ [আ.] বি. ১ মাহাত্ম্য। ২ মর্যাদা, গৌরব। ৩ জাঁকজমক (*শানশওকত*)।

শানক /শানক্/ [আ.] বি. দ্র শানকি।

শানকি /শান্কি/ [আ. শানক >] বি. মাটির থালা।

শান দেওয়া /শান্ দেওআ/ ক্রিবি. ১ পাথরে ঘষে অস্ত্রাদি ধারালো করা। ২ তীক্ষ্ণ করা।

শানপাথর /শান্পাথোর্ / [বা.] বি. যে প্রস্তরখণ্ড ঘষে অস্ত্রাদি ধারালো করা হয়।

শানবাঁধানো /শান্বাঁধানো/ [বা.] বিণ. ইঁট পাথর দিয়ে বাঁধানো, পাকা (*শানবাঁধানো ঘাট*)।

শানশওকত /শান্শওকত্/ [আ.] বি. ১ জাঁকজমক। ২ প্রতাপ।

শানা[১] /শানা/ [স. শানী >] বি. বর্ম, সাঁজোয়া।

শানা[২] /শানা/ [দেশি.] বি. ১ তাঁতযন্ত্রের চিরুনিসদৃশ অংশ। ২ চিরুনি।

শানা[৩] /শানা/ [বা.] ক্রিবি. ক্ষুধা আকাঙ্ক্ষা প্রভৃতি শান্ত বা পরিতৃপ্ত হওয়া, মেটা।

শানা[৪] /শানা/ [স. শান >] ক্রিবি. শান দেওয়া, ধারালো বা তীক্ষ্ণ করা।

শানা[৫] /শানা/ [বা.] ক্রিবি. (আটা ময়দা প্রভৃতি) চটকে মাখা।

শানানো /শানানো/ [স. শান >] ক্রিবি. ১ শান দেওয়া। ২ তীক্ষ্ণ করা। বিণ. শানিত, তীক্ষ্ণীকৃত।

শানিত /শানিতো/ [স. শান+ইত] বিণ. শান দিয়ে ধারালো করা হয়েছে এমন।

শান্টিং /শান্টিং/ [ই.] বি. নির্দিষ্ট ক্রম অনুসারে সাজানোর উদ্দেশ্যে বিশেষ একটি বা একাধিক মালগাড়ি (রেলপথে চলাচলকারী) বিযুক্ত করে অন্য লাইনে রাখার পর পুনরায় যথাস্থানে সংযুক্ত করার কাজ, shunting।

শান্ত /শান্তো/ [স. √শম্+ত] বিণ. ১ ধীর, অনুদ্ধত, শিষ্ট। ২ শমপ্রাপ্ত। ৩ নিবৃত্ত। ৪ জিতেন্দ্রিয়। ৫ বিনাশিত। বি. অলংকারশাস্ত্রের রসবিশেষ।

শান্তনু /শান্তোনু/ [ব্যক্তি.] বি. মহাভারতে বর্ণিত কুরুবংশীয় প্রতীপের পুত্র এবং মহাবীর ভীষ্মের পিতা।

শান্তভাব /শান্তোভাব্/ [স. শান্ত+ভাব] বি. হিংসা শোক প্রভৃতিবর্জিত মনের অবস্থা, প্রশান্তি।

শান্তমূর্তি /শান্তোমুর্তি/ [স. শান্ত+√মূর্চ্ছ্+তি] বি. শান্তভাবপূর্ণ অবয়ব। বিণ. সৌম্যরূপবিশিষ্ট।

শান্তশিষ্ট /শান্তোশিশ্টো/ [স. শান্ত+√শাস্+ত] বিণ. নম্র ও ভদ্র, অনুদ্ধত।

শান্তস্বভাব /শান্তোশভাব/ [স. শান্ত+স্বভাব] বিণ. ধীর, স্থির; নম্র ও বিনয়ী, অনুদ্ধত।

শান্তা /শান্তা/ [স. শান্ত+আ (টাপ্)] বি. রামায়ণোক্ত রাজা দশরথের কন্যা ও রামচন্দ্রের ভগিনী।

শান্তি /শান্তি/ [স. √শম্+তি] বি. ১ শমগুণ, প্রশান্তি, উৎকণ্ঠাশূন্যতা, চিত্তের স্থিরতা। ২ ভিন্নমত পোষণকারী দুটি দেশের মধ্যে উত্তেজনা হ্রাস। ৩ বিষয়াদি হতে ইন্দ্রিয়ের নিবৃত্তি; লালসা দমন। ৪ নিবৃত্তি, উপশম। ৫ উৎপাতশূন্যতা। ৬ অবসান, সমাপ্তি। ৭ সন্ধি; যুদ্ধাবসান। ৮ কল্যাণ। ৯ বিশ্রাম।

শান্তিচুক্তি /শান্তিচুক্তি/ [স. শান্তি+হি. চুক্তি] বি. উত্তেজনা বা বৈরিতা অবসানের চুক্তি।

শান্তিজল /শান্তিজল্/ [স. শান্তি+জল] বি. পূজার্থীদের কল্যাণকামনায় ছিটানো মন্ত্রপূত জল।

শান্তিপর্ব /শান্তিপর্বো/ [স. শান্তি+√পৃ+বন্] বি. মহাভারতের যে পর্বে কুরুক্ষেত্রের যুদ্ধ শেষ হওয়ার পরের অবস্থা বর্ণিত হয়েছে।

শান্তিপাঠ /শান্তিপাঠ্/ [স. শান্তি+পাঠ] বি. শান্তি-কামনায় মন্ত্রাদি পাঠ।

শান্তিপুরি /শান্তিপুরি/ [স্থান.] বিণ. শান্তিপুরে উৎপাদিত। বি. শান্তিপুরে উৎপাদিত পণ্য (*শান্তিপুরি ধুতি*)।

শান্তিপ্রিয় /শান্তিপ্রিয়ো/ [স. শান্তি+প্রিয়] বিণ. নিরুপদ্রবে থাকতে ভালোবাসে এমন, নির্বিরোধী।

শান্তিময় /শান্তিময়্/ [স. শান্তি+ময়ট্] বিণ. শান্তিপূর্ণ।

শান্তিরক্ষক /শান্তিরোক্ষক্/ [স. শান্তি+রক্ষক] বি.

www.pathagar.com

বিণ. শান্তি রক্ষাকারী; উপদ্রব থেকে রক্ষাকর্তা। বি. পুলিশ।

শান্তিরক্ষা /শান্‌তিরোক্‌খা/ [স. শান্তি+√রক্ষ্+অ+আ (টাপ্)] বি. হানাহানি ও বিশৃঙ্খলা থেকে রক্ষা।

শান্তিস্থাপন /শান্‌তিস্‌থাপন্/ [স. শান্তি+স্থাপন] বি. ১ অশান্তি দূরীকরণ। ২ যুদ্ধ থামিয়ে সন্ধি বা শান্তি স্থাপন।

শান্তিস্বস্ত্যয়ন /শান্‌তিশোস্‌তয়ন্/ [স. শান্তি+স্বস্তি+অয়ন] বি. রোগ-উপদ্রবাদির অবসান কামনায় পূজা-অর্চনা।

শাপ /শাপ্/ [স. √শপ্+অ] বি. অভিসম্পাত।

শাপগ্রস্ত /শাপোগ্‌গ্রোস্‌তো/ [স. শাপ+√গ্রস্+ত] বিণ. অভিসম্পাতের ফলে দুর্দশাপ্রাপ্ত; অভিশপ্ত। স্ত্রী. **শাপগ্রস্তা** /শাপোগ্‌গ্রোস্‌তা/।

শাপভ্রষ্ট /শাপোব্‌ভ্রোশ্‌টো/ [স. শাপ+√ভ্রন্স্+ত] বিণ. লোকবিশ্বাসমতে অভিশাপের ফলে পতিত বা স্খলিত। স্ত্রী. **শাপভ্রষ্টা** /শাপোব্‌ভ্রোশ্‌টা/।

শাপমন্যি /শাপ্‌মোন্‌নি/ [স. শাপ+বা. মন্যি] বি. অভিশাপ।

শাপমুক্তি /শাপ্‌মুক্‌তি/ [স. শাপ+√মুচ্+তি] বি. অভিশাপ থেকে মুক্তিলাভ।

শাপমোচন /শাপ্‌মোচন্ / [স. শাপ+মোচন] বি. অভিশাপ খণ্ডন।

শাপলা /শাপ্‌লা/ [বা.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় সারা বছর ফোটে এমন ছোটো ছোটো বীজপূর্ণ লাল হলুদ প্রভৃতি রঙের জলজ ফুলবিশেষ যার শেকড় কাদায় প্রোথিত থাকে; বাংলাদেশের জাতীয় ফুল।

শাপা /শাপা/ [স. শাপ >] ক্রিবি. অভিসম্পাত বা অভিশাপ দেওয়া।

শাপান্ত /শাপান্‌তো/ [স. শাপ+অন্ত] বি. ১ শাপ-মোচন। ২ সর্বপ্রকার অভিশাপ।

শাপিত /শাপিতো/ [স. √শাপি+ত] বিণ. শাপগ্রস্ত।

শাপী /শাপি/ [স. শাপ >] বিণ. শাপগ্রস্ত।

শাবক /শাবোক্/ [স. শাব+ক (স্বার্থে)] বি. মনুষ্যেতর জীবের ছানা, বাচ্চা।

শাবর /শাবোর্/ [স. শবর+অ] বিণ. ব্যাধ বা শবর জাতিসম্ভূত।

শাবল /শাবোল্/ [স. শর্বলা >] বি. মাটি খোঁড়ার জন্য লোহার তৈরি হাতিয়ারবিশেষ।

শাবান /শাবান্/ [আ.] বি. হিজরি পঞ্জিকার অষ্টম মাস। তুল. সাবান (পৃ ১৩২১)।

শাবাশ /শাবাশ্/ [ফা.] অব্য. ধন্য বলিহারি প্রভৃতি প্রশংসাসূচক উক্তি।

শাবুদ /শাবুদ্ / [ফা.] বি. প্রমাণ; সাক্ষ্য।

শাব্দ /শাব্‌দো/ [স. শব্দ+অ] বিণ. শব্দসংক্রান্ত।

শাব্দিক /শাব্‌দিক্/ [স. শব্দ+ইক] বিণ. ১ শব্দ-শাস্ত্রজ্ঞ। ২ শব্দবিষয়ক। ৩ বৈয়াকরণ।

শামর /শামোর্/ [স. শ্যামল >] বিণ. শ্যামবর্ণ। স্ত্রী. **শামরী** /শামোরি/।

শামলা[১] /শাম্‌লা/ [স. শ্যামল >] বিণ. শ্যামবর্ণ।

শামলা[২] /শাম্‌লা/ [ফা.] বি. ১ শালের পাগড়ি-বিশেষ, উষ্ণীষ। ২ ঢোলা জামাবিশেষ।

শামা[১] /শামা/ [ফা.] বি. প্রদীপ।

শামা[২] /শামা/ [স. শম্ব >] বি. ঢেঁকির মুষল মুগুর প্রভৃতির মুখে লাগানো লোহার বলয়।

শামাদান /শামাদান্ / [ফা.] বি. শেজ, দীপাধার।

শামাপোকা /শামাপোকা/ [ফা. শামা+বা. পোকা] বি. আলোয় আকৃষ্ট হয় এমন ছোটো সবুজ পোকা-বিশেষ, দীপকীট।

শামিকাবাব /শামি কাবাব্/ [তুর. শামি+আ. কবাব] বি. মাংস ডাল প্রভৃতির তৈরি বড়াবিশেষ।

শামিয়ানা /শামিআনা/ [ফা.] বি. মোটা কাপড়ের তৈরি অস্থায়ী আচ্ছাদনবিশেষ, চাঁদোয়া, চন্দ্রাতপ।

শামিল /শামিল্/ [আ.] বিণ. ১ অন্তর্ভুক্ত। ২ সদৃশ, মতো, সমান, তুল্য।

শামুক /শামুক্/ [স. শম্বুক >] বি. সমস্ত শরীরকে কঠিন খোলসের মধ্যে গুটিয়ে ফেলতে পারে এমন অত্যন্ত ধীর গতিসম্পন্ন স্বাদু জল বা ডাঙায় বিচরণকারী জলজ প্রাণিবিশেষ, শম্বুক।

শায়ক /শায়োক্/ [স. √শায়ি+অক] বি. বাণ, তির।

শায়া /শায়া/ [পো. saia >] বি. শাড়ির নিচে পরিধেয় অন্তর্বাস, পেটিকোট।

শায়িত /শায়িতো/ [স. √শী+ণিচ্+ত] বিণ. ১ শয়ন করানো হয়েছে এমন। ২ সমাধিস্থ। ৩ নিপাতিত। স্ত্রী. **শায়িতা** /শায়িতা/।

-শায়ী /শায়ি/ [স. √শী+ইন্] বিণ. (সমাসের পর-পদে) শয়নকারী (*শয্যাশায়ী*)। স্ত্রী. **-শায়িনী** /শায়িনি/।

শায়ের /শায়ের্/ [আ.] বি. যে মুখে মুখে ছড়া বা কবিতা রচনা করতে পারে, কবি।

শায়েস্তা /শায়েস্‌তা/ [ফা.] বিণ. ১ শাস্তিপ্রাপ্ত; জব্দ। ২ দমিত, শাসিত। ৩ শিক্ষাপ্রাপ্ত।

শারদ /শারোদ্/ [স. শরদ্+অ] বিণ. শরৎকালীন, শরৎকালের।

শারদলক্ষ্মী /শারোদোলোক্‌খিঁ/ [স. শারদ+√লক্ষ্+

www.pathagar.com

ঈ] বি. দেবী সরস্বতী।

শারদা /শারোদা/ [স. শারদ+আ (টাপ্)] বি. ১ সরস্বতী। ২ দেবী দুর্গা। ৩ বীণাবিশেষ।

শারদীয় /শারোদিয়ো/ [স. শারদ+ঈয়] বিণ. শরৎ-কালীন (*শারদীয় দুর্গোৎসব*)। বি. শারদ উৎসব উপলক্ষ্যে প্রকাশিত গল্প উপন্যাস প্রভৃতির সংকলন।

শারি/শারি/ [স. √শৃ+ই] বি. ১ স্ত্রী-শালিক। ২ পাশার গুটিকা। ৩ (বাংলায়) স্ত্রী-শুক।

শারিকা /শারিকা/ [স. শারি+কন্+আ (টাপ্)] বি. দ্র শারি।

শারীর /শারির্/ [স. শরীর+অ] বিণ. ১ শরীর-সম্পর্কীয়। ২ দেহ থেকে উৎপন্ন, দেহজ।

শারীরবিজ্ঞান /শারিরবিগ্যান্/ [স. শারীর+বিজ্ঞান] বি. দেহের বিভিন্ন অঙ্গের ক্রিয়াবিষয়ক শাস্ত্র।

শারীরবিদ্যা /শারিরবিদ্দা/ [স. শরীর+বিদ্যা] বি. দ্র শারীরবিজ্ঞান।

শারীরস্থান /শারিরস্থান্/ [স. শরীর+স্থান] বি. দেহের বিভিন্ন অঙ্গের গঠন সম্পর্কিত শাস্ত্র, anatomy।

শারীরিক /শারিরিক্/ [স. শরীর+ইক] বিণ. শরীর-বিষয়ক।

শার্কর /শার্কর্/ [স. শর্করা+অ] বিণ. ১ শর্করা বা চিনি সংক্রান্ত। ২ শর্করামিশ্রিত। ৩ কাঁকরযুক্ত।

শার্ঙ্গ /শার্ঙ্গো/ [স. শৃঙ্গ+অ] বিণ. ১ শৃঙ্গ বা শিংসংক্রান্ত। ২ শৃঙ্গজাত, শৃঙ্গ থেকে উৎপন্ন। বি. ১ শৃঙ্গনির্মিত ধনুক। ২ বিষ্ণুর ধনুক।

শার্ঙ্গধর /শার্ঙ্গোধর্/ [স. শৃঙ্গ+√ধৃ+অ] বি. ১ ধনুর্ধর। ২ বিষ্ণু।

শার্ঙ্গপাণি /শার্ঙ্গোপানি/ [স. শৃঙ্গ+পাণি] বি. দ্র শার্ঙ্গধর।

শার্ঙ্গী /শার্ঙ্গি/ [স. শৃঙ্গ+ইন্] বি. দ্র শার্ঙ্গধর।

শার্ট /শার্ট্/ [ই.] বি. (প্রধানত পুরুষদের) ঊর্ধ্বাঙ্গে পরিধেয় হাফহাতা বা পুরোহাতা জামা, shirt।

শার্দূল /শার্দুল্/ [স. √শৃ+ঊল] বি. বাঘ।

শার্দূলবিক্রীড়িত /শার্দুলবিক্রিড়িতো/ [স. শার্দূল+বি+√ক্রীড়+ত] বি. সংস্কৃত ছন্দবিশেষ।

শার্সি /শার্শি/ [ই.] বি. (জানালা বা দরজায় ব্যবহৃত) খাঁজের মধ্যে চাকার ওপর ঠেলে খোলা ও বন্ধ করা যায় এমন কাচের পাল্লা বা কবাট।

শাল[১] /শাল্/ [স. √শাল্+অ] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে বসন্তকালে ফোটে এমন হলুদাভ সাদা লোমযুক্ত ছোটো গুচ্ছবদ্ধ ফুল বা তার গাঢ় ধূসর বাকলযুক্ত ভেষজগুণসম্পন্ন বৃহদাকার বৃক্ষ (আনি. ভারত ও বাংলাদেশ)।

শাল[২] /শাল্/ [স. শল্য >] বি. বড়ো লৌহশলাকা, গজাল।

শাল[৩] /শাল্/ [ফা.] বি. শীতনিবারক পশমি চাদর-বিশেষ।

শাল[৪] /শাল্/ [স. শালা >] বি. ১ ঘর (*ঘোড়াশাল*), আলয়। ২ কারখানা (*টাঁকশাল*)।

শালকর /শালকর্/ [ফা. শাল+বা. কর] বি. ১ শাল উৎপাদক ও বিক্রেতা। ২ শাল মেরামত ও ধৌত করে যে।

শালগম /শালগম্/ [ফা.] বি. পৃথিবীর প্রায় সব দেশে চাষ করা হয় এমন সোনালি হলুদ ফুল ও ছোটো বীজযুক্ত গোলাকার ফল বা তার চ্যাপটা গোলাকার কন্দবিশিষ্ট (যা সবজি হিসেবে রেঁধে খাওয়া হয়) বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. ভূমধ্যসাগরীয় ও এশিয়ার মধ্যবর্তী অঞ্চল)।

শালগ্রাম /শালোগ্রাম্/ [স্থান.] বি. বিষ্ণুর প্রতীক-রূপে পূজিত গণ্ডকী নদীগর্ভ থেকে সংগৃহীত গোলাকার শিলা।

শালতি /শাল্তি/ [স. শালতরি >] বি. শালের গুঁড়ি দিয়ে তৈরি ছোটো ও দ্রুতগামী নৌকা।

শালনির্যাস /শাল্নির্জাশ্/ [স. শাল+নির্+√যাসি+অ] বি. শালগাছের নির্যাস থেকে তৈরি আঠা, ধুনা।

শালপ্রাংশু /শালোপ্প্রাংশু/ [স. শাল+প্র+অংশু] বিণ. শালগাছের মতো সুগঠিত ও দীর্ঘকায়।

শালবন /শাল্বোন্/ [স. শাল+বন] বি. শালগাছের বন।

শালবনবিহার /শাল্বোন্বিহার/ [স. শালবন+বিহার] বি. বাংলাদেশের ময়নামতী পাহাড় খনন করে আবিষ্কৃত বৌদ্ধ বিহার (খ্রিষ্টীয় ৭ম থেকে ১২শ শতকের মধ্যে নির্মিত বলে অনুমিত)।

শালবীথি /শাল্বিথি/ [স. শাল+√বিথ্+ই] বি. ১ শালগাছের সারি। ২ উভয়পাশে শালগাছের সারি-যুক্ত পথ।

শালবীথিকা /শাল্বিথিকা/ [স. শালবীথি+কন্+আ (টাপ্)] বি. দ্র শালবীথি।

-শালা[১] /শালা/ [স. √শল্+অ+আ (টাপ্)] বি. ১ আলয়, বাড়ি, স্থান। ২ ঘর, কক্ষ। ৩ কারখানা। ৪ ভান্ডার, সঞ্চয়স্থান।

শালা[২] /শালা/ [স. শ্যালক >] বি. ১ স্ত্রীর ছোটোভাই; সম্বন্ধী। ২ গালিবিশেষ।

www.pathagar.com

শালাজ /শালাজো / [বা.] বি. শ্যালকের পত্নী।

শালাবউ /শালাবোউ/ [বা.] বি. শ্যালকপত্নী।

শালি[১] /শালি/ [স. √শাল্+ই] বি. হেমন্তকালে উৎপন্ন ধানবিশেষ।

শালি[২] /শালি/ [স. শ্যালকী >] বি. ১ স্ত্রীর ছোটো বোন, শ্যালিকা। ২ গালিবিশেষ।

শালিক /শালিক্/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের বিভিন্ন অঞ্চলে বিচরণ করে এমন মাথায় ছোটো কালো ঝুঁটি লালচে খয়েরি পালক এবং হলুদ ঠোঁট ও পা-বিশিষ্ট ময়নাজাতীয় পাখি।

শালিবাহন /শালিবাহোন্ / [ব্যক্তি.] বি. শকাব্দের প্রবর্তনকারী শক নৃপতি।

-শালী /শালি/ [স. √শাল্+ইন্] বিণ. (সমাসের উত্তর-পদে) যুক্ত (*শক্তিশালী*); বিশিষ্ট (*বিত্তশালী*); সম্পন্ন (*পরাক্রমশালী*)। স্ত্রী. -শালিনী /শালিনি/।

শালীন /শালিন্/ [স. শালা+ঈন্] বিণ. ১ মার্জিত; নম্র, ভদ্র। ২ সলজ্জ। বি. শালীনতা /শালিনতা/।

শালু /শালু/ [হি. সাল >] বি. লেপ প্রভৃতি তৈরি বা পূজায় ব্যবহৃত লাল সুতিকাপড়বিশেষ।

শালুক /শালুক্/ [স. √শল্+উক] বি. ১ বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত হালকা নীল ও সুগন্ধ ছোটো ফুল বা তার অপেক্ষাকৃত ছোটো সাদাটে সবুজ পাতাবিশিষ্ট জলজ উদ্ভিদের কন্দ (আনি. এশিয়া ও আফ্রিকার উষ্ণ অঞ্চল)। ২ (বাংলায়) কুমুদ; পদ্মের নাল।

শাল্মল /শাল্মল্/ [স. √শাল্+মল] বি. দ্র শাল্মলি।

শাল্মলি /শাল্মোলি/ [স. √শাল্+মল+ই] বি. ১ শিমুল গাছ। ২ পুরাণে বর্ণিত সপ্তদ্বীপের একটি।

শাশুড়ি /শাশুড়ি/ [বা.] বি. স্বামী বা স্ত্রীর মাতা বা তৎস্থানীয়া নারী, শ্বশ্রূ।

শাশ্বত /শাশ্শতো/ [স. শশ্বৎ+অ] বিণ. নিত্য, অবিনশ্বর; চিরন্তন। স্ত্রী. শাশ্বতী /শাশ্শোতি/।

শাশ্বতিক /শাশ্শোতিক্/ [স. শশ্বৎ+ইক] বিণ. নিত্য, চিরন্তন। স্ত্রী. শাশ্বতিকী /শাশ্শোতিকি/।

শাসক /শাশক্/ [স. √শাস্+অক] বিণ. বি. শাসনকারী; পরিচালক। স্ত্রী. শাসিকা /শাশিকা/।

শাসন /শাশোন্/ [স. √শাস্+অন] বি. ১ দমন (*দুষ্টের শাসন*)। ২ প্রতিপালন (*প্রজাশাসন*)। ৩ পরিচালন (*রাজ্যশাসন*)। ৪ সংযতকরণ (*ইন্দ্রিয়শাসন*)। ৫ আদেশপত্র, সনদ (*তাম্রশাসন*)। ৬ উপদেশ নির্দেশ বিধি প্রভৃতি (*শাস্ত্রের শাসন*)। ৭ শাস্তিদান (*সন্তানকে শাসন*)।

শাসনকর্তা /শাশোনকর্তা/ [স. শাসন+√কৃ+তৃ] বি. রাজ্য বা প্রদেশ শাসন করে যে, প্রশাসক।

শাসনকার্য /শাশোনকারজো/ [স. শাসন+√কৃ+য] বি. রাষ্ট্র শাসন বা পরিচালনার কাজ।

শাসনতন্ত্র /শাশোনতন্ত্রো/ [স. শাসন+√তন্+ত্র] বি. রাষ্ট্র শাসনের পদ্ধতি, সংবিধান, constitution।

শাসনবিধি /শাশোনবিধি/ [স. শাসন+বি+√ধা+ই] বি. সংবিধান।

শাসনাধীন /শাশোনাধিন্/ [স. শাসন+অধীন] বিণ. শাসকের আয়ত্তভুক্ত।

শাসনীয় /শাশোনিয়ো/ [স. √শাস্+অনীয়] বিণ. ১ শাসনযোগ্য, শাস্য। ২ দণ্ডনীয়। ৩ শিক্ষণীয়।

শাসা /শাশা/ [স. শাসন >] ক্রিবি. শাসন করা বা ভয় দেখানো।

শাসানি /শাশানি/ [বা.] বি. ভীতিপ্রদর্শন, হুমকি, ধমক; তিরস্কার।

শাসানো /শাশানো/ [বা.] ক্রিবি. ভয় দেখানো, হুমকি দেওয়া; ভর্ৎসনা করা।

শাসি /শাশি/ [ফা.] বি. দ্র শার্সি।

শাসিত /শাশিতো/ [স. √শাস্+ত] বিণ. ১ শাসন করা হয়েছে এমন, দমিত। ২ সংযমিত। স্ত্রী. শাসিতা /শাশিতা/।

শাস্তা /শাস্তা/ [স. √শাস্+তৃ] বি. ১ শাসনকর্তা, শাসক। ২ উপদেষ্টা; শিক্ষক। ৩ বুদ্ধদেব।

শাস্তি /শাস্তি/ [স. √শাস্+তি] বি. ১ কোনো অন্যায় বা অপরাধমূলক কাজের জন্য সাজা, দণ্ড। ২ নিগ্রহ, অত্যাচার।

শাস্তিবিধান /শাস্তিবিধান্/ [স. শাস্তি+বিধান] বি. শাস্তি প্রদান, দণ্ডদান।

শাস্ত্র /শাস্ত্রো/ [স. √শাস্+ত্র] বি. ১ বেদ স্মৃতি পুরাণ প্রভৃতি সংস্কৃত গ্রন্থ। ২ অনুশাসন গ্রন্থ, ধর্মগ্রন্থ। ৩ বিদ্যা (*চিকিৎসাশাস্ত্র*)।

শাস্ত্রকার /শাস্ত্রোকার্/ [স. শাস্ত্র+√কৃ+অ] বিণ. শাস্ত্ররচনাকারী।

শাস্ত্রচর্চা /শাস্ত্রোচর্চা/ [স. শাস্ত্র+চর্চা] বি. শাস্ত্রপাঠ বা আলোচনা।

শাস্ত্রজীবী /শাস্ত্রোজিবি/ [স. শাস্ত্র+√জীব্+ইন্] বিণ. বি. শাস্ত্রবিষয়ে আলোচনা ও ব্যাখ্যাদান করে জীবিকা নির্বাহকারী।

শাস্ত্রজ্ঞ /শাস্ত্রোগ্গোঁ/ [স. শাস্ত্র+√জ্ঞা+অ] বিণ. শাস্ত্র জানেন বা শাস্ত্রে জ্ঞান আছে এমন।

শাস্ত্রজ্ঞান /শাস্ত্রোগ্গ্যান্/ [স. শাস্ত্র+√জ্ঞা+অন] বি. শাস্ত্রসম্পর্কিত জ্ঞান।

www.pathagar.com

শাস্ত্রজ্ঞানী /শাস্ত্রোগ্‌গ্যাঁনি/ [স. শাস্ত্র+জ্ঞান+ইন্] বিণ. দ্র শাস্ত্রজ্ঞ।

শাস্ত্রদর্শী /শাস্ত্রোদোর্‌শি/ [স. শাস্ত্র+√দৃশ্+ইন্] বিণ. দ্র শাস্ত্রজ্ঞ।

শাস্ত্রবিদ /শাস্ত্রোবিদ্/ [স. শাস্ত্র+√বিদ্+ক্বিপ্] বিণ. শাস্ত্রবিষয়ে অভিজ্ঞতা বা পাণ্ডিত্য আছে এমন।

শাস্ত্রবিধি /শাস্ত্রোবিধি/ [স. শাস্ত্র+বি+√ধা+ই] বি. শাস্ত্রের বিধান নির্দেশ বা অনুশাসন।

শাস্ত্রবিহিত /শাস্ত্রোবিহিতো/ [স. শাস্ত্র+বি+√ধা+ত] বিণ. দ্র শাস্ত্রসম্মত।

শাস্ত্রবেত্তা /শাস্ত্রোবেত্তা/ [স. শাস্ত্র+√বিদ্+ত্] বিণ. দ্র শাস্ত্রবিদ।

শাস্ত্রব্যাখ্যা /শাস্ত্রোব্যাক্‌খ্যা/ [স. শাস্ত্র+বি+আ+√খ্যা+অ+আ (টাপ্)] বি. শাস্ত্রের বিধিনিষেধের অর্থ ও তাৎপর্য বর্ণনা।

শাস্ত্রব্যাখ্যাতা /শাস্ত্রোব্যাক্‌খ্যাতা/ [স. শাস্ত্র+বি+আ+√খ্যা+তৃ] বিণ. শাস্ত্রের বিধিনিষেধের অর্থ বা তাৎপর্য ব্যাখ্যাকারী।

শাস্ত্রসংগত /শাস্ত্রোশংগতো/ [স. শাস্ত্র+সম্+√গম্+ত] বিণ. দ্র শাস্ত্রসম্মত।

শাস্ত্রসম্মত /শাস্ত্রোশম্মতো/ [স. শাস্ত্র+সম্+√মন্+ত] বিণ. শাস্ত্র কর্তৃক অনুমোদিত বা নির্দেশিত।

শাস্ত্রানুমত /শাস্ত্রানুমত্/ [স. শাস্ত্র+অনুমত] বিণ. দ্র শাস্ত্রসম্মত।

শাস্ত্রানুমোদিত /শাস্ত্রানুমোদিতো/ [স. শাস্ত্র+অনুমোদিত] বিণ. দ্র শাস্ত্রসম্মত।

শাস্ত্রানুযায়ী /শাস্ত্রানুজায়ি/ [স. শাস্ত্র+অনুযায়ী] ক্রিবিণ. শাস্ত্রের বিধান অনুসারে।

শাস্ত্রানুশীলন /শাস্ত্রানুশিলন্/ [স. শাস্ত্র+অনুশীলন] বি. দ্র শাস্ত্রচর্চা।

শাস্ত্রার্থ /শাস্ত্রার্‌থো/ [স. শাস্ত্র+অর্থ] বি. শাস্ত্রের তাৎপর্য।

শাস্ত্রালোচনা /শাস্ত্রালোচনা/ [স. শাস্ত্র+আলোচনা] বি. দ্র শাস্ত্রচর্চা।

শাস্ত্রী /শাস্ত্রি/ [স. শাস্ত্র+ইন্] বিণ. শাস্ত্রজ্ঞ। বি. ১ শাস্ত্রবিষয়ে পন্ডিত ব্যক্তি। ২ শাস্ত্রজ্ঞ পন্ডিতের উপাধিবিশেষ।

শাস্ত্রীয় /শাস্ত্রিয়ো/ [স. শাস্ত্র+ঈয়] বিণ. ১ শাস্ত্র-সংক্রান্ত। ২ শাস্ত্রোক্ত।

শাস্ত্রোক্ত /শাস্ত্রোক্‌তো/ [স. শাস্ত্র+উক্ত] বিণ. শাস্ত্রে উল্লেখ করা হয়েছে এমন।

শাস্য /শাশ্যো/ [স. √শাস্+য] বিণ. দ্র শাসনীয়।

শাহ /শাহ্/ [ফা.] বি. ১ বাদশাহ, নৃপতি; নবাব। ২ অধুনালুপ্ত পারস্যদেশের শাসকের উপাধি।

শাহজাদা /শাহ্‌জাদা/ [ফা.] বি. বাদশাহর পুত্র, রাজকুমার। স্ত্রী. শাহজাদি /শাহ্‌জাদি/।

শাহবাজ /শাহ্‌বাজ্/ [ফা.] বি. বাজপাখির প্রজাতি-বিশেষ, royal falcon।

শাহাদত[১] /শাহাদত্/ [আ.] বি. ১ সাক্ষ্য। ২ সাক্ষ্য দেই যে আল্লাহ এক এবং মুহম্মদ (সা.) আল্লাহর রসুল।

শাহাদত[২] /শাহাদত্/ [আ.] বি. সত্য ও ন্যায়সংগত অধিকার আদায়ের জন্য প্রাণ উৎসর্গ (*শাহাদত বরণ*)।

শাহাদত আঙ্গুলি /শাহাদত্ ওংগুলি/ বি. তর্জনী।

শাহি /শাহি/ [ফা.] বিণ. নবাবি, রাজকীয়।

শিউরানো /শিউ্‌রানো/ [বা.] ক্রিবি. 'শিহরানো'-র কথ্য রূপ।

শিউলি /শিউ্‌লি/ [স. শেফালি >] বি. উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শরৎকালে সন্ধ্যায় ফোটে ও সূর্য ওঠার আগে ঝরে যায় এমন লালচে কমলা রঙের বোঁটায় ছ-সাতটি পাপড়িযুক্ত সুগন্ধ সাদা ফুল বা তার হালকা সবুজাভ খসখসে পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, শেফালি (আনি. ভারতীয় উপমহাদেশ)।

শিং[১] /শিং/ [স. শৃঙ্গ >] বি. গোরু ছাগল ভেড়া প্রভৃতি স্তন্যপায়ী তৃণভোজী চতুষ্পদ প্রাণীর মাথায় উদ্‌গত সুচালো উপাস্থিবিশেষ, বিষাণ।

শিং[২] /শিং/ [স. শৃঙ্গী >] বি. মাথার দুপাশে দুটি বিষাক্ত কাঁটা ও মুখে চারজোড়া স্পর্শীযুক্ত গোলাকৃতির লেজবিশিষ্ট আঁশবিহীন কালো লম্বাটে স্বাদুজলের জিঙল মাছ, শিঙি, catfish।

শিংশপা /শিংশপা/ [স. শিব+√পা+অ+আ (টাপ্)] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন পীতাভ ফুল মসৃণ লোমাবৃত পাতা বা তার ভেষজগুণসম্পন্ন বৃহদাকার দ্রুতবর্ধনশীল পত্রমোচী বৃক্ষ যার টেকসই ও মূল্যবান কাঠ আসবাবপত্র তৈরির জন্য ব্যবহৃত হয়, শিশুগাছ।

শিক /শিক্/ [ফা.] বি. ১ লোহা বা অন্য ধাতুর তৈরি শলাকা। ২ গরাদ।

শিক কাবাব /শিক্ কাবাব্/ বি. শলাকায় গেঁথে আগুনে ঝলসানো মসলামাখা মাংস।

শিকড় /শিকড়্/ [দেশি.] বি. ১ গাছের মূল। ২ মূল (*শিকড়সন্ধানী লেখক*)।

শিকদার /শিক্‌দার্/ [ফা.] বি. ১ ভূমি-রাজস্ব আদায়ের কর্মচারী। ২ পদবিবিশেষ।

শিকনি /শিক্‌নি/ [স. শিঙ্ঘাণ >] বি. নাসারন্ধ্র থেকে বহির্গত শ্লেষ্মা।

www.pathagar.com

শিকল /শিকল্/ [স. শৃঙ্খল >] বি. ধাতব (সচরাচর লোহার) কড়া বা আংটা জুড়ে তৈরি বেড়ি, শৃঙ্খল, নিগড়।

শিকলি /শিক্‌লি/ [স. শৃঙ্খল >] বি. 'শিকল'-এর কথ্য ও কাব্যিক রূপ।

শিকস্ত[১] /শিকস্‌ত্/ [বা.] বি. পাকা হাতের টানা লেখা।

শিকস্ত[২] /শিকস্‌ত্/ [ফা.] বি. ১ পরাজয়। ২ ভঙ্গুরতা।

শিকা /শিকা/ [স. শিক্যা >] বি. (সচরাচর বিড়াল প্রভৃতির আক্রমণ থেকে খাদ্যবস্তু সংরক্ষণের জন্য) হাঁড়ি পাতিল ঝুলিয়ে রাখা যায় এমন পাটের সরু রশির তৈরি সরঞ্জামবিশেষ।

শিকার /শিকার্/ [ফা.] বি. ১ অস্ত্রাদির সাহায্যে বুনো পশুপাখি বধ, মৃগয়া। ২ মৃগয়ালব্ধ প্রাণী। ৩ (আল.) হত্যা লুণ্ঠন অপহরণ প্রভৃতি অপরাধের লক্ষ্য; নিরীহ ব্যক্তি।

শিকারি /শিকারি/ [ফা.] বি. যে ব্যক্তি শিকার করে। বিণ. (সাধারণত খাওয়ার উদ্দেশ্যে) শিকার ধরে এমন (*শিকারি বাঘ*)।

শিকে /শিকে/ [স. শিক্যা >] বি. দ্র শিকা।

শিকেয় তোলা /শিকেয় তোলা/ ক্রিবি. (আল.) অনির্দিষ্টকালের জন্য স্থগিত বা মুলতুবি রাখা।

শিক্ষক /শিক্‌খক্/ [স. √শিক্ষ্+ণিচ্+অক] বি. বিণ. শিক্ষাদাতা; অধ্যাপক; উপদেষ্টা; গুরু। স্ত্রী. শিক্ষিকা /শিক্‌খিকা/।

শিক্ষকতা /শিক্‌খকতা/ [স. শিক্ষক+তা] বি. শিক্ষকের বৃত্তি; অধ্যাপনা।

শিক্ষকপ্রশিক্ষণ /শিক্‌খকপ্রোশিক্‌খন্/ [স. শিক্ষক+প্রশিক্ষণ] বি. শিক্ষকের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রদত্ত বিশেষ প্রশিক্ষণ।

শিক্ষকসমাজ /শিক্‌খক্‌শমাজ্/ [স. শিক্ষক+সমাজ] বি. শিক্ষককুল।

শিক্ষণ /শিক্‌খন্/ [স. √শিক্ষি+অন] বি. ১ অধ্যয়ন, শিক্ষাগ্রহণ। ২ শিক্ষাদান; হাতেকলমে শিক্ষাদান।

শিক্ষণীয় /শিক্‌খোনিয়ো/ [স. √শিক্ষ্+অনীয়] বিণ. শেখার যোগ্য বা শেখা উচিত এমন।

শিক্ষয়িতা /শিক্‌খোয়িতা/ [স. √শিক্ষি+তৃ] বিণ. শিক্ষাদাতা। বি. শিক্ষক। স্ত্রী. শিক্ষয়িত্রী /শিক্‌খোয়িত্রি/।

শিক্ষা /শিক্‌খা/ [স. √শিক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ বিদ্যাচর্চা, অধ্যয়ন (*দর্শন শিক্ষা*)। ২ অভ্যাস বা চর্চার দ্বারা আয়ত্তীকরণ (*মোটর চালনা শিক্ষা*)। ৩ বিদ্যালাভ (*শিক্ষার হার*)। ৪ উপদেশ, নির্দেশ (*গুরুর শিক্ষা*)। ৫ অভিজ্ঞতা। ৬ তিক্ত অভিজ্ঞতা (*শিক্ষা হওয়া*)। ৭ দণ্ড, শাস্তি। ৮ উচ্চারণসংক্রান্ত বেদাঙ্গবিশেষ।

শিক্ষাকর /শিক্‌খাকর্/ [স. শিক্ষা+√কৃ+অ] বি. শিক্ষাদানের ব্যবস্থা করার জন্য সরকারকে দেয় কর বা খাজনা।

শিক্ষাকার্যক্রম /শিক্‌খাকার্‌জোক্‌ক্রোম্/ [স. শিক্ষা+কার্যক্রম] বি. শিক্ষার প্রসারে করণীয় কাজের তালিকা।

শিক্ষাকেন্দ্র /শিক্‌খাকেন্দ্রো/ [স. শিক্ষা+কেন্দ্র] বি. শিক্ষা দান ও গ্রহণের স্থান, বিদ্যায়তন।

শিক্ষাক্রম /শিক্‌খাক্‌ক্রোম্/ [স. শিক্ষা+ক্রম] বি. বিদ্যায়তনে অনুসৃত পাঠক্রম, পাঠ্যসূচি।

শিক্ষাগুরু /শিক্‌খাগুরু/ [স. শিক্ষা+গুরু] বি. যিনি বিদ্যা দান করেন, গুরুমশাই, শিক্ষক।

শিক্ষাঙ্গন /শিক্‌খাংগন্/ [স. শিক্ষা+অঙ্গন] বি. বিদ্যায়তন।

শিক্ষাদর্শ /শিক্‌খাদর্‌শো/ [স. শিক্ষা+আদর্শ] বি. শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য।

শিক্ষাদাতা /শিক্‌খাদাতা/ [স. শিক্ষা+√দা+তৃ] বি. দ্র শিক্ষাগুরু।

শিক্ষাদীক্ষা /শিক্‌খাদিক্‌খা/ [স. শিক্ষা+দীক্ষা] বি. ১ শাস্ত্রপাঠ ও মন্ত্রগ্রহণ। ২ শিক্ষণ ও আচরণ।

শিক্ষাধীন /শিক্‌খাধিন্/ [স. শিক্ষা+অধীন] বিণ. শিক্ষাগ্রহণ করছে এমন, শিক্ষানবিশ।

শিক্ষানবিশ /শিক্‌খানোবিশ্/ [স. শিক্ষা+ফা. নবিশ] বি. বিণ. শিক্ষার্থী।

শিক্ষানবিশি /শিক্‌খানোবিশি/ [স. শিক্ষা+ফা. নবিশি] বি. শিক্ষাগ্রহণকাল।

শিক্ষানীতি /শিক্‌খানিতি/ [স. শিক্ষা+√নী+তি] বি. পাঠক্রম ও শিক্ষাপদ্ধতি বিষয়ক সরকারি নীতি।

শিক্ষাপদ্ধতি /শিক্‌খাপদ্‌ধোতি/ [স. শিক্ষা+পদ্ধতি] বি. শিক্ষাদানের রীতি ও প্রণালি।

শিক্ষাপরিবেশ /শিক্‌খাপোরিবেশ্/ [স. শিক্ষা+পরিবেশ] বি. শিক্ষাদান ও গ্রহণের অনুকূল পারিপার্শ্বিক অবস্থা।

শিক্ষাপ্রণালি /শিক্‌খাপ্রোনালি/ [স. শিক্ষা+প্রণালি] বি. দ্র শিক্ষাপদ্ধতি।

শিক্ষাপ্রতিষ্ঠান /শিক্‌খাপ্রোতিশ্‌ঠান্/ [স. শিক্ষা+প্রতিষ্ঠান] বি. বিদ্যালয় মহাবিদ্যালয় বিশ্ববিদ্যালয় প্রভৃতি বিদ্যায়তন।

শিক্ষাপ্রদ /শিক্‌খাপ্রোদো/ [স. শিক্ষা+প্রদ] বিণ. শিক্ষাদান করে এমন, শিক্ষাদায়ক।

শিক্ষাবিদ /শিক্‌খাবিদ্/ [স. শিক্ষা+√বিদ্+ক্বিপ্] বি. শিক্ষাদানের নীতি ও পদ্ধতি বিষয়ে বিশেষ

www.pathagar.com

জ্ঞানসম্পন্ন ব্যক্তি ; শিক্ষক।

শিক্ষাবিস্তার /শিক্‌খাবিস্‌তার্‌/ [স. শিক্ষা+বিস্তার] বি. শিক্ষার প্রসার।

শিক্ষাব্যবস্থা /শিক্‌খাব্যাবোস্‌থা/ [স. শিক্ষা+ব্যবস্থা] বি. শিক্ষার পরিকাঠামো।

শিক্ষাব্রত /শিক্‌খাব্রোতো/ [স. শিক্ষা+√বৃ+অত] বি. শিক্ষার ক্ষেত্রে কর্তব্যকর্মের বিষয়ে চিন্তা বা সংকল্প; শিক্ষাদানরূপ আদর্শ।

শিক্ষাব্রতী /শিক্‌খাব্রোতি/ [স. শিক্ষা+ব্রত+ইন্‌] বিণ. শিক্ষাকে জীবনের ব্রতরূপে গ্রহণ করেছে এমন।

শিক্ষামূলক /শিক্‌খামুলক্‌/ [স. শিক্ষা+মূলক] বিণ. ১ শিক্ষাপ্রদ, শিক্ষাদায়ক। ২ শিক্ষাসংক্রান্ত।

শিক্ষায়তন /শিক্‌খায়তন্‌/ [স. শিক্ষা+আয়তন] বি. শিক্ষা দান ও গ্রহণের স্থান।

শিক্ষার্থী /শিক্‌খার্‌থি/ [স. শিক্ষা+√অর্থ্‌+ইন্‌] বি. শিক্ষা গ্রহণকারী, ছাত্রছাত্রী। স্ত্রী. **শিক্ষার্থিনী** /শিক্‌খার্‌থিনি/।

শিক্ষালয় /শিক্‌খালয়্‌/ [স. শিক্ষা+আলয়] বি. দ্র শিক্ষায়তন।

শিক্ষিত /শিক্‌খিতো/ [স. √শিক্ষ্‌+ত] বিণ. ১ শিক্ষাপ্রাপ্ত। ২ বিদ্বান, পণ্ডিত। স্ত্রী. **শিক্ষিতা** /শিক্‌খিতা/।

শিখ /শিখ্‌/ [স. শিষ্য >] বি. গুরু নানক প্রবর্তিত ধর্মাবলম্বী সম্প্রদায়।

শিখণ্ড /শিখন্‌ডো/ [স. শিখিন্‌+√অম্‌+ড] বি. ১ ময়ূরপুচ্ছ। ২ চূড়া। ৩ জুলফি। স্ত্রী. **শিখণ্ডিনী** /শিখন্‌ডিনি/।

শিখণ্ডক /শিখন্‌ডক্‌/ [স. শিখণ্ড+ক (স্বার্থে)] বি. দ্র শিখণ্ড।

শিখণ্ডিক /শিখোন্‌ডিক্‌/ [স. শিখণ্ড+ইক] বি. মোরগ।

শিখণ্ডী /শিখোন্‌ডি/ [স. শিখণ্ড+ইন্‌] বিণ. শিখণ্ড-যুক্ত। বি. ১ ময়ূর। ২ মহাভারতে বর্ণিত দ্রুপদ রাজার পুত্র। ৩ যাকে সামনে রেখে আড়াল থেকে কাজ করা হয়। স্ত্রী. **শিখণ্ডিনী** /শিখোন্‌ডিনি/।

শিখধর্ম /শিখ্‌ধর্‌মো/ [বা. শিখ+স. ধর্মন্‌] বি. গুরু নানক কর্তৃক প্রবর্তিত ধর্ম।

শিখন /শিখন্‌/ [স. শিক্ষণ >] বি. বিদ্যা গ্রহণ।

শিখর /শিখর্‌/ [স. শিখা+র] বি. ১ চূড়া, শীর্ষদেশ, উপরিভাগ। ২ পাহাড়ের চূড়া।

শিখরচুম্বী /শিখরচুম্‌বি/ [স. শিখর+√চুম্ব্‌+ইন্‌] বিণ. আকাশ স্পর্শ করে এমন, গগনচুম্বী।

শিখরবাসিনী /শিখর্‌বাশিনি/ [স. শিখর+√বস্‌+ইন্‌+ঈ] বি. কৈলাসবাসিনী, পার্বতী।

শিখরিণী /শিখোরিনি/ [স. শিখর+ইন্‌+ঈ] বিণ. শিখরবিশিষ্টা। বি. ১ উত্তমা নারী। ২ সংস্কৃত ছন্দবিশেষ।

শিখরী /শিখোরি/ [স. শিখর+ইন্‌] বিণ. শিখরবিশিষ্ট। বি. ১ পর্বত। ২ গাছ।

শিখা[১] /শিখা/ [স. √শী+খ+আ (টাপ্‌)] বি. ১ চূড়া, শিখর। ২ টিকি, চৈতন। ৩ আগুনের শিষ।

শিখা[২] /শিখা/ [স. শিক্ষা >] ক্রিবি. দ্র শেখা।

শিখানো /শিখানো/ [বা.] ক্রিবি. বিণ. দ্র শেখানো।

শিখিধ্বজ /শিখিদ্‌ধজ্‌/ [স. শিখী+ধ্বজ] বি. দ্র শিখিবাহন।

শিখিনী /শিখিনি/ [স. শিখা+ইন্‌+ঈ] বি. ময়ূরী।

শিখিবাহন /শিখিবাহোন্‌/ [স. শিখী+বাহন] বি. দেবসেনাপতি কার্তিকেয়।

শিখী /শিখি/ [স. শিখা+ইন্‌] বি. ময়ূর। স্ত্রী. **শিখিনী** /শিখিনি/।

শিগ্‌গির /শিগ্‌গির্‌/ [স. শীঘ্র >] ক্রিবিণ. বিণ. 'শীঘ্র'-এর কথ্য রূপ।

শিঙা /শিঙা/ [স. শৃঙ্গ >] বি. ফুঁ দিয়ে বাজানো যায় এমন শিং-এর তৈরি বা শিং-সদৃশ বাদ্যযন্ত্রবিশেষ।

শিঙাড়া /শিঙাড়া/ [স. শৃঙ্গাটক >] বি. ১ মশলা মেশানো আলু কপি প্রভৃতির পুর দিয়ে ময়দার তৈরি তেকোনা তেলে ভাজা খাদ্যবিশেষ। ২ পানিফল।

শিঙাদার /শিঙাদার্‌/ [বা. শিঙা+ফা. দার] বি. শিঙা বাজায় যে।

শিঙা ফোঁকা /শিঙা ফোঁকা/ ক্রিবি. (ব্য.) শেষ নিশ্বাস ত্যাগ করা।

শিঙি /শিঙি/ [স. শৃঙ্গী >] বি. মাথার দুপাশে দুটি বিষাক্ত কাঁটা ও মুখে চারজোড়া স্পর্শীযুক্ত গোলাকৃতির লেজবিশিষ্ট আঁশবিহীন কালো লম্বাটে মিঠাপানির জিওল মাছ, catfish।

শিঙে /শিঙে/ [বা.] বি. 'শিঙা'-র কথ্য রূপ।

শিঞ্জার /শিংগার্‌/ [স. শৃঙ্গার >] বি. ১ নায়কনায়িকার বেশবিন্যাস। ২ মিলনসজ্জা।

শিঞ্জারদান /শিংগার্‌দান্‌/ [বা. শিঙ্গার+ফা. দান] বি. সাজসজ্জার কাজে ব্যবহৃত আয়নাযুক্ত টেবিল, dressing table।

শিঞ্জন /শিন্‌জন্‌/ [ধ্বন্যা.] বি. নূপুর প্রভৃতির ধ্বনি; অলংকারের শব্দ।

শিঞ্জিত /শিন্‌জিতো/ [স. শিঞ্জা+ইত] বিণ. মুখর; শব্দকারী।

শিঞ্জিনিকা /শিন্‌জিনিকা/ [স. শিঞ্জিনী+কন্‌+আ

www.pathagar.com

(টাপ্)] বি. নূপুরের ধ্বনি বা শব্দ।

শিঞ্জিনী /শিন্‌জিনি/ [স. √শিঞ্জ্+ইন্+ঈ] বি. ১ নূপুর। ২ ধনুর্গুণ বা ধনুকের ছিলা।

শিটা /শিটা/ [স. শিষ্ট >] বি. গাদ, ক্বাথ, কাইট।

শিতি /শিতি/ [স. √শি+তি] বি. ১ শুক্লবর্ণ, সাদা রং। ২ কালো রং। ৩ নীল রং। বিণ. ১ সাদা। ২ কালো। ৩ নীল।

শিতিকণ্ঠ /শিতিকন্‌ঠো/ [স. শিতি+কণ্ঠ] বি. ১ শিব, মহাদেব। ২ ময়ূর।

শিথান /শিথান্/ [স. শিরঃস্থান >] বি. ১ শোয়া অবস্থায় মাথার দিক, শিয়রদেশ। ২ উপাধান বা বালিশ। ৩ মাথা।

শিথিল /শিথিল্/ [স. √শ্রথ্+ইর] বিণ. ১ শ্লথ, মন্থর (*শিথিল গতি*)। ২ ক্লান্ত। ৩ আলুলায়িত (*শিথিল কেশ*)। ৪ আলুথালু (*শিথিলবসনা*)। ৫ ঢিলেঢালা। বি. শিথিলতা /শিথিলতা/।

শিনি /শিনি/ [স. √শি+নিক্] বি. জল সেচনের সরঞ্জামবিশেষ।

শিন্নি /শিন্‌নি/ [ফা.] বি. 'শিরনি'-র কথ্য রূপ।

শিপ্রা /শিপ্‌প্রা/ [স. √শী+রক্+আ (টাপ্)] বি. উজ্জয়িনীতে প্রবাহিত চম্বল নদীর শাখাবিশেষ।

শিফন /শিফ্‌ন্/ [ফ.] বি. রেশম নাইলন প্রভৃতির তৈরি অতি মিহি ও প্রায় স্বচ্ছ কাপড়, chiffon।

শিব /শিব্/ [স. √শী+ব] বি. ১ মহাদেব। ২ মঙ্গল, কল্যাণ। বিণ. ১ শুভদায়ক। ২ সুখপ্রদ। ৩ সুন্দর।

শিব গড়তে বাঁদর গড়া /শিব্ গোড়্‌তে বাঁদোর্ গড়া/ প্র. খুব ভালো কিছু করতে গিয়ে খুব খারাপ কিছু করে ফেলা।

শিবচতুর্দশী /শিব্‌চোতুর্‌দোশি/ [স. শিব+চতুর্দশী] বি. ফাল্গুন মাসের কৃষ্ণচতুর্দশী তিথি।

শিবজ্ঞান /শিবোগ্‌গ্যান্/ [স. শিব+জ্ঞান] বি. ১ সবকিছুই মঙ্গলময় এরূপ ধারণা; শুভজ্ঞান। ২ শুভাশুভ কালবোধক শাস্ত্র।

শিবত্ব /শিবত্তো/ [স. শিব+ত্ব] বি. শিবের গুণ।

শিবত্বপ্রাপ্তি /শিবত্তোপ্রাপ্‌তি/ [স. শিবত্ব+প্র+√আপ্+তি] বি. মৃত্যু, পরলোকগমন।

শিবনেত্র /শিবোনেত্‌ত্রো/ [স. শিব+√নী+ত্র] বি. ধ্যানী শিবের মতো ঊর্ধ্বদৃষ্টি।

শিবপুরী /শিবপুরি/ [স. শিব+√পু+ঈ] বি. ১ শিবের বাসস্থান; কৈলাস। ২ বারাণসী।

শিবপ্রিয়া /শিবোপ্‌প্রিআ/ [স. শিব+√প্রী+অ+আ (টাপ্)] বি. শিবের প্রিয়া, দেবী দুর্গা।

শিববাহন /শিবোবাহোন্/ [স. শিব+বাহন] বি. বৃষ, ষাঁড়।

শিবরাত্রি /শিবোরাত্‌ত্রি/ [স. শিব+√রা+ত্রি] বি. শিবচতুর্দশীর রাত্রি।

শিবরাত্রির সলতে /শিবোরাত্‌ত্রির শোল্‌তে/ বি. ১ শিবরাত্রির প্রদীপের প্রজ্বলিত শিখা। ২ (আল.) একমাত্র জীবিত বংশধর।

শিবলিঙ্গ /শিবোলিংগো/ [স. শিব+√লিন্‌গ্+অ] বি. প্রস্তর মৃত্তিকা প্রভৃতির তৈরি শিবের লিঙ্গরূপ মূর্তি।

শিবলোক /শিবোলোক্/ [স. শিব+লোক] বি. দ্র শিবপুরী।

শিবলোকপ্রাপ্ত /শিবোলোক্‌প্রাপ্‌তো/ [স. শিবলোক+প্র+√আপ্+ত] বিণ. পরলোকগত, মৃত।

শিবা /শিবা/ [স. শিব+আ (টাপ্)] বি. ১ শিবের পত্নী, দেবী দুর্গা। ২ শৃগালী। ৩ মঙ্গলময়ী।

শিবানী /শিবানি/ [স. শিব+আ+√নী+অ+ঈ] বি. ১ দেবী দুর্গা। ২ জয়ন্তীবৃক্ষ। ৩ (বাংলায়) গঙ্গা।

শিবানুচর /শিবানুচর্/ [স. শিব+অনুচর] বি. শিবের অনুচর; ভূতপ্রেত।

শিবালয় /শিবালয়্/ [স. শিব+আলয়] বি. ১ শিবমন্দির। ২ কৈলাস। ৩ শ্মশান। ৪ রক্ততুলসী।

শিবালু /শিবালু/ [স. শৃগাল >] বি. শিয়াল।

শিবিকা /শিবিকা/ [স. √শিবি+অক+আ (টাপ্)] বি. মনুষ্যবাহিত কাঠের তৈরি যান, পালকি, ডুলি।

শিবির /শিবির্/ [স. √শী+ইর] বি. ১ ছাউনি, তাঁবু। ২ সেনানিবাস।

শিবেতর /শিবেতর্/ [স. শিব+ইতর] বিণ. অমঙ্গলকর।

শিম /শিম্/ [স. শিম্ব >] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে শীতকালে চাষ করা হয় এমন সাদা বেগুনি প্রভৃতি রঙের বাঁকানো পাপড়িবিশিষ্ট ফুল ও একাধিক বীজযুক্ত শুঁটিজাতীয় সবজি বা তার প্রতিটি বৃন্তে তিনটি করে পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির শিম্বগোত্রীয় লতানে উদ্ভিদ।

শিমুল /শিমুল্/ [স. শাল্মলি >] বি. শীতকালে ফোটে এমন ৫ থেকে ৭টি পাপড়িবিশিষ্ট উজ্জ্বল লাল ফুল ও শক্ত খোলসে আবৃত বহুবীজযুক্ত লম্বাটে ফল (বা তার মধ্যকার কোমল সাদা আঁশ) বা তার রূপালি ধূসর বাকলযুক্ত কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বৃহদাকার পত্রমোচী বৃক্ষ (আনি. এশিয়ার উষ্ণ অঞ্চল), শাল্মলি।

শিম্পাঞ্জি /শিম্‌পানজি/ [ফ.] বি. (মানুষের সঙ্গে ঘনিষ্ঠ সাদৃশ্যযুক্ত) আফ্রিকার বনে বাস করে

www.pathagar.com

এমন কালো লোমাবৃত বৃহদাকার ও শক্তিশালী প্রাণিবিশেষ, গরিলা, chimpanzee।

শিম্ব /শিম্‌বো/ [স. √শম্+ব] বি. ১ শিম। ২ শিমগাছ। ৩ শুঁটি।

শিম্বিকা /শিম্‌বিকা/ [স. শিম্বি+কন্+আ (টাপ্)] বি. দ্র শিম্ব।

শিয়র /শিঅর/ [স. শিখর >] বি. ১ শয়নকারীর মাথার দিক, শিথান। ২ বালিশ। ৩ খুবই নিকট।

শিয়রে শমন /শিঅরে শমোন্/ বি. মরণ সন্নিকটে এমন অবস্থা।

শিয়া /শিআ/ [আ.] বি. ইসলাম ধর্মাবলম্বীদের সম্প্রদায়বিশেষ (যাঁরা হজরত আবুবকর হজরত ওসমান হজরত ওমর ও হজরত আলী–এর মধ্যে কেবল হজরত আলী–ই হজরত মুহম্মদ (সা.)–এর বৈধ উত্তরাধিকারী জ্ঞান করেন)।

শিয়াকুল /শিআকুল্/ [স. শৃগালকোলি >] বি. এশিয়ার উষ্ণমণ্ডল ও অস্ট্রেলিয়ার বনাঞ্চলে জাত এবং হেমন্তে ফোটে এমন সবুজাভ হলুদ উভলিঙ্গ ফুল ও কালো গোলাকার কুলজাতীয় ফল বা তার সূক্ষ্ম রোমাবৃত শাখাপ্রশাখাবিশিষ্ট কণ্টকিত মাঝারি আকৃতির লতানে গুল্মবিশেষ।

শিয়াল /শিআল্/ [স. শৃগাল >] বি. খাড়া ত্রিকোণাকৃতি কান ও ছুঁচালো মুখ এবং মোটা লোমশ লেজওয়ালা মাংসাশী স্তন্যপায়ী চতুষ্পদ নিশাচর বুনো প্রাণিবিশেষ, শিবা, শৃগাল, শেয়াল।

শিয়ালকাঁটা /শিআলকাঁটা/ [বা.] বি. পতিত জমি ও রাস্তার ধারে জাত এবং বসন্তকালে ফোটে এমন হলুদ ফুল ও বহুবীজযুক্ত গোলাকার ফল বা সাদাটে শিরাযুক্ত খাঁজকাটা কণ্টকিত পাতা ও কাঁটাযুক্ত শাখান্বিত কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ)।

শিয়ালপণ্ডিত /শিআলপোনডিত্/ [বা. শিয়াল+স. পণ্ডিত] বি. নিজেকে অতিচালাক মনে করে এমন ব্যক্তি।

শিয়ালফাঁকি /শিআলফাঁকি/ [বা.] বি. মৃত্যুর ভান করে প্রতারণা।

শির /শির্/ [স. √শ্রি+অস্] বি. ১ মস্তক বা মাথা। ২ শীর্ষ, চূড়া।

শিরঃকোণ /শিরোক্‌কোন্/ [স. শিরস্+কোণ] বি. শীর্ষকোণ।

শিরঃপীড়া /শিরোপ্‌পিড়া/ [স. শিরস্+√পীড়্+অ+আ (টাপ্)] বি. ১ মাথাব্যথা। ২ (আল.) উদ্‌বেগের বিষয়।

শিরঃফল /শিরোপ্‌ফল্/ [স. শিরস্+ফল] বি. নারকেল।

শিরঃশূল /শিরোশ্‌শুল্/ [স. শিরস্+শূল] বি. মাথার যন্ত্রণা।

শিরজ /শিরজো/ [স. শিরস্+√জন্+অ] বি. মাথার চুল।

শিরতোলা /শির্‌তোলা/ [স. শিরস্+বা. তোলা] বিণ. শিরা উঁচু হয়ে আছে এমন (*শিরতোলা হাত*)।

শিরদাঁড়া /শির্‌দাঁড়া/ [স. শির+বা. দাঁড়া] বি. মেরুদণ্ড।

শিরদাঁড়াভাঙা /শির্‌দাঁড়াভাঙা/ [বা.] বিণ. (আল.) মেরুদণ্ডহীন, মনোবলহীন।

শিরনি /শির্‌নি/ [ফা.] বি. সত্যনারায়ণ বা কোনো পিরের উদ্দেশে প্রদত্ত নৈবেদ্য; মিষ্টান্ন।

শিরপ্যাঁচ /শিরোপ্যাঁচ্/ [ফা.] বি. পাগড়ি।

শিরশির /শির্‌শির্/ [ধ্বন্যা.] অব্য. শিহরিত হওয়ার ভাব।

শিরশ্ছেদ /শিরোশ্‌ছেদ্/ [স. শিরস্+ছেদ] বি. মাথা কেটে ছিন্নকরণ।

শিরশ্ছেদন /শিরোশ্‌ছেদোন্/ [স. শিরস্+ছেদন] বি. দ্র শিরশ্ছেদ।

শিরসিজ /শিরোশিজ্/ [স. শিরস্+√জন্+অ] বি. মাথার চুল।

শিরস্ক /শিরশ্‌কো/ [স. শিরস্+ক] বি. দ্র শিরস্ত্রাণ।

শিরস্ত্র /শিরস্‌ত্রো/ [স. শিরস্+√ত্রৈ+অ] বি. দ্র শিরস্ত্রাণ।

শিরস্ত্রাণ /শিরোস্‌ত্রান্/ [স. শিরস্+√ত্রৈ+অন] বি. ১ পাগড়ি; টুপি। ২ মাথায় পরার বর্মবিশেষ, helmet।

শিরা[১] /শিরা/ [স. √শৃ+অ+আ (টাপ্)] বি. শরীরে বিভিন্ন অঙ্গ থেকে হৃৎপিণ্ডে রক্তবাহী নালি, vein। তুল. ধমনি (পৃ ৬৯০)।

শিরা[২] /শিরা/ [ফা.] বি. চিনি বা গুড় মেশানো পানি ফুটিয়ে তৈরি রস।

শিরায় শিরায় /শিরায় শিরায়/ ক্রিবিণ. প্রতিটি রক্তবিন্দুতে।

শিরাল /শিরালো/ [স. শিরা+লচ্] বিণ. শিরাবহুল, শিরাবিশিষ্ট।

শিরালা /শিরালা/ [স. শিরা+লচ্+আ (টাপ্)] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত বহু শাখাপ্রশাখাবিশিষ্ট মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ বা তার পাঁচটি শিরাযুক্ত ভিটামিনসমৃদ্ধ হলুদাভ অম্লমধুর রসালো ফল, কামরাঙা।

শিরালি /শিরালি/ [স. শিলা >] বি. এক শ্রেণির ভিক্ষুক যারা শিঙা বাজিয়ে ভিক্ষা করে।

www.pathagar.com

শিরিন /শিরিন্/ [ফা.] বিণ. ১ মিষ্ট, মধুর। ২ সুন্দর।

শিরিস /শিরিশ্/ [ফা.] বি. পশুর হাড় খুর প্রভৃতি সেদ্ধ করে তৈরি আঠাবিশেষ, animal glue।

শিরীষ /শিরিশ্/ [স. √শৃ+ঈষ] বি. ক্রান্তীয় অঞ্চলের গোলাকৃতি দীর্ঘ (২৫–৩০ মিটার উঁচু) সরল ধূসর রঙের পত্রমোচী বৃক্ষ বা তার বর্ষাকালে ফোটে এমন সাদা সুগন্ধ ফুল।

শিরে সংক্রান্তি/শিরে শংক্রান্তি/ বি. আসন্ন বিপদ; মহাবিপদ।

শিরোজ /শিরোজো/ [স. শিরস্+√জন্+অ] বি. মাথার চুল।

শিরোদেশ /শিরোদেশ্/ [স. শিরস্+দেশ] বি. ১ মাথা। ২ শীর্ষ, শিখর, অগ্রভাগ।

শিরোধার্য /শিরোধার্জো/ [স. শিরস্+√ধৃ+য] বিণ. ১ মাথায় ধারণযোগ্য। ২ অতিশয় মান্য। ৩ অবশ্য পালনীয়।

শিরোনাম /শিরোনাম্/ [ফা.] বি. ১ চিঠি প্রভৃতির ওপরে লেখা প্রেরকের নাম-ঠিকানা। ২ প্রবন্ধ গল্প প্রভৃতির নাম, title। ৩ পত্রিকা ও অন্যান্য সংবাদমাধ্যমের প্রধান সংবাদ।

শিরোপা /শিরোপা/ [ফা.] বি. ১ পুরস্কাররূপে পাওয়া শিরোভূষণ; উষ্ণীষ, পাগড়ি। ২ পারিতোষিক; খেতাব; পুরস্কার; বিজয়স্মারক।

শিরোভূষণ /শিরোভুশন্/ [স. শিরস্+ভূষণ] বি. মাথায় পরার অলংকার; মুকুট।

শিরোমণি /শিরোমোনি/ [স. শিরস্+মণি] বি. ১ মাথায় ধারণীয় রত্ন; শিরোভূষণ; মুকুটের মণি। ২ সংস্কৃত পন্ডিতের উপাধিবিশেষ। ৩ সর্বপ্রধান বা শ্রেষ্ঠ ব্যক্তি।

শিরোরত্ন /শিরোরত্নো/ [স. শিরস্+রত্ন] বি. দ্র শিরোমণি।

শিরোরুহ /শিরোরুহো/ [স. শিরস্+√রুহ্+অ] বি. মাথার চুল।

শিরোরোগ /শিরোরোগ্/ [স. শিরস্+√রুজ্+অ] বি. মাথার যন্ত্রণা, মাথাব্যথা।

শিল[১] /শিল্/ [স. শিলা >] বি. ১ মশলা পেষণের পাথরের পাটা। ২ বৃষ্টির সঙ্গে পতিত বরফের টুকরা, করকা। ৩ অস্ত্রাদি তীক্ষ্ণ করার শানপাথর।

শিল[২] /শিল্/ [স. √শিল্+অ] বি. খেত থেকে শস্য কেটে নেওয়ার পর পড়ে থাকা ধান প্রভৃতি সংগ্রহ, উঞ্ছবৃত্তি।

শিলনোড়া /শিল্নোড়া/ [বা.] বি. মশলাদি পেষণে ব্যবহৃত পাটা ও পেষণদন্ড।

শিলা /শিলা/ [স. √শিল্+অ+আ (টাপ্)] বি. ১ পাথর। ২ (বাংলায়) বৃষ্টির সঙ্গে পড়া বরফের টুকরা, করকা (*শিলাবৃষ্টি*)।

শিলান্যাস /শিলান্ন্যাশ্/ [স. শিলা+নি+√অস্+অ] বি. ভিত্তিপ্রস্তর স্থাপন।

শিলাজতু /শিলাজোতু/ [স. শিলা+√জন্+উ] বি. ১ বায়ুশূন্য বা অল্প পরিমাণ অক্সিজেনপূর্ণ পাত্রে উচ্চ তাপমাত্রায় পাথুরে কয়লা পাতন করে (destructive distillation) প্রাপ্ত কালো ও ঘন দাহ্য তরল পদার্থ, আলকাতরা, bitumen। ২ জীবজন্তুর শিলীভূত দেহাবশেষ, fossil।

শিলাপট্ট/শিলাপট্টো/[স. শিলা+√পট্+ত] বি. মশলা পেষণের কাজে ব্যবহৃত পাথরের তৈরি পাটা।

শিলাবর্ষণ /শিলাবর্শোন্/ [স. শিলা+√বৃষ্+অন] বি. বৃষ্টির সঙ্গে ছোটো ছোটো বরফের টুকরোর পতন।

শিলাবৃষ্টি /শিলাবৃশ্টি/ [স. শিলা+√বৃষ্+তি] বি. শিল-সহ বৃষ্টিপাত।

শিলাময় /শিলাময়্/ [স. শিলা+ময়ট্] বিণ. পাথরের তৈরি, প্রস্তরময়।

শিলারস /শিলারশ্/ [স. শিলা+রস] বি. styrax গাছের নির্যাস থেকে আহৃত আঠাজাতীয় সুগন্ধদ্রব্য।

শিলালিপি /শিলালিপি/ [স. শিলা+√লিপ্+ই] বি. পাথরে খোদাইকৃত লেখা বিজ্ঞপ্তি বা অনুশাসন।

শিলালেখ /শিলালেখ্/ [স. শিলা+√লিখ্+অ] বি. দ্র শিলালিপি।

শিলীন্ধ্র /শিলিন্ধ্রো/ [স. শিলী+√ধৃ+অ] বি. ১ কলাগাছ। ২ কলাগাছের মোচা। ৩ ব্যাঙের ছাতা, ছত্রাক। ৪ মাছবিশেষ।

শিলীন্ধ্রা /শিলিন্ধ্রা/ [স. শিলীন্ধ্র+আ (টাপ্)] বি. ১ কলা। ২ ছত্রাক। ৩ মাটি। ৪ পক্ষিণীবিশেষ।

শিলীন্ধ্রী /শিলিন্ধ্রি/ [স. শিলীন্ধ্র+ঈ] বি. ১ পক্ষিণীবিশেষ। ২ কেঁচো। ৩ মাটি। ৪ স্ত্রী ব্যাং, ভেকী।

শিলীপদ /শিলিপদ্/ [স. শিলী+পদ] বি. মশাবাহিত পরজীবী সুতাকৃমির সংক্রমণহেতু জীবদেহের কোনো অঙ্গে লসিকা (lymphatic fluid) প্রবাহ বাধাপ্রাপ্ত হওয়ার ফলে সেই অঙ্গের অস্বাভাবিক স্ফীতি, গোদ, শ্লীপদ, শোথ, elephantiasis।

শিলীভূত /শিলিভুতো/ [স. শিলী+√ভূ+ত] বিণ. প্রস্তরীভূত, শিলায় পরিণত।

শিলীমুখ /শিলিমুখ্/ [স. শিলী+মুখ] বি. ১ শর, তীর, বাণ। ২ ভ্রমর। ৩ মৌমাছি।

শিলোঞ্ছ /শিলোন্ছো/ [স. শিল+√উঞ্ছ্+অ] বি. দ্র শিল[২]।

www.pathagar.com

শিল্প /শিল্‌পো/ [স. √শীল্+প] বি. ১ চারুকলা, art। ২ কারুকর্ম, নির্মাণকলা। ৩ রচনাকৌশল। ৪ কলকারখানা, industry।

শিল্পকর্ম /শিল্‌পোকর্‌মো/ [স. শিল্প+কর্মন্] বি. কারুকার্য।

শিল্পকলা /শিল্‌পোকলা/ [স. শিল্প+√কলি+অ+আ (টাপ্)] বি. ১ সংগীত নৃত্য নাট্য চিত্র চলচ্চিত্র প্রভৃতি সুকুমার শিল্প। ২ কারুশিল্প।

শিল্পকার /শিল্‌পোকার্/ [স. শিল্প+√কৃ+অ] বি. বিণ. কারুশিল্পী, শিল্পী, কারিগর।

শিল্পকারখানা /শিল্‌পোকারখানা/ [স. শিল্প+ফা. কারখানা] বি. পণ্যদ্রব্য উৎপাদনের কারখানা, কলকারখানা।

শিল্পকৌশল /শিল্‌পোকৌশল্/ [স. শিল্প+কৌশল] বি. শিল্পদ্রব্যাদি নির্মাণের দক্ষতা বা কৌশল।

শিল্পজাত /শিল্‌পোজাতো/ [স. শিল্প+√জন্+ত] বিণ. কলকারখানায় উৎপাদিত।

শিল্পনির্দেশক /শিল্‌পোনির্‌দেশক্/ [স. শিল্প+নির্দেশক] বি. মঞ্চ চলচ্চিত্র বা টেলিভিশন স্টুডিওতে সাজসজ্জা প্রভৃতি নির্দেশনার দায়িত্বে নিয়োজিত কারুশিল্পী, art director।

শিল্পপতি /শিল্‌পোপোতি/ [স. শিল্প+√পা+অতি] বি. শিল্পকারখানার প্রতিষ্ঠাতা বা মালিক।

শিল্পপ্রতিভা /শিল্‌পোপ্রোতিভা/ [স. শিল্প+প্রতি+√ভা+অ+আ (টাপ্)] বি. শিল্প সৃষ্টির গুণ বা পারদর্শিতা।

শিল্পপ্রতিষ্ঠান /শিল্‌পোপ্রোতিশ্‌ঠান্/ [স. শিল্প+প্রতি+√স্থা+অন] বি. যে প্রতিষ্ঠানে পণ্যদ্রব্য উৎপাদন করা হয়।

শিল্পবিদ্যালয় /শিল্‌পোবিদ্‌দালয়্/ [স. শিল্প+বিদ্যালয়] বি. ১ শিল্পকর্ম শিক্ষার বিদ্যালয়, আর্ট স্কুল। ২ ইন্ডাস্ট্রিয়াল স্কুল।

শিল্পবিপ্লব /শিল্‌পোবিপ্‌প্লব্/ [স. শিল্প+বিপ্লব] বি. শিল্পকারখানা প্রতিষ্ঠা এবং যন্ত্রশক্তি প্রয়োগ করে স্বল্প সময়ে অধিক পণ্যদ্রব্য উৎপাদনের সূচনা।

শিল্পরুচি /শিল্‌পোরুচি/ [স. শিল্প+√রুচ্+ই] বি. ললিতকলা বিষয়ে মার্জিত বোধ।

শিল্পরূপ /শিল্‌পোরুপ/ [স. শিল্প+রূপ] বি. ভাব ভাষা ভঙ্গি ও সুষমার সমন্বিত রূপ।

শিল্পরূপায়ণ /শিল্‌পোরুপায়োন্/ [স. শিল্প+√রূপায়্+অন] বি. সৌন্দর্য সৃষ্টির মাধ্যমে শিল্পসুলভ রূপদান।

শিল্পশালা /শিল্‌পোশালা/ [স. শিল্প+√শল্+অ+আ (টাপ্)] বি. ১ চিত্রকলা ভাস্কর্য প্রভৃতির বিক্রয় বা প্রদর্শশালা, gallery। ২ কারিগরি কর্মশালা। ৩ স্টুডিও, studio। ৪ পণ্যদ্রব্য উৎপাদনের কারখানা।

শিল্পসংগ্রহ /শিল্‌পোশংগ্রোহো/ [স. শিল্প+সম্+√গ্রহ্+অ] বি. চিত্র ভাস্কর্য প্রভৃতি সংগ্রহ ও সংরক্ষণ।

শিল্পসংগ্রহশালা /শিল্‌পোশংগ্রোহোশালা/ [স. শিল্প+সংগ্রহ+√শল্+অ+আ (টাপ্)] বি. যে গৃহে চিত্র ভাস্কর্য ঐতিহ্যবাহী লোকজ উপকরণ প্রভৃতি সংরক্ষণ করা হয়।

শিল্পসংগ্রাহক /শিল্‌পোশংগ্রাহোক্/ [স. শিল্প+সম্+√গ্রহ্+অক] বি. যে ব্যক্তি চিত্র ভাস্কর্য প্রভৃতি সংগ্রহ করে।

শিল্পসম্ভার /শিল্‌পোশম্‌ভার্/ [স. শিল্প+সম্+√ভৃ+অ] বি. চিত্র ভাস্কর্য প্রভৃতি শিল্পকর্ম সংগ্রহ।

শিল্পসম্মত /শিল্‌পোশম্‌মতো/ [স. শিল্প+সম্+√মন্+ত] বিণ. শিল্পগুণসম্পন্ন।

শিল্পায়ন /শিল্‌পায়োন্/ [স. √শিল্পায়্+অন] বি. ১ শিল্পসুলভ রূপদান। ২ কলকারখানা প্রতিষ্ঠা।

শিল্পিক /শিল্‌পিক্/ [স. শিল্প+ইক] বিণ. শিল্পসংক্রান্ত, শিল্পগত।

শিল্পিত /শিল্‌পিতো/ [স. শিল্প+ইত] বিণ. শিল্পে পরিণত।

শিল্পী /শিল্‌পি/ [স. শিল্প+ইন্] বি. ১ শিল্পদক্ষতা-সম্পন্ন ব্যক্তি (চিত্রকর গায়ক বাদ্যযন্ত্রবাদক নৃত্যশিল্পী প্রমুখ)। ২ কারিগর (*চিত্রশিল্পী*)।

শিল্পীগোষ্ঠী /শিল্‌পিগোশ্‌ঠি/ [স. শিল্পী+গোষ্ঠী] বি. শিল্পীদের সংঘ বা দল।

শিল্পোন্নত /শিল্‌পোন্‌নতো/ [স. শিল্প+উন্নত] বিণ. শিল্পসামগ্রী উৎপাদনে সমৃদ্ধ (*শিল্পোন্নত দেশ*)।

শিশমহল /শিশ্‌মহোল্/ [ফা.] বি. কাচের ঘর।

শিশা /শিশা/ [ফা.] বি. ১ কাচ। ২ আরশি, আয়না।

শিশি /শিশি/ [ফা.] বি. ঢাকনা দিয়ে বন্ধ করা যায় এমন কাচ প্লাস্টিক প্রভৃতির ছোটো বোতল।

শিশির /শিশির্/ [স. √শশ্+ইর] বি. ১ শীতকালে ঠান্ডা বস্তুর সংস্পর্শে বাতাসের জলীয় বাষ্প জমাট বেঁধে সৃষ্ট জলকণা, নীহার, হিম। ২ তুষার।

শিশিরকণা /শিশির্‌কনা/ [স. শিশির+√কণ্+অ+আ (টাপ্)] বি. দ্র শিশিরবিন্দু।

শিশিরবিন্দু /শিশির্‌বিন্‌দু/ [স. শিশির+বিন্দু] বি. শীতের সকালে ঘাস লতাপাতা প্রভৃতির ওপর জমে থাকা শিশিরের বিন্দু (*দেখা হয় নাই চক্ষু মেলিয়া /ঘর হতে শুধু দুই পা ফেলিয়া /একটি ধানের শিষের উপরে /একটি শিশিরবিন্দু।*

www.pathagar.com

রবীন্দ্র.)।

শিশিরভেজা /শিশিরভেজা/ [স. শিশির+বা. ভেজা] বিণ. দ্র শিশিরসিক্ত।

শিশিরসিক্ত /শিশিরশিক্‌তো/ [স. শিশির+সিক্ত] বিণ. শীতের সকালে শিশির জমে থাকার ফলে সিক্ত।

শিশু[১] /শিশু/ [স. √শো+উ] বি. ১ নবজাতক। ২ অল্প-বয়স্ক বালক বা বালিকা। ৩ শাবক (*মৃগশিশু*)।

শিশু[২] /শিশু/[স. শিংশপা>] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন পীতাভ ফুল মসৃণ লোমাবৃত পাতা বা তার ভেষজগুণসম্পন্ন বৃহদাকার দ্রুতবর্ধনশীল পত্রমোচী বৃক্ষ যার টেকসই ও মূল্যবান কাঠ আসবাবপত্র তৈরির জন্য ব্যবহৃত হয়, শিংশপা।

শিশুক /শিশুক্ / [স. শিশু+ক] বি. জলজ প্রাণি-বিশেষ, শুশুক।

শিশুকাল /শিশুকাল্/ [স. শিশু+কাল] বি. বাল্যকাল, শৈশব।

শিশুতোষ /শিশুতোশ্/ [স. শিশু+√তুষ্+অ] বিণ. শিশুদের আনন্দ দেয় এমন।

শিশুত্ব /শিশুত্তো/ [স. শিশু+ত্ব] বি. শিশুর ভাব।

শিশুপাঠ /শিশুপাঠ্/ [স. শিশু+√পঠ্+অ] বি. শিশুদের পাঠের উপযোগী বই।

শিশুপাঠ্য /শিশুপাট্‌ঠো/ [স. শিশু+√পঠ্+য] বি. দ্র শিশুপাঠ।

শিশুপাল /শিশুপাল্/ [স. শিশু+√পালি+অ] বি. পুরাণোক্ত কৃষ্ণ কর্তৃক নিহত চেদিবংশীয় রাজা।

শিশুপালন /শিশুপালোন্/ [স. শিশু+ √পাল্+অন] বি. শিশুর পরিচর্যা ও পালন।

শিশুপ্রকৃতি/শিশুপ্রোকৃতি/ [স. শিশু+প্র+√কৃ+তি] বি. শিশুসুলভ আচার-আচরণ।

শিশুরোগ /শিশুরোগ্/ [স. শিশু+রোগ] বি. সাধারণত শিশুরা যেসব রোগে আক্রান্ত হয়।

শিশুসাহিত্য /শিশুশাহিত্তো/ [স. শিশু+সহিত+য] বি. শিশুদের উপযোগী করে রচিত সাহিত্য।

শিশুসুলভ /শিশুশুলভ্/ [স. শিশু+সু+√লভ্+অ] বিণ. ১ শিশুর তুল্য; শিশুর মতো সরল ও নিষ্পাপ। ২ অপরিণতবুদ্ধি।

শিশুস্বভাব /শিশুশভাব্/ [স. শিশু+স্বভাব] বি. দ্র শিশুপ্রকৃতি।

শিশুহৃদয় /শিশুɦিদয়্/ [স. শিশু+√হৃ+অয়] বি. শিশুর মতো কোমল ও সরল মন।

শিশ্ন /শিশ্নো/ [স. √শশ্+ন] বি. পুংজননেন্দ্রিয়, পুরুষাঙ্গ, লিঙ্গ, পুংলিঙ্গ, উপস্থ।

শিষ /শিশ্/ [স. শিরস্ >] বি. ১ ধান গম প্রভৃতি শস্যের শীর্ষ বা অগ্রভাগ, শস্যমঞ্জরি। ২ দীপশিখা (*প্রদীপের শিষ*)। ৩ পেনসিলের অগ্রভাগে বেরিয়ে থাকা গ্র্যাফাইট (যা দিয়ে লেখা হয়)। তুল. শিস।

শিষ্ট /শিশ্‌টো/ [স. √শাস্+ত] বিণ. ১ শান্ত, বিনীত; সুশীল। ২ মার্জিত (*শিষ্ট ভাষা*)। ৩ নীতিবান। ৪ শিক্ষিত। বি. সুশীল ব্যক্তি (*শিষ্টের পালন*)।

শিষ্টতা /শিশ্‌টোতা/ [স. শিষ্ট+তা] বি. ভদ্রতা; নম্রতা।

শিষ্টাচার /শিশ্‌টাচার্/ [স. শিষ্ট+আচার] বি. ভদ্র ব্যবহার ; নম্র আচরণ।

শিষ্য /শিশ্‌শো/ [স. √শাস্+য] বি. ১ কোনো গুরুর নিকট দীক্ষা গ্রহণ করেছে এমন। ২ কোনো ব্যক্তির আদর্শের অনুসারী (*নেতাজীর শিষ্য*), ভক্ত।

শিষ্যত্ব /শিশ্‌শোত্তো/ [স. শিষ্য+ত্ব] বি. শিষ্যের ভাব বা পদ।

শিস /শিশ্/ [ধ্বন্যা.] বি. ১ ঠোঁট কুঞ্চিত করে জিভের সাহায্যে উৎপন্ন বাঁশির মতো তীক্ষ্ণ শব্দ। ২ পাখির ডাক। তুল. শিষ।

শিহরন /শিহরন্/ [বা.] বি. ১ রোমাঞ্চ। ২ কম্পন।

শিহরানো /শিহরানো/ [বা.] ক্রিবি. ১ রোমাঞ্চিত হওয়া বা করা। ২ কেঁপে ওঠা।

শিহরিত /শিহোরিতো/ [বা.] বিণ. রোমাঞ্চিত।

শীকর /শিকর্/ [স. √শীক্+অর] বি. ১ বাতাসে ভাসমান জলকণা। ২ জলবিন্দু।

শীঘ্র /শিগ্‌ঘ্রো/ [স. √শিঘ্+র] ক্রিবিণ. সত্বর, আশু, অবিলম্বে, তাড়াতাড়ি। বিণ. ত্বরিত, দ্রুত।

শীঘ্রগতি /শিগ্‌ঘ্রোগোতি/ [স. শীঘ্র+√গম্+তি] বিণ. দ্র শীঘ্রগামী।

শীঘ্রগামী /শিগ্‌ঘ্রোগামি/ [স. শীঘ্র+√গম্+ইন্] বিণ. দ্রুতগতিসম্পন্ন, দ্রুতগামী।

শীঘ্রতা /শিগ্‌ঘ্রোতা/ [স. শীঘ্র+তা] বি. দ্রুততা।

শীত /শিত্/ [স. শ্যৈ+ত] বি. ১ শীতলতা, শৈত্য। ২ শীতঋতু। বিণ. শীতল, হিমেল।

শীত করা /শিত্ করা/ ক্রিবি. ঠান্ডা অনুভব করা; শীতে কাতর হওয়া।

শীতকাঁটা /শিত্‌কাঁটা/ [স. শীত+বা. কাঁটা] বি. হঠাৎ ঠান্ডা বোধ করার ফলে সৃষ্ট রোমাঞ্চকর অনুভূতি।

শীতকাতুরে /শিত্‌কাতুরে/ [স. শীত+বা. কাতুরে] বিণ. সামান্য শীতেই কাতর হয়ে পড়ে এমন।

শীতকাল /শিত্‌কাল্/ [স. শীত+কাল] বি. বাংলা বর্ষপঞ্জির পৌষ ও মাঘ মাসব্যাপী (১৫ই ডিসেম্বর

www.pathagar.com

থেকে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত) কালপর্ব, হেমন্তের পরবর্তী এবং বসন্তের পূর্ববর্তী ঋতু, শীতঋতু।

শীত ধরা /শিত্ ধরা/ ক্রিবি. দ্র শীত করা।

শীতপ্রধান /শিত্প্রোধান্/ [স. শীত+প্রধান] বিণ. (পৃথিবীর যে অঞ্চলে) শীতকাল দীর্ঘস্থায়ী হয় এমন।

শীতবস্ত্র /শিত্বস্ত্রো/ [স. শীত+√বস্+ত্র] বি. শীত নিবারক বস্ত্র, শীতকালের উপযোগী জামাকাপড়।

শীতল /শিতল্/ [স. শীত+লচ্] বিণ. ১ ঠান্ডা (*শীতল হাওয়া*)। ২ উষ্ণতাহীন (*শীতল সম্পর্ক*)। ৩ ঠান্ডা ও বাসি। বি. শীতলতা /শিতলতা/।

শীতলপাটি /শিতল্পাটি/ [স. শীতল+বা. পাটি] বি. বেতের তৈরি যে পাটির ছোঁয়া মসৃণ ও শীতল, আরামদায়ক মাদুরবিশেষ।

শীতলা /শিতলা/ [স. শীতল+আ (টাপ্)] বি. ১ বসন্তরোগের কল্পিত অধিষ্ঠাত্রী দেবী। ২ বসন্তরোগ।

শীত লাগা /শিত্ লাগা/ ক্রিবি. ঠান্ডা অনুভব করা; শীতে কাতর হওয়া।

শীতলাতলা /শিতলাতলা/ [স. শীতলা+বা. তলা] বি. শীতলা পূজার বারোয়ারি স্থান।

শীতাংশু /শিতাংশু/ [স. শীত+অংশু] বি. চাঁদ।

শীতাগম /শিতাগম্/ [স. শীত+আগম] বি. শীতঋতুর আগমন।

শীতাতপ /শিতাতপ্/ [স. শীত+আতপ] বি. শীত ও গ্রীষ্ম, শৈত্য ও উষ্ণতা।

শীতাতপ নিয়ন্ত্রণ /শিতাতপ্ নিয়ন্ত্রোন্/ বি. যান্ত্রিক পদ্ধতিতে শীত ও তাপ নিয়ন্ত্রণের ব্যবস্থা, air conditioning।

শীতাতপ নিয়ন্ত্রিত /শিতাতপ্ নিওন্ত্রিতো/ বিণ. যান্ত্রিক পদ্ধতিতে শীত ও তাপ নিয়ন্ত্রণে রাখা হয়েছে এমন, air-conditioned।

শীতাধিক্য /শিতাধিক্কো/ [স. শীত+আধিক্য] বি. শীতের আধিক্য বা তীব্রতা।

শীতার্ত /শিতার্তো/ [স. শীত+ঋত] বিণ. শীতে কাতর এমন (*শীতার্ত ব্যক্তি*)।

শীতালু /শিতালু/ [স. শীত+আলু] বিণ. দ্র শীতার্ত।

শীতোষ্ণ /শিতোশ্নো/ [স. শীত+উষ্ণ] বিণ. ঠান্ডা ও গরম (*নাতিশীতোষ্ণ অঞ্চল*)।

শীৎকার /শিত্কার্/ [স. শীৎ+√কৃ+অ] বি. ১ রমণ-কালে উচ্চারিত আনন্দসূচক অস্ফুট ধ্বনি। ২ শিহরন।

শীধু /শিধু/ [স. √শী+ধু] বি. ১ মধু। ২ আখের রস থেকে প্রস্তুত মদ্যবিশেষ।

শীর্ণ /শির্নো/ [স. √শৃ+ত] বিণ. কৃশ, ক্ষীণ (*শীর্ণদেহ*); রোগা।

শীর্ণকায় /শির্নোকায়্/ [স. শীর্ণ+√চি+অ] বিণ. রুগ্ণ বা শীর্ণ দেহবিশিষ্ট।

শীর্ণতা /শির্নোতা/ [স. শীর্ণ+তা] বি. কৃশতা।

শীর্ণদেহ /শির্নোদেহো/ [স. শীর্ণ+√দিহ্+অ] বিণ. দ্র শীর্ণকায়।

শীর্ষ /শির্শো/ [স. √শ্রি+অস্] বি. ১ চূড়া, মাথা (*পর্বতশীর্ষ*)। ২ অগ্রভাগ। ৩ সর্বোচ্চ স্থান (*সাফল্যের শীর্ষে অবস্থান*)। ৪ (জ্যা.) সর্বোচ্চ বিন্দু। বিণ. ১ শিখরে অবস্থিত এমন। ২ প্রধান (*শীর্ষপদ*)।

-শীর্ষক /শির্শক্/ [স. শীর্ষ+ক (স্বার্থে)] বিণ. ১ (বহুব্রীহি সমাসের পরপদে ব্যবহৃত) 'শীর্ষ' শব্দের রূপ। ২ শিরোনামবিশিষ্ট, আখ্যাযুক্ত।

শীর্ষনাম /শির্শোনাম্/ [স. শীর্ষ+ফা. নাম] বি. শিরোনাম, heading।

শীর্ষবিন্দু /শির্শোবিন্দু/ [স. শীর্ষ+√বিন্দ্+উ] বি. সবচেয়ে উঁচুতে অবস্থিত বিন্দু, সুবিন্দু, zenith।

শীর্ষসম্মেলন /শির্শোশম্মেলন্/ [স. শীর্ষ+সম্+মেলন] বি. পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দেশের রাষ্ট্র বা সরকার প্রধানদের সম্মেলন।

শীর্ষস্থান /শির্শোস্থান্/ [স. শীর্ষ+√স্থা+অন] বি. ১ প্রধান স্থান। ২ উপরিভাগ। ৩ মস্তক।

শীর্ষস্থানীয় /শির্শোস্থানিয়ো/ [স. শীর্ষ+√স্থা+অনীয়] বিণ. ১ শীর্ষে অবস্থিত; সর্বোচ্চ। ২ শ্রেষ্ঠ। ৩ প্রধান।

শীর্ষাসন /শির্শাশোন্/ [স. শীর্ষ+আসন] বি. মাথা নিচের দিকে এবং পা ওপরের দিকে থাকে এমন যোগাসন।

শীল /শিল্/ [স. √শীল্+অ] বি. ১ স্বভাব, চরিত্র (*কুলশীল*)। ২ সম্ভ্রম। ৩ সৎস্বভাব (*শীলযুক্ত*)। ৪ পদবিবিশেষ। বিণ. (বহুব্রীহি সমাসের পরপদে ব্যবহৃত) বিশিষ্ট (*স্থিতিশীল*)।

শীলতা[১] /শিলতা/ [স. শীল+তা] বি. সচ্চরিত্রতা।

-শীলতা[২] /শিলতা/ [স. শীল+তা] বি. বিশিষ্টতা, যুক্ততা (*পরিবর্তনশীলতা*)।

শীলন /শিলন্/ [স. √শীল্+অন] বি. অনুশীলন, চর্চা।

শীলিত /শিলিতো/ [স. √শীল্+ত] বিণ. ১ অনুশীলন করা হয়েছে এমন, চর্চিত। ২ সৎস্বভাববিশিষ্ট।

শুঁকা /শুঁকা/ [বা.] ক্রিবি. 'শোঁকা'-র সাধু রূপ।

www.pathagar.com

শুঁটকা /শুঁটকা/ [স. শুষ্ক >] বিণ. ১ শুকনো ও চুপসানো। ২ শীর্ণ।

শুঁটকি/শুঁটকি/ [স. শুষ্ক >] বি. সংরক্ষণের উদ্দেশ্যে যে মাছ রোদের তাপে শুকানো হয়েছে।

শুঁটকো /শুঁটকো/ [বা.] বিণ. দ্র শুঁটকা।

শুঁটি /শুঁটি/ [দেশি.] বি. মুগ মটর কলাই প্রভৃতির খোসা-সহ লম্বাকৃতি বীজকোষ (*মটরশুঁটি*)।

শুঁঠ /শুঁঠ/ [স. শুষ্ঠি >] বি. ওষুধরূপে ব্যবহৃত শুকনো আদা।

শুঁড় /শুঁড়/ [স. শুণ্ড >] বি. ১ হাতির নাসারন্ধ্রের সঙ্গে যুক্ত লম্বা নলের মতো নমনীয় ও শিথিল অঙ্গ যা দিয়ে মুখে খাদ্য তোলে এবং ভারী জিনিস ধরে উঁচু করে স্থানান্তর করতে পারে। ২ কোনো প্রাণীর নাকের সুচালো ও শিথিল অঙ্গবিশেষ। ৩ কীট-পতঙ্গ প্রভৃতির মাথার ওপরের দুটি সংবেদী সূক্ষ্ম অঙ্গ, শুঙ্গ, antenna, feeler।

শুঁড়ি /শুঁড়ি/ [বা.] বিণ. শুঁড়ের মতো সরু ও লম্বা (*শুঁড়ি পথ*)।

শুঁড়ি[১] /শুঁড়ি/ [স. শৌণ্ডিক >] বি. ১ মদবিক্রেতা, শৌণ্ডিক। ২ সম্প্রদায়বিশেষ।

শুঁড়িখানা /শুঁড়িখানা/ [বা. শুঁড়ি+ফা. খানা] বি. পানশালা।

শুঁয়া /শুঁআ/ [স. শুঙ্গ >] বি. অতি সূক্ষ্ম লোম বা ওইরূপ লোমযুক্ত অঙ্গ; শুঙ্গ, রোঁয়া।

শুঁয়াপোকা /শুঁআপোকা/ [বা.] বি. দলবদ্ধভাবে বাস করে এবং পাতা ফল প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন খণ্ডায়িত দেহবিশিষ্ট (যার প্রতিটি খণ্ডে এক জোড়া পা থাকে) শুঁয়াযুক্ত কীট, শূককীট, caterpillar।

শুক[১] /শুক/ [স. √শুভ্+ক] বি. ১ টিয়াপাখি। ২ শিরীষ বৃক্ষ। ৩ (বাংলায়) ময়নাপাখি।

শুক[২] /শুক/ [স. শুক্র >] বি. শুক্রগ্রহ।

শুকতারা /শুকতারা/ [বা. শুক+স. তারা] বি. শুক্রগ্রহ (সূর্যোদয়ের পূর্বে পুব আকাশে এবং সূর্যাস্তের পরে পশ্চিম আকাশে যে গ্রহ দৃষ্ট হয়), সন্ধ্যাতারা, Venus।

শুকনা /শুকনা/ [স. শুষ্ক >] বিণ. ১ ভেজা নয় এমন, শুষ্ক (*শুকনা কাপড়*)। ২ নীরস (*শুকনা মাটি*)। ৩ মলিন (*শুকনা মুখ*)। ৪ অসার (*শুকনা কথা*)।

শুকনাস /শুকনাশ/ [স. শুক+নাস] বিণ. টিয়াপাখির ঠোঁটের মতো নাকবিশিষ্ট।

শুকনো /শুকনো/ [স. শুষ্ক >] বিণ. 'শুকনা'-র কথ্য রূপ।

শুকশিমা /শুকশিমা/ [বা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন গাঢ় বেগুনি রঙের ফুল ও শুঁটিসদৃশ খসখসে ফল বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী শুঁয়োপোকার রোঁয়াসদৃশ আলযুক্ত লতানে উদ্ভিদ, আলকুশি।

শুকশারি /শুকশারি/ [স. শুক+শারি] বি. রূপকথায় কল্পিত জোটবদ্ধ শুক ও শারি (ময়না)।

শুকানো /শুকানো/ [বা.] ক্রিবি. ১ শুষ্ক করা বা হওয়া। ২ শীর্ণ বা রোগা হওয়া। ৩ আরোগ্য লাভ করা (*ঘা শুকানো*)। বিণ. ১ শুষ্ক। ২ শীর্ণ।

শুকোনো /শুকোনো/ [বা.] ক্রিবি. বিণ. 'শুকানো'-র কথ্য রূপ।

শুক্তি /শুকতি/ [স. √শুচ্+তি] বি. ১ দুই ভাগে বিভক্ত কালচে সাদা প্রভৃতি রঙের শক্ত খোলসাবৃত মলাস্কা (mollusca) পর্বের কোমল দেহবিশিষ্ট অমেরুদণ্ডী জলজ প্রাণী, ঝিনুক, oyster। ২ শিশুদের দুধ খাওয়ানোর জন্য ব্যবহৃত ঝিনুকের খোলস।

শুক্তিকা /শুকতিকা/ [স. শুক্তি+কন্+আ (টাপ্)] বি. দ্র শুক্তি।

শুক্তিজ /শুকতিজো/ [স. শুক্তি+√জন্+অ] বিণ. শুক্তি বা ঝিনুক থেকে জাত। বি. মুক্তা।

শুক্তো /শুকতো/ [স. শুক্ত >] বি. কাঁচাকলা উচ্ছে পেঁপে প্রভৃতি সহযোগে রাঁধা তিক্তস্বাদ ব্যঞ্জন।

শুক্র /শুক্রো/ [স. √শুচ্+র] বি. ১ সৌরমণ্ডলের দ্বিতীয় গ্রহ, শুকতারা, সন্ধ্যাতারা। ২ তেজ, বীর্য, রেত। ৩ বৃহস্পতিবারের পরবর্তী ও শনিবারের পূর্ববর্তী দিন, সপ্তাহের বারবিশেষ। ৪ চোখের রোগবিশেষ। ৫ দৈত্যগুরু শুক্রাচার্য।

শুক্রবার/শুক্রোবার/[স. শুক্র+বার] বি. বৃহস্পতিবার ও শনিবারের মধ্যবর্তী দিন।

শুক্রাচার্য /শুক্রাচারজো/ [স. শুক্র+আচার্য] বি. পুরাণমতে ভৃগুর পুত্র এবং দৈত্যদের পুরোহিত।

শুক্ল /শুক্লো/ [স. √শুক্+ল] বি. ১ শুভ্র বা শ্বেত বর্ণ। ২ রৌপ্য। ৩ চোখের রোগবিশেষ। ৪ নবনীত, ননি। বিণ. ১ শ্বেতবর্ণবিশিষ্ট (*শুক্লকেশ*)। ২ পবিত্র।

শুক্লতা /শুক্লোতা/ [স. শুক্ল+তা] বি. ১ শুভ্রতা। ২ নির্মলতা; পবিত্রতা।

শুক্লত্ব /শুক্লোত্তো/ [স. শুক্ল+ত্ব] বি. দ্র শুক্লতা।

শুক্লপক্ষ /শুক্লোপোক্খো/ [স. শুক্ল+পক্ষ] বি. অমাবস্যার পর থেকে পূর্ণিমা তিথি পর্যন্ত কাল-পর্ব।

www.pathagar.com

শুক্লবস্ত্র /শুক্‌লোবস্‌ত্রো/ [স. শুক্ল+√বস্+ত্র] বি. পাড়হীন সাদা কাপড়।

শুক্লমণ্ডল /শুক্‌লোমন্‌ডোল্/ [স. শুক্ল+মণ্ডল] বি. চোখের সাদা অংশ।

শুক্লাম্বর /শুক্‌লাম্‌বর্/ [স. শুক্ল+অম্বর] বি. সাদাকাপড়।

শুক্লিমা /শুক্‌লিমা/ [স. শুক্ল+ইমন্] বি. শুভ্রতা।

শুখারুখা /শুখারুখা/ [বা.] বিণ. শুষ্ক ও নীরস।

শুঙ্গ /শুংগো/ [স. শৃঙ্গ >] বি. শুঁড়, শুঁয়া।

শুঙ্গা /শুংগা/ [স. শৃঙ্গ >] বি. দ্র শুঙ্গ।

শুচি /শুচি/ [স. √শুচ্+ই] বিণ. ১ পবিত্র; নির্মল, শুদ্ধ, পরিচ্ছন্ন। ২ নির্দোষ।

শুচিতা /শুচিতা/ [স. শুচি+তা] বি. পবিত্রতা; নির্মলতা (*মনের শুচিতা*)।

শুচিবাই /শুচিবাই/ [স. শুচি+বা. বাই] বি. শুচিতা নিয়ে অতিরিক্ত সতর্কতা।

শুচিবায়ু /শুচিবায়ু/ [স. শুচি+√বা+উ] বি. দ্র. শুচিবাই।

শুচিবায়ুগ্রস্ত /শুচিবায়ুগ্রোস্‌তো/ [স. শুচিবায়ু+√গ্রস্+ত] বিণ. শুচিতার বিষয়ে বাতিকগ্রস্ত।

শুচিশুভ্র /শুচিশুব্‌ভ্রো/ [স. শুচি+√শুভ্+র] বিণ. পবিত্র ও নির্মল (*শুচিশুভ্র হৃদয়*)।

শুচিস্মিত /শুচিস্‌মিতো/ [স. শুচি+√স্মি+ত] বিণ. মৃদু ও নির্মল হাসিযুক্ত। স্ত্রী. শুচিস্মিতা /শুচিস্‌মিতা/।

শুজনি /শুজ্‌নি/ [স. শয্যা >] বি. বিছানার নকশা-কাটা পুরু চাদর।

শুণ্ঠি /শুন্‌ঠি/ [স. √শুণ্ঠ্+ই] বি. শুকনো আদা, শুঁঠ।

শুণ্ড /শুন্‌ডো/ [স. √শুণ্ড্+অ] বি. শুঁড়।

শুণ্ডা /শুন্‌ডা/ [স. শুণ্ড+আ (টাপ্)] বি. ১ হাতির শুঁড়। ২ জলহস্তিনী। ৩ মদ্য।

শুণ্ডিকা /শুন্‌ডিকা/ [স. শুণ্ড+কন্+আ (টাপ্)] বি. আলজিভ।

শুণ্ডী /শুন্‌ডি/ [স. √শুণ্ড্+ইন্] বি. ১ হাতি। ২ শুঁড়ি।

শুদ্ধ /শুদ্‌ধো/ [স. √শুধ্+ত] বিণ. ১ নির্ভুল (*শুদ্ধ উচ্চারণ*)। ২ নির্মল, পবিত্র (*শুদ্ধ চিত্ত*)। ৩ শোধিত। ৪ নির্ভেজাল। ৫ প্রমিত (*শুদ্ধ ভাষা*)।

শুদ্ধচিত্ত /শুদ্‌ধোচিত্‌তো/ [স. শুদ্ধ+√চিৎ+ত] বিণ. নিষ্কলুষ বা পবিত্র হৃদয়বিশিষ্ট।

শুদ্ধতা /শুদ্‌ধোতা/ [স. শুদ্ধ+তা] বি. ১ শুচিতা। ২ নির্ভুলতা। ৩ খাঁটিত্ব।

শুদ্ধত্ব /শুদ্‌ধোত্‌তো/ [স. শুদ্ধ+ত্ব] বি. দ্র শুদ্ধতা।

শুদ্ধমতি /শুদ্‌ধোমোতি/ [স. শুদ্ধ+√মন্+তি] বিণ. কুটিলতাবর্জিত পবিত্র হৃদয়ের অধিকারী।

শুদ্ধাচার /শুদ্‌ধাচার্/ [স. শুদ্ধ+আচার] বি. ১ পবিত্র ও অকপট আচরণ, সাধুতা। ২ ধর্মীয় আচার-অনুষ্ঠানে শাস্ত্রবিহিত পবিত্রতা ও শুদ্ধতাবিধান।

শুদ্ধাচারী /শুদ্‌ধাচারি/ [স. শুদ্ধাচার+ইন্] বিণ. সদাচারী। স্ত্রী. শুদ্ধাচারিণী /শুদ্‌ধাচারিনি/।

শুদ্ধান্ত /শুদ্‌ধান্‌তো/ [স. শুদ্ধ+অন্ত] বি. অন্তঃপুর।

শুদ্ধি /শুদ্‌ধি/ [স. √শুধ্+তি] বি. ১ শোধন। ২ ভ্রম সংশোধন (*শুদ্ধিপত্র*)। ৩ নির্মলতা (*চিত্তশুদ্ধি*)। ৪ সংস্কারদ্বারা কল্পিত অস্পৃশ্য ব্যক্তিদের উদ্ধার-ক্রিয়া।

শুদ্ধিপত্র /শুদ্‌ধিপত্‌ত্রো/ [স. শুদ্ধি+পত্র] বি. (সচরাচর গ্রন্থের শেষে সংযুক্ত) মুদ্রিত গ্রন্থাদির ভ্রম সংশোধনের তালিকা।

শুদ্ধোদন /শুদ্‌ধোদন্/ [ব্যক্তি.] বি. বুদ্ধদেবের পিতা।

শুধরানো /শুধ্‌রানো/ [বা.] ক্রিবি. 'শোধরানো'-র সাধু রূপ।

শুধা /শুধা/ [বা.] ক্রিবি. 'শোধা'-র সাধু রূপ।

শুধাই /শুধাই/ [বা.] ক্রি. জিজ্ঞাসা করি (*আমি তারে শুধাই যবে 'কী তোমারে দিব আনি'*— রবীন্দ্র.)।

শুধানো /শুধানো/ [বা.] ক্রিবি. ১ জিজ্ঞাসা করা। ২ পরিশোধ করা।

শুধাশুধি /শুধাশুধি/ [বা.] ক্রিবিণ. দ্র শুধুশুধু।

শুধু /শুধু/ [স. শুদ্ধ >] বিণ. শূন্য, খালি (*শুধু-হাতে বিদায় করা*)। ক্রিবিণ. কেবল, মাত্র (*শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই* রবীন্দ্র.)।

শুধুশুধু /শুধুশুধু/ [বা.] ক্রিবিণ. অনর্থক, অযথা, অপ্রয়োজনে।

শুন /শুন্/ [স. √শুন্+অ] বি. কুকুর, শুনক। স্ত্রী. শুনী /শুনি/।

শুনক /শুনক্/ [স. শুন+ক (স্বার্থে)] বি. কুকুর, সারমেয়, শুন।

শুনসান /শুন্‌শান্/ [হি. সুনসান >] বিণ. ১ ফাঁকা, নির্জন। ২ চুপচাপ, নীরব।

শুনা[১] /শুনা/ [স. শ্রবণ >] ক্রিবি. 'শোনা'-র সাধু রূপ।

শুনা[২] /শুনা/ [স. শুন >] বি. দ্র শুনক।

শুনানি /শুনানি/ [বা.] বি. আদালতে বিচারকের সম্মুখে বাদী ও বিবাদীর বক্তব্য শোনার পর্ব।

শুনানো /শুনানো/ [বা.] ক্রিবি. 'শোনানো'-র সাধু রূপ।

শুভ /শুভো/ [স. √শুভ্+অ] বি. ১ মঙ্গল, কল্যাণ। ২ সৌভাগ্য। বিণ. মঙ্গলসূচক; কল্যাণকর (*শুভদিন*)।

www.pathagar.com

শুভ অপরাহ্ণ /শুভো অপরান্ণহো/ বি. অপরাহ্ণ শুভ হোক এরূপ বৈকালিক (দুপুর থেকে সূর্যাস্তের পূর্ব পর্যন্ত) অভিবাদনবিশেষ, good afternoon।

শুভংকর[১] /শুভংকর্/ [স. শুভম্+√কৃ+অ] বিণ. কল্যাণকর, মঙ্গলদায়ক।

শুভংকর[২] /শুভংকর্/ [ব্যক্তি.] বি. আর্যাপ্রণেতা ও গণিতশাস্ত্রের পন্ডিত শুভংকর দাস।

শুভংকরী[১] /শুভাংকোরি/ [স. শুভংকর+ঈ] বিণ. মঙ্গলদায়ী। বি. দেবী দুর্গা।

শুভংকরী[২] /শুভোংকোরি/ [ব্যক্তি.] বি. শুভংকর-প্রণীত গণিতশাস্ত্র।

শুভকর /শুভোকর্/ [স. শুভ+√কৃ+অ] বিণ. কল্যাণকর, মঙ্গলজনক।

শুভকামনা /শুভোকামোনা/ [স. শুভ+কামনা] বি. কল্যাণ কামনা।

শুভকাল /শুভোকাল্/ [স. শুভ+কাল] বি. জ্যোতিষ শাস্ত্রমতে প্রশস্ত সময়।

শুভক্ষণ /শুভোক্খন্/ [স. শুভ+ক্ষণ] বি. ১ মঙ্গল-জনক সময়। ২ অনুকূল মুহূর্ত, সুযোগ।

শুভখন /শুভোখন্/ [স. শুভ+বা. খন] বি. 'শুভক্ষণ'-এর কোমল ও কাব্যিক রূপ।

শুভগ্রহ /শুভোগ্রোহো/ [স. শুভ+√গ্রহ্+অ] বি. (জ্যোতি.) যে গ্রহের কল্পিত প্রভাব জাতকের জন্য মঙ্গলকর।

শুভদ /শুভোদো/ [স. শুভ+√দা+অ] বিণ. শুভ বা কল্যাণ দান করে এমন। স্ত্রী. **শুভদা** /শুভোদা/।

শুভদৃষ্টি /শুভোদৃশ্টি/ [স. শুভ+√দৃশ্+তি] বি. ১ বিবাহ অনুষ্ঠানে বরকনের প্রথম দৃষ্টিবিনিময়। ২ কল্যাণকর দৃষ্টি, সুনজর।

শুভবিবাহ /শুভোবিবাহো/ [স. শুভ+বিবাহ] বি. বিবাহের শুভ অনুষ্ঠান।

শুভবুদ্ধি /শুভোবুদ্ধি/ [স. শুভ+√বুধ্+তি] বি. সুমতি, সুবুদ্ধি।

শুভমুহূর্ত /শুভোমুহুর্তো/ [স. শুভ+√হৃচ্ছ্+ত] বি. শুভ সময়, শুভক্ষণ; মাহেন্দ্রক্ষণ।

শুভযোগ /শুভোজোগ্/ [স. শুভ+যোগ] বি. দ্র শুভমুহূর্ত।

শুভরাত্রি /শুভোরাত্রি/ [স. শুভ+রাত্রি] বি. ১ (আপনার) রাত্রি মঙ্গলময় হোক এইরূপ কামনা-সূচক অভিবাদন। ২ বিদায়সূচক অভিবাদনবিশেষ।

শুভলগ্ন /শুভোলগ্নো/ [স. শুভ+√লগ্+ত] বি. শুভকর্মের জন্য অনুকূল লগ্ন বা সময়।

শুভসংকল্প /শুভোশংকল্পো/ [স. শুভ+সম্+√কৃপ্+অ] বি. কল্যাণকর অভিপ্রায়।

শুভসংবাদ /শুভোশংবাদ্/ [স. শুভ+সম্+√বদ্+অ] বি. সুখবর, সুসংবাদ।

শুভসন্ধ্যা /শুভোশোন্ধা/ [স. শুভ+সম্+√ধ্যৈ+অ+আ (টাপ্)] বি. সন্ধ্যা থেকে মধ্যরাত পর্যন্ত উচ্চার্য অভিবাদনবিশেষ, good evening।

শুভসূচনা /শুভোশুচোনা/ [স. শুভ+√সূচ্+অন+আ (টাপ্)] বি. শুভসূচক আরম্ভ।

শুভস্য শীঘ্রম্ /শুভশ্শো শিগ্ঘ্রম্/ প্র. 'শুভকর্মে বিলম্ব নয়' এরূপ কামনাসূচক উক্তি।

শুভাকাঙ্ক্ষা /শুভাকাংখা/ [স. শুভ+আ+√কাঙ্ক্ষ্+অ+আ (টাপ্)] বি. শুভকামনা, মঙ্গলকামনা।

শুভাকাঙ্ক্ষী /শুভাকাংখি/ [স. শুভ+আ+√কাঙ্ক্ষ্+ইন্] বিণ. মঙ্গলকামী, হিতৈষী। স্ত্রী. **শুভাকাঙ্ক্ষিণী** /শুভাকাংখিনি/।

শুভানন /শুভানন্/ [স. শুভ+আনন] বিণ. সুন্দর ও শুভপ্রদ অবয়ববিশিষ্ট। স্ত্রী. **শুভাননা** /শুভাননা/।

শুভানুধ্যান /শুভানুদ্ধ্যান্/ [স. শুভ+অনুধ্যান] বি. মঙ্গলচিন্তা, শুভাকাঙ্ক্ষা।

শুভানুধ্যায়ী /শুভানুদ্ধায়ি/ [স. শুভ+অনু+√ধ্যৈ+ইন্] বিণ. হিতৈষী। স্ত্রী. **শুভানুধ্যায়িনী** /শুভানুদ্ধায়িনি/।

শুভানুষ্ঠান /শুভানুশ্ঠান্/ [স. শুভ+অনুষ্ঠান] বি. মঙ্গলকর্ম; শুভ অনুষ্ঠান।

শুভার্থী /শুভারথি/ [স. শুভ+√অর্থ+ইন্] বিণ. হিত-কামী, কল্যাণকামী। স্ত্রী. **শুভার্থিনী** /শুভারথিনি/।

শুভাশংসা /শুভাশংশা/ [স. শুভ+√শন্স্+অ+আ (টাপ্)] বি. মঙ্গলকামনা।

শুভাশিস /শুভাশিশ্/ [স. শুভ+আশিস্] বি. মঙ্গল-কামনাপূর্ণ আশীর্বাদ।

শুভাশীর্বাদ /শুভাশির্বাদ্/ [স. শুভ+আশীর্বাদ] বি. দ্র শুভাশিস।

শুভাশুভ /শুভাশুভো/ [স. শুভ+অশুভ] বিণ. হিতাহিত, শুভ ও অশুভ।

শুভ্র[১] /শুভ্রো/ [স. √শুভ্+র] বি. শ্বেতবর্ণ।

শুভ্র[২] /শুভ্রো/ [স. √শুভ্+র] বিণ. সাদা, শ্বেত, শুক্ল, ধবল। স্ত্রী. **শুভ্রা** /শুভ্রা/।

শুভ্রকেশ /শুভ্রোকেশ্/ [স. শুভ্র+কেশ] বি. পাকা চুল। বিণ. পাকা চুলবিশিষ্ট।

শুভ্রতা /শুভ্রোতা/ [স. শুভ্র+তা] বি. দ্র শুভ্রত্ব।

শুভ্রত্ব /শুভ্রোত্তো/ [স. শুভ্র+ত্ব] বি. শুভ্রতা।

www.pathagar.com

শুভ্রাংশু /শুভ্রাংশু/ [স. শুভ্র+অংশু] বি. চন্দ্র, চাঁদ।

শুমার /শুমার্/ [ফা.] বি. গণনা (*বেশুমার*)।

শুমারনবিশ /শুমারনোবিশ্/ [ফা.] বিণ. গণনাকারী।

শুমারি /শুমারি/ [ফা.] বি. গণনা (*আদমশুমারি*)।

শুম্ভনিশুম্ভ /শুম্ভোনিশুম্ভো/ [স. শুম্ভ+নি+√শুম্ভ্+অ] বি. পুরাণোক্ত শুম্ভ ও নিশুম্ভ নামের অসুর ভ্রাতৃদ্বয়।

শুয়া /শুআ/ [বা.] ক্রিবি. শয্যা গ্রহণ করা; 'শোয়া'-র সাধু রূপ।

শুয়ানো /শুআনো/ [বা.] ক্রিবি. বিণ. শয়ন করানো; 'শোয়ানো'-র সাধু রূপ।

শুয়ার /শুআর্/ [স. শূকর >] বি. শূকর।

শুয়েবসে /শুয়েবোশে/ [বা.] ক্রিবিণ. নিষ্ক্রিয় হয়ে (*শুয়েবসে কালক্ষেপণ*)।

শুয়োর /শুওর্/ [স. শূকর >] বি. দ্র শূকর।

শুরু /শুরু/ [আ.] বি. ১ সূচনা, আরম্ভ। ২ মূল; গোড়া।

শুরুয়া /শুরুআ/ [আ. শুরুবা >] বি. ঝোল; ক্বাথ।

শুলফা /শুল্ফা/ [বা.] বি. শীতকালে পুষ্পমঞ্জরিতে থোকায় থোকায় ফোটে এমন ছোটো হলুদ ফুল ও সুগন্ধ বীজযুক্ত ফল (যা মসলা হিসেবে ব্যবহৃত এবং যার পাতা শাক হিসেবে রেঁধে খাওয়া হয়) বা তার লম্বাটে সবুজ যৌগিক পাতাবিশিষ্ট ভেষজগুণ-সম্পন্ন বীরুৎশ্রেণির গুল্ম।

শুলানো /শুলানো/ [বা.] ক্রিবি. যন্ত্রণা বা ব্যথা বোধ করা।

শুল্ক /শুল্কো/ [স. √শুল্ক্+অ] বি. ১ পণ্য আমদানি বা রপ্তানির ওপর আরোপিত মাশুল, duty। ২ কর, tax। ৩ মূল্য।

শুল্কমুক্ত /শুল্কোমুক্তো/ [স. শুল্ক+√মুচ্+ত] বিণ. (যে পণ্যের) ক্রয়বিক্রয় বা আমদানির ওপর কোনো শুল্ক বা কর আরোপ করা হয় না এমন (*শুল্কমুক্ত বিপণি*), duty-free।

শুশনি /শুশ্নি/ [বা.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত রেঁধে খাওয়ার উপযোগী ভেষজ-গুণসম্পন্ন জলজ শাকবিশেষ।

শুশুক /শুশুক্/ [স. শিশুক >] বি. উত্তর গোলার্ধে সমুদ্রের উপকূল ও নদীতে বিচরণ করে এমন পাখনাহীন পৃষ্ঠ ও ভোঁতা নাসারন্ধ্র এবং ক্রমশ সরু হয়ে আসা দেহবিশিষ্ট ডলফিনজাতীয় মাঝারি আকৃতির স্তন্যপায়ী কালচে ধূসর জলজ প্রাণী।

শুশ্রূষা /শুস্রুশা/ [স. √শ্রু+সন্+অ+আ (টাপ্)] বি. পরিচর্যা, সেবা।

শুশ্রূষাকারিণী /শুস্রুশাকারিনি/ [স. শুশ্রূষা+√কৃ+ইন্+ঈ] বি. বিণ. সেবিকা।

শুশ্রূষাকারী /শুস্রুশাকারি/ [স. শুশ্রূষা+√কৃ+ইন্] বিণ. বি. যে শুশ্রূষা করে, সেবক।

শুশ্রূষু /শুস্রুশু/ [স. √শ্রু+সন্+উ] বিণ. সেবা করতে ইচ্ছুক; সেবক।

শুষা /শুশা/ [স. শোষণ >] ক্রিবি. 'শোষা'-র সাধু রূপ।

শুষানো /শুশানো/ [বা.] ক্রিবি. বিণ. শোষণ করানো।

শুষির /শুশির্/ [স. √শুষি+র] বিণ. ছিদ্রযুক্ত। বি. ১ আগুন। ২ ছিদ্র। ৩ ফুঁ দিয়ে বাজানো যায় এমন ছিদ্রযুক্ত সরু বাঁশ বা ধাতব নল, বাঁশি।

শুষ্ক /শুশ্কো/ [স. √শুষ্+ত] বিণ. ১ শোষণ করা হয়েছে এমন। ২ নীরস, রসশূন্য। ৩ আকর্ষণহীন। ৪ মলিন। ৫ কর্কশ। বি. ~তা /-তা/।

শূক /শুক্/ [স. √শো+ঊক] বি. ১ শস্যের সূক্ষ্ম রোঁয়া, শুঁয়া। ২ প্রজাপতির অপরিণত অবস্থা।

শূককীট /শুক্কীট্/ [স. শূক+কীট] বি. শুঁয়াপোকা।

শূকধান্য /শুক্ধান্নো/ [স. শূক+ধান+য] বি. ধান গম যব প্রভৃতি শুঁয়াবিশিষ্ট শস্য।

শূকর /শুকর্/ [স. শূক+√রা+অ] বি. পৃথিবীর প্রায় সব দেশে বিচরণ করে এমন প্রায় লোমহীন গোলাকার দেহ ছোটো লেজ ও চ্যাপটা নাসারন্ধ্রবিশিষ্ট সর্বভুক চতুষ্পদ (খাটো পা-বিশিষ্ট) স্তন্যপায়ী বুদ্ধিমান গৃহপালিত ও বন্য প্রাণী, বরাহ। স্ত্রী. শূকরী /শুকোরি/।

শূদ্র /শুদ্রো/ [স. √শূচ্+র] বি. নিগৃহীত ও অবহেলিত জাতিবিশেষ।

শূদ্রাণী /শুদ্রানি/ [স. শূদ্রা >] বি. শূদ্র নারী; শূদ্রের পত্নী।

শূদ্রী /শুদ্রি/ [স. শূদ্র+ঈ] বি. শূদ্রের পত্নী।

শূন্য /শুন্নো/ [স. √শ্বন্+য] বি. ১ (গ.) '০' এই চিহ্ন, অবিদ্যমানতাসূচক চিহ্ন, zero। ২ পরিমাণ বা আয়তনের অভাব। ৩ কোনো মানদণ্ডে (scale) যে মাত্রার নিচে ঋণাত্মক এবং ওপরে ধনাত্মক বলে গণ্য করা হয়। ৪ সেলসিয়াস মানদণ্ডে যে তাপমাত্রায় জল জমতে শুরু করে। ৫ অভাব, অবিদ্যমানতা। ৬ আকাশ। বিণ. ১ বিহীন (*জনশূন্য এলাকা*)। ২ খালি (*শূন্য হাতে ফিরি, হে নাথ, পথে পথে—* রবীন্দ্র.), ফাঁকা। ৩ উদাস।

শূন্যকুম্ভ /শুন্নোকুম্ভো/ [স. শূন্য+√কুম্ভ্+অ] বি. খালি কলসি।

শূন্যগর্ভ /শুন্নোগর্ভো/ [স. শূন্য+√গৃ+ভ] বিণ. ১ ভেতরে কিছু নেই এমন, ফাঁপা। ২ (আল.) সারবস্তুহীন (*শূন্যগর্ভ আলোচনা*)।

www.pathagar.com

শূন্যতা /শূন্‌নোতা/ [স. শূন্য+তা] বি. ১ অবিদ্যমানতা; ফাঁকা অবস্থা। ২ রিক্ততা। ৩ উদাসীনতা।

শূন্যদৃষ্টি /শূন্‌নোদৃশ্‌টি/ [স. শূন্য+√দৃশ্‌+তি] বি. উদাস চাহনি, উদাস দৃষ্টি।

শূন্যপথ /শূন্‌নোপথ্‌/ [স. শূন্য+পথ] বি. আকাশরূপ পথ, আকাশপথ।

শূন্যবাদ /শূন্‌নোবাদ্‌/ [স. শূন্য+√বদ্‌+অ] বি. শূন্য থেকে উৎপত্তি ও লয় এমন মতবাদ; নাস্তিকতা।

শূন্যময় /শূন্‌নোময়্‌/ [স. শূন্য+ময়ট্‌] বিণ. ফাঁপা, খালি।

শূন্যলোক /শূন্‌নোলোক্‌/ [স. শূন্য+লোক] বি. মহাকাশ।

শূর /শুর্‌/ [স. √শূর্‌+অ] বিণ. বীর, শৌর্যবান; সাহসী। বি. ১ সূর্য। ২ যোদ্ধা।

শূরসেন /শুরোশেন্‌/ [ব্যক্তি.] বি. ১ বিশিষ্ট বৌদ্ধ আচার্য ও নালন্দা বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগুরু, চীনা পর্যটক হিউয়েন সাঙ যাঁর শিষ্যত্ব গ্রহণ করেছিলেন। ২ মথুরা অঞ্চলের প্রাচীন নাম।

শূর্প /শুর্‌পো/ [স. √শূর্প+অ] বি. বেত বা বাঁশের তৈরি শস্যাদি ঝাড়ার পাত্র, কুলা, কুলো।

শূর্পণখা /শুর্‌পোনখা/ [স. শূর্প+নখ+আ (টাপ্‌)] বি. রামায়ণে বর্ণিত লঙ্কাধিপতি রাবণের ভগিনী যিনি সীতাকে হরণ করতে উদ্যত হলে লক্ষ্মণ তাঁর নাক ও কান ছেদন করে বিতাড়িত করেন।

শূর্পী /শুর্‌পি/ [স. শূর্প+ঈ] বি. ছোটো কুলা।

শূল /শূল্‌/ [স. √শূল্‌+অ] বি. ১ অপরাধীর প্রাণদণ্ড কার্যকর করার ধারালো ফলাযুক্ত অস্ত্রবিশেষ (*শূলে চড়ানো*)। ২ ত্রিশূল (*শূলপাণি*)। ৩ শলাকা, শিক (*শূলপক্ক*)। ৪ ব্যথা, বেদনা (*দন্তশূল*)।

শূলঘ্ন /শূলঘ্‌নো/ [স. শূল+√হন্‌+অ] বিণ. শূলবেদনা দূর করে এমন।

শূলপক্ক /শূলোপক্‌কো/ [স. শূল+√পচ্‌+ত] বিণ. শলাকাবিদ্ধ করে আগুনে সেঁকা হয়েছে এমন।

শূলপাণি /শূলোপানি/ [স. শূল+√পণ্‌+ই] বি. যার হাতে শূল আছে, শিব।

শূলমাংস /শূলোমাংশো/ [স. শূল+√মন্‌+স] বি. শলাকাবিদ্ধ করে আগুনে সেঁকা মাংস, শিক কাবাব।

শূলাগ্র /শূলাগ্‌গ্রো/ [স. শূল+অগ্র] বি. শূলের ডগা বা অগ্রভাগ।

শূলিনী /শূলিনি/ [স. শূল+ইন্‌+ঈ] বি. দেবী দুর্গা।

শূলী /শূলি/ [স. শূল+ইন্‌] বি. শিব, মহাদেব।

শূলে চড়ানো /শূলে চড়ানো/ ক্রিবি. বধ করার উদ্দেশ্যে শূলবিদ্ধ করা।

শূল্য /শূল্‌লো/ [স. শূল+য] বিণ. শলাকাবিদ্ধ করে সেঁকা হয়েছে এমন, শূলপক্ক।

শূল্যমাংস /শূল্‌লোমাংশো/ [স. শূল্য+মাংস] বি. শলাকাবিদ্ধ করে আগুনে সেঁকা মাংস, শিক কাবাব।

শৃগাল /সৃগাল্‌/ [স. √সৃজ্‌+আল] বি. খাড়া ত্রিকোণাকৃতি কান সুচালো মুখ এবং মোটা লোমশ লেজযুক্ত চতুষ্পদ মাংসাশী ও নিশাচর স্তন্যপায়ী বন্য প্রাণী, শিয়াল, শিবা, শেয়াল। স্ত্রী. শৃগালী /সৃগালি/।

শৃঙ্খল /সৃংখল্‌/ [স. শৃঙ্গ+√খল্‌+অ] বি. ১ শিকল, জিঞ্জির, নিগড়। ২ বন্ধন।

শৃঙ্খলা /সৃংখলা/ [স. শৃঙ্খল+আ (টাপ্‌)] বি. ১ রীতি, ধারা, পরম্পরা। ২ সুবিন্যাস। ৩ বন্দোবস্ত।

শৃঙ্খলাপরায়ণ /সৃংখলাপরায়োন্‌/ [স. শৃঙ্খলা+পরায়ণ] বিণ. শৃঙ্খলা মেনে চলে এমন, সুশৃঙ্খল।

শৃঙ্খলাবদ্ধ /সৃংখলাবদ্‌ধো/ [স. শৃঙ্খল+আবদ্ধ] বিণ. ১ শিকল দিয়ে বাঁধা আছে এমন (*শৃঙ্খলাবদ্ধ হস্ত*)। ২ সুবিন্যস্ত, সুশৃঙ্খল।

শৃঙ্খলিত /সৃংখোলিতো/ [স. √শৃঙ্খলি+ত] বিণ. দ্র শৃঙ্খলাবদ্ধ।

শৃঙ্গ /সৃংগো/ [স. √শৃ+গ] বি. ১ গোরু ছাগল ভেড়া প্রভৃতি স্তন্যপায়ী তৃণভোজী চতুষ্পদ প্রাণীর মাথার উভয় প্রান্তে উদ্‌গত সুচালো উপাস্থিবিশেষ (keratin), শিং, বিষাণ। ২ পশুর শিং দিয়ে তৈরি বাদ্যযন্ত্র, শিঙা। ৩ শিখর, চূড়া (*পর্বতশৃঙ্গ*)। ৪ পিচকারি, পিচকিরি।

শৃঙ্গধর /সৃংগোধর্‌/ [স. শৃঙ্গ+√ধৃ+অ] বি. পর্বত।

শৃঙ্গধ্বনি /সৃংগোধ্বোনি/ [স. শৃঙ্গ+√ধ্বন্‌+ই] বি. শিঙ্গায় ফুৎকার দিয়ে উৎপন্ন শব্দ।

শৃঙ্গবান /সৃংগোবান্‌/ [স. শৃঙ্গ+বৎ] বিণ. শৃঙ্গযুক্ত।

শৃঙ্গবের /সৃংগোবের্‌/ [স. শৃঙ্গ+বের] বি. ১ রামায়ণোক্ত নিষাদরাজ গুহকের নগর। ২ আদা।

শৃঙ্গাটক /সৃংগাটক্‌/ [স. শৃঙ্গ+√অট্‌+অ+ক] বিণ. শৃঙ্গ আছে এমন, শৃঙ্গবিশিষ্ট। বি. ত্রিকোণাকৃতি পানিফল শিঙাড়া সমোসা প্রভৃতি খাদ্যবস্তু।

শৃঙ্গাটিকা /সৃংগাটিকা/ [স. শৃঙ্গাটক+আ (টাপ্‌)] বিণ. বি. দ্র শৃঙ্গাটক।

শৃঙ্গার /সৃংগার্‌/ [স. শৃঙ্গ+√কৃ+অ] বি. ১ নরনারীর সম্ভোগমূলক রস, আদিরস। ২ রতিক্রিয়া, রমণ। ৩ সাজসজ্জা। ৪ হাতির কপালে দেওয়া সিঁদুর।

শৃঙ্গারভূষণ /সৃংগারভুশন্‌/ [স. শৃঙ্গার+ভূষণ] বি. সিঁদুর চন্দন প্রভৃতির দ্বারা অঙ্গরাগ বা সাজসজ্জা।

শৃঙ্গী /সৃংগি/ [স. শৃঙ্গ+ইন্‌] বিণ. শৃঙ্গযুক্ত (পর্বত শিং মাগুর মাছ প্রভৃতি)।

www.pathagar.com

শেকড় /শেকড়/ [দেশি.] বি. 'শিকড়'-এর কথ্য রূপ।

শেকল /শেকল্/ [ফা. শিকল >] বি. 'শিকল'-এর কথ্য রূপ।

শেখ /শেখ্/ [আ. শায়িখ >] বি. ১ ইসলাম ধর্মশাস্ত্র সম্পর্কে অভিজ্ঞ ব্যক্তি, দীক্ষাগুরু। ২ সম্মানিত ব্যক্তি। ৩ পদবিবিশেষ।

শেখর /শেখর্/ [স. √শী+খর] বি. ১ কিরীট, মুকুট। ২ শিরোভূষণ, শিরোমাল্য। ৩ চূড়া (*চন্দ্রশেখর*)।

শেখা /শেখা/ [স. শিক্ষা >] ক্রিবি. ১ জ্ঞানলাভ বা অভিজ্ঞতা সঞ্চয় করা (*লেখাপড়া শেখা*)। ২ অভ্যাস করা, চর্চা করা (*গান শেখা*)। বিণ. শিখেছে এমন, শিক্ষাপ্রাপ্ত (*শেখা বুলি*)।

শেখানো /শেখানো/ [বা.] ক্রিবি. শিক্ষা বা জ্ঞান দেওয়া (*লেখাপড়া শেখানো*)। বিণ. শিখিয়ে দেওয়া হয়েছে এমন (*শেখানো বুদ্ধি*)।

শেজ[১] /শেজ্/ [দেশি.] বি. কাচের চিমনিযুক্ত দীপ, শামাদান (*শেজবাতি*)।

শেজ[২] /শেজ্/ [স. শয্যা >] বি. বিছানা, শয্যা।

শেঠ /শেঠ্/ [স. শ্রেষ্ঠী >] বি. ১ বণিক, বড়ো ব্যবসায়ী, সওদাগর। ২ পদবিবিশেষ।

শেফালি /শেফালি/ [স. শেফ+অলি] বি. উপ-গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং শরৎকালে সন্ধ্যায় ফোটে ও সূর্য ওঠার আগে ঝরে যায় এমন লালচে কমলা রঙের বোঁটায় ছ-সাতটি পাপড়িযুক্ত সুগন্ধ সাদা ফুল বা তার হালকা সবুজাভ খসখসে পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ, শিউলি (আনি. ভারতীয় উপমহাদেশ)।

শেফালিকা /শেফালিকা/ [স. শেফ+অলি+কন্+আ (টাপ্)] বি. দ্র শেফালি।

শেভ করা /শেভ্ করা/ ক্রিবি. দাড়ি কামানো।

শেমিজ /শেমিজ্/ [ফ.] বি. ঘাড় থেকে ঝুলিয়ে পরা হয় এমন নারীর লম্বা অন্তর্বাস, chemise।

শেয়াকুল /শেআকুল্/ [স. শৃগালকোলি >] বি. এশিয়ার উষ্ণমণ্ডল ও অস্ট্রেলিয়ার বনাঞ্চলে জাত এবং হেমন্তকালে ফোটে এমন সবুজাভ হলুদ উভলিঙ্গ ফুল ও চকচকে কালো গোলাকার কুল-জাতীয় ফল বা তার সূক্ষ্ম রোমাবৃত আরোহী শাখা-প্রশাখাযুক্ত কণ্টকিত মাঝারি আকৃতির লতাবিশেষ, শিয়াকুল।

শেয়ার /শেআর্/ [ই. share] বি. ১ ব্যবসায়ে মূলধনের অংশ। ২ অংশ, ভাগ।

শেয়ার বাজার /শেআর্ বাজার্/ বি. যে প্রতিষ্ঠানে জনসাধারণ কোনো যৌথ কোম্পানির মালিকানা বা অংশীদারিত্ব ক্রয়বিক্রয় করতে পারে।

শেয়াল /শেআল্/ [স. শৃগাল >] বি. খাড়া ত্রিকোণা-কৃতি কান সুচালো মুখ এবং মোটা লোমশ লেজযুক্ত চতুষ্পদ মাংসাশী ও নিশাচর স্তন্যপায়ী বন্য প্রাণী, শিয়াল, শিবা, শৃগাল।

শের /শের্/ [ফা.] বি. ১ বাঘ। ২ সিংহ।

শেরওয়ানি /শের্ওআনি/ [হি.] বি. পুরুষদের জামার ওপর পরিধেয় বন্ধ গলা ও হাঁটু পর্যন্ত লম্বা পোশাক।

শেরপা /শের্পা/ [তি.] বি. ১ হিমালয়ের পাদদেশে বসবাস করে এমন পর্বতারোহণে পারদর্শী নেপালি ভুটানি বা তিব্বতীয় জাতিবিশেষ। ২ হিমালয় পর্বতারোহীদের মালপত্র বহন ও পথপ্রদর্শন যার পেশা।

শেরেবাংলা /শেরেবাংলা/ [ব্যক্তি.] বি. অবিভক্ত বঙ্গের শেষ প্রধানমন্ত্রী এ. কে. এম. ফজলুল হককে প্রদত্ত উপাধি।

শেল[১] /শেল্/ [স. শল্য >] বি. প্রাচীন যুদ্ধাস্ত্র-বিশেষ, শূল।

শেল[২] /শেল্/ [ই.] বি. কামানের গোলা, shell।

শেষ /শেশ্/ [স. √শিষ্+অ] বি. ১ সমাপ্তি, অবসান। ২ ধ্বংস, বিনাশ। ৩ সীমা, প্রান্ত (*পথের শেষ*)। ৪ নিষ্পত্তি। ৫ সর্পরাজ, অনন্তনাগ, বাসুকি (*শেষ-নাগ*)। বিণ. ১ সমাপ্ত। ২ বিনষ্ট; বিধ্বস্ত। ৩ অব-শিষ্ট। ৪ অন্তিম (*শেষ অবস্থা*)। ৫ চরম; চূড়ান্ত।

শেষ কথা /শেশ্ কথা/ বি. চূড়ান্ত কথা।

শেষ করা /শেশ্ করা/ ক্রিবি. ১ সমাপ্ত করা। ২ ধ্বংস বা বিকল করা।

শেষকালে /শেশ্কালে/ [স. শেষকাল+বা. এ] ক্রিবিণ. শেষ পর্যন্ত, অবশেষে।

শেষকৃত্য /শেশ্কৃত্যো/ [স. শেষ+√কৃ+য] বি. মৃতের সৎকার, অন্ত্যেষ্টিক্রিয়া।

শেষতক /শেশ্তক্/ [স. শেষ+হি. তক] ক্রিবিণ. শেষ পর্যন্ত, অবশেষে।

শেষতম /শেশ্তমো/ [স. শেষ+তমট্] বিণ. সর্বশেষ।

শেষমেশ /শেশ্মেশ্/ [বা.] ক্রিবিণ. অবশেষে, শেষ-পর্যন্ত।

শেষযাত্রা /শেশ্জাত্রা/ [স. শেষ+যাত্রা] বি. অন্তিম যাত্রা।

শেষরক্ষা /শেশ্রোক্খা/ [স. শেষ+রক্ষা] বি. শেষ পর্যন্ত সাফল্য লাভ করার ক্ষমতা।

শেষরাত্রি /শেশ্রাত্রি/ [স. শেষ+√রা+ত্রি] বি. রাত্রির অন্তিম বা শেষ প্রহর।

শেষশয়ন /শেশ্শয়োন্/ [স. শেষ+√শী+অন] বি. ১ মৃত্যু। ২ অনন্তনাগের ওপর বিষ্ণুর শয়ন। ৩ বিষ্ণু।

www.pathagar.com

শেষান্ন /শেশান্নো/ [স. শেষ+√অদ্+ত] বিণ. ভুক্তাবশিষ্ট, এঁটো, উচ্ছিষ্ট।

শেষাশেষি /শেশাশেশি/ [বা.] ক্রিবিণ. প্রায় শেষ হওয়ার সময়ে, শেষকালে, শেষ পর্যন্ত।

শেষোক্ত /শেশোক্তো/ [স. শেষ+√বচ্+ত] বিণ. সবশেষে কথিত বা উল্লিখিত।

শৈত্য /শৌইত্তো/ [স. শীত+য] বি. শীতলতা, ঠান্ডা ভাব।

শৈত্যপ্রবাহ /শৌইত্তোপ্রোবাহো/ [স. শৈত্য+প্রবাহ] বি. শীতল বায়ুর প্রবাহ।

শৈথিল্য /শৌইথিল্লো/ [স. শিথিল+য] বি. ১ শিথিলতা, আলগাভাব। ২ অবসন্নতা। ৩ অলসতা। ৪ অমনোযোগ (*দায়িত্বপালনে শৈথিল্য*)।

শৈব /শৌইবো/ [স. শিব+অ] বিণ. শিবসম্পর্কিত। বি. শিবের উপাসনা করে এমন ব্যক্তি।

শৈবলিনী /শৌইবোলিনি/ [স. শেবল+অ+ইন্+ঈ] বি. নদী।

শৈবাল /শৌইবাল্/ [স. শেবাল+অ] বি. ক্লোরোফিলসমৃদ্ধ অপুষ্পক জলজ উদ্ভিদ যার মূল কান্ড ও পাতা অখন্ড, শ্যাওলা।

শৈবালদাম /শৌইবালদাম্/ [স. শৈবাল+ফা. দাম] বি. জলে ভেসে থাকা জলজ উদ্ভিদসমূহ।

শৈল /শৌইলো/ [স. শিলা+অ] বিণ. ১ শিলাজাত (*শৈলগিরি*)। ২ শিলাসম্বন্ধীয়। ৩ পর্বতসংক্রান্ত।

শৈলচূড়া /শৌইলোচুড়া/ [স. শৈল+√চূড়্+অ+আ (টাপ্)] বি. পাহাড়ের চূড়া।

শৈলজ /শৌইলোজো/ [স. শৈল+√জন্+অ] বিণ. পর্বতজাত; পর্বতসংক্রান্ত।

শৈলজা /শৌইলোজা/ [স. শৈলজ+আ (টাপ্)] বি. পার্বতী, গৌরী; দেবী দুর্গা।

শৈলজায়া /শৌইলোজায়া/ [স. শৈল+√জন্+য+আ (টাপ্)] বি. হিমালয়ের পত্নী মেনকা।

শৈলময় /শৌইলোময়/ [স. শৈল+ময়ট্] বিণ. পর্বতময়, পর্বতসংকুল।

শৈলরাজ /শৌইলোরাজ্/ [স. শৈল+রাজন্] বি. পর্বতশ্রেষ্ঠ হিমালয়।

শৈলসুতা /শৌইলোশুতা/ [স. শৈল+সুত+আ (টাপ্)] বি. গৌরী, পার্বতী।

শৈলী /শৌইলি/ [স. শৈল+ঈ] বি. রীতি, ধারা, ভঙ্গি, প্রণালি, পদ্ধতি (*গদ্যশৈলী*), style।

শৈলেন্দ্র /শৌইলেন্দ্রো/ [স. শৈল+ইন্দ্র] বি. দ্র শৈলরাজ।

শৈলেশ /শৌইলেশ্/ [স. শৈল+ঈশ] বি. হিমালয়।

শৈল্পিক /শৌইল্পিক্/ [স. শিল্প+ইক] বিণ. শিল্পসংক্রান্ত; কারুশিল্পবিষয়ে চেতনাসম্পন্ন।

শৈশব /শৌইশব্/ [স. শিশু+অ] বি. শিশুকাল, বাল্যাবস্থা।

শৈশবসঙ্গী /শৌইশবশোংগি/ [স. শৈশব+সঙ্গ+ইন্] বি. ছোটোবেলার সঙ্গী, বাল্যসহচর।

শৈশবস্মৃতি /শৌইশবস্মৃতি/ [স. শৈশব+√স্মৃ+তি] বি. ছোটোবেলার স্মৃতি, বাল্য স্মৃতি।

শৈশবাবস্থা /শৌইশবাবোস্থা/ [স. শৈশব+অব+√স্থা+অ] বি. শিশুকাল, বাল্যাবস্থা, ছেলেবেলা।

শোঁকা /শোঁকা/ [বা.] ক্রিবি. ঘ্রাণ গ্রহণ করা (*ফুল শোঁকা*)। বিণ. গন্ধ নেওয়া হয়েছে এমন, আঘ্রাত।

শোঁ শোঁ/শোঁ শোঁ/ অব্য. বাতাসের প্রবল বেগপ্রকাশক ভাব।

শোক /শোক্/ [স. √শুচ্+অ] বি. প্রিয়জনের মৃত্যু বা বিচ্ছেদজনিত মানসিক বেদনা।

শোকগাথা /শোকোগাথা/ [স. শোক+গাথা] বি. শোক দুঃখ প্রভৃতিপ্রকাশক গান বা কবিতা, elegy।

শোকগ্রস্ত /শোকোগ্রোস্তো/ [স. শোক+√গ্রস্+ত] বিণ. শোক বা মনোবেদনায় আচ্ছন্ন। স্ত্রী. শোকগ্রস্তা /শোকোগ্রোস্তা/।

শোকতপ্ত /শোকোতপ্তো/ [স. শোক+√তপ্+ত] বিণ. শোকে কাতর, শোকাকুল, শোকাভিভূত।

শোকদগ্ধ /শোকোদগ্ধো/ [স. শোক+√দহ্+ত] বিণ. দ্র শোকতপ্ত।

শোকপ্রকাশ /শোকপ্রোকাশ্/ [স. শোক+প্রকাশ] বি. কোনো ব্যক্তির মৃত্যু বা কোনো দুর্ঘটনায় দুঃখ ও সমবেদনা জ্ঞাপন।

শোকপ্রস্তাব /শোকপ্রোস্তাব্/ [স. শোক+প্রস্তাব] বি. বিশেষ কোনো ব্যক্তির মৃত্যুর জন্য শোকপ্রকাশ করে সভায় গৃহীত প্রস্তাব।

শোকবিধুর /শোকোবিধুর্/ [স. শোক+বিধুর] বিণ. শোকে বিহ্বল। স্ত্রী. শোকবিধুরা /শোকোবিধুরা/।

শোকব্যঞ্জক /শোকোব্যান্জক্/ [স. শোক+ব্যঞ্জক] বিণ. শোক প্রকাশ করে এমন, শোকসূচক।

শোকর /শোকোর্/ [আ. শুকর >] বি. উপকারীর উপকার স্বীকার, ধন্যবাদজ্ঞাপন।

শোকর করা /শোকোর্ করা/ ক্রিবি. কৃতজ্ঞতা প্রকাশ করা, ধন্যবাদজ্ঞাপন করা।

শোকসংগীত /শোকোশোংগিত্/ [স. শোক+সম্+√গে+ত] বি. শোক দুঃখ প্রভৃতিপ্রকাশক গান।

শোকসন্তপ্ত /শোকোশন্তপ্তো/ [স. শোক+সম্+√তপ্+ত] বিণ. শোকে কাতর, শোকাভিভূত।

www.pathagar.com

শোকসন্তাপ /শোকোশন্‌তাপ্‌ / [স. শোক+সম্‌+√তপ্‌ +অ] বি. শোকের অন্তর্দহন।

শোকসন্তাপহর /শোকোশন্‌তাপ্‌হরো/ [স. শোক+ সন্তাপ+√হৃ+অ] বিণ. শোকযাতনা প্রশমিত করে এমন।

শোকসভা /শোক্‌শভা/ [স. শোক+সভা] বি. মৃত ব্যক্তির স্মরণে আহূত সভা, স্মরণসভা।

শোকসাগর /শোক্‌শাগোর্‌/ [স. শোক+সাগর] বি. শোকরূপ সাগর।

শোকাকুল /শোকাকুল্‌/ [স. শোক+আকুল] বিণ. শোকে কাতর, শোকাভিভূত।

শোকাগ্নি /শোকাগ্‌নি/ [স. শোক+অগ্নি] বি. শোকের আগুন, শোকের বেদনা।

শোকাতুর /শোকাতুর্‌/ [স. শোক+আতুর] বিণ. দ্র শোকাকুল।

শোকানল /শোকানল্‌/ [স. শোক+অনল] বি. দ্র শোকাগ্নি।

শোকাবহ /শোকাবহো/ [স. শোক+আবহ] বিণ. শোকার্ত, দুঃখজনক (*শোকাবহ ঘটনা*)।

শোকাবেগ /শোকাবেগ্‌/ [স. শোক+আবেগ] বি. শোকের প্রাবল্য বা তীব্রতা।

শোকাভিভূত /শোকাভিভুতো/ [স. শোক+অভিভূত] বিণ. শোকার্ত, শোকবিহ্বল।

শোকার্ত /শোকার্‌তো/ [স. শোক+আর্ত] বিণ. শোকে কাতর, শোকাভিভূত, শোকাকুল।

শোকাহত /শোকাহতো/ [স. শোক+আহত] বিণ. শোকাভিভূত, শোকাক্রান্ত (*শোকাহত পরিবার*)।

শোকোচ্ছ্বাস /শোকোচ্‌ছ্বাশ্‌/ [স. শোক+উচ্ছ্বাস] বি. শোকের প্রাবল্য বা আধিক্য, শোকের আবেগ।

শোচন /শোচোন্‌/ [স. √শুচ্‌+অন] বি. দ্র শোচনা।

শোচনা /শোচোনা/ [স. শোচন+আ (টাপ্‌)] বি. অনুতাপ বা বিলাপ, শোক।

শোচনীয় /শোচোনিয়ো/ [স. √শুচ্‌+অনীয়] বিণ. শোকের যোগ্য, দুঃখজনক (*শোচনীয় অবস্থা*)।

শোচিত /শোচিতো/ [স. √শোচি+ত] বিণ. শোকপ্রাপ্ত।

শোচ্য /শোচ্চো/ [স. √শুচ্‌+য] বিণ. দ্র শোচনীয়।

শোণ /শোন্‌/ [স. √শোণ্‌+অ] বি. ১ লাল রং। ২ রক্ত। ৩ ভারতের বিহার রাজ্যে প্রবাহিত নদবিশেষ। ৪ আগুন। বিণ. রক্তবর্ণ।

শোণিত /শোনিতো/ [স. শোণ+ইত] বি. রক্ত, লোহিত, রুধির।

শোণিতধারা /শোনিতোধারা/ [স. শোণিত+√ধারি+অ+আ (টাপ্‌)] বি. রক্তের স্রোতোধারা।

শোণিতপুঞ্জ /শোনিতোপুন্‌জো/ [স. শোণিত+পুঞ্জ+ √জি+অ] বি. জমাটবদ্ধ রক্ত।

শোণিতপ্রবাহ /শোনিতোপ্রোবাহো/ [স. শোণিত+ প্রবাহ] বি. দ্র শোণিতধারা।

শোণিতমোক্ষণ /শোনিতোমোক্‌খন্‌/ [স. শোণিত+ √মোক্ষ্‌+অন] বি. ১ শরীর থেকে দূষিত রক্ত বহিষ্করণ। ২ রক্তক্ষরণ।

শোণিতরঞ্জিত /শোনিতোরোন্‌জিতো/ [স. শোণিত+ √রঞ্জি+ত] বিণ. রক্তরঞ্জিত, রক্তমাখা, রক্তাক্ত।

শোণিতশোষণ /শোনিতোশোশন্‌/ [স. শোণিত+ √শুষ্‌+অন] বি. ১ রক্তশোষণ। ২ (আল.) বলপূর্বক অর্থ আদায় করে সর্বস্বান্তকরণ।

শোণিতাক্ত /শোনিতাক্‌তো/ [স. শোণিত+অক্ত] বিণ. রক্তমাখা, রক্তাক্ত।

শোণিমা /শোনিমা/ [স. শোণ+ইমন্‌] বি. লাল আভা, লালিমা, রক্তিমা।

শোথ /শোথ্‌/ [স. √শু+থ] বি. মশাবাহিত পরজীবী সুতাকৃমির সংক্রমণহেতু জীবদেহের কোনো অঙ্গে লসিকা (lymphatic fluid) প্রবাহ বাধাপ্রাপ্ত হওয়ার ফলে সেই অঙ্গের অস্বাভাবিক স্ফীতি, গোদ, elephantiasis।

শোধ /শোধ্‌/ [স. √শুধ্‌+অ] বি. ১ প্রাপ্য পরিশোধ-করণ, প্রত্যর্পণ (*ঋণশোধ*)। ২ প্রতিশোধ, বদলা।

শোধক /শোধক্‌/ [স. √শুধ্‌+অক] বিণ. ১ শোধন করে এমন, পরিষ্কারক। ২ পরিশোধকারী (*ঋণশোধক*)। ৩ সংশোধনকারী। ৪ (গ.) যে রাশি বিয়োগ করা যায়; (পরি.) subtrahend।

শোধন /শোধোন্‌/ [স. √শুধ্‌+অন] বি. ১ পরিষ্করণ। ২ ভ্রম সংশোধন।

শোধনাগার /শোধোনাগার্‌/ [স. শোধন+আগার] বি. ১ যে কারখানায় খনিজ তৈলের বিভিন্ন স্ফুট-নাঙ্কের তরল পদার্থ পৃথক করে শোধন করা হয়। ২ তৈল চিনি প্রভৃতি শোধনের দায়িত্বে নিয়োজিত প্রতিষ্ঠান, refinery।

শোধনী /শোধোনি/ [স. শোধন+ঈ] বি. ঝাড়ু, ঝাঁটা।

শোধনীয় /শোধোনিয়ো/ [স. √শোধি+অনীয়] বিণ. ১ শোধনের যোগ্য। ২ পরিশোধ করতে হবে এমন।

শোধ নেওয়া /শোধ্‌ নেওআ/ ক্রিবি. প্রতিশোধ বা বদলা নেওয়া।

শোধবোধ /শোধ্‌বোধ্‌/ [বা.] বি. ১ মিটমাট, নিষ্পত্তি। ২ প্রতিশোধ।

শোধরানো /শোধ্‌রানো/ [বা.] ক্রিবি. ১ সংশোধন করা

www.pathagar.com

বা সংশোধিত হওয়া। ২ সংস্কার করা।

শোধা /শোধা/ [বা.] ক্রিবি. পরিশোধ করা।

শোধিত /শোধিতো/ [স. √শুধ্+ত] বিণ. ১ শোধন করা হয়েছে এমন (*শোধিত তৈল*)। ২ পরিশোধ করা হয়েছে এমন (*শোধিত ঋণ*)।

শোধ্য /শোদ্‌ধ্যো/ [স. √শুধ্+য] বিণ. দ্র শোধনীয়।

শোনা /শোনা/ [স. শ্রবণ >] ক্রিবি. ১ শ্রবণ করা, কর্ণগোচর হওয়া। ২ পালন বা মান্য করা। বিণ. শ্রুত (*শোনা কথা*)।

শোনা কথা /শোনা কথা/ বি. কেবল লোকমুখে শ্রুত কিন্তু তার সত্যাসত্য জানা নেই এমন কথা।

শোনানো /শোনানো/ [বা.] ক্রিবি. ১ শ্রবণ করানো। ২ আদেশ পালন করানো। ৩ অপ্রিয় কথা বলা (*কথা শোনানো*)। বিণ. শ্রবণ করানো হয়েছে এমন।

শোভন /শোভোন্/ [স. √শোভি+অন] বিণ. ১ শোভা-যুক্ত, সুন্দর; মনোজ্ঞ। ২ শোভা পাওয়ার যোগ্য, মানানসই (*শোভন আচরণ*)।

শোভনক /শোভোনক্/ [স. শোভন+অক] বিণ. শোভা-যুক্ত, শোভনীয়। বি. শজনে গাছ।

শোভনতা /শোভোনতা/ [স. শোভন+তা] বি. শোভা-ময়তা।

শোভমান /শোভোমান্/ [স. √শুভ্+মান (শানচ্)] বিণ. শোভা পাচ্ছে এমন।

শোভা /শোভা/ [স. √শুভ্+অ+আ (টাপ্)] বি. কান্তি, দীপ্তি, ঔজ্জ্বল্য, মাধুরী, সৌন্দর্য (*কী শোভা, কী ছায়া গো, কী স্নেহ, কী মায়া গো—* রবীন্দ্র.)।

শোভাকর /শোভাকর্/ [স. শোভা+√কৃ+অ] বিণ. শোভা দান করে এমন, শোভাদায়ক।

শোভাঞ্জন /শোভান্‌জন্/ [স. শোভা+√অঞ্জ্+অন] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ক্রান্তীয় অঞ্চলে জাত এবং পুষ্টিগুণসমৃদ্ধ ভেষজগুণসম্পন্ন পাতা ফুল ও বহুবীজযুক্ত সরু লম্বা সবুজ ফল যা সবজিরূপে রেঁধে খাওয়া হয়, শজনে, শজিনা।

শোভান্তরি /শোভান্‌তোরি/ [স. শোভান্তকর >] বিণ. অতি সুন্দর, মনোহর; চমৎকার। অব্য. শাবাশ।

শোভান্বিত /শোভান্‌নিতো/ [স. শোভা+অন্বিত] বিণ. শোভাযুক্ত, সুন্দর, মনোহর।

শোভামণ্ডিত /শোভামোন্‌ডিতো/ [স. শোভা+মণ্ডিত] বিণ. দ্র শোভান্বিত।

শোভাময় /শোভাময়্/ [স. শোভা+ময়ট্] বিণ. শোভাযুক্ত। স্ত্রী. শোভাময়ী /শোভামোয়ি/।

শোভাযাত্রা /শোভাজাত্‌ত্রা/ [স. শোভা+যাত্রা] বি. বিশেষ কোনো উদ্দেশ্যে বহু লোকের একত্রযাত্রা; মিছিল, procession।

শোভাযাত্রী /শোভাজাত্‌ত্রি/ [স. শোভাযাত্রা+ইন্] বি. বিণ. শোভাযাত্রায় যোগদানকারী।

শোভাশূন্য /শোভাশুন্যো/ [স. শোভা+√শ্বন্+য] বিণ. শোভা বা সৌন্দর্য নেই এমন।

শোভাহীন /শোভাহিন্/ [স. শোভা+ √হা+ত] বিণ. দ্র শোভাশূন্য।

শোভিত /শোভিতো/ [স. শোভা+ইত] বিণ. ১ শোভাযুক্ত (*পুষ্পশোভিত*)। ২ ভূষিত (*অলংকার-শোভিত*)।

শোভী /শোভি/ [স. √শুভ্+ইন্] বিণ. শোভাকর, শোভাযুক্ত।

শোয়া /শোআ/ [স. শয্যা >] ক্রিবি. শয়ন করা। বিণ. শায়িত; 'শুয়া'-র কথ্য রূপ।

শোয়ানো /শোআনো/ [বা.] ক্রিবি. শয়ন করানো; 'শুয়ানো'-র কথ্য রূপ।

শোয়াবসা /শোআবশা/ [বা.] বি. ১ শোয়া এবং বসা। ২ (আল.) একসঙ্গে বসবাস।

শোর /শোর্/ [ফা.] বি. উচ্চ রব, কোলাহল, চিৎকার, চেঁচামেচি।

শোরগোল /শোর্‌গোল্/ [ফা.] বি. হইচই, গোলমাল, তীব্র হট্টগোল।

শোরা /শোরা/ [ফা.] বি. লবণজাতীয় পদার্থ, যবক্ষার, nitre, potassium nitrate।

শোল /শোল্/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জলাশয়ে বিচরণ করে এবং দেহের উপরিভাগ গাঢ় ধূসর ও নিচের দিক হলুদাভ এমন ছোটো আঁশ-যুক্ত মাঝারি আকৃতির লম্বাটে জিয়ল মাছ।

শোলা /শোলা/ [দেশি.] বি. (সাধারণত জ্বালানিরূপে ব্যবহৃত) পাটগাছের আঁশ ছাড়িয়ে নেওয়ার পর পরিত্যক্ত শুকনো কান্ড, পাটকাঠি।

শোলোক /শোলোক্/ [স. শ্লোক >] বি. ১ সংস্কৃত ভাষায় রচিত দুই পঙ্‌ক্তির কবিতা (*মাগো, আমার শোলোক-বলা কাজ্‌লা-দিদি কই?* যতীন্দ্র.)। ২ খ্যাতি। ৩ 'শ্লোক'-এর কাব্যিক রূপ।

শোষ /শোশ্/ [স. √শুষ্+অ] বি. ১ শুষ্কতা, রসশূন্যতা। ২ যক্ষ্মারোগ। ৩ (বাংলায়) নালি ঘা।

শোষক /শোশক্/ [স. √শোষি+অক] বিণ. শোষণ করে বা শুষে নেয় এমন, শোষণকারী।

শোষণ /শোশন্/ [স. √শোষি+অন] বি. ১ তরল পদার্থ শুষে নেওয়ার প্রক্রিয়া, রসাকর্ষণ। ২ শুষ্কীকরণ। ৩ (আল.) অপরের ধনসম্পদ অন্যায়ভাবে হস্তগত-করণ, exploiation।

শোষা /শোশা/ [স. শোষ >] ক্রিবি. ১ রস জল প্রভৃতি তরল পদার্থ আকর্ষণ করে নেওয়া, নিরস করা। ২ (আল.) আত্মসাৎ করা। ৩ 'শুষা'-র কথ্য রূপ।

www.pathagar.com

শোষিত /শোশিতো/ [স. √শুষ্+ত] বিণ. ১ শোষণ করা হয়েছে এমন, রস আকর্ষণ করে নীরস করা হয়েছে এমন। ২ বঞ্চিত।

শোষী /শোশি/ [স. √শুষ্+ইন্] বিণ. শোষণকারী।

শোহরত /শোহ্‌রত্/ [আ.] বি. সাধারণ্যে প্রচার বা ঘোষণা (*ঢোলশোহরত*)।

শোহিনী /শোহিনি/ [স. শোভিনী >] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

শৌকর /শৌড়্‌কর্/ [স. শূকর+অ] বিণ. শূকর-সম্পর্কিত।

শৌক্তিক /শৌড়্‌ক্তিক্/ [স. শুক্ত+ইক] বিণ. ১ শুক্তি বা ঝিনুক থেকে জাত। ২ শুক্তিসংক্রান্ত।

শৌক্তিকেয় /শৌড়্‌ক্তিকেয়ো/ [স. শুক্তিকা+এয়] বিণ. দ্র শৌক্তিক।

শৌক্তেয় /শৌড়্‌ক্তেয়ো/ [স. শুক্তি+এয়] বিণ. দ্র শৌক্তিক।

শৌক্ল্য /শৌড়্‌ক্লো/ [স. শুক্ল+য] বি. শুক্লতা।

শৌখিন /শৌড়্‌খিন্/ [আ. শৌকিন >] বিণ. ১ বিলাসী (*শৌখিন ব্যক্তি*)। ২ শখ মেটায় এমন (*শৌখিন দ্রব্য*)।

শৌচ /শৌড়্‌চ্/ [স. শুচি+অ] বি. ১ শুদ্ধি, শুচিতা। ২ শাস্ত্র অনুসারে অন্তর ও দেহের শোধন। ৩ মলমূত্র ত্যাগের পর পানি দিয়ে মলদ্বার প্রভৃতি ধৌতকরণ।

শৌচকর্ম /শৌড়্‌চোকর্‌মো/ [স. শৌচ+কর্মন্] বি. মলমূত্র ত্যাগের পর পানি দিয়ে মলদ্বার প্রভৃতি ধৌতকরণ।

শৌচাগার /শৌড়্‌চাগার্/ [স. শৌচ+আগার] বি. মলমূত্রাদি ত্যাগের ঘর, পায়খানা।

শৌণ্ড /শৌড়্‌ন্‌ডো/ [স. শুণ্ডা+অ] বিণ. ১ মত্ত; অত্যন্ত আসক্ত। ২ দক্ষ। ৩ বিখ্যাত।

শৌণ্ডিক /শৌড়্‌ন্‌ডিক্/ [স. শুণ্ডিক+অ] বি. ১ মদ্য-ব্যবসায়ী। ২ শুঁড়ি।

শৌণ্ডিকালয় /শৌড়্‌ন্‌ডিকালয়্/ [স. শুণ্ডিক+আলয়] বি. মদের দোকান, শুঁড়িখানা।

শৌদ্র /শৌড়্‌দ্রো/ [স. শূদ্র+অ] বিণ. ১ শূদ্রসম্বন্ধীয়। ২ শূদ্রসুলভ।

শৌনক /শৌড়্‌নক্/ [ব্যক্তি.] বি. পুরাণের ব্যাখ্যাকার মুনিবিশেষ।

শৌনিক /শৌড়্‌নিক্/ [স. শূনা+ইক] বি. ১ মাংস বিক্রয় যার পেশা, কসাই। ২ ব্যাধ।

শৌভিক /শৌড়্‌ভিক্/ [স. শোভা+ইক] বিণ. জাদুবিদ্যায় পারদর্শী, ঐন্দ্রজালিক। বি. জাদুকর।

শৌরসেন /শৌড়্‌রোশেন্/ [স. শূরসেন+অ] বি. ১ শূরসেন, যদুবংশীয় রাজা। ২ মথুরা অঞ্চল।

শৌরসেনী /শৌড়্‌রোশেনি/ [স. শূরসেন+অ+ঈ] বি. প্রাচীন ভারতের মৌখিক ভাষাবিশেষ, মথুরা অঞ্চলের প্রাচীন ভাষা।

শৌরি /শৌড়্‌রি/ [স. শূর+ই] বি. ১ শূর বংশের সন্তান। ২ শ্রীকৃষ্ণ। ৩ শনিগ্রহ।

শৌর্য /শৌড়্‌র্জো/ [স. শূর+য] বি. ১ বীরত্ব; সাহস। ২ শক্তি।

শৌর্যশালী /শৌড়্‌র্জোশালি/ [স. শৌর্য+√শাল্+ইন্] বিণ. ১ বীর; সাহসী। ২ শক্তিশালী। স্ত্রী. শৌর্যশালিনী /শৌড়্‌র্জোশালিনি/।

শৌর্যশালিতা /শৌড়্‌র্জোশালিতা/ [স. শৌর্যশালী+তা] বি. পরাক্রমশালিতা; বীরত্ব।

শৌল্ক /শৌড়্‌ল্‌কো/ [স. শুল্ক+অ] বিণ. বি. দ্র শৌল্কিক।

শৌল্কিক /শৌড়্‌ল্‌কিক্/ [স. শুল্ক+ইক] বিণ. কর বা শুল্ক সম্পর্কিত। বি. শুল্ক আদায় যার পেশা, শুল্কাধ্যক্ষ।

শ্ব[১] /শ/ [স. শ্বন্] বি. কুকুর, সারমেয়, শুন।

শ্ব[২] /শ/ [স. শ্বস্] অব্য. আগামী দিন (*পরশ্ব*)।

শ্বদন্ত /শদন্‌তো/ [স. শ্বন্+√দম্+ত] বি. কুকুরের দাঁতের মতো ধারালো ও তীক্ষ্ণ দাঁত, canine tooth।

শ্বন /শন্/ [স.] বি. কুকুর, শুন, সারমেয়।

শ্ববৃত্তি /শবৃত্‌তি/ [স. শ্বন্+√বৃৎ+তি] বি. ১ কুকুর-সুলভ আচরণ। ২ পরিচর্যা। ৩ চাটুকারিতার বৃত্তি। ৪ পরনির্ভরতা।

শ্বশুর /শোশুর্/ [স. শু+√অশ্+উর] বি. স্বামী বা স্ত্রীর পিতা।

শ্বশুরবাড়ি /শোশুর্‌বাড়ি/ [স. শ্বশুর+বা. বাড়ি] বি. দ্র শ্বশুরালয়।

শ্বশুরালয় /শোশুরালয়্/ [স. শ্বশুর+আলয়] বি. শ্বশুরের বাসভবন, শ্বশুরবাড়ি।

শ্বশুর্য /শোশুর্‌জো/ [স. শ্বশুর+য] বি. শ্বশুরের পুত্র।

শ্বশূ /শোশ্‌সু/ [স. শ্বশুর+ঊ] বি. দ্র শ্বশ্রূমাতা।

শ্বশ্রূমাতা /শোশ্‌স্রুমাতা/ [স. শ্বশ্রূ+√মা+তৃ] বি. পতি বা পত্নীর মাতা, শাশুড়ি।

শ্বসন /শশোন্/ [স. √শ্বস্+অন] বি. শ্বাস গ্রহণ ও ত্যাগ, নিশ্বাসপ্রশ্বাস।

শ্বসমান /শশোমান্/ [স. √শ্বস্+মান (শানচ্)] বিণ. শ্বাস গ্রহণ ও ত্যাগ করছে এমন, জীবিত।

শ্বসিত /শোশিতো/ [স. √শ্বস্+ত] বিণ. শ্বাস গ্রহণ বা ত্যাগ করা হয়েছে এমন।

www.pathagar.com

শ্বা /শা/ [স. √শ্বি+অন্] বি. কুকুর, শুন, সারমেয়।

শ্বাদংষ্ট্র /শাদংশ্ট্রো/ [স. শ্বন্+দংষ্ট্র] বি. ১ কুকুরের দাঁত। ২ মানুষের মুখগহ্বরে যে দাঁত শক্তদ্রব্য ভাঙতে বা কাটতে সাহায্য করে।

শ্বাদন্ত/শাদন্তো/ [স. শ্বন্+√দম্+ত] বি. দ্র শ্বাদংষ্ট্র।

শ্বান /শান্/ [স. শ্বন্+অ] বি. কুকুর, শুন, সারমেয়।

শ্বাপদ /শাপদ্/ [স. শ্বন্+পদ] বি. ১ যার পা কুকুরের পায়ের মতো। ২ হিংস্র শিকারি ও মাংসাশী জন্তু।

শ্বাপদসংকুল /শাপদ্শংকুল্/ [স. শ্বাপদ+সংকুল] বিণ. (যে বনে) বাঘ সিংহ প্রভৃতি হিংস্র জন্তু বিচরণ করে এমন (*শ্বাপদসংকুল অরণ্য*)।

শ্বাপদসমাকীর্ণ /শাপদ্শমাকির্নো/ [স. শ্বাপদ+সম্+আ+√কৃ+ত] বিণ. দ্র শ্বাপদসংকুল।

শ্বাস /শাশ্/ [স. √শ্বস্+অ] বি. ১ নাক দিয়ে ফুসফুসে টেনে নেওয়া বাতাস, প্রশ্বাস। ২ হাঁপানি।

শ্বাসকর্ম /শাশ্করমো/ [স. শ্বাস+কর্মন্] বি. দ্র শ্বাসকার্য।

শ্বাসকষ্ট /শাশ্কশ্টো/ [স. শ্বাস+√কষ্+ত] বি. ১ শ্বাস গ্রহণ ও ত্যাগে বাধাপ্রাপ্ত হওয়ার কষ্ট। ২ শ্বাস-প্রশ্বাসের কষ্টবোধ।

শ্বাসকার্য /শাশ্কারজো/ [স. শ্বাস+√কৃ+য] বি. নাক দিয়ে ফুসফুসে শ্বাস গ্রহণ ও ত্যাগ, শ্বাসপ্রশ্বাস।

শ্বাসক্রিয়া/শাশ্ক্রিআ/ [স. শ্বাস+√কৃ+অ+আ (টাপ্)] বি. দ্র শ্বাসকার্য।

শ্বাসনালি /শাশ্নালি/ [স. শ্বাস+√নল্+ই] বি. নাক ও ফুসফুসের মধ্যে বাতাস চলাচলকারী নালি, শ্লোমনালিকা, windpipe।

শ্বাসপ্রশ্বাস /শাশ্প্রোশ্শাশ্/ [স. শ্বাস+প্রশ্বাস] বি. নাক দিয়ে ফুসফুসে শ্বাস গ্রহণ ও ত্যাগ।

শ্বাসরোগ /শাশ্রোগ্/ [স. শ্বাস+রোগ] বি. হাঁপানি প্রভৃতি শ্বাসকষ্টজনিত রোগ।

শ্বাসরোধ /শাশ্রোধ্/ [স. শ্বাস+রোধ] বি. শ্বাস গ্রহণ ও ত্যাগে বাধা সৃষ্টি।

শ্বাসারি /শাশারি/ [স. শ্বাস+অরি] বি. শ্বাসরোগ দূর করে এমন ওষুধ।

শ্বিত্র /শিত্রো/ [স. √শ্বিত্+র] বি. শরীরের চামড়া চুল ও রোমরাজি সাদা হয়ে যায় এমন রোগ, শ্বেতি বা ধবলরোগ।

শ্বেত /শেত্/ [স. শ্বেত+অ] বি. শুক্ল বর্ণ, সাদা রং। বিণ. সাদা, শুভ্র (*শ্বেতপদ্ম*)।

শ্বেতকণিকা /শেত্কোনিকা/ [স. শ্বেত+কণিকা] বি. রোগ প্রতিরোধে সাহায্য করে এমন রক্তের শ্বেত উপাদান; (পরি.) leucocyte, white cell।

শ্বেতকরবী /শেত্করোবি/ [স. শ্বেত+করবী] বি. প্রধানত ভূমধ্যসাগরীয় অঞ্চলে বর্ষাকালে থোকায় থোকায় ফোটে এমন সাদা মৃদুগন্ধ ফুল ও বিষাক্ত বীজযুক্ত লম্বাটে ফল বা তার চিরহরিৎ বৃক্ষ।

শ্বেতকাঞ্চন /শেত্কানচন্/ [স. শ্বেত+কাঞ্চন] বি. বাংলাদেশ-সহ মধ্যভারত শ্রীলঙ্কা মালয় চীন প্রভৃতি অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত সাদা গন্ধহীন ফুল বা তার শাখাপ্রশাখাবিশিষ্ট পত্রমোচী ঋজু গুল্ম।

শ্বেতকুষ্ঠ /শেত্কুশ্ঠো/ [স. শ্বেত+√কুষ্+থ] বি. শরীরের চামড়া চুল ও রোমরাজি সাদা হয়ে যায় এমন রোগ, শ্বেতি বা ধবলরোগ।

শ্বেতচন্দন /শেত্চন্দন্/ [স. শ্বেত+√চন্দি+অন] বি. ভারতীয় উপমহাদেশে জাত অমসৃণ কৃষ্ণবর্ণ বাকলবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ বা তার ভেষজগুণ-সম্পন্ন হলুদাভ ধূসর গন্ধকাষ্ঠ।

শ্বেতচর্ম /শেত্চরমো/ [স. শ্বেত+চর্ম] বি. যার গায়ের রং সাদা। বিণ. সাদা চামড়াবিশিষ্ট।

শ্বেতদ্বিপ /শেত্দিপো/ [স. শ্বেত+দ্বি+√পা+অ] বি. শ্বেতহস্তী, সাদা হাতি।

শ্বেতদ্বীপ /শেতোদিপ্/ [স. শ্বেত+দ্বি+√অপ্+অ] বি. ১ পুরাণে বর্ণিত চন্দ্রদ্বীপ। ২ (বাংলায়) ব্রিটেন।

শ্বেতপদ্ম /শেত্পদ্দো/ [স. শ্বেত+√পদ্+ম] বি. সাদা পদ্মফুল।

শ্বেতপত্র /শেত্পত্রো/ [স. শ্বেত+পত্র] বি. কোনো গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণ বা পার্লামেন্টকে অবহিত করার জন্য সরকারি তথ্যপত্র, white paper।

শ্বেতপাথর /শেত্পাথোর্/ [স. শ্বেত+বা. পাথর] বি. সাদা মর্মর পাথর।

শ্বেতপ্রদর /শেত্প্রোদোর্/ [স. শ্বেত+প্রদর] বি. স্ত্রীজননেন্দ্রিয়ের রোগবিশেষ, lucorrhoea।

শ্বেতপ্রস্তর /শেত্প্রোস্তর্/ [স. শ্বেত+প্রস্তর] বি. দ্র শ্বেতপাথর।

শ্বেতভুজা /শেতোভুজা/ [স. শ্বেত+√ভুজ্+অ+আ (টাপ্)] বি. দেবী সরস্বতী।

শ্বেতসার/শেত্শার্/ [স. শ্বেত+সার] বি. খাদ্যশস্য ফলমূল প্রভৃতির ভেতরের সাদা অংশ, starch।

শ্বেতহস্তী পোষা /শেত্হোস্তি পোশা/ ক্রিবি. ১ সাদা হাতি পোষা। ২ (আল.) অপ্রয়োজনীয় ও ব্যয়সাপেক্ষ পদক্ষেপ করা।

শ্বেতাঙ্গ /শেতাংগো/ [স. শ্বেত+অঙ্গ] বি. সাদা চামড়ার মানুষ।

শ্বেতাভ /শেতাভো/ [স. শ্বেত+আভা] বিণ. সাদা আভাযুক্ত, ঈষৎ শুভ্র।

শ্বেতাম্বর /শেতাম্বর্/ [স. শ্বেত+অম্বর] বি. সাদা বেশধারী জৈন সম্প্রদায়বিশেষ।

www.pathagar.com

শ্বেতি /শেতি/ [স. শ্বেত+ই] বি. শরীরের চামড়া চুল ও রোমরাজি সাদা হয়ে যায় এমন রোগ, শ্বেতি, ধবলরোগ।

শ্বৈত্য /শোইত্তো/ [স. শ্বেত+য] বি. ১ শুক্লতা, শুভ্রতা। ২ নির্মলতা।

শ্মশান /শঁশান্/ [স. শ্মন্+শান] বি. ১ যেখানে মৃতদেহ দাহ করা হয়, শবদাহের স্থান। ২ (বাংলায়) বধ্য-ভূমি; মশান।

শ্মশানকালী /শঁশানকালি/ [স. শ্মশান+কাল+ঈ] বি. শ্মশানচারিণীরূপে কল্পিত দেবী কালিকা।

শ্মশানঘাট /শঁশানঘাট্/ [স. শ্মশান+বা. ঘাট] বি. ১ শ্মশানসংলগ্ন ঘাট। ২ শবদাহের স্থান।

শ্মশানচারিণী /শঁশানচারিনি/ [স. শ্মশান+√চর্+ইন্+ঈ] বিণ. শ্মশানে বিচরণকারিণী।

শ্মশানচারী /শঁশানচারি/ [স. শ্মশান+√চর্+ইন্] বিণ. শ্মশানে বিচরণ করে এমন।

শ্মশানপুরী /শঁশানপুরি/ [স. শ্মশান+পুর+ঈ] বি. ১ শবদাহের স্থান। ২ (আল.) জনমানবহীন স্থান।

শ্মশানবন্ধু /শঁশানবোন্ধু/ [স. শ্মশান+√বন্ধ্+উ] বি. শবদাহের উদ্দেশ্যে শ্মশানে গমনকারী ব্যক্তি।

শ্মশানবাসী /শঁশানবাশি/ [স. শ্মশান+√বস্+ইন্] বিণ. শ্মশানে বিচরণ বা বসবাস করে এমন। স্ত্রী. **শ্মশানবাসিনী** /শঁশানবাশিনি/।

শ্মশানবৈরাগ্য /শঁশানবোইরাগ্গো/ [স. শ্মশান+বিরাগ+য] বি. শ্মশানে শবদাহকালে পৃথিবীর নশ্বরতা উপলব্ধির ফলে জাত সাময়িক বৈরাগ্য।

শ্মশানভূমি /শঁশানভুমি/ [স. শ্মশান+√ভূ+মি] বি. দ্র শ্মশানপুরী।

শ্মশানযাত্রী /শঁশানজাত্রি/ [স. শ্মশান+যাত্রা+ইন্] বি. বিণ. ১ শবদাহের উদ্দেশ্যে শ্মশানে গমনকারী। ২ (আল.) মুমূর্ষু ব্যক্তি, মৃত্যুপথযাত্রী।

শ্মশ্রু /শোঁস্রু/ [স. শ্মন্+√শ্রি+উ] বি. ১ দাড়িগোঁফ। ২ (বাংলায়) দাড়ি।

শ্মশ্রুবিহীন /শোঁস্রুবিহিন্/ [স. শ্মশ্রু+বি+√হা+ত] বিণ. দাড়িগোঁফ নেই এমন।

শ্মশ্রুমণ্ডিত /শোঁস্রুমোন্ডিতো/ [স. শ্মশ্রু+√মণ্ড্+ত] বিণ. দাড়িগোঁফযুক্ত, শ্মশ্রুতে আবৃত, শ্মশ্রুময়।

শ্মশ্রুল /শোঁস্রুলো/ [স. শ্মশ্রু+লচ্] বিণ. দ্র শ্মশ্রুমণ্ডিত।

শ্যাওড়া /শ্যাওড়া/ [স. শাখোটক >] বি. এশিয়ার উষ্ণ অঞ্চলে জাত গাঢ় ধূসর বাকল গঁটিবহুল শাখা-প্রশাখা ফলকসদৃশ বাদামি পাতা এবং সাদা রোম-যুক্ত ক্ষুদ্র ফুলবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ যার কাঠ কাগজের মণ্ড তৈরিতে এবং বাকলের রস ওষুধ-রূপে ব্যবহৃত হয়।

শ্যাওলা /শ্যাওলা/ [স. শৈবাল >] বি. ক্লোরোফিল-সমৃদ্ধ অপুষ্পক জলজ উদ্ভিদ যার মূল কাণ্ড ও পাতা অখণ্ড, শৈবাল।

শ্যাম /শ্যাম্/ [স. শ্যাম+অ] বিণ. ১ কালো বা কৃষ্ণবর্ণ; গাঢ়নীলবর্ণ; সবুজবর্ণ। ২ ফরসা নয় এমন। বি. (বাংলায়) শ্রীকৃষ্ণ।

শ্যামক /শ্যামক্/ [স. শ্যাম+ক] বি. ধানের প্রজাতি-বিশেষ, শ্যামা ধান।

শ্যামচাঁদ /শ্যামচাঁদ্/ [স. শ্যাম+বা. চাঁদ] বি. ১ শ্রীকৃষ্ণ। ২ (ব্য.) নীলকর সাহেবদের প্রজাপীড়নের চাবুক।

শ্যামর /শ্যামোর্/ [স. শ্যামল >] বিণ. শ্যামল।

শ্যামরায় /শ্যামোরায়্/ [স. শ্যাম+রায়] বি. শ্রীকৃষ্ণ।

শ্যামল /শ্যামোল্/ [স. শ্যাম+লচ্] বিণ. শ্যামবর্ণের (*শ্যামল প্রান্তর*)। স্ত্রী. **শ্যামলা** /শ্যামোলা/।

শ্যামলতা /শ্যামোলতা/ [স. শ্যামল+তা] বি. শ্যাম বা সবুজ বর্ণ (*তোমার মুখের চেয়ে শ্যামলতা ছিল না ভুবনে।* শঙ্খ.)।

শ্যামলত্ব /শ্যামোলত্তো/ [স. শ্যামল+ত্ব] বি. দ্র শ্যামলতা।

শ্যামলিমা /শ্যামোলিমা/ [স. শ্যামল+ইমন্] বি. দ্র শ্যামলতা।

শ্যামলী /শ্যামোলি/ [স. শ্যামল+ঈ] বিণ. শ্যামবর্ণা (*শ্যামলী মায়ের কোলে সোনামুখ খুকু রে,* নজরুল.)। বি. শ্যামবর্ণা গাভি।

শ্যামসুন্দর /শ্যামশুন্দর্/ [স. শ্যাম+সুন্দর] বি. শ্রীকৃষ্ণ।

শ্যামা /শ্যামা/ [স. শ্যাম+আ (টাপ্)] বি. ১ দেবী কালিকা (*শ্যামাপূজা*)। ২ রূপবতী যুবতী। ৩ শ্যামাপাখি। ৪ যমুনা নদী। ৫ প্রিয়ঙ্গুলতা, শ্যামালতা।

শ্যামাক /শ্যামাক্/ [স. শ্যামা+ক] বি. দ্র শ্যামক।

শ্যামাঙ্গ /শ্যামাংগো/ [স. শ্যাম+অঙ্গ] বিণ. শ্যামবর্ণ দেহবিশিষ্ট। স্ত্রী. **শ্যামাঙ্গী** /শ্যামাংগী/।

শ্যামাপাখি /শ্যামাপাখি/ [স. শ্যামা+বা. পাখি] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ক্রান্তীয় অঞ্চলে বিচরণ করে এমন কালচে বাদামি চোখ এবং চকচকে কালো ডানাবিশিষ্ট দোয়েলজাতীয় গায়কপাখি।

শ্যামাপোকা /শ্যামাপোকা/ [স. শ্যামা+বা. পোকা] বি. দীপাবলির প্রদীপের আগুনে আকৃষ্ট হয়ে পুড়ে

www.pathagar.com

মরে এমন পোকা।

শ্যামালতা /শ্যামালতা/ [স. শ্যামা+লতা] বি. পাহাড়ি অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন সাদা ও হালকা বেগুনি ফুল ও শুঁটিসদৃশ ফল বা তার অসম পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন সুগন্ধ লতানে উদ্ভিদ, প্রিয়ঙ্গু।

শ্যামাসংগীত /শ্যামাশোংগিত/ [স. শ্যামা+সংগীত] বি. দেবী কালিকার মহিমাকীর্তনরূপে গাওয়া গান।

শ্যাম্পু /শ্যাম্পু/ [হি.] বি. ১ প্রধানত চুল ও মাথার ত্বক পরিষ্কার করার তরল ও কোমল সাবানবিশেষ। ২ গাড়ির পাপোশ প্রভৃতি ধোয়ার জন্য ব্যবহৃত তরল সাবানবিশেষ।

শ্যাম্পেন /শ্যামপেন্/ [ফ.] বি. উত্তর ফ্রান্সে দ্রাক্ষারস থেকে উৎপাদিত সফেন মদ্যবিশেষ, champagne।

শ্যালক /শ্যালক্/ [স. শ্যাল+ক (স্বার্থে)] বি. স্ত্রীর ভ্রাতা।

শ্যালিকা /শ্যালিকা/ [স. শ্যালক+আ (টাপ্)] বি. স্ত্রীর ছোটো বোন, শ্যালী।

শ্যেন /শেন্/ [স. √শ্যৈ+ইন্] বি. বাদামি রেখাযুক্ত সাদা পেট প্রশস্ত লম্বা ডানা এবং ধারালো চঞ্চু ও নখরবিশিষ্ট প্রখর দৃষ্টিশক্তিসম্পন্ন বড়ো শিকারি পরিযায়ী পাখি, বাজপাখি, সেচান।

শ্যেনদৃষ্টি /শেনদৃশ্‌টি/ [স. শ্যেন+√দৃষ্+তি] বি. ১ বাজপাখির মতো প্রখর দৃষ্টিশক্তি। ২ ক্রূর দৃষ্টি। বিণ. বাজপাখির মতো তীক্ষ্ণদৃষ্টিসম্পন্ন।

শ্রথন /শ্রোথোন্/ [স. √শ্রথ্+অন] বি. ১ হত্যা, বধ। ২ বন্ধন।

শ্রথিত /শ্রোথিতো/ [স. √শ্রথ্+ত] বিণ. ১ হত্যা বা বধ করা হয়েছে এমন। ২ বাঁধা হয়েছে এমন।

শ্রদ্ধা /শ্রোদ্‌ধা/ [স. শ্রৎ+√ধা+অ+আ (টাপ্)] বি. ১ (কোনো ব্যক্তির প্রতি) বিশেষ সম্মান, ভক্তি, সমীহ। ২ গভীর আস্থা, নির্ভরতা। ৩ নিষ্ঠা।

শ্রদ্ধাঞ্জলি /শ্রোদ্ধানজোলি/ [স. শ্রদ্ধা+অঞ্জলি] বি. ১ শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে নিবেদিত অর্ঘ্য। ২ শ্রদ্ধা নিবেদন।

শ্রদ্ধান্বিত /শ্রোদ্ধান্‌নিতো/ [স. শ্রদ্ধা+অন্বিত] বিণ. ১ শ্রদ্ধাযুক্ত, সশ্রদ্ধ। ২ শ্রদ্ধাশীল।

শ্রদ্ধাবনত /শ্রোদ্ধাবোনতো/ [স. শ্রদ্ধা+অবনত] বিণ. শ্রদ্ধায় অবনত।

শ্রদ্ধাবান /শ্রোদ্ধাবান্/ [স. শ্রদ্ধা+বৎ] বিণ. শ্রদ্ধা-যুক্ত, সশ্রদ্ধ।

শ্রদ্ধাভাজন /শ্রোদ্ধাভাজোন্/ [স. শ্রদ্ধা+ভাজন] বিণ. শ্রদ্ধার যোগ্য, শ্রদ্ধাস্পদ, শ্রদ্ধেয়।

শ্রদ্ধাভাজনাসু /শ্রোদ্ধাভাজোনাশু/ [স. শ্রদ্ধাভাজন +আসু] বি. শ্রদ্ধাভাজন নারীকে লিখিত পত্রের সম্বোধনসূচক পাঠ।

শ্রদ্ধাভাজনেষু /শ্রোদ্ধাভাজোনেশু/ [স. শ্রদ্ধাভাজন +এষু] বি. শ্রদ্ধাভাজন পুরুষকে লিখিত পত্রের সম্বোধনসূচক পাঠ।

শ্রদ্ধার্ঘ্য /শ্রোদ্ধারঘো/ [স. শ্রদ্ধা+অর্ঘ্য] বি. ১ শ্রদ্ধেয় ব্যক্তির প্রতি নিবেদিত অর্ঘ্য। ২ মৃত ব্যক্তির প্রতি শ্রদ্ধা নিবেদন।

শ্রদ্ধালু /শ্রোদ্ধালু/ [স. শ্রৎ+√ধা+আলু] বিণ. শ্রদ্ধাবান, শ্রদ্ধাযুক্ত, সশ্রদ্ধ।

শ্রদ্ধাস্পদ /শ্রোদ্ধাশ্‌পদো/ [স. শ্রদ্ধা+আস্পদ] বিণ. দ্র শ্রদ্ধাভাজন।

শ্রদ্ধাস্পদাসু /শ্রোদ্ধাশ্‌পদাশু/ [স. শ্রদ্ধাস্পদ+আসু] বি. দ্র শ্রদ্ধাভাজনাসু।

শ্রদ্ধাস্পদেষু /শ্রোদ্ধাশ্‌পদেশু/ [স. শ্রদ্ধাস্পদ+এষু] বি. দ্র শ্রদ্ধাভাজনেষু।

শ্রদ্ধাহীন /শ্রোদ্ধাহিন্/ [স. শ্রদ্ধা+√হা+ত] বিণ. শ্রদ্ধা নেই এমন।

শ্রদ্ধেয় /শ্রোদ্ধেয়ো/ [স. শ্রৎ+√ধা+য] বিণ. শ্রদ্ধার যোগ্য, শ্রদ্ধাভাজন, সম্মাননীয়।

শ্রব /শ্রোবো/ [স. √শ্রু+অ] বি. কর্ণ, কান।

শ্রবণ /শ্রোবোন্/ [স. √শ্রু+অন] বি. ১ শোনার কাজ, শুনন। ২ শ্রবণেন্দ্রিয়, কান।

শ্রবণগোচর /শ্রোবোন্‌গোচর/ [স. শ্রবণ+গোচর] বিণ. শ্রবণের বিষয়ীভূত, কর্ণগোচর।

শ্রবণপথ /শ্রোবোন্‌পথ/ [স. শ্রবণ+পথ] বি. কান।

শ্রবণবিবর /শ্রোবোন্‌বিবর্/ [স. শ্রবণ+বিবর] বি. কানের ছিদ্র, কর্ণগহ্বর, কর্ণকুহর।

শ্রবণমধুর /শ্রোবোন্‌মোধুর্/ [স. শ্রবণ+মধুর] বিণ. দ্র শ্রবণসুখকর।

শ্রবণযন্ত্র /শ্রোবোন্‌জন্‌ত্রো/ [স. শ্রবণ+যন্ত্র] বি. কান।

শ্রবণসুখকর /শ্রোবোন্‌শুখোকর্/ [স. শ্রবণ+সুখকর] বিণ. শুনতে ভালো লাগে এমন, শ্রুতিমধুর।

শ্রবণা /শ্রোবোনা/ [স. √শ্রু+অন+আ (টাপ্)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের দ্বাবিংশতিতম নক্ষত্র।

শ্রবণাতীত /শ্রোবোনাতিতো/ [স. শ্রবণ+অতীত] বিণ. শোনা যায় না এমন।

শ্রবণীয় /শ্রোবোনিয়ো/ [স. √শ্রু+অনীয়] বিণ. শোনা যায় এমন; শোনার উপযুক্ত, শ্রবণযোগ্য।

শ্রবণেন্দ্রিয় /শ্রোবোনেন্দ্রিয়ো/ [স. শ্রবণ+ইন্দ্রিয়] বি.

www.pathagar.com

যে ইন্দ্রিয়ের সাহায্যে শোনা যায়, কর্ণ, কান।

শ্রব্য /শ্রোব্‌বো / [স. √শ্রু+য] বিণ. দ্র শ্রবণীয়।

শ্রব্যকাব্য /শ্রোব্‌বোকাব্‌বো / [স. শ্রব্য+কবি+য] বি. যে কাব্য অভিনয়ের উপযোগী নয়, যে কাব্য কেবল শুনে বা পাঠ করে উপভোগ করা যায়।

শ্রম /শ্রোম্‌/ [স. √শ্রম্‌+অ] বি. দৈহিক খাটুনি, মেহনত (*শ্রমজীবী*)।

শ্রম-আদালত /শ্রোম্‌আদালত্‌/ [স. শ্রম+আ. আদালত] বি. শ্রমিক বা কর্মচারীর সঙ্গে মালিকের বিরোধ নিষ্পত্তির জন্য গঠিত বিশেষ আদালত, labour tribunal।

শ্রমকাতর /শ্রোমোকাতোর্‌/ [স. শ্রম+কাতর] বিণ. অল্প পরিশ্রমে কাতর হয়ে যায় এমন; অলস।

শ্রমঘণ্টা /শ্রোমোঘন্‌টা / [স. শ্রম+√ঘণ্ট্‌+অ+আ (টাপ্‌)] বি. এক ঘণ্টায় যে পরিমাণ কাজ করতে পারে তার পরিমাপ; (পরি.) man-hour।

শ্রমজল /শ্রোমোজল্‌/ [স. শ্রম+জল] বি. পরিশ্রম-জনিত ঘাম, স্বেদ।

শ্রমজীবী /শ্রোমোজিবি / [স. শ্রম+√জীব্‌+ইন্‌] বিণ. কায়িক শ্রমদ্বারা জীবিকানির্বাহ করে এমন (*আমি শ্রমজীবী মানুষের উদ্বেল অভিযাত্রার কথা বলছি* ওবায়দুল্লাহ)। বি. শ্রমিক, মজুর।

শ্রমণ /শ্রোমোন্‌/ [স. √শ্রম্‌+অন] বি. বৌদ্ধ সন্ন্যাসী, ভিক্ষু। স্ত্রী. **শ্রমণা** /শ্রোমোনা /।

শ্রমদপ্তর /শ্রোমোদপ্‌তর্‌ / [স. শ্রম+ফা. দফতর] বি. শ্রমিকদের স্বার্থসংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত সরকারি দপ্তর।

শ্রমবণ্টন /শ্রোমোবন্‌টোন্‌/ [স. শ্রম+বণ্টন] বি. দ্র শ্রমবিভাগ।

শ্রমবারি /শ্রোমোবারি / [স. শ্রম+√বারি+ই] বি. ঘাম।

শ্রমবিভাগ /শ্রোমোবিভাগ্‌/ [স. শ্রম+বিভাগ] বিণ. পণ্য উৎপাদনের জন্য কারখানায় বিভিন্ন শ্রমিককে দিয়ে একই পণ্যের ভিন্ন ভিন্ন অংশ উৎপাদনের ব্যবস্থা, division of labour।

শ্রমবিমুখ /শ্রোমোবিমুখ্‌/ [স. শ্রম+বিমুখ] বিণ. পরিশ্রম করতে অনিচ্ছুক এমন, অলস।

শ্রমলব্ধ /শ্রোমোলব্‌ধো / [স. শ্রম+√লভ্‌+ত] বিণ. পরিশ্রমের বিনিময়ে প্রাপ্ত (*শ্রমলব্ধ আয়*)।

শ্রমশীল /শ্রোমোশিল্‌ / [স. শ্রম+শীল] বিণ. পরিশ্রমী, কর্মঠ। স্ত্রী. **শ্রমশীলা** /শ্রোমোশিলা/।

শ্রমসাধ্য /শ্রোমোশাদ্‌ধো/ [স. শ্রম+√সাধি+য] বিণ. পরিশ্রম করে সম্পাদন করতে হয় এমন (*শ্রমসাধ্য কাজ*)।

শ্রমিক /শ্রোমিক্‌/ [স. √শ্রম্‌+ইক] বি. মেহনতি মানুষ, মজুর।

শ্রমী /শ্রোমি/ [স. √শ্রম্‌+ইন্‌] বিণ. পরিশ্রমদ্বারা জীবিকানির্বাহ করে এমন, পরিশ্রমী, শ্রমজীবী। স্ত্রী. **শ্রমিণী** /শ্রোমিনি/।

শ্রমোপজীবী /শ্রোমোপোজিবি / [স. শ্রম+উপ+√জীব্‌ +ইন্‌] বিণ. পরিশ্রমদ্বারা জীবিকানির্বাহ করে এমন।

শ্রয় /স্রয়্‌ / [স. √শ্রি+অ] বি. দ্র শ্রয়ণ।

শ্রয়ণ /স্রয়োন্‌ / [স. √শ্রি+অন] বি. আশ্রয়, অবলম্বন, সহায়, ভরসা।

শ্রাদ্ধ /শ্রাদ্‌ধো/ [স. শ্রদ্ধা+অ] বি. ১ মৃত ব্যক্তির উদ্দেশে শ্রদ্ধার্ঘ্য ও অন্যান্য শাস্ত্রবিহিত কর্ম। ২ (আল.) অপচয় (*টাকার শ্রাদ্ধ*)।

শ্রাদ্ধ গড়ানো /শ্রাদ্‌ধো গড়ানো/ ক্রিবি. বিশৃঙ্খল ও অবাঞ্ছিত ব্যাপার দীর্ঘায়িত হওয়া।

শ্রাদ্ধবাসর /শ্রাদ্‌ধোবাশোর্‌/ [স. শ্রাদ্ধ+বাসর] বি. শ্রাদ্ধের দিন।

শ্রাদ্ধশান্তি /শ্রাদ্‌ধোশান্‌তি/ [স. শ্রাদ্ধ+√শম্‌+তি] বি. মৃত ব্যক্তির উদ্দেশে শ্রদ্ধার্ঘ্য ও অন্যান্য শাস্ত্রবিহিত কর্ম।

শ্রাদ্ধিক /শ্রাদ্‌ধিক্‌/ [স. শ্রাদ্ধ+ইক] বিণ. ১ শ্রাদ্ধে প্রদেয় (*শ্রাদ্ধিক দ্রব্য*)। ২ শ্রাদ্ধবিষয়ক।

শ্রাদ্ধীয় /শ্রাদ্‌ধিয়ো/ [স. শ্রাদ্ধ+ঈয়] বিণ. শ্রাদ্ধ-সম্বন্ধীয়।

শ্রান্ত /শ্রান্‌তো/ [স. √শ্রম্‌+ত] বিণ. শ্রমযুক্ত, কর্মক্লান্ত; অবসন্ন।

শ্রান্তি /শ্রান্‌তি/ [স. √শ্রম্‌+তি] বি. ১ পরিশ্রমজাত ক্লান্তি। ২ অতিরিক্ত পরিশ্রমের ফলে কর্মে মন্থরতা। ৩ বিশ্রাম।

শ্রান্তিহর /শ্রান্‌তিহরো/ [স. শ্রান্তি+√হৃ+অ] বিণ. পরিশ্রমজনিত ক্লান্তি দূর করে এমন।

শ্রান্তিহীন /শ্রান্‌তিহিন্‌/ [স. শ্রান্তি+√হা+ত] বিণ. ১ বিরামহীন। ২ পরিশ্রম করে ক্লান্ত হয় না এমন।

শ্রাবক /শ্রাবোক্‌/ [স. √শ্রু+অক] বি. ১ যে শোনে, শ্রোতা। ২ শিষ্য। ৩ বৌদ্ধ গৃহস্থ।

শ্রাবণ[১] /শ্রাবোন্‌/ [স. শ্রবণা+অ] বি. বাংলা বর্ষপঞ্জির চতুর্থ মাস, বর্ষাঋতুর দ্বিতীয় মাস, গ্রেগোরীয় বর্ষপঞ্জির ১৬ই আগস্ট থেকে ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত কালপর্ব। বিণ. শ্রবণানক্ষত্রসম্পর্কিত।

শ্রাবণ[২] /শ্রাবোন্‌/ [স. শ্রবণ+অ] বিণ. শ্রবণেন্দ্রিয়-সম্পর্কিত।

শ্রাবণধারা /শ্রাবোনোধারা / [স. শ্রাবণ+√ধারি+অ+আ (টাপ্‌)] বি. শ্রাবণের অবিরাম বৃষ্টির ধারা।

www.pathagar.com

শ্রাবণিক /স্রাবোনিক্/ [স. শ্রবণা+ইক] বিণ. শ্রাবণ-মাসবিষয়ক।

শ্রাবণী/স্রাবোনি/[স. শ্রাবণ+অ+ঈ] বিণ. শ্রাবণ মাসের (*শ্রাবণী পূর্ণিমা*)। বি. শ্রাবণ মাসের পূর্ণিমাতিথি।

শ্রাবিত /স্রাবিতো/ [স. √শ্রাবি+ত] বিণ. শ্রবণ করানো বা শোনানো হয়েছে এমন।

শ্রাব্য /স্রাব্বো/ [স. √শ্রু+য] বিণ. শুনতে পাওয়া যায় এমন, শ্রবণযোগ্য, audible।

শ্রিত /স্রিতো/ [স. √শ্রি+ত] বিণ. আশ্রয় বা সহায়রূপে গ্রহণ করা হয়েছে এমন, অবলম্বিত।

শ্রী /স্রি/ [স. √শ্রি+ক্বিপ্] বি. ১ সৌন্দর্য, লাবণ্য (*শ্রীমন্ডিত*)। ২ ঐশ্বর্য, সমৃদ্ধি (*শ্রীবৃদ্ধি*)। ৩ চেহারা, আকৃতি (*মুখশ্রী*)। ৪ ঢং, ভঙ্গি (*কথার শ্রী*)। ৫ নামের পূর্বে ব্যবহৃত আখ্যা। ৬ পুণ্যভূমি বা তীর্থস্থানের নামের পূর্বে ব্যবহৃত আখ্যা (*শ্রীক্ষেত্র*)। ৭ দেবী লক্ষ্মী। ৮ দেবী সরস্বতী। ৯ রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

শ্রীঅঙ্গ /স্রিঅংগো/ [স. শ্রী+অঙ্গ] বি. (দেবতা পূজ্য ব্যক্তি বা প্রিয়জনের ক্ষেত্রে) সুন্দর বা পবিত্র দেহ।

শ্রীকণ্ঠ /স্রিকন্ঠো/ [স. শ্রী+কণ্ঠ] বি. শিব, মহাদেব।

শ্রীকর /স্রিকর্/ [স. শ্রী+√কৃ+অ] বিণ. শোভাবর্ধক। বি. বিষ্ণু, নারায়ণ।

শ্রীকরণ /স্রিকরোন্/ [স. শ্রী+√কৃ+অন] বি. লেখনী।

শ্রীকান্ত /স্রিকান্তো/ [স. শ্রী+√কম্+ত] বি. বিষ্ণু, নারায়ণ।

শ্রীকৃষ্ণ /স্রিকৃশ্নো/ [স. শ্রী+√কৃষ্+ন] বি. মহাভারতে বর্ণিত অবতার, অর্জুনের সারথি, বাসুদেব।

শ্রীক্ষেত্র /স্রিখেত্তো/ [স. শ্রী+√ক্ষি+ত্র] বি. পুরীধাম।

শ্রীখন্ড /স্রিখন্ডো/ [স. শ্রী+খন্ড] বি. চন্দনকাঠ।

শ্রীখন্ডী /স্রিখোন্ডি/ [স. শ্রীখন্ড+ঈ] বি. ১ শুভকর্মে পরিধেয় তাঁতবস্ত্র। ২ বিয়ের পিঁড়ি।

শ্রীখোল /স্রিখোল্/ [স. শ্রী+বা. খোল] বি. কীর্তন-গানের সঙ্গে সংগতদানে ব্যবহৃত মাটির তৈরি আনদ্ধ বাদ্যযন্ত্র, মৃদঙ্গ।

শ্রীঘর /স্রিঘর্/ [স. শ্রী+বা. ঘর] বি. (ব্য.) জেলখানা, কারাগার।

শ্রীঘরবাস /স্রিঘর্বাশ্/ [বা.] বি. (ব্য.) বন্দিরূপে কারাবাস।

শ্রীচরণ /স্রিচরোন্/ [স. শ্রী+চরণ] বি. ১ বিষ্ণু বা লক্ষ্মীর চরণ। ২ পূজ্য বা শ্রদ্ধেয় ব্যক্তির চরণ।

শ্রীচরণকমল /স্রিচরোন্কমোল্/ [স. শ্রীচরণ+কমল] বি. কমলরূপ শ্রীচরণ।

শ্রীচরণকমলাসু /স্রিচরোন্কমোলাশু/ [স. শ্রীচরণ+কমল+আসু] বি. শ্রদ্ধাভাজন নারীকে লিখিত পত্রের সম্বোধনসূচক পাঠ।

শ্রীচরণকমলেষু /স্রিচরোন্কমোলেশু/ [স. শ্রীচরণ+কমল+এষু] বি. শ্রদ্ধাভাজন পুরুষকে লিখিত পত্রের প্রারম্ভিক পাঠ।

শ্রীচরণাসু /স্রিচরোনাশু/ [স. শ্রীচরণ+আসু] বি. দ্র শ্রীচরণকমলাসু।

শ্রীচরণেষু /স্রিচরোনেশু/ [স. শ্রীচরণ+এষু] বি. দ্র শ্রীচরণকমলেষু।

শ্রীছাঁদ /স্রিছাঁদ্/ [স. শ্রী+বা. ছাঁদ] বি. মাধুর্য; কান্তি।

শ্রীদাম /স্রিদাম্/[ব্যক্তি.] বি. কৃষ্ণসহচর গোপবালক।

শ্রীধর /স্রিধর্/ [স. শ্রী+√ধৃ+অ] বি. ১ বিষ্ণু, নারায়ণ। ২ বিষ্ণুর শালগ্রাম মূর্তিবিশেষ।

শ্রীনন্দন /স্রিনন্দোন্/ [স. শ্রী+√নন্দি+অন] বি. ১ লক্ষ্মীপুত্র। ২ কন্দর্প, মদন।

শ্রীনাথ /স্রিনাথ্/ [স. শ্রী+নাথ] বি. বিষ্ণু, নারায়ণ।

শ্রীনিকেতন[১] /স্রিনিকেতন্/ [স. শ্রী+নিকেতন] বি. ১ লক্ষ্মীর আবাসস্থল। ২ বিষ্ণু, নারায়ণ।

শ্রীনিকেতন[২] /স্রিনিকেতন্/ [স্থান.] বি. রবীন্দ্রনাথ ঠাকুর কর্তৃক প্রতিষ্ঠিত শান্তিনিকেতনের অনতিদূরে অবস্থিত গ্রামোন্নয়ন-চর্চাকেন্দ্র।

শ্রীনিবাস /স্রিনিবাশ্/ [স. শ্রী+নিবাস] বি. দ্র শ্রীনাথ।

শ্রীপঞ্চমী /স্রিপন্চোমি/ [স. শ্রী+পঞ্চম+ঈ] বি. মাঘ মাসের শুক্লপঞ্চমী তিথি (যে তিথিতে সরস্বতী-পূজা অনুষ্ঠিত হয়)।

শ্রীপতি /স্রিপোতি/ [স. শ্রী+√পা+অতি] বি. দ্র শ্রীনাথ।

শ্রীপদ /স্রিপদো/ [স. শ্রী+পদ] বি. দ্র শ্রীচরণ।

শ্রীপদপঙ্কজ /স্রিপদোপংকোজ্/ [স. শ্রীপদ+পঙ্ক+√জন্+অ] বি. দ্র শ্রীচরণকমল।

শ্রীপদপল্লব /স্রিপদোপল্লোব্/ [স. শ্রীপদ+পল্লব] বি. দ্র শ্রীচরণ।

শ্রীপর্ণ /স্রিপর্নো/ [স. শ্রী+পর্ণ] বি. কমল, পদ্ম।

শ্রীপাদ /স্রিপাদো/ [স. শ্রী+√পদ্+অ] বি. বৈষ্ণব সাধুর নামের পূর্বে ব্যবহৃত শ্রদ্ধাসূচক আখ্যা।

শ্রীপাদপদ্ম /স্রিপাদোপদ্দোঁ/ [স. শ্রীপদ+√পদ্+ম] বি. দ্র শ্রীচরণকমল।

শ্রীপুষ্প /স্রিপুশ্পো/ [স. শ্রী+√পুষ্প্+অ] বি. লবঙ্গ।

শ্রীফল /স্রিফল্/ [স. শ্রী+ফল] বি. বিল্বফল, বেল।

www.pathagar.com

শ্রীবৎস /স্রিবত্‌শো/ [স. শ্রী+বৎস] বি. ১ বিষ্ণু। ২ বিষ্ণুর বক্ষস্থ শোভাবর্ধক লোমরাজি। ৩ পৌরাণিক রাজা।

শ্রীবৎসলাঞ্ছন /স্রিবত্‌শোলান্‌ছন্‌/ [স. শ্রীবৎস+√লাঞ্ছ্+অন] বি. নারায়ণ, বিষ্ণু।

শ্রীবৃদ্ধি /স্রিবৃদ্‌ধি/ [স. শ্রী+√বৃধ্+তি] বি. উন্নতি ও সমৃদ্ধি।

শ্রীবৃদ্ধিসাধন /স্রিবৃদ্‌ধিশাধোন্‌/ [স. শ্রীবৃদ্ধি+সাধন] বি. ১উন্নতিসাধন; সমৃদ্ধিসাধন। ২ সৌন্দর্যবর্ধন।

শ্রীভ্রষ্ট /স্রিভ্রোশ্‌টো/ [স. শ্রী+√ভ্রন্‌শ্+ত] বিণ. ১ সৌন্দর্যচ্যুত। ২ লক্ষ্মীছাড়া; হতভাগ্য।

শ্রীমণ্ডিত /স্রিমোন্‌ডিতো/ [স. শ্রী+√মণ্ড্+ত] বিণ. শ্রী আছে এমন, সৌন্দর্যময়।

শ্রীমতী /স্রিমোতি/ [স. শ্রী+মৎ+ঈ] বিণ. ১ শ্রী আছে এমন, সৌন্দর্যময়ী। ২ ভাগ্যবতী। বি. ১ শ্রীরাধিকা। ২ নারীর নামের পূর্বে ব্যবহৃত আখ্যা। ৩ সুন্দরী নারী।

শ্রীমৎ /স্রিমত্‌/ [স. শ্রী+মৎ] বিণ. সম্পৎশালী; মহিমময়। বি. সাধুসন্ন্যাসী ও পবিত্র গ্রন্থাদির নামের পূর্বে ব্যবহৃত সম্মানসূচক আখ্যা (*শ্রীমদ্‌ভগবদ্‌গীতা*)।

শ্রীমন্ত /স্রিমন্‌তো/ [স. শ্রী+বা. মন্ত] বিণ. ১ ভাগ্যবান। ২ ঐশ্বর্যবান।

শ্রীময়ী /স্রিমোয়ি/ [স. শ্রী+ময়ট্+ঈ] বিণ. সুন্দরী, লাবণ্যবতী।

শ্রীমান /স্রিমান্‌/ [স. শ্রী+মৎ] বিণ. ১ সুন্দর, কান্তিযুক্ত। ২ সৌভাগ্যশালী। বি. স্নেহভাজনের নামের পূর্বে ব্যবহৃত আখ্যা।

শ্রীমুখ /স্রিমুখ্‌/ [স. শ্রী+মুখ] বি. সুন্দর মুখ; পবিত্র মুখ।

শ্রীযুক্ত /স্রিজুক্‌তো/ [স. শ্রী+√যুজ্+ত] বিণ. ১ পুরুষের নামের পূর্বে প্রযুক্ত আখ্যা। ২ সম্পৎশালী; সৌভাগ্যবান। *স্ত্রী. শ্রীযুক্তা /স্রিজুক্‌তা/।

শ্রীযুত /স্রিজুত্‌/ [স. শ্রী+√যু+ত] বিণ. দ্র শ্রীযুক্ত।

শ্রীল /স্রিলো/ [স. শ্রী+লচ্] বিণ. দ্র শ্রীযুক্ত।

শ্রীশ /স্রিশ্‌/ [স. শ্রী+ঈশ] বি. বিষ্ণু।

শ্রীহট্ট /স্রিহট্‌টো/ [স্থান.] বি. বাংলাদেশের জেলা ও নগরবিশেষ, সিলেটের পূর্বতন নাম।

শ্রীহস্ত /স্রিহস্‌তো/ [স. শ্রী+√হস্+ত] বি. ১ পূজনীয় ব্যক্তির হাত; পবিত্র হাত। ২ সুন্দর হাত।

শ্রীহীন /স্রিহিন্‌/ [স. শ্রী+√হা+ত] বিণ. ১ শোভাশূন্য। ২ হতভাগ্য। বি. শ্রীহীনতা /স্রিহিনতা/।

শ্রুত /স্রুতো/ [স. √শ্রু+ত] বিণ. ১ শ্রবণ করা হয়েছে এমন। ২ খ্যাত। বি. ১ বেদ। ২ গুরুপরম্পরায় লব্ধ জ্ঞান।

শ্রুতকীর্তি /স্রুতোকির্‌তি/ [স. শ্রুত+√কৃ+তি] বিণ. সুবিখ্যাত। বি. রামচন্দ্রের ভ্রাতা শত্রুঘ্নের পত্নী।

শ্রুতধর /স্রুতোধর্‌/ [স. শ্রুত+√ধৃ+অ] বি. কিছু শোনামাত্র স্মৃতিতে ধরে রাখতে পারে এমন ব্যক্তি।

শ্রুতপূর্ব /স্রুতোপুর্‌বো/ [স. শ্রুত+পূর্ব] বিণ. পূর্বে শোনা হয়েছে এমন।

শ্রুতমাত্র /স্রুতোমাত্‌ত্রো/ [স. শ্রুত+মাত্র] ক্রিবিণ. শোনার সঙ্গে সঙ্গে, শোনামাত্র।

শ্রুতলিখন /স্রুতোলিখন্‌/ [স. শ্রুত+√লিখ্+অন] বি. শুনে শুনে লিখন; শ্রেণিকক্ষে শিক্ষকের কথা শুনে তা হুবহু লেখার অনুশীলন।

শ্রুতলিপি /স্রুতোলিপি/ [স. শ্রুত+√লিপ্+ই] বি. অন্যের মুখে শুনে যা লেখা হয়।

শ্রুতি /স্রুতি/ [স. √শ্রু+তি] বি. ১ (শ্রবণ করলে পুণ্য হয় বলে) বেদ। ২ শ্রবণ। ৩ কান। ৪ শোনা কথা, কিংবদন্তি। ৫ *বরগামে এক সুর থেকে অন্য সুরে গমনকালে শ্রুত সূক্ষ্ম সুরাংশ।

শ্রুতিকটু /স্রুতিকোটু/ [স. শ্রুতি+√কট্+উ] বিণ. শুনতে খারাপ লাগে এমন, কর্কশ।

শ্রুতিকঠোর /স্রুতিকঠোর্‌/ [স. শ্রুতি+কঠোর] বিণ. দ্র শ্রুতিকটু।

শ্রুতিগম্য /স্রুতিগোম্‌মো/ [স. শ্রুতি+√গম্+য] বিণ. দ্র শ্রুতিগোচর।

শ্রুতিগোচর /স্রুতিগোচর্‌/ [স. শ্রুতি+গোচর] বিণ. শোনা যায় এমন।

শ্রুতিনাটক /স্রুতিনাটক্‌/ [স. শ্রুতি+নাটক] বি. (বেতার) কেবল শোনার জন্য অভিনীত নাটক।

শ্রুতিপথ /স্রুতিপথ্‌/ [স. শ্রুতি+পথ] বি. কানের ছিদ্র, কর্ণকুহর।

শ্রুতিবেধ /স্রুতিবেধ্‌/ [স. শ্রুতি+বেধ] বি. কিশোরীদের কান বেঁধানোর সংস্কার।

শ্রুতিমধুর /স্রুতিমোধুর্‌/ [স. শ্রুতি+মধুর] বিণ. শ্রুতিসুখকর। বি. শ্রুতিমধুরতা /স্রুতিমোধুরতা/।

শ্রুতিমাধুর্য /স্রুতিমাধুরজো/ [স. শ্রুতিমধুর+য] বি. যে গুণ শ্রোতার হৃদয়কে মোহিত করে।

শ্রুতিমূল /স্রুতিমুল্‌/ [স. শ্রুতি+মূল] বি. কর্ণমূল, কানের গোড়া।

শ্রুতিরঞ্জক /স্রুতিরন্‌জোক্‌/ [স. শ্রুতি+√রঞ্জ্+অক] বিণ. দ্র শ্রুতিমধুর।

www.pathagar.com

শ্রুতিলিখন /শ্রুতিলিখন্/ [স. শ্রুত+√লিখ্+অন] বি. দ্র শ্রুতলিখন।

শ্রুতিসুখকর /শ্রুতিশুখোকর্/ [স. শ্রুতি+সুখ+√কৃ+অ] বিণ. শুনতে মধুর এমন, শ্রুতিমধুর।

শ্রূয়মাণ /শ্রুয়োমান্/ [স. √শ্রু+য+মান (শানচ্)] বিণ. শোনা যাচ্ছে বা শোনা হচ্ছে এমন।

শ্রেঢ়ী /শ্রেঢ়ি/ [পরি.] বি. (গ.) পরস্পর সমান্তর বা সমগুণ সংখ্যাসমূহের বিন্যাস, শ্রেণি, progression।

শ্রেঢ়ীফল /শ্রেঢ়িফল্/ [স. শ্রেঢ়ী+ফল] বি. (গ.) কোনো শ্রেঢ়ীর পরপর সংখ্যাগুলোর যোগফল, শ্রেঢ়ীসমষ্টি।

শ্রেণি /শ্রেনি/ [স. √শ্রি+ণি] বি. ১ বিভাগ, ক্লাস (*দশম শ্রেণি*); গুণানুযায়ী স্থান। ২ সারি, পঙ্‌ক্তি। ৩ সম্প্রদায়; সমাজ। ৪ একসঙ্গে অবস্থান করে এমন দল বা যূথ।

শ্রেণিকক্ষ /শ্রেনিকোক্‌খো/ [স. শ্রেণি+কক্ষ] বি. বিদ্যায়তনের যে কক্ষে শিক্ষার্থীদের পাঠদান করা হয়।

শ্রেণিফল /শ্রেনিফল্/ [স. শ্রেণি+ফল] বি. (গ.) শ্রেঢ়ী-সমষ্টি।

শ্রেণিবদধ /শ্রেনিবদ্‌ধো/ [স. শ্রেণি+√বধ্+ত] বিণ. সারিবাঁধা।

শ্রেণিবিন্যাস /শ্রেনিবিন্‌ন্যাশ্/ [স. শ্রেণি+বিন্যাস] বি. বিভিন্ন শ্রেণিতে বিন্যস্তকরণ।

শ্রেণিভুক্ত /শ্রেনিভুক্‌তো/ [স. শ্রেণি+√ভুজ্+ত] বিণ. দলের বা সংঘের অন্তর্ভুক্ত, দলভুক্ত।

শ্রেণিভেদ /শ্রেনিভেদ্/ [স. শ্রেণি+√ভিদ্+অ] বি. শ্রেণিগত পার্থক্য।

শ্রেণিশিক্ষক /শ্রেনিশিক্‌খক্/ [স. শ্রেণি+√শিক্ষ্+অক] বি. বিদ্যালয়ে নির্দিষ্ট শ্রেণির দায়িত্বপ্রাপ্ত শিক্ষক, class teacher।

শ্রেণিসংগ্রাম /শ্রেনিশংগ্রাম্/ [স. শ্রেণি+সংগ্রাম] বি. মার্কসীয় তত্ত্বমতে পুঁজিবাদী রাষ্ট্রব্যবস্থায় অধিকার বা প্রাধান্য প্রতিষ্ঠার জন্য সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিরোধ বা লড়াই, class-struggle।

শ্রেণিসংঘাত /শ্রেনিশংঘাত্/ [স. শ্রেণি+সম্+√হন্+ত] বি. দ্র শ্রেণিসংগ্রাম।

শ্রেয় /শ্রেয়ো/ [স. শ্র+ঈয়স্] বি. ১ হিত, কল্যাণ। ২ ধর্ম। ৩ মুক্তি। বিণ. ১ হিতকর। ২ প্রশংসনীয়।

শ্রেয়ঃকল্প /শ্রেয়োককল্‌পো/ [স. শ্রেয়স্+√কল্প্+অ] বিণ. শ্রেষ্ঠতুল্য। বি. হিতকর বিধান।

শ্রেয়সী /শ্রেয়োশি/ [স. শ্রেয়স্+ঈ] বিণ. হিতকরী, শুভদা; শুভযুক্তা।

শ্রেয়স্কর /শ্রেয়োশ্‌কর্/ [স. শ্রেয়স্+√কৃ+অ] বিণ. হিতকর। স্ত্রী. **শ্রেয়স্করী** /শ্রেয়োশ্‌কোরি/।

শ্রেয়স্কাম /শ্রেয়োশ্‌কাম্/ [স. শ্রেয়স্+কাম] বিণ. শুভাকাঙ্ক্ষী, হিতৈষী, কল্যাণার্থী।

শ্রেয়ান /শ্রেআন্/ [স. প্রশস্য+ঈয়স] বিণ. ১ হিতকর, মঙ্গলজনক। ২ শ্রেষ্ঠ। ৩ সর্বোৎকৃষ্ট, প্রশস্ত।

শ্রেয়োলাভ /শ্রেয়োলাভ্/ [স. শ্রেয়স্+লাভ] বি. কল্যাণপ্রাপ্তি।

শ্রেষ্ঠ /শ্রেশ্‌ঠো/ [স. প্রশস্য+ইষ্ঠ] বিণ. ১ সর্বপ্রধান। ২ উৎকৃষ্ট; উত্তম। স্ত্রী. **শ্রেষ্ঠা** /শ্রেশ্‌ঠা/।

শ্রেষ্ঠতা /শ্রেশ্‌ঠোতা/ [স. শ্রেষ্ঠ+তা] বি. দ্র শ্রেষ্ঠত্ব।

শ্রেষ্ঠত্ব /শ্রেশ্‌ঠোত্‌তো/ [স. শ্রেষ্ঠ+ত্ব] বি. উৎকৃষ্টতা।

শ্রেষ্ঠাংশ /শ্রেশ্‌ঠাংশো/ [স. শ্রেষ্ঠ+অংশ] বি. চলচ্চিত্র নাটক প্রভৃতির মূল ভূমিকা বা প্রধান চরিত্র।

শ্রেষ্ঠী /শ্রেশ্‌ঠি/ [স. শ্রেষ্ঠ+ইন্] বি. ১ ব্যবসায়ী, বণিক, শেঠ। ২ পদবিবিশেষ।

শ্রোণি /শ্রোনি/ [স. √শ্রোণ্+ই] বি. নিতম্ব, কটিদেশ।

শ্রোতব্য /শ্রোতোব্‌বো/ [স. √শ্রু+তব্য] বিণ. ১ শ্রবণযোগ্য, শ্রবণীয়। ২ শ্রবণ করতে হয় এমন।

শ্রোতা /শ্রোতা/ [স. √শ্রু+তৃ] বিণ. শ্রবণকারী। বি. যে শোনে। স্ত্রী. **শ্রোত্রী** /শ্রোত্‌রি/।

শ্রোতৃবর্গ /শ্রোতৃবর্‌গো/ [স. শ্রোতৃ+বর্গ] বি. দ্র শ্রোতৃমণ্ডলী।

শ্রোতৃমণ্ডলী /শ্রোতৃমন্‌ডোলি/ [স. শ্রোতৃ+মণ্ডল+ইন্] বি. শ্রোতাসাধারণ, audience।

শ্রোত্র /শ্রোত্‌ত্রো/ [স. √শ্রু+ত্র] বি. ১ শ্রবণেন্দ্রিয়, কান। ২ বেদ, শ্রুতি।

শ্রোত্রিয় /শ্রোত্‌ত্রিয়ো/ [স. শোত্র+ইয়] বি. ১ বেদজ্ঞ ব্রাহ্মণ। ২ অকুলীন ব্রাহ্মণ।

শ্রৌত /শ্রৌতো/ [স. শ্রুতি+অ] বিণ. ১ শ্রুতিসম্বন্ধীয়। ২ বেদ-অনুসৃত; বেদস্বীকৃত। ৩ বেদবিষয়ক।

শ্লক্ষ্ণ /শ্লোখ্‌নো/ [স. √শ্লিষ্+স্ন] বিণ. ১ সূক্ষ্ম। ২ মনোহর। ৩ কোমল।

শ্লথ /শ্লথো/ [স. √শ্লথ্+অ] বিণ. ১ শিথিল, অদৃঢ়। ২ দীর্ঘসূত্রী। ৩ ধীর। ৪ আলুথালু, বিস্রস্ত।

শ্লথবদধ /শ্লথোবদ্‌ধো/ [স. শ্লথ+√বধ্+ত] বিণ. শিথিলভাবে গ্রথিত।

শ্লাঘনীয় /শ্লাঘোনিয়ো/ [স. √শ্লাঘ্+অনীয়] বিণ. ১ প্রশংসার্হ, প্রশংসাজনক। ২ বাঞ্ছিত, স্পৃহণীয়।

শ্লাঘা /শ্লাঘা/ [স. √শ্লাঘ্+অ+আ (টাপ্)] বি. ১ আত্ম-প্রশংসা। ২ গৌরব।

শ্লাঘ্য /শ্লাগ্‌ঘো/ [স. √শ্লাঘ্+য] বিণ. দ্র শ্লাঘনীয়।

www.pathagar.com

শ্লিষ্ট /শ্লিশ্‌টো/ [স. √শ্লিষ্+ত] বিণ. ১ সংযুক্ত। ২ আলিঙ্গনবদ্ধ। ৩ শ্লেষযুক্ত; একাধিক অর্থবিশিষ্ট।

শ্লীপদ /শ্লিপদ্/ [স. শ্রী+পদ] বি. মশাবাহিত পরজীবী সুতাকৃমির সংক্রমণহেতু জীবদেহের কোনো অঙ্গে লসিকা (lymphatic fluid) প্রবাহ বাধাপ্রাপ্ত হওয়ার ফলে ওই অঙ্গের অস্বাভাবিক স্ফীতি, শোথ, গোদ, elephantiasis।

শ্লীল /শ্লিল্/ [স. শ্রী+ল] বিণ. ১ ভদ্র, শিষ্ট। ২ সুরুচি-সম্পন্ন।

শ্লীলতা /শ্লিলতা/ [স. শ্লীল+তা] বি. সম্ভ্রম।

শ্লীলতাহানি /শ্লিলতাহানি/ [স. শ্লীলতা+√হা+তি] বি. নারীর সম্ভ্রমহানি।

শ্লেষ /শ্লেশ্/ [স. √শ্লিষ্+অ] বি. ১ একই শব্দের একাধিক অর্থে প্রয়োগরূপ শব্দালংকার, pun। ২ সংস্রব। ৩ আলিঙ্গন। ৪ (বাংলায়) বক্রোক্তি, বিদ্রুপ।

শ্লেষার্থ /শ্লেশার্থো/ [স. শ্লেষ+অর্থ] বি. শ্লেষমূলক অর্থ, লক্ষ্যার্থ।

শ্লেষোক্তি /শ্লেশোক্তি/ [স. শ্লেষ+উক্তি] বি. দ্ব্যর্থক বাক্য।

শ্লেষ্মা /শ্লেশ্‌মা/ [স. √শ্লিষ্+মন্] বি. ১ কফ, সর্দি। ২ শিকনি।

শ্লৈষ্মিক /শ্লোই্‌শ্‌শিক্/ [স. শ্লেষ্মন্+ইক] বিণ. ১ শ্লেষ্মাসংক্রান্ত। ২ শ্লেষ্মাবাহী।

শ্লৈষ্মিক ঝিল্লি /শ্লোই্‌শ্‌শিক্ ঝিল্‌লি/ বি. শরীরের শ্লেষ্মা উৎপন্ন ও নিঃসরণকারী সূক্ষ্ম আবরণবিশেষ, mucous membrane।

শ্লোক /শ্লোক্/ [স. √শ্লোক্+অ] বি. ১ সংস্কৃত ভাষায় রচিত দুই পঙ্‌ক্তির কবিতা। ২ খ্যাতি।

শ্লোককর্তা /শ্লোকোকর্‌তা/ [স. শ্লোক+√কৃ+তৃ] বি. বিণ. শ্লোক রচয়িতা।

শ্লোককার /শ্লোকোকার্/ [স. শ্লোক+√কৃ+অ] বিণ. শ্লোক রচয়িতা।

শ্লোকাত্মক /শ্লোকাত্‌তঁক্/ [স. শ্লোক+আত্মক] বিণ. শ্লোক বা কবিতায় রচিত।

www.pathagar.com

ষ /ষ/

ষ /মুর্ধোন্‌নো শ/ বাংলা বর্ণমালার ত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং মূর্ধা থেকে উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ উষ্ম ধ্বনির দ্যোতক (বাংলায় শ-এর মতো উচ্চারিত)।

ষট্ /শট্/ [স. ষষ্] বি. ছয় সংখ্যা। বিণ. ছয় সংখ্যক।

ষট্‌কর্ণ /শট্‌করনো/ [স. ষষ্+কর্ণ] বিণ. ছয় কর্ণে শ্রুত অর্থাৎ বক্তা ও শ্রোতা ভিন্ন তৃতীয় ব্যক্তির কর্ণগোচর হয়েছে এমন।

ষট্‌কর্ম /শট্‌করমো/ [স. ষষ্+কর্মন্] বি. ১ ব্রাহ্মণের করণীয় ছয় প্রকার কাজ (যজন যাজন অধ্যয়ন অধ্যাপন দান ও প্রতিগ্রহ)। ২ ছয়টি তান্ত্রিক প্রক্রিয়া (মারণ উচ্চাটন স্তম্ভন বিদ্বেষণ বশীকরণ ও শান্তি)।

ষট্‌কর্মা /শট্‌করমা/ [স. ষষ্+কর্মন্] বি. যে ব্রাহ্মণ ছয় কর্মের অনুষ্ঠান করেন। বিণ. ষট্‌কর্মকারী।

ষট্‌কোণ /শট্‌কোন্/ [স. ষষ্+কোণ] বিণ. ছয় কোণযুক্ত, ছয়কোনা। বি. ১ ষড়্‌ভুজ ক্ষেত্র। ২ লগ্ন থেকে ষষ্ঠ স্থান। ৩ হীরক।

ষট্‌চক্র /শট্‌চক্‌ক্রো/ [স. ষট্+চক্র] বি. যোগশাস্ত্রে বর্ণিত দেহের ছয়টি চক্র বা স্থান (মূলাধার স্বাধিষ্ঠান মণিপূরক অনাহত বিশুদ্ধ ও আজ্ঞা)।

ষট্‌চত্বারিংশ /শট্‌চত্‌তারিংশো/ [স. ষট্+চত্বারিংশৎ+অ] বিণ. ৪৬ সংখ্যক, ৪৬ সংখ্যার পূরক।

ষট্‌চত্বারিংশৎ /শট্‌চত্‌তারিংশত্/ [স. ষট্+চত্বারিন্+শৎ] বি. ৪৬ সংখ্যা। বিণ. ৪৬ সংখ্যক।

ষট্‌চত্বারিংশত্তম /শট্‌চত্‌তারিংশত্‌তমো/ [স. ষট্+চত্বারিংশৎ+তমট্] বিণ. ৪৬ স্থানীয়। স্ত্রী. **ষট্‌চত্বারিংশত্তমী** /শট্‌চত্‌তারিংশত্‌তোমি/।

ষট্‌ত্রিংশ /শট্‌ত্রিংশো/ [স. ষট্+ত্রিংশৎ+অ] বিণ. ৩৬ সংখ্যার পূরক।

ষট্‌ত্রিংশৎ /শট্‌ত্রিংশত্/ [স. ষট্+ত্রিন্+শৎ] বি. ৩৬ সংখ্যা। বিণ. ৩৬ সংখ্যক।

ষট্‌ত্রিংশত্তম /শট্‌ত্রিংশত্‌তমো/ [স. ষট্+ত্রিংশৎ+তমট্] বিণ. ৩৬ স্থানীয়। স্ত্রী. **ষট্‌ত্রিংশত্তমী** /শট্‌ত্রিংশত্‌তোমি/।

ষট্‌পঞ্চাশ /শট্‌পনচাশ্/ [স. ষট্+পঞ্চাশৎ+অ] বি. ৫৬ সংখ্যা। বিণ. ৫৬ সংখ্যক।

ষট্‌পঞ্চাশৎ /শট্‌পনচাশত্/ [স. ষট্+পঞ্চন্+দশন্] বি. ৫৬ সংখ্যা। বিণ. ৫৬ সংখ্যক।

ষট্‌পঞ্চাশত্তম /শট্‌পনচাশত্‌তমো/ [স. ষট্+পঞ্চাশৎ+তমট্] বিণ. ৫৬ স্থানীয়। স্ত্রী. **ষট্‌পঞ্চাশত্তমী** /শট্‌পনচাশত্‌তোমি/।

ষট্‌পদ /শট্‌পদো/ [স. ষট্+√পদ্+অ] বিণ. ছয়টি পা-বিশিষ্ট। বি. ১ ভ্রমর। ২ ছারপোকা। ৩ উকুন।

ষট্‌পদা /শট্‌পদা/ [স. ষট্‌পদ+আ (টাপ্)] বি. গঙ্গা-ফড়িং।

ষট্‌পদী /শট্‌পদি/ [স. ষট্‌পদ+ঈ] বি. ১ ছয় চরণবিশিষ্ট ছন্দবিশেষ। ২ ভ্রমরী। ৩ উকুন।

ষট্‌প্রজ্ঞ /শট্‌প্রোগ্‌গোঁ/ [স. ষট্+প্র+√জ্ঞা+অ] বিণ. ১ ছয়টি বিষয়ে অভিজ্ঞ (ধর্ম অর্থ কাম মোক্ষ লোকাচার ও তত্ত্বজ্ঞান)। ২ কামুক, লম্পট।

ষট্‌ষষ্টি /শট্‌শোশ্‌টি/ [স. ষট্+ষষ্+তি] বি. ৬৬ সংখ্যা। বিণ. ৬৬ সংখ্যক।

ষট্‌ষষ্টিতম /শট্‌শোশ্‌টিতমো / [স. ষটষষ্টি+তমট্] বিণ. ৬৬ সংখ্যক; ৬৬ স্থানীয়। স্ত্রী. **ষটষষ্টিতমী** /শট্‌শোশ্‌টিতোমি/।

ষট্‌ষষ্ঠ /শট্‌শষ্‌ঠো/ [স. ষট্+ষষ্+অ] বি. ৬৬ সংখ্যা। বিণ. ৬৬ সংখ্যক।

ষট্‌সপ্ততি /শট্‌শপ্‌তোতি/ [স. ষট্+সপ্তদশৎ+তি] বি. ৭৬ সংখ্যা। বিণ. ৭৬ সংখ্যক।

ষট্‌সপ্ততিতম /শট্‌শপ্‌তোতিতমো/ [স. ষট্‌সপ্ততি+তমট্] বিণ. ৭৬ স্থানীয়। স্ত্রী. **ষটসপ্ততিতমী** /শট্‌শপ্‌তোতিতোমি/।

ষড়্ /শড়ো/ [আ. শলাহ্ >] বি. চক্রান্ত; গোপন পরামর্শ (ষড়যন্ত্র)।

ষড়ঙ্গ /শড়ংগো/ [স. ষট্+অঙ্গ] বিণ. ছয়টি অঙ্গ আছে এমন। বি. ১ বেদের ছয়টি অঙ্গ (শিক্ষা কল্প ব্যাকরণ নিরুক্ত ছন্দ ও জ্যোতিষ)। ২ দেহের ছয়টি অংশ বা অবয়ব (মাথা কটিদেশ দুই হাত ও দুই পা)। ৩ ছয় গব্য (গোময় গোমূত্র দুগ্ধ দধি ঘৃত ও গোরোচনা)।

ষড়ভিজ্ঞ /শড়োভিগ্‌গোঁ/ [স. ষট্+অভিজ্ঞ] বিণ. ছয়টি বিষয়ে পারদর্শী (আত্মজ্ঞান জাতিস্মরতা পরিচিত্ত-জ্ঞান দিব্যদৃষ্টি দিব্যশ্রোত্র এবং বিয়দ্‌গতি বা শূন্যে গমন ও ইচ্ছামতো দেহধারণের ক্ষমতা)। বি. বুদ্ধদেব।

ষড়যন্ত্র /শড়োজন্‌ত্রো/ [আ. শলাহ্+স. যন্ত্র] বি. ১

www.pathagar.com

অন্যের ক্ষতি করার জন্য গুপ্ত চক্রান্ত। ২ দেহমধ্যস্থ ষট্‌চক্র।

ষড়শীতি /শড়োশিতি/ [স. ষড়শীতি+অ] বি. ৮৬ সংখ্যা। বিণ. ৮৬ সংখ্যক।

ষড়শীতিতম /শড়োশিতিতমো/ [স. ষড়শীতি+তমট্] বিণ. ৮৬ সংখ্যক; ৮৬ স্থানীয়। স্ত্রী. **ষড়শীতি-তমী** /শড়োশিতিতোমি/।

ষড়ানন /শড়ানন্/ [স. ষট্+আনন] বিণ. ছয় মুখ-বিশিষ্ট। বি. কার্তিকেয়।

ষড়ৈশ্বর্য /শড়োইশ্‌শোর্‌জো/ [স. ষট্+ঐশ্বর্য] বি. একসঙ্গে ছয়টি গুণ (প্রভুত্ব পরাক্রম যশ সম্পদ জ্ঞান ও বৈরাগ্য)।

ষড়্ /শড়্/ [স. ষট্] বি. ৬ সংখ্যা। বিণ. ৬ সংখ্যক।

ষড়্‌ঋতু /শড়্‌রিতু/ [স. ষট্+ঋতু] বি. বাংলার ছয়টি ঋতু (গ্রীষ্ম বর্ষা শরৎ হেমন্ত শীত ও বসন্ত)।

ষড়্‌গত /শড়্‌গতো/ [স. ষট্+√গম্+ত] বিণ. স্মৃতিগত, মুখস্থ।

ষড়্‌গুণ /শড়্‌গুন্/ [স. ষট্+গুণ] বি. রাজ্যশাসনের ছয়টি গুণ বা রাজনীতির ছয়টি নীতি (সন্ধি বিগ্রহ আসন যান দ্বৈধ ও আশ্রয়)। বিণ. ছয় সংখ্যা দিয়ে গুণিত, ছয়গুণ।

ষড়্‌জ /শড়্‌জো/ [স. ষট্+√জন্+অ] বি. সংগীতে স্বরগ্রামের প্রথম স্বর সা; দেহের ছটি অঙ্গ (নাসা কণ্ঠ বক্ষঃস্থল তালু জিহ্বা ও দন্ত) থেকে উৎপন্ন স্বর।

ষড়্‌দর্শন /শড়্‌দর্‌শোন্/ [স. ষট্+দর্শন] বি. পুরাণোক্ত ছয়টি দর্শনশাস্ত্র (সাংখ্য পাতঞ্জল পূর্বমীমাংসা উত্তরমীমাংসা ন্যায় ও বৈশেষিক)।

ষড়্‌ধা /শড়্‌ধা/ [স. ষট্+ধাচ্] অব্য. ক্রিবিণ. ১ ছয় প্রকারে; ছয় ভাগে; ছয় দিকে। ২ ছয় বার।

ষড়্‌বর্গ /শড়্‌বর্‌গো/ [স. ষট্+বর্গ] বি. মানবদেহের ছয়টি রিপু (কাম ক্রোধ লোভ মোহ মদ ও মাৎসর্য)।

ষড়্‌বিধ /শড়্‌বিধো/ [স. ষট্+বিধ] বিণ. ছয় প্রকারের।

ষড়্‌ভুজ /শড়্‌ভুজ্/ [স. ষট্+√ভুজ্+অ] বিণ. ছয় হাতবিশিষ্ট। বি. ১ জ্যামিতিতে ছয় বাহুবিশিষ্ট ক্ষেত্র। ২ চৈতন্যদেব।

ষড়্‌ভুজা /শড়্‌ভুজা/ [স. ষট্+√ভুজ্+অ+আ (টাপ্)] বি. ১ দেবী দুর্গা। ২ খরমুজা ফল।

ষড়্‌রস /শড়্‌রশ্/ [স. ষট্+রস] বি. লবণ কষায় কটু তিক্ত অম্ল ও মধুর খাদ্যের এই ছয় প্রকার রস বা স্বাদ।

ষড়্‌রিপু /শড়্‌রিপু/ [স. ষট্+রিপু] বি. কাম ক্রোধ লোভ মোহ মদ ও মাৎসর্য এই ছয়টি রিপু বা শত্রু।

ষড়্‌লবণ /শড়্‌লবোন্/ [স. ষট্+লবণ] বি. ছয় প্রকার লবণ (সৈন্ধব সামুদ্র বিট সৌবর্চল উদ্ভিজ্জ মৃত্তিকা-জাত)।

ষণ্ড /শন্‌ডো/ [স. √ষন্+ড] বি. ১ ষাঁড়, বৃষ, ঋষভ। ২ নপুংসক। ৩ গাছ। ৪ প্রহ্লাদের শিক্ষাগুরু। ৫ স্ত্রীরোগবিশেষ।

ষণ্ডা /শন্‌ডা/ [স. ষণ্ড >] বিণ. ১ বলবান, পালোয়ান, বলিষ্ঠ। ২ গোঁয়ার। ৩ গুণ্ডা।

ষণ্ডামর্ক /শন্‌ডামর্‌কো/ [স. ষণ্ড+অমর্ক] বি. ১ ষণ্ড ও অমর্ক শুক্রাচার্যের দুই পুত্র। ২ (আল.) বলিষ্ঠ ও গোঁয়ার প্রকৃতির ব্যক্তি, অতি দুর্বৃত্ত ব্যক্তি।

ষণ্ঢ /শন্‌ঢো/ [স. শণ্ঢ >] বিণ. নপুংসক।

ষণ্ণবতি /শন্‌নবোতি/ [স. ষট্+নবতি] বি. ৯৬ সংখ্যা। বিণ. ৯৬ সংখ্যক।

ষণ্ণবতিতম /শন্‌নবোতিতমো/ [স. ষণ্ণবতি+তমট্] বিণ. ৯৬ সংখ্যক; ৯৬ স্থানীয়। স্ত্রী. **ষণ্ণবতি-তমী** /শন্‌নবোতিতোমি/।

ষণ্মাস /শন্‌মাশ্/ [স. ষট্+মাস] বি. ছয় মাস।

ষণ্মুখ /শন্‌মুখ্/ [স. ষট্+মুখ] বিণ. ছয়মুখবিশিষ্ট, ষড়ানন। বি. কার্তিকেয়।

ষত্ব /শত্‌তো/ [স. ষ+ত্ব] বিণ. ষ-সংক্রান্ত (*ষত্ববিধি*)।

ষত্ববিধান /শত্‌তোবিধান্/ [স. ষত্ব+বিধান] বি. স-স্থলে মূর্ধন্য ষ-র ব্যবহারবিষয়ক ব্যাকরণনির্দিষ্ট বিধান।

ষত্ববিধি /শত্‌তোবিধি/ [স. ষত্ব+বিধি] বি. দ্র **ষত্ব-বিধান**।

ষষ্টি /শোশ্‌টি/ [স. ষষ্+তি] বি. ৬০ সংখ্যা। বিণ. ৬০ সংখ্যক।

ষষ্টিক /শোশ্‌টিক্/ [স. ষষ্টি+ক (স্বার্থে)] বিণ. ৬০ দিনে পাকে এমন (ধান), ষষ্টিশালি।

ষষ্টিতম /শোশ্‌টিতমো/ [স. ষষ্টি+তমট্] বিণ. ৬০-এর পূরক; ৬০ স্থানীয়। স্ত্রী. **ষষ্টিতমী** /শোশ্‌টি-তোমি/।

ষষ্টিধা /শোশ্‌টিধা/ [স. ষষ্টি+ধাচ্] বিণ. ৬০ প্রকার; ৬০ বার।

ষষ্ঠ /শশ্‌ঠো/ [স. ষষ্+থ] বিণ. ৬ সংখ্যক, ৬ সংখ্যার পূরক।

ষষ্ঠাংশ /শশ্‌ঠাংশো/ [স. ষষ্ঠ+অংশ] বি. ১ ছয় ভাগের এক ভাগ। ২ রাজকর।

www.pathagar.com

ষষ্ঠী /শোশ্‌ঠি/ [স. ষষ্ঠ+ঈ] বি. ১ সন্তানের রক্ষয়িত্রী বলে কল্পিত দেবী। ২ (ব্যা.) সম্বন্ধপদের বিভক্তি। ৩ তিথিবিশেষ।

ষষ্ঠীকৃপা /শোশ্‌ঠিকৃপা/ [স. ষষ্ঠী+কৃপা] বি. ষষ্ঠী-দেবীর দয়া; সন্তান লাভ।

ষষ্ঠীতৎপুরুষ /শোশ্‌ঠিতত্‌পুরুশ্‌/ [স. ষষ্ঠী+তৎপুরুষ] বি. (ব্যা.) ষষ্ঠী বিভক্তিযুক্ত পদের সঙ্গে অন্য পদের তৎপুরুষ সমাস।

ষষ্ঠীতলা /শোশ্‌ঠিতলা/ [স. ষষ্ঠী+বা. তলা] বি. ষষ্ঠীপূজার স্থান।

ষষ্ঠীপূজা /শোশ্‌ঠিপুজা/ [স. ষষ্ঠী+পূজা] বি. ১ ষষ্ঠী দেবীর পূজা। ২ সন্তান জন্মের ষষ্ঠ দিবসে অনুষ্ঠেয় মঙ্গলকর্মবিশেষ।

ষষ্ঠীবাটা /শোশ্‌ঠিবাটা/ [স. ষষ্ঠীব্রত >] বি. জামাই-ষষ্ঠীর তত্ত্ব।

ষষ্ঠীবিভক্তি /শোশ্‌ঠিবিভোক্‌তি/ [স. ষষ্ঠী+বি+√ভজ্‌+তি] বি. সম্বন্ধসূচক বিভক্তিবিশেষ।

ষষ্ঠীবুড়ি /শোশ্‌ঠিবুড়ি/ [স. ষষ্ঠী+বা. বুড়ি] বি. ১ লৌকিক দেবী ষষ্ঠী। ২ বহু সন্তানের জননী।

ষষ্ঠীভাগ্য /শোশ্‌ঠিভাগ্‌গো/ [স. ষষ্ঠী+√ভজ্‌+য] বি. সন্তানভাগ্য।

ষষ্ঠীর বাহন /শোশ্‌ঠির্‌ বাহোন্‌/ বি. বিড়াল।

ষষ্ঠেন্দ্রিয় /শশ্‌ঠেন্‌দ্রিয়ো/ [স. ষষ্ঠ+ইন্দ্রিয়] বি. যে ক্ষমতাবলে পঞ্চেন্দ্রিয়ের সাহায্য ছাড়াই কোনোকিছু সম্পর্কে ধারণা লাভ করা যায়, অন্তরিন্দ্রিয়, sixth sense।

ষাঁড় /শাঁড়্‌/ [স. ষণ্ড >] বি. ১ বৃষ, ষণ্ড। ২ (আল.) লম্পট।

ষাঁড়া /শাঁড়া/ [স. ষণ্ড >] বিণ. ১ নপুংসক। ২ বন্ধ্যা।

ষাঁড়াষাঁড়ি /শাঁড়াশাঁড়ি/ [বা.] বি. ১ ষাঁড়ে ষাঁড়ে লড়াই। ২ ভরা কটালের জোয়ার।

ষাট[১] /শাট্‌/ [স. ষষ্টি >] বি. ৬০ সংখ্যা। বিণ. ৬০ সংখ্যক।

ষাট[২] /শাট্‌/ [স. ষষ্ঠী >] বি. অমঙ্গল প্রতিবিধানের উদ্দেশ্যে ষষ্ঠীদেবীর নাম উচ্চারণ (*বালাইষাট*)।

ষাটগম্বুজ মসজিদ /শাট্‌গোম্‌বুজ্‌ মোশজিদ্‌/ বি. ১৪৫০ খ্রিষ্টাব্দে বাংলাদেশের বাগেরহাট জেলায় খান জাহান আলী কর্তৃক নির্মিত ষাটটি গম্বুজ-বিশিষ্ট মসজিদবিশেষ।

ষাণ্মাসিক /শান্‌মাশিক্‌/ [স. ষণ্মাস+ইক] বিণ. ১ ছয় মাস পর পর ঘটে বা প্রকাশিত হয় এমন। ২ প্রতি ছয়মাসে করণীয় এমন।

ষেট /শেট্‌/ [স. ষষ্ঠী >] বি. ষষ্ঠীদেবী।

ষোড়শ /শোড়োশ্‌/ [স. ষট্‌+দশ] বি. ১ ষোলো সংখ্যা। ২ ধর্মীয় আচার-অনুষ্ঠানে ১৬ প্রকার বস্তু দান করার সংস্কার। বিণ. ১৬ সংখ্যক।

ষোড়শজনপদ /শোড়োশ্‌জনোপদ্‌/ [স. ষোড়শ+জনপদ] বি. প্রাচীন ভারতের কাশী কোশল প্রভৃতি ১৬টি অঞ্চল।

ষোড়শমাতৃকা /শোড়োশ্‌মাতৃকা/ [স. ষোড়ষ+মাতৃ+কন্‌+আ (টাপ্‌)] বি. পুরাণে বর্ণিত ষোলোজন মাতৃকা বা উপদেবী (গৌরী পদ্মা শচী সাবিত্রী মেধা জয়া বিজয়া দেবসেনা স্বধা স্বাহা শান্তি পুষ্টি ধৃতি তুষ্টি কুলদেবতা ও আত্মদেবতা)।

ষোড়শী /শোড়োশি/ [স. ষোড়শ+ঈ] বিণ. ষোলো বছর বয়স্কা। বি. ১ দশমহাবিদ্যার দেবীবিশেষ। ২ যজ্ঞপাত্রবিশেষ।

ষোলো /শোলো/ [স. ষোড়শ >] বি. ১৬ সংখ্যা। বিণ. ১৬ সংখ্যক।

ষোলো আনা /শোলো আনা/ বি. (অধুনালুপ্ত) এক টাকা। বিণ. (আল.) সম্পূর্ণ, পুরোপুরি (*ষোলো আনাই বৃথা*)।

ষোলোই /শোলোই্‌/ [বা.] বি. মাসের ১৬ তারিখ।

ষোলোকলা /শোলোকলা/ [বা. ষোলো+স. কলা] ক্রিবিণ. সম্পূর্ণভাবে, পুরোপুরি।

ষ্ঠীবন /ষ্‌ঠিবন্‌/ [স. ষ্ঠিব্‌+অন] বি. থুতু; থুতুক্ষেপন।

www.pathagar.com

স /স/

স[১] /দোন্‌তো শ/ বাংলা বর্ণমালার একত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং দন্তমূল থেকে উচ্চার্য অঘোষ অল্পপ্রাণ উষ্ম শিষ ধ্বনির দ্যোতক (বাংলায় তালব্য এবং দন্ত্য ধ্বনিরূপে উচ্চারিত)।

স[২] /শ/ বিণ. (সমাসে বিশেষ্যসূচক শব্দের পূর্বে সহ ও সমানবাচক শব্দের রূপ) ১ সহ, সহিত (*সপুত্র*)। ২ সমান, অভিন্ন (*সজাতি, সতীর্থ*)।

স[৩] /শ/ অব্য. নঞ্ অর্থের বিপরীত অর্থবোধক উপসর্গ (*সক্ষম, সক্রিয়*)।

সই[১] /শোই/ [স. সখী >] বি. সখী, সঙ্গিনী (*সই ভালো করে বিনোদ বেণী বাঁধিয়া দে। নজরুল.*)।

সই[২] /শোই/ [আ. সহীহ্ >] বি. দস্তখত, স্বাক্ষর। বিণ. ১ অনুযায়ী, যোগ্য (*চলনসই*)। ২ পর্যন্ত; সমান (*মাপসই*)।

সই[৩] /শোই/ [বা.] ক্রিবি. সহ্য করি, সহি।

সইব /শোইবো/ [বা.] ক্রিবি. সহ্য করব (*এ অন্যায় সইব না*)।

সইশ /শোইশ্/ [আ.] বি. 'সহিস'-এর কথ্য রূপ।

সওগাত /শওগাত্/ [তুর.] বি. উপহার, ভেট।

সওদা /শওদা/ [ফা.] বি. ১ ক্রয়, কেনা; পণ্য বেচাকেনা। ২ পণ্যদ্রব্য।

সওদাগর /শওদাগর্/ [ফা.] বি. ১ ব্যবসায়ী; বণিক। ২ পদবিবিশেষ।

সওদাগরি /শওদাগোরি/ [ফা.] বি. সওদাগরের বৃত্তি। বিণ. ব্যবসায়সংক্রান্ত।

সওদাপত্র /শওদাপত্‌ত্রো/ [ফা. সওদা >] বি. দ্র সওদাপাতি।

সওদাপাতি /শওদাপাতি/ [ফা. সওদা >] বি. ১ কেনাকাটা। ২ ক্রীত পণ্যদ্রব্য।

সওয়া /শওআ/ [বা.] ক্রিবি. সহ্য করা, সহা।

সওয়াব /সওআব্/ [ফা.] বি. পুণ্য, সৎকর্মের ফল।

সওয়ার /সওআর্/ [ফা.] বিণ. আসীন, আরূঢ়।

সওয়ারি /সওআরি/ [ফা.] বিণ. যানবাহনে আরোহণকারী। বি. ১ যাত্রী। ২ যানবাহন।

সওয়াল /সওআল্/ [আ.] বি. ১ প্রশ্ন। ২ জেরা।

সওয়ালজবাব /সওআলজবাব/ [আ.] বি. ১ প্রশ্নোত্তর। ২ মামলা-মোকদ্দমায় উকিলের বাদ-প্রতিবাদ।

সং /শং/ [বা.] বি. অদ্ভুত সাজপোশাকধারী কৌতুক অভিনেতা, ভাঁড়।

সংকট /শংকট্/ [স. সম্+√কট্+অ] বি. ১ ঘোর বিপদ। ২ সমস্যা, জটিলতা। ৩ অতি সংকীর্ণ পথ; দুই পর্বতের মধ্যবর্তী সংকীর্ণ পথ (*গিরিসংকট*)। বিণ. ১ সংকীর্ণ। ২ বিপজ্জনক। ৩ অভেদ্য।

সংকটকাল /শংকট্‌কাল্/ [স. সংকট+কাল] বি. ঘোর বিপদের সময়।

সংকটজনক /শংকট্‌জনোক্/ [স. সংকট+জনক] বিণ. বিপজ্জনক।

সংকটমোচন /শংকট্‌মোচন্/ [স. সংকট+মোচন] বি. জটিল সমস্যার সমাধান; বিপদ থেকে উদ্ধার।

সংকটাপন্ন /শংকটাপন্নো/ [স. সংকট+আপন্ন] বিণ. বিপদে পড়েছে এমন, বিপন্ন, বিপদগ্রস্ত।

সংকর /শংকর্/ [স. সম্+√কৃ+অ] বি. ১ ভিন্ন গুণ-বিশিষ্ট একাধিক পদার্থের একত্র-অবস্থান; মিশ্রণ। ২ পরস্পরনির্ভর একাধিক কাব্যালংকারের একত্র-অবস্থান। বিণ. ১ ভিন্ন প্রজাতির স্ত্রী-পুরুষের মিলনজাত (*বর্ণসংকর*)। ২ (জীববিজ্ঞান) দুটি ভিন্ন প্রজাতির উদ্ভিদের কলম থেকে উদ্ভূত, hybrid।

সংকর্ষণ /শংকর্‌শোন্/ [স. সম্+√কৃষ্+অন] বি. ১ প্রবল আকর্ষণ। ২ কৃষিকাজ। ৩ শ্রীকৃষ্ণের ভ্রাতা বলরাম।

সংকলক /শংকলক্/ [স. সম্+√কল্+অক] বি. বিণ. দ্র সংকলয়িতা।

সংকলন /শংকলোন্/ [স. সম্+√কল্+অন] বি. ১ সংগ্রহ (*প্রবন্ধ সংকলন*)। ২ সংযোগ।

সংকলয়িতা /শংকলোয়িতা/ [স. সম্+√কল্+ণিচ্+তৃ] বি. বিণ. সংগ্রহকারী, সংকলনকারী। স্ত্রী. **সংকলয়িত্রী** /শংকলোয়িত্‌ত্রি/।

সংকলিত /শংকোলিতো/ [স. সম্+√কল্+ত] বিণ. সংকলন করা হয়েছে এমন।

সংকল্প /শংকল্‌পো/ [স. সম্+√কল্প্+অ] বি. ১ প্রতিজ্ঞা, শপথ। ২ অভিপ্রায়, মনোবাসনা। ৩ সভায় গৃহীত প্রস্তাব, resolution।

সংকল্পবিকল্প /শংকল্‌পোবিকল্‌পো/ [স. সংকল্প+বি+√কল্প্+অ] বি. ১ অভিলাষ ও সংশয়। ২ নিশ্চয় ও সন্দেহ, দ্বিধা।

সংকল্পারূঢ় /শংকল্‌পারুঢ়ো/ [স. সংকল্প+আরূঢ়] বিণ. দৃঢ়প্রতিজ্ঞ।

www.pathagar.com

সংকল্পিত /শংকোল্‌পিতো/ [স. সম্+√কল্প+ত] বিণ. ১ স্থিরীকৃত। ২ বাঞ্ছিত।

সংকাশ /শংকাশ্/ [স. সম্+√কাশ্+অ] বিণ. (সমাসের পরপদে) ১ সদৃশ; তুল্য (*অনলসংকাশ*)। ২ সমীপস্থ, নিকটস্থ।

সংকীর্ণ /শংকির্‌নো/ [স. সম্+√কৃ+ত] বিণ. ১ অপ্রশস্ত (*সংকীর্ণ গিরিপথ*)। ২ অনুদার (*সংকীর্ণ হৃদয়*)। ৩ জনবহুল (*জনসংকীর্ণ স্থান*)। ৪ মদমত্ত। বি. ~তা /–তা/।

সংকীর্ণচিত্ত /শংকির্‌নোচিত্‌তো/ [স. সংকীর্ণ+√চিৎ+ত] বিণ. অনুদার; নীচমনা।

সংকীর্ণচেতা /শংকির্‌নোচেতা/ [স. সংকীর্ণ+চেতস্] বিণ. দ্র সংকীর্ণচিত্ত।

সংকীর্ণতা /শংকির্‌নোতা/ [স. সংকীর্ণ+তা] বি. ১ অপ্রশস্ততা। ২ অনুদারতা।

সংকীর্ণমনা /শংকির্‌নোমোনা/ [স. সংকীর্ণ+মনস্] বিণ. দ্র সংকীর্ণচিত্ত।

সংকীর্ণাত্মা /শংকির্‌নাত্‌তা/ [স. সংকীর্ণ+আত্মন্] বিণ. দ্র সংকীর্ণচিত্ত।

সংকীর্তন /শংকির্‌তন্/ [স. সম্+√কৃত্+অন] বি. ১ মহিমা বর্ণন, গুণকীর্তন। ২ ঈশ্বরের মহিমা বর্ণনাত্মক গান। ৩ কৃষ্ণলীলা-সম্পর্কিত গান।

সংকুচিত /শংকুচিতো/ [স. সম্+√কুচ্+ত] বিণ. ১ কমে গেছে বা কমানো হয়েছে এমন, হ্রস্বীকৃত। ২ কুঁচকে গেছে এমন। ৩ সংকীর্ণ, অপ্রশস্ত। ৪ নিমীলিত। ৫ (বাংলায়) কুণ্ঠিত; লজ্জিত।

–সংকুল /শংকুল্/ [স. সম্+√কুল্+অ] বিণ. ১ সমাকীর্ণ (*স্থাপদসংকুল*)। ২ মিশ্রিত। ৩ সংকীর্ণ।

সংকুলান /শংকুলান্/ [স. সম্+√কুল্+অন] বি. ১ সম্পূর্ণ কুলিয়ে যায় এমন অবস্থা। ২ পর্যাপ্ত বা প্রয়োজনানুরূপ হওয়ার অবস্থা।

সংকেত /শংকেত্/ [স. সম্+√কিৎ+অ] বি. ১ ইঙ্গিত, ইশারা। ২ অভিপ্রায়। ৩ সূত্র, সন্ধান। ৪ চিহ্ন, লক্ষণ। ৫ শব্দের অভিধা।

সংকোচ /শংকোচ্/ [স. সম্+√কুচ্+অ] বি. ১ হ্রাসকরণ। ২ কুণ্ঠা, দ্বিধা। ৩ জড়সড়ো ভাব।

সংকোচন /শংকোচোন্/ [স. সম্+√কুচ্+অন] বি. ১ হ্রাসকরণ, সংক্ষেপকরণ। ২ কুঞ্চিতকরণ।

সংকোচনীয় /শংকোচোনিয়ো/ [স. সম্+√কুচ্+অনীয়] বিণ. সংকোচের উপযুক্ত।

সংকোচবোধ /শংকোচ্‌বোধ্/ [স. সংকোচ+বোধ] বি. কুণ্ঠাবোধ।

সংকোচশূন্য /শংকোচ্‌শুন্‌নো/ [স. সংকোচ+√শূন্+য] বিণ. দ্র সংকোচহীন।

সংকোচহীন /শংকোচ্‌হিন্/ [স. সংকোচ+√হা+ত] বিণ. কুণ্ঠাহীন, লজ্জাশূন্য।

সংকোচ্য /শংকোচ্‌চো/ [স. সম্+√কুচ্+য] বিণ. সংকোচের উপযুক্ত।

সংক্রম /শংক্রোম্/ [স. সম্+√ক্রম্+অ] বি. দ্র সংক্রমণ।

সংক্রমণ /শংক্রোমোন্/ [স. সম্+√ক্রম্+অন] বি. ১ সঞ্চরণ। ২ সূর্যের এক রাশি থেকে অন্য রাশিতে গমন, সংক্রান্তি। ৩ দেহে রোগজীবাণুর সংক্রমণ, infection। ৪ সিঁড়ি। ৫ সাঁকো। ৬ উপায়।

সংক্রমিত /শংক্রোমিতো/ [স. সম্+√ক্রম্+ত] বিণ. ১ এক দেহ থেকে অন্য দেহে সঞ্চারিত। ২ প্রবিষ্ট। ৩ প্রতিফলিত।

–সংক্রান্ত /শংক্রান্‌তো/ [স. সম্+√ক্রম্+ত] বিণ. ১ সম্পর্কিত, বিষয়ক, সম্বন্ধীয়। ২ সংক্রামিত; প্রবিষ্ট। ৩ সম্পৃক্ত। ৪ ব্যাপ্ত।

সংক্রান্তি /শংক্রান্‌তি/ [স. সম্+√ক্রম্+তি] বি. ১ সূর্যের এক রাশি থেকে অন্য রাশিতে সংক্রমণ। ২ বাংলা মাসের শেষ দিন (*পৌষসংক্রান্তি*)। ৩ সঞ্চার, গমন। ৪ ব্যাপ্তি।

সংক্রাম /শংক্রাম্/ [স. সম্+√ক্রম্+অ] বি. দ্র সংক্রমণ।

সংক্রামক /শংক্রামক্/ [স. সম্+√ক্রম্+অক] বিণ. ছোঁয়াছুঁয়ির ফলে সঞ্চারিত হতে পারে এমন, ছোঁয়াচে (*সংক্রামক রোগ*)।

সংক্রামকতা /শংক্রামোকতা/ [স. সংক্রামক+তা] বি. বিস্তার লাভ।

সংক্রামিত /শংক্রামিতো/ [স. সম্+√ক্রাম্+ত] বিণ. ১ এক দেহ থেকে অন্য দেহে সঞ্চারিত। ২ গমিত। ৩ প্রবিষ্ট।

সংক্রামী /শংক্রামি/ [স. সম্+√ক্রম্+ইন্] বিণ. দ্র সংক্রামক।

সংক্রুদ্ধ /শংক্রুদ্‌ধো/ [স. সম্+√ক্রুদ্ধ+ত] বিণ. বিশেষভাবে ক্রুদ্ধ।

সংক্ষিপ্ত /শংখিপ্‌তো/ [স. সম্+√ক্ষিপ্+ত] বিণ. সংক্ষেপ করা হয়েছে এমন, হ্রাস করা হয়েছে এমন।

সংক্ষুব্ধ /শংখুব্‌ধো/ [স. সম্+√ক্ষুভ্+ত] বিণ. ১ অতিশয় ক্ষুব্ধ। ২ আলোড়িত, আন্দোলিত। ৩ আকুল। ৪ সঞ্চালিত।

সংক্ষেপ /শংখেপ্/ [স. সম্+√ক্ষিপ্+অ] বি. ১ বাহুল্যবর্জিত রূপ। ২ সংকোচন। ৩ সংক্ষিপ্ত বর্ণনা।

www.pathagar.com

সংক্ষেপণ /শংখেপন্/ [স. সম্+√ক্ষিপ্+অন] বি. ১ সংক্ষেপকরণ। ২ সংকোচন।

সংক্ষেপত /শংখেপতো/ [স. সংক্ষেপ+তস্] ক্রিবিণ. ১ সংক্ষেপে, অল্প কথায়। ২ সংকুচিতভাবে।

সংক্ষেপিত /শংখেপিতো/ [স. সম্+√ক্ষিপ্+ণিচ্+ত] বিণ. সংক্ষিপ্ত বা ছোটো করা হয়েছে এমন।

সংক্ষোভ /শংখোভ্/ [স. সম্+√ক্ষুভ্+অ] বি. ১ উত্তেজনা। ২ প্রবল ক্ষোভ। ৩ ব্যাকুলতা।

–সংখ্যক /শোংখক্/ [স. সংখ্যা+ক] বিণ. (সমাসের পরপদে) সংখ্যার ক্রমনির্দেশক।

সংখ্যা /শোংখা/ [স. সম্+√খ্যা+অ+আ (টাপ্)] বি. ১ গণনা, হিসাব। ২ অঙ্ক (১ ২ প্রভৃতি)। ৩ রাশি (*পূর্ণ সংখ্যা*)।

সংখ্যাগরিষ্ঠ /শোংখাগোরিশ্ঠো/ [স. সংখ্যা+গরিষ্ঠ] বিণ. সংখ্যায় বেশি বা অধিক এমন (*সংখ্যাগরিষ্ঠ সম্প্রদায়*), majority।

সংখ্যাগুরু /শোংখাগুরু/ [স. সংখ্যা+√গু+উ] বিণ. দ্র সংখ্যাগরিষ্ঠ।

সংখ্যাত /শোংখাতো/ [স. সংখ্যা+ত] বিণ. গণনা করা হয়েছে এমন; বিচারিত।

সংখ্যাতীত /শোংখাতিতো/ [স. সংখ্যা+অতীত] বিণ. গণনার অতীত, অসংখ্য, অগণিত।

সংখ্যান /শোংখান্/ [স. সম্+√খ্যা+অন] বি. সংখ্যা নির্ধারণ।

সংখ্যাপন /শোংখাপন্/ [স. সম্+√খ্যাপি+অন] বি. ১ নিরূপণ, নির্ধারণ। ২ সম্যক প্রচার।

সংখ্যাপিত /শোংখাপিতো/ [স. সম্+√খ্যাপি+ত] বিণ. নিরূপিত, নির্ধারিত।

সংখ্যালঘিষ্ঠ /শোংখালোঘিশ্ঠো/ [স. সংখ্যা+লঘিষ্ঠ] বিণ. সংখ্যায় সর্বাপেক্ষা ছোটো এমন।

সংখ্যালঘু /শোংখালোঘু/ [স. সংখ্যা+লঘু] বিণ. সংখ্যায় অপেক্ষাকৃত কম এমন, minority।

সংখ্যাল্প /শোংখাল্পো/ [স. সংখ্যা+অল্প] বিণ. দ্র সংখ্যালঘু।

সংখ্যেয় /শংখেয়ো/ [স. সম্+√খ্যা+য] বিণ. গণনা করতে হবে এমন, গণনীয়।

সংগঠক /শংগঠোক্/ [স. সংঘটক >] বি. বিণ. ১ গঠনকারী। ২ সংঘ প্রতিষ্ঠান প্রভৃতি গঠনকারী, organizer।

সংগঠন /শংগঠোন্/ [স. সংঘটন >] বি. ১ সম্যক গঠন। ২ বিভিন্ন অঙ্গের মধ্যে সমন্বয়সাধন। ৩ সুচারুরূপে গঠিত প্রতিষ্ঠান বা সংঘ।

সংগঠিত /শংগোঠিতো/ [স. সংঘটিত >] বিণ. সুচারুরূপে গঠন করা হয়েছে এমন; নির্মিত।

সংগত[১] /শংগতো/ [স. সম্+√গম্+ত] বিণ. ১ যুক্তিযুক্ত (*সংগত আচরণ*)। ২ অনুযায়ী (*আইনসংগত*)।

সংগত[২] /শংগত্/ [স. সংগতি >] বি. গানের সঙ্গে বাদ্যযন্ত্রের অনুষঙ্গ।

সংগতি /শংগোতি/ [স. সম্+√গম্+তি] বি. ১ মিলন; সমাগম; একরূপতা। ২ সংস্থান; ব্যবস্থা। ৩ যুক্তিযুক্ততা। ৪ (বাংলায়) আর্থিক সচ্ছলতা।

সংগতিপন্ন /শংগোতিপন্নো/ [স. সংগতি+আ+√পদ্+ত] বিণ. দ্র সংগতিসম্পন্ন।

সংগতিবিধান /শংগোতিবিধান্/ [স. সংগতি+বি+√ধা+অন] বি. সামঞ্জস্যবিধান, সমতাবিধান।

সংগতিশূন্য /শংগোতিশুন্নো/ [স. সংগতি+√শূন্+য] বিণ. দ্র সংগতিহীন।

সংগতিসম্পন্ন /শংগোতিশম্পন্নো/ [স. সংগতি+সম্+√পদ্+ত] বিণ. আর্থিকভাবে সচ্ছল এমন, বিত্তবান।

সংগতিহীন /শংগোতিহিন্/ [স. সংগতি+√হা+ত] বিণ. আর্থিকভাবে অসচ্ছল, বিত্তহীন।

সংগম /শংগম্/ [স. সম্+√গম্+অ] বি. ১ মিলনস্থান (*গঙ্গা–যমুনার সংগমস্থল*)। ২ নারীপুরুষের মিলন, সহবাস, সম্ভোগ।

সংগীত /শোংগিত্/ [স. সম্+√গৈ+ত] বি. ১ গান (*রবীন্দ্রসংগীত*)। ২ গীত ও বাদ্য। ৩ সুর ছন্দ ও লয়ের সমন্বয়ে উচ্চারিত বাক্য, গীত ও বাদ্য।

সংগীতকার /শোংগিত্কার্/ [স. সংগীত+√কৃ+অ] বি. ১ গায়ক। ২ সংগীত রচয়িতা।

সংগীতচর্চা /শোংগিত্চর্চা/ [স. সংগীত+√চর্চ্+অ+আ (টাপ্)] বি. সংগীতের অনুশীলন।

সংগীতজ্ঞ /শোংগিতোগ্গোঁ/ [স. সংগীত+√জ্ঞা+অ] বিণ. বি. সংগীতশাস্ত্রে পণ্ডিত।

সংগীতপিপাসু /শোংগিত্পিপাশু/ [স. সংগীত+পিপাসু] বিণ. গানবাজনা শুনতে চায় এমন।

সংগীতবেত্তা /শোংগিত্বেত্তা/ [স. সংগীত+√বিদ্+ত্] বিণ. সংগীতবিষয়ে পান্ডিত্য আছে এমন।

সংগীতমুখর /শোংগিত্মুখর্/ [স. সংগীত+মুখর] বিণ. গীতবাদ্যে মুখরিত।

সংগীতরসিক /শোংগিত্রোশিক্/ [স. সংগীত+রসিক] বি. সংগীতের বোধসম্পন্ন ব্যক্তি।

সংগীতশাস্ত্রী /শোংগিত্শাস্ত্রি/ [স. সংগীত+শাস্ত্র+

www.pathagar.com

ইন্] বি. সংগীতশাস্ত্রে পণ্ডিত ব্যক্তি।

সংগীতালেখ্য /শোংগিতালেক্‌খ্যো/ [স. সংগীত+আলেখ্য] বি. গীতবাদ্যের সাহায্যে কোনো আখ্যান বা কাহিনি পরিবেশন।

সংগুপ্ত /শংগুপ্‌তো/ [স. সম্+√গুপ্+ত] বিণ. ১ বিশেষভাবে গোপনীয়। ২ সুরক্ষিত।

সংগৃহীত /শংগৃহিতো/ [স.সম্+√গ্রহ্+ত] বিণ. সংগ্রহ করা হয়েছে এমন।

সংগোপন /শংগোপোন্/ [স. সম্+√গুপ্+অন] বি. সম্পূর্ণ গোপন।

সংগোপিত /শংগোপিতো/ [স. সম্+√গুপ্+ত] বিণ. লুক্কায়িত।

সংগ্রহ /শংগ্রোহো/ [স. সম্+√গ্রহ্+অ] বি. ১ আহরণ; চয়ন। ২ সংকলন (*কবিতাসংগ্রহ*)। ৩ জোগাড় (*অর্থসংগ্রহ*)।

সংগ্রহকার /শংগ্রোহোকার/ [স. সংগ্রহ+√কৃ+অ] বিণ. সংগ্রহকারী, সংগ্রাহক।

সংগ্রহশালা /শংগ্রোহোশালা/ [স. সংগ্রহ+√শল্+অ+আ (টাপ্)] বি. যে গৃহে শিল্পদ্রব্য বা শিল্পকর্ম সংগ্রহ সংরক্ষণ ও প্রদর্শন করা হয়, জাদুঘর।

সংগ্রহীতা /শংগ্রোহিতা/ [স. সম্+√গ্রহ্+তৃ] বিণ. সংগ্রহকারী। স্ত্রী. সংগ্রহীত্রী /শংগ্রোহিত্রি/।

সংগ্রাম /শংগ্রাম্/ [স. √সংগ্রাম্+অ] বি. ১ যুদ্ধ, লড়াই (*বাংলাদেশের মুক্তিসংগ্রাম*)। ২ প্রচেষ্টা (*টিকে থাকার সংগ্রাম*)।

সংগ্রামশীল /শংগ্রামশিল্/ [স. সংগ্রাম+√শীল্+অ] বিণ. যুদ্ধ করছে এমন, সংগ্রামরত।

সংগ্রামী /শংগ্রামি/ [স. সংগ্রাম+ঈ] বিণ. সংগ্রাম করছে এমন, সংগ্রামকারী।

সংগ্রাহ /শংগ্রাহো/ [স. সম্+√গ্রহ্+অ] বি. ১ সঞ্চয়; সংগ্রহ। ২ মুষ্টি; মুষ্টিবন্ধন।

সংগ্রাহক /শংগ্রাহোক্/ [স. সম্+√গ্রহ্+অক] বিণ. বি. সংগ্রহকর্তা। স্ত্রী. সংগ্রাহিকা /শংগ্রাহিকা/।

সংঘ /শংঘো/ [স. সম্+√হন্+অ] বি. ১ দল; সমূহ। ২ সমিতি (*ছাত্রসংঘ*)। ৩ বৌদ্ধ ভিক্ষুসমাজ।

সংঘটক /শংঘটোক্/ [স. সম্+√ঘট্+অক] বিণ. সংঘটনকারী। বি. যে ব্যক্তি বা যা ঘটনা ঘটায়।

সংঘটন /শংঘটোন্/ [স. সম্+√ঘট্+অন] বি. ১ যোজন। ২ ঘটানোর কাজ। ৩ ঘটনা।

সংঘটিত /শংঘোটিতো/ [স. সম্+√ঘট্+ত] বিণ. ১ ঘটেছে বা ঘটানো হয়েছে এমন। ২ অনুষ্ঠিত।

সংঘট্ট /শংঘট্টো/ [স. সম্+√ঘট্ট্+অ] বি. ১ পরস্পর মিলন। ২ সংঘর্ষ।

সংঘবদ্ধ /শংঘোবদ্‌ধো/ [স. সংঘ+√বধ্+ত] বিণ. জোটবদ্ধ, দলবদ্ধ।

সংঘর্ষ /শংঘর্‌শো/ [স. সম্+√ঘৃষ্+অ] বি. ১ পরস্পর আঘাত বা ধাক্কা। ২ সংঘাত, যুদ্ধ।

সংঘর্ষণ /শংঘর্‌শোন্/ [স. সম্+√ঘৃষ্+অন] বি. দ্র সংঘর্ষ।

সংঘাত /শংঘাত্/ [স. সম্+√হন্+অ] বি. ১ পরস্পর আঘাত। ২ (পদার্থ.) কোনো গতিশীল বস্তুর সঙ্গে অন্যবস্তুর সংঘর্ষ। ৩ বিবাদ। ৪ সমূহ, সমষ্টি।

সংঘারাম /শংঘারাম্/ [স. সংঘ+আরাম] বি. বৌদ্ধ মঠ।

সংঘৃষ্ট /শংঘৃশ্‌টো/ [স. সম্+√ঘৃষ্+ত] বিণ. ১ পরস্পর ঘর্ষিত। ২ পরস্পর সংঘর্ষে লিপ্ত।

সংচিত্রিত /শংচিত্‌রিতো/ [স. সম্+√চিত্র্+ত] বিণ. সম্যকরূপে চিত্রিত।

সংচূর্ণিত /শংচুর্‌নিতো/ [স. সম্+√চূর্ণ্+ত] বিণ. সম্পূর্ণভাবে চূর্ণ করা হয়েছে এমন।

–সংজ্ঞক /শংগ্যোক্/ [স. সংজ্ঞা+কপ্] বিণ. (সমাসের পরপদে) নামক, আখ্যাযুক্ত।

সংজ্ঞা /শংগ্যা/ [স. সম্+√জ্ঞা+অ+আ (টাপ্)] বি. ১ চেতনা, অনুভূতি। ২ আখ্যা। ৩ জ্ঞান; বুদ্ধি। ৪ বিশেষ্যপদ। ৫ বিশ্বকর্মার কন্যা, সূর্যপত্নী।

সংজ্ঞান /শংগ্যান্/ [স. সম্+√জ্ঞা+অন] বি. চেতনা; স্পষ্ট জ্ঞান।

সংজ্ঞানাশক /শংগ্যানাশক্/ [স. সংজ্ঞা+নাশক] বিণ. চেতনা লোপকারী।

সংজ্ঞাপন /শংগ্যাপোন্/ [স. সম্+√জ্ঞাপি+অন] বি. বিজ্ঞাপন।

সংজ্ঞাবান /শংগ্যাবান্/ [স. সংজ্ঞা+বৎ] বিণ. সংজ্ঞাযুক্ত, সচেতন।

সংজ্ঞাবিঘাতক /শংগ্যাবিঘাতক্/ [স. সংজ্ঞা+বি+√হন্+অক] বিণ. চেতনানাশক।

সংজ্ঞাবিঘাতী /শংগ্যাবিঘাতি/ [স. সংজ্ঞা+বি+√হন্+ইন্] বিণ. দ্র সংজ্ঞাবিঘাতক।

সংজ্ঞার্থ /শংগ্যার্‌থো/ [স. সংজ্ঞা+অর্থ] বি. কোনো শব্দের যথাযথ অর্থ প্রকাশকারী ব্যাখ্যা; (পরি.) definition।

সংজ্ঞাহারা /শংগ্যাহারা/ [স. সংজ্ঞা+বা. হারা] বিণ. চেতনাহীন; নিস্তব্ধ।

সংজ্ঞাহীন /শংগ্যাহিন্/ [স. সংজ্ঞা+√হা+ত] বিণ. চেতনা নেই এমন, অচেতন।

সংজ্ঞিত /শোংগিতো/ [স. সংজ্ঞা+ইত] বিণ. ১ সংজ্ঞা

www.pathagar.com

দেওয়া হয়েছে এমন, আখ্যাত। ২ কথিত।

সংজ্ঞু /শোংগুঁ/ [স. সম্+√জন্+উ] বি. মিলিত জানুদ্বয়।

সংজ্বর /শংজর্/ [স. সম্+√জ্বরি+অ] বি. ১ প্রবল জ্বর। ২ মানসিক যন্ত্রণা।

সংনমন /শংনমোন্/ [স. সম্+নমন] বি. চাপ প্রয়োগ করে সংকোচন; (পরি.) compression।

সংনমিত /শংনোমিতো/ [স. সম্+√নম্+ণিচ্+ত] বিণ. চেপে সঙ্কুচিত করা হয়েছে এমন; (পরি.) compressed।

সংন্যস্ত /শংনস্তো/ [স. সম্+নি+√অস্+ত] বিণ. সমর্পণ বা নিবেদন করা হয়েছে এমন।

সংপাতবিন্দু /শংপাতবিন্দু/ [স. সংপাত+√বিন্দ্+উ] বি. (জ্যা.) সংযোগবিন্দু।

সংপৃক্ত /শংপ্রিক্তো/ [স. সম্+√পৃচ্+ত] বি. ১ সম্বন্ধযুক্ত। ২ সংযুক্ত। ৩ সংমিশ্রিত।

সংবৎ /শংবত্/ [স. সম্+√বয়্+ক্বিপ্] বি. ১ রাজা বিক্রমাদিত্য প্রবর্তিত অব্দ, বিক্রমাব্দ। ২ বর্ষ।

সংবৎসর /শংবত্শর্/ [স. সম্+বৎসর] বি. পূর্ণ এক বৎসরকাল। ক্রিবিণ. সারা বছর ধরে।

সংবরণ /শংবরোন্/ [স. সম্+√বৃ+অন] বি. ১ নিবারণ; দমন (*ক্রোধ সংবরণ*)। ২ সংযতকরণ (*লোভ সংবরণ*)। ৩ সংগোপন। ৪ আবরণ।

সংবরা /শংবরা/ [স. সংবর >] ক্রিবি. (কাব্যে) দমন করা, নিবারণ করা। বি. ব্যঞ্জনের স্বাদবৃদ্ধির জন্য গরম তেল বা ঘিয়ে ভাজা শুকনো লংকা জিরা তেজপাতা প্রভৃতি মসলার মিশ্রণ, ফোড়ন, বাগার; সাঁতলানোর মসলা।

সংবর্ত /শংবরতো/ [স. সম্+√বৃৎ+অ] বি. ১ মহা-প্রলয়। ২ জলবর্ষী মেঘ।

সংবর্তক /শংবর্তোক্/ [স. সম্+√বর্তি+অক] বি. ১ প্রলয়কালীন মেঘ। ২ প্রবল বর্ষণ।

সংবর্তন /শংবর্তোন্/ [স. সম্+√বৃৎ+অন] বি. দ্র সংবর্তক।

সংবর্তি /শংবোর্তি/ [স. সম্+√বৃত্+ই] বি. প্রদীপের সলতে; প্রদীপের শিষ বা শিখা।

সংবর্তিকা /শংবোর্তিকা/ [স. সংবর্তি+কন্+আ (টাপ্)] বি. দ্র সংবর্তি।

সংবর্ধক /শংবর্ধোক্/ [স. সম্+√বর্ধি+অক] বিণ. ১ সম্মান সহকারে অভ্যর্থনাকারী। ২ বৃদ্ধিকারক।

সংবর্ধন /শংবর্ধোন্/ [স. সম্+√বর্ধি+অন] বি. ১ সার্বিক বর্ধন। ২ সম্মান সহকারে অভ্যর্থনা।

সংবর্ধনা /শংবর্ধোনা/ [স. সংবর্ধন+আ (টাপ্)] বি. সম্মাননা।

সংবর্ধিত /শংবোর্ধিতো/ [স. সম্+√বর্ধি+ত] বিণ. সংবর্ধনা করা হয়েছে এমন, সসম্মানে অভ্যর্থিত।

–সংবলিত /শংবোলিতো/ [স. সম্+√বল্+ত] বিণ. (সমাসের পরপদে) ১ সংযোজিত। ২ সমন্বিত।

সংবসত /শংবশোত্/ [স. সম্+বা. বসত] বি. জনপদ।

সংবহ /শংবহো/ [স. সম্+√বহ্+অ] বি. ১ যে বহন করে। ২ শরীরস্থ পঞ্চ বায়ুর অন্যতম। ৩ মেঘ বহনকারী বায়ু।

সংবহন /শংবহোন্/ [স. সম্+√বহ্+অন] বি. ১ বহন। ২ এক স্থান থেকে প্রবাহিত হয়ে আবার সেই স্থানে আগমন, সঞ্চালন (*রক্ত সংবহন*)।

সংবাদ /শংবাদ্/ [স. সম্+√বদ্+অ] বি. ১ খবর, সমাচার, বার্তা। ২ পরস্পর কথোপকথন (*সখী-সংবাদ*)। ৩ বৃত্তান্ত।

সংবাদদাতা /শংবাদ্দাতা/ [স. সংবাদ+√দা+তৃ] বি. ১ যে খবর দেয়। ২ সংবাদ মাধ্যমের খবর সংগ্রাহক, প্রতিবেদক।

সংবাদপত্র /শংবাদ্পত্রো/ [স. সংবাদ+√পত্+ত্র] বি. যে কাগজে বিভিন্ন খবর প্রকাশিত হয়, খবরের কাগজ।

সংবাদবিজ্ঞপ্তি /শংবাদ্বিগ্গোঁপ্তি/ [স. সংবাদ+বি+√জ্ঞাপি+তি] বি. কোনো বিষয় সম্পর্কে সংবাদ-মাধ্যমে প্রচারের উদ্দেশ্যে প্রদত্ত সংক্ষিপ্ত বিবৃতি, তথ্যবিবরণী।

সংবাদী /শংবাদি/ [স. সম্+√বদ্+ইন] বিণ. ১ কথোপ-কথনে রত, সম্ভাষী। ২ অনুরূপ, তুল্য। বি. সংগীতে রাগরাগিণীর প্রধান সুরের সহায়ক সুর।

সংবাহ /শংবাহো/ [স. সম্+√বহ্+অ] বি. দ্র সংবাহন।

সংবাহক /শংবাহক্/ [স. সম্+√বাহি+অক] বিণ. ১ কোনো কিছু বহনকারী। ২ অঙ্গমর্দনকারী। স্ত্রী. **সংবাহিকা** /শংবাহিকা/।

সংবাহন /শংবাহোন্/ [স. সম্+√বাহি+অন] বি. ১ কোনো কিছু বহন। ২ অঙ্গমর্দন, massage।

সংবাহিত /শংবাহিতো/ [স. সম্+√বাহি+ত] বিণ. ১ যথাযথভাবে বহন করা হয়েছে এমন। ২ অঙ্গমর্দন করা হয়েছে এমন।

সংবিগ্ন /শংবিগ্নো/ [স. সম্+√বিজ্+ত] বিণ. ১ উদ্‌বিগ্ন। ২ উদ্‌বেলিত।

সংবিৎ /শংবিত্/ [স. সম্+√বিদ্+ক্বিপ্] বি. ১ চেতনা, জ্ঞান। ২ বোধ, উপলব্ধি। ৩ প্রতিজ্ঞা।

www.pathagar.com

সংবিৎশক্তি /শংবিত্‌শোক্‌তি/ [স. সংবিৎ+√শক্‌+তি] বি. চেতনাশক্তি; বোধশক্তি।

সংবিত্তি /শংবিত্‌তি/ [স. সম্‌+√বিদ্‌+তি] বি. ১ অনুভূতি। ২ জ্ঞান, চেতনা।

সংবিদা /শংবিদা/ [স. সংবিদ্‌+আ (টাপ্‌)] বি. কোনো কাজ করার উদ্দেশ্যে সম্পাদিত চুক্তি, agreement।

সংবিদিত /শংবিদিতো/ [স. সম্‌+√বিদ্‌+ত] বিণ. ১ জ্ঞাত, অবগত। ২ জ্ঞাপিত। ৩ চেতনাযুক্ত।

সংবিধান /শংবিধান্‌/ [স. সম্‌+বি+√ধা+অন] বি. ১ রাষ্ট্র শাসনের পদ্ধতি, রাষ্ট্রের গঠন বা পরিচালনা সংক্রান্ত মূলনীতি, রাষ্ট্রের গঠনতন্ত্র, শাসনতন্ত্র, constitution। ২ ব্যবস্থাপনা, আয়োজন। ৩ সংঘটন। ৪ রচনা। ৫ উপচার।

সংবিধি /শংবিধি/ [স. সম্‌+বি+√ধা+ই] বি. সংসদ-অনুমোদিত বিধিবদ্ধ আইন, statute।

সংবিধিবদ্ধ /শংবিধিবদ্‌ধো/ [স. সংবিধি+√বধ্‌+ত] বিণ. আইনবলে নিয়মবদ্ধ, statutory (*সংবিধিবদ্ধ সতর্কীকরণ*)।

সংবিভক্ত /শংবিভক্‌তো/ [স. সম্‌+বি+√ভজ্‌+ত] বিণ. সম্যকরূপে বিভক্ত; পৃথক্‌কৃত।

সংবিভাগ /শংবিভাগ্‌/ [স. সম্‌+বি+√ভজ্‌+অ] বি. ভাগকরণ।

সংবিষ্ট /শংবিশ্‌টো/ [স. সম্‌+√বিশ্‌+ত] বিণ. ১ নিদ্রিত; শায়িত। ২ নিবিষ্ট। ৩ সম্মোহিত।

সংবীক্ষণ /শংবিক্‌খন্‌/ [স. সম্‌+বি+√ঈক্ষ্‌+অন] বি. সম্যক দর্শন, পর্যবেক্ষণ।

সংবীত /শংবিতো/ [স. সম্‌+√ব্যে+ত] বিণ. ১ বেষ্টিত, বলয়িত। ২ বিগত।

সংবৃত /শংবৃতো/ [স. সম্‌+√বৃ+ত] বিণ. ১ আবৃত, আচ্ছাদিত। ২ গুপ্ত, অপ্রকাশিত। ৩ সংকুচিত।

সংবৃতি /শংবৃতি/ [স. সম্‌+√বৃ+তি] বি. ১ সংবৃত অবস্থা। ২ সংবরণ। ৩ আচ্ছাদন। ৪ গোপনতা।

সংবৃত্ত /শংবৃত্‌তো/ [স. সম্‌+√বৃৎ+ত] বিণ. ১ নিষ্পন্ন, সম্পাদিত। ২ উৎপন্ন, জাত।

সংবৃত্তি /শংবৃত্‌তি/ [স. সম্‌+√বৃৎ+তি] বি. ১ সম্পাদন; সংঘটন। ২ উৎপাদন; জন্ম।

সংবেগ /শংবেগ্‌/ [স. সম্‌+√বিজ্‌+অ] বি. ১ উদ্‌বেগ; ত্রস্তভাব। ২ ভয়জনিত ত্বরা। ৩ আবেগ।

সংবেদ /শংবেদ্‌/ [স. সম্‌+√বিদ্‌+অ] বি. ১ জ্ঞান; অভিজ্ঞতা। ২ অনুভূতি, sensation।

সংবেদন /শংবেদোন্‌/ [স. সম্‌+√বিদ্‌+অন] বি. দ্র সংবেদ।

সংবেদনশীল /শংবেদোন্‌শিল্‌/ [স. সংবেদন+√শীল্‌+অ] বিণ. ১ অনুভূতিপ্রবণ (*সংবেদনশীল মন*)। ২ নাজুক। ৩ সহানুভূতিশীল। বি. সংবেদনশীলতা /শংবেদোন্‌শিলোতা/।

সংবেদনা /শংবেদোনা/ [স. সংবেদন+আ (টাপ্‌)] বি. দ্র সংবেদ।

সংবেদিত /শংবেদিতো/ [স. সম্‌+√বিদ্‌+ত] বিণ. ১ অনুভব করা হয়েছে এমন। ২ আবদ্ধ।

সংবেদী /শংবেদি/ [স. সম্‌+√বিদ্‌+ইন্‌] বিণ. অনুভূতিপ্রবণ।

সংবেদ্য /শংবেদ্‌দো/ [স. সম্‌+√বিদ্‌+য] বিণ. ১ অনুভবযোগ্য। ২ জানতে হবে এমন, জ্ঞেয়।

সংবেশ /শংবেশ্‌/ [স. সম্‌+√বিশ্‌+অ] বি. ১ নিদ্রা। ২ শয়ন। ৩ উপবেশন। ৪ অচেতনতা; সম্মোহিত অবস্থা।

সংবেশক /শংবেশক্‌/ [স. সম্‌+√বিশ্‌+অক] বিণ. সম্মোহনকারী, hypnotist।

সংবেশন /শংবেশন্‌/ [স. সম্‌+√বিশ্‌+অন] বি. দ্র সংবেশ।

সংবেশিত /শংবেশিতো/ [স. সম্‌+√বিশ্‌+ত] বিণ. ১ সম্মোহিত। ২ শায়িত। ৩ উপবেশিত।

সংমিশ্রণ /শংমিস্‌স্রোন্‌/ [স. সম্‌+মিশ্রণ] বি. বিভিন্ন উপাদানের মিশ্রণ।

সংযত /শংজতো/ [স. সম্‌+√যম্‌+ত] বিণ. ১ নিয়ন্ত্রিত; বশীভূত। ২ প্রশমিত। ৩ পরিমিত (*সংযত আহার*)। ৪ শান্ত; বিনীত (*সংযত আচরণ*)। ৫ বাহুল্যবর্জিত (*সংযতবাক*)।

সংযতচিত্ত /শংজতোচিত্‌তো/ [স. সংযত+√চিৎ+ত] বিণ. ১ চিত্ত বশীভূত হয়েছে এমন। ২ শান্ত বা উত্তেজনাহীন মনবিশিষ্ট।

সংযতবাক /শংজতোবাক্‌/ [স. সংযত+বাক্‌] বিণ. স্বল্পভাষী, মিতভাষী।

সংযতাত্মা /শংজতাত্‌মা/ [স. সংযত+আত্মন্‌] বিণ. ১ সংযমী, জিতেন্দ্রিয়। ২ স্থিরচিত্ত।

সংযতেন্দ্রিয় /শংজতেন্দ্রিয়ো/ [স. সংযত+ইন্দ্রিয়] বিণ. ইন্দ্রিয়কে নিয়ন্ত্রিত করেছে এমন, সংযমী।

সংযম /শংজম্‌/ [স. সম্‌+√যম্‌+অ] বি. ১ সংযতকরণ, নিয়ন্ত্রণ (*বাক্‌সংযম*)। ২ দমন, আয়ত্তে আনয়ন (*ইন্দ্রিয়সংযম*)। ৩ প্রতিহতকরণ। ৪ ব্রতাদির পূর্বদিনে পালনীয় উপবাস।

সংযমন /শংজমোন্‌/ [স. সম্‌+√যম্‌+অন] বি. ১ শাসন; নিয়ন্ত্রণ (*আত্মসংযম*)। ২ ব্রতপালন।

www.pathagar.com

সংযমী /শংজোমি/ [স. সংযম+ইন্] বিণ. ১ নিয়ম-নিষ্ঠ (*সংযমী সাধু*)। ২ সংযমপরায়ণ; জিতেন্দ্রিয়। ৩ মিতব্যয়ী। স্ত্রী. **সংযমিনী** /শংজোমিনি/।

সংযাত /শংজাতো/ [স. সম্+√যা+ত] বিণ. অনুচর; সহযাত্রিক।

সংযাত্রা /শংজাত্রা/ [স. সম+√যা+ত্র+আ (টাপ্)] বি. ১ সদলবলে যাত্রা। ২ শোভাযাত্রা। ৩ সমুদ্রযাত্রা।

সংযাত্রিক /শংজাত্রিক্/ [স. সমযাত্রা+ইক] বিণ. ১ শোভাযাত্রাকারী। ২ পশ্চাদ্‌গামী, অনুগামী।

সংযান /শংজান্/ [স. সম্+√যা+অন] বি. ১ সহগমন, সহযাত্রা। ২ শবযাত্রা। ৩ সুচ। ৪ ছাঁচ।

সংযুক্ত /শংজুক্তো/ [স. সম্+√যুজ্+ত] বিণ. ১ যুক্ত (*সংযুক্ত বর্ণ*)। ২ সংযোগবিশিষ্ট। ৩ সংক্রান্ত।

সংযুক্তা /শংজুক্তা/ [স. সংযুক্ত+আ (টাপ্)] বি. ১ সংযোগকৃতা। ২ রাজা জয়চন্দ্রের কন্যা ও পৃথ্বীরাজের পত্নী।

সংযুক্তি /শংজুক্তি/ [স. সম্+√যুজ্+তি] বি. ১ সংলগ্ন অবস্থা, সংলগ্নতা। ২ মিলন। ৩ সম্পর্ক।

সংযোগ /শংজোগ্/ [স. সম্+√যুজ্+অ] বি. ১ সম্যক যোগ, মিলন। ২ সংঘটন (*অগ্নিসংযোগ*)। ৩ সংলগ্নতা। ৪ সম্পর্ক। ৫ বিবাহ।

সংযোগসাধক /শংজোগ্‌শাধক্/ [স. সংযোগ+সাধক] বিণ. বি. সংযোগকারী; সংঘটক।

সংযোগী /শংজোগি/ [স. সংযোগ+ইন্] বিণ. ১ সংযোগকারী। ২ উদ্যোগী। ৩ সংযোগবিশিষ্ট।

সংযোজক /শংজোজক্/ [স. সম্+√যুজ্+অক] বিণ. সংযোগ ঘটায় এমন, একত্রকারী।

সংযোজন /শংজোজন্/ [স. সম্+√যুজ্+অন] বি. ১ যোগসাধন, যুক্তকরণ। ২ সংঘটন।

সংযোজনা /শংজোজোনা/ [স. সম্+√যুজ্+অন+আ (টাপ্)] বি. দ্র সংযোজন।

সংযোজিত /শংজোজিতো/ [স. সম্+√যোজি+ত] বিণ. ১ সংযোজন করা হয়েছে এমন, সংযুক্ত। ২ সম্মিলিত। স্ত্রী. **সংযোজিতা** /শংজোজিতা/।

সংরক্ষক /শংরোক্‌খক্/ [স. সম্+√রক্ষ্+অক] বি. বিণ. বিশেষভাবে রক্ষা বা পালনকারী, তত্ত্বাবধায়ক।

সংরক্ষণ /শংরোক্‌খন্/ [স. সম্+√রক্ষ+অন] বি. ১ কারো জন্য বা কোনো বিশেষ উদ্দেশ্যে পৃথকভাবে রক্ষণ, reservation (*আসন সংরক্ষণ*)। ২ ক্ষয় পচন প্রভৃতি থেকে রক্ষা, preservation। ৩ তত্ত্বাবধান, রক্ষণাবেক্ষণ।

সংরক্ষণশীল /শংরোক্‌খন্‌শিল্/ [স. সংরক্ষণ+√শীল্+অ] বিণ. নতুনত্ববিরোধী, প্রাচীনপন্থি, গোঁড়া।

সংরক্ষণীয় /শংরোক্‌খোনিয়ো/ [স. সম্+√রক্ষ্+অনীয়] বিণ. ১ সংরক্ষণযোগ্য। ২ সংরক্ষণ করতে হবে এমন (*সংরক্ষণীয় দলিলপত্র*)।

সংরক্ষিত /শংরোক্‌খিতো/ [স. সম্+√রক্ষ্+ত] বিণ. কোনো বিশেষ উদ্দেশ্যে পৃথক করে রাখা হয়েছে বা সংরক্ষণ করা হয়েছে এমন (*সংরক্ষিত আসন*)।

সংরক্ষী /শংরোক্‌খি/ [স. সম্+√রক্ষ্+ইন্] বি. বিণ. প্রহরী; রক্ষক, পালক।

সংরব্ধ /শংরব্‌ধো/ [স. সম্+√রভ্+ত] বিণ. ১ আগ্রহান্বিত, উৎসাহযুক্ত। ২ রুষ্ট, ক্রুদ্ধ।

সংরম্ভ /শংরম্‌ভো/ [স. সম্+√রভ+অ] বি. ১ বেগ। ২ উদ্‌বেগ। ৩ আরম্ভ। ৪ উৎসাহ। ৫ সম্ভ্রম।

সংরাগ /শংরাগ্/ [স. সম্+√রন্‌জ্+অ] বি. ১ প্রেম বা অনুরাগ। ২ আসক্তি। ৩ লালিমা।

সংরুদ্ধ /শংরুদ্‌ধো/ [স. সম্+√রুধ্+ত] বি. ১ সম্যক রুদ্ধ, অবরুদ্ধ। ২ প্রতিবন্ধ।

সংরোধ /শংরোধ্/ [স. সম্+রোধ] বি. ১ অবরোধ। ২ প্রতিরোধ, নিরোধ। ৩ ব্যাধা, প্রতিবন্ধ। ৪ প্রশমন।

সংরোধক /শংরোধক্/ [স. সম্+রোধক] বি. সংরোধকারী।

সংরোহ /শংরোহো/ [স. সম্+√রুহ্+অ] বি. ১ উৎপত্তি। ২ অঙ্কুর।

সংলক্ষিত /শংলোক্‌খিতো/ [স. সম্+√লক্ষ্+ত] বিণ. ১ বিশেষভাবে লক্ষণীয়। ২ দৃষ্টিগোচর।

সংলগ্ন /শংলগ্‌নো/ [স. সম্+√লগ্+ত] বিণ. ১ সন্নিহিত, লাগোয়া (*গৃহসংলগ্ন*)। ২ সংযুক্ত।

সংলাপ /শংলাপ্/ [স. সম্+√লপ্+অ] বি. ১ আলোচনা, কথাবার্তা। ২ উপন্যাস বা নাটকের বিভিন্ন চরিত্রের মধ্যে পরস্পর কথোপকথন।

সংলিপ্ত /শংলিপ্‌তো/ [স. সম্+√লিপ্+ত] বিণ. ১ নিযুক্ত, লিপ্ত। ২ জড়িত। বি. ~তা /-তা/।

সংলেপ /শংলেপ্/ [স. সম্+লেপ] বি. সংলিপ্ত অবস্থা, সংলিপ্ততা।

সংশপ্তক /শংশপ্‌তক্/ [স. সংশপ্ত+ক(স্বার্থে)] বি. ১ যুদ্ধে জয়লাভ বা মৃত্যু এমন প্রতিজ্ঞাবদ্ধ সৈনিক। ২ মহাভারতোক্ত শ্রীকৃষ্ণের নারায়ণী সেনা। ৩ নির্ভীক।

সংশয় /শংশয়্/ [স. সম্+√শী+অ] বি. ১ সন্দেহ। ২ দ্বিধা। ৩ ভবিষ্যৎ সম্পর্কে অনিশ্চয়তাবোধ।

সংশয়কর /শংশয়্‌কর্/ [স. সংশয়+√কৃ+অ] বিণ. ১ অনিশ্চয়তাযুক্ত। ২ দ্বিধাজনক।

সংশয়বাদী /শংশয়্‌বাদি/ [স. সংশয়+√বদ্+ইন্] বিণ.

www.pathagar.com

ঈশ্বর বা জগতের প্রকৃত রহস্য বিষয়ে জ্ঞানলাভ করা সম্ভব নয় এমন দার্শনিক মতবাদে বিশ্বাসী, অজ্ঞাবাদী, agnostic।

সংশয়মোচন /শংশয়মোচন্/ [স. সংশয়+মোচন] বি. সন্দেহ বা দ্বিধা দূরীকরণ।

সংশয়াকুল /শংশয়াকুল্/ [স. সংশয়+আকুল] বিণ. ১ সন্দেহযুক্ত। ২ দ্বিধান্বিত।

সংশয়াতীত /শংশয়াতিতো/ [স. সংশয়+অতীত] বিণ. সংশয়ের ঊর্ধ্বে এমন।

সংশয়াত্মক /শংশয়াত্তক্/ [স. সংশয়+আত্মক] বিণ. ১ সন্দেহজনক (*সংশয়াত্মক উক্তি*)। ২ দ্বিধাযুক্ত। ৩ অনিশ্চিত।

সংশয়ান্বিত /শংশয়ান্নিতো/ [স. সংশয়+অন্বিত] বিণ. ১সন্দিগ্ধ। ২ দ্বিধান্বিত।

সংশয়াপনোদন /শংশয়াপোনোদোন্/ [স. সংশয়+অপনোদন] বি. দ্র সংশয়মোচন।

সংশয়াপন্ন /শংশয়াপন্নো/ [স. সংশয়+আপন্ন] বিণ. দ্র সংশয়ান্বিত।

সংশয়ালু /শংশয়ালু/ [স. সম্+√শী+আলু] বিণ. দ্র সংশয়ী।

সংশয়িত /শংশোয়িতো/ [স. সংশয়+ইত] বিণ. ১ সন্দিগ্ধ।২ দ্বিধান্বিত। স্ত্রী. সংশয়িতা/শংশোয়িতা/।

সংশয়ী /শংশোয়ি/ [স. সংশয়+ইন্] বিণ. ১ সন্দেহকারী। ২ দ্বিধান্বিত।

সংশিত /শংশিতো/ [স. সম্+√শো+ত] বিণ. ১ বিশেষ–ভাবে সম্পাদিত। ২ নির্ধারিত। ৩ নিষ্ঠাবান।

সংশিতব্রত /শংশিতোব্রোতো/ [স. সংশিত+ব্রত] বিণ. কঠোর ব্রত গ্রহণ করেছে এমন; ব্রতনিষ্ঠ।

সংশুদ্ধ /শংশুদ্ধো/ [স. সম্+√শুধ্+ত] বিণ. ১ নির্মল; পরিশুদ্ধ। ২ পরিমার্জিত।

সংশুদ্ধি /শংশুদ্ধি/ [স. সম্+√শুধ্+তি] বি. ১ যত্ন সহকারে শোধন। ২ পাপমুক্ত বা পবিত্রীকরণ।

সংশোধ /শংশোধ্/ [স. সম্+√শুধ্+অ] বি. ১ বিশেষ–ভাবে শোধন। ২ পবিত্রীকরণ। ৩ ভুলভ্রান্তি দূরীকরণ।

সংশোধক /শংশোধক্/ [স. সম্+√শোধি+অক] বিণ. ১সংশোধনকারী; সংস্কারক। ২ শোধক।

সংশোধন /শংশোধোন্/ [স. সম্+√শোধি+অন] বি. ১ বিশেষভাবে শোধন। ২ ভুলত্রুটি দূরীকরণ। ৩ কু–অভ্যাস দূরীকরণ। ৪ পরিষ্করণ।

সংশোধনীয় /শংশোধোনিয়ো/ [স. সম্+√শোধি+অনীয়] বিণ. ১ সংশোধনযোগ্য। ২ সংশোধন করতে হবে এমন।

সংশোধিত /শংশোধিতো/ [স. সম্+√শোধি+ত] বিণ. সংশোধন করা হয়েছে এমন।

সংশ্রব /শংস্রোব্/ [স. সম্+√শ্রু+অ] বি. ১ সংযোগ। ২ সম্পর্ক, সম্বন্ধ। ৩ মনোযোগ সহকারে শ্রবণ।

সংশ্রয় /শংস্রয়্/ [স. সম্+√শ্রি+অ] বি. ১ আশ্রয়; অবলম্বন, সহায়। ২ শত্রুনিপীড়িত রাজার অন্য প্রতাপশালী নৃপতির সহায়তা গ্রহণ।

সংশ্রয়ী /শংস্রোয়ি/ [স. সম্+√শ্রি+ইন্] বিণ. আশ্রয় অবলম্বনকারী।

সংশ্রিত /শংস্রিতো/ [স. সম্+√শ্রি+ত] বিণ. আশ্রয় গ্রহণ করেছে এমন, আশ্রিত।

সংশ্রুত /শংস্রুতো/ [স. সম্+√শ্রু+ত] বিণ. ভালোভাবে শোনা হয়েছে এমন; জ্ঞাত।

সংশ্লিষ্ট /শংস্লিশ্টো/ [স. সম্+√শ্লিষ্+ত] বিণ. ১ সম্পর্কিত, সংক্রান্ত (*বিবাদসংশ্লিষ্ট*)। ২ সংস্রবযুক্ত (*রাজনীতির সঙ্গে সংশ্লিষ্ট*)। ৩ জড়িত (*ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট*)।

সংশ্লেষ /শংস্লেশ্/ [স. সম্+√শ্লিষ্+অ] বি. দ্র সংশ্লেষণ।

সংশ্লেষণ /শংস্লেশন্/ [স. সম্+√শ্লিষ্+অন] বি. ১ সংযোগ, সংমিশ্রণ। ২ মিলন। ৩ বিভিন্ন পদার্থের সংমিশ্রণে নতুন পদার্থ উৎপাদন, synthesis। ৪ সংযুক্ত অবস্থা।

সংসক্ত /শংশক্তো/ [স. সম্+√সন্জ্+ত] বিণ. ১ দৃঢ়ভাবে সংযুক্ত। ২ আসক্ত। ৩ লিপ্ত।

সংসক্তি /শংশোক্তি/ [স. সম্+√সন্জ্+তি] বি. ১ দৃঢ় সংযোগ। ২ আসক্তি। ৩ যে আকর্ষণশক্তির প্রভাবে অণু-পরমাণুসমূহ পরস্পর যুক্ত থাকে, cohesion।

সংসদ /শংশদ্/ [স. সম্+√সদ্+ক্বিপ্] বি. ১ কোনো রাষ্ট্রের আইন প্রণয়নের সর্বোচ্চ সভা, বিধানসভা, আইনসভা (*জাতীয় সংসদ*)। ২ সমিতি, সংঘ (*ছাত্রসংসদ*)।

সংসদ–সদস্য /শংশদ্শদোশ্শো/ [স. সংসদ+সদস্য] বি. আইনপরিষদের সদস্য, সাংসদ।

সংসদীয় /শংশোদিয়ো/ [স. সংসদ+ঈয়] বিণ. ১ সংসদবিষয়ক। ২ সংসদ বা আইনসভার সদস্যদের দ্বারা পরিচালিত (*সংসদীয় শাসনব্যবস্থা*)।

সংসর্গ /শংশর্গো/ [স. সম্+√সৃজ্+অ] বি. ১ সংস্রব, মেলামেশা; সম্পর্ক। ২ সহবাস, সংগম।

সংসর্গদোষ /শংশর্গোদোশ্/ [স. সংসর্গ+দোষ] বি. সঙ্গদোষ।

www.pathagar.com

সংসর্গাভাব /শংশর্‌গাভাব্‌/ [স. সংসর্গ+অভাব] বি. সম্পর্কহীনতা।

সংসর্গী /শংশোর্‌গি/ [স. সম্‌+√সৃজ্‌+ইন্‌] বিণ. ১ সংসর্গ রক্ষাকারী। ২ সহবাসকারী।

সংসর্প /শংশর্‌পো/ [স. সম্‌+√সৃপ্‌+অ] বি. ১ সম্যক গমন। ২ বিস্তার। ৩ সাপের মতো বক্রগতি।

সংসর্পণ /শংশর্‌পোন্‌/ [স. সম্‌+√সৃপ্‌+অন] বি. দ্র সংসর্প।

সংসর্পিত /শংশোর্‌পিতো/ [স. সম্‌+√সৃপ্‌+ত] বিণ. দ্র সংসর্পী।

সংসর্পী /শংশোর্‌পি/ [স. সম্‌+√সৃপ্‌+ইন্‌] বিণ. ১ ক্রমবিস্তার লাভ করে এমন। ২ সাপের মতো বক্র গতিযুক্ত।

সংসার /শংশার্‌/ [স. সম্‌+√সৃ+অ] বি. ১ ঘরকন্না, গার্হস্থ্য জীবন (*অপূর সংসার*)। ২ জগৎ, ইহলোক (*সংসারের লীলা*)। ৩ জগতের মায়াবন্ধন। ৪ (বাংলায়) বিবাহ।

সংসারক্ষেত্র /শংশারখেত্‌ত্রো/ [স. সংসার+√ক্ষি+ত্র] বি. কর্মক্ষেত্র, কর্মজীবন।

সংসারত্যাগ /শংশারত্যাগ্‌/ [স. সংসার+√ত্যাজ্‌+অ] বি. সংসারের মায়া পরিহার।

সংসারত্যাগী /শংশারত্যাগি/ [স. সংসার+√ত্যাজ্‌+ইন্‌] বিণ. সংসার বা গার্হস্থ্য জীবন ত্যাগ করেছে এমন, সন্ন্যাসী, বৈরাগী।

সংসারধর্ম /শংশারধর্‌মো/ [স. সংসার+ধর্মন্‌] বি. গার্হস্থ্যজীবন।

সংসার পাতা /শংশার্‌ পাতা/ ক্রিবি. বিবাহ ও ঘরকন্না শুরু করা।

সংসারবন্ধন /শংশারবন্‌ধন্‌/ [স. সংসার+বন্ধন] বি. গার্হস্থ্য জীবনের প্রতি আকর্ষণ।

সংসারবাসনা /শংশারবাশোনা/ [স. সংসার+বাসনা] বি. সংসার পাতার ইচ্ছা; গার্হস্থ্য জীবনের মোহ।

সংসারযাত্রা /শংশারজাত্‌ত্রা/ [স. সংসার+যাত্রা] বি. গার্হস্থ্য জীবন।

সংসারলীলা /শংশারলিলা/ [স. সংসার+লীলা] বি. দ্র সংসারযাত্রা।

সংসারসমুদ্র /শংশারশোমুদ্‌দ্রো/ [স. সংসার+সমুদ্র] বি. পার্থিব জীবনরূপ সাগর।

সংসারস্রোত /শংশারস্রোত্‌/ [স. সংসার+স্রোতস্‌] বি. সংসারের গতি, জীবনপ্রবাহ।

সংসারাশ্রম /শংশারাস্‌ত্রোম্‌/ [স. সংসার+আশ্রম] বি. ১ পার্থিব জীবন। ২ সংসারজীবন।

সংসারাসক্ত /শংশারাশক্‌তো/ [স. সংসার+আসক্ত] বিণ. সংসারধর্মে অনুরক্ত।

সংসারী /শংশারি/ [স. সংসার+ইন্‌] বিণ. ১ সংসারধর্ম পালনকারী, গৃহী। ২ গার্হস্থ্য জীবন সম্পর্কে অভিজ্ঞ। ৩ (আল.) অত্যন্ত হিসাবি।

সংসিক্ত /শংশিক্‌তো/ [স. সম্‌+√সিচ্‌+ত] বিণ. সম্পূর্ণ ভেজা।

সংসিদ্ধ /শংশিদ্‌ধো/ [স. সম্‌+√সিধ্‌+ত] বিণ. ১ উত্তমরূপে সেদ্ধ। ২ স্বভাবসিদ্ধ। ৩ সুসম্পন্ন। ৪ সম্পূর্ণ সফল।

সংসিদ্ধি /শংশিদ্‌ধি/ [স. সম্‌+√সিধ্‌+তি] বি. ১ স্বাভাবিক অবস্থা। ২ পূর্ণ সফলতা। ৩ উত্তমরূপে সম্পাদন।

সংসূচন /শংশুচন্‌/ [স. সম্‌+√সূচ্‌+অন] বি. ব্যক্তকরণ।

সংসূচিত /শংশুচিতো/ [স. সম্‌+√সূচ্‌+ত] বিণ. ব্যক্ত।

সংসৃত /শংশৃতো/ [স. সম্‌+√সৃ+ত] বিণ. ১ প্রবাহিত। ২ সহগামী।

সংসৃতি /শংশৃতি/ [স. সম্‌+√সৃ+তি] বি. ১ সহগমন। ২ প্রবাহ, স্রোত। ৩ সংসার।

সংসৃষ্ট /শংশৃশ্‌টো/ [স. সম্‌+√সৃজ্‌+ত] বিণ. ১ সম্পর্কযুক্ত। ২ আসক্ত। ৩ মিলিত।

সংসৃষ্টি /শংশৃশ্‌টি/ [স. সম্‌+√সৃজ্‌+তি] বি. ১ সংস্রব। ২ মিলন। ৩ পরস্পরনির্ভর একাধিক কাব্যালংকারের একত্র-অবস্থান; সংকর।

সংস্করণ /শংশ্‌করোন্‌/ [স. সম্‌+√কৃ+অন] বি. ১ সংশোধন, পরিমার্জন। ২ (বাংলায়) গ্রন্থের একদফায় মুদ্রিত ও প্রকাশিত প্রস্থ, edition (*প্রথম সংস্করণ*)। ৩ বিশেষ উদ্দেশ্যে মুদ্রণ ও প্রকাশন (*সুলভ সংস্করণ*)।

সংস্কর্তা /শংশ্‌করতা/ [স. সম্‌+√কৃ+তৃ] বিণ. সংস্কারক; সংশোধক। বি. ১ পাচক। ২ উপনয়ন প্রভৃতি দশবিধ সংস্কারের পুরোহিত।

সংস্কার /শংশ্‌কার্‌/ [স. সম্‌+√কৃ+অ] বি. ১ শুদ্ধি; শাস্ত্রীয় অনুষ্ঠানাদিদ্বারা শোধন। ২ উৎকর্ষসাধন বা মেরামত (*জীর্ণসংস্কার*)। ৩ চিরাচরিত ধারণা (*কুসংস্কার*)। ৪ দশ প্রকার শাস্ত্রীয় অনুষ্ঠান (বিবাহ গর্ভাধান পুংসবন সীমন্তোন্নয়ন জাতকর্ম নামকরণ অন্নপ্রাশন চূড়াকরণ উপনয়ন ও সমাবর্তন)। ৫ পরিষ্করণ (*অঙ্গসংস্কার*)। ৬ উন্নতিবিধান (*সমাজ সংস্কার*)। ৭ অস্ত্রাদি শানিতকরণ। ৮ প্রসাধন।

সংস্কারক /শংশ্‌কারোক্‌/ [স. সম্‌+√কৃ+অক] বিণ. বি. উৎকর্ষসাধনকারী, সংস্কারকর্তা, সংশোধক।

সংস্কারমুক্ত /শংশ্‌কারমুক্‌তো/ [স. সংস্কার+মুক্ত] বিণ. সমাজে প্রচলিত কোনো অযৌক্তিক ধ্যান-

www.pathagar.com

ধারণার বশীভূত নয় এমন।

সংস্কারাচ্ছন্ন /শংস্কারাচ্ছন্নো/ [স. সংস্কার+আচ্ছন্ন] বিণ. সমাজে প্রচলিত অযৌক্তিক ধ্যান-ধারণায় আচ্ছন্ন।

সংস্কৃত /শংস্কৃতো/ [স. সম্+√কৃ+ত] বি. প্রাচীন ভারতীয় আর্যভাষার পরিমার্জিত রূপ। বিণ. ১ সংস্কার করা হয়েছে এমন, সংশোধিত, পরিমার্জিত। ২ সজ্জিত; অলংকৃত।

সংস্কৃতজ্ঞ /শংস্কৃতোগ্‌গোঁ/ [স. সংস্কৃত+√জ্ঞা+অ] বিণ. সংস্কৃত শাস্ত্রে পন্ডিত।

সংস্কৃতি /শংস্কৃতি/ [স. সম্+√কৃ+তি] বি. ১ শিল্প-সাহিত্য আচার-আচরণ বেশভূষা প্রভৃতির দ্বারা কোনো জাতি বা গোষ্ঠীর যে পরিচয় ফুটে ওঠে (*বাঙালি সংস্কৃতি*), কৃষ্টি, culture। ২ অনুশীলন বা চর্চার দ্বারা লব্ধ শিক্ষা শিল্প রুচি প্রভৃতিবিষয়ক উৎকর্ষ। ৩ সংস্কার।

সংস্কৃতিকর্মী /শংস্কৃতিকোর্‌মি/ [স. সংস্কৃতি+কর্মন্+ইন্] বি. শিল্প কলা রুচি প্রভৃতির উৎকর্ষ-সাধনে নিয়োজিত কর্মী।

সংস্কৃতিচেতনা /শংস্কৃতিচেতোনা/ [স. সংস্কৃতি+চেতনা] বি. উন্নত মানসিকতা ও পরিশীলিত রুচি-সংক্রান্ত বোধ।

সংস্কৃতিমান /শংস্কৃতিমান্/ [স. সংস্কৃতি+মৎ] বিণ. উন্নত মানসিকতা ও পরিশীলিত রুচির অধিকারী।

সংস্ক্রিয়া /শংস্ক্রিআ/ [স. সম্+ক্রিয়া] বি. সংস্কারের কাজ, পরিমার্জন, শোধন।

সংস্তুত /শংস্তুতো/ [স. সম্+√স্তু+ত] বিণ. ১ প্রশংসা করা হয়েছে এমন, প্রশংসিত। ২ পূজিত।

সংস্থা /শংস্থা/ [স. সম্+√স্থা+অ+আ (টাপ্)] বি. ১ প্রতিষ্ঠান, নিগম (*সড়ক পরিবহণ সংস্থা*)। ২ সমিতি, সংঘ।

সংস্থান /শংস্থান্/ [স. সম্+√স্থা+অন] বি. ১ জোগান, ব্যবস্থা (*অন্নবস্ত্রের সংস্থান*)। ২ সঞ্চয়। ৩ গঠনকৌশল; বিন্যাস।

সংস্থাপক /শংস্থাপক্/ [স. সম্+√স্থা+ণিচ্+অক] বিণ. বি. প্রতিষ্ঠাতা; সংস্থাপনকারী; ব্যবস্থাপক। স্ত্রী. সংস্থাপিকা /শংস্থাপিকা/।

সংস্থাপন /শংস্থাপন্/ [স. সম্+√স্থা+ণিচ্+অন] বি. ১ স্থাপন, প্রতিষ্ঠা। ২ সন্নিবেশ।

সংস্থাপয়িতা /শংস্থাপোয়িতা/ [স. সম্+√স্থা+তৃ] বিণ. বি. প্রতিষ্ঠাতা; সংস্থাপনকারী। স্ত্রী. সংস্থাপয়িত্রী /শংস্থাপোয়িত্রি/।

সংস্থাপিত /শংস্থাপিতো/ [স. সম্+√স্থা+ণিচ্+ত] বিণ. স্থাপন করা হয়েছে এমন, প্রতিষ্ঠিত।

সংস্থিত /শংস্থিতো/ [স. সম্+√স্থা+ত] বিণ. ১ সন্নিবিষ্ট। ২ ব্যবস্থাপিত। ৩ সঞ্চিত।

সংস্থিতি /শংস্থিতি/ [স. সম্+√স্থা+তি] বি. ১ সংস্থান; আশ্রয়। ২ একত্র-অবস্থান; স্থিতি।

সংস্পর্শ /শংস্পরশো/ [স. সম্+√স্পৃশ্+অ] বি. ১ সংস্রব, সম্পর্ক। ২ ছোঁয়াছুঁয়ি। ৩ প্রভাব।

সংস্পৃষ্ট /শংস্পৃশ্টো/ [স. সম্+√স্পৃশ্+ত] বিণ. ১ সংস্পর্শযুক্ত, সম্পৃক্ত। ২ প্রভাবিত।

সংস্ফুট /শংস্ফুটো/ [স. সম্+√স্ফুট্+অ] বিণ. প্রস্ফুটিত।

সংস্রব /শংস্রোব্/ [স. সম্+√স্রু+অ] বি. ১ সম্পর্ক, সম্বন্ধ, সংসর্গ। ২ প্রভাব। ৩ মিলন।

সংস্রবচ্যুত /শংস্রোবচুতো/ [স. সংস্রব+√চ্যু+ত] বিণ. সম্পর্ক ছিন্ন হয়েছে এমন।

সংহত /শংহতো/ [স. সম্+√হন্+ত] বিণ. ১ একতা-বদ্ধ, ঐক্যবদ্ধ। ২ সুদৃঢ়। ৩ জমাট।

সংহতি /শংহোতি/ [স. সম্+√হন্+তি] বি. ১ সম্যক মিলন; সংঘবদ্ধতা। ২ সমন্বয়। ৩ সংঘ। ৪ সমূহ।

সংহনন /শংহনোন্/ [স. সম্+√হন্+অন] বি. ১ ঠান্ডায় তরল পদার্থের কঠিন অবস্থাপ্রাপ্তি। ২ বিনাশ। ৩ বধ। ৪ উপর্যুপরি আঘাত।

সংহরণ /শংহরোন্/ [স. সম্+√হৃ+অন] বি. ১ বধ। ২ বিনাশন। ৩ সংবরণ। ৪ সংক্ষেপন। ৫ বর্জন।

সংহরা /শংহরা/ [স. সম্+বা. হরা] ক্রিবি. (কাব্যে) ১ সংহার বা বধ করা। ২ সংযত করা।

সংহর্তা /শংহর্তা/ [স. সম্+√হৃ+তৃ] বিণ. সংহার-কারী; বিনাশক।

সংহর্ষ /শংহর্শো/ [স. সম্+√হৃষ্+অ] বি. ১ সম্যক আনন্দ। ২ আমোদপ্রমোদ। ৩ রোমাঞ্চ। বিণ. সংহৃষ্ট।

সংহার /শংহার্/ [স. সম্+√হৃ+অ] বি. ১ বধ, নিধন, ধ্বংস। ২ অবসান (*উপসংহার*)। ৩ প্রত্যাহার। ৪ সংকোচন। ৫ সংগ্রহ।

সংহারক /শংহারক্/ [স. সম্+√হৃ+অক] বিণ. বি. ১ সংহারকারী, বিনাশকারী। ২ প্রতিষেধক।

সংহারমূর্তি /শংহারমুর্তি/ [স. সংহার+√মূর্চ্ছ্+তি] বি. অতিশয় ভয়ংকর মূর্তি (*সংহারমূর্তি ধারণ*)।

সংহারা /শংহারা/ [স. সম্+বা. হারা] ক্রিবি. (কাব্যে) সংহার করা।

সংহিত /শংহিতো/ [স. সম্+√ধা+ত] বিণ. ১ মিলিত। ২ সংগৃহীত।

সংহিতা /শংহিতা/ [স. সংহিত+আ (টাপ্)] বি. ১

www.pathagar.com

সংকলনগ্রন্থ। ২ বেদমন্ত্রসংবলিত স্মৃতিশাস্ত্র (*ঋগ্‌বেদ সংহিতা*)। ৩ আইন-সংকলন। ৪ (ব্যা.) সংস্কৃত ব্যাকরণের সন্ধি।

সংহৃতি /শংহুতি/ [স. সম্+√হৃ+তি] বি. বহুলোকের সমবেত আহ্বান।

সংহৃত /শংhiতো/ [স. সম্+√হৃ+ত] বিণ. ১ সঞ্চিত, সংগৃহীত (*সংহৃত সম্পদ*)। ২ সংকলিত। ৩ সংকুচিত। ৪ বিনাশিত।

সংহৃতি /শংhiতি/ [স. সম্+√হৃ+তি] বি. ১ সংগ্রহ। ২ ধ্বংস। ৩ সংকোচন। ৪ প্রত্যাকর্ষণ।

সংহৃষ্ট /শংhiশ্‌টো/ [স. সম্+√হৃষ্+ত] বিণ. অতিশয় আনন্দিত, পুলকিত।

সংহ্লাদ /শংhaদ্/ [স. সম্+√হ্লাদ্+অ] বি. ১ কোলাহল, গোলযোগ। ২ পুরাণোক্ত হিরণ্যকশিপুর পুত্র ও প্রহ্লাদের ভ্রাতা।

সংহ্রীণ /শংhiন্/ [স. সম্+√হ্রী+ত] বিণ. লজ্জিত।

সঁপা /শঁপা/ [বা.] ক্রিবি. ১ সমর্পণ করা। ২ বিসর্জন করা। বিণ. বিসর্জন করা হয়েছে এমন।

সকড়ি /শোক্‌ড়ি/ [স. সঙ্কার >] বি. ১ অন্ন-ব্যঞ্জনাদির স্পর্শদোষ। ২ এঁটো, উচ্ছিষ্ট।

সকণ্টক/শকন্টক্/ [স. স+কণ্টক] বিণ. ১ কাঁটাযুক্ত। ২ বাধাবিপত্তিপূর্ণ। ৩ রোমাঞ্চিত, শিহরিত।

সকরুণ /শকোরুন্/ [স. স+করুণ] বিণ. ১ সদয়, করুণা বা কৃপাযুক্ত, দয়ার্দ্র। ২ অতিশয় বেদনাপূর্ণ।

সকর্ণ /শকর্‌নো/ [স. স+কর্ণ] বিণ. কানবিশিষ্ট।

সকর্দম /শকর্‌দম্/ [স. স+কর্দম] বিণ. কর্দমাক্ত।

সকর্মক /শকর্‌মোক্/ [স. সকর্মন্+কপ্] বিণ. ১ (ক্রিয়ার ক্ষেত্রে) কর্ম আছে এমন, transitive। ২ কর্মের সঙ্গে বিদ্যমান।

সকল /শকোল্/ [স. সহ+কলা] বিণ. সমস্ত, সব, সমুদয়। বি. (বাংলায়) সমস্ত লোক।

সকাণ্ড /শকান্‌ডো/ [বা.] বিণ. কাণ্ড-সহ (*সকাণ্ড উদ্ভিদ*)।

সকাতর /শকাতোর্/ [বা.] বিণ. অতিশয় কাতরতা-যুক্ত, ব্যগ্র (*সকাতর প্রার্থনা*)।

সকাতরে /শকাতোরে/ [বা.] ক্রিবিণ. করুণভাবে, মিনতিসহকারে (*সকাতরে ওই কাঁদিছে সকলে, শোনো শোনো পিতা।* রবীন্দ্র.)।

সকাম /শকাম্/ [স. স+কাম] বিণ. ১ কামনাযুক্ত। ২ ফলাকাঙ্ক্ষাযুক্ত।

সকাল /শকাল্/ [স. স+কাল] বি. ১ প্রাতঃকাল, প্রভাত (*সকালবেলা*)। ২ ত্বরা, তাড়াতাড়ি।

সকালবেলা /শকাল্‌ব্যালা/ [স. সকাল+বেলা] বি. প্রভাত, প্রাতঃকাল।

সকাল সকাল /শকাল্ শকাল্/ ক্রিবিণ. ১ অবিলম্বে, দেরি না করে। ২ বেলা থাকতে থাকতে।

সকাশ /শকাশ্/ [স. স+কাশ] বি. নিকট, সন্নিধান। বিণ. নিকটস্থ, সমীপস্থ, সন্নিহিত।

সকুণ্ডল /শকুন্‌ডল্/ [স. স+কুণ্ডল] বিণ. কানের কুণ্ডল বা কর্ণাভরণ-সহ।

সকুল্য /শকুল্‌লো/ [স. সকুল+য] বিণ. সমকুলোদ্ভব, সগোত্র। বি. জ্ঞাতি।

সকৃৎ /শকৃত্/ [স. স+কৃৎ] অব্য. ১ একবারমাত্র। ২ সর্বদা, নিরন্তর।

সকৌতুক /শকৌতুক্/ [স. স+কৌতুক] বিণ. কৌতুকযুক্ত।

সক্কর /শক্‌কর্/ [স. শর্করা >] বি. চিনি, শর্করা।

সক্কা /শক্‌কা/ [আ.] বিণ. বি. জল সরবরাহকারী; জলবিক্রেতা; ভিস্তি।

সক্ত /শক্‌তো/ [স. √সন্‌জ্+ত] বিণ. ১ আসক্ত। ২ সংলগ্ন। ৩ অনুরক্ত।

সক্তি /শোক্‌তি/ [স. √সন্‌জ্+তি] বি. ১ আসক্তি। ২ সংলগ্ন অবস্থা। ৩ অনুরক্তি।

সক্তু /শোক্‌তু/ [স. √সচ্+তু] বি. ভাজা যব ছোলা প্রভৃতির চূর্ণ, ছাতু।

সক্রিয় /শক্‌ক্রিয়ো/ [স. স+ক্রিয়া] বিণ. ১ ক্রিয়াশীল (*সক্রিয় থাকা*)। ২ কার্যকর। বি. ~তা /-তা/।

স-ক্ষত /শখতো/ [স. স+ক্ষত] বিণ. ১ ক্ষতযুক্ত। ২ (আল.) দোষ আছে এমন।

সক্ষম /শক্‌খম্/ [স. স+ক্ষম] বিণ. ১ সবল; সুস্থ। ২ কর্মক্ষম; সমর্থ। স্ত্রী. সক্ষমা /শক্‌খমা/।

সক্ষমতা /শক্‌খমোতা/ [স. সক্ষম+তা] বি. ১ সামর্থ্য। ২ সবলতা।

সক্ষোভ /শক্‌খোভ্/ [স. সহ+√ক্ষুভ্+অ] বিণ. ক্ষোভযুক্ত। বি. ক্ষুব্ধ অবস্থা।

সখা /শখা/ [স. সহ+√খিদ্+ই] বি. ১ বন্ধু, সুহৃদ। ২ সঙ্গী, সহচর।

সখিতা /শোখিতা/ [স. সখি+তা] বি. সখীভাব, বন্ধুত্ব।

সখিত্ব /শোখিত্তো/ [স. সখি+ত্ব] বি. দ্র সখিতা।

সখী /শোখি/ [স. সখি+ঈ] বি. ১ নারীর নারীবন্ধু, বান্ধবী, বয়স্যা। ২ সঙ্গিনী।

সখীভাব /শোখিভাব/ [স. সখী+√ভূ+অ] বি. ১ সখী-সুলভ আচরণ। ২ বৈষ্ণব সাধনপ্রণালিবিশেষ।

সখীসংবাদ /শোখিশংবাদ্/ [স. সখী+সংবাদ] বি. শ্রীকৃষ্ণের মথুরাগমনের পর বিরহিনী রাধিকার মানসিক অবস্থা বর্ণনাসূচক গান।

সখেদ /শখেদ্/ [স. সহ+খেদ] বিণ. খেদযুক্ত।

www.pathagar.com

সখ্য /শোক্‌খো/ [স. সখি+য] বি. বন্ধুত্ব।

সখ্যরস /শোক্‌খ্যোরশ্‌/ [স. সখ্য+রস] বি. বৈষ্ণব সাধনার পঞ্চ রসের তৃতীয় রস।

সগর /শগর্‌/ [স. স+√গু+অ] বিণ. বিষযুক্ত। বি. (পৌরাণিক মতে বিষের সঙ্গে জাত বলে) ইক্ষ্বাকু-বংশীয় নৃপতিবিশেষ।

সগর্ভ /শগর্‌ভা/ [স. স+√গু+ভ] বিণ. গর্ভযুক্ত, সভ্রূণ। বি. সহোদর।

সগর্ভা /শগর্‌ভা/ [স. সগর্ভ+আ (টাপ্‌)] বিণ. অন্তঃসত্ত্বা। বি. সহোদরা।

সগুণ /শগুন্‌/ [স. স+গুণ] বিণ. ১ গুণযুক্ত, গুণবান। ২ ছিলাযুক্ত (*সগুণ ধনুক*)। ৩ ত্রিগুণবিশিষ্ট (সত্ত্ব রজঃ তমঃ)।

সগোত্র /শগোত্‌ত্রো/ [স. স+গোত্র] বিণ. একই গোত্রে জাত, সমগোত্রীয়। বি. জ্ঞাতি।

সঘন[১] /শঘনো/ [স. সহ+ঘন] বিণ. মেঘযুক্ত।

সঘন[২] /শঘনো/ [স. স+ঘন] ক্রিবিণ. ঘনঘন, বারবার, নিরন্তর (*দিকে দিকে সঘন গগন মন্ত্র প্রলাপে প্লাবন-ঢালা শ্রাবণধারাপাতে* রবীন্দ্র.)।

সঘর /শঘর্‌/ [বা.] বি. বৈবাহিক সম্বন্ধ স্থাপনের পক্ষে উপযুক্ত বংশ বা ঘর।

সঘৃণ /শঘৃনো/ [স. স+√ঘৃ+ন] বিণ. ঘৃণাপূর্ণ।

সঘৃত /শঘৃতো/ [স. স+√ঘৃ+ত] বিণ. ঘি মিশ্রিত।

সঙিন /শোঙিন্‌/ [ফা.] বি. সম্মুখ যুদ্ধের জন্য রাইফেলের ডগায় লাগানো ছোরা বা কিরিচ, bayonet।

সঙ্গ /শংগো/ [স. √সন্‌জ্‌+অ] বি. ১ মিলন, সংসর্গ, সংস্রব। ২ আসক্তি।

সঙ্গাচ্যুত /শংগাচ্‌চুতো/ [স. সঙ্গ+√চ্যু+ত] বিণ. সঙ্গ থেকে বিচ্ছিন্ন।

সঙ্গাদাতা /শংগোদাতা/ [স. সঙ্গ+√দা+তৃ] বি. যে সঙ্গ দেয়। বিণ. সঙ্গদানকারী।

সঙ্গাদোষ /শংগোদোশ্‌/ [স. সঙ্গ+দোষ] বি. কুসংসর্গের দোষ।

সঙ্গাপ্রিয় /শংগোপ্রিয়ো/ [স. সঙ্গ+প্রিয়] বিণ. সাহচর্য পছন্দ করে এমন।

সঙ্গাবিমুখ /শংগোবিমুখ্‌/ [স. সঙ্গ+বিমুখ] বিণ. সংসর্গ পছন্দ করে না এমন।

সঙ্গাসুখ /শংগোশুখ্‌/ [স. সঙ্গ+সুখ] বি. সঙ্গলাভের আনন্দ।

সঙ্গাসুধা /শংগোশুধা/ [স. সঙ্গ+সুধা] বি. সঙ্গরূপ অমৃত।

সঙ্গিন /শোংগিন্‌/ [ফা.] বিণ. গুরুতর; বিপজ্জনক।

সঙ্গী /শোংগি/ [স. সঙ্গ+ইন্‌] বি. যে সঙ্গে থাকে, সহচর; বন্ধু। বিণ. সঙ্গে থাকে এমন। স্ত্রী. সঙ্গিনী /শোংগিনি/।

সঙ্গীসাথি /শোংগিশাথি/ [স. সঙ্গী+বা. সাথি] বি. ১ যে সঙ্গে থাকে; দোসর। ২ বন্ধু।

সঙ্গে /শংগে/ [স. সঙ্গ+বা. এ] অব্য. ক্রিবিণ. অনু. সহিত, সাথে; নিকটে।

সঙ্গে সঙ্গে /শংগে শংগে/ অব্য. ক্রিবিণ. তৎক্ষণাৎ, সেই মুহূর্তে, অবিলম্বে।

সচকিত /শচোকিতো/ [স. স+চকিত] বিণ. ত্রস্ত (*সচকিত চাহনি*); শঙ্কিত, ভীত। স্ত্রী. সচকিতা /শচোকিতা/।

সচকিতে /শচোকিতে/ [স. সচকিত+বা. এ] ক্রিবিণ. ১ ত্রস্তভাবে। ২ আচমকা।

সচরাচর /শচরাচর্‌/ [স. সহ+চর+অচর] বিণ. চরাচরের সঙ্গে বিদ্যমান। ক্রিবিণ. (বাংলায়) সাধারণত, প্রায়শ; প্রায়ই।

সচল /শচল্‌/ [হি.] বিণ. ১ চলতে সক্ষম, গতিশীল। ২ প্রচলিত।

সচিত্র /শচিত্‌ত্রো/ [স. সহ+চিত্র] বিণ. ১ চিত্র-সহ। ২ অলংকৃত, চিত্রিত (*সচিত্র পত্রিকা*)।

সচিব /শোচিব্‌/ [স. √সচ্‌+ইব] বি. ১ মন্ত্রণালয়ের প্রধান আমলা, secretary। ২ মন্ত্রী।

সচিবালয় /শোচিবালয়্‌/ [স. সচিব+আলয়] বি. মন্ত্রী বা সচিবের দপ্তর, মহাকরণ, secretariat।

সচেতক /শচেতক্‌/ [স. স+√চিৎ+অক] বি. (আইন-সভায়) রাজনৈতিক দলের শৃঙ্খলা বজায় রাখার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি, whip।

সচেতন /শচেতন্‌/ [স. সহ+√চিৎ+অন] বিণ. ১ চেতনাযুক্ত, সজাগ। ২ সতর্ক। বি. সচেতনতা /শচেতনতা/।

সচেষ্ট /শচেশ্‌টো/ [স. স+√চেষ্ট্‌+অ] বিণ. চেষ্টাযুক্ত, চেষ্টান্বিত, চেষ্টা করছে এমন, তৎপর; উদ্যোগী (*আত্মরক্ষায় সচেষ্ট*)। বি. -তা /-তা/।

সচ্চরিত /শচ্‌চোরিত্‌/ [স. সৎ+চরিত] বি. সদাচরণ, সৎ কাজ, শিষ্টাচার।

সচ্চরিত্র /শচ্‌চোরিত্‌ত্রো/ [স. সৎ+চরিত্র] বিণ. সদাচারী; সৎস্বভাব। স্ত্রী. সচ্চরিত্রা /শচ্‌চোরিত্‌ত্রা/।

সচ্চরিত্রতা /শচ্‌চোরিত্‌ত্রোতা/ [স. সচ্চরিত্র+তা] বি. সদাচার।

সচ্চিদানন্দ /শচ্‌চিদানন্‌দো/ [স. সৎ+চিৎ+আনন্দ] বি. নিত্য জ্ঞানময় ও সুখরূপ ব্রহ্ম; ব্রহ্মের স্বরূপ।

www.pathagar.com

সচ্চিন্তা /শচ্চিন্‌তা/ [স. সৎ+চিন্তা] বি. সুচিন্তা।

সচ্ছল /শচ্ছল্‌/ [বা.] বিণ. অভাব নেই এমন, সংগতিপন্ন। বি. সচ্ছলতা /শচ্ছলতা/।

সচ্ছিদ্র /শচ্ছিদ্‌দ্রো/ [স. স+√ছিদ্‌+র] বিণ. ১ ছিদ্রযুক্ত। ২ (আল.) দোষযুক্ত।

সজন[১] /শজন্‌/ [স. সজ্জন >] বি. ১ জ্ঞাতি; আপনজন। ২ সাধু প্রকৃতির লোক, সজ্জন।

সজন[২] /শজন্‌/ [স. সহ+জন] বি. জনপূর্ণ স্থান; জনসমাজ। বিণ. লোকজন-সহ।

সজনি /শজোনি/ [স. স্বজনী >] বিণ. (পদ্যে) সহচরী, সখী, প্রণয়িনী (*সজনি সজনি রাধিকা লো, দেখ অবহুঁ চাহিয়া* রবীন্দ্র.)।

সজল /শজল্‌/ [স. সহ+জল] বিণ. ১ জলপূর্ণ (*সজল মেঘ*)। ২ আর্দ্র, ভেজা (*সজল আঁখি*)।

সজাগ /শজাগ্‌/ [স. সজাগর >] বিণ. ১ জেগে আছে এমন। ২ সতর্ক (*সজাগ দৃষ্টি*)। ৩ সচেতন।

সজাতি /শজাতি [স. স+জাতি] বি. অভিন্ন জাতি গোষ্ঠী বা সম্প্রদায়।

সজাতীয় /শজাতিয়ো/ [স. সজাতি+ঈয়] বিণ. একই জাতি বা শ্রেণির অন্তর্ভুক্ত। স্ত্রী. সজাতীয়া /শজাতিআ/।

সজীব /শজিব্‌/ [স. সহ+জীব] বিণ. ১ জীবন্ত, জীবিত। ২ প্রাণবন্ত, উৎসাহ-উদ্দীপনাযুক্ত।

সজোড় /শজোড়্‌/ [বা.] বিণ. জোড়া-সহ।

সজোর /শজোর্‌/ [বা.] বিণ. জোরালো (*সজোর প্রতিবাদ*)।

সজোরে /শজোরে/ [বা.] ক্রিবিণ. দ্রুতবেগে; জোরের সঙ্গে (*সজোরে আঘাত*)।

সজ্জ /শজ্‌জো/ [স. √সজ্জ্‌+অ] বিণ. সজ্জিত (*বর্ম-সজ্জ*); প্রস্তুত।

সজ্জন[১] /শজ্‌জন্‌/ [স. সৎ+জন] বি. সাধু ব্যক্তি।

সজ্জন[২] /শজ্‌জন্‌/ [স. √সজ্জ্‌+অন] বি. ১ সজ্জিত-করণ। ২ আয়োজন।

সজ্জনা /শজ্‌জনা/ [স. √সজ্জি+অন+আ (টাপ্‌)] বি. দ্র সজ্জন[২]।

সজ্জা /শজ্‌জা/ [স. √সজ্জ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ বেশভূষা। ২ আয়োজন। ৩ অলংকরণ। ৪ সরঞ্জাম।

সজ্জাগৃহ /শজ্‌জাগৃহো/ [স. সজ্জা+গৃহ] বি. সাজঘর।

সজ্জানিপুণ /শজ্‌জানিপুন্‌/ [স. সজ্জা+নিপুণ] বিণ. বেশভূষায় পারদর্শী।

সজ্জিত /শোজ্‌জিতো/ [স. √সজ্জ্‌+ত] বিণ. ১ সাজানো হয়েছে এমন (*সজ্জিত মঞ্চ*)। ২ ভূষিত (*অস্ত্রসজ্জিত*)। স্ত্রী. সজ্জিতা /শোজ্‌জিতা/।

সজ্জীকৃত /শোজ্‌জিকৃতো/ [স. সজ্জ্‌+চ্বি+√কৃ+ত] বিণ. সাজানো হয়েছে এমন।

সজ্জীভূত /শোজ্‌জিভুতো/ [স. সজ্জ্‌+চ্বি+√ভূ+ত] বিণ. ১ সজ্জিত করা হয়েছে এমন। ২ ভূষিত।

সজ্ঞান /শগ্‌গ্যান্‌/ [স. স+√জ্ঞা+অন] বিণ. সচেতন; জ্ঞানযুক্ত।

সজ্ঞানকৃত /শগ্‌গ্যান্‌কৃতো/ [স. সজ্ঞান+√কৃ+ত] বিণ. সচেতনভাবে করা হয়েছে এমন।

সজ্ঞানে /শগ্‌গ্যানে/ [স. সজ্ঞান+বা. এ] ক্রিবিণ. সচেতন অবস্থায়, জ্ঞানত।

সঞে /শয়ে/ [বা.] ক্রিবিণ. অব্য. অনু. ১ সঙ্গে, সহিত (*যেদিন দেখিব আপন নয়নে তা সঞে কহিতে কথা* চণ্ডী.)। ২ হতে, থেকে (*ঘর সঞে বাহির হোয় বিদ্যা.*)।

সঞ্চয় /শন্‌চয়্‌/ [স. সম্‌+√চি+অ] বি. ১ সংগ্রহ, চয়ন। ২ পুঁজি। ৩ সঞ্চিত দ্রব্য। ৪ সমূহ। ৫ অবস্থান।

সঞ্চয়ন /শন্‌চয়োন্‌/ [স. সম্‌+√চি+অন] বি. নির্বাচিত সংগ্রহ (*কাব্য সঞ্চয়ন*)।

সঞ্চয়পত্র /শন্‌চয়্‌পত্রো/ [স. সঞ্চয়+পত্র] বি. কোনো নাগরিক সরকারপ্রদত্ত যে অঙ্গীকারপত্রের মেয়াদান্তে নির্দিষ্ট মুনাফার বিনিময়ে সরকারি তহবিলে অর্থ সঞ্চয় করতে পারে।

সঞ্চয়িতা /শন্‌চোয়িতা/ [স. সঞ্চয়+ইত+আ (টাপ্‌)] বি. কবিতার সংকলন বা সংগ্রহ; রবীন্দ্রনাথের একটি কাব্যগ্রন্থের নাম।

সঞ্চয়ী /শন্‌চোয়ি/ [স. সঞ্চয়+ইন্‌] বিণ. ১ সঞ্চয়-কারী। ২ সঞ্চয়ের উদ্দেশ্যযুক্ত (*সঞ্চয়ী হিসাব*)।

সঞ্চরণ /শন্‌চরোন্‌/ [স. সম্‌+√চর্‌+অন] বি. ১ বিচরণ, চলন। ২ কম্পন। ৩ গমন।

সঞ্চরমাণ /শন্‌চরোমান্‌/ [স. সম্‌+√চর্‌+মান (শানচ্‌)] বিণ. সঞ্চারিত হচ্ছে এমন, বিচরণশীল।

সঞ্চরিত /শন্‌চোরিতো/ [স. সম্‌+√চর্‌+ত] বিণ. বিচরণ করেছে এমন।

সঞ্চলন /শন্‌চলোন্‌/ [স. সম্‌+√চল্‌+অন] বি. ১ বিচরণ, চলন, গমন। ২ কম্পন, আন্দোলন।

সঞ্চলিত /শন্‌চোলিতো/ [স. সম্‌+√চল্‌+ণিচ্‌+ত] বিণ. ১ আন্দোলিত, কম্পিত। ২ বিচরণ করেছে এমন।

সঞ্চার /শন্‌চার্‌/ [স. সম্‌+√চর্‌+অ] বি. ১ সঞ্চালন (*তাপসঞ্চার*)। ২ প্রসার, ব্যাপ্তি (*মেঘের সঞ্চার*)। ৩ আবির্ভাব (*রসসঞ্চার*)। ৪ উদ্রেক (*শক্তিসঞ্চার*)। ৫ (জ্যোবি.) গ্রহাদির এক রাশি থেকে অন্য রাশিতে গমন। ৬ (আল.) প্রতিষ্ঠা (*প্রাণসঞ্চার*)।

www.pathagar.com

সঞ্চারক /শন্চারক্/ [স. সম্+√চারি+অক] বিণ. সঞ্চারকারী।

সঞ্চারণ /শন্চারোন্/ [স. সম্+√চারি+অন] বি. দ্র সঞ্চার।

সঞ্চারিকা /শন্চারিকা / [স. সঞ্চারক+আ (টাপ্)] বি. দূতী।

সঞ্চারিত /শন্চারিতো/ [স. সম্+√চারি+ত] বিণ. সঞ্চার করেছে এমন (*প্রাণ সঞ্চারিত*)।

সঞ্চারী /শন্চারি/ [স. সম্+√চর্+ইন্] বিণ. ১ সঞ্চরণশীল; বিচরণকারী (*জলসঞ্চারী*)। ২ ছোঁয়াচে (*সঞ্চারী ব্যাধি*)। ৩ অস্থায়ী। ৪ উদ্রেক বা সঞ্চার করে এমন (*প্রাণসঞ্চারী*)। বি. ১ গানের তৃতীয় স্তবক। ২ হৃদয়ের অস্থায়ী ভাব।

সঞ্চালক /শন্চালক্/ [স. সম্+√চালি+অক] বিণ. বি. সঞ্চালনকারী; পরিচালক; নিয়ন্ত্রক।

সঞ্চালন /শন্চালোন্/ [স. সম্+√চালি+অন] বি. ১ পরিচালনা (*কার্যসঞ্চালন*)। ২ আন্দোলন (*অঙ্গ-সঞ্চালন*)। ৩ চলাচল (*রক্ত সঞ্চালন*)।

সঞ্চালিত /শন্চালিতো/ [স. সম্+√চালি+ত] বিণ. ১ আন্দোলিত। ২ পরিচালিত। ৩ সংক্রামিত।

সঞ্চিত /শোন্চিতো/ [স. সম্+√চি+ত] বিণ. সঞ্চয় বা সংগ্রহ করা হয়েছে এমন, আহৃত।

সঞ্চিতা /শোন্চিতা/ [স. সঞ্চিত >] বি. ১ গল্প কবিতা প্রভৃতির সংগ্রহগ্রন্থ। ২ নজরুলের একটি কাব্য-গ্রন্থের নাম।

সঞ্চীয়মান /শোন্চিয়োমান্/ [স. সম্+√চি+মান (শানচ্)] বিণ. সঞ্চয় করা হচ্ছে এমন।

সঞ্চেয় /শন্চেয়ো/ [স. সম্+√চি+য] বিণ. সঞ্চয়ের যোগ্য বা সঞ্চয় করতে হবে এমন।

সঞ্জনন /শন্জনোন্/ [স. সম্+√জনি+অন] বি. উৎপাদন; উৎপাদনের শক্তি।

সঞ্জননা /শন্জনোনা/ [স. সঞ্জনন+আ (টাপ্)] বি. দ্র সঞ্জনন।

সঞ্জননী /শন্জনোনি/ [স. সঞ্জনন+ঈ] বিণ. (ভাষা.) উৎপাদন করে এমন, generative।

সঞ্জয় /শন্জয়্/ [স. সম্+√জি+অ] বি. মহাভারতে বর্ণিত অন্ধনৃপতি ধৃতরাষ্ট্রের সারথি ও মন্ত্রী যিনি তাঁকে কুরুক্ষেত্রের যুদ্ধের কথা শুনিয়েছিলেন।

সঞ্জাত /শন্জাতো/ [স. সম্+√জন্+ত] বিণ. উদ্ভূত, উৎপন্ন, সৃষ্ট, জাত।

সঞ্জাব /শন্জাব্/ [ফা. সন্জাফ্ >] বি. পাতলা কাপড়ের ভেতরের দিকে লাগানোর আস্তরণ, lining; (শাড়ির পাড়কে ঝুলিয়ে রাখার জন্য) পাড় বরাবর সংযুক্ত লম্বা বস্ত্রখণ্ড, fall।

সঞ্জীব /শন্জিব্/ [স. সম্+ √জীবি+অ] বি. প্রাণধারণ।

সঞ্জীবন[১] /শন্জিবন্/ [স. সম্+√জীবি+অন] বি. প্রাণধারণ, জীবনধারণ।

সঞ্জীবন[২] /শন্জিবন্/ [স. সম্+√জীবি+অন] বি. ১ প্রাণসঞ্চার। ২ নরকবিশেষ। বিণ. জীবনদায়ী।

সঞ্জীবনী /শন্জিবোনি/ [স. সম্+√জীবি+অন+ঈ] বিণ. প্রাণসঞ্চারকারিণী, জীবনদায়িনী। বি. যে ওষুধ মৃতের জীবনদায়ী বলে মনে করা হয় (*মৃতসঞ্জীবনী*)।

সঞ্জীবিত /শন্জিবিতো/ [স. সম্+√জীবি+ত] বিণ. পুনরুজ্জীবিত।

সট /শট্/ [ধ্বন্যা.] অব্য. অতিশয় দ্রুততা বা ক্ষিপ্রতার ভাব (*সট করে সরে পড়া*)।

সটকা[১] /শট্কা/ [হি. সটক >] ক্রিবি. অগোচরে সরে পড়া।

সটকা[২] /শট্কা/ [দেশি.] বি. হুঁকোর লম্বা নল।

সটকান /শট্কান্/ [হি. সটক >] বি. চম্পট।

সটকানো /শট্কানো/ [হি. সটক >] ক্রিবি. পালানো।

সটান /শটান্/ [বা.] ক্রিবিণ. ১ একটুও দেরি না করে। ২ সোজাসুজি। ৩ লম্বা হয়ে (*সটান শুয়ে পড়া*)। বিণ. অবক্র।

সটীক /শটিক্/ [স. সহ+টীকা] বিণ. ব্যাখ্যাযুক্ত, টীকা-সহ।

সঠিক /শঠিক্/ [বা.] বিণ. নির্ভুল, প্রকৃত (*সঠিক তথ্য*)।

সডাক /শডাক্/ [স. সহ+হি. ডাক] বিণ. ডাকমাশুল-সমেত (*সডাক মূল্য*)।

সড় /শড়্/ [স. ষড়যন্ত্র >] বি. ষড়যন্ত্র, গুপ্তমন্ত্রণা।

সড়ক /শড়োক্/ [হি.] বি. পথ, রাস্তা।

সড় করা /শড় করা/ ক্রিবি. গোপনে পরামর্শ করা।

সড়কি /শোড়কি/ [দেশি.] বি. ছুড়ে মারা যায় এমন তীক্ষ্ণ ফলাযুক্ত অস্ত্র, বর্শা, বল্লম।

সড়সড় /শড়্শড়্/ [ধ্বন্যা.] অব্য. সাপ প্রভৃতি সরীসৃপের দ্রুত গমনের অনুকার শব্দ।

সড়াৎ /শড়াত্/ [ধ্বন্যা.] অব্য. দ্রুত কোনো কিছু সরে যাওয়া বা পিছলে পড়ার অনুকার শব্দ।

সড়োগড়ো /শড়োগড়ো/ [দেশি.] বিণ. ১ মুখস্থ। ২ উত্তমরূপে আয়ত্ত বা রপ্ত।

সতত /শততো/ [স. সম্+√তন্+ত] ক্রিবিণ. সর্বদা, নিরন্তর, অবিরত।

সততা /শতোতা/ [স. সত্তা >] বি. সাধুতা, ন্যায়-পরায়ণতা, honesty (*সততা মহৎ গুণ*)।

সতর্ক /শতর্কো/ [স. সহ+তর্ক] বিণ. ১ সাবধান

www.pathagar.com

(*সতর্ক প্রহরা*)। ২ সজাগ (*সতর্ক দৃষ্টি*)। ৩ অবহিত। বি. ~তা /-তা/।

সতর্কীকরণ /শতোর্‌ককিকরোন্‌/ [স. সতর্ক+চ্বি+করণ] বি. সতর্ক করার কাজ (*বিধিবদ্ধ সতর্কীকরণ*)।

সতর্কীকৃত /শতোর্‌ককিকৃতো/ [স. সতর্ক+চ্বি+কৃত] বিণ. সাবধান করে দেওয়া হয়েছে এমন।

সতা /শতা/ [স. সপত্নী >] বি. সতিন।

সতাই /শতাই/ [স. সপত্নী >] বি. বিমাতা।

সতিন /শোতিন্‌/ [স. সপত্নী >] বি. স্বামীর অন্য পত্নী, সপত্নী।

সতিনকাঁটা /শোতিনকাঁটা / [বা.] বি. যে সতিন কাঁটার মতো কষ্টদায়ক।

সতিনঝি /শোতিন্‌ঝি/ [বা.] বি. সতিনের কন্যা।

সতিনপো /শোতিন্‌পো/ [বা.] বি. সতিনের পুত্র।

সতী /শোতি/ [স. সৎ+ঈ] বিণ. সাধ্বী, পতিব্রতা। বি. ১ দক্ষের কন্যা ও শিবপত্নী। ২ পতিব্রতা নারী। ৩ (বাংলায়) যে পত্নীকে স্বামীর চিতায় জীবন্ত দগ্ধ করা হয় (*সতীদাহ*)।

সতীগিরি /শোতিগিরি / [স. সতী+ফা. গিরি] বি. (ব্য.) সতীত্বের ভান বা ভড়ং।

সতীচ্ছদ /শোতিচ্ছদ্‌/ [স. সতী+ছদ] বি. কুমারীর যোনিমুখের পাতলা পর্দা, কুমারীঝিল্লি, hymen।

সতীত্ব /শোতিত্তো/ [স. সতী+ত্ব] বি. সতী স্ত্রীর ধর্ম, পাতিব্রত্য।

সতীত্বনাশ /শোতিত্তোনাশ্‌/ [স. সতীত্ব+√নশ্‌+অ] বি. পরপুরুষ কর্তৃক বলাৎকার; পরপুরুষের সংগমে সতীত্ব লোপ।

সতীত্বহানি /শোতিত্তোহানি/ [স. সতীত্ব+√হা+তি] বি. দ্র সতীত্বনাশ।

সতীদাহ /শোতিদাহো/ [স. সতী+দাহ] বি. স্বামীর চিতায় পত্নীকে জীবন্ত দগ্ধ করার অধুনালুপ্ত প্রথা।

সতীধর্ম /শোতিধর্‌মো/ [স. সতী+ধর্মন্‌] বি. স্বামীর প্রতি পত্নীর একনিষ্ঠতা।

সতীন্দ্র /শোতিন্দ্রো/ [স. সতী+ইন্দ্র] বি. সতীর পতি, শিব।

সতীপতি /শোতিপোতি/ [স. সতী+√পা+অতি] বি. শিব।

সতীপনা /শোতিপনা/ [স. সতী+বা. পনা] বি. সতীত্বের ভড়ং।

সতীর্থ /শতির্‌থো/ [স. স+তীর্থ] বিণ. বি. একই সময়ে একই গুরুর কাছে শিক্ষাপ্রাপ্ত, সহপাঠী।

সতীলক্ষ্মী /শোতিলোক্‌খি/ [স. সতী+লক্ষ্মী] বি. সতীসাধ্বী ও ঘরের লক্ষ্মীস্বরূপা পত্নী।

সতীশ /শোতিশ্‌/ [স. সতী+ঈশ] বি. শিব।

সতীসাধ্বী /শোতিশাদ্‌ধি/ [স. সতী+সাধ্বী] বি. পতিব্রতা ও পতির একান্ত অনুগত নারী।

সতীসাবিত্রী /শোতিশাবিত্তি্র/ [স. সতী+সাবিত্রী] বি. সাবিত্রীর মতো সতী পত্নী।

সতুষ /শতুশ্‌/ [স. সহ+তুষ] বিণ. ধানের খোসাযুক্ত, তুষযুক্ত।

সতৃণ /শতৃনো/ [স. সহ+তৃণ] বিণ. তৃণ আছে এমন।

সতৃষ্ণ /শতৃশ্‌নো/ [স. সহ+তৃষ্ণা] বিণ. ১ তৃষ্ণা বা পিপাসাযুক্ত। ২ লালায়িত। ৩ অভিলাষী, অতিশয় আগ্রহযুক্ত (*সতৃষ্ণ নয়নে*)।

সতেজ /শতেজ/ [স. সহ+তেজস্‌] বিণ. তেজি, বলবান; প্রাণপূর্ণ।

সতেরো /শতেরো/ [স. সপ্তদশ >] বি. ১৭ সংখ্যা। বিণ. ১৭ সংখ্যক।

সতেরোই /শতেরোই/ [বা.] বি. মাসের ১৭ তারিখ। বিণ. ১৭ তারিখের।

সৎ[১] /শত্‌/ [স. √অস্‌+অৎ] বিণ. ১ নিত্য। ২ সত্তা-যুক্ত, অস্তিত্ববিশিষ্ট। ৩ সত্য। ৪ উত্তম, শুভ। ৫ সাধু। ৬ বিদ্বান, জ্ঞানী। বি. অস্তিত্ব।

সৎ[২] /শত্‌/ [স. সপত্নী >] বিণ. সতিনের সূত্রে সম্পর্কিত।

সৎকর্ম /শতকর্‌মো/ [স. সৎ+কর্মন্‌] বি. পুণ্য কাজ, হিতকর কাজ।

সৎকার /শতকার্‌/ [স. সৎ+√কৃ+অ] বি. ১ অন্ত্যেষ্টি-ক্রিয়া (*মৃতের সৎকার*)। ২ সম্মান; সমাদর, পরি-চর্যা।

সৎকার্য /শতকার্‌জ্জো/ [স. সৎ+√কৃ+য] বি. সৎকর্ম।

সৎকৃত /শতকৃতো/ [স. সৎ+√কৃ+ত] বিণ. সৎকার করা হয়েছে এমন।

সৎকৃতি /শতকৃতি/ [স. সৎ+√কৃ+তি] বি. ১ অন্ত্যেষ্টি। ২ সৎকর্ম।

সৎক্রিয়া /শতক্রিআ/ [স. সৎ+√কৃ+অ+আ (টাপ্‌)] বি. ১ শুভকাজ। ২ সৎকার।

সৎছেলে /শতছেলে/ [বা.] বি. সপত্নীর পুত্র।

সৎপ্রসঙ্গ /শতপ্রোশংগো/ [স. সৎ+প্রসঙ্গ] বি. উত্তম প্রসঙ্গ।

সৎ-বোন /শতবোন্‌/ [বা.] বি. বিমাতার কন্যা।

সৎ-ভাই /শতভাই/ [বা.] বি. বিমাতার পুত্র।

সৎ-মা /শতমা/ [বা.] বি. গর্ভধারিণী মাতার সতিন, বিমাতা।

সৎ-মানুষ /শতমানুশ্‌/ [স. সৎ+মানুষ] বি. অসাধু

www.pathagar.com

নয় এমন ব্যক্তি।

সৎ-মেয়ে /শত্‌মেয়ে/ [বা.] বি. সতিনের কন্যা।

সৎসঙ্গ /শত্‌শঙ্গো/ [স. সৎ+সঙ্গ] বি. সাধু ব্যক্তির সাহচর্য।

সৎসাহস /শত্‌শাহোশ্‌/ [স. সৎ+সাহস] বি. ন্যায় বা উচিত কাজ করার সাহস।

সৎস্বভাব /শত্‌শভাব্‌/ [স. সৎ+স্বভাব] বি. উত্তম স্বভাব। বিণ. চরিত্রবান।

সত্তম /শত্‌তমো/ [স. সৎ+তমপ্‌] বিণ. ১ সর্বোৎকৃষ্ট, শ্রেষ্ঠ। ২ সাধুতম।

সত্তর /শোত্‌তোর্‌/ [স. সপ্ততি >] বি. ৭০ সংখ্যা। বিণ. ৭০ সংখ্যক।

সত্তা /শত্‌তা/ [স. সৎ+তা] বি. ১ অস্তিত্ব (*ব্যক্তিসত্তা*)। ২ স্থিতি। ৩ উৎপত্তি। ৪ নিত্যতা। ৫ সাধুতা।

সত্ত্ব /শত্‌তো/ [স. সৎ+ত্ব] বি. ১ সত্তা, বিদ্যমানতা (*তৎসত্ত্বেও*)। ২ বল, পরাক্রম (*সত্ত্ববান*)। ৩ স্বভাব, প্রকৃতি (*শুদ্ধসত্ত্ব*)। ৪ উৎসাহ (*সত্ত্বাহীন*)। ৫ প্রাণ, ভূণ (*অন্তঃসত্ত্বা*)। ৬ ত্রিগুণের প্রথমটি। ৭ (বাংলায়) ফলের রস শুকিয়ে প্রস্তুত খাদ্যবস্তু (*আমসত্ত্ব*)।

সত্ত্বগুণ /শত্‌তোগুন্‌/ [স. সত্ত্ব+গুণ] বি. মহৎপ্রবণতা; প্রাকৃতিক গুণত্রয়ের প্রথমটি।

সত্ত্বেও /শত্‌তেও/ [স. সত্ত্ব >] অব্য. কোনো কিছু হলেও বা ঘটলেও (*তৎসত্ত্বেও*)।

সত্বর /শত্‌তর্‌/ [স. সহ+ত্বরা] ক্রিবিণ. তাড়াতাড়ি, শীঘ্র (*সত্বর এসো*)। বিণ. অতি দ্রুত (*সত্বর গতি*)।

সত্য /শোত্‌তো/ [স. সৎ+য] বিণ. ১ মিথ্যা নয়, প্রকৃত (*সত্য কথা*)। ২ বাস্তব (*সত্য ঘটনা*)। ৩ চিরকালীন, নিত্য। বি. ১ অমিথ্যা বচন। ২ নিত্যতা। ৩ প্রতিজ্ঞা, শপথ, দিব্যি (*তিন সত্য করে বলা*)। ৪ যাথার্থ্য। ৫ পৌরাণিক মতে চারটি যুগের প্রথমটি (*সত্যযুগ*)।

সত্যকথন /শোত্‌তোকথোন্‌/ [স. সত্য+কথন] বি. যথার্থ বচন।

সত্য কথা /শোত্‌তো কথা/ বি. যথার্থ বা ঠিক কথা।

সত্যকাম /শোত্‌তোকাম্‌/ [স. সত্য+√কম্‌+অ] বিণ. মিথ্যা পরিহার করে চলে এমন। বি. সত্যবাদিতার জন্য খ্যাত পৌরাণিক মহর্ষিবিশেষ।

সত্যকার /শোত্‌তোকার্‌/ [স. সত্য+√কৃ+অ] বিণ. বাস্তব, প্রকৃত, যথার্থ।

সত্যজিৎ /শোত্‌তোজিত্‌/ [স. সত্য+√জিৎ+ক্বিপ্‌] বি. যিনি সত্যকে জয় করে থাকেন।

সত্যতা /শোত্‌তোতা/ [স. সত্য+তা] বি. যথার্থতা (*সত্যতা যাচাই*)।

সত্যদর্শী /শোত্‌তোদোর্‌শি/ [স. সত্য+√দৃশ্‌+ইন্‌] বিণ. সত্য উপলব্ধি করতে পারে এমন।

সত্যদ্রষ্টা /শোত্‌তোদ্রোশ্‌টা/ [স. সত্য+√দৃশ্‌+তৃ] বিণ. দ্র সত্যদর্শী।

সত্যনারায়ণ /শোত্‌তোনারায়োন্‌/ [স. সত্য+নারায়ণ] বি. লৌকিক দেবতাবিশেষ; সত্যপির।

সত্যনিষ্ঠ /শোত্‌তোনিশ্‌ঠো/ [স. সত্য+নিষ্ঠা] বিণ. সত্যের প্রতি নিষ্ঠাবান, সত্যবাদী; সত্যানুরাগী।

সত্যনিষ্ঠা /শোত্‌তোনিশ্‌ঠা/ [স. সত্য+নিষ্ঠা] বি. সত্যবাদিতা; সত্যপরায়ণতা।

সত্যপথ /শোত্‌তোপথ্‌/ [স. সত্য+পথ] বি. ন্যায়ের পথ, যথার্থ পথ (*সত্যপথে চলা*)।

সত্যপন্থা /শোত্‌তোপন্থা/ [স. সত্য+বা. পন্থা] বি. দ্র সত্যপথ।

সত্যপরায়ণ /শোত্‌তোপরায়োন্‌/ [স. সত্য+পরায়ণ] বিণ. দ্র সত্যনিষ্ঠ।

সত্যপির /শোত্‌তোপির্‌/ [স. সত্য+ফা. পীর] বি. হিন্দু ও মুসলমানের মিলনের প্রতীকরূপ লৌকিক দেবতা বা পির, সত্যপথের সন্ধানদাতা।

সত্যপ্রতিজ্ঞ /শোত্‌তোপ্রোতিগ্‌গোঁ/ [স. সত্য+প্রতিজ্ঞা] বিণ. দৃঢ়প্রতিজ্ঞ, স্থিরপ্রতিজ্ঞ।

সত্যপ্রিয় /শোত্‌তোপ্রিয়ো/ [স. সত্য+প্রিয়] বিণ. সত্য বলতে বা শুনতে ভালোবাসে এমন, সত্যনিষ্ঠ।

সত্যফল /শোত্‌তোফল্‌/ [স. সত্য+ফল] বি. শ্রীফল, বেল।

সত্যবতী /শোত্‌তোবোতি/ [স. সত্য+বৎ+ঈ] বি. ১ পুরাণোক্ত ব্যাসদেবের মাতা। ২ নারদপত্নী। ৩ ঋচীকমুনির পত্নী।

সত্যবাদিতা /শোত্‌তোবাদিতা/ [স. সত্য+√বদ্‌+ইন্‌+তা] বি. সত্যভাষিতা।

সত্যবাদী /শোত্‌তোবাদি/ [স. সত্য+√বদ্‌+ইন্‌] বিণ. সত্যভাষী। স্ত্রী. **সত্যবাদিনী** /শোত্‌তোবাদিনি/।

সত্যবান /শোত্‌তোবান্‌/ [স. সত্য+বৎ] বিণ. সত্যপরায়ণ। বি. পৌরাণিক রাজা দ্যুমৎসেনের পুত্র ও সাবিত্রীর স্বামী।

সত্যব্রত /শোত্‌তোবব্রোতো/ [স. সত্য+ব্রত] বি. যার কাছে সত্যপালন ব্রততুল্য, ভীষ্ম।

সত্যভঙ্গ /শোত্‌তোভঙ্গো/ [স. সত্য+ভঙ্গ] বি. শপথভঙ্গ।

সত্যভামা /শোত্‌তোভামা/ [স. সত্য+√ভাম্‌+অ+আ (টাপ্‌)] বি. পৌরাণিক রাজা সত্রাজিতের কন্যা ও

www.pathagar.com

কৃষ্ণের অন্যতম পত্নী।

সত্যভাষী /শোত্তোভাশি/ [স. সত্য+√ভাষ্+ইন্] বিণ. সত্য বলে এমন, সত্যবাদী।

সত্যমূলক /শোত্তোমুলক্/ [স. সত্য+মূলক] বিণ. মূলে সত্য আছে এমন।

সত্যযুগ /শোত্তোজুগ্/ [স. সত্য+যুগ] বি. পুরাণে কল্পিত চারটি যুগের প্রথমটি, কৃতযুগ।

সত্যরক্ষা /শোত্তোরোক্‌খা/ [স. সত্য+রক্ষা] বি. প্রতিশ্রুতি পালন।

সত্যলোক /শোত্তোলোক্/ [স. সত্য+লোক] বি. পুরাণে কল্পিত সপ্তলোকের (ভূঃ ভুবঃ স্বঃ মহঃ জন তপঃ ও সত্য) সর্বোপরিস্থ লোক।

সত্যসন্ধ /শোত্তোশন্ধো/ [স. সত্য+সম্+√ধা+অ] বিণ. সত্যরক্ষায় দৃঢ়প্রতিজ্ঞ।

সত্যসন্ধান /শোত্তোশন্ধান্/ [স. সত্য+সন্ধান] বি. প্রকৃত ঘটনার অনুসন্ধান।

সত্যাগ্রহ /শোত্তাগ্‌গ্রোহো/ [স. সত্য+আগ্রহ] বি. ন্যায্য অধিকার আদায়ের প্রতিজ্ঞা; সত্য রক্ষার জন্য দুঃখবরণ করার সংকল্প; মহাত্মা গান্ধীর অহিংস আন্দোলন।

সত্যাগ্রহী /শোত্তাগ্‌গ্রোহি/ [স. সত্য+আ+√গ্রহ্+ইন্] বিণ. সত্য প্রতিষ্ঠার জন্য আগ্রহী।

সত্যানুরক্তি /শোত্তানুরোক্তি/ [স. সত্য+অনুরক্তি] বি. সত্যের প্রতি আসক্তি।

সত্যানুসন্ধান /শোত্তানুশনধান্/ [স. সত্য+অনু+সন্ধান] বি. প্রকৃত তথ্য জানার জন্য অন্বেষণ; সত্য উদ্‌ঘাটনের জন্য গবেষণা।

সত্যানুসন্ধিৎসা /শোত্তানুশোন্‌ধিত্‌শা/ [স. সত্য+অনুসন্ধিৎসা] বি. সত্যসন্ধানের ইচ্ছা।

সত্যান্বেষণ /শোত্তান্‌নেশন্/ [স. সত্য+অন্বেষণ] বি. প্রকৃত ঘটনা জানার জন্য অনুসন্ধান।

সত্যান্বেষী /শোত্তান্‌নেশি/ [স. সত্য+অনু+√ইষ্+ইন্] বি. বিণ. সত্যের অনুসন্ধানকারী।

সত্যাপন /শোত্তাপন্/ [স. √সত্যাপি+অন] বি. শপথগ্রহণ।

সত্যাপনা /শোত্তাপনা/ [স. সত্যাপন+আ (টাপ্)] বি. দ্র সত্যাপন।

সত্যায়ন /শোত্তায়োন্ / [স. সত্য+√অয়্+অন্] বি. সত্যতা নিশ্চিতকরণ; (পরি.) attestation।

সত্যায়িত /শোত্তায়িতো/ [স. সত্য+√অয়্+ণিচ্+ত] বিণ. সত্যতা যাচাই করা হয়েছে এমন; (পরি.) attested।

সত্যাসত্য /শোত্তাশোত্তো/ [স. সত্য+অসত্য] বি. সত্য ও অসত্য; যথার্থ ও অযথার্থ (*সত্যাসত্য বিচার*)।

সত্যি /শোত্তি/ [বা.] বিণ. ১ যথার্থ, বাস্তব। ২ নির্ভুল। ৩ প্রকৃত। অব্য. নিশ্চয়।

সত্যিকার /শোত্তিকার/ [বা.] বিণ. প্রকৃত, যথার্থ।

সত্র /শত্রো/ [স. √সদ্+ত্র] বি. ১ যে গৃহে অন্ন বিতরণ করা হয়; আশ্রম। ২ যজ্ঞ, ব্রত। ৩ বিশ্ববিদ্যালয় বিচারালয় প্রভৃতির ব্যবস্থাপক সভার অধিবেশন, session। ৪ অরণ্য।

সত্রশিখা /শত্রোশিখা/ [স. সত্র+শিখা] বি. হোমশিখা, যজ্ঞশিখা।

সত্রাস /শত্রাশ্ / [স. সহ+ত্রাস] বিণ. ত্রাসযুক্ত, ভীত।

সত্রাসে /শত্রাশে/ [স. সত্রাস+বা. এ] ক্রিবিণ. ভীত হয়ে।

সদকা /সদ্‌কা/ [আ.] বি. ১ বিপদ থেকে মুক্তির জন্য আল্লাহর নামে কোনোকিছু উৎসর্গ। ২ খয়রাত।

সদন /শদোন্/ [স. √সদ্+অন] বি. ১ গৃহ, ভবন (*মাতৃসদন*)। ২ সমীপ, নিকট।

সদনুষ্ঠান /শদোনুশ্‌ঠান্/ [স. সৎ+অনুষ্ঠান] বি. সৎ ও শুভ কর্ম; ধর্মকর্ম।

সদভিপ্রায় /শদোভিপ্‌প্রায়্ / [স. সৎ+অভিপ্রায়] বি. সৎ উদ্দেশ্য, সাধুসংকল্প।

সদম্ভ /শদম্‌ভো/ [স. সহ+√দম্ভ্+অ] বিণ. দম্ভযুক্ত, দর্পযুক্ত।

সদয় /শদয়্/ [স. সহ+√দয়্+অ] বিণ. দয়াপরবশ, দয়ালু (*সদয় ব্যবহার*)। স্ত্রী. সদয়া /শদয়া/।

সদর /শদোর্/ [আ.] বি. ১ বহির্বাটী। ২ জেলার প্রধান শহর (*জেলাসদর*)। বিণ. বহিস্থ (*সদর দরজা*)।

সদর-অন্দর /শদোর্‌অনদর্ / [আ. সদর+ফা. অন্দর] বি. বাড়ির অন্দর ও বাহির। বিণ. (আল.) প্রকাশ্য ও অপ্রকাশ্য।

সদর কাছারি /শদোর্ কাছারি/ বি. প্রধান কার্যালয়।

সদর দপ্তর /শদোর্ দপ্‌তর্/ বি. প্রধান কার্যালয়।

সদর দরজা /শদোর্ দর্‌জা/ বি. গৃহের প্রধান প্রবেশপথ।

সদর মোকাম /শদোর্ মোকাম্/ বি. ব্যবসায়-বাণিজ্য ও আইন আদালতের কেন্দ্রস্থল।

সদর রাস্তা /শদোর্ রাস্‌তা/ বি. প্রধান সড়ক।

সদর্থক /শদর্থক্/ [স. সৎ+অর্থ+ক] বিণ. ১ ইতি-বাচক। ২ অস্তিত্ববাচক, ধনাত্মক।

সদর্প /শদর্পো/ [স. সহ+দর্প] বিণ. দর্পযুক্ত।

সদর্পে /শদর্পে/ [স. সদর্প+বা. এ] ক্রিবিণ. দর্প-সহকারে।

www.pathagar.com

সদলবলে /শদল্‌বলে / [স. স+দলবল+বা. এ] ক্রিবিণ. সঙ্গীসাথি সহকারে।

সদলে /শদলে / [স. সদল+বা. এ] ক্রিবিণ. সঙ্গীসাথি সঙ্গে নিয়ে।

সদসৎ /শদশত্‌/ [স. সৎ+অসৎ] বিণ. ১ ভালো ও মন্দ। ২ সৎ ও অসৎ। ৩ বিদ্যমান ও অবিদ্যমান। ৪ ন্যায় ও অন্যায়। ৫ প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ।

সদস্য /শদোশ্‌শো / [স. সদস্‌ +য] বি. কোনো সংঘ বা প্রতিষ্ঠানের সভ্য, member।

সদা /শদা / [স. সর্ব+দাচ্‌] অব্য. ক্রিবিণ. চিরদিন, সবসময়ে, সর্বদা (*সদা সত্য কথা বলিবে*)।

সদাই /শদাই / [ফা.] বি. পণ্যদ্রব্য, বেসাতি, সওদা।

সদাগতি /শদাগোতি / [স. সদা+গতি] বিণ. সর্বদা গতিশীল। বি. ১ সূর্য। ২ বায়ু।

সদাগর /শদাগর্‌ / [ফা.] বি. 'সওদাগর'-এর বিকৃত রূপ।

সদাচরণ /শদাচরোন্‌ / [স. সৎ+আচরণ] বি. ১ সৎ ও মার্জিত আচরণ। ২ শাস্ত্রবিহিত আচরণ।

সদাচার /শদাচার্‌ / [স. সৎ+আচার] বি. দ্র সদাচরণ।

সদাচারী /শদাচারি / [স. সৎ+আচার+ইন্‌] বিণ. শাস্ত্রবিহিত ও সৎ আচরণকারী। স্ত্রী. **সদাচারিণী** /শদাচারিনি /।

সদাত্মা /শদাত্তাঁ / [স. সৎ+আত্মন্‌] বিণ. সদাশয়, সাধু।

সদানন্দ /শদানন্‌দো / [স. সৎ+আনন্দ] বিণ. সর্বদা আনন্দময়। বি. পরমাত্মা; শিব।

সদানন্দময় /শদানন্‌দোময়্‌ / [স. সদানন্দ+ময়ট্‌] বিণ. সর্বদা আনন্দপূর্ণ। স্ত্রী. **সদানন্দময়ী** /শদানন্‌দো-মোয়ি /।

সদাব্রত /শদাব্‌রোতো / [স. সদা+ব্রত] বি. অন্নসত্র।

সদালাপ /শদালাপ্‌ / [স. সৎ+আলাপ] বি. আন্তরিকতাপূর্ণ কথোপকথন।

সদালাপী /শদালাপি / [স. সৎ+আলাপ+ইন্‌] বিণ. সর্বদা ভালো কথা বলে এমন; অমায়িক।

সদাশয় /শদাশয়্‌ / [স. সৎ+আশয়] বিণ. উদারচেতা ও মহানুভব। স্ত্রী. **সদাশয়া** /শদাশয়া /।

সদাশয়তা /শদাশয়োতা / [স. সদাশয়+তা] বি. মহানুভবতা, উদারতা।

সদাশিব /শদাশিব্‌ / [স. সদা+শিব] বিণ. ১ শান্ত; প্রসন্ন। ২ (বাংলায়) অল্পেই তুষ্ট। বি. মহাদেব।

সদাশ্রুত /শদাস্‌স্রুতো / [স. সদা+শ্রুত] বিণ. প্রায়ই শোনা যায় এমন।

সদাসর্বদা /শদাশর্‌বোদা / [স. সদা+সর্বদা] অব্য. ক্রিবিণ. সবসময়; হরহামেশা।

সদিচ্ছা /শদিচ্‌ছা / [স. সৎ+ইচ্ছা] বি. সৎ উদ্দেশ্য; মঙ্গলবাসনা, শুভকামনা।

সদুত্তর /শদুত্তর্‌ / [স. সৎ+উত্তর] বি. যথাযথ জবাব, সন্তোষজনক উত্তর।

সদুদ্দেশ্য /শদুদ্‌দেশ্‌শো / [স. সৎ+উদ্দেশ্য] বি. সৎ সংকল্প, সাধু উদ্দেশ্য।

সদুপদেশ /শদুপোদেশ্‌ / [স. সৎ+উপদেশ] বি. সৎ পরামর্শ; মঙ্গলজনক উপদেশ।

সদুপায় /শদুপায়্‌ / [স. সৎ+উপায়] বি. ১ সৎ পন্থা। ২ সমাধান। ৩ সংস্থান; আয়।

সদৃশ /শদৃশ্‌শো / [স. স+√দৃশ্‌+অ] বিণ. সমজাতীয়; তুল্য।

সদোষ /শদোশ্‌ / [স. সহ+দোষ] বিণ. দোষযুক্ত।

সদ্‌গতি /শদ্‌গোতি / [স. সৎ+গতি] বি. ১ নির্বাণ, মোক্ষ। ২ স্বর্গলাভ। ৩ (বাংলায়) সুব্যবস্থা। ৪ (ব্য.) অপব্যয়।

সদ্‌গুণ /শদ্‌গুন্‌ / [স. সৎ+গুণ] বি. উত্তমগুণ।

সদ্‌গুরু /শদ্‌গুরু / [স. সৎ+গুরু] বি. আদর্শ শিক্ষক।

সদ্‌ধর্ম /শদ্‌ধর্‌মো / [স. সৎ+ধর্ম] বি. ১ সত্য ধর্ম। ২ বৌদ্ধ ধর্মে বর্ণিত ত্রিরত্নের অন্যতম।

সদ্‌বংশ /শদ্‌বংশো / [স. সৎ+বংশ] বি. কল্পিত অভিজাত বা সম্ভ্রান্ত বংশ।

সদ্‌বংশজাত /শদ্‌বংশোজাতো / [স. সদ্‌বংশ+জাত] বিণ. কল্পিত সম্ভ্রান্ত বংশে জাত।

সদ্‌বাসনা /শদ্‌বাশোনা / [স. সৎ+বাসনা] বি. সদিচ্ছা।

সদ্‌বিচার /শদ্‌বিচার্‌ / [স. সৎ+বিচার] বি. সুবিচার, ইনসাফ, ন্যায়সংগত বিচার বা মীমাংসা।

সদ্‌বিবেচক /শদ্‌বিবেচক্‌ / [স. সৎ+বিবেচক] বিণ. উত্তম বিবেচনাকারী, সুবিচারক।

সদ্‌বিবেচনা /শদ্‌বিবেচনা / [স. সৎ+বিবেচনা] বি. উত্তম বিবেচনা; উৎকৃষ্ট মীমাংসা।

সদ্‌বুদ্ধি /শদ্‌বুদ্‌ধি / [স. সৎ+বুদ্ধি] বি. শুভবুদ্ধি।

সদ্‌বৃত্তি /শদ্‌বৃত্তি / [স. সৎ+বৃত্তি] বি. সৎকর্ম বা আচরণ; সৎ বা সাধু স্বভাব, সৎপ্রকৃতি।

সদ্‌ব্যবহার /শদ্‌ব্যাবোহার্‌ / [স. সৎ+ব্যবহার] বি. ১ শিষ্টাচার, মার্জিত ব্যবহার। ২ উত্তম প্রয়োগ (*সুযোগের সদ্‌ব্যবহার*)।

সদ্‌যুক্তি /শদ্‌জুক্তি / [স. সৎ+যুক্তি] বি. উত্তম পরামর্শ।

সদ্ভাব /শদ্‌ভাব্‌ / [স. সৎ+ভাব] বি. ১ সম্প্রীতি, সৌহার্দ্য। ২ সত্তা, অস্তিত্ব।

সদ্ম /শদ্‌দোঁ / [স. সদ্‌+মন্‌] বি. আবাস, আলয়।

www.pathagar.com

সদ্য /শোদ্‌দো/ [স. সমান+দ্যস্] অব্য. ক্রিবিণ. ১ এখনই (*হে নগরী, তব ফেনিল মদ্য /উছসি উছলি পড়িছে সদ্য,* রবীন্দ্র.); এইমাত্র (*সদ্যপ্রাপ্ত*)। ২ তখনই, ততক্ষণে।

সদ্যঃকৃত /শোদ্‌দোক্‌কৃতো/ [স. সদ্যঃ+কৃত] বিণ. সদ্য করা হয়েছে এমন।

সদ্যঃতন /শোদ্‌দোতনো/ [স. সদ্যঃ+তন] বিণ. এইমাত্র ঘটেছে এমন।

সদ্যঃপক্ক /শোদ্‌দোপ্‌পক্কো/ [স. সদ্যঃ+পক্ক] বিণ. ১ এইমাত্র রাঁধা হয়েছে এমন (*সদ্যঃপক্ক অন্ন*)। ২ সবে পেকেছে এমন।

সদ্যঃপাতী /শোদ্‌দোপ্‌পাতি/ [স. সদ্যঃ+√পত্+ইন্] বিণ. পতনোন্মুখ; ক্ষণস্থায়ী।

সদ্যঃপ্রসূত /শোদ্‌দোপ্‌প্রোশুতো/ [স. সদ্যঃ+প্রসূত] বিণ. এইমাত্র প্রসব করেছে এমন; সদ্যোজাত।

সদ্যঃসদ্য /শোদ্‌দোশোদ্‌দো/ [স. সদ্যঃ+সদ্যঃ] ক্রিবিণ. ১ এইমাত্র। ২ তৎক্ষণাৎ।

সদ্যঃস্নাত /শোদ্‌দোস্‌নাতো/ [স. সদ্যঃ+স্নাত] বিণ. এইমাত্র স্নান করেছে এমন। স্ত্রী. **সদ্যঃস্নাতা** /শোদ্‌দোস্‌নাতা/।

সদ্যোজাগ্রৎ /শোদ্‌দোজাগ্‌গ্রাত্/ [স. সদ্যঃ+জাগ্রৎ] বিণ. এইমাত্র নিদ্রা থেকে জাগরিত।

সদ্যোজাত /শোদ্‌দোজাতো/ [স. সদ্যঃ+জাত] বিণ. এইমাত্র জন্মলাভ করেছে এমন, নবজাত।

সদ্যোজীবী /শোদ্‌দোজিবি/ [স. সদ্যঃ+জীব্+ইন্] বিণ. ক্ষণজীবী; ক্ষণস্থায়ী।

সদ্যোমাংস /শোদ্‌দোমাংশো/ [স. সদ্যঃ+মাংস] বি. টাটকা মাংস।

সদ্যোমুক্ত /শোদ্‌দোমুক্তো/ [স. সদ্যঃ+মুক্ত] বিণ. এইমাত্র বন্ধনমুক্ত হয়েছে এমন।

সদ্যোমৃত /শোদ্‌দোমৃতো/ [স. সদ্যঃ+মৃত] বিণ. এইমাত্র মৃত্যু হয়েছে এমন। স্ত্রী. **সদ্যোমৃতা** /শোদ্‌দোমৃতা/।

সধবা /শধোবা/ [স. সহ+ধব+আ (টাপ্)] বি. যে নারীর স্বামী জীবিত আছে, এয়োস্ত্রী।

সধর্মচারিণী /শধরমোচারিনি/ [স. সধর্ম+আচার+ইন্+ঈ] বিণ. সহধর্মিণী।

সধর্মা /শধরমা/ [স. সমান+ধর্মন্] বিণ. দ্র **সধর্মী**।

সধর্মিণী /শধোরমিনি/ [স. সহ+ধর্ম+ইন্+ঈ] বি. সহধর্মিণী, পত্নী, স্ত্রী।

সধর্মী /শধোরমি/ [স. সধর্মন্+ইন্] বিণ. ১ সমগুণ-বিশিষ্ট, সমধর্মী। ২ তুল্য, সদৃশ।

সন /শন্/ [আ.] বি. সাল, অব্দ; বৎসর।

সনতারিখ /শন্‌তারিখ্/ [আ.] বি. (কোনো ঘটনার) বৎসর ও তারিখ।

সনৎ /শনোত্/ [স. সন্+অৎ] বি. ব্রহ্মা।

সনৎকুমার /শনোত্‌কুমার্/ [স. সনৎ+কুমার] বি. ব্রহ্মার মানসপুত্র; মুনিবিশেষ।

সনদ /শনোদ্/ [আ.] বি. ১ দলিল, প্রমাণপত্র। ২ কোনো পাঠক্রম সমাপনান্তে প্রদত্ত উপাধিপত্র।

সনদপত্র /শনোদ্‌পত্‌ত্রো/ [আ. সনদ+স. পত্র] বি. শংসাপত্র।

সনাতন /শনাতন্/ [স. সনা+তন] বিণ. নিত্য, শাশ্বত (*সনাতন কথা*); চিরপ্রচলিত (*সনাতন পদ্ধতি*)। বি. ১ প্রভু। ২ ব্রহ্মা। ৩ বিষ্ণু। ৪ শিব।

সনাতনধর্ম /শনাতন্‌ধরমো/ [স. সনাতন+ধর্মন্] বি. হিন্দুধর্ম।

সনাতনী /শনাতোনি/ [স. সনাতন+ঈ] বি. ১ লক্ষ্মী। ২ দেবী দুর্গা। ৩ সরস্বতী। বিণ. প্রাচীনপন্থি।

সনাথ /শনাথ্/ [স. সহ+নাথ] বিণ. ১ নাথ-সহ; রক্ষক আছে এমন (*সনাথ বালক*)। ২ স্বামী-সহ। ৩ যুক্ত, সমন্বিত। স্ত্রী. **সনাথা** /শনাথা/।

সনাল /শনাল্/ [স. সহ+নাল] বিণ. (পদ্মের) মৃণাল-যুক্ত।

সনির্বন্ধ /শনির্‌বন্‌ধো/ [স. সহ+নির্বন্ধ] বিণ. সবিনয়, মিনতিযুক্ত (*সনির্বন্ধ অনুরোধ*)।

সনে /শনে/ [হি.] ক্রিবিণ. (কাব্যে) সহিত, সঙ্গে (*আমার খেলা যখন ছিল তোমার সনে /তখন কে তুমি তা কে জানত।* রবীন্দ্র.)।

সনেট /সনেট্/ [ফ.] বি. চতুর্দশপদী কবিতা, sonnet।

সন্ত /শন্তো/ [হি.] বি. সাধু, সন্ন্যাসী।

সন্তত /শন্‌ততো/ [স. সম্+√তন্+ত] বিণ. ১ বহুদূর বিস্তৃত। ২ নিরন্তর; নিয়ত, সতত, অবিচ্ছিন্ন।

সন্ততি /শন্‌তোতি/ [স. সম্+√তন্+তি] বি. ১ সন্তান (*সন্তানসন্ততি*)। ২ বংশ। ৩ পঙ্‌ক্তি, শ্রেণি। ৪ ধারা, পর্যায়ক্রম। ৫ বিস্তার।

সন্তপ্ত /শন্‌তপ্‌তো/ [স. সম্+√তপ্+ত] বিণ. ১ উত্তপ্ত। ২ মনস্তাপযুক্ত, শোকার্ত (*শোকসন্তপ্ত*)।

সন্তরণ /শন্‌তরন্/ [স. সম্+√তৃ+অন] বি. সাঁতার।

সন্তরণদক্ষ /শন্‌তরন্‌দোক্‌খো/ [স. সন্তরণ+দক্ষ] বিণ. সাঁতারে পারদর্শী।

সন্তরণপটু /শন্‌তরন্‌পোটু/ [স. সন্তরণ+পটু] বিণ. দ্র সন্তরণদক্ষ।

সন্তর্পণ /শন্‌তর্‌পন্/ [স. সম্+√তর্পি+অন] বি. সম্যক তৃপ্তিদান, সন্তুষ্টিবিধান। বিণ. তৃপ্তিদায়ক।

সন্তর্পণে /শন্‌তর্‌পনে/ [স. সন্তর্পণ+বা. এ] ক্রিবিণ.

www.pathagar.com

অতি সাবধানে; নিঃশব্দে।

সন্তলন /শন্‌তোলন্‌/ [স. সম্‌+√তল্‌+অন] বি. গরম-তেলে হালকা ভেজে নেওয়ার কাজ, saute।

সন্তাগার /শন্‌তাগার্‌/ [হি. সস্ত+স. আগার] বি. আশ্রম, সাধুসন্ন্যাসীদের আখড়া, খানকা।

সন্তাড়িত /শন্‌তাড়িতো/ [স. সম্‌+√তাড়ি+ত] বিণ. বিশেষভাবে আলোড়ন করা হয়েছে এমন।

সন্তান /শন্‌তান্‌/ [স. সম্‌+√তন্‌+অ] বি. ১ অপত্য। ২ বংশধর। ৩ ধারা, প্রবাহ। ৪ বিস্তার, ব্যাপ্তি।

সন্তানক /শন্‌তানক্‌/ [স. সন্তান+ক (স্বার্থে)] বি. ১ দেবদারু বৃক্ষের প্রজাতিবিশেষ। ২ মন্দারপুষ্প।

সন্তানবান /শন্‌তান্‌বান্‌/ [স. সন্তান+বৎ] বিণ. সন্তান আছে এমন। *স্ত্রী. সন্তানবতী /শন্‌তান্‌বোতি/।

সন্তানবাৎসল্য /শন্‌তান্‌বাত্‌শোল্‌লো/ [স. সন্তান+বৎসল+য] বি. সন্তানের প্রতি স্নেহ।

সন্তানসন্ততি /শন্‌তান্‌শন্‌তোতি/ [স. সন্তান+সম্‌+√তন্‌+তি] বি. পুত্রকন্যা।

সন্তানসম্ভবা /শন্‌তান্‌শম্‌ভবা/ [স. সন্তান+সম্‌+√ভূ+অ+আ (টাপ্‌)] বিণ. সন্তান জন্মদানের সম্ভাবনা-যুক্ত, অন্তঃসত্ত্বা।

সন্তানহীন /শন্‌তান্‌হিন্‌/ [স. সন্তান+√হা+ত] বিণ. সন্তান নেই এমন, অপত্যহীন। *স্ত্রী. সন্তানহীনা /শন্‌তান্‌হিনা/।

সন্তানিকা /শন্‌তানিকা/ [স. সন্তান+কন্‌+আ (টাপ্‌)] বি. ১ দুধের সর; দুধের সর থেকে তৈরি মিঠাই-বিশেষ। ২ ফেন, মাড়। ৩ মাকড়সার জাল।

সন্তানোচিত /শন্‌তানোচিতো/ [স. সন্তান+উচিত] বিণ. সন্তানসুলভ (*সন্তানোচিত আচরণ*)।

সন্তানোৎপাদন /শন্‌তানোত্‌পাদোন্‌/ [স. সন্তান+উৎপাদন] বি. সন্তানের জন্মদান।

সন্তাপ /শন্‌তাপ্‌/ [স. সম্‌+তাপ] বি. অন্তর্দাহ, মনস্তাপ; উত্তাপ; শোক।

সন্তাপক্লিষ্ট /শন্‌তাপ্‌ক্লিশ্‌টো/ [স. সন্তাপ+√ক্লিষ্‌+ত] বিণ. রোগ শোক তাপ প্রভৃতির কারণে ক্লেশপ্রাপ্ত।

সন্তাপন /শন্‌তাপন্‌/ [স. সম্‌+√তাপি+অন] বি. উত্তাপন, তাপদান।

সন্তাপহর /শন্‌তাপ্‌হরো/ [স. সন্তাপ+√হৃ+অ] বিণ. মনস্তাপ হরণ করে এমন।

সন্তাপিত /শন্‌তাপিতো/ [স. সন্তাপ+√তাপি+ত] বিণ. সন্তপ্ত; পরিতাপযুক্ত; পীড়িত।

সন্তাপী /শন্‌তাপি/ [স. সন্তাপ+ইন্‌] বিণ. শোকার্ত; সন্তপ্ত।

সন্তুষ্ট /শন্‌তুশ্‌টো/ [স. সম্‌+√তুষ্‌+ত] বিণ. তৃপ্ত; আনন্দিত; প্রসন্নচিত্ত। *স্ত্রী. সন্তুষ্টা /শন্‌তুশ্‌টা/।

সন্তুষ্টি /শন্‌তুশ্‌টি/ [স. সম্‌+√তুষ্‌+তি] বি. সন্তোষ, তৃপ্তি; আহ্লাদ।

সন্তোষ /শন্‌তোশ্‌/ [স. সম্‌+√তুষ্‌+অ] বি. তুষ্টি, তৃপ্তি; আনন্দ, হর্ষ, খুশি।

সন্তোষজনক /শন্‌তোশ্‌জনোক্‌/ [স. সন্তোষ+জনক] বিণ. ১ তৃপ্তিকর। ২ কাজ চলার মতো। ৩ প্রত্যাশা পূরণ করে এমন।

সন্তোষপ্রদ /শন্‌তোশ্‌প্রোদো/ [স. সন্তোষ+প্রদ] বি. আনন্দদায়ক; তৃপ্তিকর।

সন্ত্রস্ত /শন্‌ত্রোস্‌তো/ [স. সম্‌+√ত্রস্‌+ত] বিণ. শঙ্কিত; অতিশয় ভীত।

সন্ত্রাস /শন্‌ত্রাশ্‌/ [স. সম্‌+√ত্রস্‌+অ] বি. ভীতি সঞ্চার; ভীতিকর পরিবেশ।

সন্ত্রাসদমন /শন্‌ত্রাশ্‌দমোন্‌/ [স. সন্ত্রাস+দমন] বি. সন্ত্রাস প্রতিরোধ ও নিয়ন্ত্রণ।

সন্ত্রাসবাদ /শন্‌ত্রাশ্‌বাদ্‌/ [স. সন্ত্রাস+বাদ] বি. নির্যাতন হত্যা প্রভৃতির দ্বারা সমাজে ত্রাস সঞ্চারের মতবাদ, terrorism।

সন্ত্রাসবাদী /শন্‌ত্রাশ্‌বাদি/ [স. সন্ত্রাস+√বদ্‌+ইন্‌] বি. বিণ. সন্ত্রাসবাদের অনুসারী।

সন্ত্রাসিত /শন্‌ত্রাশিতো/ [স. সম্‌+√ত্রাসি+ত] বিণ. ভীত, সন্ত্রস্ত। *স্ত্রী. সন্ত্রাসিতা /শন্‌ত্রাশিতা/।

সন্ত্রাসী /শন্‌ত্রাশি/ [স. সম্‌+√ত্রস্‌+ইন্‌] বি. বিণ. নির্যাতন হত্যা প্রভৃতির দ্বারা সমাজে ত্রাস সৃষ্টি-কারী।

সন্দংশ /শন্‌দংশো/ [স. সম্‌+√দন্‌শ্‌+অ] বি. শক্ত করে আঁকড়ে ধরার জন্য ব্যবহৃত সাঁড়াশি কামড়ি প্রভৃতি হাতিয়ার।

সন্দংশী /শন্‌দোংশি/ [স. সন্দংশ+ঈ] বি. দ্র সন্দংশ।

সন্দষ্ট /শন্‌দশ্‌টো/ [স. সম্‌+√দন্‌শ্‌+ত] বিণ. ১ শক্ত করে কামড়ে ধরেছে এমন। ২ সংলগ্ন।

সন্দর্ভ /শন্‌দর্‌ভো/ [স. সম্‌+√দৃভ্‌+অ] বি. ১ রচনা প্রবন্ধ প্রভৃতির সংকলন। ২ গবেষণাপত্র (*অভি-সন্দর্ভ*)।

সন্দর্শন /শন্‌দর্‌শোন্‌/ [স. সম্‌+দর্শন] বি. ১ সম্যক দর্শন, অবলোকন। ২ পরীক্ষা; নিরীক্ষা।

সন্দল /শন্‌দল্‌/ [ফা.] বি. চন্দনবৃক্ষ; চন্দনকাঠ।

সন্দিগ্ধ /শন্‌দিগ্‌ধো/ [স. সম্‌+√দিহ্‌+ত] বিণ. ১ সন্দেহযুক্ত, অনিশ্চিত। ২ ভীত। বি. ~তা /–তা/।

সন্দিষ্ট /শন্‌দিশ্‌টো/ [স. সম্‌+√দিশ্‌+ত] বিণ. আদিষ্ট, নির্দেশপ্রাপ্ত।

সন্দিহান /শোন্‌দিহান্‌/ [স. সম্‌+√দিহ্‌+আন (শানচ্‌)]

www.pathagar.com

বিণ. সন্দেহযুক্ত, সংশয়িত।

সন্দীপক /শন্‌দিপক্‌/ [স. সম্‌+√দীপি+অক] বিণ. ১ উৎসাহব্যঞ্জক। ২ প্রজ্বালক। স্ত্রী. সন্দীপিকা /শন্‌দিপিকা/।

সন্দীপন /শন্‌দিপন্‌/ [স. সম্‌+√দীপি+অন] বি. ১ প্রজ্বালন। ২ উদ্দীপন।

সন্দীপনী /শন্‌দিপোনি/ [স. সন্দীপন+ঈ] বিণ. সঞ্জীবনী; উৎসাহদানকারিণী।

সন্দীপিত /শন্‌দিপিতো/ [স. সম্‌+√দীপি+ত] বিণ. ১ প্রজ্বলিত (*সন্দীপিত অঙ্গার*)। ২ উৎসাহিত।

সন্দীপ্ত /শন্‌দিপ্‌তো/ [স. সম্‌+√দীপ্‌+ত] বিণ. দ্র সন্দীপিত।

সন্দেশ /শন্‌দেশ্‌/ [স. সম্‌+√দিশ্‌+অ] বি. ১ সংবাদ, খবর। ২ আদেশ। ৩ বার্তাবাহককে প্রদত্ত উপহার। ৪ (বাংলায়) বিবরণ। ৫ ছানার তৈরি শুকনো মিঠাইবিশেষ।

সন্দেশবহ /শন্‌দেশ্‌বহো/ [স. সন্দেশ+√বহ্‌+অ] বি. বিণ. সংবাদবাহক।

সন্দেহ /শন্‌দেহো/ [স. সম্‌+√দিহ্‌+অ] বি. ১ সংশয়। ২ অপরাধ করেছে এমন অনুমান। ৩ উপমেয় এবং উপমান উভয় ক্ষেত্রে সমান সংশয়বিশিষ্ট কাব্যালংকারবিশেষ।

সন্দেহজনক /শন্‌দেহোজনোক্‌/ [স. সন্দেহ+জনক] বিণ. সংশয় উদ্রেককারী (*সন্দেহজনক গতিবিধি*)।

সন্দেহভঞ্জন /শন্‌দেহোভন্‌জোন্‌/ [স. সন্দেহ+ভঞ্জন] বি. সংশয় নিরসন।

সন্দেহভাজন /শন্‌দেহোভাজোন্‌/ [স. সন্দেহ+ভাজন] বি. সন্দেহের পাত্র।

সন্দেহাতীত /শন্‌দেহাতিতো/ [স. সন্দেহ+অতীত] বিণ. সন্দেহের উর্ধ্বে, সন্দেহ করা যায় না এমন।

সন্ধান /শন্‌ধান্‌/ [স. সম্‌+√ধা+অন] বি. ১ খোঁজ, অন্বেষণ (*তথ্য সন্ধান*)। ২ ঠিকানা। ৩ গোপন প্রবেশদ্বার। ৪ রহস্য, তত্ত্ব। ৫ যোজনা (*শরসন্ধান*)। ৬ চোলাই। ৭ মিশ্রণ। ৮ সন্ধি। ৯ বন্ধন।

সন্ধানপুস্তক /শন্‌ধানপুস্‌তক্‌/ [স. সন্ধান+পুস্তক] বি. অভিধান, কোষগ্রন্থ।

সন্ধানী /শন্‌ধানি/ [স. সন্ধান+ইন্‌] বিণ. অনুসন্ধায়ী; রহস্য ভেদ করতে উৎসুক এমন।

সন্ধায়ী /শন্‌ধায়ি/ [স. সম্‌+√ধা+য+ইন্‌] বিণ. দ্র সন্ধানী।

সন্ধি /শোন্‌ধি/ [স. সম্‌+√ধা+ই] বি. ১ সংযোগ। ২ সম্মেলন। ৩ সন্ধান। ৪ (ব্যা.) পরপর অবস্থিত দুটি ধ্বনি বা শব্দের সংযোগ (*ব্যঞ্জনসন্ধি*)। ৫ বিবদমান পক্ষসমূহের মধ্যে চুক্তি সম্পাদন (*সন্ধি স্থাপন*)। ৬ ছিদ্র, রন্ধ্র। ৭ সুড়ঙ্গ (*সন্ধিপথ*)। ৮ দুটি তিথি বা কালের ক্রান্তিলগ্ন (*যুগসন্ধি*)। ৯ দেহের অঙ্গপ্রত্যঙ্গের মিলনস্থান (*উরুসন্ধি*)। ১০ (বাংলায়) শেষ, সীমা।

সন্ধিকাল /শোন্‌ধিকাল্‌/ [স. সন্ধি+কাল] বি. দুটি তিথির ক্রান্তিলগ্ন।

সন্ধিক্ষণ /শোন্‌ধিক্‌খন্‌/ [স. সন্ধি+ক্ষণ] বি. দ্র সন্ধি-কাল।

সন্ধিত /শোন্‌ধিতো/ [স. √সন্ধি+ত] বিণ. ১ সংলগ্ন, মিলিত, সন্ধিবদ্ধ (*সন্ধিত পক্ষদ্বয়*)। ২ লবণ মিশিয়ে সংরক্ষণ করা হয়েছে এমন। ৩ (বাংলায়) গেঁজে ওঠেছে এমন, fermented।

সন্ধিৎসা /শোন্‌ধিত্‌শা/ [স. সম্‌+√ধা+সন্‌+আ (টাপ্‌)] বি. সন্ধান করার ইচ্ছা, জানার ইচ্ছা।

সন্ধিৎসু /শোন্‌ধিত্‌শু/ [স. সম্‌+√ধা+সন্‌+উ] বিণ. অন্বেষণ করতে ইচ্ছুক।

সন্ধিনী /শোন্‌ধিনি/ [স. সন্ধা+ইন্‌+ঈ] বি. ঋতুমতী গাভি।

সন্ধিপত্র /শোন্‌ধিপত্‌ত্রো/ [স. সন্ধি+পত্র] বি. বিবদমান পক্ষসমূহের মধ্যে সম্পাদিত চুক্তিপত্র।

সন্ধিপূজা /শোন্‌ধিপুজা/ [স. সন্ধি+পূজা] বি. মহাষ্টমী ও মহানবমীর সন্ধিকালে দুর্গাপূজা।

সন্ধিবদ্ধ /শোন্‌ধিবদ্‌ধো/ [স. সন্ধি+বদ্ধ] বিণ. সন্ধিচুক্তিদ্বারা আবদ্ধ।

সন্ধিবন্ধ /শোন্‌ধিবন্‌ধো/ [স. সন্ধি+বন্ধ] বি. অঙ্গ-প্রত্যঙ্গের সংযোগ।

সন্ধিবাত /শোন্‌ধিবাত্‌/ [স. সন্ধি+বাত] বি. শরীরের অস্থিসন্ধিতে প্রদাহজনিত রোগ, বাতরোগ।

সন্ধিবিগ্রহ /শোন্‌ধিবিগ্‌গ্রোহো/ [স. সন্ধি+বিগ্রহ] বি. বিবদমান পক্ষসমূহের মধ্যে সন্ধি ও যুদ্ধ।

সন্ধিভঙ্গ /শোন্‌ধিভংগো/ [স. সন্ধি+ভঙ্গ] বি. ১ সন্ধির চুক্তিভঙ্গ। ২ গ্রন্থিচ্যুতি, dislocation।

সন্ধিস্থল /শোন্‌ধিস্থল/ [স. সন্ধি+স্থল] বি. সংযোগ-স্থল।

সন্ধুক্ষণ /শোন্‌ধুক্‌খন্‌/ [স. সম্‌+√ধুক্ষ্‌+অন] বি. উদ্দীপন, উত্তেজন।

সন্ধুক্ষিত /শোন্‌ধুক্‌খিতো/ [স. সম্‌+√ধুক্ষ্‌+ত] বিণ. উত্তেজিত, উদ্দীপিত।

সন্ধে /শোন্‌ধে/ [স. সন্ধ্যা >] বি. 'সন্ধ্যা'-র কথ্য রূপ।

সন্ধেয় /শন্‌ধেয়ো/ [স. সম্‌+√ধা+য] বিণ. ১ সন্ধি করার যোগ্য। ২ সংযোজনীয়।

সন্ধ্যক্ষর /শোন্‌ধ্যোক্‌খর্‌/ [স. সন্ধি+অক্ষর] বি. ১ সন্ধিজাত বর্ণ য র ল এবং (অন্তঃস্থ) ব। ২ পর

www.pathagar.com

পর উচ্চারিত দুটি স্বরধ্বনির সমন্বয়ে গঠিত স্বর ঐ (ও+ই) এবং ঔ (ও+উ)।

সন্ধ্যা /শোন্‌ধা/ [স. সম্+√ধ্যৈ+অ+আ (টাপ্)] বি. ১ দিন ও রাতের সন্ধিক্ষণ, রাত্রির আরম্ভ, সাঁঝ (*সন্ধ্যাবেলা*)। ২ যুগসন্ধি, যুগের অবসান (*কলির সন্ধ্যা*)। ৩ সকাল দুপুর ও সাঁঝের উপাসনা (*ত্রিসন্ধ্যা*)। ৪ বেলা। ৫ পুষ্পবিশেষ (*সন্ধ্যামণি*)। ৬ (আল.) জীবনের সমাপ্তিকাল (*জীবনসন্ধ্যা*)।

সন্ধ্যাতারা /শোন্‌ধাতারা/ [স. সন্ধ্যা+তারা] বি. শুক্রগ্রহ (সূর্যোদয়ের পূর্বে পুব আকাশে এবং সূর্যাস্তের পরে পশ্চিম আকাশে যে গ্রহ দীপ্ত হয়), শুকতারা, Venus।

সন্ধ্যাদীপ /শোন্‌ধাদিপ্/ [স. সন্ধ্যা+দীপ] বি. সন্ধ্যায় যে দীপ জ্বালানো হয়, সেঁজুতি।

সন্ধ্যাবন্দনা /শোন্‌ধাবন্‌দোনা/ [স. সন্ধ্যা+বন্দনা] বি. সকাল দুপুর ও সন্ধ্যার উপাসনা, সন্ধ্যাহ্নিক।

সন্ধ্যাবাতি /শোন্‌ধাবাতি/ [স. সন্ধ্যা+বা. বাতি] বি. দ্র সন্ধ্যাদীপ।

সন্ধ্যাভাষা /শোন্‌ধাভাশা/ [স. সন্ধ্যা+ভাষা] বি. বৌদ্ধ সাধকদের রচিত চর্যাপদে ব্যবহৃত সাংকেতিক ভাষা।

সন্ধ্যামণি /শোন্‌ধামোনি/ [স. সন্ধ্যা+মণি] বি. দ্র সন্ধ্যামালতি।

সন্ধ্যামালতি /শোন্‌ধামালোতি/ [স. সন্ধ্যা+মালতি] বি. ক্রান্তীয় অঞ্চলে প্রায় সারাবছর সন্ধ্যায় ফোটে এমন নীল বেগুনি হলুদ প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ ফুল বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ, সন্ধ্যামণি, কৃষ্ণকলি।

সন্ধ্যারাগ /শোন্‌ধারাগ্/ [স. সন্ধ্যা+রাগ] বি. সূর্যাস্তের পর আকাশে দৃশ্যমান রক্তিম আলোকচ্ছটা।

সন্ধ্যালোক /শোন্‌ধালোক/ [স. সন্ধ্যা+আলোক] বি. অস্তায়মান সূর্যের ম্লান আলোকচ্ছটা, twilight।

সন্ধ্যাহ্নিক /শোন্‌ধান্‌নিক্/ [স. সন্ধ্যা+আহ্নিক] বি. সকাল দুপুর ও সন্ধ্যার উপাসনা।

সন্নত /শন্‌নতো/ [স. সম্+√নম্+ত] বিণ. ১ অবনত, নত। ২ প্রণত।

সন্নতি /শন্‌নোতি/ [স. সম্+√নম্+তি] বি. ১ প্রণতি, প্রণাম; বিনয়, নম্রতা। ২ অবনতি।

সন্নদ্ধ /শন্‌নদ্‌ধো/ [স. সম্+√নহ্+ত] বিণ. ১ সংবদ্ধ। ২ রণসজ্জায় সজ্জিত (*সন্নদ্ধ সৈনিক*)। ৩ শ্রেণি-বদ্ধ, বিন্যস্ত।

সন্না /শন্‌না/ [বা.] বি. সূক্ষ্মমুখ চিমটা, tweezers।

সন্নাহ /শন্‌নাহো/ [স. সম্+√নহ্+অ] বি. ১ বর্ম, সাঁজোয়া। ২ পরিচ্ছদ।

সন্নাহ্য /শন্‌নাজ্‌ঝো/ [স. সম্+√নহ্+য] বিণ. বর্ম-পরিহিত। বি. ১ পরিচ্ছদ। ২ রণহস্তী।

সন্নিকট /শন্‌নিকট্/ [স. সম্+নিকট] বি. নৈকট্য। বিণ. নিকটবর্তী। ক্রিবিণ. অতি নিকটে।

সন্নিকর্ষ /শন্‌নিকর্‌শো/ [স. সম্+নি+√কৃষ্+অ] বি. নৈকট্য; সান্নিধ্য।

সন্নিকর্ষণ /শন্‌নিকর্‌শোন্/ [স. সম্+নি+√কৃষ্+অন] বি. ১ নিকটে অবস্থান; সান্নিধ্য। ২ সম্বন্ধ।

সন্নিকৃষ্ট /শন্‌নিকৃশ্‌টো/ [স. সম্+নি+√কৃষ্+ত] বিণ. নিকটে আগত; নিকটবর্তী।

সন্নিধাতা /শন্‌নিধাতা/ [স. সম্+নি+√ধা+তৃ] বিণ. ১ (যে ব্যক্তি) গচ্ছিত রাখে এমন। ২ সন্নিহিত।

সন্নিধান /শন্‌নিধান্/ [স. সম্+নি+√ধা+অন] বি. ১ নৈকট্য, নিকটে অবস্থান। ২ সংসর্গ। ৩ আবির্ভাব, আগমন। ৪ আশ্রয়। ৫ সমাগম।

সন্নিধি /শন্‌নিধি/ [স. সম্+নি+√ধা+ই] বি. দ্র সন্নিধান।

সন্নিপতিত /শন্‌নিপোতিতো/ [স. সম্+নি+√পত্+ত] বিণ. ১ সমবেত। ২ পতিত। ৩ আগত।

সন্নিপাত /শন্‌নিপাত্/ [স. সম্+নি+√পত্+অ] বি. ১ সম্যক নাশ; পতন। ২ সমষ্টি। ৩ সংমিশ্রণ। ৪ বাত কফ ও পিত্তের বিকারজনিত রোগ, typhoid।

সন্নিপাতন /শন্‌নিপাতোন্/ [স. সম্+নি+√পাতি+অন] বি. ১ অবতারণ। ২ আপতন।

সন্নিবদ্ধ /শন্‌নিবদ্‌ধো/ [স. সম্+নি+√বন্ধ্+ত] বিণ. ১ গ্রথিত। ২ নিবিষ্ট, অভিভূত।

সন্নিবন্ধ /শন্‌নিবন্‌ধো/ [স. সম্+নি+√বন্ধ্+অ] বি. ১ একত্র সংকলন। ২ গ্রন্থন। ৩ দৃঢ় বন্ধন।

সন্নিবন্ধন /শন্‌নিবন্‌ধন্/ [স. সম্+নি+√বন্ধ্+অন] বি. দ্র সন্নিবন্ধ।

সন্নিবর্তন /শন্‌নিবর্‌তোন্/ [স. সম্+নি+√বৃৎ+অন] বি. ১ প্রত্যাবর্তন। ২ নিবৃত্তি।

সন্নিবিষ্ট /শন্‌নিবিশ্‌টো/ [স. সম্+নি+√বিশ্+ত] বিণ. ১ বিন্যস্ত। ২ প্রবিষ্ট। ৩ উপবিষ্ট। ৪ সংস্থাপিত। ৫ সংক্রান্ত। ৬ সমীপস্থ। ৭ সংযুক্ত।

সন্নিবৃত্ত /শন্‌নিবৃত্তো/ [স. সম্+নি+√বৃৎ+ত] বিণ. ১ সম্যক নিবৃত্ত বা বিরত। ২ প্রত্যাগত।

সন্নিবৃত্তি /শন্‌নিবৃত্তি/ [স. সম্+নি+√বৃৎ+তি] বি. ১ বিরতি, নিবৃত্তি। ২ প্রত্যাবর্তন।

সন্নিবেশ /শন্‌নিবেশ্/ [স. সম্+নি+√বিশ্+অ] বি. ১ স্থিতি। ২ সংস্থাপন। ৩ সংযোগ। ৪ বিন্যাস। ৫ আশ্রম (*সাধু সন্নিবেশ*)। ৬ অভ্যন্তরে প্রবেশ।

সন্নিবেশিত /শন্‌নিবেশিতো/ [স. সম্+নি+√বেশি+ত]

www.pathagar.com

বিণ. সন্নিবেশ করা হয়েছে এমন।

-সন্নিভ /শন্নিভো/ [স. সম্+নি+√ভা+অ] বিণ. অনুরূপ, সদৃশ (*তপ্তকাঞ্চনসন্নিভ*)।

সন্নিয়োগ /শন্নিয়োগ্/ [স. সম্+নি+√যুজ্+অ] বি. ১ স্থায়ীপদে নিয়োগ। ২ আদেশ। ৩ সংযোগ।

সন্নিহিত /শন্নিহিতো/ [স. সম্+নি+√ধা+ত] বিণ. নিকটবর্তী; সান্নিধ্যে অবস্থিত; পার্শ্ববর্তী (*সন্নিহিত কোণ*)।

সন্ন্যস্ত /শন্নস্তো/ [স. সম্+নি+√অস্+ত] বিণ. ১ সমর্পিত। ২ নিক্ষিপ্ত। ৩ পরিত্যক্ত।

সন্ন্যাস /শোন্ন্যাশ্/ [স. সম্+নি+√অস্+অ] বি. ১ সংসার ত্যাগ করে ঈশ্বরচিন্তায় নিমগ্ন থাকার আশ্রম, চতুরাশ্রমের শেষটি। ২ মস্তিষ্কে রক্ত-সঞ্চালনের ব্যাঘাতজনিত আকস্মিক চেতনালোপ বা কোনো অঙ্গের অসাড়তাপ্রাপ্তি, apoplexy।

সন্ন্যাসরোগ /শোন্ন্যাশ্‌রোগ্/ [স. সন্ন্যাস+রোগ] বি. মস্তিষ্কে রক্তসঞ্চালনের ব্যাঘাতজনিত আকস্মিক চেতনালোপ বা দেহের কোনো অঙ্গ পক্ষাঘাতগ্রস্ত হয় এমন রোগ, apoplexy।

সন্ন্যাসী /শোন্ন্যাশি/ [স. সম্+নি+√অস্+ইন্] বি. যে ব্যক্তি সংসারধর্ম ত্যাগ করে সন্ন্যাস বা চতুর্থ আশ্রম গ্রহণ করেছে। স্ত্রী. **সন্ন্যাসিনী** /শোন্ন্যাশিনি/।

সন্মার্গ /শন্মারগো/ [স. সৎ+মার্গ] বি. সৎপথ; সদুপায়।

সন্মার্গী /শন্মারগি/ [স. সন্মার্গ+ইন্] বিণ. সৎপথের সন্ধানপ্রাপ্ত; সচ্চরিত্র।

সন্মিত্র /শন্মিত্রো/ [স. সৎ+মিত্র] বি. অকপট বন্ধু।

সপ /শপ্/ [আ.] বি. বড়ো মাদুর।

সপক্ষ /শপোক্‌খো/ [স. সহ+পক্ষ] বিণ. ১ অনুকূল পক্ষভুক্ত। ২ ডানাবিশিষ্ট। বি. **~তা** /-তা/।

সপত্ন /শপত্নো/ [স. সপত্নী+অ] বি. শত্রু, অরাতি।

সপত্নী /শপোত্নি/ [স. সমান+পতি+ঈ] বি. স্বামীর দ্বিতীয় পত্নী, সতিন।

সপত্নীক /শপোত্নিক্/ [স. সহ+পত্নী+কপ্] বিণ. ক্রিবিণ. পত্নীসহকারে, সস্ত্রীক।

সপরিবার /শপোরিবার্/ [স. সহ+পরিবার] বিণ. দারাপুত্রকন্যাদি-সহ।

সপরিবারে /শপোরিবারে/ [স. সপরিবার+বা. এ] ক্রিবিণ. স্ত্রী-পুত্রকন্যা সমভিব্যাহারে (*সপরিবারে আমন্ত্রিত*)।

সপর্যা /শপোর্জা/ [স. √সপর্য্য+অ+আ (টাপ্)] বি. ১ অর্চনা, উপাসনা। ২ সম্মান; সমাদর।

সপসপ /শপ্‌শপ্/ [ধ্বন্যা.] বি. তরল খাদ্য গ্রহণের অনুকার শব্দ। অব্য. আর্দ্রতার ভাবপ্রকাশক শব্দ।

সপসপে /শপ্‌শোপে/ [ধ্বন্যা.] বিণ. প্রায় ভেজা এমন ভাবযুক্ত (*সপসপে জামাকাপড়*)।

সপাং /শপাং/ [ধ্বন্যা.] অব্য. কশাঘাত বা বেত্রাঘাতের অনুকার শব্দ।

সপাৎ /শপাত্/ [ধ্বন্যা.] অব্য. দ্র সপাং।

সপাদ /শপাদ্/ [স. সহ+√পদ্+অ] বিণ. ১ চরণ-সহ। ২ সিকিভাগ-সহ, একচতুর্থাংশ-সহ, সোয়া।

সপাসপ /শপাশপ্/ [ধ্বন্যা.] অব্য. ক্রিবিণ. বারবার শপ্ শব্দে।

সপিণ্ড /শপিন্‌ডো/ [স. সমান+√পিণ্ড্+অ] বি. সপ্তপুরুষের অন্তর্গত জ্ঞাতি, পিণ্ডদানের অধিকারী। বি. **সপিণ্ডতা** /শপিন্‌ডোতা/।

সপিণ্ডন /শপিন্‌ডোন/ [স. √সপিণ্ড্+অন] বি. দ্র সপিণ্ডীকরণ।

সপিণ্ডীকরণ /শপিন্‌ডিকরোন্/ [স. সপিণ্ড+চ্বি+করণ] বি. মৃত্যুর এক বছর পূর্ণ হওয়ার পরে শাস্ত্রমতে করণীয় শ্রাদ্ধ।

সপিনা /শপিনা/ [ই.] বি. আদালতে হাজির হওয়ার লিখিত সমন, পরোয়ানা, তলবনামা, subpoena।

সপুচ্ছ /শপুচ্ছো/ [স. সহ+পুচ্ছ] বিণ. লেজবিশিষ্ট, পুচ্ছযুক্ত।

সপুত্র /শপুত্রো/ [স. সহ+পুত্র] বিণ. পুত্র-সহ।

সপুত্রক /শপুত্রোক/ [স. সপুত্র+ক (স্বার্থে)] বিণ. দ্র সপুত্র।

সপুষ্পক /শপুশ্‌পক্/ [স. সপুষ্প+ক (স্বার্থে)] বিণ. ফুলবিশিষ্ট (*সপুষ্পক উদ্ভিদ*)।

সপেটা /শপেটা/ [পো.] বি. সফেদার প্রজাতিবিশেষ।

সপ্ত /শপ্তো/ [স. √সপ্+অন্] বি. ৭ সংখ্যা। বিণ. ৭ সংখ্যক (*সপ্তর্ষি*)।

সপ্তক /শপ্তক্/ [স. সপ্তন্+ক (স্বার্থে)] বিণ. সাতটির সমষ্টি (*স্বরসপ্তক*), সাত সংখ্যক। বি. সংগীতের সাতটি স্বরের সমষ্টি (সা রে গা মা পা ধা নি)।

সপ্তকী /শপ্তোকি/ [স. সপ্তক+ঈ] বি. ১ নারীর ঊর্ধ্বাঙ্গে পরিধেয় বস্ত্রখণ্ড; কটিভূষণ, কটিবন্ধ; মেখলা। ২ নারীর কোমরে পরিধেয় অলংকার, চন্দ্রহার।

সপ্তগ্রাম /শপ্তোগ্‌রাম্/ [স্থান.] বি. ১ উন্নতমানের কুটিরশিল্পের জন্য বিখ্যাত বাংলাদেশের গ্রামবিশেষ। ২ পশ্চিমবঙ্গের অধুনালুপ্ত বাণিজ্যবন্দর।

সপ্তচত্বারিংশ /শপ্তোচত্তারিংশো/ [স. সপ্তন্+চত্বারিংশৎ+অ] বিণ. ৪৭ সংখ্যার পূরক; ৪৭ সংখ্যক; ৪৭ স্থানীয়।

www.pathagar.com

সপ্তচত্বারিংশৎ /শপ্তোচত্তারিংশত্/ [স. সপ্তন্+চত্বারিন্+শৎ] বি. ৪৭ সংখ্যা। বিণ. ৪৭ সংখ্যক।

সপ্তচত্বারিংশত্তম /শপ্তোচত্তারিংশত্তমো/ [স. সপ্তচত্বারিংশৎ+তমট্] বিণ. ৪৭ সংখ্যক; ৪৭ স্থানীয়। স্ত্রী. **সপ্তচত্বারিংশত্তমী** /শপ্তোচত্তারিংশত্তোমি/।

সপ্তচ্ছদ /শপ্তোচ্ছদ্/ [স. সপ্তন্+ছদ] বি. ছাতিমগাছ, সপ্তপর্ণ।

সপ্ততন্ত্রী /শপ্তোতোন্ত্রি/ [স. সপ্তন্+√তন্ত্র+ইন্] বিণ. সাতটি তারবিশিষ্ট (বাদ্যযন্ত্র)।

সপ্ততল /শপ্তোতল্/ [স. সপ্তন্+তল] বিণ. (বহুতল ভবনের ক্ষেত্রে) সাতটি তলবিশিষ্ট।

সপ্তাল /শপ্তোতাল্/ [স. সপ্তন্+তাল] বিণ. উচ্চতা বা গভীরতায় সাতটি তালগাছের দৈর্ঘ্যের সমান।

সপ্ততি /শপ্তোতি/ [স. সপ্তদশন্+তি] বি. ৭০ সংখ্যা। বিণ. ৭০ সংখ্যক; ৭০ সংখ্যার স্থানীয়।

সপ্ততিতম /শপ্তোতিতমো/ [স. সপ্ততি+তমট্] বিণ. ৭০ সংখ্যক; ৭০ সংখ্যার পূরক; ৭০ স্থানীয়। স্ত্রী. সপ্ততিতমী /শপ্তোতিতোমি/।

সপ্তত্রিংশ /শপ্তোত্রিংশো/ [স. সপ্তত্রিংশৎ+অ] বিণ. ৩৭ সংখ্যক।

সপ্তত্রিংশৎ /শপ্তোত্রিংশত্/ [স. সপ্তন্+ত্রিংশৎ] বি. ৩৭ সংখ্যা। বিণ. ৩৭ সংখ্যক।

সপ্তত্রিংশত্তম /শপ্তোত্রিংশত্তমো/ [স. সপ্তত্রিংশৎ+তমট্] বিণ. ৩৭ সংখ্যক; ৩৭ স্থানীয়। স্ত্রী. সপ্তত্রিংশত্তমী /শপ্তোত্রিংশত্তোমি/।

সপ্তদশ /শপ্তোদশ্/ [স. সপ্তন্+দশন্] বি. ১৭ সংখ্যা। বিণ. ১৭ সংখ্যক।

সপ্তদশী /শপ্তোদোশি/ [স. সপ্তদশন্+ঈ] বি. সতেরো বছর বয়স্কা। বিণ. সপ্তদশ স্থানীয়া।

সপ্তদ্বীপ /শপ্তোদিপ্/ [স. সপ্তন্+দ্বীপ] বি. ১ পৌরাণিক মতে পৃথিবীর সাতটি মহাদ্বীপ (জম্বু কুশ প্লক্ষ শাল্মলী ক্রৌঞ্চ শাক ও পুষ্কর)। ২ পৃথিবীর সাতটি বিভাগ।

সপ্তদ্বীপা /শপ্তোদিপা/ [স. সপ্তদ্বীপ+আ (টাপ্)] বিণ. সপ্তদ্বীপযুক্তা। বি. পৃথিবী, ধরা, ধরণি।

সপ্তধা /শপ্তোধা/ [স. সপ্তন্+ধাচ্] ক্রিবিণ. সাতভাগে; সাতপ্রকারে (*সপ্তধা বিভক্ত*)। বিণ. সাতবার।

সপ্তধাতু /শপ্তোধাতু/ [স. সপ্তন্+ধাতু] বি. আয়ুর্বেদশাস্ত্র অনুযায়ী দেহের সাতটি উপাদান (রস রক্ত মাংস মেদ অস্থি মজ্জা ও শুক্র), ভিন্নমতে (বায়ু পিত্ত কফ রক্ত শুক্র মাংস ও অস্থি)।

সপ্তনবতি /শপ্তোনবোতি/ [স. সপ্তন্+নবতি] বি. ৯৭ সংখ্যা। বিণ. ৯৭ সংখ্যক।

সপ্তনবতিতম /শপ্তোনবোতিতমো/ [স. সপ্তনবতি+তমট্] বিণ. ৯৭ সংখ্যক; ৯৭ স্থানীয়। স্ত্রী. সপ্তনবতিতমী /শপ্তোনবোতিতোমি/।

সপ্তপঞ্চাশৎ /শপ্তোপন্চাশত্/ [স. সপ্তপঞ্চান্+শৎ] বি. ৫৭ সংখ্যা। বিণ. ৫৭ সংখ্যক।

সপ্তপঞ্চাশত্তম /শপ্তোপন্চাশত্তমো/ [স. সপ্তন্+পঞ্চাশৎ+তমট্] বিণ. ৫৭ সংখ্যক; ৫৭ স্থানীয়। স্ত্রী. সপ্তপঞ্চাশত্তমী / শপ্তোপন্চাশত্তোমি/।

সপ্তপদী /শপ্তোপোদি/ [স. সপ্তপদ+ঈ] বিণ. সাতটি পা-বিশিষ্ট। বি. বিবাহমণ্ডপে বরবধূর একসঙ্গে সাত পা গমনের সংস্কার।

সপ্তপর্ণ /শপ্তোপর্নো/ [স. সপ্তন্+পর্ণ] বি. শরৎকালে ফোটে এমন সবুজাভ সাদা ফুল বা তার ভেষজগুণসম্পন্ন দীর্ঘজীবী ছায়ানিবিড় চিরহরিৎ বৃক্ষ যার প্রতিটি গুচ্ছে সাতটি করে পাতা থাকে, ছাতিমগাছ।

সপ্তপাতাল /শপ্তোপাতাল্/ [স. সপ্তন্+পাতাল] বি. পুরাণে কল্পিত সাতটি পাতাল বা অধোভুবন (তল অতল বিতল সুতল তলাতল মহাতল ও রসাতল)।

সপ্তবিংশতি /শপ্তোবিংশোতি/ [স. সপ্তন্+বিংশতি] বি. ২৭ সংখ্যা। বিণ. ২৭ সংখ্যক।

সপ্তবিংশতিতম /শপ্তোবিংশোতিতমো/ [স. সপ্তন্+বিংশতি+তমট্] বিণ. ২৭ সংখ্যক; ২৭ স্থানীয়। স্ত্রী. সপ্তবিংশতিতমী /শপ্তোবিংশোতিতোমি/।

সপ্তম /শপ্তোম্/ [স. সপ্তন্+ম] বিণ. সাতের পূরক; ৭ সংখ্যক; ৭ স্থানীয় (*সপ্তম শ্রেণি*)।

সপ্তমধুকর /শপ্তোমধুকর্/ [স. সপ্তন্+মধুকর] বি. (বাংলায়) সাতটি বাণিজ্যতরি (মৌমাছির মতো বিভিন্ন স্থান থেকে বাণিজ্যপণ্য সংগ্রহ করে বলে)।

সপ্তম সুর /শপ্তোম্ সুর্/ বি. ১ সংগীতে সর্বোচ্চ গ্রামের সুর 'নি'। ২ উচ্চ স্বর।

সপ্তম স্বর /শপ্তোমশর্/ বি. দ্র **সপ্তম সুর**।

সপ্তমী /শপ্তোমি/ [স. সপ্তম+ঈ] বিণ. সপ্তম স্থানীয়া। বি. তিথিবিশেষ (*সপ্তমী তিথি*)।

সপ্তরক্ত /শপ্তোরক্তো/ [স. সপ্তন্+রক্ত] বি. শরীরের সাতটি রক্তবর্ণ স্থান (করতল পদতল অপাঙ্গ জিহ্বা তালু ওষ্ঠ ও নখ)।

সপ্তরথী /শপ্তোরোথি/ [স. সপ্তরথ+ইন্] বি. মহাভারতোক্ত বালক অভিমন্যুকে বধকারী সপ্তবীর (দ্রোণ কর্ণ কৃপ অশ্বত্থামা শকুনি দুর্যোধন ও দুঃশাসন)।

সপ্তর্ষি /শপ্তোর্শি/ [স. সপ্তন্+ঋষি] বি. সাতজন

www.pathagar.com

ঋষির নামে খ্যাত নক্ষত্রসমূহ (মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু ও বশিষ্ঠ), the great bear।

সপ্তর্ষিমণ্ডল /শপ্তোর্‌শিমন্‌ডোল্‌/ [স. সপ্তর্ষি+মণ্ডল] বি. সাতজন ঋষির নামে খ্যাত (মরীচি অত্রি অঙ্গিরা পুলস্ত্য পুলহ ক্রতু ও বশিষ্ঠ) উত্তর-আকাশে দৃশ্যমান নক্ষত্রপুঞ্জবিশেষ, ঋক্ষমণ্ডল, Ursa Major।

সপ্তলোক /শপ্তোলোক্‌/ [স. সপ্তন্+লোক] বি. পুরাণে কল্পিত সাতটি ঊর্ধ্বলোক বা স্বর্গ (ভূঃ ভুবঃ স্বঃ জনঃ মহঃ তপঃ এবং সত্য)।

সপ্তশতী /শপ্তোশোতি/ [স. সপ্তশত+ঈ] বি. দেবী চণ্ডিকার মাহাত্ম্যসূচক সাতশত শ্লোকসংবলিত গ্রন্থ।

সপ্তষষ্টি /শপ্তোশোশ্‌টি/ [স. সপ্তন্+ষষ্+তি] বি. ৬৭ সংখ্যা। বিণ. ৬৭ সংখ্যক।

সপ্তষষ্টিতম /শপ্তোশোশ্‌টিতমো/ [স. সপ্তষষ্টি+তমট্‌] বিণ. ৬৭ সংখ্যক; ৬৭ স্থানীয়। স্ত্রী. সপ্তষষ্টিতমী /শপ্তোশোশ্‌টিতোমি/।

সপ্তসপ্তি /শপ্তোশোপ্‌তি/ [স. সপ্তন্+√সপ্+তি] বি. (পুরাণে কল্পিত সাতটি অশ্ববাহিত রথে আসীন বলে) সূর্য।

সপ্তসমুদ্র /শপ্তোশোমুদ্‌দ্রো/ [স. সপ্তন্+সমুদ্র] বি. পুরাণে কল্পিত সাতটি সাগর (লবণ ইক্ষু সুরা সর্পিঃ দধি ক্ষীর ও জল)।

সপ্তসাগর /শপ্তোশাগোর্‌/ [স. সপ্তন্+সাগর] বি. দ্র সপ্তসমুদ্র।

সপ্তসিন্ধু /শপ্তোশিন্‌ধু/ [স. সপ্তন্+সিন্ধু] বি. দ্র সপ্তসমুদ্র।

সপ্তসুর /শপ্তোশুর্‌/ [স. সপ্তন্+সুর] বি. (ষড়্‌জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত ও নিষাদ, সা রে গা মা পা ধা নি) সংগীতের সাতটি সুর।

সপ্তস্বর /শপ্তোশর্‌/ [স. সপ্তন্+স্বর] বি. দ্র সপ্তসুর।

সপ্তস্বরা /শপ্তোশরা/ [স. সপ্তস্বর >] বি. পরপর সাজিয়ে রাখা বিভিন্ন পরিমাণ জলসংবলিত সাতটি চীনামাটির বাটি যাতে কাঠি দিয়ে আঘাত করে সুর তোলা যায়, জলতরঙ্গ।

সপ্তস্বর্গ /শপ্তোশর্‌গো/ [স. সপ্তন্+স্বর্গ] বি. দ্র সপ্তলোক।

সপ্তা /শপ্তা/ [স. সপ্তাহ >] বি. 'সপ্তাহ'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

সপ্তাংশু /শপ্তাংশু/ [স. সপ্তন্+অংশু] বি. অগ্নি।

সপ্তাংশুপুঙ্গব /শপ্তাংশুপুংগব/ [স. সপ্তাংশু+পুঙ্গব] বি. (অশুভ বলে কল্পিত) শনিগ্রহ।

সপ্তাশীতি /শপ্তাশিতি/ [স. সপ্তন্+অশীতি] বি. ৮৭ সংখ্যা। বিণ. ৮৭ সংখ্যক।

সপ্তাশীতিতম /শপ্তাশিতিতমো/ [স. সপ্তাশীতি+তমট্‌] বিণ. ৮৭ সংখ্যক; ৮৭ স্থানীয়। স্ত্রী. সপ্তাশীতিতমী /শপ্তাশিতিতোমি/।

সপ্তাশ্ব /শপ্তাশ্‌শো/ [স. সপ্তন্+অশ্ব] বি. (পুরাণে কল্পিত সাতটি অশ্ববাহিত রথে আসীন বলে) সূর্য।

সপ্তাহ /শপ্তাহো/ [স. সপ্তন্+অহন্‌] বি. পরপর সাত দিন (রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র ও শনি)।

সপ্রতিভ /শপ্রোতিভো/ [স. সহ+প্রতিভা] বিণ. ১ প্রতিভান্বিত। ২ সংকোচহীন; চটপটে। ৩ দীপ্তিময়। ৪ (বাংলায়) বুদ্ধিমান।

সপ্রমাণ /শপ্রোমান্‌/ [স. সহ+প্রমাণ] বিণ. ১ প্রমাণিত। ২ প্রমাণ-সহ।

সপ্রশংস /শপ্রোশংশো/ [স. সহ+প্রশংসা] বিণ. প্রশংসাযুক্ত।

সপ্রাণ /শপ্রান্‌/ [স. সহ+প্রাণ] বিণ. জীবন্ত; প্রাণ-বন্ত।

সফটওয়্যার /সফ্‌ট্‌ওয়েআর/ [আবৈশ.] বি. কম্পিউটার নিয়ন্ত্রণ বা চালনার সাংকেতিক নির্দেশ-সংবলিত প্রোগ্রাম; software।

সফট কপি /সফ্‌ট্‌ কপি/ বি. কম্পিউটারে সংরক্ষিত তথ্য যা কেবল কম্পিউটারের পর্দায় দেখা বা পড়া যায়, soft copy।

সফর /শফোর্‌/ [আ.] বি. ১ ভ্রমণ; যাত্রা। ২ হিজরি পঞ্জিকার দ্বিতীয় মাস।

সফরসঙ্গী /সফোর্‌শোংগি/ [আ. সফর+স. সঙ্গী] বি. বিণ. ১ ভ্রমণসঙ্গী। ২ সহগামী।

সফল /শফল্‌/ [স. সহ+ফল] বিণ. ১ ফলযুক্ত, ফলবান। ২ কৃতকার্য (*পরীক্ষায় সফল*)। বি. সফলতা /শফলতা/।

সফলকাম /শফল্‌কাম/ [স. সফল+কাম] বিণ. কৃত-কার্য (*সফলকাম হওয়া*)।

সফেদ /সফে্‌দ্‌/ [ফা.] বিণ. সাদা, শ্বেতবর্ণ, শুভ্র।

সফেদা /সফে্‌দা/ [ফা.] বি. ১ বাংলাদেশ-সহ উপ-ক্রান্তীয় অঞ্চলে জাত মাঝারি আকৃতির পত্রনিবিড় দীর্ঘজীবী চিরহরিৎ বৃক্ষ বা তার খসখসে বহিরা-বরণবিশিষ্ট গোলাকার কালো বীজযুক্ত মিষ্টস্বাদ ফল (আনি. মেক্সিকো এবং মধ্য আমেরিকা)। ২ চালের গুঁড়ো। ৩ সিসা থেকে তৈরি সাদা রং, white lead।

সফেন /শফেন্‌/ [স. সহ+ফেন] বিণ. ১ ফেনাময়, ফেনিল। ২ মাড়যুক্ত।

www.pathagar.com

সব /শব্/ [স. সর্ব >] বিণ. সকল, সমস্ত। সর্ব. ১ সকল লোক। ২ সমস্ত বিষয়। বি. সর্বস্ব; সমস্ত সম্পদ (*সবহারা*)।

সবংশ /শবংশো/ [স. সহ+বংশ] বিণ. বংশ-সহ, গোষ্ঠীসুদ্ধ।

সবংশে /শবংশে/ [স. সবংশ+বা. এ] ক্রিবিণ. বংশের সকলকে নিয়ে (*সবংশে নির্মূল*)।

সবক /সবক্/ [আ.] বি. ১ দৈনিক পাঠ, পঠন; শিক্ষা। ২ অভিজ্ঞতা।

সবকিছু /শব্‌কিছু/ [বা.] বি. যাবতীয় বিষয় বা বস্তু।

সবচাইতে /শব্‌চাইতে/ [বা.] ক্রিবিণ. দ্র সবচেয়ে।

সবচিন /শবচিন্/ [বা.] বিণ. সকলের পরিচিত।

সবচেয়ে /শব্‌চেয়ে/ [বা.] ক্রিবিণ. সর্বাপেক্ষা, সবচাইতে।

সবজান্তা /শবজান্‌তা/ [বা.] বিণ. সবকিছু জানে এমন, সর্বজ্ঞ। বি. (ব্য.) যে ব্যক্তি না জেনেও সবকিছু জানার ভান করে।

সবজি /শোব্‌জি/ [ফা.] বি. ১ রেঁধে বা কাঁচা খাওয়া যায় এমন উদ্ভিজ্জ খাদ্যবস্তু, আনাজ। ২ নিরামিষ।

সবটা /শব্‌টা/ [বা.] বি. সম্পূর্ণ অংশ। বিণ. সমস্ত, পুরোটা।

সবটুকু /শব্‌টুকু/ [বা.] বি. বিণ. দ্র সবটা।

সবৎস /শবত্‌শো/ [স. সহ+বৎস] বিণ. বাছুর-সহ, শাবক-সহ। স্ত্রী. **সবৎসা** /শবত্‌শা/।

সবন /শবন্/ [স. √সু+অন] বি. ১ যজ্ঞ। ২ যজ্ঞস্নান। ৩ সোমরস পান।

সবন্ধু /শবোন্‌ধু/ [স. সহ+বন্ধু] বিণ. বন্ধু-সহ।

সবরিকলা /শোব্‌রিকলা/ [দেশি.] বি. মিয়ানমারের মার্তাবান অঞ্চলে জাত মাঝারি আকারের সুস্বাদু কলার প্রজাতিবিশেষ (বর্তমানে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গে ব্যাপকভাবে চাষ করা হয়), মর্তমান কলা।

সবর্ণ /শবর্‌নো/ [স. সমান+বর্ণ] বিণ. এক জাতি বা গোত্রের অন্তর্ভুক্ত। বি. ১ সদৃশ বর্ণ। ২ সমবর্ণ, স্বজাতি। ৩ (ব্যা.) উচ্চারণস্থান অভিন্ন এমন বর্ণ, সমোচ্চার্য বর্ণ।

সবল /শবল্/ [স. সহ+বল] বিণ. ১ শক্তিশালী, বলবান। ২ সুস্থ। ৩ সসৈন্য। স্ত্রী. **সবলা** /শবলা/।

সবলতা /শবলতা/ [স. সবল+তা] বি. বলশালিতা।

সবলে /শবলে/ [স. সবল+বা. এ] ক্রিবিণ. ১ শক্তি প্রয়োগ করে, সজোরে (*সবলে প্রতিরোধ*)। ২ দলবল সহকারে; সসৈন্যে।

সবলোট /শবলোট্/ [বা.] বিণ. সবকিছু লুঠ বা আত্মসাৎ করে এমন।

সবসুদ্ধ /শব্‌শুদ্‌ধো/ [বা.] বিণ. ক্রিবিণ. সবকিছু মিলিয়ে মোট, সর্বসমেত।

সবহারা /শব্‌হারা/ [বা.] বিণ. নিঃস্ব। বি. যার কিছু নেই।

সবাই /শবাই/ [বা.] সর্ব. সকলে, প্রত্যেকে।

সবাক /শবাক্/ [স. সহ+বাক্] বিণ. শব্দ বা কথা-সহ (*সবাকচিত্র*)।

সবাকচিত্র /শবাক্‌চিত্‌রো/ [স. সবাক+চিত্র] বি. যে চলচ্চিত্রে অভিনেতা-অভিনেত্রীদের কথা শোনা যায়।

সবাকার /শবাকার্/ [বা.] বিণ. সকলের, সবার।

সবান্ধব /শবান্‌ধব্/ [স. সহ+বান্ধব] বিণ. বন্ধুবান্ধব-সহ (*সবান্ধব উপস্থিতি*)।

সবার /শবার্/ [বা.] বিণ. সকলের।

সবারে /শবারে/ [বা.] সর্ব. (কাব্যে) সকলকে (*সবারে করি আহ্বান*— রবীন্দ্র.)।

সবিকল্প /শবিকল্‌পো/ [স. সহ+বিকল্প] বিণ. বিকল্প-যুক্ত।

সবিতা /শোবিতা/ [স. √সূ+ত্] বিণ. প্রসবকারী। বি. ১ সূর্য। ২ ঈশ্বর।

সবিত্রী /শোবিত্‌ত্রি/ [স. সবিতৃ+ঈ] বিণ. প্রসবকারিণী। বি. প্রসূতি।

সবিদ্য /শবিদ্‌দো/ [স. সহ+বিদ্যা] বিণ. বিদ্বান, কৃতবিদ্য।

সবিনয় /শবিনয়/ [স. সহ+বিনয়] বিণ. বিনয়পূর্বক, বিনীত (*সবিনয় নিবেদন*)।

সবিনয়ে /শবিনয়ে/ [স. সবিনয়+বা. এ] ক্রিবিণ. বিনয় সহকারে।

সবিরাম /শবিরাম্/ [স. সহ+বিরাম] বিণ. ১ বিরতি-যুক্ত। ২ বিশ্রামযুক্ত।

সবিরাম জ্বর /শবিরাম্ জ্বর্/ বি. যে জ্বর ছেড়ে যাওয়ার একদিন পরপর পালা করে আবার আসে, পালাজ্বর, intermittent fever।

সবিশেষ /শবিশেশ্/ [স. সহ+বিশেষ] বিণ. ১ অতিশয়। ২ বৈশিষ্ট্যপূর্ণ। ৩ অসাধারণ। ক্রিবিণ. বিশেষরূপে (*সবিশেষ অনুরোধ*)।

সবিষ /শবিশ্/ [স. সহ+বিষ] বিণ. ১ বিষযুক্ত, বিষমিশ্রিত। ২ বিষধর।

সবিস্তার /শবিস্‌তার্/ [স. সহ+বিস্তার] বিণ. ১ বিশদ। ২ ব্যাপ্তিযুক্ত। ৩ বাহুল্যযুক্ত।

সবিস্তারে /শবিস্‌তারে/ [স. সবিস্তার+বা. এ] ক্রিবিণ. বিশদভাবে (*সবিস্তারে বর্ণনা*)।

সবিস্ময় /শবিশ্‌শয়্/ [স. সহ+বিস্ময়] বিণ. আশ্চর্য-

www.pathagar.com

স্বিত, বিস্মিত।

সবিস্ময়ে /শবিশ্‌শঁয়ে/ [স. সবিস্ময়+বা. এ] ক্রিবিণ. বিস্ময়সহকারে।

সবীজ /শবিজ্/ [স. সহ+বীজ] বিণ. বীজবিশিষ্ট।

সবুজ /শোবুজ্/ [ফা.] বি. ১ নির্দিষ্ট অনুপাতে নীল ও হলুদ রঙের মিশ্রণের ফলে সৃষ্ট রং, হরিৎ। ২ অল্পবয়স্ক বা তরুণ (*ওরে সবুজ ওরে আমার কাঁচা*)। বিণ. হরিদ্‌বর্ণ (*সবুজ পাতা*)।

সবুজ সংকেত /শোবুজ্ শংকেত্/ বি. অগ্রসর হওয়ার অনুমোদন বা সংকেত।

সবুজাভ /শোবুজাভো/ [ফা. সবুজ+স. আভা] বিণ. ঈষৎ সবুজের আভাযুক্ত।

সবুর /শোবুর্/ [আ.] বি. ১ অপেক্ষা, বিলম্ব, দেরি। ২ ধৈর্য।

সবে /শবে/ [স. সর্ব >] অব্য. ক্রিবিণ. ১ কেবল, মাত্র (*সবে দুদিন*); সর্বসাকুল্যে। ২ এইমাত্র (*সবে ভোর হলো*)। ৩ একসঙ্গে (*সবে মিলে করি কাজ*)।

সবে ধন নীলমণি /শবে ধন্ নিল্‌মোনি/ প্র. ১ একমাত্র সন্তান। ২ (আল.) সর্বস্ব ধন; একমাত্র ভরসা।

সবেমাত্র /শবেমাত্‌ত্রো/ [বা. সবে+স. মাত্র] অব্য. ক্রিবিণ. কেবল; এইমাত্র (*সবেমাত্র এলাম*)।

সব্য /শোব্‌বো/ [স. √সূ+য] বিণ. ১ বাম, বাঁ। ২ উভয় (বাম ও ডান)।

সব্যসাচী /শোব্‌বোশাচি/ [স. সব্য+√সচ্+ইন্] বি. অর্জুন। বিণ. ১ দুহাতে সমান পারদর্শী; উভয় হস্তে শর চালনায় দক্ষ। ২ (আল.) একসঙ্গে একাধিক কাজ করতে সক্ষম এমন।

সব্যাজ /শব্যাজ্/ [স. সহ+ব্যাজ] বিণ. কপট।

সব্যেতর /শোব্‌বেতর্/ [স. সব্য+ইতর] বিণ. ডান, দক্ষিণ।

সব্রীড় /শব্রিড়ো/ [স. সহ+ব্রীড়া] বিণ. সলজ্জ, ব্রীড়াযুক্ত।

সভক্তি /শভোক্‌তি/ [স. সহ+√ভজ্+তি] বিণ. ভক্তিযুক্ত।

সভয় /শভয়্/ [স. সহ+ভয়] বিণ. ভয়ার্ত, ভয়যুক্ত।

সভয়ে /শভয়ে/ [স. সভয়+বা. এ] ক্রিবিণ. ভীত হয়ে।

সভর্তৃকা /শভোর্‌তৃকা/ [স. সহ+ভর্তৃ+কন্+আ (টাপ্)] বিণ. ১ সধবা। ২ স্বামী-সহ।

সভা /শভা/ [স. সৎ+√ভা+অ+আ (টাপ্)] বি. ১ আলোচনার উদ্দেশ্যে বৈঠক। ২ সম্মেলন। ৩ সংঘ, পরিষদ (*আইনসভা*)। ৪ দরবার (*রাজসভা*)।

সভাকক্ষ /শভাকোক্‌খো/ [স. সভা+কক্ষ] বি. সভা করার নির্দিষ্ট ঘর বা স্থান।

সভাকবি /শভাকোবি/ [স. সভা+কবি] বি. রাজ-সভায় নিযুক্ত কবি।

সভাগৃহ /শভাগৃহো/ [স. সভা+গৃহ] বি. দ্র সভা-কক্ষ।

সভাপতি /শভাপোতি/ [স. সভা+পতি] বি. ১ সভার কার্যপরিচালক। ২ দল বা প্রতিষ্ঠানের প্রধান। স্ত্রী. **সভানেত্রী** /শভানেত্‌ত্রি/।

সভাপতিত্ব /শভাপোতিত্‌তো/ [স. সভাপতি+ত্ব] বি. সভা পরিচালনার দায়িত্বপালন।

সভাভঙ্গ /শভাভংগো/ [স. সভা+ভঙ্গ] বি. সভার কার্যসমাপ্তি।

সভামণ্ডপ /শভামন্‌ডোপ্/ [স. সভা+মণ্ডপ] বি. দ্র সভাকক্ষ।

সভারম্ভ /শভারম্‌ভো/ [স. সভা+আরম্ভ] বি. সভার সূচনা, সভার শুরু।

সভাসদ /শভাশদ্/ [স. সভা+√সদ্+ক্বিপ্] বি. সভায় যোগদানকারী ব্যক্তি।

সভাসমিতি /শভাশোমিতি/ [স. সভা+সমিতি] বি. আলোচনাসভা বৈঠক প্রভৃতি।

সভাসাহিত্য /শভাশাহিত্‌তো/ [স. সভা+সাহিত্য] বি. রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় রচিত সাহিত্য।

সভাসাহিত্যিক /শভাশাহিত্‌তিক্/ [স. সভা+সাহিত্য +ইক] বি. রাষ্ট্রীয় অনুগ্রহপ্রাপ্ত সাহিত্যিক।

সভাসীন /শভাশিন্/ [স. সভা+আসীন] বিণ. সভায় উপবিষ্ট।

সভাস্থল /শভাস্থল/ [স. সভা+স্থল] বি. সভা অনুষ্ঠানের জন্য নির্দিষ্ট স্থান।

সভ্য /শোব্‌ভো/ [স. সভা+য] বিণ. মার্জিত রুচিসম্পন্ন, শিষ্ট। বি. কোনো প্রতিষ্ঠান বা সভার সদস্য। স্ত্রী. **সভ্যা** /শোব্‌ভা/।

সভ্যতা /শোব্‌ভোতা/ [স. সভ্য+তা] বি. মার্জিত ও রুচিসম্পন্ন চালচলন; শিল্প সাহিত্য বিজ্ঞান দর্শন ও বিবিধ বিদ্যার জ্ঞানের অনুশীলন ও তদনুযায়ী জীবনযাত্রা, civilization।

সভ্যতাভিমানী /শোব্‌ভোতাভিমানি/ [স. সভ্যতা+ অভিমান+ইন্] বিণ. ভদ্রতা সভ্যতা ও শিষ্টতার অহংকারযুক্ত। স্ত্রী. **সভ্যতাভিমানিনী** /শোব্‌ভোতাভিমানিনি/।

সভ্যভব্য /শোব্‌ভোভোব্‌বো/ [স. সভ্য+ভব্য] বিণ. চালচলনে সংযত, শান্তশিষ্ট (*সভ্যভব্য ব্যক্তি*)।

সভ্যসমাজ /শোব্‌ভোশমাজ্/ [স. সভ্য+সমাজ] বি. শিক্ষাদীক্ষা ও আচার-ব্যবহারে অপেক্ষাকৃত উন্নত সমাজ।

www.pathagar.com

সম[১] /শমো/ [স. √সম্+অ] বিণ. ১ যোগ্য; তুল্য, সমান। ২ অবধুর (*সমতল*)। ৩ সমস্ত, সমগ্র। ৪ যুগ্ম, একত্র (*সমরাশি*)। ৫ অভিন্ন।

সম[২] /শম্/ [স. √সম্+অ] বি. (সংগীতে) তালের বিশ্রামস্থান।

সমকক্ষ /শমোকোক্‌খো/ [স. সম+কক্ষ] বিণ. ১ সমান প্রতিযোগী, তুল্য। ২ বলশালী। বি. ~তা /-তা/।

সমকাম /শমোকাম্/ [স. সম+√কম্+অ] বি. নারীর প্রতি নারীর (lesbianism) বা পুরুষের প্রতি পুরুষের যৌন আকর্ষণ (gay)।

সমকামিতা /শমোকামিতা/ [স. সম+√কম্+ইন্+তা] দ্র সমকাম।

সমকামী /শমোকামি/ [স. সম+√কম্+ইন্] বিণ. সমকামযুক্ত। বি. সমকামযুক্ত ব্যক্তি।

সমকাল /শমোকাল্/ [স. সম+কাল] বি. একই সময় বা যুগ।

সমকালিক /শমোকালিক্/ [স. সমকাল+ইক] বিণ. একই কালের, সামসময়িক, contemporary।

সমকালীন /শমোকালিন্/ [স. সমকাল+ঈন] বিণ. দ্র সমকালিক।

সমকেন্দ্রিক /শমোকেন্দ্রিক্/ [স. সম+কেন্দ্রিক] বিণ. একই কেন্দ্রবিশিষ্ট, concentric।

সমকোণ /শমোকোন্/ [স. সম+কোণ] বি. (জ্যা.) একটি সরলরেখার ওপর লম্বভাবে আর একটি সরলরেখা আঁকলে ৯০° পরিমাপের যে দুটি সন্নিহিত কোণ উৎপন্ন হয় তার একটি, right angle।

সমকোণী ত্রিভুজ /শমোকোনি ত্রিভুজ্/ বি. যে ত্রিভুজের একটি কোণ সমকোণ।

সমকৌণিক/শমোকোউনিক্/ [স. সমকোণ+ইক] বিণ. সমকোণসংক্রান্ত।

সমক্ষ /শমোক্‌খো/ [স. সমক্ষ+অ] বিণ. ১ প্রত্যক্ষ। ২ অগ্রবর্তী।

সমক্ষে /শমোক্‌খে/ [স. সমক্ষ+বা. এ] ক্রিবিণ. চোখের সামনে।

সমগুণশ্রেঢ়ী/শমোগুনোশ্রেঢ়ি/ [স. সম+গুণ+শ্রেঢ়ী] বি. যে শ্রেঢ়ীর সংখ্যাসমূহ একই সংখ্যাদ্বারা গুণিত, geometric progression।

সমগোত্র /শমোগোত্রো/ [স. সম+গোত্র] বি. অভিন্ন গোত্র।

সমগোত্রীয় /শমোগোত্রিয়ো/ [স. সমগোত্র+ঈয়] বিণ. অভিন্ন গোত্রের অন্তর্গত।

সমগ্র /শমোগ্রো/ [স. সম্+অগ্র] বিণ. সমস্ত, সম্পূর্ণ, আগাগোড়া। বি. ~তা /-তা/।

সমঘন /শমোঘনো/ [স. সম+ঘন] বি. (জ্যা.) সমান গুণযুক্ত বা সম-আকৃতিবিশিষ্ট, homogeneous।

সমচতুর্ভুজ /শমোচতুরভুজ্/ [স. সম+চতুর্ভুজ] বি. (জ্যা.) যে চতুর্ভুজের চারটি বাহু এবং চারটি কোণ পরস্পর সমান, বর্গক্ষেত্র।

সমচাপরেখা /শমোচাপ্‌রেখা/ [স. সম+চাপ+রেখা] বি. মানচিত্রের ওপর যে রেখা বরাবর বায়ুমণ্ডলের চাপ সমান, isobar।

সমজাতি /শমোজাতি/ [স. সম+জাতি] বিণ. একই জাতিভুক্ত। বি. অভিন্ন বা অনুরূপ জাতি।

সমজাতিতা /শমোজাতিতা/ [স. সমজাতি+তা] বি. একই জাতির পর্যায়ভুক্ত বা সমজাতিত্বের ভাব।

সমজাতিত্ব /শমোজাতিত্তো/ [স. সমজাতি+ত্ব] বি. দ্র সমজাতিতা।

সমজাতীয় /শমোজাতিয়ো/ [স. সমজাতি+ঈয়] বিণ. একই জাতি বা শ্রেণির অন্তর্ভুক্ত। স্ত্রী. সম-জাতীয়া /শমোজাতিআ/।

সমজাতীয়তা /শমোজাতিয়োতা/ [স. সমজাতীয়+তা] বি. সমান জাতীয়তাবোধ।

সমজাতীয়ত্ব /শমোজাতিয়ত্তো/ [স. সমজাতীয়+ত্ব] বি. দ্র সমজাতীয়তা।

সমঝ /শমোঝ্/ [হি.] বি. ১ বোধ, বুদ্ধি। ২ উপলব্ধি।

সমঝদার /শমোঝ্‌দার্/ [হি. সমঝ+ফা. দার] বিণ. রসজ্ঞ; উপলব্ধিকারী (*সমঝদার শ্রোতা*)।

সমঝানো /শমঝানো/ [বা.] ক্রিবি. ১ বুঝিয়ে দেওয়া। ২ সতর্ক করা।

সমঝোতা /শমঝোতা/ [হি.] বি. চুক্তি; বোঝাপড়া।

সমঞ্জস /শমোন্‌জশ্/ [স. সম্+√অঞ্জস্+অ] বিণ. ১ সমুচিত, সমীচীন, যুক্তিযুক্ত। ২ সদৃশ, একরূপ। বি. ১ মিটমাট, মীমাংসা। ২ মিলন।

সমতট /শমোতট্/ [স. সম+তট] বি. প্রাচীন বাংলার কুমিল্লা নোয়াখালি প্রভৃতি অঞ্চল।

সমতল /শমোতল্/ [স. সম+তল] বিণ. উঁচুনিচু নয় এমন, পৃষ্ঠদেশ সমান এমন, plain।

সমতা /শমোতা/ [স. সম+তা] বি. সাম্য, তুল্যতা।

সমতাপরেখা /শমোতাপ্‌রেখা/ [স. সম+তাপ+রেখা] বি. ভূপৃষ্ঠের মানচিত্রে যে রেখা বরাবর বায়ুমণ্ডলের উষ্ণতা সমান, isotherm।

সমতীত /শমোতিতো/ [স. সম্+অতীত] বিণ. সম্পূর্ণ অতীত, কাল গত হয়েছে এমন, বিগত।

www.pathagar.com

সমতুল /শমোতুল্/ [স. সম+তুল] বিণ. ১ সম-ওজনবিশিষ্ট। ২ সমকক্ষ, সমান।

সমতুল্য /শমোতুল্লো/ [স. সম+তুল্য] বিণ. সমান, সমকক্ষ; তুল্যরূপ। স্ত্রী. **সমতুল্যা** /শমোতুল্লা/।

সমদর্শন /শমোদর্শোন্/ [স. সম+√দৃশ্+অন] বি. নিরপেক্ষ বিচার; পক্ষপাতহীনতা। বিণ. ভেদজ্ঞান-হীন।

সমদর্শিতা /শমোদোর্শিতা/ [স. সম+√দৃশ্+ইন্+তা] বি. পক্ষপাতহীনতা, নিরপেক্ষতা।

সমদর্শী /শমোদোর্শি/ [স. সম+√দৃশ্+ইন্] বিণ. ১ সবার প্রতি সমান দৃষ্টি আছে এমন, নিরপেক্ষ। ২ তত্ত্বজ্ঞানবিশিষ্ট। স্ত্রী. **সমদর্শিনী** /শমোদোর্শিনি/।

সমদুঃখ /শমোদুক্খো/ [স. সম+√দুঃখ্+অ] বি. সমান দুঃখ। বিণ. সমভাবে দুঃখী, সমব্যথী।

সমদুঃখী /শমোদুক্খি/ [স. সম+√দুঃখ্+ইন্] বিণ. সমব্যথী। স্ত্রী. **সমদুঃখিনী** /শমোদুক্খিনি/।

সমদূরবর্তিতা /শমোদুরোবোর্তিতা/ [স. সম+দূর+√বৃৎ+ইন্+তা] বি. সমান দূরত্ব।

সমদূরবর্তী /শমোদুরোবোর্তি/ [স. সম+দূর+√বৃৎ+ইন্] বিণ. সমান দূরত্বে অবস্থিত। স্ত্রী. **সমদূর-বর্তিনী** /শমোদুরোবোর্তিনি/।

সমদৃষ্টি /শমোদৃশ্টি/ [স. সম+√দৃষ্+তি] বি. সমান দৃষ্টি; পক্ষপাতহীন আচরণ; নিরপেক্ষ দৃষ্টিতে বিচারের ক্ষমতা।

সমদ্বিবাহু /শমোদ্দিবাহু/ [স. সম+দ্বি+√বাধ্+উ] বিণ. (জ্যা.) দুটি সমান বাহুবিশিষ্ট (*সমদ্বিবাহু ত্রিভুজ*)।

সমদ্বিভুজ /শমোদ্দিভুজ্/ [স. সম+দ্বি+√ভুজ্+অ] বিণ. দুটি সমান বাহুবিশিষ্ট।

সমধর্মা /শমোধর্মা/ [স. সম+ধর্মন্] বিণ. ১ অভিন্ন গুণবিশিষ্ট। ২ (বাংলায়) একই ধর্মের অনুসারী।

সমধিক /শমোধিক্/ [স. সম্+অধিক] বিণ. অতিশয়, অধিক (*সমধিক পরিচর্যা*)।

সমন /শমোন্/ [ই.] বি. আদালতে হাজির হওয়ার আদেশনামা, পরোয়ানা, summons।

সমনস্ক /শমনোশ্কো/ [স. স+মনস্+ক (কপ্)] বিণ. মনের সঙ্গে মিল আছে এমন।

সমন্ত্রক /শমোন্ত্রক্/ [স. স+মন্ত্র+ক] বিণ. মন্ত্রযুক্ত; মন্ত্রপূত।

সমন্বয় /শমনন্বয়্/ [স. সম্+অনু+√ই+অ] বি. ১ সংগতি (*ভাব-সমন্বয়*); সামঞ্জস্য (*সমন্বয়সাধন*)। ২ অবিরোধ, মিলন।

সমপঙ্‌ক্তিভোজ্য /শমোপোংক্তিভোজ্জো/ [স. সম+পঙ্‌ক্তি+ভোজ্য] বিণ. একসঙ্গে বা এক সারিতে বসে আহারের যোগ্য; সমমর্যাদাবিশিষ্ট।

সমপদস্থ /শমোপদোস্থো/ [স. সম+পদস্থ] বিণ. সমান পদমর্যাদাশালী (*সমপদস্থ কর্মচারী*)। স্ত্রী. **সমপদস্থা** /শমোপদোস্থা/।

সমপৃষ্ঠ /শমোপৃশ্ঠো/ [স. সম+√পৃষ্+থ] বিণ. পৃষ্ঠদেশ উঁচুনিচু নয় এমন, সমতল।

সমপ্রাণ /শমোপ্রান্/ [স. সম+প্রাণ] বিণ. অভিন্ন-হৃদয়। স্ত্রী. **সমপ্রাণা** /শমোপ্রানা/।

সমপ্রাণতা /শমোপ্রানোতা/ [স. সমপ্রাণ+তা] বি. প্রাণের সমতা; অন্তরঙ্গতা।

সমবয়সি /শমোবয়োশি/ [স. সমবয়স্ক >] বিণ. একই বা সমান বয়সি (*সমবয়সি বন্ধু*)।

সমবয়স্ক /শমোবয়োশ্কো/ [স. সম+বয়স্+ক] বিণ. দ্র সমবয়সি। স্ত্রী. **সমবয়স্কা** /শমোবয়োশ্কা/।

সমবর্তিতা /শমোবোর্তিতা/ [স. সম+√বৃৎ+ইন্+তা] বি. সমানভাবে বা সমান দূরে অবস্থান।

সমবর্তী /শমোবোর্তি/ [স. সম+√বৃৎ+ইন্] বিণ. সমান দূরত্বে আছে এমন, একইভাবে অবস্থিত। স্ত্রী. **সমবর্তিনী** /শমোবোর্তিনি/।

সমবস্থা /শমোবোস্থা/ [স. সম+অবস্থা] বি. সদৃশ অবস্থা, তুল্য অবস্থা।

সমবায় /শমোবায়্/ [স. সম+অব্+√ই+অ] বি. সম্মিলিত উদ্যোগে কোনো কিছু গড়ে তোলার প্রয়াস, দলবদ্ধ উদ্যোগ, সম্মিলিত বা যৌথ কর্মপ্রচেষ্টা, cooperation।

সমবায় সমিতি /শমোবায় শোমিতি/ বি. পারস্পরিক সহযোগিতার উদ্দেশ্যে যৌথ প্রচেষ্টায় গঠিত ও পরিচালিত প্রতিষ্ঠান, cooperative society।

সমবায়ী /শমোবায়ি/ [স. সমবায়+ইন্] বিণ. ১ সমবায়সম্বন্ধীয়। ২ নিত্যসম্বন্ধীয়।

সমবাহু ত্রিভুজ /শমোবাহু ত্রিভুজ্/ বি. যে ত্রিভুজের তিনটি বাহু পরস্পর সমান।

সমবৃত্ত /শমোবৃত্তো/ [স. সম+√বৃৎ+ত] বিণ. সমান-ভাবে বৃত্তাকার, সুগোল।

সমবেত /শমোবেতো/ [স. সম্+অব+√ই+ত] বিণ. ১ সম্মিলিত, যৌথ (*সমবেত প্রচেষ্টা*)। ২ একত্র করা হয়েছে এমন।

সমবেত সংগীত /শমোবেতো শোংগিত্/ বি. মিলিত কণ্ঠের গান, সম্মেলক গান, বৃন্দগীতি।

সমবেদনা /শমোবেদোনা/ [স. সম+√বিদ্+অন+আ (টাপ্)] বি. অন্যের দুঃখে দুঃখবোধ, সমব্যথী ভাব,

www.pathagar.com

সহানুভূতি।

সমব্যথা /শমোব্যাথা/ [স. সম+√ব্যথ্+অ+আ (টাপ্)] বি. দ্র সমবেদনা।

সমব্যথী /শমোবেথি/ [স. সম+√ব্যথ্+অ+ইন্] বিণ. পরের দুঃখে কাতর, সমবেদনা বোধকারী। স্ত্রী. সমব্যথিনী /শমোবেথিনি/।

সমভাব /শমোভাব্/ [স. সম+√ভূ+অ] বি. ১ একই ভাব; সমান অবস্থা; সাদৃশ্য। ২ পক্ষপাতহীনতা।

সমভিব্যাহার /শমোভিব্যাহার্/ [স. সম্+অভি+বি+আ+√হৃ+অ] বি. সঙ্গ, সাহচর্য; একত্র-অবস্থান বা গমন।

সমভিব্যাহারী /শমোভিব্যাহারি/ [স. সম্+অভি+বি+আ+√হৃ+ইন] বিণ. সঙ্গী, সাহচর্য দানকারী; একসঙ্গে অবস্থানকারী।

সমভিব্যাহারে /শমোভিব্যাহারে/ [স. সমভিব্যাহার +বা. এ] ক্রিবিণ. সঙ্গে; সংঘবদ্ধ হয়ে।

সমভূম /শমোভূম্/ [স. সম+√ভূ+ম] বিণ. ১ ভূমিসাৎ, ভূলুণ্ঠিত। ২ সম্পূর্ণ বিধ্বস্ত, ধ্বংসপ্রাপ্ত।

সমভূমি /শমোভূমি/ [স. সম+√ভূ+মি] বি. উঁচুনিচু নয় এমন ভূমি, সমতলভূমি।

সমমণ্ডল /শমোমন্ডোল্/ [স. সম+মণ্ডল] বি. নাতি-শীতোষ্ণমণ্ডল।

সমমনা /শমোমোনা/ [স. সম+মনস্] বিণ. সমমত পোষণকারী।

সমমর্যাদা /শমোমোর্জাদা/ [স. সম+মর্যাদা] বি. সমান মর্যাদা।

সমমূল্য /শমোমুল্লো/ [স. সম+মূল্য] বি. একই দাম। বিণ. ১ একই মূল্যবিশিষ্ট। ২ সমমর্যাদাবিশিষ্ট।

সময় /শময়্/ [স. সম্+√ই+অ] বি. ১ কাল (*চারটার সময়*)। ২ অবসর; সুযোগ (*সময় পাওয়া*)। ৩ যুগ; আমল। ৪ ঋতু, মৌসুম (*শীতের সময়*)। ৫ আয়ুষ্কাল। ৬ অন্তিমকাল।

সময়নিষ্ঠ /শময়নিশ্ঠো/ [স. সময়+নিষ্ঠা] বিণ. সময় মেনে চলে এমন, সময়ানুবর্তী।

সময়নিষ্ঠা /শময়নিশ্ঠা/ [স. সময়+নিষ্ঠা] বি. সময়ানুবর্তিতা।

সময় সময় /শময় শময়্/ ক্রিবিণ. কখনো কখনো, মাঝে মধ্যে।

সময়সারণি /শময়শারোনি/ [স. সময়+√সারি+অণি] বি. সময়নির্দেশক তালিকা, timetable।

সময়সীমা /শময়শিমা/ [স. সময়+√সি+মন্+আ (টাপ্)] বি. কোনো কাজ সম্পন্ন করার জন্য বেঁধে দেওয়া সময়।

সময়সূচি /শময়শুচি/ [স. সময়+√সূচ্+ই] বি. সময়-জ্ঞাপক তালিকা।

সময়সেবক /শময়শেবক্/ [স. সময়+√সেব্+অক] বিণ. সময় ও সুযোগ বুঝে কর্মপন্থা স্থির করে এমন; সুবিধাবাদী।

সময়সেবী /শময়শেবি/ [স. সময়+√সেব্+ইন্] বিণ. দ্র সময়সেবক।

সময়ানুবর্তী /শময়ানুবোর্তি/ [স. সময়+অনু+√বৃৎ+ইন্] বিণ. সময় মেনে চলে এমন, সময়নিষ্ঠ। বি. সময়ানুবর্তিতা /শময়ানুবোর্তিতা/।

সময়ান্তর /শময়ান্তর্/ [স. সময়+অন্তর] বি. অন্য সময়, ভিন্ন সময়।

সময়ে অসময়ে /শময়ে অশময়ে/ ক্রিবিণ. সময় বিচার না করে, সুসময়ে বা দুঃসময়ে।

সময়ে সময়ে /শময়ে শময়ে/ ক্রিবিণ. দ্র সময় সময়।

সময়োচিত /শময়োচিতো/ [স. সময়+উচিত] বিণ. বিশেষ কোনো সময়ের পক্ষে উপযুক্ত, কালোপযোগী (*সময়োচিত সিদ্ধান্ত*)।

সময়োপযোগী /শময়োপোজোগি/ [স. সময়+উপ+√যুজ্+ইন্] বিণ. দ্র সময়োচিত।

সমর /শমোর্/ [স. সম্+√ঋ+অ] বি. যুদ্ধ, লড়াই।

সমরকৌশল /শমোরকৌউশল্/ [স. সমর+কৌশল] বি. যুদ্ধের কৌশল বা রীতি।

সমরভূমি /শমোরভুমি/ [স. সমর+ভূমি] বি. রণক্ষেত্র।

সমরশয্যা /শমোরশোজ্জা/ [স. সমর+√শী+য+আ (টাপ্)] বি. ১ যুদ্ধক্ষেত্র যার শয্যা। ২ যুদ্ধে মৃত্যু।

সমরশায়ী /শমোরশায়ি/ [স. সমর+√শী+ইন্] বিণ. যুদ্ধে নিহত।

সমরস /শমোরশ্/ [স. সম+রস] বি. সমান সুখ, সমান আনন্দানুভূতি। বিণ. সমান রসযুক্ত।

সমরসজ্জা /শমোরশজ্জা/ [স. সমর+√সজ্জ্+অ+আ (টাপ্)] বি. যুদ্ধের প্রস্তুতি বা আয়োজন।

সমরাঙ্গন /শমোরাংগন্/ [স. সমর+অঙ্গন] বি. যুদ্ধক্ষেত্র, রণভূমি।

সমরানল /শমোরানল্/ [স. সমর+অনল] বি. ১ যে যুদ্ধ আগুনের মতো ছড়িয়ে পড়ে। ২ যুদ্ধের আগুন।

সমরাশি /শমোরাশি/ [স. সম+রাশি] বি. দুই দিয়ে বিভাজ্য সংখ্যা, জোড় সংখ্যা (২ ৪ ৬ প্রভৃতি)।

সমরুচি /শমোরুচি/ [স. সম+রুচি] বিণ. সমান রুচি-

www.pathagar.com

সম্পন্ন।

সমর্থ /শমর্থো/ [স. সম্+√অর্থ্+অ] বিণ. ১ সক্ষম, পারগ। ২ বলবান, শক্তিশালী। ৩ উপযুক্ত, যোগ্য। ৪ কর্মক্ষম।

সমর্থক /শমর্থক্/ [স. সম্+√অর্থ্+অক] বিণ. সমর্থনকারী।

সমর্থতা /শমর্থোতা/ [স. সমর্থ+তা] বি. সামর্থ্য।

সমর্থন /শমর্থোন্/ [স. সম্+√অর্থ্+অন] বি. ১ পক্ষাবলম্বন; প্রতিপোষণ। ২ দৃঢ়ীকরণ।

সমর্থনযোগ্য /শমর্থোনজোগ্গো/ [স. সমর্থন+যোগ্য] বিণ. সমর্থন করা যায় এমন।

সমর্থনীয় /শমর্থোনিয়ো/ [স. সম্+√অর্থ্+অনীয়] বিণ. দ্র সমর্থনযোগ্য।

সমর্থিত /শমোর্থিতো/ [স. সম্+√অর্থ্+ত] বিণ. সমর্থন করা হয়েছে এমন।

সমর্পক /শমর্পক্/ [স. সম্+√অর্পি+অক] বিণ. সম্প্রদানকারী, দাতা।

সমর্পণ /শমর্পন্/ [স. সম্+√অর্পি+অন] বি. ১ স্বত্ব ত্যাগ করে দান। ২ অর্পণ। ৩ স্থাপন। ৪ উৎসর্গ।

সমর্পণীয় /শমর্পোনিয়ো/ [স. সম্+√অর্পি+অনীয়] বিণ. সমর্পণের যোগ্য।

সমর্পয়িতা /শমর্পোয়িতা/ [স. সম্+√অর্পি+তৃ] বিণ. ১ অর্পণকারী। ২ দাতা।

সমর্পা /শমর্পা/ [স. সমর্পণ >] ক্রিবি. (কাব্যে) সমর্পণ করা।

সমর্পিত /শমোর্পিতো/ [স. সম্+√অর্পি+ত] বিণ. ১ অর্পিত। ২ দান করা হয়েছে এমন। স্ত্রী. **সমর্পিতা** /শমোর্পিতা/।

সমল /শমল্/ [স. সহ+মল] বিণ. ময়লাযুক্ত, নোংরা।

সমলংকৃত /শমলংকৃতো/ [স. সম্+অলংকৃত] বিণ. সুশোভিত, সুসজ্জিত।

সমশ্রেণি /শমোস্রেনি/ [স. সম+শ্রেণি] বি. একই জাতি বা গোষ্ঠী। বিণ. একই জাতি বা পর্যায়ভুক্ত।

সমষ্টি /শমোশ্টি/ [স. সম্+√অশ্+তি] বি. ১ সংখ্যার যোগফল, মোট। ২ সাকুল্য, সমগ্রতা।

সমসময় /শমোশময়/ [স. সম+সময়] বি. একই সময় বা কাল।

সমসময়ে /শমোশময়ে/ [স. সমসময়+বা. এ] ক্রিবিণ. একই সময়ে।

সমসর /শমোশর্/ [স. সদৃশ >] বিণ. সমান, সমকক্ষ, তুল্য।

সমসাময়িক /শমোশাময়িক্/ [অশুপ্র.] বিণ. একই সময়ের, সমকালীন; 'সামসময়িক'-এর অশুদ্ধ প্রচলিত রূপ।

সমসাময়িকতা /শমোশাময়িকতা/ [অশুপ্র.] বি. একই সময়ে বিদ্যমানতা।

সমসূত্র /শমোশুত্রো/ [স. সম+সূত্র] বি. ১ একই উপায় বা পদ্ধতি। ২ দিক্‌চক্রবালের পূর্ব ও পশ্চিম বিন্দুদ্বয় ভেদকারী কাল্পনিক বৃত্তবিশেষ, prime vertical circle। ৩ একই গ্রন্থিতে বন্ধন। ৪ একই সরলরেখায় অবস্থিতি।

সমস্ত /শমোস্তো/ [স. সম্+√অস্+ত] বিণ. ১ সকল, সমগ্র, যাবতীয়। ২ (ব্যা.) সমাসবদ্ধ।

সমস্থলী /শমোস্থোলি/ [স. সম্+√স্থল্+ঈ] বি. গঙ্গা ও যমুনার মধ্যবর্তী ভূভাগ, দোআব।

সমস্বরে /শমোশ্শরে/ [স. সমস্বর+বা. এ] ক্রিবিণ. সমবেত কণ্ঠে।

সমস্বামিত্ব /শমোশামিত্তো/ [স. সম+স্বামিন্+ত্ব] বি. সমান মালিকানা বা অধিকার।

সমস্যমান /শমোশ্শোমান্/ [স. সম্+√অস্+মান (শানচ্)] বি. (ব্যা.) যে দুটি পদ সমাসবদ্ধ করা হয়েছে।

সমস্যা /শমোশ্শা/ [স. সম্+√অস্+য+আ (টাপ্)] বি. ১ অতি জটিল বিষয়। ২ কঠিন প্রশ্ন। ৩ সংকটময় অবস্থা। ৪ সমাধান করতে হবে এমন অসমাপ্ত শ্লোক।

সমস্যাকণ্টকিত /শমোশ্শাকন্টোকিতো/ [স. সমস্যা+কণ্টকিত] বিণ. সমস্যায় জর্জরিত, সমস্যা-পীড়িত।

সমস্যাক্রান্ত /শমোশ্শাক্রান্তো/ [স. সমস্যা+আক্রান্ত] বিণ. দ্র সমস্যাজর্জরিত।

সমস্যাজর্জরিত /শমোশ্শাজর্জোরিতো/ [স. সমস্যা+জর্জরিত] বিণ. সমস্যায় কাতর।

সমস্যাপীড়িত /শমোশ্শাপিড়িতো/ [স. সমস্যা+পীড়িত] বিণ. দ্র সমস্যাজর্জরিত।

সমস্যাপূরণ /শমোশ্শাপুরন্/ [স. সমস্যা+পূরণ] বি. সমস্যার সমাধান।

সমস্যাভারাক্রান্ত /শমোশ্শাভারাক্রান্তো/ [স. সমস্য+ভারাক্রান্ত] বিণ. সমস্যার ভারে কাতর।

সমস্যাসংকুল /শমোশ্শাশংকুল্/ [স. সমস্যা+সংকুল] বিণ. সমস্যাপূর্ণ, সমস্যাবহুল।

সমা[১] /শমা/ [স. √সম্+অ+আ (টাপ্)] বি. বৎসর।

সমা[২] /শমা/ [স. সম >] সর্ব. সবাই, সকল।

সমাংশ /শমাংশো/ [স. সম+অংশ] বি. সমান অংশ বা ভাগ (*সমাংশে বিভক্ত*)।

সমাংশিত /শমাংশিতো/ [স. সম+অংশিত] বিণ. সমান

www.pathagar.com

ভাগে বিভক্ত।

সমাকর্ষণ /শমাকর্‌শোন্‌/ [স. সম্‌+আ+√কৃষ্‌+অন] বি. সম্যক আকর্ষণ।

সমাকর্ষী /শমাকোর্‌শি/ [স. সম্‌+আ+√কৃষ্‌+ইন্‌] বিণ. সম্যক আকর্ষণকারী। বি. সুদূরগামী গন্ধ।

সমাকলন /শমাকলোন্‌/ [স. সম্‌+আ+√কল্‌+অন] বি. (গ.) বিভিন্ন উপাদান যুক্তকরণ, একীকরণ; (পরি.) integration।

সমাকীর্ণ /শমাকির্‌নো/ [স. সম্‌+আকীর্ণ] বিণ. ১ পরিব্যাপ্ত, সুদূরপ্রসারী। ২ আচ্ছাদিত। ৩ সংকুল।

সমাকুল /শমাকুল্‌/ [স. সম্‌+আকুল] বিণ. ১ অত্যন্ত আকুল বা কাতর। ২ সন্দেহযুক্ত। ৩ পরিপূর্ণ; পরিব্যাপ্ত। বি. **সমাকুলতা** /শমাকুলতা/।

সমাকৃতি /শমাকৃতি/ [স. সম্‌+আকৃতি] বি. একই আকৃতি। বিণ. অভিন্ন আকৃতিবিশিষ্ট।

সমাক্রান্ত /শমাক্রান্তো/ [স. সম্‌+আক্রান্ত] বিণ. ১ আক্রান্ত। ২ প্রসারিত; ব্যাপ্ত। ৩ অধিষ্ঠিত। ৪ গৃহীত। স্ত্রী. **সমাক্রান্তা** / শমাক্রান্তা/।

সমাক্ষ /শমাক্‌খো/ [স. সম্‌+অক্ষ] বিণ. একাক্ষিক, coaxial।

সমাক্ষর /শমাক্‌খর্‌/ [স. সম্‌+অক্ষর] বিণ. সমান-সংখ্যক অক্ষরবিশিষ্ট।

সমাক্ষরেখা /শমাক্‌খোরেখা/ [স. সমাক্ষ+রেখা] বি. নিরক্ষরেখার সমান্তরাল কাল্পনিক রেখা।

সমাগত /শমাগতো/ [স. সম্‌+আগত] বিণ. ১ সম্যক উপস্থিত, এসেছে এমন। ২ সম্মিলিত। স্ত্রী. **সমাগতা** /শমাগতা/।

সমাগম /শমাগম্‌/ [স. সম্‌+আ+√গম্‌+অ] বি. ১ উপস্থিতি, আগমন। ২ সম্মিলন।

সমাঘ্রাত /শমাগঘ্রাতো/ [স. সম্‌+আঘ্রাত] বিণ. উত্তমরূপে ঘ্রাণ নেওয়া হয়েছে এমন।

সমাচার /শমাচার্‌/ [স. সম্‌+আ+√চর্‌+অ] বি. ১ বার্তা, সংবাদ। ২ উত্তম আচার-ব্যবহার, শিষ্টাচার।

সমাচ্ছন্ন /শমাচ্‌ছন্নো/ [স. সম্‌+আ+√ছদ্‌+ত] বিণ. ১ আচ্ছন্ন, আবৃত। ২ সম্পূর্ণ অভিভূত। স্ত্রী. **সমাচ্ছন্না** /শমাচ্‌ছন্না/।

সমাচ্ছন্নতা /শমাচ্‌ছন্নোতা/ [স. সমাচ্ছন্ন+তা] বি. ১ আচ্ছন্নতা, আবৃত অবস্থা। ২ অভিভূত অবস্থা।

সমাজ /শমাজ্‌/ [স. সম্‌+√অজ্‌+অ] বি. ১ পরস্পর সহযোগিতা ও সহানুভূতির সঙ্গে বসবাসকারী জনগোষ্ঠী। ২ জাতি, সম্প্রদায়। ৩ একজাতীয় প্রাণীর দল বা সমাবেশ। ৪ পরিষদ, সংঘ। ৫ (বাংলায়) বৈষ্ণবদের সমাধিক্ষেত্র।

সমাজকর্ম /শমাজ্‌করমো/ [স. সমাজ+কর্মন্‌] বি. ১ সমাজসেবামূলক উদ্যোগ। ২ সমাজের সেবামূলক উদ্যোগ আদর্শ প্রভৃতিসংক্রান্ত তাত্ত্বিক শাস্ত্র।

সমাজকর্মী /শমাজ্‌কোর্‌মি/ [স. সমাজ+কর্মন্‌+ইন্‌] বি. যে ব্যক্তি সমাজসেবামূলক কাজ করে।

সমাজকল্যাণ /শমাজ্‌কোল্‌ল্যান্‌/ [স. সমাজ+কল্যাণ] বি. ১ সামগ্রিকভাবে সমাজের কল্যাণ। ২ সমাজের কল্যাণমূলক চিন্তা আদর্শ তত্ত্ব ও প্রয়োগসংক্রান্ত শাস্ত্র।

সমাজচ্যুত /শমাজচুতো/ [স. সমাজ+√চ্যু+ত] বিণ. সমাজ থেকে বহিষ্কৃত, সামাজিক অধিকারবঞ্চিত, একঘরে।

সমাজতত্ত্ব /শমাজ্‌তত্‌তো/ [স. সমাজ+√তদ্‌+ত্ব] বি. দ্র **সমাজবিজ্ঞান**।

সমাজতত্ত্ববিদ /শমাজ্‌তত্‌তোবিদ্‌/ [স. সমাজতত্ত্ব+√বিদ্‌+ক্বিপ্‌] বি. বিণ. সমাজতত্ত্ববিষয়ে পণ্ডিত।

সমাজতন্ত্র /শমাজ্‌তন্‌ত্রো/ [স. সমাজ+√তন্‌+ত্র] বি. ব্যক্তি ও শ্রেণির মালিকানা বিলোপ করে সকলের হিতার্থে উৎপাদনের সহায়ক সকল বস্তু রাষ্ট্রের হাতে ন্যস্ত হওয়া প্রয়োজন এমন মতবাদমূলক শাসনব্যবস্থা বা দর্শন, socialism।

সমাজতন্ত্রী /শমাজ্‌তোন্‌ত্রি/ [স. সমাজতন্ত্র+ইন্‌] বিণ. সমাজতান্ত্রিক আদর্শ বা শাসনব্যবস্থায় বিশ্বাসী কিংবা অনুসারী।

সমাজতান্ত্রিক /শমাজ্‌তান্‌ত্রিক্‌/ [স. সমাজতন্ত্র+ইক] বিণ. ১ সমাজতত্ত্ববিষয়ক। ২ সমাজতত্ত্ব-বিষয়ে জ্ঞানী। বি. সমাজবিজ্ঞানে পণ্ডিত ব্যক্তি, সমাজবিজ্ঞানী।

সমাজতান্ত্রিক /শমাজ্‌তান্‌ত্রিক্‌/ [স. সমাজতন্ত্র+ইক] বিণ. সমাজতান্ত্রিক আদর্শ বা শাসনব্যবস্থার অনুসারী। বি. সমাজতন্ত্র সম্বন্ধে জ্ঞানী ব্যক্তি।

সমাজপতি /শমাজ্‌পোতি/ [স. সমাজ+√পা+অতি] বি. ১ সামাজিক বিধিবিধানের প্রধান সংরক্ষক, সমাজের নেতা। ২ পদবিবিশেষ।

সমাজবদ্ধ /শমাজ্‌বদ্‌ধো/ [স. সমাজ+√বধ্‌+ত] বিণ. সমাজে বসবাসকারী।

সমাজবিজ্ঞান /শমাজ্‌বিগ্‌গ্যান্‌/ [স. সমাজ+বিজ্ঞান] বি. মানবসমাজের গঠন বিকাশ ও উৎকর্ষবিধান সম্পর্কিত শাস্ত্র, sociology।

সমাজবিজ্ঞানী /শমাজ্‌বিগ্‌গ্যানি/ [স. সমাজ+বিজ্ঞান+ইন্‌] বি. সমাজবিজ্ঞানে পাণ্ডিত্য আছে এমন ব্যক্তি। বিণ. সমাজবিজ্ঞানে পণ্ডিত।

সমাজবিদ্যা /শমাজ্‌বিদ্‌দা/ [স. সমাজ+√বিদ্‌+

www.pathagar.com

য+আ (টাপ্)] বি. দ্র সমাজবিজ্ঞান।

সমাজবিধি /শমাজ্‌বিধি/ [স. সমাজ+বি+√ধা+ই] বি. সামাজিক নিয়মাবলি।

সমাজবিরুদ্ধ /শমাজ্‌বিরুদ্‌ধো/ [স. সমাজ+বি+√রুধ্+ত] বিণ. দ্র সমাজবিরোধী।

সমাজবিরোধী /শমাজ্‌বিরোধি/ [স. সমাজ+বি+√রুধ্+ইন্] বিণ. ১ সমাজের জন্য অনিষ্টকর। ২ সামাজিক রীতিনীতির বিরুদ্ধাচারী; দুষ্কৃতকারী।

সমাজব্যবস্থা /শমাজ্‌ব্যাবোস্‌থা/ [স. সমাজ+ব্যবস্থা] বি. সমাজের বিধিবিধান ও রীতিনীতি।

সমাজব্যূহ /শমাজ্‌বুহো/ [স. সমাজ+বি+√উহ্+অ] বি. সামাজিক রীতিনীতির শৃঙ্খল বা আবেষ্টনী।

সমাজশাসন /শমাজ্‌শাশোন্/ [স. সমাজ+শাসন] বি. সমাজের বিধিবিধান।

সমাজসংস্কার /শমাজ্‌শংশ্‌কার্/ [স. সমাজ+সংস্কার] বি. সমাজের অসংগতি পরিহার করে সমাজকে ত্রুটিমুক্ত করার উদ্যোগ।

সমাজসংস্কারক /শমাজ্‌শংশ্‌কারোক্/ [স. সমাজ+সংস্কারক] বিণ. সমাজসংস্কারকারী।

সমাজসেবক /শমাজ্‌শেবক্/ [স. সমাজ+সেবক] বিণ. বি. জনগণের কল্যাণসাধনকারী।

সমাজসেবা /শমাজ্‌শেবা/ [স. সমাজ+সেবা] বি. জনগণের কল্যাণসাধন।

সমাজসেবী /শমাজ্‌শেবি/ [স. সমাজ+√সেব্+ইন্] বিণ. জনগণের কল্যাণসাধন করে এমন।

সমাজহিতৈষণা /শমাজ্‌হিতোইশনা/ [স. সমাজ+হিত+√ইষ্+অন+আ (টাপ্)] বি. সমাজের মঙ্গলসাধন।

সমাজহিতৈষিতা /শমাজ্‌হিতোইশিতা/ [স. সমাজ+হিত+√ইষ্+ইন্+তা] বি. দ্র সমাজহিতৈষণা।

সমাজহিতৈষী /শমাজ্‌হিতোইশি/ [স. সমাজ+হিত+√ইষ্+ইন্] বিণ. সমাজবদ্ধ মানুষের মঙ্গল কামনা করে এমন। স্ত্রী. সমাজহিতৈষিণী /শমাজ্‌হিতোইশিনি/।

সমাদর /শমাদর্/ [স. সম্+আ+√দৃ+অ] বি. ১ আদরযত্ন। ২ সংবর্ধনা।

সমাদরণীয় /শমাদরোনিয়ো/ [স. সম্+আ+√দৃ+অনীয়] বিণ. সংবর্ধনা ও সমাদরের যোগ্য।

সমাদিষ্ট /শমাদিশ্‌টো/ [স. সম্+আ+√দিশ্+ত] বিণ. আদেশপ্রাপ্ত।

সমাদৃত /শমাদ্‌দৃতো/ [স. সম্+আ+√দৃ+ত] বিণ. সমাদর করা হয়েছে এমন, সম্মানিত। স্ত্রী. সমাদৃতা /শমাদ্‌দৃতা/।

সমাদেশ /শমাদেশ্/ [স. সম্+আদেশ] বি. আদেশ, আজ্ঞা।

সমাধা /শমাধা/ [স. সম্+আ+√ধা+অ+আ (টাপ্)] বি. ১ নিষ্পাদন; নিষ্পত্তি, মীমাংসা। ২ সমাপ্তি, সমাপন। ৩ প্রতিকার।

সমাধান /শমাধান্/ [স. সম্+আ+√ধা+অন] বি. ১ সমাপন। ২ প্রতিকার। ৩ মীমাংসা।

সমাধি /শমাধি/ [স. সম্+আ+√ধা+ই] বি. ১ ধ্যান; গভীর মনোনিবেশ। ২ সমাপন। ৩ কবর; মাজার।

সমাধিক্ষেত্র /শমাধিখেত্‌রো/ [স. সমাধি+√ক্ষি+ত্র] বি. যেখানে মৃতদেহ সমাহিত করা হয়।

সমাধিপ্রস্তর /শমাধিপ্রোস্‌তর্/ [স. সমাধি+প্রস্তর] বি. কবরের শিয়রে স্থাপিত স্মৃতিপ্রস্তর; সমাধি-ফলকে উৎকীর্ণ লেখ, চৈত্যলিপি।

সমাধিফলক /শমাধিফলোক/ [স. সমাধি+ফলক] বি. দ্র সমাধিপ্রস্তর।

সমাধিমগ্ন / শমাধিমগ্‌নো/ [স. সমাধি+√মস্‌জ্+ত] বিণ. ধ্যানে বা তপস্যায় মগ্ন, ধ্যানস্থ।

সমাধিমন্দির /শমাধিমোন্‌দির্/ [স. সমাধি+মন্দির] বি. সমাধি বা কবরের ওপরে নির্মিত স্মৃতিসৌধ।

সমাধিস্তম্ভ /শমাধিস্‌তম্‌ভো/ [স. সমাধি+√স্তম্ভ্+অ] বি. দ্র সমাধিমন্দির।

সমাধিস্থ /শমাধিস্‌থো/ [স. সমাধি+√স্থা+অ] বিণ. দ্র সমাধিমগ্ন।

সমাধিস্থল /শমাধিস্‌থল্/ [স. সমাধি+স্থল] বি. কবরস্থান, গোরস্থান।

সমাধিস্থান /শমাধিস্‌থান্/ [স. সমাধি+স্থান] বি. দ্র সমাধিস্থল।

সমাধ্যায়ী /শমাদ্‌ধায়ি/ [স. সম্+অধি+√ই+ইন্] বিণ. একসঙ্গে অধ্যয়নকারী, সহপাঠী, সতীর্থ।

সমান /শমান্/ [স. সম্+আ+√অন্+অ] বিণ. ১ সমকক্ষ। ২ তুল্য। ৩ সমতল। ৪ সোজা।

সমান সমান /শমান্ শমান্/ বিণ. ১ সমকক্ষ। ২ অভিন্ন মান বা মূল্য বিশিষ্ট। ৩ সমান শক্তিবিশিষ্ট।

সমানাধিকরণ /শমানাধিকরোন্/ [স. সমান+অধিকরণ] বি. যে সাধারণ গুণ সকল পদার্থে বিদ্যমান। বিণ. ১ একই আশ্রয়স্থল বা অবস্থান-বিশিষ্ট। ২ (ব্যা.) বিশেষ্য-বিশেষণ সম্বন্ধবিশিষ্ট এবং অভিন্ন বিভক্তিযুক্ত।

সমানাধিকারবাদ /শমানাধিকারবাদ্/ [স. সমান+অধিকার+√বদ্+অ] বি. কোনো রাষ্ট্রে ধনীদরিদ্র জাতিধর্ম নির্বিশেষে সকল নাগরিকের সমান অধিকারের মতবাদ, সাম্যবাদ।

www.pathagar.com

সমানুপাতিক /শমানুপাতিক্/ [স. সমানুপাত+ইক] বিণ. আনুপাতিক সমতাবিশিষ্ট।

সমান্তর /শমান্তর্/ [স. সম্+অন্তর] বিণ. (গ.) সমদূরত্ববিশিষ্ট; সমান পার্থক্যযুক্ত।

সমান্তরাল /শমান্তরাল্/ [স. সম্+অন্তরাল] বিণ. সর্বত্র এবং সর্বদা সমান দূরত্ববিশিষ্ট, parallel।

সমাপক /শমাপক্/ [স. সম্+√আপি+অক] বিণ. সমাপনকারী।

সমাপতন /শমাপতোন্/ [স. সম্+আ+√পত্+অন] বি. হঠাৎ একাধিক ঘটনার যুগপৎ সংঘটন, coincidence।

সমাপন /শমাপন্/ [স. সম্+√আপি+অন] বি. ১ সমাপ্তি, শেষ। ২ উদ্‌যাপন।

সমাপনার্হ /শমাপনার্হো/ [স. সমাপন+অর্হ] বিণ. দ্র সমাপনীয়।

সমাপনীয় /শমাপোনিয়ো/ [স. সম্+√আপি+অনীয়] বিণ. ১ শেষ করতে হবে এমন। ২ সমাপনযোগ্য।

সমাপন্ন /শমাপন্নো/ [স. সম্+আ+√পদ্+ত] বিণ. ১ শেষ করা হয়েছে এমন। ২ প্রাপ্ত। ৩ বিপদগ্রস্ত।

সমাপাতনিক /শমাপাতোনিক্/ [স. সমাপতন+ইক] বিণ. হঠাৎ যুগপৎ সংঘটনজনিত, coincidental।

সমাপিকা /শমাপিকা/ [স. সম্+√আপি+অক+আ (টাপ্)] বিণ. ১ সম্পন্নকারিণী। ২ (ব্যাকরণে ক্রিয়ার ক্ষেত্রে) বাক্যের অর্থ সম্পূর্ণকারী (*সমাপিকা ক্রিয়া*)।

সমাপিত /শমাপিতো/ [স. সম্+√আপি+ত] বিণ. শেষ বা সম্পন্ন করা হয়েছে এমন।

সমাপী /শমাপি/ [স. সম্+√আপি+ইন্] বিণ. সমাপনকারী; সম্পন্নকারী।

সমাপ্ত /শমাপ্তো/ [স. সম্+√আপ্+ত] বিণ. ১ শেষ; নিষ্পন্ন। ২ সম্পূর্ণ। ৩ বিগত, অতীত।

সমাপ্তি /শমাপ্তি/ [স. সম্+√আপ্+তি] বি. সমাপন, সম্পন্ন; অবসান।

সমাপ্য /শমাপ্পো/ [স. সম্+√আপি+য] বিণ. সমাপনযোগ্য; সমাপনীয়।

সমাবর্তন /শমাবর্তোন্/ [স. সম্+আবর্তন] বি. ১ প্রত্যাবর্তন। ২ ব্রহ্মচর্য পালনের পর গুরুগৃহ থেকে শিষ্যের গার্হস্থ্যজীবনে প্রত্যাবর্তন। ৩ (বাংলায়) বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি বা উপাধি প্রদানের উদ্দেশ্যে আয়োজিত বিশেষ সভা, convocation।

সমাবিষ্ট /শমাবিশ্টো/ [স. সম্+আ+√বিশ্+ত] বিণ. ১ একাগ্রচিত্ত। ২ সমবেত। ৩ আক্রান্ত; প্রভাবিত। ৪ প্রবিষ্ট।

সমাবৃত /শমাবৃতো/ [স. সম্+আ+√বৃ+ত] বিণ. ১ সম্পূর্ণভাবে আবৃত, আচ্ছন্ন। ২ বেষ্টিত।

সমাবৃত্ত /শমাবৃত্তো/ [স. সম্+আ+√বৃৎ+ত] বিণ. ১ প্রত্যাগত। ২ সমাগত। ৩ সমাপ্ত। ৪ ব্রহ্মচর্য পালনের পর গুরুগৃহ থেকে প্রত্যাবর্তন করে গৃহধর্মে প্রবিষ্ট।

সমাবেশ /শমাবেশ্/ [স. সম্+আ+√বিশ্+অ] বি. ১ একত্র উপস্থিতি, সমাগম (*জনসমাবেশ*)। ২ মনঃসংযোগ, অভিনিবেশ। ৩ বিন্যাস। ৪ প্রবেশ।

সমাবেশিত /শমাবেশিতো/ [স. সম্+আ+√বেশি+ত] বিণ. ১ সমাবেশ করা হয়েছে এমন, সমাবেশকৃত। ২ বিন্যস্ত। ৩ অভিনিবিষ্ট।

সমারব্ধ /শমারব্ধো/ [স. সম্+আ+√রভ্+ত] বিণ. আনুষ্ঠানিকভাবে সূচনা করা হয়েছে এমন; আরম্ভ হয়েছে এমন।

সমারম্ভ /শমারম্ভো/ [স. সম্+আ+√রভ্+অ] বি. ১ আনুষ্ঠানিক সূচনা; আরম্ভ। ২ আড়ম্বর। ৩ পর্ব বা অনুষ্ঠান।

সমারূঢ় /শমারূঢ়ো/ [স. সম্+আ+√রুহ্+ত] বিণ. ঘটা করে অধিষ্ঠিত। স্ত্রী. সমারূঢ়া /শমারূঢ়া/।

সমারোহ /শমারোহো/ [স. সম্+আ+√রুহ্+অ] বি. ১ সম্যক আরোহণ। ২ (বাংলায়) আড়ম্বর, জাঁকজমক।

সমারোহণ /শমারোহোন্/ [স. সম্+আ+√রুহ্+অন] বি. সম্যক আরোহণ, অধিষ্ঠান।

সমার্থ /শমার্থো/ [স. সম+অর্থ] বিণ. সমান বা সদৃশ অর্থযুক্ত, একার্থবোধক।

সমার্থক /শমার্থক্/ [স. সমার্থ+কপ্] বিণ. একার্থবোধক। বি. সমার্থকতা /শমার্থোকতা/।

সমালোচক /শমালোচক্/ [স. সম্+আ+√লোচি+অক] বি. বিণ. ১ দোষগুণের সম্যক বিচারক। ২ সাহিত্য ও শিল্পকর্মের উৎকর্ষ বা অপকর্ষ বিশ্লেষক, critic। ৩ (বাংলায়) অন্যের দোষ ধরে এমন। স্ত্রী. সমালোচিকা /শমালোচিকা/।

সমালোচন /শমালোচন্/ [স. সম্+আ+√লোচি+অন] বি. দ্র সমালোচনা।

সমালোচনা /শমালোচনা/ [স. সম্+আ+√লোচি+অন+আ (টাপ্)] বি. ১ দোষগুণের সম্যক বিচার। ২ সাহিত্য ও শিল্পকর্মের উৎকর্ষ বা অপকর্ষ বিশ্লেষণ, criticism। ৩ (বাংলায়) অন্যের দোষত্রুটির আলোচনা।

সমালোচনীয় /শমালোচোনিয়ো/ [স. সম্+আ+√লোচি+অনীয়] বিণ. সমালোচনার যোগ্য বা সমালোচনা করতে হবে এমন।

www.pathagar.com

সমালোচিত /শমালোচিতো/ [স. সম্+আ+√লোচি+ত] বিণ. ১ দোষগুণ সম্বন্ধে সম্যক আলোচনা করা হয়েছে এমন। ২ নিন্দিত।

সমালোচ্য /শমালোচ্চো/ [স. সম্+আ+√লোচি+য] বিণ. ১ সমালোচনার যোগ্য। ২ আলোচনার অন্তর্ভুক্ত (*সমালোচ্য গ্রন্থ*)।

সমাশ্রয় /শমাস্রয়্/ [স. সম্+আ+√শ্রি+অ] বি. ১ আশ্রয়, সহায়। ২ অবলম্বন।

সমাশ্রিত /শমাস্রিতো / [স. সম্+আ+√শ্রি+ত] বিণ. ১ সম্যক আশ্রয়প্রাপ্ত। ২ আচ্ছন্ন, সমাচ্ছন্ন।

সমাস /শমাশ্/ [স. সম্+√অস্+অ] বি. ১ সংক্ষেপ। ২ মিলন। ৩ সংগ্রহ। ৪ (ব্যা.) একাধিক পদের একপদীকরণ।

সমাসক্ত /শমাশক্তো/ [স. সম্+আ+√সন্জ্+ত] বিণ. ১ অত্যন্ত আসক্ত। ২ সংযুক্ত। ৩ বিশেষভাবে নিবিষ্ট, অভিনিবিষ্ট।

সমাসক্তি /শমাশোক্তি/ [স. সম্+আ+√সন্জ্+তি] বি. ১ অতিশয় আসক্তি। ২ নিবিড় সংযোগ।

সমাসঙ্গ /শমাশঙ্গো/ [স. সম্+আ+√সনজ্+অ] বি. ১ অত্যধিক আসক্তি। ২ সংযোগ। ৩ অভিনিবেশ।

সমাসত্তি /শমাশোত্তি/ [স. সম্+আ+√সদ্+তি] বি. নিকটবর্তিতা।

সমাসন্ন /শমাশন্নো/ [স. সম্+আ+√সদ্+ত] বিণ. অতি আসন্ন, অত্যন্ত নিকটবর্তী।

সমাসীন /শমাশিন্/ [স. সম্+√আস্+ঈন (শানচ্)] বিণ. উপবিষ্ট, আরূঢ় (*সিংহাসনে সমাসীন*)।

সমাসোক্তি /শমাশোক্তি/ [স. সমাস+উক্তি] বি. যে অলংকারে প্রাসঙ্গিক বিষয়ে অপ্রাসঙ্গিক বিষয়ের গুণ বা ধর্ম আরোপ করা হয়।

সমাহরণ /শমাহরোন্ / [স. সম্+আ+√হৃ+অন] বি. সম্যক আহরণ, সঞ্চয়ন।

সমাহর্তা /শমাহর্তা/ [স. সম্+আ+√হৃ+তৃ] বিণ. সংগ্রহকারী। বি. সরকারি রাজস্ব আদায়ের দায়িত্বে নিয়োজিত আধিকারিক, collector। স্ত্রী. সমাহর্ত্রী /শমাহোর্ত্রি/।

সমাহার /শমাহার্/ [স. সম্+আ+√হৃ+অ] বি. ১ মিলন। ২ সংগ্রহ, চয়ন। ৩ সকল, সমূহ। ৪ (ব্যা.) দ্বিগু ও দ্বন্দ্ব সমাসের শ্রেণিবিশেষ।

সমাহারদ্বিগু /শমাহারদ্দিগু/ [স. সমাহার+দ্বিগু] বি. (ব্যা.) যে সমাসের পূর্বপদ সংখ্যাবাচক।

সমাহিত /শমাহিতো/ [স. সম্+আ+√ধা+ত] বিণ. ১ সমাধিস্থ। ২ ধ্যানমগ্ন। ৩ মীমাংসিত। ৪ সম্পাদিত। ৫ অবহিত। স্ত্রী. সমাহিতা /শমাহিতা/।

সমাহৃত /শমাহৃতো/ [স. সম্+আ+√হৃ+ত] বিণ. ১ সংগৃহীত। ২ মিলিত। ৩ আনীত। ৪ সংক্ষেপিত। ৫ আয়োজনকৃত। ৬ সম্যকপ্রাপ্ত।

সমাহৃতি /শমাহৃতি/ [স. সম্+আ+√হৃ+তি] বি. ১ সংগ্রহ, আহরণ। ২ সম্মেলন। ৩ আনয়ন। ৪ সংক্ষেপণ। ৫ আয়োজন। ৬ প্রাপ্তি।

সমিতি /শোমিতি/ [স. সম্+√ই+তি] বি. সংঘ, পরিষদ, সভা (*বণিকসমিতি*)।

সমিদ্ধ /শমিদ্ধো/ [স. সম্+√ইন্ধ্+ত] বিণ. ১ প্রজ্বলিত। ২ উত্তেজিত।

সমিধ /শোমিধ্ / [স. সম্+√ইন্ধ্+অ] বি. ১ হোমের আগুন জ্বালানোর কাঠ, ইন্ধন। ২ জ্বালানি।

সমীকরণ /শোমিকরোন্ / [স. সম্+ঢ়ি+করণ] বি. ১ তুল্য বা একজাতীয়করণ; সদৃশীকরণ। ২ (গ.) কোনো জ্ঞাত রাশির সাহায্যে তার তুল্য কোনো অজ্ঞাত রাশির মান নির্ধারণ; এক রাশি বা রাশি-সমূহের সঙ্গে অন্য রাশি বা রাশিসমূহের সমতা নির্দেশ, equation। ৩ (ধ্বনিতত্ত্বে) পরপর উচ্চার্য পৃথক উচ্চারণস্থানযুক্ত দুটি ব্যঞ্জনের একটির প্রভাবে অন্যটির পরিবর্তন (যথা সৎ+জন > সজ্জন), assimilation।

সমীক্ষক /শোমিক্ষক্/ [স. সম্+√ঈক্ষ্+অক] বিণ. বি. সম্যক বিচারকারী বা পর্যালোচনাকারী, সমীক্ষা-কারী; পরীক্ষক।

সমীক্ষণ /শোমিক্ষন্/ [স. সম্+√ঈক্ষি+অন] বি. ১ বিশেষভাবে দর্শন। ২ অন্বেষণ। ৩ আলোচনা।

সমীক্ষা /শোমিক্ষা/ [স. সম্+√ঈক্ষ্+অ+আ (টাপ্)] বি. ১ জ্ঞান। ২ অন্বেষণ, অনুসন্ধান। ৩ সমীক্ষণ। ৪ মীমাংসাদর্শন। ৫ বিবেচনা, বিচার। ৬ মীমাংসা; আপস। ৭ সাংখ্যদর্শনে চতুর্বিংশতি তত্ত্ব।

সমীক্ষিত /শোমিক্ষিতো/ [স. সম্+√ঈক্ষ্+ত] বিণ. ১ পর্যবেক্ষিত। ২ আলোচিত। ৩ অন্বেষিত।

সমীক্ষ্য /শোমিক্ষ্যো/ [স. সম্+√ঈক্ষ্+য] বিণ. বিচার করতে হবে এমন, বিচার্য।

সমীক্ষ্যকারী /শোমিক্ষ্যোকারি/ [স. সমীক্ষ্য+√কৃ+ইন্] বিণ. পূর্বাপর বিবেচনা করে কাজ করে এমন। বি. সমীক্ষ্যকারিতা /শোমিক্ষ্যোকারিতা/।

সমীক্ষ্যবাদী /শোমিক্ষ্যোবাদি/ [স. সমীক্ষ্য+√বদ্+ইন্] বিণ. পূর্বাপর বিবেচনা করে কথা বলে এমন। বি. যে পূর্বাপর বিবেচনা করে কথা বলে।

সমীচীন /শোমিচিন্/ [স. সম্যচ্+ঈন] বিণ. ১ সংগত। ২ উপযুক্ত। ৩ উত্তম। ৪ যথার্থ; সত্য। ৫ উচিত।

www.pathagar.com

সমীপ /শোমিপো/ [স. সম্+√অপ্+অ] বিণ. নিকটবর্তী, সন্নিহিত। বি. নিকট (*সমীপবর্তী*)।

সমীপবর্তিতা /শোমিপোবোর্তিতা/ [স. সমীপ+√বৃৎ+ইন্+তা] বি. নিকটবর্তিতা।

সমীপবর্তী /শোমিপোবোর্তি/ [স. সমীপ+√বৃৎ+ইন্] বিণ. নিকটে অবস্থিত এমন, নিকটবর্তী। স্ত্রী. **সমীপবর্তিনী** /শোমিপোবোর্তিনি/।

সমীপস্থ /শোমিপস্থো/ [স. সমীপ+√স্থা+অ] বি. নিকটস্থ। স্ত্রী. **সমীপস্থা** /শোমিপস্থা/।

সমীভবন /শোমিভবোন/ [স. সম্+চ্বি+ভবন] বি. ১ একরূপ হওয়া ; সমান হওয়া। ২ (ধ্বনিতত্ত্বে) পরপর উচ্চার্য পৃথক উচ্চারণস্থানযুক্ত দুটি ব্যঞ্জনের একটির প্রভাবে অন্যটির পরিবর্তন, assimilation।

সমীভূত /শোমিভুতো/ [স. সম্+চ্বি+ভূত] বিণ. একরূপ করা হয়েছে এমন ; সমান হয়েছে এমন।

সমীর /শোমির্/ [স. সম্+√ঈর্+অ] বি. বায়ু, বাতাস, পবন।

সমীরণ /শোমিরন্/ [স. সম্+√ঈর্+অন] বি. দ্র সমীর।

সমীহ /শোমিহো/ [স. সম্+√ঈহ্+অ] বি. সম্মান বা শ্রদ্ধাপূর্ণ আচরণ, সমাদর, খাতির।

সমীহা /শোমিহা/ [স. সমীহ+আ (টাপ্)] বি. ১ চেষ্টা। ২ সন্ধান। ৩ ইচ্ছা, আকাঙ্ক্ষা।

সমীহিত /শোমিহিতো/ [স. সম্+√ঈহ্+ত] বিণ. ১ চেষ্টিত। ২ অভীষ্ট, ঈপ্সিত।

সমুখ /শমুখ্/ [স. সম্মুখ >] বি. 'সম্মুখ'-এর কোমল রূপ।

সমুখে / শমুখে/ [বা.] ক্রিবিণ. 'সম্মুখে'-র কোমল রূপ (*সমুখে শান্তিপারাবার— / ভাসাও তরণী হে কর্ণধার।* রবীন্দ্র.)।

সমুচয় /শমুচয়/ [স. সম্+√চি+অ] বিণ. সমুদয়। বি. সমাহার।

সমুচিত /শমুচিত্/ [স. সম্+√উচ্+ত] বিণ. ১ যথাবিহিত, যোগ্য, উপযুক্ত। ২ ন্যায়সংগত।

সমুচ্চ /শমুচ্চো/ [স. সম্+উচ্চ] বিণ. ১ অত্যন্ত উঁচু। ২ অত্যন্ত চড়া।

সমুচ্চয় /শমুচ্চয়/ [স. সম্+উদ্+√চি+অ] বি. ১ মিলন ; সমাহার। ২ সমূহ, সকল। ৩ চিহ্ন, দাগ। ৪ পরিমাণ। ৫ কাব্যের অলংকারবিশেষ।

সমুচ্চার /শমুচ্চার/ [স. সম্+উদ্+√চারি+অ] বি. সম্যক উচ্চারণ।

সমুচ্চারণ /শমুচ্চারোন/ [স. সম্+উদ্+√চারি+অন] বি. মিলিত উচ্চারণ।

সমুচ্চার্য /শমুচ্চার্জো/ [স. সম্+উদ্+√চারি+য] বিণ. সম্যক উচ্চারণের যোগ্য।

সমুচ্ছল /শমুচ্ছল্/ [স. সম্+উদ্+√শল্+অ] বিণ. উচ্ছ্বসিত, অতিশয় উচ্ছলিত।

সমুচ্ছেদ /শমুচ্ছেদ্/ [স. সম্+উদ্+√ছিদ্+অ] বি. সম্পূর্ণ উচ্ছেদ, মূলোৎপাটন।

সমুচ্ছেদন /শমুচ্ছেদোন্/ [স. সম্+উদ্+√ছিদ্+অন] বি. ১ সমূলে বিনাশ। ২ উন্মূলন।

সমুচ্ছ্বাস /শমুচ্ছাশ্/ [স. সম্+উদ্+√শ্বস্+অ] বি. ১ প্রবল উচ্ছ্বাস। ২ প্রবল শ্বাসপ্রশ্বাস। ৩ আবেগ।

সমুচ্ছ্রয় /শমুচ্ছ্রয়্/ [স. সম্+উদ্+√শ্রি+অ] বি. ১ সম্যক স্ফীতি বা বৃদ্ধি ; অতিশয় উন্নতি।

সমুচ্ছ্রায় /শমুচ্ছ্রায়্/ [স. সম্+উদ্+√শ্রি+অ] বি. দ্র সমুচ্ছ্রয়।

সমুচ্ছ্রিত /শমুচ্ছ্রিতো/ [স. সম্+উদ্+√শ্রি+ত] বিণ. অত্যন্ত স্ফীত, সমুন্নত; বৃদ্ধিপ্রাপ্ত।

সমুজ্জ্বল /শমুজ্জ্বল্/ [স. সম্+উদ্+√জ্বল্+অ] বিণ. বিশেষভাবে উজ্জ্বল ; দীপ্তিযুক্ত।

সমুড্ডীন /শমুড্ডিন্/ [স. সম্+উড্ডীন] বিণ. ঊর্ধ্বাকাশে উড়ছে এমন।

সমুৎকণ্ঠা /শমুত্কন্ঠা/ [স. সম্+উৎকণ্ঠা] বি. অতিশয় উৎকণ্ঠা।

সমুৎকর্ষ /শমুত্করশো/ [স. সম্+উৎকর্ষ] বি. সার্বিক উৎকর্ষ বা শ্রেষ্ঠতা।

সমুৎকীর্ণ /শমুত্কির্নো/ [স. সম্+উৎ+√কৃ+ত] বিণ. সম্পূর্ণরূপে খোদাই করা হয়েছে এমন।

সমুৎকৃষ্ট /শমুত্কৃশ্টো/ [স. সম্+উৎ+√কৃষ্+ত] বিণ. অতি উত্তম।

সমুৎপত্তি /শমুত্পোত্তি/ [স. সম্+উৎ+√পদ্+তি] বি. উৎপত্তি, উদ্ভব, জন্ম; উত্থান।

সমুৎপন্ন /শমুত্পন্নো/ [স. সম্+উৎ+√পদ্+ত] বিণ. উদ্ভূত, জাত।

সমুৎপাটন /শমুত্পাটোন্/ [স. সম্+উৎ+√পাটি+অন] বি. ১ মূলোৎপাটন। ২ নির্মূলন।

সমুৎপাটিত /শমুত্পাটিতো/ [স. সম্+উৎ+√পাটি+ত] বিণ. মূলোৎপাটন করে সম্পূর্ণ ধ্বংস করা হয়েছে এমন।

সমুৎসাদন /শমুত্শাদোন্/ [স. সম্+উৎ+√সাদি+অন] বি. সম্পূর্ণরূপে নির্মূলন বা ধ্বংসকরণ।

সমুৎসাদিত /শমুত্শাদিতো/ [স. সম্+উৎ+√সাদি+ত] বিণ. সম্পূর্ণরূপে ধ্বংস করা হয়েছে এমন।

সমুৎসুক /শমুত্শুক্/ [স. সম্+উৎসুক] বিণ. ১ অত্যন্ত

www.pathagar.com

আগ্রহান্বিত, অতিমাত্রায় উৎসুক। ২ চিন্তাযুক্ত, উৎকণ্ঠিত।

সমুত্থান /শমুত্‌থান / [স. সম্+উদ্+√স্থা+অন] বি. ১ সম্যক উত্থান, অভ্যুদয়। ২ উদয়। ৩ রোগমুক্তি।

সমুত্থিত /শমুত্‌থিতো/ [স. সম্+উদ্+√স্থা+ত] বিণ. ১ সম্যক উত্থিত; উদ্‌গত। ২ বিরুদ্ধে দণ্ডায়মান। স্ত্রী. **সমুত্থিতা** /শমুত্‌থিতা/।

সমুদয় /শোমুদয়্/ [স. সম্+উদ্+√ই+অ] বিণ. (বাংলায়) সকল, সমস্ত (*সমুদয় সম্পত্তি*)। বি. ১ সম্যক উদয়। ২ অভ্যুত্থান। ৩ সমষ্টি।

সমুদায় /শোমুদায়্/ [স. সম্+উদ্+√অয়্+অ] বিণ. বি. দ্র **সমুদয়**।

সমুদিত /শমুদিতো/ [স. সম্+উদ্+√ই+ত] বিণ. ১ সম্যক উদিত। ২ উত্থিত। ৩ জাত। ৪ আবির্ভূত।

সমুদ্‌গত /শমুদ্‌গতো/ [স. সম্+উদ্+√গম্+ত] বিণ. ১ উৎপন্ন। ২ মাটি ভেদ করে উদ্‌গত।

সমুদ্‌গম /শমুদ্‌গম্/ [স. সম্+উদ্+√গম্+অ] বি. ১ উদয়। ২ নিঃসরণ। ৩ উৎপত্তি।

সমুদ্‌গীত /শমুদ্‌গিতো/ [স. সম্+উদ্+√গৈ+ত] বিণ. সম্যক গীত, উচ্চকণ্ঠে গাওয়া হয়েছে এমন।

সমুদ্দুর /শোমুদ্দুর্/ [স. সমুদ্র >] বি. 'সমুদ্র'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

সমুদ্ধত /শমুদ্ধতো/ [স. সম্+উদ্+√হন্+ত] বিণ. ১ অত্যন্ত উদ্ধত, অবিনীত। ২ গর্বিত।

সমুদ্ধরণ /শমুদ্ধরোন্/ [স. সম্+উদ্+√হৃ+অন] বি. ১ উত্তোলন। ২ অন্যের রচনার উদ্ধৃতি। ৩ বমন।

সমুদ্ধৃত /শমুদ্ধৃতো/ [স. সম্+উদ্+√হৃ+ত] বিণ. ১ উত্তোলিত। ২ অন্যের রচনা থেকে উদ্ধৃত। ৩ বমিত।

সমুদ্ধৃতি /শমুদ্ধৃতি/ [স. সম্+উদ্+√হৃ+তি] বি. দ্র **সমুদ্ধরণ**।

সমুদ্ভব /শমুদ্‌ভব্/ [স. সম্+উদ্+√ভূ+অ] বি. ১ আবির্ভাব, প্রকাশ। ২ জন্ম, উৎপত্তি। ৩ সম্ভাবনা।

সমুদ্ভাসন /শমুদ্‌ভাশন্/ [স. সম্+উদ্+√ভাস্+অন] বি. দীপ্তি, প্রভা।

সমুদ্ভাসিত /শমুদ্‌ভাশিতো/ [স. সম্+উদ্+√ভাস্+ত] বিণ. ১ সম্যক আলোকিত, প্রদীপ্ত। ২ সুশোভিত।

সমুদ্ভূত /শমুদ্‌ভুতো/ [স. সম্+উদ্+√ভূ+ত] বিণ. উৎপন্ন, জাত।

সমুদ্যত /শমুদ্‌দতো/ [স. সম্+উদ্যত] বিণ. ১ সম্যক উদ্যত। ২ উত্তোলিত, উত্থিত।

সমুদ্যম /শমুদ্‌দম্/ [স. সম্+উদ্যম] বি. ১ সম্যক উদ্যম, চেষ্টা। ২ শুরু, আরম্ভ।

সমুদ্র[১] /শোমুদ্‌দ্রো / [স. সম্+√উন্দ্+র] বি. পৃথিবীর দুই-তৃতীয়াংশ জুড়ে স্থলভূমি পরিবেষ্টনকারী বিস্তীর্ণ লবণাক্ত জলরাশি, সাগর, সিন্ধু, বারিধি, অর্ণব, পারাবার, জলধি, রত্নাকর।

সমুদ্র[২] /শমুদ্‌দ্রো / [স. সহ+মুদ্রা] বিণ. (বিরল) মুদ্রা-সহ।

সমুদ্রকান্তা /শোমুদ্‌দ্রোকান্তা / [স. সমুদ্র+√কম্+ত+আ (টাপ্)] বি. সমুদ্রের পত্নী, নদী।

সমুদ্রগ /শোমুদ্‌দ্রোগো / [স. সমুদ্র+√গম্+অ] বিণ. সমুদ্র অভিমুখে গমনকারী, সাগরগামী। বি. ১ নদী। ২ নাবিক।

সমুদ্রগর্ভ /শোমুদ্‌দ্রোগর্‌ভো / [স. সমুদ্র+√গু+ভ] বি. সাগরের তলদেশ বা অভ্যন্তরভাগ।

সমুদ্রগামী /শোমুদ্‌দ্রোগামি / [স. সমুদ্র+√গম্+ইন্] বিণ. সমুদ্র অভিমুখে গমনকারী (*সমুদ্রগামী জাহাজ*)।

সমুদ্রজ /শোমুদ্‌দ্রোজো / [স. সমুদ্র+√জন্+অ] বিণ. সাগরজাত। বি. সাগর থেকে আহৃত রত্নাদি।

সমুদ্রতট /শোমুদ্‌দ্রোতট্ / [স. সমুদ্র+তট] বি. সমুদ্রের কূল বা তীর।

সমুদ্রতীর /শোমুদ্‌দ্রোতির্/ [স. সমুদ্র+তীর] বি. দ্র **সমুদ্রতট**।

সমুদ্রতীরবর্তী /শোমুদ্‌দ্রোতিরোবোর্‌তি / [স. সমুদ্র+তীর+√বৃৎ+ইন্] বিণ. সমুদ্রের তীরে অবস্থিত।

সমুদ্রদয়িতা /শোমুদ্‌দ্রোদোয়িতা / [স. সমুদ্র+√দয়্+ত+আ (টাপ্)] বি. সমুদ্রের পত্নী, নদী।

সমুদ্রপথ /শোমুদ্‌দ্রোপথ্ / [স. সমুদ্র+পথ] বি. পরিবহণের জন্য ব্যবহৃত জলপথ।

সমুদ্রবন্দর /শোমুদ্‌দ্রোবন্‌দোর্/ [স. সমুদ্র+ফা. বন্দর] বি. সমুদ্রের উপকূলে জাহাজ ভিড়ানোর স্থান।

সমুদ্রবল্লভা /শোমুদ্‌দ্রোবল্‌লোভা / [স. সমুদ্র+√বল্ল্+অভ+আ (টাপ্)] বি. সমুদ্রের পত্নী, নদী।

সমুদ্রবসনা /শোমুদ্‌দ্রোবশোনা / [স. সমুদ্র+√বস্+অন+আ (টাপ্)] বি. সমুদ্রের ভূষণ, পৃথিবী।

সমুদ্রবিজ্ঞান /শোমুদ্‌দ্রোবিগ্‌গ্যান্/ [স. সমুদ্র+বিজ্ঞান] বি. সাগরের প্রকৃতি ও জীববৈচিত্র্যবিষয়ক শাস্ত্র, সমুদ্রবিদ্যা; (পরি.) oceanography।

সমুদ্রমন্থন /শোমুদ্‌দ্রোমন্‌থন্ / [স. সমুদ্র+√মন্থ্+অন] বি. পুরাণমতে অমৃত আহরণের উদ্দেশ্যে মন্দর পর্বত দিয়ে ক্ষিরসমুদ্র মন্থন।

সমুদ্রমেখলা /শোমুদ্‌দ্রোমেখোলা / [স. সমুদ্র+মেখলা] বি. সমুদ্র যাকে মেখলার মতো পরিবেষ্টিত করে আছে, পৃথিবী।

www.pathagar.com

সমুদ্রযাত্রা /শোমুদ্রোজাত্রা/ [স. সমুদ্র+যাত্রা] বি. সমুদ্রপথে গমন।

সমুদ্রযান /শোমুদ্রোজান/ [স. সমুদ্র+যান] বি. সমুদ্রে চলাচল করে এমন জলযান, অর্ণবপোত।

সমুদ্রসংগম /শোমুদ্রোশংগম/ [স. সমুদ্র+সংগম] বি. নদী ও সমুদ্রের মিলনস্থান।

সমুদ্রসৈকত /শোমুদ্রোশোইকত/ [স. সমুদ্র+সৈকত] বি. সমুদ্রের বালুকাময় তীরভূমি।

সমুন্নত /শমুন্নতো/ [স. সম্+উন্নত] বিণ. ১ অত্যন্ত উঁচু। ২ সমৃদ্ধশালী। ৩ মহৎ, বিশাল। ৪ উচ্চপদস্থ।

সমুন্নতি /শমুন্নোতি/ [স. সম্+উন্নতি] বি. ১ সম্যক উন্নতি। ২ বৃদ্ধি; প্রসার। ৩ মহত্ত্ব। ৪ গৌরব।

সমুন্নয় /শমুন্নয়/ [স. সম্+উদ্+√নী+অ] বি. ১ সম্যক উন্নতিসাধন। ২ উত্তোলন। ৩ উদ্ভাবন।

সমুন্নয়ন /শমুন্নয়োন/ [স. সম্+উদ্+√নী+অন] বি. দ্র সমুন্নয়।

সমুপস্থিত /সমুপোস্থিত/ [স. সম্+উপ+√স্থা+ত] বিণ. সমীপে উপস্থিত; নিকটবর্তী।

সমুপেত /সমুপেত/ [স. সম্+উপ+√ই+ত] বিণ. সমাগত।

সমুসা /সমুসা/ [ফা. সমুসহ >] বি. ময়দার তৈরি মাংসের পুর দেওয়া তেলেভাজা ত্রিকোণাকৃতি নোনতা খাদ্যবস্তু।

সমূল /শমুল/ [স. সহ+মূল] বিণ. ১ মূল-সহ। ২ কারণ-সহ। ৩ সম্পূর্ণ।

সমূলক /শমুলক/ [স. সহ+মূল+ক] বিণ. ১ মূল বা কারণ আছে এমন, সহেতুক। ২ সত্য।

সমূলে /শমুলে/ [স. সমূল+বা. এ] ক্রিবিণ. ১ মূলসমেত (*সমূলে উৎপাটিত*)। ২ সম্পূর্ণভাবে।

সমূহ /শোমুহো/ [স. সম্+√উহ্+অ] বি. রাশি গণ নিচয় প্রভৃতি অর্থসূচক বিভক্তিবিশেষ। বিণ. ১ (বাংলায়) প্রচুর, অনেক; অতিশয়। ২ ভীষণ, চরম, ভয়ানক (*সমূহ বিপদ*)।

সমৃদ্ধ /শমৃদ্ধো/ [স. সম্+√ঋধ্+ত] বিণ. ১ সম্যক বৃদ্ধিপ্রাপ্ত। ২ ঐশ্বর্যশালী, সম্পৎশালী। ৩ উন্নত। স্ত্রী. সমৃদ্ধা /শমৃদ্ধা/।

সমৃদ্ধি /শমৃদ্ধি/ [স. সম্+√ঋধ্+তি] বি. ১ সম্যক বৃদ্ধি। ২ সমুন্নতি। ৩ সম্পদ, প্রাচুর্য, ঐশ্বর্য।

সমৃদ্ধিশালী /শমৃদ্ধিশালি/ [স. সমৃদ্ধি+√শাল্+ইন্] বিণ. সম্পৎশালী, ঐশ্বর্যশালী।

সমৃদ্ধিসাধন /শমৃদ্ধিশাধোন/ [স. সমৃদ্ধি+√সাধ্+অন] বি. উন্নতিসাধন।

সমেত /শমেত/ [স. সম্+আ+√ই+ত] বিণ. ১ সহিত, সহ। ২ প্রাপ্ত। ৩ উপস্থিত।

সমোষ্ণরেখা /শমোশ্নোরেখা/ [স. সম্+উষ্ণরেখা] বি. মানচিত্রে যে রেখা একই গড় তাপমাত্রাবিশিষ্ট স্থানসমূহকে সংযুক্ত করে, সমতাপরেখা, isotherm।

সম্ /শম্/ অব্য. সম্যক সমূহ সমান শোভন সাদৃশ্য প্রকর্ষ প্রভৃতিসূচক সংস্কৃত উপসর্গবিশেষ।

সম্পৎ /শম্পত্/ [স. সম্+√পদ্+ক্বিপ্] বি. দ্র সম্পদ।

সম্পৎশালী /শম্পত্শালি/ [স. সম্পৎ+√শাল্+ইন্] বিণ. সম্পদের অধিকারী, ঐশ্বর্যবান, ধনী।

সম্পত্তি /শম্পোত্তি/ [স. সম্+√পদ্+তি] বি. ১ ঐশ্বর্য, ধন। ২ বিষয়-আশয়, জায়গাজমি। ৩ সম্বল।

সম্পত্তিশালী /শম্পোত্তিশালি/ [স. সম্পত্তি+√শাল্+ইন্] বিণ. বাড়ি জমি প্রভৃতির অধিকারী, বিত্তশালী, ধনী।

সম্পদ /শম্পদ্/ [স. সম্+√পদ্+ক্বিপ] বি. ১ ধন, ঐশ্বর্য। ২ উৎকর্ষ। ৩ মহিমা। ৪ সম্বল; পুঁজি।

সম্পন্ন /শম্পন্নো/ [স. সম্+√পদ্+ত] বিণ. ১ সম্পৎশালী। ২ আছে এমন, যুক্ত (*বুদ্ধিসম্পন্ন*)। ৩ নিষ্পন্ন, সম্পূর্ণ। স্ত্রী. সম্পন্না /শম্পন্না/।

সম্পর্ক /শম্পর্কো/ [স. সম্+√পৃচ্+অ] বি. ১ সম্বন্ধ, সংযোগ। ২ আত্মীয়তা (*ভ্রাতৃত্বের সম্পর্ক*)। ৩ বন্ধুত্ব; সংসর্গ। ৪ যোগাযোগ; আদান-প্রদান।

সম্পর্কশূন্য /শম্পর্কোশুন্নো/ [স. সম্পর্ক+শূন্য] বিণ. যোগাযোগ বা সংস্রব নেই এমন।

সম্পর্কিত /শম্পোর্কিতো/ [স. সম্পর্ক+ইত] বিণ. ১ সম্পর্ক আছে এমন, সম্পর্কযুক্ত। ২ সংক্রান্ত, বিষয়ক। স্ত্রী. সম্পর্কিতা /শম্পোর্কিতা/।

সম্পর্কী /শম্পোর্কি/ [স. সম্পর্ক+ইন্] বিণ. ১ সম্পর্কযুক্ত। ২ সংক্রান্ত।

-সম্পর্কীয় /শম্পোর্কিয়ো/ [স. সম্পর্ক+ঈয়] বিণ. ১ সম্পর্কযুক্ত। ২ সংক্রান্ত। স্ত্রী. সম্পর্কীয়া /শম্পোর্কিআ/।

সম্পাত /শম্পাত্/ [স. সম্+√পৎ+অ] বি. ১ পতন। ২ প্রক্ষেপণ (*আলোকসম্পাত*)। ৩ (বাংলায়) অভিশাপ (*অভিসম্পাত*)।

সম্পাদক /শম্পাদক্/ [স. সম্+√পাদি+অক] বিণ. সম্পাদনকারী, নির্বাহক। বি. ১ গ্রন্থ সংবাদপত্র সাময়িকী প্রভৃতির সংকলন প্রকাশনা ও পরিচালনের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি। ২ প্রতিষ্ঠানাদির কর্মসচিব। স্ত্রী. সম্পাদিকা /শম্পাদিকা/।

সম্পাদকতা /শম্পাদকতা/ [স. সম্পাদক+তা] বি.

www.pathagar.com

সম্পাদকের বৃত্তি।

সম্পাদকীয় /শম্পাদোকিয়ো/ [স. সম্পাদক+ঈয়] বি. বিণ. ১ সাময়িক বিষয়ে সংবাদপত্রে সম্পাদক বা তাঁর পক্ষে লিখিত। ২ সম্পাদক-বিষয়ক।

সম্পাদন /শম্পাদোন্/ [স. সম্+√পাদি+অন] বি. ১ নির্বাহ, নিষ্পাদন, সম্পূর্ণকরণ। ২ সংকলন। ৩ সম্পাদকের কাজ, editing।

সম্পাদনা /শম্পাদোনা/ [স. সম্পাদন >] বি. ১ সংবাদপত্রে প্রকাশের উদ্দেশ্যে সংবাদ সংকলন ও নির্বাচিত বিষয়ে নিবন্ধ রচনা। ২ অভিধান গ্রন্থ সাময়িকী প্রভৃতি সংকলনের দায়িত্বপালন।

সম্পাদিত /শম্পাদিতো/ [স. সম্+√পাদি+ত] বিণ. সম্পাদনা করা হয়েছে এমন।

সম্পাদ্য /শম্পাদ্দো/ [স. সম্+√পাদি+য] বিণ. ১ সম্পন্ন বা নিষ্পন্ন করতে হবে এমন। ২ সম্পাদনা করতে হবে এমন, সম্পাদনীয়। বি. (জ্যা.) সমাধান করতে হবে এমন প্রতিজ্ঞা, problem।

সম্পুট /শম্পুট্/ [স. সম্+√পুট্+অ] বি. ১ কৌটো। ২ পুঁটলি। ৩ ছোটো পেটিকা। ৪ ঠোঙা। ৫ যুক্তকর।

সম্পুটক /শম্পুটক্/ [স. সম্+√পুট্+অক] বি. দ্র সম্পুট।

সম্পুটে /শম্পুটে/ [স. সম্পুট+বা. এ] ক্রিবিণ. কর-জোড়ে, যুক্তকরে।

সম্পূরক /শম্পুরক্/ [স. সম্+√পূর্+অক] বিণ. সম্পূরণকারী (*সম্পূরক প্রশ্ন*)। বি. (জ্যা.) যে দুটি কোণের যোগফল দুই সমকোণের সমান সে দুটি কোণ একে অপরের সম্পূরক।

সম্পূরণ /শম্পুরন্/ [স. সম্+√পূর্+অন] বি. ১ পূর্ণকরণ। ২ পরিপূরণ।

সম্পূরিত /শম্পুরিতো/ [স. সম্+√পূর্+ত] বিণ. সম্পূর্ণ করা হয়েছে এমন, পরিপূরিত।

সম্পূর্ণ /শম্পুর্নো/ [স. সম+√পূর্+ত] বিণ. ১ সমস্ত, সমগ্র, গোটা। ২ পরিপূর্ণ। ৩ খতম, সমাপ্ত; নিষ্পাদিত। বি. ~তা /-তা/।

সম্পৃক্ত /শম্পৃক্তো/ [স. সম্+√পৃচ্+ত] বিণ. ১ সংযুক্ত, মিলিত। ২ সম্বন্ধযুক্ত, সম্পর্কিত। ৩ জড়িত। স্ত্রী. সম্পৃক্তা /শম্পৃক্তা/।

সম্পৃক্তি /শম্পৃক্তি/ [স. সম্+√পৃচ্+তি] বি. ১ সংযোগ। ২ সম্বন্ধ, সংস্রব, সম্পর্ক। ৩ সংশ্লিষ্টতা।

সম্পোষ্য /শম্পোশ্শো/ [স. সম্+√পুষ্+য] বিণ. প্রতিপালন করা যায় বা করার যোগ্য এমন।

সম্প্রচার /শম্প্রোচার্/ [স. সম্+প্রচার] বি. ১ সম্যক বা ব্যাপকভাবে প্রচার। ২ বেতার বা টেলিভিশন মাধ্যমে প্রচার, broadcast, telecast।

সম্প্রচারিত /শম্প্রোচারিতো/ [স. সম্+প্রচারিত] বিণ. ১ ব্যাপকভাবে প্রচারিত। ২ বেতার বা টেলিভিশনে প্রচার করা হয়েছে এমন, broadcast।

সম্প্রতি /শম্প্রোতি/ [স. সম্+প্রতি] অব্য. ক্রিবিণ. ১ আজকাল, ইদানীং, অধুনা। ২ সবে, এইমাত্র।

সম্প্রদাতা /শম্প্রোদাতা/ [স. সম্+প্র+√দা+তৃ] বিণ. বি. সম্প্রদানকারী।

সম্প্রদান /শম্প্রোদান্/ [স. সম্+প্রদান] বি. ১ স্বত্ব ত্যাগ করে দান, সম্পূর্ণরূপে অর্পণ। ২ বিয়ের অনুষ্ঠানে বরের হাতে কন্যাকে অর্পণ। ৩ (ব্যা.) কারকবিশেষ (যাকে স্বত্ব ত্যাগ করে কিছু দেওয়া হয়)।

সম্প্রদায় /শম্প্রোদায়্/ [স. সম্+প্র+√দা+অ] বি. ১ গোষ্ঠী, দল। ২ কোনো বিশেষ ধর্মের অনুসারী গোষ্ঠী।

সম্প্রসারক /শম্প্রোশারক্/ [স. সম্+প্রসারক] বিণ. সম্প্রসারণকারী।

সম্প্রসারণ /শম্প্রোশারোন্/ [স. সম্+প্রসারণ] বি. প্রসারিতকরণ, বিস্তৃতকরণ।

সম্প্রসারিত /শম্প্রোশারিতো/ [স. সম্+প্রসারিত] বিণ. সম্প্রসারণ করা হয়েছে এমন।

সম্প্রীত /শম্প্রিতো/ [স. সম্+√প্রী+ত] বিণ. ১ প্রণয়-যুক্ত। ২ সদ্ভাবযুক্ত। ৩ সন্তুষ্ট, আনন্দিত।

সম্প্রীতি /শম্প্রিতি/ [স. সম্+√প্রী+তি] বি. ১ সদ্ভাব, সৌহার্দ্য (*সাম্প্রদায়িক সম্প্রীতি*)। ২ প্রণয়, প্রেম। ৩ আনন্দ; সন্তোষ।

সম্বদ্ধ /শম্বদ্ধো/ [স. সম্+√বন্ধ্+ত] বিণ. ১ দৃঢ়রূপে যুক্ত। ২ সম্পর্কবিশিষ্ট।

সম্বন্ধ /শম্বন্ধো/ [স. সম্+√বন্ধ্+অ] বি. ১ সম্পর্ক। ২ আত্মীয়তা, কুটুম্বিতা। ৩ সংস্রব, যোগাযোগ। ৪ (বাংলায়) বিবাহের প্রস্তাব, ঘটকালি। ৫ (ব্যা.) পদবিশেষ (যার অধিকারে কোনো কিছু থাকে কিংবা যার সঙ্গে কোনো কিছুর সম্বন্ধ আছে)।

সম্বন্ধী /শম্বোন্ধি/ [স. সম্+√বন্ধ্+ইন্] বিণ. সম্বন্ধ-বিশিষ্ট। (বাংলায়) বি. ১ স্ত্রীর জ্যেষ্ঠ ভ্রাতা। ২ কুটুম্ব, আত্মীয়।

-সম্বন্ধীয় /শম্বোন্ধিয়ো/ [স. সম্বন্ধ+ঈয়] বিণ. ১ সম্পর্কিত। ২ বিষয়ক, সংক্রান্ত। স্ত্রী. সম্বন্ধীয়া /শম্বোন্ধিআ/।

সম্বরা /শম্বরা/ [স. সম্ভার >] বি. ১ ব্যঞ্জনের স্বাদ-বৃদ্ধির জন্য গরম তেল বা ঘিয়ে ভাজা শুকনো লংকা জিরা তেজপাতা প্রভৃতি মসলার মিশ্রণ, ফোড়ন, বাগার। ২ ফোড়নের মসলা।

সম্বল /শম্বল্/ [স. সম্+√বল্+অ] বি. ১ পুঁজি;

www.pathagar.com

সংস্থান। ২ যাতায়াতের খরচ, পাথেয়। ৩ অবলম্বন। ৪ জীবিকা অর্জনের উপায়।

সম্বলহীন /শম্‌বল্‌হিন্‌/ [স. সম্বল+√হা+ত] বিণ. নিঃস্ব, রিক্ত। স্ত্রী. **সম্বলহীনা** /শম্‌বল্‌হিনা/।

সম্বাধ /শম্‌বাধ্‌/ [স. সম্‌+√বাধ্‌+অ] বি. ১ বাধা, বিঘ্ন। ২ অনেক লোকের একত্রসমাবেশ, ভিড়। ৩ সংকট। ৪ সংঘর্ষ।

সম্বুদ্ধ /শম্‌বুদ্‌ধো/ [স. সম্‌+√বুধ্‌+ত] বিণ. জাগরিত, চেতনাপ্রাপ্ত; উদ্বুদ্ধ। বি. যিনি বোধিপ্রাপ্ত হয়েছেন।

সম্বোধন /শম্‌বোধোন্‌/ [স. সম্‌+√বোধি+অন] বি. ১ আহ্বান। ২ সম্ভাষণ। ৩ ডাক। ৪ (ব্যা.) বাক্যে যে পদের সাহায্যে কোনো ব্যক্তিকে আহ্বান করা হয়।

সম্বোধা[১] /শম্‌বোধা/ [স. সম্বোধন >] ক্রিবি. (পদ্য.) সম্বোধন করা, ডাকা।

সম্বোধা[২] /শম্‌বোধা/ [স. সম্বোধন >] ক্রিবি. (পদ্য.) ১ প্রবোধ দেওয়া। ২ ভুল বোঝানো।

সম্বোধি /শম্‌বোধি/ [স. সম্‌+√বুধ্‌+ই] বি. সম্যক জ্ঞান, বোধ।

সম্বোধিত /শম্‌বোধিতো/ [স. সম্‌+√বুধ্‌+ণিচ্‌+ত] বিণ. সম্বোধন করা হয়েছে এমন; আহূত; সম্ভাষিত।

সম্ভব /শম্‌ভব্‌/ [স. সম্‌+√ভূ+অ] বি. ১ সম্ভাবনা। ২ জন্ম; উৎপত্তি। বিণ. ১ জাত; উৎপন্ন। ২ (বাংলায়) হতে পারে এমন, সম্ভাবনাময়।

সম্ভবত /শম্‌ভবতো/ [স. সম্ভব+তস্‌] অব্য. ক্রিবিণ. অনুমানসাপেক্ষ, হয়তো।

সম্ভবপর /শম্‌ভব্‌পর্‌/ [স. সম্ভব+√পৃ+অ] বিণ. ঘটতে পারে এমন, করা সম্ভব এমন, সম্ভাবনাযুক্ত।

সম্ভবাতীত /শম্‌ভবাতিতো/ [স. সম্ভব+অতীত] বিণ. সম্ভাবনাহীন; অসম্ভব।

সম্ভাবনা /শম্‌ভাবনা/ [স. সম্‌+√ভাবি+অন+আ (টাপ্‌)] বি. ১ ভবিষ্যৎ সম্বন্ধে ধারণা; ভবিষ্যতে ঘটতে পারে এমন অবস্থা। ২ ভবিষ্যতের আশা (*সম্ভাবনাহীন*)।

সম্ভাবনাময় /শম্‌ভাবনাময়্‌/ [স. সম্ভাবনা+ময়ট্‌] বিণ. ভবিষ্যতে ঘটতে পারে এমন লক্ষণযুক্ত।

সম্ভাবনীয় /শম্‌ভাবোনিয়ো/ [স. সম্‌+√ভাবি+অনীয়] বিণ. দ্র সম্ভবপর।

সম্ভাবিত /শম্‌ভাবিতো/ [স. সম্‌+√ভাবি+ত] বিণ. সম্ভবপর হবে বলে আশা করা যায় এমন, প্রত্যাশিত, expected; সম্ভাব্য।

সম্ভাব্য /শম্‌ভাব্‌বো/ [স. সম্‌+√ভাবি+য] বিণ. ঘটা সম্ভব এমন। বি. ~তা /-তা/।

সম্ভার /শম্‌ভার্‌/ [স. সম্‌+√ভৃ+অ] বি. ১ দ্রব্যসামগ্রী। ২ রাশি, সমূহ। ৩ উপকরণ। ৪ সম্বল। ৫ আয়োজন। ৬ সম্বরা; সাঁতলানোর মসলা।

সম্ভাষ /শম্‌ভাশ্‌/ [স. সম্‌+√ভাষ্‌+অ] বি. দ্র সম্ভাষণ।

সম্ভাষণ /শম্‌ভাশন্‌/ [স. সম্‌+√ভাষ্‌+অন] বি. ১ সম্বোধন। ২ অভ্যর্থনা। ৩ আলাপ, কথাবার্তা।

সম্ভাষণানুগ্রহ /শম্‌ভাশনানুগ্‌রোহো/ [স. সম্ভাষণ+অনুগ্রহ] বি. সহৃদয় আলাপ ও আপ্যায়ন।

সম্ভাষণীয় /শম্‌ভাশোনিয়ো/ [স. সম্‌+√ভাষ্‌+অনীয়] বিণ. ১ সম্বোধনের যোগ্য। ২ কথনীয়।

সম্ভাষা /শম্‌ভাশা/ [স. সম্ভাষণ >] ক্রিবি. (কাব্যে) সম্ভাষণ করা।

সম্ভাষিত /শম্‌ভাশিতো/ [স. সম্‌+√ভাষ্‌+ত] বিণ. সম্ভাষণ করা হয়েছে এমন, কথিত। স্ত্রী. **সম্ভাষিতা** /শম্‌ভাশিতা/।

সম্ভাষী /শম্‌ভাশি/ [স. সম্‌+√ভাষ্‌+ইন্‌] বিণ. সম্ভাষণকারী।

সম্ভূত /শম্‌ভুতো/ [স. সম্‌+√ভূ+ত] বিণ. ১ উৎপন্ন, জাত। ২ স্থাপিত। স্ত্রী. **সম্ভূতা** /শম্‌ভুতা/।

সম্ভূতি /শম্‌ভুতি/ [স. সম্‌+√ভূ+তি] বি. উৎপত্তি।

সম্ভূয় /শম্‌ভুও/ [স. সম্‌+√ভূ+য] বিণ. যৌথ, মিলিত।

সম্ভোগ /শম্‌ভোগ্‌/ [স. সম্‌+√ভুজ্‌+অ] বি. ১ উপভোগ। ২ রতিক্রিয়া। ৩ হর্ষ।

সম্ভ্রম /শম্‌ভ্রোম্‌/ [স. সম্‌+√ভ্রম্‌+অ] বি. ১ সম্মান, মর্যাদা (*সম্ভ্রমহানি*)। ২ আদরযত্ন, সমাদর। ৩ শ্রদ্ধা ভক্তি ও ভয়ের মিশ্র অনুভূতি। ৪ শ্রদ্ধা।

সম্ভ্রমশীল /শম্‌ভ্রোমশিল্‌/ [স. সম্ভ্রম+√শীল্‌+অ] বিণ. সম্ভ্রম বা সম্মানবোধ আছে এমন। স্ত্রী. **সম্ভ্রমশীলা** /শম্‌ভ্রোমশিলা/।

সম্ভ্রান্ত /শম্‌ভ্রান্‌তো/ [স. সম্‌+√ভ্রম্‌+ত] বিণ. ১ অতিশয় ভ্রান্ত। ২ ভীত। ৩ (আল.) অভিজাত, কুলীন। ৪ সমাদরযোগ্য, আদরণীয়।

সম্ভ্রান্ততন্ত্র /শম্‌ভ্রান্‌তোতন্‌ত্রো/ [স. সম্ভ্রান্ত+√তন্‌+ত্র] বি. অভিজাত বা বুর্জোয়া শ্রেণির দ্বারা পরিচালিত রাষ্ট্রশাসনব্যবস্থা।

সম্মত /শম্‌মতো/ [স. সম্‌+√মন্‌+ত] বিণ. ১ রাজি, স্বীকৃত (*সম্মত হওয়া*)। ২ অনুমোদিত (*আইন-সম্মত*)। স্ত্রী. **সম্মতা** /শম্‌মতা/।

সম্মতি /শম্‌মোতি/ [স. সম্‌+√মন্‌+তি] বি. ১ অনুকূল মত, সমর্থন। ২ অভিমত।

সম্মতিসূচক /শম্‌মোতিশুচক্‌/ [স. সম্মতি+সূচক] বিণ. সমর্থনজ্ঞাপক, অনুকূল মতপ্রকাশক।

সম্মান /শম্‌মান্‌/ [স. সম্‌+√মন্‌+অ] বি. ১ মান, মর্যাদা, গৌরব। ২ সশ্রদ্ধ খাতির, সমাদর।

www.pathagar.com

সম্মান দক্ষিণা /শম্মান্ দোক্খিনা/ বি. মান্য ব্যক্তিকে প্রদত্ত সম্মানি, honorarium।

সম্মানন /শম্মানোন্/ [স. সম্+√মানি+অন] বি. দ্র সম্মাননা।

সম্মাননা /শম্মানোনা/ [স. সম্+√মানি+অন+আ (টাপ্)] বি. সম্মান জ্ঞাপন, সমাদর প্রদর্শন।

সম্মাননীয় /শম্মানোনিয়ো/ [স. সম্+√মানি+অনীয়] বিণ. সম্মানের যোগ্য, মাননীয়।

সম্মানি /শম্মানি/ [স. সম্মান+বা. ই] বিণ. মর্যাদা বা সম্মানের অধিকারী। বি. বিশেষ কোনো উদ্দেশ্যে কোনো ব্যক্তিকে প্রদেয় অর্থের যে পরিমাণ তাঁর সামাজিক মর্যাদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, honorarium।

সম্মানিত /শম্মানিতো/ [স. সম্+√মানি+ত] বিণ. ১ মর্যাদাসম্পন্ন। ২ সম্মান প্রদর্শন করা হয়েছে এমন, সমাদৃত। স্ত্রী. সম্মানিতা /শম্মানিতা/।

সম্মার্জক /শম্মার্জক্/ [স. সম্+√মৃজ্+অক] বিণ. পরিষ্কারক। বি. যা দিয়ে পরিষ্কার করা হয় (ঝাঁটা বুরুশ প্রভৃতি)।

সম্মার্জন /শম্মার্জোন্/ [স. সম্+√মৃজ্+অন] বি. পরিষ্করণ।

সম্মার্জনী /শম্মার্জোনি/ [স. সম্মার্জন+ঈ] বি. যার সাহায্যে ময়লা পরিষ্কার করা হয়, ঝাঁটা, বুরুশ।

সম্মার্জিত /শম্মার্জিতো/ [স. সম্+√মৃজ্+ণিচ্+ত] বিণ. ঝাঁট দেওয়া হয়েছে এমন, পরিষ্কৃত।

সম্মিত /শম্মিতো/ [স. সম্+√মা+ত] বিণ. ১ তুল্য; সদৃশ। ২ পরিমিত। ৩ সমান পরিমাণ।

সম্মিলন /শম্মিলন/ [স. সম্+√মিল্+অন] বি. ১ সম্যক মিলন (*প্রীতি সম্মিলন*); সংযোগ। ২ বহু লোকের একত্র সমাবেশ, সম্মেলন। ৩ সাক্ষাৎকার।

সম্মিলনী /শম্মিলোনি/ [স. সম্মিলন+ঈ] বি. সমিতি, সংঘ, পরিষদ।

সম্মিলিত /শম্মিলিতো/ [স. সম্+√মিল্+ত] বিণ. ১ একসঙ্গে মিলিত; জোটবদ্ধ। ২ সংযুক্ত। স্ত্রী. সম্মিলিতা /শম্মিলিতা/।

সম্মুখ /শম্মুখ/ [স. সম্মুখ+অ] বি. সমক্ষ, সমুখ, অভিমুখ। বিণ. ১ মুখোমুখি। ২ অভিমুখী, সামনের।

সম্মুখগতি /শম্মুখ্গোতি/ [স. সম্মুখ+√গম্+তি] বি. অগ্রসর হওয়ার গতি।

সম্মুখগমন /শম্মুখ্গমোন্/ [স. সম্মুখ+√গম্+অন] বি. অগ্রগমন।

সম্মুখগামী /শম্মুখ্গামি/ [স. সম্মুখ+√গম্+ইন্] বিণ. অগ্রসর হচ্ছে এমন, অগ্রগামী।

সম্মুখনীতি /শম্মুখ্নিতি/ [স. সম্মুখ+√নী+তি] বি. এগিয়ে চলার নীতি।

সম্মুখবর্তী /শম্মুখ্বোর্তি/ [স. সম্মুখ+√বৃৎ+ইন্] বিণ. সামনে আছে এমন, সামনে বর্তমান। স্ত্রী. সম্মুখবর্তিনী /শম্মুখ্বোর্তিনি/।

সম্মুখযুদধ /শম্মুখ্জুদ্ধো/ [স. সম্মুখ+√যুধ্+ত] বি. মুখোমুখি লড়াই।

সম্মুখসংগ্রাম /শম্মুখ্শগ্রাম্/ [স. সম্মুখ+সংগ্রাম] বি. দ্র সম্মুখযুদধ।

সম্মুখস্থ /শম্মুখস্থো/ [স. সম্মুখ+√স্থা+অ] বিণ. সামনে অবস্থিত।

সম্মুখীন /শম্মুখিন্/ [স. সম্মুখ+ইন্] বিণ. সামনে উপস্থিত, সামনে বর্তমান, সম্মুখস্থ।

সম্মূঢ় /শম্মুঢ়ো/ [স. সম্+√মুহ্+ত] বিণ. ১ বোকা, নির্বোধ। ২ অতিশয় মোহবিশিষ্ট।

সম্মেলক /শম্মেলক্/ [স. সম্+√মিল্+অক] বিণ. ১ সম্মিলিত করে এমন, সম্মেলনকারী। ২ সম্মিলিত (*সম্মেলক সংগীত*)।

সম্মেলন /শম্মেলন্/ [স. সম্+মেলন] বি. ১ কোনো বিশেষ উপলক্ষ্যে বহু লোকের সমাগম, সভা (*সাহিত্য সম্মেলন*)। ২ জনসমাবেশ।

সম্মোহ /শম্মোহো/ [স. সম্+√মুহ্+অ] বি. ১ মোহের আধিক্য। ২ বুদ্ধিলোপ।

সম্মোহন /শম্মোহোন্/ [স. সম্+√মোহি+অন] বি. ১ সম্যক মুগ্ধকরণ। ২ মোহবলে অন্যের ওপর প্রভাব বিস্তার। ৩ কন্দর্পের বাণবিশেষ। বিণ. ১ মুগ্ধকর। ২ মোহজনক।

সম্মোহনী /শম্মোহোনি/ [স. সম্মোহন+ঈ] বিণ. বিমুগ্ধকারিণী; বশীকরণী।

সম্মোহিত /শম্মোহিতো/ [স. সম্+√মোহি+ত] বিণ. পরিপূর্ণভাবে মোহিত বা মুগ্ধ। স্ত্রী. সম্মোহিতা /শম্মোহিতা/।

সম্যক /শোম্মোক্/ [স. সম্+√অনচ্+ক্বিন্] ক্রিবিণ. ১ সম্পূর্ণরূপে, সমগ্রভাবে। ২ সর্ব প্রকারে। ৩ উত্তমরূপে। বিণ. ১ সম্পূর্ণ। ২ যোগ্য, সংগত।

সম্রাজী /শম্রাজি/ [স. সম্রাজ+ঈ] বি. ১ সাম্রাজ্যের অধীশ্বরী। ২ মহারানি, সম্রাটের মহিষী।

সম্রাজ্ঞী /শম্রাগ্গি/ [স. সম্+রাজন্+ঈ] বি. ১ বহু রাজ্যের অধিকারিণী, মহারানি। ২ সম্রাটের পত্নী।

সম্রাট /শম্রাট্/ [স. সম্+√রাজ্+ক্বিপ্] বি. বহু জনপদ ও রাষ্ট্রের অধিকারী, রাজাধিরাজ, সার্বভৌম রাজা।

www.pathagar.com

সযত্ন /শজত্নো/ [স. সহ+যত্ন] বিণ. ১ যত্নযুক্ত। ২ আদরযুক্ত, সাদর। ৩ সচেষ্ট।

সযত্নে /শজত্নে/ [স. সযত্ন+বা. এ] ক্রিবিণ. ১ যত্নসহকারে। ২ চেষ্টাপূর্বক।

সয়লাব /সয়্লাব্/ [আ. সয়ল+ফা. আব] বি. প্লাবন। বিণ. ১ প্লাবিত। ২ (আল.) ছেয়ে গেছে এমন।

সয়া /শয়া/ [স. সখা >] বি. ১ সখী বা সইয়ের স্বামী। ২ মিত্র, সখা, বন্ধু।

সয়াবিন /সয়াবিন্/ [ই.] বি. ১ বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশে তৈলবীজ হিসেবে চাষ করা হয় এবং হেমন্তকালে ফোটে এমন সাদা বা বেগুনি ছোটো ফুল ও বহুবীজযুক্ত শুঁটিসদৃশ ফল বা তার ঘন লোমাবৃত কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী বীরুৎশ্রেণির উদ্ভিদ। ২ সয়া বীজের নির্যাস থেকে প্রাপ্ত তেল।

সর[১] /শর্/ [ফা.] বি. দুধ বা দইয়ের ওপরের পাতলা আবরণ।

সর[২] /শর্/ [বা.] অনুক্রি. (তুচ্ছার্থে) সরে যাওয়ার অনুজ্ঞা।

সরঃ /শরোহ্/ [স. √সৃ+অস্] বি. ১ বড়ো পুকুর, দিঘি। ২ হ্রদ, সরোবর।

সরকার /শর্কার্/ [ফা.] বি. ১ রাষ্ট্রশাসনের দায়িত্বে অধিষ্ঠিত গোষ্ঠী। ২ রাষ্ট্রশাসন পদ্ধতি (*গণতান্ত্রিক সরকার*)। ৩ রাজা, ভূস্বামী। ৪ প্রভু, মালিক। ৫ রাজস্ব আদায়ের দায়িত্বে নিয়োজিত আধিকারিক। ৬ আদায় ও ব্যয়ের হিসাবরক্ষক কর্মচারী (*বাজার সরকার*)। ৭ পদবিবিশেষ।

সরকারপক্ষীয় /শর্কারপোক্‌খিয়ো/ [ফা. সরকার+স. পক্ষীয়] বিণ. রাষ্ট্রপক্ষের।

সরকারবিরোধী /শর্কারবিরোধি/ [ফা. সরকার+স. বিরোধী] বিণ. সরকারের বিরুদ্ধাচরণকারী। বি. সরকারের বিরোধী পক্ষের লোক।

সরকারি /শর্কারি/ [ফা.] বিণ. সরকারসম্বন্ধীয়। বি. সরকারের কাজ।

সরখত /সর্খত্/ [ফা. সর+আ. খত] বি. ১ লিখিত চুক্তি। ২ জমিদারপ্রদত্ত কর্মচারীর নিয়োগপত্র। ৩ সম্মতিপত্র। ৪ সনদ। ৫ পরোয়ানা।

সরখেল /শর্খেল্/ [ফা. সর+আ. খেল] বি. ১ মধ্যযুগের সামরিক পদবিশেষ। ২ পদবিবিশেষ।

সরগম /সর্গম্/ [হি.] বি. সংগীতে সপ্তসুর সারেগামা-র প্রতীক।

সরগরম /শর্গরোম্/ [ফা.] বিণ. ১ জমজমাট। ২ উদ্দীপনাপূর্ণ।

সরজমিন /শর্জোমিন্/ [ফা.] বি.বিণ. দ্র সরেজমিন।

সরঞ্জাম /শরোন্জাম্/ [ফা.] বি. ১ উপকরণ। ২ আসবাব। ৩ আয়োজন।

সরট /শরোট্/ [স. √সৃ+অট্] বি. সচরাচর ঘরবাড়িতে থাকে এমন লম্বাটে দেহ সরু লেজ এবং খসখসে ত্বক ও চোখের পাতাবিশিষ্ট পতঙ্গভুক সরীসৃপ-জাতীয় চতুষ্পদ ছোটো প্রাণী, টিকটিকি, জ্যোষ্ঠী, জেঠি, গৃহগোধিকা, lizard।

সরণ /শরোন্/ [স. √সৃ+অন] বি. ১ চলন, গমন। ২ পথ, রাস্তা।

সরণি /শরোনি/ [স. সৃ+অনি] বি. ১ পথ, রাস্তা, সড়ক। ২ শ্রেণি, সারি, পঙ্‌ক্তি। ৩ রীতি, প্রণালি।

সরতা /সরোতা/ [হি. সরোতা >] বি. সুপারি কাটার হাতিয়ারবিশেষ, জাঁতি।

সরদা /শর্দা/ [হি.] বি. খরমুজজাতীয় মিষ্টি ফল-বিশেষ।

সরপরদা /শর্পর্দা/ [ফা.] বি. দিবার প্রথম প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

সরপুঁটি /শর্পুঁটি/ [দেশি.] বি. এশিয়ার নাতিশীতোষ্ণ অঞ্চলের স্বাদুজলে চাষ হয় এমন সোনালি আভার পাখনা ও চ্যাপটা দেহবিশিষ্ট রুপালি আঁশবিশিষ্ট পুঁটিজাতীয় মাছের প্রজাতিবিশেষ, সরলপুঁটি।

সরপুরিয়া /শর্পুরিআ/ [ফা. সর+বা. পুরিয়া] বি. দুধের সর দিয়ে তৈরি মিঠাইবিশেষ।

সরপোশ /শর্পোশ্/ [ফা.] বি. ছোটো পাত্রের ঢাকনি।

সরফরাজি /সর্ফ্‌রাজি/ [ফা.] বি. মোড়লি।

সরবরাহ /শর্বরাহো/ [ফা.] বি. জোগান; জোগান দেওয়ার কাজ।

সরবরাহকারী /শর্বরাহোকারি/ [ফা. সরবরাহ+স. √কৃ+ইন্] বিণ. বি. জোগানদার।

সরভাজা /শর্ভাজা/ [ফা. সর+বা. ভাজা] বি. ঘিয়ে ভাজা সরের তৈরি মিঠাইবিশেষ।

সরমা /শরোমা/ [স. √সৃ+অম+আ (টাপ্)] বি. ১ রামায়ণোক্ত বিভীষণপত্নী। ২ কুক্কুরী।

সরযূ /শরোজূ/ [স. √সৃ+অযু] বি. কৈলাস পর্বতের মানস সরোবর থেকে উৎপন্ন হয়ে অযোধ্যার পাশ দিয়ে প্রবাহিত নদীবিশেষ।

সরল[১] /শরোল/ [স. √সৃ+অল] বিণ. ১ ঋজু, সোজা। ২ অনাড়ম্বর। ৩ অকপট। ৪ সহজ। স্ত্রী. সরলা /শরোলা/।

সরল[২] /শরোল্/ [স. √সৃ+অল] বি. ১ শালগাছ। ২ দেবদারু গাছ।

সরলতা /শরোলতা/ [স. সরল+তা] বি. সরল ভাব,

www.pathagar.com

সারল্য।

সরলবর্গীয় /শরোল্‌বোর্‌গিয়ো / [স. সরল+বর্গীয়] বিণ. মোচাকৃতির ফল ধরে এমন বৃক্ষশ্রেণিভুক্ত, coniferous।

সরলরেখা /শরোল্‌রেখা / [স. সরল+রেখা] বি. দিক পরিবর্তন না করে দুটি বিন্দুকে সংযোগকারী রেখা, ঋজুরেখা।

সরলীকরণ /শরোলিকরোন্‌/ [স. সরল+ঢ়ি+করণ] বি. ১ সহজীকরণ। ২ (গ.) বিভিন্ন জটিল রাশিকে সহজ করে এক রাশিতে পরিণতকরণ।

সরষে /শোর্‌শে/ [স. সর্ষপ >] বি. দ্র সরিষা।

সরস[১] /শরশ্‌/ [স. সহ+রস] বিণ. ১ রসযুক্ত, রসালো। ২ সহৃদয়। ৩ রসিক। ৪ প্রীতিদায়ক।

সরস[২] /শরশ্‌/ [স. সরসী >] বি. হ্রদ, সরোবর।

সরসতা /শরশোতা/ [স. সরস+তা] বি. ১ রসযুক্ততা, রসপূর্ণতা। ২ মাধুর্য।

সরসর /শর্‌শর্‌/ [ধ্বন্যা.] অব্য. বায়ু বা দ্রুতগামী সরীসৃপাদি চলার অনুকার শব্দ।

সরসা /শরশা/ [স. সরস+আ (টাপ্‌)] বিণ. রসপূর্ণা।

সরসিজ /শরোশিজো/ [স. সরসি+√জন্‌+অ] বি. পদ্ম। বিণ. সরোবরে উৎপন্ন।

সরসী /শরোশি/ [স. সরস্‌+অ+ঈ] বি. দিঘি, সরোবর; হ্রদ।

সরস্বতী /শরোশ্‌শোতি/ [স. সরস্‌+বৎ+ঈ] বি. ১ বিদ্যা ও কলার দেবী, বাণী, বীণাপাণি, ভারতী, বাগ্‌দেবী, মহাশ্বেতা। ২ প্রাচীন নদীবিশেষ।

সরস্বান /শরোশ্‌শান্‌/ [স. সরস্‌+বৎ] বিণ. সরস, রসযুক্ত। বি. ১ সমুদ্র, সাগর। ২ নদ। ৩ সরোবর।

সরহদ্দ /শর্‌হদ্‌দো / [ফা. সর+আ. হদ্দ] বি. চৌহদ্দি, চতুঃসীমা।

সরা[১] /শরা/ [স. সৃ >] বি. ঝরনা, উৎস।

সরা[২] /শরা/ [বা.] ক্রিবি. ১ স্থান বদলানো; পথ ছাড়া (*সরে যাওয়া*)। ২ অপসারিত হওয়া, নির্গত হওয়া (*জল সরা*)। ৩ চলা; নড়া (*চাকা সরা*)। ৪ পালানো (*সরে পড়া*)।

সরাই /শরাই/ [ফা.] বি. পান্থশালা, পথিক নিবাস।

সরাইখানা /শরাইখানা/ [ফা.] বি. দ্র সরাই।

সরানো /শরানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ সরিয়ে ফেলা, স্থানান্তরিত করা। ২ (ব্য.) চুরি বা অপহরণ করা (*টাকা সরানো*)।

সরাসরি /শরাশোরি/ [ফা.] ক্রিবিণ. ১ কোনো মধ্যস্থতার সাহায্য না নিয়ে। ২ সোজাসুজি। বিণ. (সম্প্রচারের ক্ষেত্রে) পূর্বে ধারণকরা (recorded) নয় এমন (*সরাসরি সম্প্রচার*), live।

সরি /শোরি/ [স. √সৃ+ই] বি. ঝরনা।

সরিৎ /শোরিত্‌/ [স. √সৃ+ইৎ] বি. নদী।

সরিদ্‌বরা /শোরিদ্‌বরা/ [স. সরিৎ+বর+আ (টাপ্‌)] বি. ১ শ্রেষ্ঠ নদী। ২ গঙ্গা।

সরিষা /শোরিশা/ [স. সর্ষপ >] বি. পৃথিবীর প্রায় সব দেশে তৈলবীজরূপে চাষ করা হয় এবং বসন্ত-কালে ফোটে এমন চারটি সমান পাপড়িযুক্ত হলুদ ফুল হলুদাভ-বাদামি বহুবীজবিশিষ্ট ছোটো ফল (যার নির্যাস থেকে তেল উৎপন্ন হয়) বা তার খাঁজকাটা রোমশ পাতা ও মসৃণ কাণ্ডবিশিষ্ট ভেষজ-গুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, সরষে, সর্ষপ।

সরীসৃপ /শোরিস্‌স্রিপ্‌ / [স. √সৃপ্‌+য+ক্বিপ্‌] বি. বুকে ভর দিয়ে চলে এমন ডিম্বজ মেরুদণ্ডী প্রাণী (সাপ টিকটিকি কুমির প্রভৃতি)।

সরু /শোরু/ [দেশি.] বিণ. ১ সূক্ষ্ম, ক্ষীণ। ২ কৃশ, শীর্ণ। ৩ মিহি। ৪ চওড়া নয় এমন, সংকীর্ণ।

সরুচাকলি /শোরুচাকলি/ [দেশি.] বি. পেষা ডালের সঙ্গে চালের গুঁড়ো মিশিয়ে তৈরি রুটিসদৃশ পিঠা।

সরূপ /শরুপ্‌ / [স. সহ+রূপ] বিণ. দেখতে একরকম এমন, সদৃশ। বি. সরূপতা /শরুপতা/।

সরেজমিন /শরেজোমিন্‌/ [ফা.] বি. ঘটনাস্থল, অকুস্থল। বিণ. ঘটনাস্থল-সম্পর্কিত।

সরেস /শরেশ্‌ / [স. সরস >] বিণ. ১ শ্রেষ্ঠ; উত্তম, প্রকৃষ্ট। ২ রসাত্মক, রসপূর্ণ। ৩ প্রসাদগুণসম্পন্ন।

সরোজ /শরোজ্‌/ [স. সরস্‌+√জন্‌+অ] বি. সূক্ষ্ম আলযুক্ত লম্বা বৃন্ত ও অসংখ্য পাপড়িবিশিষ্ট সাদা গোলাপি প্রভৃতি বর্ণের মৃদুগন্ধ জলজ ফুল বা তার কাদায় গ্রথিত বহুবর্ষজীবী ভেষজগুণসম্পন্ন উদ্ভিদ, পদ্ম, অম্বুজ, অরবিন্দ, কমল, উৎপল, কুমুদ।

সরোজিনী /শরোজিনি/ [স. সরোজ+ইন্‌+ঈ] বি. পদ্মের ঝাড়, পদ্মবন; কমলিনী, পদ্মিনী।

সরোদ /শরোদ্‌ / [ফা.] বি. টোকা দিয়ে বাজানো হয় এমন বীণাজাতীয় তারযন্ত্র।

সরোবর /শরোবর্‌ / [স. সরস্‌+বর] বি. ১ পদ্ম শাপলা প্রভৃতি ফুলে ভরা বড়ো জলাশয়। ২ হ্রদ।

সরোরুহ /শরোরুহো / [স. সরস্‌+√রুহ্‌+অ] বি. পদ্ম।

সরোষ /শরোশ্‌/ [স. সহ+√রুষ্‌+অ] বিণ. রোষ অর্থাৎ ক্রোধযুক্ত; ক্রুদ্ধ, রাগান্বিত।

সরোষে /শরোশে/ [স. সরোষ+বা. এ] ক্রিবিণ. ক্রোধ সহকারে, সক্রোধে।

সর্গ /শর্‌গো/ [স. √সৃজ্‌+অ] বি. ১ সৃষ্টি, উৎপত্তি। ২ গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ। ৩ নিসর্গ, প্রকৃতি। ৪ নিয়ম। ৫ ত্যাগ, বিসর্জন।

www.pathagar.com

সর্জ /শর্‌জো/ [স. √সৃজ্+অ] বি. শালগাছ।

সর্জন /শর্‌জোন্/ [স. √সৃজ্+অন] বি. ১ সৃষ্টি, উৎপত্তি। ২ বিসর্জন, ত্যাগ।

সর্জরস /শর্‌জোরশ্/ [স. সর্জ+রস] বি. শালগাছের নির্যাস, ধুনা।

সর্জি /শোর্‌জি/ [স. √সৃজ্+ই] বি. সোডা, সাজিমাটি।

সর্জিকা /শোর্‌জিকা/ [স. সর্জি+কন্+আ (টাপ্)] বি. দ্র সর্জি।

সর্জ্য /শোর্‌জো/ [স. সর্জ+য] বি. শালগাছের নির্যাস, ধুনা।

সর্দার /শর্‌দার/ [ফা.] বি. ১ দলপতি। ২ পদবিবিশেষ।

সর্দারনি /শর্‌দারনি/ [ফা. সরদার >] বি. দলনেত্রী।

সর্দারি /শর্‌দারি/ [ফা.] বি. ১ সর্দারের পদ বা বৃত্তি। ২ (ব্য.) মোড়লি, কর্তাগিরি।

সর্দি /শোর্‌দি/ [ফা.] বি. ১ নাক দিয়ে পাতলা শ্লেষ্মা নির্গত হয় এমন রোগ; শ্লেষ্মা। ২ শৈত্য।

সর্দিগরমি /শোর্‌দিগোর্‌মি/ [ফা.] বি. পারিপার্শ্বিক তাপমাত্রার দ্রুত পরিবর্তনহেতু সর্দি কাশি ও জ্বর-সহ শ্বাসপ্রশ্বাসে বিঘ্ন সৃষ্টিকারী রোগ।

সর্প /শর্‌পো/ [স. √সৃপ্+অ] বি. পেশি সংকোচন-প্রসারণের সাহায্যে বুকে ভর করে চলে এমন (বিষধর বা নির্বিষ) চেরা জিভবিশিষ্ট ডিম্বজ লম্বাটে মেরুদণ্ডী প্রাণী, সাপ, নাগ, ভুজঙ্গ। স্ত্রী. সর্পিণী /শোর্‌পিনি/।

সর্পগন্ধা /শর্‌পোগন্ধা/ [স. সর্প+বা. গন্ধা] বি. ভেজা স্যাঁতসেঁতে স্থানে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন সাদাটে গোলাপি ফুল ও গোলাকার লালচে-কালো ফল বা তার কাণ্ডল শাখা ও সাপের মতো আঁকাবাঁকা শিকড়বিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী গুল্মজাতীয় উদ্ভিদ।

সর্পদংশন /শর্‌পোদংশোন্/ [স. সর্প+√দন্শ্+অন] বি. সাপের কামড়, সাপের ছোবল, সর্পাঘাত।

সর্পদষ্ট /শর্‌পোদশ্‌টো/ [স. সর্প+√দন্শ্+ত] বিণ. সাপে কেটেছে এমন।

সর্পভুক /শর্‌পোভুক্/ [স. সর্প+√ভুজ্+ক্বিপ্] বিণ. সাপ খায় এমন (প্রাণী)। বি. ১ গরুড়। ২ ময়ূর।

সর্পরাজ /শর্‌পোরাজ্/ [স. সর্প+রাজন্] বি. পুরাণোক্ত নাগরাজ, বাসুকি, অনন্তদেব।

সর্পহা /শর্‌পোহা/ [স. সর্প+√হন্+ক্বিপ্] বিণ. সর্পঘাতক। বি. ১ বেজি, নেউল। ২ ময়ূর।

সর্পাঘাত /শর্‌পাঘাত্/ [স. সর্প+আঘাত] বি. সাপের কামড়, সাপের ছোবল, সর্পদংশন।

সর্পি /শোর্‌পি/ [স. √সৃপ্+ইস্] বি. ঘৃত, ঘি।

সর্পিল /শোর্‌পিল্/ [স. √সৃপ্+ইল] বিণ. সাপের মতো এঁকেবেঁকে চলে এমন (*সর্পিল গতি*); আঁকা-বাঁকা।

সর্পী /শোর্‌পি/ [স. √সৃপ্+ইন্] বি. 'সর্প'-র স্ত্রীলিঙ্গ। বিণ. সাপের মতো বুকে ভর দিয়ে চলে এমন।

সর্ব /শর্‌বো/ [স. √সৃ+ব] বিণ. সকল, সমুদয়, সমগ্র। বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ নিখিল বিশ্ব।

সর্বংসহ /শর্‌বোংশহো/ [স. সর্ব+√সহ্+অ] বিণ. সবকিছু সহ্য করে এমন।

সর্বংসহা /শর্‌বোংশহা/ [স. সর্ব+√সহ্+অ+আ (টাপ্)] বিণ. সবকিছু সহ্য করে এমন (নারী)। বি. পৃথিবী।

সর্বকনিষ্ঠ /শর্‌বোকোনিশ্‌ঠো/ [স. সর্ব+কনিষ্ঠ] বিণ. বয়সে সবার ছোটো।

সর্বকর্ম /শর্‌বোকর্‌মো/ [স. সর্ব+কর্ম] বি. সব কাজ।

সর্বকাল /শর্‌বোকাল্/ [স. সর্ব+√কাল+অ] বি. চিরকাল, সব সময়।

সর্বকালীন /শর্‌বোকালিন্/ [স. সর্বকাল+ঈন] বিণ. সর্বকালের উপযোগী, চিরন্তন।

সর্বগ /শর্‌বোগো/ [স. সর্ব+√গম্+অ] বিণ. সর্বত্র গমনকারী। স্ত্রী. সর্বগা /শর্‌বোগা/।

সর্বগত /সর্‌বোগতো/ [স. সর্ব+√গম্+ত] বিণ. সর্বত্র স্থিত, সর্বব্যাপী।

সর্বগামী /শর্‌বোগামি/ [স. সর্ব+√গম্+ইন্] বিণ. সর্বত্রগামী। স্ত্রী. সর্বগামিনী /শর্‌বোগামিনি/।

সর্বগুণনিধি /শর্‌বোগুনোনিধি/ [স. সর্ব+গুণ+√নি+ধি] বিণ. সর্বপ্রকার গুণের অধিকারী, সর্বগুণে গুণান্বিত।

সর্বগুণাধার /শর্‌বোগুনাধার্/ [স. সর্ব+গুণ+আধার] বিণ. দ্র সর্বগুণনিধি।

সর্বগুণান্বিত /শর্‌বোগুনান্নিতো/ [স. সর্ব+গুণ+অন্বিত] বিণ. সর্বগুণে গুণান্বিত।

সর্বগ্রাস /শর্‌বোগ্‌গ্রাশ্/ [স. সর্ব+√গ্রস্+অ] বি. সম্পূর্ণ আত্মসাৎ, পূর্ণগ্রাস।

সর্বগ্রাসী /শর্‌বোগ্‌গ্রাশি/ [স. সর্ব+√গ্রস্+ইন্] বিণ. সব কিছু গ্রাস করে বা খেয়ে ফেলে এমন। স্ত্রী. সর্বগ্রাসিনী /শর্‌বোগ্‌গ্রাশিনি/।

সর্বজন /শর্‌বোজন্/ [স. সর্ব+√জন্+অ] বি. সকল নরনারী।

সর্বজনপ্রিয় /শর্‌বোজনোপ্‌প্রিয়ো/ [স. সর্বজন+প্রিয়] বিণ. সবাই পছন্দ করে এমন।

সর্বজনমান্য /শর্‌বোজনোমান্নো/ [স. সর্বজন+মান্য] বিণ. সকলে মান্য বা ভক্তি করে এমন।

সর্বজনশ্রদ্ধেয় /শর্‌বোজনোশ্রোদ্‌ধেয়ো/ [স. সর্বজন

www.pathagar.com

+শ্রৎ+√ধা+য] বিণ. সবার শ্রদ্ধার পাত্র।

সর্বজনীন /শর্‌বোজোনিন্‌/ [স. সর্বজন+ঈন] বি. ১ সর্বসাধারণের জন্য অনুষ্ঠিত, বারোয়ারি। ২ সকলের জন্য মঙ্গলকর বা কল্যাণকর। বি. **সর্বজনীনতা** /শর্‌বোজোনিনতা /।

সর্বজয়া /শর্‌বোজয়া / [স. সর্ব+√জি+অ+আ (টাপ্‌)] বি. ১ কলাবতী ফুল ও তার গাছ। ২ অগ্রহায়ণ মাসে নারীদের পালনীয় ব্রতবিশেষ। ৩ (বাংলায়) দেবী দুর্গা।

সর্বজ্ঞ /শর্‌বোগ্‌গোঁ/ [স. সর্ব+√জ্ঞা+অ] বিণ. সবকিছু জানে এমন, সবজান্তা।

সর্বত /শর্‌বোতো/ [স. সর্ব+তস্‌] অব্য. ক্রিবিণ. সর্বপ্রকারে; সকল বিষয়ে; সম্পূর্ণরূপে।

সর্বতোভদ্র /শর্‌বোতোভদ্‌দ্রো / [স. সর্বতস্‌+ভদ্র] বি. ১ চিত্রকাব্যবিশেষ। ২ চারদিকে দরজাবিশিষ্ট ঘর। ৩ শুভকর্ম উপলক্ষ্যে অঙ্কিত চতুষ্কোণ মঙ্গলচিত্র, আলপনা। ৪ প্রাচীন ভারতের যুদ্ধব্যূহবিশেষ। ৫ (জ্যোতি.) কল্পিত শুভাশুভ নিরূপণের উদ্দেশ্যে অঙ্কিত ছক। বিণ. সর্বসুখকর; কল্যাণকর।

সর্বতোভাবে /শর্‌বোতোভাবে / [স. সর্বতোভাব+বা. এ] ক্রিবিণ. সর্বপ্রকারে; সম্পূর্ণরূপে।

সর্বতোমুখ /শর্‌বোতোমুখ্‌ / [স. সর্বতস্‌+মুখ] বিণ. চতুর্দিকে মুখবিশিষ্ট। বি. ১ শিব। ২ ব্রহ্মা। ৩ আকাশ। ৪ জল। ৫ আত্মা।

সর্বত্যাগী /শর্‌বোত্‌ত্যাগি/ [স. সর্ব+√ত্যজ্‌+ইন্‌] বিণ. সবকিছু ত্যাগ করেছে এমন ; বিষয়বাসনাহীন।

সর্বত্র /শর্‌বোত্‌ত্রো/ [স. সর্ব+ত্র] ক্রিবিণ. সব জায়গায়, সর্ব স্থানে; সবদিকে।

সর্বথা /শর্‌বোথা / [স. সর্ব+থাল্‌] অব্য. ক্রিবিণ. সর্বপ্রকারে, সবরকমে।

সর্বদর্শী /শর্‌বোদোর্‌শি / [স. সর্ব+√দৃশ্‌+ইন্‌] বিণ. সবকিছু দেখেন এমন। বি. সৃষ্টিকর্তা, আল্লাহ্‌, ঈশ্বর।

সর্বদা /শর্‌বোদা / [স. সর্ব+দা (কালার্থে)] অব্য. ক্রিবিণ. সকল সময়ে, সদা।

সর্বদেশীয় /শর্‌বোদেশিয়ো / [স. সর্বদেশ+ঈয়] বিণ. ১ সকল দেশের জন্য প্রযোজ্য। ২ সকল দেশ-সংক্রান্ত।

সর্বধর্ম /শর্‌বোধর্‌মো / [স. সর্ব+ধর্মন্‌] বি. সকল ধর্ম।

সর্বনাম /শর্‌বোনাম্‌/ [স. সর্ব+নামন্‌] বি. (ব্যা.) নাম বা বিশেষ্যের পরিবর্তে যে পদ ব্যবহৃত হয়।

সর্বনাশ /শর্‌বোনাশ্‌/ [স. সর্ব+√নশ্‌+অ] বি. ১ সম্পূর্ণ বিনাশ। ২ মহাবিপদ।

সর্বনাশা /শর্‌বোনাশা/ [স. সর্ব+বা. নাশা] বিণ. সর্বনাশ করে এমন, সর্বনাশকারী।

সর্বনাশী /শর্‌বোনাশি/ [স. সর্ব+√নশ্‌+ইন্‌] বিণ. সর্বনাশ বা সমূহ ক্ষতি করে এমন; প্রলয়ংকরী। স্ত্রী. **সর্বনাশিনী** /শর্‌বোনাশিনি /।

সর্বনিয়ন্তা /শর্‌বোনিয়ন্‌তা / [স. সর্ব+নি+√যম্‌+ত্‌] বিণ. সবকিছু নিয়ন্ত্রণ করেন এমন। বি. ঈশ্বর।

সর্বনেশে /শর্‌বোনেশে / [স. সর্বনাশ >] বিণ. সর্বনাশ ডেকে আনে এমন (*শিবঠাকুরের আপনদেশে, / আইন কানুন সর্বনেশে !* সুকুমার.)।

সর্বপ্রকার /শর্‌বোপ্রোকার্‌/ [স. সর্ব+প্রকার] বিণ. সব রকমের (*সর্বপ্রকার কুসংস্কারমুক্ত*)।

সর্বপ্রকারে /শর্‌বোপ্রোকারে / [স. সর্বপ্রকার+বা. এ] ক্রিবিণ. সর্বতোভাবে; সমস্ত উপায়ে।

সর্বপ্রথম /শর্‌বোপ্রোথোম্‌/ [স. সর্ব+প্রথম] বিণ. সবার আগে রয়েছে এমন, প্রথম।

সর্বপ্রথমে /শর্‌বোপ্রোথোমে / [স. সর্বপ্রথম+বা. এ] ক্রিবিণ. সবার আগে, সর্বাগ্রে, প্রথমে; পুরোভাগে।

সর্বপ্রধান /শর্‌বোপ্রোধান্‌ / [স. সর্ব+প্রধান] বিণ. শীর্ষস্থানীয়; শ্রেষ্ঠ।

সর্বপ্রযত্ন /শর্‌বোপ্রোজত্‌নো / [স. সর্ব+প্রযত্ন] বি. সব ধরনের চেষ্টা।

সর্বপ্রিয় /শর্‌বোপ্‌প্রিয়ো/ [স. সর্ব+প্রিয়] বিণ. সকলের প্রিয়।

সর্ববাদিসম্মত /শর্‌বোবাদিশম্‌মতো/ [স. সর্ব+বাদিন্‌ +সম্মত] বিণ. সকল মতাবলম্বীর সমর্থন আছে এমন, সর্বজনগ্রাহ্য (*সর্ববাদিসম্মত সিদ্ধান্ত*)।

সর্ববাদিসম্মতিক্রমে /শর্‌বোবাদিশম্‌মোতিক্‌ক্রোমে / [স. সর্ববাদিসম্মতিক্রম+বা. এ] ক্রিবিণ. সকল মতাবলম্বীর সম্মতি অনুসারে।

সর্ববিধ /শর্‌বোবিধো/ [স. সর্ব+বিধা] বিণ. সকল প্রকারের, সব ধরনের।

সর্বব্যাপী /শর্‌বোব্‌ব্যাপি / [স. সর্ব+বি+√আপ্‌+ইন্‌] বিণ. সর্বত্র প্রসারিত বা ব্যাপ্ত।

সর্বভক্ষ্য /শর্‌বোভোক্‌খো/ [স. সর্ব+√ভক্ষ্‌+য] বিণ. সবকিছু খায় এমন।

সর্বভুক /শর্‌বোভুক্‌/ [স. সর্ব+√ভুজ্‌+ক্বিপ] বিণ. ১ সবকিছু খায় এমন। ২ কোনোকিছু অবশিষ্ট না রেখে সবটুকু খায় এমন।

সর্বভূত /শর্‌বোভুত্‌/ [স. সর্ব+√ভূ+ত] বি. সকল প্রাণী (*সর্বভূতে দয়া*)।

সর্বমঙ্গলা /শর্‌বোমোংগোলা / [স. সর্বমঙ্গল+আ (টাপ্‌)] বিণ. সকলের কল্যাণকারিণী। বি. দেবী দুর্গা।

www.pathagar.com

সর্বমঙ্গাল্য /শর্‌বোমোংগোল্‌লো/ [স. সর্ব+মঙ্গল+য] বিণ. সকলের জন্য কল্যাণকর। স্ত্রী. **সর্বমঙ্গাল্যা** /শর্‌বোমোংগোল্‌লা/।

সর্বময় /শর্‌বোময়্/ [স. সর্ব+ময়ট্] বিণ. ১ সর্বব্যাপী, সর্বাত্মক। ২ একমাত্র; সর্বেসর্বা (*সর্বময় কর্তা*)। বি. সৃষ্টিকর্তা, বিধাতা, ঈশ্বর।

সর্বলোক /শর্‌বোলোক্/ [স. সর্ব+লোক] বি. ১ সকল ব্যক্তি, সর্বজন। ২ সমগ্র সৃষ্টি বা বিশ্বব্রহ্মাণ্ড।

সর্বশক্তিমান /শর্‌বোশোক্‌তিমান্/ [স. সর্বশক্তি+মৎ] বিণ. সকল শক্তির অধিকারী। বি. আল্লাহ, ঈশ্বর।

সর্বশ্রেষ্ঠ /শর্‌বোশ্রেশ্‌ঠো/ [স. সর্ব+শ্রেষ্ঠ] বিণ. সর্বোৎকৃষ্ট; শীর্ষস্থানীয়; সর্বপ্রধান। স্ত্রী. **সর্বশ্রেষ্ঠা** /শর্‌বোশ্রেশ্‌ঠা/।

সর্বসমক্ষে /শর্‌বোশমোক্‌খে/ [স. সর্বসমক্ষ+বা. এ] ক্রিবিণ. সকলের সামনে, জনসমক্ষে।

সর্বসম্মত /শর্‌বোশম্মতো/ [স. সর্ব+সম্+√মন্+ত] বিণ. সকলের দ্বারা স্বীকৃত বা অনুমোদিত।

সর্বসম্মতি /শর্‌বোশম্মোতি/ [স. সর্ব+সম্+√মন্+তি] বি. সকলের সমর্থন বা অনুমোদন।

সর্বসম্মতিক্রমে /শর্‌বোশম্মোতিক্রোমে/ [স. সর্ব+সম্মতিক্রম+বা. এ] ক্রিবিণ. সকলের অনুমোদন-সাপেক্ষে।

সর্বসাধারণ /শর্‌বোশাধারোন্/ [স. সর্ব+সাধারণ] বি. নারী-পুরুষ জাতিধর্মবর্ণ-নির্বিশেষে সকল লোক।

সর্বসিদ্ধি /শর্‌বোশিদ্‌ধি/ [স. সর্ব+√সিধ্+তি] বি. সকল প্রকার সাফল্য লাভ বা অভীষ্ট পূরণ।

সর্বস্ব /শর্‌বোশ্‌শো/ [স. সর্ব+স্ব] বি. সমুদয় সম্পদ; সবকিছু (*সর্বস্ব লুণ্ঠিত*)।

সর্বস্বান্ত /শর্‌বোশ্‌শান্‌তো/ [স. সর্বস্ব+অন্ত] বিণ. সব সম্পদ হারিয়ে নিঃস্ব হয়েছে এমন।

সর্বহারা /শর্‌বোহারা/ [স. সর্ব+বা. হারা] বিণ. সবকিছু হারিয়েছে এমন, নিঃস্ব, সর্বস্বান্ত।

সর্বাঙ্গ /শর্‌বাংগো/ [স. সর্ব+অঙ্গ] বি. দেহের সমস্ত অংশ বা অঙ্গ।

সর্বাঙ্গসুন্দর /শর্‌বাংগোশুন্দর্/ [স. সর্বাঙ্গ+সুন্দর] বিণ. দেহের সকল অঙ্গই সুন্দর বা ত্রুটিহীন এমন।

সর্বাঙ্গীণ /শর্‌বাংগিন্/ [স. সর্বাঙ্গ+ঈন] বিণ. ১ সর্বাঙ্গব্যাপী। ২ পূর্ণাঙ্গ, সম্পূর্ণ।

সর্বাণী /শর্‌বানি/ [স. সর্ব+ঈ] বি. শিবের পত্নী, দেবী দুর্গা।

সর্বাতিরিক্ত /শর্‌বাতিরিক্‌তো/ [স. সর্ব+অতি+√রিচ্+ত] বিণ. সর্বাপেক্ষা বেশি।

সর্বাত্মক /শর্‌বাত্‌তক্/ [স. সর্ব+আত্মন্+কপ্] বিণ. ১ সর্বত্র পরিব্যাপ্ত। ২ অবাধ।

সর্বাদৃত /শর্‌বাদ্‌দৃতো/ [স. সর্ব+আদৃত] বিণ. সকলের কাছে আদর পায় এমন।

সর্বাধার /শর্‌বাধার্/ [স. সর্ব+আধার] বি. সকলের আশ্রয়; জগদীশ্বর।

সর্বাধিকারী /শর্‌বাধিকারি/ [স. সর্ব+অধিকার+ইন্] বিণ. ১ সকল বিষয়ে অধিকার আছে এমন। ২ সার্বভৌম কর্তৃত্বসম্পন্ন। বি. পদবিবিশেষ।

সর্বাধ্যক্ষ /শর্‌বাদ্‌ধোক্‌খো/ [স. সর্ব+অধ্যক্ষ] বি. সর্বময় ক্ষমতার অধিকারী ব্যক্তি।

সর্বানুভূত /শর্‌বানুভুতো/ [স. সর্ব+অনুভূত] বিণ. সবাই অনুভব করেছে এমন।

সর্বানুভূতি /শর্‌বানুভুতি/ [স. সর্ব+অনুভূতি] বি. সকল বিষয়ের বোধ বা উপলব্ধি।

সর্বান্তর্যামী /শর্‌বান্‌তর্‌জামি/ [স. সর্ব+অন্তর্+√যামি+ইন্] বিণ. সকলের অন্তরে অবস্থান করেন এবং মনের কথা জানেন এমন। বি. জগদীশ্বর।

সর্বাবস্থায় /শর্‌বাবস্থায়্/ [স. সর্ব+অবস্থায়] ক্রিবিণ. সকল অবস্থায়।

সর্বার্থ /শর্‌বার্‌থো/ [স. সর্ব+অর্থ] বি. ১ সকল আকাঙ্ক্ষা বা অভীষ্ট। ২ যাবতীয় প্রয়োজন।

সর্বার্থসাধক /শর্‌বার্‌থোশাধক্/ [স. সর্বার্থ+সাধক] বিণ. যাবতীয় প্রয়োজন মেটায় এমন।

সর্বার্থসিদ্ধি /শর্‌বার্‌থোশিদ্‌ধি/ [স. সর্বার্থ+√সিধ্+তি] বি. সকলপ্রকার অভীষ্ট লাভ।

সর্বাশী /শর্‌বাশি/ [স. সর্ব+√অশ্+ইন্] বিণ. সর্বভুক।

সর্বেশ্বর /শর্‌বেশ্‌শর/ [স. সর্ব+ঈশ্বর] বি. ১ জগতের অধীশ্বর। ২ শিব। বিণ. সার্বভৌম।

সর্বেসর্বা /শর্‌বেশর্‌বা/ [বা.] বি. সর্বময় কর্তা। বিণ. সর্বপ্রধান।

সর্বোচ্চ /শর্‌বোচ্‌চো/ [স. সর্ব+উচ্চ] বিণ. ১ সর্বাপেক্ষা উঁচু। ২ সর্বাধিক (*সর্বোচ্চ সতর্কতা*)।

সর্বোত্তম /শর্‌বোত্‌তম্/ [স. সর্ব+উত্তম] বিণ. সর্বাপেক্ষা উত্তম, শ্রেষ্ঠ।

সর্বোত্তর /শর্‌বোত্‌তর্/ [স. সর্ব+উত্তর] বিণ. ১ সবচেয়ে বেশি। ২ সর্বপ্রধান। বি. (বাংলায়) সবচেয়ে উত্তরে অবস্থিত স্থান।

সর্বোপরি /শর্‌বোপোরি/ [স. সর্ব+উপরি] অব্য. ১ অধিকন্তু। ২ সকলের ওপর।

সর্বোপায়ে /শর্‌বোপায়ে/ [বা.] ক্রিবিণ. সমস্ত উপায়ে।

www.pathagar.com

সর্ষপ /শর্‌শপ্‌/ [স. √সৃ+অপ] বি. সরিষা, রাই।

সলজ্জ /শলজ্‌জো/ [স. সহ+√লস্‌জ্‌+অ+আ (টাপ্‌)] বিণ. লজ্জাযুক্ত, লজ্জাশীল (*সলজ্জ চাহনি*)।

সলতে /শোল্‌তে/ [ফা. পলিতা >] বি. সরু করে পাকানো পাতলা কাপড়ের ফালি যার এক প্রান্ত প্রদীপের তেলে ডুবিয়ে রেখে অন্য প্রান্ত প্রজ্বালন করা হয়, পলতে, সলিতা।

সলা /শলা/ [আ. সলাহ্‌ >] বি. গোপন পরামর্শ; ষড়যন্ত্র।

সলাজ /শলাজ্‌/ [স. সলজ্জ >] বিণ. লাজুক, লজ্জাযুক্ত (*সলাজ সাহস নিয়ে ধরে আছি পট্টময় শাড়ি* মাহমুদ.)।

সলাপরামর্শ /শলাপরামর্‌শো/ [আ. সলাহ্‌+স. পরামর্শ] বি. ১ আলাপ-আলোচনা, যুক্তি। ২ গোপন মন্ত্রণা, ষড়যন্ত্র।

সলিতা /শোলিতা/ [ফা. পলিতা >] বি. 'সলতে'-র সাধু রূপ।

সলিল /শোলিল্‌/ [স. √সল্‌+ইল] বি. পানি, বারি।

সলিলক্রিয়া /শোলিল্‌ক্রিআ/ [স. সলিল+ক্রিয়া] বি. ১ মৃত ব্যক্তির উদ্দেশে জল দিয়ে তর্পণ। ২ শবদাহের পর জল দিয়ে চিতা প্রক্ষালন।

সলিলময় /শোলিল্‌ময়্‌/ [স. সলিল+ময়ট্‌] বিণ. জলপ্লাবিত, জলময়।

সলিলসমাধি /শোলিল্‌শমাধি/ [স. সলিল+সমাধি] বি. জলে ডুবে মৃত্যু।

সলীল /শলিল্‌/ [স. সহ+লীলা] বিণ. ১ লীলাযুক্ত; সুন্দর ভঙ্গিযুক্ত। ২ সাবলীল, স্বচ্ছন্দ।

সশঙ্ক /শশংকো/ [স. সহ+√শঙ্ক্‌+অ+আ (টাপ্‌)] বিণ. ভয়যুক্ত, ভীত, শঙ্কাযুক্ত (*সশঙ্ককিত্ত*)।

সশঙ্কিত /শশোংকিতো/ [স. সহ+√শঙ্ক্‌+ত] বিণ. শঙ্কাযুক্ত, ভীত।

সশঙ্কে /শশংকে/ [স. সশঙ্ক+বা. এ] ক্রিবিণ. ভয়ের সঙ্গে, সভয়ে।

সশব্দ /শশব্‌দো/ [স. সহ+শব্দ] বিণ. ১ উচ্চ আওয়াজপূর্ণ। ২ শব্দযুক্ত, আওয়াজ-সহ।

সশব্দে /শশব্‌দে/ [স. সশব্দ+বা. এ] ক্রিবিণ. শব্দ করে, উচ্চ শব্দে।

সশরীর /শশোরির্‌/ [স. সহ+শরীর] বিণ. শরীর-সহ।

সশরীরে /শশোরিরে/ [স. সশরীর+বা. এ] ক্রিবিণ. স্বয়ং (*সশরীরে উপস্থিত*)।

সশস্ত্র /শশস্ত্রো/ [স. সহ+√শস্‌+ত্র] বিণ. অস্ত্রধারী (*সশস্ত্র প্রহরী*); অস্ত্রসজ্জিত।

সশ্রদ্ধ /শশ্রোদ্‌ধো/ [স. সহ+শ্রদ্ধা] বিণ. ভক্তি ও শ্রদ্ধাপূর্ণ। ক্রিবিণ. শ্রদ্ধা সহকারে (*সশ্রদ্ধ নিবেদন*)।

সস /সস্‌/ [ই.] বি. স্বাদবৃদ্ধির জন্য কোনো কোনো খাবারের সঙ্গে পরিবেশিত মুখরোচক টকস্বাদ চাটনিবিশেষ, sauce।

সসংকোচ /শশংকোচ্‌/ [স. সহ+সংকোচ] বিণ. জড়সড়ো ভাবযুক্ত, কুণ্ঠিত, দ্বিধান্বিত।

সসংকোচে /শশংকোচে/ [স. সসংকোচ+বা. এ] ক্রিবিণ. লজ্জা বা জড়সড়ো ভাবসহকারে।

সসজ্জ /শশজ্‌জো/ [স. সহ+√সজ্জ্‌+অ] বিণ. সজ্জিত।

সসজ্জিত /শশোজ্‌জিতো/ [স. সহ+√সজ্জি+ত] বিণ. সজ্জাযুক্ত।

সসত্ত্ব /শশত্তো/ [স. সহ+সত্ত্ব] বিণ. প্রাণযুক্ত।

সসত্ত্বা /শশত্তা/ [স. সহ+সত্ত্বা] বিণ. অন্তঃসত্ত্বা।

সসম্ভ্রম /শশম্‌ভ্রোম্‌/ [স. সহ+সম্ভ্রম] বিণ. সম্ভ্রমযুক্ত।

সসম্ভ্রমে /শশম্‌ভ্রোমে/ [স. সসম্ভ্রম+বা. এ] ক্রিবিণ. সম্ভ্রম সহকারে, সসম্মানে, সগৌরবে।

সসম্মান /শশম্‌মান্‌/ [স. সহ+সম্মান] বিণ. সম্মান-সহ।

সসম্মানে /শশম্‌মানে/ [স. সসম্মান+বা. এ] ক্রিবিণ. সম্মান ও মর্যাদা সহকারে (*সসম্মানে গৃহীত*)।

সসাগর /শশাগোর্‌/ [স. সহ+সাগর] বিণ. সাগর-সহ বিদ্যমান, আসমুদ্র। স্ত্রী. **সসাগরা** /শশাগোরা/।

সসীম /শশিম্‌/ [স. সহ+সীমা] বিণ. সীমা নির্দিষ্ট এমন, সীমাবিশিষ্ট, finite।

সসেমিরা /সশেমিরা/ [বা.] বি. কিংকর্তব্যবিমূঢ় বা বাহ্যজ্ঞানশূন্য অবস্থা; সংকটাপন্ন অবস্থা।

সসৈন্য /শশৈন্‌নো/ [স. সহ+সৈন্য] বিণ. সৈন্য-সহ, সৈন্যপরিবেষ্টিত (*সসৈন্য অবস্থান*)।

সস্তা /শস্‌তা/ [ফা.] বিণ. ১ দামি নয় এমন, স্বল্প-মূল্যের। ২ (আল.) নিম্নমানের, লঘু। বি. কম দাম।

সস্তার তিন অবস্থা /শস্‌তার্‌ তিন্‌ অবোস্‌থা/ প্র. অল্প দামে কেনা ত্রুটিপূর্ণ পণ্য।

সস্ত্রীক /শস্ত্রিক্‌/ [স. সহ+স্ত্রী+কপ্‌] বিণ. স্ত্রী-সহ (*সস্ত্রীক ভ্রমণ*)।

সস্নেহ /শস্‌নেহো/ [স. সহ+√স্নিহ্‌+অ] বিণ. স্নেহ-মমতাপূর্ণ (*সস্নেহ দৃষ্টি*)।

সস্নেহে /শস্‌নেহে/ [স. সস্নেহ+বা. এ] ক্রিবিণ. স্নেহের সঙ্গে (*সস্নেহে প্রতিপালিত*)।

সস্পৃহ /শস্‌পৃহো/ [স. সহ+√স্পৃহ্‌+অ] বিণ. অভিলাষী; স্পৃহাযুক্ত।

www.pathagar.com

সস্মিত /শস্‌মিতো/ [স. সহ+√স্মি+ত] বিণ. মৃদু হাস্যযুক্ত, সহাস্য (*সস্মিত বদন*)।

সহ /শহো/ [স. √সহ্+অ] বিণ. ১ সহনশীল (*ঘাতসহ*)। ২ সঙ্গে গমনকারী (*সহগামী*)। ৩ (বাংলায়) সহযোগী, সহকারী (*সহপরিচালক*)। অব্য. ক্রিবিণ. সঙ্গে, সাথে, সহিত (*শ্রদ্ধা-সহ*)।

সহ-অবস্থান /শহোঅবোস্‌থান্/ [স. সহ+অবস্থান] বি. ১ পারিপার্শ্বিকতার সঙ্গে খাপখাইয়ে অবস্থান, coexist। ২ একই সময়ে ও একই স্থানে অবস্থান।

সহকর্মী/শহোকোর্‌মি/ [স. সহ+কর্মিন্] বিণ. একসঙ্গে একই কর্মসম্পাদনকারী; সহযোগী; colleague।

সহকার /শহোকার্/ [স. সহ+√কৃ+অ] বি. ১ (পাতা সৌরভযুক্ত বলে) আমগাছ। ২ আমগাছের পাতা। ৩ আমগাছের শাখা। ৪ সহযোগ; সহায়তা।

সহকারশাখা /শহোকারশাখা/ [স. সহকার+শাখা] বি. আমগাছের কচি ডাল।

সহকারিতা /শহোকারিতা/ [স. সহ+√কৃ+ইন্+তা] বি. সহায়তা, সহযোগিতা।

সহকারী /শহোকারি/ [স. সহ+√কৃ+ইন্] বিণ. কাজে সাহায্য করে এমন, সহকর্মী, assistant। স্ত্রী. **সহকারিণী** /শহোকারিনি/।

সহকারে /শহোকারে/ [স. সহকার+বা. এ] ক্রিবিণ. সঙ্গে, সাথে, সহিত (*মনযোগ সহকারে*)।

সহগ /শহোগো/ [স. সহ+√গম্+অ] বি. বিণ. সহগামী, সঙ্গী।

সহগমন /শহোগমোন্/ [স. সহ+√গম্+অন] বি. সঙ্গে গমন।

সহগামী /শহোগামি/ [স. সহ+√গম্+ইন্] বিণ. সঙ্গে গমনকারী। স্ত্রী. **সহগামিনী** /শহোগামিনি/।

সহচর /শহোচর্/ [স. সহ+√চর্+অ] বিণ. সঙ্গে বিচরণ করে এমন, সঙ্গী। বি. সাথি, সখা, বন্ধু। স্ত্রী. **সহচরী** /শহোচোরি/।

সহচারী /শহোচারি/ [স. সহ+√চর্+ইন্] বিণ. বি. সঙ্গে বিচরণকারী। স্ত্রী. **সহচারিণী** /শহোচারিনি/।

সহজ[১] /শহোজো/ [স. সহ+√জন্+অ] বিণ. ১ একই মায়ের গর্ভজাত। ২ সহজাত; স্বাভাবিক।

সহজ[২] /শহোজ্/ [স. সহ+√জন্+অ] বিণ. ১ স্বাভাবিক (*সহজ বুদ্ধি*)। ২ (বাংলায়) অনায়াসসাধ্য (*সহজ কাজ*)। ৩ সুবোধ্য (*সহজ অঙ্ক*)। ৪ অকপট (*সহজ প্রকৃতি*)। ৫ সরল, অবধুর।

সহজগম্য /শহোজ্‌গোম্‌মো/ [স. সহজ+√গম্+য] বিণ. ১ সহজে যাওয়া যায় এমন। ২ সহজবোধ্য।

সহজজ্ঞান /শহোজ্‌গ্যান্/ [স. সহজ+√জ্ঞা+অন] বি. সহজাত বুদ্ধি, জন্মগত জ্ঞান।

সহজপাচ্য /শহোজ্‌পাচ্‌চো/ [স. সহজ+√পচ্+য] বিণ. সহজে হজম হয় এমন।

সহজপ্রবৃত্তি /শহোজ্‌প্রোবৃত্তি/ [স. সহজ+প্রবৃত্তি] বি. স্বভাবজাত বা জন্মগত প্রবৃত্তি, instinct।

সহজবোধ্য /শহোজ্‌বোদ্‌ধো/ [স. সহজ+√বুধ্+য] বিণ. সহজে বোঝা যায় এমন।

সহজলভ্য /শহোজ্‌লোব্‌ভো/ [স. সহজ+√লভ্+য] বিণ. সহজে লাভ করা যায় এমন, সুলভ।

সহজসাধ্য /শহোজ্‌শাদ্‌ধো/ [স. সহজ+√সাধি+য] বিণ. সহজে করা যায় এমন (*সহজসাধ্য কাজ*)।

সহজাত /শহোজাতো/ [স. সহ+√জন্+ত] বিণ. ১ একসঙ্গে উৎপন্ন, একই সময়ে জাত। ২ স্বাভাবিক (*সহজাত প্রবৃত্তি*)।

সহজার্থ /শহোজার্‌থো/ [স. সহজ+অর্থ] বি. শব্দের প্রধান অর্থ, শব্দের অভিধাগত অর্থ; সাধারণ অর্থ।

সহজিয়া /শহোজিআ/ [স. সহজ+বা. ইয়া] বি. গৌড়ীয় বৈষ্ণব ধর্মমতের অনুসারী সম্প্রদায়।

সহজে /শহোজে/ [স. সহজ+বা. এ] ক্রিবিণ. ১ কষ্ট না করে, অনায়াসে। ২ সামান্য কারণে।

সহধর্মিণী /শহোধোর্‌মিনি/ [স. সহধর্মিন্+ঈ] বি. স্ত্রী, পত্নী, ভার্যা।

সহধর্মী /শহোধোর্‌মি/ [স. সহ+ধর্ম+ইন্] বিণ. সমান বা অভিন্ন ধর্মবিশিষ্ট।

সহধ্বনি /শহোদ্‌ধোনি/ [স. সহ+ধ্বনি] বি. (ভাষা.) মূলধ্বনির উচ্চারণবৈচিত্র্য, ধ্বনিমূলের রূপভেদ, পূরকধ্বনি; (পরি.) allophone।

সহন /শহোন্/ [স. √সহ্+অন] বি. ১ সহ্যকরণ, সহিষ্ণুতা। ২ ধৈর্যধারণ। ৩ প্রতীক্ষা।

সহনযোগ্য /শহোন্‌জোগ্‌গো/ [স. সহন+যোগ+য] বিণ. সহ্য করার উপযুক্ত, সহনীয়।

সহনশীল /শহোন্‌শিল্/ [স. সহন+√শীল্+অ] বিণ. সহ্য করতে পারে এমন, ধৈর্যশীল। বি. **সহনশীলতা** /শহোন্‌শিলতা/।

সহনাতীত /শহোনাতিতো/ [স. সহন+অতীত] বিণ. সহ্য করা যায় না এমন, অসহনীয়।

সহনীয় /শহোনিয়ো/ [স. √সহ্+অনীয়] বিণ. সহ্য করা যায় এমন, সহনযোগ্য।

সহপাঠী /শহোপাঠি/ [স. সহ+√পঠ্+ইন্] বিণ. একই বিদ্যায়তনে ও শ্রেণিতে অধ্যয়নকারী। স্ত্রী. **সহপাঠিনী** /শহোপাঠিনি/।

সহবত /সহ্‌বত্/ [আ.] বি. ১ সংসর্গ, সঙ্গ, সাহচর্য।

www.pathagar.com

২ ভব্যতা, শিষ্টাচার। ৩ নারী-পুরুষের মিলন।

সহবাস /শহোবাশ্/ [স. সহ+√বস্+অ] বি. ১ একত্র-অবস্থান, একত্রবাস। ২ সংস্পর্শ, সান্নিধ্য। ৩ সঙ্গম, রমণ।

সহমত /শহোমত্/ [স. সহ+√মন্+ত] বি. ঐকমত্য, মতৈক্য, অনুমত (*সহমত পোষণ*)।

সহমরণ /শহোমরোন্/ [স. সহ+মরণ] বি. স্বামীর চিতায় পত্নীকে জীবন্ত দগ্ধকরণের অধুনালুপ্ত সংস্কার।

সহমর্মী /শহোমোর্মি/ [স. সহ+√মৃ+মন্+ইন্] বিণ. অন্যের সঙ্গে সমান অনুভূতিযুক্ত; অন্যের দুঃখে কাতর, সমব্যথী। বি. **সহমর্মিতা**/শহোমোর্মিতা/।

সহমৃতা /শহোমৃতা/ [স. সহমৃত+আ (টাপ্)] বিণ. স্বামীর চিতায় জীবন্ত দগ্ধ হয়েছে এমন।

সহযাত্রী /শহোজাত্রি/ [স. সহযাত্রা+ইন্] বিণ. একসঙ্গে গমন করে এমন, সহগামী। স্ত্রী. **সহযাত্রিণী** /শহোজাত্রিনি/।

সহযায়ী /শহোজায়ি/ [স. সহ+√যা+ইন্] বিণ. সহগামী, সহযাত্রী।

সহযোগ /শহোজোগ্/ [স. সহ+√যুজ্+অ] বি. ১ মিলন, সংযোগ। ২ যোগাযোগ; সম্পর্ক। ৩ সহায়তা, সাহায্য।

সহযোগিতা /শহোজোগিতা/ [স. সহযোগিন্+তা] বি. সহায়তা, সাহায্য।

সহযোগী /শহোজোগি/ [স. সহ+√যুজ্+ইন্] বিণ. ১ সাহায্যকারী। ২ সহকর্মী। ৩ সহকারী (*সহযোগী সম্পাদক*)।

সহর্ষ /শহর্শো/ [স. সহ+√হৃষ্+অ] বিণ. হর্ষযুক্ত, আনন্দিত, সানন্দ, আহ্লাদিত।

সহর্ষে /শহর্শে/ [স. সহর্ষ+বা. এ] ক্রিবিণ. আনন্দের সঙ্গে, আহ্লাদের সঙ্গে, খুশি মনে।

সহশিক্ষক /শহোশিক্খক্/ [স. সহ+শিক্ষক] বি. শিক্ষাপ্রতিষ্ঠানের সহকারী শিক্ষক, assistant teacher।

সহশিক্ষা /শহোশিক্খা/ [স. সহ+শিক্ষা] বি. একই বিদ্যায়তনে ছেলে ও মেয়েদের একসঙ্গে অধ্যয়নের ব্যবস্থা, co-education।

সহসা /শহোশা/ [স. সহস+আ (টাপ্)] ক্রিবিণ. অকস্মাৎ, হঠাৎ (*সহসা ঘুমের তল্লাট ছেড়ে শান্তি পালাল আজ* সুকান্ত.)।

সহস্র /শহোস্রো/ [স. সহস্+র] বি. হাজার সংখ্যা। বিণ. ১ হাজারসংখ্যক। ২ অসংখ্য (*সহস্রদল পদ্ম*)। ৩ বহুবিধ (*সহস্র বাধা*)।

সহস্রকর /শহোস্রোকর্/ [স. সহস্র+√কৃ+অ] বি. সূর্য।

সহস্রকিরণ /শহোস্রোকিরন্/ [স. সহস্র+কিরণ] বি. সূর্য।

সহস্রকিরণমালী /শহোস্রোকিরন্মালি/ [স. সহস্র+কিরণ+মালা+ইন্] বি. সূর্য।

সহস্রদল /শহোস্রোদল্/ [স. সহস্র+দল] বি. পদ্ম। বিণ. অসংখ্য পাপড়িবিশিষ্ট।

সহস্রনয়ন /শহোস্রোনয়োন্/ [স. সহস্র+নয়ন] বি. দেবরাজ ইন্দ্র।

সহস্রলোচন /শহোস্রোলোচন্/ [স. সহস্র+লোচন] বি. দ্র সহস্রনয়ন।

সহস্রবার /শহোস্রোবার্/ [স. সহস্র+√বৃ+অ] ক্রিবিণ. হাজারবার; বহুবার; বারবার।

সহস্রবিধ /শহোস্রোবিধো/ [স. সহস্র+√বিধ্+অ] বিণ. হাজার রকমের; বহু প্রকারের।

সহস্রাংশু /শহোস্রাংশু/ [স. সহস্র+অংশু] বি. সূর্য।

সহস্রাক্ষ /শহোস্রাক্খো/ [স. সহস্র+অক্ষ] বি. দেবরাজ ইন্দ্র।

সহস্রাধিক /শহোস্রাধিক্/ [স. সহস্র+অধিক] বিণ. হাজারের অধিক; অসংখ্য।

সহস্রার /শহোস্রার্/ [স. সহস্র+আর] বি. ১ যোগ-শাস্ত্রমতে শিরোমধ্যস্থ সহস্রদল পদ্ম। ২ শিবের অধিষ্ঠান।

সহা /শহা/ [স. সহ >] ক্রিবি. ১ সহ্য করা, সওয়া (*দুঃখ সহা*)। ২ বরদাস্ত করা (*অন্যায় সহা*)। বিণ. সহ্য হয়ে গেছে এমন (*গা-সহা*)।

সহাধ্যায়ী /শহাদ্ধ্যায়ি/ [স. সহ+অধি+√ই+ইন্] বিণ. সহপাঠী। স্ত্রী. **সহাধ্যায়িনী** /শহাদ্ধ্যায়িনি/।

সহানুভূতি /শহানুভুতি/ [স. সহ+অনুভূতি] বি. অন্যের দুঃখবেদনার সঙ্গে সমান অনুভূতি, সমবেদনা, সমব্যথা।

সহানুভূতিশীল /শহানুভুতিশিল্/ [স. সহানুভূতি+√শীল্+অ] বিণ. সহানুভূতি আছে এমন, সমব্যথী, সমবেদনাসম্পন্ন, দরদি।

সহানো /শহানো/ [বা.] ক্রিবি. সহ্য করানো।

সহাবস্থান /শহাবোস্থান্/ [স. সহ+অবস্থান] বি. ১ পরস্পর মিলেমিশে একসঙ্গে অবস্থান। ২ বিরুদ্ধ মতাবলম্বীদের শান্তিপূর্ণভাবে একত্র-অবস্থান।

সহায় /শহায়্/ [স. সহ+√অয়্+অ] বি. ১ অবলম্বন (*সহায়সম্বল*)। ২ যে ব্যক্তি সাহায্য করে। বিণ. সহকারী।

www.pathagar.com

সহায়ক /শহায়ক্/ [স. সহ+√অয়্+অক] বিণ. ১ সহায়তা করে এমন, সাহায্যকারী (*সহায়ক উপকরণ*)। ২ সমর্থক; পৃষ্ঠপোষক।

সহায়তা /শহায়তা/ [স. সহায়+তা] বি. ১ সাহায্য। ২ সমর্থন; পৃষ্ঠপোষকতা।

সহায়সম্পত্তি /শহায়শম্পোত্তি/ [স. সহায়+সম্পত্তি] বি. জনবল ও অর্থবল।

সহায়সম্পদ /শহায়শম্পদ্/ [স. সহায়+সম্পদ] বি. দ্র সহায়সম্পত্তি।

সহায়সম্বল /শহায়শম্বল্/ [স. সহায়+সম্বল] বি. আশ্রয় ও ভরসাস্থল।

সহায়সম্বলহীন /শহায়শম্বল্হিন্/ [স. সহায়সম্বল +√হা+ত] বিণ. আশ্রয় বা অবলম্বন নেই এমন।

সহাস্য /শহাশ্শো/ [স. সহ+√হস্+য] বিণ. হাস্যরত, হাস্যযুক্ত (*সহাস্যবদন*)।

সহি /শোহি/ [আ.] বি. দস্তখত, স্বাক্ষর, সই।

সহিংস /শহিংশো/ [স. সহ+হিংসা] বিণ. ১ হিংসাযুক্ত। ২ সন্ত্রাসবাদী (*সহিংস আন্দোলন*)। বি. ~তা /-তা/।

সহিত[১] /শোহিত্/ [স. সম্+√ধা+ত] বিণ. ১ (প্রধানত সাধুভাষায় ব্যবহৃত) সংযুক্ত, সমন্বিত। ২ সংশ্লিষ্ট। অব্য. (বাংলায়) সঙ্গে।

সহিত[২] /শহিত/ [স. সহ+হিত] বিণ. হিতকর।

সহিষ্ণু /শোহিশ্নু/ [স. √সহ্+ইষ্ণু] বিণ. ১ সহনশীল; বরদাস্তকারী। ২ ক্ষমাশীল। ৩ ধৈর্যশীল। বি. ~তা /-তা/।

সহিস /শোহিশ্/ [ফা.] বি. ঘোড়ার পালক বা তত্ত্বাবধায়ক (*আস্তাবলের সহিস*)।

সহিসালামত /সোহিসালামত্/ [আ.] বিণ. সুস্থ ও নিরাপদ।

সহৃদয় /শৃহিদয়্/ [স. সহ+√হৃ+অয়] বিণ. ১ সদাশয়, হৃদয়বান। ২ সহানুভূতিশীল। ৩ আন্তরিকতাপূর্ণ। ৪ বিদ্বান। ৫ রসজ্ঞ। স্ত্রী. **সহৃদয়া** /শৃহিদয়া/।

সহৃদয়তা /শৃহিদয়োতা/ [স. সহৃদয়+তা] বি. ১ উদারতা। ২ সহানুভূতিশীলতা। ৩ আন্তরিকতা। ৪ রসজ্ঞতা। ৫ বিদ্যাবত্তা।

সহেলি /সহেলি/ [হি.] বি. সঙ্গিনী; বান্ধবী।

সহোদর /শহোদর্/ [স. সহ+উদর] বি. একই মায়ের গর্ভজাত ভাই। স্ত্রী. **সহোদরা** /শহোদরা/।

সহ্য /শোজ্ঝো/ [স. √সহ্+য] বি. ১ ধৈর্যধারণ। ২ (বাংলায়) বরদাস্ত। বিণ. সহনীয়, সহনযোগ্য।

সহ্যাতীত /শোজ্ঝাতিতো/ [স. সহ্য+অতীত] বিণ. সহ্য করা যায় না এমন, অসহনীয়।

সহ্যাদ্রি /শোজ্ঝাদ্রি/ [স. সহ্য+অদ্রি] বি. ভারতের পশ্চিমঘাট পর্বতমালা।

সা[১] /সা/ [বা.] বি. সংগীতের প্রথম স্বর; ষড়্জ শব্দের সংকেত।

সা[২] /শা/ [বা.] বি. 'সাউ' ও 'সাহা'-র সংক্ষিপ্ত রূপ।

সাইকেল /সাইকেল্/ [ই.] বি. পাদানে (padal) চাপ দিয়ে চাকা ঘোরানো হয় এমন দু চাকার যান (পেছনের চাকার ওপর চালকের আসনযুক্ত), দ্বিচক্রযান, bicycle।

সাইকোলজি /সাইকোলোজি/ [গ্রি.] বি. মানুষের মনের ক্রিয়াকলাপ ও গতিপ্রকৃতিবিষয়ক বিজ্ঞান-ভিত্তিক শাস্ত্র, মনোবিজ্ঞান, psychology।

সাইক্লোন /সাইক্লোন্/ [গ্রি.] বি. প্রচণ্ড বেগে ঘুরপাক খেতে খেতে এগিয়ে চলে এমন ঝড়, ঘূর্ণিঝড়; সামুদ্রিক ঝড়বিশেষ, cyclone।

সাইনবোর্ড /সাইন্বোড়্/ [ই.] বি. দোকানপাট ব্যবসায়প্রতিষ্ঠান প্রভৃতি সংস্থার পরিচয়জ্ঞাপক ফলক, signboard।

সাইফন /সাইফন্/ [ই.] বি. তরল পদার্থকে মাধ্যাকর্ষণ শক্তির সাহায্যে এক পাত্র থেকে অন্য পাত্রে স্থানান্তরিত করার উলটো U-আকৃতির বাঁকা নল, siphon।

সাইরেন /সাইরেন্/ [ই. siren] বি. ১ বিপৎসংকেত বা কারখানার নির্দিষ্ট সময় ঘোষণার জন্য ব্যবহৃত তীব্র শব্দ উৎপাদনকারী সরঞ্জামবিশেষ (*আমার বিনিদ্র রাতে সতর্ক সাইরেন ডেকে যায়*, সুকান্ত.), চেতাবনি। ২ গ্রিক পুরাণে কল্পিত গভীর সমুদ্রে নাবিকদের বিভ্রান্ত করার জন্য অর্ধপক্ষিণী ও অর্ধমানবীর রূপধারিণী সামুদ্রিক প্রাণীর গান।

সাউ /শাউ/ [হি. সাহু >] বি. ১ বণিক, মহাজন। ২ পদবিবিশেষ।

সাউকার /শাউকার্/ [বা.] বি. ১ বড়ো ব্যবসায়ী, বণিক, ব্যাপারী। ২ (ব্য.) মাতব্বর।

সাউকারী /শাউকারি/ [বা.] বি. ১ মহাজনের বৃত্তি। ২ (ব্য.) মাতব্বরি; মুরুব্বিয়ানা।

সাং /শাং/ [আ. সাকিন >] বি. 'সাকিন'-এর সংক্ষিপ্ত লেখ্য রূপ।

সাংকর্য /শাংকোর্জ্যো/ [স. সংকর+য] বি. ১ মিশ্রণ; মিলন। ২ দো-আঁশলা ভাব।

সাংকেতিক /শাংকেতিক্/ [স. সংকেত+ইক] বিণ. ১ সংকেত বা ইশারাদ্বারা ব্যক্ত (*সাংকেতিক চিহ্ন*)। ২ সংকেতজ্ঞাপক। ৩ সংকেতসম্বন্ধীয়। বি. (গ.) অঙ্ক কষার সংক্ষিপ্ত পদ্ধতি, practice।

www.pathagar.com

সাংখ্য /শাংখ্যো/ [স. সংখ্যা+অ] বি. কপিল মুনি-প্রণীত দর্শনশাস্ত্র।

সাংখ্যিক /শাংখিক্/ [স. সংখ্যা+ইক] বিণ. সংখ্যা-সম্বন্ধীয়।

সাংগঠনিক /শাংগঠোনিক্/ [স. সংগঠন+ইক] বিণ. সংগঠনসম্বন্ধীয় (*সাংগঠনিক সম্পাদক*)।

সাংগীতিক /শাংগিতিক্/ [স. সংগীত+ইক] বিণ. সংগীতসম্পর্কিত, সংগীতসম্বন্ধীয়।

সাংগ্রাই /শাংগ্রাই/ [অজ্ঞা.] বি. (বাংলাদেশের) মারমা নৃগোষ্ঠীর বর্ষবরণ উপলক্ষ্যে পালিত তিনদিনব্যাপী নৃত্যগীত-উৎসব।

সাংগ্রামিক /শাংগ্রামিক্/ [স. সংগ্রাম+ইক] বিণ. ১ সংগ্রামসম্বন্ধীয়। ২ যুদ্ধের জন্য প্রয়োজনীয়। ৩ রণদক্ষ।

সাংঘাতিক /শাংঘাতিক্/ [স. সংঘাত+ইক] বিণ. ভয়ংকর, ভীষণ, মারাত্মক (*সাংঘাতিক ব্যাপার*)।

সাংবৎসর /শাংবত্শর্/ [স. সংবৎসর+অ] বিণ. দ্র সাংবৎসরিক।

সাংবৎসরিক /শাংবত্শোরিক্/ [স. সংবৎসর+ইক] বিণ. ১ বর্ষব্যাপী ; বার্ষিক। ২ বছরশেষে করণীয় (*সাংবৎসরিক শ্রাদ্ধ*)।

সাংবাদিক /শাংবাদিক্/ [স. সংবাদ+ইক] বি. সংবাদ সংগ্রহ ও পরিবেশন যার পেশা, সংবাদ মাধ্যমের কর্মী। বিণ. সংবাদসম্পর্কিত।

সাংবাদিকতা /শাংবাদিকতা/ [স. সাংবাদিক+তা] বি. সংবাদ সংগ্রহ ও পরিবেশনের কাজ, সাংবাদিকের বৃত্তি।

সাংবিধানিক /শাংবিধানিক্/ [স. সংবিধান+ইক] বিণ. ১ সংবিধানসম্মত (*সাংবিধানিক অধিকার*)। ২ সংবিধানসংক্রান্ত।

সাংযাত্রিক /শাংজাত্রিক্/ [স. সংযাত্রা+ইক] বিণ. জলপথে ব্যাবসাবাণিজ্য করে এমন।

সাংশয়িক /শাংশোয়িক্/ [স. সংশয়+ইক] বিণ. ১ সংশয়সংক্রান্ত। ২ সন্দেহযুক্ত, সন্দিহান।

সাংসদ /শাংশদ্/ [স. সংসদ+অ] বি. সংসদ বা আইনসভার সদস্য।

সাংসর্গিক /শাংশোর্গিক্/ [স. সংসর্গ+ইক] বিণ. ১ মেলামেশা বা একত্রবাস জাত, সংসর্গজাত। ২ সংসর্গসম্পর্কিত।

সাংসারিক /শাংশারিক্/ [স. সংসার+ইক] বিণ. ১ সংসারসংক্রান্ত, পারিবারিক। ২ সংসারে আসক্ত। ৩ বৈষয়িক (*সাংসারিক ক্রিয়াকর্ম*)।

সাংস্কারিক /শাংশ্কারিক্/ [স. সংস্কার+ইক] বিণ. সংস্কারসম্পর্কিত।

সাংস্কৃতিক /শাংশ্কৃতিক্/ [স. সংস্কৃতি+ইক] বিণ. শিক্ষা সংস্কৃতি সভ্যতা প্রভৃতির সঙ্গে ওতপ্রোত-ভাবে যুক্ত (*সাংস্কৃতিক অঙ্গন*)।

সাঁই[১] /শাঁই/ [স. স্বামিন্ >] বি. ১ গুরু; প্রভু; স্বামী। ২ বৈষ্ণব সন্ন্যাসী, গোঁসাই। ৩ ফকির; দরবেশ।

সাঁই[২] /শাঁই/ [ধ্বন্যা.] অব্য. বি. জোরে বাতাস চলাচলের অনুকার ধ্বনি।

সাঁই[৩] /শাঁই/ [বা.] বি. পদবিবিশেষ।

সাঁইত্রিশ /শাঁইত্রিশ্/ [স. সপ্তত্রিংশৎ >] বি. ৩৭ সংখ্যা। বিণ. ৩৭ সংখ্যক।

সাঁইসাঁই /শাঁইশাঁই/ [ধ্বন্যা.] অব্য. বি. জোরে বাতাস চলাচলের অনুকার শব্দ।

সাঁওতাল /শাঁওতাল্/ [হি. সন্থাল >] বি. ভারতের সাঁওতাল পরগনা-সহ বাংলাদেশের রাজশাহী দিনাজপুর রংপুর ও বগুড়া জেলায় বসবাসকারী বৃহৎ আদিবাসী নৃগোষ্ঠী, সামন্তপাল। স্ত্রী. সাঁওতালনি /শাঁওতালনি/।

সাঁওতালি/শাঁওতালি/ [বা.] বিণ. ১ সাঁওতালসংক্রান্ত। ২ সাঁওতালদের মধ্যে প্রচলিত (*সাঁওতালি গান*)। ৩ সাঁওতালসুলভ। বি. সাঁওতালদের ভাষা।

সাঁকো /শাঁকো/ [স. সংক্রম >] বি. সেতু, পুল (*বাঁশের সাঁকো*)।

সাঁচা /শাঁচা/ [হি. সাচ্চা >] বিণ. ১ সত্য। ২ খাঁটি, প্রকৃত। ৩ প্রামাণিক। ৪ সৎ, সাধু। ৫ বিশ্বাসযোগ্য। বি. সত্য কথা (*সাঁচা বলছি*)।

সাঁচি /শাঁচি/ [হি.] বিণ. ১ আসল, প্রকৃত। ২ উৎকৃষ্ট। বি. পানের প্রজাতিবিশেষ।

সাঁজা /শাঁজা/ [বা.] বি. দই বসানোর জন্য ঈষদুষ্ণ দুধের সঙ্গে যে অম্লপদার্থ মেশানো হয়, দম্বল, দধিবীজ।

সাঁজাল /শাঁজাল্/ [বা.] বি. মশা তাড়ানোর জন্য সন্ধ্যায় মাটির পাত্রে খড় প্রভৃতি জ্বেলে উৎপাদিত ধোঁয়া (*গোয়ালে সাঁজাল দেওয়া*)।

সাঁজোয়া /শাঁজোআ/ [স. সজ্জা >] বি. বর্ম।

সাঁজোয়া যান /শাঁজোআ জান্/ বি. বন্দুকের গুলি ভেদ করতে পারে না এমন বর্মাবৃত গাড়ি।

সাঁঝ /শাঁঝ্/ [স. সন্ধ্যা >] বি. ১ সন্ধ্যাকাল (*সাঁঝ-বাতি*)। ২ বেলা।

সাঁঝক /শাঁঝক্/ [স. সন্ধ্যা >] বিণ. সন্ধ্যাকালের।

www.pathagar.com

সাঁঝবাতি /শাঁঝ্‌বাতি/ [বা.] বি. সন্ধ্যায় যে বাতি জ্বালানো হয়, সন্ধ্যাপ্রদীপ।

সাঁট /শাঁট্‌/ [স. সংকেত >] বি. ১ ইঙ্গিত, ইশারা; সংকেত। ২ গোপন পরামর্শ বা যোগাযোগ।

সাঁট বোঝা /শাঁট্‌ বোঝা/ ক্রিবি. ইশারা বা সংকেত বুঝতে পারা।

সাঁটমুদ্রাক্ষরিক /শাঁট্‌মুদ্‌দ্রাক্‌খোরিক্‌/ [বা. সাঁট+স. মুদ্রাক্ষরিক] বি. সাংকেতিক চিহ্ন বা লিপির সাহায্যে দ্রুত টুকে নিয়ে পরে টাইপ করা যার পেশা, সাঁটলিপিকার; (পরি.) stenotypist।

সাঁটলিপি /শাঁট্‌লিপি/ [বা. সাঁট+স. লিপি] বি. শ্রুতিলিখনের উদ্দেশ্যে সাংকেতিক চিহ্ন বা লিপির সাহায্যে কোনো বক্তব্য দ্রুত টুকে নেওয়ার বিদ্যা; (পরি.) shorthand।

সাঁটলিপিকার /শাঁট্‌লিপিকার্‌/ [বা. সাঁট+স. লিপিকার] বি. দ্র সাঁটমুদ্রাক্ষরিক।

সাঁটা /শাঁটা/ [বা.] ক্রিবি. ১ সংলগ্ন করা, এঁটে দেওয়া (*দেওয়ালে কাগজ সাঁটা*)। ২ আঁকড়ে ধরা। বিণ. আঁটোসাঁটো, দৃঢ়বদ্ধ।

সাঁড়াশি /শাঁড়াশি/ [স. সন্দংশ >] বি. দুপাশ দিয়ে শক্তভাবে এঁটে ধরার জন্য ব্যবহৃত চিমটাজাতীয় ধাতব হাতিয়ারবিশেষ, pliers; (আঞ্চলিক) প্লাস।

সাঁতরানো /শাঁত্‌রানো/ [বা.] ক্রিবি. সাঁতার কাটা, সাঁতার দেওয়া।

সাঁতলানো /শাঁত্‌লানো/ [বা.] ক্রিবি. রান্নার পূর্বে মাছ মাংস সবজি প্রভৃতি অল্প তেলে ভেজে নেওয়া, saute। বিণ. মাছ মাংস সবজি প্রভৃতি অল্প তেলে ভেজে কষানো হয়েছে এমন।

সাঁতার কাটা /শাঁতার্‌ কাটা/ ক্রিবি. হাত ও পা সঞ্চালন করে জলে ভেসে থাকা বা বিচরণ করা।

সাঁতারু /শাঁতারু/ [বা.] বিণ. ১ সাঁতারে পটু। ২ সন্তরণকারী। বি. সাঁতারে দক্ষ ব্যক্তি।

সাঁপি /শাঁপি/ [স. সর্প >] বি. হাড়িকাঠের উপরস্থ গোলাকার কাষ্ঠখণ্ড।

সাকল্য /শাকোল্‌লো/ [স. সকল+য] বি. সমগ্রতা, সমষ্টি।

সাকার/শাকার্‌/ [স. স+আকার] বিণ. আকারবিশিষ্ট, মূর্তিমান।

সাকারবাদ /শাকারবাদ্‌/ [স. সাকার+√বদ্‌+অ] বি. সাকার বা মূর্তিপূজাবিষয়ক মতবাদ।

সাকারবাদী /শাকারবাদি/ [স. সাকার+√বদ্‌+ইন্‌] বি. বিণ. সাকার বা মূর্তিপূজার অনুসারী।

সাকারোপাসনা /শাকারোপাশনা/ [স. সাকার+উপাসনা] বি. প্রতিমা পূজা।

সাকি/সাকি/ [আ.] বি. ১ সুরা পরিবেশনকারী তরুণ বা তরুণী। ২ ভালোবাসার পাত্র।

সাকিন/শাকিন্‌/ [আ.] বি. নিবাস, বাসস্থান, ঠিকানা।

সাকুল্যে /শাকুল্‌লে/ [স. সাকল্য >] ক্রিবিণ. ১ সর্বমোট, সর্বসমেত। ২ কোনোমতে; টায়টায়।

সাক্ষর /শাক্‌খর্‌/ [স. স+অক্ষর] বিণ. ১ অক্ষর-জ্ঞানসম্পন্ন। ২ অক্ষরযুক্ত। ৩ অল্পশিক্ষিত।

সাক্ষরতা /শাক্‌খরতা/ [স. সাক্ষর+তা] বি. অক্ষর-পরিচয়, অক্ষরজ্ঞান (*সাক্ষরতা অভিযান*)।

সাক্ষাৎ /শাক্‌খাত্‌/ [স. সাক্ষ+√অৎ+ক্বিপ্‌] বিণ. ১ প্রত্যক্ষ, মূর্তিমান; স্বয়ং (*সাক্ষাৎ যমদূত*)। ২ তুল্য, সদৃশ। ৩ সরাসরি, সমক্ষ। বি. (বাংলায়) দর্শন, দেখা (*সাক্ষাৎলাভ*)।

সাক্ষাৎকর্তা /শাক্‌খাত্‌কর্‌তা/ [স. সাক্ষাৎ+√কৃ+তৃ] বি. যে দেখা করে। বিণ. প্রত্যক্ষকারী।

সাক্ষাৎকার /শাক্‌খাত্‌কার্‌/ [স. সাক্ষাৎ+√কৃ+অ] বি. ১ পরস্পর দর্শন ও কথাবার্তা। ২ পরস্পর কথোপকথন ও মতবিনিময়।

সাক্ষাৎকারী /শাক্‌খাত্‌কারি/ [স. সাক্ষাৎ+√কৃ+ইন্‌] বি. বিণ. দ্র সাক্ষাৎকর্তা।

সাক্ষাৎপ্রমাণ /শাক্‌খাত্‌প্রোমান্‌/ [স. সাক্ষাৎ+প্রমাণ] বি. প্রত্যক্ষ প্রমাণ।

সাক্ষাৎসম্বন্ধ/শাক্‌খাত্‌শম্‌বন্‌ধো/ [স. সাক্ষাৎ+সম্বন্ধ] বি. সরাসরি বা প্রত্যক্ষ সম্পর্ক।

সাক্ষী /শাক্‌খি/ [স. সাক্ষাৎ+ইন্‌] বিণ. কোনো ঘটনা বা বিষয় প্রত্যক্ষকারী, প্রত্যক্ষদর্শী।

সাক্ষীগোপাল /শাক্‌খিগোপাল্‌/ [স. সাক্ষাৎ+ইন্‌+গোপাল] বি. ১ পুরীর নিকটবর্তী স্থানবিশেষ বা ওই স্থানে প্রতিষ্ঠিত শ্রীকৃষ্ণের বিগ্রহবিশেষ। ২ (মূল অর্থ যার উপস্থিতিই সাক্ষীর কাজ করে) নিষ্ক্রিয় দর্শক।

সাক্ষীসাবুদ/শাক্‌খিশাবুদ/ [স. সাক্ষী+আ. সাবুদ] বি. কোনো ঘটনার প্রত্যক্ষদর্শী ও সংশ্লিষ্ট তথ্যপ্রমাণ।

সাক্ষ্য /শাক্‌খ্যো/ [স. সাক্ষিন্‌+য] বি. ১ আদালতে প্রদত্ত প্রত্যক্ষ বিবরণ (*সাক্ষ্যদান*)। ২ সাক্ষীর কাজ।

সাগর /শাগোর্‌/ [স. সগর+অ] বি. ১ পৃথিবীর দুই-তৃতীয়াংশ জুড়ে স্থলভূমি পরিবেষ্টনকারী বিস্তীর্ণ লবণাক্ত জলরাশি, সমুদ্র, সিন্ধু, বারিধি, জলধি, অর্ণব। ২ (আল.) বিরাট আধার (*দয়ার সাগর*)।

সাগরকলা /শাগোর্‌কলা/ [স. সাগর+বা. কলা] বি.

www.pathagar.com

ঢাকা জেলার অদূরে মুন্সিগঞ্জ অঞ্চলে জাত সুস্বাদু বৃহদাকার কলার প্রজাতিবিশেষ।

সাগরগামী /শাগোর্‌গামি/ [স. সাগর+√গম্‌+ইন্‌] বিণ. সাগরে গমন করে এমন।

সাগরতীর/শাগোর্‌তির্‌/ [স. সাগর+তীর] বি. সাগরের তীর বা কূল।

সাগরবেলা /শাগোর্‌বেলা/ [স. সাগর+√বেল্‌+অ+আ (টাপ্‌)] বি. সমুদ্রের বালুকাময় তটভূমি, বেলাভূমি।

সাগরমেখলা /শাগোর্‌মেখ্‌লা/ [স. সাগর+মেখলা] বিণ. সমুদ্রবেষ্টিত। বি. পৃথিবী।

সাগরসংগম /শাগোর্‌শংগম্‌ / [স. সাগর+সংগম] বি. নদী যেখানে সাগরের সঙ্গে মিলিত হয়।

সাগরিকা /শাগোরিকা/ [স. সাগর+ইক+আ (টাপ্‌)] বি. সমুদ্রের ঢেউ।

সাগু /শাগু/ [পো.] বি. রোগীর পথ্য বা খাদ্যরূপে ব্যবহৃত তালজাতীয় বৃক্ষকাণ্ডের মজ্জা থেকে তৈরি দানাদার পালোবিশেষ, সাবু।

সাগ্নিক /শাগ্‌নিক্‌/ [স. স+অগ্নি+ক] বি. বিণ. ১ বৈদিক নিয়মে প্রত্যহ হোমকারী, অগ্নিহোত্রী। ২ নিয়ত যজ্ঞকারী।

সাগ্রহ /শাগ্‌গ্রোহো/ [স. স+আগ্রহ] বিণ. আগ্রহ আছে এমন, আগ্রহযুক্ত।

সাগ্রহে /শাগ্‌গ্রোহে/ [স. সাগ্রহ+বা. এ] ক্রিবিণ. আগ্রহ সহকারে।

সাঙা[১] /শাঙা/ [দেশি.] বি. ১ নারীর পুনর্বিবাহ। ২ বিধবাবিবাহ।

সাঙা[২]/শাঙা/ [দেশি.] বি. বাঁশের তৈরি কাপড় রাখার তাকবিশেষ।

সাঙাত /শাঙাত্‌/ [দেশি.] বি. ১ বন্ধু, মিতা, সখা। ২ অসাধু কর্মে সহায়তাদানকারী, সহচর।

সাঙাতি/শাঙাতি/ [বা.] বি. সাঙাতের কাজ।

সাঙ্গ[১] /শাংগো/ [স. সম্পূর্ণ >] বিণ. ১ সমাপ্ত। ২ সম্পূর্ণ।

সাঙ্গ[২] /শাংগো/ [স. সহ+অঙ্গ] বিণ. ১ অঙ্গবিশিষ্ট। ২ কোনো অঙ্গ বিকল বা বিকৃত নয় এমন, পূর্ণাঙ্গ।

সাঙ্গোপাঙ্গ /শাংগোপাংগো/ [স. সহ+অঙ্গ+উপাঙ্গ] বিণ. অঙ্গ ও উপাঙ্গ-সহ। বি. দলবল, সঙ্গীসাথি।

সাচা /শাচা/ [হি. সাচ্চা>] বিণ. 'সাচ্চা'-র কোমল রূপ।

সাচি /শাচি/ [স. √সচ্‌+ই] বিণ. বাঁকা, বক্র, তির্যক।

সাচিবর্তন /শাচিবর্‌তোন্‌/ [স. সাচি+√বৎ+অন] বি. (পদার্থ.) দিক পরিবর্তন, অপবর্তন; (পরি.) diffraction।

সাচ্চা/সাচ্চা/ [হি.] বিণ. ১ সত্য। ২ অকৃত্রিম, খাঁটি।

সাজ /শাজ্‌/ [স. সজ্জা >] বি. ১ পোশাক-পরিচ্ছদ, বেশভূষা (*রণসাজ*)। ২ অলংকার, ভূষণ (*প্রতিমার সাজ*)। ৩ উপকরণ (*সাজসরঞ্জাম*)।

সাজগোজ /শাজ্‌গোজ/ [বা.] বি. সাজসজ্জা, বেশভূষা; পারিপাট্য।

সাজঘর /শাজ্‌ঘর্‌/ [বা.] বি. রঙ্গালয়ে অভিনেতা অভিনেত্রীদের সাজগোজ ও প্রসাধনের ঘর, green room।

সাজন্ত/শাজন্‌তো/ [বা. সাজ+স. অন্ত] বিণ. উপযুক্ত, মানানসই। ২ শোভিত, সজ্জিত।

সাজপোশাক /শাজ্‌পোশাক্‌/ [বা. সাজ+ফা. পোশাক] বি. বেশভূষা, পোশাক-পরিচ্ছদ।

সাজসজ্জা /শাজ্‌শজ্‌জা/ [বা. সাজ+স. সজ্জা] বি. সাজগোজ, বেশভূষা।

সাজসরঞ্জাম /শাজ্‌শরোন্‌জাম্‌/ [বা. সাজ+ফা. সরঞ্জাম] বি. ১ পোশাক ও প্রসাধনদ্রব্য। ২ কোনো কাজের প্রয়োজনীয় উপকরণসমূহ।

সাজশ /শাজোশ্‌/ [ফা. সাজিশ >] বি. নীতিবহির্ভূত কর্মে পরস্পর সহযোগিতা, ষড়যন্ত্র (*যোগসাজশ*)।

সাজা[১] /শাজা/ [ফা.] বি. অপরাধের দণ্ড, শাস্তি (*সাজাপ্রাপ্ত আসামি*)।

সাজা[২] /শাজা/ [স. সজ্জা >] ক্রিবি. ১ সজ্জিত হওয়া, পোশাক-পরিচ্ছদ পরিধান করা। ২ কপট রূপ ধারণ করা (*সাধু সাজা*)। ৩ মানানো, শোভা পাওয়া (*তোমার মুখে এ কথা সাজে না*)।

সাজা[৩] /শাজা/ [বা.] ক্রিবি. বিভিন্ন দ্রব্য সহযোগে প্রস্তুত করা (*তামাক সাজা*)। বিণ. বিভিন্ন দ্রব্য সহযোগে তৈরি করা হয়েছে এমন (*সাজা পান*)।

সাজাত্য /শাজাত্‌তো/ [স. সজাতি+য] বি. এক জাতীয়তা, সমরূপতা, একধর্মিতা (*সাজাত্যবোধ*)।

সাজানো /শাজানো/ [বা.] ক্রিবি. ১ পোশাক-পরিচ্ছদ পরানো (*কনে সাজানো*)। ২ পরিপাটি করা, গোছানো (*ঘর সাজানো*)। বিণ. ১ সুবিন্যস্ত; সজ্জিত (*সাজানো বাগান*)। ২ মিথ্যা ও কপটতা-মিশ্রিত (*সাজানো সাক্ষী*)।

সাজি /শাজি/ [দেশি.] বি. ফুল রাখার ডালা, টুকরি (*ফুলের সাজি*)।

সাজিমাটি /শাজিমাটি/ [স. সর্জি >] বি. ক্ষার-জাতীয় মাটিবিশেষ।

www.pathagar.com

সাজো /শাজো/ [স. সদ্য >] বিণ. বাসি নয় এমন (*সাজো কাপড়*), টাটকা, তাজা।

সাজো কাপড় /শাজো কাপোড়/ বি. সদ্য পরিষ্কার করা হয়েছে এমন কাপড়।

সাজোয়াল /শাজোআল্/ [বা.] বি. ১ তহসিলদার, রাজস্ব আদায়কারী। ২ বর্মপরিহিত রাজকর্মচারী।

সাটিন /স্যাটিঃন্/ [ই.] বি. মিহি ও মসৃণ রেশমি কাপড়বিশেষ, satin।

সাড় /শাড়্/ [বা.] বি. চেতনা, অনুভূতি, বাহ্যজ্ঞান।

সাড়া /শাড়া/ [বা.] বি. ১ ধ্বনি, আওয়াজ (*সাড়াশব্দ*)। ২ উত্তর (*ডাকে সাড়া দেওয়া*)। ৩ আলোড়ন; শোরগোল। ৪ হুঁশ, চেতনা, অনুভূতি।

সাড়াশব্দ /শাড়াশব্দো/ [বা. সাড়া+স. শব্দ] বি. ১ কথাবার্তা বা নড়াচড়ার শব্দ। ২ সচেতনতার লক্ষণসূচক ধ্বনি।

সাড়ে /শাড়ে/ [স. সার্ধ >] বিণ. অর্ধেকের সঙ্গে বর্তমান, অর্ধ-সহ (*সাড়ে তিন হাত লম্বা*)।

সাত /শাত্/ [স. সপ্তন্ >] বি. ৭ সংখ্যা। বিণ. ৭ সংখ্যক।

সাতই /শাতোই/ [বা.] বি. মাসের সপ্তম দিন বা ৭ তারিখ।

সাতকথা /শাত্কথা/ [বা. সাত+স. কথা] বি. নানা কথা।

সাত কাণ্ড রামায়ণ /শাত্ কান্ডো রামায়োন্/ বি. ১ সাত অধ্যায়ে বিভক্ত রামায়ণগ্রন্থ। ২ (আল.) বিরাট ব্যাপার, এলাহি কাণ্ড।

সাতকাহন /শাত্কাহোন্/ [বা.] বিণ. ১ ষোলো পণ-সংখ্যক অর্থাৎ ৭ × ১২৮০=৮৯৬০টি। ২ (আল.) অসংখ্য; অন্তহীন।

সাতখুন মাপ /শাত্খুন্ মাপ্/ বি. গুরুতর অপরাধ সত্ত্বেও শাস্তির পরিবর্তে অতিরিক্ত প্রশ্রয়দান।

সাতচল্লিশ /শাত্চোল্লিশ্/ [স. সপ্তচত্বারিংশৎ >] বি. ৪৭ সংখ্যা। বিণ. ৪৭ সংখ্যক।

সাত তাড়াতাড়ি /শাত্ তাড়াতাড়ি/ ক্রিবিণ. ১ ব্যতিব্যস্ত হয়ে; অগ্রপশ্চাৎ বিবেচনা না করে। ২ অতি দ্রুত, খুব শীঘ্র।

সাততা /শাতোত্তো/ [স. সতত+য] বি. বিরাম-হীনতা, নিরন্তরতা।

সাতনর /শাত্নর্/ [বা.] বিণ. বি. দ্র সাতনরি।

সাতনরি /শাত্নোরি/ [বা.] বিণ. সাত লহর বা প্যাঁচ বিশিষ্ট (*সাতনরি হার*)। বি. সাত প্যাঁচওয়ালা কণ্ঠহার।

সাতনলা /শাত্নলা/ [বা.] বিণ. পরপর সাতটি গুলি ছোড়া যায় এমন (*সাতনলা বন্দুক*)।

সাতপাঁচ /শাত্পাঁচ্/ [বা.] বিণ. ১ নানাপ্রকার, বিবিধ। ২ এলোমেলো, অসংলগ্ন। বি. ১ নানা বিষয়। ২ অগ্রপশ্চাৎ (*সাতপাঁচ ভাবা*)।

সাতপাক /শাত্পাক্/ [বা.] বি. হিন্দুবিবাহে অগ্নিকে সাক্ষী রেখে বরকনের সাতবার পাক খাওয়ার সংস্কারবিশেষ (*সাতপাকে বাঁধা*)।

সাতপুরুষ /শাত্পুরুশ্/ [বা. সাত+স. পুরুষ] বি. বংশানুক্রমে ঊর্ধ্বতন সাতটি প্রজন্ম।

সাতমহলা /শাত্মহোলা/ [বা.] বিণ. সাতটি মহল-বিশিষ্ট (*সাতমহলা প্রাসাদ*)।

সাতষট্টি /শাত্শোট্টি/ [স. সপ্তষষ্টি >] বি. ৬৭ সংখ্যা। বিণ. ৬৭ সংখ্যক।

সাতসকাল /শাত্শকাল্/ [বা. সাত+স. সকাল] বি. খুব সকাল। ক্রিবিণ. (আল.) অতি দ্রুত, তাড়াতাড়ি।

সাতসতেরো /শাত্শতেরো/ [বা.] বি. ১ নানারকম কথা। ২ বিবিধ উপকরণ।

সাতসমুদ্দুর /শাত্শোমুদ্দুর্/ [বা.] বি. 'সাতসমুদ্র'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

সাতসমুদ্র /শাত্শোমুদ্রো/ [বা. সাত+স. সমুদ্র] বি. রূপকথায় বর্ণিত সাত সাগর। বিণ. (আল.) অত্যন্ত দূরবর্তী।

সাতা /শাতা/ [বা.] বি. সাত ফোঁটাযুক্ত তাস।

সাতাত্তর /শাতাত্তোর্/ [স. সপ্তসপ্ততি >] বি. ৭৭ সংখ্যা। বিণ. ৭৭ সংখ্যক।

সাতান্ন /শাতান্নো/ [স. সপ্তপঞ্চাশৎ >] বি. ৫৭ সংখ্যা। বিণ. ৫৭ সংখ্যক।

সাতাশ /শাতাশ্/ [স. সপ্তবিংশতি >] বি. ২৭ সংখ্যা। বিণ. ২৭ সংখ্যক।

সাতাশি /শাতাশি/ [স. সপ্তাশীতি >] বি. ৮৭ সংখ্যা। বিণ. ৮৭ সংখ্যক।

সাতাশে /শাতাশে/ [বা.] বি. মাসের ২৭ তারিখ বা ওই দিন।

সাতিশয় /শাতিশয়্/ [স. স+অতিশয়] বিণ. খুব বেশি, অত্যধিক।

সাত্বত /শাত্ততো/ [স. সত্বৎ+অ] বি. ১ বিষ্ণু, নারায়ণ। ২ বলরাম।

সাত্ত্বিক /শাত্তিক্/ [স. সত্ত্ব+ইক] বিণ. ১ সত্ত্বগুণ-সম্পর্কিত। ২ সত্ত্বগুণজাত। ৩ সত্ত্বগুণযুক্ত। ৪ ফলাকাঙ্ক্ষাশূন্য। ৫ সাধু; শান্ত (*সাত্ত্বিক লোক*)। ৬ আড়ম্বরহীন। ৭ নিরামিষ (*সাত্ত্বিক ভোজন*)।

সাত্ত্বিকভাব /শাত্তিক্ভাব্/ [স. সাত্ত্বিক+√ভূ+অ] বি. অন্তঃকরণের অষ্টবিধ ভাব (স্তম্ভ স্বেদ রোমাঞ্চ

www.pathagar.com

কম্প স্বরভঙ্গ বিবর্ণতা অশ্রু ও মূর্ছা)।

সাত্যকি /শাত্তোকি/ [স. সত্যক+ই] বি. মহাভারতে বর্ণিত শ্রীকৃষ্ণের সারথি, বৃষ্ণিবংশীয় ক্ষত্রিয়বিশেষ।

সাথ /শাথ্/ [আঞ্চ.] বি. সঙ্গ। অব্য. অনু. সঙ্গে, সহিত।

সাথি /শাথি/ [বা.] বি. সঙ্গী, সহচর।

সাথে /শাথে/ [বা.] অব্য. ক্রিবিণ. সঙ্গে, সহিত।

সাদ /শাদ্/ [স. √সাদি+অ] বি. ১ আলস্য, অবসন্নতা। ২ হিংসা; বিবাদ।

সাদন /শাদোন্/ [স. √সাদি+অন] বি. ধ্বংস, বিনাশ; উচ্ছেদ (*উৎসাদন*)।

সাদর /শাদোর্/ [স. সহ+আদর] বিণ. সযত্ন; প্রীতিপূর্ণ (*সাদর সংবর্ধনা*)।

সাদা /শাদা/ [ফা.] বিণ. ১ শ্বেত, শুভ্র; শ্বেতকায়। ২ সরল, অকপট। ৩ অলংকারহীন। ৪ অলিখিত (*সাদা কাগজ*)। ৫ সহজ, স্পষ্ট।

সাদাকথা /শাদাকথা/ [ফা. সাদা+স. কথা] বি. সরল এবং স্পষ্ট কথা।

সাদা-কালো /শাদাকালো/ [ফা. সাদা+বা. কালো] বিণ. ১ সাদা ও কালো; রঙিন নয় এমন (*সাদাকালো ছবি*)। ২ অস্পষ্টতা নেই এমন।

সাদাচামড়া /শাদাচামড়া/ [ফা. সাদা+বা. চামড়া] বিণ. শ্বেতাঙ্গ। বি. শ্বেতাঙ্গ মানুষ।

সাদাটে /শাদাটে/ [ফা. সাদা >] বিণ. সাদার ভাবযুক্ত।

সাদামাটা /শাদামাটা/ [ফা. সাদা >] বিণ. 'সাদামাঠা'-র চলিত রূপ।

সাদামাঠা /শাদামাঠা/ [ফা. সাদা >] বিণ. ১ আড়ম্বরহীন; বৈচিত্র্যহীন ও সাধারণ। ২ নিরাভরণ।

সাদাসাপটা /শাদাশাপ্টা/ [ফা. সাদা+দেশি. সাপটা] বিণ. সাদামাটা, বৈচিত্র্যহীন।

সাদাসিধা /শাদাশিধা/ [ফা. সাদা+বা. সিধা] বিণ. ১ স্পষ্ট। ২ অকপট, সরল। ৩ আড়ম্বরহীন।

সাদাসিধে /শাদাশিধে/ [ফা. সাদা+বা. সিধে] বিণ. 'সাদাসিধা'-র কথ্য রূপ।

সাদি /শাদি/ [স. √সদ্+ই] বিণ. ১ অশ্বারোহী। ২ গজারোহী। ৩ রথারোহী। ৪ আরোহী। বি. সারথি।

সাদিক /সাদিক্/ [আ.] বিণ. ১ সত্যবাদী। ২ বিশ্বস্ত।

সাদিত /শাদিতো/ [স. √সাদি+ত] বিণ. ধ্বংসপ্রাপ্ত।

সাদৃশ্য /শাদৃশ্যো/ [স. সদৃশ+য] বি. ১ তুল্যতা, অনুরূপতা, একরূপতা। ২ আলেখ্য, চিত্র।

সাধ /শাধ্/ [স. শ্রদ্ধা >] বি. ১ ইচ্ছা, আকাঙ্ক্ষা, স্পৃহা। ২ শখ। ৩ স্বেচ্ছা। ৪ গর্ভবতী নারীকে তাঁর ইচ্ছানুযায়ী বিভিন্ন খাদ্য পরিবেশনের সংস্কার, দোহদ।

সাধ-আহ্লাদ /শাধ্আল্হাদ্/ [বা. সাধ+স. আহ্লাদ] বি. ইচ্ছা, অভিলাষ, কামনা।

সাধক /শাধক্/ [স. √সাধ্+অক] বিণ. ১ সাধনাকারী, আরাধক, উপাসক। ২ সম্পাদনকারী। ৩ সহায়ক। স্ত্রী. সাধিকা /শাধিকা/।

সাধন /শাধোন্/ [স. √সাধ্+অন] বি. ১ উপাসনা, আরাধনা। ২ উপায়, সহায়। ৩ যার দ্বারা কাজ সম্পন্ন হয়। ৪ সম্পাদন, নিষ্পাদন। ৫ সাফল্য।

সাধনপ্রক্রিয়া /শাধোন্প্রোক্রিআ/ [স. সাধন+প্রক্রিয়া] বি. উপাসনার রীতি বা পদ্ধতি।

সাধনমার্গ /শাধোন্মার্গো/ [স. সাধন+মার্গ] বি. আরাধনার পথ, ভক্তির পথ।

সাধনা /শাধোনা/ [স. √সাধি+অন+আ (টাপ্)] বি. ১ আরাধনা। ২ চেষ্টা, প্রয়াস; অভ্যাস। ৩ মিনতি। ৪ ব্রত। ৫ সিদ্ধি। ৬ (বাংলায়) উপাসনার বিষয়।

সাধনীয় /শাধোনিয়ো/ [স. √সাধি+অনীয়] বিণ. ১ সাধনার উপযুক্ত। ২ নিষ্পাদনযোগ্য। ৩ আরাধ্য।

সাধভক্ষণ /শাধ্ভোক্খোন্/ [বা. সাধ+স. ভক্ষণ] বি. গর্ভিণীর ইচ্ছানুযায়ী আহার্য গ্রহণ।

সাধর্ম্য /শাধোর্মো/ [স. সধর্মন্+য] বি. ১ সমধর্মিতা। ২ সমরূপতা, সাদৃশ্য।

সাধা /শাধা/ [বা.] ক্রিবি. ১ সম্পাদন বা সাধন করা। ২ সাধনা করা। ৩ চর্চা বা অনুশীলন করা (*গলা সাধা*)। ৪ সফল বা পূর্ণ করা। ৫ ঘটানো (*বাদ সাধা*)। ৬ অনুরোধ করা (*খাবার সাধা*)। ৭ (ব্যা.) সূত্রদ্বারা ব্যুৎপত্তি নির্দেশ করা (*শব্দ সাধা*)। বিণ. ১ চর্চা বা অনুশীলন দ্বারা পরিমার্জিত। ২ যাচিত, অনুরোধকৃত (*সাধা অন্ন*)।

সাধানো /শাধানো/ [বা.] ক্রিবি. অন্যকে দিয়ে অনুরোধ করানো।

সাধারণ /শাধারোন্/ [স. স+আধারণ] বিণ. ১ গতানুগতিক, বৈচিত্র্যহীন (*সাধারণ পোশাক*)। ২ সর্বজনীন (*সাধারণ গ্রন্থাগার*)। ৩ সামান্য। ৪ গুরুত্বহীন (*সাধারণ কথা*)। ৫ আবশ্যিক (*সাধারণ জ্ঞান*)। ৬ প্রতিষ্ঠান প্রভৃতির সকল সদস্যের অংশগ্রহণে হয় এমন (*সাধারণ সভা*)। বি. সকল নরনারী (*সাধারণের জন্য প্রযোজ্য*)।

সাধারণত /শাধারোনোতো/ [স. সাধারণ+তস্] অব্য. ক্রিবিণ. সচরাচর, প্রায়ই।

সাধারণতন্ত্র /শাধারোন্তন্ত্রো/ [স. সাধারণ+√তন্+ত্র]

www.pathagar.com

বি. নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা পরিচালিত রাষ্ট্র-শাসনব্যবস্থা বা ওই ব্যবস্থাযুক্ত রাষ্ট্র, republic।

সাধারণত্ব /শাধারোনোত্তো/ [স. সাধারণ+ত্ব] বি. ১ বৈচিত্র্যহীনতা। ২ নগণ্যতা। ৩ সর্বজনীনতা।

সাধারণধর্ম /শাধারোন্ধর্‌মো/ [স. সাধারণ+ধর্ম] বি. ১ সকল ধর্ম ও বর্ণের নরনারীর পালনীয় কর্তব্য। ২ বর্গের অন্তর্গত সকলের মধ্যে বিদ্যমান গুণ।

সাধারণ্য /শাধারোন্নো/ [স. সাধারণ+য] বি. ১ বৈচিত্র্যহীনতা। ২ সাধারণের ধর্ম। ৩ জনসাধারণ।

সাধাসাধি /শাধাশাধি/ [বা.] বি. পুনঃপুন অনুরোধ।

সাধিত /শাধিতো/ [স. √সাধি+ত] বিণ. ১ সম্পাদন করা হয়েছে এমন, সম্পাদিত। ২ প্রমাণসিদ্ধ।

সাধিত ধাতু /শাধিতো ধাতু/ বি. (ব্যা.) অন্য ধাতুর বা নাম শব্দাদির উত্তর প্রত্যয়যোগে যে ধাতু উৎপন্ন হয়।

সাধিত্র /শাধিত্রো/ [স. √সাধি+ত্র] বি. কর্মসম্পাদনের সহায়ক যন্ত্র, যন্ত্রপাতি।

সাধিষ্ঠ /শাধিশ্‌ঠো/ [স. সাধ+ইষ্ঠ] বিণ. ১ সাধুতম। ২ অত্যুৎকৃষ্ট। ৩ ন্যায্য।

সাধু /শাধু/ [স. √সাধ+উ] বিণ. ১ ধার্মিক, ধর্মপরায়ণ। ২ শিষ্ট, মার্জিত (*সাধু বাক্য*)। ৩ উত্তম। ৪ যথাযথ। বি. ১ ফকির, সন্ন্যাসী। ২ বণিক।

সাধুগিরি /শাধুগিরি/ [স. সাধু+ফা. গিরি] বি. সাধুতার ভান।

সাধুতা /শাধুতা/ [স. সাধু+তা] বি. ১ সততা। ২ সচ্চরিত্রতা।

সাধুপুরুষ /শাধুপুরুশ্‌/ [স. সাধু+পুরুষ] বি. ধর্মপরায়ণ ব্যক্তি।

সাধুবাদ /শাধুবাদ্‌/ [স. সাধু+√বদ্‌+অ] বি. প্রশংসা-বাদ, প্রশংসাসূচক শব্দ।

সাধুবৃত্ত /শাধুব্‌ত্তো/ [স. সাধু+√বৃৎ+ত] বি. সৎকাজ, পুণ্যকর্ম।

সাধুভাষা /শাধুভাশা/ [স. সাধু+√ভাষ্‌+অ+আ (টাপ্‌)] বি. বাংলা ভাষার মার্জিত ও লেখ্য রূপ।

সাধুশীল /শাধুশিল্‌/ [স. সাধু+√শীল্‌+অ] বিণ. সচ্চরিত্র, সৎপ্রকৃতিসম্পন্ন।

সাধুসংসর্গ /শাধুশংশর্‌গো/ [স. সাধু+সংসর্গ] বি. দ্র সাধুসঙ্গ।

সাধুসঙ্গ /শাধুশংগো/ [স. সাধু+সঙ্গ] বি. সৎ ব্যক্তির সান্নিধ্য বা সাহচর্য।

সাধুসন্ত /শাধুশন্তো/ [স. সাধু+বা. সন্ত] বি. সাধু ও সন্ন্যাসী।

সাধুসম্মত /শাধুশম্মতো/ [স. সাধু+সম্মত] বিণ. ১ ধর্মপরায়ণ ব্যক্তিবর্গের অনুমোদিত। ২ সমাজের বিদ্বজ্জন স্বীকৃত।

সাধু সাধু /শাধু শাধু/ অব্য. বি. প্রশংসাসূচক উক্তি, বাহবা।

সাধু সাবধান /শাধু শাবধান্‌/ (আল.) ভবিষ্যৎ বিপদ সম্পর্কে সাবধান থাকার সতর্কবাণী।

সাধে /শাধে/ [বা.] ক্রিবিণ. স্বেচ্ছায়।

সাধ্বস /শাদ্ধশ্‌/ [স. সাধু+√অস্‌+অ] বি. ১ সম্ভ্রম, মর্যাদা। ২ ভয়।

সাধ্বী /শাদ্‌ধি/ [স. সাধু+ঈ] বিণ. ১ সচ্চরিত্রা। ২ পতিব্রতা, সতী (*সাধ্বী নারী*)।

সাধ্য /শাদ্‌ধো/ [স. √সাধি+য] বিণ. ১ সাধনযোগ্য। ২ প্রতিবিধেয়। ৩ করণীয়, শক্য। ৪ সম্পাদ্য। বি. ১ সামর্থ্য। ২ ন্যায়শাস্ত্রে অনুমান করে নির্ণেয় বিষয়। ৩ (বাংলায়) শক্তি, ক্ষমতা (*সাধ্যের বাইরে*)।

সাধ্যতা /শাদ্‌ধোতা/ [স. সাধ্য+তা] বি. করতে পারার ক্ষমতা, সাধনযোগ্যতা।

সাধ্যপক্ষে /শাদ্‌ধোপোক্‌খে/ [স. সাধ্যপক্ষ+বা. এ] ক্রিবিণ. ক্ষমতানুযায়ী, যথাসাধ্য।

সাধ্যবহির্ভূত /শাদ্‌ধোবোহির্‌ভুতো/ [স. সাধ্য+বহির্ভূত] বিণ. সাধনের অযোগ্য, সাধ্যাতীত।

সাধ্যমতো /শাদ্‌ধোমতো/ [স. সাধ্য+বা. মতো] ক্রিবিণ. সাধ্যানুসারে।

সাধ্যসাধনা /শাদ্‌ধোশাধোনা/ [স. সাধ্য+√সাধি+অন+আ (টাপ্‌)] বি. অনুনয়-বিনয়, চেষ্টাচরিত্র।

সাধ্যাতিরিক্ত /শাদ্‌ধাতিরিক্‌তো/ [স. সাধ্য+অতি+√রিচ্‌+ত] বিণ. দ্র সাধ্যাতীত।

সাধ্যাতীত /শাদ্‌ধাতিতো/ [স. সাধ্য+অতীত] বিণ. সাধ্যের অতীত, অসাধ্য।

সাধ্যানুযায়ী /শাদ্‌ধানুজায়ি/ [স. সাধ্য+অনুযায়ী] ক্রিবিণ. যথাসাধ্য, ক্ষমতানুযায়ী।

সাধ্যানুরূপ /শাদ্‌ধানুরুপ্‌/ [স. সাধ্য+অনুরূপ] ক্রিবিণ. দ্র সাধ্যানুযায়ী।

সাধ্যানুসারে /শাদ্‌ধানুশারে/ [স. সাধ্যানুসার+বা. এ] ক্রিবিণ. দ্র সাধ্যানুযায়ী।

সানক /শানোক্‌/ [ফা. সহ্‌নক্‌ >] বি. চীনামাটি প্রভৃতির থালাবিশেষ।

সানকি /শান্‌কি/ [ফা. সহ্‌নক্‌ >] বি. মাটির ছোটো থালা।

সানগ্লাস /সান্‌গ্লাস্‌/ [ই.] বি. সূর্যের তীব্র উজ্জ্বলতা থেকে চোখের সুরক্ষার জন্য ব্যবহৃত হালকা রঙিন কাচ বা প্লাস্টিকের চশমাবিশেষ, আতপত্রাণ, রোদ-চশমা, sunglass।

www.pathagar.com

সানন্দ /শানন্‌দো/ [স. সহ+আনন্দ] বিণ. প্রফুল্ল, হর্ষযুক্ত; আহ্লাদিত। স্ত্রী. সানন্দা /শানন্‌দা/।

সানন্দচিত্ত /শানন্‌দোচিত্‌তো/ [স. সানন্দ+√চিৎ+ত] বিণ. প্রফুল্লচিত্ত, প্রসন্নচিত্ত।

সানন্দে /শানন্‌দে/ [স. সানন্দ+বা. এ] ক্রিবিণ. পরম আনন্দে, আনন্দের সঙ্গে।

সানাই /শানাই/ [ফা.] বি. ফুঁ দিয়ে বাজাতে হয় এমন দুটি রিড (reed) ও সাতটি স্বরছিদ্রযুক্ত ধুতুরাফুলসদৃশ নিচের দিকে ক্রমশ চওড়া হয়ে আসা বাঁশিজাতীয় বাদ্যযন্ত্র যা সচরাচর মঙ্গল অনুষ্ঠানে বাজানো হয়।

সানু /শানু/ [স. √সন+উ] বি. ১ পর্বতের উপরিস্থ সমতলস্থান, অধিত্যকা (*সানুদেশ*)। ২ চূড়া।

সানুকম্প /শানুকম্‌পো/ [স. সহ+অনুকম্প] বিণ. অনুকম্পাযুক্ত।

সানুগ্রহ /শানুগ্‌গ্রোহো/ [স. সহ+অনুগ্রহ] বিণ. ১ দয়া বা অনুগ্রহযুক্ত। ২ মিনতিপূর্ণ।

সানুজ /শানুজো/ [স. সহ+অনুজ] বিণ. ছোটো ভাইয়ের সঙ্গে, অনুজের সঙ্গে।

সানুদেশ /শানুদেশ্‌/ [স. সানু+দেশ] বি. পর্বতের অধিত্যকা।

সানুনয় /শানুনয়/ [স. সহ+অনুনয়] বিণ. ১ আন্তরিক, হৃদ্যতাপূর্ণ। ২ মিনতিপূর্ণ।

সানুনয়ে /শানুনয়ে/ [স. সানুনয়+বা. এ] ক্রিবিণ. অনুনয় করে, বিনীতভাবে, সবিনয়ে।

সানুনাসিক /শানুনাশিক্‌/ [স. সহ+অনুনাসিক] বিণ. নাসিকা থেকে উচ্চারিত, নাকিসুরযুক্ত।

সানুবন্ধ /শানুবন্‌ধো/ [স. সহ+অনুবন্ধ] বিণ. ১ সনির্বন্ধ। ২ অনুবন্ধযুক্ত।

সানুমান /শানুমান/ [স. সহ+অনুমান] বিণ. সানুবিশিষ্ট। বি. পাহাড়, পর্বত।

সানুরাগ /শানুরাগ/ [স. সহ+অনুরাগ] বিণ. অনুরাগযুক্ত; আগ্রহান্বিত।

সান্ত /শান্‌তো/ [স. সহ+অন্ত] বিণ. অন্ত আছে এমন, সসীম, finite।

সান্তর /শান্‌তর/ [স. সহ+অন্তর] বিণ. ১ ব্যবধান আছে এমন, ফাঁক ফাঁক। ২ সচ্ছিদ্র। ৩ কিছুক্ষণ পরপর ঘটে এমন।

সান্তরতা /শান্‌তরতা/ [স. সান্তর+তা] বি. ১ ব্যবধানযুক্ত অবস্থা। ২ সচ্ছিদ্রতা।

সান্তরায় /শান্‌তরায়/ [স. সহ+অন্তরায়] বিণ. প্রতিবন্ধ-সহ; প্রতিকূল।

সান্তরাল /শান্‌তরাল/ [স. সহ+অন্তরাল] বিণ. অন্তরাল বা ব্যবধানযুক্ত।

সান্তারা /সান্‌তারা/ [পো.] বি. কমলালেবু-জাতীয় ফলবিশেষ।

সান্ত্বন /শান্‌তন/ [স. √সান্ত্ব+অন] বি. দ্র সান্ত্বনা।

সান্ত্বনা /শান্‌তনা/ [স. সান্ত্বন+আ (টাপ্‌)] বি. আশ্বাস বা আশা দিয়ে শান্তকরণ, প্রবোধদান।

সান্ত্বিত /শান্‌তিতো/ [স. √সান্ত্ব+ত] বিণ. আশ্বাসপ্রাপ্ত।

সান্ত্রি /শান্‌ত্রি/ [ই. sentry >] বি. অননুমোদিত প্রবেশ রোধ করার উদ্দেশ্যে নিয়োজিত প্রহরী, রক্ষী (*সামনে রাইফেলধারী চারজন সান্ত্রি।* শহীদ.)।

সান্দীপনি /শান্‌দিপোনি/ [স. সন্দীপন+ই] বি. সন্দীপন মুনির পুত্র ও শ্রীকৃষ্ণের শিক্ষক।

সান্দ্র /শান্‌দ্রো/ [স. স+√অন্দ্‌+র] বিণ. ১ নিবিড়। ২ অবিচ্ছিন্ন। ৩ তরল ও গাঢ়। বি. অরণ্য, বন।

সান্ধা /শান্‌ধা/ [আঞ্চ.] ক্রিবি. ১ প্রবেশ করা। ২ পরানো। ৩ যোজনা করা।

সান্ধানো /শান্‌ধানো/ [বা.] ক্রিবি. প্রবেশ করানো।

সান্ধিবিগ্রহিক /শান্‌ধিবিগ্‌গ্রোহিক্‌/ [স. সন্ধিবিগ্রহ+ইক] বিণ. সন্ধি ও যুদ্ধ সংক্রান্ত।

সান্ধ্য /শান্‌ধো/ [স. সন্ধ্যা+অ] বিণ. ১ সন্ধ্যাকালীন, সন্ধ্যাবেলার। ২ সন্ধ্যাসম্পর্কিত।

সান্ধ্য আইন /শান্‌ধো আইন্‌/ বি. যে আইনবলে নির্দিষ্ট সময়ে (সচরাচর সন্ধ্যার পরে) জনসাধারণের বাড়ির বাইরে যাওয়া নিষিদ্ধ, curfew।

সান্নিধ্য /শান্‌নিদ্‌ধো/ [স. সন্নিধি+য] বি. সামীপ্য, নৈকট্য, নিকটবর্তিতা।

সান্নিপাতিক /শান্‌নিপাতিক্‌/ [স. সন্নিপাত+ইক] বিণ. বাত পিত্ত কফ এই ত্রিবিধ উপসর্গের সন্নিপাত বা মিলনজনিত।

সান্নিপাতিক জ্বর /শান্‌নিপাতিক্‌ জ্বর্‌/ বি. এককোষবিশিষ্ট জীবাণুবাহিত অন্ত্রের প্রদাহ-সহ সংক্রামক জ্বর, টাইফয়েড, typhoid।

সান্বয় /শান্‌নয়/ [স. সহ+অন্বয়] বিণ. ১ অন্বয়-সহ, অন্বয়যুক্ত। ২ সম্পর্কযুক্ত।

সাপ /শাপ্‌/ [স. সর্প >] বি. পেশি সংকোচন-প্রসারণের সাহায্যে বুকে ভর করে চলে এমন (বিষধর বা নির্বিষ) চেরা জিভবিশিষ্ট ডিম্বজ লম্বাটে মেরুদণ্ডী প্রাণী, সর্প, নাগ, ভুজঙ্গ। স্ত্রী. সাপিনি /শাপিনি/।

সাপখোপ /শাপ্‌খোপ্‌/ [বা.] বি. সাপ ও অনুরূপ সরীসৃপজাতীয় প্রাণী।

সাপট /শাপোট্‌/ [দেশি.] বি. ১ আস্ফালন; লম্ফঝম্ফ। ২ তাড়ন; তেজ।

www.pathagar.com

সাপটা/শাপ্‌টা/ [দেশি.] বিণ. ১ বিশেষত্বহীন, সাধারণ (*সাদাসাপটা*)। ২ সবসুদ্ধ। ক্রিবিণ. ভালোমন্দ বিচার না করে।

সাপটানো /শাপ্‌টানো/ [বা.] ক্রিবি. বিণ. জাপটে বা জড়িয়ে ধরা।

সাপত্ন[১] /শাপত্‌নো/ [স. সপত্নী+অ] বি. সতীনের সন্তান। বিণ. ১ সপত্নীজাত। ২ সপত্নীসম্বন্ধীয়।

সাপত্ন[২] /শাপত্‌নো/ [স. সপত্ন+অ] বি. ১ শত্রু। ২ শত্রুতা। বিণ. শত্রুসম্বন্ধীয়।

সাপরাধ /শাপোরাধ্‌/ [স. স+অপরাধ] বিণ. ১ অপরাধযুক্ত। ২ অপরাধী, দোষী।

সাপুড়িয়া /শাপুড়িআ/ [স. সর্পহার>] বি. দ্র সাপুড়ে।

সাপুড়ে /শাপুড়ে/ [স. সর্পহার >] বি. সাপ নিয়ে খেলা দেখানো বা সাপ ধরা যার পেশা।

সাপেক্ষ /শাপেক্‌খো/ [স. স+অপেক্ষা] বিণ. ১ অপেক্ষাযুক্ত। ২ অন্য কিছুর ওপর নির্ভরতা-সম্পন্ন (*সময়সাপেক্ষ*)।

সাপেক্ষানুমান /শাপেক্‌খানুমান্‌/ [স. সাপেক্ষ+অনুমান] বি. তর্কশাস্ত্রে যে দুটি বা ততোধিক সত্যের পারস্পরিক সম্বন্ধ বিচার করে প্রাপ্ত নতুন সত্য।

সাপে নেউলে /শাপে নেউলে/ বি. সাপ আর নেউলের সম্পর্কের মতো চিরবৈরিতার সম্পর্ক।

সাপ্তপদীন /শাপ্‌তোপোদিন্‌/ [স. সপ্তপদ+ঈন] বি. বিণ. ১ বন্ধুতা, মিত্রতা। ২ হিন্দুবিবাহে বরবধূর সাতবার যজ্ঞাগ্নি প্রদক্ষিণ।

সাপ্তাহান্তিক /শাপ্‌তাহান্‌তিক্‌/ [স. সপ্তাহান্ত+ইক] বিণ. সপ্তাহের শেষে ঘটে এমন।

সাপ্তাহিক /শাপ্‌তাহিক্‌/ [স. সপ্তাহ+ইক] বিণ. ১ সপ্তাহে একবার ঘটে এমন। ২ সপ্তাহসম্বন্ধীয়। বি. প্রতি সপ্তাহের বিশেষ দিনে প্রকাশিত পত্রিকা।

সাপ্তাহিকী /শাপ্‌তাহিকি/ [স. সাপ্তাহিক+ঈ] বি. প্রতি সপ্তাহের ঘটনা বা অনুষ্ঠানাদির বিবরণ।

সাফ /সাফ্‌/ [আ.] বিণ. ১ পরিষ্কৃত (*সাফসুতরা*)। ২ স্বচ্ছ, নির্মল। ৩ স্পষ্ট, খোলাখুলি (*সাফ জবাব*)। ৪ নিষ্কণ্টক (*সাফ কবালা*)। ৫ নিঃশেষ। ক্রিবিণ. অন্যের অজ্ঞাতে; বেমালুম।

সাফ করা /সাফ্‌ করা/ ক্রিবি. ১ আবর্জনাশূন্য করা, পরিষ্কার করা। ২ নিঃশেষ করা।

সাফল্য /শাফোল্‌লো/ [স. সফল+য] বি. সফলতা।

সাফল্যমণ্ডিত /শাফোল্‌লোমোন্‌ডিতো/ [স. সাফল্য+মণ্ডিত] বিণ. সফল।

সাফসুতরা /সাফ্‌সুতরা/ [আ. সাফ >] বিণ. পরিষ্কার-পরিচ্ছন্ন (*সাফসুতরা ঘর*)।

সাফাই /সাফ্‌াই্‌/ [ফা.] বি. ১ পরিষ্করণ। ২ দোষ-স্খালন।

সাফাই গাওয়া /সাফ্‌াই্‌ গাওয়া/ ক্রিবি. নিরপরাধ প্রমাণের জন্য যুক্তি প্রদর্শন করা।

সাফাইসাক্ষী /সাফ্‌াইসাক্‌খি/ [ফা. সাফাই >] বিণ. নির্দোষ প্রমাণের জন্য নিয়োজিত সাক্ষী।

সাবকাশ /শাবোকাশ্‌/ [স. সহ+অবকাশ] বিণ. অবকাশ আছে এমন, অবসরযুক্ত।

সাবড়া /শাব্‌ড়া/ [দেশি.] ক্রিবি. ধ্বংস বা বিনাশ করা।

সাবড়ানো /শাব্‌ড়ানো/ [বা.] ক্রিবি. ১ শেষ করা। ২ ধ্বংস বা বিনাশ করা।

সাবধান /শাব্‌ধান্‌/ [স. সহ+অবধান] বিণ. সতর্ক, হুঁশিয়ার। অব্য. (বাংলায়) সতর্ক হও।

সাবধানতা /শাব্‌ধানতা/ [স. সাবধান+তা] বি. সতর্কতা, হুঁশিয়ারি।

সাবধানি /শাব্‌ধানি/ [স. সাবধান >] বিণ. সাবধানতা অবলম্বন করে এমন, অতিরিক্ত সতর্ক, হুঁশিয়ার।

সাবন /শাবন্‌/ [স. সবন+অ] বি. ১ সূর্যোদয় থেকে পরবর্তী সূর্যোদয় পর্যন্ত ২৪ ঘণ্টা সময়, অহোরাত্র। ২ ত্রিশ অহোরাত্রযুক্ত মাস।

সাবমেরিন /সাব্‌মেরিন্‌/ [লা.] বি. জলে ডুবে চলে এমন যুদ্ধজাহাজ, ডুবোজাহাজ, submarine।

সাবমেরিন কেব্‌ল /সাব্‌মেরিন্‌ কেব্‌ল্‌/ বি. বিভিন্ন দেশ বা মহাদেশের মধ্যে টেলিযোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে সমুদ্রের তলদেশে স্থাপিত জল-নিরোধী তারবিশেষ, submarine cable।

সাবয়ব /শাবয়ব্‌/ [স. সহ+অবয়ব] বিণ. ১ অবয়ব-যুক্ত। ২ অঙ্গবিশিষ্ট।

সাবর্ণ /শাবর্‌নো/ [স. সবর্ণ+অ] বিণ. সমান বর্ণ-বিশিষ্ট। বি. পুরাণোক্ত দ্বিতীয় মনু।

সাবর্ণি /শাবোর্‌নি/ [স. সবর্ণা+ই] বি. পুরাণোক্ত সূর্যপত্নী সবর্ণার গর্ভজাত পুত্র ও অষ্টম মনু।

সাবলীল /শাবোলিল্‌/ [স. সহ+অবলীলা] বিণ. ১ প্রাঞ্জল, স্বচ্ছন্দ, অনায়াস। ২ লীলায়িত (*সাবলীল ভঙ্গি*)। বি. সাবলীলতা /শাবোলিলতা/।

সাবশেষ /শাবোশেশ্‌/ [স. সহ+অবশেষ] বিণ. ১ অবশেষযুক্ত, অবশিষ্ট। ২ অসমাপ্ত।

সাবসর /শাবোশর্‌/ [স. সহ+অবসর] বিণ. অবসর আছে এমন।

সাবহিত /শাবোহিতো/ [স. সহ+অবহিত] বিণ. ১ জ্ঞাত। ২ (বাংলায়) সাবধান, সতর্ক।

সাবাড় /শাবাড়্‌/ [দেশি.] বিণ. ১ সমাপ্ত, শেষ। ২

www.pathagar.com

সম্পূর্ণ ব্যয়িত। ৩ বিনষ্ট।

সাবান /শাবান/ [আ. সাবুন >] বি. সোডা ক্ষার তেল চর্বি প্রভৃতি সহকারে উৎপন্ন ময়লা দূর করার দ্রব্যবিশেষ। তুল. শাবান (পৃ ১২৩০)।

সাবালক /শাবালোক্/ [বা.] বিণ. আঠারো বছরের অধিক বয়সী, বয়ঃপ্রাপ্ত, প্রাপ্তবয়স্ক। স্ত্রী. সাবালিকা /শাবালিকা/।

সাবিত্রী /শাবিত্রি/ [স. সবিতৃ+অ+ঈ] বি. ১ বেদ-মন্ত্রের উৎস, গায়ত্রী। ২ ব্রহ্মাপত্নী। ৩ পুরাণোক্ত সূর্যের অধিষ্ঠাত্রী দেবী। ৪ দেবী দুর্গা। ৫ পুরাণোক্ত সত্যবানের পত্নী।

সাবিত্রীপতিত /শাবিত্রিপোতিতো/ [স. সাবিত্রী+পতিত] বিণ. যথাসময়ে উপনয়ন হয়নি এমন।

সাবিত্রীব্রত /শাবিত্রিব্রোতো/ [স. সাবিত্রী+ব্রত] বি. জ্যৈষ্ঠমাসের কৃষ্ণা চতুর্দশী তিথিতে নারীর পালনীয় ব্রতবিশেষ।

সাবু /শাবু/ [পো.] বি. রোগীর পথ্য বা খাদ্যরূপে ব্যবহৃত তালজাতীয় বৃক্ষকাণ্ডের মজ্জা থেকে তৈরি দানাদার পালোবিশেষ, সাগু।

সাবুত /শাবুত্/ [ফা.] বি. প্রমাণ (*সাক্ষীসাবুত*)। বিণ. প্রমাণ করা হয়েছে এমন, প্রমাণীকৃত।

সাবুদ /শাবুদ্/ [ফা. সাবুত >] বি. বিণ. দ্র সাবুত।

সাবেক /শাবেক্/ [আ. সাবিক >] বিণ. প্রাচীন, পুরাতন, পূর্বেকার।

সাবেকি /শাবেকি/ [আ. সাবিক >] বিণ. পূর্বকালের, সেকেলে; সনাতন।

সাব্যস্ত /শাব্‌বোস্‌তো/ [স. সব্যবস্থ >] বিণ. নিরূপিত; স্থিরীকৃত, নির্ধারিত; বিবেচিত।

সাভিনিবেশ /শাভিনিবেশ্/ [স. সহ+অভিনিবেশ] বিণ. মনোযোগ সহকারে; অভিনিবেশযুক্ত।

সাভিলাষ /শাভিলাশ্/ [স. সহ+অভিলাষ] বিণ. ইচ্ছুক, আগ্রহী, অভিলাষী।

সাম[১] /শাম্/ [স. √সো+মন্] বি. চতুর্বেদের অন্যতম, সামবেদ, সামগান।

সাম[২] /শাম্/ [স. √সাম্+অন্] বি. ১ তোষণ, শত্রুকে সন্তুষ্ট বা বশীভূতকরণ। ২ সন্ধিস্থাপন, রাজনীতির উপায়বিশেষ।

সামগ্রিক /শামোগ্‌গ্রিক্/ [স. সমগ্র+ইক] বিণ. ১ সম্পূর্ণ (*সামগ্রিক চিত্র*)। ২ সম্পূর্ণভাবে কৃত।

সামগ্রী /শামোগ্‌গ্রি/ [স. সমগ্র+অ+ঈ] বি. ১ সমূহ (*খাদ্যসামগ্রী*)। ২ (বাংলায়) প্রয়োজনীয় জিনিস (*বিবিধ সামগ্রী*)।

সামগ্র্য /শামোগ্‌গ্রো/ [স. সমগ্র+য] বি. ১ সম্পূর্ণতা, সাকল্য। ২ ভান্ডার। ৩ দ্রব্য, বস্তু।

সামঞ্জস্য /শামোন্‌জোশ্‌শো/ [স. সমঞ্জস+য] বি. ১ সমীচীনতা, উপযুক্ততা। ২ মিল, সংগতি (*সামঞ্জস্য বিধান*)।

সামঞ্জস্যপূর্ণ /শামোন্‌জোশ্‌শোপুরনো/ [স. সামঞ্জস্য +পূর্ণ] বিণ. সামঞ্জস্য বা সংগতি আছে এমন।

সামঞ্জস্যহীন /শামোন্‌জোশ্‌শোহিন্/ [স. সামঞ্জস্য +√হা+ত] বিণ. সামঞ্জস্য বা মিল নেই এমন।

সামনাসামনি /শাম্‌নাশাম্‌নি/ [বা.] বিণ. ১ মুখোমুখি। ২ সম্মুখবর্তী। ক্রিবিণ. সম্মুখে, সামনে।

সামনে /শাম্‌নে/ [বা.] ক্রিবিণ. সম্মুখে।

সামন্ত /শামোন্‌তো/ [স. সমন্ত+অ] বি. ১ ইংরেজ শাসকের অধীনস্থ করদ নৃপতি। ২ মোড়ল (*কোনো সামন্তের নামে কোনদিন রচিনি শ্লোকে* মাহমুদ.)। ৩ প্রতিবেশী। ৪ পদবিবিশেষ।

সামন্ততন্ত্র /শামোন্‌তোতন্‌ত্রো/ [স. সামন্ত+√তন্+ত্র] বি. সামন্তদের পরিচালিত শাসনব্যবস্থা; সামন্ত-প্রথা; feudal system।

সামন্তবাদ /শামোন্‌তোবাদ্/ [স. সামন্ত+√বদ্+অ] বি. সামন্তশাসনের মতবাদ।

সামন্তবাদী /শামোন্‌তোবাদি/ [স. সামন্ত+√বদ্+ইন্] বিণ. সামন্তবাদের অনুসারী।

সাময়িক /শাময়িক্/ [স. সময়+ইক] বিণ. ১ কখনো কখনো ঘটে এমন। ২ ক্ষণস্থায়ী, অল্পকালস্থায়ী (*সাময়িক ঘাটতি*)। ৩ সময়োচিত; সময়ের উপযুক্ত।

সাময়িকী /শাময়িকি/ [স. সাময়িক+ঈ] বি. সাম-সময়িক ঘটনাবলি বা প্রসঙ্গসম্পর্কিত পত্রিকা।

সামরিক /শামোরিক্/ [স. সমর+ইক] বিণ. ১ যুদ্ধ-বিষয়ক। ২ যুদ্ধের উপযুক্ত। ৩ যুদ্ধকালীন। ৪ যুদ্ধবাজ; রণদক্ষ।

সামরিক অভ্যুত্থান /শামোরিক্ ওব্‌ভুত্‌থান্/ বি. সামরিক বাহিনী কর্তৃক অবৈধভাবে রাষ্ট্রীয় ক্ষমতা দখল।

সামরিক আইন /শামোরিক্ আইন্/ বি. যুদ্ধ চলাকালে প্রযোজ্য আইন।

সামর্থ্য /শামোর্‌থো/ [স. সমর্থ+য] বি. ১ সক্ষমতা, যোগ্যতা। ২ শক্তি, বল।

সামলানো /শাম্‌লানো/ [বা.] ক্রিবি. ১ সংবরণ করা (*লোভ সামলানো*)। ২ রোধ করা। ৩ সংযত করা

www.pathagar.com

(*মুখ সামলানো*)। ৪ তত্ত্বাবধান করা (*ঘর সামলানো*)। ৫ কাটিয়ে ওঠা (*বিপদ সামলানো*)। ৬ সতর্কতা অবলম্বন করা (*সামলে চলা*)।

সামসময়িক /শামোশময়িক্/ [স. সমসময়+ইক] বিণ. সমকালীন; 'সমসাময়িক' শব্দের শুদ্ধ ও অপ্রচলিত রূপ।

সামসময়িকতা /শামোশময়িকতা/ [স. সামসময়িক +তা] বি. একই সময়ে বিদ্যমানতা।

সামাজিক /শামাজিক্/ [স. সমাজ+ইক] বিণ. ১ সমাজবদ্ধ (*সামাজিক জীব*)। ২ সমাজস্বীকৃত (*সামাজিক রীতিনীতি*)। ৩ সমাজসম্বন্ধীয় (*সামাজিক সমস্যা*)। ৪ মিশুক। ৫ সভ্য; সদস্য।

সামাজিকতা /শামাজিকতা/ [স. সামাজিক+তা] বি. ১ সামাজিক ব্যবহার বা ভাব। ২ সভ্যতা। ৩ (বাংলায়) সমাজে প্রচলিত প্রথা অনুযায়ী ক্রিয়াকর্মে প্রদেয় উপঢৌকনাদি; লৌকিকতা।

সামান্তরিক /শামান্তোরিক্/ [স. সমান্তর+ইক] বি. (জ্যা.) দুইজোড়া সমান্তরাল রেখা দিয়ে ঘেরা ক্ষেত্র, parallelogram।

সামান্য /শামান্নো/ [স. সমান+য] বিণ. ১ অল্প। ২ সাধারণ, বৈশিষ্ট্যহীন। ৩ তুচ্ছ, গুরুত্বহীন। বি. ১ সাধর্ম্য। ২ অর্থালংকারবিশেষ।

সামান্যত /শামান্নোতো/ [স. সামান্য+তস্] অব্য. ক্রিবিণ. সাধারণত, সাধারণভাবে।

সামান্যা /শামান্না/ [স. সামান্য+আ (টাপ্)] বিণ. তুচ্ছ (*নহি দেবী, নহি সামান্যা নারী।* রবীন্দ্র.)।

সামাল /শামাল্/ [বা.] বি. ১ রক্ষা; রোধ। ২ সংবরণ। অব্য. সাবধান করার সংকেত।

সামাল দেওয়া /শামাল্ দেওআ/ ক্রিবি. সামলানো।

সামীপ্য /শামিপ্পো/ [স. সমীপ+য] বি. নৈকট্য, সান্নিধ্য।

সামুদ্র /শামুদ্দ্রো/ [স. সমুদ্র+অ] বি. হাতের রেখা ও অন্যান্য চিহ্নদ্বারা শুভাশুভ নির্ণয়ের কল্পিত শাস্ত্র। বিণ. ১ সমুদ্রজাত। ২ সামুদ্রশাস্ত্র-ব্যবসায়ী। ৩ সমুদ্রসম্পর্কিত।

সামুদ্রক /শামুদ্দ্রোক্/ [স. সমুদ্র+ক (স্বার্থে)] বি. ১ সামুদ্রিক লবণ। ২ ঋষি সমুদ্র প্রণীত গ্রন্থবিশেষ।

সামুদ্রকবিদ্যা /শামুদ্দ্রোক্‌বিদ্দা/ [স. সামুদ্রক+ বিদ্যা] বি. দেহচিহ্নবিষয়ক কল্পিত শাস্ত্র।

সামুদ্রবিদ্যা /শামুদ্দ্রোবিদ্দা/ [স. সামুদ্র+বিদ্যা] বি. ১ সামুদ্রিক শাস্ত্র। ২ সামুদ্রিক শাস্ত্রবিষয়ক জ্ঞান।

সামুদ্রিক /শামুদ্দ্রিক্/ [স. সমুদ্র+ইক] বিণ. ১ সমুদ্রবিষয়ক। ২ সমুদ্রে জাত (*সামুদ্রিক মাছ*)।

সামূহিক /শামুহিক্/ [স. সমূহ+ইক] বিণ. সমষ্টিগত।

সাম্পান /শাম্পান্/ [চী. সাংপাং >] বি. বাংলাদেশের চট্টগ্রাম মিয়ানমার চীন প্রভৃতি অঞ্চলের নদী ও সমুদ্রের উপকূলে চলাচলকারী দাঁড়বিশিষ্ট ছোটো নৌকো।

সাম্প্রতিক /শাম্প্রোতিক্/ [স. সম্প্রতি+ইক] বিণ. আজকালকার, ইদানীন্তন (*সাম্প্রতিক ঘটনাবলি*)।

সাম্প্রদায়িক /শাম্প্রোদায়িক্/ [স. সম্প্রদায়+ইক] বিণ. ১ সম্প্রদায়সম্পর্কিত (*সাম্প্রদায়িক সম্প্রীতি*)। ২ সম্প্রদায়গত ভেদবুদ্ধিবিশিষ্ট, communal (*সাম্প্রদায়িক মনোভাব*)। ৩ পরম্পরাপ্রাপ্ত।

সাম্প্রদায়িকতা /শাম্প্রোদায়িকতা/ [স. সাম্প্রদায়িক +তা] বি. কোনো বিশেষ সম্প্রদায়ের প্রতি পক্ষপাতযুক্ত মনোভাব।

সাম্মানিক /শাম্মানিক্/ [স. সম্মান+ইক] বিণ. সম্মান-সূচক। বি. স্নাতক পর্যায়ে কোনো বিষয়ের বিশেষীকৃত পাঠক্রম, honours।

সাম্য /শাম্মো/ [স. সম+য] বি. ১ সমদর্শিতা। ২ সমতা, একতা (*গাহি সাম্যের গান— /মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান* নজরুল.)। ৩ সমরূপতা, সাদৃশ্য। ৪ ক্রোধাদিশূন্য নির্বিকার ভাব।

সাম্যবাদ /শাম্মোবাদ্/ [স. সাম্য+√বদ্+অ] বি. যে মতবাদ জাতিধর্মনির্বিশেষে রাষ্ট্রের সকল মানুষের সমান অধিকার নিশ্চিত করে, communism।

সাম্যবাদী /শাম্মোবাদি/ [স. সাম্য+√বদ্+ইন্] বিণ. সাম্যবাদের অনুসারী।

সাম্রাজ্য /শাম্রাজ্জো/ [স. সম্রাজ্+য] বি. সম্রাটের শাসনাধীন রাজ্যসমূহ।

সাম্রাজ্যবাদ /শাম্রাজ্জোবাদ্/ [স. সাম্রাজ্য+√বদ্ +অ] বি. সাম্রাজ্য সম্প্রসারণের নীতি; পররাজ্যের ওপর অধিকার বিস্তারের কূটকৌশল, imperialism।

সাম্রাজ্যবাদী /শাম্রাজ্জোবাদি/ [স. সাম্রাজ্য+√বদ্+ ইন্] বিণ. সাম্রাজ্যবাদের সমর্থক, imperialist।

সাযুজ্য /শাজুজ্জো/ [স. সযুজ্+য] বি. ১ মিল, সংযোগ। ২ পরমাত্মার সঙ্গে জীবাত্মার একাত্মতা।

সায়[১] /শায়্/ [স. √সো+অ] বি. ১ অবসান; বিরতি। ২ সন্ধ্যাবেলা। বিণ. (বাংলায়) সমাপ্ত, সাঙ্গ।

সায়[২] /শায়্/ [দেশি.] বি. সমর্থন, সম্মতি।

সায়ংকাল /শায়ংকাল্/ [স. সায়ম্+কাল] বি. দিনাবসানের কাল, গোধূলিলগ্ন।

সায়ংকালীন /শায়ংকালিন্/ [স. সায়ংকাল+ঈন] বিণ. ১ সন্ধ্যাবেলার। ২ সন্ধ্যাবেলাসম্বন্ধীয়।

www.pathagar.com

সায়ংকৃত্য /শায়ংকৃত্তো/ [স. সায়ম্+কৃত্য] বি. সন্ধ্যায় করণীয় কাজ বা উপাসনাদি।

সায়ংসন্ধ্যা /শায়োংশোন্ধা/ [স. সায়ম্+সন্ধ্যা] বি. সন্ধ্যাবেলার উপাসনা।

সায়ংসময় /শায়োংশময়/ [স. সায়ম্+সময়] বি. দ্র সায়ংকাল।

সায়ক /শায়োক্/ [স. √সো+অক] বি. ১ শর, বাণ। ২ খড়্গ।

সায়ন্তন /শায়োন্তন্/ [স. সায়ম্+তন] বিণ. সন্ধ্যা-কালীন, সন্ধ্যাবেলার।

সায়বানা /শায়্বানা/ [ফা.] বি. শামিয়ানা, চন্দ্রাতপ।

সায়মাশ /শায়োমাশ্/ [স. সায়ম্+√অশ্+অ] বি. সান্ধ্যভোজ।

সায়ম্ /শায়োম্/ [স. √সো+অম্] বি. সায়ংকাল, সন্ধ্যা।

সায়র /শায়োর্/ [স. সাগর >] বি. ১ সমুদ্র। ২ সরোবর।

সায়াহ্ন /শায়ান্নhো/ [স. সায়+অহন্+অ] বি. সন্ধ্যা, সাঁঝ।

সায়াহ্নকৃত্য /শায়ান্নhোকৃত্য/ [স. সায়াহ্ন+কৃত্য] বি. সন্ধ্যায় করণীয় নিত্যকর্ম, আহ্নিক।

সায়েব /শায়েব্/ [আ.] বি. 'সাহেব'-এর কথ্য রূপ।

সার[১] /শার্/ [স. সারি >] বি. পঙ্‌ক্তি, শ্রেণি।

সার[২] /শার্/ [স. √সৃ+অ] বি. ১ বৃক্ষের মজ্জা বা শাঁসবিশিষ্ট অংশ। ২ উৎকৃষ্ট অংশ। ৩ অবশিষ্ট অংশ (*কঙ্কালসার*)। ৪ মর্মার্থ (*সারাংশ*)। ৫ দুধের সর। ৬ জমির উর্বরতা বাড়ায় এমন পদার্থ, fertilizer। ৭ একমাত্র সম্বল (*কথাই সার*)। বিণ. শ্রেষ্ঠ, মূল (*সার কথা*)।

সারক /শারক্/ [স. √সৃ+ণিচ্+অক] বিণ. বিরেচক, জোলাপ।

সারকুঁড়/শারকুঁড়্/ [স. সার+বা. কুঁড়] বি. যেখানে গোবর পচিয়ে সার তৈরি করা হয়।

সারগর্ভ /শারোগর্ভো/ [স. সার+গর্ভ] বিণ. সারযুক্ত, মূল্যবান (*সারগর্ভ আলোচনা*)।

সারগাদা /শারগাদা/ [স. সার+বা. গাদা] বি. সার তৈরির জন্য স্তূপ করে রাখা গোবর; সারের স্তূপ।

সারগ্রাহী /শারোগ্রাহি/ [স. সার+√গ্রহ্+ইন্] বিণ. ১ উৎকৃষ্ট অংশ গ্রহণ করে এমন। ২ মর্মগ্রাহী।

সারঙ্গ[১] /শারংগো/ [স. √সৃ+অঙ্গ] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের বনাঞ্চলে বিচরণ করে এমন লালচে বাদামি লোমাবৃত দেহে সাদা বুটিদার চিহ্নযুক্ত মেদহীন দেহ ও বড়ো চোখবিশিষ্ট তৃণ-ভোজী দ্রুতগামী চতুষ্পদ প্রাণী, চিত্রা হরিণ।

সারঙ্গ[২] /শারংগো/ [ফা.] বি. নদীতে চলাচলকারী ইঞ্জিনচালিত জলযানের কর্ণধার, সারেং।

সারঙ্গিক /শারোংগিক্/ [স. √সৃ+অঙ্গ+ইক] বি. ব্যাধ, নিষাদ।

সারঙ্গী /সারোংগি/ [স. √সৃ+অঙ্গ+ঈ] বি. কণ্ঠ-সংগীতের অনুগামী বাদ্যরূপে ছড় দিয়ে বাজানো হয় এমন তারযন্ত্রবিশেষ, সারিন্দা।

সারণ /শারোন্/ [স. √সৃ+ণিচ্+অন] বি. ১ অপসারণ; চালন। ২ বিরেচক।

সারণি /শারোনি/ [স. √সারি+অণি] বি. ১ তালিকা, নির্ঘণ্ট, table (*সময়সারণি*)। ২ ছোটো নদী।

সারতরু /শার্তোরু/ [স. সার+তরু] বি. জমির উর্বরতা বাড়ায় এমন গাছ; কলাগাছ।

সারথি /শারোথি/ [স. √সৃ+ণিচ্+অথি] বি. ১ রথের চালক। ২ নেতা (*সাহিত্যসারথি*)। ৩ (ব্য.) গাড়িচালক।

সারথ্য /শারোত্থো/ [স. সারথি+য] বি. চালকের বৃত্তি।

সারদা /শারোদা/ [স. সার+√দা+অ+আ (টাপ্)] বি. ১ দেবী দুর্গা। ২ দেবী সরস্বতী। ৩ বীণাবিশেষ।

সারবত্তা /শারোবত্তা/ [স. সার+বা. বত্তা] বি. সারবিশিষ্টতা; শ্রেষ্ঠত্ব।

সারবন্দি /শার্বোন্দি/ [স. সার+ফা. বন্দি] বিণ. সারিবদ্ধ।

সারবান /শারোবান্/ [স. সার+বৎ] বিণ. ১ সারগর্ভ। ২ উৎকৃষ্ট। ৩ প্রসাদগুণসম্পন্ন।

সারমর্ম /শারমর্মো/ [স. সার+মর্ম] বি. মর্মার্থ, সারাংশ; শ্রেষ্ঠ অংশ।

সারমাটি /শারমাটি/ [স. সার+বা. মাটি] বি. যে মাটি জমির উর্বরতা বাড়ায়, সার মেশানো মাটি।

সারমেয় /শারোমেয়ো/ [স. সরমা+এয়] বি. অপরাধী শনাক্তকরণ গন্ধ শুঁকে মাদকদ্রব্য সন্ধান প্রভৃতি বিশেষায়িত কাজের জন্য প্রশিক্ষিত করা যায় এমন প্রখর ঘ্রাণশক্তিসম্পন্ন চতুষ্পদ মাংসাশী স্তন্যপায়ী মেরুদণ্ডী প্রাণী, কুকুর, কুত্তা। স্ত্রী. সারমেয়ী /শারোমেয়ি/।

সারলৌহ /শার্লোড়্হো/ [স. সার+লৌহ] বি. বিশেষ পদ্ধতিতে মৌলিক লোহার সঙ্গে সামান্য পরিমাণ কার্বন এবং ম্যাঙ্গানিজ ক্রোমিয়াম নিকেল প্রভৃতি ধাতুর মিশ্রণে উৎপাদিত কঠিনীকৃত উচ্চ ঘাতসহ লোহা, ইস্পাত, কাস্তিক, steel।

সারল্য /শারোল্লো/ [স. সরল+য] বি. সরলতা, অকপটতা।

www.pathagar.com

সারশূন্য /শার্‌শুন্‌নো/ [স. সার+শূন্য] বিণ. ১ অসার, মজ্জাহীন। ২ নিকৃষ্ট। ৩ তাৎপর্যহীন।

সারস /শারোশ্‌/ [স. সরস+অ] বি. জলাভূমিতে বিচরণ করে এমন লাল লম্বা পা ও সবুজাভ দীর্ঘ চঞ্চুবিশিষ্ট সাদা পালকাবৃত পরিযায়ী বড়ো পাখি। স্ত্রী. সারসী /শারোশি/।

সারসংক্ষেপ /শার্‌শংখেপ্‌/ [স. সার+সংক্ষেপ] বি. সংক্ষেপে মূল বিষয়বস্তুর ব্যাখ্যা-সহ বর্ণনা, সারাংশ; (পরি.) executive summary।

সারসংগ্রহ /শার্‌শংগ্রোহো/ [স. সার+সংগ্রহ] বি. তাৎপর্য গ্রহণ।

সারসন /শারোশন্‌/ [স. সার+√সন্‌+অ] বি. ১ চন্দ্রহার প্রভৃতি কটিভূষণ; কটিবন্ধ।

সারস্বত /শারোশ্‌শত্‌/ [স. সরস্বতী+অ] বি. ১ শিল্প সাহিত্য বিজ্ঞান প্রভৃতির চর্চা ও গবেষণার কেন্দ্র। ২ বেলগাছের লাঠি। ৩ সম্প্রদায়বিশেষ। বিণ. ১ দেবী সরস্বতী বা বিদ্যাসম্বন্ধীয় (*সারস্বত সাধনা*)। ২ বিদ্বান, পণ্ডিত।

সারস্বত সমাজ /শারোশ্‌শত্‌ শমাজ্‌/ বি. বিদ্বজ্জনের সমাজ।

সারস্বত সাধনা /শারোশ্‌শত্‌ শাধোনা/ বি. বিদ্যাচর্চা; জ্ঞানসাধনা।

সারহীন /শার্‌হিন্‌/ [স. সার+√হা+ত] বিণ. দ্র সার-শূন্য।

সারা[১] /শারা/ [স. সর্ব >] বিণ. সমগ্র, সম্পূর্ণ (*হেলা-ফেলা সারা বেলা একি খেলা আপন-সনে।* রবীন্দ্র.)।

সারা[২] /শারা/ [বা.] বিণ. ১ ক্লান্ত, অবসন্ন (*যাচ্ছে কারা রৌদ্রে সারা—* সত্যেন্দ্র.)। ২ আকুল; ব্যাকুল (*কেঁদে সারা*)। ৩ বিপদগ্রস্ত। ৪ শেষ।

সারা[৩] /শারা/ [বা.] ক্রিবি. ১ সঙ্গোপনে রাখা (*টাকা সারা*)। ২ সমাপ্ত বা সম্পাদন করা (*দায় সারা*)। ৩ পণ্ড করা (*দফা সারা*)। ৪ মেরামত করা (*সাইকেল সারা*)। ৫ আরোগ্যলাভ করা (*জ্বর সারা*)। বিণ. ১ লুক্কায়িত। ২ পণ্ড; দুর্দশাগ্রস্ত।

সারাই /শারাই/ [বা.] বি. মেরামতের কাজ; সংস্কার।

সারাংশ /শারাংশো/ [স. সার+অংশ] বি. মূল অংশ; শ্রেষ্ঠ অংশ।

সারাৎসার /শারাত্‌শার্‌/ [বা.] বি. শ্রেষ্ঠ অংশ।

সারানো /শারানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ মেরামত করানো (*ঘড়ি সারানো*)। ২ রোগমুক্ত করানো। ৩ সমাপ্ত করানো।

সারালো /শারালো/ [বা.] বিণ. ১ সারবিশিষ্ট। ২ মূল্যবান। ৩ গ্রহণযোগ্য।

সারি[১] /শারি/ [স. √সৃ+ণিচ্‌+ই] বি. পঙ্‌ক্তি।

সারি[২] /শারি/ [বা.] বি. মাঝিমাল্লাদের গানবিশেষ।

সারিগামা /শারিগামা/ [বা.] বি. স্বরগ্রামের সাতটি সুরের সংক্ষিপ্ত রূপ (সা-রে-গা-মা-পা-ধা-নি)।

সারিন্দা /শারিন্‌দা/ [স. সারঙ্গ >] বি. দ্র সারেঙ্গি।

সারিবদধ /শারিবদ্‌ধো/ [স. সারি+√বধ্‌+ত] বিণ. শ্রেণিবদ্ধ, সুশৃঙ্খল।

সারিবন্দি /শারিবোন্‌দি/ [স. সারি+ফা. বন্দি] বিণ. সারিবদ্ধ।

সারূপ্য /শারুপ্‌পো/ [স. সরূপ+য] বি. সমরূপতা, একরূপতা, সাদৃশ্য।

সারেং[১] /শারেং/ [ফা.] বি. নদীতে চলাচলকারী ইঞ্জিন-চালিত জলযানের কর্ণধার, সারঙ্গ।

সারেং[২] /শারেং/ [স. সারঙ্গ >] বি. দ্র সারেঙ্গি।

সারেগামা /শারেগামা/ বি. স্বরগ্রামের সাতটি সুরের সংক্ষিপ্ত রূপ (সা-রে-গা-মা-পা-ধা-নি)।

সারেঙ্গি /শারেংগি/ [স. সারঙ্গ >] বি. কণ্ঠ-সংগীতের অনুগামী বাদ্যরূপে ছড় দিয়ে বাজানো হয় এমন তারযন্ত্রবিশেষ, সারিন্দা।

সারোদ্ধার /শারোদ্‌ধার্‌/ [স. সার+উদ্ধার] বি. তাৎপর্য বা গূঢ় মর্ম উদ্ধার।

সার্কাস /শার্‌কাস্‌/ [ই.] বি. উন্মুক্ত প্রাঙ্গণে স্থাপিত বড়ো তাঁবুবিশেষ যেখানে মানুষ ও জীবজন্তুর ক্রীড়াকৌশল দেখানো হয়, circus।

সার্কিটভবন /শার্‌কিট্‌ভবোন্‌/ [ই. সার্কিট+স. ভবন] বি. নিজ কর্মস্থলের বাইরে পদস্থ সরকারি কর্ম-কর্তাদের অস্থায়ীভাবে থাকার অতিথিশালা; (পরি.) circuit house।

সার্চ লাইট /শার্‌চ্‌ লাইট্‌/ বি. যে-কোনো দিকে তাক করা যায় এমন তীব্র সন্ধানী আলো, search light।

সার্জন /শার্‌জন্‌/ [ই. surgeon] বি. ১ যে চিকিৎসক অস্ত্রোপচারের সাহায্যে চিকিৎসা করে, অস্ত্র-চিকিৎসক, শল্যচিকিৎসক, অস্ত্রচিকিৎসক। ২ সামরিক বাহিনীর চিকিৎসক।

সার্জেন্ট /শার্‌জেন্‌ট্‌/ [ই.] বি. পুলিশ বা সামরিক বাহিনীর মধ্যমানের কর্মকর্তার পদবি, sergeant।

সার্টিফিকেট /শার্‌টিফিকেট্‌/ [ই. certificate] বি. ১ শংসাপত্র। ২ প্রমাণপত্র। ৩ উপাধিপত্র।

সার্থ[১] /শার্‌থো/ [স. স+অর্থ] বিণ. ১ তাৎপর্যপূর্ণ, অর্থপূর্ণ। ২ ধনবান। বি. বণিকদল।

সার্থ[২] /শার্‌থো/ [স. √সৃ+থ] বি. ১ সঙ্গী, সাথি। ২

www.pathagar.com

সমূহ। ৩ পশুর পাল।

সার্থক /শার্থক্/ [স. স+অর্থ+কপ্] বিণ. ১ সফল (*সার্থক জনম আমার জন্মেছি এই দেশে।* রবীন্দ্র.)। ২ অর্থযুক্ত (*সার্থক রচনা*)। ৩ সুসম্পাদিত।

সার্থকতা /শার্থোকতা/ [স. সার্থক+তা] বি. ১ সফলতা (*কাজের সার্থকতা*)। ২ যুক্তিযুক্ততা।

সার্থকনামা /শার্থোক্নামা/ [স. সার্থক+নামন্] বিণ. প্রথিতযশা, যশস্বী।

সার্থবাহ /শার্থোবাহো/ [স. সার্থ+√বহ্+অ] বি. ১ একত্রগামী বণিকদল। ২ বণিক। ৩ পথপ্রদর্শক।

সার্ধ /শার্ধো/ [স. স+অর্ধ] বিণ. অর্ধ-সহ, এক এবং আধ, সাড়ে, দেড় (*সার্ধ শতবর্ষ*)।

সার্ধশত /শার্ধোশতো/ [স. সার্ধ+শত] বি. দেড় শত।

সার্ব /শার্বো/ [স. সর্ব+অ] বিণ. ১ সর্বসম্পর্কিত। ২ সকলের জন্য হিতকর।

সার্বকালিক /শার্বোকালিক্/ [স. সর্বকাল+ইক] বিণ. সর্বকালের; চিরন্তন, চিরস্থায়ী।

সার্বক্ষণিক /শার্বোক্খোনিক্/ [স. সর্বক্ষণ+ইক] বিণ. সর্বক্ষণের জন্য বিদ্যমান।

সার্বজনিক /শার্বোজোনিক্/ [স. সর্বজন+ইক] বিণ. সর্বজনের সঙ্গে সম্পর্কযুক্ত।

সার্বজনীন /শার্বোজোনিন্/ [স. সর্বজন+ঈন] বিণ. সকলের মধ্যে প্রবীণ বা জ্যেষ্ঠ; তুল. সর্বজনীন (পৃ১৩০৭)।

সার্বজাতিক /শার্বোজাতিক্/ [স. সর্বজাত+ইক] বিণ. সকল জাতিসম্বন্ধীয়; আন্তর্জাতিক।

সার্বত্রিক /শার্বোত্রিক্/ [স. সর্বত্র+ইক] বিণ. সর্বত্রব্যাপী।

সার্বদেশিক /শার্বোদেশিক্/ [স. সর্বদেশ+ইক] বিণ. সকল দেশের উপযোগী; সর্বদেশসম্বন্ধীয়।

সার্বভৌম /শার্বোভৌউমো/ [স. সর্বভূমি+অ] বিণ. ১ অবাধ (*সার্বভৌম কর্তৃত্ব*)। ২ বিশ্বখ্যাত। ৩ জগদ্-ব্যাপী। বি. ১ রাজচক্রবর্তী। ২ (বাংলায়) সংস্কৃত পণ্ডিতের উপাধিবিশেষ।

সার্বভৌমিক /শার্বোভৌউমিক্/ [স. সর্বভূমি+ইক] বিণ. ১ বিশ্বব্যাপী। ২ দেশকালের অতীত।

সার্বভৌমিকতা /শার্বোভৌউমিকতা/ [স. সর্বভূমি+ইক+তা] বি. সকল দেশ ও কালে ব্যাপ্তি।

সার্বরাষ্ট্রিক /শার্বোরাশ্ট্রিক্/ [স. সর্বরাষ্ট্র+ইক] বিণ. সকল রাষ্ট্র বা জাতি সম্বন্ধীয়।

সার্বলৌকিক /শার্বোলোউকিক্/ [স. সর্বলোক+ইক] বিণ. ১ সর্বজনসম্বন্ধীয়। ২ সর্বজনবিদিত।

সার্বিক /শার্বিক্/ [স. সর্ব+ইক] বিণ. সর্ববিষয়-সংক্রান্ত (*সার্বিক পরিস্থিতি*)।

সার্ষপ /শার্শপ্/ [স. সর্ষপ+অ] বিণ. ১ সরিষাজাত। ২ সরিষাসম্বন্ধীয়।

সাল /শাল্/ [ফা.] বি. অব্দ, বছর (*১৪০০ সাল*)।

সালংকার[১] /শালংকার্/ [স. সহ+অলংকার] বিণ. অলংকারসজ্জিত। স্ত্রী. সালংকারা /শালংকারা/।

সালংকার[২] /শালংকার্/ [স. সহ+অলংকার] বিণ. বাক্যালংকারযুক্ত।

সালতামামি /শাল্তামামি/ [ফা.] বি. ১ আয়ব্যয়ের হিসাব-সহ বর্ষশেষে প্রণীত প্রতিবেদন। ২ বার্ষিক হিসাবনিকাশ। ৩ বৎসরান্ত।

সালন /সালোন্/ [হি.] বি. মসলাসহযোগে রাঁধা ব্যঞ্জন।

সালমমিছরি /শালম্মিছ্রি/ [আ.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত এবং বসন্তকালে ফোটে এমন খাড়া পুষ্পদণ্ডে সংযুক্ত সবুজ বেগুনি প্রভৃতি বর্ণের ফুল বা অগ্রভাগ ক্রমশ সরু হয়ে আসা পাতা ও কন্দমূলবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ।

সালাত /সালাত্/ [আ.] বি. ১ নামাজ। ২ দোয়া, আশীর্বাদ।

সালাদ /সালাদ্/ [ই.] বি. কাঁচা শাকসবজি ফলমূল প্রভৃতি সহকারে তৈরি খাদ্যবস্তু, salad।

সালাম /সালাম্/ [আ.] বি. ১ শান্তি; নিরাপত্তা। ২ অভিবাদনবিশেষ।

সালাম আলায়কুম /সালাম্ আলায়কুম্/ বি. 'আপনার ওপর শান্তি বর্ষিত হোক' এরূপ অভিবাদন।

সালামত /সালামত্/ [আ.] বি. ১ নিরাপত্তা। ২ সুখ; শান্তি।

সালামি /সালামি/ [আ. সালাম >] বি. ১ সম্মানি-বাবত প্রদত্ত অর্থ। ২ সংগত প্রাপ্যের অতিরিক্ত প্রদত্ত অর্থ, ঘুস।

সালিয়ানা /শালিআনা/ [ফা.] বি. বার্ষিক বৃত্তি বা খাজনা। বিণ. বাৎসরিক।

সালিশ /শালিশ্/ [ফা.] বি. বিরোধ মীমাংসার মধ্যস্থতাকারী ব্যক্তি।

সালিশি /শালিশি/ [ফা.] বি. মীমাংসাকারীর কাজ; মধ্যস্থতা। বিণ. ১ মধ্যস্থতার দ্বারা মীমাংসিত বা বিচার্য। ২ মধ্যস্থতাসংক্রান্ত।

সালোক্য /শালোক্কো/ [স. সলোক+য] বি. ১ পঞ্চ-বিধ মুক্তির অন্যতম। ২ মৃত্যু।

www.pathagar.com

সালোয়ার /সালোআর্/ [ফা.] বি. পাজামাজাতীয় ঢিলে পরিধেয়বিশেষ।

সালোয়ার-কামিজ /সালোআর্কামিজ্/ [ফা. সালওয়ার+আ. কামিজ] বি. নারীর পরিধেয় পোশাকবিশেষ।

সাশ্রয় /শাস্ত্রয়্/ [স. সহ+আশ্রয়] বি. অপচয় রোধ (*ব্যয়সাশ্রয়*)। বিণ. আশ্রয়যুক্ত।

সাশ্রু /শাস্রু/ [স. সহ+অশ্রু] বিণ. ১ অশ্রুপূর্ণ। ২ কাতর; বেদনার্ত। ৩ মিনতিপূর্ণ (*সাশ্রু নয়নে*)।

সাষ্টাঙ্গ /শাষ্টাংগো/ [স. সহ+অষ্টাঙ্গ] বিণ. অষ্ট অঙ্গদ্বারা (জানু চরণ হস্ত বক্ষ মস্তক চক্ষু দৃষ্টি ও বাক্য) করণীয় (*সাষ্টাঙ্গ প্রণাম*)।

সাষ্টাঙ্গ প্রণাম /শাষ্টাংগো প্রোনাম্/ বি. উপুড় হয়ে শুয়ে প্রণাম।

সাসপেন্ড /সাস্পেনড়্/ [ই.] বি. স্থগিতকরণ; তদন্তের স্বার্থে কোনো ব্যক্তিকে সাময়িকভাবে নিজ দায়িত্ব থেকে অপসারণ, suspend।

সাস্না /শাস্না/ [স. √সস্+ন+আ (টাপ্)] বি. গোরুর গলকম্বল।

সাহংকার /শাহংকার্/ [স. সহ+অহংকার] বিণ. গর্বিত, অহংকারযুক্ত, দর্পযুক্ত।

সাহচর্য /শাহোচোর্জো/ [স. সহচর+য] বি. ১ সঙ্গ, সান্নিধ্য (*সাহচর্য লাভ*)। ২ সংস্রব (*সাধু সাহচর্য*)।

সাহজিক /শাহোজিক্/ [স. সহজ+ইক] বিণ. স্বাভাবিক, স্বভাবসিদ্ধ।

সাহস /শাহোশ্/ [স. সহস্+অ] বি. ১ বিপজ্জনক কাজে উদ্যম, নির্ভয়তা। ২ স্পর্ধা।

সাহসিক /শাহোশিক্/ [স. সাহস+ইক] বিণ. সাহস-যুক্ত।

সাহসিকতা /শাহোশিকতা/ [স. সাহসিক+তা] বি. সাহসের কাজ, সাহসের পরিচয়বাহী কাজ।

সাহসী /শাহোশি/ [স. সাহস+ইন্] বিণ. সাহস আছে এমন, নির্ভীক। স্ত্রী. **সাহসিনী** /শাহোশিনি/।

সাহা /শাহা/ [স. সাধু >] বি. পদবিবিশেষ।

সাহানা /শাহানা/ [আ.] বি. রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

সাহাবি /সাহাবি/ [ফা.] বি. যাঁরা হজরত মুহম্মদ (সা.)-এর সাহচর্য লাভ করেছিলেন।

সাহায্য /শাহাজ্জো/ [স. সহায়+য] বি. সহায়তা, মদদ, আনুকূল্য।

সাহায্যকারী /শাহাজ্জোকারি/ [স. সাহায্য+√কৃ+ইন্] বিণ. সহায়তা দানকারী, পৃষ্ঠপোষক।

সাহায্যপ্রার্থী /শাহাজ্জোপ্রার্থি/ [স. সাহায্য+প্র+√অর্থ্+ইন্] বিণ. আনুকূল্য প্রার্থনাকারী। স্ত্রী. **সাহায্যপ্রার্থিনী** /শাহাজ্জোপ্রার্থিনি/।

সাহিত্য /শাহিত্তো/ [স. সহিত+য] বি. ১ কোনো দেশ বা কালের চিন্তা ও কল্পনার লিখিত রূপ। ২ কবিতা গল্প প্রবন্ধ প্রভৃতি রচনা। ৩ সহিতের ভাব, মিলন।

সাহিত্যকর্ম /শাহিত্তোকর্মো/ [স. সাহিত্য+কর্মন্] বি. কাব্য প্রবন্ধ উপন্যাস প্রভৃতি সৃজনশীল রচনা।

সাহিত্যপ্রেমিক /শাহিত্তোপ্রেমিক/ [স. সাহিত্য+প্রেমিক] বিণ. সাহিত্যকে ভালোবাসে এমন।

সাহিত্যরস /শাহিত্তোরশ্/ [স. সাহিত্য+রস] বি. পাঠকের মনে আনন্দ দুঃখ কষ্ট প্রভৃতি অনুভূতির উদ্রেক করে এমন রস।

সাহিত্যরসিক /শাহিত্তোরোশিক্/ [স. সাহিত্য+রসিক] বিণ. সাহিত্যের রসগ্রাহী।

সাহিত্যিক /শাহিত্তিক্/ [স. সাহিত্য+ইক] বিণ. সাহিত্যের রচয়িতা। বি. লেখক।

সাহু /শাহু/ [স. সাধু >] বি. ১ মহাজন; বণিক। ২ পদবিবিশেষ।

সাহুকার /শাহুকার্/ [স. সাধু >] বি. বড়ো বণিক, মহাজন।

সাহুকারী /শাহুকারি/ [স. সাধু >] বি. বণিকের বৃত্তি, মহাজনি।

সাহেব /শাহেব্/ [আ.] বি. ১ সম্ভ্রান্ত ব্যক্তি, মহাশয়। ২ শ্বেতাঙ্গ পুরুষ।

সাহেবসুবো /শাহেবশুবো/ [আ. সাহেব >] বি. সাহেব এবং সম্ভ্রান্ত ব্যক্তিবর্গ।

সাহেবি /শাহেবি/ [আ. সাহেব >] বি. চালচলন ও পোশাকে সাহেবদের মতো আচার-আচরণ। বিণ. ইউরোপীয়দের মতো (*সাহেবি পোশাক*)।

সাহেবিয়ানা /শাহেবিআনা/ [আ. সাহেব >] বি. ১ সাহেবদের মতো আচার-আচরণ। ২ বিলাসিতা।

সিউলি/শিউলি/[বা.] বি. রস আহরণের জন্য খেজুর বা তালগাছ কাটা ও গুড় তৈরি যার পেশা; গাছি।

সিংহ[১] /শিংহো/ [স. √হিন্স্+অ] বি. ১ মূলত সাহারা মরুভূমির দক্ষিণে আফ্রিকা ও ভারতের গুজরাটের বনাঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এমন নাতিদীর্ঘ পা হলদেটে লোম ও গুচ্ছবদ্ধ লেজবিশিষ্ট শক্তিশালী হিংস্র মাংসাশী প্রাণী (পুরুষকুলের ঘাড়ে কেশর থাকে বলে পশুরাজ নামে অভিহিত), মৃগেন্দ্র। ২ (আল.) শ্রেষ্ঠ ব্যক্তি (*পুরুষসিংহ*)। স্ত্রী. **সিংহী** /শিংহি/।

সিংহ[২] /শিংহো/ [স. √হিন্স্+অ] বি. ১ পদবিবিশেষ।

www.pathagar.com

২ রাশিচক্রের পঞ্চম স্থান।

সিংহকেশর /শিংহোকেশর্/ [স. সিংহ+কেশর] বি. ১ সিংহের (পুরুষকুলের) ঘাড়ে উদ্‌গত লম্বা রোম-রাজি। ২ বকুলগাছ।

সিংহগ্রীব /শিংহোগ্‌গ্রিবো/ [স. সিংহ+গ্রীবা] বিণ. সিংহের মতো উন্নত গ্রীবাবিশিষ্ট।

সিংহদ্বার /শিংহোদ্‌দার্/ [স. সিংহ+দ্বার] বি. সিংহের মূর্তিসজ্জিত প্রধান প্রবেশপথ, সদর দরজা।

সিংহধ্বনি /শিংহোদ্‌ধোনি/ [স. সিংহ+ধ্বনি] বি. দ্র সিংহনাদ।

সিংহনাদ /শিংহোনাদ্/ [স. সিংহ+নাদ] বি. ১ সিংহের গর্জন। ২ উচ্চরবে হুংকার।

সিংহবাহিনী /শিংহোবাহিনি/ [স. সিংহ+√বহ্+ইন্+ঈ] বি. সিংহ যার বাহন, দেবী দুর্গা।

সিংহবিক্রম /শিংহোবিক্‌ক্রম্/ [স. সিংহ+বিক্রম] বি. সিংহের মতো পরাক্রম।

সিংহবিক্রান্ত /শিংহোবিক্‌ক্রান্‌তো/ [স. সিংহ+বি+√ক্রম্+ত] বিণ. সিংহের মতো প্রতাপশালী।

সিংহভাগ /শিংহোভাগ্/ [স. সিংহ+ভাগ] বি. শ্রেষ্ঠ বা বৃহৎ অংশ, lion's share।

সিংহল /শিংহল্/ [স. সিংহ+√লা+অ] বি. ভারতীয় উপমহাদেশের দক্ষিণ প্রান্তে অবস্থিত ভারত মহাসাগরের দ্বীপ যার বর্তমান নাম শ্রীলঙ্কা, লঙ্কাদ্বীপ।

সিংহলি /শিংহোলি/ [স. সিংহল >] বি. শ্রীলঙ্কার অধিবাসী বা ভাষা। বিণ. শ্রীলঙ্কাসংক্রান্ত।

সিংহশয্যা /শিংহোশোজ্‌জা/ [স. সিংহ+শয্যা] বি. ডান পাশে কাত হয়ে শোয়ার ভঙ্গি।

সিংহশাবক /শিংহোশাবোক্/ [স. সিংহ+শাবক] বি. সিংহের ছানা।

সিংহশিশু /শিংহোশিশু/ [স. সিংহ+শিশু] বি. সিংহের শাবক।

সিংহাবলোকন /শিংহাবোলোকোন্/ [স. সিংহ+অবলোকন] বি. ১ কোনো পদক্ষেপের পূর্বে সিংহের বারবার পেছনে তাকিয়ে পরিস্থিতি পর্যালোচনা। ২ (আল.) অতীত কর্মের পর্যালোচনা।

সিংহাবলোকনন্যায় /শিংহাবোলোকোন্‌ন্যায়/ [স. সিংহ+অবলোকন+ন্যায়] বি. সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সিংহের মতো বারবার অগ্রপশ্চাৎ বিবেচনার নীতি।

সিংহাসন /শিংহাশোন্/ [স. সিংহ+আসন] বি. সিংহ-চিহ্নিত আসন; রাজার আসন।

সিঁটা /শিঁটা/ [দেশি.] ক্রিবি. সিটকানো; কুঞ্চিত বা জড়সড়ো হওয়া (*ভয়ে সিঁটিয়ে থাকা*)।

সিঁড়ি /শিঁড়ি/ [স. শ্রেণী >] বি. ওঠানামা করার জন্য নির্মিত ধাপ, সোপান; মই।

সিঁথা /শিঁথা/ [স. সীমন্ত >] বি. দ্র সিঁথি।

সিঁথি /শিঁথি/ [স. সীমন্ত >] বি. চুল দুভাগে বিন্যস্ত করলে মাথার ওপরে যে সরু রেখা দৃষ্ট হয়, সীমন্ত, টেড়ি।

সিঁদুর /শিঁদুর্/ [স. সিন্দূর >] বি. (এয়োতি বা সধবার চিহ্নস্বরূপ হিন্দু মহিলাদের সিঁথিতে পরিহিত) পারদের সঙ্গে অক্সিজেনের বিক্রিয়াজাত উজ্জ্বল রক্তবর্ণ চূর্ণবিশেষ, নাগগর্ভ, vermilion।

সিঁদুরে /শিঁদুরে/ [বা.] বিণ. সবুজের ওপর সিঁদুরের মতো লালচে আভাযুক্ত (*সিঁদুরে আম*)।

সিঁধ /শিঁধ্/ [স. সন্ধি >] বি. (প্রধানত চুরি করার উদ্দেশ্যে) ঘরের ভিত বা দেওয়ালে কাটা সুড়ঙ্গ।

সিঁধ কাটা /শিঁধ্ কাটা/ ক্রিবি. (প্রধানত চুরি করার উদ্দেশ্যে) ঘরের ভিত বা দেওয়ালে সুড়ঙ্গ খনন করা।

সিঁধকাঠি /শিঁধকাঠি/ [বা.] বি. ১ সিঁধ কাটার জন্য ব্যবহৃত ছোটো শাবল। ২ (ব্য.) চাবি।

সিঁধেল /শিঁধেল্/ [বা.] বিণ. সিঁধ কেটে চুরি করে বা চুরি করতে অভ্যস্ত এমন (*সিঁধেল চোর*)।

সিকতা /শিকোতা/ [স. √সিচ্+অত+আ (টাপ্)] বি. ১ বালুকা। ২ সমুদ্র সৈকতের বালি।

সিকি /শিকি/ [আ. সিক্কা >] বি. অধুনালুপ্ত চার আনা বা ২৫ পয়সা মূল্যমানের মুদ্রা। বিণ. এক চতুর্থাংশ।

সিক্‌থ /শিক্‌থো/ [স. √সিচ্+থ] বি. ১ মোম। ২ গ্রাস, ভাতের গ্রাস।

সিক্কা /শিক্‌কা/ [আ.] বি. বাদশাহি আমল ও ইস্ট ইন্ডিয়া কোম্পানি আমলের মুদ্রা, মুদ্রাবিশেষ।

সিক্ত /শিক্‌তো/ [স. √সিচ্+ত] বিণ. ভেজা, আর্দ্র (*সিক্ত যাদের সারা দেহ-মন মাটির মমতা-রসে* নজরুল.)। *স্ত্রী. **সিক্তা** /শিক্‌তা/।

সিক্ততা /শিক্‌তোতা/ [স. সিক্ত+তা] বি. আর্দ্রতা।

সিগন্যাল /সিগন্যাল্/ [ই. signal] বি. যানবাহন নিয়ন্ত্রণের আলোকসংকেত; সংকেত।

সিগার /সিগার্/ [ফ.] বি. ধূমপানের জন্য তামাক-পাতা মুড়ে তৈরি তামাকচূর্ণের শলাকাবিশেষ, চুরুট, cigar।

সিগারেট /সিগারেট্/ [ফ.] বি. ধূমপানের জন্য তৈরি পাতলা কাগজে মোড়া সূক্ষ্ম তামাকচূর্ণের শলাকা, cigarette।

সিজ /শিজ্/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে ফোটে এমন

www.pathagar.com

হলুদাভ ছোটো ফুল উপবৃত্তাকার পাতা বা তার কাঁটাওয়ালা রসালো কান্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন শোভাবর্ধনকারী পত্রমোচী উদ্ভিদ, মনসাগাছ।

সিজা /শিজা/ [স. সিদ্ধ >] ক্রিবি. ১ ফুটন্ত জলে সেদ্ধ হওয়া। ২ শুষ্ক বা শীর্ণ হওয়া।

সিজানো /শিজানো/ [বা.] ক্রিবি. বিণ. সেদ্ধ করা।

সিজিল /শিজিল্/ [আ.] বিণ. শৃঙ্খলাবদ্ধ; পরিপাটি। বি. সেরেস্তার খাতাপত্র।

সিজিল মিছিল /শিজিল্ মিছিল্/ বি. সাজানো-গোছানো ভাব।

সিঝা /শিঝা/ [বা.] ক্রিবি. দ্র সিজা।

সিঞ্চন /শিন্চন্/ [স. সেচন >] বি. জল বা কোনো তরল পদার্থ সেচন।

সিঞ্চিত /শিন্চিতো/ [স. সিক্ত >] বিণ. ১ সিঞ্চন করা হয়েছে এমন। ২ জল ছিটিয়ে ভেজানো হয়েছে এমন।

সিট /সিট্/ [ই.] বি. বসার জায়গা, আসন, seat (*সিট বুক করা*)।

সিটকানি /শিট্কানি/ [দেশি.] বি. ১ ক্ষেপণ। ২ সংকোচন; কুঞ্চন।

সিটকানো /শিট্কানো/ [বা.] ক্রিবি. নাক কুঁচকে অবজ্ঞা প্রকাশ করা।

সিটি[১] /সিটি/ [দেশি.] বি. বাঁশির সংকেত; শিস; ভোঁ।

সিটি[২] /সিটি/ [ই.] বি. নগর; বড়ো শহর; city।

সিটি দেওয়া /সিটি দেওআ/ ক্রিবি. ঠোঁট গোল করে ফুঁ দিয়ে বাঁশির মতো শব্দ উৎপাদন করা, শিস দেওয়া।

সিডি /সিডি/ [ই.] বি. ডিজিটাল পদ্ধতিতে বিপুল পরিমাণ উপাত্ত (শব্দ চিত্র প্রভৃতি) ধারণ করে রাখা যায় এমন ছোটো চাকতি, CD (compact disc)।

সিত /শিতো/ [স. √সি+ত] বিণ. শুভ্র, সাদা, শুক্ল।

সিতকণ্ঠ /শিতোকন্ঠো/ [স. সিত+কণ্ঠ] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের ঝোপঝাড় এবং জলাশয়ের ধারে বিচরণ করে এমন সাদা পালকাবৃত কণ্ঠদেশবিশিষ্ট মাঝারি আকৃতির কালচে ধূসর জলচর পাখিবিশেষ, ডাহুক, ডাকপাখি।

সিতকর /শিতোকর্/ [স. সিত+√কৃ+অ] বি. চন্দ্র।

সিতপক্ষ /শিতোপোক্খো/ [স. সিত+পক্ষ] বি. ১ শুক্লপক্ষ। ২ রাজহাঁস।

সিতপুষ্প /শিতোপুশ্পো/ [স. সিত+√পুষ্প+অ] বি. ১ কাশফুল। ২ টগরফুল।

সিতা[১] /শিতা/ [স. সিত+আ (টাপ্)] বিণ. শুভ্রা। বি. ১ জোছনা। ২ মল্লিকা। ৩ সুরা।

সিতা[২] /শিতা/ [স. সিত+আ (টাপ্)] বি. শর্করা, মিছরি।

সিতাংশু /শিতাংশু/ [স. সিত+অংশু] বি. ১ চাঁদ। ২ কর্পূর।

সিতাভ /শিতাভো/ [স. সিত+আভা] বিণ. ১ শুক্লতার আভাযুক্ত, সাদাটে। ২ ঈষৎ প্রফুল্ল।

সিতি /শিতি/ [স. √সি+তি] বিণ. সাদা কালো বা নীল বর্ণের।

সিতিকণ্ঠ /শিতিকন্ঠো/ [স. সিতি+কণ্ঠ] বিণ. নীলকণ্ঠ-যুক্ত। বি. ১ দেবতা শিব। ২ ময়ূর। ৩ ডাহুক-পাখি।

সিতিমা /শিতিমা/ [স. সিতি+ইমন্] বি. ১ শুক্লতা। ২ কৃষ্ণতা। ৩ নীলিমা।

সিদ্ধ /শিদ্ধো/ [স. √সিধ্+ত] বিণ. ১ ফুটন্ত জলে পক্ক (*সিদ্ধ ডিম*)। ২ তাপের তীব্রতাহেতু ঘর্মাক্ত ও অবসন্ন (*গরমে সিদ্ধ হওয়া*)। ৩ নিপুণ (*সিদ্ধ-হস্ত*)। ৪ সাধনায় উত্তীর্ণ (*সিদ্ধপুরুষ*)। ৫ প্রমাণিত (*যুক্তিসিদ্ধ*)। বি. ১ উপদেবতাবিশেষ। ২ ত্রিকালজ্ঞ মুনিবিশেষ।

সিদ্ধকাম /শিদ্ধোকাম্/ [স. সিদ্ধ+√কম্+অ] বিণ. ১ আশা পূর্ণ হয়েছে এমন। ২ অভীষ্ট লাভে সফল। বি. সিদ্ধার্থ।

সিদ্ধদেব /শিদ্ধোদেব্/ [স. সিদ্ধ+দেব] বি. শিব।

সিদ্ধপীঠ /শিদ্ধোপিঠ্/ [স. সিদ্ধ+পীঠ] বি. হোম এবং বিবিধ জপতপদ্বারা পবিত্রীকৃত স্থান।

সিদ্ধপুরুষ /শিদ্ধোপুরুশ্/ [স. সিদ্ধ+পুরুষ] বি. ১ যে পুরুষ সাধনায় সিদ্ধিলাভ করেছে। ২ মুক্ত মানব। ৩ (ব্য.) অত্যন্ত চতুর ব্যক্তি।

সিদ্ধবিদ্যা /শিদ্ধোবিদ্দা/ [স. সিদ্ধ+বিদ্যা] বি. দশ-মহাবিদ্যা (কালী তারা ষোড়শী ভুবনেশ্বরী ভৈরবী ছিন্নমস্তা ধূমাবতী বগলা মাতঙ্গী ও কমলা)।

সিদ্ধমনোরথ /শিদ্ধোমোনোরথ্/ [স. সিদ্ধ+মনোরথ] বিণ. বি. দ্র সিদ্ধকাম।

সিদ্ধরস /শিদ্ধোরশ্/ [স. সিদ্ধ+রস] বি. পারদ।

সিদ্ধহস্ত /শিদ্ধোহস্তো/ [স. সিদ্ধ+√হস্+ত] বিণ. অত্যন্ত দক্ষ ও কৌশলী।

সিদ্ধা[১] /শিদ্ধা/ [স. সিদ্ধ+আ (টাপ্)] বি. যোগিনী-বিশেষ।

সিদ্ধা[২] /শিদ্ধা/ [স. সিদ্ধ >] বি. (বাংলায়) সিদ্ধ পুরুষ।

সিদ্ধাই /শিদ্ধাই/ [স. সিদ্ধ >] বিণ. অলৌকিক শক্তিসম্পন্ন। বি. যোগলব্ধ শক্তি।

www.pathagar.com

সিদধান্ত /শিদ্‌ধান্‌তো/ [স. সিদ্ধ+অন্ত] বি. ১ নির্ধারণ; মীমাংসা; স্থির। ২ আপস। ৩ জ্যোতিষশাস্ত্রবিশেষ।

সিদধান্তবাগীশ /শিদ্‌ধান্‌তোবাগিশ্‌/ [স. সিদধান্ত+বাগীশ] বিণ. মীমাংসাকারী। বি. ১ পণ্ডিতের উপাধিবিশেষ। ২ মীমাংসাকারী ব্যক্তি।

সিদধান্তহীনতা /শিদ্‌ধান্‌তোহিনতা/ [স. সিদধান্তহীন+তা] বি. সিদধান্তের অভাব, মীমাংসাহীনতা।

সিদধান্ন /শিদ্‌ধান্‌নো/ [স. সিদ্ধ+অন্ন] বি. ফুটন্ত জলে পক্ক চাল, ভাত।

সিদধার্থ /শিদ্‌ধার্‌থো/ [স. সিদ্ধ+অর্থ] বি. বুদধত্ব-লাভের পূর্বে বুদধের নাম। বিণ. সফলকাম।

সিদধার্থক /শিদ্‌ধার্‌থক্‌/ [স. সিদধার্থ+কপ্‌] বি. পৃথিবীর বিভিন্ন দেশে তৈলবীজরূপে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন চারটি সমান পাপড়ি-যুক্ত ফুল ছোটো সাদা বীজবিশিষ্ট ফল বা তার খাঁজকাটা রোমশ পাতা ও মসৃণ কাণ্ডবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির উদ্ভিদ, শ্বেতসর্ষপ।

সিদধাশ্রম /শিদ্‌ধাস্‌ত্রোম্‌/ [স. সিদ্ধ+আশ্রম] বি. বিষ্ণুর তপোবন।

সিদধাসন /শিদ্‌ধাশোন্‌/ [স. সিদ্ধ+আসন] বি. ১ যোগসাধনায় উপবেশনের ভঙ্গিবিশেষ। ২ যোগীর ধ্যানের অনুকূল আসন।

সিদধি[১] /শিদ্‌ধি/ [স. √সিধ্‌+তি] বি. ১ সাফল্য। ২ নিষ্পাদন। ৩ সাধনাদ্বারা ইষ্টলাভ। ৪ যোগবিশেষ। ৫ মোক্ষ। ৬ যোগলব্ধ অষ্টবিধ ঐশ্বর্য (অণিমা লঘিমা প্রাপ্তি প্রাকাম্য মহিমা ঈশিত্ব বশিত্ব ও কামাবসায়িতা)। ৭ দক্ষতা, পারদর্শিতা।

সিদধি[২] /শিদ্‌ধি/ [হি.] বি. বসন্তকালে ফোটে এমন গোলাপি আভাযুক্ত সাদাটে ফুল ও কাঁটাযুক্ত চ্যাপটা ফল বা তার ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী উদ্ভিদ যার পাতা (ভাং) এবং ফল ও ফুলের মঞ্জরি (গাঁজা) মাদকদ্রব্যরূপে সেবন করা হয় (আনি. চীন ও মঙ্গোলিয়া)।

সিদধিখোর /শিদ্‌ধিখোর্‌/ [হি. সিদধি+ফা. খোর] বিণ. ভাঙের শরবত খেয়ে নেশা করে এমন।

সিদধিদ /শিদ্‌ধিদো/ [স. সিদধি+√দা+অ] বিণ. সফলতাদায়ক। স্ত্রী. **সিদধিদা** /শিদ্‌ধিদা/।

সিদধিদাতা /শিদ্‌ধিদাতা/ [স. সিদধি+√দা+তৃ] বিণ. সফলতাদায়ক। স্ত্রী. **সিদধিদাত্রী** /শিদ্‌ধিদাত্‌ত্রি/।

সিদধিযোগ /শিদ্‌ধিজোগ্‌/ [স. সিদধি+যোগ] বি. তিথি বা বারের কল্পিত শুভপ্রদ অবস্থান।

সিদধেশ্বরী /শিদ্‌ধেশ্‌শোরি/ [স. সিদধা+ঈশ্বরী] বি. দেবী দুর্গা।

সিধা[১] /শিধা/ [হি.] বিণ. ১ সরল, সোজা, অবক্র। ২ অকপট। ৩ শান্ত। ৪ সহজ। ৫ শায়েস্তা। ক্রিবিণ. ১ বরাবর, সোজাসুজি। ২ অবিলম্বে।

সিধা[২] /শিধা/ [স. সিদধ >] বি. কেবল সেদধ করে খাওয়ার উপযুক্ত চাল ডাল প্রভৃতি আমিষবর্জিত খাদ্যবস্তু।

সিধে /শিধে/ [হি. সিধা >] বিণ. ক্রিবিণ. সিধা[১]-এর কথ্য রূপ।

সিনকোনা /সিন্‌কোনা/ [লা.] বি. দক্ষিণ আমেরিকায় জাত এবং ক্রান্তীয় অঞ্চলে চাষ করা হয় এমন চিরহরিৎ গুল্মবিশেষ যার বাকলের নির্যাস ম্যালেরিয়া চিকিৎসার জন্য কুইনিন ও গন্ধদ্রব্য উৎপাদনে ব্যবহৃত হয়, cinchona।

সিনাগগ /সিনাগগ্‌/ [ই.] বি. ইহুদি ধর্মাবলম্বীদের উপাসনা ও ধর্মীয় সমাবেশের স্থান, synagogue।

সিনান /শিনান্‌/ [স. স্নান >] বি. 'স্নান'-এর কোমল ও কাব্যিক রূপ।

সিনীবালী /সিনিবালি/ [স. সিনী+বালা+ঈ] বি. কৃষ্ণপক্ষের চতুর্দশী তিথিযুক্ত অমাবস্যা।

সিনেট /সিনেট্‌/ [ই. senate] বি. ১ মন্ত্রিসভা। ২ বিশ্ববিদ্যালয়ের কার্যনির্বাহী সভা।

সিনেমা /সিনেমা/ [ফ.] বি. ১ অন্ধকার প্রেক্ষাগৃহের রুপালি পর্দায় সেলুলয়েডের (যাতে ছবি ও শব্দ ধারণ করা থাকে) মধ্য দিয়ে প্রক্ষিপ্ত আলোকরশ্মির পরিবর্তমান আকৃতি ও ঘনত্ব যা দেখলে মনে হয় একটি ছবি নড়াচড়া করছে। ২ কোনো কাহিনি ঘটনা প্রভৃতি অবলম্বনে নির্মিত সবাক ছায়াছবি, চলচ্চিত্র। ৩ movie।

সিন্ডিকেট /সিন্‌ডিকেট্‌/ [ফ. syndicate >] বি. ১ বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ কার্যনির্বাহী সভা। ২ অভিন্ন দাবি আদায়ের লক্ষ্যে একাধিক ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংগঠন।

সিন্দুক /শিন্‌দুক্‌/ [আ.] বি. কাঠ বা লোহার বৃহদাকার মজবুত বাক্সবিশেষ।

সিন্দূর /শিন্‌দুর্‌/ [স. √স্যন্দ্‌+উর] বি. দ্র সিঁদুর।

সিন্দূরে /শিন্‌দুরে/ [স. সিন্দূর+বা. এ] বিণ. সিঁদুরের মতো লাল আভাযুক্ত।

সিন্ধু /শিন্‌ধু/ [স. √স্যন্দ্‌+উ] বি. ১ সাগর, সমুদ্র (*হে সিন্ধু, হে বন্ধু মোর, হে চির-বিরহী!* নজরুল.)। ২ ভারতীয় উপমহাদেশের নদবিশেষ। ৩ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ।

সিন্ধুঘোটক /শিন্‌ধুঘোটোক্‌/ [স. সিন্ধু+ঘোটক] বি. ওপরের চোয়ালে দুটি বড়ো দাঁতবিশিষ্ট উত্তর মেরু অঞ্চলের সিলজাতীয় বৃহদাকার স্তন্যপায়ী জলচর

www.pathagar.com

প্রাণিবিশেষ, walrus।

সিন্ধুতরঙ্গ /শিন্ধুতরোংগো/ [স. সিন্ধু+তরঙ্গ] বি. সমুদ্রের ঢেউ।

সিন্ধুসভ্যতা /শিন্ধুশোব্‌ভোতা/ [স. সিন্ধু+সভ্যতা] বি. সিন্ধু নদের উপত্যকার প্রাচীন সভ্যতা।

সিপাই /শিপাই/ [ফা. সিপাহি >] বি. 'সিপাহি'-র কথ্য রূপ।

সিপারা /সিপারা/ [ফা.] বি. পবিত্র কোরানের ত্রিশটি পরিচ্ছেদের যে কোনো একটি, পারা।

সিপাহি /শিপাহি/ [ফা.] বি. ১ পুলিশ বা সামরিক বিভাগের নিম্নপদস্থ কর্মচারী। ২ প্রহরী।

সিফিলিস/সিফিলিস্/ [লা.] বি. সংক্রামক যৌনরোগ-বিশেষ, উপদংশ, syphilis।

সিভিল /সিভিল্/ [ই.] বিণ. ১ বেসামরিক। ২ সুশীল।

সিভিল কোর্ট /সিভিল্ কোর্ট্/ বি. যে আদালতে রাজস্ব বা ভূসম্পত্তি বিষয়ক বিরোধ নিষ্পন্ন করা হয়, দেওয়ানি আদালত, civil court।

সিভিল সার্জন /সিভিল্ সার্জন্/ বি. সরকার কর্তৃক নিয়োজিত জেলার প্রধান চিকিৎসক, civil surgeon।

সিম /সিম্/ [ই.] বি. মোবাইল টেলিফোনের নম্বরযুক্ত গ্রাহকপরিচিতি কার্ড, SIM (Subscriber Identity Module)।

সিমেন্ট /সিমেন্ট্/ [ই.] বি. নির্মাণকাজে ব্যবহৃত বিশেষ প্রক্রিয়ায় উৎপন্ন অগ্নিপক্ক চুনাপাথর প্রভৃতির চূর্ণ যা জলের সংমিশ্রণে জমাট বেঁধে পাথরের মতো শক্ত হয়ে যায়, cement।

সিম্ফনি /সিম্‌ফোনি/ [ই.] বি. (পাশ্চাত্য সংগীতে) পূর্ণ অর্কেস্ট্রায় একসঙ্গে ধ্বনিত প্রণালিবদ্ধ ও বিস্তার-যুক্ত বাদন, ঐকতান, বৃন্দবাদন, symphony।

সিয়ানো /শিআনো/ [বা.] ক্রিবি. বিণ. সেলাই করা।

সিয়াম /সিআম্/ [আ.] বি. পানাহার ও ইন্দ্রিয় সম্ভোগ থেকে নিবৃত্তি, উপবাসব্রত পালন; রোজা, সংযম (*সিয়াম সাধনা*)।

সিরকা /সির্‌কা/ [ফা.] বি. ফলের রস গুড় প্রভৃতি গাঁজিয়ে তৈরি অম্ল পদার্থ, vinegar।

সিরিঞ্জ /সিরিন্‌জ্/ [ই.] বি. দেহে ওষুধ প্রয়োগ বা রক্তের নমুনা সংগ্রহের উদ্দেশ্যে ব্যবহৃত সুচের মতো সূক্ষ্ম প্রান্তবিশিষ্ট ধাতব নলের সঙ্গে যুক্ত কাচ বা প্লাস্টিকের ছোটো পিচকিরি, syringe।

সিরিশ /শিরিশ্/ [ফা.] বি. পশুর হাড় চামড়া শিং প্রভৃতি সেদ্ধ করে প্রাপ্ত আঠা, animal glue।

সিরিশ কাগজ /সিরিশ্ কাগোজ্/ বি. (কাঠ ধাতব বস্তু প্রভৃতি ঘষে মসৃণ করার জন্য ব্যবহৃত) সিরিশের আঠা দিয়ে কাচের গুঁড়ো বালি প্রভৃতি লাগানো পুরু কাগজবিশেষ, sandpaper।

সিল /সি্ল্/ [ই. seal] বি. ১ নামাঙ্কিত ছাপ। ২ ছাপ দেওয়ার সরঞ্জাম। ৩ ঋণের দায়ে সম্পত্তি আটক। ৪ মেরু অঞ্চলে বিচরণ করে এমন কালো বা ধূসর পুরু লোমাবৃত স্তন্যপায়ী ও মাংসাশী লম্বাটে জলচর প্রাণিবিশেষ।

সিলগালা করা /সিল্‌গালা করা/ ক্রিবি. বিণ. গালার ওপর নামাঙ্কিত ছাপ লাগিয়ে বন্ধ করা।

সিলছাপ্পর /সিল্‌ছাপ্‌পোর্/ [বা.] বি. নামাঙ্কিত ছাপ।

সিলমোহর /সিল্‌মোহোর্/ [বা.] বি. নাম বা অন্য কোনো নিদর্শনের ছাপ।

সিলিং /সিলিং/ [ই. ceiling] বি. ১ ছাদের ভেতরের দিক। ২ সর্বোচ্চ সীমা।

সিলিং ফ্যান /সিলিং ফ্যান্/ বি. ঘরের ছাদ থেকে ঝোলানো পাখা, ceiling fan।

সিল্ক /সিল্ক্/ [ই. silk] বি. ১ রেশমপোকার লালা-জাত সূক্ষ্ম ও মসৃণ তন্তু। ২ ওই তন্তুর তৈরি কাপড়।

সিসা /শিশা/ [ফা.] বি. ঘাতসহ মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৮২, lead।

সিসৃক্ষা /শিসৃক্‌খা/ [স. √সিসৃক্ষ্+অ+আ (টাপ্)] বি. সৃষ্টি করার ইচ্ছা।

সিসৃক্ষু /শিসৃক্‌খু/ [স. √সিসৃক্ষ্+উ] বিণ. সৃষ্টি করতে ইচ্ছুক।

সিসে /শিশে/ [বা.] বি. 'সিসা'-র কথ্য রূপ।

সীতা /শিতা/ [স. √সি+ত+আ (টাপ্)] বি. ১ রাম-চন্দ্রের পত্নী জানকী। ২ জমিতে লাঙল চালানোর দাগ।

সীতাপতি /শিতাপোতি/ [স. সীতা+√পা+অতি] বি. রামচন্দ্র।

সীতাভোগ /শিতাভোগ্/ [স. সীতা+ভোগ] বি. চালের গুঁড়ো ময়দা ছানা প্রভৃতির তৈরি মিঠাইবিশেষ।

সীতাহার /শিতাহার্/ [স. সীতা+√হৃ+অ] বি. গলায় পরিধেয় অলংকারবিশেষ, কণ্ঠভূষণ।

সীধু /শিধু/ [স. √সীধ্+উ] বি. ১ মদ্য। ২ বকুল ফুল।

সীবন /শিবন্/ [স. √সিব্+অন] বি. সূচিকর্ম।

সীবনী /শিবোনি/ [স. সীবন+ঈ] বি. সুচ।

সীমন্ত /শিমন্‌তো/ [স. সীমন্+অন্ত] বি. ১ সিঁথি, টেড়ি। ২ মস্তক, শির।

সীমন্তক /শিমন্‌তক্/ [স. সীমন্ত+ক] বি. সিঁদুর।

www.pathagar.com

সীমন্তিত /শিমোন্‌তিতো/ [স. সীমন্ত+ইত] বিণ. সিঁথি কাটা হয়েছে এমন, সীমন্তযুক্ত।

সীমন্তিনী /শিমোন্‌তিনি/ [স. সীমন্ত+ইন্‌+ঈ] বি. যে নারীর সিঁথিতে সিঁদুর আছে, সধবা নারী।

সীমন্তী /শিমোন্‌তি/ [স. সীমন্ত+ইন্‌] বিণ. সীমন্তযুক্ত।

সীমন্তোন্নয়ন /শিমন্‌তোন্ননয়োন্‌/ [স. সীমন্ত+উন্নয়ন] বি. গর্ভিণীর চতুর্থ বা ষষ্ঠ মাসে কৃত্য সংস্কারবিশেষ।

সীমা /শিমা/ [স. √সি+মন্‌] বি. ১ প্রান্ত; ধার; অন্ত, শেষ (*সীমার মাঝে, অসীম, তুমি বাজাও আপন সুর*— রবীন্দ্র.)। ২ অবধি। ৩ সমুদ্রের উপকূল। ৪ সীমানা, চৌহদ্দি, গণ্ডি।

সীমানা /শিমানা/ [স. সীমন্‌ >] বি. ১ প্রান্ত, চৌহদ্দি। ২ কোনো অঞ্চলের নির্দিষ্ট প্রান্তভাগ।

সীমান্ত /শিমান্‌তো/ [স. সীমন্‌+অন্ত] বি. ১ কোনো দেশ বা রাজ্যের প্রান্তভাগ। ২ শেষ, প্রান্ত।

সীমান্তপ্রদেশ /শিমান্‌তোপ্রোদেশ্‌/ [স. সীমান্ত+প্রদেশ] বি. কোনো দেশ বা রাজ্যের প্রান্তভাগে অবস্থিত অঞ্চল।

সীমান্তবর্তী /শিমান্‌তোবোর্‌তি/ [স. সীমান্ত+√বৃত্‌+ইন্‌] বিণ. সীমান্তে অবস্থিত।

সীমাপরিসীমা /শিমাপোরিশিমা/ [স. সীমা+পরি+সীমা] বি. ইয়ত্তা; অবধি।

সীমাবদ্ধ /শিমাবদ্‌ধো/ [স. সীমা+√বধ্‌+ত] বিণ. সীমাদ্বারা নির্দিষ্ট; সীমিত। বি. -তা /-তা/।

সীমাশূন্য /শিমাশুন্‌নো/ [স. সীমা+শূন্য] বিণ. দ্র সীমাহীন।

সীমাসরহদ্দ /শিমাশরহ্‌দ্‌দো/ [স. সীমা+আ. সরহদ্দ] বি. নির্দিষ্ট সীমানা; চতুঃসীমা।

সীমাহীন /শিমাহিন্‌/ [স. সীমা+√হা+ত] বিণ. সীমা নেই এমন, অসীম; অনন্ত।

সীমিত /শিমিতো/ [স. সীমন্‌+ইত] বিণ. ১ সীমানা-দ্বারা নির্দিষ্ট। ২ সীমাবদ্ধ; limited।

সু[১] /শু/ অব্য. উত্তম শুভ সহজ অত্যন্ত প্রভৃতি অর্থব্যঞ্জক সংস্কৃত উপসর্গবিশেষ। বিণ. ভালো।

সু[২] /শু/ [ই. shoe] বি. ১ পায়ের পাতা আবৃত করার চামড়া কাপড় প্লাস্টিক প্রভৃতির খোলস, বন্ধ জুতো। ২ ঘোড়ার পায়ের খুরের সঙ্গে লাগানো হয় এমন ইস্পাতের ফালিবিশেষ। ৩ গাড়ির ব্রেক প্রভৃতির সঙ্গে যুক্ত আবরণ (যা সহজে বদলানো যায়)।

সুইচ /সুইচ্‌/ [জ.] বি. ১ বৈদ্যুতিক আলো পাখা প্রভৃতি সচল বা বন্ধ করার সরঞ্জামবিশেষ। ২ দুটি রেললাইনের সংযোগস্থলে সংযুক্ত সরঞ্জামবিশেষ যা রেলগাড়িকে এক লাইন থেকে অন্য লাইনে পাঠাতে পারে। ৩ switch।

সুঁই /শুঁই/ [স. সূচী >] বি. সুচ।

সুঁইচোরা /সুঁইচোরা/ [দেশি.] বি. দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিচরণ করে এমন বড়ো মাথা বাঁকানো চঞ্চু এবং লেজের ডগায় সুচের মতো লম্বা পালকবিশিষ্ট উজ্জ্বল সবুজ সোনালি প্রভৃতি রঙের চঞ্চলপ্রকৃতির পতঙ্গভুক পাখি, bee-eater।

সুঁদি /শুঁদি/ [স. সৌগন্ধিক >] বি. ১ শাপলা। ২ কুমুদ।

সুকঠিন /শুকোঠিন্‌/ [স. সু+কঠিন] বিণ. ১ খুব সহজ নয় এমন। ২ অত্যন্ত দৃঢ়।

সুকণ্ঠ /শুকন্‌ঠো/ [স. সু+কণ্ঠ] বিণ. মধুর কণ্ঠস্বরের অধিকারী। স্ত্রী. **সুকণ্ঠা** /শুকন্‌ঠা/।

সুকণ্ঠী /শুকোন্‌ঠি/ [স. সুকণ্ঠ+ঈ] বিণ. 'সুকণ্ঠ'-র স্ত্রীলিঙ্গ।

সুকতলা /শুকতলা/ [স. সুখ+বা. তলা] বি. জুতোর ভেতরের পিঠে লাগানো পায়ের জন্য আরামদায়ক চামড়ার কোমল আবরণ, insole।

সুকবি /শুকোবি/ [স. সু+কবি] বি. উচ্চমানের কবি।

সুকর /শুকর্‌/ [স. সু+√কৃ+অ] বিণ. সহজে করা যায় এমন, সহজসাধ্য। বি. **সুকরতা** /শুকর্‌তা/।

সুকর্ম /শুকর্‌মো/ [স. সু+কর্মন্‌] বি. শুভকর্ম; সৎকাজ।

সুকল্পিত /শুকোল্‌পিতো/ [স. সু+কল্পিত] বিণ. ১ উত্তমরূপে পরিকল্পিত। ২ অগ্রপশ্চাৎ বিবেচনা করে সম্পাদিত।

সুকানি /শুকানি/ [ফা.] বি. নদীপথে চলাচলকারী ইঞ্জিনচালিত জাহাজের সারেং বা কর্ণধার।

সুকান্ত /শুকান্‌তো/ [স. সু+√কম্‌+ত] বিণ. সুন্দর কান্তিবিশিষ্ট; সুশ্রী।

সুকান্তি /শুকান্‌তি/ [স. সু+√কম্‌+তি] বি. সুন্দর কান্তি।

সুকীর্তি /শুকির্‌তি/ [স. সু+√কৃৎ+তি] বি. ১ মহান কীর্তি। ২ সুখ্যাতি। বিণ. অতিশয় যশস্বী।

সুকুমার /শুকুমার্‌/ [স. সু+কুমার] বিণ. ১ অতি কোমল ও তরুণ। ২ স্নিগ্ধ; মৃদু। স্ত্রী. **সুকুমারী** /শুকুমারি/।

সুকুমার শিল্প /শুকুমার্‌ শিল্‌পো/ বি. সংগীতসাধনা কাব্যরচনা চিত্রাঙ্কন প্রভৃতি শিল্পকর্ম।

সুকৃত /শুকৃতো/ [স. সু+√কৃ+ত] বিণ. ভালোভাবে করা হয়েছে এমন, সুসম্পন্ন।

সুকৃতি /শুকৃতি/ [স. সু+√কৃ+তি] বি. ১ পুণ্যকর্ম। ২ মঙ্গল; সৌভাগ্য।

www.pathagar.com

সুকৃতী /শুকৃকৃতি/ [স. সুকৃত+ইন] বিণ. ১ পুণ্যবান। ২ সৌভাগ্যের অধিকারী। ৩ ধর্মাচারী।

সুকৃৎ /শুকৃকৃত্/ [স. সু+√কৃৎ+ক্বিপ্] বিণ. ১ পুণ্যবান। ২ সৎকর্মকারী।

সুকৃত্য /শুকৃত্তো/ [স. সু+√কৃৎ+য] বি. সৎকর্ম।

সুকেশ /শুকেশ্/ [স. সু+কে+√শী+অ] বিণ. সুন্দর কেশবিশিষ্ট। স্ত্রী. সুকেশা /শুকেশা/।

সুকেশিনী /শুকেশিনি/ [স. সু+কেশ+ইন্+ঈ] বিণ. সুন্দর কেশবিশিষ্টা।

সুকেশী /শুকেশি/ [স. সুকেশ+ইন্] বিণ. সুন্দর কেশবিশিষ্ট।

সুকোমল /শুকোমোল্/ [স. সু+কোমল] বিণ. অতিশয় স্নিগ্ধ ও কোমল।

সুকৌশলে /শুকৌউশলে/ [স. সু+কৌশল+বা. এ] ক্রিবিণ. ১ দক্ষতা ও নিপুণতা সহকারে। ২ চতুরতা সহকারে।

সুক্রিয়া /শুকৃক্রিআ/ [স. সু+ক্রিয়া] বি. সৎকাজ, পুণ্যকর্ম।

সুখ /শুখ্/ [স. √সুখ্+অ] বি. ১ আনন্দ; তৃপ্তি। ২ আরাম; স্বাচ্ছন্দ্য। বিণ. আরামদায়ক; প্রীতিকর।

সুখকর /শুখোকর্/ [স. সুখ+√কৃ+অ] বিণ. তৃপ্তিকর; আনন্দদায়ক।

সুখচর /শুখোচর্/ [স. সুখ+√চর্+অ] বিণ. আনন্দে বিচরণকারী।

সুখচ্ছায় /শুখোচ্ছায়্/ [স. সুখ+ছায়া] বি. স্নিগ্ধ ছায়া।

সুখজনক /শুখোজনোক্/ [স. সুখ+জনক] বিণ. তৃপ্তিদায়ক; সুখকর।

সুখদ /শুখদো/ [স. সুখ+√দা+অ] বিণ. সুখ দেয় এমন, তৃপ্তিদায়ক। স্ত্রী. সুখদা /শুখোদা/।

সুখধাম /শুখোধাম্/ [স. সুখ+√ধা+মন্] বি. শান্তির নীড়।

সুখপরশ /শুখোপরোশ্/ [স. সুখ+বা. পরশ] বি. স্নিগ্ধ স্পর্শ, কোমল ছোঁয়া।

সুখপাঠ্য /শুখোপাট্ঠো/ [স. সুখ+পাঠ্য] বিণ. ১ পড়তে ভালো লাগে এমন। ২ সহজপাঠ্য।

সুখবর /শুখবোর্/ [স. সু+আ. খবর] বি. সুসংবাদ।

সুখবাদী /শুখোবাদি/ [স. সুখ+√বদ্+ইন্] বিণ. ইন্দ্রিয় সুখই জীবনের মুখ্য উদ্দেশ্য এমন মতবাদের অনুসারী।

সুখসাধ্য /শুখোশাদ্ধো/ [স. সুখ+√সাধি+য] বিণ. সহজে করা যায় এমন, সহজসাধ্য।

সুখস্পর্শ /শুখোস্পরশো/ [স. সুখ+√স্পৃশ্+অ] বি. কোমল স্পর্শ।

সুখস্বপ্ন /শুখোশপ্নো/ [স. সুখ+√স্বপ্+ন] বি. সুখপ্রদ স্বপ্ন।

সুখস্বাচ্ছন্দ্য /শুখশাচ্ছোন্দো/ [স. সুখ+স্বাচ্ছন্দ্য] বি. আনন্দ ও নিরুদ্‌বিগ্নতা, আরাম-আয়েশ।

সুখস্মৃতি /শুখোস্মৃতি/ [স. সুখ+√স্মৃ+তি] বি. সুখের স্মৃতি।

সুখা /শুখা/ [হি.] বি. ১ কলে কাটা শুকনো তামাকপাতা, সুর্তি। ২ চুনমিশ্রিত তামাকপাতা থেকে উৎপাদিত নেশাদ্রব্যবিশেষ।

সুখাদ্য /শুখাদ্দো/ [স. সু+খাদ্য] বি. স্বাদু ও পুষ্টিকর আহার্য; তৃপ্তিকর খাদ্য।

সুখানুভব /শুখানুভব্/ [স. সুখ+অনুভব] বি. সুখবোধ।

সুখানুভূতি /শুখানুভূতি/ [স. সুখ+অনুভূতি] বি. সুখকর অনুভূতি।

সুখান্বেষণ /শুখান্নেশন্/ [স. সুখ+অন্বেষণ] বি. সুখের সন্ধান।

সুখাবহ /শুখাবহো/ [স. সুখ+আবহ] বিণ. আরামদায়ক।

সুখারাধ্য /শুখারাদ্ধো/ [স. সুখ+আরাধ্য] বিণ. (যার) আরাধনা কষ্টসাধ্য নয় এমন।

সুখিত /শুখিতো/ [স. সুখ+ইত] বিণ. তৃপ্ত; সুখী।

সুখী /শুখি/ [স. সুখ+ইন্] বিণ. ১ সন্তুষ্ট (*সুখী জীবন*)। ২ সুখভোগে অভ্যস্ত।

সুখৈশ্বর্য /শুখোইশ্শোর্জো/ [স. সুখ+ঐশ্বর্য] বি. সুখ ও ধনসম্পত্তি।

সুখোৎপত্তি /শুখোত্পোত্তি/ [স. সুখ+উৎপত্তি] বি. সুখের সঞ্চার।

সুখোদক /শুখোদক্/ [স. সুখ+উদক] বি. ঈষদুষ্ণ ও আরামদায়ক জল।

সুখোদয় /শুখোদয়্/ [স. সুখ+উদয়] বি. সুখের উদ্ভব।

সুখোষ্ণ /শুখোশ্নো/ [স. সুখ+উষ্ণ] বিণ. ঈষৎ তপ্ত, কবোষ্ণ।

সুখ্যাতি /শুকখ্যাতি/ [স. সু+√খ্যা+তি] বি. ১ সুনাম, যশ। ২ তারিফ, প্রশংসা।

সুগঠন /শুগঠোন্/ [স. সু+বা. গঠন] বিণ. উত্তম বা সুন্দর গঠনযুক্ত। বি. সুন্দর আকৃতি।

সুগঠিত /শুগোঠিতো/ [স. সু+বা. গঠিত] বিণ. সুন্দর আকৃতিবিশিষ্ট; উত্তমরূপে নির্মিত।

সুগত /শুগতো/ [স. সু+√গম্+ত] বিণ. সুন্দর গতিযুক্ত। বি. বুদ্ধদেব।

www.pathagar.com

সুগতি /শুগোতি/ [স. সু+√গম্+তি] বি. ১ সদ্‌গতি। ২ সুন্দর গতি। বিণ. সুন্দর গতিযুক্ত।

সুগন্ধ /শুগন্‌ধো/ [স. সু+গন্ধ] বি. ১ সুবাস। ২ চন্দন। ৩ গন্ধক। ৪ গন্ধবণিক। ৫ জিরা। বিণ. ১ মধুর গন্ধবিশিষ্ট (*সুগন্ধ ফুল*)। ২ সুবাসিত (*সুগন্ধ তেল*)।

সুগন্ধবহ /শুগন্‌ধোবহো/ [স. সুগন্ধ+বহ] বিণ. সুগন্ধবাহী। বি. বাতাস।

সুগন্ধা /শুগন্‌ধা/ [স. সুগন্ধ+আ (টাপ্)] বি. গন্ধ আছে এমন ফুল (রাস্না মাধবীলতা মল্লিকা তুলসী স্বর্ণযূথিকা প্রভৃতি)।

সুগন্ধি /শুগোন্‌ধি/ [স. সুগন্ধ+ই] বিণ. ১ মধুর গন্ধবিশিষ্ট (*সুগন্ধি ফুল*)। ২ সুবাসিত (*সুগন্ধি তেল*)।

সুগন্ধিত /শুগোন্‌ধিতো/ [স. সুগন্ধ >] বিণ. মধুর গন্ধযুক্ত।

সুগন্ধী /শুগোন্‌ধি/ [স. সুগন্ধ+ইন্] বিণ. মধুর গন্ধ বহন করে এমন (*সুগন্ধী বায়ু*)।

সুগভীর /শুগোভির্/ [স. সু+গভীর] বিণ. অত্যন্ত গভীর।

সুগম /শুগম্/ [স. সু+√গম্+অ] বিণ. ১ সহজগম্য। ২ অনায়াসলভ্য। ৩ সহজবোধ্য।

সুগম্ভীর /শুগোম্‌ভির্/ [স. সু+গম্ভীর] বিণ. অতিশয় গম্ভীর।

সুগম্য /শুগোম্‌মো/ [স. সু+√গম্+য] বিণ. দ্র সুগম।

সুগুপ্ত /শুগুপ্‌তো/ [স. সু+√গুপ্+ত] বিণ. সম্পূর্ণ গোপন রাখা হয়েছে এমন।

সুগৃহীতনামা /শুগৃহিতোনামা/ [স. সু+গৃহীত+নামন্] বিণ. উচ্চারণ করলে পুণ্য হয় এমন নামবিশিষ্ট।

সুগোল /শুগোল্/ [স. সু+গোল] বিণ. ১ সম্পূর্ণ গোল। ২ টোলহীন, নিটোল; সুন্দর ও গোলাকার।

সুগ্রাহী /শুগ্‌গ্রাহি/ [স. সু+√গ্রহ্+ইন্] বিণ. সহজ ও স্বাভাবিকভাবে গ্রহণকারী।

সুগ্রীব[১] /শুগ্‌গ্রিব্/ [স. সু+গ্রীবা] বি. ১ বানররাজ বালীর ভ্রাতা। ২ রামায়ণে বর্ণিত ঋষ্যমূক পর্বত।

সুগ্রীব[২] /শুগ্‌গ্রিবো/ [স. সু+গ্রীবা] বিণ. সুন্দর গ্রীবাবিশিষ্ট।

সুঘটিত /শুঘোটিতো/ [স. সু+ঘটিত] বিণ. ১ যুক্তিসংগত। ২ উত্তমরূপে কল্পিত।

সুচ /শুচ্/ [স. সূচী >] বি. সুতো পরিয়ে সেলাই করা যায় এমন সূক্ষ্ম প্রান্তবিশিষ্ট ইস্পাতের মসৃণ শলাকা, সুঁই, ছুঁচ।

সুচরিত /শুচোরিত্/ [স. সু+চরিত] বি. উত্তম চরিত্র। বিণ. উত্তম চরিত্রবিশিষ্ট। স্ত্রী. সুচরিতা/শুচোরিতা/।

সুচরিতেষু /শুচোরিতেশু/ [স. সুচরিত+এষু] বি. শ্রদ্ধাভাজনকে লিখিত পত্রের সম্বোধনসূচক পাঠ। স্ত্রী. সুচরিতাসু /শুচোরিতাশু/।

সুচরিত্র /শুচোরিত্‌ত্রো/ [স. সু+চরিত্র] বি. উত্তম চরিত্র। বিণ. উত্তম চরিত্রবিশিষ্ট। স্ত্রী. সুচরিত্রা /শুচোরিত্‌ত্রা/।

সুচারু /শুচারু/ [স. সু+চারু] বিণ. অতিশয় সুন্দর ও রমণীয়। বি. ~তা /–তা/।

সুচালো /শুচালো/ [বা.] বিণ. সুচের মতো তীক্ষ্ণ।

সুচিক্কণ /শুচিক্‌কন্/ [স. সু+√চিৎ+কণ] বিণ. ১ অতিশয় মসৃণ ও মনোরম। ২ উজ্জ্বল ও চকচকে। ৩ (বাংলায়) পাতলা ও ফিনফিনে।

সুচিত্র /শুচিত্‌ত্রো/ [স. সু+√চিত্র+অ] বিণ. সুন্দর চিত্রবিশিষ্ট; বিচিত্র বর্ণে রঞ্জিত। বি. দৃষ্টিনন্দন চিত্র।

সুচিত্রক /শুচিত্‌ত্রক্/ [স. সুচিত্র+ক (স্বার্থে)] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জলাশয়ের ওপর নিশ্চল হয়ে শূন্যে ভেসে থেকে শিকারের ওপর দৃষ্টি নিবদ্ধ করার পর জলে ঝাঁপ দিয়ে শিকার তুলে আনে এমন বড়ো মাথাওয়ালা বিচিত্র বর্ণের উজ্জ্বল পালকবিশিষ্ট পাখি, মাছরাঙা, মৎস্যরঙ্গ, kingfisher।

সুচিত্রা /শুচিত্‌ত্রা/ [স. সু+চিত্র+আ (টাপ্)] বিণ. ১ দৃষ্টিনন্দন। ২ শোভন চিত্রযুক্তা। বি. ফুটি, কাঁকুড়।

সুচিত্রিত /শুচিত্‌ত্রিতো/ [স. সু+√চিত্রি+ত] বিণ. ১ সুন্দর করে অঙ্কিত। ২ নিপুণভাবে বর্ণিত।

সুচিন্তা /শুচিন্‌তা/ [স. সু+√চিন্ত্+অ+আ (টাপ্)] বি. কল্যাণচিন্তা, মঙ্গল চিন্তা; মহৎ ভাবনা।

সুচিন্তিত /শুচিন্‌তিতো/ [স. সু+√চিন্তি+ত] বিণ. ১ সম্যক পর্যালোচিত (*সুচিন্তিত মতামত*); সুপরিকল্পিত। ২ সুবিবেচিত।

সুচির /শুচিরো/ [স. সু+√চি+র] বিণ. দীর্ঘস্থায়ী। বি. দীর্ঘকাল।

সুচেতা /শুচেতা/ [স. সু+চেতস্] বিণ. ১ উদারচিত্ত, হৃদয়বান। ২ সন্তুষ্টচিত্ত। ৩ চেতনাযুক্ত। ৪ সতর্ক।

সুছন্দ /শুছন্‌দো/ [স. সু+ছন্দ] বিণ. ১ প্রসন্ন। ২ সুঠাম; সুগঠন।

সুছাঁদ /শুছাঁদ্/ [বা.] বিণ. সুগঠিত। বি. সুন্দর আকৃতি।

সুজন /শুজন্/ [স. সু+জন] বি. সৎলোক, সজ্জন। বিণ. ভদ্র।

সুজনি /শুজনি/ [ফা.] বি. বিছানা বা মেঝের ওপর পাতা হয় এমন নকশাকরা পুরু চাদরবিশেষ।

সুজন্মা /শুজন্‌মা/ [স. সু+জন্মন্] বিণ. ১ সদ্‌বংশজাত। ২ স্বামীর ঔরসে পত্নীর গর্ভজাত। বি. (বাংলায়) আশানুরূপ শস্যফলন।

সুজলা /শুজলা/ [স. সু+জল+আ (টাপ্)] বিণ. নদী-

www.pathagar.com

বহুল ; নির্মলসলিলা (*সুজলা সুফলা জননী জন্মভূমি হরপ্রসাদ.*)।

সুজাত /শুজাতো/ [স. সু+√জন্+ত] বিণ. সদ্‌বংশজাত।

সুজাতা /শুজাতা/ [স. সুজাত+আ (টাপ্)] বিণ. সদ্‌বংশজাতা। বি. যে পুণ্যবতী নারী গৌতম বুদ্ধকে পায়েস খাইয়েছিলেন।

সুজি /শুজি/ [হি.] বি. গমের দানাদার চূর্ণ।

সুজিত /শুজিতো/ [স. সু+√জি+ত] বিণ. অনায়াসে জয় করা হয়েছে এমন।

সুজেয় /শুজেয়ো/ [স. সু+√জি+য] বিণ. সহজে জয় করা যায় এমন, অনায়াসে জয়সাধ্য।

সুট /সুট্/ [ই. suit] বি. ১ একসঙ্গে পরিধেয় (সচরাচর একই কাপড়ের তৈরি) কোট প্যান্ট প্রভৃতি পাশ্চাত্য পোশাক। ২ একসঙ্গে পরিধেয় বস্ত্র বা গহনার সেট। ৩ আদালতে দায়ের করা মামলা।

সুটকেস /সুট্‌কেস্/ [ই. suitcase] বি. সুট ও পরিধেয় সামগ্রী বহন করা যায় এমন বাক্স; জামাকাপড় ও বিবিধ দ্রব্যসামগ্রী বহনের জন্য ব্যবহৃত ডালাযুক্ত বাক্স ; সহজে বহনযোগ্য বাক্স।

সুঠাম /শুঠাম্/ [স. সৌষ্ঠব >] বিণ. ১ সুগঠিত (*সুঠাম দেহ*)। ২ মনোহর ও সামঞ্জস্যপূর্ণ অঙ্গযুক্ত।

সুডোল /শুডোল্/ [স. সৌষ্ঠব >] বিণ. দ্র সুঠাম।

সুডৌল /শুডৌড়লো/ [স. সৌষ্ঠব >] বিণ. দ্র সুঠাম।

সুড়ঙ্গ /শুড়ংগো/ [স. সুরঙ্গ >] বি. পাহাড় নদী প্রভৃতির তলদেশ ছিদ্র করে তৈরি পথ, tunnel; তুল. সুরঙ্গ (পৃ ১৩৪২)।

সুড়সুড় /শুড়শুড়্/ [ধ্বন্যা.] অব্য. ১ মৃদু স্পর্শজনিত শিহরনের অনুভূতি। ২ লঘুপদে বেরিয়ে আসার ভাব।

সুড়সুড়ি /শুড়শুড়ি/ [ধ্বন্যা.] বি. হাসি উদ্রেক করে এমন অঙ্গস্পর্শজনিত শিহরন, কাতুকুতু।

সুড়ুৎ /শুড়ুত্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ দ্রুত গলাধঃকরণের অনুকার শব্দ (*সুড়ুৎ করে গিলে ফেলা*)। ২ অন্যের অগোচরে বহির্গমন (*সুড়ুৎ করে সরে পড়া*)।

সুত /শুতো/ [স. √সু+ত] বি. পুত্র, তনয়। স্ত্রী. সুতা /শুতা/।

সুতনু /শুতোনু/ [স. সু+তনু] বিণ. ১ সুন্দর দেহবিশিষ্ট; সুঠাম। ২ ছিমছাম। ৩ অতিশয় কৃশ।

সুতপা /শুতপা/ [স. সু+তপ্+অস্] বিণ. ১ কঠোর তপস্যায় অভ্যস্ত; মহাতপা। ২ অতিশয় তপ্ত। বি. ১ তপস্বী। ২ সূর্য। ৩ বিষ্ণু।

সুতপ্ত /শুতপ্তো/ [স. সু+√তপ্+ত] বিণ. ১ অতিশয় তপ্ত। ২ উজ্জ্বল ও প্রদীপ্ত।

সুতরাং /শুতোরাং/ [স. সু+তর+আম্] অব্য. ১ অগত্যা। ২ (বাংলায়) অতএব।

সুতল /শুতল্/ [স. সু+তল] বিণ. সুন্দর তলবিশিষ্ট। বি. পুরাণে কল্পিত সাতটি পাতালের তৃতীয়টি।

সুতলি /শুতলি/ [স. সূত্র >] বি. পাট বা শণের সরু দড়ি; মোটা সুতো।

সুতহিবুক /শুতোহিবুক্/ [স. সুত+হিবুক] বি. (জ্যোতি.) বিবাহ অনুষ্ঠানের পক্ষে কল্পিত অনুকূল যোগ।

সুতা[১] /শুতা/ [স. সূত্র >] বি. ১ রেশম পোকা বা উদ্ভিদের আঁশ থেকে তৈরি সূক্ষ্ম তন্তু (*কার্পাস সুতা*)। ২ (মিস্ত্রিদের ব্যাবহারিক ভাষায়) এক ইঞ্চির আট ভাগের এক ভাগ; দৈর্ঘ্যের পরিমাপবিশেষ।

সুতা[২] /শুতা/ [স. সুত+আ (টাপ্)] বি. কন্যা, তনয়া।

সুতার[১] /শুতার্/ [বা.] বিণ. ১ স্বাদযুক্ত, সুস্বাদু। ২ তৃপ্তিকর। বি. উৎকৃষ্ট স্বাদ।

সুতার[২] /শুতার্/ [স. সূত্রধর >] বি. ১ কাঠমিস্ত্রি, সূত্রধর, ছুতার। ২ পদবিবিশেষ।

সুতার[৩] /শুতার্/ [বা.] বি. উজ্জ্বল নক্ষত্র। বিণ. ১ চোখের সুন্দর মণিবিশিষ্ট। ২ অতি উচ্চ ধ্বনিবিশিষ্ট।

সুতি /শুতি/ [স. সূত্র >] বিণ. কার্পাস সুতোর তৈরি (*সুতিকাপড়*)।

সুতিক্ত /শুতিক্তো/ [স. সু+√তিজ্+ত] বিণ. অতিশয় তিক্ত।

সুতীক্ষ্ণ /শুতিখ্নো/ [স. সু+√তিজ্+ন] বিণ. অত্যন্ত ধারালো; তীব্র।

সুতীব্র /শুতিব্রো/ [স. সু+তীব্র] বিণ. অত্যন্ত প্রখর।

সুতুঙ্গ /শুতুংগো/ [স. সু+তুঙ্গ] বিণ. অতি উচ্চ।

সুতো /শুতো/ [স. সূত্র >] বি. সুতা[১]-এর কথ্য রূপ।

সুদ /শুদ/ [ফা.] বি. গৃহীত ঋণের ওপর যে মূল্য পরিশোধ করতে হয়, বিনিয়োগের ওপর যে নির্দিষ্ট হারে লভ্যাংশ দেওয়া হয়, বৃদ্ধি, কুসীদ, interest।

সুদ কষা /শুদ্ কশা/ ক্রিবি. সুদের হিসাব নির্ণয় করা।

সুদক্ষ /শুদোক্‌খো/ [স. সু+দক্ষ] বিণ. অতিশয় নিপুণ (*সুদক্ষ কর্মী*)।

সুদক্ষিণ /শুদোক্‌খিন্/ [স. সু+দক্ষিণ] বিণ. ১ উদার প্রকৃতিবিশিষ্ট; সরল। ২ সুনিপুণ। স্ত্রী. সুদক্ষিণা /শুদোক্‌খিনা/।

সুদখোর /শুদ্‌খোর্ / [ফা.] বি. সুদের বিনিময়ে টাকা ধার দেওয়া যার পেশা। বিণ. কুসীদজীবী।

সুদতী /শুদোতি/ [স. সুদন্ত >] বিণ. সুন্দর দাঁতবিশিষ্টা।

সুদন্ত[১] /শুদন্তো/ [স. সু+√দম্+ত] বি. শোভন দশন, সুন্দর দাঁত।

www.pathagar.com

সুদন্ত[২] /শুদন্তো/ [স. সু+√দম্+ত] বিণ. সুন্দর দাঁতবিশিষ্ট। স্ত্রী. সুদন্তী /শুদোন্তি/।

সুদমুক্ত /শুদমুক্তো/ [ফা. সুদ+স. মুক্ত] বিণ. ঋণ বা জমা টাকার ওপর সুদ দেওয়া হয় না এমন।

সুদর্শন /শুদরশোন্/ [স. সু+√দৃশ্+অন] বিণ. সুন্দর চেহারাযুক্ত; শোভন। বি. বিষ্ণুর চক্র (*সুদর্শনচক্র*)।

সুদারুণ /শুদারুন্/ [স. সু+√দু+ণিচ্+উন] বিণ. নিদারুণ।

সুদি /শুদি/ [হি.] বি. শুক্লপক্ষ।

সুদিঠি /শুদিঠি/ [স. সুদৃষ্টি >] বি. সুন্দর দৃষ্টি, সুদৃষ্টি।

সুদিন /শুদিন্/ [স. সু+দিন] বি. ১ শুভদিন; সুখের সময়। ২ সৌভাগ্যের উদয়; ভালো সময়।

সুদীন /শুদিন্/ [স. সু+√দী+ত] বিণ. অত্যন্ত দরিদ্র।

সুদীর্ঘ /শুদিরঘো/ [স. সু+দীর্ঘ] বিণ. অত্যন্ত দীর্ঘ; বেশ লম্বা (*সুদীর্ঘ পথ*)।

সুদুশ্চর /শুদুশ্চর্/ [স. সু+দুর্+√চর্+অ] বিণ. অতি দুর্গম।

সুদূর /শুদুর্/ [স. সু+দূর] বিণ. দূরবর্তী (*সেদিন সুদূর নয়— /যেদিন ধরণী পুরুষের সাথে গাহিবে নারীরও জয়!* নজরুল.)।

সুদূরপরাহত /শুদুরপরাহতো/ [স. সুদূর+পরা+√হন্+ত] বিণ. (যা) প্রায় অসম্ভব এমন।

সুদূরপ্রসারী /শুদুরপ্রোশারি/ [স. সুদূর+প্র+√সৃ+ইন্] বিণ. বহুদূর বিস্তৃত।

সুদূরবর্তী /শুদুরোবোর্তি/ [স. সুদূর+√বৃত্+ইন্] বিণ. অনেক দূরে অবস্থিত।

সুদূরসম্ভবপর /শুদুরশম্ভবপর্/ [স. সুদূর+সম্ভব+পর] বিণ. ঘটার সম্ভাবনা কম এমন।

সুদৃঢ় /শুদৃঢ়ো/ [স. সু+দৃঢ়] বিণ. অত্যন্ত কঠিন (*সুদৃঢ় বন্ধন*)।

সুদৃশ্য /শুদৃশ্শো/ [স. সু+√দৃশ্+য] বিণ. সুন্দর, শোভন, সুদর্শন; দৃষ্টিনন্দন, নয়নাভিরাম।

সুদৃষ্টি /শুদৃশ্টি/ [স. সু+√দৃশ্+তি] বি. অনুকূল দৃষ্টি, প্রসন্ন দৃষ্টি।

সুদে-আসলে /শুদেআশোলে/ [বা.] ক্রিবিণ. সুদ ও আসল সহকারে।

সুদ্ধ /শুদ্ধো/ [আঞ্চ.] অব্য. বিণ. ১ সমেত, সহিত। ২ পর্যন্ত। ৩ সম্বন্ধযুক্ত (*পাড়াসুদ্ধ লোক*)।

সুধন্বা /শুধন্না/ [স. সু+√ধন্ব্+অন] বিণ. শ্রেষ্ঠ ধনুকধারী। বি. বিশ্বকর্মা।

সুধর্মা /শুধরমা/ [স. সু+ধর্মন্] বিণ. অত্যন্ত ধার্মিক। বি. দেবসভা।

সুধা[১] /শুধা/ [স. সু+√ধে+অ+আ (টাপ্)] বি. ১ অমৃত। ২ জ্যোৎস্না (*সুধাকর*)। ৩ গঙ্গা। ৪ জল।

সুধা[২] /শুধা/ [স. সু+√ধা+অ+আ (টাপ্)] বি. চুন।

সুধাংশু /শুধাংশু/ [স. সুধা+অংশু] বি. চাঁদ, চন্দ্র।

সুধাকণ্ঠ /শুধাকন্ঠো/ [স. সুধা+কণ্ঠ] বিণ. সুমধুর কণ্ঠস্বরবিশিষ্ট। বি. কোকিল।

সুধাকর /শুধাকর্/ [স. সুধা+√কৃ+অ] বি. সুধার আকর, চাঁদ, চন্দ্র।

সুধাকার /শুধাকার্/ [বা.] বি. চুন লেপন বা রং করা যার পেশা।

সুধাজীবী /শুধাজিবি/ [স. সু+√ধা+অ+আ (টাপ্)+√জীব্+ইন্] বি. ১ রঙের মিস্ত্রি। ২ রাজমিস্ত্রি।

সুধাদ্রব্য /শুধাদ্রোব্বো/ [স. সু+√ধা+অ+আ (টাপ্)+দ্রব্য] বি. চুনগোলা জল।

সুধাধবলিত /শুধাধবোলিতো/ [স. সু+√ধা+অ+আ (টাপ্)+ধবলিত] বিণ. চুনগোলা জল লেপন করে সাদা করা হয়েছে এমন।

সুধাধামা /শুধাধামা/ [স. সুধা+√ধা+মন্] বি. সুধার ধাম অর্থাৎ চন্দ্র।

সুধানিধি /শুধানিধি/ [স. সুধা+নিধি] বি. চাঁদ।

সুধাপঙ্ক /শুধাপংকো/ [স. সু+√ধা+অ+আ (টাপ্)+পঙ্ক] বি. চুনগোলা জলের প্রলেপ।

সুধাপাণি /শুধাপানি/ [স. সুধা+পাণি] বি. পুরাণমতে দেবতাদের চিকিৎসকবিশেষ, ধন্বন্তরি।

সুধাপাত্র /শুধাপাত্রো/ [স. সুধা+পাত্র] বি. অমৃতের পাত্র।

সুধাপান /শুধাপান্/ [স. সুধা+পান] বি. ১ অমৃত পান। ২ (ব্য.) সুরাপান।

সুধাপূর্ণ /শুধাপুরনো/ [স. সুধা+পূর্ণ] বিণ. ১ অমৃতে পরিপূর্ণ। ২ অতিশয় মধুর।

সুধাবর্ষী /শুধাবোর্শি/ [স. সুধা+√বৃষ্+ইন্] বিণ. সুধা বর্ষণ করে এমন; (আল.) অতিশয় স্নিগ্ধ। বি. চাঁদ।

সুধাবাস /শুধাবাশ্/ [স. সুধা+আবাস] বি. চাঁদ।

সুধাময় /শুধাময়্/ [স. সুধা+ময়ট্] বিণ. মধুময়; অমৃতপূর্ণ। স্ত্রী. সুধাময়ী /শুধামোয়ি/।

সুধামাখা /শুধামাখা/ [স. সুধা+বা. মাখা] বিণ. অমৃতময়; অত্যন্ত মধুর।

সুধামুখ /শুধামুখ্/ [স. সুধা+মুখ] বিণ. ১ সুন্দর মুখবিশিষ্ট। ২ (আল.) অতিশয় মিষ্টভাষী।

সুধামুখী /শুধামুখি/ [স. সুধা+মুখ+ইন্] বিণ. ১ সুন্দর মুখবিশিষ্টা। ২ (আল.) মিষ্টভাষিণী।

সুধারস /শুধারশ্/ [স. সুধা+রস] বি. অমৃততুল্য রস।

সুধারা /শুধারা/ [স. সু+ধারা] বি. ১ সুব্যবস্থা। ২ মধুর প্রবাহ। বিণ. অত্যন্ত মধুর।

সুধারুচি /শুধারুচি/ [স. সুধা+রুচি] বিণ. সুধার মতো

www.pathagar.com

স্বাদবিশিষ্ট।

সুধাসব /শুধাশব্/ [স. সুধা+√সু+অ] বি. সুধাতুল্য সুরা।

সুধাসমুদ্র /শুধাশোমুদ্দ্রো/ [স. সুধা+সমুদ্র] বি. পুরাণে কল্পিত সাতটি সমুদ্রের অন্যতম (অমৃতের সাগর)।

সুধাসাগর /শুধাশাগোর্/ [স. সুধা+সাগর] বি. দ্র সুধাসমুদ্র।

সুধাসার /শুধাশার্/ [স. সুধা+সার] বি. অমৃতবর্ষণ।

সুধাসিক্ত /শুধাশিক্তো/ [স. সুধা+√সিচ্+ত] বিণ. অমৃতে অভিষিক্ত।

সুধাসিন্ধু /শুধাশিন্ধু/ [স. সুধা+সিন্ধু] বি. দ্র সুধা-সমুদ্র।

সুধাস্পর্ধী /শুধাস্পোর্ধি/ [স. সুধা+√স্পর্ধ্+ইন্] বিণ. অমৃতকে অতিক্রম করে এমন মধুর।

সুধাহর /শুধাহরো/ [স. সুধা+√হৃ+অ] বি. গরুড়।

সুধাহৃৎ /শুধাrhiত্/ [স. সুধা+√হৃ+ত] বি. গরুড়।

সুধী /শুধি/ [স. সু+ধী] বি. ১ জ্ঞানী বা বিদ্বান ব্যক্তি। ২ বিদ্বজ্জনকে লিখিত পত্রের পাঠ। বিণ. অতিশয় ধীমান।

সুধীর /শুধির্/ [স. সু+ধীর] বিণ. ১ অতি শান্ত প্রকৃতির। ২ অতি ধীর গতিবিশিষ্ট।

সুনজর /শুনজোর্/ [স. সু+আ. নজর] বি. ১ প্রসন্ন দৃষ্টি। ২ অনুকূল ধারণা।

সুনন্দ /শুননন্দো/ [স. সু+√নন্দি+অ] বি. শ্রীকৃষ্ণের পার্শ্বচর, বলরাম। বিণ. প্রীতিকর স্বভাববিশিষ্ট।

সুনন্দা /শুননন্দা/ [স. সুনন্দ+আ (টাপ্)] বি. ১ হিমালয়কন্যা ও শিবপত্নী, পার্বতী। ২ পার্বতীর একজন সখী। ৩ নারী। ৪ গোরোচনা।

সুনয়ন /শুনয়োন্/ [স. সু+নয়ন] বিণ. সুন্দর চোখ-বিশিষ্ট। বি. হরিণ।

সুনয়না /শুনয়োনা/ [স. সুনয়ন+আ (টাপ্)] বিণ. সুন্দর চোখবিশিষ্টা। বি. সুন্দরী নারী।

সুনয়নী /শুনয়োনি/ [স. সুনয়ন+ঈ] বিণ. সুনেত্রা।

সুনসান /শুনশান্/ [স. শূন্য >] বিণ. ১ নিঝুম, নীরব; নিস্পন্দ। ২ নির্জন।

সুনাজমি /শুনাজোমি/ [বা.] বি. রবিশস্য আখ তামাক প্রভৃতি চাষের উপযুক্ত শুকনো জমি।

সুনাব্য /শুনাব্বো/ [স. সু+নৌ+য] বিণ. নৌচলাচলের উপযোগী।

সুনাভ /শুনাভো/ [স. সু+নাভি] বিণ. সুন্দর নাভি-যুক্ত। বি. মৈনাক পর্বত।

সুনাম /শুনাম্/ [স. সু+নামন্] বি. সুখ্যাতি, যশ; প্রশংসা।

সুনামি /সুনামি/ [জাপ.] বি. সমুদ্রগর্ভে তীব্র ভূকম্পন (রিখ্টার স্কেলে ৬.৫ মাত্রার উর্ধ্বে) বা অগ্ন্যুৎ-পাতের ফলে সমুদ্র উপকূলকে প্লাবিত করে এমন প্রবল বেগে ধেয়ে আসা জলোচ্ছ্বাস, বেলোর্মি, tsunami।

সুনাস /শুনাশ্/ [স. সুনাসা>] বিণ. সুন্দর নাকবিশিষ্ট।

সুনাসা /শুনাশা/ [স. সু+নাসা] বিণ. দ্র সুনাস।

সুনিদ্র /শুনিদ্দ্রো/ [স. সুনিদ্রা >] বিণ. গভীর নিদ্রামগ্ন।

সুনিদ্রা /শুনিদ্দ্রা/ [স. সু+নিদ্রা] বি. গাঢ় নিদ্রা।

সুনিপুণ /শুনিপুন্/ [স. সু+নিপুণ] বিণ. অতিশয় দক্ষ বা পারদর্শী, সুদক্ষ। স্ত্রী. সুনিপুণা /শুনিপুনা/।

সুনিভৃত /শুনিভৃতো/ [স. সু+নি+√ভৃ+ত] বিণ. ১ সম্পূর্ণ গুপ্ত, অপ্রকাশিত। ২ জনহীন।

সুনিয়ত /শুনিঅতো/ [স. সু+নি+√যম্+ত] বিণ. সুসংযত।

সুনিয়ন্ত্রণ /শুনিঅন্ত্রোন্/ [স. সু+নি+√যন্ত্র+অন] বি. সুষ্ঠু ব্যবস্থা বা পরিচালনা; সুবন্দোবস্ত।

সুনিয়ন্ত্রিত /শুনিওন্ত্রিতো/ [স. সু+নি+√যন্ত্র+ত] বিণ. সুন্দরভাবে পরিচালিত; সুব্যবস্থিত।

সুনির্ণীত /শুনির্নিতো/ [স. সু+নির্+√নী+ত] বিণ. স্পষ্টভাবে নিরূপিত।

সুনির্দিষ্ট /শুনির্দিশ্টো/ [স. সু+নির্+√দিশ্+ত] বিণ. ১ স্পষ্টভাবে স্থির করা হয়েছে এমন। ২ স্পষ্ট-ভাবে উল্লেখ করা হয়েছে এমন।

সুনির্ধারিত /শুনির্ধারিতো/ [স. সু+নির্+√ধারি+ত] বিণ. দ্র সুনির্দিষ্ট।

সুনিশ্চয় /শুনিশ্চয়/ [স. সু+নির্+√চি+অ] বি. ১ সন্দেহাতীত জ্ঞান। ২ উত্তমরূপে নিরূপণ।

সুনিশ্চিত /শুনিশ্চিতো/ [স. সু+নির্+√চি+ত] বিণ. অবধারিত; অবশ্যম্ভাবী।

সুনীতি /শুনিতি/ [স. সু+√নী+তি] বি. উৎকৃষ্ট নীতি। বিণ. উৎকৃষ্ট নীতিবিশিষ্ট; নীতিমান।

সুনীল /শুনিল্/ [স. সু+ফা. নীল] বিণ. অতিশয় নীল; নীল বর্ণবিশিষ্ট।

সুনেত্রা /শুনেত্রা/ [স. সু+নেত্রা] বিণ. সুন্দর চোখ-বিশিষ্টা, সুনয়না।

সুনেহ /শুনেহো/ [স. সুস্নেহ >] বি. ১ গভীর স্নেহ। ২ অকৃত্রিম প্রণয়।

সুন্দ /শুনদো/ [স. √সুন্দ্+অ] বি. ১ বিষ্ণু। ২ দৈত্য-রাজ নিকুম্ভের জ্যেষ্ঠ পুত্র ও অসুরবিশেষ। ৩ বানরবিশেষ।

www.pathagar.com

সুন্দর /শুন্দর্/ [স. সু+√উন্দ্+অর] বিণ. ১ সুশ্রী, সুদর্শন, কমনীয়। ২ (বাংলায়) ন্যায্য, সুসংগত।

সুন্দরবন /শুন্দর্বোন্/ [স. সুন্দর+বন] বি. বাংলাদেশের দক্ষিণ-পশ্চিম সীমান্তে (এবং অংশত ভারতের পশ্চিমবঙ্গে) বঙ্গোপসাগরের উপকূলে গঙ্গা ও ব্রহ্মপুত্রের বদ্বীপ এলাকায় অবস্থিত বিশ্বের বৃহত্তম ম্যানগ্রোভ বনভূমি (সুন্দরী বৃক্ষের প্রাধান্য-হেতু 'সুন্দরবন' নামে অভিহিত) এবং রয়াল বেঙ্গল টাইগার-সহ বিবিধ প্রজাতির জীবজন্তুর আবাসস্থল।

সুন্দরী /শুন্দোরি/ [স. সুন্দর+ঈ] বিণ. রূপবতী। বি. ১ রূপবতী নারী। ২ সুন্দরবনের গাছবিশেষ।

সুন্দরীগাছ /শুন্দোরিগাছ্/ [স. সুন্দরী+বা. গাছ] বি. সুন্দরবন অঞ্চলে জাত কালচে ধূসর বা বাদামি বাকলযুক্ত স্বল্পদৈর্ঘ্য আঁশবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ (যার শিকড় নিচে না গিয়ে শ্বাসমূলরূপে মাটি ফুঁড়ে ওপরে উঠে আসে), সুঁদরি।

সুন্দি /শুন্দি/ [আঞ্চ.] বি. ১ বেতসলতা; বেতের লাঠি। ২ শ্বেতপদ্ম।

সুন্নত /সুন্নত্/ [আ.] বি. ১ হজরত মুহম্মদ (সা.)-এর নির্দেশ অনুযায়ী মুসলমানদের পালনীয় বিধান; হাদিসে বর্ণিত কর্ম ও আচরণের বিধি। ২ মুসলমান ও ইহুদিদের মধ্যে প্রচলিত পুরুষাঙ্গের ত্বকচ্ছেদ-রূপ সংস্কার।

সুন্নি /সুন্নি/ [আ.] বি. ইসলাম ধর্মাবলম্বীদের সম্প্রদায়বিশেষ (যাঁরা হজরত আবু বকর হজরত উমর হজরত উসমান এবং হজরত আলীকে হজরত মুহম্মদ (সা.)-এর বৈধ উত্তরাধিকারী মনে করেন)।

সুপ[১] /সুপ্/ (ব্যাকরণের পরিভাষা) পাণিনিমতে পদ সৃষ্টিকারী ২১টি শব্দবিভক্তির মধ্যে শেষ বিভক্তি বা অধিকরণের বহুবচনের রূপ।

সুপ[২] /সুপ্/ [ই.] বি. পাশ্চাত্য এবং চীন জাপান-সহ অন্যান্য দেশে আহার্যের পদরূপে পরিবেশিত মাছ মাংস বা সবজির কাথ, soup; তুল. সূপ (পৃ ১৩৪৮)।

সুপক্ক /শুপক্কো/ [স. সু+√পচ্+ত] বিণ. ১ পুরোপুরি পেকেছে এমন (*সুপক্ক ফল*)। ২ ভালোভাবে সেদ্ধ করা হয়েছে এমন (*সুপক্ক মাংস*)।

সুপচ /শুপচো/ [স. সু+√পচ্+অ] বিণ. সহজে হজম হয় এমন, সহজপাচ্য, লঘুপাক।

সুপঠ /শুপঠো/ [স. সু+√পঠ্+অ] বিণ. ১ সুখপাঠ্য। ২ সহজে পড়া যায় এমন, legible।

সুপথ /শুপথ্/ [স. সু+পথ] বি. উত্তম পথ; সদুপায়।

সুপথ্য /শুপোত্থো/ [স. সু+পথ্য] বি. (রোগীর জন্য) যথাযথ খাদ্য।

সুপন্থা /শুপন্থা/ [স. সু+হি. পন্থা] বি. দ্র সুপথ।

সুপরিকল্পিত /শুপোরিকোল্পিতো/ [স. সু+পরিকল্পিত] বিণ. উত্তমরূপে পরিকল্পনা করা হয়েছে এমন।

সুপর্ণ /শুপর্নো/ [স. সু+পর্ণ] বিণ. ১ সুন্দর পালক-বিশিষ্ট। ২ শোভন পাতাবিশিষ্ট। বি. ১ গরুড়। ২ মোরগ। ৩ স্বর্ণচূড় পাখি।

সুপর্ণা /শুপর্না/ [স. সুপর্ণ+আ (টাপ্)] বি. ১ চার-জাতির নারীর মধ্যে শ্রেষ্ঠ ও সুলক্ষণা নারী, পদ্মিনী। ২ মহাভারতে বর্ণিত গরুড়ের মাতা।

সুপর্ণী /শুপোর্নি/ [স. সুপর্ণ+ঈ] বি. দ্র সুপর্ণা।

সুপাচ্য /শুপাচ্চো/ [স. সু+পাচ্য] বিণ. সহজে হজম হয় এমন, সহজপাচ্য, লঘুপাক।

সুপাঠ্য /শুপাট্ঠো/ [স. সু+পাঠ্য] বিণ. ১ সুখপাঠ্য। ২ সহজে পড়া যায় এমন।

সুপাত্র /শুপাত্রো/ [স. সু+√পা+ত্র] বি. (বিবাহের জন্য) যোগ্য পাত্র। স্ত্রী. সুপাত্রী /শুপাত্রি/।

সুপারগ /সুপারোগ্/ [স. সু+পার+√গম্+অ] বিণ. অতিশয় পারদর্শী।

সুপারসনিক /সুপার্সনিক্/ [লা.] বিণ. শব্দের গতির চেয়ে উচ্চতর গতিসম্পন্ন (০° সেলসিয়াস তাপমাত্রায় প্রতি সেকেন্ডে ৩৩১ মিটারের ঊর্ধ্বে), supersonic। বি. শব্দের চেয়ে উচ্চতর গতিতে উড়তে পারে এমন উড়োজাহাজ।

সুপারি /শুপারি/ [দেশি.] বি. এশিয়ার উষ্ণ ও আর্দ্র উপকূলীয় অঞ্চলে জাত শাখাবিহীন দীর্ঘ কাণ্ড-বিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বহুবর্ষজীবী উদ্ভিদ বা তার একবীজবিশিষ্ট গোলাকার ছোটো ফল, গুবাক।

সুপারিনটেনডেন্ট /সুপারিন্টেনডেন্ট্/ [লা.] বি. (কাজের) তত্ত্বাবধায়ক, superintendent।

সুপারিশ /শুপারিশ্/ [ফা.] বি. কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বিষয় প্রভৃতির অনুকূলে অনুরোধ।

সুপারিশপত্র /শুপারিশ্পত্রো/ [ফা. সুপারিশ+স. পত্র] বি. কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বিষয় প্রভৃতির অনুকূলে প্রদত্ত শংসাপত্র।

সুপারিশমালা /শুপারিশ্মালা/ [ফা. সুপারিশ+স. মালা] বি. কোনো ব্যক্তি প্রতিষ্ঠান বস্তু প্রভৃতির

www.pathagar.com

উপযুক্ততা সম্পর্কে প্রদত্ত অনুকূল মতামত।

সুপার্শ্ব /শুপারশো/ [স. সু+পার্শ্ব] বিণ. শোভন পার্শ্বভাগবিশিষ্ট। বি. ১ রাবণের সৎস্বভাবসম্পন্ন অমাত্য ও রাক্ষসবিশেষ। ২ রামায়ণোক্ত অরুণপুত্র পক্ষীরাজ সম্পাতির পুত্র।

সুপুত্র /শুপুত্রো/ [স. সু+পুত্র] বি. গুণবান পুত্র।

সুপুরি /শুপুরি/ [দেশি.] বি. 'সুপারি'-র কথ্য রূপ।

সুপুরুষ /শুপুরুশ্/ [স. সু+পুরুষ] বি. সুঠামদেহী সুদর্শন পুরুষ।

সুপ্ত /শুপ্তো/ [স. √স্বপ্+ত] বিণ. ১ নিদ্রিত। ২ অব্যক্ত ও প্রচ্ছন্ন (*সুপ্ত প্রতিভা*)।

সুপ্তি /শুপ্তি/ [স. √স্বপ্+তি] বি. ১ তন্দ্রা। ২ নিদ্রা। ৩ স্বপ্ন।

সুপ্তোত্থিত /শুপ্তোত্থিতো/ [স. সুপ্ত+উত্থিত] বিণ. নিদ্রিত অবস্থা থেকে জেগে উঠেছে এমন। স্ত্রী. **সুপ্তোত্থিতা** /শুপ্তোত্থিতা/।

সুপ্রকাশ /শুপ্রোকাশ্/ [স. সু+প্রকাশ] বিণ. স্পষ্ট ও সুন্দরভাবে বিকশিত।

সুপ্রজাবতী /শুপ্রোজাবোতি/ [স. সুপ্রজস্+বৎ+ঈ] বিণ. বহুসন্তানবতী, বহুপ্রসবিনী।

সুপ্রণালি /শুপ্রোনালি/ [স. সু+প্রণালি] বি. উত্তম বিধি, উৎকৃষ্ট নিয়ম।

সুপ্রতর /শুপ্রোতর্/ [স. সু+প্রতর] বিণ. সহজে অতিক্রম করা যায় এমন।

সুপ্রতিভা /শুপ্রোতিভা/ [স. সু+প্রতিভা] বি. ১ মার্জিত ও তীক্ষ্ণ বুদ্ধি। ২ অসামান্য বুদ্ধি। ৩ প্রভা, দীপ্তি।

সুপ্রতিষ্ঠ /শুপ্রোতিশ্ঠো/ [স. সু+প্রতি+√স্থা+অ] বিণ. দ্র **সুপ্রতিষ্ঠিত**।

সুপ্রতিষ্ঠা /শুপ্রোতিশ্ঠা/ [স. সু+প্রতি+√স্থা+অ+আ (টাপ্)] বি. ব্যাপক পরিচিতি ও খ্যাতি।

সুপ্রতিষ্ঠিত /শুপ্রোতিশ্ঠিতো/ [স. সু+প্রতি+√স্থা+ত] বিণ. ১ সুপ্রতিষ্ঠাযুক্ত। ২ শোভনভাবে স্থাপিত, দৃঢ়স্থিত। ৩ সমাজে স্বীকৃত ও সম্মানিত।

সুপ্রতীক /শুপ্রোতিক্/ [স. সু+প্রতীক] বিণ. ১ সুনির্মিত। ২ সুন্দর অবয়ববিশিষ্ট। বি. ১ পুরাণোক্ত কামদেব, কন্দর্প। ২ ঈশান কোণের অধীশ্বর।

সুপ্রতীত /শুপ্রোতিতো/ [স. সু+প্রতি+√ইত] বিণ. পরিজ্ঞাত।

সুপ্রতুল /শুপ্রোতুল্/ [বা.] বিণ. প্রচুর; যথেষ্ট।

সুপ্রভ /শুপ্রোভো/ [স. সু+প্রভা] বিণ. উজ্জ্বল, দীপ্তিময়। স্ত্রী. **সুপ্রভা** /শুপ্রোভা/।

সুপ্রভাত /শুপ্রোভাত্/ [স. সু+প্রভাত] বি. প্রাতঃকাল মঙ্গলময় হোক এইরূপ অভিবাদন, রাত ১২:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত উচ্চার্য অভিবাদন-বিশেষ, good morning।

সুপ্রযুক্ত /শুপ্রোজুক্তো/ [স. সু+প্র+√যুজ্+ত] বিণ. যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে এমন।

সুপ্রয়োগ /শুপ্রোয়োগ্/ [স. সু+প্রয়োগ] বি. ১ উপযুক্ত ব্যবহার। ২ যথাযথ প্রয়োগ।

সুপ্রশস্ত /শুপ্রোশোস্তো/ [স. সু+প্র+√শন্স্+ত] বিণ. ১ অতি উত্তম। ২ সুযোগ্য। ৩ (বাংলায়) যথাযথ আয়তনবিশিষ্ট।

সুপ্রসন্ন /শুপ্রোশোন্নো/ [স. সু+প্র+√সদ্+ত] বিণ. ১ অতিশয় সদয় (*সুপ্রসন্ন ভাগ্য*)। ২ শান্ত; নির্মল (*সুপ্রসন্নচিত্ত*)। ৩ প্রফুল্ল।

সুপ্রসাদ /শুপ্রোশাদ্/ [স. সু+প্রসাদ] বি. ১ বিশেষ অনুগ্রহ। ২ আত্মতুষ্টি।

সুপ্রসিদ্ধ /শুপ্রোশিদ্ধো/ [স. সু+প্র+√সিধ্+ত] বিণ. অতি বিখ্যাত; লোকসমাজে বিশেষভাবে খ্যাত। স্ত্রী. **সুপ্রসিদ্ধা** /শুপ্রোশিদ্ধা/।

সুপ্রাপ্য /শুপ্রাপ্পো/ [স. সু+প্রাপ্য] বিণ. সহজলভ্য।

সুপ্রিম কোর্ট /সুপ্রিম্ কোর্ট্/ বি. রাষ্ট্রের সর্বোচ্চ বিচারালয়, supreme court।

সুপ্রিয় /শুপ্রিয়ো/ [স. সু+প্রিয়] বিণ. অতিশয় প্রিয়; আদরণীয়, beloved। স্ত্রী. **সুপ্রিয়া** /শুপ্রিআ/।

সুপ্রীত /শুপ্রিতো/ [স. সু+প্রীত] বিণ. অতিশয় প্রীত, সন্তুষ্ট।

সুফল /শুফল্/ [স. সু+ফল] বি. ১ উন্নত মানের ফল। ২ (বাংলায়) উত্তম পরিণতি।

সুফলদায়ক /শুফল্দায়ক্/ [স. সুফল+দায়ক] বিণ. সুফল দেয় এমন, সুফলপ্রদ।

সুফলপ্রদ /শুফলোপ্রোদো/ [স. সুফল+প্রদ] বিণ. দ্র **সুফলদায়ক**।

সুফলপ্রসূ /শুফলোপ্রোশু/ [স. সুফল+প্র+√সূ+ক্বিপ্] বিণ. দ্র **সুফলদায়ক**।

সুফলা /শুফলা/ [স. সু+বা. ফলা] বিণ. ফলবতী; উন্নত মানের ফল দেয় এমন। বি. কলা।

সুফি /সুফি/ [আ.] বি. মুসলমান মরমি সাধক সম্প্রদায়বিশেষ। বিণ. ধার্মিক।

সুফেন /শুফেন/ [স. সু+√স্ফায়্+ন] বি. সাগরের ফেনা।

সুবঙ্কিম /শুবোংকিম্/ [বা.] বিণ. বাঁকা অথচ সুন্দর

www.pathagar.com

(*সুবঙ্কিম চাঁদ*)।

সুবচন /শুবচোন্/ [স. সু+√বচ্+অন] বি. হিতকর বাক্য, শোভন উক্তি। বিণ. (বাংলায়) মিষ্টভাষী।

সুবচনি /শুবচোনি/ [স. সুবচন >] বিণ. মধুরভাষিণী। বি. মঙ্গলদায়িনীরূপে পরিগণিত বাংলার লৌকিক দেবী।

সুবদন /শুবদোন্ /[স. সু+বদন] বি. সুন্দর মুখমণ্ডল। বিণ. সুন্দর মুখমণ্ডলবিশিষ্ট। স্ত্রী. সুবদনা /শুবদোনা/।

সুবদনী /শুবদোনি/ [স. সু+বদন+ঈ] বিণ. সুন্দর মুখমণ্ডলবিশিষ্টা।

সুবন্ত /শুবন্তো/ [স. সুপ্+অন্ত] বিণ. অন্তে সুপ্ বিভক্তি আছে এমন।

সুবন্দোবস্ত /শুবন্দোবস্তো/ [স. সু+ফা. বন্দোবস্ত] বি. উত্তম ব্যবস্থা, সুব্যবস্থা।

সুবন্ধ /শুবন্ধো/ [স. সু+বন্ধ] বিণ. দৃঢ় বন্ধনযুক্ত। বি. যত্ন।

সুবন্ধে /শুবন্ধে/ [স. সুবন্ধ+বা. এ] ক্রিবিণ. যত্ন-সহকারে।

সুবর্ণ /শুবর্নো/ [স. সু+বর্ণ] বি. ১ (মুদ্রা ও অলংকার তৈরির জন্য ব্যবহৃত) রাসায়নিক বিক্রিয়ায় বিবর্ণ বা ক্ষয়প্রাপ্ত হয় না এমন উজ্জ্বল হলুদ রঙের ঘাতসহ মৌলিক ধাতু যার পারমাণবিক সংখ্যা ৭৯, সোনা, স্বর্ণ। ২ মোহর। ৩ সুন্দর রং। ৪ সুন্দর অক্ষর। বিণ. ১ সোনালি রঙের। ২ সুন্দর অক্ষর-বিশিষ্ট।

সুবর্ণক /শুবর্নোক্/ [স. সুবর্ণ+ক] বি. ১ পিতল। ২ সোনালু গাছ।

সুবর্ণকদলী /শুবর্নোকদোলি/ [স. সুবর্ণ+কদল+ঈ] বি. পাতলা খোসাবিশিষ্ট কলার প্রজাতিবিশেষ বা তার গাছ, চাঁপাকলা।

সুবর্ণকার /শুবর্নোকার্/ [স. সুবর্ণ+√কৃ+অ] বি. সোনার অলংকার তৈরি যার পেশা, স্বর্ণকার।

সুবর্ণখচিত /শুবর্নোখোচিত/ [স. সুবর্ণ+√খচ্+ত] বিণ. স্বর্ণশোভিত।

সুবর্ণগঠিত /শুবর্নোগোঠিতো/ [স. সুবর্ণ+বা. গঠিত] বিণ. সোনার তৈরি।

সুবর্ণগর্ভা /শুবর্নোগর্ভা/ [স. সুবর্ণ+বা. গর্ভা] বিণ. সুসন্তানের জন্মদাত্রী; স্বর্ণপ্রসবা।

সুবর্ণজয়ন্তী /শুবর্নোজয়োন্তি/ [স. সুবর্ণ+√জি+অৎ+ঈ] বি. কোনো বরেণ্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের ৫০ বছর পূর্তি উপলক্ষ্যে পালিত উৎসব।

সুবর্ণদ্বীপ /শুবর্নোদিপ্/ [স. সুবর্ণ+দ্বীপ] বি. সুমাত্রা দ্বীপ।

সুবর্ণপ্রতিমা /শুবর্নোপ্রোতিমা/ [স. সুবর্ণ+প্রতিমা] বি. সোনার তৈরি মূর্তি।

সুবর্ণবণিক /শুবর্নোবোনিক্/ [স. সুবর্ণ+বণিক] বি. ১ স্বর্ণব্যবসায়ী। ২ জাতিবিশেষ।

সুবর্ণরেখা /শুবর্নোরেখা/ [স. সুবর্ণ+রেখা] বি. পূর্ব ভারতের ওড়িশা ও পশ্চিমবঙ্গের মধ্য দিয়ে প্রবাহিত নদীবিশেষ।

সুবর্ণলতা /শুবর্নোলতা/ [স. সুবর্ণ+লতা] বি. ১ নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি রঙের পরজীবী লতানে উদ্ভিদ, আলোক-লতা, কনকলতা, স্বর্ণলতা। ২ স্বর্ণকান্তি নারী।

সুবর্ণ সুযোগ /শুবর্নো শুযোগ্/ বি. বিরল সুযোগ; golden opportunity।

সুবল /শুবল্/ [স. সু+বল] বি. ১ শিব। ২ মহা-ভারতোক্ত গান্ধাররাজ শকুনির পিতা। ৩ শ্রীকৃষ্ণের বাল্যসখা। বিণ. অত্যন্ত বলশালী।

সুবলন /শুবলোন্/ [বা.] বিণ. অঙ্গসৌষ্ঠবযুক্ত, সুগঠিত।

সুবলিত /শুবোলিতো/ [স. সুবল+ইত] বিণ. ১ সুগঠিত। ২ শক্তিমান, বলশালী।

সুবহ[১] /সুবহো/ [স. সু+√বহ্+অ] বিণ. সহজে বহন-যোগ্য।

সুবহ[২] /সুবহ্/ [আ.] বি. প্রাতঃকাল, প্রত্যুষ।

সুবহ সাদেক /সুবহ্ সাদেক্/ বি. পুব আকাশে সূর্যোদয়ের আভা প্রথম প্রকাশের মুহূর্ত থেকে সূর্যোদয় পর্যন্ত সময়, উষাকাল।

সুবাক্য /শুবাক্কো/ [স. সু+বাক্য] বি. উত্তম বাক্য।

সুবাতাস /শুবাতাশ্/ [বা.] বি. অনুকূল বায়ু।

সুবাদ /শুবাদ্/ [স. সু+√বদ্+অ] বি. ১ উপলক্ষ্য। ২ সম্পর্ক।

সুবাস[১] /শুবাশ্/ [স. সু+√বাস্+অ] বি. সুরভি।

সুবাস[২] /শুবাশ্/ [স. সু+√বস্+অ] বি. উত্তম নিবাস।

সুবাসিত /শুবাশিতো/ [স. সুবাস+ইত] বিণ. সুরভিত।

সুবাসিনী /শুবাশিনি/ [স. সু+√বস্+ইন্+ঈ] বি. যে বিবাহিতা কন্যা পিত্রালয়ে বাস করে।

সুবিচার /শুবিচার্/ [স. সু+বি+√চারি+অ] বি. ন্যায় বিচার, ইনসাফ।

সুবিচারক /শুবিচারক্/ [স. সু+বি+√চারি+অক] বিণ. ন্যায়বিচারক।

www.pathagar.com

সুবিজ্ঞাত /শুবিগ্‌য্যাঁতো/ [স. সু+বি+√জ্ঞা+ত] বিণ. উত্তমরূপে বিজ্ঞাপিত।

সুবিদিত /শুবিদিতো/ [স. সু+√বিদ্‌+ত] বিণ. উত্তমরূপে জ্ঞাত; যথাযথভাবে প্রচারিত।

সুবিধা /শুবিধা/ [স. সু+বিধা] বি. ১ সুযোগ। ২ আনুকূল্য।

সুবিধাজনক /শুবিধাজনোক্‌/ [স. সুবিধা+জনক] বিণ. ১ অনুকূল সুযোগবিশিষ্ট। ২ কল্যাণকর।

সুবিধান /শুবিধান্‌/ [স. সু+বিধান] বি. ১ হিতকর বিধান। ২ সুব্যবস্থা। ৩ প্রতিকার।

সুবিধাবঞ্চিত /শুবিধাবোন্‌চিতো/ [স. সুবিধা+√বঞ্চ্‌+ত] বিণ. অনুকূল সুযোগ থেকে বঞ্চিত।

সুবিধাবাদ /শুবিধাবাদ্‌/ [স. সুবিধা+√বদ্‌+অ] বি. ন্যায়নীতির তোয়াক্কা না করে পরিস্থিতির সুযোগ গ্রহণের মতবাদ।

সুবিধাবাদী /শুবিধাবাদি/ [স. সুবিধা+√বদ্‌+ইন্‌] বিণ. ন্যায়নীতির তোয়াক্কা না করে পরিস্থিতির সুযোগ গ্রহণকারী; সুযোগসন্ধানী।

সুবিধাভোগী /শুবিধাভোগি/ [স. সুবিধা+ভোগ+ইন্‌] বিণ. সুবিধা ভোগ করে এমন।

সুবিধি /শুবিধি/ [স. সু+বি+√ধা+ই] বি. হিতকর বিধান, সুনিয়ম।

সুবিধে /শুবিধে/ [স. সুবিধা >] বি. 'সুবিধা'-র কথ্য রূপ।

সুবিনয় /শুবিনয়/ [স. সু+বিনয়] বি. বিনয় ও নম্রতা, যথোচিত বিনয়।

সুবিনীত /শুবিনিতো/ [স. সু+বি+√নী+ত] বিণ. ১ অত্যন্ত বিনীত, বিনম্র। ২ সুশিক্ষিত।

সুবিনীতা /শুবিনিতা/ [স. সু+বি+√নী+ত্‌] বিণ. ১ সুশিক্ষিতা। ২ বিনয়নম্র।

সুবিন্দু /শুবিন্দু/ [স. সু+√বিন্দ্‌+উ] বি. দর্শকের মাথার সোজাসুজি ওপরে আকাশে কল্পিত উচ্চতম বিন্দু, খমধ্য, zenith।

সুবিন্যস্ত /শুবিন্‌নস্‌তো/ [স. সু+বি+নি+√অস্‌+ত] বিণ. ১ সুশৃঙ্খলভাবে সজ্জিত। ২ উত্তমরূপে স্থাপিত।

সুবিন্যাস /শুবিনন্যাশ্‌/ [স. সু+বি+নি+√অস্‌+অ] বি. ১ উত্তমরূপে স্থাপন। ২ রুচিসম্মত সজ্জা।

সুবিপুল /শুবিপুল্‌/ [স. সু+বিপুল] বিণ. ১ বিশাল। ২ প্রশস্ত। ৩ অগাধ। ৪ মহৎ। স্ত্রী. সুবিপুলা /শুবিপুলা/।

সুবিমল /শুবিমল্‌/ [স. সু+বিমল] বিণ. অতি নির্মল।

সুবিস্তীর্ণ /শুবিস্‌তির্‌নো/ [স. সু+বি+√স্তৃ+ত] বিণ. অতিশয় বিস্তৃত, সুপ্রশস্ত।

সুবিস্তৃত /শুবিস্‌তৃতো/ [স. সু+বি+√স্তৃ+ত] বিণ. দ্র সুবিস্তীর্ণ।

সুবিহিত /শুবিহিতো/ [স. সু+বি+√ধা+ত] বিণ. ১ যথোচিত ও সুশৃঙ্খলভাবে ব্যবস্থিত। ২ সুনিষ্পন্ন। বি. উত্তম বিধান বা ব্যবস্থা।

সুবীর /শুবির/ [স. সু+√বীর্‌+অ] বিণ. মহাবীর।

সুবুদ্ধি /শুবুদ্‌ধি/ [স. সু+√বুধ্‌+তি] বি. শুভ বুদ্ধি, সৎ বুদ্ধি। বিণ. সৎ বুদ্ধিসম্পন্ন।

সুবৃষ্টি /শুবৃশ্‌টি/ [স. সু+√বৃষ্‌+তি] বি. শস্য উৎপাদনের অনুকূল বৃষ্টি।

সুবৃহৎ /শুবৃহত্‌/ [স. সু+বৃহৎ] বিণ. খুব বড়ো, সুবিশাল।

সুবেদী /শুবেদি/ [স. সু+√বিদ্‌+ইন্‌] বিণ. সংবেদনশীল, অনুভূতিপ্রবণ, sensitive।

সুবেশ /শুবেশ্‌/ [স. সু+√বিশ্‌+অ] বি. মার্জিত বেশ। বিণ. উত্তম পোশাকযুক্ত।

সুবেশধারী /শুবেশ্‌ধারি/ [স. সুবেশ+√ধৃ+ইন্‌] বিণ. মার্জিত পোশাক পরিহিত।

সুবেশী /শুবেশি/ [স. সুবেশ+ইন্‌] বিণ. উত্তম পরিচ্ছদবিশিষ্ট।

সুবোধ /শুবোধ্‌/ [স. সু+√বুধ্‌+অ] বিণ. ১ সৎ বুদ্ধিযুক্ত। ২ অতিশয় বুদ্ধিমান। ৩ (ব্য.) শান্তশিষ্ট ও আজ্ঞাবহ, গোবেচারা। বি. উত্তম জ্ঞান।

সুবোধ্য /শুবোদ্‌ধো/ [স. সু+√বুধ্‌+য] বিণ. সহজে বোঝা যায় এমন, সহজবোধ্য।

সুব্যক্ত /শুব্যাক্‌তো/ [স. সু+বি+√অনজ্‌+ত] বিণ. ১ সুপ্রকাশিত। ২ স্পষ্টরূপে পরিস্ফুট।

সুব্যবস্থা /শুব্যাবোস্‌থা/ [স. সু+বি+অব+√স্থা+অ] বি. ১ ভালো ব্যবস্থা, উত্তম বন্দোবস্ত। ২ সুরাহা।

সুব্যবস্থিত /শুব্যাবোস্‌থিতো/ [স. সু+বি+অব+√স্থা+ত] বিণ. উত্তম ব্যবস্থাযুক্ত।

সুব্রত /শুব্রোতো/ [স. সু+√ব্‌+অত] বিণ. ১ যথাযথ নিয়মে ব্রত পালনকারী। ২ ধর্মপরায়ণ। স্ত্রী. সুব্রতা /শুব্রোতা/।

সুব্রহ্মণ্য /শুব্রোম্‌mhoন্‌নো/ [স. সু+ব্রহ্মণ্‌+য] বিণ. অতিশয় ব্রহ্মতেজবিশিষ্ট। বি. ১ বৈদিক যজ্ঞের পুরোহিতবিশেষ। ২ ব্রহ্মতেজ। ৩ কার্তিকেয়।

সুব্রাহ্মণ /শুব্রাম্‌mhoন্‌ / [স. সু+ব্রহ্মন্‌+অ] বি. সর্বগুণসমন্বিত ব্রাহ্মণ, সৎ ব্রাহ্মণ।

সুভগ /শুভগো/ [স. সু+ভগ] বিণ. ১ ভাগ্যবান। ২

www.pathagar.com

প্রিয়। ৩ দৃষ্টিনন্দন।

সুভগমানিনী /শুভগোমানিনি/ [স. সুভগ+√মন্+ইন্ +ঈ] বি. রামচন্দ্রের বিমাতা কৈকেয়ী।

সুভগা /শুভগা/ [স. সুভগ+আ (টাপ্)] বি. পতিব্রতা নারী। বিণ. সৌভাগ্যবতী।

সুভদ্র /শুভদ্দ্রো/ [স. সু+√ভন্দ্+র] বিণ. ১ অত্যন্ত ভদ্র। ২ অতিশয় কল্যাণকর। ৩ সৌভাগ্যবান।

সুভদ্রা /শুভদ্দ্রা/ [স. সু+√ভন্দ্+র+আ (টাপ্)] বি. বসুদেবের ঔরসে রোহিণীর গর্ভজাত অর্জুনের দ্বিতীয় পত্নী।

সুভব্য /শুভোব্‌বো/ [স. সু+ভব্য] বিণ. শান্তশিষ্ট, অত্যন্ত ভদ্র; পরিশীলিত।

সুভাগিণী /শুভাগিনি/ [স. সৌভাগ্যবতী >] বিণ. ভাগ্যবতী।

সুভাষ /শুভাশ্/ [স. সু+√ভাষ্+অ] বিণ. মধুরভাষী। বি. সুবচন।

সুভাষিত /শুভাশিতো/ [স. সু+√ভাষ্+ত] বিণ. ১ সুন্দরভাবে ব্যক্ত। ২ বাক্‌পটু। ৩ মিষ্টভাষী। স্ত্রী. **সুভাষিতা** /শুভাশিতা/।

সুভাষী /শুভাশি/ [স. সু+√ভাষ্+ইন্] বিণ. মধুরভাষী। স্ত্রী. **সুভাষিণী**/শুভাশিনি/।

সুভাস /শুভাশ্ / [স. সু+√ভাস্+অ] বিণ. উজ্জ্বল, দীপ্তিময়।

সুভিক্ষ /শুভিক্‌খো/ [স. সু+ভিক্ষা] বিণ. (স্থান সম্পর্কে) প্রচুর ভিক্ষা বা খাদ্যবস্তু মেলে এমন। বি. অন্নের প্রাচুর্য।

সুভ্রু /শুভ্রু/ [স. সু+ভ্রূ] বিণ. মনোহর ভ্রূবিশিষ্ট। বি. সুন্দরী নারী।

সুমঙ্গল /শুমোংগোল্/ [স. সু+মঙ্গল] বি. পরম কল্যাণ।

সুমঙ্গালা /শুমোংগোলা/ [স. সুমঙ্গল+আ (টাপ্)] বিণ. পরম কল্যাণকর।

সুমত /শুমত্/ [স. সু+√মন্+ত] বি. ১ সদ্‌বুদ্ধি। ২ সৎপরামর্শ।

সুমতি /শুমোতি/ [স. সু+√মন্+তি] বি. ১ উত্তম বা সদ্‌বুদ্ধি। ২ সদিচ্ছা। ৩ সৎপ্রবৃত্তি। ৪ দয়া। বিণ. উত্তম বুদ্ধিবিশিষ্ট।

সুমধুর /শুমোধুর্/ [স. সু+মধুর] বিণ. ১ অতিশয় মধুর, সুমিষ্ট। ২ চিত্তাকর্ষক (*সুমধুর ধ্বনি*)।

সুমধ্যম /শুমোদ্‌ধোম্/ [স. সু+মধ্যম] বিণ. সুন্দর কটিদেশবিশিষ্ট।

সুমধ্যমা /শুমোদ্‌ধোমা/ [স. সুমধ্যম+আ (টাপ্)] বিণ. সরু ও সুগঠিত কটিদেশবিশিষ্টা।

সুমন /শুমন্ / [স. সু+√মন্+অ] বি. ১ ফুলবিশেষ। ২ সুবুদ্ধিসম্পন্ন ব্যক্তি। বিণ. সুন্দর মনের অধিকারী।

সুমনা /শুমোনা/ [স. সু+মনস্] বিণ. ১ জ্ঞানবান। ২ মহাত্মা, সদাশয়। বি. বিদ্বান বা পণ্ডিত ব্যক্তি।

সুমনোহর /শুমনোহর্ / [স. সু+মনোহর] বিণ. ১ মনের সন্তোষ বিধান করে এমন। ২ অতি রমণীয়।

সুমন্ত্র /শুমোন্‌ত্রো/ [স. সু+√মন্ত্র্+অ] বি. ১ রামায়ণোক্ত সূর্যবংশের রাজা দশরথের মন্ত্রী ও সারথি। ২ সুপরামর্শ।

সুমন্ত্রণ /শুমোন্‌ত্রোন্/ [স. সু+√মন্ত্র্+অন] বি. সুপরামর্শ; সম্যক মন্ত্রণাদান।

সুমন্ত্রণা /শুমোন্‌ত্রোনা/ [স. সুমন্ত্রণ+আ (টাপ্)] বি. উত্তম বা সৎ পরামর্শ।

সুমন্দ /শুমন্‌দো/ [স. সু+√মন্দ্+অ] বিণ. মৃদুমন্দ, ধীরগতি (*সুমন্দ বায়ু*)।

সুমহৎ /শুমহোত্/ [স. সু+√মহ্+অৎ] বিণ. ১ অতি মহৎ বা উদার। ২ অতিশয় গৌরবপূর্ণ।

সুমহান /শুমহান্ / [স. সু+মহান] বিণ. অতি মহান।

সুমার্জিত /শুমার্‌জিতো/ [স. সু+√মার্জ্+ত] বিণ. অতিশয় উৎকর্ষপ্রাপ্ত।

সুমিত /শুমিতো/ [স. সু+√মা+ত] বিণ. ১ পরিমিত। ২ সংযত।

সুমিতি /শুমিতি/ [স. সু+√মা+তি] বি. সামঞ্জস্যপূর্ণ পরিমাণ।

সুমিত্রা /শুমিত্‌ত্রা/ [স. সুমিত্র+আ (টাপ্)] বি. রামায়ণোক্ত দশরথের কনিষ্ঠা মহিষী ও লক্ষ্মণের মাতা।

সুমিষ্ট /শুমিশ্‌টো/ [স. সু+√মিষ্+ত] বিণ. ১ মিষ্ট স্বাদবিশিষ্ট। ২ শ্রুতিসুখকর (*সুমিষ্ট গান*)। ৩ অতিশয় মধুর (*সুমিষ্ট হাসি*)।

সুমুখ[১] /শুমুখ্/ [স. সু+মুখ] বিণ. সুন্দর মুখমণ্ডলবিশিষ্ট, সুবদন, সুন্দর চেহারাবিশিষ্ট।

সুমুখ[২] /শুমুখ্/ [স. সম্মুখ >] বি. অভিমুখ। বিণ. ১ মুখোমুখি। ২ অভিমুখী। ৩ 'সম্মুখ'-এর কথ্য রূপ।

সুমুদ্দুর /শুমুদ্‌দুর/ [স. সমুদ্র >] বি. পৃথিবীর দুই-তৃতীয়াংশ জুড়ে স্থলভূমি পরিবেষ্টনকারী বিস্তীর্ণ লবণাক্ত জলরাশি, সাগর; 'সমুদ্র'-র কথ্য রূপ।

সুমেধা /শুমেধা/ [স. সু+√মেধ্+অ+আ (টাপ্)] বিণ. অতি মেধাবী ও উত্তম স্মৃতিশক্তিসম্পন্ন।

সুমেরু /শুমেরু/ [স. সু+√মি+রু] বি. ১ পুরাণে

www.pathagar.com

কল্পিত পর্বতবিশেষ। ২ (বাংলায়) পৃথিবীর উত্তর মেরু, north pole।

সুমেরুবৃত্ত /শুমেরুব্‌ত্‌তো/ [স. সুমেরু+√বৃৎ+ত] বি. যে কাল্পনিক রেখা পৃথিবীকে উত্তর মেরু থেকে ২৩½ ডিগ্রি অক্ষাংশ দূরে বেষ্টন করে আছে।

সুযাত্র /শুজাত্‌ত্রো/ [স. সু+যাত্রা] বি. সূর্য। বিণ. সুন্দর গতিসম্পন্ন।

সুযাত্রা /শুজাত্‌ত্রা/ [স. সু+যাত্রা] বি. শুভযাত্রা।

সুযুক্তি /শুজুক্‌তি/ [স. সু+√যুজ্‌+তি] বি. সুপরামর্শ।

সুযুত /শুজুত্‌/ [স. সু+যুত] বিণ. ১ জুতসই। ২ সংশোধিত।

সুযোগ /শুজোগ্‌/ [স. সু+যোগ] বি. ১ সুবিধা; উত্তম সময়। ২ উপযোগী অবসর। ৩ সংযোগ।

সুযোগমতো /শুজোগ্‌মতো/ [স. সুযোগ+বা. মতো] ক্রিবিণ. সুযোগ অনুযায়ী।

সুযোগসন্ধানী /শুজোগ্‌সন্‌ধানি/ [স. সুযোগ+সন্ধান+ইন্‌] বিণ. সুবিধা খুঁজে বেড়ায় এমন।

সুযোগ্য /শুজোগ্‌গো/ [স. সুযোগ+য] বিণ. সব দিক দিয়ে উপযুক্ত; উত্তম যোগ্যতাসম্পন্ন (*পিতার সুযোগ্য পুত্র*)। স্ত্রী. সুযোগ্যা /শুজোগ্‌গা/।

সুযোধন /শুজোধন্‌/ [স. সু+√যুধ্‌+অন] বি. মহাভারতোক্ত দুর্যোধনকে যুধিষ্ঠিরের দেওয়া আদরের নাম। বিণ. যুদ্ধে পারদর্শী।

সুয্যি /শুজ্জি/ [স. সূর্য >] বি. 'সূর্য'-র কাব্যিক রূপ।

সুয়া /শুআ/ [স. সুভগা >] বিণ. সোহাগিনী, আদরের। বি. ১ শুক পাখি। ২ টিয়া পাখি।

সুয়ো /শুও/ [স. সুভগা >] বিণ. সোহাগিনী।

সুয়োরানি /শুওরানি/ [বা.] বি. রাজার প্রিয় মহিষী।

সুর[১] /শুর্‌/ [স. স্বর >] বি. ১ স্বর বা ধ্বনি। ২ কণ্ঠস্বর (*নাকি সুর*)। ৩ সংগীতের তাল। ৪ মত।

সুর[২] /শুর্‌/ [স. √সু+র] বি. ১ দেবতা। ২ সূর্য। ৩ পণ্ডিত।

সুরকন্যা /শুরোকোন্‌না/ [স. সুর+কন্যা] বি. দেবকন্যা।

সুরকার /শুরোকার্‌/ [স. সুর+√কৃ+অ] বিণ. গানের সুর রচয়িতা, সুরস্রষ্টা।

সুরকারু /শুরোকারু/ [স. সুর+√কৃ+উ] বি. দেবশিল্পী, বিশ্বকর্মা।

সুরকি /শুরকি/ [ফা.] বি. ইটের ছোটো টুকরো বা গুঁড়ো।

সুরক্ষা /শুরোক্‌খা/ [স. সু+√রক্ষ্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ উত্তমরূপে রক্ষণ; সংরক্ষণ। ২ নিরাপত্তা। ৩ প্রতিরক্ষা।

সুরক্ষিত /শুরোক্‌খিতো/ [স. সু+√রক্ষ্‌+ত] বিণ. ১ যত্নে রাখা হয়েছে এমন, সংরক্ষিত। ২ সবরকম বিপদ-আপদ থেকে মুক্ত। স্ত্রী. সুরক্ষিতা/শুরোক্‌খিতা/।

সুরগুরু /শুরোগুরু/ [স. সুর+√গৃ+উ] বি. ১ দেবগুরু বৃহস্পতি। ২ বৃহস্পতি গ্রহ। ৩ বিষ্ণু।

সুরঙ্গ /শুরংগো/ [স. সু+রঙ্গ] বিণ. অতি উজ্জ্বল রংবিশিষ্ট। বি. সিঁধ। তুল. সুড়ঙ্গ (পৃ ১৩৩৪)।

সুরঙ্গী /শুরংগি/ [স. সুরঙ্গ+ইন্‌] বিণ. সুন্দর, মনোহর।

সুরজ /শুরজ/ [স. সূর্য >] বি. সূর্য।

সুরজ্ঞান /শুরোগ্‌গ্যান্‌/ [স. সুর+√জ্ঞা+অন] বি. সংগীতের সুর তাল লয় প্রভৃতি বিষয়ে জ্ঞান।

সুরঞ্জিত /শুরোন্‌জিতো/ [স. সু+√রঞ্জি+ত] বিণ. ১ উত্তমরূপে রং করা হয়েছে এমন। ২ কোনো বিষয়ে বাড়িয়ে বলা হয়েছে এমন, অতিরঞ্জিত।

সুরট /সুরট্‌/ [স. সৌরাষ্ট্র >] বি. ১ রাত্রির দ্বিতীয় প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ। ২ আরব সাগরের উপকূলে অবস্থিত ভারতের গুজরাট রাজ্যের শিল্পসমৃদ্ধ নগরবিশেষ।

সুরত[১] /সুরত্‌/ [আ.] বি. ১ চেহারা, আকৃতি। ২ ধরন, ঢং। ৩ উপায়। ৪ অবস্থা। ৫ মূর্তি।

সুরত[২] /শুরতো/ [স. সু+√রম্‌+ত] বি. রতিক্রীড়া, রমণ। বিণ. অতিশয় অনুরক্ত।

সুরতরু /শুরোতোরু/ [স. সুর+√তৃ+উ] বি. দেবতরু, কল্পবৃক্ষ।

সুরতহাল /সুরত্‌হাল্‌/ [আ.] বি. ১ তদন্তের উদ্দেশ্যে কোনো ঘটনা বা অকুস্থলের চাক্ষুষ বিবরণ। ২ আদালতে এজাহার।

সুরতা /শুরতা/ [স. সুর+তা] বিণ. অতিশয় অনুরক্তা।

সুরতি[১] /শুরোতি/ [হি.] বি. ১ কামকেলি, রতি। ২ আলিঙ্গন।

সুরতি[২] /সুরতি/ [হি.] বি. ১ পানের মসলাবিশেষ, জর্দা। ২ সুগন্ধি তামাকবিশেষ।

সুরতি[৩] /সুরতি/ [পো.] বি. জুয়াখেলা; পাশাখেলা।

সুরধুনী /শুরোধুনি/ [স. সুর+ধুনী] বি. স্বর্গের কল্পিত নদী; গঙ্গা।

সুরনদী /শুরোনোদি/ [স. সুর+নদী] বি. গঙ্গা।

সুরপতি /শুরোপোতি/ [স. সুর+√পা+অতি] বি. দেবরাজ ইন্দ্র।

সুরপথ /শুরোপথ্‌/ [স. সুর+পথ] বি. দেবতাদের পথ, আকাশপথ; আকাশ।

www.pathagar.com

সুরপুর /শুরোপুর্/ [স. সুর+পুর] বি. স্বর্গ, অমরাবতী।

সুরব /শুরব্/ [স. সু+রব] বি. ১ মধুর ধ্বনি। ২ সুখ্যাতি।

সুর বদলানো /শুর্ বদ্‌লানো/ ক্রিবি. কথার মোড় ঘুরিয়ে দেওয়া।

সুরবধূ /শুরোবোধু/ [স. সুর+√বহ্+ঊ] বি. অপ্সরা।

সুরবর্ত্ম /শুরোবর্‌র্তো/ [স. সুর+√বৃৎ+মন] বি. দ্র সুরপথ।

সুরবল্লি /শুরোবোল্‌লি/ [স. সুর+√বল্ল্+ই] বি. ভারতীয় উপমহাদেশে জাত ভেষজগুণসম্পন্ন গুল্মবিশেষ যার ছাল ও শেকড় থেকে উজ্জ্বল লাল পাকা রং (কাপড় রাঙানোর জন্য ব্যবহৃত) উৎপাদিত হয়, Oldenlandia umbellata।

সুরবালা /শুরোবালা/ [স. সুর+বালা] বি. দেবকন্যা।

সুরবাহার /শুরবাহার্/ [স. সুর+ফা. বাহার] বি. উচ্চাঙ্গ সংগীতশিল্পী ওস্তাদ গোলাম মুহম্মদ খাঁ-র উদ্ভাবিত সেতারজাতীয় আলাপযন্ত্র (বাদ্যযন্ত্রবিশেষ যাতে দুটি চিকারির তার-সহ সাতটি তার যোজিত থাকে)।

সুরবোধ /শুরোবোধ্/ [স. সুর+বোধ] বি. সংগীতের সুর তাল লয় প্রভৃতি সম্পর্কে জ্ঞান।

সুরভি /শুরোভি/ [স. সু+√রভ্+ই] বি. ১ সুবাস, সৌরভ। ২ সুগন্ধ দ্রব্যবিশেষ। ৩ দেবলোকের কামধেনু। ৪ পৃথিবী। ৫ সুরা। ৬ চৈত্রমাস, মধুমাস; বসন্তকাল। ৭ চাঁপা বকুল কদম জায়ফল প্রভৃতি বৃক্ষ। বিণ. সুগন্ধযুক্ত, সৌরভময়, সুবাসিত।

সুরভিত /শুরোভিতো/ [স. সুরভ+ইত] বিণ. সৌরভযুক্ত, সুগন্ধবিশিষ্ট।

সুরমা[১] /শুর্‌মা/ [ফা.] বি. চোখে লাগানোর হালকা নীলাভ ধূসর চূর্ণবিশেষ, রসাঞ্জন।

সুরমা[২] /শুর্‌মা/ [স. সু+√রম্+অ+আ (টাপ্)] বি. উত্তর-পূর্ব ভারতের মণিপুরে উৎপন্ন ও বাংলাদেশের সিলেট জেলায় বিভক্ত (সুরমা ও কুশিয়ারা) বারাক নদীর অন্যতম ধারা।

সুরমা[৩] /শুরমা/ [স. সু+√রম্+অ+আ (টাপ্)] বিণ. অত্যন্ত রমণীয় বা মনোহরা।

সুরম্য /শুরোম্‌মো/ [স. সু+√রম্+য] বিণ. ১ অতিশয় মনোহর। ২ অত্যন্ত সুন্দর।

সুরলোক /শুরোলোক্/ [স. সুর+লোক] বি. স্বর্গ।

সুরশৃঙ্গার /শুরোসৃংগার্/ [বা. সুর+স. শৃঙ্গার] বি. বীণাজাতীয় তারযন্ত্রবিশেষ।

সুরস /শুরস্/ [স. সু+রস] বি. মিষ্ট রসবিশেষ। বিণ. সুস্বাদু।

সুরসপ্তক /শুরোশপ্‌তক্/ [বা. সুর+স. সপ্তক] বি. ভারতীয় সংগীতে স্বরগ্রামের সাতটি সুর (সা রে গা মা পা ধা নি)।

সুরসভা /শুরোশভা/ [স. সুর+সভা] বি. দেবরাজ ইন্দ্রের সভা, দেবসভা।

সুরসরিৎ /শুরোশোরিত্/ [স. সুর+√সৃ+ইৎ] বি. দেবনদী, গঙ্গা।

সুরসা /শুরশা/ [স. সুরস+আ (টাপ্)] বি. ১ তুলসী। ২ রাস্না। ৩ দেবী দুর্গা।

সুরসালো /শুরশালো/ [বা.] বিণ. ১ মধুর রসবিশিষ্ট। ২ অতিশয় উপভোগ্য।

সুরসিক /শুরোশিক্/ [স. সু+রসিক] বিণ. ১ মার্জিত রসবোধসম্পন্ন। ২ রসগ্রাহী।

সুরসিন্ধু /শুরোশিন্‌ধু/ [স. সুর+√স্যন্দ্+উ] বি. দেবনদী, গঙ্গা।

সুরসুন্দরী /শুরোশুন্‌দোরি/ [স. সুর+সুন্দরী] বি. ১ স্বর্গের অপ্সরা। ২ উষা।

সুরস্রষ্টা /শুরোস্রোশ্‌টা/ [বা. সুর+স. √সৃজ্+তৃ] বিণ. সংগীতের সুরকার।

সুরা[১] /সুরা/ [আ.] বি. পবিত্র কোরানের ১১৪টি বাণীগাথার যে কোনো একটি।

সুরা[২] /শুরা/ [স. √সু+র+আ (টাপ্)] বি. মদ্য, শরাব।

সুরাই /সুরাই্/ [আ. সুরাহি>] বি. দ্র সুরাহি।

সুরা-এ-ফাতেহা /সুরায়েফাতেহা/ বি. পবিত্র কোরানের ১১৪টি বাণীগাথার প্রথমটি, ৭টি আয়াত-বিশিষ্ট কোরানের উদ্‌বোধনী বাণীগাথা।

সুরাঙ্গনা /শুরাংগনা/ [স. সুর+অঙ্গনা] বি. দ্র সুরসুন্দরী।

সুরাচার্য /শুরাচার্‌জো/ [স. সুর+আচার্য] বি. দেবগুরু বৃহস্পতি।

সুরাজীব /শুরাজিব্/ [স. সুরা+আজীব] বি. মদ্য-ব্যবসায়ী, শুঁড়ি।

সুরাজীবী /শুরাজিবি/ [স. সুরা+√জীব্+ইন্] বি. দ্র সুরাজীব।

সুরাধারী /শুরাধারি/ [স. সুরা+√ধৃ+ইন্] বি. মদের কলস।

সুরাপ /শুরাপো/ [স. সুরা+√পা+অ] বিণ. দ্র সুরাপায়ী।

সুরাপায়ী /শুরাপায়ি/ [স. সুরা+√পা+ইন্] বিণ. মদ্যপায়ী, মদখোর।

সুরাবীজ /শুরাবিজ্/ [স. সুরা+বীজ] বি. শর্করাকে

www.pathagar.com

কোহলে পরিণত করে এমন এককোষবিশিষ্ট ছত্রাক, yeast।

সুরারঞ্জিত /শুরারোন্‌জিতো/ [স. সুরা+রঞ্জিত] বিণ. অতিরিক্ত মদ্যপানের ফলে চোখমুখ রক্তিম হয়েছে এমন।

সুরারি /শুরারি/ [স. সুর+অরি] বি. দেবতাদের শত্রু, দৈত্য, রাক্ষস।

সুরালয় /শুরালয়/ [স. সুর+আলয়] বি. দেবতাদের আবাসস্থল, স্বর্গ।

সুরালাপ /শুরালাপ্‌/ [স. সুর+আলাপ] বি. গানের সুর ও রাগরাগিণীর আলাপ।

সুরাসক্ত /শুরাশক্‌তো/ [স. সুরা+আসক্ত] বিণ. মদ্যপানে আসক্ত এমন।

সুরাসব /শুরাশব্‌/ [স. সুরা+আসব] বি. মদ্যবিশেষ।

সুরাসার /শুরাশার্‌/ [স. সুরা+সার] বি. বিশুদ্ধ মদ, alcohol।

সুরাসুর /শুরাশুর/ [স. সুর+অসুর] বি. দেবতা ও দানব।

সুরাহা /শুরাহা/ [স. সু+ফা. রাহ্‌] বি. ১ সমাধান। ২ উত্তম ব্যবস্থা, সুগতি। ৩ সুবিধা।

সুরাহি /সুরাহি/ [আ.] বি. মাটির তৈরি সরুগলা জলপাত্রবিশেষ, কুঁজো।

সুরী /শুরি/ [স. সুর+ঈ] বি. ১ দেবী। ২ মদ্যবিশেষ।

সুরুচি /শুরুচি/ [স. সু+রুচি] বিণ. ১ মার্জিত রুচিসম্পন্ন। বি. উত্তম ও মার্জিত রুচি। ২ পৌরাণিক রাজা উত্তানপাদের অন্যতম পত্নী ও উত্তমের মাতা। ৩ (বাংলায়) ভোজনস্পৃহা।

সুরুচিসম্পন্ন /শুরুচিশম্‌পন্নো/ [স. সুরুচি+সম্‌+√পদ্‌+ত] বিণ. মার্জিত রুচিসম্পন্ন, রুচিশীল।

সুরুজ /শুরুজ্‌/ [স. সূর্য >] বি. 'সূর্য'-র কোমল রূপ।

সুরুয়া /শুরুআ/ [আ. শুরবা >] বি. মাংস প্রভৃতির ক্বাথ; মাছ মাংস সবজি প্রভৃতির ঝোল।

সুরূপ /শুরূপ্‌/ [স. সু+রূপ] বিণ. সুদর্শন, রূপবান। স্ত্রী. সুরূপা /শুরূপা/।

সুরেখা /শুরেখা/ [স. সু+রেখা] বি. শুভসূচক লক্ষণ।

সুরেণু /শুরেনু/ [স. সু+রেণু] বি. অতি সূক্ষ্ম চূর্ণ বা গুঁড়ো।

সুরেন্দ্র /শুরেন্‌দ্রো/ [স. সুর+ইন্দ্র] বি. দেবতা ইন্দ্র, দেবরাজ।

সুরেলা /শুরেলা/ [হি. সুরিলা >] বিণ. অত্যন্ত মধুর সুরবিশিষ্ট, সুকণ্ঠ; শ্রুতিমধুর।

সুরেশ /শুরেশ্‌/ [স. সুর+ঈশ] বি. দ্র সুরেশ্বর।

সুরেশ্বর /শুরেশ্‌শর্‌/ [স. সুর+ঈশ্বর] বি. ১ মহাদেব, শিব। ২ দেবরাজ ইন্দ্র।

সুরেশ্বরী /শুরেশ্‌শোরি/ [স. সুর+ঈশ্বরী] বি. ১ দেবী দুর্গা। ২ গঙ্গা।

সুরোত্তম /শুরোত্‌তম্‌/ [স. সুর+উত্তম] বিণ. দেবতাদের মধ্যে শ্রেষ্ঠ, দেবরাজ ইন্দ্র।

সুরোৎসব /শুরোত্‌শব্‌/ [স. সুর+উৎসব] বি. প্রাচীন ভারতে নারী-পুরুষের একসঙ্গে সুরাপানের উৎসব-বিশেষ।

সুর্তি[১] /শুর্‌তি/ [হি.] বি. দ্র সুরতি[২]।

সুর্তি[২] /শুর্‌তি/ [পো.] বি. দ্র সুরতি[৩]।

সুর্ষা /সুর্‌শা/ [স. সুষির >] বি. (অধুনালুপ্ত) শিকল আটকানোর জন্য চৌকাঠ বা জানালার ফ্রেমে সংযুক্ত U আকৃতির লোহার আংটা।

সুলক্ষণ /শুলক্‌খোন্‌/ [স. সু+লক্ষণ] বি. সৌভাগ্যের নিশানা বা চিহ্ন, শুভসূচক লক্ষণ। বিণ. শুভ লক্ষণযুক্ত।

সুলক্ষণা /শুলক্‌খোনা/ [স. সু+লক্ষণা] বিণ. শুভ লক্ষণযুক্তা। বি. পার্বতীর সখী।

সুলক্ষিত /শুলোক্‌খিতো/ [স. সুলক্ষণ+ইত] বিণ. ভালোভাবে লক্ষ করা হয়েছে এমন।

সুলগ্ন /শুলগ্‌নো/ [স. সু+√লগ্‌+ত] বিণ. দৃঢ়ভাবে লগ্ন। বি. শুভলগ্ন, শুভক্ষণ।

সুলতান /সুল্‌তান্‌/ [আ.] বি. ১ বাদশাহ; রাজা। ২ তুরস্কের পূর্বতন নৃপতিগণের উপাধিবিশেষ। স্ত্রী. সুলতানা /সুল্‌তানা/।

সুলতানি /সুল্‌তানি/ [ফা.] বিণ. সুলতানবিষয়ক। বি. সুলতানের পদ; সুলতানের দায়িত্ব।

সুলভ /শুলভ্‌/ [স. সু+√লভ্‌+অ] বিণ. ১ সহজলভ্য। ২ সস্তা। ৩ তুল্য ও স্বাভাবিক, সদৃশ (*বন্ধুসুলভ*)।

সুললিত /শুলোলিতো/ [স. সু+ললিত] বিণ. ১ অতিশয় সুন্দর বা মনোহর। ২ অত্যন্ত কোমল ও মধুর (*সুললিত কণ্ঠ*)।

সুলিখিত /শুলিখিতো/ [স. সু+√লিখ্‌+ত] বিণ. সুরচিত।

সুলুক /শুলুক্‌/ [আ.] বি. ১ ছিদ্র, ত্রুটি। ২ সূত্র, clue। ৩ উপায়; পথ। ৪ সন্ধান।

সুলুক সন্ধান /শুলুক্‌ শন্‌ধান্‌/ বি. ১ ছিদ্রান্বেষণ। ২ খোঁজখবর; খোঁজ, গুপ্ত বিষয়ের সন্ধান।

সুলুপ /শুলুপ্‌/ [পো. sloop >] বি. পাল খাটানো যায় এমন সমুদ্রগামী ছোটো জলযান।

সুলেখ /শুলেখ্‌/ [স. সু+√লিখ্‌+অ] বিণ. সুন্দর রেখাযুক্ত।

www.pathagar.com

সুলেখক /শুলেখক্/ [স. সু+√লিখ্+অক] বি. ১ উচ্চমানের লেখক। ২ যার হস্তাক্ষর সুন্দর। স্ত্রী. সুলেখিকা /শুলেখিকা/।

সুলোচন /শুলোচন্/ [স. সু+লোচন] বিণ. সুন্দর চোখবিশিষ্ট। বি. ১ সুন্দর চোখ। ২ হরিণ। স্ত্রী. সুলোচনা /শুলোচোনা/।

সুলোহিত /শুলোহিতো/ [স. সু+লোহিত] বিণ. গাঢ় লাল।

সুশান্ত /শুশান্তো/ [স. সু+√শম্+ত] বিণ. অতিশয় নিরীহ।

সুশাসক /শুশাশক্/ [স. সু+শাসক] বি. নীতিবান শাসক।

সুশাসন /শুশাশোন্ / [স. সু+শাসন] বি. পক্ষপাতহীন শাসন।

সুশাসিত /শুশাশিতো/ [স. সু+শাসিত] বিণ. ১ নিরপেক্ষভাবে শাসিত। ২ সুনিয়ন্ত্রিত।

সুশিক্ষক /শুশিক্‌খক্/ [স. সু+শিক্ষক] বিণ. বি. উত্তম শিক্ষক। স্ত্রী. সুশিক্ষিকা/শুশিক্‌খিকা/।

সুশিক্ষা /শুশিক্‌খা/ [স. সু+শিক্ষা] বি. ১ উত্তম শিক্ষা। ২ উচ্চ শিক্ষা।

সুশিক্ষিত/শুশিক্‌খিতো/ [স. সু+শিক্ষিত] বিণ. উত্তম শিক্ষালাভ করেছে এমন; বিদ্বান। স্ত্রী. সুশিক্ষিতা /শুশিক্‌খিতা/।

সুশীতল /শুশিতল্/ [স. সু+শীতল] বিণ. শীতল ও মনোরম।

সুশীল /শুশিল্ / [স. সু+শীল] বিণ. ১ উত্তম স্বভাব-বিশিষ্ট। ২ সচ্চরিত্র। ৩ (ব্য.) গোবেচারা।

সুশীলতা /শুশিলতা/ [স. সুশীল+তা] বি. বিনয়, নম্রতা।

সুশীলা /শুশিলা/ [স. সুশীল+আ (টাপ্)] বিণ. ভদ্র, সৎস্বভাবসম্পন্না। বি. কৃষ্ণের অন্যতম পত্নী।

সুশৃঙ্খল /শুস্‌সৃংখল্/ [স. সু+শৃঙ্খল] বিণ. সুন্দরভাবে ব্যবস্থিত; সুনিয়ন্ত্রিত।

সুশৃঙ্খলা /শুস্‌সৃংখলা/ [স. সুশৃঙ্খল+আ (টাপ্)] বি. সুব্যবস্থা; সুনিয়ন্ত্রণ।

সুশোভন /শুশোভোন্/ [স. সু+শোভন] বিণ. ১ শোভন ও মানানসই। ২ অতি মনোরম। ৩ সর্বাঙ্গীণ সুন্দর। স্ত্রী. সুশোভনা /শুশোভোনা/।

সুশোভিত /শুশোভিতো/ [স. সু+শোভিত] বিণ. উত্তমরূপে সজ্জিত। স্ত্রী. সুশোভিতা/শুশোভিতা/।

সুশ্রাব্য/শুস্‌স্রাব্বো/ [স. সু+শ্রাব্য] বিণ. শ্রুতিমধুর।

সুশ্রী /শুস্‌স্রি/ [স. সু+√শ্রী+ক্বিপ্] বিণ. অতিশয় সুন্দর, সুদর্শন।

সুশ্রুত /শুস্‌স্রুতো/ [স. সু+√শ্রু+ত] বি. পৌরাণিক মুনি বিশ্বামিত্রের পুত্র ও আয়ুর্বেদগ্রন্থ 'সুশ্রুত সংহিতা'-র রচয়িতা। বিণ. ১ সম্যক শ্রুত। ২ ঠিক করে শোনা হয়েছে এমন।

সুশ্লিষ্ট /শুস্‌শ্লিষ্ট/ [স. সু+√শ্লিষ্+ত] বিণ. দৃঢ়ভাবে সংযুক্ত।

সুষনি /শুশনি/ [আঞ্চ.] বি. পুকুরপাড় ধানক্ষেত বা আর্দ্র জমিতে বৃদ্ধি পায় এমন সরু বৃন্ত ও চারভাগে বিভক্ত পাতাযুক্ত ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির লতানে উদ্ভিদ।

সুষম /শুশমো/ [স. সু+সম] বিণ. ১ সংগতিপূর্ণ; সমতা-যুক্ত। ২ যথোপযুক্ত খাদ্য-উপাদানবিশিষ্ট (*সুষম খাদ্য*)। ৩ শোভন। বি. -তা /-তা/।

সুষমা /শুশমা/ [স. সুষম+আ (টাপ্)] বি. সৌন্দর্য, লাবণ্য, মনোহারিতা।

সুষমাময় /শুশমাময়্/ [স. সুষমা+ময়ট্] বিণ. ১ রূপবান। ২ সুন্দর।

সুষমিত /শুশোমিতো/ [স. সুষম+ইত] বিণ. সুষমা-যুক্ত, লাবণ্যময়।

সুষির /শুশির/ [স. √শুষ্+ইর] বিণ. ছিদ্রযুক্ত, ঝাঁঝরা। বি. ১ গর্ত। ২ বাঁশি।

সুষুপ্ত /শুশুপ্তো/ [স. সু+√স্বপ্+ত] বিণ. গভীর নিদ্রায় মগ্ন, সুনিদ্রিত।

সুষুপ্তি /শুশুপ্তি/ [স. সু+√স্বপ্+তি] বি. গভীর বা গাঢ় নিদ্রা, সুনিদ্রা।

সুষুম্না /শুশুম্না/ [স. সুষু+√ম্না+অ+আ (টাপ্)] বি. ১ তন্ত্রশাস্ত্রে বর্ণিত ইড়া ও পিঙ্গলার মধ্যবর্তী সূক্ষ্ম নাড়িবিশেষ। ২ সূর্যরশ্মি।

সুষুম্নাকাণ্ড /শুশুম্নাকান্ডো/ [স. সুষুম্না+কান্ড] বি. মেরুদণ্ডের মধ্যস্থলের স্নায়ুগুচ্ছ, spinal cord।

সুষেণ /শুশেন্/ [স. সু+সেনা] বি. ১ বিষ্ণু। ২ রামায়ণবর্ণিত বানর-চিকিৎসক।

সুষ্ঠু /শুশ্ঠু/ [স. সু+√স্থা+উ] বিণ. ১ নিখুঁত, অনবদ্য, ত্রুটিবিহীন। ২ অতি সুন্দর। ৩ সত্য। ৪ শ্রেষ্ঠ (*সুষ্ঠু বিচার*)।

সুসংগত/শুশংগতো/ [স. সু+সংগত] বিণ. ১ অতিশয় সামঞ্জস্যপূর্ণ। ২ যুক্তিসংগত।

সুসংগতি /শুশংগোতি/ [স. সু+সংগতি] বি. পূর্ণ সামঞ্জস্য।

সুসংবাদ /শুশংবাদ্/ [স. সু+সংবাদ] বি. শুভ সংবাদ, সুখবর।

সুসংবৃত/শুশংব্রতো/ [স. সু+সংবৃত] বিণ. উত্তমরূপে

www.pathagar.com

আবৃত বা আচ্ছাদিত। স্ত্রী. সুসংবৃতা /শুশংব্তা/।

সুসংযত /শুশংজতো/ [স. সু+সংযত] বিণ. অত্যন্ত সংযমপূর্ণ; শোভন ও সুনিয়ন্ত্রিত।

সুসংরব্ধ /শুশংরব্ধো/ [স. সু+সংরব্ধ] বিণ. যথাযথ-ভাবে আরম্ভ করা হয়েছে এমন।

সুসংস্কৃত /শুশংস্কৃতো/ [স. সু+সংস্কৃত] বিণ. ১ বিশেষভাবে সংস্কার বা সংশোধন করা হয়েছে এমন। ২ অত্যন্ত ভদ্র। ৩ উত্তমরূপে মার্জিত।

সুসংস্থিত /শুশংস্থিতো/ [স. সু+সংস্থিত] বিণ. ১ উত্তমরূপে সন্নিবেশিত। ২ সুন্দরভাবে ব্যবস্থিত।

সুসংহত /শুশংহতো/ [স. সু+সংহত] বিণ. সুদৃঢ়; জমাট; ঘনীভূত।

সুসজ্জ /শুশজ্জো/ [স. সু+সজ্জা] বিণ. পরিপাটি-রূপে সজ্জিত, সুবিন্যস্ত।

সুসজ্জা /শুশজ্জা/ [স. সু+সজ্জা] বি. ১ উত্তম সাজ বা বিন্যাস। ২ শোভন বেশভূষা। ৩ রণসজ্জা।

সুসজ্জিত /শুশোজ্জিতো/ [স. সু+সজ্জিত] বিণ. ১ সুন্দর করে সাজানো। ২ রুচিসম্মতভাবে সেজেছে এমন। স্ত্রী. সুসজ্জিতা /শুশোজ্জিতা/।

সুসভ্য /শুশোব্ভো/ [স. সু+সভ্য] বিণ. ১ অত্যন্ত ভদ্র বা শিষ্ট। ২ মার্জিত রুচিসম্পন্ন। স্ত্রী. সুসভ্যা /শুশোব্ভা/।

সুসম /শুশমো/ [স. সু+সম] বিণ. দ্র সুসমঞ্জস।

সুসমঞ্জস /শুশমোন্জশো/ [স. সু+সমঞ্জস] বিণ. সামঞ্জস্যপূর্ণ।

সুসময় /শুশময়/ [স. সু+সময়] বি. ১ সুখের দিন, সুদিন। ২ উপযুক্ত সময়।

সুসমাপ্ত /শুশমাপ্তো/ [স. সু+সমাপ্ত] বিণ. সুষ্ঠুভাবে নিষ্পন্ন; উত্তমরূপে সম্পাদিত।

সুসমাহিত /শুশমাহিতো/ [স. সু+সমাহিত] বিণ. ১ গভীরভাবে অভিনিবিষ্ট। ২ ধ্যানমগ্ন। ৩ যথাযথ-ভাবে কবর দেওয়া হয়েছে এমন।

সুসমৃদ্ধ /শুশমৃদ্ধো/ [স. সু+সমৃদ্ধ] বিণ. ১ অতিশয় ঐশ্বর্যপূর্ণ। ২ যথাযথভাবে বৃদ্ধিপ্রাপ্ত।

সুসম্পন্ন /শুশম্পন্নো/ [স. সু+সম্পন্ন] বিণ. ১ উত্তমরূপে নিষ্পন্ন। ২ ধনবান।

সুসম্পাদিত /শুশম্পাদিতো/ [স. সু+সম্পাদিত] বিণ. উত্তমরূপে সম্পাদন করা হয়েছে এমন।

সুসম্বন্ধ /শুশম্বন্ধো/ [স. সু+সম্বন্ধ] বিণ. দৃঢ় সংগতিপূর্ণ; এলোমেলো নয় এমন।

সুসহ /শুশহো/ [স. সু+সহ] বিণ. সহজে সহ্য করা যায় এমন।

সুসাধ্য /শুশাদ্ধো/ [স. সু+সাধ্য] বিণ. সহজসাধ্য।

সুসার[১] /শুশার/ [স. সংসার >] বি. ১ সংসার। ২ প্রাচুর্য। ৩ সুবিধা।

সুসার[২] /শুশার/ [স. সু+সার] বিণ. ১ সর্বোৎকৃষ্ট। ২ সুদৃশ্য।

সুসার[৩] /শুশার/ [স. সংসার >] বি. সুবন্দোবস্ত, সুব্যবস্থা।

সুসারিত /শুশারিতো/ [স. সুসার+ইত] বিণ. শ্রেষ্ঠ।

সুসিক্ত /শুশিক্তো/ [স. সু+সিক্ত] বিণ. উত্তমরূপে সিঞ্চিত।

সুসিদ্ধ /শুশিদ্ধো/ [স. সু+সিদ্ধ] বিণ. ১ যথাযথভাবে সেদ্ধ করা হয়েছে এমন। ২ উত্তমরূপে সম্পাদিত। ৩ সম্পূর্ণরূপে সফল।

সুস্ত /শুস্তো/ [ফা.] বিণ. অলস।

সুস্তি /শুস্তি/ [ফা. সুস্ত >] বি. আলস্য, ঢিলেমি।

সুস্থ /শুস্থো/ [স. সু+√স্থা+অ] বিণ. ১ নীরোগ (*সুস্থ শরীর*)। ২ শান্ত, সুস্থির (*সুস্থ পরিবেশ*)। ৩ স্বচ্ছন্দ (*সুস্থ মন*)।

সুস্থচিত্ত /শুস্থোচিত্তো/ [স. সুস্থ+√চিৎ+ত] বিণ. মন শান্তিতে আছে এমন।

সুস্থতা /শুস্থোতা/ [স. সুস্থ+তা] বি. শরীরের নীরোগ অবস্থা।

সুস্থিত /শুস্থিতো/ [স. সু+√স্থা+ত] বিণ. ১ সুস্থ। ২ উদ্বেগহীন। ৩ সুপ্রতিষ্ঠিত। ৪ স্থির, গতিহীন।

সুস্থির /শুস্থির/ [স. সু+√স্থা+ইর] বিণ. ১ অতিশয় শান্ত, সুধীর। ২ সুস্থ। ৩ বদ্ধমূল।

সুস্নাত /শুস্নাতো/ [স. সু+√স্না+ত] বিণ. ১ স্নান করেছে এমন। ২ উত্তমরূপে প্রক্ষালিত।

সুস্নিগ্ধ /শুস্নিগ্ধো/ [স. সু+√স্নিহ্+ত] বিণ. ১ সুকোমল। ২ অতিশয় স্নেহপূর্ণ।

সুস্পর্শ /শুস্পর্শো/ [স. সু+√স্পৃশ্+অ] বিণ. সুখস্পর্শ।

সুস্পষ্ট /শুস্পশ্টো/ [স. সু+√স্পশ্+ণিচ্+ত] বিণ. ১ স্পষ্ট করে ব্যক্ত। ২ জটিল নয় এমন।

সুস্বন /শুশ্শন/ [স. সু+স্বন] বিণ. মধুর ধ্বনি-বিশিষ্ট। বি. ১ মধুর ধ্বনি। ২ শঙ্খ।

সুস্বপ্ন /শুশ্পনো/ [স. সু+স্বপ্ন] বি. মধুর স্বপ্ন, সুখস্বপ্ন।

সুস্বর /শুশ্শর/ [স. সু+স্বর] বি. মধুর ধ্বনি।

সুস্বাদ /শুশ্শাদ/ [স. সু+স্বাদ] বি. উত্তম বা উৎকৃষ্ট স্বাদ। বিণ. উত্তম স্বাদবিশিষ্ট।

সুস্বাদু /শুশ্শাদু/ [স. সু+√স্বদ্+উ] বিণ. খেতে ভালো লাগে এমন, উত্তম স্বাদবিশিষ্ট, স্বাদু।

সুস্মিত /শুস্মিতো/ [স. সু+স্মিত] বিণ. মৃদু হাস্যযুক্ত।

www.pathagar.com

স্ত্রী. সুস্মিতা /শুস্মিতা/।

সুহস্ত /শুহস্তো/ [স. সু+√হস্+ত] বিণ. সিদ্ধহস্ত, অতিশয় পাকা।

সুহাস /শুহাশ্ / [স. সু+√হস্+অ] বিণ. সুন্দর হাস্য-যুক্ত। বি. মধুর হাসি। স্ত্রী. সুহাসিনী /শুহাশিনি/।

সুহিত /শুহিতো/ [স. সু+√ধা+ত] বিণ. ১ অত্যন্ত হিতকর। ২ বিহিত। ৩ উপযুক্ত।

সুহৃৎ /শুর্হিত্ / [স. সু+হৃৎ] বি. ১ বন্ধু, মিত্র, সখা। ২ কল্যাণকামী ব্যক্তি, হিতৈষী। বিণ. হৃদয়বান।

সুহৃত্তম /শুর্হিত্তমো/ [স. সুহৃৎ+তমপ্] বিণ. হৃদয়বান।

সুহৃদ /শুর্হিদ্ / [স. সু+হৃৎ] বি. বিণ. দ্র সুহৃৎ।

সুহৃদয় /শুর্হিদয়/ [স. সু+হৃদয়] বিণ. ১ নির্মল অন্তঃকরণবিশিষ্ট। ২ অকপটচিত্ত। ৩ হৃদয়বান।

সুহৃদ্‌বর /শুর্হিদ্‌বর্ / [স. সুহৃদ্+বর] বি. বিণ. শ্রেষ্ঠ বন্ধু, অকৃত্রিম বন্ধু।

সুহৃদ্‌বরেষু /শুর্হিদ্‌বরেশু/ [স. সুহৃদ্‌বর+এষু] বি. অকৃত্রিম বন্ধুকে লিখিত পত্রে সম্বোধন। স্ত্রী. সুহৃদ্‌বরাসু /শুর্হিদ্‌বরাশু/।

সূ /শু/ [স. √সূ+ক্বিপ্] বি. প্রসব। বিণ. প্রসব করে এমন।

সূক্ত /শুক্তো/ [স. সু+√বচ্+ত] বি. ১ একাধিক মন্ত্রে রচিত বেদের স্তোত্র। ২ উত্তম কথা।

সূক্তি /শুক্তি/ [স. সু+√বচ্+তি] বি. ১ সুবচন, সদ্‌বাক্য। ২ বেদমন্ত্র।

সূক্ষ্ম /শুক্ষ্মো/ [স. √সূচ্+স্ম] বিণ. ১ ধারালো; তীক্ষ্ণ (*সূক্ষ্ম বুদ্ধি*)। ২ মিহি। ৩ চিকন। ৪ পুঙ্খানুপুঙ্খ (*সূক্ষ্ম বিচার*)। ৫ অতীন্দ্রিয় (*সূক্ষ্ম দেহ*)। ৬ ক্ষীণ। বি. ~তা /-তা/।

সূক্ষ্মকোণ /শুক্ষ্মোকোন্/ [স. সূক্ষ্ম+কোণ] বি. (জ্যা.) এক সমকোণের চেয়ে ছোটো কোণ, acute angle।

সূক্ষ্মকোণী ত্রিভুজ /শুক্ষ্মোকোনি ত্রিভুজ্/ বি. (জ্যা.) যে ত্রিভুজের তিনটি কোণই এক সমকোণের চেয়ে ছোটো।

সূক্ষ্মদর্শিতা /শুক্ষ্মোদোর্শিতা/ [স. সূক্ষ্মদর্শী+তা] বি. তীক্ষ্ণ দৃষ্টি দিয়ে দেখার গুণ, গভীরবিচক্ষণতা।

সূক্ষ্মদর্শী /শুক্ষ্মোদোর্শি/ [স. সূক্ষ্ম+√দৃশ্+ইন্] বিণ. খুঁটিনাটি বিষয়ও দেখতে পান এমন, তীক্ষ্ণ দৃষ্টিসম্পন্ন। স্ত্রী. সূক্ষ্মদর্শিনী /শুক্ষ্মোদোর্শিনি/।

সূক্ষ্মদেহ /শুক্ষ্মোদেহো / [স. সূক্ষ্ম+দেহ] বি. কল্পিত আত্মার দেহ।

সূক্ষ্মদেহী /শুক্ষ্মোদেহি/ [স. সূক্ষ্মদেহ+ইন্] বিণ. অণুবীক্ষণ যন্ত্র ছাড়া দেখা যায় না এমন ক্ষুদ্র দেহ-বিশিষ্ট।

সূক্ষ্মবিচার /শুক্ষ্মোবিচার্/ [স. সূক্ষ্ম+বিচার] বি. ন্যায়বিচার।

সূক্ষ্মবুদ্ধি /শুক্ষ্মোবুদ্ধি/ [স. সূক্ষ্ম+√বুধ্+তি] বি. তীক্ষ্ণ বুদ্ধি। বিণ. জটিল বিষয়ের সমাধা করতে সক্ষম এরূপ তীক্ষ্ণ মেধাসম্পন্ন।

সূক্ষ্মশরীর /শুক্ষ্মোশোরির্/ [স. সূক্ষ্ম+শরীর] বি. ১ আত্মার কল্পিত সপ্তদশ ভোগদেহ। ২ আত্মার দেহ বা অস্তিত্ব।

সূক্ষ্মাতিসূক্ষ্ম /শুক্ষ্মাতিশুক্ষ্মো/ [স. সূক্ষ্ম+অতিসূক্ষ্ম] বিণ. অতিশয় সূক্ষ্ম; অতি ক্ষুদ্র।

সূচক /শুচক্/ [স. √সূচ্+অক] বিণ. ১ জ্ঞাপক, প্রকাশক (*বিস্ময়সূচক*)। ২ সূচনাকারী। ৩ কথক। বি. নির্দেশক, index (*উন্নয়নের সূচক*)।

সূচন /শুচন্/ [স. √সূচ্+অন] বি. ১ জ্ঞাপন। ২ ইশারা, সংকেত। ৩ কথন।

সূচনা /শুচোনা/ [স. সূচন+আ (টাপ্)] বি. ১ ভূমিকা; প্রস্তাবনা। ২ সূত্রপাত। ৩ উপক্রম। ৪ ইঙ্গিত।

সূচনীয় /শুচোনিয়ো/ [স. √সূচ্+অনীয়] বিণ. ১ জ্ঞাপনীয়। ২ কথনীয়।

সূচয়িতব্য /শুচোয়িতোব্‌বো/ [স. √সূচ্+তব্য] বিণ. দ্র সূচনীয়।

সূচি[১] /শুচি/ [স. √সূচ্+ই] বি. গ্রন্থে অন্তর্ভুক্ত বিষয় লেখকের নাম প্রভৃতির অবস্থান নির্দেশক পৃষ্ঠাঙ্কযুক্ত তালিকা, নির্ঘণ্ট, index।

সূচি[২] /শুচি/ [স. সিব্+চ+ই] বি. সুচ। বিণ. তীক্ষ্ণ অগ্রভাগযুক্ত (*সূচিমুখ*)।

সূচিকর্ম /শুচিকর্মো/ [স. সূচি+কর্মন্] বি. ১ সেলাইয়ের কাজ। ২ সূচিশিল্প, needlework।

সূচিকা /শুচিকা/ [স. সূচি+কন্+আ (টাপ্)] বি. ১ সুচ। ২ হাতির শুঁড়।

সূচিকাভরণ /শুচিকাভরোন্ / [স. সূচিকা+ভরণ] বি. সাপের বিষ থেকে তৈরি সূচ্যগ্রপরিমাণে সেবনীয় আয়ুর্বেদীয় ওষুধবিশেষ।

সূচিজীবী /শুচিজিবি/ [স. সূচি+√জীব্+ইন্] বিণ. সূচিকর্মদ্বারা জীবিকা অর্জনকারী। বি. দরজি।

সূচিত /শুচিতো/ [স. √সূচ্+ত] বিণ. ১ জ্ঞাপিত। ২ প্রকাশিত। ৩ কথিত।

সূচিপত্র /শুচিপত্রো/ [স. সূচি+পত্র] বি. পৃষ্ঠানির্দেশ-সহ গ্রন্থাদির বিষয়-তালিকা, অণুক্রমণিকা।

সূচিভেদ্য /শুচিভেদ্যো/ [স. সূচি+√ভিদ্+য] বিণ.

www.pathagar.com

কেবল সুচ ভেদ করতে পারে এমন নিবিড়, জমাট (*সূচিভেদ্য অন্ধকার*)।

সূচিমুখ /শুচিমুখ/ [স. সূচি+মুখ] বিণ. সুচের মতো তীক্ষ্ণ মুখবিশিষ্ট। বি. ১ সুচের ডগা বা মুখ; সরু বা সুচালো মুখ। ২ পৌরাণিক ব্যূহবিশেষ।

সূচিরোমা /শুচিরোমা/ [স. সূচি+রোমন্] বিণ. সুচের মতো তীক্ষ্ণ লোমবিশিষ্ট। বি. শূকর।

সূচ্য /শুচ্চো/ [স. √সূচ্+য] বিণ. দ্র সূচনীয়।

সূচ্যগ্র /শুচ্চোগ্‌গ্রো/ [স. সূচি+অগ্র] বি. সুচের আগা বা ডগা। বিণ. অতি সামান্য।

সূচ্যগ্রমেদিনী /শুচ্চোগ্‌গ্রোমেদিনি/ [স. সূচ্যগ্র+মেদিনী] বি. ১ সুচের ডগায় ধরে এমন পরিমাণ ভূমি। ২ সামান্য পরিমাণ জমি।

সূত /শুতো/ [স. √সূ+ত] বিণ. জাত। বি. ১ সারথি। ২ সূত্রধর জাতি। ৩ স্তুতিপাঠক। স্ত্রী. সূতা /শুতা/।

সূতক /শুতক/ [স. সূত+ক (স্বার্থে)] বি. ১ জন্ম, উৎপত্তি। ২ সন্তান প্রসবজনিত অশৌচ। ৩ পারদ।

সূতকাশৌচ /শুতকাশোউচো/ [স. সূতক+অশৌচ] বি. সন্তান প্রসবজনিত অশৌচ।

সূতপুত্র /শুতোপুত্তো্র/ [স. সূত+পুত্র] বি. ১ সারথির পুত্র। ২ মহাবীর কর্ণ।

সূতি /শুতি/ [স. √সূ+তি] বি. জন্ম, প্রসব।

সূতিকা /শুতিকা/ [স. সূতা+কন্+আ (টাপ্)] বি. ১ (প্রসবের দিন থেকে) নবপ্রসূতির প্রথম ১০ দিন; সদ্যপ্রসূতা। ২ (বাংলায়) প্রসূতির পেটের পীড়া-বিশেষ, সূতিকারোগ।

সূতিকাগার /শুতিকাগার/ [স. সূতিকা+আগার] বি. আঁতুড়ঘর, প্রসবগৃহ।

সূতিকাগৃহ /শুতিকাগৃহো/ [স. সূতিকা+গৃহ] বি. দ্র সূতিকাগার।

সূতিগৃহ /শুতিগৃহো/ [স. সূতি+গৃহ] বি. দ্র সূতিকাগার।

সূত্র /শুত্তো্র/ [স. √সিব্+ত্র] বি. ১ তন্তু, সুতা। ২ সংজ্ঞা। ৩ সম্পর্ক। ৪ সম্বন্ধ (*পরিণয়সূত্র*)। ৫ নিয়ম, বিধি। ৬ সূচনা (*সূত্রপাত*)। ৭ ব্যপদেশ। ৮ সংকেত। ৯ পরম্পরা। ১০ অংক কষার সংকেতবিশেষ, formula (*গণিতের সূত্র*)। ১১ উপবীত।

সূত্রকণ্ঠ /শুত্তোকন্‌ঠো/ [স. সূত্র+কণ্ঠ] বি. ১ কপোত। ২ খঞ্জন পাখি। ৩ ব্রাহ্মণ।

সূত্রকার /শুত্তোকার/ [স. সূত্র+√কৃ+অ] বি. মূল সূত্রগ্রন্থের প্রণেতা (*সূত্রকার পাণিনি*)।

সূত্রধর /শুত্তোধর/ [স. সূত্র+√ধৃ+অ] বি. কাঠমিস্ত্রি, ছুতার।

সূত্রধার /শুত্তোধার/ [স. সূত্র+√ধৃ+অ] বি. ১ ছুতার, সূত্রধর সম্প্রদায়। ২ সংস্কৃত নাটকের নাট্য-প্রযোজক।

সূত্রপাত /শুত্তোপাত/ [স. সূত্র+পাত] বি. ভূমিকা, সূচনা, আরম্ভ (*আলোচনার সূত্রপাত*)।

সূত্রপিটক /শুত্তোপিটক/ [স. সূত্র+পিটক] বি. বৌদ্ধ ধর্মগ্রন্থ ত্রিপিটকের অন্যতম অংশ।

সূত্রপুষ্প /শুত্তোপুশ্‌পো/ [স. সূত্র+পুষ্প] বি. (বীজ বেষ্টনকারী আঁশ থেকে সুতো উৎপন্ন হয় বলে) কার্পাস গাছ।

সূদন /শুদন/ [স. √সূদ্+অন] বি. বধ, হত্যা, হনন। বিণ. হত্যাকারী, ঘাতক (*মধুসূদন*)।

সূনা /শুনা/ [স. √সূ+ন+আ (টাপ্)] বি. ১ বধ্যভূমি; মাংস বিক্রয়ের স্থান, কসাইখানা। ২ সম্মার্জনী।

সূনু /শুনু/ [স. √সূ+নু] বি. ১ ছেলে, পুত্র, তনয়। ২ কনিষ্ঠ ভ্রাতা, অনুজ। ৩ কন্যা, তনয়া।

সূনৃত /শুন্‌তো/ [স. সূ+নৃৎ+অ] বি. ১ সত্য ও প্রিয় বাক্য। ২ সত্য ও সুন্দর বক্তা। ৩ হিত, মঙ্গল। বিণ. ১ প্রিয়। ২ সত্য।

সূপ /শুপ/ [স. √সু+প] বি. ১ ব্যঞ্জনবিশেষ, ঝোল, সুরুয়া। ২ রাঁধা ডাল। ৩ তুল. সুপ[২] (প্‌ ১৩৩৭)।

সূপকার /শুপোকার/ [স. সূপ+√কৃ+অ] বি. যে রাঁধে, বাবুর্চি, পাচক।

সূর /শুর/ [স. √সূর্+অ] বি. ১ সূর্য। ২ পণ্ডিত বা জ্ঞানী ব্যক্তি। ৩ বীরপুরুষ।

সূরি /শুরি/ [স. √সূ+রি] বি. ১ কবি। ২ বিদ্বান, পণ্ডিত (*পূর্বসূরি*)। ৩ জৈনগুরুগণের উপাধি-বিশেষ। ৪ বৃহস্পতিগ্রহ। ৫ সূর্য।

সূরী /শুরি/ [স. সূর্য+ঈ] বি. ১ সূর্যের পত্নী। ২ মহাভারতোক্ত কুন্তী।

সূর্য /শুরজো/ [স. √সূ+য] বি. পৃথিবী থেকে ১৪.৯ কোটি কিলোমিটার দূরে অবস্থিত পৃথিবীর নিকট-তম উজ্জ্বল জ্যোতিষ্কবিশেষ (যার ব্যাস ১৩.৯ লক্ষ কিলোমিটার এবং পৃষ্ঠদেশের তাপমাত্রা ৬০০০° সেলসিয়াস) যাকে কেন্দ্র করে পৃথিবী ও সৌর-মণ্ডলের গ্রহ উপগ্রহ প্রদক্ষিণ করে, দিবাকর, রবি, ভানু, তপন, প্রভাকর, দিনমণি, বিবস্বান, বিভাবসু, মিত্র, মিহির, সবিতা, ভাস্কর, আদিত্য, মার্তণ্ড, অর্ক, পুষা, সূর, অর্যমা।

সূর্যকর /শুরজোকর/ [স. সূর্য+√কৃ+অ] বি. দ্র সূর্য-কিরণ।

www.pathagar.com

সূর্যকরোজ্জ্বল /শুর্‌জোকরোজ্‌জল্‌/ [স. সূর্যকর+ উজ্জ্বল] বিণ. সূর্যের আলোয় উজ্জ্বল।

সূর্যকান্ত /শুর্‌জোকান্‌তো/ [স. সূর্য+√কম্‌+ত] বি. আতশকাচ।

সূর্যকিরণ /শুর্‌জোকিরন্‌/ [স. সূর্য+√কৃ+অন] বি. সূর্যের কিরণ, রোদ।

সূর্যগ্রহণ /শুর্‌জোগ্রোহোন্‌/ [স. সূর্য+√গ্রহ্‌+অন] বি. নিজ কক্ষপথে পৃথিবী ও চাঁদের সূর্যকে প্রদক্ষিণ-কালে ভূপৃষ্ঠে সূর্যের আলোকপাতে আংশিক বা সম্পূর্ণ বাধা সৃষ্টি (পরিক্রমণকালে সূর্য ও পৃথিবীর মাঝে একই সরলরেখায় চাঁদের অবস্থানের ফলে)।

সূর্যঘড়ি /শুর্‌জোঘোড়ি/ [স. সূর্য+বা. ঘড়ি] বি. ৬ থেকে ১২ এবং ১২ থেকে ৬ পর্যন্ত ক্রমাঙ্কে চিহ্নিত চাকতির (sundial) ওপর তীর্যকভাবে স্থাপিত দণ্ডের ছায়ার অবস্থান দেখে সময় নিরূপণের সরঞ্জামবিশেষ।

সূর্যতনয় /শুর্‌জোতনয়্‌/ [স. সূর্য+তনয়] বি. ১ সূর্যের পুত্ররূপে কল্পিত কর্ণ। ২ যম। ৩ শনি। ৪ সুগ্রীব।

সূর্যতনয়া /শুর্‌জোতনয়া/ [স. সূর্যতনয়+আ (টাপ্‌)] বি. ১ সূর্যের কন্যারূপে কল্পিত যমুনা। ২ তপতী। ৩ বিদ্যুৎ।

সূর্যবংশ /শুর্‌জোবংশো/ [স. সূর্য+বংশ] বি. অযোধ্যার পৌরাণিক রাজবংশ।

সূর্যমণি /শুর্‌জোমোনি/ [স. সূর্য+√মণ্‌+ই] বি. ১ আতশকাচ, সূর্যকান্তমণি। ২ পুষ্পবৃক্ষবিশেষ।

সূর্যমুখী /শুর্‌জোমুখি/ [স. সূর্য+মুখ+ঈ] বি. প্রায় সারাবছর ফোটে এবং সূর্যের দিকে মুখ করে থাকে এমন বীজপূর্ণ (যা থেকে ভোজ্যতেল আহৃত হয়) চাকতিসদৃশ লালচে খয়েরি মধ্যস্থল ও চারদিকে হলুদ পাপড়িশোভিত গোলাকার বড়ো ফুল চওড়া পাতা বা তার সবু কাণ্ডবিশিষ্ট মাঝারি উচ্চতার বীরুৎশ্রেণির উদ্ভিদ (আনি. উত্তর আমেরিকা)।

সূর্যরশ্মি /শুর্‌জোরোশ্‌শি/ [স. সূর্য+√অশ্‌+মি] বি. সূর্যের কিরণ।

সূর্যলোক /শুর্‌জোলোক্‌/ [স. সূর্য+লোক] বি. সৌরজগৎ।

সূর্যসারথি /শুর্‌জোশারোথি/ [স. সূর্য+সারথি] বি. পুরাণে কল্পিত সাত ঘোড়ায় টানা সূর্যের রথচালক ও গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা অরুণ।

সূর্যসিদ্ধান্ত /শুর্‌জোশিদ্‌ধান্‌তো/ [স. সূর্য+সিদ্ধান্ত] বি. বিক্রমাদিত্যের নবরত্নসভার অন্যতম রত্ন বরাহমিহির প্রণীত কক্ষপথে পৃথিবী ও সূর্যের পরস্পর অবস্থান নির্ণয়সংক্রান্ত জ্যোতির্বিদ্যাবিষয়ক গ্রন্থবিশেষ।

সূর্যস্নান /শুর্‌জোস্নান্‌/ [স. সূর্য+স্নান] বি. ভিটামিনের (ভিটামিন ডি) অভাব পূরণের জন্য সূর্যের আলোক ও তাপ সেবন, sunbath।

সূর্যাবর্ত /শুর্‌জাবর্‌তো/ [স. সূর্য+আবর্ত] বি. ১ সূর্যের আবর্তন, সূর্যের গতি বা পরিক্রমণ। ২ সূর্যমুখী ফুলের গাছ।

সূর্যালোক /শুর্‌জালোক্‌/ [স. সূর্য+আলোক] বি. সূর্যের আলো, রোদ।

সূর্যাস্ত /শুর্‌জাস্‌তো/ [স. সূর্য+√অস্‌+ত] বি. দিনের শেষে পশ্চিম দিগন্তে সূর্যের অস্তমন, দিবাবসান; পৌরাণিকমতে সূর্যের কল্পিত অস্তাচল পর্বতের অন্তরালে গমন।

সূর্যেন্দুসংগম /শুর্‌জেনদুশংগম/ [স. সূর্য+ইন্দু+ সংগম] বি. কৃষ্ণপক্ষের শেষ তিথি যখন চাঁদের কলা অদৃশ্য হয়, অমাবস্যা।

সূর্যোদয় /শুর্‌জোদয়্‌/ [স. সূর্য+উদয়] বি. ভোরের আকাশে সূর্যের উদয়; পৌরাণিকমতে কল্পিত উদয়াচল পর্বত থেকে সূর্যের পুনরাবির্ভাব।

সূর্যোপাসক /শুর্‌জোপাশক্‌/ [স. সূর্য+উপাসক] বিণ. সূর্যের উপাসনাকারী, সূর্যপূজক।

সূর্যোপাসনা /শুর্‌জোপাশনা/ [স. সূর্য+উপাসনা] বি. সূর্যের বন্দনা বা উপাসনা।

সৃক /সৃক্‌/ [স. √সৃজ্‌+ক্বিপ্‌] বিণ. উৎপাদনকারী; স্রষ্টা।

সৃক্ক /সৃক্‌কো/ [স. √সৃজ্‌+ক] বি. দ্র সৃক্কণী।

সৃক্কণ /সৃক্‌কোন্‌/ [স. √সৃজ্‌+ক+অন] বি. দ্র সৃক্কণী।

সৃক্কণী /সৃক্‌কোনি/ [স. সৃক্কন্‌+ঈ] বি. ঠোঁটের দুই প্রান্ত, ওষ্ঠপ্রান্ত।

সৃজক /সৃজক্‌/ [অশুপ্র.] বিণ. বি. স্রষ্টা।

সৃজন /সৃজন্‌/ [অশুপ্র.] বি. সৃষ্টি; নির্মাণ; রচনা।

সৃজনধর্মী /সৃজন্‌ধোর্‌মি/ [বা.] বিণ. সৃষ্টি করার শক্তিবিশিষ্ট, সৃষ্টিশীল।

সৃজনশীল /সৃজন্‌শিল্‌/ [বা.] বিণ. সৃজনীশক্তিবিশিষ্ট, সৃষ্টিশীল (*সৃজনশীল প্রতিভা*)। বি. **সৃজনশীলতা** /সৃজন্‌শিলতা/।

সৃজনীশক্তি /সৃজোনিশোক্‌তি/ [বা.] বি. নতুন কিছু সৃষ্টি করার শক্তি বা প্রতিভা।

সৃজা /সৃজা/ [স. সৃষ্টি >] ক্রিবি. (কাব্যে) সৃষ্টি করা।

সৃজিত /সৃজিতো/ [অশুপ্র.] বিণ. সৃষ্ট, নির্মিত।

www.pathagar.com

সৃত /সৃতো/ [স. √সৃ+ত] বিণ. ১ গত হয়েছে এমন। ২ অতীত।

সৃতি /সৃতি/ [স. √সৃ+তি] বি. ১ পথ, মার্গ। ২ গমন। ৩ গতিপথ। তুল. স্মৃতি (পৃ ১৩৭৬)।

সৃষ্ট /সৃশ্‌টো/ [স. √সৃজ্+ত] বিণ. সৃষ্টি করা হয়েছে এমন; নির্মিত; রচিত।

সৃষ্টি /সৃশ্‌টি/ [স. √সৃজ্+তি] বি. ১ নতুন কোনো কিছুর উৎপাদন। ২ নির্মাণ। ৩ বিশ্বজগৎ। ৪ শিল্প। ৫ স্বভাব। ৬ রচনা। ৭ উৎপাদিত বা নির্মিত বস্তু। ৮ সূত্রপাত।

সৃষ্টিকর্তা /সৃশ্‌টিকর্‌তা/ [স. সৃষ্টি+√কৃ+তৃ] বি. ১ যিনি সৃষ্টি করেন। ২ আল্লাহ; স্রষ্টা; ঈশ্বর; ব্রহ্মা।

সৃষ্টিকুশলী /সৃশ্‌টিকুশোলি/ [স. সৃষ্টি+কুশলী] বিণ. নির্মাণকর্মে দক্ষ এমন।

সৃষ্টিকৌশল /সৃশ্‌টিকৌশল/ [স. সৃষ্টি+কৌশল] বি. নির্মাণকৌশল; উৎপাদনের পদ্ধতি।

সৃষ্টিছাড়া /সৃশ্‌টিছাড়া/ [স. সৃষ্টি+বা. ছাড়া] বিণ. অদ্ভুত, অস্বাভাবিক (*সৃষ্টিছাড়া কল্পনা*)।

সৃষ্টিতত্ত্ব /সৃশ্‌টিতত্‌তো/ [স. সৃষ্টি+তত্ত্ব] বি. বিশ্বসৃষ্টি-বিষয়ক মতবাদ বা তত্ত্ব।

সৃষ্টিধর /সৃশ্‌টিধর/ [স. সৃষ্টি+√ধৃ+অ] বি. যিনি সৃষ্টি রক্ষা করেন, ব্রহ্মা; শ্রীকৃষ্ণ।

সৃষ্টিধর্মী /সৃশ্‌টিধোরমি/ [স. সৃষ্টি+ধর্মন+ইন্] বিণ. নতুন কিছু সৃষ্টি করার গুণসম্পন্ন (*সৃষ্টিধর্মী কাজ*)। বি. সৃষ্টিধর্মিতা/ সৃশ্‌টিধোরমিতা/।

সৃষ্টিনাশা /সৃশ্‌টিনাশা/ [স. সৃষ্টি+বা. নাশা] বিণ. সৃষ্টি নাশ করে এমন, সর্বনাশা; ভয়ংকর।

সৃষ্টিশীল /সৃশ্‌টিশিল/ [স. সৃষ্টি+শীল] বিণ. ১ নির্মিত হচ্ছে এমন। ২ সৃষ্টি করার ক্ষমতা বা গুণসম্পন্ন। বি. সৃষ্টিশীলতা /সৃশ্‌টিশিলতা/।

সৃষ্টিসুখ /সৃশ্‌টিশুখ/ [স. সৃষ্টি+সুখ] বি. সৃষ্টির আনন্দ (*আজ সৃষ্টি-সুখের উল্লাসে* নজরুল.)।

সৃষ্টিস্থিতিলয় /সৃশ্‌টিস্‌থিতিলয়/ [স. সৃষ্টি+স্থিতি+√লী+অ] বি. বিশ্বজগতের সৃষ্টি রক্ষণ ও ধ্বংস।

সে /শে/ [স. সঃ >] সর্ব. ১ কোনো ব্যক্তি; নির্দিষ্ট লোক। ২ তাহা, তা। বি. তখন, সেই সময়। বিণ. ১ সেই, উক্ত (*সেদিন*)। ২ অতীত (*সেকাল*)। অব্য. অমনি, সঙ্গে সঙ্গে।

সেই /শেই/ [বা.] বিণ. পূর্বে উক্ত বা নির্দেশিত (*সেইদিন থেকে*)। সর্ব. তাই, তাহাই (*সেই ভালো*)। অব্য. ১ তৎক্ষণাৎ (*যেই কথা সেই কাজ*)। ২ শেষ পর্যন্ত (*সেই তো গেলে*)।

সেঁউতি /শেঁউতি/ [স. সেচনী >] বি. নৌকার পানি সেচার জন্য ব্যবহৃত পাত্র।

সেঁওতি /শেঁওতি/ [দেশি.] বি. সাদা গোলাপের প্রজাতিবিশেষ।

সেঁকা /শেকা/ [স. সেক >] ক্রিবি. তাপ প্রয়োগ করে প্রস্তুত করা (*রুটি সেঁকা*)।

সেঁকো /শেঁকো/ [পো.] বি. শঙ্খবিষ, arsenic।

সেঁজুতি /শেঁজুতি/ [স. সন্ধ্যাদীপ >] বি. ১ সাঁঝের বাতি, সন্ধ্যাপ্রদীপ। ২ সন্ধ্যাবেলা দেবতার উদ্দেশ্যে প্রজ্জ্বালিত প্রদীপ বা দীপপ্রজ্জ্বালন।

সেঁটে /শেঁটে/ [স. সাঁট >] অসক্রি. ক্রিবিণ. ১ সংলগ্ন করে। ২ এঁটে। ৩ কষে।

সেঁতা /শ্যাঁতা/ [স. সিক্ত >] বিণ. ১ ভেজা। ২ ঈষৎ স্যাঁতসেঁতে।

সেঁতানো /শ্যাঁতানো/ [স. সিক্ত >] ক্রিবি. প্রায় সিক্ত হওয়া। বিণ. প্রায় সিক্ত।

সেঁধানো /শ্যাঁধানো/ [বা.] ক্রিবি. প্রবেশ করা বা করানো। বিণ. প্রবিষ্ট।

সেক /শেক্/ [স. √সিচ্+অ] বি. ১ বেদনা প্রশমনের জন্য গরম জল ভরা রবারের ব্যাগ বা বোতলের সাহায্যে শরীরে তাপ প্রয়োগ। ২ সেচন, সিঞ্চন।

সেক দেওয়া /শেক্ দেওআ/ ক্রিবি. বেদনা প্রশমনের জন্য গরম জল ভরা রবারের ব্যাগ বা বোতলের সাহায্যে শরীরে তাপ প্রয়োগ করা।

সেকাল /শেকাল/ [বা. সে+স. কাল] বি. সুদূর অতীত, প্রাচীন কাল।

সেকেন্ড /সেকেন্‌ড/ [ই. second] বি. ১ সময়ের পরিমাপবিশেষ, এক মিনিটের ষাট ভাগের এক ভাগ। ২ অল্পকাল। বিণ. দ্বিতীয় (*সেকেন্ড ক্লাস*)।

সেকেলে /শেকেলে/ [বা.] বিণ. ১ প্রাচীনকালের। ২ প্রাচীনপন্থি।

সেক্তা /শেক্‌তা/ [স. √সিচ্+তৃ] বিণ. ১ সেচনকারী, সেচক। ২ সেক দেয় এমন।

সেক্রেটারি /সেক্‌রেটারি/ [ই.] বি. ১ মন্ত্রণালয়ের প্রধান আমলা, secretary। ২ মন্ত্রী।

সেখান /শেখান্/ [বা.] বি. সেই স্থান।

সেখানকার /শেখান্‌কার/ [বা.] বিণ. সেই স্থান বা জায়গার।

সেগুন /শেগুন/ [স. শাক >] বি. দক্ষিণ-পূর্ব এশিয়ায় জাত ও বহুবর্ষজীবী পত্রমোচী দীর্ঘ বৃক্ষ যার সোনালি হলুদ বর্ণের মূল্যবান কাঠ আসবাবপত্র এবং জাহাজ তৈরির কাজে ব্যবহৃত হয়, teak।

সেচ /শেচ্/ [স. √সিচ্+অ] বি. চাষের জমিতে জল দেওয়ার ব্যবস্থা।

সেচক /শেচক্/ [স. √সিচ্+অক] বিণ. সেচ করে

www.pathagar.com

এমন, সেচনকারী।

সেচন /শেচন্/ [স. √সিচ্+অন] বি. ১ সেচ প্রদান, সিঞ্চন। ২ আর্দ্রকরণ।

সেচনি /শেচোনি/ [স. সেচন+ই] বি. জলসেচন পাত্র, সেচনপাত্র।

সেচা /শ্যাচা/ [স. সেচন >] ক্রিবি. বিণ. জল সিঞ্চন করা; ছিটানো।

সেচান /শেচান্/ [স. শ্যেন >] বি. বাদামি রেখাযুক্ত সাদা পেট প্রশস্ত লম্বা ডানা এবং ধারালো চঞ্চু ও নখরবিশিষ্ট প্রখর দৃষ্টিশক্তিসম্পন্ন বড়ো শিকারি পরিযায়ী পাখি, বাজপাখি, শ্যেন।

সেজ /শেজ্/ [ফা. সে+স. জ] বিণ. দ্র সেজো।

সেজদা[১] /সেজ্‌দা/ [আ.] বি. নামাজ পড়ার সময় দুই পা হাত হাঁটু কপাল ও নাকের ডগা ভূমিতে ঠেকিয়ে আল্লাহর কাছে আত্মনিবেদনের ভঙ্গি।

সেজদা[২] /শেজ্‌দা/ [বা.] বি. 'সেজো দাদা'-র সংক্ষিপ্ত রূপ।

সেজদি /শেজ্‌দি/ [বা.] বি. 'সেজো দিদি'-র কথ্য রূপ।

সেজানো /শেজানো/ [বা.] ক্রিবি. বিণ. সেদ্ধ করা; সেদ্ধ করানো।

সেজো /শেজো/ [বা.] বিণ. ভাইদের বা বোনদের মধ্যে তৃতীয় জাতক (*সেজো দিদি*)।

সেজো দিদি /শেজো দিদি/ বি. বোনদের মধ্যে তৃতীয় জাতক।

সেঞ্চুরি /সেন্‌চুরি/ [ই. century] বি. ১ শতবর্ষ, শতাব্দী, শতক। ২ একদিনের ক্রিকেট খেলায় কোনো ব্যাটসম্যানের শত রান অর্জন; টেস্ট ক্রিকেট খেলায় যেকোনো ইনিংসে একজন ব্যাটসম্যানের শত রান অর্জন।

সেট /সেট্/ [ই. set] বি. ১ একই আদলে তৈরি গহনা পোশাক প্রভৃতির সমষ্টি; সমগুণসম্পন্ন তৈজসপত্র বা বস্তুর প্রস্থ। ২ নাটকের মঞ্চসজ্জা (*সেট তৈরি*)। ৩ কোনো লেখকের গ্রন্থের খণ্ডসমূহ।

সেতাব /শেতাব্/ [ফা.] ক্রিবিণ. দ্রুত, তাড়াতাড়ি।

সেতার /শেতার্/ [ফা.] বি. টোকা দিয়ে বাজানো হয় এমন বীণাজাতীয় বাদ্যযন্ত্রবিশেষ।

সেতারি /শেতারি/ [ফা. সেতার >] বি. বিণ. সেতার-বাদক।

সেতু /শেতু/ [স. √সি+তু] বি. ১ পুল বা সাঁকো। ২ বাঁধ।

সেতুবন্ধ /শেতুবন্‌ধো/ [স. সেতু+√বন্ধ্+অ] বি. ১ (পৌরাণিক মতে লঙ্কা জয়ের উদ্দেশ্যে) রামচন্দ্র বানরসৈন্য নিয়ে সমুদ্র পার হওয়ার জন্য ভারতের দক্ষিণ প্রান্তে অবস্থিত রামেশ্বর দ্বীপ থেকে লঙ্কাদ্বীপ পর্যন্ত যে সেতু তৈরি করেছিলেন, তীর্থক্ষেত্রবিশেষ। ৩ (আল.) সংযোগ।

সেথা /শেথা/ [বা.] ক্রিবিণ. (পদ্যে) সেখানে। বি. সেই স্থান।

সেথায় /শেথায়্/ [বা.] ক্রিবিণ. সেই স্থানে, তথায়। বিণ. সেই স্থানের।

সেথো /শেথো/ [স. সার্থ >] বি. সহচর, সঙ্গী।

সেন /শেন্/ [স. √সি+ন] বি. ১ সমাসে উত্তর পদে 'সেনা' শব্দের রূপ (*ভীমসেন*)। ২ পদবিবিশেষ। ৩ বীর। ৪ প্রধান।

সেনা /শেনা/ [স. √সি+ন+আ (টাপ্)] বি. সৈন্য; সৈন্যদল, ফৌজ।

সেনাছাউনি /শেনাছাউনি/ [স. সেনা+বা. ছাউনি] বি. সেনানিবাস, cantonment।

সেনাধ্যক্ষ /শেনাদ্‌ধোক্‌খো/ [স. সেনা+অধ্যক্ষ] বি. সেনাবাহিনীর অধিনায়ক।

সেনানায়ক /শেনানায়োক্/ [স. সেনা+নায়ক] বি. দ্র সেনাধ্যক্ষ।

সেনানিবাস /শেনানিবাশ্/ [স. সেনা+নিবাস] বি. সেনাবাহিনীর সদস্যদের আবাস বা ছাউনি, cantonment।

সেনানিবেশ[১] /শেনানিবেশ্/ [স. সেনা+নিবেশ] বি. দ্র সেনানিবাস।

সেনানিবেশ[২] /শেনানিবেশ্/ [স. সেনা+নিবেশ] বি. সেনা সমাবেশ।

সেনানী /শেনানি/ [স. সেনা+√নী+ক্বিপ্] বি. ১ সৈন্য-বাহিনীর প্রধান, সেনাধ্যক্ষ, সেনাপতি। ২ (বাংলায়) সৈন্যদল।

সেনাপতি /শেনাপোতি/ [স. সেনা+√পা+অতি] বি. দ্র সেনাধ্যক্ষ।

সেনাপতিত্ব /শেনাপোতিত্তো/ [স. সেনাপতি+ত্ব] বি. সেনাধ্যক্ষের কাজ।

সেনাবাহিনী /শেনাবাহিনি/ [স. সেনা+√বহ্+ইন্+ঈ] বি. সৈন্যদল।

সেনাশিবির /শেনাশিবির্/ [স. সেনা+শিবির] বি. সৈন্যদলের অস্থায়ী আবাস; সেনাছাউনি, cantonment।

সেনাসঞ্চালক /শেনাশন্‌চালক্/ [স. সেনা+সঞ্চালক] বি. সেনাপতি।

সেনাসদর /শেনাশদোর্/ [স. সেনা+আ. সদর] বি. সামরিক বাহিনীর সদরদপ্তর।

সেনি /সেনি/ [ফা.] বি. ১ ডেকচির ঢাকনা। ২ বারকোশ।

সেন্টিগ্রেড /সেন্‌টিগ্রেড্/ [ফ.] বি. দ্র সেলসিয়াস।

www.pathagar.com

সেন্টিমিটার /সেন্‌টিমিটার্‌/ [ফ.] বি. এক মিটারের শত ভাগের এক ভাগ, দৈর্ঘ্য পরিমাপের এককবিশেষ, centimetre।

সেন্সরবোর্ড /সেন্‌সর্‌বোড়্‌ড়্‌/ [ই.] বি. প্রদর্শনের পূর্বে চলচ্চিত্রের বিবাচন বা উপযুক্ততা বিচারের জন্য সরকার কর্তৃক গঠিত পর্ষদ, censor board।

সেপটিক /সেপ্‌টিক্‌/ [লা.] বি. জীবাণু-আক্রান্ত হওয়ার ফলে সৃষ্ট ঘা, পচন, septic ।

সেপটিক ট্যাংক /সেপ্‌টিক্‌ ট্যাংক্‌/ বি. ভূগর্ভস্থ যে আধারে শৌচাগারের বর্জ্য পদার্থ অ্যানিরোবিক (anaerobic) ব্যাকটেরিয়া-আক্রান্ত হয়ে শোধিত হয়, septic tank।

সেপাই /শেপাই্‌/ [ফা. সিপাই >] বি. 'সিপাই'-এর কথ্য রূপ।

সেপ্টেম্বর /সেপ্‌টেম্‌বার্‌/ [ই.] বি. গ্রেগোরীয় পঞ্জিকার নবম মাস, ১৭ই ভাদ্র থেকে ১৫ই আশ্বিন পর্যন্ত কালপর্ব, September।

সেফটিপিন /সেফ্‌টিপিন্‌/ [ই.] বি. পরিহিত বস্ত্র যথাস্থানে আটকে রাখার জন্য নিরাপদে ব্যবহার করা যায় এমন এক ধরনের পিন (আটকানোর পর যার সুচালো অগ্রভাগ আবৃত থাকে), safety pin।

সেবক /শেবক্‌/ [স. √সেব্‌+অক] বিণ. বি. ১ সেবক, শুশ্রূষাকারী। ২ আরাধনাকারী। ৩ পরিচারক। স্ত্রী. সেবিকা /শেবিকা/।

সেবন /শেবন্‌/ [স. √সেব্‌+অন] বি. ১ ওষুধ পানীয় দ্রব্য প্রভৃতি গ্রহণ। ২ অর্চনা। ৩ উপভোগ। ৪ পরিচর্যা।

সেবনবিধি /শেবন্‌বিধি/ [স. সেবন+বি+√ধা+ই] বি. (সচরাচর ওষুধ) খাওয়ার নিয়ম।

সেবনীয় /শেবোনিয়ো/ [স. √সেব্‌+অনীয়] বিণ. ১ সেবা করার যোগ্য। ২ সেবন করা উচিত বা সেবন করা যায় এমন।

সেবমান /শেবোমান্‌/ [স. √সেব্‌+মান (শানচ্‌)] বিণ. সেবন করছে এমন, সেবারত।

সেবা /শেবা/ [স. √সেব্‌+অ+আ (টাপ্‌)] বি. ১ যত্ন বা শুশ্রূষা। ২ উপাসনা। ৩ উপভোগ। ৪ (বাংলায়) ভোজন, আহার।

সেবাইত /শেবাইত্‌/ [স. সেবা >] বি. বিণ. পূজারি; সেবক।

সেবাগৃহ /শেবাগৃহো/ [স. সেবা+গৃহ] বি. ১ আশ্রম। ২ পরিচর্যা বা সেবা গ্রহণের ঘর।

সেবাদাসী /শেবাদাশি/ [স. সেবা+দাস+ঈ] বি. ১ সন্ন্যাসী প্রভৃতির পরিচর্যাকারিণী। ২ উপপত্নী।

সেবাধর্ম /শেবাধর্‌মো/ [স. সেবা+ধর্মন্‌] বি. সেবার ব্রত; নিষ্ঠার সঙ্গে আচরণীয় পরোপকার।

সেবায়েত /শেবায়েত্‌/ [স. সেবা >] বি. বিণ. দ্র সেবাইত।

সেবারত /শেবারতো/ [স. সেবা+√রম্‌+ত] বিণ. সেবা করছে এমন।

সেবিত /শেবিতো/ [স. √সেব্‌+ত] বিণ. ১ শুশ্রূষা বা পরিচর্যা প্রাপ্ত। ২ পূজিত। ৩ উপাসিত। ৪ আশ্রিত। স্ত্রী. সেবিতা /শেবিতা/।

সেবিতব্য /শেবিতোব্‌বো/ [স. √সেব্‌+তব্য] বিণ. ১ সেবা করার যোগ্য। ২ সেবনযোগ্য।

সেবী /শেবি/ [স. √সেব্‌+ইন্‌] বিণ. ১ সেবনকারী। ২ সেবক (*সংস্কৃতিসেবী*)।

সেব্য /শেব্‌বো/ [স. √সেব্‌+য] বিণ. দ্র সেবনীয়।

সেব্যমান /শেব্‌বোমান্‌/ [স. √সেব্‌+মান (শানচ্‌)] বিণ. ১ সেবা করা হচ্ছে বা সেবা করা যায় এমন। ২ আরাধ্যমান।

সেমতো /শেমতো/ [বা.] ক্রিবিণ. সেই রকম, সেরূপে।

সেমাই /শেমাই্‌/ [দেশি.] বি. দুধ চিনি প্রভৃতি সহকারে রেঁধে খাওয়া যায় এমন আটা বা ময়দার তৈরি সুতোর মতো সরু খাদ্যবস্তু।

সেমিকোলন /সেমিকোলোন্‌/ [ই.] বি. বাক্যের শেষে কমার ওপর বিন্দু দিয়ে নির্দিষ্ট বিরতিচিহ্ন-বিশেষ, (;), semicolon।

সেমিনার /সেমিনার্‌/ [জ.] বি. আলোচনা বা প্রশিক্ষণের জন্য আহূত সভা; বিশ্ববিদ্যালয়ে কোনো নির্দিষ্ট গবেষণামূলক বিষয়ে বিশেষজ্ঞদের পর্যালোচনার জন্য আহূত সভা, seminar।

সেমিফাইনাল /সেমিফাইনাল্‌/ [ই.] বি. কোনো ক্রীড়া প্রতিযোগিতায় চূড়ান্ত খেলার অব্যবহিত পূর্বেকার বাছাই পর্বের খেলা, semifinal।

সেয়ান /শেআন্‌/ [স. সজ্ঞান >] বিণ. দ্র সেয়ানা।

সেয়ানা /শেআনা/ [স. সজ্ঞান >] বিণ. ১ সাবালক, পূর্ণবয়স্ক। ২ চতুর; ধূর্ত। ৩ সচেতন।

সের /শের্‌/ [বা.] বি. (অধুনালুপ্ত) ওজনের একক-বিশেষ (আনুমানিক ৯৩৩.১ গ্রাম)।

সেরকশ /শের্‌কশ্‌/ [ফা.] বিণ. একরোখা, বেয়াড়া।

সেরা /শেরা/ [ফা.] বিণ. ১ শ্রেষ্ঠ, সর্বোৎকৃষ্ট (*বাজারের সেরা*)। ২ অপ্রতিদ্বন্দ্বী (*সেরা ছাত্র*)।

সেরেফ /সেরেফ্‌/ [আ.] অব্য. বিণ. কেবল, মাত্র।

সেরেস্তা /শেরেস্‌তা/ [ফা.] বি. ১ কার্যালয়, দপ্তর, অফিস। ২ আদালত।

সেরেস্তাদার /শেরেস্‌তাদার্‌/ [ফা.] বি. সেরেস্তার ভারপ্রাপ্ত কর্মচারী; প্রধান কেরানি, office superintendent।

www.pathagar.com

সেল /সেল্/ [ই. cell] বি. ১ কক্ষ। ২ কোষ। ৩ নির্জনবাসের কারাকক্ষ।

সেলফি /সেল্ফি/ [ই.] বি. স্মার্টফোন আইপ্যাড ল্যাপটপ প্রভৃতির ক্যামেরায় তোলা আত্ম-প্রতিকৃতি, নিজস্বী, selfie।

সেলফোন /সেল্ফোন্/ [ই. সেল+গ্রি. ফোন] বি. পকেট হাতব্যাগ বা হাতের মুঠোয় বহন করা যায় এমন তারহীন টেলিফোন, মুঠোফোন, চলভাষ।

সেলসিয়াস /সেল্সিআস্/ [ব্যক্তি.] বি. সুইডিশ জ্যোতির্বিজ্ঞানী আঁদ্রে সেলসিয়াস প্রবর্তিত তাপ-মাত্রা পরিমাপের মানদণ্ডবিশেষ (যে স্কেলে সমুদ্র-পৃষ্ঠে অর্থাৎ যেখানে বায়ুমণ্ডলের চাপ পারদের ৭৬ সেমি. বিশুদ্ধ জলের গলনাঙ্ক ০° এবং স্ফুটনাঙ্ক ১০০° ধরা হয়), Celsius।

সেলাই /শেলাই্/ [স. সীবন >] বি. কাপড় চামড়া প্রভৃতির একাধিক স্তর বিশেষ কৌশলে সুতো দিয়ে বেঁধে (সুতোপরানো সুচ ফুঁড়ে) জুড়ে রাখার পদ্ধতি।

সেলাখানা /সেলাখানা/ [আ. সিলা+ফা. খানা] বি. অস্ত্র রাখার ঘর, অস্ত্রশালা, অস্ত্রাগার।

সেলাম /সেলাম্/ [আ.] বি. ১ শান্তি; নিরাপত্তা। ২ অভিবাদনবিশেষ; 'সালাম'-এর আঞ্চলিক রূপ।

সেলাম ঠোকা /সেলাম্ ঠোকা/ ক্রিবি. কপালে হাত ঠেকিয়ে অভিবাদন করা।

সেলামি /সেলামি/ [আ. সালাম+ফা. ই] বি. ১ সম্মানি বাবত প্রদত্ত অর্থ। ২ সংগত প্রাপ্যের অতিরিক্ত প্রদত্ত অর্থ, ঘুস; 'সালামি'-এর চলিত রূপ।

সেলুন /সেলুন্/ [ই. saloon] বি. ১ জাহাজ রেলগাড়ি প্রভৃতির বিলাসবহুল ভ্রমণকক্ষ। ২ চুল ছাঁটানো ও ক্ষৌরকর্মের স্থান।

সেলুলয়েড /সেলুলয়েড্/ [ফ.] বি. রাসায়নিক প্রক্রিয়ায় কর্পূর ও নাইট্রোসেলুলোজ থেকে উৎপন্ন শক্ত ও স্থিতিস্থাপক স্বচ্ছ পদার্থ যা দিয়ে ক্যামেরার ফিল্ম তৈরি হয়, celluloid।

সেলেখানা /সেলেখানা/ [আ. সিলা+ফা. খানা] বি. অস্ত্র রাখার ঘর, অস্ত্রশালা, অস্ত্রাগার।

সেশন /সেশন্/ [ই. session] বি. ১ ফৌজদারি মামলা বিচারের উদ্দেশ্যে জজ ও জুরির অধীনে গঠিত আদালতবিশেষ। ২ বিশ্ববিদ্যালয় শিক্ষায়তন প্রভৃতি প্রতিষ্ঠানের শিক্ষাবর্ষ। ৩ সংসদ আদালত প্রভৃতির অধিবেশন।

সেশনজট /সেশনজট্/ [ই. সেশন+বা. জটা] বি. নির্দিষ্ট সময়ের মধ্যে শিক্ষা-কার্যক্রম শেষ করতে না পারার কারণে সৃষ্ট জটিলতা, session jam।

সেহরা /সেহ্রা/ [হি.] বি. (বিয়ের আসরে বরের পরিধেয়) ফুল জরি প্রভৃতির তৈরি টোপর।

সেহরি /সেহ্রি/ [আ.] বি. রমজান মাসে উপবাসব্রত পালনের উদ্দেশ্যে সূর্যোদয়ের পূর্বে গৃহীত আহার্য।

সৈকত /শৈকত্/ [স. সিকতা+অ] বি. সমুদ্র নদী প্রভৃতির বালুকাময় বিস্তৃত তীরভূমি, পুলিন, তট।

সৈকতিনী /শৈকতিনি/ [স. সৈকত+ইন্+ঈ] বি. নদী।

সৈনাপত্য /শৈনাপোত্তো/ [স. সেনাপতি+য] বি. সেনাপতির দায়িত্ব বা পদ।

সৈনিক /শৈনিক্/ [স. সেনা+ইক] বি. ১ সিপাহি। ২ যোদ্ধা। ৩ সেনাসদস্য। ৪ সশস্ত্র প্রহরী। বিণ. সৈন্যদলসম্বন্ধীয়, সামরিক।

সৈন্ধব /শৈন্ধব্/ [স. সিন্ধু+অ] বিণ. ১ সমুদ্র-জাত। ২ সিন্ধু প্রদেশে উৎপন্ন। বি. সমুদ্র থেকে আহৃত লবণ।

সৈন্য /শৈন্নো/ [স. সেনা+য] বি. ১ সৈনিক, সিপাহি। ২ ফৌজ, সেনাদল।

সৈন্যসামন্ত /শৈন্নোশামোন্তো/ [স. সৈন্য+সামন্ত] বি. সৈন্য ও সামন্ত রাজাগণ; সৈন্যদল।

সৈন্যাধ্যক্ষ /শৈন্নাদ্ধোক্খো/ [স. সৈন্য+অধ্যক্ষ] বি. সেনানায়ক।

সৈমন্তিক /শৈমোন্তিক্/ [স. সীমন্ত+ইক] বি. সীমন্তে যা ধারণ করা হয়, সিঁদুর। বিণ. সিঁদুর-সংক্রান্ত।

সৈয়দ /সৈয়দ্/ [আ. সায়িদ] বি. পদবিবিশেষ।

সৈরন্ধ্রী /শৈরোন্ধ্রি/ [স. সৈর+ইন্ধ্র+ঈ] বি. বিণ. অন্যের গৃহে বসবাস এবং শিল্পকর্মদ্বারা স্বাধীন জীবিকা নির্বাহকারিণী।

সৈরিন্ধ্রী /শৈরিন্ধ্রি/ [স. সৈর+ইন্ধ্র+ঈ] বি. বিণ. দ্র সৈরন্ধ্রী।

সোঁটা /শোঁটা/ [স. যষ্টি >] বি. লাঠিবিশেষ।

সোঁতা /শোঁতা/ [স. স্রোতস্ >] বি. ক্ষীণ স্রোত। বিণ. স্রোতযুক্ত।

সোঁদা /শোঁদা/ [স. সুগন্ধ >] বি. শুকনো বা তপ্ত মাটিতে প্রথম বৃষ্টি পড়ার পর উৎপন্ন গন্ধ।

সোঁদাল /শোঁদাল্/ [দেশি.] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে থোকায় থোকায় ফোটে এমন হলুদ ফুল ও লম্বাটে ফল বা তার চিরহরিৎ শিম্ব-গোত্রীয় বৃক্ষ, সোনালু, বাঁদরলাঠি, কর্ণিকার।

সোচ্চার /শোচ্চার/ [স. সহ+উচ্চার] বিণ. তীব্র বা প্রবলভাবে উচ্চারিত হয় এমন; অত্যন্ত মুখর।

সোজা /শোজা/ [স. সম্মুখ >] বিণ. ১ বাঁকা নয় এমন, ঋজু। ২ সহজ (*সোজা পথ*)। ৩ আড়ম্বর-

www.pathagar.com

শূন্য। ৪ কুটিলতাশূন্য। ৫ শায়েস্তা। ক্রিবিণ. সরাসরি।

সোজাসুজি /শোজাশুজি/ [বা.] ক্রিবিণ. ১ সরাসরি (*সোজাসুজি বলা*)। ২ সোজাভাবে।

সোডা /সোডা/ [ই.] বি. কাপড় কাচা এবং সাবান তৈরির জন্য ব্যবহৃত ক্ষারজাতীয় অনিয়তাকার রাসায়নিক যৌগবিশেষ, sodium carbonate।

সোডা ওয়াটার /সোডা ওআটার/ বি. সোডিয়াম বাই কার্বনেট মিশ্রিত পানীয়বিশেষ, soda-water।

সোৎকণ্ঠ /শোত্‌কন্‌ঠো/ [স. সহ+উৎকণ্ঠা] বিণ. ব্যাকুল, উৎকণ্ঠাযুক্ত, চিন্তিত।

সোৎপ্রাস /শোত্‌প্রাশ্‌/ [স. সহ+উৎপ্রাস] বি. পরিহাস-বাক্য, শ্লেষবাক্য। বিণ. ১ কৌতুকপূর্ণ। ২ বৃদ্ধিপ্রাপ্ত।

সোৎসাহ /শোত্‌শাহো/ [স. সহ+উৎসাহ] বিণ. ১ উৎসাহযুক্ত। ২ উল্লসিত।

সোৎসাহে /শোত্‌শাহে/ [স. সোৎসাহ+বা. এ] ক্রিবিণ. উৎসাহের সঙ্গে।

সোৎসুক /শোত্‌শুক্‌/ [স. সহ+উৎসুক] বিণ. কৌতূহল-যুক্ত; অত্যন্ত উৎসুক, আগ্রহান্বিত।

সোদর /শোদর্‌/ [স. স+উদর] বিণ. একই মায়ের গর্ভজাত, সহোদর। স্ত্রী. সোদরা /শোদরা/।

সোদরপ্রতিম /শোদর্‌প্রোতিম্‌/ [স. সোদর+প্রতিম] বিণ. সহোদরতুল্য।

সোনা /শোনা/ [স. স্বর্ণ >] বি. ১ বাতাস জল বা অ্যাসিডের সংস্পর্শে অক্রিয় থাকে এবং উত্তম বিদ্যুৎ পরিবাহী উজ্জ্বল হলুদাভ ঘাতসহ মৌলিক ধাতুবিশেষ যার পারমাণবিক সংখ্যা ৭৯, স্বর্ণ। ২ স্বর্ণের অলংকার। ৩ (আল.) আদরের ধন। বিণ. সোনালি রঙের।

সোনাদানা /শোনাদানা/ [বা. সোনা+ফা. দানহ্‌] বি. সোনা ও সোনার মতো মূল্যবান বস্তু; সোনার অলংকার।

সোনামুখী /শোনামুখি/ [আ.] বিণ. সোনালি মুখবিশিষ্ট (*সোনামুখী সুচ*)। বি. বিরেচকরূপে ব্যবহৃত পাতা-বিশেষ।

সোনামুখো /শোনামুখো/ [বা.] বিণ. সোনার মতো উজ্জ্বল ও সুন্দর মুখবিশিষ্ট।

সোনামুগ /শোনামুগ্‌/ [বা.] বি. শীতকালে বাংলাদেশে চাষ করা হয় এবং বসন্তকালে ফোটে এমন হলুদাভ ফুল ও সোনালি বহুবীজযুক্ত ভেষজগুণসম্পন্ন শুঁটি (যার বীজ ডাল হিসেবে খাওয়া হয়) বা তার বীরুৎশ্রেণির বর্ষজীবী উদ্ভিদ।

সোনার বাংলা /শোনার্‌ বাংলা/ বি. ধনধান্যপুষ্প-ভরা বাংলাদেশ; স্বর্ণশস্যশালিনী বঙ্গ।

সোনারুপা /শোনারুপা/ [বা.] বি. স্বর্ণ ও রৌপ্য। বিণ. স্বর্ণ ও রৌপ্যের মতো মূল্যবান।

সোনালতা /শোনালতা/ [বা. সোনা+স. লতা] বি. নাতিশীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি রঙের পরজীবী লতানে উদ্ভিদ, কনকলতা, জ্যোতিষ্মতী লতা, স্বর্ণলতা।

সোনালি /শোনালি/ [বা] বিণ. সোনার রংবিশিষ্ট।

সোনালি আঁশ /শোনালি আঁশ্‌/ বি. গ্রীষ্ম ও উপগ্রীষ্ম-মণ্ডলীয় অঞ্চলে দো-আঁশলা পলিমাটিতে চাষ করা হয় এমন খাঁজকাটা পাতা এবং বহুবীজযুক্ত ছোটো ফল বা তার মসৃণ লোমাবৃত দীর্ঘ কান্ডবিশিষ্ট বীরুৎশ্রেণির উদ্ভিদ (যা থেকে প্রাপ্ত উজ্জ্বল আঁশ কাপড় থলে দড়ি কাগজের মণ্ড প্রভৃতি তৈরির কাজে ব্যবহৃত হয়), পাট, jute।

সোনালু /শোনালু/ [বা.] বি. ভারতীয় উপমহাদেশে জাত এবং গ্রীষ্মকালে থোকায় থোকায় ফোটে এমন হলুদ ফুল ও লম্বাটে ফল বা তার চিরহরিৎ শিম্ব-গোত্রীয় বৃক্ষ, বাঁদরলাঠি, কর্ণিকার।

সোপকরণ /শোপোকরোন্‌/ [স. সহ+উপকরণ] বিণ. উপকরণ-সংবলিত, উপকরণ-সহ।

সোপচার /শোপোচার্‌/ [স. সহ+উপচার] বিণ. অর্চনা বা সেবার সামগ্রী-সহ, উপচার-সহ।

সোপর্দ /শোপর্‌দো/ [ফা. সুপুর্দ >] বি. সমর্পণ; হস্তান্তর; বিচারের জন্য প্রেরণ। বিণ. বিচারের জন্য প্রেরিত।

সোপাধি /শোপাধি/ [স. সহ+উপাধি] বিণ. উপাধি-যুক্ত।

সোপাধিক /শোপাধিক্‌/ [স. সহ+উপাধিক] বিণ. দ্র সোপাধি।

সোপান /শোপান্‌/ [স. সহ+উপ+√অন্‌+অ] বি. ওপরে ওঠার সিঁড়ি, আরোহণী।

সোফা /সোফা/ [ফ.] বি. গদিযুক্ত চেয়ারবিশেষ।

সোবহানাল্লাহ /সোব্‌হানাল্‌লাহ্‌/ [আ.] বি. ১ আল্লাহ মহান ও পবিত্র। ২ আল্লাহর মহিমা।

সোম /শোম্‌/ [স. √সু+ম] বি. ১ চাঁদ। ২ রবিবারের পরবর্তী ও মঙ্গলবারের পূর্ববর্তী বার, সপ্তাহের বারবিশেষ। ৩ জলজ লতাবিশেষ, সোমলতা। ৪ সোমলতার রস থেকে উৎপাদিত সুরাবিশেষ। ৫ পদবিবিশেষ। ৬ কুবের। ৭ মহাদেব। ৮ যম। ৯ বায়ু। ১০ অমৃত। ১১ জল। ১২ পাহাড়।

সোমক্ষয় /শোমোক্‌খয়্‌/ [স. সোম+√ক্ষি+অ] বি. অমাবস্যা।

সোমতীর্থ /শোম্‌তির্‌থো/ [স. সোম+√ত্‌+থ] বি. শ্রীকৃষ্ণের লীলাক্ষেত্র।

www.pathagar.com

সোমত্ত /শোমোত্তো/ [স. সমর্থ >] বিণ. যৌবনপ্রাপ্ত, বয়ঃপ্রাপ্ত।

সোমদত্ত /শোম্‌দত্তো/ [স. সোম+√দা+ত] বি. পুরাণোক্ত কুরুবংশীয় বহ্লীকরাজের পুত্র।

সোমদর্শন /শোম্‌দরশোন্‌/ [স. সোম+√দৃশ্‌+অন] বিণ. সুন্দর, সুদৃশ্য।

সোমনন্দন /শোম্‌নন্‌দোন্‌/ [স. সোম+√নন্দি+অন] বি. চন্দ্রপুত্র বুধ।

সোমনাথ /শোম্‌নাথ্‌/ [স. সোম+নাথ] বি. ১ দেবতা শিব। ২ তীর্থস্থানবিশেষ।

সোমবার /শোম্‌বার্‌/ [স. সোম+√বৃ+অ] বি. রবিবারের পরবর্তী ও মঙ্গলবারের পূর্ববর্তী দিন।

সোমরস /শোম্‌রশ্‌/ [স. সোম+রস] বি. সোমলতার নির্যাস থেকে তৈরি মদ্যবিশেষ।

সোমরাজ /শোম্‌রাজ্‌/ [স. সোম+রাজন্‌] বি. পথের ধারে পতিত জমিতে জাত এবং শীতকালে ফোটে এমন লম্বা পুষ্পদণ্ডে গুচ্ছবদধ হলুদ ফুল ও শুঁটি-সদৃশ কালো ফল বা তার খাঁজকাটা হৃৎপিণ্ডাকার পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বর্ষজীবী শিম্বগোত্রীয় উদ্ভিদ, বাকুচি।

সোমলতা /শোম্‌লতা/ [স. সোম+লতা] বি. উঁচু ভূমিতে জাত এবং শীতকালে ফোটে এমন কোমল লোমযুক্ত সবুজাভ সাদা ফুল বা পাতাহীন গাঁটযুক্ত শাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন লতানে উদ্ভিদ যার নির্যাস মাদকরূপে ব্যবহৃত হয়।

সোমলতিকা /শোম্‌লোতিকা/ [স. সোম+লতা+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র সোমলতা।

সোমেশ্বর /শোমেশ্‌শর্‌/ [স. সোম+ঈশ্বর] বি. ১ কাশীস্থ শিবলিঙ্গবিশেষ। ২ শ্রীকৃষ্ণ।

সোয়া /শোআ/ [বা.] বি. সিকিভাগ-সহ এক ও চারভাগের একভাগ।

সোয়াইন ফ্লু /সোআইন্‌ ফ্লু/ বি. কাশি জ্বর ও শ্বাসকষ্টের লক্ষণ-সহ H1N1 ভাইরাসঘটিত সংক্রামক রোগবিশেষ, বরাহজ্বর, swine flu।

সোয়াথ /সোআথ্‌/ [স. স্বস্তি >] বি. স্বস্তি বা মনের শান্তি।

সোয়াদ /সোআদ্‌/ [আঞ্চ.] বি. 'স্বাদ'-এর আঞ্চলিক রূপ।

সোয়ামি /শোআমি/ [স. স্বামী >] বি. 'স্বামী'-র আঞ্চলিক রূপ।

সোয়াস্তি /শোআস্‌তি/ [স. স্বস্তি >] বি. 'স্বস্তি'-র আঞ্চলিক রূপ।

সোয়েটার /সোয়েটার্‌/ [ই.] বি. দেহের ঊর্ধ্বাংশে পরিধেয় শীতনিবারক পশমি জামা, sweater।

সোরসার /শোরশার্‌/ [ফা.] বি. ১ গন্ডগোল, চেঁচামেচি। ২ বাদ-প্রতিবাদ।

সোরাই /সোরাই/ [আ.] বি. মাটির তৈরি লম্বা সরুগলা ও পেটমোটা জলপাত্রবিশেষ, সুরাহি।

সোরাহি /সোরাহি/ [আ.] বি. দ্র সোরাই।

সোলে /সোলে/ [আ.] বি. আপস-মীমাংসা, নিষ্পত্তি।

সোলেনামা /সোলেনামা/ [আ. সোলে+ফা. নামা] বি. আপস-মীমাংসা বা নিষ্পত্তির দলিল।

সোল্লাস /শোল্‌লাশ্‌/ [স. সহ+উল্লাস] বিণ. উল্লাস-যুক্ত।

সোসর /শোশর/ [স. সদৃশ >] বিণ. ১ সদৃশ, সমতুল্য। ২ ন্যায়, অনুরূপ। ৩ সমপরাক্রমশালী।

সোসরি /শোশরি/ [স. সদৃশ >] বিণ. সদৃশ, সমান।

সোসাইটি /সোসাইটি/ [ই. society] বি. ১ সারস্বত সভা (*এশিয়াটিক সোসাইটি*)। ২ অভিন্ন স্বার্থ রক্ষার উদ্দেশ্যে গঠিত সংঘ।

সোস্ত /শোস্‌ত্‌/ [ফা. সুস্ত >] বিণ. ১ শান্ত, স্থির; মন্থর। ২ দুর্বল। ৩ অলস।

সোহং /শোহোং/ [স. সঃ+অহম্‌] দ্র সোহম।

সোহংতত্ত্ব /শোহোংতত্তো/ [স. সোহম্‌+√তৎ+ত্ব] বি. 'আত্মা ও ব্রহ্ম এক' এইরূপ দার্শনিক তত্ত্ব।

সোহন /শোহোন্‌/ [স. শোভন >] বিণ. শোভন।

সোহম /শোহম্‌/ [স. সঃ+অহম্‌] 'আমি সেই উপাস্যদেব' এরূপ উক্তি।

সোহাগ /শোহাগ্‌/ [স. সৌভাগ্য >] বি. ১ আদর, স্নেহ, মমতা। ২ প্রণয়পূর্ণ যত্ন।

সোহাগা /শোহাগা/ [স. সৌভাগ্য >] বি. চীনামাটির দ্রব্যাদিতে মসৃণ প্রলেপ (glazing) দেওয়ার কাজ-সহ অন্যান্য শিল্পে ব্যবহৃত হয় এমন বর্ণহীন হালকা ও কেলাসিত খনিজ পদার্থবিশেষ, টঙ্কণ, borax।

সোহাগি /শোহাগি/ [স. সৌভাগ্য >] বিণ. ১ স্নেহবতী, আদরিণী, সোহাগপ্রাপ্তা। ২ আদর স্নেহ পাওয়ার জন্য অভিমানকারিণী।

সোহাগিনি /শোহাগিনি/ [স. সৌভাগ্য >] বিণ. দ্র সোহাগি।

সৌকর্য /শৌড়্‌কোর্‌জো/ [স. সুকর+য] বি. সহজসাধ্যতা, অনায়াসসাধ্যতা, সুকরতা।

সৌকুমার্য /শৌড়্‌কুমার্‌জো/ [স. সুকুমার+য] বি. ১ লালিত্য, কমনীয়তা, মাধুর্য। ২ সুকুমারতা।

সৌক্ষ্ম্য /শৌড়্‌খ্যোঁ/ [স. সূক্ষ্ম+য] বি. সূক্ষ্মতা; মিহি ভাব।

সৌগত /শৌড়্‌গতো/ [স. সুগত+অ] বিণ. ১ বৌদ্ধ। ২

www.pathagar.com

সুগতবিষয়ক। ৩ নিরীশ্বরবাদী।

সৌগতিক /শৌ্গোতিক্/ [স. সুগত+ইক] বি. ১ বৌদ্ধ ভিক্ষু। ২ নাস্তিক।

সৌগন্ধিক /শৌ্গোন্ধিক্/ [স. সুগন্ধ+ইক] বি. ১ সুগন্ধ দ্রব্যের ব্যবসায়ী, গন্ধবণিক। ২ গন্ধক। ৩ নীলোৎপল। ৪ পদ্মরাগমণি।

সৌগন্ধ্য /শৌ্গোন্ধ্যো/ [স. সুগন্ধ+য] বি. সুঘ্রাণ, সৌরভ।

সৌচি /শৌ্চি/ [স. সূচি+ই] বি. সূচিকর্ম যার জীবিকা, দরজি। বিণ. সূচসম্বন্ধীয়।

সৌচিক /শৌ্চিক্/ [স. সূচি+ইক] বি. দরজি।

সৌজন্য /শৌ্জোন্যো/ [স. সুজন+য] বি. সুজনের ভাব বা আচরণ, সদাচরণ, ভদ্রতা, শিষ্টাচার।

সৌজন্য-চর্চিত /শৌ্জোন্যোচোর্চিতো/ [স. সৌজন্য+চর্চিত] বিণ. মার্জিত ব্যবহার-সহ, সৌজন্যমণ্ডিত।

সৌজন্যপূর্ণ /শৌ্জোন্যোপুর্নো/ [স. সৌজন্য+পূর্ণ] বিণ. সদাচারযুক্ত।

সৌজাত্য /শৌ্জাত্যো/ [স. সুজাত+য] বি. ১ জন্মের উৎকর্ষ, সুজনন। ২ সুপ্রজননবিদ্যা।

সৌত্র /শৌ্ত্রো/ [স. সূত্র+অ] বিণ. ১ সূত্রানুযায়ী। ২ সূত্রসম্বন্ধীয়। ৩ (ব্যা.) সূত্রে উল্লিখিত (*সৌত্রিক ধাতু*)। বি. সূত্রধারী, ব্রাহ্মণ।

সৌত্রিক /শৌ্ত্রিক্/ [স. সূত্র+ইক] বিণ. বি. দ্র সৌত্র।

সৌদামিনী /শৌ্দামিনি/ [স. সুদামন্+অ+ঈ] বি. বিদ্যুৎ, তড়িৎ।

সৌধ /শৌ্ধো/ [স. সুধা+অ] বি. চুনকাম করা প্রাসাদ, অট্টালিকা।

সৌধকিরীটিনী /শৌ্ধোকিরিটিনি/ [স. সৌধ+কিরীটিনী] বি. বহুকক্ষবিশিষ্ট সুউচ্চ প্রাসাদ।

সৌধমালা /শৌ্ধোমালা/ [স. সৌধ+মালা] বি. অট্টালিকাসমূহ।

সৌধশিখর /শৌ্ধোশিখর্/ [স. সৌধ+শিখর] বি. প্রাসাদের চূড়া।

সৌন্দর্য /শৌ্ন্দোর্জো/ [স. সুন্দর+য] বি. ১ মনোহর রূপমাধুরী, রূপ। ২ শোভা। ৩ লালিত্য, মনোহারিতা।

সৌন্দর্যবোধ /শৌ্ন্দোর্জোবোধ্/ [স. সৌন্দর্য+বোধ] বি. সৌন্দর্যবিষয়ক উপলব্ধি, লালিত্যবোধ।

সৌন্দর্যসাধনা /শৌ্ন্দোর্জোশাধোনা/ [স. সৌন্দর্য+সাধনা] বি. রূপচর্চা।

সৌপর্ণ /শৌ্পর্নো/ [স. সুপর্ণ+অ] বিণ. ১ সুন্দর পালকযুক্ত। ২ গরুড়সম্বন্ধীয়। বি. ১ গরুড়। ২ মরকতমণি।

সৌপ্তিক /শৌ্প্তিক্/ [স. সুপ্তি+ইক] বি. ১ মহাভারতের একটি যুদ্ধপর্ববিশেষ। ২ নৈশযুদ্ধ। বিণ. সুপ্তিসম্বন্ধীয়।

সৌবর্ণ /শৌ্বর্নো/ [স. সুবর্ণ+অ] বিণ. ১ সোনার তৈরি। ২ *স্বর্ণময়।

সৌবীর /শৌ্বির্/ [স. সুবীর+অ] বি. ১ সিন্ধুনদের তীরবর্তী প্রাচীন দেশবিশেষ। ২ সৌবীরদেশীয় অঞ্জনবিশেষ, white antimony। ৩ সৌবীরের রাজা জয়দ্রথ। ৪ সৌবীরবাসী। ৫ বদর ফল, কুল।

সৌভদ্র /শৌ্ভদ্রো/ [স. সুভদ্রা+অ] বি. মহাভারতোক্ত সুভদ্রার পুত্র অভিমন্যু। বিণ. সুভদ্রা-সম্বন্ধীয়।

সৌভাগিনেয় /শৌ্ভাগিনেয়ো/ [স. সুভগা+ইন+এয়] বি. পরম ভাগ্যবতীর পুত্র।

সৌভাগিনেয়ী /শৌ্ভাগিনেয়ি/ [স. সৌভাগিনেয়+ঈ] বি. পরম সৌভাগ্যবতীর কন্যা।

সৌভাগিন্য /শৌ্ভাগিন্যো/ [স. সুভগিনী+য] বি. ভগিনীদের মধ্যে পরস্পর সদ্ভাব।

সৌভাগ্য /শৌ্ভাগ্যো/ [স. সুভগ+য] বি. ১ শুভ বা কল্যাণকর অদৃষ্ট, অনুকূল ভাগ্য। ২ সৌন্দর্য।

সৌভাগ্যক্রমে /শৌ্ভাগ্যোক্রোমে/ [স. সৌভাগ্য+ক্রম+বা. এ] ক্রিবিণ. অনুকূল ভাগ্যবশত।

সৌভাগ্যবান /শৌ্ভাগ্যোবান্/ [স. সৌভাগ্য+বৎ] বিণ. অনুকূল ভাগ্যযুক্ত। *স্ত্রী. **সৌভাগ্যবতী** /শৌ্ভাগ্যোবোতি/।

সৌভিক /শৌ্ভিক্/ [স. সৌভ+ইক] বি. বিণ. জাদুবিদ্যায় পারদর্শী।

সৌভ্রাত্ত্ব /শৌ্ভ্রাত্ত্বো/ [স. সুভ্রাত্ত্ব+অ] বি. ভ্রাতৃগণের পরস্পর প্রীতি।

সৌভ্রাত্র /শৌ্ভ্রাত্রো/ [স. সুভ্রাত্+অ] বি. দ্র সৌভ্রাত্ত্ব।

সৌমনস্য /শৌ্মনোশ্শো/ [স. সুমনস্+য] বি. ১ ভালোবাসা, প্রীতি, সদ্ভাব। ২ প্রসন্নতা।

সৌমিত্র /শৌ্মিত্রো/ [স. সুমিত্রা+অ] বি. সুমিত্রার পুত্র লক্ষ্মণ; শত্রুঘ্ন।

সৌমিত্রি /শৌ্মিত্রি/ [স. সুমিত্রা+ই] বি. দ্র সৌমিত্র।

সৌম্য /শৌ্ম্মো/ [স. সোম+য] বিণ. ১ প্রশান্ত, ধীর, স্থির। ২ মনোরম, মনোহর (*সৌম্য দর্শন*)। ৩ প্রসন্ন (*সৌম্য মূর্তি*)। বি. চন্দ্রপুত্র, বুধগ্রহ। *স্ত্রী.

www.pathagar.com

সৌম্যা /শৌউম্মা/।

সৌম্যকান্তি /শৌউম্মোকান্তি/ [স. সৌম্য+√কম্+তি] বি. প্রসন্নমূর্তি।

সৌম্যতা /শৌউম্মোতা/ [স. সৌম্য+তা] বি. প্রশান্তি।

সৌম্যভাব /শৌউম্মোভাব্ / [স. সৌম্য+ভাব] বি. ধীর ও গম্ভীর ভাব।

সৌর /শৌউরো/ [স. সূর+অ] বিণ. ১ সূর্যবিষয়ক। ২ সূর্যের উপাসক (*সৌর সম্প্রদায়*)।

সৌরকর /শৌউরোকর্/ [স. সৌর+√কৃ+অ] বি. সূর্যের আলো।

সৌরজগৎ /শৌউরোজগোত্/ [স. সৌর+জগৎ] বি. সূর্য ও সূর্যকে পরিক্রমণরত গ্রহ-উপগ্রহ।

সৌরবৎসর /শৌউরোবত্শর্/ [স. সৌর+বৎসর] বি. সূর্যকে পৃথিবীর পরিক্রমণকাল (আনুমানিক ৩৬৫ দিন ৫ ঘণ্টা ৪৮ মিনিট ৪৬ সেকেন্ড), solar year।

সৌরভ /শৌউরভ্/ [স. সুরভি+অ] বি. সুন্দর গন্ধ, সুগন্ধ, সুবাস (*পুষ্পসৌরভ*)।

সৌরভী /শৌউরোভি/ [স. সৌরভ+ঈ] বিণ. সুন্দর গন্ধযুক্ত, সুবাসিত।

সৌরভেয় /শৌউরভেয়ো/ [স. সুরভি+এয়] বি. কামধেনুর পুত্র, বৃষ।

সৌরভ্য /শৌউরোব্ভো / [স. সুরভি+য] বি. সৌগন্ধ।

সৌরমাস /শৌউরোমাশ্/ [স. সৌর+মাস] বি. কোনো রাশিতে সূর্যের আপাত অবস্থিতিকালদ্বারা নিরূপিত মাস।

সৌরশক্তি /শৌউরোশোক্তি/ [স. সৌর+√শক্+তি] সূর্যের আলো থেকে আহৃত শক্তি।

সৌরাজ্য /শৌউরাজ্জো/ [স. সুরাজন্+য] বি. সুশাসিত রাজ্য।

সৌরাষ্ট্র /শৌউরাশ্ট্রো/ [স. সুরাষ্ট্র+অ] বি. ১ আরব সাগরের উপকূলে অবস্থিত ভারতের গুজরাট রাজ্যের শিল্পসমৃদ্ধ নগরবিশেষ, সুরট। ২ সুরটের অধিবাসী। বিণ. সুরাষ্ট্রবিষয়ক।

সৌরি /শৌউরি/ [স. সূর+ই] বিণ. সূর্য-সম্পর্কিত। বি. ১ সূর্যপুত্র কর্ণ। ২ শনি। ৩ যম।

সৌরিক /শৌউরিক্/ [স. সুরা+ইক] বিণ. ১ মদ্য বা সুরা সম্পর্কিত। ২ স্বর্গীয়। বি. ১ স্বর্গ। ২ মদ্য-বিক্রেতা।

সৌষম্য /শৌউশোম্মো/ [স. সুষম+য] বি. বিভিন্ন অঙ্গ বা উপাদানের মধ্যে সংগতি ও সামঞ্জস্য, balance।

সৌষ্ঠব /শৌউশ্ঠব্ / [স. সুষ্ঠু+অ] বি. ১ সৌন্দর্য। ২ উৎকর্ষ। ৩ সুগঠন (*অঙ্গসৌষ্ঠব*)। ৪ সুষ্ঠুতা।

সৌষ্ঠবজ্ঞান /শৌউশ্ঠবগ্যাঁন্ / [স. সৌষ্ঠব+জ্ঞান] বি. পরিমিতিবোধ, sense of proportion।

সৌসাদৃশ্য /শৌউশাদৃশ্শো/ [স. সুসদৃশ+য] বি. পূর্ণ সাদৃশ্য, অত্যন্ত মিল।

সৌহার্দ /শৌউহার্দো / [স. সুহৃদ+অ] বি. ১ বন্ধুত্ব, সখ্য। ২ প্রেম, ভালোবাসা; সম্প্রীতি। ৩ সৌজন্য।

সৌহৃদ্য /শৌউhiদ্দো / [স. সুহৃদ+য] বি. দ্র সৌহার্দ।

স্কন্দ /স্কন্দো/ [স. √স্কন্দ্+অ] বি. পুরাণোক্ত দেব-সেনাপতি কার্তিকেয়।

স্কন্ধ /স্কন্ধো/ [স. √স্কন্দ্+অ] বি. ১ কাঁধ, গর্দান। ২ ষাঁড়ের পৃষ্ঠের স্থূল মাংসখণ্ড। ৩ গ্রন্থের পরিচ্ছেদ। ৪ বৃক্ষের কাণ্ড (মূল থেকে শাখা পর্যন্ত)। ৫ বৌদ্ধদর্শনে জ্ঞানের পাঁচটি অংশ (রূপ বেদনা বিজ্ঞান সংজ্ঞা ও সংস্কার)। ৬ দেহ। ৭ যুদ্ধ।

স্কন্ধাবার /স্কন্ধাবার্/ [স. স্কন্ধ+আবার] বি. ১ সৈন্যদল। ২ সৈন্যদের তাঁবু বা ছাউনি, শিবির। ৩ রাজধানী।

স্কন্ধী /স্কোন্ধি/ [স. স্কন্ধ+ইন্] বিণ. ১ স্কন্ধধারী। ২ স্কন্ধসম্পর্কীয়। বি. বৃক্ষ।

স্কলারশিপ /স্কলার্শিপ্/ [ই.] বি. ছাত্রবৃত্তি, জলপানি, scholarship।

স্কার্ট /স্কাড়্ট্/ [ই.] বি. নারীর নিম্নাঙ্গে পরিধেয় বহির্বাসবিশেষ, ঘাগরা, skirt।

স্কুটার /স্কুটার্/ [ই. scooter] বি. ১ ছোটো চাকা-বিশিষ্ট যন্ত্রচালিত দ্বিচক্রযানবিশেষ (যার ইঞ্জিনের ওপর চালকের আসন থাকে এবং নিম্নভাগে একটি পাটাতনের ওপর পা রাখা যায়)। ২ ছোটো দুটি চাকার পাটাতনের ওপর ভর করে চলা যায় এমন শিশুদের খেলনাবিশেষ।

স্কুল /স্কুল্/ [ই. school] বি. ১ শিশু-কিশোরদের নিয়মিত আনুষ্ঠানিক শিক্ষাদানের প্রতিষ্ঠান, পাঠ-শালা, বিদ্যালয়। ২ মতবাদ।

স্কুলকলেজ /স্কুল্কলেজ্/ [ই.] বি. আনুষ্ঠানিক পাঠদানের প্রতিষ্ঠান।

স্কুলমাস্টার /স্কুল্মাস্টার্/ [ই.] বি. বিদ্যালয়ের শিক্ষক, school master।

স্ক্রু /স্ক্রু/ [ই.] বি. ধাতু কাঠ প্লাস্টিক প্রভৃতি সংযুক্ত করে রাখার জন্য ব্যবহৃত প্যাঁচকাটা ধাতব কীলক-বিশেষ, screw।

স্খলন /স্খলোন্/ [স. √স্খল্+অন] বি. ১ পতন। ২ ন্যায়ের পথ থেকে বিচ্যুতি (*নৈতিক স্খলন*)। ৩ বিপথগমন। ৪ অস্পষ্ট উচ্চারণ। ৫ বিকৃতি। ৬ নিঃসরণ (*জলস্খলন*)।

স্খলিত /স্খোলিতো/ [স. √স্খল্+ত] বিণ. ১ বিচ্যুত,

www.pathagar.com

পতিত। ২ বিপথে গত।

স্খালন /স্খলোন্/ [স. √স্খল্+ণিচ্+অন] বি. ১ অপসারণ। ২ সংশোধন (*দোষস্খালন*)।

স্টক এক্সচেঞ্জ /স্টক্ একস্চেন্জ্/ বি. যে গৃহে জয়েন্ট স্টক প্রতিষ্ঠানে নিবন্ধিত কোম্পানির শেয়ার কেনাবেচা করা যায়।

স্টাইল /স্টাইল্/ [ই. style] বি. ১ সৃষ্টিশীল কর্মে শিল্পীর নিজস্ব শৈলী। ২ বেশভূষা আচার-আচরণ প্রভৃতির বিশিষ্ট রীতি।

স্টার /স্টার্/ [ই. star] বি. ১ রাতে মহাকাশে দৃশ্যমান আলোকবিন্দুর মতো জাজ্বল্যমান মহাজাগতিক গ্যাসীয় বস্তু, তারা, তারকা, নক্ষত্র। ২ ক্রীড়া বিনোদন প্রভৃতি ক্ষেত্রে প্রতিভাবান চরিত্র। ৩ মুদ্রিত পাঠে টীকা নির্দেশের জন্য ব্যবহৃত চিহ্ন (*)।

স্টিমার /স্টিমার্/ [ই.] বি. বাষ্পশক্তিদ্বারা চালিত জলযান, steamer।

স্টুডিয়ো /স্টুডিও/ [ইতা.] বি. ১ যে গৃহে চলচ্চিত্র নির্মিত হয়; স্থিরচিত্র গ্রহণের কক্ষ। ২ বেতার-টেলিভিশনের অনুষ্ঠান পরিবেশন বা ধারণের কক্ষ। ৩ studio।

স্টেজ /স্টেজ্/ [ই.] বি. নাটক অভিনয় সাংস্কৃতিক অনুষ্ঠান প্রভৃতি পরিবেশনের মঞ্চ, বেদি, stage।

স্টেট[১] /স্টেট্/ [ই. state] বি. রাজ্য।

স্টেট[২] /স্টেট্/ [ই. estate] বি. জমিদারির বিষয়-সম্পত্তি।

স্টেডিয়াম /স্টেডিআম্/ [ই.] বি. দর্শকদের বসার আসন-সহ খেলার মাঠ, stadium।

স্টেথোস্কোপ /এস্টেথোস্কোপ্/ [ই.] বি. রোগ নির্ণয়ের উদ্দেশ্যে হৃদযন্ত্র বা ফুসফুসের শব্দ শোনার জন্য চিকিৎসকের দুই কানে লাগানো নলের প্রান্তভাগে Y-আকৃতির সরঞ্জামের সঙ্গে আরেকটি নল দিয়ে যুক্ত ছোটো চাকতি, stethoscope।

স্টেনগান /স্টেনগান্/ [ব্যক্তি.] বি. স্বয়ংক্রিয়ভাবে দ্রুত গুলি ছোঁড়ার হালকা ও ছোটো মেশিনগান-জাতীয় আগ্নেয়াস্ত্রবিশেষ, stengun।

স্টেনো /স্টেনো/ [গ্রি.] বি. দ্র স্টেনোগ্রাফার।

স্টেনোগ্রাফার /স্টেনোগ্রাফার্/ [ই.] বি. সাংকেতিক চিহ্ন বা লিপির সাহায্যে দ্রুত টুকে নিয়ে পরে টাইপ করা যার পেশা, সাঁটলিপিকার; (পরি.) stenographer।

স্টেনোটাইপিস্ট /স্টেনোটাইপিস্ট্/ [ই. stenotypist] বি. দ্র স্টেনোগ্রাফার।

স্টেশন /স্টেশন্/ [ই.] বি. যাত্রী ওঠানামার সুবিধা-সহ রেল জাহাজ প্রভৃতি দাঁড়ানোর নির্দিষ্ট স্থান, station।

স্টোভ /স্টোভ্/ [ই.] বি. অল্প পরিমাণ রান্নার জন্য ব্যবহার করা যায় এমন ছোটো বহনযোগ্য উনুন, stove।

স্টোর /স্টোর্/ [ই. store] বি. ১ ধনসম্পদ বা পণ্যসামগ্রী রাখার নির্দিষ্ট ঘর, ভান্ডার, গুদাম। ২ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি বিক্রয়ের দোকান, বিপণি।

স্ট্যান্ড /স্ট্যান্ড্/ [ই.] বি. ১ যাত্রী ওঠানামার জন্য বাস ট্রাম প্রভৃতি দাঁড়ানোর নির্দিষ্ট স্থান (*বাস স্ট্যান্ড*)। ২ সংবাদপত্র সাময়িকী প্রভৃতি বিক্রয়ের স্থান।

স্ট্যাম্প /স্ট্যাম্প্/ [ই.] বি. ১ ডাকটিকিট। ২ দলিল সম্পাদন করার জন্য ব্যবহৃত সরকারি ছাপযুক্ত কাগজ, stamp।

স্ট্রেচার /স্ট্রেচার্/ [ই.] বি. শায়িত অবস্থায় রোগী বহনের জন্য ব্যবহৃত ভাঁজ করে রাখা যায় এমন বিছানাজাতীয় সরঞ্জাম, stretcher।

স্ট্রোক /স্ট্রোক্/ [ই.] বি. মস্তিষ্কে রক্তপ্রবাহ বাধাপ্রাপ্ত হওয়ার ফলে আকস্মিক চেতনা লোপ বা অঙ্গ-প্রত্যঙ্গের অক্ষমতাপ্রাপ্তি, stroke।

স্তন /স্তন্/ [স. √স্তন্+অ] বি. ১ নারীদেহের বক্ষঃস্থলের গ্রন্থিবিশেষ যার মধ্যে শিশুসন্তানের জন্য দুধ সঞ্চিত থাকে, পয়োধর, কুচ, মাই, বক্ষোজ। ২ দুধ, স্তন্য।

স্তনন /স্তনোন্/ [স. √স্তন্+অন] বি. ১ ধ্বনি, শব্দ, রব। ২ কাতরোক্তি; কাতরানি। ৩ মেঘের গর্জন।

স্তনন্ধয় /স্তনন্ধয়্/ [স. স্তন+√ধে+অ] বিণ. স্তন্যপায়ী। বি. দুগ্ধপায়ী শিশু। স্ত্রী. স্তনন্ধয়ী /স্তনন্ধোয়ি/।

স্তনবৃন্ত /স্তনোবৃন্তো/ [স. স্তন+√বৃ+ত] বি. স্তনের বোঁটা, কুচাগ্র।

স্তনাংশুক /স্তনাংশুক্/ [স. স্তন+অংশুক] বি. স্তন আবৃত করার বস্ত্রখণ্ড, বক্ষবন্ধনী, কাঁচুলি।

স্তনাগ্র /স্তনাগ্রো/ [স. স্তন+অগ্র] বি. স্তনের বোঁটা, চুচুক, কুচাগ্র।

স্তনান্তর /স্তনান্তর্/ [স. স্তন+অন্তর] বি. ১ স্তনমধ্য। ২ হৃদয়।

স্তনিত /স্তোনিতো/ [স. √স্তন্+ত] বিণ. ধ্বনিত; শব্দিত। বি. ১ রতিকর্মের শব্দ। ২ ঊর্ধ্বাকাশে বিদ্যুৎ চমকানোর ফলে গরম বাতাসের আকস্মিক সম্প্রসারণজনিত তীব্র নিনাদ, বজ্রনাদ।

স্তন্য /স্তোন্নো/ [স. স্তন+য] বি. ১ স্তননিঃসৃত দুধ। ২ স্তন।

স্তন্যজীবী /স্তোন্নোজিবি/ [স. স্তন্য+√জীব্+ইন্]

www.pathagar.com

বিণ. দ্র স্তন্যপায়ী।

স্তন্যপান /স্তোন্‌নোপান্ / [স. স্তন্য+√পা+অন] বি. মায়ের বুকের দুধ পান।

স্তন্যপায়ী /স্তোন্‌নোপায়ি / [স. স্তন্য+√পা+ইন্] বিণ. দুধ পান করে জীবনধারণ করে এমন, mammal।

স্তন্যপিপাসু /স্তোন্‌নোপিপাশু/ [স. স্তন্য+পিপাসু] বিণ. স্তনের দুধ পান করার জন্য তৃষ্ণার্ত।

স্তন্যসুধা /স্তোন্‌নোশুধা / [স. স্তন্য+সু+ √ধে+অ+আ (টাপ্)] বি. মাতৃদুগ্ধরূপ সুধা।

স্তব /স্তব্ / [স. √স্তু+অ] বি. ১ গুণকীর্তন, স্তুতি। ২ আরাধনা। ৩ মন্ত্রপাঠ। ৪ স্তোত্র।

স্তবক /স্তবক্ / [স. √স্তু+অক] বি. ১ থোকা, গুচ্ছ। ২ গ্রন্থাদির অধ্যায়, সর্গ (*পঞ্চম স্তবক*)। ৩ কবিতার সংঘবদ্ধ চরণসমষ্টি, stanza। ৪ শ্লোক বা মন্ত্রের বিভাগ।

স্তবকিত /স্তবোকিতো/ [স. স্তবক+ইত] বিণ. গুচ্ছবদ্ধ, তোড়াবাঁধা।

স্তবন /স্তবোন/ [স. √স্তু+অন] বি. ১ গুণকীর্তন, প্রশংসাকীর্তন। ২ মন্ত্রোচ্চারণ।

স্তব্ধ /স্তব্‌ধো/ [স. √স্তন্‌ভ্+ত] বিণ. ১ নিশ্চল; নিস্পন্দ। ২ মূর্ছিত। ৩ পলকহীন। ৪. ভয়ার্ত; স্তম্ভিত। বি. ~তা /-তা/।

স্তব্ধীকৃত /স্তোব্‌ধিক্‌কৃতো/ [স. স্তব্ধ+চ্বি+কৃত] বিণ. স্তব্ধ করা হয়েছে এমন।

স্তব্ধীভূত /স্তোব্‌ধিভুতো/ [স. স্তব্ধ+চ্বি+ভূত] বিণ. স্তব্ধ হয়েছে এমন, স্তম্ভিত; জড়ীভূত।

স্তম্ব /স্তম্‌বো/ [স. √স্তম্ভ্+অ] বি. ১ ধান প্রভৃতি গাছের ডাঁটা। ২ কাণ্ডশূন্য উদ্ভিদ। ৩ তৃণগুচ্ছ।

স্তম্বেরম /স্তম্‌বেরম্ / [স. স্তম্ব+√রম্+অ] বি. হাতি।

স্তম্ভ /স্তম্‌ভো/ [স. √স্তম্ভ্+অ] বি. ১ খুঁটি, ঘরের থাম। ২ সংবাদপত্রের কলাম, column। ৩ নিরোধ, প্রতিরোধ। ৪ গাছের গুঁড়ি।

স্তম্ভন /স্তম্‌ভোন্/ [স. √স্তম্ভ্+অন] বি. ১ নিরোধকরণ, নিবারণ। ২ জড়ীকরণ। ৩ দৃঢ়ীকরণ। ৪ প্রতিরোধকরণ। ৫ কন্দর্পের পঞ্চবাণের প্রথমটি।

স্তম্ভিত /স্তোম্‌ভিতো/ [স. √স্তম্ভ্+ত] বিণ. ১ বিস্ময়ে অভিভূত; স্তম্ভের মতো জড়ীভূত; আবিষ্ট। ২ প্রতিহত। ৩ অবরুদ্ধ।

স্তর /স্তর্/ [স. √স্তৃ+অ] বি. ১ মাটি বায়ু প্রভৃতির পরত বা বিভাগ, stratum। ২ শ্রেণি (*সর্বস্তরের জনগণ*)। ৩ থাক, স্তবক।

স্তরমেঘ /স্তর্‌মেঘ্ /[স. স্তর+ √মিহ্+অ] বি. (সাধারণত শরৎকালে দেখা যায়) ভূপৃষ্ঠ থেকে দুই কিলোমিটার পর্যন্ত উচ্চতায় বিভিন্ন স্তরে বিভক্ত ধূসর মেঘমালা, stratocumulus cloud।

স্তরিত /স্তোরিতো/ [স. √স্তর্+ত] বিণ. বিভিন্ন স্তরে বিন্যস্ত, স্তরীভূত।

স্তরোন্নতি /স্তরোন্‌নোতি / [স. স্তর+উন্নতি] বি. উচ্চতর শ্রেণিতে উত্তরণ।

স্তাবক /স্তাবক্/ [স. √স্তু+অক] বিণ. তোষামোদকারী, স্তুতিকারক, চাটুকার।

স্তাবকতা /স্তাবকতা/ [স. স্তাবক+তা] বি. স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে তোষামোদ, চাটুকারিতা।

স্তিমিত /স্তিমিতো/ [স. √স্তিম্+ত] বিণ. ১ ক্ষীণপ্রভ, অনুজ্জ্বল (*স্তিমিত প্রদীপ*)। ২ প্রশমিত, নিশ্চলপ্রায় (*স্তিমিত প্রবাহ*)। ৩ মন্থর (*স্তিমিত গতি*)। ৪ স্থির। ৫ সিক্ত।

স্তিমিতনেত্র /স্তিমিতোনেত্‌ত্রো/ [স. স্তিমিত+√নী+ত্র] বিণ. নিশ্চল বা স্থির চক্ষুবিশিষ্ট।

স্তিমিতপ্রাণ /স্তিমিতোপ্রান্/ [স. স্তিমিত+প্র+√অন্+অ] বিণ. প্রাণশক্তি ফুরিয়ে এসেছে এমন, নিস্তেজ।

স্তুত /স্তুতো/ [স. √স্তু+ত] বিণ. ১ প্রশংসিত। ২ আরাধিত।

স্তুতি /স্তুতি/ [স. √স্তু+তি] বি. ১ শংসন, গুণকীর্তন। ২ খোশামোদ। ৩ আরাধনা (*দেবস্তুতি*)। ৪ মন্ত্রোচ্চারণ।

স্তুতিবাদ /স্তুতিবাদ্ / [স. স্তুতি+√বদ্+অ] বি. প্রশংসাবাদ; চাটুকারিতা।

স্তুত্য /স্তুত্যো/ [স. √স্তু+য] বিণ. স্তুতি করা যায় বা স্তুতি করার যোগ্য।

স্তূপ /স্তুপ্/ [স. √স্তূপ্+অ] বি. ১ রাশি, ঢিপি, কাঁড়ি। ২ ঢিবির আকৃতিবিশিষ্ট বৌদ্ধ সমাধিস্তম্ভ।

স্তূপাকার /স্তুপাকার/ [স. স্তূপ+আকার] বিণ. রাশীকৃত, সঞ্চিত।

স্তূপাকৃতি /স্তুপাক্‌কৃতি/ [স. স্তূপ+আকৃতি] বিণ. স্তূপের আকৃতিবিশিষ্ট।

স্তূপীকৃত /স্তুপিক্‌কৃতো/ [স. স্তূপ+চ্বি+কৃত] বিণ. স্তূপ করে রাখা হয়েছে এমন।

স্তূয়মান /স্তুওমান্/ [স. √স্তু+মান (শানচ্)] বিণ. স্তুতি বা প্রশংসা করা হচ্ছে এমন।

স্তেন /স্তেন্ / [স. √স্তেন্+অ] বি. ১ চোর, তস্কর। ২ চৌর্যবৃত্তি, চুরি।

স্তেয় /স্তেয়ো / [স. স্তেন+য] বি. চুরি; অপহরণ।

স্তেয়ী /স্তেয়ি / [স. স্তেয়+ইন্] বি. ১ চোর, তস্কর। ২ স্বর্ণকার, স্যাকরা।

স্তৈন /স্তোইনো / [স. স্তেন+অ] বি. চৌর্যবৃত্তি, চুরি।

www.pathagar.com

স্তৈন্য /স্তোইন্‌নো / [স. স্তেন+য] বি. দ্র স্তৈন।

স্তোক /স্তোক্ / [স. √স্তুচ্+অ] বি. মিথ্যা প্রবোধ বা প্রলোভন (*স্তোকবাক্য*)। বিণ. অল্প, ঈষৎ।

স্তোকবাক্য /স্তোক্‌বাক্‌কো / [স. স্তোক+বাক্য] বি. মিথ্যা প্রবোধ বা আশ্বাস, মন-ভুলানো কথা।

স্তোতা /স্তোতা/ [স. √স্তু+তৃ] বি. বিণ. বন্দনাকারী, প্রশংসাকারী; স্তবকারী।

স্তোত্র /স্তোত্‌ত্রো / [স. √স্তু+ত্র] বি. ১ স্তুতিবাক্য, স্তববাক্য। ২ মন্ত্র, শ্লোক।

স্তোভ /স্তোভ্ / [স. √স্তুভ্+অ] বি. ১ বাধাদান। ২ নিবারণ। ৩ অর্থহীন শব্দ। ৪ মিথ্যা প্রবোধ।

স্তোম /স্তোম্ / [স. √স্তু+ম] বি. ১ যজ্ঞ। ২ রাশি। ৩ স্তোত্র।

স্ত্রী /স্ত্রি / [স. √স্ত্যৈ+র+ঈ] বি. ১ নারী (*স্ত্রীশিক্ষা*)। ২ জায়া, পত্নী (*স্ত্রী-পুত্র*)। বিণ. নারীজাতীয়।

স্ত্রী-আচার /স্ত্রিআচার্/ [স. স্ত্রী+আচার] বি. নারীদের পালনীয় আচার; বিবাহে সধবা নারীদের মাঙ্গলিক অনুষ্ঠান।

স্ত্রীগমন /স্ত্রিগমোন্/ [স. স্ত্রী+গমন] বি. নারী-সংগম, নারীসম্ভোগ।

স্ত্রীচরিত্র /স্ত্রিচোরিত্‌ত্রো / [স. স্ত্রী+চরিত্র] বি. ১ নারীজাতির বৈশিষ্ট্য। ২ (নাটক বা চলচ্চিত্রে অভিনয়ের ক্ষেত্রে) নারীর ভূমিকা।

স্ত্রীজাতি /স্ত্রিজাতি/ [স. স্ত্রী+জাতি] বি. নারী, স্ত্রীলোক।

স্ত্রীত্ব /স্ত্রিত্‌তো/ [স. স্ত্রী+ত্ব] বি. ১ নারীধর্ম, নারীসুলভ গুণ। ২ নারীদের বিশেষ লক্ষণ বা চিহ্ন।

স্ত্রীদ্বেষী /স্ত্রিদ্‌দেশি/ [স. স্ত্রী+দ্বেষ্+ইন্] বিণ. নারীজাতির প্রতি বিদ্বেষপূর্ণ মনোভাব পোষণকারী।

স্ত্রীধন /স্ত্রিধন্/ [স. স্ত্রী+ধন] বি. ১ নারীর ধন-সম্পদ। ২ বিবাহে কনের প্রাপ্ত সম্পদ।

স্ত্রীধর্ম /স্ত্রিধর্‌মো/ [স. স্ত্রী+ধর্ম] বি. ১ স্ত্রীলোকের কর্তব্য, স্ত্রীদের করণীয়। ২ রজঃ, ঋতু।

স্ত্রীপুরুষ /স্ত্রিপুরুশ্/ [স. স্ত্রী+পুরুষ] বি. ১ নরনারী। ২ স্বামী-স্ত্রী।

স্ত্রীপ্রত্যয় /স্ত্রিপ্রোত্‌তয়্/ [স. স্ত্রী+প্রত্যয়] বি. (ব্যা.) পুরুষবাচক শব্দকে স্ত্রীবাচক শব্দে পরিণত করতে যে বর্ণ বা প্রত্যয় (ঈ আ প্রভৃতি) যুক্ত হয়।

স্ত্রীবশ /স্ত্রিবশ্ / [স. স্ত্রী+বশ] বিণ. স্ত্রীর অনুগত, পত্নীর বাধ্য, স্তৈণ।

স্ত্রীবশ্য /স্ত্রিবোশ্‌শো/ [স. স্ত্রী+বশ্য] বিণ. দ্র স্ত্রীবশ।

স্ত্রীবিয়োগ /স্ত্রিবিয়োগ্/ [স. স্ত্রী+বিয়োগ] বি. (বাংলায়) পত্নীর মৃত্যু।

স্ত্রীবুদ্ধি /স্ত্রিবুদ্‌ধি/ [স. স্ত্রী+√বুধ্+তি] বি. ১ নারীর বিচারবিবেচনা। ২ নারীর মন্ত্রণা।

স্ত্রীভূমিকা/স্ত্রিভূমিকা/ [স. স্ত্রী+ভূমিকা] বি. (নাটক বা চলচ্চিত্রে অভিনয়ের ক্ষেত্রে) নারীর চরিত্র।

স্ত্রীরত্ন /স্ত্রিরত্‌নো/ [স. স্ত্রী+রত্ন] বি. রূপেগুণে গুণান্বিত নারী।

স্ত্রীরোগ /স্ত্রিরোগ্/ [স. স্ত্রী+রোগ] বি. কেবল নারীদের হয় এমন রোগব্যাধি (*স্ত্রীরোগ বিশেষজ্ঞ*)।

স্ত্রীলক্ষণ /স্ত্রিলোক্‌খোন্/ [স. স্ত্রী+লক্ষণ] বি. ১ নারীসুলভ গুণ বা বৈশিষ্ট্য। ২ যে ইন্দ্রিয় বা চিহ্নের দ্বারা নারীজাতিকে চেনা যায়, স্ত্রী জননেন্দ্রিয়।

স্ত্রীলিঙ্গ /স্ত্রিলিংগো/ [স. স্ত্রী+লিঙ্গ] বি. (ব্যা.) স্ত্রীবাচক প্রত্যয়যুক্ত শব্দ।

স্ত্রীসংগম /স্ত্রিশংগম্/ [স. স্ত্রী+সংগম] বি. স্ত্রী-সহবাস, স্ত্রীগমন।

স্ত্রীসংসর্গ/স্ত্রিশংশরগো / [স. স্ত্রী+সংসর্গ] বি. ১ স্ত্রীর সঙ্গে একত্রবাস। ২ স্ত্রীসহবাস, স্ত্রীগমন।

স্ত্রীসহবাস /স্ত্রিশহোবাশ্/ [স. স্ত্রী+সহবাস] বি. দ্র স্ত্রীসংসর্গ।

স্ত্রীসুলভ /স্ত্রিশুলভ্/ [স. স্ত্রী+সুলভ] বিণ. নারীর পক্ষে স্বাভাবিক এমন, নারীসুলভ, মেয়েলি।

স্ত্রীস্বভাব /স্ত্রিশভাব্/ [স. স্ত্রী+স্বভাব] বি. নারীত্ব। বিণ. মেয়েলি প্রকৃতির।

স্ত্রীস্বাধীনতা /স্ত্রিশাধিনতা/ [স. স্ত্রী+স্বাধীনতা] বি. পুরুষের কর্তৃত্ব থেকে নারীজাতির মুক্তি, নারীর নিজস্ব মত প্রকাশ ও সিদ্ধান্ত গ্রহণের স্বাধীনতা।

স্ত্রীহরণ /স্ত্রিহরোন্/ [স. স্ত্রী+হরণ] বি. নারী অপহরণ।

স্ত্রৈণ /স্ত্রোইনো/ [স. স্ত্রী+ন] বিণ. ১ স্ত্রীর বশীভূত, henpecked। ২ নারীবিষয়ক।

স্ত্রৈণতা /স্ত্রোইনোতা/ [স. স্ত্রৈণ+তা] বি. স্ত্রীর প্রতি আনুগত্য, স্ত্রীবশ্যতা।

-স্থ /স্থো/ [স. √স্থা+অ] বিণ. ১ বিদ্যমান, বর্তমান (*নগরস্থ*)। ২ অবস্থিত। ৩ নিমগ্ন (*ধ্যানস্থ*)। ৪ অধিকারী (*পদস্থ*)।

স্থগন /স্থগোন্/ [স. √স্থগ্+অন] বি. ১ নিবর্তন। ২ আবৃতকরণ। ৩ সাময়িক স্থগিতকরণ।

স্থগিত /স্থোগিতো/ [স. √স্থগ্+ত] বিণ. ১ নিবৃত্ত, মুলতুবি। ২ প্রতিহত। ৩ আচ্ছাদিত। ৪ মন্থর।

স্থগিতাদেশ /স্থোগিতাদেশ্/ [স. স্থগিত+আদেশ] বি. কোনো কাজ বা সিদ্ধান্ত স্থগিত রাখার জন্য আদালতের নির্দেশ; (পরি.) stay order।

www.pathagar.com

স্থণ্ডিল /স্‌থোনডিল্‌/ [স. √স্থা+অণ্ডিল] বি. ১ যজ্ঞ অনুষ্ঠানের জন্য পরিষ্কৃত স্থান। ২ সমতল স্থান।

স্থণ্ডিলশায়ী /স্‌থোনডিল্‌শায়ি/ [স. স্থণ্ডিল+শায়ী] বিণ. ব্রত পালনের উদ্দেশ্যে ভূশায়ী।

স্থপতি /স্‌থপোতি/ [স. স্থ+পতি] বি. বিণ. ভবন সৌধ প্রভৃতি নির্মাণের পরিকল্পক, বাস্তুকলাবিদ, architect।

স্থবির /স্‌থোবির্‌/ [স. √স্থা+ইর] বিণ. বয়সাধিক্য হেতু জরাগ্রস্ত ও নিশ্চল, স্থির। বি. সন্ন্যাসব্রত পালনকারী প্রবীণ ভিক্ষু।

স্থবিরতা /স্‌থোবিরতা/ [স. স্থবির+তা] বি. ১ বার্ধক্য ও শারীরিক সীমাবদ্ধতার কারণে অচলাবস্থা। ২ নিশ্চলতা।

স্থবিরত্ব /স্‌থোবিরত্‌তো/ [স. স্থবির+ত্ব] বি. দ্র স্থবিরতা।

স্থল /স্‌থল্‌/ [স. √স্থল্‌+অ] বি. ১ ভূমি, স্থান (*কর্মস্থল*)। ২ ডাঙা (*স্থলভাগ*)। ৩ আধার, পাত্র (*আশ্রয়স্থল*)। ৪ পরিবর্ত (*স্থলাভিষিক্ত*)।

স্থলকমল /স্‌থলোকমোল্‌/ [স. স্থল+কমল] বি. দ্র স্থলপদ্ম।

স্থলচর /স্‌থলোচর্‌/ [স. স্থল+চর] বিণ. ডাঙায় বিচরণ করে এমন (*স্থলচর প্রাণী*)।

স্থলপথ /স্‌থলোপথ্‌/ [স. স্থল+পথ] বি. ডাঙা বা ভূমির ওপর দিয়ে চলাচলের পথ।

স্থলপদ্ম /স্‌থলোপদ্‌দো/ [স. স্থল+পদ্ম] বি. গ্রীষ্ম-মণ্ডলীয় অঞ্চলে শরৎ ও হেমন্তকালে ফোটে এমন সাদা গোলাপি লাল প্রভৃতি বর্ণের পাঁচটি পাপড়ি-বিশিষ্ট জবাসদৃশ ফুল বা তার লম্বা বোঁটা ও রোমশ পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন মাঝারি আকৃতির গুল্ম-জাতীয় পত্রমোচী উদ্ভিদ (আনি. চীন), স্থলকমল।

স্থলবাণিজ্য /স্‌থলোবানিজ্‌জো/ [স. স্থল+বাণিজ্য] বি. দুটি দেশের মধ্যে স্থলপথে পণ্য আমদানি-রপ্তানি করা হয় এমন বাণিজ্য।

স্থলভাগ /স্‌থলোভাগ্‌/ [স. স্থল+ভাগ] বি. ভূ-ভাগ।

স্থলাভিষিক্ত /স্‌থলাভিশিক্‌তো/ [স. স্থল+অভিষিক্ত] বিণ. ১ অন্যের স্থান বা পদে অধিষ্ঠিত। ২ কারো পরিবর্তে কাজ করে এমন, বদলি।

স্থলারবিন্দ /স্‌থলারোবিন্‌দো/ [স. স্থল+অরবিন্দ] বি. দ্র স্থলপদ্ম।

স্থলী /স্‌থোলি/ [স. স্থল+ঈ] বি. ১ স্থান, জায়গা। ২ ডাঙা; মাটি, ভূমি। ৩ থলে।

স্থলীয় /স্‌থোলিয়ো/ [স. স্থল+ঈয়] বিণ. ১ স্থানীয়। ২ স্থলবিষয়ক। ৩ স্থলাভিষিক্ত।

স্থাণু /স্‌থানু/ [স. √স্থা+ণু] বিণ. নিশ্চল, স্থবির। বি. ১ নিস্পন্দ অবস্থা। ২ জড় বস্তু। ৩ বৃক্ষ। ৪ গোঁজ, খোঁটা। ৫ স্তম্ভ। ৬ শিব। ৭ উইঢিপি।

স্থাণুবৎ /স্‌থানুবত্‌/ [স. স্থানু+বৎ] বিণ. ১ জড় বস্তুর মতো স্থির ও নিশ্চল। ২ সাড়াশব্দহীন।

স্থাতব্য /স্‌থাতোব্‌বো/ [স. √স্থা+তব্য] বিণ. অবস্থান করা বা থাকা যায় এমন, স্থিতিযোগ্য।

স্থাতা /স্‌থাতা/ [স. √স্থা+তৃ] বিণ. অবস্থানকারী।

স্থান /স্‌থান্‌/ [স. √স্থা+অন] বি. ১ অঞ্চল; প্রদেশ (*উষ্ণ স্থান*)। ২ জায়গা (*বাসস্থান*)। ৩ ঠাঁই, আশ্রয় (*স্থান পাওয়া*)। ৪ আধার। ৫ আবাস। ৬ সমীপ। ৭ পরিবর্ত, বদল। ৮ পীঠ (*তীর্থস্থান*)।

স্থানচ্যুত /স্‌থানোচ্‌চুতো/ [স. স্থান+চ্যুত] বিণ. ১ স্বীয় স্থান থেকে অপসারিত। ২ নিজের বাসস্থান বা দেশ ছাড়তে বাধ্য হয়েছে এমন।

স্থানপরিবর্তন /স্‌থানপোরিবর্‌তোন্‌/ [স. স্থান+পরিবর্তন] বি. জায়গা বদল, স্থানান্তর।

স্থানভ্রষ্ট /স্‌থানোব্‌ভ্রোশ্‌টো/ [স. স্থান+ভ্রষ্ট] বিণ. দ্র স্থানচ্যুত।

স্থানাঙ্ক /স্‌থানাংকো/ [স. স্থান+অঙ্ক] বি. কোনো নির্দিষ্ট বিন্দুর অবস্থান নির্দেশক দ্রাঘিমাংশ ও অক্ষাংশ; (পরি.) coordinates।

স্থানান্তর /স্‌থানান্‌তর্‌/ [স. স্থান+অন্তর] বি. অন্য স্থান; বিভিন্ন স্থান।

স্থানান্তরিত /স্‌থানান্‌তোরিতো/ [স. স্থানান্তর+ইত] বিণ. এক স্থান থেকে অন্য স্থানে অপসারিত।

স্থানাপন্ন /স্‌থানাপন্‌নো/ [স. স্থান+আপন্ন] বিণ. ১ স্থলাভিষিক্ত। ২ স্থানপ্রাপ্ত।

স্থানাভাব /স্‌থানাভাব্‌/ [স. স্থান+অভাব] বি. জায়গার অভাব।

স্থানিক /স্‌থানিক্‌/ [স. স্থান+ইক] বিণ. ১ স্থানগত; স্থানীয়, local। ২ স্থানসম্বন্ধীয়।

স্থানী /স্‌থানি/ [স. স্থান+ইন্‌] বিণ. ১ স্থিতিশীল। ২ স্থানযুক্ত। ৩ স্থানসম্বন্ধীয়। ৪ প্রতিষ্ঠাযুক্ত।

স্থানীয় /স্‌থানিয়ো/ [স. স্থান+ঈয়] বিণ. ১ নির্দিষ্ট স্থানের (*স্থানীয় সময়*)। ২ স্থানসম্পর্কিত। ৩ সমতুল্য (*পিতৃস্থানীয়*)। ৪ স্থানবিশেষে সীমাবদ্ধ।

স্থানীয় সময় /স্‌থানিয়ো শময়্‌/ বি. (পৃথিবীর আহ্নিক গতির হেতু) দ্রাঘিমার হিসাবে নির্দিষ্ট কোনো স্থানের নিরূপিত সময়, local time।

স্থানীশ্বর /স্‌থানিশ্‌শর্‌/ [স. স্থান+ঈশ্বর] বি. শিব।

স্থানে-অস্থানে /স্‌থানেঅস্‌থানে/ [বা.] ক্রিবিণ. বাছবিচার না করে যে কোনো যোগ্য বা অযোগ্য

www.pathagar.com

স্থানে।

স্থানে স্থানে /স্থানে স্থানে/ ক্রিবিণ. কোনো কোনো স্থানে; কোথাও কোথাও।

স্থাপক /স্থাপক্/ [স. √স্থাপি+অক] বিণ. স্থাপনকারী, স্থাপয়িতা, প্রতিষ্ঠাতা।

স্থাপত্য /স্থাপোত্তো/ [স. স্থপতি+য] বি. স্থপতির কাজ; ভবনাদির নির্মাণকার্য বা নির্মাণশিল্প।

স্থাপত্যকলা /স্থাপোত্তোকলা/ [স. স্থাপত্য+কলা] বি. ভবনাদির নির্মাণকার্য বা নির্মাণশিল্প।

স্থাপত্যকীর্তি /স্থাপোত্তোকির্তি/ [স. স্থাপত্য+কীর্তি] বি. ভবনাদির নির্মাণশিল্প।

স্থাপত্যবিদ্যা /স্থাপোত্তোবিদ্দা/ [স. স্থাপত্য+বিদ্যা] বি. দ্র স্থাপত্যবিজ্ঞান।

স্থাপত্যবিজ্ঞান /স্থাপোত্তোবিগ্‌গ্যান্/ [স. স্থাপত্য+বিজ্ঞান] বি. ভবনাদি নির্মাণকার্যের কৌশল ও জ্ঞানবিষয়ক বিজ্ঞান।

স্থাপত্যশিল্প /স্থাপোত্তোশিল্‌পো/ [স. স্থাপত্য+শিল্প] বি. দ্র স্থাপত্যকলা।

স্থাপন /স্থাপন্/ [স. √স্থাপি+অন] বি. ১ নির্মাণ। ২ নিয়োজন, নিবেশন। ৩ আরোপন (*বিশ্বাস স্থাপন*)। ৪ রক্ষণ। ৫ প্রতিষ্ঠা (*দৃষ্টান্ত স্থাপন*)।

স্থাপনা /স্থাপনা/ [স. স্থাপন+আ (টাপ্)] বি. যা স্থাপন বা নির্মাণ করা হয়েছে।

স্থাপনীয় /স্থাপোনিয়ো/ [স. স্থাপন+ঈয়] বিণ. সংস্থাপনের যোগ্য; স্থাপন করতে হবে এমন।

স্থাপয়িতা /স্থাপোয়িতা/ [স. √স্থাপি+তৃ] বিণ. প্রতিষ্ঠাতা। স্ত্রী. স্থাপয়িত্রী /স্থাপোয়িত্রি/।

স্থাপিত /স্থাপিতো/ [স. √স্থাপি+ত] বিণ. ১ স্থাপন করা হয়েছে এমন, প্রতিষ্ঠিত। ২ অর্পিত।

স্থাপ্য /স্থাপ্‌পো/ [স. √স্থাপি+য] বিণ. দ্র স্থাপনীয়।

স্থাবর /স্থাবর্/ [স. √স্থা+বর] বিণ. ১ স্থানান্তরিত করা যায় না এমন (*স্থাবর সম্পত্তি*)। ২ নিশ্চল, স্থির। ৩ অসাড়, জড় প্রকৃতির।

স্থায়িতা /স্থায়িতা/ [স. স্থায়িন্+তা] বি. স্থায়ী অবস্থা বা ভাব, স্থিতিশীলতা, স্থায়িত্ব।

স্থায়িত্ব /স্থায়িত্তো/ [স. স্থায়িন্+ত্ব] বি. স্থিতিশীলতা, স্থায়ী অবস্থা।

স্থায়ী /স্থায়ি/ [স. √স্থা+ইন্] বিণ. ১ স্থির, স্থিতিশীল। ২ টেকসই। ৩ শক্ত, মজবুত। ৪ পাকাপোক্ত (*স্থায়ী চাকরি*)। ৫ বদ্ধমূল (*স্থায়ী ধারণা*)। ৬ অবিনশ্বর।

স্থাল /স্থাল্/ [স. √স্থা+আল] বি. থালা, প্লেট।

স্থালী /স্থালি/ [স. স্থাল+ঈ] বি. রান্নার পাত্র, হাঁড়ি; ছোটো থালা।

স্থিত /স্থিতো/ [স. √স্থা+ত] বিণ. ১ অবস্থিত, রক্ষিত (*গৃহস্থিত*)। ২ ধীর; শান্ত (*স্থিতধী*)।

স্থিতধী /স্থিতোধি/ [স. স্থিত+ধী] বিণ. স্থিরবুদ্ধিসম্পন্ন।

স্থিতপ্রজ্ঞ /স্থিতোপ্রোগ্‌গ্যো/ [স. স্থিত+প্রজ্ঞা] বিণ. দ্র স্থিতধী।

স্থিতাবস্থা /স্থিতাবস্থা/ [স. স্থিত+অবস্থা] বি. যেমন আছে ঠিক তেমন অবস্থা, অপরিবর্তিত অবস্থা।

স্থিতি /স্থিতি/ [স. √স্থা+তি] বি. ১ অবস্থান। ২ বিদ্যমানতা। ৩ অবিচলিত ভাব; স্থিরতা।

স্থিতিশীল /স্থিতিশিল্/ [স. স্থিতি+শীল] বিণ. স্থায়ী। বি. স্থিতিশীলতা/স্থিতিশিলতা/।

স্থিতিস্থাপক /স্থিতিস্থাপক্/ [স. স্থিতি+স্থাপক] বিণ. টেনে ছেড়ে দিলে আবার পূর্বাবস্থায় ফিরে আসে এমন গুণসম্পন্ন, elastic।

স্থিতিস্থাপকতা /স্থিতিস্থাপকতা/ [স. স্থিতি+স্থাপক+তা] বি. স্থিতিস্থাপকের গুণ, নমনীয়তা, elasticity।

স্থির /স্থির্/ [স. √স্থা+ইর] বিণ. ১ অবিচল; শান্ত (*স্থিরচিত্ত*)। ২ অক্ষয়। ৩ দৃঢ় (*স্থিরবিশ্বাস*)। ৪ নির্ধারিত (*স্থিরলক্ষ্য*)। ৫ নিশ্চল (*স্থিরচিত্র*)। ক্রিবিণ. অনিবার্যরূপে, নিশ্চিতভাবে।

স্থিরচিত্ত /স্থিরচিত্তো/ [স. স্থির+চিত্ত] বিণ. বিচলিতচিত্ত নয় এমন, নিরুদ্‌বিগ্ন।

স্থিরচিত্র /স্থিরচিত্রো/ [স. স্থির+চিত্র] বি. চলমান নয় এমন চিত্র।

স্থিরতা /স্থিরতা/ [স. স্থির+তা] বি. ১ স্থায়িত্ব। ২ দৃঢ়তা। ৩ নিশ্চয়তা। ৪ স্থৈর্য, ধীরতা।

স্থিরত্ব /স্থিরত্তো/ [স. স্থির+ত্ব] বি. দ্র স্থিরতা।

স্থিরদৃষ্টি /স্থিরদৃশ্টি/ [স. স্থির+দৃষ্টি] বি. পলকহীন দৃষ্টি, অনিমেষ দৃষ্টি।

স্থিরনিশ্চয় /স্থিরনিশ্চয়/ [স. স্থির+নিশ্চয়] বিণ. ১ দৃঢ়প্রতিজ্ঞ। ২ সুনিশ্চিত।

স্থিরনেত্র /স্থিরনেত্রো/ [স. স্থির+√নী+ত্র] বিণ. চোখের পলক পড়ে না এমন। বি. পলকহীন দৃষ্টি।

স্থিরপ্রতিজ্ঞ /স্থিরপ্রোতিগ্‌গ্যো/ [স. স্থির+প্রতিজ্ঞ] বিণ. দৃঢ় প্রতিজ্ঞায় আবদ্ধ, স্থিরসংকল্প।

স্থিরমতি /স্থিরমোতি/ [স. স্থির+মতি] বিণ. স্থিরবুদ্ধিসম্পন্ন, স্থিতধী।

www.pathagar.com

স্থিরযৌবনা /স্থিরজৌবনা/ [স. স্থির+যৌবন+আ (টাপ্)] বিণ. দীর্ঘ যৌবনের অধিকারী।

স্থিরায়ু /স্থিরায়ু/ [স. স্থির+আয়ু] বিণ. দীর্ঘজীবী; চিরঞ্জীবী।

স্থিরীকরণ /স্থিরিকরোন্/ [স. স্থির+চ্বি+করণ] বি. ১ নিশ্চিতকরণ। ২ নির্ধারণ।

স্থিরীকৃত /স্থিরিকৃতো/ [স. স্থির+চ্বি+কৃত] বিণ. ১ স্থির বা নির্ধারণ করা হয়েছে এমন, ধার্যকৃত। ২ সুনিশ্চিত, অবধারিত।

স্থূল/স্থুল/ [স. √স্থূল্+অ] বিণ. ১ মেদবহুল (*স্থূলদেহী*)। ২ পুরু (*স্থূলচর্ম*)। ৩ চ্যাপটা ও ভোঁতা (*স্থূলনাসা*)। ৪ আনুমানিক (*স্থূল হিসাব*)। ৫ অগভীর (*স্থূলদৃষ্টি*)। ৬ সূক্ষ্ম নয় এমন (*স্থূলবুদ্ধি*)। ৭ লঘু (*স্থূল রসিকতা*)। ৮ প্রকাণ্ড (*স্থূলকায়*)।

স্থূলকোণ /স্থুলোকোন্/ [স. স্থূল+কোণ] বি. এক সমকোণের চেয়ে বড়ো কিন্তু দুই সমকোণের চেয়ে ছোটো কোণ, obtuse angle।

স্থূলতা/স্থুলতা/ [স. স্থূল+তা] বি. ১ মেদবহুলতা। ২ অপরিপক্কতা। ৩ অগভীরতা। ৪ লঘুতা।

স্থূলত্ব /স্থুলত্তো/ [স. স্থূল+ত্ব] বি. দ্র স্থূলতা।

স্থূলদর্শী/স্থুলোদোরশি/ [স. স্থূল+√দৃশ্+ইন্] বিণ. বিচারবিবেচনা করে বা কোনো কিছু তলিয়ে দেখে না এমন, অসূক্ষ্ম ও অগভীর দৃষ্টিসম্পন্ন।

স্থূলদৃষ্টি /স্থুলোদৃশটি/ [স. স্থূল+দৃষ্টি] বিণ. দ্র স্থূলদর্শী।

স্থূলদেহ /স্থুলোদেহো/ [স. স্থূল+দেহ] বিণ. মেদবহুল দেহের অধিকারী। বি. রক্তমাংস অস্থি প্রভৃতি সংবলিত নশ্বর দেহ।

স্থূলবুদ্ধি /স্থুলোবুদ্ধি/ [স. স্থূল+√বুধ্+তি] বিণ. বিচারবিবেচনাশূন্য অগভীর বুদ্ধিসম্পন্ন।

স্থূলাঙ্গ /স্থুলাংগো/ [স. স্থূল+অঙ্গ] বিণ. মোটা শরীরের অধিকারী। স্ত্রী. স্থূলাঙ্গী /স্থুলাংগি/।

স্থূলান্ত্র /স্থুলান্ত্রো/ [স. স্থূল+অন্ত্র] বি. মেরুদণ্ডী প্রাণীর পেটের মধ্যস্থিত মোটা ও দীর্ঘতর মল-নিঃসারক নালি, বৃহদন্ত্র।

স্থূলোদর /স্থুলোদর্/ [স. স্থূল+উদর] বিণ. স্থূল উদরবিশিষ্ট, পেটমোটা, নাদাপেটা।

স্থেয় /স্থেয়ো/ [স. √স্থা+য] বিণ. ১ স্থাপনযোগ্য। ২ স্থির, শান্ত। ৩ মধ্যস্থতাকারী।

স্থৈর্য /স্থোইর্জো/ [স. স্থির+য] বি. ১ স্থিরতা, অচঞ্চলতা, শান্ত ভাব। ২ মানসিক দৃঢ়তা।

স্থৈর্যহীন /স্থোইর্জোহিন্/ [স. স্থৈর্য+হীন] বিণ. অস্থির; চঞ্চল।

স্থৌল্য /স্থৌল্লো/ [স. স্থূল+য] বি. স্থূলতা।

স্নাত /স্নাতো/ [স. √স্না+ত] বিণ. ১ স্নান করেছে এমন। ২ বিধৌত। স্ত্রী. স্নাতা /স্নাতা/।

স্নাতক /স্নাতক্/ [স. স্নাত+ক (স্বার্থে)] বি. ১ বিশ্ববিদ্যালয়ের ব্যাচেলর ডিগ্রিপ্রাপ্ত ব্যক্তি, graduate। ২ যে শিষ্য ব্রহ্মচর্য সমাপনান্তে স্নান করেছে। বিণ. স্নানকারী।

স্নাতকোত্তর /স্নাতকোত্তর্/ [স. স্নাতক+উত্তর] বিণ. বিশ্ববিদ্যালয়ের স্নাতক-পরবর্তী উচ্চতর ডিগ্রিপ্রাপ্ত।

স্নাতানুলিপ্ত /স্নাতানুলিপ্তো/ [স. স্নাত+অনুলিপ্ত] বিণ. স্নানান্তে অঙ্গে চন্দনাদি লেপন করেছে এমন।

স্নান /স্নান্/ [স. √স্না+অন] বি. জলে অবগাহন, শরীর ধৌতকরণ, গোসল।

স্নানযাত্রা /স্নানজাত্রা/ [স. স্নান+যাত্রা] বি. জ্যৈষ্ঠের পূর্ণিমায় জগন্নাথের স্নান উপলক্ষ্যে পালিত উৎসব।

স্নানাগার /স্নানাগার্/ [স. স্নান+আগার] বি. স্নানের ঘর, কলঘর, গোসলখানা।

স্নানীয় /স্নানিয়ো/ [স. স্নান+ঈয়] বিণ. ১ স্নানের উপযুক্ত। ২ স্নানসম্বন্ধীয়।

স্নানোদক /স্নানোদক্/ [স. স্নান+উদক] বি. স্নানের জল।

স্নাপক/স্নাপক্/ [স. √স্না+ণিচ্+অক] বিণ. (যে ব্যক্তি) স্নান করায় এমন। স্ত্রী. স্নাপিকা /স্নাপিকা/।

স্নাপন /স্নাপন্/ [স. √স্না+ণিচ্+অন] বি. স্নান করানোর কাজ।

স্নাপিত /স্নাপিতো/ [স. √স্না+ণিচ্+ত] বিণ. স্নান করানো হয়েছে এমন।

স্নায়বিক /স্নায়োবিক্/ [স. স্নায়ু+ইক] বিণ. স্নায়ু-সম্বন্ধীয় (*স্নায়বিক দুর্বলতা*)।

স্নায়বীয় /স্নায়োবিয়ো/ [স. স্নায়ু+ঈয়] বিণ. দ্র স্নায়বিক।

স্নায়ী /স্নায়ি/ [স. √স্না+ইন্] বিণ. স্নানকারী।

স্নায়ু /স্নায়ু/ [স. √স্না+উ] বি. জীবদেহের অনুভূতি-সঞ্চারক সূক্ষ্ম তন্তুগুচ্ছ যা দেহের বিভিন্ন স্থান থেকে মস্তিষ্কে অনুভূতির সংকেত প্রেরণ করে।

স্নায়ুক্লান্ত /স্নায়ুক্লান্ত/ [স. স্নায়ু+√ক্লম্+ত] বিণ. কঠোর পরিশ্রমের ফলে ক্লান্ত।

স্নায়ুদৌর্বল্য /স্নায়ুদোউর্বোল্লো/ [স. স্নায়ু+দুর্বল+য] বি. স্নায়ুর দুর্বলতা।

স্নায়ুযুদধ /স্নায়ুজুদ্ধো/ [স. স্নায়ু+√যুধ্+ত] বি. ক্রমাগত ভীতিপ্রদর্শন ও আতঙ্ক সৃষ্টি, cold war।

www.pathagar.com

স্নায়ুশূল /স্নায়ুশূল্/ [স. স্নায়ু+শূল] বি. স্নায়ুর বিকারহেতু শরীরের নানা স্থানে প্রদাহ।

স্নিগ্ধ /স্নিগ্‌ধো/ [স. √স্নিহ্+ত] বিণ. ১ কোমল, স্নেহপূর্ণ (*স্নিগ্ধ ব্যবহার*)। ২ লালিত্যপূর্ণ। ৩ আরামদায়ক (*স্নিগ্ধকর বায়ু*)। ৪ তেজোহীন। ৫ পরিষ্কার। ৬ মসৃণ।

স্নিগ্ধকর /স্নিগ্‌ধোকর্/ [স. স্নিগ্ধ+কর] বিণ. স্নিগ্ধ করে এমন; সুখদ।

স্নিগ্ধতা /স্নিগ্‌ধোতা/ [স. স্নিগ্ধ+তা] বি. কোমলতা, মধুরতা।

স্নুষা /স্নুশা/ [স. √স্নু+স+আ (টাপ্)] বি. পুত্রবধূ।

স্নেহ /স্নেহো/ [স. √স্নিহ্+অ] বি. ১ (বয়ঃকনিষ্ঠের প্রতি) ভালোবাসা, মমতা। ২ প্রীতি। ৩ চর্বি।

স্নেহদৃষ্টি /স্নেহোদৃশ্‌টি/ [স. স্নেহ+দৃষ্টি] বি. মমতাপূর্ণ দৃষ্টি।

স্নেহধন্য /স্নেহোধোন্‌নো/ [স. স্নেহ+ধন্য] বিণ. স্নেহরূপ ধন লাভ করেছে এমন। বি. স্নেহের পাত্র। *স্ত্রী. **স্নেহধন্যা** /স্নেহোধোন্‌না/।

স্নেহপদার্থ /স্নেহোপদারথো/ [স. স্নেহ+পদার্থ] বি. তেল চর্বি প্রভৃতি।

স্নেহপাত্র /স্নেহোপাত্রো/ [স. স্নেহ+পাত্র] বি. ১ ভালোবাসার পাত্র, প্রীতিভাজন। ২ আদরের ধন।

স্নেহপুত্তলি /স্নেহোপুত্তোলি/ [স. স্নেহ+পুত্তলি] বি. অত্যন্ত আদর বা সোহাগের পাত্র।

স্নেহপ্রবণ /স্নেহোপ্রোবোন্/ [স. স্নেহ+প্রবণ] বিণ. স্নেহপরায়ণ, স্নেহবৎসল।

স্নেহবন্ধন /স্নেহোবন্‌ধন্/ [স. স্নেহ+বন্ধন] বি. আদর স্নেহ বা ভালোবাসার বাঁধন।

স্নেহভাজন /স্নেহোভাজোন্/ [স. স্নেহ+ভাজন] বি. স্নেহের পাত্র।

স্নেহভালোবাসা /স্নেহোভালোবাশা/ [স. স্নেহ+ভালোবাসা] বি. বয়ঃকনিষ্ঠের প্রতি বাৎসল্য।

স্নেহময় /স্নেহোময়্/ [স. স্নেহ+ময়ট্] বিণ. স্নেহপূর্ণ। *স্ত্রী. **স্নেহময়ী** /স্নেহোমোয়ি/।

স্নেহস্পর্শ /স্নেহোস্পরশো/ [স. স্নেহ+*স্পর্শ] বি. স্নেহের পরশ।

স্নেহাতুর /স্নেহাতুর্/ [স. স্নেহ+আতুর] বিণ. স্নেহের জন্য কাতর।

স্নেহার্দ্র /স্নেহারদ্রো/ [স. স্নেহ+আর্দ্র] বিণ. স্নেহরসে অভিষিক্ত, স্নেহমাখা।

স্নেহালিঙ্গন /স্নেহালিংগন্/ [স. স্নেহ+আলিঙ্গন] বি. স্নেহ বা সোহাগপূর্ণ আলিঙ্গন।

স্নেহাশিস /স্নেহাশিশ্/ [স. স্নেহ+আশিস] বি. দ্র স্নেহাশীর্বাদ।

স্নেহাশীর্বাদ /স্নেহাশিরবাদ্/ [স. স্নেহ+আশীর্বাদ] বি. স্নেহপূর্ণ আশীর্বাদ।

স্নেহাস্পদ /স্নেহাশ্‌পদো/ [স. স্নেহ+আস্পদ] বি. স্নেহের পাত্র, স্নেহভাজন।

স্নেহী /স্নেহি/ [স. স্নেহ+ইন্] বিণ. ১ অত্যন্ত স্নেহপরায়ণ, স্নেহময়। ২ স্নেহপদার্থযুক্ত।

স্নো /স্নো/ [ই.] বি. ১ প্রসাধনীরূপে ব্যবহৃত তৈলাক্ত প্রলেপবিশেষ, snow। ২ তুষার।

স্পঞ্জ /স্পনজ্/ [ই. sponge] বি. সহজে জল শুষে নিতে পারে এমন অসংখ্য ক্ষুদ্র ছিদ্রযুক্ত স্থিতি-স্থাপক পদার্থ।

স্পন্দ /স্পন্‌দো/ [স. √*স্পন্দ্+অ] বি. দ্র স্পন্দন।

স্পন্দন /স্পন্‌দোন্/ [স. √*স্পন্দ্+অন] বি. ১ মৃদু কম্পন, নড়াচড়া (*হৃৎস্পন্দন*)। ২ *স্ফুরণ।

স্পন্দনশূন্য /স্পন্‌দোনশুন্‌নো/ [স. স্পন্দন+শূন্য] বিণ. নিস্পন্দ, অকম্পিত; স্থির, নিশ্চল।

স্পন্দনহীন /স্পন্‌দোনহিন্/ [স. স্পন্দন+হীন] বিণ. দ্র স্পন্দনশূন্য।

স্পন্দমান /স্পন্‌দোমান্/ [স. √*স্পন্দ্+মৎ] বিণ. কম্পমান; অস্থির।

স্পন্দশূন্য /স্পন্‌দোশুন্‌নো/ [স. *স্পন্দ+শূন্য] বিণ. দ্র স্পন্দনশূন্য।

স্পন্দহীন /স্পন্‌দোহিন্/ [স. *স্পন্দ+হীন] বিণ. দ্র স্পন্দনশূন্য।

স্পন্দিত /স্পোন্‌দিতো/ [স. √*স্পন্দ্+ত] বিণ. ১ ঈষৎ আন্দোলিত, কম্পিত। ২ *স্ফুরিত।

স্পর্ধা /স্পরধা/ [স. √*স্পর্ধ্+অ+আ (টাপ্)] বি. ১ দর্প, দম্ভ। ২ অহংকারপূর্ণ দুঃসাহস। ৩ আস্ফালন।

স্পর্ধিত /স্পোরধিতো/ [স. √*স্পর্ধ্+ত] বিণ. ১ স্পর্ধাযুক্ত। ২ উদ্ধত।

স্পর্ধী /স্পোরধি/ [স. √*স্পর্ধ্+ইন্] বিণ. দ্র স্পর্ধিত।

স্পর্শ /স্পরশো/ [স. √*স্পর্শ্+অ] বি. ১ ছোঁয়া। ২ গায়ের চামড়ায় ছোঁয়া লাগার অনুভূতি। ৩ সান্নিধ্য; সংসর্গ (*সংস্পর্শ*)।

স্পর্শক /স্পরশক্/ [স. √*স্পৃশ্+অক] বিণ. স্পর্শ করে এমন, স্পর্শকারী। বি. (জ্যা.) বৃত্তের পরিধিকে কেবল একটি বিন্দুতে স্পর্শ করে কিন্তু ছেদ করে না এমন সরলরেখা, tangent।

স্পর্শকাতর /স্পরশোকাতোর্/ [স. স্পর্শ+কাতর] বিণ. সামান্য কারণে মনে আঘাত লাগে এমন, অতিশয় অনুভূতিপ্রবণ, সংবেদনশীল, sensitive। বি. স্পর্শকাতরতা /স্পরশোকাতোরতা/।

স্পর্শকারী /স্পরশোকারি/ [স. স্পর্শ+√কৃ+ইন্] বিণ.

www.pathagar.com

ছোঁয় এমন, স্পর্শক।

স্পর্শক্রামী /স্পর্‌শোক্‌ক্রামি/ [স. স্পর্শ+√ক্রম্+ইন্] বিণ. ছোঁয়াছুঁয়ির ফলে সংক্রমণ ঘটে এমন, ছোঁয়াচে, contiguous।

স্পর্শজ্যা /স্পর্‌শোজ্যা/ [স. স্পর্শ+জ্যা] বি. (জ্যা.) বৃত্তের পরিধিকে কেবল একটি বিন্দুতে স্পর্শ করে কিন্তু ছেদ করে না এমন সরলরেখা, tangent।

স্পর্শন /স্পর্‌শোন/ [স. √স্পৃশ্+অন] বি. স্পর্শকরণ।

স্পর্শনীয় /স্পর্‌শোনিয়ো/ [স. √স্পৃশ্+অনীয়] বিণ. ছোঁয়ার যোগ্য, স্পৃশ্য।

স্পর্শনেন্দ্রিয় /স্পর্‌শোনেন্‌দ্রিয়ো/ [স. স্পর্শ+ইন্দ্রিয়] বি. যে ইন্দ্রিয়ের দ্বারা স্পর্শ অনুভূত হয়, ত্বক।

স্পর্শবর্ণ /স্পর্‌শোবর্‌নো/ [স. স্পর্শ+বর্ণ] বি. যেসব বর্ণ উচ্চারণকালে জিভ মুখের ভেতরে কোনো না কোনো স্থান স্পর্শ করে বা ওষ্ঠাধর পরস্পরকে স্পর্শ করে। তুল. স্বরবর্ণ (পৃ ১৩৬৯)।

স্পর্শমণি /স্পর্‌শোমোনি/ [স. স্পর্শ+মণি] বি. যে কল্পিত পাথরের ছোঁয়ায় অন্য বস্তু সোনায় পরিণত হয়, পরশপাথর।

স্পর্শী /স্পোর্‌শি/ [স. √স্পৃশ্+ইন্] বিণ. স্পর্শ করে এমন। বি. (সচরাচর মাছের) চিবুকে উদ্‌গত সুতোর মতো সরু নমনীয় তন্তু, শুঙ্গ, antenna।

স্পষ্ট /স্পশ্‌টো/ [স. √স্পশ্+ত] বিণ. ১ সুব্যক্ত, পরিস্ফুট, প্রকাশিত (*দিবালোকের মতো স্পষ্ট*)। ২ খোলাখুলি, প্রকাশ্য (*স্পষ্ট কথা*)। ৩ বিশদ, বিস্তারিত (*স্পষ্ট বর্ণনা*)। বি. ~তা /-তা/।

স্পষ্টত /স্পশ্‌টতো/ [স. স্পষ্ট+তস্] অব্য. স্পষ্টভাবে বোঝা যায়।

স্পষ্টবক্তা /স্পশ্‌টোবক্‌তা/ [স. স্পষ্ট+বক্তা] বিণ. অপ্রিয় সত্য বলতেও দ্বিধাবোধ করে না এমন, স্পষ্টভাষী।

স্পষ্টবাদিতা /স্পশ্‌টোবাদিতা/ [স. স্পষ্ট+√বদ্+ইন্ +তা] বি. মনের ভাব গোপন না করে অসংকোচে বলার নীতি।

স্পষ্টবাদী /স্পশ্‌টোবাদি/ [স. স্পষ্ট+√বদ্+ইন্] বিণ. দ্র স্পষ্টবক্তা।

স্পষ্টভাষী /স্পশ্‌টোভাশি/ [স. স্পষ্ট+√ভাষ্+ইন্] বিণ. দ্র স্পষ্টবক্তা।

স্পষ্টাক্ষরে /স্পশ্‌টাক্‌খরে/ [স. স্পষ্ট+অক্ষর+বা. এ] ক্রিবিণ. ১ পরিচ্ছন্ন ও সহজপাঠ্য অক্ষরে। ২ (আল.) সুস্পষ্টভাবে।

স্পষ্টাস্পষ্টি /স্পশ্‌টাস্‌পোশ্‌টি/ [বা.] ক্রিবিণ. খোলা-খুলিভাবে। বিণ. অত্যন্ত স্পষ্ট।

স্পষ্টীকরণ /স্পোশ্‌টিকরোন্/ [স. স্পষ্ট+চ্বি+করণ] বি. অস্পষ্ট বিষয়কে স্পষ্টরূপ প্রদান।

স্পষ্টীকৃত /স্পোশ্‌টিকৃতো/ [স. স্পষ্ট+চ্বি+কৃত] বিণ. স্পষ্ট করা হয়েছে এমন।

স্পিকার /স্পিকার্/ [ই.] বি. সংসদ বা আইনসভার অধ্যক্ষ, speaker।

স্পিরিট /স্পিরিট্/ [ই. spirit] বি. ১ সুরাসার, বিশুদ্ধ মদ। ২ কল্পিত ভূত প্রেত প্রভৃতি। ৩ উদ্যম, প্রাণশক্তি।

স্পুতনিক /স্পুতনিক্/ [রু.] বি. ১৯৫৭ সালের ৪ঠা অক্টোবর তারিখে তদানীন্তন সোভিয়েট ইউনিয়ন কর্তৃক মহাশূন্যের কক্ষপথে মনুষ্যপ্রেরিত প্রথম কৃত্রিম উপগ্রহ।

স্পৃশ্য /স্পৃশ্‌শো/ [স. √স্পৃশ্+য] বিণ. স্পর্শ করা যায় এমন, স্পর্শনীয়।

স্পৃষ্ট /স্পৃশ্‌টো/ [স. √স্পৃশ্+ত] বিণ. স্পর্শ করা হয়েছে এমন (*বিদ্যুৎস্পৃষ্ট*)।

স্পৃষ্টি /স্পৃশ্‌টি/ [স. √স্পৃশ্+তি] বি. স্পর্শ।

স্পৃহণীয় /স্পৃহোনিয়ো/ [স. √স্পৃহি+অনীয়] বিণ. ১ স্পৃহার যোগ্য। ২ লোভনীয়। ৩ বাঞ্ছনীয়।

স্পৃহয়ালু /স্পৃহোয়ালু/ [স. √স্পৃহি+আলু] বিণ. স্পৃহাপূর্ণ; লোলুপ, লোভী।

স্পৃহা /স্পৃহা/ [স. √স্পৃহ্+অ+আ (টাপ্)] বি. ১ ইচ্ছা, অভিলাষ, আকাঙ্ক্ষা।২ লোভ। ৩ রুচি।

স্পোক /স্পোক্/ [ই.] বি. চাকার পাখি, অর, spoke।

স্পোর্টস /স্পোর্‌ট্‌স্/ [ই.] বি. প্রতিযোগিতামূলক খেলাধুলা, sports।

স্প্রিং /স্প্রিং/ [ই.] বি. একাধিক কুণ্ডলীযুক্ত ধাতুনির্মিত প্যাঁচযুক্ত স্থিতিস্থাপক বলয়বিশেষ, spring।

স্ফটিক /স্ফোটিক্/ [স. √স্ফট্+ইক] বি. স্বচ্ছ বর্ণহীন ও কেলাসিত প্রস্তরবিশেষ, crystal quartz।

স্ফটিকগিরি /স্ফোটিক্‌গিরি/ [স. স্ফটিক+গিরি] বি. কৈলাসপর্বত।

স্ফটিকারি /স্ফোটিকারি/ [আবেশ.] বি. জলের সঙ্গে রাসায়নিক প্রক্রিয়ায় উৎপন্ন অ্যালুমিনিয়াম ও পটাশিয়াম সালফেটের কষায়স্বাদ বর্ণহীন কেলাসিত যৌগিক পদার্থবিশেষ, ফিটকিরি, ফটকিরি, alum।

স্ফাটিক /স্ফাটিক্/ [স. স্ফটিক+অ] বি. স্বচ্ছ ও বর্ণহীন প্রস্তরবিশেষ, স্ফটিক। বিণ. স্ফাটিকনির্মিত।

স্ফার /স্ফার/ [স. √স্ফায়্+র] বি. ১ বিস্ফার, বিস্তৃতি। ২ বিকাশ, স্ফূর্তি।

স্ফারণ /স্ফারোন্/ [স. √স্ফর্+ণিচ্+অন] ১ স্ফূর্তি, বিকাশ। ২ বিস্তার, প্রসার।

www.pathagar.com

স্ফারিত /স্ফারিতো/ [স. √স্ফর্+ণিচ্+ত] বিণ. ১ বিস্তারিত, প্রসারিত। ২ বিকশিত।

স্ফিংস /স্ফিংক্স্/ [ই.] বি. ১ গ্রিক পুরাণমতে নারীর মস্তক ও সিংহীর দেহযুক্ত বিকটাকার রাক্ষসী। ২ মিসরের গাজায় অবস্থিত নারীর মুখ ও সিংহের দেহবিশিষ্ট মূর্তি, sphinx।

স্ফীত /স্ফিতো/ [স. √স্ফায়্+ত] বিণ. ১ ফুলে বা ফেঁপে উঠেছে এমন। ২ প্রবল হয়েছে এমন। ৩ বর্ধিত। ৪ সমৃদ্ধ; ঐশ্বর্যমন্ডিত।

স্ফীতি /স্ফিতি/ [স. √স্ফায়্+তি] বি. ১ বৃদ্ধি। ২ প্রবলতা। ৩ সমৃদ্ধি। ৪ ফেঁপে বা ফুলে ওঠার অবস্থা (*জলস্ফীতি*)।

স্ফীতোদর /স্ফিতোদর্/ [স. স্ফীত+উদর] বিণ. স্থূল উদরবিশিষ্ট, পেটমোটা, নাদাপেটা।

স্ফুট /স্ফুটো/ [স. √স্ফুট্+অ] বিণ. ১ বিকশিত। ২ ছিদ্রযুক্ত; বিদীর্ণ। ৩ ব্যক্ত; বিশদ, স্পষ্ট।

স্ফুটন /স্ফুটন্/ [স. √স্ফুট্+অন] বি. ১ স্ফুরণ; বিকাশন। ২ ব্যক্তকরণ। ৩ তাপ প্রয়োগের ফলে তরল পদার্থের বুদ্‌বুদযুক্ত হওয়ার অবস্থা, boiling।

স্ফুটনবিন্দু /স্ফুটন্‌বিন্দু/ [স. স্ফুটন+বিন্দু] বি. দ্র স্ফুটনাঙ্ক।

স্ফুটনাঙ্ক /স্ফুটনাংকো/ [স. স্ফুটন+অঙ্ক] বি. (তাপ প্রয়োগের ফলে) যে তাপমাত্রায় উন্নীত হলে নির্দিষ্ট পরিমাণের কোনো তরল পদার্থ বায়বীয় পদার্থে পরিণত হতে শুরু করে এবং সম্পূর্ণ পরিমাণ তরল পদার্থ বায়বীয় পদার্থে পরিণত না হওয়া পর্যন্ত তাপমাত্রা অপরিবর্তিত থাকে; (পরি.) boiling point।

স্ফুটনোন্মুখ /স্ফুটনোনমুখ্/ [স. স্ফুটন+উন্মুখ] বিণ. এখনই ফুটবে এমন, প্রস্ফুটিতপ্রায়।

স্ফুটবাক /স্ফুটোবাক্/ [স. স্ফুট+বাক] বিণ. কথা ফুটেছে এমন।

স্ফুটিত /স্ফুটিতো/ [স. √স্ফুট্+ত] বিণ. ১ প্রস্ফুটিত, বিকশিত। ২ স্পষ্টীকৃত। ৩ বিদীর্ণ।

স্ফুরণ /স্ফুরন্/ [স. √স্ফুর্+অন] বি. ১ প্রকাশ। ২ দীপ্তি। ৩ কম্পন। ৪ উদ্রেক।

স্ফুরা /স্ফুরা/ [স. স্ফুরণ>] ক্রিবি. (কাব্যে) ১ প্রকাশ পাওয়া। ২ কম্পিত হওয়া। ৩ উদ্রিক্ত হওয়া।

স্ফুরিত /স্ফুরিতো/ [স. √স্ফুর্+ত] বিণ. ১ ব্যক্ত, প্রকাশিত। ২ কম্পনযুক্ত। ৩ প্রদীপ্ত।

স্ফুলিঙ্গ /স্ফুলিংগো/ [স. স্ফুৎ+লিঙ্গ] বি. আগুনের ফুলকি, আগুনের কণা।

স্ফূর্ত /স্ফুরতো/ [স. স্ফুরিত>] বিণ. বিকশিত।

স্ফূর্তি /স্ফুরতি/ [স. √স্ফুর্+তি] বি. ১ আনন্দ, হর্ষ। ২ উৎসাহ। ৩ স্ফুরণ; কম্পন। ৪ বিকাশ।

স্ফূর্তিমান /স্ফুরতিমান্/ [স. স্ফূর্তি+মৎ] বিণ. ১ স্ফূর্তিপূর্ণ। ২ প্রফুল্ল। ৩ বিকাশমান। ৪ প্রতিভা-যুক্ত।

স্ফোট /স্ফোট্/ [স. √স্ফুট্+অ] বি. ১ ফোড়া। ২ অর্বুদ, আব। ৩ ফাটার শব্দ।

স্ফোটক /স্ফোটক্/ [স. √স্ফুট্+অক] বি. ১ ফোড়া। ২ অর্বুদ।

স্ফোটন /স্ফোটন্/ [স. √স্ফুট্+ণিচ্+অন] বি. ১ বিকাশ, প্রকাশন। ২ বিদারণ।

স্ফোটনী /স্ফোটোনি/ [স. স্ফুটন+ঈ] বি. ছিদ্র করার সরঞ্জাম (ভ্রমিযন্ত্র সুচ প্রভৃতি)।

স্ব/শ /স. √সু+ব] সর্ব. আত্ম, স্বয়ং, নিজ (*স্বকৃত*)। বি. ১ আত্মীয়, কুটুম্ব (*স্বজন*)। ২ সম্পদ (*সর্বস্ব*)। বিণ. নিজের, স্বকীয় (*স্বগৃহ*)।

স্বঃ /শহ্/ [স. √স্বৃ] বি. ১ স্বর্গ, দ্যুলোক। ২ নির-বচ্ছিন্ন সুখ।

স্বক /শক্/ [স. স্ব+ক] বিণ. স্বকীয়, স্বীয়, নিজ।

স্বকপোলকল্পিত /শকপোল্‌কোল্‌পিতো/ [স. স্ব+কপোল+কল্পিত] বিণ. স্বীয় কল্পনাপ্রসূত, মনগড়া।

স্বকর্ম /শকর্মো/ [স. স্ব+কর্ম] বি. নিজের কাজ।

স্বকীয় /শকিয়ো/ [স. স্ব+ঈয়] বিণ. স্বীয়, নিজের।

স্বকীয়তা /শকিয়োতা/ [স. স্বকীয়+তা] বি. ব্যক্তির নিজস্ব গুণ, নিজস্বতা (*স্বকীয়তাবোধ*)।

স্বকুল /শকুল্/ [স. স্ব+কুল] বি. নিজের বংশ।

স্বকৃত /শকৃতো/ [স. স্ব+কৃত] বিণ. নিজের দ্বারা সম্পন্ন বা কৃত।

স্বখাত /শখাতো/ [স. স্ব+খাত] বিণ. নিজের হাতে খনন করেছে এমন (*স্বখাতসলিল*)।

স্বখাতসলিল /শখাতোশোলিল্/ [স. স্বখাত+সলিল] বি. ১ নিজের দ্বারা খনন করা জলাশয়ের জল। ২ (আল.) স্বীয় কৃতকর্মের ফল।

স্বগত /শগতো/ [স. স্ব+গত] বিণ. ১ আত্মগত। ২ মনোগত। ৩ (নাটক অভিনয়ে) নিজের মনে মনে উক্ত।

স্বগতোক্তি /শগতোক্তি/ [স. স্বগত+উক্তি] বি. (নাটক অভিনয়ে) অন্যান্য চরিত্র শুনতে পায় না কিন্তু দর্শক শুনতে পায় এমন উক্তি, soliloquy।

স্বগৃহ /শগৃহো/ [স. স্ব+গৃহ] বি. নিজের বাড়ি।

স্বগ্রাম /শগ্রাম্/ [স. স্ব+গ্রাম] বি. পৈতৃক গ্রাম।

স্বচক্ষে /শচোক্‌খে/ [বা.] ক্রিবিণ. নিজের চোখে।

স্বচ্ছ /শচ্ছো/ [স. সু+অচ্ছ] বিণ. ১ আলোকভেদ্য। ২ প্রতিবিম্ব ধারণে সক্ষম (*স্বচ্ছ জল*)। ৩ অত্যন্ত

www.pathagar.com

নির্মল ও পরিষ্কার। ৪ অনাবিল।

স্বচ্ছতা /শচ্ছোতা/ [স. স্বচ্ছ+তা] বি. ১ প্রতিবিম্ব ধারণক্ষমতা। ২ শুভ্রতা। ৩ নির্মলতা। ৪ অনাবিলতা।

স্বচ্ছত্ব /শচ্ছত্তো/ [স. স্বচ্ছ+ত্ব] বি. দ্র স্বচ্ছতা।

স্বচ্ছন্দ /শচ্ছন্দো/ [স. স্ব+ছন্দ] বিণ. ১ অবাধ (*স্বচ্ছন্দ গতি*)। ২ স্বাধীন (*স্বচ্ছন্দ প্রয়াস*)। ৩ সুস্থ। ৪ অযত্নসম্ভূত। বি. ১ স্বীয় ইচ্ছা। ২ স্বেচ্ছাচার। বি. ~তা /-তা/।

স্বচ্ছন্দে /শচ্ছন্দে/ [স. স্বচ্ছন্দ+বা. এ] ক্রিবিণ. ১ নিজের ইচ্ছা অনুসারে। ২ অবাধে। ৩ সহজে।

স্বচ্ছমণি/শচ্ছোমোনি/ [স. স্বচ্ছ+মণি] বি. কাচ।

স্বচ্ছসলিলা /শচ্ছোশোলিলা/ [স. স্বচ্ছ+সলিলা] বিণ. নির্মল ও পরিষ্কার জলবিশিষ্ট।

স্বজন /শজন্/ [স. স্ব+জন] বি. আপনজন, আত্মীয়; বন্ধুবান্ধব।

স্বজনতোষণ /শজনতোশোন্/ [স. স্বজন+তোষণ] বি. অনৈতিকভাবে আপনজনের সন্তোষবিধান।

স্বজনতোষণনীতি /শজনতোশোন্নিতি/ [স. স্বজনতোষণ+নীতি] বি. আপনজনকে তুষ্ট করার নীতি।

স্বজনপোষণ /শজনপোশোন্/ [স. স্বজন+পোষণ] বি. আপনজনকে অনৈতিকভাবে সমর্থন।

স্বজনপ্রীতি /শজনপ্রিতি/ [স. স্বজন+প্রীতি] বি. নিকটজনের প্রতি পক্ষপাত।

স্বজনহারা /শজনহারা/ [স. স্বজন+বা. হারা] বিণ. আত্মীয়স্বজন বা বন্ধুবান্ধব নেই এমন।

স্বজনী /শজোনি/ [স. স্বজন+ঈ] বি. ১ আত্মীয়া। ২ অন্তরঙ্গ বান্ধবী, প্রিয়সখী, সজনি।

স্বজাত /শজাত/ [স. স্ব+জাত] বিণ. নিজ থেকে উৎপন্ন, স্বয়ম্ভু।

স্বজাতি /শজাতি/ [স. স্ব+জাতি] বি. নিজ জাতি বা গোষ্ঠীর লোক।

স্বজাতীয় /শজাতিয়ো/ [স. স্ব+জাতীয়] বিণ. ১ স্বীয় জাতি বা গোষ্ঠীভুক্ত। ২ স্বজাতিবিষয়ক।

স্বত /শতো/ [স. স্ব+তস্] অব্য. ক্রিবিণ. স্বয়ং; নিজে থেকে; নিজে।

স্বতঃপ্রণোদিত /শতোপ্রোনোদিতো/ [স. স্বতঃ+প্রণোদিত] বিণ. (অন্যের নির্দেশ ছাড়াই) স্বেচ্ছায় প্রবৃত্ত, স্বতঃস্ফূর্ত।

স্বতঃপ্রবৃত্ত /শতোপ্রোবৃত্তো/ [স. স্বতঃ+প্রবৃত্ত] বিণ. দ্র স্বতঃপ্রণোদিত।

স্বতঃপ্রমাণিত /শতোপ্রোমানিতো/ [স. স্বতঃ+প্রমাণিত] বিণ. দ্র স্বতঃসিদ্ধ।

স্বতঃসিদ্ধ /শতোশ্শিদ্ধো/ [স. স্বতঃ+সিদ্ধ] বিণ. সত্যতা প্রমাণের অপেক্ষা রাখে না এমন, স্বভাব-সিদ্ধ, axiomatic।

স্বতঃস্ফূর্ত /শতোস্ফুর্তো/ [স. স্বতঃ+√স্ফুর্+ত] বিণ. আপনা থেকে প্রকাশিত; স্বতঃপ্রণোদিত (*স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ*)।

স্বতন্ত্র /শতন্ত্রো/ [স. স্ব+তন্ত্র] বিণ. ১ স্বাধীন। ২ ভিন্ন, পৃথক। ৩ স্ববশ। বি. ~তা /-তা/।

স্বতোবিরোধ /শতোবিরোধ/ [স. স্বতঃ+বিরোধ] বি. অন্তর্নিহিত অসংগতি, এক অংশের সঙ্গে অন্য অংশের বৈপরীত্য, self contradiction।

স্বত্ব /শত্তো/ [স. স্ব+ত্ব] বি. বিষয়সম্পত্তি ব্যবসায় প্রভৃতিতে অধিকার বা মালিকানা (*গ্রন্থস্বত্ব*)।

স্বত্বভোগী /শত্তোভোগি/ [স. স্বত্ব+√ভোগ্+ইন্] বিণ. অধিকার বা স্বত্ব ভোগ করে এমন।

স্বত্বাধিকার /শত্তাধিকার্/ [স. স্বত্ব+অধিকার] বি. মালিকানার ন্যায়সংগত অধিকার; সম্পত্তি ভোগ-দখল দান ও বিক্রয়াদির অধিকার।

স্বত্বাধিকারী /শত্তাধিকারি/ [স. স্বত্ব+অধিকারী] বিণ. স্বত্বের অধিকারযুক্ত; মালিক। স্ত্রী. **স্বত্বাধিকারিণী** /শত্তাধিকারিনি/।

স্বদল /শদল্/ [স. স্ব+দল] বি. স্বপক্ষ।

স্বদলীয় /শদোলিয়ো/ [স. স্বদল+ঈয়] বিণ. নিজ দলের, স্বীয় দলভুক্ত।

স্বদেশ /শদেশ্/ [স. স্ব+দেশ] বি. নিজের দেশ, জন্মভূমি।

স্বদেশপ্রীতি /শদেশ্প্রিতি/ [স. স্বদেশ+প্রীতি] বি. জন্মভূমির প্রতি অনুরাগ বা ভালোবাসা।

স্বদেশি /শদেশি/ [স. স্বদেশীয় >] বিণ. ১ নিজ দেশের। ২ নিজ দেশজাত (*স্বদেশি পণ্য*)। ৩ নিজদেশে বসবাসকারী। ৪ নিজ দেশসম্পর্কিত।

স্বদেশি আন্দোলন /শদেশি আন্দোলন্/ বি. ভারতের স্বাধীনতা সংগ্রামের অঙ্গরূপে বিদেশি পণ্য বর্জন করে নিজ দেশে উৎপাদিত পণ্য ব্যবহারের আন্দোলন।

স্বদেশীয় /শদেশিয়ো/ [স. স্বদেশ+ঈয়] বিণ. ১ স্বদেশেজাত। ২ স্বদেশসম্পর্কিত।

স্বধর্ম /শধর্মো/ [স. স্ব+ধর্ম] বি. ১ স্বীয় বা নিজের ধর্ম। ২ স্বজাতির আচার ও প্রথাসমূহ। ৩ নিজের স্বাভাবিক বৃত্তি বা কর্তব্যকর্ম। ৪ স্বভাব।

স্বধা /শধা/ [স. √স্বদ্+অ+আ (টাপ্)] বি. প্রধানত পিতৃপুরুষের উদ্দেশে প্রদত্ত পিণ্ডদান।

স্বন /শন্/ [স. √স্বন্+অ] বি. স্বর, ধ্বনি, শব্দ।

স্বনন /শনোন্/ [স. স্বন+অন] বি. ১ ধ্বনি, রব,

www.pathagar.com

শব্দ। ২ শব্দকরণ।

স্বনাম /শনাম্/ [স. স্ব+নামন্] বি. নিজের নাম।

স্বনামখ্যাত /শনামখ্যাতো/ [স. স্বনাম+খ্যাত] বিণ. নিজ নামেই সর্বত্র খ্যাত।

স্বনামধন্য /শনামধোন্নো/ [স. স্বনাম+ধন্য] বিণ. দ্র স্বনামখ্যাত।

স্বনামে /শনামে/ [বা.] ক্রিবিণ. নিজ নামে; স্বত্বাধিকারী বা মালিক পরিচয়ে।

স্বনিত /শোনিতো/ [স. √স্বন্+ত] বিণ. শব্দিত, ধ্বনিত; গর্জিত।

স্বনির্ভর /শনির্ভর/ [স. স্ব+নির্ভর] বিণ. অন্যের ওপর নির্ভরশীল নয় এমন, আত্মনির্ভর। বি. স্বনির্ভরতা /শনির্ভরোতা/।

স্বপক্ষ /শপোক্খো/ [স. স্ব+পক্ষ] বি. ১ আত্মপক্ষ; নিজের দল বা মত। ২ মিত্রপক্ষ।

স্বপক্ষীয় /শপোক্খিয়ো/ [স. স্বপক্ষ+ঈয়] বিণ. ১ নিজ দলের অন্তর্ভুক্ত। ২ স্বপক্ষবিষয়ক।

স্বপদ /শপদ্/ [স. স্ব+পদ] বি. নিজ পদ বা দায়িত্ব (*স্বপদে বহাল*), post।

স্বপন /শপোন্/ [স. স্বপ্ন >] বি. 'স্বপ্ন'-র কোমল ও কাব্যিক রূপ

স্বপনচারিতা /শপোনোচারিতা/ [বা.] বি. ১ স্বপ্নলোকের কল্পনায় বিচরণ। ২ নিদ্রিত অবস্থায় বিচরণ, somnambulism।

স্বপনচারী /শপোনোচারি/ [বা.] বিণ. স্বপ্ন বা কল্পনায় বিচরণ করে এমন। স্ত্রী. স্বপনচারিণী /শপোনোচারিনি/।

স্বপ্ন /শপ্নো/ [স. √স্বপ্+ন] বি. ১ নিদ্রিত অবস্থায় মানুষের মনের অনুভূতি ভাবাবেগ চিত্রকল্প প্রভৃতি। ২ ভবিষ্যৎ সম্পর্কে কল্পনা। ৩ (আল.) কল্পনা; মিথ্যা আশা।

স্বপ্নঘোর /শপ্নোঘোর্/ [স. স্বপ্ন+ঘোর] বি. নিদ্রাভঙ্গের পরেও মনে স্বপ্নের যে আবেশ থাকে; স্বপ্নজনিত বিভ্রম।

স্বপ্নচারিতা /শপ্নোচারিতা/ [স. স্বপ্ন+চারিতা] বি. স্বপ্ন বা কল্পলোকে বিচরণ।

স্বপ্নচারী /শপ্নোচারি/ [স. স্বপ্ন+√চর্+ইন্] বিণ. স্বপ্ন বা কল্পলোকে বিচরণ করে এমন। স্ত্রী. স্বপ্নচারিণী /শপ্নোচারিনি/।

স্বপ্নজাল /শপ্নোজাল্/ [স. স্বপ্ন+জাল] বি. স্বপ্নরূপ জাল; স্বপ্নাবেশ।

স্বপ্নদোষ /শপ্নোদোশ্/ [স. স্বপ্ন+দোষ] বি. নিদ্রিতাবস্থায় রেতঃস্খলন।

স্বপ্নদ্রষ্টা /শপ্নোদ্রোশ্টা/ [স. স্বপ্ন+দ্রষ্টা] বিণ. ১ স্বপ্ন দেখে বা কল্পনা করে এমন। ২ চিন্তাকারী; পরিকল্পনাকারী।

স্বপ্নবৎ /শপ্নোবত্/ [স. স্বপ্ন+বৎ] বিণ. স্বপ্নের মতো অলীক ও সুন্দর।

স্বপ্নবৃত্তান্ত /শপ্নোবৃত্তান্তো/ [স. স্বপ্ন+বৃত্তান্ত] বি. স্বপ্নে দেখা ঘটনার বিবরণ।

স্বপ্নময় /শপ্নোময়্/ [স. স্বপ্ন+ময়ট্] বিণ. ১ স্বপ্নতুল্য। ২ স্বপ্নের আবেশে আচ্ছন্ন। ৩ কাল্পনিক।

স্বপ্নমুখর/শপ্নোমুখর্/ [স. স্বপ্ন+মুখর] বিণ. স্বপ্নজড়িত; কল্পনাপ্রবণ।

স্বপ্নরাজ্য /শপ্নোরাজ্জো/ [স. স্বপ্ন+রাজ্য] বি. কল্পনার জগৎ।

স্বপ্নলব্ধ /শপ্নোলব্ধো/ [স. স্বপ্ন+লব্ধ] বিণ. স্বপ্নে প্রাপ্ত।

স্বপ্নলোক /শপ্নোলোক্/ [স. স্বপ্ন+লোক] বি. দ্র স্বপ্নরাজ্য।

স্বপ্নাদিষ্ট /শপ্নাদিশ্টো/ [স. স্বপ্ন+আদিষ্ট] বিণ. স্বপ্নে কল্পিত দৈব আদেশপ্রাপ্ত।

স্বপ্নাদেশ /শপ্নাদেশ্/ [স. স্বপ্ন+আদেশ] বি. স্বপ্নে প্রাপ্ত কল্পিত দৈব আদেশ।

স্বপ্নাবিষ্ট /শপ্নাবিশ্টো/ [স. স্বপ্ন+আবিষ্ট] বিণ. স্বপ্নের ঘোরে আচ্ছন্ন বা মগ্ন।

স্বপ্নাবেশ /শপ্নাবেশ্/ [স. স্বপ্ন+আবেশ] বি. স্বপ্নের ঘোর বা আবেশ।

স্বপ্নিল /শোপ্নিল্/ [স. স্বপ্ন >] বিণ. স্বপ্নের মতো, স্বপ্নময়।

স্বপ্নে-পাওয়া /শপ্নেপাওআ/ [বা.] বিণ. স্বপ্নে প্রাপ্ত, স্বপ্নলব্ধ।

স্বপ্নোত্থিত /শপ্নোত্থিতো/ [স. স্বপ্ন+উত্থিত] বিণ. স্বপ্নময় নিদ্রা থেকে জাগরিত।

স্বপ্রকাশ /শপ্রোকাশ্/ [স. স্ব+প্রকাশ] বিণ. আপনা থেকে ব্যক্ত বা প্রকাশিত।

স্ববশ /শবশ্/ [স. স্ব+বশ] বিণ. নিজের দ্বারা চালিত বা নিয়ন্ত্রিত, স্বাধীন।

স্ববিরোধ /শবিরোধ্/ [স. স্ব+বিরোধ] বি. নিজ মতের বিরুদ্ধাচরণ।

স্ববিরোধিতা /শবিরোধিতা/ [স. স্ববিরোধ+ইন্+তা] বি. চিন্তার অসংলগ্নতাজনিত আত্মবিরোধিতা।

স্বব্যাখ্যাত /শব্যাক্খ্যাতো/ [স. স্ব+ব্যাখ্যাত] বিণ. স্বতন্ত্র ব্যাখ্যা অনাবশ্যক এমন, self explanatory।

স্বভাব /শভাব্/ [স. স্ব+ভাব] বি. ১ স্বরূপ, আত্মভাব, স্বপ্রকৃতি। ২ জন্মগত অথবা অভ্যাসদ্বারা লব্ধ গুণ বা বৈশিষ্ট্য (*স্বভাবকবি*)। ৩ চরিত্র; আচরণ (*সৎস্বভাব*)। ৪ প্রকৃতিগত ধর্ম বা গুণ। ৫ প্রকৃতি, নিসর্গ। ৬ স্বাভাবিক অবস্থা।

www.pathagar.com

স্বভাবকবি /শভাব্‌কোবি/ [স. স্বভাব+কবি] বি. ১ জন্ম থেকেই কবিত্বশক্তিপ্রাপ্ত ব্যক্তি। ২ (ব্য.) উচ্ছ্বাসপ্রবণ কবি।

স্বভাবকুলীন /শভাব্‌কুলিন্/ [স. স্বভাব+কুলীন] বিণ. (যার) কৌলীন্য লঙ্ঘিত হয়নি এমন।

স্বভাবকৃপণ /শভাব্‌কৃপন্/ [স. স্বভাব+কৃপণ] বিণ. প্রকৃতিগতভাবে কৃপণ এমন, ব্যয়কুণ্ঠ।

স্বভাবগত /শভাব্‌গতো/ [স. স্বভাব+গত] বিণ. ১ প্রকৃতিগত, সহজাত। ২ স্বাভাবিক, স্বভাবসুলভ।

স্বভাবগম্ভীর /শভাব্‌গোম্‌ভির্/ [স. স্বভাব+গম্ভীর] বিণ. চরিত্রগতভাবে গম্ভীর এমন।

স্বভাবচরিত্র /শভাব্‌চোরিত্‌ত্রো/ [স. স্বভাব+চরিত্র] বি. আচার-আচরণ, চালচলন।

স্বভাবজ /শভাবোজো/ [স. স্বভাব+√জন্+অ] বিণ. স্বভাব থেকে জাত, প্রকৃতিগত, স্বাভাবিক।

স্বভাবত /শভাবতো/ [স. স্বভাব+তস্] অব্য. ক্রিবিণ. সংগতকারণে; স্বাভাবিকভাবে।

স্বভাবপ্রকৃতি /শভাবপ্রোকৃতি/ [স. স্বভাব+প্রকৃতি] বি. দ্র স্বভাবচরিত্র।

স্বভাববিরুদ্ধ /শভাব্‌বিরুদ্‌ধো/ [স. স্বভাব+বিরুদ্ধ] বিণ. প্রকৃতিবিরুদ্ধ; অস্বাভাবিক।

স্বভাববিরোধী /শভাব্‌বিরোধি/ [স. স্বভাব+বিরোধী] বিণ. ১ নীতিবিরোধী। ২ অস্বাভাবিক।

স্বভাবশোভা /শভাব্‌শোভা/ [স. স্বভাব+শোভা] বি. প্রাকৃতিক সৌন্দর্য, নৈসর্গিক শোভা।

স্বভাবসংগত /শভাব্‌শংগতো/ [স. স্বভাব+সংগত] বিণ. স্বভাবের সঙ্গে সংগতিপূর্ণ, স্বভাবসুলভ।

স্বভাবসিদ্ধ /শভাব্‌শিদ্‌ধো/ [স. স্বভাব+সিদ্ধ] বিণ. দ্র স্বভাবসুলভ।

স্বভাবসুলভ /শভাব্‌শুলভ্/ [স. স্বভাব+সুলভ] বিণ. ১ স্বভাবের অনুকূল, স্বভাবজাত। ২ স্বাভাবিক।

স্বভাবী /শভাবি/ [স. স্বভাব+ঈ] বিণ. স্বভাবমতো।

স্বভাবোক্তি /শভাবোক্তি/ [স. স্বভাব+উক্তি] বি. বস্তুর রূপ গুণ প্রভৃতি যথাযথভাবে বর্ণনা করে এমন অর্থালংকারবিশেষ।

স্বভূমি /শভুমি/ [স. স্ব+ভূমি] বি. নিজের দেশ।

স্বমত /শমত্/ [স. স্ব+মত] বি. নিজের মত।

স্বমর্যাদা /শমোর্‌জাদা/ [স. স্ব+মর্যাদা] বি. আত্ম-মর্যাদা।

স্বয়ং /শয়োং/ [স. সু+√অয়্+অম্] অব্য. ১ নিজে, আপনি। ২ সাক্ষাৎ, স্বেচ্ছায় (*স্বয়ংবর*)।

স্বয়ংকৃত /শয়োংকৃতো/ [স. স্বয়ং+কৃত] বিণ. নিজে করেছে এমন।

স্বয়ংক্রিয় /শয়োংক্রিয়ো/ [স. স্বয়ম্+ক্রিয়া] বিণ. আপনা থেকেই সচল হয় এমন (*স্বয়ংক্রিয় যন্ত্র*), automatic।

স্বয়ংপ্রকাশ /শয়োংপ্রোকাশ্/ [স. স্বয়ং+প্রকাশ] বিণ. (অন্যের সাহায্য ব্যতীত) নিজে থেকেই প্রকাশিত, আপন শক্তিতে প্রকাশিত।

স্বয়ংপ্রধান /শয়োংপ্রোধান্/ [স. স্বয়ং+প্রধান] বিণ. নিজেই নিজেকে প্রধান বলে জাহির করে এমন।

স্বয়ংপ্রভ /শয়োংপ্রোভো/ [স. স্বয়ং+প্রভা] বিণ. স্বীয় জ্যোতিতে দীপ্তিমান। স্ত্রী. স্বয়ংপ্রভা /শয়োংপ্রোভা/।

স্বয়ংবর /শয়োংবর্/ [স. স্বয়ং+বর] বি. যে কনে আমন্ত্রিত পাণিপ্রার্থীদের মধ্য থেকে নিজেই পাত্র নির্বাচন করে (*স্বয়ংবর সভা*)।

স্বয়ংবরা /শয়োংবরা/ [স. স্বয়ংবর+আ (টাপ্)] বিণ. বি. আমন্ত্রিত পাণিপ্রার্থীদের মধ্য থেকে কন্যা নিজেই পাত্র নির্বাচন করে এমন, পতিংবরা।

স্বয়ংসম্পূর্ণ /শয়োংশম্‌পুর্‌নো/ [স. স্বয়ং+সম্পূর্ণ] বিণ. নিজেই নিজের প্রয়োজন মেটাতে সক্ষম, স্বনির্ভর।

স্বয়ংসিদ্ধ /শয়োংশিদ্‌ধো/ [স. স্বয়ং+সিদ্ধ] বিণ. নিজ চেষ্টা বা সাধনার দ্বারা সিদ্ধি লাভ করে এমন। স্ত্রী. স্বয়ংসিদ্ধা /শয়োংশিদ্‌ধা/।

স্বয়ম্ভর /শয়োম্‌ভর্/ [স. স্বয়ম্+√ভৃ+অ] বিণ. নিজেই নিজের প্রয়োজন মেটাতে পারে এমন, স্বয়ংসম্পূর্ণ, স্বনির্ভর। বি. স্বয়ম্ভরতা /শয়োম্‌-ভরোতা/।

স্বয়ম্ভু /শয়োম্‌ভু/ [স. স্বয়ম্+√ভূ+ক্বিপ্] বিণ. ১ স্বয়ং অস্তিত্বশীল; স্বয়ংসৃষ্ট। ২ স্বেচ্ছায় দেহধারী। বি. ১ দেবতা ব্রহ্মা। ২ বিষ্ণু। ৩ শিব।

স্বয়ম্ভুব /শয়োম্‌ভুবো/ [স. স্বয়ম্+√ভূ+অ] বি. ১ ব্রহ্মা। ২ প্রথম মনু।

স্বর /শর্/ [স. √স্বৃ+অ] বি. ১ গলার আওয়াজ। ২ সংগীতের সুর (*স্বরগ্রাম*)। ৩ শব্দ (*কলস্বর*)। ৪ (ব্যা.) অন্য বর্ণের সাহায্য ব্যতীত উচ্চারিত হয় এমন অ আ প্রভৃতি ১১টি স্বরবর্ণ। ৫ বেদমন্ত্রের উচ্চারণে ত্রিবিধ (উদাত্ত অনুদাত্ত ও স্বরিত) ধ্বনি।

স্বরগ্রাম /শরোগ্‌গ্রাম্/ [স. স্বর+গ্রাম] বি. সংগীতের সপ্তসুর, ষড়্‌জ ঋষভ গান্ধার মধ্যম পঞ্চম ধৈবত ও নিষাদ (সারেগামাপাধানি)।

স্বরচিত /শরোচিতো/ [স. স্ব+রচিত] বিণ. নিজের দ্বারা রচিত বা প্রণীত (*স্বরচিত কবিতা*)।

স্বরবর্ণ /শরোবর্‌নো/ [স. স্বর+বর্ণ] বি. (ব্যা.) অন্য বর্ণের সাহায্য ব্যতীত অবাধে উচ্চারিত হয় এমন বর্ণ (অ আ ই ঈ উ ঊ ঋ এ ঐ ও এবং ঔ)। তুল.

www.pathagar.com

স্পর্শবর্ণ (প্ ১৩৬৫)।

স্বরভক্তি /শরোভোক্‌তি/ [স. স্বর+ভক্তি] বি. (ব্যা.) উচ্চারণের সুবিধার্থে সংযুক্ত ব্যঞ্জনের মধ্যে স্বর-ধ্বনির আগম, বিপ্রকর্ষ (বর্ণ > বরন)।

স্বরভঙ্গ /শরোভংগো/ [স. স্বর+ভঙ্গ] বি. কণ্ঠ-স্বরের বিকৃতি, স্বরবিকার।

স্বরলহরি /শরোলহোরি/ [স. স্বর+লহরি] বি. সুরের ঢেউ।

স্বরলিপি /শরোলিপি/ [স. স্বর+লিপি] বি. (সংগীতে) সুর তাল লয় প্রভৃতির বিবরণসংবলিত সাংকেতিক লিপি।

স্বরসংগতি /শরোশংগোতি/ [স. স্বর+সংগতি] বি. পাশাপাশি অবস্থিত দুটি অসম স্বরধ্বনির কাছা-কাছি আগমন (বিলাতি > বিলিতি)।

স্বরসন্ধি /শরোশোন্‌ধি/ [স. স্বর+সন্ধি] বি. স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির বা স্বরান্ত পদের সঙ্গে স্বরাদি পদের সংযোগ (অক্ষ+উহিনী > অক্ষৌহিণী)।

স্বরাজ /শরাজ্/ [স. স্ব+রাজ] বি. ১ স্বাধীনতা। ২ স্বায়ত্তশাসন।

স্বরাজ্য /শরাজ্‌জো/ [স. স্ব+রাজ্য] বি. ১ স্বশাসিত রাজ্য। ২ নিজের রাজ্য।

স্বরাট /শরাট্/ [স. স্ব+√রাজ্+ক্বিপ্] বি. ঈশ্বর।

স্বরান্ত /শরান্‌তো/ [স. স্বর+অন্ত] বিণ. অন্তে স্বরবিশিষ্ট (*স্বরান্ত শব্দ*)।

স্বরাষ্ট্র /শরাশ্‌ট্রো/ [স. স্ব+রাষ্ট্র] বি. ১ নিজ রাজ্য। ২ রাজ্যের আভ্যন্তরিক শাসনব্যবস্থা।

স্বরিত /শোরিতো/ [স. স্বর+ইত] বি. (ব্যা.) উদাত্ত ও অনুদাত্ত স্বরের মধ্যবর্তী স্বর। বিণ. ধ্বনিত।

স্বরীশ্বর /শোরিশ্‌শর্/ [স. স্বর+ঈশ্বর] বি. স্বর্গের অধিপতি, ইন্দ্র।

স্বরুচি /শরুচি/ [স. স্ব+রুচি] বি. নিজের রুচি।

স্বরূপ /শরুপ্/ [স. স্ব+রূপ] বি. ১ প্রকৃত বা আসল রূপ; নিজের রূপ। ২ স্বাভাবিক অবস্থা। ৩ তুল্য বা সদৃশ রূপ। ৪ তুলনা।

স্বরূপত /শরুপতো/ [স. স্বরূপ+তস্] অব্য. ক্রিবিণ. প্রকৃতপক্ষে, বাস্তবিকপক্ষে; যথার্থত।

স্বরূপতা /শরুপতা/ [স. স্বরূপ+তা] বি. নিজ রূপের ভাব, অনন্যতা, নিজ বৈশিষ্ট্য।

স্বরূপত্ব /শরুপত্‌তো/ [স. স্বরূপ+ত্ব] বি. দ্র স্বরূপতা।

স্বরোচিষ /শরোচিশ্/ [স. স্ব+√রুচ্+ইস্] বি. পুরাণোক্ত মুনিবিশেষ।

স্বর্গ /শর্‌গো/ [স. সু+√ঋজ্+অ] বি. ১ বেহেশ্‌ত, অমরাবতী। ২ চিরসুখময় স্থান। ৩ দেবলোক। ৪ (বাংলায়) আকাশ।

স্বর্গকামী /শর্‌গোকামি/ [স. স্বর্গ+কামী] বিণ. স্বর্গ কামনা করে এমন।

স্বর্গগঙ্গা /শর্‌গোগংগা/ [স. স্বর্গ+গঙ্গা] বি. স্বর্গে প্রবাহিত গঙ্গানদীর শাখা, মন্দাকিনী।

স্বর্গগত /শর্‌গোগতো/ [স. স্বর্গ+গত] বিণ. প্রয়াত, পরলোকগত।

স্বর্গগতি /শর্‌গোগোতি/ [স. স্বর্গ+গতি] বি. স্বর্গে গমন; মৃত্যু।

স্বর্গত /শর্‌গতো/ [স. স্বর্+গত] বিণ. দ্র স্বর্গগত।

স্বর্গতরু /শর্‌গোতোরু/ [স. স্বর্গ+তরু] বি. ১ পারিজাত। ২ স্বর্গের যে কল্পিত বৃক্ষের কাছে চাওয়ামাত্র প্রার্থিত বস্তু পাওয়া যায়, কল্পতরু।

স্বর্গধেনু /শর্‌গোধেনু/ [স. স্বর্গ+ধেনু] বি. কামধেনু।

স্বর্গপ্রাপ্তি /শর্‌গোপ্রাপ্‌তি/ [স. স্বর্গ+প্রাপ্তি] বি. পরলোকগমন, মৃত্যু।

স্বর্গলাভ /শর্‌গোলাভ্/ [স. স্বর্গ+লাভ] বি. স্বর্গে গমন; মৃত্যু।

স্বর্গলোক /শর্‌গোলোক্/ [স. স্বর্গ+লোক] বি. দেবলোক, স্বর্গ।

স্বর্গসুখ /শর্‌গোশুখ্/ [স. স্বর্গ+সুখ] বি. অনন্ত সুখ।

স্বর্গসুখকর /শর্‌গোশুখোকর্/ [স. স্বর্গ+সুখকর] বিণ. স্বর্গের মতো সুখ বা আরাম দেয় এমন।

স্বর্গস্থ /শর্‌গোস্‌থো/ [স. স্বর্গ+√স্থা+অ] বিণ. ১ স্বর্গে অবস্থিত। ২ মৃত, স্বর্গীয়।

স্বর্গারোহণ /শর্‌গারোহোন্/ [স. স্বর্গ+আরোহণ] বি. স্বর্গে গমন; মৃত্যু।

স্বর্গীয় /শোর্‌গিয়ো/ [স. স্বর্গ+ঈয়] বিণ. ১ স্বর্গ-সম্বন্ধীয়। ২ স্বর্গসুখজনক (*স্বর্গীয় সৌন্দর্য*)। ৩ পবিত্র। ৪ (বাংলায়) স্বর্গগত; মৃত।

স্বর্গ্য /শোর্‌গো/ [স. স্বর্গ+য] বিণ. ১ স্বর্গসম্বন্ধীয়। ২ পবিত্র। ৩ স্বর্গলাভে সহায়ক।

স্বর্ণ /শর্‌নো/ [স. সু+বর্ণ] বি. সোনা, সুবর্ণ, হিরণ্য, কনক, কাঞ্চন, হেম।

স্বর্ণকমল /শর্‌নোকমোল্/ [স. স্বর্ণ+কমল] বি. রক্তপদ্ম।

স্বর্ণকার /শর্‌নোকার্/ [স. স্বর্ণ+কার] বি. ১ সোনার অলংকারনির্মাতা, স্যাকরা। ২ জাতিবিশেষ।

স্বর্ণগর্ভ /শর্‌নোগর্‌ভো/ [স. স্বর্ণ+গর্ভ] বিণ. ভেতরে সোনা আছে এমন, স্বর্ণপূর্ণ।

www.pathagar.com

স্বর্ণগর্ভা /শর্‌ণোগর্‌ভা/ [স. স্বর্ণ+বা. গর্ভা] বিণ. সুসন্তান প্রসবকারিণী।

স্বর্ণগিরি /শর্‌ণোগিরি/ [স. স্বর্ণ+গিরি] বি. হেমকূট, হেমাদ্রি (যে তুষারাবৃত পর্বত উদীয়মান সূর্যের কিরণে স্বর্ণময় রূপ ধারণ করে)।

স্বর্ণচাঁপা /শর্‌ণোচাঁপা/ [স. স্বর্ণ+বা. চাঁপা] বি. এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে গ্রীষ্মকালে ফোটে এমন মাঝারি আকৃতির গুচ্ছবদ্ধ হলুদ সুগন্ধ ফুল বা তার মসৃণ কাণ্ডযুক্ত ধূসর বাকলবিশিষ্ট চিরহরিৎ বৃক্ষ (আনি. মিয়ানমার শ্রীলঙ্কা ও দক্ষিণ ভারত), কনকচাঁপা।

স্বর্ণচূড় /শর্‌ণোচুড়/ [স. স্বর্ণ+চূড়া] বিণ. (যার) চূড়া স্বর্ণবর্ণ এমন।

স্বর্ণপক্ষ /শর্‌ণোপোক্‌খো/ [স. স্বর্ণ+পক্ষ] বিণ. সোনালি পাখাবিশিষ্ট। বি. গরুড়।

স্বর্ণপিঞ্জর /শর্‌ণোপিন্‌জর/ [স. স্বর্ণ+পিঞ্জর] বি. ১ সোনার খাঁচা। ২ (আল.) মানবদেহ।

স্বর্ণপুষ্প /শর্‌ণোপুশ্‌পো/ [স. স্বর্ণ+পুষ্প] বি. ১ কনকচাঁপা ফুল বা তার গাছ। ২ সোনালু ফুল বা তার গাছ। ৩ বাবলা গাছ।

স্বর্ণপ্রতিমা /শর্‌ণোপ্রোতিমা/ [স. স্বর্ণ+প্রতিমা] বি. সোনার তৈরি প্রতিমা। বিণ. স্বর্ণমূর্তির মতো সুন্দর।

স্বর্ণপ্রসূ /শর্‌ণোপ্রোশূ/ [স. স্বর্ণ+প্রসূ] বিণ. ১ রত্নগর্ভা। ২ (আল.) অত্যন্ত উর্বর।

স্বর্ণপ্রসূন /শর্‌ণোপ্রোশুন/ [স. স্বর্ণ+প্রসূন] বি. স্বর্ণপুষ্প।

স্বর্ণবণিক /শর্‌ণোবোনিক/ [স. স্বর্ণ+বণিক] বি. ১ সোনার ব্যবসায়ী। ২ জাতিবিশেষ।

স্বর্ণবর্ণ /শর্‌ণোবর্‌নো/ [স. স্বর্ণ+বর্ণ] বিণ. সোনালি, পীতবর্ণের।

স্বর্ণবিন্দু /শর্‌ণোবিন্‌দু/ [স. স্বর্ণ+বিন্দু] বি. ১ স্বর্ণরেণু। ২ নারায়ণ, বিষ্ণু।

স্বর্ণভূমি /শর্‌ণোভুমি/ [স. স্বর্ণ+ভূমি] বিণ. অতি উর্বরা। বি. অতি উর্বরা ভূমি।

স্বর্ণভূষণ /শর্‌ণোভুশন/ [স. স্বর্ণ+ভূষণ] বি. সোনার অলংকার।

স্বর্ণমৃগ /শর্‌ণোমৃগো/ [স. স্বর্ণ+মৃগ] বি. ১ সোনার হরিণ। ২ (রামায়ণোক্ত) সীতাকে প্রলুব্ধ করার উদ্দেশ্যে দণ্ডকারণ্যে আগত মায়ারূপধারী রাক্ষস মারীচ। ৩ মিথ্যা প্রলোভন।

স্বর্ণরম্ভা /শর্‌ণোরম্‌ভা/ [স. স্বর্ণ+রম্ভা] বি. স্বর্ণবর্ণ-কদলী; চাঁপা কলা।

স্বর্ণরেণু /শর্‌ণোরেনু/ [স. স্বর্ণ+রেণু] বি. স্বর্ণচূর্ণ।

স্বর্ণলতা /শর্‌ণোলতা/ [স. স্বর্ণ+লতা] বি. নাতি-শীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি রঙের পরজীবী লতানে উদ্ভিদ, আলোকলতা, কনকলতা, জ্যোতিষ্মতী।

স্বর্ণসিন্দূর /শর্‌ণোশিনদুর/ [স. স্বর্ণ+সিন্দুর] বি. পারদ ও গন্ধক মিশ্রিত আয়ুর্বেদীয় ওষুধবিশেষ।

স্বর্ণসুযোগ /শর্‌ণোশুজোগ/ [স. স্বর্ণ+সুযোগ] বি. সুবর্ণ সুযোগ, অতি উৎকৃষ্ট সুযোগ।

স্বর্ণসূত্র /শর্‌ণোশুত্রো/ [স. স্বর্ণ+সূত্র] বি. সোনার হার।

স্বর্ণাক্ষর /শর্‌ণাক্‌খর/ [স. স্বর্ণ+অক্ষর] বি. সোনার অক্ষর। বিণ. (আল.) গৌরবময়।

স্বর্ণাঙ্গুরি /শর্‌ণাংগুরি/ [স. স্বর্ণ+অঙ্গুরি] বি. সোনার আংটি।

স্বর্ণালংকার /শর্‌নালংকার/ [স. স্বর্ণ+অলংকার] বি. সোনার অলংকার।

স্বর্ণালি /শর্‌নালি/ [স. স্বর্ণ+আলি] বিণ. সোনালি।

স্বর্বধূ /শর্‌বোধু/ [স. স্বঃ+বধূ] বি. অপ্সরা।

স্বর্বৈদ্য /শর্‌বোইদ্‌দো/ [স. স্বঃ+বৈদ্য] বি. স্বর্গের চিকিৎসক, দেবচিকিৎসক অশ্বিনীকুমারদ্বয়।

স্বর্লোক /শর্‌লোক্/ [স. স্বঃ+লোক] বি. স্বর্গলোক।

স্বলংকৃত /শলংকৃতো/ [স. স্বঃ+অলংকৃত] বিণ. সুন্দরভাবে সজ্জিত।

স্বল্প /শল্‌পো/ [স. সু+অল্প] বিণ. অতি অল্প (*স্বল্প আয়*); ছোটো; নাতিদীর্ঘ (*স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র*)। বি. ~তা /-তা/।

স্বল্পকায় /শল্‌পোকায়/ [স. স্বল্প+কায়] বিণ. আকারে ছোটোখাটো।

স্বল্পজীবী /শল্‌পোজিবি/ [স. স্বল্প+জীবিন্] বিণ. ক্ষণজীবী।

স্বল্পতোয় /শল্‌পোতোয়/ [স. স্বল্প+√তু+য] বিণ. অল্প জল আছে এমন, অগভীর।

স্বল্পদৃক /শল্‌পোদৃক্/ [স. স্বল্প+√দৃশ্+ক্বিপ্] বিণ. অল্পদর্শী; অদূরদর্শী।

স্বল্পদৈর্ঘ্য /শল্‌পোদোইরঘো/ [স. স্বল্প+দৈর্ঘ্য] বিণ. নাতিদীর্ঘ, পূর্ণদৈর্ঘ্য নয় (*স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র*)।

স্বল্পব্যয় /শল্‌পোব্যয়/ [স. স্বল্প+ব্যয়] বিণ. ব্যয়বহুল নয় এমন।

স্বল্পব্রীড় /শল্‌পোব্রিড়ো/ [স. স্বল্প+ব্রীড়া] বিণ. নির্লজ্জ।

স্বল্পভাষী /শল্‌পোভাশি/ [স. স্বল্প+√ভাষ্+ইন্] বিণ. কম কথা বলে এমন, মিতবাক। স্ত্রী. স্বল্পভাষিণী

www.pathagar.com

/শল্‌পোভাশিনি/।

স্বল্পমেয়াদি /শল্‌পোমেআদি/ [স. স্বল্প+আ. মিয়াদ >] বিণ. দীর্ঘমেয়াদি নয় এমন (*স্বল্পমেয়াদি ঋণ*)।

স্বল্পসাধ্য /শল্‌পোশাদ্‌ধো/ [স. স্বল্প+সাধ্য] বিণ. কঠিন নয় এমন, সহজসাধ্য।

স্বল্পায়ু /শল্‌পায়ু/ [স. স্বল্প+আয়ু] বিণ. দীর্ঘজীবী নয় এমন, ক্ষণজীবী।

স্বল্পাহার /শল্‌পাহার/ [স. স্বল্প+আহার] বি. সামান্য আহার, মিতাহার।

স্বল্পাহারী /শল্‌পাহারি/ [স. স্বল্পাহার+ইন্] বিণ. অল্প আহার করে এমন, মিতাহারী।

স্বশাসন /শশাশোন্/ [স. স্ব+শাসন] বি. যে রাষ্ট্র একনায়কের শাসনাধীন নয়, স্বায়ত্তশাসন।

স্বশাসিত/শশাশিতো/ [স. স্ব+শাসিত] বিণ. স্বায়ত্ত-শাসিত।

স্বসা /শশা/ [স. সু+√অস্+ঋ] বি. ভগিনী, বোন (*পিতৃস্বসা*)।

স্বস্তি /শোস্‌তি/ [স. সু+√অস্+তি] বি. ১ উদ্‌বেগ-হীনতা। ২ সন্তোষ। ৩ শুভ, মঙ্গল। ৪ আশীর্বাদ (*স্বস্তিবচন*)। ৫ আশীর্বচনযুক্ত মন্ত্র (*স্বস্তিপাঠ*)।

স্বস্তিক /শোস্‌তিক্/ [স. স্বস্তি+ক (স্বার্থে)] বি. ১ মাঙ্গলিক বজ্র চিহ্নবিশেষ। ২ আল্পনা আঁকার পিটুলি। ৩ যোগাসনবিশেষ। ৪ সামনে বারান্দাযুক্ত প্রাসাদ। ৫ চৌরাস্তা। ৬ চতুষ্পথযুক্ত নগর।

স্বস্তিকা /শোস্‌তিকা/ [স. স্বস্তিক+আ (টাপ্)] বি. ১ মঙ্গলের প্রতীকবিশেষ। ২ অ্যাডলফ হিটলার প্রতিষ্ঠিত নাৎসি দলের প্রতীকচিহ্ন।

স্বস্তিকাসন /শোস্‌তিকাশোন্/ [স. স্বস্তিক+আসন] বি. যোগসাধনার আসনবিশেষ।

স্বস্তিবচন /শোস্‌তিবচোন্/ [স. স্বস্তি+বচন] বি. সূচনায় 'স্বস্তি' শব্দ উচ্চারণ, আশীর্বচন।

স্বস্তিমুখ /শোস্‌তিমুখ্/ [স. স্বস্তি+মুখ] বি. স্বস্তি-বচনের পাঠক; ব্রাহ্মণ।

স্বস্ত্যয়ন /শোস্‌তয়োন্/ [স. সস্তি+অয়ন] বি. আপদ দূরীকরণ অভীষ্টলাভ প্রভৃতির কামনায় পূজা।

স্বস্থ /শস্‌থো/ [স. স্ব+√স্থা+অ] বিণ. ১ সুস্থ। ২ নিরুদ্‌বেগ, নিশ্চিন্ত।

স্বস্থান /শস্‌থান্/ [স. স্ব+স্থান] বি. ১ নিজের নির্ধারিত স্থান। ২ নিজ বাসস্থান।

স্ব স্ব/শ শ/বিণ. নিজ নিজ (*স্ব-স্ব কাজ*)।

স্বস্রীয় /শোস্‌স্রিয়ো/ [স. স্বস্+ঈয়] বি. বোনপো, ভাগিনেয়। বিণ. ভগিনীসম্বন্ধীয়।

স্বস্রীয়া /শোস্‌স্রিআ/ [স. স্বস্রীয়+আ (টাপ্)] বি. ভাগিনেয়ী, বোনঝি।

স্বহস্ত /শহস্‌তো/ [স. স্ব+হস্ত] বি. নিজ হাত।

স্বহস্তলিখিত /শহস্‌তোলিখিতো/ [স. স্বহস্ত+লিখিত] বিণ. নিজ হস্তাক্ষরে লেখা হয়েছে এমন।

স্বহস্তে /শহস্‌তে/ [স. স্বহস্ত+বা. এ] ক্রিবিণ. নিজের হাতে; অন্যের সাহায্য না নিয়ে।

স্বহিত /শহিতো/ [স. স্ব+হিত] বি. নিজের মঙ্গল।

স্বাক্ষর /শাক্‌খর/ [স. স্ব+অক্ষর] বি. সই, দস্তখত।

স্বাক্ষরকারী /শাক্‌খরকারি/ [স. স্বাক্ষর+কারী] বি. বিণ. স্বাক্ষরদাতা। স্ত্রী. স্বাক্ষরকারিণী /শাক্‌খর-কারিনি/।

স্বাক্ষরিত /শাক্‌খোরিতো/ [স. স্বাক্ষর+ইত] বিণ. স্বাক্ষর করা হয়েছে এমন।

স্বাগত /শাগতো/ [স. সু+আগত] বি. 'আগমন শুভ হোক' এরূপ সম্ভাষণ, welcome।

স্বাগতভাষণ /শাগতোভাশন/ [স. স্বাগত+ভাষণ] বি. সমাগত অতিথিবৃন্দকে অভ্যর্থনা জানিয়ে প্রদত্ত ভাষণ, welcome address।

স্বাগতিক /শাগোতিক্/ [স. স্বাগত+ইক] বিণ. ১ আমন্ত্রক, অভ্যর্থনাকারী (*স্বাগতিক দেশ*)। ২ কুশল প্রশ্নকর্তা। বি. আন্তঃরাষ্ট্রীয় বৈঠক খেলাধুলা চলচ্চিত্র উৎসব প্রভৃতি আয়োজনে যে দেশ অন্য দেশ থেকে আগত অংশগ্রহণকারীকে অভ্যর্থনা করে, host country।

স্বাচ্ছন্দ্য /শাচ্‌ছোন্‌দো/ [স. স্বচ্ছন্দ+য] বি. ১ স্বচ্ছন্দতা। ২ বাধাহীনতা। ৩ সুস্থতা।

স্বাজাতিক /শাজাতিক্/ [স. স্বজাত+ইক] বিণ. ১ স্বজাতি বা স্বদেশবাসীসম্বন্ধীয় (*স্বাজাতিক ঐক্য*)। ২ নিজ দেশবাসীর কল্যাণকামী।

স্বাজাতিকতা /শাজাতিকতা/ [স. স্বাজাতিক+তা] বি. স্বজাতির হিতৈষণা, nationalism।

স্বাজাত্য /শাজাত্যো/ [স. স্বজাত+য] বি. স্বজাতির ভাব (*স্বাজাত্যের অভিমান*)।

স্বাতন্ত্র্য /শাতোন্‌ত্রো/ [স. স্বতন্ত্র+য] বি. ১ অন্যের সঙ্গে প্রভেদ। ২ স্বাধীনতা।

স্বাতি /শাতি/ [স. স্ব+√অত্+ই] বি. ১ কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের পঞ্চদশ নক্ষত্র। ২ পুরাণে সূর্যপত্নীরূপে কল্পিত নক্ষত্রবিশেষ।

স্বাত্মা /শাত্‌মা/ [স. স্ব+আত্মা] বি. স্বীয় আত্মা।

স্বাদ /শাদ/ [স. √স্বদ্+অ] বি. ১ জিভে খাদ্যের স্পর্শজনিত অনুভূতি। ২ রসনায় স্পর্শ করে বস্তুর গুণাগুণ বিচার (*স্বাদগ্রহণ*)। ৩ রসগ্রহণ।

স্বাদন /শাদোন্/ [স. √স্বাদি+অন] বি. আস্বাদন।

www.pathagar.com

স্বাদিত /শাদিতো/ [স. স্বাদি+ত] বিণ. স্বাদগ্রহণ বা চেখে দেখা হয়েছে এমন।

স্বাদিষ্ঠ /শাদিশ্‌ঠো/ [স. স্বাদু+ইষ্ঠ] বিণ. অতিশয় স্বাদু, সর্বাপেক্ষা স্বাদু বা আস্বাদনযোগ্য।

স্বাদু /শাদু/ [স. √স্বদ্‌+উ] বিণ. উত্তম স্বাদযুক্ত।

স্বাদেশিক /শাদেশিক্‌/ [স. স্বদেশ+ইক] বিণ. ১ নিজ দেশসম্পর্কিত। ২ স্বদেশীয়; স্বদেশজাত। ৩ স্বদেশবাসী। ৪ স্বদেশহিতৈষী।

স্বাদেশিকতা /শাদেশিকতা/ [স. স্বাদেশিক+তা] বি. ১ স্বদেশপ্রীতি। ২ স্বদেশহিতৈষণা।

স্বাধিকার /শাধিকার্‌/ [স. স্ব+অধিকার] বি. ১ নিজ অধিকার। ২ নিজের সম্পত্তি। ৩ নিজ কর্তব্য।

স্বাধিকারচেতনা /শাধিকারচেতোনা/ [স. স্বাধিকার+চেতনা] বি. নিজ অধিকার ও কর্তব্যবিষয়ে সচেতনতা।

স্বাধিকারপ্রমত্ত /শাধিকারপ্রোমত্তো/ [স. স্বাধিকার+প্রমত্ত] বিণ. ১ কর্তব্য থেকে বিচ্যুত। ২ নিজের অধিকার বা ক্ষমতায় গর্বিত।

স্বাধিষ্ঠান /শাধিশ্‌ঠান্‌/ [স. স্ব+অধিষ্ঠান] বি. ১ নিজ বাসস্থান বা কর্মস্থল। ২ সুষুম্না নাড়ির মধ্যস্থ কল্পিত ষড়্‌দল পদ্ম বা চক্র।

স্বাধীন /শাধিন্‌/ [স. স্ব+অধীন] বিণ. ১ বাধাহীন, স্বচ্ছন্দ। ২ নিজের বশে আছে এমন। ৩ সার্বভৌম।

স্বাধীনতা /শাধিনতা/ [স. স্বাধীন+তা] বি. বাধাহীনতা, স্বচ্ছন্দতা।

স্বাধীনতাহীনতা /শাধিনতাহিনতা/ [স. স্বাধীনতা+হীনতা] বি. পরাধীনতা (*স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে কে বাঁচিতে চায়?* রঙ্গলাল.)।

স্বাধ্যায় /শাদ্‌ধ্যায়্‌/ [স. সু+আ+অধি+√ই+অ] বি. ১ বেদাধ্যয়ন। ২ শাস্ত্রপাঠ। ৩ অধ্যয়ন।

স্বাধ্যায়বান /শাদ্‌ধ্যায়োবান্‌/ [স. স্বাধ্যায়+বৎ] বিণ. ১ বেদাধ্যায়ী। ২ শাস্ত্র অধ্যয়নকারী। ৩ শোভন আবৃত্তি-সহ অধ্যয়নকারী।

স্বাধ্যায়ী /শাদ্‌ধ্যায়ি/ [স. স্বাধ্যায়+ইন্‌] বিণ. দ্র স্বাধ্যায়বান।

স্বানুভাব /শানুভাব্‌/ [স. স্ব+অনুভব] বি. আত্ম বা স্বীয় অনুভব।

স্বানুষ্ঠিত /শানুশ্‌ঠিতো/ [স. স্ব+অনুষ্ঠিত] বিণ. নিজের দ্বারা সম্পাদিত।

স্বাপ্নিক /শাপ্‌নিক/ [স. স্বপ্ন+ইক] বিণ. স্বপ্ন-বিষয়ক।

স্বাবলম্ব /শাবোলম্‌বো/ [স. স্ব+অবলম্ব] বি. দ্র স্বাবলম্বন।

স্বাবলম্বন /শাবোলম্‌বোন্‌/ [স. স্ব+অবলম্বন] বি. নিজের ওপর নির্ভরশীলতা, স্বনির্ভরতা।

স্বাবলম্বিতা /শাবোলোম্‌বিতা/ [স. স্বাবলম্ব+ঢ্বি+তা] বি. দ্র স্বাবলম্বন।

স্বাবলম্বী /শাবোলোম্‌বি/ [স. স্বাবলম্ব+ইন্‌] বিণ. পরনির্ভর নয় এমন, স্বনির্ভর। স্ত্রী. স্বাবলম্বিনী /শাবোলোম্‌বিনি/।

স্বাভাবিক /শাভাবিক্‌/ [স. স্বভাব+ইক] বিণ. ১ স্বভাবজাত। ২ নৈসর্গিক। ৩ অবিকৃত।

স্বাভাবিকতা /শাভাবিকতা/ [স. স্বাভাবিক+তা] বি. ১ স্বভাবসিদ্ধতা; স্বভাবসুলভতা। ২ বিকৃতিশূন্যতা।

স্বাভিলাষ /শাভিলাশ্‌/ [স. স্ব+অভিলাষ] বি. নিজ ইচ্ছা।

স্বামিত্ব /শামিত্তো/ [স. স্বামিন্‌+ত্ব] বি. মালিকানা, অধিকার।

স্বামিনী /শামিনি/ [স. স্বামিন্‌+ঈ] বি. ১ স্বত্ববতী। ২ ঈশ্বরী। ৩ প্রভুপত্নী। ৪ রাজ্ঞী।

স্বামী /শামি/ [স. স্ব+আমিন্‌] বি. ১ পতি। ২ প্রভু, মনিব; অধিপতি (*ভূস্বামী*)। ৩ পণ্ডিত; সন্ন্যাসীর উপাধিবিশেষ (*স্বামী বিবেকানন্দ*)।

স্বামীজি /শামিজি/ [স. স্বামী+জী] বি. সন্ন্যাসীকে সম্ভ্রমসূচক সম্বোধনে ব্যবহৃত আখ্যা।

স্বায়ত্ত /শায়ত্তো/ [স. স্ব+আয়ত্ত] বিণ. স্ববশ, স্বনিয়ন্ত্রিত (*স্বায়ত্তশাসন*)।

স্বায়ত্তশাসন /শায়ত্তোশাশোন্‌/ [স. স্বায়ত্ত+শাসন] বি. স্বশাসিত রাষ্ট্র (একনায়ক-শাসিত নয়)।

স্বায়ত্তীকরণ /শায়ত্তিকরোন্‌/ [স. স্বায়ত্ত+ঢ্বি+করণ] বি. নিজ অধিকারে আনয়ন।

স্বায়ম্ভুব /শায়োমভুবো/ [স. স্বয়ম্ভু+অ] বিণ. স্বয়ম্ভুবিষয়ক। বি. স্বয়ম্ভুপুত্র, আদি মনু।

স্বারোচিষ /শারোচিশ্‌/ [স. স্বরোচিষ্‌+অ] বি. স্বরোচিষ মুনির পুত্র দ্বিতীয় মনু; অন্যমতে অগ্নির পুত্র ও মনুবিশেষ।

স্বার্থ /শার্‌থো/ [স. স্ব+অর্থ] বি. ১ নিজ প্রয়োজনের বিবেচনা। ২ নিজের মঙ্গল বা হিত।

স্বার্থচিন্তা /শার্‌থোচিন্‌তা/ [স. স্বার্থ+চিন্তা] বি. নিজ মঙ্গলসাধনের চিন্তা।

স্বার্থত্যাগ /শার্‌থোত্ত্যাগ্‌/ [স. স্বার্থ+ত্যাগ] বি. নিজের লাভ বা মঙ্গল বিসর্জন।

স্বার্থত্যাগী /শার্‌থোত্ত্যাগি/ [স. স্বার্থ+ত্যাগ+ইন্‌] বিণ. নিজের হিত বিসর্জন দেয় এমন।

স্বার্থপর /শার্‌থোপর্‌/ [স. স্বার্থ+√পৃ+অ] বিণ.

www.pathagar.com

অন্যের সুবিধা-অসুবিধা না দেখে সর্বদা নিজের স্বার্থসিদ্ধিতে তৎপর এমন।

স্বার্থপরতা /শারথোপরোতা/ [স. স্বার্থপর+তা] বি. অন্যের সুবিধা-অসুবিধা না ভেবে কেবল নিজ স্বার্থ উদ্ধারের তৎপরতা।

স্বার্থপরায়ণ /শারথোপরায়োন্/ [স. স্বার্থ+পরায়ণ] বিণ. দ্র স্বার্থপর।

স্বার্থপরায়ণতা/শারথোপরায়োনতা/ [স. স্বার্থপরায়ণ+তা] বি. দ্র স্বার্থপরতা।

স্বার্থসাধন /শারথোশাধোন্/ [স. স্বার্থ+সাধন] বি. দ্র স্বার্থসিদ্ধি।

স্বার্থসিদ্ধি /শারথোশিদ্ধি/ [স. স্বার্থ+সিদ্ধি] বি. অন্যের ভালোমন্দ বিবেচনা না করে নিজের মঙ্গল বা হিতসাধন।

স্বার্থান্ধ /শারথান্ধো/ [স. স্বার্থ+অন্ধ] বিণ. নিজের স্বার্থ উদ্ধারের জন্য অন্যের সুবিধা-অসুবিধা অগ্রাহ্য করে এমন।

স্বার্থান্বেষণ /শারথান্নেশন্/ [স. স্বার্থ+অন্বেষণ] বি. স্বার্থসাধনের উপায় সন্ধান।

স্বার্থান্বেষী /শারথান্নেশি/ [স. স্বার্থ+অন্বেষী] বিণ. নিজের মঙ্গল বা লাভ খোঁজে এমন।

স্বার্থোদ্ধত /শারথোদ্ধতো/ [স. স্বার্থ+উদ্ধত] বিণ. স্বার্থসিদ্ধির জন্য উগ্র মনোভাবসম্পন্ন।

স্বার্থোন্মত্ত /শারথোন্মত্তো/ [স. স্বার্থ+উন্মত্ত] বিণ. স্বার্থরক্ষার জন্য হিতাহিত জ্ঞানশূন্য। বি. ~তা /-তা/।

স্বাস্থ্য /শাস্থো/ [স. স্বস্থ+য] বি. ১ সুস্থতা। ২ স্বস্তি। ৩ (বাংলায়) শারীরিক অবস্থা।

স্বাস্থ্যকর /শাস্থোকর্/ [স. স্বাস্থ্য+কর] বিণ. ১ শরীরকে সুস্থ রাখে এমন। ২ শরীরের পুষ্টিবর্ধক।

স্বাস্থ্যনাশ /শাস্থোনাশ্/ [স. স্বাস্থ্য+নাশ] বি. স্বাস্থ্যহানি।

স্বাস্থ্যনাশক /শাস্থোনাশক্/ [স. স্বাস্থ্য+নাশক] বিণ. স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন।

স্বাস্থ্যপ্রদ /শাস্থোপ্রোদো/ [স. স্বাস্থ্য+প্র+√দা+অ] বিণ. দ্র স্বাস্থ্যকর।

স্বাস্থ্যবিমা /শাস্থোবিমা/ [স. স্বাস্থ্য+ফা. বিমা] বি. বিমা প্রতিষ্ঠানকে অগ্রিম চাঁদা পরিশোধের শর্তে হঠাৎ অসুস্থ হয়ে পড়া কোনো ব্যক্তির চিকিৎসাব্যয় বহনের মেয়াদি চুক্তি, health insurance।

স্বাস্থ্যভঙ্গ /শাস্থোভংগো/ [স. স্বাস্থ্য+ভঙ্গ] বি. দ্র স্বাস্থ্যনাশ।

স্বাস্থ্যরক্ষা /শাস্থোরোক্খা/ [স. স্বাস্থ্য+রক্ষা] বি. শারীরিক সুস্থতা নিশ্চিতকরণ।

স্বাস্থ্যহানি /শাস্থোহানি/ [স. স্বাস্থ্য+হানি] বি. দ্র স্বাস্থ্যনাশ।

স্বাস্থ্যহীন /শাস্থোহিন্/ [স. স্বাস্থ্য+হীন] বিণ. রুগ্ণ, ভগ্নস্বাস্থ্য। বি. স্বাস্থ্যহীনতা /শাস্থোহিনতা/।

স্বাস্থ্যোদ্ধার /শাস্থোদ্ধার্/ [স. স্বাস্থ্য+উদ্ধার] বি. হারানো স্বাস্থ্য পুনরুদ্ধার।

স্বাহা /শাহা/ [স. সু+আ+√হ্বে+অ+আ (টাপ্)] অব্য. দেবতার উদ্দেশে অগ্নিতে প্রদত্ত ঘৃতাহুতি। বি. ১ অগ্নিদেবের পত্নী। ২ ঘৃতাহুতির মন্ত্র।

স্বিন্ন /শিন্নো/ [স. √স্বিদ্+ত] বিণ. ১ স্বেদযুক্ত, ঘর্মাক্ত। ২ সিক্ত, আর্দ্র। ৩ রন্ধিত।

স্বীকরণ /শিকরোন্/ [স. স্ব+দ্বি+√কৃ+অন] বি. ১ আত্মীকরণ। ২ পত্নীরূপে গ্রহণ।

স্বীকর্তব্য /শিকর্তোব্বো/ [স. স্ব+দ্বি+√কৃ+তব্য] বিণ. গ্রহণীয়; অঙ্গীকরণীয়।

স্বীকর্তা /শিকর্তা/ [স. স্ব+দ্বি+√কৃ+তৃ] বিণ. অঙ্গীকর্তা।

স্বীকার /শিকার্/ [স. স্ব+দ্বি+√কৃ+অ] বি. ১ সম্মতি-দান, গ্রহণ। ২ দায় গ্রহণ (*দোষ স্বীকার*)। ৩ সহন (*কষ্ট স্বীকার*)। ৪ অঙ্গীকার।

স্বীকারোক্তি /শিকারোক্তি/ [স. স্বীকার+উক্তি] বি. স্বীকারসূচক উক্তি; একরারনামা।

স্বীকার্য /শিকার্জো/ [স. স্বীকার+য] বিণ. মেনে নেওয়ার যোগ্য; গ্রহণীয়; অনুমোদনযোগ্য।

স্বীকৃত /শিকৃতো/ [স. স্ব+দ্বি+√কৃ+ত] বিণ. ১ মেনে নেওয়া হয়েছে এমন। ২ প্রতিশ্রুত।

স্বীকৃতি /শিকৃতি/ [স. স্ব+দ্বি+√কৃ+তি] বি. মান্যতাদান, recognition।

স্বীকৃতিদান /শিকৃতিদান্/ [স. স্বীকৃতি+দান] বি. মান্যতাদান।

স্বীয় /শিয়ো/ [স. স্ব+ঈয়] বিণ. নিজ, আপন; স্বকীয়।

স্বীয়া /শিআ/ [স. স্বীয়+আ (টাপ্)] বিণ. স্বকীয়া। বি. স্বামীর প্রতি অনুরক্ত নারী।

স্বেচ্ছা /শেচ্ছা/ [স. স্ব+ইচ্ছা] বি. নিজ ইচ্ছা; স্বাধীন ইচ্ছা।

স্বেচ্ছাকৃত /শেচ্ছাকৃতো/ [স. স্বেচ্ছা+√কৃ+ত] বিণ. নিজ ইচ্ছায় করা হয়েছে এমন।

স্বেচ্ছাক্রমে /শেচ্ছাক্রোমে/ [স. স্বেচ্ছা+ক্রম+বা. এ] ক্রিবিণ. নিজ ইচ্ছার বশবর্তী হয়ে; নিজের খুশিমতো।

স্বেচ্ছাচার /শেচ্ছাচার্/ [স. স্বেচ্ছা+আ+√চর্+অ]

www.pathagar.com

বি. নিজ ইচ্ছানুযায়ী আচরণ; যথেচ্ছাচার, স্বৈরাচার।

স্বেচ্ছাচারিতা /শেচ্ছাচারিতা/ [স. স্বেচ্ছা+আ+√চর্+ইন্+তা] বি. স্বৈরাচারিতা।

স্বেচ্ছাচারী /শেচ্ছাচারি/ [স. স্বেচ্ছা+আচার+ইন্] বিণ. নিজ ইচ্ছা অনুযায়ী আচরণকারী, যথেচ্ছাচারী। স্ত্রী. স্বেচ্ছাচারিণী /শেচ্ছাচারিনি/।

স্বেচ্ছাধীন /শেচ্ছাধিন্/ [স. স্বেচ্ছা+অধীন] বিণ. নিজ ইচ্ছার বশবর্তী; স্বাধীন।

স্বেচ্ছানুবর্তিতা /শেচ্ছানুবোর্তিতা/ [স. স্বেচ্ছা+অনু+√বৃৎ+ইন্+তা] বি. স্বেচ্ছাচারিতা।

স্বেচ্ছানুবর্তী /শেচ্ছানুবোর্তি/ [স. স্বেচ্ছা+অনু+√বৃৎ+ইন্] বিণ. নিজ ইচ্ছায় কাজ করে এমন। স্ত্রী. স্বেচ্ছানুবর্তিনী /শেচ্ছানুবোর্তিনি/।

স্বেচ্ছাপ্রণোদিত /শেচ্ছাপ্রোনোদিতো/ [স. স্বেচ্ছা+প্রণোদিত] বিণ. নিজের ইচ্ছায় প্রবৃত্ত বা অনুপ্রাণিত।

স্বেচ্ছাব্রতী /শেচ্ছাব্রোতি/ [স. স্বেচ্ছা+ব্রত+ইন্] বিণ. স্বেচ্ছাপ্রণোদিত হয়ে বিনা পারিশ্রমিকে কাজ করে এমন, স্বেচ্ছাশ্রমের ব্রতধারী।

স্বেচ্ছামৃত্যু /শেচ্ছামৃত্যু/ [স. স্বেচ্ছা+মৃত্যু] বি. ১ নিজ ইচ্ছায় মৃত্যুবরণের ক্ষমতা। ২ নিজ ইচ্ছায় মৃত্যুবরণ, ইচ্ছামৃত্যু।

স্বেচ্ছাসেবক /শেচ্ছাশেবক্/ [স. স্বেচ্ছা+সেবক] বি. যে ব্যক্তি স্বেচ্ছায় বিনা পারিশ্রমিকে কাজ করে। স্ত্রী. স্বেচ্ছাসেবিকা /শেচ্ছাশেবিকা/।

স্বেদ /শেদ্/ [স. √স্বিদ্+অ] বি. ১ ঘাম। ২ বাষ্প। ৩ তাপ।

স্বেদজ /শেদোজো/ [স. স্বেদ+√জন্+অ] বিণ. ঘাম থেকে জাত।

স্বেদজল /শেদোজল্/ [স. স্বেদ+জল] বি. ঘাম।

স্বেদন /শেদোন্/ [স. √স্বিদ্+ণিচ্+অন] বি. ১ ঘাম নিঃসারণ। ২ তাপপ্রয়োগ।

স্বেদবারি /শেদোবারি/ [স. স্বেদ+বারি] বি. ঘাম।

স্বেদবিন্দু /শেদোবিন্দু/ [স. স্বেদ+বিন্দু] বি. ঘামের ফোঁটা।

স্বেদস্রাব /শেদোস্রাব্/ [স. স্বেদ+স্রাব] বি. ঘাম নির্গমন।

স্বেদসুতি /শেদোস্সুতি/ [স. স্বেদ+সুতি] বি. দ্র স্বেদস্রাব।

স্বেদাক্ত /শেদাক্তো/ [স. স্বেদ+অক্ত] বিণ. ঘামে ভেজা এমন, ঘর্মাক্ত।

স্বেদাপ্লুত /শেদাপ্লুতো/ [স. স্বেদ+আপ্লুত] বিণ. দ্র স্বেদাক্ত।

স্বৈর /শৈরো/ [স. স্ব+√ঈর্+অ] বিণ. স্বেচ্ছাচারী (*স্বৈরশাসন*); উচ্ছৃঙ্খল।

স্বৈরগতি /শৈরোগোতি/ [স. স্বৈর+গতি] বি. স্বচ্ছন্দগতি। বিণ. স্বচ্ছন্দচারী।

স্বৈরতন্ত্র /শৈরোতন্ত্রো/ [স. স্বৈর+তন্ত্র] বি. একনায়কের ইচ্ছা অনুযায়ী শাসিত রাষ্ট্রব্যবস্থা, একনায়কতন্ত্র, dictatorship।

স্বৈরতা /শৈরোতা/ [স. স্বৈর+তা] বি. নিজের ইচ্ছানুযায়ী আচরণ, স্বেচ্ছাচার, যথেচ্ছাচার।

স্বৈরবৃত্ত /শৈরোবৃত্তো/ [স. স্বৈর+√বৃৎ+ত] বিণ. ১ স্বাধীন বৃত্তির অনুগামী। ২ স্বেচ্ছাচারী।

স্বৈরবৃত্তি /শৈরোবৃত্তি/ [স. স্বৈর+√বৃৎ+তি] বি. ১ স্বাধীন বৃত্তি। ২ স্বেচ্ছাচার।

স্বৈরশাসক /শৈরোশাশক্/ [স. স্বৈর+শাসক] বি. একনায়ক, dictator।

স্বৈরশাসন /শৈরোশাশোন্/ [স. স্বৈর+শাসন] বি. একনায়কের শাসন; একনায়কত্ব, dictatorship।

স্বৈরাচার /শৈরাচার্/ [স. স্বৈর+আচার] বি. ১ নিজ ইচ্ছানুযায়ী আচরণ। ২ উচ্ছৃঙ্খলতা।

স্বৈরাচারিতা /শৈরাচারিতা/ [স. স্বৈরাচার+ইন্+তা] বি. নিজ ইচ্ছানুযায়ী আচরণ, স্বেচ্ছাচারিতা।

স্বৈরাচারী /শৈরাচারি/ [স. স্বৈরাচার+ইন্] বিণ. ১ নিজ ইচ্ছানুযায়ী আচরণকারী। ২ উচ্ছৃঙ্খল। ৩ ব্যভিচারী।

স্বৈরিতা /শৈরিতা/ [স. স্বৈর+ইন্+তা] বি. নিজের ইচ্ছানুযায়ী আচরণ, যথেচ্ছাচার।

স্বৈরী /শৈরি/ [স. স্ব+√ঈর্+ইন্] বিণ. ১ স্বৈরাচারী। ২ অবাধ্য। ৩ স্বচ্ছন্দ। স্ত্রী. স্বৈরিণী /শৈরিনি/।

স্বোদরপূরক /শোদরপুরক্/ [স. স্ব+উদর+পূরক] বিণ. ১ নিজ উদর পূর্ণকারী। ২ (আল.) স্বার্থপর।

স্বোপার্জিত /শোপারজিতো/ [স. স্ব+উপার্জিত] বিণ. নিজের প্রচেষ্টায় অর্জিত (*স্বোপার্জিত স্বাধীনতা*)।

স্বৌজঃ /শৌড়জোহ্/ [স. স্ব+ওজস্] বি. ১ আত্মতেজ। ২ স্বকীয় দীপ্তি।

স্মর /শঁরো/ [স. √স্মৃ+অ] বি. ১ স্মরণ; ধ্যান। ২ কামদেব। বিণ. স্মরণকর্তা।

স্মরজিৎ /শঁরোজিত্/ [স. স্মর+জিৎ] বি. শিব।

স্মরণ /শঁরোন্/ [স. √স্মৃ+অন] বি. ১ স্মৃতি। ২ ধ্যান; চিন্তন। ৩ কল্পনা। ৪ (ডেকে পাঠানো অর্থে) কোনো ব্যক্তির আগমন কামনা (*আপনি আমাকে স্মরণ করেছেন!*)।

স্মরণশক্তি /শঁরোনশোক্তি/ [স. স্মরণ+শক্তি] বি.

www.pathagar.com

মনে রাখার ক্ষমতা, স্মৃতিশক্তি।

স্মরণসভা /শঁরোন্‌শভা/ [স. স্মরণ+সভা] বি. কোনো ব্যক্তির স্মৃতির উদ্দেশে শ্রদ্ধা নিবেদনের জন্য আয়োজিত সভা।

স্মরণাতীত /শঁরোনাতিতো/ [স. স্মরণ+অতীত] বিণ. স্মৃতি থেকে মুছে গেছে এমন অতীত; প্রাচীন।

স্মরণার্থ /শঁরোনারথো/ [স. স্মরণ+অর্থ] ক্রিবিণ. মনে রাখার উদ্দেশ্যে।

স্মরণার্হ /শঁরোনারহো/ [স. স্মরণ+অর্হ] বিণ. স্মরণ করার যোগ্য; মনে রাখার মতো।

স্মরণিক /শঁরোনিক্‌/ [স. স্মরণ+ইক] বিণ. স্মৃতি রক্ষার উদ্দেশ্যে কৃত, memorial।

স্মরণিকা /শঁরোনিকা/ [স. স্মরণিক+আ (টাপ্‌)] বিণ. স্মৃতি রক্ষার উদ্দেশ্যে প্রকাশিত।

স্মরণীয় /শঁরোনিয়ো/ [স. √স্মৃ+অনীয়] বিণ. স্মরণ রাখার যোগ্য (*স্মরণীয় ঘটনা*)।

স্মরহর /শঁরোহরো/ [স. স্মর+হর] বিণ. (ধ্যান ভঙ্গ করার অপরাধে মদনকে ভস্ম করেছিলেন বলে) মদনভস্মকারী। বি. শিব।

স্মরা /শঁরা/ [স. স্মরণ >] ক্রিবি. (কাব্যে) স্মরণ করা।

স্মরারি /শঁরারি/ [স. স্মরা+অরি] বিণ. বি. দ্র স্মরহর।

স্মর্তব্য /শঁর্‌তোব্‌বো/ [স. √স্মৃ+তব্য] বিণ. স্মরণ-যোগ্য।

স্মারক /শাঁরক্‌/ [স. √স্মৃ+ণিচ্‌+অক] বিণ. স্মরণ করিয়ে দেয় এমন, স্মৃতির উদ্‌বোধক (*স্মারক বক্তৃতা*)।

স্মারকগ্রন্থ /শাঁরক্‌গ্রোন্থো/ [স. স্মারক+গ্রন্থ] বি. কোনো ব্যক্তির স্মরণে প্রকাশিত গ্রন্থ।

স্মারকটিকিট /শাঁরক্‌টিকিট্‌/ [স. স্মারক+ফ. টিকিট] বি. কোনো উল্লেখযোগ্য ঘটনা বা মৃত ব্যক্তির স্মরণে প্রকাশিত ডাকটিকিট।

স্মারকপত্র /শাঁরক্‌পত্রো/ [স. স্মারক+পত্র] বি. দ্র স্মারকলিপি।

স্মারকলিপি /শাঁরক্‌লিপি/ [স. স্মারক+লিপি] বি. যে পত্রে কোনো বিষয় সম্পর্কে স্মরণ করিয়ে দেওয়া হয়, memorandum।

স্মার্ত /শাঁর্‌তো/ [স. স্মৃতি+অ] বিণ. ১ স্মৃতিশাস্ত্র-সম্পর্কিত। ২ স্মৃতিশাস্ত্রজ্ঞ। ৩ স্মৃতিশাস্ত্রে উক্ত। বি. স্মৃতিশাস্ত্রে পণ্ডিত।

স্মিত /স্‌মিতো/ [স. √স্মি+ত] বিণ. ১ মৃদু হাস্যযুক্ত। ২ বিকশিত, ফুল্ল। বি. মৃদু হাসি।

স্মৃত /স্‌মৃতো/ [স. √স্মৃ+ত] বিণ. স্মৃতির অন্তর্গত, স্মরণের বিষয়ীভূত; স্মরণ করা হয়েছে এমন।

স্মৃতি /স্‌মৃতি/ [স. √স্মৃ+তি] বি. ১ অতীত বিষয় স্মরণ। ২ মনে রাখার ক্ষমতা (*স্মৃতিশক্তি*)। ৩ স্মারকচিহ্ন। ৪ ধ্যান। ৫ ধর্মসংহিতা। তুল. সৃতি (পৃ১৩৫০)।

স্মৃতিকথা /স্‌মৃতিকথা/ [স. স্মৃতি+কথা] বি. অতীত অভিজ্ঞতার বিবরণসংবলিত আত্মজীবনী, memoir।

স্মৃতিকর্তা /স্‌মৃতিকর্‌তা/ [স. স্মৃতি+কর্তা] বি. বিণ. স্মৃতিশাস্ত্রের রচয়িতা।

স্মৃতিকার /স্‌মৃতিকার/ [স. স্মৃতি+√কৃ+অ] বি. বিণ. দ্র স্মৃতিকর্তা।

স্মৃতিগ্রন্থ /স্‌মৃতিগ্রোন্থো/ [স. স্মৃতি+গ্রন্থ] বি. প্রয়াত ব্যক্তির স্মরণে প্রকাশিত গ্রন্থ, স্মারকগ্রন্থ।

স্মৃতিচারণা /স্‌মৃতিচারোনা/ [স. স্মৃতি+√চর্‌+ণিচ্‌+অন+আ (টাপ্‌)] বি. নিজ অভিজ্ঞতা থেকে কোনো ব্যক্তি বা ঘটনা সম্পর্কে আলোচনা।

স্মৃতিচিহ্ন /স্‌মৃতিচিন্‌ñho/ [স. স্মৃতি+চিহ্ন] বি. স্মারক চিহ্ন।

স্মৃতিপট /স্‌মৃতিপট্‌/ [স. স্মৃতি+পট] বি. ১ স্মৃতিরূপ চিত্রপট, স্মৃতিফলক। ২ পুরোনো বিষয়ের স্মৃতি।

স্মৃতিবিজড়িত /স্‌মৃতিবিজোড়িতো/ [স. স্মৃতি+বিজড়িত] বিণ. অনেক স্মৃতি জড়িয়ে আছে এমন।

স্মৃতিবিভ্রম /স্‌মৃতিবিব্‌ভ্রোম্‌/ [স. স্মৃতি+বিভ্রম] বি. স্মরণশক্তির বিপর্যয়।

স্মৃতিবিরুদ্ধ /স্‌মৃতিবিরুদ্‌ধো/ [স. স্মৃতি+বিরুদ্ধ] বিণ. ধর্মশাস্ত্র বা স্মৃতিশাস্ত্র বিরোধী।

স্মৃতিভান্ডার /স্‌মৃতিভান্‌ডার/ [স. স্মৃতি+বা. ভান্ডার] বি. ১ স্মৃতিরক্ষার্থে সংগৃহীত তহবিল। ২ স্মরণীয় বিষয়সমূহ।

স্মৃতিভ্রংশ /স্‌মৃতিভ্রোংশো/ [স. স্মৃতি+ভ্রংশ] বি. স্মৃতি-লোপ, স্মৃতিভ্রম।

স্মৃতিভ্রষ্ট /স্‌মৃতিভ্রোশ্‌টো/ [স. স্মৃতি+ভ্রষ্ট] বিণ. স্মৃতি থেকে মুছে গেছে এমন, বিস্মৃত।

স্মৃতিময় /স্‌মৃতিময়্‌/ [স. স্মৃতি+ময়ট্‌] বিণ. স্মৃতি-বিজড়িত।

স্মৃতিমান /স্‌মৃতিমান্‌/ [স. স্মৃতি+মৎ] বিণ. প্রখর স্মরণশক্তিসম্পন্ন।

স্মৃতিরক্ষা /স্‌মৃতিরোক্‌খা/ [স. স্মৃতি+রক্ষা] বি. কোনো ব্যক্তি বা ঘটনাকে স্মরণীয় করে রাখার ব্যবস্থা।

স্মৃতিলোপ /স্‌মৃতিলোপ্‌/ [স. স্মৃতি+লোপ] বি. দ্র স্মৃতিভ্রংশ।

স্মৃতিশক্তি /স্‌মৃতিশোক্‌তি/ [স. স্মৃতি+শক্তি] বি. স্মৃতিপটে ধরে রাখার ক্ষমতা, স্মরণশক্তি।

www.pathagar.com

স্মৃতিশাস্ত্র /স্মৃতিশাস্ত্রো/ [স. স্মৃতি+শাস্ত্র] বি. মনুকৃত ধর্মগ্রন্থ; ঋক্ সাম যজুঃ অথর্ব প্রভৃতি শাস্ত্র।

স্মৃতিসৌধ /স্মৃতিশৌঢ়্‌ধো/ [স. স্মৃতি+সৌধ] বি. কোনো গুরুত্বপূর্ণ ঘটনা বা ব্যক্তির স্মরণে নির্মিত স্থাপত্য।

স্মৃতিস্তম্ভ /স্মৃতিস্তম্‌ভো / [স. স্মৃতি+স্তম্ভ] বি. দ্র স্মৃতিসৌধ।

স্মৃতিহানি /স্মৃতিহানি/ [স. স্মৃতি+হানি] বি. দ্র স্মৃতিভ্রংশ।

স্মের /শের্‌/ [স. √স্মি+র] বিণ. ১ মৃদু হাস্যযুক্ত, স্মিত। ২ বিকশিত, স্ফুট।

স্মেরানন /শেরানন্‌ / [স. স্মের+আনন] বি. হাসিমুখ।

স্যন্দ /শন্‌দো/ [স. √স্যন্দ্‌+অ] বি. ১ ক্ষরণ। ২ গমন। ৩ গতি; বেগ; দ্রুতি।

স্যন্দন /শন্‌দোন্‌ / [স. √স্যন্দ্‌+অন] বি. দ্র স্যন্দ।

স্যন্দিত /শোন্‌দিতো / [স. √স্যন্দ্‌+ত] বিণ. ১ ক্ষরিত। ২ বেগবান, গতিশীল।

স্যন্দী /শোন্‌দি/ [স. √স্যন্দ্‌+ইন্‌] বিণ. ১ ক্ষরিত হয় এমন, ক্ষরণশীল। ২ গমনশীল। ৩ বেগবান।

স্যমন্তক /শমোন্‌তক্‌/ [স. √স্যম্‌+অন্ত+ক] বি. পুরাণোক্ত শ্রীকৃষ্ণের মণিবিশেষ।

স্যমন্তপঞ্চক /শমোন্‌তোপনচক্‌/ [স্থান.] বি. ১ কুরুক্ষেত্রসংলগ্ন তীর্থস্থানবিশেষ। ২ কুরুক্ষেত্রের প্রাচীন নাম।

স্যমীক /শোমিক্‌/ [স. √স্যম্‌+ঈ+ক] বি. ১ বল্মীক, উই। ২ মেঘ। ৩ শমিবৃক্ষ, সাঁই গাছ।

স্যাঁতসেঁতে /শ্যাঁত্‌শেঁতে/ [স. সিক্ত >] বিণ. ঈষৎ সিক্ত, প্রায় ভেজা (*স্যাঁতসেঁতে জমি*)।

স্যাকরা /শ্যাক্‌রা/ [ফা.] বি. ১ সোনা বা রুপোর অলংকার তৈরি যার পেশা, স্বর্ণকার। ২ জাতি-বিশেষ।

স্যানাটোরিয়াম /স্যানাটোরিআম্‌/ [লা.] বি. যে গৃহে দুরারোগ্য ব্যাধির চিকিৎসা ও শারীরিক শক্তি পুনরুদ্ধারের সেবা প্রদান করা হয়, আরোগ্য-নিকেতন, স্বাস্থ্যনিবাস, sanatorium।

স্যান্ডউইচ /স্যান্‌ড্‌উইচ্‌/ [ই.] বি. দুই ফালি রুটির মধ্যস্থলে মাংস সবজি প্রভৃতির পুর দিয়ে পরিবেশিত খাদ্যবস্তু, sandwich।

স্যান্ডেল /শ্যান্‌ডেল্‌ / [ই.] বি. সহজে পরা বা খোলা যায় এমন হালকা পাদুকা, চটিজুতো, sandal।

স্যার /সার্‌/ [ই. sir] বি. ১ শিক্ষক বা মান্য ব্যক্তিকে সম্বোধনে ব্যবহৃত শব্দ। ২ আনুষ্ঠানিক পত্রের সম্বোধনে শ্রদ্ধা ও বিনয়ের প্রতীকরূপে ব্যবহৃত শব্দ, মহোদয়। ৩ ব্রিটিশ সরকার কর্তৃক প্রদত্ত খেতাব-বিশেষ।

স্যূত /শুতো/ [স. √সিব্‌+ত] বিণ. ১ বয়ন বা সেলাই করা হয়েছে এমন। ২ গ্রথিত।

স্যূতি /শুতি/ [স. √সিব্‌+তি] বি. ১ বয়ন, সীবন। ২ থলে। ৩ বংশ। ৪ সন্তান।

স্রংস /স্রোংশো/ [স. √স্রংস্‌+অ] বি. বিচ্যুতি, স্খলন।

স্রংস উপত্যকা /স্রোংশো উপোত্‌তকা/ বি. ভূমি-কম্পে টোল খেয়ে ভূপৃষ্ঠ ডেবে যাওয়ার ফলে সৃষ্ট উপত্যকা, rift valley।

স্রংসন /স্রোংশন্‌/ [স. √স্রংস্‌+ণিচ্‌+অন] বি. দ্র স্রংস।

স্রংসী /স্রোংশি/ [স. √স্রংস্‌+ইন্‌] বিণ. পতনশীল।

স্রক্‌ /স্রোক্‌/ [স. √সৃজ্‌+ক্বিপ্‌] বি. ফুলের মালা।

স্রগ্ধর /স্রোগ্‌ধর্‌/ [স. স্রজ্‌+√ধৃ+অ] বিণ. মাল্য-শোভিত।

স্রগ্ধরা /স্রোগ্‌ধরা/ [স. স্রগ্ধর+আ (টাপ্‌)] বি. সংস্কৃত ছন্দবিশেষ।

স্রব /স্রোব্‌ / [স. √সু+অ] বি. ১ ক্ষরণ, স্রাব। ২ প্রস্রবণ, ফোয়ারা। ৩ স্রোত, প্রবাহ।

স্রবণ /স্রোবোন্‌/ [স. √সু+অন] বি. ১ ক্ষরণ। ২ প্রবাহ, স্রোত।

স্রবন্তী /স্রোবোন্‌তি/ [স. √সু+অৎ+ঈ] বিণ. প্রবাহিত হচ্ছে এমন। বি. নদী।

স্রষ্টব্য /স্রোশ্‌টোব্‌বো/ [স. √সৃজ্‌+তব্য] বিণ. নির্মাণ বা সৃষ্টি করতে হবে এমন; সৃষ্টিযোগ্য।

স্রষ্টা[১] /স্রোশ্‌টা/ [স. √সৃজ্‌+তৃ] বি. সৃষ্টিকর্তা, আল্লাহ, বিধাতা, ঈশ্বর।

স্রষ্টা[২] /স্রোশ্‌টা/ [স. √সৃজ্‌+তৃ] বিণ. রচয়িতা, নির্মাতা।

স্রস্ত /স্রোস্‌তো/ [স. √স্রন্‌স্‌+ত] বিণ. ১ গলিত। ২ স্থানচ্যুত। ৩ শিথিল।

স্রাব /স্রাব্‌/ [স.√সু+অ] বি. ১ পতন, ক্ষরণ (*রক্তস্রাব*)। ২ ক্ষরিত পদার্থ।

স্রাবক /স্রাবক্‌/ [স. স্রাবি+অক] বিণ. ১ ক্ষরণশীল। ২ ক্ষরণ করায় এমন।

স্রাবণ /স্রাবন্‌ / [স. √সু+অন] বিণ. ১ স্রাব বা ক্ষরণ করায় এমন। ২ স্রবণশীল, ক্ষরণশীল। তুল. শ্রাবণ (প্‌ ১২৫৬)।

স্রাবিত /স্রাবিতো/ [স. সুত >] বিণ. ক্ষরিত।

সুত /সুতো/ [স. √সু+ত] বিণ. ১ ক্ষরিত; গলিত। ২ পাতিত, distilled। ৩ স্খলিত।

সুতি /সুতি/ [স. √সু+তি] বি. ১ ক্ষরণ; গলন। ২

www.pathagar.com

পাতন; স্রবণ।

স্রেফ /স্রেফ্/ [আ.] বিণ. কেবল, মাত্র।

স্রোত /স্রোতো/ [স. √সু+অস্] বি. ১ প্রবাহ, ধারা (*জলস্রোত*)। ২ জলপ্রবাহ।

স্রোতঃপথ /স্রোতোপ্পথ্/ [স. স্রোতঃ+পথ] বি. জলনালি।

স্রোতঃস্বতী /স্রোতোশ্শোতি/ [স. স্রোতঃ+বৎ+ঈ] বিণ. স্রোত আছে এমন। বি. নদী, প্রবাহিণী।

স্রোতঃস্বিনী /স্রোতোশ্শিনি/ [স. স্রোতঃ+বিন্+ঈ] বিণ. বি. দ্র স্রোতঃস্বতী।

-স্রোতা /স্রোতা/ [স. স্রোতঃ+আ] বিণ. (সমাসের পরপদে) স্রোত আছে এমন (*খরস্রোতা নদী*)।

স্রোতোবহা /স্রোতোবহা/ [স. স্রোতঃ+√বহ্+অ+আ (টাপ্)] বিণ. বি. দ্র স্রোতঃস্বতী।

স্লাইস /স্লাইস্/ [ই.] বি. টুকরো, খণ্ড, ফালি (*রুটির স্লাইস*), slice।

স্লিপ /স্লিপ্/ [ই.] বি. কাগজের ছোটো খণ্ড, চিরকুট, slip।

স্লিপার[১] /স্লিপার্/ [ই.] বি. চটিজুতো, slipper।

স্লিপার[২] /স্লিপার্/ [ই. sleeper] বি. ১ রেললাইনের তলায় আড়াআড়িভাবে পাতা কাঠ বা কংক্রিটের ভিত, ধারক। ২ রেলগাড়িতে ঘুমানোর ব্যবস্থাযুক্ত কামরা।

স্লুইস /স্লুইস্/ [ই.] বি. জলপ্রবাহ নিয়ন্ত্রণের উদ্দেশ্যে নির্মিত বাঁধের কপাট, sluice।

স্লেট /স্লেট্/ [ই.] বি. লেখার পর মুছে ফেলা যায় এমন কাঠের ফ্রেমে বাধানো মসৃণ গাঢ় ধূসর বা কালচে খনিজ পাথরের ফলক, slate।

স্লো /স্লো/ [ই. slow] বিণ. ১ মন্থর গতিবিশিষ্ট। ২ চটপটে নয় এমন।

স্লোগান /স্লোগান্/ [ই.] বি. দলগত বা সমবেত আওয়াজ; দাবি আদায়ের জন্য সমস্বরে উচ্চারিত ধ্বনি, Slogan।

স্লোগানসর্বস্ব /স্লোগান্শর্‌বোশ্শো/ [ই. স্লোগান+স. সর্বস্ব] বিণ. ১ স্লোগান দেওয়া ব্যতীত অন্য কোনো কর্মসূচি নেই এমন। ২ (আল.) অন্তঃসার-শূন্য।

www.pathagar.com

হ /হ/

হ[১] /হ/ বাংলা বর্ণমালার দ্বাত্রিংশ ব্যঞ্জনবর্ণ এবং কণ্ঠ-নালি থেকে উচ্চার্য ঘোষ মহাপ্রাণ উষ্ম ধ্বনির দ্যোতক।

হ[২] /হ/ অনুক্রি. 'হওয়া'-র মধ্যমপুরুষে (অবজ্ঞায়) বর্তমানকালের রূপ (*দূর হ*)।

হই /হোই্/ [বা.] ক্রি. 'হওয়া'-র উত্তমপুরুষের বর্তমানকালের রূপ (*খুশি হই*)।

হইচই /হোইচোই্/ [ধ্বন্যা.] বি. কোলাহল, হইহুল্লোড়।

হইত /হোই্তো/ [বা.] ক্রি. 'হওয়া'-র অতীতকালের সাধু রূপ।

হইতে /হোই্তে/ [বা.] অব্য. 'হতে'-র সাধু রূপ।

হইয়া /হোই্আ/ [বা.] অব্য. ক্রিবিণ. 'হয়ে'-র সাধু রূপ।

হইরই /হোইরোই্/ [ধ্বন্যা.] বি. দ্র হইচই।

হইলে /হোই্লে/ [বা.] ক্রিবিণ. 'হলে'-র সাধু রূপ।

হইহই /হোই্হোই্/ [ধ্বন্যা.] বি. গোলমাল, কোলাহল, হট্টগোল।

হউক /হোউ্ক/ [বা.] ক্রিবি. ঘটনের কামনাযুক্ত উক্তি (*কল্যাণ হউক*)।

হও /হও্/ [বা.] অনুক্রি. 'হওয়া'-র মধ্যম পুরুষে বর্তমানকালের রূপ (*হও ধরমেতে ধীর, হও করমেতে বীর,* অতুল.)।

হওয়া /হওআ/ [বা.] ক্রিবি. ১ ঘটা (*অনুষ্ঠিত হওয়া*)। ২ ফলা (*ফসল হওয়া*)। ৩ জন্মগ্রহণ করা (*সন্তান হওয়া*)। ৪ উপার্জন বা সঞ্চয় করা (*টাকা হওয়া*)। ৫ বৃদ্ধি পাওয়া (*বয়স হওয়া*)। ৬ কুলানো (*জায়গা হওয়া*)। ৭ সম্পন্ন করা (*কাজ শেষ হওয়া*)। ৮ রূপান্তর ঘটা (*বরফ গলে জল হওয়া*)। ৯ পদ বা স্থান লাভ করা (*উন্নীত হওয়া*)। ১০ প্রকাশ পাওয়া (*উদিত হওয়া*)। ১১ বোধ করা (*ব্যথা হওয়া*)। ১২ জোটা, পাওয়া (*জোগাড় হওয়া*)। ১৩ যথার্থতা অর্জন করা (*মানানসই হওয়া*)। বিণ. হয়েছে এমন (*হওয়া কাজ*)।

হংস[১] /হংশো/ [স. √হন্+স] বি. লীলায়িত ভঙ্গিতে হেলেদুলে চলে এমন চওড়া ও ভোঁতা চঞ্চু ও দীর্ঘ কণ্ঠবিশিষ্ট সাদা ধূসর প্রভৃতি বর্ণের লিপ্তপদ উভচর পাখি, হাঁস। স্ত্রী. হংসী /হোংশি/।

হংস[২] /হংশো/ [স. √হন্+স] বি. ১ শিব। ২ বিষ্ণু। ৩ ব্রহ্মা। ৪ সংসারত্যাগী যোগী, সন্ন্যাসী (*পরম-হংস*)। ৫ মাৎসর্য। ৬ সিতবর্ণ। ৭ পিঙ্গল চক্ষু। ৮ প্রাণবায়ু। বিণ. উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, প্রধান।

হংসগমন /হংশোগমোন্/ [স. হংস+গমন] বি. হাঁসের মতো লীলায়িত ভঙ্গিতে গমন (*হংসগমনে চলিল রাই*)।

হংসগামিনী /হংশোগামিনি/ [স. হংস+গামিনী] বিণ. হাঁসের মতো লীলায়িত ভঙ্গিতে গমনকারিণী।

হংসনাদ /হংশোনাদ্/ [স. হংস+নাদ] বি. হাঁসের কলতান।

হংসবাহন /হংশোবাহোন্/ [স. হংস+√বাহি+অন] বি. হংস যাঁর বাহন, ব্রহ্মা।

হংসবাহনা /হংশোবাহোনা/ [স. হংস+বাহন+আ (টাপ্)] বি. দ্র হংসবাহিনী।

হংসবাহিনী /হংশোবাহিনি/ [স. হংস+√বহ্+ইন্+ঈ] বি. দেবী সরস্বতী, বাগ্‌দেবী।

হংসমালা /হংশোমালা/ [স. হংস+মালা] বি. হাঁসের দল, হংসযূথ।

হংসমিথুন /হংশোমিথুন্/ [স. হংস+মিথুন] বি. হাঁসের জোড়।

হংসরথ /হংশোরথ্/ [স. হংস+রথ] বি. ব্রহ্মা।

হংসারূঢ় /হংশারুঢ়ো/ [স. হংস+আরূঢ়] বি. ব্রহ্মা।

হংসারূঢ়া /হংশারুঢ়া/ [স. হংসারূঢ়+আ (টাপ্)] বি. দেবী সরস্বতী।

হংসোদক /হংশোদক্/ [স. হংস+উদক] বি. স্বচ্ছ বারি, নির্মল জল।

হক /হক্/ [আ.] বি. ১ আল্লাহ্, ঈশ্বর। ২ অধিকার; দাবি। ৩ পদবিবিশেষ। বিণ. ১ ন্যায্য (*হক কথা*)। ২ ঠিক, সত্য।

হককথা /হক্কথা/ [আ. হক+স. কথা] বি. উচিত কথা, ন্যায্য কথা।

হকচকানো /হকচকানো/ [আ. হক+বা. চকানো] ক্রিবি. হতভম্ব হওয়া, বিস্ময়ে কিংকর্তব্যবিমূঢ় হওয়া।

হকদার /হক্দার্/ [আ. হক+ফা. দার] বিণ. প্রকৃত অধিকারী, ন্যায্য দাবিদার।

হ-কার[১] /হকার্/ বি. হ-বর্ণ।

হকার[২] /হকার্/ [হি.] বি. বাড়ি বাড়ি গিয়ে ফেরি করা বা রাস্তার ধারে পণ্য বিক্রি যার পেশা, ফেরিওয়ালা,

www.pathagar.com

hawker।

হকি /হকি/ [অজ্ঞা.] বি. এগারোজনের দুটি দলের মধ্যে কাঠের বাঁকানো দণ্ড (ব্যাট) দিয়ে একটি ছোটো শক্ত বলকে আঘাত করে প্রতিপক্ষের গোলে ঢোকানোর বহিরঙ্গন খেলাবিশেষ, hockey।

হকিকত /হকিকত্/ [আ.] বি. প্রকৃত ঘটনা।

হকিয়ত /হকিয়ত্/ [আ.] বি. স্বত্ব নির্ধারণের মামলা।

হকি স্টিক /হকি স্টিক্/ বি. হকি খেলায় ব্যবহৃত শক্ত কাঠের বাঁকানো ব্যাটবিশেষ, hockey stick।

হজ /হজ্/ [আ.] বি. হিজরি পঞ্জিকার জিলহজ মাসের ৯ তারিখে ইসলাম ধর্মাবলম্বীদের কাবা-শরিফ প্রদক্ষিণ ও মক্কাশরিফের অদূরে আরাফাত ময়দানে অবস্থানের ব্রতবিশেষ।

হজম /হজোম্/ [আ.] বি. ১ পরিপাক। ২ (আল.) সহ্য (*তিরস্কার হজম করা*)। বিণ. আত্মসাৎ (*অন্যের সম্পদ হজম করা*)।

হজমি /হোজ্‌মি/ [ফা.] বিণ. পরিপাকে সহায়তা করে এমন।

হজরত /হজ্‌রত্/ [আ.] বি. সম্ভ্রমের পাত্র, মহাত্মা, অতি সম্মাননীয় ব্যক্তি।

হটা /হটা/ [হি.] ক্রিবি. ১ সরে যাওয়া। ২ পশ্চাৎপদ হওয়া। ৩ হেরে যাওয়া। ৪ নিরস্ত হওয়া।

হটানো /হটানো/ [বা.] ক্রিবি. ১ পরাজিত করা, হারানো। ২ সরিয়ে দেওয়া। ৩ নিরস্ত করা।

হট্ট /হট্‌টো/ [স. অট্ট >] বি. হাট, বাজার।

হট্টগোল /হট্‌টোগোল্/ [বা. হট্ট+ফা. গোল] বি. কোলাহল, চেঁচামেচি, গোলমাল।

হট্টবিলাসিনী /হট্‌টোবিলাশিনি/ [বা. হট্ট+স. বি+√লস্+ইন্+ঈ] বি. ১ বারাঙ্গনা। ২ গন্ধদ্রব্যবিশেষ।

হট্টমন্দির /হট্‌টোমোন্দির্/ [বা. হট্ট+স. মন্দির] বি. হাটে দোকানরূপে ব্যবহৃত চালাঘর।

হঠ /হঠ্/ [স. √হঠ্+অ] বি. ১ বলপ্রয়োগ। ২ পরাজয়। ৩ অবিবেচনা। ৪ পশ্চাদপসরণ, পশ্চাদ্‌গতি। ৫ (বাংলায়) শত্রুতা; ঝগড়া।

হঠকারিতা /হঠোকারিতা/ [স. হঠ+√কৃ+ইন্+তা] বি. ১ অবিবেচনা; গোঁয়ারতুমি। ২ অভদ্রতা, অশিষ্টতা। ৩ অন্যায়।

হঠকারী /হঠোকারি/ [স. হঠ+√কৃ+ইন্] বিণ. ১ ভেবে চিন্তে কাজ করে না এমন, অবিবেচক। ২ অন্যায়কারী।

হঠযোগ /হঠোজোগ্/ [স. হঠ+যোগ] বি. প্রাণায়াম, প্রাণ ও অপান বায়ু নিয়ন্ত্রণের কৌশলবিশেষ; যোগবিশেষ।

হঠযোগী /হঠোজোগি/ [স. হঠ+√যুজ্+ইন্] বিণ. হঠযোগে সিদ্ধিলাভ করেছে এমন।

হঠাৎ /হঠাত্/ [হি.] অব্য. ক্রিবিণ. সহসা, অকস্মাৎ।

হড়কা /হড়্‌কা/ [দেশি.] ক্রিবি. ১ পিছলে পড়া। ২ ঢিলে হওয়া।

হড়কানো /হড়্‌কানো/ [দেশি.] ক্রিবি. পিছলে পড়া; স্থানভ্রষ্ট হওয়া।

হড়কা বান /হড়্‌কা বান্/ বি. প্রবল বৃষ্টিপাতের ফলে পাহাড়ি বা মরু অঞ্চলে আচমকা ধেয়ে আসা জলস্রোত।

হড়পা /হড়্‌পা/ [দেশি.] বি. নদীতে হঠাৎ আগত বান।

হড়পি /হোড়্‌পি/ [দেশি.] বি. সাপের ঝাঁপি।

হড়বড় /হড়্‌বড়্/ [ধ্বন্যা.] অব্য. অতি দ্রুত কথা বলা বা কাজ করার ভাব।

হড়বড়ানো /হড়্‌বড়ানো/ [বা.] ক্রিবি. অপ্রয়োজনীয় ব্যস্ততার ভাব দেখানো।

হড়বড়ে /হড়্‌বোড়ে/ [বা.] বিণ. ব্যস্তবাগীশ, হড়বড় করে এমন।

হড়হড় /হড়্‌হড়্/ [ধ্বন্যা.] অব্য. ১ পিচ্ছিলতা বা গড়িয়ে পড়ার ভাব। ২ জোরে টেনে আনার অনুকার শব্দ।

হড়হড়ানো /হড়্‌হড়ানো/ [বা.] বিণ. অতিশয় ঢালু। ক্রিবি. হড়হড় করে গড়িয়ে পড়া।

হড়হড়ে /হড়্‌হোড়ে/ [বা.] বিণ. পিচ্ছিল।

হড়াৎ /হড়াত্/ [ধ্বন্যা.] অব্য. হঠাৎ খোলা বা ঢালার অনুকার শব্দ।

হত /হতো/ [স. √হন্+ত] বিণ. ১ মৃত, নিহত। ২ ব্যাহত, বাধাপ্রাপ্ত। ৩ লুপ্ত (*হতগৌরব*)। ৪ অশুভ; মন্দ (*হতভাগা*)।

হতগৌরব /হতোগোড়্‌রব্/ [স. হত+গুরু+অ] বিণ. গৌরব ধূলিসাৎ হয়েছে এমন, গৌরবহীন।

হতচকিত /হতোচোকিতো/ [স. হত+√চক্+ত] বিণ. স্তম্ভিত, হতভম্ব, বিভ্রান্ত।

হতচেতন /হতোচেতন্/ [স. হত+√চিৎ+অন] বিণ. অচেতন, অজ্ঞান, সংজ্ঞাহীন; মূর্ছাপ্রাপ্ত।

হতচ্ছাড়া /হতোচ্ছাড়া/ [বা.] বিণ. লক্ষ্মীছাড়া, দুর্ভাগা, হতভাগ্য, দুর্দশাগ্রস্ত।

হতজীব /হতোজিব্/ [স. হত+√জীব্+অ] বিণ. প্রাণহীন, মৃত।

হতজীবিত /হতোজিবিতো/ [স. হত+√জীব্+ত] বিণ. নিষ্প্রাণ।

হতজ্ঞান /হতোগ্‌গ্যান্/ [স. হত+√জ্ঞা+অন] বিণ. অচেতন, অজ্ঞান, সংজ্ঞাহীন; মূর্ছাপ্রাপ্ত।

হতত্রপ /হতোত্রোপো/ [স. হত+ত্রপা] বিণ. নির্লজ্জ, বেহায়া।

হতদরিদ্র /হতোদোরিদ্‌দ্রো/ [স. হত+দরিদ্র] বিণ.

www.pathagar.com

অতি দরিদ্র ও দুর্দশাগ্রস্ত।

হতধী /হতোধি/ [স. হত+√ধ্যৈ+ক্বিপ্] বিণ. বুদ্ধিভ্রষ্ট, হতভম্ব।

হতপ্রভ /হতোপ্রোভো/ [স. হত+প্রভা] বিণ. নিষ্প্রভ, ম্লান।

হতপ্রায় /হতোপ্রায়্/ [স. হত+প্র+√ই+অ] বিণ. ১ প্রায় মৃত; মুমূর্ষ। ২ প্রায় ধ্বংসপ্রাপ্ত।

হতবল /হতোবল্/ [স. হত+√বল্+অ] বিণ. বলহীন, দুর্বল।

হতবাক /হতোবাক্/ [স. হত+বাক্] বিণ. ১ নির্বাক। ২ অবাক, বিস্মিত।

হতবুদ্ধি /হতোবুদ্ধি/ [স. হত+√বুধ্+তি] বিণ. স্তম্ভিত, কিংকর্তব্যবিমূঢ়।

হতভম্ব /হতোভম্বো/ [বা.] বিণ. দ্র হতবুদ্ধি।

হতভাগা /হতোভাগা/ [বা.] বিণ. মন্দভাগ্য, দুর্ভাগ্য, অভাগা। স্ত্রী. হতভাগি /হতোভাগি/।

হতভাগিনি /হতোভাগিনি/ [বা.] বিণ. 'হতভাগা'-র স্ত্রীলিঙ্গ।

হতভাগ্য /হতোভাগ্গো/ [স. হত+ভাগ্য] বিণ. অভাগা। স্ত্রী. হতভাগ্যা /হতোভাগ্গা/।

হতমান /হতোমান্/ [স. হত+মান] বিণ. অবমানিত, অপদস্থ।

হতমূর্খ /হতোমুর্‌খো/ [স. হত+মূর্খ] বিণ. মহামূর্খ।

হতলক্ষ্মী /হতোলোক্‌খি/ [বা.] বিণ. লক্ষ্মীছাড়া।

হতশ্রদ্ধ /হতোস্‌স্রোদ্‌ধো/ [স. হত+শ্রদ্ধা] বিণ. শ্রদ্ধাহীন, বীতশ্রদ্ধ।

হতশ্রী /হতোস্‌স্রি/ [স. হত+শ্রী] বিণ. ১ শ্রীহীন। ২ হতভাগ্য, লক্ষ্মীছাড়া। ৩ সম্পদহীন।

হতাদর /হতাদোর্/ [স. হত+আদর] বিণ. অনাদৃত, অবজ্ঞাত। বি. অনাদর; অমর্যাদা।

হতাশ /হতাশ্/ [স. হত+আশা] বিণ. ১ নিরাশ। ২ অবসন্ন। ৩ মনমরা।

হতাশা /হতাশা/ [স. হত+আশা] বি. দ্র হতাশ।

হতাশাজনক /হতাশাজনোক্/ [স. হত+আশা+√জনি+অক] বিণ. নৈরাশ্যজনক।

হতাশাব্যঞ্জক /হতাশাব্যান্‌জক্/ [স. হত+আশা+বি+√অনজ্+অক] বিণ. দ্র হতাশাজনক।

হতাশ্বাস /হতাশ্‌শাশ্/ [স. হত+আশ্বাস] বিণ. আশা-প্রত্যাশা লুপ্ত হয়েছে এমন; নিরাশ; আশ্বাসহীন।

হতাস্মি /হতাশ্‌শি/ [স. হতা+অস্মি] বি. 'আমি মরে গেলাম' এরূপ খেদোক্তি।

হতাহত /হতাহতো/ [স. হত+আহত] বিণ. নিহত ও আহত।

হতে /হোতে/ [প্রা.] অব্য. (অপাদান কারকে পঞ্চমী বিভক্তি) থেকে; অবধি; ফলে; দ্বারা।

হতো /হোতো/ [বা.] ক্রিবি. 'হয়'-এর অতীতকালের প্রথম পুরুষের রূপ, 'হইত'-র কথ্য রূপ।

হতোদ্যম /হতোদ্‌দম্/ [স. হত+উদ্যম] বিণ. নিরুদ্যম, উদ্যমহীন; ভগ্নোৎসাহ; নিশ্চেষ্ট।

হত্যা /হোত্‌তা/ [স. √হন্+য+আ (টাপ্)] বি. বধ, প্রাণনাশ, হনন।

হত্যাকাণ্ড /হোত্‌তাকান্‌ডো/ [স. হত্যা+কাণ্ড] বি. হত্যার ঘটনা, খুনের ঘটনা।

হত্যাকারী /হোত্‌তাকারি/ [স. হত্যা+√কৃ+ইন্] বিণ. ঘাতক, খুনি, হননকারী।

হত্যাপরাধ /হোত্‌তাপোরাধ্/ [স. হত্যা+অপরাধ] বি. প্রাণনাশের অপরাধ।

হত্যে /হোত্‌তে/ [স. হত্যা >] বি. অভীষ্ট লাভের জন্য দেবালয়ে আমরণ ধরনা।

হদ /হদ্/ [স. হ্রদ >] বি. গর্ত, গহ্বর।

হদিস /হোদিশ্/ [আ.] বি. ১ সন্ধান, খোঁজ, খবর, তত্ত্ব। ২ উপায়, পথ; সন্ধানের সূত্র। ৩ নির্দেশ।

হদ্দ /হদ্‌দো/ [আ] বি. সীমা, শেষ, অবধি। বিণ. ১ চরম, চূড়ান্ত। ২ মোট, অনধিক।

হদ্দমুদ্দ /হদ্‌দোমুদ্‌দো/ [আ.] ক্রিবিণ. বড়োজোর, খুব বেশি হলে। বিণ. প্রচণ্ড, চূড়ান্ত।

হদ্দ হওয়া /হদ্‌দো হওআ/ ক্রিবি. নাকাল হওয়া, জেরবার হওয়া।

হনন /হনোন্/ [স. √হন্+অন] বি. ১ হত্যা, কতল, বধ। ২ (গ.) গুণন, পূরণ।

হননীয় /হনোনিয়ো/ [স. √হন্+অনীয়] বিণ. বধযোগ্য, বধ্য।

হনহন /হন্‌হন্/ [ধ্বন্যা.] অব্য. দ্রুততার ভাববাচক।

হনহনানো /হন্‌হনানো/ [বা.] ক্রিবি. দ্রুত চলা (*হনহন করে এগিয়ে যাওয়া*)।

হনহনিয়ে /হন্‌হোনিয়ে/ [বা.] ক্রিবিণ. দ্রুত বেগে (*আসছে কা'রা / হনহনিয়ে?* সত্যেন্দ্র.)।

হনু[১]/হোনু/ [স. √হন্+উ] বি. চোয়াল; চিবুক।

হনু[২]/হোনু/ [বা.] ক্রি. 'হইলাম'-এর আঞ্চলিক রূপ।

হনুগ্রহ /হোনুগ্‌গ্রোহো/ [স. হনু+গ্রহ] বি. মাংসপেশির আকস্মিক সংকোচনজনিত চোয়ালের অনড় অবস্থা, locked jaw।

হনুমান /হোনুমান্/ [স. হনু+মৎ] বি. ১ লম্বা লেজওয়ালা কালোমুখ বানরের প্রজাতিবিশেষ। ২ রামায়ণে বর্ণিত রামের অনুচর।

হনুস্তম্ভ /হোনুস্‌তম্‌ভো/ [স. হনু+স্তম্ভ] বি. দ্র হনুগ্রহ।

www.pathagar.com

হন্ডা /হন্‌ডা / [স. ভান্ডক >] বি. বড়ো হাঁড়ি।

হন্ডি /হোন্‌ডি / [স. ভান্ডিকা >] বি. হাঁড়ি, মাটির পাত্রবিশেষ।

হন্ডিকা /হোন্‌ডিকা / [স. ভান্ডিকা >] বি. দ্র হন্ডি।

হন্তদন্ত /হন্‌তোদন্‌তো / [দেশি.] বিণ. ব্যস্তসমস্ত, অত্যন্ত ব্যস্ত ও ব্যাকুল।

হন্তব্য /হন্‌তোব্‌বো / [স. √হন্‌+তব্য] বিণ. হননীয়, বধযোগ্য, হননযোগ্য।

হন্তা /হন্‌তা / [স. √হন্‌+তৃ] বিণ. হত্যাকারী, ঘাতক, বধকারী। স্ত্রী. হন্ত্রী /হোন্‌ত্রি /।

হন্তারক /হন্‌তারক্‌ / [স. হন্তা >] বিণ. বধকর্তা, হত্যাকারী, ঘাতক।

হন্তে /হন্‌তে / [বা.] অব্য. ১ হতে, হইতে, থেকে। ২ পঞ্চমী বিভক্তিবাচক অনুসর্গ।

হন্দর /হন্‌দর্‌/ [ই.] বি. ওজনের পরিমাপবিশেষ (১১২ পাউন্ড বা ৫০·৮ কেজি), hundredweight, cwt.।

হন্য /হোন্‌নো / [স. √হন্‌+য] বিণ. হনন করার যোগ্য, হন্তব্য।

হন্যমান /হোন্‌নোমান্‌ / [স. √হন্‌+মান (শানচ্‌)] বিণ. ১ বধ করা হচ্ছে এমন। ২ বিনষ্ট হচ্ছে এমন।

হন্যে /হোন্‌নে / [বা.] বিণ. ১কিছু করা বা পাওয়ার জন্য ব্যাকুলভাবে চেষ্টাযুক্ত। ২ উদ্‌ভ্রান্ত; ক্ষিপ্ত।

হপ্তা /হপ্‌তা / [স. সপ্তাহ >] বি. সাতদিনের কালপর্ব, সপ্তাহ, পরপর সাতদিন (রবি সোম মঙ্গল বুধ বৃহস্পতি শুক্র ও শনি)।

হবন /হবোন্‌ / [স. √হু+অন] বি. ১ হোম। ২ যজ্ঞ।

হবনী /হবোনি / [স. √হু+অন+ঈ] বি. হোমকুণ্ড, যাতে আহুতি প্রদান করা হয়।

হবনীয় /হবোনিয়ো / [স. √হু+অনীয়] বিণ. হোমের যোগ্য, হব্য, যজ্ঞীয়। বি. হোমের উপাদান।

হবহব /হবোহবো / [বা.] বিণ. হওয়ার উপক্রম হয়েছে এমন, অতি নিকটবর্তী, আসন্ন।

হবি /হোবি / [স. হবিঃ >] বি. হব্য বস্তু; হোমের ঘৃত; ঘৃত; হোম।

হবিষ্য /হোবিশ্‌শো / [স. হবিস্‌+য] বি. আমিষবর্জিত ঘৃতপক্ক আতপ চাল।

হবিষ্যান্ন /হোবিশ্‌শান্‌নো / [স. হবিস্‌+অন্ন] বি. দ্র হবিষ্য।

হবিষ্যাশী /হোবিশ্‌শাশি / [স. হবিষ্য+√অশ্‌+ইন্‌] বিণ. হবিষ্য ভোজনকারী।

হবিষ্যি /হোবিশ্‌শি / [স. হবিষ্য >] বি. 'হবিষ্য'-র কথ্য রূপ।

হবু /হোবু / [বা.] বিণ. হবে এমন, ভাবী (*হবু মন্ত্রী*)।

হবুচন্দ্র /হোবুচন্‌দ্রো / [বা.] বি. কবিকল্পিত মূর্খ রাজা। বিণ. নির্বোধ।

হব্য /হোব্‌বো / [স. √হু+য] বি. দেবতার উদ্দেশ্যে নিবেদিত অন্ন। বিণ. হোমে প্রদেয়; হোমের যোগ্য।

হম্বা /হম্‌বা / [ধ্বন্যা.] অব্য. বি. গোরুর ডাকের অনুকার শব্দ।

হম্বিতম্বি /হম্‌বিতোম্‌বি / [দেশি.] বি. তর্জনগর্জন।

হযবরল /হজবরল / [দেশি.] বি. বিশৃঙ্খলা, অব্যবস্থা; গোঁজামিল। বিণ. বিপর্যস্ত, এলোমেলো।

হয়[১] /হয়্‌/ [স. √হয়্‌+অ] বি. অশ্ব, ঘোড়া (*হয়গ্রীব*)। স্ত্রী. হয়ী /হোয়ি /।

হয়[২] /হয়্‌/ [বা.] ক্রি. 'হওয়া'-র প্রথম পুরুষের নিত্য বর্তমান রূপ। অব্য. বিকল্পসূচক অব্যয় (*হয় তুমি নয় আমি*)।

হয়কে নয় করা /হয়কে নয় করা/ ক্রিবি. যা ঘটে বা সংঘটিত হয় তাকে ঘটেনি বলে প্রতিপন্ন করা; সত্যকে মিথ্যারূপে প্রতিপন্ন করা।

হয়গ্রীব /হয়োগ্‌গ্রিবো / [স. হয়+গ্রীব] বিণ. ঘোড়ার গ্রীবার মতো গ্রীবাবিশিষ্ট। স্ত্রী. হয়গ্রীবা /হয়োগ্‌গ্রিবা /।

হয়তো /হয়্‌তো/ [বা.] ক্রিবিণ. সম্ভবত।

হয়রান /হয়্‌রান্‌/ [আ.] বিণ. ১ ক্লান্ত, পরিশ্রান্ত। ২ উত্ত্যক্ত। ৩ উৎপীড়িত, নাকাল।

হয়রানি /হয়্‌রানি / [ফা.] বি. ১ হয়রান হওয়ার ভাব; নাকালের একশেষ। ২ বিব্রতকর অবস্থা; হতবুদ্ধিতা।

হয় হয় /হয়্‌ হয়্‌/ বিণ. অতি আসন্ন।

হয়ে /হোয়ে / [বা.] অব্য. ক্রিবিণ. ১ পক্ষে বা প্রতিনিধিরূপে (*অন্যের হয়ে বলা*)। ২ পথিমধ্যে কোনো স্থান ঘুরে।

হর[১] /হর্‌/ [স. √হৃ+অ] বি. শিব।

হর[২] /হরো / [স. √হৃ+অ] বিণ. ১ হরণ করে এমন। ২ নাশক; অপনোদক, দূরকারী। ৩ সংগ্রহকারী।

হর[৩] /হর্‌/ [স. √হৃ+অ] বি. (গ.) ভাজক বা বিভাজক, denominator।

হর[৪] /হর্‌/ [ফা.] বিণ. ১ প্রতি (*হররোজ*)। ২ বিবিধ, নানা (*হরবোলা*)।

হরকত /হর্‌কত্‌/ [আ.] বি. ১ বাধা, বিঘ্ন। ২ ক্ষতি।

হরকরা /হর্‌করা / [ফা.] বি. ১ এক ডাকঘর থেকে অন্য ডাকঘরে চিঠিপত্রের থলি আনা-নেওয়া যার পেশা, রানার (*ডাকহরকরা*); সংবাদবাহক। ২ দূত। ৩ চর।

www.pathagar.com

হরগৌরী /হরোগোউরি/ [স. হর+গৌরী] বি. ১ শিব ও দুর্গা। ২ অর্ধনারীশ্বর। বিণ. একে অন্যের পরিপূরক এমন।

হরঘড়ি /হর্‌ঘোড়ি/ [বা.] ক্রিবিণ. সদা, সর্বদা, সবসময়, অনবরত, প্রতিক্ষণ।

হরচূড়ামণি /হরোচুরামোনি/ [স. হর+চূড়া+মণি] বি. চাঁদ।

হরণ /হরোন্/ [স. √হৃ+অন] বি. ১ লুণ্ঠন, চুরি। ২ নাশন; অপনোদন। ৩ (গ.) বিভাজন।

হরণপূরণ /হরোনপুরন্/ [স. হরণ+পূরণ] বি. বিভাজন ও গুণন।

হরতন /হর্‌তন্/ [ওল.] বি. তাসের রংবিশেষ।

হরতাল /হর্‌তাল্/ [গুজ.] বি. প্রতিবাদ বা শক্তিপ্রদর্শনের উদ্দেশ্যে বিরোধী রাজনৈতিক দলের আহূত ধর্মঘট; দাবি আদায়ের উদ্দেশ্যে শ্রমিক সংগঠনের আহূত ধর্মঘট; বন্ধ।

হরদম /হর্‌দম্/ [ফা.] ক্রিবিণ. সর্বদা, নিয়ত; অনবরত।

হরফ /হরোফ্/ [আ.] বি. বর্ণমালার লেখ্য সংকেত; অক্ষর।

হরফবিন্যাস /হরোফ্‌বিন্‌ন্যাশ্/ [আ. হরফ+স. বিন্যাস] বি. মুদ্রণের জন্য অক্ষর বিন্যাস, কম্পোজ।

হরবোলা /হর্‌বোলা/ [ফা.] বি. ১ যে ব্যক্তি বিভিন্ন বুলি বা ভাষা বলতে পারে। ২ যে ব্যক্তি পশুপাখির ডাক অনুকরণ করতে দক্ষ।

হরমোন /হর্‌মোন্/ [গ্রি.] বি. অন্তঃক্ষরাগ্রন্থি (endocrine gland) থেকে নিঃসৃত (প্রকৃতি বৈশিষ্ট্য প্রভৃতি বার্তাবাহী) প্রোটিনজাতীয় জৈবযৌগ তরলপদার্থ (organic compound) যা কোষরসের (tissue fluid) সঙ্গে মিশে জীবদেহ বা উদ্ভিদের অন্য কোনো কোষকলার ওপর প্রভাব বিস্তার বা জৈবিক প্রকৃতি নির্ধারণের পর ধ্বংসপ্রাপ্ত হয়, hormone।

হররা /হর্‌রা/ [ধ্বন্যা.] বি. হাসির উচ্চ রব।

হররোজ /হর্‌রোজ্/ [ফা.] ক্রিবিণ. প্রতিদিন।

হরষ /হরোশ্/ [স. হর্ষ >] বি. ১ আনন্দ, উল্লাস, পুলক। ২ উদ্‌গম, উদ্ভেদ। ৩ শিহরন। ৪ 'হর্ষ'-র কোমল রূপ।

হরষিত /হরোশিতো/ [বা.] বিণ. আনন্দিত।

হরহামেশা /হর্‌হামেশা/ [ফা.] ক্রিবিণ. প্রায়শ।

হরা /হরা/ [বা.] ক্রিবি. ১ হরণ করা, চুরি করা; ছিনিয়ে নেওয়া। ২ মোহিত করা; আকর্ষণ করা। ৩ দূর করা।

হরাদ্রি /হরাদ্‌দ্রি/ [স. হর+অদ্রি] বি. (শিবের আবাসস্থল বলে) কৈলাস পর্বত।

হরি /হোরি/ [স. √হৃ+ই] বি. ১ বিষ্ণু, নারায়ণ। ২ কৃষ্ণ। ৩ ব্রহ্মা। ৪ ইন্দ্র। ৫ যম। ৬ সূর্য। ৭ চন্দ্র। ৮ বায়ু। ৯ কিরণ। ১০ সিংহ। ১১ অশ্ব। ১২ বানর। ১৩ ময়ূর। ১৪ কোকিল। ১৫ সাপ। ১৬ ব্যাং। ১৭ হংস। ১৮ সবুজ বর্ণ। ১৯ পিঙ্গল বর্ণ। ২০ ধান্যবিশেষ।

হরিগুণগান /হোরিগুনোগান্/ [স. হরি+গুণগান] বি. হরি বা বিষ্ণুর মহিমাকীর্তন।

হরিচন্দন /হোরিচন্দন্/ [স. হরি+চন্দন] বি. ১ পীতচন্দন; কপিলবর্ণ চন্দন; শ্বেতচন্দন; কুমকুম। ২ দেবতরুবিশেষ।

হরিজন /হোরিজন্/ [স. হরি+√জন্+অ] বি. ভারতের অনগ্রসর ও নিগৃহীত জাতিকে মহাত্মা গান্ধী কর্তৃক প্রদত্ত নাম।

হরিণ /হোরিন্/ [স. √হৃ+ইন] বি. বাংলাদেশ-সহ পৃথিবীর প্রায় সব দেশের বনজঙ্গলে বিচরণ করে এমন মেদহীন সুন্দর দেহ বড়ো চোখ এবং দুটি বড়ো ও দুটি ছোটো খুরবিশিষ্ট চতুষ্পদ তৃণভোজী দ্রুতগামী প্রাণী (যার পুরুষকুলের একজোড়া সরল বা শাখাপ্রশাখাবিশিষ্ট শিং থাকে), এণ, কুরঙ্গ, মৃগ।

হরিণনয়ন /হোরিন্‌নয়োন্/ [স. হরিণ+নয়ন] বিণ. হরিণের চোখের মতো সুন্দর চোখবিশিষ্ট। স্ত্রী. হরিণনয়না /হোরিন্‌নয়োনা/।

হরিণাক্ষ /হোরিনাক্‌খো/ [স. হরিণ+অক্ষি] বিণ. দ্র হরিণনয়ন। স্ত্রী. হরিণাক্ষী /হোরিনাক্‌খি/।

হরিণাঙ্ক /হোরিনাংকো/ [স. হরিণ+অঙ্ক] বি. ১ চন্দ্র। ২ মৃগাঙ্ক।

হরিতাল /হোরিতাল্/ [স. হরি+তাল] বি. ১ আর্সেনিক ও গন্ধকের মিশ্রণজাত উজ্জ্বল হলুদ কেলাসিত (ত্রিকোণাকৃতি) আকরিক পদার্থবিশেষ, orpiment। ২ হরিয়াল।

হরিতালিকা /হোরিতালিকা/ [স. হরিতালী+কন্+আ (টাপ্)] বি. ১ ছায়াপথ। ২ ভাদ্রমাসের শুক্লাচতুর্থী তিথি।

হরিতালী /হোরিতালি/ [স. হরিতাল+ঈ] বি. দ্র হরিতালিকা।

হরিতাশ্ম /হোরিতাশ্‌শো/ [স. হরিৎ+√অশ্+মন্] বি. ১ উজ্জ্বল সবুজ রত্নবিশেষ, মরকতমণি, emerald। ২ তুঁতিয়া, তুঁতে।

হরিৎ /হোরিত্/ [স. √হৃ+ইৎ] বি. ১ সবুজ বর্ণ। ২ পুরাণে কল্পিত সূর্যের রথের অশ্ব। বিণ. সবুজ বর্ণবিশিষ্ট।

হরিদশ্ব /হোরিদশ্‌শো/ [স. হরিৎ+অশ্ব] বি. যার অশ্ব হরিদ্‌বর্ণ, সূর্য।

www.pathagar.com

হরিদ্‌বর্ণ /হোরিদ্‌বর্‌নো / [স. হরিৎ+বর্ণ] বিণ. সবুজ বর্ণবিশিষ্ট।

হরিদ্বার /হোরিদ্‌দার্‌/ [স. হরি+দ্বার] বি. হিমালয়ের পাদদেশে গঙ্গানদীর দক্ষিণ তীরে অবস্থিত তীর্থ-ক্ষেত্রবিশেষ।

হরিদ্রা /হোরিদ্‌দ্রা / [স. হরি+ √দ্র+অ+আ (টাপ্‌)] বি. এশিয়ার ক্রান্তীয় অঞ্চলে জাত এবং বর্ষাকালে ফোটে এমন সবুজাভ হলুদ ফুল ও লম্বাটে পাতাবিশিষ্ট বর্ষজীবী উদ্ভিদ বা তার ভেষজগুণসম্পন্ন তীব্রগন্ধ কটুস্বাদ কন্দ (যা শুকানোর পর হলুদ রং ধারণ করে এবং রান্নার মসলারূপে ব্যবহৃত হয়), হলুদ।

হরিদ্রাঙ্গ /হরিদ্‌দ্রাংগো / [স. হরিদ্রা+ অঙ্গ] বি. যার অঙ্গ হলুদ; হরিয়াল পাখি।

হরিদ্রাভ /হরিদ্‌দ্রাভো / [স. হরিদ্রা+আভা] বিণ. পীতবর্ণবিশিষ্ট, হলুদ।

হরিনাম /হোরিনাম্‌ / [স. হরি+নামন্‌] বি. বিষ্ণু বা হরির নাম।

হরিনাম করা /হোরিনাম্‌ করা/ ক্রিবি. হরির নাম জপ করা।

হরিপ্রসাদ /হোরিপ্রোশাদ্‌/ [স. হরি+প্রসাদ] বি. হরির অনুগ্রহ।

হরিপ্রিয়া /হোরিপ্রিআ / [স. হরি+প্রিয়া] বি. ১ দেবতাকে অর্ঘ্য প্রদানের উদ্দেশ্যে উঁচু বেদিতে লাগানো হয় এমন বহুশাখাবিশিষ্ট গুল্মজাতীয় উদ্ভিদ বা তার ভেষজগুণসম্পন্ন খাঁজকাটা রোমশ সুগন্ধ পাতা, তুলসী। ২ দেবী লক্ষ্মী। ৩ পৃথিবী। ৪ দ্বাদশী তিথি।

হরিপ্রেম /হোরিপ্‌প্রেম্‌ / [স. হরি+প্রেম] বি. ঈশ্বরের প্রতি অনুরাগ; বিষ্ণুপ্রীতি।

হরিবাসর /হোরিবাশোর্‌ / [স. হরি+ √বস্‌+ণিচ্‌+অর] বি. ১ একাদশীর তিথি। ২ (ব্য.) অনশন; উপবাস।

হরিবোল /হোরিবোল্‌/ [স. হরি+হি. বোল] বি. পবিত্র কর্ম শববহন ও দাহকার্যে সমবেত কণ্ঠে উচ্চার্য ইষ্টনাম।

হরিভক্ত /হোরিভক্‌তো/ [স. হরি+ √ভজ্‌+ত] বিণ. ১ হরির প্রতি ভক্তিমান এমন। ২ বৈষ্ণব।

হরিভুক /হোরিভুক্‌/ [স. হরি+ √ভুজ্‌+ক্বিপ্‌] বি. (হরি অর্থাৎ ব্যাং খায় বলে) সাপ।

হরিমটর /হোরিমটোর্‌/ [স. হরি+বা. মটর] বি. (ব্য.) অনশন, উপবাস।

হরিয়াল /হোরিআল্‌/ [স. হরিতাল >] বি. বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের উত্তরাঞ্চল চীন ভিয়েতনাম থাইল্যান্ড প্রভৃতি দেশের বনাঞ্চলে বিচরণ করে এমন লম্বা লেজ ও লালচে পা-বিশিষ্ট উজ্জ্বল সবুজাভ হলুদ পালকবিশিষ্ট বিরল প্রজাতির মাঝারি আকৃতির ফলভুক পাখি।

হরিলুট /হোরিলুট্‌/ [স. হরি+বা. লুট] বি. হরি-সংকীর্তনের পর ভক্তদের মধ্যে হরির নামে বাতাসা প্রভৃতি ছড়িয়ে দেওয়ার সংস্কার।

হরিষ /হোরিশ্‌/ [স. হর্ষ >] বি. 'হর্ষ'-এর কোমল রূপ।

হরিষে বিষাদ /হোরিশে বিশাদ্‌/ বি. আনন্দঘন পরিবেশের অপ্রত্যাশিত দুঃখজনক সমাপ্তি।

হরিসংকীর্তন /হোরিশংকির্‌তন্‌/ [স. হরি+সংকীর্তন] বি. হরি বা বিষ্ণুর মহিমা কীর্তন।

হরিসভা /হোরিশভা/ [স. হরি+সভা] বি. বিষ্ণুর মহিমা আলোচনার জন্য আহূত সভা।

হরিহর /হোরিহর্‌ / [স. হরি+হর] বি. ১ বিষ্ণু ও শিব, হরি ও হর। ২ বিষ্ণু ও শিবের যুগল মূর্তি।

হরিহর-আত্মা /হোরিহর্‌ আত্‌তা/ বিণ. অভিন্ন-হৃদয়। বি. গভীর বন্ধুত্ব।

হরীতকী /হোরিতোকি/ [স. হরি+ইত+কন্‌+ঈ] বি. গ্রীষ্মমণ্ডলীয় অঞ্চলে জাত এবং বসন্তকালে ফোটে এমন সাদাটে উভলিঙ্গ ফুল ও ভেষজগুণসম্পন্ন জলপাইসদৃশ হলুদাভ কষায় ফল বা তার ডিম্বাকৃতি পাতাবিশিষ্ট মাঝারি আকৃতির পত্রমোচী বৃক্ষ (আনি. মধ্য এশিয়া)।

হরেক /হরেক্‌/ [বা.] বিণ. বিবিধ, নানাপ্রকার; সকল, প্রত্যেক।

হরেদরে /হরেদরে / [ফা.] ক্রিবিণ. মোটের ওপর, গড়পড়তা।

হর্তা /হর্‌তা / [স. √হৃ+তৃ] বিণ. ১ হরণকর্তা, অপ-হারক। ২ সংহারক, বিনাশক।

হর্তাকর্তা /হর্‌তাকর্‌তা/ [স. হর্তা+কর্তা] বি. সর্বময় কর্তা; সংহার ও সৃষ্টির কর্তা।

হর্তাকর্তাবিধাতা /হর্‌তাকর্‌তাবিধাতা/ [স. হর্তাকর্তা +বিধাতা] বি. ১ সৃষ্টি স্থিতি ও প্রলয়ের কর্তা। ২ (আল.) সর্বময় ক্ষমতাসম্পন্ন ব্যক্তি।

হর্ম্য /হোরম্যো / [স. √হৃ+য] বি. প্রাসাদ; সৌধ।

হর্যক্ষ /হোর্‌জোক্‌খো/ [স. হরি+অক্ষি] বি. ১ সিংহ। ২ সিংহরাশি। ৩ কুবের।

হর্যশ্ব /হোর্‌জোশ্‌শো / [স. হরি+অশ্ব] বি. ১ ইন্দ্র (যার ঘোড়া হলুদবর্ণ)। ২ প্রজাপতি দক্ষের পাঁচ হাজার পুত্র যে নামে অভিহিত।

হর্ষ /হর্‌শো/ [স. √হৃষ্‌+অ] বি. ১ আনন্দ, উল্লাস, পুলক। ২ উদ্‌গম, উদ্ভেদ। ৩ শিহরন।

হর্ষণ /হর্‌শোন্‌ / [স. √হৃষ্‌+অন] বি. পুলক, হর্ষ।

www.pathagar.com

হর্ষান্বিত /হর্‌শান্‌নিতো/ [স. হর্ষ+অন্বিত] বিণ. আনন্দিত; তোষিত।

হর্ষাবিষ্ট /হর্‌শাবিশ্‌টো/ [স. হর্ষ+আবিষ্ট] বিণ. দ্র হর্ষান্বিত।

হর্ষিত /হোর্‌শিতো/ [স. √হৃষ্‌+ণিচ্‌+ত] বিণ. দ্র হর্ষান্বিত।

হর্ষোচ্ছ্বাস /হর্‌শোচ্‌ছাশ্‌/ [স. হর্ষ+উচ্ছ্বাস] বি. অতিশয় উৎফুল্লতা।

হর্ষোৎফুল্ল /হর্‌শোত্‌ফুল্‌লো/ [স. হর্ষ+উৎফুল্ল] বিণ. আনন্দে উৎফুল্ল।

হর্ষোদয় /হর্‌শোদয়্‌/ [স. হর্ষ+উদয়] বি. আনন্দের উদ্রেক।

হল[১] /হল্‌/ [স. √হল্‌+অ] বি. ভূমি কর্ষণের হাতিয়ার-বিশেষ, লাঙল।

হল[২] /হল্‌/ [আ.] বি. ১ দ্রবীকরণ। ২ সোনার প্রলেপ। ৩ সমাধান; মোচন। বিণ. সোনালি।

হল[৩] /হল্‌/ [ই. hall] বি. ১ বৈঠক সভা প্রভৃতি অনুষ্ঠানের উদ্দেশ্যে নির্মিত বৃহদাকার ঘর। ২ আবাসিক বিশ্ববিদ্যালয়ের ছাত্রাবাস।

হল করা /হল্‌ করা/ ক্রিবি. সোনার জলে কলাই করা, গিলটি করা।

হলকর্ষণ /হলোকর্‌শোন্‌/ [স. হল+কর্ষণ] বি. লাঙল দিয়ে ভূমি কর্ষণ।

হলকা /হল্‌কা/ [আ.] বি. ১ দল, পাল; সমূহ। ২ চক্র। ৩ ঘোড়ার গলায় পরানোর চামড়ার বেড়। ৪ তাপ বিকিরণ বা গরম বাতাসের ঝাপটা।

হলঘর /হল্‌ঘর্‌/ [ই. হল+বা. ঘর] বি. সামাজিক বা আলোচনা অনুষ্ঠানের জন্য নির্মিত বড়ো ঘর।

হলচালন /হল্‌চালোন্‌/ [স. হল+√চল্‌+ণিচ্‌+অন] বি. হলকর্ষণ, চাষ।

হলচালনা /হল্‌চালোনা/ [স. হল+চালনা] বি. দ্র হলকর্ষণ।

হলদণ্ড /হলোদন্‌ডো/ [স. হল+দণ্ড] বি. লাঙলের ঈষ।

হলদি /হোল্‌দি/ [স. হরিদ্রা >] বি. দ্র হরিদ্রা।

হলদে /হোল্‌দে/ [স. হরিদ্রা >] বিণ. হলুদবর্ণ-বিশিষ্ট, পীত।

হলধর /হলোধর্‌/ [স. হল+√ধৃ+অ] বি. ১ লাঙলের চালক; কৃষক, চাষি। ২ শ্রীকৃষ্ণের অগ্রজ বলরাম।

হলন্ত /হলন্‌তো/ [স. হল+অন্ত] বিণ. অন্তে ব্যঞ্জনবর্ণ আছে এমন, ব্যঞ্জনান্ত।

হলপ /হলোপ্‌/ [আ.] বি. দ্র হলফ।

হলফ /হলোফ্‌/ [আ.] বি. সত্য বলা হচ্ছে বোঝানোর জন্য শপথ বা দিব্যি, ঈশ্বরের নামে শপথ, হলপ।

হলভৃৎ /হলোব্‌ভৃত্‌/ [স. হল+ভৃৎ] বি. দ্র হলধর।

হলহল /হল্‌হল্‌/ [স. শিথিল >] অব্য. অতিশয় ঢিলা বা শিথিলভাব।

হলহলা /হল্‌হলা/ [দেশি.] অব্য. হর্ষধ্বনি, আনন্দ-ধ্বনি; কলরব।

হলহলে /হল্‌হোলে/ [বা.] বিণ. ১ অতিশয় ঢিলে, হলহল করছে এমন। ২ পাতলা; লঘু। বি. ছোটো নির্বিষ সাপবিশেষ।

হলাগ্র /হলাগ্‌গ্রো/ [স. হল+অগ্র] বি. লাঙলের ফলা যা দিয়ে ভূমি কর্ষণ করা হয়।

হলায়ুধ /হলায়ুধ্‌/ [স. হল+আয়ুধ] বি. শ্রীকৃষ্ণের অগ্রজ বলরামের অন্য নাম।

হলাহল /হলাহল্‌/ [স. হল+আ+√হল্‌+অ] বি. কাল-কূট, দেবাসুর কর্তৃক সমুদ্রমন্থনে উত্থিত তীব্র বিষ।

হলী /হোলি/ [স. হল+ইন্‌] বি. ১ কৃষক। ২ বলরাম।

হলুদ[১]/হোলুদ্‌/ [স. হরিদ্রা >] বি. দ্র হরিদ্রা।

হলুদ[২]/হোলুদ্‌/ [স. হরিদ্রা >] বি. তিনটি মৌলিক রঙের (লাল নীল ও হলুদ) তৃতীয়টি।

হলে /হোলে/ [বা.] ক্রিবিণ. হওয়া বা ঘটার শর্ত-সাপেক্ষে, ঘটলে; 'হইলে'-র চলিত রূপ।

হলো /হোলো/ [বা.] ক্রি. 'হইল'-র চলিত রূপ।

হল্য /হোল্‌লো/ [স. হল+য] বিণ. হলসম্বন্ধীয়; হলকর্ষণের যোগ্য।

হল্লা /হল্‌লা/ [হি.] বি. কোলাহল, সমস্বরে চিৎকার, গোলমাল।

হসন /হশোন্‌/ [স. √হস্‌+অন] বি. হাস্য, হাসি।

হসন্ত /হশোন্‌তো/ [স. √হস্‌+অন্ত] বিণ. অন্তে স্বর নেই এমন চিহ্নযুক্ত, হস্‌ (্) চিহ্নযুক্ত।

হসন্তিকা /হশোন্‌তিকা/ [স. হসন্তী+কন্‌+আ (টাপ্‌)] বি. দ্র হসন্তী।

হসন্তী /হশোন্‌তি/ [স. √হস্‌+অৎ+ঈ] বি. ১ আগুন রাখার পাত্র; ধুনুচি। ২ বেলফুল, মল্লিকা।

হসিত /হোশিতো/ [স. √হস্‌+ত] বিণ. ১ হেসেছে এমন; হাস্যযুক্ত, সহাস্য। ২ বিকশিত, প্রফুল্ল।

হস্‌ /হশ্‌/ বি. অন্তে স্বর নেই এমন বোঝাতে ব্যবহৃত চিহ্ন (্)।

হস্ত /হস্‌তো/ [স. √হস্‌+ত] বি. ১ বগল থেকে (কবজি ও তালু-সহ) আঙুলের ডগা পর্যন্ত দেহের অংশ, বাহু, ভুজ, হাত, কর, পাণি। ২ মানবদেহের কনুই থেকে মাঝের আঙুলের প্রান্তদেশ পর্যন্ত দৈর্ঘ্যের এককবিশেষ, আনুমানিক ১৮ ইঞ্চি। ৩ হাতির শুঁড়। ৪ (আল.) সহযোগিতা বা বিঘ্নসৃষ্টির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ (হস্তক্ষেপ)।

হস্তকণ্ডূয়ন /হস্‌তোকোন্‌ডুঅন্‌/ [স. হস্ত+কণ্ডূয়ন]

www.pathagar.com

বি. ১ হাতের চুলকানি। ২ (আল.) কিছু করার জন্য নিশপিশ ভাব।

হস্তকৌশল /হস্তোকৌশল্/ [স. হস্ত+কৌশল] বি. ১ হাতের কায়দা। ২ হাতসাফাই, sleight of hand।

হস্তক্ষেপ /হস্তোক্ষেপ্/ [স. হস্ত+ক্ষেপ] বি. কোনো কাজে বাধা প্রদান, বিঘ্নসৃষ্টি।

হস্তক্ষেপণ /হস্তোক্ষেপন্/ [স. হস্ত+ক্ষেপণ] বি. দ্র হস্তক্ষেপ।

হস্তগত /হস্তোগতো/ [স. হস্ত+গত] বিণ. করায়ত্ত, অধিকারে আনীত, অধিকৃত, বশীভূত।

হস্তগ্রাহ্য /হস্তোগ্রাজ্ঝো/ [স. হস্ত+ গ্রাহ্য] বিণ. হাত দিয়ে ছোঁয়া বা গ্রহণ করা যায় এমন।

হস্তচালিত /হস্তোচালিতো/ [স. হস্ত+চালিত] বিণ. হাত দিয়ে চালানো হয় এমন (যন্ত্রচালিত নয়)।

হস্তচ্যুত /হস্তোচ্চুতো/ [স. হস্ত+চ্যুত] বিণ. হাত-ছাড়া হয়েছে বা হাত থেকে পড়ে গিয়েছে এমন।

হস্তত্র /হস্তোত্ত্রো/ [স. হস্ত+ত্র] বি. ১ জীবাণু সংক্রমণ রোধকল্পে ব্যবহৃত করজি থেকে আঙুল পর্যন্ত (প্রতিটি আঙুলের জন্য পৃথক খোপবিশিষ্ট) পাতলা কৃত্রিম রবার প্লাস্টিক প্রভৃতির আবরণ। ২ কোনো তপ্ত বস্তু ধরার সময় হাতে পরিধেয় তাপনিরোধী পুরু দস্তানাবিশেষ। ৩ হাত গরম রাখার জন্য পরিধেয় প্রতিটি আঙুলের জন্য পৃথক খোপবিশিষ্ট চামড়া বা পশমের মোজা, হাতমোজা।

হস্তবুদ /হস্তোবুদ্/ [ফা.] বি. ১ অতীত ও বর্তমানের হিসাব; জমাবন্দি। ২ জমিদারির মোট আয়। ৩ জমিজমা ও ভূসম্পত্তির খাজনার হিসাবের কাগজ-পত্র।

হস্তরেখা /হস্তোরেখা/ [স. হস্ত+রেখা] বি. ১ হাতের তালুর রেখা। ২ (আল.) অদৃষ্ট।

হস্তলাঘব /হস্তোলাঘব্/ [স. হস্ত+লাঘব] বি. হাতসাফাই; sleight of hand।

হস্তলিখিত /হস্তোলিখিতো/ [স. হস্ত+লিখিত] বিণ. হাতে লেখা (মুদ্রিত বা টাইপ করা নয় এমন)।

হস্তলিপি /হস্তোলিপি/ [স. হস্ত+লিপি] বি. হস্তাক্ষর, handwriting।

হস্তসিদ্ধি /হস্তোশিদ্ধি/ [স. হস্ত+সিদ্ধি] বি. বেতন।

হস্তসূত্র /হস্তোশুত্ত্রো/ [স. হস্ত+ √সিব্+ত্র] বি. হাতে পরিধেয় মঙ্গলসূত্র; রাখি; বলয়।

হস্তা /হস্তা/ [স. হস্ত+আ (টাপ্)] বি. কক্ষপথে চন্দ্রের গতি নির্ণয়ের জন্য ভারতীয় জ্যোতির্বিদ্যায় মহাকাশে চিহ্নিত ২৭টি নক্ষত্রের ত্রয়োদশ নক্ষত্র।

হস্তাক্ষর /হস্তাক্খর/ [স. হস্ত+অক্ষর] বি. হাতের লেখা; হাতের লেখার ধরন।

হস্তান্তর /হস্তান্তর্/ [স. হস্ত+অন্তর] বি. ১ অন্যের অধিকারে অর্পণ। ২ হাতবদল।

হস্তান্তরযোগ্য /হস্তান্তর্জোগ্গো/ [স. হস্তান্তর+ যোগ্য] বিণ. হস্তান্তর করা যায় বা করা উচিত এমন।

হস্তান্তরিত /হস্তান্তোরিতো/ [স. হস্তান্তর+ইত] বিণ. অন্যের অধিকারে অর্পণ করা হয়েছে এমন।

হস্তাবলেপ করা /হস্তাবোলেপ্ করা/ ক্রিবি. আলতো করে হাত বুলিয়ে দেওয়া।

হস্তার্পণ /হস্তার্পোন্/ [স. হস্ত+অর্পণ] বি. অন্যের কাজে বাধা সৃষ্টি, হস্তক্ষেপ।

হস্তিপ /হোস্তিপো/ [স. হস্তিন্+√পা+অ] বি. দ্র হস্তিপক।

হস্তিপক /হোস্তিপক্/ [স. হস্তিন্+√পা+অ+ক (স্বার্থে)] বি. হস্তিপালক, মাহুত।

হস্তী /হোস্তি/ [স. হস্ত+ইন্] বি. বাংলাদেশ-সহ এশিয়া ও আফ্রিকা মহাদেশের বনাঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এবং পোষ মানানো যায় এমন লম্বা শুঁড়বিশিষ্ট বিশালকায় শক্তিশালী স্তন্যপায়ী তৃণ-ভোজী ও দীর্ঘজীবী চতুষ্পদ প্রাণী, হাতি, করী, দ্বিপ, দন্তী, দ্বিরদ। স্ত্রী. **হস্তিনী** /হোস্তিনি/।

হস্তীকর্ণ /হোস্তিকর্নো/ [স. হস্তী+কর্ণ] বি. ১ হাতির কান। ২ এরণ্ড বৃক্ষ। ৩ পলাশ। ৪ অপ্রধান দেবতা; ভূতপ্রেত প্রভৃতি। ৫ হিমানী।

হস্তীদন্ত /হোস্তিদন্তো/ [স. হস্তী+দন্ত] বি. হাতির দাঁত।

হস্তীপর্ণী /হোস্তিপোর্ণি/ [স. হস্তী+পর্ণ+ইন্] বি. বাংলাদেশ-সহ এশিয়া ও আফ্রিকার ক্রান্তীয় অঞ্চলের অরণ্যে জাত ভেষজগুণসম্পন্ন গুল্মবিশেষ যার ক্রমশ সরু হয়ে আসা খাড়া ও সুচালো পাতার শক্ত আঁশ থেকে ধনুকের ছিলা তৈরি হয়, bowstring hemp।

হস্তীমদ /হোস্তিমদ্/ [স. হস্তী+√মদ্+অ] বি. ক্ষিপ্ত হাতির শুঁড় গণ্ডদেশ চোখ প্রভৃতি স্থান থেকে নির্গত উৎকট গন্ধযুক্ত তরলপদার্থ।

হস্তীমল্ল /হোস্তিমল্লো/ [স. হস্তী+মল্ল] বি. ১ রণহস্তী। ২ ভস্মস্তূপ। ৩ ধূলিবর্ষণ।

হস্তীমূর্খ /হোস্তিমুর্খো/ [স. হস্তী+মূর্খ] বিণ. অতিশয় মূর্খ, অত্যন্ত নির্বোধ।

হস্তীশালা /হোস্তিশালা/ [স. হস্তী+√শল্+অ+আ (টাপ্)] বি. হাতি রাখার ঘর, পিলখানা।

হস্তীশুণ্ড /হোস্তিশুন্ডো/ [স. হস্তী+শুণ্ড] বি. হাতির শুঁড়।

www.pathagar.com

হস্ত্যশ্ব /হোস্‌তোশ্‌শো/ [স. হস্তী+অশ্ব] বি. হাতি ও ঘোড়া, হাতিঘোড়া; উল্লেখ করার মতো একটা কিছু।

হস্ত্যাজীব /হোস্‌তাজিব্/ [স. হস্তী+আ+√জীব্+অ] বি. হস্তীব্যবসায় যার জীবিকা; হস্তীপালক।

হস্ত্যায়ুর্বেদ /হোস্‌তায়ুর্‌বেদ্/ [স. হস্তী+আয়ুঃ+√বিদ্+অ] বি. ১ হস্তীর চিকিৎসাবিষয়ক শাস্ত্র। ২ হস্তীবিজ্ঞান।

হস্ত্যারোহ /হোস্‌ত্যারোহো/ [স. হস্তী+আ+√রুহ্+অ] বি. গজারোহী; মাহুত।

হস্ত্যারোহী /হোস্‌তারোহি/ [স. হস্তী+আরোহ+ইন্] বিণ. হাতির পিঠে আসীন। বি. মাহুত।

হা /হা/ [স. √হন্+ক্বিপ্] অব্য. হায়; শোক, ক্লেশ, বিস্ময় প্রভৃতি সূচক শব্দ।

হাই /হাই/ [ধ্বন্যা.] বি. বড়ো করে মুখ খুলে (নিঃশব্দে বা সশব্দে) শ্বাসগ্রহণ, ঘুম পাওয়ার কারণে বা ক্লান্তিজনিত মুখব্যাদান, জৃম্ভন।

হাই অক্টেন /হাই অক্‌টেন্/ [আবেশ.] বি. অন্তর্দহন ইঞ্জিনে পেট্রোলের দহন-তাপমাত্রা (ignition temperature) বৃদ্ধির উদ্দেশ্যে উচ্চতর অক্টেন মাত্রার তরল হাইড্রোকার্বন মিশ্রিত পেট্রোল, high-octane।

হাইওয়ে /হাইওয়ে/ [ই.] বি. দুটি শহরের মধ্যে দ্রুত যাতায়াতের জন্য নির্মিত সড়ক, মহাসড়ক, high-way।

হাইকমিশনার /হাইকমিশনার্/ [ই. হাই+লা. কমিশনার] বি. একটি কমনওয়েলথভুক্ত দেশ থেকে অন্য একটি কমনওয়েলথভুক্ত দেশে প্রেরিত রাষ্ট্রদূত, high commissioner।

হাইকোর্ট /হাইকোর্ট্/ [ই.] বি. উচ্চ বিচারালয়, high court।

হাইগ্রোমিটার /হাইগ্রোমিটার্/ [ই. হাইগ্রো+ফ. মিটার] বি. গ্যাস বা বাতাসের জলীয় বাষ্পের পরিমাণ বা আর্দ্রতা মাপার সরঞ্জাম, hygrometer।

হাইজ্যাক /হাইজ্যাক্/ [অজ্ঞা.] বি. বলপূর্বক পণ্য-বোঝাই জলযান বা বিমান প্রভৃতির নিয়ন্ত্রণ দখল করে গতিপথ পরিবর্তন; ছিনতাই; hijack।

হাইড্রোজেন /হাইড্রোজেন্/ [ফ.] বি. স্বাদ বর্ণ ও গন্ধহীন হালকা ও দাহ্য মৌলিক গ্যাসবিশেষ যার পারমাণবিক সংখ্যা ১, উদ্‌জান, hydrogen।

হাইফেন /হাইফেন্/ [লা.] বি. ১ দুটি পৃথক শব্দ সংযুক্ত বা বিভক্তকরণের চিহ্নবিশেষ। ২ কোনো শব্দকে ভেঙে তার শেষাংশ পরবর্তী চরণে লেখার জন্য ব্যবহৃত বিভাজনের চিহ্ন '-' ; যতিচিহ্ন-বিশেষ।

হাইবেঞ্চ /হাইবেন্‌চ্/ [ই.] বি. (সচরাচর শিক্ষা-প্রতিষ্ঠানে লেখার সুবিধার্থে) বসার বেঞ্চের সম্মুখস্থ উঁচু বেঞ্চবিশেষ।

হাইল /হাইল্/ [দেশি.] বি. নৌকা চালানো বা ঘোরানোর জন্য কাঠের ফলকবিশেষ।

হাইস্কুল /হাইস্‌কুল্/ [ই. high school] বি. মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ বিদ্যালয়।

হাউই /হাউই/ [ফা.] বি. আকাশগামী আতশবাজি।

হাউকাউ /হাউকাউ/ [ধ্বন্যা.] বি. হট্টগোল।

হাউজ[১] /হাউজ্/ [আ.] বি. চৌবাচ্চা, জলাধার।

হাউজ[২] /হাউজ্/ [ই. house] বি. ১ বসবাসের উপ-যোগী ভবন, বাসস্থান। ২ দাপ্তরিক বা ব্যবসায়-বাণিজ্য চালানোর উপযুক্ত ভবন। ৩ সংসদ; সভা; সিদ্ধান্ত গ্রহণের জন্য সভায় উপস্থিত সকল ব্যক্তি।

হাউমাউ /হাউমাউ/ [দেশি.] অব্য. বি. উচ্চরবে ক্রন্দন; রূপকথায় কল্পিত রাক্ষসের ক্ষুধা প্রকাশ বা কান্নার অনুকার শব্দ।

হাউমাউখাউ /হাউমাউখাউ/ [বা.] অব্য. বি. রূপকথায় রাক্ষসের ক্ষুধা নিবারণের জন্য মানুষ বা অন্য প্রাণীকে খেয়ে ফেলার ভাবপ্রকাশক শব্দ।

হাউস /হাউস্/ [আঞ্চ.] বি. শখ, ইচ্ছা, বাসনা।

হাওড় /হাওর্/ [দেশি.] বি. জলমগ্ন অগভীর ও বিস্তীর্ণ প্রান্তর।

হাওদা /হাওদা/ [আ.] বি. ১ হাতির পিঠে বসার আসন। ২ (ব্য.) অতি স্থূলোদর ব্যক্তি।

হাওয়া[১] /হাওআ/ [আ.] বি. ইহুদি খ্রিষ্ট ও ইসলাম ধর্মবিশ্বাসমতে পৃথিবীর আদি নারী।

হাওয়া[২] /হাওআ/ [আ.] বি. ১ বায়ু, বাতাস। ২ জলবায়ু, climate। ৩ সংসর্গ; স্পর্শ; ছুঁত। ৪ গতি; অবস্থা।

হাওয়াই /হাওআই/ [আ.] বিণ. বায়বীয়; বাতাসে ভর করে চলতে পারে এমন (*হাওয়াই জাহাজ*)।

হাওয়া খাওয়া /হাওআ খাওআ/ ক্রিবি. ১ মুক্ত বায়ু সেবন করা। ২ বেড়ানো। ৩ কিছু না খাওয়া।

হাওয়াগাড়ি /হাওআগাড়ি/ [আ. হাওয়া+বা. গাড়ি] বি. মোটর গাড়ি।

হাওয়া বদল /হাওআ বদোল্/ বি. স্বাস্থ্যোন্নতির জন্য ভিন্ন স্থানে গমন (যে স্থানের বাতাস দূষণ-মুক্ত)।

হাওয়া হওয়া /হাওআ হওআ/ ক্রিবি. নিরুদ্দেশ হওয়া; চম্পট দেওয়া।

হাওলা /হাওলা/ [আ.] বি. ১ জিম্মা, তত্ত্বাবধান। ২ খবরদারি।

www.pathagar.com

হাওলাজমি /হাওলাজোমি/ [আ. হাওলা+ফা. জমি] বি. অষ্টাদশ শতাব্দিতে প্রচলিত আইনের অধীনে বিশেষ শর্তে বিলি করা নিষ্কর জমি।

হাওলাত /হাওলাত্/ [আ.] বি. ১ ঋণ। ২ আমানত।

হাওলাতি /হাওলাতি/ [আ. হাওলাত >] বিণ. ১ ঋণ হিসাবে গৃহীত। ২ ঋণসংক্রান্ত।

হাওলাদার /হাওলাদার্/ [আ. হাওলা+ফা. দার] বি. ১ পদবিবিশেষ। ২ (অধুনালুপ্ত) হাওলা জমির মালিক বা ভোক্তা।

হাঁ[১] /হাঁ/ [বা.] বি. মুখব্যাদান।

হাঁ[২] /হাঁ/ [হি.] অব্য. ১ সম্মতিজ্ঞাপক শব্দ। ২ সাড়া। ৩ যাথার্থ্য সঠিকতা প্রভৃতিজ্ঞাপক শব্দ। ৪ ঘনিষ্ঠ সম্বোধনে ব্যবহৃত শব্দ।

হাঁক /হাঁক্/ [দেশি.] বি. উচ্চৈঃস্বরে ডাক; হুংকার।

হাঁকডাক /হাঁক্ডাক্/ [দেশি.] বি. ১ উচ্চকণ্ঠে ডাকাডাকি। ২ শোরগোল। ৩ শক্তি ও ধনসম্পদের দম্ভ। ৪ দম্ভযুক্ত হুংকার।

হাঁকড়ানো /হাঁক্ড়ানো/ [দেশি.] ক্রিবি. দ্র হাঁকানো।

হাঁকপাঁক /হাঁক্পাঁক্/ [দেশি.] অব্য. অতিশয় ব্যস্ততা বা আকুলতার ভাব।

হাঁকা /হাঁকা/ [বা.] ক্রিবি. ১ হাঁক দেওয়া। ২ উচ্চকণ্ঠে আস্ফালন করা। ৩ দাবি করা (*দাম হাঁকা*)।

হাঁকানো /হাঁকানো/ [বা.] ক্রিবি. ১ হুংকার দেওয়া। ২ সদর্পে চালনা করা।

হাঁকাহাঁকি /হাঁকাহাঁকি/ [বা.] বি. ১ গর্বসহকারে উচ্চকণ্ঠে ডাকাডাকি। ২ বচসা।

হাঁকুনি /হাঁকুনি/ [বা.] বি. তীব্রকণ্ঠে ধমক; হুংকার।

হাঁকুপাঁকু /হাঁকুপাঁকু/ [দেশি.] অব্য. অতিশয় ব্যস্ততা প্রকাশ।

হাঁচা /হাঁচা/ [ধ্বন্যা.] ক্রিবি. হাঁচি দেওয়া।

হাঁচি /হাঁচি/ [ধ্বন্যা.] বি. (নাসারন্ধ্রের সুড়সুড়ি অথবা প্রদাহের কারণে) নাক ও মুখ দিয়ে হঠাৎ প্রবলবেগে অনিচ্ছাকৃত বাতাস নির্গমন।

হাঁটকানো /হাঁট্কানো/ [বা.] ক্রিবি. কোনো কিছু খোঁজার জন্য জিনিসপত্র এলোমেলো করা।

হাঁটন /হাঁটোন্/ [বা.] বি. পদচারণ।

হাঁটা /হাঁটা/ [বা.] ক্রিবি. হেঁটে চলা, পদক্ষেপ করা। বিণ. পায়ে হেঁটে অতিক্রম করা যায় এমন (*হাঁটা-পথ*)।

হাঁটাচলা /হাঁটাচলা/ [বা.] বি. হাঁটাহাঁটি, পায়চারি।

হাঁটানো /হাঁটানো/ [বা.] ক্রিবি. ১ হাঁটতে শেখানো বা সাহায্য করা। ২ হাঁটতে বাধ্য করা।

হাঁটাহাঁটি /হাঁটাহাঁটি/ [বা.] বি. বারবার হেঁটে যাতায়াত; পায়চারি।

হাঁটিহাঁটি /হাঁটাহাঁটি/ [বা.] বি. দেখে দেখে শিশুদের হাঁটতে শেখার চেষ্টা (*হাঁটিহাঁটি পা পা*)।

হাঁটু /হাঁটু/ [দেশি.] বি. মানবদেহের (এবং কোনো কোনো মেরুদণ্ডী প্রাণীর) উরু ও পায়ের সন্ধিস্থল, জানু, জঙ্ঘাস্থি।

হাঁটুজল /হাঁটুজল্/ [দেশি. হাঁটু+স. জল] বি. হাঁটু পর্যন্ত গভীর জল।

হাঁটুপানি /হাঁটুপানি/ [দেশি. হাঁটু+হি. পানি] বি. দ্র হাঁটুজল।

হাঁটুর বয়সি /হাঁটুর্ বয়োশি/ বিণ. ১ লম্বায় কারো হাঁটুর সমান উঁচু। ২ (আল.) বয়সে অনেক ছোটো।

হাঁড়ল /হাঁড়োল্/ [দেশি.] বি. বড়ো গহ্বর।

হাঁড়া /হাঁড়া/ [বা.] বি. ১ মাটির বড়ো পাত্র; ছোটো জালা। ২ ধাতু বা মাটির তৈরি বড়ো কলসি।

হাঁড়ি /হাঁড়ি/ [বা.] বি. রান্নার কাজে ব্যবহৃত মাটির ছোটো পাত্র; ছোটো জালার মতো পাত্র।

হাঁড়িকুড়ি /হাঁড়িকুড়ি/ [বা.] বি. হাঁড়ি কলসি প্রভৃতি।

হাঁড়িচাঁচা /হাঁড়িচাঁচা/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ার বনাঞ্চলে বিচরণ করে এমন কালো লম্বা লেজ ও বাদামি পালকাবৃত কাক-জাতীয় মাঝারি আকৃতির সর্বভুক বৃক্ষচারী পাখি, tree pie।

হাঁড়ি ঠ্যালা /হাঁড়ি ঠ্যালা/ ক্রিবি. রান্নাবান্নার মতো একঘেয়ে ও ক্লান্তিকর সাংসারিক দায়িত্ব পালন করা।

হাঁড়িপানা /হাঁড়িপানা/ [বা.] বিণ. ১ হাঁড়ির মতো কালো ও গোল আকৃতিবিশিষ্ট। ২ মলিন; বিষণ্ন।

হাঁড়ি ভাঙা /হাঁড়ি ভাঙা/ ক্রিবি. ১ চুরি করে হাঁড়ি থেকে খাওয়া। ২ (আল.) গোপন কথা প্রকাশ করা (*হাটে হাঁড়ি ভাঙা*)।

হাঁড়িমুখ /হাঁড়িমুখ/ [বা.] বিণ. বি. গম্ভীর মুখ; বিষণ্ন বদন।

হাঁড়িয়া /হাঁড়িআ/ [বা.] বি. দেশি মদ, পচাই।

হাঁড়ির খবর /হাঁড়ির্ খবোর্/ বি. ভেতরের খবর।

হাঁদা /হাঁদা/ [দেশি.] বিণ. ১ মূর্খ, স্থূলবুদ্ধি। ২ মোটা।

হাঁদারাম /হাঁদারাম্/ [দেশি.] বি. অতিশয় নির্বোধ ব্যক্তি। বিণ. অত্যন্ত মূর্খ ও নির্বোধ।

হাঁপ /হাঁপ্/ [দেশি.] বি. ১ পরিশ্রমজনিত দ্রুত শ্বাস-প্রশ্বাস। ২ দীর্ঘশ্বাস। ৩ দম। ৪ হাঁপানি। ৫ শ্বাস-রুদ্ধকর অবস্থা থেকে মুক্ত হয়ে সহজে স্বাভাবিক অবস্থায় শ্বাসগ্রহণ (*হাঁপ ছেড়ে বাঁচা*)।

www.pathagar.com

হাঁপ ছেড়ে বাঁচা /হাঁপ্ ছেড়ে বাঁচা/ ক্রিবি. শ্বাসরুদ্ধকর অবস্থা থেকে রেহাই পাওয়া।

হাঁপানি /হাঁপানি/ [বা.] বি. ১ ঘনঘন শ্বাস ত্যাগ ও গ্রহণ। ২ শ্বাসপ্রশ্বাসের কষ্টজনিত রোগ, অ্যাজমা।

হাঁপানো /হাঁপানো/ [বা.] ক্রিবি. পরিশ্রান্ত হয়ে দ্রুত শ্বাস গ্রহণ ও ত্যাগ করা।

হাঁপাহাঁপি /হাঁপাহাঁপি/ [বা.] বি. অতিশয় ব্যস্ততা।

হাঁ-বাচক /হাঁবাচক/ বিণ. ১ সম্মতিসূচক। ২ সদর্থক।

হাঁরে /হাঁরে/ [দেশি.] অব্য. দ্র হ্যাঁরে।

হাঁস /হাঁশ্/ [স. হংস >] বি. লীলায়িত ভঙ্গিতে হেলেদুলে চলে এমন চওড়া ও ভোঁতা চঞ্চু ও দীর্ঘ কণ্ঠবিশিষ্ট সাদা ধূসর প্রভৃতি বর্ণের লিপ্তপদ উভচর পাখি, হংস।

হাঁসকল /হাঁশ্কল্/ [দেশি.] বি. জানালার কপাট আটকানোর জন্য ব্যবহৃত লোহার আংটা।

হাঁসফাঁস /হাঁশ্ফাঁশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. শ্বাসপ্রশ্বাসের অস্বস্তিজনিত অস্থিরতা।

হাঁসা /হাঁশা/ [দেশি.] ক্রিবি. হাঁসুয়া দিয়ে কাটা।

হাঁসানো /হাঁশানো/ [দেশি.] ক্রিবি. হাঁসুয়া দিয়ে গভীর করে চেরা বা কাটা।

হাঁসিয়া /হাঁশিআ/ [দেশি.] বি. দ্র হাঁসুয়া।

হাঁসুয়া /হাঁশুআ/ [দেশি.] বি. কাস্তেসদৃশ তীক্ষ্ণধার কাটারিবিশেষ।

হাঁসুলি /হাঁশুলি/ [বা.] বি. নারীর কণ্ঠে ধারণের অর্ধচন্দ্রাকৃতি অলংকার।

হ্যাঁরে /হ্যাঁরে/ [দেশি.] অব্য. (অতি নিকট বন্ধু বা পরিচিত ব্যক্তিকে) সম্বোধনে ব্যবহৃত শব্দ।

হাকিম /হাকিম্/ [আ.] বি. ১ বিচারক। ২ ইউনানি চিকিৎসক। ৩ (অধুনালুপ্ত) শাসনকর্তা।

হাকিমি /হাকিমি/ [ফা.] বি. ১ বিচারকের বৃত্তি। ২ ইউনানি চিকিৎসাপদ্ধতি। বিণ. ১ বিচারসম্বন্ধীয়। ২ ইউনানি চিকিৎসাবিষয়ক।

হাগা /হাগা/ [আঞ্চ.] ক্রিবি. মলত্যাগ করা।

হাঘর /হাঘর্/ [বা.] বি. ১ আশ্রয়হীন ব্যক্তি; নিঃস্ব। ২ হীনবংশ।

হাঘরে /হাঘরে/ [বা.] বিণ. ১ গৃহহীন, আশ্রয়হীন। ২ অন্নহীন। ৩ নিঃস্ব; চালচুলো কিছুই নেই এমন। ৪ কল্পিত নীচবংশজাত।

হাঙর /হাঙোর্/ [বা.] বি. সমুদ্রের উপকূলবর্তী অঞ্চলে বিচরণ করে এমন অর্ধচন্দ্রাকৃতি প্রশস্ত মুখ অসংখ্য তীক্ষ্ণ ধারালো দাঁত এবং খসখসে আঁশাবৃত লম্বাটে দেহের দুপাশে বক্ষপাখনার ওপরে পাঁচ থেকে সাতটি করে ফুলকারন্ধ্রবিশিষ্ট বৃহদাকার হিংস্র স্তন্যপায়ী প্রাণী, নক্রমাজ, shark।

হাঙ্গাম /হাংগাম্/ [ফা.] বি. দ্র হাঙ্গামা।

হাঙ্গামা /হাংগামা/ [ফা.] বি. ১ মারামারি; দাঙ্গা। ২ বিপত্তি। ৩ হট্টগোল; বিশৃঙ্খলা। ৪ জটিলতা।

হাজত /হাজোত্/ [আ.] বি. ১ বিচারের পূর্বে অভিযুক্তকে পুলিশের জিম্মায় আটক রাখার স্থান। ২ মুলতুবি খাজনা, স্থগিত রাখা রাজস্ব। ৩ অভাব। ৪ প্রকৃতির ডাক, মলমূত্র ত্যাগ।

হাজতবাস /হাজোত্বাশ্/ [আ. হাজত+স. বাস] বি. পুলিশের জিম্মায় বন্দি থাকাকালে হাজতে অবস্থান।

হাজরা /হাজ্রা/ [ফা.] বি. ১ পদবিবিশেষ। ২ গ্রামের মোড়ল। ৩ (অধুনালুপ্ত) হাজার সৈন্যের অধিনায়ক।

হাজরি /হাজ্রি/ [ফা.] বি. ১ উপস্থিতি। ২ ইউরোপীয় প্রথায় আহার।

হাজা /হাজা/ [দেশি.] ক্রিবি. ১ ভিজে নষ্ট হওয়া। ২ জলকাদায় পচন ধরা। বি. ১ পানিতে ভিজে পচন। ২ প্লাবন বা বৃষ্টির ফলে শস্যের পচন। ৩ ক্রমাগত ভেজা থাকার ফলে হাত বা পায়ের আঙুলে সৃষ্ট ক্ষতরোগবিশেষ। বিণ. রক্ষণাবেক্ষণের অভাবহেতু বুজে এসেছে এমন (*হাজামজা পুকুর*)।

হাজাম /হাজাম্/ [আ.] বি. ১ ক্ষৌরকার, নাপিত। ২ যে ব্যক্তি খতনা করে।

হাজামজা /হাজামজা/ [দেশি.] বিণ. কাদায় বুজে গেছে এমন।

হাজামত /হাজামত্/ [আ.] বি. ১ ক্ষৌরকর্ম। ২ খতনাকরণ।

হাজার /হাজার্/ [ফা.] বি. ১০০০ সংখ্যা। বিণ. ১০০০ সংখ্যক।

হাজার হাজার /হাজার্ হাজার্/ বিণ. বহুসহস্র, অসংখ্য, অগণিত।

হাজারি /হাজারি/ [ফা.] বি. দ্র হাজরা।

হাজারো /হাজারো/ [ফা.] বিণ. বহু, নানাবিধ (*হাজারো কাজে ব্যস্ত*)।

হাজি /হাজি/ [ফা.] বি. মক্কায় হজব্রত পালন করেছেন এমন ব্যক্তির উপাধি (*হাজি মুহম্মদ মুহসিন*)।

হাজির /হাজির্/ [আ.] বিণ. উপস্থিত, বর্তমান।

হাজিরা /হাজিরা/ [আ. হাজির >] বি. উপস্থিতি, আগমন (*হাজিরা খাতা*)।

হাজিরি /হাজিরি/ [ফা.] বি. দ্র হাজিরা।

হাট /হাট্/ [স. হট্ট >] বি. ১ (সচরাচর মফস্সল বা গ্রামাঞ্চলে) সপ্তাহের নির্দিষ্ট দিনে ব্যাপক ক্রয়বিক্রয়ের স্থান। ২ (আল.) বহু লোকের সমাবেশ।

হাটক /হাটক্/ [স. √হট্+অক] বি. সোনা রুপা প্রভৃতি মূল্যবান ধাতু। বিণ. সোনার তৈরি।

হাট করা /হাট্ করা/ ক্রিবি. ১ হাট থেকে পণ্যদ্রব্য

www.pathagar.com

কেনা। ২ (আল.) উন্মুক্ত করা, খোলা। ৩ বিশৃঙ্খলা বা এলোমেলো করা; হট্টগোল করা।

হাট বসা /হাট্ বসা/ ক্রিবি. ১ হাটে বেচাকেনা শুরু হওয়া। ২ (আল.) বহুজনের সমাবেশ হওয়া। ৩ হট্টগোল করা।

হাটবার /হাট্বার্/ [বা. হাট+স. বার] বি. সপ্তাহের যে নির্দিষ্ট দিনে হাট বসে।

হাটহদ্দ /হাট্হদ্দো/ [বা. হাট+আ. হদ্দ] বি. সকল ব্যাপার; সব খবর।

হাটুরা /হাটুরা/ [বা.] বি. যে ব্যক্তি হাটে কেনাবেচা করে। বিণ. হাটে বিক্রয়যোগ্য পণ্যাদি বহনকারী।

হাটুরে /হাটুরে/ [বা.] বি. বিণ. দ্র হাটুরা।

হাডুডু /হাডুডু/ [দেশি.] বি. দুটি দলের মধ্যে প্রতিযোগিতামূলক যে খেলায় একপক্ষের কোনো খেলোয়াড়কে প্রতিপক্ষের কোর্টে গিয়ে এক বা একাধিক খেলোয়াড়কে ছুঁয়ে একদমে (দম শেষ হয়ে যায়নি তা প্রমাণ করতে খেলোয়াড়কে 'কাবাডি' শব্দটি শ্রুতিগোচরভাবে ক্রমাগত উচ্চারণ করে যেতে হয়) নিজ কোর্টে ফিরে আসতে হয়, কাবাডি, বাংলাদেশের জাতীয় খেলা।

হাড্ডি /হাড্ডি/ [স. হড্ড >] বি. দ্র হাড়।

হাড্ডিসার /হাড্ডিশার্/ [বা. হাড্ডি+স. সার] বিণ. কঙ্কালসার; অতিশয় জীর্ণশীর্ণ।

হাড় /হাড়্/ [স. হড্ড >] বি. কোলাজেন তন্তুতে (collagen fibre) প্রোথিত ক্যালসিয়াম ফসফেট ও ক্যালসিয়াম কার্বনেটের সমন্বয়ে গঠিত মেরুদণ্ডী প্রাণীর কাঠামো বা কঙ্কালের মূল উপাদান, অস্থি, bone।

হাড় কালি হওয়া /হাড় কালি হওআ/ ক্রিবি. ১ অত্যন্ত দুঃখকষ্ট ভোগ করা। ২ অতিরিক্ত পরিশ্রমে নির্জীব হয়ে পড়া।

হাড়কিপটে /হাড়্কিপ্টে/ [বা.] বিণ. 'হাড়কৃপণ'-এর কথ্যরূপ।

হাড়কৃপণ /হাড়্কৃপন্/ [বা. হাড়+স. কৃপণ] বিণ. অতি কৃপণ স্বভাববিশিষ্ট।

হাড়গিলা /হাড়্গিলা/ [বা.] বি. ১ বাংলাদেশ-সহ দক্ষিণ-পূর্ব এশিয়ায় জলাভূমির ধারে বিচরণ করে এবং পোকামাকড় সাপ প্রভৃতি খেয়ে জীবনধারণ করে এমন পালকহীন লম্বা গলা ও মাথা এবং ত্রিকোণাকৃতি চঞ্চু ও দীর্ঘ পা-বিশিষ্ট কালচে ধূসর বৃহদাকার পরিযায়ী পাখি, adjutant bird। ২ (আল.) রোগা ও হাড্ডিসার ব্যক্তি।

হাড়গিলে /হাড়্গিলে/ [বা.] বি. 'হাড়গিলা'-র আঞ্চলিক ও কথ্য রূপ।

হাড়গোড় /হাড়্গোড়্/ [বা.] বি. অস্থিপঞ্জরাদি, অস্থি উপাস্থি প্রভৃতি।

হাড়জিরজিরে /হাড়্জির্জিরে/ [বা.] বিণ. কঙ্কালসার।

হাড় জুড়ানো /হাড় জুড়ানো/ ক্রিবি. স্বস্তি লাভ করা; শান্তি পাওয়া।

হাড় জ্বালানো[১] /হাড় জ্বালানো/ ক্রিবি. ক্রমাগত জ্বালাতন করা।

হাড়জ্বালানো[২]/হাড়্জ্বালানো/ [বা.] বিণ. সারাক্ষণ জ্বালাতন বা উপদ্রব করে এমন।

হাড়পাকা /হাড়্পাকা/ [বা.] বিণ. পাকামিতে সিদ্ধহস্ত।

হাড়বজ্জাত /হাড়্বজ্জাত্/ [বা. হাড়+ফা. বজ্জাত] বিণ. অতিশয় দুষ্ট প্রকৃতিবিশিষ্ট।

হাড়ভাঙা /হাড়্ভাঙা/ [বা.] বিণ. কঠোর ও শ্রমসাধ্য (*হাড়ভাঙা খাটুনি*)।

হাড়মাস /হাড়্মাশ্/ [বা.] বি. অস্থি ও মাংস।

হাড়হদ্দ /হাড়্হদ্দো/ [বা. হাড়+আ. হদ্দ] ক্রিবিণ. শরীরের গভীরতম অস্থিসীমা পর্যন্ত; আগাগোড়া। বি. নাড়িনক্ষত্র।

হাড়হাভাতে /হাড়্হাভাতে/ [বা.] বিণ. সম্পূর্ণ নিঃস্ব; লক্ষ্মীছাড়া। বি. গালিবিশেষ।

হাড়ি /হাড়ি/ [বা.] বি. অবহেলিত ও অনগ্রসর জাতিবিশেষ।

হাড়িকাঠ /হাড়িকাঠ্/ [দেশি.] বি. ১ যে কাষ্ঠখণ্ডের ওপর রেখে পশু বলি দেওয়া হয়, যূপকাষ্ঠ। ২ (অধুনালুপ্ত) নির্যাতনের উদ্দেশ্যে অভিযুক্ত ব্যক্তির পা আটকে রাখার কাঠের বেড়ি।

হাড়েহাড়ে /হাড়েহাড়ে/ [বা.] ক্রিবিণ. ১ মজ্জায় মজ্জায়। ২ (আল.) সম্পূর্ণরূপে।

হাত /হাত্/ [স. হস্ত >] বি. ১ বগল থেকে আঙুলের ডগা পর্যন্ত দেহের অংশ, বাহু, ভুজ, হস্ত, কর, পাণি। ২ মানবদেহের কনুই থেকে মধ্যমার (মাঝের আঙুলের) প্রান্তদেশ পর্যন্ত দৈর্ঘ্যের এককবিশেষ, আনুমানিক ১৮ ইঞ্চি। ৩ হাতির শুঁড়। ৪ (আল.) অধিকার, বশবর্তিতা (*হাত করা*); প্রভাব।

হাত আসা /হাত্ আশা/ ক্রিবি. অভ্যাস বা রপ্ত হওয়া।

হাত ওঠানো /হাত্ ওঠানো/ ক্রিবি. প্রহার করতে উদ্যত হওয়া।

হাত কচলানো /হাত্ কচ্লানো/ ক্রিবি. ১ ক্রমাগত দুই হাত রগড়ে অসহায়ত্ব প্রকাশ করা। ২ দুহাতের করতল ঘষে মিনতি করা।

হাতকড়া /হাত্কড়া/ [বা.] বি. আসামিকে আটক রাখার উদ্দেশ্যে হাতে পরানোর তালাচাবিযুক্ত লোহার বলয়বিশেষ, handcuff।

www.pathagar.com

হাতকড়ি /হাত্‌কোড়ি / [বা.] বি. দ্র হাতকড়া।

হাত করা /হাত্ করা/ ক্রিবি. ১ বশে আনা; আয়ত্ত করা। ২ হস্তগত করা।

হাতকরাত /হাত্‌করাত্/ [বা.] বি. এক হাত দিয়ে চালানো যায় এমন ছোটো করাত।

হাতকষা /হাত্‌কষা/ [বা.] বিণ. কৃপণ।

হাতকাটা /হাত্‌কাটা/ [বা.] বিণ. ১ হাত নেই এমন, ছিন্নহস্ত। ২ হাতাবিহীন (*হাতকাটা জামা*)।

হাত কামড়ানো /হাত্ কামড়ানো/ ক্রিবি. বঞ্চিত হয়ে আফসোস করা।

হাতখরচ /হাত্‌খরোচ্/ [বা. হাত+ফা. খরচ] বি. বিবিধ ব্যক্তিগত ব্যয়।

হাতখালি /হাত্‌খালি/ [বা. হাত+আ. খালি] বিণ. ১ নিঃস্ব। ২ হাতে কোনো অলংকার পরেনি এমন।

হাতখালি করা /হাত্‌খালি করা/ ক্রিবি. রিক্তহস্ত বা নিঃস্ব হওয়া।

হাতখোলা /হাত্‌খোলা/ [বা.] বিণ. ১ মুক্তহস্ত। ২ দাতা, দানশীল।

হাত গুটানো /হাত্ গুটানো/ ক্রিবি. নিরস্ত হওয়া; নিজেকে যুক্ত না করা।

হাত গোনা /হাত্ গোনা/ ক্রিবি. হাতের রেখা দেখে ভবিষ্যদ্‌বাণী করা।

হাতঘড়ি /হাত্‌ঘোড়ি/ [বা.] বি. হাতের কবজিতে ধারণ করা যায় এমন ঘড়ি, wrist-watch।

হাত চলা /হাত্ চলা/ ক্রিবি. প্রহার করা।

হাত চালা /হাত্ চালা/ ক্রিবি. চোর ধরার জন্য কল্পিত মন্ত্রবলে হাত চালনা করা।

হাতচিঠা /হাত্‌চিঠা/ [বা.] বি. প্রাপ্তিস্বীকারপত্র; রসিদ; খুব ছোটো চিঠি।

হাত চুলকানো /হাত্ চুল্‌কানো/ ক্রিবি. কোনো কিছু করার জন্য অস্থিরতা প্রকাশ করা।

হাতছাড়া /হাত্‌ছাড়া/ [বা.] বিণ. অধিকারচ্যুত, বেহাত।

হাতছানি /হাত্‌ছানি/ [বা.] বি. ১ হাত নেড়ে ইঙ্গিত প্রদান। ২ (আল.) আহ্বান (*সুদিনের হাতছানি*)।

হাতজোড় করা /হাত্‌জোড় করা/ ক্রিবি. দুই করতল যুক্ত করে মিনতি বা নমস্কার করা।

হাতটান /হাত্‌টান/ [বা.] বি. ১ কৃপণতা, কিপটেমি। ২ অর্থাভাব। ৩ ছিঁচকে চুরির অভ্যাস।

হাতড়ানো /হাত্‌ড়ানো/ [বা.] ক্রিবি. না দেখে হাত বুলিয়ে খোঁজা; অন্ধকারে খোঁজা।

হাততালি /হাত্‌তালি/ [বা.] বি. আনন্দপ্রকাশ প্রশংসা বা উপহাসের উদ্দেশ্যে দুই করতলে পরস্পর আঘাত করে শব্দ উৎপাদন।

হাততোলা /হাত্‌তোলা/ [বা.] ক্রিবি. ১ উপস্থিতি বা সমর্থন জ্ঞাপনের উদ্দেশ্যে হাত উঁচু করা। ২ প্রহার করতে উদ্যত হওয়া।

হাত দেওয়া /হাত্ দেওআ/ [বা.] ক্রিবি. ১ সূচনা করা (*কাজে হাত দেওয়া*)। ২ স্পর্শ করা, ছোঁয়া।

হাত দেখা /হাত্ দ্যাখা/ ক্রিবি. ১ নাড়ি পরীক্ষা করে রোগ নির্ণয় করা। ২ হাতের তালুর রেখা দেখে (কল্পিত) ভবিষ্যদ্‌বাণী করা।

হাত ধরা[১] /হাত্ ধরা/ ক্রিবি. ১ হাত ধারণ করা। ২ নির্ভর করা (*হাত ধরে চলা*)।

হাতধরা[২]/হাত্‌ধরা/ [বা.] বিণ. বশীভূত, অধীন, বশবর্তী।

হাত ধোয়া /হাত্ ধোয়া/ ক্রিবি. ১ জলে ধুয়ে হাত পরিষ্কার করা। ২ (আল.) সংস্রব ত্যাগ করা।

হাত পাকানো /হাত্ পাকানো/ ক্রিবি. অভ্যাসদ্বারা দক্ষতা অর্জন করা।

হাতপাখা /হাত্‌পাখা/ [বা.] বি. তালপাতার পাখা, হাতে নিয়ে বাতাস খাওয়ার ছোটো পাখা।

হাত-পা ছেড়ে দেওয়া /হাত্‌পা ছেড়ে দেওআ/ ক্রিবি. নিশ্চেষ্ট হওয়া; হতাশ হওয়া।

হাত পাতা /হাত্‌পাতা/ ক্রিবি. সাহায্য চাওয়া; ভিক্ষা চাওয়া।

হাত-ফেরতা /হাত্‌ফের্‌তা/ [বা.] বিণ. হাতবদল হয়ে এসেছে এমন, পুরোনো, second hand।

হাতবদল /হাত্‌বদোল / [বা. হাত+আ. বদল] বি. অধিকার বদল; হস্তান্তর।

হাতবাক্স /হাত্‌বাক্‌শো/ [বা.] বি. নিত্যপ্রয়োজনীয় জরুরি কাগজপত্র রাখার জন্য ব্যবহৃত হাতে বহনযোগ্য ছোটো বাক্স; মূল্যবান দ্রব্যসামগ্রী রাখার ছোটো বাক্স।

হাত বাড়ানো /হাত্ বাড়ানো/ ক্রিবি. ১ কিছু ধরা বা সাহায্য করার জন্য হাত প্রসারিত করা। ২ (আল.) লোভ করা।

হাতবোমা /হাত্‌বোমা / [বা.] বি. হাত দিয়ে ছুড়ে মারা হয় এমন ছোটো বোমা, গ্রেনেড।

হাতব্যাগ /হাত্‌ব্যাগ্ / [বা.] বি. নিত্যপ্রয়োজনীয় জরুরি কাগজপত্র রাখার জন্য ব্যবহৃত হাতে বহন-যোগ্য ছোটো থলে; মূল্যবান দ্রব্যসামগ্রী রাখার ছোটো থলে।

হাতভারী /হাত্‌ভারি/ [বা.] বিণ. কৃপণ, ব্যয়কুণ্ঠ।

হাতমোজা /হাত্‌মোজা/ [বা. হাত+ফা. মোজা] বি. হাত গরম রাখার জন্য পরিধেয় প্রতিটি আঙুলের জন্য পৃথক খোপবিশিষ্ট চামড়া বা পশমের মোজা।

হাতযশ /হাত্‌জশ্/ [বা. হাত+স. যশ] বি. দক্ষতার খ্যাতি।

www.pathagar.com

হাতল /হাতোল্/ [বা.] বি. হাত দিয়ে ধরার জন্য কোনো বস্তুসংলগ্ন আংটা, বাঁট, handle।

হাতলণ্ঠন /হাতলন্ঠোন্/ [বা.] বি. হাতে বহনের উপযোগী ছোটো লন্ঠন।

হাত লাগানো /হাত্ লাগানো/ ক্রিবি. কাজে প্রবৃত্ত হওয়া।

হাতসই /হাত্‌শোই/ [বা.] বি. হাতের নিশানা। বিণ. এক হাত মাপবিশিষ্ট।

হাতসাফাই /হাত্‌সাফাই/ [বা. হাত+ফা. সাফাই] বি. ১ চুরি। ২ হাতের ছলাকলা, sleight of hand; হাতের পটুতা।

হাতসুতা /হাত্‌শুতা/ [বা.] বি. নদী বা সমুদ্রতীরে মাছ ধরার জন্য ব্যবহৃত এক প্রান্তে বঁড়শিযুক্ত লম্বা সুতো।

হাতা[১] /হাতা/ [স. হস্ত >] বি. বাটিযুক্ত লম্বা সরু দণ্ডবিশেষ, হাতলযুক্ত বাটি; দর্বি।

হাতা[২] /হাতা/ [বা.] বি. ১ জামার আস্তিন। ২ হিংস্র প্রাণীর ধারালো নখরযুক্ত সামনের পা, থাবা।

হাতা[৩] /হাতা/ [স. হন্তা >] বি. প্রতিবন্ধ, বাধা।

হাতা[৪] /হাতা/ [আ.] বি. ১ সীমা; এলাকা; গৃহসংলগ্ন প্রাচীরবেষ্টিত স্থান। ২ (আল.) দখল, অধিকার।

হাতানো /হাতানো/ [বা.] ক্রিবি. ১ হাত দিয়ে নেড়েচেড়ে দেখা। ২ হস্তগত করা, অধিকার করা। ৩ আত্মসাৎ করা; অপহরণ করা।

হাতাহাতি /হাতাহাতি/ [বা.] বি. হাত দিয়ে পরস্পরকে আঘাত, মারামারি।

হাতি[১] /হাতি/ [স. হস্তী >] বি. ১ বাংলাদেশ-সহ এশিয়া ও আফ্রিকা মহাদেশের বনাঞ্চলে দলবদ্ধ হয়ে বিচরণ করে এবং পোষ মানানো যায় এমন লম্বা শুঁড়বিশিষ্ট বিশালকায় শক্তিশালী স্তন্যপায়ী তৃণভোজী ও দীর্ঘজীবী চতুষ্পদ প্রাণী, হস্তী, করী, গজ, দ্বিপ, দন্তী, দ্বিরদ। ২ (আল.) অত্যন্ত স্থূলকায় ব্যক্তি। বিণ. হাতির মতো প্রকাণ্ড।

হাতি[২] /হাতি/ [বা.] বিণ. হাতের পরিমাপবিশিষ্ট (*বারোহাতি শাড়ি*)।

হাতিঘোড়া /হাতিঘোড়া/ [বা.] বি. ১ হাতি ও ঘোড়া। ২ (আল.) বিরাট কিছু; বিশেষভাবে উল্লেখ করার মতো কোনো অর্জন।

হাতি পোষা /হাতি পোষা/ ক্রিবি. ১ হাতি পালন করা। ২ (আল.) অত্যন্ত ব্যয়সাধ্য কাজ করা।

হাতিয়ার /হাতিআর্/ [স. হেতি >] বি. ১ হাতে বহনযোগ্য অস্ত্রশস্ত্র। ২ হাতে বহন করা যায় এমন সাঁড়াশি স্ক্রু ড্রাইভার হাতুড়ি প্রভৃতি উপকরণ, tools।

হাতির খোরাক /হাতির খোরাক্/ বি. ১ হাতির দৈনিক আহার্য। ২ (আল.) ব্যয়সাধ্য দ্রব্যসামগ্রীর জোগান। ৩ বিরাট খরচ।

হাতিশাল /হাতিশাল্/ [স. হস্তিশালা >] বি. দ্র হাতিশালা।

হাতিশালা /হাতিশালা/ [স. হস্তিশালা >] বি. পিলখানা।

হাতিশুঁড় /হাতিশুঁড়্/ [বা.] বি. উষ্ণমণ্ডলীয় অঞ্চলের পতিত ভূমিতে জাত এবং শরৎকালে ফোটে এমন হাতির শুঁড়ের মতো বাঁকানো পুষ্পদণ্ডে ঘনসন্নিবিষ্ট সাদা হালকা বেগুনি নীল প্রভৃতি বর্ণের ছোটো ফুল বা তার খসখসে পাতাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন বীরুৎশ্রেণির বর্ষজীবী উদ্ভিদ (আনি. পশ্চিম ভারতীয় দ্বীপপুঞ্জ)।

হাতুড়ি /হাতুড়ি/ [দেশি.] বি. লোহার ছোটো মুগুর-বিশেষ যা দিয়ে আঘাত করে কোনো কিছু ভাঙা যায় বা ঠুকে পেরেক প্রভৃতি বিদ্ধ করা যায়।

হাতুড়িয়া /হাতুড়িআ/ [বা.] বি. দ্র হাতুড়ে।

হাতুড়ে /হাতুড়ে/ [বা.] বিণ. অর্ধশিক্ষিত, আনাড়ি, অনভিজ্ঞ (*হাতুড়ে চিকিৎসক*)।

হাতেকলমে /হাতেকলোমে/ [বা.] ক্রিবিণ. নিজ হাতে বা প্রত্যক্ষভাবে। বিণ. স্বহস্তে কাজ করার অভিজ্ঞতা থেকে আয়ত্ত করেছে এমন।

হাতেখড়ি /হাতেখোড়ি/ [বা.] বি. ১ শিশু বা নতুন শিক্ষার্থীর হাতে খড়ি দিয়ে লিখতে শেখানোর অনুষ্ঠানবিশেষ; আনুষ্ঠানিক শিক্ষারম্ভ। ২ (আল.) কোনো কাজের আনুষ্ঠানিক সূচনা।

হাতেখোলা /হাতেখোলা/ [বা.] বি. সর্বস্বান্ত হয়ে ভিক্ষাবৃত্তি অবলম্বন।

হাতে গড়া /হাতে গড়া/ ক্রিবি. হাতে তৈরি করা।

হাতে ধরা /হাতে ধরা/ ক্রিবি. বিশেষভাবে অনুরোধ বা মিনতি করা।

হাতেনাতে /হাতেনাতে/ [বা.] ক্রিবিণ. অপরাধের প্রমাণ-সহ, বমাল; কুকর্মরত অবস্থায়।

হাতে পাওয়া /হাতে পাওআ/ ক্রিবি. আয়ত্তে পাওয়া; কর্তৃত্ব প্রদর্শনের সুযোগ পাওয়া।

হাতেবোনা /হাতেবোনা/ [বা.] বিণ. হাতে বুনে তৈরি করা হয়েছে এমন (*হাতেবোনা সোয়েটার*)।

হাতের পাঁচ /হাতের পাঁচ/ বি. শেষ সম্বল।

হাতের পুতুল /হাতের পুতুল/ বি. যাকে দিয়ে ইচ্ছামতো কাজ করানো যায়।

হাতে হাতে /হাতে হাতে/ ক্রিবিণ. ১ সঙ্গে সঙ্গে, তৎক্ষণাৎ। ২ সরাসরি।

www.pathagar.com

হাদিয়া /হাদিআ/ [আ.] বি. (ধর্মগ্রন্থ প্রভৃতি— যার মূল্য নির্ধারণ করা যায় না) উৎপাদনব্যয়ের ওপর ভিত্তি করে ধার্য মূল্য।

হাদিস /হাদিস্/ [ফা.] বি. হজরত মুহম্মদ (সা.)-এর দর্শন ও নির্দেশসংবলিত সংকলনগ্রন্থ।

হানা /হানা/ [বা.] ক্রিবি. ১ নিক্ষেপ করা, ছুড়ে মারা। ২ আক্রমণ করা। ৩ বধ করা (*হানাহানি*)। বি. ১ আক্রমণ। ২ খানাতল্লাশি বা গ্রেপ্তারের উদ্দেশ্যে গমন। বিণ. অপদেবতা অধ্যুষিত (*হানাবাড়ি*)।

হানাদার /হানাদার্/ [বা. হানা+ফা. দার] বিণ. অন্যায়ভাবে আক্রমণকারী (*পাকিস্তানি হানাদার বাহিনী*), আক্রমণকারী।

হানাদার বাহিনী /হানাদার্ বাহিনি/ বি. ১৯৭১ সালে বাংলাদেশে গণহত্যা নারীনির্যাতন অগ্নিসংযোগ ও ব্যাপক লুটতরাজের জন্য দায়ী পাকিস্তানি সেনা-বাহিনী।

হানাফি /হানাফি/ [আ.] বিণ. ইমাম আবু হানিফার মতাদর্শের অনুসারী।

হানাহানি /হানাহানি/ [বা. হানা+স. হানি] বি. আঘাত-প্রত্যাঘাত, মারামারি; খুনোখুনি।

হানি /হানি/ [স. √হা+তি] বি. ১ ক্ষতি; লোকসান। ২ নাশ (*ফসলহানি*)।

হানিকর /হানিকর্/ [স. হানি+√কৃ+অ] বিণ. ১ ক্ষতিকর। ২ বিনাশক।

হান্ডি /হান্ডি/ [স. হন্ডী >] বি. হাঁড়ি।

হাপর /হাপোর্/ [দেশি.] বি. ১ কামারের চুল্লিতে হাওয়া দেওয়ার জন্য ব্যবহৃত নলযুক্ত চামড়ার তৈরি থলে, ভস্ত্রা। ২ মাছ ধরার পর জিইয়ে রাখার আধারবিশেষ। ৩ যেখানে বীজ অঙ্কুরিত হয়।

হাপরানো /হাপ্রানো/ [বা.] ক্রিবি. সশব্দে তরল পদার্থ পান করা।

হাপিত্যেশ /হাপিত্তেশ্/ [বা.] বি. প্রত্যাশা পূরণে ব্যর্থ হয়ে হতাশা প্রকাশ।

হাপিস /হাপিশ্/ [বা.] বিণ. গায়েব, উধাও, লোপাট।

হাপু/হাপু/ [বা.] বি. ১ দুশ্চিন্তা, দুর্ভাবনা। ২ প্রমাদ।

হাপুস[১] /হাপুশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. হাপরানোর শব্দ।

হাপুস[২] /হাপুশ্/ [স. বাষ্প >] বিণ. বাষ্পাচ্ছন্ন, অশ্রু-পূর্ণ (*হাপুস নয়নে*)।

হাপুসহুপুস /হাপুশহুপুশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. হাপরানোর মতো শব্দ করে দ্রুত আহার।

হাফ /হাফ্/ [ই. half] বিণ. ১ অর্ধেক, অর্ধ (*হাফ টিকিট*)। ২ খাটো (*হাফ হাতা*), হ্রস্ব।

হাফটাইম /হাফ্টাইম্/ [ই.] বি. (খেলা প্রভৃতির) অর্ধেক সময় অতিবাহিত হওয়ার পর সাময়িক বিরতি, half-time।

হাফটিকিট /হাফ্টিকিট্/ [ই. হাফ+ফ. টিকিট] বি. অল্পবয়স্ক যাত্রী বা দর্শকের জন্য অপেক্ষাকৃত কম মাশুলে কেনা যায় এমন টিকিট, half-ticket।

হাফটোন /হাফ্টোন্/ [ই.] বি. মুদ্রণশিল্পে বিন্দুর ঘনত্ব দিয়ে প্রস্ফুটিত চিত্র, half-tone।

হাফশার্ট /হাফ্শার্ট্/ [ই.] বি. দ্র হাফহাতা।

হাফহাতা /হাফ্হাতা/ [ই. হাফ+বা. হাতা] বি. ছোটো হাতাবিশিষ্ট পরিধেয় জামা।

হাব /হাব্/ [স. √হ্বে+অ] বি. মনোহর বিলাসভঙ্গি।

হাবজা-গোবজা /হাব্জাগোব্জা/ [স. আবর্জনা >] বিণ. তুচ্ছ, অকিঞ্চিৎকর।

হাবড়া /হাব্ড়া/ [বা.] বিণ. অকর্মণ্য।

হাবভাব /হাব্ভাব্/ [স. হাব+√ভূ+অ] বি. ১ আচার-আচরণ, চালচলন। ২ ছলাকলা।

হাবলা /হাব্লা/ [আ. অবলহ্ >] বিণ. ১ হাবা, নির্বোধ, বুদ্ধিহীন। ২ হাবার তুল্য।

হাবশি /হাব্শি/ [ফা.] বি. ১ আবিসিনিয়ার অধিবাসী। ২ কাফরি, কৃষ্ণকায় জাতিবিশেষ।

হাবা /হাবা/ [দেশি.] বিণ. ১ মূক। ২ অতিশয় নির্বোধ, স্থূলবুদ্ধি। ৩ পাগলাটে।

হাবাকালা /হাবাকালা/ [দেশি.] বিণ. ১ মূক ও বধির। ২ বুদ্ধিবিবেচনাহীন।

হাবাগঙ্গারাম /হাবাগংগারাম্/ [বা.] বিণ. ১ বোকা ও মুখচোরা। ২ বোবা, মূক।

হাবাগোবা /হাবাগোবা/ [বা.] বিণ. দ্র হাবাগঙ্গারাম।

হাবাত /হাবাত্/ [বা.] বি. দ্র হাভাত।

হাবাতে /হাবাতে/ [বা.] বিণ. ১ সম্বলহীন, নিঃস্ব। ২ হতভাগ্য।

হাবাস /হাবাশ্/ [আ.] বি. ১ প্রবল লালসা। ২ শোক। ৩ হুঁশ।

হাবিজাবি /হাবিজাবি/ [দেশি.] বি. আজেবাজে বস্তু। বিণ. তুচ্ছ ও অবজ্ঞেয়।

হাবিয়া /হাবিআ/ [আ.] বি. দ্র হাবিয়া দোজখ।

হাবিয়া দোজখ /হাবিআ দোজ্খ্/ বি. ভয়ংকরতম নরক।

হাবিলদার /হাবিল্দার্/ [আ. হাবিল+ফা. দার] বি. সিপাইদের নায়ক।

হাবুজখানা /হাবুজ্খানা/ [আ. হাবুজ+ফা. খানা] বি. কারাগার, জেলখানা।

হাবুডুবু /হাবুডুবু/ [বা.] বি. জলে ডুবে অসহায়-

www.pathagar.com

ভাবে বারবার ভেসে ওঠার চেষ্টা (*হাবুডুবু খাওয়া*)।

হাবেলি /হাবেলি/ [ফা.] বি. পাকাবাড়ি, অট্টালিকা; বাসস্থান।

হাভাত /হাভাত্/ [বা.] বি. ১ নিরন্ন দশা, অন্নহীন অবস্থা। ২ ভাগ্যহীন ব্যক্তি, হতভাগ্য।

হাভাতে /হাভাতে/ [বা.] বিণ. ১ অন্নের জন্য হাহাকার করে এমন, নিরন্ন। ২ (অল.) অতিশয় লোভী।

হাম[১] /হাম্/ [আ. হুম্মা >] বি. সারা দেহে ঘামাচির মতো লাল গুটিকা ও সর্দিজ্বর-সহ ভাইরাসজনিত অত্যন্ত ছোঁয়াচে (সচরাচর শিশুদের) রোগবিশেষ, মিলমিলা, measles।

হাম[২] /হাম্/ [স. অহম্ >] সর্ব. আমি।

হামজ্বর /হামজ্বর্/ [বা. হাম+স. জ্বর] বি. দ্র **হাম**[১]।

হামড়ি /হামড়ি/ [বা.] বি. দ্র **হুমড়ি**।

হামদ /হাম্দ্ / [আ.] বি. (আল্লাহর) প্রশস্তিসূচক গান।

হামবড়া /হাম্বড়া/ [বা.] বিণ. 'আমিই শ্রেষ্ঠ' এমন ভাববিশিষ্ট, অহংকারী, দাম্ভিক।

হামবড়াই /হাম্বড়াই/ [বা.] বি. আত্মম্ভরিতা, অহমিকা।

হামবড়ামি /হাম্বড়ামি/ [বা.] বি. দ্র **হামবড়াই**।

হামবড়ো /হাম্বড়ো/ [বা.] বিণ. দ্র **হামবড়া**।

হামবাগ /হাম্বাগ্/ [অজ্ঞা.] বি. ভান। বিণ. প্রতারক।

হামরাহি /হাম্রাহি/ [ফা.] বি. সহযাত্রী।

হামলা /হাম্লা/ [আ.] বি. ১ আক্রমণ। ২ চড়াও হয়ে মারধর বা ভাঙচুর। ৩ দাঙ্গা।

হামা /হামা/ [দেশি.] বি. দুই হাত ও দুই জানুর ওপর ভর দিয়ে চলন।

হামাগুড়ি /হামাগুড়ি/ [দেশি.] বি. ১ হামা দিয়ে চলন। ২ হাঁটু মুড়ে হেঁট মুখে অবস্থান।

হামানদিস্তা /হামান্দিস্তা/ [ফা.] বি. হাত দিয়ে কঠিন দ্রব্যাদি চূর্ণ করার উপযোগী পাত্র ও দণ্ড (সচরাচর লোহার তৈরি)।

হামাম /হামাম্/ [তুর.] বি. স্নানাগার, গোসলখানা; সাধারণের ব্যবহারের জন্য গরমজলের স্নানাগার।

হামি /হামি/ [দেশি.] বি. ১ রক্ষক; সাহায্যকারী, সহায়ক। ২ শিশুদের চুম্বন।

হামেশা /হামেশা/ [ফা.] ক্রিবিণ. প্রায়ই; সর্বদা।

হাম্বর /হাম্বর্/ [হি.] বি. লোহার বড়ো হাতুড়ি।

হাম্বা /হাম্বা/ [ধ্বন্যা.] বি. গাভির ডাক।

হাম্বির /হাম্বির্/ [বা.] বি. রাত্রির প্রথম প্রহরে গেয় সংগীতের রাগিণীবিশেষ।

হায় /হায়্/ [স. হা >] অব্য. খেদ অনুতাপ শোক নৈরাশ্য প্রভৃতি ব্যঞ্জক শব্দ।

হায়ন /হায়োন্/ [স. √হা+অন] বি. বৎসর; অব্দ, সাল।

হায়া /হায়া/ [আ.] বি. লজ্জা, শরম।

হায়াত /হায়াত্/ [আ.] বি. আয়ু, জীবৎকাল।

হার[১] /হার্/ [স. √হৃ+অ] বি. ১ গলায় ধারণের অলংকারবিশেষ। ২ মালা। ৩ (গ.) ভাগ। ৪ (বাংলায়) অনুপাত; দর।

হার[২] /হার্/ [স. হারি >] বি. পরাজয়, পরাভব (*হার মানা*)।

হারক /হারক্/ [স. √হৃ+অক] বিণ. হরণকারী। বি. ভাজক, divisor।

হারকাত /হার্কাত্/ [স. হার >] বি. খেলায় পরাজিত পক্ষ।

হারমাদ /হার্মাদ/ [স্পে. armada >] বি. ১ পর্তুগিজ জলদস্যু। ২ যুদ্ধজাহাজ।

হারমাদি /হার্মাদি/ [স্পে. armada >] বিণ. হারমাদের স্বভাববিশিষ্ট।

হারমোনিয়াম /হার্মোনিআম্/ [ফ.] বি. রিড (reed) চেপে নির্দিষ্ট কম্পাঙ্কের পর্দায় হাপরের সাহায্যে বাতাসের চাপ প্রয়োগ করে বাজাতে হয় এমন বাক্সসদৃশ বাদ্যযন্ত্র, harmonium।

হারা /হারা/ [বা.] ক্রিবি. পরাজিত হওয়া, পরাজয় বরণ করা। বিণ. ১ হারিয়েছে বা খুইয়ে ফেলেছে এমন। ২ বঞ্চিত (*স্নেহহারা*)।

হারানো /হারানো/ [বা.] ক্রিবি. ১ খোয়ানো (*সম্মান হারানো*)। ২ পরাজিত করা (*খেলায় হারানো*)। ৩ নিখোঁজ হওয়া। ৪ হস্তচ্যুত হওয়া (*সুযোগ হারানো*)। ৫ বিচ্ছিন্ন হওয়া (*সংযোগ হারানো*)। ৬ ভ্রষ্ট হওয়া (*পথ হারানো*)। বিণ. ১ খোয়া গেছে এমন (*হারানো টাকা*)। ২ নিখোঁজ (*হারানো বিজ্ঞপ্তি*)। ৩ পেয়েও ব্যবহার করতে পারেনি এমন (*হারানো সুযোগ*)।

হারাম /হারাম্/ [আ.] বিণ. ইসলাম ধর্মের বিধানমতে নিষিদ্ধ বা অবৈধ এমন।

হারামখোর /হারাম্খোর্/ [আ. হারাম+ফা. খোর] বিণ. নিষিদ্ধ বস্তু ভক্ষণকারী। বি. গালিবিশেষ।

হারামজাদা /হারাম্জাদা/ [আ. হারাম+ফা. জাদা] বিণ. বেজন্মা, জারজ। বি. গালিবিশেষ। স্ত্রী. **হারামজাদি** /হারাম্জাদি/।

হারামি /হারামি/ [আ.] বিণ. ১ দুর্জন, অসৎ। ২ জারজ। বি. গালিবিশেষ।

হারাহারি /হারাহারি/ [স. হার >] বি. অনুপাত অনুযায়ী ভাগবাঁটোয়ারা। ক্রিবিণ. অনুপাত অনুযায়ী; গড় হিসাবে।

হারিকেন /হারিকেন্/ [স্পে.] বি. ১ বাতাসে নেভে না এমন কাচের আবরণযুক্ত তেলের লণ্ঠনবিশেষ।

www.pathagar.com

২ (ঘণ্টায় ১১৮ কিমি. বেগের বা তদূর্ধ্ব বাতাস-সহ) ক্রান্তীয় অঞ্চলের ঘূর্ণিঝড়। ৩ hurricane।

হারিত[১] /হারিতো/ [স. √হৃ+ণিচ্+ত] বিণ. ১ অপহৃত। ২ পরাজিত।

হারিত[২] /হারিতো/ [স. হরিত+অ] বিণ. সবুজ বর্ণ-বিশিষ্ট।

হারিদ্র /হারিদ্‌দ্রো/ [স. হরিদ্রা+অ] বিণ. হরিদ্রা-বর্ণবিশিষ্ট, হলদে।

হারী[১] /হারি/ [স. হার+ইন্] বিণ. হারশোভিত, হার-যুক্ত। *স্ত্রী. হারিণী /হারিনি/।

-হারী[২] /হারি/ [স. √হৃ+ইন্] বিণ. (সমাসের পরপদে) ১ হরণকারী (*চিত্তহারী*)। ২ বাহক। ৩ অপনোদন-কারক (*শোকহারী*)। *স্ত্রী. হারিণী /হারিনি/।

হারীত /হারিত্/ [স. হরীত+অ] বি. ১ স্মৃতিশাস্ত্র প্রণেতা ঋষিবিশেষ। ২ শুক পাখি।

হারেম /হারেম্/ [আ.] বি. ১ অন্তঃপুর, অন্দরমহল। ২ নিষিদ্ধ বা পবিত্র স্থান।

হারেম শরিফ /হারেম্ শোরিফ্/ বি. কাবাগৃহ সংলগ্ন পবিত্র স্থান।

হার্ট /হার্‌ট্/ [ই. heart] বি. ১ দেহস্থ ফাঁপা অঙ্গ-বিশেষ যার নিয়মিত সংকোচন ও প্রসারণের ফলে ধমনি ও শিরার মধ্য দিয়ে দেহের সকল অঙ্গ-প্রত্যঙ্গে রক্ত চলাচল করে, হৃদ্‌যন্ত্র। ২ অন্তঃকরণ।

হার্টফেল করা /হার্‌ট্‌ফেল্ করা/ ক্রিবি. হৃদ্‌যন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে মৃত্যুবরণ করা।

হার্দিক /হার্‌দিক্/ [স. √হৃদ্+ইক] বিণ. ১ আন্তরিক, হৃদয়জাত, হৃদগত। ২ হৃদয়সম্পর্কিত।

হার্দী /হার্‌দি/ [স. √হৃদ্+ইন্] বিণ. স্নেহযুক্ত; সহৃদয়।

হার্দ্য /হার্‌দ্যো/ [স. √হৃদ্+য] বি. প্রীতি, হৃদ্যতা, স্নেহ। বিণ. ১ হৃদগত, আন্তরিক। ২ মনোজ্ঞ।

হার্য /হার্‌জ্যো/ [স. √হৃ+য] বিণ. ১ হরণযোগ্য। ২ বহনযোগ্য। ৩ (গ.) বিভাজ্য, divisible।

হাল[১] /হাল্/ [স. √হল্+অ] বি. ১ লাঙল। ২ (বাংলায়) চাকায় সংযুক্ত লোহা বা ইস্পাতের বেড় বা পটি, tyre।

হাল[২] /হাল্/ [দেশি.] বি. যা দিয়ে নৌকোর গতিপথ নিয়ন্ত্রণ করা হয়, কর্ণ, অরিত্র।

হাল[৩] /হাল্/ [আ.] বি. ১ অবস্থা, দশা। ২ বর্তমান কাল। বিণ. বর্তমান (*হাল আমলের*); চলতি (*হালনাগাদ*)।

হাল আমল /হাল্ আমোল্/ বি. বর্তমান কাল।

হালকা /হাল্‌কা/ [স. লঘুক >] বিণ. ১ ভারী নয় এমন। ২ গুরুতর নয় এমন। ৩ ফিকে (*হালকা নীল*)। ৪ উদ্‌বেগশূন্য। ৫ আলতো (*হালকা পরশ*)।

হালখাতা /হাল্‌খাতা/ [আ.] বি. নববর্ষে নতুন হিসাব লেখার খাতা।

হালচাল /হাল্‌চাল্/ [আ. হাল+বা. চাল] বি. পারি-পার্শ্বিক অবস্থা।

হালট /হালোট্/ [বা.] বি. ১ হালের গোরু চলাচলের পথ, গোপাট। ২ গ্রামাঞ্চলের কাঁচা রাস্তা।

হালত /হালোত্/ [আ.] বি. হাল, দশা, অবস্থা।

হালদার /হাল্‌দার/ [আ. হাল+ফা. দার] বি. ১ মধ্য-মানের পুলিশ বা সামরিক কর্মী। ২ পদবিবিশেষ।

হালফিল /হাল্‌ফিল্/ [আ.] ক্রিবিণ. সম্প্রতি।

হালফ্যাশন /হাল্‌ফ্যাশন্/ [আ. হাল+ই. ফ্যাশন] বি. চলতি রীতি।

হালহকিকত /হাল্‌হোকিকত্/ [আ.] বি. প্রকৃত অবস্থা।

হালাক /হালাক্/ [আ.] বি. ১ অপঘাতে মৃত্যু। ২ সর্বনাশ; ধ্বংস।

হালাল /হালাল্/ [আ.] বিণ. ইসলাম ধর্মের বিধান অনুসারে বৈধ।

হালি[১] /হালি/ [বা.] বি. ১ যে ব্যক্তি লাঙল চালায়, কৃষক। ২ যে ব্যক্তি নৌকার হাল ধরে।

হালি[২] /হালি/ [আ.] বিণ. চারটির সমষ্টি (*ডিমের হালি*)।

হালিক /হালিক্/ [স. √হল্+ইক] বি. যে হালচাষ করে, কৃষক। বিণ. হালবিষয়ক।

হালিয়া /হালিআ/ [দেশি.] বি. বিণ. দ্র হালিক।

হালুইকর /হালুইকর্/ [আ. হালুই+স. কর] বি. মিঠাই তৈরি যার পেশা, ময়রা।

হালুম /হালুম্/ [ধ্বন্যা.] অব্য. বি. আক্রমণোদ্যত বাঘের কাল্পনিক গর্জন।

হালুয়া /হালুআ/ [আ.] বি. সুজি ঘি চিনি দুধ প্রভৃতির তৈরি খাদ্যবস্তু, মোহনভোগ।

হালে /হালে/ [বা.] ক্রিবিণ. সম্প্রতি, ইদানীং।

হাশর /হাশর্/ [আ.] বি. ইহুদি খ্রিষ্টান ও ইসলাম ধর্মমতে মৃতের পুনরুত্থান ও শেষ বিচারের দিন (*রোজ হাশর*), resurrection।

হাশিয়া /হাশিআ/ [আ.] বি. ১ শাড়ি বা শালের ফুল-তোলা পাড়বিশেষ। ২ কাগজের ধারে লেখা মন্তব্য, marginal notes।

হাশিশ /হাশিশ্/ [আ.] বি. মাদক দ্রব্যবিশেষ, ভাং।

হাস /হাশ্/ [স. √হস্+অ] বি. ১ হাস্য। ২ উপহাস।

হাসক /হাশক্/ [স. √হস্+ণিচ্+অক] বিণ. হাসায় এমন। *স্ত্রী. হাসিকা /হাশিকা/।

হাসকুটে /হাশ্‌কুটে/ [বা.] বিণ. হেসে কুটিকুটি হয়

www.pathagar.com

এমন; হাস্যপ্রবণ।

হাসনাহেনা /হাস্‌নাহেনা/ [বা.] বি. দ্র হাসনুহানা।

হাসনুহানা /হাস্‌নুহানা/ [জাপ.] বি. দক্ষিণ এশিয়ায় জাত এবং প্রধানত বর্ষাকালের সন্ধ্যায় ফোটে এমন পাঁচটি পাপড়িযুক্ত নলাকার সবুজাভ সাদা ছোটো সুগন্ধ ফুল বা তার মাঝারি আকৃতির গুল্মজাতীয় উদ্ভিদ।

হাসপাতাল /হাশ্‌পাতাল্/ [ই. hospital >] বি. চিকিৎসা ও রোগ নিরাময়ের গৃহ, চিকিৎসালয়।

হাসা /হাশা/ [বা.] ক্রিবি. ১ হাস্য করা। ২ উপহাস করা। বি. হাস্য।

হাসানো /হাশানো/ [বা.] ক্রিবি. কৌতুক বিদ্রুপ বা অঙ্গভঙ্গির সাহায্যে হাস্য উৎপাদন করা।

হাসাহাসি /হাশাহাশি/ [বা.] বি. কোনো বিষয়ে নিজেদের মধ্যে বারবার হাসি।

হাসি /হাশি/ [বা.] বি. ১ হাস্য, হাস। ২ উপহাস।

হাসিকান্না /হাশিকান্না/ [বা.] বি. ১ হাস্য ও ক্রন্দন। ২ বিষাদ ও আনন্দের মিশ্র ভাব (*ওগো কাণ্ডারী, কে গো তুমি, কার হাসিকান্নার ধন* রবীন্দ্র.)।

হাসিখুশি /হাশিখুশি/ [বা. হাসি+ফা. খুশি] বিণ. হাসি ও আনন্দে পরিপূর্ণ।

হাসিঠাট্টা /হাশিঠাট্টা/ [বা.] বি. রঙ্গরসিকতা, ঠাট্টা-তামাশা।

হাসিতামাশা /হাশিতামাশা/ [বা. হাসি+আ. তামাশা] বি. দ্র হাসিঠাট্টা।

হাসিনী /হাশিনি/ [স. √হস্+ইন্+ঈ] বিণ. হাস্য-কারিণী (*সুহাসিনী*), হাস্যময়ী।

হাসিমুখ /হাশিমুখ/ [বা.] বি. সহাস্য বদন।

হাসিয়াল /হাশিআল্/ [বা.] বি. হেঁশেল, রসুইঘর।

হাসিল /হাসিল্/ [আ.] বি. ১ (মন্দার্থে) কৌশল ও বুদ্ধি খাটিয়ে কার্য উদ্ধার (*উদ্দেশ্য হাসিল করা*)। ২ সিদ্ধি, সম্পাদন। বিণ. সম্পাদিত, সিদ্ধ; লব্ধ।

হাসিহাসি /হাশিহাশি/ [বা.] বিণ. ঈষৎ হাস্যযুক্ত, প্রফুল্ল।

হাসিহাসিমুখ /হাশিহাশিমুখ/ [বা.] বিণ. প্রফুল্লবদন।

হাস্য /হাশ্‌শো/ [স. √হস্+য] বি. হাসি।

হাস্যকর /হাশ্‌শোকর/ [স. হাস্য+√কৃ+অ] বিণ. ১ হাসি উদ্রেক করে এমন। ২ উপহাসের যোগ্য।

হাস্যকৌতুক /হাশ্‌শোকৌতুক/ [স. হাস্য+কৌতুক] বি. ১ রসিকতা। ২ ব্যঙ্গ-বিদ্রুপ।

হাস্যজনক /হাশ্‌শোজনোক্/ [স. হাস্য+জনক] বিণ. দ্র হাস্যকর।

হাস্যপরিহাস /হাশ্‌শোপোরিহাশ্/ [স. হাস্য+পরিহাস] বি. দ্র হাস্যকৌতুক।

হাস্যময় /হাশ্‌শোময়/ [স. হাস্য+ময়ট্] বিণ. সহাস্য, হাসিযুক্ত। স্ত্রী. হাস্যময়ী /হাশ্‌শোমোয়ি/।

হাস্যমুখর /হাশ্‌শোমুখর/ [স. হাস্য+মুখর] বিণ. হাস্যরসে মুখরিত, আনন্দপূর্ণ।

হাস্যমুখরিত /হাশ্‌শোমুখোরিতো/ [স. হাস্য+মুখর+ইত] বিণ. হাস্যরসে পরিপূর্ণ।

হাস্যরস /হাশ্‌শোরশ্/ [স. হাস্য+রস] বি. হাসি উদ্রেক করে এমন রস।

হাস্যরসিক /হাশ্‌শোরোশিক্/ [স. হাস্য+রসিক] বিণ. লেখা বা অভিনয়ে হাস্যরস সৃষ্টি করে এমন।

হাস্যালাপ /হাশ্‌শালাপ্/ [স. হাস্য+আলাপ] বি. হাসি উদ্রেক করে এমন বাক্যালাপ, রসালাপ।

হাস্যাস্পদ /হাশ্‌শাশ্‌পদো/ [স. হাস্য+আস্পদ] বিণ. হাসি ও উপহাসের পাত্র।

হাস্যোজ্জ্বল /হাশ্‌শোজ্‌জল্/ [স. হাস্য+উজ্জ্বল] বিণ. হাসিতে উদ্ভাসিত, হাস্যময়।

হাস্যোদ্দীপক /হাশ্‌শোদ্‌দিপক্/ [স. হাস্য+উদ্দীপক] বিণ. হাস্যরস সৃষ্টি করে এমন।

হা হতাস্মি /হা হতাশ্‌শি/ অব্য. 'হায় মরে গেলাম' এরূপ খেদোক্তি। বি. হা-হুতাশ।

হাহা[১] /হাহা/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ অট্টহাসির শব্দ। ২ শোক, দুঃখ বিস্ময় প্রভৃতি প্রকাশক শব্দ; কান্নার শব্দ। ৩ শূন্যতার ভাব প্রকাশক শব্দ।

হাহা[২] /হাহা/ [স. হা+√হা+ক্বিপ্] বি. পুরাণোক্ত গন্ধর্ববিশেষ।

হাহাকার /হাহাকার/ [স. হাহা+√কৃ+অ] বি. শোক বা আর্তনাদের উচ্চ ধ্বনি।

হাহারব /হাহারব/ [স. হাহা+রব] বি. দ্র হাহাকার।

হা-হুতাশ /হাহুতাশ্/ [বা.] বি. খেদ ও হতাশা প্রকাশক শব্দ।

হিং /হিং/ [স. হিঙ্গু >] বি. আফগানিস্তান ইরান তুরস্ক-সহ ভারতের উত্তর-পশ্চিম অঞ্চলে জাত কালচে খয়েরি বর্ণের ফুল বা তার তৃণসদৃশ পাতা কোমল কাণ্ড ও গোলাকৃতি মূলের নির্যাস থেকে প্রাপ্ত রসুনের মতো ঝাঁজালো তীব্রগন্ধ আঠালো পদার্থ (খাদ্যের স্বাদবৃদ্ধি ও ওষুধরূপে ব্যবহৃত)।

হিং টিং ছট /হিং টিং ছট্/ [ধ্বন্যা.] অব্য. অর্থহীন বিদ্রুপাত্মক শব্দসমষ্টি।

হিংসক /হিংশক্/ [স. √হিন্‌স্+অক] বিণ. ১ ঈর্ষা-পরায়ণ, হিংসুটে। ২ হন্তা, ঘাতক। বি. ১ হিংস্র জীব। ২ শত্রু।

হিংসন /হিংশন্/ [স. √হিন্‌স্+অন] বি. ১ বিদ্বেষ পোষণ। ২ অনিষ্টসাধন।

হিংসনীয় /হিংশোনিয়ো/ [স. √হিন্‌স্+অনীয়] বিণ. হিংসাযোগ্য।

হিংসা /হিংশা/ [স. √হিন্‌স্+অ+আ (টাপ্)] বি. ১

www.pathagar.com

বধ, হনন। ২ অনিষ্ট। ৩ ক্ষতিসাধনের বাসনা। ৪ (বাংলায়) ঈর্ষা, বিদ্বেষ, পরশ্রীকাতরতা।

হিংসাত্মক /হিংশাত্তর্ক/ [স. হিংসা+আত্মন্+ক] বিণ. মূলে হিংসা আছে এমন, হিংসাযুক্ত; ক্ষতিসাধনের বাসনাযুক্ত।

হিংসালু /হিংশালু/ [স. √হিন্স্+আলু] বিণ. ১ বিদ্বেষপরায়ণ। ২ ঘাতক। ৩ ক্ষতিকারক।

হিংসাশীল /হিংশাশিল্/ [স. হিংসা+√শীল্+অ] বিণ. হিংসার প্রবৃত্তিযুক্ত, হিংস্র।

হিংসাশ্রয়ী /হিংশাস্রোয়ি/ [স. হিংসা+আ+√শ্রি+ইন্] বিণ. সর্বদা হিংসার আশ্রয় গ্রহণ করে এমন; মারমুখী।

হিংসিত /হিংশিতো/ [স. √হিংস্+ত] বিণ. ১ হিংসার লক্ষ্য বা বিষয়ে পরিণত এমন। ২ হত; বিনাশিত।

হিংসিতব্য /হিংশিতোব্বো/ [স. √হিংস্+তব্য] বিণ. ১ হিংসার যোগ্য। ২ বধযোগ্য।

হিংসুক /হিংশুক্/ [স. হিংসা >] বিণ. হিংসুটে, ঈর্ষাপরায়ণ; অন্যের অপকার করার প্রবৃত্তিযুক্ত।

হিংসুটে /হিংশুটে/ [স. হিংসা >] বিণ. পরশ্রীকাতর, হিংসাপরায়ণ।

হিংস্য /হিংশ্যো/ [স. √হিন্স্+য] বিণ. ১ হিংসার উপযুক্ত, হিংসাযোগ্য। ২ বধ্য।

হিংস্র /হিংস্রো/ [স. √হিন্স্+র] বিণ. হিংসার প্রকৃতি-বিশিষ্ট; আক্রমণের প্রবৃত্তিযুক্ত (*হিংস্র জন্তু*)। স্ত্রী. হিংস্রা /হিংস্রা/।

হিংস্রক /হিংস্রোক্/ [স. হিংস্র+ক (স্বার্থে)] বিণ. হিংসার প্রকৃতিবিশিষ্ট; আক্রমণের প্রবৃত্তিযুক্ত। স্ত্রী. হিংস্রিকা /হিংস্রিকা/।

হিংস্রতা /হিংস্রোতা/ [স. হিংস্র+তা] বি. হিংসার ভাব।

হিঁচড়া /হিঁচ্ড়া/ [বা.] ক্রিবি. দ্র হিঁচড়ানো।

হিঁচড়ানো /হিঁচ্ড়ানো/ [বা.] ক্রিবি. বলপূর্বক মাটিতে ঘষটে টেনে নিয়ে যাওয়া, হেঁচড়ানো।

হিঁদু /হিঁদু/ [ফা. হিন্দু >] বি. 'হিন্দু'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

হিঁদুয়ানি /হিঁদুআনি/ [ফা. হিন্দু >] বি. 'হিন্দুয়ানি'-র আঞ্চলিক ও বিকৃত রূপ।

হিকমত /হিক্মত্/ [আ.] বি. ১ কৌশল। ২ দক্ষতা, কর্মকুশলতা। ৩ শক্তি, ক্ষমতা।

হিকমতি /হিক্মোতি/ [ফা.] বিণ. ১ কৌশলী। ২ কর্মকুশল। ৩ শক্তিশালী।

হিক্কা /হিক্কা/ [স. √হিক্+অ+আ (টাপ্)] বি. হেঁচকি (*হিক্কা ওঠা*)।

হিঙ্গু /হিংগু/ [স. হিম+√গম্+উ] বি. দ্র হিং।

হিঙ্গুল /হিংগুল্/ [স. হিঙ্গু+√লা+অ] বি. পারদের অন্যতম উৎস ও লাল রং হিসেবে ব্যবহৃত গন্ধক ও পারদের খনিজ যৌগবিশেষ, cinnabar।

হিজড়া /হিজ্ড়া/ [হি.] বি. একই দেহে স্ত্রী ও পুরুষের বৈশিষ্ট্যযুক্ত মানুষ বা অন্য কোনো প্রাণী, hermaphrodite।

হিজড়ে /হিজ্ড়ে/ [বা.] বি. 'হিজড়া'-র কথ্য রূপ।

হিজরত /হিজ্রত্/ [আ.] বি. ১ দেশত্যাগ। ২ হজরত মুহম্মদ (সা.)-এর মক্কা থেকে মদিনায় গমন।

হিজরা /হিজ্রা/ [আ.] বি. দ্র হিজরি।

হিজরি /হিজ্রি/ [ফা.] বি. হজরত মুহম্মদ (সা.)-এর মক্কা ত্যাগ করে মদিনায় গমনের দিন থেকে (৬২২ খ্রিষ্টাব্দে) পরিগণিত চান্দ্র অব্দ।

হিজল /হিজল্/ [স. হিজ্জল >] বি. ভারত শ্রীলংকা মালয় উত্তর-পশ্চিম অস্ট্রেলিয়া-সহ বাংলাদেশের নিম্নাঞ্চলে জাত এবং সরু ও ঝুলন্ত পুষ্পমঞ্জরিতে উৎপন্ন অসংখ্য পরাগকেশরবিশিষ্ট ছোটো লাল ফুল ও দৈর্ঘ্য বরাবর চারটি শিরাযুক্ত ফল বা তার মাঝারি আকৃতির চিরহরিৎ বৃক্ষ, অম্বুজ।

হিজাব /হিজাব্/ [আ.] বি. নারীর কেশাবরণ।

হিজিবিজি /হিজিবিজি/ [দেশি.] বি. আঁকাবাঁকা অস্পষ্ট অর্থহীন রেখা। বিণ. জটিল ও অস্পষ্ট।

হিঞ্চা /হিন্চা/ [স. হিলমোচিকা>] বি. বাংলাদেশ-সহ এশিয়া ও আফ্রিকার উষ্ণমণ্ডলীয় অঞ্চলের জলা-ভূমিতে জাত বহু শাখাপ্রশাখা ও দীর্ঘ ফাঁপা কাণ্ড-বিশিষ্ট (যার প্রতিটি গাঁটে শিকড় গজায়) তিক্তস্বাদ শাকবিশেষ (আনি. ব্রাজিল), হেলেঞ্চা, হিঞ্চে।

হিঞ্চে /হিন্চে/ [স. হিলমোচিকা >] বি. 'হিঞ্চা'-র বিকৃত ও কথ্য রূপ।

হিঞ্জির /হিন্জির্/ [স. হিণ্ডীর >] বি. হাতির পা বাঁধার শিকল বা মোটা দড়ি।

হিটার /হিটার্/ [ই. heater] বি. ১ বৈদ্যুতিক চুল্লিবিশেষ। ২ কৃত্রিম উপায়ে ঘর গরম রাখার সরঞ্জাম।

হিড়হিড় /হিড়্হিড়্/ [ধ্বন্যা.] অব্য. বি. হেঁছড়ে টেনে নিয়ে যাওয়ার ভাব প্রকাশক শব্দ।

হিড়িক /হিড়িক্/ [বা.] বি. ১ হুজুগ; ফ্যাশন। ২ চাপ, আধিক্য। ৩ ভিড়; হাঙ্গামা।

হিড়িম্ব /হিড়িম্বো/ [স. √হিন্ড়্+কিম্ব] বি. মহাভারতে-বর্ণিত ভীমের পত্নী হিড়িম্বার ভ্রাতা, রাক্ষসবিশেষ।

হিড়িম্বা /হিড়িম্বা/ [স. √হিন্ড়্+কিম্ব+আ (টাপ্)]

www.pathagar.com

বি. মহাভারতোক্ত রাক্ষস হিড়িম্বর ভগিনী।

হিত /হিতো/ [স. √ধা+ত] বি. উপকার, কল্যাণ, মঙ্গল। বিণ. কল্যাণকর, উপকারী।

হিতকথা /হিতোকথা/ [স. হিত+কথা] বি. কল্যাণকর কথা; সৎপরামর্শ, সদুপদেশ।

হিতকর/হিতোকর্/ [স. হিত+√কৃ+অ] বিণ. উপকারী, মঙ্গলজনক। স্ত্রী. হিতকরী /হিতোকোরি/।

হিতকারী /হিতোকারি/ [স. হিত+√কৃ+ইন্] বিণ. কল্যাণকর, মঙ্গলকারী, ইষ্টসাধক। স্ত্রী. হিতকারিণী /হিতোকারিনি/।

হিতবাদ /হিতোবাদ্/ [স. হিত+√বদ্+অ] বি. সকলের কল্যাণসাধনের মতবাদ।

হিতবাদী /হিতোবাদি/ [স. হিত+√বদ্+ইন্] বিণ. সদুপদেশক, সৎ পরামর্শদাতা।

হিতসাধন /হিতোশাধোন্/ [স. হিত+সাধন] বি. মঙ্গলকরণ, উপকারসাধন।

হিতাকাঙ্ক্ষী /হিতাকাংখি/ [স. হিত+আ+√কাঙ্ক্ষ্+ইন্] বিণ. কল্যাণকামী। বি. যে কল্যাণ কামনা করে।

হিতার্থী /হিতার্থি/ [স. হিত+√অর্থ্+ইন্] বিণ. বি. দ্র হিতাকাঙ্ক্ষী।

হিতাশী /হিতাশি/ [স. হিতৈষী >] বিণ. হিতৈষী, হিতাকাঙ্ক্ষী।

হিতাহিত /হিতাহিত্/ [স. হিত+অহিত] বি. কল্যাণ ও অকল্যাণ, ভালো ও মন্দ।

হিতাহিতজ্ঞান /হিতাহিত্গ্যাঁন্/ [স. হিতাহিত+জ্ঞান] বি. শুভাশুভ ভালো-মন্দ ন্যায়-অন্যায় প্রভৃতি বিষয়ে চেতনা।

হিতাহিতজ্ঞানরহিত /হিতাহিত্গ্যাঁন্রোহিতো/ [স. হিতাহিতজ্ঞান+রহিত] বিণ. দ্র হিতাহিতজ্ঞান-শূন্য।

হিতাহিতজ্ঞানশূন্য /হিতাহিত্গ্যাঁন্শুন্নো/ [স. হিতাহিতজ্ঞান+√শূন্+য] বিণ. ভালোমন্দজ্ঞান-বর্জিত।

হিতাহিতজ্ঞানহীন/হিতাহিত্গ্যাঁন্হিন্/ [স. হিতাহিত+জ্ঞান+√হা+ত] বিণ. দ্র হিতাহিতজ্ঞানশূন্য।

হিতৈষণা /হিতোইশনা/ [স. হিত+এষণা] বি. মঙ্গল করার ইচ্ছা বা আকাঙ্ক্ষা।

হিতৈষা /হিতোইশা/ [স. হিত+ইষ্+আ (টাপ্)] বি. দ্র হিতৈষণা।

হিতৈষিতা /হিতোইশিতা/ [স. হিতৈষিন্+তা] বি. দ্র হিতৈষণা।

হিতৈষী /হিতোইশি/ [স. হিত+ইষ্+ইন্] বিণ. মঙ্গল করতে ইচ্ছুক এমন। স্ত্রী. হিতৈষিণী /হিতোইশিনি/।

হিতোপদেশ /হিতোপোদেশ্/ [স. হিত+উপদেশ] বি. কল্যাণকর বা হিতকর উপদেশ, সৎপরামর্শ।

হিতোপদেষ্টা /হিতোপোদেশ্টা/ [স. হিত+উপ+√দিশ্+তৃ] বিণ. বি. সৎপরামর্শদাতা।

হিন্দি /হিন্দি/ [ফা.] বি. দেবনাগরী হরফে লেখা হয় এমন ইন্দো-এরিয়ান ভাষাবিশেষ, ভারত প্রজাতন্ত্রের রাষ্ট্রভাষা।

হিন্দু /হিন্দু/ [ফা.] বি. ভারত বাংলাদেশ ও নেপালে বসবাসকারী বেদাশ্রিত সনাতন ধর্মাবলম্বী।

হিন্দুত্ব /হিন্দুত্তো/ [ফা. হিন্দু+স. ত্ব] বি. হিন্দু ধর্মের মতবাদ; হিন্দুয়ানি।

হিন্দুয়ানা /হিন্দুআনা/ [ফা.] বি. দ্র হিন্দুয়ানি।

হিন্দুয়ানি /হিন্দুআনি/ [ফা.] বি. হিন্দুসুলভ আচার-আচরণ।

হিন্দুসমাজ /হিন্দুশমাজ্/ [ফা. হিন্দু+স. সমাজ] বি. হিন্দু ধর্মাবলম্বী সম্প্রদায়।

হিন্দোল /হিন্দোল্/ [স. √হিন্দোল্+অ] বি. ১ দোল, দোলন। ২ রাত্রির তৃতীয় প্রহরে গেয় সংগীতের রাগবিশেষ। ৩ ঝুলনযাত্রার উৎসব।

হিবা /হিবা/ [আ.] বি. ইসলামি বিধানমতে মৌখিক দান; উপহার।

হিবানামা /হিবানামা/ [আ. হিবা+ফা. নামা] বি. মৌখিক দানের দলিল; দানপত্র।

হিবুক /হিবুক/ [অজ্ঞা.] বি. জ্যোতিষশাস্ত্রে লগ্নের চতুর্থ স্থান।

হিব্রু /হিব্রু/ [ফ.] বি. ১ ইহুদি জাতি। ২ ইজরায়েলে ব্যবহৃত সেমেটিক ভাষা, Hebrew।

হিম /হিম্/ [স. √হিম্+অ] বি. ১ শৈত্য, শীতলতা। ২ শীতকাল। ৩ তুষার। ৪ শিশির। বিণ. ঠান্ডা।

হিমকর /হিমোকর্/ [স. হিম+√কৃ+অ] বি. (স্নিগ্ধ আলো দেয় বলে) চাঁদ।

হিমগিরি /হিম্গিরি/ [স. হিম+√গৃ+ই] বি. ভারতের উত্তর প্রান্তে অবস্থিত তুষারাচ্ছন্ন পর্বতশ্রেণি, হিমালয় পর্বতমালা।

হিমঘর /হিম্ঘর্/ [স. হিম+বা. ঘর] বি. যে হিমায়িত কক্ষে পচনশীল দ্রব্যসামগ্রী (কাঁচা মাছ মাংস প্রভৃতি) সংরক্ষণ করা হয়, cold storage।

হিমপাত /হিমোপাত্/ [স. হিম+√পত্+অ] বি. তুষার-পাত।

হিমবান /হিমোবান্/ [স. হিম+বৎ] বি. হিমালয় পর্বতমালা।

www.pathagar.com

হিমবাহ /হিমোবাহো/ [স. হিম+√বহ্+অ] বি. পাহাড়ের গা বেয়ে নেমে আসা তুষারস্রোত, glacier।

হিমমণ্ডল /হিমোমন্‌ডোল্‌/ [স. হিম+মণ্ডল] বি. পৃথিবীর উত্তর ও দক্ষিণ মেরু সন্নিহিত অত্যন্ত শীতল ও ক্ষীণতম সূর্যালোকপ্রাপ্ত অঞ্চল, frigid zone।

হিমরেখা /হিমোরেখা/ [স. হিম+রেখা] বি. পর্বতের যে উচ্চতার ঊর্ধ্বে সারাবছর তুষার জমে থাকে, snowline।

হিমশিম /হিম্‌শিম্‌/ [স. হিম+বা. শিম] বি. হয়রান বা নাজেহাল অবস্থা; অত্যন্ত পরিশ্রান্ত বা ক্লান্ত হওয়ার ভাব।

হিমশিম খাওয়া /হিম্‌শিম্‌ খাওআ/ ক্রিবি. নাকাল হওয়া, নাজেহাল হওয়া।

হিমশিলা /হিম্‌শিলা/ [স. হিম+শিলা] বি. বরফ, তুষার।

হিমশীতল /হিম্‌শিতল্‌/ [স. হিম+শীতল] বিণ. তুষার বা বরফের মতো ঠান্ডা, অতিশয় শীতল।

হিমশৈল /হিমোশোইলো/ [স. হিম+শিলা+অ] বি. ১ ভারতের উত্তর প্রান্তে অবস্থিত চিরতুষারাবৃত পর্বতশ্রেণি, হিমালয় পর্বতমালা। ২ সাগরে ভাসমান বরফের বড়ো স্তূপ, iceberg।

হিমসাগর /হিম্‌শাগোর্‌/ [স. হিম+সাগর] বি. ১ বাংলাদেশের উত্তরাঞ্চল ও ভারতের পশ্চিমবঙ্গে জাত উন্নত প্রজাতির আমবিশেষ। ২ তুষার বা বরফে আচ্ছন্ন সমুদ্র। ৩ (আল.) প্রবল শৈত্য।

হিমাংশু /হিমাংশু/ [স. হিম+অংশু] বি. ১ (কিরণ স্নিগ্ধ বলে) চাঁদ। ২ কর্পূর।

হিমাগম /হিমাগম্‌/ [স. হিম+আগম] বি. শীতঋতুর আবির্ভাব; হেমন্তঋতু।

হিমাগার /হিমাগার্‌/ [স. হিম+আগার] বি. দ্র হিম-ঘর।

হিমাঙ্গ /হিমাংগো/ [স. হিম+অঙ্গ] বি. নিরুত্তাপ দেহ, প্রাণহীন দেহ, মৃতদেহ।

হিমাচল /হিমাচল্‌/ [স. হিম+অচল] বি. ১ হিমালয় পর্বতশ্রেণি। ২ পঞ্জাবের উত্তর-পূর্ব ও হিমালয়ের পাদদেশে অবস্থিত ভারতের রাজ্যবিশেষ।

হিমাদ্রি /হিমাদ্‌রি/ [স. হিম+অদ্রি] বি. হিমালয় পর্বতমালা।

হিমানী /হিমানি/ [স. হিম+ঈ] বি. তুষারপুঞ্জ; বরফ।

হিমায়িত /হিমায়িতো/ [স. হিম+ণিচ্+ত] বিণ. ঠান্ডায় জমে গেছে এমন, ঠান্ডা করে জমানো হয়েছে এমন, frozen।

হিমায়ন /হিমায়োন্‌/ [স. হিম+অয়ন] বি. শীতলকরণ।

হিমালয় /হিমালয়্‌/ [স. হিম+আলয়] বি. ভারতের উত্তরপ্রান্তে অবস্থিত বরফে ঢাকা বিশ্বের বৃহত্তম পর্বতমালা।

হিমালয় নন্দিনী /হিমালয় নোন্‌দিনি/ বি. দেবী দুর্গা, উমা।

হিমিকা /হিমিকা/ [স. হিম+কন্+আ (টাপ্‌)] বি. ১ ভূপৃষ্ঠের সন্নিকটে বাতাসে ভাসমান অপেক্ষাকৃত ঠান্ডা ধূলিকণা প্রভৃতি আর্দ্র বায়ুর সংস্পর্শে আসার ফলে সৃষ্ট জলকণার আবরণ যা দৃষ্টিসীমাকে বাধা-গ্রস্ত করে, কুয়াশা, কুজ্ঝটিকা, কুহেলিকা, নভোরজ, নীহার, fog। ২ শিশির।

হিমেল /হিমেল/ [বা.] বিণ. অত্যন্ত ঠান্ডা।

হিম্মত /হিম্‌মত্‌/ [আ.] বি. ১ সাহস, মনোবল (*ছিঁড়িয়াছে পাল, কে ধরিবে হাল, আছে কার হিম্মৎ?* নজরুল.)। ২ ক্ষমতা; শক্তি; বীরত্ব।

হিয়া /হিআ/ [স. হৃদয় >] বি. হৃদয়, অন্তঃকরণ।

হিরণ /হিরন্‌/ [স. হিরণ্য >] বি. দ্র হিরণ্য।

হিরণ্ময় /হিরন্‌ময়্‌/ [স. হিরণ্য+ময়ট্‌] বি. ব্রহ্মা। বিণ. ১ স্বর্ণবর্ণ, সোনালি। ২ সোনার তৈরি। স্ত্রী. হিরণ্ময়ী /হিরন্‌মোয়ি/।

হিরণ্য /হিরোন্‌নো/ [স. হিরণ+য] বি. ১ সুবর্ণ, স্বর্ণ, সোনা। ২ ধন, কড়ি।

হিরণ্যকশিপু /হিরোন্‌নোকোশিপু/ [ব্যক্তি.] বি. পুরাণে বর্ণিত কশ্যপ ও দিতির পুত্র, অসুরসম্রাট।

হিরণ্যগর্ভ /হিরোন্‌নোগরভো/ [স. হিরণ্য+√গৃ+ভ] বিণ. স্বর্ণপূর্ণ। বি. সৃষ্টির প্রথম পুরুষ, ব্রহ্মা।

হিরণ্যদ /হিরোন্‌নোদ/ [স. হিরণ্য+√দা+অ] বিণ. সুবর্ণদাতা। বি. রত্নাকর, সমুদ্র।

হিরণ্যদা /হিরোন্‌নোদা/ [স. হিরণ্যদ+আ (টাপ্‌)] বি. পৃথিবী।

হিরণ্যনাভ /হিরোন্‌নোনাভো/ [স. হিরণ্য+নাভি] বি. ১ কৈলাসের দক্ষিণে অবস্থিত পর্বতবিশেষ, মৈনাক। ২ পুরাণে বর্ণিত সূর্যবংশীয় রাজাবিশেষ। ৩ বিষ্ণু।

হিরণ্যবাহ /হিরোন্‌নোবাহো/ [স. হিরণ্য+√বহ্+অ] বি. ভারতের বিহার রাজ্যে প্রবাহিত নদবিশেষ, শোণ নদ।

হিরণ্যরেতা /হিরোন্‌নোরেতা/ [স. হিরণ্য+রেতস্‌] বি. ১ অগ্নি। ২ সূর্য। ৩ শিব।

হিরাকস /হিরাকশ্‌/ [ফা.] বি. লোহার সঙ্গে সালফিউরিক অ্যাসিডের রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন হালকা সবুজ বর্ণের কেলাস যা জলশোধন রক্তাল্পতার চিকিৎসা প্রভৃতি কাজে ব্যবহার করা হয়, green vitriol, sulphate of iron।

হিরামন /হিরামন্‌/ [হি.] বি. ১ রূপকথায় বর্ণিত

www.pathagar.com

পাখিবিশেষ। ২ তোতাপাখি।

হিল /হিল্/ [ই. heel] বি. গোড়ালি; জুতার উঁচু গোড়ালি।

হিলোল /হিলোল্/ [স. হিল্লোল >] বি. 'হিল্লোল'-এর কোমল রূপ।

হিল্লা /হিল্লা/ [আ.] বি. ১ উপায়, গতি, ব্যবস্থা। ২ আশ্রয়, অবলম্বন। ৩ সন্ধান, খোঁজ।

হিল্লে /হিল্লে/ [আ. হিল্লা >] বি. 'হিল্লা'-র কথ্য রূপ।

হিল্লোল /হিল্লোল্/ [স. √হিল্লোল্+অ] বি. ১ ঢেউ, তরঙ্গ। ২ দোলন, দোলা।

হিল্লোলিত /হিল্লোলিতো/ [স. হিল্লোল+ইত] বিণ. তরঙ্গিত, আন্দোলিত, দোলিত।

হিসাব /হিশাব্/ [আ.] বি. ১ গণনা, সংখ্যাকরণ। ২ জমাখরচের বিবরণ। ৩ দর। ৪ কৈফিয়ত। ৫ (আল.) বিচারবিবেচনা।

হিসাব করা /হিশাব্ করা/ ক্রিবি. ১ গণনা করা। ২ পরিমাণ স্থির করা। ৩ বিচারবিবেচনা করা। ৪ নির্ধারণ করা।

হিসাবকিতাব /হিশাব্কিতাব্/ [আ.] বি. ১ বিস্তারিত বা খুঁটিনাটি হিসাব, পুঙ্খানুপুঙ্খ হিসাব। ২ বিচার-বিবেচনা।

হিসাব দেওয়া /হিশাব্ দেওআ/ ক্রিবি. ১ জমা-খরচের বিবরণ দেওয়া। ২ কৈফিয়ত দেওয়া।

হিসাবনবিশ /হিশাব্নোবিশ্/ [আ. হিসাব+ফা. নবিশ] বি. আয়ব্যয় বা জমাখরচের হিসাব লেখক।

হিসাবনিকাশ /হিশাবনিকাশ্/ [আ.] বি. ১ আয় ও ব্যয়ের বিস্তারিত লিখিত বিবরণ; সঠিকভাবে দেনা-পাওনা নির্ণয়। ২ হিসাবপত্রের কাজ।

হিসাব নেওয়া /হিশাব্ নেওআ/ ক্রিবি. আয়ব্যয় বা জমাখরচের বিবরণ ঠিকভাবে বুঝে নেওয়া।

হিসাবপরীক্ষক /হিশাব্পোরিক্ষক্/ [আ. হিসাব+স. পরীক্ষক] বি. আয়ব্যয় ও জমাখরচের হিসাব পরীক্ষা যার পেশা, auditor।

হিসাবপরীক্ষা /হিশাব্পোরিক্ষা/ [আ. হিসাব+স. পরীক্ষা] বি. জমাখরচের বিবরণ নিরীক্ষণ, audit।

হিসাবরক্ষক /হিশাব্রোক্ষক্/ [আ. হিসাব+স. রক্ষক] বি. আয়ব্যয় জমাখরচ প্রভৃতির হিসাব রক্ষার দায়িত্বে নিয়োজিত কর্মী, accountant।

হিসাবরক্ষণ /হিশাব্রোক্ষন্/ [আ. হিসাব+স. রক্ষণ] বি. জমাখরচের হিসাব রাখার কাজ।

হিসাবি /হিশাবি/ [আ. হিসাব+ফা. ই] বিণ. ১ হিসাব-সম্পর্কিত। ২ আয় বুঝে ব্যয় করে এমন। ৩ বিবেচনা করে কাজ করে এমন, বিচক্ষণ; সাবধানি।

হিসেব /হিশেব্/ [আ. হিসাব >] বি. 'হিসাব'-এর কথ্য রূপ।

হিসেবি /হিশেবি/ [ফা.] বিণ. 'হিসাবি'-র কথ্য রূপ।

হিস্সা /হিশ্শা/ [আ.] বি. প্রাপ্য অংশ, ভাগ।

হিস্সাদার /হিশ্শাদার্/ [আ. হিস্সা+ফা. দার] বি. বিণ. অংশীদার, ভাগীদার।

হিস্টিরিয়া /হিস্টিরিআ/ [ই.] বি. অতিমাত্রায় উৎকণ্ঠা মানসিক চাপ বা অবচেতন মনের অবদমিত দ্বন্দ্ব থেকে সৃষ্ট মানসিক বৈকল্যজনিত সাময়িক চৈতন্য-লোপ স্মৃতিভ্রম মানসিক ভারসাম্যের অভাব প্রভৃতি লক্ষণপ্রকাশক স্নায়ুরোগবিশেষ, hysteria।

হিহি /হিহি/ [ধ্বন্যা.] অব্য. ১ শীতে কাঁপুনির অনুকার শব্দ। ২ উচ্চ হাস্যধ্বনি। ৩ বিদ্রূপাত্মক ধ্বনি।

হীন /হিন্/ [স. √হা+ত] বিণ. ১ নীচ, অধম; হেয়। ২ শূন্য (*মাতৃহীন*)। ৩ ক্ষীণ; হ্রাসপ্রাপ্ত (*হীনবল*)। ৪ অতি বিনীত (*হীনভাবে নিবেদন*)। ৫ দুর্দশাগ্রস্ত (*হীন অবস্থা*)। স্ত্রী. হীনা /হিনা/।

হীনচেতা /হিনোচেতা/ [স. হীন+চেতস্] বিণ. নীচ মানসিকতাসম্পন্ন, নীচমতি।

হীনতা /হিনতা/ [স. হীন+তা] বি. ১ শূন্যতা। ২ নীচতা। ৩ দীনতা।

হীনপ্রাণ /হিনোপ্রান্/ [স. হীন+প্রাণ] বিণ. ১ সংকীর্ণ মানসিকতাসম্পন্ন, ক্ষীণচেতা। ২ মুমূর্ষু; স্বল্পজীবী। স্ত্রী. হীনপ্রাণা /হিনোপ্রানা/।

হীনবর্ণ /হিনোবর্নো/ [স. হীন+বর্ণ] বি. অবহেলিত ও অনগ্রসর জাতি।

হীনবল /হিনোবল্/ [স. হীন+ √বল্+অ] বিণ. শক্তি-হীন।

হীনবীর্য /হিনোবির্জো/ [স. হীন+বীর+য] বিণ. পরাক্রমহীন, তেজহীন; হীনবল।

হীনবুদ্ধি /হিনোবুদ্ধি/ [স. হীন+ √বুধ্+তি] বিণ. ১ মন্দমতি। ২ তীক্ষ্ণধী নয় এমন।

হীনমতি /হিনোমোতি/ [স. হীন+ √মন্+তি] বিণ. ১ দুর্বুদ্ধি; নীচমতি। ২ মূঢ়মতি।

হীনম্মন্যতা /হিনোম্মোন্নোতা/ [স. হীনম্মন্য+তা] বি. নিজের সম্বন্ধে হীন ধারণা পোষণ।

হীনযান /হিনোজান্/ [স. হীন+যান] বি. ১ বৌদ্ধ ধর্মের প্রাচীন শাখা। ২ পালিশাস্ত্রে বর্ণিত বৌদ্ধ মত।

হীনস্বাস্থ্য /হিনোশাস্থো/ [স. হীন+ স্বস্থ+য] বিণ. ভগ্নস্বাস্থ্য।

হীনাবস্থ /হিনাবস্থো/ [স. হীন+অবস্থা] বিণ. অতি দরিদ্র; দুর্দশাগ্রস্ত।

হীনাবস্থা /হিনাবস্থা/ [স. হীন+অবস্থা] বিণ.

www.pathagar.com

দুর্দশাগ্রস্ত অবস্থা, দারিদ্র্য।

হীন্তাল /হিন্‌তাল্‌/ [স. হীন+তাল] বি. সুন্দরবন–সহ বঙ্গোপসাগরের উপকূলের (কোচিন আন্দামান মায়ানমার থাইল্যান্ড প্রভৃতি) কর্দমাক্ত অঞ্চলে জাত মাঝারি উচ্চতার তৃণজাতীয় উদ্ভিদবিশেষ যার কাণ্ড খুঁটিরূপে ব্যবহার করা হয়, হেঁতাল গাছ।

হীয়মান /হিঅমান্‌/ [স. √হা+মান (শানচ্‌)] বিণ. হ্রাস-প্রাপ্ত হচ্ছে এমন, ক্ষীয়মাণ।

হীরক /হিরক্‌/ [স. হীর+ক (স্বার্থে)] বি. অলংকার হিসেবে ও শিল্পক্ষেত্রে ব্যবহৃত ভূ-অভ্যন্তরে দীর্ঘকালব্যাপী প্রচণ্ড চাপ ও তাপে স্ফটিকীভূত কার্বনের রূপ (অত্যন্ত কঠিন ও মূল্যবান উজ্জ্বল সাদা বা নীলাভ রত্ন)।

হীরকজয়ন্তী /হিরক্‌জয়োন্‌তি/ [স. হীরক+জয়ন্তী] বি. ষাট বৎসর পূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠিত উৎসব।

হীরা /হিরা/ [স. হীরক >] বি. 'হীরক'-এর চলিত রূপ।

হীরাপান্না /হিরাপান্না/ [বা.] বি. হীরা ও মরকত-মণি; মূল্যবান রত্নাদি (*হাসি কান্না হীরাপান্না দোলে ভালে*, রবীন্দ্র.)।

হীরার টুকরা /হিরার টুক্‌রা/ বিণ. (আল.) অতিশয় সৎস্বভাব বা প্রতিভাবান, অতি গুণবান।

হীরে /হিরে/ [বা.] বি. 'হীরা'-র কথ্য রূপ।

হুইপ /হুঁইপ্‌/ [ই.] বি. ১ চাবুক। ২ সংসদে কোনো রাজনৈতিক দলের সদস্যদের শৃঙ্খলা রক্ষা উপস্থিতি এবং কোনো বিষয়ে ভোট দানের ব্যাপারে নির্দেশ প্রদানের দায়িত্বে নিয়োজিত সদস্য।

হুইল /হুঁইল্‌/ [ই.] বি. ১ চাকা। ২ মাছ ধরার ছিপের সঙ্গে সংযুক্ত সুতো গুটানোর চাকাবিশেষ; ওইরূপ চাকাযুক্ত মাছ ধরার ছিপ।

হুইলচেয়ার /হুঁইলচেয়ার্‌/ [ই.] অসুস্থ বা চলাফেরা করতে অক্ষম ব্যক্তিকে এক স্থান থেকে অন্য স্থানে আনা-নেওয়ার জন্য ব্যবহৃত চাকাযুক্ত চেয়ার।

হুইস্‌ল /হুইস্‌ল্‌/ [ই.] বি. বাঁশি।

হুইস্কি /হুঁইস্‌কি/ [আইরি.] বি. মল্ট বার্লি রাই প্রভৃতি থেকে চোলাই করে প্রাপ্ত অ্যালকোহলসমৃদ্ধ মদ-বিশেষ, whisky।

হুংকার /হুংকার্‌/ [স. হুম্‌+√কৃ+অ] বি. হুম্‌শব্দ; গর্জন; সিংহের ডাক।

হুংকারা/হুংকারা/ [বা.] ক্রিবি. (কাব্যে) হুংকার করা; গর্জন করা।

হুংকারিত /হুংকারিতো/ [স. হুংকার+ইত] বিণ. হুংকার-পূর্ণ; গর্জনধ্বনিতে পূর্ণ, নিনাদিত।

হুংকৃত /হুংকৃতো/ [স. হুম্‌+√কৃ+ত] বিণ. গর্জিত।

হুংকৃতি /হুংকৃতি/ [স. হুম্‌+√কৃ+তি] বি. হুংকার, হুংকারধ্বনি; গর্জন।

হুঁ /হুঁ/ [ধ্বন্যা.] অব্য. স্বীকৃতি সম্মতি সন্দেহ প্রভৃতি-বাচক শব্দ।

হুঁকা /হুঁকা/ [আ.] বি. ১ কলকেয় রাখা জ্বলন্ত তামাকের ধোঁয়া (ধাতবপাত্রের সঞ্চিত জলের মধ্য দিয়ে শোধিত) সেবনের জন্য ব্যবহৃত দীর্ঘ নল-যুক্ত সরঞ্জাম, আলবোলা, ফরসি। ২ নারকেলের খোলে সঞ্চিত জলে শোধিত করে কলকেয় রাখা তামাকের ধোঁয়া সেবনের সরঞ্জামবিশেষ, ডাবা।

হুঁকাবরদার /হুঁকাবর্‌দার্‌/ [আ. হুঁকা+ফা. বরদার] বি. হুঁকার রক্ষণাবেক্ষণ ও তামাক পরিবেশনের দায়িত্বে নিয়োজিত বেতনভুক কর্মী।

হুঁকারি /হুঁকারি/ [আ. হুকা >] বিণ. হুঁকায় আসক্ত; তামাকখোর।

হুঁকো /হুঁকো/ [আ.] বি. 'হুঁকা'-র কথ্য রূপ।

হুঁশ /হুঁশ্‌/ [ফা.] বি. ১ চৈতন্য, সংজ্ঞা, জ্ঞান। ২ সাবধানতা, সতর্কতা।

হুঁশিয়ার /হুঁশিআর্‌/ [ফা.] বিণ. ১ সতর্ক, সাবধান (*দুর্গম গিরি, কান্তার মরু, দুস্তর পারাবার / লংঘিতে হবে রাত্রি নিশীথে, যাত্রীরা হুঁশিয়ার* নজরুল.)। ২ চতুর।

হুঁশিয়ারি /হুঁশিআরি/ [ফা.] বি. সতর্কতা; সাবধান বাণী।

হুক /হুক্‌/ [ই. hook] বি. ১ ধাতুর তৈরি বাঁকা আঁকশি। ২ বঁড়শি। ৩ বোতাম। ৪ খিল।

হুকুম /হুকুম্‌/ [আ.] বি. ১ আজ্ঞা, আদেশ, নির্দেশ। ২ আদালতের নির্দেশ। ৩ অনুমতি।

হুকুমজারি /হুকুম্‌জারি/ [আ. হুকুম+ফা. জারি] বি. হুকুম প্রচার।

হুকুমত /হুকুমত্‌/ [আ.] বি. ১ প্রভুত্ব। ২ শাসন। ৩ সরকার।

হুকুম তামিল /হুকুম্‌ তামিল্‌/ বি. আদেশ পালন।

হুকুমদখল /হুকুম্‌দখোল্‌/ [আ.] বি. সরকারি আদেশ-বলে অধিগ্রহণ, acquisition।

হুকুমনামা /হুকুম্‌নামা/ [আ. হুকুম+ফা. নামা] বি. আদেশপত্র, পরোয়ানা।

হুকুমবরদার /হুকুম্‌বর্‌দার্‌/ [আ. হুকুম+ফা. বরদার] বি. আজ্ঞাবাহক, হুকুম তামিলকারী।

হুকুমরদ /হুকুম্‌রদ্‌/ [আ.] বি. আদেশ রহিতকরণ বা স্থগিতকরণ।

হুকুম-হাকাম /হুকুম্‌হাকাম্‌/ [আ. হুকুম >] বি. আদেশ-নির্দেশসমূহ।

হুক্কা /হুক্কা/ [আ.] বি. দ্র হুঁকা।

হুক্কাহুয়া /হুক্কাহুআ/ [ধ্বন্যা.] বি. শিয়ালের ডাক।

www.pathagar.com

হুজুগ /হুজুগ্/ [আ.] বি. ১ কোনো বিষয়ে সাময়িক উত্তেজনা; ঝোঁক; ফ্যাশন। ২ গুজব, জনরব।

হুজুগে /হুজুগে/ [বা.] বিণ. (কোনো বিষয়ে) সোৎসাহে যোগ দেয় এমন, হুজুগপ্রিয়।

হুজুর /হুজুর্/ [আ.] বি. ১ প্রভু বা মনিবকে সম্বোধনে ব্যবহৃত শব্দ, মহাশয়। ২ প্রভু, মনিব।

হুজ্জত /হুজ্জত্/ [আ.] বি. ১ তর্কাতর্কি, কলহ। ২ গোলমাল; হাঙ্গামা।

হুজ্জতি /হুজ্জোতি/ [ফা.] বিণ. ১ তার্কিক; কলহকারী। ২ জেদি। ৩ হুজ্জতসংক্রান্ত।

হুট /হুট্/ [ধ্বন্যা.] অব্য. ১ অবিবেচনা আকস্মিকতা প্রভৃতি ভাব প্রকাশক শব্দ। ২ অবজ্ঞাসূচক শব্দ। ৩ মৃদু খটশব্দ।

হুটোপাটি /হুটোপাটি/ [দেশি.] বি. দ্র হুটোপুটি।

হুটোপুটি /হুটোপুটি/ [দেশি.] বি. গোলমাল; হুড়াহুড়ি, ঠেলাঠেলি ও বিশৃঙ্খলা।

হুড় /হুড়্/ [দেশি.] বি. ১ বহু লোকের বিশৃঙ্খল সমাবেশ, ভিড়; জনতার ঠেলাঠেলি। ২ বেগ।

হুড়কা /হুড়কা/ [স. হুড়ুক্ক >] বি. কপাট বন্ধ রাখার খিল, অর্গল।

হুড়কি /হুড়কি/ [সাঁও.] বি. উড়ি ধান।

হুড়কো /হুড়কো/ [বা.] বি. 'হুড়কা'-র কথ্য রূপ।

হুড়মুড় /হুড়মুড়্/ [ধ্বন্যা.] অব্য. ১ অনেক জিনিস একসঙ্গে পতনের অনুকার শব্দ। ২ ভিড় বা ঠেলা-ঠেলি করে প্রবেশ বা নির্গমনের ভাববাচক। ৩ হঠাৎ প্রবেশ বা নির্গমনের ভাব প্রকাশক।

হুড়হুড় /হুড়হুড়্/ [ধ্বন্যা.] বি. সবেগে জল পড়ার অনুকার শব্দ। অব্য. একসঙ্গে অনেকের প্রবেশ বা নির্গমনের ভাব প্রকাশক।

হুড়া /হুড়া/ [দেশি.] বি. তাড়া; আক্রমণ; ঠেলা; গুঁতা।

হুড়াহুড়ি /হুড়াহুড়ি/ [দেশি.] বি. ১ ঠেলাঠেলি। ২ বিশৃঙ্খলা ও গোলমাল, হুটোপুটি।

হুড়ুক /হুড়ুক্/ [ধ্বন্যা.] বি. ১ গতিবেগ। ২ হেঁচকা টান। ৩ ঠেলা।

হুড়ুৎ /হুড়ুত্/ [ধ্বন্যা.] অব্য. বি. পাত্রের জল বেগে ফেলে দেওয়ার অনুকার শব্দ।

হুড়ুম[১] /হুড়ুম্/ [স. হুড়ুম্ব >] বি. ১ মুড়ি। ২ মুড়ির মতো করে ফুলিয়ে ভাজা চিড়ে।

হুড়ুম[২] /হুড়ুম্/ [ধ্বন্যা.] অব্য. হঠাৎ বিশৃঙ্খলা সৃষ্টি ও লাফালাফির ভাববাচক শব্দ।

হুড়ো /হুড়ো/ [ধ্বন্যা.] বি. 'হুড়া'-র কথ্য রূপ।

হুড়োহুড়ি /হুড়োহুড়ি/ [দেশি.] বি. 'হুড়াহুড়ি'-র কথ্য রূপ।

হুত /হুতো/ [স. √হু+ত] বিণ. প্রজ্বলিত হোম বা যজ্ঞের আগুনে অর্পিত। বি. হোমাগ্নি।

হুতাগ্নি /হুতাগ্নি/ [স. হুত+অগ্নি] বি. হোমের আগুন।

হুতাশ[১] /হুতাশ্/ [স. হতাশ >] বি. ১ হতাশা, নৈরাশ্য। ২ দুর্ভাবনা, আতঙ্ক (*হা হুতাশ*)। স্ত্রী. হুতাশী /হুতাশি/।

হুতাশ[২] /হুতাশ্/ [স. হুত+√অশ্+অ] বি. দ্র হুতাশন।

হুতাশন /হুতাশন্/ [স. হুত+অশন] বি. ১ অগ্নি। ২ প্রজ্বলিত হোমাগ্নি।

হুতি /হুতি/ [স. √হু+তি] বি. হোম, যজ্ঞ, আহুতি।

হুতুম /হুতুম্/ [দেশি.] বি. বিকট শব্দ করে ডাকে এমন প্যাঁচার প্রজাতিবিশেষ।

হুতোম /হুতোম্/ [দেশি.] বি. 'হুতুম'-এর কথ্য রূপ।

হুতোমপ্যাঁচা /হুতোমপ্যাঁচা/ [দেশি.] বি. ১ বিকট শব্দ করে ডাকে এমন বড়ো প্যাঁচাবিশেষ, হুতুম। ২ 'হুতোমপেঁচার নক্সা' গ্রন্থের লেখক কালীপ্রসন্ন সিংহের ছদ্মনাম।

হুতোমি ভাষা /হুতোমি ভাশা/ বি. কালীপ্রসন্ন সিংহ-কৃত 'হুতোমপেঁচার নক্সা' গ্রন্থে ব্যবহৃত ভাষা।

হুদহুদ /হুদহুদ্/ [আ.] বি. ১ ইউরোপ আফ্রিকা দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিচরণ করে এমন সাদাকালো ডোরাকাটা ডানাবিশিষ্ট পাখিবিশেষ। ২ পবিত্র কোরানে বর্ণিত পাখিবিশেষ।

হুদ্দা /হুদ্দা/ [আ.] বি. ১ সীমানা। ২ অধিকার। ৩ কর্মক্ষেত্রের এলাকা, jurisdiction।

হুদ্দো /হুদ্দো/ [আ. হুদ্দা >] বি. 'হুদ্দা'-র কথ্য রূপ।

হুন /হুন্/ [স. হুণ >] বি. মধ্য এশিয়ার প্রাচীন যাযাবর জাতিবিশেষ।

হুনর /হুনোর্/ [ফা.] বি. ১ গুণ। ২ বিদ্যা; কৌশল; কলাজ্ঞান। ৩ কর্মদক্ষতা; শ্রমশিল্পে কুশলতা।

হুনরি /হুনোরি/ [ফা.] বি. নিপুণ বা দক্ষ শিল্পী। বিণ. শিল্পবিষয়ক।

হুনরিকাজ /হুনোরিকাজ্/ [ফা. হুনরি+বা. কাজ] বি. শিল্পকর্ম।

হুন্ডি /হুন্ডি/ [ফ.] বি. ১ বাহককে নির্দিষ্ট পরিমাণ অর্থপ্রদানের নির্দেশলিপি, bill of exchange। ২ ঋণ পরিশোধের প্রতিজ্ঞাপত্র, হ্যান্ডনোট।

হুপ/হুপ্/ [ধ্বন্যা.] অব্য. হঠাৎ লাফ দেওয়ার ভাব প্রকাশক। বি. বানরের ডাক।

হুপো /হুপো/ [ফ.] বি. নিচের দিকে বাঁকানো লম্বা চঞ্চু ধূসর গোলাপি পালক সাদাকালো ডোরাকাটা লেজ ও ডানা এবং ছোটো পা-বিশিষ্ট মাঝারি আকৃতির ঝুঁটিওয়ালা পাখিবিশেষ, hoopoe।

হুবহু /হুবোহু/ [আ.] বিণ. অবিকল, সম্পূর্ণ এক রকম।

হুমকি /হুমকি/ [স. হুঙ্কৃতি >] বি. ভীতিপ্রদর্শন,

www.pathagar.com

ধমকানি, হুংকার।

হুমড়ানো /হুমড়ানো/ [বা.] ক্রিবি. হুমড়ি খেয়ে পড়া।

হুমড়ি /হুমড়ি/ [দেশি.] বি. উপুড়, হামাগুড়ি, হামড়ি।

হুমা /হুমা/ [ফা.] বি. ১ হুতোম প্যাঁচা। ২ (আল.) অকর্মণ্য গোঁয়ার ব্যক্তি।

হুমো /হুমো/ [ফা. হুমা >] বি. দ্র হুমা।

হুম্ /হুম্/ অব্য. সম্মতি সংশয় প্রভৃতি সূচক ধ্বনি। বি. গুনগুন করে স্বরালাপ।

হুর /হুর্/ [আ.] বি. ১ অতিশয় সুন্দরী। ২ বেহেশতের সুন্দরী।

হুরমত /হুরমত্/ [আ.] বি. সম্ভ্রম, সম্মান, ইজ্জত।

হুরি /হুরি/ [আ.] বি. দ্র হুর।

হুল /হুল্/ [স. শূল >] বি. ১ কীটপতঙ্গের সূক্ষ্মাগ্র দাঁড়া। ২ ধনুকের প্রান্তভাগ।

হুলস্থুল /হুলোস্থুল্/ [বা.] বি. দ্র হুলুস্থুল।

হুলা /হুলা/ [বা.] বি. পুরুষ বেড়াল।

হুলানো /হুলানো/ [হি.] ক্রিবি. পেছনে তাড়া করা।

হুলাহুলি /হুলাহুলি/ [ধ্বন্যা.] বি. ১ উলুধ্বনি। ২ হল্লা, কোলাহল।

হুলিয়া /হুলিআ/ [আ.] বি. বাহ্যিক বিবরণ; পলাতক আসামিকে গ্রেপ্তারের জন্য চেহারার বিবরণ-সহ বিজ্ঞাপন।

হুলু /হুলু/ [ধ্বন্যা.] বি. তালুতে জিভ ঠেকিয়ে আনন্দ ও মঙ্গল সূচক ধ্বনি, জোঁকার (*হুলুধ্বনি*)।

হুলুস্থুল /হুলুস্থুল্/ [ধ্বন্যা.] বি. হইচই, গোলমাল, তুমুল কাণ্ড।

হুলো /হুলো/ [ধ্বন্যা.] বি. 'হুলা'-র কথ্য রূপ।

হুল্লোড় /হুল্লোড়/ [হি. হল্লড় >] বি. দল বেঁধে আনন্দ কোলাহলপূর্ণ স্ফূর্তি।

হুস /হুশ্/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ চিমনি নল প্রভৃতি থেকে জল ধোঁয়া বের হওয়ার অনুকার শব্দ। ২ হঠাৎ উড়ে যাওয়ার ভাবপ্রকাশক শব্দ।

হুহু /হুহু/ [ধ্বন্যা.] অব্য. বি. ১ প্রবল বেগে বাতাস প্রবাহিত হওয়া বা আগুন জ্বলার অনুকার শব্দ। ২ অন্তর্দাহ নৈরাশ্য বা যাতনার ভাবপ্রকাশক।

হুহুংকার /হুহুংকার্/ [স. হুঙ্কার >] বি. ১ সিংহনাদ। ২ গর্জন।

হূত /হূতো/ [স. √হ্বে+ত] বিণ. আহ্বান করা হয়েছে এমন, আহূত।

হূতি /হূতি/ [স. √হ্বে+তি] বি. আহ্বান।

হূয়মান /হূওমান্/ [স. √হ্বে+মান (শানচ্)] বিণ. আহ্বান করা হয়েছে বা হচ্ছে এমন।

হৃত /rhiতো/ [স. √হৃ+ত] বিণ. ১ অপহৃত, লুণ্ঠিত। ২ আনীত। ৩ গৃহীত। ৪ আকৃষ্ট।

হৃতগৌরব /rhiতোগৌরব্/ [স. হৃত+গৌরব] বিণ. গৌরব হারিয়েছে বা লুপ্ত হয়েছে এমন।

হৃতসম্মান /rhiতোশম্মান্/ [স. হৃত+সম্মান] বিণ. সম্মান হারিয়েছে বা লুপ্ত হয়েছে এমন।

হৃতসর্বস্ব /rhiতোশর্বোশ্শো / [স. হৃত+সর্বস্ব] বিণ. যাবতীয় ধনসম্পদ লুঠ হয়ে গেছে এমন; নিঃস্ব।

হৃতাধিকার /rhiতাধিকার্ / [স. হৃত+অধিকার] বিণ. অধিকার হরণ করা হয়েছে এমন।

হৃতি /rhiতি/ [স. √হৃ+তি] বি. ১ হরণ, অপহরণ। ২ নাশ, ধ্বংস।

হৃৎ /rhiত্ / [স. √হৃ+ক্বিপ্] বি. ১ হৃদয়, অন্তঃকরণ। ২ বক্ষস্থল, বক্ষের অভ্যন্তরভাগ; হৃৎপিণ্ড।

হৃৎকমল /rhiত্কমোল্ / [স. হৃৎ+কমল] বি. হৃদয়রূপ পদ্ম।

হৃৎকম্প /rhiত্কম্পো / [স. হৃৎ+√কম্প্+অ] বি. হৃৎপিণ্ডের কম্পন, বক্ষঃস্পন্দন।

হৃৎপতি /rhiত্পোতি/ [স. হৃৎ+√পা+অতি] বি. হৃদয়স্বামী।

হৃৎপদ্ম /rhiত্পদ্দো̍/ [স. হৃৎ+√পদ্+ম] বি. দ্র হৃৎকমল।

হৃৎপিণ্ড /rhiত্পিন্ডো / [স. হৃৎ+√পিণ্ড্+অ] বি. দেহস্থ ফাঁপা অঙ্গবিশেষ যার নিয়মিত সংকোচন ও প্রসারণের ফলে ধমনি ও শিরার মধ্য দিয়ে দেহের সকল অঙ্গপ্রত্যঙ্গে রক্ত প্রবাহিত হয়, heart।

হৃৎশূল /rhiত্শুল্ / [স. হৃৎ+ √শূল্+অ] বি. হৃদ্‌যন্ত্রের বেদনা।

হৃৎস্পন্দন /rhiত্স্পন্দোন্ / [স. হৃৎ+√স্পন্দ্+অন] বি. হৃৎপিণ্ডের স্পন্দন।

হৃদয় /rhiদয়্/ [স. √হৃ+অয়] বি. ১ অন্তঃকরণ। ২ বক্ষ, বুক। ৩ বুকের ভেতরের অংশ, হৃৎপিণ্ড।

হৃদয়গত /rhiদয়্গতো / [স. হৃদয়+√গম্+ত] বিণ. হৃদয় থেকে উদ্‌গত, মনোগত।

হৃদয়গ্রাহী /rhiদয়্গ্রাহি/ [স. হৃদয়+√গ্রাহ্+ইন্] বিণ. হৃদয়কে আকর্ষণ করে এমন, মনোরম, চিত্তাকর্ষক।

হৃদয়ঙ্গম /rhiদয়ংগম্/ [স. হৃদয়+√গম্+অ] বিণ. উপলব্ধি বা অনুভব করা হয়েছে এমন, অনুভূত, অন্তঃকরণে প্রবিষ্ট; বোধগম্য।

হৃদয়জ /rhiদয়োজো / [স. হৃদয়+√জন্+অ] বিণ. হৃদয় থেকে জাত।

হৃদয়বল্লভ /rhiদয়্বল্লভ্ / [স. হৃদয়+বল্লভ] বিণ. প্রাণপ্রিয়; প্রিয়তম। বি. ১ স্বামী, পতি। ২ প্রণয়ী, প্রেমিক। স্ত্রী. হৃদয়বল্লভা /rhiদয়্বল্লভা /।

হৃদয়বান /rhiদয়্বান্/ [স. হৃদয়+বৎ] বিণ. ১ উদার-চিত্ত, মহানুভব। ২ সহানুভূতিশীল। স্ত্রী. হৃদয়বতী

www.pathagar.com

/rhiদয়বোতি /।

হৃদয়বাসনা /rhiদয়োবাশোনা / [স. হৃদয়+বাসনা] বি. মনের ইচ্ছা বা কামনা।

হৃদয়বিদারক /rhiদয়বিদারক্ / [স. হৃদয়+বিদারক] বিণ. ১ হৃদয় বিদীর্ণ করে এমন, মর্মভেদী। ২ অত্যন্ত শোকাবহ।

হৃদয়বৃত্তি /rhiদয়বৃত্তি / [স. হৃদয়+√বৃৎ+তি] বি. চিত্তবৃত্তি, মনের প্রবৃত্তি।

হৃদয়বেদনা /rhiদয়বেদোনা / [স. হৃদয়+√বিদ্+অন +আ (টাপ্)] বি. মনের কষ্ট, মনোবেদনা।

হৃদয়ব্যথা /rhiদয়ব্যাথা / [স. হৃদয়+ব্যথা] বি. দ্র হৃদয়বেদনা ।

হৃদয়ভেদী /rhiদয়ভেদি / [স. হৃদয়+√ভিদ্+ইন্] বিণ. দ্র হৃদয়বিদারক।

হৃদয়মন্দির /rhiদয়মোন্দির্ / [স. হৃদয়+মন্দির] বি. হৃদয়রূপ মন্দির; হৃদয়ের অভ্যন্তর।

হৃদয়শূন্য /rhiদয়শুন্নো / [স. হৃদয়+√শ্বন্+য] বিণ. দয়ামায়াহীন, নির্দয়, নিষ্ঠুর; প্রেমবর্জিত। স্ত্রী. হৃদয়শূন্যা /rhiদয়শুন্না /।

হৃদয়স্বামী /rhiদয়োশ্শামি / [স. হৃদয়+স্বামিন্] বি. প্রাণেশ্বর।

হৃদয়হীন /rhiদয়হিন্/ [স. হৃদয়+√হা+ত] বিণ. নির্দয়। স্ত্রী. হৃদয়হীনা /rhiদয়হিনা /।

হৃদয়াবেগ /rhiদয়াবেগ্ / [স. হৃদয়+আবেগ] বি. চিত্তের চঞ্চলতা বা আবেগ, emotion।

হৃদয়িক /rhiদোয়িক্ / [স. হৃদয়+ইক] বিণ. হৃদয়বান, সহৃদয়।

হৃদয়েশ /rhiদয়েশ্ / [স. হৃদয়+ঈশ] বি. ১ প্রাণেশ্বর, প্রাণবল্লভ। ২ প্রণয়ী, প্রেমিক। ৩ স্বামী।

হৃদাকাশ /rhiদাকাশ্/ [স. হৃদ্+আকাশ] বি. হৃদয়রূপ আকাশ।

হৃদাসন /rhiদাশোন্/ [স. হৃদ্+আসন] বি. হৃদয়রূপ আসন।

হৃদি /rhiদি / [স. হৃদ্+ই] বি. 'হৃদয়'-এর কাব্যিক রূপ (*হৃদিমন্দিরদ্বারে বাজে সুমঙ্গল শঙ্খ।।* রবীন্দ্র.)।

হৃদিপদ্ম /rhiদিপদ্দো"/ [স. হৃদি+পদ্ম] বি. হৃদয়রূপ পদ্ম, হৃৎকমল।

হৃদিমন্দির /rhiদিমোন্দির্/ [স. হৃদি+মন্দির] বি. দ্র হৃদয়মন্দির।

হৃদিসরোবর /rhiদিশরোবর্/ [স. হৃদি+সরোবর] বি. সরোবর তুল্য বিশাল নির্মল ও সুন্দর হৃদয়।

হৃদিস্থ /rhiদিস্থো/ [স. হৃদ্+√স্থা+অ] বিণ. হৃদয়ে স্থিত।

হৃদ্ /rhiদ্ / [স. √হৃ+ক্বিপ্] বি. 'হৃৎ'-শব্দের রূপ।

হৃদ্‌গত /rhiদ্‌গতো / [স. হৃদ্+√গম্+ত] বিণ. মনোগত, হৃদয়গত।

হৃদ্‌যন্ত্র /rhiদ্‌জন্ত্রো / [স. হৃদ্+যন্ত্র] বি. দ্র হৃৎপিণ্ড।

হৃদ্‌রোগ /rhiদ্‌রোগ্/ [স. হৃদ্+রোগ] বি. হৃদ্‌যন্ত্রের অসুখ বা পীড়া।

হৃদ্‌রোগবিশেষজ্ঞ /rhiদ্‌রোগ্‌বিশেশগ্‌গোঁ/ [স. হৃদ্‌রোগ+বিশেষজ্ঞ] বি. হৃদ্‌রোগের চিকিৎসায় বিশেষ অভিজ্ঞতা ও পারদর্শিতাসম্পন্ন চিকিৎসক।

হৃদ্দেশ /rhiদ্‌দেশ্ / [স. হৃদ্+ঈশ] বি. অন্তঃকরণ; হৃদয়মধ্য।

হৃদ্য /rhiদ্‌দো / [স. হৃদ্+য] বিণ. ১ মনোজ্ঞ, হৃদয়গ্রাহী। ২ প্রিয়, প্রীতিভাজন। ৩ আন্তরিকতাপূর্ণ। স্ত্রী. হৃদ্যা /rhiদ্‌দা /।

হৃদ্যতা /rhiদ্‌দোতা / [স. হৃদ্য+তা] বি. ১ সৌহার্দ্য, সদ্ভাব; বন্ধুত্ব; প্রীতি। ২ হৃদয়গ্রাহিতা।

হৃষিত /rhiশিতো / [স. √হৃষ্+ত] বিণ. পুলকিত, আহ্লাদিত, হৃষ্ট। স্ত্রী. হৃষিতা /rhiশিতা /।

হৃষীক /rhiশিক্ / [স. √হৃষ্+ঈক] বি. ইন্দ্রিয়।

হৃষীকেশ /rhiশিকেশ্ / [স. হৃষীক+ঈশ] বি. ১ বিষ্ণু, নারায়ণ; কৃষ্ণ। ২ পরমাত্মা।

হৃষ্ট /rhiশ্‌টো / [স. √হৃষ্+ত] বিণ. ১ প্রফুল্ল, পুলকিত। ২ রোমাঞ্চিত। স্ত্রী. হৃষ্টা /rhiশ্‌টা /।

হৃষ্টচিত্ত /rhiশ্‌টেচিত্তো/ [স. হৃষ্ট+√চিৎ+ত] বিণ. আনন্দিত বা প্রফুল্ল চিত্তবিশিষ্ট; খোশমেজাজ।

হৃষ্টপুষ্ট /rhiশ্‌টোপুশ্‌টো/ [স. হৃষ্ট+√পুষ্+ত] বিণ. মোটা, স্থূলকায়।

হৃষ্টি /rhiশ্‌টি/ [স. √হৃষ্+তি] বি. হর্ষ, পুলক।

হে /হে/ [ধ্বন্যা.] অব্য. সম্বোধন বা আহ্বানসূচক শব্দ, ওহে।

হেঁইও /হেঁইও/ [ধ্বন্যা.] বি. ভারী জিনিস ঠেলে সরানো বা উঁচু করার সময় শ্রমিকদের সমস্বরে উচ্চারিত ধ্বনি।

হেঁচকি /হেঁচ্‌কি/ [দেশি.] বি. হঠাৎ শ্বাসরন্ধ্র বন্ধ হয়ে যাওয়ার ফলে মধ্যচ্ছদা ও শ্বাসযন্ত্রসমূহের অনিচ্ছাকৃত খিঁচুনি ও সশব্দে ঢোক গেলা, হিক্কা।

হেঁচড়ানো /হ্যাঁচড়ানো/ [বা.] ক্রিবি. বলপূর্বক মাটিতে ঘষে টেনে নিয়ে যাওয়া।

হেঁজিপেঁজি /হেঁজিপেঁজি/ [দেশি.] বিণ. তুচ্ছ, নগণ্য; অখ্যাত।

হেঁট /হেঁট্/ [স. অধস্তাৎ >] বিণ. ১ অবনত (*মাথা হেঁট*)। ২ অবনতমস্তক। বি. ১ দেহের নিম্নাঙ্গ। ২ তলদেশ, অধোভাগ, নিম্নদেশ।

www.pathagar.com

হেঁড়াল /হেঁড়াল/ [দেশি.] বি. গঙ্গা ও সিন্ধু নদীর অববাহিকায় বিচরণ করে এমন সরু ও লম্বা মুখওয়ালা কুমিরসদৃশ মৎস্যভুক সরীসৃপজাতীয় উভচর প্রাণিবিশেষ, ঘড়িয়াল।

হেঁড়ে /হেঁড়ে/ [স. হণ্ডী >] বিণ. ১ হাঁড়ির মতো আকৃতিসম্পন্ন (*হেঁড়ে মুখ*)। ২ মোটা ও কর্কশ (*হেঁড়ে গলা*)।

হেঁড়েল /হেঁড়েল্/ [স. হণ্ডী >] বিণ. দ্র হেঁড়ে।

হেঁতাল /হেঁতাল্/ [স. হীন্তাল >] বি. সুন্দরবন-সহ বঙ্গোপসাগরের উপকূলের (কোচিন আন্দামান মায়ানমার থাইল্যান্ড প্রভৃতি) কর্দমাক্ত অঞ্চলে জাত মাঝারি উচ্চতার তৃণজাতীয় উদ্ভিদবিশেষ যার কান্ড খুঁটিরূপে ব্যবহার করা হয়, হীন্তাল।

হেঁয়ালি /হেঁআলি/ [স. প্রহেলিকা >] বি. প্রহেলিকা, ধাঁধা; দুরূহ সমস্যা।

হেঁশেল /হেঁশেল্/ [বা.] বি. রান্নাঘর, পাকঘর।

হেঁসে /হেঁশে/ [বা.] বি. ১ কণ্ঠের এক প্রকার হার, হাঁসুলি। ২ কাস্তেজাতীয় অস্ত্রবিশেষ।

হেঁসো /হেঁশো/ [স. হংস >] বি. দ্র হেঁসে।

হেঁহেঁ /হেঁহেঁ/ [ধ্বন্যা.] অব্য. ১ কৃত্রিম বা কাষ্ঠ হাসিসূচক শব্দ। ২ মোসাহেবিসূচক আচরণ।

হেকমত /হেক্‌মত্/ [আ.] বি. দ্র হিকমত।

হেড /হেড্/ [ই.] বিণ. প্রধান (*হেড মাস্টার*)। বি. মাথা।

হেডমাস্টার /হেড্‌মাস্টার্/ [ই.] বি. বিদ্যালয়ের প্রধান শিক্ষক।

হেডলাইট /হেড্‌লাইট্/ [ই.] বি. অন্ধকারে চলাচলের জন্য মটরগাড়ি বা রেলগাড়ির ইঞ্জিনের সামনে লাগানো শক্তিশালী বাতি, headlight।

হেতি /হেতি/ [স. √হি+তি] বিণ. ইতস্ততগামী। বি. ১ সূর্যের তেজ। ২ অগ্নিশিখা।

হেতু /হেতু/ [স. √হি+তু] বি. ১ যুক্তি। ২ কারণ, নিমিত্ত। ৩ প্রয়োজন। ৪ উদ্দেশ্য, অভিপ্রায়।

হেতুক /হেতুক্/ [স. হেতু+ক (স্বার্থে)] বিণ. ১ হেতুসম্পর্কীয়। ২ হেতুবিশিষ্ট। বি. কারণ।

হেতুবাদ /হেতুবাদ্/ [স. হেতু+√বদ্+অ] বি. হেতু বা যুক্তির উল্লেখপূর্বক তর্কের অবতারণা, যুক্তিবাদ।

হেতুশাস্ত্র /হেতুশাস্ত্রো/ [স. হেতু+√শাস্+ত্র] বি. তর্কশাস্ত্র, logic।

হেত্বাভাস /হেত্‌তাভাশ্/ [স. হেতু+আভাস] বি. কুতর্ক, দুর্বল যুক্তি; আপাতদৃষ্টিতে ঠিক মনে হলেও প্রকৃত-পক্ষে ভিত্তিহীন যুক্তি, fallacy।

হেথা /হেথা/ [স. অত্র >] ক্রিবিণ. এই স্থানে, এখানে (*হেথা যে গান গাইতে আসা, আমার হয় নি সে গান গাওয়া—* রবীন্দ্র.)।

হেথায় /হেথায়/ [স. অত্র >] ক্রিবিণ. দ্র হেথা।

হেন /হ্যানো/ [বা.] বিণ. ১ (পদ্যে) এমন, এরূপ। ২ এর তুল্য, অনুরূপ।

হেনস্তা /হ্যানোস্‌তা/ [দেশি.] বি. ১ অবজ্ঞা, অবহেলা, অপমান। ২ দুর্দশা, নাকাল অবস্থা।

হেফাজত /হেফাজত্/ [আ.] বি. রক্ষণাবেক্ষণ, তত্ত্বাবধান; নিরাপত্তাবিধান; দায়িত্ব।

হেম /হেম্/ [স. হি+মন্] বি. সোনা, সুবর্ণ, স্বর্ণ।

হেমকান্তি /হেম্‌কান্তি/ [স. হেম+√কম্+তি] বি. স্বর্ণপ্রভা।

হেমকার /হেম্‌কার্/ [স. হেম+√কৃ+অ] বি. স্বর্ণকার, স্যাকরা।

হেমকূট /হেম্‌কুট্/ [স. হেম+কূট] বি. সুমেরু পর্বত।

হেমচন্দ্র /হেম্‌চন্দ্রো/ [স. হেম+চন্দ্র] বি. সোনার চাঁদ।

হেমন্ত /হেমোন্‌তো/ [স. √হন্+অন্ত] বি. দ্র হেমন্ত-কাল।

হেমন্তকাল /হেমোন্‌তোকাল্/ [স. হেমন্ত+কাল] বি. বাংলা বর্ষপঞ্জির কার্তিক ও অগ্রহায়ণ মাসব্যাপী (১৬ই অক্টোবর থেকে ১৪ই ডিসেম্বর পর্যন্ত) কাল-পর্ব, শরতের পরবর্তী এবং শীতের পূর্ববর্তী ঋতু।

হেমন্তিকা /হেমোন্‌তিকা/ [স. হেমন্তী+কন্+আ (টাপ্)] বি. কুয়াশা (*হিমের রাতের ওই গগনের দীপগুলিরে /হেমন্তিকা করল গোপন আঁচল ঘিরে॥* রবীন্দ্র.)।

হেমপর্বত /হেম্‌পর্‌বোত্/ [স. হেম+পর্বত] বি. সুমেরু পর্বত।

হেমপুষ্প /হেম্‌পুশ্‌পো/ [স. হেম+√পুষ্প্+অ] বি. ১ চাঁপা ফুল। ২ অশোক ফুল।

হেমমুকুলিকা /হেম্‌মুকুলিকা/ [স. হেম+মুকুল+ইক+আ (টাপ্)] বি. সোনার তৈরি মুকুল আকৃতির কানের অলংকারবিশেষ।

হেমলক /হেম্‌লক্/ [ই.] বি. ফার্নজাতীয় পাতা ও ছোটো সাদাফুলবিশিষ্ট অত্যন্ত বিষাক্ত গুল্মবিশেষ (যা প্রয়োগ করে বিখ্যাত গ্রীক দার্শনিক সক্রেটিসের মৃত্যুবিধান করা হয়), hemlock।

হেমলতা /হেম্‌লতা/ [স. হেম+লতা] বি. নাতি-শীতোষ্ণ অঞ্চলে জাত এবং শীতকালে ফোটে এমন গুচ্ছবদ্ধ সাদা সুগন্ধ ছোটো ফুল বা তার পত্রহীন শাখাপ্রশাখাবিশিষ্ট ভেষজগুণসম্পন্ন উজ্জ্বল সোনালি পরজীবী লতানে উদ্ভিদ, স্বর্ণলতা, আলোকলতা, কনকলতা, জ্যোতিষ্মতী।

হেমা /হেমা/ [স. হেম+আ (টাপ্)] বি. ১ সুন্দরী নারী। ২ স্বর্গের অপ্সরাবিশেষ। ৩ বুধগ্রহ।

হেমাঙ্গা /হেমাংগো/ [স. হেম+অঙ্গ] বিণ. স্বর্ণময় দেহযুক্ত। বি. ১ ব্রহ্মা। ২ সুমেরু পর্বত।

www.pathagar.com

হেমাঙ্গিনি /হেমাংগিনি/ [স. হেমাঙ্গ+ইন্+ঈ] বি. সুন্দরী নারী। বিণ. স্বর্ণের কান্তিযুক্তা, কাঞ্চনবর্ণা।

হেমাঙ্গী /হেমাংগি/ [স. হেমাঙ্গ+ইন্] বিণ. দ্র হেমাঙ্গিনী।

হেমাদ্রি /হেমাদ্রি/ [স. হেম+অদ্রি] বি. পৃথিবীর উত্তর গোলার্ধের পর্বতবিশেষ, সুমেরু পর্বত।

হেমাভ /হেমাভো/ [স. হেম+আভা] বিণ. সোনালি আভাযুক্ত।

হেয় /হেয়ো/ [স. √হা+য] বিণ. ১ তুচ্ছ, নীচ। ২ ত্যাজ্য। ৩ ঘৃণার্হ, ঘৃণ্য। বি. -তা/-তা/।

হেরফের /হেরফের্/ [হি.] বি. ১ গরমিল, অসংগতি। ২ অদলবদল।

হেরম্ব /হেরম্বো/ [স. হে+√রন্ব্+অ] বি. গণেশ।

হেরা[১] /হ্যারা/ [দেশি.] ক্রিবি. (পদ্যে.) দেখা, তাকানো; নিরীক্ষণ করা।

হেরা[২] /হেরা/ [স্থান.] বি. মক্কার পর্বতবিশেষ।

হেরি /হেরি/ [বা.] ক্রিবি. দেখি, অবলোকন করি। অসক্রি. দেখে (*হেরি তব বিমলমুখভাতি /দূর হলো গহন দুখরাতি।* রবীন্দ্র.)।

হেরেম /হেরেম্/ [আ.] বি. ১ পবিত্র স্থান কাবা। ২ নিষিদ্ধ স্থান। ৩ অন্দরমহল।

হেরো /হ্যারো/ [বা.] অনুক্রি. দেখো (*হেরো সাগর ওঠে তরঙ্গিয়া,* রবীন্দ্র.)।

হেরোয়িন /হেরোয়িন্/ [জ.] বি. মরফিন থেকে উৎপাদিত উগ্র মাদকদ্রব্যবিশেষ, heroin।

হেলন /হ্যালন্/ [স. √হেড়্+অন] বি. ১ অবজ্ঞা। ২ অনাদর।

হেলপার /হেল্পার্/ [ই.] বি. ট্রাক বা বাসচালককে সহায়তাকারী কর্মী, helper।

হেলা[১] /হ্যালা/ [বা.] ক্রিবি. বিণ. এক পাশে হেলে পড়া, একদিকে কাত হওয়া, ঝোঁকা।

হেলা[২] /হ্যালা/ [স. √হেড়্+অ+আ (টাপ্)] বি. ১ অবজ্ঞা, তাচ্ছিল্য, অশ্রদ্ধা। ২ অবলীলা, অক্লেশ।

হেলান /হ্যালান্/ [বা.] বি. ঠেস, ঠেসান।

হেলানো /হ্যালানো/ [বা.] ক্রিবি. বিণ. ১ ঝোঁকানো, নোয়ানো। ২ কাত করা।

হেলাফেলা /হ্যালাফ্যালা/ [বা.] বি. অনাদর, অবজ্ঞা, তুচ্ছতাচ্ছিল্য (*হেলাফেলা সারা বেলা এ কি খেলা আপন-সনে।* রবীন্দ্র.)।

হেলায় /হ্যালায়/ [স. হেলা >] ক্রিবিণ. ১ অনায়াসে। ২ অবহেলায়।

হেলাহেলি /হ্যালাহেলি/ [বা.] বি. পরস্পরের গায়ে হেলান।

হেলিকপটার /হেলিকপ্টার্/ [ফ.] বি. অনুভূমিক তলে (horizontal plane) ঘূর্ণ্যায়মান লম্বা ব্লেডযুক্ত ডানাবিহীন যানবিশেষ (যা খাড়াভাবে আকাশে উঠতে বা মাটিতে নামতে পারে), helicopter।

হেলিপোর্ট /হেলিপোর্ট্/ [ই.] বি. দ্র হেলিপ্যাড।

হেলিপ্যাড /হেলিপ্যাড্/ [ই.] বি. হেলিকপটারের উড্ডয়ন ও অবতরণের জন্য নির্দিষ্ট বাঁধানো স্থান, helipad।

হেলে[১] /হেলে/ [দেশি.] বি. ১ বাংলাদেশ-সহ ভারতীয় উপমহাদেশের পুকুর খাল নদী বা জলাভূমিতে বাস করে এমন উজ্জ্বল আঁশযুক্ত সবুজাভ হলুদ ও ধূসর বাদামি প্রভৃতি বর্ণের ক্রমশ সরু হয়ে আসা লম্বাটে দেহ ও চ্যাপটা মাথাবিশিষ্ট মাঝারি আকৃতির নির্বিষ সাপ, ঢোঁড়া। ২ সাপের মতো দেখতে গলার হারবিশেষ।

হেলে[২] /হেলে/ [বা.] বিণ. হালে জোতা হয় এমন (*হেলে গোরু*)। বি. কৃষক।

হেলেঞ্চা /হেলেন্চা/ [স. হিলমোচিকা >] বি. বাংলাদেশ-সহ এশিয়া ও আফ্রিকার উষ্ণমণ্ডলীয় অঞ্চলের জলাভূমিতে জাত বহু শাখাপ্রশাখা ও দীর্ঘ ফাঁপা কান্ডবিশিষ্ট (যার প্রতিটি গাঁটে শিকড় গজায়) তিক্তস্বাদ শাকবিশেষ (আনি. ব্রাজিল), হিঞ্চা, হিঞ্চে।

হেষা /হেশা/ [স. √হেষ্+অ+আ (টাপ্)] ক্রিবি. ঘোড়ার মতো শব্দ করা। বি. ঘোড়ার ডাক, হ্রেষা।

হেষাণি /হেশানি/ [ধ্বন্যা.] বি. ঘোড়ার ডাক, হ্রেষা।

হেস্তনেস্ত /হ্যাস্তোন্যাস্তো/ [ফা.] বি. ভালো-মন্দ যেকোনো রূপ নিষ্পত্তি বা সমাধান, শেষ মীমাংসা, এসপার-ওসপার।

হৈম[১] /হোইমো/ [স. হিম+অ] বিণ. ১ হিমসম্বন্ধীয়। ২ হিমাবৃত।

হৈম[২] /হোইমো/ [স. হেমন্+অ] বিণ. ১ স্বর্ণময়, স্বর্ণনির্মিত। ২ স্বর্ণসংক্রান্ত। ৩ সোনালি।

হৈমন্ত /হোইমোন্তো/ [স. হেমন্ত+অ] বিণ. ১ হেমন্ত-কালীন, হেমন্তকালের। ২ হেমন্তসংক্রান্ত। বি. হেমন্ত ঋতু।

হৈমন্তচন্দ্র /হোইমোন্তোচন্দ্রো/ [স. হৈমন্ত+চন্দ্র] বি. জলবিষুবের (২২ বা ২৩ সেপ্টেম্বর) নিকটতম পূর্ণিমা, (পরি.) harvest moon।

হৈমন্তিক /হোইমোন্তিক্/ [স. হেমন্ত+ইক] বিণ. ১ হেমন্তকালীন; হেমন্তসম্বন্ধীয়। ২ হেমন্তকালে জাত। বি. হেমন্তকালে উৎপন্ন শস্য; আমন ধান।

হৈমবত /হোইমোবত্/ [স. হিমবৎ+অ] বিণ. হিমালয়-সংক্রান্ত। বি. হিমালয়ের দক্ষিণে অবস্থিত দেশ (ভারত বাংলাদেশ প্রভৃতি)।

হৈমবতী /হোইমোবোতি/ [স. হিমবত+ঈ] বি. ১ দেবী

www.pathagar.com

দুর্গা। ২ গঙ্গা। ৩ ভারতের পঞ্জাব অঞ্চলে প্রবাহিত শতদ্রু নদীর অন্য নাম। ৪ হরীতকী।

হৈয়ঙ্গবীন /হৈই্অংগোবিন্/ [স. হিয়ঙ্গু+অ+ঈন] বি. ১ আগের দিন দোহন করা দুধ থেকে উৎপন্ন ঘি। ২ টাটকা ঘি।

হোঁচট /হোঁচোট্/ [স. উচ্চাটন >] বি. ১ হাঁটার সময় অলক্ষিতে কোনো বস্তুর সঙ্গে পায়ের সংঘর্ষ। ২ (আল.) আকস্মিক বাধা।

হোঁতকা /হোঁত্কা/ [দেশি.] বিণ. ১ মোটা, স্থূল। ২ স্থূলবুদ্ধি, বোকা; গোঁয়ার।

হোঁদড় /হোঁদোড়্ / [বা.] বি. হায়েনা।

হোঁদল /হোঁদোল্ / [দেশি.] বিণ. ভুঁড়িওয়ালা, নাদা-পেটা।

হোঁদল কুতকুত /হোঁদোলকুত্কুত্/ বি. কুৎসিত ও স্থূলোদর কাল্পনিক চরিত্র।

হোক /হোক্/ [বা.] ক্রি. হওয়া ঘটা প্রভৃতি অর্থে সায় আদেশ অনুরোধ প্রভৃতি জ্ঞাপক ক্রিয়াপদ।

হোকগে /হোক্গে/ [বা.] অব্য. যা হয় হোক।

হোগল /হোগোল্/ [দেশি.] বি. বাংলাদেশ-সহ আফ্রিকা ও দক্ষিণ এশিয়ার উপকূলীয় অঞ্চলে জাত বীরুৎশ্রেণির উদ্ভিদ যার চ্যাপটা ও দীর্ঘ পাতা মাদুর বেড়া প্রভৃতি তৈরির কাজে ব্যবহৃত হয়।

হোগলা /হোগ্লা/ [দেশি.] বি. দ্র হোগল।

হোটেল /হোটেল্/ [ফ.] বি. ১ যে গৃহে অর্থের বিনিময়ে অতিথি ও পর্যটকদের থাকা খাওয়ার সুবিধা-সহ অন্যান্য পরিষেবা পাওয়া যায়, hotel। ২ পান্থশালা।

হোড়[১] /হোড়্ / [দেশি.] বি. জলকাদা, পাঁক।

হোড়[২] /হোড়্ / [স. √হোড়্+অ] বি. ১ নৌকাবিশেষ। ২ পদবিবিশেষ।

হোতা /হোতা/ [স. √হু+তৃ] বিণ. হোম বা যজ্ঞ করে এমন, যজ্ঞকর্তা। বি. যজ্ঞকারী পুরোহিত।

হোত্র /হোত্রো/ [স. √হু+ত্র] বি. হোম, যজ্ঞ।

হোত্রী /হোত্রি/ [স. হোত্র+ইন্] বিণ. যজ্ঞকারী, হোমকারী।

হৌত্রীয় /হৌত্রিয়ো/ [স. হোত্র+ঈয়] বিণ. হোম-সংক্রান্ত। বি. হোমের দ্রব্যসামগ্রী রাখার গৃহ।

হোম /হোম্/ [স. √হু+ম] বি. যজ্ঞাগ্নিতে দেবতার উদ্দেশে ঘৃতাহুতি।

হোমকুণ্ড /হোম্কুন্ডো/ [স. হোম+কুণ্ড] বি. যজ্ঞের আগুন জ্বালানোর কুণ্ড।

হোমধান্য /হোম্ধান্নো/ [স. হোম+ধান্য] বি. তিল।

হোমধেনু /হোম্ধেনু/ [স. হোম+ধেনু] বি. যে গাভীর দুধ থেকে হোমের জন্য প্রয়োজনীয় ঘি তৈরি করা হয়।

হোমরাচোমরা /হোম্রাচোম্রা/ [আ. আমীর ওমরাহ >] বিণ. প্রভাব ও প্রতিপত্তিশালী, প্রবল ক্ষমতা-সম্পন্ন। বি. উচ্চপদস্থ ব্যক্তি।

হোমাগ্নি /হোমাগ্নি/ [স. হোম+অগ্নি] বি. যজ্ঞের আগুন।

হোমানল /হোমানল্ / [স. হোম+অনল] বি. দ্র হোমাগ্নি।

হোমাবশেষ /হোমাবোশেশ্ / [স. হোম+অবশেষ] বি. হুতদ্রব্যের ভস্ম।

হোমিওপ্যাথি /হোমিওপ্যাথি / [জ.] বি. স্যামুয়েল হ্যানিম্যান-প্রবর্তিত রোগ নিরাময়ের একটি বিকল্প পদ্ধতি যাতে অণুপরিমাণ প্রাকৃতিক উপাদান প্রয়োগ করার ফলে মানুষের দেহে ওই রোগের লক্ষণ তথা প্রতিরোধ সৃষ্টি হয়, homeopathy।

হোমিওপ্যাথিক /হোমিওপ্যাথিক্/ [জ.] বিণ. হোমিওপ্যাথি চিকিৎসাবিষয়ক, homeopathic।

হোরা /হোরা / [গ্রি.] বি. ১ (জ্যো.) রাশিচক্রাদি গণনা-সম্বন্ধীয় জ্যোতিষবিষয়ক শাস্ত্র। ২ লগ্ন। ৩ আড়াই দণ্ড সময়, একঘণ্টা।

হোরি /হোরি / [স. হোলিকা >] বি. বসন্তোৎসব, দোলযাত্রা।

হোল /হোল্ / [দেশি.] বি. অণ্ডকোষ, শুক্রথলি।

হোলি /হোলি / [স. হোলিকা >] বি. ফাল্গুনি পূর্ণিমায় উদ্‌যাপিত বসন্তোৎসব, দোল-উৎসব, দোলযাত্রা।

হোল্ডল /হোল্ডল্ / [ই.] বি. (অধুনালুপ্ত) যাত্রীর বিছানাপত্র ও কাপড়চোপড়-সহ যাবতীয় জিনিসপত্র বহনের জন্য ব্যবহৃত জলনিরোধক মোটা কাপড়ের তৈরি ব্যাগবিশেষ, holdall।

হোস্টেল /হোস্টেল্ / [ই.] বি. যে প্রতিষ্ঠানে (মূলত বিদ্যার্থী বা কোনো বিশেষ গোষ্ঠীর সদস্যদের জন্য) অল্পব্যয়ে আহার ও বাসস্থানের ব্যবস্থা থাকে, ছাত্র বা ছাত্রীদের নিবাস, hostel।

হো-হো /হো হো/ [ধ্বন্যা.] অব্য. বি. অট্টহাসির শব্দ।

হ্যাংলা[১] /হ্যাংলা/ [দেশি.] বিণ. ১ হীনভাবে লোভ প্রকাশ করে এমন। ২ লঘুচিত্ত।

হ্যাংলা[২] /হ্যাংলা/ [দেশি.] বিণ. অত্যন্ত রোগা ও ভগ্নস্বাস্থ্য।

হ্যাংলাপনা /হ্যাংলাপনা/ [দেশি.] বি. অশোভন লোলুপতা; লঘুচিত্ততা।

হ্যাংলামি /হ্যাংলামি / [দেশি.] বি. দ্র হ্যাংলাপনা।

হ্যাঁ /হ্যাঁ/ [ধ্বন্যা.] অব্য. ১ সম্মতি বা স্বীকৃতিসূচক উক্তি। ২ সাড়া যথার্থতা সঠিকতা প্রভৃতি সূচক শব্দ; নেতিবাচকের বিপরীত ভাবসূচক শব্দ।

www.pathagar.com

হ্যাঁগা /হ্যাঁগা/ [আঞ্চ.] অব্য. ঘনিষ্ঠজনকে সম্বোধনসূচক শব্দ।

হ্যাঁচকা /হ্যাঁচ্‌কা/ [দেশি.] অব্য. হঠাৎ সজোরে টান। বিণ. হঠাৎ সজোরে প্রযুক্ত (*হ্যাঁচকা টান*)।

হ্যাঁচড়্যাঁচড় /হ্যাঁচড়্যাঁচড়্/ [দেশি.] অব্য. অস্থিরতা ও ব্যাকুলতার ভাব।

হ্যাঁ-বাচক /হ্যাঁবাচক্/ বিণ. সদর্থক।

হ্যাজাক /হ্যাজাক্/ [অজ্ঞা.] বি. কেরোসিন গ্যাসের বাতিবিশেষ যাতে সংযুক্ত বান্ধ-আকৃতির জালের মতো আবরণ (mantle) উত্তপ্ত হয়ে উজ্জ্বল আলো বিকিরণ করে।

হ্যাট /হ্যাট্/ [ই.] বি. রোদ বা ঠান্ডা থেকে মাথা রক্ষার জন্য ব্যবহৃত টুপিবিশেষ, সাহেবি টুপি।

হ্যাটা /হ্যাটা/ [দেশি.] বি. তাচ্ছিল্য, অবজ্ঞা।

হ্যাট্রিক /হ্যাট্‌ট্রিক্/ [ই.] বি. কোনো খেলোয়াড়ের পরপর তিনটি গোল করা বা উইকেট নেওয়ার মতো নৈপুণ্য প্রদর্শন, hattrick।

হ্যাদে /হ্যাদে / [দেশি.] অব্য. ওগো, ওলো (*হ্যাদে গো নন্দরানী, আমাদের শ্যামকে ছেড়ে দাও।* রবীন্দ্র.)।

হ্যান্ডনোট /হ্যান্‌ড্‌নোট্ / [ই.] বি. যে কাগজে ঋণসংক্রান্ত তথ্যাদি লিখে ঋণগ্রহীতা স্বাক্ষর করে, ঋণস্বীকারপত্র, খত।

হ্যান্ডবল /হ্যান্‌ড্‌বল্/ [ই .] বি. সাত জন করে দুটি দলে বিভক্ত হয়ে খেলা হয় এমন বহিরঙ্গন ক্রীড়াবিশেষ যাতে হাতে বল নিয়ে প্রতিপক্ষের গোলে প্রবেশ করাতে হয়, handball।

হ্যান্ডবিল /হ্যান্‌ড্‌বিল্/ [ই.] বি. প্রচারপত্র, handbill।

হ্যান্ডশেক /হ্যান্‌ড্‌শেক্/ [ই.] বি. (শুভেচ্ছাজ্ঞাপন বা বিদায়ের প্রাক্কালে) করমর্দন, handshake।

হ্যাপা /হ্যাপা / [দেশি.] বি. ১ ঝক্কি, ঝামেলা, ঝঞ্ঝাট। ২ হজুগ, হিড়িক।

হ্রদ /rɦɔদ্ / [স. √হ্রাদ্+অ] বি. সাধারণত চারপাশে স্থলবেষ্টিত বিস্তৃত জায়গাজুড়ে অবস্থিত প্রাকৃতিক জলাশয় (*বৈকাল হ্রদ*)।

হ্রদিনী /rɦoদিনি / [স. হ্রদ+ইন্+ঈ] বি. ১ নদী। ২ বিদ্যুৎ।

হ্রসমান /rɦɔশোমান্/ [স. √হ্রস্+মান (শানচ্)] বিণ. কমছে এমন।

হ্রসিত /rɦoশিতো/ [স. √হ্রস্+ত] বিণ. কমেছে এমন, অল্পীভূত।

হ্রসিমা /rɦoশিমা/ [স. হ্রস্ব+ইমন্] বি. হ্রস্ব ভাব, লঘুতা, অল্পতা।

হ্রস্ব /rɦɔশ্‌শো / [স. √হ্রস্+ব] বিণ. ১ খর্ব, বেঁটে। ২ হালকা। ৩ সামান্য। ৪ (ব্যা.) একমাত্রিক উচ্চারণবিশিষ্ট (যেমন ই, উ)।

হ্রস্বতা /rɦɔশ্‌শোতা/ [স. হ্রস্ব+তা] বি. ১ ক্ষুদ্রতা; খর্বতা। ২ অল্পতা, লঘুতা।

হ্রস্বত্ব /rɦɔশ্‌শোত্‌তো/ [স. হ্রস্ব+ত্ব] বি. দ্র হ্রস্বতা।

হ্রস্বদীর্ঘজ্ঞান /rɦɔশ্‌শোদিরঘোগ্যান্ / [স. হ্রস্বদীর্ঘ+√জ্ঞা+অন] বি. ১ সাধারণ জ্ঞান, কাণ্ডজ্ঞান, common sense। ২ উচ্চারণে হ্রস্বদীর্ঘ বর্ণের বোধ। ৩ ছোটো-বড়ো জ্যেষ্ঠ-কনিষ্ঠ উচ্চ-নিচ লঘু-গুরু প্রভৃতি বিষয়ে জ্ঞান।

হ্লাদ /ɦaদ্ / [স. √হ্লাদ্+অ] বি. ১ ধ্বনি, নিনাদ।

হ্লাদিনী /ɦaদিনি / [স. √হ্লাদ্+ইন্+ঈ] বিণ. নিনাদ-কারিণী। বি. ১ বজ্র। ২ বিদ্যুৎ। ৩ নদী।

হ্লাদী /ɦaদি / [স. √হ্লাদ্+ইন্] বিণ. নিনাদকারী।

হ্লাস /ɦaশ্ / [স. √হ্লস্+অ] বি. ১ হ্রস্বতা, ঘাটতি, কমতি। ২ লাঘব (*বেদনা হ্লাস*)। ৩ ক্ষয়, অপচয়।

হ্লাসক /ɦaশক্/ [স. √হ্লস্+ণিচ্+অক] বিণ. হ্রাস করে বা কমায় এমন।

হ্লাসন /ɦaশোন্ / [স. √হ্লস্+ণিচ্+অন] বি. অল্পী-করণ, হ্রাসকরণ।

হ্রিত /ɦiতো/ [স. √হ্রি+ত] বিণ. ১ লজ্জিত। ২ বিভক্ত। ৩ নীত।

হ্রী /ɦi / [স. √হ্রী+কিপ্] বি. লজ্জা, ব্রীড়া।

হ্রীজিত /ɦiজিতো / [স. √হ্রী+জিত] বিণ. লজ্জাশীল, লাজুক।

হ্রীণ /ɦiনো / [স. √হ্রী+ত] বিণ. লজ্জিত।

হ্রীমান /ɦiমান্/ [স. হ্রী+মৎ] বিণ. লজ্জমান, লজ্জাযুক্ত।

হ্রীমূঢ় /ɦiমুঢ়ো / [স. হ্রী+√মূহ্+ত] বিণ. লজ্জায় দিশেহারা।

হ্রেষা /ɦeশা / [স. √হ্রেষ্+অ+আ (টাপ্)] বি. ঘোড়ার ডাক, অশ্বরব।

হ্লাদ /lাদ্ / [স. √হ্লাদ্+অ] বি. ১ আনন্দ, হর্ষ। ২ পুরাণে বর্ণিত হিরণ্যকশিপুর অন্যতম পুত্র।

হ্লাদন /lাদোন্ / [স. √হ্লাদ্+অন] বি. দ্র হ্লাদ।

হ্লাদিত /lাদিতো / [স. √হ্লাদ্+ত] বিণ. আহ্লাদিত, আনন্দিত।

হ্লাদিনী /lাদিনি / [স. √হ্লাদ্+ইন্+ঈ] বিণ. আনন্দ-ময়ী, আনন্দদায়িনী। বি. ১ বৈষ্ণব শাস্ত্রমতে ভগবান যে স্বরূপশক্তিবলে নিজে আনন্দিত হন এবং সকলকে আনন্দিত করেন। ২ শ্রীরাধিকা।

হ্লাদী /lাদি / [স. √হ্লাদ্+ইন্] বিণ. ১ আহ্লাদযুক্ত, সহর্ষ। ২ আনন্দদায়ক, আনন্দজনক।

www.pathagar.com

পরিশিষ্ট ক

বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম

পরিমার্জিত সংস্করণের মুখবন্ধ

'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' পুস্তিকা আকারে প্রথম প্রকাশিত হয় ১৯৯২ সালে। ২০০০ সালে এই নিয়মের কিছু সূত্র সংশোধিত হয় এবং তা 'বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান'-এর পরিমার্জিত সংস্করণের পরিশিষ্ট হিসেবে মুদ্রিত হয়।

সম্প্রতি বাংলাদেশ সরকার জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরের পাঠ্যপুস্তকে এবং সরকারি বিভিন্ন কাজে বাংলা একাডেমি প্রণীত বানানরীতি অনুসরণের সিদ্ধান্ত গ্রহণ করে। এই পরিপ্রেক্ষিতে 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' পর্যালোচনা করা হয় এবং প্রয়োজনীয় পরিমার্জনার পর পুনর্মুদ্রণের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিমার্জিত সংস্করণের বিশেষজ্ঞ কমিটির সদস্যগণ বিভিন্ন সময়ে একাডেমিতে কয়েকটি সভায় মিলিত হন। সভাসমূহে 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম' শীর্ষক পুস্তিকা ছাড়াও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি এবং কলকাতা বিশ্ববিদ্যালয় প্রণীত বাংলা বানানের নিয়ম বিস্তারিত আলোচনার পর 'বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম'-এর পরিমার্জিত সংস্করণ চূড়ান্ত করা হয়।

সভাসমূহে উপস্থিত ছিলেন অধ্যাপক আনিসুজ্জামান, অধ্যাপক মোহাম্মদ আবদুল কাইউম, জনাব জামিল চৌধুরী, ড. গোলাম মুরশিদ, অধ্যাপক মাহবুবুল হক, অধ্যাপক জীনাত ইমতিয়াজ আলী, ড. স্বরোচিষ সরকার, জনাব মো. আলতাফ হোসেন ও জনাব শাহিদা খাতুন। সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ।

আশা করি, পরিমার্জিত সংস্করণ বাংলা বানানের প্রমিতকরণ ও সমতাবিধানে সহায়ক হবে।

শামসুজ্জামান খান
মহাপরিচালক
বাংলা একাডেমি

www.pathagar.com

১

তৎসম শব্দ

১.১

এই নিয়মে বর্ণিত ব্যতিক্রম ছাড়া তৎসম বা সংস্কৃত শব্দের নির্দিষ্ট বানান অপরিবর্তিত থাকবে।

১.২

যেসব তৎসম শব্দে ই ঈ বা উ ঊ উভয় শুদ্ধ কেবল সেসব শব্দে ই বা উ এবং তার কারচিহ্ন ি ু হবে। যেমন :

কিংবদন্তি, খঞ্জনি, চিৎকার, চুল্লি, তরণি, ধমনি, ধরণি, নাড়ি, পঞ্জি, পদবি, পল্লি, ভঙ্গি, মঞ্জরি, মসি, যুবতি, রচনাবলি, লহরি, শ্রেণি, সরণি, সূচিপত্র;

উর্ণা, উষা।

১.৩

রেফের পর ব্যঞ্জনবর্ণের দ্বিত্ব হবে না। যেমন :

অর্জ্জন, ঊর্দ্ধ, কর্ম্ম, কার্ত্তিক, কার্য্য, বার্দ্ধক্য, মূর্চ্ছা, সূর্য্য ইত্যাদির পরিবর্তে যথাক্রমে অর্জন, ঊর্ধ্ব, কর্ম, কার্তিক, কার্য, বার্ধক্য, মূর্ছা, সূর্য ইত্যাদি হবে।

১.৪

সন্ধির ক্ষেত্রে ক খ গ ঘ পরে থাকলে পূর্ব পদের অন্তস্থিত ম্ স্থানে অনুস্বার (ং) হবে। যেমন :

অহম্ + কার = অহংকার

এভাবে ভয়ংকর, সংগীত, শুভংকর, হৃদয়ংগম, সংঘটন।

www.pathagar.com

সন্ধিবদ্ধ না হলে ঙ স্থানে ং হবে না। যেমন :

অঙ্ক, অঙ্গ, আকাঙ্ক্ষা, আতঙ্ক, কঙ্কাল, গঙ্গা, বঙ্কিম, বঙ্গ, লঙ্ঘন, শঙ্কা, শৃঙ্খলা, সঙ্গে, সঙ্গী ।

১.৫

সংস্কৃত ইন্-প্রত্যয়ান্ত শব্দের দীর্ঘ ঈ-কারান্ত রূপ সমাসবদ্ধ হলে সংস্কৃত ব্যাকরণের নিয়ম-অনুযায়ী সেগুলিতে হ্রস্ব ই-কার হয়। যেমন :

গুণী→ গুণিজন, প্রাণী→ প্রাণিবিদ্যা, মন্ত্রী→ মন্ত্রিপরিষদ।

তবে এগুলির সমাসবদ্ধ রূপে ঈ-কারের ব্যবহারও চলতে পারে। যেমন :

গুণী→ গুণীজন, প্রাণী→ প্রাণীবিদ্যা, মন্ত্রী→ মন্ত্রীপরিষদ।

ইন্-প্রত্যয়ান্ত শব্দের সঙ্গে -ত্ব ও -তা প্রত্যয় যুক্ত হলে ই-কার হবে। যেমন :

কৃতী→ কৃতিত্ব, দায়ী→ দায়িত্ব, প্রতিযোগী→ প্রতিযোগিতা, মন্ত্রী→ মন্ত্রিত্ব, সহযোগী→ সহযোগিতা।

১.৬

বিসর্গ (ঃ)

শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না। যেমন :

ইতস্তত, কার্যত, ক্রমশ, পুনঃপুন, প্রথমত, প্রধানত, প্রয়াত, প্রায়শ, ফলত, বস্তুত, মূলত।

এছাড়া নিম্নলিখিত ক্ষেত্রে শব্দমধ্যস্থ বিসর্গ-বর্জিত রূপ গৃহীত হবে। যেমন :

দুস্থ, নিস্তব্ধ, নিস্পৃহ, নিশ্বাস।

www.pathagar.com

২

অতৎসম শব্দ

২.১
ই, ঈ, উ, ঊ

সকল অতৎসম অর্থাৎ তদ্ভব, দেশি, বিদেশি, মিশ্র শব্দে কেবল ই এবং উ এবং এদের কারচিহ্ন ি ু ব্যবহৃত হবে। যেমন :

আরবি, আসামি, ইংরেজি, ইমান, ইরানি, উনিশ, ওকালতি, কাহিনি, কুমির, কেরামতি, খুশি, খেয়ালি, গাড়ি, গোয়ালিনি, চাচি, জমিদারি, জাপানি, জার্মানি, টুপি, তরকারি, দাড়ি, দাদি, দাবি, দিঘি, দিদি, নানি, নিচু, পশমি, পাখি, পাগলামি, পাগলি, পিসি, ফরাসি, ফরিয়াদি, ফারসি, ফিরিঙ্গি, বর্ণালি, বাঁশি, বাঙালি, বাড়ি, বিবি, বুড়ি, বেআইনি, বেশি, বোমাবাজি, ভারি (অত্যন্ত অর্থে), মামি, মালি, মাসি, মাস্টারি, রানি, রুপালি, রেশমি, শাড়ি, সরকারি, সিন্ধি, সোনালি, হাতি, হিজরি, হিন্দি, হেঁয়ালি।

চুন, পুজো, পুব, মুলা, মুলো।

পদাশ্রিত নির্দেশক টি-তে ই-কার হবে। যেমন :

ছেলেটি, বইটি, লোকটি।

সর্বনাম, বিশেষণ, ক্রিয়া-বিশেষণ ও যোজক পদরূপে কী শব্দটি ঈ-কার দিয়ে লেখা হবে। যেমন :

এটা কী বই? কী আনন্দ! কী আর বলব? কী করছ? কী করে যাব? কী খেলে? কী জানি? কী দুরাশা! তোমার কী! কী বুদ্ধি নিয়ে এসেছিলে! কী পড়ো? কী যে করি! কী বাংলা কী ইংরেজি উভয় ভাষায় তিনি পারদর্শী।

www.pathagar.com

কীভাবে, কীরকম, কীরূপে প্রভৃতি শব্দেও ঈ-কার হবে।

যেসব প্রশ্নবাচক বাক্যের উত্তর হ্যাঁ বা না হবে, সেইসব বাক্যে ব্যবহৃত 'কি' হ্রস্ব ই-কার দিয়ে লেখা হবে। যেমন :

তুমি কি যাবে? সে কি এসেছিল?

২.২

এ, অ্যা

বাংলায় এ বর্ণ বা ে-কার দিয়ে এ এবং অ্যা এই উভয় ধ্বনি নির্দেশিত হয়। যেমন :

কেন, কেনো (ক্রয় করো); খেলা, খেলি; গেল, গেলে, গেছে; দেখা, দেখি; জেনো, যেন।

তবে কিছু তদ্ভব এবং বিশেষভাবে দেশি শব্দ রয়েছে যেগুলির ্যা-কার যুক্ত রূপ বহুল পরিচিত। যেমন :

ব্যাঙ, ল্যাঠা।

এসব শব্দে ্যা অপরিবর্তিত থাকবে।

বিদেশি শব্দে ক্ষেত্র-অনুযায়ী অ্যা বা ্যা-কার ব্যবহৃত হবে। যেমন :

অ্যাকাউন্ট, অ্যান্ড (and), অ্যাসিড, ক্যাসেট, ব্যাংক, ভ্যাট, ম্যানেজার, হ্যাট।

২.৩

ও

বাংলা অ-ধ্বনির উচ্চারণ বহু ক্ষেত্রে ও-র মতো হয়। শব্দশেষের এসব অ-ধ্বনি ও-কার দিয়ে লেখা যেতে পারে। যেমন :

কালো, খাটো, ছোটো, ভালো;

এগারো, বারো, তেরো, পনেরো, ষোলো, সতেরো, আঠারো;

করানো, খাওয়ানো, চড়ানো, চরানো, চালানো, দেখানো, নামানো, পাঠানো, বসানো, শেখানো, শোনানো, হাসানো;

www.pathagar.com

কুড়ানো, নিকানো, বাঁকানো, বাঁধানো, ঘোরালো, জোরালো, ধারালো, প্যাঁচানো;

করো, চড়ো, জেনো, ধরো, পড়ো, বলো, বসো, শেখো;

করাতো, কেনো, দেবো, হতো, হবো, হলো;

কোনো, মতো।

ভবিষ্যৎ অনুজ্ঞায় শব্দের আদিতেও ও-কার লেখা যেতে পারে। যেমন :

কোরো, বোলো, বোসো।

২.৪

ং, ঙ

শব্দের শেষে প্রাসঙ্গিক ক্ষেত্রে সাধারণভাবে অনুস্বার (ং) ব্যবহৃত হবে। যেমন :

গাং, ঢং, পালং, রং, রাং, সং।

তবে অনুস্বারের সঙ্গে স্বর যুক্ত হলে ঙ হবে। যেমন :

বাঙালি, ভাঙা, রঙিন, রঙের।

বাংলা ও বাংলাদেশ শব্দে অনুস্বার থাকবে।

২.৫

ক্ষ, খ

অতৎসম শব্দ খিদে, খুদ, খুদে, খুর (গবাদি পশুর পায়ের শেষ প্রান্ত), খেত, খ্যাপা ইত্যাদি লেখা হবে।

২.৬

জ, য

বাংলায় প্রচলিত বিদেশি শব্দ সাধারণভাবে বাংলা ভাষার ধ্বনিপদ্ধতি-অনুযায়ী লিখতে হবে। যেমন :

কাগজ, জাদু, জাহাজ, জুলুম, জেব্রা, বাজার, হাজার।

www.pathagar.com

ইসলাম ধর্ম-সংক্রান্ত কয়েকটি শব্দে বিকল্পে 'য' লেখা যেতে পারে। যেমন :

আযান, ওযু, কাযা, নামায, মুয়ায্যিন, যোহর, রমযান, হযরত।

২.৭
মূর্ধন্য ণ, দন্ত্য ন

অতৎসম শব্দের বানানে ণ ব্যবহার করা হবে না। যেমন :

অঘ্রান, ইরান, কান, কোরান, গভর্নর, গুনতি, গোনা, ঝরনা, ধরন, পরান, রানি, সোনা, হর্ন।

তৎসম শব্দে ট ঠ ড ঢ-য়ের পূর্বে যুক্ত নাসিক্যবর্ণ ণ হয়, যেমন :

কণ্টক, প্রচণ্ড, লুণ্ঠন।

কিন্তু অতৎসম শব্দের ক্ষেত্রে ট ঠ ড ঢ-য়ের আগে কেবল ন হবে। যেমন :

গুন্ডা, ঝান্ডা, ঠান্ডা, ডান্ডা, লন্ঠন।

২.৮
শ, ষ, স

বিদেশি শব্দের ক্ষেত্রে 'ষ' ব্যবহারের প্রয়োজন নেই। যেমন :

কিশমিশ, নাশতা, পোশাক, বেহেশ্‌ত, শখ, শয়তান, শরবত, শরম, শহর, শামিয়ানা, শার্ট, শৌখিন; আপস, জিনিস, মসলা, সন, সাদা, সাল (বৎসর), স্মার্ট, হিসাব;

স্টল, স্টাইল, স্টিমার, স্ট্রিট, স্টুডিয়ো, স্টেশন, স্টোর।

ইসলাম, তসলিম, মুসলমান, মুসলিম, সালাত, সালাম; এশা, শাওয়াল (হিজরি মাস), শাবান (হিজরি মাস)।

ইংরেজি ও ইংরেজির মাধ্যমে আগত বিদেশি s ধ্বনির জন্য স এবং -sh, -sion, -ssion, -tion প্রভৃতি বর্ণগুচ্ছ বা ধ্বনির জন্য শ ব্যবহৃত হবে। যেমন :

www.pathagar.com

পাসপোর্ট, বাস;

ক্যাশ;

টেলিভিশন;

মিশন, সেশন;

রেশন, স্টেশন।

যেখানে বাংলায় বিদেশি শব্দের বানান পরিবর্তিত হয়ে স ছ-এর রূপ লাভ করেছে সেখানে ছ-এর ব্যবহার থাকবে। যেমন:

তছনছ, পছন্দ, মিছরি, মিছিল।

২.৯

বিদেশি শব্দ ও যুক্তবর্ণ

বাংলায় বিদেশি শব্দের আদিতে বর্ণবিশ্লেষ সম্ভব নয়। এগুলো যুক্তবর্ণ দিয়ে লিখতে হবে। যেমন :

স্টেশন, স্ট্রিট, স্প্রিং।

তবে অন্য ক্ষেত্রে বিশ্লেষ করা যায়। যেমন :

মার্কস, শেকসপিয়র, ইসরাফিল।

২.১০

হস-চিহ্ন

হস-চিহ্ন যথাসম্ভব বর্জন করা হবে। যেমন :

কলকল, করলেন, কাত, চট, চেক, জজ, ঝরঝর, টক, টন, টাক, ডিশ, তছনছ, ফটফট, বললেন, শখ, হুক।

তবে যদি অর্থবিভ্রান্তি বা ভুল উচ্চারণের আশঙ্কা থাকে তাহলে হস-চিহ্ন ব্যবহার করা যেতে পারে। যেমন :

উহ্, বাহ্, যাহ্।

২.১১

ঊর্ধ্ব-কমা

ঊর্ধ্ব-কমা যথাসম্ভব বর্জন করা হবে। যেমন :

বলে (বলিয়া), হয়ে, দুজন, চাল (চাউল), আল (আইল)।

www.pathagar.com

৩
বিবিধ

৩.১

সমাসবদ্ধ শব্দগুলি যথাসম্ভব একসঙ্গে লিখতে হবে। যেমন :

অদৃষ্টপূর্ব, অনাস্বাদিতপূর্ব, নেশাগ্রস্ত, পিতাপুত্র, পূর্বপরিচিত, বিষাদমণ্ডিত, মঙ্গলবার, রবিবার, লক্ষ্যভ্রষ্ট, সংবাদপত্র, সংযতবাক, সমস্যাপূর্ণ, স্বভাবগতভাবে।

বিশেষ প্রয়োজনে সমাসবদ্ধ শব্দটিকে এক বা একাধিক হাইফেন (-) দিয়ে যুক্ত করা যায়। যেমন :

কিছু-না-কিছু, জল-স্থল-আকাশ, বাপ-বেটা, বেটা-বেটি, মা-ছেলে, মা-মেয়ে।

৩.২

বিশেষণ পদ সাধারণভাবে পরবর্তী পদের সঙ্গে যুক্ত হবে না। যেমন :

ভালো দিন, লাল গোলাপ, সুগন্ধ ফুল, সুনীল আকাশ, সুন্দরী মেয়ে, স্তব্ধ মধ্যাহ্ন।

৩.৩

না-বাচক না এবং নি-এর প্রথমটি (না) স্বতন্ত্র পদ হিসেবে এবং দ্বিতীয়টি (নি) সমাসবদ্ধ হিসেবে ব্যবহৃত হবে। যেমন :

করি না, কিন্তু করিনি।

এছাড়া শব্দের পূর্বে না-বাচক উপসর্গ 'না' উত্তরপদের সঙ্গে যুক্ত থাকবে। যেমন :

নাবালক, নারাজ, নাহক।

অর্থ পরিস্ফুট করার জন্য কোনো কোনো ক্ষেত্রে প্রয়োজন অনুভূত হলে না-এর পর হাইফেন ব্যবহার করা যায়। যেমন :

না-গোনা পাখি, না-বলা বাণী, না-শোনা কথা।

www.pathagar.com

৩.৪

অধিকন্তু অর্থে ব্যবহৃত 'ও' প্রত্যয় শব্দের সঙ্গে কার-চিহ্ন রূপে যুক্ত না হয়ে পূর্ণ রূপে শব্দের পরে যুক্ত হবে। যেমন :

আজও, আমারও, কালও, তোমারও।

৩.৫

নিশ্চয়ার্থক 'ই' শব্দের সঙ্গে কার-চিহ্ন রূপে যুক্ত না হয়ে পূর্ণ রূপে শব্দের পরে যুক্ত হবে। যেমন :

আজই, এখনই।

৪

ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নাম

ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থার নাম এই নিয়মের আওতাভুক্ত নয়।

পরিশিষ্ট

৫

ক্রিয়াপদের রূপ

৫.১

উঠ্ ধাতু

(আমি) উঠতাম, উঠেছিলাম, উঠছিলাম, উঠলাম, উঠেছি, উঠছি, উঠি, উঠব; ওঠাতাম, উঠিয়েছিলাম, ওঠাচ্ছিলাম, ওঠালাম, উঠিয়েছি, ওঠাচ্ছি, ওঠাই, ওঠাব

www.pathagar.com

(তুমি) উঠতে, উঠেছিলে, উঠছিলে, উঠলে, উঠেছ, উঠছ, ওঠো, উঠবে, উঠো; ওঠাতে, উঠিয়েছিলে, ওঠাচ্ছিলে, ওঠালে, উঠিয়েছ, ওঠাচ্ছ, ওঠাও, ওঠাবে, উঠিয়ো

(তুই) উঠতি(স), উঠেছিলি, উঠছিলি, উঠলি, উঠেছিস, উঠছিস, উঠিস, উঠবি, ওঠ; ওঠাতি, উঠিয়েছিলি, ওঠাচ্ছিলি, ওঠালি, উঠিয়েছিস, ওঠাচ্ছিস, ওঠাস, ওঠাবি, ওঠা

(সে) উঠত, উঠেছিল, উঠছিল, উঠল, উঠেছে, উঠছে, ওঠে, উঠবে, উঠুক; ওঠাত, উঠিয়েছিল, ওঠাচ্ছিল, ওঠাল, উঠিয়েছে, ওঠাচ্ছে, ওঠায়, ওঠাবে, ওঠাক

(আপনি/তিনি) উঠতেন, উঠেছিলেন, উঠছিলেন, উঠলেন, উঠেছেন, উঠছেন, ওঠেন, উঠবেন, উঠুন; ওঠাতেন, উঠিয়েছিলেন, ওঠাচ্ছিলেন, ওঠালেন, উঠিয়েছেন, ওঠাচ্ছেন, ওঠাবেন, ওঠান

উঠে, উঠিয়ে

৫.২
কর্ ধাতু

করতাম, করেছিলাম, করছিলাম, করলাম, করেছি, করছি, করি, করব; করাতাম, করিয়েছিলাম, করাচ্ছিলাম, করালাম, করিয়েছি, করাচ্ছি, করাই, করাব

করতে, করেছিলে, করছিলে, করলে, করেছ, করছ, করো, করবে, কোরো; করাতে, করিয়েছিলে, করাচ্ছিলে, করালে, করিয়েছ, করাচ্ছ, করাও, করাবে, কোরিয়ো

করতি(স), করেছিলি, করছিলি, করলি, করেছিস, করছিস, করিস, করবি, কর; করাতি, করিয়েছিলি, করাচ্ছিলি, করালি, করিয়েছিস, করাচ্ছিস, করাস, করাবি, করা

করত, করেছিল, করছিল, করল, করেছে, করছে, করে, করবে, করুক; করাতো, করিয়েছিল, করাচ্ছিল, করালো, করিয়েছে, করাচ্ছে, করায়, করাবে, করাক

www.pathagar.com

করতেন, করেছিলেন, করছিলেন, করলেন, করেছেন, করছেন, করেন, করবেন, করুন; করাতেন, করিয়েছিলেন, করাচ্ছিলেন, করালেন, করিয়েছেন, করাচ্ছেন, করাবেন, করান

করে [ক'রে], করিয়ে

৫.৩
কাট্ ধাতু

কাটতাম, কেটেছিলাম, কাটছিলাম, কাটলাম, কেটেছি, কাটছি, কাটি, কাটব; কাটাতাম, কাটিয়েছিলাম, কাটাচ্ছিলাম, কাটালাম, কাটিয়েছি, কাটাচ্ছি, কাটাই, কাটাব

কাটাতে, কেটেছিলে, কাটছিলে, কাটলে, কেটেছ, কাটছ, কাটো, কাটবে, কেটো; কাটাতে, কাটিয়েছিলে, কাটাচ্ছিলে, কাটালে, কাটিয়েছ, কাটাচ্ছ, কাটাও, কাটাবে, কাটিয়ো

কাটতি(স), কেটেছিলি, কাটছিলি, কাটলি, কেটেছিস, কাটছিস, কাটিস, কাট, কাটবি; কাটাতি, কাটিয়েছিলি, কাটাচ্ছিলি, কাটালি, কাটিয়েছিস, কাটাচ্ছিস, কাটাস, কাটা, কাটাবি

কাটত, কেটেছিল, কাটছিল, কাটল, কেটেছে, কাটছে, কাটে, কাটুক, কাটবে; কাটাত, কাটিয়েছিল, কাটাচ্ছিল, কাটাল, কাটিয়েছে, কাটাচ্ছে, কাটায়, কাটাক, কাটাবে

কাটতেন, কেটেছিলেন, কাটছিলেন, কাটলেন, কেটেছেন, কাটছেন, কাটেন, কাটুন, কাটবেন; কাটাতেন, কাটিয়েছিলেন, কাটাচ্ছিলেন, কাটালেন, কাটিয়েছেন, কাটাচ্ছেন, কাটান, কাটাবেন

কেটে, কাটিয়ে

৫.৪
খা ধাতু

খেতাম, খেয়েছিলাম, খাচ্ছিলাম, খেলাম, খেয়েছি, খাচ্ছি, খাই, খাব; খাওয়াতাম, খাইয়েছিলাম, খাওয়াচ্ছিলাম, খাওয়ালাম, খাইয়েছি, খাওয়াচ্ছি, খাওয়াই, খাওয়াব

www.pathagar.com

খেতে, খেয়েছিলে, খাচ্ছিলে, খেলে, খেয়েছ, খাচ্ছ, খাও, খেয়ো, খাবে; খাওয়াতে, খাইয়েছিলে, খাওয়াচ্ছিলে, খাওয়ালে, খাইয়েছ, খাওয়াচ্ছ, খাওয়াও, খাইয়ো, খাওয়াবে

খেতি(স), খেয়েছিলি, খাচ্ছিলি, খেলি, খেয়েছিস, খাচ্ছিস, খাস, খাবি, খা; খাওয়াতি, খাইয়েছিলি, খাওয়াচ্ছিলি, খাওয়ালি, খাইয়েছিস, খাওয়াচ্ছিস, খাওয়াস, খাওয়াবি, খাওয়া

খেতো, খেয়েছিল, খাচ্ছিল, খেলো, খেয়েছে, খাচ্ছে, খায়, খাবে, খাক; খাওয়াত, খাইয়েছিল, খাওয়াচ্ছিল, খাওয়াল, খাইয়েছে, খাওয়াচ্ছে, খাওয়ায়, খাওয়াবে, খাওয়াক

খেতেন, খেয়েছিলেন, খাচ্ছিলেন, খেলেন, খেয়েছেন, খাচ্ছেন, খান, খাবেন; খাওয়াতেন, খাইয়েছিলেন, খাওয়াচ্ছিলেন, খাওয়ালেন, খাইয়েছেন, খাওয়াচ্ছেন, খাওয়ান, খাওয়াবেন

খেয়ে, খাইয়ে

৫.৫
দি ধাতু

দিতাম, দিয়েছিলাম, দিচ্ছিলাম, দিলাম, দিয়েছি, দিচ্ছি, দিই, দেবো; দেওয়াতাম, দিইয়েছিলাম, দেওয়াচ্ছিলাম, দেওয়ালাম, দিইয়েছি, দেওয়াচ্ছি, দেওয়াই, দেওয়াব

দিতে, দিয়েছিলে, দিচ্ছিলে, দিলে, দিয়েছ, দিচ্ছ, দাও, দিয়ো, দেবে; দেওয়াতে, দিইয়েছিলে, দেওয়াচ্ছিলে, দেওয়ালে, দিইয়েছ, দেওয়াচ্ছ, দেওয়াও, দিইয়ো, দেওয়াবে

দিতি(স), দিয়েছিলি, দিচ্ছিলি, দিলি, দিয়েছিস, দিচ্ছিস, দিস, দিবি, দে; দেওয়াতি, দিইয়েছিলি, দেওয়াচ্ছিলি, দেওয়ালি, দিইয়েছিস, দেওয়াচ্ছিস, দেওয়াস, দেওয়াবি, দেওয়া

দিত, দিয়েছিল, দিচ্ছিল, দিলো, দিয়েছে, দিচ্ছে, দেয়, দেবে, দিক; দেওয়াত, দিইয়েছিল, দেওয়াচ্ছিল, দেওয়ালো, দিইয়েছে, দেওয়াচ্ছে, দেওয়ায়, দেওয়াবে, দেওয়াক দিতেন, দিয়েছিলেন, দিচ্ছিলেন, দিলেন, দিয়েছেন, দিচ্ছেন, দেন, দেবেন, দিন; দেওয়াতেন, দিইয়েছিলেন, দেওয়াচ্ছিলেন, দেওয়ালেন, দিইয়েছেন, দেওয়াচ্ছেন, দেওয়াবেন, দেওয়ান

দিয়ে

www.pathagar.com

৫.৬
দৌড়া ধাতু

দৌড়াতাম, দৌড়েছিলাম, দৌড়াচ্ছিলাম, দৌড়ালাম, দৌড়েছি, দৌড়াচ্ছি, দৌড়াই, দৌড়াব

দৌড়াতে, দৌড়েছিলে, দৌড়াচ্ছিলে, দৌড়ালে, দৌড়েছ, দৌড়াচ্ছ, দৌড়াও, দৌড়াবে

দৌড়াতি(স), দৌড়েছিলি, দৌড়াচ্ছিলি, দৌড়ালি, দৌড়েছিস, দৌড়াচ্ছিস, দৌড়াস, দৌড়াবি, দৌড়া

দৌড়াত, দৌড়েছিল, দৌড়াচ্ছিল, দৌড়াল, দৌড়েছে, দৌড়াচ্ছে, দৌড়ায়, দৌড়াবে, দৌড়াক

দৌড়াতেন, দৌড়েছিলেন, দৌড়াচ্ছিলেন, দৌড়ালেন, দৌড়েছেন, দৌড়াচ্ছেন, দৌড়ান, দৌড়াবেন

দৌড়ে

৫.৭
যা ধাতু

যেতাম, গিয়েছিলাম, যাচ্ছিলাম, গেলাম, গিয়েছি, যাচ্ছি, যাই, যাব; যাওয়াতাম, যাইয়েছিলাম, যাওয়াচ্ছিলাম, যাওয়ালাম, যাইয়েছি, যাওয়াচ্ছি, যাওয়াই, যাওয়াব

যেতে, গিয়েছিলে, যাচ্ছিলে, গেলে, গিয়েছ, যাচ্ছ, যাও, যেয়ো, যাবে; যাওয়াতে, যাওয়াচ্ছিলে, যাওয়ালে, যাওয়াচ্ছ, যাওয়াও, যাইয়ো, যাওয়াবে

যেতি(স), গিয়েছিলি, যাচ্ছিলি, গেলি, গিয়েছিস, যাচ্ছিস, যাস, যাবি, যা; যাওয়াতি, যাইয়েছিলি, যাওয়াচ্ছিলি, যাওয়ালি, যাইয়েছিস, যাওয়াচ্ছিস, যাওয়াস, যাওয়াবি, যাওয়া

যেত, যাচ্ছিল, গেল, গিয়েছে, যাচ্ছে, যায়, যাবে, যাক; যাওয়াত, যাওয়াচ্ছিল, যাওয়াল, যাইয়েছে, যাওয়াচ্ছে, যাওয়ায়, যাওয়াবে, যাওয়াক

যেতেন, গিয়েছিলেন, যাচ্ছিলেন, গেলেন, গিয়েছেন, যাচ্ছেন, যান, যাবেন; যাওয়াতেন, যাইয়েছিলেন, যাওয়াচ্ছিলেন, যাওয়ালেন, যাইয়েছেন, যাওয়াচ্ছেন, যাওয়ান, যাওয়াবেন

গিয়ে

www.pathagar.com

৫.৮

শিখ্ ধাতু

শিখতাম, শিখেছিলাম, শিখছিলাম, শিখলাম, শিখেছি, শিখছি, শিখি, শিখব; শেখাতাম, শিখিয়েছিলাম, শেখাচ্ছিলাম, শেখালাম, শিখিয়েছি, শেখাচ্ছি, শেখাই, শেখাব

শিখতে, শিখেছিলে, শিখছিলে, শিখলে, শিখেছ, শিখছ, শেখো, শিখো, শিখবে; শেখাতে, শিখিয়েছিলে, শেখাচ্ছিলে, শেখালে, শিখিয়েছ, শেখাচ্ছ, শেখাও, শিখিয়ো, শেখাবে

শিখতি(স), শিখেছিলি, শিখছিলি, শিখলি, শিখেছিস, শিখছিস, শিখিস, শিখবি, শেখ; শেখাতি, শিখিয়েছিলি, শেখাচ্ছিলি, শেখালি, শিখিয়েছিস, শেখাচ্ছিস, শেখাস, শেখাবি, শেখা

শিখত, শিখেছিল, শিখছিল, শিখল, শিখেছে, শিখছে, শেখে, শিখবে, শিখুক; শেখাত, শিখিয়েছিল, শেখাচ্ছিল, শেখাল, শিখিয়েছে, শেখাচ্ছে, শেখায়, শেখাবে, শেখাক

শিখতেন, শিখেছিলেন, শিখছিলেন, শিখলেন, শিখেছেন, শিখছেন, শেখেন, শিখবেন; শেখাতেন, শিখিয়েছিলেন, শেখাচ্ছিলেন, শেখালেন, শিখিয়েছেন, শেখাচ্ছেন, শেখান, শেখাবেন
শিখে, শিখিয়ে

৫.৯

শু ধাতু

শুতাম, শুয়েছিলাম, শুচ্ছিলাম, শুলাম, শুয়েছি, শুচ্ছি, শুই, শোব; শোয়াতাম, শুইয়েছিলাম, শোয়াচ্ছিলাম, শোয়ালাম, শুইয়েছি, শোয়াচ্ছি, শোয়াই, শোয়াব

শুতে, শুয়েছিলে, শুচ্ছিলে, শুলে, শুয়েছ, শুচ্ছ, শোও, শুয়ো, শোবে; শোয়াতে, শুইয়েছিলে, শোয়াচ্ছিলে, শোয়ালে, শুইয়েছ, শোয়াচ্ছ, শোয়াও, শুইয়ো, শোয়াবে

শুতি(স), শুয়েছিলি, শুচ্ছিলি, শুলি, শুয়েছিস, শুচ্ছিস, শুস, শুবি, শো; শোয়াতি, শুইয়েছিলি, শোয়াচ্ছিলি, শোয়ালি, শুইয়েছিস, শোয়াচ্ছিস, শোয়াস, শোয়াবি, শোয়া

www.pathagar.com

শুতো, শুয়েছিল, শুচ্ছিল, শুলো, শুয়েছে, শুচ্ছে, শোয়, শোবে, শুক; শোয়াত, শুইয়েছিল, শোয়াচ্ছিল, শোয়াল, শুইয়েছে, শোয়াচ্ছে, শোয়ায়, শোয়াবে, শোয়াক

শুতেন, শুয়েছিলেন, শুচ্ছিলেন, শুলেন, শুয়েছেন, শুচ্ছেন, শোন, শোবেন; শোয়াতেন, শুইয়েছিলেন, শোয়াচ্ছিলেন, শোয়ালেন, শুইয়েছেন, শোয়াচ্ছেন, শোয়ান, শোয়াবেন

শুয়ে, শুইয়ে

৫.১০

হ ধাতু

হতাম, হয়েছিলাম, হচ্ছিলাম, হলাম, হয়েছি, হচ্ছি, হই, হব; হওয়াতাম, হইয়েছিলাম, হওয়াচ্ছিলাম, হওয়ালাম, হইয়েছি, হওয়াচ্ছি, হওয়াই, হওয়াব

হতে, হয়েছিলে, হচ্ছিলে, হলে, হয়েছ, হচ্ছ, হও, হোয়ো, হবে; হওয়াতে, হইয়েছিলে, হওয়াচ্ছিলে, হওয়ালে, হইয়েছ, হওয়াচ্ছ, হওয়াও, হওয়ায়ো, হওয়াবে

হতি(স), হয়েছিলি, হচ্ছিলি, হলি, হয়েছিস, হচ্ছিস, হোস, হবি, হ; হওয়াতি, হইয়েছিলি, হওয়াচ্ছিলি, হওয়ালি, হইয়েছিস, হওয়াচ্ছিস, হওয়াস, হওয়াবি, হওয়া

হতো, হয়েছিল, হচ্ছিল, হলো, হয়েছে, হচ্ছে, হয়, হবে, হোক; হওয়াত, হইয়েছিল, হওয়াচ্ছিল, হওয়াল, হইয়েছে, হওয়াচ্ছে, হওয়ায়, হওয়াবে, হওয়াক

হতেন, হয়েছিলেন, হচ্ছিলেন, হলেন, হয়েছেন, হচ্ছেন, হন, হোন, হবেন; হওয়াতেন, হইয়েছিলেন, হওয়াচ্ছিলেন, হওয়ালেন, হইয়েছেন, হওয়াচ্ছেন, হওয়ান, হওয়াবেন

হয়ে

www.pathagar.com

পরিশিষ্ট খ

সংখ্যা ও পূরক

সংখ্যা		পূরক		
সংখ্যা	উচ্চারণ	সংক্ষিপ্ত রূপ		উচ্চারণ
১	/অ্যাক্/	১ম	প্রথম	/প্রোথোম্ /।
২	/দুই/	২য়	দ্বিতীয়	/দিতিয়ো /।
৩	/তিন্ /	৩য়	তৃতীয়	/তৃতিয়ো /।
৪	/চার্ /	৪র্থ	চতুর্থ	/চোতুর্থো /।
৫	/পাঁচ্ /	৫ম	পঞ্চম	/পন্চোম্ /।
৬	/ছয়্ /	৬ষ্ঠ	ষষ্ঠ	/শষ্ঠো /।
৭	/শাত্ /	৭ম	সপ্তম	/শপ্তোম্ /।
৮	/আট্ /	৮ম	অষ্টম	/অশ্টোম্ /।
৯	/নয়্ /	৯ম	নবম	/নবোম্ /।
১০	/দশ্ /	১০ম	দশম	/দশোম্ /।
১১	/অ্যাগারো /	১১শ	একাদশ	/একাদশ্ /।
১২	/বারো /	১২শ	দ্বাদশ	/দাদশ্ /।
১৩	/ত্যারো /	১৩শ	ত্রয়োদশ	/ত্রোয়োদশ্ /।
১৪	/চোদ্দো /	১৪শ	চতুর্দশ	/চোতুর্দশ্ /।
১৫	/পোনেরো /	১৫শ	পঞ্চদশ	/পন্চোদশ্ /।
১৬	/শোলো /	১৬শ	ষোড়শ	/শোড়োশ্ /।
১৭	/শতেরো /	১৭শ	সপ্তদশ	/শপ্তোদশ্ /।
১৮	/আঠারো /	১৮শ	অষ্টাদশ	/অশ্টাদশ্ /।
১৯	/উনিশ্/	১৯শ	ঊনবিংশ, ঊনবিংশতিতম	/উনোবিংশো, উনোবিংশোতিতমো /।
২০	/কুড়ি /	২০শ	বিংশ, বিংশতিতম	/বিংশো, বিংশোতিতমো /।
২১	/একুশ্ /	২১শ	একবিংশ, একবিংশতিতম	/একোবিংশো, একোবিংশোতিতমো /।
২২	/বাইশ্ /	২২শ	দ্বাবিংশ, দ্বাবিংশতিতম	/দাবিংশো, দাবিংশোতিতমো /।
২৩	/তেইশ্ /	২৩শ	ত্রয়োবিংশ, ত্রয়োবিংশতিতম	/ত্রোয়োবিংশো, ত্রয়োবিংশোতিতমো /।
২৪	/চোব্বিশ্ /	২৪শ	চতুর্বিংশ, চতুর্বিংশতিতম	/চোতুর্বিংশো, চোতুর্বিংশোতিতমো /।
২৫	/পোঁচিশ্ /	২৫শ	পঞ্চবিংশ, পঞ্চবিংশতিতম	/পন্চোবিংশো, পন্চোবিংশোতিতমো /।
২৬	/ছাব্বিশ্ /	২৬শ	ষড়্বিংশ, ষড়্বিংশতিতম	/শড়্বিংশো, শড়্বিংশোতিতমো /।
২৭	/শাতাশ্ /	২৭শ	সপ্তবিংশ, সপ্তবিংশতিতম	/শপ্তোবিংশো, শপ্তোবিংশোতিতমো /।
২৮	/আটাশ্ /	২৮শ	অষ্টাবিংশ, অষ্টাবিংশতিতম	/অশ্টাবিংশো, অশ্টাবিংশোতিতমো /।
২৯	/উনোত্রিশ্ /	২৯শ	ঊনত্রিংশ, ঊনত্রিংশত্তম	/উনোত্রিংশো, উনোত্রিংশত্তমো /।
৩০	/তিরিশ্ /	৩০শ	ত্রিংশ, ত্রিংশত্তম	/ত্রিংশো, ত্রিংশত্তমো /।
৩১	/একোত্রিশ্ /	৩১শ	একত্রিংশ, একত্রিংশত্তম	/একোত্রিংশো, একোত্রিংশত্তমো /।
৩২	/বোত্রিশ্ /	৩২শ	দ্বাত্রিংশ, দ্বাত্রিংশত্তম	/দাত্রিংশো, দাত্রিংশত্তমো /।
৩৩	/তেত্রিশ্ /	৩৩শ	ত্রয়স্ত্রিংশ, ত্রয়স্ত্রিংশত্তম	/ত্রোয়োস্ত্রিংশো, ত্রোয়োস্ত্রিংশত্তমো /।
৩৪	/চোঁত্রিশ্ /	৩৪শ	চতুস্ত্রিংশ, চতুস্ত্রিংশত্তম	/চোতুস্ত্রিংশো, চোতুস্ত্রিংশত্তমো /।

www.pathagar.com

৩৫ /পঁয়ত্রিশ্ / ৩৫শ পঞ্চত্রিংশ, পঞ্চত্রিংশত্তম /পন্চোত্রিংশো, পন্চোত্রিংশত্ততমো /।
৩৬ /ছোত্রিশ্ / ৩৬শ ষট্ত্রিংশ, ষট্ত্রিংশত্তম /শট্ত্রিংশো, শট্ত্রিংশত্ততমো /।
৩৭ /শাঁইত্রিশ্ / ৩৭শ সপ্তত্রিংশ, সপ্তত্রিংশত্তম /শপ্তোত্রিংশো, শপ্তোত্রিংশত্ততমো /।
৩৮ /আট্ত্রিশ্ / ৩৮শ অষ্টাত্রিংশ, অষ্টাত্রিংশত্তম /অশ্টাত্রিংশো, অশ্টাত্রিংশত্ততমো /।
৩৯ /উনোচোল্লিশ্ / ৩৯শ ঊনচত্বারিংশ, ঊনচত্বারিংশত্তম /উনোচত্তারিংশো, উনোচত্তারিংশত্ততমো /।
৪০ /চোল্লিশ্ / ৪০শ চত্বারিংশ, চত্বারিংশত্তম /চত্তারিংশো, চত্তারিংশত্ততমো /।
৪১ /অ্যাকচোল্লিশ্/ ৪১শ একচত্বারিংশ, একচত্বারিংশত্তম /একোচত্তারিংশো, একোচত্তারিংশত্ততমো /।
৪২ /বিআল্লিশ্ / ৪২শ দ্বিচত্বারিংশ, দ্বিচত্বারিংশত্তম /দিচত্তারিংশো, দিচত্তারিংশত্ততমো /।
৪৩ /তেতাল্লিশ্ / ৪৩শ ত্রিচত্বারিংশ, ত্রিচত্বারিংশত্তম /ত্রিচত্তারিংশো, ত্রিচত্তারিংশত্ততমো /।
৪৪ /চুআল্লিশ্ / ৪৪শ চতুশ্চত্বারিংশ, চতুশ্চত্বারিংশত্তম /চোতুশ্চত্তারিংশো, চোতুশ্চত্তারিংশত্ততমো /।
৪৫ /পঁয়তাল্লিশ্ / ৪৫শ পঞ্চচত্বারিংশ, পঞ্চচত্বারিংশত্তম /পন্চোচত্তারিংশো, পন্চোচত্তারিংশত্ততমো /।
৪৬ /ছেচোল্লিশ্ / ৪৬শ ষট্চত্বারিংশ, ষট্চত্বারিংশত্তম /শট্চত্তারিংশো, শট্চত্তারিংশত্ততমো /।
৪৭ /শাত্চোল্লিশ্ / ৪৭শ সপ্তচত্বারিংশ, সপ্তচত্বারিংশত্তম /শপ্তোচত্তারিংশো, শপ্তোচত্তারিংশত্ততমো /।
৪৮ /আট্চোল্লিশ্ / ৪৮শ অষ্টচত্বারিংশ, অষ্টচত্বারিংশত্তম /অশ্টোচত্তারিংশো, অশ্টোচত্তারিংশত্ততমো /।
৪৯ /উনোপন্চাশ্ / ৪৯তম ঊনপঞ্চাশত্তম /উনোপন্চাশত্ততমো /।
৫০ /পন্চাশ্ / ৫০তম পঞ্চাশত্তম /পন্চাশত্ততমো /।
৫১ /অ্যাকান্নো / ৫১তম একপঞ্চাশত্তম /একোপন্চাশত্ততমো /।
৫২ /বাহান্নো / ৫২তম দ্বাপঞ্চাশত্তম /দাপন্চাশত্ততমো /।
৫৩ /তেপ্পান্নো / ৫৩তম ত্রিপঞ্চাশত্তম /ত্রিপন্চাশত্ততমো /।
৫৪ /চুআন্নো / ৫৪তম চতুঃপঞ্চাশত্তম /চোতুপ্পন্চাশত্ততমো /।
৫৫ /পন্চান্নো / ৫৫তম পঞ্চপঞ্চাশত্তম /পন্চোপন্চাশত্ততমো /।
৫৬ /ছাপ্পান্নো / ৫৬তম ষট্পঞ্চাশত্তম /শট্পন্চাশত্ততমো /।
৫৭ /শাতান্নো / ৫৭তম সপ্তপঞ্চাশত্তম /শপ্তোপন্চাশত্ততমো /।
৫৮ /আটান্নো / ৫৮তম অষ্টপঞ্চাশত্তম /অশ্টোপন্চাশত্ততমো /।
৫৯ /উনোশাট্ / ৫৯তম ঊনষষ্টিতম /উনোশোশ্টিতমো /।
৬০ /শাট্ / ৬০তম ষষ্টিতম /শোশ্টিতমো /।
৬১ /অ্যাকশোট্টি / ৬১তম একষষ্টিতম /একোশোশ্টিতমো /।
৬২ /বাশোট্টি / ৬২তম দ্বাষষ্টিতম /দাশোশ্টিতমো /।
৬৩ /তেশোট্টি / ৬৩তম ত্রয়ঃষষ্টিতম /ত্রোয়োশ্শোশ্টিতমো /।
৬৪ /চোড়শোটটি / ৬৪তম চতুঃষষ্টিতম /চোতুশ্শোশ্টিতমো /।
৬৫ /পঁয়শোট্টি / ৬৫তম পঞ্চষষ্টিতম /পন্চোশোশ্টিতমো /।
৬৬ /ছেশোট্টি / ৬৬তম ষট্ষষ্টিতম /শট্শোশ্টিতমো /।
৬৭ /শাত্শোট্টি / ৬৭তম সপ্তষষ্টিতম /শপ্তোশোশ্টিতমো /।
৬৮ /আট্শোট্টি / ৬৮তম অষ্টষষ্টিতম /অশ্টোশোশ্টিতমো /।
৬৯ /উনোশোত্তোর্/ ৬৯তম ঊনসপ্ততিতম /উনোশপ্তোতিতমো /।
৭০ /শোত্তোর্ / ৭০তম সপ্ততিতম /শপ্তোতিতমো /।
৭১ /অ্যাকাত্তোর্ / ৭১তম একসপ্ততিতম /একোশপ্তোতিতমো /।
৭২ /বাহাত্তোর্ / ৭২তম দ্বিসপ্ততিতম /দিশপ্তোতিতমো /।
৭৩ /তেহাত্তোর্ / ৭৩তম ত্রিসপ্ততিতম /ত্রিশপ্তোতিতমো /।
৭৪ /চুআত্তোর্ / ৭৪তম চতুঃসপ্ততিতম /চোতুশ্শপ্তোতিতমো /।

www.pathagar.com

৭৫	/পঁচাত্তোর্ /	৭৫তম	পঞ্চসপ্ততিতম /পন্চোশপ্তোতিতমো/।
৭৬	/ছিআত্তোর্ /	৭৬তম	ষট্সপ্ততিতম /শট্শপ্তোতিতমো/।
৭৭	/শাতাত্তোর্ /	৭৭তম	সপ্তসপ্ততিতম/শপ্তোশপ্তোতিতমো/।
৭৮	/আটাত্তোর্ /	৭৮তম	অষ্টসপ্ততিতম /অশ্টোশপ্তোতিতমো/।
৭৯	/উনোআশি /	৭৯তম	ঊনশীতিতম /ঊনাশিতিতমো/।
৮০	/আশি /	৮০তম	অশীতিতম /ওশিতিতমো/।
৮১	/অ্যাকাশি /	৮১তম	একাশীতিতম /একাশিতিতমো/।
৮২	/বিরাশি /	৮২তম	দ্ব্যশীতিতম /দাশিতিতমো/।
৮৩	/তিরাশি /	৮৩তম	ত্র্যশীতিতম /ত্রোশিতিতমো/।
৮৪	/চুরাশি /	৮৪তম	চতুরশীতিতম /চোতুরোশিতিতমো/।
৮৫	/পঁচাশি /	৮৫তম	পঞ্চাশীতিতম /পন্চাশিতিতমো/।
৮৬	/ছিআশি /	৮৬তম	ষড়শীতিতম /শড়োশিতিতমো/।
৮৭	/শাতাশি /	৮৭তম	সপ্তাশীতিতম/শপ্তাশিতিতমো/।
৮৮	/আটাশি /	৮৮তম	অষ্টাশীতিতম /অশ্টাশিতিতমো/।
৮৯	/উনোনোব্বোই্/	৮৯তম	ঊননবতিতম /উনোনব্বোতিতমো/।
৯০	/নোব্বোই্ /	৯০তম	নবতিতম /নব্বোতিতমো/।
৯১	/অ্যাকানোব্বোই্ /	৯১তম	একনবতিতম /একোনব্বোতিতমো/।
৯২	/বিরানোব্বোই্ /	৯২তম	দ্বিনবতিতম /দিনব্বোতিতমো/।
৯৩	/তিরানোব্বোই্ /	৯৩তম	ত্রিনবতিতম /ত্রিনব্বোতিতমো/।
৯৪	/চুরানোব্বোই্ /	৯৪তম	চতুর্নবতিতম /চোতুর্নব্বোতিতমো/।
৯৫	/পঁচানোব্বোই্ /	৯৫তম	পঞ্চনবতিতম /পন্চোনব্বোতিতমো/।
৯৬	/ছিআনোব্বোই্ /	৯৬তম	ষণ্ণবতিতম /শন্নব্বোতিতমো/।
৯৭	/শাতানোব্বোই্ /	৯৭তম	সপ্তনবতিতম /শপ্তোনব্বোতিতমো/।
৯৮	/আটানোব্বোই্ /	৯৮তম	অষ্টনবতিতম /অশ্টোনব্বোতিতমো/।
৯৯	/নিরানোব্বোই্ /	৯৯তম	নবনবতিতম /নব্বোনব্বোতিতমো/।
১০০	/অ্যাক্শো /	১০০তম	শততম /শতোতমো/।
১০১	/অ্যাক্শো অ্যাক্ /	১০১তম	একাধিক শততম /অ্যাকাধিক্ শতোতমো/।
১০২	/অ্যাক্শো দুই্ /	১০২তম	দ্ব্যধিক শততম /দাধিক্ শতোতমো/।
১০৩	/অ্যাক্শো তিন্ /	১০৩তম	ত্র্যধিক শততম /ত্রোধিক্ শতোতমো/।
১০৪	/অ্যাক্শো চার্ /	১০৪তম	চতুরধিক শততম /চোতুরোধিক্ শতোতমো/।
১০৫	/অ্যাক্শো পাঁচ্ /	১০৫তম	পঞ্চাধিক শততম /পন্চাধিক্ শতোতমো/।
১০৬	/অ্যাক্শো ছয়্ /	১০৬তম	ষড়ধিক শততম /শড়োধিক্ শতোতমো/।
১০৭	/অ্যাক্শো সাত্ /	১০৭তম	সপ্তাধিক শততম /শপ্তাধিক্ শতোতমো/।
১০৮	/অ্যাক্শো আট্ /	১০৮তম	অষ্টাধিক শততম /অশ্টাধিক্ শতোতমো/।
১০৯	/অ্যাক্শো নয়্ /	১০৯তম	নবাধিক শততম /নবাধিক্ শতোতমো/।
১১০	/অ্যাক্শো দশ্ /	১১০তম	দশাধিক শততম /দশাধিক্ শতোতমো/।
১১৫	/অ্যাক্শো পোনেরো/	১১৫তম	পঞ্চদশাধিক শততম /পন্চোদশাধিক্ শতোতমো/।
১২০	/অ্যাক্শো বিশ্ /	১২০তম	বিংশাধিক শততম /বিংশাধিক্ শতোতমো/। ... ...
১৫০	/অ্যাক্শো পন্চাশ্ /	১৫০তম	সার্ধশততম /সার্ধোশতোতমো/।

www.pathagar.com

১৫১ /অ্যাক্‌শো অ্যাকান্‌নো / ১৫১তম একাধিক সার্ধশততম /একাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫২ /অ্যাক্‌শো বাহান্‌নো / ১৫২তম দ্ব্যধিক সার্ধশততম /দ্বাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৩ /অ্যাক্‌শো তেপ্‌পান্‌নো / ১৫৩তম ত্র্যধিক সার্ধশততম /ত্র্যধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৪ /অ্যাক্‌শো চুয়ান্‌নো / ১৫৪তম চতুরধিক সার্ধশততম /চতুরধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৫ /অ্যাক্‌শো পন্‌চান্‌নো / ১৫৫তম পঞ্চাধিক সার্ধশততম /পন্‌চাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৬ /অ্যাক্‌শো ছাপ্‌পান্‌নো / ১৫৬তম ষড়ধিক সার্ধশততম /ষড়ধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৭ /অ্যাক্‌শো শাতান্‌নো / ১৫৭তম সপ্তাধিক সার্ধশততম /সপ্‌তাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৮ /অ্যাক্‌শো আটান্‌নো / ১৫৮তম অষ্টাধিক সার্ধশততম /অশ্‌টাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৫৯ /অ্যাক্‌শো উনোশাট্ / ১৫৯তম নবাধিক সার্ধশততম /নবাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৬০ /অ্যাক্‌শো শাট্ / ১৬০তম দশাধিক সার্ধশততম /দশাধিক্ সার্‌ধোশতোতমো /।
১৬১ /অ্যাক্‌শো অ্যাক্‌শোট্‌টি / ১৬১তম একাদশাধিক সার্ধশততম /একাদশাধিক্ সার্‌ধোশতোতমো /। ... ...
১০০০ /অ্যাক্‌হাজ্জার্ / ১০০০তম সহস্রতম /শহোস্‌স্রোতমো /।
১০০১ /অ্যাক্‌হাজ্জার্ এক্ / ১০০১তম একাধিক সহস্রতম /একাধিক্ শহোস্‌স্রোতমো /।

www.pathagar.com

পরিশিষ্ট গ

বাংলা তারিখ ও সময়

তারিখ	পূরক	
১	১লা	/পয়্‌লা/।
২	২রা	/দোশ্‌রা/।
৩	৩রা	/তেশ্‌রা/।
৪	৪ঠা	/চোউ্‌ঠা/।
৫	৫ই	/পাঁচোই্‌/।
৬	৬ই	/ছওই/।
৭	৭ই	/শাতোই্‌/।
৮	৮ই	/আটোই্‌/।
৯	৯ই	/নওই/।
১০	১০ই	/দশোই্‌/।
১১	১১ই	/অ্যাগারোই/।
১২	১২ই	/বারোই্‌/।
১৩	১৩ই	/ত্যারোই্‌/।
১৪	১৪ই	/চোদ্‌দোই্‌/।
১৫	১৫ই	/পোনেরোই্‌/।
১৬	১৬ই	/শোলোই্‌/।
১৭	১৭ই	/শতেরোই্‌/।
১৮	১৮ই	/আঠারোই্‌/।
১৯	১৯শে	/উনিশে/।
২০	২০শে	/বিশে/।
২১	২১শে	/একুশে/।
২২	২২শে	/বাই্‌শে/।
২৩	২৩শে	/তেই্‌শে/।
২৪	২৪শে	/চোব্‌বিশে/।
২৫	২৫শে	/পোঁচিশে/।
২৬	২৬শে	/ছাব্‌বিশে/।
২৭	২৭শে	/শাতাশে/।
২৮	২৮শে	/আটাশে/।
২৯	২৯শে	/উনোত্‌ত্রিশে/।
৩০	৩০শে	/তিরিশে/।
৩১	৩১শে	/একোত্‌ত্রিশে/।

সময়		
১:০০	টা	/অ্যাক্‌টা/
১:০৫	মি:	/অ্যাক্‌টা পাঁচ্‌ /
১:১০	মি:	/অ্যাক্‌টা দশ্‌/
১:১৫	মি:	/অ্যাক্‌টা পোনেরা , সোয়া অ্যাক্‌টা /
১:২০	মি:	/অ্যাক্‌টা বিশ্‌, অ্যাক্‌টা কুড়ি/
১:২৫	মি:	/অ্যাক্‌টা পোঁচিশ্‌/
১:৩০	মি:	/অ্যাক্‌টা ত্রিশ্‌, দেড়্‌টা/
১:৪৫	মি:	/অ্যাক্‌টা পঁয়্‌তাল্‌লিশ্‌, পোউ্‌নে দুটো/
২:০০	টা	/দুটো /
২:৩০	মি:	/দুটো ত্রিশ্‌, আড়াই্‌টা, আড়াই্‌টে/
৩:০০	টা	/তিন্‌টা, তিন্‌টে/
৪:০০	টা	/চার্‌টা , চার্‌টে/
৫:০০	টা	/পাঁচ্‌টা/
৬:০০	টা:	/ছ'টা/
৭:০০	টা:	/সাত্‌টা/
৮:০০	টা	/আট্‌টা/
৯:০০	টা	/ন'টা/
১০:০০	টা	/দশ্‌টা/
১১:০০	টা	/অ্যাগারোটা/
১২:০০	টা	/বারোটা/

বি.দ্র. অ্যাক বৈশাখ, অ্যাগারো জ্যৈষ্ঠ, শোলো ডিসেম্বর, পোঁচিশ বৈশাখ প্রভৃতি উচ্চারণ অশুদধ। শুদধ ও মান্য রীতি : পয়লা বৈশাখ, অ্যাগারোই জ্যৈষ্ঠ শোলোই ডিসেম্বর, পোঁচিশে বৈশাখ প্রভৃতি।

www.pathagar.com

পরিশিষ্ট ঘ

বঙ্গাব্দ ও প্রতিষঙ্গী গ্রেগোরীয় বর্ষপঞ্জি

বৈশাখ						April-May
১ 14	২ 15	৩ 16	৪ 17	৫ 18	৬ 19	৭ 20
৮ 21	৯ 22	১০ 23	১১ 24	১২ 25	১৩ 26	১৪ 27
১৫ 28	১৬ 29	১৭ 30	১৮ 1	১৯ 2	২০ 3	২১ 4
২২ 5	২৩ 6	২৪ 7	২৫ 8	২৬ 9	২৭ 10	২৮ 11
২৯ 12	৩০ 13	৩১ 14				

জ্যৈষ্ঠ						May-June
১ 15	২ 16	৩ 17	৪ 18	৫ 19	৬ 20	৭ 21
৮ 22	৯ 23	১০ 24	১১ 25	১২ 26	১৩ 27	১৪ 28
১৫ 29	১৬ 30	১৭ 31	১৮ 1	১৯ 2	২০ 3	২১ 4
২২ 5	২৩ 6	২৪ 7	২৫ 8	২৬ 9	২৭ 10	২৮ 11
২৯ 12	৩০ 13	৩১ 14				

আষাঢ়						June-July
১ 15	২ 16	৩ 17	৪ 18	৫ 19	৬ 20	৭ 21
৮ 22	৯ 23	১০ 24	১১ 25	১২ 26	১৩ 27	১৪ 28
১৫ 29	১৬ 30	১৭ 1	১৮ 2	১৯ 3	২০ 4	২১ 5
২২ 6	২৩ 7	২৪ 8	২৫ 9	২৬ 10	২৭ 11	২৮ 12
২৯ 13	৩০ 14	৩১ 15				

শ্রাবণ						July-August
১ 16	২ 17	৩ 18	৪ 19	৫ 20	৬ 21	৭ 22
৮ 23	৯ 24	১০ 25	১১ 26	১২ 27	১৩ 28	১৪ 29
১৫ 30	১৬ 31	১৭ 1	১৮ 2	১৯ 3	২০ 4	২১ 5
২২ 6	২৩ 7	২৪ 8	২৫ 9	২৬ 10	২৭ 11	২৮ 12
২৯ 13	৩০ 14	৩১ 15				

ভাদ্র						August-September
১ 16	২ 17	৩ 18	৪ 19	৫ 20	৬ 21	৭ 22
৮ 23	৯ 24	১০ 25	১১ 26	১২ 27	১৩ 28	১৪ 29
১৫ 30	১৬ 31	১৭ 1	১৮ 2	১৯ 3	২০ 4	২১ 5
২২ 6	২৩ 7	২৪ 8	২৫ 9	২৬ 10	২৭ 11	২৮ 12
২৯ 13	৩০ 14	৩১ 15				

আশ্বিন						September-October
১ 16	২ 17	৩ 18	৪ 19	৫ 20	৬ 21	৭ 22
৮ 23	৯ 24	১০ 25	১১ 26	১২ 27	১৩ 28	১৪ 29
১৫ 30	১৬ 1	১৭ 2	১৮ 3	১৯ 4	২০ 5	২১ 6
২২ 7	২৩ 8	২৪ 9	২৫ 10	২৬ 11	২৭ 12	২৮ 13
২৯ 14	৩০ 15					

কার্তিক						October-November
১ 16	২ 17	৩ 18	৪ 19	৫ 20	৬ 21	৭ 22
৮ 23	৯ 24	১০ 25	১১ 26	১২ 27	১৩ 28	১৪ 29
১৫ 30	১৬ 31	১৭ 1	১৮ 2	১৯ 3	২০ 4	২১ 5
২২ 6	২৩ 7	২৪ 8	২৫ 9	২৬ 10	২৭ 11	২৮ 12
২৯ 13	৩০ 14					

অগ্রহায়ণ						November-December
১ 15	২ 16	৩ 17	৪ 18	৫ 19	৬ 20	৭ 21
৮ 22	৯ 23	১০ 24	১১ 25	১২ 26	১৩ 27	১৪ 28
১৫ 29	১৬ 30	১৭ 1	১৮ 2	১৯ 3	২০ 4	২১ 5
২২ 6	২৩ 7	২৪ 8	২৫ 9	২৬ 10	২৭ 11	২৮ 12
২৯ 13	৩০ 14					

www.pathagar.com

বঙ্গাব্দ ও প্রতিষঙ্গী গ্রেগোরীয় বর্ষপঞ্জি

পৌষ						December-January
১	২	৩	৪	৫	৬	৭
15	16	17	18	19	20	21
৮	৯	১০	১১	১২	১৩	১৪
22	23	24	25	26	27	28
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
29	30	31	1	2	3	4
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
5	6	7	8	9	10	11
২৯	৩০					
12	13					

মাঘ						January-February
১	২	৩	৪	৫	৬	৭
14	15	16	17	18	19	20
৮	৯	১০	১১	১২	১৩	১৪
21	22	23	24	25	26	27
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
28	29	30	31	1	2	3
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
4	5	6	7	8	9	10
২৯	৩০					
11	12					

ফাল্গুন						February-March
১	২	৩	৪	৫	৬	৭
13	14	15	16	17	18	19
৮	৯	১০	১১	১২	১৩	১৪
20	21	22	23	24	25	26
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
27	28	1	2	3	4	5
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
6	7	8	9	10	11	12
২৯	৩০					
13	14					

চৈত্র						March-April
১	২	৩	৪	৫	৬	৭
15	16	17	18	19	20	21
৮	৯	১০	১১	১২	১৩	১৪
22	23	24	25	26	27	28
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
29	30	31	1	2	3	4
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
5	6	7	8	9	10	11
২৯	৩০					
12	13					

ফাল্গুন (অধিবর্ষে)						February-March
১	২	৩	৪	৫	৬	৭
13	14	15	16	17	18	19
৮	৯	১০	১১	১২	১৩	১৪
20	21	22	23	24	25	26
১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
27	28	29	1	2	3	4
২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
5	6	7	8	9	10	11
২৯	৩০	৩১				
12	13	14				

www.pathagar.com

পরিশিষ্ট ঙ

সেলসিয়াস ও ফারেনহাইট তাপমাত্রা

°সেলসিয়াস	°ফারেনহাইট	°সেলসিয়াস	°ফারেনহাইট	°সেলসিয়াস	°ফারেনহাইট
−১৭.৮°	০°	৩৪°	৯৩.২°	৭০°	১৫৮.০°
−১০°	১৪°	৩৫°	৯৫.০°	৭১°	১৫৯.৮°
০°	৩২.০°	৩৬°	৯৬.৮°	৭২°	১৬১.৬°
১°	৩৩.৮°	৩৭°	৯৮.৬°	৭৩°	১৬৩.৪°
২°	৩৫.৬°	৩৮°	১০০.৪°	৭৪°	১৬৫.২°
৩°	৩৭.৪°	৩৯°	১০২.২°	৭৫°	১৬৭.০°
৪°	৩৯.২°	৪০°	১০৪.০°	৭৬°	১৬৮.৮°
৫°	৪১.০°	৪১°	১০৫.৮°	৭৭°	১৭০.৬°
৬°	৪২.৮°	৪২°	১০৭.৬°	৭৮°	১৭২.৪°
৭°	৪৪.৪°	৪৩°	১০৯.৪°	৭৯°	১৭৪.২°
৮°	৪৬.৪°	৪৪°	১১১.২°	৮০°	১৭৬.০°
৯°	৪৮.২°	৪৫°	১১৩.০°	৮১°	১৭৭.৮°
১০°	৫০.০°	৪৬°	১১৪.৮°	৮২°	১৭৯.৬°
১১°	৫১.৮°	৪৭°	১১৬.৬°	৮৩°	১৮১.৪°
১২°	৫৩.৬°	৪৮°	১১৮.৪°	৮৪°	১৮৩.২°
১৩°	৫৫.৪°	৪৯°	১২০.২°	৮৫°	১৮৫.০°
১৪°	৫৭.২°	৫০°	১২২.০°	৮৬°	১৮৬.৮°
১৫°	৫৯.০°	৫১°	১২৩.৮°	৮৭°	১৮৮.৬°
১৬°	৬০.৮°	৫২°	১২৫.৬°	৮৮°	১৯০.৪°
১৭°	৬২.৬°	৫৩°	১২৭.৪°	৮৯°	১৯২.২°
১৮°	৬৪.৪°	৫৪°	১২৯.২°	৯০°	১৯৪.০°
১৯°	৬৬.২°	৫৫°	১৩১.০°	৯১°	১৯৫.৮°
২০°	৬৮.০°	৫৬°	১৩২.৮°	৯২°	১৯৭.৬°
২১°	৬৯.৮°	৫৭°	১৩৪.৬°	৯৩°	১৯৯.৪°
২২°	৭১.৬°	৫৮°	১৩৬.৪°	৯৪°	২০১.২°
২৩°	৭৩.৪°	৫৯°	১৩৮.২°	৯৫°	২০৩.০°
২৪°	৭৫.২°	৬০°	১৪০.০°	৯৬°	২০৪.৮°
২৫°	৭৭.০°	৬১°	১৪১.৮°	৯৭°	২০৬.৬°
২৬°	৭৮.৮°	৬২°	১৪৩.৬°	৯৮°	২০৮.৪°
২৭°	৮০.৬°	৬৩°	১৪৫.৪°	৯৯°	২১০.২°
২৮°	৮২.৪°	৬৪°	১৪৭.২°	১০০°	২১২.০°
২৯°	৮৪.২°	৬৫°	১৪৯.০°		
৩০°	৮৬.০°	৬৬°	১৫০.৮°		
৩১°	৮৭.৮°	৬৭°	১৫২.৬°		
৩২°	৮৯.৬°	৬৮°	১৫৪.৪°		
৩৩°	৯১.৪°	৬৯°	১৫৬.২°		

www.pathagar.com

পরিশিষ্ট চ

মেট্রিক ও ফুট-পাউন্ড
ওজন ও পরিমাপ

দৈর্ঘ্য

১ ইঞ্চি		=	২৫·৪	মিলিমিটার	=	২·৫৪	সেন্টিমিটার
১ ফুট = ১২	ইঞ্চি	=	০·৩০৪৮	মিটার	=	৩০·৪৮	সেন্টিমিটার
১ গজ = ৩	ফুট	=	০·৯১৪৪	মিটার	=	৯১·৪৪	সেন্টিমিটার
১ মাইল = ১৭৬০	গজ	=	১·৬০৯	কিলোমিটার			
১ নটিক্যাল মাইল		=	১·১৫০৭৭৯	মাইল	=	১·৮৫২	কিলোমিটার
১ ক্রোশ = ৪০০০	গজ	=	২·২৭	মাইল	=	৩·৬৫৬	কিলোমিটার

১ মিলিমিটার				=	০·০৩৯	ইঞ্চি
১ সেন্টিমিটার	=	১০	মিলিমিটার	=	০·৩৯৪	ইঞ্চি
১ ডেসিমিটার	=	১০	সেন্টিমিটার	=	৩·৯৪	ইঞ্চি
১ মিটার	=	১০০	সেন্টিমিটার	=	১·০৯৪	গজ
১ কিলোমিটার	=	১০০০	মিটার	=	০·৬২১৪	মাইল

ক্ষেত্রফল

১ বর্গ ইঞ্চি		=	৬·৪৫	বর্গসেন্টিমিটার			
১ বর্গফুট = ১৪৪	বর্গইঞ্চি	=	৯·২৯	বর্গডেসিমিটার	=	৯২৯·০৩	বর্গসেন্টিমিটার
১ বর্গগজ = ৯	বর্গফুট	=	০·৮৩৬	বর্গমিটার			
১ একর = ৪৮৪০	বর্গগজ	=	০·৪০৫	হেক্টর			
১ বর্গমাইল = ৬৪০	একর	=	২৫৯	হেক্টর			
১ বর্গমিটার		=	১০,০০০	বর্গসেন্টিমিটার	=	১·১৯৬	বর্গগজ
১ বর্গকিলোমিটার		=	১০০	হেক্টর	=	০·৩৮৬	বর্গমাইল

জমির পরিমাপ (দেশীয়)

১ কাঠা	=	১৬	ছটাক = ৭২০ বর্গফুট = ৬৬·৮৯			বর্গমিটার
১ বিঘা	=	২০	কাঠা = ১৪,৪০০ বর্গফুট			

আয়তন

১ ঘনইঞ্চি		=	১৬·৪	ঘনসেন্টিমিটার			
১ ঘনফুট = ১৭২৮	ঘনইঞ্চি	=	০·০২৮৩	ঘনমিটার			
১ ঘনগজ = ২৭	ঘনফুট	=	০·৭৬৫	ঘনমিটার			

তরল

১ পাইন্ট (মার্কিন)		=	০.৪৭৩	লিটার			
১ গ্যালন (মার্কিন)		=	৩·৭৮৫	লিটার			
১ পাইন্ট (ব্রিটিশ)		=	০.৫৬৮	লিটার			
১ গ্যালন (ব্রিটিশ)		=	৪·৫৪৬	লিটার			

www.pathagar.com

ওজন (সোনা ও রুপা)

১	ভরি (তোলা)	= ১৬ আনা		= ১১·৬৪৭	গ্রাম
১	আনা	= ০·৭২৮	গ্রাম		
১	গ্রাম	= ১·৩৭৪	আনা		
১৬	ছটাক	= ১ সের	= ৮০ তোলা	= ৯৩১·৭৬	গ্রাম
১	মন	= ৪০ সের		= ৩৭·২৭	কিলোগ্রাম

ওজন (সাধারণ)

১ গ্রেইন			=	০·০৬৫	গ্রাম
১ আউন্স	=	১৬ ড্রাম	=	২৮·৩৫	গ্রাম
১ পাউন্ড	=	১৬ আউন্স	=	০·৪৫৩৬	কিলোগ্রাম
১ স্টোন (stone)	=	১৪ পাউন্ড	=	৬·৩৫	কিলোগ্রাম
১ হন্দর	=	১১২ পাউন্ড	=	৫০·৮০	কিলোগ্রাম
১ লং টন	=	২২৪০ পাউন্ড	=	১০১৬.০৬৪	কিলোগ্রাম
১ শর্ট টন	=	২,০০০ পাউন্ড	=	৯০৭	কিলোগ্রাম

১ মিলিগ্রাম			=	০·০১৫	গ্রেইন (grain)
১ গ্রাম	=	১,০০০ মিলিগ্রাম	=	১৫·৪৩	গ্রেইন (grain)
১ ডেকাগ্রাম	=	১০ গ্রাম	=	৫·৬৪	ড্রাম
১ হেক্টোগ্রাম	=	১০০ গ্রাম	=	৩·৫২৭	আউন্স
১ কিলোগ্রাম	=	১,০০০ গ্রাম	=	২·২০৫	পাউন্ড
১ টন (মেট্রিকটন)	=	১,০০০ কিলোগ্রাম	=	১০ কুইন্টাল = ০·৯৮৪২ টন (দীর্ঘ)	

কাগজের আন্তর্জাতিক মাপ

আকার	মিলিমিটার	ইঞ্চি
A-0	৮৪১ × ১১৮৯	৩৩·১ × ৪৬·৮
A-1	৫৯৪ × ৮৪১	২৩.৪ × ৩৩·১
A-2	৪২০ × ৫৯৪	১৬·৫ × ২৩·৪
A-3	২৯৭ × ৪২০	১১·৭ × ১৬·৫
A-4	২১০ × ২৯৭	৮·৩ × ১১·৭
A-5	১৪৮ × ২১০	৫·৮ × ৮·৩
A-6	১০৫ × ১৪৮	৪·১ × ৫·৮
A-7	৭৪ × ১০৫	২·৯ × ৪·১

www.pathagar.com

www.pathagar.com